বাঙ্গালা ভাষার অভিধান

[মূল অভিধানে ছাড় শব্দ-কোষ : পরিশিষ্ট, প্রত্যেক শব্দের উচ্চারণ, স্বত উচ্চার্য প্রণালী, বর্ণ, শব্দ, পঙ্‌ক্তি, পর্য্যায় ইত্যাদি বিন্যাস ও পাঠনির্দ্দেশ, ব্যুৎপত্তি, অর্থ, প্রয়োগ প্রভৃতি নির্দ্দেশ, বাঙ্গালা ও সংস্কৃত নামধাতু ও বাঙ্গালা ধ্বন্যাত্মক (onomatopoetic) শব্দোৎপন্ন ধাত্বর্থ, বাঙ্গালা গ্রন্থাদিতে উল্লিখিত প্রসিদ্ধ স্থানের উচ্চারণসহ ভৌগোলিক সংস্থান ও পরিচয় (Indian Gazetteer), বাঙ্গালা ভাষায় প্রচলিত সংস্কৃত, হিন্দী ও বৈদেশিক বচন ও শব্দাদির অভিধান, প্রাচীন ও আধুনিক মুদ্রা, পরিমাণ, সংখ্যা ও পরিমাপবাচক শব্দাভিধান, মেট্রিক্ বা ফরাসী দশমিক পরিমাণ প্রণালী (Metric system), মুদ্রা বিনিময়ের হার (rate of Exchange), বাঙ্গালা ভাষায় সুপ্রচলিত প্রবাদ বা উল্লেখের সহিত সংসৃষ্ট পৌরাণিক, ঐতিহাসিক ও কাল্পনিক ব্যক্তির নাম, বঙ্গীয় হিন্দু মুসলমান নরনারির প্রচলিত নাম-সংক্ষেপ ও ডাকনামবোধক শব্দাবিধান এবং বাঙ্গালী মুসলমানদিগের আরবী ও ফারসী নামের বিশুদ্ধ উচ্চারণসঙ্গত বানান ও ব্যুৎপত্তিগত অর্থ, বিবিধ বাঙ্গালা গ্রন্থ-পত্রাদিতে ব্যবহৃত প্রচলিত সংক্ষেপসমূহের (abbreviations) অর্থ, বাঙ্গালা গ্রন্থ-পত্রাদিতে ব্যবহৃত চিহ্ন বা সঙ্কেতের অর্থ, প্রুফ-সংশোধন-প্রণালী ও তাহাতে ব্যবহৃত সঙ্কেত, ছেদাদি ও সঙ্ক্ষেপ, কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক অনুমোদিত ও প্রকাশিত "বাংলা বানানের নিয়ম (৩য় সংস্করণ, ১৯৩৭)", প্রতিবর্ণীকরণ (transliteration) প্রণালী ও বিদেশী নামের বিশুদ্ধ উচ্চারণ ও সংক্ষিপ্ততম পরিচয় এবং সংযোজন ও সংশোধন-পত্র-সম্বলিত শব্দাভিধান]

"মেঘনাদবধকাব্যের"র টীকাকার, "চরিত্রগঠন," "ঋদ্ধি," "বঙ্গের বাহিরে বাঙ্গালী," "ছাত্রপাঠ"—১ম, ২য়, ৩য় ও ৪র্থ ভাগ, "শিক্ষা ও সুনীতি," "সাহিত্য-প্রবেশিকা", "প্রাণীদের অন্তরের কথা," "জন্তুদের বন্ধু নন্তবাবু ও শ্বেতপরির গল্প," "বাঘ ভালুকের গল্প," "ইন্দ্রিয় ধর্ম্ম," "সৃষ্টিতত্ত্বে পুরাণ ও বিজ্ঞান" প্রভৃতি প্রণেতা

শ্রীজ্ঞানেন্দ্রমোহন দাস

সঙ্কলিত ও সম্পাদিত

পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত
দ্বিতীয় সংস্করণ

প্রথম ভাগ

দি ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস
২২।১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

DICTIONARY OF THE BENGALI LANGUAGE

(SELF-PRONOUNCING, ETYMOLOGICAL & EXPLANATORY)

WITH

APPENDICES

৩১ চৈত্র, ১৩২৩ (1917)

১৫ পৌষ, ১৩৪৪ (1937)

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

বাঙ্গালা ভাষার অভিধান সুধী সমাজের সদয়-দৃষ্টি আকর্ষণ করিয়া বিশেষ আদৃত ও প্রশংসিত হওয়ার ফলে, ইহার উৎকর্ষবিধায়ক দ্বিতীয় সংস্করণে কৃতজ্ঞ সঙ্কলনকারের উৎসাহ বর্দ্ধিত হইলেও, এই শ্রেণীর বৃহৎ-গ্রন্থের আমূল পরিবর্ত্তন, প্রথম সংস্করণ-সুলভ ত্রুটি-বিচ্যুতি হইতে অব্যাহতি লাভ করে না; বিশেষতঃ যে ক্ষেত্রে সঙ্কলন, সংযোজন, সম্পাদন এবং প্রুফ-সংশোধনাদি সমস্তই গ্রন্থকারকে একাই করিতে হয়। বর্ত্তমান অভিধান সম্বন্ধে তাহার অন্যথা হয় নাই। গ্রাম্য কথায় যাহাকে বলে "ঢালিয়া সাজা", এই দ্বিতীয় সংস্করণ প্রকৃতপক্ষে তাহাই হইয়াছে এবং ইহার পূর্ব্ব আকার-আয়তনাদি, মূল গ্রন্থের আক্ষরিক বিন্যাস, সঙ্ক্ষেপ ও সঙ্কেতাদির ব্যবহার প্রভৃতি বিষয়ে ইহা আমূল পরিবর্ত্তিত হইয়াছে। প্রথম সংস্করণ-কালেই সংস্কৃত-বাঙ্গালা অভিধানের আদর্শে গড়িয়া না তুলিয়া, বাঙ্গালাভাষার অভিধানকে খাঁটি বাঙ্গালা অভিধানে পরিণত করিবার কোন চেষ্টারই ত্রুটি করা হয় নাই।

পঁচাত্তর হাজার শব্দ-সম্বলিত প্রথম সংস্করণ আকারে সুপার-রয়াল অপেক্ষা বড় (১১″ × ৭¼″) হওয়ায় তাহার গুরুভারত্বহেতু ব্যবহারকারীর অনায়াস-বহন-দুরূহ ও সর্ব্বদা ব্যবহার-ক্লেশকর ছিল বলিয়া এই দ্বিতীয় সংস্করণ অপেক্ষাকৃত ক্ষুদ্রায়তনে (৯″ × ৬১৫/১৬″) পরিণত করা হইল। পঁচাত্তর হাজার অর্থাৎ প্রথম সংস্করণের সম্পূর্ণ দ্বিগুণ শব্দ-সংযোজন সত্ত্বেও অভিধানকে অপেক্ষাকৃত লঘু ও অক্লেশে নাড়াচাড়ার উপযোগী করিবার জন্য বর্ণ, শব্দ ও পঙ্‌ক্তি-বিন্যাসের অভিনব পন্থা উদ্ভাবন ও অবলম্বন করিয়া স্বল্পতম স্থানের মধ্যে এতাধিক শব্দ ও তৎসম্বন্ধীয় বহু জ্ঞাতব্য-তথ্যের সম্যক্ আলোচনাদির সংস্থানদ্বারা সমগ্র অভিধানকে দুইখণ্ডে বিভক্ত করা হইয়াছে। প্রচলিত বাঙ্গালা অভিধানের সাধারণ মুদ্রণ-প্রণালীতে বর্ণ, শব্দ ও পঙ্‌ক্তি ইত্যাদি বিন্যাস করিলে ইহা অন্ততঃ এইরূপ চার পাঁচ খণ্ডে সমাপ্ত করিতে হইত। এক্ষণে বাঙ্গালা ভাষার অভিধানে এক লক্ষ পঞ্চদশ সহস্রাধিক শব্দ, শব্দ-সমুচ্চয় ও সমস্ত-পদাদির সমাবেশ হইল। *

এই শাব্দিক অভিধানের (Lexicon) অভিনবত্ব ও উদ্দেশ্য বিশেষজ্ঞ সুধীবর্গের অবিদিত থাকিবে না। ইতিপূর্ব্বে কোন বাঙ্গালা অভিধানে শব্দের উচ্চারণ প্রকটিত করিবার প্রথাই ছিল না। লেখ্য ও কথ্য ভাষার শব্দ-পার্থক্য ও কথ্য-শব্দের প্রাদেশিক উচ্চারণ-বৈভিন্ন্য

* ভূত-ভবিষ্যৎ-বর্ত্তমানকাল, প্রথম-মধ্যম-উত্তম পুরুষ, এবং ণিজন্ত ও অসমাপিকা ক্রিয়া-বাচক প্রায় অষ্টসহস্র সংখ্যক রূপ সংখ্যাত হয় নাই।

বঙ্গীয়, অবঙ্গীয় ভারতবাসী বা বৈদেশিক নরনারীর পক্ষে কিরূপ জটিল ও বাঙ্গালা শব্দের বিশুদ্ধ উচ্চারণ-নির্ণয় কত দুরূহ বোধ হয়, এবং তাহা ভাষা শিক্ষা ও প্রয়োগক্ষেত্রে কি পরিমাণ বিঘ্ন উৎপাদন ও সংশয় বৃদ্ধি করে, তাহা বলাই বাহুল্য। অভিধানের প্রথম সংস্করণের ভূমিকায় এবং বর্ত্তমান সংস্করণের উচ্চারণ-কুঞ্চিকায় এই বিপত্তির আভাস দেওয়া হইয়াছে। বাঙ্গালা অভিধানের এই অবাঞ্ছনীয় ত্রুটি সংশোধনের জন্য প্রথমে মূল শব্দের পর "( )" এইরূপ বন্ধনীর মধ্যে বিশুদ্ধ উচ্চারণের নিকটতম বানান প্রদর্শিত হইয়াছিল*। কিন্তু স্থান-সঙ্কোচনার্থ তাহা † বর্জ্জন করিয়া এক্ষণে প্রত্যেকটি শব্দ স্বত উচ্চার্য্য করিবার জন্য বর্ণশীর্ষে উচ্চারণ-দ্যোতক উদ্ভাবিত চিহ্ন প্রকটিত করা হইল; এবং একটি বিস্তারিত উচ্চারণ-কুঞ্চিকা গ্রন্থের প্রারম্ভকাংশে ও তাহার সংক্ষিপ্তসার প্রতি পৃষ্ঠাতলে সর্ব্বসাধারণের সুবিধার্থ সন্নিবেশিত হইল।

মূল শব্দকে স্বত উচ্চার্য্য করিবার প্রণালী, স্থান সঙ্ক্ষেপক চিহ্নাদি ব্যবহার, অল্প স্থানের মধ্যে সমধিক শব্দসংখ্যা ও তৎপর্য্যায়ের সমাবেশ, বিবিধ উপায়ে স্থানের অপচয় নিবারক বর্ণ, শব্দ ও পঙ্‌ক্তি-বিন্যাস, ব্যুৎপত্তিগত বা মুখ্য ও গৌনার্থ, তান্ত্রিক ও সাম্প্রদায়িক অর্থ, বিশেষার্থ, অর্থ-ভাবাদির সূক্ষ্ম তাৎপর্য্য-বৈভিন্ন্য ও দ্ব্যর্থাদি সুগম-করণ; শব্দ-প্রয়োগ-প্রদর্শন স্থলে সংস্কৃত গ্রন্থাদি হইতে বাক্য বা বাক্যাংশ উদ্ধার না করিয়া প্রাচীন, মধ্য ও আধুনিক বাঙ্গালা গ্রন্থ-পত্রাদি, প্রবাদ, দলীল, নথিপত্র, গীত, পদাবলী, গ্রাম্যছড়া, গাথা ও দাহাদির অংশোদ্ধার, প্রচলন-বাহুল্যে-বঙ্গীভূত বৈদেশিক শব্দাদি গ্রহণ, সংস্কৃত ব্যাকরণানুমোদিত সূত্রসিদ্ধ কিন্তু বঙ্গভাষা ও সাহিত্যে অপ্রচলিত এরূপ শব্দ ও তাহার 'কলে-ফেলা স্ত্রীলিঙ্গরূপ, যাহার প্রয়োগ এমন কি উল্লেখমাত্র বঙ্গীয় সাহিত্যিক ও ভাষা বৈজ্ঞানিকগণের হাস্যোদ্রেক করিতে পারে তাহার বর্জ্জন, এবং সর্ব্বসাধারণের প্রয়োজন-সাধকতার উৎকর্ষ-সম্পাদনের প্রতি লক্ষ্য রাখিয়াই "বাঙ্গালা ভাষার অভিধান" সঙ্কলিত হইয়াছে।

অভিধান প্রকৃতপক্ষে শব্দ ও ভাষা-ভাণ্ডারের চাবি এবং তাহার সুবিশাল সৌধ অসংখ্য সুরক্ষিত বদ্ধ-কক্ষ-সমন্বিতবৎ। এই চাবি বা কুঞ্চিকা কক্ষদ্বারগুলি অবলীলাক্রমে উন্মুক্ত করিয়া দিবার উপযোগী করিয়া নির্ম্মাণ করিতে পারিলেই তাহার সার্থকতা। ইংরেজীতে এইরূপ চাবির নাম "master key"। বাঙ্গালা ভাষার অভিধানকে বাঙ্গালা ভাষাভাণ্ডারদ্বারগুলির উদ্‌ঘাটন করিবার মত সেইরূপ সেরা চাবির আদর্শে গড়িয়া তোলা আমার ন্যায় রুগ্ন, দুর্ব্বল, সীমাবদ্ধ-জ্ঞান ব্যক্তির একার চেষ্টার অসাধ্য। তথাপি সর্ব্বসাধারণের প্রয়োজন-সাধকতা (utility) এবং শব্দাভিধানের (lexicon) উপযোগিতার উৎকর্ষবিধানের প্রতি দৃষ্টি রাখিয়া এবং সভ্যজগতের বিশ্বভাষা-ভাণ্ডারের প্রধান প্রধান শব্দকোষের পার্শ্বে এই অতি প্রাচীন সভ্য

* ১ম সংস্করণের ভূমিকা, পৃ° ৩৫-৩৯ দ্রঃ। † respelling.

জাতি বাঙ্গালীর সাগর-বিশাল মাতৃভাষার অভিধানের স্থান ও মর্য্যাদার প্রতি অবহিত থাকিয়া ইহার দ্বিতীয় সংস্করণ সম্পাদন করিতে শ্রদ্ধাপূর্ণ হৃদয়ে [illegible] ত্রুটি করি নাই।

বিভক্তি-বিহীন সংস্কৃত-শব্দ-বাহুল্যে কালক্রমে বাঙ্গালা লেখ্য-ভাষা [illegible] বাঙ্গালা অভিধানগুলি প্রকৃতিতে যে সংস্কৃতের ছাঁচে ঢালা এবং কলেবরে অসঙ্গত ও অসংযত [illegible] হইয়া উঠিতেছিল, পণ্ডিতী সাধু আখ্যাপ্রাপ্ত বাঙ্গালাভাষায় তাহার পরিচয়ের ম[illegible] "কোকিল কলালাপবাচাল যে মলয়াচলানিল, সে উচ্ছলচ্ছীকরাত্যচ্ছ নিঝরান্তকনা[illegible] আসিতেছে" তাহারই একটি নমুনা। মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহোদয় [illegible] সংগৃহীত "হাজার বছরের পুরাণ বাঙ্গালাভাষায় বৌদ্ধ গান ও দোহা" গ্রন্থে বৌদ্ধ-বাঙ্গ[illegible]র সংস্কৃত টীকা ও ব্যাখ্যা দেখিলে বুঝা যায়, স স্কৃত পণ্ডিতগণ কর্ত্তৃক ইতর-ভাষা বলিয়া অবজ্ঞাত বাঙ্গালার উপর সংস্কৃতের প্রভাব কতদূর বিস্তারলাভ করিয়াছিল; এবং তাহার মর্য্যাদাবর্দ্ধন বা শিক্ষিত সমাজে সুবোধ্য ও আদরনীয় করিবার জন্য সংস্কৃতের প্রয়োজন কত অধিক বোধ হইত। তখন খাঁটি বাঙ্গালাভাষার নাম ছিল সংস্কৃত হইতে ভ্রষ্ট—"অপভাষা" "অপভ্রষ্টভাষা" বা "ইতরভাষা"। কিন্তু তখনকার পণ্ডিতসমাজ-নিন্দিত অবজ্ঞাত এই অপভাষাই ছিল আমাদের প্রাণসঞ্চারিণী বাঙ্গালা ভাষা। অপভাষায় তখন গ্রন্থ লিখিবার দুঃসাহস যাঁহারা রাখিতেন, তাঁহারা সংস্কৃতজ্ঞ পণ্ডিতমণ্ডলীর দিকে চাহিয়া যেন কোন অজ্ঞাত অপরাধের জন্য মার্জ্জনা ভিক্ষা করিয়া অতীব সঙ্কোচে, অতি ভয়ে ভয়ে কলম ধরিতেন। তখন Phonetic spelling অর্থাৎ উচ্চারণগত বানানই এখনকার অপেক্ষা অধিক প্রশস্ত ছিল এবং তাহা প্রাদেশিক বৈভিন্ন-প্রভাবে নানা রূপান্তর গ্রহণ করিয়াছিল। কিন্তু এই বৈচিত্রময় ভাষাই ছিল প্রাচীন বাঙ্গালীর প্রধানতঃ কথ্য এবং অংশতঃ সংস্কৃতানভিজ্ঞদের লেখ্য-ভাষা। এই ভাষায় যাঁহারা প্রথম প্রথম বাঙ্গালা ব্যাকরণ ও অভিধান প্রণয়নের প্রয়োজন বোধ করিয়াছিলেন তাঁহাদের পূর্ব্বতম পথ-প্রদর্শক ছিলেন জনৈক পর্ত্তুগীজ পাদরী মানুএল-দা-আস্সুম্প্সাঁউ। তাঁহার বাঙ্গালা ব্যাকরণ এবং বাঙ্গালা পর্ত্তুগীজ ও পর্ত্তুগীজ বাঙ্গালা শব্দকোষ রোমান অক্ষরে মুদ্রিত হইয়াছিল। পরে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সিভিল (অসামরিক) কর্ম্মচারী নাদেনিএল ব্রাসী হলহেড্ সাহেব ১৭৭৮ খ্রীষ্টাব্দে বঙ্গাক্ষরে একখানি বাঙ্গালা ব্যাকরণ লেখেন এবং তাঁহারই সমসাময়িক যুগপ্রবর্ত্তক মহাত্মা রাজা রামমোহন রায় তাঁহার "গৌড়ীয় ব্যাকরণ" লিখিয়া এই অভাব দূর করিতে মনস্থ করিয়াছিলেন। কিন্তু সংস্কৃতজ্ঞ পণ্ডিতমণ্ডলীর প্রভাবে এবং তৎকালীন লেখক ও পাঠক সাধারণের উৎসাহ ও সহানুভূতি অভাবে, সংস্কৃত-ব্যাকরণের সূত্রানুশাসনবর্জ্জিত বাঙ্গালা ব্যাকরণগুলি ভাষার ইতিহাসগর্ভে আত্মগোপন করিয়া রহিল এবং সংস্কৃত-ব্যাকরণের বঙ্গানুবাদ ও তাহারই ছাঁচে ঢালা বঙ্গাক্ষরে ও বঙ্গভাষায় লিখিত সংস্কৃত-ব্যাকরণই প্রবল থাকিয়া বাঙ্গালা লেখ্যভাষাকে নিয়ন্ত্রিত করিতে লাগিল। ব্যাকরণের মতই বাঙ্গালা অভিধানগুলি

সংস্কৃত কোষের বঙ্গানুবাদ অথবা প্রকৃতপক্ষে সংস্কৃত-বাঙ্গালা-অভিধানে পরিণত হইল। তখন হইতে বাঙ্গালা ও সংস্কৃত শিক্ষার্থীদিগের বিশেষরূপ "ব্যবহারোপযোগী" করিবার চেষ্টাই পূর্ব্ব পূর্ব্ব সঙ্কলনকর্ত্তাদের প্রধান লক্ষ হইয়াছিল। হল্লহেড্ সাহেবের ব্যাকরণের ন্যায় বাঙ্গালা ও ইংরেজীতে শ্রীরামপুরের পাদরী কেরী সাহেব সঙ্কলিত ১২০৲ টাকা মূল্যের ৮০,০০০ শব্দ-সম্বলিত বিরাটকায় অভিধান ১৮২৫ খ্রীষ্টাব্দে প্রকাশিত হইয়াছিল। ইহার ৮ বৎসর পরে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আমলে স্বনামখ্যাত হাউটন (Haughton) সাহেব বাঙ্গালা-ইংরেজী বৃহৎ অভিধান এবং তৎপর বৎসর রামকমল সেন মহাশয় ইংরেজী বাঙ্গালা অভিধান সঙ্কলন করিয়াছিলেন। পণ্ডিত রামগতি ন্যায়রত্ন মহাশয় তাঁহার "বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যবিষয়ক প্রস্তাব" গ্রন্থের ২য় সংস্করণে, ১২৯৪ সালে লিখিয়াছেন (পৃ° ১৫৪), "ফর্ষ্টর্ সাহেব *** বাঙ্গালা ভাষার সর্ব্বপ্রথম অভিধান প্রস্তুত করেন। সে অভিধান এখন আর প্রায় দেখিতে পাওয়া যায় না।" যাহা হউক সাহিত্য, ব্যাকরণ ও অভিধানের মধ্য দিয়া সাধুভাষা নামে বাঙ্গালার লিখিত ভাষা-কথ্য-ভাষা হইতে যে ভাবে পৃথক্ হইয়া পড়িতেছিল, তাহা ভয়াবহ হইয়াই উঠিত; কিন্তু, মহাত্মা রাজা রামমোহন রায় পদ্যপ্লাবিত বাঙ্গালার স্রোত ফিরাইয়া গদ্যের প্রবর্ত্তন করিয়া উক্ত পার্থক্য দূর করিবার পথ প্রশস্ত করিয়া দেন। পরে বিদ্যাসাগর মহাশয় রসভাবাত্মক উচ্চ সাহিত্য-সুলভ গুণ-লক্ষণ-যুক্ত রীতি-সিদ্ধ বাঙ্গালার সৃষ্টি করিয়া "পণ্ডিতী বাঙ্গালার" উৎকটতার কলঙ্ক মোচন করেন। অতঃপর, যিনি আধুনিক যুগোপযোগী শক্তিশালী গদ্যরচনার পথ প্রদর্শন করেন, তিনি "বঙ্গদর্শন"-প্রবর্ত্তক, কথা-সাহিত্য-জগতের অবিসম্বাদী সম্রাট স্বর্গত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। তাঁহার সময় হইতে কত সাহিত্যরথী বর্ত্তমান কবি-সম্রাট মহামনস্বী রবীন্দ্রনাথ ঠাকুর পর্য্যন্ত এবং টেকচাঁদ ঠাকুর, কালীপ্রসন্ন সিংহ হইতে বঙ্গের "বীরবল"* পর্য্যন্ত উচ্চ সাহিত্যিক ভাষার সহিত "আলালী" ভাষার অপূর্ব্ব মিশ্রণে বাঙ্গালীর প্রাণের ভাষা গড়িয়া তুলিয়াছেন। ভাষাসংস্কারকগণের বিশ্ব-নাগরিকতা-সুলভ প্রচেষ্টার ফলে বাঙ্গালা কথ্য-ভাষা হইতে লেখ্য-ভাষায় সেই ভয়াবহ এবং ক্রমবর্দ্ধমান অনপনেয় পার্থক্য জনসাধারণের মধ্যে শিক্ষাবিস্তারের সঙ্গে সঙ্গে অদূর ভবিষ্যতে লোপ পাইয়া যে একরূপতা প্রাপ্ত হইতে চলিয়াছে, সাধারণের রুচি, আধুনিক সংবাদ পত্রাদির ভাষা ও বর্ত্তমান লোক-সাহিত্যের মধ্য দিয়া তাহার আভাষও পাওয়া যাইতেছে। অবশ্য ইহা স্বীকার্য্য যে, উচ্চ-বিশুদ্ধ-সাহিত্য-কলার আদর্শ চিরদিনই গৌরবের উচ্চ-শিখরে স্বীয় স্বাতন্ত্র্যরক্ষা করিয়া চলিবে। যাহা হউক, এক্ষণে, ভাষার উপযোগী সংস্কৃত-বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানের পরিবর্ত্তে খাঁটি বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানের অভাব-মোচনের সহিত বাঙ্গালীর মাতৃ-ভাষাকে অনন্ত শক্তিসঞ্চারিণী করিয়া তুলিবার যুগ দেখা দিয়াছে। অনার্য্য অধিবাসীদের দেশে আর্য্যজাতির অভ্যুদয়ের আদিম যুগ হইতে পূর্ব্বাপর রাষ্ট্র, সমাজ, শিক্ষা, ধর্ম্ম ও যাবতীয় বিপ্লব,

* "সবুজপত্র" সম্পাদক শ্রীযুক্ত প্রমথনাথ রায় চৌধুরী, বার-এট্-ল।

পুরাতন ও নূতনে [illegible] এবং আন্তর্জাতিক আদান-প্রদানের ফলে অদ্যাবধি ভাষার যে পরিবর্ত্তন ও [illegible] বৃদ্ধি পরে পরে সাধিত ও স্তরে স্তরে সঞ্চিত হইয়াছে, তাহার যুগবিশেষের লক্ষণ ধরিয়া সমগ্র ভাষার প্রকৃতি নির্ণয় করাও যেমন যুক্তিসঙ্গ[illegible] তদ্রূপ বাঙ্গালা শব্দের ব্যুৎপত্তি নির্ণয়ের জন্য সংস্কৃত-ব্যাকরণানুমোদিত গঠন-ধারাই একমাত্র অবলম্বনীয় হইতে পারে না। বঙ্গভাষা ও সাহিত্যের রেনেসাঁস্ (Renaissance) অর্থাৎ [illegible] জাগরণের বর্ত্তমান যুগে যে বৈচিত্র ও বৈষম্য দেখা দিতেছে, তাহার অদম্য প্রগতি-মুখে শব্দাদির ব্যুৎপত্তিনির্ণায়ক বিভিন্ন মতের সমন্বয় সাধন করিয়া বানান ও রূপনিয়মন, শব্দের বিশুদ্ধি-নির্দ্ধারণ এবং মাতৃভাষার নিজত্ব-সংরক্ষণ বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানকারের সম্মুখে কঠিন সমস্যাস্বরূপ দেখা দিয়াছে। ভাষার দ্রুত পরিবর্ত্তনশীলতার প্রতি লক্ষ্য করিলে এবং পূর্ব্বাপর ইতিহাস অনুসন্ধান করিলে ইহাই মনে হয় যে, পূর্ব্ব পূর্ব্ব বাঙ্গালা-অভিধানকারদিগের সংস্কৃত-শব্দ-মাত্রেরই ব্যুৎপত্তিনির্ণয়ে প্রবৃত্তি এবং সংস্কৃতেতর শব্দের ব্যুৎপত্তি-নির্ণয়ের মূলে অপ্রবৃত্তিই বিদ্যমান ছিল। আধুনিক যুগে সেই পুরাতন প্রথার ক্রমে ক্রমে অবসান হইয়া আসিতেছে এবং সংস্কৃত তৎসম, ও তদ্ভব শব্দ ব্যতীত শব্দের "যাবনিক," "বৈদেশিক," "দেশজ", "অনার্য্য" ইত্যাদিরূপ অনির্দ্দিষ্ট-ইঙ্গিত প্রকটন-প্রথার পরিবর্ত্তে প্রত্যেক শব্দের স্ব স্ব ব্যুৎপত্তি বা মূলের এবং অবঙ্গীয় শব্দ বঙ্গীয়ভূত হইবার কাল, ক্রম, পরিবর্ত্তন ও পরিণতি-প্রাপ্তির ইঙ্গিত বা উল্লেখমাত্র করিয়া ক্ষান্ত হইবার লক্ষণ দেখা দিতেছে। সংস্কৃত "শণ্ঢ" শব্দের "শন্" ধাতু-অর্থে, "দান করা, গতি করা"। তাহাতে কর্ত্তৃবাচ্যে "ঢ" প্রত্যয় যোগে শণ্ঢ শব্দ নিষ্পন্ন হয়। সুতরাং এই শব্দের ধাতুগত অর্থ হইতেছে—যে দেয় বা দান করে অর্থাৎ দাতা বা যে গতি বা গমন করে অর্থাৎ যে যায় বা গতি-কারক। অভিধানে এই এই ব্যুৎপত্তি নিষ্পন্ন "শণ্ঢ" শব্দের পুংলিঙ্গার্থে "ষাঁড়" (বলদ নহে) এবং ক্লীবলিঙ্গার্থে "খোজা" বা "নপুংসক" (নর বা নারী নহে) এই কষ্টকল্পিত অর্থ পাওয়া যায়। উক্ত কষ্টকল্পনামূলক ব্যুৎপত্তি সংস্কৃত-ব্যাকরণ-সিদ্ধ হইলেও এরূপ শব্দগঠন-নির্ণয়ের সার্থকতা কিরূপে স্বীকৃত হইতে পারে? এবং ভাষাতত্ত্বেরই বা কোন্ নীতি-সঙ্গত হয়? সুতরাং "কলে-ফেলা" প্রথাগত ব্যুৎপত্তি না দেখাইয়া "[সং]" অর্থাৎ সংস্কৃত শব্দ বা তাহা হইতে আগত এইরূপ ইঙ্গিতমাত্র করাই সঙ্গত বলিয়া মনে হয়।

বাঙ্গালা ভাষার রূপ দান করিতে সংস্কৃত বা প্রাকৃতের যতই প্রভাব বা কৃতিত্ব থাকুক না কেন, অথবা সংস্কৃতভাষা বাঙ্গালা ভাষার ধাত্রী বা মাতৃস্থানীয়া অথবা, বাঙ্গালা সংস্কৃতের দৌহিত্রী-স্থানীয়া বিবেচিত ও স্পষ্ট প্রমাণীত হউক না কেন, বাঙ্গালা বা হিন্দী যে সংস্কৃত নহে, তাহা স্বীকার্য্য; ইংরেজী অধিকাংশভাগ লাতিনপ্রভব এবং বহুভাষার শব্দসংহতিমূলক হইলেও ইংরেজী ভাষা যে কোন অবস্থাতেই লাতিন, জর্ম্মন, ফ্রেঞ্চ্ ইত্যাদি কোন নামেই অভিহিত হইতে পারেনা, অর্থাৎ তাহা ইংরেজী ব্যতীত আর কোন ভাষাই নহে। উর্দ্দু বা হিন্দীর ভূমিতে আরবী,

ফারসী, তুর্কী ইত্যাদি শব্দের বহুল মিশ্রণ হইলেও যে তাহা আরবী, ফার্সী বা তুর্কী হইয়া উঠিবে না এবং বাঙ্গালীর মাতৃভাষায় ইংরেজী, পর্ত্তুগীজ, ওলন্দাজ, ফরাসী ইত্যাদি শব্দ ও বৈদেশিক বাগ্‌ধারা এবং ভাবানুবাদ যদৃচ্ছাক্রমে মিশ্রিত করিলেও তাহা ফার্সীতে বা য়ুরোপীয় কোন ভাষাতেই পরিণত হইবে না, অথচ বিশুদ্ধ উচ্চ বাঙ্গালাও থাকিবে না, তাহা স্বীকার করিতেই হইবে। অবঙ্গীয় যে-কোন ভাষার শব্দ যতদিন বঙ্গীভূত বা বঙ্গসন্তানগণের মাতৃভাষার অঙ্গীভূত ও বাঙ্গালার নিজস্ব বলিয়া পরিগণিত না হয়, ততদিন তাহা বাঙ্গালা বলিয়া স্বীকৃতই হয় না। যে গুলি তাহা এখনও হয় নাই, অথচ লেখকের সংস্কার ও রুচি অনুসারে ব্যবহৃত হইয়া বিশুদ্ধ বাঙ্গালার স্বরূপ পরিবর্ত্তিত ও সাহিত্য বিকৃত করিবে, তাহাও ভবিষ্যৎ বাঙ্গালা বৈয়াকরণ ও আভিধানিকের নির্ণয়স্থল এবং আলোচনা ও সমালোচনার ক্ষেত্র হইয়া থাকিবে। য়ুরোপীয় সাহিত্যে প্রয়োজনবশে ব্যবহৃত ভাষান্তরের শব্দ, বাক্যাংশ, প্রবাদ ইত্যাদি উদ্ধার চিহ্নের (" ") বন্ধনী মধ্যে ভিন্ন টাইপে মুদ্রিত হইয়া থাকে। সভ্য জগতের বর্ত্তমান সংস্কৃতি ও প্রগতির আবহাওয়ায় আন্তর্জ্জাতিক মেলামেশা বা আদান-প্রদানের ফলে, বাঙ্গালা ভাষার ন্যায় অতি প্রাচীন ও জীবন্ত ভাষায় বিশুদ্ধ সংস্কৃত-ব্যাকরণানুগতা, সংস্কৃত কোষ-সম্মত শব্দশুদ্ধি ও ভাষাশুদ্ধি-প্রিয়তা বঙ্গের কৃষ্ণযুগসুলভ উৎকট সংস্কৃতশরণ পণ্ডিতী কুসংস্কারের ফল অথবা পণ্ডিতী শুচি-বাই ব্যতীত আর কি বলা যাইতে পারে? সুশিক্ষিত সভ্যজাতি কত যুগযুগান্তরের শিক্ষা ও সংস্কারের মধ্যদিয়া আসিয়া বর্ত্তমান অবস্থায় পৌঁছিয়াছে তাহার কাল নির্ণয় করা শুধুই অসাধ্য নহে, তাহা ধারাবাহিক ইতিহাস অভাবে অসম্ভবও বটে, কত অসভ্য ও অর্দ্ধসভ্য জাতি স্বীয় আদিম মাতৃভাষার শব্দ ও শব্দের রূপান্তর বর্ত্তমান ভাষার মধ্যে ডুবাইয়া দিয়া ধরাপৃষ্ঠ হইতে বিলুপ্ত হইয়া গিয়াছে তাহার শব্দতাত্ত্বিক ইতিবৃত্ত নাই। কোল, মোঙ্গোল, দ্রাবিড় ইত্যাদি ভাষার শব্দসম্বন্ধেও সেই একই কথা। কোচজাতির বিলুপ্ত শাখা অন্বেষণ করিতে হইলে বর্ত্তমান কাছারীদিগের জাতীয় ইতিহাস উদ্‌ঘাটন করিতে হয়। কারণ কাছারীদের কথ্যভাষা সেই বিলুপ্ত কোচ ভাষার নিকট বহুলাংশে ঋণী, কিন্তু কতটা তাহার নির্ণয় নাই। মানুষের জন্ম হইতে বার্দ্ধক্যে মৃত্যু পর্য্যন্ত প্রতিদিনের আলোকচিত্র তুলিয়া পাশাপাশি সাজাইয়া রাখিলে জন্মকালীন মূর্ত্তির সহিত তাহার বার্দ্ধক্যে মৃত্যুকালীন মূর্ত্তির প্রভেদ অনুমেয়। সেই একই ব্যক্তির অগ্রপশ্চাৎ অবস্থার মূর্ত্তিভেদ অর্থাৎ যৌবনের সঙ্গে শৈশবের, প্রৌঢ়ত্বের বা বার্দ্ধক্যের যে প্রভেদ ও ক্রমপরিবর্ত্তন লক্ষিত হয়, সেই রূপান্তর জীবন্ত ভাষা ও সাহিত্যের ভিন্ন ভিন্ন স্তর-ভেদের মধ্য দিয়াও সুস্পষ্ট হইয়া উঠে। ভাষার নিখুঁত ইতিহাস না থাকায়, স্বকীয় জ্ঞান, বুদ্ধি বিদ্যার ও পূর্ব্বজ্ঞান বা বহুদর্শনের সহিত ব্যক্তিগত কল্পনাকে অবলম্বন করিয়া শব্দের মূল, ব্যুৎপত্তি, ক্রমপরিবর্ত্তন, বিকৃতি ও ভাষার প্রকৃতি বহুলাংশে অনুমান করিয়া ভাষার ইতিহাস গড়িয়া তোলা হয় মাত্র। ফলে তাহা অল্পাধিক প্রকৃত ও অপ্রকৃত হইয়া দাঁড়ায়। সাধারণতঃ

তথ্যগুলির অধিকাংশ ভাগ অন্যান্য সম্প্রদায়ের গ্রাহ্য হইলেই ইতিহাসের সার্থকতা স্বীকৃত হয়। এই হিসাবে জগতের কোন্ জাতির মাতৃভাষা অমাতৃভাষিক শব্দমিশ্রণে মিশ্রভাষাগন্ধি হইয়াও স্বাজাত্য রক্ষাহেতু খাঁটি মাতৃভাষা বলিয়া স্বীকৃত না হয়?*

অভিধান প্রণয়নে সঙ্কলনকারের কর্ত্তব্যপথে একটি সমস্যা প্রথমেই দেখা দেয়; তাহা এই যে, স্বকীয় আদর্শের সহিত অন্যের আদর্শের সামঞ্জস্য রক্ষা করিয়া অভিধানকে কিরূপে জাতীয় অথচ অসাম্প্রদায়িক করা যায়। আমরা যে, অভিধানকে সর্ব্বাঙ্গসুন্দর করিয়া তুলিতে পারি না, তাহার জন্য আদর্শ-বিশেষের দোহাই দিয়া স্বীয় অক্ষমতা এবং অজ্ঞতা ঢাকা দেওয়া চলে না। ভাষার প্রাচীনতম কাল হইতে বর্ত্তমান পরিণতির ধারাবাহিকতার ক্ষুণ্ণতা, উপকরণের অপ্রাচুর্য্য, আভিধানিকের সীমাবদ্ধ আয়ু, জ্ঞান, প্রবৃত্তি ও কর্ম্মশক্তি এবং প্রয়োজনমত প্রচেষ্টা, অর্থবল ও সঙ্ঘশক্তিনিয়োগের সুবিধার অভাবই প্রধাণতঃ তাহার কারণ বলিয়া স্বীকার্য্য।

শব্দের বানান লইয়া বহু বিতর্ক। একই শব্দের বিকল্পবিধানে বানানের রূপান্তর। 'ি, ী, ু, ূ, ণ, ন, য, জ, বর্গীয় ও অন্তস্থ ব, শ, ষ, স'-এর পরিবর্ত্ত এবং কোন্ মত গ্রাহ্য, তাহা লইয়াও মতভেদ। এক পক্ষে যাহা সংস্কৃত-ব্যাকরণ-সম্মত তাহাই সাধু, আর্ষ-প্রয়োগ-বিশুদ্ধ বা অতিব্যবহারে অপরিহার্য্য এবং যাহার বাহিরে সমস্তই অপভ্রষ্ট, অপাঙ্‌ক্তেয় ও সমর্থনের অযোগ্য এরূপ শুচিবাদিতা বা অতিনৈষ্ঠিকতা রচনারীতির দিক্ দিয়া অবলম্বনীয় বিবেচিত হয়। পক্ষান্তরে, ক্রমবিকাশশীল জীবন্ত ভাষা যাহা পুরাতন ও বর্ত্তমান অতিক্রম করিয়া উদ্দাম গতিতে অগ্রসর হইতেছে ও যাহা একমাত্র অনুশাসক সঙ্ঘ, শক্তিমান্ সমালোচক ও সাহিত্য গুরুগণের প্রভাবে কথঞ্চিৎ সংযত হইতে পারে, তাহাও আভিধানিকের লক্ষ্যের বহির্ভূত নহে। অধুনা কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক বানান-সমস্যা সমাধানের চেষ্টা চলিতেছে এবং বাঙ্গালা বানানের নির্দ্দিষ্ট ধারা লিপিবদ্ধ করা হইতেছে। উক্ত বিশ্ববিদ্যালয়কর্ত্তৃক নিযুক্ত "বাঙ্গালা বানানের নিয়ম-সংকলক-সমিতি" বহু বিশিষ্ট লেখক ও অধ্যাপকের পরামর্শ গ্রহণ করিয়া ওপরে, বহু অভিজ্ঞের সমর্থন, প্রতিবাদ, আলোচনা ও সমালোচনা বিচারপূর্ব্বক নিয়মাবলীর সংশোধিত দ্বিতীয় সংস্করণও প্রচার করিয়াছিলেন। তাহারও পরবর্ত্তী মতানৈক্য বিচারান্তে যে পুনঃ-সংশোধিত তৃতীয় সংস্করণ, যাহা বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক গৃহীত ও প্রচারিত হইয়াছে, তাহা ভাষার বর্ত্তমান প্রগতি, কালানুযায়ী পরিণতি ও নিয়মাবলীর পুনঃ বা পৌনঃপুনিক, সংস্করণ-সম্ভাবনার প্রতি লক্ষ্য রাখিয়া বিশ্ববিদ্যালয়-গ্রাহ্য ভবিষ্যৎ পাঠ্য-পুস্তক-লেখকগণের পথ-প্রদর্শক স্বরূপ ও ভবিষ্য ছাত্রছাত্রীদের জ্ঞাতব্যবোধে অভিধানের পরিশিষ্ট-ভাগে সন্নিবেশিত হইল। বানানের এই নিয়ম সাহিত্যরথিগণ এবং তাঁহাদের অনুগামী লেখকগণ কর্ত্তৃক অনুসৃত হইতে থাকিলে, সেই অত্যাধুনিক বানান ভবিষ্যৎ বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানের অবলম্বনীয় হইতে পারে।

* There is hardly a language that in some sense may not be called a mixed language. No nation or tribe was ever so completely isolated as not to admit a certain number of foreign words"– Max Muller.

ব্যাকরণ ও অভিধান ভাষার অভ্রান্ত ইতিহাস। শব্দের পূর্ব্বাপর রূপ এবং ভাষায় তাহার ব্যবহার অভিধানের অঙ্গীভূত হওয়ার প্রয়োজন আছে। বাঙ্গালাভাষার অভিধানে সে চেষ্টার ব্যতিক্রম করা হয় নাই। ইহাতে এক শব্দের একাধিক বানানজনিত রূপান্তর একই পর্য্যায়ে প্রদর্শিত হইয়াছে; হস্তলিখিত বা মুদ্রিত প্রাচীন মূল-গ্রন্থের পাঠানুযায়ী বানান, প্রাচীন ও মধ্যযুগ হইতে বর্ত্তমান সময় পর্য্যন্ত Phonetic spelling অর্থাৎ শব্দোচ্চারণগত বানান যাহা স্থান কাল ভেদে পরিবর্ত্তনের মধ্য দিয়া অধুনা সাহিত্যে স্থান পাইয়া সুরক্ষিত হইয়াছে তাহাও, এই অভিধানের শব্দসম্পদ বৃদ্ধি করিয়াছে। প্রায়ই সংস্কৃত শব্দের প্রাকৃত উচ্চারণানুযায়ী যুক্তাক্ষর ভাঙ্গিয়া, বর্ণ লোপ করিয়া, বর্ণ-বিপর্য্যয় ঘটাইয়া এবং পরিবর্ত্তদ্বারা কোমল ও সহজকথা করা হয়। পদ্যে কোমলার্থে, ছন্দানুরোধে, ব্যবহার-বাহুল্যে কোল-সাহিত্যে তৎসমুদয় প্রবেশ-লাভ করিয়া ভাষার অন্তরঙ্গ হইয়া পড়ে। বৈদেশিক শব্দ সম্বন্ধেও এই নীতি। শ্রী > সিরি, ছিরি; প্রীতি > পীরতি, পিরিতি, পির্তি; প্রসব > পরসব, পরসো; ইং gre, gree (গৃ, গ্রী) > গিরি; green > গিরিণ; agreement > গিরিমেন্ট্ (ইং অনভিজ্ঞদের মুখে "গিরিমেন্টো", স্পর্শ > পর্শো, পরশো ইত্যাদি। লোক সাহিত্যে এরূপ শব্দোচ্চারণ-বিকারেরও স্থান আছে।

সংস্কৃত অভিধানে শব্দের পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, ক্লীবলিঙ্গ বা ত্রিলিঙ্গ রূপ নির্ণয় একটি প্রধান বিষয়। সংস্কৃত শব্দের লিঙ্গ শব্দার্থগত নহে; তাহা পুং-স্ত্রী-নপুংসক-বাচক বা ত্রিলিঙ্গবাচক প্রত্যয়াদি-সিদ্ধ শব্দগত। তদনুসরণে হিন্দী, উর্দ্দু প্রভৃতি ভাষায় পুংলিঙ্গান্ত শব্দার্থ পুংবাচক না হইলেও পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গান্ত শব্দ স্ত্রীবাচক না হইলেও, স্ত্রীলিঙ্গ এবং ক্লীব বা অপ্রাণীবাচক শব্দ পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গও হইতে পারে। হিন্দীতে পানী (জল) অপ্রাণীবাচক হইয়াও পুংলিঙ্গ ('পানী আতা হায়্', কিন্তু রাণী শব্দ স্ত্রীলিঙ্গ ('রাণী আতী হায়')। রাখ ও রাখী (ভস্ম) উর্দ্দু ও হিন্দীতে অপ্রাণীবাচক হইয়াও স্ত্রীলিঙ্গ। আরবী "কব্জ্", "কব্জা" (অধিকার possession) একার্থক অপ্রাণীবাচক হইয়াও, স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ। ইতর মুনির অপত্য, মতান্তরে ঋষিপত্নী ইতরার গর্ভজাত পুত্রার্থে "ঐতরেয়" পুরুষ হইয়াও সংস্কৃত ব্যাকরণ ও অভিধানে ক্লীবলিঙ্গ। এরূপ দৃষ্টান্তের অভাব নাই। সংস্কৃতের এই আদর্শ বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানে পূর্ব্বাপর অনুসৃত হইয়া আসিতেছে বটে, কিন্তু বাঙ্গালা ভাষায় লিঙ্গানুশাসনের এই কঠোরতা বা অপরিহার্য্যতা নাই। অপ্রাণীবাচক বার্ত্তাকু (বেগুন), বারী (জলপাত্র, রজ্জু), শাখা, নিশা, রাত্রি, সম্পত্তি, নীতি প্রভৃতি স্ত্রীলিঙ্গ বলিয়া বিশেষিত। এইরূপ বিদ্যুৎ, মৎস্যণ্ডিকা ও মৎস্যণ্ডী (মিছরী, মঠ ইত্যাদি অর্থে) অভিধানে স্ত্রীলিঙ্গ বলিয়া উক্ত। কিন্তু বাঙ্গালা আলঙ্কারিক ভাষায় উৎকর্ষাপকর্ষ-জ্ঞাপক বর্ণনাস্থলে তাহাদের স্ত্রীলিঙ্গবাচক-বিশেষণ ব্যবহার রুচিসঙ্গতও মনে হয় না। বাঙ্গালা অভিধান নামধেয় শব্দকোষে এমনও সংস্কৃত শব্দ ও তার স্ত্রীলিঙ্গরূপ দৃষ্টিগোচর হয়, কথ্য ও লেখ্য বাঙ্গালা ভাষা ও সাহিত্যে যাহার ব্যবহার নাই। সেই সকল স্ত্রীলিঙ্গরূপ

সংস্কৃত ব্যাকরণসিদ্ধ হইলেও অনাবশ্যক এবং হাস্যোদ্দীপক মনে হয়, যথা—কাদাচিৎক > কাদাচিৎকী, কিম্পাক > কিম্পাকা, কুতস্ত্য > কুতস্ত্যা, কুত্রত্য > কুত্রত্যা, দাশ্বান্ > দাশুষী, নিষেদিবান্ > নিষেদুষী ইত্যাদি। বহু সাধারণ বাঙ্গালা শব্দ সম্বন্ধে, স্বল্পার্থে, ক্ষুদ্রার্থে বা অনিমার্থে ইহা সমর্থনযোগ্য বলিয়াও মনে হয় না, যথা—কন্দযুক্ত বা ওল অর্থে কন্দী > কন্দিনী, কপাট (দরজার পাল্লা) > কপাটী, পরিখা, গর্ত্ত বা খনিত অর্থে খাত > খাতা, খঞ্জ অর্থে খোল > খোলা, গাধ (বাঙ্গালায় ব্যবহার নাই, তার বিপরীত 'অগাধ' শব্দই চলে) > গাধা ইত্যাদি। মহতী সভা, প্রলয়ঙ্করী বুদ্ধি, সংস্কৃতের অনুকরণে যেমন চলে, তদ্রূপ বিশাল, বিরাট, বিপুল, মস্ত, প্রকাণ্ড, বৃহৎ, বড়, অতি-বড়, বেশ-বড়, খুব বড়-রকম, বেজায় বড়, বৃহতী, মহী, বহুজনাকীর্ণ ইত্যাদি পুং-স্ত্রী-ক্লীব বা ত্রিলিঙ্গবাচক শব্দ 'সভার' বিশেষণে প্রয়োগ নির্ভুলভাবেই চলিতে পারে। বাঙ্গালা ভাষার গঠন-মূলে সংস্কৃতের প্রভাব সর্ব্বাপেক্ষা অধিক হইলেও পণ্ডিতী বাঙ্গালা য়ুরোপীয়-জ্ঞান-বিজ্ঞানে-উচ্চশিক্ষিত, বৈদেশিক-ভাষাসমূহে-সুপণ্ডিত, বিশ্বনাগরিকতাসুলভ এবং দেশ-কাল-জাতিগত-সংস্কারবর্জ্জিত বা তাহার অতীত মহাকবি, সাহিত্যগুরু ও ভাষাবৈজ্ঞানিক-গণের হাতে পড়িয়া পরিবর্ত্তনের পর পরিবর্ত্তনাধীন, বহুমার্জ্জিত ও কালোপযোগীভাবে গঠিত হইয়া অচিন্ত্যপূর্ব্ব ভবিষ্যতের সম্মুখীন হইতেছে। বর্ত্তমানে নারীর বিশেষণে রসিকা না লিখিয়া রসিক মেয়ে লিখিতে দেখিলে যেমন 'বঙ্গীয়'-লেখক-লেখিকা বা পাঠক-পাঠিকার চক্ষুর পীড়াদায়ক বড় আর হয় না, তদ্রূপ বৈষ্ণব কবি ও ললিত পদকর্ত্তাদের রুচির আদর্শে "শ্যামরসরসিকিনী"র পুনরাবির্ভাব হইবে, তাহারও বড় আশা করা যায় না। অর্থগত না হইয়া শব্দগত লিঙ্গানুশাসন স্ত্রীলিঙ্গবাচক ও ক্রিয়ান্বয়ী বিশেষণ-প্রয়োগ-পদ্ধতি যে-কোন-ভাষাকে জটিল করিয়া তুলে। তাহা মৃত ভাষার অলঙ্কারস্বরূপ অপরিহার্য্যভাবে বিরাজ করিতে পারে, কিন্তু বাঙ্গালার ন্যায় জীবন্ত ভাষায় উক্ত অনুশাসনের একান্ত প্রয়োজন আছে বলিয়া স্বীকৃত না হওয়াই বাঞ্ছনীয়। কারণ, ইহার অভাব বা শিথিলতা, শব্দ ও ধাতুর দ্বিবচনের অভাব, এবং শব্দের বচন-ভেদে অন্বয়ী-ক্রিয়ার রূপান্তরাভাব ভাষাকে অজটিল, বৈদেশিক শিক্ষার্থীদের অনায়াস-শিক্ষাসাধ্য বা অধিগম্য করে বলিয়া মনে হয়। জীবিতভাষা স্থায়ী শৃঙ্খলরূপ নিয়ম-সূত্রাদির বাঁধ মানে না। অধুনা, ক্ষুদ্র ক্ষুদ্র বাঙ্গালা অভিধান হইতে শব্দগত লিঙ্গ ও শব্দের স্ত্রীলিঙ্গরূপ প্রকটনের প্রথাও বর্জ্জিত হইতেছে। বর্ত্তমান অভিধানে নিরর্থক ও হাস্যোদ্দীপক স্ত্রীলিঙ্গরূপ প্রকটনদ্বারা অভিধানের কলেবর বৃথা স্ফীত বা ভারাক্রান্ত না করিয়া উচ্চসাহিত্যে ব্যক্তিগত আলঙ্কারিক রচনারীতি অনুসারে এবং জড় ও অপ্রাণীবাচকশব্দে ব্যক্তিত্ব আরোপ(Personification)-স্থলে, প্রচলিত ও প্রযোজ্য স্ত্রীলিঙ্গরূপ মাত্র প্রদর্শিত হইয়াছে।

প্রাচীন, মধ্য ও বর্ত্তমানযুগের বঙ্গভাষা ও সাহিত্যালোচনা, বিস্তৃতপাঠ, সঙ্ঘবদ্ধভাবে সুদীর্ঘকালব্যাপী সানুরাগ অনুসন্ধান ও সঙ্কলন এবং বিপুল ব্যয় অভাবে যদিও আমরা বাঙ্গালা

অভিধান প্রণয়নে আদর্শের বহু পশ্চাতে আছি, তথাপি বাঙ্গালা ভাষার শব্দসম্পদ যে সভ্য-জগতের সমৃদ্ধ ভাষাসমূহের তুলনায় স্বকীয় স্থান বজায় রাখিতে সমর্থ, তাহা বলাই বাহুল্য। পাশ্চাত্য জগতের বৃহত্তম শব্দ-কোষগুলির মধ্যে ইংরেজীভাষার অভিধানের * শব্দসংখ্যাই সর্ব্বাপেক্ষা অধিক এবং জগতের সর্ব্বাধিক ভূখণ্ডে তাহার প্রচলন। বেব্‌স্টর সাহেবের ইংরেজী অভিধানের ১৯৩৪ অব্দের সংস্করণে (Latest Edition of Webster's New International Dictionary of the English Language), সাড়ে পাঁচ লক্ষ (৫,৫০,০০০) শব্দ স্থান পাইয়াছে। জন মরে সাহেবের "New English Dictionary on Historical Principles" নামক অভিধানের পরিশিষ্টাংশ (Vol. 21) বাদে বিরাট বিংশ খণ্ডে প্রায় চারি লক্ষ তের হাজার (৪,১২,৮২৫) শব্দ অন্তর্ভুক্ত হইয়াছে, যাহার মধ্যে বাহান্ন হাজার (৫২,০০০) অপ্রচলিত ও লুপ্তপ্রয়োগ (Obsolete) শব্দও আছে। ফরাসী ভাষার ৫-খণ্ডে-সম্পূর্ণ স্বনামপ্রসিদ্ধ পণ্ডিত লিত্রের অভিধানে † পৃষ্ঠাদ্য হইতে পৃষ্ঠান্ত পর্য্যন্ত শব্দসংখ্যা পঁচাশী হাজার (85,000 catch words বলিয়া উক্ত হইয়াছে (বাঙ্গালা ভাষার অভিধানের প্রথম সংস্করণে পঁচাত্তর হাজার (৭৫,০০০) শব্দ ছিল। ফরাসী অভিধানকার লা রুস সম্পাদিত ৬-খণ্ডে-সম্পূর্ণ বিংশ শতাব্দীর অভিধান (La Rousse du xx[e] siacle ‡ or 20th Century La Rousse in 6 Vols) ১৯২৮—৩৩ অব্দের সংস্করণে দুই লক্ষ ছত্রিশ হাজার (২,৩৬,০০০) শব্দ স্থান পাইয়াছে। ফরাসী সাহিত্য-পরিষদ (French Academy) হইতে প্রকাশিত Dictionaire del' Academie Franҫhaise নামক শব্দকোষে ১৯৩২—৩৫ অব্দের সংস্করণে প্রায় তিন লক্ষ শব্দ অন্তর্ভুক্ত হইয়াছে। বহুকাল পূর্ব্বে জেকব্‌ ও বিলিয়ম্‌ গ্রিম্‌ ভ্রাতৃদ্বয় ৫-খণ্ডে-সমাপ্য একখানি জর্ম্মন্‌ শব্দকোষ আরম্ভ করিয়াছিলেন। পরে, জর্ম্মন্‌ পণ্ডিত হাইনরিশ্‌ কাম্পে (Heinrich Campe) উহার সম্পাদনভার গ্রহণ করেন। এই অভিধানের নাম ডয়্‌টুশে ভ্যঁর্টর্‌বুখ্‌ (Deutshe Wörterbuch)। ১৮০৭—১৮১১ অব্দের সংস্করণে একলক্ষ একচল্লিশ হাজার দুই শত সাতাত্তর (১,৪১,২৭৭)টি শব্দ তাহার অন্তর্ভুক্ত ছিল। ইহার শেষ সংস্করণ এখনও সমাপ্ত হয় নাই। সমাপ্ত হইলে তাহার শব্দসংখ্যা আড়াই লক্ষের অনেক বেশী হইবে বলিয়া অনুমিত হইয়াছে §। ভারতীয় ভাষার মধ্যে যাহা জগতের অধিকাংশ ক্ষেত্রে সর্ব্বাধিক সংখ্যক লোকের কথ্যভাষা এবং ভারতের Lingua Franca বলিয়া পরিচয়ের দাবী রাখে, সেই ভাষায় সঙ্কলিত এবং কাশী-নাগরী-প্রচারিণী সভা হইতে প্রকাশিত সপ্ত খণ্ডে ৩৯৯৯ অর্থাৎ চারি সহস্র পৃষ্ঠায় সমাপ্ত হিন্দী শব্দসাগরে এক লক্ষ দুই হাজার পাঁচশত

* শব্দকোশ (Lexicon), মহাকোষ বা বিশ্বকোষ (Encyclopædia) নহে।

† Littre's French Dictionary, vols. 5, 1863—78 A.D. Edition.

‡ লা রুস দ্যু ভ্যাঁতিএম্‌ সিএ্‌ক্‌ল্‌।

§ Vide October issue of Weltverkehr sprachen (ভেল্ট্‌ফ্যারকের্‌ শ্‌প্রাখ্‌ন্‌), 1936

পঁচাত্তরটি (১,০২৫৭৫) হিন্দীশব্দ, শব্দ-সমুচ্চয়, বাগ্‌ধারা ও সমস্ত-পদাদি স্থান পাইয়াছে। যাহা হউক, ইংরেজী ভাষার সাড়ে পাঁচলক্ষ শব্দের মধ্যে জগতের সমগ্র ইংরেজী ভাষাভাষীদের সারা জীবনে মুষ্টিমেয় বিশিষ্টব্যক্তি ব্যতীত, কত অল্প সংখ্যক * শব্দ ব্যবহারে আসিয়া থাকে! জনৈক ইংরেজ পণ্ডিত সেই সংখ্যা এক-দশমাংশ (৫৫০০০) বলিয়া অনুমান করিয়াছেন। আমাদের অনুমান ইহা অপেক্ষা অনেক কম শব্দই বাস্তব-জীবনে প্রয়োজন হইয়া থাকে। উক্ত এক-দশমাংশ শব্দ-সমষ্টির ভিতর কতই না প্রাদেশিক (Provincial), † কত বৈদেশিক (Foreign) কত কথ্য (Colloquial), লুপ্তপ্রয়োগ (Obsolete), গ্রাম্য (Slang), অশিষ্ট (Obscene) এবং কতই অশুদ্ধ বা অপভ্রষ্ট (Vulgar) ইত্যাদি শব্দ বিদ্যমান আছে। কিন্তু সেগুলি অগ্রাহ্য করিয়া অথবা পরিত্যাজ্য-বোধে উক্ত অমূল্য অভিধানগুলি হইতে বর্জ্জিত বা তাহাতে সঙ্কলনের অযোগ্য বলিয়া বিবেচিত হয় নাই। বৈদিক যুগ হইতে অদ্যাবধি সুপ্রাচীন বাঙ্গালীজাতির ভাষাভাণ্ডারের শব্দসম্পদ নানা পরিবর্ত্তনের মধ্য দিয়া স্বভাবতঃই পাশ্চাত্য ভাষার বৃহত্তম অভিধানের শব্দ সংখ্যা অতিক্রম না করিলেও তাহার অন্ততঃ সমকক্ষ হইবার মত সংখ্যায় সঞ্চিত থাকিবার কথা। সহস্র বৎসরাধিক প্রাচীন বাঙ্গালা ভাষা ও সাহিত্যের অনুসন্ধানমাত্র অনুসন্ধিৎসু সুধীবর্গের চেষ্টায় কিঞ্চিদধিক অর্দ্ধ-শতাব্দীমাত্র হইল, লোকলোচনের গোচরে আসিতে আরম্ভ হইয়াছে। কিন্তু তদপেক্ষা প্রাচীনতর এবং প্রাচীনতম বাঙ্গালার সন্ধান এখনও হয় নাই। রাষ্ট্র-ধর্ম্ম-সমাজবিপ্লব, ভূকম্প, জলপ্লাবন, মহামারী, দুর্ভিক্ষ, অগ্নিদাহ প্রভৃতি দৈব দুর্ব্বিপাক, সাগরকূলবর্ত্তী নদীমাতৃক দেশের ধ্বংসকারী জলবায়ুর প্রভাব ও কুসংস্কার এবং অযত্নের ফলে কত বাঙ্গালা গ্রন্থরাশির পাণ্ডুলিপি যে বিলুপ্ত হইয়া গিয়াছে, তাহার ইয়ত্তা নাই। বাঙ্গালাভাষা ও সাহিত্যের-ইতিহাস-লেখক স্বনামপ্রসিদ্ধ ডাঃ দীনেশচন্দ্র সেন, বি, এ, ডি-লিট্‌ মহাশয় উক্ত গ্রন্থে ও তাঁহার বঙ্গসাহিত্য পরিচয় গ্রন্থের (Typical Selections from old Bengali Literature) ভূমিকায় তাহার আভাসও দিয়াছেন। কিন্তু সমগ্র দেশময় ইতস্ততঃ বিক্ষিপ্ত প্রাচীনতম ও প্রাচীনতর বাঙ্গালা হস্তলিখিত পুঁথি যাহা অশিক্ষিত দরিদ্র পল্লীগৃহে আত্মগোপন করিয়া আজিও ধ্বংসমুখ হইতে রক্ষা পাইয়া আছে, এখন তাহার সঙ্ঘবদ্ধভাবে বিস্তৃত অনুসন্ধান করিবার একান্ত প্রয়োজন বোধ হইতেছে; কারণ প্রাচীন মধ্য ও মুদ্রাযন্ত্রের আশ্রয়-গ্রহণের পূর্ব্ব-সময়ের পাণ্ডুলিপি হইতে দীর্ঘকাল ধৈর্য্য ধরিয়া প্রয়োগ সম্বলিত বাক্যোদ্ধার-সহ শব্দসঙ্কলন করিবার দিন এখনও গত হয় নাই। সেই সঙ্গে এখনও আর্য্য-পূর্ব্ব-যুগের বাঙ্গালা কথ্যভাষা হইতে কোলারীয় (সাঁওতালী প্রভৃতি) এবং দ্রাবিড়াদি শব্দ যাহা "অনার্য্য" "দেশজ," "গ্রাম্য" "প্রাদেশিক" ইত্যাদি পরিচয়ে আজিও আত্মরক্ষা করিয়া চলিয়াছে।

---

* বিশ্বকবি শেক্‌স্পীয়র ইংরেজী ভাষার সর্ব্বাপেক্ষা অধিক শব্দ তাঁহার কাব্য নাটকাদি রচনার মধ্যে ব্যবহার করিয়া গিয়াছেন। তাঁহার ব্যবহৃত শব্দের নির্ঘণ্ট-গ্রন্থ(concordance)-মতে পনের হাজার (১৫,০০০) বলিয়া ধার্য্য হইয়াছে।

† বাঙ্গালা শব্দ-কোষ-কার শ্রীযোগেশচন্দ্র রায়, এম এ, বিদ্যানিধি মহাশয়ের মতে "ভাখা"।

তাহার মূল, মূলের বিকাশ, বিকার ও পরিণতি সন্ধানপূর্ব্বক বাহির করা ভবিষ্য অভিধানকারের অন্যতম অবশ্য-কর্ত্তব্যের মধ্যে গণ্য হইবে।

বর্ত্তমান বাঙ্গালা ভাষার অভিধানের এই দ্বিতীয় সংস্করণে যদিও এক লক্ষ পঞ্চদশ সহস্রাধিক শব্দ স্থান পাইয়াছে, তথাপি, বঙ্গভাষা ও সাহিত্য-মহোদধির শব্দরত্নভাণ্ডার অর্দ্ধেক নিঃশেষিত হইয়াছে কিনা সন্দেহ। প্রাচীন, মধ্য ও আধুনিক লেখ্য ও কথ্য, দেশীয় অনার্য্য বা আর্য্যপূর্ব্ব বিশুদ্ধ সংস্কৃত, তৎসম ও তদ্ভব, বিবিধ প্রাকৃত, অবঙ্গীয়, বিশেষজ্ঞদের দ্বারা সংগঠিত, জ্ঞানবিজ্ঞানশিল্পের বিবিধ বিভাগীয় পারিভাষিক শব্দ; বুদ্ধপূর্ব্ব, বৌদ্ধ, বৈষ্ণব-শৈবাদি সাম্প্রদায়িক, বৈদিক-পৌরাণিক-তান্ত্রিক প্রভৃতি সমাজে বিশিষ্টার্থে প্রচলিত, ধর্ম্ম-সমাজ-রাষ্ট্র-বিপ্লবে উদ্ভাবিত ও ব্যবহৃত, শুদ্ধ বা জাত্য, ব্যাকরণ-দুষ্ট অথচ ভূরি-ব্যবহারশুদ্ধ, লুপ্তপ্রয়োগ কিন্তু এক-সময়ে-প্রচলিত-ছিল-এরূপ, সাহিত্যগুরুগণের ব্যবহারশুদ্ধ, অনুবাদগ্রন্থে প্রযুক্ত বিভক্তিবিহীন শুদ্ধ সংস্কৃত শব্দ, বানান ও উচ্চারণ-ভেদে প্রাদেশিকতাপ্রাপ্ত গ্রাম্যছড়া, গান, প্রবচন, লঘু-ও-লোক-সাহিত্যে প্রবিষ্ট এবং বঙ্গীভূত-বৈদেশিক-শব্দ-সম্ভারে-সমৃদ্ধ একখানি সর্ব্বাঙ্গসম্পূর্ণ অভিধান সঙ্কলন—অর্থাৎ বঙ্গভাষা-ও-সাহিত্য-মহাসাগর মন্থন করিয়া বা সাগর-জোড়া একখানি টানা জাল ফেলিয়া যাবতীয় রত্ন নিঃশেষে ছাঁকিয়া তুলিবার মতই অসম্ভব ও আশাতীত।

কাল পুরাতনের ভিত্তির উপর বর্ত্তমানের সৃষ্টি করিতেছে এবং অনুকূল আবহাওয়ার মধ্যে সংস্কারের বন্ধন ঘুচাইয়া নিত্য নূতনকে কুক্ষিগত করিয়া চলিয়াছে। এই কারণেই, প্রগতিহীন মাতৃভাষার ন্যায় জীবন্তভাষার সাহিত্য, ব্যাকরণ ও অভিধান কখনই কালজয়ী হয় না। নিত্যগতিশীল বিশ্বসংসারে মানুষ বর্ত্তমানের উপর দাঁড়াইয়া পশ্চাতে দৃষ্টি করে এবং ভবিষ্যতের প্রতীক্ষায় সম্মুখে পা ফেলিয়া চলে। তাহার বদ্ধজীবনের অচলায়তনের গণ্ডী হইতে সকল সংস্কারই মুক্তি চায়। জীবন্ত জাতির চলন্ত ভাষাকে তাই পরিবর্ত্তন ও বিবর্ত্তনগতির মধ্য-পথে, নির্দ্ধারিত নিয়মের চিরশৃঙ্খলে আবদ্ধ করিয়া তাহার বিশুদ্ধি রক্ষার উৎকট শুচিবাদিতা বৈয়াকরণ ও ভাষাবৈজ্ঞানিক এবং অভিধান সঙ্কলনকারের ব্যর্থপ্রয়াস। প্রাচীন মধ্য ও আধুনিক শব্দসম্বলিত বৃহৎ অভিধান জাতীয় সংস্কৃতি বা কৃষ্টির স্তরক্রম। তাহা ভাষা, ব্যাকরণ ও সাময়িক সাহিত্যের অতীত-রূপের অভ্রান্ত ইতিহাসের সার্থকতা সম্পাদন করে। এই হিসাবে তাহার মূল্য ও প্রয়োজনমাত্র কালজয়ী হয়। ব্যাকরণ ও অভিধান মানবজাতির সকল জীবন্তভাষা ও সাহিত্যের অনুগামী হয় এবং উভয়ই জাতীয় জীবনে বর্ত্তমানের প্রয়োজনসাধক, ভবিষ্যতের ভিত্তিভূমি ও নবনব সংস্করণের যোগ্য হইয়া থাকে।

শব্দের ব্যুৎপত্তিনির্ণয়, ব্যুৎপত্তিগত অর্থ, মুখ্যার্থ, গৌণার্থ, দ্যোতকার্থসমূহ (Different shades of meaning) ও তাহাদের প্রয়োগ-প্রদর্শন বাঙ্গালা ভাষার অভিধানের লক্ষ্য। ভাষার

উৎপত্তি, বিকাশ, ও পরিণতির অবস্থায় শব্দের ব্যাকরণসঙ্গত বা অনিয়মসিদ্ধ অজ্ঞাতমূলক পাঠভেদ ও রূপান্তর-প্রকটনও অভিধানের উদ্দেশ্যের অন্তর্ভুক্ত। ভূমিকার অন্তর্গত আক্ষরিক *বিন্যাস ও পাঠ নির্দ্দেশাদিতে উল্লিখিত উপায়গুলি অবলম্বন করায় দ্বিতীয় সংস্করণের অভিনবত্ব*-হেতু ইহা কার্য্যতঃ প্রথম সংস্করণের প্রকৃতিগত বলিয়াই বিবেচ্য। প্রথম সংস্করণ-সুলভ যে সকল ত্রুটিবিচ্যুতি আমার ন্যায় স্বল্পশক্তি, অল্পজ্ঞান ও ক্ষীণ-সাধনা ব্যক্তির কার্য্যে অজ্ঞাতসারে এবং অজ্ঞতাবশতঃ দৃষ্টিবহির্ভূত বা প্রচ্ছন্নভাবে থাকিয়া পরবর্ত্তী সংস্করণে নিরসনযোগ্য হইয়া রহিল, ভবিষ্যতে তৎপ্রতি দৃষ্টি পতিত হইলেই সংশোধন করিবার জন্য সর্ব্বদা প্রস্তুত থাকিব। পরবর্ত্তী সংস্করণ করিবার জন্য রোগজর্জ্জরিত দেহে বর্ত্তমান সঙ্কলনকার ও সম্পাদকের জীবিত না থাকার সম্ভাবনাই অধিক, কিন্তু যিনি বা যাঁহারা তাহা করিবেন, ভ্রমপ্রমাদদর্শী সহৃদয় সাহিত্যানুরাগী মাত্রই যে তজ্জন্য সঙ্কলন-ও-সম্পাদন-কর্ত্তার অশেষ কৃতজ্ঞতাভাজন হইবেন, তাহা বলাই বাহুল্য। কারণ, অভিধানের ন্যায় সর্ব্বজন প্রয়োজনীয় গ্রন্থ সম্পূর্ণ নির্ভুল করিবার বাসনা ও প্রচেষ্টাই অভিধানকারের প্রধান কর্ম্ম ও শ্রেষ্ঠ ধর্ম্ম।

বাঙ্গালা ভাষার অভিধানের প্রথম সংস্করণ নিঃশেষিত হইবার পর দ্বিতীয় সংস্করণ বাহির করিতে এত অধিক বিলম্ব হইবার জন্য কৈফিয়ৎ আবশ্যক। ইহার প্রধান কারণ সাংসারিক দুর্ঘটনা পরম্পরার ফলে এরূপ-দীর্ঘকালোপযোগী ও শ্রমসাধ্য কার্য্যে অনন্যকর্ম্মা হইয়া পাণ্ডুলিপি প্রস্তুত করিবার সুযোগাভাব। অন্যান্য কারণের মধ্যে এলাহাবাদ ইণ্ডিয়ান প্রেসের জন্য ইংরেজী হইতে ইংরেজী ও হিন্দী বৃহৎ অভিধান সঙ্কলন ও সম্পাদন এবং "ছাত্রপাঠ" ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ভাগ, "শিক্ষা ও সাহিত্য" এবং "সাহিত্য প্রবেশিকা" নামে ছয়খানি স্কুলপাঠ্য এবং আরও দুই একখানি পুস্তক প্রণয়ন ও উক্ত ইংরেজী-ইংরেজী-হিন্দী অভিধান সমাপ্ত করিয়া তাহার প্রুফ সংশোধনের প্রারম্ভকালে পুরাতন ডায়াবিটিস (Diabetes)-এর ভয়াবহ বৃদ্ধিই তাহার অব্যবহিত কারণ; যাহার ফলে অনতিবিলম্বে সম্পূর্ণ বিশ্রাম ও চিকিৎসার জন্য প্রবাস ত্যাগ করিয়া দেশে (কলিকাতায়) ফিরিতে বাধ্য হই। কিন্তু বিশ্রামের ফাঁকে বাঙ্গালা ভাষার অভিধানের দ্বিতীয় সংস্করণের জন্য প্রাচীন, মধ্য ও আধুনিক সাহিত্য হইতে শব্দ ও উপকরণাদি সংগ্রহরূপ লঘুতর কার্য্যে আংশিক ব্যাপৃত থাকি। কিছুকাল চিকিৎসার পর অপেক্ষাকৃত কার্য্যক্ষম বোধ করিয়া এবং রোগের কথঞ্চিৎ উপশমে ভরসা পাইয়া দ্বিতীয় সংস্করণের পাণ্ডুলিপি প্রস্তুত করিতে থাকি। ১৯৩২ অব্দের প্রারম্ভে পাণ্ডুলিপি মুদ্রণের জন্য প্রেসে অর্পিত হয়, কিন্তু কয়েক মাস মাত্র প্রুফসংশোধন, শব্দসংকলন ও সম্পাদন এক সঙ্গে চালাইবার পর রোগের পুনরাবির্ভাব হইলে, শরীর দুর্ব্বল হইতে থাকে এবং জুলাই মাসের শেষে স্কন্ধে ও ঘাড়ে ব্রণ দেখা দেয়। কয়েক দিনের মধ্যে সেই ব্রণ সংখ্যায় বাড়িয়া ও বহুমুখ হইয়া ভীষণ দুষ্টব্রণে (Carbuncle) পরিণত হয়। ১৯৩২ সালের ৮ই আগষ্ট, প্রবল জ্বরে শয্যাগত হই এবং সংজ্ঞাহীন

অবস্থায় পরদিন হইতে কলিকাতায় চিকিৎসাধীন থাকি। অর্দ্ধাধিক বৎসর শয্যাগত থাকিয়া ধীরবুদ্ধি বৈজ্ঞানিক ও সুভিষক্ ডাঃ এন্ এন্ দাশ, এম-এস্-সি, এম-বি, মহাশয়দ্বারা চিকিৎসিত এবং সাতটি অস্ত্রোপচারের অধীন থাকিয়া ক্ষত আরোগ্য হইবার মুখে তাঁহারই পরামর্শে আরও কয়েকমাস বায়ু পরিবর্ত্তনের জন্য বৈদ্যনাথধামের তিন মাইল দূরে কুণ্ডা নামক স্থানে অতিবাহিত করিয়া দেশে প্রত্যাবর্ত্তন করি। প্রবাসে আমার সম্পূর্ণ বিশ্রাম লইবার কালে কার্য্য কিঞ্চিৎ অগ্রসর করিয়া রাখিবার অত্যাগ্রহে নিউ আর্টিস্টিক প্রেসের স্বত্বাধিকারী মহাশয় ক বর্গের যে কয় ফর্ম্মা মুদ্রিত করাইয়াছিলেন তাহাতে এমন কতিপয় ভ্রমপ্রমাদ দৃষ্টিগোচর হয়, যে ১৯৩৪ অব্দের জানুয়ারী হইতে আর অধিক বিশ্রাম না লইয়া কার্য্যে পুনরায় যোগদান করিতে বাধ্য হই। ভ্রমগুলি পরে সংশোধিত হইয়া পুনর্মুদ্রিত হয়। এক্ষণে পূর্ব্ববৎ ১৬।১৭ ঘণ্টা পরিশ্রম করিবার শক্তি নষ্ট হইয়াছে, তৎস্থলে ৯।১০ ঘণ্টাই যথেষ্ট মনে হয়। বর্ত্তমানে আবার নূতন উপসর্গ, মাথায় রক্তের উচ্চ চাপ (High Blood Pressure) দেখা দিয়াছে। কিন্তু অভিধানের মুদ্রণ সমাপ্ত-প্রায় হইয়া আসায়, সমাপ্তি-পর্য্যন্ত চিকিৎসকদিগের পরামর্শ সত্ত্বেও সম্পূর্ণ বিশ্রাম করিতে পারি নাই। যাহা হউক প্রাণসঙ্কট রোগ ও ভীষণ অস্ত্রচিকিৎসার হস্ত হইতে মুক্তিলাভ করিয়াও বার্দ্ধক্যজনিত স্বাভাবিক ক্ষীণতা (Senile decay) ও শক্তিক্ষয়কারী যাপ্য-রোগের বর্ত্তমান অবস্থায় পঙ্গুর গিরিলঙ্ঘনের ন্যায় আরব্ধ কার্য্য যে সমাপ্ত করিতে পারিব, তাহার আশাই ছিল না এবং সে সম্ভাবনাও মনে উদয় হয় নাই। কিন্তু মঙ্গলময় পরমেশ্বরের অপার করুণায় তাহাও সম্ভব হইল। তাঁহার অভয় চরণে বার বার প্রণিপাত করি। যাঁহার সুচিকিৎসায়, লঘুহস্ত অস্ত্রোপচারগুণে এবং অনন্যসাধারণ চেষ্টা ও যত্নে পুরাতন ডায়াবিটিশ সহ অতিভীষণ দুষ্টব্রণ ও একাধিক সাইনাস বা নালি ঘা (Sinus)র আক্রমণ হইতে রক্ষা পাই, সেই সুচিকিৎসক ডাঃ নগেন্দ্র বাবুকে, এবং আমার স্নেহাস্পদা দৌহিত্রীপ্রমুখ যাঁহারা মাসের পর মাস দিবারাত্রি অক্লান্ত পরিশ্রমে ও প্রাণপণ-যত্নে আমার সেবা করিয়াছিলেন, তাঁহাদিগকে আমার আন্তরিক কৃতজ্ঞতা ও স্নেহাশীর্ব্বাদ জ্ঞাপন করিতেছি। আমার প্রাণসঙ্কট অবস্থায় রোগশয্যাপার্শ্বে যাঁহারা কৃপাপূর্ব্বক দর্শন দিয়াছিলেন, আমার সেই শ্রদ্ধাস্পদ বন্ধুগণ ও যাঁহারা প্রবাস হইতে পত্রযোগে তত্ত্ব লইতেন এবং যে সকল সংবাদ ও সাময়িক বাঙ্গালা, হিন্দী ও ইংরেজী পত্র-পত্রিকাদি সদয় সহানুভূতি ও শুভেচ্ছা জ্ঞাপন করিয়াছিলেন, তাঁহাদের সহৃদয়তা এবং আশীর্ব্বাদ কৃতজ্ঞ হৃদয়ে ও নতমস্তকে ধারণ করিয়া এই বহু বাধাপ্রাপ্ত "বাঙ্গালা ভাষার অভিধানের" দ্বিতীয় সংস্করণ সমাপ্তিতে এক্ষণে কর্ত্তব্যের দায়িত্ব হইতে মুক্ত ও কৃতকৃতার্থ বোধ করিতেছি। এলাহাবাদ ইণ্ডিয়ান প্রেসের বর্ত্তমান স্বত্বাধিকারী ও কর্ম্মাধ্যক্ষ শ্রীযুক্ত হরিকেশব ঘোষ ও শ্রীযুক্ত হরিপ্রসন্ন ঘোষ ভ্রাতৃদ্বয় এই দ্বিতীয় সংস্করণ সমাপ্ত দেখিবার বিশেষ আগ্রহ সত্ত্বেও আমার রোগ মুক্তির জন্য এবং কর্ম্মক্ষম হইয়া অভিধান সমাপ্তি-কার্য্যে পুনঃ প্রবৃত্ত হওয়া

পর্য্যন্ত সুদীর্ঘকাল আর্থিক ক্ষতি স্বীকার করিয়াও অসীম ধৈর্য্য ও সহানুভূতিপূর্ণ সাহায্য দান সহকারে অপেক্ষা করিয়াছিলেন, তজ্জন্য আমি বিশেষভাবেই তাঁহাদিগকে আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছি। অভিধানের প্রথম সংস্করণ যাঁহার সহৃদয় তত্ত্বাবধানে মুদ্রিত হইয়াছিল, সেই নিউ আর্টিস্‌টিক্ প্রেসের স্বত্বাধিকারী বন্ধুবর সুরেন্দ্রনাথ বসু মল্লিক মহাশয় এই দ্বিতীয় সংস্করণের মুদ্রাঙ্কণকার্য্যও অতি যত্নের সহিত পরিচালন ও পরিদর্শন করিতেছিলেন এবং ইহাকে সর্ব্বাঙ্গসুন্দর দেখিবার জন্য আগ্রহান্বিত ছিলেন, তিনি আমায় অসীম কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়া, তাঁহার মস্তকে রক্তের-চাপ-বৃদ্ধি-রোগে (Blood Pressure) গত ২৭শে মাঘ ১৩৪৩, ইং ১৯৩৭ সালের ৯ই ফেব্রুয়ারী তারিখে হঠাৎ পরলোকগমন করায় আমাদের আরব্ধ কার্য্য-সমাপ্তির আনন্দে যে গভীর ও শোচনীয় বন্ধুবিয়োগ-দুঃখ মিশ্রিত হইল, তাহা অমোচনীয় এবং তাঁহার অভাবে যে ক্ষতি হইল, তাহাও অপূরণীয় রহিল।

পরিশেষে বক্তব্য এই যে, যাঁহারা বাঙ্গালা ভাষার অভিধানের প্রথম-সংকলন-কালে স্বতঃ-প্রবৃত্ত হইয়া আমায় অল্পাধিক শব্দ সঙ্কলন করিয়া পাঠাইয়াছিলেন, তাঁহাদের নাম প্রথম সংস্করণের ভূমিকায় কৃতজ্ঞহৃদয়ে উল্লেখ করিয়াছিলাম। তন্মধ্যে বন্ধুবর শ্রদ্ধেয় শ্রীযুক্ত সুরেন্দ্র নাথ দেব, এম-এ, মহাশয়* প্রথমবারের ন্যায় এবারও সমসাময়িক গ্রন্থ পত্রাদি পাঠকালে অনেকগুলি স-প্রয়োগ শব্দ সংগ্রহ করিয়া দিয়া আমায় কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। বঙ্গীয় সাহিত্য পরিষদের অন্যতম সদস্য ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী সাহেব বাঙ্গালী মুসলমান ডাকনামের একটি তালিকা প্রস্তুত করিয়া দিয়া যে সাহায্য করিয়াছিলেন, প্রথম সংস্করণের ভূমিকায় যথাস্থানে তাহা উল্লেখ করিতে ভুল করায়, মুদ্রনশেষে স্বতন্ত্র পত্রখণ্ডে কৃতজ্ঞতা প্রকাশ করিয়া অভিধানে সংযুক্ত করা হইয়াছিল। এক্ষণে সেই ঋণ সকৃতজ্ঞ হৃদয়ে স্বীকার করিতেছি। কলিকাতা হাইকোর্টের ভূতপূর্ব্ব প্রধান translator অর্থাৎ অনুবাদক স্বর্গত বাবু রাজেন্দ্রনাথ শেঠ মোকদ্দমা-মামলা-ঘটিত নথিপত্র হইতে আদালতী ভাষায় ভিন্ন ভিন্ন জেলায় ব্যবহৃত বহু শব্দ সংগ্রহ করিয়া রাখিয়াছিলেন। তাঁহার সুযোগ্য পুত্র কলিকাতা হাইকোর্টের অ্যাডভোকেট শ্রীযুক্ত নরেন্দ্রনাথ শেঠ, এম-এ, বি, এল মহাশয় সেই বর্ণানুক্রমিক সংগ্রহের সমগ্র মূল পাণ্ডুলিপি (যাহা বন্ধুবর কবিরাজ শ্রীযুক্ত প্রভাতচন্দ্র সেন কবিরঞ্জন মহাশয়ের সৌজন্যে আমার হস্তগত হয়), "বাঙ্গালা ভাষার অভিধানে" যথা-প্রয়োজন ব্যবহার করিতে দিয়া আমায় চিরকৃতজ্ঞতা পাশে বদ্ধ করিয়াছেন। এই অপূর্ব্ব সংগ্রহ হইতে বহু শব্দ যেমন গৃহীত হইয়াছে, তদ্রূপ আমার পূর্ব্বসঙ্কলিত, আদালতে ব্যবহৃত বহু শব্দের রূপ এবং অর্থ সমর্থিতও হইয়াছে। "প্রবাসী" পত্রিকার ভূতপূর্ব্ব সহকারী সম্পাদক, অধুনা অবসরপ্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুযোগ্য অধ্যাপক, প্রসিদ্ধ সাহিত্যিক

* অবসর-প্রাপ্ত প্রিন্সিপ্যাল, এলাহাবাদ, কায়স্থ কলেজ।

শ্রদ্ধেয় সাহিত্যবন্ধু শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম-এ, মহাশয়ের শব্দ-সঙ্কলনের উল্লেখ প্রথম সংস্করণের ভূমিকার সপ্তদশ পৃষ্ঠায় করিয়াছিলাম। কিন্তু বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নামের সহিত তাঁহার তৎকালীন সহকর্ম্মী প্রসিদ্ধ সাহিত্যসেবী, বীরভূম সাহিত্য-পরিষৎ-প্রতিষ্ঠাতা ও "বঙ্গীয় সাহিত্যসেবক" প্রভৃতি গ্রন্থ প্রণেতা শ্রীযুক্ত শিবরতন মিত্র এবং সুসাহিত্যিক শ্রীযুক্ত কার্ত্তিকচন্দ্র দাসগুপ্ত, বি-এ, মহাশয়দ্বয়ের নাম উল্লিখিত না হওয়ায় যে ত্রুটি হইয়াছে, তাহা বর্ত্তমান সংস্করণে সংশোধন করিয়া তাঁহাদের উভয়ের নিকট আমার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। "বাঙ্গালা ভাষার অভিধান" সঙ্কলন কালে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয়-সম্পাদিত "শ্রীকৃষ্ণ কীর্ত্তন," স্বর্গত মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী, এম, এ, সি-আই-ই মহাশয়ের "বৌদ্ধগান ও দোহা", বঙ্গভাষা-ও-সাহিত্য-প্রণেতা ডাঃ দীনেশচন্দ্র সেন, বিএ, ; ডি, লিট্‌ মহাশয়ের দুইখণ্ড "বঙ্গসাহিত্য-পরিচয়", "পূর্ব্ববঙ্গ গীতিকা" ও "মৈমনসিং গীতিকা" এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম-এ (পি-আর-এস্‌), ডি, লিট্‌ (লণ্ডন), এফ্‌, আর, এ, এস, বি, মহাশয়ের "বঙ্গভাষার উৎপত্তি ও বিকাশ" (Origin & Development of the Bengali Language, Vols I & II) প্রভৃতি কয়েকখানি অমূল্য গ্রন্থ প্রায়ই দেখিতে হইয়াছে। এই সকল গ্রন্থপ্রণেতৃগণের নিকট আমি বিশেষভাবে ঋণী রহিলাম। শ্রদ্ধেয় বন্ধু সুনীতিবাবু বাঙ্গালা ভাষার অভিধানের পরিশিষ্টভাগে প্রতিবর্ণীকরণ (transliteration) অংশ আমূল পরিদর্শন এবং নামের তালিকা হাল-নাগাত (up-to-date) করিয়া দিয়াছেন। সাহিত্যবন্ধু প্রুফ্‌-সংশোধন-বিশেষজ্ঞ, অধুনা কাশীপ্রবাসী, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ ঘটক মহাশয় প্রুফ্‌ সংশোধনের নিয়মাদি আমূল পরিদর্শন ও পরিবর্দ্ধন করিয়াছেন। ইংরেজী ও বাঙ্গালা বিবিধ সাময়িক পত্রের প্রবন্ধলেখক সুসাহিত্যিক বন্ধুবর শ্রীযুক্ত যতীন্দ্রমোহন দত্ত, বি-এ, এম্‌-এস্‌-সি, বি-এল, এম-আর-এ-এস্‌ মহাশয় পরিশিষ্টান্তর্গত মুদ্রা বিনিময়ের হার (স্বর্ণমানে) হালনাগাত করিয়া এবং ফরাসী দশমিক পরিমাণ প্রণালী আমূল পরিদর্শন করিয়া দিয়াছেন। তাঁহার অনুজ বন্ধুবর শ্রীযুক্ত রবীন্দ্রমোহন দত্ত, বি-এ, এম-এস্‌-সি, বঙ্গবাসী কলেজের অধ্যাপক সাহিত্যবন্ধু শ্রীযুক্ত প্যারীমোহন সেন গুপ্ত, বি-এ, গৌহাটী কটন কলেজের অধ্যাপক সাহিত্যানুরাগী শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায়, আশুতোষ কলেজের অধ্যাপক শ্রীযুক্ত কুমুদনাথ রায় চৌধুরী, এম-এ, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্বনাম-প্রসিদ্ধ অধ্যাপক শ্রদ্ধেয় বন্ধু স্বর্গত মহামহোপাধ্যায় পণ্ডিত, ডাঃ ভাগবত কুমার শাস্ত্রী, এম-এ, পি-এচ্‌-ডি, স্বনাম প্রসিদ্ধ সাহিত্যিক, শ্রদ্ধেয় সুহৃদ্বর শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত, শ্রীহট্ট নিবাসী "সুরমা" পত্রের ভূতপূর্ব্ব সম্পাদক প্রবীণ সাহিত্যিক শ্রীযুক্ত চন্দ্রকুমার ভট্টাচার্য্য, জমশেদপুর প্রবাসী শ্রীযুক্ত অনিলপ্রকাশ সোম, কলিকাতা ভবানীপুর নিবাসী শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়; এম-এ, সাহিত্যবন্ধু পণ্ডিত শ্রীযুক্ত নয়নচন্দ্র মুখোপাধ্যায়, আভাগড় রাজষ্টেটের ভূতপূর্ব্ব গৃহ-চিকিৎসক সাহিত্য-বন্ধু কবিরাজ শ্রীযুক্ত প্রভাতচন্দ্র সেন,

কবিরঞ্জন, বেঙ্গল সেক্রেটারিএট্ উর্দ্দু-হিন্দী বিভাগের সহকারী অনুবাদক বহু ভাষাবিৎ শ্রীযুক্ত প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়, এম-এ মহাশয় এবং কলিকাতা স্থকিয়াস রো নিবাসী আমার পরম শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায় মহাশয় প্রমুখ সাহিত্যানুরাগী সহৃদয় ভদ্রমহোদয়গণ, যাঁহারা বর্ত্তমান সংস্করণকালে স্বতঃপ্রবৃত্ত হইয়া আমায় অল্পাধিক উপকরণ দান করিয়া সাহায্য করিয়াছেন, তাঁহাদের নিকট আমার আন্তরিক কৃতজ্ঞতা সানন্দে স্বীকার করিতেছি। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্ণধার মহামান্য ভাইসচ্যান্সেলর শ্রীযুক্ত শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এম-এ, বি-এল, বার-এট-ল, এম-এল্-এ মহাশয়ের অনুমত্যনুসারে বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক অনুমোদিত বাঙ্গালা বানানের নিয়মাবলী (৩য় সংস্করণ, ১৯৩৭) ভবিষ্য স্কুলপাঠ্য পুস্তক লেখক ও শিক্ষার্থীর পথপ্রদর্শকস্বরূপ পরিশিষ্টভাগে অশেষ কৃতজ্ঞতা সহকারে মুদ্রিত হইল।

অভিধানের পূর্ব্বভাষ প্রায়ই পঠিত হয় না; ফলে, তাহার বিশেষত্ব, সঙ্কেত, শব্দাদি-সংক্ষেপ, পাঠনির্দ্দেশ প্রভৃতির সহিত পূর্ব্ব পরিচিত না হইয়াই অভিধান দেখিতে গেলে তাহার ব্যবহারের পথ তেমন সুগম ত হয়ই না, অধিকন্তু প্রতিবারই নানা বাধা পাইয়া ভূমিকার অন্তর্গত নির্দ্দেশগুলি উল্টাইয়া উল্টাইয়া দেখিতে হয়। বাঙ্গালা ভাষার অভিধান যাঁহারা ব্যবহার করিবেন তাঁহাদের প্রতি সঙ্কলনকারের বিশেষ নিবেদন এই যে, তাঁহারা প্রথমেই (১) মূল-গ্রন্থের আক্ষরিক বিন্যাস (textual arrangement) ও পাঠনির্দ্দেশ, (২) স্বত উচ্চার্য্যশব্দের বর্ণশীর্ষস্থ চিহ্ন-প্রয়োগ-প্রণালী ও উচ্চারণ-কুঞ্চিকা, (৩) বর্ণের মূল্য (value or equivalent), উচ্চারণ এবং বর্ণান্তরীকরণ, (৪) স্বরযুক্ত ও স্বরান্ত ব্যঞ্জন বা জটিল যুক্তবর্ণের রূপান্তর ও ধ্বনি, (৫) ফলা-যোজনার ফল, (৬) বর্ত্তমান গ্রন্থে ব্যবহৃত সংক্ষেপ এবং (৭) এই গ্রন্থে ব্যবহৃত সাঙ্কেতিক চিহ্নগুলি অবগত হইয়া এবং পরিশিষ্টান্তর্গত অতিরিক্ত শব্দ-সংযোজন ও সংশোধনের প্রতি দৃষ্টি রাখিয়া, বিশেষতঃ ভ্রমপ্রমাদগুলি যথাস্থানে সংশোধন করিয়া লইয়া ইহা ব্যবহার করিবেন। তাঁহাদের সুবিধার জন্য এই দ্বিতীয় সংস্করণের ভূমিকার মধ্যে সন্নিবেশ্য উক্ত বিষয়-সপ্তক ইহার বাহিরে ও প্রথম সংস্করণের ভূমিকার পূর্ব্বে স্বতন্ত্রভাবে বিন্যস্ত হইল।

বাঙ্গালা ভাষার অভিধান এক্ষণে বঙ্গভাষাভাষী ও বৈদেশিক বঙ্গভাষানুরাগী নরনারীর প্রয়োজন সাধনে কথঞ্চিৎ সমর্থ হইলেই সকল চেষ্টা ও পরিশ্রম সার্থক জ্ঞান করিব।

আগড়পাড়া
১৫ই পৌষ সন ১৩৪৪ সাল
ইং ৩০শে ডিসেম্বর, ১৯৩৭

শ্রীজ্ঞানেন্দ্রমোহন দাস।

দ্বিতীয় সংস্করণের ভূমিকা, পৃঃ ১৭ দ্রঃ।

(১)

মূল-গ্রন্থের আক্ষরিক বিন্যাস ও পাঠনির্দ্দেশ

প্রত্যেক মূল শব্দের প্রথম পংক্তির নিম্নে সামান্য স্থানও ছাড় না দিয়া পংক্তি আরম্ভ করায় একদিকে যেমন স্থানের অপচয় নিবারিত হইয়াছে, তদ্রূপ শব্দের আদ্যবর্ণ এন্টিক টাইপের সহিত অবশিষ্ট বর্ণ পাইকায় গ্রথিত করিয়া মূল শব্দগুলি সহজেই পাঠকের দৃষ্টি আকর্ষণ-যোগ্য করা হইয়াছে। পর্য্যায় মধ্যস্থ ব্যাখ্যাতব্য সমস্তপদ, শব্দসমুচ্চয়, বাগ্‌ধারা এবং ব্যুৎপন্ন শব্দ "পাইকা" টাইপে এবং অবশিষ্টাংশ "ব্রিভিয়ার" টাইপে মুদ্রিত হইয়াছে। প্রতি পৃষ্ঠায় তিনটি করিয়া স্তম্ভ (Columns) আছে।

অল্পস্থানের মধ্যে বহুশব্দসমাবেশ এই অভিধানের মূলনীতি সমূহের অন্যতম। এক ব্যুৎপত্তিমূলক হইলেও বিভিন্ন শব্দ ও তৎপর্য্যায় ভিন্ন-ব্যুৎপত্তি-মূলক শব্দের ন্যায় পৃথক পৃথক্ বিন্যস্ত এবং এক বানানের স্বতন্ত্র ব্যুপত্তিমূলক শব্দ তন্নিম্নে ব্রিভিয়ার টাইপে ১।২।৩ আদি সংখ্যাযুক্ত করিয়া মূল শব্দরূপে পৃথক্ করা হইয়াছে। একই শব্দের বানানগত রূপান্তর বা পাঠান্তর মাত্র (variant) একই পর্য্যায়ের মূল শব্দ-রূপে কমা (,) চিহ্নের ব্যবধান দ্বারা পরে পরে বিন্যস্ত হইয়াছে, কিন্তু প্রথম শব্দরূপের পরবর্ত্তী শব্দ সংক্ষিপ্তাকারে বা পূর্ণরূপে থাকিলে বিন্যাস-ব্যতিক্রম বুঝাইবে না।

মূল শব্দ বিন্যাসের যে কয়েকটি ধারা উহাতে অবলম্বিত হইয়াছে তাহা নিম্ন দৃষ্টান্তে বুঝা যাইবে—(ক) অঝর, অঝোর। (খ) ১. কাঙ্গ, কাঙ্গা, কাঙ্গাওাঁ, কাঙ্গাই, কাঙ্গালি,-লি,-লী, লী,-লি, কাঙ্গু, কাঙ্গে=কাঙ্গ, কাঙ্গা, কাঙ্গাওাঁ, কাঙ্গাই, কাঙ্গালি, কাঙ্গালি, কাঙ্গালী, কাঙ্গালী, কাঙ্গালি, কাঙ্গু, কাঙ্গে"—এই ১১টি মূল শব্দ বলিয়া বুঝিতে হইবে। ২ "নব" পর্য্যায়ে ~তি=নবতি > ~তম=নবতিতম > স্ত্রীঃ ~তমী অর্থাৎ নবতিতম শব্দের স্ত্রীলিঙ্গে নবতিতমী বুঝিতে হইবে। ৩ নাচিকেত,-তা (ঃ)=নাচিকেত, নাচিকেতা, নাচিকেতাঃ। ৪ ঠুম (ম্) কি=ঠুমকি ঠুম্‌কি। ৫ দুধ (ধে) ভাতে (থাকা)=দুধভাতে (থাকা), দুধে ভাতে (থাকা)। ৬ ঝণ (ন) ঝণা(না)য়মান=ঝণঝণায়মান, ঝনঝনায়মান। ৭ গোআল, (া), গোয়ালা=গোআল, গোআলা, গোয়ালা। ৮ ভূনি,-নী=ভুনি, ভুনী। ৯ মাসতাত (-তুতা, তুতো)= মাসতাত, মাসতুতা, মাসতুতো। ১০ পুক্কশ,-ষ,-স =পুক্কশ, পুক্কষ, পুক্কস। ১১ মঁনঃ/কল্পিত * * *। ~শিল (া), ~সিল=মঁনঃকল্পিত * * *। মঁনঃশিল, মঁনঃশিলা, মঁনঃসিল, মনঃসিলা। এইরূপ "যাদো/গণ" পর্য্যায়ে ~গণেশ্বর দ্রষ্টব্য। ১২ মিউনিসিপা(প্যা)লিটী, ম্যুনিসিপ্যালিটি, =মিউনিসিপালিটী, মিউনিসিপ্যালিটি, মিনিসিপ্যালিটী, ম্যুনিসিপালিটী। ১৩ মুখ * * *। ~র্কমল (র্খ)=মুর্খকর্মল। ১৪ মাজ, * * *। ~র্গ (-র্জ-)=মাজ, * * *। মার্জর্গ। ১৫ "যাচন" পর্য্যায়ে ~া, ~নীয়=যাচনা, যাচনীয় এবং ১৬ লু (কলু) কানি=লুকানি, লুকলুকানি। (গ) বহা১, বহা২, বহা৩, বহা৪, বহা৫ এবং বিচাল১, বিচাল২, বিচাল৩ ইত্যাদি দ্রষ্টব্য।

মূলশব্দের পূর্ব্বে ড্যাস (-) যুক্ত করিয়া পর্য্যায় আরম্ভ হইলে বুঝিতে হইবে, তাহা শব্দাংশস্বরূপ অন্য পদান্তে যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে, যথা—"আত্মক" (শব্দাত্মক দ্রঃ)। "-র," "-ক," "-বাড়ি" ইত্যাদি দ্রষ্টব্য।

শব্দের বিকল্পে একাধিক উচ্চারণ, অর্থাৎ উচ্চারণভেদ ও সন্দেহস্থলে মূল শব্দের পর "( )" এই বন্ধনীর মধ্যে সংক্ষেপে প্রদর্শিত হইয়াছে, যথা—ব্যঙ্গ (ব্য-, ব্যা), বিস্মর্রণ (-শ্‌শ-)।

মূল শব্দের পর অথবা "( )" এই বন্ধনী মধ্যে উচ্চারণ-প্রকটনের পর "[ ]" এই বন্ধনী মধ্যে শব্দসাধন বা শব্দের ব্যুৎপত্তি, গঠন, শব্দ-সম্বন্ধীয় বিশেষ জ্ঞাতব্য, অসংস্কৃত, অবঙ্গীয় বা বৈদেশিক শব্দের উৎপত্তিমূল এবং অবঙ্গীয় শব্দ বিকারক্রমের মধ্য দিয়া যাহা বাঙ্গালা ভাষায় প্রবেশ করিয়া বা রূপান্তরিত হইয়া বঙ্গীভূত হইয়াছে, তাহার ইঙ্গিত প্রকটনের চেষ্টা করা হইয়াছে। উত্তম, মধ্যম ও প্রথম পুরুষে সমানার্থে, মান্যার্থে ও তুচ্ছার্থে ধাতুরূপ ও তাহার অসমাপিকা ও ণিজন্তরূপ প্রদত্ত এবং বিশেষ বিশেষ ক্রিয়ার অধিক বিস্তারিতভাবে রূপান্তর প্রদর্শিত হইয়াছে, যথা—করা, দেখা, থাকা, ধরা, পারা ইত্যাদি দ্রষ্টব্য। "ইয়া" যোগে অসমাপিকা-ক্রিয়া-রূপ-প্রদর্শন-স্থলে গ্রাম্য চলিত সংক্ষিপ্ত রূপের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী সংক্ষিপ্তরূপ প্রায়ই দেখান হয় নাই। যথা—পস্তিয়া, পস্তাইয়া > পস্ত্যে > পস্তে ; করিয়া > কর্‌্যে >

ক'রে > করে ইত্যাদি রূপ না দেখাইয়া 'করিয়া > ক্বরে, পড়িয়া > পড়ে' ইত্যাদি পশ্চিমবঙ্গের চলিতরূপ-মাত্র প্রদত্ত হইয়াছে। পূর্ব্ববঙ্গের উচ্চারণ মধ্যে পড়্যে, কর‍্যে ইত্যাদিরূপ না থাকিলেও ঐ গুলি এরূপস্থলে উহ্য বুঝিতে হইবে। প্রদত্ত ধাতুরূপগুলি স্বতন্ত্র স্বতন্ত্র পর্য্যায়ে রূপান্তরের নর্ণানুক্রমে না দেখাইলেও উত্তম, মধ্যম, প্রথম পুরুষে, সমানার্থে, মান্যার্থে, তুচ্ছার্থে ও অসমাপিকার্থে 'ইতে' ও 'ইয়া' যোগপূর্ব্বক এরূপ ক্রমে এবং পরে পরে বিন্যস্ত হইয়াছে যে, ঐগুলি স্বয়ং-বোধ্য হইয়াই আছে। সংস্কৃত, তৎসম ও তদ্ভব শব্দ ও ধাতুর উত্তর ভাবে, ভবার্থে, জাতার্থে, জ্ঞাতার্থে, অস্ত্যর্থে, সম্বন্ধার্থে, ইদমর্থে, অপত্যার্থে, ব্যাপ্তার্থে ইত্যাদি তদ্ধিত ও কৃৎ প্রত্যয়ের পূর্ণস্বরূপ অনাবশ্যক এবং অকারণ স্থান-ব্যাপীবোধে এই অভিধানে সাধারণতঃ প্রদত্ত হয় নাই। প্রত্যয়ের ইৎ যাইয়া যে অবশিষ্টরূপ যুক্ত হয় তাহাই দেখান হইয়াছে। ঘঞ্, অল্, ক্ত স্থলে অ; ষ্ণিক্, ষ্ণীক স্থলে ইক, অক; ষ্ণেয় স্থলে এয়, ষ্য; ক্যপ্, ত্যণ্, ণ্যৎ ইত্যাদি স্থলে য; ময়ট্ স্থলে ময়: ণিন্, ঘ্নিন্ স্থলে ইন্ ইত্যাদিই দৃষ্ট হইবে। বিশেষ বিশেষ প্রত্যয়-যোগে বর্ণের গুণ-বৃদ্ধি ইত্যাদি তদ্ধিতে ও কৃৎ প্রত্যয় নিষ্পন্ন শব্দেই দৃষ্ট হইবে, যথা—স্বদেশ + ইক (-ষ্ণিক। এই প্রত্যয় যোগে প্রতিপদিকের আদিস্বরের বৃদ্ধি হেতু স্ব=স্বা)=স্বাদেশিক। এইরূপ দাশরাত্রিক (দ্রঃ)। অসমাপিকা ক্রিয়ায় (১) দেখা > দেখ্ + ইতে (গ্রা° সংক্ষেপে 'তে') -> দেখিতে (গ্রা° দেখতে)। উত্তম, মধ্যম ও প্রথম পুরুষে রূপান্তর নাই (আমি আমরা দেখিতে যাই, গেলাম, (গেলুম, গেলেম); তুমি, তোমরা দেখিতে যাও, গেলে; আপনি, আপনারা দেখিতে যান, গেলেন: তুই, তোরা দেখিতে যাস, গেলি: সে তাহারা দেখিতে যায় গেল (তিনি তাঁহারা দেখিতে যান, গেলেন। (২) ইলে যোগে—দেখিতে স্থলে দেখিলে। (৩) ইয়া যোগে—দেখিয়া > দেখিয়ে > দেখ্যে > দেখে (আমি আমরা দেখিয়া আসি, আসিলাম, তুমি তোমরা দেখিয়া এস, আসিলে: আপনি, আপনারা দেখিয়া আসেন, আসিলেন; তুই, তোরা দেখিয়া আসিস, আসিলি; সে তাহারা দেখিয়া আসে, আসিল; আপনি, আপনারা দেখিয়া আসেন, আসিলেন। গ্রাম্য দেখিয়া স্থলে দেখে। 'দেখা'-র ণিজন্তে "দেখানি।" তার উত্তম মধ্যম, প্রথম পুরুষে হইবে—দেখাই, দেখাও (দেখান, দেখাস), দেখায় (দেখান); দেখাইতে (গ্রা° ক্ষে° দেখাতে); দেখাইয়া (গ্রা° ক্ষে° দেখায়ে, দেখিয়ে। দেখা ধাতুর অণিজন্ত বর্ত্তমানে উ° পু°—(আমি) দেখি, ম° পু°—(তুমি) দেখ (আপনি) দেখুন, দেখেন (পূ° বঙ্গ), (তুই) দেখিস (সে) দেখে (তিনি) দেখেন); (২) (আমি) দেখিতেছি, (তুমি) দেখিতেছ (আপনি) দেখিতেছেন (তুই) দেখিতেছিস; (সে) দেখিতেছে (আপনি) দেখিতেছেন; (৩) (আমি) দেখিলাম, (তুমি) দেখিলে (তিনি) দেখিলেন, (তুই) দেখিলি। অতীত কালে উ° পু° (১) (আমি) দেখিতেছিলাম, ম° পু° (তুমি) দেখিতেছিলে (আপনি) দেখিতেছিলেন, (তুই) দেখিতেছিলি; (২) উ° পু° (আমি) দেখিয়াছিলাম, (তুমি) দেখিয়াছিলে (আপনি) দেখিয়াছিলেন, (তুই) দেখিয়াছিলি, (সে) দেখিয়াছিল (তিনি) দেখিয়াছিলেন; (৩) উ° পু° (আমি) দেখিতাম, (তুমি) দেখিতে (আপনি) দেখিতেন, (তুই) দেখিতিস (ক্ষে° দেখতিস), (সে) দেখিত, (তিনি) দেখিতেন। ভবিষ্যৎকালে—উ° পু° (আমি) দেখিব, ম° পু° (তুমি) দেখিবে, (আপনি) দেখিবেন; (তুই) দেখিবি, (সে) দেখিবে, (তিনি) দেখিবেন। অভিধানের প্রথমাংশে যে ক্রিয়াপদের রূপান্তর প্রদর্শনে "উ° পু°, ম° পু°, প্র° পু°, অস-ক্রি, ণিজন্ত" সংক্ষেপে লিখিত হইয়াছে, সেই ধারা স্থান সংক্ষেপার্থে তুলিয়া দিয়া উক্ত তিন পুরুষের রূপের পর ";" এই চিহ্নের ব্যবধান দিয়া "ইতে" ও "ইয়া" যোগে অসমাপিকা-ক্রিয়া-রূপ এবং ণিজন্তরূপ পরে পরে অর্দ্ধচ্ছেদ চিহ্ন দ্বারা পৃথক্ করিয়া প্রদর্শিত হইয়াছে। "বিচারা" এই ক্রিয়াপদ পর্য্যায়ে—বিচারি, বিচার, বিচারে; বিচারিতে; বিচারিয়া (ক্ষে° পদ্যে বিচারি) এইরূপ দৃষ্ট হইবে।

কোন শব্দ-পর্য্যায় মধ্যে মূল শব্দের পুনরুল্লেখ করিতে হইলে তাহার আদ্যবর্ণের পার্শ্বে "°"—এই চিহ্ন থাকিলে, সেই শব্দের পূর্ণরূপ বুঝাইবে, যথা—"মনোরথ" পর্য্যায়ে, ম° দ্বিতীয়া=মনোরথ দ্বিতীয়া; "অনুকূল" পর্য্যায়ে অ°=অনুকূল; "চৈতন্যোদয়" পর্য্যায়ে চৈ° হওয়া=চৈতন্যোদয় হওয়া। পৃথক্ বানানের একাধিক মূল পর্য্যায়ে বিন্দুযুক্ত আদ্যবর্ণের পরিবর্ত্তে মূল শব্দের পূর্ণ রূপই প্রদত্ত হইয়াছে। অল্প কয়েক স্থল ব্যতীত দ্ব্যক্ষর শব্দের সংক্ষিপ্ত রূপ প্রায়ই প্রদত্ত হয় নাই।

মূল শব্দের পর শব্দপর্য্যায় মধ্যে বিশেষ্য বা বিশেষণার্থক সমস্ত পদ গঠনে মূল শব্দের অর্থাদি আলোচনার পর "~"—এই যোজক চিহ্ন-পূর্ব্বক ব্যুৎপাদক শব্দাংশ প্রদত্ত হইয়াছে, যথা—"পথ" পর্য্যায়ে—"~পার্শ্ব, ~প্রদর্শক," ইত্যাদি এবং প° করা, প° ছাড়া ইত্যাদি=পথপার্শ্ব, পথপ্রদর্শক, পথ করা, পথ ছাড়া এবং রেঁদা, র‍্যাঁদা পর্য্যায়ে রেঁদা করা, রেঁ° ঠেলা, রেঁ° দেওয়া ইত্যাদি।

অভিধানের পূর্ব্বখণ্ডে / এই চিহ্ন দ্বারা বিভক্ত মূল শব্দের পর পর্য্যায় মধ্যস্থ "~" এই চিহ্নযুক্ত করা বা হওয়া-বোধক ক্রিয়ায় কর্ত্তৃবাচক মূল শব্দ উহ্য রাখা হইতেছিল, কিন্তু উক্ত যোজক (~) চিহ্ন সমস্তপদ গঠনের ইঙ্গিত বুঝিবার সম্ভাবনা বোধে তাহা রহিত করিবার জন্য পরে দ্ব্যক্ষর শব্দের মূল রূপ বা মূল শব্দের বিন্দুযুক্ত আদ্য বর্ণ ক্রিয়াপদের পূর্ব্বে ন্যস্ত হইয়াছে, যথা—"খেয়া" —পর্য্যায়ে "~দেওয়া"=খেয়া দেওয়া

("খেয়া দেওয়া" নহে). "খোঁজ" পর্য্যায়ে "~খবর"=খোঁজ খবর ("খোঁজখবর" নহে), "যাহা" পর্য্যায়ে "~-তাহা"=যাহা-তাহা ("যাহাতাহা" নহে), "বাজার" পর্য্যায়ে "বা করা"=বাজার করা (বাজারকরা নহে) ইত্যাদি।

রঞ্জন পর্য্যায়ে [রঞ্জ + ণিচ =রঞ্জি (রং করান) + অন (ভা°)] বি, * * * * *। ৩[~+অন (কর্তৃ)]" এরূপ স্থলে বুঝিতে হইবে, অন (ভা°)=ভাবে অন প্রত্যয়,~+অন (কর্তৃ)=রঞ্জ্ + ণিচ্ =রঞ্জি (রং করান) + কর্তৃবাচ্যে অন। "রণোদ্যম" পর্য্যায়ে "[রণ + উদ্যম, ৬তৎ]"-স্থলে সন্ধিবিচ্ছেদ করিয়া এবং 'রণের উদ্যম' এই সহজ সমাসবাক্য উহ্য রাখিয়া ষষ্ঠীতৎপুরুষ সমাসের ইঙ্গিত স্বরূপ "৬তৎ" মাত্র সংক্ষেপে লিখিত হইয়াছে। এইরূপ 'রত্নাকর, রণচালক' ইত্যাদি দ্রষ্টব্য।

স্বরান্ত শব্দের সম্বন্ধার্থে 'র' যুক্ত হয়, যথা-কথা + র=কথার, বিধি + র=বিধির। অকারান্ত শব্দে বক্তার রুচি অনুসারে বিকল্পে 'র' বা 'এর' যুক্ত হয়, যথা-শ^ত + র^ =শ^তর^, শত + এর=শ^তের^ (র^); হ^তাহ^ত^ > হ^তাহ^ত^র, হ^তাহ^তের ; স^ন্দেহ^ > স^ন্দেহ^র, স^ন্দেহের ; ন^ন্দ > ন^ন্দর, ন^ন্দের। কিন্তু হসন্ত বা হসন্তবৎ উচ্চারিত পদান্তবর্ণে "এর" যোগ হয়, যথা-রাম > রামের। বল > বলের। বৈদেশিক শব্দ সম্বন্ধেও এই প্রথা।

শব্দ পর্য্যায়ে স্থলবিশেষে পাঠমাত্র স্বয়মর্থ-বোধক (Self-explaining words) শব্দের উল্লেখমাত্র করা হইয়াছে, যথা-টুঁটি পর্য্যায়শেষে টুঁটি কাটা, ~ছেঁড়া, ~চেপা, ~ধ^রা ইত্যাদি এবং যে সকল সমস্তপদ (Compound form)এর উল্লেখ মাত্র আছে, সেই সকল পদের অর্থ স্বয়ং-বোধ্য বলিয়া অর্থ, ব্যুৎপত্তি, ব্যবহারাদি প্রদর্শিত হয় নাই। "গৌরব" শব্দ দ্রষ্টব্য।

পর্য্যায়মধ্যস্থ "~" এই চিহ্নের পরবর্ত্তী শব্দ বা শব্দাংশ মূলশব্দের সহিত অথবা "//" এই চিহ্ন দ্বারা মূল-শব্দ বিভক্ত হইলে, চিহ্নের পূর্ব্ববর্ত্তী অংশ সহ যুক্ত করিয়া পাঠ করিতে হইবে। কিন্তু " > ~" এই চিহ্ন থাকিলে বুঝিতে হইবে শব্দ পর্য্যায়ে " > " এই চিহ্নের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী ~এই চিহ্নযুক্ত ব্যুৎপত্তিলব্ধ পদের বা শব্দাংশের সহিত যুক্ত করিয়া পড়িতে হইবে মূল শব্দের সহিত নহে, যথা-"পরি" পর্য্যায়ে "~হাস, পরীহাস"-এর পর > ~কেশব=পরিহাসকেশব, পরীহাসকেশব (পরিকেশব নহে)।

হাইফেন (hyphen, -) ও ড্যাশ (dash, –) সাধারণ অপেক্ষা ক্ষুদ্রাকৃতি এবং ড্যাশ অপেক্ষা হাইফেন ক্ষুদ্রতর ও সরু করিয়া ঢালাই-করা, কিন্তু মুদ্রণকালে একের স্থলে অন্যটির ব্যবহার সর্ব্বত্র নিবারণ করা যায় নাই। সুতরাং চিহ্নদ্বয়ের পার্থক্য অর্থ সঙ্গতি অনুসারে বুঝিতে হইবে।

'ঈ'কারান্ত স্ত্রীলিঙ্গবাচক শব্দ সম্বোধনে 'ই'কারান্ত হয়, যথা-পতিদায়িনী > পতিদায়িনি (পৃ° ৬৪৯, ৩য় স্তম্ভ, ৩য় পঙ্‌ক্তি)। এইরূপ অন্যত্রও বুঝিতে হইবে।

"[ ]" এই বন্ধনীর মধ্যে ব্যুৎপত্তি ইত্যাদি নির্ণয়ের পর অথবা শব্দের পর, ড্যাশ (–) থাকিলে তাহার পর পদপরিচয়ার্থক বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া, ক্রিয়ার বিশেষণ, অসমাপিকা ক্রিয়া ও অব্যয়=বি, বিণ, ক্রি, ক্রি-বিণ, অস-ক্রি, অ- এইরূপ সংক্ষেপে কমাযুক্ত করিয়া সন্নিবেশিত হইয়াছে।

পদ পরিচয়ের পর শব্দার্থ, মুখ্যার্থ, গৌণার্থ, বিশেষার্থ, অর্থ-বৈভিন্ন্য (different shades of meaning), বাগ্‌ধারা (idioms) এবং বাক্য-গ্রন্থন-ভেদে একাধিক অর্থপ্রকটন-স্থলে প্রত্যেক অর্থ পাইকা টাইপের **১, ২, ৩** ইত্যাদি-ক্রমে পরে পরে সংখ্যাত হইয়াছে এবং এক পর্য্যায়ের অর্থ বা সমনাম ";"-এই চিহ্ন দ্বারা পৃথক্-কৃত এবং একাধিক বা নানার্থ-প্রকটন-স্থলে ব্রিভিয়ার (brevier) টাইপের ১, ২, ৩ ইত্যাদি সংখ্যা দ্বারা সংখ্যাত হইয়াছে।

শব্দের পদপরিচয়ের পর পদান্তর নির্ণয় না থাকিলে পরবর্ত্তী সংখ্যাত সকল অর্থই একপদবাচ্য বুঝিতে হইবে, যথা-"কু." পর্য্যায়ে প্রথম পাঁচটি অর্থ বিশেষ্য বাচক এবং শেষ পাঁচটি (৬-১০) অর্থ বিশেষণ বাচক। এইরূপ সর্ব্বত্র।

শব্দার্থের অব্যবহিত পরেই সেই অর্থে শব্দটির প্রামাণিক, প্রসিদ্ধ, প্রাচীন, মধ্য-বাঙ্গালা ও আধুনিক গ্রন্থ, সাময়িক পত্রিকা, সংবাদ পত্র, লোকোক্তি, সংগীত, দলীলাদি হইতে প্রয়োগ উদ্ধৃত হইয়াছে। উদ্ধৃতাংশ (" ") এই যুক্ত-চিহ্নের বন্ধনীমধ্যে প্রদত্ত হইয়াছে। উদ্ধারের পরিবর্ত্তে বাক্য রচনা করিয়া শব্দের প্রয়োগ দেখান হইয়াছে ও এরূপ বাক্যের পূর্ব্বে "প্র-" এই সঙ্কেত করা হইয়াছে। কোন কোন উদ্ধৃতাংশ ঢুকিবার কালে অনবধানতা বশতঃ লেখকের নাম অথবা গ্রন্থপত্রাদি প্রমাণ (authority) ছাড় পড়িয়াছে, কিন্তু এরূপ স্থল অতি বিরল দৃষ্ট হইবে।

বাঙ্গালা অর্থ বা প্রতিশব্দ বা সমনামের পর তাহার অর্থ-দ্যোতক ইংরেজী শব্দ বিরামচিহ্ন দিয়া পৃথক্ না করিয়াই মুদ্রিত হইয়াছে। বাঙ্গালা ও ইংরেজী লিপির প্রভেদই উভয়ের মধ্যে ব্যবধান সূচিত করে, যথা—চক্রযান cycle এইরূপ দৃষ্ট হইবে, কিন্তু "চক্রযান" ; cycle এরূপ নহে।

[দ্বিতীয় সংস্করণের ভূমিকা, পৃঃ ১৭ দ্রঃ]

(২)

স্বত উচ্চার্য্যশব্দের বর্ণশীর্ষস্থ চিহ্ন-প্রয়োগ-প্রণালী এবং উচ্চারণ-কুঞ্চিকা

(Key to Pronunciation)

বাঙ্গালা শব্দ া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ, ্য, ´, ্র, এবং অন্যান্য ফলা-চিহ্নযুক্ত হইলে অথবা স্ব-চিহ্ন-হীন যুক্তবর্ণ (digraph) উচ্চারণে গোল নাই ; কিন্তু বর্ণের মস্তকে বল বা স্বরশক্তি-ক্ষেপক চিহ্ন (accent), অকার, একার, লঘু বা অর্দ্ধোচ্চারিত ওকার এবং তির্য্যগ্‌ভাবাপন্ন আকারযুক্ত য-ফলা (্যা) চিহ্নের অভাব দূর করিয়া বাঙ্গালা শব্দকে স্বয়ং বা স্বতউচ্চার্য্য (self-pronouncing) করিবার জন্য বর্ণের বা যুক্ত-বর্ণের মস্তকে স্থাপনযোগ্য কয়েকটি চিহ্ন উদ্ভাবন, প্রয়োগ এবং উচ্চারণ-নির্দ্দেশ করা হইয়াছে, যথা—

˘……অকারান্ত বর্ণের উচ্চারণ-নিয়ামক চিহ্ন (ব˘ল, শ˘শ˘ধর)= u (u)=ɔ. অ স্বভাবতঃ স্বকীয় উচ্চারণদ্যোতক। সুতরাং ইহার এবং নঞর্থক "অ"-র মস্তকে ˘ এই চিহ্নের আবশ্যক নাই, যথা—অল্প, অসম˘য়।

´……লঘু বা অর্দ্ধোচ্চারিত ও-কার (ো) নির্দ্দেশক চিহ্ন (অ͡তি, শশী, ন͡ন্দি)=o(no) ই, ঈ উ, ঊ (ি, ী, ু, ূ ও য-ফলা)-কার, যুক্তবর্ণের পূর্ব্ববর্ত্তী অ বা অকারান্ত বর্ণ অর্দ্ধোচ্চারিত ও-কারযুক্তবৎ উচ্চারিত ও নঞর্থক ব্যতীত অ-বর্ণ শীর্ষে ´ এই চিহ্ন বসিবে যথা—অ͡গ্রী, অগ্রীক, তি͡ন্ত্রী, স͡ত্য, প͡থ্য, অ͡ত্যাচার, অক͡ল্যাণ, প͡টু, ক͡টূক্তি।

……তির্য্যগ্‌ভাবাপন্ন য-ফলা আকার অর্থাৎ '্যা'এর সংক্ষিপ্ত রূপ =অ্যা=এ͡=ে͡=্য (এ͡ক=অ্যাক, দে͡খ=দ্যাখ, কে͡নি=ক্যানো, ব্য͡থা=ব্যাথা= a(t)=æ.

`……বর্ণের মস্তকে স্বরশক্তি নিক্ষেপক চিহ্ন। ইংরেজী accent ( ´ ) বাঙ্গালা রেফ ( ´ ) চিহ্ন বলিয়া ভ্রম হইবার সম্ভাবনা এড়াইবার জন্য বামে হেলানো ( `অর্থ, `আত্মা, `যুদ্ধ, `ধ্বস্ত)=ut´ (most), ac (tion),

ং, ঃ, ঁ-যুক্ত বর্ণের মস্তকে ͡, ͡, এই চিহ্ন বসিলে লঘু ওকার এবং ্যা বা অ্যা-যুক্তবৎ উচ্চারণের দ্যোতনা করিবে, কিন্তু চিহ্ন না থাকিলে অকারান্ত উচ্চারিত হইবে। শুদ্ধ রেফ-যুক্ত, স্বরচিহ্নহীন ও যুক্তবর্ণ অকারান্তবৎ উচ্চার্য্য (বর্ণ, তর্ক, কর্ম্ম, ব্যস্ত, অস্ত), কিন্তু রেফযুক্ত বর্ণ (বিশেষতঃ এরূপ অবঙ্গীয় ও বৈদেশিক শব্দের অন্তবর্ণের প্রতিবর্ণীকরণ স্থলে) হসন্তবৎ উচ্চারিত হইলে তার মস্তকে রেফ এবং পদে হস্ চিহ্নযুক্ত করিতে হইবে (ইং-, born=বর্ণ্ , কিন্তু হিন্দী, ইংরেজী প্রভৃতি অবঙ্গীয় ও বৈদেশিক শব্দের অকারান্ত বর্ণশীর্ষে স্বরশক্তি (accent) প্রয়োগ করিলে, দ্রুত উচ্চার্য্য আকার-ঘেঁষাবৎ উচ্চারিত হইবে (ইং burn=`বর্ণ্। `ব=ব˘ ও বা'র মাঝামাঝি। অবঙ্গীয় শব্দের আদ্য 'অ' বা অকারান্ত অন্য আদ্যবর্ণের মস্তকে কোন উচ্চারণদ্যোতক চিহ্ন বা পার্শ্বে আকারাদি স্বরযুক্ত না থাকিলে তাহা হিন্দীর মত দ্রুত অর্দ্ধোচ্চারিত আকার-ঘেঁষা উচ্চারণ করিতে হইবে, যথা—`অস্ত (=হিং `আস্ত্), কইসে, কইসর (=হিং **কৈসে**, **কৈসর** হিং **কৈ**=কয়্ ও কায়্-এর মাঝামাঝি)। এইরূপ তয়খানা, ঠট্টা, ঠওাই ইত্যাদির ত ও ঠ।

বহু বৈদেশিক শব্দ বাঙ্গালা কথ্য ও লেখ্য ভাষায় গৃহীত ও ব্যবহৃত হইতে হইতে সেগুলি বাঙ্গালা ভাষা ও সাহিত্যের অঙ্গীভূত হইয়া গিয়াছে ; কিন্তু বাঙ্গালা বর্ণমালায় উহাদের সমোচ্চার্য্য বর্ণ বা প্রতিবর্ণ না থাকায় তদভাব পূরণার্থ কয়েকটি সাঙ্কেতিক বর্ণ ব্যবহার করিতে হইয়াছে, যথা—অ়, আ়, ই়, ঈ়, ক়, খ়, গ় জ়, ঝ়, ত়, থ়, দ়, ধ়, ফ়, ব়, ভ়, স়, হ়। অভিধানের প্রথম সংস্করণের ভূমিকা দ্রষ্টব্য।

ি, ী, ু, ূ -যুক্ত বর্ণের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী উচ্চারণ-চিহ্নহীন বর্ণ ঈষৎ ওকারান্তবৎ উচ্চারিত হয়, যথা—অসি, কলি, রবী, মসী, বসু, বধূ ইত্যাদি। কিন্তু নঞর্থক 'অ' স্বাভাবিক উচ্চারণ সকল অবস্থায় প্রকাশ করিবে, যথা—অপূর্ব্ব, অপর, অমৃত, অসম্মতি, অসুন্দর, অনূঢ় ইত্যাদি। ে, ৈ, ো, ৌ-যুক্ত বর্ণের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী চিহ্নহীনবর্ণ সাধারণতঃ অকারান্ত উচ্চারিত হইবে, যথা—প্র্যরে, শনৈশ্চর, মনোজ্ঞ, মহৌষধ ইত্যাদি।

বাঙ্গালায় শ ষ স এই তিনটিরই উচ্চারণ শ-বৎ। দন্ত্য 'স'র প্রকৃত দ্যোতনাস্থলে স(s) এইরূপ দেখান যাইতে পারে। ইংরেজী s=ফারসী ث, س, ص=স। এই শুদ্ধ উচ্চারণ বাঙ্গালায় স্ত, স্থ, স্ন, স্প, স্র, স্ল, শ্র, শ্ল, শ্ন ইত্যাদি যুক্তবর্ণে দৃষ্ট হয়।

একটি ধ্বনিদ্যোতক একাধিক নহে, কিন্তু একটি বর্ণ বা সাঙ্কেতিক চিহ্ন ব্যবহার ধ্বনি বিজ্ঞানানুমোদিত। কিন্তু বহু প্রাচীন বাঙ্গালা প্রাদেশিক রচনায়, পূর্ব্ববঙ্গে গ্রাম্য কথ্য ভাষায় এবং আধুনিক মুসলমানী বাঙ্গালার "স" স্থলে "ছ" বর্ণকে স্বীকার করিয়া লওয়া হইয়াছে। ফলে মূল "স"-ঘটিত শব্দ হইতে "ছ"-ঘটিত শব্দ ও উচ্চারণ পৃথক্ হইয়া পড়িতেছে, এবং শ, ষ, স-র মধ্যে যাহার প্রাচীন, মধ্য ও আধুনিক উচ্চসাহিত্যে সর্ব্বাধিক ব্যবহার ছিল ও আছে সেই বর্ণ ক্রমে সাম্প্রদায়িক রনোরীতির প্রচলনে প্রাদেশিকতা প্রাপ্ত হইতে বসিয়াছে। "হ্ম" যেরূপ "ম্ম" দ্বারা পরিভাবিত হইতেছে (আহম্মদ > আহম্মদ) হ্ম যেরূপ ম্হ রূপ উচ্চারিত হইতেছে (ব্রহ্ম=হিং ব্রহ্‌ম= বাং ব্রম্‌হ)। "স" তদ্রূপ "ছ" হইয়াছে, যথা—মুসলমান=মুছলমান, মুসাফির=মুছাফির, সিদ্দিক=ছিদ্দিক, আহসান=আহছান, সবর=ছবর, সানি=ছানি, সাহেব=ছাহেব ইত্যাদি।

বাঙ্গালা ছাপা হরফের সাটে "ন" ও "স"র সহিত ট বর্গীয় বর্ণযুক্ত টাইপের অভাবহেতু এবং ণ বাঙ্গালায় ন বৎ ও শ, ষ, স শ-বৎ উচ্চারিত হওয়ায় সংস্কৃত ব্যাকরণ বিরুদ্ধ নট, নঠ, নড, সট, সঠ সড-র কাজ, ণ ও ষ-যোগে চলিয়া যায়। বৈদেশিক ও ভারতীয় কোন কোন অবঙ্গীয় শব্দে, উল্লিখিত যুক্তাক্ষরের অভাবে তাই ইংরেজী "st"-র অক্ষরান্তরণে ষ্ট স্থলে লিখিত ও মুদ্রিত করিতে হয়। কিন্তু অধুনা মূল উচ্চারণ বজায় রাখিবার জন্য কেহ কেহ ষ্ট-র স্থলে স্ট, যথা— stock=স্টক, steel=স্টীল, stamp=স্ট্যাম্প ব্যবহার করিতে আরম্ভ করিয়াছেন। তাঁহারা ষ্টক, ষ্টীল, ষ্ট্যাম্প লিখিয়া ভুল উচ্চারণ করিতে আর চাহেন না। ভাষা বিজ্ঞানের দিক্ দিয়া তাহার প্রয়োজনের প্রতি অধুনা দৃষ্টি পতিত হইতেছে।

উচ্চারণ-বিভ্রাট দূর করিয়া নির্ভুল উচ্চারণের সহায়-স্বরূপ নির্দ্দেশক চিহ্ন অভাবে লিপিপাঠ কিরূপ দুরূহ হয় তাহার প্রমাণ নিম্ন উদ্ধার হইতে পাওয়া যাইতে পারে, যথা—"পোষ্টকার্ডখানার দাম আর কমল না, পূর্ব্ববৎ এক আনা আর দু'পয়সাই থাকল * * এতে আর বাড়ল সাড়ে এগার কোটি * *।"—বঙ্গবাণী ১৩৩৩। বাঙ্গালা পাঠ-পদ্ধতিতে শব্দের শেষ বর্ণ স্বরযুক্ত না থাকিলে অধিকাংশস্থলে হস্-চিহ্নযুক্তবৎ অথবা বিশেষ বিশেষ স্থলে অকারান্ত উচ্চারিত হয়। সুতরাং উক্ত ১২টি শব্দের শেষবর্ণ "ষ্ট, ড, র, ম, ল, ব, ক, ল, য়, এ"-র উচ্চারণ নির্দ্দেশ বা নির্দ্দেশক চিহ্ন অভাবে হয় হসন্তবৎ অথবা অকারান্ত এবং 'এক', 'এতে' 'এগার' এই তিন শব্দের আদ্যবর্ণ "এ"=ে-বৎ অথবা অ্যা=্যা-বৎ উচ্চারিত হইতে পারে, কিন্তু উদ্ভাবিত বিশুদ্ধ পাঠ নির্দ্দেশক-চিহ্ন-যুক্ত করিলে "পোষ্টকার্ড্ খানার দাম আর কমল্ না, পূর্ব্ববৎ এক আনা আর দু'পয়সাই থাকল্। ** এতে আর বাড়ল্ সাড়ে এগার্ কোটি (ম, র, ক, য়, ড়, হস্‌যুক্তবৎ) এইরূপ চিহ্নিত এবং তদনুরূপ পঠিত হইবে। কিন্তু, কমল, থাকল, বাড়ল-কোমোলো, থাকোলো, বাড়োলো, কমল্, থাকল্, বাড়ল্ বা কমোল, থাকোল, বাড়োল, কাড়ো, এগার্, অ্যাগার্, এক্, এক্ ইত্যাদি যথেচ্ছ উচ্চারণের সম্ভাবনাই থাকিবে না। এইরূপ আম, (গমের) আড়া, (কাঠালের) আটা, উচ্চারণে হইবে—আম্, আড়া, আটা। "নব ও ননী ননী খাব বলে বসে আছে"-র বিশুদ্ধভাবে উচ্চারণ করিতে গেলে নিম্নবৎ পাঠ চিহ্নযুক্ত করিতে হইবে—"নব্ ও ননি ননি খাব্ বলে বসে আছে।" বানানে "যেমন-তেমন"=উচ্চারণে=জ্যামোন-ত্যামোন= শুদ্ধ বানানে শুদ্ধ উচ্চারণদ্যোতক চিহ্নে হইবে—"যেমন-তেমন"।

উচ্চারণচিহ্ন বা স্বরযোগহীন যুক্তাক্ষর মাত্রই অকারান্ত উচ্চারিত হইবে, যথা—প্রাপ্ত, স্তব্ধ, আনন্দ, সত্য, কর্ত্তব্য, শশাঙ্ক। যুক্তাক্ষরান্তযুক্ত বর্ণের বিকল্পে অকারান্ত বা অর্দ্ধ ওকারান্ত উচ্চারণ হয়, যথা—চক্কর, চক্কর=চক্‌কর্ (ক)র, চক্‌কর্ (ক)র। অক্ষর=অক্‌খর, অক্‌খর, বসন্ত=বসন্ত, বসন্ত ইত্যাদি।

[দ্বিতীয় সংস্করণের ভূমিকা, পৃঃ ১৭ দ্রঃ]

(৩)

বর্ণের মূল্য (value or equivalent), উচ্চারণ এবং বর্ণান্তরীকরণ

[প্রথম সংস্করণের ভূমিকা ও পরিশিষ্টভাগের প্রতিবর্ণীকরণের নিয়ম দ্রষ্টব্য]

অ = a(ll) = au(to) = aw(e) = ɔ। অং = ɔṅ। অঃ = ɔh। আ = a(rt) = ah = a:। আঃ = a:h। আঁ = ã:, আঁক = ã:k। আ, ই, এ, ও, উ = ع (বিন্দুযুক্ত অক্ষরের পরিবর্তে, স্বরবর্ণের পূর্বে '' লিখিলেও চলিবে ('উমর, 'ইল্‌ম্‌, 'অলী)। ই = i = i(ll)। ঈ = ī = ee(l)। উ = u = u(rd)u, p(u)t। ঊ = ū = Ū = ū = U = oo, (b)oo(n)। ঋ = ṛ। ঌ = ḷ। এ = ে = e (dit) = a(pe)। ঐ = ৈ = ai = oi। ও = ো = o(ne)। ঔ = ৌ = au = ou (t)। ং = ঙ্ (ঙ দ্রঃ) ম্ = ṁ ṅ = ng = (si)ng. (বংশ = bɔṅsɔ)। ঃ = হ = অঃ h (দুঃখ = duhkhɔ)।

"ঙ — ঞ — ং = ন = ম" র অনুনাসিক উচ্চারণ স্থলে, রোমান-আদি বর্ণশীর্ষে স্থাপ্য (~) এই চিহ্ন (আঁচ = ã:c = ã:ch)।

ক ک=k ; ق=q ; খ کھ=kh ; خ=kh ; গ گ=g ; غ=g ; ঘ گھ=gh ; ঙ ং=ng=ŋ (বাঙ্গালা > বাঙ্গলা > বাঙ্‌লা > বাঙ্‌লা > বাংলা)।

চ چ=c=ch. ছ چھ=ch=chh ; জ ج=j=dg. ; জ় ذ=ز=ض=ظ=z ; আ-ظ=ফা-জ ; ঝ جھ=jh ; ঝ় ژ=zh ; ঞ ں=ñ

ট ٹ=ṭ ; ঠ ٹھ=ṭh ; ড ڈ=ḍ ; ড় ڑ=ṛ ; ঢ ڈھ=ḍh ; ঢ় ṛh=ڑھ ; ণ n বাং-ণ=ন ; ত ت=t ; ত় ط=তাকৎ طاقت=taqat

থ تھ=th ; থ় আং ث=ফাং-স =ইং-thin, thank ; দ د=d ; দ় আং ض ফা=জ ; ধ دھ=dh ; আং ذ =ফাং জ =ইং-then, this ; ন ن=n ; প پ=p ; ফ پھ=ph

ফ় ف=f ; ব হিং ব=ب=b ; ভ بھ=bh ; ভ় ইং v ; ম م=m ; ম্ ং=m= ; য ج=j বাং-য য=জ ; য় ی=y=বাং-য় য়ন্তস্থ য়=ইঅ ইং ya (yard, york)। পদের আদিতে য=য় (য়ুনান yunan, "য়ুনানীমণ্ডলী" -হেম)। পদান্তে য়=y = অর্দ্ধোচ্চারিত এ (হয়=hoy, দিয়ে diya. খেয়া kheya)

র — =ر=r [বর্ণের মস্তকে বসিলে=রেফ= ´ (বর্ণ), পদে যুক্ত হইলে=র-ফলা= ্র (ব্রণ)]

ল — =ل=l

ব — =و=w [ইহা দন্তৌষ্ঠ বর্ণ, নাম অন্তস্থ ব। বল, বধূ, বড়বা, বণিক্ (গ, জ), বদর, বদ্ধ, বদ্বীপ, বধ, বধির, বন্ধ, বন্ধু (-ক,-র,-ল), বন্ধ্যা, বপ্র, বভ্রু, বস্ত্র, বর, বর্দ্ধ, বর্হ, বলি, বহ, বাধ, বাচস্পতি, বাড়ব, বাণ, বাণিজ্য, বানর, বলি, বাল, বালু, বাহ, বাহু, বিন্দু বিভৎস(স্ন), বুক, বুদ্ধ, বুদ্ধি, বুধ, বুভুক্ষা বোধ, ব্রততি, ব্রহ্মা, ব্রাহ্মণ, ব্রুবান—এই সকল শব্দ বা শব্দঘটিত বা ইহাদের মূল সংস্কৃত ধাতু হইতে ব্যুৎপন্ন শব্দের 'ব' বর্গীয় সংখ্যায় অমরকোষে '২১৬', শ০ ক০ দ্রুমে '৬ ৪', প্রকৃতিবাদ অভিধানে প্রায় '৬৫০'। এতদ্ব্যতীত যাবতীয় বকারাদি শব্দ "উদুটৌ যত্র বিদ্যেতে যোঃ বঃ প্রত্যয়সন্ধিজঃ। অন্তঃস্থং তং বিজানীয়াৎ তদন্যো বর্গ্য উচ্যতে"—এই সূত্রানুসারে উঢ (বহ্+ত, স্ম), উতি (বয়ন, সেলাই)। বে (বুনা) + তি(ভা), অপ্ (জল) + জ=বগীয জাত বলিয়া অব্জ 'ব' বর্গীয়। শব্দের আদি ব বর্গীয় হইলে তা হতে ব্যুৎপন্ন শব্দের 'ব' ও বর্গীয়, সন্ধিজাত ব (অনু + এষণ=অন্বেষণ, মনু + অন্তর=মন্বন্তর ই০) এবং প্রত্যয়ের ব (যশস্বী ই০), উ, ঊ তে পরিণত 'ব'ক্র বা বচ্ > উক্ত, বপ্ > উপ্ত, স্বপ > সুপ্ত। বদ্ (বলা) > উদিত (কথিত), সুষুপ্ত (সু-স্বপ্ >)} অন্তস্থ বর্গের অন্তর্ভুক্ত। কিন্তু বাঙ্গালায় উভয় ব ও ব (অর্থাৎ বর্গীয় ও অন্তস্থ) ই বর্গীয়বৎ উচ্চারিত হয় বলিয়া বাঙ্গালা ভাষার অভিধানে প বর্গের অন্তর্ভুক্ত করা হইয়াছে এবং বাঙ্গালায় যে সকল, বিশেষতঃ বৈদেশিক বকারাদি শব্দের ব্ 'و বা w'-র মত উচ্চারিত হয় তাহা অন্তস্থ বর্গে 'ল'-এর পর প্রদর্শিত হইয়াছে]।

শ ষ — ش=sh

স — শা০ ث =س=ص=s

হ — ح=h=h

a = অ, এ, আ, এ, অ্যা = ɪ = æ, æ̃ = অ্যাঁ, (all, art, ate, at). e = এ (ে)। eh = এঃ। ei = এই। e̩ = এ (net, let, eighty) i = ই (ি) ı – í = i : = ee - ঈ (ill, nib ; eel, cheese) o = অ (not), ও = ো। (note, so). oh = ওঃ, ö = ও। u = আ (short-up), ইউ (use), উ(urdu, kuber কুবের। ū = u: = oo = ঊ (u:rna ঊর্ণ, boon বন)। ũ = উঁ, u = উঁ।

b	c	d	f	g	h	j	k	l	m	n	p	q	r	s
ব	চ (চীনী ci m)	দ	ফ়	গ	হ	জ	ক	ল	ম	ন	প	ক়	র়	স

t	v	w	x	y	z
ত	ভ়	ব়	খ়, শ	য়, (ɟ)	জ়

[দ্বিতীয় সংস্করণের ভূমিকা, পৃঃ ১৭ দ্রঃ]

(৪)

স্বরযুক্ত ও স্বরান্ত ব্যঞ্জন বা জটিল যুক্তবর্ণের রূপান্তর ও ধ্বনি

[বর্ণমালার অকারহীন বর্ণ=হসন্তোচ্চার্য্য বা ব্যঞ্জন বর্ণ। ক—অ=ক্ ; ক্+অ=ক স্ত=স্+ত্+অ (পোস্ত) ; ষ্ট্=ষ্+ট—অ (পোষ্ট্) ; র্ড=র্ড্+অ=র্ড; র্ড—অ=র্ড্(কার্ড্)

ক্র=ক্+র্+অ (ক্রয়)। ক্ষ=ক্+ষ্+অ (ক্ষয়। ক্ষ=ইং kṣ=ksh=বাং ক্‌থ=খ্‌থ=থ্য)। গু=গ্+উ (গুরু)। ঙ্ক=ঙ+ক্ অ (অঙ্ক। ঙ্ক=ইং nk=বাং ং ক। অংক=অঙ্ক); ঙ্গ=ঙ্+গ্+অ (ইং ng=বাং ং গ। অঙ্গ=অংগ); জ্ঞ=জ্+ঞ্+অ (ইং jn=ব গ্‌গঁ=গ্গঁ=গ্যঁ। অজ্ঞ); ঞ্চ=ঞ্+চ্+অ (ইং nc=nch=বাং-নচ। পঞ্চ); ট্ট=ট্+ট্+অ (ইং ṭṭ=অট্ট); ণ্ড=ণ্+ড্+অ (ইং-nḍ=বাং-নড়। ষণ্ড); ত্ত=ত্+ত্+অ (ইং tt=বাং ৎত। দত্ত)। প্রা০ বাং-য় ত যুক্ত বর্ণে (্) যোগে ত্ত এই রূপ ধারণ করিত

অধুনা ন, স, ইত্যাদি বর্ণে তু যুক্ত হইলে এই রূপ হয়, যথা বস্তু, জন্তু) ; ত্থ=ত্+থ্+অ (ইং tth=বাং ৎথ। অশ্বত্থ=অশ্বৎথ) ; ত্র=ত্+র্+অ (ইং tr=বাং ৎর্। ত্রাণ) ; ত্রু=ত্+র্+উ (ইং tru, trū=বাং ৎরু। ত্রুটি) ; দ্ধ=দ্+ধ্+অ (ইং ddh বুদ্ধ) ; ন্ধ=ন্+ধ্+অ (ইং ndh= বাং ন্ধ। অন্ধ) ; দ্রু=দ্+র্+উ (ইং dru =দ্রুত) ; দ্রূ=দ্+র্+ঊ (ইং drū, drū: । বিদ্রূপ। এই রূপ প্রু, প্রূ, ফ্রু, ফ্রূ, ব্রু, ব্রূ, ভ্রু, ভ্রূ, রু, রূ ; শ্রু, শ্রূ স্রু, স্রূ, হ্রু, হ্রূ=pru, prū or prū:, fru, frū or frū:; bru, brū or brū:; bhru, bhrū or bhrū:; ru, rū or rū:; shru, shrū or shrū:; sru, srū or srū:; hru, hrū or hrū:) ; শু=শ্+উ (ইং shu: শুভ) ; ষ্ণ=ষ+ণ্+অ (ইং sṇ=বাং-ষ্ণ। কৃষ্ণ) ; স্ত্র=স্+ত্+র্+অ (ইং str। শাস্ত্র) ; স্থ=স্+থ্+অ (ইং sth। স্থৃত) ; হু=হ্+উ (ইং hu। হুল) ; হৃ=হ্+ঋ (ইং hr=hṛ। হৃষ্ট) ; হ্ন=হ্+ন্+অ (ইং nh=বাং নহ্। আহ্নিক=আনহিক) ; হ্ম=হ্+ম্+অ (ইং mh=বাং-ম্হ। ব্রহ্ম। হিং শুদ্ধ উচ্চারণে ব্রহ্ম=বাং ব্রম্হ। মুং বাং-য় হ্ম=mm=ম্ম, যথা-আহ্মদ=আহম্মদ, মহ্মদ=মহম্মদ=ahammad, mohmmad) ; হ্য=হ্+য্+অ (ইং hya=jjha বাং জঝ=ঝ্য।। সহ্য- sahya=sajjha, লেহ্য=lehya=lejjha=লেজ্ঝ=লেঝ্য) ; হ্ল=হ্+ল্+অ (ইং lh=বাং ল্হ আহ্লাদ=আল্হাদ alhad) ; হ্ব=হ্+ব্+অ (ইং v=ভ্। হ্ব=ব্হ=ভ্=আহ্বান=আব্হান=আব্হান=আভ্ভান=আউভান= আওভান ; জিহ্বা-jiva: or jiva: জিব্ভা=জিউভা=জিভা=জ্বিভা। এইরূপ বিহ্বল। ফলাবর্ণ যোজনায় দ্রঃ)।

[দ্বিতীয় সংস্করণের ভূমিকা, পৃঃ ১৭ দ্রঃ]

(৫)

ফলা-যোজনার ফল

ঋ, ৯, ণ, ন, ম, য, র, ল, ব বর্ণে ফলার আকারে যুক্ত হইলে ৃ, ৢ, ্ণ, ্ন, ্ম, ্য, ্র, ্ল, ্ব এই কয়টি রূপ প্রাপ্ত হয়। তন্মধ্যে ৃ, ৢ, ্ণ, ্ন, ্র, ্ল, স্ব-স্ব ধ্বনি দ্যোতনা করে, যথা-কৃষ্ণ, কৢপ্ত, পরাহ্ণ আহ্নিক, স্ন, প্রাণ, ম্লান ইত্যাদি।

ম-ফলা ও ব-ফলা শব্দবিশেষে (১) উচ্চারিত, শব্দান্তরে (২) অনুচ্চারিত এবং ম-ফলা রুচিভেদে (৩) বিকল্পে ক্ষেত্রবিশেষে উচ্চারিত বা অনুচ্চারিত থাকে (পৃং (৩) দ্রঃ), যথা-(১) গুল্ম, বাঙ্ময়, হিরণ্ময়, জন্ম, অম্বা, বিম্ব, দিগ্বধূ, উদ্বৎসর, তদ্বৎ, উদ্বোধন, ঋগ্বেদ, উদ্বাহু ইত্যাদি ; (২) স্মরণ, স্মরগুরু, স্মিত, গ্রীষ্ম, ভস্ম, কন্ব, বিল্ব, অশ্ব, স্বামী, পক্ব, স্বত্ব, ধ্বনি, সান্ত্বনা, ভ্রাদিগণীয় ইত্যাদি : (৩) যুগ্ম (যুগ্গ, যুগ্ম), কুট্মল (কুট্টল, কুট্মল), আত্মা (আৎতা, আৎমা), পদ্ম (পদ্দ, পদ্‌ম), পদ্মিনী=(পদ্মিনী, পদ্দিনী), শ্মশান (শ্মশান, শশান), স্মরণ (স্মরণ, সুমরণ, শরণ), ভস্ম (ভস্‌ম, ভশ্শ) ইত্যাদি।

য ফলা যুক্ত বর্ণ সাধারণতঃ অকারান্ত এবং তৎপূর্ব্ব অকারান্ত বর্ণ ওকারান্তবৎ উচ্চারিত (গণ্য, মান্য, হব্য, ভোজ্য, নস্য, গ্রাম্য) কিন্তু স্থল বিশেষে আদ্য "ব্য" আকারযুক্তবৎ উচ্চারিত হয় (ব্যথা=ব্যাথা, ব্যর্থ=ব্যার্থ, ব্যবহার=ব্যাবহার, ব্যবসায়=ব্যাবসায়, ব্যভিচার=ব্যাভিচার ইত্যাদি। এবং এই "ব্য" পদের আদিতে এবং ই বা ঈকার (ি, ী)-যুক্ত বর্ণের পূর্ব্বে থাকিলে হ্রস্ব ওকারান্ত, একারান্তবৎ বা অ্যাকারান্ত উচ্চারিতও হয়, যথা-ব্যয়িত=ব্যয়িত বেয়িত, ব্যায়িত ; ব্যথিত=ব্থিত, বেথিত, ব্যাথিত ইত্যাদি।

অনাদ্য, অব্যক্ত ফলাযুক্ত বর্ণ দ্বিত্ববৎ উচ্চারিত হয়, যথা-ঐক্য=ঐক্‌ক, প্রসন্ন=প্রসনন, পক্ব=পক্‌ক, নিক্বণ=নিক্‌কণ, প্রক্ষেড়ন=প্রক্‌ক্ষেড়ন, ইক্ষ্বাকু=ইক্‌ক্ষাকু, কন্ব=কনন, লঘ্বী=লঘ্‌ঘী ; স্বত্ব=সৎত, পৃথ্বী=পৃথ্‌থী, অদ্বৈত=অদ্দৈত, বিল্ব=বিল্‌ল, খট্বা=খট্টা, ভোজ্য=ভোজ্‌জ, বিদ্বল্লভ=বিদ্দদ্বল্লভ ইত্যাদি। এইরূপ বিদ্বজ্জন শব্দ হতে বিদ্বেষ্টা পর্য্যন্ত যাবতীয় শব্দ, প্রদ্বেষ, বদ্বীপ, মৃদ্বী প্রভৃতি দ'য়ে অনুচ্চারিত ব-যুক্ত ব্যতীত শব্দে দ্ব=দ্দ স্বরূপ উচ্চারিত হইবে। 'তদ্বৎ' > তদ্ব্যতীত, বদ্ব > বিদ্বল্লভ, বুদ্বুদ, শাদ্বল সদ্বৃত্তি প্রভৃতি।

(৬)

বাঙ্গালা ভাষার অভিধানের দ্বিতীয় সংস্করণে ব্যবহৃত সংক্ষেপ সমূহের তালিকা (Abbreviations)

সংক্ষেপ		অর্থ
অ০	=	অব্যয়।
অ০ চি০	=	অভিধান চিন্তামণি।
অ০ ঠাকুর	=	অবনীন্দ্রনাথ ঠাকুর।
অ০ দত্ত	=	৺অক্ষয়কুমার দত্ত।
অ০ ব০ টী০	=	অদ্বয়বজ্রের টীকা, দোহাকোষ।
অ০ বিদ্যাভূষণ	=	অমূল্যচরণ বিদ্যাভূষণ।
অ০ ম০	=	অন্নদামঙ্গল (ভারতচন্দ্র রায় গুণাকর)।
অতি০	=	অতি পরিচয়ার্থে।
অ০ সরকার	=	৺অক্ষয়চন্দ্র সরকার।
অধু০	=	অধুনা।
অনা০	=	অনাদর অর্থে।
অনু০	=	অনুকার, শব্দানুকরণ হতে ব্যুৎপন্ন, অনুকারাত্মক বা ধ্বন্যাত্মক শব্দ॥
অপা০	=	অপাদানে।
অপ্র০	=	অপ্রচলিত।
অবসর০	=	অবসর সরোজিনী।
অব্যয়ী০	=	অব্যয়ীভাব সমাস।
অভি০ দ্র০	=	বাঙ্গালা ভাষার অভিধান, মূলাংশে দ্রষ্টব্য।
অমর০	=	অমরকোষ।
অমৃত	=	৺অমৃতলাল বসু।
অলং	=	অলঙ্কার। কাব্যালঙ্কার।
অশোক	=	কবি ৺দেবেন্দ্রনাথ সেনের "অশোক-গুচ্ছ" কাব্য।
অস০	=	অসমীয়া ভাষায়।
অস০ অ০ রামা০	=	অসমীয়া, অনন্ত রামায়ণ।
অস০ ক্রি০	=	অসমাপিকা ক্রিয়া।
আ০	=	আরবী ভাষায়।
আই০	=	আইরিশ Irish.
আদা০	=	আইন-আদালতের ভাষায়।
আধু০	=	আধুনিক।
আ০ পত্রিকা	=	আনন্দবাজার পত্রিকা।
আয়ু০/দ্রব্য০	=	আয়ুর্ব্বেদীয়/দ্রব্যগুণাভিধান।
আলং	=	আলঙ্কারিক অর্থে।
আলাল০	=	আলালের ঘরের দুলাল।
অ্যাং০/স্যা০, -ইণ্ড০	=	Anglo Saxon, Anglo-Indian
ই০/-র	=	ইত্যাদি/র।
ইং	=	ইংরেজী ভাষায় English.
ইতা০	=	ইতালীয় ভাষায় Italian
ইতি০	=	ইতিহাসে।
ঈ০ গুপ্ত	=	কবি ৺ঈশ্বরচন্দ্র গুপ্ত।
উ০	=	উত্তর।
উ০ পু০	=	উত্তম পুরুষ।
উ০ বঙ্গে	=	উত্তর বঙ্গে।
উ০ বি০	=	পণ্ডিত ৺উমেশচন্দ্র বিদ্যারত্ন।
উ০ স০	=	উপাসক সম্প্রদায়। (৺অক্ষয়কুমার দত্ত)।
উৎ০	=	উৎকলী ভাষায়।
উদ্ভিদ০	=	উদ্ভিদ্‌বিদ্যা Botany
উপ,	=	উপসর্গ।
উপ০	=	উপপদ সমাস।
উর্দ্দু০	=	উর্দ্দু ভাষায়।
এং স্যা০	=	অ্যাংগ্লো স্যাকসন ভাষায় Anglo Saxon.
ঐতি০	=	ঐতিহাসিক।
ও০	=	আরও also/এরূপও চলিত আছে।
ওড়ি০	=	ওড়িয়া ভাষায়।
ক০ বিশ্ব০ পরিঃ	=	কলিকাতা বিশ্ববিদ্যালয়কৃত বাঙ্গালা বৈজ্ঞানিক পরিভাষা।
কথ্য০	=	কথ্য বা কথিত ভাষায়।
কবিক০	=	কবিকঙ্কণ মুকুন্দরাম কৃত "চণ্ডী কাব্য"।
কা০ প্র০ ঘোষ	=	৺কালীপ্রসন্ন ঘোষ বিদ্যাসাগর।
কা০ রায়	=	কবি কালীদাস রায়।
কাঞ্চী০	=	কাঞ্চীকাবেরী (রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়)
কাদ০	=	কাদম্বরী।
কাশী০	=	কবি কাশীরাম দাস কৃত।
কৃত্তি০	=	কবি কৃত্তিবাস।
কৃ০ পা০ দো০	=	কৃষ্ণাচার্য্য পাদের দোহাকোষ।
কোং০	=	ঈষ্ট ইণ্ডিয়া কোম্পানী। কোম্পানীর।
ক্রি০	=	ক্রিয়া।
ক্রি-বিণ	=	ক্রিয়ার বিশেষণ।

ক্রি-বিভক্তি = ক্রিয়াপদ সংগঠক বিভক্তি।
ক্রিয়ায় = বাঙ্গালা ক্রিয়াপদ সংগঠনে।
ক্ষেং = সংক্ষেপে / সংক্ষিপ্ত রূপ।
ক্ষে° কেতকা: = মনসা মঙ্গল রচয়িতা কেতকা দাস। ক্ষেমানন্দ-কেতকা দাস / কেতকা দাস।
= খণ্ড ভাগ Volume.
খৃ° /খ্রী° — = খৃষ্টাব্দ/খ্রীষ্টাব্দ।
গ° /পরি: — = গণিত/পরিভাষা।
গতি° — = গতিবিদ্যা Kinetics; Dynamics.
গথ° — = গথিক Gothic.
গি° ঘোষ, গিরিশ — = গিরিশচন্দ্র ঘোষ।
গি° বসু — = গিরীন্দ্রশেখর বসু।
গী গিরি — = প্রাচীন কবি গিরিধর প্রণীত গীতগোবিন্দ।
গুজ্জ° — = গুজ্জরী বা গুজরাতী ভাষায়।
গো° রায় — = কবি গোবিন্দচন্দ্র রায়।
গোবিন্দ° — = বৈষ্ণব কবি গোবিন্দ দাস
গোবিন্দ° গী° — = গোবিন্দচন্দ্রের গীত। প্রাচীন কবি দুর্লভ মল্লিক কর্ত্তৃক ১৩০৬ সালের পুঁথি হইতে সম্পাদিত (শীবচন্দ্র শীল মহাশয়ের সটীক সংস্করণ)। ১১-১২ শতকের মধ্যকালের লেখা এইরূপ ময়নামতীর গান, মানিকচন্দ্র রাজার গান (বং সাং পরিচয়)।
গ্রা° — = গ্রাম্য।
গ্রী° — = গ্রীক Greek.
ঘ° — = কবি ৺ঘনরাম চক্রবর্ত্তীর ধর্ম্মমঙ্গল।
চ° — = চলিত; প্রচলিত।
চ°(শ্লোক সংখ্যাযুক্ত), চ পদ= বৌদ্ধ সহজিয়া মতের অতি পুরাণ বাঙ্গালা গান। চর্য্যাচর্য্যবিনিশ্চয় পদ।
চ° ক° ভা° -- = চট্টগ্রামের কথ্য ভাষা (মুন্সী আব্দুল করিম সংগৃহীত)।
চ° কু° ভট্ট° — = চন্দ্রকুমার ভট্টাচার্য্য (শ্রীহট্ট)।
চট্ট°, চট্টল° — = চট্টগ্রাম বা চাটগাঁ অঞ্চলে প্রচলিত বা চাটগাঁ প্রাদেশিক।
চণ্ডি° — = পদকর্ত্তা ও শ্রীকৃষ্ণ কীর্ত্তন রচয়িতা বৈষ্ণব কবি চণ্ডীদাস।
চণ্ডী° — = চণ্ডী কাব্য।
চা° বন্দ্যো° — = অধ্যাপক চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম-এ (ঢাকা বিশ্ববিদ্যালয়)।
চী° — = চীনা বা চীন ভাষায়।
চৈ° — = শ্রীচৈতন্যদেব।
চৈ° চ° — = শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত।
চৈ° ভা — = শ্রীচৈতন্য ভাগবত।
চৈ° মং° — = শ্রীচৈতন্য মঙ্গল।
চ্চা° — = বিস্তারিত উচ্চারণ কুঞ্চিকা Key to Pronunciation.
জমি(মৌ°) পরি: — = জমিদারী পরিভাষা।
জমি°-মহা° পরি: — = জমিদারী মহাজনী পরিভাষা।
জর্ম্ম° — = জর্ম্মন বা জার্ম্মানি ভাষায় German.
জীব° পরি: — = জীববিজ্ঞান পরিভাষা।
জ্ঞা° — = সংজ্ঞার্থে।
জ্ঞান° — = বৈষ্ণব কবি জ্ঞানদাস।
জ্যো° / জ্যোতি° / জ্যোতিষ = জ্যোতির্বিদ্যা / জ্যোতিষ।
জ্যো° ঠাকুর — = ৺জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।
টেকচাঁদ° — = টেকচাঁদ ঠাকুর (প্যারীচাঁদ মিত্র)।
ডচ্° — = হল্যাণ্ডীয় বা ওলন্দাজ Dutch.
ডা° / ডাক° — = ডাকার্ণব / ডাকের বচন।
ডা: সু° চট্টো° — = ডাক্তার সুনীতিকুমার চট্টোপাধ্যায়, এম. এ, ডি. লিট্।
ডা: — = ডাক্তার Doctor, সাহিত্য, শিল্প, বিজ্ঞানাদির ডাক্তার বা আচার্য্য।
ণে° — = করণ/—বাচ্যে,—কারকে।
ত° বি° — = তত্ত্ব-বিজ্ঞানে (প্রকাশচন্দ্র সিংহ ন্যায়-বাগীশ, বি, এ, প্রণীত)
তিল° — = তিলোত্তমাসম্ভব কাব্য।
তুর্কী° — = তুরস্কের ভাষায় in Turkish language.
তুলসী° — = তুলসীদাস কৃত রামচরিতমানস।
তে° / তেলু° — = তেলুগু ভাষায়।
র্ত্ত — = কর্ত্তৃবাচ্যে।
ত্রিবেদী° — = ৺রামেন্দ্র সুন্দর ত্রিবেদী।
দ° — = দক্ষিণ।
দী° রায় — = দীনেন্দ্রকুমার রায়।
দী° সেন — = ডা: দীনেশচন্দ্র সেন, বি, এ, ডি, লিট্।
দীনবন্ধু° — = দীনবন্ধু মিত্র।
দেবেন্দ্র° — = কবি ৺দেবেন্দ্রনাথ সেন এম-এ, বি-এল
দো° — = দোহা / দোহাকোষ।
দো° (সরোজ) — = সরোজ বজ্রের দোহাকোষ (অদ্বয় বজ্রের সংস্কৃত টীকা সহ)।
দ্র: — = দ্রষ্টব্য।
দ্বন্দ্ব° — = দ্বন্দ্ব সমাস।
দ্বি° ঠাকুর — = ৺দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
দ্বি° রায় — = কবি ৺দ্বিজেন্দ্রলাল রায়; ডি-এল্-রায়।
ধ° ম° — = ধর্ম্ম মঙ্গল।
ধ° ম° ঘ° — = ঘনরাম চক্রবর্ত্তীকৃত ধর্ম্মমঙ্গল।

সংক্ষেপ		অর্থ
ধ০ ম০ (মাণিক০)	—	= ধর্ম্মমঙ্গল (মাণিক গাঙ্গুলী কৃত)।
ধর্ম্ম০ গী০ (মাণিক০)	—	= ধর্ম্মরাজের গীত (মাণিক গাঙ্গুলী কৃত)
ধা০	—	= কর্ম্মধারয় সমাস।
ধি০	—	= অধিকরণ/কারকে/বাচ্যে।
নঞ্	—	= নঞ্ তৎপুরুষ সমাস।
নবীন০	—	= কবি ৺নবীনচন্দ্র সেন।
নর০	—	= নরওয়ের ভাষায় Norse.
নি০ ক০	—	= নিবাতকবচ বধ কাব্য।
নিত্য০	—	= নিত্য সমাস।
নিধু০, নিধুবাবু	—	= রামনিধি গুপ্ত।
প০/বঙ্গে	—	= পশ্চিম/পশ্চিম বঙ্গে।
প০ উ০	—	= পদ্মিনী উপাখ্যান।
পদ০/সা০	—	= পদাবলী/পদাবলী সাহিত্য।
পরি০/পারি০	—	= পরিভাষা/পারিভাষিক শব্দ।
পরিমা০	—	= পরিমাণ ও পরিমাপাদি সম্বন্ধীয় শব্দ।
পরিশি০	—	= পরিশিষ্ট দ্রষ্টব্য।
পর্ত্ত০	—	= পর্ত্তুগীজ ভাষা Portuguese.
পলি০	-	= পলিনেশীয় ভাষায় Polinesian.
পা০		= পালিভাষায়।
পাটী০	—	= পাটীগণিত।
পাণি০	--	= পাণিনি/পাণিনীয়।
পী০ রস০	--	= পীতাম্বর দাসের রসমঞ্জরী।
পু০	—	= পুরাণ।
পুং	—	= পুংলিঙ্গ/ঙ্গে।
পুং নাম	—	= পুরুষের নাম।
পূ০ ব০গী০	—	= পূর্ব্ববঙ্গ গীতিকা।
পূ০/বঙ্গে	—	= পূর্ব্ব/পূর্ব্ববঙ্গে প্রচলিত।
পৃ০	—	= পৃষ্ঠা।
পেনি (penny), পে, পে'র		= পেনির।
পৌ০	—	= পৌরাণিক।
প্র০	—	= প্রয়োগ usage ; illustration.
প্র০ অ	—	= প্রয়োগের অভাব/বিরল প্রয়োগ।
প্রচ০	—	= প্রচরদ্রূপ।
প্র০ পু০	—	= প্রথম পুরুষ।
প্রকৃতি০	—	= প্রকৃতি পত্রিকায় প্রকাশিত বৈজ্ঞানিক পরিভাষা।
প্র০ রায়	—	= প্রতাপচন্দ্র রায়, সি, আই, ই (রামা০ মহা০ আদির বঙ্গানুবাদক)।
প্রা০	—	= প্রাচীন।
প্রা০ বৈ০ সা০	—	= প্রাচীন বৈষ্ণব সাহিত্য।
প্রাকৃ০	—	= প্রাকৃত ভাষায়।
প্রাদি০	—	= প্রাদি সমাস।
প্রাদে০	—	= প্রাদেশিক ব্যবহারে বা অর্থে।
প্রু০	—	= প্রুশীয় ভাষায় Prussian.
ফ০ জ্যো০/ফলিত জ্যো০		= ফলিত জ্যোতিষ astrology.
ফা০	—	= ফারসী বা পারসীক ভাষায়।
বঙ্কিম০	—	= সাহিত্যগুরু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
ব০ শ০ সিন্ধু০	—	= বঙ্গীয় শব্দ সিন্ধু।
ব০ সা০ প০	—	= বঙ্গসাহিত্য পরিচয়।
ব০ সা০ প০ প০	—	= বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকা।
বড়ু০	—	= ৺ আনন্দরাম বড়ুয়া।
বর্দ্ধ০	—	= বর্দ্ধমান রাজসংস্করণ (মহাভারত)
বল০	—	= বলবিদ্যা mechanics.
বলরাম০	—	= বৈষ্ণব কবি বলরাম দাস।
বহু০	—	= বহুব্রীহি সমাস।
বহুব০	—	= বহুবচন।
বা০ দত্তা	—	= বাসব দত্তা।
বা০ বসুমতী	—	= বার্ষিক বসুমতী।
বাং	—	= বাঙ্গালা।
বাং গান	—	= বাঙ্গালা গান, বাঙ্গালীর গান (বঙ্গবাসী)
বাং প্রাকৃ	--	= বাঙ্গালা প্রাকৃতরূপ (যথা বিসর্গলোপে -উরস্থল, বক্ষস্থল ই০)।
বাং ভা০ অ০	—	= বাঙ্গালা ভাষায় অভিধান।
বাং০য়	—	= বাঙ্গালা ভাষায়।
বাং শ০ কোষ	—	= বাঙ্গালা শব্দকোষ।
বি,	--	= বিশেষ্য।
বি০		= বিশেষ (যথা-রত্নবি০=রত্নবিশেষ)।
বি০ কু০ সরকার	--	= অধ্যাপক বিনয়কুমার সরকার।
বি০/-কো০,-/কোষ		= বিশ্বকোষ Encyclopaedia. (বাঙ্গালা)।
বি০ চক্রবর্ত্তী	--	= কবি বিহারীলাল চক্রবর্ত্তী।
বিণ,	—	= বিশেষণ।
বিতঃ	—	= বিশেষতঃ।
বি০প০/(ন০ গুপ্ত)	—	= বিদ্যাপতি/ প্রবীণ সাহিত্যিক নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত সটীক বিদ্যাপতি।
বি০ মজুমদার	—	= অধ্যাপক বিজয়চন্দ্র মজুমদার।
বি০ শে০ শাস্ত্রী	—	= মহামহোপাধ্যায় পণ্ডিত বিধুশেখর শাস্ত্রী।
বি০ সা০	=	= পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
বি০ সু০	—	= বিদ্যাসুন্দর (ভারত০ রচিত)।
বিরল০	—	= আধুনিক বাঙ্গালায় বিরল ব্যবহার।
বিশে০	—	= বিশেষ বা বাশিষ্টার্থে।
বিশারদ০	—	= ৺কালীপ্রসন্ন কাব্যবিশারদ।
বিশ্ব০	—	= সংস্কৃত অভিধান-"বিশ্বপ্রকাশ"।
বিহারী০	—	= হিন্দী কবি বিহারীলাল।
বৃক্ষায়ু০	—	= বৃক্ষায়ুর্ব্বেদে।
বৃত্র০	—	= বৃত্রসংহার কাব্য (হেম০)।

বেং — = বেলজিয়ান ভাষা Belgian.
বৈং — = বৈদিক।
বৈজ্ঞা॰ — = বৈজ্ঞানিক।
বৈ॰ প॰ সা॰ — = বৈষ্ণব পদ-সাহিত্য।
বৈ॰ পদাবলী/পদ॰ — = বৈষ্ণব পদাবলী/পদলহরী।
বৈ॰ সা॰ — = বৈষ্ণব সাহিত্য।
বৌ॰ — = বৌদ্ধ/বৌদ্ধগান ও দোহা।
বৌ॰ গা॰ দো॰ — = বৌদ্ধ গান ও দোহা।
বৌ॰ বাং — = বৌদ্ধযুগের বাঙ্গালা ভাষা ও সাহিত্য।
ব্যা॰ — = ব্যাকরণ।
ব্র॰ — = দুষ্প্রাপ্য গ্রন্থমালা সম্পাদক শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
ব্রজ॰ — = ব্রজবুলিতে।
ভবি॰ — = ভবিষ্যৎকাল।
ভা॰ — = ভাববাচ্যে/ভাবার্থে।
ভারত॰ — = কবি ৺ভারতচন্দ্র রায় গুণাকর।
ভারত কোষ — = ৺রাজকৃষ্ণ ও ৺শরচ্চন্দ্র শাস্ত্রী প্রণীত অভিধান।
ভূদেব॰ — = ৺ভূদেব মুখোপাধ্যায় সি. আই, ই।
ভ্রং — = অপভ্রংশে/অপভ্রষ্টরূপ।
ভানু পদ॰ — = ভানুসিংহের পদাবলী (রবী॰)।
ভৌ॰ — = ভৌগোলিক Geographical.
ম/মঃ — = মারাঠী ভাষায়/মহারাষ্ট্র।
ম॰ চ॰ ঘোষ — = ৺মহেশচন্দ্র ঘোষ।
ম॰ গুহ ঠাকুরতা — = ৺মনোরঞ্জন গুহ ঠাকুরতা।
ম পু॰ — = মধ্যম পুরুষ।
ম॰ বাং — = মধ্যযুগের বাঙ্গালা।
ম॰ মো॰ ত॰ — = পণ্ডিত ৺মদনমোহন তর্কালঙ্কার।
মনসা ম॰ — = মনসা মঙ্গল।
ময়না॰ গান — = ময়নামতীর গান।
মহা॰ — = মহাভারত।
মাইকেল॰ — = কবিবর মাইকেল মধুসূদন দত্ত।
মাণিক॰ — = মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল।
মাণিক॰ গান — = মাণিকচন্দ্র রাজার গান।
মা॰ ও ম॰ বাণী — = মানসী ও মর্ম্মবাণী (মাসিক পত্রিকা)।
মাল॰ — = রাজমহল পাহাড়ের মালতো ভাষায়।
মু॰ — = মুসলমান বা মুস্‌লিম।
মু॰ বাং — = মুসলমানী বাঙ্গালা।
মুগ্ধ॰ — = মুগ্ধবোধ ব্যাকরণ মতে।
মূ॰ — = মূল শব্দ।
মৃ॰ ক॰ — = মৃচ্ছকটিক নাটক।
মে॰ — = মেদিনীকোষ।
মেঘ॰ — = মেঘনাদবধ কাব্য।
মেয়েলি॰ — = স্ত্রীকথ্য গ্রাম্য ভাষায়।

মৈ॰ — = মিথিলা ভাষায়/মৈথিল।
মৈ॰ গী॰ — = মৈমনসিং-গীতিকা।
মৈ॰ পদ॰ সা॰ — = মৈথিল পদ সাহিত্যে।
র্ম্ম/র্ম্ম॰ — = কর্ম্মবাচ্যে/কারকে।
যো॰ রায় — = অধ্যাপক রায় যোগেশচন্দ্র রায় বাহাদুর, এম, এ, বিদ্যানিধি।
রবী॰ — = কবিসম্রাট রবীন্দ্রনাথ ঠাকুর। তৎ-কর্ত্তৃক ব্যবহৃত, প্রস্তাবিত, উদ্ভাবিত, উপদিষ্ট ইং।
রা॰ প্র॰ — = রাম প্রসাদ (সাধক কবি)।
রা॰ সু॰ ত্রিবেদী — = অধ্যাপক রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম, এ
রাজ॰ — = ৺রাজকৃষ্ণ রায়।
রাজ॰ বসু — = ৺রাজনারায়ণ বসু।
রাজশে॰ বসু — = রাজশেখর বসু।
রাম॰ — = রামায়ণ (কৃত্তি॰)।
রামা॰ (রাজ॰) — = রাজকৃষ্ণ রায় অনুবাদিত বাল্মীকি রামায়ণ।
রাসা॰ — = রাসায়নিক।
ল॰ বন্দ্যো॰ — = অধ্যাপক ললিতকুমার বন্দ্যোপাধ্যায়, এম, এ।
লক্ষ॰ — = লক্ষণায়/লাক্ষণিক আলঙ্কারিক অর্থে Figuratively.
লিথু॰ — = লিথুআনিয়ার ভাষায় Lithuanian
লা॰ ল্যা॰ — = লাতিন বা ল্যাটিনভাষায় Latin.
শ॰ ক॰ দ্রুম/মঃ, শব্দকল্পে॰ = শব্দকল্পদ্রুম অভিধানে।
শ॰ চট্টো॰ — = ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।
শব্দাত্মক, অনু ধ্ব॰ — = ধ্বন্যাত্মক বা অনুকারাত্মক (Onomatopoetic) শব্দ।
শরীর বিজ্ঞা॰ পরিঃ = শরীর বিজ্ঞান পরিভাষা।
শা॰ — = শাস্ত্রে।
শি॰ — = শিবায়ণ (রামেশ্বর ভট্টাচার্য্য কৃত, ১৭০০ খৃ)। অন্য কবিকৃত শিবায়ণে গ্রন্থকারের উল্লেখ আছে।
শূ॰ পু॰ — = শূন্য পুরাণ।
শৈ॰ ঘোষজায়া — = শ্রীমতী শৈলবালা ঘোষজায়া।
শ্রী॰ কী॰ — = শ্রীকৃষ্ণ কীর্ত্তন।
শ্রীকর॰/শ্রীকরণ॰ — = শ্রীকরণ নন্দী।
শ্রীধর॰ — = শ্রীধর কথক।
স॰ — = সর্ব্বনাম।
স॰ ঠাকুর — = ৺সত্যেন্দ্রনাথ ঠাকুর।
স॰ দত্ত — = কবি ৺সত্যেন্দ্রনাথ দত্ত।
স॰ ব॰ দো॰ — = সরোজবজ্রের দোহাকোষ।
স॰ শ॰ — = সদ্ভাবশতক।
সং — = সংস্কৃত ভাষা/ভাষায়।

সম৹	—	=	সমনাম Synonym,
সমাজ৹/পরিঃ	—	=	সমাজসম্বন্ধীয়/সমাজ বৈজ্ঞানিক পরিভাষা।
সম্প্র৹	—	=	সম্প্রদানকারকে/সম্প্রদানে।
সহ৹ দ্বয়	—	=	সহচর শব্দদ্বয়।
সা৹	—	=	সাহিত্য।
সা৹ প৹ প৹	—	=	সাহিত্য পরিষৎ পত্রিকা।
সাধা৹	—	=	সাধারণতঃ।
সিংহ	—	=	৺কালীপ্রসন্ন সিংহ কৃত মহাভারত।
সী৹ ব৹	—	=	সীতার বনবাস (বিদ্যাসাগর)।
সুই৹	—	=	সুউডিশ Swedish.
স্থা৹	—	=	অন্যার্থে।
স্ত্রীং	—	=	স্ত্রীলিঙ্গে।
স্পে৹	—	=	স্পেনীয় ভাষায় Spanish.
স্ব৹	—	=	সঙ্গীত শাস্ত্রের ও স্বরলিপি সম্বন্ধীয় পারিভাষিক শব্দ ও সঙ্কেত।
স্ব৹ রৌ৹	—	=	স্বর্ণ রৌপ্য রত্নাদির তৌল ও মূল্য সম্বন্ধীয়।
হতে, হ তে	—	=	হইতে।
হঙ্গে৹	—	=	হঙ্গেরীয় ভাষায় Hungarian.
হাউটন৹	—	=	Haughton's Bengali Dictionary
হি৹ কো৹	—	=	হিন্দী বৈজ্ঞানিক কোষ।
হি/হি৹	—	=	হিন্দু/হিন্দীভাষায়।
হিঃ	—	=	হিসাব।
হি৹ শ৹ সা৹	—	=	হিন্দী শব্দসাগর।
হে৹	—	=	জৈন সূরি হেমচন্দ্রের অভিধান।
হেম৹	—	=	কবি ৺হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
ব্রহ্ম৹	—	=	ব্রহ্মসঙ্গীত।
Glossary	—		Glossary of Vernacular Judicial and Revenue Terms.
H. S. Glossary		—	Hindi Scientific Glossary হিন্দী বৈজ্ঞানিক কোষ।
I. M. L.	—		Introduction to the Malto Language by Rev. Earnest Droese.
O. D. B. L.	—	—	The Origin and Development of the Bengali Language.

(৭)

বাঙ্গালা ভাষার অভিধানের দ্বিতীয় সংস্করণে ব্যবহৃত সাঙ্কেতিক চিহ্নাদি(signs)র অর্থ

[আক্ষরিক বিন্যাস (১) ও উচ্চারণ কুঞ্চিকা (২) দ্রষ্টব্য]

১। ˇ ^ ˆ ˋ শব্দ বিশুদ্ধভাবে স্বত উচ্চারিত হইবার জন্য বর্ণশীর্ষস্থ এই সাঙ্কেতিক চিহ্নগুলির ব্যবহার উচ্চারণ-কুঞ্চিকায় দ্রষ্টব্য।

২। . "তাহা হইতে" অর্থাৎ অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পদাংশ, পদ, অর্থ বা তাৎপর্য্য অথবা শব্দরূপ হইতে প্রাপ্ত। যথা-হস্ত > হথ > হাত, হাথ।

৩। (>), [>], উপযান পর্য্যায়ে ২ ও ৩ সংখ্যক অর্থ পূর্ব্বাপর দ্রষ্টব্য। এই সঙ্গে মরসুম ও মেটিয়া পর্য্যায়দ্বয় দ্রষ্টব্য। মূল শব্দপর্য্যায়ে মূল শব্দের স্ত্রীলিঙ্গ অর্থে স্ত্রীং এই সঙ্কেতের পূর্ব্বে > এই চিহ্ন বসিবে না ; কিন্তু ব্যুৎপত্তিগত পুংলিঙ্গ শব্দের স্ত্রীলিঙ্গে বসিবে, যথা-"কৃষ্ণ" পর্য্যায়ে 'স্ত্রীং ~া (=কৃষ্ণা) এবং কুলপর্য্যায়ে ~জ (=কুলজ) শব্দের স্ত্রীলিঙ্গে " > স্ত্রীং ~া।" (অর্থাৎ কুলজা) হইবে।

> লং=অব্যবহৃত পূর্ব্বরূপ হইতে অপভ্রংশে প্রাপ্ত বা অপভ্রষ্টরূপ যথা-সং-স্তবক > লং ৎবক। > গ্রা৹= পূর্ব্বরূপ হইতে পরিণত গ্রাম্যরূপ। এইরূপ, > প্রাকৃ৹=পূর্ব্ববর্ত্তী সংস্কৃতরূপ হতে প্রাপ্ত প্রাকৃত রূপ। ইত্যাদি।

৪। < — " > " এই চিহ্নের বিপরীত। শব্দ দ্বয়ের মধ্যে থাকিলে বুঝিতে হইবে চিহ্নের পূর্ব্ববর্ত্তী শব্দ-রূপ পরবর্ত্তী রূপের পরিণতি। যথা-হাত, হাথ < হস্থ < হস্ত।

৫। ~ — মূল শব্দপর্য্যায়ে এই চিহ্নপূর্ব্বক বর্ণ, পদাংশ বা পদ থাকিলে তাহা মূল শব্দের সহিত যুক্ত করিয়া পাঠ করিতে হইবে, যথা-"অরাতি" পর্য্যায়ে ~ বিনাশন স্থলে "অরাতিবিনাশন" পাঠ করিতে হইবে। এইরূপ অম্ল পর্য্যায়ে ~ ক, ~ কেশর, ~ চূড, ~ জান ইত্যাদি স্থলে পাঠ করিতে হইবে-"অম্লক, অম্লকেশর, অম্লচূড়, অম্লজান" ইত্যাদি।

৬। / — মূল শব্দ বা ব্যুৎপত্তিলব্ধ শব্দ এই চিহ্নদ্বারা বিভক্ত হইলে বুঝিতে হইবে, চিহ্নের পরবর্ত্তী অক্ষর বা অক্ষরগুলি বর্জ্জন করিয়া চিহ্নের পূর্ব্ববর্ত্তী অক্ষর বা অক্ষরগুলির সহিত পরবর্ত্তী ~ এই চিহ্নপূর্ব্বক অক্ষর বা পদাংশ যুক্ত করিয়া পাঠ করিতে হইবে: যথা-অবিসংবা/দ পর্য্যায়ে বিণ, ~ী > বি, ~দিতা, ~দিত্ব স্থলে বুঝিতে হইবে বিশেষণে অবিসংবাদী এবং তাহা হইতে ব্যুৎপন্ন বিশেষ্যরূপ "অবিসংবাদিতা, অবিসংবাদিত্ব" পাঠ করিতে হইবে। এইরূপ অকল/ঙ্ক পর্য্যায়ে ~ঙ্কা, ~ঙ্কিত, ~ঙ্কী, ~ঙ্কিনী স্থলে পড়িতে হইবে-"অকলঙ্কা, অকলঙ্কিত, অকলঙ্কিতা, অকলঙ্কী, অকলঙ্কিনী"।

৭। -{ -} — ড্যাস ও হাইফেনের পার্থক্য এই যে, স্থানসংক্ষেপার্থ হাইফেন অপেক্ষা স্থূলতর ও ঈষৎ দীর্ঘ এবং সাধারণ অপেক্ষা হ্রস্বাকৃতি করা হইয়াছে। মুদ্রাকর প্রমাদবশতঃ এতদুভয়ের পরিবর্ত্ত স্থলে ভ্রান্তির সম্ভবনা নাই কারণ উভয় চিহ্নেরই উদ্দেশ্যানুগত ব্যবহার আদৌ লক্ষ্যভ্রষ্ট হয় নাই।

৮। **১ ২ ৩** ইত্যাদি — মূল শব্দপর্য্যায়ে মূল শব্দের এবং ~এই চিহ্নপূর্ব্বক ব্যুৎপত্তিগত শব্দের একাধিক ভিন্ন ভিন্ন অর্থের সংখ্যানির্দ্দেশ সহজে পাঠক-পাঠিকার দৃষ্টি আকর্ষিত হইবে বলিয়া একাদিক্রমে সংখ্যাচিহ্নগুলি বড় ও গাঢ় টাইপে ঢালাই করা হইয়াছে।

৯। ১ ২ ৩ — একরূপ বানানের একাধিক মূল শব্দ ভিন্ন ভিন্ন ব্যুৎপত্তিগত হইলে, এরূপ প্রত্যেক শব্দ পৃথক্ পর্য্যায়রূপে প্রদর্শিত এবং শব্দের শেষবর্ণের নিম্নে ক্ষুদ্র টাইপের সংখ্যা যুক্ত করা হইয়াছে, যথা-কর$_১$/কর$_২$/কর$_৩$/কর$_৪$/কর$_৫$: শর$_২$ ইত্যাদি পর্য্যায় দ্রষ্টব্য।

———:০:———

প্রথম সংস্করণের

ভূমিকা

বাঙ্গালার এমনও দিন গিয়াছে, যখন মহামহোপাধ্যায় পণ্ডিতগণ অমরকোষাদি সংস্কৃত অভিধানের শব্দসমূহ বিভক্তিযুক্ত অথবা বিভক্তিহীন করিয়া বঙ্গীয় পদ্ধতি-সিদ্ধ ক্রিয়াযোগে সম্পূর্ণ সংস্কৃত ব্যাকরণের ছাঁচে ঢালা পণ্ডিতী বাঙ্গালার সৃষ্টি করিতেছিলেন : যখন বৌদ্ধ-বাঙ্গালা চাপা পড়িয়া গিয়াছিল, বৈষ্ণব বাঙ্গালা সম্প্রদায়গত ছিল, অপণ্ডিতের ভাষা পণ্ডিত-সমাজে অবজ্ঞাত হইয়াছিল এবং নব্য ইংরেজীশিক্ষিত সভ্যমণ্ডলে কথ্য বাঙ্গালা অকথ্য হইয়া উঠিতেছিল। সেই সময়ের বাঙ্গালা অভিধানগুলিকে সংস্কৃত-বাঙ্গালা অভিধান বলা যাইতে পারে। তাহার পরবর্ত্তী কালেও গতানুগতিকভাবে বাঙ্গালা অভিধানকারগণ সাহিত্যে প্রবিষ্ট অসংস্কৃত শব্দগুলিকে অতি সন্তর্পণে বর্জ্জন করিয়া অভিধানের বিশুদ্ধি ও মর্য্যাদা রক্ষা করিয়া গিয়াছেন। ইতিপূর্ব্বে দুই-একখানি বাঙ্গালা অভিধান এই

বাঙ্গালা অভিধান

প্রথার অন্যথাচরণ করিলেও, এখনও সে চেষ্টা এককালে পরিত্যক্ত হয় নাই। কিন্তু, অভিধান সঙ্কলনের পূর্ব্বপদ্ধতি বজায় থাকা সত্ত্বেও, কালপ্রভাবে, এখন বাঙ্গালানামধেয় সংস্কৃত-বাঙ্গালা পুরাতন অভিধানের নূতন সংস্করণের মধ্যে মধ্যে বাঙ্গালা গ্রন্থ হইতে উদ্ধার এবং সংস্কৃতের অপভ্রষ্ট ও অবঙ্গীয় শব্দও যুক্ত করিতে হইতেছে। সাহিত্যে টেকচাঁদ ঠাকুর যেমন অসীম সাহসে আলালী ভাষার প্রবর্ত্তন করিয়া যুগান্তর আনিয়াছিলেন, বঙ্গীয় শব্দসিন্ধুকার শ্রীযুক্ত রজনীকান্ত বিদ্যাবিনোদ মহাশয়ের পর, পাণ্ডিত্যে লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয় তেমনি অসীম সাহসে তাঁহার বাঙ্গালা ব্যাকরণ প্রণয়ন ও বাঙ্গালা শব্দকোষ সঙ্কলন করিয়া বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানের ইতিহাসে যুগান্তর আনয়ন করিয়াছেন। কিন্তু, পূর্ব্ব পূর্ব্ব অভিধানকারগণ যেমন বাঙ্গালা ভাষা ও সাহিত্য হইতে বিশুদ্ধ সংস্কৃত শব্দগুলি বাছিয়া বাছিয়া অভিধানের অন্তর্ভুক্ত করিয়াছেন বিদ্যানিধি মহাশয় তদ্রূপ একটা মূল উদ্দেশ্য ধরিয়াই তাঁহার অভিধান হইতে সেইগুলিকে বিসর্জ্জন করিয়াছেন। তথাপি তাঁহার শব্দকোষ পরবর্ত্তী অভিধানসঙ্কলয়িতাগণের কর্ম্মক্ষেত্র সুগম করিয়া দিয়াছে এবং তিনি তাঁহাদের ও সাধারণের কৃতজ্ঞতাভাজন ও ধন্যবাদার্হ হইয়াছেন। বর্ত্তমান অভিধানের উদ্দেশ্য স্বতন্ত্র, সুতরাং প্রাণালীও ভিন্ন। এলাহাবাদ অবস্থানকালে পঞ্চদশবর্ষ পূর্ব্বে "বঙ্গভাষা ও বাঙ্গালা অভিধান" এবং "বাঙ্গালা শব্দতত্ত্ব"-প্রবন্ধে "প্রবাসী ও "সাহিত্যপরিষৎ-পত্রিকায়" অভিধান-সঙ্কলনের প্রণালী সম্বন্ধে যে আভাস দিয়াছিলাম বর্ত্তমান "বাঙ্গালা ভাষার অভিধানে" প্রধানতঃ তাহারই অনুসরণ করিয়াছি।

ভাষা-বৈজ্ঞানিকের সিদ্ধান্তমতে মাগধী প্রাকৃতই প্রাচীনতম বাঙ্গালার মূল। কিন্তু কি প্রাচীন কি বর্ত্তমান সকল অবস্থাতেই সংস্কৃতের প্রভাব অল্পাধিক বিদ্যমান আছে। প্রাচীন বাঙ্গালা যুগপ্রভাবের অধীন হইয়া পূর্ব্বরূপ অল্পাধিক পরিবর্ত্তন এবং হিন্দী, গুজরাতী প্রভৃতি সংস্কৃত-প্রাকৃত মূলক, দ্রাবিড়, আরবী, ফারসী, পর্ত্তুগীজ ও ইংরেজী প্রভৃতি ভাষার শব্দ ও ভাব গ্রহণ করিতে করিতে বর্ত্তমান রূপে পরিণত হইয়াছে। মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়-সম্পাদিত বৌদ্ধবাঙ্গালা তান্ত্রিক গ্রন্থগুলিতে প্রাকৃত-প্রভাবের নিদর্শন পাওয়া যায়। প্রাচীনতর নিদর্শনাভাবে এক্ষণে ইহাই প্রাচীনতম বাঙ্গালা বলিয়া স্বীকৃত হইবে। পরবর্ত্তী বাঙ্গালা সাহিত্য চৈতন্য-পূর্ব্ব সাহিত্য এবং চৈতন্য-দেব-প্রবর্ত্তিত সম্প্রদায়-সৃষ্ট বৈষ্ণব সাহিত্য। ইহাই প্রাচীন বাঙ্গালার যুগ-নির্দ্দেশক। সপ্তদশ শতাব্দীর শেষ হইতে বঙ্কিমচন্দ্রের পূর্ব্বপর্য্যন্ত-বাঙ্গালার দ্বিতীয় বা মধ্যযুগ। বঙ্কিমচন্দ্র ও বঙ্গদর্শনের পর হইতে আধুনিক বাঙ্গালা ভাষা ও সাহিত্যের সূত্রপাত হইয়াছে।

প্রাচীন দুর্ব্বোধ্য বাঙ্গালা "পর অপ্পাণ ম ভত্তি করু" কিরূপে আমাদের সময়ের "আপনি ও পর, এ ভ্রান্তি করিও না"* এরূপ সুখপাঠ্য ও সুবোধ্য বাঙ্গালায় পরিণত হইয়াছে তাহা জানিবার জন্য, এবং এই পরিণতির সূত্র ধরিয়া মূলে পৌঁছিবার জন্য

* "হাজার বছরের পুরাণ বাঙ্গালায় বৌদ্ধগান ও দোহা" গ্রন্থের শাস্ত্রী-মহাশয় কৃত অনুবাদ

প্রাচীন, মধ্য ও আধুনিক বঙ্গসাহিত্য আলোচনা করিবার প্রয়োজন আছে। ভাষার ব্যাকরণ ও অভিধানই তাহার অদ্বিতীয় সহায়স্বরূপ হইবে। সকল যুগের * বাঙ্গালাই সুতরাং বাঙ্গালা ভাষার অভিধানের লক্ষ্য। এই শত শত বর্ষব্যাপী বিশাল সাহিত্যে কত দেশের ও কত জাতীয় ভাষার শব্দ কবে, কোন অর্থে, কি সূত্রে আসিয়া প্রবেশ লাভ করিয়াছে, তাহা নির্ণয় করা যত কঠিনই হউক, তাহাই অভিধানের প্রধান কার্য্য। কিন্তু জাতীয় উন্নতির সঙ্গে সঙ্গে তাহার সাহিত্যানুশীলনের যে অবস্থায় মাতৃভাষার এরূপ একখানি অভিধানের সঙ্কলন ও সর্ব্বাঙ্গসুন্দরভাবে সম্পাদন সম্ভব হইতে পারে, সে অবস্থায় পৌছিতে আমাদের এখনও বিলম্ব আছে। সাহিত্যে প্রবিষ্ট শব্দারণ্যে কথ্যভাষায় সহস্র সহস্র গ্রাম্য শব্দ এবং তাহাদের উচ্চারণ-বিকার ও ব্যবহার-বৈষম্যজনিত অসংখ্য প্রাদেশিক রূপান্তর মিলিত হইয়া অভিধান-সঙ্কলয়িতার কর্ম্মক্ষেত্র কণ্টকিত করিয়া রাখিয়াছে। ভাষার অভিধানে কোন্ গুলি গ্রহণযোগ্য এবং কোন গুলি বর্জ্জনীয় প্রথমতঃ তাহাই এক বিষম সমস্যা! বাঙ্গালা বৈষ্ণবপদাবলী-সাহিত্য মৈথিল শব্দে ও ব্রজবুলিতে আকণ্ঠ ডুবিয়া আছে। কয়েক শতাব্দীর মুসলমান শাসন মধ্যবাঙ্গালা ভাষাকে আরবী ও ফারসী শব্দবহুল করিয়া ফেলিয়াছে। আদালতের ভাষা ও মুসলমানী বাঙ্গালা তাহার প্রকৃষ্ট প্রমাণ। যুরোপীয় সংস্রব বর্ত্তমান বাঙ্গালাকে কিরূপ যুগোচিত ছাঁচে ঢালিতেছে, ৺চন্দ্রনাথ বসু মহাশয় ১৮ বৎসর পূর্ব্বে তাহার আলোচনা করিয়া গিয়াছেন। বৈদেশিক শব্দ ব্যতীত বাঙ্গালা সাহিত্যে এত অধিক গ্রাম্য শব্দ প্রাচীন এবং বর্ত্তমান শ্রেষ্ঠ লেখকগণ কর্ত্তৃক ব্যবহৃত হইয়াছে যে সংস্কৃত, প্রাকৃত ও বৈদেশিক শব্দ সমূহের মধ্যে ঐ গুলিকেই খাঁটি বাঙ্গালা শব্দ বলিবেন কি না তদ্বিষয়ে অনেকের সন্দেহ জন্মিতেছে। সাধারণ ও স্বাভাবিক নিয়মে যে কোন শব্দই হউক, কোন ভাষায় ব্যবহারের প্রাচীনতা এবং ভূরি প্রচলনের দ্বারা সেই ভাষার খাঁটি শব্দে পরিণত হইতে পারে। হোরা, পিক, তামরসাদি

* "পর অপ্পাণ ম ভক্তি করু", "এতকাল হাঁউ অচ্ছিলেঁ স্বমোহেঁ। এবে মই বুঝিল সদ্‌গুরুবোহেঁ" (বৌদ্ধগান ও দোহা, ৮-৯ম শতাব্দী); "হাত পাতি লহ সেবকর অর্ঘ পুষ্প পানী। সেবক হব সুখী আমনি ধামাৎ কন্নি" (শূন্য-পুরাণ, ১০ম-১১শ শতাব্দী); "অফিন্না বীন্নার থোপ আনে উপাড়িয়া" (১১-১২শ শতাব্দী); "নেউঠি চল ভৈন আমার পুরেতে" (মনসামঙ্গল, ১৩শ শতাব্দী); "হেন হেতু আম্মিসব একত্রে মিলন।" "রথ হৈতে পড়িবারে চাহসি অর্জ্জুন॥" (সঞ্জয়, ১৪শ শতাব্দী); "কে না বাঁশী বাএ বড়ায়ি কালিনী নই কুলে।" "সঙ্কারে বুয়িলোঁ বড়ায়ি সাজাইআঁ আঙ্কুড়ী।" "এখো গোপী ভাল নহে সব দুঠ মনে।" "ঘৃত দুধ লআঁ তোঁএ যাসী, ধাআঁ ধাআঁ মথুরা পলাসী॥" (শ্রী০ কী০ ১৪শ শতাব্দী); "গাভী দোহায়েন্ত কেহ দুগ্ধ আবর্ত্তনে। গুরুজন সমাধান করে কোহ্ন জনে॥" (শ্রীকৃষ্ণবিজয়, ১৫শ শতাব্দী); "জাথে দেখি নাক্কি তাথে কীরূপে ভাবিব * * * তাথে গর্ভদশা ইব স্থিতি॥" * * তেহোঁ কো তেহঁ প্রথম পুরুষ" (১৬শ শতাব্দীতে নরোত্তম ঠাকুর লিখিত বাঙ্গালা গদ্য, সা-প-প; ১৩০৪); "কামিন্যা বন্ধানী গঠিছে বিয়নি শুধু সুবর্ণের ডাটী। বিয়নি দেখিয়া স্থির নহে হিয়া পবন মানিল ভাটী॥" (কেতকাদাস, ১৬৫০ খৃঃ অব্দ); "কোন বিশএ উদ্বিগ্ন নহিবে * * * হাজি মুস্তফাকে তুমি সাক্ষাতে ডাকিয়া কহিবে ঞিহ আমারদিগের বেরাদরির মধ্যে * * দুইজনকে মিলজুম করিয়া দিবে * * *" (১৭৭২ খৃঃ অব্দে মহারাজ নন্দকুমার কর্ত্তৃক তাঁহার পুত্র রাজা গুরুদাসকে লিখিত পত্রাংশ, সা-প-প, ১৩১০)। "ইয়াদি আত্মবিক্রয় পত্রমিদং-শ্রীকৃষ্ণনাথ ন্যায়ভূষণ ওলদে গদাধর সিদ্ধান্ত সাকিম চান্দনী পরগণে বাঙ্গরোড়া * * সুচরিতেষু:-শ্রীমতী কুঞ্জমালা ওমর ২৭ সাতাইষ বরিষ রঙ্গশ্যাম জওজে রাম রুদ্রতৈ সাকিন * * অস্য লিখনং আগে আমী মহাকষ্ট পালিত খোরাক পোষাক আজিজ হইয়া মারা জাই এবং আমার কন্যা শ্রীমতী মহামায়া ওমর সাত বরিষ রঙ্গশ্যাম এহারও অন্নবস্ত্র দিয়া পরিপোষণ করিতে না পারি এবং কেহ আমার ঘর অন্নবস্ত্র দিয় পরবিষ করে এমত না য়াছে অতএব আপন রাজিরকবতে সচ্ছেন্দ আক্কেবহাল তবিয়তে সেইচ্ছা পূর্ব্বক আমি ও আমার কন্যা বহায় অপনীর স্থানে মবলগ ৩ তিন রূপাইয়া পুরোওজন দহমাসী চলনসহী দস্তবদস্ত পাইয়া আত্মবিক্রয় হইলাম আপনে লওয়াজিমা খোরাক পোষাক দিয়া মুদত ৭০ সত্রী বরিষ দাসী অর্থ কর্ম্ম দান বিক্রীরধিকারী হইয়া করাইতে রহ জদি এই মুদ্দত মৈর্দ্ধে আচাদ হইতে চাহি তবে ১৷০ সোয়ামণ হলধি সিধা দিয়া আচাদ হইব এই করারে আত্মবিক্রয় হইলাম ইতি সন ১১৯৫ এগার শত পাচানবৈ শাল তেরিখ চৈদ্দহী মাহে অগ্রহায়ণ।" (১৮শ শতাব্দী। সাহিত্য, ১৩২০, ৫ম সংখ্যা, পৃ, ৪৩৫-৬)। "আর বালকেরা এস্তাহাম দিবার নিমিত্তে অতিশয় ব্যাগ্র হইয়া বেড়াইতেছে। * * * ইতিমধ্যে সাহেব ও মুছলমান ও বাঁঙ্গালি লোকেরা গাড়ী ও পালকিতে চড়িয়া আইলেন * * *" (পত্রকৌমুদী, ১৮২০ খৃঃ অব্দ]; "জীবনে ভাগ্যের হাসিমুখ দেখেন নাই" (১৯০৮ খৃঃ অব্দে রায় সাহেব দীনেশচন্দ্র সেন কর্ত্তৃক 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থে লিখিত); "তাহার প্রবল প্রতিক্রিয়ারূপে রেনেসাঁশের যুগ আসিয়াছিল" (ডাঃ সার্ রবীন্দ্রনাথ ঠাকুর কর্ত্তৃক জীবনস্মৃতি গ্রন্থে লিখিত)। * অধুনা প্রমাণ পাওয়া যাইতেছে বৌদ্ধগান শূন্যপুরাণের গদ্যভাগ, ময়নামতীর গান, সুভাষিত-সংগ্রহ, শ্রীকৃষ্ণকীর্ত্তন প্রভৃতি কয়েকখানিমাত্র গ্রন্থে ব্যতীত চৈতন্য-পূর্ব্ব প্রাচীন বাঙ্গালা কবিদিগের ভাষা আমাদের হস্তগত হয় নাই।

† "কৃত্তিবাস স্বীয় জন্ম সম্বন্ধে যে ছত্রটি লিখিয়াছেন, তাহা জ্যোতিষিক গণনার আলোকে ফেলাইয়া (Thrown in the light of astronomical calculation) আমরা ভবিষ্যতে তাঁহার জন্মাব্দ নিশ্চিতরূপে অবধারণ করিতে পারিব"-

যে ম্লেচ্ছ ভাষার শব্দ তাহা পণ্ডিত কালীবর বেদান্তবাগীশ মহাশয় বিশেষভাবেই প্রদর্শন করিয়াছেন।* ঐ সকল শব্দ বাঙ্গালা ভাষাতেও বহু প্রচলিত। কিন্তু এগুলি খাঁটি সংস্কৃত শব্দ নহে সুতরাং অপাঙ্‌ক্তেয় বলিয়া খাঁটি সংস্কৃত অভিধান হইতে কি কেহ বর্জ্জন করিয়াছিলেন অথবা এখন কেহ তাহা সংস্কৃত বা বাঙ্গালা অভিধান হইতে বিসর্জ্জন করিতে পারেন? খাঁটি বাঙ্গালা শব্দাভিধান হইতে যদি বিশুদ্ধ সংস্কৃত ও বৈদেশিক শব্দসমূহ বর্জ্জন করা যায় যদি অমিয়া, পহুঁ, আইন, কানুন, সাবান, ফিতা, রসদ, রসীদ, টেবিল, চেয়ার, পাঁউরুটী রেস্ত বোতাম, বোতল, গেলাস, ডিশ্‌, স্কুল, কলেজ প্রভৃতি যে সকল শব্দ ভিন্ন ভিন্ন যুগের বাঙ্গালা সাহিত্যকে পরিপুষ্ট করিয়া ভাষার অস্থিমজ্জাগত হইয়া পড়িয়াছে সে সমস্ত বাদ দেওয়া যায়, তাহা হইলে, কেবল খুদ কুঁড়া, ঢেঁকী কুলা আর গো ডিম শ্রেণীর শব্দ লইয়া—গোড় বড়ি আর খাড়া লইয়া খাঁটি বাঙ্গালা অভিধান খাড়া করিতে হয়। সুতরাং বিশুদ্ধ সংস্কৃত শব্দই কি, বিশুদ্ধ বৈদেশিক শব্দই কি, আর দেশীয় অনার্য্য শব্দই কি—যাহা ভাষায় প্রচলিত আছে তাহা ভাষার অভিধানে স্থান পাইবার যোগ্য। এতদনুসারে বাঙ্গালা ভাষার অভিধানে সেই সকল শব্দ গৃহীত হইয়াছে; কিন্তু পয়োর, এধিত, মিথঃ, নন্দথু, কিমুত, রংহ প্রভৃতি সংস্কৃত ভাষায় ব্যবহৃত বা সংস্কৃত অভিধানের অন্তর্ভুক্ত শব্দ, যাহার ব্যবহার বাঙ্গালা কথা বা লিখিত ভাষায় নাই এবং কখনও যে ব্যবহারে আসিবে তাহার সম্ভাবনা অল্প, যাহাদের স্থান প্রয়োজনীয় শব্দে পূর্ণ হইতে পারে, তৎসমুদয় বর্জ্জিত হইয়াছে, অথচ যেগুলির প্রচলন না থাকিলেও, ব্যবহারে ভাষার সৌন্দর্য্য ও ভাবের গাম্ভীর্য্য বৃদ্ধি পাইতে পারে, সেরূপ বহুশব্দ গৃহীত হইয়াছে। শিল্প, বিজ্ঞান, রসায়ন দর্শন, স্মৃতি প্রভৃতি গ্রন্থে ব্যবহৃত এবং বিজ্ঞানাচার্য্য পণ্ডিত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়-প্রমুখ বিশেষজ্ঞগণ কর্তৃক উদ্ভাবিত ও বঙ্গীয় সাহিত্য-পরিষদের সুধীবৃন্দ কর্ত্তৃক আলোচিত বহু পারিভাষিক শব্দও ইহার অন্তর্ভুক্ত করা হইয়াছে।

ইংরেজীতে যে সকল শব্দ প্রাকৃত জনোচিত (vulgar বা slang), কথ্য (colloquial) ও প্রাদেশিক (provincial) বলিয়া বিশেষিত, তাহা গ্রাম্য-পর্য্যায়ভুক্ত। জীবিত ভাষায় ইহার বাহুল্য অনিবার্য্য। সকল শ্রেণীর নরনারীকে বুঝাইবার জন্য যে ভাষার আশ্রয় লইতে হয়, এবং সাধারণের উপভোগ্য যে সকল কাব্য, গাথা, ছড়া, গান প্রভৃতি সাধারণবোধ্য (popular) ভাষায় বলিবার ও লিখিবার প্রয়োজন হয়, প্রাচীন বাঙ্গালা সাহিত্যে সেই ভাষায় এরূপ গ্রাম্য শব্দের সংখ্যা প্রচুর; আধুনিক সাহিত্যেও তাহার অসদ্ভাব নাই। প্রাচীন বাঙ্গালা যাঁহাদের দ্বারা পুষ্ট হইয়াছিল, তাঁহাদের অধিকাংশ যে সংস্কৃত-ভাষা জ্ঞানহীন, সমাজের নিম্নশ্রেণীর লোক এবং সাধারণতঃ স্বল্পশিক্ষিত ছিলেন, ক্রমেই তাহার নিদর্শন পাওয়া যাইতেছে। সংস্কৃত প্রাকৃত-শব্দমিশ্রিত গ্রাম্যভাষাই তাঁহাদের অবলম্বনীয় ছিল। ইহা পণ্ডিতসমাজে "প্রাকৃত" "দেশী", "অশুদ্ধ", "ভাষা", "অপভাষা" বা "ইতর ভাষা" বলিয়া উক্ত হইত। সংস্কৃতজ্ঞদিগের দ্বারা এবং শিক্ষিতসমাজে বাঙ্গালা যে আদর পায় নাই, তাহার প্রমাণ ইহার "অপভাষা†" এই নামেই পাওয়া যায়। তাঁহাদের দ্বারা অনুশীলিত না হওয়ায় জ্ঞানবিজ্ঞানাদি বিভাগে এই অপভাষার শব্দ সম্পদের এরূপ শোচনীয় অভাব ঘটিয়াছিল যে, হৃদ্‌গত ভাব ব্যক্ত করিবার উপযুক্ত শব্দ ভাষায় কুলাইয়া উঠিত না। প্রধানতঃ সেই কারণে এবং অংশতঃ সাধন প্রক্রিয়াদি গুহ্য রাখিবার উদ্দেশ্যে সংস্কৃতানভিজ্ঞ বা সংস্কৃত ব্যবহারে অনিচ্ছুক লেখকগণ যে ভাষা ব্যবহার করিতেন তাহা পণ্ডিতসমাজে কতক বোধ্য ও কতক অবোধ্য হওয়ায় "সান্ধা-ভাষা" নাম প্রাপ্ত হইয়াছিল। শাস্ত্রী মহাশয় সম্পাদিত প্রাচীন বৌদ্ধ বাঙ্গালা-তন্ত্র-গ্রন্থের সংস্কৃত টীকা দেখিয়া মনে হয় পণ্ডিতসমাজে সুবোধ্য করিবার জন্যই হউক বা বৌদ্ধ পণ্ডিত কর্ত্তৃক প্রাকৃত ভাষার প্রতি শ্রদ্ধা প্রকাশার্থেই হউক তখন সংস্কৃত ভাষায় টীকা লেখা হইত।

অভিধানে এই "অপভাষায়" ব্যবহৃত অসংখ্য গ্রাম্য শব্দ সঙ্কলন করার ঔচিত্যানৌচিত্যবিষয়ে মতভেদ আজিও আছে। কিন্তু পূর্ব্বে গ্রাম্য শব্দের অভিধান অভাবে প্রাচীনতম গ্রন্থগুলি আমাদের নিকট এমনই দুর্ব্বোধ হইয়া আছে যে বাঙ্গালায় লিখিত বলিয়াই মনে হয় না। তজ্জন্য অধুনা প্রাচীন বাঙ্গালা গ্রন্থ সম্পাদন কালে গ্রন্থশেষে একটী শব্দার্থপরিশিষ্ট সংযোগের প্রয়োজন

* সাহিত্য সংহিতা।

† "তাহার চরিত্র কিছু কহিতে করি আশা। শ্লেষ না করিহ ভাই বলি অপভাষা॥ চণ্ডাল ভাণ্ডেতে যদি থাকে গঙ্গাজল। তথাপি পবিত্র বড় জানিহ নিশ্চল॥"—দুর্গামঙ্গল (রূপনারায়ণ)।

হইতেছে। সাহিত্যে ব্যবহৃত গ্রাম্য শব্দ ব্যতীত কথ্য ভাষায় উচ্চারণ-বিকার-জনিত বহু শব্দের বিকারবাহুল্য কথ্য ভাষাকে লিখিত ভাষা হইতে এরূপ পৃথক করিয়া রাখিয়াছে যে, লিখিত ভাষায় বলিলে অথবা বলিবার ভাষায় লিখিলে বৈদেশিকের ত বটেই, আমাদেরই চোখে ঠেকে এবং কানে বাজে। সংস্কৃত ব্যাকরণের নিয়মবদ্ধ আড়ষ্টভাব ঘুচাইয়া বাঙ্গালা ভাষাকে অধিকতর ব্যাপক, সরল, স্বাভাবিক ও শক্তিশালী করিয়া তুলিবার উদ্দেশ্যে অধুনা এক সম্প্রদায় এই পার্থক্য দূর করিবার চেষ্টা করিতেছেন। ইহাতে ভাষার সৌন্দর্য্য গাম্ভীর্য্য নষ্ট হওয়া এবং উভয়ের মিশ্রণে গুরুচণ্ডালী দোষে দুষ্ট হওয়া সম্বন্ধে প্রবল মতদ্বৈধ ঘটিয়াছে। অভিধান-সঙ্কলয়িতার এবিষয়ে পক্ষানুরাগ হইতে পারে না। উচ্চসাহিত্য বা সুকুমার সাহিত্য বা কলাসাহিত্য সার্বজনীন (popular) সাহিত্য হইতে চিরদিনই পৃথক্ থাকিবে; পক্ষান্তরে গ্রাম্য কথ্য ভাষা সাহিত্যের অঙ্গীভূত হইয়া কোটি কোটি নরনারীর মাতৃভাষাকে জীবন্ত ও শক্তিশালী করিয়া তুলিবে। এই বিংশ শতাব্দীর নব-অভ্যুদয়ের দিনে জীবন্ত ভাষার পক্ষে ইহা অবশ্যম্ভাবী ও অনিবার্য্য। যে ভাষার আমাদের আটপৌরে জীবনের সমস্তটাই-আমাদের সুখ দুঃখ, হাসি কান্না, প্রণয়-আলাপ-আমাদের মনের কথা এবং প্রাণের গান ধরা আছে-সেই ভাষাকে প্রাকৃত বলুন, দেশী বলুন, অশুদ্ধ বলুন, ভাষা বলুন আর অপভাষাই বলুন, মাতৃভাষার ঐ অংশেই আমাদের প্রাণপুরুষের পরিচয়। সুতরাং ভাষার অভিধানে ঐ অংশের স্থান আছে। "বাঙ্গালা ভাষার অভিধানে" সেইজন্য "স্থান" এবং "ঠাঁই", "গুহা" এবং "গোফা" এই দুই রূপই থাকিবে। আশঙ্কা, শঙ্কা, ভীতি যেমন থাকিবে, ভয় এমন কি ডর, ডরা, ডরানও থাকিবে। যে কারণে সংস্কৃত "স্থান" শব্দের প্রাকৃত (ঠান)-"ঠাঁই", অভিধানে স্থান পাইয়াছে, সেই কারণেই সংস্কৃত "স্ত্রী"র প্রাকৃতরূপ "তিরি" শব্দ ইহাতে স্থান পাইবে। এটি আধুনিক সাহিত্যে চলে বলিয়া থাকিবে, ওটি প্রাচীন বাঙ্গালা পদাবলী সাহিত্যে চলিত বলিয়া রাখিতে হইবে। অনেক মেয়েলি এবং অশিক্ষিত জনসমাজে প্রচলিত শব্দ, যথা-মন্দ অর্থে অমন্দ, পলকা অর্থে অপলকা, খালিস অর্থে নিখালিস, বৃথা অর্থে অব্রেথা (সা-প, গ্রন্থাবলী, ৪৩, পৃ, ৫৫) প্রভৃতি উপন্যাস নাটকাদিতে দৃষ্ট হয়। অভিধানে ওগুলি স্থান না পাইলে, ভিন্নভাষাভাষীর, এমন কি জানা না থাকিলে, আমাদেরই পক্ষে তাহাদের অর্থগ্রহ দুরূহ হইবে। শব্দতত্ত্ব হিসাবেও উহাদের মূল্য আছে।

গ্রাম্য শব্দ হইতে বিশুদ্ধ প্রাদেশিক শব্দ নির্ব্বাচন করা কঠিন। কোন্ শব্দ কোন প্রাদেশিক এবং কোনগুলি সাহিত্যে স্থান পাইতে পাইতে প্রাদেশিকতার সীমা অতিক্রম করিয়াছে তাহা নির্ণয় করাও সহজ নহে। সাহিত্য পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত রাজকুমার বেদান্ততীর্থ মহাশয় বঙ্গদেশের বিভিন্ন জেলার সাহিত্যানুরাগীদিগের সাহায্যে প্রাদেশিক শব্দাভিধান সঙ্কলন করিতেছেন। তিনি এই বিরাট কার্য্যের ভার গ্রহণ করত অভিধানকারগণের দায়িত্ব ও শ্রম হ্রাস করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন। বাঙ্গালাভাষার অভিধানে যে যে শব্দের পর [ ] এই বন্ধনীর মধ্যে "প্রাদে" বলিয়া ইঙ্গিত করা হইয়াছে তাহা প্রাদেশিক ব্যবহার বা অর্থে বুঝিতে হইবে, যথা-শব্দপরিশিষ্টান্তর্গত "জাগর" শব্দ।

শব্দগুলি অকারাদি ক্রমে এবং অকার হইতে ঔকার যোগের পর ং, ঃ, ঁ, এবং তাহার পর ব্যঞ্জনবর্ণ যোগে বিন্যস্ত হইয়াছে, যথা-ক, কঅ, কআ, কই, কঈ, কউ, কঊ, কঋ, কঌ, কএ, কঐ, কও, কঔ, কং, কঃ, কঁ, কক্, কক * * * কঞ্জাব, কা, কাই ইত্যাদি।

যে সকল সংস্কৃত শব্দ বিভক্তি-বর্জ্জিতমাত্র হইয়া বাঙ্গালায় অবিকল ব্যবহৃত হইতেছে তাহাদের বানানে বিকৃতি নাই।

বানান

প্রাকৃতজ অর্থাৎ মূল বাঙ্গালা ও বিদেশী শব্দের বানান লইয়াই যত গোল। ঐ সকল শব্দের ইকার (ি) ও ঈকার (ী), উকার (ু) ও ঊকার (ূ), একার (ে) ও যফলাযুক্ত আকার (্যা), 'জ' ও 'য', 'ণ' ও 'ন', 'ব' ও 'ব্', 'শ' 'ষ' ও 'স' লইয়া সচরাচর গোল বাধে। উচ্চারণ করিব ইকার উকারের কিন্তু লিখিব ঈকার ঊকার এবং শ্রুতিলিখনে বানানে ভুল করিবার সম্ভাবনা রাখিব কেন? জোড় না যোড়, বাণান না বানান, সোণা না সোনা-কি লিখিব? তালব্য 'শ, মূর্দ্ধন্য 'ষ, এবং দন্ত্য 'স' এই তিনটির বানানে ঠিক রাখিব, কিন্তু তিনটিরই তালব্য বা মূর্দ্ধন্য উচ্চারণ করিব কেন? অভিধানে শব্দবিন্যাসে এবং সংস্কারে বর্গীয় ও অন্তস্থ ব'য়ের ভেদ রাখিব কিন্তু লিখিবার বা উচ্চারণ করিবার কালে উভয়কেই বর্গীয় মত পড়িবে কেন?

বাঙ্গালায় একমাত্র বর্গীয় ব'য়ের উচ্চারণ আছে। অন্তস্থ ব'র উচ্চারণ ত হয়ই না, বরং তাহার বিশুদ্ধ উচ্চারণ করিলে

সাধারণের পক্ষে শব্দার্থগ্রহে ব্যাঘাত জন্মিতে পারে। ল বর্ণের পর অন্তস্থ ব পর্য্যায়ে প্রায় সমস্ত বকারাদি শব্দই পাওয়া যায়। কারণ বর্গীয় বকারাদি শব্দ প্রচলিত ও অপ্রচলিত লইয়া সংখ্যায় সাড়ে ছয় শত মাত্র কিন্তু অন্তস্থ বকারাদি শব্দ সংখ্যায় প্রায় সাড়ে পাঁচ হাজার। সপ্ত-কোটী বাঙ্গালীর বাগ্‌ধারা হঠাৎ পরিবর্ত্তিত হইয়া বর্গীয় উচ্চারণ যে অন্তস্থে পরিণত হইবে, সে আশা করি না। কালে যদি হয়, তখন অভিধানের সংস্কার করিতে বিলম্ব হইবে না। কিন্তু অন্তস্থ ব্‌'র বিশুদ্ধ উচ্চারণে অভ্যস্ত হইবার প্রয়োজন দিন দিন বৃদ্ধি পাইতেছে। এজন্য বর্ত্তমান অভিধানে সংস্কৃত ও সংস্কৃতমূলক উভয় বকারাদি শব্দ বর্গীয় পর্য্যায়ে বিন্যস্ত হইয়াছে এবং বাঙ্গালায় প্রবিষ্ট অ-সংস্কৃত শব্দ, শিক্ষিত সমাজে যাহার মূলানুযায়ী উচ্চারণের চেষ্টা হইতেছে সেগুলি ল বর্ণের পর সন্নিবিষ্ট হইয়াছে। সুতরাং বর্গীয় ও অন্তস্থ বকে "ব" এবং "ব্‌" দ্বারা পৃথক্ করা হইয়াছে। ব-ফলার উচ্চারণ বর্গীয় অর্থাৎ B'র মত হইলে ফ-ফলার পর এবং অন্তস্থ অর্থাৎ W'র মত হইলে বা অনুচ্চার্য্য থাকিলে ল-ফলার পর পাওয়া যাইবে। যথা-নিম্ব, ধ্বংস। Wilson বঙ্গলিপিতে হইবে "ব্‌িল্‌সন্‌"; কারণ W=ব্‌=ব্‌, কিন্তু বিল্‌সন্‌ হইবে না কারণ ব= B এবং মূল শব্দটি Bilson নহে। বাঙ্গালায় অন্তস্থ ব'র প্রকৃত উচ্চারণ অভাবেই W স্থানে উ (যথা উইল্‌সন্‌) এবং ও (যথা ওকালত) বর্ণদ্বয়ের আশ্রয় লওয়া হয়। তবে যে বাঙ্গালায় উকীল, ওকালত লেখা এবং ইংরেজীতে Vakil লেখা ও ভোকীল বা ভ্যাকীল বলা হয়, তাহা ভুল। শুদ্ধ রূপ বাঙ্গালায় ব্‌কিল বা ব্‌কীল এবং ইংরাজীতে Wakil. বাঙ্গালা ও আরবীতে W'র উচ্চারণ-দ্যোতক বর্ণ নাই ও বাঙ্গালায় W'র উচ্চারণ করা হয় না বলিয়া এই বিভ্রাট। অন্তস্থ ব'র প্রকৃত উচ্চারণদ্যোতক ব্‌ প্রচলিত হইলে উআ, ওআ, ওয়া, ওা, বামে ইলেক যুক্ত বা পেটকাটা ব (ব্‌, ব) প্রভৃতি ব্যবহারের প্রয়োজন হয় না। সমোচ্চার্য্য বর্ণের মধ্যে উচ্চারণ ভেদ না রাখায় দেশী প্রাকৃতের স্বতঃসিদ্ধ নিয়মে বাঙ্গালা সাহিত্যে শব্দানুযায়ী (phonetic) বানানের সৃষ্টি হইয়াছিল।

জমীদারী-মহাজনী খাতাপত্র লিখিবার কালে, প্রাচীন গ্রন্থাদির নকল ও দলিল-দস্তাবেজ, পাটা-পত্রাদি প্রস্তুত করিবার সময় স্বল্পশিক্ষিত বা সংস্কৃতানভিজ্ঞ ব্যক্তিগণ ণত্ব ষত্বের ধার ধারিতেন না; এমন কি, শিক্ষিত সমাজে সাংসারিক চিঠিপত্র লিখনে আজিও অনেকে মূলানুগত বিশুদ্ধ বানানের মর্য্যাদা রাখেন না। এরূপ ক্ষেত্রে যে সকল শব্দের প্রাকৃত রূপ সাহিত্যে আভিজাত্য লাভ করিয়াছে, যেমন সংস্কৃত কর্ণ স্বর্ণ-আদি-জাত "কান" "সোনা" প্রভৃতি, তৎসমুদয় অভিধানের গ্রাহ্য; এবং যে সকল শব্দরূপ*—যেমন অহিমান (অভিমান), রিষি (ঋষি), ঘণ (ঘন), বিসম (বিষম), বিসুদ্ধ (বিশুদ্ধ), শসি বা শশি (শশী), ষহজ (সহজ) প্রভৃতি—তাহা লাভ করে নাই, তৎসমুদয় বর্জ্জনীয়।

বৈদেশিক শব্দের উচ্চারণ-বৈষম্য এবং উচ্চারণানুযায়ী বর্ণবিন্যাস চেষ্টাজনিত একই শব্দের বিভিন্নরূপ সাহিত্যে প্রবেশলাভ করায় অভিধানকারগণ নূতন সমস্যায় পতিত হন। প্রসিদ্ধ চীনা পরিব্রাজকের নাম যাহা রোমান অক্ষরে Huen-Thsang, Hiuen-tshang, Hiouen-Thsang, Yuan Chuang, Hsuan Chuang প্রভৃতি আকারে পাওয়া যায়, তাহার বাঙ্গালা বানানের অন্ত নাই। বাঙ্গালায় হাইয়েন সাঙ্, হিউএন্ সিয়াং, হিউয়েন সাঙ, হিউএনথ্ সাঙ্, হিয়োন সঙ, † হুয়েনথ্-সাং, হুএন সাং, হুয়ান চুয়াঙ্ ‡ হোএন সাং, হোএন-থ সাঙ্ প্রভৃতি, এমন কি ইয়াং চিয়াংও দেখা যায়। রায় সাহেব দীনেশচন্দ্র সেন মহাশয় হুয়েন্থ সাঙ্ এবং অধিকাংশস্থলে "হিউন সাঙ্" ও একস্থানে "হিউএন্ সাঙ" লিখিয়াছেন। ¶ শ্রীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয় সম্পাদিত প্রাচীন কবি দুর্ল্লভ-মল্লিক-কৃত গোবিন্দচন্দ্রগীত গ্রন্থের টীকায় "হিউএন্ সাঙ্" এবং "হিউএন্থ সং" এই দুইরূপ বানান করিয়াছেন। § রাজধানী পেকিঙের চীনারা এই নামটীর প্রথমাংশ ঈষৎস্পৃষ্ট ফারসী খে (خ) সহ লঘু "শ" যুক্ত "য়ুআন্" বৎ এবং শেষাংশ চোআঙ্ ও চুআঙএর মাঝামাঝি উচ্চারণ করিয়া থাকেন। বিভিন্ন প্রদেশের চীনার বাগ্‌যন্ত্রে মূল শব্দের

* বঙ্গীয়-সাহিত্যপরিষৎ-মন্দির হইতে প্রকাশিত প্রাচীন গ্রন্থাবলী দ্রষ্টব্য।

† গৃহস্থ, বৈশাখ, ১৩২১, ময়নামতীর পুঁথি প্রবন্ধের পাদটীকা।

‡ ভাস্কর বর্ম্মার তাম্রশাসন সম্বন্ধে পদ্মনাথ দেবশর্ম্মা লিখিত প্রবন্ধে (সাহিত্য, পৌষ, ১৩২০)।

¶ বঙ্গভাষা ও সাহিত্য পৃ, ৫৯।

§ ৺সখারাম গণেশ দেউস্কর মহাশয়ের "প্রাচীন মহারাষ্ট্র" প্রবন্ধের পাদটীকায় এই নাম 'হিয়াং সিয়াং রূপ লিখিত হইয়াছে সাহিত্য ৪র্থ বর্ষ, ১৩০০। উহা হিন্দীশব্দসাগরে-উএনচাংগ।

যেরূপ ভিন্ন ভিন্ন উচ্চারণ য়ুরোপীয়ের শ্রবণেন্দ্রিয়ে ধৃত হইয়াছিল, উপরিউক্ত রোমান বানান সমূহ তাহারই শব্দানুযায়ী (phonetic) রূপ। বঙ্গের অর্দ্ধভাগ মুসলমান। মুসলমানদিগের নাম হিন্দু প্রতিবেশ-প্রভাবে অল্পসংখ্যক হিন্দুবৎ ও কতিপয় ফারসী হইলেও প্রায় সমস্তই আরবী। কিন্তু আরবীর চর্চ্চা সাধারণের মধ্যে তদ্রূপ না থাকায় মুসলমানদিগের মধ্যেই অনেকের সেই সকল নামের অর্থবোধ এবং বিশুদ্ধভাবে উচ্চারণও হয় না। যে সকল নাম বঙ্গের গৃহে গৃহে পরিচিত ও নিত্য-কথিত, যথা-সিরাজুদ্দৌলা, তাহারও বানান "সিরাজ উদ্দৌলা" "সেরাজদ্দৌলা" এমন কি শ্রাজের দৌলা"* রূপও প্রাপ্ত হইয়াছে। এরূপ অনেক শব্দের উল্লেখ করা যাইতে পারে। যে ভাষার যে শব্দ তাহা ঠিক সেই ভাষার বিশুদ্ধ উচ্চারণের নিকটতম করিয়া বৈজ্ঞানিক প্রথায় বঙ্গলিপিতে বর্ণান্তরিত করিতে পারিলে এই শ্রেণীর বানান সমস্যার মীমাংসা হইতে পারে। বৈদেশিক শব্দের বাঙ্গালা বানানের সহিত সুতরাং উচ্চারণের অচ্ছেদ্য সম্বন্ধ। শব্দের পর তজ্জন্য উচ্চারণ নির্দ্দেশ করা হইয়াছে।

উচ্চারণ উচ্চারণ-বিশুদ্ধি উন্নত ও মার্জ্জিত শিক্ষার একটি প্রধান অঙ্গ। ভিন্ন ভাষা-জ্ঞানের অভাবে এবং জাতীয় ভাষায় প্রাদেশিকতার প্রভাবে একই শব্দের বিভিন্ন উচ্চারণ দেশের সর্ব্বত্র ভদ্র সমাজেও প্রচলিত আছে, কিন্তু রাজধানী ও তাহার চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানের শিষ্টসমাজপ্রচলিত উচ্চারণই সকল দেশে আদর্শ বলিয়া মান্য হয়। আদর্শ স্বীকৃত হয় বলিয়াই যে তাহাকে বিশুদ্ধ বলিয়া মানিতে হইবে তাহা নহে। বিশুদ্ধ উচ্চারণের সাধারণ ও সর্ব্বপ্রধান লক্ষণ এই যে, কোন ভাষার শব্দ উচ্চারণ করিবামাত্র সেই ভাষা-ভাষীর কানে না বাজে এবং সে উহা শুনিবামাত্র স্বীয় মাতৃভাষার শব্দ বলিয়া চিনিতে ও বুঝিতে পারে। কথার স্বরে ও কথন ভঙ্গীতে একটা বিশেষ টান থাকিলে তাহা প্রাদেশিক উচ্চারণ বলিয়া গণ্য হয়। প্রাদেশিক শব্দবাহুল্য যত না হউক, পশ্চিমবঙ্গ ও পূর্ব্ববঙ্গের কথায় এই স্বরভঙ্গী, উভয়কে অধিক পৃথক করিয়া রাখিয়াছে। আয়ার্ল্যাণ্ড ও স্কট্‌ল্যাণ্ডের লোকের মুখে ইংরেজী উচ্চারণ তেমনি লণ্ডনের শিক্ষিত অশিক্ষিত উভয় শ্রেণীর লোকের কানে বাজে। উত্তর, মধ্য ও দক্ষিণ চীনের উচ্চারণে একই শব্দ পরস্পরের দুর্ব্বোধ করিয়া রাখিয়াছে। চীন দেশের এক কেন্দ্রের লোক অন্য কেন্দ্রের লোকের কথা সহজে বুঝিতে পারে না, কিন্তু তিন কেন্দ্রের লোকেই লেখা দেখিয়া তাহা বুঝিতে পারে, তাহাদের অর্থগ্রহে মতভেদ থাকে না। চট্টগ্রাম, ঢাকা, মৈমনসিংহাদির সহিত পশ্চিমবঙ্গের প্রাদেশিক শব্দ-বহুল কথ্য-ভাষা ব্যতীত লিখিত ভাষার আবৃত্তিতে যে গোল, লেখায় তাহা নাই। সুতরাং বাঙ্গালা ভাষার অভিধানে শব্দের পশ্চিমবঙ্গীয় উচ্চারণ প্রদর্শন করা সঙ্গত কিনা সে বিষয়ে অর্দ্ধবঙ্গ প্রশ্ন করিতে পারেন। ঢাকাও বঙ্গদেশের প্রাচীন রাজধানী ছিল, এবং এখনও পূর্ব্ববঙ্গের প্রধান ও বঙ্গের দ্বিতীয় রাজনগরী। অতএব ঢাকার উচ্চারণ আদর্শ কেন না হইতে পারিবে? আর কলিকাতা অঞ্চলের উচ্চারণ যে বিশুদ্ধ এবং আদর্শ তাহারই বা প্রমাণ কি? "করিয়া" এই শব্দ লিখিত হইলে পশ্চিমবঙ্গ পড়িবে "কোরিআ", পূর্ব্ববঙ্গ পড়িবে "কইর্‌য়া" (ক-ই-র্‌-য়া) কথ্য ভাষায় পূর্ব্ববঙ্গে ইহা বিকৃত হইবে না। কিন্তু পশ্চিম বঙ্গে ইহা বিকৃত হইয়া "কোরে" এইরূপ হইবে। পশ্চিমবঙ্গে বলিবে "কৃষ্ণকে", পূর্ব্ববঙ্গে বলিবে "কৃষ্ণেক"। উভয়বঙ্গে লেখে "করিতেছি", পূর্ব্ববঙ্গের কথায় বলে "কর্‌তেছি" (ছি=সি, উচ্চারণ চ ও স'র মাঝামাঝি), পশ্চিমবঙ্গে বলে "কোত্তেছি", সংক্ষেপে "কোর্‌চি", দ্রুত উচ্চারণে "কোচ্চি"। সুতরাং উচ্চারণে কেহই সর্ব্বতোভাবে বিশুদ্ধ নিয়মের অধীন নহে। কেবল যেরূপ শুনিতে যে অভ্যস্ত নহে, সেরূপ শুনিলে তাহার কানে বাজে। দুয়ের সামঞ্জস্য রাখিয়া পূর্ব্ববঙ্গকে পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গকে পূর্ব্ববঙ্গের উচ্চারণে বাধ্য করা যায় না। এক্ষেত্রে উচ্চারণ প্রকটিত না করিলে বরং লেখা দেখিয়া সকলেই আপনাপন সংস্কারমত শুদ্ধ উচ্চারণ করিতে সমর্থ হন। সুতরাং বর্ত্তমান অভিধানে শব্দের উচ্চারণ নির্দ্দেশ করার জন্য কৈফিয়ৎ আবশ্যক। প্রথমতঃ রাজধানী কলিকাতার উচ্চারণকে আদর্শ করিয়াছি, কারণ, দেখিতেছি কেবল পশ্চিমবঙ্গেই নহে, উত্তর বঙ্গ এমন কি পূর্ব্ববঙ্গের অধিবাসী কলিকাতা অঞ্চলে বাস করিয়া স্ব স্ব প্রাদেশিক উচ্চারণ ও স্বরভঙ্গী ত্যাগ করত রাজধানীর উচ্চারণই গ্রহণ করেন। বাঙ্গালা দেশের বাহিরে উত্তর বা দক্ষিণ ভারতে বঙ্গের নানা অঞ্চল হইতে সমাগত শিক্ষিত ব্যক্তিগণের মধ্যে কথাবর্ত্তার ধরণ-ধারণ স্বরভঙ্গী বা টান (twang) ঘুচিয়া গিয়া ধীরে ধীরে রাজধানীর অনুযায়ী হইয়া আসে। প্রাচীন রাজধানী নদীয়ার উচ্চারণই পূর্ব্বে পশ্চিমবঙ্গের আদর্শ ছিল। নদীয়া, হুগলী, ২৪ পরগণার উচ্চারণ প্রায় একই প্রকার। মহানগরী কলিকাতা রাজধানী এবং প্রধান কর্ম্মকেন্দ্র বলিয়া নানা স্থানের লোক এখানে সমবেত হন এবং সকলের প্রতিবেশ-প্রভাবে সকল প্রাদেশিকতা বর্জ্জিত একই উচ্চারণ-সঙ্গত-ভাষাভাষী হইয়া পড়েন। এই রাজধানীর উচ্চারণ গড়িয়া তুলিতে পূর্ব্ববঙ্গবাসীও সাহায্য করিয়াছেন। বঙ্গের অন্য অঞ্চলে এরূপ দেখা যায় না। বিরল ব্যতিক্রম অবশ্য গণনার মধ্যে আসে না। দ্বিতীয়তঃ, এতদ্বারা পশ্চিম বঙ্গের উচ্চারণ পূর্ব্ববঙ্গের এবং পূর্ব্ববঙ্গের উচ্চারণধারা

* বঙ্গসাহিত্য-পরিচয়, ২য় ভাগ ১৬৯৯, ১৭৩২ পৃষ্ঠা।

পশ্চিম বঙ্গের পরিচিত হওয়ায় অমঙ্গলের ত আশঙ্কাই নাই বরং কল্যাণের সম্ভাবনা অধিক। পূর্ব্বোক্ত প্রাদেশিক শব্দাভিধানে পূর্ব্ব ও উত্তর বঙ্গের উচ্চারণ প্রদর্শিত হইলে সে অভাব দূর হইতে পারে। তৃতীয়তঃ, কোন ভাষার অভিধান সেই ভাষাভাষীর মাত্র ব্যবহারের জন্য সঙ্কলিত হওয়া উচিত নহে। অভিধান যাহাতে অন্য ভাষাভাষীরও ব্যবহারে আসিতে এবং তাঁহাদের ভাষাশিক্ষার সহায়তা করিতে পারে, তৎপক্ষে দৃষ্টি রাখা কর্ত্তব্য। বাঙ্গালা যাঁহাদের ভাষা নহে তাঁহারা স্বভাবতঃ রাজধানীর উচ্চারণ এবং আদালতের ভাষাকেই কথ্যভাষার আদর্শরূপে গ্রহণ করিতে চাহিবেন। চীনদেশে বহু প্রাদেশিক উচ্চারণ প্রচলিত থাকা সত্ত্বেও আদালতের এবং রাজপুরুষদিগের কথা ও উচ্চারণ "কোআন হোআ"ই (Mandarin dialect) বৈদেশিকগণের আদর্শ। গ্রেট ব্রিটেনে নানা প্রাদেশিকতা (Provincialism) প্রচলিত আছে, কিন্তু রাজধানী লণ্ডনাঞ্চলের শিক্ষিত লোকের উচ্চারণই আদর্শ বলিয়া স্বীকৃত হয়। ফ্রান্সে তদ্রূপ প্যারিসের ভাষা সমাদৃত। জাপানে টোকিয়োর কথ্যভাষার উচ্চারণ তাঁহাদেরই মতে বিকৃত বলিয়া স্বীকৃত হইলেও রাজধানীর উচ্চারণ বলিয়া সর্ব্বজন-কর্তৃক গৃহীত হইতেছে। বৈদেশিকগণ রাজধানী কলিকাতার উচ্চারণকেই আদর্শ মনে করেন। পাঁচ বৎসর পূর্ব্বে বঙ্গের পল্লীবাসে এবং ১৫।১৬ বৎসর পূর্ব্বে সুদূর পশ্চিমাঞ্চল-প্রবাসে কয়েকটি সম্ভ্রান্তা য়ুরোপীয়া মহিলা (একজন ইংরেজ, একজন আমেরিকান, একজন জর্ম্মান এবং একজন ইঙ্গভারতীয়া) আমার নিকট বাঙ্গালা ভাষা ও সাহিত্য অধ্যয়নকালে প্রত্যেকেই রাজধানী কলিকাতার উচ্চারণ আয়ত্ত করিবার জন্য বিশেষ আগ্রহ প্রকাশ করিতেন। ইহার কয়েক বৎসর পূর্ব্বে ছাপ্‌রানিবাসী জনৈক বিহারী ব্যবহারাজীব বাঙ্গালা শিক্ষা করিবার কালে বলিয়াছিলেন "আপ রাজধানীর উচ্চারণ আমায় শিখাইয়া দিবেন"। ইংরেজমহিলা "স্বর্ণলতা" উপন্যাস পাঠ করিতেন। প্রথম দিনেই আমি অভ্যাস মত "শর্নোলতা" এইরূপ উচ্চারণ করিয়াছিলাম। আমার ছাত্রী "র্ন" কে "র্নো"-বৎ উচ্চারণ করিতে শুনিয়া বলিয়াছিলেন "শনোলোতা"। সংশোধন করিয়া দিলে বলিয়াছিলেন "আপনারা বাঙ্গালা অভিধানে উচ্চারণ দেন না কেন?" ইঁহাদের মুখে "বারাণসীর", "কমিশনর" "নরনারী", "করিব" "খাইব", "যাইব" প্রভৃতি শব্দকে "বরান্‌সীর", "কমিশ্‌নর", "নব্‌ নারী" ও "নোবোনারী" এবং আমার বিহারী বন্ধুর মুখে হিন্দী করব, খাব, জাব প্রভৃতির অনুকরণে "করিব্‌", "খাইব্‌", "যাইব্‌" এবং তাহা স্বয়ং সংশোধন করিয়া জাইব্‌ প্রভৃতি উচ্চারণ করিতে শুনিয়াছি। কলিকাতারই একজন শিক্ষিত বাঙ্গালীকে জনৈকা সম্ভ্রান্তা মুসলমানমহিলা-লিখিত বাঙ্গালা গ্রন্থে "খোয়াবগা" এই শব্দ পাইবামাত্র "খোআ-বগা" বলিতে শুনিয়াছি। শব্দটি ফারসী, উচ্চারণ "খোআব্‌গাহ্‌" বা "খ্বাব্‌গাহ্‌" অর্থ "স্বপ্নমন্দির" অর্থাৎ শয়নাগার। আমার স্মরণ হইতেছে, কবি রাম বসুর গানে "যেন মা হীনা কন্যে, তিন দিনের জন্যে এলো হে হিমালয়" এই অংশ "যেন মাহিনা কন্যে" এইরূপ পড়িতে শুনিয়াছি। মাহিনা আর মা-হীনা উচ্চারণে তৎটাই প্রভেদ ঘটায়, যতটা প্রভেদ বেতন ও মাতৃহীনা শব্দদ্বয়ের অর্থে বুঝা যায়। আমার বেশ স্মরণ হইতেছে, চারি বৎসর পূর্ব্বে একদিন বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-মন্দিরে যাই। তখন পরিষৎ গৃহে বসিয়া অক্লান্ত সাহিত্যসেবী শ্রদ্ধেয় শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় পুরাতন পুঁথির পাঠোদ্ধারে ব্যাপৃত ছিলেন। কথা-প্রসঙ্গে তিনি একখানি সুমুদ্রিত গ্রন্থের কবিতাংশ আমায় দেখান এবং বলেন তিনি তাহার প্রকৃত পাঠ ও অর্থনির্ণয়ে একপ্রকার হতাশ হইয়াছেন। গ্রন্থখানি অন্নদামঙ্গল; কোন্‌ সংস্করণ মনে নাই।* কবিতাংশটি—"উজ্জ্বল কজলবাসে ঘেরিয়াছে চারি পাশে রোহেলা জল্লাদ আদি যত।" তাতার জাতির শাখা-পরিচায়ক তুর্কী শব্দ "উজ্‌বক্‌", এবং "কজ্‌লবাশ্‌" মোগলবংশের বীরত্বপরিচায়ক পারিবারিক উপাধিবিশেষ। তখন বিদ্বদ্বল্লভ মহাশয়কে বলিয়াছিলাম উহা ছাপার ভুল, উহা উজ্‌বক্‌ কজ্‌লবাশ্‌ হইবে। পরে যখন বঙ্গবাসী প্রেস হইতে প্রকাশিত ও শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয়কৃত ভূমিকা এবং শ্রীযুক্ত দেবেন্দ্রবিজয় বসু মহাশয়-লিখিত সমালোচনা-সম্বলিত একখণ্ড পুরাতন সটীক সংস্করণ অন্নদামঙ্গল গ্রন্থে দেখিলাম "উজ্জ্বল কজলবাসে ঘেরিয়াছে চারি পাশে" ইত্যাদি তখন মনে হইল আরও গোড়ায় গলদ আছে। উহা স্বল্পশিক্ষিত নকলনবীশের কীর্ত্তি। নকল করিবার কালে আদর্শ পুস্তকে হাতের লেখা পড়িতে না পারিলে বা ভুল পড়িলে নকলবীশ অশুদ্ধ পাঠ লিখিয়া যাইতেন। এসম্বন্ধে তাঁহারা কবিগণ অপেক্ষাও নিরঙ্কুশ ছিলেন। উজ্‌বক শব্দ বিকারে উজ্‌বেগ্‌ হইয়াছে। আদর্শ গ্রন্থে যদি এই পাঠটিই লিখিত হইয়া থাকে, তাহা হইলে হাতের লেখা একারকে আর একটি "জ" এবং "গ"কে "ল" পড়িয়া ও "ব"কে পূর্ব্ববর্ণে ব-ফলা স্বরূপ যুক্ত করিয়া "উজ্জ্বল" লেখা অসম্ভব নহে। তাহাতে উজ্জ্বলের সহিত কজ্জল বা কজল বসিয়া দীর্ঘ ত্রিপদী ছন্দঃ ও অনুপ্রাস অলঙ্কার এই দুই বজায় থাকে। কজ্‌লবাশ্‌ শব্দ "কজলবাস" রূপে লিখিত হওয়ায় টীকায় ইহার অর্থ হইয়াছে "একপ্রকার পাহারাদার জাতি; অথবা পরদাওহয়।" উজ্জ্বলের টীকা নাই। পশ্চিমাঞ্চলে থাকিতে কজ্‌লবাশ্‌-উপাধিক জনৈক ভদ্রলোকের সহিত আমার বন্ধুত্ব হইয়াছিল। তিনি শিয়া-সম্প্রদায়ভুক্ত। তাঁহার নাম ঐ প্রদেশের সিভিল লিস্‌টতে (Civil List) পাওয়া যায়। তিনি আমায় উজ্‌বক্‌ ছিলেন

* লিখিবার পর বসন্তবাবুর নিকট শুনিয়াছি উহা বঙ্গবাসী প্রেসের সংস্করণ।—জ্ঞ।

না। যাহা হউক, আরবী ظ ض ز ذ র অনুরূপ উচ্চারণদ্যোতক বর্ণের ব্যবহার থাকিলে, বা "বাস" স্থলে মূল উচ্চারণজ্ঞাপক "বাশ বা "বাষ" লিখিত থাকিলে এরূপ অশুদ্ধ পাঠ এবং অনুমানের উপর নির্ভর করিয়া টীকা লিখিবার প্রয়োজন হইত না। পুরাতন বাঙ্গালায় এত অধিক অশুদ্ধ পাঠ প্রবেশ লাভ করিয়াছে যে, তাহা হইতে অভিধানের জন্য শব্দসঙ্কলন কোন মতেই, নিরাপদ নহে। কিন্তু সেই সকল পুঁথি এবং তাহাদের মুদ্রাকরপ্রমাদ-পূর্ণ আধুনিক সংস্করণগুলি ভিন্ন যখন গত্যন্তর নাই, তখন যে সকল শব্দের শুদ্ধি সম্বন্ধে সন্দেহের কারণ থাকিবে, সেগুলি আনুমানিক অর্থের উপর নির্ভর করিয়া অভিধানভুক্ত করা বিধেয় নহে। বর্ত্তমান অভিধানে এই নীতি যথাসাধ্য অনুসরণ করিবার চেষ্টা হইয়াছে। সকল ক্ষেত্রে সে চেষ্টা ফলবতী হয় নাই। প্রকৃত উচ্চারণ-প্রকাশের উপায় ও চেষ্টা না থাকায় এইরূপ দৃষ্টান্তের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। ইংরেজী উচ্চারণ জানিবার জন্য কোন ইংরেজের নিকট যাইবার প্রয়োজন হয় না। ইংরেজী অভিধানই এ সম্বন্ধে অভ্রান্ত পথপ্রদর্শক। কিন্তু আমাদের ভুল পদে পদে।

যাহা হউক এসকল অন্যের মুখে আমাদের ভাষা এবং আমাদের মুখে অন্যের ভাষার শব্দ উচ্চারণের কথা। আমাদেরই মুখে আমাদেরই মাতৃভাষার শব্দ উচ্চারণ-বিকারে দুর্ব্বোধ্য হইতে পারে। "অস্থির অঙ্গার"-পূর্ব্ববঙ্গের ধারায় পশ্চিমবঙ্গে যদি অকারাদির উচ্চারণ করা যায়, তাহা হইলে শ্রোতা "অস্থির" অর্থে "চঞ্চল" বুঝিতে পারেন। আবার পশ্চিমবঙ্গের ধারানুসারে "অ"কে "ও"র মত করিয়া যদি "ওস্থির্ ওঙ্গার্" বলা হয়, তাহা হইলে পূর্ব্ববঙ্গে "ওস্থির" ও পশ্চিম বঙ্গে "ওঙ্গার" শুনিয়া কেহ হাস্য সম্বরণ করিতে পারিবেন না। কলিকাতার বাঙ্গালী বলিবেন "ওস্থির্ অঙ্গার্" তবেই "হাড়ের কয়লা" বুঝিবেন। বাঙ্গালা এখন উত্তরোত্তর বঙ্গের বাহিরেও বিস্তার লাভ করিতেছে এবং ইহার প্রতি সমগ্র সভ্য-জগতের দৃষ্টি পড়িতেছে। এই সকল কারণে "বাঙ্গালা ভাষার অভিধানে" শব্দোচ্চারণের প্রয়োজনীয়তা * অনুভব করি এবং রাজধানী কলিকাতার উচ্চারণকেই আদর্শ মনে করি। শব্দের অব্যবহিত পরেই তজ্জন্য ( ) এইরূপ বন্ধনীর মধ্যে উচ্চারণ প্রদত্ত হইয়াছে। যেরূপ বর্ণযোজনা করিলে মূল উচ্চারণের নিকটতম অনুকরণ হইতে পারে, সেইভাবে বর্ণবিন্যাসের চেষ্টা করা হইয়াছে। † বর্ণে কোন স্বরচিহ্ন যুক্ত না থাকিলে তাহা অকারান্তবৎ উচ্চারিত হইবে। "অ"বর্ণের যে ৪ প্রকার ও "আ"বর্ণের ৩ প্রকার এবং অন্যান্য স্বরবর্ণের যে সকল উচ্চারণ বাঙ্গালায় প্রচলিত আছে, তাহা অভিধানের যথাস্থানে প্রদর্শিত হইয়াছে। ব্যঞ্জনবর্ণগুলির অকারান্ত উচ্চারণ বাঙ্গালার বিশেষত্ব। উহাদের দ্রুত বা লঘু আকারান্ত উচ্চারণ হিন্দীর বিশেষত্ব, এজন্য বঙ্গাক্ষরে লিখিত যাবতীয় হিন্দী মৈথিল শব্দের অ বা অকারান্ত ব্যঞ্জনবর্ণ স্বল্প স্পৃষ্ট বা লঘু আকারান্তবৎ উচ্চারিত হইবে।

উচ্চারণ-পরিভাষা

যুক্তাক্ষরের উচ্চারণ-নির্দ্দেশ কালে বর্ণদ্বয় পৃথক্ করিয়া এবং পর বর্ণ অকারান্ত রাখিয়া পূর্ব্ব বর্ণে হসন্ত চিহ্ন যুক্ত করা হইয়াছে। যথা-কন্ঠ (কণ্ঠ দ্রঃ)।

পদান্ত বা পদমধ্যস্থ অকারান্ত বর্ণে হসন্ত চিহ্ন থাকিলে অর্দ্ধ বা লঘু হসন্ত যুক্তবৎ উচ্চারিত হইবে, যথা-অশোক্। এই ক্=ক ও ক'র মাঝামাঝি। কিন্তু প্রকৃত স্বর-বর্জ্জিত ব্যঞ্জনের হসন্ত চিহ্ন পাইকা টাইপে মুদ্রিত মূল শব্দেই সংযুক্ত দেখা যাইবে, সুতরাং স্বতন্ত্রভাবে দেখাইবার প্রয়োজন নাই। যথা-দিক্, দিক্‌পাল ফট্ ইত্যাদি।

পদের আদি বর্ণে হসন্ত যুক্ত থাকিলে তাহা বল (accent) -ক্ষেপক চিহ্ন বুঝিতে হইবে। যথা-আ্তা। কিন্তু যুক্তবর্ণ-বিচ্ছেদ স্থলে পূর্ব্ব বর্ণের নিম্নে এই চিহ্ন accent নহে, তাহা হসন্ত চিহ্ন ; যথা-স্কুল=স্‌কুল্।

পদের আদি মধ্য বা অন্তে অকারযুক্ত ব্যঞ্জন বর্ণে "ে া" এই চিহ্নযুক্ত থাকিলে তাহা অকার এবং ওকারের মাঝামাঝি অর্থাৎ অল্প স্পৃষ্ট ওকারযুক্তবৎ উচ্চারিত হইবে। যথা,-মধু (মোধু), জয়দ্রথ (জয়দ্রোথো)। কিন্তু ে া এই চিহ্ন যুক্ত হইলে পূর্ণ ওকারের উচ্চারণ হইবে। মূল শব্দে যে বর্ণে "ে া" যুক্ত আছে তাহার উচ্চারণে "ে া" মাত্র যুক্ত থাকিলেও পূর্ণ ওকারের উচ্চারণ হইবে।

* প্রেম শব্দের ম্ (এস্থলে বর্ণের নিম্নে কষি চিহ্ন দিলেও চলে, যথা-প্রেম), মোণির ম্ বা ম মোতিম হারের মো ও ম্, রমজানের ম্, মশ্‌লার ম্ (accent বুঝাইতে বর্ণের মাথায় উল্টা রেফ চিহ্ন ব্যবহার করিলে চলে যথা-ম' শ্‌লা), মড়ার ম, মন্থরার ম (মো), উচ্চারণে এক নহে।

† "আমি আম খাব আতাও খাব। ময়দাতে যেমন হয়, আটায় তেমন আটা হয় না" উচ্চারণে-"আ্মি আম্ খাবো আ্তাও খাবো। ময়্‌দাতে জ্যামোন্ হয়্, আটায় ত্যামোন্ আ্টা হয়্ না।" লিখি-"ব্যথার ব্যথী", কলিকাতা অঞ্চলে বলি-"ব্যাথার বেথি"। লিখি-"ননী খুব ননী খেতে ভালবাসে", বলি-নোনি খুব্ নোনি খেতে ভালোবাসে।"

া চিহ্ন আকারের পূর্ণ বা দীর্ঘ উচ্চারণবোধক যথা,—অকালজ (অকালজ)।

উচ্চারণে ি এবং ী হ্রস্ব ও দীর্ঘ ঈকারের উচ্চারণ বুঝাইবে।

"্য" এই চিহ্ন যুক্ত থাকিলে পশ্চিমবঙ্গের এ (এক, এমন), পূর্ববঙ্গের ে (তেল, বেল) ও ইংরেজী a (an, at) সদৃশ উচ্চারণ করিতে হইবে। যথা—উদ্যান (উদ্দ্যান)। কিন্তু উচ্চারণে য বা য়="ইঅ" বৎ।

সংস্কৃতমূলক ভাষার বহির্ভূত বহু শব্দ বাঙ্গালা ভাষায় প্রবেশ লাভ করিয়াছে এবং নিত্যই বহু শব্দ সংবাদ ও সাময়িক পত্রাদির মধ্য দিয়া প্রবিষ্ট হইতেছে। আমাদের বর্ণমালায় সকল বৈদেশিক স্বরদ্যোতক বর্ণ না থাকায়, আমরা অধিকাংশ স্থলেই ভুল লিপি এবং ভুল উচ্চারণ করি। সেই সকল শব্দের শুদ্ধ উচ্চারণ প্রকটনের জন্য কয়েকটি অক্ষরে বিন্দুযোগ করিয়া অতিরিক্ত বর্ণের সৃষ্টি করা হইয়াছে।* যথা,—

বৈদেশিক শব্দের উচ্চারণজ্ঞাপক ও বর্ণমালার অতিরিক্ত বর্ণসমূহ

অ় আ় ই় ঈ় } =আরবী ع রোমান 'a, 'i, 'u ইলম্ ও উম্‌র্ শব্দ আরবী ع বর্ণে জের ও পেশ-যোগে নিষ্পন্ন হয় বলিয়া রোমানে 'ilm ও 'umr এইরূপ লিখিত হয়। বাঙ্গালায় ঐ দুই স্বর পরিভাষিত করিবার জন্য ই় এবং উ় এই দুই বিন্দুযুক্ত স্বর ব্যবহৃত হইয়াছে। যথা—ইলম্, উম্‌র্। আলজিব বা তালুর নিম্নদেশ অর্থাৎ অনেকটা কণ্ঠনালীর মুখ চাপিয়া উচ্চার্য্য। ইহা আরবীর একটী ব্যঞ্জন ধ্বনি।

ক়=আরবী ও ফারসী ق=রোমান qu বা qw (quorum)=k=q=সং-ক (ক্বাথ)।

খ়= " خ= " kh, kh ক্ষ ও হ যোগে মূর্দ্ধা ও তালুর মধ্যস্থল হইতে উচ্চার্য্য।

গ়= " غ= " gh. ঘ রূপও চলিতে পারে। কণ্ঠনালীর মুখ চাপিয়া তালু হইতে উচ্চার্য্য।

জ়= " ذ, ز, ض, ظ=রোমান z (zero)।

ঝ়=ফারসী (আরবী জা-ই-ফারসী কারণ আরবীতে এ বর্ণ নাই)=রোমান zh।

ত়=আরবী ط=রোমান=ṭ ফারসী ت (=t=ত) অপেক্ষা বেশী কড়া ও সবল উচ্চারণ।

থ়= " ث=th (think), ṣ বা s ফারসীতে এই বর্ণ ও উচ্চারণ নাই। ফারসীতে ইহা স বা s বৎ উচ্চারিত হয়। উপরের দন্ত-পঙ্‌ক্তির নিম্নে জিহ্বাগ্র ঈষৎ স্পর্শ করিয়া জিহ্বার দুই পার্শ্ব দিয়া মুখমারুত ত্যাগের সঙ্গে সঙ্গে থ ও স'র মাঝামাঝি উচ্চারণ করিতে হয়, ইহা অনেকটা পার্শী "স"র বঙ্গী উচ্চারণ মত।

দ়=আরবী ও ফারসী ض: ইহার ফারসী উচ্চারণ "জোয়াদ্" কিন্তু আরবী উচ্চারণ করিতে হইলে উপরের দন্ত-পঙ্‌ক্তির নিম্নে জিহ্বাগ্র ঈষৎ স্পর্শ করিয়া জিহ্বার দুই পার্শ্ব দিয়া মুখমারুত ত্যাগের সঙ্গে সঙ্গে "দোআদ্" ও "জোআদে"র মাঝামাঝি উচ্চারণ করিতে হয়।

ধ়=আরবী ذ=রোমান dh বা ẓ বা ẕ ফারসীতে ইহাকে জাল্ বলে। কিন্তু ইহার প্রকৃত উচ্চারণ ধাল ও জাল্ এই দুয়ের মাঝামাঝি।।

ফ়= " ف=রোমান f (father).

ব়= " و= " w (water, word), সংস্কৃত ও হিন্দী অন্তস্থ ব। বাঙ্গালায় ব় ও ব ব্যবহৃত হইতে দেখা যায়। ব় অধিক সরল ও অন্য বিন্দুযুক্তের সমশ্রেণীস্থ শেমিতিক ও রোমান প্রণালীর অনুযায়ী।

ভ়= " v (verb) আরবী মৌলবী (=maulwi) শব্দের বী=আ و=wi, কিন্তু বাঙ্গালা বর্ণমালায় و এর সমোচ্চার্য্য বর্ণ না থাকায় অধুনা মুসলমান লেখকগণ বাঙ্গালায় ঐ শব্দ "মৌলভী" এইরূপে লিখিতে আরম্ভ করিয়াছেন। তাঁহারা ভী'র স্থলে ব়ী বা ব়ী লিখিলেই ভাল হয়।

য়=সংস্কৃত ও হিন্দী য=রোমান ya।

---

* এ সম্বন্ধে সাহিত্য-গুরু ৺অক্ষয়কুমার দত্ত মহাশয় আমাদের পথ-প্রদর্শক।

† মূল অভিধানে ব্যবহৃত অতিরিক্ত বর্ণগুলি ঢালাই হইয়া যাইবার পর পরিশিষ্ট ভাগে বিদেশী শব্দের লিপ্যন্তর করিবার কালে ঝ়, ত়, থ়, দ়, ধ়, ভ়, স় এবং হ় বর্ণের প্রয়োজন লক্ষিত হয়। তখন সময় না থাকায় এগুলির সম্বন্ধে পূর্ব্ব প্রণালী অবলম্বন করা সম্ভব হয় নাই। এজন্য উক্ত বর্ণের এবং ব় ব্যতীত পাইকা ছাঁদের বর্ণের পার্শ্বে বিন্দুযুক্ত হইয়াছে। মূল অভিধানে যে "ভ়" বর্ণ ব্যবহৃত হইয়াছে তাহারও কারণ নিম্নে বিন্দুযুক্ত বর্ণগুলি ঢালাই হইয়া যাইবার পর তাহার প্রয়োজন হয়।—জ্ঞ।

শ } =আরবী ও ফারসী ش=রোমান sh (sheet) ; বাঙ্গালায় "শ" ও "স"র প্রকৃত উচ্চারণ না করিয়া দুইটিরই "ষ"র মত উচ্চারণ
ষ } করা হয়। মৈথিল ও হিন্দী ভাষাতে ষ "খ"র মতও উচ্চারিত হয়। বাঙ্গালা পদাবলী-সাহিত্যে ঐ দুই ভাষার বহু শব্দের
" যথাযথ উচ্চারণ প্রচলিত থাকায় অভিধানে ش ও sh এর উচ্চারণ "শ" দ্বারা পরিভাষিত হইয়াছে।

স= " س=রোমান s (see).

স = „ ص=রোমান্ s ফারসীতে ث, س ও ص এই তিন বর্ণেরই একরূপ উচ্চারণ বলিয়া মূল ভাষার বিশুদ্ধ বানান বুঝাইবার জন্য যথাক্রমে থ. স ও স্‌ এই বর্ণত্রয় ব্যবহৃত হইয়াছে।

হ.=ফারসী "বড়ী হে" ও আরবী "হা" ح=রোমান h ; ইহা মুখ দিয়া দীর্ঘশ্বাস নির্গমনকালীন "হ" বৎ।

উচ্চারণের পরই ব্যাকরণাংশ সন্নিবিষ্ট হইয়াছে। শব্দের ব্যুৎপত্তি, ইতিহাস, গঠন-বিশ্লেষণ প্রভৃতি [ ] এইরূপ বন্ধনীর মধ্যে আবদ্ধ করিয়া অবশিষ্টাংশ হইতে বিশেষিত করা হইয়াছে। শব্দের ব্যুৎপত্তি নির্ণয় (etymology), তাহার অঙ্গপ্রত্যঙ্গের বিশ্লেষণাদি ব্যাকরণের বিষয়ীভূত। ব্যাকরণ সেই জন্য অভিধানের মর্ম্মাংশ। অধুনা এদিকে সাহিত্যিকগণের দৃষ্টি বিশেষভাবেই পড়িয়াছে। ইংরেজী ভাষা এবং শুদ্ধ ইংরেজী কেন, য়ুরোপীয় প্রায় সকল ভাষায় শব্দব্যুৎপাদক অভিধান সন্তোষজনক। আমাদের এক সংস্কৃত অভিধানই এ বিষয়ে সর্ব্বাঙ্গসুন্দর। বাঙ্গালার অন্তর্গত সংস্কৃত, প্রাকৃত, আরবী, ফারসী প্রভৃতি এবং য়ুরোপীয় শব্দের ব্যুৎপত্তি নির্ণয়ে গোল নাই। কিন্তু যত গোল সেই সকল শব্দের ব্যুৎপত্তি লইয়া, যাহারা অপভ্রংশ ও গ্রাম্য পর্য্যায়ের অন্তর্ভুক্ত এবং যাহাদের সম্বন্ধে ইতিপূর্ব্বে কোন বৈয়াকরণ বা শাব্দিক, আলোচনা বা অকাট্য যুক্তিদ্বারা মূল নির্ণয় করিয়া যান নাই। এরূপ স্থলে শাব্দিকগণ স্ব স্ব বহুদর্শন ও বিবিধ ভাষাজ্ঞানানুসারে ব্যাকরণের সূত্রানুযায়ী বা স্বাভাবিক পরিবর্ত্তনের নিয়ম ধরিয়া অথবা ধ্বনি ও অর্থসাদৃশ্য অবলম্বন করিয়া একটা উৎপত্তি-মূল নির্ণয় করিয়া থাকেন। এতদ্দ্বারা সকল ক্ষেত্রে ভুল-ভ্রান্তির হস্ত হইতে নিষ্কৃতিলাভও ঘটে না। অধিকাংশ স্থলে দেখা যায়, আমাদের যে ভাষা বা ভাষাসমূহে দখল অধিক, আমরা সেই সকল ভাষার ধাতু ও শব্দ হইতে ব্যুৎপত্তি নির্ণয়ে অনুরাগ প্রদর্শন করিয়া থাকি। ইহা অনেকটা স্বাভাবিকও বটে, কিন্তু ইহা যে প্রধানতঃ আমাদের মধ্যে ভারতীয় আর্য্য ও অনার্য্য ভাষাসমূহে জ্ঞানের অভাবজনিত তাহাতে সন্দেহ নাই। প্রদেশভেদে বিভিন্ন প্রাকৃতের জ্ঞান, দ্রাবিড় ভাষায় বিস্তারিত জ্ঞান, অনার্য্য পার্ব্বত্য এবং আদিম জাতিসমূহের ভাষায় জ্ঞান না থাকিলে অজ্ঞাত-মূল শব্দ কোন্ ধাতু বা শব্দ হইতে উৎপন্ন অথবা কোন্ প্রাকৃতের মধ্য দিয়া রূপান্তরিত হইতে হইতে বর্ত্তমান অবস্থা প্রাপ্ত হইয়াছে তাহার সিদ্ধান্তে উপনীত হইতে আমাদিগকে চিরদিনই বেগ পাইতে হইবে। য়ুরোপের আদর্শে এখানে ভারতীয় সকল ভাষার ও উপভাষার বৈজ্ঞানিক প্রণালীসঙ্গত আলোচনা করিতে সমর্থ করিবার মত কলেজ বা পরিষৎ প্রতিষ্ঠার একান্ত প্রয়োজন হইয়াছে।

ব্যাকরণাংশ ও শব্দের ব্যুৎপত্তি বিশ্লেষণ ও ইতিহাস

বাঙ্গালা ভাষার অভিধানে সংস্কৃত শব্দের ব্যুৎপত্তি-নির্ণয়ে শব্দসার, শব্দকল্পদ্রুম, বাচস্পত্য, প্রকৃতিবাদ প্রভৃতি অভিধান-নির্দ্দিষ্ট পন্থা অনুসরণ করা হইয়াছে। কিন্তু তদ্ধিত ও কৃৎপ্রত্যয় অধিক সরল করিবার জন্য কোথাও মুগ্ধবোধ কোথাও বা কলাপ অনুসৃত হইয়াছে।

সকল সংস্কৃত ধাতু ও প্রত্যয়াদি-নিষ্পন্ন শব্দের ব্যুৎপত্তির সহিত অর্থের সামঞ্জস্য রক্ষা করা যায় না এরূপ শব্দসমূহের এবং যাহাদের ব্যুৎপত্তি কোন সঙ্গত অনুমানেরও অধীন করা যায় না সে সমুদয়ের কষ্টকল্পিত ব্যুৎপত্তি না দিয়া-শব্দটি সংস্কৃত হইলে "সং", পালি হইলে "পা॰", অন্য প্রাকৃত হইলে "প্রাকৃ", এইরূপ লিখিত হইয়াছে। অজ্ঞাত স্থলে কিছুই লেখা হয় নাই, সন্দেহ স্থলে প্রশ্নচিহ্ন ব্যবহৃত হইয়াছে এবং স্থলবিশেষে অমর, হেম, মেদিনী, অভিধানপ্রদীপিকা প্রভৃতি সংস্কৃত ও পালি কোষাদি হইতে মূলার্থব্যঞ্জক বচনমাত্র উদ্ধৃত হইয়াছে। অনুকারাত্মক (onomatopoetic) পদগুলি বিশেষ বিশেষ ধ্বনি হইতে উৎপন্ন। অভিধানের প্রথম কয়েক ফর্ম্মায় সেই সকল শব্দ ধ্বন্যাত্মক বলিয়া নির্দ্দেশ করা হইয়াছিল, কিন্তু অলঙ্কার-শাস্ত্রে ঐ শব্দের পারিভাষিক অর্থে প্রয়োগ আছে বলিয়া অধিক সহজবোধ্য "শব্দাত্মক" পদই সর্ব্বত্র ব্যবহৃত হইয়াছে, যথা,—"উলু" "কড়াৎ" ইত্যাদি।

বন্ধনীর বাহিরে প্রথমেই বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া, অব্যয়াদি পদপরিচায়ক "বি, বিণ, ক্রি, অ" প্রভৃতি সঙ্কেত সন্নিবিষ্ট হইয়াছে। সাধারণতঃ বিশেষ্য-পদবাচ্য এবং প্রয়োজনস্থলে বিশেষণবাচ্য সংস্কৃত শব্দের লিঙ্গ নির্দ্দেশ করা হইয়াছে। ত্রিলিঙ্গবাচক শব্দের ও সংস্কৃত

ব্যাকরণানুসারে যে সকল শব্দ স্ত্রীবলিঙ্গবাচক অথচ পুরুষকেই বুঝায় (যথা—"মহাপাত্র"), এবং যে সকল শব্দ অপভ্রষ্ট ও অসংস্কৃত-বাঙ্গালা

পদ ও লিঙ্গ নির্ণয়

অভিধানে তাহাদের লিঙ্গ নির্দেশ করার প্রয়োজন বোধ করি নাই। শেষোক্ত শ্রেণীর অধিকাংশ শব্দের অর্থ হইতে সহজেই লিঙ্গ নির্ণীত হইতে পারে। ইহাদের মধ্যে বিশেষ বিশেষ স্থলে পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গবোধক সাঙ্কেতিক চিহ্ন "পুং" বা "স্ত্রী স্ত্রীং" লিখিত হইয়াছে।

পূর্ব্ব পূর্ব্ব বৃহৎ বাঙ্গালা অভিধানে অমরাদি কোষধৃত শব্দের সংস্কৃত সাহিত্যে ব্যবহৃত যাবতীয় অর্থ সঙ্কলন করিবার আগ্রহ দৃষ্ট হয়। কিন্তু যে সকল অর্থ বাঙ্গালায় চলিত নাই বর্ত্তমান অভিধানে বিশেষ বিশেষ স্থলে সেই সমুদয় অর্থের পৃথক্ উল্লেখ করা হইয়াছে (ক্ষেপ ইত্যাদি দ্রষ্টব্য) এবং অবশিষ্ট বর্জ্জন করত বাঙ্গালায় প্রচলিতার্থে ব্যবহৃত বা অসংস্কৃত শব্দের স্থান করা হইয়াছে। প্রথমেই শব্দের ব্যুৎপত্তিগত মূলার্থ,

শব্দের অর্থ ও প্রয়োগ

পরে সম্ভবমত বিবিধ গৌণার্থ, বিশেষার্থ, পারিভাষিক অর্থ, প্রাদেশিকার্থ এবং অপ্রচলিতার্থ একাধিক সংখ্যাক্রমে নির্ণীত এবং আবশ্যক স্থলে প্রসিদ্ধ লেখকগণের গ্রন্থপত্রাদি হইতে স্থলবিশেষ উদ্ধার করত প্রয়োগ প্রদর্শিত হইয়াছে। বর্ত্তমান অভিধানে বহু সহস্র প্রয়োগ উদ্ধৃত হইয়াছে। আরও বহুশত উদ্ধার সংগৃহীত হইতে পারিত, কিন্তু সকল শব্দের ও নিত্য ব্যবহৃত শব্দসমূহের প্রয়োগ প্রদর্শনের প্রয়োজন কেহই স্বীকার করিবেন না এবং সর্ব্বদা ব্যবহার্য্য বৃহৎ অভিধানেরও আকার এবং কাগজ মুদ্রাঙ্কনাদি ব্যয়-বাহুল্য একটা সীমাবদ্ধ থাকা উচিত। প্রত্যেক উদ্ধারের শেষে লেখক বা তাঁহার গ্রন্থ পত্রাদির নাম উল্লিখিত হইয়াছে কিন্তু অল্প কয়েকটি স্থলে স্মারকলিপিতে টুকিয়া না রাখায় বা স্মরণ না থাকায় তাহা উল্লেখ করিতে পারা যায় নাই; সেই সকল স্থল উদ্ধারচিহ্নে বদ্ধ করা হইয়াছে মাত্র (উৎ শুক্ দ্রষ্টব্য)। ইহাতে সেই সকল গ্রন্থকার বা সম্পাদক মহাশয়দিগের নিকট আমি সমভাবেই ঋণী।

এমন অনেক শব্দ আছে, যাহার যথাযথ অর্থ বা ভাব ইংরেজী ভাষার সাহায্যে অধিক পরিস্ফুট হইতে পারে এবং সহজে বোধগম্য হয়; সেই সকল শব্দের ইংরেজী প্রতিশব্দ বা ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে, যথা—এডিটর ফাফটোন ইত্যাদি।

যথায় দেখা গিয়াছে যে, কোন শব্দের প্রয়োগগুলিই তাহার অর্থদ্যোতনায় অধিক পরিস্ফুটক, তথায় বিস্তৃত ব্যাখ্যা না দিয়া সেই স্থল ব্যাখ্যা স্বরূপ উদ্ধৃত হইয়াছে। ইতিপূর্ব্বে কোন বাঙ্গালা অভিধানে প্রদত্ত হয় নাই, এরূপ বহু সহস্র নূতন অর্থ ও প্রয়োগ ইহাতে প্রদত্ত হইয়াছে।

অতঃপর মূল শব্দ ব্যতীত সমস্তপদ (compound words), পদসমুচ্চয় (phrases), ব্যুৎপত্তিমূলক বা যৌগিক শব্দ (derivatives), স্বল্পার্থক বা ক্ষুদ্রতাবাচক শব্দ (diminutives) প্রবাদবাক্য (proverbs), বাগ্‌ধারা (idioms) ও সমনাম (synonyms) প্রভৃতি শব্দানুক্রমে যথাস্থানে সন্নিবিষ্ট হইয়াছে এবং সহজে পাঠকের দৃষ্টি আকর্ষণ করিবে বলিয়া পাইকা টাইপে মুদ্রিত হইয়াছে।*

শব্দব্যুৎপত্তি ও শব্দার্থনির্ণয়ই শাব্দিক অভিধানের প্রধান লক্ষ্য; কিন্তু ভাষাশিক্ষা ও সাহিত্যানুশীলনের অনুকূল অথচ অবান্তর বিষয় হইলেও তৎসমুদয় অন্ততঃ পরিশিষ্টাকারে অভিধানের অন্তর্ভুক্ত হওয়া আবশ্যক। এই হেতু এই শ্রেণীর সূচী-নির্দিষ্ট বিষয়গুলি পরিশিষ্টে সন্নিবিষ্ট হইয়াছে।

যে সকল শব্দ, ব্যুৎপত্তি, অর্থ ও প্রয়োগ মূল অভিধানে ছাড় পড়িয়াছিল, অথবা পরে সঙ্কলিত হইয়াছিল, তৎসমুদয় কোষ পরিশিষ্টে অকারাদিক্রমে প্রদত্ত হইল। এই কোষ-পরিশিষ্টে [ ] এইরূপ প্রথম বন্ধনীর পর যুক্ত "—" এই চিহ্নের পরবর্ত্তী অংশ অভিধানান্তর্গত তৎসংসৃষ্ট

পরিশিষ্ট

অংশের পর যুক্ত হইবে,—ইহাই বুঝাইবে। শব্দের পর [দ্রঃ] এই সঙ্কেত "অভিধানের যথাস্থানে এই শব্দ দ্রষ্টব্য" বুঝাইবে। ১৫৩—৬৪ পৃষ্ঠায় নাম-পরিশিষ্টে,—এই চিহ্নের পরবর্ত্তী নামাংশ পূর্ব্ববর্ত্তী মূল নামের সহিত যুক্ত করিয়া পড়িতে হইবে, যথা—গুরু,—দাস,—নাথ ইত্যাদি স্থলে গুরুদাস, গুরুনাথ অথবা অমীর-অদ্ দিন,—আলি,—খাঁ ইত্যাদি স্থলে অমীরুদ্দিন, অমিরআলি, অমীর খাঁ ইত্যাদি পড়িতে হইবে।

বাঙ্গালার কত শব্দ সংস্কৃত ধাতুমূলক তাহা অনুসন্ধিৎসুগণ এবং প্রধানতঃ শিক্ষার্থিগণ অনায়াসে নির্দ্ধারণ করিতে পারিবেন এবং কোন অজ্ঞাতমূলক শব্দ সংস্কৃত ধাতু হইতে ব্যুৎপন্ন কি না তদ্বিষয়ে সন্দেহ উপস্থিত হইলে তাহার মীমাংসা পক্ষে অনেকটা সাহায্য পাইতে

সংস্কৃত ধাতু

পারিবেন বলিয়া ২২৬৮টি সংস্কৃত ধাতুর অর্থ সহ তালিকা প্রদত্ত হইয়াছে।† যে ভাষার তিন ভাগের অধিক শব্দই সংস্কৃত বা সংস্কৃতমূলক সেই ভাষাভাষীর পক্ষে সংস্কৃত ধাতু ও তাহার অর্থ-জ্ঞান থাকা যে একান্ত আবশ্যক তাহা কেহ অস্বীকার করিবেন বলিয়া মনে করি না।

* দ্বিতীয় সংস্করণের ভূমিকা (১) আক্ষরিক বিন্যাস দ্রঃ।

† দ্বিতীয় সংস্করণের পরিশিষ্ট ভাগে পৃঃ ২১৯০, পরিশিঃ (ঘ) দ্রঃ।

অভিধানে পোড়া শব্দের ব্যুৎপত্তি নির্ণীত হয় নাই। উহা কোন সংস্কৃত প্রাকৃত অথবা অনার্য্য প্রাকৃত হইতে আগত কি না তাহা আর্য্যানার্য্য উভয় ভাষায় অধিকার না থাকিলে নিশ্চয় বাক্যে বলা নিরাপদ নহে। সমগ্র উত্তর ও দক্ষিণ ভারতে পোড়া অর্থে জ্বলা শব্দের ব্যবহার আছে। সমস্ত বঙ্গে এবং বঙ্গ-সংলগ্ন পূর্ব্ব ও দক্ষিণাঞ্চলে জ্বলা ও পুড়া বা পোড়া এই উভয় শব্দেরই প্রচলন আছে। অসমীয়া ভাষায় „পোর্" ধাতু হইতে পোরন অর্থে জ্বলন; এর "র" বাঙ্গালা "ড"র বিকারমাত্র, অথবা 'ড়'-ই 'র'র বিকার কিনা বলা কঠিন। আবার হিন্দীতে "বার্" ধাতুজ "বারণা" অর্থে জ্বালান। সংস্কৃতে বর্ণ্ ধাতুর অর্থ দীপন। ব্ স্থানে প এবং র স্থানে ড হইয়া যদি পড়না-পোড়না, শেষে পোড়ান হইয়া থাকে তাহা হইলে বলা যায় না। কিন্তু অনেকে পুট্ (দীপ্তি-অর্থক) ধাতু হইতে ইহার ব্যুৎপত্তি অনুমান করিয়াছেন। সংস্কৃতে পুট্, পুটি, পুণ্ট, পুণ্ড্, পর্ব্, প্লুষ্, প্লু ও পুডি (চূর্ণন-অর্থক) ধাতু বিদ্যমান থাকিতে পুড়া বা পোড়া শব্দের ব্যবহার একরূপ সীমাবদ্ধ হইতে দেখিয়া ইহা কোন অসংস্কৃত বা অনার্য্য ভাষা হইতে প্রাপ্ত কিনা তদ্বিষয়ে সন্দেহ হয়।

পরিশিষ্টভাগে ঐতিহাসিক জীবিত ব্যক্তিগণের জীবনচরিত এবং দ্রব্যগুণসম্বন্ধীয় স্বতন্ত্র পরিশিষ্ট সংযুক্ত করা হয় নাই। দ্রব্যগুণাভিধান ও বৈদ্যক গ্রন্থান্তর্গত শব্দসমূহ মূল অভিধানে স্থান পাইয়াছে। জীবনচরিত শাব্দিক অভিধানের বিষয়ীভূত নহে। সংক্ষিপ্তাকারে জীবনের প্রধান ঘটনাবলীর মাত্র উল্লেখ করিলেও অভিধানের অনেকটা স্থান অধিকার করে। তাহাতে জীবনীও অসম্পূর্ণ থাকে; অথচ নির্দ্দিষ্ট পরিসরের মধ্যে বহু সহস্র শব্দের স্থান সঙ্কুলান হয় না। এজন্য পৌরাণিক ব্যক্তিগণের নাম ও সংক্ষিপ্ত পরিচয়, উল্লেখ বা উপলক্ষ (allusion) নির্ণয়ার্থ মূল অভিধানের অঙ্গীভূত করা হইয়াছে।

আমরা অক্ষর-যোজনার দ্বারা যেমন মনোভাব লিখিয়া ব্যক্ত করিতে পারি মূক বধিরগণ তদ্রূপ অঙ্গুলি-বিন্যাসদ্বারা ইঙ্গিতে বা ঠারে-ঠোরে মনোভাব প্রকাশ করিতে এবং অন্যের ইঙ্গিত দেখিয়া বুঝিতে পারেন। সেই সকল সঙ্কেতের চিত্রই মূকবধিরদিগের লিখিত ভাষার বর্ণমালা। বাঙ্গালী মূকবধিরদিগের শিক্ষার জন্য কলিকাতা-মূকবধির বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত যামিনীনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় যে বর্ণমালা এবং বর্ণযোজনার দ্বারা লিখন প্রণালীর উদ্ভাবন করিয়াছেন তাহার প্রতিলিপি পরিশিষ্টে প্রদত্ত হইল। বাঙ্গালা ভাষার অভিধানে উহা ব্যবহার করিতে দেওয়ায় আমি তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ রহিলাম।

বঙ্গভাষা ও সাহিত্যের ক্রমোন্নতি ও বিস্তারের সঙ্গে সঙ্গে সংবাদ ও সাময়িক পত্র, ভাষাতাত্ত্বিক পণ্ডিতগণের রচনা এবং বৈদেশিক সুলেখকদিগের গ্রন্থাদির বঙ্গানুবাদের ভিতর দিয়া পৃথিবীর নানা দেশীয় প্রসিদ্ধ স্থান ও নরনারীর নামের সহিত আমাদের নিত্য পরিচয় হইতেছে।* এইরূপ পরিচয় শিক্ষিত সমাজে নূতন নহে। শিক্ষিত সমাজের চলিত ভাষাও একরূপ রাজভাষার শব্দবহুল হইয়া পড়িয়াছে যে, যাহার ইংরেজী জানা নাই এবং সহরাঞ্চলে বাসও নহে, তাঁহার পক্ষে বাঙ্গালা সংবাদপত্রস্থ সকল সংবাদের সম্যক্ মর্ম্মগ্রহণ করা একরূপ

. . . ামের
াঙ্গালা লিপ্যন্তর

* "মেসপটেমিয়া (হইতে?) সংবাদ আসিয়াছে। ইংরাজ সেনা বাগদাদ অধিকার করিয়া অগ্রসর হইতেছে।" "জর্ম্মাণ সেনারা পোল্টাভি অঞ্চলে * * বারানোভিচের পূর্ব্বদিকে সমবেত হইয়াছিল * * * খানিকিন অঞ্চলে রুষসেনারা কালাইচাহিন নামক একটি দুর্গ অধিকার করিয়াছে। * * ইপ্রুয়েডের * * পোল্টাভির * * আক্রমণ ব্যর্থ হইয়াছে। ক্রাভোর * * দিকে বুকুটি নামক স্থানে * * বোরোশানে অঞ্চলে ষ্টখড নদীর তীরে * * মবসেষ্টি নামক স্থানে * * বারানোভিচি নামক স্থানে * * ওডিনস্ক খালের নিকটে * * আশ্রয়খাত উদ্ধার করিয়াছে।"—হিতবাদী, ২৪শে চৈত্র, ১৩২৩। "কুট-এল-আমরা অধিকার করিয়া মেসোপোটেমিয়ায় বৃটিশ সৈন্যদল * * বোগদাদ অভিমুখে ছুটিয়াছে।" "ইয়ারোডেল" জাহাজের কতিপয় মার্কিণ প্রজাকে"—বঙ্গবাসী ২৬শে ফাল্গুন, ১৩২৩। "ইয়ারাউডেল" নামক জাহাজে * * গ্রেপ্তার করা হইয়াছে।"—নায়ক, ৬ই মাঘ, ১৩২৩। মেসোপোটেমীয়ায় * * অগ্রসর হইতেছে। তাহারা বাগদাদ সামার রেলপথে ইস্তাবুলাত নামক ষ্টেশনে * * পৌঁছিয়াছে।" "রীও-ডি জেনেরি ব্রেজিলের লোকদের * * আতঙ্ক হইয়াছে।"—বাঙ্গালী, ৬ই বৈশাখ, ১৩২৪। "রিমসের পূর্ব্বদিকে * * প্রণে এবং সেণ্ট হিলেরী সেণ্ট সাউপ্লেট রোডের মধ্যভাগে প্রথম লাইনটী সম্পূর্ণ দখল করে। নোরোণভিলার্স নামক স্থানের দক্ষিণে * * এগার কিলোমিটার বিস্তৃত ভূমি দখল করে।"—নায়ক, ৬ই বৈশাখ, ১৩২৪। 'রিমসের পূর্ব্বে আরও অগ্রসর হইয়া আমরা সেণ্ট হিলেবার * * প্রথম লাইনের প্রায় ১৫ কিলোমিটার স্থান দখল করিয়াছি। তারপর আমাদের সেনা মরণভিলিয়াস গ্রামের দক্ষিণে * * প্রায় ১১ কিলোমিটার স্থান দখল করে। * * সয়সন্স ও রীমসের মধ্যবর্ত্তী স্থানে ঘোরতর যুদ্ধ চলিতেছে।" "বজেট প্রসঙ্গে স্যর উইলিয়ম" মেয়র জানাইয়াছেন,"—বাঙ্গালী, ৬ই বৈশাখ, ১৩২৪। "ভার্দ্দুনেও আবার ভীষণ যুদ্ধের সূত্রপাত হইয়াছে" "রয়টার জানান * * * মিঃ উইলসনের নূতন বিল পাশ হইতে পারে।"—বঙ্গবাসী, ২৬শে ফাল্গুন, ১৩২৩। "বার্লিন হইতে জুরিচ সহরে ফিরিয়া"—বসুমতী, ১৭ই চৈত্র, ১৩২৩।

অসম্ভব ।* ধর্ম্মপ্রচার, শিক্ষা, বাণিজ্য, রাষ্ট্রবিপ্লব, সংগ্রাম প্রভৃতি কারণে, প্রাচ্য ও পাশ্চাত্য জাতির সংস্রব-হেতু, বিগত বুয়র যুদ্ধ রুষ জাপান যুদ্ধ এবং বর্ত্তমান জগদ্ব্যাপী মহাসমর-প্রসঙ্গে, বহু বৈদেশিক নাম বাঙ্গালায় লিপ্যন্তরিত হইয়াছে ও হইতেছে। কিন্তু বর্ণান্তরীকরণের ও তাহা যথাযথ উচ্চারণের নির্দ্দিষ্ট পদ্ধতি অনুসৃত না হওয়ায় একই নামের নানা প্রকার বানান এবং একই শব্দের বহু রূপ ও উচ্চারণ দাঁড়াইয়া যায়, বিদেশীয় নামকে আমাদের সংস্কার-সঙ্গত ও সুখোচ্চার্য্য করিয়া লিপ্যন্তরিত করিবার ঝোঁকে নামগুলি এতদূর বিভিন্ন হইয়া পড়ে যে অধিকাংশের মূল খুঁজিয়া লওয়া দুরূহ হয়। প্রাচীন ভারতের বহু গ্রীক, আরবী, তিব্বতী ও চীনা নাম এই কারণে আজিও ভৌগোলিক ও ঐতিহাসিকদিগের তর্কস্থল হইয়া আছে। অবশ্য কতকগুলি নাম অতিপরিচয়-হেতু বহু বিকৃতির মধ্য দিয়াও চিনিতে পারা যায়। বর্ণের সংখ্যাল্পতা ও সরলাকৃতি হেতু রোমান লিপিতে অক্ষরান্তরীকরণের প্রণালী সমগ্র য়ুরোপ ও আমেরিকায় আদৃত হইয়াছে। তজ্জন্য সভ্যজগতের প্রসিদ্ধ নামগুলি আমরা রোমান লিপিতেই প্রাপ্ত হই। কিন্তু উক্ত পদ্ধতি সাধারণে প্রচলিত না থাকায় আমরা বাঙ্গালায় বিদেশী নামের বানান ও উচ্চারণ বিভ্রাট ঘটাইয়া থাকি। রোমান লিপিতে লিখিত ফরাসী "Versailles" শব্দকে বঙ্গলিপিতে "ভার্সেইলস্", "ভার্সেল্", "ভার্সেলে" বলিতে শুনিয়াছি। ঐ শব্দ বঙ্কিম বাবুর গ্রন্থেই "বর্ষেল" আকার প্রাপ্ত হইয়াছে। ফরাসী ভাষায় ইহার প্রকৃত উচ্চারণের নিকটতম রূপ "ভ্যার্‌সায়্"; ফরাসী "les" শব্দ বাঙ্গালায় কেহ লেখেন ও বলেন লেস্, কেহ "লা", কেহ "লে"। ফরাসীরা বলেন "লে"; সুতরাং "লে" বলাই ভাল। এইরূপ বহু শব্দের উল্লেখ করা যাইতে পারে। এখন ঠিক স্মরণ নাই, কিন্তু কোন বাঙ্গালা কাগজে যুদ্ধ সংবাদস্তম্ভে দেখিয়াছি প্‌শেমিস্‌ল (Przemysl) স্থলে "জেমশীল", "প্রেজিমিসিল" এবং অন্য এক কাগজে "প্রেমশিলা" রূপ ধারণ করিয়াছে। শেষোক্ত রূপ নিশ্চয়ই রহস্যচ্ছলে প্রদত্ত কিন্তু উহা চলিয়া গেলে প্রকৃত নামটি আর খুঁজিয়া পাওয়া যাইবে না। এসম্বন্ধে যদি ভাষাতাত্ত্বিক ও শব্দবৈজ্ঞানিকগণের দৃষ্টি আকৃষ্ট হয়, এবং বঙ্গসাহিত্যসেবিগণ লিপ্যন্তর-পদ্ধতির একই ধারাক্রমে বিদেশী নাম বঙ্গলিপিতে রূপান্তরিত করেন, তাহা হইলে বানান ও উচ্চারণ-বিভ্রাটের সম্ভাবনা থাকে না। এ পক্ষে যাহাতে সামান্য সাহায্যও হইতে পারে তজ্জন্য বিদেশী ও ভারতের ভিন্ন প্রদেশীয় নামের লিপ্যন্তর ও তৎপ্রণালীর ইঙ্গিত মূলভাষার নিকটতম উচ্চারণ সহ পরিশিষ্টে প্রদত্ত হইল। ইহাতে অন্যূন ১২০০ নাম আছে। তন্মধ্যে মহারাষ্ট্র নামের বানান ও উচ্চারণ স্বনাম প্রসিদ্ধ সাহিত্যিক ৺সখারাম গণেশ দেউস্কর মহাশয়-কর্ত্তৃক প্রস্তুত তালিকা হইতে গৃহীত হইয়াছে। রোমান লিপির বর্ণবিন্যাস ও পাঠ সম্বন্ধীয় নির্দ্দেশ (directions) এবং বিদেশী নামের তালিকার জন্য আমি আমার সাহিত্যবন্ধু, কলিকাতা য়ুনিভার্সিটি কলেজের ইংরেজী ভাষা ও সাহিত্যের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায়, এম, এ, † মহাশয়ের নিকট সম্পূর্ণভাবে ঋণী। ভাষাতত্ত্ব ও লিপ্যন্তর পদ্ধতি তাঁহার বিশেষ অনুশীলন ও অনুরাগের বিষয়। সুতরাং তাঁহার ন্যায় বিশেষজ্ঞের হস্তে এই বিষয়ের, এমন কি, তাঁহার প্রুফ পর্য্যন্ত দেখিবার ভার অর্পণের অবকাশ দিয়া তিনি আমায় অশেষ কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। মূল অভিধানে শব্দোচ্চারণের যে ধারা আমি আদ্যোপান্ত অবলম্বন করিয়াছি তাহা সুনীতি বাবুর অবলম্বিত প্রণালীর বিরোধী হয় নাই, বরং তাঁহার উদ্ভাবিত পার্শ্ব-বিন্দুযুক্ত বর্ণ সমূহ (ঝ., থ., দ., ধ., ভ., স., হ.,) পূর্ব্বাবলম্বিত ধারার অনুকূল হওয়ায় অভিধানের পূর্ব্বাপর সামঞ্জস্য রক্ষায় বিঘ্ন ঘটে নাই। তিনি মধ্যে মধ্যে অনেক দুষ্প্রাপ্য গ্রন্থ ও শব্দ সংগ্রহ করিয়া দিয়া আমার বিশেষ সাহায্য করিয়াছেন। আমার সাহিত্যবন্ধু প্রবাসীর সহকারী সম্পাদক শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বি, এ, ‡ মহাশয় নানা কাব্যনাটকাদি হইতে বহু শব্দ ও উদ্ধার সংগ্রহ করিয়াছিলেন। তিনি যে সকল গ্রন্থ ব্যবহার করিয়াছিলেন তাহার মধ্যে অনেকগুলি গ্রন্থের সেই সেই সংস্করণ বা তাহাদের অন্য সংস্করণ হইতে শব্দ নির্ব্বাচন কালে যদিও অনেক শব্দ ও প্রয়োগ পুনঃ সঙ্কলিত এবং উদ্ধারের পাঠান্তর গৃহীত হইয়াছে, তথাপি, এই কারণে কয়েকখানি গ্রন্থ পুনরায় পাঠ করিবার প্রয়োজন হয় নাই এবং সেই সময় অন্যান্য গ্রন্থ পাঠে নিয়োগ করিবার অবসর পাইয়াছিলাম। তাঁহার ন্যায় সাহিত্যসেবীর পরিশ্রমের ফলভাগী হওয়ায় আমি তাঁহাকে গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি §। "এলাহাবাদ-কায়স্থ

* "তিনজন তালিক্লাকের কাজ করেন। তাঁহারা সেখানকার রেলওয়ে কোয়াটার্সে থাকেন। গতকল্য রাত্রি ৯টার পর তাঁহারা হোটেলে আহার করিয়া কোয়াটার্সে যান।"—বঙ্গবাসী, ২৬শে ফাল্গুন; ১৩২৩। "প্রতি পাউণ্ডে সাড়ে নয় পেনী করিয়া দাম দিয়া নিউজীল্যাণ্ডের পনীর সংগ্রহ করিতেছেন।"—বসুমতী, ১৭ই চৈত্র, ১৩২৩।

† পরে পি, আর, এস্, ; ডি, লিট্ (লণ্ডন) ; এফ, আর-এ-এস্ বি।

‡ পরে এম্-এ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক।

§ দ্বিতীয় সংস্করণের ভূমিকা ১২ পৃষ্ঠা দ্রঃ।

পাঠশালা" কলেজের অধ্যাপক আমার বিশিষ্ট বন্ধু শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দেব, এম, এ, মহাশয় স্বতঃপ্রবৃত্ত হইয়া প্রসিদ্ধ সাময়িকপত্র ও গ্রন্থাদি হইতে বহু শব্দ সংগ্রহ করিয়া পাঠাইয়াছিলেন এবং পাছে এই দীর্ঘকালব্যাপী বহু শ্রমসাধ্য কার্য্যে ধৈর্য্য হারাই এজন্য মধ্যে মধ্যে উৎসাহ দান করিয়া বহু মূল্যবান্ মন্তব্যসহ পত্র ব্যবহার করিয়াছিলেন। অভিধান সঙ্কলনের প্রথমাবস্থায় এইরূপ বন্ধুগণের নিকট হইতে প্রাপ্ত, আমার স্মারক পুস্তকাবলীতে পূর্ব্বসংগৃহীত এবং প্রাচীন ও আধুনিক মুদ্রিত গ্রন্থাবলীতে চিহ্নিত শব্দ, প্রয়োগাদি নকল করিয়া ও অকারাদিক্রমে সাজাইয়া দিয়া পণ্ডিত চণ্ডীচরণ কাব্যতীর্থ মহাশয় আমার আন্তরিক ধন্যবাদার্হ হইয়াছেন। বলা বাহুল্য উহা আমার স্বহস্তে করিতে হইলে বর্ত্তমান অভিধান সমাপ্ত হইতে অন্ততঃ আরও দুই বৎসর লাগিত। কিন্তু এই সময় আমি প্রাচীন ও সমসাময়িক সাহিত্য হইতে নূতন নূতন শব্দ সঙ্কলনের সুযোগ পাইয়াছিলাম। আমার অন্যতম শ্রদ্ধেয় বন্ধু এলাহাবাদ প্রবাসী পণ্ডিত নয়নচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় এবং প্রুফ রীডার প্রবীণ পণ্ডিত শ্রীযুক্ত পঞ্চানন শিরোরত্ন ভট্টাচার্য্য মহাশয় প্রুফ দেখিবার কালে মধ্যে মধ্যে পরিত্যক্ত শব্দাদি সংযোজনায় সাহায্য করিয়াছেন ইঁহাদের প্রত্যেকের নিকট আমার আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

মুদ্রাঙ্কন সম্বন্ধে যাঁহারা বিশেষজ্ঞ, তাঁহারা "বাঙ্গালা ভাষার অভিধানে" মূল ও পরিশিষ্ট ভাগের মুদ্রাঙ্কন কার্য্য দেখিলেই বুঝিতে পারিবেন প্রিণ্টার ও কম্পোজিটরদিগের উপর কিরূপ ধকল গিয়াছে। আমি প্রত্যেক ফর্ম্মার শেষ গ্যালি ও অর্ডার প্রুফ দেখিয়া দিয়াছি কিন্তু অভিধানের উত্তরার্দ্ধের অধিকাংশ ভাগের পাণ্ডুলিপি প্রস্তুতকরণ মুদ্রণ ও প্রুফ সংশোধন এই তিন কার্য্যই এক সঙ্গে চলিয়াছিল বলিয়া, পেজ্ প্রুফেও প্রায়ই পরিবর্ত্তন এবং শব্দাদি সংযোজন করিতে বাধ্য হইয়াছি। তথাপি ফোরম্যান্ বাবু নারায়ণচন্দ্র হাজারীর দক্ষতাগুণে তাহা সম্ভব হইয়াছে। প্রিণ্টার, কম্পোজিটার সকলেই আমার এই অত্যাচার অম্লান-বদনে সহ্য করিয়া অভিধানের সমাপ্তি-পক্ষে যত্নবান্ হওয়ায় আমি ইঁহাদের সকলের নিকটই কৃতজ্ঞ।

"বাঙ্গালা ভাষার অভিধান" বঙ্গভাষাভাষী ও বাঙ্গালা-শিক্ষার্থী বিদেশীয়দিগের ব্যবহারোপযোগী করিবার মত সঙ্কলনে চেষ্টা ও পরিশ্রমের ত্রুটি করি নাই। কিন্তু বৈদ্যুতিকশক্তি-চালিত যন্ত্রের সঙ্গে সঙ্গে পাণ্ডুলিপির যোগান দেওয়া যে একজনের পক্ষে কিরূপ গুরুতর পরিশ্রম-সাপেক্ষ তাহা এইরূপ কার্য্যে যাঁহারা হস্তক্ষেপ করিয়াছেন এবং এই কার্য্যে ব্রতী আছেন তাঁহারাই সম্যক্ উপলব্ধি করিতে সমর্থ হইবেন। বৎসরের পর বৎসর প্রত্যহ ১৪ হইতে ১৭ঘণ্টা পর্য্যন্ত একভাবে পরিশ্রম করিয়াও মধ্যে মধ্যে মুদ্রাঙ্কন-কার্য্য বন্ধ রাখিয়া পাণ্ডুলিপি প্রস্তুত করিবার সময় লইতে হইয়াছে। লঘু ব্যায়ামস্বরূপ প্রাতঃ সন্ধ্যায় ভ্রমণ করা ত দূরের কথা, মধ্যে মধ্যে এমনও হইয়াছে যে, উপর্য্যুপরি সাত আট দিন রাজপথের মুখ দেখি নাই। শারীরিক-ব্যায়ামহীন এইরূপ অতিরিক্ত পরিশ্রমজনিত স্বাস্থ্যভঙ্গের সম্ভাবনা-ভয়ে মধ্যে মধ্যে অল্পদিনের জন্য যুক্তপ্রদেশ, দার্জ্জিলিঙ্ এবং দক্ষিণ ভারতের সমুদ্রোপকূল ভ্রমণ করিয়া পুনরায় এই কার্য্যে ব্যাপৃত হইয়াছি। কিন্তু বিশেষ সাবধানতা অবলম্বন করিয়াও নানাস্থানে ভুল চুক থাকিয়া গিয়াছে। তথাপি, আমার ন্যায় স্বল্পশক্তি ব্যক্তির দ্বারা সঙ্কলন ও সম্পাদনের কাঠিন্য উপলব্ধি করিয়া সুধীবৃন্দ এবং বিশেষজ্ঞগণ অভিধানের এই অমার্জ্জনীয় ত্রুটিও মার্জ্জনা করিবেন বলিয়া আশা করি। ইতিপূর্ব্বে যে যে শ্রেণীর শব্দ বর্জ্জিত এবং অল্পসংখ্যায় গৃহীত হইয়াছে বলিয়া উক্ত হইল, তাহা ছাড়া ব্যাখ্যার অপেক্ষা রাখে না এরূপ সহজবোধ্য সমস্তপদাদি (self-explaining compound words) গ্রহণ করিয়া শব্দসংখ্যা অযথা বৃদ্ধি করা হয় নাই। কারণ, সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক শব্দ সঙ্কলন দ্বারা কলেবর স্ফীত করা বর্ত্তমান অভিধানের উদ্দেশ্যের বহির্ভূত। সুতরাং ঐ শ্রেণীর শব্দ এবং বিশুদ্ধতর পাঠের সময়াভাবে যে সকল শব্দ এই সংস্করণে বাদ পড়িয়া গেল, তদ্ব্যতীত কোন কোন লেখকের কপোল-কল্পিত বা খেয়াল-প্রসূত, যাহা সুধীসমাজে প্রচলিত হয় নাই, এরূপ বহু শব্দ ইচ্ছাপূর্ব্বক বর্জ্জন করা হইয়াছে। তথাপি ৬ শতাধিক সংস্কৃত, ফারসী ও আরবী নামের ব্যুৎপত্তি ও অর্থ, ৩ শতাধিক সংস্কৃত হিন্দী প্রবাদ ও বিদেশী বাক্যাংশের (phrases) অর্থ, প্রায় ৬ শত পৌরাণিক ও ঐতিহাসিক স্থানের ভৌগোলিক সংস্থান ও পরিচয়, জগতের প্রসিদ্ধ ব্যক্তি ও স্থানবাচক নামের বাঙ্গালা লিপ্যন্তর ও উচ্চারণসহ সংক্ষিপ্ততম পরিচয়, ফরাসী দশমিক প্রণালী এবং সাঙ্কেতিক চিহ্ন ও সংক্ষেপাদির ব্যাখ্যা ইত্যাদি পরিশিষ্টান্তর্গত বিষয় ব্যতীত উচ্চারণ ও বহু সহস্র প্রয়োগসহ ৭৫ হাজারের অধিক শব্দ, শব্দসমুচ্চয় ও সমস্তপদ ইহাতে স্থান পাইয়াছে।

"বাঙ্গালা ভাষার" অভিধানে দুইটি বিষয় বিশেষভাবে লক্ষিত হইবে। প্রথম ইহার আকার (size) * এবং টাইপ † হেতু পত্রাঙ্কের তুলনায় অনেক বেশী শব্দ ও বিষয়ের (matter) স্থান হইয়াছে এবং দ্বিতীয় বাঙ্গালায় অব্যবহৃত শব্দ যথাসম্ভব বর্জ্জন করায় সংস্কৃত অভিধানগ্রাহ্য শব্দের সংখ্যা কিছু কমিয়াছে কিন্তু বাঙ্গালা শব্দের সংখ্যা অনেক বাড়িয়াছে। অ-আদি শব্দপর্য্যায়ে খাঁটি বাঙ্গালা শব্দ খুব কম এবং সংস্কৃতের সংখ্যাই সর্ব্বাপেক্ষা অধিক। তাহাতে চার হাজার সাত শতাধিক শব্দ স্থান পাইয়াছে। কিন্তু চবর্গে সংস্কৃত শব্দ সংখ্যা অল্প, ক আদি বর্ণের তুলনায়। "বাঙ্গালা ভাষার অভিধানে" চ বর্ণ প্রায় ১৫০০ শব্দে সমাপ্ত হইয়াছে এবং ক আদি শব্দপর্য্যায়ে সাড়ে সাত শতের অধিক শব্দ স্থান পাইয়াছে। তথাপি, এবং আধুনিক বাঙ্গালা শব্দের প্রাচীন রূপকে স্বতন্ত্র শব্দ বলিয়া পরিগণিত না করিলেও, এখনও বহু শব্দ সঙ্কলিত হইতে বাকী আছে এবং থাকিবে। সকল সময়ই জীবিত ভাষার অভিধান সঙ্কলন ও সম্পাদনের উপযুক্ত, কিন্তু তাহা সম্পূর্ণ করিবার সময় কখনই আসে না। জীবিত ভাষার অভিধান কোন জীবিত জাতিই সম্পূর্ণ বা শেষ করিতে পারে না। সঙ্কলনকারগণের বাধ্য তাহাকে নিয়ত পুষ্ট করিতে থাকা। বিশেষজ্ঞগণ কর্ত্তৃক সঙ্ঘবদ্ধ হইয়া অভিধান সঙ্কলন ও সম্পাদনের যুগ এখনও বাঙ্গালায় আসে নাই। কিন্তু শিক্ষার স্রোত একরূপ প্রবল বেগে বহিয়াছে, দেশাত্মবোধ এমন ভাবে জাগিতেছে, উচ্চশিক্ষিত বিবিধ জ্ঞান-বিজ্ঞানে পারদর্শী ও বহুভাষাভিজ্ঞ ব্যক্তিগণ মাতৃভাষায় লেখনী সঞ্চালন করায় বিগত শতাব্দীর শেষভাগ হইতে বঙ্গভাষায় বুৎপত্তিলাভ দেশবাসীর যেরূপ বাসনার বস্তু এবং সাধনার ধনে পরিণত হইয়াছে—এমন কি, বাঙ্গালা ভাষা ও সাহিত্য একরূপ ব্যাপকভাবে সভ্যজগতের অনুশীলনীয় হওয়ার লক্ষণ দেখা যাইতেছে যে, আশা হয়, শীঘ্রই সেদিন আসিবে। সে দিন আসিবে, যে দিন মারে সাহেবের নূতন ইংরেজী শাব্দিক অভিধান (Murray's New English Dictionary) সঙ্কলনের ন্যায় একজন লোকের সম্পাদকতায় দুইশত সহকারী সম্পাদকের সহযোগিতায় এবং এক সহস্র পাঠক বা শব্দসঙ্কলনকারীর পরিশ্রমে বাঙ্গালা ভাষার সর্ব্বাঙ্গসুন্দর বৃহত্তম শাব্দিক অভিধান সম্পাদিত হইবে। কিন্তু বাঙ্গালায় সেদিন তখনই আসিবে, যখন জ্ঞানবৃদ্ধ দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের অন্তর্দৃষ্টি, বাচস্পতির কল্পশক্তি এবং হরিনাথদের বহুভাষাজ্ঞান বঙ্গভাষারূপ সাগরসঙ্গমে আসিয়া একত্র মিলিত হইবে।

মুদ্রাঙ্কনের পর যে সকল ভ্রমপ্রমাদ দৃষ্টিপথে পতিত হইয়াছে, তজ্জন্য একখানি "সংযোজন ও সংশোধন" পত্র পরিশিষ্টশেষে প্রদত্ত হইল। যে কয়েকস্থলে শব্দবিন্যাসের ক্রম ভঙ্গ হইয়াছে, পরবর্ত্তী সংস্করণে তৎসমুদয় এবং অন্যান্য ত্রুটি সংশোধিত হইবে।

পরিশেষে বক্তব্য এই যে, "বাঙ্গালা ভাষার অভিধান" বঙ্গভাষাভাষী ও বাঙ্গালাশিক্ষার্থী বৈদেশিকগণের ব্যবহারে এবং কথঞ্চিৎ উপকারে আসিলে আমার সকল শ্রম সার্থক বোধ করিব।

কলিকাতা
৩১শে চৈত্র, ১৩২৩ শ্রীজ্ঞানেন্দ্রমোহন দাস

---

* Super royal অপেক্ষা একটু লম্বা ও চওড়া।

† পাইকা বডিতে রিভিয়ার ফেসের বাঙ্গালা অক্ষর, বর্ণমালার অতিরিক্ত চিহ্নিত বর্ণ (accented letter)

‡ যে বাঙ্গালা এ পর্য্যন্ত প্রাচীন কবিদিগের ভাষা বলিয়া গ্রাহ্য ছিল, শাস্ত্রী মহাশয়ের আবিষ্কৃত "বৌদ্ধগান ও দোহা", অধ্যাপক বেণ্ডল কর্ত্তৃক সম্পাদিত "সুভাষিত সংগ্রহ" এবং শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয়ের আবিষ্কৃত চণ্ডীদাসের "শ্রীকৃষ্ণকীর্ত্তন" প্রকাশিত হওয়ার পর তাহা কবিদিগের ভাষা বলিয়া এখন আর গ্রহণ করা চলিবে না। প্রাচীন বাঙ্গালা পুথির পাঠোদ্ধারে লব্ধবিদ্য বসন্তবাবু অনেক পুথি ঘাঁটিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে আমরা কোন কবিরই প্রকৃত ভাষা পাই নাই। বানানে চন্দ্রবিন্দু যোগ, বিভক্তি অর্থে উ ই, এ, ও, ক, ত, র, ল, হো, হেঁ প্রভৃতি যোগ, আ স্থলে আ আঁ পা, ি স্থলে ী, ু স্থলে ূ, শ স্থলে ষ, চ স্থলে ছ, ট স্থলে ঠ, ড স্থলে ঢ, ন স্থলে ণ, য স্থলে খ, ঙ, এ; ঋফলা রেফ এবং যুক্ত বর্ণের মধ্যে একটির লোপ বা বিকার প্রভৃতি প্রাকৃত হইতে বাঙ্গালায় ক্রমপরিণতির প্রাচীনাবস্থার সাধারণ লক্ষণ। প্রাচীন পুথি আবিষ্কারের সঙ্গে সঙ্গে দেখা যাইতেছে অসংখ্য প্রাচীন শব্দ উক্ত লক্ষণাদি বর্জ্জিত হইয়া আধুনিক নামে পরিচিত হইয়াছে। নবাবিষ্কৃত শ্রীকৃষ্ণকীর্ত্তনের পাণ্ডুলিপি যে কবির সমসাময়িক তাহা বিশেষজ্ঞ শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় স্থির করিয়াছেন। ইহার ভাষা যে চণ্ডীদাসের প্রচলিত পদাবলী অপেক্ষা "প্রাচীন বৌদ্ধগান ও দোহার" ভাষার সহিত অধিক সাদৃশ্য রাখে তাহাও নিঃসঙ্কোচে বলা যাইতে পারে। বিদ্বদ্বল্লভ মহাশয় আমায় যে সকল নিদর্শন দেখাইয়াছেন তাহাতে শ্রীকৃষ্ণকীর্ত্তনের কবি চণ্ডীদাসের ভাষাই যে পরবর্ত্তীকালে প্রচলিত পদাবলীর ভাষায় পরিণত হইয়াছে তাহা বেশ বুঝা যায়। বাঙ্গালা শব্দের ধারাবাহিক ইতিহাস অভাবে এইরূপ একই শব্দের প্রাচীন পরবর্ত্তী ও আধুনিক রূপের বিভিন্ন শব্দ বলিয়া পরিগণিত হওয়া বিচিত্র নহে এবং অনেক ক্ষেত্রে তাহাই হইতেছে। তৎসমুদয় স্বতন্ত্র স্বতন্ত্র শব্দ পরিচয়ে অভিধানের শব্দসংখ্যাবৃদ্ধি করিবে, অথবা, কোন শব্দের একাধিক রূপ সেই শব্দের বুৎপত্তি নির্ণয়ক্রমে উল্লিখিত মাত্র হইবে, তাহা এক্ষণে আলোচনার বিষয়। অবশ্য প্রাচীন প্রাকৃত রূপ এ কালে পরিত্যক্ত হইয়া যে বহু শব্দ কেবল বিভক্তিবর্জ্জিত বা বিকৃত হইয়া সম্পূর্ণ সংস্কৃত রূপে আধুনিক সাহিত্যের অঙ্গপুষ্ট করিয়াছে তাহা বলাই বাহুল্য, যেমন "কোঅলী" (শ্রী. কী) শব্দ এখন চলে না, কিন্তু "কোমলাঙ্গী" প্রচলিত হইয়াছে। এক্ষেত্রে "কোঅলী" শব্দ বাঙ্গালা অভিধানের গ্রাহ্য।

-সূচী-

বিষয় | পৃষ্ঠা

বাঙ্গালা ভাষার অভিধান

অ

অ১-অকার ; বাং বর্ণমালার আদ্যবর্ণ : আলিকালির আদ্য অক্ষর ; আদ্য স্বর। ব্যঞ্জনবর্ণে যুক্ত হইলে অন্যান্য স্বর রূপান্তর প্রাপ্ত হয়, কিন্তু অকারের চিহ্ন থাকে না (ক্ +অ=ক)। উচ্চারণ স্থান কণ্ঠ, তাই কণ্ঠ্য-বর্ণ। বাং-র উচ্চারণ প্রধানতঃ ৪ প্রকার- (১) লঘু স্পৃষ্ট (অর্থ, অদ্বৈত ই॰র অ) ; (২) স্পষ্ট (অতল, অজ,অন্যায় ই॰র অ); (৩) লঘু বা অর্দ্ধব্যক্ত ওকারের মত (কলিকা, রজনী, ললিত ই॰র ক্, জ্, ল্ সংযুক্ত অ=অ͡, ক͡, জ͡, ল͡) ; (৪) পূর্ণব্যক্ত ওকারবৎ (অতিশয়, অনুরোধ ই॰র অ বা মন, যদু ই॰র ম্, য্ সংযুক্ত অ= 'ওতিশয়', 'ওনুরোধ', 'মোন' এবং 'যোদু')। ব্রজবুলি এবং হিন্দীতে ঈষৎ স্পৃষ্ট বা লঘু আকারের ন্যায় উচ্চারিত, তাই 'অতি' অনেকটা 'আতি'র মত। প্রা॰ বাং-'অতি' স্থলে 'আতি'র প্রয়োগও দৃষ্ট হয়। আধু॰ শুদ্ধ উচ্চারণ 'ওতি'। 'অজ'র 'অ' উচ্চারণ এবং ব্যঞ্জনবর্ণগুলির অকারান্ত উচ্চারণ বাঙ্গালা ভাষারই বিশেষত্ব। ভূমিকায় উচ্চারণ দ্রঃ। সাধাঃ অ পরে অকার বা আকারযুক্ত ব্যঞ্জন থাকিলে অকারের উচ্চারণ বজায় থাকে (অজ, অজা) ; ি, ী, ু, ূ যুক্ত ব্যঞ্জন থাকিলে ওকারবৎ (অতি, অতীত, অরুণ) এবং পরে ো থাকিলে অ (অতো, অহো)। 'অ'র হ্রস্ব, দীর্ঘ, প্লুত, অনুনাসিক, অননুনাসিক, উদাত্ত, অনুদাত্ত, স্বরিত ই॰ ১৮ প্রকার উচ্চারণ ও স্বরভেদ সং অভিধানে দ্রঃ। সাধারণতঃ নিষেধবাচক এই অর্থে অ অন্য শব্দের সংযোগ ব্যতীত প্রযুক্ত হয় না। ইহা নঞ্ এই অব্যয়ের রূপান্তর স্বরূপ। নঞ্ (ন্+অ+ঞ্) এর 'অ' মাত্র থাকিয়া অন্য শব্দের পূর্ব্ববর্ত্তী তৎপুরুষ সমাস-যুক্ত হইয়া অভাব, অল্পতা, অপ্রশস্ততা, অন্যত্ব, সাদৃশ্য ও বিরোধ এই ৬ প্রকার অর্থ জ্ঞাপন করে। অভাবার্থে-"অচক্ষু সর্ব্বত্র চান,"-অ॰ ম॰। "অগতির গতি"-হ্ম॰। অবস্তু (no-thing): অনঙ্গ [অ (অন্)+অঙ্গ (অ স্বরবর্ণের পূর্ব্বে থাকিলে 'অ' স্থানে 'অন্' হয়)] অল্পতা অর্থে-অবোধ (অল্পবুদ্ধি) ; অনায়াস (অল্প আয়াস) ; অনুদরী (অল্পোদরী, কৃশোদরী বা মন্দোদরী) কন্যা। অপ্রশস্ততা অর্থে-(অপ্রশস্ত, অবৈধ, অশুভ, অপরিণত, অযথা, অযোগ্য ই॰ বোধক) অকালবোধন ; অক্ষত্রিয় আচরণ : অলক্ষণ ; অসময় ই॰। অন্যত্ব অর্থে-অব্রাহ্মণ (ব্রাহ্মণ ভিন্ন অন্যজাতি)। "কহিলেন-অব্রাহ্মণ নহ তুমি, তাত! তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত!"-রবী॰। অঘট (ঘট ভিন্ন অন্য পদার্থ)। সাদৃশ্য অর্থে-অব্রাহ্মণ (ব্রাহ্মণ-সদৃশ : ক্ষত্রিয় বা বৈশ্য)। এই অর্থে বিরল। বিরোধ অর্থে-অসুর (সুরবিরোধী) ; অহিন্দু আচরণ (হিন্দু-বিরোধী আচরণ) ; অশাস্ত্রীয় (শাস্ত্র-বিরোধী ই॰)। [বাং-র এই নঞ্ অর্থক উপসর্গ=ইং নঞ্ অর্থক উপপদ (prefix) a, ib, im, in, no, non, ir, un ই॰র তুল্য। ইং un, on=আইস্- o (অ)=সুইড-o = ডেন-u. সং-মূলক ভারতীয়, সিংহলী, ব্রহ্ম ই॰ যাবতীয় ভাষার আদ্যক্ষরের উচ্চারণ বাং 'অ' এবং লঘু আকারযুক্ত হি॰ 'অ'র তুল্য। ফিনিক্, হিব্রু, তুর্কী, আরবী, ফার্সী ই॰ সেমেটিক ভাষাগুলির আদ্যক্ষরের উচ্চারণ 'আলিফ্' এবং য়ুরোপীয় বর্ণমালার প্রথম অক্ষর 'এ' : গ্রী॰- 'অ্যালফা'] সন্ধির নিয়মে একার বা ওকারান্ত পদের পরবর্ত্তী অ লুপ্ত হইলে মাত্রাহীন হকার 'ঽ' রূপ ধারণ করে। ইহাকে লুপ্ত অকার কহে। 'সোঽহম্' (সঃ=সো+অহম্ এর অ='ঽ')। প্রণব (ওঁ=অ+উ+ম) এর আদ্য অক্ষর। তন্ত্রে অকারের সৃষ্টি, অমৃত, ললাট, কণ্ঠ ই॰ ১৭ প্রকার অর্থ আছে, কিন্তু বাং-র সে সকল অর্থে প্রয়োগ নাই। অ প্রা॰ বাং-র এ, ও, য়, এবং হ স্থলে বসিত। এথন স্থলে 'অথন'- "অথনে দেখিয়া আইস পুরী আপনার"- মুকু-জগ-বিজয়। রাখিও স্থলে 'রাখিঅ'- "না কহিয় কার ঠাঁই রাখিঅ অন্তরে,"-চম্পক-কলিকা। নয়ন স্থলে 'নঅন', নায়ক স্থলে 'নাঅক' ই॰। প্রাকৃতে 'য়' স্থলে 'অ' ব্যাকরণ-সঙ্গত। প্রা॰ বাং-র কথায় মাত্রাস্বরূপ-কিঅ, কেঅ, তুঅ, লঅ ই॰ চণ্ডীদাসে দ্রঃ। বৌদ্ধ বা অতি প্রা॰ বাং-র গ স্থলে-'গঅণ' (গগণ)-চ॰

ব͡ল ̀ব͡ল̀ বলুন বৈলা ̀ব্যথা অ͡তি এ͡তি ̀যুদ্ধ ক্ষয়, ে=্য =্যা=এ͡ =a(I), ণ=ন য=জ স=শ=ষ সশ=S (স্থ স্ত স্ব স্ম স্র স্ল স্প...), অনাদ্য [illegible]] অব্যক্ত ্‌ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ=গ্য ঞ্চ=ন্চ ঞ্ছ=ন্ছ হ্ন=হ্‌ন হ্ন হ্ল হ্ব হ্ম=ন্হ হ্ম হ্ল ড় ঋা, জ় ফ় ব় ভ়=[illegible] ও চ্চা-ঙ্গঃ

পদ ৮।২।১৪।৩ ই০। চ স্থলে "অনিমিষ লোঅণ (লোচন)।"-দো০। জ স্থলে-'গঅবর' (গজবর), 'গঅন্দ, গএন্দ' (গজেন্দ্র)-চ০ পদ ৮।২। ১৪ ই০। 'তেঅ' (তেজ)-বৌ০ দো০। 'নিঅমন' (নিজমন)-চ০ পদ। ত, ত্ত স্থলে-'পণ্ডিঅ' (পণ্ডিত), 'অদভুঅ', 'অমিঅ', 'অমিআহ' (অদ্ভুত, অমৃত, অমিতাভ) : 'অনুত্তর,' 'বোহিচিঅ' (অনুত্তর, বোধিচিত্ত)-বৌ০ দো০। ব স্থলে-'কঠিন পুহবিঅ' (পৃথিবীর)-ঐ।

অ২-অব্যয় শব্দ. অনুকম্পা. সম্বোধন. খেদ ই০ অর্থে (প্রা০ বাং)। "অ প্রাণ ধারণ না জাএ সুন্দরি রাধে।"-শ্রী০ কী০। ২ বি. বিষ্ণু।-মে০। ৩ ব্রহ্ম। "অকার কেবল ব্রহ্ম একাক্ষর কোষে।"-অ০ ম০।

অ৩ [বিজ্ঞা০] অক্সিজন (অ২, অ২ ই০)।

অ৪ [প্রা০ বাং। অই ক্ষে০ ও প্রাদে০ উচ্চারণে। তুল-তে (তে কারণ); তুল-ই] স, অই, ঐ, এই, সেই। "সরিষার রূপ হয়্যা ডুবায় লুকাইল। অ কারণে খেতু কান্দিবার লাগিল।"-মাণিক০।

অ০-বি, অল্পজ্ঞানের সাঙ্কেতিক চিহ্ন।

অই [সং, অদস্ ১মা, বহু-ব০-অমী= প্রাকৃ০, অঈ : বৌ০ বাং-য় অই (চ০ ২৬।২)= আধু০ বাং অই (পদ্যে ও সঙ্গীতে)=ঐ (গদ্যে এবং ছন্দার্থে পদ্যে)] অ, পুরোভাগে ; ইন্দ্রিয় গোচরে ; সম্মুখে। "অই যে জগৎ জাগে, স্বদেশ অনুরাগে।"-বিশারদ। ২ ওখানে : যথায় বিরাজ করিতেছে ঠিক সেই স্থানে। "অই শশী অই থানে, এই স্থানে দুই জনে,"-হেম০। ৩ অদূরে। ৪ দূরে। ৫ অনন্য ; নির্দ্দিষ্ট। ৬ উক্ত ; উল্লিখিত। ৭ স্মরণ সূচক। ৮ দোষ বা ভয় প্রদর্শন সূচক। উচ্চারণ সাদৃশ্য হেতু 'অই' স্থলে পদ্যে 'ওই' ক্ষে০ 'ও' এবং 'ঐ' [ঐ, ও, ওই দ্রঃ] ব্রজ, প্রা০-বৈ০-সা০, 'অই' স্থলে 'ও' এবং 'উহ্'। "উহ রসময়ী ইহ রসিক-শিরোমণি,"-জ্ঞান০। "ও নব জলধর অঙ্গ। ইহ থির বিজুরী তরঙ্গ।"-গোবিন্দ০।

অইছে [স=ছ] ক্রি-বিণ, ঐরূপে।

অইন [প্রাদে০] বি, ছোট গাছ। ২ মদ্য ব্বিঃ [শব্দার্থপ্রকাশিকা]।

অইল১ [প্রাদে০] বি, অম্লকুচির গাছ : ইহার কষ লাগাইয়া চামড়া নরম, পরিষ্কার ও রং করা (Tan) হয়। **অইল২** [সং বলীক, "বলীকনীধ্রে পটল-প্রান্তে."-অমর০] বি, চালের ছাঁইচ। ~**তলা**-বি, ছাঁচ-তলা : ওল-তলা (দ্রঃ)। **অইলে৩** [অ=হ-প্রাদে০ শ্রীহট্ট, পূ০ বঙ্গ] ক্রি, হইল।

অঁই/সি. ~সন, ~সে, ~সেঁ, ~সো [সং ঈদৃশ > ; অতি প্রা০ বাং আইস, "আইস ভাবে ; আইস সংবোহেঁ কো পতিআই"-চ০ পদ ২৯।১) আইসো। ঐছন দ্রঃ] বিণ, ক্রি-বিণ, ঈদৃশ : এতাদৃশ। "অ০ সভাব" -চ০ পদ ৪১।৫ : দো০ ১০৭, ই০। ~সিসি [প্রা০ বাং। আসা দ্রঃ] ক্রি, আসিস-চ০ ১০।৪।

অঋণ-বি, ঋণাভাব। ২ বিণ, অঋণী।~**ণী** [মূ০-অঋণিন্। অ (না, নহে)+ঋণিন্ (ঋণগ্রস্ত)] বিণ, যে কারও কিছু ধার করে নাই, যার উপস্থিত ঋণ নাই ; ঋণমুক্ত : যে ঋণ পরিশোধ করিয়াছে। ২ দেবঋণ, ঋষিঋণ ও পিতৃঋণ নামক ঋণত্রয় হইতে যাগ, যজ্ঞ, দান ও সন্তানোৎপাদনদ্বারা মুক্ত।

অও [হি০ অউর, প্রা০ বাং-য়-অও] অ, এবং ; আর।

অওর্ষণ [প্রাদে০] বি, সঙ্গীতের স্বরের ঐক্য harmony.

অওরো-বি, অবতরণ : অষ্টমস্বর হইতে ক্রমশঃ নিম্ন নিম্ন স্বরে অবতরণ।

অংশ [অন্শ্ (ভাগকরা) + অ (ভা০)] বি, ভাগ part ; division. প্র-২ অংশ হাইড্রোজেন এবং ১ অংশ অক্সিজেন সংযুক্ত হইয়া জল হয়। ২ বিভাগ ; বণ্টন share. "যদি পিতা বিভাগ করিয়া দেন, তাহা হইলে পুত্রদিগকে (স্বোপার্জ্জিত ধন) ইচ্ছামত অ০ করিয়া দিতে পারিবেন।" * * * পিতার পরলোক-প্রাপ্তির পর বিভাগ করিলে, স্ত্রীধনরহিত মাতাও পুত্রদিগের সমান অ০ প্রাপ্ত হইবেন।"-যাজ্ঞবল্ক্য। ৩ একদেশ ; স্থান বিঃ ; নির্দ্দিষ্ট স্থল। প্র-আরব দেশের কোন কোন অ০ সর্ব্বদা উত্তপ্ত থাকে। ৪ টুকরা; খণ্ড part. "বিন্দুমাত্র ভেষজ-পদার্থ কোটী কোটী অংশে বিভক্ত হইয়াও তদ্বারা দুরারোগ্য ব্যাধি প্রশমিত হয়।"-ভৌতিকতত্ত্ব। ৫ ভগ্নাংশ fraction [সামান্য ভগ্নাংশ-Simple fraction. দশমিক ভগ্নাংশ-Decimal fraction] ৬ ভূপরিধির বা বৃত্তপরিধির ৩৬০ ভাগের এক ভাগ এক একটী অংশ degree. ৭ [জ্যোঃ] রাশিচক্রের ত্রিংশ ভাগের এক ভাগ। ৮ শরীর বা যন্ত্রাদির প্রত্যঙ্গ limbs. "একটি বিদ্যুৎ-পরিচালক দুই অংশে বিভক্ত। সূচ্যগ্রবিশিষ্ট প্রথমাংশ এক গাছি লৌহ শিক, * * দ্বিতীয়াংশ একটি লৌহ পাত."-ভৌতিকতত্ত্ব। প্র-সেলাযের কলের অ০ গুলি খুলিয়া পরিষ্কার কর। ৯ অঙ্গ : অবয়ব : মূর্ত্তি। "শ্রীরাম, ভরত আর শত্রুঘ্ন লক্ষ্মণ। এক অংশে চারি অ০ হৈলা নারায়ণ॥"-কৃত্তি০। "যিনি দেবতাগণের অভ্যর্থনানুসারে দশরথ-গৃহে অ০ চতুষ্টয়ে অবতীর্ণ হইযা দুর্বৃত্ত দশাননের বংশ ধ্বংস করিয়াছেন।"-বি সা (বেতাল প০)। ১০ অবতার : ভগবানের জীব-দেহে জন্মগ্রহণ incarnation. "সৃষ্ট্যাদিব নিমিত্ত যেই অংশের অবধান। সেই ত অংশের কহি অবতার নাম॥" -চৈ০ চ০। ১১ বীর্য্য : তেজঃ : প্রভাব। "বিষ্ণু অংশে জন্ম।" ১২ পক্ষ : বিষয় : সম্বন্ধ। "অপত্যসংস্কারবিধি যথাবিধি সমাহিত হইবেক, কোনও অংশে অঙ্গহীন হইবেক না।"-বি সা০ (সী০ ব)। "জাত্যংশে শ্রেষ্ঠ দেখিয়া নবাব কন্যাকে কালাপাহাড়ের হস্তে অর্পণ করিতে সম্মত হইয়াছিলেন।" ১৩ [অন্শ্+অ-র্তৃ] স্কন্ধ : বাঁধ। ~**ক** [অংশ+অক, র্তৃ] বি, জ্ঞাতি। ২ দিন। ৩ উত্তরীয় বস্ত্র: সূক্ষ্ম বস্ত্র। **অ০ করা**-ক্রি, খণ্ড বা ভাগ করা। ২ বণ্টন করা। ৩ নির্দ্দেশ করা। ~**কূট** [অংশ (স্কন্ধ)+কূট (শিখর)] বি, বৃষের স্কন্ধের উপরিস্থিত উন্নত মাংসপিণ্ড : ককুদ ; ষাঁড়ের ঝুঁটি। ~**গত** [অংশ+গত (প্রাপ্ত)] বিণ, দায়াধিকারভুক্ত; উত্তরাধিকারসূত্রে যার প্রাপ্য তার বিষয়ের অন্তর্গত। "তার পৈতৃক বিষয়ের কিছুই অংশগত হয় নাই।" ২ ভাগ সম্বন্ধীয় : বিভজনজাত। প্র-উইলপত্রে ঐ অংশগত ত্রুটির জন্যই ত তাদের বিষয় লইয়া এত মোকদ্দমা। ~**গ্রাহী**-বিণ, অংশ গ্রহণকারী ; সরিক। স্ত্রীং ~**গ্রাহিণী**। ~**তঃ** [তস্] ক্রি-বিণ, অংশ ক্রমে ; খণ্ডশঃ; কিয়দংশে। ~**ন** [অন্শ্ (ভাগ করা)+অন্ (ভা০)] বি, বিভাগ করণ ; বিভজন ; খণ্ড খণ্ড করণ। ২ অংশ ; ভাগ ; খণ্ড-সত্ত্ব।"তুমি নরাধিপ হও বিষ্ণু-অংশন।"-চৈ০ চ০। ~**নীয়**

[অন্‌শ্‌+অনীয়] বিণ, ভাগের উপযুক্ত ; যা ভাগ করা উচিত ; যা ভাগ করিবার জন্য আছে বা করিতে হইবে ; বিভাজ্য। স্ত্রীং ~নীয়া। ~প্রার্থী-বিণ, ভাগীদার। ~ভাক্ [মূং-অংশভাজ, অংশ+ভাজ্ (ভাগে)-যে ভাগ পায়] বিণ, অংশগ্রহণের যোগ্য। ২ বি, বিণ, অংশী : অংশীদার ; উত্তরাধিকারী। ~ভাগী-বিণ, অংশ ভাগকারী। স্ত্রীং ~ভাগিনী। ~ভার-বি, কাঁধের বোঝা। ২ [লক্ষং] ঘাড়ের বোঝা : দায় : দায়িত্ব responsibility. ~মান্-বিণ, যে ভাগ করিয়া লইতেছে। ~য়িতব্য-বিণ, বিভাজ্য। ~ল [অংশ (শক্তি)+ল (স্থ্য) যার শক্তি আছে] বিণ, বলবান : শক্তিশালী। ২ [অংশ (ভাগ)+লা (গ্রহণকরা)+অ] বিভাগগ্রাহী ; অংশগ্রাহক। ~হর [অংশ+হর (হৃ=হরণ করা)] বিণ, অংশাপহারী। ২ অংশলোপকারী। ৩ অংশগ্রহণকারী। স্ত্রীং ~হরা।

অংশানি [অংশ+আন (ক্রিয়ায়)। অংশাই, অংশাও, অংশায় (ক্ষেং অংশে) ; অংশাইতে (ক্ষে অংশাতে) ; অংশাইতেছে (ক্ষেং অংশাচ্ছে, অংশিছে) : অংশাইল (ক্ষেং অংশাল, অংশিল) ; অংশাইয়াছিল (ক্ষেং অংশেছিল) ; অংশাইতেছিল (ক্ষেং অংশাচ্ছিল) ; অংশাইবে (ক্ষে অংশাবে, অংশিবে) ইং] ক্রি, দায়ভাগ সূত্রে প্রাপ্য হওয়া ; উত্তরাধিকার সূত্রে পাত্রান্তরে প্রযুক্ত হওয়া বা খাটা ; স্বাধিকার স্থাপিত হওয়া : বর্ত্তান। বি, অংশানি।

অংশান্তর [অংশ+অন্তর] বি, অন্য অংশ ; পৃথক্ : ভাগ। ২ অংশ (degree) দ্বয়ের ব্যবধান।

অংশাং/শ [অংশ+অংশ (অংশের অংশ ৬ তৎ)] বি, বিভাগের ভাগ ; কলা। "অংশের অং সেই কলা তার নাম।"-চৈং চং। ৩ [অংশ ও অংশ-দ্বন্দ্বং] ভিন্ন ভিন্ন ভাগ। ~শি-বি, পরস্পর ভাগ। ২ যার যে ন্যায্য অংশ।

অংশি/ত [অংশ+ত(র্ম্ম)] বিণ, বিভাজিত : বিভক্ত। স্ত্রীং ~তা, ~ত্ব [অংশ+ইন্+ত্ব] বি, ভাগাধিকারিত্ব।

অংশী [মূং-অংশিন্। অন্‌শ্ (ভাগকরা)+ইন্] বিণ, ভাগী : যে অংশ করিয়া লয় ; যে ভাগ পাইতে পারে ; ভাগার্হ ; (কিছুতে) যার অংশ আছে। ২ [ইন্ (বির্থেং) অংশবিশিষ্ট] অংশধর : অংশের আধার। "কৃষ্ণ যদি অংশ হইত অংশী নারায়ণ।"-চৈং চং। স্ত্রীং অংশিনী-অংশবিশিষ্টা ; অংশধরা : যা হতে অংশ সমূহ প্রকাশ হয়। "অবতরি কৃষ্ণ যৈছে করেন অবতার। অংশিনী রাধার হৈতে তিন গণের বিস্তার।"-চৈং চং। ~দার-বি, ভাগীদার ; ব্যবসায় বা সম্পত্তির অংশভাক্ বা মালিক share holder ; partner. ~দারি-বি, অংশীদারের ভার, কার্য্য বা অবস্থা। ~দারী-বিণ, অংশীদার সম্বন্ধীয়।

অংশু [অশ্ (ব্যাপা)+উ (র্ত্তৃ) যে ব্যাপে, ছড়াইয়া পড়ে। বিজ্ঞানমতে সমস্ত পদার্থই একপ্রকার অতীব লঘু ও প্রবল স্থিতিস্থাপক বাষ্পীয় পদার্থদ্বারা পরিব্যাপ্ত থাকে, তার অণু সকল কম্পায়মান গতিদ্বারা অসীমবেগে চালিত হইয়া দীপ্তিরশ্মি উৎপন্ন করে। দীপ্তিরশ্মি আকাশ-পদার্থে (ether) নীত হইয়া তরঙ্গায়িত গতিদ্বারা চতুর্দ্দিকে ব্যাপ্ত হয় বা ছড়াইয়া পড়ে। ঐ রশ্মি দর্শনেন্দ্রিয়ে পতিত হইলে সমস্ত পদার্থ আমাদের দৃষ্টিগোচর হয়। সেই বিকীর্ণ রশ্মির এক একটি রশ্মি বা রেখাই অংশু luminous rays] বি, রশ্মি ; আলোক-রেখা : কিরণ। "কভু সাধ্বী ঋষিবংশ-বধূ সুহাসিনী, আসিতেন দাসীর কুটীরে, সুধাংশুর অং যেন অন্ধকার ধামে।"-মেঘং। ২ প্রভা : রুচি ; দীপ্তি। "তিনি কথা কহিবার সময়ে মুখপদ্মের নিকটবর্ত্তী ভ্রমরগণকে দশনাংশুদ্বারা শুক্লবর্ণ করিয়া কথা কহিয়াছিলেন।-কাদং।" ৩ সূত্রাদির সূক্ষ্মাংশ ; তন্তু ; আঁশ। ৪ বস্ত্র। ৫ [সহস্রাংশু স্থলে, অপ্রং] সূর্য্য। ~ক-বি, বস্ত্র। "চীনাংশুক।"-শকুন্তলা। ~কায় [অংশু (কিরণ)-কায় (দেহ) বহুং] বি, যে সকল জীবের দেহস্থ কর্ম্মেন্দ্রিয় সকল অংশুর মত দেখায়। প্রবালকীট, তারামৎস্য Star-fish ; Rayed animals. ~জাল-বি, কিরণ ; রশ্মী। ~ধর [অংশু (কিরণ)-ধর (যে ধরে) যিনি অংশু ধারণ করেন-উপং] বি, সূর্য্য। ২ সূর্য্যবংশীয় সগর রাজার পুত্র রাজা অসমঞ্জ। ৩ বিণ, অংশুধারণকারী। স্ত্রীং ~ধরা। ~পট্ট [অংশু (সূক্ষ্মসূত্রে নির্ম্মিত) পট্ট (রেশমী বস্ত্র)] বি, পট্ট বস্ত্র ; ক্ষৌমবাস ; গরদ, তসর, মটকা ইং রেশমী অর্থাৎ কৃমিকোষজাত সূক্ষ্ম সূত্রনির্ম্মিত বস্ত্র। "পীতবর্ণ অংশুপট্টে শোভে বনমালী।" ~পতি-বি, সূর্য্য। ~বাণ [অংশু (কিরণ)-বাণ (শর)। কিরণ যার বাণ সদৃশ-বহুং] বি, সূর্য্য। ২ বিণ, অংশুমান ; অংশুবিশিষ্ট। ~মৎ [অংশু (কিরণ)+মৎ (স্থ্য)] বিণ, প্রভান্বিত : কিরণযুক্ত ; আভাময়। ২ বি, সূর্য্য। ৩ সূর্য্যবংশীয় রাজা : সগর রাজার পৌত্র, যিনি সগরের মেধ্য অশ্বের রক্ষক নিযুক্ত হইয়াছিলেন। ~মৎফলা [অংশুমৎ (প্রভাযুক্ত)-ফল+আ। (বির্থেং) "অংশুমৎফলা" ওং] বি, কলাগাছ। ~মান্ [মূং-অংশুমৎ-যার অংশু আছে] বি, সূর্য্য। ২ সূর্য্যবংশীয় রাজা অসমঞ্জের পুত্র ও সগর রাজার পৌত্র। ৩ বিণ, কিরণবিশিষ্ট। স্ত্রীং ~মতী। ~মালা [অংশুর মালা (শ্রেণী)-৬ তৎ] বি, কিরণমালা : রশ্মিজাল। ~মালী [মূং-অংশুমালিন্। অংশুমালা (কিরণমালা)+ইন্-স্থ্য-যার অংশুমালা আছে] বি, সূর্য্য। ২ বিণ, কিরণমালাবিশিষ্ট। "দিনমণি যেন অংশুমালী।"-মেঘং। স্ত্রীং ~মালিনী। ~ল [অংশু (কিরণ)+ল-স্থ্য] বিণ, কিরণময় : জ্যোতির্ম্ময় ; উজ্জ্বল। স্ত্রীং ~লা। ২ [অংশু (প্রভা অর্থাৎ বুদ্ধি, প্রতিভা)+ল-স্থ্য] বি, তীক্ষ্ণবুদ্ধি চাণক্য মুনি। ~শিরা, ~শিরালদেহ [অংশু (বৎ) শিরা, শিরাল (শিরাযুক্ত)-দেহ যার-বহুং]। বি, যে সকল জীবের শরীরস্থ শিরাসমূহ একটী কেন্দ্র হইতে সূর্য্যের অংশুর ন্যায় দেহের সর্ব্বত্র ব্যাপ্ত হয় (পুরুভুজাদি) the radiata. ~হস্ত [অংশু (কিরণ) হস্তস্বরূপ যার-বহুং, জলাকর্ষণ ইং হস্তনিষ্পাদ্য ক্রিয়া অংশুদ্বারা সাধিত হয় বলিয়া] বি, সূর্য্য।

অংশ্যমান [অন্‌শ+শান্ (র্ম্ম)] বিণ, অংশ করা হইতেছে এমন। স্ত্রীং ~া।

অংস [অম্ (রুগ্ন হওয়া)+স-জ্ঞাং-যে ভারাদি দ্বারা রুগ্ন, পীড়িত হয়] বি, স্কন্ধ ; কাঁধ। "বন্দুক সদর্প ভরে, তুলি নিল অংসোপরে।"-পলাশি। ২ দুইটী স্কন্ধের অর্দ্ধাঙ্গুলিপরিমিত স্নায়ুবিশিষ্ট স্থান। ৩ [অংস্ (ভোগকরা)+অ (ভাং)] বিভাগ [অপ্রং] অংশ (দ্রঃ)। ~কূট [অংস (স্কন্ধ) কূট (শিখর) ৬ তৎ] বি, ষাঁড়ের ঝুঁটি ; ককুদ। ~ত্র [অং-ত্র(ত্রৈ-ত্রাণে)+অ (র্ত্তৃ)] বি, স্কন্ধরক্ষক কবচ ; স্কন্ধাবরক। ~ফলকাস্থি [অংস (স্কন্ধ) ফলক+অস্থি-৬ তৎ] বি, হস্তমূলচালনাকালে দৃষ্ট স্কন্ধের

পশ্চাৎভাগে চালিত ত্রিকোণাকার অস্থি খণ্ডদ্বয় scapula. ~ভার [অংস (স্কন্ধ)-ভার (যা বহন করা যায়) ৬ তৎ] বি, স্কন্ধের ভার, কাঁধের বোঝা। ~ল [অংস (স্কন্ধ) + ল-স্ত্য] বিণ, পুষ্টদেহ : মহাকায় : মহাবল। ২ উন্নত-স্কন্ধ। স্ত্রীং ~লা।

অংহ [অন্‌হ্ (গমন করা) + অ (দান)-জ্ঞা-যদ্দ্বারা অধোগমন ঘটে] বি, অঘ : পাপ : অধর্ম্ম : অধঃপতন। ~তি, ~তী-বি, ব্যাধি : ত্যাগ : দান [অপ্র০]।

অংহ্রি [অংহ দ্রঃ। অংহ + রি (ণে)-যদ্দ্বারা গমন করা যায়। অঙ্ঘ্রি দ্রঃ] বি, চরণ। "অংহ্রিযুগ"-ম০ মো০ ত০। ২ বৃক্ষমূল। ৩ (কবিতার) চতুর্থাংশ। ~প [অংহ্রি (পাদ) প (পা=পান করা) + অ (র্তৃ)-যে পাদ বা মূলদ্বারা পান (আকর্ষণ) করে-৩ তৎ] বি, বৃক্ষ [বাং বিরল] ~স্কন্ধ [অংহ্রি (চরণ)-স্কন্ধ(গুঁড়ি) ৬ তৎ] বি, গোড়ালি [বাং প্র০-অ০]।

আঁকোল [সং অঙ্কোল] বি, আঁকড়গাছ।

আঁটা [প্রাদে০। স্থানভেদে-মুলা, নড়া। ড=ট্, নড়া=নটা=অঁট্টা। তুল-হি০ অঁটী=মুষ্টি] বি, হস্ত : হাথ। "অঁ০ ধরি উঠালেক বাদিয়ার পোকে,"-শি০।

অক~১~ [প্রা০ বাং। তুল 'অকু'] বি, এই-স্থান। "অ০ ছাড়িয়া রাজা নিজায় গমন।" -মাণিক০। অক~২~ [সং-অগ, অঘ ache] বি, রোগ ; পাপ ; অশান্তি : ক্লেশ [বাং প্র০ অ০] ২ [অক্ বক্র গমনে] ক্রি, বক্রভাবে গতি করা বা বৃদ্ধি পাওয়া। আঁকাবাঁকা (দ্রঃ)। অক~৩~ [তুর্কী অক্-বাবা। "a fabulous bird of the vulture kind which lives 1000 years."—Herbelot quoted by Brewer] বি, ইস্‌লামীয় পুরাণ ও গল্পের মহাকায় পক্ষী বিঃ। তুল-বক পাখী (আলাদিনের গল্প)।

অকচ [ন=অ (নাই)-কচ(কেশ)যার-বহু০] বিণ, কেশরহিত : নেড়া ; টেকো। ২ [চুল নাই-মাথা নাই বলিয়া] কেতুগ্রহ। স্ত্রীং~া।

অকট, অক্কট [তুল-আকাট। বৌ০ বাং। "অকটেতি আশ্চর্য্যং।"-(চ০ পদ০ টীকা), "অক্কট ইত্যাশ্চর্য্যং" (অদ্বয় বজ্র কৃত টীকা)] বিণ, আশ্চর্য্য। "অ০ করুণা ডমরুলি বাজঅ," "অক্কট পণ্ডিঅ,"-বৌ০ গান ও দোহা (সহস্র বর্ষ পূর্ব্বের বাং), চ০ ৩১।২। ~বিকট [গ্রাং বাং] বি, ছট্‌ফট্। "অকটবিকট করে পড়িয়া তরাসে।"-কৃত্তি০।

অকটকিনা, ~কেনা [প্রাদে০। তুল-হি০ কট্‌কনা : ওড়ি-কটুকনা : হি০ কঠিনাঙ্গ অর্থে কাঠিন্য, কড়াকড়। কটকিনা দ্রঃ] বি, কঠোর বা কড়াকড়ি নিয়মের অভাব। বাঁধাবাঁধি নিয়ম বা ধরাকাট না থাকার ভাব : অকঠোরতা : অপ্রতিবন্ধ। ২ বিণ, অকঠোর ; অকঠিন ; অকর্কশ।

অকটু [ন=অ + কটু (নঞ্)] বিণ, কটুতা-রহিত ; অতিক্ত : স্বাদু : মধুর। বি, ~তা।

অকঠিন [ন=অ + কঠিন (নঞ্)] বিণ, কোমল ; সুকুমার ; মৃদু। বি, ~তা, ত্ব (-নঁ-)।

অকঠোর [ন=অ + কঠোর-নঞ্] বিণ, অকঠিন : যে বস্তু শক্ত নহে। ২ [বিষয়] দুরূহ নহে : সহজ : সরল ; সুপবোধ্য। ৩ [বাক্য ই০] উগ্র বা রুক্ষ নহে ; অকর্কশ। ৪ [হৃদয়, স্বভাব ই০] সদয় : কোমল। বি, ~তা, ~ত্ব।

অকড়িয়া [গ্রা০। ন=অ + কড়িয়া (কড়ি-যুক্ত)=ধনী] বিণ, যার কড়ি নাই : ধনহীন ; দরিদ্র। ২ কড়ি দিয়া ক্রীত নহে ; মূল্যহীন।

অকণ্টক [ন=অ-কণ্টক (কাঁটা) যাতে-বহু০] বিণ, কণ্টক-রহিত ; কাঁটাশূন্য। "পথ অ০ করা।" ২ [শত্রু কণ্টক স্বরূপ ক্লেশকর বলিয়া] শত্রু রহিত ; নিষ্কণ্টক ; নিরাপদ ; নিরুপদ্রব ; নির্ব্বিঘ্ন। প্র-রাজ্য অ০ করা। ক্রি-বিণ, অকণ্টকে-নির্ব্বিঘ্নে ; নিরাপদে ; অবাধে। "অকণ্টকে রাজ্য ভোগ।"-বি০ সা০।

অকণ্ঠস্থ [ন=অ-কণ্ঠ + স্থা + অ (র্তৃ)] বিণ, প্রকৃতপক্ষে যা কণ্ঠে ধারণ করা বা যা কণ্ঠাগত হয় নাই। ২ মুখস্থ করা নয় ; অনভ্যস্ত।

অকথ//ন [ন=অ (অনুচিত)-কথন (কথা)] বি, কুকথা ; অন্যায়োক্তি। বিণ, কথনের অযোগ্য ; অবক্তব্য। "অ০ বেয়াধি এ, কহা নাহি যায়।"-চণ্ডী০। ~নীয় [ন=অ-কথনীয় (বলিবার উপযুক্ত, বক্তব্য)। কথনীয় দ্রঃ] বিণ, বলিবার অনুপযুক্ত ; অনির্ব্বচনীয় ; যা কহা উচিত নহে ; যা কথা-দ্বারা প্রকাশ করা যায় না। স্ত্রীং ~নীয়া [ন=অ (কুৎসিত)-কথা] বি, কুকথা ; কুৎসিত কথা ; অশ্লীল কথা ; যে কথা মুখে আনা যায় না বা বলিতে লজ্জা হয় ; অশিষ্ট বাক্য : অনুচিত কথা। বিণ, অকথিত।

~্য [ন=অ-কথ্য] বিণ, অকথনীয় : কহিবার অযোগ্য : অবাচ্য : যা কহা উচিত নহে : অশ্লীল : অকথ্য ভাষা। ২ যা বলা যায় না : যা বাক্যে প্রকাশ করিতে পারা যায় না : যা বলা অসাধ্য। "শচী-দুঃখ অকথ্য কথন।" -চৈ০ ভা০। "অকথ্য বেদনা"-চণ্ডী০। "অকথ্য অদ্বৈত অনিত্য-রহিত অনন্তরূপধারিণী।"-বাং গান। ~্য০ কথন-যা বলিবার নহে এমন কথার ব্যবহার : অশ্লীল ভাষার প্রয়োগ : গালি।

অকনিষ্ঠ-বিণ, যার কনিষ্ঠ নাই। ২ [অক (পাপ-বেদনিন্দাজনিত অধর্ম্ম) নিষ্ঠ (রত)-আক্রোশোক্তি] বি, বুদ্ধদেব।

অকপট [ন=অ-কপট (ছল)] বিণ, কপটতাহীন ; ছলশূন্য : প্রবঞ্চনাহীন : সরল sincere. অ০ বন্ধু : অ০ হৃদয়। "অ০ সখা বলি কর অহঙ্কার।"-স্কন্দ০। বি, ~তা (-টঁ-)-সরলতা। ২ ঔদার্য্য। ~চিত্তে, ~ভাবে-ক্রি-বিণ, ছলনা না করিয়া : সরলভাবে : সরল অন্তরে ; স্পষ্ট কথায়। ৩ গোপন না করিয়া : খুলিয়া। ক্রি-বিণ, অকপটে।

অকব্জ [ন=অ + আ০ কব্‌জ্ (অধিকার)] বিণ, অনায়ত্ত ; অনধিকৃত।

অকবি [ন=অ-কবি] বিণ, কবিত্ব-বিহীন ; অপ্রসিদ্ধ : অকৃতী : কবিনামের অযোগ্য : রসজ্ঞান হীন। "আশে পাশে যোরে ঝি টা-নিতান্ত অ০!"-দ্বি০ রায়।

অকম্প [ন=অ-কম্প (স্পন্দন)] বিণ, কম্পনশূন্য ; স্থির ; অনড়। "অগ্নিময়তেজঃ বাজী ধাইল অম্বরে, অ০ চামর শিরে।"-মেঘ০।

অকম্প//ন [ন=অ-কম্প (কাঁপা) + অন্ (ভা০)] বি, কম্পনশূন্য : স্থির। ২ রাবণের একজন সেনাধ্যক্ষ। অ০ "রণে ধীর, যথা ভূধর, পড়েছে সহ অতিকায় রথী।"-মেঘ০। ~নীয়, অকম্প্য-বিণ, কম্পনের অযোগ্য। ২ কম্পন- অসাধ্য।

অকম্পিত [ন=অ-কম্পিত] বিণ, কম্পন-রহিত ; অচঞ্চল ; স্থির ; ধীর। প্র-অ০ কলেবর, অ০ কণ্ঠ, অ০ চরণ। ২ [যাঁদের বুদ্ধি চাঞ্চল্য নাই] বি, বৌদ্ধসম্প্রদায়ের গণাধি-পতি বিঃ। ৩ [নাট্য শা০, অঙ্গাভিনয়ে]

বি, উপদেশ, অনুসন্ধান ইং স্থলে কম্পিত মস্তকের ধীর গতি। স্ত্রীং ~া।

অকম্প্র [ন=অ-কম্প্র। কম্প+র] বিণ, অকম্পিত : স্থির। "অকম্প্র নেত্র", "সমরে অকম্প্র" (কম্প্র দ্রঃ)।

অকম্ম,-ম্মো-অকর্ম্ম দ্রঃ। **অকম্মা**-অকর্ম্মা দ্রঃ। **অকম্মিষ্টি**-অকর্ম্মিষ্ঠ দ্রঃ।

অকর১ [ন=অ-কর (হস্ত)-বহুং] বিণ, যার কর নাই : হস্তশূন্য। ২ ক্রি-বিণ, কর-হীন হইয়া : কর ব্যতিরেকে।

অকর২-বিণ, শুল্কের অযোগ্য : রাজভাগ-রহিত : নিষ্কর tax or rent-free.

অকর//ণ [ন=অ-করণ] বি, না করা : অননুষ্ঠান ; অক্রিয়া : নিবৃত্তি। ২ অনুচিত কর্ম্ম। ৩ বি, নির্গুণ ব্রহ্ম ; সর্ব্বকর্ম্ম রহিত পরমাত্মা। ৪ [করণ=ইন্দ্রিয়] বিণ, ইন্দ্রিয়াদি হীন ; অবয়ব হীন ; নিরাকার। **~ণীয়**-বিণ, অকর্ত্তব্য : অনুষ্ঠানের অযোগ্য।

অকরণি [বাং অনুবাদ গ্রন্থে, অন্যত্র বিরল। "শাপে আক্রোশে অকরণিরিত্যাদয়ঃ"-অমর টীকা] বি, ক্রোধে অধীর হইয়া কারও প্রতি অনিষ্ট-সূচক বাক্যপ্রয়োগ ; অভিশাপ : আক্রোশ।

অকরণী (-র্-) [গং পারিং। ন=অ-করণী (যে রাশির মূল সূক্ষ্মরূপে বাহির করা যায় না)]। বি, যে রাশির মূল আকর্ষণ অর্থাৎ বাহির করিলে বা ভাগ করিলে ভাগশেষ থাকে না। সাঙ্কেতিক চিহ্ন √ যথা-√৪=২; √৯=৩ rational quantity.

অকরুণ [ন=অ-(নাই) করুণা (দয়া) যার-বহুং] করুণা-রহিত ; নিষ্ঠুর ; নির্দ্দয় ; নির্ম্মম। "কিবা তুমি কর ভয় বন্ধু তোর নহে অং।"-চণ্ডীং। বি, স্ত্রীং ~া।

অকরোটী [ন=অ (অভাব বা অল্পতা)-করোটী (মাথার খুলি)] বি, যে সকল জন্তুর মাথার খুলির সম্পূর্ণ বা আংশিক অভাব আছে (এই সকল জন্তু পঞ্জরী প্রাণীর নিম্নস্তরে অবস্থিত) Acrania.

অকর্কশ [ন=অ-কর্কশ] বিণ, কার্কশ্য-রহিত। কোমল ; নরম। ২ মসৃণ। স্ত্রীং~া।

অকর্ণ [ন=অ-নাই) কর্ণ যার-বহুং] বিণ, শ্রবণেন্দ্রিয়হীন। "অচক্ষু সর্ব্বত্র চান, অং শুনিতে পান, অপদ সর্ব্বত্র গতাগতি।"-ভারতং। ২ বধির; বন্ধকালা। ৩ [অ (অভাবার্থে)-কর্ণ (সূতপুত্র রাধেয়)=অঙ্গরাজ মহাবীর কর্ণ] কর্ণশূন্য (তুল-"অরাম বা অরাবণ।" -মেঘং)। ৪ [ন=অ (নাই) কর্ণ (হাল) যার -বহুং] হালশূন্য (নৌকা) [প্রং অং] ৫ [সর্পের কর্ণ নাই, চক্ষুই তার কর্ণের কার্য্য করে বলিয়া] সর্প [অপ্রং] **~ধার** [ন-কর্ণধার] বিণ, নাবিকহীন : চালকহীন।

অকর্ত্তন-বি, অচ্ছেদন। বিণ, ঈষৎ খর্ব্ব।

অকর্ত্তব্য [ন=অ-কর্ত্তব্য। কৃ-করা +তব্য (ভাং)-করণ-যোগ্য] বিণ, করিবার অনুপযুক্ত : অকরণীয় : অননুষ্ঠেয়। ২ অনুচিত। বি, ~তা।

অকর্ত্তা [ন=অ-কর্ত্তা] বি, যে কর্ত্তা নহে : অপ্রভু। "সকলেই যখন কর্ত্তৃত্ব দেখাইতেছে তখন কে কর্ত্তা আর কে অং কি বলিব ?" ২ অনির্ম্মাতা। ৩ অপ্রধান।

অকর্ত্তৃত্ব [ন=অ-কর্ত্তৃত্ব] বি, কর্ত্তৃত্বের অভাব : অপ্রভুত্ব। ২ কর্ত্তৃত্বাভিমানরাহিত্য।

অকর্ম্ম [ন=অ-কর্ম্মন্ (কার্য্য)। গ্রাং অকম্মো] বি, অপকর্ম্ম ; অকার্য্য : গর্হিত কাজ ; কুকার্য্য। "সম ধর্ম্মাধর্ম্ম, সম কর্ম্মাকর্ম্ম, শত্রুমিত্র সমতুল।"-ভারতং। ২ [গীতা] কর্ম্মের অকরণ ; কর্ম্মরাহিত্য ; কর্ম্ম সন্ন্যাস : কর্ম্মত্যাগ বা বিসর্জ্জন। "জীবন্মুক্ত সন্ন্যাসীর কর্ম্মও নাই অংও নাই।" **~ক** [ন=অ (নাই) কর্ম্মন্ (কর্ম্ম) যার+ক (বহুং সমাসে ক যোগ)], বিণ, যার কর্ম্ম নাই : যে কর্ম্ম করিতেছে না ; কর্ম্মরহিত। ২ কর্ম্মে অনুপযুক্ত। ৩ [ব্যাং] যার কর্ম্ম থাকে না এমন ক্রিয়াপদ (যাওয়া, মরা ইং) Intransitive. **~ঠ** [কর্ম্ম+ঠ (স্থ) ক্ষমতার্থে-উভয় দৈহিক এবং কৌশলজ্ঞান সম্বন্ধে। 'থ'র কঠোর ও দৃঢ়তর রূপ 'ঠ'। সং স্থা > ; স্থান ও থাকা বোধক, সুতরাং কর্ম্মে স্থিতি জ্ঞাপক। কিন্তু শক্তি ও কৌশল জ্ঞান না থাকিলে স্থান অধিকার করা যায় না তাই কর্ম্মঠ অর্থে কর্ম্মক্ষম। অ+কর্ম্ম+ঠ (স্থ – শক্ত, কুশল)] বিণ, অকর্ম্ম-ক্ষম ; অকর্ম্মণ্য। ২ [গ্রাং কথ্যং] অলস; কুঁড়ে। **~ণ্য** (-র্ম্ম ন্ম) [ন=অ+কর্ম্মণ্য] বিণ, কর্ম্মের অযোগ্য ; যার কর্ম্ম করিবার ক্ষমতা নাই। "সে ক্রমাগত রোগে ভুগিয়া এক প্রকার অং হইয়া পড়িয়াছে।" ২ অকেজো : অব্যবহার্য্য ; যে বস্তু কোন কার্য্যেই লাগে না : অচল : বিকল। বি, **~ণ্যতা**-কর্ম্মে অযোগ্যতা বা অপটুতা। **~ভোগ** [ন=অ-কর্ম্ম+ভোগ (কৃতকর্ম্মের ফলভোগ, যে কারণ জীব বার বার সংসারে জন্মগ্রহণ করে)] বি, কর্ম্মফল ভোগ হইতে অব্যাহতি বা মুক্তি। ২ বৃথা কষ্ট না পাওয়া ; বৃথা শ্রম হইতে নিষ্কৃতি লাভ। ৩ [অকর্ম্ম-ভোগ] কুকর্ম্ম বা দুষ্ক্রিয়ার ফলভোগ।

অকর্ম্মা [মূং অকর্ম্মন্ ১মা, ১ব। ন=অ+কর্ম্মন্। গ্রাং অকম্মা] বিণ, যে কোন কর্ম্ম সম্পন্ন করিতে পারে না ; কোন কর্ম্মের নয় ; যে কোন কাজেই লাগেনা। ২ অলস ; জড়প্রকৃতি। ৩ কর্ম্মবিমুখ। "তোমারি তুলনা তুমি চাঁদ অংর ধাড়ি।"-দ্বিং রায়। ৪ [অ(অপকৃষ্ট)+কর্ম্ম+আ (কর্ত্তৃত্বার্থে)] অপকর্ম্মকারী : নিন্দনীয় কর্ম্ম-কারী ; কুক্রিয়াকারী। **~ন্বিত** [ন=অ-কর্ম্ম (দ্বারা) অন্বিত (যুক্ত) ৩তৎ, নঞ্-যে কর্ম্মে যুক্ত নহে] বিণ, কার্য্যরত নহে ; কর্ম্মহীন : নিষ্কর্ম্মা : বেকার unemployed. ২ অকার্য্যে রত ; দুষ্কর্ম্মান্বিত। স্ত্রীং **~ন্বিতা**।

অকর্ম্মিষ্ঠ [অ-কর্ম্মিষ্ঠ। গ্রাং অকম্মিষ্টি] বিণ, অকর্ম্মে রত : অকর্ম্মণ্য। স্ত্রীং ~া।

অকল//ঙ্ক [ন=অ(নাই)কলঙ্ক (দাগ,চিহ্ন, দোষ) যার-বহুং] বিণ, বেদাগ ; শুভ্র ; কলঙ্ক-হীন ; নির্ম্মল ; নির্দ্দোষ। "খঞ্জন গঞ্জন আঁখি অং শশিমুখী, শিরোরুহ অসিত চামর।"-কবিকং। স্ত্রীং **~ঙ্কা**। বিণ, **~ঙ্কিত**। স্ত্রীং **~ঙ্কিতা**। **~ঙ্কী** [অং+ইন্ (স্ত্য)] বিণ, কলঙ্কহীন ; নির্দ্দোষ; নির্ম্মল। স্ত্রীং**~ঙ্কিনী**।

অকলু//ষ-বি, নিষ্পাপ: নির্দ্দোষ। বিণ, **~ষিত**, স্ত্রীং **~ষিতা**।

অকল্ক [ন=অ-কল্ক (কাইট, মল)] বিণ, নির্ম্মল। ২ [কল্ক=পাপ] অপাপ ; নিষ্পাপ। ৩ [কল্ক=অহঙ্কার] নিরহঙ্কার। স্ত্রীং ~া। জ্যোৎস্না [বিরল]।

অকল্পন, অকল্পনা [অ (অপ্রশস্ত, অনুদার)-কল্পনা (চিন্তা)] বি, অনুচিত চিন্তা : মন্দ মতলব। ২ চিন্তার অভাব। বিণ, অকাল্পনিক (পরে দ্রঃ)।

অকল্পিত [ন=অ-কল্পিত (কৃতকল্পনা,

কল্পনাসিদ্ধ)] বিণ, যা কল্পনাসিদ্ধ নহে : অকৃত্রিম ; প্রকৃত ; যথার্থ। বি, ~া।

অকর্ল্মা/য (-লর্ম-,-ল্ল-) বিণ, অপাপ।

অকল্য [ন=অ-কল্য (সুস্থ) যে-বহু°] বিণ, অসুস্থ ; পীড়িত। স্ত্রীং ~া [বিরল]।

অকল্যাণ [ন=অ-কল্যাণ (মঙ্গল)] বি, অশুভ: অমঙ্গল। ২ অনিষ্ট: অহিত। স্ত্রীং~ী।

অকল্যাণকরী [বৌ° সা] বি, পশ্চিম। অ° দিক্-পশ্চিম দিক্। "কে তুমি গো যশস্বিনি! আলোকিত করি রূপে অ° দিক রয়েছ আশ্রয় ?"-জাতক (৫ম খণ্ড)।

অকষ্ট [ন=অ-কষ্ট] বিণ, ক্লেশহীন। **~কল্পনা** [অ°-কল্পনা (কষ্টকল্পনা laboured language, laboured thought নহে)] বি, যে কল্পনা বা রচনা কবির মানস হইতে স্বতঃ উত্থিত বা লেখকের লেখনী হইতে স্বতঃ বিনির্গত হয় ; যে রচনার জন্য লেখককে আয়াস স্বীকার করিতে হয় না; অনায়াসসাধ্য কল্পনা ; সহজসাধ্য রচনা। **~কল্পিত**-বিণ, যা কষ্টকল্পিত নহে not laboured or farfetched. **~বদ্ধ** [অ (অতিরিক্ত) + কষ্ট -বদ্ধ (বন্ধন)] বি, বিষমসঙ্কট ; অধিক দুঃখ : যে অবস্থায় নড়িবার পর্য্যন্ত শক্তি থাকে না : অপ্রতিহার্য্য আপদ ; উভয় সঙ্কট : যে কষ্ট বা দুঃখের সহজে প্রতিকার হয় না। "পেয়ে বহু-কষ্ট, বাহির প্রকোষ্ঠ, অকষ্ট বদ্ধের ন্যায়।"-বা° দত্তা। বিণ, দুঃস্থ, বিষম সঙ্কটাপন্ন। [তুল-সং, "হা কষ্টং বদ্ধঃ" ; সং অক (সুখের অভাব)] **~বদ্ধতা**-বি, স্ত্রীং **~বদ্ধা**।

অকসার-আকসার (দ্রঃ)।

অকস্মাৎ (-শ্ শা-)[ন=অ (নহে) কস্মাৎ (কিম্ ৫মী ১ব° স্থানে স্মাৎ=কাহা বা কি কারণে বা কোথা হইতে আসিয়া দেখা দিল বা ঘটিল তার পূর্ব্বজ্ঞান বা নিদর্শন নাই] ক্রি-বিণ, হঠাৎ ; বিনা কারণে ; অসম্ভাবিতরূপে।-"বিশেষ একক কেন আসিবে এথায়। আসিবেক কোন্ অভিপ্রায়॥"-মহা° (কাশী)।

অকা [সং-অজ্ঞ > ভং-অগা, অঘা] বিণ, অজ্ঞ ; নির্ব্বোধ ; বোকা ; মূর্খ (সাধাঃ অগা)। ২ আকা (দ্রঃ)।

অকা/জ [ন=অ (অপ্রশস্ত, অন্যায়) কাজ] বি, অসৎকার্য্য; কুকর্ম্ম। "অকারণে অ° লয়ে যাড়ে অসময়ে অপথ দিয়ে যান।"-রবী°। ২ বৃথা। ৩ অন্যায়: অকর্ম্ম। "যত করে মুসলমান সকলি অ°।"-অ° ম°। ৪ অনর্থ। "না দেখিলা ছিনু ভাল। দেখিয়া অ° হল, না দেখিলে প্রাণ কেন কান্দে।"-চণ্ডী°। বিণ, **~জিয়া, ~জুয়া**-অকেজো (দ্রঃ)।

অকাট [অকা, অক্কট, আকাট (দ্রঃ)] বিণ, মূর্খ ; গণ্ডমূর্খ ; কাটমূর্খ।

অকাটা [প্রাদে°। আকাটা (দ্রঃ)। অ (না) + কাটা (কর্ত্তিত) যা কাটা হয় নাই বা যা খণ্ডিত নহে] বিণ, অকর্ত্তিত; অখণ্ডিত; আস্ত : গোটা। প্র-অ° গুপারী।

অকাট্য [প্রাদে°, ন=অ (না)-কাট্য (প্রাকৃ°-কট্ট ধাতু)=কর্ত্তনীয় বা কর্ত্তনসাধ্য-যা কাটা উচিত নয় বা কাটা যায় না] বিণ, অখণ্ড্য ; অখণ্ডনীয় ; যা খণ্ডন করা উচিত নয় বা যা অবহেলা করা যায় না। প্র-অ° যুক্তি।

অকাঠিন্য [কাঠিন্য(দ্রঃ)] বি,কোমলতা।

অকাণ্ড [ন=অ-কন্ (দীপ্তি পাওয়া) + ড ; অ=আ] বিণ, কুকাণ্ড ; অঘটনীয় ব্যাপার। ২ বি, গুঁড়িহীন বৃক্ষ ; যে বৃক্ষের ডালপালা মাটি হতে গজায়, কাণ্ড থাকে না। **~জাত**-বিণ, অসময়ে উৎপন্ন। স্ত্রীং **~জাতা**।

অকাত/র [ন=অ + কাতর]বিণ,অক্লিষ্ট, অব্যাকুল ; অনভিভূত। ২ নিঃশঙ্ক; নির্ভীক। ৩ বি, অক্লেশ , অসঙ্কোচ। ক্রি-বিণ, **~রে**-অক্লেশে : সহজে ; অবলীলাক্রমে : অনায়াসে ; সন্তুষ্ট চিত্তে। অকাতরে দান করা। বি, **~র্য্য, ~রতা**। স্ত্রীং **~রা**।

অকাপট্য [ন=অ-কাপট্য] বি, অকপটতা : সারল্য। ২ ঔদার্য্য।

অকাম [ন=অ-কাম (কামনা)] বিণ, নিষ্কাম: বাসনাশূন্য। ২ ইন্দ্রিয়পরায়ণতাশূন্য। ৩ [অকর্ম্ম > , ভ্রং] বৃথা কর্ম্ম; নিষ্প্রয়োজনীয় কার্য্য। ৪ কুকার্য্য : অকাজ (দ্রঃ)।

অকামিক [আকস্মিক > , ব্রজ] অ, অকস্মাৎ ; হঠাৎ। "বিধিক ঘটনে ভেল অ° লোচনে লোচনে মেলা।"-বি° প° (ন° গু°) ২ অকারণ। "অতি পুলকিত তনু বিহসী অ° জাগি ঠেলি সানন্দা।"-বি° প° (ন° গু°)।

অকাম্য [ন=অ-কাম্য] বিণ, অনভিপ্রেত : অনভিলষণীয়। স্ত্রীং ~া।

অকায় [ন=অ (নাই) কায় (দেহ) যার-বহু°] বিণ, শরীরবিহীন। ২ বি, পরমাত্মা। ৩ রাহুগ্রহ [সমুদ্রমন্থনকালে, রাহুদৈত্য ছদ্মবেশে দেবগণের সহিত অমৃত পান করিতে আরম্ভ করিলে, নারায়ণ তাঁর মস্তক ছেদন করেন। অমৃত তাঁর কণ্ঠদেশ পর্য্যন্ত গমন করায় রাহু অমরত্ব লাভ করেন বটে, কিন্তু মুণ্ড দেহ (কায়) হইতে বিচ্ছিন্ন হওয়ায় মুণ্ডসর্ব্বস্ব বা অকায় হন(দেহ কেতু নামে প্রসিদ্ধ হয)-মহা°]

অকা/র [অ + কার (স্বার্থে)] বি, স্বরবর্ণের আদ্যক্ষর-'অ'। ২ 'অ' এই শব্দ বা ধ্বনি। ৩ ব্রহ্মা। "অ° কেবল ব্রহ্ম একাক্ষর কোষে।"-অ° ম°। **~রাদি** [অকার + আদি। অবর্ণ আদিতে যার-বহু°] বিণ, যে শব্দ বা বাক্যের প্রথমেই অ আছে। **~রান্ত** [অকার + অন্ত যার-বহু°] বিণ, যে শব্দের অন্তে অকার আছে বা অন্ত্যক্ষর অকার যুক্ত (দেহ, হস্ত, দৈব ই°) [দ্রঃ-বাং-য় অন্ত্য অকার প্রায়ই অনুচ্চারিত]।

অকার/ণ [ন=অ-কারণ] ক্রি-বিণ বিনা কারণে; নিষ্প্রয়োজনে। "নতুবা আপনি,অকারণে অথবা সামান্য কারণে, আয্যাকে বিসর্জ্জন দিবেন ইহা কার মনে ছিল।"-বি° সা°। ২ অনর্থক : নিরর্থক : বৃথা। "অ° ধরি এ আজানু-বাহু-দণ্ড। অ° ধরি আমি ধনুক প্রচণ্ড।"-কৃত্তি°। ৩ বিণ, কারণশূন্য; উদ্দেশ্যবিহীন। "শুধু অ° পুলকে ক্ষণিকের গান গা রে আজি প্রাণ।"-রবী°। ৪ অকর্ত্তব্য। "অ° হইলে জীবন হারাইবি।"-গোবিন্দ-গীত। **~ণে** [বাং-য় অকারণ অর্থে চ°] ক্রি-বিণ, বিনা কারণে। ২ [অ, দ্রঃ] এই কারণে।

অকার্য্য [ন=অ (অবৈধ, কুৎসিত নিষ্প্রয়োজনীয়) কার্য্য] বি, অকর্ত্তব্য কার্য্য ; অবৈধ কর্ম্ম : অসৎকার্য্য , কুকর্ম্ম ; গর্হিত কর্ম্ম। "শাস্ত্রকারেরা গর্হিত অ° দ্বারা সুহৃদের প্রাণরক্ষা কর্ত্তব্য বলিয়া থাকেন"-কাদ°। ২ বৃথা কার্য্য। ৩ বিণ, অকরণীয় ; অননুষ্ঠেয়। প্র-তারা যেরূপ দুর্ব্বৃত্ত তা'তে মনে হয় তাদের অ° কিছুই নাই। **~কর**-বিণ, অযথা বা কুকর্ম্মকারী : বৃথা useless. স্ত্রীং **~করী**। **~কারক**-যে অ° করে। স্ত্রীং **~কারিকা**। **~কারী**-বিণ,অপকর্ম্মকারী; অলস। স্ত্রীং **~কারিণী**। বি, **~কারিতা**,

~ত্ব। ~ক্ষম [অ-(অবৈধ) কার্য্য (কার্য্যের) ক্ষম (ক্ষমতা) যার, বহু°-যে অকার্য্য করিতে পারে] বিণ, মন্দ বা অনুচিত কাজ করিতে সমর্থ; খারাপ কাজে পটু; কুকর্ম্মা। ২ [ন=অ-কার্য্যক্ষম] যে কর্ম্ম করিতে অক্ষম; অপটু। ~চিন্তা-বি, অনর্থক বা ব্যর্থ চিন্তা। ২ কুচিন্তা। ৩ আকাশ-কুসুম-চয়ন; অসম্ভব চিন্তা। ~চিন্তক-বিণ, কুচিন্তাকারী; অনর্থক চিন্তাকারী।

অকাল [অ (অপ্রশস্ত: অশুভ)-কাল (সময়)] বি, অসময়: যার যে সময় নয়: অপরিণত কাল: অপূর্ণ কাল। প্র-অকাল মৃত্যু। ২ অশুদ্ধকাল; গুরু শুক্রের বৃদ্ধাস্ত-বাল্যাদি কাল: মলমাস ই°: শুভকর্ম্মের অযোগ্য কাল। "এই দুই কর্ম্ম ব্রহ্মা করিতে সাধন। অকালে শরতে কৈল চণ্ডীর বোধন॥" -কৃত্তি°। ৩ দুর্ভিক্ষ: দুঃসময়। ক্রি-বিণ, অকালে। ~কুষ্মাণ্ড (-শ্‌শা-) [অকাল (অসময়ে জাত)+কুষ্মাণ্ড (কুমড়া)-যে কুমড়া বলিদানাদি কার্য্যে লাগে না; যে কুষ্মাণ্ড কোন কাজের নয়] বি, অকেজো: অকর্ম্মণ্য, হিতাহিত জ্ঞান রহিত ব্যক্তি (তিরস্কারচ্ছলে)। "নাহি কি জ্ঞানকাণ্ড? অ° কু°!"-দ্বি° রায়। ২ [গান্ধারী কুষ্মাণ্ডাকার মাংসপিণ্ড অকালে প্রসব করেন, যা হতে কুরুকুলনাশন দুর্য্যোধনাদি শত পুত্রের জন্ম, তা হতে] পরিবারের অনিষ্টকর বা কলঙ্ক বা বিনাশ-হেতু বংশধর বা ব্যক্তি। ৩ দুর্ব্বৃত্ত scoundrel. ~কুসুম [অকালের-কুসুম] বি, অসময়ের ফুল। ২ অসম্ভব কিছু। ~র্জ (-র্‌জ-), ~জাত [অ° (অপূর্ণ কালে) জ, জাত] বিণ, অসময়ে উৎপন্ন untimely. ~জলদোদয় [অকালে-জলদ (মেঘের)-উদয়, ৭ তৎ, ৬ তৎ] বি, অসময়ে মেঘোদয়। ২ কুজ্‌ঝটিকা। স্ত্রীং ~জা, ~জাতা (-র্‌-)। ~পক্ক-বিণ, এঁচোড়ে পাকা। বি, ~পক্কতা। ~মৃত-বিণ, পরিণত বয়সের পূর্ব্বে মৃত। ~মৃত্যু-বি, ~বৃষ্টি-অসময়ে বর্ষণ। ~মেঘোদয়-অ° জলদোদয় (দ্রঃ)। ~বোধন [বোধন দ্রঃ] বি, অসাময়িক বো°। ~সহ [ন=অ-কাল (সময়, বিলম্ব)-সহ (যে সয়)] বিণ, যার কালবিলম্ব সয়না; অধৈর্য্য; অস্থির। ২ যাতে কালবিলম্ব সহেনা বা যে বিষয়ে কালবিলম্ব করা চলে না।

অকালে-ক্রি-বিণ, অসময়ে; অনুপযুক্ত কালে। "কি লাগিয়া হেথা আইলা অ°?"-মেঘ°। ২ অপরিণত বা অল্প-বয়সে। "বীরচূড়ামণি বীরবাহু, চলি যবে গেলা যমপুরে অ°।"-মেঘ°। **অকালের পূজা**-দেবতাদিগের উত্তরায়ণ (দ্রঃ) দিন এবং দক্ষিণায়ণ (দ্রঃ) রাত্রি। সুতরাং আশ্বিন মাস দেবতাদের রাত্রি। রাত্রিতে নিদ্রিতের পূজা অবিধেয়। রামচন্দ্র রাবণ-বধার্থ অপেক্ষা করিতে না পারিয়া, ও শরৎকালই শাস্ত্রমতে যুদ্ধযাত্রার প্রধান সময় বলিয়া আশ্বিন মাসেই দুর্গাপূজা করিয়াছিলেন। দেবতাদের রাত্রি-কালে এই পূজা অনুষ্ঠিত হয় বলিয়া এই নাম, ও তাই অকাল-বোধন আবশ্যক [চৈত্র মাসের পূজাই (বাসন্তী পূজা) কালের পূজা]।

অকাল্পনিক [ন=অ-কল্পনা+ইক] বিণ, কল্পনা-সম্ভূত নহে; প্রকৃত। বি, ~কতা।

অকাশফুলিআ [বৌ° বাং প্রাকৃ°] বি, আকাশকুসুম (দ্রঃ)-চ° ৫০।৪।

অকিঞ্চন [ন=অ-কিঞ্চন (কিছু)-যার কিছুই নাই-বহু°] বিণ, নিঃস্ব; দরিদ্র। সম্বলহীন: দীন। ২ [বাং বির্থে°] দুঃখী; "কৃপা, প্রভু, কর অকিঞ্চনে।"-মেঘ°। "শুন অকিঞ্চনের গোহারি।"-কবিক°। ৩ সামান্য: ইতর। "আমাদিগের অনুচিকীর্ষাবৃত্তি কি শুদ্ধ তাঁহাদিগের অ° গুণের বা দোষের অনুকরণ করিতে শিক্ষা দিয়াই চরিতার্থ থাকিবে?"-রচনাবলী। ৪ মূঢ়; মত্ত। "অ° মন দৃঢ় ভাবে জপ নারায়ণ।"-বাং গান। ~তা (-ন্‌-) [অ°+তা (ভা°)] বি, কিছুমাত্র সঙ্গতি না থাকা; নিঃস্বতা; দারিদ্র্য; দৈন্য। ~ত্ব (-ন্‌-)-বি, অকিঞ্চনের ভাব; দীনতা।

অকিঞ্চিৎ [ন=অ-কিঞ্চিৎ (কিছু)] বিণ, কিছুই নয়; যাতে কিছু নাই; যৎসামান্য; নগণ্য। ~কর [ন=অ-কিঞ্চিৎ-কর (যে করে)-উপ°] বিণ, যাতে কিছুই হয় না। ২ [>] তুচ্ছ। "ধৈর্য্য অবলম্বন করুন, এবং অন্তঃকরণ হইতে অ° শোককে নিষ্কাশিত করিয়া, রাজকার্য্যে মনোনিবেশ করুন।"-বি° সা°। "গদ্যময় কাব্যকে আলঙ্কারিকেরা কথা ও আখ্যায়িকা এই দুইভাগে বিভক্ত করিয়া থাকেন। কিন্তু এই দু'য়ের বৈলক্ষণ্য এমন সামান্য যে ইহাদিগের ভাগদ্বয়ে বিভাগ অনাবশ্যক ও অকিঞ্চিৎকর।"-কাব্যনির্ণয়। ৩ সামান্য; অল্প।

অকিলেসেঁ-অক্লেশে (দ্রঃ)।

অকিল্বিষ-বি, নিষ্পাপ। ২ নির্দ্দোষ।

অকীক-পাথর-বি, ভারতীয় মূল্যবান্ প্রস্তর বিঃ: কর্ণেলিয়ান [Cornelian, agate, onyx ই° ইহার অন্তর্গত। ইহা জলভরা মেঘের মত শ্যামল পাণ্ডুবর্ণ, অল্প শ্বেতসহ অল্প অল্প নীলাভ, তৎসহ নানারকম জড়িত ঝাড় লতা কাটা। ছুরির বাঁট, বোতাম ই° ইহাতে নির্ম্মিত হয়]।

অকীর্ত্তি [ন=অ-(অপকৃষ্ট) কীর্ত্তি (যশঃ)] বি, অখ্যাতি: অযশঃ; নিন্দা: দুর্নাম: অপকীর্ত্তি (দ্রঃ)। "স্বধর্ম্ম ও কীর্ত্তি ত্যাগ করায় পাপ প্রাপ্ত হইবে, পরন্তু লোকে তোমার অক্ষয় অ° ঘোষণা করিবে: মানী ব্যক্তির অ° মরণ অপেক্ষাও অধিক হয়।" -গীতা (আর্য্যমিশন)] ~কর-বিণ, অযশস্কর: অখ্যাতিকর; নিন্দাজনক। ~মান্-বিণ, অখ্যাত; অপ্রসিদ্ধ: অযশস্বী; নিন্দিত: ২ অজ্ঞাত কুলশীল। স্ত্রীং ~মতী।

অকু [আ-বক্] বি, ঘটনা। ২ কুস্থান। ৩ [আদা°] মারপিট; চুরি ই° অপরাধযুক্ত ঘটনা। ৪ ঘটনা স্থান scene of occurrence. ~আৎ [বহু-ব°] বি, দুষ্ক্রিয়া সমূহ: অপরাধ সমূহ misdeeds. ২ ঘটনা (খুন, মারপিট, চুরি, ডাকাতি ই°) occurrence. ~স্থল-বি, উক্ত ঘটনাস্থল।

অকুটিল [ন=অ-কুটিল] বিণ, অবক্র; সরল; কুটিলতা শূন্য; খলতাহীন। বি, ~তা।

অকুণ্ঠ [ন=অ-কুণ্ঠ (আলস্য করা)+অ (র্তৃ)] বিণ, অসঙ্কুচিত; যা নমিত হয় না। প্র-পরশুরাম অ° ধার কুঠার দ্বারা পৃথিবীকে ২১ বার নিঃক্ষত্রিয় করিয়াছিলেন। ২ প্রতিভাযুক্ত। ৩ অক্ষুব্ধ।

অকুণ্ঠিত [ন=অ+কুণ্ঠ্ (আলস্যে)+ত (র্তৃ)] বিণ, অসঙ্কুচিত; মুক্ত; উদার। ২ অক্ষুব্ধ; স্ত্রীং ~া। "উষার উদয় সম অনবগুণ্ঠিতা তুমি অকুণ্ঠিতা।"-রবী°। ~চিত্ত-

বিণ, মুক্তপ্রাণ ; উদারমতি। ক্রি-বিণ, ~চিত্তে,~প্রাণে,~মনে, ~হৃদয়ে।

অকুৎসিত [(গ্রাং বিপরীতার্থে ওং 'অকুচ্ছিত'] বিণ, সুন্দর। ২ সম্ভ্রান্ত।

অকুতোভ/য় [ন=অ-কুতঃ (কিম্+তঃ=হইতে) কোথাও হতে-ভয় যার নাই। স্ত্রীং ~া] বিণ, যে কাকেও বা কোনও কারণে ভয় করে না ; নিঃশঙ্ক ; নির্ভীক। ~য়তা-বি, অসমসাহসিকতা ; একান্ত ভয়শূন্যতা। ক্রি-বিণ, ~য়ে।

অকুপ্য [সং] বি, স্বর্ণ ; রজত।

অকুফ-অকুব দ্রঃ। "আক্কেল অং।"

অকুমার [স্মৃং অ (অতীত) কুমার (দ্রঃ) অবস্থা যার] বি, পঞ্চবর্ষাধিক বয়স্ক বালক। স্ত্রীং ~ী-বি, দশ বৎসরের বালিকা।

অকুল [অ (অপ্রশস্ত) + কুল (বংশ, ঘর)] বিণ, অঘর ; যে বংশের সহিত করণ-কারণ চলিত নাই। ২ অকুলীন। ৩ [ব্রজ, প্রাং বৈং সাং] বি, বিপদ। "সখি হে, অব অং শত নাহি মানি।"-গোবিন্দং [অকুল ৮ দ্রঃ]।

অকুলন, অকুলান [ন=অ-কুল (রাশি করা) + অন] বি, অনাটন : অভাব। ২ কম পড়ন ; অপ্রাচুয্য ; অপ্রতুলতা।

অকুলীন [ন=অ-কুলীন] বিণ, কুল-মর্য্যাদাশূন্য ; নীচকুলোদ্ভব। ২ বল্লাল সেন কৃত কুলবন্ধন বহির্ভূত।

অকুব, অকুফ [আং-বক্ ফ্ (বুদ্ধি) তুল-বৌং বাং-অকইব=পণ্ডিত-শূং পুং] বি, জ্ঞান ; বুদ্ধি ; আক্কেল। বাং-য় প্রায় আক্কেল শব্দসহ যুক্ত হয়। "আক্কেল অং"।

অকুশ/ল [ন=অ-কুশল (মঙ্গল)] বি, অমঙ্গল ; অশুভ ; বিপদ। "শুনি কহে জটিলা, ঘটল কি অং।" "কিয়ে অং কহ মোর॥"-বিং পং। স্ত্রীং ~লা। ~লী-বিণ, অকল্যাণ-যুক্ত ; অমঙ্গলময় ; পীড়াগ্রস্ত ; অসুখী।

অকূপার [অ-কু (স্থল) পার-যার পারে স্থল নাই] বি, সমুদ্র। "ক্ষীর অং,"-রাম রাজং। ২ কূর্ম্ম [প্র অং]।

অকূর্চ্চ-বিণ, সরল। ২ বি, বুদ্ধ।

অকূল [ন=অ (নাই) কূল (তীর) যার -বহুং] বিণ, যার তীর নাই : কূলহীন ; অপার। ২ অতি বিস্তৃত ; সুবিশাল। "অং সাগর জলে ভাসে একাকিনী।"-মেঘং। ৩ অনন্ত ; অসীম। তখন আছিলে তুমি একাকিনী অখণ্ড অং আত্মহারা,"-রবীং। ৪ সাগর ; সমুদ্র ; সিন্ধু। "ঢেউ দেখে যে ভয় পাবে না, অং পারে নেযাই তারে।"-গিংঘোষ। [দ্রঃ-অপার অতল সাগরের সহিত তুলনীয় বলিয়া রূপক-চ্ছলে জীবন, সংসার, প্রেম, শোক ইংর সিন্ধু বুঝাইতে অং শব্দ ব্যবহৃত হয়] ৫ যার কূল কিনারা নাই ; যার ঠিক ঠিকানা নাই ; যে বিষয়ের অন্ত বা তল পাওয়া যায় না। "অং মাঝে ভাসিয়ে তরী যাচ্ছি অজানায়।"-রবীং। ৬ ঠিকানা ; ঠাঁই ; গৃহ বা সমাজের আশ্রয়শূন্যতা ; ভরসা বা সহায়হীনতা ; অশরণ ; অনাশ্রয়। "বুঝি কালী অকূলেতে কুলাইল কূল।"-বাসবদত্তা। "কুল ত্যজে হে অকূলে ভাসি,"-গিং ঘোষ। ৭ নিরুপায়। "সুখ দুঃখ মাঝে দোলে, নিবিড় আঁধারে, অকূলে না কূল পায়, দারুণ শৃঙ্খল পায়। নিরানন্দ নিরুপায়, পলাইতে নারে," -গিং ঘোষ। ৮ সঙ্কট ; বিপদ : শোকতাপ : দুঃখ ; ভবযন্ত্রণা: "রাখ অকূলে তনয়ারে তারিণী।"-গিং ঘোষ। "ছিল যারা অনুকূল, তারা হয়ে প্রতিকূল, যায় চলে অকূলে ফেলিয়া।"-বাসবদত্তা। "ফেলিয়া অকূলে, সে গেছে অকূলে,"-গিংঘোষ [এইঅর্থে 'অকুল' শব্দও প্রাং বৈং সাংতে আছে] ~পাথার [অং (কূলহীন) পাথার (পাথস্-জল)] বি, কূল-কিনারাহীন জল-বিস্তার : অসীম সমুদ্র। ২ [>] মহাবিপদ। "তুমি হে ভরসা মম অং পাথারে ;"-দ্বিং ঠাং।

অকৃত [ন=অ-কৃত] বিণ, যা কৃত নয় ; যা করা হয় নাই : অননুষ্ঠিত ; অসম্পাদিত। প্র-অকৃতদার। ২ নিরর্থক ; বিফল। প্র-অকৃতাত্মা। ৩ সঙ্কল্প রহিত। প্র-অকৃত-নিশ্চয়। ~কর্ম্মা [অ + কর্ম্মন্-বহুং] বিণ, অকেজো ; অপটু ; যে কৃতী নহে ; যে কাজ করিয়া শিক্ষিত হয় নাই unpractical. ~কার্য্য [ন=অ-কৃতকার্য্য] বিণ, বিফল-মনোরথ : নিষ্ফল ; হতাশ। বি,~কার্য্যতা। ~কীর্ত্তি [ন=অ-কৃত-কীর্ত্তি] বিণ, অকৃত-কর্ম্মা ; কীর্ত্তিহীন : অকর্ম্মা ; অকর্ম্মণ্য। "বিদ্যাসাগর এই অকৃতকীর্ত্তি অকিঞ্চিৎকর বঙ্গসমাজের মধ্যে নিজের চরিত্রকে মনুষ্যত্বের আদর্শরূপে প্রস্ফুট করিয়া"-চারিত্রপূজা ; ~কৃত্য-বিণ, অকৃতকার্য্য। ২ অকৃতার্থ। অচরিতার্থ। ৩ কর্ত্তব্য পালনে অক্ষম। ৪ নিরাশ। ৫ [অ (অননুষ্ঠিত) কৃত্য (কার্য্য) যৎকর্ত্তৃক-বহুং] অননুষ্ঠিত-কর্ম্মা। ~ঘ্ন [ন=অ-কৃত (উপকার)-ঘ্ন (যে নাশ করে)] বিণ, কৃতজ্ঞ ; যে কৃত উপকার মানিয়া চলে : যে উপকার স্বীকার করে : কৃত উপকার স্মরণকারী। স্ত্রীং~ঘ্না। বি,~তা,~ত্ব।~জ্ঞ [ন=অ-কৃতজ্ঞ (যে উপকার স্বীকার করে)-উপং] বিণ, কৃতজ্ঞ নয় ; উপকার অস্বীকার-কারী ; উপকারকের সহিত যে সদ্ব্যবহার করে না ; যে উপকারকের অনিষ্ট চিন্তা করে। বি, ~জ্ঞতা-অকৃতজ্ঞের ব্যব-হার; উপকার অস্বীকার করণ ; উপ-কারকের প্রতি অসদ্ব্যবহার। ~দার [ন=অ-কৃত-দার (ভার্য্যা)-বহুং] বিণ, যে দার পরিগ্রহ করে নাই ; অনূঢ় ; অবিবাহিত। স্ত্রীং ~দারা। ~নিশ্চয় [ন=অ-কৃত-নিশ্চয়] বিণ, অস্থিরীকৃত ; অদৃঢ়-সঙ্কল্প। বি, ~নিশ্চয়তা। ~বিবাহ [ন=অ-কৃত (বিহিত) বিবাহ (দারপরিগ্রহ) যৎকর্ত্তৃক-বহুং] বিণ, যার বিবাহ হয় নাই ; অবিবাহিত ; অনূঢ়। স্ত্রীং ~বিবাহা।

অকৃতাত্মা [অকৃত (দ্রঃ) আত্মা] বিণ, বিফলাত্মা ; অনর্থক জীবন। ২ অনাত্মবান্ ; ঈশ্বরাত্মকতাহীন।

অকৃতাদর [অকৃত আদর যাকে বা যৎকর্ত্তৃক-বহুং] বিণ, অনাদৃত। ২ অনাদর-কারী। স্ত্রীং ~া।

অকৃতাপরাধ [ন-কৃত=অকৃত-অপ-রাধ (যৎকর্ত্তৃক)-বহুং] বিণ, নিরপরাধ। ২ নির্দ্দোষ। ৩ ক্রি-বিণ, বিনা অপরাধে ; অপরাধ ব্যতিরেকে। স্ত্রীং ~া।

অকৃতার্থ [ন=অ-কৃত (সাধিত)-অর্থ (প্রয়োজন) যৎকর্ত্তৃক-বহুং] বিণ, অকৃত-কার্য্য : বিফল-মনোরথ। ২ অচরিতার্থ। স্ত্রীং ~া। বি, ~তা।

অকৃতাহ্নিক [অকৃত (ন-অনুষ্ঠিত-আহ্নিক (দিনকৃত্য উপাসনা) যৎকর্ত্তৃক-বহুং] বিণ, যে দৈনিক ক্রিয়ার অনুষ্ঠান করে নাই : দৈনিক ক্রিয়াহীন। স্ত্রীং ~া।

অকৃতিত্ব [অকৃতিন্ (অক্ষম) + ত্ব(ভা°)] বি, অক্ষমতা ; অযোগ্যতা ; অপটুতা।

অকৃতী [অকৃতিন্ (ন=অ-কৃতিন্)] বিণ, যে কৃতী নয় ; অক্ষম ; অযোগ্য ; কার্য্যে অদক্ষ ; অপটু। "আমি অতি অ° অধম দুরাচার।"-কমলাকান্ত।

অকৃতোত্তর [অকৃত + উত্তর] বিণ, যার জবাব দেওয়া হয় নাই। স্ত্রীং ~া।

অকৃতোদ্বাহ [ন=অকৃ-ত, উদ্বাহ + ৎকর্ত্তৃক-বহু°] বিণ, অবিবাহিত ; আইবুড়। স্ত্রীং ~া। বি, ~তা, ~ত্ব।

অকৃত্য [ন=অ(কুৎসিত)-কৃত্য (কার্য্য)] বি, নিন্দিত কার্য্য। ২ বিণ, যা করা উচিত নয় ; অকরণীয়। ~কারী-কুকর্ম্মী।

অকৃত্রিম [ন=অ + কৃত্রিম(দ্রঃ)] বিণ, যা কাল্পনিক নহে ; স্বাভাবিক। ২ অকপট ; ছলশূন্য। প্র-অ° স্নেহ বা প্রণয়। ৩ বিশুদ্ধ ; অমিশ্রিত; খাঁটি। প্র-অ° ঔষধ ; অ° সুবর্ণ।

অকৃপ [ন=অ(নাই) কৃপা (দয়া) যার -বহু° ; কৃপা=কৃপ] বিণ, নির্দ্দয় ; অকরুণ। ২ কৃপ (কৃপাচার্য্য) শূন্য। স্ত্রীং~া। বি, নির্দ্দয়তা ; কৃপাশূন্যতা ; কৃপার অভাব।

অকৃষ্ট [ন=অ-কৃষ (কর্ষণ করা) + ত (র্ম্ম)] বিণ, অকর্ষিত ; যাতে চাষ করা হয় নাই ; কর্ষণ করা নহে এমন। প্র-অ° ভূমি। ২ অননুশীলিত uncultured. ~পচ্য [অ° -পচ্ (পাক করা) + য (র্ম্ম, র্ত্তৃ)] বিণ, পতিত ক্ষেত্রে স্বয়ং পক।

অকৃষ্ণ [ন=অ-কৃষ্ণ (কৃষ্ণবর্ণ)] বিণ, কৃষ্ণবর্ণহীন। ২ বি,পীত বর্ণ।" অ° বরণে কহি পীতবরণ।"-চৈ° চ°। ~কর্ম্মা [ন=অ (নাই) কৃষ্ণ (কাল=পাপ)-কর্ম্মন (কার্য্য) যার-বহু°] বিণ, দুষ্কর্ম্ম-রহিত ; নিষ্কলঙ্ক ; নিষ্পাপ। "অ° শান্তনুতনয়।"-মহা° (সিংহ)।

অকেজো [অকার্য্য > (প্রা° বাং)'অকাজুয়া'-আধু° বাং অ°। অ-কাজ (পা° কজ্জ) + উআ] বিণ, কার্য্যের অনুপযুক্ত ; যদ্দ্বারা কোন কাজ হয় না ; যে কোন কাজ করে না ; নিষ্কর্ম্মা। ২ যে বা যা কোনো কাজে লাগে না। "কার্য্যময় এই ব্রহ্মাণ্ড ভিতরে প্রকাণ্ড অ° পাহাড়।"-দ্বি° রায় (মন্দ্র)।

অকেশরপরাগকোষ [ন=অ-কেশর ও পরাগ (পুষ্পরজঃ) যে কোষ (আধারে) (দ্বন্দ্ব° ও বহু°)] বি, যে পুষ্পবৃন্তে কেশর এবং পরাগ কিছুই নাই sessile anther.

অকৈতব [ন=অ-কৈতব (মিথ্যা)] বিণ, অকপট ; ছলনাহীন ; অকৃত্রিম। "অ° কৃষ্ণ প্রেম, যেন জাম্বুনদ হেম।"-চৈ° চ°। "অকৈতবে কৃষ্ণ সেবে করি প্রাণপণ॥"-শি°।

অকৈবল্য-বি, কৈবল্য (দ্রঃ) রাহিত্য।

অকোট-বি, গুপারি বৃক্ষ [প্র° অ°]।

অকো//প [প্রা° বাং] বি, ক্রোধাভাব। ২ বিণ, অকোপন ; অক্রোধ ; ক্রোধহীন ; শান্ত। ৩ ক্রি-বিণ,ক্রোধ না করিয়া। "অ° হঞা মোর আবথা দেখ॥"-শ্রী° কী°। স্ত্রীং ~পা। বিণ, ~পী, স্ত্রীং ~পিনী।

অকোমল-বিণ, কঠিন ; কর্কশ ; নিষ্ঠুর। বি, ~তা, ~ত্ব (-ল-)। স্ত্রীং ~া।

অকোবিদ [অ-কোবিদ (পণ্ডিত)] বিণ, বি, অপণ্ডিত ; নিরক্ষর ; অজ্ঞ। স্ত্রীং~া।

অকৌটিল্য-বি, অকুটিলতা ; সারল্য।

অকৌশল [ন=অ-কুশল + অ (ভা°)] বি, কৌশলাভাব ; অপটুতা। ২ মনোভঙ্গ ; অস্বরস। ৩ বিবাদ ; ঝগড়া। "এইরূপে দুইজনে হল অ°।"-মহা° (কাশী)।

অক্কট, অক্কট [বৌ° সা°।"অ° পণ্ডিঅ=অ° ইত্যাশ্চর্য্যং পণ্ডিতৈঃ।" তুল-আকাট মূর্খ] বিণ, আশ্চর্য্য (দো° ১১০)।

অক্কা [অক(দুঃখ) + ক (কৈ-শব্দকরা) + অ (র্ত্তৃ), স্ত্রীং আপ্-যিনি, সন্তানের প্রসবকাল হইতেই দুঃখসূচক শব্দ করেন] বি, মাতা ; জননী। তুল-অত্তা (অম্বা) ; ম°-অক্কা (মান্যা স্ত্রী, জ্যেষ্ঠা ভগিনী) ; ফা°-আকা (মালিক : প্রভু) ; তুকী-আতা (পিতা)]। ২ মৃত্যু ; পঞ্চত্ব। ~পাওয়া [ফা°-আকা (মালিক =ঈশ্বর)-প্রাপ্তি] বি, ঈশ্বরপ্রাপ্তি ; স্বর্গলাভ। ২ ক্রি, প্রাণত্যাগ করা ; পঞ্চত্ব পাওয়া ; মরা। "বাবা অক্কা পেলো,"-বুড়ো বকেশ্বর।

অক্টোবর [October. হি° -অকতুবর ; অনুকরণে (বাং আদালতের কাগজ-পত্রে) 'অক্তোবর,' 'অক্তুবর'] বি, খ্রীষ্টাব্দের দশম মাস (প্রায় আশ্বিনের ১৪ বা ১৫ তারিখ হইতে কার্ত্তিকের ১৪ বা ১৫ই পর্য্যন্ত)।

অক্ত [অনজ্ (মাখা) + ত (র্ম্ম)]. বিণ, লিপ্ত ; মিশ্রিত। প্র-তৈলাক্ত ; রুধিরাক্ত ; ঘর্ম্মাক্ত ই° (স্বতন্ত্র প্র° অ°)।

অক্রু-বি, বর্ম্ম ; সাঁজোয়া mail.

অক্রম [ন=অ (অভাব)-ক্রম্ (শৃঙ্খলা)] বি, বিশৃঙ্খল ; অনিয়ম ; ঠিক পর পর নয়।

অক্রান্ত [অ-ক্রান্ত (দ্রঃ)] বিণ, অনাক্রান্ত। ২ অনতিক্রান্ত, অনতিবাহিত। ৩ অপরাজিত। স্ত্রীং ~া।

অক্রিয় [ন=অ (কুৎসিত)-ক্রিয়া যার -বহু°] বিণ, অক্রিয়ান্বিত ; শাস্ত্রীয় কর্ম্মরহিত। ২ [ন=অ (নাই) ক্রিয়া (পাপ-পুণ্যরূপ) যার -বহু°] বি, কর্ম্মশূন্য ; ক্রিয়ারহিত ; পরমাত্মা। স্ত্রীং~া। ~কর্ম্মা [মু°-অক্রিয়কর্ম্মন্।স্মা ১ব°] বিণ, কুকর্ম্মকারী। ~মাণ [ন=অ + কৃ + আন (র্ম্ম) ম, য আগম, কৃ + য়—মান, ই আগম=ক্রিয়মাণ] বিণ, যে কাজ করে না ; নিষ্কর্ম্মা। বি, ~তা, ~ত্ব।

অক্রিয়া-বি, ক্রিয়ার অভাব ; অবৈধ বা অশাস্ত্রীয় ক্রিয়া ; ধর্ম্মকার্য্যে অবহেলা ; অন্যায় কার্য্য ; দুষ্কর্ম্ম। ~চরণ-বি, অবৈধ ক্রিয়ার আচরণ ; অশিষ্টাচরণ ; কুব্যবহার। ~নিরত, ~নিষ্ঠ, ~ন্বিত, ~পর, ~যুক্ত, ~রত, ~শক্ত, ~সক্ত। বিণ, কু-কর্ম্মশালী ; কুকার্য্যে অভ্যস্ত ; পাপরত ; পাপিষ্ঠ। ~ময় [অ-ময় (পূর্ণার্থে ময়ট্)] বিণ, অনুচিত বা অসঙ্গত কর্ম্মপূর্ণ ; দুষ্ট।

অক্রীড়া [ন=অ-ক্রীড়া] বি, অযোগ্য ক্রীড়া ; অনুপযুক্ত খেলা।

অক্রীত [ন=অ-ক্রীত] বিণ, যা ক্রয় করা হয় নাই ; যা কেনা নহে।

অক্রুদ্ধ [ন=অ-ক্রুদ্ধ] বিণ, যে রুষ্ট নয় ; ক্রোধহীন। ২ শান্ত ; স্থির। ৩ বি, অক্রোধ [প্র° অ°] স্ত্রীং ~া। বি, ~তা।

অক্রূর$_{১}$ [ন=অ-ক্রূর (কুটীল, অসরল)] বিণ, সরল। স্ত্রীং ~া। বি, ~তা-সরলতা।

অক্রূর$_{২}$-বি, কৃষ্ণের পিতৃব্য (যদুবংশীয় শফল্কের ঔরসে গান্দিনীর গর্ভে জন্ম। কংশবধের জন্য বলরাম ও কৃষ্ণকে বৃন্দাবন হইতে মথুরা লইয়া যান)। "হায় রে যমুনে, কেনে না ডুবিল তোমার জলে, অদয় অ° যবে সে আইল ব্রজমণ্ডলে।"-ব্রজাঙ্গনা।

অক্রেয় [ন=অ-ক্রী (ক্রয় করা) + য

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গঁ ঞ্চ=ন্চ ঞ্ছ=ন্ছ হ্ন=হ্‌ন হ্ম হ্য হ্র হ্ল হ্ব zfwv ও চ্যা° দ্রঃ

(র্শ্ম)] বিণ, আক্রা ; যা মূল্যাধিক্য বশতঃ ক্রয় করিতে পারা যায় না ; দুর্ম্মূল্য ; যা মূল্যে পাওয়া যায় না ; মহার্ঘ। বি, ~তা।

অক্রো/ধ [ন=অ-ক্রোধ] বি, ক্রোধাভাব ; গৃহীর পক্ষে ধৃতি, ক্ষমা ইং দশকর্ম্মান্তর্গত ধর্ম্ম বিঃ। ২ বিণ, ক্রোধশূন্য ; যার ক্রোধ নাই। "অং পরমানন্দ মোর গৌর হরি।"-চৈং চং। ~ধিত -বিণ, যার ক্রোধ হয় নাই ; অক্রুদ্ধ ; যে ক্রুদ্ধ হয় না বা ক্রোধ করে না ; ক্রোধহীন ; ক্রোধমুক্ত ; রোষশূন্য। বিণ, ~ধন, ~ধী [ন=অ-ক্রোধন, ক্রোধী] বিণ, সহসা ক্রোধের কারণ থাকিলেও যার ক্রোধের উদ্রেক হয় না ; যে সহজে ক্রোধ সংবরণ করে ; অকোপন। ২ বি, কুরু-বংশীয় রাজা অযুতায়ুসের পুত্র।

অক্লম [অ-ক্লম (ক্লান্তি, শ্রম)]বিণ, অক্লান্ত ; শ্রমশূন্য। ২ বি, শ্রমাভাব ; অশ্রান্তি।

অক্লা/ন্ত [ন=অ (নাই)-ক্লান্ত (ক্লান্তি যার)-বহুং] বিণ, ক্লান্তিরহিত ; যে পরিশ্রম করিয়া শ্রান্তি বা ক্লান্তি বোধ করে না ; অশ্রান্ত। স্ত্রীং ~ন্তা। বি, ~ন্তি।

অক্লিন্ন [অ-ক্লিন্ন] বিণ, ক্লেদশূন্য ; অমলিন। ২ অসিক্ত ; অনার্দ্র। স্ত্রীং ~া।

অক্লিষ্ট [ন=অ-ক্লিষ্ট] বিণ, যে ক্লেশ বোধ করে না ; পরিশ্রমে যার কষ্ট নাই unwearied. ২ অপরিক্ষীণ ; অদম্য। প্র-অং অধ্যবসায়। ~কর্ম্মা [ন=অ (নাই) ক্লিষ্ট (ক্লেশযুক্ত) কর্ম্মন্ যার-বহুং] বিণ, অনায়াসে কর্ম্মসমাধাকারী indefatigable. "সেই মহাবল পরাক্রান্ত অক্লিষ্টকর্ম্মা কৃষ্ণকে অবগত হইতে সমর্থ হও নাই।"-মহাং (সিংহ)। ২ বি, অক্লেশে কর্ম্ম করিতে সমর্থ জন। ~কান্তি [ন=অ-ক্লিষ্ট (ক্লেশপ্রাপ্ত > বিবর্ণ) কান্তি (লাবণ্য) যার] বিণ, যা দেহের কান্তি বিবর্ণ হয় না বা হয় নাই।

অক্লীব [ন=অ-ক্লীব]বিণ, অবন্ধ্য। ২ ধৈর্য্য-শালী ; সহিষ্ণু। ৩ বীর। বি, ~তা, ~ত্ব।

অক্লেদ্য [ন=অ-ক্লিদ্ (ক্লিন্ন হওয়া) + য (র্শ্ম)] বিণ, যা ক্লিন্ন হয় না ; যা আর্দ্র বা গলিত হয় না ; যা জলে গুলিয়া যায় না। "আত্মা জীর্ণ শরীর পরিত্যাগ করিয়া অন্য নূতন দেহ ধারণ করে। * * * ইনি অচ্ছেদ্য, ইনি অদাহ্য, ইনি অং এবং অশোষ্য।"-গীতা (আর্য্যমিশন্)। ২ যা ক্লেশযুক্ত হয় নী।

অক্লে/শ [ন=অ-ক্লেশ] ক্রি-বিণ, ক্লেশ ব্যতিরেকে। ২ বি, ক্লেশাভাব। ক্রি-বিণ, ~শে [বৌং বাং প্রাকৃং অক্লেশে (চং পদ ৯।৫)] অনায়াসে ; সহজে।

অক্ষ [অক্ষ্ (ব্যাপ্ত) + অ (র্তৃ)] বি-পাশক ; পাশা (খেলিবার) a die or cube. প্র-অক্ষক্রীড়া। ২ পদ্মবীজ(২) রুদ্রাক্ষ-বীজ। প্র-অক্ষমালা। ৩ [বৈদ্যকে] ঋষ-ভক, কাঁকড়াশৃঙ্গী, দেবশিরীষ, বহেড়া, তুঁতিয়া' রসাঞ্জন, সৌবর্চ্চল লবণ, ধুনা, তিনিশ বৃক্ষ। ৪ [বাণিজ্যে] এক কর্ষ বা ভরি পরি-মাণ ; ১৬ মাসা (বিশ্বং) ; দুই তোলা (সুশ্রুত)। ৫ [ভূং] গোলকপৃষ্ঠে বিষুব রেখার উভয় পার্শ্বের যে কোন স্থানের দূরত্ব আবর্ত্তন দণ্ড : মেরু axis. যথা-অক্ষদণ্ড। ৬ [খগোলে] রবিমার্গ হইতে কোনো নক্ষত্র বা গ্রহের দূরত্ব পরিমাণ : গ্রহগণের পরি-ভ্রমণের পথ ; রাশিচক্রের অবয়ব। ৭ [ব্যব-হার শাং] ব্যবহার:আইন ; রাজনীতি Law ; Jurisprudence. ৮ [শিল্পে] রথাদির অব-য়ব বিঃ ; চক্র ; চক্রের মধ্যমণ্ডল ; ভিতরের ঈষ axle ; শকট ; রথ। ৯ ইন্দ্রিয় (যথা-অধোক্ষজ) ; চক্ষু (যথা-অক্ষপাদ গৌতম)। ১০ ["অক্ষো...জ্ঞানে চাত্মনি"-হেমচন্দ্র] আত্মা ; জ্ঞান। ১১ জন্মান্ধ। ১২ কুস্তি ; মল্লযুদ্ধ। ১৩ সর্প। ১৪ রাবণের পুত্র। ১৫ গরুড়। ১৬ কাশ্মীরের রাজা, ২য় নর-রাজের পুত্র, গোপাদিত্যের পিতা (৫৯৮ শকাব্দের পূর্ব্বে আবির্ভূত হন। ইঁহার নির্ম্মিত দেবপুরীর নাম অক্ষবাল-বিশ্বং)। ১৭ বিণ, আত্মজ্ঞ। ~ক-বি, কণ্ঠাস্থি collar-bone. ~কর্ণ-বি, সমকোণ ত্রিভুজের কর্ণ বা সর্ব্বাপেক্ষা বৃহৎ বাহু hypotenuse ২ [কর্ণ দ্রঃ] পতনকেন্দ্র। ~কূট [অক্ষ (চক্ষু)-কূট(তারা)-বিশ্ব ৬ তৎ] বি, নয়নের তারা। ~কোবিদ-বি, দ্যূত, দক্ষ বা পণ্ডিত। ~ক্রীড়া [অক্ষ (পাশক) ক্রীড়া-৩ তৎ] বি, দ্যূতক্রীড়া : পাশাখেলা। ~চক্র-বি, ভার উত্তোলন যন্ত্র বিঃ। ঐ যন্ত্রস্থ দণ্ডসম্বলিত চক্রের পরিধিতে বলপ্রয়োগ দ্বারা ঐ দণ্ডে বেষ্টিত রজ্জুসংলগ্ন গুরুভার সহজে উত্তোলিত হয়। ঐ দণ্ডের নাম অক্ষ wheel and axle. ~জ (-জ-) [অক্ষ (ইন্দ্রিয়)-জ (জন্মান) যা অক্ষ হইতে জন্মে-৫ তৎ] বিণ, ইন্দ্রিয়জাত। ২ [অক্ষক (দ্রঃ)। দধীচি মুনির অস্থি দ্বারা নির্ম্মিত বলিয়া] বি, বজ্র। ~দণ্ড-বি, পৃথিবীর মধ্যদেশভেদী ও উভয় মেরু স্পর্শকারী কাল্পনিক সরলরেখা যা বেষ্টন করিয়া পৃথিবী প্রতিদিন পশ্চিম হইতে পূর্ব্বে একবার আবর্ত্তিত হয় ; মেরুদণ্ড (দ্রঃ) axis ; minor axis. ~দর্শক [অং (ব্যবহার ; ঋণ-দানাদি সম্বন্ধীয় বিবাদ) দর্শক (দর্শনকারী)-২ তৎ] বি, ব্যবহারদ্রষ্টা ; বিচারক ; জজ্। ~দৃক্ [অ-দৃশ্ (যে দেখে) ক্বিপ্ (র্তৃ)] বি, অক্ষদর্শক (দ্রঃ)। ~দেবন [অক্ষ দ্বারা দেবন (ক্রীড়া) ৩ তৎ] বি, পাশাক্রীড়া ; পাশা খেলা। ~দেবী [অং (পাশক) দেবিন্ (দিব্-ক্রীড়া করা + ইন্-র্তৃ) যে অক্ষ-দ্বারা ক্রীড়া করে-৩ তৎ] বি, দ্যূতকারী ; পাশা-ক্রীড়ক ; যে পাশা খেলা করে। ~দ্যূ-বি, দ্যূত ক্রীড়াকারী : জুয়াড়ী। ~দ্যূত [অক্ষ দ্বারা দ্যূত-৩ তৎ] বি, পাশা খেলা ; পাশা ফেলিয়া জুয়া খেলা। ~দ্যূতিক-বি, জুয়া খেলায় বিবাদ। ~ধর [অং (চক্র, রথাবয়ব বা তার কীলকস্বরূপ কণ্টক) ধর (যে ধরে)-উপং] বি, বিষ্ণু। ২ চক্র। ৩ শেওড়া গাছ। বিণ, পাশা কিম্বা চক্রধারক। ~ধূর [অং (চক্র, ভার) ধূর-৬ তৎ] বি, চক্রাগ্রভাগ ; চাকার ধুরা axis ; axle ; pole of cart. ~ধূ(ধু)রা [অং-ধুর্ (অগ্র)-৬ তৎ] বি, অক্ষদণ্ড : চক্রাগ্র : চাকার ধুরো pole of carriage ; axle tree. ~ধূর্ত্ত [অং (পাশা খেলায়) ধূর্ত্ত (চতুর, দক্ষ) ৭ তৎ] বিণ, দ্যূতক্রীড়ক : জুয়াড়ী। ~পটল [অং (চক্ষু) পটল (আবরণ)] বি, ছানী cataract. ~পাঠক-বি, বিচারক। ~পাদ [অং (জ্ঞান) পাদ (গমন)-যার জ্ঞানেতে গমন-বহুং (ব্যাসদেব গৌতমকৃত ন্যায়শাস্ত্রের নিন্দা করিলে, গৌতম ব্যাসের মুখ দেখিবেন না বলিয়া প্রতিজ্ঞা করেন। পরে ব্যাসদেব ক্ষমা প্রার্থনা করিলে গৌতম প্রসন্ন হন, কিন্তু প্রতিজ্ঞাভঙ্গ ভয়ে চক্ষু দ্বারা দর্শন না করিয়া স্বীয় চরণোপরি চক্ষু সৃষ্টি করিয়া তদ্দ্বারা ব্যাসের মুখ দর্শন করেন। তদবধি গৌতম অক্ষ-

পাদ নামে খ্যাত)] -বি, ন্যায়শাস্ত্র-প্রণেতা গৌতম মুনি। ২ চক্রাঙ্গ; চাকার ধুরো। ~বতী-পাশা খেলা। ~বাট [অং(দ্যূত) বাট (স্থান)-৬ তৎ] বি, মল্লভূমি, কুস্তির আখড়া gymnasium. ২ দ্যূতক্রীড়া স্থান; পাশা খেলার আড্ডা; ঐ ছক dice board. ~বান্ [মৃ-অক্ষবৎ] অং যুক্ত। ~বিৎ [বিদ্-বেত্তা] বিণ, বি, ব্যবহার বিৎ; আইনজ্ঞ; পাশা খেলায় দক্ষ; দ্যূতজ্ঞ। ~বৃত্ত-বি,নিরক্ষ বৃত্তের সমান্তরাল এবং নিরক্ষবৃত্ত হইতে ক্রমশঃ দশ দশ অংশ অন্তরে কল্পিত বৃত্তসমূহ; অক্ষ-সমান্তরাল parallel of latitude. ~মদ -বি, পাশা খেলার নেশা। ~মালা [অক্ষ (রুদ্রাক্ষ) মালা-৬ তৎ] বি, রুদ্রাক্ষমালা। ২ জপমালা। ৩ বশিষ্ঠপত্নী অরুন্ধতী। ৪ আকাশ মণ্ডলের উত্তরদিকে বশিষ্ঠ সমীপস্থা অরুন্ধতীকে বেষ্টন করতঃ মালাকারে অবস্থিত সপ্তর্ষি-মণ্ডল। ~রুচক [অং (৩ দ্রঃ)] বি, সৌবর্চ্চল লবণ। ~রেখা-বি, নিরক্ষ-রেখা হইতে সমদূরবর্ত্তী উত্তর ও দক্ষিণস্থিত এবং গোলকের পূর্ব্ব-পশ্চিমে ব্যাপ্ত মণ্ডলাকার কল্পিত রেখা(এই সকল রেখা দুইস্থানের পরস্পর সংস্থান ও দূরত্ব নির্দ্ধারণের জন্য কল্পিত) parallel of latitude. ~সমান্তরাল-অক্ষবৃত্ত (দ্রঃ)। ~সূত্র-বি, জপমালা। "একাসনে অনশনে অন্নদার ধ্যান-মনে অক্ষসূত্র কমণ্ডলুধারী।"-অং মং। ২ [অং (জপমালা) তার সূত্র-৬ তৎ] বি, যে সূত্রে জপমালা গ্রথিত হয়।

অক্ষর্জন-অক্সিজান (দ্রঃ)।

ˋঅক্ষটী [আখেটিক (দ্রঃ)] বি, শিকারী। "অক্ষটীর ভাস্তা গেল হাতের সাতলা।"-বঙ্গ-সাং পরিচয়।

অক্ষর্ণবেধী [বৌং বাং। অক্ষণা (ক্ষণ-প্রভা) বেধী (লক্ষ্য ভেদী] বিণ, যার শর লক্ষ্যভ্রষ্ট হয় না; যে বিদ্যুতের আলোকে লক্ষ্য বেধ করিতে পারে; ক্ষিপ্রহস্ত; লঘুহস্ত।

ˋঅক্ষত [নঞ্-অ-ক্ষত (হিংসিত)-ক্ষণ +ত (র্ম্ম)] বিণ, অনাহত; যা আঘাত প্রাপ্ত হয় নাই। প্র-তিনি যুদ্ধস্থল হইতে অংদেহে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। ২[স্মৃতিতে] পুরুষসংসর্গরহিত-অক্ষতযোনি- বিং সাং। ৩ অখণ্ডিত; অবিসম্বাদী; অবিরোধী। প্র-অং সত্য। ৪ বেদাগ; আঁচড়শূন্য; নিখুঁত। প্র-অং বিল্বপত্র; অং বস্ত্র। ৫ বি, আতপতণ্ডুল: যব; লাজ: খই; সমস্ত শস্য। "দধিপাত্র, ফল, পুষ্প ও অং ইং যাবতীয় মঙ্গলজনক দ্রব্যসামগ্রী হস্তে করিয়া উপস্থিত হইলেন।"-মহাং (সিংহ)। "ধান্য, দূর্ব্বা, অং সিদ্ধার্থ, চন্দন, অগুরু, কস্তুরী, কুঙ্কুম, দধি, মধু, ঘৃত, পুষ্প, গোরোচনা সজ্জিত রৌপ্য-ময় অর্ঘ্যপাত্র কবিবরকে অর্পণ করেন।"-সাং পং পং। ৬ধান্য। "দূর্ব্বাক্ষত" (=ধান্য দূর্ব্বা)-কবিকং। স্ত্রীং ~া-পুরুষসংসর্গহীনা; কুমারী। ২ আতপ তণ্ডুল। ৩ যব। ~দেহ বিণ, যে শরীরে আঘাত প্রাপ্ত হয় নাই; অক্ষুণ্ন-কায়; অপ্রহৃত। স্ত্রীং ~দেহা। ~দেহে-ক্রি-বিণ, অনাহত বা অপ্রহৃত অবস্থায়; আঘাত প্রাপ্ত না হইয়া। ~যোনি [অং যোনি যার-বহুং] বি, যে স্ত্রীলোকের পুরুষ সঙ্গম হয় নাই; কুমারী। ২ [উং বিদ্যারত্ন] যে কুলটা নহে।

ˋঅক্ষম [নঞ্-অ + ক্ষম (সমর্থ)] বিণ,ক্ষমতা-হীন; শক্তিহীন; দুর্ব্বল। প্র-লোকটী রোগে অং হইয়া পড়িয়াছে। ২ অপটু; অপারগ; অসমর্থ। "রাজনীতি বিষয়ে বিধিপূর্ব্বক উপদিষ্ট না হইলে রাজকার্য্য নির্ব্বাহে একান্ত অপটু ও রাজমর্য্যাদা রক্ষণে নিতান্ত অং হইবেক।"-বিং সাং। ৩ অযোগ্য; অকৃতী। ৪ [অ + ক্ষমা] ক্ষমাহীন [বিরল] স্ত্রীং ~া-শক্তিহীনা। ২ [নঞ্-অ-ক্ষমা (ক্ষান্তি)-নঞ্] বি, ক্ষমাশূন্যতা; ক্রোধ। ২ অসহিষ্ণুতা। ৩ ঈর্ষ্যা। ~তা, ~ত্ব (-র্ম-) বি, ক্ষমতাহীনতা; অসামর্থ্য।

ˋঅক্ষয় (কলিকাতা অঞ্চলে প্রায় অ) [নঞ্-অ (নাই) ক্ষয় (বিনাশ) যার-বহুং। যার ক্ষয় নাই। স্ত্রীং ~া, পরে দ্রঃ] বিণ, ক্ষয়রহিত: অবিনশ্বর; অমর; চিরস্থায়ী; অবিনাশী; সর্ব্বদা বর্ত্তমান। প্র-অক্ষয়কীর্ত্তি বা যশ। ২ যা নিঃশেষিত হয় না বা ফুরায় না। প্র-অং ভাণ্ডার। ৩ নিরবচ্ছিন্ন। প্র-অং স্বর্গবাস। ৪ বি, রাবণের এক পুত্র। ~কীর্ত্তি-বি, স্থায়ী যশ; অবিনশ্বর খ্যাতি। ~কুমার-বি, অং ৪ (দ্রঃ)। ~তা, ~ত্ব-বি, ক্ষয়রাহিত্য; চিরস্থায়িত্ব; অনন্তত্ব। ~তূণ-বি, যে তূণের বাণ ফুরায় না। ~তৃতীয়া [যে তৃতীয়া তিথিতে কর্ম্মফলের ক্ষয় হয় না] বি; চান্দ্র-বৈশাখের শুক্লতৃতীয়া (এই তিথিতে সত্যযুগের আরম্ভ ও যবের উৎপত্তি কথিত হয়)। ~বট-বি, প্রয়াগ, ভুবনেশ্বর, গয়া, চন্দ্রনাথ ইং তীর্থস্থানে রোপিত বটবৃক্ষ। উক্ত হইয়াছে ঐ সকল বৃক্ষমূলে জলসেক করিলে এবং ঐ বৃক্ষের পূজা করিলে অং পুণ্যলাভ হয়। জগন্নাথ পুরীতেও অং বট প্রদর্শিত হয়। কাব্যে বৈতরণী নদীর তটে অং বটের উল্লেখ-"অং নামেতে বট বৈতরণী তটে।"-মেঘং। ~ললিতা-বি,স্ত্রীদিগের দ্বারা হরগৌরী পূজা দিবস: ৭ই ভাদ্র। ~লোক [অং (নিত্য, অনন্ত) + লোক (দেশ,জন্ম ইং)] বি, নিত্যধাম: স্বর্গ। ~স্বর্গ, ~স্বর্গলোক, ~স্বর্গ-বাস-বি, নিত্য স্বর্গবাস; অনন্ত স্বর্গ।

অক্ষয়া [অক্ষয়+অ (স্ত্রী)-যাতে অক্ষয় পুণ্য আছে] বি, বার-তিথি-ঘটিত যোগ-বিঃ। সোমবারে অমাবস্যা, রবিবারে সপ্তমী, মঙ্গলে চতুর্থী ও বৃহস্পতিতে অষ্টমী তিথি হইলে 'অং'। এই যোগে অনুষ্ঠিত কর্ম্মের ফল-ক্ষয় নাই।

অক্ষয্য [অক্ষয় + য (ভাং)] বি, অক্ষয়ত্ব। ২ [অ-ক্ষি (ক্ষয় পাওয়া) + য (র্ম্ম)] ঘৃতমধু-যুক্ত জল। ৩ বিণ, ক্ষয়ের অযোগ্য।

ˋঅক্ষর [নঞ্-অ-ক্ষর (ক্ষরিত হওয়া-যার ক্ষরণ নাই-বহুং, বৌং বাং 'অকখর' (দোং ৩, ১১৪)] বি, ব্রহ্ম; পরমাত্মা। ২ জীবাত্মা। "তত্ত্বজ্ঞানবলে যখন জীবাত্মা প্রকৃতিকে ক্ষর ও মহদাদি গুণবিশিষ্ট এবং আপনারে নির্গুণ প্রকৃতি হইতে সম্যক্‌রূপে পৃথক্ ও পরমাত্মার সহিত অভিন্ন বলিয়া অবগত হয়েন, অর্থাৎ যখন প্রাকৃত গুণ সকলকে নিন্দা করিয়া পরব্রহ্মের অনুসরণ পূর্ব্বক পরমাত্মাতে মিলিত হয়েন, তখনই তাকে অং বলিয়া নির্দেশ করা যায়।"-মহা (সিংহ)। ৩ শিব; বিষ্ণু। ৪ আকাশ ether. ৫ ধর্ম্ম; তপস্যা। ৬ মোক্ষ। ৭ [সাংখ্য দর্শনে] বি, প্রকৃতি। ৮ (র্ণ) শব্দের এক একটী ক্ষুদ্রতম অংশ; অকারাদি বর্ণ। ৯ [ছন্দঃ শাং] শব্দের অন্তর্গত যে বর্ণ বা বর্ণসমষ্টি এক সঙ্গে উচ্চারিত হয় syllable. ১০ সীসা ইং নির্ম্মিত র্ণং; টাইপ type. [সাহিত্যগুরু অক্ষয়কুমার দত্তের খুল্লতাত সুপ্রীমকোর্টের দেওয়ান হরমোহন দত্তের হস্তাক্ষর দেখিয়া বর্ত্তমান বাঙ্গালার সীসাক্ষর

প্রস্তুত হইয়াছিল।-মহেন্দ্রনাথ বিদ্যানিধি-লিখিত অ° দত্তের জীবনী] ১১ বিণ, ক্ষরণ-শূন্য ; ক্রিয়াশূন্য ; নিত্য ; স্থির। "অতএব সকল ক্ষর অর্থাৎ অনিত্য ও বিকারী বস্তু ত্যাগ করিয়া অ° অর্থাৎ নিত্য ও অবিকৃত বস্তুরই ধ্যান করা উচিত।"-বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)। ~চুঞ্চু [অ°+চুঞ্চু (খ্যাতার্থে)-যে অক্ষর অর্থাৎ বর্ণবিন্যাসদ্বারা খ্যাত] বিণ, লিপি-কর্ম্মে নিপুণ ; যার হস্তাক্ষর সুন্দর ; সুলেখক। ~জননী [অক্ষরের জননী-যা থেকে অক্ষ-রের উৎপত্তি-৬ তৎ] বি, লেখনী ; কলম [বিরল] ~জীবক [অ°-জীবক(যে বাঁচে)] বিণ, অ° জীবী (দ্রঃ)। ~জীবিক [অ°-জীবিকা (জীবনোপায়) যার-বহু°] বিণ, লিপি-কর। মসিজীবী ; যে লিখিয়া জীবিকা উপার্জ্জন করে। ~জীবী [অ° (লিপি) দ্বারা জীবী-যে জীবিকা নির্ব্বাহ করে-৩ তৎ] বিণ, লেখক। ~তূলিকা [অক্ষরের-(লিখিবার)তূলিকা-৬ তৎ] বি, লিখিবার তুলি (চীনারা এখনো তুলিদ্বারা লিখে,ভারতবর্ষেও এইরূপ লিখনযন্ত্র প্রচলিত ছিল বলিয়া অনুমিত হয়) ; লেখনী ; কলম। ~নির্বদ্ধ [অ° দ্বারা নিবদ্ধ ৩ তৎ] বিণ, অক্ষরে প্রকাশিত ; লিখিত ; কলম-বন্ধ ; পত্রগত। ~ন্যাস [অক্ষরের-ন্যাস (ক্ষেপণ, সন্নিবেশ) করা হয় যাতে] বি, লিপি ; পত্রিকা। ২ [অক্ষরের ন্যাস-৬ তৎ] পরিপাটীরূপে অক্ষর-পঙ্‌ক্তি লিখন ; কম্পোজিটরদ্বারা অ° বিন্যাস বা সাজানো। ~পরিচয় [অক্ষরের পরিচয় -৬ তৎ] বি, বর্ণমালাজ্ঞান ; অ° জানা বা চেনা। ২ প্রথম শিক্ষা ; হাতে খড়ি। ~বদ্ধ-অক্ষর নিবদ্ধ দ্রঃ। ~বিন্যাস [অক্ষরের বিশেষ ভাবে ক্ষেপণ-৬ তৎ] বি, সুন্দরভাবে অ° সাজাইয়া লিখন ; বর্ণসং-স্থাপন। "এ ভুজঙ্গ-নির্ম্মোক নহে, ভূর্জ্জ পত্র গত অ° বিন্যাস।"-বিক্রমোর্ব্বশী। ২ পত্র ; লিপি। ৩ লিখন প্রণালী ; বর্ণবিন্যাস প্রণালী [অক্ষরন্যাস দ্রঃ] ~বৃত্ত-বি, সং ছন্দঃ বিঃ] "ধ্বনির গাম্ভীর্য্য এবং বাক্যের সম্প্রসারণ ক্ষমতা ও সুর বৈচিত্র্যই অক্ষরবৃত্ত ছন্দের বিশেষত্ব ও ইহা গীতি কবিতার পক্ষে বিশেষ উপযোগী। ~মালা [অক্ষরের মালা-৬ তৎ] বি, বর্ণমালা ; অ° শ্রেণী। ~মুখ [অ° মুখে যার ; যার মুখে অ° অর্থাৎ অক্ষরাত্মক শাস্ত্র বা অক্ষরসকল বিদ্যমান আছে-বহু°] বিণ, অক্ষরজ্ঞ ; শাস্ত্রাভিজ্ঞ। বি, শিষ্য ; ছাত্র। ২ [অক্ষরের মুখ আদি, প্রথম)-৬ তৎ] বি, প্রথম অক্ষর 'অ'। ~সংস্থান [অক্ষরের-সংস্থান (আকৃতি ; স্বরূপ আরোপণ)-৬ তৎ ; অক্ষরের সংস্থান যাতে-বহু°] বি, লিখন ; লিপি। ২ অ° বিন্যাস ; অ° সাজানো, কম্পোজ করা। অক্ষরে অক্ষরে পালন করা-উপদেশ বা আদেশমত কার্য্য করা, তার কিঞ্চিন্মাত্রও অন্যথা না করা। ক অ° গোমাংস-যে বর্ণমালান্তর্গত বর্ণের আদ্য-ক্ষর 'ক'ও কখন অস্পৃশ্য গোমাংসের ন্যায় মুখে আনে নাই,অর্থাৎ বর্ণমালা স্পর্শও করে নাই ; বিদ্যাহীন ; মূর্খ। ঘুণাক্ষরে-সামান্য ইঙ্গিতে ; ইশারায়।

অক্ষরণ [অ-ক্ষরণ] বি, স্রাবরাহিত্য।

অক্ষরান্ত/র [অক্ষর+অন্তর] বি, এক ভাষার শব্দে অন্য ভাষার অক্ষর দ্বারা প্রকাশ। ~রীকরণ-বি, অ° ক্রিয়া ; লিপ্যন্তর transliteration.

অক্ষাংশ [অক্ষ-অংশ-৬ তৎ] ভূগোল-বেত্তারা বিষুবরেখার উত্তর-দক্ষিণ অথবা পূর্ব্ব-পশ্চিম ভূভাগ ৩৬০ অংশে বিভাগ করিয়াছেন। এক এক ভাগ এক এক অ° degree.

অক্ষাগ্র [অক্ষ+অগ্র] বি, শকটের সম্মুখ ভাগ ; চক্রান্ত wheel axle of carriage. ~কীলক [অক্ষ (চক্র) তার অগ্রকীলক (অগ্রভাগের খিল) ৬ তৎ] বি, চাকার খিল।

অক্ষান্তি [ন=অ-ক্ষান্তি (ক্ষমা) নঞ্] বি, অক্ষমা ; অসহিষ্ণুতা ; ঈর্ষা।

অক্ষার [ন=অ-ক্ষার (দ্রঃ)] বি,ক্ষার পদার্থ বা ক্ষার-স্বাদহীন ; লবণ-রহিত। ~জল-খনিজ লবণাদিশূন্য জল soft water. ~লবণ-বি, ক্ষার পদার্থহীন লবণ ; সমুদ্রের জল-জাত লবণ ; সৈন্ধবাদি লবণ rocksalt. ২ হবিষ্য দ্রব্য [ইহা পিতামাতাদির মরণা-শৌচে ব্যবহার্য্য]।

অক্ষি [অক্ষ (ব্যাপা+ই (র্তৃ)-যে রূপকে ব্যাপে। বৌ° বাং প্রাকৃ° অখি, আখি, আখী (চ° পদ°দো°ই°)। আধু° পদ্যে আঁখ,আঁখি। তুল-গ্রী°-Okos, Okkos; ল্যা°-Oculus; লিথু-Akis] বি, চক্ষু ; আঁখি। ২ [গ্রা°] রুদ্রাক্ষ:পদ্মবীজ। ~ক, অক্ষীক-বি, রঞ্জন বৃক্ষ ; আচফুলের গাছ। ~কাচ-বি, অচ্ছক ; পরকলা ; কাচ ; লেন্স্ lens. ~কূটক, [অ°-কূটক (গোলক)] বি, চক্ষুর গোলক ; আঁখির তারা। ~কোটর, ~কোষ -চক্ষুর খোল socket of the eye. ~গত [অক্ষিকে গত (প্রাপ্ত) ২ তৎ] বিণ, নয়ন-গোচর ; যে বস্তু চক্ষুর বিষয়তা প্রাপ্ত হয় ; দৃষ্টির বিষয়ীভূত। ~গোল, ~গোলক-বি, চক্ষুগোলক, চক্ষুর সমস্ত গোল অংশ eye-ball. ~জল-বি, অশ্রু। ~তারকা,~তারা-বি, নয়নতারা। ~পক্ষ্ম-বি, চক্ষুর পাতার লোম বা রোঁয়া eyelash. ~পট, ~পট্ট, ~পর্দ্দা-বি, অক্ষিগোলকের পশ্চাৎভাগস্থ অতিসূক্ষ্ম ঝিল্লি বা পরদা, যাতে গিয়া অক্ষিস্নায়ু সকল শেষ হইয়াছে এবং যার উপর আলোক পাত হইলে দৃষ্টির অনুভূতি জন্মে ; চিত্রপত্র retina. ~পটল-পটল ৯ (দ্রঃ) ; ছানি coat of the eye. ~পুট-বি, নেত্রপল্লব ; চোখের পাতা eye-lid. ~বিকূণিত-বি, পার্শ্ব দৃষ্টি ; আড়দৃষ্টি ; অর্দ্ধমুদিত চক্ষুর দৃষ্টি ; কটাক্ষ পাত। ~বিক্ষেপ-বি, দৃষ্টিপাত glance. ~বিভ্রম-বি, দৃষ্টিভ্রম ; দৃষ্টিমায়া ; মরীচিকা illusion. ~ভিষক্-বি, চক্ষু চিকিৎসক oculist. ~ভেষজ-বি, নেত্রৌষধি ; লোধ্র symplocos racemosa. ~মালা-নেত্র পঙ্‌ক্তি। ২ অক্ষমালা।

অক্ষিন্ন-বিণ, অক্ষুব্ধ ; অদুঃখিত।

অক্ষিব-বি, সামুদ্রিক লবণ।

অক্ষীণ-বিণ, অকৃশ ; অক্ষুণ্ণ ; সবল। ~বৃত্ত [অক্ষীণ (দৃঢ়) বৃত্তি (নিষ্ঠা) যার-বহু°] বিণ, বেদবিহিত আচার-নিষ্ঠ।

অক্ষীব-বি, সজিনা গাছ।

অক্ষুণ্ণ [ন=অ-ক্ষুণ্ণ] বিণ, ক্ষুণ্ণ নয় ; যে কোন বিষয়ে ক্ষুণ্ণ বা নিরাশ হয় নাই ; মনস্তাপ-শূন্য। ২ অননুশীলিত। প্র-অ° জ্ঞানার্ণব। ৩ অনবগাঢ় ; অনালোড়িত। অ° হ্রদ (যে হ্রদে কেহ কখনো অবগাহনাদি করে নাই)। ৪ সুস্থ ; অটুট। প্র-অ° দেহ। ৫ অক্ষুব্ধ। প্র-

অক্ষুণ্ণহৃদয়। ৬ অবিকৃত। "যখন ভাব আমাদিগের অন্তঃকরণে অ° ও দৃঢ়রূপে বদ্ধমূল হইয়া উঠে তখন উহাকে স্থায়ি-ভাব বলা যায়।"-কাব্য-নির্ণয়। ৭ যা হ্রাস প্রাপ্ত হয় নাই; অখণ্ড : পূর্ণ। প্র-অ° প্রতাপ। ৮ পূর্ব্ববৎ : বজায়। "কিন্তু সে সকল কারণ অন্তরিত হইলেও সন্ধি অ° থাকিবে, এরূপ কখনই সম্ভাবিত নহে।"-নবাব নন্দিনী (দামোদর)। ৯ অচূর্ণিত। ১০ অস্পৃষ্ট। স্ত্রীং ~া। **~ক্ষুর, ~খুর, ~শফ**-বি, অবিভক্তক্ষুর (অশ্বাদি পশুর)। **~প্রতাপ, ~প্রভাব**-বি, অখণ্ড তেজ; পূর্ণ বিক্রম : অমিত পরাক্রম। "যাঁর অ° প্রতাপ অলঙ্ঘ্য প্রাকৃতিক বিধান রূপে...।"-উত্তরা-পৌষ, ১৩৩৩। **~শক্তি**-বি, অটুট বল।

অক্ষুর্ধ-বিণ, অক্ষুধিত (দ্রঃ)।

অক্ষুধা [ন=অ (অল্প, অভাব) ক্ষুধা] ক্ষুধামান্দ্য : খাইবার অনিচ্ছা বা অল্প ইচ্ছা।

অক্ষুধিত [ন=অ-ক্ষুধা+ইত (স্ত্য)] বি, যার ক্ষুধা হয় নাই।

অক্ষুভিত, অক্ষুব্ধ [ন=অ-ক্ষুভ্ (চঞ্চল হওয়া) + ত(র্তৃ)=ক্ষুব্ধ-ই আগম (ক্ষুভিত)] বিণ, ক্ষোভশূন্য; ক্ষুব্ধ নয়; অব্যাকুল; অনাকুল; অনাকুলিত; ভয়ের কারণ বা বিপদ ঘটিলে যে ব্যাকুল হয় না। প্র-অক্ষুব্ধ মানস।

অক্ষেত্র [ন=অ-ক্ষেত্র (স্থান)] বি, যে ক্ষেত্র শস্যোৎপাদনের উপযুক্ত নহে; যে ক্ষেত্রে শস্য জন্মে না; মরুভূমি। ২ অপাত্র; অযোগ্য পাত্র। ৩ অযোগ্য স্থান।

অক্ষেম [ন=অ (অভাব) ক্ষেম (মঙ্গল)] বি, কল্যাণাভাব; অমঙ্গল।

অক্ষোট, ~ড় [অক্ষ্ (সংহতি-জমাট)-ওট, ওড়; যে ফলের আবরণ ত্বক অষ্টিল। ইহার জন্মস্থান হিমালয়; প্রাকৃ°-অক্রোড়; হি°-আখ্‌রোট > পস্তু বা ফা-তে গৃহীত আকার 'অখ্‌রোট্'] বি, আখরোট নামক কঠিন ত্বক্ ও আমড়ার মত গোলাকার, পার্ব্বত্য ফলের গাছ Juglans regia; Aleurites triloba. ২ আখ্‌রোট ফল wall-nut.

অক্ষো/ভ [ন=অ (নাই) ক্ষোভ (কাতরতা, চঞ্চলতা) যার-বহু°] বিণ, যার ক্ষোভ নাই; ক্ষোভরহিত; অকাতর। ২ বি, ভগ্নোৎসাহহীনতা। "বিফল মনোরথ হেতু * * তরুণগণ * সাহস ও অ° গুণে একান্ত বঞ্চিত থাকেন।"-রচনাবলী। ৩ অনায়াস : অক্লেশ; অক্ষুণ্ণমনে। "অম্লানবদনে ও অক্ষোভে অপব্যয়িত করেন।"-রচনাবলী। ৪ হস্তিবন্ধন স্তম্ভ : আলান। ৫ ক্রি-বিণ, ক্ষোভব্যতিরেকে। **~ভণীয়** [অ-ক্ষুভ্+অনীয় (র্ম্ম)] বিণ, অক্ষোভ্য (দ্রঃ)। **~ভী** [অ-ক্ষোভ্+ইন্ (স্ত্য)] বিণ, অক্ষুব্ধ (দ্রঃ)। **~ভ্য** [ন=অ-ক্ষুভ্ (চঞ্চল হওয়া, কাতর হওয়া)+য (র্ম্ম)] বিণ, যা সহজে বিচলিত হয় না। "অ° সাগরের ন্যায় অবিচলিত।"-মহা° (সিংহ)।

অক্ষৌহিণী [অক্ষ (গজাদি)+উহিনী (সংখ্যাকারিণী; নির্ণয়কারিণী।-উহ (বিতর্ক করা)+ইন্(র্তৃ)-স্ত্রীং ঈপ্। অশ্বগজাদির সংখ্যাকারিণী-৬ তৎ] বি, চতুরঙ্গিণী সেনার সংখ্যাভেদ; যে সেনাদলে ১০৯৩৫০ পদাদি, ৬৫৬১০ অশ্ব, ২১৮৭০ হস্তী ও ২১৮৭০ রথ-মোট ২,১৮,৭০০ সৈন্য থাকে [১ হস্তী, ১ রথ, ৩ অশ্ব ও ৫ পদাদি=১ পত্তি, ৩ পত্তি=১ সেনামুখ, ৩ সেনামুখ=১ গুল্ম, ৩ গুল্ম=১ গণ, ৩ গণ=১ বাহিনী, ৩ বাহিনী=১ পৃতনা; ৩ পৃতনা=১ চমূ, ৩ চমূ=১ অনীকিনী ১০ অনীকিনী=১ অক্ষৌহিণী। স্বতন্ত্র স্বতন্ত্র সেনাদলের অধ্যক্ষ স্বতন্ত্র স্বতন্ত্র নামে অভিহিত-পত্তিপতি, সেনামুখনেতা, গুল্মনায়ক, গণনায়ক, বাহিনীপতি, পৃতনাপতি, চমূপতি, অনীকিনীপতি, অক্ষৌহিণীপতি এবং সকলের উপর সেনাপতি (Commander-in-chief)]।

অক্সিজান্, ~জেন, অক্সিজন-বি, বর্ণগন্ধস্বাদহীন; প্রাণবায়ু; অম্লজান (দ্রঃ); দহক oxygen. প্র-অ° দেওয়া, "অ° দিয়ে রোগীকে এখনও বাঁচিয়ে রেখেছে।"

অখিট্টি [গ্রা°-আখুটি (দ্রঃ)] বি, শিশুর আবদার; ছেলেদের দুরন্তপণা।

অখণ্ড [ন=অ-খণ্ড (অংশ; ভাগ)। যার অংশ নাই-বহু°] বিণ, খণ্ডহীন; যা খণ্ড করা নয়; পূর্ণ; সমগ্র; গোটা; আস্ত; অভগ্ন। ২ অক্ষত; নিখুঁত। ৩ অবিভক্ত; পূর্ব্ববৎস্থায়ী; যার হ্রাস হয় নাই; যা খর্ব্ব করা হয় নাই; অক্ষুণ্ণ। প্র-অ° প্রতাপ। বি, ~তা, ~ত্ব। **~দণ্ড** [ন=অ-খণ্ড (বিভক্ত) দণ্ড (শাসন)-অ° দণ্ড যার-বহু°] বি, একাধিপত্য। ২ বিণ, যার অখণ্ড প্রতাপ। **~া** বি, চান্দ্র অগ্রহায়ণের শুক্লা দ্বাদশী (যাতে কর্ম্মফলের খণ্ডন হয় না)। **~ন** [ন=অ-খণ্ডন (খণ্ড) যার-বহু°] বি, (নিরাকার ও অনাদি অনন্ত বলিয়া) পরমাত্মা। ২ বিণ, অখণ্ড। **~নতা, ~নত্ব, ~নীয়** [ন=অ-খণ্ডনীয়-নঞ্] বিণ, যা খণ্ডন করিতে পারা যায় না : অপরিবর্ত্তনীয় : অনুল্লঙ্ঘ্য : অকাট্য; অখণ্ড্য। প্র-অখণ্ডনীয় প্রমাণ। বি, ~তা, ~ত্ব। স্ত্রীং **~নীয়া**। **~মণ্ডলাকার**-বি, সম্পূর্ণ গোলাকৃতি।

অখণ্ডিত [ন=অ-খণ্ডিত-নঞ্] বিণ, যা খণ্ডিত নয়; অবিভক্ত; জোড়া; লিপ্ত। "সশফ পশুদিগের মধ্যে অশ্বজাতীয় পশুর খুব অ°।" ২ যা খণ্ডন হয় নাই। "অ° সত্য।" স্ত্রীং ~া। **~পত্র**-বি, যে পত্রের পার্শ্বদেশ বিভক্ত নহে; আম, কাঁটাল ই° পত্র। **~বাহু** [অ° বাহু যার-বহু°] বিণ, যে ক্ষেত্রের বাহু বিভক্ত হয় নাই। ২ যে ছিন্ন হস্ত নহে।

অখণ্ড্য [অ° খণ্ড+য (র্ম্ম)] বিণ, অখণ্ডনীয়; খণ্ডন-অসাধ্য। প্র-অ° প্রমাণ।

অখদ্যে [অখাদ্য >] বিণ, খাদ্যের অযোগ্য; অকর্ম্মণ্য; অকার্য্যকারী। অ° অবিদ্যে [অ° (অখাদ্য)+অবদ্যে (অবাদ্য=অকথ্য)] যা এত অপকৃষ্ট যে স্পর্শযোগ্য নহে এবং কহতব্যও নহে; যা মুখে দিবার নয় : মুখে আনিবারও নয়; যা কোনই কাজে লাগে না। প্র-এমন অখদ্যে অবদ্যে জিনিসও কিনিতে আছে।

অখন [সং ইহ-ক্ষণ > গ্রা° চ° অ° আধু° বাং দ্রুত উচ্চারণে-'খন] অ° এক্ষণে, এখন।

অখনন [ন=অ-খনন (খনিত)] বিণ, অখণ্ডিত; যা খোঁড়া নহে; অখনিত। ২ বি, খননাভাব।

অখরোট-বি, অক্ষোট (দ্রঃ)।

অখর্ব্ব [ন=অ-খর্ব্ব-নঞ্] বিণ, অক্ষুদ্র; বামন নহে। ২ লম্বা; দীর্ঘ।

অখল [ন=অ-খল্-নঞ্] বিণ, খলতাশূন্য; সরল। "না ঠেলহ ছলে, অবলা অখলে।"-চণ্ডী°। স্ত্রীং ~া-সরলা। "হাম সে অবলা, হৃদয় অখলা, ভাল মন্দ নাহি জানি।"-চণ্ডী°।

অখাত [ন=অ-খন্ (খোঁড়া)+ত (র্ম্ম)। যা খনিত নহে] বি, দেবখাত; স্বাভাবিক

খাত। ২ বিণ, অখনিত। ৩ [ভূগোলে] উপসাগর ; সমুদ্রাংশ।

অখাদিত [ন=অ-খাদিত (দ্রঃ)] বিণ, অভুক্ত ; অভক্ষিত।

অখাদ্য [ন=অ (অপ্রশস্ত)-খাদ্য-নঞ্] বিণ, খাদ্যস্বরূপ গ্রহণের অযোগ্য : যা খাইবার মত নহে এরূপ ; অভক্ষ্য প্র-"অঘোরপন্থীদিগের অ° কিছুই নাই।"-উ° স°। ২ নিষিদ্ধভোজ্য ; ধর্ম্মবিরুদ্ধ খাদ্য। "গো, গবয়, শরভ, হিন্দুর অ°, কিন্তু বন্যশূকর এবং গণ্ডার খাদ্য কি অ°এ বিষয়ে পণ্ডিতগণের মতভেদ আছে।"

আঁখি [সং অক্ষি >, বৌ° বাং প্রাকৃ° আধু° পদ্যে আঁখি] বি, চক্ষু (দো° ৮৪)।

অখিদ্য [ন=অ-খিদ্ (দীনভাব-দৈন্য) + য (র্ম্ম)] বিণ, অক্লান্ত ; অশোচ্য ; খেদরহিত। **~মান** [ন=অ-খিদ্ (শোক করা) + আন (শান)-য আগম] বিণ, অম্লান ; অননুশোচ্য।

অখিন্ন [ন=অ-খিদ্ + ত (র্ম্ম) ; দ=ত=ন্ন)] বিণ, খেদশূন্য। ২ অশ্রান্ত।

অখিল [ন=অ (নাই) খিল (শূন্য) যাতে -বহু°] বিণ, সকল ; সমস্ত। "অ° ভ্র গতি দেব নারায়ণ।"-মহা° (কাশী)। "অ° ব্রহ্মাণ্ডপতি, প্রণমি চরণে তব।"-স্ক°। ২ ক্রি-বিণ, সর্ব্বত্র। "অ° বিখ্যাত কীর্ত্তি।"-ধ°ম°। ৩ বি, বিশ্ব ; জগৎ। "মৃদু বহিল সমীর গাহিল অধীর কোকিল, অ° মোহিয়া।"-বি, মজুমদার। ৪ পৃথিবী [ঘ°-ধ° ম°] ৫ আকাঙ্ক্ষা ; অভাব ; শূন্য। "অকিঞ্চন অনেক অ° ভরে দি।"-শি°। "বখিল না হয় তায়, অ° ভরিয়া যায়।"-ঈ° গুপ্ত। **~খণ্ড**-ভূখণ্ড। "ঈশান অখিল-খণ্ডে যদি যাও ভাই।"-ঘ°। **~প্রিয়**-বিণ, সকলের আদরণীয়। "কোকিল অ° প্রিয় সুমধুর গানে।"

অখেদ [ন=অ (নাই) খেদ (দৈন্য) যার-বহু°] বিণ, অনুতাপিত নহে ; দুঃখিত নহে। ২ বি, দুঃখের অভাব ; খেদরাহিত্য। প্র-ও বিষয়ে তার খেদ বা অ° কিছুই বুঝা যায় না।

অখেয়াশ [প্রাদে°। সং অ-খেয়াশ (ফা-খ্.াহিশ্=ইচ্ছা, খুশি >। অখেয়াশী, অখেশী] বি, অনিচ্ছা, অখেশি [সং অ-ফা খ্.াহিশ > তুল-ফা-না খুশির অনুসরণে অখুশি] বি, ইচ্ছার অভাব ; ২ অমনোযোগ।

অখ্যাত [ন=অ-খ্যা (কথন) + ত (র্ম্ম)-যে লোকের কথনযোগ্য নহে] বিণ, অপ্রসিদ্ধ ; অপ্রতিষ্ঠিত ; নিন্দিত। বি, অখ্যাতি। ২ (-ৎ) [চ°গ্রা° অক্‌খেৎ অখ্যাতি >] বি, অখ্যাতি ; নিন্দা ; গ্লানি। স্ত্রী°~া **~নামা**-বিণ, অপ্রসিদ্ধ ; যার নাম যশ নাই ; অজ্ঞাতনামা।

অখ্যাতি [ন=অ (কুৎসিত) খ্যাতি (খ্যা + ক্তি, ভা°)-যশঃ] বি, অযশ ; নিন্দা। অপবাদ। **~কর** [অ° (অযশঃ) কর (যে করে)] বিণ, অযশস্কর ; দুর্নামজনক। **~কারক**-বি, নিন্দাকারক ; যে অযশ ঘোষণা করে ; যাতে অযশ ঘটায়। **~জনক**-বিণ, অ° কর (দ্রঃ), নিন্দাজনক। **~বোধ**-বি অমর্য্যাদাবোধ ; নিন্দাজ্ঞান ; অগৌরবের বোধ।

অগ [ন=অ (গমন করা) + অ (র্ত্তৃ) যে গমন করে না] বি, নগ ; অচল ; পর্ব্বত। ২ [আর্য্যভট্টাদির বিশ্বাসমতে সূর্য্য গতিহীন অর্থাৎ অচল বলিয়া অথবা জ্যোতিঃশাস্ত্রমতে সূর্য্য বক্রগতিদ্বারা গমন করে না বলিয়া, অগ] বি, সূর্য্য। ৩ বৃক্ষ। ৪ সর্প।

অগই [প্রাদে°] এক জাতীয় ফলের গাছ Dillenia scabrella.

অগঙ্গ [ন=অ (নাই) গঙ্গা যেখানে-বহু°] বিণ, গঙ্গাহীন দেশ। প্র-অ° প্রদেশ। ২ যে প্রদেশ হইতে গঙ্গা ৪ক্রোশাধিক দূরে অবস্থিত।

অগচ্ছ [সং] বি, বৃক্ষ ; গাছ। ২ [অ (হীন, অল্প)-গচ্ছ (গাছ)] আগাছা (দ্রঃ)।

অগচ্ছিত [ন=অ-গচ্ছিত] বিণ, যা ন্যস্ত নহে ; যা জিম্মা দেওয়া নয়।

অগজ [অগ (পর্ব্বত ; বৃক্ষ ই°) + জন (জন্মান) + অ (র্ত্তৃ)] বিণ, পর্ব্বতজাত। ২ [ন=অ(অভাব)-গজ] গজের অভাব ; গজশূন্য।

অগড়বগড়, অগড়মবগড়ম [অনু°। হি° ঐ, 'অণ্ড বণ্ড' ও°। প্রাদে° গ্রা°-আগড়োমবাগড়োম। তুল-আলাত পালাত] বি, অর্থহীন ক্রমবিহীন বাক্য ; যা তা বকুনি ; অসম্বদ্ধ প্রলাপ ; ভালমন্দ মিশ্রিত বাক্য ; বাতুলের প্রলাপ [দ্রঃ-যে এইরূপ বকে হি°-তে সে বৌড়ম্ (বাতুল)]।

অগণ্তি [সং-অগণিত >, গ্রা°-অগুনতি। ন=অ-গণতি(গণনা) যার-বহু°] বিণ, যা গণা যায় না ; অগণিত ; অসংখ্য ; অত্যধিক।

অগণন (ছন্দানুরোধে 'নন' ও হয়) [ন=অ-গণন (সংখ্যাকরা) অন্ (ভা°)] বিণ, যার গণনা হয় না ; গণিয়া শেষ করা যায় না ; অগণ্য ; অসংখ্য ; অসংখ্যেয়। "হাতে লয়ে দীপ অ°"-রবী°। "গায় নরনারী অ°,"-স্ক°। **~নীয়** [ন=অ-গণন (সংখ্যা করা) + (র্ম্ম)] অসংখ্য। ২ অগ্রাহ্য ; যে ব্যক্তি গণনীয় নহে। ৩ তুচ্ছ ; সামান্য।

অগণিত [ন=অ-গণন (সংখ্যা করা) ত (র্ম্ম)। গ্রা°-অগণ্তি, অগুন্তি] বিণ, অগণ্য ; অসংখ্য। "প্রতিশৃঙ্গপক্ষ, মৃগ লক্ষ লক্ষ পশুগণ অ°।"-মহা° (কাশী)। ২ অসংখ্যাত ; যা গণিতে পারা যায় নাই : যার সংখ্যা করা হয় নাই। প্র-আর সমস্ত গণা হইয়াছে, কেবল এইগুলি এখনও অ° আছে। **~ব্য**-বিণ, অগণ্য।

অগণ্য [ন=অ-গণন (সংখ্যা করা) + য(র্ম্ম)] বিণ, যে গণনার যোগ্য নহে ; নগণ্য ; অমান্য ; অসম্মানিত। ২ অকিঞ্চিৎকর : সামান্য : তুচ্ছ। ৩ যা গণনা করা সম্ভব নয় ; যা গণিয়া শেষ করা যায় না ; অসংখ্য। "অ° বিশ্ব তব পদতলে,"-স্ক°। [নগণ্য-গণনার অযোগ্য ; যা গণনার মধ্যে ধরা হয় না। অ° সংখ্যার পরিমাণ-বাচক। 'নগণ্য' সমাদর তুলনাদিবাচক। প্র-আকাশে অ° তারা ; সমাজের নগণ্য ব্যক্তি। অবজ্ঞা বা ঘৃণার উপযুক্ত পাত্র অর্থে নগণ্য স্থলে অবজ্ঞেয় চ°, কিন্তু নগণ্য হইলেই যে অবজ্ঞেয় তা নয়। প্র-সমাজে বহু নগণ্য ব্যক্তি আছে কিন্তু কাকেও অবজ্ঞা করা উচিত নহে]।

অগত [অ (নয়) গত] বিণ, বিদ্যমান ; বর্ত্তমান ; উপস্থিত। ২ অপ্রাপ্ত।

অগতি [অ (নাই) + গতি (গমন) যার-বহু°] বিণ, গতিহীন : স্থির ; অচল। ২ [গতি (উপায়)] বি, যার অবলম্বন নাই ; যার উদ্ধারের উপায় নাই ; নিরুপায়। "অগতির গতি তুমি রহিলে কোথায়।"-কা° প্র° ঘোষ। ৩ অন্ত্যেষ্টি ক্রিয়া সুসম্পন্ন হওয়ার অভাব। **~ক** [অ (নাই)-গতিক=গত + ইক (স্ত্য) যার গত্যন্তর নাই-বহু°] বিণ, নিরুপায় ; অনাশ্রিত ; অনাথ। ২ অসুবিধাজনক ; বেগতিক।

অগত্যা [ন=অ গত্যা (গতিশব্দ-৩য়া ১বং -গতিদ্বারা)-এই সং বিভক্ত্যন্ত অব্যয় শব্দ বাং-য় অবিকল চলিয়া গিয়াছে] ক্রি-বিণ, অ, গত্য-ন্তর হেতু; অন্য গতি নাই বলিয়া; কাজেকাজে; বাধ্য হইয়া। "অ° রামহরি তাহাতেই স্বীকৃত হইয়াছে।"-যোগেশ্বরী (দামোদর)।

অগদ [ন=অ(নাই) গদ (রোগ)-যা হতে-বহু°] বি,ঔষধ। ২ [যার রোগ নাই-বহু°] বিণ, সুস্থ; নির্ব্যাধি। ৩ [অ-গদা] গদাহীন। ~**তন্ত্র**[সুশ্রুত, পারি:] বি, বিষবিজ্ঞান; বিষ-ক্রিয়া প্রতিষেধক বিদ্যা toxicology.

অগদঙ্কার [অগদং-কার (যে করে) যে রোগীকে অরোগী করে-উপ°। বা অগদ (ঔষধ) কৃ+অ(র্ত্তৃ)] বি, বৈদ্য; চিকিৎসক।

অগদ্য [ন=অ-গদ্য] বি, সদোষ গদ্য; গদ্যই নহে। ২ কবিতা।

অগধ-বি, বিষক্রিয়া প্রতিষেধক ঔষধ।

অগন্তব্য [ন=অ-গন্তব্য (গমনের যোগ্য স্থান)] বিণ, গমনের অযোগ্য; অগম্য।

অগভীর-বিণ, গভীর নহে; চটান। ২ অল্পগভীর; বেশী নীচা বা নাবাল নহে। ৩ অল্প ভাসা ভাসা; অপ্রগাঢ় (জ্ঞান বুদ্ধি পক্ষে)। ৪ অগভীর (স্বভাব প্রকৃতি পক্ষে)। স্ত্রীং ~া।

অগম [ন=অ-গম (যে গমন করে)] বিণ, গতিহীন। ২ [প্রাদে°] অথই; অতলস্পর্শ। প্র-মাছটা অ° জলে প্রবেশ করেছে। ৩ বি, [অগ দ্র:] পর্ব্বত। ৪ বৃক্ষ। ~**তা**(-র্ম-)-বি, গতি-হীনতা; অপ্রবেশ। ২ [অগম+তা (ভা°)-মান্যব্যক্তিকে স্থাবর জ্ঞানে তুচ্ছ করা] অমর্য্যাদা; অসম্ভ্রম; তুচ্ছতাচ্ছিল্য; অপমান।

অগম্/ন-বি, গমনাভাব। ২ বিণ, স্থির। ~**নীয়**-বি, গমনের অযোগ্য। ২ দুর্গম।

অগম্য [ন=অ-গম্ (গমন করা)+য (র্ম্ম)] বিণ, গমনের অযোগ্য; যেখানে যাওয়া উচিত নহে। ২ দুর্গম; যেখানে যাওয়া যায় না বা যাওয়া দুর্ঘট। প্র-এমন অ° স্থানই নাই যথা যাইতে তার সাহসে কুলায় না। ৩ যা সহজে বুঝা যায় না; যা বুঝা কঠিন বা দুরূহ; দুর্ব্বোধ; যা জ্ঞানগম্য নহে। "অ° অপার তুমি হে। কে জানে কে জানে তোমায়!"-স্ক°। ~**রূপ**-যার রূপের বা শ্রীর তুলনা নাই। স্ত্রীং ~**রূপা**।

অগম্যা-বিণ, যে স্ত্রীকে সম্ভোগ করা অবৈধ অর্থাৎ নীতি ও ধর্ম্ম বিরুদ্ধ [দ্র:-বিবা-হিতা স্ত্রী ভিন্ন স্ত্রী মাত্রই অগম্যা। স্মৃতিশাস্ত্রে গুরুজন, রাজা, শ্রোত্রিয়, ঋত্বিক্, উপাধ্যায় ও বন্ধুপত্নী, ভগিনী, কন্যা ও তৎসমা সগোত্রা, উত্তমবর্ণা, কুমারী, অন্ত্যজা, রজস্বলা, শরণাগতা, প্রব্রজ্যাবলম্বিনী এবং ন্যাসীকৃতা অ° বলিয়া উক্ত হইয়াছে, গমনেঅতিপাতক, মহাপাতক ও অনুপাতক] ~**গমন**-অ° স্ত্রীকে সম্ভোগ করা। ~**গামী**-বিণ, বি, অ° সম্ভোগকারী।

অগরী-বি, বৃক্ষবি:; দেবতাড় বৃক্ষ।

অগরু-বি, চন্দন বি:; অগুরু (দ্র:)।

অগর্/ব্ব-বি, গর্ব্বের অভাব; নিরহঙ্কার। স্ত্রীং ~**র্ব্বা**। ~**র্ব্বিত**-বিণ। বি, দর্পহীন; যে গর্ব্বিত নয়। স্ত্রীং~**র্ব্বিতা**। ~**র্ব্বী**(-র্গ-) বিণ, দর্পশূন্য। স্ত্রীং ~**র্ব্বিণী**।

অগর্/হ [ন=অ+গর্হ (নিন্দা) যার-বহু°] বিণ, অনিন্দ্য; নির্দোষ। ~**র্হিত** (-র্গ-)[ন=অ -গর্হ+ত] বিণ, অনিন্দিত; অদূষিত।

অগর্ভবতী, অগর্ভিণী-বিণ, যে স্ত্রী অন্তঃসত্ত্বা নহে; যে স্ত্রীর সন্তান সম্ভাবনা হয় নাই।

অগল [আগল (দ্র:)। প্রা° বাং] বিণ, অগ্রসর। ২ দক্ষ।-পদ্ম পু° (বিজয়)।

অগস্ত্য, অগস্তি [অগ (পর্ব্বত)-স্তৈ (স্তম্ভিত করা)+অ(র্ত্তৃ) যিনি সূর্য্যাদির-গতি রোধকারী বিন্ধ্য পর্ব্বতকে স্তম্ভিত করিয়াছিলেন-২ তৎ] বি, বেদ ও পুরাণে উল্লিখিত স্বনামখ্যাত মুনি; উর্ব্বশীর উদ্দেশে মিত্রাবরুণনিষিক্ত তেজ হইতে কুম্ভমধ্যে সম্ভূত খর্ব্বাকৃতি মহর্ষি; পত্নী লোপামুদ্রা।-রামা°। বিন্ধ্যপর্ব্বত বর্দ্ধিত হয়ে সূর্য্যের গতিরোধ করি-বার উপক্রম করিলে, ইনি বিন্ধ্যের নিকট উপস্থিত হন, বিন্ধ্য স্বীয় গুরুকে নতহইয়া প্রণাম করিলে, মুনি বলেন-'যাবৎ আমি প্রত্যাবৃত্ত না হই তাবৎ তুমি এই অবস্থায় থাক।' এই বলিয়া তিনি ভাদ্রের ১ম দিন দক্ষিণাপথে প্রস্থান করেন, আর ফিরেন নাই। কেহ কেহ ইহা আর্য্যকর্ত্তৃক বিন্ধ্য অতিক্রম করিয়া দক্ষিণা-পথে উপনিবেশ সংস্থাপনের রূপক মনে করেন। দক্ষিণাপথের লোকেও তাঁকে দ্রাবিড়জাতির প্রথম জ্ঞানোপদেষ্টা বলে। ডাঃ কলডোয়েল অগস্ত্যমুনির প্রাদুর্ভাবকাল ৬।৭ শত বৎসর খ্রীঃ পূর্ব্বে অনুমান করেন। এই নামে খৃঃ ৬ষ্ঠ শতাব্দীর জনৈক তামিল গ্রন্থকার।-ভারত-কোষ। ২ [জ্যো:] অ° নক্ষত্র (যার উদয়ে শরৎ ঋতু সূচিত হয়) the canopus. ~**যাত্রা**-বি, ভাদ্রের ১ম দিন। অ° আর ফিরেন নাই বলিয়া যাত্রাপক্ষে নিষিদ্ধ > মাসের ১ম দিন মাত্রই অ° যাত্রা। কেহ অ° যাত্রা করিয়াছে বলিলে বুঝিতে হইবে, সে আর ফিরিবে না। ~**সংহিতা**-বি, অ° মুনি কর্ত্তৃক সংগৃহীত বা প্রণীত ধর্ম্মশাস্ত্র।

অগস্ত্যোদয় [অগস্ত্য-উদয়-৬ তৎ] ভাদ্রের ১৭।১৮শ দিনে অগস্ত্যের নক্ষত্র-রূপে উদয় যা শরৎ ঋতুর আগমন সূচিত করে (এখন হতে আকাশ ও জল পরিষ্কার হয়ে আসে।) "তেজস্বী কুম্ভসম্ভূত অগস্ত্যতারকার উদয় হেতু সলিল নির্ম্মল ও প্রশান্ত হইল।"-রঘু° ৪।২১ (হর° গুপ্তের অনুবাদ)। "জয়লাভে দেবের প্রসন্ন হউন মন। অগস্ত্য-উদয়ে জল বিমল যেমন॥"-নি° ক°।

অগা, অঘা [সং-অজ্ঞ, অজ্ঞান > ভং অগা=অঘা] বিণ, বোকা; নির্ব্বোধ; মূর্খ; অপদার্থ। "বাবুরাম অঘা অতি হইয়াছে ভীম-রথী।"-আলাল°। ~**কান্ত**, ~**রাম**, ~**চণ্ডি**, ~**চণ্ডী** [শ্লেষ বা প্রচ্ছন্ন স্নেহযুক্ত তিরস্কার] ~**মারা**-বি, বিণ, নির্ব্বোধ; বোকা; অকর্ম্মণ্য [অগা (অজ্ঞতা) মারা (=মরা =হত, প্রাপ্ত,গ্রস্ত, মগ্ন=অজ্ঞানহত বা অগামরা= অজ্ঞতামরা। তুল-"অগা হয়েইত মরেছে)।" তুচ্ছার্থক তিরস্কার]।

অগাঙ্গি [সং-অঙ্গাঙ্গি > অ°, অঙ্গের সহিত অঙ্গের যোগবোধক। প্রা° কবি প্রয়োগ] বি, সঙ্গ co-ordination. [স° বাং অ° সুবল]।

অগাত্মজা [অগ (পর্ব্বত)-আত্মজা (কন্যা)-৬ তৎ] বি, হিমালয়ের কন্যা; উমা।

অগাধ [ন=অ-নাই-গাধ (গাধ্, প্রতিষ্ঠিত হওয়া+অ(ভা°)=প্রকৃষ্টস্থিতি যার -বহু°] বিণ, অতলস্পর্শ; যার তল স্পর্শ করিতে পারা যায় না। ২ অতিশয় গভীর এবং বিশাল। "যে দেখি তরঙ্গ অ° বারি, ভয়ে কাঁপে অঙ্গ ডুবে বা মরি।"-রা° প্র°। ৩ প্রগাঢ়। প্র-অ° বিদ্যা। ৪ গভীরতায় অপরিমেয়; অপরিসীম। "সমুদ্রের তল আছে পার আছে তার। অপার অ° মাতৃস্নেহপারাবার॥"-পদ্যপাঠ। ৫

[ব্যাপ্তি] বিস্তারে অসীম ; অনন্ত। "(কত) উঠেছিল চাঁদ নিশীথ অ° আকাশে,"-রবী°।

অগার [অগ(স্তম্ভভূতবৃক্ষ, খুঁটি)-আর (যে গ্রহণ-ধারণ করে)-উপ°] বি, আগার ; গৃহ : আলয়। "দোহাই রাজার, লুঠিলি অ°, ধরিয়া খাইলি জাতি।"-অ° ম°।

অগুণ [ন=অ-গুণ] বি, অহিত ; অনুপকার; দোষ। ২ অপরাধ। "কিবা তার কৈলেঁ অ°,"-শ্রী° কী°। ৩ [অ (নাই) গুণ যার-বহু°] বিণ, নির্গুণ ; অকেজো। ~কারক-বিণ, অনুপকারক ; অহিতকারক ; যাতে অগুণ করে।

অগুন্তি [অগণিত >, অগণ্‌তি > অগুণ্‌তি > প্রা°] বিণ, অগণিত; অসংখ্য।

অগুপ্ত-বিণ, প্রকাশিত ; ব্যক্ত। ~া।

অগুরু, অগিরু [ন=অ-গুরু, গুরু (ভারি) -যা হতে গুরু নাই-বহু° প্রা° বাং 'আগর,' 'আগরু'] বি, শিংশপাবৃক্ষ ; অ° শিংশপা। ২ পীত সুগন্ধকাষ্ঠ বিঃ ; অগুরুচন্দন aloe-wood. কৃষ্ণ চন্দন, কালাগুরু agallocha. "অগুরুচন্দনকাষ্ঠ কুঙ্কুম কস্তুরী"-মহা° (সিংহ)। "রূপের সাগর, গুণের নাগর, অগুরুচন্দন গায়।"-ভারত°। [দ্রঃ-অ° শিংশপা,হরিদ্রাবর্ণ অ° এবং কৃষ্ণাগুরুর মধ্যে হরিদ্রাবর্ণ ই অ° চন্দন নামে খ্যাত, সুগন্ধযুক্ত ও অঙ্গরাগস্বরূপ ব্যবহৃত হয়] ৩ বিণ, উপদেশকহীন। ৪ লঘু। ৫ গৌরব-রহিত।

অগুহ্য [ন=অ-গুহ্য (গোপনীয়)] বিণ, অগোপন ; লুকানো নয় ; প্রকাশ্য।

অগূঢ় [ন=অ-গুহ্+ত=গূঢ় (নঞ্)] বিণ, অগুপ্ত ; প্রকাশিত। ~গন্ধ-বি, হিঙ্গু ; হিঙ্। ~ভাব-বি, সরল : অকপট।

অগৃহ-বিণ, বি, গৃহ-শূন্য : নিরাশ্রয়। ২ সন্ন্যাসী। স্ত্রীং ~া।

অগেয়া/ন-বিণ, অজ্ঞান (দ্রঃ)। ~নী [প্রা° বাং বৈ° পদ°] বিণ, অজ্ঞানী।

অগো [সং-অঙ্গ > ("অঙ্গসম্বোধনেঽব্যয়ন্"-বিশ্ব°। "অঙ্গ সম্বোধনে হর্ষে"-মে°) > অগ, ওগো > ক্ষে° 'ও', ব্রজ-'গে'। "সজনি গে,"-বি° প°] অ, সম্বোধন ; হে ; ওগো (দ্রঃ)। "শুন শুন অগো কুলবালা।"-ধ° ম°। অয়ি দ্রঃ।

অগোচ/র [ন=অ-গোচর (ইন্দ্রিয়বিষয়)-নঞ্] বিণ, যা বুদ্ধি বা ইন্দ্রিয় বিষয়ীভূত নহে ; পরোক্ষ ; অপ্রত্যক্ষ ; অজ্ঞেয় ; অবিজ্ঞেয় ; ইন্দ্রিয়ের অতীত। "যিনি চক্ষের চক্ষু হইয়া ও চক্ষের অ°,বাক্যের বাক্য হইয়াও বাক্যের অ°, মনের মন হইয়াও মনের অ°, তাঁর বিষয় উপদেশ এইমাত্র, যে তিনি বিদিত কি অবিদিত তাবৎ বস্তু হইতে ভিন্ন।" -উপনিষৎ (দে° ঠাকুর)। ২ বি, ব্রহ্ম। স্ত্রীং ~রা। ক্রি-বিণ, ~রে-অজ্ঞাতে।

অগোপ/ন [ন=অ-গোপন-নঞ্] বি, গোপনাভাব। ২ বিণ, অগুপ্ত ; প্রকাশ। বিণ, ~নীয়-গোপনের অযোগ্য ; প্রকাশ্য।

অগোর১, অগৌর [অগুরু >] বি, সুগন্ধি কাষ্ঠ বিঃ। "সুবাসিত গন্ধ আদি অগোর চন্দন।"-কবিক°। "অগোর ধূপের গন্ধে আমোদিত সবাকার ঘর।"-শি°। **অগোর২** [অঘোর (দ্রঃ) ব্রজ-ঘ=গ] বিণ, অজ্ঞানমুগ্ধ ; মেঘাচ্ছন্ন। "অহর্নিশি রহত অ°,"-গোবিন্দ°। **অগোর৩** [ব্রজ°] বিণ, অজ্ঞান; মোহপ্রাপ্ত: মোহিত। "হেরইতে গো ধনী মোর। অব তিন ভুবন অ°।"-বি° প°।

অগৌ/ণ [অ (না)-গৌণ (বিলম্ব)] বি, দেরী না হওয়া বা করা ; শীঘ্র ; অবিলম্ব। ক্রি-বিণ, ~ণে-শীঘ্র ; ত্বরায়।

অগৌরব [ন=অ-গৌরব-নঞ্] বি, অমর্য্যাদা ; অসম্মান ; অযশ ; নিন্দা। ২ বিণ, গৌরব যার নাই ; গৌরবহীন; অযশস্বী। স্ত্রীং~া।

অগ্নায়ী [অ° স্বাহাচ হুতভুক্ প্রিয়া-অমর°] বি, অগ্নি-ভার্য্যা ; স্বাহা।

অগ্নি [অগ্‌, অনগ্‌ (গমন করা) + নি (র্তৃ) -যে উর্দ্ধে গমন করে। তুল-ল্যা°, ইগ্‌নিঃ (সং=ঃ) ignis ; ফ্রে°-ইগ্নি igne ; স্লাভ-ogni ; স্পে,ইতা-ignes ; ফা-আতশ ; হিং-আগ আগি, অগিন্ ; বাং-আগুন] বি, বহ্নি ; আগুন [পঞ্চভূতের তৃতীয়, তেজেরই প্রকার ভেদ। শব্দ, স্পর্শ ও রূপবিশিষ্ট বলিয়া অগ্নি ত্রিগুণাত্মক। শ্রুতি মতে, আকাশ > বায়ু > তেজের উৎপত্তি। অগ্নি৩ প্রকার-(কাষ্ঠাদি পার্থিব পদার্থ > অ°) ভৌম ; (জল, বায়ু > অ°-বিদ্যুৎ,উল্কা, বজ্র ই° অ°) দিব্য ; ভুক্ত অন্ন পানাদি পরিপাককারী উদরস্থ অ°) জঠরাগ্নি] ২ ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র ও দক্ষকন্যা স্বাহার স্বামী (বিষ্ণু পু°)। ধর্ম্মের ঔরসে ও বসুভার্য্যার গর্ভে অগ্নির জন্ম। ইনিই প্রথম অ° বলিয়া বিখ্যাত (মহা°)। মতান্তরে ব্রহ্মার মুখ হইতে অগ্নির জন্ম। অ° স্থূলকায়, লম্বোদর, রক্তবর্ণ, কেশ, ভ্রূ ও চক্ষু পিঙ্গলবর্ণ, শক্তি ও অক্ষসূত্রধারী, ছাগবাহন। অন্যত্র অগ্নির ৩ পদ, ৭ হস্ত, ২ মুখ,বর্ণ বালার্ক সদৃশ [দ্রঃ অথর্ব্ববেদ মতে] ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র অথর্ব্বা 'প্রমন্থ' বা অগ্নির স্রষ্টা (গ্রী° প্রমিথিউস্ Prometheus স্বর্গ হইতে অ° আনয়ন করেন)] ৩ [অ° দক্ষিণ-পূর্ব্ব-দিকের অধিপতি বলিয়া অগ্নি-কোণ নামে খ্যাত] পূর্ব্ব-দক্ষিণ কোণ। অ° দেবতাদিগের মুখস্বরূপ ও দেবতাদিগের যজ্ঞাংশ যথাস্থানে পৌছাইয়া দেন। ৪ [ঋগ্বেদে] দেবদূত। তুল-গ্রী° পু°-অগ্নিদেব হার্মিস্ (Hermes-গ্রী° দেবতাগণের দূত)। ~কণ [অ°-কণ (অংশ, স্ফুলিঙ্গ) ৬ তৎ] বি, অগ্নিকণিকা ; স্ফুলিঙ্গ : ফিন্‌কি। স্ত্রীং ~কণা। ~কর্ম্ম [অ° দ্বারা, সাধ্য কর্ম্ম, ৩ তৎ, ম°প°লো] বি, অগ্নিহোত্রাদি কর্ম্ম। ২ অন্ত্যেষ্টি ক্রিয়া। ৩ [সুশ্রুত] কাষ্ঠকি ই° দাহক পদার্থ বা তপ্ত লৌহদ্বারা পোড়ান cauterization. ~কলা [অগ্নি (র) কলা -৬ তৎ] বি, অগ্নির দশাবয়ব-ধূমার্চ্চিঃ ; উষ্মা, জ্বলিনী, জ্বালিনী, বিস্ফালিনী, সুশ্রী, সুরূপা, কপিলা, হব্যবহা ও কব্যবহা-অগ্নির এই দশটী বর্ণ, মূর্ত্তি বা কলা। ~কল্প [অ° কল্প (ঈষৎ ন্যূন অর্থে)] বিণ, অগ্নিতুল্য তেজস্বী ; উষ্ণ ; উগ্র ; ক্রোধান্বিত। ~কাণ্ড [অগ্নি (র) কাণ্ড (ব্যাপার) ৬ তৎ] বি, গৃহাদি দাহ। ২ আগ্নেয়াস্ত্র প্রয়োগ : গোলা, গুলি বর্ষণ। ৩ ক্রোধাগ্নির লীলা ; তুমুল ঝগড়া : মারামারি : কাটাকাটি: বিষম অনর্থ। ~কারক [অ° কৃ+অক (র্তৃ)] বি, অ° উৎপাদক দ্রব্য বিঃ ; অরণি ; চকমকি। ২ বিণ, অনলোৎপাদক। স্ত্রীং ~কারিকা। ~কার্য্য-বি, অ° দ্বারা সম্পাদ্য কার্য্য। ২ অগ্নিকর্ম্ম ১ দ্রঃ। ৩ মৃত ব্যক্তির দাহক্রিয়া ; অন্ত্যেষ্টিক্রিয়া। "বিভীষণ যথাবিধি অগ্নি-কার্য্য করিলেন। রাক্ষসবীরের দেহ ভস্মীভূত হইলে, তিনি কৃতস্নান হইয়া আর্দ্রবসনে বিধি অনুযায়ী সদর্ভ তিলোদকে উঁহার তর্পণ

করিলেন।"—রামা°-তত্ত্ব। ~কাষ্ঠ [অ° (উৎপাদক) কাষ্ঠ, যজ্ঞকাষ্ঠ—ম°প°লো°] বি, অরণি (দ্রঃ)। ২ সমিধ। ৩ ইন্ধন ; জ্বালানী কাঠ। ৪ অগুরু কাঠ। ~কুক্কুট [অ°—কুক্কুট সদৃশ (নুড়ার গঠন কৌশলে) উপ°] বি, জ্বলন্ত খড় বা শুষ্ক তৃণের আঁটি বা নুড়া firebrand. ~কুণ্ড [অগ্নি (র) কুণ্ড (খাত) ৬ তৎ] বি, অগ্ন্যাধান স্থান ; অ° জ্বালিবার গর্ত্ত। "অগ্নিকুণ্ড জ্বালি রতি সতী হৈতে চায়।"—অ° ম°। ~কুমার [অ° (র) কুমার—৬ তৎ)। একদা বশিষ্ঠাদি-সপ্ত-ঋষিপত্নী অরুন্ধতী ই°র রূপলাবণ্য দর্শনে অগ্নিদেবের চিত্তবিকার উপস্থিত হইলে অগ্নি-পত্নী দক্ষ-দুহিতা স্বাহা অরুন্ধতী ব্যতীত অপর ছয় ঋষি-পত্নীর রূপ ধারণ পূর্ব্বক তাঁর সহিত ছয়বার বিহার করেন এবং অগ্নিরেতঃ কাঞ্চন কুণ্ডে নিক্ষেপ করেন, তা হতে কার্ত্তিকেয়ের জন্ম হয় বলিয়া তিনি অগ্নিকুমার। মতান্তরে শিব তারকাসুর বধের জন্য অগ্নিতে স্বীয় বীর্য্য নিক্ষেপ করাতে ইনি উৎপন্ন হন বলিয়া অগ্নিভূ বা অগ্নিকুমার] বি, কার্ত্তিকেয়। ~কোণ [পূর্ব্ব-দক্ষিণ দিকের মধ্যবর্ত্তী কোণ। অগ্নিদেব যার অধিপতি] বি, পূর্ব্ব-দক্ষিণদিকের মধ্যবর্ত্তী কোণ south east. ~ক্রিয়া—বি, অগ্নিকার্য্য (দ্রঃ)। ~ক্রীড়া [অ° (দ্বারা) ক্রীড়া—৩ তৎ] বি, আগুন লইয়া খেলা ; বাজি পোড়ান। ২ নানাবর্ণের আগুন প্রজ্বলিত করণ। ৩ আতস বাজি fire works. ~গর্ভ [অ° গর্ভে যার, গর্ভ-দেশ যার অগ্নির ন্যায় জারক—বহু°] বি, অগ্নিজার নামক পশ্চিম সমুদ্রজাত উত্তেজক গুণবিশিষ্ট বৃক্ষ। ২ ভেলা [অগ্নিজ দ্রঃ] ৩ [অগ্নি গর্ভে যার] সূর্য্যকান্তমণি ; আতসী কাচ lens. স্ত্রীং ~া—বি, শমীবৃক্ষ (এই বৃক্ষের মধ্যে অগ্নি লুক্কায়িত ছিলেন); সাঁই গাছ Acacia suma. বাবলা গাছ Acacia tree. বিণ, যার ভিতর অগ্নি আছে। ~চিৎ [অগ্নি + চিৎ—চি (চয়ন করা) ক্বিপ্ (কর্ত্তৃ) যে অ° চয়ন করে—উপ°] বি, সাগ্নিক অগ্নিহোত্রী ব্রাহ্মণ ; যে মন্ত্রপূর্ব্বক অগ্নি স্থাপন করিয়া নিত্য হোম করে। অগ্ন্যাধান (দ্রঃ)। ~চিত্যা [অ° চি—ক্যপ্ (ভা°) + আ] বি, অ° সঞ্চয়। ~চূড়—বি, কুক্কুট ; মোরগ।

~চূর্ণ, ~চূর্ণক [অ° (উৎপাদক বা গর্ভ) চূর্ণ—ম° প° লো°] বি, বারুদ gunpowder. "যোদ্ধৃগণ প্রথমে নালাস্ত্র পরিষ্কার করিবে, পরে তন্মধ্যে অগ্নিচূর্ণ দান করিয়া শলাকা দ্বারা দৃঢ়রূপে আঘাত করিয়া চূর্ণকে বসাইবে, পরে উহার মধ্যে গোলা ও কর্ণে অগ্নিচূর্ণ দিয়া তাহাতে অগ্নি সংযোগ করিবে, তাহাতে গোলা যাইয়া লক্ষ্যে পড়িবে।"—শুক্রনীতি—৪ অঃ ৭ম প্রকরণ; উ° বিদ্যারত্নের অনুবাদ—উপাসনা, ৬ষ্ঠ বর্ষ। ~জ [অ°—জ, জন (জন্মান) ড (কর্ত্তৃ)। অ° হইতে জন্ম যার—উপ°] বি, কার্ত্তিকেয়। ২ [মহা°] স্বর্ণ। ৩ [অগ্নি উদ্দীপনার্থে যে জন্মে—বহু°] অগ্নিজার বৃক্ষ ; পশ্চিম সমুদ্রজাত ঔষধ বিঃ a medicinal plant with stimulating properties. স্ত্রীং ~া। ~জনক—বিণ, অ° উৎপাদক বা কারক। ২ অ° বর্দ্ধক ; ক্ষুধা বর্দ্ধক ; পাচক। স্ত্রীং ~জনিকা, ~জার, ~জাল—বি, অগ্নিজ (দ্রঃ), অগ্নিগর্ভ (দ্রঃ) বৃক্ষ। ~জিহ্ব [অ° জিহ্বা যাদের—বহু°। যাঁরা অগ্নিরূপ জিহ্বাদ্বারা দ্রব্যাস্বাদন করেন অর্থাৎ আহুত দ্রব্য সকল ভোজন করেন] বি, দেবতা। ২ [বরাহমূর্ত্তি ধারণকালে অগ্নিজিহ্ব হইয়াছিলেন বলিয়া] বিষ্ণু। ~জিহ্বা—বি, অগ্নির শিখা [করালী, ধূম্রিনী, শ্বেতা, লোহিতা, নীল-লোহিতা, পদ্মরাগা, সুবর্ণা—এই ৭ প্রকার মূর্ত্তি বিশিষ্ট শিখা অগ্নির জিহ্বা বলিয়া উক্ত] ২ লাঙ্গলী বা বিষলাঙ্গলিয়া বৃক্ষ gloriosa superba. ~জ্বালা [অ° (র) জ্বালা (শিখা) ৬ তৎ] বি, অগ্নিশিখা। ২ [রক্তবর্ণ পুষ্পযুক্ত বলিয়া, যা দেখিতে অগ্নির জ্বালার ন্যায়—বহু°] জলপিপ্পলী ; ধাতকী বৃক্ষ ; ধাইফুল ; লাঙ্গলী ; কাঁচড়া।' ~তপ্ত [অ° (দ্বারা) তপ্ত—৩ তৎ] বিণ, অগ্নিতে বা অগ্নি সংযোগে তপ্ত-করা। স্ত্রীং ~া। ~তরঙ্গ—বি, বায়ু সঞ্চালিত অগ্নির তরঙ্গ সদৃশ কম্পন; ঢেউ খেলান অগ্নির বিস্তার। ~তুল্য—বিণ, অ° সদৃশ ; অনলের ন্যায়। ২ অগ্নির মত উষ্ণ ; আগুনের মত গরম ; গরম ; আগুন। স্ত্রীং ~া। ~ত্রয় [অ°—ত্রয় (তিন) ৬ তৎ] বি, ৩ প্রকার অগ্নি—'গার্হপত্য' (গৃহপতি সম্বন্ধীয় অ° যা সাগ্নিক গৃহস্থ যজ্ঞাদি হেতু চিরদিন গৃহে রক্ষা করে এবং কখনও বা নির্ব্বাপিত হতে দেয় না) ; 'আহবনীয়' (যজ্ঞাগ্নি বা গার্হপত্য হতে উদ্ধৃত করিয়া হবন বা হোমার্থ সংস্কৃত করা হয়) ; 'দাক্ষিণ্য' (দক্ষিণাগ্নি বা দক্ষিণদিকের অগ্নি ; এই অ° দক্ষিণা প্রদত্ত হইলে তৃপ্ত হইয়া অমরদিগকে দক্ষিণা ভাগ দান করে)। ~দ [অ°—দ, দা (দান করা) + ড (কর্ত্তৃ—যে দেয়)] বিণ, যে আততায়ী গৃহ দগ্ধ করিবার জন্য অগ্নিদান করে ; যে আগুন লাগায় an incendiary. ২ অগ্নি উৎপাদক। স্ত্রীং ~দা। ~দগ্ধ [অ° (দ্বারা) দগ্ধ—৩ তৎ] বিণ, যা বা যে অগ্নিতে দগ্ধ হইয়াছে ; আগুনে-পোড়া। প্র—অগ্নিদগ্ধ কলেবর। ২ বিধিপূর্ব্বক যার মৃতদেহ অগ্নিদ্বারা দগ্ধ করা হইয়াছে। ৩ বি, পিতৃলোক। ~দগ্ধপ্রস্তর [অ° দ্বারা দগ্ধ যে প্রস্তর—৩ তৎ, ধা] বি, অ° সংযোগে উৎপন্ন প্রস্তর [ভূতত্ত্বে—প্রস্তরসমূহ দুইভাগে বিভক্ত,—অগ্নিদগ্ধ বা আগ্নেয় প্রস্তর ও বারুণ প্রস্তর। "পৃথিবীর প্রথম অংশে পরিগণিত প্রস্তর সকল অগ্নির সাহায্যে বর্ত্তমান অবস্থা প্রাপ্ত হইয়াছে অর্থাৎ তারা অ° দ্বারা দ্রব হইবার পর শীতল হইয়া বর্ত্তমান রূপ ধারণ করিয়াছে।"—প্রাকৃত ভূগোল (ডাঃ রাজেন্দ্র মিত্র)] volcanic rocks. ~দমন, ~না, ~নী—বি, গণিকারিকা নামক অর্বুদের গাছ species of cantacarica. ~দাতা [অ°—দাতা (দাতৃ)—যে দান করে)] বি, যে অন্ত্যেষ্টি ক্রিয়া বিধানে মৃতকে দাহন করে, মুখাগ্নি করে বা করিবার অধিকারী। স্ত্রীং, ~দাত্রী। ~দান—বি, আগুন দেওয়া বা ধরান। ~দাহ—বি, আগুনে পোড়া ; আগুনের জ্বালা ; আগুন লাগা (গৃহ পোতাদি) arson. ~দীপন—বি, অ° প্রজ্বলন ; ক্ষুধাবর্দ্ধন। বিণ, পাচক ; পরিপাক ক্রিয়া বর্দ্ধক ; অ° উদ্দীপক। ~দূত—বি, যজ্ঞ। ২ বরুণ গাছ। ~দীপ্ত—বিণ, আগুনের দ্বারা আলোকিত ; প্রজ্বলিত। স্ত্রীং, ~দীপ্তা—বি, মহাজ্যোতিষ্মতী লতা; লতা কটকী। ~দেব, ~দেবতা [অগ্নির দেব, দেবতা—৬ তৎ বা অগ্নি—দেব, দেবতা (ধা)] বি, অগ্নির অধিপতি; অগ্নি। ~দেবা [অ° হইয়াছে দেব অধিপতি যার—বহু°, স্ত্রীং—আ] বি, কৃত্তিকা নক্ষত্র। ~দৈবত্য—বি, অগ্নির দেবত্ব, ঈশ্বরত্ব

যা অগ্নিকে সর্ব্বপ্রধান দেবতা বলিয়া স্বীকার ; অ° দেবের আধিপত্য। ~দ্রবার্হ [অ°–দ্রব–অর্হ (উপযুক্ত)] বিণ, অগ্নিতে দ্রব হইবার উপযোগী : যা অগ্নিতে গলে : গালা ই° বস্তু (বস্তুবিচার)। ~ধমন–বি. ঘোড়ানিম। ~পক্ক [অ° (দ্বারা) পক্ক–৩ তৎ] বিণ. আগুনে পাক করা। ~পরীক্ষা [অ° দ্বারা পরীক্ষা–৩ তৎ] বি. অ° দ্বারা শুদ্ধাশুদ্ধ নির্ণয় (স্বর্ণের বিশুদ্ধি পরীক্ষা) · অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিয়া সতীত্বপরীক্ষা ; (সীতার অগ্নি-পরীক্ষা)। ২ কঠোর পরীক্ষা। ~পুরাণ–বি, অষ্টাদশ পুরাণের অন্যতম (প্রধানতঃ প্রলয়, সৃষ্টি প্রকরণ ও অ° কার্য্য, দেবপ্রতিষ্ঠা, নরকবর্ণন, প্রায়শ্চিত্তবিধি, তীর্থাদিমাহাত্ম্য, জ্যোতিষ, আশ্রমবিধি, দীক্ষা, ধর্ম্ম, নীতি, পূজা-পদ্ধতি, সন্ধ্যাবিধি, ধনুর্ব্বেদ, আয়ুর্ব্বেদ, ছন্দ, শব্দানুশাসন, ব্রহ্মজ্ঞান ই° যার প্রতিপাদ্য)। ~প্রদি–অগ্নিদ (দ্রঃ)। ~প্রভ [অগ্নির প্রভার ন্যায় প্রভা যার–বহু°] বিণ, অগ্নির ন্যায় দীপ্তিশালী : অগ্নির মত উজ্জ্বল : অগ্নিবর্ণ। স্ত্রীং ~প্রভা–বি, আগুনের আভা : ঔজ্জ্বল্য : হলকা। ~প্রয়োগ [অগ্নি (র) প্রয়োগ–৬ তৎ] বি. অগ্নি সংযোগ করণ : অগ্নিদান : আগুন লাগান। ~প্রস্তর [অগ্নি (র) প্রস্তর–৬ তৎ] বি, যে পাথর হইতে অগ্নিউৎপন্ন হয় : চকমকি পাথর flint. ~ফলা–বি. লতাকটকী (লতা দ্রঃ)। ~বর্ণ [অগ্নির ন্যায় বর্ণ যার–বহু°] বিণ. রক্তবর্ণ। ২ বি. কুশরাজার পুত্র : শ্রীরামচন্দ্রের পৌত্র। ৩ সূর্য্যবংশীয় মহারাজ সুদর্শনের পুত্র : কুৎসিত স্বভাব : রাজযক্ষ্মা রোগে মৃত্যু হয়। ~বর্দ্ধন–অগ্নিবর্দ্ধক (দ্রঃ)। ~বল্লভ–বি, সাল গাছ। ২ ধূনা। স্ত্রীং ~বল্লভা। ~বর্দ্ধক [অগ্নি (র) বর্দ্ধক (যে বৃদ্ধি জন্মায়) ৬ তৎ] বি, বায়ু। ২ বিণ, পরিপাক শক্তির বৃদ্ধিকারক। ~বাণ–বি, আগ্নেয় অস্ত্র। ২ যে বাণ নিক্ষিপ্ত হইলে অ° উদ্গীরণ করে। "পার্থ ছাড়ে অগ্নিবাণ, যেন অগ্নি দীপ্তি-মান, কর্ণপানে চান একদৃষ্টি।"–মহা°(কাশী)। ~বাহ, ~বাহন [অ°–বাহ, বাহন–৬ তৎ] বি. (অগ্নির বাহন বলিয়া) ছাগ। ২ বিণ, যে অগ্নিকে বহন করে। ~বাহু [অ°–বাহু] বি. ধূম। ২ প্রিয়ব্রতের ঔরসে কাম্যার গর্ভে জাত রাজপুত্র বিঃ। ~বীজ–বি, স্বর্ণ। ২ অগ্নিমন্ত্র। ~বীর্য্য–বি, স্বর্ণ। ২ অগ্নির তেজঃ বা প্রভাব। ~বিৎ–অ° চিৎ (দ্রঃ)। ~বিসর্প [তুল–St. Anthony's fire or erysipelas] বি, চর্ম্মপ্রদাহ : প্রদাহ যুক্ত জ্বর। ~বৃদ্ধি [অ° (র) বৃদ্ধি–৬ তৎ] বি, জঠরাগ্নির বৃদ্ধি : ক্ষুধাবৃদ্ধি। ~বৃষ্টি [অ°(রূপ) বৃষ্টি (ধা)] বি, অগ্নিবর্ষণ, বারিবিন্দুর বদলে অগ্নিকণা পতন (শাস্ত্রকারের মতে অগ্নিবৃষ্টি খণ্ডপ্রলয় বা মহাপ্রলয়ের সূচনা)। ২ ভয়ানক গ্রীষ্ম। ৩ প্রখর সূর্য্যের তাপে উত্তপ্ত বায়ুর প্রবাহ। ৪ গোলাগুলি ই° আগ্নেয়াস্ত্রের পতন। ~বেশ্ম (-শ্ শ) [অ° বেশ্ম (গৃহ) ৬ তৎ] বি, যে গৃহে অগ্নি রক্ষা করা হয় : অগ্নিগৃহ। ~বেশ্য [অ° > উৎপন্ন বলিয়া] বি, ধনুর্ব্বিদ্যা বিশারদ জনৈক ঋষি : দ্রোণা-চার্য্যের গুরু। ~ভ [অ°–ভ (দীপ্ত্যর্থক 'ভা' ধাতুজ) যে অগ্নির ন্যায় 'ভা' (দীপ্তি) পায়–বহু°] বি, স্বর্ণ। ২ [অ°–ভ (নক্ষত্র)–৬ তৎ] কৃত্তিকা নক্ষত্র। ৩ বিণ, অগ্নিবর্ণ। ~ভূ [অ°–ভূ (হওয়া) ক্বিপ (র্তৃ)–মহাদেবের তেজ ধারণে দেবী অসমর্থা হইলে সেই তেজ অগ্নিতে নিক্ষিপ্ত হয় : তা হতে কার্ত্তিকের জন্ম হয়] বি, কার্ত্তিকেয়। ২ [অ° হইতে জলের উৎপত্তি] জল। ৩ বিণ, অগ্ন্যুৎপন্ন। ~ভূতি [অ°–ভূ+তি (ভা°)] বি. বৌদ্ধ বিঃ : জৈনদের শেষ আচার্য্য। ~মণি [অগ্নির–মণি (রত্ন)–৬ তৎ] বি. সূর্য্যকান্তমণি. আতসী পাথর lens. ~মন্ত্র–বি. যে মন্ত্রে অগ্নির ন্যায় তেজঃ জ্বালা ও ভাস্বরতা আছে, যা মিথ্যা ও অন্যায়কে ভস্মীভূত করে ও সাধককে তেজস্বী করে। "স্বাধীনতার অগ্নি-মন্ত্রে দীক্ষিত করা,"–আত্মশক্তি। ~মন্থ [অ°–মন্থ (মন্থ্=মন্থন করা) + অ (র্ত্ত)। ইহার কাষ্ঠ ঘর্ষণে শীঘ্র অগ্নি উঠে বলিয়া ইহা অগ্নির জন্য মথিত হইত] বি, গণিকারিকাবৃক্ষ : গণিয়ারি Premna serratifolia. ~ময় [অ°+ময় (ট্–ব্যাপ্ত্যর্থে)] বিণ, অগ্নিপূর্ণ : অগ্নিদ্বারা পরিব্যাপ্ত। "যথা দূর দাবানল পশিলে কাননে, অগ্নিময় দশ দিশ :"–মেঘ°। ~মাঠর–বি, বাষ্কলির শিষ্য ঋগ্বেদাধ্যাপক ঋষি। ~মান্–বিণ, জ্বলন্ত। ২ প্রচণ্ড। ~মান্দ্য [অ° (জঠরাগ্নি)–মান্দ্য (হ্রাস)–৬ তৎ] বি. পরিপাক শক্তির হ্রাস : অজীর্ণ রোগ। ২ ক্ষুধামান্দ্য ; ক্ষুধার অল্পতা। ~মারুতি [অ° মারুত+ই (অপত্যার্থে) কিংবা, অগ্নি (জঠরানল)–মারুতি (হনুমান)–যাঁর (যে মুনির) হনুমানের ন্যায় পরিপাক শক্তি] বি. অগস্ত্যমুনি। ইনি মেষবেশধারী বাতাপি নামক দৈত্যকে উদরস্থ করিয়া পরিপাক করিয়াছিলেন–(মহা°)। ~মিত্র [অ°–মিত্র] বি, রাজা বিঃ। ইনি পুষ্যমিত্রের পুত্র। শুঙ্গ বংশের রাজা। খৃষ্টপূর্ব্ব ১৫০ সালে প্রাদুর্ভূত হইয়া-ছিলেন, পতঞ্জলির সমসাময়িক ; পতঞ্জলি ইঁহার নামোল্লেখ করিয়াছেন। কালিদাসের নাটক মালবিকাগ্নিমিত্র ইঁহারই আখ্যায়িকা অবলম্বনে লিখিত বলিয়া অনুমিত হয়। ~মুখ [অগ্নি–মুখ যাঁদের, যাঁরা অগ্নিরূপ মুখদ্বারা হোমীয় দ্রব্যাদি (ঘৃতাদি) ভক্ষণ করেন–বহু°] বি, দেবতা। ২ [যাঁদের মুখে অগ্নি (শাপা-নল) আছে–বহু°] ব্রাহ্মণ। ৩ অতিশয় দাহ বলিয়া অগ্নির মুখের ন্যায়] চিত্রক বৃক্ষ : ভেলা-গাছ। ৪ কুঙ্কুম। ৫ কুসুমফুল। স্ত্রীং ~মুখী–বি, ভেলাগাছ : বিষলাঙ্গলীয়া বৃক্ষ ; কাঁচড়া ; গুড়ূচী। ২ গায়ত্রীমন্ত্র। ~মূর্ত্তি [অগ্নির মূর্ত্তি–৬ তৎ] বি. অগ্নি। ২ [অগ্নির তুল্য মূর্ত্তি যার–বহু°] বিণ, অগ্নির ন্যায় আকারবিশিষ্ট। ৩ অতিশয় ক্রোধান্বিত : অগ্নিশর্ম্মা। ~মূল্য–বিণ, [মূল্যাধিক্য হেতু যা অগ্নিবৎ অস্পৃশ্য] বিণ. দুর্ম্মূল্য : মহার্ঘ · উচ্চমূল্য : আক্রা। ~যন্ত্র [অগ্নি–যন্ত্র, অগ্নিনিষ্কাশক-যন্ত্র–ম° প° লো°] বি. আগ্নেয় যন্ত্র : কামান : বন্দুকাদি : আগ্নেয়াস্ত্র। ~রক্ষণ [অ°–রক্ষ্ (রক্ষাকরা)+অন (ভা°) অগ্নির রক্ষণ–৬ তৎ। (২) রক্ষ–বি. অন। যাতে অ° রক্ষিত হয়] বি, অগ্নিহোত্র : অগ্নি-হোত্রগৃহ : অগ্ন্যাধান (পুরাকালে ব্রাহ্মণগণ নিত্য হোম করিতেন ও অ° উৎপাদন করা এখনকার মত সহজসাধ্য ছিল না বলিয়া সযত্নে অ° রক্ষা করিতেন : একবার অ° নিবিয়া গেলে অরণিকাষ্ঠ ঘর্ষণ করিয়া অ° উৎপাদন করা অপেক্ষা অ° রক্ষা অনেক সহজ ছিল)। ~রহিত–বিণ, নিরগ্নিক। ২ ক্ষুধারহিত।

~রেতঃ-বি, স্বর্ণ। ~লোক [অ°-লোক (দেশ) ৬ তৎ] বি, মেরুর নিম্নস্থ দেশ অ° যার অধিপতি ; পুরাণে অন্তরিক্ষ প্রদেশে কল্পিত। কাশীখণ্ডের মতে ইন্দ্রপুরীর দক্ষিণে। ~শর্ম্ম, ~শর্ম্মা [মূ°-শর্ম্মন্। শর্ম্মা (দ্রঃ-এখানে স্বয়ং)। অ°-তুল্য শর্ম্মা-ম° প° লো°, যে শর্ম্মা অগ্নির ন্যায় উষ্ণ, উগ্র] বিণ, মহাক্রোধী ; কোপন স্বভাব। "প্রখরমূর্ত্তি অগ্নিশর্ম্ম, ছাত্র মরে আতঙ্কে।"-রবী°। ২ বি, কোপনস্বভাব প্রাচীন ঋষি বিঃ। ~শিখ [অগ্নি (র শিখার ন্যায়) শিখা (কেশর) যার-বহু°] বি, কুঙ্কুম saffron ; কুসুম ফুল ; করঞ্জ safflower. ২ বিণ, অগ্নিতুল্য অগ্রভাগবিশিষ্ট। ~শিখা [অগ্নি (র ন্যায়) শিখা দীপ্তি যার-বহু°] বি, বিষলাঙ্গলিয়া বৃক্ষ। ২ [উগ্রতায় অগ্নিশিখাবৎ] জোঁয়াতা শাক : ওলগাছ। ৩ [অ°র শিখা-৬ তৎ)] অগ্নিজ্বালা : আগুনের শিখা। ~শুদ্ধ [অগ্নি (দ্বারা) শুদ্ধ-৩ তৎ] বিণ, অগ্নিস্পর্শদ্বারা পবিত্রীকৃত। বি, ~শুদ্ধি। ~শেখর [অ° -শেখর (শিরোভূষণ) যার-বহু°] বি, (ললাটে বহ্নি থাকায়) মহাদেব। ২ বি, কুঙ্কুমবৃক্ষ ; কুসুমবৃক্ষ ; ঈষলাঙ্গলা। ৩ নটে-শাক। ~ষ্টুৎ [অ°-স্তু+ক্বিপ্ (ধি) যাতে অগ্নির স্তুতি হয়] বি, অগ্নিষ্টোম যজ্ঞ। ~ষ্টোম [অগ্নি-স্তোম (স্তু=স্তুতি করা+ম -মন্ (ধি) স্তুতি] বি, বহু প্রজা সৃষ্টিকল্পনায় প্রজাপতি কর্ত্তৃক প্রবর্ত্তিত পঞ্চদিনসাধ্য বসন্ত-কালীন যাগবিঃ। ২ মনু চাক্ষুষের ঔরসজাত নবলাগর্ভসম্ভূত ঋষি। ~ষ্ঠ [অ°-স্থা (থাকা) ড (র্ত্তৃ)-যে অগ্নির উপরে থাকে (উপ°)] বি, কটাহ : কড়া। ~স্ফুলিঙ্গ [অগ্নির স্ফুলিঙ্গ (কণা) ৬ তৎ] বি, আগুনের ফিন্‌কি ~ষ্বাত্ত, ~স্বাত্ত [অগ্নিতঃ (অ° হতে) স্ব (স্বকীয়ভাগ)-আত্ত (গৃহীত) যৎকর্ত্তৃক-বহু° অগ্নিতে প্রদত্ত আহুতি > আপনাপন অংশ যাঁরা গ্রহণ করেন] বি, মরীচিপুত্রগণ (উপদেবতাগণ) পিতৃলোক ; পরম পিতৃগণ (চন্দ্রলোক-বাসী ও অনগ্নি।-ভারতকোষ। ~সংস্কার [অ° দ্বারা সংস্কার-৩ তৎ] বি, অগ্নিদ্বারা শোধন। ২ বিধিপূর্ব্বক দাহাদি-কার্য্য ; মৃতসৎকার। "অনন্তর অ° সংস্কার করিয়া বানরগণ স্রোতস্বতীতে স্নানার্থ গমন করিল।"-রামা° তত্ত্ব। ~সখ [অগ্নির সখা (বন্ধু) সখা=সখ-কারণ অগ্নি প্রজ্বলিত হই-বার একমাত্র উপায় বায়ু] বি, বায়ু। ~সৎকার [অগ্নি দ্বারা সৎকার-৩ তৎ] বি. দাহকার্য্য। ~সন্দীপন [অগ্নির সন্দীপন (প্রজ্বালন) ৬ তৎ] বি, অগ্নিপ্রজ্বালন। ২ [অগ্নির সন্দীপন হয় যদ্দ্বারা-বহু°] জঠরাগ্নি-বর্দ্ধক ঔষধিবিঃ। ~সম্ভব-বিণ, অ° হইতে উদ্ভূত ; অগ্নিজ (দ্রঃ)। স্ত্রীং ~সম্ভবা-বি, বন-কুসুম ফুল। ~সহায় [অগ্নি (র) সহায় (বন্ধু) ৬ তৎ] বি, বায়ু। ২ বনকপোত। ৩ [অগ্নি-বৎ বা অগ্নির সহায়-ম°প°লো°,৬ তৎ]সহগামী। ~সাৎ-বিণ, অগ্নিতে > ভস্মে পরিণত। ~সার-বি, রসাঞ্জন। ~সেবন [অগ্নি (র) সেবন-৬ তৎ] বি, অগ্নির উত্তাপ উপ-ভোগ ; আগুন পোয়ান। ~স্তম্ভ [অ° স্তম্ভ (স্তন্‌ভ্-রোধ করা+অ-ভা°)-অগ্নির দাহিকাশক্তির রোধ হয় যা হতে-বহু°] বি ঔষধ বা মন্ত্রবলে অগ্নির দাহিকাশক্তি নিরোধ বা নিবারণ। ২ [অ°-স্তম্ভ-৬ তৎ] স্তম্ভা-কারে অগ্নি : আগুনের থাম। "তমোময় যম-দেশে অগ্নিস্তম্ভ সম জ্বলি উজলিবে দেশ।"-মেঘ°। ~স্বাত্ত-অ° ষ্বাত্ত দ্রঃ। ~হোত্র [অ°-হোত্র (হু=হোম করা+ত্র-ধি) অগ্নির হোম করা হয় যাতে-বহু°] বি, সাগ্নিকের প্রাত্যহিক হোম (অগ্নিহোত্রী বা সাগ্নিক-গণ বিবাহ করিয়া শরৎ, বসন্ত বা গ্রীষ্মকালে অগ্নিস্থাপন করিয়া প্রত্যহ প্রাতে ও সন্ধ্যায় তাতে হোম করেন। ইহা মাস বা যাবজ্জীবন-সাধ্য। যাবজ্জীবন-সাধ্য হোমের রক্ষিত অগ্নি-দ্বারা তাঁদের অন্তিমে দাহকার্য্য হয়)। ২ [অ°-হু (হোমকরা)+ত্র (ণে)] বি, ঘৃত। ~হোত্রী [মূ°-অগ্নিহোত্রিন্। অগ্নি-হোত্রিন্ (হোত্র)+ইন্-(ণ্য)-হোতা] বি, নিত্য হোমকর্ত্তা ; সাগ্নিক।

অগ্নী/ধ্র, ~ধ্ [অগ্নি-ইধ্র (ইন্ধ্=দীপ্ত করা+র-রক্ (র্ত্তৃ)। ন্-লোপ, যে দীপ্ত করে)-যে অগ্নিকে দীপ্ত করে-উপ°] বি, যজ্ঞীয় অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ ; কর্ম্মাগ্নি-রক্ষক ঋত্বিক্ বিঃ। ২ প্রিয়ব্রত রাজার জ্যেষ্ঠপুত্র ; (কাম্যার গর্ভজাত)। "ইনি জম্বুদ্বীপের অধিপতি ছিলেন। পূর্ব্বচিত্তী-নাম্নী অপ্সরাকে বিবাহ করেন। তৎপুত্র নাভি, কিম্পুরুষ, হরি, ইলাবৃত, রম্যক, হিরণ্ময়, কুরু, ভদ্রাশ্ব ও কেতুমাল জম্বুদ্বীপকে নববর্ষে বিভক্ত করিয়াছিলেন।"-ভারতকোষ। স্ত্রীং, ~ধ্রা-অগ্নিমন্থন : ঘৃতাহুতির পর অগ্নি-জ্বালন। ~ন্ধন [অগ্নি (র) ইন্ধন (উদ্দীপন) ৬ তৎ] বি, আগুন জ্বালান ; ঘৃতাহুতিদ্বারা অগ্নিজ্বালন। ২ [অগ্নি-ইন্ধন (উদ্দীপক) যে অগ্নিকে প্রদীপ্ত করে] অগ্নি-জ্বালিবার কাষ্ঠ ; জ্বালানি কাঠ।

অগ্ন্যগার, ~অগ্ন্যাগার [অগ্নি রক্ষার্থ অগার, আগার (গৃহ)-ম°প°লো°] বি, সাগ্নিকের হোমগৃহ।

অগ্ন্যবতার [অগ্নি (র) অবতার, অগ্নিবৎ মূর্ত্তি যার-বহু°] বিণ, অতিকোপান্বিত : শীঘ্র-ক্রোধী : অগ্নিশর্ম্মা।

অগ্ন্যভাব [অগ্নি (র)+অভাব-৬ তৎ] বি, অগ্নির অবিদ্যমানতা। ২ ক্ষুধামান্দ্য।

অগ্ন্যস্ত্র [অগ্নি (নিষ্কাশক) অস্ত্র-ম°প°-লো°] বি, আগ্নেয়াস্ত্র ; কামান, বন্দুক ই°। পৌরাণিক যুগের শতঘ্নী, বৃহন্নালীক, ক্ষুদ্র-নালীক ই° নালাস্ত্র (শুক্রনীতি) ; নারাচ; বিকর্ণি ই° (রামা°, মহা°)। ২ অগ্নিবাণ (নালাস্ত্র দ্রঃ)।

অগ্ন্যাধান [অগ্নি-আধান (স্থান) ৬ তৎ] বি, বেদমন্ত্রদ্বারা অগ্নিস্থাপন ; অগ্নিহোত্র যাগ। "পূর্ব্বমৃতা স্ত্রীর যথাবিধি অন্ত্যেষ্টিক্রিয়া নির্ব্বাহ করিয়া পুনরায় দারপরিগ্রহ ও পুনরায় অ° করিবেক।"-বি° সা° (বহুবিবাহ)।

অগ্ন্যালয় [অগ্নি (র)+আলয়-৬ তৎ] বি, আগুন জ্বালা বা রক্ষা করিবার গৃহ বা স্থান।

অগ্ন্যাহিত [অগ্নি-আহিত (স্থাপিত) যৎকর্ত্তৃক-বহু° ; এই বাক্যে 'অগ্ন্যাহিত' ও 'আহিতাগ্নি' এই উভয় রূপই হইবে] বি, আহিতাগ্নি ; সাগ্নিক।

অগ্ন্যুৎপাত [অগ্নি (দ্বারা) উৎপাত বা অগ্নিসংক্রান্ত উৎপতন-ম°প°লো°] বি, আগ্নেয় পর্ব্বতগর্ভ হইতে অগ্নির উৎপতন ; অগ্ন্যুদ্গার। ২ নভস্থ অগ্নিকৃত অশুভসূচক উপদ্রব-উল্কা-পাত, বজ্রপাত, ধূমকেতুর উদয় ই°। ৩ গৃহ দাহাদি যে কোন অগ্নিকাণ্ডজ উপদ্রব।

অগ্ন্যুদ্গম [অগ্নির-উদ্গম (উদ্ধগমন)

৬ তৎ] বি, আগ্নেয় পর্ব্বত হইতে অগ্নির উৎপতন বা উৎক্ষেপন। ২ অগ্নির উত্থান: আগুন বাহির হওয়া।

অগ্ন্যুদ্গার [অগ্নি (র) উদ্গার-৬ তৎ] বি, অগ্নিনিঃসারন: আগুন দাম।

অগ্ন্যুৎসব [অগ্নি (দ্বারা) উৎসব-৩ তৎ] বি, হর্ষসূচক অগ্নিক্রীড়া; আনন্দব্যঞ্জক অগ্নি-প্রজ্বালন; দোলের চাঁচর [হিন্দুস্থানে হোলা বা হোলি পর্ব্ব]।

অগ্র [অগ্ (অনগ-গমন করা) + র (র্তৃ-রক্) যে আদিতে বা প্রথমে গমন করে] বিণ, আদ্য: প্রথম [বাং-য় ক্রি-বিণে 'অগ্র' স্থলে 'অগ্রে'-অং ৯-১১ দ্রঃ। "অগ্রে পাঠ শেষ কর তার পর যাও"] ২ অগ্রবর্ত্তী: আগবাড়ান। "সকল কাজে তাকেই দেখি অগ্র।" ৩ প্রধান; শ্রেষ্ঠ। প্র-অগ্রমহিষী: অগ্রযোদ্ধা। ৪ বি, উপরিভাগ। "গৃহাগ্রে উড়িছে ধ্বজ।"-মেঘং। ৫ প্রান্তভাগ: শেষভাগ। প্র-কুশাগ্র: সূচ্যগ্র। ৬ অবলম্বন; আশ্রয়: নিষ্ঠা। প্র-একাগ্র চিত্ত। ৭ সূক্ষ্মাগ্র চূড়া: শীর্ষদেশ: শিখর: মস্তক: আগা; ডগা apex. ৮ পুরোভাগ। "রথের অগ্রেতে বৈসে বীর হনুমান।"-মহা° (কাশী)। ৯ [অগ্রস্থলে অগ্রে] ক্রি-বিণ, পূর্ব্বে। "তব অগ্রে তারা সব গেছে স্বর্গলোকে।"-মহা°(কাশী)। ১০ সম্মুখে। "তব অগ্রে মারে সেনা দেখিছ দাণ্ডায়ে॥"-মহা° (কাশী)। ১১ সমীপে: নিকটে।"দ্রোণ-গুরু-অগ্রে কহে করিয়া রোদন।"-মহা° (কাশী)। ~**কর** [বৈজ্ঞা° পরিঃ] বি, আধিশ্রয়ণিক বিন্দু: অগ্রাংশু focal point. ~**কায়** [অগ্র-কায় (দেহ)। কায়ের অগ্র-৬ তৎ] বি, দেহের অগ্রভাগ। ~**গ** [অগ্রেগ, অগ্রেগু (বাং অপ্র°) অগ্র-গ (গম্ + (র্তৃ, ড) যে গমন করে-উপ°] বিণ, যে সকলের অগ্রে বা সকলকে পশ্চাতে করিয়া গমন করে: যে আগে যায়: অগ্রগামী। "মগধরাজ দ্রোণগণের অগ্রগ হইয়া কহিলেন",-মহা° (সিংহ)। ~**গণ্য** [অগ্রেতে গণ্য (গণনীয়) ৭ তৎ] বিণ, অগ্রে যার গণনা; সর্ব্বাগ্রে গণনীয় বা উল্লেখযোগ্য; শ্রেষ্ঠ; প্রধান। প্র-পণ্ডিতদিগের অং; চোরের অং। ~**গামী** [মূ°-অগ্রগামিন্। অগ্র + গামিন্-যে গমন করে-উপ°] বিণ, অগ্রে গমনকারী; পুরোগামী; অগ্রসর। স্ত্রীং ~**গামিনী**। ~**গতি**, ~**গমন**-বি, অগ্রসরণ; পুরোবর্ত্তিত্ব। ২ বৃদ্ধি। ৩ উন্নতি। ~**গোড়া** -অগ্রমাংস দ্রঃ। ~**জ** [অগ্র-জ (জন্-উৎপন্ন হওয়া) ড (র্তৃ) যে জন্মে-উপ°] বিণ, প্রথমোৎপন্ন; জ্যেষ্ঠভ্রাতা: অগ্রজন্মা। "কামরূপী তবাগ্রজ।"-মেঘ° [দ্রঃ-অগ্রে জন্ম হইলেই অং বা জ্যেষ্ঠ হয়। বহু-পত্নীকের প্রধানা পত্নীর গর্ভজাত হইলে অং হয় না, জ্যেষ্ঠা স্ত্রীর পূর্ব্বে কনিষ্ঠার সন্তান ভূমিষ্ঠ হইলে সেই অং বা জ্যেষ্ঠ হইবে।-স্মৃ°] ২ [অগ্রে ব্রাহ্মণের জন্ম বলিয়া] বি, ব্রাহ্মণ। স্ত্রীং ~**জা**।। ~**জন্মা** [অগ্রে যার জন্ম] লোকপিতামহ ব্রহ্মা। ২ [মূ°-অগ্রজন্মন্-অগ্রে ব্রহ্মার মুখ হতে জন্ম যার-বহু°] বি, ব্রাহ্মণ। ৩ [অগ্রে জন্ম যার-বহু°] বিণ, প্রথমোৎপন্ন: জ্যেষ্ঠ। ~**জাত**, ~**জাতক**, ~**জাতি** [অগ্রে-জাত-৭ তৎ, বা অগ্র (প্রধান স্থান, মুখ) হতে জাত-৫ তৎ। অগ্র-জাতক (যে জন্মে). জাতি (কুল শ্রেণী)] বি, ব্রাহ্মণ। ~**জিহ্বা**-বি, আলজিভ: অলিজিহ্বা (দ্রঃ)। ~**নী** [অগ্র-নী (লওয়া) + ক্বিপ্ (র্তৃ) যে অগ্রে লইয়া যায়-উপ°] বিণ, শ্রেষ্ঠ, অধ্যক্ষ: দক্ষ। ২ বি, নায়ক; নেতা: দলপতি। ৩ সেনাপতি। ~**তঃ** [মূ°-অগ্রতস্। অগ্র + তস্=তঃ=তে] ক্রি-বিণ, অ, অগ্রে: প্রথমে। ২ সম্মুখে [সং ৭মী বিভক্তি স্থানে তঃ হয়। এই সং শব্দটি বাং-য় অব্যয়রূপে চলিয়া গিয়াছে] ~**দানী** [মূ°-অগ্রদানিন্। অগ্রে দান-৭ তৎ, অগ্রদান + ইন্ (স্ত্য) প্রেতোদ্দেশে যাকে অগ্রে দান করা যায়] বি, (শ্রাদ্ধে তিল দান গ্রহণ হেতু) পতিত ব্রাহ্মণ: যে ব্রাহ্মণ-জাতি প্রেত-সম্প্রদানের ষড়ঙ্গ তিলাদিদান গ্রহণ করে। ~**দূত**-বি, সৈন্যদলের পথ পরিষ্কারক; বেলদার pioneer. ২ পথপ্রদর্শক: অগ্রনায়ক। ~**দ্বীপ** [অগ্র (জাত) দ্বীপ-ম° পং লোং] বি, গঙ্গার গর্ভে প্রথম চর পড়িয়া উৎপন্ন স্বনাম প্রসিদ্ধ দ্বীপ। ~**নিরূপণ**-বি, পূর্ব্বনির্দ্ধারণ। ২ ভবিষ্যদ্বাণী। ~**নেতা** [মূ°-নেতৃ। নী (লওয়া) + তৃন্ (র্তৃ) অগ্রনেতৃ ১মা ১ব°] বি, যে অগ্রে লইয়া যায়; সেনাপতি: অগ্রনায়ক। ~**পর্ণী** [অগ্র (প্রধান হইয়াছে) পর্ণ (পাতা) যার, স্ত্রীং ঈ-বহু°] বি, আলকুশী গাছ। ~**পশ্চাৎ** [অগ্র এবং পশ্চাৎ-দ্বন্দ্ব°] ক্রি-বিণ, পূর্ব্বাপর; আগপাছ: ভূতভবিষ্যৎ। প্র-অং ভাবিয়া দেখা: অং না ভাবিয়া কার্য্য করা। ~**পাণি** [অগ্র-পাণি (হস্ত)-পাণির অগ্র, পদ বিপর্য্যায়-ক্রমে অগ্রপাণি-৬ তৎ] বি, করাগ্র। ২ [অগ্র (আহার ই কার্য্যের কারণ বলিয়া প্রধান) পাণি (ধা)] দক্ষিণ হস্ত: ডান হাত। ~**বন** [সং অগ্রেবণ] বি, আগ্রা Agra. ~**বর্ত্তী** [অগ্র-বর্ত্ত্ + ইন্-যে অগ্রে থাকে-বহু, অগ্রে-বর্ত্তী-৭ তৎ] বিণ, অগ্রগামী; অগ্রযায়ী: সম্মুখস্থ। স্ত্রীং ~**বর্ত্তিনী**। ~**বাহু**-বি, বাহুর অগ্রভাগ। ~**ভাগ** [অগ্র (বর্ত্তী) ভাগ-ম° পং লোং] বি, প্রথমোদ্ধৃত ভাগ। "*** অগ্রভাগ লয়ে ভবানীর: নামে দিলা একভাব হয়ে।"-অং মং। ২ ডগা; প্রথমাংশ: চূড়া। ৩ প্রান্ত: শেষভাগ। ~**ভাগী**-বিণ, অগ্রভাগের অধিকারী। স্ত্রীং ~**ভাগিনী**। ~**ভূ**-অগ্রজ। ~**ভূমি**-বি, প্রধান আশ্রয়। ২ প্রাপ্যস্থান বা বস্তু। ~**মন্দিরা** [নৌ বিদ্যা] বি, প্রাচীন ভারতীয় জলযান বিঃ। "যে যান-গুলির কুটরী গলুইর দিকে থাকিত, সেইগুলির এই নাম ছিল। এই যানগুলি দূর প্রবাস-যাত্রায় এবং রণে উপযোগী বলিয়া বিবেচিত হইত।" -বৌদ্ধ-ভারত। ~**মহিষী** [অগ্র (প্রধানা) মহিষী, পা°-অগ্গমহেসী] বি, পাটরাণী। ~**মাংস**, ~**মাস** [অগ্র (প্রধান) মাংস, মাস (ধা)। গ্রা° অগ্রগোড়া-বং শং কোষ] বি, বক্ষঃস্থলে পদ্মাকৃতি মাংসভাগ: বুকের কলিজার অগ্রভাগের মাংস: দূষিত ভাবে যকৃতের মাংসবৃদ্ধিরূপ রোগ-বিঃ। "পিলে অগ্রমাসে মলো."-বিষবৃক্ষ। ~**যান** [অগ্রে (সর্ব্বাগ্রে) যান (গমন) ৭ তৎ বা-অগ্রে (সেনাপতির) যান (গমন) যাদের-বহু°] বি, সেনাপতির অগ্রগামী সৈন্য। ~**যায়ী** [মূ°-অগ্রযায়িন্-অগ্রে যে যায়-উপ°] বিণ, অগ্রগামী। স্ত্রীং ~**যায়িনী**। ~**সর**, ~**সার** [সং-অগ্রেসর ও°। তুল-aggressor. অগ্র-সর-সার (সৃ-গমন করা)-যে গমন করে-উপ°] বিণ, যে অগ্রে যায়; অগ্রগ; অগ্রগামী। "ইত্যবসরে তিনি অগ্রসর হইলেন।" ২ সকলের অগ্রে প্রবৃত্ত বা

উদ্যোগী। ~সঁন্ধান-বি, পূর্ব্বান্বেষণ। ~সঁন্ধানী-বিণ, পূর্ব্বানুসন্ধানকারী। ২ ঐরূপ দূত। ~সিন্ধ্যা-বি, পূর্ব্ব-সন্ধ্যা : ঊষা। ~সামান্য বঁন্ধনী-বি, মেরু-দণ্ডের সম্মুখভাগস্থ কশেরুকা ও অস্থি-সংযোজিকা বা বন্ধনী Anterior Common Ligament. [মেরুদণ্ডের অস্থিখণ্ড বা কশেরুকা সকল যে স্থিতিস্থাপক, নমনীয় উপাস্থিময় শ্বেত পদার্থদ্বারা দৃঢ়সম্বন্ধ থাকে তার নাম বন্ধনী] ~সূচনা [অগ্রে-সূচনা-৭ তৎ] বি, পূর্ব্বাভাস। ২ পূর্ব্বারম্ভ। ~স্ত্রী [অগ্র (পূর্ব্ব)-স্ত্রী-ধা] বি, প্রথমবিবাহিতা পত্নী। ~স্থ, স্থিত [অগ্রে-স্থ, স্থিত-৭ তৎ] বিণ, সম্মুখে বিদ্যমান : পুরোবর্ত্তী।

অগ্রহি [অ (নাই) গ্রহ (বন্ধন) যার] বি, সন্ন্যাসী। ~ণীয় [অ (অযোগ্য) গ্রহ+অনীয় (র্ম্ম)] বিণ, গ্রহণের অযোগ্য।

অগ্রহায়ণ [অগ্র (প্রথম) + হায়ন (বৎসর)-বৎসরের প্রথম বা অগ্র (শ্রেষ্ঠ) হায়ন (ব্রীহি ধান্য)-বৎসরের যে সময় শ্রেষ্ঠ ব্রীহি উৎপন্ন হয়। প্রতি বৎসর অ॰ মাসে ক্ষেত্রে হৈমন্তিক শস্য প্রাচুর্য্যসহ হায়ন বা ব্রীহি ধান্য উৎপন্ন হয়। পূর্ব্বে এই কৃষি-প্রধান দেশে সাধারণ লোকে ঐ সময় হইতেই বৎসরের আরম্ভ গণনা করিতে থাকে ; চন্দ্র সূর্য্যের গতি লক্ষ্য করিয়া বৎসর গণনা করিতে তারা জানিত না। তখন ৬ ঋতু হেমন্তকে আদি করিয়া শিশির, বসন্ত, গ্রীষ্ম, বর্ষা ও শরৎ পর্য্যায়ে গণনা করা হইত। এই হেতু বৎসরের প্রথম মাস বা শ্রেষ্ঠ হায়ন অর্থাৎ ব্রীহি-উৎপাদক মাসের নাম। প্রা॰ বাং-"আঘণ"। আধু বাং চ॰-'অঘ্রাণ'] বি, হেমন্ত ঋতুর প্রথম মাস ; মার্গশীর্ষ।

অগ্রাহ্য [ন=অ-গ্রাহ্য (গ্রহণীয়) নঞ্] বিণ, গ্রাহ্য নয় ; গ্রাহ্য করিবার উপযুক্ত নয় ; হেয় ; অবজ্ঞেয় ; অশ্রদ্ধেয়। প্র-গুরুজনের কথা অ॰ করা উচিত নহে। ২ গ্রহণের অনুপযুক্ত। ৩ যা গ্রহণ করা অপ্রশস্ত বা অবৈধ।

অগ্রিম [অগ্র+ইম্ (ভাবে=তম্ > অম্ > ইম্, অনুনাসিকে অ=ই-বিধু॰ শাস্ত্রী, (প্রবাসী, ১৩২১)] বিণ, প্রথম ; জ্যেষ্ঠ ; শ্রেষ্ঠ ; প্রধান। ২ আগাম ; অগ্রে দেয়। প্র-অগ্রিম মূল্য। স্ত্রীং ~া।

অগ্রিয়, অগ্রীয় [অগ্র+ঈয় (ভা॰)] বিণ, অগ্রেস্থিত ; অগ্র-সম্বন্ধীয় [অগ্রিম দ্রঃ]।

অগ্রীয়গর্ভতন্তু [অগ্রীয় (অগ্রভাগে স্থিত) গর্ভতন্তু (ডিম্বকোষের উপরিস্থিত দীর্ঘ সূত্রবৎ অংশ)] বি, পুষ্পের ডিম্বকোষের অগ্রভাগ হইতে উত্থিত গর্ভকোষের উপরিস্থিত দীর্ঘ সূত্রবৎ অংশ বা গর্ভতন্তু apical style. [গর্ভকেশর ও ডিম্বকোষ (দ্রঃ)]।

অগ্রে [অগ্র দ্রঃ] ক্রি-বিণ, আগে : প্রথমে। ২ সম্মুখে। ৩ তুলনায়।

অগ্রেদিধিষু [অগ্রে-দিধিষু (দ্রঃ)] বি, বিণ, পুনর্ভূ বিবাহকারী। ২ স্ত্রীং, অবিবাহিতা জ্যেষ্ঠা বিদ্যমানে বিবাহিতা কনিষ্ঠা।

অগ্রেবন-বি, বনাগ্র। ২ অগ্রবন (দ্রঃ)।

অগ্র্য [অগ্র+য্ (ভাবে॰)। যে অগ্রে হয়] বিণ, আদ্য। ২ শ্রেষ্ঠ।

অগ্লানি [ন=অ-গ্লানি] বি, গ্লানিহীনতা। ২ বিণ, অশ্রান্ত ; অক্লান্ত। ৩ অবিরক্ত।

অঘ [অঘ্ (পাপ করা)+অ (ভা॰)] বি, পাপ। ২ কলঙ্ক। ৩ দুঃখ। ৪ ব্যসন [অঘ্ (পাপ করা)+অল্-ক] অসুরবিং, পুতনা ও বকাসুরের ভাই [অঘাসুর দ্রঃ] ~নাশক [অঘের-নাশক, ৬ তৎ] বি, পাপনাশক ; দুরিতহারী। ~নাশন [অঘ (র) নাশন-৬ তৎ] বিণ, পাপনাশন। ২ বি, বিষ্ণু। ~বান্ [অঘ+বৎ (স্ত্য) বতু] বিণ, পাপী ; পাপকর্ম্মকারী ; দুষ্কৃতী। ~ময় [অঘ (পাপ)-ময়] বিণ, পাপময় ; পাপবিশিষ্ট। ~মর্ষণ [অঘ+মর্ষণ (নাশন)] বি, পাপনাশন বেদমন্ত্র বিঃ। ২ ঐ মন্ত্রকার ঋষি।

অঘট-বিণ, যা ঘটে না ; অঘটন (দ্রঃ)। ~মান-বিণ, অসংবদ্ধ ; অসংগত ; বেখাপ্পা incoherent; incongruors.-রবী॰।

অঘ/টন [ন=অ-ঘটন (যা ঘটে)] বিণ, অসম্ভব ; যা ঘটেনা ; যা ঘটা সম্ভব নহে। ২ [অ-ঘটন (ঘটনা)] বি, অন্যায় ; অপ্রত্যাশিত ঘটনা। স্ত্রীং ~টনা-যা সহজে ঘটে না। ২ অসম্ভব ঘটনা। ~টনীয়-বিণ, যা ঘটিতে পারেনা ; অসম্ভাব্য ; অসাধ্য। ২ যা ঘটা উচিত নহে। ~টিত-বিণ, ঘটনারহিত। অ॰-ঘটনা-বি, অসম্ভব সম্ভব হওয়া ; যা বা যা-যা ঘটিবার নহে তা ঘটা। অ॰-ঘটন (া)-পটীয়স্, -পটু-যা ঘটিবার নহে : এমন অসম্ভবকে সম্ভব করিবার পটুতা বিশিষ্ট ; অসাধ্য সাধনে পটু। স্ত্রীং, অ॰-ঘটন (া) পটীয়সী। প্র-অ॰ ঘ॰ পটীয়সী মায়া।

অঘন [ন=অ+ঘন (মেঘ)] বিণ, মেঘশূন্য। ২ [অ-ঘন (নিবিড়)] অনিবিড় : পাতলা।

অঘ/নাশক, ~নাশন, ~বান্, ~ময়, ~মর্ষণ-অঘ (দ্রঃ)।

অঘর [ন=অ (অপ্রশস্ত) ঘর (=পরিবার বা বংশ)] বি, খারাপ ঘর ; কুলীনের মেল বহির্ভূত বংশ ; হীনকুল ; মন্দ পরিবার। ২ অচল বা আদান প্রদান-রহিত ঘর বা কুল।

অঘর্ম্ম [অ-ঘর্ম্ম] বি, ঘর্ম্মাভাব ; স্বেদহীনতা।

অঘা-অগা (দ্রঃ)।

অঘাট [ন=অ-ঘাট্] বি, জলাশয়ের যে পার্শ্বে ঘাট নাই ; আঘাটা।

অঘাটি, অঘাটী [অ (নাই)+ঘাট (হি॰ ঘাট্-ন্যূনতা, দোষ)+ই, ঈ (বিৰ্থে॰)] বিণ, অহীন ; ত্রুটীশূন্য ; নির্দ্দোষ। "কুলে শীলে রূপে গুণে সকলি অ॰। সারাদিন করি সারা সংসারের পাটি॥"-শি॰।

অঘা/তক [ন=অ-ঘাতক] বি, বিণ, যে বধকারী নহে। ২ অহিংসক। ~তী [ন=অ-ঘাতিন্] বি, বিণ, যে প্রাণান্তক নহে। ২ অনপকারক। ~তুক [অ-ঘাতুক্] বি, বিণ, অবিনাশক। ২ অপ্রাণহন্তা।

অঘাসি [অ (অপ্রশস্ত)-ঘাসি (ঘাস), প্রাদে॰। চ॰ আঘাসা] বি, নিকৃষ্ট ঘাস ; কাঁচড়া ঘাস। "অনাদরে অ॰ ঈশান মুখে খায়।"-ঘ॰।

অঘাসুর-বি, অসুর বিঃ। বকাসুর ও পুতনার কনিষ্ঠ ভ্রাতা এবং কংসের সেনাপতি। [শৈশবে কৃষ্ণ যখন নন্দালয়ে ছিলেন, কংস তাঁর বিনাশার্থ বকাসুর ও পুতনা রাক্ষসীকে পাঠান, কিন্তু কৃষ্ণ উভয়কেই বধ করেন। অ॰ প্রতিহিংসা বশে কৃষ্ণ বধার্থ ৪ যোজন লম্বা অজাগরের রূপ ধারণ করিয়া মুখব্যাদান পূর্ব্বক পথিমধ্যে পড়িয়া থাকে। গৃহ-প্রত্যাগমনকালে কৃষ্ণ-সহচর গোপালগণ অজগর রূপীর মুখগহ্বরে পর্ব্বতগুহা ভ্রমে প্রবিষ্ট হয়। কৃষ্ণ অঘাসুরের দুষ্টাভিসন্ধি বুঝিয়া সর্ব্ব পশ্চাৎ নিজেও

অজগরের মুখগহ্বরে প্রবেশ করিয়া বিরাট-মূর্ত্তি ধরেন ও অঘাসুরের প্রাণ বধ করেন]।

অঘাহ [অঘ+অহ (ন=দিন)] বি, অদিন; অশুভ দিন।

অঘৃ/র্ণ-বিণ, নির্ঘৃণ: ঘৃণাশূন্য। ~ণ্য-বিণ, যা ঘৃণার বস্তু নয়: ঘৃণার অযোগ্য। ~ষ্য [ন=অ-ঘৃষ্ (ঘর্ষণ করা)+য (র্ম্ম)] বিণ, যা ঘর্ষণের অযোগ্য: অধর্ষণীয়।

অঘোর [প্রা° বাং-আঘোর (দ্রঃ)] বিণ, অচেতন; সংজ্ঞাহীন: প্র-অঘোরে নিদ্রা যাইতেছে। "প'ড়ে আছে হইয়ে অ°।"-অশোক°। ২ [ন=অ (নাই) ঘোর (ভয়ানক) যা হতে, বহু°-যৎপরোনাস্তি ঘোর] বি, অতি ভয়ানক; প্রচণ্ড; দুর্দ্ধর্ষ। "নিতি নিতি বাড়ে বড় অ° বাদল।"-ধ° ম°। ৩ [অ (নয়) ঘোর (ভয়ানক) নঞ্] যে ভয়ানক নহে। ৪ শিব। "অ° মন্ত্রেতে শিখা বাঁধে তত ক্ষণ।"-রা° প্র°। ৫ [গায়ত্রী ধ্যানে -"তন্নোঽঘোরে প্রচোদয়াৎ"-সেই হেতু আমাদিগকে তিনি মুক্তিপথে প্রেরণ করুন)] মুক্তিপথ। স্ত্রীং ~া, ~ী [অঘোর (শিব)+অ (অত্যর্থে) স্ত্রীং-আ-যাতে শিবের উপাসনা হয়] বি, ভাদ্রমাসের কৃষ্ণা চতুর্দ্দশী (শিবলোক প্রাপ্তি কামনায় উপাসক অঘোরা চতুর্দ্দশীতে শিব পূজা করে)। ~পন্থা-বি, অঘোরী-দিগের সাধন পথ বা মতবাদ। ~পন্থী [অঘোর শিব, ভয়ানক-পন্থী (মূ°-পথিন্) চ°-অঘোরী। হি° 'অওঘড'] বি, শৈব-সম্প্রদায়-ভেদ [দ্রঃ-ইহারা নিতান্ত অপরিষ্কার থাকে। আমমাংস, গলিত দুর্গন্ধময় শব এমন কি মল-মূত্র পর্য্যন্ত অম্লান বদনে উদরস্থ করিয়া থাকে। কখনও অঙ্গমার্জ্জনা বা মুখ পরিষ্কার করে না, মদ্যপান করিবার জন্য প্রত্যেকের হস্তে এক একটী নরকপাল থাকে, পরি-ধানে কৌপীন ও বহির্বাস। নরবলি দ্বারা পূজা করে। নির্ব্বিকার ও নির্ঘৃণ হওয়াই ইহাদের ধর্ম্মনীতির মূলমন্ত্র-ভারতকোষ। 'ভারত-বর্ষীয় উ° স°' গ্রন্থে অক্ষয়কুমার দত্ত মহাশয় লিখিয়াছেন-"ইহারা মদ্য মাংস ভক্ষণ, সর্পা-দির অস্থি ও পশ্বাদির কপাল ধারণ ও অন্যান্য নানাবিধ ঘৃণিত ও কুৎসিত ব্যবহার করে। বিশেষ এই যে, ইহারা যোগী, এইজন্য কনফট্-যোগীদের মত কর্ণযুগলে একরূপ দর্শন অর্থাৎ কুণ্ডল পরিয়া থাকে। ইহারা শিবের উপাসক, এ নিমিত্ত অস্থিমালা ও করোটীমালার সহিত রুদ্রাক্ষমালা ও ঠুমরা ই° তীর্থ-চিহ্ন ধারণ করে। ক্ষৌরী হয় না: কেশ ও শ্মশ্রু রাখিয়া দেয়।" অ° সম্প্রদায়ের আদিস্থান বড়োদারাজ্য এখানে অঘোরেশ্বর নামে একটি মঠ ছিল, তথায় অঘোর-স্বামী বাস করিতেন। রাজ-স্থানের অন্তর্গত আবুপর্ব্বত, কাটিয়াবাড়, বঙ্গ-দেশ ই° স্থানে এখনও মধ্যে মধ্যে অঘোরপন্থী যোগী দেখা গেলেও ইহারা ক্রমেই নির্মূল হইয়া আসিতেছে। এই সম্প্রদায় অতি প্রাচীন। ইহাদের বিষয় মার্কোপোলো, প্লিনী, এরিষ্টট্ল্প্রমুখ বৈদেশিকগণ তাদের গ্রন্থে উল্লেখ করিয়া গিয়াছেন] ২ [অঘোরী যোগী-দের মত যাদের ভক্ষ্যাভক্ষ্য বিচার নাই এবং যারা আহার সম্বন্ধে নির্ঘৃণ] বিণ, দুরাচার উন্মার্গগামী; বিভৎসাচারী।

অঘোষ [ন=অ (নাই) ঘোষ (গোপ বা ধ্বনি) যেখানে-বহু°] বিণ, গোপ বা ধ্বনিশূন্য প্রদেশ। ২ [কলাপ ব্যা°] সংজ্ঞাবিঃ; ঘোষ (দ্রঃ)। ~বান-বিণ, যাতে ধ্বনি নাই। ২ যে সকল বর্ণ ঘোষহীন (ক্, খ্, চ্, ছ্ ই° অর্থাৎ বর্গের প্রথম দুই বর্ণ)!

অঘ্ন, অঘ্ন্য [অঘ্ (আরম্ভ করা)+ন, ন্যন (র্ত্তৃ) যিনি জগৎ সৃষ্টি করিতে আরম্ভ করেন] বি, ব্রহ্মা। ২ [ন=অ (অযোগ্য) হন্ (বধকরা) অ,-য (র্ম্ম) নিপাতনে] বিণ, বধের অযোগ্য। ~া [ন=অ-হন্ (বধকরা)+অ,য (র্ম্ম)-নিপাতন -স্ত্রীং-আ] বি, গাই। ২ বিণ, অবধ্যা।

অঘ্রাণ [অগ্রহায়ণ > অ° (ভ্রং)। গ্রা°-অগ্ঘাণ, অঘান। বৈ° প° সা°-আঘন] বি, অগ্রহায়ণ মাস। "অঘ্রাণে তোর ভরা ক্ষেতে কি দেখেছি মধুর হাসি।-রবী°। "অঘ্রাণে শীতের রাতে নিষ্ঠুর শিশিরাঘাতে পদ্মগুলি গিয়াছে মরিয়া।"-ঐ। ২ ঘ্রাণ-রাহিত্য; গন্ধশূন্যতা। ৩ বিণ, গন্ধহীন; নির্গন্ধ।

অঘ্রাত [অ (নহে)-ঘ্রাত (আঘ্রাত)] বিণ, অনাঘ্রাত। প্র-অ° পুষ্প।

অঙ্ক [অন্ক্ (লক্ষ্য করা)+অ (ণে, ভা°) -যদ্বারা লক্ষ্য করা যায়] বি, চিহ্ন। "জয় শিবেশ শঙ্কর বৃষধ্বজেশ্বর মৃগাঙ্কশেখর দিগম্বর।"-অ° ম°। ২ কলঙ্ক। "তুমি যে ধর্ম্ম-শীল অকপট ললিতমোহনের চরিত্রে অঙ্কদান কল্লে, এতে আমার অন্তঃকরণ বিদীর্ণ হয়ে যাচ্ছে।"-লীলাবতী। ৩ উৎসঙ্গ: ক্রোড়: কোল। "সাঙ্গ এবে ধূলাখেলা, অঙ্গ পড়ে ঢুলে, শঙ্কাহরা কোথা তুমি অঙ্কে লহ তুলে!"-সুধীন্দ্র ঠাকুর। "শৈশবকালে বীণার ন্যায় এক অ° হইতে অঙ্কান্তরে যাইতাম।"-কাদ°। ৪ রেখা। "রুদ্রকান্তের হৃদয়ে মালতীর রোদন জন্য অ°পাত হইল না।"-বিমলা (দামোদর)। ৫ ভূষণ; অলঙ্কার। প্র-বৃষাঙ্ক। ৬ সংখ্যা-জ্ঞাপক চিহ্ন: আঁক (১।২।৩।৪ ই°)। ৭ [গ° পরিঃ] বীজ গণিতে কোন রাশি কতবার লওয়া হইয়াছে তার জ্ঞাপক বর্ণ বা সংখ্যা: গুণক ·fficien', ৮ নাটকের পরিচ্ছেদ বা সর্গ ইহাতে প্রসঙ্গাধীন স্থূল তাৎপর্য্য একপ্রকার শেষ হয়। অঙ্কের মধ্যস্থ দৃশ্যাবলী বা প্রসঙ্গমূলক ক্ষুদ্র পরিচ্ছেদকে গর্ভাঙ্ক বলে। ৯ নাটকাদি রূপক বা অভিনয়ভেদ। দৃশ্যকাব্যে স্বভাবের অনুকরণ করা হয় বলিয়া নাটকের অন্য নাম রূপক। "অঙ্কে বর্ণিত নায়ক-চরিত্র প্রত্যক্ষবৎ প্রতীয়মান হইবে।"-কাব্যদর্পণ। ১০ শরীর। ১১ স্থান। ~করা, ~কষা-ক্রি, আঁককষা: গণনা করা; হিসাব লেখা working out mathematical sums. ~ক্রম [অঙ্ক+ক্রম্-৬ তৎ] বি, অঙ্কপর্য্যায়। ২ ক্রি-বিণ, ক্রমে ক্রমে। ~গ [অঙ্ক+গম্+অ (র্ত্তৃ)] বিণ, কোলের শিশু; অপোগণ্ড বালক; দুধের ছেলে। ~গত [অঙ্ক-গত-২ তৎ] বিণ, ক্রোড়ে আসীন; ক্রোড়স্থিত। ২ হস্তগত; অধিকৃত। স্ত্রীং ~া। ~তন্ত্র-বি, গণিত বা বীজগণিত-বিষয়ক রাশি-বিজ্ঞান। ~ন [অঙ্ক +অন (ভা°)] বি, চিহ্নকরণ। ২ সংখ্যা-লিখন। ৩ [জ্যামিতিতে] রেখাপাতন। ৪ আঁকা; চিত্রকরণ। ~নীয়-বিণ, অ° যোগ্য। স্ত্রীং ~নীয়া। ~পরিবর্ত্তন [অ° ১০ (পার্শ্ব)] পাশ ফেরা। ২ [অ° ৩] কোল বদলান। ৩ [অ° ৬] সংখ্যা বদলান; রাশি পরিবর্ত্তন। ~পাত [অঙ্কের পাত-৬ তৎ] বি, সংখ্যা; সংস্থাপন; আঁক রাখা। ২ অঙ্ককষা। ৩ চিহ্নিতকরণ; রেখাপাত। ~পালি, ~পালিকা, ~পালী [অ° (ক্রোড়)-পালি, পালিকা, পালী (পাল্=পালন করা+ই, ঈ-ভা°) যে অঙ্কের

দ্বারা পালন করে—৩ তৎ] ধাত্রী। ২ আমলকী। ~পাশ [অং—পাশ] বি, অং পাতন ; আঁক রাখা। ২ [গং পরিঃ (লীলাবতী)] অঙ্কের পরিবৃত্তি বা বিবিধ বিন্যাস permutation of digits —সাং পং পং। ~পাশাধ্যায় [অং—পাশ—অধ্যায়] বি, সুশৃঙ্খলার সহিত অং সকলকে পরস্পর বিন্যস্ত করণ। ~পূরণ [অং (দ্বারা) পূরণ, ৩ তৎ] বি, গুণন : গুণ করা। ~বিৎ—বি, বিণ, যে অঙ্ক জানে ; অঙ্কজ্ঞ। ~বিদ্যা—বি, অঙ্কশাস্ত্র ; গণিত বিদ্যা। ~বেত্তা—অংবিৎ। ~বিদ্যাব্যবসায়ী—বি, অঙ্কবিদ্ পণ্ডিত ; গণিতশাস্ত্রে পণ্ডিত ; যিনি অং বিদ্যা শিক্ষা দেন। ~বৃদ্ধি—বি, আঁক বাড়ান ; অঙ্কের গুণ কিংবা বৃদ্ধি করণ ; অধিক অং। ~ভাক্ [অঙ্ক—ভাজ্] বিণ, অঙ্কপার্শ্বে স্থিত ; শ্রোণীদেশস্থ। ~ভাগ [গণিত] হরণ। ~লগ্ন [অঙ্কে লগ্ন (স্থিত) ৭ তৎ] বি, ক্রোড়স্থিত পুত্র। ২ বিণ, ক্রোড়স্থ। ~লক্ষ্মী [অঙ্কস্থিতা-লক্ষ্মী, ধা] বি, পত্নী : স্ত্রী। ~শাস্ত্র [অঙ্কের—শাস্ত্র ৬ তৎ] বি, গণিতশাস্ত্র (বীজগণিত, পাটীগণিত ইং)। ~জ্ঞ, ~শাস্ত্রবিৎ, ~শাস্ত্রবেত্তা—বি, বিণ, যিনি অং জানেন বা অং শাস্ত্রে পারদর্শী। ~শায়ী [মূং—অঙ্কশায়িন্ (অঙ্ক—শী + ণিন্—র্ত্তৃ)] বিণ, ক্রোড়ে শয়নকারী। স্ত্রীং ~শায়িনী। ~স্থ [অঙ্ক—স্থা + ড-র্ত্তৃ] বিণ, অঙ্কস্থিত : ক্রোড়স্থিত : ক্রোড়ে প্রতিপালিত। ২ অতি নিকটস্থ। ~স্থিত—বিণ, ক্রোড়স্থিত। ২ অতি নিকটস্থ। ~হরণ [গণিতে] বি, অঙ্ক ভাগ করণ।

অঙ্কাগত—অঙ্কগত (দ্রঃ)।

অঙ্কিত [অঙ্ক (চিহ্ন করা) + ত (র্ম্ম)] বিণ, চিহ্নিত ; দাগ-কাটা ; আঁক-কাটা। "ললাটে বিন্দু বিন্দু ঘর্ম্ম বলি-অঙ্কিত শিথিল চর্ম্ম।"—রবী। "মৃগাঙ্কে অং।"—নিবাতকবচবধ। ২ চিত্রিত : ক্ষোদিত। প্র—প্রতিকৃতি অং হওয়া ; প্রস্তরে অং। ৩ বিবৃত delineated. প্র—চরিত্র অং হওয়া। ৪ গ্রথিত হওয়া : গাঁথিয়া যাওয়া : ছাপ পড়া impressed প্র—কোন দৃশ্য মানসপটে অং হওয়া। ৫ অঙ্কপাতা : টানা। প্র—রেখা বা বৃত্ত অং করা। ৬ গণনা দ্বারা নির্দ্ধারিত ; গণিত। ৭ লক্ষিত।

অঙ্কী [মূং—অঙ্কিন্। অঙ্ক (চিহ্ন ; ক্রোড়) + ইন্—বির্থেং] বিণ, কলঙ্কী। "অঙ্কী কলানিধি।"—মহাং (কাশী)।

অঙ্কুর, অঙ্কূর [অঙ্ক (অনক্—লক্ষ্য করা) উর, ঊর (র্ত্তৃ—জ্ঞাং)—যে বীজ হইতে লক্ষিত হয় বা দেখা দেয়। ভ্রং—আঁকুর, আঁকুড়] বি, বীজ বপন বা রোপণ করিলে বীজ ভেদ করিয়া যা প্রথম নির্গত হয় ; কল। প্র—শস্যের অং ; বীজাঙ্কুর। ২ কলিকা ; মুকুল। "বসন্তাদি ঋতুসহ সদা যথা কাম। চূতাঙ্কুর শরহস্তে বিহরে প্রকাম॥"—নিবাতকবচবধ। ৩ উন্মেষ ; প্রকাশ ; সঞ্চার। "কিছু কিছু উতপতি অং ভেল। চরণ চপলগতি লোচন নেল॥"—বিং পং। ৪ উদ্ভিন্নবস্তু ; নবোদিত বস্তু। "উরজ অং চীরে ঝাঁপায়সি থোর থোর দরশায়।"—বিং পং। ৫ আদি ; মূল : প্রারম্ভ ; গোড়া ; সূত্রপাত। "রোপিয়া প্রেমক বীজ অঙ্কুরে মোড়লি, বাঁচব কোন উপাই॥"—বিং পং। ৬ অগ্রভাগ : ডগা। প্র—কুশাঙ্কুর। ~রক—বি, পাখীর বাসা ; কুলায় : নীড়। ~রিত [অঙ্কুর + ইত—জ্ঞাতার্থে] বিণ, অঙ্কুরোদ্গম ; যার অং নির্গত হইয়াছে ; মুকুলিত।—"চূতকলিকা অঙ্কুরিত—" কাদং। ২ প্রকাশিত ; আবির্ভূত। "মনোজ হইল যেন আসি অঙ্কুরিত।"—বিক্রমোর্ব্বশী। ~রোদয় ~রোদগম, ~রোদ্ভব [অঙ্কুরের—উদয়, উদ্গম, উদ্ভব—৬ তৎ] বি, অঙ্কুরোৎপত্তি ; আঁকুর দেখা দেওয়া। ২ সূত্রপাত।

অঙ্কুশ, অঙ্কুষ [অনক্ (গমন করা) + উশ্, উষ্—ণ (জ্ঞাং) যা মর্ম্ম স্থানে গমন করে] বি, হস্তীর মস্তকে প্রহার করিয়া বা খোঁচা দিয়া উহার দুষ্টতা দমন বা গতি বৃদ্ধি করিবার আঁকশির মুখের ন্যায় সুক্ষ্মাগ্র বক্র-মুখ লৌহদণ্ড বিঃ ; হস্তী তাড়ন দণ্ড ; ডাঙ্গস ; লোহার আঁকবি (জাতক, ৫ম খণ্ড)। "গজ গমনে আঁকশির ন্যায় অঙ্কুশ মাহুতগণ কর্ত্তৃক ব্যবহৃত হইবে।"—শুক্রনীতিসার। ~শী [অঙ্কুশ + ঈ] বি, অঙ্কুশ-ধারণকর্ত্রী। জৈনগণ-দেবতাভেদে অশোকা, মানবী, চণ্ডাদি শাসনদেবী। ~গ্রহী—বি মাহুত। ~দুর্দ্ধর [অঙ্কুশ দ্বারা দুর্ (দুঃখে) ধর (যে ধরা দেয়) ৩ তৎ। যে অঙ্কুশ দ্বারা কষ্টে ধরা দেয় বা বশ্যতা স্বীকার করে] বি, দুরন্ত হস্তী।

অঙ্কোপরি [অঙ্কের উপরি—৬ তৎ] অ, ক্রোড়ের উপর।

অঙ্কোলিকা [অঙ্গ—কুল (মিলিত হওয়া) + ইক + আ—নিপাতনে] বি, আলিঙ্গন ; কোলাকুলি (দ্রঃ)।

অঙ্ক্য [অঙ্ক + য (র্ম্ম)—অঙ্কে রাখিয়া যা বাজান যায়] বি, মৃদঙ্গ ; পাখোয়াজ ; ঢোল। ২ বিণ, ক্রোড়ের যোগ্য।

অঙ্গ১ [অনগ্ (গমনে, বোধে) + অ (র্ত্তৃ, ণে)—যে গমন করে বা যদ্দ্বারা আকৃতির বোধ হয়] বি, হস্ত পদাদি অবয়ব ও শরীরের অংশ। ২ শরীর যন্ত্র organ. ৩ শরীর ; দেহ। —"অঙ্গে যতই চাপায় রতন, কবি বসে থাকে ছবির মতন।"—রবী। "কপালে কঙ্কণ মারে, রুধির বহিছে ধারে। কাম-অঙ্গ-ভস্ম লেপে অঙ্গে॥"—অং মং। ৪ আকৃতি ; মূর্ত্তি ; চেহারা। "অনঙ্গের অং দিলি।"—ভারতং। "একদা তুমি অং ধরি ফিরিতে নব ভুবনে মরি মরি অনঙ্গ দেবতা।"—রবীং। ৫ অংশ ; অবয়ব। "অং শব্দে অংশ কহে শাস্ত্র পরমাণ। অঙ্গের অবয়ব উপাঙ্গ আখ্যান॥ অদ্বৈত নিত্যানন্দ চৈতন্যের দুই অং। অঙ্গের অবয়বগণ কহিয়ে উপাঙ্গ॥" —চৈং চং। ৬ অপরিহার্য্য অংশ ; যার অভাবে কিছু সম্ভাবিত হয় না ; যা না হইলে কোন কিছু অসম্পূর্ণ থাকিয়া যায়। "বিরাম কাজেরই অং একসাথে গাঁথা। নয়নের অংশ যেন নয়নের পাতা॥" "জন্ম মৃত্যু দোঁহে মিলে জীবনের খেলা, যেমন চলার অং পা-তোলা পা-ফেলা।"—রবীং। রথাঙ্গ ; চতুরঙ্গ ইং। ৭ উপকরণ। প্র—জিনিষগুলি ফেলিয়া দিও না ওগুলি পূজার অং। ৮ স্ব (আপন) এই অর্থবাচক। প্র—অঙ্গীকার। ৯ বেদাঙ্গ ; বেদের ৬টী অবয়ব গ্রন্থ (শিক্ষা, কল্প, ব্যাকরণ, ছন্দঃ, নিরুক্ত, জ্যোতিষ)। "যিনি অষ্টাঙ্গ সংযুক্ত মেধা ও গুরু শুশ্রূষা অবলম্বন করিয়া অং, উপনিষৎ ও ইতিহাস পুরাণের সহিত চতুর্বেদ অধ্যয়ন করেন।—মহাং (বর্দ্ধ)। ১০ বৌদ্ধধর্ম্মশাস্ত্রভেদ। ১১ [জ্যোং] জন্মাদি লগ্ন। ১২ [ব্যাং] অন্তস্থ প্রত্যয়ের পূর্ব্ববর্ত্তী প্রকৃতি। ১৩ [রসায়নে] অঙ্গারের সাঙ্কেতিক চিহ্ন অং (c)।

অঙ্গ২ বি, রাজা বিঃ ; রাজ্য বিঃ ; অঙ্গ রাজ্যের অধিবাসী। ২ [পু॰] অসুর বংশীয় বলি-রাজার ক্ষেত্রজ পুত্র, বলিপত্নীর গর্ভে দীর্ঘতমা মুনির ঔরসে ইঁহার জন্ম-ভাগবত ও মহা॰। ৩ [মহা॰, বিষ্ণুপু॰] বলিপুত্র অঙ্গ-প্রতিষ্ঠিত, গঙ্গা সরযূ-সঙ্গম হইতে আরম্ভ করিয়া পূর্ব্বদিকে বিস্তৃত দেশ বিঃ [রামা॰ রাজ॰-টীকা] দুর্য্যোধন সখা কর্ণের রাজ্য। বর্ত্তমান ভাগলপুর ও তৎ-সন্নিহিত প্রদেশকে ও তার অধিবাসীদিগকেও অ॰ বলা হইত। কৌশিকী নদীর দক্ষিণে ও গঙ্গানদীর পূর্ব্বতীরস্থ দেশ ; রাজধানী চম্পা (লোমপাদ পুরী, অঙ্গপুরী, কর্ণপুরী ও মালিনী নামেও অভিহিত)। সং কাব্যকারগণের মতে মগধরাজ্যের রাজধানী গিরিব্রজের পূর্ব্বপ্রান্তে এবং মিথিলার পূর্ব্বদক্ষিণ বা পূর্ব্বোত্তর কোণে অবস্থিত। য়ুআন-চুআঙ্ বলেন-ইহা গঙ্গা-গর্ভস্থ প্রস্তরময় দ্বীপ বিঃ হইতে ২৪ মাইল দূরে অবস্থিত। মিঃ কানিংহাম ভাগলপুরের নিকট চম্পানগর ও চম্পাপুর নামে দুইটী গ্রাম এবং ভাগলপুরের ২৪ মাইল পশ্চিমে একটী শিলা-কীর্ণ জনপদের অস্তিত্ব দেখিয়া ঐ জনপদটীকেই উক্ত প্রস্তরময় দ্বীপ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ~ক [অঙ্গ+ক (স্বার্থে)] বি, অঙ্গ : দেহ। ~গ্রহ [অঙ্গের গ্রহ (যে গ্রহণ করে, আক্রমণ করে) ৬ তৎ] বি, গাত্রব্যথা : ধনুষ্টঙ্কার বা খেঁচারোগ। "অঙ্গগ্রহ নামে ভয়ঙ্কর যমচর গ্রহিছে প্রবলে ক্ষীণ অ॰"-মেঘ॰। ~গ্লানি [অঙ্গের গ্লানি-৬ তৎ] বি, দেহের কষ্ট। ২ গায়ের ময়লা। ~চালন, ~সঞ্চালন [অঙ্গের চালন-৬ তৎ] বি, হস্তপদাদি অবয়বের সঞ্চালন: অঙ্গবিক্ষেপ। ~চ্ছেদ, ~চ্ছেদন [অঙ্গ+ছেদ্, ছেদন (ছিদ্+অ, অন (ভা॰) -৬ তৎ] বি, অবয়ব বা অংশ ছেদন করা ; মূল অংশ হইতে একদেশ চ্যুত করা। প্র-বঙ্গের অঙ্গচ্ছেদ। ২ খণ্ডিত ; বিগ্রহ। ~চ্ছেদক [অঙ্গ+ছেদক-৬ তৎ] বি, নাড়ী ছেদন করিবার অস্ত্রাদি বিঃ। ২ বিণ, শরীর ছেদনকারী। ~জ (-জ-) [অঙ্গ-জ (জন=উৎপন্ন হওয়া)+অ (র্ত্তৃ)-যে জন্মে] বি, পুত্র। "রঘুজ অজ অঙ্গজ বিখ্যাত ভুবনে।"-মেঘ॰। ২ [অঙ্গ (মন)-জ] মনসিজ : কামদেব। ৩ ব্যাধি। ৪ কেশ। বিণ, অঙ্গ হইতে জাত : দেহোৎপন্ন। "শিবনিন্দা শ্রবণে করিব প্রতিকার। তোমার অঙ্গজ তনু রাখিব না আর॥"-কবিক॰। স্ত্রীং ~জা-কন্যা। ~জনু [অঙ্গ (হতে) জনু (জন্ম) যার-বহু॰] বি, পুত্র ও কন্যা। "ভরদ্বাজ অঙ্গজনু"-মহা॰ (কাশী)। ২ বিণ, অঙ্গজাত ; দেহোৎপন্ন। "তব অঙ্গজনু তেজিব এ তনু, তবে যাবে মোর পাপ।"-অ॰ ম॰। ~ঝাড়া-বি, গা-ঝাড়া : আলস্য বর্জ্জন। "অঙ্গঝাড়া দিয়া এবে উঠিল যুবক।" -রঙ্গমতী। ~ত্যাগ-বি, দেহ ত্যাগ : ইচ্ছা-মৃত্যু [বিরল] ~ত্র, ~ত্রাণ [অঙ্গ-ত্র, ত্রাণ (ত্রৈ=রক্ষাকরা+অ, অন (র্ত্তৃ) যে রক্ষা করে] বি, অঙ্গরক্ষক ; বর্ম্ম ; সাঁজোয়া। ~নিগ্রহ -বি, তপস্যা ; উপবাসাদি দ্বারা শরীরনিগ্রহ। ২ জাতিতত্ত্বে-sacrification. ~ন্যাস [অঙ্গ (দেহ) ন্যাস-৭ তৎ-হৃদয়াদিস্থলে মন্ত্র-ভেদের ন্যাস] বি, বিভিন্ন স্থলের বিভিন্ন মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হৃদয়, মস্তক, বাহু, শিখা, চক্ষু ও করতলস্পর্শ। ~পালি [অঙ্গ-পাল (বন্ধন করা, পালন করা)+ই (ধি) যাতে অঙ্গের সম্যক্ প্রকার বন্ধন হয়-৬ তৎ] বি, আলিঙ্গন। ২ প্রসিদ্ধা বেশ্যা, যিনি বৌদ্ধধর্ম্ম গ্রহণ করিয়া শুচি ও পুণ্যবতী হন। ~পালিত-বিণ, অঙ্গে গৃহীত বা ধৃত। ২ কৃতালিঙ্গন। ~প্রত্যঙ্গ [অঙ্গ-প্রতি (সম্বন্ধীয়)-অঙ্গ, ৬ তৎ, বা অঙ্গ ও প্রত্যঙ্গ-দ্বন্দ্ব॰] বি, হস্ত-পদাদি দৈহিক অবয়ব। ~প্রসাধন-বি, অঙ্গরাগ (দ্রঃ)। ~প্রায়শ্চিত্ত [অঙ্গশোধক প্রায়শ্চিত্ত-ম॰ প॰ লো॰] বি, পাপমোচনের জন্য অশুদ্ধ দেহ শোধন ; অশৌচ অন্ত হইলে দ্বিতীয় দিনে যে শোধনানুষ্ঠান করিতে হয়। ~বিকৃতি [অঙ্গ+বি+কৃ+তি-৬ তৎ] বি, অঙ্গের বিকার। ২ অপস্মার : মৃগীপ্রমুখ ব্যাধিবিঃ apoplexy. ~বিক্ষেপ [অঙ্গ (তার) বিক্ষেপ-৬ তৎ] বি, নৃত্যাদিকালে অঙ্গসঞ্চালন ; কোনরূপ কৌতুকাদি দেখাইবার জন্য অঙ্গ-প্রত্যঙ্গাদির চালন ক্রিয়া। ২ হাত পা খেঁচা spasm. ~বিহীন-বিণ, অঙ্গহীন। স্ত্রীং ~বিহীনা। ~বৈকৃত [অঙ্গ-বিকৃত (বিকারপ্রাপ্ত)+অ (ভা॰, ষ্ণ)-৬ তৎ] বি, অঙ্গভঙ্গী : ইঙ্গিত : ইসারা। ~ভঙ্গ [অঙ্গ (তার)-ভঙ্গ-৬ তৎ] বি, অঙ্গচালনাদি দ্বারা মনোভাব প্রকাশ করা। "ননী ছানা খাওয়াইয়া রসরঙ্গ শিখাইয়া, অঙ্গভঙ্গ দেখাইয়া, তুমি কৈলা কামী।" -ভারত॰। ~ভঙ্গিমা, ~ভঙ্গী-বি, অঙ্গভঙ্গ (দ্রঃ)। "হেন অঙ্গভঙ্গী করি নাচে গৌরচন্দ্র।"-চৈ॰ ভা॰। ~ভঙ্গিয়া-ক্রি, অঙ্গভঙ্গ করিয়া। "ভৃঙ্গী নাচে অঙ্গভঙ্গিয়া," -অ॰ মং॰। ~মর্দ্দ, ~মর্দ্দক, ~মর্দ্দী [মৃদ্=মর্দ্দন করা+অ (অন্), অক (ণক), ইন্ (ণিন্)-(র্ত্তৃ)-যে মর্দ্দন করে] বি, বিণ, যে অঙ্গ মর্দ্দন করিয়া দেয় ; যে গা টিপিয়া বা মাড়াইয়া দেয় : অঙ্গসংবাহক। ~মর্দ্দন-বি, গা টেপা বা মাড়ান। ~মোটন-বি, গা মটকান : আড়ামোড়া বা গা ভাঙা। ~মোড়া-শরীর সঙ্কোচন ; প্রসারণ ও জৃম্ভণাদিদ্বারা আলস্যত্যাগ : গা মোড়া। ~রক্ষিণী, ~রক্ষিণী [রক্ষ্=রক্ষা করা+অন (ণে, ইন্) র্ত্তৃ-৬ তৎ, স্ত্রীং ঈ -যদ্দ্বারা অঙ্গ রক্ষিত হয়] বি, আঙ্‌রাখা, চাপ্‌কান : কোট, সার্ট, পিরাণ ই॰। ২ অঙ্গত্রাণ : কবচ : সাঁজোয়া। ~রক্ষা, ~রাখা [হিং অঁগরখা (হাঁটু পর্য্যন্ত লম্বা চাপ্‌কান, যার বোতামস্থলে ফিতা বা সুতার বাঁধুনি টাঁকা থাকে)] বি, আংরাখা ; জামা : অঙ্গত্রাণ [রক্ষণী দ্রঃ] ~রাগ [অঙ্গ-রাগ (রনজ্-রং করা)+অ (ভা॰) রঞ্জন। অঙ্গের রাগ-৬ তৎ] বি, চন্দন, কুঙ্কুমাদি সুগন্ধ দ্রব্যদ্বারা গাত্র লেপন : অঙ্গভূষণ ; সাজগোজ প্রসাধন toilet. ২ [+অ (ণে)-যদ্দ্বারা ভূষিত হয়] অঙ্গে লেপনোপযোগী দ্রব্য। "অঙ্গরাগে এমন অদ্ভুত হৈল ছবি।"-শি॰। ~রাজ [অঙ্গ-রাজন্+অন] বি, অঙ্গদেশের অধিপতি : কর্ণ। ~রাট্-অঙ্গরাজ। ~রুহ, ~রোম [অঙ্গ-রুহ্ (উৎপন্ন হওয়া)+অ (র্ত্তৃ)। অঙ্গ হতে যে জন্মে-৫ তৎ] বি, লোম (তুল-শিরোরুহ=কেশ)। ২ পালক। ৩ পশম। ~লেপ [অঙ্গ-লিপ্+অল্ (ণে)] বি, অনুলেপনোপযোগী দ্রব্য। ~লোম-অঙ্গরুহ। ~সংস্কার [অঙ্গের সংস্কার-৬ তৎ] বি, চন্দনকুঙ্কুমাদিদ্বারা দেহের শোভা করণ ; শরীরমার্জ্জন। ~সংস্থান [অঙ্গের সংস্থান-৬ তৎ] বি, জীবদেহবিজ্ঞান। ২ [ভাষা-তত্ত্বে ভাষার রূপ ও গঠন বিজ্ঞান morphology. ~সঞ্চালন [অঙ্গের সঞ্চালন-

৬ তৎ] বি, হস্তপদাদি অবয়বের চালনা। ২ অঙ্গবিক্ষেপ। ~সঙ্গ [অঙ্গ-সং+গম্ +অ-নিপাতনে] বি,অঙ্গের পরস্পর সংযোগ; সম্ভোগ; মৈথুন। ২ সহচর। "অতি-প্রিয় পারিষদ শঙ্কর তরঙ্গ। হরহিত রামবোল সদা অ০ সং॥"-অ০ ম০। ~সঙ্গী [অঙ্গ-সঙ্গিন্] অনুরক্ত; সংসক্ত। ২ আনুষঙ্গিক। ~সেবা [অঙ্গের-সেবা (সজ্জা, সংস্কার) ৬ তৎ] বি, অঙ্গরাগ। ২ দেবমূর্ত্তির সাজসজ্জা বা দেহ-সংস্কার। ~সৌষ্ঠব [অঙ্গের সৌষ্ঠব (সৌন্দর্য্য) ৬ তৎ] বি, দেহের সৌন্দর্য্য; অবয়বের কোন অংশের গঠনে কোনরূপ খুঁৎ বা দোষ না থাকা। ~স্থিতি [বিজ্ঞা০ পরিঃ] বি, দৈহিক অবস্থান। ~জ্ঞান-কি ভাবে অবস্থিত আছি, কি ভাবে দাঁড়াইয়া আছি, কি ভাবে বসিয়া আছি, বসিয়া আছি না দাঁড়াইয়া আছি ই০ প্রকারে অবস্থানের এক এক প্রকার পৈশিক সংবিত্তি। ~স্পর্শ [অঙ্গের স্পর্শ -৬ তৎ] বি, দেহ স্পর্শ; গা ছোঁয়া। ~স্বভাব-বি, প্রকৃতিগত প্রবৃত্তি; স্বভাব-প্রেরণা; সহজ ক্রিয়া instinct. ~হানি [অঙ্গের হানি-৬ তৎ] বি, কোন অঙ্গ না থাকা; অঙ্গের বিকলতা। ২ কার্য্যের অংশ-বিশেষের অননুষ্ঠান। ~হার [অঙ্গের হার (হরণ)। অঙ্গ সকলের হরণ অর্থাৎ একস্থান হইতে স্থানান্তরে লওয়া-৬ তৎ] বি, অঙ্গবিক্ষেপ; অঙ্গচালন; নর্ত্তনাদির সঙ্গে অঙ্গ-ভঙ্গী(নৃত্য দ্রঃ)। ~হীন [অঙ্গদ্বারা হীন (চ্যুত)-৩ তৎ] বিণ, যার এক বা একাধিক অঙ্গ না থাকে; বিকলাঙ্গ। ২ অসম্পূর্ণ; অংশ-হীন। ৩ উপকরণহীন। "আকুল হইলে পূজা হয় অঙ্গহীন।"-অ০ ম০। ৪ শরীর বিহীন; নিরাকার; অশরীরী। "অঙ্গহীন হয়ে সেটা, দগ্ধ করে অঙ্গ।"-রা০ প্র০। বি, ~হীনতা-অবয়বের অভাব বা বিকৃতি বা পরিমাণ-হীনতা।

অঙ্গঠা [হিং অঙ্গেঠী] বি, অঙ্গারপাত্র।

অঙ্গণ, -ন [অন্গ্ (গমন করা) +অন্, যে স্থানে গমন করে] বি, উঠান; আঙ্গিনা; চত্বর। ২ কাছারী।

অঙ্গদ [অঙ্গ-দ (দয়্=গ্রহণ করা; দে =পোষণ করা; দৈ = শোধন করা)+অ (র্ত্তৃ)-যে অঙ্গ (প্রধানতঃ বাহু) গ্রহণ করে বা রক্ষা করে বা শোধন করে। প্রা০বাং আঙ্গদ (দ্রঃ)] বি, বাহুতে পরিধান যোগ্য অলঙ্কার-বিঃ; কেয়ূর; বাজু। "অ০ দুটি বাহুতে পরায় কুণ্ডল দেয় কানে।"-রবী০। ২ কিষ্কি-ন্ধ্যাধিপতি বালির পুত্র। "অ০ বলেন প্রভু যুক্তি নাহি হয়।"-কৃত্তি০ব [বালিরাজার ঔরসে ও তারার গর্ভে জন্ম। অ০বাকপটুত্বের জন্য বিশেষ বিখ্যাত ছিলেন। শাস্ত্রকারেরা বলেন-অ০ বৃহস্পতির অংশ বিঃ। সীতা-অন্বেষণার্থ অ০ একদল কপি সৈন্যের অধিনায়করূপে দক্ষিণ-দিকে প্রেরিত হন এবং সম্পাতির নিকট হইতে সীতার সন্ধান আনিয়া দেন। সুগ্রীবের মৃত্যুর পর অ০ কিষ্কিন্ধ্যার রাজা হন] ৩ লক্ষ্মণের উর্ম্মিলাগর্ভজ এক পুত্র। ৪ দুর্য্যো-ধনের পক্ষাশ্রিত জনৈক যোদ্ধা। স্ত্রীং ~া-বি, পিঙ্গলা-নাম্নী দক্ষিণ দিগ্-হস্তিনী।

অঙ্গন১-অঙ্গণ (দ্রঃ)।

অঙ্গন২ [বৈজ্ঞা০ পরিঃ] বি, যার মধ্য দিয়া তাড়িতশক্তি কার্য্য করে; অপরিচালক dielectric. ~ফল, অঙ্গনাঙ্ক-dielectric constant. ~প্রবাহ-dielectric current. -সা০ প০ প০।

অঙ্গনা [অঙ্গ (দেহ)+ন (প্রশংসার্থে) যার প্রশস্ত অঙ্গ আছে। স্ত্রীং-আ] বি, অঙ্গসৌষ্ঠসম্পন্না স্ত্রী; রমণী। প্র-বীরাঙ্গনা; ব্রজাঙ্গনা। "কি রঙ্গে অঙ্গনা-বেশ ধরিলি, দুর্ম্মতি।"-মেঘ০। ~জন-বি, স্ত্রীলোক। ২ উত্তরদিগ্-হস্তিনী। ৩ কন্যারাশি। ~প্রিয় [অ০ (নারী) তার প্রিয়-৬ তৎ। নারীগণ যার পুষ্পদ্বারা কেশ ও অঙ্গ ভূষিত করে, এবং যার বল্কলাদিতে স্ত্রীলোকদিগের সর্ব্বপ্রকার রোগের ঔষধ হয়]বি, অশোকবৃক্ষ। ২ দক্ষিণ-দিগ্ গজ বিঃ। ৩ বিণ, রমণীর প্রীতিকর।

অঙ্গাঙ্গি [অঙ্গ (এক অঙ্গ বা পক্ষ)+অঙ্গ (অন্য অঙ্গ বা পক্ষ)+ই (ভা০)-এক অঙ্গকে অন্য অঙ্গের সামিল করার ভাব] অ, এক অঙ্গ বা পক্ষের সহিত অন্য অঙ্গের বা পক্ষের সম্বন্ধ বা সম্পর্ক co-ordination; co-relation. ২ স্বপক্ষাশ্রিতের প্রতি পক্ষপাত। ৩অঙ্গে অঙ্গে প্রবৃত্ত যে যুদ্ধ। ~ভাব-প্রগাঢ় সৌহার্দ্দ; আত্মীয়তা; গলাগলি। ২ গৌণ-মুখ্য-ভাব।

অঙ্গাধিপ [অঙ্গ (দেশের) অধিপ-৬ তৎ] বি, অঙ্গদেশের রাজা; কর্ণ।

অঙ্গামী-বি, আসামের দক্ষিণে নাগা পর্ব্বতের অসভ্য জাতির সম্প্রদায় বিঃ, অ০ নাগা। নাগা দ্রঃ।

অঙ্গার [অন্গ্ (পাওয়া)+আর (র্ত্তৃ,জ্ঞা০) -যে রক্তবর্ণত্ব বা কৃষ্ণবর্ণত্ব পায়] বি, আঙ্গরা; আঙার। ২ কয়লা carbon [রসায়ণে সাঙ্কে-তিক চিহ্ন 'অঙ্গ' (c)] ৩ কালী; কলঙ্ক।-"ওরে দুরাচার হিন্দুকুলাঙ্গার এই কি তোদের দয়া সদাচার। হয়ে আর্য্যবংশ অবনীর সার, রমণী বধিছ পিশাচ হয়ে।"-হেম০। ৪ মঙ্গল-গ্রহ। ~কৃষ্ণ-বিণ, কয়লার মত কাল। ~তুল্য-বিণ, কয়লার মত গুণবিশিষ্ট। স্ত্রীং ~তুল্যা। ~ধানিকা, ~ধানী [অ০ ধানিকা (ধা=ধারণ করা)+অন (র্ত্তৃ), স্ত্রীং-ঈ (ধি); কন্+আ (স্ত্রীং) যে ধারণ করে-৬ তৎ] বি, অঙ্গার ধারণের পাত্র; ধুনুচী; অগ্নি রক্ষা করিবার পাত্র; আগুনের মালসা; আঙ্গঠা। ~পরিপাচিত [অঙ্গার দ্বারা পরিপাচিত -৩ তৎ] বিণ, অঙ্গারপক্ক। ২ বি, শূলবিদ্ধ পক্ক মাংস; শিক্কাবাব। ~পর্ণ [অঙ্গার -পর্ণ (পাতা) যার-বহু০, যার পত্র অঙ্গারের ন্যায়] বি, চিত্ররথ গন্ধর্ব্বের উদ্যান। ২ বি, গন্ধর্ব্বগণের অধ্যক্ষ; চিত্ররথ গন্ধর্ব্ব। ~পর্ণী, ~বর্ণী [অ০ বর্ণ পত্র বিশিষ্ট] বি, ভার্গী; বামনহাটীর গাছ (ইহার ডাঁটা ও পাতার শিরাগুলি লোহিত বর্ণ, ইহা শ্বেতপুষ্প ও নীলপুষ্প ভেদে দুইপ্রকার)। ~পুষ্প [যে বৃক্ষের পুষ্প অঙ্গারের ন্যায় লোহিত বর্ণ-বহু০] বি, ইঙ্গুদীবৃক্ষ। ~বল্লরী [যার অঙ্গারের মত লালবর্ণ বল্লরী বা মঞ্জরী-বহু০] বি, কুঁচ; গুঞ্জা; নাটাকরঞ্জ; বামনহাটী; ভার্গী। ~বল্লী-বি, [অঙ্গার বল্লরী দ্রঃ] ~মঞ্জী -বি, ডহর করঞ্জ; ডারকরমচা। ~মলিন [অ০ বৎ মলিন (ধা)] বিণ, অঙ্গারের ন্যায় কৃষ্ণ-বর্ণ। ~শকটী [অ০+শকট (ক্ষুদ্র শকট) ৬ তৎ] বি, অগ্নি পাত্র; আঙ্গটা; অঙ্গার-ধানিকা দ্রঃ।

অঙ্গারক [অঙ্গার+ক (তুল্যার্থে)-যে অঙ্গারের মত রক্তবর্ণ] বি, কুরন্টক গাছ; ভীমরাজ। ২ [+ক, স্বার্থে] আঙ্গার; কার্বণ carbon. ৩ [+ক অল্পার্থে)]

্ যুক্ত বিশ্বৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ হু=হ্‌উ হ্ন হ্ল হ্ব হ্ম=ম্‌হ হ্য হ্র হ্ ব্য, জ য ব ভ=zfw\ ও ছা০ দ্রঃ

অগ্নিস্ফুলিঙ্গ। ৪ আঙ্‌রা ; কয়লা charcoal. ৫ মঙ্গলগ্রহ। ৬ স্বনাম প্রসিদ্ধ জ্বর-নাশক তৈল (এই তৈল শরীরে ও সন্ধিস্থলে মর্দ্দন করিলে জীর্ণ-জ্বর উপশমিত হয়)। ~মণি [অং (মঙ্গল-গ্রহ) + মণি (রত্ন) ৬ তৎ ; রক্তবর্ণ বলিয়া মঙ্গল গ্রহের প্রিয়] বি, প্রবাল ; পলা coral.

অঙ্গারাম্ল [অঙ্গার + অম্ল (অম্লজান) দ্বন্দ্ব°] অঙ্গার ও অম্লজানের রাসায়নিক সংযোগে সমুৎপন্ন বাষ্পবিঃ carbonic acid gas.

অঙ্গারি, অঙ্গারিকা [অঙ্গার + ই, ইক (স্ত্র) + আ] বি, আঙ্গটা। ২ আক-গাছ the stalk of the sugar-cane. ৩ পলাশ ; কিংশুক।

অঙ্গারিত [অঙ্গার (দ্রঃ) + ইত] বিণ, দগ্ধপ্রায়। ২ অঙ্গারে পরিণত charred. বি, পলাশ-কলিকোদ্গম।

অঙ্গারীয়-বি. অঙ্গার সম্বন্ধীয়: অঙ্গার-ময় ; অঙ্গার ঘটিত।

অঙ্গাবরণ [অঙ্গ + আবরণ-৬ তৎ] বি, অঙ্গাচ্ছাদন বস্ত্র।

অঙ্গিক [অঙ্গ + ইক] বিণ, আঙ্গিক দ্রঃ।

অঙ্গিকা [অঙ্গ + ই (আচ্ছাদনার্থে) + ক (স্বার্থে) + আ-স্ত্রীং। হিং-আঙ্গিয়া বা আঙিয়া] বি, কঞ্চুলিকা ; কাঁচুলী।

অঙ্গিনা [মৈমনসিং প্রাদে°] বি. বাড়ীর চতুর্দ্দিকস্থ খালি জমি।

অঙ্গিরা [অঙ্গ, অনগ্ (জ্ঞানে, গমনে) + ইরস্ (স্ত্য, নামার্থে)] বি, ব্রহ্মার মানসপুত্র ; সপ্তর্ষির অন্যতম ; বৃহস্পতির পিতা ; কর্দ্দম ঋষির কন্যা শ্রদ্ধার পতি ও ঋক্‌বেদীয় বহু শ্লোকের রচয়িতা বলিয়া প্রসিদ্ধ।

অঙ্গী [নুং-অঙ্গিন্, অঙ্গ + ইন্ (ত্য) যার অঙ্গ আছে] বিণ, অবয়ব বিশিষ্ট; শরীরী organic. ~করণ [অঙ্গী-(ভূত) করণ] বি, স্বীকার করণ। ~কার [অঙ্গ + কার (করণ) + ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি)] বি, পূর্ব্বে যা ছিল না তা স্বীয় অঙ্গীভূত করণ। "পিতামাতা গুরুগণ আগে অবতরি রাধিকার ভাব বর্ণ অঙ্গীকার করি॥"-চৈ° চ°। ২ অঙ্গে ধারণ। "বল আর কার সুখে অলঙ্কার করি অঙ্গীকার অঙ্গে সই।"-স্বপ্ন বিলাস (কৃষ্ণ° গোস্বামী)। ৩ প্রতিশ্রুতি ; স্বীকার ; প্রতিজ্ঞা। প্র-বলিবে বলিয়া অঙ্গীকার করিল। ~কৃত [অঙ্গ + চ্বি (অভূততদ্ভাবে) = অঙ্গী + কৃ + ত(ক্ত)] বিণ, স্বীকৃত : প্রতিশ্রুত। ~ভূত [অঙ্গ + চ্বি (অভূততদ্ভাবার্থে) = অঙ্গী-ভূ + ত(ক্ত)] বিণ, অঙ্গত্বপ্রাপ্ত ; পূর্ব্বে যা অঙ্গ রূপে ছিল না এক্ষণে তা অঙ্গ হইয়াছে। ২ অঙ্গের অন্তর্ভূত ; শরীরস্থ।

অঙ্গু [সং-অঙ্গ। বৈ° সা°] বি, অঙ্গ। "অঙ্গু অঙ্গু পরশ ভোর."-জ্ঞানদাস। ২ হস্ত ; কর। প্র-অঙ্গুষ্ঠ।

অঙ্গুরি, অঙ্গুরী, অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক, অঙ্গুলীয়ক [অঙ্গুলি= অঙ্গুরি + ঈয়-ক (ইদম্ অর্থে=অঙ্গুলীর ইহা)] বি, আঙ্গটি : অঙ্গুলীভূষণ। "শচীতীর্থের ঘাটে স্নান করিতে করিতে অঙ্গুরীয়ক তোমার সখীর হস্ত হইতে গঙ্গাস্রোতে পরিভ্রষ্ট হইয়া পড়িয়া গিয়াছিল। * * * অঙ্গুরীয়ক! তুমি কেন সেই কোমল ও বন্ধুর অঙ্গুলি বিশিষ্ট কর হইতে ভ্রষ্ট হইয়া সলিলোপরি নিমগ্ন হইলে?" -অভিজ্ঞান শকুন্তলা। ২ শনি গ্রহের বেষ্টনী ring of the planet Saturn.

অঙ্গুল [অনগ্ (গমন করা) উল (জ্ঞা°) যা গ্রহণের জন্য গমন করে] বি, আঙ্গুল ; করশাখা। "হাসিয়ে সুন্দর রায়, অঙ্গুলে ছুঁইলা তায়।"-অ° ম°। "উঠিবে বাজি তন্ত্রীরাজি মোহন অঙ্গুলে।"-রবী°। ২ অঙ্গুষ্ঠ। ৩ আটটী যব-মধ্য পরস্পর সংলগ্ন করিয়া পরে পরে রাখিলে মধ্যস্থলের যে দৈর্ঘ্য হয় ; অষ্ট যবোদর পরিমাণ। ৪ বাৎস্যায়ন মুনি।

অঙ্গুলি, অঙ্গুলী [অনগ্ (গমন করা) + উলি (জ্ঞা°) যা গ্রহণের নিমিত্ত গমন করে] বি, অঙ্গুল : করপদ-শাখা। ২ হস্তি-শুণ্ডের অগ্রাংশ। ৩ হাতিশুঁড়োর গাছ। ~গ [অং-গ (যে গমন করে) উপ°] বিণ, যে সকল জীব আঙুলে ভর দিয়া গমন করে। ~গলি-বি, দুই আঙুলের মধ্যবর্ত্তী ফাঁক ; আঙুলের গলুই। ~গ্রন্থি-বি, আঙুলের গাঁট knuckle. ~চালন [অং(র) চালন-৬ তৎ] বি, অঙ্গুলি সঙ্কেতদ্বারা মনোভাব ব্যক্ত করণ। ২ আঙুল নাড়া। ৩ অঙ্গুলি প্রবেশ করান। ~ঠার [অং (দ্বারা) ঠার (সঙ্কেত) ৩ তৎ)] বি, অঙ্গুলিসঙ্কেত ; অঙ্গুলি হেলন। ~তাড়ন, ~তাড়না-বি, অঙ্গুলিদ্বারা তাড়ন। বিণ, ~তাড়িত। ~তোরণ [অং- কৃত তোরণ (বাটীর সম্মুখস্থ ছাদযুক্ত প্রবেশদ্বার) -ম° প° লো°] বি, ললাটে অর্দ্ধচন্দ্রাকৃতি তিলক (শক্তি উপাসকগণ এইরূপ তিলক ধারণ করেন)। ~ত্র,-ত্রাণ [অং ত্র, ত্রাণ (ত্রৈ রক্ষা করা + ডক্) যে রক্ষা করে] বি, অঙ্গুলি রক্ষক। ২ ধনুর জ্যা কর্ষণ জন্য চর্ম্মনির্ম্মিত অঙ্গুলির আবরণ ; চামাটি। "অর্জ্জুন অঙ্গুলিত্র ধারণ ও শরাসন গ্রহণ পূর্ব্বক প্রস্থান করিলেন,"-মহা° (সিংহ)। ৩ সূচী-কর্ম্মে ব্যবহার্য্য চর্ম্মনির্ম্মিত অঙ্গুলির লোহাবরণ: থিম্বুল thimble. ৪ দস্তানা। ~ত্রোটন-বি, আঙুল মটকান। ~ধ্বনি [অং (র) ধ্বনি-৬ তৎ] বি, চুট্‌কি শব্দ। ২ আঙ্গুল মটকাইবার শব্দ। ~নিপীড়ন, ~পীড়ন, ~তাড়ন (দ্রঃ)। বিণ, ~নিপীড়িত, ~পীড়িত। ~নির্দ্দেশ-বি, অঙ্গুলিদ্বারা প্রদর্শন বা সঞ্চালনদ্বারা ইঙ্গিত। ~পঞ্চক-বি, পঞ্চ অঙ্গুলি (অঙ্গুষ্ঠ,তর্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা বা কনিষ্ঠিকা) একত্র। ~পর্ব্ব [অং (র) পর্ব্ব-৬ তৎ] বি, আঙ্গুলের পাব ; আঙ্গুলের গায়ে দাগের মধ্যবর্ত্তী অংশ ; আঙ্গুলের দুই অস্থিসন্ধির মধ্যবর্ত্তী অংশ digits. ~মুখ-বি, অং-র ডগা। ~মুদ্রা, ~মুদ্রিকা [অং (র) মুদ্রা, (মুদ্র=চিহ্ন করা -অ ; অং মুদ্রা + কন্ + আ) মুদ্রিকা-৬ তৎ] বি, স্বনামাঙ্কিত অঙ্গুলিভূষণ। ২ দেবারাধনা সময়ে করণীয় অং সন্নিবেশ বিঃ। (অঙ্কুশমুদ্রা, অভয়মুদ্রা, আবাহনীমুদ্রা, বরমুদ্রা, শঙ্খমুদ্রা, চক্রমুদ্রা, গদামুদ্রা, পদ্মমুদ্রা ই° বহু প্রকার অঙ্গুলি মুদ্রার বিবরণ ও রচনা-কৌশল তন্ত্র শাস্ত্রে উক্ত হইয়াছে)। ~মূল [অং (র) মূল-৬ তৎ] বি, আঙ্গুলের গোড়া। ~মোটন [অং (র) মোটন (মুট্=চূর্ণ করা + অন্-ভা°) ৬ তৎ] বি, আঙ্গুল মট্‌কান ; অঙ্গুলি মর্দ্দনোত্থিত শব্দ। ~যন্ত্র [সুশ্রুত] বি, অঙ্গুলির আকৃতি বস্তিযন্ত্র। ~সঙ্কেত-বি, আঙ্গুল নাড়িয়া বা দেখাইয়া ইঙ্গিত। ~সংজ্ঞা, ~সন্দেশ [অং দ্বারা সংজ্ঞা, সন্দেশ (সংবাদ জ্ঞাপন) ৩ তৎ] বি, অঙ্গুলিসঙ্কেত। ~সন্ধি অং (র) সন্ধি-৬ তৎ] বি, অঙ্গুলিদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান ; আঙ্গুলের গলুই। ~সম্ভূত [অং তে

+সম্ভূত-৭ তৎ] বি, নখ। ২ বিণ, অঙ্গুলি হইতে উৎপন্ন ; অঙ্গুলিজাত। ~স্ফোট্ন -বি, অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনশব্দ; আঙ্গুল মট্‌কান। ~হেলন-বি, অঙ্গুলিঠার (দ্রঃ)।

অঙ্গুলীক-অঙ্গুলীয়ক (দ্রঃ)।

অঙ্গুলীপঞ্চক-অঙ্গুলিপঞ্চক (দ্রঃ)।

অঙ্গুলীয়ক-অঙ্গুরীয়ক দ্রঃ।

অঙ্গুল্যগ্র [অঙ্গুলি (র) অগ্র-৬ তৎ] বি, অঙ্গুলির অগ্রভাগ ; আঙ্গুলের মুড়ি।

অঙ্গুল্যস্থি [অঙ্গুলি(র) + অস্থি-৬ তৎ] বি, আঙ্গুলের হাড় phalanges.

অঙ্গুষ্ঠ [অঙ্গু (কর) + ষ্ঠ (স্থা + ড, র্ত্তৃ) যে থাকে অর্থাৎ যা অঙ্গুতে প্রধানরূপে অবস্থান করে-৭ তৎ] বি, বৃদ্ধাঙ্গুলি : বুড়া আঙ্গুল : যবরেখাঙ্কিত অঙ্গুলি।

অঙ্গুষ্ঠানা [সং অঙ্গুষ্ঠ + ত্রাণ। তুল-ফা, অংগুশ্‌ৎ + আনা=অংগুস্তানা] বি, অঙ্গুলি-ত্রাণ ; আংস্তানা ; অঙ্গুলিরক্ষক ঠুলি বা ঠুসি যা আঙুলে পরিয়া দরজিরা সেলাই করে ; থিম্বুল thimble.

অজ্ঘঃ (অংঘ) [অজ্ঞ (গমন করা) + অস্ (ণে) যদ্বারা অধোগতি হয়] বি, অংহ ; পাপ।

অঙ্ঘ্রি [অজ্ঘ + রি (ণে)যদ্বারা গমন করা যায়] বি, চরণ ; পদ। "দ্বিকর কমল কমলাঙ্ঘ্রি-তল ভুজ কমলের দণ্ড।" মহা० (কাশী)। "চন্দ্র মন দিক শ্রুতি অঙ্ঘ্রি যার বসুমতী আমি আত্মা সমুদ্র জঠর।"-শি०। ২ বৃক্ষমূল। ৩ শ্লোকের এক এক চরণ। ৪ চতুর্থাংশ ; সিকি ¼th. part. ~প [অ० (পদ) প (পা=পান করা + অ (র্ত্তৃ) যে পান করে অর্থাৎ যারা মূলদ্বারা জল ও রসাদি পান বা আকর্ষণ করে-৩ তৎ] বি, তরু ; পাদপ ; বৃক্ষ। ~পর্ণী [অ० (বৎ) পর্ণ যার-বহু०] বি, চাকুলিয়া গাছ।

অচকিত [ন=অ + চকিত-নঞ্] বিণ, অত্রাসিত ; অবিস্মিত। স্ত্রীং ~া।

অচক্র-বিণ, চক্রহীন। ২ অচল।

অচক্রী [ন=অ + চক্রী (ছল)-নঞ্] বিণ, সরল; অখল; চক্রান্তকারী নহে।

অচক্ষু [মূ०-অচক্ষুস্, ন=অ(নাই) + চক্ষু যার-বহু०] বিণ, চক্ষুবিহীন। "অচক্ষু সর্ব্বত্র চান,"-অ० ম०। ২ কুৎসিত চক্ষু।

অচঞ্চল [ন=অ + চঞ্চল-নঞ্] বিণ, যা চঞ্চল বা আন্দোলিত নয় ; ধীর ; স্থির। "রত্ন-ময় কর্ণপূর, তিমির করয়ে দূর অ० বিজুলি কপোলে।"-কবিক०। স্ত্রীং ~া।

অচণ্ড [ন=অ (চণ্ড)-নঞ্] বিণ, শান্ত ; নম্র। স্ত্রীং ~ী [ন=অ + চণ্ডী (কোপনা)] বি, শান্তা। ২ শান্ত গাভী।

অচতুর [ন=অ + চতুর (নিপুণ)] বিণ, চতুরতাশূন্য ; স্থূলবুদ্ধি ; অকৌশলী ; অপটু। স্ত্রীং ~া। বি, ~তা।

অচন্দ্রিক [ন=অ + চন্দ্র + ইক (ইদমর্থে) চন্দ্রিক] বিণ, যা চন্দ্রকিরণে উজ্জ্বল নয়।

অচপল [ন=অ-চপল] বিণ, স্থির, অচঞ্চল। "চপলা লক্ষ্মী মোরে অ०।"-রবী०। স্ত্রীং ~া। ~তা-বি, স্থৈর্য্য ; চাঞ্চল্য শূন্যতা ; গাম্ভীর্য্য।

অচর [ন=অ-চর (গমন করা) + অ (র্ত্তৃ)] বিণ, চররহিত ; স্থাবর ; স্থিতিশীল। "বুদ্ধি তার বিশ্বচরাচর বিঁধিতে ব্যাকুল।"-রবী०।

অচরিত [ন=অ + চরিত সংঘটিত] বিণ, অপূর্ব্ব। "অ० কাহিনী।"-মৈ० গী०।

অচরিতার্থ [ন=অ + চরিতার্থ] বিণ, ব্যর্থ ; অকৃতার্থ। ২ অপরিতুষ্ট। ৩ অসম্পূর্ণ।

অচরিত্র [ন=অ(কুৎসিত) চরিত্র যার-বহু०, নঞ্] বিণ, কুস্বভাব ; চরিত্রহীন।

অচরিষ্ণু [ন=অ-চরিষ্ণু-নঞ্] বিণ, চলৎশক্তিরহিত ; স্থির ; অচল।

অচর্চ্চ [অ (নাই) চর্চ্চা যার-বহু०] বিণ, অননুশীলিত। ২ অবিবেচক ; চিন্তাহীন। ~া -বি, অননুশীলন। ২ অবিবেচনা ; চিন্তা-শূন্যতা। ৩ অলেপন।

অচর্ব্বণ [ন=অ (চর্ব্বণ)-নঞ্] বি, না চিবান ; দন্তে পেষণ নহে। ~র্ব্বিত (-চি-) বিণ, যা দন্তে পিষ্ট নহে : যা চিবান হয় নাই। ~র্ব্ব্য, ~র্ব্বণীয় (-চি-) [ন=অ-চর্ব্ব + য, অনীয় (র্ম্ম)-নঞ্] বিণ, চর্ব্বণের অযোগ্য।

অচল [অ-চল (চল্=চলা)-অ (র্ত্তৃ)-যে চলে না] বিণ, গতিশূন্য ; চলৎশক্তি রহিত। ২ স্থির ; অটল ; অবিচলিত ; দৃঢ়। ৩ যার বিনিময় চলে না ; বিনিময়রহিত। প্র-এ অ० পয়সা কারণ গোরক্ষপুরী, এ দেশে চলে না। ৪ মেকী ; ভেজাল। প্র-সে অ० টাকা চালাতে চেষ্টা ক'রে ধরা পড়ে। ৫ সামাজিক ব্যবহার বর্জ্জিত ; সমাজচ্যুত ; একঘরে। প্র-সমাজে সে অ०। ৬ অপ্রচলিত ; যার চলন বা ব্যবহার নাই। প্র-ও আইন এখন অ० হইয়া গিয়াছে। কড়ি ও ঢেপুয়া পয়সা এখানে অ०। ৭ কাজের বাহির ; অকর্ম্মণ্য। প্র-যন্ত্র-গুলি এখন অ० হইয়া গিয়াছে। ৮ পরি-চালনা বা নির্ব্বাহের উপায়-রহিত। "সংসার এখন অ०।" ৯ স্পন্দন-রহিত ; নিস্পন্দ। প্র-তার নাড়ী এখন অ० হইয়া গিয়াছে। অ० দেহ। ১০ বি, পর্ব্বত। "উচল বলিয়া অচলে চড়িনু পড়িনু অগাধ জলে।"-চণ্ডী०। "অচল-কুল, বিচলিত করিয়া,"-মহা० (বর্দ্ধ)। ১১ পার্ব্বতীর পিতা হিমালয়। "শুন অচলের ঝি," -কবিক०। ১২ প্রস্তর ; শৈল। স্ত্রীং ~া। ~তড়িৎ [বৈজ্ঞা० পরিঃ] বি, স্থির তাড়িত statical electricity.-সা० প० প०। ~তা, ~ত্ব-বি, গতিশূন্যতা। ~কীলা [অ०(পর্ব্বত) হইয়াছে কীল (স্তম্ভ) যার-বহু०, স্ত্রীং আ] বি, ধরণী ; অবনী ; পৃথ্বী। ~ত্রাতা [অ० + ত্রাতৃ] বি, বৌদ্ধপ্রধানের উপাধি বিঃ। ~ন (-লঁ-) [অ (নাই) চলন যার-বহু०] বি, চলনা-ভাব। ২ প্রচলনাভাব ; ব্যবহারাভাব। ~নীয় (-লঁ-) বিণ, চলনের অযোগ্য। ২ অব্যবহৃত। ~পতি-বি, হিমালয়।

অচলা [অচল দ্রঃ] বিণ, অচঞ্চলা ; স্থিরা ; অটলা। প্র-অ० ভক্তি। "প্রতাপ-তপনে কীর্ত্তি-পদ্ম বিকাশিয়া। রাখিলেন রাজলক্ষ্মী অ० করিয়া॥"-অ० ম०। ২ [অপ্রশস্তার্থে, অ (নাই) চলা (অস্থিরভাবা) যা হতে-বহু०] বি, লক্ষ্মী। ৩ পৃথিবী (কোন কোন জ্যোতিষীর মতে পৃথিবীর গতি নাই বিশ্বাসে এই নাম)। "তোমার চরণ বন্দি লোটায়ে অ०,"-ঘ०। ৪ চলন-রহিত ; ঠেকো। ~ধিপ [অচল + অধিপ (অধি-পা + ড), ৬ তৎ] বি, হিমালয় পর্ব্বত। ২ পার্ব্বতীর পিতা হিমালয়।

অচলায়তন [অচল + আয়তন (স্থান, কোট, মঠ, আশ্রম ইং] বি, মহাকবি রবীন্দ্র-নাথ ঠাকুর রচিত নাটক। গোঁড়া হিন্দুর ধর্ম্ম ও সংস্কারের প্রাণহীনতা বা অন্তঃসারশূন্য ও বাহ্যাড়ম্বরপূর্ণ পরিণতি যার প্রতিপাদ্য এবং তাঁদের সেই ধর্ম্ম ও সংস্কারের সৌধকে কিরূপ অচল করিয়া রাখিবার বা আঁকড়াইয়া থাকিবার ঐকান্তিক অথচ নিষ্ফল প্রয়াস তাহা প্রদর্শন করা যার উদ্দেশ্য। ২

[>] বিণ. অচল-প্রতিষ্ঠা ; অপরিবর্ত্তনীয় ; স্থির ; স্থানড়। "হিন্দুর শিক্ষাদীক্ষা, আচার ব্যবহার সমাজব্যবস্থা একস্থানে অ০ হইয়া বসিয়া থাকে নাই।"—প্রবাসী, ১৩৩৩।

অচলি/ত [অ-চলিত-নঞ্] বিণ, যা প্রচলিত নহে। ২ অব্যবহৃত। **~তব্য**-বিণ, যা প্রচলনের অযোগ্য। ২ অব্যবহার্য্য। **~ষ্ণু** [ন=অ-চলিষ্ণু-নঞ্] বিণ, যে গতিশীল নহে ; স্থির।

অচাক্ষুষ [ন=অ-চাক্ষুষ, নঞ্] বিণ, যা চক্ষে দেখা যায় নাই : অদৃষ্ট ; অপ্রত্যক্ষ।

অচাঞ্চল্য [ন=অ চাঞ্চল্য-নঞ্] বি, ধৈর্য্য। ২ গাম্ভীর্য্য।

অচাতুরী [ন=অ-চাতুরী, নঞ্] বি, ছলনার অভাব : শঠতা-শূন্যতা ; অকাপট্য।

অচাতুর্য্য [ন=অ-চাতুর্য্য, নঞ্] বি, অকৌশল ; চতুরতার অভাব ; অনিপুণতা। ২ অশাঠ্য ; প্রবঞ্চনার অভাব।

অচাপল্য [ন=অ-চাপল্য, নঞ্] বি, অচাঞ্চল্য ; সুস্থিরতা ; গম্ভীরতা।

অচা/লন [ন=অ-চালন, নঞ্] বি, চালনার অভাব : অস্পন্দন। **~লনীয়, ~লয়িতব্য, ~ল্য** [ন=অ+চালনীয়, চালয়িতব্য, চাল্য-নঞ্] বিণ,যা চালান যায় না : যা স্থানান্তরিত করার যোগ্য নহে। **~লিত** [ন=অ-চালিত-নঞ্] বিণ, যা স্থানান্তরিত হয় নাই : যাব চালনা হয় নাই।

অচিকিৎ/সনীয় [ন=অ-চিকিৎস-নীয়] বিণ,দুশ্চিকিৎস্য ; যে রোগের চিকিৎসা নাই; অপ্রতিকার্য্য। **~সা** [ন=অ-চিকিৎসা] বি, চিকিৎসার অভাব। ২ মন্দ চিকিৎসা। **~সিত**-বিণ, যার চিকিৎসা করা হয় নাই। **~স্য** [ন=অ-চিকিৎস্য, নঞ্] বিণ, যার চিকিৎসা নাই ; যা চিকিৎসাসাধ্য নয়।

অচিকীর্ষু [ন=অ-চিকীর্ষু] বিণ, অনিচ্ছুক ; কিছু করিতে অনিচ্ছুক ; অলস।

অচিক্কণ [ন=অ-চিক্কণ, নঞ্] বিণ, যা চিক্কণ নহে ; পিচ্ছিল নহে ; অস্নিগ্ধ ; অমসৃণ। ২ [প্রাদে০] অনুজ্জ্বল। ৩ অসুন্দর।

অচিৎ [ন=অ (নাই) চিৎ (জ্ঞান) যার -বহু০] বিণ, জ্ঞানহীন ; মূর্খ ; অচেতন। ২ বি, রামানুজ বৈষ্ণবগণের মতানুগত চিৎ, অচিৎ ও ঈশ্বর এই পদার্থত্রয়ের অন্যতম।

অচিত্ত ["তচ্চিত্তং ত্যজসি অচিত্তরূপং প্রাপ্স্যসি...,"—বৌ০ গান০ অদ্বয়বজ্রের টীকা] বিণ, চিত্ত রহিত (দো০ ১১১)।

অচিন [সং-অচিহ্নিত >, প্রা০] বিণ, অজানা ; অপরিচিত। "খাঁচার ভিতর অ০ পাখী কমনে আসে যায়,"—রবী০। ২ অচিহ্নিত। স্ত্রী০ **~নী** [ন=অ (না)-চিনা (পরিচিত)। প্রা০—অচেনা (দ্র:)] বিণ, অজ্ঞাত ; অপরিচিত। ২ বি, অজানা স্থান : অজ্ঞাত ব্যক্তি।

অচি/ন্ত [অ (নাই) চিন্তা যার-বহু০] বিণ, চিন্তা-রহিত। ২ অচিন্ত্য : চিন্তাতীত। "অন্তে ন জানহু অ০ জোই"(=যোগী)। "সবহ ভণন্তি অ০ সো ধাম॥"—বৌ০ গা০ দো০। বি, **~ন্ততা, ~ন্তত্ব**-চিন্তারাহিত্য। ২ চিন্তার-অতীত অবস্থা। **~ন্তনীয়**-বিণ, অভাবনীয় ; চিন্তার অতীত : অচিন্ত্য। স্ত্রী০ **~ন্তা**-বি, চিন্তার অভাব। ২ অচেষ্টা ; অমনোযোগ। **~ন্তিত** [ন=অ-চিন্তিত] বিণ, যার চিন্তা করা বা ঘটিবে বলিয়া অনুমান করা যায় নাই। "কত অসম্ভাবিত ও অচিন্তিত বিষয় স্বপ্ন কল্পিতের ন্যায় সহসা উপস্থিত হয়।"—কাদ০। **~ন্তিতপূর্ব্ব**-বিণ, পূর্ব্বে যার চিন্তা করা হয় নাই : অভাবিতপূর্ব্ব। **~ন্ত্য** [ন=অ-চিন্ত্ (ভাবনায়) + য (র্ম্ম)] বি, ঈশ্বর। "বৃষ্ণিবংশ ধ্বংস করি হৃষী-কেশ, এড়াইয়া যত সংসারের ক্লেশ, নিশ্চিন্ত অচিন্ত্য হইলা শেষে।"—অপূর্ব্ব স্বপ্নকাব্য। ২ [বৌ০ প্রাকৃ০ 'অচিন্ত'-চ০ পদ০ ২২, ২৬] বিণ, চিন্তা করণের অযোগ্য ; যে বিষয় চিন্তা করিবার প্রয়োজন নাই। ৩ চিন্তাতীত ; অচিন্তনীয়। "অচিন্ত্য মায়া" - কবিক০। "অ০ রচনা বিধি যেই করিলা রচনা।"—ঐ০।

অচির (-র-) [ন=অ-চির (দীর্ঘকাল) -নঞ্] বিণ, যা দীর্ঘ নয় ; অল্প। ২ অল্পকাল-স্থায়ী। "অচিরদ্যুতি।" ৩ ক্রি-বিণ, আশু ; সত্বর ; শীঘ্র : অনতিবিলম্বে। **~কারী**-বিণ, ক্ষিপ্রকারী। স্ত্রী০ **~কারিণী**। বি, **~কারিতা**। **~কাল**-বি, অল্পকাল ; ত্বরা ; অনতিবিলম্ব। **~কালে**-ক্রি-বিণ, শীঘ্র। **~ক্রিয়** [অ০ (ক্ষণস্থায়ী) ক্রিয়া যার-বহু০] বিণ, যে শীঘ্র কার্য্য সম্পন্ন করিতে পারে : ক্ষিপ্রকারী। স্ত্রী০ **~ক্রিয়া**। বি, **~তা**, **~ত্ব**। **~জীবী** [মু০-অচিরজীবিন্ ১মা ১ব০ ন=অ-চিরজীবী, নঞ্] বি, অল্পায়ুবিশিষ্ট অচিরায়ু:। স্ত্রী০ **~জীবিনী**-অল্পায়ুবিশিষ্টা। **~তা, ~ত্ব**-বি, ক্ষণস্থায়িত্ব ; অনিত্যতা অল্পকাল-স্থায়িত্ব : অনিত্যত্ব। **~দ্যুতি, ~প্রভা** [অচির (ক্ষণকালস্থায়ী)-দ্যুতি, প্রভা (দীপ্তি-যার-বহু০] বি, বিদ্যুৎ ; সৌদামিনী ; চপলা ; ক্ষণপ্রভা। ২ অস্থির-দীপ্তি। **~স্থায়ী** [ন=অ-চিরস্থায়িন্ ১মা. ১ব০] বিণ, যা চিরদিন থাকে না ; নশ্বর। ২ ক্ষণস্থায়ী। স্ত্রী০ **~স্থায়িনী**। বি, **~স্থায়িতা, ~স্থায়িত্ব**।

অচিরাংশু [অচির + অংশু] বি,বিদ্যুৎ।

অচিরাৎ, -রাত [ন=অ-চিরাৎ (চিরকাল হইতে) বা অচির + অৎ (গতি, প্রাপ্তি) + ক্বিপ্-যে অচিরকালকে পায়] অ, ক্রি-বিণ, শীঘ্র ; আশু ; অবিলম্বে। "অচিরাৎ আপনি পুত্রমুখ নিরীক্ষণ করিয়া আনন্দিত হইবেন, সন্দেহ নাই।"—কাদ০। [দ্র:-সং বিভক্তিযুক্ত এই শব্দটি বাং-য় চলিয়া গিয়াছে। প্রা০ বাং, অচিরাতে ও দৃষ্ট হয়। "মহা-দেবে দক্ষ যেন বল কুবচন, অচিরাতে হবে তোর ছাগল বদন।"—কবিক০]।

অচিরাভা [অচির (ক্ষণস্থায়ী) আভা যার-বহু০] বি, বিদ্যুৎ; ক্ষণপ্রভা; চপলা।

অচিরে [অ (নাই) চির (বিলম্ব) যাতে-বহু০] ক্রি-বিণ, অনতিবিলম্বে ; শীঘ্র। "অ০ যবন-রাজ্য টলিবে নিশ্চয়।"—নবীন০।

অচিহ্ন [ন=অ-চিহ্ন, নঞ্] বিণ, চিহ্ন রহিত ; বেদাগ ; নিদর্শনহীন।

অচিহ্নিত [ন=অ-চিহ্নিত (অঙ্কিত) নঞ্] বিণ, চিহ্ন-রহিত ; যাতে কোন চিহ্ন অঙ্কিত নাই ; অপরিচিত। **~কর্ম্মচারী**-যে কর্ম্ম-চারীর রাজার সহিত কোনরূপ সর্ত্ত নাই uncovenanted servant.

অচূড় [ন=অ(হয় নাই) চূড়া (-করণ) যার -বহু০] বিণ. যার চূড়াকরণ হয় নাই। ২ [অ (নাই) চূড়া (কেশ) যার] কেশগুচ্ছহীন।

অচূ/র্ণ [ন=অ-চূর্ণ, নঞ্] বিণ, গুঁড়া করা নহে। ২ অখণ্ড ; আস্ত। **~র্ণনীয়**-বিণ, যা গুঁড়ার জন্য নহে ; গুঁড়া হয় না এমন। **~র্ণিত**-বিণ, অখণ্ডিত ; যা গুঁড়ান হয়

নাই। ২ যা ধ্বংস করা হয় নাই ; অবিনষ্ট। **~র্ণ্য** [অ+ষ(র্ণ্ম) নঞ্] বিণ।

অচূষিত্ত [ন=অ-চূষ্ (পান করা)+ত (র্ণ্ম) ই আগম] বিণ, যা চোষা হয় নাই।

অচূষ্য-বিণ, যা চোষণ যোগ্য নহে ; যা চুষিয়া খাওয়া যায় না।

অচেত্ত [ন=অ-চিত্ত (জ্ঞান)+অন (ভা) নাই চেত্ত যার-বহু°] বিণ, জ্ঞানশূন্য : তত্ত্বজ্ঞানহীন। "যে জন চেতনামুখী সেই সদা সুখী। যে জন অচেত-চিত্ত সেই সদা দুঃখী॥" -অ° ম°। ২ চিত্তবৃত্তি-নিরোধ-শক্তিহীন : আত্মার বহির্মুখী বৃত্তিসম্পন্ন।

অচেতন [ন=অ (নাই) চেতনা (জ্ঞান) যার-বহু°] বিণ, জীবন বা চেতনা-শূন্য : জড়। "যে সকল বস্তুর জীবন নাই যেখানে রাখ সেখানে থাকে, এক স্থান হইতে অন্যস্থানে যাইতে পারে না, তাহাদিগকে অ° পদার্থ কহে। যথা-জল,মৃত্তিকা,কাষ্ঠ ই°।"-বি°সা°। ২ অজ্ঞান ; মুগ্ধ। ৩ রোগ ; শোক ; মোহ ই° কারণ বশতঃ যার চেতনা আচ্ছন্ন হয় ; সংজ্ঞাশূন্য ; বাহ্য-জ্ঞানহীন।

অচেনা [সং অ-চিহ্ন > চিন্‌হা (হি°) > চেনা (বাং)] বিণ, অপরিচিত ; অজানা : অজ্ঞাত। "দূরের উন্নত গিরিশৃঙ্গগুলি প্রহরীর ন্যায় নীল আকাশপথে দণ্ডায়মান থাকিয়া এই অ° পথিকদলকে আদর অভ্যর্থনা করিতে-ছিল।"-প্রদীপ, ১১শ বর্ষ। ২ বি, অপরিচিত ব্যক্তি। "অচেনায় চিনিয়ে দিয়ে, মন আমার যে ছিনিয়ে নিলে। অচেনায় দেখলে পরে,প্রাণ যে কেন এমন করে, খুলে তা বল্‌বো তারে অ° যদি মিলে।-রাজ°।

অচেলক [বৌ° সা°] বি, নগ্ন সন্ন্যাসী।

অচেষ্ট [অ (নাই)-চেষ্টা যার-বহু°] বিণ, চেষ্টা-রহিত। ২ জ্ঞানশূন্য ; অসাড়। "ঝাঁপ দিয়া পড়ে কেহ অ° হইয়া।"-চৈ° ভা°।**~ক**-বিণ, যাতে চেষ্টার উত্তেজক কিছু নাই ; চেষ্টোদ্দীপক পদার্থহীন। **~া**-বি, চেষ্টা-হীনতা। বিণ, **অচেষ্টিত**-যার জন্য চেষ্টা বা যত্ন করা হয় নাই ; অনন্বেষিত।

অচৈতন্য [ন=অ(নাই) চৈতন্য যার-বহু°] বিণ, সংজ্ঞাশূন্য ; চৈতন্যহীন ; মূর্চ্ছিত। "তখন স্বরূপ ও রামানন্দ দুই শিষ্য অ° চৈতন্যদেবকে সচৈতন্য করিলেন।"-অ° দত্ত (উ° স°)।

অচ্ছ, [অন্‌চ (পূজা করা)+ছ(ন্ লোপ) যিনি পূজিত হন অথবা, অ-চ্ছ-ছো (ছেদন করা)+অ (র্তৃ), যা দৃষ্টির গতিরোধ করে না-বহু°] বিণ, স্বচ্ছ; নির্মল; পরিষ্কৃত; উজ্জ্বল। প্র-অচ্ছোদ সরোবর। ২ যে পদার্থের ভিতর দিয়া আলোক স্বচ্ছন্দে ভেদ করিয়া যাইতে পারে, অথচ অপরদিকের কোনো জিনিষই দেখা যায় না : প্রায় স্বচ্ছ (ঘসা কাচ, পাতলা কাগজ ই°) translucent. ৩ স্ফটিক ; সূর্য্য-কান্তমণি।

অচ্ছ, **অচ্ছউ**, **অচ্ছত্ত**, **অচ্ছত্ত**, **অচ্ছন্তে**, **অচ্ছন্ত**, **অচ্ছন্তে**, **অচ্ছম**, **অচ্ছসি**, **অচ্ছহু**, **অচ্ছু**, **অছই**, **অছিলেঁ**, **অছিলে**-অছা দ্রঃ।

অচ্ছত্র [ন=অ (নাই) ছত্র (রাজচ্ছত্র) যেথানে রাজচ্ছত্র নাই-বহু°] বিণ, ছত্রশূন্য। ২ অরাজক ; রাজহীন।

অচ্ছদ [ন=অ (নাই) ছদ্ (আবরণ পত্র) যেথানে-বহু°] বিণ, অনাচ্ছাদিত : অনাবৃত ; খোলা ; পত্র রহিত ; যা ঢাকা নহে।

অচ্ছদ্ম [ন=অ (নাই) ছদ্ম (আচ্ছাদন বা কপটতা যার-বহু°] বিণ, অনাচ্ছাদিত : অনাবৃত। ২ ছলশূন্য : নিষ্কপট।

অচ্ছন্ন [ন=অ-ছন্ন (ছাদিত)] বিণ, খোলা ; অনাবৃত। ২ উৎসন্ন নয় এমন।

অচ্ছর [সং-অক্ষর > পালি°] বি, দুই অঙ্গুলি দিয়া যতটুকু তোলা যায় : টিপ pinch. "এক অ° চিনি,"-জাতক ৫ম খণ্ড।

অচ্ছমণ [সং-অস্তময়ন > অস্তগমন > বৌ° বাং প্রাকৃ° অ°] বি, অস্তগমন, অস্ত। "জবেঁ মণ অ° জাই,"-দো° ৯৯।

অচ্ছল [ন=অ (নাই)+ছল যার-বহু°] বিণ, ছলনাশূন্য ; সরল ; সাধু।

অচ্ছভল্ল [অচ্ছ (সম্মুখে) ভল্ল্ (বধ করে) অ, র্তৃ (যে)] বি, ভল্লুক।

অচ্ছায় [অ (নাই) ছায়া যেথানে-বহু°] বিণ, ছায়াশূন্য। ২ বি, ছায়াশূন্য স্থান। **~া** [ন=অ (অল্প) ছায়া-নঞ্] বি, আবছায়া ; মৃদুচ্ছায়া বা অল্পচ্ছায়া।

অচ্ছি/দ্র [ন=অ (নাই) ছিদ্র যাতে-বহু°] বিণ, ছিদ্রবিহীন। ২ [অ+ছিদ্র (দোষ বা ত্রুটি)] নির্দোষ। ৩ সম্পূর্ণ।

~দ্রাবধারণ [অচ্ছিদ্র+অবধারণ-৬ তৎ] বি, সুসমাপন : নির্দ্দোষ সমাপ্তি।

অচ্ছিন্ন [ন=ছিন্ন-নঞ্] বিণ, অখণ্ডিত : অবিভক্ত। **~ত্বক্**-বি, যার খৎনা বা ত্বক-চ্ছেদ-সংস্কার হয় নাই : যার সুন্নৎ বা মুসলমানী হয় নাই uncircumcised.

অচ্ছুৎ, **অচ্ছুত**-অছুত (দ্রঃ)।

অচ্ছে/দ [অ (নাই) ছেদ্ যাতে-বহু°] বি, ছিদ্রশূন্যতা। ২ বিণ, ছিদ্রহীন। **~দনীয়** [ন=অ+ছেদনীয়-নঞ্] বিণ, অবিভাজ্য ; যা ছেদন যোগ্য নহে। **~দিত** [ন=অ+ছেদিত-নঞ্] বিণ, অখণ্ডিত ; ছিদ্র-শূন্য **~দিতব্য** [ন=অ+ছেদিতব্য, নঞ্] অচ্ছেদনীয় (দ্রঃ)। **~দ্য** [ন=অ+ছেদ্য (ছিদ্=ছেদ) য (র্ণ্ম) ছেদনযোগ্য-নঞ্] বিণ, যা ছেদন করা যায় না বা কর্ত্তব্য নহে;অভেদ্য।

অচ্ছোদ [অচ্ছ-উদ (জল) যাতে-বহু°] বিণ, স্বচ্ছতোয় তড়াগাদি। "অ° সরসী নীরে রমণী যে দিন নামিলা স্নানের তরে,"-রবী°। ২ হিমালয়স্থ সরোবর বিঃ। "হিমালয় প্রদেশে অ° নামক সরোবর। নির্মল জল বলিয়া ইহার নাম অ° হইয়াছে। কিম্পুরুষ পর্ব্বতের অদূরে এই মনোহর সরোবর, ইহার তীরে মহাশ্বেতার আশ্রম ছিল।"-কাদ°।

অচ্যু/ত [ন=অ+চ্যুত (চ্যু পতন, ক্ষরণ, ভ্রংশ হওয়া)+ত (র্তৃ) নিজ স্থান হইতে যাঁর চ্যুতি বা ভ্রংশ বা ক্ষরণ নাই-বহু°। যিনি চ্যুত হন নাই, হইতেছেন না, হইবেন না] বি, ক্ষয় বিহীন ; "চরম মুক্তি হইতে অভিন্ন"-মহা°। "যিনি স্বীয় স্বভাব হইতে অবিচলিত"-স্কন্দ পু°। "সৃষ্ট বস্তুর সহিত যাঁর সংহার হয় না"-বিষ্ণু পু°। কৃষ্ণ ; বিষ্ণু। ২ বিণ, স্থির : অভ্রষ্ট ; অস্খলিত। ৩ অবিনাশী ; অক্ষর ; অব্যয়। **~তাগ্রজ** [অচ্যুতের অগ্রজ -৬ তৎ] বি, শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ ; বলরাম। ২ ইন্দ্র (ইন্দ্র অদিতির গর্ভে কশ্যপের ঔরসে বিষ্ণুর বামনরূপে জন্মগ্রহণ করিবার পূর্ব্বেই জন্মগ্রহণ করিয়াছিলেন, এই নিমিত্ত ইন্দ্র বিষ্ণুর অবতার কৃষ্ণের অগ্রজ)। **~তাবাস** [অচ্যুতের আবাস-৬ তৎ] বি, বৈকুণ্ঠ ; দ্বারকা ; পুরী ; মথুরা। ২ অশ্বত্থ বৃক্ষ ; যজ্ঞডুমুর বৃক্ষ।

অছা [প্রা॰ বাং। সং-অস্ (থাকা) হিং-অছনু (বিদ্যমান থাকা) > অছা। এই ধাতু প্রা॰ হিং-র ভিতর দিয়া ব্রজ ও প্রা॰ বৈ॰ সা॰ তে প্রচররূপ। আছা (দ্রঃ)] ক্রি, থাকা। উ॰ পু॰-অছি ; ম॰ পু॰-ছৈহ, ছিঅহ ; প্র॰ পু॰ অছ, অছয় (আছে)। প্র-কে অছ এহি মহী-তল,"-বি॰ প॰। কে হরি সম কটি গুণ অছি সজনি গে লোচন অম্বুজধারী।"-বৈ॰ সা॰। "জিবন অছয় পুন তুয় প্রতি আস,"-বি॰ প॰। অছইতে [হিং-অছত=থাকিতে, "খসম অছুত বহু পীপর জায়,"] থাকিতে ; বিদ্যমানে ; সাম্নে। "অছইতে বথু নহি করিঅ উদাস," (বি॰ প॰)-অর্থাৎ (প্রার্থিত) বস্তু থাকিতে বিমুখ করিও না। **অছলিহু, ~লোঁ**-আছিলাম। "এত দিন অছলিহু অপনে গেয়ানে,"-বি॰ প॰। **অছল, অছলো, ~লোঁ**-ছিল। "শৈশব অছল সে ডরে পলা-এল,"-বি॰ প॰। বৌ॰ বাং প্রাকৃ॰ **অচ্ছ**=আছে ; থাক (দো॰ ৮৭, ১০২, চ॰ পদ॰ ৩৭।৩)। **অচ্ছউ, অচ্ছর্ত, অচ্ছন্ত, অচ্ছন্তে, অচ্ছন্ত, অচ্ছন্তে**-আছে। (দো॰ ১২৮, ১১২ ; চ॰ ৪২, ৪)। **অচ্ছমি** [সং-তিষ্ঠামি >] আছি। দো॰ ২৯৫। **অচ্ছসি**=আছিস ; আছে (চ॰ পদ॰ ৪১।৫, দো॰ ১৩২)। **অচ্ছহু**=আছ : থাক (চ॰ পদ॰ ৬১, দো॰ ১০৩)। **অচ্ছু**=আছে (দো॰ ৯২ ; চ॰ পদ॰ ৪৪-৪)। **অছই**=আছি(দো॰ ১-৫)। **অছিলেঁ**=ছিলাম (চ॰ পদ॰ ৩৫-১)। **অছিলে**=আছিল, ছিল (চ॰ পদ॰ ৩৭।৩)।

অছি, অসি (-s-) [আ-বসী। তুরুস্ক ভাষায় 'অচী'-বড়ভাই > অভিভাবক। অলি অছি (দ্রঃ)] বি, অভিভাবক : তত্ত্বাবধায়ক guardian, executor. "যে নাবালকের অ॰ আমাকে তা বিক্রয় করিল তারা তার প্রকৃত অধিকারী নহে।"-বিমলা॰ (দামোদর)।

অছিপছি [প্রা॰ বাং। উজল পাজল(দ্রঃ) >] বি, উদ্বেলিত অবস্থা ; আকুলি ব্যাকুলি। "বিকল্যা মাএর প্রাণ অ॰ করে।"-সখীসেনা (বঙ্গ॰ সা॰ পরিচয়)।

অছিয়তনামা [আ-বসীয়ৎ+ফা-নামা] বি, ইচ্ছাপত্র will.

অছিলা [ফা-বসীলা। উপায় (দ্রঃ)] বি, সূত্র : ছল ; অবলম্বন ; ছুতা ; বাব pretext. "এই ভয়ে একটা মিথ্যা অ॰ করিয়া, আগেই কোতোয়ালের নিকট সাফাই করিয়া রাখিতেছি।"-নবাবনন্দিনী(দামোদর)। **অছুত, অছুৎ, অচ্ছুত, অচ্ছুৎ** [সং অশুদ্ধ > অশুধ > ওবুধ > অশুত > অছুত ; (২) সং ছুপ্ (স্পর্শকরা, ছোঁয়া) > ছুৎ > : (৩) সং শুচ (শুদ্ধি) অশুচ্ > অছুৎ। প্রা॰ বাং আছুৎ] বিণ, অশুদ্ধ : অপবিত্র, অশুচি। ২ অস্পৃশ্য। "অছুৎ জাতি"। ছুত দ্রঃ।

অজ [ন=অ+জ (জন্=উৎপন্ন হওয়া)+ড (র্ত্তৃ)] যে জন্মে না, যিনি কারও গর্ভে জন্ম গ্রহণ করেন নাই] বি, ঈশ্বর। ২ [ঈশ্বর তাঁর সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিগুণাত্মক কার্য্য-সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের প্রবৃত্তি হেতু যথাক্রমে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এই তিন নামে আখ্যাত হইয়াছেন] ব্রহ্মা। "মহামুনিগণ নিত্য ধ্যান করে যায়। যে পদ পঙ্কজ অজ দেখিতে না পায়।"-শি॰। ২ জীবাত্মা। "ইঁহার (জীবাত্মার) জন্ম নাই, মৃত্যু নাই, * * * ইনি অজ, নিত্য, শাশ্বত ও পুরাণ।"-মহা॰ (সিংহ)। ৩ [সাঙ্খ্য-দর্শনে] সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিগুণাত্মিকা মায়া ; আদ্যাশক্তি। ৪ [অজ (জন্ম রহিত) ব্রহ্মা দক্ষ-যজ্ঞকালে মেষরূপ ধারণ করিয়া পলায়ন করিয়াছিলেন বলিয়া] মেষ [প্র॰ অ॰] ৫ [অ (বিষ্ণু)-জ (জন্=জন্মান)+অ (র্ত্তৃ)-যিনি বিষ্ণুর মন হইতে জন্মিয়াছেন] চন্দ্র [প্র॰ অ॰] ৬ [অ (বিষ্ণু=কৃষ্ণ)-জ+অ-যিনি কৃষ্ণের ঔরসে জন্মগ্রহণ করিয়াছেন] কন্দর্প ; মদন [প্র॰ অঃ] ৭ স্বর্ণমাক্ষিক ; মাক্ষিক ধাতু। ৮ অজ-শৃঙ্গী ; মেড়াশিঙ্গে, ভেড়ার শিঙের মত পাকান পাতা বিশিষ্ট তিক্তাস্বাদ কাঁটা গাছ ; ছাগল-বেঁটে। ৯ [অজ্ (গমন করা)+অন্ (র্ত্তৃ)-যে তৃণাদি ভোজনার্থ গমন করে] বি, ছাগ ; মেষ। ১০ [জ্যো॰] রাশিচক্রের প্রথমরাশি মেষ। ১১ অযোধ্যাপতি রামচন্দ্রের পিতামহ ও রাজা দশরথের পিতা। বাল্মীকির মতে ইনি নাভাগেব পুত্র ; কিন্তু অধ্যাত্ম রামায়ণ ও কালিদাস-কৃত রঘুবংশ মতে ইনি রঘুর পুত্র। "রঘুজ-অজ-অঙ্গজ বিখ্যাত ভুবনে,"-মেঘ॰। [কাব্যে] রামের 'পিতামহ' এবং 'ছাগ' এই দ্ব্যর্থবাচক অজ শব্দ ব্যাজস্তুতি অলঙ্কারে স্তুতি-চ্ছলে নিন্দা প্রকাশ করিয়া থাকে। "বিবাহ করিয়া সীতারে লয়ে, আসিছেন রাম নিজ আলয়ে ; শুনিয়া যতেক বালক সবে, আসিয়া হাসিয়া কহে বাঘবে ; শুন হে কুমার ! তোমারি আজ, কুলের উচিত হইল কাজ, তব হে জনম অতি বিপুলে, ভুবন-বিদিত অজের কুলে : জনক-দুহিতা বিবাহ করি তাহাতে ভাসালে যশের তরি।"-কাব্যনির্ণয়। স্তুতিপক্ষে, অজ=অজরাজ ; জনকদুহিতা=সীতা ; নিন্দাপক্ষে অজ=ছাগল : জনক-দুহিতা=ভগিনী। ১২ ভাগবতের মতে একাদশ রুদ্রের একজন ; কিন্তু বিষ্ণুপুরাণ, বায়ুপুরাণ ও মৎস্যপুরাণে রুদ্রগণের নাম মধ্যে ইঁহার নাম নাই।-ভারতকোষ। ১৩ [বৈদিক] যজ্ঞে মেধ্য পশু। ১৪ বিণ, জন্মরহিত। স্ত্রীলিঙ্গে, **অজা**-ছাগী। **অজ** [আদা॰] খাঁটী। প্র-অ॰ পাড়া গাঁ। ২ সমস্ত whole. "অ॰ পুকুরটা,"-দলিল। **~কব** [অজ (বিষ্ণু)+ক (ব্রহ্মা)+ব (স্থ্য), যাতে ব্রহ্মা ও বিষ্ণু বর্ত্তমান আছেন : অথবা অজ (বিষ্ণু)+ক (ব্রহ্মা) ব=বা (সেবা করা)+অ (ণে) অর্থাৎ ত্রিপুরাসুর নিধন সময় যদ্দ্বারা ব্রহ্মা ও বিষ্ণু তুষ্ট হইয়াছিলেন] বি, পিনাক ; হরধনু। "বেণ রাজার দক্ষিণ হস্ত মন্থন সময়ে ইহা স্বর্গ হইতে পতিত।"-পু॰। ইহা **অজকাব, অজগব, অজগাব, আজগব** শব্দেও অভিহিত। ২ [অজক (ছাগল) ব=বা (সেবা করা)+অ (র্ত্তৃ)যে ছাগলের সেবা করে] বর্ব্বটী ; বাবুই তুলসী। **~কর্ণ**-বি, ছাগের কাণ। ২ [অজকর্ণাকার পত্র বলিয়া] পিয়াসাল ; অসন বৃক্ষ Buchanania Latifolia. **~কা** [অজ+ক (স্বার্থে)-আ স্ত্রীং] বি, ছাগলের গলদেশে লম্বিত স্তনাকৃতি মাংসখণ্ড, অজা-গলস্তন। **~গ** [অজ (ব্রহ্মা) গৈ (গানকরা)+ড (র্ম্ম)-ব্রহ্মা কর্ত্তৃক গীত অর্থাৎ ব্রহ্মা যার নাম গান করেন] বি, বিষ্ণু। ২ অগ্নি। ৩ [ণে, ড] শিবধনু। **~গন্ধা** [যার অজের ন্যায় গন্ধ-বহু॰] বি, বন যমানী : বন যোঁয়ানের গাছ। **~গন্ধিকা**-বি, বাবুই তুলসী। **~গন্ধিনী**-বি, তিত কঁচোর গাছ : গাড়োল শিঙে। **~গব** [অজগু(অজ=বিষ্ণু+গো=বৃষ, প্রলয়কালে বিষ্ণু যাঁর বৃষ হইয়াছিলেন)-শিব+(ইদমর্থে) অ ; অজ=বিষ্ণু-গব (গো=বাণ+অ-বহু॰)=বাণ অর্থাৎ বিষ্ণু

ত্রিপুরাসুর বধকালে যাতে শরত্ব প্রাপ্ত হইয়াছিলেন। অজকব দ্রঃ] বি, পিনাক ; হরধনু।

অজগর [অজ (ছাগ) + গর-(গৃ ভোজন করা + অ, র্ত্তৃ) যে ছাগ ভোজন করে] বি, এক জাতীয় অতি বৃহৎ সর্প (ইহারা অনায়াসে আস্ত ছাগল, হরিণ ইং জন্তু গিলিয়া ফেলিতে পারে)। ~বৃত্তি-বিণ, অজগরের ন্যায় স্ফূর্ত্তিহীন ও শ্রমবিমুখ ; অলস।

অজগল্লিকা-বি, মুদ্গের ন্যায় চর্ম্মোদ্ভেদ রোগ বা ব্রণ। (শিশুদিগকেই ইহাদ্বারা আক্রান্ত হইতে দেখা যায়-সুশ্রুত)।

অজচ্ছল [সং অজস্র >] বিণ, অপরিমিত ; পর্য্যাপ্ত ; যথেষ্ট : অজস্র। "কেন আঁখি করে ছল ছল। ধরায় হরিচরণামৃত অং॥" -মতিং রায়।

অজটা-বি, ভূম্যামলকী ; ভুঁই আমলা।

অজড়-বিণ, যে নির্ব্বোধ নয়। ২ জড় নয় এমন ; চেতন। স্ত্রীং ~া-আলকুশী।

অজজীবক [অজ (ছাগাদি) + জীবিকা (জীবনোপায়) যার-বহুং] বিণ, যে ছাগমেষাদি ক্রয় বিক্রয়দ্বারা জীবিকা সংস্থান করে ; ছাগ বা মেষপালক ; গাড়ারিয়া।

অজনক-বিণ, অস্রষ্টা। ২ অজন্মদাতা। ৩ খোজা impotent. ৪ অনুৎপাদক। ৫ অকারণ। ৬ অকর্ত্তা। স্ত্রীং~অজনিকা।

অজনি, অজনি-বি, অজন্ম ; জন্মরাহিত্য। ২ অনুৎপত্তি।

অজন্ত[1] [অচ্ + অন্ত যার-বহুং] বি, স্বরান্ত ; যে শব্দের শেষে স্বরবর্ণ থাকে।

অজন্ত[2] [অ-জন্ত(দন্ত) যার দন্ত নাই-বহুং বি, ভেক ; বেঙ। ২ সূর্য্য [দক্ষযজ্ঞভঙ্গের সময় দন্তহীন হন বলিয়া পুং প্রসিদ্ধি আছে] ৩ বিণ, দন্তশূন্য : অদন্ত। স্ত্রীং~া।

অজন্ম-বি, জন্মাভাব। ২ মোক্ষ।

অজন্মা [মূং-অজন্মন্। ন=অ (নাই) জন্মন্ (উৎপত্তি) যাতে (যে মোক্ষ উপাসনায়) বহুং] বি, মোক্ষ। ২ শস্যাদি জন্মাভাব ; উৎপত্তির অভাব ; দুর্ভিক্ষ। ৩ [অ (কুৎসিত) + জন্মা-বহুং] অবৈধজাত ; জারজ।

অজন্মিত [গ্রাং-অজ্‌ম্‌মিৎ] বি, জারজ। ২ অনুৎপত্তি (শস্যাদির)।

অজন্য [ন=অ + জন্য (জন্=জন্মান + য (প্রেরণার্থে) জনিত] বি, ভূমিকম্প ইং স্বাভাবিক অশুভসূচক চিহ্ন ; অমঙ্গলের লক্ষণ।

অজপ [অ (কুৎসিত) + জপ্ (পাঠ করা) + অ, র্ত্তৃ] বি, কুপাঠক। ২ [অ (নাই) জপ্ যার-বহুং] জপরহিত। ৩ [অজ + প (পা-পালন করা) + অ-যে পালন করে] ছাগপালক।

অজপা [ন=অ + জপ্ (জপ করা) অ (র্ম্ম) -জপনীয় + আ-যা জপিবার নহে, যা অনায়াসে আপনা হইতে, প্রাণীদিগের নিশ্বাস প্রশ্বাস ক্রিয়া রূপে জপ হয়] বি, স্বাভাবিক শ্বাস ক্রিয়া দ্বারা সাধ্য, 'হং সঃ'-এই মন্ত্র (শ্বাস গ্রহণ কালে 'হং' এবং ত্যাগ কালে 'সঃ' এই মন্ত্র স্বতঃই উচ্চারিত হয়)। "হং-বর্ণ পূরকে হয়, সঃ-বর্ণ রেচকে কয়। অহর্নিশি করে জপ হংস হংস বলিয়ে॥ অজপা হইলে সাঙ্গ ; কোথা তব রবে রঙ্গ সকলি হইল ভঙ্গ, ভবানীরে না ভাবিয়ে।"-রাং প্রং। "অন্নদার পদে দেই অং জপিয়া॥"-অং মং [শাস্ত্রে অজপার সংখ্যা এইরূপ নির্দ্ধারিত হইয়াছে ;-৬০ শ্বাসে প্রাণ ; ৬০ প্রাণে এক নাড়িকা ; ৬০ নাড়িকা বা ২১৬০০০ বার মানবের দিবারাত্রির শ্বাস ক্রিয়া বা অজপা সংখ্যা। য়ুরোপীয় চিকিৎসা বিজ্ঞানমতে সুস্থদেহ পূর্ণ বয়স্ক ব্যক্তির দিবারাত্রির শ্বাস সংখ্যা প্রায় ৩৮৮৮০] ২ [অ-জপ্ (জপ্‌করা) অ (ভাং)] প্রাণ বায়ু : জীবন। "বাল্যকালে কত খেলা, মিছে খেলায় দিন গোঁয়াল, পরে জায়ার সঙ্গে লীলা খেলায়, অং ফুরায়ে গেল।"-রাং প্রং। ৩ তান্ত্রিকদিগের আরাধ্যা দেবী বিঃ।

অজপাদ [অজ-পাদ, অজের (মেষরাশির) পাদের (চতুর্থাংশের) ন্যায় পাদ যার-বহুং] বি, একাদশ রুদ্রের মধ্যে একজন। ২ পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রের অধিদেবতা।

অজবীথী [অজ (অজা=অনাদি কালব্যাপিনী)-বীথী (নক্ষত্র শ্রেণী)] বি, আকাশের উত্তর দক্ষিণ বিস্তৃত ছায়াপথ ; দুধপথ the milkyway.

অজবুক-উজবুক দ্রঃ।

অজমীঢ় [অজম্ (বিষ্ণুকে বা কৃষ্ণকে)-ঈহ্ (ইচ্ছা করা, ভালবাসা) + ত] বি, যুধিষ্ঠির। ২ ভারতবর্ষের প্রদেশ বিঃ-আধুং আজমীর [অজ + মীঢ় (মিহ্=সিঞ্চিত-অভিষিক্ত হওয়া + ত)-যেখানে অজরাজা যজ্ঞে অভিষিক্ত হইয়াছিলেন] ৩ চন্দ্রবংশীয় হস্তী রাজার পুত্র। "অং মহারাজ হস্তীর নন্দন। তার পুত্র রাজা হৈল নাম সম্বরণ॥"-মহাং (কাশী)।

অজমোদা [ভুল-হিংআজোয়াইন] বি, জোয়ান Sigusticum, Ajwaen. ২ রাঁধুণী Carum roxburghianum.

অজম্ভ-বিণ, অদন্ত, অজন্ত (দ্রঃ)।

অজয় [ন=অ + জি (জয়করা) + অ (ভাং) নঞ্] বি, পরাজয় ; জয়ের অভাব। ২ নদ বিঃ [এই নদের তীরে কেন্দুবিল্ব গ্রামে জগদ্বিখ্যাত কবি জয়দেব বাস করিতেন। অজয় হাজারিবাগের পাহাড় হইতে নিঃসৃত হইয়া সাঁওতাল পরগণা এবং বীরভূম ও বর্দ্ধমানের মধ্যে প্রবাহিত হইয়া কাটোয়ার নিকট গঙ্গায় মিলিত হইয়াছে] ৩ বিণ, অজেয়। "আয়ু যশঃপ্রদ অজয় সম্পদ পাইতে যাহার বুলি।" মহাং (কাশী)। স্ত্রীং ~য়া-সিদ্ধি ; ভাঙ। ~য়ী-অজেতা। স্ত্রীং ~য়িনী।

অজয্য [ন=অ-জি (জয়করা) + য (শক্যার্থে)] বিণ, যাকে জয় করিতে পারা যায় না : অজেয় ; দুর্জ্জয়।

অজর [অ + জরা (বার্দ্ধক্য) যাঁদের বৃদ্ধত্ব নাই] বি, দেবতা। ২ বিণ, জরা বা বার্দ্ধক্য-রহিত। "ভব-জলধি-তারণ, শরণ, অতিপবিত্র, শুভনিধান, অং, অভয়, অবিনাশী।"-স্কং। ৩ যা জীর্ণ নয় ; অতিশয় কঠিন। স্ত্রীং~া-ঘৃতকুমারী। ২ বিণ, অক্ষয়া।

অজরামর [অজর + অমর] বিণ, জরা বা বার্দ্ধক্য এবং মরণ রহিত। "লেখা-জোখা জানি নাহি রামরস পেয়ে। হয়েছি অং হরিগুণ গেয়ে॥"-শিং। ২ জরা-মরণ-রহিত ব্রহ্ম। "অজয় অক্ষয় অভ্রান্ত, অং অশ্রান্ত, অনাদি পূর্ণ অনন্ত, পরমাত্মা পুরঞ্জন॥"-মনোমোহন বসু।

~বৎ-বিণ, জরামরণরহিতের ন্যায়।

অজলোমা [অজলোম-আ (সাদৃশ্যে)] বি, মেষশৃঙ্গী নামক বৃক্ষ। ২ শূক শিম্বী। ৩ আলকুশী।

অজশৃঙ্গী [মেড়ার শিঙের মত পাকান বলিয়া] বি, ছাগলবেঁটের গাছ।

অজস্র [অ + জস্র (জস্=ত্যাগ করা + র্) যে ত্যাগ করে না। গ্রাং অজচ্ছল] বি, সর্ব্বদা : নিরন্তর ; ক্রমাগত।

অজহৎস্বার্থা [ন (=অ)-জহৎ ত্যাগশীল স্বার্থ+আ] বি, লক্ষণালঙ্কার metonymy.

অজহল্লিঙ্গ [অ+জহৎ (হা=ত্যাগ করা +অৎ (শতৃ,র্ত্তৃ) যে ত্যাগ করে (ব্যা° পরিঃ)] বি, যে শব্দ অন্য লিঙ্গবাচক শব্দের বিশেষণ-রূপে প্রযুক্ত হইলেও স্বলিঙ্গ পরিত্যাগ করে না।

অজা [অজ+আ(স্ত্রীং)] বি, ছাগী; পাঁটী। ২ [সাঙ্খ্যে] মায়া ; সত্ত্ব, রজ ও তম–এই ত্রিগুণাত্মিকা প্রকৃতি। ~গঁর [অ (নাই) জাগর (জাগরণ) যার–বহু°] বিণ, ঘুমন্ত : চিরনিদ্রিত। ২ ভৃঙ্গরাজ বা ভীমরাজ বৃক্ষ। ৩ [প্রাদে°] অজগর অর্থে ব্যবহৃত। ~গঁলস্তন–বি, ছাগলের গলদেশে স্তন, যার অস্তিত্ব নাই > নিরর্থক। "যে ভাষা কেবল পণ্ডিতেই বুঝিবে ; আর মূর্খে বুঝিবে না। সে ভাষার অস্তিত্ব অ°-স্তনের ন্যায় নিরর্থক।" ~জীব [অজ+আজীব (জীবিকা) যার–বহু°] বি, ছাগ-মেষ ব্যবসায়ী (হিন্দুস্থানে গাড়ারিয়া)। ~পাঁলক–ছাগরক্ষক। স্ত্রীং ~পালিকা।

অজাত [ন অ (নহে) জাত (জন্+ক্ত (ভা°) যে] বিণ, জন্মরহিত; অনুৎপন্ন। ২ (-ত) [প্রাদে°। অ (বিরুদ্ধ বা অপকৃষ্ট) জাত।

অজাতি ও°] বি, অনাচরণীয় জাত; অকুল; অঘর। প্র–অজাতে বিবাহ দিয়া সে জাতে ঠেলা আছে। স্ত্রীং ~া। ~ব্যবঁহার–বি, বিণ, যার আইনসঙ্গত অধিকার জন্মে নাই বা অধিকার পাইবার বয়স হয় নাই, অপ্রাপ্ত ব্যবহার ; নাবালক minor. ~শত্রু, অজাতারি [ন=অ+জাত (উৎপন্ন) শত্রু বা অরি-যার শত্রু (জন্মে) নাই ; অ+জাত (প্রাণী) + শত্রু–যিনি জীবমাত্রেরই শত্রু নহেন–বহু°] বি, যিনি কখন কারও শত্রুতা করেন না ; যুধিষ্ঠির। ২ মহারাজ জরাসন্ধের অধস্তন ৩৬শ পুরুষ মগধাধিপতির নাম অজাতশত্রু যাঁর সময় বুদ্ধদেব জন্মগ্রহণ করেন। হিন্দু ছিলেন পরে বৌদ্ধ হন। "অ° রাজা হল যবে পিতার আসনে আসি সঁপিল যজ্ঞ অনল-আলোতে বৌদ্ধশাস্ত্ররাশি।"–রবী°। ৩ শত্রু বিহীন। "কেহই তাঁর অপ্রিয় বা অনিষ্ট চেষ্টায় রত রহিল না। এইজন্যই তাঁর নাম অজাতশত্রু হইয়া উঠিল।"–মহা° (প্র° রায়)। ~শ্মশ্রু [অজাত (অনুৎপন্ন) হইয়াছে শ্মশ্রু (দাড়ি) যার–বহু°] বিণ, যার দাড়ি উঠে নাই এরূপ বালক ; অল্পবয়স্ক।

অজানঁত [প্রা° বাং–আজানন্ত। প্রা° অজান্তে] ক্রি-বিণ, অজ্ঞাতসারে; না জানিয়া।

অজানা, অজানিঁত [অ–জানা, জানিত (পরিচিত)] বিণ, যা বা যে পরিচিত নহে ; অজ্ঞাত ; অপরিচিত। "অধরে লইয়ে হাসি, অজানা আনন্দরাশি,"–গোবিন্দ (কুঙ্কুম)। ২ বি, অপরিচিত পুরুষ বা অপরিচিতা স্ত্রী। "'অজানারে কবে আপন করিব' কহে বিরহিণী নারী।"–রবী°। ৩ অজ্ঞাত দেশ বস্তু বা ব্যক্তি। "কোন্ অজানায়,"–রবী°। "নিজেরে হায় চিত্ত উদাস গানে উড়িয়ে দিলে অজানিতের পানে।"–ঐ।

অজানেয়–আজানেয় (দ্রঃ)।

অজান্তে–অজানত (দ্রঃ)।

অজামিল–বি, ভাগবতোক্ত জনৈক-চৌর্য্যব্যবসায়ী গণিকাসক্ত ব্রাহ্মণ।

অজিজ্ঞা/স [অ (নাই) জিজ্ঞাসা (জানিবার ইচ্ছা) যার–বহু°] বিণ, যিনি কুতূহলী নহেন ; অকৌতূহলী। ~সনীয়–বিণ, যা জিজ্ঞাসার যোগ্য নহে; প্রশ্ন করিবার অনুপযুক্ত। ~সিঁত–বিণ, যা বা যাকে জিজ্ঞাসা করা হয় নাই। ~সিতব্য বিণ, জিজ্ঞাসা করণের অযোগ্য। ~সু [ন=অ–জিজ্ঞাসু–নঞ্] বি, যে জিজ্ঞাসার্থী নহে ; প্রশ্ন করিতে অনিচ্ছুক। ২ যার অনুসন্ধানের প্রবৃত্তি নাই। ~স্য [ন=অ–জিজ্ঞাস্য–নঞ্] বিণ, যা জিজ্ঞাসার উপযুক্ত নহে।

অজিত [অ–জি (=জয়করা)+ত (র্ম)–যিনি অন্য কর্ত্তৃক পরাজিত নহেন] বি, বিষ্ণু। "অপ্রমিত তেজঃ অ° বংশজ ঈষিতে করিল ধ্বংস।"–মহা° (কাশী)। ২ শিব। ৩ বুদ্ধদেব। ৪ বিণ, অপরাজিত। ৫ অনায়ত্ত ; অবশ। ~বল্লভা [অজিত (বিষ্ণু) তাঁর বল্লভা –৬ তৎ] বি, লক্ষ্মী। "অজিতবল্লভা দেবী ব্রহ্মার জননী।"–কবিক°।

অজিতেন্দ্রিয় [ন=অ+জিতেন্দ্রিয়] বিণ, ইন্দ্রিয় সকল যার বশে নয় ; অসংযতেন্দ্রিয় : ইন্দ্রিয়পরায়ণ।

অজিন [অজ (ছাগ)–ইন্ (তস্য ইদং চর্ম্মার্থে) বা অজ্ (পাওয়া)–ইন্–ব্রতানুষ্ঠানকারিগণ যা প্রাপ্ত হন। ছাগচর্ম্ম পরে ঋক্, অথর্ব্ব শতপথ ব্রাহ্মণে হরিণের চর্ম্ম, পরে ব্যাঘ্রাদির চর্ম্ম] বি, ছাগচর্ম্ম ; মৃগচর্ম্ম ; কৃষ্ণসার মৃগচর্ম্ম ; বাঘছাল ; চর্ম্মনির্ম্মিত আসন ; চর্ম্ম (অজিনপত্রা দ্রঃ)। "অ° রঞ্জিত আহা কত শত রঙ্গে। পাতি বসিতাম কভু দীর্ঘতরুমূলে।"–মেঘ°। ২ [বৈদিক, শারীর বৈজ্ঞা° পরিঃ] ত্বক ; পশম ; চর্ম্ম skin. ~ধারী–(পশু, মৃগ, ছাগ, ব্যাঘ্র) চর্ম্ম পরিহিত। স্ত্রীং ~ধারিণী। ~পঁত্রা, ~পত্রিকা, ~পত্রী [অজিন (চর্ম্মময়) পত্র বা পত্রিকা (পাখা) যার–বহু°] বি, চর্ম্মচটিকা ; চামচিকা। ~যোনি–বি, মৃগ।

অজিফা [ফা–বজীফা] বি, ভরণপোষণ ; ভৃতি maintenance.

অজিহ্ম [ন=অ+জিহ্ম (বক্র) যে বা যা বক্র নহে] বিণ, ঋজু ; সরল ; অবক্র। ~গ [ন=অ+জিহ্ম (অবক্র)+গ (গমন করা) যে সোজা ভাবে গমন করে] বি, শর ; বাণ। ২ বিণ, অবক্রগামী ; সরলভাবে গমনকারী।

অজিহ্ব [ন=অ (নাই) জিহ্বা (রসনা) যার–বহু°] বিণ, জিহ্বাশূন্য। ২ বি, ভেক [অগ্নির রসাতলে লুক্কায়িত থাকার সংবাদ দেবগণকে দিবার জন্য অগ্নিশাপে ভেক নষ্টজিহ্ব হয় এইরূপ পৌরাণিক প্রবাদ আছে]।

অজীগর্ত্ত–বি, ঋষিবিঃ ; শুনঃশেফের পিতা ; (অপর নাম) ঋচীক।

অজীর্ণ [ন=অ+জৄ (জীর্ণ হওয়া)+ত (ভা°)] বি, পরিপাক বা জীর্ণ না হওয়া ; অপচার। ২ ভুক্তদ্রব্যের অপরিপাক জাত রোগ বিঃ dyspepsia. ৩ বিণ, যা জীর্ণ বা পরিপাক হয় নাই।

অজী/ব [ন=অ (নাই)+জীব (জীবন) যার–বহু°] বিণ, মৃত : নির্জ্জীব ; অবসন্ন। ~বন–বি, নির্জ্জীব ; প্রাণহীন। ~বনি–বিণ, ধিগ্‌জীবন। স্ত্রীং ~বা।

অজীবিক [অ (নাই) জীবিক (·া) যার বহু°] বিণ, জীবিকার উপায় বিহীন ; উপার্জ্জনহীন। ২ অজীব।

অজু [আ–রজু–প্রক্ষালনস্থান > অ°,ওজু, উজু 'উজু করবার পানি'] বি, মুসলমানদের নমাজ পড়িবার পূর্ব্বে হস্ত পদ মুখ প্রক্ষালন।

+ত (র্ম্ম)-নঞ্] বিণ, অনিন্দিত।

অজুরদার [ফা] বি, জনমজুর; শ্রমজীবি।

অজুরা, আজুরা [ফা] বি, বেতন; পারিশ্রমিক; মজুরী।

অজুর্ইম্নামা [ফা] বি, মোকদ্দমার কারণ লিখিত কাগজ পত্র।

অজুহাত [ফা] বি, কারণ; ওজর; নিমিত্ত; হেতু।

অজেয় [ন=অ+জেয়-নঞ্] বিণ, যাঁকে জয় করা যায় না; দুর্জ্জয়: অজেতব্য।

অজৈর্কপাদ [অজ (মেষ রাশির)+একপাদ (চতুর্থাংশ) বৎ পাদ যার-বহু°] বি, শিবমূর্ত্তি; একাদশ রুদ্রান্তর্গত রুদ্র বিঃ।

অজৈব [ন=অ, জীব (বৃহস্পতি) তস্য ইদং অর্থে অন্=জৈব-নঞ্] বিণ, যা জীব সম্বন্ধীয় বা যান্ত্রিক নহে inorganic. অ° অভিব্যক্তি-inorganic evoulution.

অজ্জ ই [সং অদ্যহি >, বৌ° প্রাকৃ°, বাং অ° >] অ, অদ্যই; আজই (দো°-১০১)।

অজ্জুকা [অর্জ্জ্ (অর্জ্জন করা)+উক) স্ত্রীং -আ] বি, যে স্ত্রী ধনাদি অর্জ্জন করে। ২ [সং নাটকে] নটী। ৩ বেশ্যা: গণিকা।

অজ্ঝোর, অজ্ঝোর-অঝর দ্রঃ।

অজ্ঞ [ন=অ(না)+জ্ঞ (জ্ঞা=জানা+অ-র্ত্তৃ) যে কিছুই জানে না] বিণ, মূর্খ: মূঢ়: সাধারণ জ্ঞানরহিত; অজ্ঞান; নির্ব্বোধ। ২ বিশেষ জ্ঞানরহিত; অজ্ঞাত। ~তা, ~ত্ব [অজ্ঞ+তা, ত্ব (ভা°)] বি, মূঢ়তা: জ্ঞানশূন্যতা; মূর্খতা। ~তামূলক [অজ্ঞতা হইয়াছে মূল যার-ব২°] বিণ, অজ্ঞতাজনিত; না-জানা-হেতু উৎপন্ন: অজ্ঞানতাহেতু।

অজ্ঞাত [ন=অ+জ্ঞাত (অবগত) নঞ্] বিণ, অবিদিত; অজানিত। ২ গুপ্ত বা অপ্রকাশিত। "পাণ্ডবের অজ্ঞাতবাস।" ৩ ক্রি-বিণ, অজানিত রূপে। ~কুলশীল [অজ্ঞাত হইয়াছে কুল এবং শীল যার-বহু°] বিণ, যার বংশ ও স্বভাব জানা যায় নাই। ~চরিত্র-বি, বিণ, অবিদিত স্বভাব; যার প্রকৃতি জানা নাই। স্ত্রীং~া। ~নামা [অ° হইয়াছে নাম যার-বহু°] বিণ, অপ্রসিদ্ধ নাম-বিশিষ্ট: নাম জানা নাই এতাদৃশ। "যাই...সেই অ° নামা রায় বাহাদুরের তাঁবেদারীই করিগে।"-গ্রা° ও মর্ম্মবাণী, ১৩৩৩। ~পিতৃক [অ° (অজানিত) পিতা যার-বহু°] বিণ, জারজাতক। স্ত্রীং ~পিতৃকা। ~পূর্ব্ব [পূর্ব্বে অ°] বিণ, যা পূর্ব্বে জানা যায় নাই। ~বাস-বি, গুপ্তভাবে থাকা; অন্যের অগোচরে বাস; গোপনে বাস। "পাণ্ডবের অজ্ঞাতবাস।" ~যৌবনা [অ° (অপ্রকাশিত) যৌবন যার-বহু°] বিণ, অননুভূতযৌবনা; অপ্রকাশিতযৌবনা; অনুদ্ভিন্নযৌবনা। ২ মুগ্ধনায়িকা ভেদ। "হয়েছে যৌবন যার নহে অনুভব। অ° যৌবনা তাকে বলে কবি সব।"-রসমঞ্জরী। ~সার, ~সারে [ন-জ্ঞাত+সার (গমন)] ক্রি-বিণ, অসাক্ষাতে অজানিত রূপে; গোপনে।

অজ্ঞাতৃ [ন-অ, জ্ঞাতৃ; ১ মার ১ব°] বি, কোন বিশেষ বিষয়ে অজ্ঞ; যে জানে না।

অজ্ঞাতি [ন=অ (নাই) জ্ঞাতি সপিণ্ড যার-বহু°] বিণ, জ্ঞাতি বিরহিত।

অজ্ঞাতে-ক্রি-বিণ, না জানাইয়া; অগোচরে; অসাক্ষাতে; অজ্ঞাতসারে।

অজ্ঞান [ন=অ (নাই) জ্ঞান যার-ব২°। স্ত্রীং 'অজ্ঞানা' (বিরল)] বিণ, জ্ঞানশূন্য; সাধারণ জ্ঞানহীন। ২ চৈতন্যরহিত। "অ° হইয়া আমি পড়িনু ভূতলে।"-মেঘ°। ৩ নির্ব্বোধ। "সে বড় অ°,"-অ° ম°। ৪ [নঞ্] বি, জ্ঞানাভাব; অজ্ঞতা। "আমাদের অ°, আমাদের হৃদয়ের দুর্ব্বলতাই তাহার বল।"-চারিত্র পূজা। ৫ মায়া: অবিদ্যা; মোহ [দ্রঃ-মায়া বা মোহে আচ্ছন্ন আছে বলিয়া লোকে আত্মজ্ঞান বা আপনার স্বরূপ জ্ঞান এবং জগতের স্বরূপ বিষয়ে অজ্ঞ থাকে] ব্রজ° ও বৈ° সা°-ত্যে ইহার প্রাকৃতরূপ অগেয়ান। "চাঁচর চিকুর, কিছু না সম্বর, কেনে হইলে অগেয়ান।"-চণ্ডী°। ক্রি-বিণ, অগেয়ানে-অজ্ঞানপক্ষে; অজ্ঞ হলে। "অগেয়ানে কোন্ করয়ে ব্যবহার।"-বি°প°। স্ত্রীং অগেয়ানী, আগেয়ানী-জ্ঞানহীনা; বোধহীনা। "তুহুঁ অগেয়ানী।"-বি° প°। ~ী [অ°+ইন্ (ত্ম্য)] বিণ, জ্ঞানহীন: মূঢ়; অনভিজ্ঞ। স্ত্রীং অজ্ঞানিনী [বিরল] অজ্ঞানে-ক্রি, বি, না জানিয়া: অজান্তে। ২ নির্ব্বুদ্ধিতা হেতু। ~তা-বি, মূর্খতা; মূঢ়তা। ২ জানা না থাকা; না জানা; জ্ঞানের অভাব। ~কৃত [অ° কর্ত্তৃক কৃত-৩ তৎ] বিণ, অজ্ঞের ন্যায় অনুষ্ঠিত। ২ জ্ঞানশূন্য অবস্থায় অনুষ্ঠিত বা আচরিত। ৩ না জানিয়া সম্পাদিত। ~জনিত-অজ্ঞানোৎপন্ন; না জানার জন্য। ~তঃ (তস্)-অ, অজ্ঞতাবশতঃ; মূর্খতাহেতু. না জানিয়া। ~তিমির [অজ্ঞানরূপ তিমির রূপক ধা] বি, অজ্ঞানরূপ অন্ধকার; মায়াঘোর। ~তিমিরান্ধ [অ° রূপ তিমির দ্বারা অন্ধ-রূপক ধা, ৩ তৎ] বিণ, অ° রূপ আঁধারে দৃষ্টি রহিত; মায়াঘোরে অভিভূত; মায়ামুগ্ধ। ~তিমিরাচ্ছন্ন [অ° রূপ যে তিমির তদ্দ্বারা আচ্ছন্ন-রূপক ধা, ৩ তৎ] বিণ, অ° রূপ অন্ধকারে আবৃত; মায়ামুগ্ধ। ~তিমিরাচ্ছন্নত্ব-বি, অজ্ঞানতার ভাব।

অজ্ঞাপনীয় [জ্ঞাপি+অনীয়=জ্ঞাপনীয়, ন=অ-জ্ঞাপনীয়-নঞ্] বিণ, যা জ্ঞাপন যোগ্য নহে; যা জানাবার মত নহে।

অজ্ঞাপিত [জ্ঞাপি+ত (র্ম্ম) ই আগম; ন=অ-জ্ঞাপিত-নঞ্]. বিণ, অপ্রকাশিত; যা জানান হয় নাই।

অজ্ঞেয় [ন=অ-জ্ঞেয়, নঞ্] বিণ, যা জানা বা বুঝা যায় না; যা জ্ঞানগোচর নহে; জ্ঞানের বহির্ভূত: জ্ঞানাতীত; অবোধ্য। ~বাদ-বি, ইন্দ্রিয়গ্রাহ্য প্রপঞ্চাত্মক জগতের অতীত বা তার পশ্চাতে কিছুর অস্তিত্ব আছে কি নাই তা মানুষ জানে না ও জানিতে পারে না এই মত বা সিদ্ধান্ত agnosticism. বিণ, ~বাদী agnostic.

অজ্যোতি [ন=অ (নাই) জ্যোতিঃ (তেজঃ) যার-বহু°] বিণ, জ্যোতিঃশূন্য।

অজ্যেষ্ঠ [ন=অ (নাই) জ্যেষ্ঠ যার-বহু°] বিণ, যা অপেক্ষা জ্যেষ্ঠ নাই। ২ [ন+জ্যেষ্ঠ-নঞ্] বিণ, জ্যেষ্ঠের ন্যায় যার আচরণ নহে।

অজ্বর [ন=অ(নাই) জ্বর যার-বহু°] বিণ, জ্বর বা রোগশূন্য; বিজ্বর; সুস্থ।

অঝর, অঝোর [মৈ°-অঝর। সং-অজস্র, প্রা°-অজ্ঝোর। "কাঁদ কেন রাণী অজ্ঝোর ঝোরে," (ঝোরে=ধারে=ধারায়)] বিণ, অবিশ্রান্ত। ২ অবিরাম (প্রবাহ); অজস্রধারায়। "বড়ায়ি বড়ায়ি বুলি অঝর নয়নে।"-শ্রী°কী°। "কাঁদেন করুণাময়ী অঝোর নয়নে।"-ধ° ম°।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=নচ্ ঞ্জ=ন্‌জ ক্ষ=ক্‌ষ হু হ্ন হ্ম হ্ব হ্ণ=হ্ নহ্ মহ্ বহ্ ণ ড় ঢ় য়, ড় ঢ় য় ড়=ɾfwv ও চ্চা° দ্রঃ

ক্রি-বিণ, **অঝরে**–অবিশ্রান্ত ধারায়; ঝর্ ঝর্ করিয়া। "অঝরে ঝরয়ে দুই কমল-নয়ন।"–চৈ° ভা°। "অঙ্গ পুলকিত, সরম সহিত, অঝরে নয়ন ঝরে।"–চণ্ডী।

অঝোর [মৈ°, প্রা° বৈ° সা°। সং–অশ্রু >] বি, ঝরণা; নির্ঝর। ২ অশ্রুপ্রবাহ। "সদাই কাঁদনা দেখি, অ° ঝরয়ে আঁখি, জাতি কুল সকল পাছে যায়।"–চণ্ডী°। ৩ ক্রি-বিণ, অবিশ্রাম; অবিশ্রান্ত ভাবে।

অঞ্চল [অনচ্ (গমনকরা) + অল (জ্ঞা°)] বি, বস্ত্রের প্রান্তভাগ; আঁচল। "চঞ্চল করে অ° টানি রোষছলে যায় চলি।"–রবী°। ২ প্রান্তভাগ। "তোমার গেরুয়া বস্ত্রাঞ্চল দাও পাতি নভস্তলে।"–রবী°। "নয়নক অ° চঞ্চল ভাণ।"–বি° প°। ৩ আবরণ। "কেন গো বসন ফেল, ঘুচাও অ°,"–রবী°। ৪ দেশের অংশবিঃ; প্রদেশ। "এতদিন এতকষ্টে এদূর অঞ্চলে,"–প্রেম ও ফুল। "পশ্চিমাঞ্চল।" **~প্রভাব** [অ° (স্ত্রী-বস্ত্রপ্রান্ত) + প্রভাব (কর্তৃত্ব)] বি, প্রণয়িনীর বা অন্তঃপুরের প্রভাব। "তোমাকে লইয়া বিষ্ণুঠাকুরের নিকট যাইব, লক্ষ্মীর দ্বারা অনুরোধ করাইব। আজকাল অঞ্চল-প্রভাব অতীব প্রবল।"–দেবগণের মর্ত্ত্যে আগমন।

অঞ্চিত [অনচ্ (পূজা করা) + ত (র্ম)] বিণ, পূজিত। "বিরিঞ্চি অঞ্চিত পদ দিলা বলি মাথে।"–মেঘ°। ২ উত্থিত। ৩ রোমাঞ্চিত। ৪ গ্রথিত। ৫ ভূষিত। ৬ বক্রীকৃত; আকুঞ্চিত। ৭ [নাট্য শা°, অঙ্গাভিনয়ে কোন কিছু ঘৃণ্য দেখা, প্রণয়ে বদ্ধ হওয়া, মূর্চ্ছা যাওয়া, অধরের মধ্যভাগে দেখা ই° স্থলে] বি, ঘাড় এক দিকে ঈষৎ বক্র করণ (অভিনয় দ্রঃ)। **~ভ্রূ**-বিণ, বক্র ভ্রূ বিশিষ্ট; সুভ্রূ; সুন্দরী। ২ বি, বঙ্কিম ভ্রূ। **~ললাট**-বি, আকুঞ্চিত ভাল; উঁচু কপাল। ২ যার কপাল কুঞ্চিত বা উত্থিত।

অঞ্জন [অনজ্ (দীপ্তি পাওয়া) + অন (গে) –যদ্দারা নেত্র দীপ্তিশালী হয়] বি, নেত্রপ্রসাধন eye-salve; সুর্মা collyrium; আঁজনাই; অঞ্জন; কজ্জল; কাজল। "নয়নক অ° মুখক তাম্বুল।"–বি° প°। "মম মোহের স্বপন-অঞ্জন পরায়ে তব নয়নে দিয়েছি অয়ি মুগ্ধনয়ন বিহারী!"–রবী°। ২ মালিন্য; কালিমা। "সত্যসুতত্ত্ব-নিরঞ্জন হে।"–সত্যেন্দ্রদত্ত। "নিষ্কলঙ্ক তুমি নাথ নিত্য নিরঞ্জন।"–ঐ°। ৩ [ভা° অন সং-তে ব্যবহার] ম্রক্ষণ; ব্যক্তকরণ; গমন। ৪ দীপ্তশিখার কালিমা; ভূষা। ৫ [(স্ত্য–অ) যার অঞ্জনবৎ বর্ণ আছে] পশ্চিম দিক্ হস্তী। ৬ আঞ্জনাই; আঞ্জুনে। ৭ পর্ব্বত বিঃ। ৮ [আয়ুর্ব্বেদে] সৌবীরাঞ্জন (ধূম্রবর্ণ); রসাঞ্জন (ধূম্রবর্ণ), সোতোঽঞ্জন (পীতের আভাযুক্ত); পুষ্পাঞ্জন (শুভ্রবর্ণ) এবং নীলাঞ্জন বা নীলমেঘ (নীলবর্ণ)–এই পাঁচ প্রকার অঞ্জন প্রসিদ্ধ।(২) প্রলেপ বিঃ। ৯ [পু°] দেবার্চ্চনায় ব্যবহৃত; সৌবীর, জাঙ্গল, তুথ, ময়ূর, শ্রীকর, দর্ব্বিকা, নীলমেঘ (নীলাঞ্জন)–এই ছয় প্রকার অঞ্জন। "নয়নে সজল স্নিগ্ধ-মেঘের নীল অঞ্জন লেগেছে,"–রবী°। **~কেশী, ~কেশিকা** [অঞ্জনের ন্যায় কেশ হয় যদ্দারা–বহু°] বি, হট্টবিলাসিনী-নামক গন্ধ দ্রব্য বিঃ; নখী। ২ বিণ, অঞ্জনের ন্যায় কৃষ্ণকেশী।

অঞ্জনা [অঞ্জন + অ (স্ত্য)–অঞ্জনবৎ কৃষ্ণবর্ণ] বি, হনুমান-জননী [রাজর্ষি বিশ্বামিত্রের শাপে কুঞ্জর-তনয়া-নাম্নী বিদ্যাধরী বানরীরূপ পরিগ্রহ করিলে তদীয় গর্ভে অঞ্জনার জন্ম হয়] ২ পশ্চিমদিক্‌হস্তিনী। ৩ [অলঙ্কার শা°] ব্যঞ্জনাবৃত্তি। **~নাতনয়, ~নানন্দন, ~নাপুত্র**-বি, হনূমান। **~নাবতী** [অঞ্জন্+বৎ (স্ত্য) + ঈ (স্ত্রীং)] বি, অঞ্জন নামক দিগ্‌গজের পত্নী। ২ ঈশানকোণের অধিষ্ঠাত্রী হস্তিনী। **~নিকা** -বি, আঁজনাই; আঞ্জুনে। ২ [অঞ্জনা+ক (স্বার্থে)] প্রতীক নামক দিগ্‌গজের পত্নী।

অঞ্জনিয়া [অঞ্জ্ (ম্রক্ষণ করা)+অন +ক্ত্বা > ত্বা > ইত্বা > ইয়া] ক্রি, অঞ্জনে রঞ্জিত করিয়া; কাজল পরিয়া। "ধায় কোন শশিমুখী, অঞ্জনিয়া এক আঁখি,"–কবিক°।

অঞ্জলি [অনজ্ (প্রকাশ পাওয়া) + অলি (জ্ঞা°–ণে) যদ্দারা বিনয় প্রকাশ পায়] বি, সম্পুটপাণি; যুক্তকর। "অ° করিয়া গৌরী কহিলা শঙ্করে।"–কবিক°। ২ যুক্তকরদ্বয় চিৎ করিয়া গণ্ডূষের ন্যায় গঠিত আকার বিঃ; আঁজল; আঁজলা। "সে অ° করিয়া জল পান করিল।" ৩ সেবা; ভজনা; পূজা। "ব্রহ্মা আদি দেব যাঁরে করেন অ°।"–কবিক°। ৪ অঞ্জলির পরিমাণ; অঞ্জলিপুটে যত ধরে। প্র–এক অ° জল। ৫ [নাট্য শা°] অভিবাদন (ইহাতে দুটি পতাকা-হস্ত করতলদ্বয় দ্বারা যুক্ত করা হয়)। সাধাঃ–দেবতা, গুরুজন, ব্রাহ্মণের অভিবাদনার্থে প্রযুক্ত। মস্তকের উপর অ° দেবতা প্রণামে, মুখ মণ্ডলের সম্মুখে অ° ধারণ গুরুজনকে প্রণামে, হৃদয়ে ধারণে ব্রাহ্মণকে প্রণামে। ৬ পরিমাণ বিঃ। '২ অঞ্জলিতে ১ শরাব'। **~কা** [অ°+ক (স্বার্থে) আপ্ (স্ত্রীং)] বি, বালমূষিকা। **~কারিকা** [অ°+কারিকা–করণার্থে) স্পর্শমাত্র যার পত্র সম্বদ্ধ হইয়া যায়] বি, লজ্জাবতী লতা। ২ পুতুল। **~পুট** [অ° (র)–পুট–৬ তৎ বা অ° দ্বারা (রচিত) পুট–৩ তৎ] বি, করপত্রদ্বয় রচিত গণ্ডূষাকার গহ্বর। ক্রি-বিণ, **~পুটে**–যুক্তকরে; কৃতাঞ্জলি হইয়া; বিনীতভাবে। "কহি গো অঞ্জলিপুটে, উরগো আমার ঘটে দূর কর দুর্গতি কুজ্ঞান।"–কবিক°। **~বদ্ধ**-বিণ, বদ্ধাঞ্জলি; জোড়-হস্ত; কৃতাঞ্জলিপুট। "হাত দুটি বুকের উপর অঞ্জলিবদ্ধ,"–উত্তরা, পৌষ, ১৩৩৩। স্ত্রীং **~বদ্ধা**। **~বন্ধ, ~বন্ধন**-বি, অঞ্জলি রচনা; করপত্রদ্বয়ে সংপুট গঠন।

অঞ্জস [বাং সমঞ্জস (দ্রঃ)] বিণ, যুক্ত; যথার্থ; সত্য।

অঞ্জাম [ফা–আন্‌জাম্] বি, আয়োজন; উদ্‌যোগ; সরঞ্জাম।

অঞ্জিষ্ঠ, অঞ্জিষ্ণু [অনজ্ (দীপ্তি পাওয়া) + অন্ (র্তৃ)=অঞ্জ + ইষ্ঠ (অতিশয়ার্থে) =ইষ্ণু (র্তৃ)] বি, অতিশয় দীপ্তিমান; সূর্য্য।

অঞ্জীর [ফা–আন্‌জীর] বি, বড় ডুমুর।

অঞ্জীল [ইং angel এর লিপ্যন্তর] বি, স্বর্গদূত; (মৃত্যু) দূত। "মৃত্যুর অ° যেন পক্ষ বিস্তার করিয়া বসিয়া আছে।"–জয়ন্তী (ন° গুপ্ত)।

অঞ্জুমান–আঞ্জুমান দ্রঃ।

অট–অষ্ট দ্রঃ।

অটন [অট্ (গমনকরা) + অন (ভা°)] বি, গমন; ভ্রমণ। যথা–পর্য্যটন। ক্রি, **অটা**–ভ্রমণ করা।

অটনি, অটনী [অট্ (গমনকরা) + অনি (র্তৃ–জ্ঞা°)–ধনুকের গুণ যা হতে গমন করে] বি, ধনুকের অগ্রভাগ; ধনুকের হুল্ বা কোটি।

অটবি, অটবী [অট্ (বিচরণ করা) + অ + বি (বিহগ, পক্ষী) যথায় বিহগেরা বিচরণ

করে ; অথবা অট্ (ভ্রমণ করা) + অবি (ধি) যথায় বৃদ্ধাবস্থায় গমন করে–বহু০। তুল–'পঙ্কাশোঙ্ক্ষে বনং ব্রজেৎ'] বি, বন। ~পাল [বৌ০ সা০] বি, সার্থবাহদিগকে বনমধ্যে দস্যু ও হিংস্র জন্তু হইতে রক্ষা করিবার জন্য যারা প্রহরীর কাজ করিত। "একদা এক ব্রাহ্মণ সার্থবাহ অটবীপালদিগকে সহস্র মুদ্রা দিয়া পঞ্চশত শকটসহ ঐ পথে যাইতেছিলেন।"–জাতক, ৫ম খণ্ড।

অট্‌মান [অট + মান (র্তৃ)] বিণ, গমনশীল ; ভ্রমণশীল। স্ত্রী০ ~না।

অট্‌ল [ন=অ + টল (টলা, চঞ্চল হওয়া) + অ (র্তৃ)] বিণ, স্থির ; অচঞ্চল। "অ০ অচল যথা দাঁড়াইলা বলী সে রৌরবে,"–মেঘ০। ২ দৃঢ়। "চলিল কুমার যেন কুমার অ০,"–ভারত০।

অটাট্যা, অট্যা [বিরল] বি, হাঁটাহাটি ; ঘোরাঘুরি ; পর্য্যটন।

অটাল [অ–টাল (স্থান) হি০–অটালা= কসাইবস্তী] বি, অস্থান ; কুস্থান। "সে কোন অটালে গিয়ে পড়্‌বে।"–উত্তরা।

অটুট [মু০–অত্রুটি। হি০–অটোটা] বিণ, অভগ্ন ; সম্পূর্ণ ; আস্ত ; কোনো বিষয়ে কম বা হীন না থাকা।

অটো [ই০ Otto] বি, গন্ধদ্রব্য বি০ ; গন্ধসার। "আমরা চাই না লেবেণ্ডর চাই না অটো,"–রজনী সেন। ~গ্রাফ [ই০ autograph] বি, স্বহস্তলেখ।

অটোল [অ–টোল (দ্র০)] বিণ, টোল পড়া নয় ; তুমড়ানো বা চোপ্সানো নয় ; সর্ব্বাঙ্গসুন্দর ; পূর্ণ ; পুষ্ট ; গোলগাল ; নিটোল।

অট্ট [অট্ট্ (অনাদর বা খাট করা) + অ (ণে) যদ্দ্বারা বা যার তুলনায় অন্যান্য গৃহ খাট হইয়া যায়] বি, অট্টালিকা ; ইষ্টক বা প্রস্তর নির্ম্মিত উচ্চ গৃহ। ২ প্রাসাদের উপরিস্থিত গৃহ। ৩ হাট। ৪ গুমটী ঘর। ৫ বিণ, উচ্চ ; উচ্চশব্দযুক্ত। প্র–অট্টহাস দ্র০। ~অট্ট–অট্টট্ট দ্র০। ~কল্‌স্বর–উচ্চ কলরোল। "বিদীর্ণ তরঙ্গরাশি অট্টকলস্বরে নৌকার দুই পার্শ্বে উন্মত্তভাবে নৃত্য করিতে লাগিল।" –রবী০। ~নাদ, ~রব, ~রোল–উচ্চকলধ্বনি। "যেন এ লক্ষ যক্ষশিশুর অট্টরোল।"–সোনার তরী। ~হসিত–বিণ, উচ্চৈঃস্বরে কৃতহাস্য। ~হাস্য–বি, উচ্চহাসি।

অট্টট্ট, অট্ট অট্ট ['অটট্ট' ও০] বি, অতি উচ্চ হাস্যধ্বনি ; বিকট হাস্যরব। ২ বিণ, ঐরূপ ধ্বনিবিশিষ্ট। "চতুর্ভুজা মুক্তকেশী, মুখে অট্ট অট্ট হাসি।"–শি০।

অট্টহা/স [অট্ট (উচ্চ) + হাস (হাস্য) ধা] বি, উচ্চহাস্য ; উচ্চহাসি। ~সক [অ০ + ক (র্তৃ)–সাদৃশ্যার্থে] বিণ, যে অট্টহাস্য করে ; উচ্চহাস্যকারী। ২ [উচ্চহাস্য করিবার কালে শুভ্র দন্তপঙক্তি প্রকাশিত হয়–তদ্রূপ প্রকাশ করে বলিয়া] বি, কুন্দ পুষ্পবৃক্ষ ; কুঁদ ফুলের গাছ [কুন্দধবল দন্তের হাস্য ও যশ (নিষ্কলঙ্ক হেতু) শুভ্রবর্ণ বলিয়া কবিকল্পিত] ~সী [মূ০– অট্টহাসিন্ < অট্টহাস + ইন্ (স্ত্য) বা অট্ট + হাসী (হাস্যকারী)] বি, শিব। ২ অট্টহাস্যকারী। স্ত্রী০~সিনী। "অট্টহাস হাসিনী,"–অ০ ম০।

অট্টাল, অট্টালক [অট্ট (প্রাসাদ গৃহ) + অল (পর্য্যাপ্ত অর্থে) + অ (র্তৃ)স্বার্থে ক। প্রাসাদবৎ পর্য্যাপ্ত] বি, প্রাসাদোপরি গৃহ ; (দুর্গ) প্রাকারের উপর প্রহরীদিগের ক্ষুদ্র প্রকোষ্ঠ ; কূটাগার watch tower. "নাগভজনের সর্ব্বরত্নময় প্রাকার ও তোরণ সন্নিহিত অট্টালকগুলি দৃশ্যমান হইল,"–জাতক।

অট্টালিকা [অট্টালক + আ] বি, প্রাসাদ ; পাকাবাড়ী ; হাবেলী। ~কার [অট্টালিকা + কার (কর্ত্তা)] বি, রাজমিস্ত্রী। ২ সঙ্কর জাতি বি০ [অতি পূর্ব্বকালে এই জাতি অট্টালিকা নির্ম্মাণাদি করিত]।

অঠেল, অঢেল [অ (না) + ঠেল (ঢেল–প্রাদে০) যা ঠেলিতে পারা যায় না] বিণ, প্রচুর। ২ অকাট্য। ৩ বি, একপ্রকার হরিদ্রাভ কাষ্ঠ, এই কাষ্ঠ হইতে মালা প্রস্তুত হয়।

অড়বড়–হড়বড় দ্র০। অ০ সড়বড়–বিণ, অর্থহীন বা অবোধ্য দ্রুত উচ্চারণ বা আবৃত্তি।

অড়হর, অড়র [হি০–অড়হর। মাণিক০ গানে 'আড়ই'] বি, কলায় বি০ ; দাল বি০।

অডিট [ই০ audit] বি, বাণিজ্য বা ব্যবসায় সম্বন্ধীয় হিসাব ও খাতাপত্র পরীক্ষা।

অণ, অণা [অতি প্রা০ বা০ প্রাকৃ–বৌ০ বা০। ণ=ন(অণ, অন্ন, অণ্য=অন্য ; অণ্ণে=অন্যেন ; অণুঅণাএ=অনুৎপন্নে ; অণহ, অণহা=অনাহত) অ=ত (অণ, অণা) রসনা–রঅণ=রতন=রত্ন ; অ=জ (অণে, আণে=জানে ই০) আণ দ্র০] বি, রত্ন (দো০ ১২৮)। ২ বিণ, অন্য (দো০ ৮৫ ৯৬)। ৩ ক্রি, জান, জানা ; (এই অর্থে 'আণা' ও০। "তসু পরি আণে অণ্ণ ন কোই (=তস্য সহজস্য পরিজ্ঞানে অন্যং মোক্ষং ন কিঞ্চিদস্তি," –অদ্বয়বজ্রের টীকা, দো০ ৮৯)। অণবর–অনবরত। অণহা–অনাহত (চ০১৭–১)।

অণি, অণী [অণ্ (শব্দ করা) + ই] বি, প্রান্ত বা সীমা। ২ ফিলক ; সূচী ; শলাকাদির অগ্রভাগ। ৩ চক্রধুরার প্রান্তস্থিত খিল। ৪ শূলাগ্র। ~মাণ্ডব্য–ব্রহ্মর্ষি বি০ [বাল্যে মক্ষিকার মলদ্বারে সূক্ষ্ম শলাকা বিদ্ধ করার ফলে উত্তরকালে অন্যের অপরাধে বিচারকের ভুলে শূলে চড়ায় এবং ঐ পাপজনিত শূল দেহচ্যুত না হওয়ায় এই নাম]।

অণিমা [অণিমন্–অণু=সূক্ষ্ম + ইমন (ভা০) উ–লোপ] বি, যোগের অষ্টসিদ্ধির অন্যতম অণুত্ব ; অতিসূক্ষ্ম হওয়ার ক্ষমতা বা ঐশ্বর্য্য বি০ ; দেবতা বা উপদেবতাগণ এই বিভূতি লাভ করিলে যথেচ্ছ সূক্ষ্ম শরীর ধরিয়া অপরের অলক্ষ্যে সর্ব্বত্র বিচরণ করিতে পারেন। "ধর্ম্ম অর্থ কাম মোক্ষ যার নাম শিবের সেই অণিমা গো।"–অ০ ম০।

অণীক [বৈদিক] বি, বাণের লৌহ নির্ম্মিত শল্যভাগ (বাণের ৩ ভাগ–অ০, শল্য, তেজন)। ২ [সায়ণ] সেনাপতি।

অণীমাণ্ডব্য–অণী দ্র০।

অণীয়ান্ [মূ০–অণীয়স্ < অণু + ঈয়স্ (ঈয়সু–স্ত্য)] বিণ, অতিশয় সূক্ষ্ম ; পরমাণু।

অণু [অণ্ (শব্দকরা) + উ(অল্পার্থে–র্তৃ)যার অল্পমাত্র শব্দ হয়] বিণ, ক্ষুদ্র ; অল্প ; ঈষৎ। ২ রেখা। "দন্তাবলী শিশু-অলি, কুন্দকুলি মাঝে। ভুরু অণু কামধনু হেম তনু সাজে॥"–রা০ প্র০। ৩ বি, সূক্ষ্ম বা ক্ষুদ্রতম পরমাণু ; পদার্থের সূক্ষ্মতম অংশ যা আর বিভাগ করা যায় না atom. ৪ সূক্ষ্মাংশ particle. ৫ সরুধান। ~তা, ~ত্ব–অণুর ভাব বা অবস্থা বা আকৃতি বা প্রকৃতি। ~ক [অণু + ক (অল্পার্থে)] বিণ, ক্ষুদ্র। ২ সূক্ষ্ম। ৩ [সূক্ষ্ম >] নিপুণ।

৪ [শরীর বৈজ্ঞা০ পরি:] অন্তরাস্থি বি:। ~চ্ছেদ-বি, পরিচ্ছেদের অংশ paragraph. ~জীব-বি, জীবাণু (দ্র:) microbe. ~দর্শন [অণু (সূক্ষ্ম) দৃশ্ + অন (ণে)] বি, অণুবীক্ষণ; যে যন্ত্রদ্বারা অতি ক্ষুদ্র বস্তুও নয়নগোচর হয়। ২ সূক্ষ্মদর্শন : অন্তঃপ্রবেশ ; অন্তর্দৃষ্টি। ~বীক্ষণ [অণু (সূক্ষ্ম) + বীক্ষণ (বি=বিশেষভাবে) + ঈক্ষ্=দর্শনকরা + অন্ (ণে) দর্শন] বি, সূক্ষ্মদর্শক যন্ত্র : সে যন্ত্রের দ্বারা চক্ষুর অগোচর অণু পরমাণুসকল দৃষ্ট হয় microscope. ~ব্রীহি [অণু-ব্রীহি (ধান্য) -ধা] বি, সরু ধান। ~ভা-বি, ক্ষণপ্রভা ; বিদ্যুৎ। ~মাত্র, ~মাত্রিক [অণু + মাত্র (পরিমাণার্থে)] বিণ, অল্পপরিমাণ ; সামান্য : কিঞ্চিন্মাত্র। "ইহাদের রীতি নীতি আচার বিচার অণুমাত্র নাহি জানি." -নবীন০। "আদ্যা যে সম্পূর্ণ শুদ্ধচারিণী, সে বিষয়ে * * * * আপনকার অন্তঃকরণে অণুমাত্র সংশয় নাই ;"-বি০ সা০।

অণে, আণে-অণ দ্র:।

অণ্ড [অম্ (গমন করা, নির্গত হওয়া) + ড + ক-জ্ঞা০, যা ভেদ করিয়া শাবক নির্গত হয়। চট্ট০ প্রাদে০ আণ্ডা < হি০-অণ্ডা] বি, ডিম্ব বা ডিম। প্র-ব্রহ্মাণ্ড। ২ [অণ্ডক ণ্ড০-অণ্ডাকার বলিয়া। গ্রা০-অ্যাড়] মুষ্ক বা কোষ। প্র-বৃষাণ্ড। ৩ মৃগনাভি ; কস্তুরী। ~দ, ~দা, ~প্রসূ-যে অ০ প্রসব করে। ~কটাহ [অণ্ড (ব্রহ্মাণ্ড রূপ) + কটাহ (কড়া) জীবের কর্ম্মবিপাক স্থান] বি, জীবের অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মের ফলাফলভোগ স্থান ; বিশ্ব ; ব্রহ্মাণ্ড। ~কোশ [অণ্ড + কোষ (আশ্রয় স্থান) ৬ তৎ] বি, মুষ্ক। ~জ [অণ্ড + জ-অণ্ড হইতে যে জন্মে] বিণ, অণ্ড হইতে জাত : ডিম্বোৎপন্ন। বি, যে সকল প্রাণী অণ্ড হইতে জন্মে (সর্প, পক্ষী, মৎস্য, কৃকলাস আদি) oviparous. স্ত্রীং ~জা-কস্তুরী ; মৃগনাভি। ~মূত্র-মূত্রসহ অধিক পরিমাণে অ০ ক্ষরণ রোগ albuminuria. ~লাল, ~লালা-বি, ডিম্বের ভিতর লালাবৎ যে শ্বেত অংশ the white of an egg. ২ ডিম্বের শ্বেতভাগের মত শোণিতের শুক্লাংশ বা জীব দেহের একটি প্রধান উপাদান albumen.

অণ্ডাকার, অণ্ডাকৃতি [অণ্ড + আকার (ধা) বা আকৃতি যার-বহু০] বিণ, অণ্ড বা ডিমের ন্যায় আকারবিশিষ্ট oval.

অণ্ডালু [অণ্ড + আলু (ষ্য)] বিণ, আণ্ডাদার। ২ বি, ডিম্ববিশিষ্ট মৎস্য ই০ (তুল -আণ্ডাওয়ালা তপ্‌সে মাছ)। ৩ অণ্ড-বিক্রেতা।

অণ্ডিন-বি, অণ্ডমধ্যস্থ শ্বেতাংশতুল্য পদার্থ ; এলবুমেন albumen.

অণ্ডীর [সং-'অণ্ডীরঃ পুরুষে শক্তে,'-মে০] বি, শক্তিমান্ পুরুষ ; বলশালী ব্যক্তি। ২ ['ষণ্ডশ্চাণ্ডীরৌ'-ত্রিকাণ্ডশেষ] ষণ্ড। ৩ বিণ, সমর্থ।

অণ্ডীল [চ০-আণ্ডিল। সং-অণ্ডীর > অ০ 'শক্তোঽপি ষণ্ডশ্চাণ্ডীরৌ'-ত্রিকাণ্ডশেষ। র=ল] বিণ, আঢ্য ; ধনবান।

অত [সং-ইয়ৎ > প্রা০-'অ্যাত'। প্রা০ বাং অতেক > অ, ওই পরিমাণ "কিন্তু ধ্রুব বলা যায় না অন্তের হয় কি না ওটা অতই।"-দ্বি০ রায়। ২ অতবেশী; প্রচুর পরিমাণ ; অধিক। "তবে কি ভেরণ গাছে অত পাতা উঠিয়াছে।" -কুঙ্কুম। ৩ বি, আধিক্য ; বাড়াবাড়ি। "আর অতয় কাজ নাই।"-গি০ ঘোষ। ~শত [অত তত ও০। গ্রা০] বড় বেশী ; বিশেষ খুঁটিয়ে। প্র-অ০ বুঝি না।

অতও [অতএব দ্র: :-বৈ০ সা০। এ=ও] অ, অতএব। ২ তদবধি। "অতও সে মঝু মন জ্বলত হি অনুখন,"-গোবিন্দ০। অতএ, অতয়ে, অতেবু [ব্রজ০, প্রা০ বাং] অ, অতএব দ্র:। "তুহুঁ জগতারণ, দীন দয়াময়, অতয়ে তোহারি বিশোয়াসা।"-বি০ প০। "বিদ্যাপতি কহ অতয়ে সে দুঃখ বহু হেরি হেরি না পূরল আশা।"-ঐ।

অতএব [অতঃ (ইদম্ + হেত্বর্থে-তঃ)= এই হেতু + এব (নিশ্চয়াত্মক) এই হেতুই] অ, এই নিমিত্ত ; এই হেতু ; এই কারণ। ২ সুতরাং ; কাজেকাজেই।

অতঃপর [অতঃ (ইহার) + পর] অ, ইহার পর ; তার পর ; তৎপরে।

অতট [ন=অ (নাই) + তট (আলম্বন) যেখানে অর্থাৎ যে স্থানে তট বা আলম্বন স্থান নাই-বহু০] বি, পর্ব্বতাদির উচ্চ স্থল ; ভৃগু ; প্রপাত। ২ নদীর আড়ুলী বা ধার। ৩ নদ্যাদির তটস্থ উচ্চভূমি। ৪ বিণ, তটহীন। ৫ বিপুল। ৬ অনন্ত।

অতথা [অ-তথা (সত্য)] বি, বিণ, অসত্য। ২ অসদৃশ ; বেঠিক।

অতথোচিত [অ-তথা-উচিত] বিণ, যা তার সদৃশ বা উচিত বা যোগ্য নয় ; তার অনুপযুক্ত। ২ অযথার্থ ; অসঙ্গত ; অযৌক্তিক। প্র-অ০ বাক্য, কার্য্য ই০।

অতথ্য [ন=অ + তথ্য (যাথার্থ)-নঞ্] বিণ, অযথার্থ ; অসত্য ; মিথ্যা ; অসম্ভব। ~বাদী [অ০ + বাদিন্ (বদ্ + বলা + ইন্ (র্তৃ) যে অসত্য বলে] বিণ, মিথ্যাবাদী। ~ভাষী [অ০ + ভাষিন্=ভাষ (বলা) + ইন্ (র্তৃ)] বিণ, যে মিথ্যা কথা কহে; মিথ্যাবাদী।

অতদ্‌বির [ন=অ (অভাব) + ফা তদ্‌বীর (তত্ত্বাবধান)] তত্ত্বাবধানের অভাব ; প্রতীকার চেষ্টার অভাব ; অতাদারক।

অতনু [ন=অ (নাই) তনু (অঙ্গ) যার-বহু০] বিণ, অনঙ্গ ; কামদেব ; মদন। "অ০ কি প্রাপ্ত পুন রতি ?"-রঙ্গলাল (কাঞ্চী০)।

অতন্দ্র [অ (নাই) + তন্দ্রা যার-বহু০] বিণ, তন্দ্রাশূন্য ; সতর্ক ; মনযোগী ; অনলস। ~ন্দ্রিত [ন=অ + তন্দ্রিত (তন্দ্রাগত) নঞ্] বিণ, সাবধান। ২ অনলস। ৩ অবিরাম।

অতন্বঙ্গ, অতন্বঙ্গী [ন=অ-তনু-অঙ্গ (যার),-অঙ্গী যে-বহু০] বিণ, অকৃশাঙ্গ ; স্থূলশরীরধারী ; পীবর ; স্থূলকায়। স্ত্রীং

অতপা,-পাঃ [অ-তপ, তপস্ (তপঃ) + আ] বি, যে তপস্যা করে না ; যার তপস্যা নাই বা যে তপস্যা বর্জ্জিত ; তপশ্চর্য্যাহীন।

অতর [অ-তর (দ্র:) 'অতরণ' ও০] বিণ, দুস্তর। ~ণি (-রঁ-) বি, তরণি নামের অযোগ্য। ২ অনুদ্ধারক। বিণ, ~ণীয়।

অতরল-বিণ, যা তরল নহে ; জমাট।

অতরু [ন=অ (হীন, কু) তরু] বিণ, তরুহীন ; নির্বৃক্ষ ; ঊষর। ২ বি, কুবৃক্ষ ; তরু নামের অযোগ্য ; আগাছা।

অতরুণ [ন=অ + তরুণ (দ্র:)] বিণ, যে তরুণ নহে ; যে তারুণ্য বা তরুণ বয়স অতিক্রম করিয়াছে ; যুবা। ২ পরিপক্ক ; পুরাতন। স্ত্রীং~ণী-প্রৌঢ়া ; বৃদ্ধা।

অর্ত্/র্ক [ন=অ (নাই) তর্ক যার বা যাতে বা অ (কুৎসিত) তর্ক হইয়াছে যার-বহু°] বিণ যা তর্কই নহে ; শুষ্কতর্ক-পরায়ণ। ২ [প্রাদে°] অসতর্ক। ৩ বি, কুতর্ক ; অনর্থক তর্ক। ~র্কণীয়, ~র্ক্য [ন=অ+তর্কনীয়, তর্ক্য। তর্ক (বিতর্ককরা)+অনীয়, য (র্ম্ম)-নঞ্] বিণ, যা তর্কদ্বারা মীমাংসা করিতে পারা যায় না। ২ অভাবনীয়।

অর্তর্কিত [ন=অ+তর্কিত-নঞ্] বিণ, যে বিষয়ে কোন সন্দেহই করা যায় নাই : অচিন্তিত। ২ অসম্ভাবিত। ৩ অলক্ষিত : হঠাৎ। ক্রি-বিণ, অর্তর্কিতে। ~র্চর [অ° (পূর্ব্বে অবিবেচিত) চর-নঞ্] বিণ, যা ঘটা সম্ভব বলিয়া কেহ কখন ধারণাই করে নাই ; অসম্ভাবিত।

অর্তর্প/ণ [অ-তর্পণ (দ্রঃ)] বি, অপ্রীণন; অতৃপ্তিজনন। ২ বিণ,অতৃপ্তিজনক: বিরক্তিকর; অসুখকর ;অপ্রীতিদায়ক। ৩ পিতৃযজ্ঞহীন। ~ণীয়, ~ণেচ্ছু-বিণ, তর্পণ করিতে অনিচ্ছুক। বিণ, অর্তর্পিত-যার তর্পণ করা হয় নাই। ২ যাকে তৃপ্তি দান করা হয় নাই।

অর্তল [অ=(ইদম্-এই)+তল] বি, সপ্ত পাতালের মধ্যে অন্যতম : প্রথম পাতাল। ২ [ন=অ (নাই) তল=নিম্নস্থান যার-বহু°] বিণ, যার তল নাই ; তলশূন্য : অথাই। "যে অতলে গীত গান কিছু নাহি বাজে।"-রবী°। "ডুবিব অ° সলিলে।"-স্ক°। ~র্তল [৬ তৎ] বি,প্রথম পাতালের নিম্নে; অগাধ জলের তল। ২ সীমাহীন নিম্ন দেশ। ~স্পর্শ, ~স্পৃক্ [ন=অ+(নাই)তল+স্পর্শ, যার তলস্পর্শ নাই-বহু°] বিণ,যার তল বা অধোদেশ স্পর্শ করিতে পারা যায় না : অগাধ; অথাই। বি, ~তা, ~ত্ব।

অর্তশর্তি-বি, এত প্রকার ; উহাতে যে এত রকম আছে তা। "অতশত জানিলে বাপু।"

অর্তসী-বি, পুষ্প বিঃ (বর্ণ হরিতালের ন্যায়)। "অশোক, চম্পক, পদ্ম,অ° কাঞ্চন।" -অশোক°। ২ মসিনা ; তিসি common flax. ৩ শন Indian hemp. ~পুষ্পবর্ণাভ [অতসী পুষ্পের বর্ণের আভা যার-৬ তৎ, বহু°] বিণ, হরিতাল-বর্ণ-বিশিষ্ট। ২ কার্ত্তিকেয়। ~পুষ্পবর্ণাভা [অ° পুষ্পের বর্ণের আভার ন্যায় আভা যার-বহু°] দুর্গা।

অর্তি [অৎ (নিরন্ত গমন করা)+ই (র্ত্ত-আধিক্য' অর্থে)-যে নিরন্ত গমন করে। প্রা° বাং-য়,'আতি' 'আতী' (শ্রী° কী°) দৃষ্ট হয়। ইহা হি° উচ্চারণের অনুযায়ী] অ,°উপসর্গের (প্র, পরা ই°) মধ্যে একটী উপসর্গ। ২ অধিক ; অতিশয় ; খুব। প্র-অতিশীঘ্র। ৩ [প্রা° বাং ৭মী বিভক্তি 'হস্তে' > (বিকারে) হতি, > অতি (প্রাদে° ময়মনসিং)] হইতে : থেকে। "আইজ অতি জানিলাম, সুসোয়ামী কেমন ধন।"-সাহিত্য সংহিতা। ৪ [লঙ্ঘনার্থে] বিণ, অতিরিক্ত : অসঙ্গত ; অনুচিত : অযথা। প্র-অতিদর্প : অতিমান : অতিবাড় বাড়া। ৫ অমিত ; অসীম। প্র-অতিবল; অতিশক্তি। ৬ [ব্রজ°। প্রশংসার্থে। প্রা° বাং] উত্তম ; উৎকৃষ্ট। "সে অতি নাগর তোঁএ তনু তুল।"-বি° প° (ন° গুপ্ত)। ৭ পূজন [অপ্র°] ~অঙ্কন-বি, অঙ্কন-রীতির সীমার অতীত চিত্রন overpainting. বিণ, ~অঙ্কিত-অতিরঞ্জিত overpainted. "উৎকট নারী স্বাধীনতা ও অত্যধিক বিকট পুরুষ ক্লীবত্বের যে ছবি প্রকট করেছেন, তাহা অতি অঙ্কিত হলেও,"-আ° শক্তি, ১৩৩১। ~কথা [অতি (অতিক্রান্ত)+কথা-নিত্য°] বি, অতিরিক্ত বিবরণ। ২ বৃথা বাক্য ব্যয়। ~কথিত-বিণ, অতিরঞ্জিত exaggerated. ~কায় [অতি (বৃহৎ)+কায়(শরীর যার-বহু°] বি, রাবণের পুত্র [ইনি অত্যন্ত বলশালী ও প্রকাণ্ড দেহ বলিয়া ইঁহার এই নাম। ইনি লক্ষ্মণ কর্ত্তৃক নিহত হন] ২ বিণ, প্রকাণ্ড দেহ-বিশিষ্ট। ~কাল-বহু বিলম্ব। "অতিকাল হইল লোক ছাড়িয়া না যায়।"-চৈ° চ°। ~কৃচ্ছ্র [অতি +কৃচ্ছ্র (দুঃসাধ্য প্রায়শ্চিত্ত)] বিণ, অতিশয় কষ্টকর। ২ বি, প্রায়শ্চিত্ত বিঃ। ইহাতে ৬ দিন কাল একগ্রাস মাত্র করিয়া ভোজন এবং তৎপরে তিনদিন ধরিয়া অনশন বিধি। ~কৃত-বিণ, অতি কথিত; যা বাড়াইয়া বলা হইয়াছে ; অতিরঞ্জিত exaggerated. ~কৃতি-বি, ২৫ অক্ষরা সং ছন্দঃ। ~কৃশ [অ-অতিরিক্ত কৃশ] বিণ, সৌন্দর্য্য হানিকর বা সামঞ্জস্যহীন বা প্রয়োজনাতিরিক্ত রোগা বা পাতলা ; ক্ষীণ দেহ। "অতি কৃশ অতি স্থূল কেহ নাহি হয়।"-রামা° (রাজ)।

~ক্রম [অতি (বাহিরে)+ক্রম্ (পদক্ষেপ করা)+অ (ভা°)] বি, সীমার বাহিরে গমন ; লঙ্ঘন। ২ কার্য্য সম্পাদিত হইবার পরও, কার্য্য করণের প্রবৃত্তি বা ইচ্ছা। ৩ অধিক হওয়া। ৪ বিপরীতাচরণ: বিপর্য্যয়। ৫ শত্রুর প্রতি আক্রমণ। ৬ অনাদর। "ধর্ম্মনিষ্ঠ জ্যেষ্ঠ ভ্রাতাকে অতিক্রম করা কোন্ ব্যক্তির উচিত হইতে পারে?"-মহা° (বর্দ্ধ)। ক্রি, ~ক্রমা [অতিক্রমি,অতিক্রমি, অতিক্রমুন, অতিক্রমে, অতিক্রমেণ, অতিক্রমিতে, অতিক্রমিবে, অতিক্রমিয়া, অতিক্রমিলে ই°] অতিক্রম করা। অস, ক্রি, ~ক্রমি [পদ্যরূপ, গদ্যে-অতিক্রমিয়া] অতিক্রম করিয়া। "অতিক্রমি বঙ্গপারাবার।"-নবীন°। বি, ~ক্রমণ-অতিক্রম করণ। বিণ, ~ক্রমণীয়, ~ক্রম্য-উল্লঙ্ঘনীয়; যা লঙ্ঘন করা যাইতে পারে : লঙ্ঘনের যোগ্য : লঙ্ঘনসাধ্য। ~ক্রান্ত [অতি+ক্রম+ত (র্ম্ম)] বিণ, লঙ্ঘিত। ২ অতীত ; বিগত। ৩ অনাদৃত। ৪ আক্রান্ত। ~ক্রামক-বি, বিণ, অতিক্রমণকারী। ~ক্ষেত্র [বৈজ্ঞা° পরিঃ-অপূর্ব্বচন্দ্র দত্ত] বি, ক্ষেত্রতত্ত্বের বক্ররেখা বিঃ ; অতিক্ষেপণী hyperbola. ~গ [অতি (অতিশয়) গম্+ড, র্ত্ত] বি, যে অতিশয় গমন করে। ২ অতিক্রম করিয়া গমনকারী। ৩ অতিমাত্র গমনশীল। ~গণ্ড- বি, অতিগণ্ডযোগ-বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের মধ্যে ষষ্ঠ যোগ। ~গন্ধ [অতি গন্ধ যার-বহু°] বি, চম্পক বৃক্ষ। ২ মুগরোগাছ। ৩ গন্ধতৃণ। ৪ বিণ, তীব্র গন্ধযুক্ত। ~গর্ব্ব [অতি (অতিরিক্ত) গর্ব্ব (অহঙ্কার) নিত্য°] বি, অতিশয় বা অতিরিক্ত অহঙ্কার। ~গর্ব্বিত [অতি (অতিমাত্র) গর্ব্ব (অহঙ্কার করা)+ইত (যুক্ত) র্ত্ত] বিণ, অতিশয় গর্ব্বকারী ; অত্যন্ত অহঙ্কৃত। ~গর্ব্বী [অতি গর্ব্ব (অহঙ্কার করা)+ইন্ (স্ত্য)-যার অতিশয় গর্ব্ব আছে] বিণ, অত্যন্ত গর্ব্বকারী ; অতিশয় অহঙ্কারী। ~গর্হিত -বিণ, অতিনিন্দিত। ~গুহ্-বিণ, গুহাতিক্রান্ত। ~ঘরন্তী-ঘরন্তী দ্রঃ। ~চর্-বিণ, অতিক্রমকারী। ~চার [অতি-চর (গমন করা)+অ (ভা°)] বি, দ্রুতগমন। ২ [জ্যো°] গ্রহগণের নিজ নিজ রাশি

অতিক্রম করিয়া অন্ত রাশিতে গতি। মঙ্গলাদি গ্রহগণ যদি এইরূপে পূর্ব্ব রাশিতে গমন করে, তবে তাকে বক্রাতিচার এবং পর রাশিতে গমন করিলে অতিচার কহে। ~চরা-বিণ, অতিক্রমকারিণী। পুং অতিচর। ২ স্থলপদ্মিনী। ~চ্ছত্র [অতি+ছত্র] বি, বেঙের ছাতা mushroom. ২ জলতৃণ বিঃ। স্ত্রীং ~চ্ছত্রা-বি, শুলফা শাক। ২ মৌরী। ৩ছত্রবৃক্ষ (মূল ও পত্র বচবৎ) ~জগতী-বি, ত্রয়োদশাক্ষরা ছন্দোবিঃ। ~জন-বি, অধিক সংখ্যক লোক বিশিষ্টতা বা সংখ্যাধিকত majority. ২ বিণ, সংখ্যা গরিষ্ঠ [বিপরীত-উন জন] "উনজন ও অতিজন সম্প্রদায়ের কথা বলা হইয়াছে।"-বসুমতী, ১৩৩৭। ~জব-বিণ, অতিশীঘ্র। ~জাগর, ~জাগরণ [অতি (অতিশয়) জাগৃ (জাগা) + অন, ভাং] অতিশয় জাগরণ করা; নিদ্রা ত্যাগ করা। ~জীবন-বি, উদ্বর্ত্তন। ২ কোন কিছুর ঘটিবার পরে জীবিত থাকা survival. ~ডীন [অতি+ডীন (উর্দ্ধগতি)] বি, পক্ষীদিগের নভোগতি; অতি উর্দ্ধে গমন। ~তর [অতি+তর (উভয়ের মধ্যে একের উৎকর্ষ অর্থে)-স্ত্রীং ~তরা। পরমাবধিবাচক-~তম [স্ত্রীং~তমা (বিরল)] বিণ, অতিশয়; অত্যন্ত। "তাঁহার কামিনী চন্দ্রিণী পদ্মিনী দোঁহে প্রেম অতিতর।"-অং মং। ~তিথি-বি, তিথির হ্রাসবৃদ্ধি অনুসারে কোন বারে একদিনে দুই তিথি পড়ে, কোনও বারে দুই-দিনেই এক তিথি থাকে-শেষোক্তরূপ ঘটিলে পরদিনের তিথি। ~দর্প-বি, অতিরিক্ত অহঙ্কার। ~দান-বি, অপরিমিত দান। ~দিষ্ট-অতি দেশযুক্ত; অন্য ধর্ম্ম আরোপিত। "অমাবস্যায় পিতৃলোকের শ্রাদ্ধ করিবে। বিকৃতি কার্য্য প্রকৃতির ন্যায় করিবে। এখানে অমাবস্যা ভিন্ন অন্য শ্রাদ্ধগুলি অতিদিষ্ট হইল।"-বিশ্বং কোং। ২ পরিবর্ত্তে প্রযুক্ত; সংযোজিত substituted; applied. ৩ রদ-করা; যা বাতিল করা হইয়াছে over-ruled. ~দীন [অতি দীন (অর্থহীন)-নিত্যং] বিণ, অতিহীনাবস্থা সম্পন্ন; অত্যন্ত দরিদ্র। ২ অত্যন্ত বিনীত। ~দীপ্ত-বিণ, প্রজ্বলিত; অতিশয় উজ্জ্বল। বি, ~দীপ্তি। ~দীর্ঘ [অতি (অত্যন্ত) দীর্ঘ-নিত্যং] বিণ, অপরিমিত লম্বা। ~দুঃখ-বি, অত্যন্ত কষ্ট; অতিশয় ক্ষোভ; সন্তাপ। ~দুঃখিত-বিণ, অত্যন্ত ক্লিষ্ট; বিশেষ ক্ষুব্ধ; সন্তপ্ত। ~দুঃখী-বিণ, বড় গরীব; অত্যন্ত দরিদ্র। ২ অতিশয় শোকার্ত্ত। ~দুঃসহ-বিণ, অত্যন্ত অসহনীয়। ~দুরূহ-বিণ, অতি কঠিন; অতি দুর্ব্বোধ্য। ~দুর্গত-বিণ, অতি বিপন্ন, অত্যন্ত দুর্দ্দশাগ্রস্থ। ~দুষ্কর-বিণ, যা সম্পাদন করা অতি কঠিন; দুঃসাধ্য। ~দুষ্ট-বিণ, অতিশয় দুর্ব্বৃত্ত। স্ত্রীং ~া। ~দেব-বিণ, সকল দেবতার শ্রেষ্ঠ। ~দেশ [অতি+দিশ্ (আরোপ করা apply) অ(ভাং)। পারিঃ] বি, অন্য ধর্ম্মের অন্যত্র আরোপ; এক ধর্ম্মের ধর্ম্মান্তরে আরোপ; বর্ত্তমান ঘটনা হইতে ভবিষ্যৎ নির্দ্ধারণ বা নিশ্চয় [দ্রঃ-এই এই কার্য্য করিলে শরীরস্থ বায়ু উর্দ্ধগ হয়, সুতরাং এইরূপ কার্য্য যে করে তার বাতজ রোগ উদাবর্ত্ত হইতে পারে;-ইহা অতিদেশের দৃষ্টান্ত। সুশ্রুতে-নিমিত্তাতিদেশ, রূপাতিদেশ ব্যপদেশাতিদেশ, শাস্ত্রাতিদেশ ও কার্য্যাতিদেশ ভেদে ইহা পঞ্চবিধ] বিণ, অতিদিষ্ট। ~দৈন্য [অতি-দীন+য (ভাং)] বি, অতি দরিদ্র দশা। ~দৈব [দৈবকে অতিক্রান্ত-২ তৎ] বিণ, দেবতার অতীত; দেবগণেরও অসাধ্য। ~দৈবিক [অতি-দেব+ইক (ইদমর্থে ষ্ণিক্] বিণ, অতি দৈব (দ্রঃ)। (তুল-অতিমানুষিক super-natural)। ~দ্রুত-বিণ, অতিশীঘ্র। ~দ্বয় [দুইজনকে অতিক্রম করিয়াছে যে-বহুং] বিণ, দুই ব্যক্তিকে অতিক্রমকারী। ২ অদ্বিতীয়। ~ধন্ব, ~ধন্বা-বিণ, শ্রেষ্ঠ ধনুর্দ্ধর; ধনুর্যুদ্ধবিশারদ। ~ধৃতি-বি, সং ছন্দোবিঃ; ঊনবিংশাক্ষরাবৃত্তি বিঃ। ~নিদ্র-বিণ, অতিশয় নিদ্রাপ্রিয়; ঘুমকাতুরে। ২ বিনিদ্র। ৩ দীর্ঘ নিদ্রাগত। ~নিমিষ-বিণ, পলকহীন staring. ~নীল-বি, ঘননীলবর্ণ dark-blue. ~নৌ [অতি (অতিক্রান্ত) নৌ (নৌকা) যৎকর্ত্তৃক-বহুং] বিণ, নৌকা হইতে তীরে আগত; নৌকা হইতে অবতীর্ণ [প্রং অং] ~পতন [অতি (অত্যন্ত) পত্ (পড়া)+অন (ভাং)] বি, অতিশয় হানি বা ক্ষতি। ২ অতিক্রমণ; উল্লঙ্ঘন। ৩ [প্রাদেং] অতিশয় বেগে পতিত হওন। ৪ অত্যন্ত নিম্নে গমন। ৫ [লক্ষং] অতিরিক্ত মাত্রায় চরিত্রস্খলন। অতিপাত (দ্রঃ)। ~পত্তি-বি, অনিষ্পত্তি। ~পথ [মূ-অতিপথিন্-অতি (উৎকর্ষার্থে, প্রশংসার্থে)+পথিন্(পথ) নিত্যং] বি, উৎকৃষ্ট বা উত্তম পথ; সুন্দর পথ। ~পরোক্ষ-বিণ, দৃষ্টির বাহিরে; বহুদূর far out of sight. ~পাত [অতি+পত্-ঘঞ্ (ভাং)] বি, অতিপতন; লঙ্ঘন; অতিক্রমণ কর্ত্তব্যে অনাস্থা। ৩ অতিবাহন; ক্ষেপন। প্র-সময়াতিপাত। ৪ ক্ষতি; অহিত [(তুল-ব্যতীপাত = বি+ অতিপাত)=অমঙ্গলজনক উৎপাত] ৫ বিণ, অতিবাহিত। "বৎসরেক অং হল কোন মতে,"-মহাং (সিংহ)। ~পাতী [অতি-পত + ইন্ (র্ত্তৃ)=অতিপাতিন্ ১মা ১বং] বিণ, অতিক্রমকারী। ~পাতক [অতি +পাতক (পাপ) নিত্যং] বি, জননী, কন্যা ও বধূগমন এই ত্রিবিধ অং পাং। "ইহা মহাপাতক (দ্রঃ) হইতেও গুরুতর।"-যাজ্ঞবল্ক্য। ~পাতকী [অতি-পাতক (দ্রঃ) +ইন (স্ত্য)] বিণ, যার ত্রিবিধ অতিপাতক হইয়াছে। ২ ঘোর পাপ-কারী; মহাপাপী। ~পেশল-বিণ, অতিমৃদু। ২ সুদক্ষ। ~প্রকৃত [অতি-প্রকৃত] বিণ, অতিশয় সত্য; অতিযথার্থ; খুব ঠিক (তুল- very true)। ~প্রজন-বি, জনাধিক্য overpopulation. ~প্রবন্ধ [অতি-প্র-বন্ধ+অন্ (ভাং)] বি, অতিশয়; অবিরামতা; খুব ঘন ঘন বা নিয়ত হওনের ভাব। ~প্রসঙ্গ [অতি (অতিক্রম)+প্রসঙ্গ (প্রসক্তি বা আসক্তি)] বি, অতিমাত্রায় আসক্তি। ২ পুনঃ পুনঃ উক্তি; অত্যুক্তি; অতি বিস্তৃত কথন। ৩ বাহুল্য; বাড়াবাড়ি। ~প্রসক্তি [অতিপ্রসঙ্গ দ্রঃ] বি, অতিমাত্রায় আসক্তি; অত্যাসক্তি। ২ অত্যুক্তি; পুনঃ পুনঃ উক্তি। ৩ বাহুল্য; বাড়াবাড়ি। ~প্রাকৃত [অতি (অতিক্রমার্থে) প্রাকৃত (প্রকৃতির ভাব)] বিণ, স্বভাবের অতিরিক্ত; অতিস্বাভাবিক; অনৈসর্গিক supernatural [সম-প্রাকৃত বা স্বাভাবিক নহে, যা প্রকৃতির ভিতর বা সাধারণের মধ্যে বা লোকে

দেখা যায় না, যা অনৈসর্গিক বা অলৌকিক তা অপ্রাকৃত। যা প্রকৃতির সীমা অতিক্রম করিয়া যায় তাই 'অতিপ্রাকৃত'। প্রকৃতির নিয়ম বিরুদ্ধ বা অস্বাভাবিক হইলে অপ্রাকৃত unnatural বা non-natural হয়, এবং প্রকৃতি বা স্বভাবের নিয়মের বহির্ভূত বা বাহিরে তা অতিপ্রাকৃত supernatural] ~প্রৌঢ়া-দশবর্ষ বয়োধিকা বালিকা; অতিশয় বৃদ্ধিযুক্তা। তুল-৮ম বর্ষের বালিকা 'গৌরী', ৯ম বর্ষে 'রোহিণী', দশ বৎসরে 'কন্যকা' দশ বর্ষের উর্দ্ধে 'রজস্বলা', দশ বর্ষ অতীত হইলে 'অতি প্রৌঢ়া'। ~বক্তা -বিণ, বক্তার। ২ অত্যুক্তিকারী। ~বড় [অতিবৃদ্ধ >] বিণ, অত্যন্ত বৃহৎ; খুব বড়। ২ অধিক বয়স্ক। "অ° ব° বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ,"-অ° ম°। ৩ উৎকৃষ্ট। ৪ কঠিনতম। "অ° ব° দিব্যি।" ৫ অত্যুচ্চ। ৬ অত্যন্ত প্রয়োজনীয়; সর্ব্বপ্রধান। "তাঁর যে অ° সার্থকতা আছে-এই কথাটাই আজ সকলকে বুঝিতে অনুরোধ করি।"-আ° শক্তি, ১৩।৪।২৮। ৭ অত্যন্ত। "অতিবড় আপনার জন।" "অতিবড় দরদী।" "অতিবড় শত্রু।" ~বয়া [অতি (অতিশয়িত হইয়াছে বয়ঃ (বয়স) যার-বহু°] বিণ, বৃদ্ধ; বয়োবৃদ্ধ। ~বর্ত্তন [অতি (বাহিরে) + বৃৎ (বিদ্যমান থাকা) + অন (ভা°)] বি, অতিক্রম; লঙ্ঘন। ~বর্ত্তনীয় [অতি (বাহিরে) + বৃৎ (থাকা) + অনীয়] বিণ, অতিক্রমনীয়; লঙ্ঘনীয়। ~বর্ত্তিত [অতি (বাহিরে) + বর্ত্তিত (বৃৎ= থাকা) + ক্ত, র্ম্ম] বিণ, লঙ্ঘিত; অতিক্রান্ত। ~বর্ত্তী [অতি বর্ত্তিন্-বর্ত্তী (যে থাকে)] বিণ, লঙ্ঘনকারী; অতিক্রমকারী। ~বর্ত্তুল [অতি (অতিশয়িত) বর্ত্তুল-নিত্য°] বি, বাঁটুলা কড়াই, মটর কড়াই। ~বল [অতি + বল, যার -বহু°] বিণ, অত্যন্তবলশালী। স্ত্রীং অতিবলা। ~বলা-বিশ্বামিত্র ঋষি কর্ত্তৃক মহর্ষি কৃশাশ্বের নিকট হইতে প্রাপ্ত বিদ্যাবিঃ। এই বিদ্যাধিকারীর অনশন জনিত ক্লেশ হয় না। "তাড়কা রাক্ষসীকে বধ করিবার নিমিত্ত বিশ্বামিত্র যথন রাম লক্ষ্মণকে লইয়া যান, তখন তিনি তাঁহাদিগকে এই বিদ্যা দান করিয়াছিলেন।"-রামা°। ২ পীতবেড়েলা sida rhombifolia. ৩ গোরক্ষ চাকুলিয়া; নাগবলা hedysarum, sida spinosa. ৪ বিণ, অতিশয় বলশালিনী; অতিবল। ~বাড় [অতিবৃদ্ধি >] বি, অত্যধিক বৃদ্ধি; অধিক স্পর্দ্ধা; অত্যন্ত দম্ভ। "অতিবাড় বেড়ো না ঝড়ে পড়িবে,"-প্রবচন। ~বাত-বি, ঝড়; বাত্যা। ~বাদ [অতি + বদ্ (বলা) + ঘঞ্] বি, অত্যুক্তি। ২ অপ্রিয় বা কঠোর বাক্য। ~বাদী [মূ°-অতিবাদিন্-অতি (অতিক্রম) + বাদী (যে বলে)] বিণ, যে অপরকে অতিক্রম করিয়া বলে বা অপরের মত খণ্ডন করিয়া নিজ মত স্থাপনা করে। ২ অত্যুক্তিকারী। ~বাহন [অতি + বাহি (যাপন করা) + অন (ভা°)] বি, যাপন; কাটান; ক্ষেপণ। ~বাহিত [অতি + বাহি (বাহন) + ত (র্ম্ম)] বিণ, যা ক্ষেপণ করা হইয়াছে; যাপিত। ~বিকট [অতি-বিকট (নিত্য°)] বিণ, অতিভয়ানক। ২ বি, দুষ্টহস্তী। ~বিশাল [অতি (অতিশয়) বিশাল (বিস্তৃত) নিত্য°] বি, অতিশয় বিস্তৃত; বৃহদাকার; সুবিশাল। ~বিষা [হি°-আতইশ্। তেলু-অতিবস চেট্টু] বি, আতইচ aconitum heterophyllum. ~বিষাণ [অতিশয় বিষাণ (শৃঙ্গ) যার-বহু°] বি, মহিষ। ~বৃত্ত [অতি=অতিক্রান্ত + বৃত্ত (বৃৎ=বিদ্যমান থাকা + ক্ত, র্ম্ম] বিণ, উদ্বৃত্ত; অতিক্রান্ত। ~বৃদ্ধি-অতিবাড দ্রঃ। ~বৃষ্টি [অতি (প্রয়োজনাতিরিক্ত) বৃষ্টি-নিত্য°] বি, শস্যাদির হানিজনক অত্যধিকবর্ষণ। ~বেক্ষণ [পারিঃ, সুশ্রুত] বি, অতীতের কোন কিছুর উল্লেখ বা তৎপ্রতি দৃষ্টি আকর্ষণ করার নাম "term used when something in the past, is referred to e.g. it can be said in the চিকিৎসাস্থান, it has already been said in the সূত্রস্থান।" ~বেল [অতি (অতিক্রম) + বেলা= সীমা অর্থাৎ যে সীমাকে অতিক্রম করিয়াছে-২ তৎ] বিণ, অসীম; অধিক। ২ বেলাভূমি অতিক্রমকারী। ~ব্যগ্র [অতি ব্যগ্র (ব্যস্ত)-নিত্য°] বিণ, অতিশয় ব্যস্ত; অত্যন্ত অধীর। ~ব্যয়-বি, অপরিমিত খরচ। ~ব্যাপ্তি [অতি + ব্যাপ্তি] বি, অত্যধিক ব্যাপকতা। প্র-দাক্ষিণাত্যে কয়েকজন বৈষ্ণব উত্তর পশ্চিম দেশে কতিপয় শৈব এবং বঙ্গে কয়েকজন বৈষ্ণব দেখিয়া যদি কেহ বলেন ভারতের অধিবাসীরা হিন্দু তাহা হইলে অ° দোষ হয়। ২ [দর্শন শা°] অলক্ষ্যে লক্ষণের অনুগমন; বিশেষ লক্ষণ সামান্য লক্ষণায় ব্যাপ্তি over-comprehension; extension of a definition beyond the limits covered by the objects defined.—Ganguli. ~ভক্তি [অতি (অতিরিক্ত) ভক্তি] বি, অসঙ্গত ভাবে অধিক ভক্তি; আন্তরিকতার সীমা অতিক্রম করিয়া যায় যে ভক্তি। বিণ, ~ভক্ত। অ° ভ° চোরের লক্ষণ-অত্যধিক ভক্তি দেখাইয়া বিশ্বাসভাজন হইতে পারিলে চুরির সুবিধা হয়, সুতরাং তা চোরের পরিচায়ক। ~ভার [অতিশয়িত ভার-নিত্য°] বি, অতিগুরুত্ব; অত্যন্তভার; গুরুভার। ~ভারগ-বি, অশ্বতর। ~ভারাক্রান্ত [অতিশয় ভার দ্বারা আক্রান্ত-৩ তৎ] বিণ, অতিশয় ভারপীড়িত। ২ যে অতিশয় দায়িত্ব গ্রহণ করিয়াছে। ~ভৃত-বিণ, অতি যত্নে পুষ্ট বা পরিপালিত। ২ অতিভোজনে পরিতৃপ্ত well filled. স্ত্রীং ~া। ~ভূমি-বি, অতিশয়তা; আধিক্য। ২ কুলাতিক্রম। ~ভোজন [অতিশয়িত ভোজন -নিত্য°] বি, অপরিমিত ভোজন; গুরুতর আহার। ~মঙ্গল্য [অতি + মঙ্গল + য (সাধু-উৎকর্ষ অর্থে)-সকল মঙ্গল মধ্যে সাধু বা উত্তম] বি, বিল্ববৃক্ষ। ২ বিণ, অত্যন্ত মঙ্গলকারক। স্ত্রীং ~া। ~মর্ত্ত্য [অতি-মর্ত্ত্য=মানুষ] বিণ, লোকাতীত; অতিমানুষ (দ্রঃ)। ~মর্য্যাদা-বিণ, মর্য্যাদা বা সীমার অতিরিক্ত। ~মাত্র [অতি (অতিক্রম) + মাত্রা (অল্প) যে মাত্রাকে অতিক্রম করিয়াছে-২ তৎ বা অতিক্রান্ত মাত্রা যৎ কর্ত্তৃক-বহু°] বিণ, অত্যন্ত; অতিশয়; অত্যধিক; অতিরিক্ত। "রাম ও জানকী শ্রবণমাত্র অতিমাত্র ব্যগ্র হইয়া কহিলেন,"-বি° সা° (সী° ব°)। স্ত্রীং ~া। ~মান [অতি + মান (অভিমান)] বি, অভিমান; অনুচিত মান। ২ [অতি (অতিক্রান্ত) + মান (মাপ)] বিণ, পরিমাণাতিরিক্ত। ~মানব-অতিমানুষ দ্রঃ। ~মানস-বিণ, মনোতীত। ~মানুষ [অতি (অতিক্রম) +

মানুষ-যে মনুষ্য চরিত্রকেও অতিক্রম করিয়াছে-২ তৎ] বি, অপূর্ব্ব দৈবশক্তিসম্পন্ন মানব। ২ বিণ, অলৌকিক ; লোকাতীত superman [অতিদৈব দ্রঃ] "মহাত্মা গান্ধী এক অ° মা° পুরুষ।"-বসুমতী। ~মানুষিক [অতি-মনুষ্য+ইক (ইদমর্থে)] বিণ, অতিমানুষ সম্বন্ধীয় বা তৎকৃত। ~মায়-বিণ, মায়াতীত ; মায়ামুক্ত। ~মিত [অতি-মিত] বিণ, অপরিমিত। ~মুক্ত [অতি (অতিক্রম + মুক্তা-অর্থাৎ শুক্লবর্ণ পুষ্প হেতু বা মুক্তাকেও অতিক্রম করিয়াছে-২ তৎ] বি, মাধবীলতা। ২ [অতি+মুক্ত (মুচ্=মুক্তহওয়া+ক্ত) অর্থাৎ গত বা কৈবল্য মুক্তি প্রাপ্ত] বিণ. ত্রি : নির্ব্বাণ মুক্তিপ্রাপ্ত। ৩ সঙ্গী রহিত। ৪ বন্ধ্যা। ~মুক্তক-বি, তিনিশ বৃক্ষ mountain ebony. ২ গাবগাছ। ৩ নবমল্লিকা বিঃ ; মল্লিনী। ৪ মাধবী-লতা double jasmine. ~মোদা [অতি+মোদ (আনন্দ)-যার গন্ধে অতিশয় আনন্দোদ্ভব হয়-বহু°] বি, নবমল্লিকা ; সেউতি *rosa moschata ; jasminum arboreum. ~যোগ-বি, অতিরিক্ত বা অত্যধিক মাত্রা overdose. ~রক্ত [অতিশয়িত রক্ত(লালবর্ণ বা অনুরক্ত)-নিত্য°] বিণ, অতিশয় লোহিতবর্ণ ; গাঢ় লাল dark red purple. ২ অতিশয় অনুরাগ ভাজন ; অত্যন্ত অনুরক্ত বা আসক্ত। ~রথ [অতি (অতিক্রান্ত) রথ (রথারোহী সেনাকে)২ তৎ] বি, অসংখ্য যোদ্ধার সহিত যুদ্ধ করিতে সমর্থ যোধ বিঃ ; মহারথী অপেক্ষাও ক্ষমতাশালী। ~রম্য-বি, অতিশয় মনোজ্ঞ। ~রসা [অতি (অতিশয়িত) রস যার-বহু°] বি, যষ্টিমধু ; লতাকটুকী ; মূর্ব্বা ; রাস্না ; শতমূলী। ~রাত্র [অতি+রাত্রি+অ (ষ্য)-যা সমাধা করিতে একরাত্রের অতিরিক্ত সময় লাগে] বি, ব্রহ্মার পশ্চিম মুখ হইতে উৎপন্ন একরাত্রি সাধ্য যজ্ঞ বিঃ (বিষ্ণু পু°)। ২ নবলা-গর্ভজ চাক্ষুষ মনুর ঔরস-পুত্র (ঐ)। ~রিক্ত [অতি (অতিক্রম)+রিক্ত (শূন্য) যা শূন্যকে অতিক্রম করিয়াছে-২ তৎ] বিণ, প্রয়োজনের অত্যধিক : সীমাতিক্রান্ত। ২ ভিন্ন : ব্যতীত। ৩ উন্নত ; শ্রেষ্ঠ। ~রুক্ [শরীর-বিজ্ঞা° পরিঃ] বি, জানুদেশ। ~রোগ-বি, চিকিৎসার অসাধ্য ব্যাধি ; যক্ষ্মারোগ। ~রোমশ [অতি (অতিশয়িত) রোমশ্ (রোমযুক্ত)] বিণ, অত্যন্ত লোমবিশিষ্ট। ২ বি, বৃহৎ বানর। ৩ বন্যছাগ। ~লঙ্ঘন [অতি-লঙ্ঘন (লন্‌ঘ্ +অন ভা°)] বি, অতিক্রম। ~শক্তি-বি, বিণ, মহাবল। ~শায়ন [অতি-শায়ি+অন (ভা°)] বি, প্রকর্ষ : আধিক্য ; আতিশয্য। ~শায়ী [অতি+শী+ইন্(র্ত্তৃ)-অতিশায়িন্ : মা ১ব°] বিণ, অতিক্রমকারী। ~শোভন [অতি (অতিশয়) শোভন-নিত্য°] বিণ, অতিশয় শোভাযুক্ত : অতিসুন্দর ; অত্যন্ত শোভা সম্পাদক। ২ [প্রাদে°] খুব মানানসই ; সুসাজন্ত। ~শ্রান্ত-অতি-শ্রান্ত (শ্রম্=ক্লান্ত হওয়া-ত (র্ত্তৃ)] বিণ, অতিশয় শ্রমক্লিষ্ট : আক্লান্ত ; পরিশ্রান্ত। ~সন্ধান [অতি-সম্-ধা+অন (ভা°)] বি, প্রবঞ্চনা [প্রা° অ°] ~সন্ধ্যা-বি ঠিক সন্ধ্যা বেলা। ~সর-অগ্রসর। ~সর্গ [অতি-সৃজ্ (ত্যাগ করা)+ঘঞ্ (ভা°)] বি, উৎসর্গ : ত্যাগ ; বিসর্জ্জন [বিরল] ২ বিদায় act of parting with. ~সর্গ দান করা [রবী°] ক্রি, বিদায় দেওয়া to bid anyone farewell. ~সর্জ্জন [অতি সৃজ্ (ত্যাগ করা)+ঘঞ্ (ভা°)] বি, দান ; ত্যাগ ; উৎসর্গ ; বিসর্জ্জন। ~সর্পন-বি, বুকে হাঁটিয়া গড়াইয়া বা পিছলাইয়া চলা glide ; creep. ~সর্ব্ব-বিণ, সর্ব্বাতীত। ~সাম্য-বি, অতিশয় সাদৃশ্য। ~সৃষ্ট [অতি+সৃজ্+ক্ত, র্ম্ম] বিণ, ত্যক্ত ; নিযুক্ত ; দত্ত ; বিসর্জ্জিত। ~সৌরভ [অতি+সৌরভ-বহু°] বিণ, অত্যন্ত গন্ধযুক্ত। ২ বি, আম্রবৃক্ষ। ~স্তুতি [অতিভক্তি দ্রঃ] বি, অতিরিক্ত পূজা বা প্রশংসা : তোষামোদ। ~স্ত্রি-বিণ, স্ত্রীত্যাগী। ২ পরস্ত্রীরত। ~স্ত্রী-বিণ, অতি সুন্দরী। ~স্ত্রীক-বিণ, যাঁর স্ত্রী অতি সুন্দরী। ~স্থূল-বিণ, প্রয়োজনাতিরিক্ত বা সৌন্দর্য্য হানিকর মোটা। ~স্পর্শ [ব্যা°] ক হইতে ম পর্য্যন্ত ২৫টি স্পর্শ বর্ণের অতিরিক্ত অর্থাৎ য র ল ব এই ৪টি (জিহ্বার সহিত) ঈষৎ স্পৃষ্টবর্ণ এবং স্বরবর্ণগুলি অর্থাৎ জিহ্বার সহিত অস্পৃষ্ট বর্ণগুলি জিহ্বার সহিত সম্পূর্ণ স্পর্শ নাই বলিয়া এই নাম। ২ অতিশয় স্পর্শ। ~স্রুত-বি, উপচাইয়া বহিয়া যাওয়া। ~হসিত, ~হাস [অতি+হস-ইত, হাস] বি, অশ্বের ন্যায় চীৎকার শব্দ পূর্ব্বক হাস্য ; বিকট হাস্য ; অট্টহাস।

অতিথ [অতিথি (দ্রঃ) > ত্রং। গ্রা° অতিত -'অতিত পতিত'] বি, অভ্যাগত ; আগন্তুক ; পান্থ। "ঐ শোন গো অতিথ বুঝি আজ, এল আজ।"-রবী°। ২ ভিক্ষুক ; ফকীর ; সাধু ; সন্ন্যাসী।

অতিথি [অৎ (নিয়ত অটন বা গমন করা)+ই থি (র্ত্তৃ) জ্ঞা°। নিয়ত পর্য্যটনকারী। (২) অ+স্থিতি > থিতি=তিথি (বর্ণ বিপর্য্যয়ে)-গৃহস্থের গৃহে এক রাত্রের অধিক যার স্থিতি নাই। (৩) অ+তিথি (নির্দ্দিষ্ট কাল বা দিন), যার গমনাগমনের বা গৃহস্থের গৃহে আগমনের কোন নির্দ্ধারিত তিথি নাই] বি, আগন্তুক : অভ্যাগত ; গৃহাগত। "অ° আসিত নিত্য করভকরভী, মৃগশিশু," -মেঘ°। "পথ দেখিয়ে আনবে যবে সাথে অ° সজ্জনে।"-রবী°। ২ [বৌ° শা°] যাঁর গমনাগমনের কোন নির্দ্ধারিত তিথি নাই, যিনি বিদ্বান, সর্ব্বত্র ভ্রমণকারী এবং যিনি প্রশ্নোত্তররূপ উপদেশ দ্বারা জনসাধারণের হিত সাধন করেন [সম-অ° এবং পান্থ দুই-জনেই ভ্রমণ করে, কিন্তু অতিথির ভ্রমণের নির্দ্দিষ্টকাল, গন্তব্যস্থান বা পথ নাই। পান্থের গন্তব্যস্থান থাকিতে পারে ; যে পথ চলে বা পথের যাত্রী মাত্রই পান্থ বা পথিক। কোন কোন্ পান্থশালায় বিশ্রাম করিবে, কোন্ পথ দিয়া যাইবে, কবে কোথায় উপস্থিত হইবে ই° পান্থের জানা থাকিতে পারে, কিন্তু অতিথির সে সকল স্থির নাই। কোন গৃহস্থের গৃহে কোন তিথিতে গিয়া উপস্থিত হয় তার ঠিক নাই। অ° এক রাত্রের অধিকও গৃহস্থের গৃহে বাস বা আহার করে না। অনাহূত বা অনিমন্ত্রিত গৃহাগত ব্যক্তিমাত্রই অভ্যাগত। যে কোন অজ্ঞাত কুলশীল নবাগত ব্যক্তিই আগন্তু বা আগন্তুক] ৩ কুশ রাজার ঔরসে ও নাগ-রাজভগিনী কুমুদ্বতীর গর্ভজাত সূর্য্যবংশীয় রাজা বিঃ। ৪ বিণ, গোচর ; নয়নপথের

পথিক। ~কর্ম্ম, ~ক্রিয়া-বি,অ০ সেবা-রূপ ধর্ম্ম কর্ম্ম। ~পরিচর্য্যা-বি, অ০ সেবা। ~পূজক-বি, বিণ, অ০ সেবক; অ০ সৎকারকারী। ~পূজন-বি, অ০ সৎকার। ~প্রিয়-বি, বিণ, যে অ০ সৎকার করিতে ভালবাসে। ২ অতিথির প্রীতিপদ। স্ত্রীং ~প্রিয়া। ~পূজা-অতিথি সৎকার (দ্রঃ)।~বৎসল-বিণ,অ০ প্রিয়। ~শালা -বি, অভ্যাগতদিগের থাকিবার গৃহ। ২ পান্থনিবাস। ~সৎকার [অ০ (র) সৎকার (পরিচর্য্যা) ৬তৎ] বি, অতিথিসেবা; অতিথিকে আদর, আশ্রয় ও আহারাদি-দ্বারা পরিচর্য্যা। ~সেবক-বি, বিণ, অ০ পূজক। ~সেবা [চ০-ওতিথসেবা] বি, অতিথি সৎকার (দ্রঃ)।

অতিমির্ত [অ-তিমিত] বিণ, যা স্তিমিত নহে; অস্থির। ২ যা আর্দ্র নহে; শুষ্ক।

অতিরেক [অতি (অতিক্রম)+রেক রিচ্=বিযুক্ত করা+ঘঞ্) যে বিয়োগকে অতি-ক্রম করিয়াছে-২ তৎ] বি,প্রাচুর্য্য; আধিক্য; প্রাধান্য। ২ ভেদ। ৩ বিণ, প্রচুর; যথেষ্ট; অধিক। "আজিকার ভিক্ষা মাতা অতিরেক নহে। বিশেষ যুদ্ধের শ্রমে পেটে অগ্নি দহে॥" -মহা০ (কাশী)।

অতিশ/য় [অতি+শী (অতিরিক্ত হওয়া)+অ (র্ত্তৃ)] বিণ, অতিরিক্ত; অধিক। ২ বি, আধিক্য। বিণ, ~য়িত [অতি+শী (অতিরিক্ত হওয়া)+ত(র্ত্তৃ) কিম্বা অতিশয়+ইত (যুক্তার্থে)] বিণ, অধিক। ~য়োক্তি [অতিশয়+উক্তি-ধা; অথবা অতিশয় হইয়াছে উক্তি যাতে-বহু০] বি, স্বরূপ বা প্রকৃত অপেক্ষা বাহুল্য বর্ণন। ২ উপ-মেয়ের উল্লেখ না করিয়া উপমানকেই উপ-মেয়রূপে নির্দ্দেশ। "নয়ন কেবল, নীল উৎপল, মুখ শতদল দিয়া গঠিল, কুন্দে দন্ত পাঁতি রাখি-য়াছে গাঁথি, অধরে নবীন পল্লব দিল। শরীর সকল, চম্পকের দল, দিয়া অবিকল বিধি রচিল। তাই ভাবি মনে তবে কি কারণে, পাষাণেতে তব মন গঠিল।"-ম০ মো০ ত। কার্য্য কারণ বিপর্য্যয়, অভেদে ভেদের অধ্যবসানও তদ্বিপরীত, অসম্বন্ধে সম্বন্ধের অধ্যবসান বা অবাস্তবিকে বাস্তবিকরূপ ই০ স্থলেও অ০ হয়। ভেদসত্ত্বে অভেদ-"কোথায় পৌলমীসতী, অনন্তযৌবনা, দেবেন্দ্র-হৃদয়-সরোবর-কম-লিনী।"-তিলোত্তমা০ স০। কমলিনী ও পৌলমীতে ভেদ সত্ত্বেও অভেদের অধ্যবসান। "অন্যত্র ইহার বটে নির্ম্মাণ-চাতুরী। স্বতন্ত্র প্রকার কিবা শোভার মাধুরী।"-নি০ ক০। এখানে স্বতন্ত্র প্রকার শোভার মাধুরি বলায় অভেদে ভেদের অধ্যবসান হইয়াছে। "দৃষ্টি হেথা পড়িতে না পড়িতে তোমার আগেই হইল দেখি বিস্ময়ে প্রস্ফার।"-নি০ ক০। "আগে প্রাণ হল্যো তার পরে হল্যো যৌবন ঘটনা। বিধাতার একি বিবেচনা যৌবন গেল প্রাণ তো গেল না॥" এই দুই স্থলে কার্য্য কারণ বিপর্য্যয় ঘটিত অ০ অলঙ্কার হইল Fig: hyperbole.

অতিষ্ঠ-বিণ, থাকিতে অশক্ত। ২ ক্রি-বিণ, স্থির থাকা দুঃসাধ্য; অস্থির; উত্যক্ত। "কিন্তু জলে দুই সপ্তাহেই আমাকে অ০করিয়া তুলিয়াছে"-প্রভাত মুখো০।

অতিষ্ঠা [অতি-স্থ-আ] বি, পূর্ব্ববর্ত্তি বা ঘটনা স্থান পদাদিতে পূর্ব্বতা precedence ~বান্-superior in standing. -রবী০।

অতিসাগরিক [অতিসাগর-ইক]বিণ, সাগরের অপর তীরবর্ত্তী; সমুদ্রের পর পারের transmarine. ২ সাগর অতিক্রমকারী।

অতি(তী)সার [অতি(অতিশয়)+সৃ (গমনকরা)+অ (ণে)-যদ্দ্বারা অতিশয় পুরীষ নির্গত হইয়া থাকে] বি, পেটের পীড়া; উদরাময়; কলেরা ই০ রোগ। আয়ুর্ব্বেদ মতে অতিসারের বহুপ্রকার ভেদ আছে, যথা-রক্তাতিসার, মূত্রাতিসার, মলাতিসার ই০। ~ক (-র্-)-বিণ, বিরেচক। বিণ, ~ী-অতিশয় ভেদক। ~কী (-র্-) [অতিসার-কীন্, অতি-সৃ+অক+ইন্] বিণ, অতি-সার বা উদরাময়যুক্ত। ২ বি, উদরাময়ে আক্রান্ত রোগী।

অতিহুঁ [ব্রজ০। বৈ০ সা০] অ,অতিশয়। "অ০ লাজ ভয়, অ০ করুণা।"-বি০ প০।

অতীচ্ছ-বিণ, অতিশয় ইচ্ছুক; ব্যগ্র।

অতীত [অতি+ইত (ই=গমনকরা+ত)] বিণ, বিগত; ভূত; মৃত; যা হইয়া গিয়াছে। ২ বি, গতকাল; ভূতকাল প্রাচীন; যুগ; পূর্ব্বকাল। "অতীতে যেমন বন্ধুভাবে বাস করিয়াছে, ভবিষ্যতেও তেম্নিই করিবে।"-আ০ শক্তি, মাঘ, ১৩৩৩। "অসীম অতীতে, চাহিতে চাহিতে দেখা দেয় অবশেষে।" -রবী০। ৩ বি,শৈব সম্প্রদায় ভুক্ত শাখা বিঃ। "অ০ দণ্ডিগণ মঠে বাস করেন এবং কেহ কেহ সংসার ধর্ম্মও করেন। অতীতের মধ্যে যাঁরা বিবাহিত হন, তাঁরা সমযোগী নামে অভিহিত হন। উভয়েই ব্যবসা বাণিজ্য ও পৌরোহিত্য করিয়া থাকেন।"-ভারতবর্ষ। ~বেত্তা [অতীত-বিদ্+তৃ ১মা ১ব০-বেত্তা] বি, অতীতজ্ঞ; যে গত কালের বিষয় জানে; ইতি-হাসবেত্তা; ঐতিহাসিক। ~বেদী [অতীত (ভূত) বিদ্ (জানা)+ণিন্ (র্ত্তৃ)=অতীতবেদিন্ ১মা ১ব০-উপ০] বিণ, ভূতদর্শী; প্রাচীন; অভিজ্ঞ; বৃদ্ধ; ইতিহাসজ্ঞ।

অতীন্দ্রিয় [অতি (অতিক্রম)+ইন্দ্রিয় -যে ইন্দ্রিয়কে অতিক্রম করিয়াছে-২ তৎ] বিণ, চক্ষু কর্ণাদি ইন্দ্রিয়ের অগোচর; ইন্দ্রিয়াতীত। ~প্রত্যক্ষ -প্রত্যক্ষ দ্রঃ।

অতীব [অতি+ইব (অবধারণার্থে)] অধিক; অতিশয়; অত্যন্ত।

অতুঙ্গ-বিণ, অনুচ্চ।

অতুর [ন=অ (নাই) তুর (ত্বরা) যার-বহু০] বিণ, যে ত্বরা করে না। ২ কার্য্যক্ষম; সমীক্ষকারী। ৩ পীড়িত। "অতুরে নিয়ম নাস্তি।"-প্রবচন। ৪ নাচার; নিরুপায়।

অতু/ল [ন=অ+তুল (তুল্=সদৃশ বা সমান হওয়া+অ, ভা০) অথবা অ+তুল যার তুলনা নাই-বহু০] বিণ, তুলনা রহিত; অনুপম [দ্রঃ-ব্যক্তির নামে অতুল] ~লন [ন=অ (নাই) তুলনা যার-বহু০] বিণ, তুলনা রহিত; অনুপম। স্ত্রীং ~লনা-অনুপমা। "শর্ম্মিষ্ঠা সাবিত্রী সীতা, দময়ন্তী পতিরতা, অতুলনা ভারতললনা।"-সত্যেন্দ্র ঠাকুর। ~লনীয়-বিণ, অতুল্য দ্রঃ। ~লিত [অতুল+ইত] বিণ, তুলনা রহিত; যার তুলনা নাই। "বিদ্যাধরী দল যথা হায়রে ভূতলে অ০।"-মেঘ০। ~ল্য [ন=অ (নাই) -তুল্য (সমান) যার-বহু০] বিণ, যার তুলনা নাই; যার সাদৃশ্য খুঁজিয়া পাওয়া যায় না বা মিলে না; অদ্বিতীয়। ২ অসমান; অসদৃশ।

অতুষ্টি-বি, অতৃপ্তি। বিণ, অতুষ্ঠ। ~কর-বিণ, অসন্তোষজনক।

অতৃপ্ত, অতৃপ্তি১ [ন=অ+তৃপ্ত যে বা তৃপ্তি যায়-নঞ্] বিণ, যার তৃপ্তি বা সন্তোষ জন্মে নাই বা আশা মিটে নাই। ২ অসন্তুষ্ট; অপরিতুষ্ট [দ্রঃ-এই অর্থে অতৃপ্তি শব্দের ব্যবহার দেখা যায় না]।

অতৃপ্তি২-বি, অপরিতোষ: অসন্তোষ।

অতেক [প্রাদেং। অত+ক(স্বার্থে)=অতক > (উচ্চারণ বিকারে)অং। আধুং বাং-অত] অ, অত; ওই পরিমাণ; অত অধিক।

অতেজ,-জঃ [মুং-অতেজস্ >] বি, তেজের অভাব। ২ বিণ, নিস্তেজ।

অতেজ/স্বী-বিণ, নিস্তেজ; বীর্য্যহীন। ২ অনুজ্জ্বল। স্ত্রীং ~স্বিনী।

অতেব [অতএব ক্ষেং। প্রাং বাং। ব্রজং-অতএ, অতয়ে] অ, অতএব; সুতরাং; এই হেতু; তাই। "অং এনেছে সাথে ধরে হাত পায়।"-শিং। "অং হলেম সাহস হারা।"-কমলাকান্ত।

অতৈল [ন=অ (সদৃশ)+তৈল] বি, তিল সর্ষপাদির রস; তিলজাত স্নেহ পদার্থের ন্যায়। ২ বিণ, তৈলহীন।

অত্ত [বৌং বাং প্রাকৃং] বিণ, অত্ত (দোং ৯৬)। অথ দ্রঃ।

অত্তক [বৈং সাং, বিং পং] বিণ, অপর।

অত্তা১ [বৌং বাং প্রাকৃং] বিণ, আসন্ন (দোং ১১৭)।

অত্তা২ [নাট্যেং। প্রোফেসর গুণে ও প্রোঃ এম্ কলিন্স্‌এর মতে দ্রাবিড় হইতে গৃহীত -চাং বন্দ্যোং] বি, মাতা। ২ শ্বশ্রূ। ৩ জ্যেষ্ঠা ভগিনী।

অত্তু [প্রাং বাং] বিণ, অতীব।

অত্ত [অতি > অ, ভ্রং। প্রাং বাং] বি, অতি; অতিশয়। "বিশেষ না জানি তত্ত্ব, আমি মূঢ় হীন অত্ত, তুমি মম মন্ত্র দিলা কাণে।"-মং ভাসান (ক্ষেমানন্দ) [দ্রঃ-ছন্দানুরোধে প্রাং বাং-য় এরূপ শব্দ বিকৃতির ভূরি প্রয়োগ আছে]।

অত্থ [বৌং বাং প্রাকৃং] বিণ, অস্ত; অস্তমিত (দোং ১১৭,১২৯)।

অত্থি [সং অস্তি > (বৌং প্রাকৃং) অং] ক্রি, আছে (দোং ১০৭)।

অত্যতি [অতি+অতি] বিণ, অত্যন্ত; চূড়ান্ত, চরম; যৎপরোনাস্তি। "আবার প্রাবৃটকালে, যখন কালো মেঘের পার্শ্বে অতি কালো মেঘ, তার পার্শ্বে অং কালো মেঘ," -অং সরকার।

অত্যধিক [অতি+অধিক-নিত্যং] বিণ, অতিশয় বেশী; যত অধিক হওয়া উচিত তদপেক্ষা বেশী।

অত্যন্ত [অতি (অতিক্রান্ত)+অন্ত (শেষ বা সীমা)যা সীমা বা শেষ অতিক্রম করিয়াছে-২ তৎ] অতিশয়; যত অধিক হওয়া উচিত তদপেক্ষা অধিক। ~গতি-বি,সর্ব্বতোভাবে প্রাসঙ্গিক completely pertinent; always applicable. -রবীং। ~গামী [অত্যন্ত-গম্ (যাওয়া)+ণিন্, র্ত্তৃ=অত্যন্তগামিন্ ১মা ১বং] বিণ, অতিশীঘ্রগমনকারী; অতিক্রতগামী। স্ত্রীং ~গামিনী। ~সংযোগ [অত্যন্ত+সংযোগ (সম্বন্ধ)-ধাং। ব্যাং পারিঃ] বি, ব্যাপ্তি uninterrupted extention. [দ্রঃ-তিল মধ্যে তৈলের যে অভিব্যাপ্তি সম্বন্ধ তাকে অত্যন্ত সংযোগ বলে] ~সুকুমার-বিণ, অত্যন্ত কোমল। ২ বি, কদলীবৃক্ষ; কাঁদাল গাছ। ৩ কাঙ্গনী বা প্রিয়ঙ্গু Panicum, Italicum.

অত্যন্তাভাব [অত্যন্ত+অভাব,অন্ত বা সীমার অতিরিক্ত অভাব, সর্ব্বদা অভাব] বি, অতিশয় অভাব; সম্পূর্ণ অভাব; শূন্য। ২ অনস্তিত্ব non-existence.

অত্যন্তিক [অতি+অন্তিক] বিণ, অতি নিকট। ২ [অত্যন্ত+ইক্] অত্যধিক। ৩ অতিগমন বা ভ্রমণশীল।

অত্যন্তিম [অতি+অন্তিম] বিণ, সীমাতিক্রান্ত।

অত্যন্তীন [অত্যন্ত-ঈন (গমনার্থে)] বিণ, অতিবেগবান্। ২ অত্যধিক।

অত্যম্ল [অতি (অতিশয়) অম্ল (অম্লরস) যার-বহুং] বি, তেঁতুল; বৃক্ষাম্ল। ২ বিণ, অত্যন্ত টক। স্ত্রীং ~া।

অত্যম্লপর্ণী [অতিশয় অম্ল পর্ণ যার-বহুং] বি, আমরুল শাক বিঃ।

অত্যম্লা-বি, টাবালেবু; মধু টাবা; মাতুলুঙ্গ citrus medica.

অত্যয় [অতি (অতিক্রম)+ই(গমন করা +অ (ভাং)] বি, মৃত্যু; বিনাশ; ধ্বংস: লোপ। "অচিরাৎ সে অনলে পাইবে অং।"-রঙ্গলাল (কাঞ্চীং)। ২ অতিক্রম। ৩ অপগম। ৪ অপচয়। ৫ দোষ। ৬ দুঃখ। বিণ, অত্যয়িত-বিণ, অত্যয়যুক্ত।

অত্যর্থ [অতি (অতিক্রম)+অর্থ(নিবৃত্তি) যে নিবৃত্তিকে অতিক্রম করিয়াছে-২ তৎ] বি, অধিক; অত্যন্ত; বিস্তর।

অত্যল্প [অতি-অল্প-নিত্যং] বিণ, খুব কম; যৎকিঞ্চিৎ; অতি অল্প।

অত্যশন [অতি-অশন] বি, অতি ভোজন; অপরিমিত আহার।

অত্যসম [অতি+অসম] বিণ, অতিশয় অসমান। ২ অতিশয় বন্ধুর।

অত্যহিত [অতি+অহিত] বিণ,অতিশয় অকল্যাণ; বিশেষ অমঙ্গল।

অত্যাগত [শ্রীহট্ট প্রাদেং, অতি+আগত] বি, গতায়াত; যাতায়াত; গমনাগমন।

অত্যাচার [চং-ওত্তেচার। অতি (অতিক্রম)+আচার=আচরণ] বি, অন্যায় আচরণ; অভদ্র ব্যবহার; অসদ্ব্যবহার; উপদ্রব; দৌরাত্ম্য; পীড়ন। ~ী [মুং-অত্যাচারিন্ > অত্যাচার+ইন্ (ণিন্)] বিণ, যে অং করে; পীড়নকারী। ২ আচারভ্রষ্ট। স্ত্রীং অত্যাচারিণী। ~পরায়ণ [অত্যাচারই পর (প্রধান) অয়ন (আশ্রয়) যার-বহুং] বিণ, অন্যায়াচরণশীল; সর্ব্বদা উপদ্রবকারী।

অত্যাজ্য [ন=অ+ত্যজ্ (ত্যাগ করা) +য(শক্যার্থে)] বিণ, যা পরিত্যাগ করিবার নহে; যা ত্যাগ করিতে পারা যায় না।

অত্যাধান [অতি-আ-ধা+অন(ভাং)] বি, উপশ্লেষ; আশ্লেষ; একদেশ সম্বন্ধ।

অত্যানন্দা [সুশ্রুত] বি, স্ত্রীলোকের শৃঙ্গারোন্মাদ রোগ; কামোন্মত্ততা; যোনিরোগ nymphomania.

অত্যাবশ্যক [অতি + আবশ্যক-নিত্যং] বিণ, অতি প্রয়োজনীয়; অতিশয় দরকারী। ২ বি, অতি প্রয়োজন।

অত্যায় [অতি+অয়্ (গমনে) + অ

(ভা০)] বি, অতিক্রম। ২ [অতি+আয়] অতিশয় লাভ।

অত্যায়ত [অতি+আয়ত (বিস্তৃত) নিত্য০] বিণ, অতি বিস্তৃত।

অত্যারূঢ় [অতি+আরূঢ় (আ+রুহ্ = আরোহণ করা+ত (ভা০)] বি, অতি বৃদ্ধি; অতি বিস্তৃতি। ২ [অতি+আ+রুহ-আরোহণ করা+ত (র্ক্তৃ)] বিণ, প্রবৃদ্ধ; বর্দ্ধিত। বি, অত্যারূঢ়ি-অত্যুন্নতি; সমৃদ্ধি।

অত্যাশা [অতি+আশা] বি, অতিরিক্ত আশা বা আকাঙ্ক্ষা।

অত্যাশ্চর্য্য [অতি (অতিশয়) আশ্চর্য্য (বিস্ময়জনক) নিত্য০] বিণ, অত্যদ্ভুত; অতি বিস্ময়কর।

অত্যাসক্ত [অতি আসক্ত (লিপ্ত, অনুরক্ত) নিত্য০] বিণ, অত্যন্ত অনুরক্ত; একান্তলিপ্ত। বি, অত্যাসক্তি।

অত্যাহার [অতি+আহার] বি, অতি ভোজন। ~ী-বিণ, অতিভোজী; পেটুক।

অত্যাহিত [অতি + আ + ধা + ত (ভা০)] বি, অমঙ্গল; অলক্ষণ। ২ মহাভয়। ৩ অত্যনিষ্ট; সর্ব্বনাশ।

অত্যুক্তি [অতি+উক্তি-নিত্য০] বি, অতিশয় উক্তি; স্বরূপ অপেক্ষা অতি রিক্ত বা অতিরঞ্জিত বর্ণনা; অসম্ভব বর্ণন; অতিশয়োক্তি (দ্রঃ) fig: hyperbole.

অত্যুগ্র [অতি-উগ্র (প্রখর) নিত্য০] বিণ, অত্যন্ত উৎকট; অতিশয় প্রখর; অতি তীব্র।

অত্যুঙ্গ [অতি-তুঙ্গ] বিণ, অত্যুচ্চ। "অ০ তরঙ্গশালিনী।"

অত্যুজ্জ্বল [অতি (অতিশয়িত) উজ্জ্বল (দীপ্তিমান্) নিত্য০] বিণ, অতিশয় দীপ্তিমান; অত্যন্ত উজ্জ্বল; প্রদীপ্ত।

অত্যুৎকট [অতি+উৎকট-নিত্য০] বিণ, অতিশয় উগ্র; অত্যন্ত তীব্র।

অত্যুৎকৃষ্ট [অতি+উৎকৃষ্ট-নিত্য০] বিণ, অতি উত্তম।

অত্যুষ্ণ [অতি-উষ্ণ (উত্তপ্ত) নিত্য০] বিণ, অত্যন্ত উত্তপ্ত; অতিশয় গরম।

অত্যূর্ম্মি [রবী০ উদ্ভাবিত] বি, টগ্‌বগানি; উচ্ছ্বসন, বুদ্বুদান bubbling over.

অত্যূহ [অতি+উহ+অ (র্ক্তৃ) যেতর্ক বা শব্দ করে] বি, ডাকপাখী: দাত্যুহ। ২ [+অ (ভা০)] অতিশয় বিতর্ক।

অত্র [ইদম্ শব্দের ৭মী স্থানে 'ত্র' আদেশ। অবিকল সং আকারেই বাং-য় প্রচলিত] অ, এইখানে; এইস্থানে। ২ এই [দ্রঃ-অত্র > (বাং প্রাদে০) 'এথা' 'হেথা'। তুল-ইং at; এ্যা, স্যাক্স্-æt; গথ, আইস্, ডেন-at; সুইস্ at (অৎ)] ~ত্য [অত্র (এখানে)+ত্য (ভা০)] বিণ, এই স্থানের; এই দেশের; এই স্থান সংক্রান্ত। ~প [ন=(অ) নাই+ত্রপা (লজ্জা) যার-বহু০] বিণ, অবিনীত; নির্লজ্জ। ~স্ত [ন=অ+ত্রস্ত (ভীত)-নঞ্] বিণ, যে ভয় প্রাপ্ত হয় নাই। ২ যে ত্রস্ত বা ত্বরান্বিত বা ব্যস্ত নহে: স্থির। ~স্থ [অত্র+স্থ] অ, এই স্থানের; এই জায়গায়; এখানকার; এই বাড়ীর বা পবিবারের। "অত্রস্থ মঙ্গল।"

অত্রি [অত্রিন, অৎ (সর্ব্বদা গমন করা)+রি (র্ক্তৃ জ্ঞা০) যে সর্ব্বদা ধর্ম্মার্থে গমন করে] বি, সপ্তর্ষির মধ্যে অন্যতম ঋষি। ইঁহার নেত্র হইতে চন্দ্রের উদ্ভব বলিয়া ইনি চন্দ্রের জনক। ২ ধর্ম্মশাস্ত্র প্রণেতা; সংহিতাকার।

অথ, অথো [অথ্ (যাচ্ঞা করা)+অ (বা ও)] অ, অনন্তর; প্রকরণ; আরম্ভ; সংশয়; প্রশ্ন; দৃঢ়তা, সমুচ্চয়; চিহ্ন; অতএব; এক্ষণে; মঙ্গল; সাকল্য; স্বীকার; যদি; আরও [এই শব্দ প্রা০ বাং ও সং গ্রন্থাদির বঙ্গানুবাদে ব্যবহৃত হইত আধু০ বাং-য় ব্যবহার নাই]।

অথই, অথাই [অস্থল >] বিণ, অতলস্পর্শ; গভীর জলাশয়; যার তল পাওয়া যায় না। প্র-নদীর ঐখানটায় অথই জল।

অথচ [বিয়োগার্থ অ০। মূ০-সং অর্থ 'আরও'] অ, তা সত্ত্বেও; তথাপি। ২ সাধাঃ 'কিন্তু' অর্থে ব্যবহৃত হয়।

অথবা [অথ (সংশয়)+বা (বিকল্প)] অ, কিম্বা; পক্ষান্তর।

অথবেথে, -থে, অথব্যাথে [প্রা০ বাং। আতিবিতি, আথিবিথি, আথেব্যথে (দ্রঃ)] ক্রি-বিণ, অস্তব্যস্তে। "তাক দেখি বড়ায়ি পালটি অথবেথে।" "অথবেথে রাধিকারে কথায়িল চেতনে।" "মোর বৃন্দাবন কেনে আইলা অথব্যাথে।"-শ্রী০ কী০।

অথর্ব্ব [মূ০-অথর্ব্বন্। প্রা০ বাং 'আথর্ব্ব'-শ্রী০ কী০। অথ (মঙ্গল)+ঋ (গমন করা)+বন্ যে মঙ্গলে গমন করে। তুল-প্রা০ পারসীক-আথর্বন > ফা আতর্ (=আতিশ্-অগ্নি) বন্ (সেবা-স্তবকরা) = অতুরবান = অগ্নিপূজক, যাজ্ঞিক-চা০বন্দ্যো০, গ্রা০-'অথব্ব'] বি, চতুর্থ বেদ (এই বেদ ব্রহ্মার উত্তরদিকের, মতান্তরে পূর্ব্বদিকের মুখ হইতে বিনির্গত বলিয়া প্রবাদ আছে। এই বেদকে অনেকে বেদ বলিয়া গণ্য করেন না; মনু ও অমরকোষে ঋক্, যজু ও সাম এই তিন বেদের উল্লেখ আছে। এজন্য বেদের নামান্তর-ত্রয়ী। কিন্তু সামবেদের ছান্দোগ্য উপনিষদে অ০ চতুর্থ বেদ বলিয়া উল্লিখিত হইয়াছে। ইহা প্রধানতঃ ৯ ভাগে বিভক্ত। ইহার বহু শাখার মধ্যে অধুনা শৌনক শাখা মাত্র প্রাপ্তব্য। অ০ বেদের ব্রাহ্মণ ভাগের নাম 'গো-পথ' ব্রাহ্মণ। অ০ ও অঙ্গিরা ঋষির বংশধরগণ, মতান্তরে ভৃগুবংশীয়গণ, মতান্তরে অ০ ঋষি ইহার সঙ্কলনকর্ত্তা)। ২ বেদের ব্রাহ্মণ অংশ। ৩ বশিষ্ঠ ঋষি। ৪ বিণ, অতি বৃদ্ধ। ৫ উত্থান শক্তিহীন (বার্দ্ধক্য বশতঃ)। "অ০ উঠিতে নারি আছি এক কোণে।"-শি০। ৬ নিশ্চেষ্ট; জড়। ৭ অক্ষম; অকর্ম্মণ্য। ~া-অ০ বেদের ব্রাহ্মণভাগ। ~ণ-বি, শিব। ~ণি-বি, অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ; আচার্য্য; পুরোহিত। ~বিৎ [অথর্ব্ব+বিদ্ (জানা)+ক্বিপ্ (র্ক্তৃ) যিনি অথর্ব্ব বেদ জানেন] বি, অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ।

অথল [ন=অ-থল (স্থল), নঞ্] বিণ, স্থল রহিত; অতলস্পর্শ; অথই; অতল; গভীর। "আমার দুয়ারে জল হইল অ০।"-কবিক০।

অথাই [হি০-অথাহ্] অথই দ্রঃ।

অথান্তর [প্রাদে০ আথান্তর দ্রঃ] বি, কষ্ট; দুর্ভাবনা; বিপদ; অসুবিধা; মুস্কিল। "বহু অ০ সেই পুষ্পের কারণ,"-পদ্ম পু০ [গ্রা০-উচ্চারণ ভেদ, আতান্তর (দ্রঃ)]।

অথিক [প্রা০ বৈ০ সা০; ব্রজ০] ক্রি, হয়।

অথির [অস্থির >] বিণ, অস্থির; অধীর; ব্যাকুল। "শুনিয়া বচন তার অ০ পরাণি।"-চণ্ডী০।

অথো [পণ্ডিতী বাং] অথ দ্রঃ।

অদক্ষ [ন=অ+দক্ষ] বিণ, অনিপুণ; অকুশল; অপটু।

অদক্ষিণ [ন=অ দক্ষিণ (অনুকূল), নঞ্] বিণ, প্রতিকূল ; বাম ; দক্ষিণ নায়কগুণহীন। ২ [ন=অ (নাই) দক্ষিণা যে কর্ম্মেতে-বহু°] দক্ষিণাবিহীন কর্ম্ম।

অদ/ণ্ড [অ-দণ্ড] বিণ, দণ্ডশূন্য। ২ অদণ্ডিত। ~ণ্ড্য [ন=অ+দণ্ড+য (অর্হার্থে) -নঞ্] বিণ, যাকে দণ্ড দেওয়া উচিত নহে : অদণ্ডনীয় ; দণ্ডের অযোগ্য। ~ণ্ডনীয় [ন=অ+দণ্ড+অনীয় (র্ম্ম)] বিণ, অদণ্ড্য ; যার দণ্ড হওয়া উচিত নয়। ~ণ্ডিত-

অদত্ত [ন=অ+দত্ত। দা (দানকরা)+ত (র্ম্ম)] বিণ, যা দান করা হয় নাই ; অনর্পিত। ২ [স্মৃ°] বি, যা ধর্ম্ম শাস্ত্রানুসারে দত্ত বলিয়া স্বীকার করা হয় না; যা প্রকৃত পক্ষে দত্ত বলিবার উপযুক্ত নহে [স্মৃ° শাস্ত্রে-উৎকোচ স্বরূপ দত্ত, পরিহাসচ্ছলে দত্ত, ভয়ে দত্ত, বৈরনির্য্যাতনার্থে নিযুক্ত লোককে দত্ত, অজ্ঞান কর্ত্তৃক দত্ত, সন্তান কর্ত্তৃক দত্ত, অধীন কর্ত্তৃক দত্ত, আর্ত্তের প্রদত্ত, অপ্রাপ্ত বয়স্কের দত্ত, শোকার্ত্ত কর্ত্তৃক দত্ত, উন্মত্তের দত্ত, মাদক সেবী কর্ত্তৃক দত্ত ই° ১৬ প্রকার ধন অদত্ত বলিয়া উক্ত]।

অদত্তা [ন=অ+দত্তা-নঞ্] বি, স্ত্রীং অবিবাহিতা বালিকা ; অনূঢ়া ; অপরিণীতা।

অদ/ন [ন-অদ্ (ভোজন করা)+অন (ভা°)] বি, ভক্ষণ : আহার। "বদনে রদন লড়ে অদনে বঞ্চিত।"-ভারত°। ২ [অদ্ (ভোজনকরা)+অন (র্ম্ম)] ভক্ষ্যবস্তু। ~নীয়-বিণ-ভক্ষ্য।

অদ/ন্ত [ন=অ (নাই)+দন্ত যার-বহু°] বিণ, যার দন্তোদ্গম হয় নাই। ২ যার দন্ত স্খলিত হইয়াছে ; দন্তহীন। ~ক-বি, বিণ, দন্তহীন প্রাণী edentata. ~ন্তী [অদন্ত+ইন] বিণ, দন্তহীন। ২ বি, যে সকল প্রাণী দন্তহীন edentata.

অদভুত[প্রা° বাং ও পদ্যে] বিণ, অদ্ভুত।

অদভ্র [অ+দভ্র (অল্প)] বিণ, প্রচুর।

অদ/মনীয়,-ম্য-বিণ, অজেয় ; অবশ।

অদয়-বিণ, নির্দ্দয়। "অ° অক্রূর যবে সে আসিল ব্রজমণ্ডলে"-ব্রজাঙ্গনা।

অদরকারী-বিণ, অনাবশ্যক।

অদর্শন [ন=অ+দর্শন (দৃষ্টি) যার-বহু°] বি, দৃষ্টির বহির্ভূত হওন ; দর্শনের অভাব : বিনাশ। ২ বিণ, দৃষ্টির অগোচর।

অদর্শ [বৌ° বাং প্রাকৃ°] বি, আদর্শ (চ°৪৬।১)।

অদল [ন=অ (অভাব)-দল (পুষ্পের পাপড়ী)] বিণ, পাপড়িহীন : দলশূন্য apetalous. স্ত্রীং~া-বিণ, দলশূন্যা। ২ বি, ঘৃতকুমারী। ~বদল [আ-অদল (সাদৃশ্য)+আ -বদল (পরিবর্ত্তন) হি°-অদল বদল] বি, পালটা-পালটি ; পরিবর্ত্তন ; এক জিনিষ দিয়া অন্য জিনিষ লওয়া exchange. ~হুকুমি-বি, যে (সম্রাট, রাজা ই°) আদেশের প্রত্যাহার করেন। "তবে কি আমি অদল হুকুমি হইব।" -জয়ন্তী (ন° গুপ্ত)।

অদহনীয়-বিণ, অদাহ্য।

অদাতা [মৃ°-অদাতৃ, ন=অ+দাতৃ (যে দান করে)] বিণ, যে ব্যক্তি ধন সত্ত্বেও দানে পরাঙ্মুখ : দান-কৃপণ।

অদান-বি, দানাভাব। ২ অযোগ্য দান।

অদান্ত-বিণ, অশান্ত। ২ অবশীভূত। ৩ তপঃক্লেশ সহিষ্ণু।

অদাহ্য [ন=অ+দাহ্য] বিণ, দগ্ধের অযোগ্য। ২ শাস্ত্রের বিধানমতে দাহন ক্রিয়া বা অগ্নিসংস্কারের অযোগ্য। ৩ যা পোড়ান যায় না; দহনশীল নহে incombustible. "অদাহ্য অদ্রব প্রাণ অক্ষত এমন।"-ফুলরেণু।

অদিতি [ন=অ+দো (ছেদনকরা)+তি (র্ম্ম) যাকে বৃহত্ত্ব বশতঃ ছেদন করা যায় না] বি, পৃথিবী। ২ [অ+দা (দানকরা)+তি, জ্যা° দা=দি, যিনি বেদনা দেন না বা অ (বিরোধার্থে)+দিতি(দনুজকন্যা)] দক্ষ প্রজাপতির কন্যা ; দেবতাদিগের মাতা ও কশ্যপ মুনির পত্নী। ইঁহার গর্ভে ইন্দ্রাদি দেবতা এবং বামন অবতারে বিষ্ণু জন্ম গ্রহণ করিয়াছিলেন। ৩ [বৈদিক] দেবমাতা অদীনা, দাক্ষায়ণী, দৌ, আকাশ, জগজ্জননী। ৪ ঐশীশক্তি।

অদিতিজ, অদিতিনন্দন [অদিতি হইতে+জ (জাত) ৫ তৎ, নন্দন (পুত্র) অদিতির নন্দন-৬ তৎ] বি, দেবতা।

অদিন [অ (অপ্রশস্ত) দিন] বি, অশুভ দিন ; অলক্ষণাক্রান্ত দিন ; দুর্দ্দিন। "এমন অদিনে অক্ষণে এলেন?"

অদীক্ষিত-বিণ, যার দীক্ষা হয় নাই : যে গুরুর নিকট ইষ্টমন্ত্র বা উপদেশ গ্রহণ করে নাই। ২ যে সঙ্কল্প করিয়া তা যথাবিধি ক্রিয়া কর্ম্মে বা অনুষ্ঠানে প্রবৃত্ত হয় নাই।

অদীন [ন=অ+দীন (কাতর, দরিদ্র), নঞ্] বিণ, অকাতর ; দুঃখহীন। ২ ধনী। ৩ ভয়শূন্য ; নির্ভীক। "অনন্তর দুর্য্যোধন ভীমসেনকে তাদৃশ ভাবে আগত দেখিয়া অদীনভাবে নিনাদ করতঃ অতিবেগে তাঁর প্রতি ধাবিত হইলেন।"-মহা° (বর্দ্ধ)। ~সত্ত্ব [অদীন (অকাতর, অকুণ্ঠ) হইয়াছে সত্ত্ব (প্রাণ) যার-বহু°] বি, দাতা। ২ অমেয়াত্মা : অকুণ্ঠসত্ত্ব : মহানুভব। ৩ ধর্ম্মাত্মা। "তদনন্তর অ° রাজা যুধিষ্ঠির, বলরাম, জনার্দ্দন, কৃষ্ণতনয় শাম্ব, শিনির পৌত্র সাত্যকি ও অন্যান্য বৃষ্ণি সন্তানদিগের সমীপে গমনপূর্ব্বক তাঁহাদিগকে ধর্ম্মানুসারে পূজা করিলেন।"-মহা° (বর্দ্ধ)।

অদীর্ঘ-বিণ, হ্রস্ব ; খর্ব্ব ; ছোট।

অদুনা, উদুনা [সং উদয়না > অ°, উ° ; মতান্তরে আদরিণী > আদুনি > অদুনা] বি, আদরের নাম ; আদরিণী। ২ ঢাকা জেলার অন্তর্গত সাভারের রাজা হরিশ্চন্দ্র পালের (মাণিক° গানে 'হরিশ্চন্দ্র') পরমাসুন্দরী কন্যা এবং রাজা গোপীচন্দ্রের পত্নী। পদুনা দ্রঃ। Martin's Eastern India, vol. iii, p. 409.

অদূর [ন=অ (বিরোধার্থে)+দূর-নঞ্] বিণ, অল্পদূরে ; নিকট ; কাছে। ২ ক্রি-বিণ, অদূরে। "অদূরে হেরিলা রক্ষপতি, রণক্ষেত্র।"-মেঘ°। "অদূরে মহারুদ্র ডাকে গভীরে।"-অ° ম°। ~দর্শিতা [মৃ°-অদূরদর্শিন্+তা (ভা°)] বি, অদূরদর্শীর ধর্ম্ম : অপরিণামদর্শিতা। ~দর্শী [অদূর-দৃশ্+ণিন্ (র্ত্তৃ)=অদূরদর্শিন্ ১মা ১ব°] বিণ, যার দূর বা ভবিষ্যৎ কি হইবে তা দর্শন করিবার শক্তি নাই ; যে পরিণাম বিবেচনা করে না : অপরিণামদর্শী ; ভবিষ্যৎ দৃষ্টিহীন। স্ত্রীং ~দর্শিনী। ~বর্ত্তী [অদূর-বৃত্+ণিন্ (র্ত্তৃ)=অদূর বর্ত্তিন্ ১মা ১ব°] বিণ, অদূরস্থ ; নিকটবর্ত্তী। বি, ~বর্ত্তীতা।

অদূরস্থ-বিণ, নিকটবর্ত্তী।

অদৃক্ [অদৃশ্, ন=অ (নাই) + দৃশ্ (চক্ষু) যার-বহু°] বিণ, অন্ধ ; দৃষ্টিহীন।

অদৃশ্য [ন=অ + দৃশ্য-নঞ্] বিণ, যা দেখা যায় না ; দৃষ্টির অগোচর।

অদৃশ্যন্তী-বি, স্ত্রী°, বশিষ্ঠ মুনির পুত্র শক্তি ঋষির ভার্য্যা এবং পরাশরের মাতা।

অদৃষ্ট [ন=অ + দৃশ্ + ক্ত (নঞ্)-যাকে দেখা যায় না। প্রা°-অদেষ্ট] বিণ, দৃষ্টির অগোচর ; অদৃশ্য। "অন্ধের অদৃষ্ট কিছু কারি-করি করি।"-অ° ম°। ২ বি, [হিন্দু শা° মতে] দৈব ; পূর্ব্ব পূর্ব্ব জন্মের কর্ম্মফল এজন্মে ভোগ হইতেছে, ভোগ হইতে হইতে যা অবশিষ্ট থাকিবে তা পর পর জন্মে ভোগ হইবে, আবার এজন্মের কর্ম্মফল কতক এই জন্মে ভোগ হইতেছে এবং কিয়দংশ পর পর জন্মের জন্য সঞ্চিত হইতেছে ; যা ভোগ হইতেছে তাই অদৃষ্ট বা দৈব। ভোগ করিতে করিতে আমরা যে কর্ম্ম করি তাই পুরুষকার। "পূর্ব্বজন্মকৃত অভিব্যক্ত পুরুষকারই দৈব।"-যাজ্ঞবল্ক্য। এই মত বা দর্শনকে **অদৃষ্টবাদ** বলে [পুরুষকার দ্রঃ] ৩ ভাগ্য ; কপাল ; ললাট ; নসিব। ৪ আপদ ; বিড়ম্বনা। ৫ ধর্ম্মাধর্ম্ম ; পাপপুণ্য। **~লিপি**-বি, ভাগ্যের নিয়ম। ২ কপাল-লিখন।

অদৃষ্টের পরিহাস [ইং irony of fate এর ভাবানুবাদ] বি, বিধির বিড়ম্বনা। "ইহা ভারতের পক্ষে অদৃষ্টের নির্ম্মম পরিহাস হইলেও, চীনের কৃষকদিগের পক্ষে-বিশেষতঃ চৈনিক কমলাকান্তদিগের পক্ষে পোহাবারো।"-হিতবাদী, ১৩১৮। **~ক্রমে**-ক্রি-বিণ, ভাগ্যবশে। ২ হঠাৎ। **~চক্র**-বি, চক্রের ন্যায় পরিবর্ত্তনশীল ভাগ্য যার পরিণাম কখন সুখ কখন দুঃখ, কখন উন্নতি, কখন অবনতি। তুল-'চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ'। **~চর, ~পূর্ব্ব** [অদৃষ্ট-চর (গমন করা) + অ (র্তৃ) অদৃষ্টানুসারে বিচরণকারী-উপ° ; পূর্ব্বে দৃষ্ট-পূর্ব্বদৃষ্ট ৭৩৫ ; ন=অ, পূর্ব্বদৃষ্ট-নঞ্] বিণ, যা পূর্ব্বে কখন দেখা যায় নাই। **~পরীক্ষা**-বি, ভাগ্যের ফলাফল গণনা পরিদর্শন বা বিচার। **~পুরুষ**-বি, ভাগ্য নিয়ামক দেবতা। **~বাদ**-উপরে দ্রঃ। **~বাদী**-বিণ, ভাগ্যের উপর একান্ত নির্ভরশীল বা বিশ্বাসবান্। স্ত্রীং **~বাদিনী**। **~বান্**-বিণ, সৌভাগ্যশালী।

অদৃষ্টাকাশ [অদৃষ্ট-আকাশ (ধা°)] বি, ভাগ্যরূপ আকাশ ; অদৃষ্টগগন। "মানব অদৃষ্টাকাশে বিরাজিয়া পুণ্যবতী।"-নবীন°।

অদৃষ্টায়ত্ত [অদৃষ্ট(দ্রঃ) + আয়ত্ত] বিণ, অদৃষ্টের বশ ; দৈবাধীন। "সকলই অ° ; আমার অদৃষ্টে যা ছিল, তাই ঘটিয়াছে,"-বি° সা°।

অদৃষ্টি [অ (বিরোধার্থে) + দৃষ্টি-নঞ্] বি, সরোষ দৃষ্টি ; বিরক্তিপূর্ণ দৃষ্টি। ২ [ন=অ নাই) দৃষ্টি যার-বহু°] বি, দৃষ্টির অভাব। ৩ বিণ, দৃষ্টিহীন।

অদেখা, আদেখা (অ, আ-দ্যাখা) [অদৃষ্ট >] বিণ, যা দেখা হয় নাই ; অনবলোকিত ; না-দেখা। ২ অদৃষ্ট : অন্তরাল ; দৃষ্টির অগোচর। "আঁখির আদেখা হলে সে যেন সে নয়।"-ফুলরেণু।

অদেবমাতৃক-বিণ, যা দেবমাতৃক বা বৃষ্টিজলের উপর নির্ভরশীল নয় ; নদীমাতৃক।

অদেয় (-য়) [প্রা°-বাং-আদেয়। ন=অ (নহে)-দেয় (দানার্হ, দানযোগ্য)-নঞ্] বিণ, দানের অযোগ্য ; যা দিতে পারা যায় না ; যা না দিতে পারা যায়। "কি আছে অ° ? তুমি সর্ব্বস্ব আমার !"-অশোক°।

অদেহবদ্ধ [ন=অ-দেহ-বদ্ধ] বিণ, অগঠিত ইন্দ্রিয়াদি unorganised.

অদ্ভুত [অৎ (আশ্চর্য্যজনক অ) + ভূ= হওয়া + উত (ধি)। প্রা° বাং **অদ্ভুত, অদভুত, অদভূত**। "অদভুত লাগে তোর শুণিআঁ বচন।"-শ্রী°কী°। "হেন অদভুত কথা,"-শ্রী° কী° বৌ° বাং প্রাকৃ°-**অদঅভুঅ, অদভূআ** (চ° ৩১।৩, ৩০।২)] বিণ, আকস্মিক ; বিস্ময়জনক ; যার অনুভূতি সচরাচর পাওয়া যায় না। ২ বি, বিস্ময় ; আশ্চর্য্য। ৩ বি, কাব্যরস বিঃ। কোন রচনায় অলোকসামান্য বস্তু বা বিষয়ের বর্ণনা ও তার গুণাদির মহিমা পাঠ করিতে করিতে বিস্ময়ে অভিভূত এবং স্তম্ভ, রোমাঞ্চ, স্বেদ, সম্ভ্রম, গদ্গদ্ বচন নেত্রের বিকাশ ই°র সহিত অন্তঃকরণ দ্রবীভূত হইলে এই রসের সঞ্চার হইয়াছে বলা যায়। ৪ [নাট্য শা°] উপাঙ্গাভিনয় ভঙ্গী বিঃ, যাতে নেত্র পল্লব ঈষৎ বঙ্কিম, ভ্রূ বিস্ময়ে উন্নত, চক্ষু উজ্জ্বল হয়। অভিনয় দ্রঃ। ৫ নবম মন্বন্তরের পর মরীচি, গর্ভ এবং সুধর্ম্ম নামধেয় তিন শ্রেণীর দেবতাদের পরাক্রমশালী অধিপতির নাম অদ্ভুত : নবম মন্বন্তরের ইন্দ্র-বিষ্ণু পু° ও ভাগবত। **~কর্ম্মা**-বিণ, অলৌকিক কীর্ত্তিমান। **~রামায়ণ**-বি, সহস্রস্কন্ধ রাবণ বধ বর্ণনাত্মক সপ্তবিংশ সর্গে বর্ণিত বাল্মীকি-রচিত বলিয়া প্রসিদ্ধ রামচরিত।

অদ্য [ইদম্ (এই) + দ্য (নিপাতন)] অ, আজি। ২ এইক্ষণে ৩ সম্প্রতি ; বর্ত্তমান সময়ে বা দিনে। **~কার** [অদ্য-কার + (ভা°)] বিণ, আজকার ; এই দিনের। **~তন** [অদ্য.+তন (ভা°)] বিণ, আজকার ; অদ্য যা উৎপন্ন হইয়াছে ; অদ্যকার দিবস সম্বন্ধীয়। **~তন ভূতকাল** [ব্যা° পরিঃ] বি, আজ যা ঘটেছে বা গত হয়েছে : অদ্যকার পূর্ব্বে সংঘটিত ; পুরাঘটিত বর্ত্তমান (ডাঃ সু° চট্টো°), present perfect tense. প্র-করিয়াছে has done. **~প্রভৃতি**-অদ্যাবধি (দ্রঃ)। **~শ্বীন** [অদ্য + শ্ব (কল্য) + ঈন] বিণ, যা আজ বা কাল হওয়া সম্ভব। স্ত্রীং **~শ্বীনা**-যে গাভী আজ কালের মধ্যেই প্রসব হইবে ; আসন্নপ্রসবা গাভী।

অদ্যাপি [অদ্য (নিপাত) + অপি (ও)] অ, আজিও ; এখনও ; একাল পর্য্যন্ত ; আজ পর্য্যন্ত। এই অর্থে বাং 'অদ্যাপিও' শব্দের ভুল ব্যবহার আছে। **~হো** [অদ্য + অপি + ও =হো। প্রা° বাং] অ, আজিও। "অদ্যাপি হো অপযশ তার পরচারে।"-শ্রী° কী°।

অদ্যাবধি, অদ্যপ্রভৃতি [অদ্য + অবধি বা প্রভৃতি] অ, আজ হইতে from this day forth.

অদ্রব [ন=অ, দ্রব-নঞ্, বা দ্রবের অভাব (অব্যয়ী°)] বি, যা দ্রব হয় না ; যা গলে না। "অদ্রাব্য অ° প্রাণ অক্ষত এমন,"-ফুলরেণু।

অদ্রব্য-বি, যা দ্রব্যের মধ্যে গণ্যই হয় না ; অবস্তু।

অদ্রি [ন=অ + দ্রি (দ্রা=পলায়নকরা + ই-জ্ঞা° (নঞ্)-যে পলায়ন করে না ; অদ্ (ভোজন করা) + রি-জ্ঞা°] বি, পর্ব্বত। ২ বৃক্ষ। ৩ সূর্য্য। ৪ মাপ বিঃ। ৫ [বৈদিক] সোমরস নিষ্কাশনার্থ পাষাণ ; গ্রাব। **~কর্ণী**-বি, অপরাজিতা clitoria ternatea.

~কীলা [অদ্রি (পর্ব্বত হইয়াছে)+কীল (শঙ্কু) যার-বহু°] বি, পৃথিবী ; ভূমি। ~জ [অদ্রি (পর্ব্বত হইতে)+জ (জন্=জন্মান+ড (র্তৃ) যে জন্মে-উপ°] বিণ, পর্ব্বতজাত : পার্ব্বতীয়। ২ বি, শিলাজতু ; গিরিমাটী : শৈলের নামক গন্ধদ্রব্য বিঃ। স্ত্রীং ~জা, ~তনয়া-বি, গিরিজা ; পার্ব্বতী ; দুর্গা। ২ সিংহলদেশীয় পিপ্পলী। ~ভিৎ, ~ভিদ্ -বিণ, পর্ব্বতভেদকারী। বি, ইন্দ্র। ~ভূ -বিণ, শৈলজাত। ২ পার্ব্বত্য। ৩ বি, ইঁদুরকাণী লতা। ৪ শিলাজতু bitumen ~রাজ, ~রাট্ [অদ্রি+রাজ (রাজ্=দীপ্তি পাওয়া)+ক্বিপ্ (র্তৃ) বা রাজন+অ)-৬ তৎ] বি, হিমালয় পর্ব্বত : গিরিশ্রেষ্ঠ। ~শৃঙ্গ [অদ্রি+শৃঙ্গ-৬ তৎ] বি, পর্ব্বতের চূড়া : শিখর। ~সার [অদ্রি (র) সার-৬ তৎ] বি, লৌহ।

অদ্রীশ [অদ্রি+ঈশ (পতি, প্রধান)-৬ তৎ] বি, শিব ; হিমালয় পর্ব্বত।

অদ্রোহ [ন=অ+দ্রোহ-নঞ্ : বা ন=অ (নাই) দ্রোহ যার-বহু°] বি, অহিংসা ; সদ্ব্যবহার। ২ বিণ, নিরীহ। স্ত্রীং ~ী।

অদ্বয় [অ নাই+দ্বয় (দ্বৈতবুদ্ধি) যার-বহু°। বৌ° বাং প্রাকৃ°'আদঅ'(চ° ৫।৩)] বি, ব্রহ্ম। ২ বৌদ্ধ। ৩ বিণ, দ্বয়শূন্য : অদ্বিতীয় [প্রা° বাং, বৌ° বাং প্রাকৃ°-'অদঅ'] ~বাদ-বি, ব্রহ্মবাদ। ২ বৌদ্ধমত। ~বাদী [মূ°-অদ্বয়বাদিন্, অদ্বয় (অদ্বিতীয়) বাদী (যে বলে)-উপ° ; যাঁরা একমাত্র ঈশ্বর স্বীকার করেন-২ তৎ] বি, বৌদ্ধ। ২ বিণ, অদ্বৈতবাদী ; ব্রহ্মবাদী ; যে একব্যতীত দ্বিতীয় ঈশ্বর স্বীকার করে না। স্ত্রীং ~বাদিনী।

অদ্বার [অ(অপ্রাপ্ত,অপ্রকাশ্য)-দ্বার] বি, গুপ্তদ্বার। "নীতি শাস্ত্রের মর্ম্মই এই যে শত্রু গৃহে প্রবেশ করিতে হইলে অদ্বারে * * * প্রবেশ করিতে হয়।"-মহা°(রায়)।

অদ্বিতীয় [ন=অ (নাই) দ্বিতীয়-যার-বহু°] বিণ, যার দ্বিতীয় নাই ; অতুল্য ; যার সমান নাই। ২ বি, ব্রহ্ম।

অদ্বৈত [ন=অ+দ্বৈত (দ্বিতীয়ত্ব) যাতে-বহু°] বি, ব্রহ্ম। ২ [ন=অ (নাই) দ্বৈত (দ্বিতয় বুদ্ধি) যার-বহু°] বিণ, দ্বৈত বা ভেদ শূন্য ; অদ্বিতীয়। ৩ বি, নবদ্বীপের অন্তর্গত শান্তিপুরনিবাসী স্বনাম প্রসিদ্ধ পরম কৃষ্ণ-ভক্ত মহাপুরুষ। আচার্য্য অদ্বৈত, অদ্বৈত প্রভু নামে খ্যাত ; চৈতন্যদেবের অন্যতম প্রধান পার্ষদ। নবদ্বীপে ইঁহার দারুময় মূর্ত্তি প্রতিষ্ঠিত হইয়া বৈষ্ণবগণ কর্ত্তৃক শিবের অবতার জ্ঞানে পূজিত হইতেছে। শান্তিপুরের উড়িয়া গোস্বামী ব্যতীত প্রায় সকল গোস্বামী অদ্বৈত প্রভুর সন্তান। ~বাদ [ন=অ+দ্বৈত (দ্বিবিধত্ব)+বাদ (বদ্-ঘঞ্-ভা°)] বি, জীবাত্মা ও পরমাত্মা বা জীব ও ব্রহ্ম অভিন্ন বা এক এই মত। ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা ; ব্রহ্ম ব্যতীত দ্বিতীয় কিছুই নাই-বেদান্তভাষ্যকার স্বনাম প্রসিদ্ধ সন্ন্যাসী শঙ্করাচার্য্য-প্রতিপাদিত এই মত। ~বাদী [অদ্বৈত+বাদী (বাদিন-বদ্=বলা+ইন (র্তৃ,ণিন) ব্রহ্মের দ্বৈত নাই-এই মত স্বীকারকারী] বিণ, অদ্বৈতবাদ-প্রতিষ্ঠাতা শঙ্করাচার্য্যের মতাবলম্বী দার্শনিক সম্প্রদায়।

অধ [বৌ° বাং প্রাকৃ°] সং অর্দ্ধ > অদ্ধ > অ°] বিণ,অর্দ্ধ। "অধ নদী গেলেঁ পুণি বহে থর বাএ।"-শ্রী° কী°। ২ নিম্ন। ~রাতি-অর্দ্ধরাত্রি (চ° ২৭।১)। ২ ক্রি-বিণ,অর্দ্ধরাত্রে (চ° ২।২)।

অধঃ [অধস্ শব্দ-অধর+অস্-র্ লোপ]অ, নিম্নে : পাতালে। ~কায়-বি, নিম্নাঙ্গ। ~কৃত [অধস্+কৃত] বিণ, পরাভূত। ২ নিপাতিত। ~ক্ষিপ্ত-বিণ, নিম্নে নিক্ষিপ্ত। ~খাত-বিণ, খনিত বা অপসারিত ভিত্তি undermined. ~পতন, ~পাত [অধস্(নীচে)+পাত (পতন) ৭ তৎ] বি, অধঃপতন ; রসাতলে গতি ; উচ্ছন্ন প্রাপ্তি। ২ নীতি চরিত্রাদি বিষয়ে সম্যক্ অবনতি ; নীচত্ব প্রাপ্তি। ৩ উচ্ছন্ন দশা ; কুপথ ; নীচপথ ; কুসঙ্গ ; সর্ব্বনাশের পথ। বিণ, ~পতিত। ~পাতিয়া, ~পেতে-বিণ, যে অধঃপাতে গিয়াছে বা যাইতেছে ; উন্মার্গ-গামী ; উৎসন্ন ; নষ্ট ; দুষ্ট। অধঃপাতে যাওয়া-উচ্ছন্ন যাওয়া ; বিগড়ানো ; খারাপ হওয়া।

অধঃ/পুষ্পী [বৈদ্যক] বি, গোজিহ্বা নামক তৃণ, হেটোহলি hicracium. ~শিরাঃ, ~শির [মূ°-অধঃশিরস্-অধঃ (নীচে)+শিরস্ (মস্তক) অধোদেশে শির যার-বহু°] বিণ, যার মাথা নিম্নদিকে। ~স্থ, ~স্থিত [অধস্ (নীচে)+স্থ,•স্থিত (থাকা)-উপ°] বিণ, নিম্নে যা আছে ; নিম্নদেশস্থিত ; নিম্নাবস্থিত। ~স্বস্তিক-ভূপৃষ্ঠে দণ্ডায়মান ব্যক্তির পদতলের টানে ভূগোলের অপর পৃষ্ঠের উপরিস্থিত আকাশবিন্দু ; ইহা স্বস্তিকের বিপরীত বিন্দু ; অধোবিন্দু nadir.

অধন [ন=অ নাই+ধন যার-বহু°] বিণ, যার ধন নাই ; ধনহীন ; নিঃস্ব ; নির্ধন ; দরিদ্র। ২ যাদের নিজস্ব বলিবার কিছুই নাই ; সোপার্জ্জিত ও কোন কিছু যাদের নিজস্ব নহে। "শাস্ত্রে নিশ্চিত আছে যে, অস্বাধীন দাস, পুত্র ও নারী এই তিনজন অধন, ইহাদের নিজস্ব কিছুই থাকে না, ইহারা যা কিছু লাভ করে, তা স্বামীরই হয়।"-মহা° (বর্দ্ধ)।

অধন্য [ন=অ-ধন্য-নঞ্] বিণ, অভাগ্য ; ২ নিন্দিত ; অপ্রশংসনীয়। ৩ অকৃতার্থ। বি, ~তা।

অধম [অধস্+স্থিতার্থে-ম, স-লোপ যে নিম্নে অবস্থান করে, বা, অধঃ+তম (চা° ব°) অধঅম > অধম] বিণ, নীচ ; অপকৃষ্ট ; নিন্দিত ; তুচ্ছ ; জঘন্য damn. "উত্তমে উত্তমে মিলে অধমে অধমে। কোথায় মিলন হয় অধমে উত্তমে॥"-ভারত°। ২ বি, কুবেরের পুত্র ; শিবের অবতার বিঃ। ৩ [কাব্যালঙ্কার] নায়ক বিঃ; অপকৃষ্ট গুণবিশিষ্ট নায়ক। স্ত্রীং~া-নায়িকা ভেদ। "হিত কৈলে অহিত করয়ে যেই জন। অধমা তাহার নাম বলে কবিগণ।-ভারত°। ~ভৃতক-বি, নীচ ভৃত্য ; মুটিয়া। ২ বিণ, অপকৃষ্ট ; দাস্য ভাব।

অধমর্ণ [অধম (অপকৃষ্ট ; নিন্দিত)+ঋণ (যা বৃদ্ধি পায়)-কুষীদ বৃদ্ধি হেতু অধম অর্থাৎ নিন্দিত বা ঋণ বিষয়ে অধম] বি, ঋণকারী ; খাতক ; দেনাদার।

অধমাঙ্গ [অধম (সর্ব্বনিম্নস্থ) অঙ্গ-ধা] বি, চরণ ; পাদ।

অধমাধম-বিণ, অধম হইতেও অধম, নীচতম।

অধর্ম্ম [সং-অধর্ম্ম। অ-ধম্মো (পা°)। প্রা°] বি, অধর্ম্ম। ২ বিড়ম্বনা।

বঁল ঁবল বলুন বেলা ঁব্যথা অতি এঁত ঁযুক্ত অক্ষর, ে=া া্য=এ =a(t), ণ=ন ব=জ স=শ=ষ সণ=S (স্ত স্ত হ্ম ম্র স্র সু শৃ...), অনাদ্য ‹ — ‚ J অব্যক্ত

`অধিম্মিয়া, `অধিম্মে, `অধিম্ম্যে [গ্রা০—অধন্ম দ্রঃ] বিণ, অধার্ম্মিক ; শঠ ; প্রতারক ; অন্যায়কারী ; পাপী (উভয় লিঙ্গেই ব্যবহৃত হয়)।

অধ॑র [ন=অ+ধর (ধৃ=ধরা+অ, র্ত্তৃ) যে ধরে। যে নিজে ধরিতে পারে না] বি, নীচের ঠোঁট। "পাকা বিম্ব জিনিয়া অ০।"—উদ্ধব০। "ওষ্ঠে অধরেতে চাপি অন্তরের দ্বার ঝাঁপি"—রবী০। ২ বিণ, নীচ ; অধম ; নিম্ন [বিরল] ৩ উভয় নিম্ন এবং উপর ওষ্ঠ ; (তা হতে) মুখ। "যে জন অধরে রাধানাম ধরে,"—বাং গান। "অধরে ধরিলো মধু গরল অন্তরে।"—মেঘ০। স্ত্রীং ~া-বিণ, অধরবিশিষ্টা। "কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে!"—মেঘ০। **~চুম্বন**-বি, মুখচুম্বন। বিণ, **~চুম্বির্ত**। **~প॑ল্লব** [তরুণ অর্থে পল্লব] বি, নধর অধর। **~মধু**-বি, অধরসুধা, "তোমার অধরমধু খাইবার আশে। দুই পাশে অলিগণ ঝাঁকে ঝাঁকে আসে॥" **~সুধা**-বি, অধরামৃত।

অধ॑রা-বিণ, যাকে ধরা যায় না বা যায় নাই। "সে বুঝিতে পারে যে অধরাকে ধরা যায় না...।"—উত্তরা।

অধরামৃর্ত [অধর+অমৃত—৬ তৎ] বি, অধর-সুধা ; অধর-রস। ২ নিষ্ঠীবন ; থুতু।

অধ॑রীকৃর্ত-বিণ, ভূপতিত।

অধ॑রু [অধৈর্য্য > অ০। ব্রজ০। প্রা০-বাং] বিণ, অধীর ; অস্থির। ২ অধরে। "অ০ আচর ওর। ফুয়ল কবরী মোর,"—বি০ প০।

অধ॑রোত্তর [অধর—উত্তর] বি, নিম্নো-ন্নত, ন্যূনাধিক্য যুক্ত।

অধ॑রোষ্ঠ-বি, নিম্ন ও উপরের ঠোঁট।

অধ॑রৌষ্ঠ্য-বিণ, অধরোষ্ঠ দ্বারা উচ্চার্য্য।

অধ॑র্ম্ম [ন=অ—ধর্ম্ম—নঞ্] বি, পাপ ; অন্যায় ; ধর্ম্মবিরুদ্ধ আচরণ। ২ [ন=অ(নাই) ধর্ম্ম যার—বহু০] বিণ, পুণ্যহীন। ৩ [গ্রা০—অর্ধম্ম] বিড়ম্বনা। **~চারী, ~নিষ্ঠ, ~প্র॑রায়॑ণ**—ধর্ম্মবিরুদ্ধ কর্ম্মরত।

অধর্ম্মাক্রান্ত-বিণ, পাপিষ্ঠ।

অধর্ম্মা/চরণ, ~নুষ্ঠান [অধর্ম্মের আচরণ, অনুষ্ঠান—৬ তৎ] বি, পাপ কার্য্য ; ধর্ম্ম বিরুদ্ধ কর্ম্ম ; অন্যায়। **~চারী**-বিণ, পাপী। ২ ধর্ম্মবিরুদ্ধ কার্য্য সম্পাদক ; অন্যায়কারী।

অধ॑র্ম্মাত্মা, অধর্ম্মিষ্ঠ-বিণ, অধার্ম্মিক।

অধর্ম্মী [মূ০—অধর্ম্মিন্, অধর্ম্ম+ইন্—স্ত্য, (বাং—অধর্ম্মিয়া। গ্রা০—অর্ধর্ম্মে, অর্ধম্মে, অর্ধম্মিয়া দ্রঃ)] বিণ, অধার্ম্মিক ; যে অধর্ম্ম আচরণ করে ; ধর্ম্মচ্যুত ; ধর্ম্মজ্ঞানশূন্য। "বিনাশিব অধর্ম্মী সৌমিত্রি মূঢ়ে, কপট-সমরী ;"—মেঘ০।

অধর্ম্ম্য [ন=অ+ধর্ম্ম+য(হিতার্থে) নঞ্] বিণ, ধর্ম্মবিরুদ্ধ।

অধ॑র্ষনীয়॑-বিণ, ধর্ষণের অযোগ্য। বি, অধর্ষণ। স্ত্রীং ~া।

অধ॑শ্চর [অধস্ (অধোভাগে)+চর (যে যায়) উপ০] বিণ, অধোগামী। ২ বি, চোর।

অধ॑শ্চৌর [অধস্+চোর+অ(স্বার্থে)] বি, সিঁধেল চোর।

অধ॑স্তক [অধঃ (অধস্থ) ত্বক—ধা] বি, ত্বকের নিম্নস্থিত অনুভবনশীল চর্ম্ম dermis.

অধ॑স্তন [অধস্+তন (ভা০)] বিণ, নিম্ন-স্থিত ; অধস্থিত ; নিম্নগত ; নিম্নে উৎপন্ন।

অধ॑/স্থ, ~স্থির্ত-বিণ, নিম্নে অবস্থিত।

অধার্ম্মিক [গ্রা০—অধাম্মিক। প্রা০-বাং আধার্ম্মিক। অ=আ। অ+ধার্ম্মিক] বিণ, পাপিষ্ঠ ; ধর্ম্মবিহীন।

অ॑ধি [ন=অ+ধা (ধারণে) ই (র্ত্তৃ) যে অভিধা সম্বন্ধে অর্থকে ধারণ করে না, কারণ উপসর্গদ্যোতক কিন্তু বাচক নহে] অ, উপসর্গ, উপরি ; প্রাধান্য ; আধিক্য ; আধিপত্য ; ঐশ্বর্য্য ; অধিকার। "কোন জনে করে অধি রবি যতক্ষণ। প্রকাশে যামিনী যোগে যেমন মদন॥"—ঘ০। ২ [ধ দ্রঃ] সীমাবসায়িতা বাচক অব্যয়। ৩ আধার আধেয় বাচক অব্যয়। [তুল—ল্যা০—ad ; অ্যাং-স্যা০—et ; গথ০ ও আইস্০—at]।

অ॑ধিক$_1$ [অধি (আধিক্য)+ক (কৈ=শব্দ করা+অ) যে শব্দ করে অর্থাৎ যে অতিরিক্ত শব্দ করে বা কথা কহে—উপ০] বিণ, অনেক ; অতিরিক্ত ; বহুল ; বলবান ; অত্যুত্তম। **~ত॑ম**-বিণ, অনেকের মধ্যে একটি ; সকলের অপেক্ষা অধিক। **~ত॑র**-বিণ, দুয়ের মধ্যে একটি ; আরও বেশী।

অ॑ধিক$_2$-বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ excess of container or contained. আধার ও আধেয় এই দুইটির মধ্যে কোনটির আধিক্য বর্ণনা স্থলে অ০ হয়। "মাটি খাইয়াছ বলি যশোদা ডাকিল। মুখমেলি সম্মুখে গোপাল দাঁড়াইল। মুখে নদী, সাগর-তরঙ্গ যায় বয়ে। নারদ করেন গান বীণা করে লয়ে।"—"বৃন্দাবন দাস। "যে শ্রীকৃষ্ণের কুক্ষি-মধ্যে প্রলয়কালে নিখিল জগৎ অধিষ্ঠিত হয়, আজি নারদের আগমনে সে শরীরেও আনন্দ ধরিল না।"

অ॑ধিকন্তু [অধিকং (অধিক)+তু (ও)] অ, আরও ; অপর ; বিশেষতঃ।

`অ॑ধিক॑র/ণ [অধি (উপরি করা)+কৃ+অন, যার উপরি করা যায়] বি, সামীপ্য, একদেশ সম্বন্ধ, বিষয়, ব্যাপ্তি এই চতুর্ব্বিধ আধার। ২ পাত্র। ৩ দ্রব্য। ৪ [ব্যা০] ক্রিয়ার আধারবোধক কারক বিঃ ; বাচ্য বিঃ। ৫ মীমাংসা দর্শনান্তর্গত গ্রন্থ বিঃ। ৬ স্থান। ৭ বিচারালয় ; আদালত [এই অর্থে 'ধর্ম্ম'শব্দের সহিত যুক্ত হয়।' প্র—ধর্ম্মাধিকরণ court of justice] ৮ [ভা০ অন] আধিপত্য ; দখল। ৯ যে বিষয় সম্বন্ধে আলোচনা ; ব্যাখ্যা ; বক্তৃতা, বিচার, মন্তব্য ই০ করা বা লেখা যায়। ১০ দখল করণ possession. ১১ প্রশ্ন question. **~ণিক** [অধিকারণিক ও০। অধিকরণ (বিচারালয়)+ইক] বি, প্রাড়্‌বিবাক ; ধর্ম্মাধিকরণে নিযুক্ত বিচারকর্ত্তা।

`অ॑ধিক॑র্দ্ধি [অধিক—ঋদ্ধি] বিণ, বহু ধনশালী ; সমৃদ্ধ।

`অ॑ধিক॑র্ম্ম [অধি (উপরি) কর্ম্মন্] বি, কর্ম্ম পরিদর্শন ; কর্তৃত্ব ; অধ্যক্ষতা ; অধিকর্ম্মা।

`অ॑ধিক॑র্ম্মিক-বিণ, অধ্যক্ষ superin-tendent. ২ [বির্থে০] হাট বাজারের অধ্যক্ষ।

অ॑ধিকাই [প্রা০-বাং। অধিক+আই (ভা০, হিং০র অনুকরণে] বি, আধিক্য। ২ বিণ, অধিক। "তাহা হইতে রাধা গুণ শত অ০,"—চৈ০ চ০।

অধিকাঙ্গ [অধিক+অঙ্গ যার—বহু০] বিণ, অতিরিক্ত অঙ্গ বিশিষ্ট।

অ॑ধিকার [অধি—কৃ—ঘঞ্ (ভা০)] বি, স্বত্ব ; স্বামিত্ব। প্র—পৈতৃক বিষয়ে অ০। ২

দখল ; আয়ত্ত। প্র-স্বত্ব অ° করা। ৩ শাসন ; আধিপত্য ; রাজ্য ; রাজত্ব। প্র-এই প্রদেশ রাজার অ° ভুক্ত। ৪ এলাকা jurisdiction. ৫ প্রকরণ chapter. ৬ পদ office. ৭ সংস্রব ; সম্বন্ধ ; সম্পর্ক। প্র-কাহারও সহিত কথা কহিবার অ°। ৮ বিজ্ঞতা ; অভিজ্ঞতা ; জ্ঞান ; প্রবেশ। প্র-শাস্ত্রে অ°। ৯ ক্ষমতা ; ভার ; দায়িত্ব। "এক এক বিভাগীয় কার্য্যের অ°।"-রায় বিদ্যাবিনোদ। ১০ স্বীকার। ১১ আরম্ভ। ১২ নিয়োগ। ১৩ অনুষ্ঠান। ১৪ রাজাদের ছত্রচামরাদি ধারণ। ১৫ উপযোগিতা ; নীতি, ধর্ম্ম ও সমাজ সম্মত যোগ্যতা। "অ° ভেদ নাহি মানে, এধনে সবার অ°।"-গোবিন্দমোহন। ১৬ [র্ম্ম-ঘঞ্] পদ। ১৭ [ব্যা°] প্রকরণ বিঃ ; পূর্ব্ব সূত্রস্থ পদের পরসূত্রে উপস্থিতি। ১৮ কামনা। "কর্ম্মফলে তোমার অ° না হউক।" সমান অ° -equal rights সামান্য অ°-equality- সা° প° প°, ১৩৩২ ; ২য় সংখ্যা। বিণ, আধিকারিক-অ° সম্বন্ধীয়, স্বত্ব বা দখল সংক্রান্ত। ~গঁত-দখলীকৃত, আয়ত্ত। চ্যুর্ত-আয়ত্তের বহির্ভূত ; নষ্টাধিকার। ~স্থ-অধিকারে অবস্থিত।

অধিকারঁণিক-অধিকরণিক দ্রঃ।

অধিকারী [মূ°-অধিকারিন্ অধিকার +ইন্, স্ত্য] বিণ, যার অধিকার আছে ; স্বত্ববান ; স্বামী ; দখলিকার। ২ রাজা। ৩ অধ্যক্ষ (যাত্রার দলের)। "ছড়া কাটাও গো অ° মহাশয়।"-দীনবন্ধু মিত্র (লীলাবতী)। ৩ বৈষ্ণব সম্প্রদায়ের অধ্যক্ষ। ৪ জাতি বিশেষের উপাধি। ৫ যিনি পূজা করিবার যোগ্যতা লাভ করিয়াছেন। "ধূপ দীপ গন্ধ পুষ্পে পূজন অ°।"-শূ° পু°।

অধিকারূঢ় বৈশিষ্ট্যরূপঁক- বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ। ইহাতে বিশেষণ দ্বারা উপমানাপেক্ষা উপমেয়ের গুণাদি অতিশয়িতরূপে বর্ণিত হয়। যথা-"গৌরীর-বদন শশী কলঙ্করহিত। নয়নেন্দীবর তাঁর সদা বিকশিত।" এখানে বদনে চন্দ্রত্বারোপ ও নয়নে ইন্দীবরত্বারোপ করিবার পর কলঙ্ক রহিত ও সদাবিকশিত এই দুই বিশেষণদ্বারা চন্দ্রাপেক্ষা বদনের ও ইন্দীবরাপেক্ষা নয়নের শোভাদি অতিশয়িতরূপে বর্ণিত হইয়াছে।

অধিকৃর্ত [অধি-কৃ+ত (র্ম্ম)] বিণ, যে বিষয় অধিকার করা হইয়াছে ; অধিগত ; আয়ত্ত ; প্রাপ্ত। ২ নিযুক্ত। ৩ পরিচালিত। ৪ বি, অধিকারী ; অধ্যক্ষ ; যার হস্তে কর্ম্ম-নির্ব্বাহের ভার অর্পিত হয়। ৫ আয় ব্যয় পরীক্ষক auditor.

অধিক্ষিপ্ত [অধি+ক্ষিপ্ (ক্ষেপন বা নিন্দা)+ত (র্ম্ম)] বিণ, নিন্দিত ; ভর্ৎসিত। ২ স্থাপিত। ৩ নিক্ষিপ্ত।

অধিক্ষেপ [অধি+ক্ষিপ্ (ক্ষেপণে, নিন্দায়)+অ-ভা°] বি, নিন্দা ; তিরস্কার। ২ প্রেরণ। ৩ স্থাপন।

অধিক্রেম-বি, আক্রমণ invasion.

অধিগঁত [অধি+গম (পাওয়া বা জানা) +ত (র্ম্ম)] বিণ, জ্ঞাত। ২ প্রাপ্ত। ৩ শিক্ষিত। ৪ বিদিত। ৫ স্বীকৃত।

অধিগঁম [অধি+গম্ (গমন করা বা পাওয়া)+অ] বি, প্রাপ্তি ; লাভ। ২ উপার্জ্জন। ৩ [বৌ° সা°] বিণ, শাস্ত্র শিক্ষা ; শাস্ত্র পাঠ। ৪ স্বীকার। ৫ জ্ঞান। ৬ শিক্ষা।

অধিগম্য-জ্ঞেয় ; প্রাপ্তব্য ; শিক্ষণীয়।

অধিজঁনঁন [অধি (প্রধান) জন-ণিচ্= জানি (জন্ম দান করা) অন (র্তৃ)] বি, জনক। ২ উৎপাদক। ৩ [জন্+অন (ভা°)] জন্ম। ৪ উৎপাদন।

অধিজানু [রবী° উদ্ধৃত] বিণ, নত-জানু ; হাঁটু গাড়িয়া on the knees.

অধিজ্য [অধি+জ্যা (ধনুকের ছিলা) যে জ্যা-কে অধিকার করিয়া থাকে] বি, জ্যা সংযুক্ত ধনুক ; ছিলা আরোপিত ধনুক।

অধিজিহ্ব [অধি (অধিক)+জিহ্বা] জিহ্বার উপরিস্থিত ফোটক বা ফোড়া।

অধিজ্যোতিষ [অধি+জ্যোতিষ+ষ্ণ (ইদমর্থে)] বি, জগতের জ্যোতির্ম্ময় অংশ সমূহ।

অধিত্বক-বি, উপরিস্থ ত্বক ; প্রাণি শরীরের অনঙ্কুভবনশীল উপরের চামড়া epidermis.

অধিত্যকা [অধি (উপরি)+ত্যক (ভা°)+স্ত্রীং-আ, যে উপরে থাকে] বি, পর্ব্বতের উপরিস্থ বিস্তৃত ভূমি table land. [বিপরীত-উপত্যকা valley]।

অধিদঁন্ত [অধি (উপরি, অতিরিক্ত) দন্ত] বি, গজদাঁত।

অধিদেব,~দেবঁতা (স্ত্রীং),~দৈবঁত [অধি-দেব, দেবতা, দৈবত] বি, অধিষ্ঠাত্রী দেবতা ; অন্তর্য্যামী পুরুষ ; সূর্য্য-মণ্ডলবর্ত্তী দেবতাদিগের অধিপতি।

অধিনায়ক [অধি (প্রধান) নায়ক] বি, অধ্যক্ষ। ২ নেতা। ~তা,~ত্ব-বি, নেতৃত্ব ; অধ্যক্ষতা।

অধিপ, অধিপতি [অধি+প (পতি, বা যে পালন করে)] বি, স্বামী ; প্রভু, রাজা ; অধিকারী।

অধিপুরুষ [অধি (প্রধান) বিরাট পুরুষ] বি, পরমেশ্বর। ২ সর্ব্বময় কর্ত্তা, তত্ত্বাবধায়ক।

অধি/বাস [অধি+বাস (বস্=বাস করা +ঘঞ্)] বি, নিবাস। ২ প্রতিবেশী। ৩ [অধি+বস্+ণিচ্=বাসি(=সংস্কার করা)+ ঘঞ্] বি, গন্ধমাল্য, ধূপ, ধান্য ই°দ্বারা পূজা : বিবাহাদি পূর্ব্বে সংস্কার বিঃ ; মাঙ্গল্য দ্রব্যে সজ্জিত করণ (পূজার পূর্ব্বদিনে সায়ংকালে ইহার বিধি)। "হেমন্ত হরিষে, কন্যা অধি-বাসে করিল দুন্দুভি বাজনা,"-কবিক°। ৪ শুভ কার্য্যাদির পূর্ব্বানুষ্ঠান। "আজি অধিবাস, কালি পাব ছত্রদণ্ড,"-কৃত্তি°। ~বাসঁন [অধি+বাসন] বি, গন্ধমাল্যাদি-দ্বারা সংস্কার ; অবস্থান ; যজ্ঞারম্ভের পূর্ব্বে দেবতা স্থাপন। "যতেক দ্বিজ মুনি, করায় বেদধ্বনি, গৌরীর গন্ধাধিবাসনে,"-কবিক°। ~বাসিঁত [অধি+বাস-ণিচ্+ত (র্ম্ম)] বিণ, গন্ধমাল্যাদিদ্বারা সংস্কৃত ; স্থাপিত। ~বাসী [মূ°-অধিবাসিন্। অধি+বাসী (যে বাস করে)] বিণ, নিবাসী।

অধিবিদ্য [অধি+বিদ্যা-অধিগতা যৎকর্ত্তৃক-বহু°] বিণ, অতিশয় বিদ্বান। ~া।

অধিবিন্না [অধি (পূর্ব্বে)+বিন্ন (বিদ্= লাভ করা+ত (র্ম্ম)। যাকে পূর্ব্বে লাভ করা বা প্রাপ্ত হওয়া গিয়াছে] বি, দ্বিতীয় বা বহুবার বিবাহিত ব্যক্তির প্রথমা পত্নী।

অধিবেত্তা [মূ°-অধিবেত্তৃ। অধি+বিদ্

(লাভ করা)+তৃ] বি, প্রথম বিবাহিতা স্ত্রী সত্ত্বে যে পুরুষ পুনরায় বিবাহ করিয়াছে।
অধিবেদন [অধি+বিদ্ (লাভ করা)+অন (ভা॰)] বি, প্রথমা স্ত্রী বর্ত্তমান থাকা সত্ত্বেও দারান্তর পরিগ্রহ।
অধিবেশন [অধি-বিশ্ (অবস্থানে)+অন (ভা॰)] বি, উপবেশন : অধিষ্ঠান। ২ অনুষ্ঠান : (সভা সম্মিলনাদির) বৈঠক।
অধিভূ [অধি+ভূ (হওয়া)+ক্বিপ্ (কৃ)] বি, স্বামী ; রাজা ; প্রভু।
অধিভূত [অধি(উপরি)+ভূত (পঞ্চভূত)] বিণ, যা বিনশ্বর দেহাদি পদার্থভূত সকলকে অধিকার করিয়া থাকে। ২ বি, পরম পুরুষ।
অধিমাস, অধিমাংস [অধি (অধিক)+মাস, মাংস] বি, অতিরিক্ত মাংস ; বিস্ফোটক। "কোন মনুষ্যের আত্মা নানা প্রকারে আপনাকে পীড়া দিতে পারে, প্রথমতঃ যখন কারও আত্মা বিস্ফোটকের ভাব ধারণ করে—জগতের পৃষ্ঠে একটা অধিমাংস হইয়া অবস্থিতি করে—সেই একপ্রকার পীড়া।"—জ্যো॰ ঠাকুর। ২ মলমাস।
অধিযজ্ঞ [অধি (অধিকৃত্য)+যজ্ঞ] বি, যাকে লক্ষ্য করিয়া যজ্ঞ করা হয় : কৃষ্ণ। "আমি এই দেহ-যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতারূপে অবস্থান করিতেছি। এইজন্য অ॰ বলিয়া অভিহিত হইয়া থাকি।"—গীতা।
অধিযোগ [অধি+যুজ্+অ (ভা॰)] বি, জ্যোতিষশাস্ত্রোক্ত শুভযোগ বিঃ।
অধিরথ—বি, কর্ণের পালকপিতা ; অধিরথ সূত বা সারথির কার্য্য করিতেন বলিয়া কর্ণ সূতপুত্র বলিয়া অভিহিত।
অধি/রাজ ['অধিরাট্' ও॰। অধি (প্রধান)+রাজ্ (দীপ্তি পাওয়া)+ক্বিপ্] বি, সম্রাট্ ; প্রধান রাজা ; সার্ব্বভৌম। ~রাজ্য—বি, সাম্রাজ্য ; সার্ব্বভৌমত্ব।
অধিরূঢ় —অধিরোহণ দ্রঃ।
অধি/রোপণ [অধি+রোপণ(রুহ্)+ণিচ্=রোপি+অন,ভা॰] বি,আরোহণ করান; ধনুকে শর সংযোগ। বিণ, ~রোপিত।
অধি/রোহণ [অধি+রুহ (আরোহণ করা)+অন (ভা॰)] বি, উপরে উঠা ; উপরে অধিষ্ঠান; চড়া। বিণ, ~রূঢ় [অধি-রুহ্-ত (কৃ,র্ম)] আরূঢ়। ~রোহণী, ~রোহিণী [অধি+রুহ্ (আরোহণ করা)+অন, ইন+ঈ-স্ত্রীং] বি, যদ্দ্বারা উপরে উঠা যায় : সোপান ; সিঁড়ি। ~রোহী—বিণ, অধিরোহণকারী। > স্ত্রীং ~রোহিণী।
অধিলোক—বি, মর্ত্তধাম। ২ বিশ্ব।
অধিশয়িত [অধি-শয়িত। শী=শয়ন করা+ত (কৃ)] বিণ, অধিষ্ঠিত।
অধিশায়িত [অধি-শী (ণিজন্ত)=শায়ি+ত (র্ম)] বিণ, অধিষ্ঠাপিত ; শায়িত।
অধিশ্র/য় [অধি-শ্রি+অ (ধি)] বি, আধার ; স্থান ; আশ্রয়। ২ [বৈজ্ঞা॰ পরিঃ] কাচাদি দ্বারা যে বিন্দুতে কিরণ একত্রীভূত হয় focus [অধিশ্রয়ণ দ্রঃ] ~য়ণ [অধি+শ্রি(পাক করা)+অন (ভা॰)] বি,পাক করণ; পাকের নিমিত্ত চুল্লীর উপর পাকপাত্র স্থাপন। ২ কাচ বা স্ফটিকখণ্ডের মধ্য দিয়া সূর্য্যরশ্মি বিকীর্ণ হইয়া যে বিন্দুতে একত্রীভূত হয় focus. ~য়ণী, ~য়িণী [অধি+শ্রি (পাক করা)+অন, ইন্ (ধি) যাতে অন্নাদি চড়ান যায়)] বি, উনন ; চুল্লী।
অধিশ্রিত [অধি+শ্রি (আশ্রয় করা)+ত (র্ম)] বিণ, প্রাপ্ত। ২ স্থাপিত। ৩ আশ্রিত। বি, অধিশ্রয় (দ্রঃ)।
অধিষ্ঠা/তা [মূ॰—অধিষ্ঠাতৃ,অধি+স্থা+তৃ (কৃ)] বিণ, যে অধিষ্ঠান করে ; অবস্থিত। ২ বি, অধ্যক্ষ। ৩ শাস্তা ; নিয়ন্তা। স্ত্রীং ~ত্রী—আশ্রয়দাত্রী ; স্থিতিকারিণী। ~ন [অধি+স্থা+অন (ভা॰)] বি, উপস্থিতি : স্থিতি ; উপবেশন : আবির্ভাব ; সন্নিধান ; অধিকরণ ; উপস্থিত হওন। ২ [(ধি) অন] নগর ; আধার। ৩[(ণে) অন] চক্র। ৪ প্রভাব। ~নভূমি—বি, উপবেশনস্থল। ২ আশ্রয় বা অবলম্বন ক্ষেত্র। ~পন [অধি—স্থাপি+অন] বি, অধিষ্ঠান করান ; কৃতাধিশয়ন। ~পক—যে অধিষ্ঠান করায়। ~পিত—বিণ, অধিশায়িত।
অধিষ্ঠায়ক [অধি—স্থা+অক (কৃ)] অধিষ্ঠাপক। ২ শাসক। ~বর্গ—বি, শাসকসম্প্রদায় ; শাসকবর্গ Governing body.
অধিষ্ঠিত [অধি+স্থা (থাকা)+ত (র্ম)] বিণ, অবস্থিত। ২ যথায় অবস্থিতি করা গিয়াছে এরূপ। ৩ আবির্ভূত। ৪ রক্ষিত। ৫ বেষ্টিত। স্ত্রীং ~া।
অধি/সংক্রান্তি, ~সঞ্চার [চি॰ শা॰] বি, কয়েক পুরুষ বিরামের পর কৌলিক পীড়ার পুনঃ প্রকাশ atavism. বিণ, ~সঞ্চারিক, ~সঞ্চারী atavistic.
অধী/ত [অধি+ই (অধ্যয়ন করা)+ত (র্ম)] বিণ, পঠিত ; যা পাঠ করা বা অধ্যয়ন করা হইয়াছে। ২ বি, অধ্যয়ন [অপ্র॰] ~তি—পাঠ ; অধ্যয়ন study. ২ ছাত্র student. ~তী—বিণ, পাঠ বা অধ্যয়নকারী ; কৃতাধ্যয়ন। ২ বি, ছাত্র।
অধীন [অধি (অধিগত)+ইন (প্রভু অর্থে)—প্রভুর অধিগত বা আয়ত্ত—২ তৎ] বিণ, আয়ত্ত ; বশীভূত ; অনুগত ; আশ্রিত ; বাধ্য। এই ত্রিলিঙ্গবাচক অধীন শব্দ বাং-য় পুংলিঙ্গেই সাধাঃ ব্যবহৃত হয়। স্ত্রীং অধীনা। কিন্তু বাং-য় অধিনী, অধীনী ও॰ চ॰ যথা—"তুমি নব জলধর এ তব অধিনী।"—ব্রজাঙ্গনা। "অধিনী জনে প্রাণনাথ, নিদয় হয়ে, ছিলে হে কেমনে।"—নিধুবাবু। "অধিনী"—মনোমোহন বসু, কাশীপ্রসাদ ঘোষ। "অধীনী"—বিষ্ণুরাম চট্টো॰ (বাং গান)। "প্রেমাধিনী"—রাম বসু।
অধীনতা [অধীন+তা (ভা॰)] বি, অপরের আজ্ঞানুবর্ত্তিতা ; পরের আদেশ অনুযায়ী কার্য্য করার ভাব।
অধীয়ান [অধি+ই (গমন করা—অধ্যয়ন করা)+আন (কৃ)] বিণ ; বিদ্যার্থী ; ছাত্র। ২ বিদ্বান্। "জেন্দাভেস্তার এই আরিয়ানা ভেইজোকে বহু অ॰ সুপণ্ডিত ব্যক্তি মনুর আর্য্যাবর্ত্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন।"—উ॰ বিদ্যারত্ন। ৩ [অধীয়ৎ—১মা, ১ব॰ ; অধি+অৎ (কৃ—শতৃ)] যে অনায়াসে পাঠ করে। ৪ অবধানকারী।
অধীর [ন=অ+ধীর(স্থির)—নঞ্] বিণ, চঞ্চল ; অস্থির : অসহিষ্ণু ; ধৈর্য্যহীন। ২ কাতর। ভীত। স্ত্রীং ~া—নায়িকা বিঃ, ক্রোধ প্রদর্শন পূর্ব্বক প্রিয়ের প্রতি নিষ্ঠুর-ভাষিণী নায়িকা। ২ চঞ্চলা। ৩ বিদ্যুৎ দ্রঃ —কবি মধুসূদন, অ॰ হইতে 'অধীরিয়া' এই ক্রিয়া পদ করিয়াছেন] ~তা (-স্ত্রী॰)

ˌ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গাঁ ঞ্চ=ন্‌চ ক্ত=ক্‌ট ম্ন্‌ ... ব্য, জ ক ব ভ=zfwv ও চচা॰ দ্রঃ

[অধীর+তা (ভা০)] বি, চঞ্চলতা : অস্থিরতা ; ধৈর্য্যহীনতা।

অধীশ, অধীশ্বর [অধি (প্রধান)+ঈশ, ঈশ্বর] বি, মহারাজ : প্রধান রাজা : চক্রবর্ত্তী ; সম্রাট্ ; যে রাজা অপর কাকেও কর প্রদান করে না। ২ বিণ, প্রভু ; কর্ত্তা।

অধু(ধূ)ত [ন=অ-ধু, ধূ (কাঁপা)+ত (র্ম্ম)] বিণ, অকম্পিত।

অধুনা [ইদম্(এই)-সপ্তম্যন্ত নিপাতনসিদ্ধ] অ, এক্ষণ ; সম্প্রতি ; বর্ত্তমানে ; আজি-কালি।

অধুনাতন [অধুনা + তন (ভা০)] বিণ, বর্ত্তমানকালীন ; আধুনিক ; ইদানীন্তন: যা ইদানীং জন্মিয়াছে বা ঘটিয়াছে।

অধৃতি [অ-ধৃতি (দ্রঃ)] বি, ধৃতির অভাব; অধৈর্য্য ; দৃঢ়তার অভাব।

অধৃষ্ট [অ+ধৃষ্ (প্রগল্‌ভ হওয়া) ত (র্ত্তৃ) নঞ্] বিণ, অপ্রগল্‌ভ ; বিনীত ; লজ্জাশীল।

অধৃষ্য [ন=ধৃষ্ (পরাজয় করা)+য (র্ম্ম)-নঞ্] বিণ, যাকে পরাজয় করা যায় না ; অজেয় ; যার নিকট যাওয়া যায় না ; দুর্দ্ধর্ষ। স্ত্রীং ~া। বি, ~তা।

অধৈর্য্য [অধীর+য (ভা০)] বিণ, ব্যাকুল ; ধৈর্য্যহীন ; চঞ্চল ; অস্থির।

অধোংশুক [অধস্ (নিম্ন)+অংশুক (বস্ত্র) অধঃস্থিত অংশুক-ম০ .প০ লো০] বি, ধুতি ই০ পরিধেয় বস্ত্র।

অধোক্ষজ [অধঃ (নিম্নস্থিত যে) অক্ষ (ইন্দ্রিয়, পাদ-তাহতে)+জ (জন্ম যার)-ম০ প০ লো০, বহু০] শ্রীকৃষ্ণ। ২ বিষ্ণু (এক কল্পে মহাদেবের পাদদেশ হইতে উৎপন্ন বলিয়া)। ৩ অতীন্দ্রিয় (জিতেন্দ্রিয়দিগের প্রত্যক্ষীভূত বলিয়া)।

অধো/গতি [অধস্ (নীচে)+গতি (গমন)] বি, নিম্নগতি ; অবনতি ; হীনদশা-প্রাপ্তি। ২ নরক গতি : নরকে বাস। ৩ তির্য্যক্ যোনি প্রাপ্তি ; নীচ যোনিতে জন্ম। [দ্রঃ-ঊর্দ্ধগতি-স্বর্গপ্রাপ্তি : মধ্যগতি-স্বর্গ ও নরকের মধ্যবর্ত্তী পৃথিবীতে নরলোকে জন্ম] বিণ, ~গত-অ০ প্রাপ্ত। ~গমন-অ০। ~গামী-বিণ, নিম্নগতিশীল, অধঃপতনোন্মুখ। ~ঙ্গ [অধঃ+অঙ্গ] বি, উপস্থ : নিম্নাঙ্গ। ~জিহ্বিকা-বি, আল্‌জিভ। ~দৃষ্টি [অধঃ (নিম্নে)+দৃষ্টি (দর্শন)] বিণ, নিম্নদৃষ্টি ; যোগাভ্যাসের সময় নাসিকার অগ্রভাগে নিবদ্ধ দৃষ্টিযুক্ত। ~বায়ু [অধস্ (অধোগামী)+বায়ু-ধা] বি, গুহ্যদেশস্থবায়ু ; অপানবায়ু। ~বিন্দু [অধঃ+বিন্দু] নভোমণ্ডলের যে স্থল আমাদের পদতলের ঠিক নিম্নভাগে অবস্থিত ; অধঃস্বস্তিকের বিপরীত nadir ~ভাগ-বি, নিম্নাংশ ; নিম্নস্থল। ~ভুবন [অধস্ (নিম্ন)+ভুবন] বি, পাতাল ; রসাতল। ২ নাগলোক। ৩ অসুররাজ বলির রাজ্য। ~মর্ম্ম [অধঃ+মর্ম্ম (দ্রঃ)] বি. গুহ্যদেশ the anus ; private parts ~মার্গ-বি, নিম্নপথ : ভূগর্ভস্থ পথ। ২ অধর্ম্ম। ৩ গুহ্যদেশ, উপস্থ। ~মুখ, ~বদন [অধস্ (নিম্ন) + মুখ, বদন যার-বহু০ : বা অধস্ (অধঃকৃত)+মুখ-বহু০] বিণ, নতমুখ; অধোবদন : যে লজ্জা বা কোন কারণ বশতঃ সঙ্কোচে অধোমুখ হইয়া থাকে। ২ [জ্যো০] মূলা, অশ্লেষা, কৃত্তিকাদি নক্ষত্রগণ বিঃ। ৩ [প্রা০ নাট্য শা০] অঙ্গাভিনয়ে মস্তক নত করার অবস্থা (লজ্জা, শোক, প্রণাম, ঘৃণার ছলে অবলোকন, মূর্চ্ছা, স্নান ই০ স্থলে) অভিনয় দ্রঃ। ~লোক [অধস্ (নিম্ন)+লোক (জগৎ)-ধা] বি, পাতাল। অধোভুবন দ্রঃ।

অধ্যক্ষ [অধি (উপরি)+অক্ষ্ (ব্যাপা) সম্পন্ন করা+অ] বি, কর্ম্মকর্ত্তা ; প্রভু ; তত্ত্বাবধায়ক ; কলেজের প্রিন্সিপাল। ২ [অধি+অক্ষ (ইন্দ্রিয়) যা ইন্দ্রিয়কে অধিকার করিয়া বর্ত্তে] বিণ, ইন্দ্রিয়গ্রাহ্য ; প্রত্যক্ষ [প্র০ অ০] ~তা-বি, প্রভুত্ব ; কর্ত্তৃত্ব ; তত্ত্বাবধান।

অধ্যগ্নি [অধি (সমীপে)+অগ্নি-অব্যয়ী০] ক্রি-বিণ, অগ্নির নিকট। ২ বি, বিবাহ সময়ে অগ্নি সমক্ষে কন্যাকে প্রদত্ত ধন।

অধ্যধীন [অধি (সর্ব্বতোভাবে) অধীন] বিণ, সর্ব্বতোভাবে অধীন : সর্ব্বাধীন : সকলের অধীন।

অধ্যবসায়১ [কাব্যালঙ্কারে] প্রকৃত বিষয়ের অধঃকরণ করিয়া বিষয়ী অর্থাৎ উপমানের অভেদ কল্পনা। **সিদ্ধাধ্যবসায়**-নিশ্চিতরূপে অধ্যবসায়ের প্রতীতি। **সাধ্য অধ্যবসায়**-অধ্যবসায়ের নিশ্চিতরূপ প্রতীতির অভাব।

অধ্যবসায়২ [অধি+অব+সো (নষ্ট করা, উৎসাহ করা)+ঘঞ্ (ভা০)] বি, অবিরাম উৎসাহ ; দৃঢ় প্রযত্ন ; অবলম্বিত কার্য্য সম্পাদনে তৎপরতা। ২ নিশ্চয় [প্র০ অ০] বিণ, অধ্যবসায়ী। ~ী [মূ০-অধ্যবসায়িন্। অধ্যবসায়+ইন্ (স্ত্য)] বিণ, যে ব্যক্তির অধ্যবসায় আছে : অধ্যবসায়শীল ; যে ব্যক্তি আরব্ধ কার্য্য সম্পাদনের জন্য অবিচলিত যত্ন করে। ~শীল-বিণ, উদ্যোগী ; নিরত প্রযত্নপর : অক্লান্ত পরিশ্রমী।

অধ্যবসায়ারূঢ় [অধ্যবসায় + আরূঢ়] বিণ, যে কোন কার্য্য সম্পন্ন করিব বলিয়া স্থিরপ্রতিজ্ঞ হইয়াছে।

অধ্যবহার [বৌ০ সা০] বি, যে যা পায় তাই গিলিয়া ফেলে। ২ জাতক বর্ণিত মহাকায় মৎস্য বিঃ। "পুরাকালে মহাসাগরে * * * মহাকায় মৎস্য ছিল। আনন্দ, তিমিন্দ্র ও অ০ এই তিনটীর প্রত্যেকের দেহ ছিল পঞ্চশত যোজন প্রমাণ।"-জাতক ৫ম খণ্ড।

অধ্যয়ন [অধি+ই (গমন করা-পাঠ করা)+অন (ভা০)] বি, অভিনিবেশপূর্ব্বক পাঠ ; শাস্ত্রালোচনা। ২ বেদ পাঠ। ~নিবিষ্ট, ~নিরত, ~রত, ~মগ্ন, ~শীল-বিণ, পাঠরত ; পাঠমগ্ন ; পঠনশীল ; পাঠনিষ্ঠ।

অধ্যর্দ্ধ [অধি (অধিক)+অর্দ্ধ] বিণ, দেড় ; সার্দ্ধ ; একের অধিক অর্দ্ধ।

অধ্যশন [অধি (অধিক)+অশন (ভোজন)] বি, অতি ভোজন ; ভুক্ত দ্রব্য পরিপাক হবার পূর্ব্বে পুনরায় ভোজন ; অজীর্ণাবস্থায় ভোজন।

অধ্যস্থ-বিণ, অনুকল্পিত ; আরোপিত substituted

অধ্যা [বৌ০ বাং] বি. আত্মা।

অধ্যাত্ম [অধি+আত্মা, যা আত্মাকে অধিকার করিয়া বর্ত্তে] অ, পরমাত্মবিষয়ক, শরীর সম্পর্কীয় ; চিত্তবিষয়ক। ২ পরব্রহ্ম। ~া [অধি-আত্মন্] বি, জীবাত্মা ; পরমাত্মা। বিণ, **অধ্যাত্মিক**-আধ্যাত্মিক (দ্রঃ)। ~তত্ত্ব-ব্রহ্মজিজ্ঞাসা ; ঈশ্বর বিষয়ক জ্ঞান : ব্রহ্মনিরূপণ। ~তত্ত্ববিৎ [অধ্যাত্ম+তত্ত্ব

(গূঢ় কারণ) + বিৎ (যে জানে) উপং] বিণ, পরমাত্ম-বিষয়ক গূঢ় রহস্যজ্ঞ। ~বৈঠক-বি, মৃতজীবের আত্মার সন্ধানে যে মর্ম্মীদের বৈঠক করা হয় ; প্রেত বা পরলোক সম্বন্ধীয় তত্ত্ব-সভা seance. ~রামায়ণ-রাম চরিতের আধ্যাত্মিক বর্ণনা ও কর্ম্মকাণ্ড, ভক্তিযোগ, ধর্ম্ম ও রাজনীতি সম্বন্ধীয় বর্ণনা সম্বলিত মহর্ষি বেদব্যাস রচিত কাব্য বিঃ।

অধ্যাপক [অধ্যাপি (অধ্যয়ন করান) + অক 'আধ্যাপক' ও (অপ্রং)] বি, যিনি পড়ান বা অধ্যয়ন করান ; শিক্ষক ; উপদেশক ; আচার্য্য ; শিক্ষাগুরু ; উপাধ্যায়।

অধ্যা/পন, ~পনা [অধ্যাপি (পড়ান) + অ (ভাং) + আ (স্ত্রী)] বি, শিক্ষা প্রদান ; অধ্যয়ন করান। বিণ, ~পিত। ~পয়িতা [মূং-অধ্যাপয়িতৃ, অধ্যাপি = পড়ান + তৃ] বি, অধ্যাপক। স্ত্রীং ~পয়িত্রী।

অধ্যায় [অধি + (ই=পাঠ করা) + ঘঞ্-যা অধ্যয়ন করা যায়] বি, গ্রন্থের পরিচ্ছেদ ; অংশ বা বিভাগ ; সর্গ ; বর্গ ; স্কন্ধ ; কাণ্ড ; পটল ; প্রকরণ ; উচ্ছ্বাস ; আহ্নিক ; উল্লাস ; অঙ্ক ; পর্ব্ব ; পাঠ chapter. ২ বেদের অংশ।

অধ্যারূঢ় [অধি + আরূঢ়] বিণ, যে আরোহণ করিয়াছে। ২ অত্যন্ত ; সমধিক।

অধ্যারো/প [অধি + আরোপ] বি, এক বস্তুতে অপর বস্তুর কল্পনা বা সত্তার আরোপ ; একে অন্যের কল্পনা Transference of epithet. ~পণ [অধি + আরোপণ] বি, স্থাপন ; আরোপ করণ।

অধ্যাবাহনিক [অধি + আবাহন + ইক] বি, পতিগৃহে গমনকালে পিতৃগৃহ হইতে প্রাপ্ত ধন।

অধ্যা/স [অধি + অস্ (ক্ষেপণ করা) + অ (ভাং)] বি, এক বস্তুতে অন্য বস্তুর আরোপ বা জ্ঞান (যথা-রজ্জুতে সর্পজ্ঞান)। ২ [অধি + আস্ (উপবেশন করা) + অ (ভাং)] অধিষ্ঠান ; উপবেশন ; আসন ; আধিপত্য। ~সন-বি, উপবেশন ; অধিষ্ঠান ; বিদ্যমানতা ; বাস। বিণ, ~সিত। ~সীন [অধি + আস্ + আন=ঈন] বিণ, অধিষ্ঠিত ; উপবিষ্ট ; যে বসিয়া আছে।

অধ্যাহরণ [অধি + আ + হৃ (হরণ করা, উহ্য করা) অন্ (ভাং)] বি, অধ্যাহার দ্রঃ।

অধ্যাহার [অধি + আ + হৃ (হরণ করা, উহ্য করা) + অ (ভাং)] বি, উহ্য করণ ; উদ্ধার ; সমাহার। "এ কথার সমর্থন জন্য আমরা...একটি শ্লোকের অং করিব।"-উং বিদ্যারত্ন। ২ পাদ পূরণ। বিণ, অধ্যাহৃত।

অধ্যাহার্য্য [অধি + আহার্য্য] বিণ, অনুসন্ধেয় ; উহ্য।

অধ্যুষিত [অধি + উষিত (বস্=বাস করা + ত-(ধি)] বিণ, যে স্থান বা দিকে বাস বা উপবেশন করা যায়। ২ [র্ক্তৃ, ত] উপনিবিষ্ট ; অধিষ্ঠিত। "আমাদিগের অং এই জনপদের নাম হৈমবত বর্ষ বা ভারতবর্ষ।"-উং বিদ্যারত্ন। ৩ [র্ণি-ত] যাকে উপবেশন বা বাস করান হইয়াছে।

অধ্যুষ্ট [অধি + বস্ (বাস করা) + ত (র্ক্তৃ)] বিণ, প্রসিদ্ধ। ২ [র্ণি-ত] যাকে বাস করান হইয়াছে। ৩ [ধি-ত] যেখানে বাস করা হয়।

অধ্যুষ্ট্র [অধি + উষ্ট্র] বি, উষ্ট্র যুক্ত রথ বা যানাদি ; উট-গাড়ী।

অধ্যূঢ় [অধি + ঊঢ় (যা বহন করা যায়, বহ + ত)] বিণ, সমৃদ্ধ ; বৃদ্ধিশীল।

অধ্যূঢ়া [অধি (অগ্রে) + ঊঢ়া (বিবাহিতা) যে অগ্রে বিবাহিতা] বি, যে স্ত্রীর স্বামী পুনরায় বিবাহ করে।

অধ্যে/তা [মূং-অধ্যেতৃ। অধি + ই (অধ্যয়ন করা) + তৃ ১মা ১বং] বি, যে অধ্যয়ন করে ; ছাত্র ; পাঠক ; বিদ্যার্থী ; শিষ্য। স্ত্রীং ~ত্রী।

অধ্যেষণ [অধি + ইষ্ (ইচ্ছা করা) + অন-ভাং] বি, প্রার্থনা ; সবিনয় জিজ্ঞাসা। স্ত্রীং ~া।

অধ্রুব [অ + ধ্রুব (স্থির)] বিণ, চঞ্চল ; অস্থির ; অনিত্য। ২ অনিশ্চিত।

অধ্ব [মূং-অধ্বন্। অৎ (সতত গমন করা) + বন্ (ধি) ত্=ধ-যাতে সতত যাতায়াত করা যায়] বি, পথ। ২ সময়। ৩ উপায়। ৪ অবয়ব। ৫ আক্রমণ। ৬ বেদের শাখা বিঃ। ~গ-বিণ, পথগামী ; পথিক। ২ [নির্দ্ধারিত পথে নিত্যগতি হেতু] সূর্য্য। ৩ উষ্ট্র। > স্ত্রীং ~গা-গঙ্গা। ~গামী [মূং-অধ্বগামিন্। অধ্বন্ (পথ) + গামী (যে গমন করে)] বিণ, পথিক ; পথগামী ; পথানুবর্ত্তী।

অধ্বজ [অ-ধ্বজ] বিণ, ধ্বজা বা চূড়া বা পতাকা বিহীন। স্ত্রীং ~া।

অধ্বর [অধ্বন্ (পথ) + রা (দান করা) + অ (র্ক্তৃ)-যে স্বর্গ পথ দান করে-উপং] বি, যজ্ঞ। "জয় বিষাক্ত কণ্টক,কৃতান্ত বঞ্চক,ত্রিশূলধারক, নতাধ্বর।"-অং মং। ২ [অ + ধ্বৃ = কুটিল হওয়া + অ] বি, অষ্টবসুর অন্যতম। ৩ বিণ, সাবধান ; মনোযোগী।

অধ্বরথ [অধ্বন (পথ) + রথ, যার পথই রথ-বহং] বি, পথাভিজ্ঞ দূত ; পথ গমনোপযুক্ত রথ।

অধ্বর্য্যু, অধ্বর্যু [অধ্বর (যজ্ঞ) + যা (গমনে, প্রাপ্তিতে) + উ-যিনি যজ্ঞে প্রধান স্থান প্রাপ্ত হন। যা সর্ব্বাগ্রে গমন করেন ; অথবা অধ্বর + যু (যু=যোগ করা + ক্বিপ্) যিনি অধ্বর যোগ করেন-উপং] বি, যজুর্ব্বেদজ্ঞ ঋত্বিক্ ব্রাহ্মণ ; ঋত্বিক্ চতুষ্টয়ের মধ্যে যজমান যাকে অগ্রে বরণ করে এবং আরম্ভ হইতে সমাপ্তি পর্য্যন্ত কর্ম্ম যে করে।

অধ্বান্ত [অ (ঈষৎ) ধ্বান্ত দ্রঃ] বি, ঈষৎ অন্ধকার ; উষা ; সন্ধ্যারাগ twilight.

অন্ [স্বরবর্ণের পূর্ব্ববর্ত্তী উপসর্গ অ=অন্। তুল-ইং un, on ; কেল্ট্ an ; ল্যাং in] অ, উপসর্গ বিঃ ; না ; অ (দ্রঃ) যথা-অনন্ত।

অর্ন [সং-অন্য > বৌং বাং প্রাকৃং] অং অন্য (চং ৩৮০।২)।

অনং/শ [ন(নাই)অংশ(ভাগ)যার-বহং নএর অক্ষরবিপর্য্যয় অন্ + অংশ=গ্রহণের উপযোগী অধিকার] বিণ, অনধিকারী, ভাগের অনুপযুক্ত। স্ত্রীং ~শা-বি, নন্দ ও যশোদার কন্যা। ২ বিণ অনধিকারিণী। ৩ বি, অংশাভাব। বিণ, ~শিত।

অনংশুমৎফলা-অংশুমৎফলা দ্রঃ।

অনকি-ওয়ানকি দ্রঃ।

অনক্ষ [অন্ + অক্ষ। ন (নাই) অক্ষ (ইন্দ্রিয় বা চক্র) যার-বহং] বিণ, অন্ধ। ২ ইন্দ্রিয়রহিত। ৩ চক্রশূন্য।

অনক্ষর [অন্ (কুৎসিত) + অক্ষর (বর্ণ) -যাতে কুৎসিত বা অশ্লীল বর্ণ আছে-বহং] বি, নিন্দা ; অবক্তব্য বা নিন্দনীয় কুৎসিত কথোপ-

কথন। ২ [ন=(নাই) অক্ষর (বর্ণ) যার-বহু০] বিণ, বর্ণজ্ঞানহীন ; মুর্খ illiterate. ৩ লুপ্ত অক্ষর undeciphered. "আঁধারিল যুবকের মানস নয়ন। হ'ল কাব্য অ০।"-নবীন০।

অনগ্ন-বিণ, উলঙ্গ নহে ; আবৃত।

অনগ্নি [ন-অন্ (নাই) + অগ্নি যার-বহু০] বিণ, অগ্নিশূন্য। ২ দাহকার্য্য রহিত।

অনঘ [ন=অন (নাই) + অঘ (পাপ), যাতে পাপ নাই-বহু০] বিণ, পবিত্র : নিষ্পাপ : নির্ম্মল। ২ মনোজ্ঞ। ৩ দুঃখরহিত।

অনঙ্গ [ন=অন্ (নাই) + অঙ্গ যার-বহু০] বি, কন্দর্প : মদন; কামদেব। হরকোপানলে দগ্ধ হওয়ায় কন্দর্প অনঙ্গ হন: "যাহারে বলেন কাম পণ্ডিত নিকর, সেই সে কন্দর্প পূর্ব্বে ছিলা দেহধর, * * * শিবের সে দৃষ্টিপাতে মদনের অঙ্গ দগ্ধ হওয়াতে নাম হইল অ০।"-রামা০ (রাজ)। ২ [অবয়ব রাহিত্য হেতু] আকাশ : শূন্য [অপ্র০] ৩ [ন্যায়দর্শনে-চিত্তের সূক্ষ্মা-দপি সূক্ষ্ম অণুত্ব হেতু অ০] চিত্ত। ৪ শরীরস্থ ছয় রিপুর প্রথম ও প্রধান রিপু কাম : মনের যে ধর্ম্ম হেতু স্ত্রী পুরুষের মধ্যে আসঙ্গলিপ্সা জন্মে। "হে বীর ! আমি অনঙ্গের বশতাপন্ন হইয়াছি "-মহা০ (বর্দ্ধ)। ৫ বিণ, অঙ্গহীন।

অনঙ্গারি [অনঙ্গ + অরি] বি, কামরিপু ; শিব (চণ্ডীকাব্য, মাধবাচার্য্য, ১৫৭৯ খৃঃ)।

অনঙ্গুলি-বিণ, অঙ্গুলিহীন ; ঠুঁটা।

অনচ্ছ [ন অচ্ছ=অনচ্ছ-নঞ্] বিণ, যার মধ্য দিয়া আলোক ভেদ করিতে পারে না এবং এপার হইতে ওপার দেখাও যায় না : অস্বচ্ছ opaque যেমন-কাঠ, পাথর ই০। ২ আবিল ; ঘোলা : সমল।

অনঞ্জন [অন্ + অনজ্ (গমন করা) ব্রক্ষিত করা + অন] বিণ, অঞ্জন বা কজ্জল-শূন্য ; দোষহীন। ২ বি, পরব্রহ্ম : আকাশ [নিরঞ্জন দ্রঃ]।

অনটন [ন=অন্ + অটন (চলন) গ্রা০-'অনাটন] বি, অপ্রতুল : অভাব : টানা-টানি।

অনড়-বিণ, যা নড়ে না ; যাকে নড়ানো যায় না ; অচল: স্থির। "পড়ে আছি এক আলস্যের স্তূপ,-কঠিন অ০ ভূধর,"-দ্বি০ রায় (মন্ত্র)। ২ অপরিবর্ত্তনশীল : অটল। প্র-তার কথার নড়চড় হইবার যো নাই : সে যা একবার বলে তা অ০ মনে ক'রো।

অনড্বান্ [অনডুহ (অনস্=শকট + বহ্ =বহন করা + ক্বিপ্-যে শকট বহন করে), উপ০] বি, বলদ : বৃষ। স্ত্রীং অনডুহী, অনড্বাহী-গাভী।

অনত-বিণ, যে নত নয়। ২ গর্ব্বিত। ৩ উচ্চ। ৪ অবক্র। স্ত্রীং ~া।

অনতহি [সং-অন্যত্র শব্দের প্রাকৃত রূপ অনত + হি (হিং ৭মী বিভক্তি)] অ, অন্যত্র : অন্যস্থানে : অন্যদিকে। "অনতহি গমনে এতহি নিহার।"-বি০ প০।

অনতি [ন=অন্ + অতি] বিণ, অতিশয় বা অতিরিক্ত নয়। অনতি দূরে, বিলম্বে। ~কাল-বি, অল্পসময় ; অচিরকাল। ~ক্রম, ~ক্রমণ [ন=অন + অতিক্রম বা ক্রমণ] বি, অতিক্রম বা লঙ্ঘন না করা ; অনুল্লঙ্ঘন। ~ক্রমণীয়, ~ক্রম্য [ন= অন্ + অতিক্রম + অনীয় (র্ম্য)] বিণ, যা অতি-ক্রম করা উচিত নহে বা করা যায় না : অনুল্লঙ্ঘনীয়। ~ক্রান্ত-বিণ, অনুল্লঙ্ঘিত। বি, ~ক্রান্তি। ~তপ্ত-বিণ, অতিশয় উষ্ণ নয় এমন। ২ অত্যধিক তাপযুক্ত।

অনতি/দীর্ঘ [ন=অন্ + অতি + দীর্ঘ-নঞ্] বিণ, যা অতিদীর্ঘ নয় ; যেরূপ দীর্ঘ হওয়া আবশ্যক : কিঞ্চিৎ দীর্ঘ : নাতিদীর্ঘ। ~দূর [ন=অন্ + অতি + দূর-নঞ্] বিণ, অতিশয় দূর নহে ; কিয়দ্দূর, বা কতকটা দূর ; নাতিদূর। ~পরিস্ফুট [ন=অন্ + অতি + পরিস্ফুট] বিণ, যা অতি পরিস্ফুট বা স্পষ্ট নয়; অল্প পরি-স্ফুট। ~পূর্ব্ব-অতি পূর্ব্বে নহে ; ক্ষণপূর্ব্বে। ~বর্ত্তন [ন=অ + অতিবর্ত্তন-নঞ্] বি, লঙ্ঘন বা অতিক্রম না করা; অনুল্লঙ্ঘন। ~বর্ত্তনীয় [ন=অন্ + অতিবর্ত্তনীয়-নঞ্] বিণ, অনুল্লঙ্ঘ-নীয় ; অনতিক্রমণীয়। ~বিলম্ব [ন=অন্ + অতি + বিলম্ব-নঞ্] বিণ, অধিক বিলম্ব নয়। ~বিস্তৃত [ন=অন্ + অতি + বিস্তৃত-নঞ্] বিণ, অত্যন্ত বিস্তৃত নয়। বি, ~বিস্তার। ~যত্ন [ন=অ + অতি + যত্ন-নঞ্] ক্রি-বিণ, সামান্য যত্নে ; সমধিক যত্ন ব্যতীত। বি, সামান্য যত্ন। ~রিক্ত-বিণ, যা অতিরিক্ত নয় ২ অনতিক্রান্ত।

অনত্যি [অনত্যয় (ন=অন্-অত্যয়=মৃত্যু, বিনাশ) কিন্তু বাং গ্রা০ ব্যবহারে বিপরীতার্থে ব্যবহার] বি, মৃত্যু ; বিনাশ ; লোপ। ~পাত-মৃত্যু ঘটনা। অ০ পা০ করা-ধ্বংস করা : লোপ করা : সর্ব্বনাশ করা।

অনদ্য [বৈদ্যক] বি, রাইসরিষা।

অনদ্যতন-বি, অচির বা সামান্য অতীত।

অনধিক [ন=অন্ + অধিক-নঞ্] বিণ, অল্প ; কিঞ্চিৎ : ঈষৎ।

অনধিকার [ন=অন্ + অধিকার-নঞ্] বি, অধিকার বা স্বত্বের অভাব: অনায়ত্ত: অদখল : বশের অভাব। অ০ করা [আদা০ ভাষা] ক্রি, অধিকারচ্যুত করা dispossess অ০ প্রবেশ-trespass ~ী [মূ০-অনধিকারিন্। ন=অন্ + অধিকারিন্-নঞ্] বিণ, অধিকারশূন্য ; যার অ০ নাই। ২ সম্পর্ক রহিত। ~কারচর্চ্চা [ন-অ০ + চর্চ্চা (অনুশীলন) ৬ তৎ] বি, যার যে বিষয়ে অধিকার নাই, তার সেই বিষয়ের আলোচনা বা চিন্তা : যে বিষয়ের অভিজ্ঞতা নাই তাতে হস্তক্ষেপ। বিণ, ~চর্চ্চী। অ০ চর্চ্চা পূর্ব্বক-officiously ~প্রবিষ্ট-বিণ, অধিকার না থাকা সত্ত্বেও লব্ধ-প্রবেশ। বি, ~প্রবেশ-trespass.

অনধি/কৃত [ন=অন্ + অধিকৃত-নঞ্] বিণ, যে বিষয় অধিকার করা যায় নাই : যা অধিকৃত নয়। ২ অসম্পর্কিত। ৩ অনধিগত ; অপ্রাপ্ত ; অনায়ত্ত। ~গত [ন=অন্ + অধি-গত=প্রাপ্ত-নঞ্] বিণ, অপ্রাপ্ত ; অজ্ঞাত : অপঠিত। > স্ত্রীং ~া। ~গম্য-বিণ, বুদ্ধির অতীত ; অবোধ্য। ২ অগম্য। > স্ত্রীং ~া। ~ষ্ঠিত-বিণ, অনুপবিষ্ট। ২ অনুপস্থিত। ৩ অপ্রতিষ্ঠিত। ৪ অনারোপিত। > স্ত্রীং ~ষ্ঠিতা।

অনধীত-বিণ, অপঠিত। স্ত্রীং ~া।

অনধীন-বিণ, স্বাধীন; স্ববশ। বি, ~তা।

অনধ্যক্ষ-বিণ, কর্ত্তৃত্বের অনধিকারী। ২ অধ্যক্ষ হইবার অযোগ্য। ৩ [ন=অন্ + অধি + অক্ষ (৯ দ্রঃ)] অপ্রত্যক্ষ। স্ত্রীং ~া।

অনধ্যায় [ন=অন + অধ্যায় (অধ্যয়ন) নঞ্)] বি, অধ্যয়নাভাব; যে দিবস বা তিথিতে শাস্ত্রাদি অধ্যয়ন নিষিদ্ধ (তিথি বার বা

প্রকৃতির অবস্থানুসারে দিনবিশেষে টোলের ছাত্রগণ অধ্যয়নাদি বন্ধ রাখে) ; যে কালে উৎসবাদি উপলক্ষে বিদ্যালয়ের অধ্যাপনা স্থগিত থাকে। "আশ্রমে একদিন অ০ ছিল।"-শান্তিনিকেতন, শ্রাবণ, ১৩৩২।

অনিমুকরণীয় [ন=অন্+অনুকরণীয়-নঞ্] বিণ, যা অনুকরণ করিতে পারা যায় না; যা অনুকরণের অসাধ্য। ২ যা অনুকরণের উপযুক্ত বা যোগ্য নহে। স্ত্রীং ~া।

অননুকূল-বিণ, প্রতিকূল।

অননুজ্ঞাত [ন=অন্+অনুজ্ঞাত-নঞ্] বিণ,অনমুমত; যে বিষয়ে অনুজ্ঞা বা সম্মতিদান করা হয় নাই : অনাদিষ্ট।

অননুভবনীয়-বিণ, অনুভূতি বা উপলব্ধির অতীত। ২ বোধাতীত।

অননুভূত [ন=অন্+অনুভূত-নঞ্] বিণ, যা অনুভব করা হয় নাই; যে বিষয়ে অনুভূতি নাই।

অননুভূতপূর্ব্ব [ন=অন্+অনু+ভূত +পূর্ব্ব-নঞ্] বিণ,পূর্ব্বে যা অনুভূত হয় নাই; কখনও যা অনুভব করা হয় নাই।

অননুমত [ন=অন্+অনুমত-নঞ্] বিণ, যে বিষয়ে অনুমতি দেওয়া হয় নাই : যা অনুমতি সঙ্গত নহে ; অননুজ্ঞাত।

অননুমেয়-বিণ, যা অনুমান করিতে পারা যায় না।

অননুমো/দন-বি, অনুমোদনাভাব ; অসমর্থন। ~**দিত** [ন=অন্+অনুমোদিত-নঞ্] বিণ, যা অনুমোদিত নয় ; যে বিষয়ে মত দেওয়া বা অনুমোদন করা হয় নাই : অননুজ্ঞাত : অননুমত।

অননুশীলন [ন=অন+অনুশীলন-নঞ্] বি, চর্চ্চার অভাব ; অনুশীলনে অনভ্যাস।

অননুশীলিত [ন=অন্+অনুশীলিত-নঞ্] বিণ, যে বিষয়ের বা যার অনুশীলন করা হয় নাই ; অচর্চ্চিত।

অননুষ্ঠিত [ন+অনুষ্ঠিত-নঞ্] বিণ, যার অনুষ্ঠান করা হয় নাই ; অসম্পাদিত।

অনন্ত [ন=অন্+অন্ত (শেষ) যার বিনাশ নাই-বহু০] বি, বিষ্ণু।২ সর্পরাজ ;শেষনাগ। ৩ বলদেব। ৪ সিন্ধুবার বৃক্ষ। ৫ ব্রহ্ম। ৬ আকাশ। ৭ [সর্পাকৃতি বলিয়া] বাহুর অলঙ্কার বিঃ ; তাগা। ৮ বিণ, অন্তহীন। ৯ অনশ্বর ; অক্ষয়। "সঙ্গে বরাঙ্গ শচী অনন্ত যৌবনা।"-মেঘ০। "অনন্তপথে গতি,"-হেম০। ১০ [প্রা০ বাং 'আনন্ত'] শ্রীকৃষ্ণ কীর্ত্তন রচয়িতা বড়ু চণ্ডীদাস, কবির নাম। "গাইল আনন্ত বড়ু চণ্ডীদাসে,"-শ্রী০ কী০ পৃ ৬১, ২১৩, ৩৪১। স্ত্রীং ~া। বি, ~তা, ~ত্ব। ~**কাল**-বি, আবহমানকাল : অনাদিকাল : চিরকাল। ~**কালব্যাপী**,০ ~**কালস্থায়ী**-বিণ, চিরস্থায়ী নিত্য বর্ত্তমান। ~**চতুর্দ্দশী** [অনন্ত (বিষ্ণু)+চতুর্দ্দশী] বি, ভাদ্র শুক্লা চতুর্দ্দশী (এই তিথিতে 'অনন্তব্রত' অনুষ্ঠিত হইয়া থাকে)। ~**দেব**-বি, বিষ্ণু। ~**নিদ্রা**-বি, যে ঘুম ভাঙ্গে না : মৃত্যু। ~**প্রকার**-বি, অশেষবিধ। ~**প্রবাহ**-বি, যে প্রবাহের শেষ নাই। > বিণ, ~**প্রবাহী**। ~**বিজয়** [অনন্তের (নাগরাজের)+বিজয় (পরাজয়) যৎকর্ত্তৃক (যার শব্দে) বহু০] বি, রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক ব্যবহৃত শঙ্খ। ~**বীর্য্য**-বিণ, অসীম শক্তিশালী। ২ বি, ভবিষ্য-কল্পের চতুর্ব্বিংশ জৈন তীর্থঙ্করের মধ্যে ত্রয়োবিংশ জৈন। > স্ত্রীং ~া।~**ব্রত**-বি, অনন্ত চতুর্দ্দশীতে অনুষ্ঠিত ব্রত বিঃ। কুশ বা রজত নির্ম্মিত অনন্ত (বিষ্ণু) কে পটে রাখিয়া চতুর্দ্দশ ফল ও বিবিধ নৈবেদ্য দ্বারা পূজা। স্ত্রী পুরুষ উভয়েরই অনুষ্ঠেয়। ১৪ বৎসর এই ব্রত পালন করিয়া পঞ্চদশ বর্ষে উদ্‌যাপন করিতে হয়। ~**রাশি**-বি, অঙ্কশাস্ত্রে যে রাশির সীমা নির্দ্ধারণ করা যায় না। ~**রূপ** [অনন্ত-রূপ,ধা ; বা অনন্ত রূপ যার-বহু০] বিণ, নানা রূপ। > স্ত্রীং ~**রূপা**, ~**রূপী**, ~**রূপিণী**-অসংখ্য মূর্ত্তিধারিণী। "ভূতলে ভকত ধন্য, যাহার ভজন জন্য একমূর্ত্তি অনন্তরূপিণী।"-শি০। ~**শয়ন**, ~**শয্যা**-বি, মৃত্যু। ২ বিষ্ণুর অনন্তনাগের উপর শয়ন। ৩ অসংখ্য শয্যা : যে শয্যার শেষ নাই। ৪ যে বিছানা পাতাই থাকে। ~**শীর্ষা** [অনন্ত (অসংখ্য)+শীর্ষন্ (মস্তক) যার-বহু০] বি, বাসুকি। ২ বিণ, অসংখ্য মস্তক। ৩ বাসুকি পত্নী।

অনন্তর [ন=অন্+অন্তর=ব্যবধান-নঞ্] বি, সমীপ ; অব্যবধান। ২ [যার ব্যবধান নাই-বহু০] বিণ, নিকটবর্ত্তী ; সন্নিহিত ; অব্যবহিত। ৩ পরবর্ত্তী ; পশ্চাৎবর্ত্তী। "অনন্তর বংশ।" ৪ অ, অতঃপর ; পশ্চাৎ ; তার পর। 'রাম কিয়ৎক্ষণ স্তব্ধ হইয়া রহিলেন, অনন্তর দীর্ঘনিশ্বাস সহকারে হায়! কি হইল বলিয়া নিরতিশয় কাতর বাক্যে কহিতে লাগিলেন," -বি০ সা০।

অনন্তরজ [অনন্তর+জ (জন্=জন্মান)+অ (র্ত্তৃ)-যে পরে জন্মে] বিণ, অনুজ ; পশ্চাৎ জাত। ২ অনুলোমজাত পুত্র ; পুরুষ অপেক্ষা নিম্নজাতীয়া স্ত্রীর গর্ভজাত পুত্র।

অনন্তরায় [ন-অন্তরায়] বি,অপ্রতিবন্ধ। বিণ, বাধাহীন।

অনন্তা [অনন্ত দ্রঃ] বি, যার অন্ত নাই ; অব্যয়া : দুর্গা। "অনাদ্যা অনন্তা অম্বা অম্বিকা অজয়া।"-অ০ ম০। ২ পৃথিবী। ৩ শ্বেত দুর্ব্বা ;দুর্ব্বা। ৪ আমলকী। ৫ হরীতকী। ৬ অনন্তমূল। ৭ অগ্নিমন্থ বৃক্ষ। ৮ গুড়ূচী। ৯। পিপ্পলী। ১০ দুরালভা [শ্বেত ও কৃষ্ণ ভেদে অ০ দুইপ্রকার। ইহাকে বৈদ্যকে শারিবাও বলে hemidesmus indicus]।

অনন্য [ন+অন্য] বিণ,অভিন্ন ; একমাত্র : অদ্বিতীয়। স্ত্রীং ~া। ~**কর্ম্মা** [মূ০-অনন্যকর্ম্মন্-ন অন্য+কর্ম্মন্, যার-বহু০] বিণ, যার অন্য কোন কর্ম্ম নাই ; যে ব্যক্তি কোন নির্দ্দিষ্ট কার্য্য নির্ব্বাহের জন্য অপর সমুদয় কার্য্য পরিত্যাগ করে।~**গতি** [ন+অন্য+গতি যার-বহু০] বিণ,গত্যন্তরহীন : যার অন্য গতি নাই। ২ নিরুপায়। ৩ নিরাশ্রয় ; অনন্যশরণ। ~**গতিক** [(অনন্যগতি দ্রঃ) ন+অন্যগতি +ক-স্বার্থে] বিণ, গত্যন্তরহীন ; একাশ্রয়। ~**গামী**-বিণ, যে অন্য স্থান বা ব্যক্তি বা বিষয় বা স্ত্রী গমনকারী নয়। ২ পরদার গমন রহিত। ৩ একানুরক্ত। স্ত্রীং ~**গামিনী**। ~**চিত্ত**-বিণ, একাগ্রচিত্ত ; অনন্যমনা। ~**চিন্তা**-বি, এক বিষয়ে চিন্তা ; অবিচলিত ধ্যান। ~**জ** [ন+অন্য (হইতে)+জ (ন্)+ড (র্ত্তৃ)-জন্ম যার-বহু০] বি, মনসিজ; যিনি একমাত্র মনেই জন্মিয়াছেন। ২ [অনন্য=বিষ্ণু+জ -৫ তৎ] মদন ; কন্দর্প। ~**তন্ত্র** [ন=অন্য +তন্ত্র] বিণ, মৌলিক। বি, ~**তন্ত্রতা**,

~তন্ত্রত্ব-মৌলিকতা; নিজত্ব originality. "অনেকে বিদ্যাসাগরের অনন্যতন্ত্র প্রতিভা ছিল না বলিয়া আভাস দিয়া থাকেন; তাঁহারা জানেন, অনন্যতন্ত্রত্ব কেবল সাহিত্যে এবং শিল্পে, বিজ্ঞানে এবং দর্শনেই প্রকাশ পাইয়া থাকে।"-চারিত্র পূজা। ~দৃষ্টি [ন+অন্য+দৃষ্টি যার-বহু০] বিণ, যার অন্য কোন বিষয়ে দৃষ্টি নাই। ~ধর্ম্মা [মূ০-অনন্যধর্ম্মন্। ন+অন্য+ধর্ম্ম যার-বহু০] বিণ, যার একভিন্ন ধর্ম্ম নাই। ~পূর্ব্ব-বি, পূর্ব্বে যা অন্যের ছিল না; অনন্যদীয়। স্ত্রীং~া-অনূঢ়া; কুমারী। যে একমাত্র ধর্ম্মকে অবলম্বন করে। ~বৃত্তি [ন+অন্য+বৃত্তি (প্রবৃত্তি বা স্থিতি) যার-বহু০] বিণ, একাগ্র: একাগ্র চিত্ত। ২ একমাত্র বৃত্তি: অনন্যকর্ম্ম। ~মতি-অনন্যমন। ~মন [মূ০-অনন্যমনস্] বি. বিণ, একাগ্রচিত্ত: একমন। ~মনস্ক, ~মনা [মূ০-অনন্য মনস্] বিণ, যার অন্য কোন দিকে মন নাই; একাগ্রচিত্ত। ক্রি-বিণ, ~মনে। ~মাতৃক-বিণ,যার অন্য মাতা নাই। ~সহায়-বিণ, অন্য সাহায্যকারী বিহীন। > স্ত্রীং ~সহায়া। ~সাধারণ [ন+অন্য+সাধারণ (তুল্য) ৬ তৎ, অন্যের সাধারণ নয়-নঞ্] বিণ, যা সাধারণ বা সুলভ নহে; যাতে অপরের অধিকার নাই। ২ অসাধারণ; বিশেষ। "তিনি এই কার্য্যে যেরূপ পরিশ্রম ও ত্যাগ স্বীকার করিয়াছেন তাহা অ০।"-নায়ক, ১লা অগ্রহায়ণ, ১৩২৬। ~সাপেক্ষ [তর্ক বিজ্ঞা০ পরিঃ] বি, সাক্ষাৎ সম্বন্ধে অন্য কোন পদার্থের কথা না ভাবিয়াও যে নামের অর্থবোধ বা ধারণা করা যায়। (যেমন 'জল' বলিলেই তার ধারণা হয় অন্য পদার্থের কথা মনে হয় না) absolute. অন্যোন্য-সাপেক্ষ দ্রঃ। ~সুলভ-বিণ, অপরের পক্ষে যা সহজ লভ্য নহে।

অনন্যোপায় [ন+অন্য+উপায়] বিণ, অন্য উপায়হীন; অনন্যগতি।

অনন্বয় [অন্+অন্বয়] বি, অর্থালঙ্কার বিঃ; ইহাতে উপমান ও উপমেয় উভয়ের ধর্ম্ম একই বস্তুতে আরোপিত হয়। ২ [নাই অন্বয় যার বা যাতে-বহু০] বিণ, অন্বয়হীন।

অনন্বয়োপমা [অনন্বয়+উপমা] বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ। একপদার্থের উপমেয়তা ও উপমানত্ব স্থলে এই অলঙ্কার হয়। যথা-"অনির্ব্বাচ্যা নিরুপমা, আপনি আপন সমা।"-অ০ ম০।

অনন্বিত [ন+অন্বিত-নঞ্] বিণ, অসংলগ্ন: পূর্ব্বাপর সংলগ্ন হীন; অসম্বদ্ধ; বিরহিত।

অনপকা/র [ন=অন্+অপকার। গ্রা০-অনবগার] বি, অক্ষতি। ২ উপকার। ~রক, ~রী-বি, বিণ, যে অনিষ্ট করে না: হিতকারী। বি, ~রিতা।

অনপক্ষেপ-বি, অপ্রত্যাখ্যান। বিণ, অনপক্ষেপ্য-অপ্রত্যাখ্যানীয় not to be reelcted.

অনপচয়-বি,অপচয়ের অভাব: অক্ষতি। বিণ, অনপচিত। স্ত্রীং ~া।

অনপত্য [ন=অন্+অপত্য-নাই অপত্য যার] বিণ, যার সন্তান হয় নাই। ২ যার সন্তান জীবিত নাই। স্ত্রীং ~া। ~তা-বি, সন্তানাভাব।

অনপত্রপ [ন=অ (নহে) অপত্রপ (নির্লজ্জ) যে-বহু০] বিণ, সলজ্জ; লজ্জাশীল। স্ত্রীং ~া।

অনপরাধ [ন (নাই) অপরাধ যার-বহু০] বিণ, নিরপরাধ। ২ নির্দ্দোষ। ৩ বি, অপরাধের অভাব; নির্দ্দোষতা। স্ত্রীং ~া।

অনপরা/ধী [মূ০-অনপরাধিন্। অন্+অপরাধ+ইন্ (স্ত্য)-নঞ্] বিণ, নির্দ্দোষ; নিরপরাধ। স্ত্রীং ~ধিনী।

অনপায়ী [মূ০-অনপায়িন্, ন=অন+অপায়িন্ (বিনাশী)-নঞ্] বিণ, অবিনাশী: নিশ্চল।

অনপেক্ষ [ন (নাই) অপেক্ষা যার-বহু০] বিণ, নিরপেক্ষ; যে কারও মুখাপেক্ষী নহে। স্ত্রীং ~া। ~কারী [মূ০-অনপেক্ষকারিন্, ন=অন+অপেক্ষা+কারী] বিণ,অপেক্ষাকারী নহে: যে কারও ভরসায় থাকে না, নিজেই সকল কার্য্য নির্ব্বাহ করে। স্ত্রীং ~কারিণী। ~তা [অনপেক্ষ+তা-ভা০] বি,কারও মুখাপেক্ষা না করা; অন্যের অপেক্ষায় না থাকা।

অনপেক্ষিত [অন্+অপেক্ষিত-নঞ্] বিণ, অসম্ভাবিত; যা ঘটিবে বলিয়া আশা করা যায় নাই; অপ্রত্যাশিত। স্ত্রীং ~া।

অনপেত [ন-অপেত (অপগত)] বিণ, অনপগত; বর্ত্তমান। ২ বিশিষ্ট; যুক্ত। স্ত্রীং ~া।

অনবকাশ [ন+অবকাশ-নঞ্] বি, অবকাশের অভাব; অনবসর। বিণ, যার অবসর নাই; অবকাশ শূন্য। স্ত্রীং ~া।

অনবগত [অন্+অবগত-নঞ্] বিণ, অবিদিত; অজ্ঞাত। "এজন্য সকলের সকল ভাব সকলে অ০।"-টেকচাঁদ।

অনবগীত [ন+অবগীত (নিন্দিত), নঞ্] বিণ, দোষ শূন্য; অনিন্দিত।

অনবগুণ্ঠিত [ন+অবগুণ্ঠিত] বিণ,অনাবৃত; যার অবগুণ্ঠন নাই; উন্মুক্ত। স্ত্রীং ~া-ঘোমটাখোলা; অনাবৃতা। "উষার উদয় সম অনবগুণ্ঠিতা তুমি অকুণ্ঠিতা।"-রবী০।

অনবদ্য [ন+অবদ্য (অ+বদ্+য= নিন্দার্থে), নঞ্] বিণ, অনিন্দ্যনীয়; নির্দ্দোষ: হৃদয়গ্রাহী: মনোমোহন: অনিন্দ্য।

অনবদ্যাঙ্গী [অ০+অঙ্গী-সম্বোধনে-ঙ্গি!] বিণ, অনিন্দ্যসুন্দরী: সর্ব্বাঙ্গসুন্দরী। "হে অনবদ্যাঙ্গি! তুমি আমাকে দুর্লভ পুত্ররত্ন প্রদান করিলে তুমি কে?"-মহা০ (রায়)।

অনবধান [ন+অবধান (মনোযোগ), নঞ্] বি, অমনোযোগ; অযত্ন; উপেক্ষা। ২ [যার অবধান বা মনোযোগ নাই-বহু০] বিণ, যত্নহীন: অমনোযোগী।

অনবধানিতা [অনবধান+তা-ভা০] বি. অমনোযোগিতা; উপেক্ষা; প্রণিধানাভাব।

অনববাদক [ন=অন্+অববাদ (উপদেশ) -ক(র্ত্তৃ)] বিণ. উপদেশ অগ্রাহ্যকারী। "এই বিপক্ষসেবী ভিক্ষু ছিল সেই অ০ গোধা-রাজকুমার।"-জাতক ১।১৪১।

অনবমাননীয় [ন+অব (বিপরীত)+মান্ (পূজা করা)+অনীয় (র্ম্ম)-নঞ্] বিণ, যে অবজ্ঞার পাত্র নহে: পূজনীয়: অনবজ্ঞেয়।

অনবর-বিণ, যে অবর নহে: অকনিষ্ঠ: প্রধান; শ্রেষ্ঠ।

অনবরত [ন+অবরত (অব+রম্=ক্রীড়া করা, বিশ্রাম করা+ত, (ভা০)-যাতে বিশ্রাম নাই-বহু০] বিণ, সর্ব্বদা; নিরন্তর। ২ ক্রি-বিণ, অবিশ্রামে; অবাধে; অজস্র; সতত- "তৎকালে আমার নয়নযুগল হইতে অ০ অশ্রু-ধারা নির্গত হইতেছিল,"-বিঃ সা০ (সী০ব০)।

অনঁবঁরুদ্ধ-বিণ, যে অবরোধে নাই; মুক্ত; স্বাধীন। স্ত্রীং ~া। বি, অনঁবঁরোধ।

অনঁবঁ/লঁম্ব, ~লঁম্বন [ন=অ (নাই) অবলম্বন (আশ্রয়)যার-বহু৹]বি, অবলম্বনহীন: গতিহীন ; নিরাশ্রয় ; অশরণ। স্ত্রীং ~লঁম্বা, ~লম্বনা।

অনঁবঁলোভঁন[অন+অব+লুভ্ (লাভাকাঙ্ক্ষী হওয়া)+অন (ভা৹)] বি, গর্ভারম্ভের চতুর্থ মাসে কর্ত্তব্য সংস্কার বিঃ।

অনঁবঁসঁর [ন+অবসর-নঞ্] বি, অবসরাভাব ; অনবকাশ। ২ অসময় ; সুযোগাভাব।

অনঁবঁসিতঁ-বিণ, যা অপরিণত। ২ অসমাপ্ত। ৩ অনিশ্চিত।

অনঁবঁস্কর-বিণ, অবস্করহীন ; আবর্জ্জনাশূন্য ; নির্ম্মল।

অনঁবঁস্থা [ন+অবস্থা (স্থিরতা), নঞ্] বি, অবস্থাভাব ; স্থিরতা বা নিয়মের অভাব। ২ অবিশ্রান্তি। ৩ উপপাদ্য ও উপপাদকের অবিশ্রান্তি হেতু তর্ক দোষ বিঃ।

অনঁবঁস্থিতঁ [ন+অবস্থিত (স্থির)-নঞ্] বিণ, চঞ্চল ; অস্থির ; অব্যবস্থিত। ২ অসচ্ছল। বি, অনঁবঁস্থিতি। ~চিত্ত [অনবস্থিত (চঞ্চল) চিত্ত যার-বহু৹] বিণ, যার চিত্তের স্থিরতা নাই; অস্থির বা চঞ্চলচিত্ত;অব্যবস্থিত চিত্ত; যার প্রতিক্ষণে মত পরিবর্ত্তিত হয়।

অনঁবঁহিতঁ [ন+অবহিত-নঞ্] বিণ, অমনোযোগী ; যত্নহীন। "আমাদের প্রতিবেশীরা আমাদের কার্য্যে অ৹ নহেন।"-আ৹ শক্তি, ১৩৩১, ৩৭শ সংখ্যা।

অনঁভিজাতঁ [ন (নহে) অভিজাত (কুলীন)-নঞ্] বিণ, অকুলীন ; নীচবংশোদ্ভব ; যে ব্যক্তি উচ্চকুল বা ভদ্রবংশজাত নহে ; বংশ মর্য্যাদাহীন।

অনঁভিজ্ঞ [ন+অভিজ্ঞ-নঞ্ (অভি+জ্ঞা+ড (র্ত্তৃ)] বিণ, অজ্ঞ ; অজ্ঞান ; মূর্খ ; যার অভিজ্ঞতা জন্মে নাই। ~তা।

অনঁভিপ্রেতঁ [ন+অভিপ্রেত-নঞ্] বিণ, অনভিমত ; অভিপ্রেত নয় ; অসম্মত।

অনঁভিভূতঁ [ন+অভিভূত-নঞ্] বিণ, অব্যাহত ; অপরাজিত ; অনাকুল।

অনঁভিভঁবঁনীয়ঁ-বিণ, অভিভব বা পরাভবের অতীত বা অযোগ্য ; অপরাজেয়। স্ত্রীং ~া। বি, অনঁভিভঁবঁন।

অনঁভিমঁতঁ [ন+অভিমত (সুসম্মত), নঞ্] বিণ, অসম্মত ; অনভিপ্রেত ; অননুমোদিত।

অনঁভিব্যক্ত [ন+অভিব্যক্ত=নঞ্] বিণ, অস্পষ্ট ; অব্যক্ত ; অস্ফুট ; অপরিস্ফুট ; অপ্রকাশিত।

অনঁভিলঁষঁণীয়ঁ [ন+অভিলষণীয়, নঞ্] বিণ, অবাঞ্ছনীয়; অপ্রার্থনীয়। ২ অপ্রীতিকর।

অনঁভিলিষিতঁ [ন+অভিলষিত-নঞ্] বিণ, অপ্রার্থিত ; অবাঞ্ছিত।

অনঁভিলাষ [ন+অভিলাষ-নঞ্] বি, অনিচ্ছা ; বাসনার অভাব।

অনঁভিষ্যন্দি [ন+অভিষ্যন্দী] বিণ, অক্ষরণশীল ; যা চুয়াইয়া পড়ে না।

অনঁভীষ্ট [ন=অভীষ্ট(স্রঃ)]বিণ,অবস্থিত।

অনঁভ্যিস্ত [ন+অভ্যস্ত] বিণ, অকৃত অভ্যাস ; আনাড়ী; কাঁচা। বি,অনঁভ্যাস।

অনঁমঁনীয়ঁ [ন=অ+নম্ (নোয়ান)+অনীয় (র্ম্ম)] বিণ, যাকে নত করা যায় না ; যে বা যা নোয় না ; শক্ত। ২ যে অন্যের মতে আসে না বা কারও অনুরোধে প্রতিজ্ঞা ভঙ্গ করে না।

অনঁম্বর [ন+(নাই) অম্বর (বস্ত্র) যার-বহু৹] বিণ, বস্ত্রহীন ; নগ্ন ; দিগম্বর। ২ বি, [নাই আবরণ যার-বহু৹] আকাশ। "অ৹ পথে"-মেঘ৹। ৩ যারা কাছা-দেওয়া বস্ত্র পরে না : বৌদ্ধ বিঃ ; বৈষ্ণব বিঃ [মুসলমানের মধ্যেও অ৹ আছে]।

অনঁয় [অ-নয় (নীতি-পরিণতি)] বি, কুফল ; দুর্ভাগ্য ; অনর্থ। "ভারতগণ মধ্যে এই যে পরম অ৹ উৎপন্ন হইল, ইহা দৈবই অগ্রে প্রেরণ করিলেন।"-মহা৹ (বর্দ্ধ)।

অনঁর্কচিতু র্দ্দশী-বি, কার্ত্তিকী শুক্লাচতুর্দ্দশী। ঐ দিন হনূমানের জন্ম উপলক্ষে কাশীতে মেলা বসে ও রামাৎ বৈষ্ণবগণের উৎসব হয়।

অনঁর্গল [ন (নাই)+অর্গল (খিল বা প্রতিবন্ধক) যার কোন বাধা বা প্রতিবন্ধক নাই-বহু৹] বিণ, অবাধ: স্বেচ্ছাচারী ; অপ্রতিবন্ধক ; উদ্দাম। ২ অজস্র। "নয়নযুগল হইতে অ৹ অশ্রুজল নির্গত হইতে লাগিল।" -বি৹ সা৹ (সী৹ ব৹)। ৩ ক্রমাগত ; অবিরাম। "অ৹ গল্প করিতে পারিত।"-উত্তরা।

অনঁর্ঘ [ন (নাই)+অর্ঘ (মূল্য) যার-বহু৹] বিণ, অমূল্য। ২ পূজার অভাব। ~রাঘঁব-বি,মুরারি মিশ্র রচিত স্বনাম-খ্যাত রামচরিতসম্বলিত সং নাটক বিঃ। ১৩শ ও ১৪শ শতাব্দীর মধ্যভাগে রচিত।

অনঁর্থ [ন (নাই)+অর্থ (প্রয়োজন) যার-বহু৹] বি, অশুভ ; অমঙ্গল ; অনিষ্ট। "বিনাশ উপস্থিত হইলে * * অ৹ সকল অর্থরূপে এবং অর্থ সমস্ত অনর্থরূপে প্রতীত হইয়া উঠে।"-মহা৹ (বর্দ্ধ)। ২ অর্থহীন : অভিধেয় শূন্য : যার মানে নাই। ৩ ধনহীন। ৪ নিষ্ফল : নিরর্থক ; বৃথা। "অতএব রে দুর্ম্মতে! অ৹ বাক্যব্যয় ও আত্মশ্লাঘা করিলে কি হইবে?" -মহা৹ (বর্দ্ধ)। ৫ কুকার্য্য। ~ক [অনর্থ+ক-স্বার্থে] ক্রি-বিণ, বৃথা; অকারণে ; নিষ্ফল ; নিষ্প্রয়োজন। "আজ দেশভ্রমণের সখ সার্থক মনে হইল। এ জন্য এ অর্থ ব্যয় আর অনর্থক ভাবিতে পারিলাম না।" ২ বিণ, ব্যর্থ। ৩ বি, অসম্বদ্ধ প্রলাপ। ~কঁর-বিণ, অনিষ্টজনক। স্ত্রীং ~করী। ~দর্শী-দুঃখবাদী pessimist. প্র-অ৹ দর্শী ঋষি। ~পাত [অনর্থ+পাত (ঘটনা) ৬ তৎ] বি, অশুভ ঘটনা ; বিপদ ঘটনা : অনিষ্টপাত।

অনঁর্হ [ন+অর্হ (যোগ্য) নঞ্] বি, অযোগ্য ; অনুপযুক্ত। ২ অপূজ্য।

অনঁল [অন্ (বাঁচা)+অল (ণে)-যদ্বারা বাঁচা যায় ; বা অন্+অল (পর্য্যাপ্ত হওয়া)-ভূরি দহনেও যার তৃপ্তি হয় না-বহু৹] বি, অগ্নি। ২ অষ্ট বসুর অন্যতম (ষষ্ঠ)। ৩ অনল নামক পীঠস্থান। "উর্দ্ধ দন্তপংক্তি অনলে হৈল ধাম। সংক্রুর ভৈরব দেবী নারায়ণী নাম॥"-অ৹ ম৹। ~প্র ভি [অনলের প্রভার ন্যায় প্রভা যার-বহু৹] বি,অগ্নির ন্যায় প্রভাযুক্ত বা ভাস্বর ; অনলোজ্জ্বল। স্ত্রীং ~প্র ভা১-জ্যোতিষ্মতী লতা বিঃ। ২ [৬ তৎ] অনলদীপ্তি। > স্ত্রীং~প্র ভা২, ~প্রিয়া-বি, অগ্নির স্ত্রী স্বাহা। ~শিলা-বি, উল্কাশ্ম ; উল্কাপিণ্ড meteor. ২ উল্কাচ্ছটা ; নক্ষত্রপাত shooting star.

অনঁলঁস-বিণ, আলস্যহীন : কর্ম্মশীল, পরিশ্রমী। স্ত্রীং ~া।

অনঁল্প [ন+অল্প-নঞ্] বিণ,যা অল্প নয়। ২ অধিক ; বহুল ; মহৎ।

অনশন [অন্ + অশন (ভোজন),নঞ্] বি, উপবাস। ২ [ন (নাই) অশন যার-বহু°] বিণ, ভোজন শূন্য; অনাহার। স্ত্রীং ~া। ~ক্লিষ্ট-বিণ, অনাহারপীড়িত ; অনশনে কাতর। ~ব্রতি-বি, উপবাস। ২ আহার ত্যাগের দৃঢ়সঙ্কল্প hunger strike.

অনশ্বর [ন=অ+নশ্বর-নঞ্] বিণ, যার নাশ নাই ; চিরস্থায়ী ; অবিনাশী ; অক্ষয়।

অনসূয় [ন (নাই) অসূয়া যার-বহু°] বিণ, অসূয়াহীন ; যে অন্যের শুভ দেখিয়া হিংসা করে না।

অনসূয়া [ন(নাই) অসূয়া যার-বহু°] বি, প্রসূতির গর্ভজাতা দক্ষের কন্যা অত্রি মুনির পত্নী ; শকুন্তলার সখী। ২ অসূয়াহীনতা। "গুণি ব্যক্তির গুণের অপলাপ না করা,অন্যের গুণের প্রশংসা করা এবং অন্যের দোষ দেখিয়া উপহাস না করা, ইহার নাম অ°।"-অত্রি সংহিতা।

অনহঁ [বৌ° বাং প্রাকৃ°] বিণ, অনাহত (চ° ১৬।১)।

অনহ/ঙ্কার, -ঙ্কৃতি [ন-অন + অহঙ্কার, কৃতি-নঞ্] বি, অহঙ্কারশূন্যতা ; অমায়িকতা। বিণ, ~ঙ্কারী ; ~ঙ্কৃত-নিরহঙ্কার ; অহঙ্কারশূন্য।

অনা-অ,অভাব, বিকৃত, বিরূপ, অশুভ ই° বোধক উপসর্গ। প্র-অনামুখ,অনাসৃষ্টি ই°।

অনাকর্ণনীয় [ন+আকর্ণনীয়(শ্রোতব্য) নঞ্] বিণ, যা শ্রবণযোগ্য নহে; যা অশ্রোতব্য।

অনাকাল-বি, দুর্ভিক্ষাভাব ; সুভিক্ষ।

অনাকু/ল [ন+আকুল-নঞ্] বিণ, শোক, ক্ষোভ বা ক্রোধে অবিচলিত ; স্থির ; অসঙ্কীর্ণ। বিণ, ~লিত-অব্যাকুল ; স্থির ; অবিচলিত।

অনাক্রান্ত [ন+আক্রান্ত-নঞ্] বিণ, যাকে আক্রমণ করা হয় নাই। ২ অব্যাপ্ত। ৩ অনতিক্রান্ত। স্ত্রীং ~া-কন্টকারী।

অনাগত [ন+আগত-নঞ্] বিণ অনুপস্থিত। ২ ভবিষ্যৎ ; ভাবী। স্ত্রীং ~া। ~বিধাতা [মূং-অনাগতবিধাতৃ। অনাগত (ভাবী)+বিধাতা (প্রতিবিধানকর্তা)-৬ তৎ] বিণ, ভবিষ্যতের সংস্থানকারী ; পরিণামদর্শী ; সমীক্ষ্যকারী।

অনাগতাবেক্ষণ [আয়ু পুরিং] বি, কোন কিছু পরে বা ভবিষ্যতে বলা বা লেখা হইবে তার বোধক শব্দ। "সূত্র স্থানে যদি বলা যায় যে ইহা চিকিৎসাস্থানে আলোচিত হইবে।" এরূপ উল্লেখকে অ° বলে (সুশ্রুত)।

অনাগতার্তবা [ন+আগত (উপস্থিত) +আর্তব (স্ত্রী রজঃ) যার-বহু°, স্ত্রীং-আ] বি, কুমারী ; যে কন্যা ঋতুমতী হয় নাই।

অনাগম [ন+আগম] বি, না আসা। ২ অনুপস্থিত ; ৩ লাভ বা উপার্জনের অভাব।

অনাগমন [ন+আগমন-নঞ্] বি, অনুপস্থিতি।

অনাগম্য-বিণ,অনধিগম্য। ২ অপ্রাপ্য। ৩ অসম্ভাব্য। স্ত্রীং ~া।

অনাঘ্রাত [ন+আঘ্রাত-নঞ্] বিণ যার আঘ্রাণ লওয়া হয় নাই ; অগৃহীত সৌরভ। ২ অনুপভুক্ত। স্ত্রীং ~া।

অনাচরণ-বি, অনাচার।

অনাচার [ন=অন্ (কুৎসিত) আচার-নঞ্] বি, অভদ্র বা অশিষ্ট আচার ; কদাচার। ২ [ন (নাই) আচার যার-বহু°] বিণ, আচরণ শূন্য। ~ী [অনাচার+ইন্ (স্ত)] বিণ, কদাচারী ; গর্হিতাচারী। ২ শাস্ত্র বা সমাজ বিরুদ্ধ আচরণকারী ; ভ্রষ্টাচারী; অশুদ্ধাচারী।

অনাছিষ্টি-অনাসৃষ্টি দ্রঃ।

অনাচ্ছন্ন-বিণ, অনাচ্ছাদিত ; অনাবৃত। ২ অনভিভূত।

অনাচ্ছাদন-বি, অনাবরণ। বিণ, অনাচ্ছাদিত।

অনাড়ম্বর-বিণ, আড়ম্বর হীন ; সাদা-সিধা। ২ বি, ঘটা বা জাঁক জমকের অভাব।

অনাটন। [অন-আটন (কুলানো) প্রাদে°] বি, অপ্রতুল ; অভাব ; অকুলান ; টানাটানি ; কম হওয়া।

অনাঢ্য [ন-আঢ্য (ধনী)] বিণ, যে ধনী নহে। ২ মধ্যবিত্ত।

অনাতপ [ন=অন (নাই)+আতপ= (রৌদ্র) যেখানে-বহু°] বি, রৌদ্রহীন স্থান। ২ ছায়া। ৩ [অব্যয়ী°] রৌদ্রের অভাব।

অনাতুর [ন+আতুর-নঞ্] বিণ, অক্লিষ্ট ; অক্লান্ত। স্ত্রীং ~া।

অনাত্ম (-ত্ম) বিণ, আত্মসম্পর্ক শূন্য ; ব্যক্তি ; সম্বন্ধহীন ; উল্লেখহীন impersonal. ~জ্ঞ [ন+আত্মজ্ঞ-নঞ্] বিণ, যে নিজে কি প্রকৃতির লোক তা জানে না ; যার আত্মজ্ঞান নাই। বি, ~তা। ~বেদী [মূং-অনাত্মবেদিন্। ন+আত্মবেদী-নঞ্] বিণ,অনাত্মজ্ঞ। > স্ত্রীং ~বেদিনী। বি,~বেদিতা।

অনাত্মনীন [ন+আত্মনীন (স্বকল্যাণ সাধক)] বিণ, স্বকীয় অনিষ্টকর আত্মহিত-বিরত। ২ অপুত্র।

অনাত্মীয় [ন+আত্মীয়-নঞ্] বিণ, পর। ২ শত্রু। ৩ [ন (নাই) আত্মীয় যার-বহু°] বিণ, আত্মীয়বিহীন। বি, ~তা-বি, পর-ভাব ; অসদ্ভাব। ২ বিপক্ষতা ; বিদ্বেষ ভাব। ৩ আত্মীয়তার অভাব।

অনাত্ম্য-বিণ,ব্যক্তি-সম্পর্ক-শূন্য ; উল্লেখ-হীন impersonal.

অনাথ [ন (নাই) নাথ (সহায় বা শরণ) যার-বহু°] বিণ,নাথহীন; সহায় শূন্য; নিরাশ্রয়। স্ত্রীং ~া-নিরাশ্রয়া ; বিধবা। এই অর্থে প্রা° বাং 'অ°'। "অ° করিআঁ মোক কাহাঞি পালাএ।"-শ্রী° কী°। অনাথিনী শব্দেরও ব্যবহার আছে। "অনাথিনী করিলে খুল্লনা," -কবিক°। প্রা° বাং অনাথী ও°। "অনাথী জনের বেতন কই?"-চণ্ডী°। "অনাথী নারীক কত থাকে অভিমান,"-শ্রী° কী°। ~আলয়, ~নিবাস, অনাথাশ্রম, অনাথাশ্রয়-বি, মাতৃ-পিতৃহীন বালকদের আশ্রয় স্থল ; অনাথ নর-নারীর থাকিবার স্থান orphanage. ~নাথ-অনাথশরণ। ~পালক-বি, বিণ, মাতা-পিতৃহীন সন্তান পালনকর্তা। "অ° পালক তোমার বালক অঙ্কে তুলিয়া লবে।"-হেম°। > স্ত্রীং ~পালিকা। বি,~পালন। ~রক্ষণ-অনাথপালক। স্ত্রীং~া। ~শরণ, ~সহায় [৬ তৎ] বি, যিনি অনাথের প্রভু বা পালন কর্তা বা আশ্রয় স্থল বা সহায়। ২ জগদীশ্বর ; দীননাথ। > স্ত্রীং ~া।

অনাদর [ন+আদর-নঞ্] বি, আদর বা যত্নের অভাব ; অযত্ন ; অস্নেহ। ২ উপেক্ষা ; অমনোযোগ। ৩ অপমান। ৪ ঘৃণা। ~ণীয় [ন+আদরণীয়-নঞ্] বিণ, অনাদর বা অবহেলার উপযুক্ত।

অনাদায় [ন+আদায়] বি, অপ্রাপ্তি। ২ বিণ, বাকী; অপ্রাপ্ত। "এ বৎসরের খাজনা অ° রহিল।" ~**ী**-বিণ, যা আদায় করা হয় নাই বা করিতে পারা যায় নাই।

অনাদি [ন (নাই)+আদি যার-বহু°] বিণ, উৎপত্তিহীন; আদিরহিত; স্বয়ম্ভূ। ২ [ন (নাই) আদি (কারণ বা পূর্ব্ব যার)] বি, পরমেশ্বর। "আলো দিতে অবনীতে অ° আজ্ঞায়।"-দীনবন্ধু। ~**র্ক** [ব্রজ°। ক=র, ক দ্রঃ] অনাদি সম্বন্ধীয়; অনাদির; আদি-রহিতের। "আদি অ° নাথ কহায়সি,"-বি° প°। ~**পরম্পরা**-বি, অনাদিকাল বা সংখ্যা পর্য্যন্ত ad infinitum

অনাদিম-বিণ, অনাদ্য। ২ অর্ব্বাচীন।

অনাদীনর্ব [ন-আদীনব (দোষ যার বা যাতে] বিণ, নির্দ্দোষ।

অনাদৃর্ত [ন+আদৃত-নঞ্] বিণ, অবমানিত; অবজ্ঞাত; যার অনাদর হইয়াছে। ২ উপেক্ষিত। স্ত্রীং ~া।

অনাদেয়্য-বিণ, আদান বা গ্রহণের অযোগ্য। স্ত্রীং ~া।

অনাদ্য-বিণ, অনাদি। ২ অপ্রথম।

অনাদ্যন্ত [ন-আদি+অন্ত] বিণ, যার আদি অন্ত নাই; অনন্ত। "ধরণীর প্রান্ত হ'তে নীলাভের সর্ব্বপ্রান্ত তীর ধ্বনিতেছে। চির-কাল অ° রবে, যেতে নাহি দিব।"-রবী°।

অনাদ্যা-বি, যাঁর আদি নাই; সনাতনী; দুর্গা। "অ° অনন্তা অম্বা অম্বিকা অজয়া।"-অ° ম°। "অনাদ্যারূপিণী"-হেম°।

অনাধৃষ্য-বিণ, অধর্ষনীয়। ২ অপরা-জেয়; অদম্য। স্ত্রীং ~া।

অনাপন্ন-বিণ, অবিপন্ন। ২ অপ্রাপ্ত।

অনাপ্ত-বিণ, অনধিগত; অপ্রাপ্ত un-attained. ২ অনুপার্জ্জিত।

অনাপ্য [ন-আপ্য (প্রাপ্য)] বিণ, অপ্রাপ্য unattainable.

অনাবশ্যক-বি, অপ্রয়োজন। ২ বিণ, অপ্রয়োজনীয়।

অনাবাটা [বৌ° বাং প্রাকৃ°। সং অনা-বর্ত্ত > অ°] বি, বিণ, যাকে আর ঘুরিয়া আসিতে হয় না।" জে জে উজু বাটে গেলা অ° ভইলা সোই,"-চ° ১৫।১।

অনাবাসিক [ন+আবাস-ইক°] বিণ, যে বাস করে না non-resident.

অনাবিল [ন+আবিল (ঘোলা) নঞ্, যা ঘোলা নয়] বিণ, আবিলতাশূন্য; নির্ম্মল; স্বচ্ছ; অকলুষিত। ২ অসঙ্কিঞ্চ।

অনাবিষ্কৃর্ত [ন+আবিষ্কৃত-নঞ্] বিণ, অপ্রকাশিত। ২ অনুদ্ভাবিত। ~**পূর্ব্ব** [ন+আবিষ্কৃত+পূর্ব্ব-নঞ্] বিণ, যা পূর্ব্বে আবিষ্কৃত হয় নাই।

অনাবিষ্ট [ন+আবিষ্ট (মনোযোগী) নঞ্] বিণ, অমনোযোগী।

অনাবৃর্ত [ন+আবৃত-নঞ্] বিণ, অনা-চ্ছাদিত; খোলা।

অনাবৃত্তি [ন+আবৃত্তি (অভ্যাস বা আগমন) নঞ্] বি, অনভ্যাস। ২ অপুনরা-গমন; ফিরিয়া না আসা।

অনাবৃষ্টি [ন+আ (সম্যক্)+বৃষ্টি-নঞ্] বি, বর্ষণাভাব; কৃষি কার্য্যোপযোগী বৃষ্টি না হওয়া।

অনাবেদিত [ন-আবেদিত] বিণ, অবিজ্ঞাপিত not-notified.

অনাবেশ [ন+আবেশ-নঞ্] বি, অমনোযোগ; উপেক্ষা। ২ অনাসক্তি; অননুরাগ।

অনা৶মক-বিণ, যার নাম নাই। ২ অপ্রসিদ্ধ। স্ত্রীং ~**মিকা**।

অনাময় [ন+আময় (রোগ) নঞ্; বা আময়ের অভাব-অব্যয়ী°] বি, রোগাভাব; আরোগ্য; স্বাস্থ্য। ২ [নাই আময় যার-বহু°] বিণ, নিরাময়; নীরোগ; সুস্থ। ~**তা** (-য়ॅ-)-বি, সুস্থতা; ব্যাধিশূন্যতা। ২ নির্ম্মলতা। "চিত্তের অনাময়তা,"-ভারতী।

অনামা, অনামিকা [ন=অ (নাই) +নামিকা (নামন্+ক) যার অপর নাম নাই] বি, কনিষ্ঠাঙ্গুলির পূর্ব্বস্থিত অঙ্গুলি।

অনা৶মুখ, ~মুখা, ~মুখো [প্রাদে°,গ্রা°(মেয়েলি°-মুকো)] বিণ, অশুভ-দর্শন; যার মুখ দেখিলে শুভ হয় না। স্ত্রীং ~**মুখী** (মেয়েলি°-কি,-কী)।

অনায়ক [ন (নাই) নায়ক যার] বিণ, নায়কহীন; পরিচালকহীন having no leader.-রবী°।

অনায়র্ত্ত [ন+আয়ত-নঞ্] বিণ, অবিস্তৃত; সংকীর্ণ। ২ অনিয়ন্ত্রিত; অসংযত। ৩ নিকটস্থ।

অনায়ত্ত [ন+আয়ত্ত (অধীন) নঞ্] বিণ, অবাধ্য; অবশীভূত; অনধিকৃত; আয়ত্তের বহির্ভূত।

অনায়াস [ন+আয়াস-নঞ্] বি, অল্প পরিশ্রম; অক্লেশ। ২ [বহু°] বিণ, প্রযত্নহীন। ৩ ক্রি-বিণ, বিনা আয়াসে; শ্রমব্যতিরেকে; অক্লেশে; সহজে। ~**কৃর্ত**-বিণ, সহজ সাধিত, অক্লেশলব্ধ। ~**লব্ধ** বিণ, আয়াস স্বীকার না করিয়া যা লাভ করা যায়; অক্লেশপ্রাপ্ত। "অনায়াসলব্ধ মৃত্তিকা,"-অ° দত্ত। ~**লভ্য**-বিণ, সহজে প্রাপ্তব্য; অযত্নসুলভ। ~**সাধ্য** [অনায়াস+সাধ্য-নঞ্, ৩তৎ] বিণ, যা অনায়াসে করা যায়; সহজসাধ্য। ~**সিদ্ধ**-বি, অক্লেশে সম্পাদিত; অযত্নসম্পন্ন।

অনায়াসে [অনায়াস দ্রঃ। বাং-র কুঞ্চিত রূপ 'অনাসে' 'অনাসেতে' ও°] ক্রি-বিণ, অক্লেশে; সহজে। "রিপুগণ বশে, রহিত অনাসে,"-হরুঠাকুর।

অনায়ুষ্য-বিণ, যা আয়ুষ্য (দ্রঃ) নহে; অদীর্ঘায়ুজনক fatal to long life.

ˋঅনার [honour] বি, মান; সম্মান। ২ বি, এ ই° পরীক্ষায় সাধারণ নির্দ্ধারিত পাঠ্যের অতিরিক্ত গ্রন্থপাঠ করিয়া যে পাশ।

অনারর্ত [ন+আরত (আ+রম্=আরাম করা+ত-ভা°) যাতে বিশ্রাম নাই-বহু°] বিণ, অবিরত; নিয়ত; অবিশ্রান্ত।

অনারব্ধ-বিণ, অকৃতারম্ভ। ২ অননুষ্ঠিত।

অনারম্ভ-বি, অনুৎপত্তি। ২ সূত্রপাতেই অশুভ বিঘ্ন বা ভ্রান্তি। বিণ, অনারম্ভিত।

ˋঅনারারী [honourary] বিণ, অবৈতনিক।

ˋঅনারেবল, ~ˋঅনারেবেল [honourable] বিণ, মাননীয়; সম্মানিত; "অম্বল থেকে অনারেবল আর কে অমন আছে,"-হেম°। ২ লাটসভার সদস্যদিগের উপাধি (নামের পূর্ব্বে বসে)।

অনারোগ্য-বি, অস্বাস্থ্য; আরোগ্যা-ভাব। ~**কর, ~কারী, ~জনক**-বিণ, অস্বাস্থ্যজনক। ২ রোগোৎপাদক।

অনার্জ্জব [ন+আর্জ্জব (ঋজুতা) নঞ্] বি, কপটতা ; সারল্যহীনতা। ২ [নাই আর্জ্জব যার-বহু০] বিণ, কুটিল ; অসরল। স্ত্রীং ~া।

অনার্ত্তব [ন+ঋতু+ষ্ণ (ইদমর্থে)] বিণ, অসাময়িক ; অকালোচিত unseasonable.

অনার্ত্তবা [ন (হয় নাই) আর্ত্তব (স্ত্রীরজঃ) যার-বহু০] বি, যে স্ত্রী ঋতুমতী হয় নাই ; অজাতরজস্কা।

অনার্য্য [ন+আর্য্য (মান্য) নঞ্] বিণ, অভদ্র ; অসাধু। ২ অধম ; হীন। ৩ অসৎ-কুলজাত। ৪ আর্য্যেতর জাতি non-Aryan. ৫ অসভ্য [তুল-গ্রী০ barbarian, foreign, a non-Greek. আ-আজম. (a non-Arab)] ~(র্য)ক, ~র্জ-বি, অগুরু কাষ্ঠ aloe wood. ~জাতি, ~দেশ, ~নিবাস, ~বাস, ~ভূমি, ~সুলভ, ~চরিত-বি, অসচ্চরিত্র ; দুরাত্মা। "রে অনার্য্যচরিত! আমাকে বিবস্ত্রা করিস্ না, ক্ষান্ত হ।"-মহা০ (বর্দ্ধ)। ~তা [অনার্য্য+তা (ভা০)] বি, অসাধুতা ; • অভদ্রতা। ~তিক্ত-বি, চিরাতা gentiana cherayta.

অনালম্ব-বিণ, অবলম্বনহীন ; শূন্যেস্থিত unsupported.

অনা//লোচনীয়, ~লোচ্য-বিণ, আলোচনার অযোগ্য। বি, ~লোচনা। ~লোচিত [ন+আলোচিত-নঞ্] বিণ, যার আলোচনা করা হয় নাই ; অচর্চ্চিত ; অনুনুশীলিত। ২ অবিবেচিত।

অনালোড়িত [ন=অ+আলোড়িত-নঞ্] বিণ, আলোড়িত নয় ; অক্ষুণ্ণ ; অক্ষোভিত ; অনান্দোলিত।

অনাশ্য-বিণ, নাশের অযোগ্য ; বিনাশ-অসাধ্য ; অক্ষয্য।

অনাশ্রম-বি, আশ্রমাভাব। ২ বিণ, আশ্রমহীন। স্ত্রীং ~া। ~মী-বিণ, গৃহশূন্য। ২ সন্ন্যাসী। ~বৃত্তি-বিণ, আশ্রমাচার হীন।

অনাশ্রয় [ন (নাই) + আশ্রয় যার-বহু০] বিণ, সহায়শূন্য ; নিরাশ্রয়। স্ত্রীং ~া।

অনাসন্ন [ন+আসন্ন (নিকটবর্ত্তী) নঞ্] বিণ, (স্থান পক্ষে) নিকটবর্ত্তী নয় ; দূরবর্ত্তী। ২ (কাল পক্ষে) যা এখনি ঘটিবার নয়।

অনাসাদিত • [ন+আসাদিত-নঞ্] বিণ, যা ঘটে নাই ; অপ্রাপিত ; অবর্ত্তমান।

অনাসিক-বিণ, নাসিকা শূন্য। ২ খনা। স্ত্রীং ~া।

অনাসৃষ্টি [ন-আ-সৃষ্টি, নঞ্। গ্রা০-অনাছিষ্টি] বিণ, সৃষ্টির বহির্ভূত ; অদ্ভুত ; আশ্চর্য্য। "অ০ বশিষ্ঠ বলিল পুনঃ পুনঃ,"-শি০।

অনাসেতে [অনায়াসে > গ্রা০ কথ্য] ক্রি-বিণ, অনায়াসে। "হরে লয়ে রঙ্গরসে ভাসে অ০,"-কালিকামঙ্গল (দ্বিজ কালিদাস)।

অনাস্থা [ন+আস্থা (আদর) নঞ্] বি, আদরের অভাব ; উপেক্ষা ; অমনোযোগ ; অবহেলা। ২ [অন+আস্থা (ভরসা, বিশ্বাস)] ভরসার অভাব ; অবিশ্বাস। ~ন-ভিত্তিহীন having no basis or fulcrum.

অনাস্বা//দ-বিণ, স্বাদরহিত। বি, স্বাদ-রাহিত্য। ~দিত-বিণ, যার স্বাদ গ্রহণ করা হয় নাই।

অনাহত [ন+আহত-নঞ্] বি, নূতন কোরা কাপড়। ২ [তন্ত্রে] হৃদয়ে সুষুম্না মধ্যে দ্বাদশদলপদ্ম-এই স্থলে জীবাত্মা অবস্থান করে ; অনাহত পদ্ম বা চক্র। ৩ অজপা বা হংস মন্ত্র-ধ্বনি [অজপা (দ্রঃ)] "অনাহত শবদ বাজন্ত ভেরীরে,"-স্ক০। ৪ অকৃত-আঘাতজাত ; অক্ষোভিত ; অক্ষত। ৫ বিণ, নূতন।

অনাহর//ণ-বি, সংগ্রহাভাব। ২ অসঙ্কলন। ~ণীয়-বিণ অনাহার্য্য ; সঙ্কলন-অসাধ্য ; দুর্গ্রহ।

অনা//হার [ন=অন্+আহার-নঞ্] বি, উপবাস ; অনশন। বিণ, ~হারী [ন+আহারী-নঞ্] বিণ, উপবাসী। ২ [honourary > বিদ্রূপার্থে] অবৈতনিক। ~হারে-ক্রি-বিণ, অনশনে ; উপবাস করিয়া। ~হার্য্য$_1$-বিণ, অভক্ষণীয়। ~হার্য্য$_2$ [অনাহরণ দ্রঃ] বিণ, অসঙ্কলনীয় ; অনাহরণীয়।

অনাহূত$_1$ [প্রাদে০ গ্রা০] বিণ, অসঙ্গত ; অপ্রাসঙ্গিক। "অ০ কথা কেন কও গো ভগিনী।"-পূ০ ব০ গী০।

অনাহূত$_2$ [ন+আহুত-নঞ্] বিণ, অনিমন্ত্রিত। স্ত্রীং ~া।

অনাহ্লাদ [ন+আহ্লাদ-নঞ্] বি, অসন্তোষ ; অপ্রীতি ; নিরানন্দ। বিণ, ~দিত।

অনি-বিণ, অন্য (দ্রঃ)। "দুহুঁ ভুজ চাপি জীবন-ধন সাঁচে। কুচ কাঁচলকো বিফল কাঁচে॥ দরশন পরশন দ্বয় অনি বারে।" [দ্রঃ-সাঁচে= সঞ্চিত করে, লুকায়। কাঁচল=কাঁচুলি। কাঁচে= বন্ধন করে। অনি=অন্য। দ্বয়=ভুজদ্বয়। বারে= নিবারণ করে]।

অনিঃসরণ-বি, অনির্গমন। বিণ, অনিঃসৃত।

অনিঃসরবচন-বিণ, নির্ব্বাক্। "অ০ হইল গোপশিশু।"-ভাগবত (অভিরাম-১৭ শতাব্দী)।

অনিগ্রহ-বি, পীড়নের অভাব বা অবিদ্যমানতা। ২ অনুগ্রহ।

অনিচ্ছা [ন+ইচ্ছা-নঞ্] বি, অপ্রবৃত্তি ; অসাধ ; অনভিলাষ। "নিতান্ত অনিচ্ছাপূর্ব্বক যজ্ঞদর্শনে গমন করেন,"-বি০ সা০। ২ অরুচি। প্র-আহারে অনিচ্ছা। ৩ ঔদাসীন্য। "কিন্তু রামচন্দ্র সে বিষয়ে ঐকান্তিকী অ০ প্রদর্শিত করিয়া মৌনভাবে অবনত বদনে অবস্থিত রহিলেন।"-বি০ সা০। ~কৃত-বিণ, ইচ্ছার বিরুদ্ধে সম্পাদিত বা অনুষ্ঠিত। ~লব্ধ-বিণ (পাইবার) ইচ্ছা না করিয়া প্রাপ্ত। ~য়-ক্রি-বিণ, ইচ্ছার বিরুদ্ধে।

অনিচ্ছু [ন+ইচ্ছু-নঞ্। বাং অনিচ্ছুক প্রচর] বিণ, যার ইচ্ছা নাই।

অনিজক [অ-নিজ+ক (ইদমর্থে)] বিণ, নিজের নয় not one's own.-রবী০।

অনিত্য [ন+নিত্য (চিরস্থায়ী) নঞ্] বিণ, অস্থায়ী ; অবিনাশী। বি, ~তা, ~ত্ব-অস্থায়িত্ব।

অনিদান [ন=অ (নাই) + নিদান (কারণ) যার-বহু০, নিদান নয়, এই অর্থে নঞ্, নিদানের অভাবার্থে-অব্যয়ী০] বিণ, অকারণ।

অনিদ্র [অ (নাই) নিদ্রা যার-বহু০] বিণ, নিদ্রাহীন ; বিনিদ্র। "অ০ নিদ্রার ছলে গড়াইয়া যায়।"-শি০। ~া-বি, নিদ্রার অভাব ; নিদ্রা-হীনতা। ২ জাগরণ। বিণ, বিনিদ্র।

অনিন [রবী০ ঠাকুর উদ্ভাবিত] বিণ, শূন্য ; রিক্ত ; ক্ষীণ inane, feeble.

অনিন্দনীয় [অ+নিন্দনীয়] বিণ, নিন্দার অযোগ্য ; সুন্দর ; প্রশংসার যোগ্য।

অনিন্দি/ত [ন=অ নিন্দিত-নঞ্] বিণ, অগর্হিত ; প্রশংসিত। ২ সুন্দর ; অনবদ্য।

অনিন্দ্য [ন=অ+নিন্দ্য (নিন্দার যোগ্য)] বিণ, যার নিন্দা করা যায় না ; অনবদ্য। **~সুন্দর**-বিণ, সর্ব্বাঙ্গ সুন্দর ; নির্দ্দোষ বা নিখুঁত সুন্দর। স্ত্রীং **~ী**।

অনিন্দ্যাঙ্গী [অনিন্দ্য + অঙ্গ যার-বহুং স্ত্রীং-ঈ] বিণ, সর্ব্বাঙ্গসুন্দরী। "অং দ্রৌপদী।" -মহাং (বর্দ্ধ)।

অনিপুণ-বিণ, নৈপুণ্যবিহীন : অদক্ষ। স্ত্রীং **~া**।

অনিবঁদ্ধ-বি, অলিখিত। ২ অনিয়মিত। ৩ অসংযত। ৪ অগ্রথিত। ৫ অপরিহিত।

অনিবঁন্ধ-বি, অবন্ধন। ২ অনিয়ম। ৩ অগ্রন্থ : হীন রচনা।

অনিবা/র [ন=অ(নাই) নিবার (বারণ) যার-বহুং] বিণ, অনিবার্য্য। "পুনঃ পুনঃ বাড়ে সুখ অতি অং।"-চৈং ভাং। ২ অবিরল ; অজস্র। "কিসে এ বারি নিবারি, ভেবে দাশরথির অনিবারই বারি নয়নে,"-দাশরথি। ৩ ক্রি-বিণ, বারবার ; ক্রমান্বয়ে ; অবিচ্ছেদে। ৪ জন্মজন্মান্তরে। "তোমারেই যেন ভালবাসিয়াছি শতরূপে শত বার। জনমে জনমে, যুগে যুগে অং॥"-রবীং। **~রঁণীয়ঁ, ~র্য্য**-বিণ, যা নিবারণ করা যায় না ; অপ্রতিষেধনীয় অনিবার্য্য। ২ যাকে বারণ করিয়া রাখা যায় না বা থামান যায় না ; অবাধ্য ; যে নিষেধ মানে না ; অবাধ। "আমার শোকসাগর অনিবার্য্য বেগে উথলিয়া উঠিতেছে।"-বিং সাং। ৩ অবশ্যম্ভাবী। **~রিঁত**-বিণ, নিবারিত নহে ; অপ্রতিহত ; অবাধিত। ২ অনিষিদ্ধ।

অনিভৃঁত-বিণ, প্রকাশিত ; অগুপ্ত। ২ অধৃত : অস্থির।

অনিমন্ত্রিঁত-বিণ, অনাহুত।

অনিমিক, -মিখ [অনিমিষ > হিং র অনুকরণে ষ=খ, তুল-বিভীখন] বিণ, নিমেষশূন্য ; অপলক ; নিস্পন্দ। "অনিমিকে দুটী আঁখি ভুলিয়ে রয়েছে,"-কমলাকান্ত। "ফিরান যে দায় হল আঁখি অনিমিক,"-অশোকং।

অনিমিষ, অনিমেষ [ন=অ+নিমিষ, নিমেষ (চক্ষুর পলক) যাদের-বহুং প্রাং বাং অনমীষ। "অনমীষ নয়ন করিঅা,"-শ্রীংকীং] বি, দেবতা। ২ চক্ষের পলক পড়িতে যতটুকু সময় যায় তারও কম সময় ; সূক্ষ্ম কাল পরিমাণ। ৩ বিণ, যার পলক পড়ে না ; অপলক ; বদ্ধদৃষ্টি : স্থিরদৃষ্টি ; নিস্পন্দ। "আঁখি অনিমিষ,"-রবীং। **~নেত্রে, ~লোচঁনে**-ক্রি-বিণ, অপলক দৃষ্টিতে।

অনিয়ঁত [ন=অ+নিয়ত-নঞ্] বিণ, অস্থির ; অনিশ্চিত। ২ [অ-নি+যত] বিণ, অসংযত ; অবশীকৃত ; উচ্ছৃঙ্খল।

অনিয়ঁতাকার [খনিজং পরিঃ] বি, আকার হীন ; সর্ব্বাকার ; অনার্কিক amorphous.

অনিয়ঁন্ত্রিঁত [ন=অ+নিয়ন্ত্রিত (দমিত) নঞ্] বিণ, উচ্ছৃঙ্খল ; অনিবারিত ; অনিষ্ট ; অনিরূপিত। ২ অগোছাল।

অনিয়ঁ/ম [ন=অ (অভাবার্থে)+নিয়ম] বি, অবিধি। ২ বিশৃঙ্খলা ; অব্যবস্থা ; অক্রম। ৩ অসংযম ; অব্রত। **~মিঁত** [অং+ইত (যুক্ত)] বিণ, অসংযত। ২ অক্রমানুগত। ৩ অপরিমিত। ৪ অনির্দ্দিষ্ট ; অনির্দ্ধারিত।

অনিরাকঁর/ণ [ন=অ-নিরাকরণ] বি, অনির্দ্ধারণ। ২ অনিবারণ। ৩ অখণ্ডন। **~ণীয়ঁ**-বিণ, যার নির্দ্ধারণ করিতে পারা যায় না ; অনিরূপণীয়। ২ অনিষ্কাশনীয়। ৩ অনিবারণীয়। ৪ অখণ্ডনীয়।

অনিরাকৃঁত [ন=অ+নিরাকৃত (নিবারিত) নঞ্] বিণ, অনিবারিত ; অপ্রতিরুদ্ধ। ২ অনবধারিত ; অনির্ণীত। ৩ অনিষ্কাশিত ; অদূরীকৃত। ৪ অখণ্ডিত।

অনিরুদ্ধ [ন=অ+নিরুদ্ধ-নঞ্, যিনি কোন্ যুদ্ধে নিরুদ্ধ হন নাই] বি, প্রদ্যুম্নের পুত্র ও শ্রীকৃষ্ণের পৌত্র। ইনি বাণ রাজার দুহিতা উষাহরণকারী। ২ দূত ; চর (দূতকে আবদ্ধ করা রাজনীতির বিরুদ্ধ)। ৩ বিণ, অনিবারিত ; অবাধ। ৪ অদম্য। **~পঁথ**-বি, যে পথ নিরুদ্ধ হয় নাই ; মুক্তপথ ; যে পথে কোন আটক নাই। ২ আকাশ। ৩ বিণ, অবারিত গতি।

অনিরূ/পঁণ [অ+নিরূপণ] বি, অনির্দ্ধারণ। ২ অনিশ্চয়। ৩ অনির্ব্বাচন। বিণ, **~পঁণীয়ঁ**-নিরূপণের অযোগ্য। **~পিঁত** [ন=অ+নিরূপিত-নঞ্] বিণ, অনির্দ্দিষ্ট ; অনিশ্চিত ; অনির্ণীত।

অনির্গঁত [অ+নির্গত] বিণ, যা নির্গত বা বাহির হয় নাই।

অনির্গম, ~র্গঁম/ন-বি, অবহিষ্করণ ; বহির্গতির অভাব বা রোধ। বিণ, **~নীয়ঁ**।

অনি/র্ণয় [ন=অ+নির্ণয়] বি, অনির্দ্ধারণ। **~র্ণীঁত** [ন=অ+নির্ণীত] বিণ, অনির্দ্ধারিত। ২ অনিশ্চিত। **~র্ণেয়ঁ**-বিণ, নির্ণয় হয় না এমন ; অনিরূপণীয় ; যা নির্ণয় বা নিশ্চয় অসাধ্য।

অনি/র্দ্দিষ্ট [ন=অ+নির্দ্দিষ্ট-নঞ্] বিণ, অনির্দ্ধারিত ; অনিশ্চিত। বি, **~র্দ্দেশ** > বিণ, **~র্দ্দেশ্য**-অনিরূপনীয় ; অনির্ণেয়। ২ অনুল্লেখ্য।

অনির্দ্ধা/রঁণ [অ+নির্দ্ধারণ] বি, অনির্ণয়। **~রঁণীয়ঁ**-বিণ, যা নির্দ্ধারণ করা যায় না ; অনিরূপণীয়। **~রিঁত**-বিণ, অনিশ্চিত ; অনবধারিত। ২ অনিরূপিত। বিণ, **অনির্দ্ধার্য্য**।

অনির্ভর [ন=অ (নাই) নির্ভর (গুরুত্ব) যার-বহুং] বিণ, ভার শূন্য ; গুরুত্বহীন ; লঘু। ২ ক্ষুদ্র ; অল্প। ৩ [অ+নির্ভর (ভরসা, আশ্রয়)] ভরসাশূন্য ; আশ্রয়হীন।

অনির্ব্বঁচনীয়ঁ [ন=অ+নির্ব্বচনীয় (বর্ণনীয়) নঞ্] বিণ, যা ব্যক্ত বা বর্ণনা করা যায় না ; বর্ণনার অসাধ্য ; বর্ণনাতীত। "আমার চিত্ত-চকোর চরিতার্থ ও অন্তরাত্মা অং আনন্দরসে আপ্লুত হয়।"-বিং সাং।

অনির্ব্বাচ্য [ন=অ+নির্ব্বাচ্য (নিরূপণীয়) নঞ্] বিণ, বাক্যে যা প্রকাশ করা যায় না এরূপ ; বর্ণনাতীত। ২ নির্গুণ। ৩ নির্ব্বাচনের অযোগ্য বা অসাধ্য। স্ত্রীং **~া**-অবর্ণনীয়া। ২ নির্ব্বাচনের অযোগ্যা বা অসাধ্যা। ৩ গুণাতীতা ; বাক্যে যাঁকে বুঝান যায় না। "অনির্ব্বাচ্যা নিরুপমা আপনি আপনা সমা সৃষ্টি স্থিতি প্রলয়-আকৃতি।"-অং মং। ৪ বি, মায়া। **~বাদ**-বি, মায়াবাদ।

অনির্ব্বাণ [ন=অ+নির্ব্বাণ-নঞ্] বিণ, যার নির্ব্বাণ নাই ; মুক্তি রহিত ; অমুক্ত। ২ অনির্ব্বাপিত ; জ্বলন্ত। ৩ অশান্ত : অনিবৃত্ত।

৪ [অ+নির্ব্বাণ (স্নান, সাধাঃ হস্তীর স্নান)] অস্নাত ,অনিমজ্জিত।

অনির্ব্বাত [অ+নির্ব্বাত] বিণ, বায়ু-রহিত নহে।

অনির্ব্বাদ [ন=অ+নির্ব্বাদ (কলহ) নঞ্] বি, নির্ব্বিবাদ : মনের মিল। "অনি-র্ব্বাদে নির্ব্বাহ করয়ে কত দায়।"-অ॰ ম॰।

অনির্ব্বা/পণ [অ+নির্ব্বাপণ] বি, না নিবান। ~পণীয়-বিণ, নিবাইবার অযোগ্য। বিণ, ~পিত-যা নিবান হয় নাই।

অনির্ব্বা/হ [ন=অ+নির্ব্বাহ-নঞ্] বি, নির্ব্বাহ বা অভাব মোচন না হওয়া ; অসংস্থান : অপ্রতুল : অভাব। "ভীম আছে হালুয়া আর অনির্ব্বাহ কি।"-শি॰। ২ অসম্পাদন ; অকরণ। ৩ অসঙ্গতি। বিণ, ~হিত।

অনির্ব্বিণ্ণ [ন=অ+নির্ব্বিণ্ণ-নঞ্] বিণ, নির্ব্বাহের উপায়হীন। ২ নিঃস্ব ; দরিদ্র। ৩ দুঃখী। ৪ যে ভয় শোকাদিতে খিন্ন হয় না। অখিন্ন ; অকাতর। ৫ নির্ব্বেদ শূন্য।

অনির্ব্বিৎ [অ-নির্বিদ্] বিণ, অনির্ব্বেদ-যুক্ত : অকাতর ; আত্মগ্লানি বা ভয় শোক-সন্তাপাদি হইতে মুক্ত।

অনির্ব্বেয় [ন=অ+নির্ব্বেয়-নঞ্] বিণ, নির্ব্বাণের অযোগ্য বা অসাধ্য। ২ যা নির্ব্বাপিত, প্রশমিত বা শান্ত হয় না। "অ॰ কোপানল,"-মহা॰।

অনির্ব্বৃতি [ন=অ+নির্বৃতি(সাচ্ছন্দ্য) -নঞ্] বি, অস্বস্তি ; অশান্তি : অসুখ। ২ অসংস্থান ; অনির্ব্বাহ ; দারিদ্র্য। ৩ অস-মাপ্তি। ৪ মুক্তির অভাব ; মায়াবন্ধন।

অনির্ম্মম [অ+নির্ম্মম] বিণ, যা নিষ্ঠুর নয় ; কোমলপ্রাণ।

অনির্ম্মল [অ-নির্ম্মল] বিণ, সমল ; মলীন।

অনির্ম্মাল্য [অ+নির্ম্মাল্য] বি, দেবো-দ্দেশে অনিবেদিত বা অর্দ্ধুপভুক্ত পুষ্পাভরণ।

অনি/ল [অন্ (বাঁচা বা শ্বাস প্রশ্বাস ফেলা)+ইল (ণে-জ্ঞা॰) যদ্দ্বারা শ্বাসপ্রশ্বাস-ক্রিয়া চলে বা বাঁচা যায়] বি, বায়ু ; বাতাস ; পবন। ২ পঞ্চম বসু। ৩ বাতরোগ। ৪ শ্বাস ও প্রশ্বাস। "অনিল দুইজন,"-শূ॰ পু॰। ~লসখ [অনিল (বায়ু)+সখ (সখি=শব্দ-জাত) ৬ তৎ] বি, অগ্নি : বায়ুসখ। ~লাশী-বিণ, বায়ুভক্ষণকারী। স্ত্রীং ~লাশিনী।

অনিলাময় [অনিল (বায়ু)+আময় (রোগ) বায়ুদ্বারা উৎপন্ন রোগ-৩ তৎ] বি, বাতরোগ।

অনিলিন [ইং aniline এর লিপ্যন্তর (রামগতি ন্যায়রত্ন)] বি, পূর্ব্বে নীলবড়ী এক্ষণে তার কোলে ম্যাজেণ্টারপ্রধান কয়েকটি রাসায়নিক দ্রব্যের মিশ্রণে উৎপন্ন আরক্ত বা পিঙ্গল বর্ণের তৈল বিঃ।

অনিশ [ন=অ+নিশা (বিরাম কাল)] বিণ, অবিরাম ; অবিরত ; সর্ব্বদা ; সতত ; নিরন্তর [প্র-অ॰]।

অনিশ্চিত [ন=অ+নিশ্চিত] বিণ, অনির্দ্ধারিত ; অনির্ণীত। ২ সন্দেহযুক্ত।

অনিষিদ্ধ [ন=অ+নিষিদ্ধ-নঞ্] বিণ, অনিবারিত ; যার সম্বন্ধে কোন নিষেধ নাই। ২ অবৈধ।

অনিষ্ট [ন=অন+ইষ্ট-নঞ্] বিণ, অনভি-লষিত : অবাঞ্ছিত। ২ অপ্রিয়। ৩ [ভা॰] বি, ক্ষতি ; অপকার ; অমঙ্গল। ৪ [র্দ্ধ, ত-নাই ইষ্ট যাতে-বহু॰] বি, পাপ ; দুঃখ [বিরল] ~কর, ~কারক, ~কারী, ~চিন্তা, ~জনক, ~দায়ক, ~নাশ, ~নাশক, ~পাত, ~ভয়, ~রত, ~াশঙ্কা, ~সাধক, ~সাধন।

অনিষ্টাচরণ [অনিষ্ট+আচরণ] বি, অহিতানুষ্ঠান। ২ অপ্রিয় ব্যবহার।

অনিষ্টাশঙ্কা [অনিষ্ট+আশঙ্কা] বি, অপ্রিয় বা অকল্যাণকর ঘটনার ভয়।

অনিষ্টাপাত [অনিষ্ট-আপাত (আপ-তন ; ঘটনা)-৬ তৎ] বি, অশুভ বা অপ্রিয় ঘটনা ; দুর্ঘটনা। ২ বিপৎপাত।

অনিষ্ঠা [অ+নিষ্ঠা] বি, নিষ্ঠার অভাব ; অনাস্থা।

অনিষ্পন্ন [অ+নিষ্পন্ন] বিণ, অপূর্ণ। ২ অসমাপ্ত। ৩ অসিদ্ধ।

অনিসর্গ [অ+নিসর্গ] বিণ, অস্বা-ভাবিক। ২ প্রকৃতিবিরুদ্ধ।

অনিস্তীর্ণ [অ+নিস্তীর্ণ নিঃ-তৃ +ত (র্ম্ম)] বিণ, নিস্তার প্রাপ্ত নয় এমন ; অনুত্তীর্ণ। বি, অনিস্তার।

অনীক [অন্ (বাঁচিয়া থাকা, রক্ষা পাওয়া) ঈক (ণে)-যদ্দ্বারা রাজ্য রক্ষা পায়] বি, সৈন্য ; সৈন্যদল। "কাটাকাটি করি কত কোটি কোটি মৈল। অনেক অ॰ হতনাথ হয়ে গেল॥"-শি॰। ২ যুদ্ধ : সমর। ৩ দল : সমূহ। ৪ [বৈদিক] বাণাংশ। ৫ সেনামুখ।

অনীকিনী [অনীক+ইন্ (স্ত্য) স্ত্রীং-ঈ] বি, সৈন্যদল ; ২১৮৭ হস্তী, ২১৮৭ রথ, ৬৫৬১ অশ্ব, ১০৯৩৫ পদাতি, সর্ব্বসমেত ২১৮৭০ সংখ্যক ; অক্ষৌহিণীর দশমাংশ।

অনীত [অনীতি > ভ্রং] বি, কুনীতি : অনুচিত ব্যবহার। "বাছা কেন করগো এমন অ॰।"-কালীকীর্ত্তন। বিণ, অশিষ্ট ; অবিনীত। "অ॰ দেখিয়া শিবে দক্ষ কোপে রোষে।" -কবিক॰। ২ নীতিহীন : গর্হিত। "অ॰ হইল কর্ম্ম দেখিয়া রুষিল ধর্ম্ম।"-শি॰।

অনীতি [ন=অ+নীতি-নঞ্] বি, কুনীতি ; দুর্নীতি। ২ নীতি বিগর্হিত কার্য্যের আয়োজন বা অনুষ্ঠান।

অনীদৃশ [ন=অন্+ঈদৃশ] বিণ, এরূপ নয় : অন্যরূপ।

অনীশ, অনীশ্বর [ন=অন্+ঈশ, ঈশ্বর] বিণ, ঈশ্বরহীন ; নাস্তিক। ২ পাষণ্ড। ৩ ভগবদ্ভক্তিহীন। ৪ অপ্রভু।

অনীশ্বর/বাদ [ন=অন্+ঈশ্বর-বাদ] বি, নাস্তিক্য ; ঈশ্বর নাই এই মতবাদ। ~বাদী-বি, যে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না বা ঈশ্বর মানে না ; নাস্তিক। স্ত্রীং ~বাদিনী।

অনীহা [ন=অন্+ঈহা (চেষ্টা)] বি, অচেষ্টা ; উৎসাহহীনতা ; নিস্পৃহতা apathy বিণ, অনীহ-নিস্পৃহ।

অনু১ [অন্ (বাঁচা বা থাকা)+উ (সাদৃ-শ্যাদি অর্থে)] অ, উপসর্গ বিঃ ; পরে ; পশ্চাৎ। প্র-অনুধাবন ; অনুজ। "ঘালি খেয়ে ঘরে যেয়ে কেহ মল অনু।"-ঘ॰। ২ পশ্চাৎ ভাগ ; পিছন দিক্। "সেন বড় সুবুদ্ধি সন্ধান করে অনু।"-ঘ॰। ৩ সাদৃশ্য। প্র-অনুকরণ ; অনুপাতক ; অনুরূপ। ৪ সহিত। প্র-অনু-চর। ৫ বীপ্সা ; ব্যাপ্তি। প্র-অনুদিন ; অনুক্ষণ। ৬ সামর্থ্য। প্র-অনুভাব ; অনুভূতি। ৭ সাকল্য ; সম্যক্। প্র-অনুমান। ৮

অধীন। প্র-অনুগত। ৯ নিকৃষ্ট : হীন। প্র-অনুকল্প ; অনুশিষ্য। ১০ যোগ্য। ১১ তুল্য। প্র-অনুরূপ। ১২ পুনঃ পুনঃ। প্র-অনুলাপ : অনুলেপন। ১৩ সমীপ। প্র-অনুসঙ্গ। ১৪ পরস্পর। ১৫ বহির্ভাগ। ১৬ চিহ্ন। ১৭ অংশ।

অনু২-বি, যযাতি রাজার ঔরসে শর্ম্মিষ্ঠার গর্ভজাত পুত্র।

অনুক [সং-অনু+ক (কম্-ইচ্ছা করা +অ-র্ত্তৃ)] বিণ, কামুক।

অনু//কথন [অনু+কথন] বি, উপ-কথন ; পশ্চাদুক্তি ; পশ্চাদ্ভাষণ। **~কথক**-যে ঐরূপ বলে।

অনুক//ম্পা [অনু (সহিত)+কম্প্ (কাঁপা বা বিচলিত হওয়া)+অ-ভা০] বি,অপ-রের সুখ দুঃখ হর্ষাদির অবস্থার সহিত নিজকে তদবস্থ করা ; সহানুভূতি sympathy. ২ কৃপা ; দয়া ; করুণা ; অনুগ্রহ [দ্রঃ-পরদুঃখে দুঃখ অনুভব করায় বা সহানুভূতির উদ্রেক করা স্থলে 'অ০'। পক্ষাবলম্বন বিচার সাপে-ক্ষতা সদয়ভাব আনুকূল্য অভীষ্ট বা হিতসাধন অর্থে 'অনুগ্রহ'। পরক্লেশ বা দুঃখ দূর করণের প্রবৃত্তি স্থলে 'দয়া' (দ্রঃ)। ইহা স্বাভাবিক ও স্থায়ী চিত্তবৃত্তি। ভাব ভাষা ও আকৃতিতে ইহার প্রকাশ। 'কৃপা' ক্ষণস্থায়ী দয়া। কার্য্যে ইহার প্রকাশ। 'করুণা' পর দুঃখে হৃদয়ের দ্রবীভাব। দুঃখ যন্ত্রণার আতি-শয্য দেখিয়া করুণার ভাব বৃদ্ধি পায়] **~ম্পী**-বিণ,পরিবেদনা সূচক ; সমবেদনাময় ; সহানুভূতি প্রকাশক condoling. **~ম্প্য** [অনু+কম্প্+য (অর্হার্থে)] বিণ, কৃপার যোগ্য (পাত্র) ; দয়ার্হ।

অনুকরণ [অনু (সদৃশ, পশ্চাৎ) +করণ] বি, অপরের কার্য্যাদির নকল ; সদৃশীকরণ। ২ অনুসরণ। **~ণীয়**-বিণ, অনুকরণের যোগ্য। **~কারী**-যে অনুকরণ করে। **~ক্ষম, ~দক্ষ, ~পটু**-বিণ, অ০ নিপুণ। **~প্রবৃত্তি**-বি, অনুকরণের ইচ্ছা বা প্রবণতা। বিণ, **~প্রিয়**। **~বৃত্তি**-বি,নকল করার অভ্যাস বা কার্য্য। **~শব্দ**-বি, শব্দের অনুরূপ শব্দ onomato-poeia. ~ বিণ, অ০ করা যার স্বভাব ; অ০ দক্ষ।

অনু//কর্ত্তা-বি, অনুকরণকারী। স্ত্রীং **~কর্ত্রী**।

অনুকর্ম্ম [অনুক্রিয়া, অনু (পশ্চাৎ,সদৃশ) কর্ম্ম ক্রিয়া] বি, পশ্চাৎ অনুষ্ঠেয় কার্য্য। ২ অনুকরণ। ৩ নকল।

অনুকর্ষ [অনু+কৃষ্ (চসা বা টানা)+ অ-র্ম্ম] বি.রথের নিম্নদেশে চক্রের উপরিস্থিত কাষ্ঠ। ২ প্রার্থনা পূর্ব্বক দেবতাকে আবা-হন। ৩ পূর্ব্বোক্ত সূত্রের পর সূত্রাদিতে পুনরাবৃত্তি। ৪ [ঐ-ভা০ অ] আকর্ষণ।

অনুকর্ষণ [অনু+কৃষ্+অন-ভা০] বি, অনুকর্ষ। ২ আকর্ষণ।

অনুকল্প [অনু (হীন)+কল্প (মুখ্যবিধি) -মুখ্য বিধির নিকৃষ্ট] বি, গৌণ বা হীন কল্প : অপ্রধান কল্প। ২ বদল ; পরিবর্ত্তন alterna-tive ৩ প্রতিনিধি।

অনুকাঙ্ক্ষা-বি, অতিস্পৃহা longing

অনুকামী [অনু+কামিন্] বিণ, অতি-শয় কামুক। **~ন** [অনুকাম+ঈন (গমনে)] বিণ, কামগামী ; স্বেচ্ছাবিহারী।

অনুকা//র [অনু+কৃ+ঘঞ্-ভা০] বি, উপমা : অনুকরণ ; সদৃশীকরণ। প্র-অ০ শব্দ। "মদমত্তগতি বলদের অ০,"-চৈ০ চ০। **~রা** [অনুকার+আ (বাং ক্রি বিভক্তি)। উ-পু-অনুকারি ; ম-পু-অনুকার ; প্র-পু-অনু-কারে। অস-ক্রি, অনুকারিতে ; অনু-কারিয়া, অনুকারি (পদ্যে) ; অনুকারি-তেছে, অনুকারিছে,-অনুকরণ করিতেছে] ক্রি, অনুকরণ করা। "পড়ি জল নীলে ধবল সৌধ ছবি, অনুকারিছে নভ অঙ্গন ও।"-যমুনা লহরী। "শুন কি তরঙ্গ ভঙ্গ হইতেছে আনন্দের শিবিরে শিবিরে, সমুদ্র তরঙ্গ-ভঙ্গ অনুকারি তীরে।"-নবীন০ (প্রভাস)। বি, **~রিতা**। **~রী** [মূ০-অনুকারিন্ ; অনু= অনুসারে+কৃ+ইন্] বিণ,যে অনুকরণ করে ; অনুসারী ; অনুরূপ ; সদৃশ। স্ত্রীং **~রিণী**।

অনুকাল-বি, কালানুযায়ী ; সময়োচিত opportune.

অনুকীর্ণ [অনু+কীর্ণ (কৃ+ত-র্ম্ম)] বিণ,বিকীর্ণ ; বিক্ষিপ্ত ; পরিব্যাপ্ত। ২ বিস্তৃত ; স্ত্রীং **~া**।

অনুকীর্ত্তন-বি, প্রচার করণ ; প্রকাশন proclaiming, publishing.

অনুকূল১ [অনু+কূল] বিণ, সহায় ; হিত-কারী ; যে কোন কার্য্যের সহায় বা পোষক। ২ যে নায়ক একমাত্র নায়িকাতে আসক্ত। "একে অনুরাগ যার সেই অ০,"-রসমঞ্জরী। ৩ অনুরক্ত। ৪ সদয়। "চিরদিনে সে বিহি ভেলি অ০।"-বি০ প০। স্ত্রীং **~া**-দন্তী বৃক্ষ। ২ বিণ, সহায়া : সদয়া। বি, **~তা**।

অনুকূল২-বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ। বাচ্যার্থে প্রতীয়মান, প্রতিকূল বা ব্যাঙ্গার্থে অনুকূল প্রতিপন্ন হইলে এই অলঙ্কার হয়। যথা-"অপরাধ করিয়াছি হুজুরে হাজির আছি ভুজপাশে বান্ধি কর অ০ দণ্ড।"-বি০ সু০।

অনুকৃ//ত [অনু (অনুসারে)+কৃত] বিণ, যার অনুকরণ বা নকল করা হইয়াছে : অনু-সৃত। বি, **~তি**-সদৃশকরণ ; নকল।

অনুক্ত [ন=অন্+উক্ত (কথিত) নঞ্] বিণ, অকথিত ; যা বলা হয় নাই ; অব্যক্ত। **~কর্ত্তা** [ব্যা০] বি, কর্ম্মবাচ্যে তৃতীয়ান্ত কর্ত্তৃপদ।

অনুক্র//ম [অনু(রীতিমত্)+ক্রম্(গমন করা)+অ-ভা০] বি, যথাক্রম order পর্য্যায়-ক্রম ; ক্রমান্বয় ; আনুপূর্ব্বী। "শ্রীরাম কহেন তবে. কিরূপে পূজিতে হবে, অ০ কহ শুনি তার।"-কৃত্তি০। ২ কার্য্যপরম্পরা পত্র বা তালিকা programme. **~মণ**-বি,অনুসরণ ; পশ্চাদ্গমন ; অনুবর্ত্তন। **~মণিকা, ~মণী** [অনু+ক্রম্+অন (ভা০)+ইক-স্ত্রীং আ] বি, পুস্তকের অবতরণিকা ; ভূমিকা বা মুখবন্ধ। **~মা** [অ০+আ (ক্রিয়ায়)। অনুক্রমি, অনু-ক্রম, অনুক্রমে ; অনুক্রমিয়া, অনুক্রমি (পদ্যে) : অনুক্রমিতে ই০] ক্রি, অনুকরণ করা, পর্য্যায়-ক্রম অনুসরণ করা। "কহিবে পাণ্ডবগণে কাল অনুক্রমি।"-মহা০ (কাশী)।

অনুক্রিয়া-অনুকর্ম্ম দ্রঃ।

অনুক্রোশ [অনু (নিমিত্ত)+ক্রুশ্ (দুঃখ করা)+অ (ভা০)] বি, অনুকম্পা ; দয়া। বিণ, **অনুক্রুষ্ট**।

অনুক্ষণ [অনু (প্রতি)+ক্ষণ] ক্রি-বিণ, প্রতিক্ষণ ; সর্ব্বদা ; নিরন্তর। ২ [বাং বির্থে০] বিণ, চমৎকার ; বিস্মিত [অপ্র০] "ব্যাধের ধনুক শিক্ষা, কেবা তাহে পায় রক্ষা, পেলে ধনু লোকে অ০।"-কবিক০। [পদ্যে

কোমল রূপ 'অনুখণ,'-ন ও। "অনুখণ কঙ্কণ কিঙ্কিণী ঝঙ্করু."-গোবিন্দ০। "হৃদয় মাহ মঝু জাগসি অনুখণ।"-রবী০]।

অনুগ [অনু (পশ্চাৎ) + গ (গমন করা) + অ (র্ত্তৃ)] বিণ, পশ্চাদ্গামী। ২ বি, অনুচর : সেবক। ৩ প্রভু : স্বামী। ৪ [প্রত্যয় (suffix) স্বরূপ যুক্ত হয়] অনুগামী : অনুযায়ী : "সংস্কৃতা-নুগ, নিয়মানুগ ই ।

অনুগত [অনু + গম্ (পশ্চাৎ গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, পশ্চাদ্গত : যে মতানুসারে চলে : মতানুবর্ত্তী : অধীন ; আশ্রিত ;বাধ্য। "অ০, শরণাগত ও মিত্রভাবাপন্ন নৃপতি-দিগের নিমন্ত্রণ কর।"-বি০ সা০। "অ০ জনেরে ছাড়িতে না জুয়ায়।"-বি০ প০। ২ [অনু + গম্ + ত(র্ম্ম)] অনুসৃত ; ক্রমানুযায়ী প্র-বংশানুগত : সংস্কারানুগত [সম-অনু গত-বাধ্য। শরণাগত না হইয়াও অনুগত হওয়া যায় কারণ তা অনুগত ব্যক্তির স্বেচ্ছা-ধীন। **শরণাগত**-আশ্রিত, সুতরাং, স্বভা-বতঃই শরণ্যের অনুগত কারণ তাকে আশ্রয়-দান শরণ্যের ইচ্ছাধীন]।

অনু/গম [অনু + গম (গম্=গমন করা) + অ (ভা০)] বি, পশ্চাদ্গমন ; মীমাংসা ; অনুলোম ; সঙ্গতি ; বিরুদ্ধভাব দূরীকরণ। **~গমন**-বি, পশ্চাদ্গমন ; অনুসরণ ; অপরের মতানুযায়ী কার্য্যকরা ; সহমরণ। **~গমনীয়, ~গম্য**-বিণ, অনুগমনযোগ্য। **~গামী** [মূ০-অনুগামিন্] বিণ, পশ্চাদ্গামী ; সহচর ; অনুগমনকারী।

অনুগাবয়ব-অনুমান দ্রঃ।

অনুগামক-বিণ, যে সর্ব্বদা গমন বা অনুগমন করে ; গতিশীল habitually moving.—রবী০।

অনুগুণ [অনু + গুণ] বিণ, গুণানুযায়ী ; গুণানুকূল ; অনুকূল। স্ত্রীং ~া।

অনুগৃহীত [অনু-গ্রহ্ + ত (র্ম্ম)] বিণ, অনুগ্রহ-প্রাপ্ত ; কৃতানুগ্রহ ;বাধ্য ; উপকৃত ; প্রতিপালিত।

অনুগ্র [অন্ + উগ্র] বিণ, উগ্রতাশূন্য ; শিষ্ট ; ভদ্র ; ঠাণ্ডা ; অনুদ্ধত। ২ তীব্রতাশূন্য।

অনুগ্রহ [গ্রা০-অনুগ্র। অনু + গ্রহ্ (গ্রহণ করা, দয়া করা) + অ (ভা০)] বি, অন্যের অনিষ্ট নিবারণ পূর্ব্বক উপকার করা : দুঃখ দূর করণ : আনুকূল্য। ২ প্রসন্নতা : প্রসাদ favour. ৩ দয়া ; কৃপা। অ০ করা,-দান,-দেখান,-প্রদর্শন। অ০ পাওয়া,-প্রাপ্তি, -লাভ। **~পাত্র**-অ০ করার যোগ্য ব্যক্তি। **~যোগ্য**-বিণ, কৃপার্হ।

অনুগ্রা/হক [অনু + গ্রহ্ + অক (র্ত্তৃ)] বিণ, অনুগ্রহকারী : পালক : সহায়। ২ দয়াবান্ : করুণান্বিত। স্ত্রীং **~হিকা**। **~হী** [মূ-অনুগ্রাহিন্] বিণ, যে অনুগ্রহ করে ; অনুগ্রাহক।

অনুগ্রাহ্য [অনু + গ্রহ্ + য (র্ম্ম)] বিণ, অনুগ্রহ করিবার উপযুক্ত ; অনুগ্রহ যোগ্য।

অনুচর [অনু (সহিত বা পশ্চাৎ) + চর-যে গমন করে] বিণ, অনুগামী : সহচর ; দাস ; সঙ্গী ; সাথী। স্ত্রীং **~ী**-বি, সহচরী। ২ দাসী। ৩ [বির্থে০] পত্নী হইতে অভিলাষিণী। "তপস্যা করেন যথা দেব ত্রিপুরারী। আছেন অভয়া তাঁর হয়ে অনুচরী॥"-কবিক০।

অনুচারী [মূ০-অনুচারিন্] বিণ, ভৃত্য ; অনুগামী ; অনুগ। স্ত্রীং **অনুচারিণী**।

অনুচ্চ [ন=অন + উচ্চ] বিণ। উঁচু নয় এমন। ২ নিম্ন। বি, **~তা**।

অনুচ্চারণীয়, অনুচ্চার্য্য [ন=অন্ + উচ্চারণীয়, উচ্চার্য্য] বিণ, যা উচ্চারণ করিতে পারা যায় না ; উচ্চারণ করা অনুচিত ; অকথ্য।

অনুচিকী/র্ষা [অনু (পশ্চাৎ বা সদৃশ) চিকীর্ষা (কৃ + সন্)] বি, অনুকরণ করিবার ইচ্ছা : অনুকরণেচ্ছা। **~র্ষিত**-বিণ, যাকে অনুকরণ করিবার ইচ্ছা হইয়াছে। **~র্ষু**-বিণ, অনুকরণ করিতে ইচ্ছুক।

অনুচিত [ন=অন্ + উচিত। প্রা০ বাং 'আনুচিত'-'আনুচিন' (শ্রী০কী০)] বিণ, অন্যায় : অকর্ত্তব্য : মন্দ ; অনুপযুক্ত : অবি-হিত। বি, **~তা**-অন্যায়। ২ অলঙ্কার দোষ বিঃ। দেশ কাল পাত্র ব্যবহারাদির বিপরীত বা অনুচিত বর্ণন স্থলে এই দোষ হয় [অনৌ-চিত্য দ্রঃ]।

অনুচিন্তন [অনু + চিন্তি + অন (ভা০)] বি, পশ্চাৎ চিন্তা করা : অনুধ্যান। ২ সতত চিন্তা : নিয়ত আন্দোলন।

অনুচিন্তা-বি, অনুধ্যান (দ্রঃ)।

অনুচ্ছিষ্ট [ন=অন্ + উচ্ছিষ্ট] বিণ, যা উচ্ছিষ্ট করা হয় নাই : শুদ্ধ : পবিত্র।

অনুজ, অনুজন্মা [অনু (পশ্চাৎ) + জ, জন্মা-যে পশ্চাৎ জন্মে] বিণ, যে পরে জন্মে : কনিষ্ঠ ভ্রাতা। "কি করিব কোথা যাব অনুজ লক্ষ্মণ।"-কৃত্তি০। "যমজ লক্ষ্মণ আর শত্রুঘ্ন পুত্র তাব, অনুজন্মা বিজয়ী সদাই ;"-কবিক০। স্ত্রীং **অনুজা**-কনিষ্ঠা ভগিনী। "কবি অগ্রজে অপমান, অনুজা দিলে দান, সেই অর্জ্জুন হতমানে গত হয়।"-মনোমোহন বসু। ২ দক্ষের কনিষ্ঠা কন্যা বলিয়া সতীর নাম অনুজা (অ০ ম০)।

অনুজাত-বিণ, পশ্চাৎ বা পরে ভূমিষ্ঠ বা গৃহীত জন্ম বা উৎপন্ন। স্ত্রীং ~া।

অনুজিঘৃক্ষা [অনু + গ্রহ্ (গ্রহণ করা, কৃপা করা) + ইচ্ছার্থে সন্ (ভা০) অ, স্ত্রীং-আ] বি, অনুগ্রহ করিবার ইচ্ছা।

অনুজীবী [মূ০-অনুজীবিন্, অনু (পশ্চাৎ বা সহিত) + জীবী (যে বাঁচে)-যে অন্যের (প্রভুর) সেবাদি করিবার পর বা অন্যকে আশ্রয় করিয়া, জীবন ধারণ করে] বি, ভৃত্য ; আশ্রিত ; পোষ্য ; সহায় ; অনুবর্ত্তী।

অনুর্জ্জঘাস্থি [শরীর বিজ্ঞা০পরিঃ] বি, অন্তর্জ্জঘাস্থি ; হাঁটুর নীচে, গোড়ালির উপরে যে দুইখানি হাড় থাকে, তন্মধ্যে প্রধানতঃ বড় হাড় খানি tibia.

অনুজ্জ্বল [অ=অন্ + উজ্জ্বল] বিণ, দীপ্তি বা প্রভাহীন। ২ প্রতিভাহীন ; অপ্রখর।

অনুজ্ঞা [অনু + জ্ঞা + অ (ভা০) স্ত্রীং-আ] বি, আজ্ঞা ; আদেশ। "অ০ করিল ইন্দ্র চারি জলধরে।"-কৃত্তি০। "ভরতের প্রতি রাম, কি অ০ হয়।"-ঐ। ২ অনুমতি ; সম্মতিদান। ৩ প্রবর্ত্তনা ; নিয়োগ। **~ত** [অ০ + ত, র্ম্ম] বিণ, আজ্ঞা প্রাপ্ত ; আদিষ্ট ; অনুমত ; অভিমত দেওয়া হইয়াছে এরূপ allowed.

অনুজ্ঝিত [ন=অন্ + উজ্ঝিত] বিণ, অপরিত্যক্ত।

অনুতপ্ত [অনু + তপ্ + ত (র্ম্ম)] বিণ, সন্তপ্ত ; পশ্চাত্তাপবিশিষ্ট ; অনুতাপযুক্ত।

অনুত্তর [অনু-তর] বি, পারানি ; পারঘাটের দান ; খেয়া ভাড়া।

অনু/তর্ষ [অনু+তর্ষ (তৃষ্-পানেচ্ছা করা)+অ (ভা॰)] বি, তৃষ্ণা। ২ বাসনা। ~**তর্ষণ**-বি, পান পাত্র। ২ সুরা বন্টন।

অনুতাপ [অনু (পশ্চাৎ)+তপ্ (উত্তপ্ত হওয়া)+অ(ভা॰)] বি, অনুশোচনা ; পশ্চাত্তাপ ; কোন গর্হিত কার্য্য করিয়া পশ্চাৎ শোক ; আপশোষ। ~**ী**-বিণ, অনুতপ্ত। ২ অনুশোচনাকারী ; পশ্চাত্তাপকারী। "অনুতপ্ত অশ্রু ধার কখন সহেনা তার, অনুতাপী পাপী পেলে পুণ্য করে দান,"-কাব্যকুসুমাঞ্জলি।

অনুৎক [ন-উৎক (উৎকণ্ঠা)] বি, অনুদ্বেগ। স্ত্রীং ~া।

অনুৎকর্ষ [ন=অন্+উৎকর্ষ] বি, অনুন্নতি, অপকর্ষ।

অনুত্তর [ন+উত্তর (পর) বৌ॰ বাং প্রাকৃ॰-অনুঅর (চ॰ ৩৪।৪, দো॰ ১০৪)] বিণ, যার উত্তর অর্থাৎ পর কিছু নাই। যৎপরোনাস্তি ; সর্ব্বোৎকৃষ্ট।

অনুৎপন্ন [ন=অন্+উৎপন্ন-নঞ্] বিণ, উৎপন্ন রহিত। ২ [অন্ (নয়) উৎপন্ন (উৎপত্তি) যার-বহু॰] অজাত। বি, **অনুৎপত্তি**।

অনুত্তম [ন=অন্ (নাই)+উত্তম যা হতে-বহু॰] বিণ, অত্যুত্তম ; সর্ব্বোৎকৃষ্ট। ২ [নঞ্] নিকৃষ্ট ; অধম।

অনুত্তর [ন=অন্ (নাই)+উত্তর=উত্তম যা হতে-বহু॰] বিণ, মুখ্য ; সর্ব্বশ্রেষ্ঠ। ২ [নাই উত্তর যার-বহু॰] উত্তর দানে অসমর্থ বা অনিচ্ছুক (এই অর্থে 'নিরুত্তর' প্রচলিত) ; প্রত্যুত্তরহীন ; মৌনী। ৩ [ন=অন্ (তদন্য) উত্তর, নঞ্] উত্তরের অন্যদিক অর্থাৎ বিপরীত দিক্ ; দক্ষিণ দিক্। ৪ অধঃ। ৫ দৃঢ়।

অনুত্তান [ন=অন্+উত্তান-নঞ্] বিণ, উবুড়। প্র-অ॰ হইয়া শয়ন।

অনুৎ/সাহ [ন=অন্+উৎসাহ] বিণ, নিরুৎসাহ ; উদ্যমহীন। ২ বি, উৎসাহের অভাব। ~**সাহী**-বিণ, যার উদ্যম নাই।

অনুদগ্র [ন=অন+উদগ্র] বিণ, অনুদগত ; অনুন্নত। ২ অনুৎকট। ৩ অনুচ্চ। ৪ অনুদ্ধত।

অনুদয় [ন=অন্+উদয় (নঞ্)] বি, সূর্য্যোদয়ের পূর্ব্ব সময়। "অনুদয়ে স্নান সন্ধ্যা করি সমাপন।"-শি॰।

অনুদর [ন=অন্ (অল্প)+উদর যার-বহু॰] বিণ, কৃশ ; দুর্ব্বল ; ক্ষীণমধ্য। স্ত্রীং ~**ী**-কৃশোদরী ; ক্ষীণমধ্যা। ২ সুন্দরী।

অনুদাত্ত [ন=অন্+উদাত্ত] বি, যা জোরে উচ্চারণ করা যায় না ; নিম্নস্বর ; বেদের মন্ত্রবিঃ। ২ বিণ, উদাত্ত নয়।

অনুদার১ [ন=অন্+উদার] বিণ, সংকীর্ণ মন ; ক্ষুদ্র ; নীচাশয়। ২ কৃপণ।

অনুদার২ [অনু (অনুগতা)+দারা যার] যার স্ত্রী অনুগতা ; অনুগতদার [প্র॰ অ॰]।

অনুদিত [ন=অন্+উদিত (উদ্গত)] বিণ, অনুদ্গত ; অপ্রকাশিত। ২ [ন=অন্+বদ্ (বলা)+ত (র্ম্ম) ই আগম। বদ্=উদ্+ইত] অকথিত ; অনুক্ত।

অনুদিন [অনু+দিন-অব্যয়ী॰] অ, প্রত্যহ ; প্রতিদিন ; রোজ। "মাংস লয়্যা গোলা হাটে, অ॰ বেচয়ে ফুল্লরা।"-কবিক॰। "অ॰ সঘন নয়নজল মুছয়ি,"-রবী॰। "নিরখি নিরখি অ॰ মোরা ডুবিব রূপসাগরে,"-স্কন্দ॰।

অনুদ্/ঘাত [ন=অন্+উদ্ঘাত] বি, সমতল। ~**ঘাতী**-বিণ, উন্নতানত নয় এমন স্ত্রীং ~**ঘাতিনী**-সমতল। "বাঙ্গালাদেশের অন্যত্র ভূমি যেরূপ সচরাচর অনুদ্ঘাতিনী এ প্রদেশে সেরূপ নহে।"-বঙ্কিম॰।

অনুদ্দিষ্ট [ন=অন্+উদ্দিষ্ট-নঞ্] বিণ যার কোন উদ্দেশ বা সন্ধান পাওয়া যায় না অপ্রাপ্ত সন্ধান।

অনুদ্দেশ [ন=অন্ (নাই)+উদ্দেশ যার-বহু॰] বি, যে বিদেশগত ব্যক্তির কোন সন্ধান পাওয়া যায় নাই ; নিরুদ্দেশ।

অনুদ্ধত [ন=অন্+উদ্ধত-নঞ্] বিণ, বিনীত ; নম্র ; শান্ত ; ধীর।

অনুদ্ধরণ, অনুদ্ধার [ন=অন্+উদ্ধরণ, উদ্ধার] বি, অপরিত্রাণ ; অমুক্তি। ২ অঙ্কের উক্তি বা লেখা হইতে না তোলা। বিণ, **অনুদ্ধৃত**-যার উদ্ধার হয় নাই ; যা উত্তোলিত হয় নাই বা উঠান যায় নাই।

অনুদ্বিগ্ন [ন=অন্+উদ্বিগ্ন] বিণ, উদ্বেগ শূন্য ; নিশ্চিন্ত। বি, **অনুদ্বেগ**।

অনুদ্ভিন্ন [ন=অন+উদ্ভিন্ন] বিণ, যা উঠে নাই ; অনুদ্গত ; ২ অপুষ্ট ; অনুদ্ভিন্নদেহ ; অপুষ্টদেহ (জীব)।

অনুদ্ভূত [ন-উদ্ভূত] বিণ, অনুদ্ভিন্ন। ২ প্রচ্ছন্ন ; অব্যক্ত। অ॰ **বৃত্তিশক্তি**-সুপ্ত, অব্যক্ত, সম্ভাবনাত্মক বা প্রচ্ছন্ন হার্দ্দিক, মানসিক বা কর্ম্ম শক্তি potentia.

অনুদ্যত [ন=অন্+উদ্যত] বিণ, অপ্রবৃত্ত ; অনুৎসাহযুক্ত।

অনুদ্যোগ [ন=অন্+উদ্যোগ-নঞ্] বি, অনুদ্যম ; ঔদাস্য ; অবহেলা ; উপেক্ষা ; আলস্য। বিণ, **অনুদ্যুক্ত, অনুদ্যোগী**।

অনুদ্রুত [অনু (পশ্চাৎ)+দ্রুত (গত)=পলায়িত] বিণ, পশ্চাৎ ধাবিত ; অনুগত। ২ বি, সঙ্গীত শাস্ত্রে তাল বিঃ ; সিকি মাত্রা তাল ; [অর্দ্ধ মাত্রা দ্রুত, দ্রুতের অর্দ্ধেক অনুদ্রুত]।

অনুধাবন [অনু (পশ্চাৎ)+ধাব্ (দৌড়ান)+অন (ভা॰)] বি, পশ্চাৎ দ্রুত অনুসরণ। ২ মনোনিবেশ। ৩ অনুসন্ধান। ৪ পর্য্যালোচনা ; বিবেচনা। "আর ইহারও অ॰ করা আবশ্যক, আপনি যতদিন শোকাকুল থাকিবেন, রাজকার্য্যে মনোনিবেশ করিতে পারিবেন না।"-বি॰ সা॰।

অনুধাবিত [অনু (পশ্চাৎ) ধাবিত] বিণ, পশ্চাদ্ধাবিত। ২ অভিনিবিষ্ট।

অনুধ্যান [অনু-ধ্যৈ (চিন্তা করা)+অন (ভা॰)] বি, অনুচিন্তন ; স্মরণ। ২ শুভচিন্তা। বিণ, **অনুধ্যায়ী**।

অনুনয় [অনু+নী (লইয়া যাওয়া, প্রার্থনা বা স্তুতি করা)+অ (ভা॰)] বি, বিনয় ; নম্রতা ; শিষ্টতা। ২ স্তব ; স্তুতি ; প্রার্থনা। বিণ, ~**ী**-অনুনয় প্রার্থী। ২ বিনয়ী।

অনুনেয়-বিণ, অনুনয় যোগ্য। অ॰ **বিনয়**-সাধ্যসাধনা।

অনুনা/দ [অনু (পশ্চাৎ, পুনঃ পুনঃ) নাদ (ধ্বনি)] বি, প্রতিধ্বনি। বিণ, ~**দিত**।

অনুনাসিক [অনু (অনুগত, সহিত)+নাসিক অথবা অনু=পশ্চাৎ, নাসিকা হইতে উচ্চারণ যাদের ; মুখ পূর্ব্ব-উচ্চারণ স্থান, পশ্চাৎ নাসিকাস্থান] বি, নাসিকা সাহায্যে উচ্চার্য্যমাণ বর্ণমালা, যথা-ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ। ২ বিণ, নাসিকা সম্বন্ধীয়।

অনুনীত [অনু-নী+ত (র্ম্ম)] বিণ, বিনীত। ২ অনুনয়দ্বারা তুষ্ট। ৩ পূজিত ; সম্মানিত। ৪ প্রার্থিত। ৫ হৃষ্টচিত্ত ; প্রসাদিত।

অনুন্নত [ন=অন্+উন্নত] বিণ, অনুচ্চ। ২ নিম্ন। ৩ নিম্ন সমাজভুক্ত। ৪ অনুদার। স্ত্রীং ~া।

অনুন্মত্ত [ন=অন্+উন্মত্ত] বিণ, অক্ষিপ্ত ; অপ্রমত্ত। ২ প্রকৃতিস্থ।

অনুপ [ন=অন্ (নাই)+উপ (উপমা) যার-বহু°] বিণ, উপমারহিত ; অতুলিত ; সাদৃশ্য শূন্য। "ভুবনে অনুপ বাস,"-জ্ঞানদাস। "থাকে সব ঠাঁই কেহ দেখে নাই বেদেতে কহে অ°।"-অ° ম°। ২ [নঞ্] সজল স্থান ; জলপ্রায় দেশ (অনূপ দ্রঃ)।

অনুপ/কার [ন=অন্+উপকার] বি, ক্ষতি। ২ অকল্যাণ। ৩ অগুণ। ~কারক, ~কারী-বিণ, অপকারী। ২ অগুণকারক। স্ত্রীং ~কারিকা, ~কারিণী। বি, ~কারিতা। ~কৃত [ন=অন্+উপকৃত] বিণ, যার উপকার করা হয় নাই। স্ত্রীং ~া।

অনুপদ [পদের অনু (পশ্চাৎ) অব্যয়ী°] অ, অনন্তর ; পশ্চাৎ। "কপিঞ্জল অনুপদে গিয়াছে তাহার,"-আলো ও ছায়া। ২ পদে পদে। ৩ শীঘ্র। ৪ বারবার। ৫ বিণ, পশ্চাদ্গামী।

অনুপদিষ্ট [ন=অন্-উপদিষ্ট] বিণ, যাকে উপদেশ দেওয়া বা শিখান হয় নাই ; অশিক্ষিত।

অনুপদী [মু°-অনুপদিন্] বিণ, অন্বেষণকারী ; অনুগামী ; পশ্চাদ্গামী। "মৃগ অ° বীর ধায় লঘুগতি।"-কবিক°।

অনুপদীনা [অনু (সকল)+পদ্+ব্যাপকার্থে-ইন্+স্ত্রীং-আ] বি, মোজা। ২ পাদাচ্ছাদন ; বুটজুতা longboot

অনুপনীত [ন=অন্+উপনীত] বিণ, যার পৈতা হয় নাই। স্ত্রীং ~া [বৈদিক যুগে স্ত্রীলোকেরও যজ্ঞসূত্র ধারণের উল্লেখ আছে]।

অনুপপত্তি [ন=অন্ (নাই)+উপপত্তি (সিদ্ধান্ত) যার-বহু°] বি, অযুক্তি ; অসঙ্গতি। ২ অসিদ্ধি ; অসমাপ্তি ; অকৃতকার্য্যতা। "কর্ম্মকর্ত্তার অযথাবিধি কর্ম্মকরণ ই° বৈগুণ্য প্রযুক্ত যাগফলের অ° দেখিতে পাওয়া যায়।" -রমানাথ সরস্বতী। ৩ অসচ্ছলতা ; অভাব।

অনুপপন্ন [ন=অন্+উপপন্ন (সিদ্ধ)] বিণ, অযুক্ত ; অসিদ্ধ ; অপ্রমাণীকৃত। ২ অসম্পন্ন। ৩ অনুৎপন্ন।

অনুপ/ভুক্ত [ন=অন্+উপভুক্ত] বিণ, যা উপভোগ করা হয় নাই। ২ অব্যবহৃত। ৩ অভক্ষিত। বি, ~ভোগ।

অনুপ/ম [ন=অন+(নাই) উপমা যার-বহু°। প্রা°-বাং 'অনুপাম', 'অনুপামা' 'আমুপাম'] বিণ, উপমা রহিত ; অতুল্য ; অত্যুৎকৃষ্ট। স্ত্রীং ~া-নিরুপমা সুন্দরী। ২ কুমুদনামক দিগ্‌গজভার্য্যা ; অগ্নি বা নৈঋ্ত কোণের হস্তিনী। ~মিত-বিণ, অতুলিত। ~মেয়-বিণ, উপমেয় বা তুলনীয় নয় এমন ; নিরুপম।

অনুপ/যুক্ত [ন=অন্+উপযুক্ত] বিণ, অনুচিত। ২ অযোগ্য ; অকার্য্যকর। ৩ অক্ষম। বি, ~যুক্ততা। ~যোগ, ~যোগিতা-অক্ষমতা। ২ অনৌচিত। ৩ অপ্রয়োজনীয়তা। ~যোগী-বিণ, অযুক্ত। ২ অক্ষম। স্ত্রীং ~যোগিনী।

অনুপল [পলের অনু-অব্যয়ী°, জ্ঞা°] বি, অত্যল্পকাল ; সময়ের অতি ক্ষুদ্রাংশ ; ক্ষণ ; মুহূর্ত্ত। "যৌবনের এককণা-এক অ°,"-গোবিন্দদাস (ফুলরেণু)।

অনুপলক্ষিত [ন-অন্+উপলক্ষিত] বিণ, অনুদ্দিষ্ট। ২ অযাচিত। ৩ অননুমিত। ৪ অনুচিত। ৫ অনবলম্বিত।

অনুপলি/ব্ধি [ন=অন্+উপলব্ধি] বি, অপ্রাপ্তি। ২ অননুভূতি। বিণ, ~ব্ধ।

অনুপ/স্থান [ন=অন্+উপস্থান] বি, অনুপস্থিতি। ~স্থাপক-বি, বিণ, যে স্থাপন করে না। স্ত্রীং ~স্থাপিকা। ~স্থাপিত-বিণ, যা রাখা হয় নাই। ২ অপ্রস্তাবিত। স্ত্রীং ~া। ~স্থায়ী-বিণ, অনুপস্থিত। স্ত্রীং~স্থায়িনী। ~স্থিত [ন=অন্+উপস্থিত] বিণ, অসাক্ষাৎ ; অবর্ত্তমান। ২ অনাগত। বি, ~স্থিতি-অনুপস্থান ; অবর্ত্তমানতা। ২ অনাগমন।

অনুপহত [ন=অন্+উপহত (আহত)] বিণ, অনাহত। ২ যার উপঘাত (দ্রঃ) হয় নাই ; অবিনাশিত। ৩ অনিবারিত। ৪ অনাক্রান্ত। স্ত্রীং ~া।

অনুপাত [অনু+পাত্ (পতন)] বি, পশ্চাৎ পতন ; সমসূত্রভাবে পাতন। ২ পশ্চাদ্গমন। ৩ [গঃ] এক রাশির সহিত অপর এক রাশির যে সম্বন্ধ proportion

অনুপাতক [অনু (সদৃশ)+পাতক (পাপ)-মহাপাতক সদৃশ পাপ] বি, মিথ্যাকথা, প্রবঞ্চনা, মিথ্যা সাক্ষ্য দান, গচ্ছিত দ্রব্যাপহরণ, ভূমিহরণ, পরদার, বেদবিস্মরণ, বন্ধুদ্রোহ, সুরাপান ই° ৩৫ প্রকার পাপ (স্মৃতি°)।

অনুপাদান [বৌ° সা°। ন-অন্+উপাদান (দ্রঃ) উপাদানের নাশ অর্হত্ব প্রাপ্তির মূল। তুল-(পা°) অনাগারী, নিবুত্তপিণ্ড] বি, যাঁর উপাদানের নাশ অর্থাৎ পুনর্জন্মহেতু স্বরূপ জীবনে আসক্তি বিনষ্ট অর্থাৎ বাসনাগ্নি নির্ব্বাপিত হইয়াছে ; অর্হন্।

অনুপান [অনু (সহিত)+পান] বি, ঔষধের সহিত সেবনীয় রসাদি দ্রব্য।

অনুপাম [অনুপম স্থলে প্রা° বাং পদ্যে] বিণ, অনুপম ; অতুলনীয় ; নিরুপম। "মুখচন্দ্র অ° বিন্দুবিন্দু শোভে ঘাম,"-কবিক°। "ভণয়ে বিদ্যাপতি রস অ°।"-বি° প°।

অনুপায় [ন=অন্+উপায়] বিণ, উপায়হীন ; নিরুপায় ; সহায় শূন্য। [প্রা° বাং আনুপায়] বি, উপায়ের অভাব ; কোন উপায় নাই এমন অবস্থা। "আমি আছি গো তারিণি! ঋণী তব পায়। মা! আমার অনুপায়।"-দাশরথি।

অনুপাল্য [অনু (সম্যক্)-পাল্য] বিণ, সর্ব্বতোভাবে পালনযোগ্য ; আশ্রিত। "অ° তোমার আমরা সর্ব্বজন।"-চৈ° ভা°।

অনুপাসিত [ন=অন্+উপাসিত] বিণ, যার স্তুতি, পূজা, তোষামোদ, প্রশংসা বা সম্মান করা হয় নাই। স্ত্রীং ~া। বি, অনুপাসনা।

অনুপুষ্প-বি, খাগড়া ; শরতৃণ। ২ বেতস ; বেত।

অনুপূর্ব্ব-বি, অনুক্রম। ক্রি-বিণ, ক্রমানুগত। বিণ, আনুপূর্ব্বিক (দ্রঃ)।

অনুপেত [ন=অন্+উপেত] বিণ,

অনুপস্থিত। ২ অপ্রাপ্ত। ৩ অনুপগত। ৪ অসংলগ্ন।

অনুপ্ত [ন=অন্+উপ্ত] বিণ, বপন করা হয় নাই এমন। ২ অবিক্ষিপ্ত।

অনুপ্রবেশ [অনু (সম্যক্, সদৃশ, অন্তরে ই০+প্রবেশ] বি, অন্তঃপ্রবেশ। "চন্দ্রমা অমাবস্যাতে আদিত্যে অ০ করেন ও অন্তর্হিত হন, আর তাঁকে দেখা যায় না।"–ঐতরেয় ব্রাহ্মণ (ত্রিবেদী)।২ ভিতরে প্রবেশ; মর্ম্মগ্রাহিতা। "লেখকের সূক্ষ্ম পর্য্যবেক্ষণ ও গূঢ় অনুপ্রবেশের পরিচয়,"–প্রবাসী। বিণ, **অনুপ্রবিষ্ট**–মধ্যগত।

অনুপ্রস্থ–বিণ, প্রস্থানুরূপ। ২ ক্রি-বিণ, আড়াআড়ি।

অনুপ্রাণ–বি, অন্তঃশ্বাস। ২ অন্তঃপ্রবিষ্ট বা নবসঞ্চারিত প্রাণ বা প্রেরণা; পরিব্যাপ্ত (পূর্ণ) প্রাণ বা তেজঃ [অপ্র০] ~ক (-ন্‌ক্) বিণ, প্রাণসঞ্চারক; প্রোৎসাহক animating, inspiring. ~ন,~না (-ন্‌ন, ন্‌না) বি, প্রত্যাদেশ; ভগবৎ প্রেরণা; প্রাণ বা তেজ বা অলৌকিক শক্তি সঞ্চারণ inspiration. "স্বর্গীয় উইলসন সাহেব কোনো মহান্ অনুপ্রাণনা লইয়া জাতি সংঘ স্থাপন করিয়া থাকিবেন।"–প্রবাসী, ভাদ্র, ১৩৩৩। "সত্যলাভদ্বারা সিদ্ধ বিষয়ক অনুপ্রাণন এবং ন্যায়ের দ্বারা নৈতিক অনুপ্রাণনের পরীক্ষা হইয়া থাকে।"–নগেন্দ্রনাথ চট্টো০। ২ প্রোৎসাহন; উদ্দীপন।

অনুপ্রাণিত১–বিণ, প্রত্যাদিষ্ট; ভগবৎ প্রেরিত; প্রেরিত inspired. অ০ **করা**–প্রেরণা দান করা; অলৌকিক শক্তি সঞ্চারিত করা। অ০ **হওয়া**–দৈবাদেশ প্রাপ্ত হওয়া; অলৌকিক শক্তিতে পূর্ণ হওয়া।

অনুপ্রাণিত২ [অনু (সম্যক্) প্রাণ্–ইত (যুক্ত)। ই০ inspired শব্দের বঙ্গানুবাদ] বিণ, গৃহীত-শ্বাস। ২ দৈবজ্ঞানবিশিষ্ট; প্রত্যাদিষ্ট। ৩ আবিষ্ট; পূর্ণ। "স্বরচিত জীবনচরিতে এই সমস্ত রিপুলাঞ্ছিত পশুভাবাণুপ্রাণিত অঙ্ক বিশদভাবে লিপিবদ্ধ করিয়াছেন।"–অর্চনা, ১৩২৩। ৪ প্রোৎসাহিত; ভাবোত্তেজিত। "মাইকেল সেইভাবে অনুপ্রাণিত হয়ে কাব্যের ঐ অংশ লিখিয়াছিলেন।"–উদ্বোধন, ১৩১৫।

অনুপ্রাস–বি, কাব্যের শব্দালঙ্কার বিঃ। শব্দ সাদৃশ্য ও একরূপ ব্যঞ্জনবর্ণের পুনঃপুনঃ আবৃত্তি থাকিলে অ০ হয়। স্বরবর্ণের বৈষম্যস্থলেও হয় (সাহিত্যদর্পণ) কিন্তু বাং-য় বিরল। ছেক, বৃত্তি, অন্ত্য, শ্রুতি ও লাট ভেদে অ০ ৫ প্রকার–(১) ব্যঞ্জনসমূহ বিদগ্ধামুমোদিত পর্য্যায়ক্রমে অর্থাৎ পূর্ব্বে যে সুশৃঙ্খলায় সংযোজিত সেইরূপ শৃঙ্খলার সহিত পরেও সন্নিবেশিত হইয়া পুনঃপুনঃ আবৃত্তি হইলে ছেকানুপ্রাস হয় (ছেক=বিদগ্ধ) single alliteration. "জয় নন্দ-নন্দন ব্রজ-বন্দন কংশদানব ঘাতন। জয় গোপপালন গোপীমোহন কুঞ্জকানন-রঞ্জন॥ * * * জয় তাপ নাশন পাপ মোচন, পতিতাপূত-পাবন। জয় ভবতারণ, ভবদারণ ভারত ভূত-ভাবন॥"–অ০ ম০। দ্রঃ–পর্য্যায়ক্রম–নন্দন, সন্দন; তারণ, দারণ ই০। নব, ধব হইলে হয় কিন্তু বন বা বধ হইলে পর্য্যায়ক্রম হয় না। (২) একবিধ ব্যঞ্জনের বারংবার উল্লেখকে বৃত্ত্যনুপ্রাস বলে harmonious alliteration. "নব নব কুসুমিত বিপিন সুবাসিত,ধীর সমীর বিরাজে।"–ম০ মো০ও০। শ্লেষ ও দ্রঃ। এখানে ন, স, র, ব বর্ণের পুনঃপুনঃ আবৃত্তি দ্রষ্টব্য। (৩) বাং-য় মিত্রাক্ষর কবিতা (rhymed verse) সমস্তই অন্ত্যানুপ্রাস যুক্ত। (৪) তালু দন্ত্য মূর্দ্ধাদি স্থান হইতে উচ্চার্য্যমান ব্যঞ্জনবর্ণ মাত্রের সাদৃশ্য থাকিলেই শ্রুত্যনুপ্রাস হয়। (৫) শব্দ ও অর্থ উভয়েরই পুনরুক্তি স্থলে কেবলমাত্র বক্তার অভিপ্রেত সম্বন্ধমাত্র ভেদ দ্বারা শব্দার্থের ভেদ হইলে লাটানুপ্রাস হয়। লাট অর্থে সুরসিক জন। লাট প্রিয় বলিয়া এই নাম। বাং-য় সাধাঃ প্রথম তিনটিই দৃষ্ট হয়।

অনুপ্রেরণা [অনু–প্রেরণা] বি, অনুপ্রাণনা (দ্রঃ) inspiration. "সাহিত্যে সিদ্ধি শতকরা এক ভাগ অ০, আর নিরনব্বই ভাগ ঘর্ম্মমান বা পরিশ্রম।"–বাঙ্গলার কথা, মাঘ, ১৩৩৪।

অনুপ্লব [অনু+প্লু (গতি, সন্তরণ ই০)+অ (র্ত্তৃ)] বি, সহায়। ২ সহচর।

অনুবৎসর [জ্যো০ পরিঃ] বি, চান্দ্রমানে এক বৎসর lunar year.

অনুবদ্ধ [অনু (পশ্চাৎ)+বদ্ধ] বিণ, সংশ্লিষ্ট। ২ গ্রথিত।

অনুবধি [প্রা০ বাং। অ=অন্-অবধি (শেষ) অনবধি >, যার অবধি বা শেষ নাই বা অনু (পুনঃ পুনঃ ই০)+অবধি–অনুবধি > অ০] অ, নিরবধি; চিরকাল; নিরন্তর। "যেই কথা অ০ কহে মুনিগণ,"–মহা০ (কাশী)।

অনুবন্ধ [অনু–বন্ধ্ (বন্ধন করা)+অ (ভা০)] বি, আরম্ভ; উপক্রম। "দক্ষ জীয়াইতে হর করে অ০।"–কবিক০। ২ অবতারণা। ৩ সম্বন্ধ। ৪ উপলক্ষ; প্রসঙ্গ। "হৈমবতী হরপাশে হাসে মন্দ মন্দ। কান্ত সনে করিয়া কথার অ০।"–শি০। ৫ অভিলাষ; সঙ্কল্প। "তছু মধু মানস, মাতল মধুকর পীবইতে করু অনুবন্ধে॥"–গোবিন্দদাস। "শঙ্করে ছলিতে তবে হলো অ০।"–ঘ০। ৬ চেষ্টা। "আছাড় মারিতে ভূমে করে অ০।"–ঐ। "অ০ করে বাধা ভাঙ্গিতে পিঞ্জর।"–ঐ। ৭ অনুরোধ। ৮ আরোপ। ৯ অনুবৃত্তি; পুনঃ পুনঃ আবৃত্তি; অভ্যাস। "মনমথ পাঠ পহিল অ০।" –বি০প০। ১০ অবিচ্ছেদ। ১১ বন্ধন; বাধ্য বাধকতা। ১২ পূর্ব্বলক্ষণ। ১৩ [ব্যা০] ইৎ বা কল্পিতবর্ণ, শব্দ সংগঠন কালে যার লোপ হয়; গুণবৃদ্ধ্যাদি কার্য্য বিঃ। ১৪ [বেদান্ত-দর্শনে] শাস্ত্রাধ্যয়নের পক্ষে অধিকারী, বিষয় ই০ চারিটি প্রধান এবং অপরিহার্য্য গুণ বা প্রয়োজন। ১৫ [গঃ] ভগ্নাংশের যোগ বা সমীকরণ। ১৬ [র্ত্তৃ–অ] যে শিশু পিতা পিতামহাদি গুরুজনের অনুযায়ী বা আদর্শানুযায়ী।

অনুবন্ধী [মূ০–অনুবন্ধিন্] বিণ, সম্বন্ধীয়; অনুবন্ধ বিশিষ্ট; সংক্রান্ত; অন্বিত; অবিচ্ছিন্ন। ২ অনুরোধী। ৩ অনুবর্ত্তী; সহকারী; সহচর [মহা০ (কাশী)] ৪ [বৈদ্যক] বি, হিক্কা; তৃষ্ণা। ~ন্ধিত্ব–বি, সম্বন্ধ; সংস্রব।

অনুবর্ত্তন [অনু (পশ্চাৎ)+বর্ত্তন] বি, অনুগমন; অনুসরণ; পশ্চাদ্গমন। ২ সেবা; অনুবৃত্তি। ৩ স্থানান্তর গমন। ৪ পূর্ব্ব সূত্রস্থ পদের পরসূত্রে অনুবৃত্তি। ৫ অনুবন্ধ। ৬ অনুরোধ।

অনুবর্ত্তী [মূ০–অনুবর্ত্তিন্] বিণ, অনুসরণকারী; সহগামী; অনুগামী। ২ যে অপরের

মতানুসারে চলে। ৩ পশ্চাদ্বর্ত্তী। স্ত্রীং

অনুবর্ত্তিনী—স্বামীর মৃত্যুর পর যে স্ত্রী চিতারোহণ পূর্ব্বক জীবন বিসর্জ্জন করে। বি,

অনুবর্ত্তিতা—অনুসরণ। "শুধু অন্ধ নিয়মের অ০ মাত্র আছে,"—উত্তরা।

অনুবল [অনু (অনুগত) বল—২ তৎ—যে বলকে অনুগমন করে] বি, অনুগ্রহ। "ধর্ম্ম অনুবলে তাহা হইল পূরণ।"—মহা০ (কাশী)। ২ সহায়। "শঠতা করিয়া তারা যদি ধরে ছল। সেই কালে কেবা মোর হবে অ০॥"—কবিক০। ৩ মায়া। ৪ [অনু—বল (সামর্থ্য)] ক্রি-বিণ, প্রভাবে; ক্ষমতানুযায়ী। "ব্যাসের তপের অনুবলে।"—অ০ ম০। "আচম্বিতে উড়ে তাহা দেবী অনুবলে।"—মনসা০ ম০ (কেতকাদাস)।

অনুবাক [অনু + বচ্ + ঘঞ্] বি, সাম বা যজুর্ব্বেদের অংশ বিঃ।

অনুবাক্যা [অনু + বচ্ + য (ণ্য)] বি, ঋক্ বেদান্তর্গত দেবতা-আহ্বান সাধিকা মন্ত্র বিঃ।

অনুবাদ [অনু(পুনঃ পুনঃ,সদৃশ মন্দ ইং) বদ্ (বলা) + অ (ভা০)] বি, ভাবান্তর: তর্জ্জমা; এক ভাষার অর্থ বা ভাব অন্য ভাষায় ব্যক্ত করণ translation. ২ অনুকরণ। ৩ নিন্দা; অপবাদ। ৪ দোষারোপ। ৫ প্রতিকূলতা; বিড়ম্বনা। "খাইতে নাহিক ঘরে,সাধ বহু করে, বিহি করে অ০।"—চণ্ডী০। ৬ [শা০] নির্ণীত বা বিজ্ঞাত বিষয়ের কথন বা উল্লেখ। [দ্রঃ—যে অর্থবাদে (দ্রঃ) প্রত্যক্ষ বিরুদ্ধ ও যুক্তি বিরুদ্ধ অর্থ প্রকাশ পায় না তাই ভূতার্থবাদ। অ০ ও ভূতার্থবাদ লেখকগণ সত্যজ্ঞানেই লিখিয়া থাকেন]।

অনুবাদক—বিণ, যে অনুবাদ বা ভাষান্তর করে translator. ২ অনুকারক। ৩ নিন্দক। ৪ দোষারোপকারী। ৫ বিড়ম্বনাকারী। ~দিত—বিণ, যার অনুবাদ করা হইয়াছে: ভাবান্তরিত: অনূদিত। ~দী [সং—অনুবাদিন্] বিণ, অনুবাদক। ২ সদৃশ; অনুরূপ। ~দ্য—বিণ, যার অনুবাদ করা উচিত বা করিতে হইবে; অনুবাদের যোগ্য; অনুবাদনীয়। ২ অনুকরণীয়। ৩ উদ্দেশ্য।

অনুবার [অনু(পুনঃ)বার] অ, বার বার।

অনুবাসন [অনু + বাসি + অন] বি, স্নেহপদার্থদ্বারা বস্তিশোধন; স্নেহবস্তি। ২ বস্ত্রভাগ (দশী) স্নেহ পদার্থদ্বারা সুগন্ধীকরণ; স্নেহধূপন; ধূপদ্বারা সুরভীকরণ; ধূপন; ধূপ।

অনুবিদ্ধ [অনু + বিদ্ধ] বিণ, যুক্ত; খচিত: সম্পৃক্ত; ব্যাপ্ত; অলঙ্কৃত; গ্রথিত: গুম্ফিত; প্রতিরুদ্ধ; পরাহত। ২ বি, গ্রহণ।

অনুবিধান [অনু (সদৃশ) + বিধান] বি, সদৃশকরণ; অনুরূপ উপায়। ~ধায়ী—বিণ, অনুরূপকারী। ২ অনুযায়ী।

অনুবিধিৎসা—আনুবিধিৎসা দ্রঃ।

অনুবিম্ব [অনু (রূপ) বিম্ব: প্রাদে০] বি, প্রতিবিম্ব।

অনুবীক্ষণ [অনু (সূক্ষ্ম) বীক্ষণ (দর্শন); বিদ্যাসাগর মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত শব্দ] বি, সূক্ষ্ম পদার্থ নিরীক্ষণ করিবার যন্ত্র; সূক্ষ্মদর্শক microscope

অনুবৃত্ত [নাট্য শা০] বি, উপাঙ্গাভিনয় বিঃ; পুনঃ পুনঃ নেত্রবিক্ষেপ বা চকিত দৃষ্টি (সত্রম অর্থাৎ ব্যস্তসমস্তভাব, সত্বরতা ইংস্তুরে)।

অনুবৃত্তি [অনু (পশ্চাৎ) + বৃৎ (বিদ্যমান থাকা) + তি (ভা০)] অনুবর্ত্তন: পশ্চাদ্গমন। ২ অনুকরণ। ৩ সেবা। ৪ অনুবন্ধ। ৫ [ব্যা০] পূর্ব্বসূত্র হতে পরসূত্রে উপস্থিতি।

অনুবেদন [অনু—বিদ্ (জ্ঞান) + অন (ভা০)] বি, জ্ঞানদান; জ্ঞাপন; বিজ্ঞাপন। "তুমি অ০ করিলে পাই হরি। তাঁর তরে তুয়া পায় নিবেদন করি।"—শি০।

অনুবেল [অনু + বেলা] অ, নিয়ত: সতত; নিরন্তর: প্রতিক্ষণ। ২ বেলাভূমির উপকণ্ঠে; উপকূলে।

অনুবোধ [অনু + বোধ] বি, পশ্চাৎবোধ বা জ্ঞান। ২ অনুভূতির পুনরুদ্রেক, পুনরুদ্বুদ্ধ চেতনা। ৩ মন্দীভূত সৌরভের পুনরুদ্দীপন।

অনুব্যবসায় [বেদান্ত দর্শনে] বি, সিদ্ধান্ত জ্ঞান। ২ [ন্যায়] প্রত্যক্ষ জ্ঞান। বিণ, ~ী।

অনুব্রজ [অনু(পশ্চাৎ)ব্রজ (গমন করা, যাওয়া) + অ (র্ত্তৃ)] বি, পশ্চাৎ গমন। ২ প্রত্যুদ্গমন; অগ্রবর্ত্তী হওয়া বা আগ বাড়াইয়া যাওয়া। "অনুব্রজে লও রাজা অজের কুমারে।" —কৃত্তি০। বিণ, ~ব্রজী—পশ্চাদ্গামী। "অনুব্রজী নরপতি পাছু পাছু যায়।"—কবিক০। ~ব্রজন—বি, অভ্যাগত সম্মানিত ব্যক্তির প্রত্যাগমনকালে কিছুদূর সঙ্গে বা পশ্চাদ্গমনরূপ শিষ্টাচার।

অনুব্রজ্যা [অনু + ব্রজ্যা] বি. পশ্চাদ্গমন; প্রত্যুদ্গমন।

অনুব্রত [অনু—বৃ (বরণকরা) + অত (খি) বরণ করা হয় যাতে] বি, ব্রত বিঃ। ২ ক্রি-বিণ, নিরন্তর। "মোর বাপে স্তুতি শুক্র করে অনুব্রতে।"—মহা০ (কাশী)।

অনুভব [অনু + ভূ (হওয়া) + (অ—ভা০)] বি, জ্ঞান; বোধ; উপলব্ধি। "সখি কি পুছসি অ০ মোয়।"—বি০ প০। "নিশিতে দেখিলু আজ কিছু অ০।"—চৈ০ ভা০। ২ প্রভাব। "ব্রহ্মাদির দুর্লভ দেখিব অ০।"—চৈ০ ভা০। ৩ মহিমা। "অরে সর্ব্বশাস্ত্রের জানিব অ০।"—চৈ০ ভা০। "জানিনু তোমার অ০,"—অ০ ম০। ৪ আবির্ভাব। "বিশেষিয়া শুন কই, কালিকা আকাশে অই, অই অনুভবে এ সকল।"—অ০ ম০ [অনুভবে=আবির্ভাব হেতু]।

অনুভাব [অনু + ভূ (সমর্থ হওয়া) + অ (ভা০)] বি, বোধ; জ্ঞান। ২ প্রভাব; সামর্থ্য। ৩ মহিমা। ৪ তেজঃ। ৫ মানসিক অভিপ্রায়সূচক হাব ভাব ইং; ইসারা। ৬ মনের উন্নতি বা মহত্ত্ব। ৭ নিশ্চয়। ৮ সুখানুভূতি; সুখ। "কানুক পরশে যতেক অ০। অনুভাবি অঙ্গ পরক সমুঝাব॥"—গোবিন্দ০। ৯ [অলং] রসব্যঞ্জক ভ্রূভঙ্গাদি। ১০ [কাব্যালং] স্থায়িভাবের কার্য্য বা থেকে রসের উৎপত্তি হয় (যথা—ক্রন্দন, রোমাঞ্চ, ভূমিতে লুণ্ঠন, কেশাকর্ষণ, আস্ফালন, দন্তনিষ্পেষণ ই০। ইহারা করুণ, বীর, রৌদ্রাদি রসের অনুভূতি করায় বলিয়া অনুভাব)। ~বি [প্রা০ বৈ০ সা০] ক্রি, অনুভব করিয়া। "অনুভাবি অঙ্গপরক সমুঝাব।"—গোবিন্দ০। ~বী [ইং consequent] বি, "কোন ব্যাপারের পশ্চাৎ পশ্চাৎ যা ঘটে,"—ত০ বি০।

অনুভূ—বিণ, অনুভূতিময়। "বস্তুত মানুষের যতই উন্নতি হ'চ্চে ততই তার এই অনুভূতির বিস্তার ঘটুচে। তার কাব্যদর্শন বিজ্ঞান কলাবিদ্যা ধর্ম্ম সমস্তই কেবল মানুষের অনুভূতিকে বৃহৎ হতে বৃহত্তর করে তুলচে। এমনি

করে অ° হয়েই মানুষ বড় হয়ে উঠচে প্রভু হয়ে নয়।"—রবী°।

অনুভূতি ,[অনু-ভূ+তি (ভা°)] বি, উপলব্ধি; অনুভব; জ্ঞান। ২ [মনোবৈজ্ঞা°] মনের সুখ দুঃখের অবস্থা। ৩ [ন্যায় শা°] বুদ্ধির বিভাগ বিঃ। ইহা প্রত্যক্ষ, অনুমিতি, উপমিতি ও শাব্দ ভেদে চারি প্রকার। বিণ. **অনুভূর্ত**—উপলব্ধ : অবগত।

অনুমগন [অনু-মগন। পদ্যে] বি, নিমগ্ন।

অনুমত(-ত) [অনু+মন (বোধ করা, আজ্ঞা করা বা স্বীকার করা)+ত] বিণ, সম্মত; স্বীকৃত : অনুমোদিত : অনুজ্ঞাত। ২ [দর্শনে] অন্যের মত উদ্ধৃত করিবার কালে তার প্রতিবাদ না করিলে তা অ° : (বক্তা বা গ্রন্থকার) সম্মত।

অনু/মতি [প্রা° বাং 'আনুমতি' 'তী'] বি, কলাহীন চন্দ্রযুক্ত পূর্ণিমা অর্থাৎ শুক্ল চতুর্দ্দশীযুক্ত পূর্ণিমা [বৈদিক] ২ আজ্ঞা : আদেশ; সম্মতি। ~**মতী** [প্রা° বাং] "কর রতী অনুমতী পূর্ ব বনমালী,"—শ্রী° কী°। অ° **জ্ঞাপন, -জ্ঞাপক, -দান, -পত্র, -প্রাপ্ত, -লব্ধ, -সূচক**।

অনুমন্তা [মূ°—অনুমন্তৃ] বিণ, আজ্ঞা-কর্ত্তা; অনুমতিদাতা।

অনু/মন্ত্রণ [বৈদিক। অনু+মন্ত্রণ] বি, মন্ত্রোচ্চারণ দ্বারা যজ্ঞের সংস্কার বিঃ; ক্রিয়মাণ কর্ম্মের অনুকূল মন্ত্রের উচ্চারণ। বিণ, ~**মন্ত্রিত**—মন্ত্রোচ্চারণদ্বারা সংস্কৃত; মন্ত্রপূত।

অনুমরণ [অনু(পশ্চাৎ বা সহিত)+মরণ] বি, সহমরণ : পতির সহিত চিতায় বা অব্য-বহিত পরে স্বেচ্ছায় প্রাণত্যাগ। "উদ্দেশে প্রণাম করি পিতৃ-মাতৃ পদে করিলাম আয়ো-জন অনুমরণের।"—আলো ও ছায়া।

অনুমস্তিষ্ক—বি, মস্তকের পশ্চাৎভাগে যে মস্তিষ্কের অংশ থাকে ও যা পেশীর কার্য্য নিয়মিত করে cerebellum.

অনুমান [অনুমা ও°। অনু (পশ্চাৎ বা অনুসারে) মা (পরিমাণ করা)+অন (ভা°)। প্রা°-বাং 'আনুমান'] বি, অনুভব; বোধ; হেতু বা তর্ক দ্বারা কোন বস্তুর অনুভব বা নির্ণয় করণ। ২ চিহ্ন দ্বারা বস্তু জ্ঞান। ৩ কাব্যের অর্থালঙ্কার বিঃ : সাধনের জ্ঞানহেতু সাধ্যের জ্ঞানরূপ অনুমিতি রূপকাদিদ্বারা বৈচিত্র বিশেষের জ্ঞাপক হইলে অ° হয়। যথা—"তব তেজঃ-প্রাদুর্ভাবে করি অনুমান, দৈত্য আঁধারের আজি নিশা অবসান। মহেন্দ্রের দশ শত নেত্র-পদ্ম-বন, অবশ্য বিকাশ শোভা লভিবে এখন।"—নি° ক°। এখানে অনুমানটি রূপকদ্বারা বিশেষ বৈচিত্র্যবহন করিতেছে বলিয়া অ° হইল [দ্রঃ—উৎপ্রেক্ষায় (দ্রঃ) অনিশ্চিততাদ্বারা প্রতীতি হয়। অ° নিশ্চিততা দ্বারা—কাব্যদর্পণ] ৪ [তর্ক বিজ্ঞা°] একটি কিম্বা দুইটি বাক্য হইতে তাহাদিগের প্রত্যেক হইতে অনধিক ব্যাপক অন্য একটি বাক্য নিরূপণ করা রূপ মানসিক ক্রিয়া [একটি বাক্য হইতেও অনুমান করার নাম নিরপেক্ষানুমান। দুইটি বাক্য হইতে অনুমান করার নাম সাপেক্ষানু-মান। এক একটি নিরপেক্ষানুমান প্রকাশ করিবার জন্য দুইটি বাক্যের প্রয়োজন হয়। এই দুইটি বাক্যের অনুমানের দুইটি অবয়ব (দ্রঃ) বলে। যে বাক্যদ্বারা জ্ঞাতপূর্ব্ব সম্বন্ধ প্রকাশ করা হয় তাহা পুরোগাবয়ব antecedent. যে বাক্যদ্বারা অনুমিত সম্বন্ধ প্রকাশ করা হয় তাহা অনুগাবয়ব consequent (নিরপেক্ষানুমান—সকল মানুষ মর। ∴ কোন কোন মর মানুষ। এই অনুমানটি যে দুই বাক্য দ্বারা প্রকাশ করা গিয়াছে তাহা এই—(১) সকল মানুষ মর, (২) কোন কোন মর মানুষ। (১)টি পুরোগাবয়ব, (২)টি অনুগাবয়ব।—ত° বি°] ৫ সঙ্কল্প। "কথা না শুনিব করি অ°।"—পদ্মা° (চণ্ডী)। ৬ অর্থালঙ্কার বিঃ (অনুমতি দ্রঃ)। "যদি রূপকাদি, দ্বারা বৈচিত্র্য বিশেষের জ্ঞাপক হয়, তা হলে অনুমান অলঙ্কার হয়।" "তব তেজঃ প্রাদুর্ভাবে করি অনুমান, দৈত্য আঁধারের আজি নিশা অবসান।"—নি° ক°। **অ° করা**—ক্রি, আন্দাজ করা; বোধ করা। **অ° হওয়া**—বোধ হওয়া। **অ° খণ্ড**—ন্যায় শাস্ত্রের অ° প্রকরণ। ~**তত্ত্ব**—বি, বিশেষ হইতে সামান্যের অনুমানঘটিত তর্কশাস্ত্র; আরোহিক ন্যায়শাস্ত্র inductive philosophy; logic. ~ বিণ, অনুমান দ্বারা প্রমাণীকৃত বা সম্পন্ন।

অনুমানা [অনুমান দ্রঃ। অনুমানি, অনুমান, অনুমানে, অনুমানিতে, অনুমানিয়া অনুমানিবে ই°] ক্রি, বোধ করা; অনুমান করা; মনে করা। "সমীর সুধীরগতি, তব যশ বহে অনুমানি।"—মনোমোহন বসু।

অনুমানোক্তি [অনুমান+উক্তি] বি, অনুমানসিদ্ধ কথা। ২ তর্ক logic.

অনুমাপক [অনু+মাপি (পরিমাণ করা)+অক (র্কৃ)] বিণ, অনুমানের হেতু : অনুমানজনক : নির্ণায়ক।

অনুমিত [অনু+মা+ত (র্ম্ম)] বিণ, লক্ষণ; যুক্তি বা হেতুদ্বারা নির্ণীত; যে বিষয়ের অনুমান করা গিয়াছে।

অনুমিতি—বি, অনুমাণ করণ; বিতর্ক। ২ [ন্যায়] ব্যাপ্য হেতু বা লক্ষণদ্বারা ব্যাপক বস্তুর নিশ্চয়, কার্য্য দর্শনে কারণের বা কারণ দর্শনে কার্য্যের অনুভূতি। ৩ [গঃ] কোন প্রতিজ্ঞা হইতে এক বা বহু ফলের উপলব্ধি : উপপাদিত প্রতিজ্ঞার অনুমান corollary ৪ [অলং] সাধনের জ্ঞান হেতু সাধ্যের জ্ঞানবোধক অর্থালঙ্কার।

অনুমৃত [অনু (পশ্চাৎ)+মৃ (মরা)+ত (র্ম্ম)] বিণ, পশ্চাৎ মৃত; সহমৃত। স্ত্রীং ~**া**—সহমৃতা। "অনুমৃতা হবে রতি,"—কবিক°।

অনুমেয় [অনু+মা (নির্ণয় করা)+য (র্ম্ম)] বিণ, অনুমান যোগ্য; সিদ্ধান্তদ্বারা স্থির করণীয়। ২ অনুমানসাধ্য।

অনুমো/দন [অনু+মুদ্ (হৃষ্ট হওয়া, আজ্ঞা দেওয়া)+অন (ভা°)] বি, হৃষ্টচিত্তে সম্মতি দান। ২ প্রবৃত্তি-প্রদান; উৎসাহদান। ৩ প্রবর্ত্তন। ~**দক**—বিণ, যে অ° করে। ~**দিত**—বিণ, অনুমত : অনুজ্ঞাত। ২ প্রোৎসাহিত। ৩ সদৃশ। ৪ অনুগামী।

অনুযাত [অনু+যাত (গত)] বিণ, অনু-গত : পশ্চাদ্গত; অনুসৃত। ২ অনুকৃত।

অনু/যাত্র [অনু (পশ্চাৎ) যা (গমন করা) + ত্র (র্কৃ)] বিণ, অনুযাত্রিবর্গ। ২ অনুগামী। স্ত্রীং ~**যাত্রা**—সহগামিনী। ~**যাত্রিক** [অনু (পশ্চাৎ) যাত্র (গমন)+ইক, যারা পশ্চাৎ গমন করে] বিণ, অনুগামী। ২ বি, অনুচর; সমভিব্যাহারী লোক।

অনু/যায়ী [অনু+যা+ইন(র্কৃ)] বিণ.

অনুগামী ; অনুবর্ত্তী। ২ অনুচর : সেবক। ৩ অনুরূপ ; সদৃশ। স্ত্রীং ~যায়িনী।

অনুযুক্ত–অনুযোগ দ্রঃ।

অনুযোক্তা [মূং–অনুযোক্তৃ] বিণ, অনুযোগকারী ; দোষদাতা। ২ তিরস্কারক। ৩ বেতনভোগী শিক্ষক।

অনু/যোগ [অনু+যুজ্ (যোগ করা)+অ (ভাং)] বি, প্রশ্ন : জিজ্ঞাসা। "লোকে করে অং, সাধুর কি হ'ল রোগ।"–কবিকং। ২ দোষারোপ। "মিথ্যা অং মা হইয়া কহ কত।"–অং মং। ৩ ভৎর্সনা। ৪ নিন্দা। "বৃদ্ধ জানি মোরে অং করেছলে।"–মহাং (কাশী)। ৫ আক্ষেপ। ৬ প্রবোধ। ৭ শিক্ষা; উপদেশ। ৮ সাধন। ৯ ধর্ম্মচিন্তা। ১০ নিবেদন। ১১ আবেদন। বিণ, ~যুক্ত–জিজ্ঞাসিত। ২ তিরস্কৃত। ৩ নিন্দিত।

অনুযোগী–বিণ, কোন বস্তুর সহিত আধার আধেয় সম্বন্ধে সম্বদ্ধ।

অনু/যোর্জক [অনু+যুজ্ (যোগ করা)+অক (র্ত্তৃ)] বিণ, অনুযোগকারী। বি, ~যোর্জন–প্রশ্ন। ~যোর্জনীয়, ~যোজ্য–বিণ, অভিযোগের পাত্র। ২ নিন্দার্হ।

অনু/রক্ত [অনু+রনজ্ (রঙ করা)+ত (র্ম্ম)] বিণ, রত ; প্রীত ; আসক্ত ; অনুরাগ-বিশিষ্ট। ২ রঞ্জিত। বি, ~রক্তি [অনু+রঞ্জ্+তি–ভাং] বি, চিত্তাসঙ্গ ; আসক্তি ; অনুরাগ ; প্রীতি। "রামচন্দ্রের প্রতি তাঁর যেরূপ অবিচলিত ভক্তিও ঐকান্তিক অনুরক্তি ছিল।"–বিং সাং।

অনুরঞ্জক [অনু+রঞ্জি (রঞ্জনে)+অক (র্ত্তৃ)] বিণ, যে অনুরঞ্জন করে; প্রীতি সম্পাদনকারী। ২ যে বস্ত্রাদি রঙ্ করে।

অনু/রঞ্জন [অনু+রঞ্জি (রঙ্ করান, আপ্যায়িত করা)+অন (ভাং)] বি, সন্তোষ বা হর্ষ জনন ; তুষ্টকরণ। "যদি প্রজালোকের সর্ব্বাঙ্গীন অনুরঞ্জনের জন্য, আমায় স্নেহ, দয়া বা সুখভোগ বিসর্জ্জন দিতে হয়।"–বিং সাং (সীং বং)। বিণ, ~রঞ্জিত।

অনু/রণন [অনু+রণ্ (শব্দ করা)+অন (ভাং)] বি, শব্দের পশ্চাৎ শব্দ : প্রতিধ্বনি ; প্রতিশব্দ। বিণ, ~রণিত–প্রতিধ্বনিত ; ঝঙ্কৃত ও প্রতি-ঝঙ্কৃত। "মানবহৃদয়ে যে সহস্র সহস্র ভাব প্রতিনিয়ত অনুরণিত হইতেছে, তাহা সকল সময়ে তা প্রকাশ করিতে অক্ষম।"

অনু/রত [অনু+রম্+ত (র্ত্তৃ) ম্ লোপ] বিণ, অনুরক্ত; প্রিয় ; আসক্ত। বি, ~রতি।

অনুরথ্যা [অনু(ক্ষুদ্র)+রথ্যা (পথ)] বি, সঙ্কীর্ণপথ : গলিপথ।

অনুরাগ [অনু+রনজ্ (রঙ করা, অনুরক্ত হওয়া বা ভালবাসা)+ঘঞ্(ভাং)] বি, স্নেহ: প্রীতি ; প্রেম ; সোহাগ–"সোই পিরীতি অং বখানিতে তিলে তিলে নূতন হোয়।"–বিং পং। "অং তুমি হে অন্তরে মম।"–রবীং। "কানু-অনুরাগ,"–জ্ঞানং। ২ আদর ; যত্ন। ৩ ক্রোধ ; কোপ ; বিরাগ [অপ্রং] "কেন মাতা বিষহরি, আমারে আক্রোশ করি, কে আঁটে তোমার অনুরাগে।"–কেতকাদাস। ৪ রাগের সহচরী। "ছত্রিশ রাগিণী মেলে, ছয় রাগ সদা খেলে অং সে সব রাগিণী।"–অং মং। ৫ অঙ্গরাগ। "ছিল অং–তাহা কৈলা ত্যাগ,"–মহাং (কাশী)। ৬ প্রবৃত্তি; আসক্তি। প্র–অধ্যয়নে অনুরাগ : ধর্ম্মানুরাগ। ~জড়িত, ~বান্, স্ত্রীং ~বতী, ~বশ, ~বশে, ~বিহীন, ~যুক্ত, ~রক্ত, ~হীন।

অনুরাগানল [অনুরাগ+অনল] বি, অং রূপ অগ্নি : প্রেমাগ্নি।

অনুরাগান্ধ [অনুরাগ+অন্ধ] বিণ, অং হেতু অন্ধ ; কামান্ধ।

অনুরাগাবিষ্ট [অনুরাগ+আবিষ্ট] বিণ, কামাতুর।

অনুরাগার্হ [অনুরাগ+অর্হ] বিণ, অনুরাগের উপযুক্ত ; প্রীতি, প্রেম বা প্রণয়ের পাত্র।

অনু/রাগী [মূং–অনুরাগিন্] বিণ, আসক্ত ; অনুরাগযুক্ত। স্ত্রীং ~রাগিণী–প্রেমিকা। "নব অনুরাগিনী রাধা। কিছু নাহি মানয়ে বাধা।"–বিং পং। ~রাগে–ক্রি-বিণ, সোহাগে। "অনুরাগে কুঞ্জে জাগে নাগরী নাগর।"–গিং ঘোষ।

অনুরাধা [অনু+রাধ্ (সিদ্ধি করা)+আ (স্ত্রীং) যে যাত্রাদিতে ইষ্ট সিদ্ধ করে] বি, সপ্তদশ নক্ষত্র–যাতে যাত্রা করিলে সিদ্ধি লাভ হয়।

অনুরুদ্ধ [অনু+রুধ্ (রোধ করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে বা যে বিষয়ে অনুরোধ করা হইয়াছে ; কৃতানুরোধ। ২ নিবারিত। ৩ শাসিত। ৪ স্বীকৃত।

অনুরূপ [অনু (তুল্য, যোগ্য)+রূপ (আকার)। প্রাং বাং–'আনুরূপ'] বিণ, সম ; তুল্য : সদৃশ। ২ যোগ্য। ৩ অনুসারী : অনুযায়ী। স্ত্রীং ~া–তুল্যা : যোগ্যা।

অনু/রোধ [অনু+রুধ (রুদ্ধ করা, অনুরোধ করা)+অ (ভাং)] বি, উপরোধ ; অপরকে কিছু বলা বা প্রার্থনা করা। ২ অপেক্ষা। "যদুপদতলে হাম জীবন সোপনু তাহে কি তনু অং,"–গোবিন্দং। ৩ অনুরাগ। ৪ অনুসরণ। ৫ পক্ষপাত। ৬ হেতু ; নিমিত্ত ; খাতির। ~রোধক–বিণ, যে অনুরোধ করে। ~রোধা [নামধাতু] ক্রি, অনুরোধ করা। ~রোধি [অনুরোধিয়া >, ক্ষেং] ক্রি, অস, অনুরোধ করিয়া। ২ ক্রি-বিণ, অং দ্বারা। ৩ হেতু দেখাইয়া ; অছিলা করিয়া ; জন্যে ; কারণে। "দোষ অনুরোধি মোরে দিলা অভিশাপ।"–কবিকং (অং সরকার)। ~রোধে–ক্রি-বিণ, উপরোধে ; খাতিরে।

অনুল [প্রাদেং] বি, অভাব ; অপ্রতুল। "পুঞ্জি আর প্রবঞ্চনা বাণিজ্যের মূল। মহেশের সে ত নাহি সকলি অং।"–শিং।

অনুলম্ব [জীব বিদ্যায়] বিণ, লম্বালম্বী ; উর্দ্ধাধঃ longitudinal.

অনুলাপ [অনু (পুনঃপুনঃ)+লপ্(বলা)+অ (ভাং)] বি, পৌনরুক্তি ; পুনঃ পুনঃ কথন। ২ [অনু (পশ্চাৎ)] পশ্চাৎ কথন।

অনু/লিখন [অনু (সদৃশ) লিখন] বি, অনুরূপ লেখ ; লিপ্যন্তর ; অক্ষরান্তর transliteration. ২ লেখক বা বক্তার কথা লিখিয়া লওয়া ; দ্রুত লিখন dictation. ~লেখক–যিনি ঐরূপ লেখেন।

অনুলিপ্ত [অনু+লিপ্+ত (র্ম্ম)] বিণ, অনুরঞ্জিত। ২ প্রলিপ্ত।

অনুলেপ, অনুলেপন [অনু+লিপ্ (লেপন করা)+অ, অন (ভাং)] বি, গন্ধ

দ্রব্যাদি লেপন। ২ [অন-ণে] যদ্দ্বারা লেপন করা যায়,চন্দন ইং; প্রলেপ। ~নী,~ক(-র্ক) বিণ, অং কারী।

অনুলেহ [অনু-লেহ (স্নেহ, অনুরাগ) ব্রজং] বি, অনুরাগ ; স্নেহ ; প্রীতি। "তেজল অব জগজন অং॥"-বিং পং।

অনুলোম [অনু+লোম (বর্ণ)] বি, অনুক্রম; যথাক্রম। ২ বিণ, অনুকূল। ৩ অং, প্রতিরোমে। ৪ ক্রি, বি,প্রকৃষ্ট প্রণালী সম্মত : যথাক্রমে [প্রতিলোম দ্রঃ] ~বিবাহ-উচ্চ বর্ণের পুরুষ কর্ত্তৃক নিম্ন বর্ণের স্ত্রীকে বিবাহ। ~জ (-জ) [অং+জ-অনুলোম হতে জাত-উপং] বিণ, উচ্চবর্ণ পুরুষের ঔরসে নিম্নবর্ণা স্ত্রীর গর্ভজাত সন্তান।

অনু/ল্লঙ্ঘন [ন=অন্+উল্লঙ্ঘন-নঞ্] বি, অনতিক্রম। ~ল্লঙ্ঘনীয়, ~ল্লঙ্ঘ্য-বিণ, অনতিক্রমণীয়।

অনু/শয় [সং] বি, পূর্ব্ববিদ্বেষ। ২ জাতক্রোধ। ৩ অনুতাপ। ~শয়ান-বিণ, অনুতপ্ত। স্ত্রীং ~শয়ানা-ইষ্টহানির জন্য অনুতপ্তা পরকীয়া নায়িকা বিঃ। ~শয়িত-বিণ, অনুতপ্ত। স্ত্রীং ~শয়িতা। ~শয়ী-বিণ, অনুতাপকারী। স্ত্রীং ~শয়িনী।

অনুশর-বি, রাক্ষস।

অনুশল্য-বি, দেবদ্বেষী দৈত্য বিঃ, যিনি কৃষ্ণের উপদেশে তপে নিরত হন।

অনুশা/সক-বি, বিণ, যে সর্ব্বদা অন্যকে শাসন করে বা সতর্ক হইতে বলে। স্ত্রীং~সিকা-যে সর্ব্বদা অপরকে সতর্ক হইয়া চলিতে উপদেশ দেয়। "শান্তা জেত বনে এক অনুশাসিকা ভিক্ষুণীকে লক্ষ্য করিয়া এই কথা বলিয়াছিলেন।"-জাতক, ১।১১৫।

অনুশাসন [অনু+শাস্+অন] বি, আদেশ ; আজ্ঞা। ২ উপদেশ দান ; শিক্ষা-দান। ৩ নিয়োগ।

অনুশিষ্য [অনু (হীন)+শিষ্য] বি, শিষ্যের শিষ্য।

অনুশিষ্ট-বিণ,উপদিষ্ট। ২ ব্যুৎপাদিত।

অনুশীলন [বঙ্কিমবাবু কর্ত্তৃক উদ্ভাবিত। অনু+শীল(একান্ত প্রবৃত্ত হওয়া)+অন(ভাং)] বি,অভ্যাস; আলোচন;পুনঃপুনঃ আন্দোলন বা অভ্যাস। ~নী-বি, অং-সহায়। ২ প্রশ্নাবলী questions for exercise. ৩ [জ্যামিতি] প্রমেয়োপাদ্য বা প্রতিজ্ঞায় চর্চ্চা বা সাধন ; এক বা একাধিক বিশিষ্ট প্রতিজ্ঞা সম্পাদ্য অতিরিক্ত প্রতিজ্ঞা riders for solution. ~নীয়-বিণ, আলোচ্য ; যে বিষয়ের চর্চ্চা করিতে হইবে। ~বৃত্তি-বি, গবেষণাবৃত্তি দ্রঃ research schlorship, ~সাপেক্ষ-অং দ্বারা সম্ভব।

অনুশীলিত-বিণ, সম্যক্ আন্দোলিত : অভ্যাসিত।

অনুশোক-বি, পশ্চাত্তাপ।

অনুশোচন, অনুশোচনা [অনু+শুচ্ (শোক করা)+অন (ভাং)] বি, পশ্চাত্তাপ ; পশ্চাৎ পর্য্যালোচন ও শোক করণ ; গত বিষয়ের জন্য আক্ষেপ বা খেদ। বিণ, অনুশোচিত-অনুতপ্ত।

অনুষক্ত-বিণ, অনুগত। ২ আসক্ত।

অনুষঙ্গ [অনু-সন্জ্ (সঙ্গ, আলিঙ্গন করা)+অ (ভাং)] বি, প্রণয়। ২ সম্বন্ধ। ৩ কৃপা ; অনুগ্রহ; অনুকম্পা। "তুহুঁ যদি কহসি করিঞা অং।"-বিং পং। ৪ ইঙ্গিত।

অনুষ্টুপ্, অনুষ্টুভ্ [অনু+স্তুভ্ (স্তব হওয়া)+ক্বিপ্] বি, সং-অষ্টাক্ষর ছন্দঃ। ইহা একবিংশস্তোম,অথর্ববেদ, আপ্তোর্যাম যাগ ও বৈরাজ সামের সহিত ব্রহ্মার উত্তর মুখ হইতে উৎপন্ন।-বিষ্ণু পুং। বাং ভাষাতেও এই ছন্দের বিরল প্রয়োগ আছে। ইহা চারি চরণে গঠিত। প্রত্যেক চরণে আট আট অক্ষর থাকে। প্রতি চরণের পঞ্চম অক্ষর লঘু, ষষ্ঠ বর্ণ গুরু, এবং দ্বিতীয় ও চতুর্থ চরণের সপ্তম বর্ণ লঘু। "আইল নৃপ বালিকা, বাজিল করতালিকা। দোলত ফুল মালিকা, সা মনসিজ নালিকা॥" -বাসবদত্তা।

অনুষ্ঠাতা [মূং-অনুষ্ঠাতৃ ; অনু+স্থা (থাকা, অনুষ্ঠান করা)+তৃ] বি, অনুষ্ঠান-কর্ত্তা ; কর্ম্মকর্ত্তা ; উদ্যোগ কর্ত্তা।

অনুষ্ঠান [অনু+স্থা (থাকা, আরম্ভ করা)+অন (ভাং)] বি, আরম্ভ ; উদ্যোগ ; নির্ব্বাহ ; শাস্ত্রানুগ কর্ম্ম সম্পাদন ; প্রদান। বিণ, অনুষ্ঠিত-নির্ব্বাহিত ; সম্পাদিত ; কৃত। ২ আচরিত। ৩ আরব্ধ।

অনুষ্ঠেয় [অনু+স্থা+য (র্ম্ম)] বিণ, অনুষ্ঠানযোগ্য : যার অনুষ্ঠান করিতেছহইবে : সম্পাদ্য ; কর্ত্তব্য।

অনুষ্ঠ্যূত [অনু+ষ্ঠিব্ (নিরসনে)+ত (র্ম্ম)] বিণ,অবিচ্ছিন্ন; পরস্পর সম্বন্ধ বা সংযুক্ত।

অনুষ্ণ [ন=অন্+উষ্ণ] বিণ, শীতল ; অলস ; জড় ; অক্রোধী।

অনুসংহিত [অনু+সম্+ধা+ত (র্ম্ম) ধা=হি] বিণ, কৃতানুসন্ধান। ২ আকাঙ্ক্ষিত। স্ত্রীং ~তা।

অনুসঙ্গ [অনুষঙ্গ দ্রঃ। প্রাং বাং ও পদং সাং] বি, দয়া ; প্রণয় ; স্নেহ। ২ সম্পর্ক। ৩ ইঙ্গিত।

অনুসন্ধান [অনু+সম্+ধা (ধারণ করা, অন্বেষণ করা)+অন (ভাং)] বি, অন্বেষণ ; খোঁজ; সন্ধান করণ। বিণ, অনুসন্ধাত।

অনুসন্ধানা/ত্মক-বিণ, সুক্ষ্মভাবে অবগত হইবার চেষ্টা যুক্ত ; গবেষণাত্মক। স্ত্রীং ~ত্মিকা।

অনুসন্ধানী [মূং-অনুসন্ধানিন্] বিণ, অনুসন্ধানকারী ; যে সুক্ষ্ম অনুসন্ধানে পটু।

অনুসন্ধায়ী-বিণ, অন্বেষক।

অনুসন্ধিৎ/সা [অনু+সন্ধিৎসা] বি, অনুসন্ধান করিবার ইচ্ছা বা প্রবৃত্তি। বিণ, ~সু-অনুসন্ধানে আগ্রহান্বিত; অন্বেষণেচ্ছু।

অনুসন্ধেয়-বিণ, অনুসন্ধানযোগ্য ;

অনুসরণ [অনু (পশ্চাৎ)+সৃ (গমন করা)+অন (ভাং)] বি, অনুগমন ; পশ্চাদ্গমন ; অনুবর্ত্তন ; অনুসারে চলা। ২ অনুরূপ আচরণ। ক্রি, অনুসরা [অনুসরি, অনুসর, অনুসরে, অনুসরিতে, অনুসরিয়া, অনুসরি (পদ্যে) ইং] অনুসরণ করা। অনুসরি [প্রাং বাং-অনুসরী (স্ত্রীং কীং)] ক্রি,অনুসরণ করিয়া। বিণ, অনুসৃত। বি, স্ত্রীং অনুসৃতি-অনুগমন pursuit.

অনু/সার [অনু+সৃ(গমন করা)+অ (ভাং)] বি, অনুসরণ ; অনুগমন ; অনুকরণ। "এমত কৃষ্ণের লীলা করি অনুসার। শ্রীপতি খেলেন নিত্য মনে নাহি আর॥"-কবিকং। ২ অনুরোধ। ৩ প্রথা ; রীতিনিতি ; ব্যবহার। ৪ [সৃ=বিস্তার করা] প্রসারণ ; বিস্তার

[অপ্র॰] ক্রি, **~সারা**। **~সারী** [মূ॰-অনুসারিন্, অনু (পশ্চাৎ)+সৃ (গমন করা) +ইন্] বিণ, অনুসরণকারী : পশ্চাদ্গামী : ২ অনুরূপ : অনুযায়ী। **~সারে** [অনুসার দ্রঃ] ক্রি-বিণ, অনুরূপ : মত : অনুযায়ী। প্র-কথা অনুসারে কাজ। "তিনি যে ধর্ম্ম অনুসারে চলিবেন."-বি॰ সা॰। ২ অনুকরণে। ৩ পশ্চাতে ; অনুগমনে : নিমিত্ত ; জন্য। "ভিক্ষার অনুসারে ফিরেন ঘরে ঘরে।" -কবিক॰। ৪ ক্রি, প্রসারিত করে ; বাড়ায়। "জল দেহ বলে মুনি হস্ত অনুসারে।"-কৃত্তি॰।

অনু/সূচক [অনু - সূচক] বিণ, নির্দ্দেশক। **~সূচন**-বি, নির্দ্দেশন। ২ নিদর্শন। **~সূচনা**-বি, অনুষ্ঠান। ২ আলোচনা : আন্দোলন।

অনুসূর্দন [প্রাদে॰। অনুসন্ধান > ভ্রং] বি, ভালমন্দ বিচার ; অন্বেষণ ; অনুসন্ধান।

অনুসূয়া, অনসূয়া [অন বা অনু + সূ (প্রসব করা)+য-জ্ঞা॰] বি, অত্রিমুনির পত্নী।

অনুস্যূত [অনু + সিব্ (সেলাই করা) + ত (র্ম্ম)] বিণ, গ্রথিত ; সংসক্ত ; নিত্য সম্বদ্ধ।

অনুস্মৃত,-স্মৃতি-অনুসরণ দ্রঃ।

অনুস্মরণ [অনু+স্মরণ] বি, স্মৃতি চালন ; মনে করা recollection.

অনুস্মৃতি [অনু+স্মৃ+তি (ভা॰)] বি, স্মরণ ; পশ্চাৎস্মরণ।

অনুস্বর, অনুস্বার [অনু (সহিত)+ স্বর (স্বৃ=শব্দ করা + অল্) বা স্বার (স্বৃ +ঘঞ্) অর্থাৎ যে স্বরবর্ণের সহিত নিত্য থাকে] বি, এক বিন্দু বর্ণ বিঃ ; অনুনাসিক বর্ণ বিঃ।

অনুহরণ, অনুহার [অনু=তুল্য + হৃ (হরণ করা) লইয়া যাওয়া +অন, অ (ভা॰)] বি, অনুকরণ ; সদৃশী করণ ; তুল্যতা ; সদৃশ গমন [বিরল]।

অনুহিত [প্রা॰ বাং। ন=অন (বিকারে অনু) হিত] বিণ, অহিত অনুচিত। "অ॰ পাপ ছাপিবাবি অপমানে।"-শূ॰ পু॰।

অনূচান [অনু+বচ্-নিপাতন] বি, বেদ-বেদাঙ্গবাগীশ। ২ বিণ, বিনীত ; পরিমার্জ্জিত ; সুসভ্য ; উচ্চদৃষ্টিযুক্ত civilized ; cultured.

অনূঢ় [ন=অন্ + ঊঢ় (বিবাহিত) নঞ] বিণ, যার বিবাহ হয় নাই ; অপরিণীত ; স্ত্রীং ~া-কন্যা ; কুমারী ; অবিবাহিতা।

অনূঢ়ান্ন [অনূঢ়া (কে প্রদত্ত বা তার কন্যার্থ দত্ত) অন্ন-ম॰ প॰ লো॰] বি, আইবুড়ো ভাত ; গাত্রহরিদ্রার পর ও বিবাহের পূর্ব্বে কন্যাকে দেয় অন্ন।

অনূক [শরীর বৈজ্ঞা॰ পরিঃ] বি, মূত্রবস্তি urinal bladder.

অনূদিত [অনু-বদ্ (বলা)+ত (র্ম্ম)] বিণ, পশ্চাৎ কথিত ; অনুচ্চারিত ; অকথিত। ২ ভাষান্তরিত ; অনুবাদিত।

অনূন,-ক [অ=অন্+ঊন, +ক (স্বার্থে)] বিণ, কম নয় ; আস্ত।

অনূপ [অনু (নিকট বা সহিত) + অপ্=জল (অ=ঊ) অর্থাৎ যা প্রায় জলের সহিত বর্ত্তমান] বি, সজলদেশ ; জলপ্রায় স্থান। ২ [অনূপ=অ] মহিষ। **~দেশ**-বি, জলাভূমি, নদী, খাল, বিল ই॰ অকৃত্রিম জলাশয় বহুল ও বৃক্ষবহুল স্থান।

অনূপজ [বৈদ্যক] বি, আদা॰ ginger.

অনূরু [ন=অন্+ঊরু। অপ্রাপ্ত কালে ডিম্বস্ফোটন হওয়ায় অরুণের নিম্ন অঙ্গ প্রত্যঙ্গ সম্পূর্ণতা প্রাপ্ত হয় নাই বলিয়া] বি, সূর্য্যসারথি ; অরুণ। ২ উরুহীন। **~সারথি**-বি, অরুণ যার সারথি ; সূর্য্য।

অনূর্দ্ধ [অ=অন্-ঊর্দ্ধ] বিণ, উচ্চ নয়।

অনৃচ [ন=অন্ (অনধিগত) ঋক্ (বেদমন্ত্র) যার-বহু॰] বি, অকৃত-উপনয়ন বটু।

অনৃজু [ন=অন্-ঋজু] বিণ, সরল বা সোজা নহে ; বাঁকা। ২ অসরল ; কুটিল। ৩ শঠ ; প্রবঞ্চক।

অনৃণ, অনৃণী [ন=অন্-ঋণ,-ইন (স্ত্য)] বিণ, ঋণ রহিত ; ঋণমুক্ত।

অনৃত [ন=অন্-ঋত (সত্য)] বিণ, অসত্য ; মিথ্যা। **~বাদী**-বিণ, মিথ্যাবাদী ; অসত্যবাদী। **~ভাষী**-বিণ, যে মিথ্যা কহে ; মিথ্যাবাদী ; অসত্যবাদী। স্ত্রীং **~ভাষিণী**।

অনেক [ন=অন্-এক নহে ; একাধিক। প্রা॰ বাং 'আনেক' (শ্রী॰ কী॰)] বিণ, ভূরি ; বহু ; প্রচুর ; যথেষ্ট ; নানা ; অধিক ; ঢের। ২ জগৎ : বিশ্ব [অপ্র॰] "অনেকের পতি তেঁই পতি মোর বাম।"-অ॰ ম॰। ৩ সংখ্যায় বেশী। "সে রকম মানুষ অ॰ নাই।" **~অনেক, অনেকানেক**-সুবহু ; অংশে অংশে বিভক্ত বহু দ্রব্য। **~গ্রথিত-পত্র** [উদ্ভিদ্ বিদ্যা] তেঁতুলাদি পত্রের ন্যায় এক দাঁটায় বহু দলযুক্ত পত্র compound leaf. **~খানি, ~টা, ~াংশ** [টা, টুকু, খানি ই॰ পরিমাণ বাচক-যেমন গুলি, গুলা ই॰ সংখ্যা বাচক। অ॰ সংখ্যা, পরিমাণ ও প্রকারের বা শ্রেণীর পরিসরের ও বারের অধিকতা ব্যঞ্জক] "ছাদ অনেকটা নেমে গেছে।" সাধাঃ অধিক (দ্রঃ) পরিমাণে : অনেক সংখ্যায়। তুল-তন্মধ্যে অনেক লোকই বৃদ্ধ ও তন্মধ্যে অধিক লোকই বৃদ্ধ। "অনেক সময় দেখা যায়।"

অনেকজ [অনেক+জন+ড (র্ত্তৃ) যে একাপেক্ষা অধিকবার জন্মে] বি, যে একাধিকবার জন্মে : পক্ষী ; দ্বিজ ; প্রজাপতি।

অনেক/ধা [অনেক+ধা (প্রকারার্থে)] অ, বহুবিধ ; নানাপ্রকার ; বহুমুখী। **~প্রকার, ~বিধ, -রূপ** [অনেক+ বিধা (প্রকার) রূপ যার-বহু॰] অ, নানারূপ : বহুবিধ।

অনেকা [পারিঃ, সুশ্রুত] বি, যদ্দ্বারা কোন কোন ক্ষেত্রে নিশ্চয়তা এবং অন্যান্য ক্ষেত্রে অনিশ্চয়তা বুঝায় (যথা-অনেকে বলেন -'দ্রব্যই' প্রধান উপাদান বা কারণ, কোন কোন মতে দ্রব্যান্তর্গত রস বা স্বাদ। আবার কেহ কেহ বলেন-বীর্য্যই প্রধান এবং অপর অনেকের মত বিপাকই প্রধান)। বিণ, অনৈকান্তিক [একান্ত দ্রঃ]।

অনেকার্থ [অনেক+অর্থ] বিণ, নানার্থযুক্ত।

অনেড়মূক [অ=অন্ (বিপরীত=বিষম) এড় (কালা)-মূক (হাবা)] বিণ, বদ্ধকালা ও বোবা। স্ত্রীং ~া।

অনৈক্য [ন=অন্-ঐক্য] বি, বিরোধ ; পরস্পর ঐক্যের অভাব ; অসম্মিলন। ২ বহুত্ব।

অনৈপুণ্য-বি, অদক্ষতা।

অনৈসর্গিক [অ+নৈসর্গিক] বিণ, অস্বাভাবিক ; অলৌকিক।

অনোখা [হিং। বাং গ্রাং—আনকা] বিণ, অপরিচিত ; বেঠিক (আনোখা দ্রঃ)।

অনৌচিত্য [ন=অন্-ঔচিত্য] বি, অযুক্ততা। ২ অলঙ্কার দোষ বিঃ (অনুচিততা দ্রঃ) ; দেশ কাল পাত্র ব্যবহারাদির বিপরীত বা অন্যথা বর্ণন। "প্রণমিয়া কাম তবে উমার চরণে কহিলা ; * * কেমনে মন্দির হতে নগেন্দ্রনন্দিনী বাহির হইবা, কহ এ মোহিনী বেশে? মুহূর্তে মাতিবে মাতঃ জগত, হেরিয়া ও রূপমাধুরী ; * * ছদ্মবেশী হৃষীকেশে হেরি ত্রিভুবন কামাকুল চাহিয়া রহিল তার পানে। অধর অমৃত আশে ভুলিলা অমৃত। * * হেরি পৃষ্ঠদেশে বেণী ; মন্দর আপনি অচল হৈলা হেরি উচ্চ কুচযুগ!"—মেঘং [মাতঃ বলিয়া সম্বোধন করিয়া এসকল উক্তি অনুচিত]।

অন্ত১ [ব্যাং। সং—অৎ > প্রাং ও মং বাং অঁৎ > মং বাং ও প্রাদেং অন্ত, আন্ত,এন্ত (স্ত্রীং—অন্তি, আন্তি, এন্তি, উন্তি > ক্ষেং তি) > আধুং এন] বাং কৃৎ প্রত্যয় বিঃ ; নিত্য ঘটমান—বর্তমান active or indefinite present participle—O.D.B.L. বোধক বিশেষণ বাচক প্রত্যয় বিঃ। প্র—উঠন্ত (স্ত্রীং উঠন্তি > ক্ষেং উঠতি। উঠে বা উঠিতেছে এমন, উত্থানোন্মুখ) ; ঘুমন্ত (ঘুমায় বা ঘুমাইতেছে এমন। এই অর্থে ঘুমন্তিয়া, ঘুমন্তে ও০—উন্তি দ্রঃ) ; চলন্ত (চলে বা চলিতেছে এমন) ; জ্বলন্ত (জলে বা জলিতেছে এমন) ; নিবন্ত (নেবে বা নিবিতেছে এমন) ; এইরূপ —ঝরন্ত ; পড়ন্ত ; ফলন্ত ; বাড় (ড়) ন্ত ; ভাসন্ত ; সাজন্ত (সাজে এমন) ইং এবং স্ত্রীং—পারন্তি-ন্তী ; দেখন্তি,—ন্তী ; বরিখন্তি, বরিষন্তি (বরিষন্তিয়া—বিং পং) ইং। ২ প্রথম পুরুষ অতীত ক্রিয়ার সম্মানার্থক প্রত্যয়। প্র—করিলন্ত,—লান্ত,—লেন্ত (আধুং—করিলেন)। এই রূপ চলিলন্ত (চলিলেন), বলিলন্ত (বলিলেন), করিলন্ত (করিলেন) ইং। ৩ অন্তে যুক্ত এই অর্থদ্যোতক পদ ; প্র—অকারান্ত (অকার+অন্ত), পদান্ত ইং।

অন্ত২ [অম্ (গমন করা)+ত(ভাং) প্রাং বাং অন্তে] বি, নাশ ; মৃত্যু। ২ শেষাংশ ; প্রান্ত ; সীমা ; অবধি। ৩ সমাপ্তি ; অবসান। ৪ স্বরূপ ; স্বভাব। "শুদ্ধান্ত।" ৫ ভিতরের কথা ; মনের কথা বা ভাব। ৬ পশ্চাৎ ; পশ্চিম। ৭ বিণ, নিকটস্থ। ৮ সুন্দর। ৯ চরম। ১০ [দর্শনে] তত্ত্ব। "অসতের ভাব নাই এবং সতের অভাব নাই। তত্ত্বদর্শিগণ কর্তৃক কিন্তু এই উভয়েরই অং দৃষ্ট হইয়াছে।"—গীতা ২।১৬। ক্রি-বিণ, অন্তে [তুল—end ; এ্যাংলো স্যাং—enda ; ডেনিশ্—enda ; সুইড—anda] **~র্দন্তহীন** [অন্ত (যৌবনোচিত সৌন্দর্য্যস্বরূপ দন্ত শব্দের সহযোগী) দন্ত-হীন] বিণ, বিগত যৌবন ; বিগত সৌন্দর্য্য ; অতি বৃদ্ধ। "মোট কথা, এ প্রহসনে নিতান্ত অন্তর্দন্তহীন (wrinkled piece of womanhood) না হইলে, কোন অঙ্গনাই দর্শক দলভুক্ত হইয়া থাকিতে চান না।"—নরওয়ে ভ্রমণ (গুপ্ত)।

অন্তঃকরণ [তুল—হিং অন্তঃকরণ। অন্তর (ভিতর)+করণ (ইন্দ্রিয়) অর্থাৎ দেহাভ্যন্তরস্থিত ইন্দ্রিয়—মং পং লোং] বি, মন ; অন্তরিন্দ্রিয় ; হৃদয়।

অন্তঃ॥কুটিল [অন্তঃ (অন্তঃকরণ) কুটিল যার—বহং] বিণ, কুটিলান্তঃকরণ ; ক্রূরমন ; অসরল হৃদয়। ২ বি, শঙ্খ। **~কুপিত, ~ক্রুদ্ধ**—বিণ, মনে মনে রুষ্ট।

অন্তঃপট [অন্তঃ(অভ্যন্তরস্থ) পট (পর্দা) —ধা] বি, ভিতরের বস্ত্র ; কৌপীন। "তবে মধ্যে অং ধরি লোকাচারে।"—চৈং ভাং। ২ পর্দা। "অং ঘুচাইল চারি চক্ষে দেখা হৈল,"—চৈং মং (লোচনং)।

অন্তঃপাতী [সং—অন্তঃপাতিন্, অন্তর্ (মধ্য)+পত্ (পতিত হওয়া)+ইন] বিণ, অন্তর্গত ; মধ্যবর্ত্তী।

অন্তঃপুর [অন্তর্ (মধ্য)+পুর (গৃহ বা নগর)] বি, স্ত্রীমহল ; শুদ্ধান্তঃ ; অবরোধ ; অন্দর মহল। **~চারী**—বি, বিণ, যে পুরুষ স্ত্রীমহলে যাইবার অধিকারী। স্ত্রীং **~চারিণী**—বি, বিণ, শুদ্ধান্তবাসিনী। স্ত্রীং অন্তঃপুররক্ষিকা = অন্তঃপুররক্ষয়িত্রী = অন্তঃপুররক্ষিণী=অন্তঃপুরাধ্যক্ষা।

অন্তঃপুরিকা [অন্তঃপুর+ইক—আ—স্ত্রীং] বি, কঞ্চুকী ; অন্তঃপুরচারী স্ত্রী।=অন্তঃপুররক্ষিকা=অন্তঃপুররক্ষয়িতা =অন্তঃপুররক্ষী অন্তঃপুরাধ্যক্ষা।

অন্তঃপ্রবেশন [অন্তঃ (ভিতরে, রচনাদির মধ্যে) প্রবেশন (প্রক্ষেপণ)] বি, কোন রচনার মধ্যে রচনান্তর সংযোজন ; প্রক্ষেপ interpolation.

অন্তঃশত্রু [অন্তর্ (ভিতর)+শত্রু=অন্তরস্থ শত্রু—মং পং লোং] বি, শরীরাভ্যন্তরস্থিত কামাদি ষড়্‌রিপু। ২ রাজ্যাভ্যন্তরস্থিত শত্রু (বিদ্রোহী প্রজা ইং)। ৩ গৃহবৈরী।

অন্তঃশীলা [গ্রাং। সং—অন্তঃসলিলা > ভ্রং] বিণ, অন্তঃসলিলা দ্রঃ।

অন্তঃশ্বসন [জীববিদ্যায়—অন্তঃশ্বাস >] বি, শ্বাস গ্রহণ ; নিশ্বাস টানা inspiration.

অন্তঃসংজ্ঞা [অন্তর=আভ্যন্তরীণ+সংজ্ঞা=চেতনা—ধা] বি, আন্তরিক জ্ঞান বা বিবেকশক্তি ; অন্তর্বোধ ; চৈতন্য ; চেতনা। বিণ, অন্তঃসংজ্ঞ।

অন্তঃসত্তা [অন্তর্—সৎ (বিদ্যমান)—তা (ভাং)] বি, অন্তঃস্থিতি ভিতরের বস্তুর বিদ্যমানতা বা সদ্ভাব। ২ আত্মা ; আমি। "আমার বাহিরটাকে পুঙ্খানুপুঙ্খরূপে তন্ন তন্ন করিয়া দেখিতে হইবে তাহার ভিতর আমার অন্তঃসত্তাকে পাওয়া যায় কিনা।"—অং বিদ্যাভূষণ (প্রবাসী, ১৩২৮)।

অন্তঃসত্ত্বা [অন্তর (ভিতর)+সত্ত্ব (প্রাণী)—যার গর্ভে জীব আছে—বহং] বি, গর্ভবতী ; সসত্ত্বা ; গর্ভিণী। ২ ভল্লাতক বা ভেলাগাছ।

অন্তঃসলিল [অন্তর্(অভ্যন্তরে) সলিল যার—বহং] বি, অন্তর্ভৌম জলবিশিষ্ট। ২ বি, অন্তর্ভৌম বারি। স্ত্রীং **~া**—বিণ, অন্তর্ভৌম জলযুক্তা। ২ যে নদীর জল ভূগর্ভে বা অপ্রকাশ্যভাবে প্রবাহিত subterranean river. "অন্তঃসলিলা ফল্গুনদী।" ৪ [লক্ষং] হৃদিস্থিত, হৃদয়ে পোষিত বা চাপা (ভাব, প্রবৃত্তি, বাসনা ইং) মুখে প্রকাশ পায় না এমন। **~বাহিনী**—বিণ, যার ভিতরে সলিল প্রবাহিত ; অন্তঃসলিলা।

অন্তঃসার [অন্তঃ (অন্তর্গত) সার (স্থিরাংশ) যার—বহং] বিণ, ভিতরে বস্তু বা সারভাগ বা স্থিরাংশ আছে এরূপ ; ভিতর খালি বা ফোঁপরা নহে। **~শূন্য**—বিণ, ভিতরবস্তু বা স্থিরাংশবিহীন ; শূন্যগর্ভ ; ফাঁপা। ২ গুণহীন ; অপদার্থ।

অন্তঃস্থ, অন্তস্থ [অন্তর+স্থ (স্থা (থাকা)+ড)] বিণ, মধ্যবর্ত্তী ; অন্তরস্থ। ২ বিণ, স্পর্শ ও উষ্মবর্ণ মধ্যস্থ য, র, ল, ব এই বর্ণ চতুষ্টয়। ২ প্রান্তস্থ ; শেষস্থ। স্ত্রীং ~া।

অন্তঃস্বেদ [অন্তঃ (মধ্যে) স্বেদ (মদজল) যার-বহং০] বি, মদস্রাবী হস্তী।

অন্তক [অন্তি (নাশ করা)+অক (র্ত্তৃ)] বি, বিনাশক ; যম ; শমন। "অধমে আনিতে অন্তকের আজ্ঞা পেয়ে। অযুত অযুত যমদূত আইল ধেয়ে॥"-শি০। ২ বিণ, নাশকারী ; নিহন্তা।

অন্তকর [অন্ত+কর=যে করে] বিণ, সংহারক ; ধ্বংসকারী। ২ সাংঘাতিক।

অন্তকাল-বি, জীবনান্তকাল ; মৃত্যুকাল ; শেষ সময়। "আমার এ অন্তকালে, ওর শুভ দৃষ্টি হলে,"-রাসবিহারী মুখো০।

অন্তর্গ [অন্ত+গ (গামী)] বিণ, মৃত। ২ পারগামী। ৩ অবসান প্রাপ্ত। ৪ প্রান্তবর্ত্তী।

অন্ততঃ [মূ০-অন্ততস্] অ, ন্যূনকল্পে ; শেষ কল্পে ; শেষে ; নিকৃষ্ট কল্পে ; তুল্য।

অন্তপাল-বি, রাজ্য রক্ষক। "রাজ্য সীমায় অন্তপালের খবর কি ?"-আরা তামা (নং গুপ্ত)।

অন্তবর্গ [জীববিদ্যায়] বি, প্রধান বর্গের অন্তর্গত বর্গ বা গণ বা শ্রেণী sub-order.

অন্ত/বান্-বিণ, সান্ত। স্ত্রীং ~বতী। ~বাসী=অন্তেবাসী।

অন্তর্ [অন্তঃ (শেষ)+রা(গ্রহণ করা)+ক্বিপ্] অ, মধ্যে ; শেষে ; চিত্তে; স্বীকারে ; দূর ; ব্যবধান। [স্বতন্ত্র ব্যবহার নাই, শব্দের পূর্ব্বে যুক্ত হয়]।

অন্তর [অন্ত=শেষ+'র'=(রা দান করা)+ড(র্ত্তৃ)। প্রা০ বাং'আন্তর']বি, অবকাশ। ২ মধ্যবর্ত্তী স্থান। ৩ ছিদ্র। ৪ ভেদ। ৫ সীমা, অন্ত, শেষ। "দারুণ বরিখা, জিউ ভেল অং,"-বিং পং। ৬ অন্তর্দ্ধান। ৭ বহিঃস্থান ; দূর ; ব্যবধান ; তফাৎ। ৮ বীর। ৯ আত্মীয়। ১০ বিনা ; তারতম্য। ১১ ভিন্ন ; অপর। প্র-দেশান্তর। ১২ তুল্য। ১৩ সুযোগ। ১৪ হৃদয় ; অন্তরাত্মা। ১৫ [প্রা০ বাং] ক্রি-বিণ, অন্তরে। "বিরিঞ্চি মরীচি প্রজাপতি পুরন্দর। ধ্যানেতে চরণ যাঁর না পায় অং॥" -কবিকং। ১৬ পরিধান বস্ত্র। ১৭ অধিকারকাল; শাসনকাল। "মন্বন্তর"। ~টিপু, ~টিপুনী [অন্তর(গোপন)-টিপুনী (টেপা) প্রাদে০] বি, সকলের অজ্ঞাতে এমন চিমটি কাটা যাতে অন্তঃকরণে কষ্ট বোধ হয়। ~র্গতি, ~ধ্যান [অন্তর্ধান > অন্তরধ্যান (গ্রা০ উচ্চারণ বিকারে)। "চার মাস অন্তরধ্যানের পর,"-আ০ শক্তি] বি, অদৃশ্য। ~বাস, ~বাসক [ত্রিচীবর দ্রঃ] বি, ছোট ধুতি ; লুঙ্গী ; চীবর। ~রহস্য-বি, ভিতরের তাৎপর্য্য ; গূঢ় তত্ত্ব।

অন্তর/ঙ্গ [প্রাদে০। অন্তর (মধ্য)+গম্+অ-র্ত্তৃ (যে গমন করে) ; কিম্বা, অন্তর্=সদৃশ+অঙ্গ যার-বহং০] বি, আত্মীয় ; বন্ধু ; সুহৃদ। "তোরে অং জানি, করিনু যুগল পাণি উপকারে আসিতে আমার,"-অং মং। ২ গুপ্ত মন্ত্রণাকারী রাষ্ট্র ও সমরনীতিক গুপ্ত মন্ত্রণাকার্য্যে নিযুক্ত কর্ম্মচারী। ~ঙ্গতা-আত্মীয়তা। ~ঙ্গোপরিক-অং দিগের মধ্যে সর্ব্বপ্রধান।

অন্তরিজ্ঞ [অন্তর=ভেদবিঃ+জ্ঞ (যে জানে)] বিণ, বিশেষজ্ঞ ; ধীর : দূরদর্শী ; মনীষি ; অন্তর্য্যামী।

অন্তরিস্থ [অন্তর+স্থ] বিণ, আন্তরিক ; মনোগত।

অন্তরা [অন্তর (মধ্য)+ই (গমন করা)+আ (ডা)-ধি] অ, বিনা। ২ মধ্যে। ৩ সমীপে। ৪ গানের পদবিঃ ; কবিতা বা সঙ্গীতের মধ্যস্থ পদ : গানের ধূয়া ও আভোগের মধ্যবর্ত্তী অংশ।

অন্তরাত্মা [মূ০-অন্তরাত্মন্] বি, শরীর মধ্যস্থিত জীবাত্মা ; আত্মাপুরুষ ; জীবাত্মা। ২ অন্তঃকরণ। "কর্ণ যেমন শাব্দিক বাক্য শুনিবার বাহেন্দ্রিয়, অং তেমনি অন্তর্য্যামী পরমাত্মার অশাব্দিক আদেশ শুনিবার অন্তরিন্দ্রিয় ; ইংরেজিতে তাই conscience এর আর এক নাম voice of God."-দ্বিং ঠাং।

অন্তরাপত্যা [অন্তর (মধ্যে)+অপত্য (সন্তান যার)+স্ত্রীং-আ, বহং০] বিণ, গর্ভবতী।

অন্তরাবরণ-বি, ফুলের মধ্যস্থ আচ্ছাদন, যা জননাঙ্গসকল রক্ষা করে ; ফুলের আন্তর বেষ্টন ; ফুলের পাপড়ী ইং রঙিন ভাগ corolla.

অন্তরাবর্ত্তন [ইং inversion] বি, বৈলোম্য ; বিপর্য্যয়। ২ [তর্ক বিজ্ঞা০] নিরপেক্ষানুমান বিঃ। "ইহা এক প্রকার নিরপেক্ষানুমান(দ্রঃ)। ইহাতে যে বাক্যটী হইতে অনুমান করা হয় সেই বাক্যটী এবং তাহার উদেশ্যপদ যথাক্রমে অনুমিত বাক্যটী ও তাহার উদ্দেশ্যপদ হইতে ভিন্ন গুণবিশিষ্ট। যথা-সকল মানুষ মর .·. কোন কোন অমানুষ মর নহে।"-তর্ক বিজ্ঞা০ (প্রং সিংহ)।

অন্তরায় [অন্তর্+ই(অয় গমনে)+অ (ভা০)] বি, বাধা ; প্রতিবন্ধক ; বিঘ্ন।

অন্তরায়ণ [রবী০ উদ্ভাবিত। ইং internment এর অনুবাদ] বি, রাজাদেশে নির্দ্দিষ্ট বা সীমাবদ্ধ স্থানে আবদ্ধকরণ ; অবরোধন। বিণ, অন্তরায়িত interned [বিপরীত বহিরায়ণ externment. বিণ, বহিরায়িত externed]

অন্তরাল [অন্তরা (মধ্যে)+লা (গ্রহণ করা)+ড, র্ত্তৃ] বি, আড়াল ; মধ্য ব্যবধান ; অবকাশ। ~বর্ত্তী-বিণ, অন্তরালে স্থিত। স্ত্রীং ~বর্ত্তিনী।

অন্তরি [অন্তরস্থিত ক্ষে০, প্রা০ বাং] বিণ, অন্তরস্থ ; হৃদগত ; ভিতরের। "অন্তরি লক্ষ্মীর প্রেম কিবা হইল ব্যক্ত।" [আধুং, বাং-য় এই অর্থে "ভিত্রি" (ভিতরের) প্রয়োগ আছে। প্র-ভিত্রি কথা।

অন্তরিক্ষ, -রীক্ষ [অন্তর (মধ্যগত)+ঋক্ষ (নক্ষত্র) যার-বহং০ বা+ঈক্ষ (দেখা)+র্ম্ম-অ] বি, আকাশ ; গগন ; পৃথিবী ও সূর্য্যের মধ্যবর্ত্তী স্থান। ২ কেতুমালবর্ষ ; পারস্য ; আপোগস্থান ইং যবনদেশ-উং বিদ্যারম্ভ। ~চর-বি, বিণ, আকাশচারী ; নভশ্চর। ~জল-বি, বৃষ্টি। ~বাস-বি. শূন্যবাস। ~বাসী-বিণ, আকাশ নিবাসী ; শূন্যবাসী। স্ত্রীং ~বাসিনী। ~বিদ্যা-যে শাস্ত্রে অন্তরিক্ষ তত্ত্ব জানা যায় ; আবহ বিদ্যা meteorology. ~মণ্ডল-বি, বায়ু মণ্ডল atmosphere.

অন্তরিত [অন্তর্(মধ্য, দূর)+ইত] বিণ, ব্যবহিত ; আচ্ছন্ন ; আবৃত ; লুক্কায়িত।

২ স্বতন্ত্র; পৃথক্‌কৃত। ৩ দূরীভূত ; অন্তর্হিত ; অপসারিত। "কিন্তু সে সকল কারণ অন্তরিত হইলেও সন্ধি অক্ষুণ্ণ থাকিবে,"-নবাবনন্দিনী (দামোদর)। ৪ বিলুপ্ত। ৫ আবদ্ধ। ৬ অন্তর্গত। ৭ [তুল-'inly' (milton's P.L)] অন্তরে জাত ; গর্ভস্থ ; অভ্যন্তরস্থ। "গিরি (দেখিলা) লড়িছে অন্তরিত পরাক্রমে, অসমর্থ যেন রোধিতে প্রবল বায়ু আপনার বলে।" -মেঘ০। স্ত্রীং ~া।

অন্তরিন্দ্রিয় [অন্তর্ (অন্তর্গত) ইন্দ্রিয়-ধা] বি, অন্তঃকরণ ; মন।

অন্তরীক্ষ-অন্তরিক্ষ দ্রঃ।

অন্তরীণ [ইং internএর অনুকরণে] বিণ, অন্তরাবদ্ধ ; কোন স্থান বা দেশের চতুঃসীমার মধ্যে আবদ্ধ হইয়া থাকিতে বাধ্য। ক্রি, অ০ **করা**, অ০ **হওয়া**। "তিনি নির্ব্বাসিত হইবেন, কি অ০ হইবেন অথবা তাঁহাকে মুক্তি দেওয়া হইবে।"-আ০ শক্তি।

অন্তরীপ [অন্তর্ (মধ্য) + অপ্ (জল), অ =ঈ-জলের মধ্যে যা আছে] বি, যে ভূমিখণ্ডের অগ্রভাগ ক্রমশঃ সূক্ষ্ম হইয়া সমুদ্র মধ্যে প্রবিষ্ট হইয়াছে a cape.

অন্তরীয় [অন্তর্ (পরিধান) + ঈয়] বি, পরিধেয় ; অধোবস্ত্র ; ধুতি ইং [উত্তরীয় দ্রঃ]

অন্তরুপ্য [রাসা০ পরিঃ] বি, সীসক।

অন্তরে [সং অন্তরেণ >] অ, বিনা ; ব্যতিরেকে [বিরল] ২ ভিতরে ; মধ্যে। প্র-অ০ বাহিরে। ৩ হৃদয়ে ; প্রাণে। প্র-অ০ আঘাত। ৪ তফাতে ; দূরে। "ছেলি লুকাইলা মাতা রহিল অ০॥"-কবিক০। ৫ [বৌ০ বাং। বৈ০ সা০] অ, নিমিত্ত ; জন্য ; তরে। "তোহোর অ০ মোএ ঘলিলি (=গলে দিলাম) হাড়ের মালা।"-চ ১০।৬। "তোহ্মার অ০ পথে সাধে মহাদান।"-শ্রী০ কী০।

অন্তর্গত [অন্তর্ (মধ্য + গত (প্রাপ্ত) ২ তৎ] বিণ, মধ্যগত ; মধ্যে নিবিষ্ট ; মধ্যবর্ত্তী। ২ হৃদগত ; মনোগত। ৩ বিস্মৃত। বি, **~গতি**। "সঙ্গে সঙ্গেই মহাশক্তির ও অন্তর্গতি।"-উত্তরা, ১৩৩৩।

অন্তর্গূঢ় [অন্তরে গূঢ় (৭ তৎ)] বিণ, বাহিরে অপ্রকাশিত ; মনে গুপ্ত।

অন্তর্গৃহ [অন্তর্ (ভিতরের) + গৃহ-৬ তৎ] বি, ঘরের ভিতর। ২ বড় গৃহের অভ্যন্তরস্থ গৃহ ; গর্ভগৃহ। ৩ অন্তঃপুর।

অন্তর্ঘন [অন্তর্ + হন্ + অ] বি, বহির্দ্বারের অভ্যন্তরস্থিত মুক্তাঙ্গন ; অভ্যন্তর প্রদেশ।

অন্তর্জগৎ [অন্তঃ + জগৎ। বিপরীত 'বহির্জগৎ'] বি, মনোজগৎ ; অতীন্দ্রিয়লোক ; অনুভূতিগম্যলোক ; আধ্যাত্মিক বা পারমার্থিক ক্ষেত্র ; ভাবলোক। "অ০ চৈতন্যময়, আত্মময়।"-প্র০ সিংহ।

অন্তর্জঠর [অন্তর্-জঠর] বি, পাকাশয়।

অন্তর্জল, -র্জলী, -র্জ্জলি, -লী [জলের অন্তঃ-৬ তৎ] ক্রি-বিণ, জলমধ্যে ; স্থল ও জল মধ্যে। ২ বি, মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে মুমূর্ষুকে জলে উপবেশন বা তার উত্তমাঙ্গ স্থলে ও অধমাঙ্গ জলে স্থাপন করিয়া হিন্দুশাস্ত্রানুযায়ী অনুষ্ঠিত কৃত্যবিঃ। ৩ [নৌ]০ বিণ, জলে-ডোবা, জলতলগামী। **~জাহাজ**-ডুব জাহাজ submarine. "জলের তলে যদি বড় বড় তারের ফাঁশ ও জাল ছড়াইয়া রাখা যায়, তাহা হইলে অ০ জাহাজ তাহাতে জড়াইয়া অকেজো হইয়া পড়িতে পারে।"-প্রবাসী, ১৩২২। **অন্তর্জলোৎস**-বি, ভূগর্ভস্থ প্রস্রবণ।

অন্তর্জাত-বিণ, অন্তর্ভব। ২ দেহমধ্যে জাত।

অন্তর্জাতীয়-বিণ, সর্ব্বজাতির মধ্যে প্রচলিত international.

অন্তর্দর্শন-বি, অন্তরালোকন ; আত্মপরীক্ষণ introspection.

অন্তর্দুষ্ট-বিণ, অন্তরে দুরভিসন্ধিযুক্ত।

অন্তর্জ্যোতিঃ, অন্তর্জ্যোতি [অন্তরস্থ জ্যোতি-ধা] বি, অন্তরাত্মা।

অন্তর্দাহ [অন্তরের দাহ-৬ তৎ] বি, অগ্নিসন্তাপের মতন মনের কষ্ট ; শোকদহন। "ক্রমাগত দ্বাদশবৎসর, দুর্বিষহ শোকদহনে নিরন্তর অ০ হওয়াতে,"-বি০ সা০। ২ গায়ের জ্বালা ; হিংসা।

অন্তর্দৃষ্টি [অন্তর্-দৃষ্টি] বি, সম্যক্ দর্শন ; অবেক্ষণ ; অনুভূতি ; আত্মজ্ঞান intuition.

অন্তর্দ্দেশ [অন্তর(স্থ) দেশ-ধা] বি, দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান ; উপত্যকা।

অন্তর্দ্দেহ-বি, দেহের অভ্যন্তর। বিণ, **আন্তর্দ্দৈহিক**-দেহাভ্যন্তরীণ ; শরীরের অভ্যন্তরস্থ। "শরীরের অংশবিশেষে ইন্দ্রিয় প্রত্যক্ষের স্থান নির্ণয়কে আ০ স্থান নির্ণয় বলে।"-মনোবিজ্ঞান (সিংহ)।

অন্তর্দ্বার [অন্তর (স্থ বা এর) + দ্বার-ম০ প০ লো০ বা ৬ তৎ] বি, গুপ্তদ্বার।

অন্তর্দ্ধান ['অন্তর্দ্ধা ও'০। অন্তর্-ধা + অন (ভা০)] বি, তিরোধান ; অদৃশ্য হওন। ২ ব্যবধান। ক্রি, অ০ **করা**-অন্তর্হিত হওয়া ; অদৃশ্য হওয়া।

অন্তর্নিবিষ্ট-অন্তর্নিহিত দ্রঃ। **~শক্তি** -সহজাত শক্তি ; অন্তর্নিহিত শক্তি energy.

অন্তর্নিহিত [অন্তরে নিহিত-৭ তৎ] বিণ, হৃদয়ে স্থাপিত ; অভ্যন্তরে সন্নিবিষ্ট। ২ বদ্ধমূল।

অন্তর্বংশিক [অন্তর্বংশ (অন্তঃপুর) + ইক] বি, অন্তঃপুররক্ষক।

অন্তর্বর্গ-বি, কোন বৃহৎ বিভাগের অন্তর্গত ক্ষুদ্রতর বিভাগ sub-order.

অন্তর্ব্বত্নী [অন্তর্ + বৎ (স্তু) স্ত্রীং ঈ-নিপাতনে] বিণ, অন্তঃসত্ত্বা ; গর্ভবতী।

অন্তর্ব্বর্ত্তী [অন্তর্-বর্ত্তিন্] বিণ, অন্তর্গত ; অন্তর্ভূত ; অন্তঃপাতী।

অন্তর্ব্বাণি [অন্তঃ (অন্তরে)-বাণী যার] বি, পণ্ডিত। ২ [৬ তৎ] বিবেক।

অন্তর্বাণিজ্য [অন্তর্গত বাণিজ্য-ম০ প০ লো০] বি, দেশের মধ্যে ক্রয় বিক্রয় inland trade [বহির্বাণিজ্য দ্রঃ]।

অন্তর্ব্বাস [অন্তর্ (ভিতর) বাস (আচ্ছাদন)] বি, বৈষ্ণবদিগের অন্তঃপরিধেয় বস্ত্র ; কৌপীন [বহির্বাস দ্রঃ]।

অন্তর্ব্বাহ [বৈজ্ঞা০ পরিঃ] বি, পরস্পরের সহিত সংসক্তি আছে এমন দুই তরল পদার্থের একটী দ্বারা কোন পাত্র পূর্ণ করিয়া ও তাহার মুখ সূক্ষ্ম চর্ম্মাবৃত করিয়া অন্য তরল পদার্থপূর্ণ পাত্রমধ্যে ডুবাইয়া রাখিলে দুইটী প্রবাহের ক্রিয়া দেখা যায় ; একটী প্রবাহ পাত্র হইতে চর্ম্মের ভিতর দিয়া বাহিরে আসে এবং আর

যুক্ত বিশ্লিষ্টবৎ (অগ্র=অগ্‌র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্যঁ ঞ্চ=নচ ঞ্ট=ন্ট হু=হু হূ হৃ হ্ন হ্ম হ্ন=ন্হ ম্হ, ল্হ ভ্ ব্য, জ্ঞ ক্ ব্ ভ=zfwv ও চা০ দ্রঃ

একটা বাহির হইতে পাত্রের ভিতরে প্রবেশ করে। যে প্রবাহ বাহিরে যায় তা বহির্বাহ, যা ভিতরে যায় তা অন্তর্ব্বাহ (পদার্থ বিদ্যা)।

অন্তর্বিগ্রহ [অন্তঃ+বিগ্রহ] বি, আত্ম-কলহ ; গৃহবিবাদ।

অন্তর্ব্বিপ্লব [অন্তঃ+বিপ্লব] বি, স্বদেশের মধ্যে তদ্দেশীয়গণের পরস্পর বিবাদ ; আপনা আপনির মধ্যে কলহ ; গৃহ বিবাদ।

অন্তর্বিরোধ [অন্তঃ+বিরোধ] বি, আত্মকলহ ; গৃহশত্রুতা।

অন্তর্ব্বিবাহ [জাতি বিজ্ঞা°] বি, স্বগোত্রে বিবাহ ; স্বকুলে বিবাহ endogamy.

অন্তর্ব্বেদনা [অন্তরের বেদনা-৬ তৎ] বি, মনের যাতনা।

অন্তর্ব্বেদি, -দী [অন্তর্-বেদি, বেদী (মৃত্তিকা রাশিতে নির্ম্মিত উচ্চ ভূমি)] বি, দুই নদীর মধ্যস্থ প্রদেশ। ২ প্রয়াগ হইতে হরিদ্বার পর্য্যন্ত গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী দেশ ; দোয়াব ; ব্রহ্মাবর্ত্তদেশ।

অন্তর্বেশ্ম [অন্তঃ+বেশ্ম] বি, অন্তঃপুর।

অন্তর্ভব [অন্তঃ+ভব] বিণ, অন্তরে সঞ্জাত। স্ত্রীং ~া।

অন্তর্ভাব [অন্তঃ+ভাব] বি, আন্ত-রিকভাব। ২ অন্তর্নিবেশ। ~বনা-বি, মানসিক দুর্ভাবনা ; উদ্বেগ।

অন্তর্ভূত, অন্তর্ভুক্ত [অন্তঃ-ভূত, ভুক্ত] বিণ, অন্তর্গত ; মধ্যস্থিত। ২ অন্তরে জাত।

অন্তর্মনাঃ [মূ°-অন্তর্মনস্ ১মা ১ব°] বিণ, ব্যাকুল, উদ্বিগ্ন। ২ সমাহিত চিত্ত। ৩ গুপ্তমনোবৃত্তি ; যার মনোভাব প্রকাশ পায় না।

অন্তর্মাধুর্য্য-বি, অন্তরের সৌন্দর্য্য।

অন্তর্মুখ [অন্তর্ (পরমাত্মা) মুখ প্রবেশ দ্বার যার-বহু°] বিণ, বাহ্যবস্তু পরিহার পূর্ব্বক পরমাত্মা বিষয়ে নিবিষ্ট-চিত্ত ; আধ্যাত্মিক ; আন্তর্বাহিক introspective. অন্তর্মুখী শব্দেরও ব্যবহার আছে। "অন্তর্মুখী শক্তি"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ ভিতরদিকে যার মুখ ; ভিতরমুখ। (বিপরীত-বহির্মুখ ; বাহ্যমুখ)।

অন্তর্যামী, অন্তর্য্যামী [অন্তর-যামিন্, যম্ (অবস্থান করা) +ইন্ (র্ত্তৃ) যিনি অন্তরে অবস্থান করেন] বি, অন্তরাত্মা ; জীব। ২ জীবের প্রবৃত্তি নিবৃত্তির নিয়ামক ; ঈশ্বর। ৩ অন্তরঙ্গ ; অন্তর্য্যামী। "হৃদয় বেদনা বহিয়া প্রভু, এসেছি তব দ্বারে। তুমি অ° হৃদয়স্বামী সকলি জানিছ হে।"-রবী°। ৪ [বৈ° সা°] ভক্ত শ্রেষ্ঠ-চৈ° চ°।

অন্তর্হাস [অন্তর্ (মধ্য) হাস (হাস্য) ৬ তৎ ; অন্তরস্থিত হাস-ধা] বি, অপ্রকাশিত হাস্য ; গুপ্তহাসি।

অন্তর্হিত [অন্তর্ (মধ্য) ধা (ধারণ করা) +ত (র্ত্তৃ) ধা=হি] বিণ, যে অন্তর্দ্ধান করিয়াছে ; তিরোহিত ; অদৃষ্ট। ২ [+ত(র্ম্ম)] আবৃত।

অন্তশয্যা [অন্ত (শেষ) শয্যা (বিছানা) ৬ তৎ] বি, মৃত্যুকালীন ভূমি শয্যা death bed. ২ মৃত্যু। ৩ শশ্মান।

অন্তস্তল [অন্তর্ (মধ্য) তল(স্থান) ৬ তৎ, অন্তরস্থ তল (ধা)] বি, মধ্যবর্ত্তী স্থান ; ভিতর। ২ [লক্ষ°] মন। "তুমি আমার অন্তস্তলের খবর জান, ভাবতে প্রভু আমি লাজে মরি,"-রজনী সেন।

অন্তস্পট [অন্তঃ+পট। প্রা° বাং] বি, অন্তঃপুরের পর্দ্দা। "শশিপ্রভা আশু হৈল অ° তুলি॥"-মনসা° (বংশীবদন)।

অন্তস্পুরি [অন্তঃপুর+ই (ভাবার্থে)। প্রা° বাং] বি, অন্তঃপুরবাসিনী ; পুরমহিলা। "রুক্মিণী ই° নারী, র্কত সব অ° সবে মিলি দ্রৌপদী সেবিবা।"-মহা°।

অন্তাবসায়ী, অন্ত্যাবসায়ী [অন্ত (শেষ) অন্ত্য+অব-সো (নাশ করা) +ইন (র্ত্তৃ)] বি. (১) চাণ্ডাল (নিষাদ), (২) শ্বপচ (ব্যাধ), চণ্ডাল, (৩) ক্ষত্তা (ক্ষত্রিয়া বা বৈশ্যার গর্ভে শূদ্রের ঔরস জাত), (৪) সূত (ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত), ছুতার, (৫) বৈদেহক (শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভজাত), (৬) মাগধ (বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়া গর্ভজাত) এবং (৭) অয়োগব (শূদ্রের ঔরসে বৈশ্যা গর্ভ-জাত) এই সপ্তজাতি [শব্দকল্পদ্রুমঃ] ২ [নখাদির অন্তভাগ নাশ করে বলিয়া] ক্ষৌর-কার। স্ত্রীং ~য়িনী।

অন্তিক [অন্ত+ইক] বিণ, সন্নিহিত। ২ সন্নিধান ; নৈকট্য। "অত্যন্ত অন্তিকে আসি ধরি ছুটী পায়।"-শি°। স্ত্রীং ~া ['আন্তিকা' ও° নাট্যে ব্যবহৃত] জ্যেষ্ঠা ভগিনী।

অন্তিম [অন্ত (শেষ)+তম (চা° ব°)= ইম (ভা°)। তুল-অগ্রিম] বিণ, পরিণাম ; চরম ; শেষ। ২ অন্তকালীন। ৩ অ° সংস্কার ; অ° অনুরোধ, অ° অভিলাষ, অ° অবস্থা, অ° দশা, অ° কাল, অ° বাণী, অ° বাসিনা, অ° শয্যা, অ° সময়।

অন্তজ [অন্ত্যজ (দ্রঃ)-প্রা°] বিণ, নীচ। -দীনবন্ধু (লীলাবতী)।

অন্তে [অন্ত দ্রঃ] ক্রি-বিণ, শেষে ; শেষ হলে পর ; অবসানে। "বসন্ত অন্তে কি কোকিলা গায় পল্লব-বসনা শাখা-সদনে!"-ব্রজাঙ্গনা। ~বাসী [অন্তে (সমীপে) বাসী যে পাঠকালে গুরু সমীপে বাস করে] বি, ছাত্র ; শিষ্য। ২ [অন্তে (নগরপ্রান্তে) বাসী] চণ্ডালাদি। ৩ বিণ, সমীপবর্ত্তী ; নিকটস্থ। ৪ বি, প্রতিবেশী। "যত অ° থাকে জিজ্ঞাসিলু একে একে,"-কবিক°।

অন্ত্য [অন্ত (শেষ)+য (ভা°)] বিণ, শেষোৎপন্ন ; শূদ্র ; চতুর্থবর্ণ [তুল-আদ্য (প্রথম বা আদিভব)] ২ অন্তিম ; চরম ; অবশিষ্ট ; শেষ। প্র-অন্ত্যজ, অন্ত্যবর্ণ। ৩ সহস্র লক্ষ কোটি সংখ্যা ; ১০০০০০০০,০০,০০০,০০০। ৪ মুস্তক ; মুথা।

অন্ত্যজ, অন্ত্যজন্মা [অন্ত্য=অন্ত +জ, জন্মা (যে জন্মে) প্রা° অন্তজ] বি, ব্রাহ্মণাদি তিন বর্ণ জন্মিলে শেষজাত, চতুর্থ বর্ণ শূদ্র। ২ [অন্ত্য (শূদ্র) হইতে+জ (জাত) -শূদ্রের ঔরসে উচ্চবর্ণের স্ত্রীর গর্ভে প্রতি-লোমজ সন্তান] বি, চণ্ডাল। ৩ [অন্ত (নীচ) কুলে+জ (যে জন্মে)] বিণ, নীচকুল জাত। ৪ নীচাশয় ; অধম। ৫ [স্মৃতি°] শাস্ত্র সম্মত সবর্ণ এবং অসবর্ণ বিবাহের পর সামাজিক প্রথা লঙ্ঘনদ্বারা ভ্রষ্ট সংস্রবের সন্তান।

অন্ত্যভ [অন্ত্য (শেষ) ভ (নক্ষত্র বা রাশি) ধা] বি, শেষ নক্ষত্র ; রেবতী ; শেষ রাশি মীন।

অন্ত্যবর্ণ [অন্ত্য (শেষ) বর্ণ, ধা] বি, চতুর্থ বর্ণ ; শূদ্র। ২ শেষ অক্ষর।

অস্ত্যাবসায়ী-অন্ত্যাবসায়ী দ্রঃ।

অন্ত্যেষ্টি [অন্ত্য (শেষ) ইষ্টি (যজ্ঞ)] বি, চরম সংস্কার ; শবদাহাদি ; মৃত সৎকার। ~**ক্রিয়া**-বি, শবদাহাদি সংস্কার।

অন্ত্র [অম্‌ (রুগ্ন হওয়া)+ত্র (ণে) যা রুগ্ন হইলে সকল রোগ উৎপন্ন হয় ; অন্ত (বন্ধন করা)+র (স্ত্রা॰) অর্থাৎ যা জড়াইয়া থাকে] বি, আঁত, আঁতড়ি ; নাড়ীভুঁড়ী entrails. ~**জ্বর**-বি, সান্নিপাতিক বিকার enteric fever. ~**প্রদাহ** [যে রোগে উদরে ও নাভির চতুষ্পার্শ্বে তীব্র বেদনা ও চাপ দিলে বেদনার বৃদ্ধি হয় enteritis. ~**বিদ্যা** -অন্ত্রের অবস্থান, রোগ, চিকিৎসা ইং সম্বন্ধীয় বিজ্ঞান splanchnology. ~**বৃদ্ধি**-বি, নাড়ী বৃদ্ধির রোগ বিঃ hernia; a rupture.

অন্দর [ফা-অন্দর্‌ (ভিতর) তুল-সং অন্তর্‌ ; অন্তপুর। (সং-অন্তঃপুর > প্রাকৃ৹ অন্তেউর, অন্দেউর-চা৹ ব৹ (স্ত=ন্দ, শকুন্তলা= শউন্দলা-"হলা শউন্দলে"), গ্রী৹-entos, ল্যা৹-inter. প্রা৹-পারসীক-অঁতরে (চা৹ ব৹)] বি, ভিতর। (তা হতে অর্থ হইয়াছে) অন্তঃপুর ; শুদ্ধান্ত ; গৃহের যে অংশে স্ত্রীলোকেরা বাস করেন। "রাজার সকল জানি অন্দর বাহির।"-অ৹ ম৹। ~**মহল** [ফা, অন্দর্‌ মহাল] বি, অন্তঃপুর ; শুদ্ধান্ত ; ভিতর বাটী।

অন্দু, অন্দূ [অনদ্‌ (বন্ধন করা)+উ (ণে, কু, কূ)] বি, নিগড়। ২ হস্তী বন্ধন শৃঙ্খল। ৩ স্ত্রীপাদভূষণ [বিরল]।

অন্দেশা, আন্দেশা [ফা-অন্‌দেশা (চিন্তা)] বি, চিন্তা ; ভাবনা।

অন্ধ [অন্ধ্‌ (দৃষ্টিহীন হওয়া)+অ (র্ত্তৃ) হি৹-অন্ধা > প্রা৹ বাং অন্ধা, আন্ধা] বিণ, যার দুই চক্ষু নাই। স্ত্রীং ~**নী**। "আন্ধার মাণিক বাছা অন্ধনীর নড়ি।"-ঘ৹। বি, ~**তা**, ~**ত্ব**-দৃষ্টিহীনতা blindness. **অন্ধ হওয়া**-দৃষ্টি শক্তিহীন হওয়া। ২ কোন বিষয়ে বা কাহার গুণ বা দোষ না দেখা। ৩ মোহে, প্রেমে বা অনুরাগে মত্ত হওয়া বা হিতাহিত জ্ঞান শূন্য হওয়া ; রিপুর বশীভূত হওয়া। **অন্ধের নড়ি, যষ্টি**-অক্ষমের অবলম্বন ; অসহায়ের সহায়।

অন্ধক [অন্ধ+ক (স্বার্থে)] বি, দশরথের শব্দভেদী বাণে নিহত সিন্ধুর পিতা স্বনাম প্রসিদ্ধ অন্ধমুনি। ২ শিবের হস্তে নিহত পরম অত্যাচারী ও অস্ত্রের অবধ্য বর প্রাপ্ত অসুর বিঃ। ৩ দেশ বিঃ। ৪ অন্ধকার। ৫ যদুবংশীয় নৃপতি সাত্বতের ৪র্থ পুত্র। ৬ বৃহস্পতির জ্যেষ্ঠ ভ্রাতা উতথ্যের ঔরসে মমতার গর্ভে জাত পুত্র। ~**রিপু**-বি, অন্ধকাসুরনাশক-শিব। ২ অন্ধকারহারক -সূর্য্য। ৩ বিণ, অন্ধকারনাশক।

অন্ধকার [অন্ধ (দৃষ্টিহীন) কার-যে অন্ধ সদৃশ করে উপ৹-বৌ৹ সা৹ ও৹ প্রা৹ বাং-'আন্ধকার', 'অন্ধআর,' 'অন্ধকারা', 'অন্ধার', 'অন্ধারি,' 'অন্ধারী', 'আঁধার, 'আন্ধার.' "ফিটেলি অন্ধারি রে অকাশ ফুলিআ"-চ৹ ৫০।৪। "নিসিঅ অন্ধারী" চ৹২১।১ "ঘোর আন্ধারে," -দো৹। চ৹ ৩০।৫, ৫০।১, দো৹] বি, আলোকের অভাব ; তমঃ ; তিমির। ~**ময়**, ~**রাচ্ছন্ন** -বিণ, অন্ধকারাবৃত। **অ৹ দেখা**-আসন্ন বিপদ বা সর্ব্বনাশ উপস্থিত হইলে মাথা ঘুরিয়া দৃষ্টিহীন হওয়া ; ভয়ে ও ভাবনায় দিগ্‌বিদিগ্‌ জ্ঞানশূন্য হওয়া ; উদ্ধার বা মুক্তির পথ দেখিতে না পাওয়া। **অ৹ দেখান**-কাকেও সমূহ বিপদে ফেলিয়া বা বিপদের বার্ত্তা দিয়া তাকে অভিভূত করা।

অন্ধকারে ঢিল মারা-কোন বিষয় প্রতিপন্ন করিবার জন্য বিশেষ না জানিয়া বহু প্রমাণ প্রদর্শন করা, তন্মধ্যে যেটি ঠিক লাগিয়া যায়। **অন্ধকারে থাকা**-কোন বিষয় সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ থাকা।

অন্ধকারে হাতড়ানি-বি, দৃষ্টি না চলায় কর সঞ্চালন করিয়া দেখা বা অনুভব করা।

অন্ধকারি [অন্ধক+অরি] বি, শিব।

অন্ধকূপ [অন্ধ (অন্ধকারময়)-কূপ (অল্প পরিসর স্থান) ধা] বি, এঁদো কূয়া। ২ নিবিড় অন্ধকারময় স্থান ; ঘর ; তায়খানা। ~**হত্যা**-বঙ্গের নবাব সিরাজদ্দৌলার আদেশে বায়ু-চলাচলহীন অন্ধকারময় ক্ষুদ্র গৃহে আবদ্ধ করিয়া ১৪৬ জন ইংরেজকে হত্যা (১৭৫৬ খৃঃ)।

অন্ধগোলাঙ্গুলন্যায়-এই ন্যায়ের তাৎপর্য্য এই যে মূর্খের উপদেশ গ্রহণ করিলে কার্য্য সিদ্ধি ত হয়ই না, পরন্তু মহা বিপন্ন হইতে হয়। "একদিন এক অন্ধ আপন মিত্রের বাড়ীতে যাইবার বাসনায় গমন করিল, কিছুদূর অগ্রসর হইয়া আর পথ ঠিক করিতে না পারিয়া দুঃখিত মনে অবস্থান করিতেছে, এই সময়ে এক রাখাল গরুর পাল লইয়া সেইস্থান দিয়া গমন করিতেছিল, রাখাল অন্ধকে দুঃখিত মনে বসিয়া থাকিতে দেখিয়া কারণ জিজ্ঞাসা করিল এবং সমস্ত অবগত হইয়া বলিল-"আমার এই গরুটি তোমায় পথ দেখাইয়া লইয়া যাইবে, তুমি ইহার লেজ ধরিয়া থাক।" অন্ধ তাহাই করিল, গরুর লেজ চাপিয়া ধরায়, গো দিক্‌বিদিক্‌ জ্ঞান শূন্য হইয়া দৌড়িল, ইহাতে অন্ধের মিত্রের বাড়ীতে যাওয়া হইলই না পরন্ত সর্ব্বশরীর ক্ষত বিক্ষত হইয়া গেল।"-হেত্বাভাস (মথুরানাথ টীকা)। অন্যত্র-কোন অন্ধ শ্বশুরালয়ে যাইবার মানসে জনৈক রাখালকে সঙ্গে করিয়া লইয়া যাইতে অনুরোধ করে। রাখাল স্বয়ং যাইতে না পারিয়া অন্ধের শ্বশুর-বাড়ীর গরুর লেজ ধরিয়া যাইতে পরামর্শ দেয়। অন্ধ দৃঢ় মুষ্টিতে গরুর লেজ ধরিতে সে ত্রাসে উন্মত্তের ন্যায় ছুটিয়া চতুর্দ্দিকে লাফালাফি করিয়া এবং কাঁটাবন প্রভৃতির ভিতর দিয়া সন্ধ্যার পর অন্ধের শ্বশুর বাড়ী গিয়া উপস্থিত হয়। অন্ধ প্রাণপণ যত্নে লেজ ধরিয়াছিল বটে এবং শ্বশুর বাড়ীও পৌঁছিল কিন্তু তাহার অঙ্গ ক্ষত বিক্ষত ও সে উলঙ্গ হইয়া পড়িয়াছিল। অধিকন্তু রাত্রে গরু-চোর বলিয়া শ্বশুরের চাকরগণ অন্ধকে বিলক্ষণ প্রহার করিল। কোন ব্যক্তি মূর্খ বা খলের পরামর্শ গ্রহণ করিয়া বিপন্ন ও লজ্জিত হইলে এই অন্ধের সহিত তাহার তুলনা করা হয়।

অন্ধতম [অন্ধ-তম (বহুর মধ্যে একের (উৎকর্ষার্থে)] বিণ, অত্যন্ত অন্ধকারময়।

অন্ধতমস্‌ [অন্ধ (গাঢ়) তমস্‌ (অন্ধকার)-ধা] বি, ঘনান্ধকার। ~**সময়**, ~**সাচ্ছন্ন**, ~**সাবৃত**-বিণ, ঘোর তিমিরাবৃত। ২ অজ্ঞানান্ধ। [বাং-য় অন্ধতমোময়' ও৹ প্রচলিত]।

অন্ধতামিস্র [অন্ধ (গাঢ়) তামিস্র (অন্ধকার) ধা] বি, ঘনান্ধকার। ২ [অন্ধ (গাঢ়) হইয়াছে তামিস্র (অন্ধকার) যেখানে, বহু৹] অন্ধকারময় নরক বিঃ। ৩ পঞ্চ অবিদ্যা

বা অজ্ঞানতার মধ্যে একটী ; দেহ নাশের পর আর কিছুই থাকিবে না, আত্মা বলিয়া কিছু নাই, মৃত্যুর সঙ্গে সঙ্গে সব ফুরাইবে এই বুদ্ধি।

অন্ধপঙ্গুন্যায়-এই ন্যায়ের তাৎপর্য্য এই যে, একজনের সম্পূর্ণ শক্তি না থাকিলেও উভয়ে মিলিয়া ক্রিয়া সমাধা করিতে পারে। "একদিন এক অন্ধ ও এক পঙ্গুর স্থানান্তরে যাওয়ার আবশ্যক হওয়ায় উভয়ে এই পরামর্শ স্থির করিল যে, পঙ্গু অন্ধের স্কন্ধে উঠিয়া পথ দেখাইবে, অন্ধ হাঁটিয়া যাইবে, এইভাবেই পঙ্গুর চক্ষু ও অন্ধের পদদ্বারা তাহাদের স্থানান্তরে গমন ক্রিয়া সমাধা হইল।"-কাব্যপ্রকাশ পাতঞ্জল দর্শনে রূপকচ্ছলে উক্ত হইয়াছে যে, এক মহাপুরুষের ক্ষেত্রজ্ঞ নামে পঙ্গু দাস ও প্রকৃতি-নাম্নী অন্ধ দাসী ছিল। তারা উক্তরূপ পরস্পর সাহায্যে সংসার নির্ব্বাহ করিত। ইহা পুরুষ ও প্রকৃতি যোগে সৃষ্টিস্থিতি এবং বিয়োগে লয়ের ইঙ্গিত। পরস্পরের সামর্থ্য দিয়া পরস্পরের অভাব মোচন করিলে তাহা অন্ধপঙ্গু ন্যায় হয়।

অন্ধপরম্পরান্যায়-অনেক অনভিজ্ঞ লোক একত্র হইয়াও ইষ্টসাধন করিতে পারে না ইহাই তাৎপর্য্য। বহু অন্ধ যদি কোন এক পথে গমন করে, তবে সেই পথে যদি কূপ থাকে, তবে একজন কূপে পড়িলে ক্রমে সকল অন্ধই জড়াজড়ি করিয়া কূপে পতিত হয়।

অন্ধবিন্দু [বৈজ্ঞা০ পরিঃ] বি, অক্ষিপটের দৃষ্টিশক্তিহীন অংশ।

অন্ধবিশ্বাস [ইং blind faithএর অনুবাদে] বি, বিচারহীন নিঃসন্দেহ বিশ্বাস।

অন্ধহস্তিন্যায়-"কয়েকজন অন্ধ একত্র হইয়া হস্তী কিরূপ তা জানিবার মানসে কোন এক চক্ষুষ্মান্ ব্যক্তিকে অনুরোধ করিল। চক্ষুষ্মান ব্যক্তি অন্ধদিগকে গজশালায় লইয়া গিয়া গজের অঙ্গ স্পর্শ করাইয়া বলিল, এই গজ। ইহাতে যে যে অন্ধ হস্তীর যে যে অঙ্গস্পর্শ করিয়াছিল সে সেই অঙ্গকেই হস্তী বলিয়া মনে করিল।"-ভাগবত। অনভিজ্ঞ এবং অল্পদর্শী ব্যক্তিগণ কোন বিষয়ের একদেশ দর্শন করিয়াই সেই বিষয়ের চরমসিদ্ধান্তে উপনীত বা প্রবৃত্ত হইলে তাহাদিগকে অন্ধহস্তি ন্যায়ের অন্ধের সহিত তুলনা করা হয়।

অন্ধলা [প্রাদে০। গ্রা০-আঁধ্‌লা] বিণ, অন্ধ ; দৃষ্টিহীন। ২ আলোক ও অন্ধকারের মধ্যবর্ত্তী ; আলো আঁধারি।

অন্ধা [হিং >, প্রা০ বাং] বিণ, অন্ধ ; দুই চক্ষুহীন। ২ আচ্ছন্ন। "গর্ব্ব অন্ধা"-চৈ০ ভা০। ৩ [সং-অন্ধকার > অন্ধআর > অন্ধার > অন্ধা] বি, অন্ধকার : আঁধার [অপ্র০]।

অন্ধিকা [অন্ধ+ইক-স্ত্রীং আ] বি, রাত্রি। ২ নেত্ররোগ। ৩ দ্যূতক্রীড়া বিঃ। ৪ সর্প ; নাগিনী।

অন্ধিসন্ধি [অন্ধি (রন্ধ্র >) সন্ধি (সন্ধান >, ফাঁক) ; প্রাদে০] বি, ছিদ্র ; রন্ধ্র ; ফাঁক। ২ [লক্ষ০] উদ্দেশ ; হদিস ; তত্ত্ব। প্র-এত বড় বাড়ী যে তার অন্ধিসন্ধি পাওয়া যায় না। "লোকটী সাম্প্রদায়িক কিন্তু আপন অভিপ্রায় কি তাহা ডুবুরি ডুবিলেও অন্ধিসন্ধি পাইত না।"-টেকচাঁদ।

অন্ধী/করণ [অন্ধ+চ্বি (অভূত তৎভাবার্থে)=অন্ধী+করণ] বি, দৃষ্টি বিনাশন। ~**কৃত**-বিণ, যাকে অন্ধ করা হইয়াছে। ~**ভূত**-বিণ, যে অন্ধ হইয়াছে।

অন্ধু [অম্ (গমনে)+তু (জ্ঞা০) নিপাত -যেখানে জলার্থে গমন করে] বি, কূপ ; কূয়া।

অন্ধুল-বি, শিরীষ গাছ।

অন্ধ্র-বি, জাতিবিঃ। ২ ব্যাধ। ৩ কলিঙ্গের পশ্চিম তৈলঙ্গ দেশ ; তেলুগুভাষীদের দেশ ; যার প্রা০ রাজধানী ছিল বরঙ্গল। পঞ্চদ্রাবিড়ের অন্যতম।

অন্ধ্রেরন্ধ্রে [রন্ধ্রের সহচর শব্দ অন্ধ্র] ক্রি-বিণ, অন্ধিসন্ধিতে ; প্রতি নিভৃত অন্ধকার কোণে। "সে হৃদয়ের অ০ র০ ঘৃণার দাবানল জ্বালিয়া দিল।"-পরিণীতা (শ০ চট্টো০)।

অন্ন [অদ্ (ভোজন করা)+ত (র্ম)। দ-ত=ন্ন) যা ভোজন করা যায়] বিণ, ভুক্ত : ভক্ষিত। ২ বি, ওদন ; ভাত। "আয়ী গো চিন্তে নার গোটা দুই অ০ বাড়।"-ছড়া। ৩ প্রধান ভোজ্য দ্রব্য। ৪ ভুক্ত বা ভক্ষিত দ্রব্য। ৫ অক্ত দ্রঃ। বিণ, আন্ন [অন্ন+ক (সম্বন্ধে ই০) অন্ন সম্বন্ধীয় বা ঘটিত] ~**কষ্ট**, বি, অন্নাভাবে ক্লেশ ; দুর্ভিক্ষ। বিণ, ~**কষ্টিআ**, ~**কষ্টে**, ~**কোষ্টে**, ~**কোষ্টা**-দুর্ভিক্ষপীড়িত। ~**কূট**, ~**কোট**-বি, অন্নের পাহাড় বা স্তূপ। ~**কোষ্ঠক**-বি, তণ্ডুলাদি রক্ষা করিবার গৃহ ; গোলা। ~**কোষ্ঠে**, ~**কোষ্ঠা** [অন্নকষ্ট-ই আ > প্রাদে০] বিণ, অন্নদানে কাতর ; অন্নদান- বিমুখ। ২ অন্নাভাবে কাতর বা কৃশ। "খুঁজিতে খুঁজিতে বন্দীর বুকে পড়ে পা। অন্ন- কোষ্ঠা বন্দী ছাড়ে বিপরীত রা।"-কবিক০। ~**ক্ষেত্র** -বি, অন্নসত্র ; অন্নকূট। ~**গর্ত্ত**-বিণ, অন্নসহায় ; অন্নে রক্ষিত ; অন্নের উপর নির্ভরশীল। ~**গর্ত্তপ্রাণ**-বি, যে প্রাণ অন্নাভাবে বাঁচে না। ২ [অন্নগত হইয়াছে প্রাণ যার-বহু০] বিণ, যে ব্যক্তির প্রাণ অন্নাভাবে থাকে না। "কলিকালে মানবের অন্নগতপ্রাণ, কেবল উদরের চিন্তা।" ~**গন্ধি**-বি, উদরাময় ; পেটের ব্যারাম। ~**ছত্র** [সং-অন্নসত্র > ভং। গ্রা০-অন্নছত্তর] বি, অন্নদানরূপ যজ্ঞ বা ব্রত ; অন্নশালা ; যথায় অন্নার্থীদিগকে অন্ন দেওয়া হয়। ~**জ**-বিণ, অন্ন হতে উৎপন্ন। ~**জল** [তুল-হিং দানাপানী। বাং ঘাস জল] বি, ক্ষুধায় অন্ন ও তৃষ্ণার বারি। ~**দ** [অন্ন (ভোজ্য)-দ (দা-দান করা) +ড (র্ত্তৃ)] বিণ, যিনি অন্নদান করেন। স্ত্রীং ~**দা**-বি, ভগবতী ; অন্নপূর্ণা। প্র-অন্নদামঙ্গল। ২ বিণ, অন্নদাত্রী ; অন্নদায়িনী। "ভিক্ষা দেহ, রঘুবধূ, (অন্নদা এ বনে তুমি!) ক্ষুধার্ত্ত অতিথে !"-মেঘ০। ~**দাতা** [অন্ন-দাতা] বিণ, যিনি অন্নদান করেন ; প্রতিপালক। স্ত্রীং ~**দাত্রী**। ~**দান**-বি, অন্ন বিতরণ। ~**দাস**-বিণ, যে অন্নের জন্য পরের দাসত্ব করে ; ভাতুড়িয়া। "আমার ছেলে গিয়ে ওঁর বাবুর অ০ হবে।" ~**নালী**-বি, যে নালী বাহিয়া খাদ্য দ্রব্য মুখ হতে পাকস্থলীতে নীত হয় the gullet. ~**পাক** [অন্নের পাক] বি, ভাত রাঁধা। ~**পূর্ণ** [অন্নদ্বারা পূর্ণ -৩ তৎ] বিণ, প্রচুর অন্নযুক্ত। স্ত্রীং ~**া** [তুল-ল্যা০ Anna Perona, Anna Perenna —Lempriere's Classical Dictionary]

বি, জগন্মাতার জগৎপালিকা মূর্ত্তি (ব্রহ্মরূপ অন্ন ধাতুর উৎপত্তির মূল আদ্যাশক্তি বা মূল প্রকৃতির নাম অন্ন, এই অন্নদ্বারা যিনি চতুর্দ্দশ ভুবন পূর্ণ করেন)। ২ স্ত্রীলোকের সাধারণ নাম মন্ত্র। ~প্রাশন [অন্নের-প্রাশন (ভোজন) ৬ তৎ, তুল-ওদন-প্রাশন (কবিক০)] বি, জাত বালকের প্রথম অন্নাহাররূপ সংস্কারবিঃ ; অন্নারম্ভ। ~বর্জ্জন-বি, আহার ত্যাগ। ~বহনালী-বি, অন্ননালী (দ্রঃ) alimentary canal. ~বিকার-বি, অন্নের ভুক্তাবশেষে রূপান্তরিত দশা।২ বিষ্ঠা।৩ শুক্র।~বিসর্জ্জন-বি, অন্নত্যাগ। ~ব্যঞ্জন [অন্ন এবং ব্যঞ্জন-দ্বন্দ্ব০] বি, ভাত ও তরকারী। ~ব্রহ্ম-বি, অন্নরূপী ব্রহ্ম। ~ভোক্তা-বিণ, যার পক্ব অন্ন খাওয়া যাইতে পারে ; যার সহিত একত্র বসিয়া অন্ন আহার করা চলে ; পংক্তিভোজী ; কুটুম্ব। ২ অন্ন ভোজনকারী। স্ত্রীং ~ভোক্ত্রী। ~ভোজী-বিণ, অন্নভোজনকারী। ২ পংক্তি ভোজী। স্ত্রীং ~ভোজিনী। ~ময়-বিণ, অন্নে পূর্ণ। ২ অন্নে গঠিত। ~ময়কোষ-বি, অন্নদ্বারা রক্ষিত কোষ। ২ [বেদান্তে] স্থূল শরীর। ~মল-বি, মদ ; মদ্য। ২ পুরীষ। ~রস-বি, ভুক্ত দ্রব্যের সারাংশ হতে উদ্ভুত এক প্রকার দুগ্ধবৎ রস chyle. ~লিপ্সা-বি, ক্ষুধা। বিণ, ~লিপ্সু। ~শালা [তুল-ভাতশালা (কবিক০)] বি, অন্নসত্র। ~শেষ-বি, ভুক্তাবশেষ। ~সংস্থান-বি, খাদ্য দ্রব্যের সংগ্রহ। ২ জীবিকার উপায়। ~সত্র-বি, অন্নযজ্ঞ ; সদাব্রত। ২ অন্নশালা। ~হীন [অন্নের দ্বারা হীন-৩ তৎ] বিণ, নিরন্ন। ২ ভিক্ষুক। ৩ উপবাসী।

অন্নাচ্ছাদন [অন্ন এবং আচ্ছাদন-দ্বন্দ্ব০] বি, অন্নবস্ত্র ; ভাত-কাপড়।

অন্নাদ [অন্ন+অদ্ (ভক্ষণে)+অ (র্ত্তৃ)] বিণ, অন্নভোজী।

অন্নাভাব [অন্নের অভাব-৬ তৎ] বি, অন্ন না থাকা ; অন্নকষ্ট।

অন্নার্জ্জন [অন্ন+অর্জ্জন] বি, অন্নসংস্থান। "সহস্র সহস্র ভারতবাসীর অ০ উপায় করিয়া দিতে,"-আ০ শক্তি, ১৩৩১।

অন্না/র্থী [অন্ন+অর্থী (যাচক)] বিণ, অন্নের যাচক। স্ত্রীং ~র্থিনী।

অন্নাহার [অন্ন+আহার] বি, অন্নভোজন। ~ী-বিণ, অন্নভোজী।

অন্য [অতি প্রা০ বাং-অণ, অণা, অণ্ন, অণ্য, অন, অন্ন, আণ (বৌ০ গা০ ও দো০) ; পরবর্ত্তী সময়ের বাং আন (শ্রী০ কী০) ; ব্রজ০ ও বৈ০ সা০ অনি। "অন্ন বা কোই:" ন অণামিতি (অনন্ত) : "অন উপায়ে" "অন্ধ বিরুদ্ধ" ই০-বৌ০ গান ও দো০] বি, ভিন্ন, অপর। ২ ব্যতীত ; ছাড়া। ৩ সদৃশ। স্ত্রীং ~া। ~অন্য [বিভক্ত বহুলতা অর্থে দ্বিত্ব] ভিন্ন ভিন্ন ; অপর ; প্রত্যেকগুলি ; অপরাপর ; আর আর [অন্যান্য দ্রঃ] ~কৃত-বিণ, অপরের দ্বারা অনুষ্ঠিত। ~গত-বিণ, অন্যদীয়। ২ অপরের উপর সম্পূর্ণ নির্ভরশীল ; অন্যরক্ষিত। ~গতপ্রাণ [অন্যগত হইয়াছে প্রাণ যার-বহু০] বিণ, যার প্রাণ অন্যকে দিয়াছে ; যে বাঁচিলে বাঁচে, মরিলে মরে এতাদৃশ। ~গামী-বিণ, ব্যভিচারী adulterer. বি, লম্পট। ~গামিনী-কুলটা adulteress. অন্যে পরে কা কথা-অন্যের কথা কি ; অন্যের তো কোন কথাই নাই ; একথা অন্যের পক্ষে ত খাটিবেই। "যখন নারায়ণের অংশাবতার ভগবান্ বাদরায়ণকেই অভিভূত করিয়াছিল, তখন অ০ প০ কা ক০।"

অন্যৎ-অ, অন্য ; অপর। ~পুষ্ট [অন্যপুষ্ট দ্রঃ] বি, পরভৃৎ। "অন্যৎপুষ্ট কোকিলের মত,"-আ০ শক্তি, ১৩৩৪

অন্যত, -তঃ [অন্য শব্দের পর ৫মী বা ৭মী স্থানে তস্। অন্য+তস্=অন্যতঃ, বাং-য় বিসর্গান্ত ও বিসর্গহীন উভয়ই দেখা যায়] অ, অন্য হইতে ; অন্য স্থানে ; অন্যত্র।

অন্যতম (-ম)[অন্য+তম (বহুর মধ্যে এক)] বিণ, একজন ; বহুর মধ্যে একজন। ~তর (-র-) [অন্য+তর (দুইয়ের মধ্যে এক)] বিণ, উভয়ের মধ্যে একজন ; দুইয়ের মধ্যে একটী ; অন্যটী [তুল-গ্রী০-heteros. ল্যা০-aeter. ই০-another]।

অন্যত্র [অন্য+ত্র (৭মী স্থানে ত্র)] অ, অন্য স্থানে ; অন্য বিষয়ে ; অপরত্র ; আর এক ক্ষেত্রে বা স্থানে।

অন্যন্তর [অন্যত্র > , ভ্রং] অ, অন্য স্থানে ; অপরের নিকট। "আপন আপন স্থানে করেন শ্রবণ॥ অন্যন্তরে স্ফূরতি নাহি করা এই ধ্বনি,"-প্রেম বিলাস (যুগল কিশোর)।

অন্যথা [অন্য+থা (প্রকারার্থে)] বিণ, অন্যরূপ ; ভিন্নরূপ। "এই চিরপরিচিত সাংসারিক নিয়মের কোনও কালে, অন্যথাভাব দেখিতে পাওয়া যায় না।"-বি০ সা০। ২ বিপরীত ; উল্টা ; বিরুদ্ধ। "বৎস! কল্য প্রভাতেই মদীয় আদেশের অনুযায়ী কার্য্য করিবে, কোন মতে অ০ করিবে না।"-বি০ সা০। ৩ অ, নতুবা। ~করণ-বি, অন্যরূপ করা। ২ লঙ্ঘন করা। ~কারী-যে অ০ করে। ২ অবাধ্য। ~চরণ, ~চার [অন্যথা (অন্য প্রকার)+আচরণ, আচার (ব্যবহার) ধা] বি, বিপরীত ব্যবহার ; প্রতিকূলাচরণ ; অবাধ্যতা। ~চরণকারী-বি, যে বিপরীত ব্যবহার করে ; লঙ্ঘনকারী। স্ত্রীং ~চারিণী। ~বাদ-বি, বিপরীত মত কথা। ~বাদী-বিণ, যে অন্যরূপ বলে। স্ত্রীং ~বাদিনী। ~ভাব-বি, ভাবান্তর। ~সিদ্ধি-বি, অন্য প্রকারে সিদ্ধি, যে রূপ সম্ভাবনা করা যায় না তদ্রূপ কর্ম্মের উৎপত্তি। [ন্যায়] হেতুর দোষ ; হেত্বাভাস বিঃ ; কার্য্যের পূর্ব্ববর্ত্তী হইয়াও কার্য্যের উৎপাদক না হওয়াতে তাকেই অন্যথাসিদ্ধি বলে।

অন্যদা [অন্য+দা (কালার্থে)] অ, সময়ান্তরে ; অন্যসময়ে।

অন্যদীয় [অন্যদ্+ঈয় (সম্বন্ধার্থে) বিণ, অন্য সম্বন্ধীয় ; অপরের।

অন্য/দেশ-বি, বিদেশ। ~দেশী, ~দেশীয়-বিণ, বিদেশীয়। ~ধর্ম্ম-বি, ধর্ম্মান্তর। ~ধর্ম্মান্বেষী-বিণ, পরধর্ম্ম-জিজ্ঞাসু। ~ধর্ম্মাবলম্বন-বি, বিণ, ~ধর্ম্মাবলম্বী, ~ধর্ম্মাশ্রয়ী।

অন্যপুষ্ট [অন্য (কর্ত্তৃক) পুষ্ট (পালিত) ৩ তৎ] বি, কোকিল ; কাকপালিত ; পরভৃৎ। স্ত্রীং ~া-কোকিলা। ~পূর্ব্ব-বিণ, পূর্ব্বে যা অন্যের ছিল। স্ত্রীং ~া।

অন্যপূর্ব্বা বি. যে কন্যা বাগ্‌দানাদিদ্বারা পূর্ব্বে অন্যদীয়া হইয়াছিল, কোন কারণে যদি সেই বর ঐ কন্যার পতি না হয় তবে তাকে অন্যপূর্ব্বা বলে। **~গ্রহি**-বি, অন্য পূর্ব্বার পাণিগ্রহণ। **~গ্রহী, গ্রাহী**-অং বিবাহকারী।

অন্যবর্দ্ধিত-বিণ, অপরের দ্বারা পুষ্ট।

অন্যবাদী-অন্যথাবাদী (দ্রঃ)। ২ যার কথার স্থিরতা বা ঠিক নাই।

অন্যবিধ [অন্য হইয়াছে বিধা (প্রকার) যার-বহং] বিণ, অপরপ্রকার · আর এক রকম ; ভিন্নরূপ।

অন্যভৃৎ [অন্য-ভৃ+ক্বিপ, (র্ত্তৃ)-যে অন্যকে পোষণ করে] বি, কাক ; বায়স।

অন্যভৃত [অন্য কর্ত্তৃক ভৃত (পালিত) ৩তৎ] বি,কোকিল। ২ বিণ, অন্যবা অপরের দ্বারা পুষ্ট ; পরপালিত। স্ত্রীং ~া।

অন্যমত [অন্য যে মত (অভিপ্রায়) ধা] বি, ভিন্নমত ; মতান্তর। ২ [অন্যমতি। অন্য (অন্যপ্রকার) মত, মতি,যার-বহং] বিণ, যার অভিপ্রায় অন্যরূপ। ৩ অন্যবিধ ; স্বতন্ত্র প্রকার। ক্রি-বিণ, **অন্যমতে**-মতান্তরে।

অন্যমনস্ক [অন্য (অন্যবিষয়ে) মনঃ যার-সমাসে ক-বহং] বিণ, যার মন অন্য বিষয়ে নিবিষ্ট; অন্যমনা। স্ত্রীং ~া। বি, ~**তা**-চিত্তচাঞ্চল্য।

অন্যমনা, অন্যমনাঃ [অন্য (অন্যবিষয়ে) মনঃ যার-বহং, অন্যমনস্ শব্দ ১মা ১বং, বাং চং-আনমনা] বিণ, অনাসক্তচিত্ত। ২ অন্যমনস্ক।

অন্যসাপেক্ষ [তর্ক বিজ্ঞাং পরিঃ] বি, যেখানে এক নামের উল্লেখে অন্য নামের ধারণা থাকা চাই, যেমন বাঁকা বলিলে সোজা কি? তার ধারণা থাকা চাই বা এক নাম হইলে অন্য নাম মনে হয় relative.

অন্যাদৃক্, অন্যাদৃশ [অন্য-দৃশ্ (দর্শন করা)+ক্বিপ্, অ (র্ম্ম)-অন্য=অন্যা, দৃশ্=দৃক্, যাকে অন্যের ন্যায় দেখা যায়] বিণ, অন্যপ্রকার ; ভিন্ন আকার।

অন্যাধীন [অন্য+অধীন] বিণ, পরবশ।

অন্যান্তর [অন্য-অন্তর (ব্যবধান) যার-বহং] বি, অন্যস্থান ; অন্যত্র। "সেই স্থান ছাড়ি গৌরী যান অং।"-কবিকং। ২ অন্য নায়িকায় আসক্ত। "ষট্‌পদ মধুকর নিরন্তর অং।" -নিধুবাবু।

অন্যান্য [অন্য অন্য-দ্বন্দ্বং] বিণ, ভিন্ন ভিন্ন ; অপরাপর।

অন্যায় [ন=অ, ন্যায়-নঞ্] বি, অবিচার, অনৌচিত্য। ২ বিণ, ন্যায় বিরুদ্ধ ; অকর্ত্তব্য ; অনুচিত ; অন্যায্য। **অন্যায়ত, অন্যায়তঃ** [অন্যায়+তস্] অ, অন্যায়রূপে; অন্যায়পূর্ব্বক।

অন্যায়া/চরণ-বি, ন্যায় বিরুদ্ধ ব্যবহার। ২ [অন্যায় আচরণ যার-বহং] বিণ, বিরুদ্ধাচারী। **~চারী**-ন্যায়বিরুদ্ধ বা অনুচিত ব্যবহারকারী ; অবিচারকারী।

অন্যায়োপজীবী [অন্যায় (কর্ম্মদ্বারা) উপজীবী] বিণ, অন্যায় কার্য্যদ্বারা জীবিকা নির্ব্বাহকারী ; অসদ্বৃত্তিজীবী।

অন্যায্য [ন=অ=নায্য (ন্যায়+য, ভাং) নঞ্] বিণ, ন্যায়ানুমোদিত নহে ; অনুচিত ; ন্যায়বিরুদ্ধ। ২ অযোগ্য।

অন্যাস/ক্ত [অন্য+আসক্ত] বিণ, অন্যের প্রতি আসক্ত। স্ত্রীং ~ক্তা। বি, ~ক্তি।

অন্যূন (-ন) [ন=অ-ন্যূন-নঞ্] বিণ, ন্যূন নহে : কম নহে। ২ সম্পূর্ণ ; সমস্ত।

অন্যোন্য, অন্যোঽন্য [অন্যঃ+অন্য] বিণ, পরস্পর। "অন্যোঽন্যে সভার বদন সভে চায়।"-চৈং ভাং। ২ বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ ; দুই পদার্থ পরস্পর এক জাতীয় ক্রিয়ার প্রতি কারণরূপে বর্ণিত হইলে যে বৈচিত্র্য জন্মে তা অং হয়।-কাব্যদর্পণ। যথা-"কৃষ্ণ কণ্ঠ শোভে যথা গুঞ্জার মালায়, সেইরূপ গুঞ্জা শোভে কৃষ্ণের গলায়।" **~বিরোধী** [অন্যোঽন্য-বিরোধী-৬ তৎ] বিণ, পরস্পর বিরোধী বা অনিষ্টাকাঙ্ক্ষী। বি, **~বিরোধ**। **~ভেদ**-পরস্পরের মধ্যে বিভিন্নতা; বিরোধ; শত্রুতা। **~সাপেক্ষ** [তর্কং বিজ্ঞাং পরিঃ। অন্য সাপেক্ষ দ্রঃ] বি, যে সকল নামদ্বারা তাদের স্ব স্ব অর্থ ব্যতীত অন্য বিশেষ অর্থের কথা মনে করিতে হয়। যেমন, পিতার নাম দ্বারা সন্তানের কথা ও সন্তান নাম করিলে পিতার কথা মনে করিতে হয়, তবেই পিতা ও সন্তান শব্দের ধারণা বা অর্থবোধ হয় correlative.

অন্যোন্যা/ভাব [অন্যোন্য+অভাব-৬তৎ] বি, পরস্পরের অভাব। **~শ্রয়** [অন্যোন্য+আশ্রয়] বি, পরস্পর সাপেক্ষ। ২ তর্কদোষ বিঃ ; একের জ্ঞানাভাবে যথায় অন্যের জ্ঞান হয় না তথায় এই দোষ হয়।

অন্ববসর্গ [অনু+অব+সৃজ্+অ (ভাং) জ্=গ] বি, স্বৈর প্রবৃত্তি : যথেচ্ছাচার প্রবণতা।

অন্ববায় [অনু-অব=অন্বব-ই (গমন করা)+অ (ভাং)] বি, বংশানুবর্ত্তন ; পুরুষ : বংশ ; গোত্র ; কুল।

অন্বয় [অনু+ই (গমন করা)+অ (ভাং) বি, অনুবৃত্তি। ২ বাক্যের মধ্যে কর্ত্তা কর্ম্ম ক্রিয়াদি পদের পরস্পর সম্বন্ধ sequence. ৩ সরল গদ্যে পরিণতি ; সরল অর্থ নির্ণয়। ৪ বংশ ; কুল ; গোত্র। ৫ সন্তান। ৬ আদি পুরুষ। ৭ সম্পর্ক ; সম্বন্ধ। ৮ ক্রম : ধারা। ৯ বিদ্যমানতা। ক্রি, অং **করা**।

অন্বয়জ্ঞ [অন্বয়+জ্ঞ] বিণ, যে অন্বয় করিতে জানে। ২ কুলতত্ত্বজ্ঞ।

অন্বয়যোজনা [ব্যাং] বি,বাক্যস্থপদের পরস্পর সম্বন্ধ নির্ণয় parsing.

অন্বয়ব্যতিরেক [অন্বয় (একের অস্তিত্বে অন্যের অস্তিত্ব বা একটা হইলে অন্যটা হয় এইরূপ সম্বন্ধ) এবং ব্যতিরেক (তদ্বিপরীত-একটা না হইলে আর একটা হয় না এইরূপ বিপরীত যুক্তি)-দ্বন্দ্বং] বি, তৎসত্ত্বে তৎসত্তা এবং তৎ অসত্ত্বে তৎ অসত্তা এইরূপ যুক্তিপ্রদর্শন পূর্ব্বক সাধ্যসাধন রূপ ন্যায় (in logic) methods of concomitance and separation, agreemnt and difference.—*Ganguli.* **~ী** [ব্যতিরেকী দ্রঃ] বি, অং সম্বলিত ন্যায়ের বাক্য।

অন্বয়বোধ-বি, অন্বয় যোজনা ও তার জ্ঞান।

অন্বয়ী [অন্বয় দ্রঃ] বিণ, অন্বয়যুক্ত। ২ সম্বন্ধিত। ৩ [তর্ক বিজ্ঞাং অন্বয়ি ৬ং] যে বাক্যে উদ্দেশ্যের সহিত বিধেয়ের অন্বয় করা হয় affirmative (বিপরীত-ব্যতিরেকি

negative) "অন্বয়ি বাক্য দ্বারা দুইটী পদার্থের মধ্যে সরূপতা বা মিল প্রকাশ করা হয়, ব্যতিরেকি বাক্যদ্বারা বিরূপতা বা অমিল প্রকাশ করা হয়।"-তং বিং (সিংহ)।

অন্বর্থ [অনু (অনুগত) অর্থ যার বা যাতে-বহু০] বিণ, প্রকৃত অর্থযুক্ত ; যথার্থ ; সঙ্গত অর্থানুগত। "হা বিধাতঃ! এতদিনের পর তুমি আমার দুর্মুখ নাম অং করিয়া দিলে।"-বিং সাং।

অন্বষ্টকা [অনু (পশ্চাৎ) অষ্টকা] বি, সাগ্নিকদিকের মাতৃকাশ্রাদ্ধ দিবস ; আশ্বিন-পৌষ-মাঘ-ফাল্গুনীয় কৃষ্ণা নবমী তিথি।

অন্বহ [অনু (বীপ্সার্থে) + অহ] অ, প্রত্যহ অনুদিন ; প্রতিদিন। ২ [তুল-সং অহনি অহনি] দিন দিন ; দিনের পর দিন। বিণ, আন্বাহিক (দ্রঃ)।

অন্বাচয় [অনু (সহিত)-আ-চি (চয়ন করা) + অ (ভাং)] বি, একটী উদ্দেশ্য সিদ্ধি করিতে যাইয়া অন্য আর একটা অনুদ্দেশ্য বিষয়ের সিদ্ধি ; আনুষঙ্গিক।

অন্বাধেয় [অনু (সঙ্গে বা পরে) আধেয় (স্থাপ্য)-বিবাহের সঙ্গে সঙ্গে বা পশ্চাৎ দেয় বা গ্রহণীয়] বি, বিবাহের সময় বা পরে লব্ধ স্ত্রীধন wife's dowry,

অন্বাসন [অনু-আস্ (উপবেশনে) + অন (ভাং)] বি, অনুশোচনা। ২ উপাসনা। ৩ [ধি-অন] শিল্পাগার। ৪ [র্ম্ম-অন] স্নেহদ্রব্য।

অন্বাসিত [অনু (পশ্চাৎ) আসিত (আস্ =উপবেশন করা-ত, র্ম্ম)] বিণ, পশ্চাদুপবিষ্ট। ২ পূজিত ; সেবিত ; আরাধিত।

অন্বাহার্য্য [অনু + আহার্য্য] বি, পিতৃগণের মাসিক শ্রাদ্ধ।

অন্বাহিত [অনু-আহিত (আ-ধা=ধারণে +ত (র্ম্ম)। ধা=হি) ন্যস্ত] বিণ, পুনর্গচ্ছিত ; একজনের নিকট হতে পুনরায় অন্যজনের নিকট গচ্ছিত বা ন্যস্ত রাখা।

অন্বিত [অনু-ই (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, মিলিত ; সম্বদ্ধ ; যুক্ত ; সংলগ্ন। ২ অন্বয় বিশিষ্ট। ৩ যার অন্বয় করা হইয়াছে।

অন্বিষ্ট [অনু-ইষ্ (ইচ্ছা করা) + ত(র্ম্ম)] বিণ, যাকে অন্বেষণ করা হইয়াছে ; কৃতান্বেষণ। ২ বাঞ্ছিত ; আকাঙ্ক্ষিত।

অন্বীক্ষণ [অনু-ঈক্ষ্ (দর্শনে) + অন (ভাং)] বি, পশ্চাৎ দর্শন ; অন্বেষণ।

অন্বীক্ষা [অনু-ঈক্ষ্ + অ (ভাং) স্ত্রীং-আ] বি, দর্শন। ২ বেদ বাক্য শ্রবণানন্তর তদর্থ পর্য্যালোচনা। ৩ অনুমান।

অন্বেষক [অনু-ইষ্ (ইচ্ছাকরা) + অক-র্ত্তৃ] বিণ, যে অনুসন্ধান করে ; অনুসন্ধায়ী।

অন্বেষী [অনু + ইষ্ + ণিন্ (র্ত্তৃ)] বিণ, যে অন্বেষণ করে।

অন্বেষ//ণ [অনু-ইষ্ + অন (ভাং)] বি, অনুসন্ধান ; গবেষণা। ২ আকাঙ্ক্ষা। স্ত্রী ~ণা [অনু + এষণা] বি, তর্কাদিদ্বারা যথার্থ ধর্ম্মের অন্বেষণ। ~ণীয় [অনু-ইষ্ + অনীয় (র্ম্ম)] বিণ, যার অনুসন্ধান করা আবশ্যক বা উচিত ; অনুসন্ধেয়। বিণ, অন্বেষিত (অনু + এষিত) বিণ, যাকে অনুসন্ধান করা গিয়াছে ; অন্বিষ্ট ; অনুসন্ধাত ; গবেষিত।

অন্বেষ্টব্য [অনু-ইষ্ + তব্য (র্ম্ম)] বিণ, অন্বেষণীয় ; অন্বেষণের যোগ্য।

অন্বেষ্টা [মূং-অন্বেষ্টৃ ১মাং ১বং] বিণ, যে অনুসন্ধান করে ; অন্বেষক। স্ত্রীং অন্বেষ্ট্রী।

অপ্, অপ [আপ্ (পাওয়া) + ক্বিপ্-আ =অ বা আপ্ (ব্যাপ্তি, বেষ্টন করা) + ক্বিপ্ (র্ত্তৃ) যে পৃথিবীকে বেষ্টন করিয়াছে। তুল-Austrian—অপা=জল। বৌং সাং অপে (চং ৪১।৩)] বি, জল ; সলিল ; উদক। "হৃদয় বায়ু বহ্নি অপ তারে দিল স্থূল।"-কবিকং।

অপচ [অপচয় > প্রাং-দ্রুত উচ্চারণে] বি, অপচয় ; নষ্ট। "বৃকোদর বলে বেটার বড় না দেখি ত্বরা। অপচ করে এমন কথা দিন লেগেছে পারা॥"-শিং।

অপ [ন=অ-পা (রক্ষা করা) + অ (র্ত্তৃ) -যে নিজের প্রকৃতিগত অর্থ রক্ষা করে না] অ, উপসর্গ। ২ স্থানান্তর। প্র-অপায়। ৩ কুৎসিত। প্র-অপবাদ ; অপহসিত। ৪ বিরুদ্ধ ; প্রতিকূল। প্র-অপগত ; অপলাপ ; অপসব্য। ৫ অপগত। প্র-অপার্থ। ৬ রহিত ; বর্জ্জিত। প্র-অপব্যয়। ৭ বর্জ্জন ত্যাগ। ৮ মন্দ। প্র-অপকর্ম্ম। ৯ বৈপরীত্য। প্র-অপমান। ১০। বিয়োগ। প্র-অপদার্থ। ১১ অধোদেশ। প্র-অপান। ১২ চৌর্য্য। প্র-অপহরণ। ১৩। অপকৃষ্ট। প্র-অপমৃত্যু। ~কর্ত্তা-অপকারক। ২ দুষ্কর্ম্মা।

অপকর্ম্ম [অপ (মন্দ) কর্ম্ম-অব্যয়ীং] বি, কুকর্ম্ম ; দুষ্কৃতি। ~া-বিণ, দুষ্কর্ম্মান্বিত ; কুক্রিয়াসক্ত।

অপকর্ষ [অপ (অধম) কৃষ্ (কর্ষণ করা) + অ (ভাং)] বি, হীনতা ; অপকৃষ্টতা, অপ্রধানতা ; অনুৎকর্ষ। ২ [অপ্ (নিম্ন) কর্ষ] নিম্নে বা অধোদেশে আকর্ষণ।

অপকলঙ্ক [অপ-কলঙ্ক] বি, অমূলক কলঙ্ক ; মিথ্যা অপবাদ।

অপকার-বি, উপকারের বিপরীত ; অনিষ্ট। ~ী- অপকর্ত্তা।

অপকারক-বিণ, যে অপকার করে ; অপকারী ; ক্ষতিকারক ; অনিষ্টকারী।

অপকারা//র্থী-বি, অহিতাকাঙ্ক্ষী। স্ত্রীং ~র্থিনী।

অপকা//রী [অপ-কারী (কৃ + ণিন্) =কারিন্ ১মাং ১বং] বিণ, অনিষ্টকারী ; মন্দকারক ; অহিতজনক। স্ত্রীং ~রিণী। বি, ~রিতা।

অপকীর্ত্তি [অপ (অপগত, মন্দ) কীর্ত্তি (যশঃ, নাম)] বি, অযশঃ ; দুর্নাম ; নিন্দা ; কু-কীর্ত্তি। "লোকে অপকীর্ত্তি, জগতে দুর্বৃত্তি সব পুত্র হ'তে হইল॥"-মহাং (কাশী)।

অপকৃত [অপ-কৃ + ত (র্ম্ম)] বিণ, যার অপকার করা হইয়াছে ; ক্ষতিগ্রস্ত। ২ [ভাং ত] বি, অনিষ্ট।

অপকৃতি-বি, দুষ্কৃতি ; ২ অনিষ্ট।

অপকৃষ্ট [অপ-কৃষ্ + ত (র্ম্ম)] বিণ, নিকৃষ্ট ; অধম ; নীচ ; জঘন্য। ২ অপনীত। নিম্নাকৃষ্ট।

অপক্রম [অপ-ক্রম্ (গমন করা) অ (ভাং)] বি, একস্থান হতে স্থানান্তরে গমন। ২ প্রস্থান ; পলায়ন।

অপক্রমণ [অপ-ক্রম্ + অন (ভাং)] বি, প্রস্থান ; পলায়ন।

অপক্রান্ত [অপ-ক্রম্ + ত (র্ম্ম)] বিণ অপসৃত ; পলায়িত।

অপক্রিয়া-বি, অপকৃতি ; অপকর্ম।

অপক্রোশ [অপ-ক্রুশ্ (চীৎকার করা) +অ (ভা॰)] বি, নিন্দা। ২ তিরস্কার।

অপক্ব [ন=অ-পক্ব] বিণ, কাঁচা। ২ অসিদ্ধ।

অপক্ষ/পাত [ন=অ-পক্ষ-পাত] বি, পক্ষপাতের অভাব ; অসহায়তা। ২ যথার্থবাদ ; সুবিচার ; ন্যায়কারিতা। ~পাতী-বিণ, নিরপেক্ষ। ২ ন্যায়কারী। বিণ, যে কোন পক্ষের অন্যায় সমর্থন করে না ; যথার্থবাদী ; ন্যায়দর্শী। বিণ, ~পাতিতা, ~পাতিত্ব।

অপক্ষেপ [অপ-ক্ষিপ্+অ (ভা॰)] বি, প্রত্যাখ্যান ; অগ্রাহ্যকরণ। বিণ, অপক্ষেপ্য।

অপগত [অপ-গত (গম্+ত, র্ত্তৃ)-যে স্থানান্তরে গিয়াছে] বিণ, গত ; পলায়িত ; অপসৃত। ২ দূরিত। ৩ মৃত। ৪ রহিত।

অপগম, -মন [অপ-গম্+অ, অন (ভা॰)] বি. পলায়ন ; প্রস্থান ; অপসরণ। ২ বিনাশ।

অপগা [অপ্ (নিম্ন কিম্বা জল)+অ (বিদ্যমানার্থে)+আ-স্ত্রীং] বি, যে নিম্নদিকে বা সমুদ্রে গমন করে ; নদী ; স্রোতোবহা। ২ বিণ, নিম্নগামিনী ; সমুদ্রগামিনী।

অপগ্রহ [অপ (প্রতিকূল) গ্রহ] বি, বিরুদ্ধগ্রহ ; প্রতিকূল গ্রহ।

অপঘন [অপ-হন্ (নাশ করা)+অ (র্ম্ম); হ=ঘ] বি, যা বিনষ্ট হয় > অঙ্গ ; দেহ। ২ [অপ (অপগত) হইয়াছে ঘন (মেঘ) যে সময়ে] শরৎ কাল। ৩ বিণ, মেঘমুক্ত।

অপঘা/ত [অপ-হন্+অ (ভা॰) হন্=ঘাত] বি,ব্যাধি ব্যতিরেকে কোন আকস্মিক কারণে মৃত্যু ; হঠাৎ মৃত্যু ; অপকৃষ্ট মৃত্যু ; অপমৃত্যু। ~তক-বিণ, অপঘাতকারী। ~তী-বিণ, অপহত্যাকারী।

অপঘৃণ [অপ (অপগত) ঘৃণা, (করুণা বা লজ্জা) যার-বহুং] বিণ, অকরুণ ; নির্দয়। ২ নির্লজ্জ।

অপচয় [প্রাদেং, প্রা॰-অপচ। অপ (বিপরীত) চি (চয়ন করা)+অ (ভা॰)। প্রা॰-অপচি] বি, ক্ষতি ; হ্রাস। ২ অপব্যয়।

অপচায়িত [অপ-চায় (পূজা করা)+ত (র্ম্ম)] বিণ, পূজিত। ২ শাণিত [অপ্রং] ৩ [অপ-চি-ণিচ্=চায়ি+ত (র্ম্ম)] অপব্যয়িত।

অপচার, অবিচার-বিণ, অজীর্ণ ; অপরিপাক ; বদহজম। ২ স্বধর্ম্ম ব্যতিক্রম।

অপচি [সুশ্রুত] বি, গণ্ডমালা scrofula.

অপচি/কীর্ষা [অপ-কৃ+সন(ইচ্ছার্থে) =চিকীর্ষা] বি, অপকার করিবার বাসনা ; মন্দ করিবার ইচ্ছা। বিণ,~কীর্ষু-অমঙ্গলেচ্ছু ; অনিষ্টাভিলাষী।

অপচিত-বিণ, অপব্যয়িত ; নষ্ট। ২ ক্ষয়প্রাপ্ত ; ক্ষীণ। ৩ পূজিত [অপ্রং] বি, অপচিতি।

অপচী [সুশ্রুত] বি, চর্ম্মে বেগুনি রঙের পীড়কা ও কালিমাযুক্ত দন্তের রক্তস্রাবশীলতা লক্ষণযুক্ত রোগ scurvey.

অপচীয়মান-বিণ, যার অপচয় হইতেছে ; ক্ষীয়মাণ।

অপচেতা-বিণ, অপচয়কারী spendthrift.

অপচ্ছরা [অপ্সরাদ্রঃ। দ্রং] বি,অপ্সরা ; সুর সুন্দরী। "সহস্রেক নারী মধ্যে রূপে অং।"-মহা॰ (শ্রীকরণ)।

অপচ্ছায় [প্রা॰-আব ছায়া। অপ (অপগত) হইয়াছে, ছায়া যার-বহুং] বিণ, ছায়াশূন্য। স্ত্রীং ~া।

অপচ্ছায়া [অপ+ছায়া। প্রা॰-আব-ছায়া] বি, আবছায়া ; বিকৃতছায়া ; অস্পষ্ট প্রকাশ ; ভূত পেত্নীর ছায়াময় শরীর ; অনিষ্টকর ছায়া।

অপজয় [অপ (বিরুদ্ধ)-জি (জয় করা) +অ (ভা॰)] বি, পরাজয় ; পরাভব।

অপণ্য-বিণ, যা পণ্যের মধ্যে গণ্যই নয়। ২ অবিক্রেয়। স্ত্রীং ~া।

অপজাতি [অপ (অপগত গুণ, হীন, ভ্রষ্ট ইং) জাতি (কুল, বংশ)] বি, হীন বা নষ্ট কুল। অপকৃষ্টজাতি ; মূল গুণ ভ্রষ্ট জাতি। বিণ, অপজাত]জীব- বিজ্ঞা॰। রবী॰ ঠাকুর কর্তৃক উদ্ভাবিত। মূল গুণ ভ্রষ্ট ; সদ্গুণচ্যুত ; অপকৃষ্টাবস্থাপ্রাপ্ত ; যে পূর্ব্ববংশ সুলভ গুণ বা উৎকর্ষ হতে বিচ্যুত হইয়াছে degenerate. বি, আপজাত্য দ্রঃ। বিপরীত-অভিজাত।

অপজ্ঞান [অপ+জ্ঞান (বোধ)] বি, অবজ্ঞা। "হাত পাও বাঁকা দেখি অং মনে,"-মনসা মং (বংশীবদন)।

অপঞ্চীকৃত [ন=অ, পঞ্চ (পঞ্চন্-পাঁচ, ব্রহ্মাণ্ড সৃষ্টির মূল পঞ্চভূত)-কৃত+চ্বি (অভূততদ্ভাবার্থে)-নঞ্] বিণ, যার পঞ্চীকরণ হয় নাই ; সূক্ষ্মভূত।

অপঞ্জরী [অ=পঞ্জর (মেরুদণ্ড)+ইন্ (স্ত্য)=পঞ্জরী-ন পঞ্জরী-নঞ্] বিণ,যে সকল-প্রাণীর পঞ্জর বা মেরুদণ্ড নাই invertebrata

অপটান্তর [ন=অ (নাই) পট দ্বারা (বস্ত্রদ্বারা) অন্তর (ব্যবধান) যার-বহুং] বিণ ; যার বস্ত্রদ্বারা পর্য্যন্ত ব্যবধান নাই ; অব্যবহিত, সংযুক্ত।

অপটী [ন=অ+পট্ (গমনে)+অ (র্ত্তৃ)+ঈ-স্ত্রীং-যে পথ অবরোধ পূর্ব্বক গমন করিতে দেয় না] বি, বস্ত্রাবরণ ; কানাৎ ; পর্দ্দা। ~ক্ষেপ [ন=অ+পটী (পর্দ্দা)+ক্ষেপ] বি, (নাট্যে) পটক্ষেপ বা পট পরিবর্ত্তন না করিয়া পাত্রপাত্রীর রঙ্গমঞ্চে প্রবেশ।

অপটু [ন=অ+পটু] বিণ,অসমর্থ ; অক্ষম ; অশক্ত। ২ অসুস্থ ; ভগ্নস্বাস্থ্য। ৩ অনিপুণ ; অদক্ষ। বি, ~তা-অসামর্থ্য ; অক্ষমতা। ২ অকৌশল ; অদক্ষতা।

অপঠিত [ন=অ+পঠিত] বিণ, যা পঠিত নহে ; অনধীত।

অপড়-বিণ, যা পড়ে না বা যা কখন পড়ে নাই।

অপণা, অপনা [প্রা॰-বাং রূপান্তর-অপণু, অপণে, অপা, অপে, অপ্প, অপ পণু, অপ্য, অপ্যাণা, অপ্যাণু, অপ্যাহি, অপ্যাহিঁ, অপ্যা,অপ্যাণ-আত্মা দ্রঃ] স, আপনি ; স্বয়ং। "মিছেঁ লোঅ বন্ধাব এ আপনা"-বৌ॰ গা॰ ও দো॰। লইআঁ অপনা,"-ঐ॰ পৃ॰ ৪১। ২ বিণ, স্বীয় ; আপনার।

অপণ্ডিত [ন=অ+পণ্ডিত] বিণ, শাস্ত্রাদি জ্ঞান হীন ; মূর্খ।

অপতর্পণ-বি, অনাহার ; উপবাস।

অপতিব্রতা [ন=অ+পতিব্রতা] বি, যে পতিব্রতা নয় ; অসতী।

অপত্নীক [ন=অ (নাই) পত্নী (স্ত্রী) যার-বহু০ সমাসে ক প্রত্যয়] বিণ, মৃতপত্নীক ; স্ত্রী-হীন। ২ অবিবাহিত।

অপত্য [ন=অ-পত্ (গমনে)+য (ণে)-যার জন্ম দ্বারা বংশের পতন হয় না] বি,সন্তান ; পুত্র ; কন্যা। ~ঘাতক, ~ঘাতী, ~বৈরী,~শত্রু, ~হন্তা,~হন্তারক, ~হা [অপত্য (সন্তান) ঘাতক ই০] বিণ, সন্তান হত্যাকারী ; সন্তান নাশক। স্ত্রীং ~ঘাতিকা,~ঘাতিনী।~হন্ত্রী-বিণ, কন্যাঘাতিনী ; সন্তানধ্বংসিনী। ~দ, ~দা [অপত্য (সন্তান) দ, দা (দান করা)+ক (র্তৃ)] বি, গর্ভদাত্রী বৃক্ষ ; পুত্রদাত্রী ক্ষুপ। ২ সন্তান দায়ক ; (সন্তান দায়িনী) ভার্য্যা। ~নির্ব্বিশেষ [অপত্য (হইতে+নির্ব্বিশেষ) নিঃ= নাই বিশেষ প্রভেদ-তারতম্য যাতে-বহু০] বি, সন্তান হতে অভিন্ন ভাব ; সন্তানের প্রতি যেমন ব্যবহার করা যায় সেইরূপ ব্যবহার। ক্রি, বিণ, ~নির্ব্বিশেষে-আপনার সন্তান হতে ভিন্ন বা ভেদ না রাখিয়া। "রাম অপত্যনির্ব্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন।"-বি০ সা০। ~পথ-বি, প্রসবদ্বার। ~বিক্রয় -বি, ছেলেমেয়ে বেচা। ~বিক্রয়ী, ~বিক্রেতা-যে অ০ বিক্রয় করে। ২ বি, কাঁকড়া। ~সংস্কারবিধি-বি, পুত্রের জাতকর্ম্মাদি অনুষ্ঠান। "প্রসবের পর, অপত্যসংস্কারবিধি যথাবিধি সমাহিত হইবেক।"-বি০ সা০ (সী০ ব০)। ~স্নেহ [অপত্যের প্রতি স্নেহ (অনুরাগ)-৭ তৎ] বি, সন্তানের প্রতি স্বাভাবিক স্নেহ বা ভালবাসা। ~হীন-বিণ, নিঃসন্তান।

অপত্রপ [অপ (অপগত বা রহিত) ত্রপা (লজ্জা) যার-বহু০] বিণ, যার লজ্জা নাই ; নির্লজ্জ ; লজ্জাহীন বা হীমা। স্ত্রীং ~া ["লজ্জা সাঽপত্রপান্যতঃ"-অমর০। "সা লজ্জা পরসকাশাচ্চেদপত্রপা"-অ০ টীকা] বি, অন্য হতে উৎপন্ন লজ্জা। ২ ধৃষ্টতা।

অপত্রপিষ্ণু [অপত্রপ (দ্রঃ)+ইষ্ণু (শীলার্থে)] বিণ, লাজুক।

অপত্রস্ত [অপ-ত্রস্ত (ত্রস্-ত্রাস করা)+ত (র্তৃ)] বিণ, সন্ত্রস্ত ; ভীত।

অপত্রী [ন=অ (নাই) পত্রী (পক্ষ-পাখা) যার-বহু০] বিণ, পক্ষ হীন পতঙ্গ০; মাকড়সা (বিছা ও কীট এই শ্রেণীর অন্তর্গত) aptera.

অপথ [ন=অ (অপ্রশস্ত)-পথ] বি, কুপথ ; মন্দ পথ ; অন্যায় পথ। "অকারণে অকাজ লয়ে ঘাড়ে অসময়ে অ০ দিয়ে যাস।"-রবী০। ২ [পথের অভাব-অব্যয়ী০] পথাভাব। ৩ [নাই পথ যার-বহু০] পথবিহীন।

অপথ্য [ন=অ, পথ্য (রোগীর আহার যোগ্য) নঞ্] বিণ, কুপথ্য ; রোগীর ভোজনের অযোগ্য।

অপন্থা [ন=অ-পন্থা] বি, অপথ (দ্রঃ)। ২ কুপথ। ৩ অসদুপায়।

অপদ [অ (নাই) পদ যার-বহু০] বিণ, পদহীন। "অচক্ষু সর্ব্বত্র চান অকর্ণ শুনিতে পান। অ০ সর্ব্বত্র গতাগতি।"-অ০ ম০। ~স্থ (-দ-) [ন=অ-পদস্থ] বিণ, পরাভূত [অপ্র০] ২ অবমানিত ; লাঞ্ছিত। ৩ স্বকর্ম্মচ্যুত (শব্দার্থ চিন্তামণি)।

অপদান [অপ (নির্দ্দেশে)-দান] বি, বিশিষ্ট দান, অবদান (দ্রঃ)। ২ [অপ-অপকৃষ্ট] অযোগ্য দান।

অপদান্তর [ন=অ (নাই)-পদের অন্তর (ব্যবধান) যাতে-বহু০] বিণ, ব্যবধান রহিত ; অব্যবহিত।

অপদার্থ [ন=অ-পদার্থ (বস্তু) নঞ্] বি, অবস্তু [বিরল] ২ [নাই পদার্থ যাতে-বহু০] বিণ, অযোগ্য ; অকর্ম্মণ্য ; অসার। "উত্তর-কালীন লোকেরা আমাকে নৃশংস বলিবে, অথবা নিতান্ত অ০ বলিয়া গণনা ও কলঙ্ক ঘোষণা করিবেক।"-বি০ সা০।

অপদিশ [অপ (মধ্য) দিশ কিম্বা দিকের অপ (অবান্তর)-অব্যয়ী০] বি, দুই দিকের মধ্যস্থল : অগ্নি, বায়ু, নৈঋত ও ঈশান কোণ।

অপদী [ন=অ (নাই) পাদ যার-বহু০-পাদ-পদ, স্ত্রীং-ঈ] বিণ, পদহীন ; যে সকল প্রাণীর পদ নাই ; সরীসৃপ ; জোঁক, সাপ ই০ প্রাণী apoda ; lepidosauria.

অপদেশ [পারিঃ, সুশ্রুত] বি, যুক্তিযুক্ত উপদেশোক্তি, কার্য্যকারণ বিবৃতি (যথা-মিষ্ট নিয়মিত খাইলে শ্লেষ্মা বৃদ্ধি হয়, দিবানিদ্রা ও রাত্রি জাগরণের অভ্যাস ত্যাগ করা উচিত ই০)।

অপদেবতা [অপ (অপকৃষ্ট) দেবতা] বি, ভূতপ্রেতাদি ; বিদ্যাধর, অপ্সরা, যক্ষ, রক্ষ, গন্ধর্ব্ব কিন্নর, পিশাচ, গুহ্যক, সিদ্ধ ও ভূত। ইহারা দেবযোনি হইলেও ইন্দ্রাদি দেবগণ হতে হীনবল বলিয়া নাম।

অপদেশ [অপ-দিশ্ (বলা)+অ (ভা০)] বি, নির্দ্দেশ। ২ [ণে অ] ছল ; ব্যাজ ; চিহ্ন ; নিমিত্ত। ৩ [র্ম্ম, অ] স্থান। ৪ লক্ষ্য।

অপধ্যান [অপ (অপকৃষ্ট) ধ্যান (চিন্তা)] বি, অসচ্চিন্তা ; অমঙ্গল বিষয় ভাবনা।

অপধ্বংস [অপ-ধ্বন্স্ (বিনাশ পাওয়া) +অ (ভা০)] বি, অপঘাত। ২ [ণে, অ] ধিক্কার ; নিন্দা। ৩ ত্যাগ।

অপধ্বস্ত [অপ+ধ্বংস] বিণ, বিনষ্ট। ২ চূর্ণিত। ৩ পতিত। ৪ নিন্দিত।

অপনয়,-ন (-য়-) [অপ-নী (লওয়া) +অ, অন (ভা০)] বি, অপনোদন ; অপসারণ ; নিরাকরণ ; সরাইয়া ফেলন। ২ ত্যাগ ; দূরীকরণ। ৩ মুছিয়া ফেলন। ৪ অপহরণ। বিণ, অপনেয়-বিপরীত-অনপনেয়।

অপনীত [অপ-নী+ত (র্ম্ম)] বিণ, অপনোদিত ; অপসারিত ; নিরাকৃত। ২ প্রক্ষালিত ; পরিমার্জ্জিত। ৩ অপহৃত।

অপনুব [অপরূপ (দ্রঃ) বিকারে। ব্রজ০] বিণ, অপূর্ব্ব ; অপরূপ। "গিরি সম গরুঅ মান নহি মুকসি অ০ তুঅ ব্যবহারে॥"-বি০ প০।

অপনো/দ, ~দন [অপ-নুদ্ (প্রেরণ করা)+অ, অন (ভা০)] বি, অপনয়ন ; অপসারণ। ২ খণ্ডন। ৩ অপচয়। বিণ, ~দিত।

অপন্যায় [গ্রা০ব্যবহারে, অপমান স্থলে হতমান স্বরূপ অন্যায় স্থলে অপন্যায়] বি, অন্যায় ; অনুচিত কার্য্য ; অন্যায় ব্যবহার। "তোমার পুত্রের অ০ গুন সব।"-চৈ০ ভা০।

অপপাঠ [অপ (অশুদ্ধ) পাঠ] বি, অশুদ্ধ পাঠ। ~বহুল-যাতে অশুদ্ধ পাঠ অধিক।

অপপ্রয়োগ [অপ (অপকৃষ্ট) প্রয়োগ]

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গঁ ঞ্চ=নচ্ ষ্ট=ষ্ট হু=হু হ্ন হ্ল হ্ব হ্ম=ন্হ্ রহ্‌ লহ্ ত্ত ব্য, ক্ষ ক্ষ্ব ত্ত=zfwv ও চ্চা০ দ্রঃ

বি, অযথা প্রয়োগ। ২ অশুদ্ধ বা ব্যাকরণ বিরুদ্ধপ্রয়োগ।

অপবর্ক [অপ-বৃ (আবরণ করা)+অ (র্তৃ)-ক] বি,গৃহের ভিতরের গৃহ; গর্ভগৃহ।

অপবর্গ [অপ-বৃজ্ (ত্যাগ করা)+অ (ভা০) জ=গ] বি, পরিত্যাগ। ২ জীবাত্মার সহিত পরমাত্মার যোগ; মোক্ষ : সংসার বন্ধন হইতে মুক্তি। ৩ ফলসিদ্ধি। ৪ শেষ : নিষ্পত্তি। ৫ দান। ৬ [আযু০] সাধারণ নিয়মের ব্যতিক্রম। ৭ [মাধব নিদানে] অত্যন্ত দুঃখ। ৮ ব্যতিক্রম : ব্যভিচার exception (to the general rule, of something from something more comprehensive or extended e.g. fomentation should not be applied to persons suffering from the effects of poisoning excepting those suffering from insect poison.)

অপ/বর্জন [অপ-বৃজ্ (ত্যাগ করা)+অন (ভা০)] বি, ত্যাগ ; বিসর্জন : পরিহার। ২ মুক্তি। ৩ দান। বিণ, ~বর্জিত -পরিত্যক্ত। ২ বিমুক্ত। ৩ অপচিত।

অপ/বর্তক [অপ-বৃত (বিদ্যমান থাকা)+অক (র্তৃ)] বি, বিণ, এক রাশিদ্বারা অন্য রাশিকে ভাগ করিলে যদি অবশিষ্ট না থাকে তবে, ঐ রাশির ভাজককে অ০ কহে, যথা-২)৮(৪ দুইকে আটের অ০ measure. ২ অপবর্তনকারী। ~বর্তন-বি, সংক্ষিপ্ত করণ ; ক্ষুদ্র বা সমান রাশি দ্বারা কোন বৃহৎ বা সমান রাশির ভাগকরণ বা বিভজন division by a common measure ; measurement. ২ পরিবর্তন। ৩ বিচলন। বিণ,~বর্তিত।~বর্ত্য-বিণ, যে রাশি দ্বারা অপর রাশিকে ভাগ করা যায় multiple.

অপবা/দ [অপ-বদ্ (বলা)+অ (ভা০)] বি, অপযশ ; নিন্দা ; কুৎসা। ২ দোষ [সম- অযথা বাদ বা অসত্য দোষারোপের নাম অ০। নিন্দাবাদ-সত্য দোষারোপ বা দোষের কীর্তন মাত্রই নিন্দাবাদ। ইহা অপ্রশংসার নামান্তর। যে নিন্দা বা কলঙ্ক বহু বিস্তৃত হইয়া লোক চক্ষুতে হীন করে তা অপযশ। ইহা অখ্যাতি বা বদনামের নামান্তর। অপবাদই রটিতে রটিতে অপযশের সৃষ্টি করে। কুৎসা ও কলঙ্ক দ্রঃ] ~দক, দী~নবিণ, দোষদর্শী ; নিন্দক। স্ত্রীং ~দিনী।

অপ/বারণ [অপ-বৃ+ণিচ্=বারি+অন (ভা০)] বি, বর্জন। ২ অন্তর্ধান। ৩ ব্যবধান। বিণ, ~বারিত-বর্জিত ;ত্যক্ত। ২ আচ্ছাদিত ; ব্যবহিত। ৩ রোপিত ; অন্তর্হিত।

অপবাহিত [অপ-বহ্+ণিচ্=বাহি+ত (র্ম)] বিণ, বিতাড়িত ; স্থানান্তরিত।

অপবিত্র [ন=অ-পবিত্র, নঞ্] বিণ, বিশুদ্ধ নয় ; অশুচি ; অশুদ্ধ।

অপ/বিদ্ধ [অপ-ব্যধ্ (তাড়না করা)+ত (র্ম)] বিণ, পরিত্যক্ত। ২ বিচূর্ণিত। বি, জনক-জননী কর্তৃক পরিত্যক্ত এবং অন্য কর্তৃক পুত্ররূপে গৃহীত বালক।

অপবৃত্ত [অপ+বৃত্ত] বিণ, অপজাত। ২ অনভ্যস্ত। ৩ বিপর্যস্ত। ৪ অনাবৃত।

অপবেধ-বি, অন্যায়রূপে বিদ্ধ করণ।

অপব্যবহার [অপ (অপকৃষ্ট) ব্যবহার (দ্রঃ)] বি, অন্যায়াচরণ ; অনুচিত অনুষ্ঠান অকর্তব্য ; অসদ্ব্যবহার।

অপ/ব্যয় [অপ (অপকৃষ্ট) ব্যয়-প্রাদি০] বি, বৃথা ব্যয় : কুকর্মে অর্থব্যয়। ২ অপচয় : অর্থনাশ। ~ব্যয়িত-বিণ, যা অন্যায়রূপে খরচ করা হইয়াছে। ~ব্যয়ী[মু০-অপব্যয়িন ১মা ১ব০] বিণ, অসৎ বিষয়ে ব্যয়কারী ; অযথাব্যয়ী ; বৃথাব্যয়ী। বি, ~ব্যয়িতা, ~ব্যয়িত্ব।

অপভাষ [অপ (অসাধু, নিন্দিত) ভাষ (ভাষণ)] বি; নিন্দার কথা ; নিন্দা। "আমি ত শুনিলাম ভালে যদি শুনে তার জনে, শুনিলে হইবে অ০।"-চণ্ডী০।

অপভাষা [অপ (অপকৃষ্ট, নিন্দিত, ইতর) ভাষা (কথন, উক্তি)] বি, অভদ্র বা ইতর ভাষা, গ্রাম্য বা সাধারণের ভাষা ; প্রাকৃত ভাষা ; অসাধু ভাষা ; অসংস্কৃত ভাষা। পূর্বে বঙ্গভাষা (কি লিখিত কি কথিত) অপভাষা বলিয়া উক্ত হইত এবং শিক্ষিত ব্যক্তিগণ তাহাতে গ্রন্থাদি রচনা করিতে লজ্জা ও সঙ্কোচ বোধ করিতেন। প্রায় ৩০০ বৎসর পূর্বে কবি রূপ নারায়ণ (১৫১৭ খৃঃ জন্ম) "দুর্গা-মঙ্গল" রচনাকালে লিখিয়াছিলেন,- "তাহার চরিত্র কিছু কহিতে করি আশা। শ্লেষ না করিয় ভাই বলি অ০॥ চণ্ডালভাণ্ডেতে যদি থাকে গঙ্গাজল। তথাপি পবিত্র বড় জানিয় নিশ্চল॥" ২ নিন্দা। ৩ দুর্বাক্য ; কটুকথা ; গালাগাল। "গেলে পাবে পরিতাপ, সভায় তোমার বাপ, অ০ বলিবে আমারে।"-শি০।

অপভ্রংশ, অপভ্রংশ [অপ-ভ্রনশ্, ভ্রন্স্ (পতিত হওয়া)+অ(ভা০)] বি, অপভাষা। ২ মূল ভাষার বিকৃতি ; অশুদ্ধি। ৩ ব্যাকরণ ও অলঙ্কার দোষে দুষ্ট ভাষা ; প্রাকৃত ব্যাকরণে যে ভাষা কুলায় না, তাকে অ০ বলে।"-প০ হ০ প্র শাস্ত্রী। বিণ, অপভ্রষ্ট স্খলিত। ২ বিকৃত। ৩ অশুদ্ধ। ৪ পতন : স্খলন। ৫ বিকার। ৬ গ্রাম্যতা প্রাপ্তি।

অপভয় [অপ (অপগত) ভয় যার-বহু০] বিণ, নির্ভয় : ভয়হীন।

অপমর্শ,-র্ষ [অপ (অপকৃষ্ট) মৃশ্ (ষ্) (বিবেচনা করা)+অ (ভা০)] বি, অপহরণ। ২ নিন্দা।

অপমান [অপ (অপগত) মান] বি, অসম্মান ; অনাদর ; অবহেলা ; অবজ্ঞা : অমর্যাদা। ২ লাঞ্ছনা। ~গ্রস্ত-বিণ, অপমানিত। ~জনক-বিণ, অসম্ভ্রমসূচক ; মানহানিকর। ~বশ-বিণ,মানহানি হেতু। ~সূচক-বিণ, অসম্মান প্রকাশক ; অবজ্ঞাজনক ; অমর্যাদাবোধক। অ০ করা,-বোধ করা, -হওয়া।

অপমানাত্মক [অপমান+আত্মক] বিণ, যাতে অমর্যাদার কারণ বিদ্যমান।

অপমানিত [অপমান+ইত (স্ত্য) বা অপ (অপগত) মান (পূজা)+ত(র্ম) ই আগম] বিণ,যাকে অপমান করা হইয়াছে; অনাদৃত : অসম্মানিত। ২ লাঞ্ছিত।

অপমৃত্যু [অপ (অপকৃষ্ট) মৃত্যু (মরণ)] বি,বার্দ্ধক্য জনিত বা রোগ ভিন্ন কারণে মরণ; অপঘাত মরণ ; আকস্মিক কারণে মৃত্যু। ২ অস্বাভাবিক মৃত্যু।

অপযশ,-শঃ [অপ (অপকৃষ্ট) যশস্ (খ্যাতি, কীর্তি)] বি, অকীর্তি; দুর্নাম ; কলঙ্ক ; অখ্যাতি ; নিন্দা। ~স্কর (-শ০)-বিণ, অখ্যাতি বা নিন্দাজনক।

অপ্রয়া [ন=অ(নাই)+পয়(সৌভাগ্য)যার-বহু০] বি, অশুভ; অমঙ্গলকর: অভাগ্য। ২ অলক্ষণা। "কিন্তু জেঠাইমা যখন একবার সুলোচনাকে সুলক্ষণা বলিয়া গ্রহণ করিয়াছেন, তখন আর কিছুতেই তিনি তাহাকে অ০ বা অলক্ষণা বলিতে প্রস্তুত নহেন।"-যোগেন্দ্র চট্টো০ (প্রবাসী ১৩১০) [পয়া দ্রঃ]।

অপযান [অপ (অপকৃষ্ট) যান] বি, অপকৃষ্ট গমন; পলায়ন।

অপর [ন=অ+পর (অন্য) নঞ্] বিণ, শত্রু ভিন্ন; আত্মীয়; আপনার। ২ অন্য কেহ; পর; অনাত্মীয়। ৩ অন্য; পৃথক্; ভিন্ন। ৪ উল্টা; বিপরীত; প্রতিকূল। ৫ সাধারণ। বি, ~তা, ~ত্ব। ~জাতি [ইং species] বি, "কোন এক জাতি অন্য এক জাতির অন্তর্ভূত হইলে তাহাকে ঐ ব্যাপকতর জাতির সঙ্গে তুলনায় অ০ বলে।"-ত০ বি০।

অপরক্ত [অপ-রন্‌জ্ (রঞ্জন করা, অনুরক্ত হওয়া)+ত(র্তৃ)] বিণ, অনুরাগহীন: বিরক্ত।

অপরঞ্চ [সং-অপরম্ চ০] অ, আরও; অপিচ; কিঞ্চ [আধু০ বাং বিরল]।

অপরতি [অপ (অপগত) রম্ (ক্রীড়া করা)+তি (ভা০) ম্ লোপ] বি, নিবৃত্তি; উপরতি [বিরল]।

অপরত্র [অপর+ত্র (কালার্থে)] অ, পরকালে। ২ অন্যত্র; অন্যস্থানে। ৩ অপর-পক্ষে; অন্যক্ষেত্রে।

অপরপক্ষ [বৈদিক। অপর (শেষ) বা অপর (শুক্ল পক্ষ হইতে অন্য) যে পক্ষ, ধা। চন্দ্রের হ্রাস বৃদ্ধির মধ্যে শেষ পক্ষই কৃষ্ণ০। চৈত্রমাসের শুক্ল প্রতিপদ হইতে বর্ষের আরম্ভ হয় বলিয়া শুক্লপক্ষকে পূর্ব্বপক্ষ বলে, এই পূর্ব্বপক্ষ দেবগণের পরপক্ষ: এবং শুক্লপক্ষের পরপক্ষ অর্থাৎ কৃষ্ণপক্ষ পিতৃগণের অপরপক্ষ] বি, কৃষ্ণপক্ষ। ২ [দর্শন এবং শাস্ত্র বিচারে] প্রশ্ন; প্রতিজ্ঞা; পূর্ব্বপক্ষ।

অপররাত্র [অপর (শেষ) রাত্র (রাত্রি) অপর যে রাত্রি (ধা) বা রাত্রির অপর ৬ তৎ] বি, শেষরাত্রি।

অপরশ [অ-পরশ (স্পর্শ)] ক্রি-বিণ, কাকে ও স্পর্শ না করিয়া বা স্পৃষ্ট না হইয়া। "অ০ যার প্রভু মনুষ্য গহনে।" -চৈ০ চ০। ২ বি, স্পর্শাভাব।

অপরস্পর [ন=অ পরস্পর (পর-পর, স আগম) নঞ্] বিণ, যা পর পর নয়: অক্রমাগত। ২ এককালে; একসঙ্গে।

অপরা$_1$ [ন=অ-পরা-নঞ্] বি, পশ্চিম-দিক্। ২ জরায়ু। ৩ বিণ, বস্তুজ্ঞান প্রতিপাদক নহে। ৪ অব্রহ্ম; মায়িক; জাগতিক (পরা দ্রঃ)। ৫ অশ্রেষ্ঠ। ~বিদ্যা [অপরা যে বিদ্যা-ধা] বি, যে বিদ্যা শ্রেষ্ঠ নয়: ষড়ঙ্গ সহিত কর্ম্ম কাণ্ডের নাম অ০ বিদ্যা [বিদ্যা দ্বিবিধ-পরা ও অ০। ইহার মধ্যে ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ: অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোঃ পরিগণিত। ব্যাকরণ-মুখস্বরূপ, নিরুক্ত-শ্রবণেন্দ্রিয়স্বরূপ, ছন্দোগ্রন্থ-পদদ্বয় স্বরূপ, জ্যোঃ-চক্ষুঃস্বরূপ। পরা দ্রঃ]।

অপরা$_2$ [অপর+আ স্ত্রীং)] বিণ, অন্যা; অন্যতরা। ২ অশ্রেষ্ঠা।

অপরাগ [অপ (অপগত) রন্‌জ্ (অনুরক্ত হওয়া)+অ (ভা০)] বি, অননুরাগ; বিগতানুরাগ। ২ বিদ্বেষ।

অপরাঙ্মুখ [ন=অ+পরাঙ্মুখ] বিণ, বিমুখ নয়; অনিবৃত্ত।

অপরাজিত [অপর(অন্য) কর্তৃক (ন=অ-জিত) যে পরাভূত নহে বা ন-পরাজিত-নঞ্] বিণ, অপরাভূত। ২ বি, শিব। ৩ বিষ্ণু। ৪ ঋষিবিঃ। স্ত্রীং ~া-বি, লতাবিঃ; পুষ্পবিঃ। ২ দুর্গা। ৩ দূর্ব্বা। ৪ ছন্দোবিঃ। ৫ বিণ, অপরাভূতা।

অপরাজেয় [ন=অ+পরাজেয়] বিণ, অদম্য; অজেয়।

অপরাদ্ধ [অপ-রাধ্ (সিদ্ধি করা)+ত (র্তৃ)] বিণ, অপরাধী। ২ ভ্রান্ত। ৩ অসিদ্ধ। ৪ পতিত: স্খলিত। ৫ ভ্রষ্ট।

অপরাধ [অপ-রাধ্ (সম্পন্ন করা)+অ(ভা০)] বি, অপকর্ম্মজন্য দোষ; ত্রুটী। ২ পাপ sin. "অ০ কত করেছি নাথ মোহ-পাশে পড়ে;"-স্কু০। ৩ আইন বিরুদ্ধ কর্ম্ম-জনিত রাজদ্বারে দণ্ডার্হ দোষ crime. ভারতবর্ষীয় দণ্ডবিধির ৩০২ ধারা অনুসারে তার অপরাধ সাব্যস্ত হইয়াছে।"-আদা০। ~ধী [অপরাধ+ইন্ (স্ত্য)] বিণ, দোষী; অন্যায়-কর্ম্মানুষ্ঠাতা; অপরাধকারী। স্ত্রীং ~ধিনী। ~ধর্জ্জক, ~ধাত্মক-বিণ, সাপরাধ অপরাধ দুষ্ট criminal.

অপরাধীন [ন=অ+পরাধীন] বিণ, স্বাধীন। স্ত্রীং ~া। বি, ~তা, ~ত্ব।

অপরান্ত [অপরা (পশ্চিমদিক্) অন্ত (সীমা)] বি, পশ্চিমদিকের সীমা: পশ্চিম-দিগন্ত। ২ বিণ, পাশ্চাত্য: পশ্চিম দেশীয়।

অপরাপর [অপর + অপর] বিণ, অন্যান্য; আর আর।

অপরামর্শ [ন=অ-পরামর্শ-নঞ্] বি, কুপরামর্শ: কুমন্ত্রণা: অসৎ পরামর্শ। ২ অযোগ্য মন্ত্রণা।

অপরার্দ্ধ [অপর + অর্দ্ধ] বি, অবশিষ্ট বা অন্য অর্দ্ধেক।

অপরাস্ত [ন=অ+পরাস্ত] বিণ, অপরাজিত; অদমিত।

অপরাহ্ণ [অপর (শেষ) অহ্ন (অহন শব্দের ৬ষ্ঠীর ১ব০) অহনের (দিনের) অপর (শেষভাগ) নিপাতনে পদের বিপর্য্যয়] বি, দিবসের ৩য় বা শেষভাগ; বিকাল (১ম ভাগ প্রাহ্ণ, ২য় ভাগ মধ্যাহ্ন)। ~ন্তন-বিণ, আপ-রাহ্ণিক। ২ দিন-শেষের।

অপরিকল্পিত [ন=অ+পরিকল্পিত] বিণ, অচিন্তিত; অনুদ্ভাবিত।

অপরিক্লিন্ন [ন=অ+পরিক্লিন্ন] বিণ, অনার্দ্র; যা ভিজা নহে।

অপরিক্লিষ্ট [ন=অ-পরি-ক্লিশ্ (ক্লেশ পাওয়া)+ত (র্ম্ম) শ-ত=ষ্ট, নঞ্] বিণ, সহজসাধ্য। ২ যা ক্লিষ্ট নয়; অপরিশ্রান্ত।

অপরিগণিত-বিণ, অকৃতগণনা।

অপরিগৃহীত [ন=অ+পরিগৃহীত] বিণ, অগৃহীত। ২ প্রত্যাখ্যাত। স্ত্রীং ~া।

অপরিগ্রহ [ন=অ+পরিগ্রহ] বি, অগ্রহণ; অস্বীকার। ২ [নাই পরিগ্রহ (দান গ্রহণ) যৎ কর্তৃক-বহু০] পরিব্রাজক। ৩ [নাই পরিগ্রহ (বিবাহ) যার-বহু০] অপরিণীত; অবিবাহিত। স্ত্রীং ~া।

অপরিচয় [ন=অ+পরিচয়] বি, পরিচয়া-ভাব। বিণ, অপরিচিত-যার সহিত আলাপ নাই; যাকে জানা নাই; অজ্ঞাত; অবিদিত।

অপরিচ্ছন্ন [ন=অ+পরিচ্ছন্ন] বিণ. অপরিষ্কৃত ; মলিন ; নোংরা।

অপরিচ্ছিন্ন [ন=অ+পরিচ্ছিন্ন] বিণ. যার পরিচ্ছেদ নাই ; নিরবচ্ছিন্ন ; অবিভক্ত ; অপরিমিত ; অনন্ত।

অপরিজ্ঞাত [ন=অ+পরিজ্ঞাত] বিণ. যার সম্বন্ধে কিছু জানা যায় নাই ; সর্বতোভাবে অজ্ঞানিত ; অবিদিত ; অপরিচিত। বি, অপরিজ্ঞান-বিশেষ জ্ঞানাভাব ; অপরিচয় ; অচেনা।

অপরিজ্ঞেয় [ন=অ+পরিজ্ঞেয়] বিণ. অজ্ঞেয় ; যা জানা যায় না।

অপরিণত [ন=অ+পরিণত] বিণ. যা পরিণতি বা অবস্থান্তর প্রাপ্ত হয় নাই। ২ [বয়সার্থে] অপরিপক্ক ; কাঁচা ; অপূর্ণ ; তরুণ। বি, অপরিণতি। ~বয়স্ক-বিণ. যার বয়স পূর্ণতাপ্রাপ্ত হয় নাই ; অনধিকবয়স্ক ; তরুণবয়স্ক ; অল্পবয়স্ক। ~বুদ্ধি [ন=অ-পরিণত (অধিক) বুদ্ধি যার-বহু০] বিণ, চঞ্চল বুদ্ধি ; অস্থির বুদ্ধি ; চপল মতি। ২ অদূরদর্শী।

অপরি/ণয় [ন=অ+পরিণয়] বি. বিবাহের অভাব। ২ কৌমার্য্য। ~ণীত-বিণ. অবিবাহিত। স্ত্রীং ~া।

অপরিণামদর্/শী-বিণ, যে পরিশেষে কি হইবে ইং বিবেচনা না করিয়া কার্য্য করে ; যে পরে কি হইবে তা পূর্ব্বে বুঝিতে পারে না ; অদূরদর্শী ; অবিবেচক ; অনভিজ্ঞ। স্ত্রীং ~র্শিনী। বি, ~র্শিতা।

অপরিতুষ্ট [অ+পরিতুষ্ট] বিণ, অসন্তুষ্ট ; অতৃপ্ত। স্ত্রীং ~া।

অপরিতৃপ্ত [ন=অ+পরিতৃপ্ত] বিণ. যার সর্ব্বতোভাবে তৃপ্তি হয় নাই ; অতৃপ্ত। ২ অপূর্ণ ; অসিদ্ধ। স্ত্রীং ~া।

অপরিত্যাজ্য [ন=অ+পরিত্যাজ্য] বিণ, পরিত্যাগের অযোগ্য ; অপরিহার্য্য।

অপরিপক্ক [ন=অ+পরিপক্ক] বিণ. যা সর্ব্বতোভাবে পক্কতা প্রাপ্ত হয় নাই ; যা সুপক্ক নয় ; কাঁচা। ২ অসিদ্ধ। ৩ অপরিণত। ৪ অনিপুণ ; অপটু ; অদক্ষ।

অপরিপ/ন্থী [ন=অ+পরিপন্থী] বিণ, অবিরোধী ; অনুকূল। স্ত্রীং ~ন্থিনী।

অপরিপাক-বি, অজীর্ণতা। ২ অপরিণতি। ৩ বিণ, অপরিপক্ক।

অপরিপূর্ণ [ন=অ+পরিপূর্ণ] বিণ. অসম্পূর্ণ। ২ অরক্ষিত।

অপরি/বর্ত্তন [ন=অ+পরিবর্ত্তন] বি, পরিবর্ত্তন বা অবস্থান্তর প্রাপ্তির অভাব ; সমভাবে অবস্থিতি। ~বর্ত্তনীয়-বিণ. পরিবর্ত্তনের অযোগ্য ; যা বদলান যায় না। ~বর্ত্তনশীল-বিণ, যার পরিবর্ত্তন হয় না ; যে চিরদিনই একভাবে থাকে। ~বর্ত্তিত-বিণ, যে বা যা ভাবান্তর বা অবস্থান্তর প্রাপ্ত নহে ; সমভাবে অবস্থিত ; অবিকৃত। ~বৃত, ~বেষ্টিত [ন=অ+পরিবৃত, পরিবেষ্টিত] বিণ, অনাবৃত ; ঘেরা নয় এমন ; মুক্ত।

অপরিমিত-বিণ. যা পরিমাণ বা সীমাবদ্ধ নয় ; অসীম। ২ প্রচুর ; যথেষ্ট ; অপর্য্যাপ্ত ; বহুল। বি, অপরিমাণ।

অপরিম্লান-বিণ, অবিমর্ষিত ; আনন্দিত ; উৎফুল্ল। ২ বি, লাল ঝাঁটী গাছ।

অপরিমেয়-বিণ, পরিমাণের অযোগ্য ; যার পরিমাণ হয় না ; অমেয়।

অপরিশী/লন-বি, অননুশীলন। ২ অনুসন্ধান না করণ। বিণ, ~লিত-অনালোচিত ; অচর্চ্চিত ; অননুশীলিত।

অপরিশুদ্ধ-বিণ, যা বিশুদ্ধ নয় ; মলিনতাযুক্ত। ২ অপবিত্র।

অপরি/শোধনীয়, ~শোধ্য, ~শোধিত-বিণ, যা পরিশোধ করা যায় না ; পরিশোধের যোগ্য নয়।

অপরিষ্কার, -স্কৃতি বি, যা পরিষ্কার নয় ; পরিচ্ছন্নতার অভাব। বিণ, যা পরিষ্কার করা হয় নাই ; মলিন ;

অপরিসীম-বিণ, অসীম ; অনন্ত ; অশেষ। স্ত্রীং ~া।

অপরিস্ফুট-বিণ, যা ব্যক্ত নয় ; অব্যক্ত ; অস্পষ্ট ; অস্ফুট।

অপরিহরণীয়, অপরিহার্য্য-বিণ, পরিত্যাগের অযোগ্য ; অত্যাজ্য।

অপরীক্ষিত-বিণ, যা বা যার পরীক্ষা করা হয় নাই।

অপরুব [অপূর্ব্ব দ্রঃ। ব্রজং অপুরুব (বিং পং)] বিণ, অপরূপ (দ্রঃ)। "এ সখি পেখনু অং গোরি।"-বিং পং [দ্রঃ-কথ্য ভাষায় ইহার গ্রাং ব্যবহার থাকিলেও লিখিত ভাষায় অং প্রং] অপরূপ [সং-অপূর্ব্ব > প্রাকৃং অপুরব, অপুরুব > অ'রুব > অং। সং-অপরূপ। অপ (নির্দ্দেশে-তুলনা নাই) রূপ (রূপের) যার] বিণ, পূর্ব্বে যেরূপ দেখা যায় নাই ; সচরাচর যে রূপ দেখিতে পাওয়া যায় না ; অতুলনীয় রূপ ; "তব অং রূপ হেরি গুণমণি।"-ব্রজাঙ্গনা। "কিবা অং রূপ হেরি তরুতলে। হেন মনে সাধ করি তুলে পরি গলে॥"-ভারতং। ২ আশ্চর্য্য ; বিস্ময়কর। ৩ [অপং (অপকৃষ্ট) রূপ, প্রাদিং] কুরূপ [অপ্রং] ৪ [ব্যঙ্গার্থে] অদ্ভুত ; কিম্ভূতকিমাকার।

অপরোক্ষ [অক্ষের (ইন্দ্রিয়ের) পর (অতীত) পরোক্ষ (ইন্দ্রিয়ের অবিষয়) ন=অ-পরোক্ষ-নঞ্] সাক্ষাৎ ; প্রত্যক্ষ। "পরোক্ষ জ্ঞান এবং অং জ্ঞান।"

অপর্ণা [ন=অ+পর্ণা (যিনি তপস্যা কালে পর্ণ পর্য্যন্ত ভোজন করেন নাই)-বহুং] বি, পার্ব্বতী ; দুর্গা। "বৃক্ষের গলিত-পত্র করিল ভোজন। শিবপদ ধ্যান গৌরী করে অনুক্ষণ। ত্যজিল বৃক্ষের পত্র ত্যজি অন্নপান। এই হেতু অং হইল অভিধান।"-কবিকং।

অপর্ব্ব-বিণ, যার পর্ব্ব বা পাব নাই ; গ্রন্থী বা সন্ধিহীন।

অপর্য্যাপ্ত-বিণ, প্রচুর। "অন্নার্থী অং অন্ন, অর্থাভিলাষী প্রার্থনাধিক অর্থ * * * প্রাপ্ত হইতে লাগিল॥"-বিংসাং। ২ [নঞ্] অসমর্থ (ভগবদ্গীতা-ভাষ্য, শঙ্করাচার্য্য)। ৩ পরিমিত (ঐ মতান্তরে)। ৪ অপ্রচুর [বিরল] ৫ [বাং] প্রয়োজনাতিরিক্ত।

অপর্য্যায় [ন=অ+পর্য্যায়] বিণ, ক্রমহীন। ২ বি, ক্রমরাহিত্য।

অপর্য্যুষিত [ন=অ+পর্য্যুষিত] বিণ. যা বাসী হয় নাই ; টাটকা।

অপল [ন=অ(নাই) পল(মাংস) যার-বহুং] বিণ, মাংসহীন। ২ পলহীন ; যে দ্রব্যের গাত্রে উচ্চরেখা বা শির তোলা হয় নাই। ৩ বি, কীলক ; আলপিন।

অপলক-বিণ, পলকহীন : নির্ণিমেষ : স্থিরনেত্র : "অ॰ নেত্রে এই ছবিখানির দিকে চাহিয়া রহিল।"-উত্তর। "পঞ্চদশবর্ষ বয়স্ক বালক, * * আকাশের পানে দৃষ্টি অ॰।"-গোবিন্দদাস (চন্দন)।

অপলিপিত [অপ-লপ্ + ত (র্ম্ম) ই আগম] বিণ, যার অপলাপ করা হইয়াছে : অস্বীকৃত : অপহ্নুত।

অপলাপ [অপ-লপ্ (বলা) অ (ভা॰)] বি, গোপন : অস্বীকার : অন্যরূপ প্রতিদান। "সে এইরূপে অ॰ করিল বটে : কিন্তু তাহার আকার প্রকার দর্শনে, রামের অন্তঃকরণে বিষম সন্দেহ উপস্থিত হইল।"-বি॰ সা॰ (সী॰ ব॰)। অ॰ **করা**-ক্রি, মিথ্যা বলা; অস্বীকার করা। "তুমি অবশ্যই দোষ কীর্ত্তন শুনিয়াছ, অ॰ করিতেছ কেন?"-ঐ। **~পী**-বিণ, যে অপলাপ করে।

অপল্কা-পল্কা॰ দ্রঃ।

অপশঙ্ক [অপ (অপগত) শঙ্কা (ভয়) যার-বহু॰] বিণ, নির্ভয়। স্ত্রীং ~া [অমঙ্গল বা মন্দ বিষয়েরই শঙ্কা হয়, যা অতি মন্দ তাই অপশঙ্কা]।

অপশদ, -সদ [অপ (অপকৃষ্ট)-শদ্ (স) গমন করা + অ(র্ত্তৃ)] বি, নরাধম বা নীচ ব্যক্তি। স্ত্রীং ~া।

অপশব্দ [অপ (অপকৃষ্ট) শব্দ] বি, অপভ্রংশ ; ব্যাকরণ-দুষ্ট শব্দ। ২ অশ্লীল শব্দ ; ইতর কথা vulgar speech.

অপশোক [অপ (অপগত) শোক যা হতে-৫ তৎ] বি, অশোক বৃক্ষ। ২ [অপগত শোক যার-বহু॰] বিণ, শোকশূন্য।

অপসব্য [অপ-সব্য (সু+য) দক্ষিণ] বিণ, দক্ষিণদিক্। "বিহঙ্গমগণ অ॰-মণ্ডলে পরিভ্রমণ করিতে লাগিল।"-মহা॰ (বর্দ্ধ)। ২ বিপরীতদিক্। "দারুকনন্দন সত্বরে সৈন্যদিগকে অপসব্যস্থ করিল।"-মহা॰। ৩ [অপ-সু (গতি, পীড়ন অর্থে).+য] প্রতিকূল।

অপসর [অপ-সৃ(গমনকরা) + অ(ভা॰)] বি, অপসরণ (দ্রঃ)।

অপসরণ [অপ-সৃ + অন (ভা॰)] বি, স্থানান্তর গমন। ২ পলায়ন। ৩ নির্গম। ক্রি, **অপসরা**-সরিয়া যাওয়া। ণিজন্তে-অপসারণ (দ্রঃ)।

অপসরী [অপ্‌সরা > , ভং ব্রজ॰ গ্রা॰ নিম্ন কথ্য-আপছারি,-চারি] অপ্‌সরা। "সুর অ॰ কিয়ে লগ কুমারী।"-বি॰ প॰।

অপসর্জ্জন [অপ-সৃজ্ (ত্যাগ করা) + অন (ভা॰)] বি, ত্যাগ : বিসর্জ্জন। ২ দান। ৩ হত্যা ; মারণ। ৪ মুক্তি : অপবর্গ দ্রঃ।

অপসর্প [অপ-সৃপ্ (গমন করা) + অ (ভা॰)] বি, প্রস্থান : পলায়ন। ২ [ক-জ্ঞা] গুপ্তচর। ৩ দূত।

অপসর্পণ [অপ-সৃপ্ (গমন করা) + অন (ভা॰)] বি, প্রস্থান ; পলায়ন ; অপসরণ।

অপসার-বি, অপসরণ। ক্রি, **অপসারা**-দূর করা ; সরান।

অপসারণ [(অপসরণ দ্রঃ) অপ-সৃ + ণিচ] বি, স্থানান্তরিত করা ; সরান।

অপসারি [অপসারিয়া > ক্ষে॰, পদ্যে। অপ-সৃ + ণিচ্=সারি (গমন করান)] ক্রি, অস, অপসারণ করিয়া ; দূর করিয়া। "হৃদয় বিমল হোক্, প্রাণ সবল হোক্, বিঘ্ন দাও অপসারি।"-রবী॰।

অপসারিত [অপ-সৃ + ণিচ্=সারি (গমন করান) + ত (র্ম্ম)] বিণ, চালিত। ২ দূরীকৃত ; বহিষ্কৃত ; নিষ্কাশিত ; বিতাড়িত। ৩ উন্মোচিত ; উন্মুক্ত ; অনাবৃত ; খোলা। ৪ বিস্তারিত [বিরল]।

অপসীমক [মনোবিজ্ঞা॰ পরিঃ। অপ-সীমা + ক] বিণ, সীমার বিরুদ্ধ ; বিকৃত।

অপসৃত [অপ-সৃ + ত (র্ত্তৃ) বৌ॰ বাং প্রাকৃ॰ অবসরি (চ॰ ৩২।৪)] বিণ, অপগত ; পলায়িত ; প্রস্থিত।

অপস্কর [অপ-কৃ + অ (র্ম্ম) স্-আগম] বি, রথ,শকট ই॰ যানের কোন অঙ্গ বা অংশ। "স্বর্ণময় নেমি, স্বর্ণময় যুগন্ধর। স্বর্ণময় ধুরা, স্বর্ণময় অ॰।"-কাশী॰। ২ গুহ্যদেশ the anus. ৩ মল ; পুরীষ foeces. "অনাসৃষ্টি বশিষ্ঠ বলিল পুনঃ পুনঃ। একদিন বসে আজি অ॰ আন।"-শি॰।

অপস্নাত [অপ (অপকৃষ্ট) স্নাত, স্না (স্নান করা) + ত (র্ত্তৃ, র্ম্ম)] বিণ, যে অপকৃষ্ট রূপ স্নান করে বা যাকে স্নান করায়। ২ অশৌচান্তে স্নাত। ৩ [ভা॰ ত] বি, সংস্কারার্থ মৃত দেহের স্নান। **~স্নান** [অপ-স্না (স্নান করা) + অন (ভা॰)] বি, শবস্নান। ২ মৃতের উদ্দেশে স্নান। ৩ অশৌচান্তে স্নান।

অপস্মার [অপ (অপগত) স্মার (স্মরণ শক্তি) যা হতে-বহু॰] বি, মূর্চ্ছারোগ epilepsy ; hysteric convulsion. ২ [কাব্যালঙ্কারে] ভূতাদির আবেশ জন্য মনের বিকলতা (ভূপতন, কম্প, ঘর্ম্ম, ফেন, লালাদি ইহার জ্ঞাপক)।-কাব্যনির্ণয়। (২) নির্ব্বেদ, জড়তা, মোহ, স্মৃতি, চিন্তাদি ৩৩ প্রকার সঞ্চারি ভাবের অন্যতম [সঞ্চারি ভাব দ্রঃ]।

অপহত[অপ-হন্ (বধ করা) + ত (র্ম্ম)] বিণ, নিহত ; বিনষ্ট। স্ত্রীং **~তা** [গ্রা॰-গালি অর্থেও ব্যবহৃত হয়]।

অপহরণ [অপ-হৃ (হরণ করা) + অন (ভা॰)] বি, অন্যায় রূপে পরের দ্রব্য গ্রহণ ; চুরি। ক্রি, **অপহরা** [অপহরি, অপহর, অপহরে ; অপহরিতে ; অপহরিয়া (ক্ষে॰ অপহরি পদ্যে)] চুরি করা।

অপহর্ত্তা [অপ + হর্ত্তা (হরণ কর্ত্তা)] বি, যে অপহরণ করে ; চোর ; তস্কর। স্ত্রীং **~ইত্রী**।

অপহসিত[অপ (অপকৃষ্ট) হস্ (হাস্য করা) + ত (ভা॰)] বি, কুৎসিত হাস্য। ২ উচ্চহাস্য ; অশ্রুৎপাদক হাস্য ; বিকট হাস্য।

অপহস্ত [অপ (অপসারণার্থ) হস্ত-প্রাদি॰] বিণ, গলায় হাত দিয়া দূরীভূত ; গলাধাক্কা প্রাপ্ত। ২ অপহৃত। বিণ, **অপহস্তিত** [অপ-হস্ত + ইত] পরিত্যক্ত। ২ হস্তবহির্ভূত ; আয়ত্তাতীত।

অপহা [অপ-হন্ (বধ করা) + ক্বিপ্ (র্ত্তৃ)] বিণ, হননকারী : বিনাশক ; উচ্ছেদক।

অপহার [অপ-হৃ (হরণ করা) + অ (ভা॰)] বি, অপহরণ ; চুরি। ২ অপব্যয় : অপচয় ; ক্ষমতার অতিরিক্ত ব্যয়। ৩ ক্ষতি লোকসান। ৪ অপনয়ন। ক্রি, **~রা**-অপহরণ করা। "বিবাহের কালে, সর্ব্বধন অপহারে।" -মহা॰ (কাশী)। **~রক**-বি, বিণ, চোর : তস্কর : অপহরণকারী। ২ ক্ষতিকারক [প্র॰অ॰] ৩ যে স্থানান্তরে লইয়া যায় [প্র॰ অ॰] **~রিত** [অপ-হৃ + ণিচ্=হারি (হারান) + ত (র্ম্ম)]

বিণ. হৃত ; চোরিত; লুণ্ঠিত। ২ বিনাশিত। ~রী (অপ-হৃ (হরণ করা) + ইন্ (র্ত্তৃ) যে হরণ করে] বিণ; চোর; অপহারক। ২ অপনয়নকারী। স্ত্রীং ~রিণী।

অপহাস [অপ-হস্ (হাস্য করা) + অ (ভা০)] বি, উপহাস ; অযথা হাস্য। ২ অকারণ বা অমূলক হাস্য।

অপহৃত [অপ-হৃ (হরণ করা) + ত (র্ম্ম)] বিণ, যা চোরে লইয়া গিয়াছে ; লুণ্ঠিত। ২ বিনষ্ট : অপচিত। স্ত্রীং ~া।

অপহ্নব [অপ-হ্নু (গোপন করা) + অ (ভা০)] বি, সত্যের অপলাপ : যা আছে তা নাই বলিয়া গোপন ; অস্বীকার। "আমি তোমার ধারি না বলিয়া উত্তমর্ণের ধন অধমর্ণ অ০ করিলে পর যদি উত্তমর্ণ সাক্ষী লেখ্যাদি দ্বারা ধন প্রমাণ করাইতে পারে, তবে রাজা উত্তমর্ণকে ধন দেওয়াইবেন এবং অধমর্ণকে তাহার শক্তি বুঝিয়া অপহ্নবের দণ্ড করিবেন।" -মনু (৮ অ০)। ৫১ (রত্নমালা)। ২ প্রেম ; স্নেহ। ৩ চৌর্য্য।

অপহ্নুত [অপ-হ্নু (গোপন করা) + ত (র্ম্ম)] বিণ, গোপিত ; অদর্শনীকৃত। বি, অপহ্নুতি [+ তি (ভা০)] বি, গোপন ; অপলাপ ; অস্বীকার। ২ বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ denial. উপমেয়ের অপলাপ বা গোপন করিয়া উপমানের বিধান বা স্থাপন বা কোন গোপনীয় বিষয় স্বয়ং কোন প্রকারে প্রকাশ করিয়া পুনরায় প্রকারান্তরে তার গোপন করায় অপহ্নুতি অলঙ্কার হয়। ছদ্ম ; ছল ; ব্যাজ ই০ পদ ইহার ব্যঞ্জক। যথা- "সৌধোপরি আরোহিয়া, দেখিছে রে দাঁড়াইয়া, সারি সারি পুরনারীগণ। আলু থালু কেশ পাশ আলু থালু নীল বাস, কেঁদে কেঁদে লোহিত নয়ন। আমি ত না নারী বলি, শ্যামল জলদাবলী নারীরূপে উঠেছে উপরে। অই দৃষ্টি দৃষ্টি নয় সৌদামিনী বোধ হয়, চঞ্চলতা হেরে ভয় করে॥"-বসন্তসেনা। এখানে নারী ও দৃষ্টি এই দুটি উপমেয়ের অপহ্নব করিয়া জলদ ও সৌদামিনী এই দুটি উপমান আরোপিত হইয়াছে বলিয়া ইহা স্বয়ং প্রকাশ করিয়া আবার স্বয়ংই প্রকারান্তরে গোপন বা অপহ্নব পূর্ব্বক আরোপের দৃষ্টান্ত। আরোপ পূর্ব্বক অ০। যথা-"গগন-সাগরমাঝে হেরিছ যে দ্বিজরাজে, দ্বিজরাজ নহে উঁহা বিশদ উৎপল। আর যে কলঙ্কদাগ, ব্যাপিয়াছে মধ্যভাগ, কলঙ্ক নহেক উহা ভ্রমরের দল।"-কাব্যদর্পণ। "ওলো পূর্ণ বিধুমুখি, মোরে ভেঙ্গে বল দেখি, ইহারে বলয় বলে কে তোমারে বলেছে। কার হেন কথা শুনে বিশ্বাস করেছ মনে, তুমিও যেমন ধনি, সে তোমারে ছলেছে। সত্য তবে শুন অহে, এতব বলয় নহে, তোমা প্রতি রতিপতি পরিতুষ্ট হয়েছে। ইথে কাম মহাশয়, জগৎ করিতে জয়, তব হাতে গুণ-যুক্ত ফুলধনু দিয়েছে।"-রসতরঙ্গিনী। "মাধব বিনা হায় লো ললিতে না পারে কুঞ্জ সুখ বিতরিতে, আসিয়া কৃষ্ণ 'ফিরাবে কপাল * * * হায় ললিতে অবাক্ করিলে, বসন্ত বুঝিতে কৃষ্ণ বুঝিলে।"-কাব্যদর্পণ। "নাভি কূপে যাইতে কাম কুচশম্ভু বলে। ধরেছে কুন্তল তার রোমাবলী ছলে॥"-ভারত০।

অপা [বৌ০ বাং প্রাকৃ০। সং-আত্মা > 'অপণে', 'অপ্প,' 'অপ্পাণ', অপ্পে, অপ্য, অপ্যা, অপ্পা > অপা-৮, ৩১।১ দো০, সরোজ বজ্র)] বি, আত্মা। "ণ জানমি অপা কঁহি গই পইঠা (প্রবিষ্ট)"-চ০ ৩১।১। ২ [এই অর্থে- অপ্পণু, অপ্যণু, অপ্যা ও০] আপনি (চ০ ৩২।৩)। অপণা=আপনাকে আপনি (আত্মগ্রহভাব্যভাবক রূপং-অদ্বয় বজ্রের টীকা)। অপণু-আপন, স্বীয়। "অপণু ইচ্ছে ফুড় পড়িহাসই।" অপ্পণু, অপ্যণু-আপনি, আপনাকে। অপ্যণা-আপনা। অপ্যহি, অপ্যহিঁ-আত্মকে। অপ্যাণ-আপনাকে।

অপণেঅপা-আপনাআপনি ; নিজে নিজে। "অপণেঅপা বুঝতু নিঅমন," (=নিজ মন)-বৌ০ গা০ ও দো০।

অপা/ক [হিং-নাপাক। ন=অ-পাক পচ্ (পাক্ করা) + অ (ভা০) নঞ্] বিণ, অজীর্ণ ; পরিপাক না হওয়া : গরহজম ; অপচার। ২ [অ + হিং-পাক (পবিত্র)] অপবিত্র। "অ০ শরীর বল্যা নাহি দেই বেটী।"-কবিবল্লভ (শীতলামঙ্গল)। ~কী [বৌ০ সা০, সূনা দ্রঃ] বি, বিণ, যিনি অন্ন পাক করিয়া খান না। "সূনা দোষে লিপ্ত আমি * * ইনি কিন্তু অনাসক্ত, অপাকী' মমত্বহীন, খাদ্য এঁরে দিনু সে কারণ।"-জাতক। যিনি অপাকী কেবল ভিক্ষালব্ধ অন্নে জীবন ধারণ করেন, তিনি সূনা দোষে লিপ্ত হন না।"-ঐ পাদটীকা।

অপা/করণ [অপ-আ-কৃ + অন(ভা০)] বি, অপসারণ, দূরীকরণ ; নিরাকরণ। ২ প্রশমন। ৩ বিকৃতি ; প্রকৃতির অন্যথাকরণ। ৪ পরিশোধ। বিণ, ~কৃত-স্থানান্তরিত ; দূরীকৃত। ২ তিরস্কৃত। "রাজপদ কোথাও বা প্রজা কর্তৃক অ০, কোথাও বা রাজশক্তির প্রাচীন নিদর্শনরূপে উচ্চাসন প্রদানে স্বীকৃত।"-ভারতের সাধনা (স্বামী প্রজ্ঞানন্দ)। ৩ প্রশমিত। ৪ নিবারিত। বি, ~কৃতি।

অপাঙ্‌ক্তেয় [অ-পঙ্‌ক্তি(শ্রেণী) + এয়] বিণ, অশ্রেণীবদ্ধ। ২ সমাজে সাধুসজ্জনের সহিত এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজনের অযোগ্য।

অপাক্ষ [অপ (অপগত) অক্ষ (অক্ষি শব্দজ-চক্ষু) যার-বহু০] বিণ, নেত্রশূন্য : অচক্ষু . অন্ধ। ২ [অপ (অপকৃষ্ট) অক্ষ (প্রাদি০)] কুৎসিতচক্ষু ; কুচক্ষু। ৩ [অপ (কুৎসিত) অক্ষ (ইন্দ্রিয়)] কুৎসিত ইন্দ্রিয়।

অপাঙ্গ [অপ(অপগত) অঙ্গ (শরীর) যার-বহু০] বিণ, অঙ্গহীন [অ প্র০] ২ [অপ(অপকৃষ্ট) অনগ্ (গমন করা) + অ জ্ঞা০-যে বক্র গমন হেতু অপকৃষ্ট গমন করে] বি, চক্ষুর প্রান্ত ভাগ ; নয়নকোণ the exterior corner of the eye. ৩ অপাঙ্গদর্শন ; কটাক্ষ। ৪ তিলক : টিপ : ফোঁটা। ~ক [অপাঙ্গ (দ্রঃ) + ক (স্বার্থে)] বিণ, অঙ্গহীন। ২ বি, আপাং বৃক্ষ। ~দর্শন [অপাঙ্গ দ্বারা দর্শন-৬ তৎ] বি, বক্রদৃষ্টি ; কটাক্ষপাত ; আড়চাহনি।

অপাচ্য-বিণ, যা জীর্ণ বা হজম হয় না।

অপাটব [ন=অ, পাটব (পটু + অ-ভা০) = পটুতা-নঞ্] বি, অপটুতা ২ জড়তা। ৩ অসুস্থতা ; রোগ।

অপাঠ্য-বিণ, যা পাঠযোগ্য নয় ; অশ্লীল। ২ দুষ্পাঠ্য।

অপাত্র [ন=অ(কুৎসিত)-পাত্র-নঞ্] বি, অসৎ পাত্র ; অধম পাত্র : কুৎসিত পাত্র। ২ দানাদির অযোগ্য পাত্র। স্ত্রীং ~ী। ~ন্যস্ত -বিণ, অযোগ্য পাত্রে স্থাপিত ; কুলোকের নিকট গচ্ছিত। > বি, ~ন্যাস। ~স্থ-বিণ, অপাত্রে অর্পিত। ২ অযোগ্য আধারে রক্ষিত।

অপাত্রীকরণ [অপাত্র+চ্বি (অভূত-তদ্ভাবে)+করণ] বি, নিন্দিতের দান গ্রহণ, বাণিজ্য, শূদ্রসেবা, মিথ্যাভাষণ এই ৪ প্রকার পাপকার্য্য।

অপাদ-বিণ, পদহীন। "অং সর্ব্বত্র গতি।"

অপাদপ-বিণ, বৃক্ষহীন ; নির্বৃক্ষ।

অপাদান [অপ-আ-দা (দান করা, গ্রহণ করা)+অন (ভা০)] বি, অপকৃষ্ট দান ; অপকৃষ্ট গ্রহণ। ২ [অপ (কোন স্থান বা কিছু হইতে) আদান (গ্রহণ)। ব্যা০ পরিঃ] কারক বা বাচ্য বিঃ (যাতে ৫মী বিভক্তি হয়) the ablative case.

অপান [অপ (নিম্নগামী বলিয়া অপকৃষ্ট) অন্ (বাঁচিয়া থাকা)+অ (ণে) যদ্দ্বারা বাঁচিয়া থাকে, বায়ু] বি, মল দ্বারের বায়ু : বাতকর্ম্ম। ২ [অপ (অপগত নিঃসৃত) অন (মলদ্বার বায়ু) যা হতে-বহু০] মলদ্বার ; গুহ্যদ্বার anus.

অপাপ [ন-অ(নাই) পাপ যার-বহু০] বিণ, পাপশূন্য ; নিষ্পাপ। ২ বি, পাপাভাব। স্ত্রীং ~া। বিণ, ~ী-যে পাপী নয়। ~বিদ্ধ [ন=অ+পাপ (দ্বারা) বিদ্ধ] বি, পাপলিপ্ত নয় : পাপহীন : নিষ্পাপ। "সবাই অং বিদ্ধ, সকলেই স্বতঃসিদ্ধ ;-গোবিন্দ দাস (চন্দন)।

অপাবরণ [অপ-আ-বৃ (আবরণ করা) +অন(ভা০)] বি, আচ্ছাদন। ২ অপগত আবরণ ; উন্মোচন। ৩ স্বেচ্ছা-প্রবৃত্তি। ৪ [অপ (অপগত) হইয়াছে আবরণ যার] বিণ, প্রকাশিত।

অপাবর্ত্তন [অপ+(বিপরীত) আবর্ত্তন)] বি, প্রত্যাবর্ত্তন। বিণ, অপাবৃত্ত (দ্রঃ)।

অপাবৃত [অপ-আ-বৃ+ত (র্ম্ম)] বিণ, অনাবৃত ; উদ্‌ঘাটিত। ২ তিরোহিত। ৩ স্বেচ্ছা-প্রবৃত্ত। ৪ স্বাধীন; স্বতন্ত্র। ৫ অবরুদ্ধ।

অপাবৃত্ত [অপ-আ-বৃৎ (হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, ভূলুণ্ঠিত। ২ প্রতিনিবৃত্ত ; যিনি ফিরিয়া আসিয়াছেন ; প্রত্যাবৃত্ত।

অপামার্গ [অপ-আ-মৃজ(পরিষ্কার করা) অ (ণে) জ=গ, যার ক্ষারদ্বারা বস্ত্রাদি পরিষ্কার করা যায়] বি, আপাং গাছ।

অপাম্পতি [অপাং+পতি] বি, সমুদ্র।

অপায় [অপ-ই-(গমন করা)+অ(ভা০)] বি, অবনতি; অধোগতি। ২ ক্ষতি। ৩ দুঃখ; অমঙ্গল। ,"ধর্ম্ম, যার সখা তার কিসের অপায়।"-ঘ০। ৪ মৃত্যু। ৫ উন ; এক কম।-মনু। ১।৭০। ৬ বাধা ; প্রতিবন্ধক।-হাউটন। ৭ [বৌ০ সা০] বিপদ।

অপায়ন [অপ-ই (গমন করা)+অন -ভা০)=অয়ন] বি, পলায়ন। ২ উপায়। "নিরুপায়ে অং বুঝি কাক্কীগতি।"-কাক্কী০।

অপায়ী [অপায় (দ্রঃ)+ইন্(স্ত্যা)=অপায়িন্ ১মা ১ব০] বিণ, অপায় বিশিষ্ট। ২ নশ্বর।

অপার [ন=অ (নাই) পার (সীমা) যার-বহু০] বিণ, অসীম : পারহীন ; অকূল। ২ অগাধ। ৩ দুরপার। ৪ অধিক। ৫ যা অক্লেশে পার হইবার মত নহে। ৬ নদ্যাদির অপর পার বা কূল ; পরপার। ৭ [প্রাদে০] যার সহিত পারা যায় না ; যাকে আঁটিয়া উঠা যায় না ; শাসনের বহির্ভূত।

অপারক [ন=অ-পারক। গ্রা০-অপারগ] বিণ, অশক্ত ; অসমর্থ ; অক্ষম।

অপারেটার [ইং operatorএর লিপ্যন্তর] বি,যন্ত্রচালক। ২টেলিফোনে যন্ত্র-পরিচালনাকারী যন্ত্র-ঘরে থাকিয়া যে এক ব্যক্তির সহিত অন্যেরটে লিফোনে কথাবলিবার জন্য যন্ত্র সংযোগ করায়। "৫২৫ নম্বরের ফোনে তিনি অপারেটরকে ১৭৫ নম্বরের ফোনের সহিত যোগ করিয়া দিতে বল্লেন।"

অপার্থ [অপ (অপগত) অর্থ (ধন বা বল ই০) যার-বহু০] বিণ, যার ধন কিম্বা বল ক্ষয় হইয়াছে ; নির্ধন। ২,ব্যর্থ ; নিষ্ফল। ৩ নিরর্থক। ৪ [ন=অ (নাই)পার্থ (অর্জুন) যেখানে-বহু০] বিণ, পার্থহীন ; (তুল-অরাম বা অরাবণ হবে ভব আজি"-মেঘ০)। বি, ~তা।

অপার্থিব-বিণ, নৈসর্গিক ; অলৌকিক।

অপার্য্য/মাণ [পৃ (পালন করা)+ণিচ =পারি+আন-র্ম্ম, য-ম-আগম। ন=অ=পার্য্যমাণ-নঞ্] বিণ, যাকে পোষণ করা যায় না ; পোষণের অযোগ্য। ~মানে [প্রাদে০। গ্রা০-অপার্জ্জিমানে ; অপাজ্জিমানে] ক্রি-বিণ, অসাধ্য বা অসমর্থ পক্ষে ; অক্ষমতা হেতু না পারায়।

অপালন [ন=অ-পালন (রক্ষা) নঞ্] বি, পালনের অভাব : শিক্ষা বিধানাভাব। ২ অরক্ষণ। ৩ অযত্ন।

অপাশ্রয় [অপ (অপগত হইয়াছে) আশ্রয় (রক্ষক) যার-বহু০] বিণ, নিরাশ্রয়; আশ্রয়শূন্য। ২ [অপ (অপকৃষ্ট) আশ্রয়-প্রাদি০] বি, চন্দ্রাতপ ; চাঁদোয়া ; সামিয়ানা।

অপাসঙ্গ [অপ (অপর দিকে) আসঙ্গ (সম্বন্ধ) যার-বহু০-যা বীরের পৃষ্ঠদেশে লম্বিত থাকে] বি, তূণ ; শরাসন।

অপাসন [অপ-অস্ (ক্ষেপণ করা)+অন (ভা০) ; অপ (অপগত) অসন (হস্ত পদাদির বিক্ষেপ বা ক্রিয়া) যে দশাতে] বি, মরণ; মৃত্যু। ২ অপক্ষেপণ ; দূরীকরণ।

অপাস্ত [অপ-অস্ (বিদ্যমান থাকা)+ত (র্ত্তৃ)] বিণ, যিনি বিদ্যমান বা উপস্থিত থাকিতে পারেন নাই ; অপগত : বিগত। ২ ক্ষান্ত : নিবৃত্ত। ৩ অপসারিত : বহিষ্কৃত। ৪ খণ্ডিত। ৫ প্রত্যাখ্যাত।

অপাহরণ [অপ-আ-হৃ (হরণ করা)+অন (ভা০) ; অপ (অপকৃষ্ট রূপে) আহরণ (গ্রহণ)-প্রাদি০] বি, চুরি ; বলপূর্ব্বক গ্রহণ। ২আকর্ষণ।

অপি [তুল-গ্রী০-Epi (upon) ও সং-অপিধান (পরিধান) এর অপি] অ, সম্ভাবনা, (২) অবধারণ,নিশ্চয়, (৩) সন্দেহ, (৪) সমুচ্চয়, (৫) সর্ব্বতোভাব, (৬)অনুজ্ঞা, (৭) নিন্দা, (৮) প্রশ্ন, (৯) অপর, (১০)অল্পতা, (১১) যুক্তপদার্থ, (১২) পুনঃ-এই সমুদয় অর্থজ্ঞাপক উপসর্গ বিঃ [বাং-য় বিরল]। ~চ [সং] অ, এবং : অধিকন্তু ; আরও। ২ [পালিতে তথাপি এই অর্থে ব্যবহৃত] তথাপি ; তবুও : তা হলেও [আধু০ বাং-য় বিরল]।

অপিচ্ছল, অপিচ্ছিল [ন=অ-পিচ্ছল ই০] বিণ, পিছল নয় : অমসৃণ।

অপিতু-অ, যদিবা [আধু০ বাং অপ্র০]

অপিতৃক-বিণ, পিতৃহীন।

অপিধান [অপি-ধা (ধারণ করা, আচ্ছাদন করা)+অন (ভা০)] বি, আচ্ছাদন : আবরণ। ২ তিরোধান।

অপিনদ্ধ [অপি-নহ্ (বন্ধন করা)+ত-(র্ম্ম) হ-ত=দ্ধ)] বিণ,শরীর আবরক রূপে বন্ধন করা হইয়াছে এরূপ ; পরিহিত।

অপিশুন [ন=অ-পিশুন] বিণ, অখল।

অপীনস-বি, পীনসরোগ। ২ [নাই পীনসরোগ যার-বহু°] বিণ, পীনস রোগশূন্য।

অপুচ্ছ-বিণ, পুচ্ছহীন ; অপুচ্ছী (দ্রঃ)।

অপুচ্ছা-বি, শিংশপাবৃক্ষ ; শিশু গাছ। ২ [ন=অ (নাই) পুচ্ছ যার] বিণ, পুচ্ছরহিত।

অপুচ্ছী-বি, পুচ্ছহীন উভচর প্রাণী anura (ভেক এই জাতীয়)।

অপুচ্ছাঙ্কুর [ন=অ-পুচ্ছ+অঙ্কুর যাদের-বহু°, যাদের পুচ্ছ নাই, মস্তক এবং মুখের গহ্বর প্রশস্ত, লম্ফ-দিয়া-গমনোপযোগী সম্মুখের পদ অপেক্ষা পশ্চাতের পদ বড়] বি, ভেক জাতীয় প্রাণী ; অপুচ্ছী anura.

অপুণ্য-বিণ, পুণ্যকর্ম্ম-হীন : অধার্ম্মিক। ২ অপবিত্র। ৩ পুণ্যাভাব।

অপুত্র-বিণ, পুত্রহীন ; নিঃসন্তান। ২ [ন=অ (কুৎসিত) পুত্র] কুপুত্র। ~**ক** [অপুত্র+ক (স্বার্থে)-বহু°] বিণ, পুত্রহীন ; সন্ততিহীন ; নিঃসন্তান। "অ° আমি মনে পাই বড় দুঃখ।"-কৃত্তি°। স্ত্রীং ~া।

অপুনরাবৃত্তি [ন=অ (নাই) পুনঃ (পুনর্ব্বার) আবৃত্তি (আগমন, তাৎপর্য্য পুনর্জন্ম বা জন্মান্তর) যা হতে বহু°] বি, নির্ব্বাণমুক্তি ; মোক্ষ ; অপুনর্ভব। ২ অপুনরাগমন ; পুনর্ব্বার ফিরিয়া না আসা।

অপুনর্ভব-বি, অপুনরাবৃত্তি দ্রঃ। ২ বিণ, পুনর্জ্জন্ম রহিত ; নির্ব্বাণ মুক্ত ; পুনরুৎপত্তি রহিত। স্ত্রীং ~া।

অপুরোদন্তী [ন=অ-পুরস্ (অগ্রে) দন্ত+ইন্ (স্ত্র)=দন্তী, যাদের মুখের অগ্রভাগে দন্ত নাই-বহু°] বি, পুরোদন্তহীন প্রাণী (পিপীলিকাভুক্, বজ্র-কীটাদি) edentata

অপুষ্পক [ন=অ(নাই) পুষ্প যাদের-বহু°+ক] বিণ, যে সকল বৃক্ষের পুষ্প হয় না, কিংবা যাদের পুষ্পে কেশর ও শীষ থাকে না cryptogam.

অপুষ্পফলদ [ন=অ (নাই) পুষ্প যার অথচ ফলদ (দা=দান করা)+ড(র্ত্তৃ) যে ফল প্রসব করে] বি, কাঁটালবৃক্ষ। ২ পৃথক পুষ্প ব্যতিরেকে জাত ফলের বৃক্ষ। স্ত্রীং ~া।

অপুষ্যি [অ(=কু) পুষ্যি=পোষ্য (গ্রাং)] বি, কুপোষ্য। "অ° অনেকগুলি, ডাইনে আনতে বাঁয়ে কুলায় না।"

অপূর্ত [ন=অ-পূত (পবিত্র) নঞ্] বিণ, অপবিত্র ; অসংস্কৃত।

অপূপ [অপ্ (জল) বপ্ (বপন করা, ব=উ)+অ (র্ম্ম) যা জলদ্বারা উত্তপ্ত (পক্ব) হয়-৩ তৎ] বি, সিদ্ধপুলি, আস্কে ই° ; পিষ্টক ; পিটা pudding ; cake. ২ রোটিকা ; রুটি bread ; loaf

অপূপ্য-বি, গমের আটা ; ময়দা।

অপূর্ণ [ন=অ+পূর্ণ] বিণ, অসম্পূর্ণ।

অপূর্ব্ব [ন=অ-পূর্ব্ব > গ্রা° অপরূপ, মৈ° অপুরুব, ব্রজ°-অপরূব] বি, অদৃষ্ট। ২ যা পূর্ব্বে ঘটে নাই ; অভূতপূর্ব্ব ; নূতন ; অভিনব। প্র-অ° ঘটনার সমাবেশ। ৩ অতি উৎকৃষ্ট ; অতি উপাদেয় ; অতিসুন্দর। প্র-অ° সামগ্রী। ৪ অদৃষ্টপূর্ব্ব (প্রশংসার্থে) ; চমৎকারজনক। অ° রূপ, রূপলাবণ্য, অ° সুন্দর, অ° সুন্দরী।

অপৃষ্ঠবংশী [অপঞ্জরী দ্রঃ] বিণ, মেরুদণ্ডহীন প্রাণী invertebrata.

অপেক্ষক-বিণ, অপেক্ষাকারী।

অপেক্ষ/ণ [অপ+ঈক্ষণ] বি, রক্ষণ : রক্ষণাবেক্ষণ ; তত্ত্বাবধান (দ্রঃ)। ২ ক্রি-বিণ, রক্ষণ কার্য্যে। "নিয়োজিত কর তারে ছেলি অ°।"-কবিক°। বিণ, ~**নীয়**।

অপেক্ষা [অপ+ঈক্ষা (ঈক্ষ্=চাহিয়া দেখা)+অ (ভা°) স্ত্রীং-আ] বি, মুখ চাহিয়া থাকার ভাব ; প্রতীক্ষা। প্র-তার অ° না করিয়া নিজেই কাজটা শেষ করিয়া ফেল। ২ আপ্যায়ন। "উদ্বুক্ত অন্তকালে অ° আদর।"-ব°। ৩ সম্ভ্রম ; খাতির ; অনুরোধ। "তোমার অ° হেতু ক্ষমি শুধু আমি।"-মহা° (কাশী)। ৪ গণনা ; বিচার। "আমার ভাগিনা বলি মা করো অ°। বলিদান দিয়া তারে পুজিবে কামাখ্যা॥"-ঘ°। ৫ বিলম্ব ; দেরী। প্র-একটু অ° কর, এখনি ফিরিব। ৬ উৎকর্ষাপকর্ষবোধক সম্বন্ধ ; তুলনা। প্র-ইহার অ° উহা ভাল। ৭। স্পৃহা ; বাসনা : আকাঙ্ক্ষা ; প্রার্থনা। প্র-এখন আর তার কিসের অ°, জীবনে যা সাধ ছিল তা তার সমস্তই হইয়াছে। ৮ মনোযোগ। ৯ সম্যক্ দর্শন ; পর্য্যবেক্ষণ। ১০ [বাং-পদ্যে ক্রি। উ-পু°-অপেক্ষি, অপেক্ষিব। ম° পু°-অপেক্ষ, অপেক্ষিবে। প্র° পু°-অপেক্ষে, অপেক্ষিবে অস-ক্রি,-অপেক্ষিতে ; অপেক্ষিয়া ; (ক্ষে°, গদ্যে অপেক্ষি)] ক্রি, অপেক্ষা করা ; অপেক্ষা রাখা ; অপেক্ষায় থাকা। ~**কৃত**-ক্রি-বিণ, তুলনাকৃত ; এক হতে অন্যের তুলনায়। ২ পূর্ব্বাপেক্ষা অধিক ; অধিকতর। ৩ অনধিক ; অল্প। প্র-এ সময় অ° উষ্ণজলে স্নান করিতে দোষ নাই। ~**বুদ্ধি**-বি, [পারিঃ] এই একটী এই একটী এইরূপ অনেকত্ব বিষয়িণী বুদ্ধি discrimination of numbers. বিণ, **অপেক্ষিত** [অপ-ঈক্ষ্ (দর্শন করা)+ত (র্ম্ম)-যাকে দর্শন করা হইয়াছে] বিণ, প্রতীক্ষিত। ২ ঈপ্সিত ; আকাঙ্ক্ষিত। ৩ অনুরুদ্ধ। ৪ বিবেচিত। ৫ পর্য্যবেক্ষিত। ৬ সম্বলিত। তুলিত। ৭ সম্মানিত ; পূজিত। "সর্ব্বলোকে অ°,"-চৈ° ভা°। ৮ শ্রেষ্ঠ। **অপেক্ষিতব্য, অপেক্ষ্য**-বিণ, অপেক্ষনীয়। **অপেক্ষী**-বিণ, অপেক্ষক। স্ত্রীং **অপেক্ষিণী**।

অপেতরাক্ষসী [অপেত (অপগত বা দূর হয়) রাক্ষসী (রাক্ষসপ্রকৃতি ; রাক্ষস, প্রেত, পিশাচ ই°) যা হতে] বি, তুলসী গাছ [এইজন্য হিন্দুমাত্রে তুলসীপত্রদ্বারা পূজার অনুষ্ঠান করেন এবং আপন আলয়ে তুলসী বৃক্ষ স্থাপন করেন]।

অপেয় [ন=অ পেয় (পানযোগ্য) নঞ্] বিণ, পান করিবার যোগ্য নহে। প্র-দূষিত জল অ°। ২ যা পান করা যায় না। প্র-সমুদ্র জল অ°। ৩ যা পান করা ধর্ম্মবিরুদ্ধ বা অবৈধ। প্র-মদ্য অ° [তুল-অখাদ্য]।

অপেশল -**স্ল**, -**স্‌ল**-বিণ, অসুন্দর। ২ অপটু। ৩ অকৌশলী।

অপৈশুন্য-বি, অখলের ভাব ; সাধুতা।

অপোগণ্ড [প্রাদে° উচ্চারণ বিকারে অবগণ্ড। অপ (অপকৃষ্ট)-গম্ (গমন করা)+ড (র্ত্তৃ) গ্রা° (প-পো)] বি, পঞ্চদশ বৎসরের অনধিক বয়স্ক শিশু ; নাবালক [পোগণ্ড দ্রঃ] ২ ভীরু ; বিকলাঙ্গ।

অপোড় [গ্রা°-আপোড়া। অ (না)-পোড়া (দহন)] বিণ, যা ভাল পোড়া নহে ; অদগ্ধ ; যা পুড়ে নাই।

অপোদিকা [অপ (বিপরীত-বিকার প্রাপ্ত) উদক (জল-রস)+আ, ই আগম। অধিক

জলপুষ্ট-অতি-পিচ্ছিল রস ও শ্লেষ্মাকারক বলিয়া। বৈদ্যকে-পূতি, পূতিকা উপোতী, উপোদকা, উপোদকী, উপোদিকা, বলিপোদকী, পিচ্ছিলদা, 'পিচ্ছিলা' ওং] বি,পুঁই-শাক potherb-bassella rubra or luciba.

অপো/হ [অপ (বিরুদ্ধ) উহ্ (তর্ক করা) +অ (ভা০)] বি, তর্ক। ২ অপনোদন। ~হবাদ-দুই বিরুদ্ধ মতের খণ্ডন ; তর্কবাদ। বিণ, ~হিত-তর্কিত। ২ অপনোদিত।

অপৌরু/ষ [ইহা পুরুষের এই অর্থে পুরুষ+অ=পৌরুষ, ন=অ+পৌরুষ-নঞ্] বি, ইহা পুরুষ সম্বন্ধীয় নয়। ২ অগৌরব; অপ্রশংসা। ~ষেয় [ন=অ+পৌরুষেয়, পুরুষ দ্বারা কৃত অর্থে এয়-নঞ্] বিণ, পুরুষ দ্বারা কৃত নহে ; অমানুষিক ; অলৌকিক।

অপ্চি-অপচয় দ্রঃ।

অপ্পেয়ে [অল্লায়ুঃ >, অপ্পাই দ্রঃ] বিণ, যার পরমায়ু অল্প ; অচিরজীবী ; (গালিবিঃ)।

অপ্রকট-বিণ, অপ্রকাশ। ২ পরলোকগত ; অন্তর্হিত [সাধুমহাত্মাদিগের মৃত্যু হইলে তাকে অং হওয়া বলে, তাঁদের মৃত্যুর নামান্তর 'তিরোভাব' বা 'তিরোধান' বৈং সাং, প্রচর] বিণ, অপ্রকটিত।

অপ্রকম্প-বিণ, স্থির। ২ কম্পরহিত।

অপ্রকাণ্ড-বি, কাণ্ড বিহীন বা গুঁড়িহীন বৃক্ষ ; ঝিণ্টীগাছ; গুল্ম : ঝোপ। ২ বিণ, অবৃহৎ ; অপ্রশস্ত।

অপ্রকা/শ-বি, গোপন ; অনভিব্যক্তি। ২ বিণ, অপ্রকাশিত ; অব্যক্ত। প্র-কথাটা এখন অং থাক। ৩ লুক্কায়িত ; গা ঢাকা। প্র-এখন সে কিছুদিন অং থাকিবে। ~শ্য-বিণ, যা প্রকাশের যোগ্য নয় ; গোপনীয়। ২ অন্তরালে অবস্থিত ; সাধারণের দৃষ্টি বহির্ভূত। ~শিত-বিণ, যাকে প্রকাশ করা হয় নাই ; গুপ্ত। ২ লুক্কায়িত।

অপ্রকৃত-বিণ, যা প্রকৃষ্ট রূপে কৃত নয় : কল্পিত ; অযথার্থ ; অসত্য ; মিথ্যা।

অপ্রকৃতিস্থ-বিণ, যে স্বীয় স্বভাবে স্থিত নহে ; বিকৃত (মস্তিষ্ক)।

অপ্রকৃষ্ট-বিণ, বিশিষ্টতা-হীন। ২ অনুত্তম। ৩ অধম। প্রকৃষ্ট দ্রঃ।

অপ্রখর-বিণ, অতীব্র ; অনুগ্র ; ম্লান। স্ত্রীং ~া। বি, ~তা।

অপ্রগল্ভ-বিণ, বাচাল নয়। ২ অধৃষ্ট ; অবিনীত। স্ত্রীং ~া।

অপ্রগুণ [ন=অ (নাই) প্র (প্রকৃষ্ট) গুণ (উপকরণ বা কার্য্য-সামর্থ্য) যার-বহুং] বিণ, যার কার্য্যকারিতা গুণ নাই। ২ ব্যাকুল।

অপ্রচলন, অপ্রচার-বি, অপ্রসিদ্ধি। ২ অপ্রকাশ। ৩ অব্যবহার। বিণ, অপ্রচলিত, অপ্রচারিত।

অপ্রচুর-বিণ, অপর্য্যাপ্ত। ২ অল্প।

অপ্রজ, -প্রজঃ [ন=অ (নাই) প্রজা (সন্তান) যার-বহুং, নঞ্ এর সহিত বহুং হইলে প্রজা স্থানে প্রজস্ (স=ঃ)] বিণ, যার সন্তান নাই ; নিঃসন্তান। স্ত্রীং ~া-বন্ধ্যা।

অপ্রজ্ঞ-বিণ, অবিজ্ঞ ; অনভিজ্ঞ।

অপ্রণ/য়-বি, অপ্রীতি ; অননুরাগ। ২ বিবাদ। ৩ ভেদ : বিচ্ছেদ। বিণ, ~য়ী-অপ্রেমিক ; বেরসিক। স্ত্রীং ~য়িনী।

অপ্রণালী-বি, অনিয়ম : বিশৃঙ্খলা।

অপ্রণিধান-বি, অবধানের অভাব ; অমনোযোগ। ২ [নাই প্রণিধান যার-বহুং] বিণ, অমনোযোগী।

অপ্রণিহিত [ন=অ-প্র-নি-ধা (ধারণ করা)+ত (র্তৃ) ধা=হি, নঞ্] বিণ, প্রকৃষ্ট রূপে ধারণা রহিত। ২ অমনোযোগী ; অনবধান।

অপ্রতিকার, অপ্রতীকার-বি, প্রতিবিধান বা চিকিৎসার অভাব। ২ প্রতিশোধ না দেওয়া।

অপ্রতিকরণীয়, অপ্রতিকার্য্য -বিণ, প্রতিবিধানের অতীত; অপ্রতিবিধেয়। ২ অসংশোধনীয়। ৩ নিরুপায়। ৪ অচিকিৎসনীয় ; চিকিৎসাসাধ্য নয়।

অপ্রতিকূল-বি, অনুকূল; অবিরোধী।

অপ্রতিগ্রহ-বি, অদানগ্রহণ। ২ অস্বীকার। ৩ অননুগ্রহ।

অপ্রতিচিত্ত-বিণ, অব্যবস্থিত চিত্ত।

অপ্রতিদ্বন্দ্বী, অপ্রতিপক্ষ-বিণ, শত্রুশূন্য। ২ অবিরোধী। ৩ অবিপক্ষ।

অপ্রতিপত্তি-বি, অগৌরব। ২ অপ্রতিষ্ঠা। ৩ অনিষ্পত্তি।

অপ্রতিপন্ন-বিণ, অনিষ্পন্ন। ২ অপ্রমাণিত। ৩ অসম্পাদিত। ৪ অজ্ঞাত।

অপ্রতিপাদিত-বিণ, অনবধারিত। ২ অজ্ঞাত ; অবোধিত।

অপ্রতিবদ্ধ-বিণ, যার কোনরূপ প্রতিবন্ধক নাই ; প্রতিবন্ধক রহিত ; অব্যাহত।

অপ্রতিবন্ধ-বি, অব্যাঘাত; বিঘ্নাভাব।

অপ্রতিবন্ধক-বিণ, অবিঘ্নকারক।

অপ্রতি/বিধান-বি, অপ্রতিকার। বিণ, ~বিহিত-অকৃত প্রতিবিধান।

অপ্রতিবিধিৎসা-বি, অপ্রতিবিধানেচ্ছা ; প্রতিশোধগ্রহণে অনিচ্ছা।

অপ্রতিবিধেয়-বিণ, প্রতিবিধানের অযোগ্য বা অসাধ্য ; যার প্রতিকার করা যায় না ; অপ্রতিকার্য্য। "ভবদীয় ভাব দর্শনে স্পষ্ট প্রতীয়মান হইতেছে, অবশ্যই কোনও অং অনিষ্ট সঙ্ঘটন হইয়াছে।"-বিং সাং (সীং বং)।

অপ্রতিবীর্য্য-বিণ, অজেয় invincible.

অপ্রতিভ-বিণ, হতবুদ্ধি; বুদ্ধির তীক্ষ্ণতা হীন; অপ্রত্যুৎপন্নমতি। ২ সলজ্জ ; অপ্রস্তুত। ৩ প্রভাহীন ; দীপ্তিহীন। ৪ ক্ষুব্ধ।

অপ্রতিম [ন=অ (নাই) প্রতিমা (সদৃশ) যার-বহুং] বিণ, প্রতিমা বা সদৃশ রহিত ; নিরুপম ; অতুলনীয়।

অপ্রতিযোগী-বিণ, অপ্রতিদ্বন্দ্বী। ২ অসমকক্ষ।

অপ্রতিরথ [ন=অ (নাই) প্রতিরথ-প্রতি (প্রতিপক্ষ) রথ (রথান্তর) যার প্রতিপক্ষ রথান্তর নাই] বি, অপ্রতিদ্বন্দ্বী যোদ্ধা। ২ যুদ্ধার্থ যান। ৩ যুদ্ধ যাত্রাকালে মঙ্গলাচরণ। ৪ সামবেদোক্ত প্রাস্থানিক মন্ত্র। ৫ বিণ, প্রতিযোধহীন।

অপ্রতি/রুদ্ধ-বিণ, অনিবারিত ; অপ্রতিহত। বি, ~রোধ। বিণ, ~রোধ্য-যার প্রতিরোধ করা যায় না। ২ প্রতিরোধের অনুপযুক্ত। "যাহার আঘাত অপ্রতিরোধ্য ও অব্যর্থ।"-আং শক্তি।

অপ্রতিরূপ-বিণ, যার সদৃশ নাই; যার সমান রূপ নাই। ২ সমকক্ষহীন।

অপ্রতিশ্রুত-বিণ, যে প্রতিশ্রুতি-বদ্ধ নয় ; অনঙ্গিকারবদ্ধ ; অস্বীকৃত।

্র যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্য ঞ্চ=ন্‌চ ণ্ট=ন্ট হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্‌হ হ্র হ্ল ড় ঢ়্য, ড় ঢ় য় ড়=zfwv ও চ্চা• দ্রঃ

অপ্রতি/ষিদ্ধ [ন=অ (না) প্রতি-সিধ্ (প্রতিষেধ করা) + ত (র্ম্ম) নঞ্] বিণ, যাকে প্রতিষেধ করা হয় নাই ; অনিষিদ্ধ। বি. ~ষেধ। ~ষেধনীয়-বিণ, যা প্রতিষেধ করিবার উপযুক্ত বা যোগ্য নয়। ২ যা নিষেধ বা নিবারণ করা যায় না।

অপ্রতি/ষ্ঠ-বিণ, যশোহীন; প্রতিপত্তি-রহিত ; অবিখ্যাত। ২ অনির্ণীত। ৩ স্থিতি-বিহীন। বি, ~ষ্ঠা-অপ্রতিপত্তি। ২ অপমান। ~ষ্ঠান [বৌ° বাং প্রাকৃ°-অপইঠান (চ° ৩৪।৩)] বি, অপ্রসিদ্ধি। বিণ, ~ষ্ঠিত-অনভিষিক্ত। ২ অপ্রসিদ্ধ। ৩ স্থিতিহীন। স্ত্রীং ~ষ্ঠিতা-অপ্রসিদ্ধা। ২ স্থিতিহীনা।

অপ্রতিসমাধেয় [ন=অ, প্রতি-সম্-আ-ধা + য (র্ম্ম)] বিণ, যা প্রকৃষ্ট রূপে সমাধানের যোগ্য নহে : অপ্রতিকার্য্য।

অপ্রতিহত-বিণ, যার ব্যাঘাত বা বাধা নাই : অব্যাহত; অপ্রতিবন্ধ; অবাধ : অপ্রতি-রুদ্ধ। ~গতি, ~বেগ, ~প্রভাব-বি, অব্যাহত শক্তি। "রাম রাজপদে প্রতিষ্ঠিত হই-লেন এবং অ° প্রভাবে রাজ্যশাসন * * * করিতে লাগিলেন।"-বি° সা°। ক্রি-বিণ, ~ভাবে। "প্রাকৃতিক বিধানরূপে অ° ভাবে বিরাজমান।" -উত্তরা।

অপ্রতীকার, অপ্রতীকার্য্য-অপ্রতিকার ; অপ্রতিকরণীয় দ্রঃ।

অপ্রতীতি-বি, অবিশ্বাস।

অপ্রতুল [ন=অ (নাই) প্র (প্রকৃষ্ট) তুলা (পরিমাণ,সাদৃশ্য) যার] বি, আধিক্যের অভাব; অপ্রাচুর্য্য। ২ অভাব। "অর্থ অপ্রতুলে কত দীন বাছাধন, অজ্ঞান আঁধারে বসি কাটিছে জীবন।"-নবীন°। ৩ অসঙ্গতি। ~তা-বি, অপ্রাচুর্য্য।

অপ্রত্যক্ষ-বিণ, অতীন্দ্রিয় ; ইন্দ্রিয়ের অগোচর ; পরোক্ষ। ২ প্রত্যক্ষাভাব। ~বাদ-বি, পরোক্ষ বা অতীন্দ্রিয় বিষয়-স্বীকার। বিণ, ~বাদী-গুপ্ত সংবাদদাতা। ২ পরচর্চ্চাকারী। > স্ত্রীং ~বাদিনী। ~ভাষী-বিণ, অগোচরে বা অন্তরালে যে বলে। > স্ত্রীং ~ভাষিণী।

অপ্রত্যয়-বি, অবিশ্বাস। ২ [ব্যা°] যা প্রত্যয় নহে। ~ী-বিণ, অবিশ্বাসী।

অপ্রত্যা/খ্যান-বি, ত্যাগ না করা; স্বীকার। বিণ, ~খ্যাত,~খ্যেয়-প্রত্যা-খ্যানের অযোগ্য; অস্বীকার্য্য।

অপ্রত্যা/শা [গ্রা°-অপিত্যেশা] বি, অনাকাঙ্ক্ষা ; অনপেক্ষা। ~শিত-বিণ, যা আশা করা যায় নাই ; অভাবনীয়। ~শী [গ্রা°-অপিত্যিশি] বিণ, যে প্রত্যাশা রাখে না ; অনাকাঙ্ক্ষ্য। > স্ত্রীং ~শিনী [গ্রা°-অপিত্যিশিনী]।

অপ্রথিত-বিণ, অপ্রসিদ্ধ। ২ অপ্রতিষ্ঠ। ৩ অযশস্বী। স্ত্রীং ~া।

অপ্রদত্ত-বিণ, অসমর্পিত।

অপ্রধান-বিণ, প্রধান নয় এমন: অশ্রেষ্ঠ। ২ বি, গৌণ। স্ত্রীং ~া।

অপ্রধৃষ্য [ন=অ-প্র-ধৃষ্ (পরাজয় করা) + য (র্ম্ম) নঞ্] বিণ, যাকে পরাজয় করা যায় না ; অনভিভবনীয়। স্ত্রীং ~া।

অপ্রফুল্ল-বিণ, অপ্রসন্ন। ২ বিমর্ষ। ৩ যা ফুটে নাই : অস্ফুট।

অপ্র/বর্ত্তক-বিণ অনিযোক্তা : অপ্রেরক : অপ্রবৃত্তিদায়ক : অনুত্তেজক। বি. ~বর্ত্তন, ~বর্ত্তনা-বি, অনুত্তেজনা। ২ অপ্রবৃত্তি। ~বর্ত্তিত-বিণ, অনুত্তেজিত।

অপ্রবল-বিণ, দুর্ব্বল ; প্রভাবহীন।

অপ্রবাস-বি, স্বদেশ বাস। বিণ, ~ী-স্বদেশবাসী।

অপ্রবীণ [ন=অ + প্রবীণ (বহুদর্শী)] বিণ, অল্পদর্শী।

অপ্রবৃত্তি-বি, অনিচ্ছা ; অরুচি। বিণ, অপ্রবৃত্ত। স্ত্রীং ~া।

অপ্রভ,-ভা [অ (নাই) প্রভ, প্রভা-যার] বিণ, প্রভাহীন।

অপ্রমত্ত-বিণ,প্রমাদশূন্য। ২ সাবধান; অবহিত : সতর্ক।

অপ্রমাদ-বি, প্রমাদরাহিত্য : অবধান। ২ বিণ, প্রমাদশূন্য ; অবহিত : অপ্রমত্ত। বিণ, ~ী।

অপ্রমাণ-বিণ, প্রমাণরহিত : অপ্রা-মাণিক। ২ অশ্রদ্ধেয় : হেয় : অগ্রাহ্য।

অপ্রমিত-বিণ, অপরিমিত ; প্রভূত ; অসীম। ২ অগণিত : অসংখ্য। "বর্ণন না যায় যার গুণ অ°।"-মহা° (কাশী)।

অপ্রমেয়-বিণ, যার পরিমাণ নাই ; অপরিমেয় ; অসীম। ২ অপর্য্যাপ্ত ; প্রচুর। "চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় পাত্রে পাত্রে অ°।" -অ° ম°।

অপ্রযত্ন-বি, চেষ্টার অভাব : অনুদ্যম. জড়তা। ২ বিণ, নিশ্চেষ্ট। বি, ~তা।

অপ্রয়াস-বি, অচেষ্টা ; অপ্রযত্ন ; নিরুদ্যম।

অপ্রযুক্ত-বিণ, অসঙ্গত ; অযোগ্য ; অন্যায়। ২ অব্যবহার্য্য। ৩ অনাচরিত। ~তা [অ° + তা (ভা°)] বি, অযোগ্যতা. অসঙ্গতি। ২ ব্যবহারাসঙ্গতি : যা প্রয়োগ করা সঙ্গত নহে তার প্রয়োগ। ৩ কাব্যালঙ্কার দোষ বিঃ। যে শব্দ অভিধানের অন্তর্ভুক্ত কিন্তু কবিগণ ব্যবহার করেন নাই বা বিরল ব্যবহার করিয়াছেন, তার প্রয়োগে এই দোষ হয়। "ঈশাক্ষের উষর্বুধে মারা গেল মার। নাকেতে নির্জ্জরগণ করে হাহাকার।"-উদ্ভট [উষর্বুধ=অগ্নি মার=মদন নাক=স্বর্গ. নির্জ্জর=দেবতা]।

অপ্রয়োগ-বি, অপব্যবহার। ২ প্রয়োগের অভাব ; অব্যবহার : অপ্রবর্ত্তন।

অপ্রয়োজ/ন-বি, প্রয়োজনের অভাব : অনাবশ্যক। ~নীয়-বিণ, অনা-বশ্যক ; অদরকারী। বি, ~নীয়তা।

অপ্রলম্ব-বি, বিণ, অবিলম্ব।

অপ্রশং/সা-বি, অখ্যাতি ; নিন্দা। বিণ, ~সিত-নিন্দিত। ~সনীয়-বিণ, প্রশংসার অযোগ্য। ২ নিন্দার্হ।

অপ্রশস্ত-বিণ, অবিস্তৃত ; কম চওড়া। ২ নিন্দিত। ৩ অশুভ। ৪ প্রতিকূল। ৫ অসচ্ছন্দ। ৬ অপ্রচলিত।

অপ্রশুদ্ধ [ন=অ-প্র-শুধ্ + ত (র্ম্ম)] বিণ, অপরিশুদ্ধ ; অপবিত্র।

অপ্রসন্ন-বিণ, বিরক্ত ; অসন্তুষ্ট। ২ অপ্রফুল্ল ; ম্লান। ৩ ক্ষুব্ধ ; দুঃখিত। বি. ~তা-বিরক্তি ; ক্ষোভ।

অপ্রসাদ-বি, অপ্রসন্নতা : বিরক্তি : অসন্তোষ। ২ অননুগ্রহ।

অপ্রসি/দ্ধ-বিণ, যা সচরাচর সকলের নিকট জ্ঞাত নয়। ২ অবিখ্যাত। ৩ অসিদ্ধ ;

অনিষ্পন্ন ; অপ্রমাণিত। ৪ অমূলক। বি, ~দ্ধি-অপ্যাপ্তি। ২ প্রমাণাভাব।

অপ্রস্তুত-বিণ, অপ্রকৃত। ২ অবর্ত্তমান; অনুপস্থিত। ৩ যা প্রস্তুত বা তৈয়ার হয় নাই : অনির্ম্মিত। ৪ অনিচ্ছুক। ৫ অতৎপর। ৬ অপ্রতিভ ; সলজ্জ। ৭ [কাব্যালং] যা বর্ণনার বিষয় নহে। ~প্রশংসা১ [অপ্রস্তুত (বিষয়ে) প্রশংসা] বি, অর্থালঙ্কার বিঃ-যাতে অপ্রস্তুত অর্থের কথন দ্বারা প্রস্তুতার্থের অবগতি হয়।-কাব্যদর্পণ। ~প্রশংসা২-বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ alligory. প্রস্তুত (বর্ণনীয়) বিষয়ের অপহ্নব করিয়া অপ্রস্তুত বিষয়ের বর্ণনা স্থলেও এই অলঙ্কার হয়। সামান্যার্থ হইতে বিশেষার্থ ও তদ্বিপরীত স্থলে প্রস্তুত বিষয়গুলির স্পষ্ট নামোল্লেখ থাকিলে অং হয় না। "কিন্তু ভেবে দেখি যদি ভয় হয় মনে। রবিকর যবে, দেবি; পশে বনস্থলে, তমোময় নিজগুণে আলো করে বনে, সে কিরণ, নিশি যবে যায় কোন দেশে, মলিন বদন সবে তার সমাগমে।" "যদি এই মালাই প্রাণহারিণী হয়, তাহা হইলে আমি ইহা হৃদয়ে ধারণ করিতেছি, আমার প্রাণ বিনষ্ট হইল না কেন? বুঝিলাম ঈশ্বরের ইচ্ছায় কোন স্থানে বিষ অমৃত ও কোন স্থানে অমৃতও বিষ হইয়া থাকে।"-রঘুবংশ। এখানে ঈশ্বরের ইচ্ছা হইলে বিষ অমৃতত্ব ও অমৃত বিষত্ব প্রাপ্ত হয়, এই বিশেষার্থ থেকে অহিতকারী হতে হিত ও কখন ও হিতকারী হতে অহিত হইয়া থাকে, এই সামান্যার্থের প্রতীতি হেতু অং প্রং অলঙ্কার হইল।

অপ্রহৃত-বিণ, অক্ষুণ্ণ ; অনাহত। ২ অকর্ষিত। ৩ অপদস্পৃষ্ট untrodden.

অপ্রাকরণিক [ন=অ-প্রকরণ+ইক -নঞ্] বিণ, যা প্রস্তাবিত নয় ; অপ্রাসঙ্গিক।

অপ্রাকৃত-বিণ, অলৌকিক। ২ অসাধারণ। ৩ অস্বাভাবিক ; অনৈসর্গিক ; কৃত্রিম unnatural. ৪ অপাঞ্চভৌতিক। "অতএব অং ব্রহ্মের নেত্র মন,"-চৈং চং। ৫ অবাস্তব।

অপ্রাচীন-বিণ, পুরাতন নহে এমন ; আধুনিক ; নবীন। ২ অবৃদ্ধ।

অপ্রাচুর্য্য-বিণ, অপর্য্যাপ্তি ; অল্পতা।

অপ্রাজ্ঞ-বিণ, প্রজ্ঞাহীন ; মূর্খ।

অপ্রাণ-বিণ, প্রাণহীন : নির্জ্জীব। ২ বি, মৃত্যু। ~ী-বিণ, নির্জ্জীব। ২ জড়।

অপ্রার্থনীয়-বিণ, অপ্রাপ্য।

অপ্রাপ্ত-বিণ, যা অধিগত হয় নাই, অলব্ধ, অনধিগত। প্র-অং যৌবন। ২ [র্তৃ, ত] যে ব্যক্তি প্রাপ্ত হয় নাই। ৩ বি, অপ্রাপ্তি। ~কাল-বি, অসম্পূর্ণ কাল : অকাল। ২ নাবালক। ৩ বিণ, অসাময়িক। ~বয়স্ক [ন=অ (হয় নাই) প্রাপ্ত বয়ঃ (বয়স) যার-বহুং সমাসে ক] বিণ, অপ্রাপ্তব্যবহার : নাবালক minor ~ব্যবহার-বিণ, যে ব্যবহারযোগ্যকাল (বয়স) প্রাপ্ত হয় নাই : নাবালক [আদাং] অপ্রাপ্তবয়স্ক। ~যৌবন-বিণ, যে এখনও যৌবনাবস্থায় পৌছে নাই : কিশোর : বালক। ~লক্ষণ-বিণ, যার কোন চিহ্ন পাওয়া যায় নাই : যার নিদর্শন নাই। বি, অপ্রাপ্তি-লাভরাহিত্য ; অলাভ ; পাওনার অভাব। ২ অসদ্ভাব ; অভাব। ৩ অসঙ্গতি। বিণ, অপ্রাপ্য-পাওয়া অসাধ্য ; দুর্লভ।

অপ্রামাণিক-বিণ, যার কোন প্রমাণ নাই ; যা প্রমাণযোগ্য নয় ; অবিশ্বাস্য। ২ অশ্রদ্ধেয় ; অগ্রাহ্য। বি, ~মাণিকতা। বিণ, ~মাণ্য-যা প্রমাণসিদ্ধ নহে। > বি, ~মাণ্যতা।

অপ্রাসঙ্গিক-বিণ, যার প্রসঙ্গ হয় নাই ; অপ্রাস্তাবিক। ২ অসম্বদ্ধ irrelevant.

অপ্রিয়-বিণ, অপ্রীতিজনক ; অরুচিকর। ২ অনভিলষিত। ৩ অশুভকর : অকল্যাণকর। বি, অশুভ। ২ ক্ষতি। ৩ নিন্দা। স্ত্রীং ~া-বিণ, যে রমণীর অঙ্গসৌষ্ঠব এবং ব্যবহার প্রীতিজনক নহে। ২ অপ্রীতিদায়িনী। ~কর, ~কারী-বিণ, অসন্তোষজনক ; অরুচিকর। স্ত্রীং ~করা, ~কারিণী। ~বাদ, ~ভাষ-বি, কর্কশ বাক্য ; কটু কথা। ২ অহিত বচন। "কঠিন অং ভাষ, করিলে শ্রবণ। রক্তজবা রাগ ধরে মনুজলোচন॥"-সং শং। ~বাদী, ~ভাষী-বিণ, কটুভাষী ; মুখর ; দুর্মুখ। ২ অহিতবাদী। > স্ত্রীং ~বাদিনী, ~ভাষিণী-কর্কশা ; মুখরা। বি, ~বাদিতা, ~ভাষিতা-অপ্রীতিকর বাক্য প্রয়োগ।

অপ্রিয়ংবদ, অপ্রিয়ম্বদ [ন=অ+প্রিয়ংবদ] বিণ, দুর্মুখ। স্ত্রীং ~া।

অপ্রীত-বিণ, প্রীত নহে : সন্তুষ্ট নহে : বিরক্ত : অপ্রসন্ন। বি, অপ্রীতি-প্রীতির অভাব : অপ্রণয় : অসদ্ভাব : অসন্তোষ : বিরক্তি : বিরোধ। ~কর, ~জনক [অপ্রীতি (অসন্তোষ) কর(যে করে)-জনক (যে জন্মায়)-উপং] বিণ, অসন্তোষজনক; বিরক্তিকারক। ~ভাজন, ~পাত্র [অং+ভাজন (পাত্র)] বিণ, যার প্রতি বিরাগ জন্মিয়াছে : অসন্তোষের পাত্র।

অপ্রেক্ষণ-বি, অদর্শন। ~ক্ষনীয়-বিণ, অদর্শনীয় ; অদৃশ্য। বিণ, ~ক্ষিত-অদৃষ্ট ; অলক্ষিত।

অপ্রোক্ষণ [ন=অ+প্রোক্ষণ] বি, অসেচন। ২ (যজ্ঞীয় পশুর) অহনন।

অপ্লুত-বিণ, অদ্রুত ; বিলম্বিত : ধীরগতি।

অপ্সর [অপ্সরা শব্দের অপব্যবহার] বি, দেবযোনি বিঃ ; অপ্সরা দ্রঃ। "দেবতা অসুর রক্ষ অং কিন্নর যক্ষ সবে ভোগ করে নানা রস।"-অং মং। ~া (ঃ) [অপ্সরস্ > ১মাং ১বং অপ্সরাঃ। বাং বিসর্গ লোপ।বহুং (সং) অপ্সরসঃ, অপ্সরোগণ। অপ্ (জল) সৃ (গমন করা) + অ বা অস্ (র্তৃ-স্ত্রীং)-যারা জলে গমন করিয়া ক্রীড়া করিতে বা জলবিহার করিতে ভালবাসে] বি, দেবযোনি বিঃ ; স্বর্গবেশ্যা ; সুরসুন্দরী nymph. অপ্সরোগণের মধ্যে প্রসিদ্ধা :-উর্ব্বশী, বিদ্যুৎপর্ণা, তিলোত্তমা, পুণ্ডরীকা, সুবাহু, সুরথা, প্রমাথিণী, মেনকা, সুকেশী, রুচিরা, পুঞ্জিকাস্থলা, অলম্বুষা, রম্ভা, সুমধ্যা, হেমা, ঘৃতাচী, বিশ্বাচী, মিশ্রকেশী, নাগদন্তা, সোমা, বাসনা [বাংয় 'অপ্সর' এবং 'অপ্সরী' ব্যাকরণদুষ্ট পদ ও দৃষ্ট হয়]।

অপ্সরোগণ [অপ্সরাঃ দ্রঃ। অপ্সরস্দিগের গণ (সমূহ, ৬তৎ) বি, অপ্সরাসমূহ [ভারতচন্দ্র 'অপ্সরগণ' এবং 'অপ্সরাগণ' উভয়ই ব্যবহার করিয়াছেন। "গন্ধর্ব্ব অপ্সরগণ সেবা করে অনুক্ষণ ঋষি মুনি কিন্নর কিন্নরী॥"-অং মং [~নিন্দিত,~লাঞ্ছিত [অপ্সরা (যৎকর্ত্তৃক) নিন্দিত, 'নিন্দিতা' স্থলে নিন্দিত (নিন্দিত রূপ অঙ্গ সৌষ্টব ইং অর্থে),

লাঞ্ছিত] বিণ, অনিন্দ্য সুন্দরী ; রূপে অপ্সরা অপেক্ষা শ্রেষ্ঠ।

ˋঅফল [ন=অ (নাই) ফল যার-বহু০] বিণ, যার ফল হয় না ; নিষ্ফল। ২ বন্ধ্য। স্ত্রীং ~া-বন্ধ্যা ; রাঁড়া। ২ ভুঁই আমলা। ৩ ঘৃতকুমারী। ~দর্শী-বিণ, বিফল। > স্ত্রীং ~দর্শিনী। ~দাতা। > স্ত্রীং ~দাত্রী। ~দায়ক, ~দায়ী > স্ত্রীং ~দায়িনী। ~ন্ত (লঁ)-বি, ব্যর্থ : রাঁড়া।

অফলা/কাঙ্ক্ষ-বিণ, যে ফলের আকাঙ্ক্ষা বা আশা রাখে না ; নিষ্কাম। বি, ~কাঙ্ক্ষা।

অফলোপ/ধায়ক-বিণ, অফলোৎপাদক ; নিষ্ফল ; ব্যর্থ। স্ত্রীং ~ধায়িকা। বি, ~ধায়কতা।

অফিন্না [প্রা বাং। অফুটন্ত >] বিণ, অস্ফুট ; অফুটন্ত। "অ০ বীন্নার খোপ আনে উপাড়িয়া।"-মাণিক০।

ˋঅফিস [ইং officeএর লিপ্যন্তর। বাং-আপিস] বি, কর্ম্মস্থান ; দপ্তর।

ˋঅফুট, -টা [অস্ফুট >। গ্রা০ অফুটো, আফুটো] বিণ, অস্ফুট ; অপ্রস্ফুটিত ; অপ্রকাশিত। "গুঞ্জরিছে অলি মঞ্জরীর কাণে, 'ফোট না অ০ বকুলনারী'।"-বরদা মিত্র (অবসর)। ২ [প্রাদে০] ছিদ্রহীন।

অফুট ন্ত, অফুল্ল-বিণ, অপ্রস্ফুটিত ; অবিকসিত। ২ যা উত্তাপে ফুটান হয় নাই। "অ০ জল।"

ˋঅফুরন্ত [প্রাদে০] বিণ, যা ফুরায় না ; যা খরচ করিলেও শেষ হয় না ; পর্য্যাপ্ত ; অশেষ। "প্রাণের অ০ স্ফুরণের নৈতিক বাহ্য প্রকাশের প্রেরণায়,"-প্রবাসী ১৩৩০।

ˋঅফুরান [প্রাদে০] বিণ, যা ফুরায় না ; যার শেষ হয় না ; অনতিক্রম্য ; অফুরন্ত। "রাত্রে অন্ধকারে যত পথ অ০ হত,"-রবী০।

ˋঅফেন [ন=অ (নাই) ফেন যার-বহু০ : ফেনশূন্য] বিণ, ফেনশূন্য। ২ [ন=অ (কুৎসিত) ফেন (নির্য্যাস) যার] বি, অহিফেন ; আফিম।

ˋঅফেরু [সফ্রি (অমরূদ) >] বি, পেয়ারা, "চেরু বেরু অ০,"-শ্রী০ কী০।

অব১-অ, উপসর্গ। নিশ্চয়ার্থক। প্র-অবধারণ। ২ অপকৃষ্ট; ঘৃণ্য বা হেয়। প্র-অবজ্ঞা। ৩ বিস্তার। প্র-অবরোধ। ৪ নিম্ন। প্র-অবতরণ : অবলুণ্ঠন। ৫ ন্যূন। প্র-অবদাহ। ৬ ভিতরে। প্র-অবগাহন। ৭ দূর। প্র-অবচ্ছেদ। ৮ নিন্দা। প্র-অবগীত। ৯ জ্ঞান। ১০ পশ্চাৎ। ১১ বিয়োগ। প্র-অবসর : অবকাশ। ১২ বিপরীত [দ্রঃ-দ্বি০ ঠা০ মহাশয় অব উপসর্গের নিচু এই অর্থ করিয়াছেন :-দেশে নিচু-অবতরণ, অবরোহণ, অবলুণ্ঠন। লৌকিকভাবে নিচু-অবজ্ঞা, অবহেলা, অবমাননা। দার্শনিক ভাবে নিচু-অবান্তর, অবধারণ, অবগতি। জ্যামিতিকভাবে নিচু-অবশেষ, অবচ্ছেদ, অবকাশ।-সা০ প০ প০]।

অব২ [সং-অব্ ধাতু] ক্রি, রক্ষা করা। "অপরাধ ক্ষম মাগো অব গো অব্যয়া॥" -অ০ ম০। ২ আগমন করা। অবইতে-আসিতে। "অবইতে গোকুল * *" "অবইতে জাইতে জনি জনি পুছ বনমারি।"-বৈ০ প০।

অব৩ [বৌ০ বাং প্রাকৃ০। সং-অপিচ > অপ > অব, এবং, আর (দো০ ১২৫ বজ্র)]।

ˋঅব৪ [হিং০] অ০ এখন।

অবংশ [ন=অ-বংশ] বি, বংশ ভিন্ন। "অবংশ নির্ম্মিত বাণ গুণযুক্ত হইলে লোকের মর্ম্ম ভেদ করে।"

ˋঅবকি [হিং০ অবহিঁ=এখনই অবকা=এইক্ষণের। ব্রজ০। বৈ০ প০ সা০] বিণ, এখনই ; এইক্ষণ।

অবকত্থন-বি, চাটুবাণী। ২ স্তব।

অবকর [অব-কৃ (বিক্ষেপ করা) + অ(র্ম্ম)] বি, যাকে সম্মার্জ্জনীদ্বারা বিক্ষেপ করা হয় ; আবর্জ্জনা ; জঞ্জাল ; খ্যাঙরার ধূলা।

অব/কর্ত্তন-বি, উৎকর্ত্তন excision ; অঙ্গচ্ছেদ ; ছাঁটন ; ছেদন। বিণ, ~কর্ত্তিত।

অবকর্ষণ [অব (স্থানান্তর, নিম্নদেশ) কৃষ্ (আকর্ষণ করা) + অন (ভা০)] বি, কোথাও লইয়া যাইবার জন্য বলপূর্ব্বক আকর্ষণ। ২ নিম্নদেশে লইয়া যাওয়া।

অব/কলন-বি, বিয়োগ ; ব্যবকলন subtraction. বিণ, ~কলিত [অব-কল্ (গণনা করা, সংগ্রহ করা) + ত (র্ম্ম)] সঙ্কলিত : সমাহৃত। ২ জ্ঞাত। ৩ দৃষ্ট। ৪ বদ্ধ।

অবকাশ [অব (নাই) কাশ্ (প্রকাশ) + অ(ভা০) কার্য্য দশায় যেরূপ সকলের সমক্ষে প্রচারিত হয়, কার্য্য ত্যাগ দশায় সেরূপ প্রচারিত হয় না] বি, কার্য্য হতে বিরাম : অবসর ; ছুটী। ২ দুই ঘটনার মধ্যবর্ত্তী কাল বা স্থান [উপসর্গ হেতু ধাতুর অন্যার্থে ব্যবহার] ৩ ফাঁক।

অবকী/র্ণ [অব-কৄ (বিক্ষেপ করা) + ত (র্ম্ম) যাকে বিক্ষেপ করা হইয়াছে] বিণ, ইতস্ততঃ বিক্ষিপ্ত। ২ বিধ্বস্ত ; চূর্ণিত। ৩ ধ্বস্ত। ৪ ভ্রষ্ট। ৫ বি, উল্লঙ্ঘন। ~র্ণী [স্মৃ০] বি, স্খলিত-ব্রত মানব। ২ বিণ, ব্রতভ্রষ্ট।

অব/কুঞ্চন-বি, কোঁকড়ান ; বাঁকান। বিণ, ~কুঞ্চিত।

অব/কুণ্ঠন-বি, কাতর্য্য। ২ বেষ্টন। বিণ, ~কুণ্ঠিত-কাতর। ২ বেষ্টিত।

অবকুন্থন-বি, কোঁথ পাড়া ; কোঁথানি।

অবকৃষ্ট [অব-কৃষ্ (কর্ষণ করা) + ত (র্ম্ম) যাকে কর্ষণ করা হইয়াছে] বিণ, আকৃষ্ট। ২ নিষ্কাশিত। ৩ অপসারিত ; বিতাড়িত। ৪ অধম ; জঘন্য। ৫ হেয় ; ঘৃণ্য। ৬ হীনজাতি। ৭ যে জলাকর্ষণ ও বহন এবং গৃহমার্জ্জন করে ; ঝাড়ুদার ; মেথর ; ফরাস।

অবকে [হিং০-অব্কি। ব্রজ০। বৈ০প০সা০] অ, এখানে : অতঃপর। "অ০ মিলন সমুচিত হোয়।"-বি০ প০।

অবক্তব্য-বিণ, বলিবার অযোগ্য : অকথ্য। ২ বাক্যদ্বারা প্রকাশ করিবার নহে : অনির্ব্বচনীয়।

অবক্তা-বি, নিকৃষ্ট বক্তা : কুবক্তা।

অবক্কণ-বি, কর্কশ বাদ্য ; বেসুর ; কুসঙ্গৎ musical discord.

অবক্কাথ-বি, নিকৃষ্ট নির্য্যাস।

অবক্র-বিণ, বাঁকা নহে ; সরল।

অবক্রীভূত [ন=অ+বক্রীভূত] বিণ, যা বাঁকান হয় নাই।

অবক্রন্দন-বি, উচ্চক্রন্দন ; ডাক ছাড়িয়া কান্না।

অবক্রয়-বি, ক্ষতিদিয়া বা অলাভে ক্রয় bad bargain. বিণ, অবক্রীত।

অবক্রান্তি-বি, অধোগতি ; অবতরণ।

অবক্রিয়া [অব (কুৎসিত) ক্রিয়া] বি, অপকর্ম্ম ; কুৎসিতকর্ম্ম। ২ অনাদর। ৩ উদাসীনতা ; অবহেলা।

অবক্রী//ড়ন-বি, নিকৃষ্ট বা নিন্দিত ক্রীড়া ; খেলায় অন্যায় উপায় অবলম্বন। বিণ, ~ড়িত।

অব//ক্রুষ্ট-বিণ, অভিশপ্ত ; তিরস্কৃত। বি, ~ক্রোশ [অব-ক্রুশ্ (ক্রোধ করা) + অ (ভা০)] বি, ক্রোধ। ২ ক্রোধ পূর্ব্বক ভর্ৎসনা ; তিরস্কার। ৩ বিরক্তিকর বা অসহ্য চীৎকার। ৪ অভিশাপ।

অব//ক্রোধ-বি, অতিকোপ। বিণ, ~ক্রোধিত-অবক্রুদ্ধ ; অতিকুপিত।

অবক্লেদ-বি, পূঁজ পড়া ; ক্ষতাদি হইতে রস গড়ান।

অবক্ষয়-বি, বিনাশ ; ক্ষয় ; হানি ; ক্ষতি। বিণ, অবক্ষিপ্ত [অব-ক্ষিপ্ (ক্ষেপণ করা) + ত (র্ম্ম) যাকে ক্ষেপণ করা হইয়াছে] বিণ, বিতাড়িত। ২ অন্যায় পূর্ব্বক নিক্ষিপ্ত। ৩ উপহাসের সহিত উক্ত ; উপহসিত। ৪ যাকে ব্যঙ্গ করা হইয়াছে।

অবক্ষীণ-বি, কৃশ। স্ত্রীং ~া।

অবক্ষুত [অব-ক্ষুত] বি, হাঁচি।

অব//ক্ষুধা-বি,রাক্ষসী ক্ষুধা ; ঔদরিকতা gluttony. বিণ, ~ক্ষুধিত।

অবক্ষেত্র [বৈজ্ঞা০ পরিঃ (অপূর্ব্বচন্দ্র দত্ত)] বি, অণ্ডাকৃতি ক্ষেত্রবিঃ ; অঙ্গুরীয়ক ; বৃত্তাভাস (দ্বি০ ঠা০) ellipse.

অব//ক্ষেপ [অব (স্থানান্তর, নিম্ন) ক্ষিপ্ (ক্ষেপণ করা) + অ (ভা০)] বি,বিক্ষেপ ; ইতস্ততঃ ক্ষেপণ। ২ নিম্নে ক্ষেপণ। ৩ শ্লেষোক্তি। ৪ তিরস্কার। ~ক্ষেপক-বিণ, যে অবক্ষেপ করে ; বিক্ষেপকারী। ২ যে শ্লেষোক্তি করে। ~ক্ষেপণ-বি, তিরস্কার ; নিন্দা। ২ শ্লেষোক্তি। ৩ নিম্নক্ষেপণ।

অবগণন-বি, গণনার মধ্যে না আনা ; অমান্য বা অশ্রদ্ধা করণ। বিণ, অবগণিত [অব (হীন) গণ (গণনা করা) + ত (র্ম্ম)] বিণ, অবজ্ঞাত; অপমানিত; অনাদৃত ; উপেক্ষিত।

অবগণ্ড [অব-গন্ড্ (বদনের একদেশ) + অ (শে) যদ্বারা গণ্ড অপকৃষ্ট হয়] বি, গণ্ডস্থ-ব্রণ; বয়স-ফোঁড়া। ২ [অপৌগণ্ড > উচ্চারণ, বিকারে] অতি শিশু।

অবগত [অব-গম্ (গমন করা) + ত (র্ত্তৃ) যে গমন করিয়াছে] বিণ, প্রস্থিত ; অপসৃত। ২ [গম্ (জ্ঞাত হওয়া)-র্ম্ম, ত] যে বিষয় জ্ঞাত হওয়া গিয়াছে ; বিজ্ঞাত ; জ্ঞানপ্রাপ্ত ; পরিজ্ঞাত ; বিদিত ; সংবাদ প্রাপ্ত।

অবগতি [অব-গম্ (গমন করা) + তি (ভা০)] বি, প্রস্থান [অপ্র০] ২ [গম্ (জ্ঞাত হওয়া)] বি, জ্ঞান ; বোধ। ৩ জ্ঞানপ্রাপ্তি ; সংবাদপ্রাপ্তি। ৪ অবধান ; শ্রবণ। "তা সবার দুঃখ শুনি কহে এক সতী। অপূর্ব্ব আমার দুঃখ কর অ০॥"-ভারত০। ৫ [তর্ক বিজ্ঞানে-judgement] বি, "দুইটি পদার্থের কিম্বা তাহাদিগের প্রত্যয়ের সম্বন্ধ জ্ঞানরূপ মানসিক ক্রিয়া"-ত০ বি০।

অবগথ-বিণ, প্রাতঃস্নায়ী। স্ত্রীং ~া।

অবগদিত [অব + গদিত] বিণ, অভাষিত। ২ নিন্দিত। স্ত্রীং ~া।

অবগন্তব্য [অব-গম্ (গমন করা) + তব্য (র্ম্ম)] বিণ, যাকে অবশ্য গমন করিতে হইবে ; গমনযোগ্য। ২ [অব-গম্ (জ্ঞাত হওয়া)] জ্ঞাতব্য ; বোদ্ধব্য ; অবগতি-যোগ্য।

অবগম [অব-গম্(গমন করা) + অ(ভা০)] বি, গমন ; প্রস্থান [অপ্র০] ২ [অব-গম্ (জ্ঞাত হওয়া)] জ্ঞান ; অবগতি।

অবগর [আ-অব্-পর্=অপর ; ভিন্ন] বিণ, ইহা ব্যতীত ; অতিরিক্ত। "জগবন্ধু দেখে ভবসিন্ধু হমু পার। অ০ কি বর অপর আছে আর॥"-শি০।

অবগাই [ব্রজ০-বৈ০ প০ সা০। (ব্যা০) অবগ্রাহ=পাঠকালে কিয়ৎক্ষণ বিশ্রাম] বি, বিশ্রাম। "বোলইতে বচন অলপ অ০।" -জ্ঞানদাস। ২ ক্রি, শান্ত করিয়া ; প্রশমন করিয়া ; দমন করিয়া ; "মধুর বচন কহি কানুকে বুঝাই। এহি কর দেখি রোখ অ০।" -বি০ প০। ৩ তলাইয়া, অবগাহী (দ্রঃ)।

অবগাঢ় [অব-গাহ্ (প্রবেশ, প্রাপ্তি, সেবা) + ত (র্ত্তৃ)] বিণ, যে প্রবেশ করিয়াছে ; অন্তঃপ্রবিষ্ট। ২ স্নাত। ৩ নিমগ্ন। ৪ অভিভূত ; বিহ্বল। ৫ [অব (না) গাহ্ + ত (ধি)] যেখানে প্রবেশ করা যায় না ; নিবিড় ; নিশ্ছিদ্র। ~বান্-বিণ, অবগাহিত ; স্নাত। স্ত্রীং ~বতী।

অবগাঢ়ি [অবগাঢ় দ্রঃ। ব্রজ০] বিণ, বিহ্বল ; অভিভূত। "ললিতা কহত অমঙ্গল শুনলু সতী পতি-ভয় অ০॥"-বি০ প০।

অবগাদ-বি, (নৌকায়) জল সেচনী।

অবগাহ [অব-গাহ্ (স্নান করা) + অ (ভা০)] বি, অবগাহন। ২ [ধি-অ] স্নানের ঘাট। ~ন [অব-গাহ্ (স্নান করা) + অন (ভা০)] বি, জলে নামিয়া স্নান ; জলমধ্যে গমন ; মজ্জন ; সলিল প্রবেশ ; গাহন (দ্রঃ)।

অব//গাহা [অবগাহি,অবগাহ,অবগাহে, অবগাহিতে, অবগাহিয়া ই০] ক্রি, অবগাহন করা ; জলে নিমজ্জিত হইয়া স্নান করা। ২ নিমজ্জিত করা। "কেহ অবগাহে দেহ, স্বচ্ছ সরোবরে।"-মেঘ০ [অবগাহে দ্রঃ]

~গাহি, ~গাহী [অবগাহা দ্রঃ] ক্রি, অবগাহন করিয়া। ২ ডুবিয়া ; মজিয়া। ৩ ভিতরে প্রবেশ করিয়া ; তলাইয়া। "অব বুঝলু অবগাহি।"-বি০ প০। ৪ ধ্যান দিয়া ; মন দিয়া ; বিবেচনা করিয়া। "মোর বচন সুণ অবগাহী।"-শ্রী০ কী০। ~গাহিত [অবগাঢ় দ্রঃ] বিণ, স্নাত ; মজ্জিত। ~গাহে [অবগাহ দ্রঃ] ক্রি, অবগাহন করে ; স্নান করে। ২ নিমজ্জিত করে ; ডুবায়। ৩ ডুব দেয়। "কেহ অ০ দেহ স্বচ্ছ সরোবরে।" -মেঘ০। ৪ অবগাহন করিয়া ; ডুবিয়া। ৫ ভিতরে প্রবেশ করিয়া ; তলাইয়া। "আপন মনে ধরি বুঝ অ০॥"-বি০ প০।

অবগীত [অব (কুৎসিত) গৈ গান বা শব্দ করা) + ত (র্ম্ম)] বিণ, যার প্রতি কুৎসিত শব্দ প্রয়োগ করা হইয়াছে ; নিন্দিত। ২ [ভা০, ত] বি, কুৎসিত গান ; মন্দ গীত। ৩ অপবাদ।

অবগুণ [হি০-অবগুণ, অবগুন, (তুলসীদাসকৃত রামচরিতমানস)। অব (অবগত) হইয়াছে গুণ যা হতে-বহু০] বি, দোষ ; গুণ রাহিত্য ; অগুণ ; অপগুণ ; ক্রোধ। "সে সব অ০ ঢাকল একল পিক, বোলত মধুরিম-বাণী।"-বি০ প০।

অবগুণ্ঠন [অব (অল্পার্থে) গুণ্ঠ্ (বেষ্টন করা) + অন (শে) যদ্বারা স্ত্রীলোকের মুখ অল্প

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=নচ ঞ্জ=ন্‌ট ... =zfwv ও চচা০ দ্রঃ

বা অসম্পূর্ণভাবে বেষ্টন করা হয়] বি, স্ত্রীলোকদিগের মুখাবরণের বস্ত্র : ঘোমটা ; মুখাবরণ। ২ আবরণ। ৩ [অন (ভা°)] মস্তক আবরণ ক্রিয়া ; মুখাচ্ছাদন। ৪ সম্মার্জ্জন : ধূলা-ঝাড়া [অপ্র°] ~মুদ্রা-বি, অবগুণ্ঠনের আকারে অঙ্গুলিদ্বারা রচিত তন্নামধেয় মুদ্রা। ~বতী [অ°+বৎ (স্ত্য) স্ত্রীং-ঈ] বিণ, যে স্ত্রীর মস্তকে অবগুণ্ঠন আছে : বস্ত্রাঞ্চলদ্বারা আবৃতমুখী : বসনসংবৃতাননা : অবগুণ্ঠিতা।

অব/গুণ্ঠনাবৃত [অ দ্বারা আবৃত-৩ তৎ] বিণ, ঘোমটাদ্বারা আচ্ছাদিত। ~গুণ্ঠিকা-বি, যে অবগুণ্ঠণ করে : অবগুণ্ঠন বস্ত্র ; মুখাচ্ছাদন বস্ত্র। ২ যবনিকা। ~গুণ্ঠিত [অব-গুণ্ঠ্ +ত (র্ম্ম) যাকে অবগুণ্ঠন করা হইয়াছে] বিণ, কৃতাবগুণ্ঠন : আবৃত মুখ ; ঘোমটা দেওয়া। > স্ত্রীং ~া। "উষার উদয়সম অ° তুমি অকুণ্ঠিতা।"-রবী°।

অবগ্রহ [অব (পশ্চাৎ বা বিরুদ্ধ) গ্রহ গ্রহণ করা=(holding back) + অ (ভা°)] বি, বৃষ্টিস্তম্ভ ; বৃষ্টিরোধ। ২ অনাবৃষ্টি। ৩ গ্রহণ। ৪ অপহরণ। ৫ প্রতিবন্ধক। ৬ ভ্রমজ্ঞান : মনের ভ্রম। ৭ শাপ। ৮ নিন্দাবাদ। ৯ অনাদর। ১০ তিরস্কার। ১১ নিগ্রহ। ১২ প্রকৃতি। ১৩ হস্তিসমূহ। ১৪ হস্তীর ললাটদেশ। ১৫ [ব্যা°] পাঠকালীন বিরাম।

অবগ্রহণ [অব-গ্রহ্ (গ্রহণ করা) + অন (ভা°)] বি, প্রতিবন্ধ : বাধা। ২ অনাদর : অবজ্ঞা। ৩ নিরাকরণ।

অবগ্রাহ-অবগ্রহ দ্রঃ।

অবগ্রাহ্য-বিণ, উপেক্ষণীয় ; অবজ্ঞেয়।

অবঘট্ট [অব-ঘট্ট্ (চালিত করা) + অ] বি, পেষণযন্ত্র : যাঁতা। ২ গর্ত্ত।

অব/ঘর্ষণ-বি, পেষণ : রগড়ান। ~ঘর্ষিত, ~ঘৃষ্ট-বিণ, পিষ্ট।

অব/ঘাত [অব-হন্ (বধ করা) + অ (ভা°)। গ্রা° অপোঘাত] বি, সাঙ্ঘাতিক প্রহার ; দারুণ আঘাত। ২ অপমৃত্যু। ৩ ধান্যাদি কণ্ডন ; চাউল কাঁড়া। ~ঘাতী [অব-হন্ (বধ করা) + ইন্ (র্ত্তৃ)] বিণ, যে অবঘাত করে ; অবঘাত-কারক।

অব/ঘূর্ণন-বি, আবর্ত্তন। ~ঘূর্ণিত-বিণ, আবর্ত্তিত।

অবচনীয় [ন=অ, বচ্ (বলা) + অনীয় (র্ম্ম)] বিণ, কথনের অযোগ্য ; অবক্তব্য। ২ বাক্যাতীত ; অনির্ব্বচনীয়। ৩ অনিন্দনীয়।

অব/চয়, ~চয়ন [অব (ব্যাপ্তি অর্থে, স্থানান্তর হইতে বুঝাইতে) চি (চয়ন করা) + অ, অন, (ভা°)] বি, চয়ন করা ; পুষ্পসংগ্রহ : ফুলতোলা। ২ অপচয়। ক্রি, অস, ~চয়ি-চয়ন করিয়া ; তুলিয়া (ফুল)। "অ° ফুলচয় সে নিকুঞ্জ বনে।"-মেঘ°। "অ° ফুলচয় চলিছে মালিনী কোথাও।"-ঐ। ~চয়নীয় [ন=অ, বচ্ (বলা) + অনীয় (র্ম্ম)] বিণ কথনের অযোগ্য : অবক্তব্য। ২ বাক্যাতীত : অনির্ব্বচনীয়। ৩ অনিন্দনীয়। ~চিত [অব-চি (চয়ন করা) + ত (র্ম্ম)-যাকে চয়ন করা হইয়াছে] বিণ, কৃতাবচয়ন : সংগৃহীত। ২ কৃতাহরণ : আহৃত। ৩ সঞ্চিত। ৪ [বিপরীত 'উপচিত'] অপচয়িত : অপব্যয়িত।

অবচূড় [অব (নিম্নে) চূড়া (শিখা) যার-বহু°] বি, ধ্বজাগ্রবদ্ধ নিম্নদিকে লম্বমান বস্ত্রখণ্ড। ২ মাল্য। ৩ চামর। স্ত্রীং ~া-মাল্য : শিরোভূষণ [বিরল]।

অবচূর্ণিত [অব-চূর্ণ (গুঁড়া করা) + ত (র্ম্ম) যাকে চূর্ণ করা হইয়াছে] বিণ, চূর্ণীকৃত : গুঁড়ান। বি, অবচূর্ণন-গুঁড়া। ২ [পারিঃ, সুশ্রুত] চূর্ণৌষধি প্রক্ষেপণ dusting with medicinal powder.

অবচূল [অব (নিম্নে) চূড়া (শিখা) যার-বহু°, ড=ল] বি, পতাকার অধোমুখে লম্বিত বস্ত্রখণ্ড। ২ চামর। ~ক (-ল-) [অবচূল দ্রঃ। সাদৃশ্যার্থক] বি, চামর।

অবছায়া [অপচ্ছায়া ভ্রং] বি, আবছায়া ; অস্পষ্ট প্রকাশ : ছায়ামূর্ত্তি। "তুমি মাত্র অনন্ত কালের অ°।"-কাঞ্চী°।

অবচ্ছিন্ন [অব-ছিদ্ (নির্ণয় করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে নির্ণয় বা বিশেষিত করা হইয়াছে : বিশিষ্ট ; যুক্ত। প্র-শোকাবচ্ছিন্ন। ২ মিলিত : সংযুক্ত। ৩ [অব-ছিদ্ (ছেদন করা) + ত] বিভক্ত ; বিচ্ছিন্ন। প্র-নিরবচ্ছিন্ন। ৪ বিশিষ্ট। ৫ [দর্শনে] অবচ্ছেদের আশ্রয়। ৬ নির্ব্বিষয় abstract "ভারতবর্ষের ব্রহ্ম একটী অ° পদার্থ,"-রবী° (শা° নিকে°)।

অবচ্ছুরিত [অব-ছুর্ (ছেদন করা বা শব্দ করা) + ত (ভা°)] বি, আচ্ছুরিত : ঘোড়ার মত চিঁহিঁ চিঁহিঁ শব্দে হাস্য। ২ অট্টহাস্য। ৩ বিণ, সংমিলিত : মিশ্রিত। ৪ বিস্তৃত। ৫ রুষ্ট।

অবচ্ছে/দ [অব-ছিদ্ (ছেদন করা) + অ (ভা°)] বি, ছেদন : কর্ত্তন। ২ বিচ্ছেদ। ৩ বিরাম। ৪ পরিচ্ছেদ। ৫ খণ্ড ; কর্ত্তিত অংশ। ৬ একদেশ : একাংশ। ৭ [দর্শনে] বিশেষণত্ব। ~দক [অব-ছিদ্ + অক, র্ত্তৃ] বিণ, যে অবচ্ছেদ করে : বিচ্ছেদকারক : ব্যাবর্ত্তক। ২ বিশেষক। ৩ বিভাজক। ৪ নিয়ামক। ৫ সীমা। ৬ [দর্শনে] ইতর ব্যাবর্ত্তক বিশেষণ। ~দন-বি, ছেদন। ২ পৃথক্করণ। ~দাবচ্ছেদে, ~দে-ক্রি-বিণ, সর্ব্বসাকল্যে ; সর্ব্বসাধারণে ; নির্ব্বিশেষে।

অবজনিত-বিণ, উৎপাদিত।

অবজয়, অবজিতি [অব-জয় (জি=জয় করা + অ), জিতি (জি + তি (ভা°)] বি, পরাজয় : পরাভব [বিরল] বিণ, **অবজিত** [অব-জি + ত (র্ম্ম)] বিজিত ; পরাভূত।

অবজান [অব (হীন) + জান (জ্ঞান)। ভ্রং] বি, অবজ্ঞা। "বুঝিয়া কার্য্যের তত্ত্ব নিবেদয়ে ভাঁড়ু দত্ত পশ্চাতে করিয়া অ°।" -কবিক°।

অবজেকসন্ [ইং objection] বি, প্রতিবাদ ; আপত্তি। "এর পর না অ° ওঠে," -অমৃত বসু।

অবজ্ঞা [অব (অপকৃষ্টভাবে) জ্ঞা (বোধ করা) + অ (ভা°) স্ত্রীং আ] বি, অবমাননা : অনাদর ; ঘৃণা। ২ তাচ্ছল্য ; উপেক্ষা। ৩ তিরস্কার [অপ্র°] ~ত [অব (অপকৃষ্ট ভাবে) জ্ঞা (বোধ করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে অবজ্ঞা করা হইয়াছে ; অপমানিত ; অনাদৃত। ২ উপেক্ষিত। ৩ তিরস্কৃত। ~ন [অব-জ্ঞা + অন (ভা°)] বি, অবজ্ঞা দ্রঃ।

অবজ্ঞেয় [অব (নিকৃষ্ট ভাবে) জ্ঞা (জানা) + য (র্ম্ম)-যাকে ঘৃণা করা যায়] বিণ, ঘৃণার যোগ্য ; অবজ্ঞার পাত্র ; ঘৃণ্য ; অনাদরণীয় ; অশ্রদ্ধেয়। ২ উপেক্ষণীয়।

অবট ["গর্ত্তাঽবটৌ ভুবি"-অমর°। অব্ (রক্ষা করা) + অট, জ্ঞা°-যাতে প্রবেশ করিয়া শৃগাল ই° পশুগণ প্রাণরক্ষা

করে] বি, ভূমিস্থিত গর্ত্ত ; ভূগর্ত্ত ; গহ্বর ; কৃত্রিম গর্ত্ত; কূপ। ২ ঐন্দ্রজালিক। ৩ শরীর-স্থিত ব্রণাদি-জনিত ক্ষত। স্ত্রীং ~ি, ~ী।

অবটীট [অব (অবনত) নাসিকা যার-বহুং, নাসিকা স্থানে টীট আদেশ] বিণ, নিম্ন-নাসিক ; খাঁদা [প্রং অং]।

অবটু-বি, মস্তকের সন্ধিস্থানবাচক ; ঘাড় ; গ্রীবার পশ্চাদ্ভাগ। ২ বৃক্ষবিঃ (দ্রব্য-গুণাভিধান)।

অবডীন [অব (নিম্ন) ডীন (ডী=উড়া + ত (ভাং)=ন)] বি, উড্ডয়নশীল পক্ষীর অব-রোহণগতি ; পক্ষীর অধোগমন। ২ যে উর্দ্ধে গমন করিয়াছে ; উড্ডীন।

অবণাগবণ,-ণে [হিং—আবাগমন, গবণা (আগমন)—গবন(গমন) বৌংবাং প্রাকৃং] বি, গমনাগমন, আনাগোনা ; আসা যাওয়া ; জন্ম-মৃত্যু।—চং ৭।৪,২১,২ ইং।

অব/তংস [অব-তন্স্ (ভূষিত করা) + অ (র্ত্তৃ—বা ণে)—যে ভূষিত করে বা যদ্বারা ভূষিত হয়] বি, ভূষণ। "রঘুবংশাবতংস।" ২ কর্ণভূষণ।—"এক কর্ণে অং আপন ভূষণ অংশ নাহি জানে কোন রামাগণ।" —কবিকং। ৩ শিরোভূষণ ; কিরীট। বিণ, ~ংসিত—বিভূষিত।

অবততি [অব-তন্ (বিস্তারে) + তি (ভাং)ন্ লোপ] বি, সংহতি। ২ ব্যাপ্তি।

অবতমস [অব (অল্প) তমস্ (অন্ধকার) + অ] বি, অল্প অন্ধকার [প্রং অং]।

অবতর, অবতরণ [অব (নিম্ন) + তৃ (পার হওয়া, গমন করা) + অ,অন (ভাং)] বি, উর্দ্ধ হইতে নিম্নে গমন করা ; অবরোহণ ; নীচে নামন। ২ নদ্যাদি পার হওন ; উত্তরণ। ৩ দেবতাদির ভূতলে জন্ম গ্রহণ ; অবতার রূপে মর্ত্ত্যে আগমন।

অবতরণিকা [অবতরণ + ইক, স্ত্রীং আ, জ্ঞাং] গ্রন্থের ভূমিকা ; প্রস্তাবনা ; আভাষ ; উপক্রমণিকা a preface ; introduction ২ সোপান।

অবতরা [অবতর + আ (ক্রিয়ায়), নাম-ধাতু। অবতরি, অবতর, অবতরে, অব-তরিতে; অবতরিয়া (ক্বেং অবতেরি) ইং] ক্রি, অবতরণ করা। ২ অবতীর্ণ হওয়া ; আবির্ভূত হওয়া। "অবতরি কারাগারে, বন্ধন দেখিয়া ধীরে, লজ্জা হইল চণ্ডীর তখন।"—কবিকং। ক্রি-বিণ, **অবতরিবারে**—অবতীর্ণ হইবার জন্য বা অবতার হইবার জন্য। "অবতরিবারে প্রভু করিলা উদ্যোগ।"—চৈং ভাং।

অবতরু [প্রাং বাং] বিণ, অবতীর্ণ।

অবতান [অব-তন্ (বিস্তার করা) + অ (ভাং) বি, বিস্তার। ২ আবরণ ; আচ্ছাদন। ৩ চন্দ্রাতপ ; পটমণ্ডপ।

অবতার [অব(নিম্নে) + তৃ (গমন করা) + অ (ভাং) প্রাং বাং আবতার] বি, অবতরণ ; পার হওয়া। ২ দেবতার মনুষ্যাদির মূর্ত্তি পরিগ্রহ করিয়া পৃথিবীতে আগমন। ৩ আবির্ভূত দেবতা। মৎস্য ; কূর্ম্ম ; বরাহ ; নৃসিংহ ; বামন ; পরশুরাম ; রামচন্দ্র ; কৃষ্ণ ; বুদ্ধ ও কল্কী—বিষ্ণুর এই দশ অং। ৪ চরম অভিব্যক্তি। "চরম উন্নতি অবতারণ যখন ঘটিয়াছে ; সে যুগের সেই অং। প্রথম সলিলে মৎস্য! এই নীতিবলে সলিল পঙ্কিল যবে কূর্ম্ম অং।"—নবীনং (রৈবতক)। "অংশাবতার" "পূর্ব্বাবতার" (অং বাদ দ্রঃ)। ৬ প্রাদুর্ভাব। "এবেসি জানিল ভৈল কলি আবতার।"—শ্রীং কীং। ৭ [ণে] যদ্বারা অবতরণ করা যায় ; সোপান ; পুষ্করিণ্যাদির ঘাট ; তীর্থ। ৫ উৎপত্তি ; জন্ম। "যাবৎ না হয় কার্ত্তিকেয় অং।"—কবিকং। **~ী**-বিণ, অবতারকারী ; যাঁহতে সমস্ত অবতার হয়। "অবতারী কৃষ্ণ যৈছে কর অবতার।"—চৈং চং। **~বাদ**-বি, স্বয়ং ভগবান্ (পূর্ণ ব্রহ্ম) বা তাঁর অংশ, জীব-দেহে পূর্ণাবতার বা অংশাবতাররূপে সংসারে অবতরণ করেন এবং অধর্ম্মের নাশ, ধর্ম্ম সংস্থাপন এবং জীবোদ্ধার করিয়া যান, এই-রূপ ধর্ম্মমত doctrine of incarnation. **~স্বরূপ**-বিণ, অবতারকল্প ; অবতারতুল্য।

অবতা/রণ [অব—তৃ + ণিচ্=তারি (পার হইয়া যাওয়া) + অন (ভাং)] বি, উর্দ্ধ হতে নিম্নে আনয়ন ; নীচে নামান ; অব-রোহণ। ২ প্রস্তাবন। ৩ অপসারণ। ৪ অবতার গ্রহণ incarnation "শীঘ্র নাথ মরতভূমে করহে অং। শিখাও শীঘ্র জীববৃন্দে নাম ব্রহ্ম সাধন॥"—গোবিন্দ ব্রহ্মচারী। ৫ উৎপত্তি। ৬ অভিব্যক্তি। "চরম উন্নতি অং যখন ঘটিয়াছে।"—রৈবতক। ৭ অর্চ্চনা। স্ত্রীং **~ণা**-বি, অবতরণিকা ; উপক্রমণিকা। ২ সোপান। **~ণিকা, ~ণী** [অবতারণ-ক যোগ, স্ত্রীং আ, ঈ, যে অবতারণ করায় বা যদ্বারা অবতীর্ণ হয়] বি, সিঁড়ি ; সোপান। ২ উপক্রমণিকা ; প্রস্তাবনা।

অবতারিত [অব (নিম্নে) তারি (আনয়ন করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে অব-তারণ করা বা নামান হইয়াছে ; অবরোপিত। "রাম বশিষ্ঠকে সবিশেষ সম্মান প্রদর্শনের নিমিত্ত ত্বরিতপদে গৃহ হইতে বহির্গত এবং তাঁহার রথের নিকট উপস্থিত হইয়া সাদরে কর গ্রহণ পূর্ব্বক স্বয়ং তাঁকে অবতারিত করিলেন।"—রামায়ণতত্ত্ব।

অবতীর্ণ [অব (নিম্নে)—তীর্ণ (তৃ=পার হওয়া, যাওয়া + ত (র্ম্ম)। ত=ন] বিণ, উচ্চ হতে নীচে আগত ; নিম্নাগত। ২ [স্বর্গ হতে দেবতাদির পৃথিবীর বা দেবলোক হতে জীব-লোকে জন্মগ্রহণের ভাব হতে] গৃহীতাবতার। ৩ আবির্ভূত ; উপস্থিত ; উপনীত। ৪ অতি-ক্রান্ত ; উত্তীর্ণ। ৫ অপনীত। স্ত্রীং ~া।

অবতোকা-বি, যে গাভীর গর্ভস্রাব হইয়াছে।

অবথব, অবুথবু [প্রাদেং। জবুথবু দ্রঃ] বিণ, স্থবির ; জড়সড় ; অবসাদযুক্ত ; স্ফূর্ত্তিহীন ; অকর্ম্মণ্য ; জড়ভরত।

অবদমন [দার্শনিক পরিঃ] বি, অন্তরের কোন বাসনাকে অন্তরেরই সহজাত বিরুদ্ধ শক্তির ক্রিয়া দ্বারা অজ্ঞাতসারে বা নির্জ্ঞানে চাপা দেয় বা বিলীন করে repression [কিন্তু যদি সজ্ঞানে ও স্বেচ্ছায় সেই বাস-নাকে দমন করা হয়, তাহাই দমন, অং নহে suppression].

অবদংশ-বি, মদের চাট।

অবদা/ত [অব-দৈ (দৈপ্—শোধন-নির্ম্মল,শুভ্র হওয়া) + ত(র্ত্তৃ)] বি, শ্বেতবর্ণ। ২ পীতবর্ণ। ৩ বিণ, শ্বেতগুণবিশিষ্ট ; শ্বেত। ৪ নির্ম্মল। "ধন্য রাজা রঘুনাথ কুলে শীলে অং," —কবিকং। ৫ সুন্দর, শোভিত ; গুণান্বিত। "তার সুত রঘুনাথ রাজগুণে অং গুরু করি করিল পূজিত।"—কবিকং। **~তক** [অং + ক (স্বার্থে)] বিণ, অবদাত।

অবদান [অব (শুদ্ধি অর্থে, পূজার্থে)-দা (দান করা) + অন (ভাং)] বি, পূজা বা অর্চ্চনার্থ দান oblation. ২ দান gift। ৩ সম্পাদিত কর্ম্ম। ৪ বিক্রম প্রকাশ ; পরাক্রম ; সাহসের কার্য্য। ৫ কীর্ত্তি। "দুঃখের বিষয়, এই ইতিহাস, প্রাচীন অবদানের ইতিহাস, এখনও রচিত হয় নাই।"-যো০ রায় (শিক্ষার বীজ, প্রবাসী, ১৩২৭)। ৬ [দো-ছেদন করা] খণ্ড ; ছিন্নাংশ। ৭ [দৈ-শুদ্ধ করা] শোধন। ৮ [দে-পালন করা] পালন। ৯ বেণা বা উশীর মূল ; খসখস্। বিণ, অবদত্ত।

অবদারক [অব-দৃ (বিদারণ করা) + অক (র্ত্তৃ)] বিণ, বিদারক ; ভেদক। ২ বি, ভূমিখননাস্ত্র।

অবদারণ [অব-দৃ + ণিচ=দারি (বিদীর্ণ হওয়ান) + অন (ভাং)] বি, বিদারণ। ২ খনন ; খোঁড়া। ২ [ণে-অন] যদ্দারা বিদারণ করা যায় ; ভূমিবিদারণাস্ত্র-খন্তা, কোদালি, শাবল ইং।

অবদাহ [অব (অপগত)-দহ্ (তাপিত করা) + অ (অপ্পাং) অপগত হয় দাহ (শরীর-সন্তাপ) যা হতে] বি, দাহনাশক ; সন্তাপ-বিঘাতক। ২ উশীর-মূল ; বেণার মূল ; খস্-খস্। ৩ জ্বরাদি জন্য দাহ ; শরীর সন্তাপ।

অবদীর্ণ [অব-দৃ (বিদীর্ণ হওয়া) + ত (র্ত্তৃ), দৃ-ত=দীর্ণ] বিণ, বিদীর্ণ। ২ গলিত ; দ্রবীভূত। ৩ চূর্ণীভূত।

অবদোহ [অব-দুহ (দোহনে) + অ (র্ম্ম) -যা দোহন করা হইয়াছে] বি, দুগ্ধ।

অবদ্ধ [ন=অ, বন্ধ্ (বন্ধন করা) + ত (র্ম্ম) নঞ্, ন লোপ, ত=ধ] বিণ, যাকে বন্ধন করা হয় নাই ; অসংযত। ২ সম্বন্ধশূন্য। ৩ বি, অসম্বন্ধ বা নিরর্থক বাক্য ; প্রলাপ।

অবদ্ধমুখ [অবদ্ধ (অসংযত) মুখ যার-বহু, তুল-মুখের আগঢাক নাই] বিণ, যে মুখে যা আসে তাই বলে ; অপ্রিয়বাদী ; দুর্ম্মুখ।

অবদ্য [ন=অ, বদ্ (বলা) + য নিন্দার্থে নিপাত] বিণ, অকথ্য ; কথনাযোগ্য। ২ নিন্দনীয়। ৩ হীন [তুল-ইং bad. ফা-বদ্]।

অবধান [অব-ধা (ধারণ করা) + অন (ভাং)] বি, চিত্তের একাগ্রতা ; অভিনিবেশ ; প্রণিধান; মনোযোগের সহিত শ্রবণ ; কর্ণদান। "বুলান বলেন রায় কর অং,"-কবিকং। ২ মন; মতি।-"বেদ পথে নহে অং,"-কবিকং। ৩ অ, শুনিতে আজ্ঞা হউক attention. কহে মন্ত্রিবর; জুড়ি দুই কর, অবধান মহী-"পতি।"-রঙ্গলাল (কাঞ্চীং)। ৪ নমস্কার ; অভিবাদন বিঃ। "কর্ত্তা মহাশয় অং ; বড় বাবু নমস্কার করি গো।"-নীলদর্পণ। ৫ অ, সাবধান। সাধু সাবধান। ৬ [বৈং সাং] বি, অধিষ্ঠান।' "করে মায়াতে অং,"-চৈং চং। ~পর, ~পরায়ণ-বিণ, "চতুর্দ্দিকের বিষয়ব্যাপার বিশেষ ভাবে দর্শনেচ্ছু।" -কৃষ্ণং বন্দ্যোং।

অবধাবন [অব (পশ্চাৎ)-ধাবন] বি, অনুসরণ ; পশ্চাদ্ধাবন। ২ প্রক্ষালন। বিণ, অবধাবিত।

অবধার/ণ [অব + ধৃ-ণিচ্=ধারি (ধারণ করা, স্থির করা) + অন (ভাং)] বি, নির্দ্ধারণ ; নিশ্চয় ; ধার্য্য। ২ ইয়ত্তা-পরিচ্ছেদ ; সীমা-নির্দ্ধারণ ; পরিমাণ নির্ণয়। বিণ, ~ণীয়-অবধার্য্য।

অবধারা [অবধারি, অবধার, অবধারে, অবধারিতে, অবধারিয়া (পদ্যে, ক্বেং অব-ধারি) ইং] ক্রি, অবধারণ করা।

অবধারল, অবধারলি [ব্রজং। অব-ধারণ দ্রঃ] ক্রি, অবধারণ করিয়াছি ; স্থির করিয়াছি। "হমে অবধারল সুন সুন কাহু, নাগর করথু অপন অবধান॥"-বিং পং।

অবধারিত [অব-ধৃ-ধারণ করা) + ণিচ্= ধারি + ত (র্ম্ম)] বিণ, যাকে অবধারণ করা হইয়াছে ; নির্দ্ধারিত ; নির্ণীত ; স্থিরীকৃত ; নিশ্চিত। বিণ, অবধার্য্য-অবধারণ যোগ্য ; নিরূপনীয় ; নির্দ্ধার্য্য।

অবধি [অব (নিম্ন অর্থে, অবতরণার্থে-অব দ্রঃ)-ধা (ধারণ করা) + ই (ভাং)-উৎপত্তি বা মূলসূত্র ধারণ করিয়া বর্ত্তমানে নামিয়া আসিবার ভাব। প্র-জন্মাবধি অর্থাৎ জন্ম মুহূর্ত্ত ধারণ করিয়া যে কাল বর্ত্তমান মুহূর্ত্তে অবতরণ করিয়াছে] অ, হইতে ; থেকে। "জনম অং হাম, রূপ নেহারনু নয়ন না তিরপিত ভেল।"-বিং পং। ২ পর্য্যন্ত। প্র-মরণাবধি (আমরণ দ্রঃ)। "কোথা অং যাইবে।" "যে কাল অং আমি না আসি তুমি যাইও না।" ৩ বি, সীমা ; শেষ ; অন্ত ; অবসান। "অং জানিতে, সুধাই কাহাতে, ঘুচাই মনের ব্যথা।"-চণ্ডীং। "কতমত সুখ নাহি অং।" -ভারতং। ৪ নিয়ম ; নির্দ্ধারণ। "কালিক অং করিয়া পিয়া গেল।"-বিং পং। ৫ [ধি, ই] যে ধারণ করে ; আধার। "সুবর্ণের পুষ্প সেই গন্ধের অং।"-মহাং (কাশী)। ৬ দৃষ্টির দিক্, বিবেচনা বা আলোচনা করিবার নির্দ্দিষ্ট বিন্দু, স্থান কাল বা দিক্ standpoint. "কালের দিকে দৃষ্টি রাখলে দু-দিকে দুটো অং পাই-এক দিকে হচ্ছে আমাদের আধুনিক কাল,...অপর দিকে হচ্ছে ঋগ্‌বেদের কাল।"-ডাঃ সুং চট্টোং (প্রবাসী, ১৩৩৩)।

অবধী/রণ [অবধীর (অবজ্ঞা করা) অন (ভাং)] বি, অবমাননা। ~রণীয়-বিণ, ঘৃণ্য ; অবজ্ঞেয় ; উপেক্ষণীয়। ~রিত [অবধীর + ত (র্ম্ম)] বিণ, অনাদৃত ; ঘৃণিত ; উপেক্ষিত।

অবধুত [নাট্য শাং, অভিনয় দ্রঃ] বি, অঙ্গাভিনয় বিঃ (থাম, থাক ইং বলিয়া মস্তক সহসা নত করণ, কোন স্থান নির্দ্দেশ, প্রশ্ন-করণ, আহ্বান, বাক্যালাপ ইং স্থলে)।

অবধূত [অব-ধূ (কম্পিত হওয়া) + ত(র্ম্ম)] বিণ, যাকে কম্পিত করিয়াছিল ; কম্পিত ; আন্দোলিত ; উদ্বেলিত। ২ বিক্ষিপ্ত ; চালিত। ৩ প্রসারিত। ৪ পরিত্যক্ত। ৫ অভিভূত। ৬ অভিহত ; আহত ; পদ-দলিত। ৭ তিরস্কৃত ; অবমানিত ; অনাদৃত। ৮ সংসার মায়া-মুক্ত। ৯ বি, শৈব সম্প্রদায়। (ইঁহারা জটা ও শ্মশ্রু ধারণ করেন এবং সন্ন্যাস গ্রহণ, ষট্‌কর্ম্ম সাধন ও নানাবিধ বৃত্তি অবলম্বন করেন)। তন্ত্রমতে অবধূত চারি প্রকার-ব্রহ্মাবধূত, শৈবাবধূত, ভক্তাবধূত, হংসাবধূত। "কখন ব্রাহ্মণ ভাট ব্রহ্মচারী, কখন বৈরাগী যোগী দণ্ডধারী, কখন গৃহস্থ কখন ভিখারী, অং জটাধর হে।"-অং মং। স্ত্রীং

অবধূতানী, অবধূতী [অধূবত + ঈ, আনী (স্ত্রীং) বৌং বাং প্রাকৃং অবধূই (চং ১২।৪, ২৭।২)] বি, অবধূত ; সন্ন্যাসিনী। ২ ভবানী ; দুর্গা। ৩ অবধূতের বৃত্তি। [অবধূতী বা সন্ন্যাসিনীগণ অবধূতানী নামে অভিহিতা হন। ইঁহারা সন্ন্যাসীদের মত বিভূতি রুদ্রাক্ষাদি শৈবচিহ্ন ধারণ করেন এবং

তীর্থ পর্য্যটন ও ভিক্ষা দ্বারা জীবন ধারণ করেন। সন্ন্যাসী যেমন সন্ন্যাসীর গুরু, অবধূতানী তদ্রূপ অবধূতানীদিগের গুরু; গঙ্গাগিরি-নাম্নী জনৈকা স্ত্রী প্রথম অবধূতানী হন।-উ° স° (২য় ভাগ)]।

অবধেয় [অব-ধা (ধারণ করা)+য (র্ম্ম)] বিণ, অবধানযোগ্য; যে বিষয়ে মনোযোগ করা আবশ্যক; প্রণিধানযোগ্য।

অব/ধৌত-বিণ,প্রক্ষালিত।২ অবধূত সম্বন্ধীয়।স্ত্রীং ~ধৌতী। ~ধৌতিক-বিণ,অবধূত সম্বন্ধীয়। > স্ত্রীং~ধৌতিকী।

অবধ্বংস [অব-ধ্বন্স্ (বিনষ্ট হওয়া)+অ (ভা°)] বি, বিনাশ। ২ ত্যাগ: পরিহার। ৩ অববাদ; পরিবাদ; নিন্দা।

অবধ্বস্ত [অব-ধ্বন্স্ (বিনষ্ট হওয়া)+ত (র্ম্ম)] বিণ, যাকে বিনাশ করা হইয়াছে; বিনষ্ট; বিচূর্ণিত। ২ প্রস্থিত; গত। ৩ পরিত্যক্ত। ৪ নিন্দিত।

অবধ্য [ন=অ, বধ্ (বিনাশ করা)+য (র্ম্ম) নঞ্] বিণ, যাকে বধ করা উচিত নহে: বধের অযোগ্য। স্ত্রীং ~া। বি, ~তা, ~ত্ব-বধের অযোগ্যতা।

অবনিটে [প্রাদে°] বিণ, খাঁদা; নত-নাসিক।

অবনত [অব-নম্ (নত হওয়া)+ত (র্ত্তৃ) ম্-লোপ] বিণ, নিম্নভাগে লম্বমান; বিনত; যা নিম্নদিকে ঝুঁকিয়াছে। ২ পতিত। ৩ প্রণত। ৪ [বিপরীতে-উন্নত] বিনীত; বিনম্র। "অ° বয়নী ধরণী নখে লেখি।" -বি° প°। ~নস-বি, বিণ, অ° নাসিকা, নতনাসিক চ্যাপ্টা নাক flat nosed. ~বদন-বি, বিণ, নত মুখ। ~মস্তক, ~মুখ। > স্ত্রীং ~মুখী।

অবনতি [অব-নম্+তি (ভা°)] বি, অধোনমন; অধোগতি। ২ পতন; চরিত্র-স্খলন। ৩ অনুন্নতি। ৪ প্রণতি; বিনয়। ৫ অমৌদ্ধত্য। ৬ গ্রহোপগ্রহাদির অস্ত গমন।

অবনদ্ধ [অব-নহ্ (বন্ধন করা)+ত (র্ম্ম); হ-ত=দ্ধ] বিণ, যাকে বন্ধন করা হইয়াছে; আবদ্ধ। ২ আচ্ছাদিত। ৩ খচিত; বসান; জড়িত। ৪ লিপ্ত। ৫ বি, বস্ত্রাদি পরিধান। ৬ আনদ্ধ যন্ত্র; মৃদঙ্গ; ঢক্কাদি বাদ্য।

অবনমন-বি, অবনয়ন। বিণ, অবনমিত [অব-নম্+ণিচ্ =নমি (নোয়ান) +ত (র্ম্ম)] যাকে নোয়ান হইয়াছে; বক্রীকৃত।

অবনয়ন [অব (নিম্নে)-নী (লওয়ান)+অন (ভা°)] বি, নিম্নদিকে আনয়ন; নোয়ান; অবনতি: নমন; অধোনয়ন; অধঃপতন; নিপাতন [এই অর্থে অবনয়, অবনায় ও°। বাং প্র° অ°]।

অবনাহ [অব-নহ্ (বন্ধন করা)+অ (ভা°)] বি, বন্ধন। ২ (বস্ত্রাদি) পরিধান।

অবনি, অবনী [অব্ (রক্ষা করা)+অনি (র্ত্তৃ, স্ত্রা°) সমস্ত ধারণ করিয়া রক্ষাকারী] বি, পৃথিবী; ভূমি। ২ দেশ; ভূভাগ। "ময়না নগর বাড়ী দক্ষিণ অবনী।"-ঘ°। ~তল-বি, ভূতল: ধরাতল। "জগত-মোহিনী উষা আগত অবনীতলে।"-কা° প্র° ঘোষ। ~পতি-বি, ভূপতি: রাজা। ~মণ্ডল-বি, পৃথিবী।

অবনিবনাও [ন=অ+ হিং বনিবনাউ] বিণ, অস্বরস; অসৌহার্দ্দ্য; অমিল; অনৈক্য।

অবনীশ [অবনী+ঈশ] বি, পৃথিবীপতি; ঈশ্বর। ২ রাজা; সম্রাট।

অবনেজন [স্মৃ°] বি, পিণ্ডদানকালে আস্তৃত কুশে মন্ত্রপূত জলসেচন।

অবন্তি১ [গ্রা°। ন=অ+বন্তি (হিং বন্‌তি =সদ্ভাব)] বিণ, অবনিবনাও।

অবন্তি২,-ন্তী [অব্ (রক্ষা করা, পালন করা)+অন্তি (থি, স্ত্রা°)-যে স্থানে প্রজাগণ বিশিষ্টরূপে পালিত হয় বা র্ত্তৃ, অন্তি-যিনি সন্তানবৎ পালন করেন] বি, নর্ম্মদার উত্তরে শিপ্রা তীরবর্ত্তী বিখ্যাত দেশ, রাজধানী উজ্জৈনী বা অ° পুরী বা বিশালা, অ° দেশ মালবের পশ্চিমাংশ। মহাভারতের সময় ইহা দক্ষিণে নর্ম্মদার উপকূল পর্য্যন্ত এবং পশ্চিমে মাহী নদীর তীর পর্য্যন্ত বিস্তৃত ছিল। ইহার উত্তরে যে রাজ্য ছিল, তাহার রাজধানী ছিল চর্ম্মণ্বতি তীরবর্ত্তী দশপুর যা বর্ত্তমান ধোলপুর বলিয়া অনুমিত ও যা রন্তিদেবের রাজধানী ছিল; মালবদেশ। ২ মালবদেশবাসী। ৩ [অবন্তিকা ও°] উজ্জয়িনী নগরী; রাজা বিক্রমাদিত্যের রাজধানী।

অবন্ধন-বি, বন্ধনের অভাব; মুক্তি।

অবন্ধক-বি, যা বাঁধা দেওয়া হয় নাই।

অবন্ধুর-বিণ, মসৃণ; সমতল।

অবন্ধ্য [ন=অ+বন্ধ্য (বিফল) নঞ্] বিণ, যে বন্ধ্য অর্থাৎ ফলহীন নয়; ফলবান্। ২ সফল; সার্থক। স্ত্রীং ~া।

অব/পতন [অব (নিম্নে) পত্ (গমন)+অন (ভা°)] বি, অধঃপতন; অবনতি। বিণ, ~পতিত-অবনত; অধঃপতিত; অধোগত।

অবপন্ন [অব (নিম্নে) পদ্ (গমন করা)+ত (র্ত্তৃ) যে নিম্নদিকে গমন করিয়াছে] বিণ, অধঃপতিত; অধোগত।

অবপাত [অব (নিম্নে) পত্ (গমন, পড়া)+অ (ভা°)] বি, অধঃপতন; অধোগমন; অবতরণ; নীচে নামন; নীচে পড়িয়া যাওন। ২ [নাট্যে°] ভয়াদি হেতু পলায়নাদি দ্বারা প্রস্তুত বিষয়ের পরিবর্ত্তন। ৩ [অ, ধি] যাতে পতিত হয়; গজাদি বন্যজন্তু ধরিবার জন্য তৃণাদি দ্বারা আচ্ছাদিত গুপ্ত গর্ত্ত; চোরা গর্ত্ত।

অবপ্লুত [অব-প্লু (লম্ফ দিয়া গমন করা) +ত (ভা°)] বি, উল্লম্ফন গতি; লাফ দিয়া গমন। ২ বিণ, সহসা অবতীর্ণ। ৩ [র্ত্তৃ] যে লাফ দিয়া গমন করে।

অববর্ত্তমান [প্র° অ°] বিণ, অবর্ত্তমান; অনুপস্থিত।

অববাদ [অব (অপকৃষ্ট) বদ্ (বলা)+অ (ভা°)] বি, অপবাদ; নিন্দা। ২ অনুজ্ঞা; আদেশ। ৩ বিশ্বাস।

অববাহিকা [অপ্ (জল)=অব-বহ্ (বহন করা)+ণিচ্ (বহান+অক-স্ত্রীং আ) যে বহন করে] বি, নদীর উভয় পার্শ্বস্থ ভূমির যতদূর হইতে জল আসিয়া নদীতে পতিত হয় ততদূর পর্য্যন্ত ভূমিকে সেই নদীর অববাহিকা বলে basin of a river.

অববুদ্ধ [অব-বুধ্ (জানা)+ত (র্ম্ম) যে বিষয় জ্ঞাত হওয়া গিয়াছে] বিণ, কৃতবোধ; পরিজ্ঞাত। ২ অনুভূত। ৩ [র্ত্তৃ] যিনি জানিতে পারেন; জ্ঞানী। ৪ প্রবুদ্ধ; জাগরিত; নিদ্রাপরিহৃত।

অববোধ [অব (বিশেষ) বুধ্ (জানা)+অ (ভা°)] বি, বিশেষজ্ঞান; তত্ত্বজ্ঞান; জ্ঞান:

বিবেক। ২ অনুভূতি : উপলব্ধি। ৩ শিক্ষা ; উপদেশ। ৪ জাগরণ। ৫ [ণিজন্ত-বুধ্ + ঘঞ্। এই অর্থে অবোধন] উদ্বোধন ; জ্ঞাপন ; জানান, জাগান। ৬ অপরের নিদ্রা ভঙ্গ করা।

অবম [জ্যো০ পরিঃ। অব্ (গতি, প্রবেশ ই০) + অম (র্ত্ত)] বি, একদিনে তিথিত্রয়-সংযোগ। ২ [অব্=নাশ ই০] কম : ন্যূন। ৩ [অব্ (রক্ষা করা) + অন (র্ম্ম)-অধস্ + ম (স্থিতার্থে)-ধ=ব, স্ লোপ-যে নিম্নে অবস্থান করে] অধম : নিকৃষ্ট [প্র০ অ০]।

অবভাস [অব-ভাস্ (দীপ্তি পাওয়া) + অ (ভা০)] বি, দীপ্তি। ২ প্রকাশ : স্ফুরণ। ৩ সাক্ষাৎকার। ৪ আরোপ। ৫ ছল ; ভাণ।

অবভৃথ [অব-ভৃ (ভরণ বা পোষণ করা) + থ (র্ত্তৃ, জ্ঞা০) যা প্রাণিসমূহকে পোষণ করে] বি, যজ্ঞ [যজ্ঞ হতে বৃষ্টি হয়, বৃষ্টি হতে অন্ন হয়, অন্নদ্বারা প্রাণী পুষ্ট হয়, সুতরাং যজ্ঞই প্রাণি-পোষণের মূল] ২ প্রধান যজ্ঞের অঙ্গীভূত যজ্ঞ ; যজ্ঞশেষে কোন বিষয়ে ন্যূনতা না ঘটে এজন্য সর্ব্বল ত্রুটি পূরণার্থ যে যজ্ঞ অনুষ্ঠিত হয়। ~স্নান-দীক্ষাস্নান। ২ [বৈদিক] সোমযাগের অন্তে সপত্নীক যজমানের পুরোডাশাহুতি পূর্ব্বক স্নান।

অবমত [অব (অপকৃষ্ট) মন (বোধ করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে অপকৃষ্ট জ্ঞান করা হয়। ২ উপেক্ষিত ; অনাদৃত, অবজ্ঞাত। ৩ তিরস্কৃত। বি, অবমিতি।

অবমন্তা [অব (অপকৃষ্ট) মন্ (বোধ করা) + তৃ (র্ত্তৃ)=অবমন্তৃ ১মা ১ব০] বিণ, অবমানকারী : অবজ্ঞাকারী। ২ তিরস্কারকারী। বিণ, অবমন্য-অবজ্ঞেয়।

অবমর্দ্দ [অব-মৃদ্ (মর্দ্দন করা) + অ (ভা০)] বি, শত্রু-কর্ত্তৃক নির্দ্দয়ভাবে প্রহার ; দলন। ২ শত্রু-নগরাদির ধ্বংস বা উচ্ছেদ : উৎপীড়ন। ৩ ভিড়।

অবমর্দ্দন [অব-মৃদ্ (মর্দ্দন করা) + অন (ভা০)] বি, পীড়ন। ২ উচ্ছেদ। ৩ [র্ত্তৃ-অন] বিণ, পীড়নকারী। ৪ উচ্ছেদকারী।

অবমর্শ [অব-মৃশ্ (স্পর্শ, প্রণিধান, পরামর্শ, চিন্তা) + অ (ভা০)] বি, স্পর্শ। ২ প্রণিধান ; চিন্তা। ৩ পরামর্শ।

অবমর্শন [অব-মৃশ্ + অনট্(ভা০)] বি, অবমর্শ (দ্রঃ)। পর্য্যালোচনা। ২ বিলোপ। ৩ বিস্মৃতি। ৪ [নাট্যে০] সন্ধির অংশবিঃ।

অবমর্ষণ [অব-মৃষ্ (সেচন, ক্ষমা, সহন) + অন (ভা০)] বি, অবমর্শন দ্রঃ।

অবমা/ন [অব (বিপরীত, হত) মান্ (পূজা) + অ (ভা০)] বি, অপমান। ~ননা [অব (বিপরীত) মান্ (পূজা করা) + ণিচ্=মানি + অন (ভা০) স্ত্রীং আ] বি, অপমান ; অনাদর ; অবজ্ঞা ; হতাদর। ~ননীয়, ~ন্য-বিণ, অবমানিত হইবার যোগ্য। ~নয়িতা [অব-মান্ + তৃ=অবমানয়িতৃ ১মা ১ব০] বিণ, অন্যের অবমাননাকারী ; অমানদ। ~নিত [অবমাননা (দ্রঃ) + ত (র্ম্ম)] বিণ, কৃতাপমান : অবজ্ঞাত ; অনাদৃত ; অপমানিত ; লাঞ্ছিত।

অবমূর্দ্ধ/শয়,-শায়ী [অব (নত) মূর্দ্ধন্ (মাথা-মুখ) শয় (শায়ী)] বিণ, অধোমুখ হইয়া শয়নকারী। বিপরীতে 'উত্তানশয়' স্ত্রীং ~শয়া, ~শায়িণী। অবমূর্দ্ধ্য, (স্ত্রীং) অবমূর্দ্ধ্যা-অধোমুখ : অধোমুখী।

অবমোচন [অব-মুচ্ (মুক্ত করা) + অন (ভা০)] বি, মুক্ত করান : মুক্তিদান : পরিত্যাগ ; খালাস।

অবমোটন [অব-মুট্(আক্ষেপ, প্রমর্দ্দন) + অন (ভা০)] বি, আক্ষেপ করণ। ২ শরীর মর্দ্দন, মোচড়ান।

অবয়ব [অব-যু (যুক্ত হওয়া) + অ (র্ত্তৃ) যে অঙ্গীর সহিত যুক্ত হয়] বি, অঙ্গ, হস্তপদাদি প্রত্যঙ্গ। ২ অংশ। ৩ উপকরণ। ৪ [অঙ্গ প্রত্যঙ্গ হইতে] আকৃতি : চেহারা। ৫ আদর্শ ; আদল। ৬ [ন্যায়দর্শনে] প্রতিজ্ঞাদি পঞ্চক। ৭ [তর্ক বিজ্ঞানে logic] "সাপেক্ষানুমান প্রকাশক বাক্যত্রয়ের সমষ্টিকে ন্যায় (svllogism) বলে এবং বাক্য তিনটীকে ন্যায়ের তিনটী অ০ বলা হয়,"-ত০ বি০। ঐ ৩টী অ০-নিগমনাবয়ব-প্রত্যেক ন্যায়ে যে বাক্যটী দ্বারা অনুমিত সম্বন্ধটি প্রকাশিত হয় conclusion ; পক্ষাবয়ব-যে অবয়বে পক্ষ বিদ্যমান থাকে Minor Premise; সাধ্যাবয়ব-অন্য ছুটি অবয়বে যে সাধ্য বিদ্যমান থাকে Major Premise ; 'সকল মানুষ মর।' যদু মানুষ। ∴ যদু মর। এই বাক্যত্রয়ের সমষ্টি একটি ন্যায়। ইহাতে 'যদু মর'-নিগমনাবয়ব, বাক্যটির উদ্দেশ্য পদ 'যদু' ও বিধেয় পদ 'মর,' অতএব 'যদু' এইটি পক্ষপদ। 'মর' এইটি সাধ্যপদ ও 'মানুষ' -মধ্যপদ বা হেতু। 'সকল মানুষ মর' এটি সাধ্যাবয়ব 'যদু মানুষ' এটী পক্ষাবয়ব।' -ত০ বি০। অনুমান, পুরোগাবয়ব ও 'অনুগাবয়ব দ্রঃ।

অবয়বী [অবয়ব + ইন (স্ত্য)=অবয়বিন ১মা ১ব০] বিণ, যার অবয়ব আছে ; সাবয়ব ; সাঙ্গ : অঙ্গী। ২ অংশ বিশিষ্ট। ৩ উপকরণ বিশিষ্ট। ৪ [ন্যায় দর্শনে] প্রতিজ্ঞাদি পঞ্চাঙ্গ বিশিষ্ট।

অবর [ন=অ + বর (শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ), নঞ্-যে শ্রেষ্ঠ নহে] বিণ, অশ্রেষ্ঠ ; অধম : অপকৃষ্ট। ২ পশ্চাদ্বর্ত্তী ; অনন্তর। ৩ চরম ; শেষ। ৪ অজ্যেষ্ঠ ; পশ্চাজ্জাত ; কনিষ্ঠ। ৫ শূদ্র। ৬ হীনকুলজাত। ৭ [অ-পর (প=ব) > অবর। বৌ০ বাং প্রাকৃ০, চ০ ১০ : দো০ ১১২। অবরে=অপরে, চ০ ৮৯] অন্য ; অপর ; ইহ। "যারা মিথ্যা কহে তাহাদিগের পর ও অ০ একোনপঞ্চাশত্তম ইষ্ট ও পূর্ত্ত নামক কর্ম্ম নষ্ট হইয়া থাকে।"-মহা০ (সিংহ)। ৮ হস্তিজঙ্ঘার পশ্চাদ্ভাগ। ৯ [ন=অ + বর (শ্রেষ্ঠ) যা হতে-বহু০] শ্রেষ্ঠতম [অপ্র০] ১০ [প্রাদে০] বিরহিনী ; স্বামী বিরহিতা, প্রোষিতভর্ত্তৃকা। "ছয় মাস থাক তুমি হইয়া অ০ নারী।"-পূ০ ব০ গী০। স্ত্রীং ~া-যা হতে শ্রেষ্ঠা নাই ; দুর্গা। ~জ (র্ত্ত) [অ০ (পশ্চাৎ) জ (জন্ + ড, র্ত্তৃ)=জাত-অনুজাত] বি, অনুজ ; কনিষ্ঠ। ২ নিকৃষ্ট। ৩ শূদ্র। ৪ হীনকুলজাত। > স্ত্রীং ~জা-কনিষ্ঠাভগিনী। ~বয়ঃ-অল্পবয়স্ক ; অর্ব্বাচীন। স্ত্রীং ~বয়াঃ। ~বর্ণ -শেষবর্ণ ; হীনবর্ণ। ২ চতুর্থবর্ণ ; শূদ্র। ৩ বৃষল। ~বর্ণক [স্বার্থে ক] বি, বর্ণ।

অবরতি [অব-রম্ (ক্রীড়া করা) বিশ্রাম করা) + তি (ভা০)] বি, ক্রীড়া। ২ বিরাম ; বিশ্রাম। ৩ বিরতি ; নিবৃত্তি ; ত্যাগ।

অবরার্দ্ধ [অবর (শেষ) অর্দ্ধ] বি, শেষার্দ্ধ। ~া-বিণ, পশ্চাৎ বা শেষার্দ্ধ হতে জাত।

অবরুগ্ন [অব-রুজ্ (পীড়া) + ত(র্ত্তৃ) জ্=

গ, ত=ন] বিণ, রোগগ্রস্ত ; পীড়িত ; ব্যাধিযুক্ত। ২ ভগ্ন [প্রা০ অ০]।

অবরুদ্ধ [অব-রুধ্ (অবরোধ করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে অবরোধ বা কয়েদ করা হইয়াছে ; বন্দী। ২ প্রতিরুদ্ধ ; প্রতিহত ; ব্যাহত। ৩ যা বেষ্টন করা (ঘেরাও) করা গিয়াছে ; বেষ্টিত ; আবৃত ; আচ্ছাদিত ; পরিবৃত। ৪ বদ্ধ ; রুদ্ধ। প্র-অ০ বায়ু। স্ত্রী০ ~া-রাজান্তঃপুরে স্থিতা স্ত্রীলোক। ২ বন্দিনী।

অবরূঢ় [অব (নিম্ন)-রুহ্ (গমন করা) + ত (র্ত্তৃ) হ-ত=ঢ়, (উ=ঊ)] বিণ, যে অবরোহণ করিয়াছে : উর্দ্ধ হতে নিম্নে আগত ; অবতীর্ণ।

অবরেণ্য [ন=অ-বরেণ্য (দ্রঃ)] বিণ, অবরণীয় ; অশ্রেষ্ঠ , অপূজ্য। "অবরেণ্যে বরি,"-মধু০। স্ত্রী০ ~া।

অবরেসবরে-অবুরেসবুরে দ্রঃ।

অবরো/ধ [অব-রুধ্ (আবরণ করা) + অ (ভা০)] বি, প্রতিবন্ধ : বাধা। ২ আটক : প্রতিরোধ। ৩ পরিবেষ্টন : আবরণ : ঘেরা। ৪ [অ-ধি] যাতে অবরোধ করা হয় ; রাজস্ত্রীদিগের অন্তঃপুর। ৫ রাজপ্রাসাদ। ৬ [অ-র্ম্ম] যাকে রাজান্তঃপুরে অবরোধ করা হয় ; অন্তঃপুরস্ত্রী। ~ধক ~ধিক [অব-রুধ্ (আবরণ করা, রোধ করা) + অক (র্ত্তৃ) ইক (চরত্যর্থে)] বিণ, যে অবরোধ করে ; অবরোধকারী, নিরোধকর্ত্তা। ২ বি, যে গৃহের চতুর্দ্দিক অবরোধ (আবরণ) করে ; বৃতি ; ভিত্তি ; বেড়া। ৩ অন্তঃপুর রক্ষার্থ বিচরণকারী ; অন্তঃপুর রক্ষক ; বিপক্ষনিবারক। স্ত্রী০ ~ধিকা-অন্তঃপুররক্ষিকা। ~ধন [অব-রুধ্ (রোধ করা) + অন (ভা০)] বি, নিরোধ। ২ প্রতিবন্ধ। ৩ [অন (ধি)] রাজাদিগের অন্তঃপুর। ৪ কারাগার। বিণ, ~ধী-অবরোধক। > স্ত্রী০ ~ধিণী। অ০-প্রথা-যে প্রথায় স্ত্রীলোকদিগকে অন্তঃপুরের মধ্যে এমনভাবে রক্ষা করা হয় যাতে তারা বাহিরে ইচ্ছামত যাইতে না পারে এবং স্বামী গুরুজন এবং স্নেহভাজন আত্মীয় ব্যতীত অন্যে তাদের দেখিতে না পায়।

অব/রোপণ [অব-রূপ্ (বিমোহন করা) + অন (ভা০)] অব পূর্ব্বক রূপ ধাতু অবরোহণ অর্থে ব্যবহৃত বা অব পূর্ব্বক [রুহ্ + ণিচ্-রোহি স্থানে রোপি-ভা০ অন] বি, অবরোহণ করান ; অবতারণ ; নামান। ২ অপসারণ ; অপনয়ন ; উৎপাটন। ৩ অস্তগমন। ~রোপিত [অব-রুহ্ + ণিচ্ = হ=প= রোপি + ত (র্ম্ম)] বিণ, অবতারিত। ২ উৎপাটিত ; অপসারিত ; দূরীকৃত।

অবরোহ [অব-রুহ্ (আরোহণ করা) + অ (ভা০)] বি, উর্দ্ধ হতে নীচে নামা; অবতরণ। ২ প্রাদুর্ভাব ; উৎপত্তি। ৩ [অ-অপা] মনুষ্যগণ পুণ্যভোগাবসানে যে স্থান হতে মর্ত্ত্যলোকে অবতরণ করে ; স্বর্গ। ৪ [দর্শনে] যুক্তির পন্থা বা প্রণালীবিঃ ; কারণ হতে কার্য্যে, নিদান হতে ফলে বা পরিণতিতে উপস্থিত হওয়ার প্রণালী a priori ; from cause to the effect ~ী [অব-রুহ্ + ণিন্, (র্ত্তৃ) যে অবরোহণ করে] বিণ, অবতরণকারী। ২ আরোহণকর্ত্তা। ৩ বি, বটবৃক্ষ। ~ক-বিণ, অবতরণকারী। ২ (দর্শনে) উক্তপ্রণালীসঙ্গত। স্ত্রী০ অবরোহিকা। ~ণ [অব-রুহ্ (আরোহণ করা) + অন (ভা০)] বি, উর্দ্ধ হইতে অধোগমন ; অবতরণ ; নিম্নে আগমন। ২ আরোহণ ; অধিরোহণ। ~ণী -বি, সিঁড়ি। ~শাখী [অবরোহ (অবরোহণ), ভূম্যবতরণ করিয়াছে শাখা যার, যার জটা শাখা হতে ভূমিতে অবতরণ করে] বি, বটবৃক্ষ।

অবর্জ্জনীয়-বিণ, অপরিহার্য্য।

অবর্ণ [অ-বর্ণ] বি, 'অ' অক্ষর ; অকার। ২ [অ (অপ্রশস্ত) বর্ণ (জাতি)] যে ব্রাহ্মণাদি চারিবর্ণান্তর্গত নহে ; নীচজাতি। ৩ নি= অ (নাই) বর্ণ (রং) যার-বহু০] বর্ণহীন। ~নীয় [ন=অ-বর্ণনীয় (বর্ণনার যোগ্য বা বর্ণনাসাধ্য)] বিণ, বর্ণনার অযোগ্য ; অকথ্য। ২ বর্ণনার অসাধ্য ; অনির্ব্বাচ্য। "প্রকৃতির অ০ লাবণ্যরাশিতে হৃদয় ডুবিয়া গেল।"-প্রদীপ, ১ম বর্ষ।

অবর্ত্তমান-বি, ভূতকাল। ২ ভবিষ্যৎকাল। ৩ বিণ, অনুপস্থিত। ৪ অবিদ্যমান। ৫ গত ; মৃত।

অবল [ন=অ (নাই) বল যার-বহু০] আধু০ বাং বিরল। বিণ, বলহীন ; দুর্ব্বল ; শক্তিহীন। "নাও বাহিতে নাহি চলে দুই হাথ। অ০ হৈলোঁ তোর সখি করি পারে। অধর অমিঞা দেহ বল হউ মোরে।" -শ্রীকৃ০ কী০। ২ [আয়ু০] বি, বরুণ বৃক্ষ। স্ত্রী০ ~া (দ্রঃ)।

অবলক্ষ [ন=অ-বলক্ষ (শ্বেত)] বিণ, অশ্বেত। ২ [অব-লক্ষ্ (চিহ্ন করা, শুক্ল হওয়া)। বলক্ষ (দ্রঃ)] শুক্লবর্ণ।

অবলগিত [অব-লগ্ (লাগিয়া থাকা) + ত (র্ম্ম)] বি, যে সংলগ্ন থাকে ; সংযুক্ত। ২ [নাট্যে০] দৃশ্য কাব্যের প্রস্তাবনা বিঃ।

অবলগ্ন [অব-লগ্ (লাগিয়া থাকা) + ত (বি) জ্ঞা০-যাতে বস্ত্র লাগিয়া থাকে] বি, কটিদেশ ; কাঁকালি : মাজা। ২ [+ত (ভা০)] বিণ, সংলগ্ন। ৩ [ক্তৃ,(ত)] যে লাগিয়া থাকে : দৃঢ়সংযুক্ত।

অবলম্ব [অব-লম্ব্ (লম্বিত হওয়া) + অ (ভা০)] বি, অবলম্বন . আশ্রয়। ২ [অ-র্ত্তৃ] বিণ, অবলম্বমান ; অবলম্বী। ৩ [ধি] আশ্রয় স্থান। ৪ [ণে] যদ্দারা লম্বিত হওয়া যায় : অবলম্বনের বস্তু ; লাঠি।

অবলম্বন [অব-লম্ব্ (লম্বিত হওয়া) + অন (ভা০)] বি, ভর অর্পণ ; ভর করণ। ২ নির্ভর। প্র-তার কথা মাত্র অ০ করিয়া সে এই কার্য্য করিয়াছে। ৩ আশ্রয় করণ ; গ্রহণ। প্র-ধর্ম্মাবলম্বন। ৪ উপায়। প্র-কোন একটা অ০ স্থির করা যাইবে। ৫ ধারণ। প্র-ধৈর্য্যাবলম্বন। ৬ গতি ; আশ্রয়। প্র-তার শেষ অবলম্বনটীও হস্তচ্যুত হইল। জগদীশ্বরই সকলের একমাত্র অ০। ৭ উপলক্ষ। ক্রি-বিণ, অবলম্বনে-ভর করিয়া।

অবলম্বিত [অব-লম্ব্ + ত (র্ত্তৃ)] বিণ, যে অবলম্বন করিয়াছে ; শরণাগত। ২ রক্ষিত। ৩ [অব (নিম্নে) + লম্বিত] অবনত; অধোগত। ৪ [র্ম্ম-ত] যাকে অবলম্বন করা হইয়াছে : ধৃত ; গৃহীত।

অবলম্বী [অবলম্ব + ইন্ (স্ত্য)] বিণ, যার অবলম্বন আছে। আশ্রয়কারী ; অবলম্বনকারী।

অবলা [গ্রা০-অবোলা। ন=অ (নাই)-বল

যার-বহু০, স্ত্রীং-আ। সম্বোধনে, অবলে! "স্ত্রী যোষিদবলা যোষা নারী...বামা বনিতা মহিলা তথা।"-অমর০] বি, স্ত্রীলোক ; ললনা : কুলকন্যা; কুলবধূ। "হে সুন্দরী, প্রভু মম, রবি-কুল-রবি, * * * তোমরা অং কহ কি লাগিয়া হেথা আইলা অকালে ?"-মেঘ০। ২ বিণ, বলহীনা : ভীরু। "কেবলে মা তুমি অবলে।"-বঙ্কিম০। "অং বলিযে কি গো এত দুঃখ প্রাণে সয়।"-বাং গান।

অবলিপ্ত [অব-লিপ্ (লেপন করা) + ত (র্ম্ম)] বিণ, যা লেপন করা হইয়াছে : কৃত-লেপন ; প্রলিপ্ত। ২ [লিপ্ (গর্ব্বিত হওয়া) + ত (র্ত্তৃ)] ধনগর্ব্বিত : অহঙ্কৃত : দৃপ্ত। স্ত্রীং ~া। বি, ~তা।

অবলী-বিণ, দুর্ব্বল। "অবলা, অবলী, মূর্খ, অবধ্য সমরে।"-নবীন০ (রঙ্গমতী)।

অবলীঢ় [অব-লিহ্ (আস্বাদন করা, চাটা) + ত (র্ম্ম)] কৃতাবলেহ:ভক্ষিত : আস্বাদিত। ২ ব্যাপ্ত। ৩ দক্ষ [বিরল] ৪ [র্ত্তৃ, ত] অবলেহনকারী।

অবলীলা [অব-লীলা (ক্রীড়া)] বি, অনায়াস : অক্লেশ। ২ অসঙ্কোচ। "করি চণ্ডী অং বুকের যুগল শিলা হুহুঙ্কারে ছিঁড়িল বন্ধন।"-কবিক০। ৩ কৌতুক : পরিহাস। ৪ ক্রীড়া। ~কৃত-বিণ, অনায়াসে সাধিত। ~ক্রমে-ক্রি-বিণ, অনায়াসে; অক্লেশে : সহজে : হেলায়।

অবলুণ্ঠন [অব (নিম্নে) লুন্ঠ্ (লুটিয়ে পড়া) + অন (ভা০)] বি, ভূমিতে লোটান ; গড়াগড়ি দেওয়া ; ভূলুণ্ঠন।

অবলুণ্ঠিত [অব-লুন্ঠ্ + ত (র্ত্তৃ)] যে অবলুণ্ঠন করিয়াছে ; ভূলুণ্ঠিত।

অবলেপ [অব-লিপ্ (লেপন করা) + অ (ভা০)] বি, গৃহাদি লেপন ; প্রলেপ। ২ অহঙ্কার ; দর্প : গর্ব্ব। ৩ আক্ষেপ। ৪ হিংসা ; আক্রোশ ; বিদ্বেষ। ৫ পরিবাদন ; দোষা-রোপণ। ৬ সম্বন্ধ ; সংসর্গ। ৭ ভূষণ। ৮ ক্ষেপণ। "ত্রিশূল সদৃশ জিহ্বা লুলি অব-লেপে।"-মেঘ০। ~ন [অব-লিপ্ + অন (ভা০)] বি, বিলেপন ; প্রলেপন। ২ ভ্রক্ষণ। ৩ অহঙ্কার বা দর্প প্রকাশ। ক্রি, ~া [অবলেপি, অবলেপো, অবলেপে, অব-লেপিতে, অবলেপিয়া (পদ্যে-অবলেপি) ইং] ক্রি, অং করা।

অব/লেহ [অব-লিহ্ (আস্বাদনে) + অ (ভা০)] বি, জিহ্বাদ্বারা আস্বাদন করা : চাটা। ২ [র্ম্ম-অ] যাকে অবলেহন করা হয় : অবলেহন করিয়া বা চাটিয়া খাইবার ঔষধ। ~লেহক-বিণ, অবলেহন-কারী। স্ত্রীং ~লেহিকা। ~লেহন [অব লিহ্ + অন (ভা০)] বি, অবলেহ দ্রঃ। জিহ্বাদ্বারা গ্রহণ বা চাটা। ~লেহী-বিণ, অবলেহক। ~লেহ্য, ~লেহনীয়-বিণ, অবলেহন যোগ্য।

অবলোক [অব-লোক্ (দর্শনে) + অ (ভা০)] বি, দর্শন ; দৃষ্টি ; দেখা ; অবলোকন।

অবলো/কন [অব-লোক্ + অন (ভা০)] বি, অবলোক (দ্রঃ)। ২ অনুসন্ধান। ৩ আলোক। ৪ [ণে অন, যদ্বারা দেখা যায়] নয়ন ; নেত্র [বিরল] ~কনীয়-বিণ, যাকে অবলোকন করা যায় : দেখিবার উপযুক্ত বা দর্শনীয় : দর্শনযোগ্য। ~কিত [অব-লোক্ + ত (র্ম্ম) যাকে অবলোকন করা হইয়াছে] বিণ, দৃষ্ট : নিরীক্ষিত। ২ [ত-ভা০। প্রং অং] বি, দর্শন : দৃষ্টি। ৩ [নাট্য শা০] অভিনয়-কালে পঠনা (study), বিচার (reflection) ইং স্থলে নত দৃষ্টি। ৪ বি, জৈন মুনি।

অবশ [ন=অ (নাই) বশ (স্বাধীনতা) যার-বহু০] বিণ, অবাধ্য। "বল তারে কথায় রাখিব কত টেলে। প্রাং সে বশ নয় পরের ছেলে॥"-গান (গো০ উড়ে)। ২ অনধিকৃত : অনায়ত্ত। ৩ দুর্ব্বল ; শিথিল : নিস্তেজ। প্র-অবশেন্দ্রিয়। ৪ অস্বাধীন : পরতন্ত্র। ৫ অসাড়। প্র-ঠাণ্ডায় হাত পা অং হয়ে গেছে। ৬ ক্রি-বিণ, অবশ্য : নিশ্চিত [প্রকৃতিবাদ]। স্ত্রীং ~া। ~গ(শ)-বিণ, অনায়ত্ত; অবশবর্ত্তী। স্ত্রীং~গা (শা), ~কা-অনায়ত্তা ; অবশীভূতা।

অবশকৃথিক (পুং), ~া (স্ত্রীং) [বৈদিক অবসিকৃথিক ও০] বি,বস্ত্রাদিদ্বারা জঙ্ঘা ও জানু দৃঢ়বন্ধন করিয়া উপবেশন।

অবশিষ্ট [অব-শিষ্ (শেষ রাখা) + ত (র্ম্ম)] বিণ, অবশেষে যা থাকে ; বাকী ; উদ্বৃত্ত ; অতিরিক্ত ; পরিশিষ্ট। ~ভাগ, ~াংশ।

অবশী/কৃত-বিণ, যাকে বশ করা যায় নাই। ~ভূত-বিণ, যে বশে আসে নাই। ~ভাব [ন=অ + বশীভাব*(বশ + ভূ + ঘঞ্)-অভূততদ্ভাবে, চ্বি-দীর্ঘ] বি, বশ্যতার অভাব : অবাধ্যতা।

অবশেন্দ্রিয় [অবশ (অনধীন) ইন্দ্রিয় যার-বহু০] বিণ, যার ইন্দ্রিয় বশীভূত নহে : অজিতেন্দ্রিয় : যার ইন্দ্রিয় দমনে শক্তি নাই।

অবশেষ [অব-শিষ্ (বধ করা, শেষ রাখা) + অ (ভা০)] বি, উদ্বৃত্ত। ২ অবশিষ্ট অংশ। প্র-ভস্মাবশেষ। ৩ অবসান : অন্ত : সমাপ্তি। প্র-কথাবশেষ। ৪ নিঃশেষ। ৫ পরিসীমা ; সীমা। প্র-দুঃখ বা কষ্টের অং। ~শেষে-ক্রি-বিণ, পরিশেষে : অন্তে।

অবশ্চ্যুত [অব + চ্যুত, শ আগম] বিণ, নিষ্যন্দিত : ক্ষরিত trickled down

অবশ্য১ [ন=অ-বশ্য (অধীন) নঞ্] বিণ, যে বশ্য নয় : বশীকরণের অযোগ্য : অদম্য : অবাধ্য। স্ত্রীং ~া-অনায়ত্তা।

অবশ্য২ [প্রা০-অবিশ্যি, ওবিশ্যি। বৌং বাং প্রাকৃ০-'অবস' (দো০ ১১০)। প্রা০ বাং-'অবস' "হংস সরোবর পাইলেঁ অবসই হরিএঁ ভুঞ্জে কমল।"-(শ্রী০ কী০)। 'আবসী' 'আবসে।' 'আবসই' অবশ্যই] বিণ, নিশ্চয় : অনিবার্য্য ; অপরিহার্য্য। "অংকর্ত্তব্য," "অং প্রতিপাল্য।" ২ অবশ্যম্ভাবী। ৩ অ, ক্রি-বিণ, নিঃসংশয়াত্মক। ৪ পরিণাম স্বরূপ : সিদ্ধান্ত স্বরূপ as a corollery. "বিশেষ সুবিধে হয়নি তা অং বুঝতে পারছি।"-মা০ ও ম০ বাণী, ১৩৩৩। ~অবশ্য [বাক্য দৃঢ় করণার্থে দ্বিত] অ, সুনিশ্চয় : কথার অন্যথা না হওয়া। "আমার সঙ্গে অং অং সাক্ষাৎ করিয়া যাইবে।"-বঙ্কিম০। ~করণীয়,~কর্ত্তব্য, ~পালনীয়, ~সাধ্য।

অবশ্যম্ভা/বী [অবশ্যম্ (নিশ্চয়) ভূ (হওয়া) + ইন্ (ভবিষ্যদর্থে)] বিণ, যা নিশ্চয় হবে ; যা অন্যথা হবার নহে। ~বিতা, ~বিত্ব-বি, অবশ্য হবার নিশ্চয়তা ; ঘটিবার সংশয় রাহিত্য। ~ব্য [অবশ্য-সম্ভাব্য > দ্রুত উচ্চারণে স লোপ] বিণ, যা ঘটিবেই।

অবশ্রয়ণ [অব-শ্রি (পাক করা) + অন

(ভা°)] বি, চুল্লী হতে অবতরণ : উনুন হতে পাকপাত্র নামাইয়া লওয়া।

অবষ্টব্ধ [অব-স্তন্ভ্ (স্তব্ধ হওয়া, আবরণ করা ; আরম্ভ করা ই°) + ত (র্ম্ম)] বিণ, যাকে আবদ্ধ করা হইয়াছে : সংযত : বদ্ধ। ২ পরিবেষ্টিত। ৩ রুদ্ধ। ৪ অভিভূত : স্তব্ধ। ৫ প্রতিবদ্ধ। ৬ [র্ত্তৃ, ত] আশ্রিত : রক্ষিত। ৭ জড়ীভূত : স্তব্ধীভূত। ৮ আসন্ন।

অবষ্টম্ভ [অব-স্তনভ্ + অ (ভা°)] বি, আরম্ভ : সূচনা। ২ অবলম্বন : আশ্রয়। ৩ সৌষ্ঠব। ৪ অহঙ্কার ; অভিমান। ৫ স্তব্ধীভাব।

অবস্-অবশ্য দ্রঃ।

অবসক্ত-বিণ, আসক্ত। ২ সংলগ্ন। ৩ নিযুক্ত। স্ত্রীং ~া। বি, অবসক্তি।

অবসথ, অবসথ্য [অব-সো (পুষ্ট হওয়া) + থ (ধি-স্ত্রা° সো=স-নিপাত)-য(স্বার্থে) বিশেষরূপে পরিপালিত হওয়া যায় যেথানে] বি, বাসভূমি ; আবাস abode. ২ গ্রাম। ৩ আখড়া ; আড্ডা। ৪ পাঠগোষ্ঠী : পাঠশালা।

অবসন্ন [অব-সদ্ (অবসন্ন হওয়া) + ত (র্ত্তৃ) দ্-ত=ন্ন] বিণ, যে অবসাদ প্রাপ্ত হইয়াছে : বিষণ্ণ ; বিমর্ষ ; ম্লান ; স্ফূর্ত্তিহীন। প্র-অ° মন। ২ শ্রান্ত : ক্লান্ত : শিথিল ; শক্তিহীন। প্র-অ° দেহ। ৩ অবসান প্রাপ্ত : ক্ষয় প্রাপ্ত। প্র-রাত্রি অ° হলে ই°। বি, ~তা।

অবসর [অব-সৃ (গমন করা) + অ (ভা°)] বি, গমন করা। ২ অবকাশ ; ছুটী। প্র-তিনি কার্য্য স্থান হতে দীর্ঘ অ° লইয়া দেশ ভ্রমণে বহির্গত হইয়াছেন। ৩ সুযোগ : সুসময়। প্র-অ° বুঝিয়া তাকে সে কথা বলিও। ৪ শূন্যস্থান ; ফাঁক। "বন-অবসরে খণ্ড জ্যোৎস্না নির্ম্মল পড়িয়াছে দেব-অঙ্গে," -নবীন° (অমিতাভ)। ~বৃত্তি-বি, পেন্‌সন pension. "ষ্টেটের নিয়মানুসারে তিনি অ° বৃত্তির জন্য আবেদন করিলেন।"-ভারতবর্ষ, ১৩১৬।

অবসরি-অপসৃত দ্রঃ।

অবসব্য-বিণ, বামেতর ; দক্ষিণ।

অবসর্প [অব-সৃপ্ (গমন করা) + অ (ভা°)] বি, গমন করা। ২ [র্ত্তৃ, অ] বি, দূত ; প্রণিধি। ৩ গুপ্তচর। স্ত্রীং অবসর্পিণী [অবসর্প দ্রঃ] বি, জৈনদিগের কাল যা দশকোটি সাগর বর্ষে সমাপ্ত হয়।

অবসা/দ [অব-সদ্ (অবসন্ন হওয়া) + অ (ভা°)] বি, শিথিলতা ; অবসন্নতা। ২ দৈন্য : স্ফূর্ত্তিহীনতা ; নৈরাশ্য ; উৎসাহহীনতা। "অ° হিমে ডুবিয়ে ডুবিয়ে।"-গোবিন্দ রায়। "যার নারী সুত্তা সুত, সদা অন্ন কষ্টযুত. সর্ব্বদা তাহার অ°।"-অ° ম°। ৩ খেদ : বিষাদ। ৪ ক্লান্তি। ৫ পরাজয়। "কোই না মানই জয় অ°।"-বি° প°। ৬ ক্ষয় : নাশ। ৭ বিরাম ; শেষ। "তিল এক নাহি অ°।" -জ্ঞানদাস। ৮ [প্রা°বাং-য় বির্থে°] অপমান। "নাগরথে গেলা দেবী পায়্যা অ°।"-মনসা° (বিজয় গুপ্ত)। ~দক-বিণ, অবসাদ (দ্রঃ) জনক। ~দন [অব-সদ্ (গমন করা) ণিচ্ + অন (ভা°)] বি, গমন করান। ২ বিনাশ। ৩ নিঃশেষ করণ ; সমাপন। ৪ বলহীন করণ : নিঃশক্তি করণ। ৫ [পারিঃ, সুশ্রুত] অতি বৃদ্ধিশীল ক্ষতাঙ্কুর বা মাংসাঙ্কুরের উচ্ছেদ। ~দিত [অব-সদ্ + ণিচ্ সাদি + ত (র্ম্ম)] বিণ. অবসাদ প্রাপ্ত : আক্রান্ত। ২ নিঃশেষিত। ৩ বিনষ্ট। ৪ বিষাদিত : খিন্ন।

অবসান [অব-সো (শেষ করা) + অন (ভা°)] বি, বিরাম : ক্রিয়াসমাধান। প্র-কর্ম্মাবসান। ২ মৃত্যু। ৩ সীমা ; পর্য্যন্ত। সমাপ্তি : শেষ। প্র-কোথায় আরম্ভ কোথায় অ° তার ঠিক নাই। ৪ নিশ্চয় ; নির্ণয় : নির্দ্ধারণ। ৫ অবসাদ। ৬ অবস্থান ; স্থিতি। ৭ বিণ, সমাপ্ত। "নিশি হ'ল অ°।" ৮ নীচ : অন্ত্যাবসায়ী ; ম্লেচ্ছ ; গণনা-বহির্ভূত। "দেশের বাহিরে যেন অ° জাতি।"-মহা° (কাশী)। [দ্রঃ-অন্ত বা শেষ অর্থে 'অবসান' স্থলে ব্রজভাষায় ছন্দানুরোধে এবং উচ্চারণ মাধুর্য্য হেতু 'অবসানা'] "অবসাই কত চতুরানন, মরি মরি যাওত ন তুয়া আদি অবসানা।"-বি° প°।

অবসায় [অব-সো (সমাপন করা) + অ (ভা°) য-আগম] বি, অবসান। ২ নিশ্চয়। ৩ ক্রি-বিণ, সমাপন করিয়া ; সমাধান করিয়া। ৪ নিশ্চিত করিয়া।

অবসারণ [অব-সৃ + ণিচ্=সারি (সরান) + অন (ভা°)] বি, স্থানান্তর করণ ; সরান। বিণ, অবসারিত।

অবসিত [অব-সো (শেষ করা) + ত (র্ত্তৃ)] বিণ, অবসান প্রাপ্ত : সমাপ্ত : শেষ। "অ° পঠদ্দশা হইল যেমন,"-আলো ও ছায়া। ২ অপসারণ : দূরীকরণ। ৩ বিগত : গত : অতীত। ৪ পরিণতি প্রাপ্ত : পরিণত। প্র-সমস্তই এক্ষণে কষ্টে অ° হইল। ৫ স্থিরীকৃত : নিশ্চিত। ৬ [অব-সো (জানা) + ত (র্ত্তৃ)] বিদিত : বিজ্ঞাত। ৭ সঞ্চিত। ৮ [অব-সি (বন্ধন করা) + ত (র্ম্ম)] বদ্ধ। ৯ [অব + সো (সমাপ্ত করা) + ত (ভা°)] বি. অবসান।

অবসৃত [অব-সৃ (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, অপসৃত : দূরীকৃত। ২ অবসর প্রাপ্ত।

অবসেক-বি, জলসিঞ্চন : ভিজান।

অবস্কন্দ [অব (বিরুদ্ধ) স্কন্দ্ (গমন করা) + অ (ধি) সৈন্যগণ বিশ্রামার্থ যথা গমন করে] বি, স্কন্দাবার ; সেনানিবেশ ; ছাউনি : শিবির ; তাম্বু। ২ [অ, ভা°] আক্রমণ : অবরোধ। ৩ অবতরণ। ৪ অবগাহন। ~ন [+ অন (ভা°)] বি, গমন। ২ অবরোহণ। ৩ অবগাহন। ৪ আক্রমণ। ৫ অবরোধন : নিরোধ। বিণ, অবস্কন্দিত।

অবস্কর [অব (নিম্নে) কৃ (বিক্ষিপ্ত করা) + অ (র্ম্ম) স্ আগম] বি, সংমার্জ্জনীদ্বারা যা পরিষ্কার করা হয় ; আবর্জ্জন ; জঞ্জাল ; ওঁচ্‌লা। ২ বিষ্ঠা ; ময়লা। ৩ [অ (অপা°) যে স্থান হতে মল নির্গত হয়] মলদ্বার ; গুহ্যদেশ private parts ; the anus. ৪ [অ, ধি] যে স্থানে ময়লা সঞ্চিত হয় ; পায়খানা ; আঁস্তাকুড়।

অবস্তার [অব-স্তৃ (বিস্তারে)-ঘঞ্ (র্ম্ম)] বি, যবনিকা। ২ আস্তরণ।

অবস্তু [ন=অ (নাই) বস্তু (সার) যাতে, বহু°] বিণ, অসার ; অপদার্থ। ২ [ন=অ (নিকৃষ্ট) বস্তু ; নঞ্] অকিঞ্চিৎকর পদার্থ। ৩ [বেদান্তে] ব্রহ্মাতিরিক্ত সমস্ত পদার্থই অবস্তু ; অসৎ (তুল-ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা)। ৪ অসত্তা ; অবিদ্যমানতা ; বস্তুর অভাব non-entity : nothing.

অবস্ত্র-বিণ, বস্ত্রবিহীন। ২ নগ্ন।

অবস্থা [অব-স্থা (থাকা) + অ (ভা°)। প্রা° বাং আবথা] বি, স্থিতি। ২ স্থিতির প্রকারভেদ ; কালকৃত বৈলক্ষণ্য দশা। "যতদিন ভবে না হবে না হবে, তোমার অ° আমার

সম।"-সদ্ভাবশতক। ৩ সাংসারিক দশা। প্র-এখন তার অং ভাল, কোন অভাবই আর তার নাই। ৪ সঙ্গতি ; সৌভাগ্য ; সমৃদ্ধি ; শ্রী। প্র-অবস্থাপন্ন লোক। ৫ সুযোগ ; সুবিধা। "অং বুঝিয়া ব্যবস্থা।"-প্রবচন। ৬ বেশ ; প্রকার ; ভাব। প্র-এরূপ অবস্থায় তথায় যাওয়া উচিত নহে। ৭ ক্ষেত্র। প্র-এ অবস্থায় তিনি কি করিতেন বলা যায় না। ৮ লক্ষণ ; গতিক। প্র-রোগীর অং বড় ভাল বলিয়া বোধ হইল না। ৯ দুঃখ ; দুর্দশা। "ভাটের অবস্থা করে এত ধরে বল?"-মাণিকং (ধং মং)। ১০ নরক যন্ত্রণা; পাপের ভোগ। "জীবে দুঃখ দিছ তোমার হইবে অং।"-চৈং চং। ১১ অপালন জনিত ক্লেশ [এই অর্থে 'আবস্তা' এইরূপ মেয়েলি প্রয়োগ আছে] প্র-মা-খেকো ছেলেটার ভারি অং হচ্চে। ১২ পরিমাণ। ~চতুষ্টয়-বয়োদশা চতুষ্টয় ; জীবনের ৪ কাল-বাল্য, যৌবন, প্রৌঢ় ও বার্দ্ধক্য ; [স্মৃং] ৬ অং-পৌগণ্ড ; (জন্ম হতে ৫ বৎসর বয়স পর্য্যন্ত), কৌমার (৫-১০), কৈশোর, (১০-১৫) মতান্তরে বাল্য (১০-১৬), যৌবন (১৬-৭০ মতান্তরে ১৬-৩০), এবং প্রৌঢ়=যৌবনও বার্দ্ধক্যের মধ্য অবস্থা, বার্দ্ধক্য (৭০-১০০) বা বর্ষীয়ান্। স্ত্রী পক্ষে-"আষোড়শী ভবেদ্বালা তরুণী ত্রিংশতা মতা। পঞ্চপঞ্চাশতী প্রৌঢ়া ভবেদ্বৃদ্ধা ততঃপরম্॥" অর্থাৎ ১৬ বৎসর পর্য্যন্ত বালা, ৩০ পর্য্যন্ত তরুণী, ৫৫ পর্য্যন্ত প্রৌঢ়া, তার পর হতে বৃদ্ধা। ~তিরিক্ত, ~তীত, ~দ্বয়, ~ত্রয়, ~নুসার, ~নুসারে, ~পন্ন, ~বশে, ~ভেদ, ~মতে, ~মত, ~সঙ্গত, ~সম্পন্ন, ~সাধ্য, ~হীন।

অবস্থান [অব-স্থা(থাকা) + অন (ভাং)] বি, স্থিতি ; বাস ; থাকা। ২ অবস্থান কাল ; স্থিতিকাল। ৩ সূর্য্যের পথের নাম উত্তর, মধ্যম এবং দক্ষিণ এই তিন অবস্থান অর্থাৎ তিনভাগে বিভক্ত, উত্তর অবস্থান বা ঐরাবত, মধ্যমের নাম জারদ্গব, দক্ষিণের নাম বৈশ্বানর। ৪ [ধি-অন, অবস্থান করা যায় যে স্থানে] বাসস্থান ; আবাস ; আলয়। ৫ দশা ; অবস্থা। বিণ, অবস্থিত। ~বিন্দু-stand point.

অবস্থান্তর [অবস্থা-অন্তর, অবস্থার অন্তর (পরিবর্ত্তন) ৬ তৎ] বি, বৈলক্ষণ্য ; ভিন্ন অবস্থা ; অন্য দশা। ২ ভাবান্তর ; অবস্থার পরিবর্ত্তন ; ভিন্নভাব। ৩ স্বতন্ত্র আকার ; রূপান্তর। বিণ, অবস্থান্তরিত।

অবস্থা/পক-বিণ, অবস্থাপনকারী। ~পন [অব-স্থা + ণিচ্=স্থাপি (প-আগম) + অন (ভাং)] বি, স্থাপিত করণ ; সন্নিবেশ ; সংস্থাপন। ২ স্থিরীকরণ ; নির্দ্ধারণ। ~পন্ন [অবস্থা দ্রঃ] বিণ, ঐশ্বর্য্যশালী ; ধনী ; আঢ্য। ~পয়িতা-অবস্থাপক। > স্ত্রীং ~পয়িত্রী। ~পিত [অব-স্থাপি + ত (র্ম্ম) যাকে স্থাপন করা হইয়াছে] বিণ, সন্নিবেশিত ; সংস্থাপিত। ২ স্থিরীকৃত ; নিশ্চিত।

অবস্থায়ী [অব-স্থা + ইন্ (র্ত্ত) য-আগম=অবস্থায়িন্ ১মা ১বং অবস্থায়ী] বিণ, যে অবস্থান করে ; স্থিতিকারী।

অবস্থিত [অব-স্থা + ত (র্ত্ত) ই-আগম, আ-লোপ] বিণ, যে অবস্থিতি করিয়াছে ; কৃতাবস্থান। ২ স্থির ; অবিচলিত। ৩ আশ্রিত। ৪ নিবিষ্ট। ৫ নিযুক্ত। ~চিত্ত-বিণ, যার চিত্ত স্থির হইয়াছে ; স্থিরচিত্ত ; প্রশান্ত।

অবস্থিতি [অব (চতুর্দ্দিকে বিস্তার করিয়া) স্থিতি (স্থা-থাকা) + তি (ভাং)] বি, বর্ত্তমানতা অর্থে অবস্থান ; থাকা। ২ বাস ; বসবাস। ৩ [জড়বিজ্ঞাং] বস্তু বা পদার্থের অবস্থিতি ; "ইহা দিক্ এবং দূরত্ব দ্বারা নির্ণীত হয়।"-ত্রিবেদী।

অবস্যন্দন [অং-স্যন্দ্ (ক্ষরণে)-অন (ভাং)] বি, ক্ষরণ।

অবস্রংসন [অব-স্রন্‌স্ (ক্ষরিত, চ্যুত হওয়া) + অন (ভাং)] বি, অধঃপতন ; স্খলন। ২ ক্ষরণ।

অবস্রস্ত [অব-স্রন্‌স্ + ত (র্ম্ম)] বিণ, অধঃপতিত ; ক্ষরিত। ২ চ্যুত।

অবহত [অব (নিক্ষেপে) হত (অবহত)] বিণ, আছাড় দিয়া মারা ; থেঁতলান ; ছেঁচা ; অত্যন্ত প্রহৃত। বি, অবহনন।

অবহরণ-বি, অবহার (দ্রঃ)।

অবহসিত [অব-হস্ (হাস্য করা) + ত (ভাং)] বি, উচ্চহাস্য।

অবহস্ত [অব (বিপরীত) হস্ত] বি, হস্তপৃষ্ঠ ; করতলের উল্টা পিঠ।

অবহার [অব-হৃ (হরণ করা) + অ (ভাং)] বি, হরণ ; চৌর্য্য। ২ যুদ্ধাদির বিরাম। ৩ যুদ্ধবিরত সৈন্যগণকে শিবিরে প্রত্যাগমন করান। সেনানিবাসে বা শিবিরে প্রত্যাগমন। "অনন্তর দ্রোণ দুর্য্যোধন ইং সকলে অং করিলে অর্জ্জুন শত্রুগণকে ভীত ও যুদ্ধে পরাঙ্মুখ জানিয়া স্বসৈন্যগণকে ক্রমে ক্রমে অং করিলেন।"-মহাং (সিংহ)। ৪ স্বধর্ম্ম-ত্যাগ করিয়া ধর্ম্মান্তর গ্রহণ বা আশ্রয়। বিণ, অবহার্য্য-অবহার যোগ্য।

অবহি, অবহু [ব্রজং, হিং, প্রাং বাং] অ, এখন ; এখনই। ২ এখনও।

অবহিত [অব-ধা (ধারণ করা, মনোযোগ করা) + ত (র্ম্ম) ধা=হি, যা মনে বা হৃদয়ে ধারণ করা হইয়াছে] বিণ, অবধান যুক্ত ; সাবধান। ২ জ্ঞাত ; বিদিত ; পরিচিত। ৩ সতর্ক। ৪ [ধা (মনোযোগ করা) + ত (র্ত্ত)] মনোযোগী। ৫ অপ্রমত্ত ; ধীর ; স্থির। "তিনি প্রতিদিন যথাকালে অমাত্য-বর্গ-পরিবৃত হইয়া অবহিতচিত্তে রাজকার্য্যের পর্য্যালোচনা করিতেন।"-বিংসাং (সীংবং)।

অবহিত্থ [ন=অ, বহিস্ (বাহিরে) স্থা (থাকা) + অ (ভাং) স্ লোপ, স্থ=থ, বাহিরে না থাকা, অর্থাৎ অদর্শন] বি, আকারগুপ্তি। স্ত্রীং ~া-মনের ভাব গোপন। ২ [অলঙ্কার শাং] সঞ্চারিভাব বিঃ ; ছলাদি দ্বারা আকার গোপনের চেষ্টা (রূপ গোস্বামী মতে) dissimulation. "গৌরব, ভয় ও লজ্জাদি-সম্ভূত যে হর্ষাদির আকার গোপন, তাহার নাম অবহিত্থা। ব্যাপারান্তরে আসক্তি, অন্য প্রকার বাক্যকথন ও অন্যদিকে অবলোকন ইহাতে জন্মিয়া থাকে।" "গিরির পাশেতে গিয়া, গৌরী ছিল দাঁড়াইয়া, লজ্জা পেয়ে বিয়ার কথায়। কমল কুসুমদলে, গণনা করেন ছলে, যেন মন অন্য দিকে ধায়॥"-কুমারং। "এখানে কমলদল গণনাচ্ছলে পার্ব্বতী হর্ষাদি গোপন করিতেছেন।"-জয়ং গোস্বামী (কাব্য-দর্পণ)। ৩ [নাট্য শাং] শৃঙ্গার নটনে যুক্ত অলপদ্ম হস্তে লীলা কন্দুক বা গোলক লইয়া বক্ষে ধারণ।

অবঁহীন [অব (নিম্নে অনাদরে) হা (ত্যাগে)+ত (র্ম্ম)] বিণ, অধঃপতিত; পশ্চাৎ পতিত।

অবঁহু, অবঁহুঁ-অবহি দ্রঃ।

অবিহুজ্ঞ [ন=অ, বহু জানে যে সে বহুজ্ঞ, নঞ্] বিণ, যে বহু বিষয় জানে না ; অল্পজ্ঞ।

অবঁহৃত [অব-হৃ+ত(র্ম্ম)] বিণ, অপহৃত। ২ কৃতাবহার ; উদ্ধৃত quoted.

অবঁহেলঁন [অব-হেড়্ (অনাদর করা) +অন (ভা০)] বি, অবহেলা।

ˋঅবঁহেলা [অব-হেড়্ (অবজ্ঞা করা) +অ (ভা০) স্ত্রীং-আ, ড়=ল] বি, হেলা ; অনাদর ; অবজ্ঞা ; উপেক্ষা ; অযত্ন। ২ অমনোযোগ। প্র-পাঠে অ০। ৩ অবলীলা : অনায়াস [দ্রঃ-মাইকেল মধুসূদন দত্ত ক্রিয়া পদে 'অবঁহেলি' 'অবঁহেলিল' ব্যবহার করিয়াছেন] এইরূপ অবঁহেল, অবঁহেলি, অবঁহেলে ই০। বাং গ্রা০ উচ্চারণে অবহ্যালা।

ˋঅবিহেলনীয় [অব-হেড়্ + অনীয় (র্ম্ম)] বিণ, অবহেলার যোগ্য ; অবজ্ঞেয় ; উপেক্ষণীয়। বিণ, **অবিহেলিত** [অব-হেড়্ +ত (র্ম্ম)] যাকে অবহেলা করা হইয়াছে ; অবজ্ঞাত ; উপেক্ষিত। ২ [ভা০-ত] বি, অবহেলা ; অনাদর।

অবাক্ [ন=অ (নাই) বাক্ (বাক্য) যার-বহু০] বিণ, নির্ব্বাক্ ; বাক্য-হীন : মূক। ২ আশ্চর্য্যান্বিত ; স্তম্ভিত : স্তব্ধ ; আশ্চর্য্যান্বিত হইলে প্রায়ই বাক্‌স্ফূর্ত্তি হয় না, এজন্য 'অবাক্' মানে 'আশ্চর্য্যান্বিত' হইয়াছে। "অ০ হইয়ে অধীর মন শরণ লইবে শ্রীপদে।"-স্কন্দ০ [সমনাম-আনন্দ, প্রেম, ভক্তি, ভয়, বিস্ময় ই০ ভাবে হৃদয় ভরিয়া আসিলে বাক্‌স্ফূর্ত্তি হয় না বলিয়াই লোকে গদগদ বচনে কহে] (তুল-"আনন্দ গদগদ নারদ মাতিল"-হেম০) পরে ভাবোদয় অতি মাত্রায় হইলে 'অবাক্' হয়। কল্পনা বা আশার অতীত অর্থাৎ অপ্রত্যাশিত বিষয় ব্যাপারে মুগ্ধ হইলে লোকে 'বিস্মিত বা বিস্ময়াপন্ন' হয়। "কন্যার এরূপ রূপ লাবণ্য যে কোন ক্রমেই তাহাকে চণ্ডাল কন্যা বলিয়া বোধ হয় না। রাজা তাহার নিরুপম সৌন্দর্য্য ও অসামান্য সৌকুমার্য্য অনিমেষ লোচনে অবলোকন করিয়া বিস্ময়াপন্ন হইলেন।" -কাদ০। বিস্ময়ের সহিত আনন্দ ও প্রশংসার ভাব জড়িত থাকিলে তা 'চমৎকৃত' পদ-বাচ্য হয়। "চন্দ্রাপীড় কাদম্বরীর সৌজন্য ও দাক্ষিণ্য এবং মদলেখার মধুর বচনে চমৎকৃত ও বিস্মিত হইয়া কহিলেন-আমি তোমাদিগের গুণে অতিশয় বশীভূত হইয়াছি।"-কাদ০। "বিস্মিত অদ্ভুত বীর্য্য হেরি।"-বৃত্রসংহার। বিস্ময়াদির আতিশয্য হেতু দেহ মনের বৃত্তি সমুদয় রুদ্ধ হইলে লোকে 'স্তম্ভিত' (স্তম্ভের ন্যায় নিঃশব্দ, নিস্পন্দীভূত ও জড়ভাবাপন্ন) হয়। "সুরলোক মোহিত মোহন কুহকে। স্তম্ভিত বীণাপাণি স্বরতান পুলকে॥"-হেম০। মনের বৃত্তি স্তম্ভিত হইলে পর কর্ত্তব্য অবধারণে অক্ষমতা হেতু নিশ্চেষ্ট হইলে মানুষ 'কিংকর্ত্তব্য-বিমূঢ়' হয়। অস্বাভাবিক এবং অসম্ভাবিত বিষয় বা বস্তুকে সম্ভব হইতে দেখিয়া বা শুনিয়া লোকে 'আশ্চর্য্যান্বিত' হয়। "চণ্ডালের গৃহে এরূপ সুন্দরী কুমারীর সম্ভুব নিতান্ত অসম্ভব ও আশ্চর্য্যের বিষয়।" "প্রথমতঃ ইহাই আশ্চর্য্য যে, পক্ষী মনুষ্যের মত কথা কহিতে পারে।" -কাদ০] **~জঁলপান**-বি, জলপান যা খাইলে তার গুণে আশ্চর্য্যান্বিত হইয়া অবাক্ হতে হয়। এই জলপান নানাবিধ ভর্জ্জিত শস্য একত্র করিয়া লবণ তৈল লঙ্কা সংযোগে প্রস্তুত হয়। **~পটু**-বিণ, যে বাক্‌-কুশল নয় : বাঙ্‌নিপুণতাহীন ; কথোপকথনে অদক্ষ। **~পুষ্প, ~পুষ্পী** [অবাক্ (অধো-ভাগে) পুষ্প যার-বহু০, যার পুষ্প অধোমুখে থাকে] বি, হেমপুষ্পী। ২ মৌরী। ৩ শত-পুষ্পা। ৪ শুলফা। ৫ চোরকাঁটা। **~শিরা** [মূ০-অবাক্‌শিরস্-১মা ১ব০ অবাক্ (অধো ভাগে) শিরস্ (মস্তক) যার-বহু০] বিণ, নতশীর্ষ ; হেঁটমাথা। "কুরুরাজ * * * অবাক্‌শিরাঃ ও বিমনায়মান হইয়া চিন্তা করিতে লাগিলেন।"-মহা০ (সিংহ)।

অবাগ্র [অব (বিপরীত, অধোমুখ) হইয়াছে, অগ্র (মস্তক-আগা) যার-বহু০] বিণ, অবনতাগ্র ; অধোমুখ ; নতমুখ।

অবাঙ্গালী-বি, বাঙ্গালী ব্যতীত অন্য-জাতি বা জাতীয় ব্যক্তি non-Bengali. ২ বিণ, যা বাঙ্গালী সুলভ নয় ; বাঙ্গালীর প্রকৃতি বা ধর্ম্ম বা আচরণ বিরুদ্ধ un-Bengali.

অবাঙ্মুখ [অবাক্ (অধোভাগে) মুখ (বদন) যার-বহু০] বিণ, নতমুখ ; অধোবদন।

অবাচিকা [পারিঃ] বি, কুমেরু প্রদেশ Antarctica

অবা/চী [অবাচ্ (দক্ষিণ দিক্)+ঈ-স্ত্রীং] বি, দক্ষিণ দিক্। ২ অধোদিক্। বিণ, **~চীন**-দক্ষিণ বা অবিদিক্ সম্বন্ধীয়।

অবাচ্য [ন=অ (অপ্রশস্ত, কুৎসিত) বাচ্য -বচ্+য (র্ম্ম) নঞ্, বৌ০ বাং প্রাকৃ০-অবাচ দো০ ৯১)] বি, দুর্ব্বাক্য : দুর্ব্বচন ; নিন্দা। ২ বিণ, বলিবার অযোগ্য : অবক্তব্য ; অকথ্য। ৩ [অবাচ্ (দক্ষিণদিক্)+য, ভাবে] দক্ষিণ দেশীয়।

অবাত [ন=অ (নাই) বাত (বায়ু) যেখানে -বহু০] বিণ, বায়ুশূন্য : নির্ব্বাত। **~বিক্ষোভ** -বি, বায়ুব্যতিরেকে সঞ্চালন। বিণ, **~বিক্ষোভিত**-বায়ু পরিচালিত নহে।

অবাদী-বিণ, অবক্তা। ২ অবিরোধী। স্ত্রীং **অবাদিনী**।

অবাধ [ন=অ (নাই) বাধা যার-বহু০] বিণ, বাধাহীন : অনর্গল ; প্রতিবন্ধকতা শূন্য। ২ পীড়াশূন্য। **~ক** (-ধঁ-)-বিণ, অপ্রতিবন্ধক। বিণ, **অবাধিত**-অপ্রাপ্ত-বাধা ; অব্যাহত। ২ অঋণবদ্ধ ; বাধ্য-বাধকতাশূন্য। ক্রি-বিণ, **অবাধে**-কোনরূপ বাধা না পাইয়া ; অনায়াসে ; নির্ব্বিঘ্নে।

অবাধ্য [ন=অ-বাধ্য (বশীভূত) নঞ্] বিণ, বাধা দিবার অযোগ্য বা অসমর্থ। ২ অবশীভূত। ৩ যে কথা শোনে না। বি, **~তা** [অবাধ্য দ্রঃ-তা (ভা০)] বি, আদেশ অমান্য করণ ; নিষেধ অবহেলন ; আজ্ঞা লঙ্ঘন। ২ অবশীভূততা।

অবান্তর১ [অব (গত) অন্তর (মধ্য)-নিত্য০] বিণ, অন্তর্গত ; অন্তঃপাতী ; প্রধানের অঙ্গভূত। প্র-অবান্তর বিভাগ। ২ বিশেষ। ৩ [ক্রি-বিণ] অধিকন্তু : আনুষঙ্গিক। ৪ মূল প্রসঙ্গের বহির্ভূত irrelevant. প্র-মূল প্রসঙ্গ ছাড়িয়া অ০ বিষয়ের আলোচনার প্রয়োজন নাই। ৫ অপ্রধান ; গৌণ।

~বিভাগ-বি, বিভাগের বিভাগ। ~শাসন-বি. রাজ্যের অন্তর্গত বিষয় সকল যে শাসনের অধীন।

অবান্তর২ [বৃত্তান্ত শব্দের ভ্রং ও পরে প্রাদেং উচ্চারণ বিকার] বি. বৃত্তান্ত; কাহিনী; ইতিহাস। "জানিল দেবতাগণ সব অং,"-মহাং (কাশী) [আবান্তর দ্রঃ]।

অবান্ধব [ন=অ (নাই) বান্ধব (মিত্র) যার বা যাতে-বহুং] বিণ. বান্ধবশূন্য; মিত্র-হীন; বন্ধুশূন্য।

অবাপিত [ন=অ+বাপিত (দ্রঃ)] বিণ. আরোপিত। ২ অমুণ্ডিত।

অবাপ্ত [অব-আপ্ (পাওয়া)+ত (র্ম্ম)] বিণ. অধিগত; লব্ধ।

অবার [ন=অ-বার] বিণ. অনিবার্য। ২ বি. নদ্যাদির সন্নিহিত বা পূর্ব্ববতীর; এ পার this side. ~পার-বি. সমুদ্র।

অবারণীয় [ন=অ, বৃ+ণিচ্-বারি (নিবারণ করা)+অনীয় (র্ম্ম) নঞ্] বিণ. বারণ করিবার অযোগ্য; যা বারণ করিবার নয়। ২ নিবারণের শক্তিবহির্ভূত; অনিবার্য; দুর্ব্বার।

অবারিত [ন=অ, বৃ+ণিচ্=বারি (নিবারণ করা)+ত (র্ম্ম) নঞ্] বিণ. যাকে নিবারণ করা যায় না: যা রুদ্ধ বা নিষিদ্ধ নয়; অনিবারিত; অপ্রতিষিদ্ধ; মুক্ত। প্র-অবারিত দ্বার। ২ ক্রি-বিণ. যাতে বারণ নাই; বারণ ভিন্ন; বারণ ব্যতিরেকে: অবাধে।

অবার্য্য [ন=অ-বৃ+ণিচ্=বারি (বারণ করা)+য (র্ম্ম) নঞ্] বিণ. যাকে বারণ করা যায় না; অনিবার্য্য: দুর্ব্বার।

অবাস্তব [ন=অ, বাস্তব। বস্তু+অ, তস্য ইদমর্থে, নঞ্] বিণ. যা বাস্তব নয়: অসত্য; অযথার্থ; অলীক; অপ্রকৃত; অমূলক। ২ ভ্রমাত্মক; অযৌক্তিক। ৩ অবস্তু সম্বন্ধীয়।

অবাস্তবিক [ন=অ. বস্তু+ইক-তস্য ইদমর্থে] বিণ. অবাস্তব দ্রঃ।

অবাসা [মুং-অবাসস্, ন=অ (নাই) বাসস্ (বস্ত্র) যার-বহুং, ১মা ১বং] বিণ. বস্ত্রহীন; বিবস্ত্র; নগ্ন; উলঙ্গ।

অবি [আয়ুং] বি. মেষ; কম্বল; মেষের লোম। ২ [বৈদ্যক] মূষিক; মৎস্যভেদ। ৩ ঋতুমতী স্ত্রী। ~তক্র-ভেড়ার দুধের ঘোল। ~প্রিয়-পরে দ্রঃ।

অবিক-বি. হীরক diamond.

অবিকচ, অবিকচিত [অ-বিকচ,-চিত] বিণ. অবিকশিত; অফুটন্ত।

অবিকট-বিণ. অমুৎকট; অকরাল।

অবিকত্থন [ন=অ (নাই) বিকত্থন যার-বহুং] বিণ. যে বিকত্থন করে না; নিরহঙ্কার; যে আত্মশ্লাঘা করে না; আত্মপ্রশংসাশূন্য [এই অর্থে 'অবিকত্থ' ও৹] ২ [ন=অ-বি-কথ্ +অন (ভাং)] বি. আত্মশ্লাঘার অভাব; নিরহঙ্কারিতা।

অবিকল [ন=অ-বিকল (দোষযুক্ত) নঞ্। ধ্বৌং বাং 'অবিকল' (দো-১১৯)] বিণ. যা বিকল নয়; যে অঙ্গহীন নয়; কোন অংশে হীন বা অধিক নয়; যেরূপ হওয়া আবশ্যক ঠিক তদ্রূপ। ২ সম্পূর্ণ; অবিকৃত। "অং সকল রচনা করে অজ॥"-শিং। ৩ অবিসংবাদী।

অবিকা/র [ন=অ (নাই) বিকার (বি-কৃ+ঘঞ্-ভাং-ভাবান্তর) যার-বহুং] বিণ. কোন অবস্থাতেই যার বিকার হয় না; সমভাবাপন্ন; বিকার রহিত; বিকৃতিশূন্য: নির্ব্বিকার। ২ অপরিবর্ত্তিত; স্থির। বিণ. ~রী। ~র্য্য-বিণ. যা বিকার প্রাপ্ত হয় না; অপরিবর্ত্তনীয়।

অবিকৃত [ন=অ, বি-কৃ+ত (র্ম্ম) নঞ্] বিণ. যাকে বিকৃত করা হয় নাই: যা ভাবান্তরিত নহে; বিকার রহিত। ২ পূর্ব্বাবস্থ। ৩ অমিশ্র; খাঁটি; বিশুদ্ধ। বি. অবিকৃতি-বিকাররাহিত্য।

অবিক্রম, অবিক্রান্ত [অ-বিক্রম ইং] বিণ. পরাক্রমশূন্য; নিস্তেজ; ভীরু।

অবিক্রীত [ন=অ, বি-ক্রী (কেনা)+ত (র্ম্ম) নঞ্] বিণ. যা বিক্রীত হয় নাই।

অবিক্রেয় [ন=অ. বি-ক্রী+য (র্ম্ম) নঞ্] বিণ. যা বিক্রয় করার উপযুক্ত নহে; বিক্রয় করিবার জন্য নহে; যা বিক্রয় করা যায় না; বেচিবার মত নহে।

অবিক্লব [ন=অ-বিক্লব (বি-ক্লব্=ভীত হওয়া)+অ (র্ত্তৃ) নঞ্] বিণ. বৈক্লব্যহীন; প্রশান্ত; অব্যাকুল; স্থির।

অবিক্ষত [ন=অ-বিক্ষত, নঞ্] বিণ. অবিদ্ধ; অক্ষত; আঘাতশূন্য। ২ অখণ্ডিত।

অবিক্ষিপ্ত [ন=অ+বিক্ষিপ্ত-নঞ্] বিণ. যা বিক্ষিপ্ত নহে; অচঞ্চল: স্থির। ২ যা ছড়াইয়া নাই; যা বিছান নয়: অবিস্তৃত। ৩ অনিক্ষিপ্ত।

অবিক্ষোভ-বি. অক্ষুব্ধতা; প্রশান্তি।

অবিগত [ন=অ-বিগত] বিণ. যা গত বা অতীত হয় নাই; উপস্থিত।

অবিগর্হিত [ন=অ-বিগর্হিত, নঞ্] বিণ. অদূষিত। ২ সাধুসম্মত। ৩ অনিন্দিত।

অবিগীত [ন=অ,বিগীত (বি-বিশেষভাবে -গৈ=শব্দ করা+ত-র্ম্ম)-নঞ্] বিণ. যা বিগীত নয়; অবিগর্হিত। ২ অনিন্দিত: প্রশংসিত। "পরাশর ব্রহ্মঋষি তোর পিতা যেই। অং ব্রাহ্মণ-ব্রাহ্মণী জন্ম সেই॥"-অং মং।

অবিতর্কিত [ন=অ+বিতর্কিত] বিণ. অচিন্তিতপূর্ব্ব unforeseen.

অবিগ্রহ-বিণ. অমূর্ত্ত; নিরাকার।

অবিঘ্ন [ন=অ-বিঘ্ন, নঞ্] বি. বিঘ্ন রহিত, প্রতিবন্ধকশূন্য। ২ বিণ. নির্ব্বিঘ্ন; নিরাপদ। ক্রি-বিণ. অবিঘ্নে-নির্ব্বিঘ্নে; অবাধে। বৈং সাং ও ব্রজং প্রাকৃং উচ্চারণ অবিঘিনে। "বিহি পায়ে করি পরিহার। অবিঘিনে সুন্দরী করু অভিসার॥"-বিং পং।

অবিচক্ষণ [ন=অ-বিলক্ষণ] বিণ. অদক্ষ; অবিবেচক; আনাড়ী।

অবিচল-বিণ. যা বিচলিত নহে: অচঞ্চল; স্থির। "দাঁড়াইয়া তরুরাজি স্থির, অং।"-পলাশির যুদ্ধ। ২ অভ্রষ্ট। "অবিচলকুল, রমণীসকল, শুনিয়া হরল চিত।" -চণ্ডীং। ৩ [প্রাং বাং] বিণ. অবিচলিত। "অং বচন আক্ষার,"-শ্রীং কীং।

অবিচলিত [ন=অ-বিচলিত (চঞ্চল)] বিণ. স্থির; দৃঢ়; অচঞ্চল। "রামচন্দ্রের প্রতি তাঁহার যেরূপ অং ভক্তি,"-বিং সাং। ~চিত্ত, ~প্রতিজ্ঞ, ~ভাব, ~মন, ~হৃদয়।

অবিচা/র [ন=অ-বি-চর্+অ (ভাং) ধ্বৌং বাং প্রাকৃং 'অবিআর' (দোং ১১৩)] বি. বিচারের অভাব। ২ অন্যায়

বিচার ; বিপরীত বিচার। ৩ ধর্ম্মাধর্ম্ম নির্ণয়ের অভাব ; অন্যায়। ৪ অবিবেচনা। ৫ অত্যাচার : ক্রি-বিণ, **অবিচারে**-অন্যায় পূর্ব্বক। ২ [প্রা০ বাং] অলক্ষিতে। "এপনী পরাণ তোর লৈবোঁ অবিচারে।" "তথন আসিহ তোক্ষে আতি অবিচারে।" -শ্রী০ কী০। ~**র্ক**-বিণ, অবিচারকারী। ~**রিত**-বিণ, যার বিচার করা হয় নাই। ২ অবিবেচিত। ~**র্য্য**-বিণ, যা বিচারের উপযুক্ত নহে।

অবিচ্ছিন্ন [ন=অ-বিচ্ছিন্ন] বি, যার বিচ্ছেদ নাই ; অবিরাম ; ধারাবাহিক।

অবিচ্ছে//দ [ন=অ-বিচ্ছেদ] বি, বিচ্ছেদাভাব ; সংলগ্নতা ; সঙ্গতি। ২ অথণ্ডতা। ৩ অবিরহ ; মিলন। ৪ বিণ, অবিভক্ত ; অথণ্ড। ৫ ধারাবাহী ; অবিরাম ; একটানা। ৬ ক্রি-বিণ, ক্রমাগত ; ক্রমান্বয়ে। ৭ অবাধে [এই অর্থে 'অবিচ্ছেদে' প্রচর] বিণ, ~**দনীয়**, ~**দ্য**-বিচ্ছেদের অযোগ্য বা অসাধ্য।

অবিচ্যুত-বিণ, অস্খলিত ; সংলগ্ন।

অবিজ্ঞ [ন=অ-বিজ্ঞ] বিণ, যার বিজ্ঞতা জন্মে নাই। ২ অবিশেষজ্ঞ ; অবহুদর্শী ; অপ্রবীণ ; অনভিজ্ঞ ; অশিক্ষিত।

অবিজ্ঞাত [ন=অ-বিজ্ঞাত] বিণ, সম্পূর্ণ অজ্ঞানিত ; অজ্ঞাত ; অবিদিত ; অনবগত ; অপরিজ্ঞাত। "অন্য দেশে এতত্ত্ব বোধ হয় সাধারণের অ০ হইয়াই আছে,"-উৎসব, ১৩৩২। ২ যিনি সাক্ষাৎভাবে জ্ঞানগম্য নহেন ; পরব্রহ্ম ; আত্মা ; পরমাত্মা।

অবিজ্ঞেয় [ন=অ-বিজ্ঞেয়] বিণ, বিজ্ঞানাতীত ; অপরিজ্ঞেয় ; অনবগম্য ; জ্ঞানাতীত ; অজ্ঞেয়।

অবিডীন [অবি (পর্ব্বত > তদ্বৎ উর্দ্ধ-গামী).ডীন (নভোগতি)] বি, পক্ষীর ঋজু নভোগতি।

অবিতথ, অবিতথ্য [ন=অ+বিতথ, বি (বিগত) তথ্য (সত্য) হইতে (৩মী) বা বহু০ ; =য লোপ ; বিতথ+য (স্বার্থে)] বি, অসত্য ; মিথ্যা। ২ বিণ, সত্য ; যথার্থ।

অবিত্ত [ন=অ-বিত্ত] বিণ, ধনহীন ; দরিদ্র।

অবিতৃপ্ত [ন=অ-বি (বিশেষ) তৃপ্ত] বিণ, অসন্তুষ্ট ; অতৃপ্ত ; অপরিতুষ্ট।

অবিতৃষ্ণ [ন=অ-বিতৃষ্ণ] বিণ, যার বিতৃষ্ণা জন্মে নাই ; তৃষ্ণাযুক্ত ; সাভিলাষ ; সতৃষ্ণ। ২ প্রবৃত্ত। বি, ~**া**।

অবিদগ্ধ-বিণ, অচতুর। "অ০ বিধি ভাল না জান স্বজন,"-চৈ০ চ০ (আদি)।

অবিদিত [ন=অ-বিদিত] বিণ, যা জানা নাই ; অজ্ঞাত ; অপরিচিত।

অবিদীর্ণ [ন=অ-বিদীর্ণ] বিণ, যা ভেদ করা বা ছিন্ন করা বা চেরা হয় নাই।

অবিদূর [ন=অ-বি (বিশেষ) দূর-নঞ্] বিণ, অদূরস্থিত ; নিকটস্থ ; সমীপবর্ত্তী।

অবিদ্ধ-বিণ, যা বিদ্ধ হয় নাই ; অচ্ছেদিত।

অবিদ্বান্ [ন=অ-বিদ্বান] বিণ, যে বিদ্বান্ নয় ; অপণ্ডিত। ২ বিদ্যাহীন ; মূর্খ।

অবিদ্য [ন=অ (নাই) বিদ্যা যার-বহু০] বিণ, যার বিদ্যা নাই ; মূর্খ ; অজ্ঞ। ২ বিদ্যার অবিষয়ীভূত ; জ্ঞানের অবিষয়।

অবিদ্যমান [ন=অ-বিদ্যমান] বিণ, অনুপস্থিত ; অবর্ত্তমান absent. ২ অস্তিত্ব-রহিত ; সত্তাশূন্য non-existent. বি, ~**তা**, ~**ত্ব**-অনুপস্থিতি। ২ সত্তারাহিত্য।

অবিদ্যা [বৌ০ বাং প্রাকৃ০ 'অবিদা' (অবিদার = অবিদ্যার-চ০ পদ০ ৩৯। ১) ; 'অবেজ্জ' (দো০ ১০১)] বি, অজ্ঞান ; মায়া (অবিদ্যা পঞ্চবিধ যথা-তম, মোহ, মহামোহ, তামিস্র এবং অন্ধতামিস্র)। ২ প্রকৃতি। ৩ বেশ্যা। ৪ যুদ্ধাস্ত্র বিঃ।

অবিধা [ন=অ-বিধা (সুযোগ)] বি, অসুবিধা ; কুবিধা ; সুযোগাভাব।

অবিধান [ন=অ-বিধান] বি, অন্যায় বিধান ; অব্যবস্থা ; অশাস্ত্রীয় বিধান বা ব্যবস্থা।

অবিধি [ন=অ-বিধি] বি, অব্যবস্থা ; অশাস্ত্র ; অনিয়ম। ২ কুবিধি ; মন্দ ব্যবস্থা। ৩ বিণ, অবৈধ ; শাস্ত্রবিরুদ্ধ ; অশাস্ত্রীয়।

অবিধেয় [ন=অ-বিধেয়] বিণ, যা বিধেয় নহে ; অন্যায় ; অযোগ্য ; অকর্ত্তব্য।

অবিধ্বংসী [প্রা০ বাং 'অবিধ্বংসি'। ন=অ-বিধ্বংসী] বিণ, যা ধ্বংস হইবার নহে ; বিনাশাযোগ্য ; চিরস্থায়ী ; অক্ষয় ; অবিনাশী। "তাবত সকল পাপ সবাকার দেহে। অ০ রামনাম যাবত না কহে॥"-শি০।

অবিন্ [বৈদিক] বি. যজ্ঞকর্ত্তা।

অবিনত [ন=অ-বিনত] বিণ, যে বিনয়-যুক্ত নহে ; অবিনয়ী। ২ বি, বিনয়হীন ব্যক্তি। "নির্ভর জানেনা এ অ০,"-রজনী সেন।

অবিনয় [ন=অ-বিনয় (শিষ্টাচার) নঞ্] বি, বিনয়ের অভাব ; অশিষ্টতা ; ঔদ্ধত্য ; ধৃষ্টতা। ২ অনার্য্য ব্যবহার ; অনাচার। ৩ অপরাধ। ৪ [ন=অ (নাই) বিনয় যার-বহু০] বিণ, অবিনীত। ~**ী**-বিণ, অবিনীত।

অবিনশ্বর [ন=অ-বিনশ্বর (যা বিনাশ প্রাপ্ত হয়) নঞ্] বিণ, যা নাশশীল নহে ; অবিনাশী ; ক্ষয়রহিত ; অক্ষয় ; মরণ ধর্ম্ম রহিত ; অমর।

অবিনাভাব [ন=অ-বিনা (ব্যতিরেকে) ভাব (বিদ্যমান) নঞ্। ন্যায় দর্শনে] বি, যার বিদ্যমানতায় বিদ্যমানতা এবং অবিদ্যমান-তায় অবিদ্যমানতার অনুমান (যথা-'বহ্নিমান্ ধূমাৎ' ধূম থাকিলে বহ্নি নিশ্চয়ই থাকিবে আর ধূম না থাকিলে বহ্নির অভাব অনুমান হইবে)। ২ নিত্য সম্বন্ধ।

অবিনাশী [ন=অ-বিনাশ+ইন্ (স্ত্য)= বিনাশিন্ ১মা ১ব০, নঞ্] বিণ, যার বিনাশ নাই ; অবিনশ্বর ; অমর ; অক্ষয়। "প্রভু দয়ার অবতার অতুল-গুণনিধান, পূর্ণব্রহ্ম অ০।"-ন্ধ০।

অবিনীত [ন=অ-বিনীত] বিণ, অশিষ্ট ; উদ্ধত ; ধৃষ্ট। ২ অসৎ ; অশিক্ষিত। স্ত্রীং ~**া**- দুর্ব্বিনীতা। ২ কুলটা ; অসতী।

অবিন্ধন [অপ্ (জল) ইন্ধন (কাষ্ঠ) স্বরূপ যার-বহু০] বি, জলে যে বহ্নি বাহির হইয়াছে ; বাড়বানল। ২ বজ্রাগ্নি।

অবিন্যস্ত [ন=অ-বিন্যস্ত] বিণ, অস্থাপিত। ২ অরচিত। ৩ অসজ্জিত ; অগোছাল। স্ত্রীং ~**া**।

অবিপক্ষ [ন=অ-বিপক্ষ] বিণ, নিঃশত্রু। ২ অপ্রতিকূল। ৩ অপ্রতিদ্বন্দ্বী।

অবিপন্ন [ন=অ-বিপন্ন] বিণ, অবিপদ-গ্রস্ত ; অসঙ্কটাপন্ন।

] যুক্ত বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্য ঞ্চ=নচ ক্ষ=ই ঙ্কু=ক্‌হ হ্ন হ্ল হ্ব হ্ম=ন্হ ম্হ ল্হ ভ্‌ য্য, জ্ঞ ক্ষ বৃত্ত=zfwv ও চ্চা০ দ্রঃ

অবিপশ্চিৎ [ন=অ-বিপশ্চিৎ] বিণ, অজ্ঞানী ; অপণ্ডিত।

অবিপাক [ন=অ-বিপাক (পরিপাক)] বি, অপরিপাক ; অজীর্ণতা। ২ অপরিণাম। ৩ কর্ম্মের সদৃশ ফল।

অবিপ্রিয় [ন-অ-বিপ্রিয় (বিগতপ্রিয়, অপ্রিয়) নঞ্] বিণ, যা বিরক্তিকর নহে ; যা পাইতে ইচ্ছা আছে ; অপ্রতিকূল ; ইষ্ট ; প্রিয়। ২ অনবজ্ঞাত। ৩ [অবি (মেষ)+প্রিয়] বি, যা মেষের প্রিয়। ২ শ্যামাকতৃণ ; শ্যামাঘাস। স্ত্রীং ~া-শ্যামালতা ; শ্বেতালতা।

অবিপ্লুত [ন=অ-বি-প্লু (গতিতে বা লম্ফ দিয়া গমন)+ত, তৃ-নঞ্] বিণ, যে অশ্বের ন্যায় প্লুতগতিতে বা লম্ফ দিয়া যায় না ; অবাধে প্রবর্ত্তিত ; অবিগত। ২ অবিধ্বংস ; অবিনষ্ট। ৩ [প্লু-ত] আচরিত। ৪ [প্লু=(গমনে, উপদ্রবে)+ত] অনুপদ্রুত ; অবিপর্য্যস্ত। ৫ অদূষিত। ৬ [অ+বিপ্লুত (প্লাবিত)] যা জলপ্লাবনে বিপর্য্যস্ত হয় নাই ; অপ্লাবিত।

অবিবক্ষিত [ন=অ+বিবক্ষিত] বিণ, বিবক্ষা বা কথনেচ্ছারহিত। ২ অনভিপ্রেত (উক্তি সম্বন্ধে)। ৩ অনুপলক্ষিত ; অধ্বনিত ; তাৎপর্য্যদ্বারা অনুপলব্ধ unimplied ; not signified.

অবিবাদ [ন=অ+বিবাদ] বি, বিবাদের অভাব ; অবিরোধ। বিণ, **অবিবাদী**-নির্ব্বিবাদ ; নিরীহ ; শান্তিপ্রিয়।

অবিবাদে [ন=অ (নাই) বিবাদ যাতে] ক্রি-বিণ, অবিরোধে ; নির্ব্বিবাদে।

অবিবাহিত [ন=অ-বিবাহিত] বিণ, যার বিবাহ হয় নাই ; অনূঢ় ; অপরিণীত ; অকৃতদার। স্ত্রীং ~া।

অবিবিক্ত [অ+বিবিক্ত] বিণ, অবিজন। ২ অবিশুদ্ধ।

অবিবে/ক [ন=অ-বিবেক] বি, বিবেকের অভাব ; সদসদ্ বিবেচনাশূন্যতা ; অবিমৃষ্যকারিতা। ২ অজ্ঞান। ৩ ভ্রম ; ব্যাকুলতা হেতু মোহ। ৪ [ন=অ(নাই) বিবেক যার-বহুং] বিণ, বিবেকহীন ; অজ্ঞ ; সদসদ্বিচার বিহীন ; মূঢ়। ~কতা-বি, অবিবেচনা ; অবিমৃষ্যকারিতা ; মূঢ়তা। বিণ, ~কী [অং+ইন্(স্ত্য)=অবিবেকিন্ ১মা ১বং] সদসদ্ বিবেচনাশূন্য ; মূঢ়। ২ শাস্ত্রাদি-জ্ঞানশূন্য। ৬ [সাঙ্খ্যদর্শনে] প্রধান। বিণ, ~কিতা-বিবেকহীনতা ; মূঢ়তা।

অবিবে/চক [ন=অ-বিবেচক] বিণ, যে বিবেচক নয় ; ন্যায় অন্যায় বিবেচনা বা বিচারবিহীন ; বিচারবুদ্ধি শূন্য। ২ অন্যায়-কারী। ~চনা-বি, বিবেচনার অভাব। ২ বুদ্ধিহীনতা। ৩ অন্যায় বিবেচনা ; অবিচার। বিণ, ~চনীয়, ~চিত, ~চ্য-বিবেচনার অযোগ্য ; অবিচারিত ; অবিচার্য্য।

অবিভক্ত [ন=অ-বিভক্ত, নঞ্ ; যা ভাগ করা হয় নাই] বিণ, অখণ্ডিত ; অনংশিত। ২ যারা সম্পত্তি বিভাগ করিয়া লয় নাই ; অপৃথক্কৃত ; অকৃতবিভাগ।

অবিভাজ্য [ন=অ-বিভাজ্য] বিণ, যা ভাগ করা অনুচিত বা ভাগ করিতে নাই। প্র-অং সম্পত্তি। ২ যা ভাগ করা যায় না indivisible. প্র-অং রাশি।

অবিভাতি [প্রাদেং। অবিবাহিত > ভ্রং] বিণ, অবিবাহিত। "অং কন্যা প্রায় লয় মোর মনে।"-মহাং (কাশী)।

অবিমিশ্র [ন=অ-বিমিশ্র] বিণ, অমিশ্র ; বিশুদ্ধ ; খাঁটি।

অবিমুক্ত [ন=অ-বিমুক্ত] বি, অপরি-ত্যক্ত ; অপরিহার্য্য। ২ বি, মুমুক্ষু ব্যক্তি কিম্বা হরগৌরী কখন পরিত্যাগ করেন নাই এমন পুরী ; বারাণসী ; কাশী।

অবিমুক্তেশ্বর [অবিমুক্ত+ঈশ্বর (ধা)] বি, বিশ্বেশ্বর ; শিবলিঙ্গবিঃ।

অবিমৃষ্য [ন=অ-বি-মৃষ্ (ক্ষমা করা, বিবেচনা করা)+য-নঞ্] বিণ, অসহনশীল, অবিবেচক। ~কারিতা, ~কারিত্ব-বি, পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কর্ম্ম করা ; অবিবেকিতা। ~কারী [অবিমৃষ্য-কৃ+ইন্=কারিন্ ১মা ১বং=কারী] বিণ, যে পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কর্ম্ম করে ; অবিবেচক। স্ত্রীং ~কারিণী। ~বাদী, ~ভাষী-বিণ, যে বিবেচনা না করিয়া কথা বলে ; যে অবিবেচনার কথা কহে।

অবিয়ত, অবিয়াইত [অবিবাহিত > ভ্রং, ক্ষেং] বিণ, অবিবাহিত। "মহাশয়ের অং কন্যা একটি আছে। সম্বন্ধ করিতে আমি এলাম তোমার কাছে।"-কুলীনের সং নির্ণয়।-বং সাং পং। "চৌদ্দ বছরের কন্যা অবিয়াইত রইল।"-মৈং গীং।

অবিযুক্ত [ন=অ-বিযুক্ত] বিণ, সংলগ্ন ; অবিচ্ছিন্ন। বি, **অবিয়োগ**।

অবিব্রতি [সং অ-বিবৃত্ত (ঘূর্ণিত, লুণ্ঠিত) > বাং বিব্রত] বিণ, ব্যস্ততাহীন ; স্থির। ২ অব্যাকুল। ৩ অবিপন্ন।

অবিরক্ত [ন=অ-বিরক্ত] বিণ, যে বিরক্ত নয় ; বিরক্তিহীন। ২ অনুরাগযুক্ত ; অনুরক্ত ; আসক্ত। ৩ যে উদাসীন নহে।

অবিরত [ন=অ (নাই) বিরতি (নিবৃত্তি, বিশ্রাম) যাতে-বহুং। বা ন=অ-বিরত, নঞ্] ক্রি-বিণ, বিরতিবিহীন ; অনবরত ; নিরত ; সতত। ২ যার বিশ্রাম নাই ; অবিশ্রান্ত। বি, **অবিরতি**-বিশ্রামের অভাব। ২ অনিবৃত্তি।

অবিরল [ন=অ-বিরল (ফাঁক)] বিণ, যাতে ফাঁক নাই ; ছিদ্রহীন ; ঘন ; গাঢ় ; নিবিড়। ২ নিরন্তর ; অবিশ্রান্ত ৩ অজস্র। "অং চক্ষুজল মুছিয়া আঁচলে!"-মেঘং।

অবিরাম [ন=অ (নাই) বিরাম (বিশ্রাম) যার-বহুং] বিণ, যা থামে না ; বিশ্রামশূন্য। ২ ক্রি-বিণ, সর্ব্বদা ; সতত।

অবিরুদ্ধ [ন=অ-বিরুদ্ধ] বিণ, যা বিরুদ্ধ নয় ; অবিপরীত ; অনুযায়ী। ৪ নির্দ্দোষ। ৫ প্রাসঙ্গিক ; সংলগ্ন। ২ অনুকূল। ৩ অনি-বারিত ; অপ্রতিহত। ৬ ন্যায্য ; সুসঙ্গত।

অবিরো/ধ-বি, বিরোধের অভাব ; বিবাদের অভাব। ২ বিরুদ্ধ মতরাহিত্য ; সম্মতি। ৩ সমন্বয়। ৪ বিণ, বিরোধ রহিত, অবাধ। ৫ ক্রি-বিণ, বিনা বিরোধে, নির্ব্বিরোধে ; অবিবাদে [এই অর্থে 'অবিরোধে' ওং] ~ধী [অ-বিরোধিন্ ১মা ১বং, নঞ্] বিণ, যে বিরোধী নয় ; যে বিরোধ করে না। নিরীহ ; শান্তস্বভাব। ২ সঙ্গত। ৩ অবিরুদ্ধ ; অনুকূল ; অনুযায়ী। স্ত্রীং ~ধিনী।

অবিল/ম্ব [ন=অ-বিলম্ব] বি, বিলম্বের অভাব ; ত্বরা। ২ বিণ, বিলম্বশূন্য। বিণ, ~ম্বিত-যাতে বিলম্ব করা হয় নাই ; ত্বরিত ;

শীঘ্র ; আশুকৃত। ২ ক্রি-বিণ, শীঘ্র ; সত্বর। ~ম্বী-শীঘ্রকারী। ক্রি-বিণ, ~ম্বে-বিলম্ব না করিয়া ; শীঘ্র ; সত্বর।

অবিলা/স [ন=অ-বিলাস] বি, বিলাসহীনতা। ২ বিণ, ভোগসুখবর্জ্জিত ইন্দ্রিয়সুখেচ্ছারহিত। এই অর্থে বিণে. ~সী ও৹। বি, ~সিতা।

অবি/শঙ্কা [ন=অ-বিশঙ্কা (ভয়) নঞ্] বি, শঙ্কার অভাব ; অভয়। ২ বিশ্বাস। ~শঙ্কিত [ন=অ-বিশঙ্কা+ইত (যুক্ত)] বিণ, দুর্ভাবনা রহিত ; ভয়হীন ; অভয়।

অবিশুদ্ধ [ন=অ-বিশুদ্ধ] বিণ, যা বিশুদ্ধ নয় ; মলিন ; দোষযুক্ত। ২ যা খাঁটি নয় ; মিশ্রিত ; ভেজাল। ৩ দোষাশ্রিত ; দোষদুষ্ট। ৪ ভ্রম সঙ্কুল ; ভ্রান্তিযুক্ত ; অশুদ্ধ। ৫ অপবিত্র ; অশাস্ত্রীয় ; আচার-বিরুদ্ধ।

অবিশেষ [ন=অ-বিশেষ (প্রভেদ) নঞ্] বি, বিশেষ নহে ; ভেদরাহিত্য ; অভেদ। ২ [ন=অ (নাই) বিশেষ যার-বহু৹] বিণ, পৃথককৃত নহে ; অভিন্ন ; নির্ব্বিশেষ ; সমান। "সহরের শোভা যেন স্বর্গ অ৹।"-ঘ৹। ~জ্ঞ (-র্ষ-)-বি, বিশেষজ্ঞ নয়। বি, ~তা, ~ত্ব। বিণ, অবিশেষিত।

অবিশ্রান্ত [ন=অ-বিশ্রান্ত (ক্লান্ত) নঞ্] বিণ, শ্রান্তিরহিত ; ক্লান্তিরহিত ; অশ্রান্ত ; অক্লান্ত। ২ ক্রি-বিণ, বিশ্রাম বা বিরাম ব্যতিরেকে ; অবিরাম ; অনবরত ; সতত ; অবিরত। "অ৹ ডাক তাঁরে সরল অন্তরে।"-স্কন্ধ৹। ৩ অজস্র। "তথায় অ৹ জলধারার পতন শব্দে চতুর্দ্দিক মুখরিত।"

অবিশ্রাম [ন=অ-বিশ্রাম] বিণ, বিরাম নাই এরূপ ; অবিশ্রান্ত।

অবিশ্রুত [ন=অ-বিশ্রুত] বিণ, যা বিখ্যাত নয় ; অপ্রসিদ্ধ।

অবিশ্ব/সনীয় [ন=অ-বিশ্বসনীয়] বিণ, যা বিশ্বাস-যোগ্য নয় ; যাকে বিশ্বাস করা উচিত নহে ; অবিশ্বাস্য। ~স্ত-বিণ, যে বিশ্বস্ত নয় ; যে বিশ্বাস ভঙ্গ করিয়া বিশ্বাসের অযোগ্য প্রমাণিত হইয়াছে ; প্রত্যয়ের অযোগ্য ; বিশ্বাসঘাতক।

অবিশ্বাস-বি, বিশ্বাসের অভাব ; অপ্রত্যয়। ~ী [মূ৹-অবিশ্বাসিন্ ১মা ১ব৹] বিণ, যার কাহারও প্রতি বিশ্বাস নাই ; অপ্রত্যয়কারী। ২ যাকে কেহ বিশ্বাস করে না। ৩ বিশ্বাসঘাতক। ৪ প্রতারক ; প্রবঞ্চক। ~জনক-বিণ, অবিশ্বাস উৎপাদক। ~যোগ্য-বিণ, অপ্রত্যয়নীয়।

অবিশ্যি, অবিশ্যি [সং অবশ্য > প্রা৹] অ, অবশ্য ; নিশ্চয় ; অনন্যথা। "অবিশ্যি সব পূজা পার্ব্বণেই ছেলেমেয়েরা যোগ দিয়ে থাকে।"-প্রবাসী, ভাদ্র, ১৩৩৩।

অবিশ্বাস্য [ন=অ-বিশ্বাস্য] বিণ, অবিশ্বসনীয়।

অবিষ [ন=অ (নাই) বিষ যাতে-বহু৹] বিণ, বিষহীন ; নির্ব্বিষ। ২ কুৎসিত বিষ। ৩ যৎসামান্য বিষ। স্ত্রীং অবিষী-নির্ব্বিষা তৃণ।

অবিষয় [ন=অ-বিষয়] বি, ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়াভাব ; অদর্শন ; অস্থিতি। ২ বিণ, ইন্দ্রিয়াতীত ; অজ্ঞাত ; ইন্দ্রিয়জ্ঞানরহিত। ৩ অপ্রাসঙ্গিক। ৪ অবস্তু ; অপাত্র ; অক্ষেত্র। প্র-ভাবিবার অবিষয় সমূহ লইয়া উপস্থিত বিতর্কের প্রয়োজন নাই।

অবিষণ্ণ [ন=অ-বিষণ্ণ] বিণ, বিষাদহীন ; প্রফুল্ল।

অবিষা/দ [ন=অ-বিষাদ] বি, দুঃখ বা খেদরাহিত্য। বিণ, ~দিত-অবিষণ্ণ ; প্রসন্ন।

অবিসংবা/দ [বাং চ৹-অবি-সম্বাদ] বি, বিরোধাভাব ; মিলন। বিণ, ~দী [অ৹ কারী >] বি, ~দিতা, ~দিত্ব। স্ত্রীং ~দিনী। ক্রি-বিণ, ~দে-নির্ব্বিবাদে ; অবাধে ; সহজে।

অবিস্তীর্ণ [ন=অ-বিস্তীর্ণ] বিণ, অপ্রশস্ত ; সঙ্কীর্ণ। ২ জড়। ৩ অনুদার।

অবিস্পষ্ট [ন=অ-বিস্পষ্ট] বিণ, অস্পষ্ট ; অস্ফুট ; অব্যক্ত। ২ বি, অস্ফুট বাক্য ; অস্পষ্ট কথা। ৩ ক্রি-বিণ, ~ভাবে-অস্ফুট-বাক্যে।

অবি/স্ময় [ন=অ-বিস্ময়] বি, অনাশ্চর্য্য। বিণ, ~স্মিত। ~স্মরণ-বি, স্মরণ। > বিণ, ~স্মৃত। > বি, ~স্মৃতি।

অবিহিত [ন=অ-বিহিত] বিণ, বিহিত নয় ; বিধিবিরুদ্ধ ; অবৈধ ; অশাস্ত্রীয় ; অন্যায্য। ২ নিষিদ্ধ। ৩ অনাচরণীয় ; অকর্ত্তব্য ; অনুচিত। ৪ অননুষ্ঠিত ; অকৃত।

অবিহ্বল [ন=অ-বিহ্বল] বিণ, অনভিভূত ; অবিক্লব।

অবী-বি, ঋতুমতী স্ত্রী ; রজস্বলা।

অবী/ক্ষণ [ন=অ-বীক্ষণ] বি, অনিরীক্ষণ ; ২ অপরীক্ষা। বিণ, ~ক্ষিত-অনিরীক্ষিত ; অদৃষ্ট। ২ অপরীক্ষিত।

অবীচি [ন=অ (নাই) বীচি (তরঙ্গ) যেখানে-বহু৹] বিণ, যেখানে তরঙ্গ নাই ; তরঙ্গ রহিত। ২ বি, দান ; দ্রব্যবিনিময় ; সাক্ষ্যদানে মিথ্যাচরণকারীর কর্ম্মভোগের জন্য নির্দ্দিষ্ট নরকবিঃ।

অবীজ-বিণ, বীজশূন্য। ২ মূলহীন। ৩ অপকৃষ্ট বীজ। ~ক (-র্জ-)-বিণ, বীজশূন্য।

অবীর [ন=অ-বীর] বিণ, যে বীর নয় ; নির্ব্বীর্য্য ; বলহীন ; দুর্ব্বল। ২ [ন=অ (নাই) বীর যেখানে-বহু৹। দ্রঃ-এই অর্থে 'নির্ব্বীর'] বীরশূন্য। ৩ বি, [ন=অ (নাই) বীর যা হতে] প্রধান বীর [বিরল] ৪ বীরের অভাব [তুল-'dishero.' 'dis-heroed'—vide Bradley's Grammar of the English Language] ~তা-বি, অপুত্রকতা ; অবীরার অবস্থা (ঋগ্বেদ)। ~ত্ব-সাহস বা বীর্য্যের অভাব। স্ত্রীং ~া [ন=অ (নাই) বীর যার-বহু৹] বিণ, বীরশূন্যা। ২ পতিপুত্ররূপ বীর যার নাই ; অনাথা ; পতিপুত্রহীনা [২৪ পরগণা প্রাদে৹] নিঃসন্তান বিধবা। "কর্পূর কহেন অবীরার কণ্ঠহার।"-ঘ৹। "হ'য়ে অলঙ্কার শূন্যা, নেত্রজলে ভাসি, হইনু অ৹ আজি!" -অশোক৹।

অবুঝ [ন=অ (নাই)-বুঝ (বোধ) যার-বহু৹। অবুদ্ধি > অবুধ > ধ=ঝ] বিণ, নির্ব্বোধ ; বোকা ; যে কিছু বুঝে না বা যাকে কিছু বুঝান যায় না। "অবুঝকে বুঝাব কত বোধ নাহি মানে।"-প্রবচন।

অবুঝা [প্রাদে৹। গ্রা৹ অবুঝো,-জো। 'আবুঝা' ও৹ অবুদ্ধি+আ > অবুধি আ > অবুঝি আ > অ৹, প্রা৹ বাং আবুধি, আবুজো] বিণ, অবুঝ (দ্রঃ)। ২ নির্ব্বোধ ; যে বোধ বা প্রবোধ মানে না। "অধিক অ৹, পিট ভরা কুঁজা, শুতে গেলে করে

উঃ।"-ঘ০। "আমার বচন শুন না হয়ো অ০।"-ঐ।

অবুঁথবু [গ্রা০। ওবুথবু, জবুথবু, হবুথবু ও০] বিণ, জড়ীভূত। ২ স্থূলভাবাপন্ন : অপটু।

অবুদ্ধি [অবুধ (দ্রঃ)] বিণ, বুদ্ধিহীন। ২ দুর্ব্বুদ্ধি। বি, বুদ্ধিহীনতা। ~পূর্ব্ব-বিণ, কার্য্যারম্ভের পূর্ব্বে বুদ্ধি করিয়া যা করা হয় নাই। ~মান্-বুদ্ধিহীন ; নির্ব্বোধ। স্ত্রীং ~মতী।

অবুধ [ন=অ-বুধ (বুদ্ধি, পাণ্ডিত্য) নঞ্। বুদ্ধিশূন্য। প্রা০ বাং-অবুধ (ডাকের ব০), আবুধ, অবুধি। "কোন অবুধির বোলে করসি বিমনে।"-শ্রী০ কী০] বিণ, [অবোধ দ্রঃ] যে পণ্ডিত নয় ; অজ্ঞান ; নির্ব্বুদ্ধি ; অল্পবুদ্ধি ; নির্ব্বোধ ; বুদ্ধিহীন। "গোকুল নগরে, কেবা কি না করে, অ০ মূঢ় সে লোকে।"-চণ্ডী০। ২ যে বোধ মানে না ; অবুঝ ; অবোধ। "না কর আরতি এ অ০ নহে।"-বি০ প০। "অ০ গোঞাব,"-জ০ বিজয়, ১৩২৫। ৩ অশিক্ষিত। "মিশ্র বলে তুমি ত অ০ বিপ্রসুতা।"-চৈ০ ভা০।

অবুরে-সবুরে, অবঁরে-সবঁরে [হিং-'অবের-সবের' >। অবের=অ-বের (বেলা) =অসময়+সবের, স-বের=সময়] ক্রি-বিণ, সময়ে অসময়ে। ২ কালে ভদ্রে ; নিতান্ত দরকারের সময় ; বিশেষ অচল হইলে ; কখন কখন ; সুযোগক্রমে।

অবৃদ্ধ-বিণ, প্রৌঢ় বা যুবা। ২ অপ্রবীণ। ৩ যে বা যা বৃদ্ধি প্রাপ্ত হয় নাই। স্ত্রীং ~া।

অবৃদ্ধিক [ন=অ (নাই) বৃদ্ধি যার-বহু০, সমাসে ক যোগ] বিণ, যার ধনের বৃদ্ধি নাই ; কুসীদ বা সুদ দ্বারা যে ধনের বৃদ্ধি নাই। ২ সুদরহিত।

অবে/ক্ষক [অব-ঈক্ষ্+অক (র্ত্তৃ)] বিণ, অবেক্ষণকারী ; দর্শক। ২ পরীক্ষক। ৩ সন্ধানকারী। স্ত্রীং ~ক্ষিকা। ~ক্ষণ [অব (ব্যাপ্তি, বিস্তার অর্থে)-ঈক্ষ্ (দেখা)+অন (ভা০)। প্রা০ বাং-আবেক্ষণ] বি, অবলোকন ; দৃষ্টিপাত ; বিলোকন। ২ পর্য্যবেক্ষণ ; পরিদর্শন inspection. ৩ অবধান ; মনোযোগ। ৪ পর্য্যালোচনা ; সদসদ্ নিরূপণ। ৫ অনুসন্ধান। ৬ প্রতীক্ষা। পরীক্ষণ দ্রঃ। ~ক্ষণীয়-বিণ, দর্শন করিবার যোগ্য ; অবলোকনীয় ; দর্শনীয়। ২ আলোচনার উপযুক্ত ; আলোচ্য। ৩ অবধারণের যোগ্য। ৪ অনুসন্ধেয়। > স্ত্রীং ~া। ~ক্ষমাণ [অব-ঈক্ষ্+আন (র্ত্তৃ) ম-আগম] বিণ, যে অবলোকন করিতেছে। ২ অনুসন্ধান তৎপর। ৩ যার আলোচনা করা হইতেছে। > স্ত্রীং ~া। ~ক্ষা [অব-ঈক্ষ্+অ, স্ত্রীং-আ] বি, দর্শন ; আলোচনা ; অনুসন্ধান। ২ আপ্যায়ন ; যত্ন ; আদর ; অভ্যর্থনা ; খাতির। ৩ অবধান ; মনোযোগ। ৪ বিচার। ৫ অনুরোধ। "সেই মুনি সন্তান-প্রতিবন্ধকতারূপ ভাবী-আপদ্ধর্ম্মের অবেক্ষায় তাহাকে অভিচারযুক্ত মন্ত্র প্রদান করিলেন।"-মহা০ (বর্দ্ধ)। ~ক্ষিত [অব-ঈক্ষ্+ত(র্ম্ম)] বিণ, যাকে অবলোকন করা হইয়াছে ; দৃষ্ট ; অবলোকিত। ২ পর্য্যালোচিত। ৩ যার প্রতি মনোযোগ আকৃষ্ট হইয়াছে। > স্ত্রীং ~া।

অবেণীবদ্ধ, অবেণীসংবদ্ধ-বিণ, যা বিননী করিয়া বা বিনাইয়া বাঁধা হয় নাই ; আলুলায়িত ; উন্মুক্ত। "অবেণী-সংবদ্ধ নিবিড় কৃষ্ণ কেশরাশি ধূলায় লুটাইতেছে।" -নবাবনন্দিনী।

অবেদ/বিৎ [ন=অ-বেদবিৎ] বিণ, বেদজ্ঞানহীন। ~বিধান, ~বিধি-বি, যে নিয়ম, অনুষ্ঠান বা অনুশাসন বেদে নাই। ~বিহিত-বিণ, যা বেদসঙ্গত নয়।

অবেদনীয়, অবেদ্য [ন=অ-বেদনীয়, বেদ্য (বিদ্+অনীয়, য (র্ম্ম) নঞ্)] বিণ, যা জ্ঞানগম্য নহে ; অজ্ঞেয় ; অনবগম্য unknowable. ২ অবোধ্য ; বুদ্ধির অগম্য। ৩ [অ-বেদ্য=বেদন (পরিণয়)-যোগ্য] অবিবাহ্য ; বিবাহের অযোগ্য।

অবেধ্য [ন=অ-বেধ্য] বিণ, বিদ্ধকরণের অযোগ্য। ২ [জ্যোঃ] বিবাহাদি নিষেধক গ্রহসংস্থাপনের অযোগ্য।

অবের [হিং-অবের্। অ-বের (বেলা, সময়)] বি, অবেলা ; অসময়।

অবেলা [ন=অ (অপ্রশস্ত) বেলা (সময়) প্রা০] বি, অতিক্রান্ত বেলা ; অসময় ; অনুচিত সময়। ২ দিনশেষ ; শেষ বেলা ; দিবাবসান কাল।

অবৈতনিক [ন=অ-বেতন+ইক (র্ত্তৃ) গ্রহণার্থে] বিণ, যে বেতন গ্রহণ করে না ; যে বেতন না লইয়া কর্ম্ম করে ; বেতনহীন honorary.

অবৈধ [ন=অ-বিধি+অ (ইদমর্থে) বিধি=বৈধ, নঞ্] বিণ, যা বিধি-বোধিত নহে ; ধর্ম্ম ও নীতি শাস্ত্র বিরুদ্ধ ; শাস্ত্রে যার বিধান বা ব্যবস্থা নাই। ২ আইন বিরুদ্ধ ; রাজবিধির বিরোধী ; বে-আইন unlawful, illegal. ৩ অকর্ত্তব্য ; অনুচিত। ৪ [ইং undue] অসঙ্গত ; অন্যায়। "অবৈধ প্রতিপত্তি বলে" (in virtue of undue influence)—পাবনা আদালতের দলিল। ৫ নিষিদ্ধ ৬ অযৌক্তিক। ~জনতা-বেআইন জটলা ; অপরাধ করিবার উদ্দেশ্যে লোকের সম্মিলন বা জটলা unlawful assembly.

অবোধ [ন=অ, নাই বোধ (বুদ্ধি, জ্ঞান) যার-বহু০] বিণ, বুদ্ধিশূন্য ; বোধহীন ; জ্ঞানশূন্য ; নির্ব্বোধ। "কুঞ্জ দুয়ারে অবোধের মত রজনী প্রভাতে বসে রব কত,"-রবী০। ২ যে বিশিষ্ট বুদ্ধিমান্ নহে। ৩ [নঞ্] বি, জ্ঞানের অভাব ; বোধহীনতা। ৪ [প্রাদে০] বালক শিশু। [তুল-বৌদ্ধযুগের বাং-র অবুধ (ডাকের ব০) অবুধি, আবুধ, আবুধি (বুদ্ধিহীন), আবুধী (=বুদ্ধিহীনা)] ~গম্য-বিণ, অজ্ঞেয় unknowable. বিণ, অবোধিয়া [অবোধ+ই=অবোধি +আ (স্বার্থে)] বোধহীন ; অবোধ। "কর্ণধার বলে অ০ সদাগর।"-কবিক০।

অবোধ্য [ন=অ-বোধ্য] বিণ, বুদ্ধির অতীত। ২ অজ্ঞেয়। ৩ দুর্ব্বোধ্য।

অবোল [ন=অ (নাই) বোল (হিং-বোলী, বোল=বাক্য) যার-বহু০] বিণ, নির্ব্বাক্ ; বাকশক্তিহীন ; মূক। ২ নিরীহ। ৩ [অ (অকথ্য) বোল (বাক্য) তুল-আবোলতাবোল] বি, অকথা ; কুৎসিত বাক্য ; কুকথা। "অ০ না বোল, সুন্দর কাহ্নাঞি, হের ধরো চরণে।"-শ্রী০ কী০। প্রা০-অবোলা-বাকশক্তি শূন্য। "বদন থাকিতে না পারি বলিতে তেঞি সে অবোলা নাম।"-চণ্ডী০। "অবোলা জন্তু।"

অব্জ [অপ্ (জল)-তাতে যে জন্মে] বি, পদ্ম ; কমল। "জবায় কানন, অব্জে তড়াগ সাজায় তোমার পূজার ডালি।"-কালিদাস রায়। ২ (জলে জন্ম বলিয়া) শঙ্খ। ৩ (সমুদ্র মন্থনে উৎপন্ন বলিয়া) চন্দ্র ; ধন্বন্তরি। ৪ শত-কোটি সংখ্যা ; ১০০০০০০০০০ ; এক বৃন্দ। ৫ নিচুল বৃক্ষ ; হিজলগাছ Barringtonia acutangula. ৭ বিণ, যে জলে জন্মে ; জলজ [বিরল] ~আঁখি, ~াক্ষী-বিণ, পদ্মলোচন। ~ভোগ-বি, পদ্মকন্দ।

অব্জযোনি [অব্জ (বিষ্ণুর নাভিকমল) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যার-বহু°] বি, পদ্মযোনি ; ব্রহ্মা ; কমলাসন।

অব্জিনী [অব্জ+ইন্(সমূহার্থে), স্ত্রীং ঈ] বি, পদ্মসমূহ ; পদ্মিনী। ২ পদ্মলতা। ৩ পদ্মের ঝাড়। ৪ পদ্মবন। ~নাথ, ~পতি-বি, সূর্য্য।

অব্দ [অব্ (রক্ষা, পালন)+দ (জ্ঞা, র্ত্তৃ) যে দিবারাত্র্যাত্মক কাল ত্রিজগৎ রক্ষা ও পালন করে] বি, বৎসর ; হায়ন। ২ [অপ্ (জল)-দ (দান করা) যে জল দান করে] মেঘ। ৩ পর্ব্বত বিঃ। ৪ মুথাঘাস ও মূল।

অব্দার্দ্ধ [অব্দ+অর্দ্ধ] বি, বৎসরের অর্দ্ধেক ; ছয় মাস।

অব্দসার-বি, কর্পূর বিঃ।

অব্দুর্গ [অপ্+দুর্গ] বি, জল দুর্গ।

অব্ধি [অপ্ (জল) ধা (ধারণ করা)+ই (র্ত্তৃ) যে জলকে ধারণ করে] বি, সমুদ্র। ~গুহ-জলটুঙি। ~জ-বিণ, সমুদ্রজাত। বি, অশ্বিনীকুমারদ্বয়। > স্ত্রীং ~জা-বি, সুরা। বিণ, সাগরোৎপন্না। ~কফ, ~ফেন-সমুদ্রফেন। ~মণ্ডুকী-শুক্তিকা ; ঝিনুক। ~তট-বি, সাগরতীর। ~দেব-বরুণ। ~মেখলা-বি, পৃথিবী। ~লবণ-সামুদ্রিক লবণ। ~শয়ন-নারায়ণ।

অব্ধ্যগ্নি [অব্ধি-অগ্নি] বি, বাড়বানল।

অব্‌ভ্র [অপ্ (জল) ভৃ (ধারণ করা)+অ (র্ত্তৃ) যে জল ধারণ করে] বি, মেঘ ; জলদ, বারিবাহ [অভ্র দ্রঃ]।

অব্যক্ত (-বৈ-) [ন=অ-ব্যক্ত (প্রকাশিত) যিনি ব্যক্ত নহেন-নঞ্] বি, ব্রহ্মা। ২ বিষ্ণু। ৩ শিব। (ইঁহাদিগকে কেবল ধ্যান্ দ্বারা জানা যায় বলিয়াই অব্যক্ত)। ৪ কাম ; মনসিজ (কেবল মনেতে প্রকাশ বলিয়াই অব্যক্ত)। ৫ পরমাত্মা ; পরব্রহ্ম। ৬ [লোক সমাজে যার নাম প্রচার নাই] মূর্খ। ৭ অতি সূক্ষ্ম ; অস্পষ্ট ; অস্ফুট। ৮ অপ্রকাশিত। ৯ [গঃ] অজ্ঞাতরাশি an unknown quantity. ~বর্গাঙ্ক [গঃ] অজ্ঞাত-রাশির বর্গ গুণক (অঙ্ক ও প্রকৃতি ২৬ দ্রঃ) co-efficient or square of unknown quantity. ~পুষ্পক [অ°-পুষ্প যার-বহু° +ক] বিণ, যে বৃক্ষের পুষ্প বিশেষ-রূপে ব্যক্ত হয় না (যথা-কাঁটাল) cryptogamus. ~রাগ [অ° (অস্পষ্ট) রাগ (রক্তবর্ণ) ধা] বি, ঈষৎ লোহিতবর্ণ। ~রাশি [অব্যক্ত (অস্পষ্ট) রাশি-ধা] বি, গণিতে-অজ্ঞাত-রাশি unknown quantity. ~শিরস্ক [অ°-শিরঃ (মস্তক) যার-বহু° ক আগম] বি, যার মস্তক স্পষ্ট বুঝা যায় না ; ঝিনুক-জাতীয় জীব-acephala. ~শক্তি [অ° হইয়াছে -শক্তি (শারীরিক বল) যার-বহু°] বি, জড়ে ও জীবে যে শক্তি প্রচ্ছন্ন হইয়া থাকে ; কেবল সুবিধার অভাবে পরিস্ফুট হয় না potential energy.

অব্যগ্র [ন=অ-ব্যগ্র] বিণ, অনাগ্রহী ; উদাসীন ; অনুৎসাহী। ২ অব্যস্ত। ৩ অব্যাকুল। ৪ স্থির।

অব্যঙ্গ [ন=অ-ব্যঙ্গ] বি, অপরিহাস।

অব্যঞ্জন [ন=অ-ব্যঞ্জন] বি, তরকারীর অভাব। ২ স্বরবর্ণ। ৩ বিণ, ব্যঞ্জনহীন। ৪ বেদাগ।

অব্যতিক্রম [ন=অ-ব্যতিক্রম] বিণ, অনন্যথা।

অব্যথ [ন=অ (নাই)-ব্যথা (দুঃখ, ভয়) যার-বহু°] বিণ, ব্যথারহিত ; কষ্টহীন। ২ ভয়শূন্য। ৩ [নাই ব্যথা যা হতে] যে পরের মনে দুঃখ দেয় না ; অ-পর-পীড়ক। [এই অর্থে অব্যথ্য]। স্ত্রীং ~া-বি, অবেদনা। বিণ ; অব্যথিত (-ব্যে-) অদুঃখিত। > স্ত্রীং ~া।

অব্যথা [বৈদ্যকে] বি, হরীতকী। ২ স্থলপদ্ম। ৩ শুঁঠ।

অব্যবধান-বিণ, যার ব্যবধান নাই ; ব্যবধানশূন্য ; অব্যবহিত ; সংযুক্ত।

অব্যবসা/য়-বি, ব্যবসায় অভ্যাস বা চর্চ্চার অভাব ; অননুশীলন ; উদ্যোগের অভাব। ২ অনধিকার ; অসংস্রব। ~য়ী [মূ°-অব্যবসায়িন্ ১মা ১ব°] বিণ, যার ব্যবসায়, অনুশীলন বা চর্চ্চা নাই। ২ যে ব্যবসায়ী নহে। ৩ অনধিকারী ; সংস্রবহীন। ৪ ব্যবসায়ীর প্রকৃতিবিশিষ্ট নহে ; ব্যবসায়ীর অনুপযোগী unbusinesslike. ৫ [দর্শনে] কামী। "অব্যবসায়িগণের (কামি-গণের) বুদ্ধি বহু শাখাবিশিষ্ট ও অনন্তই হয়।" -গীতা। স্ত্রীং ~য়িনী।

অব্যবস্থ [ন=অ (নাই) ব্যবস্থা যার-বহু°] বিণ, যার কার্য্যে বিধিব্যবস্থা নাই ; বিশৃঙ্খল ; বেবন্দোবস্ত। ২ অনিশ্চিত। ৩ অস্থির ; চঞ্চল ; উদ্বিগ্ন। ~া-বি, শাস্ত্রীয় বিধানরাহিত্য ; শাস্ত্রবিরুদ্ধতা। ২ অনিয়ম ; বিশৃঙ্খলতা। ৩ ব্যবস্থার অভাব।

অব্যবস্থিত-বিণ, শাস্ত্র ব্যবস্থানভিজ্ঞ। ২ অবিহিত। ৩ স্থৈর্য্য বা স্থিরতাশূন্য ; কর্ত্তব্যাকর্ত্তব্যনির্দ্ধারণ-রহিত ; স্থিরতাহীন। ৪ অমীমাংসিত ; অনিশ্চিত। স্ত্রীং ~া। ~চিত্ত [অ°-চিত্ত যার-বহু°] বিণ, যার চিত্তের স্থিরতা নাই ; মতিস্থৈর্য্যহীন। অস্থির-মতি। "অ° চিত্ত ব্যক্তির প্রসাদও ভয়ঙ্কর।"

অব্যব/হার-বি, ব্যবহারের অভাব। ২ কদাচরণ : অনাচার। ~হার্য্য (-বৈ-)-বিণ, ব্যবহারের অযোগ্য ; অকর্ম্মণ্য। ২ অনুপভোগ্য। ৩ অনাচরণীয়। ৪ আইন-বহির্ভূত।

অব্যবহিত [ন=অ-ব্যবহিত (ব্যবধানী-কৃত) নঞ্] বিণ, ব্যবধানশূন্য ; ফাঁক রহিত ; সংলগ্ন। ২ সন্নিহিত ; সন্নিকটস্থ।

অব্যবহৃত (-ব্যৈ-)-বিণ, যা ব্যবহার করা হয় নাই। ২ যার চলন হয় নাই ; অপ্রচলিত। ৩ যার সহিত কেহ সামাজিক ব্যবহার করে না ; অনাচরিত ; অচল। ৪ বিচার ক্ষেত্রে বা আইনে ব্যবহার-রহিত। ৫ অমুক্ত ; অনুদ্ধৃত। ৬ অনুপভুক্ত।

অব্যবু [প্রাদে°। অবুথবু দ্রঃ] বিণ, অজ্ঞান ; মোহিত ; মায়ামুগ্ধ। "ছলে নিতে আইল

বয়ে দৃষ্টিমাত্র হারাইব জ্ঞান। অং করিয়া মোরে, ছলিয়া যাবেক ঘরে, পশ্চাতে থাবেক মোর প্রাণ॥"-শিং।

অব্যভার [অব্যবহার > ভ্রং] বি, অব্যবহার বা মন্দ ব্যবহার; দুর্ব্ব্যবহার; কদাচরণ। "সত্য তবে করিব সভার অং।" -চৈং ভাং।

অব্যভি/চার-বি, স্ত্রীপুরুষের অবৈধ সংসর্গরাহিত্য। ২ অনন্যথা : অপরিবর্ত্তন; অনতিক্রম। ৩ স্থিরতা। ৪ কদাচরণাভাব। ৫ অবাধ; অনায়াস। ক্রি-বিণ, ~চারে-অনায়াসে; অবাধে (বশিষ্ঠ সংহিতা, বঙ্গবাসী)। ~চরিত-বিণ, বাধাহীন; অবাধ। ~চারী [মূং-ব্যভিচারিন্ ১মা ১বং] বিণ, ব্যভিচারী নহে। ২ অবিকল; অভিন্ন। ৩ ব্যভিচার দোষ রহিত; ধর্ম্ম হইতে অবিচলিত। অপরিবর্ত্তনশীল; দৃঢ়; স্থির; নিত্য; অবিসংবাদী constant. ৫ [দর্শনে] কোনরূপ প্রতিকূল কারণদ্বারা নিবারণ করিতে অশক্য; অলক্ষ্যে যার সমন্বয় হয় না। স্ত্রীং ~চারিণী।

অব্যয় [ন=অ (নাই) ব্যয় (বি-ই=গমন করা, পাওয়া+অ-ভাং) যে বিবিধ রূপান্তর প্রাপ্ত হয় না] বি, যে সকল লিঙ্গে এবং সকল বিভক্তিতেই একরূপ থাকে; কারক ভেদে যার কোন রূপান্তর ঘটে না। ২ [ন=অ (নাই) ব্যয় (নাশ) যার-বহুং] বি, যার নাশ নাই; অনন্ত; অনাদি। ৩ শিব; বিষ্ণু; পরব্রহ্ম। ৪ [নাই ব্যয়, অর্থের দানাদি যার] কৃপণ; ব্যয়কুণ্ঠ। "অং সাধুর, রাজা নিল সব, বন্দী হইল দৈব দোষে॥"-রামেশ্বর ভট্ট। স্ত্রীং~া-দুর্গা। "অপরাধ ক্ষম মাগো অব গো অং॥"-অং মং। ~ী-বিণ, ব্যয়রহিত। ২ কৃপণ।

অব্যয়ীভাব [অব্যয়+ঈ (চ্বি-অভূত তদ্ভাবার্থে)+ভাব, ভূ+অ (ভাং) যে সমাসে পরপদ অনব্যয় থাকিলেও পূর্ব্বস্থিত অব্যয় পদ যোগে সমুদয় অব্যয় হয়] বি, সমাস বিঃ; বিশেষ্যের পূর্ব্বে অব্যয় পদ যোগে সমাস হইয়া কোন কোন সমস্ত পদ অব্যয়ভাব ধারণ করিলে তাকে অং সমাস বলে। যথা-উপকুম্ভ-উপ অব্যয়, কুম্ভ অনব্যয়; অনব্যয় অব্যয় হইল বলিয়াই অং। ২ [অব্যয়ী (অব্যয়+ইন্, স্থ্য) ব্যয়শূন্য-ভাব (দশা)] ব্যয়শূন্যতা; অবিনাশিস্বভাব; মরণ-ধর্ম্ম-রাহিত্য।

অব্যর্থ [ন=অ-ব্যর্থ (বৃথা) নঞ্] বিণ, অমোঘ; সফল; সার্থক।

অব্যস/ন, ~নী-বিণ, অবিলাসী; দুষ্ক্রিয়াবিরত। স্ত্রীং ~মিনী।

অব্যস্ত-বিণ, যে ব্যস্ত নয়; স্থির। ২ অবিচলিত। ৩ অনাগ্রহ। ৪ অনাকুল।

অব্যাকুল [ন=অ-ব্যাকুল] বিণ, অনাকুল; চিত্তের চঞ্চলতাশূন্য; চিত্তচাঞ্চল্য বিহীন।

অব্যাকৃত [ন=অ-ব্যাকৃত, (বি+আ-কৃ-করা+ত) নঞ্] বিণ, অপরিবর্ত্তিত; অভিন্ন: অবিভক্ত; অখণ্ডিত। ২ [বেদান্তে] ব্রহ্মভিন্ন জগদুৎপত্তি-বীজ।

অব্যা/খ্যাত [ন=অ-ব্যাখ্যাত] বিণ, অকৃতব্যাখ্যা; অবর্ণিত। ~খ্যেয়-বিণ, যা ব্যাখ্যা করা যায় না; ব্যাখ্যার অতীত; দুর্ব্বোধ। ২ যা ব্যাখ্যা করা অনুচিত; ব্যাখ্যার অযোগ্য।

অব্যা/ঘাত [ন=অ-ব্যাঘাত] বি, ব্যাঘাতের অভাব। ২ [ন=অ (নাই) ব্যাঘ্যাত যার-বহুং] বিণ, যার বাধা বা বিঘ্ন নাই: অপ্রতিবন্ধক। ক্রি-বিণ, ~ঘাতে-নির্ব্বিঘ্নে; অবাধে।

অব্যা/জ [ন=অ-ব্যাজ (কপটাচার) নঞ্] বি, ব্যাজের অভাব; ছলের অভাব; অকপটতা; সারল্য। ২ বিণ, স্বাভাবিক। ৩ শীঘ্র; ত্বরা; অবিলম্ব। ক্রি-বিণ, ~জে-অবিলম্বে; শীঘ্র। ২ অকপটে। "অং বিষ্ণুর পূজা চণ্ডাল যে করে। চতুর্ব্বেদী ব্রাহ্মণাতিরিক্ত দেখি তারে।"-শিং।

অব্যা/পক [ন=অ-ব্যাপক (দ্রঃ universal. তুল-ব্যাপক বাক্য-universal proposition -সামান্য] বিণ, বিশিষ্ট; অসামান্য particular (তং বিং)। ~পন-বি, অবিস্তার। ~পনীয়, ~প্য-বিণ, ব্যাপনের অযোগ্য। ~প্ত-বিণ, যা ব্যাপিয়া নাই। > বি, ~প্তি।

অব্যাপার [ন=অ-ব্যাপার] বি, অবিষয়।

অব্যাপ্যবৃত্তি [ন=অ (নাই) ব্যাপ্য বৃত্তি (বর্ত্তন, অবস্থান) যার-বহুং] বিণ, যে সমস্ত ব্যাপিয়া থাকে না; একাংশে স্থিত; একদেশবর্ত্তী। ২ বি, একদেশে স্থিতি; একাংশে স্থিতি।

অব্যাহত [ন=অ-ব্যাহত (বাধাপ্রাপ্ত) নঞ্] বিণ, যে বাধা প্রাপ্ত নয়; ব্যাঘাত শূন্য: যার প্রতিবন্ধক নাই; অবাধ: অবারিত। "মানব জীবনের যুগান্তব্যাপী কল্পনাস্রোত অং রহিয়াছে।"-মহিমময়ী (দীং রায়)। ২ অকুণ্ঠিত; অব্যর্থ। ৩ [বির্থেং] মুক্তকণ্ঠ (অং মং)। ~ভাবে, ~রূপে [বির্থেং] ক্রি-বিণ, মুক্তকণ্ঠে। "হেনকালে বসুন্ধরা অব্যাহতরূপে। কান্দিয়া কহিছে মজি পতি-শোক-কূপে॥"-অং মং।

অব্যাহিতি [ন=অ-ব্যাহতি (বি-আ-হন্-হিংসা করা+তি (ভাং)=ব্যাঘাত-নঞ্] বি, অব্যাঘাত; অহিংসা [অপ্রং]. ২ নিস্তার: পরিত্রাণ। "মরিলেও নাহি অং।"-অং মং। ৩ [প্রাং বাং] বিণ, অব্যাহত: বাধাহীন। "আনন্দে তরলমনা, কাটামুণ্ড লোফে দানা, মহাবীর রণে অব্যাহতি।"-কবিকং।

অব্যাহৃতি [সং] বিণ, অনুচ্চারিত: অনুক্ত। বিণ, অব্যাহৃত।

অব্যুৎপন্ন-বিণ, যে ব্যুৎপন্ন নয়; ব্যুৎপত্তিহীন। ২ শব্দার্থানভিজ্ঞ। ৩ অশিক্ষিত।

অব্যূঢ় -বিণ, অবিবাহিত; অনূঢ়। ২ অসন্নদ্ধ; অবিন্যস্ত। ৩ অপ্রশস্ত। স্ত্রীং ~া।

অব্যূঢ়ান্ন [অব্যূঢ় (ভ্রং-আইবুড়)+অন্ন] বি, আইবুড়া ভাত।

অব্রণ-বিণ, ব্রণরহিত; অক্ষত; শারীরিক পীড়া বা যন্ত্রণারহিত। ২ পূর্ণ perfect. "তিনি অং, তিনি শুদ্ধ,"-স্কং।

অব্রত [ন=অ+(নাই) ব্রত যার-বহুং] বিণ, যে ব্রত অবলম্বন করে নাই; ব্রতহীন।

অব্রতী-বিণ, যে ব্রত আচরণ করে না; ব্রতাচরণ-পরাঙ্মুখ; যে ব্রত ধারণ করে নাই। ২ অনিয়োজিত; অসংসৃষ্ট। ৩ অপ্রবৃত্ত।

অব্রহ্মচর্য্য-বি, ব্রহ্মচর্য্যরাহিত্য। ২ ইন্দ্রিয়পরায়ণতা; সুরত।

অব্রহ্মণ্য [ন=অ+ব্রহ্মণ্য (ব্রাহ্মণের যোগ্য)] বিণ, ব্রাহ্মণের অযোগ্য বা অনাচরণীয়;

ব্রাহ্মণ্য ধর্ম্ম বহির্ভূত। ২ [সং-নাট্যে] 'অবধ্য' বা 'বধ করিও না' এই কথা বলা।

অব্রাহ্মণ [ন=অ (অপকৃষ্ট) ব্রাহ্মণ-নঞ্] বি, অপকৃষ্ট ব্রাহ্মণ। ২ যে ব্রাহ্মণ নয় কিন্তু ব্রাহ্মণ সদৃশ অন্য জাতি। ৩ বিণ, ব্রাহ্মণের লক্ষণহীন ; ব্রাহ্মণ্য তেজঃ-রহিত ; ব্রাহ্মণই নহে। "যে দৈব করা গিয়াছে আপনার কি বিপদ হইতে পারে? যদ্যপি তা হইত তবে আমরা অ০।"-আলাল। ৪ ব্রাহ্মণ ব্যতীত অন্য কেহ ; ব্রাহ্মণেতর। "অ০ নহ তুমি, তাত! তুমি দ্বিজোত্তম,তুমি সত্য কুল-জাত!"-রবী০। "ব্রাহ্মণ হউক আর অব্রাহ্মণই হউক সাধারণ শৈব বা বৈষ্ণবের মনে সেরূপ বিদ্বেষ ছিল না।" -গৌড় রাজমালা।

অব্রুবাণ [ন=অ-ব্রূ (বলা)+আন (র্ত্তৃ) নঞ্] বিণ, যার কথা বলিবার ক্ষমতা নাই ; বাক্‌শক্তি রহিত। ২ শিশু ; বালক।

অভক্তি [ন=অ-ভক্তি, নঞ্] বি, ভক্তির অভাব ; অশ্রদ্ধা ; অবজ্ঞা ; ঘৃণা। ২ অরুচি ; অপ্রীতি। বিণ, **অভক্ত,** > স্ত্রীং **~া**। **~মান্**-বিণ, অভক্ত। ২ অশ্রদ্ধালু। স্ত্রীং **~মতী**।

অভ/ক্ষণ-বি, অনাহার। ২ কুখাদ্য। **~ক্ষিত**-বিণ, অখাদিত।

অভক্ষ্য, অভক্ষণীয়-বিণ, যা ভক্ষণ করা যায় না ; ভোজনের অযোগ্য বা যা ভক্ষণ করা উচিত নয় ; অখাদ্য ; অভোজ্য। ২ যে ভোজ্য শাস্ত্রে নিষিদ্ধ।

অভগ্ন-বিণ, যা ভাঙ্গা নহে ; যুক্ত। ২ পূর্ণ ; অটুট ; আস্ত।

অভঙ্গ-বিণ, অভগ্ন ; অটুট , আভাঙা ; আস্ত . গোটা। ২ বি, মহারাষ্ট্র দেশপ্রচলিত ছন্দোবদ্ধ কবিতা বিঃ। প্র-তুকারামের অ০।

অভঙ্গুর-বিণ, যা ভাঙ্গে না ; ধ্বংসশীল নয় ; অভঞ্জন ধর্ম্মশীল। ২ অক্ষয় ; অবিধ্বংসি।

অভদ্র-বিণ, যে ভদ্র নয় ; যার ভদ্রতা নাই ; অশিষ্ট। ২ বি, নিন্দিত ; গর্হিত। প্র-অ০ ব্যবহার। ৩ দুঃখ। ৪ নীচ। ৫ অশুভ ; অমঙ্গল। ৬ বিঘ্ন। এই অর্থে গ্রা০ বাং-**অভদ্রা**। "কাজটায় এমন অভদ্রা পড়েছে যে কোন মতেই আর শেষ হয় না।" বি, **~তা**-অভদ্রের ভাব বা আচরণ ; অশিষ্টতা। **~ভাবে**-ক্রি-বিণ,অভদ্রের মত; অশিষ্টরূপে ; গর্হিত উপায়ে।

অভব্য [ন=অ (অপ্রশস্ত) ভব্য (ভূ-হওয়া +য, র্ত্তৃ) নঞ্] বি, অকল্যাণ ; অশুভ ; অমঙ্গল। ২ দুর্ভাগ্য ; দুরদৃষ্ট। ৩ বিণ, অসভ্য ; ভদ্র সমাজের অনুপযুক্ত ; অশিষ্ট ; গোঁয়ার। "হঠাৎকারে করে কর্ম্ম সে অতি অ০।"-জগদ্রাম (রামা০)। স্ত্রীং **~া**। **~তা** [অভব্য+তা (ভা০)] বি, অসভ্যতা ; অশিষ্টতা। ২ গোঁয়ারপণা।

অভয় [প্রা০ বাং 'আভএ', 'আভয়' (শ্রী০ কী০)] বি, ভয়ের অভাব। ২ কালিকার দক্ষিণের ঊর্দ্ধকরস্থিত 'অভয়' মুদ্রা (দক্ষিণের নিম্ন করে বর মুদ্রা, বাম উপর হস্তে খড়্গ এবং বাম নিম্ন করে মুণ্ড)। "সব্য হস্তে মুক্ত খড়্গ দক্ষিণে অভয়।"-রঙ্গমতী। ৩ "মাভৈঃ" এই বাণী ; ভয় নাই বলিয়া সাহস দান। "তোমার অ০ বাজে হৃদয় মাঝে হৃদয়হরণী।" -রবী০। ৪ দেবানুগ্রহ ; বর। "রাজার তর্জ্জনে ব্যাধি নাহি করে ভয়। দেবের অ০ তারে আছয়ে নিশ্চয়॥"-কবিক০। ৫ [নাই ভয় যার-বহু০] বিণ, নির্ভয়। ৬ [নাই ভয় যা-হতে-বহু০] যে ভয়ানক বা ভয়ঙ্কর নহে। ৭ বেণার মূল ; উশীর। স্ত্রীং **~া**-বিণ, ভয়হীনা। বি, ভগবতীর মূর্ত্তিভেদ ; অভয় দান করেন বা ভয় হরণ করেন বলিয়া অভয়া ; দুর্গা। ৩ [বৈদ্যকে] হরীতকী chebulic myrobalan. শ্বেত নিশুণ্ডী ; মঞ্জিষ্ঠা ; জয়ন্তী ; জয়া ; সিদ্ধি ; মৃণাল ; কাঞ্জি ; কাঞ্চন বৃক্ষদ্বয়। **~ডিণ্ডিম** [অভয় ডিন্‌ডিম্] বি, নিজের সৈন্যগণকে অভয় দিয়া উৎসাহিত করিবার জন্য যে ডিণ্ডিম বাদ্য বাদিত হয় ; যুদ্ধ ঢক্কা ; জয় ঢাক। **~দক্ষিণা**-অভয়রূপ দক্ষিণা ; অভয়দান। **~দান, ~প্রদান**-ভয়ার্ত্তকে 'ভয় নাই' বলিয়া সাহস ভরসা প্রদান। **~দ** (-য়-) বিণ, অভয় দান-কর্ত্তা। স্ত্রীং **~দা, ~দাতা, ~দাত্রী**। **~পদ** (দ)-বি, যে চরণে শরণ লইলে ভয় থাকে না। **~প্রদ**-বিণ, অভয় দাতা। স্ত্রীং **~প্রদা**। **~বাক্য, ~বাণী**-"মাভৈ" এই উক্তি।

অভরস [প্রা০ বাং। অ+ভরস (=ভরসা=বিশ্বাস)] বি, অবিশ্বাস। "অ০ নাকর সত্য আহ্মে বুইল।"-শ্রী০ কী০।

অভাগা [সং ভাগ্য > ; অ (নাই)+ ভাগ (সৌভাগ্য)+আ (বির্থে০) যার সৌভাগ্য নাই] বিণ, ভাগ্যহীন ; হতভাগ্য ; দুর্ভাগ্য। ২ দুঃখী ; দয়ার পাত্র। (অভাগ্য, অভাগিয়া দ্রঃ)। ৩ অভাগী ; অভাগিনী। "শ্যামের বিরহানলে, সুভগে অভাগা জ্বলে,"-ব্রজাঙ্গনা।

অভাগিয়া [অ+ভাগ (ভাগ্য)+ই (বির্থে০)+আ [স্বার্থে) গ্রা০] বিণ, হতভাগ্য ; দুর্ভাগ্যবতী। ২ দয়ার পাত্র বা পাত্রী ; দীনা : দীনহীন। "অধমের অগ্রগণ্য অ০ আমি।" -শি০ [গ্রা০-অভাগে, মেয়েলি০-আবাগে। অভাগ্য দ্রঃ]।

অভাগী, অভাগিনী [মু০-অভাগিন্। ব্রজ০-অভাগলি (বি০ প০),প্রা০বাং-আভাগী, (গ্রা০-আবাগী), আভাগিনী। "মোঞে ত বড় আভাগী ল," "মোঞ নারী বড় আভাগিনী।"-শ্রী০ কী০] বিণ, মন্দ অদৃষ্টের স্ত্রী ; দুর্ভাগ্যবতী ; দুঃখিনী ; দয়ার পাত্রী ; হতভাগিনী। "চলিল অভাগী জনা পুত্রের উদ্দেশে।"-বীরাঙ্গনা। "কি কুক্ষণে দেখে ছিলি তুই রে অভাগী।"-মেঘ০। ২ পতিতা। ৩ পাপিষ্ঠা। "ভজে শ্যামে রাধা অভাগিনী।"-বীরাঙ্গনা।

অভাগে [অ-ভাগ-ইয়া=এ। প্রা০ বাং] বিণ, যাকে ভাগ করা যায় না (চ০ ৩৫।৫)।

অভাগ্য [ন=অ (নাই) ভাগ্য যার-বহু০] বিণ, ভাগ্যহীন ; হতভাগ্য ; হতভাগা। ২ [ন-ভাগ্য-নঞ্] বি, দুর্ভাগ্য ; মন্দভাগ্য ; দুর-দৃষ্ট। "অভাগ্যের উপহাস।"-রবী০।

অভাজন [ন=অ-ভাজন (পাত্র) নঞ্] বি, ভাজনের অভাব। ২ কুৎসিত ভাজন ; অপাত্র ; অযোগ্য ; নির্গুণ ; অক্ষম। ৩ দুর্ভাগ্য ; মন্দভাগ্য। "মরি অভাজনে হন্ দয়াবারি বিতরণ।"-দেঃ রামদুলাল। "আমি অ০,পরমভাজন,ঘটক নারদ ভায়া।"-অ০ম০ [প্রা০ বৈ০ সা০ ভূরি প্রয়োগ] ৩ [নাই-ভাজন (পাত্র) যার-বহু০] বিণ, পাত্রহীন।

অভাব [ন=অ-ভূ (হওয়া)+অ (ভা০) নঞ্] বি, অসত্তা ; অবিদ্যমানতা ; না থাকার ভাব। ২ ধ্বংস ; মৃত্যু। ৩ অপ্রতুল,

অনাটন ; দারিদ্র্য। ৪ অসঙ্গতি। ৫ [ন্যায় দর্শনে] চারি প্রকার অভাব-(১) প্রাগভাব, (ঘট উৎপন্ন হইবার পূর্ব্বে ঘটের যে অভাব ইহার নাম প্রাগভাব) (২) ধ্বংসাভাব (কোন বস্তু নষ্ট হইলে যে অভাব) (৩) অন্যোন্যাভাব (ভেদ ; ইহা ঘট নয় কিন্তু পট ইত্যাকার বোধ) (৪) অত্যন্তাভাব (এখানে পুস্তক নাই এইরূপ অভাব)। ৬ ভাবহীনতা। ৭ প্রয়োজন। "আপনার প্রকৃত অ° না বুঝিয়া ব্যয় করিলেই প্রকৃত অ° আসিয়া উপস্থিত হয়।"-বিজ্ঞান নীতি প্রসূন। ৮ [প্রাদে° ময়মনসিংহ। ন=অ+ভাব] অবনিবনাও ; মনোমালিন্য ; শত্রুতা ; অসদ্ভাব ill-feeling. ৯ নাশ। ~গ্রস্ত, ~পূর্ণ, ~মুক্ত, ~যুক্ত। অ° দূর, অ° নিরাকরণ, অ° নিবারণ, ~পূরণ, ~মোচন করা, অ° মেটানি। অভাবে স্বভাব নষ্ট হয়-অভাবের তাড়নায় স্বীয় প্রবৃত্তির বিপরীত আচরণ দ্বারা সৎলোকও অসৎ হয়।

অভা/বনীয় [ন=অ-ভূ+ণিচ্=ভাবি +অনীয় (র্ম্ম)] বিণ, ভাবনার অতীত ; যা কখনও ঘটিবার সম্ভাবনা নাই ; অচিন্তনীয় : অসম্ভাবনীয়। ২ যা ভাবনার অযোগ্য। যা ভাবনার বিষয়ীভূত নহে। বি, ~বিনা। ~বিত-বিণ, যা ঘটিতে পারে বলিয়া কখন ভাবনা করা হয় নাই ; অসম্ভাবিত ; অকল্পিত ; অচিন্তিত।

অভাষণ-বি, ভাষণের অভাব ; কথা না বলা : মৌন। ২ [নাই ভাষণ যার-বহু°] বিণ, মৌনী ; যে চুপ করিয়া থাকে।

অভি-উপসর্গ ; সম্মুখ ; আভিমুখ্য towards. প্র-অভিসার ; অভিযান। ২ সমীপ। প্র-অভিমুখ। ৩ চতুর্দ্দিকে। প্র-অভিবীক্ষণ। ৪ প্রশস্ত ; উত্তম। প্র-অভিজাত। ৫ নির্ভয়। প্র-অভিমন্যু। ৬ সর্ব্বদা ; সর্ব্বতোভাবে। প্র-অভিব্যাপ্ত ; অভিনির্মুক্ত ; অভিভাষণ। ৭ বিরুদ্ধ। প্র-অভিযান ; অভিবাদ ; অভিশাপ। ৮ অপকৃষ্ট। প্র-অভিভব। ৯ পুনঃ পুনঃ। প্র-অভীষ্ট ; অভীপ্সিত। ১০ অভিলাষ। ১১ পূজা। ১২ সাদৃশ্য। ১৩ বিভিন্নতা। ১৪ বিশেষকরণ। ১৫ একীকরণ। ১৬ চিহ্ন। প্র-অভিজ্ঞা ; অভিজ্ঞান।

অভিক [অভি-কম্ (কামনা করা) +ড (র্ত্তৃ)] বিণ, কামুক। স্ত্রীং ~া-কামুকী।

অভিক্রম [অভি (সম্মুখে) ক্রম্ (গমন করা) + অ (ভা°)] বি, যুদ্ধপ্রয়াসী হইয়া শত্রুগণের নিকট গমন ; অভিযান। ২ আক্রমণ। ৩ আরোহণ। ৪ উপক্রম ; আরম্ভ।

অভিক্ষেপ [অভি (সম্মুখ) ক্ষিপ্ (প্রেরণ করা) + অ (ভা°)] বি, অভিমুখে বা সম্মুখে ক্ষেপণ করা। ২ পরাজয়। ৩ অনাদর ; অবমান।

অভিখ্যা [অভি-খ্যা (বলা) + অ (ণে) -যদ্দ্বারা প্রকাশ করা যায়] বি, অভিধান ; নাম ; সংজ্ঞা। ২ উপাধি। ৩ [ভা° অ] আখ্যান। ৪ খ্যাতি ; প্রসিদ্ধি ; উপাধি। ৫ কীর্ত্তি। ৬ মাহাত্ম্য। ৭ শোভা।

অভিগম [অভি (সম্মুখ) গম্ (গমন করা) + অ (ভা°)] বি, অভিমুখে বা সম্মুখে গমনকরণ ; প্রত্যুদ্গমন। ২ প্রাপ্তি ; পাওয়া। ৩ সেবা ; আরাধনা। ৪ [ধি, অ] যেস্থানে অভিগমন করা হয় ; আশ্রয়।

অভি/গমন [অভি-গম্ + অন (ভা°)] বি, অভিগম দ্রঃ। ২ উপগমন ; সঙ্গম ; সম্ভোগ। বিণ, ~গত-বিণ, সম্মুখাগত ; সন্নিহিত। স্ত্রীং ~গতা। বিণ, ~গামী-নিকটগামী। স্ত্রীং ~গামিনী।

অভিগ্রস্ত [অভি (সর্ব্বতোভাবে) গ্রস্ত (আক্রান্ত)] বিণ, যাকে সর্ব্বতোভাবে গ্রাস করা হইয়াছে ; কবলীকৃত। ২ আক্রান্ত ; লুণ্ঠিত।

অভিগ্রহ [অভি (সম্মুখ) গ্রহ্ (গ্রহণ করা) + অ (ভা°)] বি, সম্মুখ হতে বল পূর্ব্বক গ্রহণ ; আক্রমণ। ২ যুদ্ধার্থ অভিমুখে গমন ; অভিযান। ৩ লুঠ। ৪ স্পর্দ্ধা।

অভিগ্রহণ [অভি-গ্রহ্ + অন (ভা°)] বি, সম্মুখে বলপূর্ব্বক গ্রহণ ; লুণ্ঠন।

অভিঘাত [অভি (সম্যক্) + হন্ (হিংসা করা) + অ (ভা°)] বি, দণ্ডাদিদ্বারা গুরুতর আঘাত ; প্রহার। ২ নির্দ্দয় ভাবে ধর্ষণ বা আলোড়ন। ৩ হনন ; বিনাশ। ~ী [অভি -হন্ + ইন্ (র্ত্তৃ) ; হন্=ঘাত=ঘাতিন্, ১মা ১ব°] বিণ, আঘাতকারী ; বিনাশকারী। ২ বি, শত্রু। স্ত্রী অভিঘাতিনী।

অভি/চর [অভি-চর্ + অ (র্ত্তৃ)] বি, পরিচর ; ভৃত্য।

অভিচার [অভি-চর্ (গমন করা, হিংসা করা) + অ (ভা°)] বি, অন্যের হিংসাভিপ্রায়ে মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন ও বশীকরণ নামক তন্ত্রোক্ত প্রক্রিয়া। আপনার ইষ্টসিদ্ধির জন্য তন্ত্রোক্ত ঐ ৬ প্রকার প্রক্রিয়া-দ্বারা অন্যের অনিষ্টসাধন বা অন্য কর্ত্তৃক ভাবী অনিষ্টের প্রতিকারসাধন। ২ শ্যেনাদি যজ্ঞে অনপরাধীর মারণ [ভারত°] ৩ পরহিংসা। ৪ উপপাতক বিঃ। ~ক (-র্ক্-)-বিণ, অভিচারকর্ত্তা। ~মন্ত্র-বি, তন্ত্রোক্ত ষড়্বিধ হিংসাকর্ম্ম সাধনের মন্ত্র। "উঠিয়ে নিশ্বাস ছাড়ি, অ° পড়ি, যজ্ঞকুণ্ডে দিলেক আহুতি।"-শি°। বিণ, ~ী [অভি-চর্ + ইন্ (র্ত্তৃ)=অভিচারিন্ ১মা ১ব°। যে অভিচারমন্ত্রদ্বারা হিংসা করে] বিণ, অভিচারকর্ত্তা। স্ত্রীং অভিচারিণী।

অভিজন [অভি (সম্যক্) জন্ (জন্ম হওয়া) + অ (ধি)] বি, জন্ম হয় যাতে ; বংশ ; গোত্র ; কুল। ২ জন্মভূমি। ৩ [অপা° (অ) জন্ম হয় যা হতে] পূর্ব্ববন্ধু ; পিত্রাদি। ৪ [তৃ-অ] কুলশ্রেষ্ঠ। ৫ অভিজাত ; কুলীন ; উচ্চবংশীয় a man of rank. ৬ কীর্ত্তি ; যশঃ।

অভিজা/ত(-ত) [অভি (প্রশস্ত) জাত (জন্=জন্ম হওয়া + ত, র্ত্তৃ) যে উত্তম বংশে জন্মিয়াছে] বিণ, সদ্বংশজাত ; উচ্চবংশীয় ; কুলীন [জ্ঞানী, সুশ্রী, যোগ্য, মনোহর ই° অর্থও হয়] ২ বি, সৎকুল। ৩ শিষ্ট ও সম্ভ্রান্ত সমাজ। স্ত্রীং ~া। ~তত্ব, বি, ~ত্য, আভিজাত্য। ~তন্ত্র-প্রধান ব্যক্তিগণের অধিকৃত রাজ্যশাসন। উচ্চশ্রেণী ধনীদিগের দ্বারা রাজ্যশাসন প্রণালী aristocracy.

অভিজিৎ [অভি-জি (জয় করা) + ক্বিপ্ (র্ত্তৃ)] বিণ, জয়কারী। ২ [জ্যো:] বি, নক্ষত্র বিঃ। উত্তরাষাঢ়ার শেষ ১৫ দণ্ড এবং শ্রবণার প্রথম ৪ দণ্ড, মোট এই ১৯ দণ্ডকে অ° কহে the star vega. ৩ [অভি জা°- ক্বিপ্] কুতপ লগ্ন ; দিবসকে ১৫ ভাগ করিলে তার অষ্টম ভাগ অর্থাৎ অষ্টম মুহূর্ত্তের নাম কুতপ বা অভিজিৎ। ৪ যদুবংশীয় ভবের পুত্র।

অভিজ্ঞ [অভি (সম্যক্) জ্ঞ (জ্ঞা-জানা)

+অ (র্ত্ত)-যে সমস্ত জানে] বিণ, বহুজ্ঞ; বিশেষজ্ঞ; বহুদর্শী; জ্ঞানী। ২ যে বোধ বা অনুভব করিয়াছে; ভুক্তভোগী। ৩ কুশল; নিপুণ। ৪ লব্ধবিদ্য; পণ্ডিত। বি, ~তা-অনেক দর্শন ও শ্রবণ জন্য যে জ্ঞান জন্মে; নিপুণতা; বহুদর্শিতা।

ˋঅভিজ্ঞা [অভি-জ্ঞা (জানা)+অ (ভা০)] বি, প্রথমেই যে জ্ঞান জন্মে; আদ্য-জ্ঞান। ~র্ত [অভি (জ্ঞা)+ত (র্ম্ম) যে বিষয় জানা গিয়াছে] বিণ, বিদিত। ২ বিণ, নিদর্শন বা চিহ্নদ্বারা যে জ্ঞান হয়। ৩ অনুসন্ধানদ্বারা পরিজ্ঞাত।

ˋঅভিজ্ঞান [অভি (চিহ্ন, নিদর্শন)+জ্ঞা (জানা)+অন (পে)] বি, যদ্বারা জ্ঞান জন্মে; স্মৃতির উদ্রেককারী নিদর্শন; স্মারক; চিহ্ন; নিদর্শন। "কাঞ্চী জয় অ০,"-কাঞ্চী০। ২ নাম; লিঙ্গ; স্বরূপ। "তুমি মাত্র অনন্ত শক্তির অ০।" -কাঞ্চী০। ~পত্র-নিদর্শনপত্র; প্রশংসা-পত্র certificate ~শকুন্তল(ম্) মহা-কবি কালিদাস কৃত জগদ্বিখ্যাত সং-নাটক।

ˋঅভি/তপ্ত [অভি-তপ্ (উত্তপ্ত হওয়া) +ত (র্ত্ত)] বিণ, অগ্নিতে উত্তপ্ত। ২ ঝল্সান; দগ্ধ। ৩ [নাট্য শা০] উপাঙ্গাভিনয় বিঃ; যাতে চোখের পাতা উঠে পড়ে ও তারা দু'টি অবসন্নভাবে স্থির থাকে। ৪ দুঃখিত; সন্তাপিত। ~তাপ [অভি (অতি) তাপ] বি, অসহ্যযন্ত্রণাদায়ক শিরঃপীড়া। ২ সন্তাপ। ~তাপির্ত-বিণ, সন্তাপিত; অতি দুঃখার্ত।

ˋঅভিদ্যো/তির্ত [অভি-দ্যুত্ (দীপ্তি পাওয়া)+ত (র্ত)-ই আগম। যে প্রকাশ পাইয়াছে] বিণ, অভিব্যক্ত; প্রকাশিত। ২ যার আভাস প্রদত্ত হইয়াছে; দত্তোপদেশ enlightened. ৩ সুসজ্জিত; পরিশোভিত। ৪ উল্লসিত। ~র্তক-বিণ, প্রকাশক; অভিব্যঞ্জক। "সারদোৎসব বা দুর্গোৎসবই সার্ব্বজনীন ও জাতীয়তার অ০।"-আ০ শক্তি, ১২-১০-২৮। ~র্তন, ~র্তনা-বি, প্রকাশন; প্রকটন; অভিব্যক্তি।

অভিদ্রুর্ত [অভি (অতিবেগে) দ্রু (ধাবন করা)+ত (র্ম্ম)] বিণ, বেগে ধাবিত বা পলায়িত। বি, অভিদ্রবণ।

ˋঅভিদ্রোহ [অভি-দ্রোহ (দ্রুহ্=হিংসা করা+অ (ভা০)] বি, বিরুদ্ধাচরণ; অপকার; অনিষ্টচিন্তা; আক্রোশ।

ˋঅভি/ধর্ষণ-বি, বিশেষভাবে ধর্ষণ। ২ অত্যধিক পীড়ন। ৩ বলাৎকার। বিণ, ~ধর্ষির্ত। স্ত্রীং ~ধর্ষিতা।

ˋঅভিধা [অভি (চিহ্ন)-ধা (ধারণ করা) +অ (ভা০) জ্ঞা০] বি, নাম। ২ উপাধি। ৩ [পে, অ] যে বৃত্তি বা শক্তিদ্বারা শব্দার্থের জ্ঞান হয়; শব্দশক্তি। ৪ ঈশ্বরের ইচ্ছা-রূপা শক্তি। ৫ শব্দোচ্চারণ মাত্র সহজে যে অর্থ প্রতীত হয়।

ˋঅভিধান [অভি (সম্যক্) ধা (ধারণ, পোষণ করা)-অন (খি)-যাতে অর্থ সম্যক্‌রূপে ধৃত হয় বা পে-অন, যদ্বারা অর্থের সম্যক্ প্রকাশ হয়। "অ০ বলিতে গেলে সংস্কৃতে তিনটি জিনিষ বুঝায়-(১) পর্য্যায় (২) নানার্থ (৩) লিঙ্গ। অমরকোষে পর্য্যায়, নানার্থ ও লিঙ্গ নামে তিনটি কাণ্ড আছে, সেজন্য উহার আর এক নাম 'ত্রিকাণ্ড'; সুতরাং অমরকোষের পরিশিষ্টের নাম 'ত্রিকাণ্ডশেষ' (পুরুষোত্তম দেব নামক জনৈক বৌদ্ধ পণ্ডিত রচিত)"-হ০ প্র০ শাস্ত্রী] বি, শব্দার্থকোষ; কোষ dictionary. ২ [অভি (সম্মুখে)-ধা (ধারণ বা স্থাপন করা)+অন (ভা০)-"নামোচ্চারণের মন্ত্র-বলে নামীকৃত বস্তুকে মনশ্চক্ষের সম্মুখে দাঁড় করানো।"-দ্বি০ ঠা০] ৩ নাম। "ত্যজিল বৃক্ষের পত্র ছাড়ি অন্নপান। এই হেতু অপর্ণা হইল অ০॥"-কবিক০। "বাড়িতে লাগিল শিশু পুণ্ডরীক নামে, শ্বেত শতদলে জন্ম তেঁই অ০।" -আলো ও ছায়া। ৪ পরিচয়। ৫ কথন।

ˋঅভিধার্বন [অভি (অভিমুখ, প্রতি অর্থে)-ধাব্ (গমন করা)+অন,(ভা০)] বি, পশ্চাৎ ধাবন; অনুসরণ; অনুধাবন।

ˋঅভিধেয় [অভি-ধা+য (র্ম্ম)] বিণ, অভিধা-শক্তি প্রতিপাদ্য; বাচ্য। ২ দ্যোতক; বোধক; যে শব্দ উচ্চারণ করিলে যে বস্তু বুঝায় ঐ বস্তুই সেই উচ্চারিত শব্দের অভি-ধেয়। যথা-বৃক্ষ শব্দের অভিধেয় শাখা পল্লবাদিবিশিষ্ট বস্তু; উপাধি। ৩ বর্ণনীয় বিষয়; বক্তব্য। ৪ [পে] যদ্বারা আহ্বান করা হয়; নাম; সংজ্ঞা।

ˋঅভিধ্যান [অভি (অভিমুখ বা সম্মুখ) -ধ্যৈ (চিন্তা করা)+অন (ভা০)-মনো-নেত্রের সম্মুখে রাখিয়া চিন্তা] বি, মনো-নিবেশপূর্ব্বক চিন্তা; প্রগাঢ় চিন্তা।

ˋঅভির্নদ্ধ [অভি-নহ্ (বন্ধনে)+ত (র্ম্ম)] বিণ, সংযুক্ত; সংগ্রথিত; সম্বদ্ধ।

ˋঅভি/নন্দন [অভি (সম্যক্) নন্দ্ (আনন্দ পাওয়া, আনন্দ দান করা)+অন (ভা০)-সানন্দমনে অন্যকে আনন্দ দান করা] বি, আনন্দ প্রকাশ; প্রশংসাবাদদ্বারা আনন্দ-দান; প্রশংসা; স্তুতি; স্তব। ২ অনুমোদন। ৩ হর্ষ; আহ্লাদ। ৪ চতুর্থ জৈন অবতার; চতুর্থ তীর্থঙ্কর। ~নন্দনপত্র [অভি নন্দনার্থ পত্র-৪ তৎ] বি, কা'র আগমন বা বিদায় উপলক্ষ্যে তাঁর প্রতি সম্মান প্রদর্শনার্থ ভাবো-চ্ছ্বাস সম্বলিত যে পত্র প্রদান করা হয়; সম্মানসূচক প্রশংসাপত্র। ~নন্দির্ত [অভিনন্দন দ্রঃ] বিণ, প্রশংসিত; স্তুত; বন্দিত। ২ অনুমোদিত। ৩ হর্ষোৎফুল্ল। > স্ত্রীং ~নন্দিতা।

ˋঅভির্নব [অভি (সম্যক্)+নব (নূতন)] বিণ, সম্পূর্ণ নূতন; অপূর্ব্ব; নব্য। ২ [অভি-নু (স্তব করা)+অ (ভা০)] বি, স্তুতি; স্তব [অপ্র০]।

ˋঅভি/নয় [অভি (প্রকাশ, প্রদর্শন) নী (প্রাপণে-অনুকরণে)+অ (ভা০) exposition) by means of the gestures of the body and limbs, "it evokes flavour in the audience, hence strictly speaking অ০ means 'expression' whether by gesture, singing or costume [নাট্য শা০] 'আঙ্গিকাভিনয়' (bodily gesture) ৩ভাগে বিভক্ত-"the three elements of bodily gesture are the limbs, parts of the body and features অঙ্গ প্রত্যঙ্গ, উপাঙ্গ In 'অঙ্গাভিনয়' the head, hands, armpits, sides, waist and feet, these six and some say also the neck, are called the limbs; প্রত্যঙ্গাভিনয় ("shoulders, shoulder blades, arms, back, stomach, thighs and calves, some say also three others—the wrists, knees and elbows") উপাঙ্গা-ভিনয়' (the eyes, eyelids, pupils, cheek, nose, jaw, the lips, teeth, tongue, chin, face, the heel, ankle, fingures,

toes and palms according to old book) মস্তকের ৯টি গতি প্রাচীন নৃত্য-কলানুমোদিত. সম-উদ্বাহিত, অধোমুখ, আলম্বিত, ধুত, কম্পিত, পরাবৃত্ত, উৎক্ষিপ্ত পরিবাহিত। ভরতাচার্য্যাদির মতে ২৪ প্রকার শিরঃসঞ্চালন বিধি-ধুত, বিধুত, আধুত, অবধুত, কম্পিত, অকম্পিত, উদ্বাহিত, পরিবাহিত, অঞ্চিত, নিহঞ্চিত পরাবৃত্ত, উৎক্ষিপ্ত, অধোমুখ, ললিত, তির্য্যোন্নতোন্নত, স্কন্ধলেও, আরাত্রিক, সম, পার্শ্বাভিমুখ, সৌম্য, আললিত, তিরশ্চিন, প্রকম্পিত, সৌন্দর্য্য, অভিনয়ের কোন্ কোন্ স্থলে এই সকল গতি অনুষ্ঠেয় নাট্য শাস্ত্রে তার বিধি দ্রঃ] বি, নাটকোক্ত পাত্রপাত্রীগণের বেশ-ভূষা, অঙ্গভঙ্গী, উক্তি ও কার্য্যাবলীর যথাবৎ অনুকরণ a dramatic performance. ২ রসভাবাদি প্রকাশক চেষ্টাবিঃ ব্যঞ্জক। ৩ যা হইয়া গিয়াছে বা ঘটিয়াছে তার সদৃশীকরণ। ৪ আন্তরিকতাশূন্য (লোক দেখান) কার্য্য-কলাপ: ভাণ। ৫ নকল। ৬ প্রসাধন; বেশভূষাদ্বারা সজ্জাকরণ: সঙ্ সাজা। ~নীত [অভি-নী (লইয়া যাওয়া)+ত (র্ম্ম)] বিণ, রঙ্গমঞ্চে যে নাটকের বা যে বিষয়ের অভিনয় হইয়া গিয়াছে। ২ অভিনয়যোগ্য বা অভিনয়ের বিষয়ীভূত। ৩ অনুকৃত। ৪ বিনীত। ৫ অলঙ্কৃত। ৬ ক্রোধযুক্ত [অপ্র°] বি, ~নীতি। ক্রি, অ° করা। ~নেতা [অভি-নী+তৃ (র্তৃ)] বিণ, যে অভিনয় করে; অভিনয় কর্ত্তা; ২ রঙ্গমঞ্চে ক্রীড়াপ্রদর্শক। ৩ অনুকরণকারী; অনুরূপ-কারী। > স্ত্রীং ~নেত্রী।

অভিনিবিষ্ট [অভি-নি-বিশ্ (প্রবেশ করা)+ত (র্তৃ)] বিণ, যে অভ্যন্তরে প্রবেশ করিয়াছে; অন্তঃপ্রবিষ্ট। ২ আগ্রহান্বিত; অতিশয় যত্নশীল। ৩ গাঢ়মনোনিবেশকারী। বি, অভিনিবেশ। স্ত্রীং ~া।

'অভিনিবেশ [অভি-নি-বিশ্ + অ (ভা°)] বি, অভ্যন্তরে প্রবেশ করা। ২ মনোনিবেশ; মনোযোগ; প্রণিধান close attention. ৩ আবেশ। ৪ আগ্রহ; সবিশেষ যত্ন। ৫ [সাংখ্যদর্শনে] আশঙ্কা; ভয় apprehension. ৬ [যোগদর্শনে] মৃত্যু-ভয়জনিত অবিদ্যা; মরণে আশঙ্কা হতে উৎপন্ন অবিদ্যা।

অভিনিমুক্ত-বিণ, সূর্য্যাস্ত কালে বা সন্ধ্যা পর্য্যন্ত যে নিদ্রা যায় বা নিদ্রিত। ২ পরিত্যক্ত। স্ত্রীং ~া।

'অভিনির্যাণ, 'অভিনির্য্যাণ [অভি (অভিমুখে, শত্রু অভিমুখে) নির্ (বাহির) যা (যাওয়া) + অন (ভা°)] বি, শত্রু-দমনার্থ বহির্গমন; যুদ্ধযাত্রা; অভিযান।

অভিনিষ্ক্রমণ-বি, দ্রুত বা বেগে নির্গমন। বিণ, অভিনিষ্ক্রান্ত-দ্রুতবেগে বহির্গত। > স্ত্রীং ~া।

অভি/নিষ্পত্তি-বি, সমাপ্তি। বিণ, ~নিষ্পন্ন-সমাপ্ত।

'অভি/নীত, ~নেতা-অভিনয় দ্রঃ। ~নেয় [অভি-নী+য (র্ম্ম)] বিণ, যা অভিনয় করিতে হইবে বা করা যাইতে পারে; অভিনয়ের যোগ্য বা কর্ত্তব্য।

অভিন্ন [ন=অ-ভিদ্ (বিদারণ করা)+ত (র্ম্ম) নঞ্। বৌ° বাং প্রাকৃ°-অভিন (চ° ৩৪।১)। চলিত গ্রা° বাং-অভিন] বিণ, যা ভিন্ন নয়; ভেদরহিত। প্র-অভিন্ন হৃদয়; অভিন্ন গোত্র। ২ যা বিদারিত করা বা ফাড়া বা চেরা হয় নাই; অবিদারিত। ৩ যা ভগ্ন বা ছিন্ন করা হয় নাই; অভগ্ন; অচ্ছিন্ন। ৪ একান্নবর্ত্তী। ~পরিবার-বি, একান্নবর্ত্তী পরিবার। ~হৃদয়-বিণ, একাত্মা।

অভিপন্ন [অভি-পদ্ (গমন করা)+ত (র্তৃ)] বিণ, বিপন্ন; বিপদ্‌গ্রস্ত। ২ অপরাধী। ৩ শরণাগত। ৪ পলায়িত।

অভিপ্রণীত [অভি-প্র-নী+ত (র্ম্ম)] বিণ, বৈদিক মন্ত্রদ্বারা সংস্কৃত; মন্ত্রসংস্কৃত। ২ আরাধিত। ৩ সম্যক্ রচিত।

অভিপ্রায় [অভি-প্র-ই (গমন, প্রাপ্তি, জ্ঞান)+অ (ভা°)] বি, ইচ্ছা; অভি-লাষ; আশয়। ২ উদ্দেশ্য। ৩ তাৎপর্য্য; মতলব। ৪ মনোভাব; মনোগত উদ্দেশ্য। "রাম, নূতন রাজ্যশাসন বিষয়ে প্রজাগণের অভিপ্রায় অবগত হইবার নিমিত্ত, তাহাকে নিয়োজিত করিয়াছিলেন।"-বি° সা° (সী° ব°)। ৫ মত; অভিমত। ৬ গমন। "জয়ার শুনিয়া কথা বলেন শঙ্কর। অভিপ্রায় করি তারে দিলেন উত্তর॥"-কবিক°। "অভিপ্রায়ে দেখি যেন ইন্দ্রের নগরী।"-ঐ।

'অভিপ্রেত-বিণ, যে বিষয়ের অভিপ্রায় করা হইয়াছে; অভিলষিত; বাঞ্ছিত; অভীষ্ট; ঈপ্সিত। ২ মনোগত। ৩ সম্মত; স্বীকৃত। ৪ বি, অভিপ্রায়ের বিষয়; উদ্দিষ্ট বিষয়লক্ষ্য aim; object.

'অভিপ্লুত-বিণ, (জলাদি তরল পদার্থে) প্লাবিত; উচ্ছলিত। ২ আক্রান্ত।

'অভিবন্দন-বি, অভিবাদন; বন্দনা।

অভিবর্ণিত-বিণ, সম্যক্ বর্ণিত। "মায়া-রূপেই অ°।"

অভিবাদ [অভি (বিরুদ্ধ) বদ্ (বলা)+অ (ভা°)] বি, অপ্রিয়বাদ; অপবাদ; নিন্দাবাদ; অপযশ। ২ বন্দনা: অভিবাদন। ~ক [অভি°বদ্+ (বলা, প্রণাম করা)+অক (র্তৃ)] বিণ. অভিবাদনকারী; বন্দন-কারী; নমস্কর্ত্তা। ~ন [অভি-বদ্+ণিচ্= বাদি (বলা, প্রণাম করা)+অন (ভা°)] বি, বন্দনা; নমস্কার; পাদস্পর্শপূর্ব্বক প্রণাম। ২ অভ্যর্থনা; অভিনন্দন। বিণ, অভিবাদ্য [অভি-বাদি (বন্দনা-করা) + য (র্ম্ম)] যাকে অভিবাদন করা আবশ্যক বা উচিত; অভিবাদার্হ; অভিবাদনের যোগ্য।

অভিবিনীত-বিণ, অতিনত; সুবিনীত।

'অভিবীক্ষণ [অভি (সমন্তাৎ) বীক্ষণ (অবলোকন)] বি, সম্যক্ দৃষ্টিপাত; চতুর্দ্দিক দর্শন; বিশেষভাবে অবলোকন।

অভি/ব্যক্ত [অভি-বি-অন্জ্ (প্রকা-শিত করা)+ত (র্ম্ম)-ন্ লোপ, জ্=ক্] বিণ, যা প্রকাশ করা হইয়াছে। ২ স্পষ্ট। ৩ বিকাশপ্রাপ্ত; স্ফুটিত। ~ব্যক্তি [অভি বি (অন্জ্ প্রকাশ করা)+তি (ভা°), ন লোপ, জ্=ক্] বি, প্রকাশ; বিকাশ; স্ফুরণ evolution. ~ব্যক্তিবাদ-বি, ক্রমবিকাশ-নীতি theory of evolution.

অভিব্যঞ্জন [অভি-বি-অঞ্জ্ (প্রকাশে) +অন (ভা°)] বি, অভিব্যক্তি। "আধ্যাত্মিক ভাবের * * অ° ঘটিয়া থাকে,"-মহাপুরুষ আশুতোষ। স্ত্রীং ~া-গূঢ় শ্লেষ।

ˋঅভিব্যাপ্তি [অভি (সর্ব্বতোভাবে) বি-আপ্+তি (ভা৹) সর্ব্বতোভাবে ব্যাপিয়া থাকা] বি, সর্ব্বতোভাবে ব্যাপ্তি বা বিস্তৃতি। বিণ, অভিব্যাপ্ত।

ˋঅভিভব [অভি-ভূ+অ (ভা৹)] বি, পরাভব; পরাজয়। "সাধিকার একান্ত সাধনায় কালচক্রের অ৹ হইয়া গেল। সাবিত্রী জয়যুক্তা হইলেন।"-কা৹ রায় (প্রবাসী ১৩৩০)। ২ অবমান; লাঞ্ছনা। "গত পূর্ব্ব রাত্রের অভিভব চিন্তা করিতেছেন।" ৩ আকুলীভাব। বিণ, অভিভবনীয়।

ˋঅভিভাব-বি, অভিভব; পরাভব। বিণ, অভিভাব্য-পরাজেয়।

ˋঅভি/ভাবক [অভি-ভূ+অক (র্ত্তৃ)] বি, যে অভিভব করে; পরাজয়কারী [অপ্র৹] ২ যে রক্ষণাবেক্ষণ করে; তত্ত্বাবধায়ক guardian. ৩ আশ্রয়দাতা। স্ত্রীং ~ভাবিকা-অভিভাবক পত্নী। ২ তত্ত্বাবধায়িকা; রক্ষয়িত্রী; আশ্রয়দাত্রী।

ˋঅভিভাষণ-বি, সম্ভাষণ। ২ বক্তৃতা address. "সভাপতির অভিভাষণ"-দ্বি৹ ঠা৹।

ˋঅভিভূত [অভি-ভূ (হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, যিনি অভিভব প্রাপ্ত হইয়াছেন; পরাভূত। ২ আক্রান্ত; বিহ্বল। ৩ আয়ত্ত; বশীভূত। ৪ আকুল। ৫ আচ্ছন্ন ৬। অজ্ঞান। অজ্ঞান-অভিভূত-বিণ, সংজ্ঞাশূন্য এবং এলোমেলো অবস্থাপন্ন। বি, ~তা।

ˋঅভিভূতি [অভি-ভূ+তি (ভা৹)] বি, অভিভব; পরাভব; আক্রমণ।

ˋঅভিমত [অভি (সর্ব্বতোভাবে)-মন্+ত (র্ম্ম) যা সর্ব্বতোভাবে মনন করা হইয়াছে] বিণ, মনোনীত; প্রিয়। ২ ইষ্ট; অভিপ্রেত। ৩ অনুমোদিত। ৪ (-ত-) [তি-ভা৹ এই অর্থে ˋঅভিমতি' ও৹] বি, অভিপ্রায়; বাসনা; উদ্দেশ্য; মনোগতভাব; মত।

ˋঅভিমন্ত্রণ [অভি (সম্মুখে, নিকটে), মন্ত্র্ (মন্ত্রণা করা)+অন (ভা৹)] বি, সম্মুখে বা নিকটে মন্ত্রণা করা; আমন্ত্রণ; আহ্বান। ২ সম্বোধন। ৩ মন্ত্রদ্বারা সংস্কার করণ। বিণ, অভিমন্ত্রিত [-ত (র্ম্ম)] যাকে আমন্ত্রণ করা হইয়াছে; আহূত; নিমন্ত্রিত। ২ মন্ত্রসংস্কৃত।

অভিমন্থ-বি, চক্ষুরোগ বিঃ opthalmia

অভিমন্যু [অভী (নির্ভয়)+মন্যু (ক্রোধযুক্ত) ছিলেন বলিয়া] বি, অর্জ্জুন ও সুভদ্রার পুত্র; পরীক্ষিতের পিতা। ২ রাধার স্বামী আয়ান।

অভিমর্দ্দ [অভি-মৃদ্ (মর্দ্দন করা)+অ (ভা৹)] বি, পীড়ন; মর্দ্দন; চূর্ণীকরণ; নিষ্পীড়ন। ২ যুদ্ধ।

অভিমর্ষণ [অভি-মৃষ্ (সেচনে)-অন (ভা৹)] বি, জলসেচন। ২ ঠোঁট চাটা: ওষ্ঠাধর লেহন করিতে করিতে অপরাধ স্বীকার করণ।

অভিমান [বৌ৹ বাং প্রাকৃ৹-অহিমাণ, -ন (সরোজ বজ্রের দোঁ৹ ৯৫, ১০৯। প্রা৹ বাং-আভিমান (শ্রী৹ কী৹), অভি-মন্ (জ্ঞান)+অ (ভা৹)] বি, জ্ঞান; প্রতীতি; বোধ [বিরল] ২ অহংজ্ঞান egoism. ৩ আত্মাভিমান; অহঙ্কার; গর্ব্ব self-conceit; pride. ৪ প্রণয়; সোহাগ। ৫ প্রণয় স্থলে অনাদর বা উপেক্ষাদিজনিত অপমান বোধ; চিত্তক্ষোভ [সাধাঃ ক্ষে৹ 'মান'ও বলে] "অকারণ তব রোষ, আমার নহেক দোষ, সোহাগিনি! ইথে তোর এত অভিমান!" -অশোক৹। স্ত্রীং ~বতী-বিণ, অভিমানিনী। পুং ~বান্।

ˋঅভি/মানী [অভিমান+ইন্ (স্ত্য, র্ত্তৃ)=অভিমানিন্ ১মা ১ব৹-যার অভিমান আছে] বিণ, যে ধনাদির অহঙ্কার করে; গর্ব্বিত; অহঙ্কারী। সম্বোধনে- অভিমানিন্, অভিমানি। "*** দেখিয়া ও গতি, কি লজ্জায় আর তুই মুখ দেখাইবি, অভিমানি?"-মেঘ৹। স্ত্রীং ~মানিনী। বি, ~মানিতা, ~মানিত্ব।

ˋঅভি/মুখ [অভি (প্রতি, দিকে) মুখ] বিণ, নিকটবর্ত্তী। ২ সম্মুখ। ৩ উদ্দেশ্য। ৪ ক্রি-বিণ, অভিমুখে; দিকে; প্রতি towards. ৫ সম্মুখে। ৬ নিকটে। স্ত্রীং ~মুখা, ~মুখী। বিণ, ~

অভিমৃষ্ট [অভি-মৃজ্ (মার্জ্জনে > স্পর্শনে)-ত (র্ম্ম)] বিণ, মার্জ্জিত; শুদ্ধীকৃত। ২ স্পৃষ্ট। ৩ সম্বন্ধ যুক্ত।

অভিযাচিত [অভি (সম্মুখে)-যাচিত (প্রার্থিত)] বিণ, যাকে প্রার্থনা করা হইয়াছে; সম্মুখে প্রার্থিত; যাচিত।

অভিযান [অভি (বিরুদ্ধে) যা (গমন করা)+অন (ভা৹)] বি, শত্রুর বিরুদ্ধে গমন করা; যুদ্ধযাত্রা। ২ আক্রমণ। ৩ অনুগমন; অভিগমন। বিণ, অভিযাত-আক্রান্ত।

অভিযুক্ত [অভি-যুজ্ (যোগ করা)+ত (র্ম্ম)] বিণ, শত্রু কর্ত্তৃক আক্রান্ত; অবরুদ্ধ। ২ ভর্ৎসিত [অপ্র৹] ৩ যার নামে নালিশ করা হইয়াছে; প্রতিবাদী; আসামী defendant.

ˋঅভিযো/ক্তা [অভি-যুজ্ (যোগ করা)+তৃ (র্ত্তৃ)=অভিযোক্তৃ, ১মা ১ব৹] বি. অভিযোগকারী; অভিযোগকর্ত্তা; বাদী; ফরিয়াদী। ২ আক্রমণকারী। স্ত্রীং ~ক্ত্রী।

ˋঅভিযোগ [অভি-যুজ্+অ (ভা৹)] বি, কোন ব্যক্তির অপরাধ প্রকাশ করিয়া বিচারার্থ বিচারপতির নিকট আবেদন; নালিশ। ২ দোষারোপ। ৩ তিরস্কার; ভর্ৎসনা। ৪ শপথ। ৫ উদ্যোগ। ৬ যুদ্ধার্থ আহ্বান। ৭ আক্রমণ। ৮ যুদ্ধ। ৯ অভিনিবেশ অত্যন্ত মনোযোগ। ~গী-বি, বিণ, বাদী prosecutor.

অভি/যোজন [অভি (আভিমুখ্য, অভিলাষ ই৹ অর্থে)-যোজন (সাধন-উদ্দেশ্য সাধন)] বি, উদ্দেশ্য সাধন মুখী করা; কোন অভিপ্রায় বা অবস্থার উপযোগী করণ adaptation. ~যোক্তা-অ৹ কর্ত্তা। ~যোজিত-বিণ, যা অবস্থার বা অভিপ্রায়ের উপযোগী করা হইয়াছে। ~যোজিত-বিণ, কৃতাভিযোজন। ~যুজ্যতা-অ৹ করিবার ক্ষমতা বা ভাব adaptability.

অভি/রক্ষণ, ~রক্ষা-বি, সুরক্ষণ; সংরক্ষণ। বিণ, ~রক্ষিত। স্ত্রীং ~রক্ষিতা [অভি-রক্ষিতা] বি, অভিভাবক guardian. "সেই শিক্ষা পিতা বা অন্য অভিরক্ষিতার স্বেচ্ছাধীন থাকিবে না।"-যো৹ রায় (প্রবাসী, ১৩২৭)।

ˋঅভিরত [অভি(সম্যক্) রত (অনুরক্ত)] বিণ, অত্যাসক্ত; অনুরক্ত। ২ প্রীত।

বি, অভিরতি-আসক্তি। ২ আনন্দ pleasure.

অভিরাদ্ধ [অভি পূর্ব্বক রাধ্ (আরাধনায়) + ত (র্ম্ম), ধ্-ত=দ্ধ] বিণ, আরাধিত ; স্তুত ; কৃতপ্রসন্ন। স্ত্রীং ~া-আরাধিতা।

অভিরাম [অভি-রম্ (রত, অনুরক্ত হওয়া) + অ (ধি)] যাতে মন রত বা অনুরক্ত হয়] বিণ, রম্য ; রমণীয় ; সুন্দর ; প্রিয় ; মনোজ্ঞ। "সে জনার প্রশংসা সে জন অভিরাম। সেইজন কুলীন সে জন গুণধাম।" -কবিক°। "নয়নাভিরাম," "হৃদয়াভিরাম," "প্রাণাভিরাম।" স্ত্রীং ~া (বৈ° সা°, ব্রজ°)।

অভিরুচি [অভি-রুচ্ (দীপ্তি পাওয়া, রোচক হওয়া) + ই (ভা°)] বি, অভিলাষ ; প্রবৃত্তি। ২ দীপ্তি [অপ্র°]।

অভিরূপ [অভি-রূপ (রূপযুক্ত করা) + অ (র্ম্ম) ; বা অভি (মনোজ্ঞ) রূপ যার, বহু°] বিণ, মনোরম ; প্রিয়। ২ অনুরূপ। ৩ বিষ্ণু ; শিব ; কামদেব ; চন্দ্র [অপ্র°]।

অভিরোধ [অভি-রোধ (রুধ্=আবরণে, রোধে + অ-ভা)] বি, পীড়ন।

অভি/রোষ [অভি-রুষ্ (রাগ করা) + অ (ভা°) প্রা° বাং-'আভিরোষ (শ্রী° কী°)] বি, অভিমানজনিত ক্রোধ ; রাগ ; ক্রোধ। "ইহা শুনি পুরোহিত বলে অভিরোষে।"-কবিক°। "ইহা সবাকার দোষে, যদি এই অভিরোষে, উদ্ধার না কর ধর্ম্মপতি। -মহা° (কাশী)। ক্রি, ~রোষা [নাম ধাতু। অভিরোষি, অভিরোষ, অভিরোষে, অভিরোষিতে, অভিরোষিয়া (পদ্যে-অভিরোষি) ই°] রাগ করা ; ক্রুদ্ধ হওয়া। ~রোষে-রাগ করে ; ক্রুদ্ধ হয়। "জ্ঞাতি যদি অভিরোষে, গরুড়ের পাখা খসে, ইহার উচিত পাবে ফল॥"-কবিক°।

অভি/লক্ষণ [অভি (সদৃশ) লক্ষণ] বি, সদৃশ লক্ষণ। বিণ, ~লাক্ষণিক-সদৃশলক্ষণাত্মক symptomatic. ২ homœopathic.

অভিলাপ [অভি-লপ্ (কথনে) + অ (ভা°)] বি, কথন। ২ প্রস্তাবানুযায়ী বাক্য।

অভি/লাষ [অভি-লষ্ (ইচ্ছা করা) + অ (ভা°)। চট্ট° প্রাদে°-'হাভিলাষ,' 'হাবিলাস' (অ=হা)। 'অভিলাস,' ও°, প্রা° বাং দ্রঃ-'আভিহাস' "কেহে করহ হেন আভিহাসে"-শ্রী° কী°। ব্রজ°-"অভিলাসা"] বি, বাসনা ; ইচ্ছা ; বাঞ্ছা ; স্পৃহা। ২ অনুরাগ। ৩ লিপ্সা ; লোভ। ~লষণীয় -বিণ, অভিলাষের যোগ্য ; বাঞ্ছনীয় ; স্পৃহণীয়। ~লষিত-বিণ, কৃতাভিলাষ ; বাঞ্ছিত ; অভীষ্ট। ২ প্রার্থিত। ৩ [ত-°] বি, অভিলাষ, বাসনা। ~লষিতদর্শন-বি, বিণ, যার দর্শন বাঞ্ছনীয় বা প্রার্থনীয়। "জানিলাম তিনিই আমাদের বহুদিনের অভিলষিতদর্শন লোকবিশ্রুত বঙ্কিমবাবু।"-রবী°। ক্রি, ~লাষা [নাম ধাতু। অভিলাষি, অভিলাষ, অভিলাষে, অভিলাষিতে ; অভিলাষিয়া (পদ্যে-অভিলাষি) ই°] অভিলাষ করা। ~লাষে-ক্রি, অভিলাষ করে ; ইচ্ছা করে। ২ ক্রি-বিণ, স্বেচ্ছায় ; সখ করিয়া ; আদরে। "ইষ্ট কুটুম্ব আদি, সঞ্জয় কেতুর জ্ঞাতি, অভিলাষে দিলেন যৌতুক।"-কবিক°। বিণ, ~লাষী [অভিলাষ + ইন (স্ত্য)=অভিলাষিন্ ১মা ১ব°, যার অভিলাষ আছে] ইচ্ছুক ; স্পৃহাযুক্ত। ২ লোভী ; লোলুপ। > স্ত্রীং ~লাষিণী, ~লাষবতী। ~লাষুক [অভি-লষ্ (ইচ্ছা করা) + উক (র্ত্তৃ)] বিণ, যে অভিলাষ করে ; অভিলাষী।

অভিলিখিত-বিণ, লিখিত ; গ্রন্থপত্রে সন্নিবেশিত ; পত্রগত ; গ্রন্থগত inscribed, inserted. বি, অভিলেখন-inscription.

অভিশংসন-বি, অপবাদ ; মিথ্যা দোষারোপ। বিণ, অভিশংসিত। > স্ত্রীং ~া।

অভি/শঙ্কা [অভি (সম্যক্) শঙ্কা-শন্ক্ (শঙ্কা করা) + অ (ভা°)] বি, সর্ব্বথা আশঙ্কা। ২ সংশয় ; সন্দেহ। ৩ ভ্রান্তি ; ভুল। বিণ, ~শঙ্কিত, ~শঙ্কী [অভিশঙ্কা + ত (র্ম্ম), ইন্ (স্ত্য)] যার আশঙ্কা আছে ; শঙ্কাবিশিষ্ট। ২ সংশয়যুক্ত। ৩ ভ্রান্ত।

অভিশপ্ত [অভি-শপ্ (শাপ দেওয়া) + ত (র্ম্ম)] বিণ, যাকে অভিশাপ করা হইয়াছে ; অভিশাপগ্রস্ত ; প্রাপ্তাভিশাপ cursed. ২ কোন দোষে যে প্রকৃতপক্ষে দুষ্ট নহে, সেই দোষের উল্লেখ করিয়া তাকে অযথা দূষিত করা ; মিথ্যাপবাদিত। বি, অভিশপন-অভিশংস ; শাপ দেওয়া।

অভিশব্দিত [অভি (ব্যাপ্ত্যর্থে) শব্দিত] বিণ, সর্ব্বত্র নিনাদিত। ২ বিঘোষিত।

অভিশস্ত [স্মৃ°। অভি (বিরুদ্ধ) + শস্ত (স্তুত)] বিণ, সমাজে কলঙ্কিত। বি, অভিশস্তি।

অভিশাপ [অভি-শপ্ (শাপ দেওয়া) + অ (ভা°)] বি, অন্যের অনিষ্ট কামনা : অমঙ্গল প্রার্থনা। ২ অভিসম্পাত [এই অর্থে সাধাঃ ক্ষে°-শাপ, গ্রা°-শাঁপ] ৩ মিথ্যাপবাদ।

অভিষঙ্গ, অভীষঙ্গ ; অভীসঙ্গ [অভি (বিরুদ্ধ) সন্জ্ (আলিঙ্গন করা) + অ (ভা°)] বি, আলিঙ্গন। ২ আসক্তি ; ভূতাবেশ। ৩ সম্পর্ক ; সম্বন্ধ। ৪ পরাভব। ৫ আক্রোশ ; হিংসা। ৬ শোক ; দুঃখ ; ব্যসন। ৭ অভিসম্পাত। ৮ দিব্য ; শপথ। ৯ অপবাদ।

অভিষব [অভি-সু (প্রসব করা, স্নান করা) + অ (ভা°)] বি, প্রসব। ২ যজ্ঞাদিকর্ম্মের পূর্ব্বে স্নান। ৩ যজ্ঞান্ত স্নান। ৪ সোমরস পান। ৫ মদ চোয়ান। ৬ [অ (সম্প্র°)] যে উদ্দেশে স্নান করে] যজ্ঞ। বি, অভিষবণ [অন (ভা°)] অভিষব।

অভিষিক্ত [অভি-সিচ্ (জলাদি সেক করা) + ত (র্ম্ম), চ্=ক্] বিণ, যাকে অভিষেক করা হইয়াছে ; বিধিপূর্ব্বক তীর্থজলাদিদ্বারা স্নাপিত ; কৃতাভিষেক। ২ স্নাত। ৩ সিক্তিত ; ভিজান ; আর্দ্র। ৪ কৃতনিয়োগ ; কোন কার্য্য বা বিষয়ে নিযুক্ত।

অভিষুত [অভি-সু (স্নান করা) + ত (র্ম্ম)] বিণ, পরিস্রুত ; বিন্দু বিন্দু করিয়া নিঃস্যন্দিত ; চুয়ান distilled. ২ বি, সোমরস। ৩ কাঁজি।

অভিষেক [অভি-সিচ্ (জলাদিসেক করা) + অ (ভা°), চ্=ক্] বি, প্রথম রাজসিংহাসনে বসিবার নিমিত্ত যে অনুষ্ঠান ; মন্ত্রপূত তীর্থজল দ্বারা স্নান installation. ২ অবগাহন ; স্নান। ৩ আর্দ্রকরণ।

৪ কর্ম্মে নিয়োগ। অভিবেচন-বি, বিলক্ষণ ভিজ্ঞান। ২ অভিষেক।

অভিষ্টুত [অভি-স্তু (স্তব করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে স্তব করা হইয়াছে ; প্রশংসিত ; স্তুত। ২ বর্ণিত। ৩ [ভা৹, ত] বি, স্তব ; স্তুতি।

অভিষ্য/ন্দ, অভিস্যন্দ [অভি (চতুর্দ্দিকে)-স্যন্দ (ক্ষরিত হওয়া, উন্নত হওয়া) +অ (ভা৹)] বি, জলাদি ক্ষরণ ; জলের প্রবাহ। ২ অতি স্ফীতি ; অতিশয় বৃদ্ধি : আধিক্য। ৩ অতিশয় উন্নতি। ৪ নেত্ররোগ-বিঃ। ৫ কোন নগরের উদ্বৃত্ত লোকের দ্বারা গঠিত। প্র-অ৹ নগর। ৬ অতিরিক্ত প্রজা সংখ্যা ; লোকসংখ্যাধিক্য। বিণ, ~ন্দী (-ষ্য-)-ক্ষরণশীল oozing. ২ অতিবৃদ্ধিপ্রাপ্ত। ৩ প্রজাবহুল; অতিরিক্ত। ৪ অতি স্ফীত। > স্ত্রীং ~ন্দিনী। ~ন্দনগর, ~ন্দিরমণ [অভিষ্যন্দী (৫ দ্রঃ) রমণ (আনন্দ) যত্র] বি, সহরতলী ; উপনগর।

অভিষঙ্গ [অভি-স্বনজ্ (আলিঙ্গন করা) +অ (ভা৹), ন্‌জ্=ঙ্গ] বি, আলিঙ্গন। ২ আশক্তি ; অনুরাগ।

অভিসংহিত [সং > বাং অনুবাদ গ্রন্থে] বিণ, অভিপ্রেত। ২ প্রতারিত।

অভিসন্তাপ [অভি (অধিক) সন্তাপ (সম্-তপ্+অ-ভা৹)] বি, মনস্তাপ; মর্ম্মান্তিক দুঃখ। ২ উত্তাপ। ৩ অভিশাপ। ৪ [অভি (অধিক) সন্তাপ হয় যাতে-বহু৹] যুদ্ধ।

অভিসন্ধান [অভি-সং-ধা (ধারণ করা) +অন (ভা৹)] বি, অভিসন্ধি।

অভিসন্ধি [অভি-সং-ধা (ধারণ করা) +ই (ভা৹)] বি, অভিপ্রায়; উদ্দেশ্য। ২ প্রতারণা ; প্রবঞ্চনা। ৩ উদ্যোগ। ৪ সন্ধি।

অভিসময় [বৌ৹ সা৹] বি, অভিধর্ম্ম (দ্রঃ)। বৌদ্ধ দর্শন শাস্ত্রের পুঁথি ; হীনযানে যা অভিধর্ম্ম ; মহাযানে তাই অ৹।

অভিসম্পাত [অভি-সম্পাত (শাপ)] বি, অভিশাপ। (অভিসর্জ্জন, অভিসৃষ্ট দ্রঃ)।

অভিসর [অভি (অভিমুখে, সঙ্গে বা সমীপে)+সর (যে গমন করে)] বি, অনুগামী ; অনুচর ; সহচর।

অভিসরণ [অভি (পশ্চাৎ বা সহিত) সৃ (গমন করা)+অন (ভা৹)] বি, অনুগমন ; পশ্চাৎ গমন ; অনুবর্ত্তন। "দুঃশাসন রোষভরে * * বেগে তাঁহার পশ্চাতে অ৹ করিল।"-মহা৹ (বর্দ্ধ)। ২ নায়ক নায়িকাগণের সঙ্কেত-স্থানে গমন।

অভিসার [অভি (সম্মুখ) সৃ+অ (ভা৹)] বি, সম্মুখে গমন ; সহগমন ; পশ্চাৎ গমন। ২ সম্ভোগেচ্ছায় নায়ক এবং নায়িকার সঙ্কেত স্থানে গমন। "প্রিয়ের মিলন আশে কুঞ্জেতে গমন। সঙ্কোচপূর্ব্বক, অভিসারের লক্ষণ॥"-ভক্তমাল। "পড়ে মনে বরিষার বৃন্দাবন অভিসার, একাকিনী রাধিকার চকিত চরণ।"-রবী৹।

অভি/সারক [অভি-সৃ (গমন করা) +অক (র্ত্তৃ)] বি, যে অভিমুখে গমন করে ; অগ্রগামী। "জয় কপালধারক, কপালমালক, চিতাভিসারক শুভঙ্কর।"-অ৹ম৹। ২ কান্তার্থ সঙ্কেত স্থানগামী। স্ত্রীং ~সারিকা-বি, কান্তের নিমিত্ত যে কামিনী গৃহ হতে সঙ্কেত স্থানে গমন করে। "স্বামীর সঙ্কেত স্থানে যে করে গমন। তারে অ৹ বলয়ে কবিগণ॥" -রসমঞ্জরী। ২ উপপতির সহিত মিলন উদ্দেশ্যে সঙ্কেত স্থানে গমনকারিণী।

অভিসা/রী [অভি (অভিমত স্থান) সৃ +ইন্ (র্ত্তৃ)-যে গমন করে] বি, যে অভিমত স্থানে গমন করে। ২ কান্তার্থে যে জন সঙ্কেত-স্থানে গমন করে। স্ত্রীং ~রিকা, ~রিণী।

অভি/সৃষ্ট-বিণ, বিসৃষ্ট ; পরিত্যক্ত। বি, ~সর্জ্জন-ত্যাগ ; বিসর্জ্জন।

অভিস্কন্দ-বি, অভিষ্যন্দ opthalmia

অভিহত [অভি-হন্ (বধ করা, প্রহার করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে প্রহার করা হইয়াছে ; আহত ; আঘাত প্রাপ্ত। ২ তাড়িত। ৩ পরাজিত। ৪ নষ্ট ; যাকে বধ করা হইয়াছে। ৫ ক্ষুব্ধ। ৬ গুণিত। বি, অভিঘাত।

অভি/হরণ [অভি (সম্মুখে)-হৃ (হরণ করা)+অন (ভা৹)] বি, আহরণ ; আনয়ন। ২ সমক্ষে অপহরণ। ৩ বিবাহস্থলে যৌতুকদান। ~হার [অভি (সম্মুখে) হার (হৃ-ঘঞ্ -ভা৹)] বি, সম্মুখ হরণ বা লুণ্ঠন। ২ চুরি। ~হিত [অভি-ধা (ধারণ করা, বলা)+ত (র্ম্ম)] বিণ, যা ধারণ করা হইয়াছে ; ধৃত। ২ যা বলা হইয়াছে ; উক্ত ; কথিত ; উল্লিখিত। ৩ অভিধাযুক্ত ; যার নামকরণ হইয়াছে ; সংজ্ঞিত।

অভী [ন=অ+ভী (ভয়+ক্বিপ্ (র্ত্তৃ)] বিণ, যে ভয় করে না ; নির্ভয় ; ভীতিশূন্য।

অভীক [ন-অ+ভী (যার) বহু৹+ক] বিণ, নির্ভীক। ২ (-অ-) [অভি-ইক্ (গমন করা)+অ বা কম্+(কামনা করা) অ (র্ত্তৃ)] বিণ, যে অভিলষিত কামনার অনুগমন করে ; কামুক। ৩ ক্রূর।

অভীত-বিণ, যে ভীত নয় ; শঙ্কারহিত ; নিঃশঙ্ক। বি, অভীতি।

অভীপ্সিত [অভি (একান্ত) আপ্ (পাওয়া)+স (ইচ্ছার্থে)+ত (র্ম্ম), আ=ঈ] বিণ, যা একান্ত পাইতে ইচ্ছা ; অভিলষিত ; অভীষ্ট। স্ত্রীং ~া।

অভীপ্সু [অভি-আপ্ (পাওয়া)+স (ইচ্ছার্থে)+উ (র্ত্তৃ) আ=ঈ] বিণ, পাইতে ইচ্ছুক ; অভিলাষুক। বি, অভীপ্সা।

অভীর-আভীর দ্রঃ।

অভীরু-বিণ, ভয়শূন্য ; নির্ভীক। ২ ভৈরব। ৩ বি, শতমূলী asparagus racemosus. ~পত্রী-বি, শতমূলী।

অভীষ্ট [অভি-ইষ্ (ইচ্ছা করা)+ত (র্ম্ম)] বিণ, যা পাইতে ইচ্ছা করা হইয়াছে ; অভিলষিত ; বাঞ্ছিত। ২ প্রিয়। স্ত্রীং ~া-রেণুকা নামক গন্ধ দ্রব্য বিঃ। ~কর, ~জনক, ~দায়ক, ~প্রদ-বিণ, ঈপ্সিত বস্তু বা বিষয় যে দেয় বা উৎপন্ন করে। ~দেব-বি, ইষ্ট দেবতা। ~পূর্ত্তি-বি, ইচ্ছা পূরণ ; ইষ্টাপূর্ত্তি। ~ফলপ্রদ, ~ফলপ্রসূ -বি, আকাঙ্ক্ষিত বা বাঞ্ছিত ফলোৎপাদক। ~লাভ-বি, অ৹ • সিদ্ধি। ~সিদ্ধি [অভীষ্টের সিদ্ধি-৬ তৎ] বি, ইষ্টলাভ ; বাঞ্ছিত বস্তু বা বিষয়ের প্রাপ্তি।

অভুক্ত [ন=অ-ভুজ (ভোজন করা)+ত (র্ম্ম) জ্=ক্-নঞ্] বিণ, যা কেহ ভোজন করে নাই ; যা ভুক্ত নয়। ২ যা ভোগ করা হয় নাই ; অতৃপ্ত। "প্রহরীর পদ-শব্দে ; পবন-স্বননে,

চকিতে অভুক্ত তন্দ্রা ভাঙ্গে সেইক্ষণে।" -নবীন (পলাশী)। ৩ [যে ভোজন করে নাই (অকর্ম্মক ভুজ্ ধাতুর কর্তৃ,ত) বাং-য় এই ব্যাকরণ-দুষ্ট ব্যুৎপত্তিগত অর্থের ব্যবহার আছে] অনাহারী ; উপবাসী। স্ত্রীং ~া।

অভুগ্ন-বিণ, অবক্র ; ঋজু। ২ অরুগ্ন।

অভূত [ন=অ+ভূত (গত)] বিণ, যা গত হয় নাই ; অবিগত ; অনতীত। ২ অবিদ্যমান। ~পূর্ব্ব [পূর্ব্বে-ভূত-ভূতপূর্ব্ব (সুপ্ সুপ০) ন-অ-ভূতপূর্ব্ব, নঞ্] বিণ, পূর্ব্বে যা ঘটে নাই ; অদ্ভুত : অপূর্ব্ব। ২ অননুভূতপূর্ব্ব unprecedented. "আমার * * * ইন্দ্রিয় সকল অভূতপূর্ব্ব রসাবেশে অবশ হইয়া আসিতেছে।"-বিং সাং (সীংবং)। ~তদ্ভাব [অভূত (যা ছিল না বা অনুৎপন্ন) তার সম্ভাব (সেই বস্তুরূপে উৎপন্ন হওয়া) বস্তুর পূর্ব্ব ধর্ম্ম পরিত্যাগানন্তর অবস্থান্তর প্রাপ্তি। যথা-সূত্রের (যা বস্ত্র ছিল না) বস্ত্ররূপে পরিণত হওয়া] বি, যা পূর্ব্বে ছিল না তা হওয়া।

অভূমি-স্ত্রি, অপ্রশস্ত ভূমি। ২ ভূমির অভাব ; স্থলাভাব। ৩ অবিষয়। ৪ অপাত্র।

অভূয়িষ্ঠ [ন=অ-ভূয়িষ্ঠ] বিণ, অবহুল ; অনধিক ; অপ্রচুর।

অভূষিত-বিণ,অনলঙ্কৃত। ২ অসজ্জিত।

অভেদ-বি, ভেদের অভাব ; ঐক্য ; অবিশেষ ; অপার্থক্য। ২ [ন=অ (নাই) ভেদ যার-বহুং] বিণ, যাদের মধ্যে তারতম্য নাই ; অভিন্ন ; ভেদ রহিত ; নির্ব্বিশেষ ; এক।

অভেদাত্মা [অভেদ+আত্মা-যার, বহুং] বিণ, অভিন্ন হৃদয় ; একাত্মা ; একমন এক প্রাণ।

অভেদী [ন=অ-ভেদী(ভেদ+ইন্ (স্ত্য) নঞ্] বিণ, ভেদভাব রহিত। "আপনার উদার ও অং প্রকৃতি জন্য স্বীয় শ্রদ্ধা-চিহ্ন স্বরূপ এই ক্ষুদ্র গ্রন্থখানি আপনাকে উৎসর্গ করিতেছি।" -টেক্‌চাঁদ। ক্রি-বিণ, অভেদে-ভেদ না করিয়া ; অভিন্নরূপে। "অভেদে ভাব রে মন কালা আর কালী।"-রাম দত্ত (গান)।

অভের্দনীয়, অভেদ্য-বিণ, যা ভেদ করা যায় না ; ভেদের অযোগ্য ; যা পৃথক্ করা অসম্ভব। ২ অপ্রবেশ্য। ৩ [যাকে কোন ধাতু ভেদ বা ছেদ করিতে পারে না] বি, হীরক।

অভোগ-বি, ভোগরাহিত্য ; অব্যবহার।

অভোগ্য [ন=অ-ভোগ্য (ভুজ্+য-র্ম্ম) জ=গ] বিণ, যা ভোগ করা উচিত নয়। স্ত্রীং ~া-বিণ, যাকে সম্ভোগ করা উচিত নয় ; অগম্যা।

অভোর্জন-বি, ভোজনাভাব ; অনাহার। ২ বিণ, অখাদ্য ; অভক্ষ্য।

অভোজ্য [ন=অ-ভোজ্য (ভোজনযোগ্য)] বিণ, অখাদ্য ; অভক্ষ্য।

অভ্যক্ত [অভি-অনজ্ (ম্রক্ষণ করা)+ত (র্ম্ম)] বিণ, যার আপাদমস্তক তৈলদ্বারা ম্রক্ষণ করা হইয়াছে : আভাং করিয়া তেল মাখান।

অভ্যগ্র [অভি-অগ্র (অব্যয়ীং)] বি, সমীপ ; নিকট।

অভ্যঙ্ক-বি, তিলের খৈল।

অভ্যঙ্গ [অভি-অনজ্ (ম্রক্ষণ করা)+অ (ভাং) নজ্=ঙ্গ] বি, তৈল বা তৈলবৎ মসৃণ বস্তু দ্বারা অঙ্গ মর্দ্দন ; আভাং ; অভ্যঞ্জন ; আপাদ-মস্তক তৈলাক্ত করণ anointing. প্র-অং স্নান। ২ [(ণে) অ] যদ্দারা অঙ্গ মর্দ্দিত হয় ; তৈলাদি।

অভ্যঞ্জন [অভি-অনজ্+অন (ভাং)] বি, অভ্যঙ্গ (দ্রঃ)।

অভ্যধিক [অভি-অধিক (অব্যয়ীং)] বিণ, অত্যধিক। ২ সর্ব্বোৎকৃষ্ট ; অত্যুত্তম।

অভ্যনু⁄জ্ঞা [অভি-অনুজ্ঞা] বি, আদেশ। বিণ, ~জ্ঞাত। স্ত্রীং ~জ্ঞাতা।

অভ্যন্তর [অভি-অন্তর। বৌং বাং-প্রাকৃং অব্‌ভত্তর। অব্‌ভত্তরু=অভ্যন্তরে (দোং ১১৪)] বি, ভিতর ; মধ্য ; অন্তর। ২ অন্তরাল। ৩ বিণ, অন্তর্গত ; ভিতরের।

অভ্যন্তরীণ [অভ্যন্তর+ঈন (বিদ্যমানার্থে)] বিণ, যে অভ্যন্তরে থাকে ; মধ্যবর্ত্তী ; অন্তরস্থিত ; অন্তর্ব্বর্ত্তী ; আন্তরিক। অং বিবাদ [অং (গৃহগত) যে বিবাদ-ধা] বি, গৃহ-বিচ্ছেদ ; ঘরোয়া ঝগড়া ; জ্ঞাতি বিগ্রহ civil war.

অভ্যবকর্ষণ [অভি-অব-কর্ষণ] বি, উৎপাটন ; শল্যযন্ত্রাদিদ্বারা আকর্ষণ।

অভ্যবস্কন্দ, -ন [অভি-অবস্কন্দ-ন] বি, অভিযান ; আক্রমণ। ২ গুরুতর প্রহার। ৩ অবরোধ।

অভ্যবহরণ, অভ্যবহার [অভি-অব-হৃ (হরণ করা, খাওয়া)+অ, অন(ভাং)] বি, ভক্ষণ ; ভোজন ; অশন ; আহার। "এক দিবস অরণ্যে ক্ষুধার্ত্ত হইয়া অর্কপত্র অং করাতে চক্ষুর দোষ জন্মিয়া অন্ধ হইলেন।"-বিং সাং। বিণ, অভ্যবহৃত।

অভ্যবহার্য্য [অভি-অব-হৃ+য (র্ম্ম)] বিণ, ভোজনের যোগ্য ; আহার্য্য ; ভক্ষণীয়।

অভ্যর্থন, অভ্যর্থনা [অভি-অর্থ (যাচ্ঞা করা)+ণিচ্-অর্থি+অন,(ভাং) স্ত্রীং আ] বি, সংবর্দ্ধনা ; অভ্যাগতের সৎকার ও সমাদর। ~সভা, ~সমিতি- অভ্যর্থনাকারী সমিতি reception committee. বিণ, অভ্যর্থনীয়, অভ্যর্থিত [অভি-ণিজন্ত-অর্থি+অনীয় (র্ম্ম)] অভ্যর্থনার যোগ্য, যাকে অভ্যর্থনা করা হইয়াছে।

অভ্যর্হিত [অভি+অর্হ্ (পূজায়)+ত (র্ম্ম)] বিণ, অর্চ্চিত ; সম্পূজিত ; সমাদৃত।

অভ্যস⁄ন [অভি-অস্ (হওয়া) পুনঃ পুনঃ অনুশীলন করা+অন (ভাং)] বি, অভ্যাস ; বারম্বার ; আলোচনা। বিণ, ~নীয়-অভ্যাসযোগ্য।

অভ্যসূয় [অভি (প্রবল) হইয়াছে,অসূয়া (গুণে দোষারোপ) যার-বহুং] বিণ, অসূয়াযুক্ত ; অসূয়ান্বিত। স্ত্রীং ~া-বি, মিথ্যা দোষারোপ। ২ ঈর্ষা। ৩ নিন্দা।

অভ্যস্ত-অভ্যাস দ্রঃ।

অভ্যাকাঙ্ক্ষিত[অভি+আকাঙ্ক্ষিত] বিণ, অত্যভিলষিত। ২ বি, মিথ্যাভিযোগ।

অভ্যাখ্যান-বি, অত্যভিলাষ। ২ মিথ্যা অভিযোগ false accusation.

অভ্যা⁄গত [অভি-আ-গম্ (গমন করা)+ত (র্তৃ) যে আগমন করিয়াছে] বি, অতিথি ; গৃহাগত। ২ বিণ, সম্মুখাগত। স্ত্রীং ~া। বি, ~গম-আগমন। ২ সমীপ। ৩ উত্থান। ৪ শত্রুতা। ৫ সংগ্রাম। ৬ ফলপ্রাপ্তি। ৭ মারণরূপ অভিচার কর্ম্ম। ~গমন-বি, আগমন। ২ দৈব দুর্ব্বিপাক visitation. [সমনাম-আগন্তুক, পান্থ, অতিথি (দ্রঃ)]।

অ্ভ্যাগারিক-বিণ, পরিজন পোষণা-গ্রহী ; স্বজনপালনানুরাগী।

অ্ভ্যাঘাত-বি, আক্রমণ assault.

অ্ভ্যাপাত-বি, বিপদ।

অ্ভ্যামর্দ্দ-বি, যুদ্ধ।

অ্ভ্যাশ [অভি-অশ্‌ (ব্যাপ্তি অর্থে) +অ (র্তৃ)] বি, আবৃত্তি।

\`অ্ভ্যাস [অভি-অস্‌ (বিদ্যমান থাকা) +অ (ভা৹)] বি, শিক্ষা করিবার জন্য বারংবার উচ্চারণ ; আবৃত্তি : একই কার্য্য পুনঃ পুনঃ করণ ; মুখস্থ করা। প্র-পাঠাভ্যাস। ২ [ব্যা৹] দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগ। ৩ [গঃ] .গুণন। ৪ প্রকৃতি ; স্বভাব : প্র-সকল বিষয় অতিরঞ্জিত করিয়া বলাই তার অ৹। ৫ বাণ নিক্ষেপ। ৬ সন্নিধি ; সমীপ। বিণ, যা অভ্যাস করা হইয়াছে ; শিক্ষিত। ২ কণ্ঠস্থ ; মুখস্থ। ৩ [ব্যা৹] দ্বিরুক্ত ধাতু। ৪ প্রকৃতিগত স্বভাবে পরিণত। বিণ, অ্ভ্যিস্ত, অ্ভ্যাসিত।

\`অ্ভ্যাসী [অ৹+ইন্‌ (স্ত্য)=অভ্যাসিন্‌ ১ম ১ ব৹] বিণ, যে অভ্যাস করে, অভ্যাসকারী।

\`অ্ভ্যাহার [অভি-আ-হৃ (হরণ করা) +অ (ভা৹)] বি, বলপূর্ব্বক গ্রহণ ; লুণ্ঠন ; ডাকাতি। ২ আক্রমণ। ৩ আহার। ৪ বারম্বার।

\`অ্ভ্যু/ক্ষণ [অভি-উক্ষ্‌ (আর্দ্র করা) +অন(ভা৹)] বি, জলসেচনদ্বারা আর্দ্রকরণ। ~ক্ষণীয় [অনীয়, র্ম্ম] বিণ, যাকে অ৹ করা উচিত বা করিতে হইবে ; সেচনযোগ্য। বিণ, ~ক্ষিত [+ত(র্ম্ম)] যাকে জলসেক করা হইয়াছে ; সিক্ত।

\`অ্ভ্যুচ্চয় [অভি-উৎ-চি (একত্র করা) +অ (ভা৹)] বি, সমুচ্চয় ; সমূহ ; রাশি ; পুঞ্জ ; স্তূপ।

অ্ভ্যুচ্ছৃত [অভি+উচ্ছ্রিত (উন্নত)] বিণ, অত্যুন্নত। ২ সমর্থ। স্ত্রীং ~া।

\`অ্ভ্যু/থান [অভি-উৎ-স্থা (থাকা) +অন (ভা৹) স্‌ লোপ] বি, উত্থান ; উঠা। ২ অভ্যুন্নতি ; সমৃদ্ধি ; উদয় ; সমুত্থান। ৩ উদ্যম। ৪ সুখ্যাতি। ৫ প্রত্যুদ্গমন ; সগৌরবে উত্থান। ৬ অভ্যাগত জনের সমাদর বা অভ্যর্থনা করিবার জন্য আসন হইতে উত্থান ; অভ্যর্থনা। "হেন কালে বির আসি' কৈলা অধিষ্ঠান। সম্ভ্রমে উঠিয়া সবে কৈলা অ৹।"-অ৹ ম৹। ৭ বিরুদ্ধে অস্ত্র ধারণ ; বিদ্রোহী হইয়া উঠন। ~থায়ী [মু৹-অভ্যুত্থায়িন্‌, ১মা ১ব৹] বিণ, অভ্যুত্থান-কারী। ~থিত [+ত (র্তৃ)] বিণ, যে, অভ্যুত্থান করিয়াছে ; উত্থিত ; উদিত। ২ প্রজ্জ্বলিত। ৩ বিরুদ্ধে উত্থিত বা গৃহীতাস্ত্র ; কৃতবিদ্রোহ। ৪ যার অভ্যুত্থান হইয়াছে ; সমুন্নত ; সমৃদ্ধ।

\`অ্ভ্যুদয় [অভি-উদয়] বি, উদয় ; উদ্‌গম ; উত্থান। ২ উন্নতি ; ভাগ্যোদয় ; সমৃদ্ধি ; সৌভাগ্য ; শ্রীবৃদ্ধি। ৩ মঙ্গল ; শুভ। ৪ বৃদ্ধিশ্রাদ্ধ। ৫ উৎসব। ৬ ইষ্টলাভ ; অভ্যুদয় সাধন। ~হেতু-বি, ঐহিক এবং পারত্রিক সুখের হেতু যজ্ঞাদি অনুষ্ঠানসাধ্য ধর্ম্ম।

\`অ্ভ্যুদাহরণ [অভি+উদাহরণ] বি, প্রতিকূল দৃষ্টান্ত ; প্রতিপক্ষে উদাহরণ।

\`অ্ভ্যুদিত [অভি-উৎ-ই (গমন করা) +ত (র্তৃ)] বিণ, যে উদয় প্রাপ্ত হইয়াছে ; উদিত ; ২ প্রকাশিত। ৩ উন্নত। ৪ মঙ্গল সাধনে প্রবৃত্ত। ৫ সূর্য্যোদয় হইলেও যে শয্যা ত্যাগ করে না।

\`অ্ভ্যুদীরিত [অভি-উৎ-ঈর্‌ (স্তুতি করা, বলা) +ত (র্ম্ম)-ই আগম] বিণ, যাকে স্তব করা হইয়াছে ; স্তুত। ২ যা বলা হইয়াছে ; উক্ত ; কথিত। ৩ বিক্ষিপ্ত।

অ্ভ্যুদ্ধৃত [অভি (সম্যক্‌)-উৎ-ধৃ (ধারণ করা) +ত (র্ম্ম)] বিণ, যা সর্ব্বতোভাবে উদ্ধার করা হইয়াছে ; সম্যক্‌ উদ্ধৃত।

\`অ্ভ্যুদ্যত [অভি (সমন্তাৎ) উৎ-যম্‌ +ত (র্ম্ম)-ম্‌ লোপ] বিণ, যাকে উদ্যুক্ত করা হইয়াছে ; উদ্যুক্ত ; প্রবৃত্ত। ২ উদিত। ৩ উত্থিত।

\`অ্ভ্যুপ/গত [অভি(সমীপে) উপগত-উপ-গম্‌ +ত (র্ম্ম)-ম্‌ লোপ] বিণ, সমীপাগত ; সমুপস্থিত। ২ প্রাপ্ত। ৩ আসক্ত। ৪ প্রতিশ্রুত ; অঙ্গীকৃত। ৫ নির্ণীত। বি, ~গম, ~গমন [+অ, অন (ভা৹)] বি, উপস্থান ; সমীপাগমন। ২ প্রাপ্তি। ৩ প্রতিশ্রুতি। ৪ আসক্তি। ৫ নির্ণয়।

\`অ্ভ্যুপপত্তি [অভি-উপপত্তি] বি, অনুগ্রহ। ২ উপকার ; অভীষ্ট সম্পাদন। ৩ অঙ্গীকার। ৪ রক্ষা। বিণ, অ্ভ্যুপপন্ন-উপকৃত। ২ অঙ্গীকৃত।

অ্ভ্যুপাবৃত্ত [অভি+উপাবৃত্ত] বিণ, প্রতিনিবৃত্ত। স্ত্রীং ~া।

অ্ভ্যুপায় [অভি-উপ-ই (গমন করা) +অ (ভা৹)] বি, অভ্যুপগমন। ২ সদুপায়। ৩ অঙ্গীকার।

\`অ্ভ্যুপায়ন [অভি-উপায়ন] বি, উপঢৌকন ; ভেট ; উপহার।

অ্ভ্যুপেত [অভি-উপ-ই (গমন করা, পাওয়া) +ত (র্ম্ম)] বিণ, প্রাপ্ত। ২ অঙ্গীকৃত। ৩ উপাগত ; সমুপাগত approached.

\`অভ্র [অপ্‌ (জল)-ভৃ (ধারণ করা) +অ (র্তৃ) যে জল ধারণ করে] বি, মেঘ ; সর্ব্বনিম্নে স্তরে স্তরে সজ্জিত মেঘ the cloud—stratus. বারিবাহ ; জলধর। ২ আকাশ ; গগন। ৩ স্বর্ণ। ৪ অভ্রক ধাতু mica talc. ৫ মুথা-ঘাস। বিণ, \`অভ্রিয়-মেঘসম্বন্ধীয়। ~চুম্বী -বিণ, আকাশ চুম্বনকারী অর্থাৎ স্পর্শী ; অত্যুচ্চ। ~নীল-বি, বিণ, আকাশের মত নীলবর্ণ। ~ভেদী-বিণ, আকাশভেদ-কারী ; গগনস্পর্শী ; অত্যুচ্চ। "অভ্রভেদী গিরিচূড়া।"-মেঘ৹। ~মালা-বি, মেঘ-সমূহ। ~স্পর্শী-অভ্রংলিহ (দ্রঃ)।

\`অভ্রংলিহ [অভ্রং (মেঘকে) লিহ্‌ (জিহ্বা দ্বারা স্পর্শ করা) +অ (র্তৃ)] বি, যে মেঘকে চালিত করে ; বায়ু। ২ বিণ, আকাশ-চুম্বী heaven-kissing. মেঘস্পর্শী ; অত্যুচ্চ ; অতি উন্নত। "অভ্রংলিহ মাতঙ্গ সমূহ।" অ৹ প্রাসাদ-আকাশচুম্বী বা অত্যুচ্চ সৌধ sky-scraper. "সর্ব্বত্রই অ৹ প্রা৹ নির্ম্মাণ করিয়া,"-প্রবাসী, বৈশাখ ১৩৩৪।

\`অভ্রক [তুল-ফা৹ অবর্‌, উঃ অবরক, হি৹ আভ্‌] বি, ধাতুবিঃ ; অভ্র mica talc. শ্বেত, পীত, নীল ও লোহিত ভেদে অভ্রক ৪ প্রকার এবং নীল বা কৃষ্ণাভ্র-দর্দ্দুর, নাগ, পিনাক ও বজ্র ভেদে ৪ প্রকার। ঔষধার্থে কৃষ্ণাভ্র প্রশস্ত, এবং গুণভেদে বজ্রাভ্রই শ্রেষ্ঠ।

\`অভ্রঙ্কষ [অভ্র (মেঘ) কষ্‌,-স্‌ (গমন

করা, হিংসা করা) + অ (র্ত্তৃ)] বি, যে মেঘের প্রতি গমন করে বা যে মেঘ-সকলকে ছিন্ন-বিচ্ছিন্ন করে ; বায়ু। ২ বিণ, মেঘস্পর্শী। "অ০ শেখর।" স্ত্রীং ~া।

অভ্র পিশা/চ,-চক-বি, রাহুগ্রহ।

অভ্রপুষ্প [অভ্র-পুষ্প, অভ্র (মেঘ) সমাগমে পুষ্প হয় যার-বহু০] বি, বেতস বৃক্ষ : বেতগাছ ; জলবেতস। ২ [৬ তৎ। মেঘ হতে জল বাহির হয়, উহা দেখিতে পুষ্পের মতন শুভ্র বলিয়াই বৃষ্টিকে অ০ বলে] জল ;•বৃষ্টি। ৩ আকাশকুসুম ; খপুষ্প chimera.

অভ্র ম [ন=অ+ভ্রম] বি, ভ্রমরাহিত্য ; অপ্রমাদ। ২ বিণ,ভ্রমরহিত; অভ্রান্ত। ৩[অ-সম্ভ্রম >, গ্রা০ মেয়েলি০=ব্যবহারে অ০। তুল 'বিভ্রম', বেভ্রম ও০] অপ্রস্তুত ; অসম্মান।

অভ্র মাংসী [বৈদ্যকে] বি, ছোট জটা-মাংসী লতা।

অভ্রমাতঙ্গ [অভ্র (মেঘ) মাতঙ্গ (হস্তী) ৬ তৎ, অভ্রের কিম্বা অভ্রাধিপতি ইন্দ্রের হস্তী, কিম্বা অভ্রসদৃশ বৃহৎ মাতঙ্গ (ম০ প০ লো০)] বি, ঐরাবত; ইন্দ্রের হস্তী ; ইন্দ্রবারণ।

অভ্র মু [অভ্র (মেঘ) মা (পরিমাণ করা) +উ (র্ত্তৃ)] বি, যে মেঘের সদৃশ নীলবর্ণ এবং বৃহৎকায়। ২ পূর্ব্বদিগ্‌হস্তিনী ; ঐরাবতের স্ত্রী। পুং,~প্রিয়, ~বল্লভ-ঐরাবত হস্তী।

অভ্ররোহ-বি, বৈদূর্য্যমণি lapis ; lazuli sapphire.

অভ্রাতৃক [ন=অ(নাই)ভ্রাতা যার-বহু০ সমাসে+ক] বিণ,যার ভ্রাতা নাই ; ভ্রাতৃহীন।

অভ্রান্ত [ন=অ-ভ্রান্ত] বিণ, যার ভ্রান্তি জন্মে নাই ; প্রমাদহীন : নির্ভুল। বি, অভ্রান্তি। ~লক্ষ-বি, বিণ, নির্ভুল দৃষ্টি। ~লক্ষ্য-বি, অব্যর্থ সন্ধান ; স্থির লক্ষ্য।

অভ্রি, অভ্রী [অভ্র্ (গমন করা) + ই-ঈ (র্ত্তৃ, স্ত্রী০)] বি, যে নৌকায় মল মার্জ্জনা নিমিত্ত গমন করে। ২ মল পরিষ্কারক কাষ্ঠাদি নির্ম্মিত কোদাল ; কেঠো।

অভ্রোত্থ [অভ্র-উত্থ (উত্থিত) উৎ-স্থা + অ (র্ত্তৃ) মেঘ হতে উৎপন্ন ৫ তৎ] বি, বজ্র।

অমঙ্গল [ন=অ-মঙ্গল, নঞ্] বি, মঙ্গলের অভাব। ২ এরণ্ডক বৃক্ষ ; রেড়ীর গাছ। ৩ [নাই মঙ্গল যাতে বা যার-বহু০] বিণ, অশুভ। "হায় রে মঙ্গলধ্বনি অমঙ্গল দিনে!"-মেঘ০। স্ত্রীং ~া-অশুভা; অলক্ষণা। ~াশঙ্কা [অমঙ্গল+আশঙ্কা] বি, অমঙ্গলের ভয়। ~কর, (স্ত্রীং ~করী), ~জনক-বিণ, অমঙ্গলকারক ; অশুভ-উৎপাদক। ~সূচক-বিণ, অশুভজ্ঞাপক।

অমঙ্গল্য [ন=অ-মঙ্গল+য] বিণ, অমঙ্গল জনক ; অশুভ।

অমণ, অমণু [বৌ০ বাং প্রাকৃ০। ন=অ-মণ, মণু (মন)-অর্থাৎ মন নয়] বিণ, অমনস্ক ; অন্যমনস্ক যোগ বিঃ। ক্রি-বিণ, অমণে-অমনস্ক যোগে (দো০ ১৭)। ~ধাণ-(বৌদ্ধ-দের) অমনস্ক ধ্যান যাতে মনের ক্রিয়া থামিয়া যায় (চ০ ২১।৪)।

অমণাগমণ, অবণা/গবণা, ~গবণে, ~গমণ, ~গমণা [বৌ০ বাং প্রাকৃ০। তুল হি০-'আবাগমণ'] বি, আনা-গোণা ; আসা যাওয়া ; জন্ম মৃত্যু। "অমণা-গমণ তেন বিখণ্ডিঅ,"-দো০ (স০ বজ্র) ১০৭। "জেণ তুটঅ অবণাগবণা,"- চ০ ২১।২।

অমণ্ডিত [ন=অ-মণ্ডিত] বিণ, অনলঙ্কৃত ; অভূষিত। ২ অনাচ্ছাদিত।

অমত [ন=অ-মত, নঞ্] বি, মতের অভাব ; সম্মতি না থাকা ; অসম্মতি। ২ [নাই মত যাতে বা যে বিষয়ে-বহু০] বিণ, অনভিমত ; অমনোনীত ; অমনোমত not approved of. ৩ [নাই মত যার-বহু০] বিণ, অসম্মত। ক্রি-বিণ, অমতে-অসম্মতিতে ; ইচ্ছার বিরুদ্ধে ; অনভিমতে ; সম্মতি বা মত না লইয়া। প্র-গুরুজনের অমতে কোন কাজ করিও না।

অমতি [অ (ন, কু) মতি] বি, অরুচি ; অপ্রবৃত্তি। ২ কুমতি, দুর্ম্মতি। ৩ [ঋগ্বেদ] নিধনতা।

অমত্ত-বি, মত্ততাশূন্য ; অপ্রমত্ত।

অমৎসর [ন=অ-মৎসর (পরশ্রীকাতর) নঞ্] বিণ, যে পরশ্রীকাতর নহে ; মৎসরতা রহিত ; অসূয়া শূন্য।

অমন [অদস্ শব্দজ অমুষ্মিন্ > অ (ই) ম (ত) ন। এমন, তেমন দ্রঃ] অ, ঐ প্রকার ; ঐরূপ ; ওরূপ। "অমন দীন-নয়নে তুমি চেয়ো না! অমন সুধা-করুণ সুরে তুমি গেয়ো না!"-রবী০। ~করে-ক্রি-বিণ; ওরূপে; ঐভাবে ওরূপ ভাবে ; ঐ প্রকার।

অমনই, অমনি, অম্‌নি [সং-অদস্ শব্দ ৭মী, অমুষ্মিন্ (অমুইন্=অমুনি)। প্রাদে০ উচ্চারণে 'আমুনি'। প্রা-বাং আমনি। "দ্বাদশ ভকত আমনি,"-শূ০পু০। (বৈ০ সা০) মধ্য বাং-ঐমনি। "জৈমিনিরে ঐমনি বলিলা বেদব্যাস॥"-শি০] অ, ঐ মত ; ঐ প্রকার ; ঐরূপ। "ওগো তুমি অমনি সন্ধ্যার মত হও।"-রবী০। ২ বিনা কারণে ; শুধু শুধু। প্র-সেখানে অ০ না গিয়ে কোন একটা কাজ নিয়ে যেও। ৩ বিনা সম্বলে ; খালি হাতে। প্র-অত দূর যেতে হবে, অ০ যাওয়া ভাল নয়,পথ খরচ কিছু নিয়ে যাও। ৪ শূন্য ; খালি। প্র-বাড়ীখানা অ০ পড়ে' আছে। পাত্রটা অ০ রেখে দাও। ৫ অনাবৃত ; অনা-চ্ছাদিত ; অদুড়। প্র-অ০ পায়ে, অ০ গায়ে যেতে দিওনা, ছেলেকে ঠাণ্ডা লাগবে। ৬ আনুষঙ্গিকহীন ; তরকারী ব্যতীত ; অবলম্বন রহিত। প্র-ভিখারীও অ০ ভাত খায় না : অন্ততঃ নুনটা শাকটারও দরকার হয়। ৭ বিনামূল্য। "আমি ও বাঁশীটির দাম চাই না, অনেক ব্যাপার ক'রে থাকি, একটা ভাল নয়, অ০ দিলাম।"-স্বর্ণলতা। ৮ তৎক্ষণাৎ। "কি ভাবে ভাবিনী যদি বুঝিতে, সজনি, পিঞ্জর ভাঙ্গিয়া ওরে ছাড়িতে অ০!"-ব্রজাঙ্গনা। "যেন করে স্বর্গ পাই, অ০ ধেয়ে যাই, আনন্দে হোয়ে বিভোরা।"-রামবসু। ৯ শুদ্ধ উহাতে ; অন্য সাহায্য ব্যতীত ; অনন্যসহায়ে। "এ আগুনে কেনে আহুতি দান? অমনি নারে কি জ্বালাতে প্রাণ?"-ব্রজাঙ্গনা। অমনি এক রকম-বড় ভালও নহে ; বড় মন্দও নহে so so.

অমনুষ্য [অ০ মনুষ্য] বি,মনুষ্যেতর জীব। ২ গন্ধর্ব্বাদি (ঐতঃ ব্রাহ্মণ)। ৩ [বৌ০ সা০] মনুষ্যেতর সত্ত্ব অর্থাৎ ভূতপ্রেতাদি বা দেবতাদি। ৪ অমানুষ দ্রঃ।

অমনুষ্যত্ব [ন=অ-মনুষ্যত্ব, নঞ্] বি, মনুষ্যত্বের অভাব ; মনুষ্যত্বহীনতা।

অমনে [অমন দ্রঃ] ক্রি-বিণ, ওরূপ ভাবে।

অমনোনীত-বিণ, অপছন্দ।

অমনো/যোগ-বি, মনোযোগের অভাব ; অনবধানতা ; উপেক্ষা। **~যোগী**-বিণ, যে মনোযোগী নয় ; অনবধান।

অমন্ত্র-বি, মন্ত্রের অভাব। ২ যাকে মন্ত্র বলিয়া গণ্য করা যায় না ; যা মন্ত্রই নয়। ৩ [নাই মন্ত্র যার-বহুং] বিণ, মন্ত্রহীন। স্ত্রীং **~া**-চারি গ্রাস পরিমাণ ভিক্ষালব্ধ অন্ন। **~ক**-বিণ, যার গুরুমন্ত্র গ্রহণরূপ সংস্কার হয় নাই। > স্ত্রীং **~া**।

অমন্থর [ন=অ-মন্থর] বিণ, অমন্দ ; ত্বরান্বিত ; তাড়াতাড়ি। প্র-অং গতি।

অমন্দ [ন=অ + মন্দ (মৃদু)] বিণ, অমন্থর ; ত্বরান্বিত। প্র-অমন্দগতি। ২ মন্দ নয় ; মাঝারি ; প্রায় ভাল ; ভালই। ৩ [প্রাদেং মেয়েলিং। অ (স্বার্থে) মন্দ] বিণ, মন্দ ; অপছন্দ। প্র-জিনিসটা নেহাত অমন্দ বলতে পারা যায় না। কাজটা অমন্দ হয়ে থাকে, ঘাট হয়েছে।

অমম-বিণ, মায়া-মমতা-শূন্য ; নির্ম্মম।

অমর-বি, দেবতা (যাদের মরণ নাই)। "ধিক্ হে অং নামে, দৈত্য ভয়ে যদি অমরা পশিতে ভয় এতই পরাণে।" "বল হে অমরগণ বল প্রকাশিয়া এইরূপে চিরদিন থাকিবে কি হেথা ?"-হেমং। ২ বিণ, মরণরহিত। "অজর অং শূর স্বর্গ অধিকারী, দেববৃন্দ স্বরভ্রষ্ট পড়িয়া পাতালে॥"-হেমং। ৩ কীর্ত্তিদ্বারা চিরস্মরণীয় ; চিরযশস্বী ; চিরদিন লোকে যাঁর গুণ-কীর্ত্তন করে। "সেই ধন্য নরকুলে, লোকে যারে নাহি ভুলে, মনের মন্দিরে নিত্য সেবে সর্ব্বজন, কিন্তু কোন গুণ আছে, যাচিব যে তব কাছে, হেন অমরতা আমি কহ গো শ্যামা জন্মদে ! তবে যদি দয়া কর, ভুল দোষ গুণ ধর, অং করিয়া বর দেহ দাসে, সুবরদে !"-মাইকেল। ৪ অমরকোষ নামক প্রসিদ্ধ সংস্কৃত শব্দকোষ প্রণেতা কবি অমরসিংহ। ৫ পারদ। ৬ স্বর্ণ। ৭ হাড়যোড়া গাছ ; কিজুগাছ ; রুদ্রাক্ষগাছ ; অশ্বকর্ণ বৃক্ষ ; কুলিশবৃক্ষ। স্ত্রীং **~া**, **~ী**। "অমরী আমরা, দেব ! বরিনু তোমারে আমরা সবে।"-মেঘং।

অমরকোষ-বি, অমরসিংহ-কৃত সংস্কৃত শব্দকোষ বা অভিধান।

অমরজ-বি, দেবদারুং ; বিটখদির ; শুয়ে বাবলা।

অমরত্ব, অমরতা [অমর (দ্রঃ)+তা, ত্ব (ভাং)] বি, অমরের ধর্ম্ম ; মরণরাহিত্য। ২ দেবত্ব ; দেবতার প্রকৃতি ; দেব-ভাব ; দেবচরিত্র। ৩ চিরস্মরণীয়তা ; কীর্ত্তি জন্য চিরদিন লোকের হৃদয়ে জাগরূক থাকা ; অক্ষয় যশ immortality.

অমরদারু [অমর-দারু (বৃক্ষ) ৬ তৎ, ইহা অমরগণের প্রিয়] বি, দেবদারু বৃক্ষ।

অমরদ্বিজ [অমর (দেবতা) পূজক দ্বিজ (ব্রাহ্মণ)-মং পং লোং] বি, দেবল ; পূজারি ব্রাহ্মণ।

অমর/নাথ$_1$, **~পতি**-বি, ইন্দ্র।

অমরনাথ$_2$-বি, কাশ্মীরের উত্তর পূর্ব্ব সীমান্তস্থ গিরিগুহা-হিন্দুর মহাতীর্থ-শিবনিবাস। ২ বোম্বাই প্রদেশের ঠানা জেলার গ্রাম বিঃ, এখানের শিব মন্দির স্থাপত্য কলার জন্য প্রসিদ্ধ।

অমর/পুষ্পক [অমর-পুষ্প+ক (স্বার্থে) যার-বহুং] বি, যার পুষ্প ম্লান হয় না ; কাশতৃণ ; কেশে। ২ কল্পবৃক্ষ। স্ত্রীং **~পুষ্পিকা**, **~পুষ্পী**-কেশে ; চোরখড় কে : হেটেগুলি।

অমরবল্লী [তুল-হিং অমরবেলি, অমরবেল] বি, আকাশবল্লী লতা : আলোকলতা।

অমরবাঞ্ছিত-বিণ, দেবতার অভিলষিত ; দেবগণ প্রার্থিত।

অমররত্ন-বি, স্ফটিকমণি।

অমরলোক-বি, দেবলোক ; স্বর্গলোক। ২ পরলোক। ৩ অক্ষয়লোক ; নিত্যধাম।

অমরসেবিত-বিণ, দেবতা যাঁর সেবা করেন ; দেবগণ পূজিত।

অমরা [অমর+অ (গ্য) আ স্ত্রীং] বি, ইন্দ্রের পুরী ; অমরাবতী। ২ স্বর্গ ; ত্রিদিব। "ধিক্ হে অমর নামে, দৈত্যভয়ে যদি অমরা পশিতে ভয় এতই পরাণে,"-বৃত্রং। ৩ [আয়ুং] দূর্ব্বা ; গুড়ুচী ; রাখাল শসা ; বটগাছ ; মহানীল গাছ ; ঘৃতকুমারী ; বিছাটী ; জরায়ু : ফুল ; নাভিনালা ; মেষশৃঙ্গী বা মেড়াশিঙে ; নদীবট। **~ঙ্গনা** [অমর+অঙ্গনা] বি, দেবকন্যা। ২ অপ্সরা।

অমরাত্মা [অমর+আত্মা] বি, অবিনাশী আত্মা। ২ বিণ, অক্ষয় কীর্ত্তিশালী ; চির যশস্বী।

অমরাদ্রি [অমর-অদ্রি, ৬ তৎ-যে পর্ব্বতে দেবগণ বাস করেন] বি, সুমেরু পর্ব্বত। **~পুরী**-বি, স্বর্গ।

অমরাবতী [অমরা (দেবসকল-বিদ্যমান থাকেন ইহাতে এই অর্থে) বৎ+ঈ (স্ত্রীং)] বি, দেবসকলের বাসভূমি ; ইন্দ্রনগরী : সুরলোক। "সদা আনন্দিত নারদ ঋষি, গাহিতে গাহিতে অমরাবতীতে আইল একদা উজলি দিশি।"-হেমং।

অমরালয় [অমর-আলয়, ৬ তৎ] বি, অমরের আবাস ভূমি ; স্বর্গ।

অমরুশতক-বি, অমরু নামে খ্যাত ভারতীয় কবির সংস্কৃত কাব্য বিঃ।

অমরেশ [অমর (দেবতা) ঈশ (ঈশ্বর) প্রধান) ৬ তৎ] বি, দেবতার রাজা ; ইন্দ্র ; অমরেশ্বর।

অমর্ত্ত, অমির্ত [সং-অমৃত শব্দের গ্রাং রূপ। মেয়েলিং-অমিত্ত, অত্রত, অত্রোতো, অমোর্তো, অমির্তো, আমর্তো ওং] বি, অমৃত ; সুধা। "অমর্ত্ত কুণ্ডের পানি,"-শূং পুং। "অমর্ত গুটিকা।"-ঐ।

অমর্ত্ত্য [ন=অ+মর্ত্ত্য (মরণার্হ, মনুষ্য) নঞ, যারা মরণার্হ, মনুষ্য নয়] বি, দেবতাগণ [তুলং-গ্রীং-Ambrotos ; ল্যাং-Immortalis] ২ বিণ, অপার্থিব।

অমর্ত্ত্যভুবন-বি, স্বর্গ।

অমর্দ্দিত-বিণ, অপিষ্ট ; অনিপীড়িত। ২ অকুণ্ঠিত। ৩ অপরাজিত।

অমর্য্যাদ-বিণ, মর্য্যাদাহীন ; অমানী। ২ সীমারহিত।

অমর্য্যাদক [ন=অ-মর্য্যাদা+ক(কারী) যে পরের মর্য্যাদা করে না] বিণ, অবমানকারী ; অনাদরকর্ত্তা ; অমানদ। বি, **অমর্য্যাদা**-অনাদর ; অপমান। ক্রি, **অমর্য্যাদা করা**-অনাদর করা ; মান না দেওয়া ; সম্মান রক্ষার্থ ধনাদি বা নজর না দেওয়া।

অমর্ষ [ন=অ-মৃষ্ (ক্ষমা করা)+অ (ভাং) নঞ] বি, ক্রোধ ; কোপ। ২ অপরের অপরাধ ক্ষমা না করা ; অক্ষমা।

৩ অসহিষ্ণুতা। ৪ [ন=অ (নাই) মর্ষ (ক্ষমা) যার-বহু০] বিণ, ক্ষমা শূন্য ; ক্রোধী। ~বান্ -বিণ, ক্রোধী। ২ অক্ষমাশীল। ৩ অসহিষ্ণু। ~যুক্ত-বিণ, অমর্ষী। ~ণ [ন=অ-মৃষ্ (ক্ষমা করা)+অন (ভা০)] বি, ক্রোধ। ২ [ন=অ (নাই) মর্ষণ যার-বহু০] বিণ, অসহন ; সহজে যার ক্রোধের উদ্রেক হয় এবং যে তা প্রকাশ করে। যে রাগ সামলাইতে পারে না ; যার রাগ পড়ে না ; যে ক্ষমা করে না ; অক্ষমা। ~পরায়ণ [অমর্ষ (ক্রোধ) পর (প্রধান) অয়ন (গতি) যার-বহু০] বিণ, ক্রোধই যার প্রধান গতি ; ক্রোধপরবশ ; অত্যন্ত কোপনস্বভাব। বিণ, অমর্ষিত [অমর্ষ +ইত (স্ত্য)] ক্রোধান্বিত ; ক্রোধবিশিষ্ট। বিণ, অমর্ষী [মর্ষ+ইন্ (স্ত্য)=মর্ষিন্, ন= অ-মর্ষিন্, ১মা ১ব০] বিণ, কোপন-স্বভাব। ২ অক্ষমা। ৩ ধৈর্য্যহীন ; অসহনশীল।

অমল [ন=অ-মল (আবিল) নঞ্] বিণ, মলাভাব। ২ [ন=অ (নাই) মল যার-বহু০] মলহীন ; নির্ম্মল। "অ০ শ্যামল তব কমল বদন। আহা মলিন হয়েছে হেরি, বল কি কারণ॥"-মনোমোহন বসু। ৩ শুভ্র ; ধবল। ৪ [আয়ু০] সমুদ্রফেন ; অভ্র ; কর্পূর ; রজত মাক্ষিক ; পিত্ত ; কতক বৃক্ষ ; নির্ম্মল গাছ ; গন্ধদ্রব্য বিঃ। স্ত্রীং ~া-লক্ষ্মী। ২ [আয়ু০] সাতলাবৃক্ষ-ভূম্যামলকী বা ভুঁই আমলা, (২) আমলকী, (৩) নাভিনালা, (৪) বড়নীল, (৫) কেহুণ্ড বৃক্ষ।

অমলক [অমল (নির্ম্মল)+ক (জ্ঞা০)] বি, আমলকী। ২ অধিত্যকাস্থ বাসস্থান।

অমলিন-বিণ, যা মলিন নয় ; উজ্জ্বল ; নির্দ্দোষ ; নিষ্কলঙ্ক। "মেলি যত বন্ধুজন, দশ দিকে দেও মন, যথা পাও অ০ কুল।"-কবিক০।

অমসৃণ-বিণ, কর্কশ ; আবুড়াথাবুড়া।

অমস্তক-বিণ, মুণ্ডকহীন ; কবন্ধ।

অমা [ন=অ-মা (পরিমাণ করা)+ক্বিপ্] অ, চন্দ্রমণ্ডলের ষোড়শ কলার মধ্যে পঞ্চদশ কলা যাকে আশ্রয় করিয়া আছে, সেই নিত্য, ক্ষয়বৃদ্ধি-রহিত প্রধান কলা। ২ অমাবস্যা। প্র-অমানিশি। ৩ সহিত ; নিকট (স্বতন্ত্র প্রয়োগ নাই) "অমাত্য ;" "অমাবস্যা।"

~নিশা, ~নিশি, • ~নিশীথ, ~রজনী-বি, অমাবস্যার রাত্রি।

অমাংস-বি, মাংসের অভাব। ২ [ন=অ (অল্প) মাংস যার-বহু০] বিণ, যার শরীরে অল্প মাংস আছে ; মাংসহীন ; কৃশ। ৩ বি, নিন্দিত মাংস। •

অমাংসল-বিণ, মাংসহীন ; কৃশ।

অমাতৃক [ন=অ (নাই)-মাতা যার, বহু০ +ক যোগ] বিণ, মাতৃহীন।

অমাত্য [অমা (নিকট)+ত্য (বিদ্যমানার্থে) যে নিকটে বিদ্যমান থাকে ; কিম্বা অমা (সহিত) অৎ (সতত গমন করা)+য (জ্ঞা০) যিনি সততই মন্ত্রণার্থ সঙ্গে সঙ্গে গমন করেন। প্রা০ বাং 'আমাত্য' ও০] বি, মন্ত্রী। ২ সহচর।

অমাত্র-বিণ, মাত্রাহীন।

অমান, অমানন, অমাননা-বি, অসম্মান ; অনাদর ; অবজ্ঞা।

অমানব-বিণ, মনুষ্য শূন্য। ২ বি, কুৎসিত মানব। ৩ অমানুষ দ্রঃ। ৪ বিণ, মানবেতর।

অমানুষ [ন=অ (অন্যত্ব বা অল্পতা-জ্ঞাপক)-মানুষ, নঞ্] বিণ, মনুষ্যাতীত ; অলৌকিক। প্র-লোকটার অমানুষ সাহস। ২ মনুষ্যত্বহীন ; মনুষ্য ধর্ম্মের বহির্ভূত ; মানুষের মধ্যে গণ্য নহে এমন। ৩ বি, মন্দ মানুষ ; কুলোক। প্র-অমানুষ না হলে কি আর ওরূপ ব্যবহার করে? ৪ মানুষ নয় ; জন্তু। > বিণ, ~ষিক, ~ষী-মানবীয় ক্ষমতার অতীত ; মানুষের পক্ষে যা সম্ভব তার অতিরিক্ত [সমনাম-মানুষে যা সম্ভবে না তাই অমানুষিক। অমানুষিক অত্যাচারও হয় আবার অমানুষিক পরিশ্রমও হয় ; ইহাতে আসুরিক ভাবই অধিক প্রকট। মনুষ্য শক্তির অতীত বা অতিরিক্ত যা তাই অতিমানুষিক ইহাতে দেবভাবই সমধিক প্রকটিত হয়]।

অমান্ত [অমা (অমাবস্যা)+অন্ত। তুল-পূর্ণিমান্ত] বি, যে মাসের শেষ বা সংক্রান্তিতে অমাবস্যা হয়। "অ০ মাস।"

অমান্য [ন=অ (নাই) মান্য যার-বহু০ প্রা০ বাং 'আমান' (শ্রী০ কী০)] বিণ, যার মান নাই ; অনাদরণীয়। ২ [নঞ্] মান্য নয় ; অপাল্য ; অরক্ষণীয় ; ৩ [প্রা০ ব্যবহারে] বি, অসম্মান ; অনাদর।

অমাবিস্যা, -বাস্যা [অমা (সহিত) বস্ (বাস করা)+য, (ঘি, স্ত্রীং আ), সূর্য্যের সহিত চন্দ্রের একত্র বাস হয় যে তিথিতে। 'অমাবাসী' ও০। প্রা০ আমাবোস্যে] বি, অমা কলার সহিত সূর্য্য ও চন্দ্রের একত্র বাস করায় ঐ কলা বা তিথির নাম ; পিতৃগণ যে সময়ে চন্দ্রের পঞ্চদশ কলাত্মক সুধা পান করেন ; কৃষ্ণপক্ষের শেষ তিথি [পু০]

অমাবিস্যার চাঁদ-অদর্শনীয়। বহুদিন বন্ধু বা প্রিয়জনের অদর্শনের পর দেখা হলে তাকে অমাবস্যার চাঁদের সহিত তুলনা করা হয়।

অমায় [ন=অ (নাই) মায়া যার-বহু০] বিণ, মায়াশূন্য। ২ অমায়িক ; অকপট ; সরল। ৩ অপ্রবঞ্চক।

অমায়া [অ+মায়া] বি, অকপটতা ; সরলতা। ক্রি-বিণ, অমায়ায়-অকপটে "সেইদিন অ০ কহিলেন কথা।"-চৈ০ ভা০।

অমায়িক [ন=অ-মায়িক (মায়াযুক্ত) নঞ্ ; মায়া+ইক, যে মায়াযুক্ত নহে] বিণ, যে ছল বা কপটতা জানে না ; সরল ; স্নেহশীল ; ভদ্র ; নিরহঙ্কারী ; সদালাপী। বি, ~তা-সরল হৃদয়তা ; অমায়িক বা প্রিয় আচরণ ; মধুর ব্যবহার।

অমার্গ-বি, অপথ ; কুপথ। ২ পথ-রাহিত্য। ৩ অসদুপায়। বিণ, অমার্গিত -অনন্বেষিত।

অমার্জ্জিত-বিণ, অপরিষ্কৃত। ২ অকৃত সংস্কার ; অবিশুদ্ধ। ৩ যাকে ক্ষমা করা হয় নাই। ৪ অসভ্য ; অশিষ্ট।

অমিঞ, -ঞা [প্রা০ কবি প্রয়োগ] বি, অমৃত।

অমিত [ন=অ-মিত (পরিমিত) নঞ্] বিণ, যার পরিমাণ করা যায় না ; অসীম ; অপরিমিত ; অত্যধিক ; প্রচুর। প্র-অমিত-বল ; অমিত সাহস ; অমিত তেজ। ~তেজা [অমিত (অপরিমিত) তেজস্ (তেজঃ দীপ্তি বা ক্ষমতা) যার-বহু০। মূ০-অমিততেজস্ ১মা ১ব০] বিণ, অপরিমিত তেজ বিশিষ্ট ; অসীম ক্ষমতাবান্। বি, ~ব্যয়, ~ব্যয়িতা। ~ব্যয়ী-বিণ, অসঙ্গত খরচকারী ; উড়নচণ্ডে spendthrift. ~শক্তি-বিণ, অসীম বলশালী।

অমিতাচা॥র [অমিত-আচার] বি, অসংযম। ~রী-বিণ, মদ্যপায়ী ; অতি-ভোজী। ২ অসংযমী। স্ত্রীং ~রিণী। বি, ~রিতা, ~রিত্ব।

অমিতৌজস্ [অমিত (অপরিমিত) ওজস্ (বল) যার-বহু০] বিণ, অসীমশক্তি-সম্পন্ন ; অপরিমিত বলশালী।

অমিত্র [ন=অ-মিত্র (বন্ধু) নঞ্] বি, মিত্রভিন্ন ; যে মিত্র নয় ; শত্রু। ২ [ন=অ. (নাই) মিত্র যার-বহু০] বিণ, যার মিত্র নাই ; বন্ধুহীন। ২ প্রতিকূল ; অবন্ধুবৎ ; শত্রুবৎ। "যদি তোমাদের সহিত আমি কখন অমিত্র-ব্যবহার না করিয়া থাকি,তা হইলে তোমরা বৃথা কি জন্য আমাকে শত্রু মনে করিতেছ ?" -মহা০ (প্র০ রায়)।

অমিত্রাক্ষর-বি, বাং ছন্দ বিঃ। ইহার প্রতিচরণে পয়ারের ন্যায় ১৪ অক্ষর থাকে, কিন্তু কোন চরণের শেষ অক্ষরের সহিত অন্য চরণের শেষ অক্ষরের মিল থাকে না, এবং অর্থাবগতির সঙ্গে সঙ্গে শ্বাস পতনের দ্বারা যতিপাত নিয়মিত হয়। মেঘনাদবধ কাব্য, বীরাঙ্গনা কাব্য ই০ এই ছন্দে রচিত। ইহা মাইকেল মধুসূদন দত্ত কর্ত্তৃক ইং blank verseএর অনুসরণে উদ্ভাবিত।

অমিয়̆ [সং-অমৃত > অ, (প্রাকৃ০) প্রা০ বাং (চ০ ২১।১)] বি, অমৃত ; সুধা। ২ বিণ, অমৃতময় ; সুধাপূর্ণ ; মধুময়। প্র-অমিয় বচন। স্ত্রীং ~া [প্রা০ বাং (চ০ ৩৯।৪)] বি, সুধা। "অমিয়া বরিখে জনু শারদ পূর্ণিমা শশী।"-বি০ প০। "অমিয়া সাগরে সিনান করিতে সকলি গরল ভেল।"-চণ্ডী০। ২ বিণ, অতুলনীয়া।

অমিয়ামিঠ [ব্রজ০] বিণ, অমৃতের মত মিষ্ট। "কিবা সে বচন অমিয়া-মিঠ।"-বি০প০।

অমি॥ল, ~লন-বি, মিলনের অভাব। ২ গরমিল ; ভেদ ; বিচ্ছেদ।

অমিশ্র-বিণ, যা মিলিত নয় ; বিশুদ্ধ ; খাঁটী। ২ স্বতন্ত্র ; পৃথক্। বি, অমিশ্রণ-অসংযোগ। ~ণীয়̆-বিণ, মিশিবার বা মিশাইবার অযোগ্য। ২ যা মিশ খায় না। ~বর্ণ-বি, অযুক্তাক্ষর। ~রাশি-বি, অখণ্ড বা পূর্ণ সংখ্যা whole number

অমিশ্রিত-বিণ,যার সহিত কিছু মিশ্রিত করা হয় নাই ; বিশুদ্ধ ; খাঁটী।

অমিষ,-স [ন=অ-মিষ (সুখ)-যা হতে] বি, পার্থিবসুখ ; বিলাস। ২ অকাপট্য।

অমীমাংসা-বি, অসিদ্ধান্ত। বিণ, অমীমাংসিত-অনিষ্পন্ন। ২ অবি-চারিত। ৩ অকৃত-নিশ্চয়।

অমুক [সং-অদস্+ক=অমুক (নিপাতন) এই শব্দ অজ্ঞাত নামের পরিবর্ত্তে প্রযুক্ত হয়] স, অনির্দ্দিষ্টনামা ; অজ্ঞাতনামা ব্যক্তি বা বস্তু। "অস্থিমজ্জাগত সাহেবী, দৃষ্টান্ত দেখ না অ০ বাঁড়ুয্যে,"-রজনী সেন।

অমুক্ত-বিণ,যাকে মুক্তি দেওয়া হয় নাই ; অবরুদ্ধ ; আবদ্ধ। ২ অনিক্ষিপ্ত ; অপরি-ত্যক্ত। ৩ অনধিগতমোক্ষ ; মায়াবদ্ধ ; অপ্রাপ্তপরিত্রাণ। ৪ আবৃত ; আচ্ছাদিত ; ঢাকা। ৫ অপরিষ্কৃত। ৬ বি, হস্তধৃত ছুরিকাদি অস্ত্র।

অমুখ্য-বিণ, অপ্রধান ; গৌণ secondary. ২ নিকৃষ্ট inferior.

অমুগ্ধ-বিণ, অমোহিত। স্ত্রীং ~া।

অমুণ্ডিত-বিণ,অকৃতমুণ্ডন।২ অনাবৃত। স্ত্রীং ~া।

অমুনি [অমনি দ্রঃ। গ্রা০] ক্রি-বিণ, তৎক্ষণাৎ ; তখনই ; তন্মুহুর্ত্তেই।

অমুষ্যপুত্র, অমুষ্যায়ণ, আমুষ্যায়ণ-বি, কুলীন সন্তান।

অমূর্ত্ত [ন=অ (নাই) মূর্ত্ত (আকৃতি যার-বহু০] বিণ, মূর্ত্তিহীন ; অবয়ব-রহিত ; আকৃতি-হীন। ২ [ন্যায়দর্শনে] কাল, (২) আকাশ, (৩) আত্মা, (৪) দিক্। ৩ [বেদান্তে] বায়ু, (২) আকাশ। ৪ শিব। ~গুণ [ন্যায়০ পারিঃ] অমূর্ত্ত পদার্থের বিশেষ গুণ (যথা-আকাশের শব্দ ; আত্মার ইচ্ছা, বুদ্ধি, সুখ দুঃখাদি গুণ)।

অমূল₁-অমূল্য দ্রঃ।

অমূল₂ [ন=অ (নাই) মূল (গাছের গোড়া, আদ্য) যার-বহু০] বিণ, শিকড়হীন। ২ যার মূল নাই ; আদিকারণ শূন্য ; অকারণ। ৩ কল্পিত ; কাল্পনিক ; নির্ম্মূল ; অপ্রামাণিক ; মিথ্যা। ~ক (-লঁ-) [অমূল+ক, স্বার্থে] অমূল দ্রঃ। অকারণ। ২ মিথ্যা ; অসত্য। "আমি যদি রাজ্যের ভার গ্রহণ না করিতাম * * * তাহা হইলে অমূলক লোকাপবাদে অবজ্ঞা প্রদর্শন করিয়া নিরুদ্বেগে সংসার যাত্রা নির্ব্বাহ করিতাম।"-বি০ সা০ (সী০ ব০)।

অমূল্য [ন=(নাই) মূল্য যার-বহু০। বাং ভ্রং পদ্যে-অমূল [হিং-অনমোল। প্রা০ বাং 'আমূল' "পিন্ধিআঁ আমূল পাটেলে" "অমূল মণি," "অমূল রতন"-শ্রী০ কী০] বিণ, যার উপযুক্ত মূল্য নাই ; যা মূল্য দিয়াও পাওয়া যায় না। ২ যার মূল্য নিরূপিত করা যায় না ; যার মূল্যের সীমা নাই ; যার এত অধিক মূল্য যে ক্রয় করা অসাধ্য। ৩ ক্রি-বিণ, বিনামূল্যে। "অমূল্য বিতরিত।"

অমৃণাল [বৈদ্যকে] বি, বেণার মূল।

অমৃত [ন=অ-মৃত (মৃত্যু) যা হতে মৃত্যু নাই-বহু০ প্রা০ বাং-'আমৃত' 'অমিঅ,' 'অমিআ', 'আমিআঁ' "তোহোর বদন আধরে আমিআঁ পীও।"-শ্রী০কী০। "অমিঞ,-ঞা,-ঞাঁ" ও০] বি, যা পান করিলে মৃত্যু হয় না ; পীযূষ ; সুধা। ২ [অ০ পান করিয়া মৃত্যুঞ্জয় হইয়াছিলেন বলিয়া] দেবতা। ৩ [সমুদ্রমন্থনে অ০ ভাণ্ড লইয়া উত্থান হেতু] ধন্বন্তরি। ৪ [আয়ু০] (দেহপালক এবং প্রাণদ বলিয়া) ক্ষীর ; দুগ্ধ, (২) (আয়ুঃপ্রদ বলিয়া) ঘৃত, (৩) নবনীত, (৪) তক্র, (৫) (প্রাণধারণের হেতু বলিয়া) জল, (৬) (জীবন ধারণের মূল বলিয়া) অন্ন, (৭) (রোগহর এবং প্রাণদ বলিয়া) ঔষধ, (৮) (ঔষধ স্বরূপ রসায়ন যোগে পান করিলে দীর্ঘায়ু করে বলিয়া) পারদ, (৯) (অগ্নিতে ক্ষয় প্রাপ্ত হয় না এবং কালসহ বলিয়া) স্বর্ণ, (১০) বারাহী কন্দ ; শুয়ার আলু ; চামার আলু, (১১) বনমুগ, (১২) বিষ। ৫ স্বাদুদ্রব্য ; রসনার অত্যন্ত তৃপ্তিদায়ক খাদ্য। ৬ যোগ-মার্গীদের উক্ত সহস্রার পদ্ম নিঃসৃত অপূর্ব্ব আনন্দজনক সর্ব্বসন্তাপ নাশক ক্ষুধাতৃষ্ণা নিবারক সর্ব্বসুখদ তরল পদার্থ বিঃ। ৭ ভক্তিমার্গী-দের গ্রাহ্য ভগবচ্চিন্তন, ভজন সংকীর্ত্তনাদি কালে সর্ব্বশরীর রোমাঞ্চকর অপার্থিব আনন্দ মদিরা যা ভক্তকে বাহ্যজ্ঞান শূন্য ও আনন্দ

বিহ্বল করে ; বা যতিদিগের গ্রাহ্য পরমেশ্বর ধ্যান কালে অনুভূত অসাধ্য সাধনে সমর্থকারী সর্ব্বাঙ্গ সঞ্চারী অনির্ব্বচনীয় পদার্থ। ৮ হৃদ্য। ৯ স্বর্গ ; পরমধাম ; অনন্তশান্তির ধাম। "চল সে অমৃতধামে, শান্তিহারা নরনারি, * * * যেথায় নাহিক শোক, নাহি পাপ, নাহি দুঃখ, আনন্দ-সমীরণ বহে যথা স্নিগ্ধকারী।"-স্কন্দ০। ১০ ব্রহ্ম ; পরব্রহ্ম। "সরল হৃদয় লয়ে, চল সবে অমৃতের দ্বারে কত সুধা মিলিবে।"-স্কন্দ০। ১১ মোক্ষ ; মুক্তি। ১২ [জ্যোঃ] যোগবিঃ ; নক্ষত্রামৃতযোগ ; তিথ্যমৃতযোগ। রবিবারে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, হস্তা, মূলা, রেবতী ; সোমবারে শ্রবণা, ধনিষ্ঠা, .রোহিণী, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, হস্তা, অশ্বিনী ; মঙ্গলবারে পুষ্যা, অশ্লেষা, কৃত্তিকা, স্বাতী, উত্তরভাদ্রপদ. রেবতী ; বুধবারে কৃত্তিকা, রোহিণী. শতভিষা, অনুরাধা ; বৃহস্পতিবারে স্বাতী, পুনর্ব্বসু, পুষ্যা, অনুরাধা ; শুক্রবারে পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, শ্রবণা, অনুরাধা এবং শনিবারে স্বাতী ও রোহিণী নক্ষত্র হইলে নক্ষত্রামৃতযোগ হয়, এবং রবি ও সোমবারে পূর্ণাতিথি, মঙ্গলে ভদ্রা, বুধ ও শনিতে নন্দা, বৃহস্পতিতে জয়া এবং শুক্রে রিক্তা হইলে তিথ্যমৃতযোগ হয়। ১৩ প্রাচীন যন্ত্রবিঃ ; রবণ [যন্ত্রকোষ] ১৪ বিণ, মরণহীন ; অমর। ১৫ মৃত নহে ; জীবিত ; জীবন্ত। ১৬ অমৃততুল্য আনন্দপ্রদ ; অমৃতময়। "জননীর স্নেহপ্রীতি, শতধারে সুধা ঢালে নিতিনিতি, জগতের প্রেম মধুর মাধুরী, ডুবায়ে অমৃত-সরসে।"-স্কন্দ০। স্ত্রীং ~া-বিণ, মরণ-রহিতা। বি, প্লক্ষদ্বীপে প্রবাহিতা নদীবিঃ। যে ঐ নদীর জল পান করে সে সর্ব্বদা সন্তুষ্ট থাকে [ভারত০] ২ আনন্দা, মধ্যা, ভূতনা, পূতনা এই চারিটী জলবাহিনী সূর্য্যরশ্মি। ৩ [আয়ু০] গুড়ূচী, (২) আমলকী, (৩) হরীতকী, (৪) তুলসী, (৫) কাষ্ঠধাত্রী, (৬) রাখালশসা, (৭) অতিবিষা, (৮) ত্রিবৃৎ, (৯) দূর্ব্বা, (১০) পিপ্পলী, (১১) লতাফটকী, (১২) নাগবল্লী, (১৩) পান, (১৪) রাস্না, (১৫) জ্যোতিষ্মতী, (১৬) গোরক্ষদুগ্ধা, (১৭) লিঙ্গিনী, (১৮) কটুকিরী। ৪ [অমৃতের সহিত উঠিয়াছিল বলিয়া] মদিরা ; সুরা [তুল-সং-অমৃত। গ্রী০-ambrotos. সং, মৃ=ল্যা০- mori (to die), mors-death. ইং-ambrosia--the fabled food of the gods, which gave immortal youth and beauty to those who ate it -*David-son.*] ~কণা-বি, সুধাবিন্দু। ~কর [অ০ বৎ সুধাবহ, কর (কিরণ) যার] বি, সুধাকর। ~কল্প-বিণ, সুধাবৎ। ~কুণ্ড, ~কূপ, ~ভাণ্ড-বি, অমৃতাধার ; সুধাপাত্র। ~জটা-বি, জটামাংসী নামক গন্ধদ্রব্য। ~তরঙ্গিনী-বি, জ্যোৎস্না। ~তুল্য, ~সমান-বিণ, সুধা সদৃশ। "মহাভারতের কথা অমৃত সমান।"-মহা০ কাশী০। ~ত্ব -বি, অমরত্ব। ২ মুক্তি। ~দীধিতি [অ০ বৎ দীধিতি (কিরণ) যার-বহু০] বি, চন্দ্র। ~দ্যুতি-বি, চন্দ্র। ~ধারা-বি, সুধার ধারা বা স্রোত। ~নালিকা-বি, অমৃতি নামক মিষ্টান্ন : জিলিপী। ~নির্ঝর-বি, সুধার ঝর্ণা বা উৎস। ~প [অ০ + প (=পা -পান করা, রক্ষা করা) + অ (র্ত্তৃ)-যাঁরা অ০ পান করেন] বি, দেবতা। ২ [মোহিনী মূর্ত্তি ধরিয়া অসুরগণের নিকট হতে অ০ রক্ষা করার জন্য] বিষ্ণু। ৩ বিণ, অমৃতপায়ী। ~পক্ষ [অমৃতের (স্বর্গের) পক্ষ (অনুকূল)] বি, অগ্নি + (দগ্ধ হলে স্বর্ণ বিশুদ্ধ হয় বলিয়া)। ২ স্বর্ণবর্ণ পালকযুক্ত পক্ষী : সুরী। ~প্রাশ-বি, কাশ রোগঘ্ন ঘৃত বিঃ। ~ফল-বি, আম্র। ২ নাশপাতি nak pyrus communis pear. ৩ পেঁপে। ৪ বৃদ্ধি নামক ওষধি। ৫ পটোল। ৬ ধাত্রীবৃক্ষ ; আমলকী। ৭ পারদ। ~ফলা-বি, দ্রাক্ষা। ২ আমলকী। ৩ হরিতকী। ~বর্ষণ, ~বৃষ্টি-বি, সুধাধারার পতন। ~বর্ষী-বিণ, সুধাবর্ষণকারী ; অতি মধুর। > স্ত্রীং ~বর্ষিণী। ~বোধ-বি, সুধাস্বাদ। ২ অমৃতের অনুভূতি বা জ্ঞান। ~বল্লী-বি, গুলঞ্চ লতা। ~ভাণ্ড-বি, ~কুণ্ড দ্রঃ। ~ভাষী-বি, যার কথা অতি মিষ্ট ; প্রিয়বাদী। > স্ত্রীং ~ভাষিণী -প্রিয়বাদিনী ; মধুর বা মিষ্টভাষিণী ; সুবচনী। "কহ হে দেবী অমৃতভাষিণি!"-মেঘ০। ~মদিরা-বি, সোমরস : বারুণী : মদ্য। ~মধুর-বিণ, সুধাবৎ মিষ্ট। ~ময়-বিণ, সুধাপূর্ণ। > স্ত্রীং ~ময়ী-মনোমোহিনী। ~যোগ [জ্যোঃ] বি, শুভযাত্রার পক্ষে অতি প্রশস্ত বার-তিথি-নক্ষত্র-যোগ। ইহা নক্ষত্রামৃত ও তিথ্যমৃত যোগ বলিয়াও উক্ত (অ০ ১০ দ্রঃ)। ~রস-বি, সুধা : মধু। ~রসা-বি, কপিল বা পিঙ্গলবর্ণ বা কাল আঙুর। ~সম্ভব-বি, চন্দ্র। > স্ত্রীং ~া-অমৃতবৎ ফলদায়িকা ভেষজ লতা গুড়ূচী। ~সহোদর, ~সোদর-বি, উচ্চৈঃশ্রবা ঘোটক। ~সর-অ০ (স্বর্ণ)-সর (সরোবর)] বি, পঞ্জাবের অন্তর্গত শিখদিগের প্রধান তীর্থ স্বনাম প্রসিদ্ধ স্বর্ণ মন্দির-সনাথ সরোবর ও তন্নামক নগর। ~সার-বি, ঘৃত (অ০ ৪ দ্রঃ)। ~সারজ-বি, গুড ; নবাত। ~সাগর, ~সিন্ধু-বি, সুধাসমুদ্র। ~সূ -বি, পুং, চন্দ্র। ২ স্ত্রী, দেবমাতা অদিতি। ~সোদর-অমৃত সহোদর দ্রঃ। ~স্রবা-বি, রুদন্তী (দ্রঃ) নামক গুল্ম বিঃ। ২ বলাডুমুর বা বনভাদুলিয়া নামক হিমালয় প্রদেশস্থ বৃহৎ ক্ষুপ বিঃ।

অমৃতায়মান [অমৃত + য (ক্যঙ্) + আন (শান) ম আগম] বিণ, যা অমৃতের ন্যায় বোধ হয় : অমৃতোপম। "সীতা রামমুখবিনিঃসৃত অ০ বচনপরম্পরা শ্রবণ-গোচর করিয়া হাস্যমুখে কহিলেন।"-বি০ সা০। স্ত্রীং ~া।

অমৃতাশন [অমৃত + অশন (ভোজন) যাদের-বহু০] বি দেবতা ; অমর।

অমৃতাষ্টক [অমৃত + অষ্টক] বি, হরীতকী, কটুকা, অরিষ্ট, পটোল, ঘন, চন্দন, নাগর ও ইন্দ্রযব এই ৮ প্রকার দ্রব্য সমবায়।

অমৃতাহরণ [অমৃত + আহরণ] বি, সুধার আহরণ। ২ গরুড়।

অমৃতাহ্ব [অমৃত-আহ্বা (নাম, সংজ্ঞা) যার-বহু০] বি, সেব ফল ; আপেল apple "কিবা সেই ফল, অমৃতে বিহ্বল, অ০ যার নাম।"-কর্ম্মদেবী।

অমৃতি, অমৃতী [অমৃত + ইন্ (স্ত্য)-

যাতে অমৃত আছে। গ্রা°--ওমির্তি,মেয়েলি°--ওমিত্তি] বি, জিলাপীর আকৃতি, পাকানো-কিনারা মিষ্টান্ন বিঃ। ২ পানপাত্রবিঃ ; গলা সরু এক প্রকার জলপাত্র [ভারত°]।

অমৃতীবান্ [অমৃতভাণ্ড > গ্রা°-ওমির্তিবান্, ওমিত্তিবান] বি, লালবর্ণ মৃন্ময় ভাণ্ডবিঃ।

অমৃতোৎপন্ন, অমৃতোদ্ভব [অমৃত +উৎপন্ন, উদ্ভব। তাম্র-গন্ধকাম্ল] বি, ঘটিত পদার্থ বিঃ : তুঁতে sulphate of copper. ২ বিণ, সুধা সম্ভূত।

অমৃতোপম [অমৃত-উপমা যার, বহু°] বিণ, যা খাইতে এত মধুর যে অমৃতের সঙ্গে উপমা দেওয়া যায় ; অমৃতায়মান ; সুধাবৎ।

অমেঘ-বি, মেঘাভাব। ২ বিণ,মেঘমুক্ত।

অমেধাঃ [ন=অ (নাই) মেধা (ধারণা-বতী বুদ্ধি) যার-বহু। মূ°--মেধা বহু° সমাসে মেধা স্থানে মেধস্] বিণ, মেধাহীন ; বুদ্ধি-শূন্য ; ধারণাহীন ; মূর্খ।

অমেধ্য [ন=অ-মেধ্য (পবিত্র) নঞ্] বিণ, অপবিত্র। ৩ যা যজ্ঞের যোগ্য নয় : অযজ্ঞিয়। ৪ বি, অপবিত্র বস্তু ; পুরীষাদি ; মল। "সর্ব্ব অঙ্গে অ° পঙ্কের পরকাশ।" -চৈ° ভা°।

অমেয় [ন=অ-মেয় (পরিমাণ যোগ্য) নঞ্] বিণ, অপরিমেয় ; অপরিচ্ছেদ্য : ইয়ত্তা-শূন্য। বিণ **অমেয়াত্মা** [অমেয় (পরি-মাণের অতীত) +আত্মা যার-বহু°] যার স্বরূপের ইয়ত্তা নাই : অপরিচ্ছেদ্য আত্মা ; মনোতীত বুদ্ধি। ২ বি, বিষ্ণু।

অমেল [ন=অ-মেল=মিল=মিলন] বি, অনৈক্য। ২ বিচ্ছেদ ; গরমিল : অসদ্ভাব। ৩ বিরোধ।

অমোঘ [ন=অ-মোঘ (ব্যর্থ) নঞ্] বিণ, অব্যর্থ ; সার্থক : সফল। ২ বিষ্ণু। ~ত্ব (-ঘ-)-বি, অব্যর্থতা। ~বীর্য্য-বিণ, অখণ্ড প্রতাপ। ২ অমোঘরেতাঃ। ~রেতাঃ [মূ°-রেতস্, অমোঘ (অব্যর্থ) রেতস্ (বীর্য্য) যার-বহু°] বিণ, অব্যর্থবীর্য্য। স্ত্রীং ~া-বি, শক্তিবিঃ (বিশ্বামিত্র তাড়কাবধ সময়ে রামচন্দ্রকে অমোঘা ও বিজয়া নামে দুই শক্তি প্রদান করিয়াছিলেন)। ২ শান্তনু ঋষির পত্নী। ৩ নদীবিঃ ; ব্রহ্মপুত্রনদের জননী। -ভারতকোষ। ৪ দুর্গা। ৫ [বৈদ্যকে] পাটলীবৃক্ষ ; বিড়ঙ্গ ; পদ্মিনী ; হরীতকী।

অমোচনীয়, অমোচ্য-বিণ, মোচ-নের অযোগ্য। ২ মোচন-অসাধ্য : দুর্মোচ্য।

অমোহিত-বিণ, অমুগ্ধ : অবিহ্বল।

অম্নে [গ্রা°] ক্রি-বিণ, ওস্থানে ; ওথা · ওখানে। ২ ওদিকে।

অম্ব [অম্বা সম্বোধনে] বি, মাত!

অম্বর [অম্ব্ (শব্দ)+অর (স্থ্য) জ্ঞা°, যাতে শব্দ থাকে] বি, শব্দাশ্রয় : আকাশ। "ওগো কে বাজায়, * * চিরকাল ধরে, গম্ভীর স্বরে, অম্বরপরে বসিয়া।"-রবী°। ২ শূন্য। "ক্ষণে ভূমে ক্ষণেক অম্বরে।"-কবিক°। ৩ বসন ; বস্ত্র। "আচ্ছাদিয়া লোচন অম্বরে।"-কবিক°। ৪ [বৈদ্যকে] অভ্র ; কার্পাস। ৫ স্বনামখ্যাত গন্ধদ্রব্য। ইহা লঘু ও পাংশুবর্ণ এবং ধূপের ন্যায় দাহ্য (তুল-ইং amber. আ-অম্বর্)। ৬ অম্বরদ্বারা সুগন্ধযুক্ত তামাক। ৭ বিণ, অম্বরদ্বারা সুগন্ধ-যুক্ত ; অম্বর মিশ্রণে সুরভিত। স্ত্রীং ~ী [গ্রা°-ওম্বুরী] বি, অম্বর নামক গন্ধদ্রব্য ঘটিত তামাক। ২ বিণ, অম্বরদ্বারা সুগন্ধযুক্ত। ৩ বসনাবৃতা ;-বস্ত্রা ;-বাসা। প্র-দিগম্বরী ; নীলাম্বরী। ~চর, ~চারী [অম্বর+চর ই° যে চরে] বিণ, গগনবিহারী। > স্ত্রীং ~চারিণী, ~বিহারিণী। ~মণি [অম্বরে মণির ন্যায় (উপমিত)] বি, সূর্য্য। ~লেখী-বিণ, গগনস্পর্শী ; অত্যুচ্চ।

অম্বরিষ-দি, ভর্জ্জনপাত্র ; ভাজনা-খোলা।

অম্বরীষ [অম্ব্ (গমনে)+ঈষ (র্ত্তৃ, র আগম-জ্ঞা°)] বি, সূর্য্যবংশীয় রাজাবিঃ। নাভাগের পুত্র। ২ ইন্দুমতীর গর্ভজাত, মান্ধাতার পুত্র। ৩ শুশ্রুকের পুত্র। ৪ ঋষি-বিঃ ; পুলহনামক ব্রহ্মর্ষির পুত্র। ৫ নরক-বিঃ। ৬ অন্তরীক্ষ ; আকাশ। ৭ আমড়া। ৮ ভর্জ্জন পাত্র (অম্বরিষ দ্রঃ)।

অম্বল [সং-অম্ল > অম্বিলো (পালি)= আমানি, অম্লজল, vinegar. > অ°] বি, টক ; চুকা ; অম্লাস্বাদ ব্যঞ্জন। প্র-আলু সবেতেই লাগে, ঝোলে, ঝালে,. অম্বলে। "এই অম্বলের কাই টুকু দিয়ে দুটি ভাত টেনে মেখে নে।" "অম্বলের মাছ।" ২ অম্লরোগ acidity. প্র-অবেলায় খেয়ে ভারি অ° হয়েছে [তুল-অম্বলপিত্তি (অম্লপিত্ত)] ৩ বিণ, অম্লরসযুক্ত ; টক। গুড়-অম্বল-গুড় বা চিনি মিশ্রিত অম্লাস্বাদ ব্যঞ্জন ; অম্লমধুর রসাশ্রিত ব্যঞ্জন। "কাঁচা আঁব দুটো পেড়ে আন সখি, গুড় দিয়ে রাঁধ অ°।"-বিরহ।

অম্বলিয়া, অম্বুলে-বিণ, ট'কো : অম্লাস্বাদ।

অম্ব/ষ্ঠ-বি, জাতিবিঃ [ভিষক্ বা বৈদ্য-বৃত্তিক বলিয়া অম্বষ্ঠের নামান্তর বৈদ্য। বৈদ্য দ্রঃ] ২ পঞ্জাবের অন্তর্গত দেশবিঃ। ৩ মাহুত। স্ত্রীং ~ষ্ঠা, ~ষ্ঠিকা-বি, অ° নারী। ২ আম্রাতক; আমড়া। ৩ [বৈদ্যকে] নিমুকা : আকনাদি ; যুঁই ; আমরুল শাক।

অম্বা [অম্ব্ (শব্দ করা, গোবৎসের শব্দানু-করণে) + অ (র্ম্ম) জ্ঞা°, যাকে 'অম্ব' বলিয়া সম্বোধন করে] বি, মা ; মাতা। ২ দুর্গা। ৩ কাশীরাজের জ্যেষ্ঠা কন্যা (কনিষ্ঠার নাম অম্বালিকা)। ৪ [বৈদ্যকে] অম্বষ্ঠা (দ্রঃ) [তুল-হিং আম্মা ; হিব্রু-আম্মা ; আ-আম্মা, উম্ব্ ; ব্রহ্ম, সিংহল, এসিরিয়া, ফিনিশীয়া, কাল্ডিয়া-অম্ব, আম্মা, উম্ব্ ; য়ুরোপীয়-মাম্মা ; চীনা-মো]।

অম্বালা [অম্বা-লা (গ্রহণ করা)+অ (র্ত্তৃ) যিনি অম্বা শব্দ গ্রহণ করেন] বি, মাতা। ২ দুর্গা। ৩ পঞ্জাবের সহর বিঃ।

অম্বালিকা [অম্বালা (মাতা)+ক (স্বার্থে)-স্ত্রীং-আ] বি, মাতা। ২ দুর্গা। ৩ কাশীরাজের কনিষ্ঠা কন্যা : পাণ্ডুর মাতা (জ্যেষ্ঠার নাম অম্বা)। ৪ [আয়ু°] পাঠা ; আকনাদী stephania permandifolia. (২) পুদিনা।

অম্বিকা [অম্বা (মাতা)+ক (স্বার্থে)-স্ত্রীং-আ] বি, মাতা। ২ কাশীরাজের মধ্যমা কন্যা ; ধৃতরাষ্ট্রের মাতা। ৩ জৈন দেবী বিঃ। ৪ দুর্গা। ৫ [বৈদ্যকে] পুদিনা ; কটুকী। অম্বষ্ঠা ; মায়াফল। ~নাথ, ~পতি-শিব।

অম্বিকেয় [অম্বিকা+এয় (অপত্যার্থে)] বি, গণেশ ; কার্ত্তিকেয়। ২ ধৃতরাষ্ট্র। ৩ বিণ, অম্বিকাসম্বন্ধীয়।

অম্বু [অম্ব্ (শব্দ করা)+উ (র্ক্তৃ-জ্ঞা০)] বি, জল। ২ [আয়ু০] বালা pavodia odorata **~কণ, ~কণা**-বি, সূক্ষ্ম বারি-বিন্দু। **~কেশর**-বি, ছোলঙ্গ লেবু। **~চর, ~চারী**-বিণ, জলচর। **~চামর**-বি, শৈবাল। **~জ, ~জন্ম**-বিণ, জলজ। ২ বি, পদ্ম। ৩ শঙ্খ। ৪ [সমুদ্র-মন্থনোত্থিত বলিয়া। চন্দ্রাদি। > স্ত্রীং **~জা, ~জন্মা**-বি, নলিনী। ২ লক্ষ্মী। ৩ বিণ, জলজাতা। **~তাল**-বি, শৈবাল। **~দ** [অম্বু (জল) দ (দান করা)+অ (র্ক্তৃ)-উপ০-যে জল দেয়] বি, বারিদ ; জলদ ; মেঘ। ২ মুথা। ৩ বিণ, জলদানকারী। **~ধর**-বি, মেঘ। **~ধি, ~নিধি, ~পতি**-বি, সমুদ্র। **~প** [অম্বু+প=পা (পান, রক্ষা, পালন করা)] বিণ, জলপানকারী। ২ বরুণ। ৩ শতভিষা নক্ষত্র। ৪ চাকুন্দা। **~পত্রা**-বি, আমরুল শাক। **~পদ্ধতি**-বি, জলনালী ; পয়ঃপ্রণালী। **~প্রসাদ,-ন** (-দ-)-বি, নির্ম্মলী ফলের গাছ। **~বাচি, ~বাচী**-বি, জ্যৈষ্ঠ সংক্রান্তির পর যে সময় সূর্য্য মিথুন রাশিতে গমন করিয়া আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগ করে সেই সময়ের নাম। **~বাসিনী**-বি, জলে বাসকারিণী। ২ রক্ত পারুল গাছ bignonia snaveolence. **~বাসী**-বিণ, জলচর। ২ বি, পারুল গাছ। **~বাহ** [অম্বু+বহ্ (বহন করা)+অ (র্ক্তৃ)] বি, বারিবাহ ; মেঘ। ২ [আয়ু০] মুথা ; অভ্র। ৩ বিণ, জলবাহক। **~বাহী**-বিণ, জলবহনকারী। স্ত্রীং **~বাহিনী**-বি, জলসেচনী ; কাষ্ঠ নির্ম্মিত জলসেচন পাত্র। **~বিম্ব**-বি, জলবিম্ব ; জলবুদ্বুদ। "কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতী?"-মাইকেল। **~বেতস**-বি, জলবেতস্ water cane. **~ভৃৎ** [অম্বু-ভৃৎ-যে ধরে] বি, জলধর ; মেঘ। ২ সমুদ্র। ৩ মুথা। ৪ অভ্র। **~মাত্রজ**-বি, শামুক। **~মান্** [অম্বু+মৎ (ত্ত্য)-জল আছে যাতে] বি, জলধর ; সমুদ্র। ২ কচ্ছ ; নদীর তটভূমি ; কূল। ৩ জলবহুল স্থল। ৪ কুরুক্ষেত্রে প্রবাহিত নদী বিঃ। ৫ বিণ, জলময়। > স্ত্রীং **~মতী**। **~মুক্** [মু০-অম্বুমুচ্-অম্বু+মুচ্ (মোচন করা)-ক্বিপ্ (র্ক্তৃ)] বি, মেঘ। **~রাশি**-বি. জল সমূহ : সমুদ্র : "কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে।"-মেঘ০। **~রাশিরব**-বি, সমুদ্র গর্জ্জন। "নাদিল কম্বু অম্বুরাশিরবে।" -মেঘ০। **~রুহ** [অম্বু-রুহ্ (জন্মান)+অ (র্ক্তৃ) -যে জলে জন্মে, উপ০] বি, জলজ পদ্ম। > স্ত্রীং **~রুহা**-বি. পদ্মিনী। **~রোহিণী**-বি, নলিনী: পদ্মিনী। **~সর্পিনী**-বি, জোঁক। **~সেচনী**-বি. সিউনী, সেঁউতী।

অম্বুদাগম [অম্বুদের (মেঘের) আগম হয় যে সময়ে-বহু০] বি, মেঘাগম ; বর্ষাকাল : প্রাবৃট্কাল।

অম্বুধিস্রবা-বি, ঘৃতকুমারী।

অম্বুর [পরিঃ, স্থাপত্য শিল্প] বি, দ্বারের তলার কাঠ : গোবরাট।

অম্বুরি,-রী [অম্বর ৫ দ্রঃ] বি, উগ্রতা-বিহীন সুগন্ধযুক্ত মিঠা তামাক : ভ্যালসা তামাক বিঃ। "অম্বুরি অথবা ভ্যালসায় সানে না, কড়া তামাকের উপর কড়া তামাক খাইতে লাগিল।"-আলাল।

অম্ভঃ [অনভ্ (শব্দ করা)+অস্-(র্ক্তৃ)] বি, জল। **~সার**-বি, মুক্তা।

অম্হে [সং অহং > অহম্ > অহ্ম =অহ্মে-আমি দ্রঃ > বৌ০ বাং প্রাকৃ০ 'অহ্মে'। "ভণই গুডরী অহ্মে কুন্দুরে বীরা। নয়অ নারী মঝেঁ উভিল চীরা॥"-চ০ প০. গুডরী=পদকর্ত্তা। কুন্দুরে (=কুন্দুরেণ) -হঠ যোগে কুন্দুরু যোগ বিঃ। উভিল= উপস্থিত হইল] স, আমি। ২ [সিদ্ধাচার্য্য সরহ পাদের টীকায় অম্হে =বয়ং] আমরা। অ০ ন জানহুঁ অচিন্ত জোই"-চ০ পদ০ ২২-২।

অম্ভো/জ [অম্ভস্ (জল) জ (জন্=জন্মান্ +অ (র্ক্তৃ) যে জলে জন্মে (উপ০)] বি, জলজ ; পদ্ম। ২ (সমুদ্র হতে উৎপন্ন বলিয়া) চন্দ্র। ৩ শঙ্খ। ৪ পানা। ৫ বিণ, জলজাত। স্ত্রীং**~জা**-লক্ষ্মী। **~জিনী** [অম্ভোজ+ ইন্ (ত্ত্য) ঈ স্ত্রীং] বি, পদ্মের ঝাড় ; পদ্মিনী। ২ পদ্মলতা। ৩ পদ্মবহুল দেশ।

অম্ভোদ [অম্ভস্ (জল) দ (দা, দান করা) +অ (র্ক্তৃ)] বি, যে জল দান করে ; মেঘ। [অম্বুদ দ্রঃ] "ঘন গর্জ্জিল অ০,"-রঙ্গমতী।

অম্ভোধর [অম্ভঃ (জল) ধর (যে ধরে)] বি, মেঘ ; জলধর।

অম্ভোধি [রম্ভস্-ধি-ধা (ধারণ করা) +ই (র্ক্তৃ)] বি, সমুদ্র।

অম্ভোনিধি [অম্ভস্-নি-ধা (ধারণ করা)+ই (র্ক্তৃ)] বি, সমুদ্র।

অম্ভোযোনি-বি, পদ্ম।

অম্ভোরাশি-বি, জলরাশি : সমুদ্র।

অম্ভোরুহ [অম্ভস্-রুহ্ (জন্মান)+অ (র্ক্তৃ) যে জলে জন্মে] বি, পদ্ম। ২ বিণ, জলোৎপন্ন।

অম্ময় [অপ্ (জল)+ময় (বিকারার্থে), প=ম] বিণ, জলবিকার : ফেনাদি। ২ জল-ময় [এই অর্থে কথ্য ভাষায় **জলিম্ময়** ও বলে। প্র-এ স্থানটা জলে জলম্ময় হইয়া গিয়াছে]।

অম্র-আম্র দ্রঃ।

অম্রাত, অম্রাতক [অম্র-অত্ (গমন করা, বোধ হওয়া)+অ (র্ক্তৃ) জ্ঞা০,-ক (স্বার্থে) যার ফল আম্রের ন্যায় বোধ হয়] বি, আমড়া গাছ ও ফল।

অম্ল [অম্ (রুগ্ন হওয়া)+ল (ণে) জ্ঞা০ -যা খাইলে রোগ হয়। 'অম্ব্ল' ও০, প্রা০ বাং 'আম্বল' (শ্রী০ কী০)] বি, রস বিঃ ; টক। ২ বিণ, অম্লাস্বাদ ; ট'কো। ৩ দ্রাবক : তেজাব (হিং০) acid. স্ত্রীং **~ী** [তুল- হিং০-ইম্‌লি] তেঁতুল গাছ। **~ক**-বি, মান্দার : ডহু। **~কেশর**-বি. গোঁড়া-লেবু ; বীজপূর। **~কেশরী**-গোঁড়ালেবু। **~চুক্রিকা**-বি, চুকা বা টকপালং শাক। **~চূড়**-বি, অম্লশাক ; চুকা বা টক পালঙ্। ২ তেঁতুলের অম্বল। **~জনক**-বিণ, অম্লোৎপাদক। **~জম্বীর**-বি, অম্লনিম্বুক : গোঁড়ালেবু। **~জান** [অম্লজনক বা অম্লজান বায়ু (ত্রিবেদী)] বি, প্রাণপ্রদ বায়ু (রাজেন্দ্র-লাল মিত্র) ; দহক বায়ু (ত্রিবেদী ; সা০ প০ প০ ১৩০২) : অক্সজন (মণীন্দ্র বন্দ্যো০)। এই বায়ুতে অম্লপদার্থ বিদ্যমান আছে বলিয়া অম্লজান শব্দই অধুনা সাধাঃ ব্যবহৃত হয় oxygen. **~পঞ্চফল** [অম্ল-রসযুক্ত-পঞ্চফল-ধা] বি, কুল, (২) দাড়িম, (৩) তেঁতুল, (৪) চুকাপালঙ্,

(৫) অম্লবেতস। মতান্তরে-(১) জম্বীর, (২) নাগবল্লী (নারঙ্গা), (৩) অম্লবেতস, (৪) তেঁতুল, (৫) টাবালেবু। ~পঁর্নস-বি, ডহু ; মাদার। ~পিত্ত-বি, অম্লাধিক্য ও পিত্তাধিক্য জনিত অজীর্ণ রোগ। ~পিষ্ট-বি, আমরুল শাক। ~ফঁল [অম্ল (অম্লরসযুক্ত)-ফল (ধা)] বি, তেঁতুল ; আম্র [বিরল] ~বতী [অম্ল (অম্লরস)+বৎ (স্ত্য-স্ত্রীং ঈ)] বি, আমরুল ; চাঙ্গেরী ; ক্ষুদে নুনী। ~বঁর্গ-বি, চাঙ্গেরী ; লকুচ ; অম্ল বেতস ; জম্বীর ; বীজপূর : নাগরঙ্গ। বৈদ্যকে-দাড়িম্ব, কপিথ, অম্ল, বীজাম্লক, অম্বষ্ঠা, করমর্দ্দক, নিম্বুক, তিন্দুক, কোল, তিন্তিড়ী। ~বল্লী-বি, ত্রিপর্ণিকা নামক কন্দবিঃ। ~বাটিকা-বি, পান। ~বাস্তূক-বি, চুকাপালঙ্ শাক ; অম্লবেতুয়া। ~বীজ-বি, তেঁতুল। ~বৃক্ষ-বি, তেঁতুল গাছ। ~বেতঁস-বি, আমলতাস। ২ চুকাপালঙ্ Ruxem vesicarius. ~লোনী, ~লোনিকা [অম্লদ্বারা যে অরুচি নাশ করে] বি, আমরুল শাক oxalis corniculata. ~শাক-বি, তেঁতুল। ২ চুকা-পালঙ্ শাক। ~সার [অম্ল রসের মধ্যে সার প্রধান-৬ তৎ] বি, কাঞ্জিক ; নিম্বুক ; হেঁতাল গাছ। ~হরিদ্রা [অম্লরস যুক্ত হরিদ্রা-ধা] বি, শটী। ২ আম আদা।

অম্মণ [বৌ০ বাং সা০] বি, ধান্যমাপ বিঃ ; প্রায় ৩ মণ (জাতক, ১।৩৫)।

অম্লাক্ত [অম্ল (দ্বারা) অক্ত (ব্যাপ্ত, ময়, মিশ্রিত)] বিণ, অম্লযুক্ত ; অম্লময় ; টক।

অম্লাঙ্কুশ-বি, অম্লবেতস।

অম্লান-বিণ, বিমল ; স্বচ্ছ ; বিকসিত ; পরিষ্কৃত। ৩ অমলিন। "অ০-উজ্জ্বল দিন," -সোনার তরী। ৪ আমলা বৃক্ষ ; বাঙ্কুলী গাছ ; ঝিণ্টী gomphrena globosa. ৩ আয়না ; দর্পণ। ৪ অবিষণ্ণ ; প্রফুল্ল। "অম্লান বদনে।" ~কুসুম-বি, যে পুষ্প মলিন হয় নাই বা হয় না। ২ [কবি প্রসিদ্ধি] অনিন্দ্য সুন্দরী ; সহাস্য-বদনা ; ভক্তের ভগবান্। ~বঁদনে-ক্রি-বিণ, অসঙ্কোচে। ~মুখ-বি, বিণ, প্রসন্ন-বদন।

অম্লিকা, অম্লীকা [অম্ল+ক যুক্তার্থে অ=ই] বি, তেঁতুলগাছ। ২ পলাশ লতা। ৩ পুদিনা।

অম্লোটক-বি, অম্লকুচাই ; অশ্মন্তর বৃক্ষ।

অম্লোটজ-বি, আমরুল।

অম্লোদ্গার [অম্ল+উদ্গার] বি, অম্বলের ঢেঁকুর।

অয়ঁ [অয়স্ শব্দ ১মা ১ব০, অয়ঃ] বি, লোহ ; কান্তলোহ। অয়স্ দ্রঃ।

অয়ঃকর্ঁণপ [অয়স্ (লোহ) কণপ (কণ-লোহগুটিকা), প=পা (পান করা+অ-র্ত্তৃ) লোহগুটিকা পান কারী (ভরা হয় বলিয়া)] বি, ছর্‌রাভরা (আগ্নেয়) লোহাস্ত্রবিঃ, লোহগুলিকা ক্ষেপক যন্ত্র ; বন্দুক। ভুসুণ্ডী (দ্রঃ)।

অয়ঃপিণ্ড [অয়স্-পিণ্ড-৬ তৎ] বি, লোহপিণ্ড ; পিণ্ড ; অয়োগোলক।

অযঁত্ন-বি, যত্নের অভাব। ২ অচেষ্টা ; অনাদর ; অবহেলা। ৩ [নাই যত্ন যার-বহু০] বিণ, যত্নহীন। ~কারী-বিণ, উপেক্ষাকারী। ২ অলস। ~কৃঁত [অযত্ন দ্বারা কৃত-৩ তৎ] বিণ, বিনা চেষ্টায় সম্পাদিত ; অনায়াসসম্পন্ন। ~জাঁত, ~পালিঁত, ~প্রাপ্ত, ~লঁব্ধ। ~সঁম্ভূত [ন=অ, যত্ন দ্বারা সম্ভূত -৩ তৎ] বিণ, অক্লেশে উৎপন্ন ; অনায়াসলব্ধ ; স্বভাবজাত। ~সাধ্য-বিণ, সহজ সম্পাদ্য। ~সিদ্ধ-বিণ, সহজে সম্পাদিত বা প্রমাণীত বা ফলিত ; অক্লেশে লব্ধ কাম। ~সুলঁভ -বিণ, অনায়াসে প্রাপ্য।

অযজ্ঞ-বিণ, যজ্ঞরহিত। ২ বি, অবৈধ যজ্ঞ।

অযঁজ্ঞিয়ঁ, অযজ্ঞীয়ঁ-বিণ, যজ্ঞের অযোগ্য। ২ যজ্ঞ সংক্রান্ত নহে এমন। ৩ অপবিত্র। "অযজ্ঞীয় মাংস।"

অযঁথা-বিণ, অমূলক ; অসত্য ; অপ্রামাণিক ; অপ্রকৃত। ২ ক্রি-বিণ, অন্যায়-রূপে। ~তঁথ [অযথা (যেরূপ) তথা (সেরূপ)] বিণ, যেরূপ হওয়া উচিত বা আবশ্যক সেরূপ নহে ; যা যথাযথ নহে। ~ভূঁত [ন=অ-যথা (যেরূপ) ভূত (যা হইয়াছে) নঞ্] বিণ, যেরূপ হওয়া উচিত সেরূপ নহে ; সম্পূর্ণ অবয়ব বিশিষ্ট বা সর্ব্ব লক্ষণাক্রান্ত নহে ; অসম্পূর্ণ। ২ [দর্শনশাস্ত্রে] উদ্দেশ্যের বিপরীতার্থ প্রতিপাদক। ~ভাবে-ক্রি-বিণ, অসঙ্গত উপায়ে।

অযঁথার্থ-বিণ, যা যথার্থ নহে : মিথ্যা ; অবাস্তব ; কৃত্রিম। ২ অন্যায্য ; অবৈধ ; অনুচিত। ~তা-বি, অলীকতা ; কৃত্রিমতা ; অবাস্তবিকতা। ২ অনৌচিত্য।

অয়ঁন [অয়্ বা ই (গমন করা)+অন (ণে) যদ্বারা বা (ধি) যাতে গমন করা হয়] বি, পথ ; মার্গ। ২ মর্য্যাদাক্রমে অগ্রপশ্চাৎ অবস্থিতির স্থান ; ব্যূহপথ। ৩ ভূমি। ৪ গৃহ ; আবাসস্থান। ৫ আশ্রয় ; অবলম্বন। ৬ [গমনার্থ ধাতুর জ্ঞানার্থ ব্যবহারে-ণে অন, যদ্বারা জ্ঞানের অধিগম হয়] শাস্ত্র ; শিক্ষা, কল্প, ব্যাকরণ, জ্যোতিষাদি। ৭ যজ্ঞাদি ক্রিয়াপদ্ধতি। ৮ [ভা০-অন-গতি] ৯ [জ্যোঃ] সূর্য্যের গতি ; ক্রান্তি solstice. "এক্ষণে সূর্য্যের দাদা ! দক্ষিণ অয়ন কাজেই দিক্ হতশ্রী এমন।" বিষুব রেখা (equator) হইতে সূর্য্যের ছয় মাস (মাঘ হতে আষাঢ়) দক্ষিণ হইতে উত্তর দিকে যে গতি অর্থাৎ উত্তরায়ণ মকর ক্রান্তি (এই সময় সূর্য্য মকর রাশিস্থ হয়) Winter solstice এবং ছয় মাস (শ্রাবণ হতে পৌষ) উত্তর হতে দক্ষিণ দিকে যে গতি অর্থাৎ দক্ষিণায়ন ; কর্কট ক্রান্তি (এই সময় সূর্য্য কর্কটরাশিস্থ হয়) Summer solstice : সূর্য্যের গতিপথ। ১০ বৎসরার্দ্ধ : ৬ মাস কাল। ১১ বৎসরের সমষ্টি ; যুগ ; কল্পাদি। "তুমি স্বর্গ, তুমি মর্ত্ত্য তুমি দিবারাতি, * * অয়ন বৎসর মাস তিথি পঞ্চদশ।"-মহা০ (কাশী)। ~কাল-বি, সূর্য্যের উত্তর ও দক্ষিণায়ন গতি কাল। ২ অয়নে স্থিতকাল period between the equinoxes. ~ক্রান্তি [অ০৯ দ্রঃ] ~চঁলঁন -বি, পথ চলা। ২ যুদ্ধক্ষেত্রে অভিযান। ~বৃত্ত, ~মঁণ্ডল [অয়ন (সূর্য্যের গতিপথ) বৃত্ত, মণ্ডল (চক্রবৃত্ত)] বি, রাশিচক্র ; রাশিচক্রস্থ সূর্য্যের গতিপথ বা ভ্রমণপথ : অয়নবৃত্ত the Ecliptic. উত্তরায়ঁণবৃত্ত-কর্কট ক্রান্তি ; উত্তরপরমাপক্রজ্যাবৃত্ত the tropic of cancer. উত্তরায়ঁণমঁণ্ডল-শীত মণ্ডল the Frigid zone. দক্ষিণায়ঁনবৃত্ত--মকরক্রান্তি ; দক্ষিণপরমাপক্রজ্যাবৃত্ত the tropic of capricorn দক্ষিণায়ঁন-মঁণ্ডল-গ্রীষ্মমণ্ডল the Torrid zone.

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=ন্‌চ ঞ্ট=ণ্ট হ্ন=হ্ন হ্ল হ্ন হ্ব হ্ন=নহ্ বৃহ লহ্ ড় ঢ়্য, জ় ফ় ব় ভ়=zfwv ও ছা০ দ্রঃ

~সংক্রান্তি-বি, অয়নঘটিত সংক্রান্তি solstice মকর সংক্রান্তি ; কর্কট সংক্রান্তি।

অয়নাংশ-বি, অয়নান্ত বৃত্তাংশ "the arc between the vernal equinox and the begining or first point of aries." —*Ganguli.*

অয়নান্ত [অয়ন (সূর্য্যভ্রমণের পথ) + অন্ত (শেষ)-সূর্য্যগতিপথের শেষ সীমা] বি, সূর্য্যের উত্তর বা দক্ষিণ গতির শেষ সীমা ; ক্রান্তি ; অয়নবিন্দু ; অয়ন মণ্ডলের যে বিন্দু বিষুবরেখা হইতে চরম দূরে অবস্থিত solstice. ২ বিণ, সূর্য্য বিষুবরেখার উত্তরে মকররাশি গত বা দক্ষিণে কর্কট রাশি গত।

অয়নান্তপ্রদেশ-বি, অয়নান্ত বৃত্তের অন্তর্গত স্থান সমূহ; অয়নবিন্দুর নিকটস্থস্থান ; বৃহৎ-বৃত্ত-মধ্যস্থ অঞ্চল tropical regions

নব-অয়নান্তপ্রদেশ-নব ক্রান্তিমণ্ডল Neotropical regions.

অয়নান্তবৃত্ত [অয়নান্ত+বৃত্ত (সীমা-রেখা)] বি, নিরক্ষবৃত্তের প্রায় সাড়ে ২৩ ডিগ্রী দূরস্থ বৃত্ত বা রেখা ; সূর্য্যের উত্তর ও দক্ষিণ গতির সীমা-নিরূপক রেখা : অয়নান্তের অহোরাত্র বৃত্ত ; মকরক্রান্তি ও কর্কট ক্রান্তি the tropics.

অযন্ত্রিত-বিণ,অনিয়মিত।২ অব্যাহত।

অযশ,-শঃ বি, অপযশ ; অকীর্ত্তি ; অখ্যাতি ; দুর্নাম। ২ [নাই যশ যার-বহু০] বিণ, যশরহিত।

অযশস্কর [অযশস্-কর (যে করে)] বিণ, যাতে অযশ হয় এরূপ কার্য্য যে করে। ২ অখ্যাতিজনক ; অপবাদজনক ; অকীর্ত্তিকর। স্ত্রীং ~ী।

অযশস্য-বিণ, অযশস্কর ; অকীর্ত্তিকর, অখ্যাতিজনক : নিন্দাজনক।

অযশস্বী-বিণ, অখ্যাত। ২ কীর্ত্তিহীন ; অকীর্ত্তিমান্।

অয়স্ [অয়্ কিম্বা ই (ন-গমন করা, পাওয়া) + অস্ জ্ঞা০] যার সর্ব্বত্র গতি, বা খনি হতে পাওয়া যায় [তুল-গথিক-অইস্ (ais) ; জর্ম্ম-এসন (eisen) ; ইং-আয়রন্ (iron)] বি, লৌহ। ২ লৌহনির্ম্মিত অস্ত্র কুঠারাদি। ৩ ইস্পাত। ৪ লৌহবর্ম্ম। ৫ লৌহনির্ম্মিত ঔষধ। ৬ [সুশ্রুত para 15, chap LIV উত্তর তন্ত্র] ধাতুমাত্র।

অয়স্আধার [অয়স্ (নির্ম্মিত) আধার, ম০ প০ লো০] বি, লোহার সিন্দুক iron chest. "কত লোক অনাহারে মরিতেছে অথচ তোমার অ০ পূর্ণ রহিয়াছে।" -শৈশব শিক্ষা।

অয়স্কান্ত [অয়স্ (লৌহ) কান্ত (রত্ন)] বি, লৌহাকর্ষকমণি ; কান্তপাষাণ ; চুম্বক পাথর load-stone. ২ কান্তিলোহ।

অয়স্কার [অয়স্-কার (যে করে)] বি, লৌহকার ; লোহার মিস্ত্রী ; কামার।

অয়স্কুম্ভ-বি, লৌহ কলস।

অয়াগুজিস্তি লাখেরাজ [মুর্শি০ আদালতের দলিল] বি, নিষ্কর জমির কর বসাইবার পর আবার তুলিয়া দেওয়া released (after resumption) lakhraj.

অযা/চক-বিণ, অপ্রার্থী। স্ত্রীং ~চিকা।~চনীয়-বিণ, অযাচ্য।~চিত -বিণ, অপ্রার্থিত।২ বি, মুনিবিঃ। ~চ্য-বিণ, অযাচনীয় ; প্রার্থনার অযোগ্য।

অযাজনীয়, অযাজ্য-বিণ, যাজন ক্রিয়ার অযোগ্য ; শ্রুতি এবং স্মৃতি নিষিদ্ধ যাজন কর্ম্ম। অযাজ্যযাজন [অযাজ্য (যাজনের অযোগ্য) যাজন-৬তৎ] বি, পতিতদিগের যাজন ; অযাজনীয়ের পৌরোহিত্য ; অনধিকারীর যজ্ঞক্রিয়া। অযাজ্য-যাজী [অযাজ্য-যজ্+ইন্=অযাজ্যযাজিন্, ১মা ১ব০] বিণ, যে যজ্ঞে অনধিকারী ব্যক্তির যজ্ঞ করে ; পতিতগণের পুরোহিত।

অযাত্রা [অ (অশুভ) যাত্রা] যাত্রা নাস্তি, অশুভক্ষণে গমন। ২ যাত্রাকালে অশুভ বা অদর্শনীয় বস্তু, ব্যক্তি বা উক্তি বা লক্ষণ বা ঘটনা। বিণ, অযাত্রিক-যাত্রার পক্ষে অশুভ বা অপ্রশস্ত।

অযাথার্থ্য-বি, অসত্য। ২ কৃত্রিম।

অয়ি [অয় (গমন করা) + ই (জ্ঞা০)] অ, অনুনয়বাচক সম্বোধন। "অয়ি বনদেবতে! ভগবতি ভবিতব্যতে! অম্ব বসুন্ধরে! করুণা প্রকাশ করিয়া দয়িতার জীবন প্রদান কর।" -কাদ০। ৩ ভক্তি, স্তুতি ই০ বাচক সম্বোধন। "অয়ি ভুবনমনোমোহিনী! অয়ি নির্ম্মলসূর্য্যকরোজ্জ্বল ধরণী, জনকজননী-জননী!"-রবী০। ৪ প্রশ্নবাচক সম্বোধন। "অয়ি জানকি! এমন আনন্দের সময় শোকাকুল হইলে কেন?"-বি০ সা০। ৫ অনুরাগবাচক। ৬ সান্ত্বনাসূচক।

অযুক্ [ন=অ-যুজ্ (যোগ করা)+ক্বিপ্ (র্তৃ) যে যুক্ত নয়] বিণ, অযুগ্ম ; বিযোড়। [বাং অন্য শব্দে মিলিত হইয়া ব্যবহৃত হয়। প্র-অযুক্ছদ]।

অযুক্ছদ [অযুক্ (বিযোড়, অযুগ্ম) ছদ (পত্র) যার-বহু০, অযুগ্মচ্ছদ : যে বৃক্ষের প্রত্যেক পল্লবে ৭টী পাতা জন্মে] বি, সপ্তপর্ণ বৃক্ষ ; ছাতিম গাছ।

অযুক্ত-বিণ, যোগ করা নয় ; সংযোগ-রহিত ; পৃথক্ ; বিযুক্ত। ২ অনুচিত ; যুক্তিবিরুদ্ধ ; অসঙ্গত ; অসংলগ্ন। ৩ অনিয়োজিত ; অপ্রবৃত্ত। বি, অযুক্তি-সংযোগের অভাব ; বিয়োগ। ২ যা যুক্তি-সঙ্গত নহে ; অপরামর্শ ; অসৎ পরামর্শ ; কুপরামর্শ। ৩ [দর্শনে] অনুপপত্তি ; বিচারে অসঙ্গতি। ৪ অনুপযোগিতা ; যুক্তিযুক্ততার অভাব ; অনৌচিত্য।~যুক্ত-বিণ, অসঙ্গত।

অযুগ [ন=অ-যুগ (যোড়) নঞ্] বিণ, বিযোড় ; অযুগ্ম ; বিষম।

অযুগল-বিণ, অযুগ্ম। ২ বিষম; বিজোড়।

অযুগ্ম [ন=অ-যুগ্ম (যোড়া) নঞ্] বিণ, বিযোড় ; বিষম। ২ স্বতন্ত্র ; পৃথক্।

অযুগ্মচ্ছদ-বি, অযুক্ছদ (দ্রঃ)।

অযুত [ন=অ-যুত (যুক্ত-গণিত) নঞ্] বিণ, অযুক্ত ; যা সংযুক্ত নয় ; পৃথক্। ২ (অ) বি, দশসহস্রসংখ্যা ; ১০০০০। স্ত্রীং ~া।

~নায়ী [অযুত (১০ হাজার পুরুষমেধ-যজ্ঞ)+নায়িন্ (আনয়ন বা অনুষ্ঠানকারী) অযুতনায়িন্ ১মা ১ব০] বি, চন্দ্রবংশীয় রাজা ; মহাভৌমের অপত্য। "যিনি অযুতসংখ্যক পুরুষমেধ যজ্ঞ করিয়া অযুতনায়ী এই নাম লাভ করিয়াছিলেন।"-মহা০ (বর্দ্ধ)।

অয়ে [তুল-হি০ অয়ে (তুলসীদাসী রামায়ণে) প্রা০-অয় ; ফা-আয় । আধু০ বাং সা০ বিরল] অ, প্রিয় সম্বোধন ; কোমল সম্বোধন। (তুল-পরুষ সম্বোধন 'অরে')। ২ [তুল-হি০ অয় ; আধু০ বাং অই ; আরে ; অ০] বিস্ময়,

বিষাদ, স্মৃতি, আক্ষেপ, ক্রোধ ইং ব্যঞ্জক অ।

অয়েল [ইং- oil এর লিপ্যন্তর] বি, তেল। "ম্যাকেসার অং," "হেয়ার অং" ইং। **~ক্লথ** [ইং-oil clothএর লিপ্যন্তর] বি, তেলা কাপড়। ইহাতে জলীয় পদার্থ পড়িলে কাপড় ভেদ করিয়া নিম্নে পড়ে না। **~পেপার**-বি, তেলা কাগজ, প্রতিলিপি নক্সা ইং করিবার জন্য তৈলাদি মসলা দ্বারা স্বচ্ছীকৃত কাগজ oil paper; tracing paper.

অযোগ-বি, যোগাভাব; বিয়োগ; বিচ্ছেদ। ২ পরস্পর সম্বন্ধ বিরহ; অসম্বদ্ধতা। ৩ নায়ক নায়িকার বিচ্ছেদ বা অনুরাগাভাব। ৪ বিদ্বেষ; বিরাগ। ৫ সম্ভাবনার অভাব। ৬ কঠোর উদ্যম; উৎকট চেষ্টা। ৭ দুঃখ; কষ্ট। ৮ অঘটন। ৯ [জ্যোতিঃ] অশুভকর যোগ বিঃ; কুযোগ; দুর্যোগ। ১০ [বৈদ্যকে] বমন; বিরেচনাদি ঔষধের প্রতিলোম প্রবৃত্তি বা অল্প প্রবৃত্তি। ১১ [নাই যোগ যার-বহুং] বিণ, বিযুক্ত। ১২ [অযোগ্য > প্রাং বাং-য় অং] যোগ্য নয়: অযোগ্য; অনুচিত। "হেন তিরী মারিতেঁ অং বনমালী।"-শ্রীং কীং।

অয়োগব [অয়স্ (লোহ) গো (বাক্য) + অ (ভাং) লোহবৎ কঠিন বাক্য যার-বহুং, কিম্বা অযোগ (বিমুক্ত, উচ্ছৃঙ্খল) ব-বা (গমন করা) + অ-র্ত্তৃ] বি, যে উচ্ছৃঙ্খল ভাবে গমন করে। ২ যে শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভে জন্মিয়াছে।

অযোগবাহ [অযোগ-বাহি (বাহন করান) + অ (র্ত্তাং)] বি, অনুস্বার; বিসর্গ; চন্দ্রবিন্দু; যে সকল বর্ণ অন্য বর্ণের সহিত যুক্ত না হইয়া স্বতন্ত্র থাকে না বা উচ্চারিত হয় না।

অয়োগুল, -'গুড়' [অয়স্ (লোহ)= লোহ নির্ম্মিত-গুল (ল=ড়) গোলাকার বস্তু] বি, লোহারগুলি। ২ লোহ ঘটিত ঔষধের বটিকা।

অয়োগোলক [অয়ো নির্ম্মিত গোলক] বি, লোহার গোলা। ২ কামানের গোলা।

অযোগ্য [প্রাং মেয়েলিং কথ্য-অযুগ্গি] বিণ, অযুক্ত; অনুচিত; অনুপযুক্ত। ২ অক্ষম; অকর্ম্মণ্য; অশক্ত। বি, **~তা** [প্রাং-অযুগ্গোত্তা] **~ম্মন্য** [অযোগ্য-মন্ (বোধ করা) + য, ম্-আগম] বি, যে আপনাকে অযোগ্য বলিয়া মনে করে।

অয়োগ্র [অয়স্ (লোহ) অগ্র (অগ্রভাগে) যার-বহুং] বি, লোহ-নির্ম্মিত মুষল। ২ লোহা দিয়া বাঁধান-মুখ মুগুর। ৩ বাণাদি অস্ত্র; যার মুখে বা অগ্রে লোহ থাকে।

অয়োঘন [অয়স্ (লোহ) হন্ (বধ করা) + অ-ণে, যদ্দ্বারা লোহপিণ্ড পিটা হয়] বি, লোহ মুদ্গর; হাতুড়ি।

অযোত্র [ন=অ (অভাব) যোত্র (জোয়াল, জোত দড়ি)। নাই যোত্র যার-বহুং। যার লাঙ্গলের জোয়াল নাই। (কৃষিপ্রধান বঙ্গে লাঙ্গলের অভাবই দারিদ্র্যের লক্ষণ)] বিণ, নির্ধন; নিঃস্ব।

অযোধ্য [ন=অ-যুধ্ (যুদ্ধ করা) + য (র্ম্ম)] বিণ, যার সহিত যুদ্ধ করা যায় না; অজেয়; দুর্দ্ধর্ষ। ২ যুদ্ধের অযোগ্য। ৩ প্রতিপক্ষ শূন্য।

অযোধ্যা-বি, সরযূনদীর তীরে অবস্থিত উত্তর কোশলরাজ্যের রাজধানী এবং দিলীপ, রঘু, রামচন্দ্রাদি সূর্য্যবংশীয় রাজাদিগের জন্মভূমি-অতি প্রাচীন নগরী। প্রাচীন অযোধ্যা ৪৮ ক্রোশ দীর্ঘ ছিল; ইহা সুদৃঢ় প্রাচীর ও অতি গভীর জলদুর্গ দ্বারা বেষ্টিত এবং শত্রু মিত্র উভয়ের দুরধিগম্য ছিল। মহাবল হস্তী, অশ্বও সহস্র ধ্বজপতাকাধারী তুরগসৈন্য পূর্ণ এই সুদৃশ্য নগরী কেহ জয় করিতে বা তথায় যুদ্ধ করিতে সমর্থ হইত না বলিয়া ইহার এই নাম [রামাং বালকাণ্ড ৫ম সর্গ] প্রাচীন অযোধ্যার অপর নাম-(১) বিনীতা (কল্পদ্রুমকলিকা), (২) সাকেত পত্তন (অধ্যাত্ম রামাং), (৩) বিশাখ, বিশাখপত্তন Cunningham. (৪) অযুতো, অযুদো (হুএন্-থ্-সাং) (৫) বাগদ, ভার্গদ (তিব্বতী নাম) প্রাচীন অযোধ্যা দিল্লী হতে ১৮০ ক্রোশ দূরে অবস্থিত ছিল, এক্ষণে ধ্বংসপ্রাপ্ত ও জঙ্গলাবৃত [ভারতং] ২ অযোধ্যা প্রদেশ (যার অন্তর্গত লক্ষ্ণৌ, উনাও, সীতাপুর, হর্দোই, রায়বেরিলী, খেরী, ফয়জাবাদ, বারাবাঙ্কী, গোঁড়া, বহ্রাইচ, সুলতানপুর ও প্রতাপগড় এই ১২টী জেলা) যা অধুনা আযুধ Oudh নামে অভিহিত। ৩ ফয়জাবাদ জেলার অন্তর্গত সরযূনদীর উপকূলে প্রাচীন জঙ্গলাবৃত রাজধানীর সন্নিকটস্থ নগরী; হিন্দুর বর্ত্তমান তীর্থস্থান। **~নাথ, ~পতি**-বি, রামচন্দ্র।

অযোনি [ন=অ-যোনি, নঞ্] বি, যোনি ভিন্ন স্থান। ২ [নাই যোনি (উৎপত্তি স্থান) যার-বহুং] বিণ, জন্ম রহিত। **~জ** [ন অ-যোনি (গর্ভ) জ (জন্=জন্মান + অ-র্ত্তৃ] বিণ, যোনি হতে অনুৎপন্ন; অগর্ভজ; অণ্ডরায়ুজ [ন্যায় দর্শনে] দ্বিবিধ দেহী যথা -স্বেদজ (মশকাদি) এবং উদ্ভিদজ (তরুগুল্মাদি)। ২ পরমেশ; অজ; ব্রহ্মা। স্ত্রীং **জা**-সীতা। ২ দ্রৌপদী। ৩ তীর্থ বিঃ। **~সম্ভব**-বিণ, অগর্ভোৎপন্ন asexual. **~সম্ভবা** [অযোনি হতে সম্ভব (উৎপত্তি) যার-বহুং] বি, সীতা। "অযোনিসম্ভবা উনি জন্মিবেন চাষে,"-কৃত্তিং। ২ [পাঞ্চালরাজ দ্রুপদের অনুষ্ঠিত পুত্রেষ্টি যজ্ঞকালে যজ্ঞীয় অনল হইতে জন্ম হইয়াছিল বলিয়া (মহাং-আদি)] দ্রৌপদী। ৩ বিণ, অগর্ভোৎপন্না। **~সম্ভূত** [অযোনি হতে সম্ভূত (উৎপন্ন)] বিণ, অগর্ভজাত। ২ ধৃষ্টদ্যুম্ন। ৩ অগস্ত্য। ৪ দ্রোণ। "আমি মহর্ষি অঙ্গিরার কুলে সমুৎপন্ন, ভরদ্বাজের পুত্র অযোনিসম্ভূত, আমার নাম দ্রোণ।"-মহাং (আদি)। স্ত্রীং **~সম্ভূতা**।

অয়োময় [অয়স্-ময়] বিণ, লোহময়; লোহার।

অয়োমল [অয়স্-মল (মলা মরিচা) ৬ তৎ] বি, লোহার মরিচা।

অয়োমুখ [অয়স্ (লোহ) হইয়াছে মুখ যার-বহুং] বি, যার অগ্রভাগে লোহ আছে; লোহমুখ বাণ; অয়োগ্র দ্রঃ। ২ দানব বিঃ। ৩ বিণ, লোহময় মুখ বিশিষ্ট; লোহার ন্যায় কঠিন মুখ বা চঞ্চু বিশিষ্ট। ৪ পর্ব্বত বিঃ।

অযৌক্তিক-বিণ, যা যুক্তি সম্মত নহে: যুক্তিবিরুদ্ধ; অন্যায্য unreasonable. বি, **~তা** [অযৌক্তিক-তা (ভাং)] বি, যুক্তিবিরুদ্ধতা; অন্যায়। বিণ, অযৌক্তিক।

অর্-রেফ; রফলা। ২ অনুকার শব্দ। ৩ [=অর, অরে, আরে (সম্বোধনে)। প্রাং বাং] অ, অরে (দোং ১১০)।

অর [ঋ (গমন করা) + অ (ণে)] বি, চক্রের নাভি; চক্র নেমি; সংযুক্ত কাষ্ঠ।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্য ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ হ্ন=হ্ ন হ্ম হ্ব হ্য=হ্ য হৃ হ্‌র হ্ল ভ্র ঋ্য, জ্ ফ্ ব্ ভ্=zfwv ও চাং দ্রঃ

২ চকোর পাখী। ৩ জৈনদিগের কালচক্রের দ্বাদশাংশ ।৪ জৈনদিগের অষ্টাদশ তীর্থঙ্কর। ৫ সং-তে শীঘ্র অর্থে ব্যবহার আছে, বাং-য় অপ্র॰ [দ্রঃ-য়ুরোপীয় পণ্ডিতগণ অনুমান করেন কর্ষণার্থক 'অর' ধাতু হতে সং, আর্য্য এবং গ্রী॰, ল্যা॰, লিথু॰, অ্যাং, স্লা॰, ইং, আই॰, কর্ণিশ্, ওয়েলশ্, রুষ, নর্স ইং য়ুরোপীয় ভাষায় কৃষিবাচক কতকগুলি শব্দ নিষ্পন্ন হইয়াছে] ৬ অর্ দ্রঃ।

অরক্ষণীয়-বিণ, যাকে রক্ষা করা যায় না ; যাকে আর রাখা অনুচিত ; অরক্ষ্য। স্ত্রীং ~া-যে কন্যাকে আর অবিবাহিতা রাখা যায় না ; যে কন্যার বিবাহ না দিলে পাপ স্পর্শ করিবে বা কর্ত্তব্যে ত্রুটি হইবে। বিণ, **অরক্ষিত**- যাকে রক্ষা করা হয় নাই ; অপালিত। ২ অপরিদর্শিত : যা কারও তত্ত্বাবধানে নাই। ৩ অসঞ্চিত।

অরগুণ-বরগুণ দ্রঃ।

অরগ্বধ, **আরগ্বধ**-বি, সোঁদাল গাছ cassia fistula.

অরঘট্ট [অর (চক্রাবয়ব সদৃশ কাষ্ঠ বিঃ) ঘট্ট (কাষ্ঠ বিঃ দ্বারা যা চালিত হয়)] বি, কূপ হতে জল তুলিবার কাষ্ঠ নির্ম্মিত যন্ত্র ; কূপ-জলোত্তোলক। ২ কূপ: ইন্দারা। ~ঘাটিকা [অরঘট্ট (কূপ)-ঘাটিকা (ঘাট) ৬ তৎ] বি, কূপের পাড়। ২ কূপের ভিত্তি গর্ত্ত। ৩ কূপে অবতরণ করিবার জন্য লৌহ নির্ম্মিত শৃঙ্খল বিঃ।

অরজঃ [বৌ॰ সা॰ রজঃ দ্রঃ] বিণ, নিষ্পাপ।

অরজাঃ [অ+রজা, ন=অ (নাই রজস্ (ঋতু) যার-বহু॰] বি, যে স্ত্রী ঋতুমতী হয় নাই। ২ বিণ, রজোগুণের কার্য্যরহিত অর্থাৎ কাম ক্রোধাদিশূন্য ; ক্রোধাদি বর্জ্জিত। ৩ রজঃ বা ধূলিশূন্য ; পরিষ্কৃত।

অরণি,-ণী [ঋ (গমন করা, পাওয়া)+অনি] বি, যার ঘর্ষণে অগ্নি পাওয়া যায় ; অগ্নিমন্থন কাষ্ঠ। ২ [বৈদ্যকে] গণিকারিকা ; ছুরালতা ; শ্যোণাগাছ ; চিত্রক-বৃক্ষ। ৩ চকমকির পাথর। ~কেতু-বি, মহাগ্নিমন্থ বৃক্ষ ; বড় গণিযারী।

অরণ্য [ঋ (গমন করা)+অন্য (জ্ঞা॰ ধি) যেখানে পশুকুল আহার বিহারার্থ গমন করে] বি, বন ; কানন। ২ কট ফলের গাছ। ৩ দশনামীর অন্তর্গত এক সম্প্রদায় সন্ন্যাসীর উপাধি। ~কদলী-বি, পাহাড়ী কলা। ~কার্পাসী-বি, বন কাপাস wild cotton. ~কুসুম্ভ-বি, বন কুসুম্ভ ক্ষুপ। ~কোলী-বি, বুনো কুল। ~চটক-বি, নাগর চড়ুই ; ছাতার পাখী। ~চম্পক-বি, বন চাঁপা। ~চর-বিণ, বি, যারা বনে বিচরণ করে, বনচারী ; বন্য। ২ শ্বাপদ ; রাক্ষস। ~জ, ~জাত-বিণ, বন্য। ~জীর, ~জীরক-বি, বন্যজীরা। ~তুলসী-বি, বন তুলসী : বৈজয়ন্তী তুলসী ocimum sanctum. ~ধান্য [অরণ্য-ধান্য, ৬ তৎ] বি, উড়ি ধান ; নীবার। ~পাল-বি, অরণ্য রক্ষক। ~বায়স [অরণ্যের বায়স, ৬ তৎ] বি, দ্রোণ কাক ; ডোমকাক ; দাঁড়-কাক। ~বাস-বি, বন বাস বা বসতি। ২ বনাশ্রম। বিণ, ~বাসী। > স্ত্রীং ~বাসিনী-বি, বিণ, বনবাসিনী। ২ অমর-বেল (হিং) ; অত্যম্লপর্ণী লতা। ~মক্ষিকা-বি, মশক বিঃ ; ডাঁশ ; দংশকীট। ~ময়-বিণ, বনাবৃত। ~মার্জ্জার-বি, বনবিড়াল। > স্ত্রীং ~ী। ~মুদগ-বি, ঘোড়া মুগ। ~রক্ষক-বিণ, অ॰ রক্ষাকারী। বি, অরণ্য পাল ; বন বিভাগের কর্ত্তা conservator of forest. ~শ্ব, ~শ্বান-বি, বন্য কুক্কুর ; বৃক। > স্ত্রীং ~শুনী। ~শালি-বি, অ॰ ধান্য ; নীবার। ~শূরণ-বি, বুনো ওল। ~ষষ্ঠী-বি, জ্যৈষ্ঠ মাসের শুক্লা ষষ্ঠী ; জামাই ষষ্ঠী। ~হরিদ্রা-বি, বন হলুদ।

অরণ্যেরোদন [জন-মানবহীন স্থানে রোদন করিলে শুনিবার লোক অভাবে যেমন কোন ফল হয় না, দয়া মায়া সহানুভূতিহীন ব্যক্তির (যার হৃদয় অরণ্যের তুল্য) বা হৃদয়-হীনের নিকট রোদনে অর্থাৎ দুঃখ জ্ঞাপনে তেমনি ফল নাই] নিষ্ফল রোদন ; বৃথা অনুনয়বিনয় ; নিষ্ফল পক্ষ সমর্থন। "এই আয় ব্যয় আলোচনা উপলক্ষে ভারতীয় assembly এবং প্রাদেশিক কৌন্সিল অরণ্যে দেশের প্রতিনিধিরা যথারীতি সাম্বৎসরিক রোদন করেছেন।"-বঙ্গবাসী, ১৩৩৩।

অরণ্যানী [অরণ্য+আন (মহদর্থে) ঈ স্ত্রীং] বি, সুবিস্তৃত কানন ; মহাবন।

অরত-বিণ, অনাসক্ত। ~ত্রপ-বিণ, রতিক্রিয়ায় লজ্জা শূন্য। > স্ত্রীং ~ত্রপা।

অরতি [ন=অ-রতি (প্রীতি, আসক্তি) নঞ্] বি, অসন্তোষ ; অপ্রীতি ; বিরক্তি। ২ ক্রোধ, হিংসা, ঘৃণা ইং। "ধরি মনোহর বেশ, ভুলাইতে মন, আসিল অ॰ তৃষ্ণা, তিন জন।"-জাতক, ১-১৩২। ৩ ইষ্টনাশ-জনিত আকুলতা ; উদ্বেগ। ৪ অসুখ ; দুঃখ ; ক্লেশ। ৫ অবসাদ। ৬ পিত্তরোগ বিঃ। ৭ [প্রা॰ বাং-তী] ঔৎসুক্য। "অরতী বাধিত হঞা পাপ করিবে।"-শ্রী॰ কী॰। ৮ [ন=অ (নাই) রতি (রম্=ক্রীড়া করা)+তি (ভা॰) রমণ, যার-বহু॰] বিণ, রতি-শক্তিহীন।

অরত্নি [ন=অ-রত্নি, ঋ (গমনার্থ)+অত্নি] বি, একহস্ত পরিমাণ a cubit length ; কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন মুষ্টি ; মুটুম হাত। ২ কফোনি।

অরন্ধন [ন=অ (অভাব) রন্ধন (রধ্=পাক করা)+অন-নঞ্। গ্রা॰-আরন্দ, আরান্দো, আরোন্দো, আরাঁধ (আরাঁধ-পালা=অরন্ধন পালন বা পর্ব্ব)] বি, রন্ধনের অভাব ; পাক না করা ব্রত। যে দিনে পাক করিতে নাই। ভাদ্র মাসের সংক্রান্তিতে পাল্য অরন্ধন ব্রতের নাম 'বৃদ্ধারন্ধন' (গ্রা॰ 'বুড়া' বা 'বুড়ী' আরন্দ) ; এবং ঐ মাসের যে কোন দিন পালনীয় ইচ্ছারন্ধন গ্রা॰-ইচ্ছের আরান্দ। অনেক হিন্দু এইদিন পূর্ব্বদিন-পক্ক খাদ্য আহার করিয়া থাকেন।

অরব [অ-রব, নঞ্] বি, শব্দাভাব ; নিঃশব্দ। ২ [নাই রব (বাক্য) যার-বহু॰] রবশূন্য ; নিঃশব্দ ; মূক। ক্রি-বিণ, অরবে-নিঃশব্দে, নির্ব্বাক হইয়া। "বসেছে অরবে শাখে পাখী!"-মেঘ॰।

অরবিন্দ [অর (শীঘ্র) বিন্দ্ (লাভ করা)+অ (র্ম)-ভ্রমর যাকে শীঘ্র লাভ করে] বি, পদ্ম ; কমল। ২ নীলোৎপল। ৩ রক্ত কমল। ৪ তাম্র। ৫ সারস পক্ষী। ৬ [কাব্যালং] মুখ, নয়ন, চরণের রূপক করিয়া কবিগণ

কর্তৃক প্রযুক্ত হয়। পদ্ম দ্রঃ। যৎ চরণারবিন্দ। "বন্দি ও চরণ অরবিন্দ।" -মেঘ°। স্ত্রীং, অরবিন্দিনী-পদ্মিনী। ২ পদ্মলতা। ৩ পদ্মময় বা পদ্ম-বহুল দেশ।

অরর-বি, খাপ ; কোষ। ২ কবাট। ৩ চর্ম্ম কাটিবার ছুরি। ৪ যুদ্ধ। ৫ [অনু-র -র-র-র] যুদ্ধ যাত্রা বা আক্রমণকালীন রব।

অররু [ঋ (গমন করা,হিংসা করা) + অরু (র্ত্তৃ) যে হিংসা করে] বি, অরি ; শত্রু। "কে আছে সীতার আর এ অ° পুরে।"-মেঘ°। ২ অস্ত্র ভেদ। ৩ অসুর বিঃ। ৪ বিণ, হিংস্র।

অররে, অরেরে-সক্রোধ সম্বোধনে বা আহ্বানে ('অরে' দ্রঃ)।

অরস-বি, রসাভাব। ২ বিণ, রসহীন ; বিরস।

অরসজ্ঞ-বিণ, অরসিক ; রসজ্ঞানহীন ; রস-বোধশক্তি-বিহীন।

অরসিক-বিণ, যে রসিক নয় ; যার রস বোধ নাই ; অরসজ্ঞ। ২ গোঁয়ার। ৩ নীরস ; শুষ্ক। স্ত্রীং ~া।

অরাজক [ন=অ (নাই) রাজা যেখানে বহু°, ক-যোগ স্বার্থে, তুল-হিং°"অন্ধের নগরী চৌপট্ট রাজা"] বিণ যেখানে রাজা নাই ; রাজাশূন্য দেশ। ২ যথায় যার যা ইচ্ছা তাই করে, কেহ শাসন বা নিবারণ করিবার নাই। "কাড়া কাড়ি ঘন, না মানে বারণ, অ° হ'লো পারা।"-চণ্ডী°। বি,~তা। অরাজকতা-তন্ত্রী-anarchist.

অরাতি [ন=অ-রা (দান করা)+তি (র্ত্তৃ) যে সুখ দেয় না] বি, শত্রু ; অরি। "অ° বিক্রমে পরাজিত হলে চিতানলে যারা তনু দিত ঢেলে,"-হেম°। ~তপন [অরাতি (শত্রু) তপন (যে সন্তাপ দেয়) আরতির প্রতি তপন (সূর্য্যের ন্যায়)-উপমিত°] বিণ, শত্রু সন্তাপকারী ; বিপক্ষদলনকারী ; অরিন্দম। ~দমন-বি, বৈরী দলন ; শত্রুজয়। ২ বিণ, অরিন্দম। ~বিনাশন (-ণ)-বিণ, শত্রুনাশ-কারী।

অরাবণ ["অরাবণমরামং বা জগদ দ্যোতিনিশ্চয়ঃ,"-কালিদাস। অ (নাই) রাবণ যথায়-বহু°] বিণ, রাবণ হীন ; রাবণ শূন্য। অরাম দ্রঃ)। স্ত্রীং ~া।

অরাম [অরাবণ দ্রঃ] বিণ, রামবিহীন ; রামশূন্য। "অরাবণ অরাম বা হবে ভব আজি।"-মেঘ°। স্ত্রীং ~া।

অরাল [সং] বিণ, বক্র ; নত। ২ বক্র হস্ত। ৩ [নাট্য শা°] বি, যে অভিনয়ে অমৃত, বিষ বা তেজাব ই° পান কালে 'পতাকা-হস্তের' ১ম অঙ্গুলি নত বা বক্র করা হয়। ৪ মত্তহস্তী। ৫ [তুল-হিং রাল] ধূনা। স্ত্রীং ~া।

অরি-বি, অনিষ্টকর্ত্তা ; শত্রু ; বিপক্ষ। ২ কাম ক্রোধাদি শরীরস্থ ছয় রিপু। ৩ রথচক্র। ৪ [গঃ] ৬ সংখ্যা। ৫ [জ্যোতিঃ] লগ্ন হতে ৬ষ্ঠ স্থান। ৬ [স্মৃ°-১৩শ শতাব্দীতে প্রবর্ত্তিত কুলপ্রথা মতে] যে কুলীন ব্রাহ্মণের কুল ভঙ্গ হইয়াছে, কষ্ট শ্রোত্রিয়। ~ঘ্নী-বি, বিণ, শত্রু হন্ত্রী ; বৈরী নাশিনী। ~হা-পরে দ্রঃ। ~মিত্র-শত্রুর বন্ধু।

অরিত্র [ঋ (গমন করা) + ইত্র (ণে) যদ্দ্বারা নৌকা গমন করে] বি, নৌকার গমনসাধন হাল ; দাঁড়। ২ বাহনাদি। ৩ রথ ; শকট ই° যানের চক্র।

অরিন্দম [অরি (শত্রু) দম্ (দমন করা) +অ (র্ত্তৃ) ম্-আগম] বিণ, শত্রুদমনক ; শত্রু বিঘাতক। "অ° ইন্দ্রজিৎ, প্রমীলাসুন্দরী পত্নী তাঁর।"-মেঘ°।

অরিন্দমী [মৃ°-অরিন্দমিন্ ; অরিম্ (শত্রুকে) দমী (দমনকারী)] বিণ, শত্রুদমন-কারী ; শত্রুজয়ী।

অরিমর্দ্দ, -ন [অরি (শত্রু) মর্দ্দ, মর্দ্দন (মৃদ্=চূর্ণ করা+অ, অন (র্ত্তৃ)] বিণ, শত্রু-দমন কর্ত্তা ; বিপক্ষনাশক। ২ কৃষ্ণার্জ্জুনের নামান্তর। ৩ অক্রূরের সহোদর।

অরিমেদ-বি, বিট্‌খদির ; গুয়েবাবলা accacia farnesiana ; mimosa.

অরিষ্ট [ন=অ (নাই) রিষ্ট (অমঙ্গল) যেস্থানে-বহু°] বিণ, অমঙ্গলশূন্য। ২ কুশল। ৩ সমর্থ। ৪ অহিংসিত। ৫ অক্ষয় ; অমর। বি, দেবালয়। ২ সূতিকাগৃহ ; আঁতুড় ঘর। ৩ অন্তঃপুর। ৪ অবরোধ গৃহ বা স্থান। ৫ অদৃষ্ট। ৬ মঙ্গল বা অমঙ্গল। ৭ মৃত্যুলক্ষণ ; নিয়ত-মরণ-লিঙ্গ (দ্রঃ) ; মরণ চিহ্ন। ৮ ভূকম্পনাদি উৎপাত ; উপদ্রব। "সেইকালে অ° হইল বহুতর।"-কবিক°। ৯ ঘোল। ১০ মদ্য ; আসব fermented wine. ১১ ঔষধ বিঃ ("ইক্ষুবিকারমিশ্রিত অভয়া চিত্র-কদন্তীপিপ্পল্যাদি ভূরিভেষজকাথাদি সংস্কার-বান্ দ্রব্যকে অরিষ্ট বলে।"-ভারতকোষ)। ১২ দৈত্যরাজ বলির পুত্র ; বৃষরূপধারী অসুর। বৃষভাসুর (কৃষ্ণকর্তৃক নিহত)। ১৩ বৈবস্বত মনুর পুত্র নাভাগ। ১৪ ['অরিষ্টক' ও°] রিঠা বা রীঠা গাছ ; দমন ও শ্রীকণ্ঠ মতে নিম্ব বা ফেনিলা soapberry plant. ১৫ নিমগাছ ; নিম্বপত্র। ১৬ লসুন। স্ত্রীং ~া-দক্ষকন্যা ও কশ্যপের ত্রয়োদশ পত্নীর মধ্যে চতুর্থা। ২ কটুকী ; কট্‌কী। ৩ নাগ-বল্লী। ~দুষ্ট, ~দুর্বিত্ত-বিণ, সুরাপান-দ্বারা বিকৃত। ২ মৃত্যুলক্ষণ দোষযুক্ত ; মরণ-লক্ষণোপহত। ~দুষ্টধী-বি, মরণাতঙ্ক ; আসন্নমৃত্যুভয়ে বিকৃতবুদ্ধি। ~নেমি-বি, বিনতা-গর্ভজাত কশ্যপ পুত্র। ২ দক্ষ-জামাতা প্রজাপতি বিঃ। ইনি দক্ষের ৪টী কন্যা বিবাহ করেন। ৩ বৃষ্ণির প্রপৌত্র। ৪ সূর্য্য-রথাধিষ্ঠিত যক্ষ (পৌষমাসে সূর্য্যের চক্রাশ্বের লাগাম সংযত করিয়া দেয় বলিয়া উক্ত)। -বিষ্ণু পু°। ৫ দ্বাবিংশতি জৈন তীর্থঙ্কর। [ভারতকোষ] ~সূদন [অরিষ্ট (অসুরবিঃ) সূদন (যে নাশ করে) ৬তৎ। কংস কর্ত্তৃক অরিষ্টাসুর কৃষ্ণবধার্থ গোকুলে প্রেরিত হইলে কৃষ্ণ কর্ত্তৃক নিহত হয়] বি, শ্রীকৃষ্ণ ; বিষ্ণু। ২ বিণ, অরিষ্টনাশক।

অরিহা [অরি (শত্রু) হন্ (বধ করা) +কিপ্, র্ত্তৃ=অরিহন্ শব্দের ১মা ১ব°, যে অরিকে বধ করে (উপ°) স্ত্রীং অরিঘ্নী] বিণ, রিপুনাশক ; শত্রুঘাতক। ২ সূর্য্য।

অরীতি [ন=অ-রীতি] বি, অনিয়ম ; অপ্রথা। ২ কুপ্রথা।

অরু, [অরুণ > কে°। ব্রজ°] বি [illegible], রক্তবর্ণ। "সুন্দর [illegible] কাজরে রঞ্জিত [illegible] -বি [illegible]

অরু, [হি°-ওর [illegible]] [illegible] হেরি হেরি হসি হসি যায়। অরু দিন নাম ধয় মুরলি বাজায়॥"-বি° প° (ন° গু°)।

অরুক্ [ন=অ-রুজ্ (রুগ্ন হওয়া)+কিপ্ (ভা°) নাই (রুক্=পীড়া) যার-বহু°] বিণ,

নীরোগী; সুস্থ [বাং অন্য শব্দের সহিত মিলিত হইয়া ব্যবহৃত হয়]।

অরুগ্ন-বিণ, সুস্থ; নীরোগী।

অরুচি-বি, অনভিলাষ; অনিচ্ছা; অপ্রীতি। ২ রুচির অভাব; আহারে প্রবৃত্তির অভাব। ৩ আহারে অনিচ্ছারূপ রোগ। ৪ [কাব্যালং] দশবিধ স্মর দশার মধ্যে বস্তু-বৈরাগ্যরূপ দশা বিঃ। ৫ [নাই রুচি যার] বিণ, ইচ্ছারহিত। ৬ দীপ্তিহীন। ৭ [ব্যঙ্গার্থে] বিরাগ বা বিতৃষ্ণা হেতু পরিত্যক্ত; যার মরণ নাই। "যমের অরুচি।" ~কর [অং-কর (যে করে)] বিণ, বিরক্তিকর; অপ্রীতিজনক; অসন্তোষকর।

অরুচির [ন=অ-রুচির (ব্রঃ)] বিণ, অসুন্দর; অমনোজ্ঞ; অপ্রীতিকর। স্ত্রীং ~া।

অরুণ [ঋ (গমন করা)+উণ (র্ত্তৃ)-যে নিয়ত গমন করে] বি, সূর্য্য। "বিদ্যাপতি কহে চাঁদ গেল নিজ ঠাঁই। অরুণ কিরণ হবে ফিরে ঘরে যাই॥"-বিং পং। ২ সূর্য্য সারথি; বিনতাগর্ভজাত কশ্যপপুত্র; গরুড়ের জ্যেষ্ঠ ভ্রাতা। ৩ বালার্ক; রৌদ্র উঠিবার পূর্ব্বাবস্থায় দৃশ্যমান লোহিতবর্ণ সূর্য্য। "অরুণ রাঙা চরণ ফেলে নয়ন-ভুলানো এলে!"-শারদোৎসব (রবীং)। ৪ কৃষ্ণাভ-রক্তবর্ণ purple; কপিলবর্ণ। ৫ রক্তবর্ণ; সিন্দুরবর্ণ vermillion colour; উষারাগ; সন্ধ্যারাগ (তুলন্যাং-aurora.) ৬ কুঙ্কুম। ৭ সিন্দুর। ৮ অর্কবৃক্ষ; আকন্দগাছ। ৯ পুন্নাগ বৃক্ষ। ১০ শ্যোণাকবৃক্ষ। ১১ কৃষ্ণের পুত্র। ১২ সূর্য্য বংশীয় ত্রিধন্বার পুত্র। ১৩ চন্দ্রবংশীয় উরুক্ষ রাজার জ্যেষ্ঠ পুত্র। ১৪ শাল্মলী দ্বীপস্থ ক্ষত্রিয়গণ। ১৫ [সঙ্গীত শাং] মল্লার, কানড়া এবং নট সংযোগে উৎপন্ন রাগ বিঃ (ভারতকোষ)। বিণ, অরুণরাগরঞ্জিত; উষারাগরঞ্জিত; সন্ধ্যারাগরঞ্জিত; কৃষ্ণাভ রক্তবর্ণ বিশিষ্ট। "অরুণ নয়ন তব মরম সঙে মম নিমিখ ন অন্তর হোয়।"-রবীং। ২ (অ-) বাক্‌শক্তিহীন; বোবা। ৩ নিঃশব্দ: স্ত্রীং ~া-বি, অতিবিষা; আতইচ। ২ মঞ্জিষ্ঠা। ৩ পৌণ্ডরীক নামক ক্ষুদ্র বৃক্ষ root stock of nymphoea lotus. হিং-পুঁড়েরী। ৪ ত্রিবৃহৎ ipomoea turpenthum. ৫ জবা। ৬ শ্যামালতা। ৭ ইন্দ্রাবারুণী। ৮ গুঞ্জা। ৯ পুনর্নবা। ১০ মুণ্ডিতিকা বা মুণ্ডিরী বা বড় থুলকুড়ী sphaeranthus indicus. ১১ কশ্যপের ঔরসে তাঁর প্রধানাম্নী পত্নীর গর্ভে জাতা অপ্সরা। অরুণোদয় কালে জন্ম বলিয়া এই নাম। ১২ প্লক্ষদ্বীপস্থ সাতটী নদীর মধ্যে সর্ব্বপ্রধান নদী; অরুণোদয় কুণ্ড হতে নির্গত হইয়াছে বলিয়া এই নাম। অপর নাম অরুণোদা। ১৩ বিণ, অরুণবর্ণ বিশিষ্টা; গোলাবী; রক্তবর্ণা। "নূতন প্রীতি আনিবে নীতি কুমারী উষা অরুণা।"-মানসী। ~কমল -বি, রক্ত পদ্ম। ~দ্যুতি, ~প্রভা-উষার আলোক। ~জ্যোতি, -তিঃ-বি, সূর্য্যের তেজ। ২ রৌদ্র। ~বসন-বি, রক্তবস্ত্র। "অরুণবসন পরি বিগলিত কেশ।" -বিং পং। ~নয়ন, ~নেত্র, ~লোচন-বিণ, লোহিত-নয়ন; রক্ত আঁখি। ২ ক্রোধ-কষায়িত লোচন; ক্রুদ্ধ। ৩ বি, পারাবত; পায়রা। ~সারথি [অরুণ (গরুড়াগ্রজ) সারথি যার-বহুং] বি, সূর্য্য।

অরুণাগ্রজ [অরুণ+অগ্রজ যার-বহুং] বি, গরুড়। ~আত্মজ [অরুণ (সূর্য্যসারথি) তার আত্মজ(পুত্র) ৬ তৎ] বি, জটায়ুপক্ষী। স্ত্রীং ~গ্রজা-যমুনা। ~নুজ, ~বরজ [অরুণ +অনুজ,-অবরজ (কনিষ্ঠ) ৬ তৎ] বি, গরুড় পক্ষী। ২ শনি। ৩ অশ্বিনীকুমারদ্বয়। ৪ সুগ্রীব। ৫ কর্ণ। ~ভ, ~ভা [অরুণ +আভ, আভা] বি, লোহিত; রক্তিম।

অরুণিত [অরুণ (বাল সূর্য্য, তদ্রূপ লোহিতবর্ণ)+ইত (যুক্ত)] বিণ, লালরঙ্গে রঞ্জিত। "পিতৃবৈর শোধে ধর অং বেশ।" -পুরসুন্দরী [ব্রঃ-রাজপুতদিগের যুদ্ধবাস রক্তবর্ণে রঞ্জিত হইত]।

অরুণিম [অরুণিমা শব্দের ভ্রং] বিণ, অরুণবর্ণবিশিষ্ট; অরুণাভ। "অং আসবের বিম্বের স্বরূপ।"-ফুলরেণু।

অরুণিমা [অরুণ+ইমন্‌-ভাং=অরুণিমন্, ১মা ১বং] বি, রক্তিমা; রক্তত্ব; লৌহিত্য। "তরুণীর ম্লান কপোলে লজ্জা ও আনন্দজড়িত অং তেমনই করিয়া বিকাশ লাভ করিল।" -মহিমময়ী (দীং রায়)।

অরুণোদয় [অরুণের উদয় হয় যে কালে, -বহুং] বি, সূর্য্যোদয়ের ৪ দণ্ড কাল বা ২ মুহূর্ত্ত সূর্য্যোদয়ের প্রাক্কাল day-break. ২ [অরুণের উদয়-৬ তৎ] অরুণের প্রকাশ; প্রভাত। ৩ [লক্ষং] অভ্যুদয়। "নব ব্যক্তিত্বের অরুণোদয়ের কথা"-প্রবাসী, শ্রাবণ, ১৩৩৩। অং-সপ্তমী-মাঘী শুক্লসপ্তমী। এই তিথিতে অরুণোদয়কালে স্নান করিয়া সূর্য্যার্ঘ্য দান করিতে হয়।

অরুণোপল-বি, রক্তবর্ণ মণিবিঃ; পদ্মরাগমণি; চুনী।

অরুদ্ধ-বিণ, অনাবদ্ধ। ২ অব্যাহত।

অরুদ্র-বিণ, অনুগ্র। ২ যা ভীষণ নহে। ৩ অশিব।

অরুন্তুদ [অরুস্ (মর্ম্মস্থান) তুদ্ (পীড়া দেওয়া+অ (র্ত্তৃ) স=ম, (উপং)] বিণ, যে মর্ম্মচ্ছেদ করে; মর্ম্মঘাতী; মর্ম্মভেদী; মর্ম্মপীড়ক, মর্ম্মান্তিক। ২ কর্কশ; কটুবাক্য।

অরুন্ধতী [ন=অ-রুধ্ (রুদ্ধ করা)+ত (র্ত্তৃ) ঈ, স্ত্রীং, যে মঙ্গলানুষ্ঠান বা শুভকার্য্য রোধ করে না] বি, কর্দ্দম মুনির কন্যা, দেবহূতির গর্ভজাতা, বশিষ্ঠ-মুনির পত্নী। পাতিব্রত্যধর্ম্মবলে স্বামীর সহিত নক্ষত্রলোক-বাসিনী [জ্যোতিঃ] সপ্তর্ষিমণ্ডলে (Ursa Major) ইঁহার উদয় হয়। ইনি পতিব্রতা নারীর আদর্শস্থানীয়া; হিন্দু আর্য্যদিগের বিবাহকালে তজ্জন্য নববধূকে ঐ নক্ষত্র দর্শন করান হয় যাতে বধূ ঐ চিরযশস্বিনী পতিব্রতাগ্রগণ্যা অরুন্ধতীর ন্যায় পত্নীধর্ম্ম পালন করে। বিবাহ-বাসরে বধূকে আশীর্ব্বাদ মন্ত্রে বলা হয়-"যথা শচী মহেন্দ্রস্য স্বাহা চৈব বিভাবসোঃ * * * বশিষ্ঠে চাপ্যরুন্ধতী। যথা-নারায়ণে লক্ষ্মীস্তথা ত্বং ভব ভর্ত্তরি॥" দেবগণ সীতাকে ইঁহার সহিত তুলনা করিতেন; অপর নাম অক্ষমালা; কথিত হয়, যার পরমায়ু শেষ হইয়াছে সে ঐ নক্ষত্র দেখিতে পায় না। ২ দক্ষ কন্যা ও ধর্ম্মের জ্যেষ্ঠা পত্নী।

অরুষ্ট-বিণ, অক্রুদ্ধ। ২ শান্ত।

অরূপ-বিণ, রূপহীন; নিরাকার। ২ কুৎসিত। ৩ বিরূপ; প্রতিকূল। "অরূপের দর্শন পায় বটে।"-উত্তরা। স্ত্রীং ~া। ~বান্ -বিণ, যে রূপবান নয়; অসুন্দর। স্ত্রীং

~রিতী। ~রাশি-বি, যার মূল ঠিক বাহির হয় না ; করণী surds.

অরুহা-বি, ভুঁই আমলা।

অরে [অয়ে দ্রঃ। ঋ (গমন করা)+এ (ণে) ঋ=অর্, যদ্দ্বারা লোক অভিমুখে গমন করে] অ, নীচব্যক্তিকে সম্বোধন ; অবজ্ঞা-ব্যঞ্জক সম্বোধন। "ওরে কৃতঘ্ন প্রাণ! তুই আর কেন যাতনা দিস্।"-কাদং। ৪ [সং-অরেরে শব্দের ভ্রং] সক্রোধ আহ্বানে অরেরে। "অদূরে মহারুদ্র ডাকে গভীরে। অরেরে অরে দক্ষ দেরে সতীরে॥"-অং মং। ৪ [গ্রাং ব্যবহারে, অতি দ্রুত উচ্চারণে] বিস্ময়সূচক অব্যয় [দ্রঃ- হিং, স্ত্রীং সম্বোধনে আরি,এরী, রী]।

অরোক-বিণ, ছিদ্রহীন। ২ প্রভাহীন।

অরো/গ [ন=অ (নাই) রোগ যার-বহুং] বিণ, নীরোগ ; অনাময়। ২ ব্যাধিমুক্ত। ৩ [নঞ্] বি, রোগাভাব ; স্বাস্থ্য।~গ্তা-বি, রোগ শূন্যতা ; স্বাস্থ্য। বিণ, ~গী। > স্ত্রীং ~গিনী।

অরোচক [ন-অ-রুচ্ + অক (র্ত্তৃ) রোচক-নঞ্] বিণ, অরুচিকর। ২ বি, অরুচিরোগ ; অগ্নিমান্দ্য ; আহারে অনিচ্ছা।

অরোধী-বিণ, যা রোধ বা বন্ধ করা যায় না। ২ অপ্রতিবিধেয়।

অরোপিত-বিণ, যা রোয়া বা বপন করা হয় নাই। বি, অরোপণ।

অরোষ-বি, রোষহীনতা। বিণ, অক্রুদ্ধ।

অরৌদ্র-বি, রৌদ্রাভাব। ২ ছায়া। ৩ বিণ, রৌদ্রহীন। ৪ অভীষণ।

অর্ক [অর্ক্ (তাপ দেওয়া)+অ (র্ত্তৃ, জ্ঞাং)] বি, সূর্য্য। "বালার্ক সিন্দূর ফোঁটা কে তোমার ভালে দিল।"-স্কং। ২ [জ্যোতিঃ] রবিবার। ৩ স্ফটিক ; আতসী প্রস্তর rock crystal. ৪ কিরণ ; আলোক। ৫ [সূর্য্যের ন্যায় উগ্রবীর্য্য বা তীক্ষ্ণ বলিয়া] আকন্দ গাছ (যথা-অর্কপত্র) calotropis gigantea. ৬ তাম্র। ৭ নির্য্যাস। ৮ ইন্দ্র। ৯ রামচন্দ্রের সেনাপতি বানরবিঃ (রামাং)। ১০ [রাসাং পরিঃ] আরক tincture. ~ক্ষেত্র -বি, ভাদ্রমাস। ~চন্দন [অর্ক-বর্ণ-বিশিষ্ট চন্দন-ধা] বি, রক্তচন্দন। ~র্জ-বি,সূর্য্যাত্মজ ~র্তনয়, ~নন্দন, ~পুত্র, ~সূনু [অর্ক (সূর্য্য) তনয়, নন্দন ইং-৬ তৎ] বি, সূর্য্যের ঔরসে কুন্তী-গর্ভজাত পুত্র ; কর্ণ। ২ মনু। ৩ শনি। ৪ যম। ৫ সুগ্রীব। ৬ অশ্বিনীকুমারদ্বয়। > স্ত্রীং ~র্তনয়া-যমুনা। ২ তপতী নদী the river Tapti ~দুগ্ধ-বি, আকন্দের আঠা। ~পর্ণ, ~পত্র [সূর্য্যের ন্যায় তীক্ষ্ণ পর্ণ বা পত্র যার-বহুং] বি, আকন্দ গাছ। ২ মন্দার বৃক্ষ। ৩ [অর্ক (আকন্দ গাছ) পত্র (পাতা) ৬ তৎ] বি, আকন্দের পাতা। > স্ত্রীং ~পত্রা-ইষের মূল aristolochia indica. ~পাদপ-বি, নিমগাছ। ~পুষ্পিকা, ~পুষ্পী-বি, সূর্য্যবল্লী ; অর্কহুলী ; শ্বেত হুড়হুড়ে। ২ রক্তাপরাজিতা। ৩ ক্ষীরুই গাছ। ~প্রিয়া-বি, জবা। ২ হুড়হুড়ে। ৩ পদ্মিনী। ৪ সূর্য্যপত্নী সংজ্ঞা। ~ফলা [অর্ক (সূর্য্যরশ্মিবৎ)] বি, রেফ (´)। ২ টিকী "আর আমাদের দেখ দেখি-সব মাথা নেড়া, কারো বা অংফং।"-উদ্বোধন (প্রবর্ত্তক, পাব্‌ং হাউস)। ~বৎসর, ~বর্ষ-বি, সৌর বৎসর : সৌরাব্দ। ~বন্ধু, ~বান্ধব [সূর্য্য বংশে জন্ম বলিয়া সূর্য্যের মিত্র] বি, গৌতম। ২ বৌদ্ধ ধর্ম্ম প্রণেতা। ~বিদ্যা-বি, স্ফটিকবিদ্যা crystallography. ~ব্রত [অর্ক (সূর্য্য) ব্রত (উপাসনা) ৬ তৎ] বি, সূর্য্যদেবের প্রীতিসাধনার্থ মাঘ মাসের শুক্লপক্ষীয় সপ্তমী তিথিতে অনুষ্ঠেয় ব্রত। ২ রাজাদিগের অনুষ্ঠিত রাজস্ব আদায় রূপ ব্রত। ~ভক্তা-বি, হুড়হুড়ে। ~মণ্ডল-বি, সূর্য্যমণ্ডল। ~মূলা ইষের মূল aristolochia indica ~সূনু-বি, অর্কতনয় দ্রঃ।

অর্কতাপত্তি [খনিজং পরিঃ] বি, স্ফাটিকভবন crystallisation.

অর্কাশ্ম, অর্কাশ্মন্, অর্কাশ্মা [অর্ক+অশ্মন্ (শিলা)] বি, সূর্য্যকান্ত মণি sun stone আতসী পাথর বা কাচ crystal lens.

অর্কিড্ [ইং-orchid] বি, পরগাছা ; ভূমিচম্পকাদি পুষ্পবৃক্ষ।

অর্কোপল [অর্ক (সদৃশ দীপ্ত) উপল (প্রস্তর) মং পং লোং] বি, সূর্য্যকান্তমণি। ২ চুনী ruby.

অর্গল১ [অর্জ্ (উপার্জ্জন করা)+ অল (ণে, জ্ঞাং), জ=গ] যদ্দ্বারা ধর্ম্ম অর্জ্জন বা মুক্তিলাভ করা যায়] বি, দেবী-মাহাত্ম্য-স্তব বিঃ চণ্ডীস্তোত্রবিঃ।

অর্গ/ল২ [গ্রাং-আগল] বি, খিল ; হুড়কা। ২ প্রতিবন্ধক ; অন্তরায় ; প্রত্যবায়। স্ত্রীং ~লী, ~লিকা-ক্ষুদ্র অর্গল ; ছোট হুড়কা। বিণ, ~লিত।

অর্ঘ [অর্ঘ্ (ক্রয় করা)+অ (ভাং)] বি, ক্রয়করণ। ২ [ণে, যদ্দ্বারা ক্রয় করা হয়] মূল্য। প্র-দিন দিন শস্যাদি মহার্ঘ হইয়া উঠিতেছে। ৩ [অর্ঘ্ (পূজা করা)+অ (ভাং)] বি, পূজা। ৪ [ণে, যদ্দ্বারা পূজা করা হয়] পূজার উপকরণ। বিণ, অর্ঘার্হ [অর্ঘ+অর্হ (যোগ্য)] পূজনীয়।

অর্ঘঘাস-বি, গন্ধতৃণ বিঃ ; ইহাতে সুগন্ধ তৈল grassoil প্রস্তুত হয় andropogon schoenanthus

অর্ঘ্য [অর্ঘ+য (অর্হার্থে বা প্রয়োজনার্থে)] বিণ, অর্ঘ্যদানাদিদ্বারা সম্মানযোগ্য ; পূজ্য : মান্য। ২ বি, পূজোপচার ; আতপ তণ্ডুল, দূর্ব্বা, পুষ্প ও চন্দন মিশ্রিত জল। ৩ জল, দুগ্ধ, কুশ, দধি, ঘৃত, আতপ তণ্ডুল, যব, শ্বেত সর্ষপ এই অষ্ট দ্রব্য দ্বারা অষ্টাঙ্গ অর্ঘ্য (কাশী-খণ্ড) এবং দূর্ব্বা, আতপ তণ্ডুল, চন্দন, পুষ্প ও জল এই পঞ্চ দ্রব্যে পঞ্চাঙ্গ অর্ঘ্য হয়। ৪ যজ্ঞাদিতে বা সভায় সর্ব্বপ্রধান ব্যক্তিকে সম্মান প্রদানের নিদর্শক দ্রব্য বিঃ ; মাল্য চন্দনাদি। ৫ জরৎকারুমুনির তপোবনস্থ তরুজাত মধু (রাজবল্লভ)।

অর্চ্চ/ক [অর্চ্চ্ (পূজা করা)+অক,(র্ত্তৃ)] বি, যে অর্চ্চনা করে ; পূজক। ~া১ [অর্চ্চ্ + অ (ভাং) স্ত্রীং, আ] পূজা ; উপাসনা। ২ [ধি, অ, অর্চ্চনা করা হয় যাতে] নির্ম্মিত দেবতা ; প্রতিমা। ~া২ [অর্চ্চ-আ (বাং ক্রিয়ায়) অর্চ্চি, অর্চ্চ, অর্চ্চে, অর্চ্চিতে, অর্চ্চিয়া (পদ্যে -অর্চ্চি) ইং] ক্রি, অর্চ্চনা করা। ~ন [অর্চ্চ্ (পূজা করা)+অন (ভাং)] বি, দেবাদির উপাসনা করণ ; পূজন। ~না [অর্চ্চ্ +

ণিচ্ স্বার্থে=অর্চ্চি (পূজা করা) + অন (ভা°) আ (স্ত্রীং)] বি, উপাসনা ; পূজা। ~নীয় [অর্চ্চ্ + অনীয় (র্ম্ম)] বিণ, অর্চ্চনার যোগ্য ; পূজনীয় ; উপাস্ত ; আরাধ্য। > স্ত্রীং ~া।

অর্চ্চি [অর্চ্চ্ (দীপ্তি পাওয়া) + ই (ণে) যদ্বারা যাবতীয় বস্তু দীপ্তি পায়] বি, আতপ : রৌদ্র ; সূর্য্যকিরণ। ২ অগ্নিশিখা। ৩ কৃশাশ্বের স্ত্রী।

অর্চ্চিঃসন্তান [রাসা° পরিঃ] বি, আলোক-তরঙ্গ light-wave.

অর্চ্চিত [অর্চ্চ্ + ত (র্ম্ম-ই, আগম) যাকে অর্চ্চনা করা হইয়াছে] বিণ, উপাসিত ; পূজিত ; স্তুত ; আরাধিত।

অর্চ্চিষ্মান্ [অর্চ্চিস্ (তেজঃ) + মৎ (স্ত্য) =অর্চ্চিষ্মৎ, ১মা ১ব°] বি, যার প্রবল তেজ আছে ; সূর্য্য। ২ অগ্নি। ৩ দেবর্ষি বিঃ। ৪ বিণ, তেজস্বী ; দীপ্তিশালী। ৫ প্রজ্বলিত।

অর্চ্চ্য [অর্চ্চ্ + য (র্ম্ম)] বিণ, বন্দ্য ; পূজ্য ; সেব্য ; আরাধ্য ; পূজনীয়।

অর্জ্জক [অর্জ্জ্ (উপার্জ্জন করা) + অক (র্ত্তৃ)] বিণ, যে অর্থ উপার্জ্জন করে ; উপার্জ্জনকারী ; রোজগারে। ২ যে অর্জ্জন করে বা লাভ করে ; প্রাপক।

অর্জ্জন [অর্জ্জ্ + অন (ভা°)] বি, উপার্জ্জন ; আয়। ২ চেষ্টা দ্বারা প্রাপ্তি ; লাভ।

অর্জ্জয়িতা [ণিজন্ত অর্জ্জ্ + তৃ (র্ত্তৃ) ই আগম=অর্জ্জয়িতৃ ১মা ১ব°] বিণ, উপার্জ্জক।

অর্জ্জিত [অর্জ্জ্ + ত (র্ম্ম) যা উপার্জ্জন করা হইয়াছে] বিণ, উপার্জ্জিত ; প্রয়াসলব্ধ ; পুরুষকারদ্বারা প্রাপ্ত।

অর্জ্জু/ন [অর্জ্জ্ (উপার্জ্জন করা) + উন (র্ত্তৃ)-যিনি কুবের প্রভৃতিকে জয় করিয়া ধন উপার্জ্জন করিয়াছিলেন] বি. পাণ্ডুরাজের তৃতীয় পুত্র। ২ কার্ত্তবীর্য্য রাজা। ৩ নেত্ররোগবিঃ ; আঞ্জুনি। ৪ বৃক্ষবিঃ ; অর্জ্জুন গাছ tarminalia arjuna. ৫ গাভী। ৬ কুট্টিনী bawd. ৭ ময়ূর। ৮ বিণ, শ্বেতবর্ণ ; শুভ্র। ~নধ্বজ-বি, হনূমান্। স্ত্রীং ~না, -নী-অনিরুদ্ধের স্ত্রী ; উষা। ২ করতোয়া নদী। ৩ শ্বেতবর্ণা ; শুভ্রা।

অর্জ্জুনোপম-বি, সেগুণগাছ।

অর্ণঃ-বি, [অর্ণস্=অর্ণঃ] জল। ২ বর্ণ ; অক্ষর। ৩ সেগুণ গাছ। ~জ-বিণ, জলজাত ; জল হইতে উৎপন্ন।

অর্ণব [অর্ণস্ (জল) + ব (স্ত্য) স্-লোপ, জল যাতে আছে] বি, বারিধি ; সমুদ্র ; তোয়াধার ; জলনিধি। ~জ (-ব-) [অর্ণব (সমুদ্র) হতে-জ-জন্ (জন্মান) + অ (র্ত্তৃ) সমুদ্র হতে যার জন্ম হইয়াছে] বি, সমুদ্রফেন। ২ বিণ, সমুদ্রজাত। ~তরি, (-ব-) ~তরী, ~পোত, ~যান [অর্ণব (সমুদ্রে) তরি (যে তরণ করে), পোত (দ্রঃ), যে সমুদ্র দিয়া যাতায়াত করে] বি, জাহাজ ; সমুদ্রতরি।

অর্ণবোদ্ভব-বি, চন্দ্র। ২ অমৃত। ৩ অগ্নিজার বৃক্ষ। স্ত্রীং ~া-লক্ষ্মী।

অর্ণা [আরণ্য > অর্ণ + আ (স্ত্রা°)। উ° ভাগলপুর প্রাদে°] বি, বন্যমহিষ। ২ যে মহিষের লম্বা শিং (ভাঙ্গড়ী দ্রঃ)।

অর্ণোদ [অর্ণস্ (জল) দ (দাতা)] বি, মেঘ। ২ মুথা।

অর্ণোদ্ভব [অর্নস্ (জল) ভব (জন্ম) যার-বহু°] বি, শঙ্খ। ২ বিণ, জলোদ্ভূত ; জলজ।

অর্ত্তি [অর্দ্দ (আঘাত করা) + তি, (ভা°)] বি, আঘাত। ২ [(ণে) যদ্বারা যাতনা পায়] পীড়া ; ব্যাধি।

অর্ত্তিক [অর্ত্তি (আঘাত) + ক জ্ঞা°, পিষ্ট হয় বলিয়া] বি, পিষ্টকবিঃ। ২ বিণ, পীড়াযুক্ত ; ব্যাধিগ্রস্ত। স্ত্রীং ~া [সং-নাট্যে] জ্যেষ্ঠা ভগিনী।

অর্থ [অর্থ্ (প্রার্থনা করা) + অ] বি, প্রার্থনা ; যাচনা। প্র-বিদ্যার্থী ; বিচারার্থী। ২ [প্রার্থনার বস্তু। বা, ঋ (গমন করা) + থ (র্ত্তৃ) যা গমনশীল বা চলে, যা বিনিময়সাধ্য changeable] ধন ; ঐশ্বর্য্য ; রাজ্য-সম্পদ ; সম্পত্তি ; দৌলত ; ভোগ্যবস্তু। "অর্থ সকল ত্যাগ করিতে হইলে দুঃখ হয়, তা রক্ষা করিতেও সুখ নাই * * * অতএব অর্থনাশের বিষয় চিন্তা করিবে না।"-মহা°। ৩ দ্রব্যের পণ ; টাকা কড়ি ; মুদ্রা। "টাকা কড়ির বিষয় কখন লঘুভাবে দেখিবে না-অর্থই চরিত্র।"-বুলওয়ার (মহাজনবন্ধু)। "সন্তানের শিক্ষার জন্য জলের মত অর্থব্যয় করিবে।" ওকালতীতে তাঁর বেশ অর্থাগম হইতেছে। [দ্রঃ-"ধন বলিতে কেবল অর্থ বা মুদ্রা বুঝায় না, কিন্তু অর্থ বা মুদ্রা বলিলেই ধন বুঝায়।" -ঋদ্ধি। (ধন দ্রঃ)] ৪ চতুর্বর্গের অর্থাৎ ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই পুরুষার্থ বা পুরুষের প্রয়োজন-চতুষ্টয়ের দ্বিতীয় বর্গ (human pursuit)। ঐহিক ধনজনিত সৌভাগ্য। "তাঁহাদিগের প্রভাবে ধর্ম্মাদি অর্থ সমুদয় সিদ্ধ হয় * *।" "যে রাজা ধর্ম্মার্থচিন্তক ও ধর্ম্ম-

করেন, তিনি নিশ্চয়ই বিপুল অর্থ ভোগ করিতে পারেন।"-মহা°। ৫ কর্ম্ম ; বেদবিহিত কর্ম্ম। "কুটুম্ব, পুত্র, পত্নী, শরীর ও ধনসঞ্চয় ই° যা কিছু থাকে পরলোকে গমন করিলে তৎসমুদয় থাকিবে না। * * * তখন তুমি কেন অনর্থে প্রসক্ত হইয়া স্বকীয় প্রয়োজন অনুষ্ঠান করিতে বিরত রহিয়াছ? "যে রাজা অর্থানুষ্ঠান শূন্য, কামাচারী ও আত্মশ্লাঘী, তিনি সমুদয় সুবিধা লাভ করিয়াও সত্বর বিনষ্ট হন।" -মহা° (বর্দ্ধ)। ৬ প্রয়োজন ; উদ্দেশ্য ; অভিপ্রায়। "যাঁহারা স্বধর্ম্মে বিদ্যমান থাকেন, তাঁহাদেরই অর্থসিদ্ধি দৃষ্ট হইয়া থাকে ;" "যে মহীপতি অর্থসিদ্ধি অপেক্ষা ধর্ম্মকে উৎকৃষ্ট বলিয়া বিবেচনা করেন।"-মহা°। ৭ অভিসন্ধি ; মন্দ অভিপ্রায়। প্র-ইহাতে দুর্বৃত্তদিগের কোন গূঢ় অর্থ নিহিত আছে বলিয়া মনে হয়। ৮ বস্তু ; বিষয় ; জ্ঞাতব্য বিষয়। "সেই সর্ব্বার্থ-তত্ত্ববিৎ দেবপ্রবর কৃষ্ণ সমর্থ হইয়াও * * * মহাযোগ অবলম্বন করতঃ শয়ান হইলেন।"-মহা°। "বিবিধার্থ সংগ্রহ।" ৯ ফল ; পরিণাম। প্র-তার সকল চেষ্টাই ব্যর্থ হইল। "কর্ম্ম কর, মানবজীবন নিরর্থক নহে কদাচন।"-কর্ম্মগীতা (হিন্দু পত্রিকা)। ১০ হেতু ; নিমিত্ত ; কারণ ; জন্য। "ভোল পরদোষ, পরদুরাচার সও। শুভার্থ দুরাচারীর কর্ম্মযোগী হও॥"-ঐ। ১১ তাৎপর্য্য। প্র-বিষয়টী এতই জটিল যে সহসা তার অর্থগ্রহ হয় না। ১২ শব্দের অভিধাশক্তি ; প্রতিপাদ্য ; মানে। "নানার্থ বর্গ ;" "শব্দার্থ-মুক্তাবলী ;" "সুতরাং ধন বলিতে কেবল অর্থই বুঝায় না, যা কিছু শ্রমসাধ্য অর্থাৎ শ্রমের দ্বারা উৎপন্ন তাই ধন।"-ঋদ্ধি। ১৩ নিষেধ ; নিবৃত্তি। প্র-অত্যর্থ [অতি (অতিক্রম) + অর্থ (নিবৃত্তি)

-যে নিবৃত্তি অতিক্রম করিয়াছে (অর্থাৎ অত্যন্ত বা অধিক)-স্বতন্ত্র ব্যবহার নাই] ১৪ স্বরূপ কথন ; প্রশংসা ; স্তুতি। দ্র-অর্থবাদ [স্বতন্ত্র ব্যবহৃত হয় না] ১৫ প্রকার ; রীতি ; প্রণালী [বাং-অপ্র০] ১৬ হিত ; মঙ্গল ; কল্যাণ। "মহাত্মা হিতৈষী বিদুরের মহৎ অর্থযুক্ত বাক্য সকল শ্রবণ না করিয়া এরূপ পরিতাপ প্রাপ্ত হইতেছি।"-মহা০। "আপদ-কালে প্রজাপীড়ন অর্থের নিমিত্তই হইয়া থাকে ; তাহা স্বতন্ত্র ; আর তৎকালে প্রজা-পীড়ন না করা অনর্থের নিমিত্ত হয়।" -মহা০। ১৭ নীতি ; রাজনীতি ; স্বরাষ্ট্র ও পররাষ্ট্রনীতি। "সর্ব্ববিদ্যাকুশল মন্ত্রবিদ্ রাজাও একাকী মন্ত্রী ব্যতিরেকে মন্ত্ররূপ অর্থ কদাপি চিন্তা করিবেন না।" -রত্নমালা (১ম খণ্ড)। ১৮ [ব্যবহার শা০] অভিযোগ ; নালিশ ; বাদ [অর্থী দ্রঃ] ১৯ যথার্থ ; সত্য ; তথ্য। "রাজা অর্থ ও অনর্থ বুঝিয়া ধর্ম্ম ও অধর্ম্মের প্রতি দৃষ্টি রাখিয়া, ব্রাহ্মণাদি ক্রমে অর্থী ও প্রত্যর্থীর কার্য্য সকল দর্শন করিবেন।"-মনু০ (রত্নমালা)। ২০ [কাব্য শা০] ত্রিবিধ অর্থ-(১) বাচ্য। (২) লক্ষ্য। (৩) ব্যঙ্গ। ব্যুৎপত্তিগত ও প্রয়োগ-সম্মত অর্থ যাকে মুখ্যার্থও বলে এবং যা অভিধা দ্বারা বোধগম্য হয়, তা বাচ্যার্থ। যথা-গৌড় অর্থে গৌড়দেশ কিন্তু যদি বাক্যের মধ্যে ইহার এরূপ প্রয়োগ হয় যে লক্ষণা দ্বারা গৌড় অর্থে গৌড়-দেশবাসী বুঝায় তা হইলে তাকে লক্ষ্যার্থ বলে। "কি জানি-হারায় বিদ্যা হাসিবেক গৌড়।"-অ০ ম০। এবং বাচ্যার্থ ও লক্ষ্যার্থের অতীত ব্যঞ্জনাদ্বারা অর্থান্তর পরিগ্রহ হইলে ব্যঙ্গার্থ হয়। "সেদিন বরষা ঝরঝর ঝরে কহিল কবির স্ত্রী-** ভার-তীরে ছাড়ি ধর এইবেলা লক্ষ্মীর উপাসনা। দেখি সে মুরতি সর্ব্ব নাশিয়া কবির পরাণ উঠিল ত্রাসিয়া**কহে যুড়ি করপুট,-**লক্ষ্মী সদয় লক্ষ্মীছাড়ারে, ঘরেতে আছেন নাইকো ভাঁড়ারে একথা শুনিবে কেবা! আমার কপালে বিপরীত ফল চপলা লক্ষ্মী মোরে অচপল ভারতী না থাকে থির একপল এত করি তাঁর সেবা।"-রবী০। এখানে লক্ষ্মীর বাচ্যার্থ কমলা এবং ব্যঙ্গার্থে কবির স্ত্রী। ২১ বিণ, ঐশ্বর্য্যশালী ; ধনবান্। ২২ বিদ্বান্ ; শাস্ত্রজ্ঞ [বাং, স্বতন্ত্র ব্যবহার দেখা যায় না] ~কঁর [কর (যে করে)] বিণ, বিত্ত বা ধনোৎ-পাদক ; ধনসঞ্চয়কারী ; আয়জনক ; লাভ-কর ; ধনপ্রদ। ২ কার্য্যকর। ৩ উদ্দেশ্য বা প্রয়োজনসিদ্ধিজনক ; সফল ; প্রয়োজনো-পযোগী। "হে মানদ! উর্ব্বশী তোমাকে যে অভিশাপ প্রদান করিয়াছে, সেই অভিশাপ তোমার পক্ষে অর্থকর ও কল্যাণসাধক হইবে।"-মহা০ (বর্দ্ধ)। স্ত্রীং ~করী। "সন্তানগণকে শুদ্ধ অ০ বিদ্যাশিক্ষা দিয়াই পিতামাতার ক্ষান্ত হওয়া কর্ত্তব্য নহে।" ~করীবিদ্যা-বি, যে বিদ্যা দ্বারা অর্থোপার্জ্জন করা যায়। ~কঁষ্ট-বি, ধনা-ভাবজনিত ক্লেশ। ~কাম-বি, ধনলোভ। ২ বিণ, ধনলিপ্সু। > স্ত্রীং ~া। ~কামী -বিণ, ধনলোভী। > স্ত্রীং ~কামিনী। ~কার, ~কাঁরক-বিণ, ব্যাখ্যাকারী। ~কৃচ্ছ্র [কৃচ্ছ্র (কষ্ট)] বি, অর্থের অভাব বা অল্পতাহেতু সংসারযাত্রা নির্ব্বাহে ক্লেশ ; অর্থ কষ্ট ; ধনকষ্ট। ~গরীয়ান্ [গরীয়স্ >, ১মা ১ব০] বিণ, অর্থগৌরবময় ; ভাবপূর্ণ। ২ ধনগর্ব্বী। ~গৃধ্নু [অর্থ-গৃধ্ (লাভ করা) + নু (র্ত্তৃ)] বিণ, ধনলুব্ধ ; অর্থলোলুপ। ২ কৃপণ। ~গৌঁরব-বি, ধনের গর্ব্ব ; ধন প্রাধান্য। ২ অর্থ বা ভাব গুরুত্ব ; অর্থ মাহাত্ম্য। ~গ্রহি [গ্রহ=(গ্রহণ, বোধ)] বি, অর্থবোধ। ~ঘ্ন-বিণ, ধননাশকারী ; অপব্যয়ী। ~চিন্তা-বি, ধনোপার্জ্জনের বা টাকার ভাবনা। রোজগারের চিন্তা। ~চেষ্টা-বি, ধনোপার্জ্জনের যত্ন। ~জঁনক -বিণ, আয়প্রদ ; লাভজনক। ~জ্ঞ-বি, তাৎপর্য্যজ্ঞাতা ; ভাবজ্ঞ ; মর্ম্মজ্ঞ। ~জ্ঞাপঁক -বিণ ; ভাবদ্যোতক। ~তঃ [অর্থ + তস্] অ, বস্তুতঃ ; ফলতঃ ["যথা" শব্দের যোগেই অধিক ব্যবহৃত হইয়া থাকে] ~তঁত্ত্ব [অর্থ-তত্ত্ব (যথার্থ) ৬ তৎ] বি, যাথার্থ্য ; প্রকৃত বিষয়-নিরূপণ ; স্বরূপ। ২ অর্থশাস্ত্র ; ধনবিজ্ঞান। ~তত্ত্বজ্ঞ-বিণ, অর্থবিদ্। ~দঁ-বি, ধনদ ; ধনদাতা। > স্ত্রীং ~া। ~দণ্ড-বি, জরিমানা। ~দাতা-বিণ, ধনদানকারী। > স্ত্রীং ~দাত্রী। বি, ~দান। ~দায়ঁক -বিণ, ধনদাতা। > স্ত্রীং ~দায়িকা, ~না-বি, যাচ্ঞা ; ভিক্ষা। ~দূষঁণ [অর্থ-দূষণ (নাশ-অপব্যয়)] বি, ধনের অযথা ব্যয়। ২ পর ধনের অপহরণ ; দেয় অর্থ প্রদান না করা ই০ ব্যসনবিঃ। ~নাশ-বি, ধনক্ষয়। বিণ, ~নাশা-ধনক্ষয়কর (তুল-কর্ম্মনাশা)। ~নীতি-বি, ধনবিজ্ঞান, অর্থ-শাস্ত্র। ~পতি-বি কুবের। ~পঁর [অর্থই পর (প্রধান) যার-বহু০] বিণ, ধনলুব্ধ ; অর্থ-লোলুপ ; ধনে আসক্ত। ২ ব্যয়কুণ্ঠিত ; কৃপণ। ~পঁরায়ঁণ [অর্থ পর (প্রধান) অয়ন (আশ্রয়) যার-বহু০] বিণ, যে ধন বড় ভালবাসে ; কৃপণ। ~পিপাসা-বি, ধনাকাঙ্ক্ষা ; ধনতৃষ্ণা। ~পিপাসু-বিণ ধনলোলুপ। ~পিশাচ [অর্থ বিষয়েতে পিশাচ-৭ তৎ] বিণ, যে ব্যক্তি ধর্ম্মাধর্ম্ম বিচার না করিয়া কেবল ধনের জন্যই ব্যগ্র ; নিতান্ত ধনলুব্ধ ; ধনলাভের জন্য যে পৈশাচিক বা অতি নীচ এবং নিন্দিত উপায়ও অবলম্বন করিয়া থাকে ; কৃপণাধম। ~প্রদ-বিণ, ধনদ। ২ ভাবপ্রকাশক। ~প্রয়োগ [অর্থ (ধন) প্রয়োগ-৬ তৎ] বি, ধন বৃদ্ধির ব্যবস্থা ; টাকা খাটান ; কুসীদব্যবহার ; বৃদ্ধির জন্য ঋণদান ; ব্যবসায়াদিতে ধন নিয়োগ বা টাকা ফেলা। ২ অভিধা বা তাৎপর্য্যের আরোপ। ~প্রাপ্তি-বি, ধনলাভ। বিণ, ~প্রাপ্ত। ~বঁল-বি, অর্থসামর্থ্য ; ধনবল। ~বাদ [অর্থ (বস্তু-স্বরূপ) বাদ (কথন) ৬ তৎ। অনুবাদ ও ভূতার্থবাদ দ্রঃ] বি, প্রশংসা ; গুণকীর্ত্তন ; স্তুতিবাদ। ২ স্বাভিপ্রায় প্রকাশ। ৩ ব্যঞ্জনা ; স্তুত্যর্থবাদ ও নিন্দার্থ-বাদ। ৪ বেদের ব্রাহ্মণ ভাগের একাংশ (অন্য অংশের নাম বিধি) ; স্তুতিবাদ। ৫ আবেদন petition. ~বান্ [অর্থ (ধন) + বৎ (স্ত্য) = অর্থবৎ, ১মা ১ব০] বিণ, ধনী ; ঐশ্বর্য্যবান্। ২ সার্থক ; অর্থযুক্ত ; সফল। ৩ সাভিপ্রায়। ৪ ক্রি-বিণ, যথাপ্রয়োজন। ~বিজ্ঞান [অর্থ (শব্দের প্রতিপাদ্য) বিজ্ঞান-৬ তৎ] বি, শব্দার্থজ্ঞান ; শব্দশক্তি-গ্রহ। ২ সম্পত্তিশাস্ত্র ; ধন বিজ্ঞান political economy. ~বিদ্ [(বিৎ) অর্থ (অভিধেয়) বিদ্ (জানা) + ক্বিপ, (র্ত্তৃ)-উপ০ ; যে অর্থ জানে] বিণ, জ্ঞানী ; শব্দার্থজ্ঞ ; তত্ত্বজ্ঞ।

~বিনিয়োগ [অর্থ-বিনিয়োগ, ৬ তৎ] বি,৩ অর্থ প্রয়োগ দ্রঃ। ~বিরোধ-বি, তাৎপর্য্যের অসামঞ্জস্য। ~বৃদ্ধি-বি, ধনবৃদ্ধি। ~বেত্তা-বিণ, অর্থবিৎ। ~বৈকল্প বি, কথার ফাঁকি ; ব্যপদেশ। ~বৈলক্ষণ্য -বি, অর্থান্তর। ~ব্যয়-বি, টাকা খরচ। ~ব্যবহার-বি, ধনের উৎপত্তি নিয়োগ ; বৃদ্ধি ; বণ্টন ও রক্ষণ বিষয়ক শাং political economy. ~ভাক্, ~ভাগী-বিণ, ধনভাগী। ~ভাগ্য-বি, ধন প্রাপ্তি সৌভাগ্য ; কড়িকপাল। ~ভাণ্ডার-বি, ধনাগার। ~লালসা-বি ধনলোভ। ~লাভ-বি, ধনপ্রাপ্তি ; আয়। ~লোভ-বি,ধনলিপ্সা। বিণ, ~লোভী। ~লোলুপ-বিণ, ধনলিপ্সু। ~শালী-বিণ, ধনী। ~ভেদ [(অর্থের) ভেদ-৬ তৎ] বি,অর্থের বিভিন্নতা। ২ তাৎপর্য্য-নিরূপণ। ~লুব্ধ-বিণ, ধনলোলুপ ; অর্থগৃধ্নু। ~শাস্ত্র-বি, ধনবিজ্ঞান ; সম্পত্তিশাস্ত্র। ২ চতুঃষষ্টিকলাশাস্ত্র। ৩ রাজনীতি-শাস্ত্র। ৪ নীতি-শাস্ত্র। ৫ ব্যবহার-শাস্ত্র। ৬ কৃষি-শাস্ত্র। ৭ অর্থ-তত্ত্ব। ৮ শিল্পশাস্ত্র। ~শাস্ত্রী-বিণ, অর্থশাস্ত্রবিদ্। "তাতে ইংরেজ অর্থশাস্ত্রীদের মনে তখনকার প্রচলিত অর্থনীতিতে সংশয় উপস্থিত হ'তে লাগল।"-আং শক্তি ১৩৩৪। ~শাস্ত্রজ্ঞ, ~শাস্ত্রবিৎ, ~শাস্ত্রকুশল, ~শাস্ত্রবিশারদ-বিণ, ধনবিজ্ঞানে সুপণ্ডিত economist. ~শুচি [অর্থবিষয়েতে শুচি -৭ তৎ] বিণ, অর্থ ব্যবহার সম্বন্ধে সাধু ; অধর্ম্ম করিয়া যে অর্থোপার্জ্জন করে না ; অর্থোপার্জ্জন বিষয়ে সৎপথ অবলম্বী। ~শূন্য-বিণ, নির্ধন। ২ ভাবহীন। ~শৌচ [অর্থ বিষয়ে শৌচ-৭ তৎ] বি, ধন উপার্জ্জন বিষয়ে সাধুতা ; সাধুগিরি ; সাউকরী। ~সংগ্রহ, ~সঞ্চয়, ~সংস্থান, ~সংস্থিতি-বি,ধন আহরণ ; ধন উপার্জ্জন করিয়া রক্ষা ; টাকাকড়ি জমা করা ; আয় অপেক্ষা ব্যয় অল্প করিয়া অবশিষ্ট অর্থের সংরক্ষণ। ~সঙ্কট-বি, উৎকট অর্থাভাব জনিত গুরুতর অবস্থা ; টাকাকড়ির অভাবে দুরবস্থা। ২ মর্ম্মগ্রহণে অক্ষমতাহেতু বিপত্তি ; অর্থভেদ কাঠিন্য। ~সঙ্গতি, ~সামঞ্জস্য-বি, পূর্ব্বাপর তাৎপর্য্যে মিল ; অর্থের উপযোগিতা। ২ আয় অনুযায়ী ব্যয় ; টাকাকড়ির স্বচ্ছলতা। ~সমস্যা বি, অর্থসঙ্কট। ~সমাধান-বি, তাৎপর্য্য নিরাকরণ ; মর্ম্মনির্দ্ধারণ ; সিদ্ধান্ত। ~সাধন-বি, অর্থপ্রাপ্তির জন্য চেষ্টা ; ধনার্জ্জনব্রত। ~সাপেক্ষ-বিণ, ধনের উপর নির্ভরশীল ; অর্থাপেক্ষিত। ~সামর্থ্য -বি, ধনবল। ~সাহায্য-বি, টাকা কড়ি দিয়া সহায়তা। ~সিদ্ধি-বি, অর্থপ্রাপ্তির উপায় সাধন ; ইষ্টসিদ্ধি ; প্রয়োজনসাধন ; কার্য্যসফলতা। বিণ, ~সিদ্ধ-সিদ্ধকাম ; কৃতকার্য্য successful. ~স্পৃহা-বি, ধনাকাঙ্ক্ষা ; ধনলালসা। ~হর [যে হরণ করে] বিণ, উত্তরাধিকার সূত্রে পৈতৃক ধনভাগী ; ধনাধিকারী। ২ তস্কর। ~হানি -বি, ধনক্ষয় ; ধননাশ। ~হীন-বিণ, নির্ধন। ~হ্রাস-বি, ধনক্ষয়।

অর্থাগম [অর্থের আগম-৬ তৎ] বি, ধনের আগমন ; ধনাগম ; বিত্তলাভ ; অর্থপ্রাপ্তি ; উপার্জ্জন ; আয়।

অর্থাৎ [অর্থ (ধনাদি) পঞ্চমীর একবচনান্ত রূপের অনুরূপ অব্যয়। বাংলাতেও ঠিক সংস্কৃতানুরূপ ব্যবহার] অং অর্থবশতঃ ; প্রয়োজনবশতঃ ; তাৎপর্য্যবশতঃ। ২ ফলতঃ ; বস্তুতঃ। ৩ মানে।

অর্থাধিকার [অর্থ+অধিকার] বি, ধনের অধিকার ; ধন ভোগ।

অর্থান্তর [অর্থ+অন্তর (অন্য, ভিন্ন)] বি, অর্থভেদ ; অভিপ্রায়ভেদ ; অন্য অর্থ ; দ্বিতীয় অর্থ ; অপর অর্থ ; ফলিতার্থ।

অর্থান্তরন্যাস [অর্থান্তরের ন্যাস -৬ তৎ] বি, অর্থান্তর কথন। ২ কাব্যের অলঙ্কার বিঃ corroboration. প্রস্তুত বাক্যার্থ অপ্রস্তুত বাক্যার্থ দ্বারা সমর্থিত হইলে, ও কথন সামান্য দ্বারা বিশেষেরও বিশেষ দ্বারা সামান্য অর্থের সমর্থন করা হইলে এই অলঙ্কার হয়। যথা-"চির সুখীজন ভ্রমে কি কখন ব্যথিত বেদন বুঝিতে পারে? কি যাতনা বিষে বুঝিবে সে কিসে কভু আশীবিষে দংশেনি যারে?"-ঈং গুপ্ত। "অনসূয়া ও প্রিয়ংবদা সাতিশয় প্রীত হইয়া কহিলেন, সখি! সৌভাগ্যক্রমে তুমি অনুরূপ পাত্রেই অনুরাগিণী হইয়াছ, অথবা-মহানদী সাগর পরিত্যাগ করিয়া, আর কোন্ জলাশয়ে প্রবেশ করিবেক?"-শকুন্তলা। যে স্থানে সামান্যদ্বারা বিশেষের এবং বিশেষদ্বারা সামান্যের, কার্য্য দ্বারা কারণের এবং কারণ দ্বারা কার্য্যের অর্থাৎ বিষয়ান্তরের উল্লেখদ্বারা প্রস্তাবিত বিষয়ের সমর্থন করা হয়, তথায় এই অলঙ্কার হয় figure antithesis. "কে ছেঁড়ে পদ্মের পর্ণ? কেমনে হরিল ও বরাঙ্গ অলঙ্কার বুঝিতে না পারি।"-মেঘং [এখানে পদ্মঘটিত বিষয়ান্তরদ্বারা বরাঙ্গের অলঙ্কার হরণরূপ প্রস্তাবিত বিষয়ের সমর্থন করা হইতেছে]।

অর্থান্তরে-ক্রি-বিণ, অন্যার্থে ; ভিন্নার্থে।

অর্থান্বিত-বিণ, ধনী।

অর্থাপত্তি [অর্থ+আপত্তি (প্রাপ্তি)] বি, [দর্শন শাং] অনুমানবিঃ ; সুতরাং প্রাপ্তি ; সিদ্ধান্ত দ্বারা প্রাপ্তি presumption [term used when the sense of a sentence, though not specifically mentioned, cannot be indirectly preserved or deduced, e. g. পীনো দেবদত্তো দিবা ন ভুঙ্‌ক্তে-Fat DevaDatta does not eat at day time—from which it is evident that he certainly eats at night otherwise he could not have become fat-সুশ্রুত] ২ কাব্যের অর্থালঙ্কার বিঃ। "ইন্দুরে দণ্ড ভক্ষণ করিয়াছে" এই কথার অর্থবশতঃ দণ্ডস্থিত পিষ্টক ভক্ষণ যেমন সহজেই প্রতীত হয়, তদ্রূপ একার্থ হইতে অন্য প্রকার অর্থাগমহেতু যে চমৎকারিত্ব জন্মিল তাতে বা প্রস্তাবিত অর্থদ্বারা অপ্রস্তাবিত এবং তদ্বিপরীত স্থলে এই অলঙ্কার হয়। যথা-"ইন্দ্র তোর পিতা জিনেছি তায়, নর তুই তোরে জিনা কি দায়।"-নিং কং। ৩ [কাব্যালং] প্রস্তাবিত অর্থ, বিষয় বা বর্ণনাদ্বারা অপ্রস্তাবিত কিম্বা অপ্রস্তাবিত দ্বারা প্রস্তাবিত অর্থ, বিষয় বা বর্ণনার উপলব্ধি স্থলে এই অলঙ্কার হয় ; অন্য বাক্যের কথন ব্যতিরেকেও একটী বাক্যের কথনে যার অর্থ প্রাপ্তি বা বোধ হয় ; লক্ষণা fig. metonymy.

অর্থার্থী [অর্থ+অর্থী] বিণ, ধনযাচক।

অর্থিক [অর্থ+ইন্ (প্রয়োজনার্থে)=

অর্থিন্+ক (স্বার্থে), ন্ লোপ] বি, যার অর্থে প্রয়োজন আছে; যাচক; অর্থী; ভিক্ষুক। ২ অর্থসম্বন্ধীয়। ৩ নিদ্রিত রাজাদিগের নিদ্রাভঙ্গের জন্য নিযুক্ত; বন্দনাকারী বা বন্দী; বৈতালিক।

অর্থিত [অর্থ (প্রার্থনা করা)+ত (র্ম্ম)] বিণ, যা প্রার্থনা করা হইয়াছে; যাচিত; প্রার্থিত। ২ যার নিকট যাচ্ঞা করা হইয়াছে। ৩ [প্রশ্নার্থেও সংস্কৃতে অর্থ-ধাতুর প্রয়োগ দেখা যায়] পৃষ্ট; জিজ্ঞাসিত।

অর্থিতা, অর্থিত্ব [অর্থিন্+তা, ত্ব -ভা°, ন্ লোপ] বি, অর্থীর ভাব বা ধর্ম্ম। ২ প্রার্থনা; যাচ্ঞা। ৩ অভিলাষ; ইচ্ছা।

অর্থী [অর্থ (যাচ্ঞা করা)+ইন্ (প্রয়োজনার্থে) র্ত্তৃ] বিণ, প্রয়োজন বশতঃ যে অন্যের নিকট প্রার্থনা করে; যাচক; ভিক্ষুক। ২ ধনবান্; অর্থশালী। ৩ যে বিচারালয়ে ব্যবহার শাস্ত্রমতে কাহারো নামে অভিযোগ করে; বাদী। "পাত্রমিত্র অমাত্য আদি, অর্থী প্রার্থী বাদী প্রতিবাদী,"-রবী°। "সভামধ্যে অর্থী ও প্রত্যর্থীর সম্মুখে সাক্ষীদিগকে উপস্থিত করাইয়া প্রাড্‌বিবাক, প্রিয়বচনে তাহাদিগকে এই কহিবেন,-তোমরা বাদী ও প্রতিবাদীর উপস্থিত বিষয়ে যা জান তাহা সত্য করিয়া বল, যেহেতু তোমাদিগকে এ বিষয়ে সাক্ষী মানা গিয়াছে।"-মনু° (রঙ্গমালা)। ৪ [ফরিদপুর প্রাদে°] আবেদনকারী petitioner. ৫ সহায়। ৬ ভৃত্য।

অর্থে [অর্থ+এ (তে)] ক্রি-বিণ, নিমিত্তে; জন্য; কারণে।

অর্থেপ্সু [অর্থ+ইপ্সু] বিণ, ধনলিপ্সু; ধনলোলুপ।

অর্থোপার্জ্জন [অর্থের-উপার্জ্জন, ৬ তৎ] বি, ধনসংগ্রহ; আয়করণ; শ্রম বিনিময়ে অর্থলাভ।

অর্থোদ্ভেদ [অর্থ-উদ্ভেদ-৬ তৎ] বি, অর্থপ্রকাশ; অর্থোদ্ঘাটন interpretation, exposition. "কোনো পণ্ডিত একবার এই শব্দের যে অ° করিয়াছিলেন।"-আ° শক্তি।

অর্থ্য [অর্থ+য (সাধু অর্থে)] বিণ, যুক্তিযুক্ত; ন্যায়সঙ্গত; ন্যায্য। ২ [অর্থ+য (অনপেত অর্থে)] অর্থযুক্ত। ৩ [অর্থ+য(র্ম্ম)] প্রার্থনার যোগ্য; যাকে প্রার্থনা করা যাইতে পারে।

অর্দ্দন [অর্দ্দ্ (পীড়ন করা)+অন (ভা°)] বি, পীড়া; হিংসা; হনন; যুদ্ধ। ২ [অর্দ্দ্ (যাচ্ঞা করা)+অন (ভা°)] প্রার্থনা [অপ্র°] ৩ [র্ত্তৃ-অন] বিণ, বিনাশক: হন্তা। "জয় কেশীমর্দ্দন, কৈটভ-অর্দ্দন গোপিকাগণ মোহন।"-অ° মু°।

অর্দ্দিত [অর্দ্দ্+ত (র্ম্ম)] বিণ, যাকে পীড়ন করা হইয়াছে; পীড়িত; হিংসিত। ২ যাকে প্রার্থনা করা হইয়াছে; প্রার্থিত, যাচিত।

অর্দ্ধ [ঋধ্ (বৃদ্ধি পাওয়া)+অ (ণে) যদ্দারা বৃদ্ধি পাওয়া পূর্ণ হয়] বি, অসমাংশ; দুইভাগের যে কোন ভাগ। তুল-Two unequal halves; greater half; lesser half "বেশী অর্দ্ধেক রাখ, কম অর্দ্ধেক লও।" ৩ সমান অর্দ্ধাংশ; ঠিক অর্দ্ধেক। ৪ [অর্দ্ধী ও°] বিণ, দ্বিভাগীকৃত; দুইভাগ-করা। প্র-অর্দ্ধ-ভূমণ্ডল; গোলার্দ্ধ। ~ক [অর্দ্ধ+ক (স্বার্থে)। অর্দ্ধক স্থলে 'অর্দ্ধেক' শব্দেরই প্রচলন আছে। গ্রা°-অদ্ধেক, আদেক] বি, অর্দ্ধ। ~কথন -বি, অসম্পূর্ণ উক্তি। বিণ, ~কথিত। ~কৃত্ত-বিণ, দ্বিখণ্ডিত। ~খার [অর্দ্ধ-খার (খারী+অ) পরিমাণ বিঃ] বি, খারি পরিমাণের অর্দ্ধাংশ। ~গঙ্গা [যুবনাশ্বের শাপে অর্দ্ধরূপে কাবেরী নামে তাঁর এক কন্যা জন্মগ্রহণ করেন বলিয়া কাবেরীর এই নাম (মহা°)। পুনশ্চ-ইহাতে স্নান করিলে গঙ্গাস্নানের অর্দ্ধফল হয় বলিয়া] বি, কাবেরী নদী। ~গুচ্ছ-বি, আধগোছা। ২ চতুর্ব্বিংশতি নরী হার। ~গ্রাস-বি, অসম্পূর্ণ কবল; আধগাল। ২ সূর্য্য বা চন্দ্রগ্রহণ কালে অর্দ্ধ ভাগ ছায়াবৃত হওয়ার অবস্থা। বিণ, ~গ্রস্ত। ~চন্দ্র [অর্দ্ধ-চন্দ্র, চন্দ্রের অর্দ্ধ-৬ তৎ, বা অর্দ্ধ (অর্দ্ধখণ্ড বিশিষ্ট) চন্দ্র (ধা)] বি, চন্দ্রখণ্ড। ২ [অর্দ্ধচন্দ্রের আকৃতি বলিয়া। প্রাদে°] গলাধাক্কা; যা গলদেশে প্রদান করিয়া অপরাধীকে বাহির করিয়া দেয়। "আদর সুরু লাঠি জুতায় শেষে অ° চ°।"-দ্বি° রায়। ৩ ময়ূরপুচ্ছের চন্দ্রক; মেচক। ৪ হস্তীর আভরণ বিঃ। ৫ (অগ্রভাগ অর্দ্ধ চন্দ্রের মতন বলিয়া) বাণ। ৬ স্ত্রীলোকদিগের কপালের অর্দ্ধচন্দ্রাকার তিলক। ৭ ইস্‌লামীয় পতাকা; মুসলমানদিগের জাতীয় পতাকা। "ঘুরিল একাকী, হইল উজ্জ্বল, যবনের অ°।"-নবীন° (থানেশ্বর)। ৮ [নাট্য শা°] আঙ্গিকাভিনয়ে যাতে পতাক হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রসারিত থাকে half moon. ৯ অর্দ্ধচন্দ্রাকৃতি সৈন্য-ব্যূহ। "অর্দ্ধচন্দ্রব্যূহ করি সৈন্য কৈল স্থির।" -মহা° (বিজয়)। ~চন্দ্রাকার, ~চন্দ্রাকৃতি-বিণ, যার আকার বা আকৃতি অর্দ্ধ চন্দ্রের ন্যায়। ২ অর্দ্ধচন্দ্রাকারে নির্ম্মিত। ~চন্দ্রিকা-বি, কৃষ্ণ তেউড়ী। ~চোলক-বি, কঞ্চুলিকা; কাঁচুলি। ~জরতীয় ন্যায়-বাদী ও প্রতিবাদীর মতদ্বৈধের সামঞ্জস্য রক্ষার্থ একপক্ষের মতের কিয়দংশ ও অন্যপক্ষীয় মতের কিয়দংশ গ্রহণ করাকে পণ্ডিতেরা অর্দ্ধজরতীয় ন্যায় বলিয়া থাকেন। একটী গল্প আছে যে,-এক বিষয়-বুদ্ধি-বিহীন বৃদ্ধ ব্রাহ্মণ দুরবস্থায় পতিত হইয়া তাঁর গাভীটীকে বিক্রয় করিতে হাটে লইয়া যান। মানুষ প্রাচীন হইলে অভিজ্ঞতা ও বহুদর্শিতা হেতু অধিক মূল্যবান্ হয় বলিয়া, গাভীকেও অধিক মূল্যে বিক্রয় করিবার মানসে, তাকে প্রাচীনা বলিতে থাকেন, তাতে ক্রেতা আর জুটে না; অবশেষে জনৈক বুদ্ধিমান্ লোক কর্ত্তৃক গাভীটীকে নবীনা ও এক বিয়ানী বলিতে উপদিষ্ট হওয়ায় তিনি ভাবিলেন একবার প্রাচীনা বলিয়া আবার তাকে কিরূপে নবীনা বলা যাইতে পারে, সুতরাং উভয় দিক রক্ষা করিয়া গাভীটীকে অর্দ্ধজরতী ও অর্দ্ধ নবীনা বলাই স্থির করেন। পরে জনৈক ক্রেতা আসিলে ব্রাহ্মণ ঐরূপই বলেন। তাতে ব্রাহ্মণকে বিষয়-বুদ্ধিহীন জানিয়া সে গাভীটিকে মূল্য দিয়া লইয়া যায়। ইহাই অর্দ্ধজরতীয় ন্যায়। ~জীবিত-বি, আধমরা। ~তিক্ত-বি, চিরাতা। ~নারীশ [অর্দ্ধ (অর্দ্ধাঙ্গভূত) যে নারী তার ঈশ (প্রভু) ৬ তৎ] বি, শিবের মূর্ত্তিভেদ। এই মূর্ত্তি নীলমণির ন্যায় চিক্কণ, ত্রিনেত্র, চতুর্ভুজ, হস্তে পাশ, রক্তপদ্ম, নরকপাল ও শূল, নানাবিধ ভূষণে ভূষিত, ললাটে অর্দ্ধচন্দ্র। ~নারীশ্বর [অর্দ্ধ (অর্দ্ধাঙ্গ) নারী (তাঁর সহিত) ঈশ্বর (শিব)-এই মূর্ত্তিতে

প্রকৃতি পার্ব্বতীরূপে এবং পুরুষ শিবরূপে মিলিত] বি, হর-গৌরীর যুগলমূর্ত্তি। দেবী পুরাণে লিখিত আছে,-"ত্রিষষ্টি ভুবনের মধ্যে সপ্ত পাতাল শ্রেষ্ঠ। * * * অষ্টম উপপাতাল স্বুবর্ণময়। তথায় ভগবান্ অর্দ্ধনারীশ্বর বাস করেন এবং ব্রহ্মাদি তথায় নিত্য ক্রীড়া করেন।" ~নিদ্রা-বি, অসম্পূর্ণ নিদ্রা। ~নিদ্রিত-বিণ, আধঘুমন্ত। ~নিমগ্ন-বিণ, অর্দ্ধ ভাগ জলমধ্যগত। ~নিমীলিত-বিণ, আধ-চাওয়া। ~নির্ম্মিত-বিণ, অসম্পূর্ণ ভাবে গঠিত; আধগড়া। ~পতাক [নাট্য শা০] বি, আঙ্গিকাভিনয়ে ত্রিপতাক হস্তের কনিষ্ঠা যাতে নত থাকে half-flag. ~পথ [অর্দ্ধ-পথিন্=(পথ)-ধা] বি, পথের অর্দ্ধ; মধ্যপথ; পথের মধ্যস্থল। ~পরিস্ফুট-বিণ, যা ভাল ফোটে নাই; আংশিক ভাবে ব্যক্ত বা প্রকাশিত। ~পাদ [অর্দ্ধ-পাদ] বি, আধফুট পরিমাণ। ২ কপাটের প্রকারভেদ। [শব্দসার] ~পারাবত-বি, তিত্তির পক্ষী। ~প্রহর-বি, দেড় ঘণ্টা। ~বক্র-বিণ, অর্দ্ধেক ভাগ বাঁকা। ~বয়ঃ, ~বয়স্ক-বিণ, মধ্য বয়সের; আধবয়সী। স্ত্রীং ~া। ~বীক্ষণ [অর্দ্ধ-বীক্ষণ (দর্শন)-ধা] বি, অর্দ্ধেক দৃষ্টি। ২ কটাক্ষ; অপাঙ্গদর্শন; আড়দৃষ্টি। ~ব্যক্ত-বি, অসম্পূর্ণ ভাবে কথিত বা প্রকাশিত। ~ব্রাহ্মণ-বি, কেরল-উৎপত্তিতে লিখিত আছে, পরশুরাম সমুদ্রের নিকট স্থান লইয়া যে সকল ব্রাহ্মণকে তদ্দেশবাসিগণের কার্য্যে নিযুক্ত করেন-ভারতকোষ। ~ভাক্ [অর্দ্ধ-ভাজ্ (ভজ্=ভজনা করা, ভাগ করা)] বিণ, যে অর্দ্ধাংশ প্রাপ্ত হয়; অর্দ্ধাংশভাগী। ~ভাগ-বি, দ্বিখণ্ডিতবস্তু বা বিষয়ের একাংশ। > বিণ, ~ভাগী। ~ভূমণ্ডল [অর্দ্ধ (অর্দ্ধাংশ বিশিষ্ট) ভূমণ্ডল (পৃথিবী)-ধা] বি, আধু০ ভূগোলবেত্তারা ভূমণ্ডলকে কাল্পনিক দুইটী ভাগে বিভক্ত করিয়া একভাগকে অর্দ্ধভূমণ্ডল নামে অভিহিত করেন hemisphere. ~মাণবক-বি, ১২ নরী হার। ~মাত্র-বি, বিণ, কেবল অর্দ্ধেক। "অর্দ্ধমাত্র অবশিষ্ট আছে।" ~মাত্রা [অর্দ্ধ-মাত্রা (পরিমাণ)] বি, নির্দ্ধারিত পরিমাণের অর্দ্ধ; অর্দ্ধপরিমাণ। ২ ওঁ এই শব্দে ৺ এই চিহ্ন ব্রহ্মরূপিণী বলিয়া উক্ত. ["অকারো ভগবান্ ব্রহ্মা উকারো বিষ্ণুরুচ্যতে। মকারো ভগবান্রুদ্রোঽপ্যর্দ্ধ-মাত্রা মহেশ্বরী॥"-মহেশ্বরী] ৩ [আয়ু০] ঔষধের যতটুকু পূর্ণ বয়স্কের এককালে সেবনের বিধি সেই পরিমাণের অর্দ্ধেক half a doze. ৪ [ব্যা০-"একমাত্রো ভবেদ্ হ্রস্বো দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে। ত্রিমাত্রস্তু প্লুতো জ্ঞেয়ো ব্যঞ্জন-ঞ্চার্দ্ধমাত্রকং॥"-মুগ্ধবোধ টীকা] ব্যঞ্জনবর্ণ, যথা-ক্,খ্ ই০। ৫ [সঙ্গীতে-"তালেন যাবতা পাণিঃ পর্য্যেতি জানুমণ্ডলে। সা মাত্রা"] যতটুকু সময় তাল দিবার ছলে হাত উঠাইয়া জানুর উপর ফেলা হয় তা পূর্ণমাত্রা, তারই অর্দ্ধকাল। এই অর্দ্ধমাত্রা গায়ক ও বাদকের ইচ্ছাক্রমে দ্রুত বা বিলম্বিত হইতে পারে। মাত্র দ্রঃ। অর্দ্ধমাত্রার চিহ্ন ৺ এইরূপ। ~মুকুল [নাট্য শা০] বি, উপাঙ্গাভিনয় বিঃ। সুখানুভূতি ও আনন্দ ব্যঞ্জনা স্থলে অর্দ্ধ-মুকুলিত নেত্র বা ঢুলু ঢুলু চক্ষু, নেত্রপল্লবের নিম্নে নেত্রতারা দৃশ্যমান। ২ স্মিতমুখ। ~মৃত-বিণ, আধমরা। > স্ত্রীং ~া। ~মৌলি-বি, চন্দ্রচূড়; শিব। ~যাম-বি, আধপ্রহর। ~রথ-বি, অন্যরথী সহায়ে যুদ্ধকারী রথী। ~রাত্র [অর্দ্ধ (অর্দ্ধপরিমিত) রাত্রি=অর্দ্ধরাত্র (ধা) বা রাত্রির অর্দ্ধ ৬ তৎ, ই=অ] বি, মধ্যনিশা; নিশীথ; দুই প্রহর রাত্রি বা মহানিশা; রাত্রির অষ্টম মুহূর্ত্ত। ~লক্ষ্মীহরি [অর্দ্ধ (অঙ্গ) লক্ষ্মী-(অর্দ্ধ অঙ্গ) হরি (নারায়ণ)-তুল-অর্দ্ধ-নারীশ্বর] বি, বিষ্ণুমূর্ত্তি ভেদ; লক্ষ্মীনারায়ণ মূর্ত্তি [তন্ত্র-সার] ~রাজ্য, ~রুদ্ধ, ~লুক্কায়িত, ~লুপ্ত, ~লুব্ধ। ~শত-বি, ৫০। ২ ১৫০। ~সিক্ত-বিণ, আধভিজে। > স্ত্রীং ~া। ~শেখর-বিণ, অর্দ্ধচূড়; অর্দ্ধমৌলি। ~সিরী [স্মৃ০। অর্দ্ধ+সীর (লাঙ্গল)+ঈ (র্তৃ)] বি, যে যার ক্ষেত্রে কর্ষণ করে। ২ চাষের অর্দ্ধভাগিদার। ~স্পৃষ্ট-বিণ, আধ-ছোঁয়া। ~স্ফুট, ~স্ফুটিত [অ০ স্ফুট, স্ফুটিত (উচ্চারিত)] বিণ, আধ আধ; অর্দ্ধোচ্চারিত। ২ অর্দ্ধ বিকসিত; আধ-ফোটা। ~হার-বি, ৬৪ নরী হার।

অর্দ্ধাববেদক [অর্দ্ধ-অব-ভেদক] বি, আধকপালে hemicrania.

অর্দ্ধাবশিষ্ট [অর্দ্ধ+অবশিষ্ট (বাকী)] বিণ, অর্দ্ধেক বাকী; অসম্পূর্ণ।

অর্দ্ধাংশ [অর্দ্ধ+অংশ-ধা] বি, অংশ বা ভাগের অর্দ্ধ; অর্দ্ধভাগ। ~ী, ~ভাগী-বিণ, অর্দ্ধেকের অংশীদার।

অর্দ্ধা//ঙ্গ [অর্দ্ধ + অঙ্গ। শাস্ত্রে পত্নী অঙ্গের অর্দ্ধ। তুল-the better-half. বাং-পত্নী অর্থে 'অর্দ্ধাঙ্গিনী' প্রচলরূপ] বি, অঙ্গের অর্দ্ধ; অর্দ্ধদেহ। স্ত্রীং ~ঙ্গী, ~ঙ্গিনী-সহধর্ম্মিণী; পত্নী; স্ত্রী।

অর্দ্ধাবৃত [অর্দ্ধ + আবৃত (ঢাকা)] বিণ, অর্দ্ধেক আচ্ছাদিত; আধঢাকা।

অর্দ্ধার্দ্ধ [অর্দ্ধের-অর্দ্ধ, ৬ তৎ] বি, চতুর্থাংশ; সিকিভাগ। ২ [অর্দ্ধ+অর্দ্ধ] বিণ, দুই সমভাগে বিভক্ত; আধাআধি।

অর্দ্ধার্দ্ধি [অর্দ্ধ-অর্দ্ধ (নিপাতন)] অ, অর্দ্ধেক অর্দ্ধেক; দুই সমান অংশ; আধাআধি।

অর্দ্ধাশন [অর্দ্ধশন ও০। অর্দ্ধ (অর্দ্ধ-পরিমিত) অশন (ভোজন)-ধা] বি, অর্দ্ধেক ভোজন; আধপেটা আহার। ২ বিণ, অর্দ্ধ-ভুক্ত; অর্দ্ধেক আহার করিয়াছে এমন।

অর্দ্ধাসন [অর্দ্ধ-আসন (বসিবার স্থান বা আধার) ৬ তৎ] বি, আসনের অর্দ্ধভাগ। ২ উপবেশনার্থ আসনের অর্দ্ধদানরূপ স্নেহ-ব্যঞ্জক সম্মান। প্র-অর্দ্ধাসন দান করা [তুল-"এস এস বঁধু এস আধ আঁচলে ব'স"]।

অর্দ্ধী [পুং-অর্দ্ধিন্] বিণ, অর্দ্ধাংশভাগী।

অর্দ্ধেক [অর্দ্ধ+এক] বি, একার্দ্ধ। দ্বিখণ্ডিত বস্তুর এক ভাগ।

অর্দ্ধেন্দু [অর্দ্ধ (অর্দ্ধপরিমিত) ইন্দু (চন্দ্র)-ধা, কিম্বা ইন্দুর অর্দ্ধ-৬ তৎ] বি, চন্দ্রের অর্দ্ধভাগ। অর্দ্ধচন্দ্র দ্রঃ।

অর্দ্ধোক্ত [অর্দ্ধ+উক্ত] বিণ, অর্দ্ধ কথিত; অর্দ্ধোল্লিখিত; আধ উচ্চারিত।

অর্দ্ধোক্তি [অর্দ্ধ+ উক্তি] বি, সম্পূর্ণ না বলিয়া বক্তব্যের অর্দ্ধাংশ কথন। ২ অস্পষ্ট উক্তি; আংশিক উচ্চারণ।

অর্দ্ধোচ্চারিত [অর্দ্ধ+উচ্চারিত] বিণ, অসম্পূর্ণ ভাবে উক্ত। ২ অস্পষ্ট।

`অর্দ্ধো/ত্তোলন [অর্দ্ধ+উত্তোলন] বি, অর্দ্ধেক উঠান বা খাড়া করা। বিণ, ~ত্তোলিত।

`অর্দ্ধোদয় [অর্দ্ধ+উদয়, দিগ্বলয়ের অর্দ্ধ ভাগে সূর্য্যোদয় কাল, যখন দান এবং স্নানে মহা ফলোদয় হয়] বি, পৌষ কিম্বা মাঘ মাসের রবিবারে যদি ব্যতীপাত যোগ এবং শ্রবণা নক্ষত্র হয় তবেই অর্দ্ধোদয় নামক যোগ হইয়া থাকে। ~যোগ-বি, মুখ্য পৌষ ও গৌণ মাঘ মাসের অমাবস্যার দিবাভাগে রবিবার শ্রবণা নক্ষত্র ও ব্যতীপাত ঘটিত যোগ। এই যোগে সকল জলই গঙ্গাজল তুল্য হয় বলিয়া উক্ত।

`অর্দ্ধোদিত [অর্দ্ধ-উদিত] বিণ, অর্দ্ধ প্রকাশিত ; যে বস্তু অর্দ্ধ পরিমাণে প্রকাশ পাইয়াছে। ২ অর্দ্ধ উক্ত। ৩ অর্দ্ধাংশ মাত্র উত্থিত।

অর্দ্ধোরুক [অর্দ্ধ-উরু+ক (র্ত্তৃ) যে অর্দ্ধউরু পর্য্যন্ত শোভা পায়] বি, কটি হতে অর্দ্ধোরু পর্য্যন্ত পরিধেয় স্ত্রীবস্ত্র বিঃ ; শায়া ; ছোট ঘাঘরা short petticoat.

`অর্প/ণ [ণিজন্ত ঋ=অর্পি (প্রেরণ করা +অন (ভা০)] বি, দান করা ; দেওয়া। ২ স্থাপন ; ন্যস্ত করণ ; সংস্থাপন। ~ণা [অর্পি+ অন (ভা০) স্ত্রীং আ] বি, স্থাপনা। ২ দান। অর্পণ দ্রঃ। ~ণীয়-বিণ, অর্পণ করিবার উপযুক্ত বা যোগ্য। > স্ত্রীং ~া।

অর্পয়ি/তা [অর্পি +তৃ, (র্ত্তৃ)] বিণ, অর্পণকর্ত্তা ; অর্পণকারী ; স্থাপয়িতা ; প্রদাতা। স্ত্রীং ~ত্রী।

অর্পিত [অর্পি +ত (র্ম্ম)] বিণ, কৃতার্পণ। ২ স্থাপিত ; ন্যস্ত ; বিন্যস্ত। ৩ প্রদত্ত ; প্রদানীকৃত।

অর্ব্বাক্ [অর্ব্বাচ্-১মা ১ব০] অ, অগ্রবর্ত্তীকাল। ২ অন্তিক ; সমীপ। ৩ আসন্ন। ৪ বিণ, পশ্চাদ্বর্ত্তী। ৫ পরবর্ত্তী। ৬ নিকৃষ্ট ; নীচ।

অর্ব্বাচীন [অর্ব্বাচ্ (পশ্চাদর্থে)+ঈন (ভা০)] বিণ, পশ্চাৎ উৎপন্ন ; পশ্চাদ্বর্ত্তী ; নূতন ; অপ্রাচীন ; নবীন। ২ যে বিশেষ বুদ্ধির পরিচয় দিতে পারে না ; বয়োবৃদ্ধির সহিত যার বুদ্ধি পরিপক্ব হয় নাই। ৩ নীচজাতীয় ; অধম [অপ্র০। তুল-urchin]

অর্ব্বুদ [অর্ব্ (হিংসা করা)+উদ (জ্ঞা০)] বি, দশ কোটি সংখ্যা ; ১০,০০,০০,০০০। ২ রোগ বিঃ ; আব tumour. ৩ রাজপুতানার অন্তঃপাতী আরাবলী পর্ব্বতশ্রেণীর ৫০০০ ফুট উচ্চ শৃঙ্গবিঃ (এখানে বশিষ্ঠাশ্রম থাকায় হিন্দুর ইহা প্রসিদ্ধ তীর্থ ক্ষেত্র, ইহার বর্ত্তমান নাম আবুপর্ব্বত)। ৪ জাতিবিঃ [মহা০] ৫ ভ্রূণস্থ মাংসপিণ্ড যা ক্রমশঃ বর্দ্ধিত হইয়া সন্তানে পরিণত হয়।

অর্ভক ['অর্ভ' ও০। অর্ব্ (গমন করা, বৃদ্ধি পাওয়া)+অক (জ্ঞা০) ; র্ব=র্ভ-যে ক্রমে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া গমন করিতে পারে] বি, শিশু ; বালক। ২ পশুশাবক। ৩ বিণ, ক্ষুদ্র। ৪ স্বল্প। ৫ ক্ষীণ ; দুর্ব্বল। ৬ অজ্ঞ ; মূর্খ।

অর্ম্মণ-বি, দ্রোণ-পরিমাণ অর্থাৎ এখনকার ৩২ সের।

অর্য্য [ঋ (গমন করা, পাওয়া)+য (র্ত্তৃ) যে প্রভুত্ব প্রাপ্ত হয়] বি, প্রভু ; ভর্ত্তা ; স্বামী। ২ যে কৃষি কর্ম্মে তৎপর ; বৈশ্য। ৩ উত্তম নায়কগুণপ্রাপ্ত। ৪ বিণ, প্রধান ; শ্রেষ্ঠ। স্ত্রীং ~া ["বিশঃ উরুব্যাঃ উরুজা অর্য্যা বৈশ্যা ভূমিস্পৃশো।"-অমর সিংহের পূর্ব্ববর্ত্তী শ্রীহরি মিশ্রকৃত সুপ্রসিদ্ধ পানিনী ব্যাকরণের টীকায়] বৈশ্যা। অর্য্যাণী-বৈশ্যজাতীয়া স্ত্রী। অর্য্যী-বৈশ্য-পত্নী।

অর্য্যমা [ঋ+মন্-র্ত্তৃ, জ্ঞা০ য আগম, ঋ+অর্=অর্য্য+মন্=অর্য্যমন্-১মা ১ব০] বি, যিনি অবিরত গমন করেন ; সূর্য্য। ২ দ্বাদশ আদিত্যের মধ্যে একটী আদিত্য। ৩ পিতৃলোকবিঃ। ৪ ঋক্‌বিঃ। ৫ আকন্দ গাছ (সূর্য্যবাচক শব্দমাত্রেই আকন্দ বৃক্ষ বুঝায়)। ৬ উত্তরফল্গুনী নক্ষত্র।

`অর্শ-বি, মলদ্বারে মাংসাঙ্কুরবৎ যন্ত্রণাদায়ক রোগবিঃ the piles ; hæmorrhoids [মলদ্বারে 'প্রবাহিণী, বিসর্জ্জনী ও সম্বরণী' নামক শঙ্খাবর্ত্তবৎ বলীত্রয়ে বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, রক্তজ ও সহজ এই ৬ প্রকার অর্শ হয় (নিদান)]।

`অর্শা, অর্শানি [অর্শে, অর্শিতেছে, অর্শিছে, অর্শাচ্ছে, অর্শাইল, অর্শিল, অর্শাল, অর্শিয়াছিল, অর্শেছিল, অর্শাইবে, অর্শিবে, অর্শাইতে, অর্শিতে অর্শ্যাতে, অর্শাইয়া, অর্শিয়া, অর্শে অর্শাবার, অর্শিবার। আ অর্স্'াহ("arsah—be entailed as property".- O. D. B. L) > অর্শা, "wrs.- to cleave to (as a fault)—O.D.B.L] ক্রি, বর্ত্তানো ; প্রাপ্ত হওয়া। "মহারাজ গোবিন্দ সিংহের বংশ কৃষ্ণপক্ষের চন্দ্রমাবৎ ক্রমে ক্রমে ক্ষয় প্রাপ্ত হইলে কাছাড়ের সিংহাসন আমাকেই অর্শে।"-দীনবন্ধু মিত্র। ২ স্পর্শ করা। প্র-দোষ অর্শান।

অর্শী-বিণ, অর্শরোগী। ২ যাকে বর্ত্তায় বা অর্শায় ; গ্রাহী।

`অর্শোঘ্ন [অর্শস্ (রোগবিঃ)-ঘ্ন (হন্ বধ করা)+অ (র্ত্তৃ) উপ, যে অর্শরোগ নাশ করে] বি, শূরণ ; ওল। ২ অর্শনাশক। স্ত্রীং ~ী-তালমূলী।

`অর্হ [অর্হ্ (যোগ্য হওয়া)+অ(র্ত্তৃ)] বিণ, উপযুক্ত ; যোগ্য (বাং-স্বতন্ত্র ব্যবহার বড় নাই, অন্য শব্দের পর যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে। যথা-দণ্ডার্হ ; পূজার্হ)। ২ অর্হ্ (পূজা করা)+অ (র্ম্ম)-যাকে পূজা করা উচিত] পূজ্য ; মান্য। ৩ অর্ঘ ; মূল্য। (এই অর্থে ইহা বাং মহৎ শব্দের সহিতই ব্যবহৃত, যথা-মহার্হ)। ৪ ইন্দ্র। ৫ ঈশ্বর।

`অর্হ/ণ [অর্হ্ (পূজা করা)+অন(ভা০)] বি, পূজা। ২ [(ণে) যদ্দ্বারা পূজা করা যায়] পূজার উপকরণ। ৩ গৌরব ; সম্মান। ৪ উপযোগিতা ; যোগ্যতা। ~ণা [অ-স্ত্রীং-আ] বি, অর্হণ (সকল অর্থে)। ~ণীয়-বিণ, পূজ্য ; পূজনীয় ; অর্চ্চনীয়।

`অর্হৎ, অর্হন্-বি, জৈন সন্ন্যাসী। ২ জিনের নামান্তর। ৩ বুদ্ধ। ৪ বৌদ্ধসন্ন্যাসী ; ক্ষপণক। ৫ বেঙ্কট ও কূটকের জনৈক রাজা -ভাগবত। `অর্হত্তম, `অর্হত্তর (-ম,-র) [অর্হৎ+তম, +তর] বিণ, শ্রেষ্ঠতম,-তর ; পূজ্যতম,-তর।

`অর্হন্ত-বিণ, পূজ্য ; আরাধ্য। ২ বুদ্ধ। ৩ ক্ষপণক।

অর্হা [অর্হ্ +অ, স্ত্রীং আ] বি, যোগ্য। ২ পূজ্যা।

অর্হিত [অর্হ্+ত(র্ম্ম)] বিণ, অর্চিত ; পূজিত ; সম্মানিত।

অল-বি, হুল। ২ বৃশ্চিকপুচ্ছ (যা হুলের মত ফুটায়)। ৩ হরিতাল।

অলঅলে [হলহলে দ্রঃ] বিণ, অগোছাল। ২ অসংযত (বেশ)।

অলং-অ, বাহুল্য ; ইতি। ২ ভূষণ [বাং অন্যান্য অর্থে ব্যবহার নাই]।

অলক১ [অল্ (অলঙ্করণ, শোভা করা) + অক (র্ত্তৃ)-যা (মুখমণ্ডলের) শোভা সম্পাদন করে। চুল কোঁকড়াইয়া কপালে আসিয়া পড়িলে মুখের শোভা হয় বলিয়া সেইরূপ কোঁকড়া চুলকে, অলক বলে। "প্রধানভঙ্গুরাঃ কেশা অলকাঃ।"-অমরটীকা। "অলকস্তু কর্করালঃ খণ্ডবক্রচূর্ণকুন্তল,"-হেমচন্দ্র। তুল-হিং, কাকুল (সং-কর্করাল)] বি, স্বভাববক্র ভঙ্গিযুক্ত কেশ ; চূর্ণকুন্তল ; কপোলস্পর্শী কুঞ্চিত কেশ। "সখী রে ঝলকিয়া অলকেরে চামেলী ও বকুলে, উজলিয়া দেলো মোরে মোহনিয়া দুকূলে!"-অপূর্ব্ব ব্রজাঙ্গনা। "অধরে অধরে মিলন অলকে' অলকে কোথা পুলকের তুলনা!"-রবী০ [দ্রঃ-'অলক' নিম্নললাটে বা কপালের কাছে ঝুলিয়া পড়িলে সেই অপেক্ষাকৃত লম্বিত কৃষ্ণবর্ণ চূর্ণকুন্তলের গুচ্ছ মুখকমলে ভ্রমরের ন্যায় শোভা পায় বলিয়া তাকে 'ভ্রমরক' বলে। কিন্তু বাং-য় তাহাও অলক নামে অভিহিত। হিন্দিতেও ভ্রমরক ও অলকে বড় প্রভেদ করা হয় না। হিন্দী অভিধানে আছে, অলক অর্থে-ঘুঙ্ঘরালে বালোঁকী লট্ যো গালোঁপর্ ঝুলতী হায়্।"-মানসকোষ] ২ [অলকের ন্যায় কুঞ্চিত ও তরঙ্গায়িত বলিয়া] মেঘবিশেষের নাম ; অলকমেঘ cirrus. ৩ অঙ্গে লিপ্ত কুঙ্কুম। স্ত্রীং ~া। **~দাম**-বি, চূর্ণ কুন্তল গুচ্ছ।

অলক২, **~মেঘ** [অলকের ন্যায় মেঘ] বি, যে সকল মেঘ আকাশের অতি উচ্চে অলকগুচ্ছের ন্যায় শোভা পায়, বা বিক্ষিপ্ত কার্পাসের মত দৃষ্ট হয় cirrus. **~স্তর**-অলকমেঘ ও স্তরমেঘের মধ্যবর্ত্তী বিচিত্রবর্ণ মেঘ যা অলকাকারে উৎপন্ন হয়ে স্তরমেঘের (ছাড়া ছাড়া মেঘ) সঙ্গে মিলিত হয় cirrus-stratus. **~স্তূপ**-বি, অলক মেঘ ও স্তূপ ; মেঘের মধ্যবর্ত্তী মেঘ। ইহা অলকাকারে উৎপন্ন হইয়া কৃষ্ণবর্ণ লোমস্তূপের আকারে পরিণত হইতে হইতে অধিকতর কৃষ্ণবর্ণ স্তূপ বা শৈল মেঘের সহিত মিলিত হয় cirro-cumulus. **~স্পর্শী**-বিণ, মেঘস্পর্শকারী ; অতি উচ্চ। ২ চূর্ণকুন্তল স্পর্শকারী।

অলকা১-বি, হিমালয় পর্ব্বতোপরি অলকানন্দানদীতটস্থ কুবেরনগরী। ২ সুসজ্জিত সুদৃশ্য নগরীর আদর্শ বা দৃষ্টান্ত স্থল। ৩ ৮ হইতে ১০ বৎসর বয়স্কা কন্যা। ৪ শ্বেত-আকন্দ। অলর্ক দ্রঃ।

অলকা২ **~তিলক, ~তিলকা** [মেয়েরা সম্মুখের চুল কপালে নামাইয়া বা পাড়িয়া চুল বাঁধিলে বলে-'পেটোপাড়া' (আধু০ পাতাকাটা)। হিং-অলক (বালোঁকে পট্টে=চুলের পাটা) ; ওড়ি-'অলকাপটী' ইহাই 'অলকা' এবং চন্দনাদিদ্বারা তিলপুষ্পের মত নাকে তিলক, কপালে তিলক ফোঁটা ও গালে কদম্বপুষ্পাদিবৎ চিত্রকরণের নাম তিলক বা তিলকা। কনেচন্দনে ইহার আভাস পাওয়া যায়] বি, চন্দনকুঙ্কুমাদিদ্বারা মুখের শোভা সম্পাদনার্থ চিত্ররচনা ; তিলকফোঁটা ; পত্রলেখা। "অ০ মণ্ডিত মণি মুকুতার পাঁতি।" -ঘ০। "পহিলহি অ০ তিলক করি সাজ।" -বি০ প০। "অ০ তিলকা রেখা অর্দ্ধ অর্দ্ধ পাঁতি॥"-কৃত্তি০। **~বলী**-বি, চূর্ণকুন্তল সমূহ।

অলকাধিপ [অলকা (কুবেরপুরী) অধিপ (রাজা) ৬ তৎ] বি, কুবের।

অলকনন্দা, অলকানন্দা [অলক (-া)-নন্দা] বি, গঙ্গোত্তরীর নিকটস্থ গঙ্গার চারি ধারার মধ্যে একটী ; অপর তিন ধারার নাম সীতা, চক্ষু ও ভদ্রা। অলকানন্দা ভারতের দক্ষিণ দিক্ প্রবাহিণী ও ৭ ভাগে বিভক্ত হইয়া সমুদ্রে পতিত হইতেছে [পু০] স্বর্গবাহিনী গঙ্গা। গঙ্গা ব্রহ্মলোক হইতে মেরু পর্ব্বতের নিম্নে গঙ্গোত্তরীতে অবতীর্ণা হইয়া ত্রিধারায় প্রবাহিতা হন। এক ধারা 'অলকানন্দা' স্বর্গনদী মন্দাকিনী), দ্বিতীয় ধারা 'জাহ্নবী' মর্ত্ত্যনদী এবং তৃতীয় ধারা 'অধোগঙ্গা' (ভোগবতী) পাতালের নদী। ২ অষ্টমবর্ষীয়া কন্যা ; (মতান্তরে) দশমবর্ষীয়া কন্যা।

অলক্ত, অলক্তক [ন=অ (নাই) রক্ত (রক্তবর্ণ) যা হতে ; বহু০ ; র=ল ;-স্বার্থে ক। তুল-কর্ণাটী-অলতগে, মঃ-অলিতা] বি, লাক্ষা ; গালা ; জৌ-lac ; the red animal dye. ২ লাক্ষারস ; যাবক ; আলতা। **~বর্ণ** [অলক্ত (আলতা)-বর্ণ] বি, আলতার রঙ্ crimson. **~রস**-বি, আলতা গোলা জল। **~রাগ**-বি, আলতার রঙ্।

অলক্ষণ [ন=অ (নাই) লক্ষণ (শুভসূচক চিহ্ন) যাতে-বহু০] বিণ, যে চিহ্ন দেখিলে অশুভ ঘটনার সম্ভাবনা মনে হয় ; দুর্ভগ ; কুলক্ষণযুক্ত। ২ লক্ষণহীন। ৩ বি, কুলক্ষণ ; অশুভ চিহ্ন। স্ত্রীং ~া [ন=অ-লক্ষণ যার-বহু০] বিণ, যে স্ত্রীর লক্ষণ ভাল নয় ; যার শরীর-চিহ্ন শুভসূচক নয়। "তখন যে ধন ছিল এখন সে ধন, তবে মোরে অলক্ষণা কন কি কারণ।"-অ০ম০। বিণ, **অলক্ষণাক্রান্ত, অলক্ষণীয়**-অলক্ষণযুক্ত ; অশুভ চিহ্নবিশিষ্ট ; অমঙ্গলসূচক।

অলক্ষ্ণে [সং-অলক্ষণীয়া। গ্রা০-উচ্চারণবিকারে অলোক্ষুণে, ওলুক্ষুণে] বিণ, অলক্ষণাক্রান্ত ; অশুভ ; অমঙ্গলজনক ; বিপদ্‌জনক। প্র-এমন অ০ কথা কখন শুনি নাই। এমন অ০ ছেলেও কখন দেখি নাই।

অলক্ষাস্তিম [বৈজ্ঞা০ পরিঃ] বি, ইলেকট্রণ electron.

অলক্ষিত [ন=অ+লক্ষিত (লক্ষ+ত (র্ম্ম) নঞ্] বিণ, যা লক্ষিত হয় নাই ; অদৃষ্ট ; অনিরীক্ষিত। ২ অজ্ঞাত। ৩ অতর্কিত। ৪ অকৃতলক্ষণ। ক্রি-বিণ, **~ক্ষিতে, ~ক্ষিতভাবে**-অতর্কিত বা অসতর্ক অবস্থায়। ২ অজ্ঞাতসারে। ৩ দৃষ্টির অগোচরে।

অলক্ষ্মী [ন=অ (বিরুদ্ধ)। গ্রা০-আলোক্খি] বি, লক্ষ্মীর বিরোধিনী দেবতা ; আলক্ষ্মী ; দুষ্টলক্ষ্মী ; দুর্ভাগ্যের অধিষ্ঠাত্রী দেবতা ; যে দেবতার আবির্ভাবে দুরবস্থার শেষ থাকে না [সমুদ্রমন্থনকালে লক্ষ্মীর জ্যেষ্ঠা ভগিনী অলক্ষ্মীর উৎপত্তি হয়। দেবাসুর মধ্যে কেহই তাঁকে গ্রহণ করিতে সম্মত না হইলে দুঃসহ নামে জনৈক মহাতপা ব্রাহ্মণ তাঁকে পত্নীরূপে গ্রহণ করেন। তিনি কৃষ্ণবর্ণা,

বিভুজা, কৃষ্ণবস্ত্র-পরিধানা, লৌহাভরণ-ভূষিতা, শর্করা (কাঁকর) চন্দনচর্চ্চিতা, গৃহ-সম্মার্জ্জনী (ঝাঁটা) হস্তা, গর্দ্দভারূঢ়া এবং কলহ-প্রিয়া [লিঙ্গ পুং] ২ দুর্ভাগ্য ; দুরবস্থা। অলক্ষ্মীর দশা-শ্রীহীনতা ; দারিদ্র্য ; আক্‌খুটেপণা। অলক্ষ্মীর দৃষ্টি-অভাব; অনাটন ; সংসারের দারিদ্র্য ; যে অবস্থায় কোন কিছুই বাঁচান যায় না। অলক্ষ্মীক [ন=অ (নাই) লক্ষ্মী (শ্রী) যার-বহুং, ক-যোগ] বিণ, যার শরীরের সৌন্দর্য্য নাই ; যার সম্পদ নাই ; নির্ধন। ২ যে লোক প্রিয়দর্শন নয় ; অপ্রিয় ; অলক্ষ্মীর লক্ষণযুক্ত। যে ব্যক্তি লোকের মর্ম্মপীড়ক পরুষভাষী ও বাক্যরূপ কণ্টক দ্বারা অন্যের হৃদয় বিদ্ধ করে তাকে অং কং বলে। তার মুখে অলক্ষ্মীর চিহ্ন সুস্পষ্ট প্রতীয়মান হয়।-মহাং (সিংহ)।

অলক্ষ্য-বিণ, যাকে দৃষ্টির গোচর করা যায় না ; অদৃশ্য ; অগোচর। ২ অচিহ্নিত। ৩ অনিরূপণীয়। ৪ অনুদ্দিষ্ট।

অলক্ষুণে,-ক্ষণে [অলক্ষণ (দ্রঃ)+ইয়া (আক্রান্ত অর্থে) সঙ্কুচিত আকার। প্রাং ওলুক্ষুণে] বিণ, অপয়া ; অশুভচিহ্নযুক্ত ; কুচিহ্ন বিশিষ্ট ; অশুভ।

ˋঅলখ [সং-অলক্ষ্য > অং অলেখ, অরেখ=নিরাকার] বি, নিরঞ্জন।

ˋঅলখিতে [অলক্ষ্য >] ক্রি-বিণ, অলক্ষ্যভাবে ; গোপনে ; অগোচরে ; অজ্ঞাতসারে।-"অং মোহে হেরি বিহসলি থোরি।" -বিং পং। "কি লিখি পুঁথিতে অং হায়, দেবতা গেলেন চলি।"-সং দত্ত। "অং আওল কান।"-বিং পং।

অলগর্দ্দ, অলিগর্দ্দ-বি, কেউটে সাপ। ২ জল ঢোঁড়া সাপ।

অলগ্ন-বিণ, যা লাগিয়া নাই ; পৃথক্ ; অসংলগ্ন। ২ আলগা।

অলঘু-বিণ, যা লঘু নয় ; গুরু ; দুর্ভর। ২ বিলম্বিত ; অশীঘ্র। ৩ প্রবল। ৪ গুরুবর্ণ ; আকারাদি স্বর।

অলঙ্করণ [অলম্ (ভূষিত) কৃ (করা)+অন (ণে)] বি, যদ্বারা ভূষিত করা হয় ; আভরণ ; ভূষণ ; অলঙ্কার ; বলয়কুণ্ডলাদি। ২ [ভাং] অলঙ্কার ধারণ ; অলঙ্কারে সজ্জিত করণ ; প্রসাধন।

অলঙ্কর্ত্তা [অলং কর্ত্তা কৃ+তৃ=অলঙ্কর্তৃ ১মা ১বং] বিণ, যে অলঙ্কারদ্বারা সজ্জিত করে ; প্রসাধক। স্ত্রীং অলঙ্কর্ত্রী।

অলঙ্করিষ্ণু [অলম্-কৃ+ইষ্ণু(র্তৃ)] বিণ, যে অলঙ্কৃত করে ; অলঙ্কর্ত্তা ; প্রসাধনশীল।

অলঙ্কার [অলম্ (অলঙ্করণ, ভূষণ-কৃ (করা)+অ (ণে) প্রাং বাং-আলঙ্কার (শ্রীং কীং)] বি, যদ্বারা শরীর অলঙ্কৃত করা হয় ; আভরণ ; ভূষণ ; প্রসাধন ; সজ্জা। ২ [অলং শাং] কাব্যালঙ্কার ; যে শাস্ত্রে কাব্যের স্বরূপ, বাঙ্ নির্ম্মিতি, রস, ভাব, রীতি, ধ্বনিবিচার দোষগুণাদি বিষয় সম্যক্ আলোচিত হয় ; যদ্বারা কাব্যে শব্দার্থের চমৎকারিত্ব ও তার মধ্য দিয়া রসের পরিপুষ্টি সম্পাদিত হয়। পুরুষ-রূপে কল্পিত কাব্যের ইহা ভূষণ স্বরূপ (কাব্য দ্রঃ) [গুণ যেমন কাব্যের অবিচ্ছেদ্য ধর্ম্ম অং সেরূপ নহে। গুণ হতে অলঙ্কারের এই প্রভেদ। অং দ্বিবিধ-শব্দ ও অর্থ। শব্দের বৈচিত্র্যজনক ধর্ম্ম শব্দালঙ্কার (অনুপ্রাস, যমক, শ্লেষ, বক্রোক্তি, চিত্র, ভাষাসম দ্রঃ)। অর্থের চমৎকারিত্ব ও রসভাবাদির উৎপাদক ধর্ম্ম অর্থালঙ্কার (অতদ্ গুণ, অতিশয়োক্তি, অধিক, অধিকারূঢ় বৈশিষ্ট রূপক, অধ্যবসায়, অনন্বয়োপমা, অনুকুল, অনুমান, অনুমতি, অন্যোন্য, অপহ্নুতি, অপ্রস্তুতপ্রশংসা, অর্থান্তরন্যাস, অর্থাপত্তি, অসঙ্গতি, আক্ষেপ, উৎপ্রেক্ষা, উপমেয়োপমা, উল্লেখ, একদেশ-বিবর্ত্তিন্যুপমা, কাব্যলিঙ্গ, তদ্গুণ, তুল্য-যোগিতা, দীপক, নিদর্শনা, নিরঙ্গরূপক, নিশ্চয়, পরম্পরিত রূপক, পরিকর, পরিণাম, পরিসংখ্যা, পর্য্যায়, পর্য্যায়োক্ত, পুনরুক্তবদা-ভাস, প্রতিবস্তূপমা, প্রতীপ, বিকল্প, বিনোক্তি, বিভাবনা, বিরোধ, বিশেষ, বিশেষোক্তি, বিষম, ব্যতিরেক, ব্যাঘাত, ব্যাজস্তুতি, ব্যাজোক্তি, ভ্রান্তিমান্, মীলিত, রসণোপমা, রূপক, শ্লেষ, সন্দেহ, সম, সমাধি, সমাসোক্তি, সমুচ্চয়, সহোক্তি, সাঙ্গরূপক, সামান্য, সার, স্মরণ, স্বভাবোক্তি, হেতু-স্ব স্ব স্থানে দ্রঃ] সংস্কৃতে আরও বহু অলঙ্কার ভেদ আছে কিন্তু বাং-য় ব্যবহার বড় নাই [স্বর্ণ, মণি-মুক্তাদি অলঙ্কার এবং দয়া, দাক্ষিণ্য, ভক্তি, বিনয়াদি গুণ যেমন নর নারীর সৌন্দর্য্য ও মাধুর্য্য বৃদ্ধি করে, ছন্দঃ, অনুপ্রাস, যমকাদি শব্দ বিন্যাস ও শব্দ বৈচিত্র্য, উপমা, রূপকাদি অর্থ বৈচিত্র্য এবং ওজঃ, মাধুর্য্যাদি গুণ কাব্যের উৎকর্ষ ও চমৎকারিত্ব সম্পাদন করে বলিয়া উহারা কাব্যের অলঙ্কার অর্থাৎ কাব্যরূপ পুরুষের অঙ্গ ভূষণ এবং যে শাস্ত্রে এই অলঙ্কারের বিষয় সম্যক্ ব্যাখ্যাত হয় তাহার নাম অলঙ্কার শাস্ত্র] ৩ শোভা। ৪ গৌরব। "বংশের অং।" ~কৌস্তুভ-বি, কবি কর্ণপুরকৃত অং পুস্তক। ~বর্জ্জিত, ~বিহীন, ~শূন্য-বিণ, যার অং নাই ; নিরাভরণ ; অভূষিত। ~যুক্ত-বি, ভূষিত। ~রহিত-বিণ, ভূষণহীন। ~শাস্ত্র-বি, কাব্যালঙ্কার। ~শাস্ত্রাধ্যাপক-বি, অলঙ্কারশাস্ত্র শিক্ষা-দাতা।

অলঙ্কৃত [অলং-কৃ+ত (র্ম্ম)] বিণ, যাকে ভূষণদ্বারা ভূষিত করা হইয়াছে ; সজ্জিত ; ভূষিত। বি, অলঙ্কৃতি।

অলংক্রিয়া [অলম্-কৃ+অ (ভাং) য্ আগম, কৃ=ক্রি স্ত্রীং আ] বি, ভূষিতকরণ ; অলংকরণ ; সজ্জাকরণ।

অলঙ্ঘন-বি, লঙ্ঘন না করণ ; অনতি-ক্রম ; অনতিবর্ত্তন।

অলঙ্ঘনীয়-বিণ, যা লঙ্ঘন করা উচিত নয় ; অনতিক্রমণীয়। ২ অবশ্য প্রতিপাল্য বা রক্ষণীয়।

অলঙ্ঘ্য-বিণ, যা লঙ্ঘন বা অতিক্রম করা যাইতে পারে না ; লঙ্ঘনের অযোগ্য ; অনতি-ক্রম্য। "অলঙ্ঘ্য সাগর লঙ্ঘি, উতরিলু যবে লঙ্কাপুরে।"-মেঘং।

ˋঅলছলছ [উচ্ছলিত >। প্রাদেং] বিণ, উচ্ছল ; উদ্দাম। "বিষম নদীর ঢেউয়ে অং পানি।"-মৈং গ্রীং।

অলজ্জ [ন=অ (নাই) লজ্জা যার-বহুং] বিণ, নির্লজ্জ ; লজ্জাশূন্য ; ধৃষ্ট। স্ত্রীং ~া। বিণ, অলজ্জিত-যে লজ্জা পায় নাই ; সপ্রতিভ।

অলঞ্জর [অলম্ (শীঘ্র) জৄ (জীর্ণ হওয়া)+অ (র্তৃ) বা অল্পদিনে জীর্ণ হইয়া যায়। তুল-ইং- jar)] বি, মৃন্ময় জলপাত্র ; কলসী ; জালা।

অলজাল [প্রা০ বাং অলং (শক্তি)-জাল। ৫ হিং০-আলজজাল (কবীর="ঝঞ্ঝট বখেড়া।"-হিং০ শ০ সা০। আলজাল দ্রঃ] বি, উপদ্রব ; উৎপাত। "বাটত যাইতেঁ মো করিবোঁ অ০।"-শ্রী০ কী০। "ছাড়হ অ০ না কর কচাল।"-ঐ।

অলদে [আ-ব়লদ্ (পুত্র) মূল ভাষায় উচ্চারণকালে দ'য়ে লঘু একার যুক্ত করা হয়। (ওলদে দ্রঃ)। বহুব০ অলদান (আ. ব়ালদান্)] বি, অমুকের পুত্র son of.

অলপ [অল্প শব্দের কোমলরূপ, পদ্যে] বিণ, অল্প। "সো যদি জানিতাম, অ০ ইঙ্গিতে তবে কি এমন করি।"-চণ্ডী০। "ধনী অলপ-বয়সী বালা!"-বি০ প০। ২ [প্রা০ বাং] ইতর ; ক্ষুদ্র। "অ০ হঞাঁ চাহ বড়ার সঙ্গ।" -শ্রী০ কী০।

অলপদ্ম [নাট্য শা০। অভিনয় দ্রঃ] বি, উপাঙ্গাভিনয় যাতে পৃথক্কৃত চক্রাকারে সকল অঙ্গুলি কনিষ্ঠাভিমুখী হইবে full-blown lotus.

অলপ্পেয়ে-অপ্পেয়ে দ্রঃ।

অলবিড়ে, অলবিড্যা, অলবাড্য, [প্রাদে০। সং-অলং (অল্পার্থে) বুদ্ধি > বড়িড+আ (বির্থে০) অল্পবুদ্ধি বিশিষ্ট] বিণ, অগোছাল ; এলোমেলো। ২ নির্বুদ্ধি ; অপক্কবুদ্ধি ; হাব্লা। ৩ দীর্ঘসূত্রী, নিড়্-বিড়ে। "মেয়ে বড় অলবড্যা,"-টেকচাঁদ।

অলবাল-আলবাল দ্রঃ।

অলবলা, অলবেলা, আল-বোলা-আলবালা দ্রঃ।

অলব্ধ-বিণ, অপ্রাপ্ত ; অনধিগত।

অলভ্য-বিণ, যা লাভ যোগ্য নয় ; যা লাভ করা যায় না ; অপ্রাপ্য। ২ যার তত্ত্ব পাওয়া যায় না ; অনধিগম্য।

অলম্বুদ্ধি [অলং (আধিক্যার্থে) বুদ্ধি] বি, পরিতোষ ; ভরপূর ভাব।

অলম্বুষ [অলম্ (অতিশয়) বুস্ (ক্ষতি করা) + অ (র্তৃ, জ্ঞা০)] বি, যে সাধারণের অনেক ক্ষতি করে। ২ রাক্ষস বিঃ (কুরুক্ষেত্রে অভিমন্যুর সহিত মায়া-যুদ্ধে পরাস্ত হইয়া পলায়ন করে, শেষে ঘটোৎকচের হস্তে নিহত হয়)। ৩ কুরুক্ষেত্র যুদ্ধে সাত্যকির হস্তে নিহত অনেক রাজা। ৪ তীর্থবিঃ। স্ত্রীং ~া-অপ্সরাবিঃ ; কশ্যপপত্নী প্রধার-গর্ভজা ও সূর্য্যবংশীয় তৃণবিন্দু রাজার পত্নী এবং বৈশালী নগরীর স্থাপনকর্ত্তা বিশালদেব ; শূন্যবন্ধু ও ধূম্রকেতুর জননী। ২ লজ্জাবতী লতা। ৩ ভূঁই কদম। ৪ কুকশিম। ৫ গণ্ডী বা অস্ত্রের প্রবেশনিবারক রেখা।

অলয়-বি, লয় হীনতা ; লয়ের অভাব। বিণ, যার লয় বা বিনাশ নাই। ২ [সঙ্গীত] অমিল ; লয়হীন ; অসংলগ্ন ; বেলয়।

অলর্ক [অল্ (অতিশয়) অর্ক্ (স্তুতি করা) + অ (র্ম্ম)-দংশন ভয় নিবৃত্তির জন্য যে স্তুত হয়, কিম্বা অল্ (অতিশয়) অর্ক (যে গমন করে)] বি, ক্ষিপ্ত কুকুর। ২ শূকরের মত আকৃতি অষ্টপদ, তীক্ষ্ণদন্ত লোমশ পশুবিঃ। ৩ অসুরবিঃ [দংশনামক অসুর ভৃগুর অভিশাপে অষ্টপদবিশিষ্ট অতি তীক্ষ্ণদন্ত ভয়ঙ্কর আকৃতি ধারণ করিয়া, অলর্ক নামে খ্যাত হইয়াছিল। -মহা০] ৪ [পু০] চন্দ্রবংশীয় প্রতর্দ্দনের পুত্র, মদালসার গর্ভজ, ইনি লোপামুদ্রার বরে দীর্ঘজীবী হইয়া ৬৬০০০ বৎসর রাজত্ব করেন বলিয়া উক্ত। ৫ কাশীরাজ বৎসের পুত্র। ৬ শ্বেত আকন্দ calotropis gigantea.

অলল [আদা০ পরিঃ] বিণ, অনির্দ্দিষ্ট।

অলস [ন=অ-লস্ (সংশ্লিষ্ট হওয়া) + অ (র্তৃ) যে কোন বিষয়ে সংশ্লিষ্ট হয় না। (আলস্য >) 'আলস' প্রা০ বা০-শ্রী০ কী০] বিণ, আলস্যাশ্রিত ; জড় ; শ্রমবিমুখ ; কার্য্য করিবার উৎসাহশূন্য। "সকল কার্য্যের উদ্যোগের হেতু উৎসাহ (ইহা জীবের ধর্ম্মবিঃ), সেই উৎসাহহীন যে মনুষ্য সে অ০।"-পুরুষ-পরীক্ষা। ২ [গমনাগমন ক্লেশকর হয় বলিয়া] ক্রমাগত জল লাগিয়া পায়ের হাজা রোগ ; পাঁকুই। ৩ [দুর্ব্বল এবং অবসাদগ্রস্ত করে বলিয়া] অজীর্ণ রোগ। স্ত্রীং ~া-হংস-পদীলতা ; গোয়াল লতা। বি, ~তা, ~ত্ব-আলস্য। বিণ, অলসিয়া, আলসিয়া (কে০-আল্সে)-আলস্যযুক্ত। ~পরতন্ত্র -বিণ, আলস্যপরায়ণ। ~প্রকৃতি-বিণ, স্বভাবতঃ শ্রমবিমুখ বা কুঁড়ে। ~বিন্যস্ত-বিণ, শিথিলভাবে সজ্জিত।

অলসেক্ষণা-বি, আলস্যজড়িত নেত্রা ; স্থির নয়না।

অলাত [ন=অ-লা (গ্রহণ করা) + ত (র্ম্ম, জ্ঞা০), যা গ্রহণ করা যায় না] বি, জ্বলন্ত অঙ্গার। "চক্র ভ্রমি ভ্রমে যৈছে অ০ আকার।" -চৈ০ চ০। ২ অর্দ্ধদগ্ধ কাষ্ঠ। ৩ নির্ব্বাপিত কয়লা ; পোড়া কয়লা। ~চক্র [অলাত (অঙ্গার) চক্র] বি, চক্রাকার অগ্নি ; জ্বলন্ত কাষ্ঠাঙ্গার সজোরে ঘুরাইতে থাকিলে যে বহ্নি চক্রবৎ দৃষ্ট হয়। ~শিলা [অলাত (অঙ্গার) শিলা (পাষাণ-প্রস্তরবৎ)] বি, পাথুরে কয়লা।

অলাপ [প্রা০ বাং] বি, আলাপ। অলাপি-ক্রি, অস, আলাপ করিয়া। "শুতি রহল তঁহি কিছু না অলাপি॥"-বি০ প০।

অলাবু [ন=অ (না) লব্ (জলে মগ্ন হওয়া) + উ (র্তৃ, জ্ঞা০)] বি, যা জলে মগ্ন হয় না ; লাউ ; তুম্বী cagenaria vulgaris ; a white pumpkin ; a gourd.

অলাভ-বি, লাভের অভাব ; অপ্রাপ্তি ; না পাওয়া। ২ ক্ষতি ; লোকসান।

অলি১ [অলী দ্রঃ। বৌ০বাং প্রাকৃ-অলিঅ দো০ ১২৩] বি, ভ্রমর। স্ত্রীং ~নী "সঙ্গেতে অলিনী নিচল নলিনী না জান বিরহ ব্যথা।"-কবিক০। ২ [অলিবৎ কৃষ্ণবর্ণ বলিয়া] কোকিল ; কাক [অপ্র০] ৩ > অল (হুল) + ই (স্ত্য)] বৃশ্চিক। ৪ বৃশ্চিকরাশি। ৫ মদ্য।

অলি২ [আ, ব়লি (অভিভাবক)] বি, নাবালকের অভিভাবক ; রক্ষক।

অলিঅছি [আ০ ব়লি (অভিভাবক ; ব়ালিদা=মাতা) + অছি (আ, ব়সী=অভিভাবক guardian and administrator. স=ছ)। তুল-তুর্কী, অচী=বড় ভাই, তা হতে অভি-ভাবক] বি, মাতা অভিভাবক ; কোন নাবালকের মাতা তার অভিভাবক হলে মাতাকে অ০ বলে।

অলিকুল [অলি + কুল (বহুব০)] বি, ভ্রমর সমূহ। ~সঙ্কুল [অলিকুল (দ্বারা) সঙ্কুল (পরিব্যাপ্ত) ৩তৎ] বিণ, ভ্রমরাবৃত। ২ কুব্জকবৃক্ষ ; গোলাপ ফুলের গাছ।

অলিগলি [সং-বলীক (চালের প্রান্ত-ভাগ, ছাঁচ। "বলীকনীধ্রে পটলপ্রান্তে,"-অমর০) > অং অলি + (হিং০) গলি (সুঁড়ি-

পথ)। সহচর শব্দদ্বয়। তুল–'গলি ঘুঁজি'] বি, কাছাকাছি অবস্থিত একাধিক সরু পথ ; সরু সরু রাস্তা ; সংকীর্ণপথ। প্র–ছদ্মবেশে কতকাল মাসিক পত্রের গলিতে গলিতে * * * ভ্রমিবে।"–অশোক°।

অলিঙ্গ–বিণ, নিশ্চিহ্ন। ২ নিরাকার ব্রহ্ম। ৩ লিঙ্গহীন।

অলি/জিহ্বা, ~জিহ্বিকা, ~জীভিকা [অলি (অল=বৃশ্চিকলাঙ্গুল+ই, সাদৃশ্যার্থে–অর্থাৎ বৃশ্চিকলাঙ্গুলবৎ) জিহ্বা, শব্দোচ্চারণে জিহ্বার সহায়ক এবং জিহ্বার ন্যায় বলিয়া বা অলি (দ্বিরেফ–তার রেফের মত) বা, বলীক (পটলপ্রান্তে > প্রান্তস্থ) > ভ্রং অলি+জিহ্বা] বি, জিহ্বামূলের উপরিস্থিত এবং তালুর প্রান্ত হতে লম্বমান ক্ষুদ্র কোমল মাংসখণ্ড ; আলজিভ uvula [দ্রঃ–অলিজিহ্বা অমরাদি প্রা° সং অভিধানে নাই। শ° ক° ক্রমে শব্দরত্নাবলী হতে উদ্ধৃত। সম্ভবতঃ প্রাদে° আল্‌জিভ (আল=হুল বা মোচার সূক্ষ্মাগ্রবৎ cone) > সং অলিজিহ্বা হইয়াছে]।

অলিঞ্জর [অলি (শীঘ্র) জর (যা ভাঙ্গিয়া যায়। ম্‌–আগম] বি, জালা। অলঞ্জর দ্রঃ।

অলিন্দ [অল্‌(ভূষিত করা)+ইন্দ (র্তৃ, জ্ঞা°)–যদ্বারা গৃহ শোভিত হয়] বি, দ্বারের সম্মুখস্থ চাতাল ; বারাণ্ডা। "সাজাইয়া শতবাজী বিবিধ সাজনে, মন্দুরা হইতে আনে অলিন্দের কাছে, আনন্দে।"–মেঘ°।

অলিপক, অলিম্পক–বি, ভ্রমর।

অলিপর্ণী–বি, বিছুটী ; বৃশ্চিকালী।

অলিপিজ্ঞ [ন=অ–লিপিজ্ঞ (লিপিজ্ঞান বিশিষ্ট)] বিণ, লিখনপঠনজ্ঞান রহিত ; মূর্খ illiterate. স্ত্রীং ~া।

অলিপ্ত–বিণ, যা লিপ্ত নয় ; জড়িত নয়। ২ সংস্রবহীন।

অলিপ্রিয়–বি, রক্তোৎপল ; রক্তপদ্ম।

অলিপ্সা [অ (নাই) লিপ্সা যার] বিণ নির্লোভ। ২ বি, লালসার অভাব।

অলিময়–বি, ভেক। ২ কোকিল। ৩ পদ্মকেশর ; মধুক বৃক্ষ।

অলিম্পক–অলিপক দ্রঃ।

অলী [অলি দ্রঃ। অল্‌ (গমন করা–ভূষিত করা) +ইন্‌ (র্তৃ, জ্ঞা°)–যে সততই মধু অন্বেষণে উড়িয়া বেড়ায় কিম্বা যে কুসুমে মধুপান করিতে বসিয়া তার শোভা বৃদ্ধি করে বা তাকে ভূষিত করে] বি, ভ্রমর ; মধুকর ; মধুপ। "আর কি পরে লো কভু ফুলহার ব্রজকামিনি, অলীবঁধু তার কে আছে রাধার হতভাগিনি!"–ব্রজাঙ্গনা। ২ [অল (হুল)+ইন্‌ (ম্ত্য) যার হুল আছে] বৃশ্চিক। [আলী দ্রঃ]।

অলীক [অল (নিবারণ করা)+ঈক (অপা°) যা হতে লোক নিবারিত হয়] বি, অসত্য ; মিথ্যা। ২ বিণ, অমূলক। ৩ অপ্রামাণিক। ৪ বৃথা গর্ব্বিত ; অহঙ্কৃত। ৫ অপ্রিয়। ৬ অল্প। ৭ অসার। বি, ~তা (কঁ)–বি, অসত্য ; মিথ্যা। ২ বৃথাগর্ব্ব ; অহঙ্কার। ৩ অসারতা।

অলুক [ব্যা°] বি, সমাস বিঃ ; সমাস করিলে পূর্ব্বপদের বিভক্তির লোপ হয়, কিন্তু স্থল বিশেষে লোপ হয় না। যেখানে হয় নাই সেখানে এই সমাস হয়।

অলুব্ধ [ন=অ+লুব্ধ] বিণ, লোভহীন।

অলো [প্রা° বাং আলো দ্রঃ আধু° প্রা° বাং–ওলো "সং–'হলা'] অ, স্ত্রী-সম্বোধন শব্দ।

অলোক [অ–লোক] বিণ, অসাধারণ। ২ নির্জ্জন। ৩ পাতাল। **~নীয়** (·কঁ·) [ন=অ–লোকনীয়, নঞ্‌] বিণ, অদর্শনীয় ; অদৃশ্য। > স্ত্রীং ~া। **~সাধারণ** [ন=অ–লোক (মধ্যে) সাধারণ–নঞ্‌, ৭ তৎ] বিণ, মনুষ্যলোকে সাধাঃ যা দেখা যায় না ; জগতে সচরাচর যা ঘটে না ; অসাধারণ [সম–ইহলোকে সচরাচর যা নাই তা অ° সা°। সাধারণ লোকের মধ্যে যা নাই তা অসাধারণ। অলৌকিক, অলোকসামান্য দ্রঃ] **~সামান্য** [ন=অ–লোকমধ্যে সামান্য–৭ তৎ, নঞ্‌] বিণ, অলোকসাধারণ দ্রঃ [সম–যা ইহলোকে সমান পরিমাণে নাই তা অলোক সামান্য। যা ইহলোকে সাধারণের মধ্যে নাই তা আলোকসাধারণ। অসামান্য–যা সকলের বা অনেকের মধ্যে সমান পরিমাণে নাই। অলৌকিক দ্রঃ] **~সুন্দর**–বিণ, অসামান্য সুন্দর। > স্ত্রীং ~ী।

অলোকিত [ন=অ–লোকিত (দৃষ্ট)] বিণ, অন্যের দৃষ্টির অতীত ; অদৃষ্ট। স্ত্রীং ~া।

অলোভ–বি, লোভাভাব। ২ বিণ, নির্লোভ। ~ী–বিণ, লোভহীন।

অলো[illegible]–বিণ, লোল ঢিলে নয় এমন ; আঁট ; টান। স্ত্রীং ~া। বি, ~তা, ~ত্ব। বিণ, **অলোলিত** [বিপরীত–আলুলায়িত] অশিথিলীকৃত ; আঁট।

অলোহিত–বিণ, যা লাল নয়। ২ [ন=অ(নাই) লোহিত যা হতে] ঘোর লাল। ৩ বি, রক্তোৎপল।

অলৌকিক [ন=অ (নাই) লোক(জগৎ) +ইক–(সংসৃষ্টার্থে) নঞ্‌] বিণ, যা লোকে সম্ভাবিত নহে ; পৃথিবীতে যা নাই ; লোকাতীত ; যা মানুষে সম্ভব নয় ; অমানুষিক। "কিয়ৎক্ষণ পরে দেখিতে পাইলাম, এক অ° রূপলাবণ্যে পরিপূর্ণা কামিনী * * * তাঁহাকে দেখিলে বোধ হয়, যে কমলাদেবী ভূমণ্ডলে অবতীর্ণা হইয়াছেন।"–বি° সা° (সী° ব°)। ২ [ন=অ (অভাব) লোক (মনুষ্য)] যে লোকব্যবহারে অভিজ্ঞ নয় ; লোকের প্রতি কিরূপ সামাজিক আদান প্রদান বা আচার ব্যবহার করিতে হয়, তা যে জানে না ; লোকাচারপদ্ধতি-জ্ঞানহীন [সম–অ° যা এ লোকে বা এ জগতে নাই। **লোকাতীত**–যা এ লোককে অতিক্রম করিয়া ঊর্দ্ধ বা উন্নততর লোকে সম্ভব। **অতিলৌকিক**–যা লোকচরিত্র বা মনুষ্যচরিত্র অতিক্রম করিয়াছে এমন ; যা লোকশক্তির অতীত এবং মানববুদ্ধির অগম্য। অলোক-সাধারণ, অলোকসামান্য, অসাধারণ ও অসামান্য দ্রঃ] ~তা (·কঁ·) বি, লোকাতীতের ভাব ; চমৎকার জনকতা। ২ লোকব্যবহারে অনভিজ্ঞতা। লোক ব্যবহারে অনাদর। **~কার্য্য**–লোকে অসম্ভাবিত বা মানববুদ্ধির অগম্য কার্য্য miracle.

অল্প [অল্‌ (নিবারণ করা)+প (র্তৃ)। প্রা° অপ্পো। পা° 'অপ্পো' >। পদ্যে কোমলরূপ–অলপ–প্রা° বাং প্রাকৃ° অলপ, আলপ–"আলপ বয়সে"] বিণ, ক্ষুদ্র ; সামান্য ; তুচ্ছ ; ঈষৎ ; কম। ২ অনুদার ; সঙ্কীর্ণ ; লঘু। প্র–এই লোকটা বড়ই অল্পপ্রাণ। **~জলের**

মাছ–ক্ষুদ্রপ্রাণ। ২ সামান্য অবস্থাপন্ন ; অল্প পুঁজির লোক। ৩ যে গভীর পাণ্ডিত্য অর্জ্জন করে নাই ; যার বিদ্যা সামান্য। ~অল্প [বাহুল্যে দ্বিত্ব] বিণ, পরিমাণে অনধিক কিন্তু বারে অধিক ; কম কম ; ঈষৎ ; একটু একটু। ২ সামান্য। "অল্প অল্প বৃষ্টি পড়িতেছে।" ৩ ক্রি-বিণ, একটু একটু করিয়া ; কম কম করিয়া ; অল্পশ। বি, ~তা, ~ত্ব। ~ক [অল্প+ক (অল্পার্থে)] বিণ, ক্ষুদ্র। ২ নীচ। ~কথা-বি, সংক্ষেপ। ~কর্ম্মা-বিণ, অকর্ম্মা। ~কাল-বি, অল্প-সময়। ২ অল্পবয়স। "মর্ত্তের দুর্লভ দেখ মনুষ্য জনম। অল্পকালে মোরে ভাই ডাকা দিল যম॥"–কবিক°। ~কেশী-বিণ, যার চুল ঘন নয় ; বিরলকেশ। > স্ত্রীং~কেশিনী। ~ক্ষণ [অল্প–ক্ষণ (সময়)] বি, কিয়ৎক্ষণ ; ক্ষণকাল। ~চেতাঃ, ~চেতা [অল্প (ক্ষুদ্র, হাল্‌কা) চেতস্ (মনঃ) যার, বহু°–অল্প-চেতস্ ১মা ১ব°] বিণ, লঘু চেতাঃ ; ক্ষুদ্র-প্রাণ ; অনুদার বা সঙ্কীর্ণ হৃদয়। ~জীবী [অল্পজীবিন্ ১মা ১ব°] বিণ, যে অল্পদিন বাঁচে ; অল্পায়ু। > স্ত্রীং~জীবিণী। ~জ্ঞ [অল্প–জ্ঞা (জানা)+অ (র্ত্তৃ)] বিণ, যে অল্প জানে ; সামান্য বা সাধারণ জ্ঞান-বিশিষ্ট ; যে কোন বিষয়ে পারদর্শী নয়। ৩ মূর্খ ; নির্ব্বোধ। বি, ~তা, ~ত্ব। ~জ্ঞান -বি, অল্পবুদ্ধি। বিণ, অল্পজ্ঞানী। ~তনু [অল্প–তনু (শরীর) যার–বহু°] বিণ, হ্রস্বদেহ ; বামন ; খর্ব্বাকৃতি ; বেঁটে। ২ ক্ষীণজীবী ; দুর্ব্বল। ~দর্শী [অল্প–দৃশ্+ইন্=অল্পদর্শিন্ ১মা ১ব°] বিণ, যে পরিণাম দর্শন করে না ; ভবিষ্যতে কি হইবে তা যে চিন্তা করে না ; অদূরদর্শী। ২ অনভিজ্ঞ। > বি, ~দর্শিতা। ~ধী [অল্প–ধী (বুদ্ধি) যার-বহু°] বিণ, যার বুদ্ধিবৃত্তি কম ; অল্পমতি ; কমবুদ্ধি। (তুল–ক্ক, কমবখৎ। ~পত্র-বি, ক্ষুদ্রপত্র ; তুলসী গাছ। ~প্রমাণ, ~প্রমাণক [অল্প প্রমাণ (পরিমাণ) যার ; বহু°–ক যোগ] বিণ, যার পরিমাণ কম ; ক্ষীণ পরিমাণ। ২ খর্ব্বাকৃতি ; ক্ষুদ্র ; খাটো। ৩ অল্পপ্রমাণবিশিষ্ট। ~প্রাণ [অল্প–প্রাণ (ক্ষমতা বা সামর্থ্য) যার] বিণ, যার ক্ষমতা কম ; ক্ষীণশক্তি। ২ সঙ্কীর্ণ হৃদয় ; অনুদার। ৩ কৃপণ। ৪ খুঁৎখুঁতে। ৫ ক্ষীণজীবী। ৬ অল্পপ্রাণ বায়ু সাহায্যে উচ্চারিত বর্ণ। বর্গের ১ম, ৩য়, ৫ম বর্ণ এবং য র ল ব। ~বয়ঃ, ~বয়স্ক [অল্প–বয়স্ যার, বহু°–(বির্থে°) ক যোগ] বিণ, যার বয়স্ কম ; অনধিকবয়স্ক ; নাবালক। > স্ত্রীং~বয়াঃ,~বয়স্কা। বাং ~বয়সী-তরুণী ; নব যুবতী : কিশোরী। "তার যে এক অল্পবয়সী বিধবা ননদ আছে।" –বার্ষিক বসুমতী, ১৩৩৪। ~বল-বিণ, নিঃশক্তি ; দুর্ব্বল। > স্ত্রীং ~া। ~বাদী-বিণ, মিতভাষী॥ > স্ত্রীং ~বাদিনী। বি, ~বাদিতা, ~বাদিত্ব। ~বিৎ,-বিদ, ~বিদ্য-বিণ, অল্পজ্ঞ। ~বিদ্যা-বি, সামান্য লেখাপড়া ; অগভীর বিদ্যা ; স্বল্পশাস্ত্র জ্ঞান little learning. ~বুদ্ধি, ~বোধ [অল্প–বুদ্ধি, বোধ (জ্ঞান) যার–বহু°] বিণ, অল্পধী ; মন্দমতি ; জড়বুদ্ধি ; হীনমতি। ~ব্যাপক, ~ব্যাপী-বিণ, অনধিক বিস্তৃত ; সঙ্কীর্ণ ; ক্ষুদ্র পরিসর। ~ভাষী [অল্প- ভাষ্ (বলা+ইন্, র্ত্তৃ)=অল্পভাষিন্ ১মা ১ব°] বিণ, যে অল্প কথা বলে : মিতবাক্ ; মিতভাষী। > স্ত্রীং ~ভাষিণী। বি, ~ভাষিতা। ~ভোগী [গ্রা° ~ভুগী] বিণ, স্বল্পজীবী। বি, ~ভোগ। > স্ত্রীং ~ভোগিণী। ~মতি [অল্প (ক্ষুদ্র) মতি (বুদ্ধি) যার–বহু°] বিণ, ক্ষুদ্রবুদ্ধি। "ছোট ছোট শিশুগুলি অল্পমতি অল্পজ্ঞান, সকলের বড় তুমি অনন্ত ভূমা মহান্।"–স্ক°। ~মাত্র -বিণ, অল্পপরিমিত ; যৎসামান্য। > স্ত্রীং ~মাত্রা। ~মূল্য-বি, কম দাম। ২ বিণ, সস্তা ; কম দামের। ~মেধা (ঃ)-বিণ, অল্প-বুদ্ধি। ~শঃ [অল্প+শস্] ক্রি-বিণ, একটু একটু করিয়া ; অল্পে অল্পে : প্রতিবারে ; অল্পপরি-মাণে। ~শক্তি-বি, বিণ, অল্পবল : ক্ষীণ-বল। ~সরঃ [অল্প (ক্ষুদ্র) সরস্ (ঃ) সরোবর, ধা] বি, ক্ষুদ্র সরোবর ; পল্বল ; ডোবা ; বর্ষার জলে যা পূর্ণ হয় এবং গ্রীষ্মকালে শুকাইয়া যায়। ~সার [অল্প–সার (স্থিরাংশ, সামর্থ্য) যার–বহু°] বিণ, দুর্ব্বল ; অল্পবল ; হীনবল ; সামর্থ্যবিহীন। ২ যাব মধ্যে শস্য কম আছে : সামান্য শাঁসযুক্ত। ৩ প্রায় ফোঁপরা ; প্রায় অসার ; অপদার্থপ্রায়। ~স্থায়ী-বিণ, যা কম সময় থাকে ; ক্ষণস্থায়ী। ~স্বল্প (–শল্প) বিণ, অত্যল্প ; একটু আধটু।

অল্লাই [অল্পায়ু > গ্রা°] বি, অল্পায়ু। ২ বিণ, যার মৃত্যু নিকট ; অলপ্পেয়ে। "ব্রাহ্মণী লঙ্ঘন-ফলে যাবিরে অল্লাই।"–কবিক°।

অল্পাকা/ঙ্ক্ষা [অল্প+আকাঙ্ক্ষা] বি, ক্ষুদ্র আশা। বিণ, ~ঙ্ক্ষী। স্ত্রীং ~ঙ্ক্ষিণী।

অল্পাধিক [অল্প+অধিক] বি, কম বেশী।

অল্পায়ত [অল্প–আয়ত (বিস্তৃত)] বিণ, অল্প পরিসর ; কম চওড়া ; সঙ্কীর্ণ।

অল্পায়ুঃ, অল্পায়ু [অল্প–আয়ুস্ (জীবন) যার–বহু°। > গ্রা° 'অলপ্পেয়ে' 'অল্পেয়ে', 'অল্লাই' অল্পেয়ে, অল্লাই আল্‌পাউ (শ্রী° কী°)] বিণ, যার আয়ু অল্প ; অল্পদিনেই যার আয়ু শেষ হয় ; অল্পজীবী।

অল্পাল্প [অল্প+অল্প, অতিশয়ার্থে দ্বিত্ব] বিণ, অতিঅল্প। ২ ক্রি-বিণ, অল্পে অল্পে –অল্প অল্পত দ্রঃ।

অল্পাশয় [অল্প (অনধিক) + আশয় (আশা) যার–বহু°] বিণ যার অধিক আশা নাই ; অল্পাকাঙ্ক্ষী ; স্বল্পে সন্তুষ্ট। ২ [হীনতা-সূচক। যার অল্প অর্থাৎ ক্ষুদ্র আশয় বা অভি-প্রায়] হীনমতি ; নীচাশয় ; নীচপ্রকৃতি। ৩ [অল্প–আশয় (অভিলাষ ; ইচ্ছা)] ক্ষুদ্রবিষয়ে লোভপরবশ।

অল্পা/হার [অল্প আহার যার–বহু°] বিণ, অল্পভোজনকারী ; মিতভোজী ; মিতা-হারী। ২ [অল্প–আহার, ধা] লঘুপাক দ্রব্য ভোজন। স্ত্রীং ~হারা। ~হারী [অল্প-আহার+ইন্ (স্ত্য)=অল্পাহারিন্ ১মা ১ব°] বিণ, যে অল্প আহার করে ; মিতভোজী ; লঘুভোজনকারী। স্ত্রীং ~হারিণী।

অল্পিষ্ঠ [অল্প+ইষ্ঠ (অতিশয়ার্থে)] বিণ, অতি অল্প ; স্বল্প।

অল্পে-অল্পে [অল্প–অল্প, অল্পাল্প দ্রঃ] ক্রি-বিণ ; ক্রমে ক্রমে ; ক্রমশঃ। ২ কম কম করিয়া। ৩ অল্পের উপর দিয়া ; অধিক হাঙ্গাম না করিয়া ; বেশী গোলযোগ না করিয়া। প্র–বিবাদটা যাতে অল্পে অল্পে মিটে যায় তাই কর। ৪ খরচপত্রের বাড়া-বাড়ি না করিয়া ; সামান্য ভাবে। প্র–বিবাহটা

যা'তে অল্পে অল্পে হ'য়ে যায় তা'র যোগাড় দেখ। অল্পে অল্পে সারা ইং।

অল্পেয়ে [অল্পায়ু দ্রঃ] বি, যার পরমায়ু কম ; অচিরজীবী (গালি অর্থে)। "ওরে বুড়া আঁটকুড়া, নারদা অং। হেনবর কেমনে আনিলি চক্ষু খেয়ে॥"-অং মং।

অল্পোপভুক্ত [অল্প+উপভুক্ত]বিণ, যা বা যাকে সামান্য পরিমাণে বা অল্পক্ষণ ভোগ করা হয়েছে। স্ত্রীং ~া।

অল্ল [অল্ (পর্য্যাপ্ত) লা (গ্রহণ করা ইং) +অ (র্ত্তৃ)-যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বগ্রাহী, সর্ব্বব্যাপক] বি, পরমেশ্বর ; মুসলমানেরা এই নামে পরমেশ্বরের উপাসনা করেন ; আল্লা।

অল্লা [অল্ (বিভূষিত করা) + ক্বিপ্(র্ত্তৃ)- লা (দান করা, গ্রহণ করা) অ (র্ত্তৃ) + আ, স্ত্রীং ; যিনি নিজের অঙ্গ ভূষিত করিবার জন্য নিজ অঙ্কে বালককে গ্রহণ করেন] বি, মাতা [সং নাট্যোক্তিতে] ২ পরম-দেবতা। [দ্রঃ-অথর্ব্ববেদোক্ত অথর্ব্বণসূক্তে অল্লার স্বরূপ বর্ণিত হইয়াছে। তন্মধ্যে মিত্র, বরুণ, ইন্দ্র, ব্রাহ্মণ, সূর্য্য, চন্দ্র, ঋষি, আকবর এবং মহম্মদ ইং শব্দও একত্র গ্রথিত আছে। শব্দকল্পদ্রুম, ভারতকোষ ইং অভিধানে সেই সূক্ত উদ্ধৃত হইয়াছে, "অল্লো জ্যেষ্ঠং শ্রেষ্ঠং পরমং পূর্ণং ব্রাহ্মণমল্লাং অল্লোবসুর মহমদরকং বরস্য অল্লো অল্লাং ইং" "ইল্লাকবর ইল্লাকবর ইল্লল্লেতি ইল্লাল্লাঃ ইল্লা ইল্লল্লা অনাদিস্বরূপা অপর্বণী শাখাং হুঁ হ্রীঁ * * * কুরু কুরু ফট্"-ইং।

অল্লুক [অলুক-হিং উল্লু] বি, পেচক।

অশকুন [অ-শকুন (চিহ্ন, নিমিত্ত)] বি, অমঙ্গল ; অলক্ষণ ; দুর্নিমিত্ত। "না মানিনু অং যাত্রার সময়॥"-কাঞ্চীং।

অশক্ত-বিণ, নিঃশক্তি ; দুর্ব্বল ; শক্তিশূন্য ; অসমর্থ ; অক্ষম ; অপটু।

অশক্তি-বি, শক্তি না থাকা ; অক্ষমতা ; অপটুতা ; অসামর্থ্য ; দুর্ব্বলতা।

অশক্য-বিণ, যা সাধন করিতে পারা যায় না ; অসাধ্য ; শক্তির অতীত।

অশ/ঙ্ক [ন=অ (নাই) শঙ্কা (ভয়) যার বহুং] বিণ, নিঃশঙ্ক ; শঙ্কারহিত ; নির্ভয়। ২ নিশ্চিত। বি,~ঙ্কা।~ঙ্ক্য,~ঙ্কনীয়-বিণ, যা শঙ্কা করিবার নয় ; শঙ্কা করিবার অযোগ্য। ~ঙ্কিত-বিণ, যে শঙ্কাযুক্ত নয় ; যে ভয় পায় নাই ; অ-ত্রস্ত ; অভীত। ২ চিন্তা বা উদ্বেগ রহিত ; শান্ত ; নিশ্চিন্ত ; নিরুদ্বেগ।

অশঠ-বিণ, অকপট ; সরল।

অশত্রু-বিণ, শত্রুশূন্য। ২ অপ্রতিকূল। বি, ~তা।

অশন [অশ্ (ভোজন করা) + অন(ভাং)] বি, ভোজন ; আহার। ২ [র্ম্ম-অন] ভোজ্যদ্রব্য ; আহার্য্যসামগ্রী। ৩ পিয়াশাল ; চিত্রক বৃক্ষ ; ভেলার গাছ। ~বসন-বি, অন্নবস্ত্র ; খাওয়া পরা।

অশনাচ্ছাদন [অশন (ভোজন) + আচ্ছাদন (বসন, বস্ত্র)-দ্বন্দ্বং] বি, অন্নবস্ত্র ; ভাত-কাপড় ; গ্রাসাচ্ছাদন ; খাওয়া-পরা।

অশনি [অশ্ (গ্রাস করা) + অনি (র্ত্তৃ, জ্ঞাং), যে পর্ব্বত এবং দানবদিগকে গ্রাস বা সংহার করে] বি, বজ্র ; কুলিশ। ২ বিদ্যুৎ ; মেঘোৎপন্ন জ্যোতিঃ। ৩ [ব্যঙ্গার্থে] অশনির ন্যায় কঠিন বস্তু বা বিষয়। ~পতন, ~পাত, ~সম্পাত-বি, বজ্রপতন।

অশরণ [ন=অ (নাই) শরণ (আশ্রয়) যার-বহুং] বিণ, নিরাশ্রয় ; অসহায় ; অনাথ। "সঞ্জীবনী সুধা এনেছে অং লাগি রে,"-রজনী সেন। ২ [নাই শরণ (গৃহ) যার] গৃহশূন্য। স্ত্রীং ~া।

অশরীর [ন=অ (নাই) শরীর যার-বহুং] বিণ, দেহহীন ; কায়াশূন্য। ২ বি, কামদেব ; অনঙ্গ। ৩ পরমাত্মা। ৪ [নাই -শরীর (দেহাভিমান) যার] শরীরের অভিমান হীন ; জীবন্মুক্ত। ৫ [বৌং বাং প্রাকৃং-অসরীর দ্রঃ] প্রত্যাত্মবেদ্য বা স্বসংবেদ্য জ্ঞান বা সুখ। স্ত্রীং ~া।

অশরী/রিবাক্, -বাণী [অশরীরী (যাঁর শরীর নাই) তার বাক্, বাণী (বাক্য) ৬ তৎ] বি, দৈববাণী ; আকাশবাণী। ~রী [ন=অ-শরীর+ইন্ (স্ত্য)=শরীরিন্ ১মা ১বং। নঞ্] বিণ, যার শরীর নাই বা দেখা যায় না ; নিরাকার ; নিরবয়ব। ২ অনঙ্গ কামদেব। স্ত্রীং ~রিণী।

অশর্ম্ম, -র্ম্মা [ন=অ-শর্ম্মন্ (সুখ) নঞ্, ১মা ১বং, ন্ লোপ-আ] বি, সুখ নয় ; সুখের অভাব ; দুঃখ ; ক্লেশ। ২ [ন=অ (নাই) শর্ম্ম (সুখ) যার-বহুং] বিণ, যার সুখ নাই ; সুখহীন ; দুঃখিত ; পীড়িত।

অশাখ-বিণ, শাখাহীন। স্ত্রীং ~া।

অশাত [অ-শাত (সুখ ইং)] বি, অমঙ্গল ; অসুখ ; অশর্ম্ম।

অশান্ত [প্রাং বাং অশন্ত (অনন্ত রামায়ণ)। প্রাং-অশান্তে। প্র-অশান্তে ছলে] বিণ, যার চিত্তে শান্তি নাই। ২ চঞ্চল ; অশান্তিময়। প্র-অং হৃদয়। ৩ তরঙ্গসঙ্কুল ; অস্থির। প্র-অং সমুদ্র। ৪ দুরন্ত। প্র-অং বালক। ৫ উদ্ধত স্বভাব ; দুর্দ্দান্ত ; দুষ্ট। বি, অশান্তি।

অশারীরিক-বিণ, যা দৈহিক নয়। স্ত্রীং ~ী।

অশাশ্বত [ন=অ+শাশ্বত (নিত্যং)] বিণ, অনিত্য। স্ত্রীং ~ী।

অশা/সন-বি, শাসনের অভাব। ২ প্রশ্রয়। ৩ অরাজকতা। ~সনীয়, ~স্য-বিণ, শাসনের অযোগ্য ; অদম্য ; দুর্দ্দমনীয়। ~সিত-বিণ, যাকে শাসন করিতে পারা যায় নাই ; যে শাসিত নয় ; অদমিত। ২ অতিরস্কৃত ; অভৎসিত।

অশাস্ত্র-বি, অসৎশাস্ত্র ; বেদ স্মৃতি আদি বহির্ভূত শাস্ত্র। ২ শাস্ত্রের অভাব। ৩ অবিধি। ৪ শাস্ত্রের মধ্যে যা গণ্য নহে ; যা শাস্ত্রই নহে। বিণ, ~স্ত্রীয়-যা শাস্ত্রসম্বন্ধীয় নয়। ২ শাস্ত্রবিরুদ্ধ ; শাস্ত্রবহির্ভূত। ৩ অবৈধ।

অশাস্য-অশাসনীয় দ্রঃ।

অশিক্ষা-বি, শিক্ষার অভাব। ২ অবৈধ বা অসৎ শিক্ষা ; কুশিক্ষা। ৩ শিক্ষার বিপরীত।

অশিক্ষিত-বিণ, যাকে শিক্ষা দেওয়া হয় নাই ; যে লেখাপড়া শিখে নাই ; অপ্রাপ্তশিক্ষা। ২ মূর্খ ; বিদ্যাবিহীন। ৩ [কদর্থে] যাকে পূর্ব্বাভাষ বা পরামর্শ দেওয়া হয় নাই ; অপ্রাপ্ত উপদেশ ; কোন বিষয় সম্বন্ধে পূর্ব্বে যাকে শিখাইয়া পড়াইয়া রাখা হয় নাই। ৪ যে সভ্য সমাজের শিক্ষা পায় নাই ; অভদ্র ; অসভ্য ; গোঁয়ার। স্ত্রীং ~া।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্ষ হ্ন=হ্‌ন হ্ন হ্ল হ্ব হ্ম=ম্‌হ হ্য হ্র হ্ব ব্য, ক্ষ ব্ব=zfwv ও চ্চাং দ্রঃ

ˋঅশিথিল-বিণ, যা ঢিলা বা আল্‌গা নয়; আঁট; দৃঢ়।

ˋঅশিব-বি, অকল্যাণ; অমঙ্গল। ২ [নাই শিব যার-বহু°] বিণ, অমঙ্গলযুক্ত।

অশির১-বিণ, যার শিরা নাই। ২ বি, হীরক। ~স্ক (-র্‌-)-বিণ, নির্মস্তক; কবন্ধ।

অশির২ [অশ্‌ (ভোজনে)-ইর (র্ত্ত)] বি, রাক্ষস। স্ত্রীং ~া-রাক্ষসী।

অশিশু-বি, শিশুভিন্ন। ২ [ন=অ (নাই) শিশু যার-বহু°] বিণ, শিশু রহিত।

অশিশ্বী, অশিশ্বিকা [ন=অ (নাই) শিশু যার-বহু°, স্ত্রীং ঈ] বি, শিশুহীনা। ২ আঁটকুড়ী।

অশিষ্ট-বিণ, যে শিষ্ট নয়; অশান্ত; দুরন্ত। ২ অসভ্য; অভদ্র। স্ত্রীং ~া। বি, ~তা [অশিষ্ট+তা-ভা°] বি, শিষ্ট বা সভ্যসমাজ বহির্ভূত ব্যবহার; অসভ্যতা; অসাধুতা। ২ দৌরাত্ম্য; দুরন্তপনা।

অশিষ্টাচরণ, অশিষ্টাচার [অশিষ্ট-আচরণ, আচার-ধা] বি, শিষ্টসমাজ বহির্ভূত আচার; অভদ্র ব্যবহার; অভব্যতা। ২ দুর্ব্ব্যবহার।

ˋঅশিষ্য-বিণ, শিষ্যের অযোগ্য। ২ কুশিষ্য।

অশীতকর [(ন=অ-শীত (শীতল) কর-যার)] বি, সূর্য্য।

ˋঅশীতি [অষ্ট-দশন্‌+তি (নিপাতন) আট সংখ্যার দশগুণ, ৮×১০=৮০] বি, আশী সংখ্যা। ২ বিণ, আশীসংখ্যক; অশীতি সংখ্যা বিশিষ্ট [দশ পর্য্যন্ত সংখ্যা, সংখ্যা মাত্রকেই বুঝায়, ততোধিক সংখ্যা, সংখ্যা এবং সংখ্যাবিশিষ্ট উভয়কেই বুঝায়] ~ক-বিণ, ৮০ বৎসরের। ~তম-বিণ, আশী সংখ্যক। ২ বি, ৮০ এই সংখ্যা। ~পর-বিণ, উননআশীর পর, যে সংখ্যা: আশীর উপর বা অধিক।

অশীল-বিণ, অশিষ্ট; দুষ্ট। বি, ~তা।

ˋঅশু/চ [অশৌচ > ভ্রং] বি, জ্ঞাতি বা আত্মীয়ের জন্ম বা মরণ জন্য অশুদ্ধি; অশুচি; অযুধ (গ্রাঃ)। ~চি-বিণ, যা শুচি নয়; অপবিত্র; অশুদ্ধ। ~চিতা, ~চিত্ব-বি, শুচির অভাব; অপবিত্রতা।

অশু/দ্ধ [ভ্রং-গ্রা°-অযুধ] বিণ, অশুচি। ২ অনির্দোষ; অপবিত্র; অনির্ম্মল। ৩ যা শাস্ত্রীয় বিধানে শোধন করা হয় নাই; অসংস্কৃত। প্র-অ° মন বা চিত্ত। ৪ যাতে বর্ণ কিম্বা অর্থগত অসামঞ্জস্য আছে; ভ্রমাত্মক। ৫ স্ত্রীলোকদিগের রজস্বলা অবস্থা (গ্রা° -নোংরা)। ৬ রাসায়নিক প্রক্রিয়ায় ধাতু ই° শোধন করা নহে। বি, ~দ্ধতা, ~দ্ধত্ব। ~দ্ধি-বি, শৌচাভাব; অপবিত্রতা। ২ শুদ্ধির অভাব। ৩ ভ্রান্তি। ৪ [নাই শুদ্ধি যাতে-বহু°] বিণ; অপবিত্র। ~দ্ধিপত্র-ভুলভ্রান্তির তালিকা-পত্র। ~দ্ধিশোধন-বি, ভ্রম সংশোধন; সংস্কার।

অশুভ [ন=অ+শুভ] বি, যা শুভ নয়; অমঙ্গল; অশিব; অকল্যাণ। ২ [ন=অ (অভাব)-শুভের অভাব হয় যা হতে-বহু°] পাপ। ৩ [নাই শুভ যার-বহু°] বিণ, অকল্যাণকর; অমঙ্গলজনক। ~ক্ষণ-বি, কুক্ষণ। ~কর, ~ঙ্কর-বিণ, অনিষ্ট-পাতকারী; অমঙ্গলোৎপাদক। স্ত্রীং ~করী, ~ঙ্করী। ~দ্যোতক, ~সূচক-বিণ, অমঙ্গল জ্ঞাপক; অনিষ্ট ব্যঞ্জক। > স্ত্রীং ~দ্যোতিকা, ~সূচিকা।

অশেষ [বৌ° বাং প্রাকৃ°-'অসেস' দো°-১০৩। পরবর্ত্তী যুগের 'আশেষ' ('আশেষ প্রকার'-শ্রী° কী°)] বি, শেষের অভাব। ২ বিণ, যার শেষ নাই; অনন্ত। "অ° শরীরী শেষ যথা,"-মেঘ°। ৩ সমস্ত; আমূল; সমুদায়; সম্পূর্ণ। ৪ [প্রাদে°] বিশেষ; সনির্ব্বন্ধ। প্র-অশেষ বিশেষ।

অশেষ/জ্ঞ [অশেষ (সমগ্র বা সমস্ত), (যে জানে)] বিণ, যার কিছুই অবিদিত নাই; যার কিছুই জানিবার বাকী নাই; সর্ব্বজ্ঞ। ২ যে সমস্ত বিষয়ের যাথার্থ্য বা অসংখ্য বিষয় জানে; মহাপণ্ডিত; বহুজ্ঞ; জ্ঞান-বিজ্ঞান-বিশারদ। ৩[অ-শেষজ্ঞ, শেষতত্ত্বজ্ঞ] যে শেষ কি তা জানে না। ~প্রকার-বি, অনন্ত-রূপ; সকল রকম; অশেষবিধ। > ক্রি-বিণ, ~প্রকারে-অনন্তরূপে; সর্ব্বতোভাবে। ~বিধ [অশেষ-বিধা (প্রকার) যার-বহু°)] বিণ, বিবিধ; নানা প্রকার; বহুবিধ; সর্ব্ব-প্রকার। "পুরবাসিগণ * * অ° বি° উৎসব ক্রিয়া করিতে লাগিল।"-বি° সা°। ~বিশেষ (প্রকারে)-নানা উপায়; বিবিধ প্রচেষ্টা; অ°-বি°-বিলক্ষণরূপে। প্রা° বাং 'আশেষে-বিশেষে'-(শ্রী° কী°)। ~শেমুষীসম্পন্ন [অ°-শেমুষী (বুদ্ধি) সম্পন্ন] বিণ, অশেষ বুদ্ধিশালী; অতি মতিমান।

অশোক১ [ন=অ(নাই)শোক যার-বহু°] বিণ, নিবৃত্তশোক; শোক শূন্য; বিগত-দুঃখ; শোকরহিত। স্ত্রীং ~া।

অশোক২ [হিং-অশোগী] বি, স্বনাম-খ্যাত বৃক্ষ Jonesia Asoka; Saraca Indica. গৌরী ইহার তলে তপস্যা করিয়া পূর্ণমনোরথ ও বিগতশোক হইয়াছিলেন বলিয়া এই নাম। প্রমদাগণের চরণাঘাতে অশোক পুষ্পের বিকাশ হয় বলিয়া কবি-প্রসিদ্ধি আছে। "হে অ° কোন রাঙ্গা চরণ চুম্বনে মর্ম্মে মর্ম্মে শিহরিয়া হলি লালে লাল।" -দেবেন্দ্র°। ২ বকুল গাছ। ৩ পারদ।

অশোক৩-বি, মগধের বিখ্যাত রাজা; বিন্দুসারের পুত্র ও চন্দ্রগুপ্তের পৌত্র। ইনি রাজা হইয়া বৌদ্ধ ধর্ম্ম অবলম্বন করেন। ইঁহার গৃহে ৬৪০০০ বৌদ্ধগুরু পালিত হইতেন, ইনি ৮৪০০০টী বৌদ্ধস্তূপ ভারতের নানা স্থানে স্থাপন করেন। বুদ্ধের মৃত্যুর ২১৮ বৎসর পরে ইঁহার রাজত্ব কাল। ইঁহার অপর নাম অশোকবর্দ্ধন [ভারত°] ২ দশরথের মন্ত্রী [কৃত্তিবাসের মূল রামায়ণে ইনি অকোপ নামে প্রসিদ্ধ] ৩ কাশ্মীরের জনৈক রাজা, জলোকের পিতা। ~কানন, ~বন, ~বনিকা [সৌন্দর্য্য ও শোকহর বলিয়া, অশোকবৃক্ষ বহুল বলিয়া] বি, লঙ্কাস্থ বিহার-কানন যথায় রাবণ সীতাকে বন্দিনী করিয়া রাখিয়াছিলেন। ২ অযোধ্যাপতির প্রমোদ বন যথায় রামচন্দ্র রাবণবধের পর সীতার সহিত অধিকাংশকাল অতিবাহিত করিতেন। ~ষষ্ঠী [অশোক-ষষ্ঠী (শোকনাশিনী ষষ্ঠী), ধা] বি, চৈত্র মাসীয় শুক্লা ষষ্ঠী-যে তিথিতে পুত্রের কল্যাণার্থ পুত্রবতী স্ত্রীলোকেরা ষষ্ঠী-দেবীর পূজা করিয়া থাকে। ~সুন্দরী-নহুষের পত্নী ও যযাতির জননী [পদ্ম পু°]।

অশোকা-বি, জৈনদিগের গৃহদেবতা। ২ কটকী picrorrhiza kurroa. ~রি-বি, কদম্ব বৃক্ষ।

অশোকাষ্টমী [অশোক (শোকরহিত) অষ্টমী-খা] বি, চৈত্র মাসের শুক্লা অষ্টমী ; বাসন্তী শুক্লা অষ্টমী। এই তিথিতে অষ্টসংখ্যক অশোক পুষ্পের জল পানে লোকে শোক-রহিত হয়।

অশো/চনীয়, ~**চ্য**-বিণ, শোকের অযোগ্য ; যার জন্য শোক করিবার প্রয়োজন নাই। ~**চিত**-বিণ, অকৃতশোক।

অশো/ধন-বি, সংশোধনাভাব; অকৃত সংস্কার ; অমার্জ্জন। ~**ধনীয়,** ~**ধ্য**-বিণ, যা পরিশোধ করা যায় না। ২ যা শোধন বা বিশুদ্ধ করা যায় না। ~**ধিত**-বিণ, অমার্জ্জিত ; অপরিষ্কৃত। স্ত্রীং ~া।

অশো/ভন-বিণ, যা শোভা পায় না : যা মানায় না ; অসুন্দর ; বেমানান। স্ত্রীং ~**ভনা**। ~**ভিত**-বিণ, অসজ্জিত : অনলঙ্কৃত। > স্ত্রীং ~**ভিতা**।

অশৌচ [অশুচ দ্রঃ। ন=অ+শৌচ] বি, অশুদ্ধি ; শুচি না থাকা ; জনন এবং মরণাদি জন্য দেহাশুদ্ধি। "জননাশৌচ" "মরণাশৌচ" "শুভাশৌচ" ইং।

অশৌচান্ত [অশৌচ-অন্ত (শেষ)] বি, অশৌচের শেষ ; অশৌচ সমাপ্তি। ২ অশৌচের শেষ দিন।

অশ্ম [অশ্মন্। অশ্ (ব্যাপা) + মন্ (র্ত্তৃ-জ্ঞা৹)] বি, পাষাণ ; শিলা ; প্রস্তর ; পাথর। "সতী-শাপে আপনি ঈশ্বর হইল অশ্ম।"-শি৹। ২ পর্ব্বত। ৩ জলধর ; মেঘ। ৪ [রাসা৹ পরিঃ] শিলাজতু bitumen. ~**ক**-বি, সূর্য্যবংশীয় রাজা বিঃ ; পুরাণে কথিত আছে যে, সূর্য্যবংশীয় রাজা সৌদাসের পত্নী মদয়ন্তী সাত বৎসর যাবৎ গর্ভ ধারণ করিয়া একদিন অত্যন্ত অধীরা হইয়া তীক্ষ্ণ অশ্ম (প্রস্তর দ্বারা) গর্ভ বিদারণ করাতে উদরস্থ সন্তান ভূমিষ্ঠ হইল। এই জন্যই বালককে অশ্মক নামে অভিহিত করা হয় [বিষ্ণুপু৹] ২ [মহা৹, রামা৹] দাক্ষিণাত্যবাসী জাতিবিঃ। ৩ ত্রিবঙ্কুরের প্রাচীন নাম (আপ্তে)। ~**কুট্ট,** -**ক** [অশ্মন্ (পাথর) কুট (যদ্দ্বারা কোটা বা পেষণ করা হয়)] বি, প্রস্তর-নির্ম্মিত ধান্যাদি-পেষক যন্ত্র। ২ বিণ, পাথরে কোটা বা পেষা ; প্রস্তর-পিষ্ট। ~**কেতু**-বি, ক্ষুদ্র পাষাণভেদী বৃক্ষ (হিং-শিলফোড়)। ইহা পার্ব্বত্য দেশে সম্পূর্ণ মৃত্তিকাহীন মসৃণ পাষাণেও জন্মে। অনেক সময় এক একটি পাতা পাথরের গায়ে দাঁড়াইয়া আছে বলিয়া মনে হয়। ~**গর্ভ,** ~**গর্ভজ** [অশ্ম (প্রস্তর)-গর্ভ যার, গর্ভজ যে] বি, হরিৎবর্ণ মণি ; মরকত : পান্না। ~**ঘ্ন**-বি, পাষাণ ভেদ করিয়া যে বৃক্ষ বাহির হয় : হাথাজুড়ি : পাথরকুচী। ২ শ্বেতকরবীর গাছ। ~**জ** [অশ্মন্ (পর্ব্বত) জ (যে জন্মে) যা পর্ব্বতে জন্মে (উপ৹)] বি, শৈলজ গন্ধৌষধি বিঃ ; পার্ব্বতীয় গন্ধদ্রব্য বিঃ। ২ শিলাজতু (হিং-শিলাজিৎ)। ৩ লোহ। ৪ গৈরিক : গিরিমাটী। ৫ সৈন্ধব লবণ। ৬ বিণ, পার্ব্বত্য : শৈলজাত : পাষাণোৎপন্ন। ~**জতু**-বি, শিলাজিৎ। ~**দারণ** [অশ্মন্ (পাথর) দারণ (যে বিদারণ করে) যে পর্ব্বত বিদারণ করে-উপ৹] বি, পাষাণভেদক অস্ত্র ; টঙ্ক ; টাঙি। ২ পাষাণ বিদারণ। ~**ন্ত**১, ~**ন্তক**১ [অশ্মন্ (পাষাণ) অন্ত, অন্তক (শেষ, মৃত্যু) যথায় পাষাণও শেষ হয় বা গলিত হয়] বি, অগ্নিস্থান ; চুল্লী। ২ মৃত্যু। ৩ দীপাধারের আবরণ। ~**ন্ত**২-বি, শিলফোড। ২ কোবিদার বৃক্ষ সদৃশ অম্লপত্র ; অম্লচুকাই। ৩ অশুভক্ষেত্র। ৪ বিণ, অশুভ। ৫ অসীম। ~**ন্তক**২-বি, পাষাণভেদক ; পাথর কুচির গাছ ; হিমসাগর ; হাতোজো (ইহা মলভেদক, বস্তিশোধক, মূত্রকারক অর্শরোগঘ্ন ইং বহু গুণ বিশিষ্ট-বৈদ্যক) colemns amboinicus. ~**পুষ্প** [অশ্মন্-পুষ্প-৬ তৎ] বি, শৈলেয় ; গন্ধৌষধি। ২ শিলাজতু ; শিলাজিৎ (ইহা পাথর ঘামিয়া গাঢ় রসের মত নির্গত হয় এবং বাহিরের হাওয়াতে আঠার মত জমিয়া যায়)। ~**ভিদ্,** ~**ভেদ্** [অশ্ম (পাথর) ভিদ্, ভেদ্ (যে ভেদ করে)] বি, পাষাণ ভেদ করিয়া যে বৃক্ষ জন্মে ; শিলফোড়। ২ পাথরকুচা বা কুচী colcus aromaticus. ~**ময়**-বিণ, প্রস্তরময় ; পাথুরে। ~**যোনি**-বি, মরকত মণি। ২ বিণ, শৈলজ। ~**র** [অশ্ম (পাথর) + র (সম্বন্ধার্থে)] বিণ, প্রস্তর সম্বন্ধীয় ; প্রস্তরময় ; পাথুরিয়া ; পাথুরে। ২ পাথুরী-রোগ। ~**রী**-পাথুরীরোগ। ~**রীঘ্ন,** ~**রীহর**-বি, পাথুরীরোগনাশক। ২ বরুণ-বৃক্ষ। ~**রীয়াহরণ যন্ত্র** [সুশ্রুত। অশ্মরী + আহরণ ইং] বি, পাথুরীরোগে ব্যবহার্য্য মুক্ত বক্র মুখ কাঁচি আকৃতি বস্তিযন্ত্র। ~**সার** -বি, লৌহসার ; ইস্পাৎ।

অশ্মোত্থ [অশ্ম (শিলা)-উত্থ (উৎপন্ন)] বি, শিলাজতু।

অশ্র [অশ্ (ব্যাপা) + র (র্ত্তৃ, জ্ঞা৹)- রোদনকালে যদ্দ্বারা কষ্ট ব্যাপ্ত হয়] বি, অশ্রু। ২ রক্ত [অপ্র৹] ৩ [পারিঃ] কোণ conc.

অশ্রদ্দধান [ন=অ-শ্রদ্দধান (শ্রদ্ধান্বিত) নঞ্] বিণ, যার শ্রদ্ধা নাই ; শ্রদ্ধাহীন ; অশ্রদ্ধ ; অশ্রদ্ধান্বিত।

অশ্র/দ্ধা [গ্রা৹ মেয়েলি৹-অছেদ্দা। ন=অ (অভাব) শ্রদ্ধা] বি, শ্রদ্ধার অভাব ; অভক্তি ; অপ্রেম ; অননুরাগ। ২ অবিশ্বাস। ৩ অপ্রবৃত্তি। ৪ অবজ্ঞা ; অনাদর ; ঘৃণা। বিণ, ~**দ্ধ** [অ (নাই) শ্রদ্ধা যার] বিণ, শ্রদ্ধাহীন। ~**দ্ধিত**-বিণ, যাকে অশ্রদ্ধা করা হইয়াছে। ~**দ্ধেয়**-বিণ, শ্রদ্ধার অপাত্র ; অনাদরণীয় ; হেয় ; ঘৃণ্য।

অশ্রপ [অশ্র (রক্ত) প (পা-পান করা-র্ত্তৃ-ড) যারা রক্ত পান করে (উপ৹)] বি, রাক্ষস। ২ বিণ, শোণিতপায়ী। স্ত্রীং ~া।

অশ্র/বণ-বি, বধিরতা। ২ বিণ, কর্ণহীন। স্ত্রীং ~া।

অশ্রম-বি, শ্রমাভাব। ২ বিণ, শ্রমহীন। অক্লান্ত। ৩ অলস। স্ত্রীং ~া।

অশ্রাদ্ধ-বিণ, শ্রাদ্ধ যার হয় নাই। ২ শ্রদ্ধাহীন। স্ত্রীং ~া। ~**ভোজী**-বিণ, শ্রাদ্ধের অন্ন যে ভোজন করে না।

অশ্রান্ত-বিণ, শ্রান্তিরহিত ; বিরাম-রহিত ; অক্লান্ত। ২ ক্রি-বিণ, সতত ; অবিরত ; অবিশ্রান্ত। বি, অশ্রান্তি।

অশ্রাব্য-বিণ, শ্রবণের অযোগ্য ; শ্রুতি-কটু। ২ অশ্লীল (যা শিষ্ট সমাজে শ্রাব্য নহে)।

অশ্রি [অশ্ (ভোজন করা) + রি (জ্ঞা৹)-যে রক্তদ্বারা লিপ্ত হয়] বি, কোন কিছুর সূক্ষ্ম মুখ বা ধার ; খড়্গাদির ধার। ২ কোণ cone ; angle.

অশ্রু [অশ্ (ব্যাপা) + রু (ণে, জ্ঞা৹)। অ৹ অর্থে অশ্রুজল বাং সা-তে প্রচলিত ছিল, অধুনা বিরল] বি, শোক, দুঃখ, হর্ষ বা ভক্তি

আদি জন্য নেত্রে জলোদ্গম ; নেত্রবারি : নয়নজল। অ০-আঁখি-অশ্রুপূর্ণ নয়ন ; অশ্রুপূর্ণ লোচন। "অশ্রু-আঁখি বিধুমুখী ভ্রমে ফুলবনে।"-মেঘ০। ~কণা-বি, অশ্রুবিন্দু। ~গদ্‌গদ-বিণ, অশ্রুবেগে বা শোকাতিশয্যে প্রায় রুদ্ধ বা অস্ফুটবাক্। ~গদ্‌গদকণ্ঠ-অশ্রুজনিত বা ক্রন্দনবেগ-বশতঃ রুদ্ধস্বর। ক্রি-বিণ, অশ্রুগদ্‌গদকণ্ঠে। ~তরঙ্গ-বি, প্রবলবেগে অশ্রুপাত। ~ধারা-নয়নজলের-প্রবাহ। "আমার নয়নযুগল হইতে অনবরত অ০ নির্গত হইতেছিল।"-বি০ সা০। ~ধৌত [অশ্রু দ্বারা ধৌত-৩ তৎ] বিণ, চোখের জলে সিক্ত, আপ্লুত বা প্লাবিত। "তার অ০ মুখখানি তুলিয়া ধরিয়া কহিলেন।"-উত্তরা। ~পাত [অশ্রু (নয়নজল)-পাত (পতন হওয়া) ৬ তৎ] বি, শোক, হর্ষ কিম্বা ভক্তি-ভরে চক্ষু হইতে জলপতন ; ক্রন্দন। ~পূর্ণ [অশ্রু দ্বারা পূর্ণ-৩ তৎ] বিণ, অশ্রুদ্বারা পরিপূর্ণ ; বাষ্পাকুল ; নেত্রবারি-পরিপ্লুত। "রাম কিয়ৎক্ষণ অ০ নয়নে অবনত বদনে মৌনাবলম্বন করিয়া রহিলেন।"-বি০ সা০। ~প্রবাহ-বি, অতিশয় ক্রন্দনাবেগ জনিত অশ্রুর স্রোত। ~প্লাবিত-বিণ, চোখের জলে ধৌত। ~বর্ষণ-বি চোখের জল ফেলা ; ক্রন্দন। ~বারি-বি, চোখের জল। ~বিন্দু-বি, চোখের জলের ফোঁটা ; অশ্রুকণা। ~বিমোচন-অশ্রুমোচন দ্রঃ। ~বিসর্জ্জন-বি, অশ্রুত্যাগ ; নেত্রবারি-পাত ; ক্রন্দন। ~ভরা-বিণ, চোখের জলে পূর্ণ। ~ভার-বি, নয়ন জলের আধিক্য। ~ভারাক্রান্ত-বিণ, চোখের জলে ভরা ; অশ্রুপূর্ণ। ~ময়, ~মান্-বিণ, অশ্রুপতন-শীল। > স্ত্রীং ~ময়ী, ~মতী। ~মুখ [অশ্রু (নয়ন-জল) মুখে যার-বহু০] বিণ, যার মুখ নয়ন জলে আপ্লুত রহিয়াছে ; যে রোদন করিতেছে। স্ত্রীং ~মুখী। ~মোচন-বি, নেত্রবারি বিসর্জ্জন ; অশ্রু-পাত। ~যুক্ত-বিণ, অশ্রুময়। ~রুদ্ধ-বিণ, চাপা কান্না। "অশ্রুরুদ্ধ স্বরে কহিল," -উত্তরা। ~লোচন-বিণ, জলভরা চোখ। ~সিক্ত-বিণ, চোখের জলে ভিজা। "তার নেত্র অশ্রুসিক্ত।"-উত্তরা।

অশ্রুত১ [ন=অ-শ্রুত, নঞ্] বিণ, যা শ্রুত নয় ; যা শুনা যায় নাই ; কর্ণ বা শ্রুতির অগোচর। ২ বেদ বা শ্রুতিবিরুদ্ধ। ৩ মূর্খ ; যৎকর্ত্তৃক শাস্ত্রোপদেশ শ্রুত হয় নাই।

অশ্রুত২ [প্রা০ বাং অশ্রু + ত(যুক্ত)] বিণ, অশ্রুপূর্ণ। "চিন্তায় চিন্তিত সাধু অশ্রুত-লোচন॥"-কবিক০। "মোহে রাজা অশ্রুত-লোচন॥"-কবিক০। ~চর [অ০ + চর (পূর্ব্বার্থে)] বিণ, অশ্রুত পূর্ব্ব। ~স্বর-বি, যে স্বর পূর্ব্বে শুনা যায় নাই। ২ বিণ, অপরি-চিত কণ্ঠরবযুক্ত। ~পূর্ব্ব [ন=অ-শ্রুতপূর্ব্ব (পূর্ব্বে শুনা) নঞ্] বিণ, পূর্ব্বে যা শুনা যায় নাই।

অশ্রেয়ঃ, অশ্রেয় [ন=অ-শ্রেয়স্, নঞ্] বি, অমঙ্গল ; অশুভ। ২ অনর্থ। ৩ [ন=অ (নাই) শ্রেয়স্ (মঙ্গল) যার-বহু০] বিণ, যার মঙ্গলের সম্ভাবনা নাই ; অমঙ্গলের হেতু। ৪ অনুত্তম ; অনুৎকৃষ্ট। স্ত্রীং ~সী, ~া।

অশ্রেয়স্কর [ন=অ-শ্রেয়স্ (মঙ্গল) কর (যে করে) নঞ্] বিণ, অমঙ্গলজনক ; অনু-চিত। স্ত্রীং ~ী।

অশ্রেষ্ঠ-বিণ, অনুত্তম ; মন্দ ; নিরেষ। ২ অপ্রধান। স্ত্রীং ~া।

অশ্রোতব্য [ন=অ + শ্রোতব্য (শ্রবণ-যোগ্য)] বিণ, অশ্রাব্য ; শ্রবণের অযোগ্য।

অশ্রোত্রিয় [ন=অ-শ্রোত্রিয় (বিদ্বান্ ব্রাহ্মণ) নঞ্] বি, বেদাধ্যয়নহীন ব্রাহ্মণ। "ফলতঃ অ০ ব্যক্তি শ্রোত্রিয়ের সহিত, অরথী ব্যক্তি রথীর সহিত এবং রাজা না হইলে রাজার সহিত কখন সখ্যস্থাপন করিতে পারে না।"-মহা০ (বর্দ্ধ)। ২ [ন=অ (নাই) শ্রোত্রিয় যে স্থানে-বহু০] বিণ, শ্রোত্রিয় বিহীন (দেশ) ; বেদজ্ঞ ব্রাহ্মণশূন্য।

অশ্লাঘা-বি, নিন্দা ; জুগুপ্সা। "জন সমাজে একটা জন্মগত অ০ ছিল এবং ঐ অ০ হইতে মুক্ত হইবার জন্য...চেষ্টা ছিল।"

অশ্লাঘনীয়, অশ্লাঘ্য-বিণ, অপ্রশংস-নীয় ; গৌরব করিবার অযোগ্য।

অশ্লীল [=শ্রীল (শ্রীযুক্ত) শ্রী=শ্লী, র স্থানে ল, যা শ্রীযুক্ত নহে] বিণ, কুৎসিত ; শ্রীহীন ; অসাধু ; জঘন্য ; ঘৃণ্য ; লজ্জাপ্রদ ; শিষ্টসমাজ-বিরুদ্ধ ; অশিষ্ট। ২ লজ্জাবোধক গ্রাম্য বাক্য। যথা-অশ্লীল কথা। ইহা কাব্যালঙ্কারে দোষ বলিয়া পরিগণিত। বি, ~তা-অশিষ্টতা। ২ কদর্য্যতা। ৩ [কাব্যালং] "সভ্য বক্তার অনভিমত, অসভ্য সমাজে প্রচলিত কুৎসিত অর্থের প্রকাশককে অশ্লীলতা বলে।"-সাহিত্য দর্পণ। "যাহা ইন্দ্রিয়াদির উদ্দীপনার্থে বা গ্রন্থকারের হৃদয়-স্থিত কদর্য্যভাবের অভিব্যক্তি জন্য লিখিত হয় তাই অশ্লীলতা।"-বঙ্কিম০। ~ভাষী [মূ০-অশ্লীলভাষিন্ ১মা ১ব০] বিণ, অশ্লীল-ভাষা প্রয়োগকারী ; অশিষ্টবাদী। > স্ত্রীং ~ভাষিণী।

অশ্লেষা-বি, নবম নক্ষত্র। ২ [নাই শ্লেষ (আলিঙ্গন) যার] বিণ, যার আলিঙ্গনের শক্তি নাই [অপ্র০] ৩ [নাই-শ্লেষ (বক্রোক্তি) যার] বিণ, বক্রোক্তিশূন্য [অপ্র০]।

অশ্ব১-বি, সুশীর বাদ্য বিঃ (গোমুখ দ্রঃ)।

অশ্ব২ [অশ্ (ব্যাপা, ভোজন করা) + ব (র্ত্তৃ, জ্ঞা০)-যে দ্রুতগামিত্ব হেতু সর্ব্বদেশ ব্যাপিতে পারে বা যে তৃণাদি ভোজন করে] বি, ঘোটক ; ঘোড়া। ২ [সূর্য্যের সপ্ত অশ্ব >] ৭ সংখ্যা। যথা-"অশ্ব রাম জলনিধি চন্দ্রের উদয়" (অর্থাৎ ১৭৩৭ শক)-কাশীখণ্ড (কেবলকৃষ্ণ বসু)। ৩ অশ্বজাতি পুরুষ [তুল -সং-অশ্ব; পালি-অস্‌সো ; ফা০-অস্‌প্ ; ইং-horse ; জর্ম্ম০-rose ; আইস্‌০- horss প্রুশিয়০-rossa ; ফ্রে০-rossos. অশ্বের অঙ্গ প্রত্যঙ্গের নাম-থোবনা-মুখের শেষ বা অগ্র ভাগ। ঘোণা-নাকের শেষাংশ ; নাসিকা। ঘাটা-ঘাড়। কেশর-ঘাড়ের চুল। কিশ্য-পৃষ্ঠের যেখানে জিন কশা হয়। কলা-পশ্চাদ্ভাগ। পুঠ্‌ঠি-পাছার উপর ও পৃষ্ঠের শেষ ভাগ croup. বালামচি, বালধি, বালহস্ত-লেজ ; লেজের চামরবৎ কেশ। রাণ, রাং-পশ্চাতের উপরিস্থিত উরুদেশ। জাংশির-জঙ্ঘা ; পশ্চাতের পদদ্বয় ; পশ্চাদ্দিকের মধ্য-গ্রন্থি hamstring. মোজা-খুরের উপর হইতে হাঁটুর নিম্ন পর্য্যন্ত অংশ। গ্রন্থিরোমাবর্ত্ত-

খুরের উপর পশ্চাতের গাঁইটের রোমগুচ্ছ fetlock. ঠিউনা, গুল্ফ-গ্রন্থিরোমাবর্ত্তের বিপরীত অংশ pastern. খুর-পদের সর্ব্বনিম্নাংশ। চাটি-খুরের তলদেশ। বাজু, দস্ত-সম্মুখের পদদ্বয়। কলাচি (সং-কলাচিকা) জাংশিরের বিপরীত অংশ। নিগাল-বক্ষ ও কণ্ঠের মধ্যবর্ত্তী স্থান। স্ত্রী-অশ্ব-অশ্বা, অশ্বী, অশ্বিনী, বড়বা, বামী। অশ্বধ্বনি-হেষা, হ্রেষা। অশ্ব-শিশুর নাম-কিশোর। শ্বেত অশ্বের নাম-কার্ক। উত্তম ঘোটকের নাম-আজানেয়, কুলীন। বহনস্বভাব (riding) অশ্ব-বিনীত। রথবাহী অশ্বের নাম-রথ্য। যুদ্ধে অক্ষম অশ্বের নাম-বীতি। শীঘ্রগামী অশ্বের নাম-জবন। ঘেটো ঘোড়ার নাম-পৃষ্ঠ্য। অশ্বসজ্জা-(১) লাগাম (অশ্বরজ্জু); (২) মুখস বা কড়িয়ালী (লাগামের যে অংশ মুখে পরাইয়া দেওয়া হয়); (৩) দুমচি (অশ্বপুচ্ছবন্ধনী চর্ম্ম crupper); (৪) পেটী বা জিনকশ (যদ্দারা পেটে বেড় দিয়া পিঠের জিন কশা যায়); (৫) জিন (ঘোড়ার পিঠের গদি বা পালান saddle); (৬) রেকাব বা পা-দান (stirrup); (৭) নাল (shoe); (৮) তঙ্ বা তলসারক (বক্ষস্থলবন্ধন রজ্জু)। অশ্ব থাকিবার স্থান-মন্দুরা বা অশ্বশালা বা ঘোড়াশাল বা আস্তাবল। অশ্বের গতির নাম-ধারা। অশ্বগতির বিশেষ বিশেষ নাম-(১) আস্কন্দিত বা কদম চাল (মৃদুমন্দগতি)-slow canter. (২) ধৌরিতক (পা তুলিয়া তুলিয়া দ্রুত গমন trot)। (৩) রেচিত-ধৌরিতক অপেক্ষা দ্রুত কিন্তু বল্গিত অপেক্ষা ধীরগতি an easy gallop, cantering.) (৪) বল্গিত (লম্ফ দিতে দিতে অতিশয় দ্রুত ধাবন gallop) (৫) প্লুত (রুদ্ধশ্বাসে চরম বেগে দৌড়ন)। ~ক [অশ্ব-ক (সাদৃশ্যে)] বি, অশ্ব সদৃশ। ২ [কন্ অয়ং অশ্ব এই অর্থে] অজ্ঞাত অশ্ব। ৩ কুৎসিত অশ্ব। ~কর্ণ-বি, শালগাছ বিঃ; সর্জ্জশাল (যার নির্য্যাস হইতে ধুনা হয়) shorea robusta. ~কোবিদ [অশ্ব-কোবিদ (পণ্ডিত)] বি, অশ্বতত্ত্বজ্ঞ। ২ অশ্ব চালনায় দক্ষ। ~ক্রান্ত-বি, য়ুরোপের পৌরাণিক নাম; অন্য নাম ইষুজাত [ভারতবর্ষবিচার-য়ুরোপ দ্রঃ] ~খুর [অশ্বের খুর-৬তৎ] বি, ঘোড়ার খুর। ২ [অশ্বখুরাকৃতিহেতু] নখী-নামক গন্ধদ্রব্য। > স্ত্রীং ~া, ~ী-অপরাজিতা। ~গতি [অশ্বের গতি-৬তৎ] বি, ঘোটকের গমন; অশ্বগতির ন্যায় দ্রুত গমন; ঘোড়ার চাল। ২ ছন্দো-বিঃ। ৩ [অশ্বের গতির ন্যায় গতি যার-মং পং লোং, বহুং] বিণ, অশ্বের ন্যায় দ্রুতগামী। ~গন্ধা [অশ্বের গন্ধের ন্যায় গন্ধ যার-বহুং] বি, স্বনামখ্যাত ক্ষুদ্র বৃক্ষবিঃ withania somnifera. ~গোযুগ [অশ্ব (ঘোটক) + গোযুগ (দুইটী)] বি, যুগল অশ্ব: যুড়ি ঘোড়া [বিরল] ~গোষ্ঠ-বি, আস্তাবল। ~গ্রীব (-ব) [অশ্বের ন্যায় গ্রীবা যার-মং পং লোং, বহুং)] বি, হয়গ্রীব নামক অসুর। বিষ্ণুদ্বেষী দৈত্য বিঃ। ২ বৃষ্ণিবংশীয় চিত্রকের পুত্র। ৩ বিণ, ঘোটকবৎ দীর্ঘ গ্রীবাবিশিষ্ট। স্ত্রীং ~া। ~ঘ্ন [অশ্ব (ঘোড়া) ঘ্ন (যে নাশ করে)] বি, শ্বেত করবীর গাছ। ~চালনা-বি, গাড়িতে যুড়িয়া বা পিঠে চড়িয়া ঘোড়াকে চালান; ঘোড়াকে দৌড় করান। ~চিকিৎসক-বি, ঘোড়ার বৈদ্য বা ডাক্তার। ২ বিণ, অশ্ব চিকিৎসাকারী। > বি, ~চিকিৎসা, ~ডিম্ব-বি, ঘোড়ার ডিম; যে বস্তুর অস্তিত্ব নাই; আকাশকুসুমবৎ অলীক। "অধর্ম্ম জগতে সে কি অশ্বডিম্ব নয়?" -কুঙ্কুমং। ~তর [অশ্ব+তর (ক্ষুদ্রার্থে) যে অশ্ব অপেক্ষা আকৃতিতে ক্ষুদ্র। অশ্ব-তৃ (তরণ করা, পরাস্ত করা) + অ (র্ত্তৃ, জ্ঞাং)-যে গমন-দ্বারা অশ্বকে পরাজয় করিতে পারে] বি, অশ্বের ঔরসে গর্দ্দভীর গর্ভে কিম্বা গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভজাত পশু: খচ্চর। ২ নাগবিঃ। ৩ গন্ধর্ব্ববিঃ। ৪ পুংবৎস। > স্ত্রীং ~তরী -খচ্চরী। ~দংষ্ট্রা-বি, ঘোড়ার দাঁত। ২ গোক্ষুর গাছ। ~পতি-বি, সাধারণ সৈন্য ও গ্রামবলসংঘ-সূচক উপাধি বিঃ। ২ অশ্বাধ্যক্ষ। ~পাল,~পালক [অশ্ব (ঘোড়া) পাল (যে পালন করে)] বি, অশ্বপোষক। ২ অশ্বাধ্যক্ষ। ৩ অশ্বরক্ষক; সহিস। ~বক্ত্র [অশ্বের (ঘোড়ার) বক্ত্রের (মুখের) ন্যায় বক্ত্র (মুখ) যার-বহুং] বি, কিন্নর। > স্ত্রীং ~া-কিন্নরী। ~বহ, ~বার [তুল-হিং আস্‌সওয়ার] বি, অশ্বারোহী; অশ্বসঙ্গী, ঘোড়সওয়ার। "আমরা পঞ্চকর্ম্মেন্দ্রিয় পঞ্চাশ্ব এবং পঞ্চ জ্ঞানেন্দ্রিয় পঞ্চাশ্ববার-বা সাদী বলিতে ইচ্ছা করি।"-আং বাজার। ৭-১-২৪। ~বারণ-বি, গবয়। ~বাল [অশ্বের (ঘোড়ার) বাল (কেশর) ৬তৎ] বি, অশ্বের কেশর; বালামচি। ২ অশ্বকেশরের আকার বলিয়া কাশপুষ্প; কেশে। ~বাহ,~বাহন [অশ্বের (ঘোড়ার) বাহ (বাহনযোগ্য) (বহ্ = বহন করা + ঘঞ্ (র্ম্ম) ৬তৎ] বি, অশ্ব যাকে বহন করে; অশ্বারোহী; ঘোড়সওয়ার। ~বিদ্ [অশ্ব (ঘোড়া) বিদ্ (যে জানে)] বি, যে অশ্ব পালন, রোগ নির্ণয়, চিকিৎসা ও পরিচালন-বিদ্যা জানে; অশ্ববিদ্যাবিশারদ। ২ নলরাজা। ~ব্যাপৃতক-বি, অশ্বাধ্যক্ষ। ~বৈদ্য-বি, ঘোড়ার ডাক্তার। ~মুখ [অশ্বের মুখের ন্যায় মুখ যার-বহুং] বি, কিন্নর; কিম্পুরুষ; তুরঙ্গবদন। > স্ত্রীং ~মুখী-কিন্নরী। ~যান-বি, ঘোড়ার গাড়ী। ~রক্ষ, ~রক্ষক [অশ্ব (ঘোড়া) রক্ষ (যে রক্ষা করে) ৬তৎ] বি, অশ্বপাল; অশ্বপোষক। ~রজ্জু-বি, ঘোড়া বাঁধিবার দড়ী। ~শাবক-বি, ঘোড়ার ছানা। ~শালা [অশ্বের (ঘোড়ার) শালা (গৃহ) ৬তৎ] বি, অশ্ব থাকিবার ঘর; মন্দুরা; আস্তাবল। ~সাদী [অশ্ব (ঘোড়া) সদ্ (আরোহণ করা) + ইন্ (র্ত্তৃ)=অশ্বসাদিন্ ১মা ১বং, যে অশ্বে আরোহণ করে] বি, অশ্বারোহী; ঘোড়সওয়ার। ~কাতরা [হিং-ঘোড়েকাথর] বি, ঘোড়া কাতরা গাছ।

অশ্বতীর্থ [অশ্বনামক তীর্থ] বি, কান্যকুব্জ দেশের তীর্থবিঃ, যেখানে কালীনদী গঙ্গাতে মিলিয়াছে।

অশ্বত্থ [নঃ=অ (অবিরোধি)-শ্ব (চিরকাল) স্থা (থাকা) অ (র্ত্তৃ, জ্ঞাং)-যে বৃক্ষ শালবৃক্ষের মত বহুকাল অবিরোধে বাঁচিয়া থাকে। কিম্বা, যার পত্রসকল অশ্বের কর্ণের ন্যায় সদা সচল বলিয়া যে অশ্বের ন্যায় থাকে] বি, অশ্বত্থগাছ। ইহার পৌরাণিক উৎপত্তি সম্বন্ধে 'তুলসী' দ্রঃ।

অশ্বত্থামা [অশ্ব (ঘোড়া)-স্থা (থাকা)

+মন্ (র্তৃ,তুল্যার্থে)=অশ্বত্থামন্ ১মা ১বং, যুদ্ধস্থলে অশ্বের ন্যায় স্থিতি যার] বি, দ্রোণাচার্য্যের পুত্র; কৃপীর গর্ভে ইহার জন্ম হয়, জাতমাত্র ঐ বালক অশ্বের মত উচ্চনিনাদে ধরা কম্পিত করিয়াছিল বলিয়া ইহার নাম অশ্বত্থামা। অশ্বের ন্যায় থাম (বল) যার (বাচস্পত্য)। ২ সাবর্ণি মনুর পুত্র।

ˋঅশ্বপতি-বি, মদ্ররাজ; সাবিত্রীর পিতা। ২ কেকয়রাজ ও কৈকেয়ীর পিতা।

অশ্বমহিষিকা [অশ্ব এবং মহিষ=অশ্বমহিষ+ইক (নিত্য বিরোধার্থে)] বি, অশ্ব এবং মহিষের ন্যায় নিত্য বিরোধভাব এবং সর্ব্বদা বৈরতা (তুল-সাপে নেউলে)।

ˋঅশ্ব//মেধ [অশ্ব (ঘোড়া)-মেধ (বলি) হয় যে যজ্ঞে-বহু°] বি, যজ্ঞবিঃ (এই যজ্ঞে মনোহর স্বর্ণবর্ণ মুখ ও শ্বেতবর্ণ কর্ণ সর্ব্বশরীর শ্যামবর্ণ ও চিক্কণ, কিম্বা সর্ব্বাঙ্গ দুগ্ধ-ফেননিভ শুক্ল, কর্ণ শ্যামলবর্ণ-ইহার অন্যতম অশ্বকে বিধিপূর্ব্বক স্নান করাইয়া জয়পত্র কপালে বান্ধিয়া একবৎসর স্বেচ্ছায় বিচরণ করিতে দেওয়া হয়, তৎকালে তাকে রক্ষা করতঃ বৎসরান্তে তাকে বধ করিয়া তার মাংস-দ্বারা হোম করিতে হয়)। ~মেধিক [অশ্ব-মেধ (যজ্ঞবিঃ)+ইক (সংসৃষ্টার্থে, যোগ্যার্থে)] বি, যে অশ্ব অশ্বমেধ যজ্ঞের উপযোগী; মেধ্যাশ্ব। ২ অশ্বমেধ যজ্ঞ সম্বন্ধীয় গ্রন্থ। ৩ অশ্বমেধ সংক্রান্ত। ৪ মহা° চতুর্দ্দশ পর্ব্ব। ~মেধীয় [অশ্বমেধ +ঈয় (যোগ্যার্থে)] বি, অশ্বমেধ যজ্ঞীয় অশ্ব। ২ বিণ, অশ্বমেধ যজ্ঞসম্বন্ধীয়।

অশ্বযুক্ [অশ্ব (ঘোড়া)-যুজ্ (যোগ করা)+ক্বিপ (র্তৃ) জ্=ক্] বি, যে অশ্ব যোজনা করে। ২ [যে অশ্বের আকার-বিশিষ্ট] বি, অশ্বিনী নক্ষত্র। ৩ আশ্বিন মাস।

ˋঅশ্বশৃগালিকা-বি, অশ্ব ও শৃগালের পরস্পর শত্রুভাব।

অশ্বসেন-বি, সনৎকুমারের পিতা। ২ দ্রোণাচার্য্যের সারথি। ৩ নাগরাজ তক্ষকের পুত্র।

ˋঅশ্বারি [অশ্ব (ঘোড়ার) অরি (শত্রু) ৬তৎ] বি, অশ্বের শত্রু; মহিষ।

ˋঅশ্বারূঢ় [অশ্ব (ঘোড়া) আরূঢ় (কৃত আরোহণ) ২তৎ বা ৭তৎ,যে অশ্বে আরোহণ করিয়াছে] বি, বিণ, যে অশ্বে আরোহণ করিয়াছে; অশ্বারোহী। ২ বি, অশ্বারোহী যোদ্ধৃ পুরুষ। স্ত্রীং ~া।

ˋঅশ্বা//রোহণ [অশ্ব (অশ্বে)আরোহণ, ৭ তৎ] বি, ঘোড়ায় চড়া ~রোহী, ~রোহ, ~রোহক [অ (ঘোড়া) আ-রুহ্ (আরোহণ করা)+ই (র্তৃ)= অশ্বারোহিন্ ১মা ১বং-যে অশ্বে আরোহণ করে] বিণ, অশ্বপৃষ্ঠে আরোহণকারী; ঘোড়-সওয়ার। ২ অশ্বারোহণ কৌশলে অভিজ্ঞ।

অশ্বাহ্বা-বি, অশ্বগন্ধা।

ˋঅশ্বিনী [অশ্ব (ঘোড়া)+ইন্ (সদৃশার্থে) স্ত্রীং ঈ। অশ্ব মস্তকের ন্যায় আকার বলিয়া] বি, আদি নক্ষত্র; দক্ষ প্রজাপতির কন্যা; চন্দ্রভার্য্যা। ২ অশ্বিনীরূপধারিণী স্বর্গ-বেশ্যা। ৩ অশ্বিনীকুমারদ্বয়ের জননী [বিশ্বকর্ম্মার কন্যা ও সূর্য্যপত্নী সংজ্ঞা পতির তেজ সহ্য করিতে না পারিয়া অশ্বিনীবেশে উত্তর কুরুবর্ষে ভ্রমণ করিতে থাকেন; সূর্য্য সন্ধান পাইয়া উত্তরকুরু বর্ষে তাঁর সহিত সঙ্গত হন। তাতে তাঁদের আশ্বিন ও রেবন্ত নামে দুই অশ্বিনী-কুমারের জন্ম হয়] ৪ ঘোটকী। অশ্বিনী-কুমার [অশ্বিনী (অশ্ব রূপিণী সূর্য্যপত্নী সংজ্ঞা) তাঁর কুমার (পুত্র) ৬ তৎ] বি, দেববৈদ্য; স্বর্গবৈদ্য (উত্তর কুরুবর্ষে সূর্য্যের ঔরসে অশ্বিনীরূপা সংজ্ঞার গর্ভে আশ্বিন ও রেবন্ত নামে দুই যমজ পুত্র জন্মে। ইঁহারা একাকৃতি ছিলেন এবং নিয়ত একত্র অবস্থান করিতেন। ইঁহারা সৌন্দর্য্যের আধার এবং চিকিৎসা বিদ্যায় অদ্বিতীয় পারদর্শী বলিয়া সুরূপ ও সুচিকিৎসকের উপমাস্থল)।

ˋঅশ্বী [অশ্ব (অশ্বরূপিণী সূর্য্যপত্নী)+ইন্ (অপত্যার্থে)=অশ্বিন্ ১মা ১বং] বি, সূর্য্যের ঔরসে অশ্বিনীগর্ভজাত যমজ পুত্রদ্বয়; স্বর্গ বৈদ্য; অশ্বিনীকুমারদ্বয়। ২ অশ্ব আছে যার: যে অশ্বারূঢ়; সাদি।

অশ্বীন, অশ্বিন [অশ্ব+ইন (জ্ঞা°)] বি, একটি ঘোড়ার একদিনের পথ।

ˋঅশ্বীয় [অশ্ব+ঈয়] বিণ, অশ্ব সম্বন্ধীয়। ২ বি, অশ্বসমূহ।

ˋঅষুধ-ঔষধ দ্রঃ। ~ঘর [পাবনা প্রাদে°] বি, আঁতুড় ঘর।

অষ্ট [অশ্ (ব্যাপা)+তন্, শ=ষ, ত=ট যৌ° বাং প্রাকৃ° অট্ঠ, অট ("এষা অট-মহাসিদ্ধি" চ° পদ° ১৫।৪) আষ্ট (পূ° বঙ্গ প্রাদে° উচ্চারণ ভেদে চ°, আধু° বাং-আট। কোল দ্রাবিড় ভাষারও মিলে আট্মা [ইং eight] বি, আট সংখ্যা। ২ বিণ, ৮ সংখ্যক [তুল°-গ্রী°-octo; ল্যা°-octo, জর্ম্ম°-acht. এ্যা°-স্যাক্°-eahta. ইং-eight. হি°-আঠ, বাং-আট] ~ঐশ্বর্য্য -ঈশ্বর বা শিবের অষ্ট গুণ;-অনিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রকাম্য, মহিমা,ঈশিত্ব, বশিত্ব, কামা-বসায়িতা। ~কপাল-অষ্টাকপাল দ্রঃ। ~কাল-(১) প্রাতঃ, (২) পূর্ব্বাহ্ণ, (৩) মধ্যাহ্ন, (৪) সায়াহ্ন, (৫) অপরাহ্ন, (৬) প্রদোষ, (৭) মধ্যরাত্রি, (৮) নিশান্তক। ~কুলাচল-মহেন্দ্র, মলয়, সহ্য, শক্তিমান, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র ও হিমালয় পর্ব্বতমালা। ~চত্বারিংশ-বি, বিণ, ৪৮ সংখ্যা বা সংখ্যক। ~চত্বারিংশৎ-বি, ৪৮ সংখ্যক। ~চত্বারিংশত্তম-বি, ৪৭এর পরবর্ত্তীটি। ~জ্বর-অষ্টবিধ জ্বর যথা-বাতিক, পৈত্তিক-শ্লৈষ্মিক, বাতপৈত্তিক, বাতশ্লৈষ্মিক, পিত্ত-শ্লৈষ্মিক, (ত্রিদোষজ) সংঘাত, আগন্তুজ (হঠাৎ উপস্থিত)। ~দিক্-পূর্ব্ব, ঈশান, উত্তর, বায়ু, পশ্চিম, নৈঋত, দক্ষিণ, অগ্নি। ~দিক্পাল-ইন্দ্র, বহ্নি, যম, নৈর্ঋত, বরুণ, মরুৎ, কুবের, ঈশান। ~দিগ্গজ-ঐরাবৎ, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্প-দন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক। ~দৃষ্টি [নাট্য শা°] বি, উপাঙ্গাভিনয় বিঃ [ভরতাচার্য্য মতে-সম, সাচি, আলোকিত, প্রলোকিত, উল্লোকিত, অবলোকিত, নিমীলিত, অনুবৃত্ত। ~ধর্ম্ম-সত্য, শৌচ, অহিংসা, অনসূয়া, ক্ষমা, অনৃশংস্য, অকার্পণ্য, সন্তোষ। ~ধা [অ°-ধা (প্রকারার্থে)] অ, আট প্রকার। ২ আট-বিষয়ে। ৩ আটবারে। ৪ আটভাগে; আটখানা। "অ° হইয়া দুই তীক্ষ্ণ তরবার"-রঙ্গমতী। ~ধাতু-স্বর্ণ, রৌপ্য, তাম্র, পিত্তল, কাংস্য, ত্রপু (রাং), সীশক, লৌহ। ~নবতি -বি, বিণ, ৯৮। ~নবতিতম-বিণ, ৯৭এর পরবর্ত্তীটি। ~নাগ-অনন্ত, বাসুকি, পদ্ম,

মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ। ~নায়িকা-মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়ন্তী, অপরাজিতা, নন্দিনী, নারসিংহী, কৌমারী। ~পারিষদ-(বিষ্ণুর) নন্দ, সুনন্দ, প্রচণ্ড, চণ্ড, কুমুদ, কুমুদেক্ষণ, বল। ~পঞ্চাশ, ~পঞ্চাশত্তম-বি, বিণ, ৫৮ সংখ্যা, ৫৮ সংখ্যক। ৫৭র পরবর্ত্তী। ~পঞ্চাশৎ-বি, ৫৮। ~পাদ [অষ্ট (আটখানি) পাদ (পা) যার-বহু০] বি, শরভ। ২ ঊর্ণা; মাকড়শা। ৩ অষ্ট চরণ বা বিভাগ বিশিষ্ট। ~পাশ-(মায়াবন্ধন)-ঘৃণা, লজ্জা, মান, অপমান, মোহ, দম্ভ, দ্বেষ, পৈশুন্য। ~প্রকার-অষ্টবিধ দ্রঃ। ~প্রহর [প্রা০ অষ্টম্ পহর, আটপহর] বি, দিবারাত্রি। ২ অষ্টপ্রহরব্যাপী সংকীর্ত্তন (এই অর্থেই 'অষ্টমপ্রহর' শব্দেরও ব্যবহার আছে)। ~বর্গ-ঋষভ (ঋষভক), জীবক, মেদ (মেদা), মহামেদ (মহামেদা), ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, ক্ষীরকাকোলী। ২ [জ্যোতিঃ] জন্মকালীন শুভাশুভ ফলসূচক চক্রবিঃ। ~বসু-ধর, ধ্রুব, সোম, সাবিত্র, অনল, অনিল, প্রত্যুষ, প্রভাস। মতান্তরে সাবিত্রী ও প্রবাসস্থলে আপ ও প্রভব বা প্রভাব [প্রকৃতিবাদ] মতান্তরে ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, অনল, প্রত্যুষ ও প্রভব [সমর্থ-কোষ] ~বিধ-বিণ, আট রকম। ২ অষ্টধা। ৩ বহুরূপ। ~ভুজ-বি, বিণ, আটহাত; আটহাতী। স্ত্রীং ~া [অষ্টভুজ+আ (স্ত্রীং)] বিণ, অষ্ট-হস্ত-বিশিষ্টা। ২ দুর্গার মূর্ত্তিভেদ; দুর্গা। "অন্নপূর্ণা অপর্ণা অন্নদা অষ্টভুজা।"-অ০ ম০। ~ভৈরব-অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রোধোন্মত্ত, ভয়ঙ্কর, কপালী, ভীষণ ও সংহার। ~মঙ্গল-ব্রাহ্মণ, গো, অগ্নি, সুবর্ণ, ঘৃত, সূর্য্য, জল ও রাজা। মতান্তরে, সিংহ, বৃষ, হস্তী, জলকুম্ভ, ব্যজন, ধ্বজ, শঙ্খ, ও দীপ। ২ মুখ, পুচ্ছ, বক্ষ ও পৃষ্ঠদেশ শুভ্রবর্ণ অশ্ব। স্ত্রীং ~া-বি, দুর্গার মূর্ত্তিভেদ। ~মান-বি, আট মুষ্টি পরিমিত (তণ্ডুলাদি); অষ্ট পরিমাণ। ২ ৩২ তোলা। ~মূত্র-ছাগ, মেষ, গো, মহিষ, ঘোটক, হস্তী, গর্দ্দভ ও উষ্ট্র, ইহাদের স্ত্রীজাতির মূত্র। ~মূর্ত্তি (শিবের)-সর্ব্বনামে ক্ষিতিমূর্ত্তি, ভব নামে জলমূর্ত্তি, রুদ্র নামে অগ্নিমূর্ত্তি, উগ্র নামে বায়ু, ভীম নামে আকাশ, পশুপতি নামে যজমান, মহাদেব নামে চন্দ্র এবং ঈশান নামে সূর্য্যমূর্ত্তি [তন্ত্রসার] পঞ্চভূত, চন্দ্র, সূর্য্য, অগ্নি [স্কন্দপুরাণ] ~রম্ভা [গ্রা০ অষ্টসিদ্ধির বিপরীত] বি, অসিদ্ধি; ফাঁকি; শূন্য; কিছুই না। "বুদ্ধির বেলা অষ্টরম্ভা"। ~রস-শৃঙ্গার, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র। ~লোকধর্ম্ম [বৌ০ সাং০] বি, মানুষ যে অষ্টধর্ম্মের বশবর্ত্তী; লাভ-অলাভ, যশ-অযশ, প্রশংসা-নিন্দা, সুখ-দুঃখ এই অ০ ধর্ম্ম। ~লোহক, ~লৌহ-সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ, সীস, কান্তলোহ, মুণ্ডলোহ, তীক্ষ্ণলোহ। ~ষষ্টি, ~ষষ্টিতম-বি, বিণ, ৬৮ সংখ্যা, সংখ্যক। ~সখী-(১) গদাধর পণ্ডিত (শ্রীমতী রাধা) (২) স্বরূপ গোস্বামী (ললিতা) (৩) রায় রামানন্দ (বিশাখা) (৪) শিবানন্দ (সুচিত্রা) (৫) রামানন্দ (চম্পক লতা) (৬) গোবিন্দ ঘোষ (রঙ্গদেবী) (৭) বাসুঘোষ (সুদেবী) (৮) শ্রীমাধব ঘোষ (তুঙ্গ)। ~সপ্ততি, ~সপ্ততিতম-বি, ৭৮ সংখ্যা বা সংখ্যক। ~সিদ্ধি-বি, যোগের অষ্ট ঐশ্বর্য্য-অণিমা, মহিমা, গরিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিত্ব, বশিত্ব (যথা স্থানে দ্রঃ)।

অষ্টক [অষ্টন্ (আট)+ক (স্বার্থে)] বি, অষ্ট শ্লোক বিশিষ্ট গ্রন্থ; যে গ্রন্থে আটটী মাত্র শ্লোক কিম্বা অষ্ট অধ্যায় আছে। ২ পাণিনিমুনিকৃত অষ্টাধ্যায় গ্রন্থ। ৩ ঋগ্বেদের সুক্ত বিঃ। ৪ দৃষদ্বতীর গর্ভজাত বিশ্বামিত্রের পুত্র। ৫ সূর্য্যবংশীয় বিকুক্ষির পুত্র। ৬ বিণ, অষ্টসংখ্যক; অষ্টসংখ্যাপরিমিত।

অষ্টকা [অশ্(ভোজন করা)+তক, (ধি) আ-স্ত্রীং। যে তিথিতে পিত্রাদি উদ্দেশ্যে মৎস্য, মাংস পিষ্টকাদি দ্বারা ব্রাহ্মণভোজন করান হয়] বি, সপ্তম্যাদি তিন তিথি। ২ পৌষ, মাঘ, ফাল্গুন এই তিন মাসের কৃষ্ণাষ্টমী। পৌষ মাসের কৃষ্ণাষ্টমীতে পূপাষ্টক, মাঘমাসের কৃষ্ণাষ্টমীতে মাংসাষ্টক, ফাল্গুন মাসের কৃষ্ণাষ্টমীতে শাকাষ্টক শ্রাদ্ধ করিতে হয়, কেহ বলেন আশ্বিন কৃষ্ণাষ্টমীও অষ্টকামধ্যে গণ্য। ৩ পিতৃশ্রাদ্ধবিঃ।

অষ্টকাঙ্গ [অষ্টক (আট) অঙ্গ, যার আটটী অঙ্গের বিভাগ করা রহিয়াছে; যাতে আটটী কোট করা হইয়াছে] বি, পাশার ছক; পাশার কোট। ২ বিণ, অষ্টাঙ্গ-বিশিষ্ট।

অষ্টম [অষ্টন্ (আট)+ম (সংখ্যা পূরণার্থে)] বিণ, আট সংখ্যার পূরক। স্ত্রীং ~মী [প্রা০ বাং আষ্টমী। প্রাকৃ০ অটমি, অট্ঠমি (হিং প্রা০)] বি, অষ্টম সংখ্যার পূরণকারিণী তিথিবিঃ; চন্দ্রের অষ্টম কলার হ্রাস বা বৃদ্ধি ক্রিয়া যেদিন হয়। ~বর্ষীয়-বিণ, আট বছুরে; ৮ বৎসর বয়স্ক। > স্ত্রীং ~া। ~বার্ষিক-বিণ, ৮ বৎসরের।

অষ্টমাংশ-বি, আট ভাগের এক ভাগ।

অষ্টমিকা [আয়ু০ পরিঃ। বৈদ্যকে] বি, চারি তোলা পরিমাণ।

অষ্টাংশিত [অষ্ট+অংশিত] বিণ, আট ভাগে বিভক্ত। ২ আট পেজী octavo.

অষ্টাকপাল, অষ্টকপাল [অষ্টন্ (আট) কপাল (কলসের অংশবিঃ)-যে যজ্ঞে সার্দ্ধ অষ্ট কলসী-ঘৃত দ্বারা হোম করে] বি, যজ্ঞবিঃ। ২ বিণ, অষ্ট কপালে বা মৃৎপাত্রে পাক করা (অন্ন)। ৩ আটকপালে; হতভাগ্য; দরিদ্র।

অষ্টাকিষ্টিয়া, অষ্টাকিষ্টে [প্রাদে০। অষ্ট-কোষ্ট (প্রকোষ্ঠ-ঘর)+ঈ ঘটিত অর্থে)-৮ ঘর চাল-ঘটিত খেলা] বি, ৪টা কড়ি চালিয়া খেলা। দুইজনে বা দুই পক্ষে ২৫টী ঘরকাটা ছক পাতিয়া এই খেলা খেলিতে হয়, কড়ি চারিটি চালিলে চারটিই উপুড় হইলে ঘুঁটি এক চালেই ৮ ঘর উঠিতে পারে।

অষ্টাঙ্গ [অষ্ট+অঙ্গ-ধা] বি, দেহের অষ্ট অবয়ব। যথা-দুইহস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষু, কণ্ঠ ও মেরুদণ্ড-মতান্তরে, দুই হস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষু, স্কন্ধ এবং বাক্য। মতান্তরে-পায়ের ২ বৃদ্ধাঙ্গুলি, ২ হাঁটু, ২ হাত, বক্ষ ও নাসিকা। ২ [অষ্ট (আট প্রকার) অঙ্গ (অবয়ব) যার-বহু০] বি, যোগের অষ্ট অঙ্গ; যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি। ৩ প্রাণায়ামের অষ্ট অঙ্গ; জানু, পদ, হস্ত, উরস্ (বক্ষঃ), বুদ্ধি, শিরস্, বাক্য, চক্ষুঃ। ৪ রাজনীতির অঙ্গভূত

অষ্ট উপায়। ৫ পাশা বা অক্ষফলক (ইহার প্রত্যেক পংক্তিতে অষ্টপদরূপ অঙ্ক আঁকা আছে বলিয়া)। ৬ আয়ুর্ব্বেদের অং। ~প্র ণাম-বি, ভূমিতে দেহের অষ্ট অবয়ব অর্থাৎ হস্তদ্বয়, পদদ্বয়, উরু, বক্ষ, চক্ষুদ্বয়, মস্তক, বাচিক ও মানসিক অঙ্গ স্পর্শন পূর্ব্বক প্রণাম। ~যোগ-অং (২) দ্রঃ। ~হৃদয়-বি, আয়ুর্ব্বেদীয় চিকিৎসা গ্রন্থবিঃ।

অষ্টাত্রিংশ, -ৎ, ~ত্তম [অষ্টন্ (আট অধিক) ত্রিংশৎ (ত্রিশ)-অষ্টাত্রিংশৎ-মং পং লোং, অষ্টাত্রিংশৎ+অ (পূরণার্থে)-অষ্টাত্রিংশ] বি, ৩৮ সংখ্যা। ২ বিণ, আটত্রিশ সংখ্যার পূরক।

অষ্টাদশ [অষ্টাধিক-দশ (মং পং লোং)] বি, আঠার সংখ্যা। ২ [তন্ত্রে] দ্বীপ, বিদ্যা, পুরাণ, স্মৃতি, ধান্য-যার প্রত্যেকটি অষ্টাদশ সংখ্যক। ৩ বিণ, আঠার সংখ্যার পূরক। ~পুরাণ-পুরাণ দ্রঃ। ~বিদ্যা-বি, ৪ বেদ, ষড়ঙ্গ (শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ) এবং আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গন্ধর্ব্ববেদ, অর্থশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র, মীমাংসা, ন্যায় ও পুরাণ।

অষ্টাদশাঙ্গ-বি দশমূলাদি বা ভূনিম্বাদি বা দ্রাক্ষাদি বা মুস্তাদি পাচন।

অষ্টা/পদ [অষ্টন্+পদ (স্থান) যার, বহুং-প্রতি পঙ্‌ক্তিতে আটটি স্থান হেতু, নিপাতনে অ=আ] বি, পাশার ছক ; সতরঞ্চ খেলিবার কোট। ২ [প্রাং হিন্দুমতে ৮ প্রকার লোহ হতে অগ্নিবিকারোৎপন্ন বলিয়া, বা অষ্ট (আট প্রকার ধাতুর মধ্যে) পদ (প্রাধান্য) যার-বহুং] স্বর্ণ। "কাঠের সেঁউতী মোর হৈল অং।"-অং মং। ৩ অষ্টপদ বিশিষ্ট জলজন্তু ; অক্টোপস্ octopos. ৪ শরভ। ৫ উর্ণা। স্ত্রীং ~পদী।

অষ্টাবক্র [অষ্ট+বক্র (বাঁকা) যার-বহুং] বি, উদ্দালক মুনিকন্যা সুজাতার গর্ভে কাহোড় মুনির ঔরসজাত পুত্র ; ইহার অষ্ট স্থান বক্র বলিয়া এই নাম। ~সংহিতা-বি, অষ্টাবক্র ঋষিপ্রণীত সংহিতা ; অষ্টাবক্র ঋষি জনক রাজর্ষিকে মোক্ষ-ধর্ম্ম সম্বন্ধে যে উপদেশ করিয়াছিলেন তাই এই সংহিতায় লিখিত হয়।

অষ্টা/বিংশ [অষ্ট (অষ্টাধিক)+বিংশ] বিণ, ২৮ সংখ্যার পূরক। ২ বি, ২৮ সংখ্যা। ~বিংশতি-আটাশ ; ২৮। ~বিংশতি-তম-২৮ সংখ্যার পূরক।

অষ্টাশি, -শী [অষ্ট+আশি (অশীতি)] বি, ৮৮ সংখ্যা। ২ বিণ, ৮৮ সংখ্যার পূরক।

অষ্টাশীতি-অষ্টাশি ; ৮৮। ~তম-৮৮ সংখ্যার পূরক।

অষ্টাশ্রি [অষ্ট-অশ্রি] বি, বিণ, অষ্টকোণ ; অষ্টকোণা ; আটপল তোলা। "গাছ কাটিয়া উহার ডাল পালা ছাঁটিয়া মূল স্তম্ভকে অং করিতে হয়।"-ত্রিবেদী।

অষ্টাহ [অষ্ট+অহ (ন্)] বি, আটদিন।

অস্থি [অস্ (ক্ষেপণ করা)+তি (র্ম্ম) যা কার্য্যের অনুপযোগী বলিয়া নিক্ষেপ করে] বি, আঁটি ; বীচি। ২ ষোড়শাক্ষর ছন্দোবিঃ।

অষ্টেপৃষ্ঠে [অষ্ট (আট) পৃষ্ঠ (পার্শ্ব)+এ > অষ্টপৃষ্ঠে > (উচ্চারণ বিকারে) অষ্টেপৃষ্ঠে] ক্রি-বিণ, আটদিকে ; সর্ব্বাঙ্গে ; সকল পাশে। ~ললাটে-সর্ব্বাঙ্গে ; সকল দিকে।

অষ্ঠি [অ-স্থা (শেষ থাকা)+ই, স্থা-ষ্ঠ] বি, ফলের আঁটি ; বীচি। ~বান্-বি, হাঁটু।

অষ্ঠীলা-বি, বীজ ; আঁটি। ২ বর্ত্তুলাকৃতি শিলাখণ্ড ; গোল নুড়ি। ৩ নাভির নিম্নে পাষাণ খণ্ডের ন্যায় বাতজন্য রোগ বিঃ।

অসংখ্য [ন=অ (নাই) সংখ্যা যার-বহুং] বিণ, যার সংখ্যা নাই ; সংখ্যাতীত ; অগণনীয় ; অগণ্য। ~রাশি [গণিতং পরিঃ] বি, অনন্ত সংখ্যা infinity ; অং রাশি বোধক ∞ এই চিহ্ন।

অসংখ্যাত, অসংখ্যেয়-বিণ, যা সংখ্যা করিতে পারা যায় নাই ; অপরিমিত ; অগণনীয়।

অসংঘট [প্রাং বাং। অ-সংঘট] বিণ, অঘটনীয়। "অং কাজে পুন সংঘট করা এ।" -শ্রীং কীং।

অসংজ্ঞ [ন=অ (নাই) সংজ্ঞা যার-বহুং] বিণ, সংজ্ঞাহীন ; অসাড় ; চৈতন্যবিহীন।

অসংবর, ~ণীয় (র)-বিণ, যা সংবরণ করা যায় না ; অনিবার্য্য। বি, অসংবরণ।

অসংবিদান [ন=অ-সংবিদান (সং-সম্যক্-বিদ্ (জানা)+আন (র্ত্তৃ)] বিণ, অজ্ঞান ; অজ্ঞ ; জ্ঞানহীন। ২ [সং (পূর্ব্বার্থে)] পূর্ব্ব প্রতিশ্রুতি-রহিত ; অকৃত স্বীকার।

অসংবৃত [ন=অ (নাই) সং (সম্যক্) বৃ (আবরণ করা)+ত (র্ম্ম) সংবৃত (আচ্ছাদিত) নঞ্ ; যাকে সম্যক্ আবরণ করা হয় নাই] বিণ, অনাচ্ছাদিত ; আবরণ শূন্য ; আচ্ছাদনহীন ; নগ্ন। ২ অকুণ্ঠিত দোষোদঘাটক ; "তারা মৃত কি জীবিত এর প্রমাণ দেয় শুধু তাদের অসংযত বাসনার অং প্রলাপ।"-বাং কথা। স্ত্রীং ~া (বাং অসম্বৃতাও লিখিত হয়)। সম্বোধনে, অসংবৃতে। "দিগন্তে মেখলা তব টুটে আচম্বিতে অয়ি অসংবৃতে!"-রবীং (উর্ব্বশী)।

অসংযত [ন=অ (নাই) সং (সম্যক্) যম্ (বিরত করা, নিবৃত্ত করা)+ত (র্ম্ম-) ম্ লোপ, =সংযত, নঞ্ যাকে সম্যক্‌রূপ বিরত করা হয় নাই] বিণ, যে বিরত নয় ; যে নিবৃত্ত নয় ; যে রুদ্ধ নয়। ২ বন্ধনবিহীন। ৩ অনিয়মিত। ৪ অজিতেন্দ্রিয় ; সংযমহীন। অং রসনা-বিণ, যার জিহ্বার সংযম নাই ; যার মুখের আগঢাক নাই ; মুখছুট।

অসং/যম-বি, নিবৃত্তির অভাব ; ইন্দ্রিয় দমনের অভাব। ২ [নাই সংযম (চিত্তস্থিরতা) যার-বহুং] যার চিত্তের স্থিরতা নাই। ২ অজিতেন্দ্রিয়। বিণ, ~যমী-অজিতেন্দ্রিয়। স্ত্রীং ~যমিনী।

অসংযুক্ত-বিণ, যা সম্যক্ মিলিত বা সংযুক্ত নয় ; অমিলিত ; বিযুক্ত।

অসংযোগ-বি, মিলনের অভাব ; বিভাগ ; অমিল।

অসংলগ্ন [প্রাং বাং 'আলাগন' (শ্রীং কীং)] বিণ, যে মিলিত নহে ; অযুক্ত ; স্বতন্ত্র। ২ পূর্ব্বাপর-বিরুদ্ধ ; অসঙ্গত। ৩ প্রসঙ্গ বহির্ভূত।

অসংশনীয়-বি, নিঃসন্দেহ জনক।

অসং/শয়-বিণ, নিঃসন্দেহ ; সংশয় রহিত ; নিশ্চিত। ২ [ন=অ (নাই) সংশয় (সন্দেহ) যাতে-বহুং] ক্রি-বিণ, অসন্দিগ্ধচিত্তে ; নিঃসংশয়ে ; সন্দেহ ব্যতিরেকে। ~শয়নীয়-বিণ, যাতে সংশয় হতে পারে না ; সন্দেহের অযোগ্য। ~শয়ান [ন=অ

-সংশয়ান (সন্দেহকারী) নঞ্] বিণ, যে সংশয়কারী নহে ; অসন্দিহান ; অসংশয়িত-চিত্ত। ~শয়িত-বিণ, যে সংশয়যুক্ত নহে ; অসন্দিগ্ধ।

অসংশো/ধন-বি, অসংস্কার। বিণ, ~ধনীয়,~ধ্য-যা সংশোধন করা যায় না। ~ধিত-বিণ, অসংস্কৃত ; অশুদ্ধ ; ভ্রান্ত।

অসংশ্লিষ্ট-বিণ, যা সংশ্লিষ্ট নয় ; অসম্পর্কিত ; সম্বন্ধরহিত।

অসংসক্ত [ন=অ (না)-সং (সম্যক্) সন্জ্ (মিলন বা অনুরাগ করা)+ত (র্ম্ম বা র্তৃ)=সক্ত-নঞ্] বিণ, অসংশ্লিষ্ট অনাসক্ত ; সংসর্গ রহিত।

অসংসাহ/স-বি, দুঃসাহস। ~সিক [ন=অ (নাই) সং (সংগত) সাহস (নির্ভীক কার্য্য)+ইক (র্তৃ) নঞ্] বিণ, অসঙ্গত সাহসযুক্ত ; যে অন্যায় সাহস দেখায় ; দুঃসাহসিক। ২ যা সাধন করিতে অকুতোভয়ের প্রয়োজন ; যাতে বিপদের সম্ভাবনা আছে। বি, ~সিকতা।

অসংসৃষ্ট-বিণ, অসংশ্লিষ্ট ; সংস্রবরহিত।

অসংস্কৃত-বিণ, অশোধিত ; অমার্জ্জিত ; অপরিষ্কৃত। ২ শাস্ত্রীয় সংস্কাররহিত ; অনুপনীত ; অকৃতচূড় ; অজাত-সংস্কার। ৩ যার কর্ণবেধ হয় নাই। ৪ বি, সংস্কৃত ভাষায় এতদূর অপকৃষ্ট রচনা যে তাকে সংস্কৃতই বলা যায় না ; হীন বা অপকৃষ্ট সংস্কৃত। ৫ অপভাষা ; সংস্কৃতের অপভ্রংশ। বি, অসংস্কার। স্ত্রীং ~া। ~বাক্য-বি, সংস্কৃত ভিন্ন বাক্য। ২ অসাধু ভাষা। ৩ অপরিমার্জ্জিত ভাষা ; অপভাষা ; ইতর ও অশিক্ষিত ব্যক্তির কথাবার্ত্তা।

অসংস্থান-বি, সংস্থান না থাকা ; অপ্রতুল ; অসঙ্গতি ; অসম্ভাব।

অসংহত-বিণ, যা মিলিত নয় ; যা সংলগ্ন নয়; একত্রাবস্থিত নয়; বিক্ষিপ্ত। ২ ব্যূহ বিঃ।

অসকাল [অ (অতিক্রান্তিবোধক)+সকাল (সময়)] বি, অসময়। ২ অবসান। ৩ সন্ধ্যা; দিবাবসান। "অসকালে যাব কোথা। আমি ঘুরে এলাম যথা তথা।" -রাংপ্রং। "বেলি অসকালে, দেখিনু ভালে, পথেতে যাইতে সে।"-চণ্ডী°। ৪ [ন=অ-সকাল (শীঘ্র)] বিলম্ব ; দেরি। "অ° হয় পাছে পেতে চাই নাথ।"-ঘ°।

অসকৃৎ [ন=অ (না) সকৃৎ (একবার)] অ, একাধিকবার ; বহুবার; ভূয়োভূয়ঃ, পুনঃপুনঃ। ~গর্ভবাস-পুনঃ পুনঃ জন্মগ্রহণ।

অসক্ত-বিণ, অসংলগ্ন ; অসংস্পৃষ্ট। ২ অনাসক্ত ; নির্লিপ্ত। ৩ বিরক্ত ; বিষয়ে অনুরাগরহিত। ৪ ফলাকাঙ্ক্ষা রহিত।

অসকৃথ-বিণ, সক্থি অর্থাৎ উরুহীন।

অসখ্য-বি, অসদ্ভাব।

অসগোত্র-বিণ, সগোত্র ভিন্ন ; যে এক গোত্রে উৎপন্ন নয় ; অসমান গোত্র।

অসঙ্ক্লিপ্ত-বিণ, অনবধারিত। ২ অনভিপ্রেত। ৩ অপ্রস্তাবিত।

অসঙ্কীর্ণ-বিণ, প্রশস্ত ; উদার। স্ত্রীং ~া। বি, ~তা।

অসঙ্কুচিত-বিণ, সঙ্কোচরহিত ; অকুণ্ঠিত। ২ প্রশস্ত ; অকুঞ্চিত। স্ত্রীং ~া।

অসঙ্কুল-বি, পরস্পর অবিরুদ্ধ বাক্য। ২ [অ-সঙ্কুল (সঙ্কীর্ণ, আকীর্ণ)] অসঙ্কীর্ণ ; বিস্তীর্ণ। ৩ অনাকীর্ণ।

অস/ঙ্কোচ-বি, সঙ্কোচের অভাব। ২ জড়সড়ভাবরাহিত্য। ক্রি-বিণ, ~ঙ্কোচে-অবাধে ; সরলভাবে।

অসংখ্য, অসংখ্যাত, অসংখ্যেয়-বিণ, যার সংখ্যা নাই বা হয় না।

অসঙ্গ-বিণ, সঙ্গরহিত ; নিঃসঙ্গ। ২ নির্লিপ্ত। ৩ অপ্রতিবদ্ধ। ৪ [নাই সঙ্গ (সম্বন্ধ) যার-বহু°] সম্বন্ধরহিত। ৫ বি, বিষয়ে বিরক্তি ; পুত্র কলত্রাদি ত্যাগরূপ বৈরাগ্য। ৬ পরমাত্মা। ~কুসঙ্গ-দুর্নীতি পরায়ণ নরনারীর সমাজ ; সম্বন্ধ বা সাহচর্য্য। "নন্দা তুই এসব অ° কুসঙ্গে এসে মিশিস কেন মা।"

অসঙ্গত-বিণ, অনুপযুক্ত ; অযৌক্তিক ; যুক্তি বিরুদ্ধ। ২ পূর্ব্বাপর-বিরুদ্ধ irrelevant. ৩ অসম্ভব। ৪ অন্যায্য ; অনুচিত। ৫ অসদৃশ ; বিষম। ৬ অসম্বদ্ধ ; সংসর্গচ্যুত। বি, অসঙ্গতি-সম্বন্ধাভাব ; অসংস্থান। ২ পূর্ব্বাপর বিরোধ। ৩ অসংলগ্নতা। ৪ কার্য্য-কারণের ভিন্নদেশবর্ত্তিতারূপ অর্থালঙ্কার বিঃ। কার্য্য ও কারণ ভিন্ন ভিন্ন আধারে অবস্থিত হইলে এই অলঙ্কার হয় separation of cause and effect.-কাব্যনির্ণয়। "শিবের কপালে রয়ে, প্রভুর আহুতি লয়ে, মা জানি বাড়িল কিবা গুণ। একের কপালে রহে, আরের কপালে দহে, আগুনের কপালে আগুন॥"-অ° ম°।

অসঙ্গম-বি, অসহবাস। ২ অমিলন ; বিচ্ছেদ।

অসচ্চরিত্র-বিণ,যার চরিত্র সৎ নহে ; অসাধু ; দুশ্চরিত্র ; চরিত্রহীন। স্ত্রীং ~া। বি, ~তা।

অসচ্ছল, অস্বচ্ছল-বিণ,ঋণাতিরিক্ত ধনবান্ নহে insolvent. ২ [গ্রা° ব্যবহারে বিপরীতার্থে, তুল-মন্দ অর্থে 'অমন্দ'। (২) গ্রা°-অজচ্ছল > ?] সচ্ছল ; অতিরিক্ত ; অপরিমিত। "সাকার-নিরাকারের তর্ক আপনার সঙ্গে করব, এত অসচ্ছল সময় আমাদের নাই।"-দত্তা (শ° চট্টো°)। বি, ~তা।

অসজ্জ/ন-বি, অসাধু ব্যক্তি। ~নোচিত-বি, অসাধু ব্যক্তির যোগ্য।

অসৎ-বিণ, সৎ ভিন্ন ; নিন্দিত ; গর্হিত; মন্দ। ২ অসাধু। ৩ সত্তারহিত ; যে বস্তুর বর্ত্তমান সময়ে অভাব আছে ; অবিদ্যমান। ৪ (দর্শনে] আত্মার ধর্ম্ম নহে বলিয়া অবিদ্যমান শীতোষ্ণাদি। ~কর্ম্ম-বি, কুকার্য্য। ২ বিণ, কুকর্ম্মকারী। > স্ত্রীং ~া। ~কৃত-বিণ, যার সৎকার হয় নাই ; অনাদৃত। > স্ত্রীং~া। ~পথ-বি, কুপথ ; অসাধুপথ ; অসদুপায়। ~পথাবলম্বী-বিণ,কুপথগামী। > স্ত্রীং ~পথাবলম্বিনী। ~পরিগ্রহ-বি, অবৈধ বা অযোগ্য দান গ্রহণ করা। ২ অযোগ্য ব্যক্তির নিকট দান গ্রহণ করা। ~সংসর্গ, ~সঙ্গ-অসাধু সঙ্গ ; কুসঙ্গ। ২ অসাধু সহবাস।

অসত্তা বি, অনস্তিত্ব ; ঐকান্তিকভাব। ২ মিথ্যা।

অসতর্ক-বিণ, যে সতর্ক নয়; অসাবধান। বি, ~তা।

অসতি [প্রা° বাং। অসৎ+ই (ইদমর্থে)] বিণ, অসৎপ্রকৃতি। "অ° রাজা হৈল রাজ্যের ভিতর।"-মাণিক°।

অসতী [ন=অ-সতী] বি, ব্যভিচারিণী স্ত্রী ; কুলটা ; ভ্রষ্টা স্ত্রী। ২ বিণ, অসৎস্বভাবা ;

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ন্‌জ্য ঞ্চ=নচ ক=ক্ট ... =zfwv ও চ্চা° দ্রঃ

কুচরিত্রা। ~পুত্র, ~সূর্ত-বি, কুলটাপুত্র ; বেশ্যাপুত্র।

ˋঅসত্য-বি, মিথ্যা। ২ বিণ, যা সত্য নয় ; অযথার্থ ; অলীক। ~বাদী [ন=অ-সত্য-বদ্+ইন্, তৎ=অসত্যবাদিন্ ১মা ১বং-নঞ্] বিণ, মিথ্যাবাদী ; অযথার্থবাদী। বি, ~বাদিতা।

ˋঅসিত্যসন্ধ [ন=অ (নাই) সত্যে সন্ধা যার-বহুং] বি, যার সত্য ব্যবহারে অভিলাষ নাই ; কপটাচারী ; দুরভিসন্ধ।

অসদা/চরণ,~চার [অসৎ+আচরণ] বি, কুব্যবহার।~চারী-বিণ, দুর্বৃত্ত ; কদাচরণকারী।

অসদুপদে/শ [অসৎ+উপদেশ] বি, কুপরামর্শ ; কুশিক্ষা। ~ষ্টা-বি, কুশিক্ষক ; কুপরামর্শদাতা। স্ত্রীং~ষ্ট্রী।

ˋঅসদৃশ-বিণ, বিষম ; বিসদৃশ। ২ অনুপযুক্ত ; অযোগ্য। ৩ বিরুদ্ধ। ৪ [বৌং সাং, আধুং বাং বিরল] অনুপম ; অতুল্য ; অসাধারণ। "শাস্তা জেতবনে অবস্থিতিকালে অসদৃশ দান সম্বন্ধে এই কথা বলিয়াছিলেন।" -জাতক, ৪র্থ খণ্ড।

ˋঅসদ্‌গ্রাহী-বিণ, যে অনুচিত বিষয়ে দানাদি গ্রহণ করে ; অবৈধ ধন গ্রহণকারী।

ˋঅসদ্বৃত্তি-বি, কুপ্রবৃত্তি। ২ অসাধু ব্যবহার।

ˋঅসদ্ব্যবহা/র [অসৎ-ব্যবহার] বি, কদাচরণ ; দুর্ব্যবহার। বিণ, ~রী-কদাচারী। স্ত্রীং ~রিণী।

অসদ্ভাব-বি, অসত্তা ; অবিদ্যমানতা। ২ অপ্রতুল ; অসংস্থান। ৩ অপ্রণয় ; মনোমালিন্য। ৪ বিবাদ। ৫ দুরভিসন্ধি।

ˋঅসন্তুষ্ট-বিণ, যে সন্তুষ্ট নয় ; সন্তোষরহিত। ২ অতৃপ্ত। ৩ অপরিতুষ্ট ; অপ্রীত ; বিরক্ত। বি, ˋঅসন্তুষ্টি-অসন্তোষ ; অতৃপ্তি ; বিরক্তি।

ˋঅসন্তোষ-বি, সন্তোষের অভাব। ২ বিরক্তি ; বিরাগ। ৩ অতৃপ্তি।

অসন্দিগ্ধ-বিণ,যার সন্দেহ নাই ; সংশয়রহিত। ২ অনিষ্টাশঙ্কা-রহিত ; বিশ্বস্ত। ৩ যাতে বা যে বিষয়ে সন্দেহ নাই ; নিশ্চিত ; স্থির ; ভরসান্বিত। স্ত্রীং ~গ্ধা। ˋ~চিত্ত-বি, বিণ, সন্দেহশূন্য হৃদয়।

অসন্দিহান-বিণ, যে সন্দেহ করে না ; অসংশয়চিত্ত ; অসন্দিগ্ধ।

অসন্দেহ-বি, সন্দেহের অভাব। নিশ্চয়তা। ২ বিণ, নিঃসন্দেহ।

অসম্বদ্ধ-বিণ, যা বদ্ধ করা হয় নাই ; অবদ্ধ ; বন্ধন রহিত ; খোলা ; আলগা। ২ বর্ম্মকবচাদিহীন ; অবস্থিত। ৩ অশ্রেণীবদ্ধ ; অকৃতব্যূহবদ্ধ। ৪ অপরিহিত পরিচ্ছদ।

অসন্নিকর্ষ [ন=অ-সন্নিকর্ষ] বি, নিকটত্বাভাব ; দূরত্ব। ২ বিষয় হতে মন বা জ্ঞানেন্দ্রিয়ের সম্বন্ধ বা সংযোগ রাহিত্য।

অসন্নিকৃষ্ট [ন=অ-সন্নিকৃষ্ট] বিণ,দূরবর্ত্তী।

অসন্নিধান-বি, অবিদ্যমানতা ; অনুপস্থিতি। ২ দূরত্ব।

অসন্নিহিত [ন=অ-সন্নিহিত] বিণ, দূরস্থ ; কাছে নহে এমন।

অসপত্ন [ন=অ (নাই) সপত্ন (শত্রু) যার-বহুং] বিণ, যার শত্রু নাই ; শত্রুরহিত ; নিষ্কণ্টক। ২ [নঞ্] শত্রুর অভাব।

অসপিণ্ড [ন=অ-সপিণ্ড] বিণ, যার সপ্তম পুরুষের সমান পিণ্ড নাই ; সপিণ্ড ভিন্ন ; যে ক্রমিক সাত পুরুষের মধ্যে নহে।

অসবর্ণ [ন=অ-সবর্ণ] বিণ, অসমান বর্ণ ; বর্ণাশ্রম ধর্ম্মানুসারে ভিন্ন জাতীয়, যথা-ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র পরস্পর অসবর্ণ। ২ ভিন্ন বর্ণান্তর্গত। ~বিবাহ-বি, অসমান বর্ণের মধ্যে পরিণয়।

অসবল [ন=অ-সবল] বিণ, দুর্ব্বল।

অসভ্য [ন=অ-সভ্য] বিণ, অসামাজিক ; সভার অযোগ্য ; ভদ্র সমাজের যোগ্য নয়। ২ অশিক্ষিত ; দুর্বিনীত ; অশিষ্ট ; গোঁয়ার। ৩ সভ্য বা সদস্য নয় এমন। "আমি জানি না-এই সভার সভ্য বা অসভ্য কে আছেন বা না আছেন।"-রবীং। ~তা-বি, অসভ্যের ব্যবহার ; অশিষ্টতা ; শিষ্ট বা সাধুসমাজ-বহির্ভূত আচরণ।

অসম-বিণ, অসমান ; সাদৃশ্যহীন ; যাদের পরস্পরের মধ্যে সাদৃশ্য বা সাম্য নাই। ২ বিষম ; বিযোড়। বি, ~তা, ~ত্ব-বৈষম্য ; বিভিন্নতা ; পার্থক্য। ~দর্শী-বিণ, পক্ষপাতী। ~সাময়িক-বিণ, যা এক সময়ের নয় ; অসমকালীন। ~সাহস-বি, অকুতোভয়তা। বিণ, ~সাহসিক, ~সাহসী-অকুতোভয়। বি, ~সাহসিকতা।

অসমক্ষ [ন=অ (না) সং (সম্যক্) অক্ষ (অক্ষিগোচর), নঞ্] বিণ, যা সম্পূর্ণ অক্ষিগোচর নহে ; পরোক্ষ ; অগোচর। ২ ক্রি-বিণ, অসাক্ষাতে।

অসমগ্র-বিণ, আংশিক ; অসম্পূর্ণ।

অসমঞ্জস [ন=অ-সং (সম্পূর্ণ) অঞ্জ্ (মিলিত হওয়া)+অস, স্বার্থ=সমঞ্জস (সদৃশ) যুক্তিযুক্ত ; নঞ্] বিণ, যা সম্পূর্ণ মিলিত হয় নাই ; অসদৃশ। ২ অসঙ্গত ; বিষম। ৩ অনুপযুক্ত। ৪ অযুক্ত ; অযুক্তিযুক্ত। ৫ [অসমঞ্জ ওং] বি, সগর রাজার জ্যেষ্ঠ পুত্র।

ˋঅসমতল-বি, বন্ধুর ; আবুড়াখাবুড়া।

অসমবায়িকারণ [ন্যায়ং পারিঃ] বি, সমবায়ী কারণের অতিরিক্ত কারণ ; সমবায়ী কারণে সম্বন্ধিত হইয়া যে কারণ হয়। যথা-বস্ত্রের প্রতি সূত্রসংযোগ অসমবায়ী কারণ, সূত্র সমবায়ী কারণ।

ˋঅসময়-বি, অনুপযুক্ত সময় ; অপ্রকৃত সময় ; যার যে সময় নহে ; অকাল। প্র-তুমি বড় অসময়ে আসিয়াছ। ২ দুঃসময়। "ভাল দুঃখ দিলে মাতা পেয়ে অং।"-কৃত্তিং। ৩ যে সময় অতীত হইয়া যায়।

ˋঅসমর্থ-বিণ, কার্য্যক্ষম নহে ; অক্ষম, দুর্ব্বল ; অপটু। ২ যে শব্দের যে স্থানে অন্বয় হওয়া উচিত তার ব্যতিক্রম। বি, ~তা-অক্ষমতা ; দুর্ব্বলতা। ২ অলঙ্কার দোষ বিঃ ; যে শব্দের যে অর্থ প্রকাশের শক্তি নাই সেই অর্থে তার প্রয়োগ। "আমার লপিতে দেহ রাধার নন্দন।" [লপিতে=বাক্যে ; রাধার নন্দন=কর্ণ, কিন্তু রাধার নন্দন বলিলে শ্রবণেন্দ্রিয় কর্ণ বুঝায় না। এইরূপ উত্তর=বিরাট তনয় (মহাং) এবং উত্তর=জবাব ; কিন্তু বিরাটতনয় অর্থে জবাব বুঝায় না। সুতরাং জবাব বা উত্তর অর্থে বিরাট তনয় প্রয়োগ করিলে অসমর্থতা দোষ হয়]।

অসম/র্থন-বি, অননুমোদন। বিণ, ~র্থিত। > স্ত্রীং ~া।

অসম/র্পিত [ন=অ-সমর্পিত] বিণ, অপ্রদত্ত। স্ত্রীং ~র্পিতা। বি, ~র্পন।

অসমবায়ী [ন=অ-সমবায়ী] বিণ, অসম্বদ্ধ। ২ নৈমিত্তিক।

অসমল [ন-সমল] বিণ, নির্ম্মল।

অসমসাময়িক, অসমসাহস, অসমসাহসিক, অসমসাহসী- অসম দ্রঃ।

অসমস্ত [ন=অ-সমস্ত (সমাস যুক্ত) নঞ্] বিণ, যা একত্রীকৃত নহে। ২ সমাসরহিত ; সমাসে অযুক্ত ; যা সমাসযুক্ত নহে।

অসমাঙ্গ [অ-সম+অঙ্গ] বিণ, যা সমাবয়ব যুক্ত নহে ; যার সকল দিক্ এক রকম নহে ; সুশৃঙ্খলতাহীন unsymmetrical. ২ অসম অঙ্গ যার-বহু০] যার অঙ্গ সমান নহে।

অসমান-বিণ, যা সমান নয় ; অসদৃশ। "জলে জলে যোগ্য যোগ্য যুগ্ম যুগ্ম যুঝে। অসমানে নাহি মানে স্বসমানে খুঁজে॥-শি০। ২ জাতীয় ভিন্ন ; বিজাতীয়।

অসমা/পক-বি, যে কার্য্য সমাপ্ত করে না ; অনিষ্পাদক। স্ত্রীং ~পিকা। অসমাপিকা ক্রিয়া-যে ক্রিয়া দ্বারা বাক্য সমাপ্ত হয় না infinitive verb; participle.

অসমা/প্তি, ~প্ত-বিণ, সমাপ্ত নয় ; অসম্পূর্ণ ; শেষ রহিত। ২ আংশিক ; অসম্পাদিত। বি, ~পন, ~প্তি।

অসমী/ক্ষণ [অ-সম্-ঈক্ষ্ (লক্ষ্য)-অন (ভা০)] বি, সম্যক্ দর্শনাভাব ; অপর্য্যবেক্ষণ। ২ অননুসন্ধান। ~ক্ষা [অ +সমীক্ষা। সম্ (সম্যক্) ঈক্ষ্ (দেখা)-অ (ভা০)-আ (স্ত্রীং)] বি, বুদ্ধিহীনতা। ২ চতুর্ব্বিংশতি-তত্ত্ব; মীমাংসা দর্শন। ৩ বিচার বা সম্যক্ দৃষ্টিরাহিত্য। ৪ অনন্বেষণ। ~ক্ষ্য [অ সম্-ঈক্ষ্ +যপ্ (অনন্তরার্থে)] ক্রি-বিণ, সম্যক্ দৃষ্টি, বিবেচনা, অন্বেষণ ই০ না করিয়া ; সব দিক্ না দেখিয়া। ~ক্ষ্যকারিতা-বি, অগ্রপশ্চাৎ দেখিয়া শুনিয়া কাজ না করা ; অবিমৃশ্যকারিতা। ~ক্ষ্যকারী-বিণ, যে দোষ গুণ এবং অগ্রপশ্চাৎ না ভাবিয়া কার্য্য করে ; মূর্খ ; গোঁয়ার। > স্ত্রীং ~ক্ষ্যকারিণী।~ক্ষ্যভাষী-বিণ, যে সম্যক্ বিবেচনা না করিয়া হঠাৎ কোন কথা বলিয়া ফেলে। > স্ত্রীং~ক্ষ্যভাষিণী।

অসমীচীন-বিণ, অনুত্তম ; অসঙ্গত অন্যায়। ২ অনুপযুক্ত।

অসমৃদ্ধি-বি, অনুন্নতি ; অসৌভাগ্য বিণ, অসমৃদ্ধ।

অসম্পর্ক-বি, সম্পর্কের অভাব ; সম্পর্ক না থাকা। ২ নাই সম্পর্ক যার-বহু০] বিণ, সম্বন্ধরহিত। অসম্পর্কীয়-বিণ, যার সহিত কোনরূপ সম্বন্ধ নাই ; সম্বন্ধবিহীন ; অসম্পৃক্ত ; অসংসৃষ্ট।

অসম্পূর্ণ-বিণ, অপূর্ণ ; অসমাপ্ত। ২ যা পরিপূর্ণ হয় নাই।

অসম্পৃক্ত-বিণ. অসম্পর্কিত ; অসম্বন্ধিত ; অসংসৃষ্ট।

অসম্বদ্ধ-বি, অবদ্ধ ; অসংলগ্ন। ২ অসঙ্গত। ~প্রলাপ [অ০ (সম্বন্ধহীন) প্রলাপ (অনর্থক বাক্য-ধা)] বি, সঙ্গতিহীন উক্তি ; সম্বন্ধবিহীন উক্তি ; পাগলের ন্যায় কথা ; অর্থহীন বাক্য। ~প্রলাপী [অসম্বদ্ধ-প্রলাপ+ইন্ (স্ত্য)=প্রলাপিন্, ১মা ১ব০ (উপ০)] বিণ, অসম্বদ্ধভাষী ; অর্থহীন বাক্য-প্রয়োগকারী ; পাগলের ন্যায় উক্তিকারী। > স্ত্রীং ~প্রলাপিনী। ~ভাষী [অসম্বদ্ধভাষিন্-১মা ১ব০] বিণ, যে সম্বন্ধহীন ও অর্থহীন কথা বলে; অসম্বদ্ধপ্রলাপী। > স্ত্রীং ~ভাষিণী।

অসম্বন্ধ-বিণ, সম্বন্ধবিহীন ; অসংলগ্ন। ২ অসঙ্গত ; পূর্ব্বাপর-বিরুদ্ধ।

অসম্বর [ন=অ-সং-বৃ+অ (ভা০) নাই সম্বর (ধৈর্য্য) যার-বহু০। প্রা০ বাং-য়] বিণ, সম্বরণে অসমর্থ বা অযোগ্য ; অধৈর্য্য ; অসামাল। "শেষে প্রভু হইলেন বড় অ০।" -চৈ০ ভা০।

অসম্বাধ [ন=অ (নাই)সম্বাধা (বাধা, ব্যাধি) যার-বহু০, সংঘর্ষ রূপ বাধা বা পীড়া রহিত] বিণ, বাধারহিত ; বিঘ্নহীন ; সংঘর্ষ-শূন্য। ২ প্রশস্ত। ৩ বিরল। ৪ জনসজ্ঞ-বিহীন। স্ত্রীং ~া।

অস/ম্ভব [ন=অ-সম্ভব] বিণ, যা সম্ভব নয় ; দুর্ঘট ; অঘটনীয়। "একি অসম্ভব কথা শুনে বা কি বলবে লোকে। ঐ যে যার মা জগদীশ্বরী, তার ছেলে মরে পেটের ভুকে।"-রা০ প্র০। ২ অসাধ্য। ৩ অদ্ভুত ; বিস্ময়জনক। ৪ বি, অলৌকিক ঘটনা। ~ম্ভাবনীয়-বিণ, যা সম্ভাবনার অতীত ; যা হতে পারে না ; অঘটনীয়। ~ম্ভাবিত-বিণ, যা সম্ভব হইবে বলিয়া পূর্ব্বে মনে করা হয় নাই ; যা মনে করা যায় নাই ; অভূত কল্পনা ; অভাবিত ; যা হবে না বলিয়াই অনুমিত। ~ম্ভূত [ন=অ-সম্ভূত] বি, যা উৎপন্ন হয় নাই ; অজাত। ~ম্ভাব্য-বিণ, যা সম্ভাবনার যোগ্য নহে ; অসম্ভবপর। ২ অলৌকিক।

অসম্ভোগ [ন=অ-সম্ভোগ] বি,সম্ভোগা-ভাব ; অনুপভোগ।

অসম্ভ্রম [ন=অ-সম্ভ্রম] বি, অসামাঙ্গ ; অমর্য্যাদা ; অসম্মান ; অনাদর। ২ চাঞ্চল্য-ভাব ; স্থৈর্য্য। ৩ [নাই সম্ভ্রম (মর্য্যাদা) যার-বহু০] বিণ, মর্য্যাদারহিত। ৪ [কথ্য] অপদস্থ। প্র-তাঁকে অসম্ভ্রম করা ভাল হয় নাই।

অসম্ভ্রান্ত [ন=অ-সম্ভ্রান্ত] বিণ, উদ্বেগ রহিত ; অচঞ্চল ; স্থিরপ্রকৃতি ; ধীর। "অ০ চিত্ত"-মহা০ (সিংহ)। ২ সম্ভ্রমশূন্য ; মান মর্য্যাদাহীন ; অভদ্র।

অসম্মত [ন=অ-সম্মত] বিণ, যার সম্মতি বা মত নাই ; অপ্রবৃত্ত ; অনভিমত; অননুমত ; অনিচ্ছুক। ২ অস্বীকৃত। ৩ অপ্রিয়। ৪ প্রতিকূল ; বিরুদ্ধাচারী। বি, অসম্মতি-অস্বীকার ; অপ্রবৃত্তি ; অমত ; অনিচ্ছা। ২ বিরাগ ; বিরক্তি।

অসম্মা/ন [ন=অ-সম্মান। প্রা০ বাং-'আশমান'। "তভোঁ মোরে আশমান কৈলেঁ বারে বারে,"-শ্রী০ কী০] বি, অসম্ভ্রম ; অমর্য্যাদা ; অবমাননা ; হতাদর। বিণ, ~নিত। বিণ, ~ন্য-সম্মানের অযোগ্য অবমাননার উপযুক্ত।

অসম্যক্-বিণ, অসম্পূর্ণ। ২ অপ্রচুর ; যথেষ্ট নহে। ~কারী [ন=অ-সম্যক্, কৃ +ইন্=কারিন্-১মা ১ব০] বিণ, যে সম্পূর্ণরূপ কার্য্য করে না ; যে কার্য্য অপূর্ণ রাখে।

অসম্মিষ্ট [ন=অ-সম্মিষ্ট-(মিলিত) নঞ্] বিণ, সংশ্রবরহিত ; অসম্মিলিত ; সংযোগ হিত ; অমিশ্র ; অবিমিশ্র।

অসরল-বিণ,কপট। বি,~তা-কাপট্য।

অসিরীর [বৌ॰ বাং প্রাকৃ॰] অশরীর (দ্রঃ); বিদেহ।

অসহ-বিণ, ক্ষমাশূন্য; অমর্ষণ। ২ যা সহ্য হয় না; অসহ্য। "অ॰ যাতনা দেব সহিব কেমনে?"-ব্রজাঙ্গনা। "এ বেশ ভূষণ লহ সখি লহ, এ কুসুম-মালা হয়েছে অ॰,"-রবী॰।

অসহন [প্রা॰-মেয়েলি॰ অশৈর্যণ] বি, শত্রু। ২ অসহিষ্ণুতা; অধৈর্য্য। ৩ বিণ, অসহিষ্ণু; ক্ষমাশূন্য; কাহারও কথা যার গায়ে সহে না। ৪ অসহ্য; অসহনীয়। ~শীল -বিণ, অসহিষ্ণু। > স্ত্রীঃ ~শীলা। "সকল নারীই কোমলা; কিন্তু কোমলা বলিয়াই নারী অসহনশীলা নয়।"-ছোট বড (কা॰ প্র॰ দাসগুপ্ত)। বিণ, অসহনীয়-সহনাতীত; যা সহা যায় না; অসহ্য।

অসহমান-বিণ, সহ্য করিতে অসমর্থ; যে ক্ষমা করিতে পারে না।

অসহ/যোগ-বি, অসমবায়; অসাহচর্য্য; এক উদ্দেশ্যে কার্য্যে যোগ বা সঙ্গ না দেওয়া non-co operation. ~যোগী-যে ঐরূপ যোগ দেয় না non co-operator বি, ~যোগিতা।

অসহায়-বি, সহায়ের অভাব। ২ [ন= অ-নাই সহায় যার-বহু॰] বিণ, নিঃসহায়; সহায়হীন; যার সাহায্য করিবার নাই। ৩ সঙ্গরহিত। ৪ নিঃসঙ্গ; একাকী।

অসহায়ী [ন=অ-সহায়+ইন্; কিম্বা সহ (সঙ্গে) অয় (গমন করা)+ইন্ (ণিন্)= সহায়িন্, ১মা ১ব॰-নঞ্] বিণ, যার সঙ্গে কেহ গমন করে না। ২ একাকী; নিরাশ্রয়।

অসহিষ্ণু [ন=অ+সহিষ্ণু] বিণ, যার সহিষ্ণুতা নাই; যে সহ্য করিতে পারে না; যার ধৈর্য্য নাই; অধীর। বি,~তা-সহিষ্ণুতা-গুণের অভাব; ধৈর্য্যহীনতা; অধীরতা।

অসহ্য [ন=অ+সহ্য] বিণ, যা সহ্য করিতে পারা যায় না; অসহনীয়; দুঃসহ।

অসাক্ষাৎ [অসাক্ষাতে ৭৹] অ, ইন্দ্রিয়ের অগোচরে; পরোক্ষে। "যাঁরা কাব্য, সাহিত্য, শিল্প, সঙ্গীত বা অন্যান্য উপায় যোগে হোমার মিল্টন, ভল্টেয়ার কিংবা ভবভূতি প্রভৃতির ন্যায় অ॰ সম্বন্ধে মনুষ্যের সেবা করিতেছেন।" -ঐহিক অমরতা (কা॰ প্র॰ ঘোষ)। ২ বি, অনুপস্থিতি; অবর্ত্তমান। প্র-তার 'অসাক্ষাতে কোন কথা হয় নাই'। ~কার [ন=অ-সাক্ষাৎ-কার, নঞ্] বি, প্রত্যক্ষের অভাব। ২ প্রত্যক্ষের অবিষয়। ৩ পরোক্ষ জ্ঞান। ৪ অদর্শন।

অসাক্ষিক [ন=অ-সাক্ষিন্ (সাক্ষাৎ দ্রষ্টা)+ক, ন্-লোপ, নাই সাক্ষী যে বিষয়ে-বহু॰] বিণ, যে বিষয়ে সাক্ষী নাই; অবিদ্যমানসাক্ষিক। ২ অপ্রামাণিক।

অসাক্ষী-বিণ, অপ্রত্যক্ষদর্শী। ২ মন্দ বা অননুকূল সাক্ষী।

অসাজিন্তি [প্রাদে॰] বিণ, অশোভন; বেমানান; যে বা যা মানানসই নয়; তুল্য নয়; ঠিক যেমনটি হলে ভাল দেখায়, সে তেমনটি নয়; যা খাপ খায় না। "আমার একটি মেয়ে আমি কি * * * অ॰ বরে দিতে পারি।"-নবীন তপস্বিনী।

অসাড় [অ-সাড় (সংজ্ঞা বা উত্তর, অনুভূতি response)। শ্রীহট্ট প্রাদে॰ অসার] বিণ, অনুভূতিশূন্য callous. সংজ্ঞাবিহীন; অজ্ঞান। "জুড়ায় কিবা দগ্ধ করে অ॰ বিমুগ্ধ প্রাণে।"-অবসর। বি,~তা। ক্রি-বিণ, অসাড়ে-অজ্ঞাতসারে; অজ্ঞাতে। "অসাড়ে জোঁকের মতন, রক্ত শোষণ।" -মনোমোহন বসু।

অসাত্তিক, অসাত্ত্বিক-বিণ, সত্ত্বগুণহীন; রাজসিক বা তামসিক। ২ অধার্ম্মিক।

অসাদৃশ্য [ন=অ-সাদৃশ্য] বি, সাদৃশ্যের অভাব; অনৈক্য।

অসাধ [ন=অ-সাধ] বি, অনিচ্ছা; অনভিলাষ। ২ অনাকাঙ্ক্ষা।

অসাধ/ন [ন=অ-সাধন] বি, অকরণ; অসম্পাদন। বিণ, ~নীয়।

অসাধারণ-বিণ, সাধারণে যা দেখা যায় না; অসামান্য। ২ যাতে অন্যের সম্বন্ধ নাই; অনন্যসাধারণ। ৩ বিশেষ। ৪ জনসাধারণের যাতে অধিকার নাই। [সম-যা সকলের বা অনেকের মধ্যে নাই তা অ॰। যা সকলের বা অনেকের মধ্যে সমান ভাবে বা সমপরিমাণে নাই তা অসামান্য। অল্প কতিপয়ের মধ্যে যা পাওয়া যায় তা অ॰। বহু পরিমাণে যা পাওয়া যায় তা অসামান্য] বি. ~তা, ~ত্ব (ণ)- ন=অ-সাধারণ+তা, ত্ব-ভা॰-নঞ্] বি, অসামান্যত্ব; বিশেষত্ব।

অসাধিত-বিণ, অসম্পাদিত।

অসাধু-বিণ, সাধুভিন্ন; অসৎ অভদ্র। ২ গর্হিত; নিন্দার্হ। ৩ অপ্রিয়। ৪ অপভ্রংশ; প্রয়োগবিরুদ্ধ ও ব্যাকরণ-দুষ্ট। স্ত্রীঃ অসাধ্বী-নষ্টচরিত্রা; ভ্রষ্টা; কুলটা। বি, ~তা, ~ত্ব।

অসাধ্য-বিণ, দুঃসাধ্য; কষ্টসাধ্য; যা সম্পন্ন করিতে পারা যায় না; সাধ্যাতীত। ২ যার প্রতিকার হওয়া কঠিন; অপ্রতিকার্য্য। ৩ [সুশ্রুত] অচিকিৎসনীয় incurable, প্র-শিবের অ॰ ব্যাধি। "অ॰ রোগ।" ~সাধন-বি, অসম্ভবকে সম্ভব করা; দুসাধ্য কার্য্য সম্পাদন।

অসাধ্বস [ন=অ-সাধ্বস] বি, যার ভয় নাই; নির্ভীক। ২ অব্যাকুল। ৩ অভ্রান্ত।

অসান [প্রাদে॰। অ-সান (সংজ্ঞা, অনুভূতি, সাড়া)] বিণ, অসংজ্ঞ; অসাড়; অনুভূতিহীন; বোধশূন্য। "চুম্বিয়া অসান মুখ দেয় চুপে নীরব বিদায়।"-অশোক॰।

অসান্দ্র [ন=অ-সান্দ্র (ঘন)] বিণ, যা ঘন নয়; অনিবিড়; ছাড়া ছাড়া।

অসাবধান-বিণ, যে সাবধান নয়; অসতর্ক। ২ কর্ত্তব্য বিষয়ে যার মনোযোগ নাই; অনবহিত। বি, ~তা।

অসামঞ্জস্য-বিণ, অসঙ্গতি। বি, অসমঞ্জস।

অসাময়িক-বিণ, যা সময়ের উপযুক্ত নয়; অকালিক।

অসামর্থ্য [ন=অ (নাই) সামর্থ্য যার-বহু॰] বিণ, অশক্ত; দুর্ব্বল।

অসামাজিক-বিণ, সমাজবহির্ভূত। ২ অসাম্প্রদায়িক। ৩ অমিশুক; একান্তবাসী। ৪ অসভ্য।

অসামান্য-বিণ, অসাধারণ। ২ [ন= অ (নাই) সামান্য (তুল্যতা) যার-বহু॰] বিণ, অনুপম; তুলনারহিত; অতুল্য [সম- অলোকসামান্য। অসাধারণ দ্রঃ] ৩ অনল্প; বিলক্ষণ।

অসামাল [সামলান দ্রঃ। প্রা॰] বিণ, বেগধারণক্ষমতাহীন; রক্ষা করিতে অসমর্থ;

অসাবধান। অ° হ'য়ে প'ড়া-বাহ্যের বেগ ধারণ করিতে অসমর্থ হইয়া কাপড়ে বাহ্যে করিয়া ফেলা। ২ আপনাকে সামলাইতে বা ধরিয়া রাখিতে না পারা। ৩ হঠাৎ সর্ব্বসমক্ষে বিবস্ত্র বা অন্যপ্রকারে বিব্রত হইয়া তার প্রতিকার করিতে না পারা।

অসাম্প্রদায়িক-বিণ, যা সম্প্রদায় সম্বন্ধীয় বা তার অনুকূল নহে। ২ সম্প্রদায়গত নহে; অসামাজিক। বি,~তা (-র্ক-)।

ˋঅসাম্য-বি, সাদৃশ্যের অভাব; অসাদৃশ্য; অসমানতা; অসমতা; বৈষম্য inequality.

ˋঅসার-বিণ, সার বা সত্বরহিত; স্থিরাংশবিহীন। "তরল বাঁশের বাঁশী নামে বেড়াজাল। অন্তরে অ° বাঁশী বাহিরে সরল॥" -চণ্ডী°। ২ অপদার্থ; অবস্তু। ৩ মিথ্যা; অকিঞ্চিৎকর; বৃথা। "অ° প্রেমেতে ভুলে কেন হও প্রবঞ্চিত।"-বি° চক্রবর্ত্তী। ৪ দুর্ব্বল। বি, ~তা-বি, সারহীনতা; অপদার্থতা। ২ অক্ষমতা। ৩ লঘুতা; জ্ঞান সম্বন্ধে অগভীরতা।

ˋঅসি১ [অস্ (ক্ষেপণ করা)+ই, র্ম্ম, জ্ঞা°] বি, খড়্গ; করবাল; তরবারি; খাঁড়া ["এই অস্ত্রটী অতি পুরাতন, অতি পূর্ব্বকালে ইহা অসি, বিশসন, খড়্গ, তীক্ষ্ণ বর্ম্মা, দুরাশদ, শ্রীগর্ভ, বিজয়, ধর্ম্মপাল বা ধর্ম্মমাল, নিস্ত্রিংশ, চন্দ্রহাস, ঋষ্টি, কৌক্ষেয়ক, মণ্ডলাগ্র, করপাল, করবাল, তরবার ও তরবারি এই সকল নামে অভিহিত হইত। বিশেষ বিশেষ লৌহে ইহা বিশেষ বিশেষ পাইন দ্বারা প্রস্তুত হইয়া সুদৃঢ় ও ধারাল হইত, শিল্পি-বিশেষে এমত সুতীক্ষ্ণ অসি পূর্ব্বকালে প্রস্তুত করিত যে অসির আঘাতে প্রস্তরস্তম্ভও কর্ত্তিত হইত, পাথরে আঘাত করিলেও ধার থাকে, ভাঙ্গিয়া যায় না, এরূপ অসি এখন আর দেখা যায় না।" -রত্নমালা, ১ম ভাগ। বিশেষ বিবরণ ৺রামদাস সেন কৃত ভারত-রহস্য দ্রঃ। তুল-ল্যা°-ensis] ~চর্ম্ম [অসি এবং চর্ম্ম (দ্বন্দ্ব°)] বি, ঢাল তলোয়ার। ~চর্য্যা [অসি-চর্য্যা (গতি পরিচালন] বি, অসিচালন-শিক্ষা; অসির ব্যবহার বা প্রয়োগের অভ্যাস। ~চালন, -না-বি, অসিক্রীড়া; তরোয়াল খেলা। ২ তরোয়ালের ব্যবহার; অসিযুদ্ধ। ~দংষ্ট্র [অসি (খড়্গ) হইয়াছে দংষ্ট্রা (দন্ত) যার-বহু° যার দন্ত অসির ন্যায় ধারাল] বি, মকর; হাঙ্গর। ~ধাবক [অসি-ধাব্ (শুদ্ধি করা, পরিষ্কার করা)+অক (র্ত্তৃ) যে খড়্গ ধারাল করে] বি, যে অস্ত্রাদির ধার তীক্ষ্ণ করে; শাণকার। ~ধারক-বিণ, খড়্গধারী। ২ অস্ত্রপরিষ্কারক। ~ধারণ-বি, যুদ্ধ করা; সংগ্রামের জন্য প্রস্তুত হওয়া। ~ধারা [অসি=ধারা (ধার, প্রান্ত)] বি, খড়্গের অগ্রভাগ। ~ধারাব্রতি-বি, যুবক-যুবতীর অবিকৃতচিত্তে একত্র বাসরূপ ব্রত। ~ধেনু, -কা [অসি-ধেনু (ধনুস্ >) ধনুকের ন্যায় অসি, ক প্রত্যয়ে ধেনুকা] বি, ছুরিকা; ছুরি। ২ ভোজালে। ৩ ছোরা। ~পত্র [অসির ন্যায় ধারাল পত্র যার-বহু°] বি, খড়্গের ন্যায় তীক্ষ্ণপত্রযুক্ত বৃক্ষ; ইক্ষু। ২ নরক বিঃ; অসিপত্রবন (দ্রঃ)। ৩ অসি-কোষ; খড়্গের খাপ। ৪ ইক্ষু পত্রের আকারের ন্যায় উভয়দিকে ধারযুক্ত খড়্গ। ৫ গণ্ডানামক তৃণ। ~পত্রক-বি, ইক্ষু। ~পত্রবন [অসিপত্রের বন হইয়াছে যেখানে-বহু°] বি, নরক বিঃ; যে নরকের বৃক্ষপত্র সকল তীক্ষ্ণধার অসির মত (অকারণে বৃক্ষচ্ছেদনকারী ও শাস্ত্রলঙ্ঘনকারীর ঐ নরকে গতি হয় স্মৃতিতে এরূপ উক্ত হইয়াছে)। ~পত্রব্রতি-বি, ব্রহ্মচর্য্য করিয়া স্বামী ও স্ত্রী একাসনে বা এক শয্যায় নির্দ্দিষ্ট দীর্ঘকালের জন্য উভয়ের মধ্যে মুক্ত অসি রাখিয়া উপবেশন ও শয়ন রূপ ব্রত। "আপনে আরম্ভিব যজ্ঞ অ° প° ব্র°। এড়িব সব ভোগ যত উপগত॥" -মহা° (শ্রীকরণ)। ~পুচ্ছ [অসির ন্যায় ধারাল পুচ্ছ যার-বহু°] বি, শিশুমার শুশুক; শঙ্কর মৎস্য। ~পুত্রী, ~পুত্রিকা [অসি -পুত্রী (কন্যা) ৬তৎ; +ক+আ (স্ত্রীং), ক্ষুদ্র বলিয়া পুত্রী শব্দদ্বারা বিশেষিত করা হইয়াছে] বি, খঞ্জর; ছোরা; ছুরি; ছুরিকা। ~মেদ [অসি (-বৎ তীব্র) মেদ (নির্য্যাস) যার-বহু°] বি, বিট্‌খদির। ~সাধক [অসির সাধক] বিণ, যে অসি-সাধনা করে; অসিচালনা, অসি ব্যবহার ও অসিযুদ্ধকৌশল সাধনাকারী; অসিজীবী; যোদ্ধা; রণবীর। "কঠোর-হৃদয় অ° বীরের রসনায় এত মধু সঞ্চিত থাকিতে পারে ইহা আমার জানা ছিল না।"-নবাবনন্দিনী। ~হেতি [অসি (খড়্গ) এবং হেতি (ঢাল) আছে যার-বহু°] বি, অসিচর্ম্মধারী যোদ্ধা; খড়্গধারী যোদ্ধৃপুরুষ।

অসি২-বিণ, অসিনদী; ইহা কাশীর দক্ষিণ দিকে গঙ্গাতে মিলিত হইয়া উত্তরদিকে বরণানদীর সহিত মিলিত হইয়াছে এইজন্য কাশীর অন্য নাম বারাণসী। "পুণ্যভূমি বারাণসী বেষ্টিত বরণা অসি, যাহাতে গঙ্গা আসিয়া মিলিত।"-অ° ম°। "অসি বরুণার মধ্যে তীর্থ বারাণসী। মায়ের করুণা বরুণা-ধারা অসিধারা অসি।"-রা° প্র°।

অসি৩ (si)-অছি (দ্রঃ)।

ˋঅসিক [অস্ (দীপ্তি পাওয়া)+ইক (র্ত্তৃ, জ্ঞা°)] বি, অধর ও চিবুকের মধ্যভাগ।

ˋঅসিক্লী [ন=অ-সিত (শুক্ল)+ঈ, ত=ক্ল নিপাত] বি, বয়সের সহিত যার চুল পাকে নাই; অন্তঃপুরচারিণী অবৃদ্ধা বা যুবতী দাসী। ২ বীরণ প্রজাপতির কন্যা ও দক্ষের পত্নী। ইঁহার অন্য নাম বৈরণী। ইনি হর্য্যশ্ব-গণের, শবলাশ্বগণের এবং ৬০টী কন্যার জননী। ৩ বর্ত্তমান চন্দ্রভাগা নদী।

অসিগণ্ড [অসি (ন্যস্ত, স্থাপিত হয়) গণ্ড (গাল) যাতে-বহু°] বি, ক্ষুদ্র উপাধান; গাল বালিশ।

অসিত (-ত)-বি, কৃষ্ণবর্ণ। প্র-অসিত-পক্ষ। ২ [ন=অ (নহে) সিত (শুক্লবর্ণ) যার-বহু°] বি, শনিগ্রহ। ৩ কৃষ্ণপক্ষ। ৪ অসিত-নামক মুনি বিঃ [এই নামে জনৈক ঋষি হিমালয়ে বাস করিতেন। তিনি বুদ্ধের জন্ম সময়ে বুদ্ধকে দেখিতে গিয়াছিলেন, ঠিক Simeon এইরূপ যীশুকে দেখিতে গিয়াছিলেন] ৫ সূর্য্যবংশীয় নৃপতি ভরতের পুত্র [পদ্ম পু° ও হরিবংশে ইনিই বাহু নামে উক্ত। ৬ পর্ব্বত-বিঃ। ৭ বিণ, কৃষ্ণবর্ণ-বিশিষ্ট; শ্যামল। ~পক্ষ-বি, কৃষ্ণপক্ষ। ~বরণ, ~বর্ণ-বি, বিণ, কৃষ্ণবর্ণ। ~লোম-বিণ, কশ্যপ-দনুর পুত্র দানব বিঃ। >স্ত্রীং ~া-বি, অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী; অসিক্লী। ২ স্বনামখ্যাতা

স্বর্গবেশ্যা। ৩ অম্লিকা : তেঁতুল। ৪ নীলীবৃক্ষ। ৫ বিণ, শ্যামলা ; অসিতাঙ্গী।

অসিতাঙ্গ-বি, ভৈরব-বিঃ (অষ্টভৈরব দ্রঃ)। ২ বিণ, কৃষ্ণবর্ণ দেহ। স্ত্রীং ~ী।

অসিতাপাঙ্গী [অসিত [কৃষ্ণ) অপাঙ্গ (চক্ষুর প্রান্ত ভাগ) যে স্ত্রীর-বহু০] বি, কাল চক্ষু-বিশিষ্ট : অসিতলোচনা : যে স্ত্রীর নয়নতারা কৃষ্ণবর্ণ।

অসিতার্চ্চি [অসিত (কৃষ্ণবর্ণ) অর্চ্চিস্ (প্রভা) যার-বহু০] বিণ, কৃষ্ণবর্ণাভ : কৃষ্ণ-প্রভ। ২ বি, অগ্নি।

অসিতালু [অসিত (নীল)-আলু] বি, নীল আলু।

অসিতাশ্ম [অসিত (কৃষ্ণ) অশ্ম(পাথর)] বি, নীলমণি।

অসিতোৎপল [অসিত (কৃষ্ণবর্ণ বিশিষ্ট) উৎপল (পদ্ম)-ধা] বি, নীলকমল : ইন্দীবর ; নীলপদ্ম।

অসিতোপল [অসিত (কৃষ্ণ) + উপল (প্রস্তর, রত্ন)] বি, নীলকান্ত মণি।

অসিদ্ধ [ন=অ-সিদ্ধ] বিণ, যা উষ্ণ জলে ভাপানো নয় ; অপক্ক। ২ অসম্পন্ন : অনিষ্পন্ন। ৩ অপ্রমাণিত ; অপ্রতিষ্ঠিত। ৪ সিদ্ধি রহিত ; সফলতা রহিত ; নিষ্ফল। বি, **অসিদ্ধি**-অনিষ্পত্তি। ২ সফলতা-রাহিত্য ; নিষ্ফলতা। ৩ [ন্যায় দর্শনে] অসিদ্ধি ; অপ্রসিদ্ধি ; প্রসিদ্ধির অভাব : হেতু দোষ।

অসীম [ন=অ (নাই) সীমা (প্রান্তভাগ) যার-বহু০] বিণ, সীমাহীন ; অশেষ : অনন্ত। ২ প্রভূত ; অত্যধিক। প্র-অ০ সাহস : অসীমশক্তি।

অসু [অস্ (হওয়া) + উ (ণে, জ্ঞা০)] বি, শরীরস্থ পঞ্চবায়ু-প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান। ২ প্রাণ life.

অসুকর [ন=অ-সুকর (সহজ)-নঞ্] বিণ, দুঃসাধ্য ; দুষ্কর ; কৃচ্ছ্র। "অ০ কার্য্যে ব্যাপৃত।"-মহা০।

অসুখ [প্রা০ বাং 'আসুক', 'আসুখ'। ন=অ-সুখ্ (সুখী হওয়া) + অ (ভা০)] বি, সুখাভাব ; ক্লেশ ; মনস্তাপ ; দুঃখ। ২ অশান্তি। ৩ অমঙ্গল। ৪ অতৃপ্তি। "বসি আলিসার আড়ে ,ভিজে কাক ডাক ছাড়ে মনের অসুখে।"-রবী০। "কেউ চেনে সুখ, কেউ বা অসুখ, কেউ কাঁদে কেউ যায় হেসে॥" -অতুলকৃষ্ণ মিত্র। ৪ রোগ ; ব্যাধি ; পীড়া। ৫ বিণ, দুঃখিত : দুঃখজনক। **~জনক, ~দ, ~দায়ক, ~কর** (খং)-বিণ, অশান্তি জনক : কষ্টদায়ক ; দুঃখদ। **~করা**-ক্রি, রোগ হওয়া। > স্ত্রীং **~করী, ~দা, ~দায়িকা**। **~দায়ী** (খং)-বিণ, অসুখ-কর। > স্ত্রীং **~দায়িনী**। **~ড়** (-খং-) [অ-সুখ + ড (দ)] বিণ, অসুখদ ; অসুখদাতা। "ডরাইয় নাই সই, আমি অসুখড় নই, বড় সুখ পাবে আলিঙ্গনে।"-শি০। **~বিসুখ** [ন=অ-সুখ, এবং বি (বিগত) সুখ, অনির্দ্দিষ্ট ই০ বাচক শব্দদ্বৈত] বি, অসুখ ও তদানুষঙ্গিক আরো কিছু : নানারূপ অসুখ।

অসুখাবহ [অসুখ-আবহ (জনক, বহন-কারী) আ-বহ্ (জন্মান) + অ (র্তৃ)] বিণ, অসুখের জনক : পীড়াকর : ক্লেশাবহ। বিণ, **অসুখিত** [অসুখ + ইত (জাতার্থে)] অসুখপ্রাপ্ত ; পীড়িত ; দুঃখিত।

অসুখী [অসুখ + ইন্ (স্ত্য)=অসুখিন্ ১মা ১ব০] বিণ, যে সুখে নাই ; দুঃখিত : পীড়িত ; দুঃখী। স্ত্রীং **অসুখিনী**।

অসুগম-বি, যা সুগম নয় ; দুর্গম। ২ দুর্ব্বোধ। ৩ দুরূহ।

অসুন্দর-বিণ, যে সুন্দর নয় ; কুৎসিত : বিশ্রী ; কুরূপ। ২ অশোভন। ৩ অসঙ্গত ; অযুক্ত। ৪ অপ্রিয়।

অসুপ্ত-বিণ, বিনিদ্র ; জাগ্রৎ।

অসুবিধা-বি, সুবিধাবিহীন ; অস্বস্তি ; কষ্ট : বাধা ; বিঘ্ন।

অসুভৃৎ [অসু (প্রাণ) ভৃ (ধারণ্ করা) + ক্বিপ্ (র্তৃ) ৎ আগম] বিণ যে প্রাণধারণ করে : প্রাণী ; জীবন্ত ; সজীব।

অসুমান্ [অসু (প্রাণ) + মৎ (স্ত্য)= অসুমৎ ১মা ১ব০] বি, প্রাণী ; সজীব।

অসুমার [ন=অ + সুমার] বিণ, অগণিত ; গণনাতিরিক্ত ; পরিমাণাতীত ; অপর্য্যাপ্ত ; অফুরন্ত ; অঢেল।

অসুর [ন=অ (বিরোধ) সুর (দেবতা) যারা দেবতার সহিত বিরোধ করে, (২) ন=অ (নাই) সুরা (সুধা) যাদের-বহু০। যারা সমুদ্র-মন্থনোত্থিত সুধা পায় নাই, (৩) অ (=ন) সু (উত্তম) + র (স্ত্য) অনুমিত ম, মন্দ-যাস্ক (চা০ বন্দ্যো০)। বেদের প্রাচীন তর অংশে অসুর= দেবতা। তুল প্রা০ পারসীক আবেস্তায় অহুর। "অসু (প্রাণ) + র (স্ত্য)=প্রাণবান্" (চা০ বন্দ্যো০)] বি, সুরবিরোধী ; দানব [দৈত্য দ্রঃ] ২ ময়নামক দানবের পুত্র। ৩ সূর্য্য। ৪ রাহু। ৫ বিণ, মহাবলশালী। "গোপের মায়্যার কাছে তুমি বড়ই অসুর।"-ভাগবত (কবিচন্দ্র)। স্ত্রীং **~ী**-অসুর-পত্নী। ২ রাই সরিষা। **~দলন**-বি, দৈত্যনাশ ; দানব দমন। **~নাশিনী**-বিণ, দানব দলনী। বি, দুর্গা। **~রিপু**-বি, দানবারি ; দেবতা।

অসুরা [অ-সুর্ (দীপ্তি পাওয়া) + আ] বি, রাত্রি। ২ রাশি zodiacal sign
~রি [অসুর + অরি] বি, দৈত্যরিপু ; দেব।

অসুলভ [ন=অ + সুলভ] বিণ, দুর্লভ ; আয়াসলভ্য ; কষ্টলভ্য।

অসুসার [অ + সুসার (দ্রঃ)। প্রা০ বাং] বি, অস্বস্তি। ২ অসুবিধা ; ক্লেশ ; দুর্গতি। "সেই শাল মুক্ত হইল আমার। আজি হতে আমার ঘুচিল অ০।"-মহা০ (বিশারদ) -ব০ সা০ প০। ৩ অসঙ্গতি। ৪ অসচ্ছলতা।

অসুস্থ-বিণ, সুস্থ নয় ; রুগ্ন ; পীড়িত। [প্রা০ বাং-আসোয়াস্থ (পদ্ম পু০-বিজয় গুপ্ত), 'আসোয়াথ' ও০] **~তা** [ন=অ-সুস্থ + তা (ভা০)-নঞ্] বি, পীড়া বা অসুস্থের অবস্থা ; অস্বাস্থ্য ; বেয়ারাম। ২ অশান্তি।

অসুহৃৎ,-দ্-বি, অবন্ধু ; শত্রু।

অসূক্ষ্ম-বিণ, যা সূক্ষ্ম নয়, স্থূল। **~দর্শী** যে সূক্ষ্ম দর্শন করে না ; অতীক্ষ্ণবুদ্ধি ; অপরিণামদর্শী ; স্থূলদর্শী [তুল-বিপরীত-কুশাগ্রবুদ্ধি] বি **~দর্শিতা**।

অসূনু [অ (নাই) + সূনু (পুত্র) যার -বহু০] বিণ, অপুত্রক।

অসূয়ক [অসূ (অনাদর করা) + অক (র্তৃ) যে অসূয়া করে] বিণ, পরগুণে দোষারোপকারী ; নিন্দক ; হিংসুক।

অসূয়া [অসূ (অনাদর করা) + অ (ভা০) য আগম, স্ত্রীং আ] বি, পরগুণের অনাদর ; > নিন্দা ; (পরে) ঈর্ষা ; হিংসা ; দ্বেষ। ২ স্পর্দ্ধা। ৩ ক্রোধ। **~পর**,

---

~পর্তন্ত্র,~পর্বশ,~বশ [অসূয়া-পর, পরতন্ত্র (পরবশ) বশ ৬ তৎ] বিণ, ঈর্ষাযুক্ত ; হিংসাপরায়ণ ; বিদ্বেষযুক্ত ; ঈর্ষাধীন।

অসূর্য্যম্পশ্যা [ন=অ-সূর্য্যম্ (সূর্য্যকে) -পশ্য=দৃশ্+অ (খশ্) (র্ত্তৃ) যে দেখে] বিণ, যে সূর্য্যের মুখ পর্য্যন্ত দেখে না। স্ত্রীং ~া-যে অন্তঃপুরচারিণী কখন সূর্য্যেরও মুখ দেখিতে পায় না ; লোকনয়নান্তরালেস্থিতা ; যাকে পতি ভিন্ন অন্য কোন পুরুষ দেখিতে পায় না। "তুমিত অসূর্য্যম্পশ্যা গৃহকোণে অমাবস্যা!"-গোবিন্দ° (কুঙ্কুম)।
~রূপা [অসূর্য্যম্পশ্য রূপ যার-বহু°] বি, যে স্ত্রীর রূপ সূর্য্যের সুতরাং পর পুরুষের দৃষ্টিগোচর হয় নাই, যে অন্তঃপুরচারিণী কখন গৃহের বাহির হয় না।

অসৃক্ [অস্ (ক্ষেপণ করা)+ঋজ্ (র্ম্ম)-যা ধমনি পথে শরীরে সর্ব্বত্র বিক্ষিপ্ত হয়] বি, শোণিত ; রক্ত ; রুধির। ২ [রক্তবর্ণ হেতু] কুঙ্কুম। ৩ মাহেন্দ্র, বিষ্কুম্ভ ই° ২৭ যোগের (কালাংশ, ক্ষণ) মধ্যে যোগবিঃ। ~র্প-বিণ, রক্তপায়ী। ২ বি, রাক্ষস। স্ত্রীং ~পা।
~পাত,~স্রাব-বি, রক্তপাত।~স্রাবী-বিণ,শোণিতক্ষরণকারী ; রক্তমোক্ষণকারী।

অসৃগ্ধরা [অসৃক্ (রক্ত)+ধর (যে ধরে) উপ°, স্ত্রীং আ] বি, ত্বক্ ; চর্ম্ম।

অসৃগ্ধারা [অসৃক্+ধারা] বি, শোণিতের স্রোত।

অসৃগ্বহা-বিণ, শোণিতবাহী। ২ বি, রক্তবাহী নাড়ী।

অসৃগ্বিমোক্ষণ [অসৃক্ (রক্ত)+ বিমোক্ষণ] বি, রক্তমোক্ষণ।

অসৃষ্ট-বি, যা সৃষ্ট নয় ; নৈসর্গিক।

অসের্চনক [ন=অ (হয় না) সেচন-(ক্ষরণ, বিচ্যুতি) যা হতে-বহু°, ক (স্বার্থে)] বিণ, যার রূপ দেখিলে নয়ন ও মন তা হতে বিচ্যুত হয় না বা সরে না ; অতিপ্রিয়দর্শন ; যাকে দেখিলে আনন্দের সীমা থাকে না [আসের্চন, আসের্চনক ও°। সং হইতে অনুবাদ গ্রন্থ ব্যতীত বাং-এ বিরল]।

অসে/বন-বি, পান বা গ্রহণ না করা (ঔষধাদি) ; ভোগ বা উপভোগ না করা (রৌদ্রাদি) ; সেবা বা পরিচর্য্যা না করা ; অপালন। বিণ,~বনীয়-সেবনের অযোগ্য। ~বিত-বিণ, যার সেবা ই° করা হয় নাই ; অনাদৃত।

অসৈনিক [অ-সৈনিক (সামরিক) non-military] বিণ, অসামরিক civil. "আর অ° বিভাগে কমিটির প্রস্তাব ছিল।" -বঙ্গবাণী, ১৩৩৩।

অসৈরন [প্রাদে° গ্রা°। অসহন > ভ্রং-মেয়েলী°] বি, অসহ্য ব্যবহার ; অন্যায় আচরণ ; মন্দ চরিত্র ; যে আচরণ অসহনীয় বা সহা যায় না। "অ° সইতে নারি।"

অসোয়াস্তি-অস্বস্তি দ্রঃ।

অসৌজন্য [ন=অ-সৌজন্য] বি, অভদ্রতা ; ভদ্রতার অভাব।

অসৌম্য-বিণ, অপ্রশান্ত ; অসুন্দর। ~দর্শন-বি, বিণ, অপ্রিয় দর্শন। ~মূর্ত্তি-বি, বিণ, কুরূপ ; কদাকার।

অসৌরস [সং অস্বরস >] বি, অবনিবনাও ; মনোভঙ্গ ; বিবাদ ; মনোমালিন্য।

অসৌষ্ঠব [ন=অ-সৌষ্ঠব] বি,অসৌন্দর্য্য: মালিন্য। ২ [ন=অ (নাই) সৌষ্ঠব (সৌন্দর্য্য) যার-বহু°] বিণ,অশোভন ; অসুষ্ঠু ; সৌন্দর্য্যহীন। ৩ সামঞ্জস্যহীন। ৪ অগোছাল। ৫ [অলং শা°] স্মরদশাবিঃ।

অসৌ/হার্দ্দ,~হৃদ্য-বি, বন্ধুত্বাভাব।

অস্খলিত-বিণ, যা বিচ্যুত হয় না। ২ যা পতিত হয় না ; অপতিত। ৩ অবাধ ; অপ্রতিহত। ৪ অচঞ্চল ; অবিচলিত ; স্থির।

অস্ত [অস্ (ক্ষেপণ করা)+ত (ধি) গ্রহাদির অস্ত বা অদর্শন হয় যেথানে,-বহু°] যৌ° বাং প্রাকৃ°-'অত্ত', 'অথ' (সং ব° দো°)] বি, পশ্চিমাচল ; অস্তাচল। ২ [+ত-ভা°] চন্দ্রসূর্য্যাদির অস্ত গমন। ৩ শেষ ; অবসান। ৪ মৃত্যু। ৫ [র্ম্ম, ত] বিণ, নিরস্ত।

অস্ত/গত [অস্ত-গত] বিণ, অতিক্রান্ত দৃষ্টি ; অদৃশ্য ; দৃষ্টিবহির্ভূত। ২ পশ্চিমাকাশে বা দিগ্বলয়ের নিম্নদেশে দৃষ্টির অন্তরালে প্রস্থিত ; অস্তমিত। বি,~গমন [অস্তাচল দ্রঃ] বি, অস্তমন ; অদৃশ্য হওয়া।~গমনোন্মুখ, অস্তোন্মুখ-বিণ, দিবসান্তে সূর্য্যের অস্তগমনোদ্যোগ।~গামী-বিণ,অস্ত যাইতেছে এরূপ setting.

অস্তগিরি-বি, যে পর্ব্বতের অপর পার্শ্বে সূর্য্য গমন করিলে দৃষ্ট হয় না ; অস্তাচল।

অস্তবনীয় [ন=অ-স্তবনীয়] বিণ, স্তুতি বা প্রশংসার অযোগ্য। স্ত্রীং ~া।

অস্তব্ধ-বিণ, যে স্তম্ভিত নয় ; অবিহ্বল।

অস্তব্যস্ত [প্রয়োগভেদে-অস্ত-ব্যাস্ত, আস্তেব্যস্তে > মেয়েলী°-আতিবিতি, আথি-বিথি (অ° ম°), অস্ (ক্ষেপণ করা) > ; অস্থিরতার আধিক্যার্থে ব্যস্তশব্দের সহচর অস্ত] বিণ, অতিব্যস্ত ; অস্থির ; ব্যতিব্যস্ত। ২ ক্রি-বিণ, ক্ষিপ্রতার সহিত ; তাড়াতাড়ি ; ব্যাকুলতাপূর্ব্বক।

অস্তমন-বি, সূর্য্যের অস্তগমন।

অস্ত/ময় [অস্ত-ই (গমন করা)+অ (ভা°) ই=অয়, ম আগম] বি, সূর্য্যের অস্তগমন [উদয়ের বিপরীত] ২ বিনাশ ; ধ্বংশ। বিণ, ~মিত [অস্তম্-ইত (গত)] অস্তগত। ২ বিলুপ্ত ; অবসানপ্রাপ্ত। ৩ ক্ষয়প্রাপ্ত ; নষ্ট।

অস্তর [ফা°-অস্তর্] বি, জামা ই°-র ভিতরে যে কাপড় লাগান হয়। ২ [অস্ত্রের ভ্রং] যন্ত্রাস্ত্র ; হাতিয়ার ; শিল্পকারের যন্ত্র ; চিকিৎসকের ব্যবহার্য্য অস্ত্র instruments. ৩ পলস্তারা plaster. অ° করা-চিকিৎসক কর্ত্তৃক ফোড়া ই° কাটা ; শরীরের দুষিত অংশে অস্ত্রপ্রয়োগ করা। প্র-ফোড়া অস্তর করা।

অস্তাচল [অস্ত+অচল] বি, অস্তগিরি ; সূর্য্যের অস্তগমন স্থান। "ভানু গেছে অস্তাচলে।"-গান।~গত,~গামী,~চূড়া।
~চূড়াবলম্বী-বি, অস্তগিরিশিখরগত। ২ অস্তগামী। স্ত্রীং ~চূড়াবলম্বিনী।
~বর্ত্তী-বিণ, অস্তাচলস্থ ; অস্তগত।

অস্তায়মান-ক্রিণ, অস্তগামী। "তখন অ° সূর্য্যের স্নিগ্ধতা ছিল।"-বঙ্গবাণী, ১৩৩৩।

অস্তি [অস্(হওয়া)+তি, বর্ত্তমানকালে ১মা ১ব°, বিভক্তি বা ভা°, তি (ক্তি)] ক্রি, আছে। ২ বি, সত্তা ; থাকা [সং শব্দ-মিশ্রিত কবিতাদিতে বিরল দৃষ্ট ; কিন্তু নঞ্ যোগে প্রায়ই দেখা যায়। নাস্তি দ্রঃ। "অস্তি নাস্তি ন জানন্তি আমি বেটা মরি

খেটে।"-ঈং গুপ্ত] ৩ জরাসন্ধের কন্যা ও কংসের পত্নী।

অস্তিত্ব [অস্তি (আছে অর্থে অব্যয় শব্দ) + ত্ব-ভাং] বি, সত্তা। ২ বিদ্যমানত্ব; স্থায়িত্ব।

অস্তিনাস্তি [অস্তি-ন + অস্তি] অ, থাকা না থাকা-থাকুক আর নাই থাকুক। "অং ন জানস্তি আমি বেটা মরি খেটে।" -ঈং গুপ্ত [অস্তি দ্রঃ]।

অস্তিমান-বিণ, ধনী (শব্দার্থ-চিন্তামণি)।

অস্তু [অস্ (হওয়া) + তু, অনুজ্ঞার ১ম পুং ১বং] ক্রি, হউক; অনুজ্ঞা। বাং স্বতন্ত্র প্রয়োগ নাই কিন্তু শব্দান্তরের সহিত মিলিত প্রয়োগ আছে, যথা-'দীর্ঘায়ুরস্তু', 'তথাস্তু', "সিদ্ধিরস্তু।" "তথাস্তু বলিয়া দেবী দিলা বর দান।" -অং মং।

অস্তু/র্ত-বিণ, যার স্তুতি করা হয় নাই: অপ্রশংসিত। বি, ~তি। ~বস্তু [অস্তু (অস্তিত্ব) বস্তু। বস্তু (র) অস্তিত্ব-শব্দ বিপর্য্যয়ে ও বস্তুর সহিত মিলের জন্য 'অস্তু'] বি, বস্তুর অস্তিত্ব; সার পদার্থের বিদ্যমানতা; রসকষ; বস্তু লক্ষণ; বিশেষ কিছুই। 'এমন করে চিবাইয়াছে যে তার অস্তুবস্তু রাখে নাই।' 'ওতে আর অস্তুবস্তু নাই ও জিনিষ ফেলে দাও।'

অস্তেব্যস্তে-অস্তব্যস্ত দ্রঃ।

অস্তেয় [ন=অ-স্তেয় (স্তেন=চুরি করা + য; ন লোপ] বি, অন্যায় পূর্ব্বক পরধন গ্রহণ না করা; চুরি না করা।

অস্তোদয় [অস্ত এবং উদয় (দ্বন্দ্ব)] বি, সূর্য্যের অদর্শন এবং প্রকাশ; উদয়াস্ত। ২ সূর্য্যের অস্ত হইতে উদয় পর্য্যন্ত কাল। ৩ ক্রি-বিণ,-সূর্য্যাস্ত হইতে সূর্য্যোদয়কাল পর্য্যন্ত।

অস্তোন্মুখ [অস্ত + উন্মুখ] বিণ, অস্তগমনোন্মুখ; অস্তগমনে(দ্রঃ) করিতে উদ্যত।

অস্থ্যর্থ [অস্থি + অর্থ] অ, যতদিন অস্থি থাকিবে ততদিন প্রাণ থাকিবে; অস্থিগত। "অন্নদার অনুগ্রহে পরাণ বিয়োগ নহে অস্থি মধ্যে অশ্বত্থ জীবন।"-অং মং [অপ্রং]।

অস্ত্যর্থ [অস্তি + অর্থ] বি, আছে এই অর্থ। ~ক-বিণ, আছে এই অর্থবোধক।

অস্ত্যান [অ-স্ত্যৈ (বেষ্টন করা, শোভা করা) + অন (ভাং)] বি, অপ্রশংসা; নিন্দা; তিরস্কার।

অস্ত্র [অস্ (ক্ষেপণ করা) + ত্র (র্ম্ম, জ্ঞাং)-যাকে ক্ষেপণ করা যায়] বি, যা নিক্ষেপ করিয়া বিপক্ষকে প্রহার করিতে হয়; ক্ষেপ্য প্রহরণ; আয়ুধ any weapon that is shot or thrown [Haughton] ২ ধারাল যন্ত্র an edged tool; an instrument. ৩ শস্ত্র (দ্রঃ)। তুল-"এক হস্তে হলযন্ত্র অপর হস্তে রণশস্ত্র,"-অক্ষয়কুমার দত্ত (উং সং) [দ্রঃ-অস্ত্র, যা ছুঁড়িয়া মারিবার যোগ্য। যন্ত্রচালিত প্রহারককে অস্ত্র বলে; যথা-ঐন্দ্রাস্ত্র, বায়ব্য-অস্ত্র (air-gun), আগ্নেয়াস্ত্র (কামান, বন্দুক, শতঘ্নী, ক্ষুদ্রনালিক, বৃহন্নালিক ইং), শক্তি, পরিঘ ইং। শস্ত্র, যা ছুঁড়িয়া মারিবার নহে, হাতে করিয়া প্রহার করিতে হয়. যথা-অসি, গদা, পরশু ইং। কিন্তু সাধাঃ অস্ত্র এবং শস্ত্র একই অর্থে ব্যবহৃত হয়। স্থলবিশেষে শর অস্ত্র বা শস্ত্র মধ্যে পরিগণিত হয় নাই। "সর্ব্বশাস্ত্র-পারদর্শী বীরদ্বয় কিয়ৎক্ষণ এইরূপে অস্ত্রযুদ্ধ করিয়া পরিশেষে শরযুদ্ধে প্রবৃত্ত হইলেন।"-মহাং (বর্দ্ধং)] ~কণ্টক-বি, কণ্টকরূপ অস্ত্র; শর।~কার-বি, অস্ত্র নির্ম্মাতা; অস্ত্রশিল্পী। ~ক্ষত-বিণ, অস্ত্রের আঘাতে ক্ষত। ~ক্ষেপ-বি, অস্ত্রপ্রহার। ~ক্ষেপক-বিণ, অস্ত্রপ্রহারকারী। ~ক্ষেপণ-বি, অস্ত্র নিক্ষেপ; অস্ত্রাঘাত। ~চিকিৎসক-বি, অস্ত্রবৈদ্য; অস্ত্রোপচারক surgeon ~চিকিৎসা(শা) [অস্ত্র দ্বারা চিকিৎসা-৩তৎ] বি, ক্ষতাদি রোগের উপশমার্থ-অস্ত্রপ্রয়োগ দ্বারা চিকিৎসা; শল্যতন্ত্র (সুশ্রুত); অস্ত্রোপচার বিদ্যা; শরীর ব্যবচ্ছেদ বিদ্যা surgery. [সুশ্রুতের মতে অস্ত্রচিকিৎসা অষ্টবিধ-ছেদ্য ক্রিয়া (incision), ভেদ্য ক্রিয়া (puncturing), লেখ্য ক্রিয়া (scratching), বেধ্য ক্রিয়া (boring), শিরাকাটা, শিরার মধ্যে ঔষধ প্রয়োগ ইং "পঞ্চানন নিয়োগী), বন্ধন কার্য্য (bandage) সীব্যক্রিয়া (sewing), এষ্যক্রিয়া (probing), আহার্য্য (extraction)-নগেন্দ্রচন্দ্র ভট্টশালী (প্রবাসী)] ~জীব-বি, ভাড়াটে বা বেতনভোগী সৈনিক; ভৃতক যোদ্ধা।~জ্ঞ-বি, অস্ত্রবিদ্যায় পারদর্শী বা অভিজ্ঞ; শস্ত্রবিৎ। ~ত্যাগ-বি, যুদ্ধে বিরতি; আয়ুধ বর্জ্জন। ২ অস্ত্র নিক্ষেপ। ~ধারণ-বি, অস্ত্রগ্রহণ। ২ যুদ্ধকরণ। ~ধারী [অস্ত্র-ধৃ (ধারণ করা) + ইন্, (র্ত্তৃ)=ধারিন্ ১মা ১বং, যে অস্ত্র ধারণ করে] বিণ, গৃহীতাস্ত্র; সশস্ত্র। ২ যোদ্ধৃপুরুষ; সৈনিক; শান্ত্রী। ~নিক্ষেপ-বি, বাণ ছোঁড়া। ~নিবারণ-বি, অস্ত্র প্রহারের প্রতিষেধ; অস্ত্রের আঘাত রদ করা; অস্ত্রপ্রয়োগ ব্যর্থ করা। ~বর্ষণ ~বৃষ্টি-বি, বৃষ্টির মত অস্ত্র নিক্ষেপ। ~বিদ্ [অস্ত্র-বিদ্ (জানা) + ক্বিপ্ (র্ত্তৃ)] বিণ, যে অস্ত্র ব্যবহার করিতে জানে; অস্ত্রজ্ঞ। ~বেশ্ম-অস্ত্রাগার ~বৈদ্য-বি, অস্ত্র চিকিৎসক surgeon. ~যুদ্ধ-বি, প্রহরণ দ্বারা সংগ্রাম। ~যোদ্ধা -বি, অস্ত্র লইয়া যুদ্ধকারী। ~লেখা-বি, অস্ত্রাঘাতের দাগ। ~শস্ত্র-সর্ব্বপ্রকার প্রহরণ; প্রহরণাদি; উভয় প্রহারকরণ ও প্রহার নিবারণের যোগ্য আয়ুধ; আক্রমণ ও আত্মরক্ষার উপযোগী অস্ত্রাদি [দ্রঃ-প্রাচীন ভারতে প্রচলিত যুদ্ধোপযোগী কতিপয় প্রসিদ্ধ অস্ত্রশস্ত্রের নাম (বিবরণ স্ব স্ব স্থানে দ্রষ্টব্য)।- -(১) অসি (২) ইষু (৩) কুন্ত (৪) গদা (৫) গোশীর্ষ (৬) চক্র (৭) টাঙ্গী (৮) তোমর (৯) দণ্ডকণ্টক (১০) দ্রুঘ্ন (১১) পট্টিশ (১২) পরশু (১৩) পরিঘ (১৪) পাশ (১৫) পিনাক (১৬) প্রাস (১৭) বজ্র (১৮) বৃহন্নালিক (১৯) ভিন্দিপাল (২০) ভুশুণ্ডী (২১) ময়ূখী (২২) মুদ্গর (২৩) মুষল (২৪) লগুড় (২৫) লঘিত্র (২৬) লঘুনালিক (২৭) লাঙ্গল বা সীর (২৮) শক্তি (২৯) শতঘ্নী। যে সকল যুদ্ধাস্ত্রের নাম পাওয়া যায় কিন্তু আকার ও ব্যবহার কৌশল জানা নাই তন্মধ্যে কতিপয়-(১) অবিদ্যা (২) ঐন্দ্রচক্র (৩) কালচক্র (৪) ক্রৌঞ্চাস্ত্র (৫) গান্ধর্ব্ব (৬) গারুড়াস্ত্র (৭) জৃম্ভকাস্ত্র (৮) দণ্ড (৯) দণ্ডচক্র (১০) ধর্ম্মচক্র (১১) নন্দন (১২) নাগাস্ত্র (১৩) নারাচ (১৪) প্রশমন (১৫) প্রস্বাপন (১৬) বরুণপাশ (১৭) বর্ষণ (১৮) বায়ুঅস্ত্র (১৯) বিদ্যা (২০) বিলাপন (২১) ব্রহ্মশির (২২) মোদকী (২৩) শূল (২৪) শোষণ

(২৫) সন্তাপন (২৬) হয়শির]~শালা-বি, অস্ত্রাগার ; শেলেখানা। ~সায়ঁক-বি, শর, অসি ইং লৌহাস্ত্র ; নারাচ। ~হীন-বিণ, অস্ত্রশূন্য ; নিরস্ত্র unarmed.

অস্ত্রা/গার [অস্ত্র-আগার (গৃহ) ৬ তৎ] বি, অস্ত্র রাখিবার স্থান ; আয়ুধাগার ; অস্ত্রালয় ; শেলাখানা armoury. ~ঘাত [অস্ত্রদ্বারা আঘাত-৩ তৎ] বি, অস্ত্রপ্রহার। ~লঁয় [অস্ত্র-আলয় (গৃহ) ৬ তৎ] বি, অস্ত্রাগার ; শেলাখানা armoury. ~হঁত- [অস্ত্রদ্বারা আহত-৩ তৎ] বিণ, অস্ত্রের আঘাত প্রাপ্ত।

অস্ত্রী [অস্ত্র+ইন্ (স্ত্য)=অস্ত্রিন্ ১মা ১ব০] বিণ, অস্ত্রধারী।

অস্ত্রীক [অ (নাই)-স্ত্রী (ক-স্বার্থে) যার] বিণ, বিপত্নীক। ২ স্ত্রী যার উপস্থিত সঙ্গে নাই [বিপরীত-সস্ত্রীক] ৩ ক্রি-বিণ, স্ত্রী সঙ্গে করিয়া নহে ; অস্ত্রীক অবস্থায়। "সে অস্ত্রীক যাইতেছে।"

ˋঅস্থান-বি, স্থানাভাব ; স্থান সঙ্কীর্ণতা। ২ অপ্রশস্ত বা অযোগ্য স্থান। ৩ মন্দ স্থান ; কুস্থান ; জঘন্যস্থান। ৪ অপবিত্র দেশ। ৫ অযোগ্য পাত্র। ৬ [ন=অ (নাই) স্থান যাতে -বহু০] বিণ, অস্থল ; অতি গভীর ; অতলস্পর্শ। ৭ ক্রি-বিণ, অনুচিত স্থলে বা ক্ষেত্রে। (২) অযথাকালে। অস্থানে-ক্রি-বিণ, অযথা-স্থানে ; শরীরের সাঙ্ঘাতিক অংশে ; মর্ম্ম-স্থানে। অ০ কুস্থান [গ্রা০-অঠাঁই কুঠাঁই] বি, নিষিদ্ধ স্থান এবং জঘন্য স্থান। স্থানে-অস্থানে [গ্রা০-থানে-অথানে] ক্রি-বিণ, শরীরের এমন কোন অনির্দ্দিষ্ট স্থানে যথায় আঘাত লাগিলে প্রাণ-সংশয় হইতে পারে। প্র-ঢিল ছুঁড়িও না স্থানে-অস্থানে লাগিয়া যাইবে।

ˋঅস্থাবঁর-বিণ, স্থাবর ভিন্ন ; যা এক-স্থান হইতে স্থানান্তরে যাইতে পারে বা লইয়া যাওয়া যাইতে পারে ; গমনশীল ; জঙ্গম movable. ২ [ব্যবহার শা০] যে সম্পত্তি বা বিষয় স্থানান্তরিত করা যাইতে পারে, যেমন গহনাপত্র টাকাকড়ি তৈজসপত্রাদি movable property.

ˋঅস্থায়িতা, -ত্ব [ন=অ-স্থা+ইন স্থায়িন্+তা, ত্ব (ভা০)] বি, স্থায়ী না হওয়ার অবস্থা ; অচিরস্থায়িতা ; নশ্বরতা।

ˋঅস্থায়িভাব [অ-স্থায়ী-ভাব] বি, যে ভাব চিরস্থায়ী নয়। ২ [অলং] যে ভাব আমাদের অন্তঃকরণে অক্ষুণ্ণ ও দৃঢ় রূপে বদ্ধ-মূল বা স্থায়ী না হইয়া কখন আবির্ভূত এবং কখন তা হতে অন্তর্হিত হয়, তাকে অস্থায়ি-ভাব, সঞ্চারিভাব এবং ব্যভিচারিভাব বলে।

ˋঅস্থায়ী-বিণ, যে স্থায়ী নয় ; যা অধিক-দিন থাকে না ; অল্পকাল স্থায়ী unstable ; বিনাশী ; ক্ষণভঙ্গুর।

ˋঅস্থি [অস্ (ক্ষেপণ করা)+থি (র্ম্ম)] বি, শরীরস্থিত সপ্ত ধাতুর অন্তর্গত একপ্রকার ধাতু ; হাড় [তুল-গ্রী০-osteon, ল্যা০-ossis, os] ~তুণ্ড [অস্থি (হাড়) তুণ্ড (মুখ) অস্থিময় হইয়াছে তুণ্ড যার-বহু০] বি, পক্ষী। ~গ্রন্থি-বি, হাড়ের গাঁট বা সন্ধি। ~চর্ব্বঁণ-বি, হাড় চিবান। ২ তদ্বৎ যন্ত্রণা। ~চর্ম্ম-বি, হাড় চামড়া বা মাংস ; হাড়মাস। ~চঁর্ম্মবিশিষ্ট [অস্থি এবং চর্ম্ম দ্বারা বিশিষ্ট (দ্বন্দ্ব০-গর্ভ ৩ তৎ)] বিণ, যার কেবল অস্থি এবং চর্ম্ম মাত্রই আছে ; অমাংসল ; অতিকৃশ ; অস্থিচর্ম্মসার। ২ যে দেহ অস্থি ও চর্ম্মময়। ~চঁর্ম্মসার [যার অস্থি এবং চর্ম্ম মাত্রই সার (স্থিরাংশ) রহিয়াছে] বিণ, অস্থি চর্ম্মাবশিষ্ট ; অতিশয় কৃশ ; জীর্ণ ; শীর্ণ। ২ মুমূর্ষু। ~চর্ম্মাবঁশিষ্ট, ~চর্ম্মাবঁশেষ [অস্থি এবং চর্ম্মদ্বারা অবশিষ্ট (দ্বন্দ্ব০, গর্ভ-৩ তৎ)] বিণ, যার শরীরে হাড় এবং চামড়া ভিন্ন আর কিছুই নাই,-এরূপ দেখায় ; শীর্ণ ; অতিকৃশ। ২ মুমূর্ষু। ~জঁ [অস্থি-জ (জন্ +ড-র্ত্তৃ)] বি, যে অস্থির মধ্যে জন্মে ; মজ্জা। ~ধঁন্বা-বিণ, অস্থিময় ধনুর্দ্ধারী ; শিব। ~পঁঞ্জর [অস্থি (হাড়) পঞ্জর (পিঞ্জর) হাড়ের পিঞ্জর] বি, দেহ, চর্ম্ম, মাংস, মেদ ও রক্ত হীন হইলে যে অস্থি সমূহ অবশিষ্ট থাকে ; পিঞ্জরা-কার অস্থিসমূহ ; কঙ্কাল-দেহ ; কঙ্কাল ; হাড়-পাঁজরা (কঙ্কাল দ্রঃ)। ~বিগ্রঁহ-বি, অস্থি-ময় বিগ্রহ ; ভৃঙ্গি। ~বিজ্ঞান, ~বিদ্যা [ব্যবচ্ছেদ বিদ্যা (anatomy)র অন্তর্গত] বি, শরীরস্থ অস্থি সম্বন্ধীয় শাস্ত্র osteology. ~ভিক্ষঁ-বি, কুকুর। ২ হাড়গিলে। ~ভঁঙ্গ-বি, আঘাতজনিত জীব-দেহের হাড় ভাঙ্গিয়া যাওয়া ; অস্থিভেদ fracture of bone. ২ হাড়ভাঙ্গা গাছ। ~ভূয়িষ্ঠ [অস্থি-ভূয়িষ্ঠ (বহু+ইষ্ঠ-বহুস্থানে ভূ আদেশ ও য-আগম-বহুল) হইয়াছে যাতে-বহু০] বিণ, বহু অস্থিবিশিষ্ট ; অস্থিবহুল। ~ভেদ [অস্থি-ভেদ, ৬ তৎ] বি, অস্থিভঙ্গ দ্রঃ। বিণ, ~ভেদী-যে অস্থি ভেদ করে বা ভাঙ্গিয়া দেয় ; হাড়ভাঙ্গা ; অস্থিভঙ্গকারী। ~মঁয়-বি, হাড়ে পূর্ণ। ~মান্-বি, হাড়-বিশিষ্ট। ২ মেরুদণ্ডী। ~মালা-বি, হাড়ের মালা। ~মালী [অস্থি-মালা+ইন্ (স্ত্য), যার হাড়ের মালা আছে] বি, শিব ; মুণ্ডমালী। ২ বিণ, অস্থিমালাধারী। স্ত্রীং ~মালিনী-কালী। ~শৃঙ্খলা [অস্থি-শৃঙ্খলা (শিকল)-অস্থির শৃঙ্খলা ভাঙ্গিয়া গেলে যথাস্থানে নিবিষ্ট হয় যদ্বারা] বি, গ্রন্থিমান্ বৃক্ষ ; হাড়যোড়া। ~শেষ-বি, কঙ্কাল-সার। ~সংযোগ-বি, অস্থিসন্ধি। ২ হাড় জোড়া। ~সংহার-বি, হাড়ভাঙ্গা। ২ হাড়-জোড়া গাছ। ~সংহারঁক, ~সংহারী -বিণ, অস্থি ভঙ্গ বা চূর্ণকারী। ~সঁঞ্চয় [অস্থির-সঞ্চয় (একত্রীকরণ) ৬ তৎ] বি, মৃতব্যক্তির চতুর্থ দিবসে সন্তানের কর্ত্তব্য, দগ্ধ দেহের অস্থিসংগ্রহরূপ কার্য্য। ~সন্ধি [অস্থি-সন্ধি (সংযোগস্থান) ৬ তৎ] বি, অস্থি-দ্বয়ের মিলন স্থল। ২ ভগ্ন অস্থিদ্বয়ের মিলন (joints) বা সংযোজন। ~সঁমর্পণ [অস্থির সমর্পণ-৬ তৎ] বি, মৃতব্যক্তির দাহাবশিষ্ট অস্থি গঙ্গা-গর্ভে নিক্ষেপরূপ অনুষ্ঠান। ~সার [অস্থি (হাড়)-সার (অবশেষ যার-বহু০] বিণ, কঙ্কালাবশেষ ; হাড়সার ; অতিকৃশ ; বিশীর্ণ। "লম্বোদর, অস্থিসার, শিরা গণা যায়।" -কৃত্তি০। ২ [অস্থি+সার (সারাংশ)-৬ তৎ] বি, মজ্জা marrow.

ˋঅস্থিরঁ/পঁঞ্চ, ~পঁঞ্চক, ~পঁঞ্চম [ন=অ-স্থা (থাকা)+ত (ভা০) নাই স্থিতি (সত্তা, নিত্যতা) যার-বহু০, এতাদৃশ পঞ্চ, পঞ্চক (খা,)। 'অস্থিরপঞ্চম' ও০] বি, নশ্বর যে পঞ্চভূতময় সৃষ্টি। ২ [অস্থিরপঞ্চক দ্রঃ]

ʃ যুক্ত বিবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গা=গাঁ ঞ্চ=ন্চ ঞ্ছ=ন্ছ হ্ন=হ্ ন হ্ম হ্ল হ্ব=ব্হ হ্ম হ্ন হ্ল ত্ ব্য, ত্ব ষ্ণ ব ত্ত=z/wv ও চা০ দ্রঃ

তা ; কিংকর্ত্তব্য-বিমূঢ়তা। "অস্থিত-পঙ্কে পড়েছি কিছুই স্থির কত্তে পাচ্ছিনে।" -লীলাবতী। ৩ [গ° পরিঃ] জ্ঞাতব্য পঞ্চম রাশি। ~পাটীগণিত-বি, রাশির হ্রাস বৃদ্ধি ঘটিত বা অস্থিত গণনামূলক সংখ্যা বা অঙ্কশাস্ত্র arithmetic of infinites

ˋঅস্থিতি-বি, স্থান বা অবস্থানের অভাব ; অবিদ্যমানতা। ২ চাঞ্চল্য। ৩ অসঙ্গতি। ~স্থাপক-বিণ, যা স্থিতিস্থাপক (দ্রঃ) নয়।

ˋঅস্থির-বিণ, যে স্থির নহে ; অস্থায়ী ; নশ্বর। ২ অধীর ; চঞ্চলমতি। ৩ উদ্বেগযুক্ত ; আকুল; উৎকণ্ঠিত ; ব্যাকুল। ৪ সন্দেহাকুল। ৫ অমীমাংসিত ; অনিশ্চিত। ~চিত্ত, ~বুদ্ধি, ~মতি, ~মনা (ঃ)-বিণ, যার চিত্ত ব্যাকুল হইয়াছে ; ব্যাকুল-হৃদয়। ২ চিত্তের স্থিরতাহীন ; অব্যবস্থিতচিত্ত।

ˋঅস্থিরতা, ˋঅস্থিরত্ব [অস্থির + তা, ত্ব (ভা॰)] বি, অস্থায়িত্ব ; নশ্বরতা ; ভঙ্গুরতা। ২ চাঞ্চল্য ; চিত্তের তরলতা। ৩ উদ্দেশ্যের নিত্যপরিবর্ত্তনশীলতা। ৪ সন্দেহ বা সংশয়বুদ্ধিতা। ৫ ব্যাকুলতা ; উৎকণ্ঠা ; উদ্বেগ।

ˋঅস্থির/পঞ্চক, ~পঞ্চম-বি, পাটীগণিতে অঙ্কবিঃ ; চারিজন সন্ন্যাসীর রুটি খাওয়ার অঙ্ক indeterminate equation ; anomalous cases of arithmetical calculation (এই অঙ্ক অত্যন্ত কঠিন বলিয়া কষিতে বিশেষ চিন্তার আবশ্যক হয়, সেইজন্য ইহার এইরূপ অর্থ হইয়াছে)। ২ চিন্তাকুলতা ; মহাভাবনাযুক্ততা ; কিংকর্ত্তব্য-বিমূঢ়তা। ৩ গ্রা॰-মেয়েলি॰ কথায় 'অস্থির-চিত্ত বা ব্যস্তবাগীশ' অর্থে ব্যবহৃত হয়। প্র-এমন অস্থির পঞ্চম লোকও কোথাও দেখিনি।

~বায়ুমণ্ডল [বৈজ্ঞা॰ পরিঃ] বি, বায়ুমণ্ডলের যে প্রদেশে কখন প্রবল বেগে বাত্যা প্রবাহিত হয় এবং কখন নির্ব্বাত স্থির থাকে regions of the variable wind and calms.

[ন=অ (না) স্থূল] বিণ স্থূলতা-বিহীন ; সূক্ষ্ম sharp ; কৃশ ; রোগা lean. স্ত্রীং ~া। ~তা-বি, কৃশতা। ২ সূক্ষ্মতা।

ˋঅস্থৈর্য্য-বি, স্থৈর্য্যাভাব ; অস্থিরতা। ২ অস্থায়িত্ব ; নশ্বরত্ব ; ভঙ্গুরতা।

অস্নার্ত-বিণ, যে স্নান করে নাই। ~ক-বি, যে ব্যক্তি ব্রহ্মচর্য্যব্রত যথাবিধি পালন করিয়া গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হয় নাই।

অস্নান-বি, অনবগাহন।

অস্নিগ্ধ-বিণ, স্নেহ পদার্থহীন ; রুক্ষ ; শুষ্ক। ২ কর্কশ। ৩ অকোমল ; অমধুর।

অস্নেহ-বিণ, স্নেহবর্জ্জিত ; প্রীতিহীন। ২ অস্নিগ্ধ ; শুষ্ক ; অতেলা।

অস্প/ন্দ-বিণ, স্পন্দনহীন ; অনড় ; অচঞ্চল ; স্তব্ধ। "অ° অন্তরে যেন স্তব্ধ ধরাতল।"-পলাশি (নবীন°)। বিণ, ~ন্দিত -স্পন্দন রহিত ; স্তব্ধ।

অস্পর্শ্য, অস্পর্শনীয় [ন=অ-স্পৃশ + ণিচ্ (স্বার্থে)=স্পর্শি + য, স্পৃশ্ + অনীয় (র্ম্ম)] বিণ, যাকে স্পর্শ করা উচিত নয় ; অস্পৃশ্য ; যা ছোঁয়ার যোগ্য নয়। ২ অগ্রাহ্য ; যা গ্রহণ যোগ্য নহে ; অখাদ্য।

অস্পষ্ট-বিণ, যা স্পষ্ট বা সম্যক্ ইন্দ্রিয়-গোচর নহে। ২ অব্যক্ত ; অপরিস্ফুট ; অস্ফুট। ৩ যা সম্যক্ জ্ঞানগম্য নহে ; যাকে সম্পূর্ণ রূপে বুঝা বা ধারণা করা যায় না। ৪ যা পড়া যায় না ; অদৃশ্য। প্র-লেখাটা ক্রমশঃ অ° হইয়া যাইতেছে। বি, ~তা-অস্ফুটতা ; জড়তা। ~গর্ভা-বিণ, যার গর্ভলক্ষণ দেখা দেয় নাই। ~বাক্-বিণ, অস্ফুট বাক্ (দ্রঃ) ; যার জিহ্বার জড়তা যায় নাই। ২ তোৎলা। ৩ হাবা। ~বাদ-বি, যে মত সুস্পষ্ট বা সুগম নয়। ~বাদী-বিণ, যার কথা বা মত সম্যক্ বোধগম্য হয় না ; অস্পষ্টভাষী। > স্ত্রীং ~বাদিনী। বি, ~বাদিতা, ~বাদিত্ব। ~ভাষী-বিণ, যে স্পষ্ট কথা কহে না ; যে স্পষ্ট উচ্চারণ করে না। > স্ত্রীং ~ভাষিণী। ~লক্ষ্য-বি, বিণ, যার উদ্দেশ্য, লক্ষ্য বা দৃষ্টি পরিষ্কার নয়।

অস্পষ্টালোক [অস্পষ্ট + আলোক] বি, যে আলোতে ভাল দেখা যায় না।

অস্পৃশ্য [ন=অ-স্পৃশ্য] বিণ, স্পর্শ করিবার অযোগ্য। ২ অশুচি। ৩ ঘৃণ্য।

অস্পৃষ্ট-বিণ, যাকে স্পর্শ করা হয় নাই ; অস্পর্শিত ; যাকে ছোঁয়া হয় নাই। ২ যে খাদ্য বা পানীয় এখনও মুখে দেওয়া বা গ্রহণ করা হয় নাই।

অস্পৃহ [ন=অ-স্পৃহা যার] বিণ, স্পৃহা-শূন্য ; নিঃস্পৃহ ; অনাসক্ত ; উদাসীন। বি, ~া-অনাসক্তি ; অনিচ্ছা ; বৈরাগ্য। ~নীয়-বিণ, অবাঞ্ছনীয় ; অলোভনীয়।

অস্ফীত-বিণ, যা স্ফীত নয় ; অফোলা ; যা ফেঁপে ওঠে নাই। বি, অস্ফীতি।

অস্ফুট -বিণ, অপ্রাপ্ত-বিকাশ ; অবিকসিত ; আফোটা ; অফুটন্ত ; অফুট। "যবে দেখেছিনু তায়, প্রভাত প্রভায় বসন্ত-কুঞ্জ-কাননে সেহি অস্ফুট-দল কলিকা বিমল মৃদু বিচলিত পবনে।"-বি° মজুমদার। ২ অনভিব্যক্ত ; অব্যক্ত ; যা মুখ ফুটিয়া বলা হয় নাই। ৩ অতি মৃদু। প্র-অস্ফুটস্বরে ক্রন্দন। ৪ (দৃষ্টি সম্বন্ধে) অস্পষ্ট। প্র-অস্ফুট রেখাঙ্কন। ৫ (শ্রবণ সম্বন্ধে) অস্পষ্ট ; আধ আধ (কথা)। প্র-শিশুর অ° কথা শুনিতে বড়ই মধুর। ৬ (অর্থ বা তাৎপর্য্য সম্বন্ধে) অস্পষ্ট ; অপরিস্ফুট। প্র-বাক্যের অন্তর্গত দুরূহ শব্দগুলির অর্থ এখন আর অ° নাই। ৭ কাকলি ; মধুর অস্ফুট সুস্বরধ্বনি। ৮ কোলাহলে পরিণত ; কলরবসঙ্কুল। "চারিদিকে সমুত্থিত অ° আরাব।" "সে অস্ফুটধ্বনি ক্রমে পুরে রসাতল।"-বৃত্র°। বি, ~তা, ~ত্ব। ~কণ্ঠ, ~স্বর-বি, বিণ, অস্পষ্ট স্বর। ক্রি, বিণ, ~কণ্ঠে, ~স্বরে।

ˋঅস্ফুটবাক্ [অস্ফুট (অব্যক্ত) হইয়াছে বাচ্-বাক্ (বাক্য) যার-বহু°] বিণ, অস্পষ্ট-বক্তা ; হাবা।

ˋঅস্ম/দ্ [অস্ (হওয়া) + মদ্ (র্ত্তৃ) উ° পু° এই সং শব্দটীর বঙ্গভাষায় যথাবৎ ব্যবহার আছে] স, আমি ; আমরা। ২ মদীয় ; আমাদের। প্র-অস্মদ্-সমাজে। ~দাদি [অস্মদ্ (আমরা)-আদি] ই° আমরা এবং আর আর বা অন্যান্য ব্যক্তি ; আমাদের সদৃশ লোক ; আমরা এবং আমাদের স্বশ্রেণীস্থ ব্যক্তিবর্গ বা দলবল। বিণ, ~দীয় [অস্মদ্ + ঈয় (ইদমর্থে) আমাদের সম্বন্ধীয় ; আমাদিগের সংক্রান্ত ; আমাদের।

অস্মর/ণ-বি, বিস্মরণ। ২ স্মরণাভাব। বিণ, ~ণীয়-স্মরণের অযোগ্য।

অস্মিতা [অস্মি (আমি)+তা (ভা৹)] বি,'আমি এই'এইরূপ অহংকার ; অহং জ্ঞান ; আমিত্ব। ২ [সাংখ্যদর্শনে] প্রধান পুরুষের অভেদরূপ অভিমান ; মোহ।

অস্মৃ/র্ত-বিণ, বিস্মৃত। বি, ~তি।

অস্র [অস্ (ক্ষেপণে)+র (র্ম)-রোগ বিনাশ জন্য যা ক্ষেপণ করা যায়] বি, রক্ত। ২ [দুঃখ, শোক ও হর্ষাদি বশতঃ যা নিক্ষিপ্ত হয়] অশ্রু। ~র্জ, ~জার্ত-বি, মাংস। ২ বিণ, রক্ত হইতে উৎপন্ন।

অস্রপ [অস্র-প=পা (পানে)+অ (র্তৃ) যে রক্ত পান করে-উপ৹] বি, রাক্ষস। স্ত্রীং ~া-রাক্ষসী। ২ জলোকা বা জোঁক ; মশা ই৹ রক্তাহারী জীব।

অস্রু [অস্ (ক্ষেপণ করা)+রু(র্ম-জ্ঞা৹)] বি, চক্ষের জল; নেত্রধারা। অশ্রু দ্রঃ [অপ্র৹]।

অস্রোত [ন=অ-স্রোত] বি, অপ্রবাহ।

অস্বচ্ছ [ন=অ+স্বচ্ছ] বি,মলিন; আবিল; যাতে প্রতিবিম্ব পড়ে না ; যার ভিতর দিয়া দেখা যায় না opaque.

অস্বচ্ছন্দ [ন=অ (নাই) স্ব (আপনার) ছন্দ (অভিলাষ) যার-বহু৹] বিণ, যে আপনার ইচ্ছাধীন নহে ; পরাধীন ; অস্বাধীন। ২ অস্বস্তিযুক্ত ; অকষ্টবদ্ধ।

অস্বতন্ত্র [ন=অ (নাই) স্ব (আপনার) তন্ত্র (প্রাধান্য) যার-বহু৹] বিণ, অস্বাধীন ; পরায়ত্ত ; পরাধীন ; পরবশ। "অ৹ ব্যক্তি পরের ধন পূর্ণ রাখিতে পারে না।"-মহা৹ (বর্দ্ধ)। > স্ত্রীং ~া-পরাধীনা নারী।

অস্বত্ব-বি, স্বত্বাভাব ; অধিকার বা স্বামিত্বের অভাব। ২ বিণ, স্বত্বহীন।

অস্বস্ত [অ-সু (শুভ, সুন্দর)-অন্ত (শেষ)] বিণ, অশুভ ; অসুন্দর। ২ দুরন্ত ; অশান্ত (গ্রা৹ অশান্তে)।

অস্বপ্ন [(পদ্যরূপ অস্বপন্) ন=অ (নাই) স্বপ্ন (নিদ্রা) যার-বহু৹] বি, দেবতা ; অমর। ২ বিণ, নিদ্রাবিহীন ; স্বপ্নশূন্য ; বিনিদ্র। "বিধি সৃজে অ৹ করিয়া।"-বৃত্র৹ (হেম৹)। "জাগ্রত কি অস্বপন দৈত্যহারী দেব?"-ঐ।

অস্বর-বিণ, কর্কশ স্বরযুক্ত। ২ বি, স্বরভিন্ন বর্ণ ; ব্যঞ্জনবর্ণ মাত্র। ৩ উদাত্তাদি স্বররহিত লৌকিক উচ্চারণ।

অস্বরস [গ্রাদে৹-অসৈরণ দ্রঃ] বি, মনোমালিন্য ; মনোভঙ্গ ; প্রীতিহীনতা ; অকৌশল ; অসৌরস। "ভাবের ঘরে অভাব ; শুধু বাড়ল অ৹"-স৹ দত্ত (তুলির লিখন)।

অস্বর্গ্য [ন=অ-স্বর্গ+য (হিতার্থে) নঞ্] বিণ, স্বর্গ গমনের প্রতিবন্ধক বা ব্যাঘাতজনক ; নরকসাধক।

অস্বস্তি [গ্রা৹-অসোয়াস্তি] বি, অস্বাচ্ছন্দ্য ; সর্ব্ববিষয়ে অসুখ ; আরামের অভাব ; অশান্তি ; অমঙ্গল। বিণ, অস্বস্ত।

অস্বস্থ [ন=অ-স্বস্থ (সুস্থ)-নঞ্। তুল-প্রা৹ বাং-আসোয়াস্থ (পদ্ম পু৹-বিজয়গুপ্ত), 'আসোয়াথ' ও৹] বিণ, অসুস্থ ; শান্তিহারা। ২ অসুখ ; অশান্তি ; স্বস্তিশূন্য। বি, ~তা।

অস্বাতন্ত্র্য-বি, অস্বাধীনতা ; পরাধীনতা। ২ পৃথগত্ব।

অস্বাদু-বিণ, বিস্বাদ ; বেতার।

অস্বাধীন [অ+স্বাধীন] বিণ, পরাধীন। "অ৹ শত্রুগণ তোমার কি করিবে।" -মহা৹ (বর্দ্ধ)।

অস্বাধ্যায় [ন=অ (নাই) স্বাধ্যায় (বেদাধ্যয়ন) যে দিনে বা তিথিতে-বহু৹] বি, প্রতিপদ, অষ্টমী ই৹ বেদ ও বেদাঙ্গের অধ্যয়ন-নিষিদ্ধ দিবস বা তিথি ; অনধ্যায় কাল। ২ বিণ, বিধিপূর্ব্বক বেদাধ্যয়নহীন।

অস্বাভাবিক-বিণ, অনৈসর্গিক ; অলৌকিক। ২ প্রকৃতিবিরুদ্ধ। বি, ~তা।

অস্বামি/ক [ন=অ(নাই) স্বামিন্-স্বামী (প্রভু) যার-বহু৹+ক)] বিণ, যার প্রভু বা অধিকারী নাই ; অধিকারী বিহীন ; মালিকরহিত ; অকর্তৃক ; বে-ওয়ারিস্। ~ত্ব, অস্বাম্য-বি, অনধিকার ; স্বত্বহীনতা। ~বিক্রয়-বি, স্বত্বহীন কর্ত্তৃক বিক্রয় sale by one who is not the owner.

অস্বামী-বিণ, অনধিকারী ; অস্বত্ব।

অস্বার্থ-বিণ, স্বার্থশূন্য ; নিঃস্বার্থ। ২ উদ্দেশ্যবিহীন; অভীষ্ট-প্রয়োজন-শূন্য; নিষ্কাম।

অস্বাস্থ্য-বি, স্বাস্থ্যের অভাব ; অসুস্থতা ; ব্যাধি ; পীড়া।

অস্বীকার-বি, অপহ্নব ; অপলাপ। ২ অসম্মতি প্রদর্শন ; অমত প্রকাশ। ৩ দায়িত্ব গ্রহণ না করা ; মানিয়া না লওয়া। ৪ প্রত্যাখ্যান। ক্রি, অস্বীকার করা।

অস্বীকার্য্য-বিণ, অগ্রাহ্য। ২ ভাঁড়াইবার যোগ্য। ৩ অসম্মতি যোগ্য।

অস্বীকৃত-বিণ, যা স্বীকার করা হয় নাই ; অননুমোদিত। ২ অস্বীকারকারী। ৩ অপহ্নুত ; কৃতাপলাপ।

অস্বৈ/রী [ন=অ-স্বৈরিন্ (স্বাধীন) নঞ্] বিণ, অস্বাধীন ; পরবশ ; পরাধীন। স্ত্রীং ~রিণী।

অস্‌সর্কন্ন-কুলাচল দ্রঃ।

অহ১ (ঃ) [অহন্ বা অহস্ >] বি,ব্রহ্মার জ্যোৎস্না, রাত্রি, অহঃ ও সন্ধ্যা এই ৪ প্রকার শরীরের অন্যতম। ২ দিনমান ; দিবালোক। "সমরের উপক্রম সমাগতে অহ।"-কাশী৹। ৩ দিবস ; দিন। "ষড়হ সাধিল সকৃৎ পাংশু-মুষ্টি খেয়ে॥"-শি৹।

অহ২-অ, শোক ; খেদ ; আক্ষেপসূচক। ২ প্রশংসাসূচক। ~হ-অ, অতিশয় খেদোক্তি। ২ যন্ত্রণাসূচক উক্তি।

অহ৩-অথ (দো৹ ৯১, ১২৭) দ্রঃ।

অহবা=অথবা (দো৹ ১১৬) দ্রঃ।

অহং-অহম্ দ্রঃ।

অহংপতি [অহন্ (দিন)-পতি (অধিপতি) ৬ তৎ, ন=র্ (বিকল্পে-অহর্পতি)] বি, দিবসের অধিপতি ; সূর্য্য।

অহংশেষ-বি, দিবসান্ত।

অহঙ্কার [অহং (আমি) কৃ (করা)+অ (ভা৹)। প্রা৹-অংথার < অতি প্রা৹ বাং 'হংকার' (বৌ৹ গা৹ ও দো৹ পৃ৹ ১২৪)] বি, সকল বিষয়ে আমি আমি জ্ঞান বা আপনাকেই প্রকাশ করা ; আপনাকে বড় জ্ঞান করা ; আপনার কর্তৃত্ব গুণ ই৹ উল্লেখদ্বারা বড়াই করা ; গর্ব্ব ; আত্মাভিমান ; অহমিকা ; আমিত্ব ; তেজ ; ঠ্যাকার। ~দৃপ্ত, ~পূর্ণ, ~মত্ত-বিণ, মদমত্ত ; অভিমান গর্ব্বিত। > স্ত্রীং ~া।

অহঙ্কারী [অহঙ্কার+ইন্ (ণ্য)] বিণ, যে অহঙ্কার করে ; অভিমানী ; অহঙ্কার যুক্ত ; গর্ব্বিত। স্ত্রীং অহঙ্কারিণী-গর্ব্বিতা স্ত্রী। অহঙ্কারে অন্ধ-অতিশয় দেমাকে হিতাহিত দৃষ্টিহীন। অহঙ্কারে মাটীতে

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্চ ঞ্চ=ন্ট হ্ন=হ্ন হ্ন হ্ম হ্ব হ্ন=ন্হ ব্হ ল্হ ভ্‌ য্য, জ্‌ ফ্‌ ব্‌ ভ্‌=zfwv ও চ্যা৹ দ্রঃ

পা না পড়া-গর্ব্বোদ্ধতভাব প্রকাশ; ঠ্যাকারে পা তুলিয়া তুলিয়া বা শূন্যে শূন্যে যাওয়ার ভাব।

অহঙ্কৃত [অহং-কৃ+ত (র্ম্ম)] বিণ, যে অহঙ্কার করে; গর্ব্বিত। স্ত্রীং ~া।

অহত [ন=অ-হন্ (বধ করা)+ত (র্ম্ম) নঞ্-যাকে বধ করা হয় নাই] বিণ, অনাহত; অনুপহত; অক্ষত। ২ যে বা যা হত বা নষ্ট হয় নাই। ৩ যাকে তাড়না করা হয় নাই; অতাড়িত।

অহন্ [ন=অ-হা (ত্যাগ করা)+অন্ আ-(লোপ)] বি, দিবস: দিন [বাং স্বতন্ত্র ব্যবহার দেখা যায় না]।

অহন্তেক [প্রাং বাং] বিণ, অনেক। "অহন্তেক গতি।"-শূং পুং।

অহম্, অহং [অস্মদ্ ১মা ১বং] স, আমি। ২ [দর্শনে] অহং ভাব; অহঙ্কার; অহমিকা। প্র-সর্ব্বস্ব গেলেও তার অহংটি কিন্তু বেশ আছে।

অহমিকা, অহমহমিকা [অহম্, অহম্+অহম্+ইক-আ (স্ত্রীং)-আমি আমি ভাব] বি, আমিত্ব: অহঙ্কার। ২ বৃথা গর্ব্ব; বড়াই; দম্ভ। "ভাঙ্গ এ অহমিকা, মিথ্যা গৌরব।"-রজনী সেন।

অহম্পূর্ব্ব-বিণ, আমি পূর্ব্বে বা অগ্রে এইরূপ ভাব বা উক্তিযুক্ত।

অহম্পূর্ব্বিকা [অহম্-পূর্ব্ব+ইক-আ, স্ত্রীং] বি, আমি পূর্ব্বে বা অগ্রে এই বলিয়া সকল বিষয়ে আপনার অগ্রগামিত্বের প্রয়াস বা আগ্রহ।

অহম্বুদ্ধি, অহম্মতি [অহম্ এই বুদ্ধি, মতি (বোধ)] বি, আমিই সব এইরূপ জ্ঞান; অহঙ্কার; অহমিকা। ২ অবিদ্যা; অজ্ঞান।

অহরহ (:) [অহঃ-অহঃ, বীপ্সায় দ্বিত্ব] ক্রি-বিণ, প্রত্যহ; প্রতিদিবস; নিত্য। ২ সদা; সর্ব্বদা; অবিরত।

অহর্দিব [অহন্-দিবা (সমাহার দ্বন্দ্বং-বীপ্সার্থে)] অ, অহরহঃ; প্রত্যহ।

অহর্নিশ [অহন্ (দিন) নিশা (রাত্রি)-দ্বন্দ্বং] ক্রি-বিণ, দিনিদিম; সমস্ত দিন রাত; দিবারাত্রি; অহোরাত্র; সতত [ইহার ভ্রং অহর্নিশি শব্দের বিরল ব্যবহারও দেখা যায়। বৌং বাং প্রাকৃং-আহিনিসি]।

অহর্পতি-অহঃপতি দ্রঃ।

অহর্মণি [অহঃ+মণি] বি, সূর্য্য।

অহর্মুখ [অহন্ (দিন) মুখ (আদি, আরম্ভ) ৬ তৎ] বি, দিনের আদি বা আরম্ভ; প্রত্যূষ; উষা।

অহল্য [ন=অ-হল্য (হলদ্বারা কৃষ্ট)] বিণ, লাঙ্গলাদিদ্বারা অকৃষ্টভূমি; যে ভূমি হলদ্বারা কর্ষণ করা যায় না বা করা উচিত নয়।

অহল্যা [ন=অ-হল্যা (বিরূপা)-অপূর্ব্ব-সুন্দরী। "ব্রহ্মা ইন্দ্রকে বলিতেছেন, আমি একটী স্ত্রীলোক সৃষ্টি করিলাম, যে প্রাণীর যে অঙ্গ প্রত্যঙ্গ উৎকৃষ্ট, আমি তাই উদ্ধৃত করিলাম। তা হতে রূপগুণ-সম্পন্না অহল্যা কন্যাকে নির্ম্মাণ করিলাম। হল শব্দে বৈরূপ্য; এবং হল হতে যা প্রসূত হইয়াছে, তাকে হল্য কহে। যার শরীরে কিছুই বৈরূপ্য নাই তাকে অহল্যা বলা যায়। আমি তার অহল্যা এই নাম রাখিয়াছিলাম"-রামাং(উং কাণ্ড)] বি, গৌতম মুনির পত্নী। গৌতমরূপধারী ছদ্মবেশী ইন্দ্রের সহিত সংগত হওয়ায়, ইনি পতিশাপে নিরাহারা, বায়ুভক্ষ্যা, সকলের অদৃশ্যা, দিবা-রাত্রি অনুতাপ পরায়ণা হইয়া বহুসহস্র বৎসর আশ্রমভস্মের উপর পাষাণের ন্যায় অবস্থিতি করিয়াছিলেন; অনন্তর রামচন্দ্রের চরণ-স্পর্শে মুক্তিলাভ করেন এবং মহর্ষি গৌতম কর্ত্তৃক পুনর্গৃহীতা হন। কুমারিল ভট্টের মতে ইহা রূপকমাত্র। ইন্দ্র সূর্য্যের এবং অহল্যা রজনীর রূপক। সূর্য্যোদয়ে রাত্রি অদৃশ্যা হয় ইহাই অবলম্বন করিয়া উপাখ্যানটী কল্পিত হয়। মতান্তরে অহল্যা উষার রূপক; দিবসে ইন্দ্র-রূপী সূর্য্যোদয়ে ভুবনমোহিনী উষা অদৃশ্যম্পশ্যা হইয়া যান। ২ রাজা ইন্দ্রদ্যুম্নের পত্নী, অপ্সরা বিঃ। ইন্দ্র অহল্যার পৌরাণিক কাহিনী শ্রবণ করিয়া ইনি ইন্দ্র নামক জনৈক কামুকের প্রতি আসক্তা হন এবং রাজা কর্ত্তৃক রাজ্য হতে বহিষ্কৃতা হন। ৩ মালবদেশে স্বনাম-ধন্যা রাজ্ঞী এবং স্বনামখ্যাত মলহর রাওএর পুত্র কুণ্ডজী রাওয়ের পত্নী। ইনি রাজবেশে সিংহাসনে উপবিষ্টা হইয়া স্বয়ং রাজকার্য্য পরিচালনা করিতেন। ইনি সুশিক্ষিতা, ধার্ম্মিকা, দয়াবতী এবং সর্ব্বপ্রকার সদনুষ্ঠানে মুক্তহস্তা ছিলেন ও অতিশয় দক্ষতার সহিত ৩০ বৎসর রাজ্য সুশাসন করিয়া ১৭৯৫ খৃঃ অব্দে পরলোক গমন করেন। ইনি অসংখ্য ধর্ম্মশালা, দেবালয়, রাজপথ, আতুরাশ্রম, কাশীর বিশ্বেশ্বর মন্দিরের পুনরায় নির্ম্মাণ ও গয়াধামের বিষ্ণুপদ-মন্দির ও নাটমন্দির এবং কলিকাতা হইতে কাশী পর্য্যন্ত সুপ্রশস্ত রাজপথ নির্ম্মাণে ও অন্যান্য বহুবিধ সৎকার্য্যে লক্ষ লক্ষ টাকা অকাতরে ব্যয় করিয়া যশস্বিনী হইয়াছেন।

অহস্কর [অহন্-অহঃ+কর (যে করে) যিনি দিবস করেন-উপং] বি, সূর্য্য; দিনকর; দিবাকর। ২ আকন্দ বৃক্ষ।

অহমাল [আং হম্‌ল্ (গর্ভস্থ সন্তানের ভার বা বোঝা-দ্রব্যাদির বোঝা) বহুং-আহ্‌মাল [আদাং ভাষা] বি, দ্রব্যসম্ভার; জিনিষপত্র।

অহহ [সং, আধুং বাং, বিরল] অ, আর্ত্ত-নাদ; আক্ষেপ; খেদ। ২ আনন্দ। ৩ স্মরণ। ৪ বিস্ময়। ৫ প্রশংসা। ৬ যন্ত্রণা। ৭ বিদ্রূপ। ৭ মোহ।

অহা/র [বৌং বাং প্রাকৃং] বি, আহার (চ, ৩৫।৫)। ~রিউ-আহার করা হইবে; কি? (চং ১৯, ৩২৬।৩। ~রিলঁ-আহার করিলাম (আহার করা অর্থে সন্ধ্যা ভাষায়-নিঃ স্বভাবীকরণ)-চং ৩৫।৪।

অহার্য্য [ন-অ-হার্য্য (হরণীয়) নঞ্] বিণ, যা হরণ করিবার যোগ্য নয়; অহরণীয়। ২ বি, যাকে স্থানান্তরিত করা বা নড়ান যায় না; অচল; পর্ব্বত। ৩ অবহনীয়; অবাহ্য।

অহি [ন=অ-হা (ত্যাগ করা)+ই জ্ঞাং] বি, সর্প। প্র-অহিনকুল সম্বন্ধ। ২ খল। ৩ [আয়ুং] সীসক; মনসাসিজ; তেকাটাসিজ; নাড়াসিজ।

অহিংস [ন=অ+হিংস] বিণ, হিংসাহীন; অহিংসক; শত্রুভাব-বর্জ্জিত; অহিংস্র। অং

অসহযোগ-হিংসা বর্জ্জিত অসাহচর্য্য বা অসহকারিতা; শত্রুভাব বর্জ্জন করিয়া কোন উদ্দেশ্য সাধনে যোগ না দিয়া স্বাতন্ত্র্য অব-লম্বন non-violent non-co-operation. ~ক-বিণ, যে হিংস্র নয়; যে কারও হিংসা বা অনিষ্ট করে না। "অতিথি

আসিত নিত্য করত, করতী, মৃগশিশু, বিহঙ্গম, স্বর্ণ-অঙ্গ কেহ, অহিংসক জীব যত।"—মেঘ০।
~নীয়-বিণ, হিংসার অযোগ্য।

অহিংসা-বি, হিংসার অভাব; কায়মনোবাক্যে অর্থাৎ সর্ব্বপ্রকারে পরপীড়া দানে বিরতি; প্রাণিপীড়াদানে নিবৃত্তি। ২ পরের অনিষ্ট ইচ্ছা বা শত্রুতার অভাব; পরের মন্দ চেষ্টা না করা; দ্বেষহীনতা [সাধাঃ অ০ অর্থে প্রাণীমাত্রেরই প্রাণ-নষ্ট না করা এবং বিশদার্থে দয়া বুঝায়] বিণ, অহিংসিত।

অহিংস্য-বিণ, অহিংসার যোগ্য; যাকে কেহ হিংসা করে না; কেহ যার মন্দ করিতে চেষ্টা করে না; হিংসার অপাত্র।

অহিঁ [বৌ০ বাং প্রাকৃ০] স, এই (চ০২১৫)।

অহিংস্র [ন=অ-হিংস্র। অহিংস্রক ও০] বিণ, যে হিংসা করে না; অহিংসক; সর্ব্বতোভাবে পরপীড়াদানে বিরত। স্ত্রীং ~া-কণ্টকপালী; কুলেখাড়া capparis sopiasia.

অহিচ্ছত্র [অহি (সর্প)+ছত্র (ছাতা)] বি, আর্য্যাবর্ত্তের অন্তর্গত পঞ্চাল রাজ্যের উত্তর অর্দ্ধাংশ, যা দ্রোণাচার্য্য অর্জ্জুন-সহায়ে পঞ্চালরাজ দ্রুপদকে পরাস্ত করিয়া স্বয়ং গ্রহণ করিয়াছিলেন(অপরার্দ্ধ তিনি দ্রুপদকে প্রত্যর্পণ করিয়াছিলেন)—মহা০। ইহার অপর নাম অহিক্ষেত্র। ইহার রাজধানীর নাম অহিচ্ছত্রা [উক্ত আছে,—"এখানে আভীর জাতীয় আদি নামে এক ব্যক্তি যখন নিদ্রিত ছিল, সেই সময় একটা সর্প (অহি) তার মস্তকে ফণা (ছত্র) ধারণ করিয়াছিল, পরে ঐ ব্যক্তি ঐ স্থানের রাজা হইলে তাঁর রাজ্য উক্ত নামে অভিহিত হয়।"—ভারতকোষ]।

অহিত-বি, অমঙ্গল। ২ [যা হতে মঙ্গলের আশা নাই] শত্রু। ৩ কুপথ্য; রোগ বৃদ্ধিকর বা অস্বাস্থ্যকর উপায় অনুষ্ঠান। ~কর, ~কারী-বিণ, অপকারী; অনিষ্টজনক; অমঙ্গলকর; ক্ষতিকর।

অহিতা/চরণ, ~চার [অহিত+আচরণ, আচার] বি, অনিষ্ট সাধন। ~চারী-বিণ, অনিষ্টকারী। স্ত্রীং ~চারিণী।

অহিতুণ্ডিক [অহি (সর্প)-তুণ্ড (মুখ)-ইক (ধারণার্থে) সর্পের মুখধারক] বি, যে সর্পের মুখ ধরিয়া ক্রীড়া করে; সাপুড়ে [আহিতুণ্ডিক দ্র]।

অহি/নকুল [অহি (ও) নকুল] বি, সর্প এবং নেউল। ২ স্বভাববৈরী; চিরশত্রু। ~কুলতা, ~কুলিকা [অ০+তা, ইক (ভাবে)-আ] বি, সাপ ও নেউলের মত পরস্পর শত্রুতা; চিরশত্রুতা। তুল-অশ্বমহিষিকা (দ্রঃ)।

অহিপূতন-বি, শিশুদিগের মলদ্বারে জাত ব্রণ বা স্ফোটক intertrigo.

অহিফেন [অহি (সর্প)-ফেন (বিষ) তুল-গ্রী০—opion, ইং—opium, মহারাষ্ট্রী—আফুন] বি, সর্পবিষ; গরল। ২ [তদ্বৎ বিষক্রিয়া জনক বলিয়া] আফিম; পোস্ত গাছের ফলের আঠা।

অহিবুধ্ন [অহি-বুধ্ন (গ্রীবা)] বি, সর্পের ন্যায় গ্রীবা যার; সর্পগ্রীব। ২ রুদ্র বিঃ। ৩ উত্তরভাদ্রপদ নক্ষত্র।

অহিভয়-বি, সর্পভয়। ২ নৃপতির স্বপক্ষ হতে ভয়; রাজাদিগের বিপক্ষ ভয়। ~দা (-য়ঁ-) [অহি-ভয়-দা (ছেদক, নাশক)] বিণ, যে সর্পের ভয় নাশ করে। ২বি, ভুঁই-আমলা।

অহিভুক্ [অহি-ভুক্ (যে ভোজন করে)] বি, সর্পাহারী। ২ গরুড়। ৩ ময়ূর। ৪ নকুল। ৫ [বৈদ্যকে] গন্ধনাকুলী।

অহিম [ন=অ-হিম (শীতল)] বিণ, উষ্ণ। ~তেজাঃ [মূ০ অ০ তেজস্, ১মা ১ব০। অহিম (উষ্ণ) তেজা দীপ্তিমান্)] বি, সূর্য্য।

অহিমণই [সং-অভিমন্যতে > (বৌ০ বাং প্রাকৃ০) অ০] ক্রি, মনে মনে করে (দো০ ১১৪)।

অহিমর্দ্দনী-বি, গন্ধনাকুলী।

অহিমাংশু [অহিম+অংশু] বি, সূর্য্য।

অহি/মার, ~মেদ, ~মেদক-বি, অরিমেদ। ২ গুয়েবাবলা।

অহিরাজ [অহি-রাজ (রাজন্)] বি, সর্পরাজ বাসুকী। ২ 'শঙ্খচূড়' (দ্রঃ) নামক বিষধর সর্প।

অহিলতা [অহি (অহির মত) লতা] বি, গন্ধনাকুলী। ২ তাম্বুলিলতা।

অহীন [অহি+ঈন্ (শ্রেষ্ঠার্থে)] বি, সর্পরাজ; অনন্ত; অজগর। ২ [ন=অ+হীন] বিণ, হীন নহে; অনূন।

অহীনগু-বি, সূর্য্যবংশীয় দেবানীকের পুত্র। ইনি সর্ব্বদা সৎসংসর্গে কালযাপন করিয়া প্রবল প্রতাপে রাজত্ব করিয়াছিলেন। ২ [অহীন+গু (গো >)=কিরণ] বিণ, কিরণোজ্জ্বল।

অহীন্দ্র-বিণ, অনন্তমূল; শারিবা।

অহীরণি-বি, দ্বিমুখ সর্প; দুমুখো সাপ।

অহীশ্বর-বি, নাগেশ্বর; শেষ; অনন্ত।

অহুত [ন=অ+হুত (আহুত)] বিণ, অনাহুত। স্ত্রীং ~া।

অহৃত-বিণ, যা হরণ করা হয় নাই; যা চুরি যায় নাই।

অহৃদ্য-বিণ, অপ্রিয়; নিরানন্দজনক।

অহৃষ্ট-বিণ, অপ্রফুল্ল; আনন্দবিরহিত; অসন্তুষ্ট।

অহে [সম্বোধনার্থক সং শব্দ, ওহে দ্রঃ] অ, বন্ধুকে তুল্য পদবীর এবং ন্যূন পদবীর পুরুষকে সম্বোধন করিবার শব্দ; কবিতায় স্ত্রীলোককে সম্বোধন করিতেও অহে শব্দ ব্যবহৃত হয়। "অহে দুতি এ বসন্তে আসিবে না কান্ত।"—কাব্যনির্ণয়।

অহেতু, অহেতুক-বিণ, অকারণ; হেতুবিহীন; কারণহীন। ২ অনর্থক; নিষ্প্রয়োজন। ৩ আকস্মিক। ৪ নিঃস্বার্থ।

অহেতুকী, অহৈতুকী [অহেতুক+ঈ (স্ত্রীং)] বিণ, হেতু বা কারণ রহিত। ২ নিদানের অভাব সম্বন্ধীয়। ৩ কোন স্বার্থ বা প্রয়োজন সিদ্ধির জন্য নহে; নিঃস্বার্থ। প্র-অহেতুকী ভক্তি।

অহেয়-বিণ, অঘৃণ্য। ২ অত্যাজ্য।

অহেরু-বি, অনন্তমূল; শতমূল।

অহো (বাং-র অঁহো) [সং মাল০ 'অহো!'] অ, সম্বোধন। ২ খেদ; বিলাপ। ৩ অনুতাপ; আপশোস। ৪ বিস্ময়। ৫ বিষাদ। ৬ বিতর্ক। ৭ অনুকম্পা। ৮ বৈধ। ৯ সন্দেহ। ১০ প্রশংসা। ১১ অসূয়া। ১২ অতএব। ১৩ পাদপূরণ। ১৪ নিন্দা। ~হো (-অ-) অ, অতি খেদোক্তি। ২ হঠাৎ স্মরণ। ৩ সম্বোধন। ৪ বিস্ময়।

অহোরাত্র [অহন্=অহঃ+রাত্রি] বি, সূর্য্যোদয় হতে সূর্য্যোদয়ের মধ্যে ৩০ মুহূর্ত্ত

কাল। ২ পিতৃলোকের অহোরাত্র, আমাদের ১ মাস কাল। ৩ দেবতাদিগের অহোরাত্র, মানুষের ১ বৎসর। ৪ ব্রহ্মার অহোরাত্র, মানুষের আটশো চৌষট্টি কোটি ৮৬৪০০০০০০০ বৎসর বা এক কল্প। ৫ অ, দিবারাত্রি ; দিবানিশি ; সর্ব্বদা ; অবিরাম [ভ্রং 'অহোরাত্রি' শব্দেরও বিরল ব্যবহার দেখা যায়]।

অহ্ন [পর অপর পূর্ব্ব ইং শব্দযোগে বাং-য় ব্যবহৃত হয়] বি, দিন ; দিবস। দিনমানকে তিন ভাগ করিলে এক এক অং হয়। ১ম ভাগ-পূর্ব্বাহ্ণ (প্রাতঃকৃত্য, দেবপূজা ও আভ্যুদয়িক শ্রাদ্ধের কাল), ২য় ভাগ-মধ্যাহ্ন (মধ্যাহ্ন সন্ধ্যা, একোদ্দিষ্ট শ্রাদ্ধ ও ভোজনের কাল), ৩য় ভাগ-অপরাহ্ণ (পার্ব্বণ শ্রাদ্ধ ও সপিণ্ডকরণের কাল)-স্মৃং।

অহ্রস্ব-বিণ, যা হ্রস্ব নহে। ২ দীর্ঘ।

অহ্বলা-বি, ভল্লাতক ; এলা the marking nut, semecarpus anacardium. অং তৈল-অহ্বলা দগ্ধ করিয়া যে তৈল প্রস্তুত হয় ; ভেলার তেল।

অ্যাঁ-অ, বিস্ময় : তিরস্কার ইং বাচক শব্দ। ২ কেহ ডাকিলে বা প্রশ্ন করিলে তার উত্তরে সাড়া দিবার শব্দ ; হাঁ ; কি ? ৩ শিশুকে ভয় দেখাইবার শব্দ (প্লুত উচ্চারণ)।

অ্যাতো [এত-গ্রাং বিকারে কথ্য উচ্চারণে] বিণ, এত, এতক, এরূপ, এ পরিমাণ। "অ্যাতো কম যে, তা ধর্ত্তব্যের মধ্যেই নহে।"-দ্বিং ঠাং (শাং নিকেতন, ১৩৩২, ভাদ্র)।

অ্যালুমিনিয়ম-এলুমিনিয়ম দ্রঃ।

অ্যাসিটিলিন-এসিটিলিন দ্রঃ।

অ্যাসিড-এসিড দ্রঃ।

আ

আ১-স্বরবর্ণমালার দ্বিতীয় বর্ণ। দীর্ঘ ও প্লুত স্বর। উচ্চারণ স্থান-কণ্ঠ। জিহ্বা মুখবিবরের নিম্নদিকে সঙ্কুচিত করিয়া ও মুখ ব্যাদান করিয়া উচ্চার্য্য। বাং-য় ইহার লঘু, গুরু, ভেদে ৩ প্রকার উচ্চারণ,-(১) লঘু বা অল্প স্পৃষ্ট-আঠা বা আম্‌সির আ,(২) আটা বা আমের 'আ', (৩) সঙ্গীতে আ-া-া। অন্য-বর্ণের সহিত যুক্ত হইলে ইহার 'া' এইরূপ আকৃতি হয়। যথা-ক্‌ + আ=কা [আলিকালির দ্বিতীয় বর্ণ। সেমিতীয় বর্ণমালার প্রথম-বর্ণের সহিত তুলনীয়, আলেফ্‌ বা আলিফ্‌ ; গ্রীং-আল্‌ফা ; মিশরীয়-আহ্‌ম্‌ ; সংস্কৃতোদ্ভব যাবতীয় ভাষায় 'আ'] প্রাং বাং-য় 'অ' এবং পদান্ত 'য়া' ও আদ্য 'রা' স্থলে 'আ' র ব্যবহার হয়। প্র-'অধর'=আধর। অকারণ= আকারণ ইং। 'চিন্তিআ'=চিন্তিয়া (আধুং বাং)। রাস্তা=আস্তা। রান্ধে বাড়ে=আন্ধে বাড়ে (ময়নাং গান)।

আ২ [ব্যাং] বাং প্রত্যয় বিঃ,-(১) স্বার্থে। প্র-মাথা ; গোয়ালা ; ল্যাজা। (২) সাদৃশ্যার্থে। প্র-হাতা (জামার), জলুআ, পৈঁচলা (পিচ্ছিল)। (৩) অনাদরে, অবজ্ঞায় বা অতিপরিচয়ে। প্র-পাগ্‌লা, শামা, মটকা, বাদলা, গোবরা। প্রাং বাং-"কাহ্নাআ," (শ্রীং কীং। তুল-হিং কাহ্নাই আ)। (৪) যুক্তার্থে। প্র-তেলা ; লোনা ; বেসুরা। (৫) বৃহৎ অর্থে। প্র-হাঁড়া ; ঝোড়া ; খোন্তা; ঢাকনা (ক্ষুদ্রার্থে ই দ্রঃ)। (৬) বিশেষণে। প্র-আধা পথ ; কাটা মুণ্ড। (৭) সর্ব্বনাম বিভক্তি। প্র-আমা, তোমা, যা, তা ইং। (৮) সম্বন্ধার্থে। প্র-ঘরোয়া কথা। (৯) জাত অর্থে। প্র-পানা ; ভয়সা ঘী (মহিষা=হিং ভৈঁসা=বাং ভয়সা)। ২ ক্রিয়াবোধক বিশেষ্য প্রত্যয়। প্র-ছেলে-ধরা, গরু-বাঁধা দড়ী, মাছধরা সূতা। ৩ অ, সুখবোধ ; আনন্দ। "আ ! কি আরাম।" (২) স্মরণ। "আ তাই বটে।" (৩) বিস্ময় ; সস্নেহবিস্ময়। "আ মরিয়া যাই ? সোনা আমার, তোর কাকীমাকে এখনো ভুলিস্‌ নাই।"-রবীং। (৪) অনুকম্পা। (৫) সন্তাপ। "আ কি বিপদ।"-মালতীমাধব। (৬) সহানুভূতি। "আ মরে যাই।" (৭) নিশ্চয়। (৮) ব্যঙ্গ। "আমরি আমরি যমেরি ভুল।"-নবীন তপস্বিনী। (৯) ঘৃণা, লজ্জা, ক্রোধ মিশ্রিত বিদ্রূপ। "আ মরণ আর কি ?" "আ গেল যা।" "আ মরণ ? পোড়াকপালী বলে কি।"-রবীং। (১০) ধিক্কার ; আত্মগ্লানি। "আ পাপীয়সি দুর্বিনীতে মহাশ্বেতে ! ইনি তোমার কি অপকার করিয়াছিলেন ?" "আ এখনও জীবিত আছি।" -কাদং। (১১) প্রশংসা ; বাহবা। "কি শোভা আ মরি হায়।"-কবি রঘুনাথ দাস। ৪ উপসর্গ ; অসম্পূর্ণ ; অর্দ্ধ ; ঈষৎ ; অল্প। প্র-আনত ; আকুঞ্চিত ; আপোড়া ; আভাজা, আকালা, (২) সম্যক্‌। প্র-আগত। (৩) সীমা ; অবধি ; পর্য্যন্ত ; হইতে। "আজন্ম ; আকণ্ঠ, আকর্ণ, আব্রহ্ম, আশৈশব, আমরণ, আপাদমস্তক,আসমুদ্র-হিমাচল। (৪)নঞর্থক। প্র-আলুনি, আছোলা; আচাঁছা ; আঘাটা ; আধোয়া। (৫) বিপরীত। প্র-আগমন (গমনের বিপরীত)। (৬) সম্পূর্ণ বা সর্ব্বতোভাবে। প্র-আকাশ [আ (সর্ব্বতোভাবে) কাশ (প্রকাশ পায়)-যে বা যা সর্ব্বতোভাবে প্রকাশ পায়] (৭) সাদৃশ্যার্থে। 'আকাট' (যেন কাট)। ৫ বাং ক্রিয়া বিভক্তি বিঃ ; প্রাং বাং-য় সম্ভ্রমার্থে বহুবচনে আকারান্ত হইত। "ঠাকুরাণী গিএ তথা দিলা দরশন।" -শূং পুং। করুক + আ (সম্ভ্রমার্থে)=করুকা। এইরূপ হরুক + আ=হরুকা। আধুং বাং সাং এই 'আ' স্থলে আন্‌ পরে 'ন' হয়। যথা-করুকান-করুন। (২) অসং ক্রিয়া বিভক্তি 'য়া' স্থলে প্রাং বাং সাং 'আ'র ব্যবহার ছিল, যথা-চিন্তিআ (চিন্তিয়া=

চিন্তা করিয়া), হাসিআ (হাসিয়া=হাস্য করিয়া) ইং (চৈং মং), (৩) প্রাং বাং-য় 'য়া' স্থলে প্রাকৃতের অনুরূপ বিশেষ্য পদেও 'আ'র ব্যবহার ছিল, যথা, সং-হৃদয় > প্রাকৃং-হিঅঅ > প্রা বাং-হিআ (হিয়া) ; সং-বদন > প্রাকৃং-বঅন > প্রাং বাং-বআন (বয়ান); সং-সাগর > সাঅর > সায়ার ইং। (৪) আধুং বাংয়-বি বিভক্তি। প্র-দোলনা ; খেলনা ; দেনা-পাওনা ; বাটনা ইং। (৫) মৈং বাং-প্রাং বৈং সাং আকার কথার মাত্রা। যথা-'নয়ন' স্থলে 'নয়না,' 'কহল' স্থলে 'কহলা' (বিং পং) ; বঁধুয়া (চণ্ডী) ; রসালা (গোবিন্দং) ইং। (৬) প্রাং বাং বহুংব-বোধক নাম শব্দে 'আ' যোগ হইত। "নরা গজা বিশ শয়, * * বাইশ বলদা, তের ছাগলা।"-খনা। এইরূপ-কাগা, বগা ইং। (৭) সং ও আধুং বাং অ স্থলে প্রাং বাং-য় আ। "আবুধি (অবুদ্ধি), আবেলা (অবেলা), আনলে (অনলে) আনুপম ইং (শ্রীং কীং, বৈং সাং)। (৮) প্রাং বাং-য় হস্তলিপিতে আ ও'র সহিত যুক্ত হইয়া 'ওয়াব্'এর স্থান অধিকার করিত। "বলা নয় ব্রজে যাওা বিষম সঙ্কট।"-শীতলামঙ্গল (নিত্যানন্দ)। (৯) [সং-আগমনার্থক আ ধাতু। উর্দ্দূ হিং-আনা ; আসাং-আ ধাতু (ওড়িং-আ) তুল-হিং-আ= তেলুং-রা=বাং-আ, আয়। উং পুং-আই (আসি), মং পুং-আও, প্রংপুং-আএ, আওয়ে (হিং-আবে), অস-ক্রিং,-আইতে। এইরূপ আইব, আইবে, আইত, আইলাম ইং আধুং বাং-য় ই স্থলে সি]ক্রি, আসা; আগমন করা। (১০) বাং-য় ক্রিয়াপদ নিষ্পাদনে। যথা-বলা, করা, দেখা, যাওয়া, শোয়া ইং তুল-হিং 'না' যথা,-খানা, দেখ্‌না, বোলনা, লেনা, দেনা ইং। (১১) আ=এ (দ্রঃ)। "খাতি =খেতে, আজ্ঞা=এজ্ঞে।" (১২) অ=(প্রাং বাং-য়) আ, আধিক (অধিক), আধিকার (অধিকার), আধিকারী (অধিকারী), আধিন (অধীন) ইং। (১৩) ইয়া এবং এ২ (১২) দ্রঃ।

আ৩-বি, শিব ; বিষ্ণু ; অনন্ত।

আঅর্তন [বৌং বাং প্রাকৃং। অ=য়] বি, আয়তন (দোং ১১৬)।

আঅন [আপন > ,চং কং ভাং] বিণ, আপন ; আপনার।

আঅর, আওর [প্রাং বাং] অ, আর। "কর্পূর কস্তূরী যোগে আঅর তাম্বুল রাগে।"-শ্রীং কীং।

আআশ, আআস [প্রাং বাং। প্রাকৃং-ক=অ। চং কং ভাং] বি, আকাশ। ২ [অ-আধুং বাং-য়] আয়াস (দোং ৯৪, ৯৫)।

আই১, আঈ, আয়ী [প্রাং ও মং বাং। আধুং বাং কথ্য। সং-আর্য্যা বা অত্তা (মাতা) > প্রাকৃং আতা > আআ > আই। মালং 'আইআ' আমার মা)। ওড়িং-আঈ ; আসাং-আই ; হিং ও মৈং-মাঈ] বি, মাতা। "শ্যাম শুক্লরূপে দেখিলেন শচী আই।" -চৈং ভাং। "কাঁদিয়া বলে প্রভু শুন মোর আই।"-চৈং চং। ২ [আয়ি, আয়ীও হয়। প্রাং প্রাদেং-আধুং কথ্য। সং-আর্য্যকী= মাতার মাতা ; সম্মান ও প্রীতিপূর্ব্বক মাতৃ সম্বোধন। আইমা দ্রঃ] বি, মাতার মাতা ; দিদিমা। "আইগো চিনতে পার, গোটা দুই অন্ন বাড়।"-ছড়া। ৩ স্ত্রী মাত্র ; মেয়ে ; মহিলা। "কহে কোন আই, আমি যদি পাই, পলাইয়া যাই, এদেশ থেকে।"-রাং প্রং।

আই২ [আএ, আসা-দ্রঃ। গ্রাং] ক্রি, আয়। "আই আই চাঁদ।"-পদ্যপাঠ।

আই৩ [সং-অগ্নি ("প্রশ্নে, অনুনয়ে, সম্বোধনে, অনুরাগে চ"-বাচস্পতি) বাং-য় -বিস্ময়ে, ঘৃণায়, লজ্জায়। এই অর্থে দ্বিত্ব 'আই আই', আউ আউ (তুল-ছি স্থলে ছি ছি ; ছিয়ে ছিয়ে (ব্রজং) ; ইং-ফাই ফাই। তুল-মালং 'আইই, আইয়ু O my। আইমা দ্রঃ। হিং-ব্রজং-'মাই'] "আজুক লাজ তোহে কি কহব মাই,"-বিং পং। অ, বিস্ময়ে। "আই আই ওই বুড়ো কি এই গৌরীর বর লো!" -অং মং। ২ লজ্জার্থে। "দশনে রসনা কাটি গুড়ি গুড়ি যায়। আই আই কিবা লাজ কিবা লাজ হায়॥"-অং মং। ৩ ধিক্কারে। "আই আই হরের মায়ের একি অপমান॥"-শিং। ৪ লজ্জা দিবার ছলে নিন্দায়। "ফিরিয়া দাঁড়াও তোমার চাঁদমুখ চাই॥ আই আই পড়েছে মুখে কাজরের শোভা।"-চণ্ডীং। ৫ [তুল-মালং 'আই আয়ে' alas!] খেদে ; হায়।

আই৪ [সং-আয়ুঃ > অং, হিং-"আই-আয়ুঃ, বয়, জিন্দগী"-মানসকোষ] বি, আয়ু।

যথা-চিরাই ; পরমাই ; প্রমাই ; অল্পাই।

আইমঙ্গল হাঁড়ি, ~হাঁড়ি- আয়ুর মঙ্গলজনক সংস্কার ঘটিত আট হাঁড়ি ; বিবাহ কার্য্যে ব্যবহৃত মাঙ্গলিক হাঁড়ি। আই হাঁড়ি দ্রঃ।

আই৫-বাং প্রত্যয় (স্নেহ অর্থে)। প্র-জগাই মাধাই। (২) তদ্‌গুণ, তদ্ভাব, তদবস্থা ইং অর্থে। প্র-বড়াই (তুল-হিং-বঢ়িআইং) ; ভালাই ; উঁচাই ; খাড়াই ; লম্বাই ; চওড়াই। (৩) ক্রিয়াবাচক। প্র-বাঁধাই ; খোদাই ; যাচাই। (৪) বস্তু অর্থে। প্র-লাটাই ; চ্যাটাই ; মিঠাই। (৫) সম্বন্ধবাচক (হিং-অনুকরণে)। প্র-ঘরাই (ঘরোয়া), পরাই (তুল-হিং-পরাই মালং) ; ঢাকাই।

আই৬ [প্রাং বাং প্রাদেং, পূং বং গীং (দ্রঃ)] স, আমি। [আই ওং। 'আঁর'=আমার। "আঁঙ্গে=আমাদের (পং বঙ্গ, মং বাং=আমা-গোর)। তুল-নোয়াখালি অঞ্চলে, গ্রাং-তুঁই= তুমি। তাগ=তাহার। তাগরে=তাহাদিগকে]।

আই৭ [সং অতঃ > আই (বৌং বাং প্রাকৃং), তাই (আধুং বাং)] অ, তাই (চং ৪৩।২)।

আইএ [বৌং বাং প্রাকৃং-"আইএ অনু-অনাএ"=আদৌ অনুৎপন্নভাবত্বে"-টীকা, চং ৪১।১] অ, আদিতে ; অগ্রে।

আইও [সং-'আয়ু' > আয়ো, আইয়ো, আইও, আইয়, আইহ (বর্ণ বিপর্য্যয়ে ওড়িং-আহিয়) ; প্রাদেং প্রাং ও মধ্য বাং। আধুং বাং-এয়ো। আয়তি দ্রঃ] বি, সধবা স্ত্রীলোক।

আইচ-বি, বৃক্ষ ও পুষ্পবিঃ। ২ পদবী বা উপাধিবিঃ।

আইচাই [আনচান (দ্রঃ) > আই-ঢাই দ্রঃ।

আইজ [সং-অদ্য ; পালি ও প্রাকৃং-অজ্জ। কথ্য-পূং বঙ্গে, আইজ ; পং বঙ্গে, আজি-কেং আজ। আজি দ্রঃ] ক্রি-বিণ, অদ্য ; আজ।

আইট [চট্টং প্রাদেং। গোষ্ঠ > গোট্‌ঠ, গোট >] বি, গোচারণ ভূমি pasture land.

২ [যশোহর প্রাদে॰ নিম্ন কথ্য] বন জঙ্গলের মধ্যে পুরাতন বসতির চিহ্নযুক্ত উচ্চভূমি।

আইড় [আইল বা আলি (ল=ড়) সং-আলি=ব্যবধান। আড়ি দ্রঃ। ক্ষে॰ আড়] বি, বাঁধ; সীমা। ২ ক্ষেত্রের আইল। "প্রভাতে নিড়াতে ক্ষেতে মারে বৃকোদর। আইড়ের উপরে ঘাসে বসে মহেশ্বর॥"-শি॰। ৩ পার্শ্ব; কাত। ৪ অন্তরাল; আড়াল। ৫ টেংরা মৎস্যাকৃতি বৃহদাকার মৎস্যবিঃ; আড়মাছ। ৬ বিণ, বক্র; কাত।

আইড়া [সং-উচ্ছিষ্ট >। প্রাদে॰, পং বঙ্গে কথ্য-অ্যাড়া] বি, উচ্ছিষ্ট; সঁকড়ি। প্র-এঁটো বাসী অন্ন, আইড়া বা এড়া ভাত।

আইঢাই [প্রাদে॰ আইঢাই ও॰। আই (আগমনের ভাব) ঢাই (ধাই-ধাবন, উদ্গমনের অর্থাৎ প্রাণবায়ু বহির্গমনের ভাব) তুল-হাঁইফাঁই। প্রাণ যেন একবার ফিরিয়া আসিতেছে, আবার মনে হইতেছে যেন বাহির হইয়া যাইবে] ক্রি-বিণ, গলদ্ঘর্ম্ম ও শ্বাসরোধ হবার মত; ছটফট। "শুষ্ক রসনা রোগের দহনে, রোগী করে আ॰।"-স॰ দত্ত। ২ বিণ, অস্থির; ব্যাকুল।

আইধর [মানভূম প্রাদে॰] বি, লাঙ্গল দিয়া যে জমি চষে; চাষী ploughman.

আইন [আ॰ আঈন] বি, রাজবিধি; কানুন। "শেষে আইন-পেসায় পেস্কারিতে মানটা গেল ঘেটে।"-হেম॰। আ॰ পাশ করা-আইন প্রবর্ত্তন বা মঞ্জুর করিয়া প্রচলিত করা। "লর্ড বেণ্টিঙ্ক এক আ॰ পাস করেন * *।" আইন-কানুন-বি, বিধিব্যবস্থা। আইনমতে-রাজবিধির অনুযায়ী; আইনসঙ্গত; সম্মত-আইনের অভিপ্রায়ানুরূপ; যথাবিধি। চৌদ্দ আইন-বেশ্যাদিগের নাম রেজিস্ট্রী ও পরীক্ষা-বিষয়ক আইন (উঠিয়া গিয়াছে)। পাঁচ আইন-Act v of 1861; পুলিসের ক্ষমতা ও কর্ত্তব্যবিষয়ক আইন। সাত আইন-Act VII of 1876; জমিদারদিগের নাম রেজিস্ট্রীকরণবিষয়ক আইন।

আইনা [ফা-আইনাহ্] বি, দর্পণ mirror. ২ কাচ glass.

আইন্দা [ফা। চ॰ আএন্দা] বি, ভবিষ্যৎ। ২ ক্রি-বিণ, ভবিষ্যতে। ৩ বিণ, আগামী।

আইবড়, আইবুড় [সং-অব্যূঢ় >] বিণ, অবিবাহিত বা অবিবাহিতা। "আইবড় এতবড় বেটা হৈল ঘরে।"-শি॰। "ঘরে আ॰ মেয়ে কখন না দেখ চেয়ে, বিবাহের না ভাব উপায়।"-অ॰ ম॰।

আইবড়ভাত, আইবুড়োভাত-গাত্রহরিদ্রার পর এবং বিবাহের পূর্ব্বে পাত্রের কুমার অবস্থায় এবং কন্যার পিতৃগৃহে কুমারী-অবস্থায় শেষ ভাত খাওয়ারূপ সংস্কার।

আইবুড়ো পথ বদলানি-যে পথ দিয়া বিবাহ করিবার জন্য যাত্রা করে, বিবাহের পর পথ বদল করিয়া ভিন্ন পথ দিয়া প্রত্যাগমন করা। ২ [>] অভিনব পন্থা অবলম্বন করা বা কোন প্রচলিত ধারার পরিবর্ত্তন করা।

আইবাম, আইয়াম১ [হইব আমি > অইব + আমি > ক্ষে॰। প্রাদে॰ মৈমনসিং] ক্রি, হইব। "বন্ধুরে লইয়া আমি আ॰ দেশ দেশান্তরি।"-মৈ॰ গী॰।

আইমিঙ্গিল-আইংঘাড়ি দ্রঃ।

আইমা [আই=মাতা + মা] বি, মাতার মাতা; মাতামহী; আই। ২ বিস্ময়, লজ্জা ই॰-বোধক অ। "আ॰ এ লাজ কি রাখিতে ঠাঁই আছে।"-অ॰ ম। "আ॰ লো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা।"-ঐ। ৩ আএমা দ্রঃ।

আইয়াম২-আয়াম দ্রঃ।

আইয়ের [প্রাদে॰ পূ॰ বঙ্গ] ক্রি, আসে। "ডিঙ্গা আ॰ চলিয়া।"-পূ॰ ব॰ গী॰।

আইয়ো [আয়ুঃ >, আইও দ্রঃ] বি, সধবা। ~স্ত্রী [চ॰ এয়োস্ত্রী, প্রা॰ এইস্ত্রী, এয়িস্ত্রী] সধবা নারী।

আইল১ [সং-আলি। বর্ণবিপর্য্যয়ে, আইল, আল দ্রঃ] বি, ক্ষেত্রের আলি; বাঁধ; জমীর সীমা নির্দ্দেশক কিঞ্চিৎ উন্নত ভূভাগ।

আইল২, -লা [আসিল-ক্রিয়াপদের প্রা॰ রূপ (সি=ই) বৌ॰ বাং, চ॰ ৩।৩; আইলা-আসিলে, চ ৭।৪; আধু॰-পদ্যে। আ (আগমন করা, হি॰-আনা) + ইল (বর্ত্তমানে)। আসা দ্রঃ] ক্রি, ১ম পু॰, আসিল; আগমন করিল (প্রা॰ বাং, ম॰ পু॰ ও পরে দ্রঃ)। "আইল নৃপবালিকা।"-বাসবদত্তা। "আইলা ত্রিপুরারি।" -কবিক॰। "বর্ষান্তরে গৌড়ের যত ভক্তগণ আইলা।"-চৈ॰ চ॰। উ॰ পু॰-আইলাম বৈ॰ সা॰-আইলাঙ। প্রা॰ বাং, বৈ॰ প॰ সা॰-আইলাহোঁ, আইলো, আইলোঁ (শ্রী॰ কী॰), আইলিহুঁ, ঐলিহ,=আসিলাম। "বিহাণ আইলাহোঁ ভৈল তিঅজ পহর।"-শ্রী॰ কী॰। ব্রজ॰-আইলুঁ >, বাং-আইনু > ক্ষে॰-এনু। "সোই কেন বা আপন খেয়ে আইলাম যমুনায়।"-রঘুনাথ দাস। "হেরিয়া আইনু রাই।"-বি॰ প॰। প্রা॰ বাং-য-আইনু অর্থে 'আইনড়ি' শব্দের ব্যবহার ছিল। "তাঁর বোলে আইনড়ি তোমার সদনে।"-শ্রীকৃষ্ণবিজয়। ম॰ পু॰-আইলেন (সম্ভ্রমার্থে), আইলে (সমানার্থে), আইলি (তুচ্ছার্থে) পদ্যে; প্রা॰ বাং-আইলা= আসিলে। "কথাঁ হৈতে আইলা তোহ্মে কিবা তোর কাজ"-শ্রী॰ কী॰। (প্রাদে॰ চ॰ ক॰ ভা॰ =থাকিলে)। "তৎপরে ধনদত্ত তীর্থদর্শন করিয়া আপন গৃহে আইলেন।"-বত্রিশ-সিংহাসন (১৮০২)। অপ্রা॰। প্রা॰ হি॰-'আগমন' অর্থে "আইলি'র ব্যবহার আছে। প্রা॰ বাং "আইলী"=আসিল। "ঘরকো আইলী বড়ারি আতি বড় ঝাঁটে।"-শ্রী॰ কী॰। "আইলেঁসি"=(তুমি) আসিলে "ঞথাঁ আইলেঁসি তথা জান।"-চ॰ পদ॰, ৪৪।৪। আইতে-আসিতে। "আইতে পড়লহিঁ থাই।"-বি॰ প॰।

আইশাশ, আঈশাশ [আই (মাতা) + শাশ (শ্বশ্রূ) প্রাদে॰ (হি॰ শাশু) সাসু] বি, শাশুড়ীর মাতা; দিদিশাশুড়ী। "এ বড় আনন্দ মাসী আ॰ হবে।"-অ॰ ম॰।

আইস [সং-'আয়াহি' বা আগচ্ছ >, ভ্রং। আসা দ্রঃ। প্রা॰-ক্ষে॰ 'এস' (সং-এহি =এস)] ক্রি, আগমন কর। আইসন-বি, আগমন। আইসু, আইসুক [আইস + উ (অনুজ্ঞাত্মক)=আইসু > আসু + ক (অতিরিক্ত)] আগমন করুক। "ছত্রধরি আইসু কাহাঞিঁ।"-শ্রী॰ কী॰।

আইসে [আইস দ্রঃ] ক্রি, আগমন করে। ২ আছে; হয়; উচিত হয়। "পরের বড়াই করে অপরাধী কিসে, যার বড়াই করে তারে মারিতে আ॰।"-কৃত্তি॰। ৩ [আসা দ্রঃ]

পারগতা বা ক্ষমতায় কুলায়। প্র—সূচী-কর্ম্ম তার আইসে না। আইসেন [পূ° বঙ্গ প্রাদে°, কে° 'আসেন'] আসুন।

আইসি, -সোঁ [প্রা° বাং। তুল—ঐসা, ঐসন্, ঐসো। অইস দ্রঃ] বিণ, ঈদৃশ(চ° ২৯।১)।

আইঈ [গ্রা° চ°—এয়ো। আইও দ্রঃ] বি, সধবা স্ত্রীলোক। "যতেক আইহ মেলি করেন হুলাহুলি।" -কবিক°।

আইহাঁড়ি [প্রাদে° আই (আয়ু)-হাঁড়ি (আয়ুর মঙ্গলজনক সংস্কার-সম্বন্ধীয় হাঁড়ি)] বি, বিবাহ কার্য্যে ব্যবহৃত মাঙ্গলিক ক্ষুদ্র ক্ষুদ্র আটটী হাঁড়ি বিঃ ; আটহাঁড়ি ; আইমঙ্গল হাঁড়ি (মেয়েলি°—আইমুংলি হাঁড়ি)।

আইঁষ,-শ [সং—আমিষ (মাংস), প্রাকৃ°—মি=ইঁ। মাংস > ক্রমে মাংস, মৎস্য, ও ডিম্ব] বি, আমিষ ; মাংস ; মৎস্য ; ডিম্ব। **আঁইঁষপান্না, আঁষপান্না**-শ্রাদ্ধের পর নিয়ম লঙ্ঘনের দিন জ্ঞাতিগণের সহিত মৎস্য বা আমিষ ভোজনরূপ সংস্কার। **আইঁষ-বঁটি, আঁষবঁটি**-যে বঁটিতে মাছ কাটা হয়। **আইঁষ-হাড়ি, আঁষ-হাঁড়ি**-যে হাঁড়িতে মৎস্য, মাংস, ডিম্বাদি রন্ধন করা হয় (কেবল মৎস্য রন্ধনের হাঁড়ি বুঝায় না। আঁষ দ্রঃ)। **আইঁষ-হেঁসেল**-আমিষ ব্যঞ্জনাদি রন্ধনের আগার। ২ [সং—অংশু >, ভ্রং আঁষ, উচ্চারণভেদে আঁইশ,-ষ] অংশুবিশিষ্ট বলিয়া মৎস্যের শল্ক ; আঁশ [দ্রঃ —আমিষ ও অংশুময় শল্ক উভয়ই মৎস্যে বর্ত্তমান বলিয়া ক্রমে আইঁষ, আঁইষ অর্থে মৎস্যের শল্ক বুঝাইতেথাকে] **আইঁষ্টিয়া, আইঁষ্টা** [চ°, আঁষ্টে] বিণ, আমিষযুক্ত। ২ মৎস্য গন্ধ-যুক্ত ; আঁষগন্ধ।

আউ-অ, বিস্ময়, ক্লেশ ই° সূচক অ°। ২ [আয়ুঃ >, ভ্রং। প্রা° বাং] বি, জন্ম। "আউ মিত্তু নহি ছিল যমের ভাড়ন।"—শূ° পু°। **~আউ** [আই দ্রঃ] অ, ঘৃণা ব্যঞ্জক।

আউওল [আ°—আউব্বল্] বিণ, প্রথম ; প্রধান ; উৎকৃষ্ট। ২ যাতে সর্ব্বপ্রকার শস্যাদি ষোল আনা উৎপন্ন হয় এমন উর্ব্বর জমি।

আউক [সং—ইক্ষু >, ভ্রং। হিং°—উক, বাং—আক] বি, ইক্ষু ; আক।

আউকি, আওকি [মালদহ প্রাদে°, প° বঙ্গে 'থাউকো' 'ঠাউকো। প্র—ঠাউকো দরে কেনা] বিণ, থোক ; মোট মাট ; মোটামুটি।

আউচালি [প্রাকৃ°—'উথল্লী'। গ্রা°] বিণ, উথলা ; চঞ্চল। "গঙ্গা বড় আউচালি, সদাই পাড়য়ে গালি, স্বামীর সোহাগ পরতাপে।"—কবিক°।

আউছ [সং—আচ্ছুক, ওড়ি°—লোহিত, পীত, রঙ্গকারক ক্ষুপ 'আছু' (ব° শ° কোষ) তুল—হিং° আল] বি, আক গাছ ; আচ্ছুক morinda citrifolia.

আউজানি, আওজনি আওজানি-আবজান দ্রঃ।

আউট,-ঔট্ [ইং out >] ক্রি-বিণ, উত্তীর্ণ ; বাহির ; যার আর শিখিবার জানিবার কিছু বাকী নাই ; সকল বিদ্যায় পারদর্শী। "তাদের বিশ্বাস ছিল; রুদ্রকান্ত কালেজের ঔট্"—বিমলা° (দামোদর)। ২ বিণ, [ব্যঙ্গোক্তি] ফাজিল ; জ্যাটা। প্র—ও ছেলে একবারে আউট হয়ে গেছে।

আউটন, আওটন, আউটান [সং—আবর্ত্তন > হিং°—আওটন] বি, কোন তরল পদার্থ তাপ যোগে ফুটাইবার কালে আলোড়ন বা ঘোঁটন। প্র—আউটানটা ভাল হয় নি। ২ ধাতুদ্রব্য গলাইয়া শক্তকরণ। ক্রি, **আউটানি, আওটানি** [আউটাই ; আউটা, আউটাও, আউটান (আপনি) ; আউটায়(সে), আউটান (তিনি) ; আউটাইতে (কে° আউটাতে) আউটাইয়া (কে° আউটে) ; আউটাইতেছে (কে° আউটাচ্ছে,-চ্চে) ; আউটিয়াছে (কে° আউটেছে)। প্র—দুধ আউ-টেছে। আউটাইবে (কে° আউটাবে)] আলো-ড়ন করা ; ঘোঁটা। "ঝালি হুতাশন, আউটে কাঞ্চন, চারিভিতে স্বর্ণবাড়।"—কবিক°।

আউড় [প্রাদে°। আইড় দ্রঃ] বিণ, বক্র ; আড়। "হাসিয়া চাহে আ° দৃষ্টি ডাক বলে সেই সে নষ্টী।"—ডাকের বচন।

আউড়ি$_1$ [প্রাদে°] বি, দরমা ই° দ্বারা নির্ম্মিত ধান্যাদির গোলা। ২ সূতিকা গৃহের অগ্নি। "কাড়িয়া চালের খড় জ্বালেন আউড়ি।"—কবিক°। ৩ [বীরভূম প্রাদে°] খড়। ৪ [খুলনা প্রাদে°] ধান রাখিবার বাঁশের আধার। **আউড়ি$_2$** [আউড় দ্রঃ। আউড়িয়া, কথ্য আউড়ে] ক্রি, অস°, ফিরিয়া। "পথিক দেখিয়া আউড়ি চায়।"—ডাকের বচন।

আউতি [চট্ট° প্রাদে°] বিণ, অগ্রিম। "আ° নিমক বিক্রি।"

আউঢাউ [হাবুডুবু উচ্চারণ ভেদে (মাণিক° গান)] বি, আইঢাই ; শ্বাসরোধ হইবার অবস্থা ; হাবুডুবু।

আউর্দড় [হিং°—উধড়, উধড়ে (রাম-চরিত মানস) প্রা° বাং। আধু° বাং—আদুড়] বিণ, অনাবৃত। ২ আলুথালু ; অসম্বদ্ধ। "উর্দ্ধশ্বাস হীনবাস আ° চুলি।"—মহা°(কাশী)। "মায়ে বার্ত্তা দিতে যায় আ° চুলি।"—কবিক°।

আউর্দর, -র্দল [আউদড় দ্রঃ। সং—উদার=অকপট, খোলা প্রাণ > খোলা, অনাবৃত। প্রাদে° গ্রা°। আধু°—আদুড়] বিণ, আলুলায়িত ; শিথিল ; অসম্বদ্ধ। "বস্ত্র না সম্বরে রাণী, আউদর চুলী।"—কৃত্তি°।

আউন, আঅইন [প্রাকৃ° গ=অ, অগ্নি > আগইন > আঅইন (প্রাদে° চ° ক° ভা°)] বি, আগুন।

আউন্স [ইং— ouncc এর লিপ্যন্তর] বি, পরিমাণ বিঃ ; মাপে প্রায় অর্দ্ধ ছটাক এবং ওজনে ৪৮০ গ্রেণ।

আউপাতালি [প্রাকৃ°—উথলপথল (দেশী নামমালা)। আতালি পাতালি দ্রঃ] বিণ, যে অল্প কারণেই কাঁদিয়া কাটিয়া আকুল হয় ; ছিঁচকাঁদুনে। প্র—মেয়ে যেন আ° দুর্গা।

আউমাউ, আঁউমাউ [প্রাদে°। অনু°। তুল—হাঁউমাউ, কাঁউমাউ, খাঁউমাউ। প্রা°, বাং—আঁওমাও। তুল—মাল° 'আইওকে', 'আইওকাবোকে'—alas ! 'আইআরে', woe is me !] অ, দুঃখ, ক্লেশ, ভয় ই° ব্যঞ্জক অব্যক্ত শব্দ। ২ বহু লোকের একত্র ক্রন্দন শব্দ। প্র—তারা আ° করিয়া কাঁদিয়া উঠিল।

আউয়াছিয়া [প্রা° বাং। আই-আই ছি-ছি, > ; পূ° বঙ্গ প্রাদে°, গ্রা° কে°] বি, অ, ছি-ছি কার ; "নিন্দাবাদ ; লজ্জা ও ঘৃণা ব্যঞ্জক উক্তি। "পাগ্‌লা জামাই দেখ্যা সবে আ° করে।"—শিবের গান (ব° সা° প°)।

্ যুক্ত ভিন্নবৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্য ঞ্চ=নচ ঞ্জ=ন্‌জ হ্ন=হ্‌ন হ্ণ হ্ম হ্ম হ্ন=ন্‌হ হ্ম হ্ল ড় ঢ়, ড় ঢ় য় ড়=zfwv ও চ্চা° দ্রঃ

আউয়াল [রংপুর, দিনাজ০, ফরিদ০ প্রাদে০। আ০—আব্বল্ > বাং—আউঅল,—য়াল] বিণ, প্রথম ; শ্রেষ্ঠ ; উৎকৃষ্ট ; প্রথম শ্রেণীর ; পহলা নম্বরের।

আউর [সং—আরু (পিঙ্গলবর্ণ)—শুকাইয়া লালাভ বা আরু হয় বলিয়া। প্রাদে০। পু০ বঙ্গে, বিতঃ রাজসাহীতে] বি, বিচালি : খড় ; শুষ্ক ধান্যের গাছ।

আউরঙ্গ [প্রাদে০ বর্দ্ধমানাদি Aurang —Hunter's Bengal Records] বি, আড়ং ; কুঠী factory.

আউরৎ—আওরৎ দ্রঃ।

আউরানি [সং—আরু বা অরুণ=কৃষ্ণ-লোহিতবর্ণ। শরীরের কোন অংশে ক্ষত বা আঘাতজনিত কালশিরা পড়া ও তার সহিত প্রদাহ ও স্ফীতি (inflamation) জনিত লোহিতবর্ণ প্রাপ্তির ভাব] ক্রি, অঙ্গের কোন স্থান বিস্ফোটক, ক্ষত বা আঘাত হেতু পিঙ্গল বা লালবর্ণ হইয়া ফুলিয়া উঠা এবং বেদনাযুক্ত হওয়া। প্র—তার ফোড়াটা আউরেছে বা আউরে উঠেছে।

আউল, আউলো [আ০—বলী (wali) saint, বহুব০—আউলিয়া = দৈবশক্তি-সম্পন্নগণ apostles] বি, ধর্ম্মোপাসক সম্প্রদায় বিঃ। "ইহাদের আর একটী নাম সহজ কর্ত্তাভজা। *** ইহাদের পরমার্থ সাধন ** কি প্রকাশ্য, কি অপ্রকাশ্য ইচ্ছানুরূপ বহুতর বারাঙ্গনা ও গৃহাঙ্গনা ইহাদের সাধন সম্পাদনে নিযুক্ত থাকে *** বাউল ও ন্যাড়ারা যেরূপ শ্মশ্রু ও ওষ্ঠলোমাদি সমুদায় কেশ রাখিয়া দেয়, ইহারা ** ঐ উভয়ই ক্ষৌর হইয়া থাকে।" —উ০ স০। ২ [আউল সম্প্রদায়ের ব্যবহার হতে] উচ্ছৃঙ্খল। "বাউলকে কহিও লোক হইল আউল ; বাউলকে কহিও হাটে না বিকায় চাউল। *** ব্যউলকে কহিও ইহা কহিয়াছে বাউল।"—চৈ০ চ০ [অদ্বৈতাচার্য্য জগদানন্দকে দিয়া নবদ্বীপ হইতে নীলাচলবাসী চৈতন্যদেবকে রূপকচ্ছলে বলিয়া পাঠাইতেছেন যে এখানে লোক উচ্ছৃঙ্খল ভাব ধারণ করিয়াছে, কেহ আর বৈষ্ণব ধর্ম্ম এবং হরিনাম বড় লইতেছে না]। ৩ [আ০—আউলিয়া (ব্যঙ্গার্থে)—নাস্তিক] পাগল a madcap. ৪ [আকুল >] বিণ, আকুল। "আউল নয়ন-তরঙ্গে।"—বি০ প০। ৫ এলোমেলো (মৈ০ স্ত্রী০)। ~চাঁদ [প্রা০ আউলে চাঁদ] বি, কর্ত্তাভজা নামক বৈষ্ণবসম্প্রদায়ের প্রতিষ্ঠাতা। নদীয়া উলাগ্রামের বারুই জাতীয় পানব্যবসায়ী মহাদেব দাসের গৃহে পালিত। ১৬০৮ শকে জন্ম। ২ [ব্যঙ্গার্থে] খ্যাপাটে, যে সহজে হাসে কাঁদে। ৩ সামান্য কারণে যে শিশু আবদার ধরে ও ক্রোধে অধীর হয় বা অভিমানে কান্নাকাটি করে। **আউল-ঝাউল** [প্রাদে০। আউল (দ্রঃ)—ঝাউল (সহচর শব্দ)] বিণ, এলোমেলো। "সেই ধান চাউল গিন্নী-গুণে আ০।"—প্রবচন।

আউলানি [আলুলান (আলুলায়িত করণ, এলান। প্রা০ বাং] ক্রি, উন্মুক্ত করা ; খুলিয়া ফেলা ; এলান। অস-ক্রি, **আউলায়্যা**—আধু০ আউলাইয়া—এলাইয়া ; শ্লথ করিয়া। "চূড়া বান্ধ আউলায়্যা কবরী।"—জ্ঞান০ [প্রা০ বাং, বৈ০ পদ-সা০] **আউল্যা, আউলা, আউলাঞা**—আলুথালু করিয়া। ২ অব্যবস্থ করিয়া। "আপনার গুণ কহ আউলাঞা রান্ধন।" —শ্রী০ কী০। **আউ(উ)লাইল**—খসিয়া পড়িল, বিস্রস্ত হইল (শ্রী০ কী০)। "আউলাইল মাথার কেশ।" —চৈ০ মঙ্গল। **আউলাইলোঁ**—আলুথালু করিলাম ; অব্যবস্থ করিলাম। (শ্রী০ কী০)। "আউলাইল আনন্দভরে শিরিষ কুসুম কমলিনী।"—পদ-কল্পতরু। **আউলায়**—আলুলায়িত করে। "কেহ কেশ বান্ধে কেহ কাছা আউলায়।" —কৃষ্ণপ্রেম তরঙ্গিণী]।

আউলিয়া১ [আউল দ্রঃ। আ—বলী, বহুব০, আউলিয়া=দৈবশক্তিসম্পন্ন] বিণ, আউল সম্প্রদায়ভুক্ত। ২ [বাতুল বা বাউল + ইয়া (তদ্ভাবাপন্ন)] বিণ, উন্মাদ ; বাতুল। ৩ [আউল দ্রঃ] বিণ, উচ্ছৃঙ্খল ; সাংসারিক-বুদ্ধিহীন ; এলোমেলো ধরণের লোক। **আউলিয়াচাঁদ, আউলেচাঁদ**—আউলচাঁদ দ্রঃ। ২ খ্যাপাটে ; যে অল্পেই আকুল হইয়া উঠে বা বাতুলের ন্যায় ব্যবহার করে। (তুল—আউপাতালি দুর্গা)। **আউলিয়া মনোহর দাস**—জনৈক প্রসিদ্ধ বৈষ্ণব-পদসংগ্রহকর্ত্তা। পদসমুদ্র তাঁর বিরাট গ্রন্থ। হুগলী বদনগঞ্জে তাঁর সমাধি আছে। তথায় প্রতিবৎসর মকর সংক্রান্তিতে মেলা হয়। মনোহর দাস সখীভাবে শ্রীকৃষ্ণের ভজনা করিতেন ; হাতে বালা, কানে কানবালা, নাকে নোলক, অঙ্গে কাঁচলি এবং চোখে কাজল পরিতেন ; স্ত্রীলোকের ন্যায় খোঁপা বাঁধিতেন, ঘাঘরা ও ওড়না ব্যবহার করিতেন এবং পায়জোর পরিয়া নাচিতেন। কথিত আছে ইনি "সাধনবলে আড়াইশত বৎসরের অধিককাল জীবিত ছিলেন।" —নব্যভারত, ১৩০০।

আউলিয়া২ [ফরিদপুর প্রাদে০] অস-ক্রি, অসহায় হইয়া। ২ [ঢাকা প্রাদে০] বিণ, ভবঘুরে। ৩ পাগল।

আউলী [আকুল > বাউলী দ্রঃ। তুল—আকুলি ব্যাকুলি] বিণ, আকুল ; ব্যাকুল। ২ অস্থির। ৩ বিশৃঙ্খল। "নৃপতির ঠাটগুলি খেয়ে বুলে তালি। হাসেন চণ্ডিকা দেখি ঠাটের আউলী॥"—কবিক০।

আউশ,-স [আশু (ধান্য) > আ০ 'আস' ও০] বিণ (বি), বর্ষাকালে উৎপন্ন (ধান্য)। ইহার চাউল মোটা। আশু বা শীঘ্র পাকিয়া উঠে বলিয়া এই নাম।

আএন্দা—আয়েন্দা দ্রঃ।

আএব—আয়েব দ্রঃ।

আএমা (আয়্মা) [আ] বি, পুরস্কার-স্বরূপ রাজদত্ত নিষ্কর ভূমি ; স্বল্পকরে পুরস্কার-স্বরূপ দত্ত জমি। ~দার—বি, আএমা জমির অধিকারী বা উপস্বত্বভোগী।

আও১ [রব > রাও > আও। মাল০ 'আওড়ে' (বলা)] বি, রব ; শব্দ ; বোল। "আউ চাউ শুকাইল মুখে না আইসে আও।"—মাণিক০ গান।

আও২ [ব্রজ০। হি০—আব্] ক্রি, আইস। "সজনি আও আওলো।" "কুঞ্জবনমে আওলো।"—রবী০ (ভানু০ পদা০)। ২ আইসে। "মিতি মিতি মিত্র আও বিন্দু কাজ।"—বি০ প০। **আওই (আবোই)**—আগমন করে। "গিয়া নিজ দেশ না আওইরে।"—বি০ প০। **আওত (আবর্ত্ত)**—

আসিতেছে। **আওনু, আওলু,-লুঁ** (আব্‌লু)-আসিলাম (তুল-আইনু)। **আওব**-আসিবে। "কতিক্ষণে আওব কুঞ্জরগমনী।"-বি৽ প৽। **আওয়ে**-আইসে। **আওল**-আসিল। **আওলি** (আব্‌লি)-আসিলি।

আওর্জন [চট্ট৽ প্রাদে৽ কথ্য 'আএজন' ও৽। আবজান দ্রঃ] বি, আটক করণ ; বন্ধ করণ। **আওজানি**-ক্রি, আটক করা ; বন্ধ করা। প্র-দরজা আওজান। ২ ঢাকা দেওয়া। প্র-দুগ্ধ আওজান।

আওর্টন [আবর্ত্তন > আবট্টন >] বি, তরল দ্রব্য জ্বাল দিয়া গাঢ় করণ। ২ গলান। ৩ ধাতু দ্রব্যের মিশ্রণ। আউটন দ্রঃ। ক্রি, **আওটানি** [আওটাই,-টাও, -টায়,-টাইতে,-টাতে,-টাইয়া (পদ্যে-টি, গ্রা৽-টে) ই৽] জ্বাল দিয়া ঘন করা।

আওড় [সং-আবর্ত্ত] বি, নদীর জল যে স্থানে ঘূর্ণপাক দিয়া বিপরীত দিকে যায়।

আওর্ড়ন [সং-আবৃত্তি >, তুল-মাল৽'অওড়ে'=বলা (I. M. L.)] বি,আবৃত্তি করণ। ২ মুখস্থ করিবার জন্য পুনঃ পুনঃ পাঠ। **আওড়ানি**-ক্রি, আবৃত্তি করা। "আওড়ালেন বহু শ্লোক সব বেদ ও পুরাণ থেকে।"-দ্বি৽ রায়।

আওতা [সং-আবৃত। আও (আড়) + তা(বিৰ্থে৽)প্রাদে৽] বি,রৌদ্রনিবারক আবরণ বা আচ্ছাদন ; আবৃত স্থান। প্র-গাছের আওতা। ২ [লক্ষ৽] প্রভাব বা প্রভাবশালীর অন্তরাল ; ছায়া। প্র-আওতায় পড়া, থাকা, বাড়া, বাড়িয়া উঠা। "ছেলে বেলা হতে তীক্ষ্ণ বুদ্ধিমত্তার খ্যাতি-প্রশংসার আওতায় বাড়িয়া।"-আড়াই চাল (শৈ৽ ঘোষজায়া)। ক্রি. **আওতানি**-মুষড়িয়া বা শুকাইয়া যাওয়া ; নুইয়া পড়া।

আওভাও [আহ্বান > হি৽ আব্‌ভাব, আব্‌ভগত] বি, অভ্যর্থনা ; সাদরে গ্রহণ।

`আওয়া [প্রাদে৽। সং-অর্ব্বুদ > আব্ > (নাসিকামধ্যস্থ অর্ব্বুদ (tumour)] বি, নাসারোগ।

আওয়াই [আপা (দ্রঃ) + 'ই' (অতি-রিক্ত)=হি (হি৽)] বি, জনরব। "এক একদিন এক একটা আ৽ উঠিতেলাগিল। কোনদিন আ৽ উঠিল জটীয়া বাবা পলাইতেছে, কোনদিন আ৽ উঠিল জটীয়া বাবা পুরীতে নাই।"-সদ্‌গুরুর লীলা, ৪৪৯।

আওয়াজ [ফা৽-আবাজ্ মুখের শব্দ। প্রাদে৽ চ৽ ক৽ ভা৽-'আবাজ'] বি, শব্দ ; বুলি।

আওয়াজি-বি, ছোট জানালা।

আওয়ারি আওয়ারি [ফা৽-আবারা (যার কোন ঠিকানা নাই। তুল-ল্যা৽ vagari—to wander)। প্রা৽ বাং-ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, নির্দ্দিষ্ট ঠিকানা বা গৃহহীন অবস্থায় > বাড়ী বাড়ী। "শুনিয়া শিবের শিঙ্গা, ধায় যত বিঙ্গা চিঙ্গা, সাথে ফিরে আ৽ আ৽।"-কবিক৽।

আওয়ারী, আওয়াড়ী [প্রাদে৽। সং-আবৃতি। তুল-উ৽ হবেলী] বি, বাড়ী। "সোণার প্রাচীর ঘর, স্বর্ণ আ৽।"-কৃত্তি৽। ২ পণ্যবীথিকা ; হট্টমন্দির ; হাটচালা।

আওয়াস [সং-আবাস, ব=ব়=ওআ। প্রা৽ বাং বানানে-আওাস (অপ্র৽)] বি, আবাস ; বাসস্থান ; বাসগৃহ। "তার মধ্যে দেখ পদ্মাবতীর আওাস।"-পদ্মাবতী(আলোয়াল)। ২ [ওড়ি৽-আওয়াস=রাজবাড়ী, প্রাসাদ] রাজপ্রাসাদ ; অট্টালিকা। "গঠিছে আ৽ ঘর, থাকিবেন রঘুবর,"-কৃত্তি৽। "আ৽ তুলিল এক ক্রোশ পরিমাণ।"-কবিক৽।

আওর-আঅর দ্রঃ।

আওরঁৎ, আউরঁৎ [আ৽-আওরৎ= নারী। প্রা৽ বাং, মুসলমানী বাং এবং আদা৽ বাং-য় চ৽] বি, নারী ; স্ত্রীলোক। ২ পত্নী।

আওরানি [প্রাদে৽। আউ়রান দ্রঃ] ক্রি, টাটান ; স্পর্শমাত্র যন্ত্রণাকর হইয়া উঠা। বি, **আওরানি**-টাটানি।

আঁওরে [আরু (পিঙ্গলবর্ণ)। শুকাইয়া আরু বা আউর। আউর দ্রঃ] ক্রি, শুষ্ক বা ম্লান হয় ; শুকায়। "মস্তকেতে পঙ্কফুল কেহ না আ৽,"-কৃত্তি৽। ২ [ব্রজ৽। হি৽-আও (আইস) রে (সম্বোধনে) পদ্যে। তুল-আওইরে] এসরে ; আয়রে। "সুন্দরী রাধে আ৽ বনি,"-গো৽ দাস (মিথিলা)। "বঁধুয়া, হিয়া পর আ৽,"-রবী৽ (ভানু৽ পদ৽)

আওর্দ [সং-আবৃত্ত] বি, গানের ছন্দের পূর্ণ আবৃত্তি বা ফের (ব৽ শ৽ কোষ)।

আওল₁ [সং-আবিল] বি, অপরিচ্ছন্ন স্থান। ২ আলোকহীন অপরিষ্কৃত স্থান। ৩ জঙ্গল [আওলাত দ্রঃ] ৪ [সং-আর্দ্র] ভিজা নীচু জমি ; নাবাল।

আওর্ল₂ [ব্রজ৽-অব্‌র্ল] ক্রি, আইল : আসিল। "বসন্ত আওল।"-বি৽ প৽। "বিকল ভ্রমরসম ত্রিভুবন আওল,"-রবী৽ (ভানু৽ পদ৽)। **আওলি**-আইলে ; আসিলে। "ফেরী আওলি বহু পূরবক পুণে।"-বি৽ প৽।

আওলা₁ [আওল₁ (৩) দ্রঃ] বি, বন ; জঙ্গল। ২ আওল (আওল₁ (৪) দ্রঃ।

আওলা₂ [প্রা৽ বাং। আউলান-আউলা দ্রঃ] বিণ, এলোমেলো। "বসিল আওলা করিয়া,"-মাণিক৽ গান।

আওলাত, -দ [আ৽-আব্‌লাদ্] বি, পুত্র ; সন্তান ; বংশ। ২ বৃক্ষাদি স্থাবর ও অস্থাবর সম্পত্তি। ৩ ফলকর বৃক্ষ।

`আওসৎ [আ৽-অওসৎ=মধ্যবর্ত্তী > অধীন ; নিম্নস্থ বা অধস্তন subordinate. পূ৽ বঙ্গে চ৽] বি,বড় জমীদারীর অধীন খাজনা-করা ভূসম্পত্তি "a term applied to a tenure of land or part of an estate held of a superior. The term is peculiar to east Bengal."-*Glossary, Judicial and Revenue Terms*] **আ৽ হাওয়ালা**-(দ্রঃ) হাওয়ালার অধীন জমীদারী। "a tenure subordinate to a hawala." -*Glossary, ditto.* **আ৽ -তালুক** -বড়তালুকের এলাকাধীন ছোট তালুক a portion of a taluk held in subordination to the entire taluk." —*Wilson.*

`আওসা [প্রাদে৽] বি, গোব্যাধি বিঃ ; পায়ের খুরের যোড়ের মধ্যে ক্ষত। ২ মুখ-রোগ, ইহাতে গরুর মুখ ফুলে ও লালা নির্গত হয়। এইরূপে লালা নির্গত হইতে থাকিলে তাকে আওসানি বলে। ৩ মড়ক ; মহামারী epidemic.

`আওসানি [প্রাদে৽-কথ্য। আওজান দ্রঃ] ক্রি, ভেজাইয়া দেওয়া।

`আওহাল [আ৽-আহ্‌বাল্। হাল (অবস্থা) শব্দের বহুব৽। 'আব্‌হাল' এবং

ক্ষে॰ ('আহাল' শু॰] বি, অবস্থা। "আমি সকলকে ডেকে বলি যে আমার এই আং, তোমরা সব আপনারা রয়ে বসে বেচে কিনে নাও।"-গিরিশ (প্রফুল্ল)। আং-শিকস্ত, -শেকস্ত [ফা॰ শিকস্ত হ-সর্ব্বস্বান্ত, ধ্বংস-প্রাপ্ত ; ভগ্ন ই॰] বিণ, দুর্দ্দশাপন্ন ; নিঃস্ব ; সর্ব্বস্বান্ত।

আং [সং-অঙ্গ শব্দের প্রাকৃত উচ্চারণ। হি॰-অংগ, কমায়ু-গড়বালী কথ্য, হি॰-আংঙ্গা] বি, অঙ্গ। ২ প্রত্যঙ্গ। আঙ্গ দ্রঃ।

আংগা, আঙ্গা [হি॰-আঙ্গা] বি, অঙ্গ-রাখা ; অঙ্গাবরণ বিঃ।

আংটা, আঙ্গটা [সং অঙ্গুষ্ঠ। হি॰-আংগুঠা (অঙ্গুঠী অপেক্ষা বৃহৎ) অঙ্গুরীয়কের আকার বলিয়া] বি, কড়া ring ; কড়া ই॰ ধাতুপাত্র ধরিবার মত আংটার আকৃতিবিশিষ্ট হাতল handle. প্র-কড়ার আংটা ধরিয়া উনানের উপর বসাও।

আংটী [আঙ্গুঠী দ্রঃ] বি, অঙ্গুরীয়।

আংরা-আঙ্গরা দ্রঃ।

আংরাখা-আঙ্গরাখা দ্রঃ।

আংশিক [অংশ+ইক] বিণ, অংশ-সম্বন্ধীয় ; অসম্পূর্ণ।

আঃ (আহ্) [সং-আঃ। ইং ah. ফা॰-আখ্] অ, বিরক্তি, অসন্তোষ, ক্ষোভ ই॰ ব্যঞ্জক। প্র-আঃ কি আপদ! আঃ কি যন্ত্রণা! ২ বিস্ময়। প্র-আঃ গেল! ৩ কোপ প্রকাশ। প্র-আঃ মর। ৪ [মেয়েলি॰] আত্মগ্লানি। প্র-আঃ আমার পোড়া কপাল। ৫ [মেয়েলি॰] ভর্ৎসনা। প্র-আঃ মরণ তোমার। আঃ তোমার মুখে আগুন। ৬ দৈহিক বা মানসিক পীড়াব্যঞ্জক। প্র-আঃ প্রাণ যায়। ৭ সন্তোষ ; শান্তি ; আরাম। "আঃ বেঁচেছি এখন! শর্ম্মা ওদিকে আর নন!" -বাল্মীকি-প্রতিভা।

আঃমলো!-অ, বিরক্তি, কোপ, ভর্ৎসনা ই॰ জড়িত বিস্ময়-ব্যঞ্জক। প্র-আঃ মলো! এ-মাগীর যত বড় না মুখ তত বড় কথা।

আঁ১ [উচ্চারণ ভেদে এ্যাঁ। সং-আ। তুল-ইং-aye ; মাল॰-আঙ্, আঙ্। an interrogative particle—I. M. L.] অ, প্রশ্নে। প্র-আঁ কি করিতে হইবে? ২ সম্মতি বা স্বীকার সূচক হাঁ স্থলে। ৩ ভয় প্রদর্শনে। প্র-আঁ এত বড় স্পর্দ্ধা! ৪ বেশ হইয়াছে (well-done) এই অর্থে। প্র-আঁ! ঠিক হয়েছে।

আঁ২-আঁ-ক্রন্দনের শব্দ। প্র-সে ক্রমাগত আঁ আঁ করিয়া কাঁদিতেছে। **আঁই-আঁই**-ক্রন্দনের শব্দ। ২ বিরক্তিজনক ক্রন্দন।

আঁ-হাঁ-অসম্মতি-সূচক অব্যয় ; না।

আঁইয়ান [গ্রা॰ আঁওয়ানো-আম্‌লান (দ্রঃ) >] ক্রি, আম্‌লান।

আঁইয়ে যাওয়া-আয়ে যাওয়া ; প'চে টোকো হওয়া।

আইযানি২ [অনু॰] ক্রি, আঁই আঁই শব্দ করা ; এক ঘেয়ে ঐরূপ কাঁদা বা প্রতিবাদ করা। ২ শিশুসুলভ আবদার ধরা।

আঁইদ, আঁদি, আঁদ [সং-আদি, আদ্য (পূ॰ বঙ্গের উচ্চারণ-আইদ্য)] বিণ, আদি ; মূল ; জড়। প্র-দুষ্টের আঁদি ; খলের আঁদি। ২ [প্রাদে॰] বি, লাঙ্গলের জোআল ও আঁকড়া যাতে বদ্ধ করা যায়।

আঁইশ, আঁইষ, আঁইস [সং-অংশু =আঁশ] বি, বৃক্ষাদির বঙ্কল ; পত্র ; ফল ই॰ জাত সূত্র ; ফেঁশো ; সূক্ষ্ম তন্তু। ২ মৎস্যের শল্ক (আঁইষ দ্রঃ)।

আঁওত [সং বদ্ধ্রী, নদ্ধ্রী=চর্ম্মরজ্জু। প্রা॰ বাং, আওদ, আওদ] বি,যে চর্ম্মরজ্জু দ্বারা লাঙ্গল দণ্ড জোয়ালের সহিত বদ্ধ থাকে। "আস জ্যোতি পাশ জ্যোতি আওদর বড় চিন্তা। দুদিগে দুসলি দিআ জুআলে কৈল বিন্ধ্যা।"-শূ॰ পু॰।

আঁওল [আ॰-হমল্ the fœtus. হি॰-আঁবল] বি, জরায়ু ; গর্ভকোষ।

আঁওলা [হি॰ > প্রা॰ বাং-"আঁ॰ কমলা পাণি।"-শ্রী॰ কী॰] আমলক দ্রঃ।

আঁক্ করা [সং-আতঙ্ক > আঁৎকান -আতঙ্কজনিত আঁ এই শব্দ করা] ক্রি, আঁৎকিয়া উঠা ; ভয়ে, বিস্ময়ে আঁ এই শব্দ মাত্র করিয়া নির্ব্বাক্ হওয়া।

আঁক১ [সং-অঙ্ক] বি, চিহ্ন ; দাগ। প্র- নাম লিখিতে না জান একটা আঁক করে দাও। শাদা দেয়ালে কয়লায় আঁক পড়েছে। ২ রেখা। ৩ [গ॰] সংখ্যা। আঁ॰ কষা-গণিতের ফল নিষ্কাশন করা। আঁ॰ কাটা-রেখাঙ্কন করা ; রেখা চিহ্ন করা। আঁ॰ দেখা-ছাত্রদের কাগজ বা শ্লেটে কষা অঙ্ক পরীক্ষা। আঁ॰ পাড়া-অঙ্ক-পাত করা ; দাগ কাটা। আঁ॰ রাখা-সংখ্যাপাত করা ; সংখ্যা সংস্থাপন করা।

আঁক২ [কলঙ্ক > অঙ্ক >] বি, কলঙ্ক। ২ কাল দাগ। আঁ॰ ধরা-কাল দাগ পড়া।

আঁক৩ [প্রাদে॰। পূ॰ বঙ্গে] গণ্ডী ; মণ্ডল। "মাঘ মণ্ডল সোণার কুণ্ডল। * * * আঁকে বসিয়া দুধ ভাত খাই।"-মাঘ মণ্ডল ব্রত (বিক্রমপুরের ইতিহাস)।

আঁক৪ [আঁচ দ্রঃ] বি, আগুনে পোড়ার দাগ। **আঁকিয়া যাওয়া**-অধিক আঁচে হাঁড়ির তলায় অন্ন-জলাদি চুঁইয়া পুড়িয়া চিহ্নিত হওয়া।

আঁকিড়বী [সং-আকর্ষী] বি, বৃক্ষ হইতে ফুল-পুষ্পাদি পাড়িবার অঙ্কুশাকার-অগ্রবিশিষ্ট দণ্ড ; আঁকশী ; লগী ; লগা।

আঁকড়া [আঁকড়ী দ্রঃ। ক্ষুদ্রার্থে আঁকড়ী] বি, যাতে বাধাইয়া কোন দ্রব্য ঝুলান যাইতে পারে hook. ২ [আঙ্‌টা দ্রঃ] কড়া ; ক্ষুদ্র বলয় ; চুড়ী ; বড় আংটী।

আঁকড়া-আঁকড়ি [আঁকড়ান (দ্রঃ)। পরস্পর আঁকড়ানোর অর্থে দ্বিত্ব] বি, জড়া-জড়ি। ২ টানাটানি [বিরল]।

আঁকড়ানি [আঁকাড় দ্রঃ। আঁক-ড়াই ; আঁকড়া, আঁকড়াও, আঁকড়ান্ ; আঁকড়ায়, আঁকড়ান ; আঁকড়াইতে (ক্ষে॰ আঁকড়াতে) ; আঁকড়াইয়া, (ক্ষে॰ পদ্যে-আঁকড়ি, কথ্য-আঁকড়ে)। তুল-মাল॰ 'আক্কে' to seize as with forceps.] ক্রি, দুই বাহু দ্বারা বেষ্টন করা। প্র-গাছটার গুঁড়ি যে আঁকড়ান যায় না। ২ জড়ান ; আলিঙ্গন করা। **আঁকড়িয়া বা আঁকড়ে ধরা**-দুইবাহু দ্বারা দৃঢ়ভাবে জড়ানো ; বদ্ধমুষ্টিতে গ্রহণ করা। "আঁকড়ে ধরিস বা কিছু তা ফস্কে যায়।"-রজনী সেন।

আঁকড়িয়া বা আঁকড়ে পাওয়া-দুই বাহু-বেষ্টনের মধ্যে আনা বা প্রাপ্ত হওয়া ;

আরম্ভ করা। প্র-সে এতদূর বেড়ে গেছে যে এখন তাকে আঁকড়িয়া পাওয়া ভার। "মাতৃ-স্তন-পানে রত শিশুর মত পড়ে আছে শিখর আঁকড়ি।"-রবী°।

আঁকড়ি [সং-আকর্ষণী, আকর্ষী] বি, অঙ্কুশাকার-অগ্র দণ্ডবিঃ; আঁকশি। ২ ক অক্ষরের মাত্রা সংলগ্ন (১) এই চিহ্ন। ৩ দণ্ডাদির অঙ্কুশ-আকৃতি অগ্র। আঁ° দেওয়া -"১" এই চিহ্ন সংযুক্ত করা।

আঁকবাড়ি [আঁক (অঙ্ক দ্রঃ)+বাড়ি (দ্রঃ)] বি, দ্রব্যাদির খরিদ-বিক্রয়ের পরিমাপক যষ্টি; মাপকাঠি; যে কাঠিতে আঁক পাড়িয়া অশিক্ষিতেরা রোজের হিসাব রাখে।

আঁকশলা, -শলী, -সিলি [অক্ষ (চক্রের মধ্য-মণ্ডল) শলাকা] বি, ঢেঁকির মধ্য-দেশ ভেদ করিয়া যে কাষ্ঠখণ্ড উভয় পার্শ্বস্থ পোয়ার উপর থাকে; যে দণ্ড বা শলাকা আশ্রয় করিয়া ঢেঁকি অর্দ্ধ আবর্ত্তিত হয়। "আঁকশলী পুয়া মোনা গড়ে মেকামেকী।" -অ° ম°। "পুয়া হৈল পুরাতন আঁকসলি নড়ে।"-শি°।

আঁকশি, -ষি [আঁকুশি, -শী ও°। সং-অঙ্কুশ (হস্তিতাড়ন দণ্ড; ডাঙ্গশ) বৎ বক্রমুখ বলিয়া ক্ষুদ্রার্থে, অঙ্কুশী। ওড়ি°-আঙ্কুশি] বি, আকর্ষী; লগা।

আঁকা$_1$ [অঙ্ক > আঁক+আ (ক্রি-বিভক্তি)। আঁকি: আঁক, আঁকো, আঁকুন্; আঁকে, আঁকেন্; আঁকিতে; আঁকিয়া (ক্ষে° পদ্যে-আঁকি, গ্রা° এঁকে); ণিজন্ত-আঁকানি] ক্রি, চিত্র করা; ছবি আঁকা; দাগ কাটা। ২ চিহ্নিত করা। "বারি সংঘটিত ঘটে সুসিন্দূরে আঁকি।" -মেঘ°। ৩ অঙ্ক-পাত করা। ৪ [গত্যর্থক সং-অন্‌ক >] বিণ, বক্রগতি; বাঁকা (আঁকা-বাঁকা দ্রঃ)। ৫ অঙ্কিত; চিত্রিত। "থাকুন তিনি পটে আঁকা।"-দ্বি° রায়। ৬ চিহ্নিত; দাগ লাগা। **~জোঁকা** [আঁকা-জোঁখা (সাদৃশ্য তুলনার্থে)] ক্রি, চিত্রকরা; ছবি আঁকা। ২ বিণ, চিত্রিত; চিত্র-বিচিত্র-করা।

আঁকা$_2$ [আঁক$_3$ দ্রঃ] ক্রি, রন্ধন-কালে অতিরিক্ত উত্তাপ হেতু দগ্ধপ্রায় হইয়া যাওয়া; ধরিয়া যাওয়া; চুঁয়ে যাওয়া: চুঁয়া: পোড়া; কলঙ্ক ধরা।

আঁকাড় [সং-কাণ্ড > কাঁড়, কাঁড়ি (রাশি); আ (পর্য্যন্ত, অবধি) কাঁড় (রাশি) -কাঁড় পর্য্যন্ত পৌঁছিতে বা কাঁড় প্রমাণ করিয়া ধরিতে দুই হস্ত প্রসারিত করিতে হয়। যত পরিমাণ দুই হাতে বেষ্টন করা বা আঁকড়িয়া ধরা যায়। (২) "সং আকর্ষ্ণ > পা° আকড্‌ঢণে > আ°।" (চা° বন্দ্যো°)। আকাঁড়=আঁকাড়। গ্রা°] বি, রাশি; স্তূপ: ঢের। প্র-আঁকাড় কেঁড়ে চাল নিয়েছে, অত ছোট হাঁড়িতে ধরবে কেন? **এক আঁ°**-যে পরিমাণ দুই বাহু বেষ্টনের মধ্যে আইসে। (তুল-একরাশ)। ক্রি, **আঁকড়ানি**। **আঁকাড়ি**-আঁকড়িয়া; জড়াইয়া।

আঁকাড়ি [আঁকাড় দ্রঃ] বি, আঁকাড়; বেষ্টন। ২ রাশি। "আঁকাড়ি করিয়া দানা পূরিছে বদন।"-কবিক°।

আঁকানি [অঙ্কন >] বিণ, অস্ত্র দ্বারা কৃত-অঙ্কন। ২ চুঁয়ান; পোড়াইয়া চিহ্নিত করণ। ক্রি, **আঁকানি**-অস্ত্র দ্বারা চিত্রিত করাইয়া লওয়া। ২ দগ্ধপ্রায় করান; কলঙ্ক ধরান।

আঁকাবাঁকা [অন্‌ক্ গতি অর্থে, বন্‌ক্ বক্রগতি অর্থে-অঙ্কবঙ্ক, বক্রগতি] বিণ, সর্প-গতিবৎ বহুস্থানে বক্র; ঘুরান ফিরান। "আঁ° পথ।" ২ টেড়াবাঁকা; তেরছা; তীর্য্যক্। "মরি কি আঁ° চেপটা নাকে নয়ন ঢাকা।"-প্রফুল্ল (গি° ঘোষ)।

আঁকুড়ি [সং-আকর্ষী >, বা অঙ্কুর > আঁকুড়+ই (তুল্যার্থে)] বি, আঁক্‌ষি; যদ্বারা ফল ফুল ই° আকর্ষণ করা যায়। "সাজি আঁ° হাতে চলিলা কানন-পথে।"-কবিক°।

ˇআঁকুবাঁকু, ˇআঁকুপাঁকু [অঙ্কবঙ্ক >। অতিশয় ব্যস্ততায় অঙ্গভঙ্গ স্বাভাবিক। তুল-সাঁওতালী 'হাঁকোপাঁকো'। মাল°-আড়্‌কা দাড়্‌কা in a hurry] অ, উদ্‌যোগ-প্রকাশক; শীঘ্রতাজ্ঞাপক; ঔৎসুক্যজ্ঞাপক (অতিশয় ব্যস্ততা বা উদ্বেগ প্রকাশ করা অর্থে বাঙ্গালার কোন কোন প্রদেশে 'হাঁকপাঁক করা' বলে)।

ˇআঁকুর [সং-অঙ্কুর] বি, অভিনবোৎপন্ন উদ্ভিদ; অঙ্কুর। "বিফল প্রেমক আঁ° মোড়ি।" -বি° প°।

অ[illegible]**শী, -ষী**-আঁকশি দ্রঃ।

ˇআঁকোড় [সং-অঙ্কোট-ঠ] বি, শ্বেত-বর্ণ ফলপ্রদ ক্ষুদ্র ওষধি বৃক্ষ বিঃ; বাঘ-আঁচড়া: ধলা আঁকড়া (তুল-ওড়ি° ধলাঙ্কু) alangium hexapetalum; alangium lamarckii.

আঁখ, ˇআঁখি [পদ্যে। সং-অক্ষি > হিং-আঁখ, আঁখি, আঁখিয়া। ল্যা°-oculus] বি, চক্ষু; নেত্র। "আঁখ উপর তুহুঁ রচলহি আসন।" -রবী°। "অবিরল স্রোতে, আঁখিযুগ হতে, প্রেমধারা নির্ঝরিবে।"-কা° প্র° ঘোষ। "আঁখি নত করি একলা গাঁথিছ ফুল।"-রবী°।

আঁখি/ঠার-ইসারা; চক্ষুর ইঙ্গিত। "সখীগণে সুন্দরী কহিল আঁখিঠারে।" -অ° ম°। **আঁ° পালট**-চক্ষুর প্রত্যাবর্ত্তন; দৃষ্টির অপসরণ। **আঁ° পালটিয়া**-ক্রি, বিণ, চোখ ফিরাইয়া। "আঁখি পালটিয়া ঘরে যাওয়া হৈল কাল।"-অ° ম°। **আঁ° মুদা**-ক্রি, চক্ষু বন্ধ করা; চোখ বোজা। ২ মরিয়া যাওয়া। **পদ্ম আঁখি**-রামচন্দ্র(পদ্ম সদৃশ চক্ষু বলিয়া)। "পদ্মআঁখি আজ্ঞা দিলে আমি পদ্মবনে যাব।"-স্বর্ণলতা।

আঁখর [সং-অক্ষর > আখর দ্রঃ] বি, অক্ষর; বর্ণ। "পিরীতি বলিয়া এ তিন আঁ° ভুবনে আনিল কে।"-চণ্ডী°।

আঁচ$_1$ [সং-অর্চ্চিস্-অর্চি (অগ্নিশিখা-জ্বাল "বহ্নের্দ্বয়োর্জ্বালকীলাবর্চ্চির্হেতিঃ শিখা"-অমর°। তুল-উনানে জ্বাল দেওয়া; জ্বাল ঠেলিয়া দেওয়া; জ্বাল বাড়ান) ভ্রং] বি, অগ্নিশিখা বা জ্বাল। ২ উষ্ণতা; উত্তাপ। ৩ অল্প তাপ; ভাপ; ঝাঁজ। "বোধ হয় উনানের তাপের আঁচ মেয়েটিকে একবার লাগিয়াছিল, তাই সে একবার কাঁদিল।" -বঙ্কিম° (আ° মঠ)।

আঁচ$_2$ [ঈষৎ তাপ বা ঝাঁজের ভাব হতে বা সং-অঞ্চ্‌ ধাতু (অব্যক্ত শব্দ) হতে সামান্ত বা অস্ফুট ভাব] বি, হৃদ্‌গত ভাবের আভাস মাত্র; ইসারা; হাই। প্র-তার কথার আঁচ বুঝা গেল বা একটু আঁচ পাইলেই বুঝিতে পারিব। ২ আন্দাজ; অনুমান। প্র-আচ্ছা

্‌ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্যঁ ঞ্চ=ন্‌চ্ ঞ্ট=ন্‌টঁ হ্ন=হ্‌ন হ্ল হ্ম হ্ব=ন্‌হ ম্‌হ ল্‌হ ভ ব্য, ড় ঢ় য় ভ=zfwv ও চা° দ্রঃ

সে এখন কি করিবে তা আঁচ করিতে পার? ক্রি, আঁচা (আঁচা$_{2}$ দ্রঃ)।

আঁচড়,-র্ [আঁ (ঈষদর্থে আ) কর্ষণ-আঁকড় দ্রঃ। হল কর্ষণের ভাব হইতে] বি, দাগ; ছড়; নখাঘাত। তুল-"নখ আঁ॰ লাগিল।"-অ॰ ম॰। ২ রেখা। প্র-আঁ॰ কাটা। ৩ চাঁচন; কুরন। ৪ [স্বর্ণ ই॰ ধাতু কষ্টিপাথরে কষিয়া বা আঁচড় দিয়া পরীক্ষা করিবার ভাব হইতে] বি, স্বল্প পরীক্ষা; ইসারা; ইঙ্গিত। "এক আঁচড়ে পেলেম প্রেমের পরিচয়।"-রাম বসু। ৫ আভ্যন্তরিক আক্ষেপবিশেষের উত্তেজনায় হস্তপদাদি-দ্বারা মৃত্তিকা বিদারণ বা দেহে হস্তবিলিখন। ক্রি, আঁচড়ান (দ্রঃ)। **আঁ॰ কাটা, আঁ॰ দেওয়া**-দাগ দেওয়া; রেখাপাত করা। ২ কদক্ষর লেখা। ৩ তাড়াতাড়ি লেখা। ৪ আঁচড়ান। **~কামড়, আঁচড়া-কামড়া**-নখ ও দাঁত দ্বারা উপর্য্যুপরি আঘাত; **আঁ॰ পাঁচড়-আঁ॰ পিঁচড়। আঁচড়া-পিঁচড়া**-মুক্ত হইবার জন্য নখ ঘর্ষণ ও থাবার দ্বারা মৃত্তিকাদি কর্ষণ ই॰ প্রচেষ্টা ও অস্থিরতা বা ব্যাকুলতা প্রকাশক প্রচেষ্টা। **কালির আঁ॰**-লেখাপড়ার চিহ্ন; বিদ্যা। প্র-তার পেটে কালির আঁচড়ও নাই।

আঁচড়া [আঁচড় দ্রঃ] বি, বিদা। ২ লাঙ্গল। ৩ ক্ষেত্রে সামান্য হলকর্ষণ। প্র-এখনও এ মাঠে আঁ॰ পড়ে নাই। ৪ আঁচড় কাটিবার যন্ত্র; ছুতারের ব্যবহার্য্য রেখা টানিবার যন্ত্র।

আঁচড়ানি [আকর্ষণ বা হল কর্ষণের ভাব হইতে। আঁকড়া দ্রঃ] ক্রি, কেশের মধ্যে চিরুণী বা অঙ্গুলী চালনা করা। কেশ সংস্কার করা। প্র-চুল আঁ॰; মাথা আঁচড়ান। ২ নখাদিদ্বারা ঈষৎ বিদারণ করা। **আঁ॰-কামড়ানি**-নখাঘাত ও দন্তাঘাত করা।

আঁচড়ি, আঁচড়িয়া [তুল-ওড়ি॰-আঁপুড়ী] নখাঘাত করিয়া। "ভূমিতলে নাগর-নাগরী কামড়ি আঁচড়ি।"-মেঘ॰।

আঁচড়া-আঁচড়ি [আঁচড় + আ (ব্যাপ্ত্যর্থে) + আঁচড় + ই) তৎ করণে)] বি, পরস্পর নখাদিদ্বারা আঘাতকরণ।

আঁচড়াকুড় [সং-আবর্জ্জনাকুণ্ড বা আচমন-কুণ্ড >] বি, গৃহের আবর্জ্জনা বা ওঁচলা ফেলিবার স্থান; আঁস্তাকুড়।

আঁচড়াপঁড়া [আঁচড় দ্রঃ] বিণ, যে আঁকড়িয়া পড়া; নেয়ে আঁকড়া; কাইয়া।

আঁচম্/ন [সং-আচমন। গ্রা॰ 'আঁচান' দ্রঃ। উচ্চারণ বিকারে আঁ] বি, ধর্ম্মকর্ম্মের জন্য মন্ত্রপাঠপূর্ব্বক বিধিমত জল গ্রহণ। ২ ভোজনান্তে বিধিমত মুখ প্রক্ষালন। **~নীয়্-**বি, যে দ্রব্য ভক্ষণ করিলে আঁচমন করিতে হয়। যথা-সিদ্ধ তণ্ডুলাদি। "আঁ॰ মুখশুদ্ধি সারি সুতসনে। সন্তোষে বসিলা শিব শার্দ্দূল অজিনে॥"-শি॰। ২ বিণ, আচমনের যোগ্য।

আঁচর, আঁচোর [সং-অঞ্চল। হি॰-অঁচরা। ব্রজ॰, প্রা॰ বাং, ল=র] বি, বস্ত্রের প্রান্ত-ভাগ; আঁচল। "এস এস বঁধু এস আধ আঁচরে বস।"-চণ্ডী॰। "আঁচরে ঝাঁপয়ি আনন চন্দ।"-গোবিন্দ॰। "কুসুম তুলিয়া লহ ভরিয়া আঁচোর।"-অশোক॰। ২ [আঁতোর; 'আঁচোল' ও॰। কৃষি পরিঃ] দুই সীতা-রেথার মধ্যবর্ত্তী স্থান।

আঁচল [সং-অঞ্চল >, হি॰-আঁচল] বি, বস্ত্রের প্রান্তভাগ। "ক্রোধে রাণী ধায় রড়ে; আঁ॰ ধরায় পড়ে।"-অ॰ ম॰। "আঁচলে চাবির থোলো ঝোলে গলা বেড়ে।"-হেম॰। **আঁ॰ ধরিয়া বেড়ানি**-কোন স্ত্রী-লোকের অধীন হইয়া চলা; স্ত্রীলোকের দ্বারা পরিচালিত হওয়া বা তার সঙ্গে সঙ্গে ফেরা।

আঁচলা [সং-অঞ্চল > আঁচল + আ বিস্তৃতার্থে)। হি॰-আঁচ্‌লা, আঁচরা] বি, অঞ্চল; কাপড়ের দশি (বি তঃ প্রতিমাদির বস্ত্র প্রান্তভাগ)। বস্ত্রপ্রান্তের যে অংশে ফুল কাটা বা জরি ই॰ কাজ করা থাকে।

আঁচা$_{1}$ [আচমন >, ণিজন্ত-আচানি] ক্রি, ম॰ পু॰, আচমন কর।

আঁচা$_{2}$ [আঁচ (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। আঁচি; আঁচ, আঁচো, আঁচুন্; আঁচে, আঁচেন্; আঁচিতে; আঁচিয়া (ক্ষে॰ পদ্যে)-আঁচি গ্রা॰ এঁচে; ণিজন্ত-আঁচানি] ক্রি, ঠিক করিয়া বর্ণনা করা; অনুমান করা। **আঁচা-আঁচি**-বি, পরস্পরের মনোগত ভাব অনুমান দ্বারা নির্ণয় বা সন্ধান। "কি করি দু'জনে মনে করে আঁচা-আঁচি।"-অ॰ ম॰। ২ পরস্পর ছিদ্রানুসন্ধান। ৩ পরস্পর ইঙ্গিত।

আঁচানি$_{1}$ [সং-আচমন >] বি, ভোজনান্তে হস্তমুখ প্রক্ষালন।

আঁচানি$_{2}$ [আঁচা$_{1}$ দ্রঃ] ক্রি, আচমন করা; হাত মুখ ধোয়া।

আঁচানি$_{3}$ [অকর্ম্মক ক্রিয়া। আঁচাই; আঁচা, আঁচাও, আঁচান্; আঁচায়, আঁচান্; আঁচাইতে; আঁচাইয়া (গ্রা-ক্ষে॰ আঁচিয়ে)] ক্রি, আচমন করা; আহারান্তে হাত মুখাদি ধোয়া। "মিছা মিছা খেয়ে মিছা মিছা আঁচা-ইলা॥"-শি॰। ২ আঁচ দেওয়া; তাতান। **না আঁচালে বিশ্বাস নাই**-আহারান্তে আঁচাইতে হয় সুতরাং তখনই আহার সম্বন্ধে নিঃসন্দেহ হওয়া যায়; ইহা হইতে কোন কার্য্য সিদ্ধ না হইলে তা সম্পাদিত হবে কিনা তা বলা যায় না।

আঁচি [প্রাদে॰ কথ্য] বি, নারিকেল-মালা। ২ জননাশৌচ।

আঁচিল, আঁচীল$_{1}$ [প্রাদে॰ গ্রা॰-আঁকচিল। সং-চর্ম্মকীল > চামচিল (ক=চ) > চাঁচিল > আঁচিল] বি, ব্রণবিঃ; উপ-মাংস; ব্যাধিবিঃ। "বামনাসা-উপরে আঁ॰॥" -কবিক॰।

আঁচীল$_{2}$-আচীর দ্রঃ। **আঁ॰ পাঁচীল**-আচীর-প্রাচীর দ্রঃ।

আঁচোট [আ (=আঁ) + চোট] বিণ, পতিত। ২ অকর্ষিত।

আঁজন [সং-অঞ্জন। হি॰-আঁজন্: আঁজি] বি, কজ্জল; কাজল; নেত্রলেপ।

আঁজনাই [সং-অঞ্জনা। অঞ্জনিয়া-পৃষ্ঠে অঞ্জনবর্ণের ডোরা আছে বলিয়া] বি, জেঠী; আঞ্জুনে। ২ নেত্ররোগবিঃ।

আঁজল, আঁজলা [সং অঞ্জলি > ; হি॰-অঁজলী, অঁজলা, অঁজল] বি, অঞ্জলি; করপুট। ২ অঞ্জলি পরিমাণ; ৩২ তোলা পরিমাণ।

আঁজল-পাঁজল [তুল-উজল্ পাঁজল, ও জোল্ পাঁজল্ (সং-পঞ্জর-পাঁজর। র=ল); সহচর শব্দ আঁজর। হি॰-অঁজরপঁজর] বি, অস্থি-পঞ্জরের বন্ধন শিথিল হওয়ার ভাব।

আঁজি [অঞ্জন দ্রঃ। চোখের কোলে

অঞ্জনের রেখা শলাকা দ্বারা টানার ভাব হইতে] বি, টানা রেখা। ২ বস্ত্রাদির প্রান্তস্থ সূত্ররেখা; বস্ত্র, রুমাল ইং-র পাড়ের অংশ বিঃ। ৩ টুকরা। ৪ জমি ইং-র খণ্ড। ৫ ং এই চিহ্ন। প্রাচীনকালে লিখিবার পূর্ব্বে এইরূপ আঁজি লেখা হইত। আঁং দেওয়া,-ধ্বরান-চূণ, সুরকি, সিমেন্ট, বালি ইং দ্বারা ইট পাথরাদির জোড়ের মুখ বন্ধ করা; খড়া মারা। আঁং পুঁজি, আঁং পাঁজু, আঁং পুঁজু [ই'জল-পিঁজল ওং। আঁজি দ্রঃ। অন্ধকারে আগুনের রেখা টানার ভাব। প্রাদেং] বি, ক্রীড়া বিঃ। দীপালীর বা কালীপূজার রাত্রে ছেলেরা পাকাটী জ্বালাইয়া ঘুরাইতে ঘুরাইতে রাজপথে দৌড়াদৌড়ি করিয়া যে খেলা করে তার নাম আঁজি-পুঁজি বা আঁজু-পাজু।

আঁজুলত [<অঞ্জলি (ত)। প্রাং বাং] অ, অঞ্জলি করিয়া। আঁং আঁং-অঞ্জলি অঞ্জলি। ২ ভরা। "আঁং আঁং ক্ষেত।" -মাণিকং গান।

আঁট [সং-গ্রন্থি > গাঁঠ > । হিং-আঁট =গাঁঠ, গিরহ, পেঁচ (হিং শং সাং)। ওড়িং-আণ্ট আ-টান; ইং-tight; জর্ম্মং-dight. আঁটা দ্রঃ] বি, টান। প্র-বন্ধন বা গেরোতে আঁট দেওয়া; আঁট দিয়ে গেরো বাঁধা। ২ হাত টান (আত্মসাৎ করণের ভাব)। আঁটি সাঁটি দ্রঃ। ৩ বাঁধুনি; যুক্তির বন্ধন। প্র-তার কথাগুলিতে বেশ আঁট আছে। "আঁট করে পাঁচ কথা কটু যদি কয়।"-শিং। ৪ যত্ন; মনোযোগ; অশৈথিল্য। প্র-কার্য্যে তার খুব আঁট। ছেলেটির লেখা পড়ায় একেবারেই আঁট নাই। ৫ বিণ, টান-টান; কষা; মাপে ছোট; খাট। প্র-জামাটা তার গায়ে আঁট হয়েছে। বেশ আঁট করে বাঁধ। (এই অর্থে 'আঁটো'ও উচ্চারিত হয়)। ~সাঁট-দৃঢ়তা; শক্তাশক্তি; কষাকষি। ২ প্রযত্ন; মনোযোগ। আটিসাঁটি-হাত টান; আপনার গণ্ডা বুঝিয়া লইবার অতি বদ্ধ বা কড়াকড়ি। "আপনার বেলা আঁটিসাঁটি পরের বেলা দাঁত কপাটি।"-প্রবচন।

আঁটকুড় [আঁট (এঁটা, এঁটো-সং-উচ্ছিষ্ট) কুড়=কুল (ল=ড়)=স্থান, "কুলং * * * স্থানং।"-অভিধান-চিন্তামণিঃ। তলা বা স্থল; তুল-ছাঁচ্‌কুড়=ছাঁচ্‌তলা-যথায় এঁটো ভাত এঁটো পাত ইং পতিত হয়। তুল-এঁটো পড়া; এঁটোকুড়। আঁস্তাকুড় দ্রঃ] বি, আঁস্তাকুড়; উচ্ছিষ্ট অন্নাদি ফেলিয়া দিবার স্থান; আদাড়। আঁং পাঁটকুড়-আঁস্তাকুড় এবং পাঁশকুড়; এঁটো ফেলিবার স্থান এবং ছাই ফেলিবার স্থান। তুল-আদাড়-পাঁদাড়।

আঁট/কুড়, ~কুড়া, ~কুড়িয়া, ~কুড়ে [আঁট (সং-আত্ত-গৃহীত, কালের দ্বারা গৃহীত) কুড় (কুল-বংশ "কুলং গোত্রে সজাতীয়গণেঽপি।"-মেদিনীং) + আ (কর্ত্তা এই অর্থে)-যার কুল কালের দ্বারা গৃহীত বা অভিভূত বা হৃত-যা হতে বংশ লোপ পায়; তুল-ওড়িং আণ্টকুড়া] বিণ, অনপত্য; নিঃসন্তান; নির্ব্বংশ। "ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে।"-অং মং। "বন্ধ্যা যার রমণী, আপনি আঁটকুড়া।"-ঘং। স্ত্রীং ~কুড়ি, -ড়ী-যে স্ত্রীর সন্তান হয় নাই; বাঁজা। ২ যে স্ত্রীর সন্তান জীবিত নাই; নিঃসন্তানা। "কতদিনে রঙ্গাকে করিব আঁটকুড়ি।"-ঘং।

আঁটন [সং-আকর্ষণ। হিং-আঁএট্, আঁএঠন্। আঁট দ্রঃ] বি, দৃঢ় বন্ধন; কর্ষণ।

আঁটনি, আঁটুনি [আঁট, আঁটন দ্রঃ] বি, দৃঢ় বন্ধনী; টান। "বজ্র আঁটুনির আল্‌গা গেরো।"-প্রবচন। "গাঁথন আঁটনি কত।"-চণ্ডীং। ২ যুক্তির বন্ধন; বাঁধুনি। প্র-কথার আঁটুনি। ৩ দৃঢ়সঙ্কল্প। "এত বলি ইন্দ্রজিৎ করিছে আঁটুনি।"-কৃত্তিং। বিণ, আঁটুনিয়া (আঁটুন্তা দ্রঃ)।

আঁটা [আঁট দ্রঃ। তুল-মালং "অটে to wear, to put on."—I. M. L. আঁটি, আঁট, আটে; আটিতে (ক্ষেং আঁটতে); আঁটিয়া (পদ্যে ক্ষেং এঁটে)। পিজন্ত-আঁটান] ক্রি, দৃঢ় বা টান করিয়া বাঁধা; কষা; শক্ত করিয়া ফাঁস দেওয়া; বন্ধন করা। প্র-কোমর আঁটা; পাগড়ী আঁটা; "কটিদেশ যতনে আঁটিলা বিবিধ রতনময় স্বর্ণসারসনে।"-মেঘং। ২ পর্য্যাপ্ত হওয়া; কুলান; সংকুলান হওয়া। "এত যে গলার ঘাট কারে নাহি আঁটে,"-ঘং। "বেসাতি করিতে যদি নাহি আঁটে কড়ি।" -কবিকং। ৩ তুল-মালং "Atye (আট্যে) to be fit, to be enough"—I. M. L. কোন আধার মধ্যে কোন দ্রব্য সম্পূর্ণভাবে ধারণ করা; ধরা। প্র-অত দুধ ঐ ছোট বাটীতে আঁটিবে না। ৪ সমকক্ষ হওয়া; শাসন করা; পারগ হওয়া; পারা। "না জানি এ বামা দলে কে আঁটে সমরে।"-মেঘং। ৫ ভয় করা; হার মানা। "আমি অটনাচার্য্যের বেটি। গণতে গাঁথতে কারে বা আঁটি।"-খনা।

আঁটে থাকা [তুল-মালং "আটেন-ওকে to lie in wait."—I.M.L.] ক্রি, সতর্ক থাকা; ওত করিয়া থাকা; অপেক্ষা করিয়া বসিয়া থাকা। "আঁটে থেকো আমি আইলে বলিবে যে কিছু।"-শিং।

আঁটাআঁটি [আঁটা দ্রঃ] বি, কষাকষি; শক্তাশক্তি; দৃঢ়তা। "মিছা কেন কুল নিয়া কর আঁং।"-ঈং গুপ্ত।

আঁটানি [আঁটা দ্রঃ] ক্রি, বাঁধান। প্র-ছবি ফ্রেমে আটান। ২ ধরান, তাংড়ান।

আঁটালি [আঁট বা আঠা+আল (বিৰ্থেং)। আঁট দ্রঃ] বিণ, আঁটযুক্ত; কঠিন; শক্ত। ২ [আঠা দ্রঃ] আঠাযুক্ত।

আঁটি,-ঠি [সং-অষ্টি। পাং অট্‌ঠি। মালং "আট্‌গে, আট্‌গি close, আটি bundle, stone or seed."—I.M.L. আটি দ্রঃ] বি, ফলাদির কঠিন আবরণযুক্ত বীজ। প্র-আমের আঁটি; কুলের আঁটি; "এ যে কুল নয় সার মাত্র আঁটি।"-ঈং গুপ্ত। ২ তৃণ শস্যাদির ক্ষুদ্র-মুষ্টি-বদ্ধ পরিমাণ; আটি; গুচ্ছ। প্র-ঘাসের আঁটি; শাকের আঁটি; "আঁটপণে কিনিয়াছি কাট আট আঁটি।"-অং মং। ৩ ক্রি, জোড়ের মুখ বন্ধ করি। প্র-হাঁড়ির মুখে সরা রাখিয়া ময়দা দিয়া আঁটিয়া দাও। ৪ জুড়ি; সংলগ্ন করি। প্র-খামে টিকিট আঁটা; দেয়ালে কাগজ আঁটা। ৫ [বন্ধনের ভাব হতে] দমন করি; হারাইয়া দিই; সমর্থ হই; সমকক্ষ হই সমকক্ষতা করি; পারগ হই বা পারি (তুল-তার সঙ্গে বা তাকে পেয়ে উঠি না বা পারি না ইং)। "কে তারে আঁটিবে বিগ্রহে।"-মেঘং। ৬ বিণ, শক্ত; বদ্ধ; দৃঢ়।

আঁটি [আঁটা দ্রঃ। 'আঁটিয়া' > কেং পদ্যে] ক্রি, ভৎর্সনা করিয়া। "তর্জ্জন করিয়া বলে অর্জ্জুনেরে আঁটি।"—মহাং (কাশী)। ২ মিলিত হইয়া; মিলিয়া। "পিতা পুত্রে দুয়ে আঁটি, গজালে গাঁথিল পাটি, গড়ে ডিঙ্গা দেখিতে স্বরূপ।"—কবিকং।

আঁটু, আঁঠু [সং—অষ্টি; ওড়িং—আণ্টু; হিং—ঠেউনা, ঠেংনী, ঘুটনা] বি, জানুঅস্থি; হাঁটু; জানু। "আঁঠু পেড়ে রক্ত খায় বিদারিয়া বুক।"—শিং। "আঁঠু ঢাকি বস্ত্র দিহু পেট ভরি ভাত।"—শিং।

আঁটুন্যা [আঁট, আঁটুনি (দ্রঃ)+আ (যুক্তার্থে)=আঁটুনিয়া > প্রাদেং আঁং] বিণ, শক্ত; কঠিন; কড়া। "এমন আঁং হাত নাহি তিন লোকে।"—শিং।

আঁটুবাঁটু [আঁট দ্রঃ। হিং—আঁএট্; অট্‌কাব্; অট্‌পটানা; অট্‌পটাউ > (বাং) আটুপাটু—চলনে আটক বা বাধা; আগুপিছু-করণ] বি, জড়সড়; চলনে বাধিয়া যাওয়ার ভাব। "পাকা গোঁফ দাড়ি, পায়ে পড়ে দিলে ছাড়ি চলনে কতেক আঁটু-বাঁটু।"—অং মং। ২ আগ্রহাতিশয্য। ৩ [তুল—হিং, অটপট্= কঠিন] বিণ, শক্ত; কঠিন।

আঁটুলবাঁটুল [প্রাদেং। আঁটু বা হাঁটুতে হাত দিয়া খেলিতে হয় বলিয়া এই নাম] বি, শিশুদিগের খেলা বিঃ। "আঁং সামলা সাঁটুল সামলা গেল হাটে।"—ছড়া। "আঁং খেলে পসারিয়া পা।"—শিং।

আঁটুলি, -লী [আঁটাল (দ্রঃ)+ই, ঈ (যে আঁটিয়া ধরিয়া থাকে), তুল—হিং আঁঠাই; কিলনী] বি, কুক্কুরাদি জন্তুর ক্ষুদ্র অষ্টপদী লোমকীট বিঃ যা তাদের গায়ে কামড়াইয়া ধরিয়া থাকে ও রক্তপান করে; এঁটুলি tick. "সাপের আঁটুলি আনে খুঁজি বেদ্যাঘরে।"—কবিকং।

আঁঠু [আঁটু দ্রঃ। প্রাদেং আঁড়ু (চং কং ভাং)] বি, হাঁটু; জানু। "আঁঠু ঢাকি বস্ত্র দিহু পেট ভরি ভাত।"—শিং।

আঁড়ুবাঁড়ু, আঁড়ুমাড়ু, আঁড়ুল-বাঁড়ুল [প্রাদেং] বি, বমনেচ্ছা। ২ পাকান বা ঘোলান বা আঁকড়ে ধরা বা মোচড় দেওয়ার ভাব। "প্রং—আহারে বিঘ্ন হওয়ায় পেট আঁং করিয়া উঠিতেছে।

আঁড়রা, আঁটরা [প্রাদেং। আড় (বক্র), আঁট (শক্ত, দৃঢ়)] বি, অবাধ্য; এক-গুঁয়ে। ২ কঠিন হৃদয়; নিষ্ঠুর; দুর্দ্দান্ত; "বৃদ্ধ বলি স্বামী শিবে ত্যজ তুমি কেমন আঁড়রা মেয়ে।"—শিং। ৩ শক্ত; কঠিন; "ঝিয়ের আঁড়রা হাত আর নাহি তুমি।"—শিং। আঁং কা এঁ্যাড় কাটা দ্রঃ] বিণ, ছিন্নমুষ্ক বীর্য্য; কাপুরুষ। ২ বোকা। দামড়া দ্রঃ।

আঁড়া [প্রাদেং। রণ্ডা (রাঁড়া >)] বি, বন্ধ্যা; ফলপুষ্পহীন। রাঁড়া দ্রঃ।

আঁড়ু [প্রাদেং। আণ্ডু দ্রঃ] বি, হাঁটু (পূং বং গ্রীং)।

আঁড়িয়া [অণ্ড+ইয়া (বির্থেং) যার অণ্ড আছে। তুল—সং—"অণ্ডীরঃ পুরুষে শক্তে," —মেং] বি, এঁড়ে বাছুর; পুরুষ গোবৎস। ২ [লম্বমান অণ্ডকোষ হেতু] বৃষ। আঁং লাগা—শিশুর স্তনপানকালমধ্যে জননী অন্তঃসত্ত্বা হইলে দুগ্ধাভাবে যে সন্তান ক্ষীণ ও দুর্ব্বল হয় তাকে আঁং বা এঁড়ে লাগা বলে।

আঁত, আঁৎ [সং—অন্ত্র >] বি, নাড়ী। ২ [অন্ত্রাগার বলিয়া] উদর; পেট। "দশমাস অভাগী ধরেছে যারে আঁতে।"—ঘং। "ভয়ে মুক, কাঁপে বুক, লাগে চুক আঁতে।"—অং মং। ৩ [ব্রজং] অন্তর। "প্রেমক অঙ্কুর আঁতজাত ভেল।"—বিং পং। আঁং উঠা—অতিশয় বমন বেগে পেটের নাড়ী পর্য্যন্ত উদ্গীর্ণ হওয়া (দুর্গন্ধাদিজনিত ঘৃণার আতিশয্যব্যঞ্জক); বমনেচ্ছা হওয়া। তুল—গন্ধে নাড়ী উঠা। "নাক ধরে, নিকটে বসিতে আঁত উঠে।" —শিং। আঁং খালি হওয়া—ক্রি, উদরে অন্ন না থাকা; পেট খোলে পড়িয়া যাওয়া। আঁং পঁড়া, -বঁসা—ক্রি, পেট খালি হওয়া; পেটে কিছু না থাকায় পেট নামিয়া খোলে পড়া। -মরা [আঁত-শুকনো বা নাড়ীমরাও বলে] বিণ, অনাহার করিতে করিতে যার নাড়ীশীর্ণ হইয়া ক্ষুধার তেজ কমিয়া গিয়াছে; অল্প-ভোজী। আঁতে-আঁতে—অন্ত্রে অন্ত্রে > অন্তরে অন্তরে, মর্ম্মে মর্ম্মে। ২ ভিতরে ভিতরে; গোপনে। ৩ সেয়ানে সেয়ানে, শঠে শঠে। আঁতে ঘা—বি, অন্ত্রে আঘাত; গুরুতর আঘাত। ২ [অন্ত্র—অন্তর (হৃদয়)] হৃদয়ে আঘাত; মর্ম্মে আঘাত। আঁতের টান—নাড়ীর টান; পেটের সন্তানের প্রতি যে স্বাভাবিক এবং অতি প্রবল মায়ার আকর্ষণ; রক্তের টান; অত্যধিক স্নেহ।

আঁতকানি-আঁৎকান দ্রঃ।

আঁতড়ী, আঁৎড়ী, আঁতুড়ী [অন্ত্র > আঁতর্ (র=ড়), কোমলতার্থে ঈ (তুল—ফলের আঁতী) হীন বা তুচ্ছার্থে—ড়ী (তুল—হিং অঁৎড়ী)] বি, নাড়ীভুঁড়ী; জীব-জন্তুর নাড়ী-ভুঁড়ী [দ্রঃ—মানুষের অন্ত্রকে বলে (আঁত), পশ্বাদির (আঁতড়ী), ফলের (আঁতী)]।

আঁতপুত [আঁত (আত্মন্) পুত—আত্মন্ ও আত্মজ] বি, পিতা-পুত্র। "আঁতে পুতে ভাল চায অভাবে সোদর।"—শিং।

আঁতর [অন্তর >] বি, ব্যবধান। "নদী গিরি আঁং ভেলা।"—বিং পং। ২ অন্তর; ভিতর। "আঁতরে সুরধুনী ধারা।"—বিং পং। [ব্রজং 'আতল' পাঠও আছে (অং সরকার)] [অপ্রং] ৩ জমি চষিবার কালে লাঙ্গল এক এক পাক ঘুরিয়া বাইলে মধ্যে মধ্যে যে অকর্ষিত জমি পড়ে।

আঁতিপাঁতি [হিং—অঁরতী পঁরতী, প্রাং —আঁয়ড়ী। বাঁয়ড়ী ফাং—পয়্‌তানা (হিং—সিরহানা পয়্‌তানা)] অ, শয্যার শিয়র ও পায়ের দিকে। > ২ সর্ব্বত্র।

আঁতমোড়া, আঁৎমোড়া [আঁত (অন্ত্র) মোড়া (মেড়া বা ছাগলের শিঙের মত পাকান), সং—অজ-শৃঙ্গী। কর্ণাটী—উরিয়মর। (ফলের পাক দেওয়ার মত ফল হয় বলিয়া এই নাম] বি, ক্ষুপ বিঃ; মেড়াশিঙ্গে; ছাগলবেঁটে helicteres isora.

আঁতী [সং—অন্ত্র > আঁত দ্রঃ। হিং অঁৎড়ী] বি, শসা, পেঁপে, কুমড়া, খরমুজা ইং ফলের ভিতরের সবীজ শাঁস বা কোমলাংশ।

আঁতুড় [সং—অন্ত্র=নাড়ী, যথায় সদ্যো-জাত শিশুর নাড়ী কাটা হয় বা অন্ত্র =আঁত (উদর=গর্ভ) মোচন করা হয়। সং—অন্তঃকুটি > অন্তকুঁড়ি (O.D.B.L.) >

-অন্তড়ি (ওড়ি°) > আঁতুড়ি (কবিক°)। তুল -আত্রেয়ী] বি, সূতিকাগার ; যে গৃহে সন্তান প্রসব হয়। আঁতুড়ে ছেলে-বি, সদ্যঃ-প্রসূত সন্তান। আঁতুড়ে খোকা (বিদ্রূপোক্তি) নিতান্ত শিশু। আঁতুড়ী-বি, সূতিকাগৃহস্থ অগ্নিকুণ্ড। "চালের পাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ি।"-কবিক°।

আঁৎকানি [সং-আতঙ্ক+আন (বাং ক্রিয়ার)=আতঙ্কান-দ্রুত উচ্চারণে আঁৎকান] ক্রি, আতঙ্কিত হওয়া ; হঠাৎ ভয় পাইয়া চম্‌কান ; সহসা ভয়ে, বিস্ময়ে আড়ষ্ট হওয়া। আঁক্ করা দ্রঃ। আঁৎকে উঠা-চম্‌কে উঠা ; হঠাৎ ভয়ে শব্দ করিয়া উঠা [দ্রঃ-'উঠা' এখানে উত্থিত হইবার ভাব প্রকাশ করে। যে আনমনে বসিয়াছিল তার হঠাৎ ভয় পাইয়া লাফাইয়া উঠা]।

আঁৎরাস [প্রাদে°] বি, কুমারের পোয়ানের জ্বালকাঠি বিঃ।

আঁদর্সা, আঁদসা, আঁতসা [প্রাদে°] বি, গুড়ে মাতান চালের গুঁড়ীর এক রকম ভাজা পিঠা ; আঁদরসা ; গুড়পিঠা বিঃ।

আঁদরু পেঁদরু ['হঁদরু পিঁদরু', 'এঁদরু পেঁদরু,' 'এণ্ড পিণ্ড' 'এন্দ্ পেন্দ্' ও° Andrews, Pedro ই° নাম হতে] বি, য়ুরোপীয় নিম্নশ্রেণীর সঙ্কর ফিরিঙ্গী নামের অনুকরণে দেওয়া নাম ; সাহেবীয়ানার অনুকারী নিম্নশ্রেণীর দেশীয় খৃষ্টান। প্র-আঁদরু সাহেব। পেঁদরু সাহেব, আঁ° পেঁ° র দল ই°।

আঁদি [সং-অন্ধ। হি°-আঁধি] বি, অন্ধকার। ২ ধুলা-মিশ্রিত ঝড় ; আঁধি দ্রঃ। "নৌকা আঁদিতে, এগিয়ে পড়ে, মাঝিরা কিছুই ঠাওর করিতে পারে নাই।"-আলাল। ৩ [আদি] মূল ; গোড়া ; হেতু ; উৎপত্তি-স্থান। ২ [>] অগ্রবর্ত্তী ; সর্দ্দার। প্র-চোরের আঁদি ; খলের আঁদি [আন্ধী দ্রঃ] কেন্দ্র centre. ~সাঁদি [অন্ধিসন্ধি দ্রঃ। রন্ধ্র (ফাঁক) সন্ধি (কোণ)] বি, কোণ ; ফাঁক ; রন্ধ্র। ২ প্রবেশ-পথ। ৩ অনুসন্ধান ; সন্ধান। ৪ শৃঙ্খলা। "ঝাঁকড় ম্যাকড় চুল নাহি আঁদিসাঁদি।"-অ° ম°।

আঁধল [সং-অন্ধ-ল (প্রা°, হি° অনুকরণে)] বি, চক্ষুহীন ব্যক্তি ; অন্ধ। "আঁধলের লড়ি বাঁছা নির্ধনের কড়া।"-কবিক°। ২ বিণ, প্রেমান্ধ ; > অদোষদর্শী। "আঁ° পহিলহি না হেরিনু, সো বহুবল্লভ কান।" -গোবিন্দ°। ~া-বিণ, অন্ধ ; চক্ষুহীন। ২ বি, যার দুই চক্ষু নাই ; অন্ধ ব্যক্তি। "ভরা-পুরা যৌবন উদাসে বাসি-শূন্য। আঁধলারে দেখাইতে নাহি পাপ পুণ্য॥"-অ° ম°।

আঁধা [হি°-অন্ধা দ্রঃ ; প্রা° বাং পদ্যে] বিণ, অন্ধ। "আঁধা বাঁকা রোগী কুড়ি চান করেন জলে।"-শূ° পু°। কেঁদে কেঁদে হল আঁধা। স্ত্রীং আঁধী (অন্ধিনী দ্রঃ। হি° অন্ধী)। ক্রি, আঁধায়ল [ব্রজ°] অন্ধ করিল। আঁধায়লু-অন্ধ করিলাম। "নয়ন আঁধায়লু পিয়া পথ পেখি।"-বি° প°।

আঁধার [সং-অন্ধকার > প্রাকৃ°-অন্ধআর > হি°-অঁধার, অঁধিয়ার, অঁধেরা] বি, অন্ধকার। "তখনো রাত আঁ° আছে বেজে উঠল ভেরী।"-রবী°। "আঁ°ঘরে চাঁদের আলো" -প্রবচন। ২ বিষণ্ণ ; গম্ভীর ; ভার ; শোকে মলিন। প্র-মুখ আঁ° করে থাকা। আঁধারমুখ।

আঁধারমাণিক-বি, অন্ধকারেই যে মাণিকের গুণ পায় অর্থাৎ আঁধারেই যার আলো খোলে। আঁধার ঘরের মাণিক [মাণিকের উজ্জ্বলতায় অন্ধকার ঘর আলোকিত হয়, এইজন্য আঁধার ঘরের পক্ষে মাণিক মৃতদেহে জীবন তুল্য] বি, যত্ন ও প্রার্থনার ধন ; প্রাণসম প্রিয়বস্তু। আঁধারে ঢিল-ছোঁড়া [অন্ধকারে ঢিল ছুঁড়িলে লক্ষ্য স্পর্শ করিবে কিনা তার নিশ্চয়তা থাকে না] ক্রি, পরিণাম সম্বন্ধে অনিশ্চিত হইয়া কোন অনুষ্ঠান করা ; আন্দাজী কিছু বলা বা করা। অনুমান করিয়া কোন প্রশ্নের বহু প্রকার উত্তর দেওয়া, যেটা খাটিয়া যায়। অনিশ্চিত হইয়া কোন বিষয় সমর্থন করিতে, অনেকগুলি প্রমাণের অবতারণা করা, তার মধ্যে যেটা লাগে।

আঁধারের বাতি-বি, হৃদয়ানন্দকর বস্তু ; পরম আনন্দ স্বরূপ। "আমার খুলনা কন্যা আঁধারের বাতি।"-কবিক°।

আঁধারি [প্রাদে°] বি, অন্ধকার। ২ যে খড় দ্বারা খড়ের চালে খুচি দেওয়া হয় ; যে খোড়ো চাল বিস্তৃত করিয়া ছাওয়া হয়। ৩ দু'টী তক্তার মুখ পরস্পর সংলগ্ন করিবার জন্য উভয় প্রান্তে সূক্ষ্ম মুখ পেরেক ; জলুই। ৪ আঁধারে (পরে দ্রঃ) ৫ [প্রাকৃ°-অন্ধআরিঅ। হি°-আঁধিয়ারী > ক্ষে° আঁ°] বিণ, অন্ধকারময়। প্র-আঁ° বা আঁধারিয়া রাত। ৬ [আঁ°+ইয়া (ক্রিয়ায়)-আঁধারিয়া ক্ষে° আঁধারি] ক্রি, অন্ধকার করিয়া। "আঁধারি জলধিগৃহ, গিয়াছেন গৃহে।"-মেঘ°।

আলো-আঁধারি-বি, অন্ধকারে পথ-প্রদর্শক আলোকের রশ্মি চক্ষে পড়িলে আলোকের পশ্চাতে যে অন্ধকার দেখা যায়। ২ পুলিশ প্রহরীদিগের লণ্ঠন বিঃ। 'আঁধারে' the bull's eye.

আঁধি, আঁধী [হি°-আঁধী। সং-অন্ধ। হি°-অন্ধ বাই (অন্ধবায়ু)-'অঁধবাই (কবি, সুরদাস) যে হাওয়া বেগে উত্থিত হইয়া ধূলায় চতুর্দিক অন্ধকারময় করে এবং সকলকে অন্ধ করে। সং-রাত্র্যন্ধতাকে হিন্দীতে বলে রতৌধী। হিন্দীতে আঁধী স্থলে আঁধ্য়ার। আঁধরা (অন্ধকার) শব্দের প্রয়োগ আছে ; "আঁধি অন্ধড়্" (অন্ধধুল) সহচর শব্দ] বি, আকাশ মেঘাচ্ছন্ন করিবার মত চতুর্দ্দিক অন্ধকার করিয়া ধুলি উড়াইয়া যে ঝড় উঠে তাকে আঁধি বলে।

আঁধি-সাঁধি [অন্ধি-সন্ধি > আঁদি-সাঁদি (দ্রঃ) >] বি, কোন বিষয়ের সকল দিক্ ; গূঢ় বা ভিতরের বিষয়। ২ সকল দিক্। ৩ কোণ ; ফাঁক। "আঁধি সাঁধি রোধি রামা রন্ধিনীর পা, সার করি সরমে সাকার সাজে মা॥"-ঘ°।

আঁধী [সং-অন্ধ (হি°-অন্ধী। 'কাণা-মাছি' খেলায় যে চোখে কাপড় বাঁধিয়া অন্ধ হয়। বোধ হয় ইহা মেয়েদের মধ্যেই প্রথমে প্রচলিত হয়, তাই অন্ধ বা অন্ধা না হইয়া অন্ধী হইতে আঁধী, পরে আঁদি (আঁদি দ্রঃ)] বি, কাণা মাছি খেলায় যে অন্ধ হয়। ২ যে চোরাই মাল রাখে।

আঁধু [সং-ধূম > ধুঁয়া > (বর্ণবিপর্যয়ে) আঁধু] বি, ধূমাদি জাত ঝুল।

আঁধুয়া [অন্ধ+উয়া (ভাবার্থে) আন্ধুয়া (এঁদো দ্রঃ)। তুল-blind well. আঁধি দ্রঃ] বিণ, অন্ধকারময়। ২ গুল্মাবৃত ; জঙ্গলময়।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ণ্ঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ ক্ষ=ক্‌খ হ্ন হ্ল হ্ব হ্ম=ন্‌হ ল্‌হ ব্‌হ ম্‌হ ড়্ ঢ়্, জ্ ক্ ব্ ভ্=zfwv ও চ্চা° দ্রঃ

৩ আলোকহীন ; স্যাঁৎসেঁতে বা ভিজে। ৪ বি, পঙ্কিল জলাশয় ; জঙ্গলাকীর্ণ ডোবা।

`আঁধুল [গ্রা০-কথ্য] বিণ, অন্ধকারময়। ২ ঘোর কৃষ্ণবর্ণ। ৩ অতিশয় মলিন। **~লৈতা** [মেয়েলি০ আঁদুলস্তাতা] অতিশয় মলিন বস্ত্রখণ্ড। ২ রন্ধনাগারের ধুঁয়া, ভুসা বা কালী ই০ দ্বারা মলিন বস্ত্রখণ্ড বিঃ।

আঁব [সং-আম্র > প্রাকৃ০-আম্ব > আম আঁব। ওড়ি০-আম্ব, হি০-আম্, ম০-আঁবা] বি, আম্র ; আম। বিণ, **আঁবুয়া,** (কে০) **এঁবো**-আমের। প্র-এঁবো গন্ধ।

`আঁবআদা-আমআদা দ্রঃ।

আঁবল [গ্রা০ বাং, প্রাকৃ০। আঙ্গুল > আঙুল > আঙল > আঁবল] বি, অঙ্গুলি, আঙুল। "চোখে আঁ০ দিয়ে ননদা কান্নায় কেটে পড়ল।"

আঁবসন্দেশ-বি, আম্রের আকারের ছাঁচে তোলা আম্রের গন্ধযুক্ত সন্দেশ-নামক মিষ্টান্ন।

`আঁবুই [বিভিন্ন প্রাদে০ আঁবুইমা ; মাউই। সং-নাট্যে জনকের প্রতিশব্দ আবুক, জননীর অম্বা, বাং-মা। আবুক পরে (স্ত্রীং) আবুকী, আবুঈ+মা=আবুই-মা, মাবুই= আঁবুই এবং মাউই। মতান্তরে 'আর্য্যবধূ' হইতে। (গাঙ্গুলী)] বি, ভাই বা ভগ্নীর শাশুড়ী। পুং, তালুই।

আঁশ [সং-অংশু ; হি০-রেশা বাং গ্রা০- এঁশো, এঁশে] বি, তরু, গুল্ম ও ফলাদির অভ্যন্তরস্থ সূক্ষ্ম তন্তু। "দিতে পারি মনোমত কিন্তু তাহে আঁশ।"-দীনবন্ধু। ২ চোঁচ। ৩ বস্ত্রাদির গাত্রোত্থিত সূক্ষ্ম সূত্র।

আঁশ₂, আঁষ, আঁস [আঁষ দ্রঃ] বি, মৎস্যাদির শল্ক। **~টিয়া**-আঁষ্টিয়া দ্রঃ।

আঁশানি [আ-শুষ্ক-অংশু এই তিনের উচ্চারণ ও অর্থগত সংযোগের ফে০ আ=শুষ্ক- ঈষৎ বা প্রায় শুষ্ক। বাং-আশুকান-ফে০ আঁশান। শুষ্ক হইলে অংশুল পদার্থের সূক্ষ্ম অংশুগুলি খাড়া খাড়া হইয়া উঠে, বলিয়া] ক্রি, কিঞ্চিৎ শুকাইয়া লওয়া। প্র-ভিজা কাপড়খানা রৌদ্রে একটু আঁশিয়ে নিয়ে প'রে ফেল। ২ আঁশ উঠান বা তোলা।

`আঁশাল [সং-অংশুল। অংশু (আঁশ) +আল। হি০-রালা (বিশিষ্ট)] বিণ, আঁশযুক্ত। ২ আঁশ-বহুল।

আঁষ [সং-আমিষ > আঁইষ > ফে০ আঁষ] বি, আমিষ। ২ বিণ, আমিষ-ঘটিত ; আমিষ-সংক্রান্ত। প্র-আঁষ হাঁড়ি ; আঁষ বঁটি। **আঁ০ জল**-মাছ-ধোয়া জল বা যে জলে মাছ জীয়ান থাকে। **~পান্না**-শ্রাদ্ধের পর জ্ঞাতিগণের সহিত ভোজনকালে মৎস্যাদি ভোজন দ্বারা নিয়মভঙ্গকরণরূপ সংস্কার। **~ফল**-লিচুজাতীয় ফলবিঃ ও তাহার গাছ ; ইহার গোলাকার মসৃণ ফলের ভিতর আমিষ-গন্ধ শস্য থাকে বলিয়া। **~বঁটি**-যে বঁটিতে মাছ কুটা হয়। **আঁ০ হাঁড়ি**-আমিষ রন্ধনের হাঁড়ি। **আঁ০ হেঁসেল**-আমিষ রন্ধনাগার।

আঁষ্টিয়া, `আঁষ্টে, আঁইষ্টা [আমিষতা+ইয়া (যুক্তার্থে) বা আমিষ+ইয়া +টা=আমিষিয়াটা, বর্ণ-বিপর্য্যয়ে আমিষ্টিয়া, আঁইষটিয়া ; ফে০-আঁইষ্টা, আঁষ্টে বা আঁইষ +আ (যুক্তার্থে)+আটিয়া (সাদৃশ্যার্থে)= আইষাটিয়া-আঁইষযুক্তবৎ] বিণ, আমিষযুক্ত ; আমিষ-গন্ধযুক্ত। বি, **আঁষ্টানি, আষ্ঠানি** (মাণিক০ গান)।

আঁসু₁ [সং-অংশু > আঁশু, আঁসু] বি, আঁশ ; তুলার ফেঁশো (চ০ ২৬।১)।

আঁসু₂ [সং-অশ্রু > প্রাকৃ০-অস্সু >, হি০-আঁসু] বি, অশ্রু ; নয়ন-জল।

আঁস্তাকুড় [আঁটকুড় দ্রঃ। আঁস্তা (সং- উচ্ছিষ্ট হতে। তুল-আঁইষ্টা-আঁইটা-এঁটা- এঁটো-আঁট) কুড় (সং কুল হতে। "কুলং * * * স্থানং * *" -হেম০ কৃত অভিধানচিন্তামণিঃ)। মতান্তরে-'আবর্জ্জনাকুণ্ড' হতে, মতান্তরে-'আচমন কুণ্ড' হতে (Haughton), কিন্তু পূর্ব্বে, আবর্জ্জনা (ওঁচলা) ও আচমনের জলাদি (হস্তমুখাদি প্রক্ষালনের ও উচ্ছিষ্ট জল) ফেলিবার পৃথক্ পৃথক্ স্থান নির্দ্দিষ্ট ছিল। ওঁচলা বাহিরে ফেলিবার ও ভিতরে আঁচাইবার স্থান। সেইজন্য কথায় আছে-আঁটকুড় পাঁটকুড় (দ্রঃ) ওঁচ্লা > ওঁস্টা > আঁস্তা-কুড় < কুণ্ড] বি, বাড়ীর যে স্থানে আবর্জ্জনা ফেলা হয় ; ওঁচলা-কুড় ; পূর্ব্বে ইহা বাটীর বাহিরে হইত, পরে বাড়ীর ভিতরে হওয়ায় যথায় মল-মূত্র ত্যাগ করা, ওঁচলা ও ময়লা জল ফেলা, হাত মুখ ধোয়া, আঁচান ই০ হয়। "এক পাট চটি বিছানায় এক পাট আঁস্তাকুড়ে।"-দ্বি০ রায়। **আঁস্তাকুড়ের পাতা**-ময়লা বা আবর্জ্জনাময় স্থানের পাতা। ২ নীচ ব্যক্তি। **আঁস্তাকুড়ের পাতা স্বর্গে যায় না, এটো পাত স্বর্গে যায় না**-নীচমনা ব্যক্তি মহৎ কার্য্য করে না বা উচ্চ হৃদয়ের পরিচয় দেয় না।

আঁহাঁ-অ, অসম্মতিসূচক শব্দ : না।

আঁহাঁ-হাঁ-অ, হঠাৎ বাধা প্রদান বা নিবারণসূচক শব্দ। ২ আসন্ন বিপৎপাতে শঙ্কাপ্রকাশক শব্দ।

আক [সং-ইক্ষু > বাং-আউক, আক, আখ (আখ দ্রঃ) হি০-উক্, ইখ, উখ। ওড়ি০ -আখু। তেলু০-চেরুকু, চেরেকু saccharum officinarum] বি, ইক্ষু sugarcane. [আক ১২ প্রকার বলিয়া উক্ত-পৌণ্ড্রক বা পুঁড়ো (হি০-পৌঁড়া), ভীরুক, কাণ্ডেক্ষু, তাপস, কাণ্ডা (হি০-গন্না), বংশক, শতপোরক, সূচিপত্রক, নৈপাল, দীর্ঘপত্রক, নীলপোর, কোশকৃৎ। বঙ্গের প্রসিদ্ধ আক শামসাড়া]।

`আককাটা [আকাট (ঠ, রূপান্তরিত) +আ (অবজ্ঞার্থে)] বিণ ; গোঁয়ার ; নিরেট মূর্খ।

`আককুটে, -খুটে [সং-আখেটক (ব্যাধ, যারা সঞ্চয় করে না), তাদের স্বভাব হতে-আখখুটেপণা=আখেটকপণা] বিণ, যার জিনিষপত্রে যত্ন নাই ; যে দ্রব্যাদি নষ্ট করে ; অমিতব্যয়ী ; যে সঞ্চয় না করিয়া যত্র আয় তত্র ব্যয় বা অকারণে এবং অযত্নে নষ্ট করে ; উড়নচড়ে বা উড়ানিয়া।

`আকচকানি [হি০-হিচক্না-তা হতে বাং-হক্চকান পরে আকচকান, আকচাকান। তুল-"অক্ আক্রানে to hesitate." —I. M. L.] ক্রি, থতমত খাওয়া।

`আকচার, -ছার [আ০-অক্সর্ (বড় বেশী) >, স=চ] ক্রি-বিণ, সচরাচর ; সদা-সর্ব্বদা ; হামেশা।

আকিজ, আখঁজ, আখেজ [আ০- অখ্জ্=ধৃত করা, আয়ত্ত করা আক্রমণ

(পরে) বিরোধ, শত্রুতা। তুল-সং-আক্রোশ] বি, আক্রোশ ; বিদ্বেষভাব ; বৈরভাব। ২ বিবাদ। আকজা-আকজি, আখচা-আখচি [পরস্পর অর্থে দ্বিত্ব। তুল-মারামারি, দ্বেষাদ্বেষি, হিংসাহিংসি ই°] বি, পরস্পর বৈরভাব বা বিদ্বেষ ; হিংসাহিংসি। ২ রাগারাগি।

আকট [আকাট দ্রঃ। আ (সাদৃশ্যার্থে) +কট (শ্মশান, শব "কটঃ শবে"-মে°, "শবে * * শ্মশানয়োঃ,"-হে°) যার হৃদয় শ্মশানবৎ বা যে শববৎ] বিণ, দয়াহীন ; নির্দ্দয় ; কঠোর। ২ জ্ঞানহীন ; মূর্খ।

আকিড়িয়া, আকিড়ে [এক কৌড়িয়া বা কড়িয়া হতে এক কড়ি মূল্যের, এক কোড়ে ; তা হতে আকড়ে। তুল-হিং-এক কৌড়িকা। ফোকটিয়া=বিনামূল্যের। তেলু°-ওকাটি-এক কোটি-এক সংখ্যা ; একটি] বিণ, এক কড়া মূল্যের ; বিনামূল্যের ; মূল্যহীন।

আকণ্ঠ [আ (পর্য্যন্ত) কণ্ঠ] ক্রি-বিণ, গলা পর্য্যন্ত ; গলায় গলায়। আ° ভোজন। ২ [লক্ষ°] সর্ব্বতোভাবে। "সেই গতানুগতিক আহার নিদ্রা ও বিলাস-ব্যসনে আ° নিমজ্জমান।"-আ° শক্তি, ১৩৩৪। ~মগ্ন-বিণ, কণ্ঠদেশ পর্য্যন্ত মগ্ন।

আকতা, আখতা [ফা°-আখ্‌তা (ছিন্নাণ্ড)] বিণ, মুষ্কহীন ; খাসি castrated. আ° ঘোড়া-যে ঘোড়ার অণ্ড কাটিয়া দেওয়া হইয়াছে gelding. আ° করে দেওয়া-অণ্ড কাটিয়া দেওয়া।

আকদ [বাখরগঞ্জ, মালদহ, চট্ট° প্রাদে°] বি, বিবাহে ধর্ম্মানুমোদিত অনুষ্ঠান। ২ বিণ, বিবাহবন্ধনে বদ্ধ। ~বস্ত [মালদহ প্রাদে°] বি, বিবাহচুক্তি ; বাগ্দান betrothal.

আকনাদি [সং পর্য্যায়-বিদ্ধকর্ণিকা বিদ্ধকর্ণী, অবিদ্ধ বা আবদ্ধকর্ণী ই°। ওড়ি°-আকনবিদ্ধি, অকানবিদ্ধি-পাতার মাঝে বোঁটা বলিয়া এই নাম] বি, নিমুকা ; পাঠা stephania hermandifolia.

আকনি [ফা°-যখ্‌নী (মাংসের কাথ)] বি, মাংসঘটিত অন্নব্যঞ্জনাদি পাক করিবার জন্য মসলার জল।

আকন্দ [সং-অর্ক, মন্দার। হিং-মান্দার; কর্ণাটী-অক। বাং-ডেওয়ান্দার হইতে পৃথক্ করিবার জন্য অর্কমান্দার, পরে আকন্দ। উচ্চারণ ভেদে হাকন্দ] বি, উপবিষ-জাতীয় বৃক্ষ বিঃ ; অর্কবৃক্ষ calotropis gigantia. ২ অর্কবৃক্ষের ফল। "আকন্দ বদলে মাকন্দ পাব জায়ফল বদলে জীরা।"-কবিক°।

আকপিল, আকপিশ [আ (ঈষৎ) কপিশ] বি, নীলপীত মিশ্রিত বর্ণ ; পাংশুটে-বর্ণ। বিণ, পাংশুটে ; পাটকিলে ; ইষ্টকের বর্ণ-বিশিষ্ট ; আপিঙ্গল।

আকব্বরী [আ° আখ্‌বর (স্বনাম-প্রসিদ্ধ দিল্লীর সম্রাট) + ঈ (সম্বন্ধার্থে)] বিণ, সম্রাট আকবরের আমলের বা তাঁর নামাঙ্কিত। আ° মোহর-আকবর বাদশাহের নামাঙ্কিত স্বর্ণমুদ্রা (বিশুদ্ধ স্বর্ণ-নির্ম্মিত)।

আকম্প [আ (ঈষৎ) + কম্প্ (কম্পিত হওয়া) + অ (ভা°)] বি, ঈষৎ কাঁপা ; অল্প বিচলিত হওয়া। ~ন [আ-কম্প্ + অন (ভা°)] বি, ঈষৎ কম্পন। ~মান-বিণ, ঈষৎ কম্পান্বিত।

আকম্পিত [আ (ঈষৎ) + কম্প্ + ইত (যুক্ত)] বিণ, ঈষৎ কম্পিত ; ঈষৎ আন্দোলিত [দ্রঃ-আধিক্যার্থে, প্রকম্পিত]।

আকম্প্র-বিণ, ঈষৎ কম্পিত ; কম্পমান।

আকর১ [ঢাকা প্রাদে°। আয়কর > (?)] বি, লভ্য profits.

আকর২ [আ-কৃ (করা) উৎপন্ন হওয়া + অ (ধি)] বি, উৎপত্তি-স্থান। ২ [অক্ষর >] আখর ; সঙ্গীতে স্বর-নৈপুণ্য প্রদর্শনার্থ বাক্য যোগ করিয়া আলাপ (বঙ্গীয় শব্দসিন্ধু)। ৩ [ফা°] দ্রব্য সামগ্রী। বিণ, ~ী। ~জ (র্‌)-বিণ, খনিজাত ; খনিজ। আ° আওলাত [ফা°] দ্রব্যাদি ও বৃক্ষাদি। ২ জমির উপরিস্থ বৃক্ষাদি। আ° বিক্রয়-বি, লোকসান-মহলের জিনিস-পত্র বিক্রয়।

আকরকরা [সং-অকর্কর, আকারকরভ (বৈদ্যকে) ; ফা°-অকরকরহ্] বি, এক প্রকার বচ anacyclus pyrethrum.

আকরিক [আকর + ইক (স্বার্থে)] বিণ, আকরীয় ; আকর-সম্বন্ধীয়। ২ আকরজাত ; খনিজ। ৩ স্বর্ণ-লৌহাদি ধাতু ; সৈন্ধবলবণাদি। ৪ খনিতে নিযুক্ত ব্যক্তি।

আকরীয় [আকর + ঈয়] বিণ, খনিজাত ; আকর-সম্বন্ধীয় ; আকরিক।

আকরোৎপন্ন, আকরোদ্ভূত-[আকর + উৎপন্ন, উদ্ভূত-৫ তৎ] বিণ, খনিজ।

আকরোল-আখরোট দ্রঃ।

আকর্ণ [আ (অবধি, পর্য্যন্ত) কর্ণ-কর্ণ পর্য্যন্ত বিস্তৃত] ক্রি-বিণ, কর্ণ পর্য্যন্ত টানা। প্র-আ° লোচন। ২ শরাকর্ষণ প্রণালী বিঃ। "আ° পূরিয়া, সন্ধান করিয়া সম্মোহন বাণ লয়ে।"-অ° ম°। ~নয়ন, ~নেত্র, ~লোচন-বি, টানা চোখ। ২ বিণ, বিশালাক্ষ ; বিশালাক্ষী। ~বিশ্রান্ত, ~বিস্তৃত, ~বিসৃত, ~লম্বিত, ~পূরিত, ~প্রসারিত-বিণ, কর্ণ পর্য্যন্ত টানা ; আয়ত ; বিশাল। 'আকর্ণবিস্তৃত লোচন' ই°। ~ন [আ-কর্ণি=শ্রবণ করা + অন (ভা°)] বি, শ্রবণ। বিণ, আকর্ণিত-শ্রুত। ~নীয়-বিণ, শ্রবণযোগ্য ; কর্ণপাত করিবার মত বা উপযুক্ত। ~য়িতা [আ-কর্ণি (শ্রবণ করা) + তৃ (র্তৃ)] বিণ, যে কর্ণপাত করে ; শ্রোতা। স্ত্রীং ~য়িত্রী। ~সন্ধান-বি, কর্ণমূল পর্য্যন্ত টানিয়া শরাকর্ষণ দ্বারা সন্ধান ; শরাকর্ষণ প্রণালী বিঃ ; বৎসকর্ণ। "আকর্ণ পূরিয়া সন্ধান করিয়া সম্মোহন বাণ লয়ে।" -অ° ম° [ইহা প্রধানতঃ ৫ প্রকার, -(১) কৈশিক (কেশমূল পর্য্যন্ত আকর্ষণ), (২) সাত্ত্বিক (শৃঙ্গ পর্য্যন্ত আকর্ষণ), (৩) বৎসকর্ণ (আকর্ণ সন্ধান), (৪) ভরত (গ্রীবা পর্য্যন্ত আকর্ষণ), (৫) স্কন্ধ (স্কন্ধ সংলগ্ন আকর্ষণ)]।

আকর্ষ [আ-কৃষ্ (কর্ষণ করা, টানা) + অ (ভা°)] বি, আকর্ষণ ; টান। ২ [ণে, অ] যদ্দারা আকর্ষণ করা হয় ; আকর্ষী ; আঁকুশি। ৩ চুম্বক-পাথর (বিরল)। ক্রি, ~া [আকর্ষি, আকর্ষ, আকর্ষে ; আকর্ষিতে ; আকর্ষিয়া, (পদ্যে ক্ব°-আকর্ষি) ই°] আকর্ষণ করা ; আপনার দিকে আনা ; টানা।

আকর্ষক, ~র্ষিক [আ-কৃষ্ + অক (র্তৃ) আকর্ষ + ইক (কৃতার্থে)] বি, যে আকর্ষণ করে। ২ চুম্বক লোহ। স্ত্রীং ~র্ষিকা।

আকর্ষণ [আ-কৃষ্ + অন (ভা°)] বি,

টানি: আপনার প্রতি কোন কিছু আনাই-বার জন্ত শক্তি প্রয়োগ। ২ [তন্ত্রে] মন্ত্রবলে কোন ব্যক্তিকে আনয়ন সম্বন্ধীয় অভিচারক্রিয়া। ৩ [বিজ্ঞা০] যে শক্তিদ্বারা একটী জড় পদার্থ অন্ত জড় পদার্থকে নিয়ত টানিতে থাকে; জড়-জগতের প্রত্যেক পদার্থের মধ্যে পরস্পরের প্রতি স্বাভিমুখে বলপ্রয়োগ; মাধ্যাকর্ষণ attraction. ~ণী [আকর্ষণ (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, যদ্বারা আকর্ষণ করা যায়; আঁক্‌শি। ২ চুম্বক। ৩ [আকর্ষি ও০] আকর্ষণ করণোপযোগী শক্তি স্ত্রী বা পুরুষকে আনয়ন করিবার জন্ত মন্ত্র বিঃ। "কুন্তী যে আজ্ঞা বলিয়া তৎক্ষণাৎ মাদ্রীকে আকর্ষণী বিদ্যা প্রদান করিলেন।" -মহা০ (বর্দ্ধ)। "আ০ মত আবার এ বনে লইয়া আসিবে সাঁঝে।"-আলো ও ছায়া।

আকি/র্ষী [আকর্ষ+ইন(স্ত্য)] বিণ, যে আকর্ষণ করে; আঁক্‌শি। স্ত্রীং ~র্ষিণী-আঁক্‌শি। ২ আকর্ষণী শক্তি।

আকল$_1$-আক্কেল দ্রঃ।

আকল$_2$ [প্রাদে০। হিং-ছাল্লা] বি, ঘর্ষণাদিজনিত করতল বা পদতলে মাংসের উপর অতিরিক্ত বা চাপ কড়া মাংস; মাংস-পিণ্ড; কড়া।

আকলন [আ-কল্ (গণনা করা)+অন (ভা০)] বি, গণন। ২ আকর্ষণ। ৩ সংগ্রহ। বিণ, আকলিত-সংখ্যাত। ২ সঙ্কলিত। ৩ আকৃষ্ট।

আকল্প$_1$ [আ (অবধি, পর্য্যন্ত)+কল্প (প্রলয়কাল)] ক্রি-বিণ, প্রলয়কাল পর্য্যন্ত; কল্পাবসান পর্য্যন্ত।

আকল্প$_2$ [আ-কৢপ্+অ (ণে)] বি, বেশ। ২ অলঙ্কার। ৩ মণ্ডল। ৪ ব্যাধি। ~ক-বি, মোহ; তমঃ। ২ হর্ষ। ৩ উৎকণ্ঠা। ৪ গ্রন্থি।•

আকল্প$_3$ [কৢপ্ (চিত্রীকরণে, মিশ্রণে ই০)] বি, পরিকল্পনা design.

আকষ [আ-কষ্ (পরীক্ষা করা)+অ (ঘি)-যাতে স্বর্ণাদি ধাতু ঘর্ষণদ্বারা পরীক্ষা করে] বি, কষ্টি পাথর; নিকষ।

আকসার [আ০-অক্‌সর্ (compr. & superlative of আ০ কসর্ (বহু, প্রচুর) বাং (স=চ,ছ) আক্‌চার, আঁক্‌ছার] ক্রি-বিণ, প্রায়ই; যখন তখন; অনেক সময়; সদা-সর্ব্বদা। every now & then; often.

আকস্মিক [অকস্মাৎ (হঠাৎ অর্থে অব্যয় শব্দ)+ইক (ভাবার্থে)] বিণ, যা কোথা হতে ঘটিল তার কারণ জানা নাই; যা ঘটিবে বলিয়া মনেও করা হয় নাই; অচিন্ত্য দৈব।

আকা$_1$ [সং অস্তিকা] বি, উনন; চুল্লী। আখা দ্রঃ।

আকা$_2$ [প্রা০ বাং। সং-অর্ক >] বি, অর্ক; রবি। "লগ্নে আকা।"-খনা।

আকাইলেক-আকালা দ্রঃ।

আকাঁড়া$_1$ [সং-অকণ্ডিত] বিণ, তুষ হতে যা কাঁড়িয়া পৃথক্ ও পরিষ্কৃত করা হয় নাই; সতুষ। প্র-আকাঁড়া চাউল। ২ অমার্জ্জিত; নিরেট। প্র-আকাঁড়া মুখ।

আকাঁড়া$_2$ [হিং-অখাড়া (কুস্তির আক্‌ড়া) এবং হিং-অঁকড়্‌না (বুক ফুলানো, মর্দ্দানি করা) এই দুই শব্দের উচ্চারণ ও ভাব হতে। আখড়ার পালোয়ানেরা বুক ফুলাইয়া ও সর্ব্বাঙ্গ প্রসারিত করিয়া চলে (তুল-হিং অকড়, অক্কড়বাজ, অকড়াব্=খিঁচাব্, তনাব্ অর্থাৎ সম্প্রসারণ)] বিণ, লম্বাচৌড়া (তা হতে বাং) যাকে আঁকড়িয়া ধরিতে পারা যায় না; মহাকায় ও মহাবল। 'আকাঁড়া জোয়ান' (তুল-আখড়াই পালোয়ান)। ২ অপরিমিত। প্র-আকাঁড়া আশা বা আকাঙ্ক্ষা (গ্রা০-আকাঁড়া আহিঙ্কে)।

আকাঙ্ক্ষণীয় [আ-কাঙ্ক্ষ্ (অভি-লাষ করা)+অনীয় (র্ম্ম)] বিণ, স্পৃহণীয়; অভিলাষের উপযুক্ত; প্রার্থনার যোগ্য। ২ অপেক্ষণীয়।

আকা/ঙ্ক্ষা [আ-কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা)+অ, (ভা০) স্ত্রীং আ। (মেয়েলি০ আহিঙ্কে] বি, ইচ্ছা; অভিলাষ; বাসনা। ২ প্রার্থনা। ৩ আশা। ৪ অপেক্ষা। ৫ [ব্যা০] যে পদ-জ্ঞানের অভাবে অন্ত পদের অর্থ প্রতীতি হয় না, সেই জ্ঞান। বিণ, ~ঙ্ক্ষিত [ক্তে০-কাঙ্ক্ষিত] অভিলাষিত; বাঞ্ছিত। ২ প্রার্থিত। ৩ অপেক্ষিত। ৪ প্রয়োজনীয়। ~ঙ্ক্ষী [আ-কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা)+ইন্ (র্ত্তৃ) নিন, বা আকাঙ্ক্ষা+ইন্ (স্ত্য)] বিণ, যে আকাঙ্ক্ষা করে; অভিলাষী। স্ত্রীং ~ঙ্ক্ষিণী।

আকাট$_1$ [(আকা দ্রঃ)+ট (স্বার্থে)। তুল-বখাট, লোপাট] বি, আখা; উনান।

আকাট$_2$ [আ (পরিণত বা সাদৃশ্য অর্থে +কাট, কাষ্ঠ block) বা কট=শব, "কটঃ শবে"-মে০। বা আ (অভাব অর্থে)-কট্ (গতি)+অ-যে কাষ্ঠ বা শবে পরিণত, তদ্বৎ যার গতি নাই, সুতরাং জড়বৎ। তুল-blockhead] বিণ, নিশ্চল; অসাড়। ২ ভয়ে আড়ষ্ট; স্তম্ভিত। ৩ নিরেট; জমাট। ৪ কাষ্ঠবৎ স্থূল বা জড় বুদ্ধি; নিরেট মূর্খ; মহা-মূর্খ; হিতাহিত বিবেচনাশূন্য। আ০ মূর্খ-নিরেট মূর্খ blockhead.

আকাটা$_1$ [ন=আ+কাটা (কর্ত্তিত)-যা কাটা হয় নাই] বিণ, অকর্ত্তিত; অখণ্ডিত।

আকাটা$_2$, -ঠা [আ (নাই)-কাট (কাষ্ঠ)+আ (স্ত্য)-যাতে কাষ্ঠত্ব বা কাটের সার ভাগ নাই] বি, অন্তঃসারশূন্য কাষ্ঠ: ফোঁপরা কাট।

আকাঠা [আকাট > আকাটা, আকাঠা (তুল-গাছ আগাছা)] বি, বাজে কাট; অকিঞ্চিৎকর কাষ্ঠ; কুকাষ্ঠ। আ০ কুকাঠা [সহচর শব্দ। তুল-কাট কুটা] বি, অকিঞ্চিৎকর কাট; বাজে কাট। "তিনি স্বয়ং আকাঠা-কুকাঠা হতে ছেলেদের চুষীকাঠি, বাখাল কাটি, লাট্টু, কাঠের ছোট ছোট বল প্রস্তুত করিয়া আমাদিগকে শিক্ষা দিতেন।" -বঙ্গীয় পতিত জাতির কর্ম্মী।

আকাড়ি, আকড়ি, আকড়ে [আকাড়িয়া-ক্তে০ ক্রি-বিণ, দুই হস্তদ্বারা; বাহু বেষ্টনদ্বারা বেড়িয়া; দুই হাত মেলিয়া।

আকানি [প্রাদে০ ২৪ পরগণা। উ০ ও প০ রাঢ়ে-আউলানি। আকুল, আকুলানি দ্রঃ] ক্রি, উন্মুক্ত করা। আকালা দ্রঃ।

আকামানি, [না=আ+কামান (দ্রঃ)] বিণ, অমুণ্ডিত। ২ [প্রাদে০] সর্পের বিষদাঁত ভাঙ্গা হয় নাই এমন। ৩ অনুপার্জ্জিত; আলটপ্‌কা পাওয়া।

আকায়-বি, নিবাস abode.

আকার [আ-কৃ (করা, প্রকাশ করা)+

অ (র্ম্ম), যদ্দ্বারা প্রকাশিত হয়] বি, মূর্ত্তি ; চেহারা ; স্বরূপ। ২ সাদৃশ্য। ৩ ধরণ ; লক্ষণ। প্র-লোকটার ত সহজে এখান থেকে নড়বার আকার দেখছি না। আ° ইঙ্গিত, আ° প্রকার [সহচর শব্দ] চেহারা এবং চোখ মুখাদির ভঙ্গী ; ভাবভঙ্গী ; ধরণ-ধারণ। কোন আকারে-ক্রি-বিণ, কোন প্রকারে ; যে কোন রকমে বা উপায়ে ; যেমন করিয়া হউক। মড়ার-আকার-(শবের ন্যায়) অত্যন্ত শীর্ণ ও বিবর্ণ।

আকার₂-বি, আ এই বর্ণ ; (া) এই চিহ্ন। অকার আকার চেনা-স্বরবর্ণের বিশেষ বিশেষ চিহ্ন ও তাদের রূপান্তর পরিচয়। ~াদি-আ° ই° ; যার আদিতে আ° আছে। ~ান্ত-যার অন্তে আ° আছে। ~গুপ্তি, ~গোপন [আকার মুখ-বিকারাদি)-গুপ্তি (গোপন) ৬ তৎ] বি, চেহারায় প্রকৃত ভাব অপ্রকাশ করণ। আকার দেখিয়া মনের ভাব কেহ বুঝিতে না পারে এমন করা। ২ [অলং] অবহিত্থ। ~বান্-মূর্ত্তি বিশিষ্ট ; রূপধারী।

আকারণ [সং-আ+কৃ=কারি (ণিজন্ত) +অন (ভা°)] বি, আহ্বান · ডাকা।

আকা/রা [তুল-হি°-আকারী-বুলানেবালা। স্ত্রীং ~রিণী-আহ্বান করনে-বালী। হি°-আকারীঠ=যুদ্ধাহ্বান-যুদ্ধ। হি° শ° সা°] ক্রি, আহ্বান করা ; ডাকা। ২ [প্রাদে°] তুল-রাকাড়া বা রাকারা, রা=আ] কথা কওয়া ; উত্তর দেওয়া। "আকারছ না কেন?" বিণ, ~রিত-কৃত আহ্বান ; আহূত। ২ অনুজ্ঞাত।

আকারানুভাবকতা [আকার+অনুভাবকতা-৬ তৎ] বি, যে শক্তিদ্বারা আকার অনুভব করা যায় বা আকারের প্রকৃত জ্ঞান বা বোধ হয় faculty of form ; sense of form.

আকারি [আখণ্ডিত > ভ্রং, প্রা° বাং] বিণ, আকাটা ; আছাঁটা। "আকারি ধানের চাউল দিলে।"-মাণিক° গান।

আকারোপলক্ষিত [আকার+উপলক্ষিত (বিশিষ্ট), ৩ তৎ] বিণ, আকার-ধারী ; সাকার।

আকাল₁ [তেলু°-'আকালি'=ক্ষুধার আতিশয্য ; হি°-অকাল=দুর্ভিক্ষ। গোন্দ-আ° =দুর্ভিক্ষ। অকাল দ্রঃ] বি, দুর্ভিক্ষ ; দুঃ-সময় ; শুকো (হাজা শুকো দ্রঃ)। "হায় কি হলো আকাল এলো-আবার ধ্বজা তুলে।" -হে° [দ্রঃ-আকাল স্থলে অনাকাল শব্দের বিরল প্রয়োগ আছে। "অনাকাল ভূত।" অর্থাৎ যে ব্যক্তি দুর্ভিক্ষের সময় প্রাণ-ধারণ জন্য দাস্যবৃত্তি অবলম্বন করে] বিণ, আকালিক, আকালিকী-দুর্ভিক্ষ সম্বন্ধীয়। ২ [অ-কাল+ইক (ভা°)] (স্ত্রীং)] অসাময়িক ; অকালজাত ; অসময়ে উৎপন্ন। ৩ অকাল সম্বন্ধীয়। ৪ বিদ্যুৎ [বিরল] আ° প্রলয়-বি, কপিল মুনির শাপে যে অকালে জলপ্লাবনে জগৎ ধ্বংস হইয়াছিল তার নাম।

আকাল₂ [মৈমনসিং প্রাদে°] বিণ, প্রকাণ্ড। ~মাকাল [সহচর শব্দদ্বয়] বিপরীত আকারের ; প্রকাণ্ড। "আ° মা° অজগইরা ধইরা খায়,"-মৈ° গী°।

আকালা [আকুলা (আকুল করা) > আকাল দ্রঃ। প্রা° বাং] ক্রি, মুক্ত করা ; আকুলায়িত করা। প্রা° বাং-য় বিণ অর্থে আকাইলেক-আকুল-করা ; আলুলা-য়িত। "আকাইলেক কেশ তোর সুচিত্রক মাঝা।"-শ্রী° কী°।

আকাল্যা [Kala Azar > কালা-জ্বর >, বর্ণ বিকারে ও ক্ষে°] বি, কালাজ্বর ; বিষমজ্বর। "দারুণ আকাল্যা জ্বর হাতে লাগ্যা আছে।"-মৈ° গী°।

আকাশ [আ (সর্ব্বতোভাবে, সর্ব্বত্র, নিত্য অর্থে) কাশ্ (প্রকাশ পাওয়া, বর্ত্তমান থাকা)+অ (র্তৃ)-যে ঐরূপ প্রকাশ পায়। হি°-আগাশ ; ইং-sky ; ফা°-আসমান্, প্রা° বাং রূপ 'আকাস' (বৌ° বাং) 'অকাশ' (শ্রী° কী°), প্রা° বাং 'আগাশ'। পূ° বঙ্গ প্রাদে°-'আঁয়াস'। "আঁয়াস পাতাল ভাবেরে কৈন্যা চৌক্ষে নাই ঘুম।"-পূ° ব° গী°। চট্ট° প্রাদে°-আআশ] বি, ক্ষিতি-অপ-তেজ-মরুৎ-ব্যোম এই পঞ্চভূতের ৫ম ও আদি ভূত (আকাশ > বায়ু > তেজ > অপ্ বা জল > ক্ষিতি) ব্যোম ether. ২ [বেদান্তে -ভূতাকাশ নহে] জগতের বীজাবস্থা ; বীজ-শক্তিরূপ। ৩ [সুশ্রুত] অব্যক্ত ; অব্যাকৃত ; প্রাণ। ৪ দৃশ্যমান গগন ; অম্বর the sky. "রাঙ্গা মেঘ ছড়িয়ে দেছে আকাশের গায়।" -বাং গান। ৫ স্বর্গ heaven. প্র-আকাশ পাতাল। ৬ নভঃ ; নভোমণ্ডল ; বায়ুমণ্ডল the atmosphere. প্র-আকাশে উড়িয়া বেড়ায়। ৭ বায়ুর শৈত্য, তাপ, আর্দ্রতা, শুষ্কতা ই° অবস্থা weather. প্র-আকাশের গতিক বড় ভাল বোধ হইতেছে না অবিলম্বে ঝড় বৃষ্টি হইতে পারে। আ° বেশ পরিষ্কার আছে। ৮ শূন্য the ethereal space. "তিনি আ° পথে চলিলেন।" আকাশে ফাঁদ পাতিয়া ঝগড়া করা। ৯ লঘু ; হালকা। প্র-শরীর আ° পারা হওয়া। ~কক্ষা-বি, চক্র-বাল ; গগনান্তরাল horizon. ~কটাল, ~কাটাল, ~খাটাল করা-ক্রি, মেঘ কেটে যাওয়া ; বৃষ্টি ধরণ করা ; আকাশ পরিষ্কার হওয়া। ~কুসুম [বৌ° বাং অ° ফুলিআ (চ° ৫০।৪)] বি, শূন্য বা অবস্তু ; কাল্পনিক বিষয় বা বস্তু ; যার অস্তিত্ব নাই ; খ-পুষ্প। "(আমি) কেবলি স্বপন করেছি বপন বাতাসে। (তাই) আকাশ-কুসুম করিনু চয়ন হতাশে।"-রবী°। ~গ (-শ-)-বিণ, শূন্যগামী। ~গঙ্গা-স্বর্গের নদী মন্দাকিনী ; স্বর্গগঙ্গা। ২ দুধ পথ the milky way. আ° ঘোর করা-ক্রি, ঘোরঘটা বা অন্ধকার করে আসা ; চতুর্দ্দিকে মেঘে আচ্ছন্ন হওয়া ; গগন মেঘাবৃত হওয়া। ~চর-বিণ, বি, যারা আকাশে চরে বা ভ্রমণ করে ; নভশ্চর ; পক্ষী। ~চিত্র-বি, খগোলের ম্যাপ। ~চুম্বী-বিণ, আ° চুম্বন (সুতরাং) স্পর্শকারী ; গগনস্পর্শী। ~জ, ~জাত-বিণ, শূন্যোৎপন্ন ; আকাশফোড়। ~জননী-বি, দুর্গের উপর সচ্ছিদ্র প্রাচীর প্রগণ্ডী battlement. আ° থেকে পড়া-ক্রি, অনভিজ্ঞতার ভাণ করা ; পূর্ব্ব হইতে আভাসপ্রাপ্ত বা জানা বিষয় বা ঘটনা শুনিয়া বা দেখিয়া বিস্ময় প্রকাশ করা। "তুমি যে একেবারে আ° থেকে পড়লে!" ~দীপ, ~প্রদীপ-হিন্দুগৃহে দেবোদ্দেশে আকাশে যে দীপ দেওয়া হয় ; বাঁশ পুঁতিয়া তার আগায়

দীপ বাঁধিয়া দেওয়া হয় এবং কার্ত্তিকমাস-ভোর প্রতিসন্ধ্যায় ঐ দীপ জ্বালা হয়। **~দুহিতা**-বি, প্রতিধ্বনি। "আকাশ-দুহিতা-ওগো শোন প্রতিধ্বনি।" -মেঘ°। **আ° ধঁরা, -ধঁরণ কঁরা**-বৃষ্টি পড়া বন্ধ হওয়া ; বৃষ্টি ধরা। **~নন্দিনী**-আকাশ-দুহিতা ; প্রতিধ্বনি। "বুঝিলাম এতক্ষণে কে তুমি ডাকিছ আকাশ-নন্দিনী।"-ব্রজাঙ্গনা। **~পঁট**-বি, গগনাঙ্গ ; শূন্যদেশ ; আকাশ পটল। **~পঁথ**-বি, আকাশে গমনাগমনের পথ। রামায়ণ মতে ৭টী-(১) ফিঙ্গক ও পারাবতের, (২) কাক শুকের, (৩) ভাস, কুরর ও ক্রৌঞ্চের, (৪) শ্যেনের, (৫) গৃধ্রের, (৬) হংসের, (৭) বৈনতেয়দিগের। **~পঁরমাণু**-আকশাণু দ্রঃ। **~পাতাল** [আকাশ (হতে) পাতাল (পর্য্যন্ত) মধ্যের ব্যবধানের (মর্ত্ত্য বাদ দিয়া) বিশালতা এখানে লক্ষ্য] ক্রি-বিণ, স্বর্গ-মর্ত্ত্য-পাতাল ; সর্ব্বত্র। ২ [ব্যবধানের বিশালতা হতে প্রভেদের পরিমাণাধিক্য-জ্ঞাপক অ] অনেক। প্র-কিসে আর কিসে তুলনা করিতেছ ও দুয়ের মধ্যে আকাশ-পাতাল তফাৎ। তুল-উ°, ফা°-জ়মীন অস্‌মান-কা-ফ়র্ক্। বাং-আশমান জমীর তফাৎ। ৩ [প্রা° বাং] প্রলাপ। যা তা আবোল-তাবোল। "হঅ গরু রাখোআল বোল আ° পা°।"-শ্রী° কী°। **~প্রান্ত**-দিক্‌চক্রবাল। **~ফুটো**-ভিত্তিহীন শূন্যগর্ভ ; অমূলক। প্র-এমন আকাশ ফুটো কথা কে বলিল। **~বঁর্ণ**-বি, আকাশের ন্যায় নীল-বর্ণ ; আশমানী রঙ্ sky blue. **~বল্লী ~বালি** [হি°- অমরবেল, অমর-বেলি। পূ° বঙ্গে-শূন্যলতা] বি, মূলহীন পত্রহীন সরু লতা বিঃ ; খবল্লী; আলোক লতা (যা অন্য বৃক্ষের উপর জন্মে এবং তারই রসে পুষ্ট ও বিস্তৃত হইয়া তাকে ঢাকিয়া ফেলে) ; অমরবেল লতা cassayta filiformis. **~বঁচন, ~বাণী, ~ভাষিঁত, ~ভাঁরতি**-যে বাণী বা বচন কার মুখ হতে বাহির হ'ল জানা যায় না যা বক্তাকে দেখা যায় না ; দৈববাণী। "কহিলেন অন্নপূর্ণা আ° বচনে।"-অ° ম°। **~বৃত্তি**-জীবিকার নির্দ্দিষ্ট উপায়াভাব ; শূন্যবৃত্তি বা দৈবের উপর নির্ভর করিয়া থাকা ; দৈবনির্ভর। **আ° ভাঙ্গিয়া পঁড়া,-ভাঙ্গিয়া মাথায় পঁড়া**-হঠাৎ মহা বিপদ গণনা করা ; বজ্রাহতের ন্যায় হওয়া ; হঠাৎ ভাবনায় অভিভূত হওয়া। প্র-কথাটা শুনতে না শুনতেই যে তোমার দেখছি আকাশ ভেঙ্গে মাথায় পড়ল। **~ভাষিঁত, -ভারতি**-বচন দ্র°। **~মঁণ্ডল**-নভোমণ্ডল ; উর্দ্ধে যতদূর দৃষ্টিগোচর হয় the etherial sky. **~মুখী**-যে সন্ন্যাসী উর্দ্ধ মুখে থাকেন। **~মূলী**-যার মূল শূন্যে থাকে ; জলের পানা। **~যঁন্ত্র, ~যান**১-ব্যোমযান ; এরোপ্লেন ; উড়ো জাহাজ। **~রক্ষী**-বি, দুর্গপ্রাকারোপরিস্থ প্রহরী। **আকাশে তোলা,-তুলে দেওয়া**-ক্রি, অতিরিক্ত প্রশংসা করিয়া বড় করা ; অতিরঞ্জন বা তোষামোদ দ্বারা মান বড় করা ; ২ কথায় অতি উচ্চ পদের আশা ভরসা প্রতিশ্রুতি ই° দান করা কিন্তু কাজে নহে। **~সঁম্ভবা**-প্রতিধ্বনি। সম্বোধনে **~সঁম্ভবে**। "যে ব্রজে শুনিতে আগে সঙ্গীতের ধ্বনি, আকাশসম্ভবে,"-ব্রজাঙ্গনা। **~সরিৎ**-আকাশ গঙ্গা। **~সলিল**-বৃষ্টি-বারি। **~স্থ**-বিণ, শূন্যে স্থিত। **আ° হাতে পাওয়া**-দুর্লভ বা আশার অতীত এবং অভাবনীয় দূরের বস্তু বিনা চেষ্টায় হস্তগত হওয়া ; অসম্ভব সম্ভব হওয়া ; দুরাশা পূর্ণ হওয়া ; দুরাকাঙ্ক্ষিত বিষয় লাভের আশ্বাস পাওয়া। "আকাশবাণীতে হাতে পাইলা আকাশ।" -অ° ম°।

আকাশাণু, আকাশপঁরমাণু [রাসা° পরিঃ] বি, আণবিক ব্যূহ ether atom, groups of atom.

আকাশে [সং-নাটকে] অ, নেপথ্যে (সম্ভাষণ) ; অদৃশ্য ব্যক্তির সম্ভাষণ [বাং-বিরল] ২ আকাশ মার্গে ; শূন্যে।

আকিঞ্চন [অকিঞ্চন (দ্রঃ)+অ (ভাবার্থে)] বি, যার কিছুই নাই তার অবস্থা ; দারিদ্র্য ; দৈন্য। ২ [প্রাদে°। দৈন্যের ভাব হতে] "দৈন্যের ভাবে প্রকাশিত ইচ্ছা।"-ল° বন্দ্যো°। আশা ; আকাঙ্ক্ষা। ৩ আগ্রহ ; বাসনা ; অভিলাষ ; "(প্রভু) পূজিব তোমারে আজি বড় আছে আ°, হৃদয় কবাট খুলি পেতেছি মন-আসন।"-ক্ষ°। ৪ প্রয়াস; চেষ্টা। ৫ [বৌ° শা°-আ+কিঞ্চন] যে অবস্থায় কোন বস্তুর অস্তিত্ব উপলব্ধি হয় না ; শূন্যময় অবস্থা [লক্ষ°] কিছু নাই এই ভাব ; শূন্য বা যে অবস্থায় অন্তরে কিছু নাই এই চিন্তা মাত্র উপস্থিত হয়। ৬ [>] চিত্ত বিমুক্তি।

আকিঞ্চন্য-চিত্ত-বিমুক্তি [পারিঃ] বি, অনিমিত্ত-চিত্ত-বিমুক্তি ; সম্যক্ সমাধিতে চিত্তের যে বিমুক্তি হয়।

আকীর্ণ [আ (সম্যক্) +কীর্ণ (ব্যাপ্ত, ক্ষিপ্ত) কৄ (বিক্ষেপ করা) +ত, (কৄ= কীর্। ত=ন)] বিণ, বিক্ষিপ্ত ; বিস্তীর্ণ।

আকু/ঞ্চন [আ (ঈষৎ) কুঞ্চ্ (কোঁচকান) অন (ভা°)। তুল-জর্ম্ম schranken (শ্র্যাংকেন্), অ্যাং স্যা°-scrincan (স্ক্রন্‌কেন্)-বক্রকরণ] বি, কোঁকড়ান ; কোঁচকান; গুটান ; সঙ্কোচ। ২ বক্র হওন ; বক্রকরণ। ৩ [ন্যায় শা°] উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ, গমন-এই পঞ্চ কর্ম্মান্তর্গত কর্ম্ম-বিঃ। বিণ, **~ঞ্চিঁত**-ঈষৎ কুঞ্চিত বা বক্রীকৃত ; কোঁচকা ; কোঁকড়া ; সঙ্কুচিত। **~ঞ্চনীয়ঁ**-বিণ, কুঞ্চিত হবার বা কোঁচকাইবার যোগ্য ; যাকে গুটাইতে বা কোঁচকাইতে হইবে। > বি, **~ঞ্চনীয়ঁতা,-ত্ব**-জড় ধর্ম্ম বিঃ ; যে ধর্ম্ম বা গুণ থাকিলে জড় পদার্থ শৈত্য বা চাপ যোগে ঘনীভূত ও আয়তনে হ্রাস প্রাপ্ত হয় compressibility.

`আকু/ড়া [আঁকুরা দ্রঃ (র=ড়)। হি°-আঁকুড়া (সং-অঙ্কুর >)-"লোহে কা ঝুকা হুয়া টেঢ়া কাঁটা," "হল কী বহ্ লক্‌ড়ী জিস্‌মে ফাল লগায়া জাতা হায়্।"-হি° শ° সা°] বি, মাছ ধরিবার কাঁটা বা লাঙ্গলদণ্ডে ফালযুক্ত মুখের ন্যায় বক্রমুখ কাষ্ঠখণ্ড। ২ বঁড়শীর আকার-মুখ ধাতুময় অস্ত্রবিঃ। "বরুণের সাজা-কুড়া কনক আকুড়া।"-কবিক°। ৩ কামারশালে ব্যবহার্য্য আগুনে খোঁচা দিবার বক্রমুখ ছড় বা কাঁটা। ৪ আকর্ষণী। **~ড়ী** [আকড়া-ক্ষুদ্রার্থে আকুড়ী, আঁক্‌ড়ী] বি, ১ এইরূপ চিহ্ন। প্র-'ক' এর আঁকুড়ী

মুছিলে 'ব' হইয়া যায়। ২ অঙ্কুর ; কল। ৩ লতাতন্তু ; প্রতান ; শুঁয়া tendril.

আকুণ্ডকুণ্ড [সং-অকাণ্ড তাণ্ডব। হিং-তে চ০ (হিং শ০ সা০) > অনুকরণে বাং -আ০] বি, খুনোখুনি কাণ্ড ; ঘোরতর কলহ ; তুমুল ঝগড়া।

আকুত, আকূত, আকুতি, আকূতি [আ-কু (শব্দ করা)+ত, তি (ভা০)] বি, আগ্রহ ; আবেগ ; আকুলতা। "প্রাণের আকুতি", "এগুলি প্রাণের আকুতি-ভরা উচ্ছ্বাস।"-গদ্যে কবিতা (কা০ রায়)। "শত আর্ত্ত-আকুতির অশ্রুভরা দু' বাহু বেড়িয়া।" ২ ইচ্ছা ; আশয় ; অভিপ্রায়। ৩ [আকৃতি > আকুতি, অভিব্যক্তি > আকুতি] আকার ; ইঙ্গিত ; ভাবভঙ্গী। ৪ [বীরভূম প্রাদে০] কৌতুক ; রঙ্গ ; তামাসা। ক্রি-বিণ, আকুতে-আগ্রহে ; আনন্দে। "মনের আকুতে।"-চণ্ডী০। আকুতি-ব্যাকুতি -বি, ভাবভঙ্গি মনোভাব প্রকাশ বা অঙ্গ-ভঙ্গি ; ঠারে বলা।

আকুরা [সং-অঙ্কুর > ,হিং-অঁকুড়া] বি, মাছ ধরিবার কাঁটার মত বক্রমুখ ধাতুময় অস্ত্র-বিঃ। "বরুণের সাঙ্গাকুরা কনক আ০।" -কবিক০। আকুড়া দ্রঃ।

আকুল [আ-কুল (রাশি করা, ব্যগ্র হওয়া) অ (র্ত্তৃ)-ভারাক্রান্ত] বিণ, ব্যগ্র ; উৎসুক ; উৎকণ্ঠিত। "রহিত চাহি আ০ নয়নে।"-রবী০। ২ ব্যাকুল ; কাতর ; ব্যথিত; অনুতপ্ত ; ভারাক্রান্ত। "দয়াময় বলে আ০ হৃদয়ে তোমারেও তারা ডাকে না।"-স্কন্দ০। ৩ অস্থিরচিত্ত; চঞ্চল; অধীর। "কুহুতানে আ০ করে প্রাণ।"-গি০ ঘোষ। "কেমনে বাঁধিবে তার আকুল পরাণে"-স্কন্দ০। ৪ বিভ্রান্ত; উন্মুক্ত; আলুলায়িত। "আ০ হইলে কুন্তল ভার।" -শ্রী০ কী০। "আ০ চিকুরা,"-গোবিন্দ০। "আমি এ আ০ কবরী আবরি কেমনে যাইব কাজে।" -রবী০। ৫ অভিভূত ; বিহ্বল ; বিকল। "সই কেবা শুনাইল শ্যাম নাম? কাণের ভিতর দিয়া, মরমে পশিল গো, আ০ করিল মোর প্রাণ।"-চণ্ডী০। ৬ পরিপূর্ণ ; ভরপুর ; উদ্বেলিত ; উথলিত ; উচ্ছ্বসিত। "অকূল সিন্ধু উঠিছে আকুলি।"-রবী০। ৭ বিপর্য্যস্ত ; বিক্ষিপ্ত ; বিকীর্ণ। "আঁচল আকাশে হতেছে আ০।"-রবী০। "নূপুর গুঞ্জরী যাও আকুল-অঞ্চলা বিদ্যুৎ চঞ্চলা।"-উর্ব্বশী (ঐ)। "আ০ অলক।"-বি০ প০। "আ০ কুন্তল"-ঐ। ৮ আবিষ্ট ; বিশিষ্ট ; পূর্ণ ; ভরা। 'কুঞ্জকুটীরে অয়ি ভাবাকুল-লোচনা।"-ঐ। বি, ~তা, ~ত্ব-ব্যাকুলতা ; বৈকল্য ; ঔৎসুক্য ; অস্থিরতা ; অধীরতা ; বিঃ[illegible]। ক্রি, আকুলানি [প্রা০ বাং প্রচর] আ০ করা। আকুলাইল, আকুলিল-আ০ করিল। আকুলি, আকুলিয়া-আকুল করিয়া। ২ আকুল হইয়া ; উথলিয়া। "অকূল সিন্ধু উঠিছে আকুলি।"-রবী০। আকুলে-আকুল করে। "দেখে পথিকের মন আকুলে।" -ঐ। বিণ, আকুলিত-উদ্বেলিত ; ব্যাপ্ত ; উদ্‌ভ্রান্ত। ২ বিক্ষিপ্ত ; বিপর্য্যস্ত। এই অর্থে প্রা০ বাং আকুলায়িত, আকাইলেক। "আকাইলেক বেশ ভোর সুচিত্রক মাঝা।"-শ্রী০ কী০। ৩ আন্দোলিত; সঞ্চালিত। আকুলি-ব্যাকুলি [সং-আকুলতা-ব্যাকুলতা সহচর শব্দ > গ্রা০ উচ্চারণ ভেদে-আকুলিবিকুলি, -বেকুলি, হাকুলি-বিকুলি] বি, ব্যস্তসমস্তভাব ; উৎকণ্ঠা ; অত্যন্ত আগ্রহ ; কাতরতা। ২ ক্রি-বিণ, উৎকণ্ঠিত হৃদয়ে ; বিহ্বলচিত্তে। "তাঁহার চরণস্পৃষ্ট তীবের সে ধূলি। দুই হাতে বুকে মাখি আকুলি-ব্যাকুলি॥"-কুঙ্কুম০। আকুলীকৃত [আকুল+ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে-কৃত] বিণ, যাকে আকুল করা হইয়াছে ; বিক্ষোভিত ; ব্যাকুলীকৃত। আকুলীভূত [আকুল-ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে-ভূত] বিণ, যে আকুল হইয়াছে ; উদ্‌ভ্রান্ত।

`আঁকুসি, আঁকুসি [সং-অঙ্কুশ। হিং-অঁকুসী। "টেড়ী কর্‌কে ঝুকাই হুই লোহেকী কীল্ জিস্‌মে কোই চীজ্ লটকাই বা ফঁসাই জায়্।"-হিং শ০ সা০] বি, শিকলের কড়া যদ্বারা পাখীর পা বাঁধা যায়। "এখন হয়ে অবিশ্বাসী কাটিয়া আ০ পলায়ে এসেছে পুরে।"-চণ্ডী০।

আকৃতি [আ-কৃ (করা, ব্যক্ত করা) + তি (ণে)] বি, অবয়ব ; মূর্ত্তি ; শরীর। ২ রূপ ; আকার-প্রকার ; গঠন ; ধরণ ; প্রকার। ৩ দ্বাবিংশতি অক্ষরা সং ছন্দ বিঃ। বিণ, আকৃত-গঠিত shaped. ~প্রকৃতি [দেহের গঠন ও স্বভাব চরিত্র (সহচর শব্দ)] বি, আকার-প্রকার ; আকার-ইঙ্গিত ; মূর্ত্তি ও চরিত্র। "আকৃতে প্রকৃতে তোমার ঈশ্বর লক্ষণ।" [ছন্দানুরোধে 'আকৃতিতে প্রকৃতিতে' স্থলে আকৃতে-প্রকৃতে-চৈ০ চ০]।

আকৃষ্ট [আ-কৃষ্=চষা, টানা+ত (র্ম্ম) [illegible]] বিণ, যাকে আকর্ষণ করা হইয়াছে ; আকর্ষিত। ২ গৃহীত। ৩ প্রলুব্ধ ; মুগ্ধ। বি, আকৃষ্টি।

আকৃষ্যমাণ [আ-কৃষ্ (কর্ষণ করা) + য (র্ম্ম) + আন, আ=মা] বিণ, যাকে আকর্ষণ করা হইতেছে ; যাকে টানা যাইতেছে ; যাকে বলপূর্ব্বক আনা হইতেছে।

আকেকর [আ (সম্যক্) কে (মস্তকে) কর (যে করে)-যে নেত্রদ্বয় মস্তকের দিকে করে। তুল-চোখ কপালে তুলা] বিণ, বক্রাক্ষি ; টেরা। "অর্জ্জুন তখন জিঘাংসাপরবশ হইয়া আ০ নেত্রে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন।"-মহা০।

`আকোন-আখুন দ্রঃ।

আক্কারা-আক্রা দ্রঃ।

আক্কেল, আক্কল [আ-আক্‌ল্, প্রাদে০ আক্কল (চ০ ক০ ভা০)] বি, বুদ্ধি ; বিচারশক্তি ও ধীশক্তির সমন্বয় ; বিবেচনা [গ্রা০ ব্যবহারে-আক্কেলখানা। "মা বল্লেন তোমার আক্কেলখানা খুব।"-আ০ শক্তি। (২) বিস্ময়ে। "দেখ একবার আক্কেলখানা।"] ~গুড়ুম্-অ, লুপ্তবুদ্ধি ; স্তম্ভিত। ২ অবাক্ ; বিস্মিত। ~ছেলামি, -সেলামি-বি, কৃত অপরাধের জন্য যে দণ্ড দেওয়া যায় (ব্যঙ্গোক্তি)। ~দাঁত-বি, অতিরিক্ত দন্ত ; খলিবর্দ্ধন [এই দাঁত উঠিবার সময় অতিশয় যন্ত্রণা হয়, মুখ ও মাড়ি ফুলিয়া উঠে] ~মস্ত [আ০+মস্ত (বির্থে০)] বিণ, বুদ্ধিমান্ ; প্রাজ্ঞ।

আক্তা [আখতা দ্রঃ] বি, ছিন্নাণ্ড ; খাসি। ২ আক্তা ঘোড়া gelding

আক্রন্দ [আ-ক্রন্দ্ (রোদন করা) +অ (ভা০)] বি, ডুরাহ্বান। ২ উচ্চৈঃ শব্দ।

৩ নাদ; ধ্বনি। ৪ রোদন। ৫ তুমুল যুদ্ধ। ~ন্দিত [আ-ক্রন্দ্+ত (ভা০)] বি, আর্ত্তনাদ।

আক্রম [আ-ক্রম্ (গমন করা)+অ (ভা০)] বি, অতিক্রম। ২ পরাভব। ৩ ব্যাপ্তি; বিক্ষেপ। ৪ অধিকার; প্রাপ্তি। ৫ বলপূর্ব্বক অতিক্রমণ। ৬ বিক্রম। "বিপুল আক্রমে নাশ তারে।"—মেঘ০।

আক্রমণ আ-ক্রম্+অন (ভা০)] বি, হিংসা বা অনিষ্টার্থ বলপূর্ব্বক অন্যের উপর পড়া; হানা। ২ বলপূর্ব্বক অধিকার করণ। ৩ বিজয়ার্থ পরদেশ আস্কন্দন। ৪ (স্থান ই০) ব্যাপিয়া বা জুড়িয়া লওয়া; অধিকার। "তাহারা একত্র হইয়া শৈল, কানন, দেশ ও নদী সকল আ০ পূর্ব্বক বহু যোজন বিস্তৃত এক মণ্ডল প্রস্তুত করতঃ অবস্থান করিতে লাগিল।" —মহা০ (সিংহ)। ~মণীয়-বিণ, আক্রমণের যোগ্য; যাকে আ০ করিতে হইবে। প্রা০ বাং-য় আ০ হইতে নাম ধাতু 'আক্রাইল' =আক্রমণ করিল। ঐরূপ আশ্রয় > আশ্রাইল =আশ্রয় করিল (রূপনারায়ণ,দুর্গামঙ্গল)।

আক্রা [সং-অক্রয্য, অক্রেয়। হি০-আক্‌রা (তুলসী); ওড়ি০-অক্‌রা। বাং কথ্য-আক্কারা] বিণ, অক্রেয়; দুর্মূল্য; মহার্ঘ। ~ন্ত [আ-ক্রম্+ত (র্ম্ম)] বিণ, অতিক্রান্ত; যাকে আক্রমণ করা হইয়াছে। ২ অভিভূত; বিবশ; আবিষ্ট; আবৃত। ৩ ব্যাপ্ত; বিকীর্ণ। ৪ সঙ্কুল; সংযুক্ত। ৫ ব্যথিত; পীড়িত। বি, ~ন্তি।

আক্রামক [আ-ক্রম্+অক (র্ত্তৃ)] বিণ, যে আক্রমণ করে; আক্রমণকারী।

আক্রীড় [আ-ক্রীড়্ (খেলা করা) +অ (ধি)] বি, রাজোদ্যান; প্রমোদবন; কেলি-কানন। ২ উপবন। ৩ বিহার। ৪ ক্রীড়া-ভূমি; আখড়া gymnasium. ৫ [ভা০-অ] ক্রীড়া। আ০ পর্ব্বত-বিহারার্থ কৃত্রিম পাহাড় (কালিদাস, কুমার)। ~ভূমি -রঙ্গস্থল; বিহারভূমি; আখড়া। ~ন (-ড়ঁ-)-বি, ক্রীড়ন; খেলন।

আক্রুষ্ট [আ-ক্রুশ্ (রোদন করা, ক্রোধ করা)+ত (র্ম্ম)] বিণ, যার উপর আক্রোশ করা হইয়াছে। ২ অভিযুক্ত; তিরস্কৃত; নিন্দিত। ৩ অভিশপ্ত।

আক্রোশ [আ-ক্রুশ্ (ক্রোধ করা) +অ (ভা০), উ=ও] বি, ক্রোধ; পূর্ব্বসঞ্চিত বিদ্বেষ। ২ অভিযোগ; নিন্দা; কটূক্তি; ভর্ৎসনা। ৩ অভিসম্পাত। ~নীয় (-শঁ-)। স্ত্রীং ~নীয়া। ~ক (-শঁ-) বিণ, যে আক্রোশ করে; আক্রোশকারী। ~ন (-শঁ-) বি, আক্রোশ প্রদর্শন।

আক্লান্ত [আ(অতি) ক্লম্(ক্লান্ত)হওয়া)। +ত (অ=আ, ম্=ন্)] বিণ, অতিক্লান্ত; অতিশয় ক্লিষ্ট।

আক্ষপাটিক [সং] বি, বিচারক।

আক্ষপাদ [অক্ষপাদ (গৌতম)+অ (কৃতার্থে)] বি, অক্ষপাদ বা গৌতমীয় শাস্ত্র; ন্যায় দর্শন। ২ বি, ন্যায় শাস্ত্রে অভিজ্ঞ; নৈয়ায়িক।

আক্ষরিক [অক্ষর+ইক (সম্বন্ধার্থে)] বিণ, অক্ষর সম্বন্ধীয়। ২ অক্ষরানুযায়ী। ৩ ক্রি-বিণ, বর্ণে বর্ণে।

আক্ষার, আক্ষারণ, আক্ষারণা [সং। প্র০ অ০] বি, অখ্যাতি; অপবাদ calumny. ২ ব্যভিচার দোষ adultery. বিণ, আক্ষারিত।

আক্ষিক [অক্ষ (পাশা)+ইক (ক্রীড়ার্থে)] বিণ, পাশাক্রীড়াসম্বন্ধীয়। অক্ষ-ক্রীড়াদ্বারা অধিকৃত। ২ [অক্ষি+ইক] বিণ, চাক্ষুষ। আ০ প্রমাণ [পারি:] পরীক্ষণ experiment.

আক্ষিপ্ত [আক্ষেপ (দ্রঃ)+ত (র্ম্ম)] বিণ, যাতে আক্ষেপ জন্মিয়াছে। ২ নিক্ষিপ্ত; অধঃপাতিত; দূরীকৃত। আ০ চিত্ত-যার চিত্তে আক্ষেপ জন্মিয়াছে।

আক্ষীব-অক্ষীব দ্রঃ।

আক্ষেপ১-বি, কাব্যের অর্থালঙ্কার বিঃ। "কোন বিশেষ প্রতিপত্তির অভিলাষে বিবক্ষিত বিষয়ের নিষেধের ন্যায় উক্তিকে আ০ বলে।"—কাব্য দর্পণ। "দরবিকশিত নীলপদ্মের সমান, মোহন মূরতি সেই মুরলি বয়ান। অলপহসিতমুখ বঙ্কিম-নয়ন, মার্জ্জিত কপোল-তল উন্নত বদন। আকর্ণ লোচন পরিধান পীতাম্বর, চূড়ায় গুঞ্জের মালা মুনি-মনোহর। দশ ইন্দু বিলুণ্ঠিত চরণ-কমলে, তড়িৎ লুটায় পীতধড়ার আঁচলে। বন্ধুসঙ্গ যদি তব ইচ্ছা থাকে মনে, তবে এ মূরতি সখে দেখোনা নয়নে॥"—ঘ০ [কৃষ্ণদর্শনে উৎকণ্ঠা বর্দ্ধনই উদ্দেশ্য এবং নিষেধ বাক্যটি প্রকৃত নিষেধ নহে, বরং দর্শনে উৎসাহ দান মাত্র]।

আক্ষেপ২ [আ-ক্ষিপ্ (ক্ষেপণ করা) +অ (ভা০)] বি, অঙ্গ বিক্ষেপ; হাত পা খেঁচুনি; তড়কা convulsion. ২ ক্ষোভ; বক্ষে কপালে করাঘাত, ভূলুণ্ঠন ই০-র সহিত বা তদ্ব্যতীত আত্মগ্লানি ও অদৃষ্টের নিন্দা; মনস্তাপ। ~পক-যে আ০ করে। স্ত্রীং ~পিকা।

আক্ষোট,-ড় [সং। আ০-পস্ত-অখ্-রোট্] বি, আখরোট বৃক্ষ ও ফল।

আখ১ [সং-ইক্ষু] আক দ্রঃ।

আখ২, আখন-বি, খনিত্র; খন্তা।

আখ্-অ, নিষ্ঠীবন ত্যাগ শব্দ; শ্লেষ্মা-কর্ষক তালুশব্দ। ২ বিরক্তি ব্যঞ্জক শব্দ।

আখজ, আখেজ [আ০-অখ্‌জ (আকজ দ্রঃ)] বি, ঈর্ষ্যা; হিংসা; বিদ্বেষ। ২ বিবাদ; ঝগড়া; আকজ; কলহ।

আখট্,-ট [সং-অখট্টি >, আখটী দ্রঃ] বি, ইচ্ছানুযায়ী বস্তু না পাইলে শিশুর যে ক্রন্দন; আবদার বা দুরন্তপনা। "কেবল 'আখট' শুধু খাইতে তোমার 'দুদু'।"—কস্তুরী।

আখটি, আখুট, আখুটী [সং-অখট্টি > অসদ্ব্যবহার (ত্রিকাণ্ডশেষ ও শ০ ক০ দ্রুমে)] বি, শিশুর আবদার; আখট্; বায়না। "ব্রাহ্মণ শিশু আখটি করিয়া ক্রন্দন করিতে আরম্ভ করিল।"—বিজয় বসন্ত। "বাল্যকালে নিমাই চঞ্চল অতিশয়। যে আখুটি করে তা ঈশান সমারয়॥"—চৈ০ চ০। ২ ঝগড়া; বিবাদ। "কড়ী পাইবারে কত করিনু আখুটী।"—রঙ্গলাল০। বিণ, আখটিয়া, আখুটিয়া, আখুটে, আখ্যুটে [মেয়েলি০-'আক্-খুটে'] যে আখুটি করে; আবদারে।

আখড়বাজ [হি০। কথ্য বাং] বিণ, একগুঁয়ে; গোঁয়ার; উগ্রস্বভাব।

আখড়া [হি০-আখাড়া। সং-অক্ষবাট

> প্রাকৃ॰-অক্খ-আড়ো] বি, আড্ডা। ২ পাঠশালা ; স্কুল। "বিদ্যার আ॰।"-বি॰ কু॰ সরকার। গীত বাদ্যাদি শিক্ষা বা আলোচনার স্থান ; মল্লবিদ্যা-শিক্ষাস্থান। "অতঃপর আ॰ প্রবেশি শুভক্ষণে। মল্লবিদ্যা আরম্ভ করিল দুইজনে॥"-ধ॰ ম॰। ৩ সাম্প্রদায়িক সাধু-সন্ন্যাসীর সাধন ভজনাদির স্থান ; গদ্দী monastery. ৪ সাধুদিগের সাম্প্রদায়িক মণ্ডলী। প্র-নির্ব্বাণী আ॰। নিরঞ্জনী আ॰। ৫ নৃত্য-গীত বাদ্যাদির আলোচনা। আ॰ দেওয়া-ক্রি, আখড়ার সমবেত হইয়া উদ্দেশ্যানুরূপ কাষ্য করা ; অধিবেশন করা।

আখড়াই [হি॰-আখ্ড়াই rehearsal] বি, যাত্রাদি অভিনয়ের সূত্রপাতে বাদ্যারম্ভ। ২ অভিনয়াদির পূর্ব্ব অভ্যাস। আ॰ দেওয়া-অভিনয়াদির পূর্ব্বাভ্যাস করা। "কাজের মধ্যে পাশা খেলা আর রাণী গিরির আখড়াই দেওয়া।"-ফোয়ারা (ল॰বন্দ্যো॰)। আ॰ ভাঁজা-ক্রি, আখড়াই দেওয়া। "বাহবা লইবার জন্য ইঁহারা আগে হইতেই আখড়াই ভাঁজিতেছেন।"-ফোয়ারা (ঐ)। আখড়াধারী-বি, আখড়ার প্রধান ব্যক্তি ; মঠের অধ্যক্ষ।

আখণ্ডল [আ-খণ্ড্=ভগ্ন করা+অল (কর্তৃ, জ্ঞা॰)। যিনি বজ্রদ্বারা পর্ব্বত ভগ্ন করেন বা শত্রু নাশ করেন] বি, বজ্রী ; ইন্দ্র। ~ধনুঃ-বি, ইন্দ্রধনু।

আখণ্ডলার ফল [অখণ্ড কলা >] বি, কদলী বা নারিকেল। "স্বর্ণঘটে সিন্দূর গর্ভেতে গঙ্গাজল, আম্রশাখা উপরে আ॰ ফল।"-শীতলামঙ্গল (নিত্যানন্দ)। [ঘটে পটে ও মূর্ত্তিতে দেবতার পূজা বিধি আছে। আম্রশাখার উপর নারিকেল স্থাপিত হয়। তন্মধ্যে শান্তিকামনায় ঘটস্থাপনা করিলে ঘটের মুখে আম্রশাখার উপর যে কদলী স্থাপিত হয়, তাহাই আখণ্ডলার ফল]।

আখতা [আক্তা দ্রঃ] বি, মুষ্কহীন অশ্ব।

আখ্থু, -থূ, হাক্থু,-থূ [অমু॰] বি, নিষ্ঠীবন ত্যাগের শব্দ। ২ অ, ঘৃণা ব্যঞ্জক উক্তি ; ছি ছি।

আখনি [ফা॰-য়্যখ্‌নি-gravy] বি, পক্ক-মাংস-রসের সহিত মশলাদি সহযোগে ব্যঞ্জনাদির ঝোল ; দমে পাক স-মশলা মাংস রস। আখনিদার পোলাও-উক্ত প্রণালীতে সিদ্ধ পলান্ন।

আখনিক-বি, বিণ, খননকারী ২ বি, খনিত্র। ৩ শূকর। ৪ মূষিক। ৫ সিঁদেল চোর burglar.

আখবার [আ॰-অখ্‌বার্ (খবর শব্দের বহুব॰)] বি, খবরের কাগজ ; সংবাদপত্র।

আখম্বা-আখাম্বা দ্রঃ।

আখর [সং-অক্ষর > ল॰-আখরু, আঁখর, আঁকর] বি, অক্ষর। "পিরীতি বলিয়া এ তিন আ॰,"-চণ্ডী॰। "প্রেম লিখিতেছে গান কোমল আখরে।"-রবী॰। ২ [ব্রজ॰] সঙ্কেত। "কিয়ে হাম আখরে কহলু বুঝাই।" -বি॰ প॰। ২ কীর্ত্তনাদি গানের মাধুর্য্য বৃদ্ধির জন্য সংযোজিত অতিরিক্ত শব্দ। আ॰ কাটা, আকরকাটা-অক্ষর পাত করা ; দাগকাটা ; লেখা। (তুল-কালীর আঁচড় দেওয়া)। আ॰ দেওয়া-গান করিবার সময় সঙ্গীতের মাধুর্য্য বৃদ্ধির জন্য মূল গীতের সহিত 'মরি হায়' 'উহু মরি' ই॰ সময়োচিত সুললিত শব্দ প্রয়োগ। যথা-মূল গীত-"এই সংসার পথ সঙ্কট অতি কণ্টকময় হে, আমি নীরবে যাব হৃদয়ে লয়ে প্রেম-মূরতি তব।" আখর-"পথের কাঁটা মানব না, নীরবে যাব, হৃদয়-ব্যথায় কাঁদব না, নীরবে যাব।"-রবী॰ (গান)। কীর্ত্তনাঙ্গ সঙ্গীতেই আখর দেওয়া প্রচরদ্রূপ।

আখরিয়া [সং-অক্ষর > আখর+হি॰-ইয়া (বাং গ্রা॰-আখুরে)] বিণ, যে অক্ষর বিন্যাস করে ; যার হস্তাক্ষর উৎকৃষ্ট। ২ লেখক ; লিপিকার ; নকল নবীশ। "শ্রীবিজয় দাস নাম প্রভুর আ॰। প্রভুর অনেক গ্রন্থ দিয়াছে লিখিয়া।"-চৈ॰ ভা॰। খুঁট-আখরিয়া, খুঁট-আখুরে [খুঁট (খুঁৎ বিশিষ্ট) হি॰-খোটা (খারাব, মন্দ)-টুট (ভগ্ন) আখরিয়া, খুঁট দ্রঃ] যার হস্তাক্ষর ভাল বা পাকা নয়। ২ অল্প শিক্ষিত।

আখরোট, আকরোট [সং-অক্ষোট। পস্তু-আখ্‌রোট্, ইং-walnut. প্রা॰ বাং "আকরোল" (শ্রী॰ কী॰)] বি, পার্ব্বত্য ফলবৃক্ষবিঃ ; হিমালয় ও আফগানি-স্তানের পার্ব্বত্যদেশে অধিক জন্মে।

আখা [আকা দ্রঃ। সং-উখা (হাঁড়ী) উখ্যম্ (স্থালীপক্কমাংসাদি)-শ॰ ক॰ দ্রুম। যার উপর হাঁড়ী রাখিয়া রন্ধন করা যায়] বি, চুল্লী ; উনান। "আখা জ্বলে বিনা ফুঁয়ে।"-হেম॰।

আখাড়া-আখড়া দ্রঃ।

আখাত [আ-খাত (খন্=খনন করা +ত, ন লোপ)] বি, যা খাত অর্থাৎ খনন করা নহে ; অখাত ; অকৃত্রিম জলাশয়।

আখান [বাখরগঞ্জ প্রাদে॰] বি, বাথান।

আখাম্বা, আখম্বা [আ (ব্যাপ্তি-অর্থে) খম্ব (স্তম্ভ > থম্ভ > খম্ভ > খম্ব)+আ (স্বার্থে)। তুল হি॰-চৌখাম্বা] বিণ, স্তম্ভাকার। ২ স্থূল ও দীর্ঘ ; দীর্ঘাকার। প্র-আ॰ বাঁশ, লাঠী, জোয়ান ই॰।

আখাল [সং-প্রক্ষালন > পাখালন, ক্ষে॰ পাখাল > আ॰] বি, প্রক্ষালন ; ধৌত করণ। ক্রি, আখালা [প্রাদে॰ বাঁকুড়া-বীর-ভূম-পাখালা, আখালা চ॰] প্রক্ষালন করা। বিণ, আখায়িল-প্রক্ষালিত ; ধৌত। "আ॰ ঘাঅত" (=ধৌত ক্ষতে)-শ্রী॰ কী॰।

আখির, আখের [আ॰-আখীর্ ; দুসরা ; পরবর্ত্তী ; তা হতে শেষ] বি, শেষ ; অন্ত পরিণাম। বিণ, আখিরী ; চ॰ আখেরী-শেষ ; অন্তিম। প্র-মাসের আখিরী হপ্তা।

আখু [আ-খন্ (খোঁড়া)+উ (কর্তৃ; জ্ঞা॰)] বি, মূষিক। ২ শূকর। ৩ চোর। ~কর্ণী-ইঁদুরকাণী লতা। ~পর্ণিকা, ~পর্ণী-ইঁদুরকাণী লতা। ~ভুক্-বিড়াল।

আখুচী [আ॰-আখেজ্, আখজ দ্রঃ] বি, আকচ ; বিবাদ ; বিরোধ ; শত্রুতা। ২ আক্রোশ। ৩ খুঁটিনাটি ; নষ্টামি। "পূর্ব্বেতে কলহ ছিল ধনপতি সনে। আখুচী করিল ধেণে তাহার কারণে॥"-কবিক॰।

`আখুট, `আখুটী-আখটি দ্রঃ।

`আখুটে, `আখখুটে [আখটী দ্রঃ] বিণ, আবদারে। ২ উড়নচড়ে ; জিনিষপত্র বৃথা নষ্টকারী।

`আখুন, `আখুন্দ, `আখুনজী,

আখুঞ্জি, আখুঞ্জী, আখোন, আকোন [ফা°-আখুন্, আখোঁজি (শিক্ষাদাতা)। গ্রা°-আকোন] বি, শিক্ষক ; মহম্মদীয় শিক্ষাগুরু। "আরে বাবু, এ গান বুঝিতে গেলে আকোনের আছে গিয়া কার্সি পড়িতে হয়।"-আলাল°।

আখেজ-বি, আখজ ; আখুটী দ্রঃ।

আখেটক, আখেটিক [আ-খিট্ (ত্রাসিত করা, মৃগয়া করা)+অক (র্তৃ), ইক (নিপুণার্থে) যে অপরকে ত্রাসিত করে] বিণ, শিকারী ; ব্যাধ। ২ শিকারী বা মাংসাশী জন্তু ; যারা অন্য জন্তুর মাংসাহারে জীবনধারণ করে। ৩ ভয়োৎপাদক। বি, আখেটন [বিরল]।

আখেটি, আখেটী [হি°-আখেটী =মৃগয়াকারী (আখেটক দ্রঃ)] বি, ব্যাধ ; মৃগপক্ষীশিকারকারী। "শাখা আড়ে আখেটী পাখায় দিল আটা।"-ঘ°। "আখেটীনন্দন," "আখেটীর ফাঁদে,"-কবিক°।

আখের, আখের [আ-আখীর্= পরে যা আছে, আখির দ্রঃ] বি, পরিণাম ; ভবিষ্যৎ ; শেষদশা। "আ° ভেবে কাজ করা চাই।" "আখেরে আসিবে তোর বৌ ঝিয়ের কাজে॥"-ঘ°। বিণ, ~ী-শেষ ; অন্তিম। প্র-নিকাশ আখেরী। "আখেরী হপ্তা।"

আখোট [অক্ষোট >] বি, আখরোট ফল।

আখোটী [সং-অখট্টি (অসদ্ব্যবহার)। আখটি দ্রঃ] বি, কলহ ; বিবাদ ; খুঁটিনাটি। "সুখে রাজ্য করিতে আখোটী হইল কাল।" -কবিক°।

আখ্যা [আ-খ্যা (বলা)+অ (ণে) আ-স্ত্রীং] বি, সংজ্ঞা ; অভিধান : নাম। ২ [ভা°অ] কথন।

আখ্যাত [আখ্যা (দ্রঃ)+ত (র্ম)] বিণ, কথিত ; উল্লিখিত। ২ বিশিষ্ট ; নির্দ্দিষ্ট ; সূচিত। ৩ ব্যাখ্যাত। ৪ প্রকাশিত ; খ্যাতিপ্রাপ্ত ; প্রসিদ্ধ। ৫ [সং -ব্যা°] তিঙন্ত পদ। ৬ ক্রিয়া বা ভাবপ্রধান। তিপ্ তস্ অন্তি ইং বিভক্তি। ~তব্য-বিণ, উল্লেখনীয় ; বক্তব্য : সুখ্যাতিযোগ্য।

আখ্যান [আ-খ্যা (বলা)+অন (ভা° বা র্ম)] বি, কথন ; উল্লেখ ; নামোল্লেখ। ২ নাম। "সাইতির বনিতা তার আ° বিমলা।" -মাণিক° গান (ধর্ম্মরাজের গীত, ১৫৪৭ খৃঃ)। ৩ কাহিনী ; ইতিবৃত্ত ; ইতিহাস [দ্রঃ-সং অনুবাদ গ্রন্থে-আখ্যান ও উপাখ্যানে বিঃ পার্থক্য দৃষ্ট হয় না। উভয় শব্দই ইতিহাস ও চরিত ব জীবনী অর্থে প্রযুক্ত হইয়াছে। মহাভারতকে উপাখ্যান, আখ্যান এবং ইতিহাস এই তিনই বলা হইয়াছে। "হে শৌনক! আমি আপনার যজ্ঞে যে উৎকৃষ্ট ভারতোপাখ্যান কীর্ত্তন করিতেছি। * * * এই ইতিহাস সকল আগমের মধ্যে উৎকৃষ্ট হইয়াছে। * * এই আখ্যানের আশ্রয় ব্যতীত ভূমণ্ডলে আর আর কোন আখ্যানই বিদ্যমান নাই। * * "আস্তীকাখ্যান * * কীর্ত্তন করিলাম।"-মহা° (বর্দ্ধ)] ৪ কল্পিত বৃত্তান্ত ; কথা ; উপন্যাস। ৫ রামায়ণ মহাভারতাদি আখ্য মহাকাব্যের সর্গ

আখ্যায়ক [আ-খ্যা (=বলা)+অক (র্তৃ)] বিণ, কথক ; প্রকাশক ; প্রচারক ; বার্ত্তাবহ।

আখ্যায়িকা [আ-খ্যা (বলা)+অক। য আগম। অ=ই। স্ত্রীং-আ] বি, ইতিহাস ; বিদিত বৃত্তান্ত কথা ; রচিত কথা : গল্প [আখ্যান দ্রঃ]।

আখ্যায়ী [মৃ°-আখ্যায়িন] বিণ, আখ্যায়ক ; কথয়িতা ; বক্তা। ২ আবেদনকারী (দূতাদি) [অপ্র°] **আখ্যেয়** [আ-খ্যা+য (র্ম)] বিণ, কথ্য ; কথনীয় : বক্তব্য : বাচ্য। ২ নামধেয় ; অভিধেয়।

আগ১ [সং-অগ্র > অগ্গ > আগ,আগা] বি, অগ্রভাগ ; আগা। "কেশের আগে চুম্বয়ে টাগ, ফিরিয়া ফিরিয়া বাজে।"-চণ্ডী°। ২ বিণ, আদি ; প্রথম। ৩ সর্ব্বোচ্চ। প্র-গাছের আগডাল [এই অর্থে 'আগ' স্থলে 'মগ' হইয়াছে] প্র-মগডাল। ৪ ক্রি-বিণ, অগ্রে। "ষোল শত গোপীগণ সব গেলা আগ।" -শ্রী° কী°। ~তোলা-বিশেষ প্রক্রিয়াদ্বারা শুভাশুভ নির্ণয় ; অগ্রফল উত্তোলন ; শুভাশুভ ফলজ্ঞাপক ক্রিয়া। ২ (দেবতার উদ্দেশে) কোন কিছুর অগ্রভাগ উঠাইয়া লওয়া। ~দান [কামারশালের পরি° শব্দ] বি, দগ্ধ লৌহাদি ধাতু পিটিয়া বিস্তৃত করা বা জোড়া দেওয়া। ২ [লক্ষ° গ্রা°] বিলক্ষণ প্রহার করা। ~ন্যাংলা [আগ (অগ্র) ন্যাং (পদ, দীর্ঘ পদক্ষেপ বা লম্ফ) লা (প্রদানার্থে) অগ্রে অগ্রে পদক্ষেপকারী] বি, অগ্রজ ; বড়। ২ [আগ (অগ্রবর্ত্তী) ন্যাংলা (লাঙ্গুলা ; বির্থে°-গাড়ল] অগ্রগামী ভেড়া। "আগন্যাংলা যে দিকে যায় পেছ ন্যাংলাও সেদিকে যায়।"-প্রবচন। ~পাছ-অগ্র-পশ্চাৎ ; আগুপিছু। ~বাড়া, আগুবাড়া-ক্রি, আগে যাওয়া ; অগ্রসর হওয়া। "আগুবাড়ি পাঠাইল শচীর নন্দন।" -চৈ° চ°। ~বাড়ান [আগ (অগ্র)+বাড়ান (বর্দ্ধন, গমন)-আগে বাড়িয়া যাওয়া] বি, অগ্রসরণ। ~বাড়ান-বিণ, অগ্রবর্ত্তী ; আগ্রহান্বিত। প্র-সে সকল বিষয়েই আগ্-বাড়ান। ~বাড়ানি-ক্রি, অগ্রসর হইয়া আনয়ন বা অগ্রবর্ত্তী হইয়া গমন করা। ২ অগ্রসর করান ; আগে যাইতে বাধ্য করা।

আগ২ [সম্ভাষণে। প্রা° বাং] অ, ওগো। "আগ বড়ায়ি।"-শ্রী° কী°।

আগ৩ [অগ্নি > অগ্গি >। হি°-আগ্, প্রা° বাং আগি] বি, অগ্নি ; আগুন ; অনল। ২ [ব্রজ°] অগ্নিতে ; অনলে। "বিরহ বিয়োগে আগ দেই ঝাঁপে,"-বি° প°।

আগক [সং-অগ্রতঃ। অগ্র > অগ্গ > আগ+ক অপা°। ৩ [প্রা° বাং] ক্রি-বিণ, অগ্রে। "কংসের আ° নারদ মুনি।"-শ্রী° কী°।

আগচ্ছমান [আ-গম্ (গমন করা)+আন (র্তৃ)] বিণ, যে আগমন করিতেছে :

আগড় [সং-অর্গল ; র=ল=ড়। আগল দ্রঃ] বি, প্রবেশ পথের আটক স্বরূপ বংশাদি নির্ম্মিত বেড়া ; টাটী ; ঝাঁপ। "সত্যের দ্বারে আগড় নাই।"-নবীন তপস্বিনী (দীনবন্ধু)।

আগড়বাগড় [হি°-অগড়্ বগড়্। আগড়া দ্রঃ] বি, খোসা খোলা ইং আনাজের পরিত্যাগ-যোগ্য অংশ ; (সুতরাং) দুষ্পাচ্য আহারীয়। প্র-আ° বা° দিয়ে পেট ভরান। ২ অপ্রয়োজনীয় গাছপালা ; আদাড়-বাদাড় : আগাছা ; বনগাছা। ৩ বাজে কাজ। ৪ বাজে কথা ; প্রলাপ।

আগডিম-বাগডিম [উচ্চারণ ভেদে,-'আগডিম-বাগডিম,'আগড়ুম-বাগড়ুম'। তুল-মাল৹-আগড় (সম্মুখের), বাগডে হাঁটু থেকে গুলফ পর্য্যন্ত পা > পিছনের পা (?) হি৹-আগডোর বাগডোর। আগডোর বা আগাডী =ঘোড়ার সামনের পা বাঁধিয়া রাখিবার জন্য দড়ী ; বাগ্‌ডোর (ফা৹, হি৹)=ঘোড়ার বল্গা, লাগাম বা রাস, এসকল ঘোড়ার সাজ সজ্জার মধ্যে। ইত্যাদি বা প্রভৃতি অর্থে সহচর শব্দের ন্যায় ব্যবহৃত। হিন্দীতে সহচর শব্দদ্বয় যুক্ত করিবার কালে 'ম'র প্রয়োগ দেখা যায়। ইহা অনেকটা বাং 'আ' বা 'এ' সদৃশ। যথা-চলম্ চলা (চলে চল), ঠেলম্ ঠেলা (ঠেলাঠেলি)] বি, ঘোড়ার সাজসজ্জা। ঘোড়া দ্রঃ। "আগডম বাগডম ঘোড়াডম সাজে, ঘাঘর ঘণ্টা মির্গেল বাজে" ই৹-ছেলে ভুলান ছড়া। [দ্রঃ-এই ছড়ার বাকী অংশ পড়িলে মনে হয় ইহা যুদ্ধযাত্রার বর্ণনা। মাল৹-আগডম= আগদল (pioniers), বাগডম=পয়দল-পদাতিক-দল। দ্রাবিড় ভাষানুরূপ রাজমহলী মাল্‌তো ভাষায় আগড়ু=সম্মুখের আগের, বাগডে=হাঁটু থেকে গোড়ালি পর্য্যন্ত পা (shank) বাগডম=হাঁটুভোর জল।-এই ছড়া বলিবার সময় একবার এ হাঁটু একবার ও হাঁটু থাবড়াইতে হয়। ঘোড়াডম (গোডো=ঘোড়া। গোডা=বড় দল party, a large division) দলবল-সাজে (মাল৹ সাজে=adorn with ornament, arrange) সাজসজ্জা করে,ঘাঘর =ঝাঁঝ বাদ্য, মির্গেল (মার্দ্দল >)-মাদল। -I M.L. (২) বিবাহ করিয়া সুসজ্জিত অশ্বারোহণে সওয়ার ও পয়দল সহ বাজনা (বাদ্যি) করিতে করিতে মহা ধুমধামে নববধূকে ডুলিতে (দোলায়) করিয়া বরের 'কমলাফুলি' -যাত্রা বর্ণনা]।

আগড়ঁম-বাগড়ঁম (-ড়ঁ-ড়ঁ-) [হি৹-অওড়ম বওড়ম্ (বাতুলের ন্যায় অর্থহীন বাক্য বা বড়বড় করিয়া বৃথা বকা='বওড়ম্'), অণ্ড্‌ বণ্ড্‌, বাং-আলাৎপালাৎ অর্থে] বি, অপ্রাসঙ্গিক বাক্যাবলী ; অর্থহীন অসংলগ্ন কথা ; অপ্রয়োজনীয় বাক্যাবলী। প্র-কি সব আ৹ বা৹ বকে যাচ্ছ, কাজের কথা কও।

আগড়া [হি৹-অগ্‌ড়া=জবার বাজরা ই৹-র খোলা বা খোসা। আগ+ড়া (তুচ্ছার্থে)] বি, যব, ধান ই৹-র শীষের আগায় এইরূপ খোসা : তুঁষ ; ভুষী ; চিটা : চাউলহীন বা শস্যহীন ধান্য। ২ তুচ্ছধান্য।

আগড়ি [হি৹-আগাড়ী] বিণ, অগ্রগামী ; অগ্রবর্ত্তী। ২ বি, সম্মুখ ভাগ সামনের দিক্। ৩ অশ্বাদির সম্মুখের পা বাঁধিবার দড়ি [আগাড়ী দ্রঃ]।

আগঁণ [অগ্রহায়ণ, ক্লুং (মৈ৹ গী৹)] বি, অগ্রহায়ণ।

আগণা [সং-অগণিত >, ন =অ-গণা] বিণ, যার গণনা করা হয় নাই ; যার সংখ্যা করা যায় না ; অগণ্য ; অসংখ্য।

আগঁত১ [আগ (দ্রঃ)+ত (ধি)। সং-অগ্রতঃ > আগ্‌গত >)] ক্রি-বিণ, অগ্রে : অপেক্ষা সম্মুখে। "আমার আ৹ বীর নাহি কোন জনে॥"-শ্রী৹ কী৹।

আগঁত২ [আ-গম্=গমন করা-আসা+ত (র্ত্তৃ) ম্ লোপ] বিণ, যে আগমন করিয়াছে ; যে উপস্থিত হইয়াছে ; যা ঘটিয়াছে ; পঁহুছিয়াছে বা আসিয়াছে। ২ [অশুদ্ধ, চ৹ ব্যবহারে] আগামী। "আ৹ কল্য।" ৩ [র্ম্ম, ত] প্রাপ্ত ; অধিগত ; লব্ধ। ৪ [ভা৹, ক্ত] বি, আগমন। ৫ অবস্থান ; সংস্থিতি। ~প্রায় -এল বলে। ~খামার-খাস খামার হতে দাখিল করা। ~রাইয়ঁতী-কোন রায়তের জমা হতে দাখিল করা।

আগতি [অগত দ্রঃ] বি, আগমন। "পতির আ৹ বার্ত্তা শুনি দূতমুখে।"-কবিক৹।

আগঁত্রা [সং-অগ্রতঃ >, বাং আগত, ওড়ি৹-আ৹] অ, অগ্রিম in advance. "আ৹ এক টাকা লও।"-ব৹ শ৹ কোষ।

আগদঁল [অগ্র > আগ+দল] বি, যুদ্ধে বিপক্ষদলের সম্মুখবর্ত্তী সৈন্যদল। ২ যে সৈন্যদল পথ পরিষ্কার পরিখাদি প্রস্তুত ই৹ করিয়া অগ্রসর হয় pioneer.

আগদুয়ার [অগ্রদ্বার >] বি, বাহির মহল ; বহির্বাটিকা ; বারবাড়ী। "আগদুয়ারে সদাগর পসার (=পাশা) খেলায়।"-মাণিক৹ গান।

আগধঁড় [অগ্র > আগ+ধড় (দ্রঃ)] বি, দেহের পূর্ব্বার্দ্ধখণ্ড। "আ৹ দিলে স্বর্গত উড়াইয়া।"-মাণিক৹ গান।

আগন্তু, আগন্তুক১ [আ-গম্=গমন করা (যাওয়া, আসা)+তু (র্ত্তৃ)। আগন্তু+ক (স্বার্থে)] বি, অতিথি ; অভ্যাগত ; অজ্ঞাতকুলশীল ; নবাগত ব্যক্তি। ২ বিণ, আগমনশীল। ৩ অভাবিত বা অতর্কিত ভাবে উপস্থিত ; অনিয়ত ; যা নিয়ত স্থায়ী নহে। ৪ অকস্মাৎ সংঘটিত।

আগন্তুক২-বি, আকস্মিক ব্যাধি। ~জ্বর-আঘাত, বিষাক্ত বায়ু সেবন ই৹ বাহ্য কারণে উৎপন্ন জ্বর।

আগবাড়া, আগুবাড়া,-বাড়ানি [অগ্র > আগ > আগু-বর্ত্তী (বৃৎ-বিদ্যমান থাকা ই৹) > বাড+আ (ক্রিয়ায়)। (২) অগ্র > আগ+বৃদ্ধি > বাঢ়, বাড়+আন (ক্রিয়ায়) আগু, বাঢ়ন-অগ্রসরণ, তুল-পা বাড়ান)] ক্রি, অগ্রবর্ত্তী হওয়া ; অগ্রসর হওয়া ; পা বাড়ান। "আগুবাড়ি পাঠাইল শচীর নন্দন।"-চৈ৹ চ৹।

আগঁম১ [আ-গম্=গমন করা+অ (ণে)] বি, বেদাদি আপ্ত-বাক্যাত্মক শাস্ত্র ; তন্ত্রশাস্ত্র ; যা শিবের মুখ হতে 'আ'গত, গিরিজার কর্ণে 'গ'ত ও বাসুদেবের 'ম'ত-সম্মত-তাই আ-গ-ম শাস্ত্র। "শুনেছি কৈলাসপুরে কৈলাস-নিবাসী ব্যোমকেশ, স্বর্ণাসনে বসি গৌরী সনে, আগম, পুরাণ, বেদ, পঞ্চতন্ত্র কথা পঞ্চমুখে পঞ্চমুখ কহেন উমারে।"-মেঘ৹। ২ বৌদ্ধধর্ম্মশাস্ত্র। "এই উপলক্ষ সুপণ্ডিত আগমবিশারদ এবং বিষয় বিবিক্ত।"-জাতক। ৩ [ভা৹] আগমন ; উপস্থিতি। (২) উপদেশ পরম্পরা। (৩) আশ্রয়। ৪ [ণে] সাক্ষ্যপত্র affidavit দলিল। ৫ [র্ত্তৃ] লাভ ; আমদানি ; উপার্জ্জন ; আয়। প্র-অর্থাগম। ৬ ধারা ; প্রবাহ। ৭ [ব্যা৹] প্রকৃত্যাদির অনুপঘাতে উপস্থিত বর্ণ ; প্রকৃতি-প্রত্যয়ের লোপ না করিয়া তন্মধ্যে আগমন। বিণ, আগত। ~জ্ঞ-আগমবেদী দ্রঃ। ~বাগীশ-শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধি বিঃ। ২ তন্ত্রাচার্য্য। ~বিরোধ-বেদ বা শ্রুতিবিরোধ ; শাস্ত্রবিরুদ্ধতা। ~বেদী-যিনি বেদাদি শাস্ত্র জানেন ; তন্ত্রশাস্ত্রজ্ঞ ; পণ্ডিত। ২ শঙ্করাচার্য্যের গুরু গৌড়পাদাচার্য্য।

আগঁম২ [সং-অগম্য > অগম, পরে

আগম] বিণ, অথাই ; অগাধ। প্র–সাঁতার দিতে দিতে আ° জলে গিয়ে পড়েছে।

আগম$_3$ [আগামী, আগমস্থ > · চট্ট° প্রাদে°] বিণ, ভাবী ; ভবিষ্যতে।

আগমন [আ–গম্ (গমন করা)+অন (ভা°) গমনের বিপরীত] বি, উপস্থিতি ; পঁহুছন ; আসা। · বিণ, আগত।

আগমনী [সং। আগমন (কৈলাস হতে পার্ব্বতীর পিত্রালয়ে আগমন)+ঈ (সম্বন্ধার্থে) –তৎসম্বন্ধীয় গীত] বি, গিরিরাণী মেনকার নিকট উমার আগমন-বিষয়ক সঙ্গীত। ২ উদ্বোধন সঙ্গীত ; আগমন সঙ্গীত ; আহ্বান সঙ্গীত। "আকাশবীণার তারে তারে জাগে তোমার আ°।"–গীতাঞ্জলী।

আগমাপায়ী [আগম (তার)+ আপায়িন্ (প্রতিবন্ধ)] বিণ, ক্ষণস্থায়ী ; ক্ষণিক।

আগমিত [আ–গমি (গম্-ণিচ্) গমন করান, জানা, অধ্যয়ন করা+ত (র্ম্ম)] বিণ, অধীত ; অভ্যাসিত। ২ জ্ঞাত। ৩ প্রাপ্ত।

আগয়ান [সং–অজ্ঞান > ব্রজ°– 'আগয়ান,' 'অগেয়ান,' 'আগোয়ান'।–অপ্র°] বিণ, অজ্ঞান। "কেন হইলে আ°।"–চণ্ডী°।

আগর$_1$ [সং–অগ্র] বিণ, অগ্রগণ্য ; শ্রেষ্ঠ ; চূড়ামণি। "গুণসাগর নাগর, আগর হে।" –অ° ম° [মতান্তরে সম্বোধনে 'আগর' প্রয়োগ। কিন্তু এখানে 'হে' ই° সম্বোধন পদ। একই স্থানে দুই সম্বোধনের প্রয়োজনাভাব। স্ত্রীং ~ী (দ্রঃ)] ২ [প্রাদে°। আগল দ্রঃ] বিণ, অগ্রসর : দক্ষ।

আগর$_2$ [সং–আগার > ভ্রং। ব্রজ°] বি, আগার ; নিলয় ; আলয় : আধার : খনি : কূপ। "তুহুঁ রস আগর নাগর টীট।" –বি° প°। ২ [প্রাদে° পূ-বঙ্গ–'আগল' (ধামা) শব্দের রূপান্তর আগরি দ্রঃ] বি, ডালা।

আগর$_3$ [ইং–ıııger] বি, কাঠাদিতে ছিদ্র করিবার ভ্রমর যন্ত্র।

আগর$_4$, **আগরু**–অগুরু দ্রঃ।

আগরবালা [হিং–আগর বাল, বালা] বি, দিল্লী, আগ্রা ই° স্থানের বৈশ্যসম্প্রদায়বিঃ।

আগরা [গ্রা°–আগড়া] বি, ধান ঝাড়িয়া লইবার পর বিচালির সহিত যে অপুষ্ট ধান ও চিটা থাকে।

আগরি, -রী [সং–আগার >, ভ্রং] বি, আগার ; আধার। ২ [প্রাদে° আগলি= ধামা]' ডালি। "সে হেন সুন্দরী গুণের আ° পুন কি পাইব দেখা ?"–চণ্ডী°। ৩ [ব্রজ°। আগর (দ্রঃ)+ই, ঈ–স্ত্রীং] বিণ, অগ্রগণ্যা ; প্রধানা। "সে হেন নাগরি রূপে গুণে আগরী।"–বি° প°।

আগরী [অপ্রে/র > 'আগোর' >, স্ত্রীং–ঈ] বিণ, অ/ঘোর ; অচৈতন্য। "পরশে নাগরী, হইলা আ° পড়িলা বেণ্যানী কোঁরে।"–চণ্ডী°।

আগল [সং–অর্গল। প্রা° বাং–'অগল' "আগোল", "আগল" ও°–পদ্মা পু°। চ°– আগড়=বেড়া ; ঝাঁপ] বি, বেষ্টন ; বেড়া ; ঝাঁপ। ২ রক্ষণ। ৩ অগ্রসর ; দড় ; অগ্রগণ্য ; প্রধান। "তুমি বিবাদে আগল।"–পদ্মা পু° (বি° গুপ্ত)। "প্রেমে নৃত্য করে হৈল বৈষ্ণব আগল।"–চৈ° চ°। ৩ পর্দ্দা ; বন্ধনী ; আবরণ। "বন্ধ চোখের আ° ঠেলে রঙের ঝিলিক ঝলমলে।"–স° দত্ত।

আগলনি, আগলানো [অর্গল > আগল (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। প্রা° বাং আগোলানি। আগুলানি (দ্রঃ)] ক্রি, আটক করা। ২ রক্ষা করা। ৩ আবৃত করা। বি, **আগলন**–রক্ষণ।

আগলা$_1$ [আগল (আবরণ)+আ (নিষেধ বা অভাবার্থে) > আল্গা বর্ণ-বিপর্য্যয়ে] বিণ, অনাবৃত ; মুক্ত ; খোলা।

আগলা$_2$–আগিলা দ্রঃ।

আগলি [সং–অগ্র > আগল, আগলি দ্রঃ] বিণ, অগ্রবর্ত্তী ; অগ্রগামী। ২ প্রধান। ৩ দক্ষ। ৪ আগার : আলয়। "কর্ণধার আছিলেন বুদ্ধির আ°।"–কবিক°। **~কাটা** –ক্রি, ভিড় ঠেলিয়া আগে যাওয়া : আর সকলকে অতিক্রম করিয়া আগে বাড়া। 'পেছলিকাটা'র বিপরীত। প্র–আগলিকেটে যাওয়া। "আগলিকেটে,"–হেম°।

আগা$_1$ [সং অগ্র >। 'গোড়া'র বিপরীত] বি, অগ্রভাগ ; ডগা। ২ উপরিভাগ। ৩ প্রান্তভাগ ; সীমান্ত ; শেষ [বিতঃ চট্ট° প্রাদে°] "খালের আগা।" ৪ ধার।

আগা$_2$ [তুর্কী°–আগা (আমীর, মুঘল বা অফগান) >] বি, আফগানিস্তানের অধিবাসী ; কাবুলী : পাঠান।

আগাও [আগাম দ্রঃ] বিণ, অগ্রিম।

আগাকার, আগেকার [আগা (অগ্র)–কার (সম্বন্ধে)] বিণ, অগ্রভাগ সম্বন্ধীয় ; ডগার [বিপরীত-গোড়াকার]।

আগাগোড়া [আগা (অন্ত)+গোড়া (আদি)। প্রা° বাং 'আগগুড়ি' (মৈ° গী°)] বিণ, আদ্যন্ত ; সমস্ত। "সমস্ত হৃদয় যোড়া, বুকভরা আগাগোড়া।"–কুঙ্কুম°।

আগাছা [আ (তুচ্ছার্থে–অকেজো, অপ্রয়োজনীয়, অকিঞ্চিৎকর)+গাছা (ছোট-গাছ)] বি, যা গাছের মধ্যেই নহে ; অকেজো বা অপ্রয়োজনীয় ছোট বড় গাছ। ২ জঙ্গল।

আগাড়ি [অগ্রবর্ত্তী >। হিং–অগাড়ি (পিছড়ি বা পাছাড়ির বিপরীত)] বিণ, অগ্রবর্ত্তী। ২ অগ্রিম। ৩ অশ্বাদির সম্মুখের পদদ্বয়ে বাঁধিবার দড়ি। "আগাড়ি পিছাড়ি দড়ি ছড়াইয়া রায়।"–ঘ°।

আগাঁথা, আগাঁথা [সং–অগ্রথিত] বিণ, যা গাঁথা হয় নাই ; অগ্রথিত।

আগাদা$_1$ [আ (না)+গাদা (ঠাসা)] বিণ, যা ঠাসা হয় নাই।

আগাদা$_2$ [প্রাদে°। সং–আঘাত (পিটন) বা আ (সম্পূর্ণরূপে) গাদা (ঠাসা, ঘনিষ্ঠরূপে সংলগ্ন করা)] ক্রি, ধাতু গলাইয়া বা তাতাইয়া এবং তাহা পিটিয়া জোড় দেওয়া welding.

আগাধ [অগাধ+অ (স্বার্থে)] বিণ, অগাধ ; সুগভীর।

আগানি, -নো [আগাই, আগাও, আগায় ; আগাইতে ; আগাইয়া (ক্ষে° আগইয়ে) ই°। গ্রা°–এগন, এগোনো (দ্রঃ)। অগ্র > অগ্‌গ > আগ+আন (করান বা বাড়ান অর্থে)–অগ্র করান] ক্রি, অগ্রসর করা বা হওয়া ; অগ্রগমন করা বা করান ; আগে যাইতে দেওয়া ; আগুবাড়া বা বাড়ান।

আগা/পাছতলা, ~পাস্তলা, ~পাস্তাড়া [আগা (অগ্র) পাস্তলা, পাস্তাড়া (পশ্চাৎ)] ক্রি-বিণ, অগ্র-পশ্চাৎ ; আগাগোড়া। ২ [আগা (অগ্রভাগ, মস্তক) পাস্তলা, পাস্তাড়া (পদতল >)] মাথা হইতে

পা পর্য্যন্ত ; সর্ব্বাঙ্গ। প্র-সে আগাপাস্তলা বা আগাপান্তাড়া লেপমুড়ি দিয়া শুইয়া আছে।

ˊ**আগাম** [সং-অগ্রিম ; হিং-আগাউ] বিণ, অগ্রিম ; আগে। প্র-মিস্ত্রীকে আগাম কিছু টাকা দাও।

ˊ**আগামী** [আগামিন্ (আ-গম্+ইন্, (কৃ, ভবিষ্যদর্থে) ১মা ১বং)] বিণ, যা আসিবে ; যা পরে বা ভবিষ্যতে ঘটিবে ; ভাবী।

আগার [অগার+অ (স্বার্থে)] বি, আলয় ; গৃহ। "যেইদিন যাহা পাই তাহা সেই দিন খাই দেড়ি অন্ন না থাকে আগারে!" -কবিকং। ২ আধার। "গুণের আং।" ~ধূম-গৃহধূলি chamber dust.

আগাল [আগ (অগ্র)+আল। প্রাদেং] বি, অবশিষ্ট। ২ ক্ষুদ ; তণ্ডুলকণা। ৩ [হিং -আগার (আগে), র=ল] বংশাদির অগ্রভাগ ; ডগালে বা ডগ্‌লা। এই অর্থে প্রাদেং রূপ 'আগালে,' 'আদালে'।

ˊ**আগালি** [আগাল দ্রঃ। হিং-অগারী,-ডী, অগ্‌লা,-লী] বিণ, অগ্রবর্ত্তী ; সাম্‌নের। ২ চতুষ্পদ জন্তুর সম্মুখের পদ। ৩ পাল্কীর অগ্র-বাহক ; চৌঘুড়ীর অগ্রবর্ত্তী অশ্বদ্বয়।

ˊ**আগালে** [(বিপরীত-পিছালে,' 'পেছলি')। তুল-হিং পিছলা] বি, আগাল দ্রঃ।

আগি [সং-অগ্নি : প্রাকৃং-অগ্‌গি > প্রাং বাং আগি (চং ৪৭।২)। হিং-আগি] বি, অগ্নি ; আগুন। "সতী কুলবতী কুলে জ্বালি দিলি আগি।"-চণ্ডীং। "শশধর বরিখন আগি।"-বিং পং। ২ বিণ, অগ্নিমূর্ত্তি ; অগ্নি-শর্ম্মা ; অতিশয় ক্রুদ্ধ। "ঘরে গুরু দুরজন, ননদিনী আগি।"-চণ্ডীং।

আগিলা [বাখরগঞ্জ প্রাদেং] বি, প্রথম ভাগ ; প্রথম। "শ্রাবণের আং ও শেষে।"

আগু [সং-অগ্র। হিং-আগু] বি, অগ্র : প্রথম। ২ বিণ, অগ্রবর্ত্তী ; অগ্রগামী। 'আগু-দলে যুবরাজ ধায় লঘুগতি।"-কবিকং। ৩ ক্রি-বিণ, অগ্রে ; প্রথমে। 'আগু গিয়া রাবণের গলে দিব ফাঁস।"-রামাং। ~তে [প্রাং বাং আগুত। "আগুত চলিলি মোর সুন্দরি নাতিনী।"-শ্রীং কীং] ক্রি-বিণ, প্রথমে। ২ পূর্ব্বে। ৩ প্রাচীন বা পূর্ব্ব-কালে। ~বাড়া-আগবাড়া দ্রঃ।

, ধান্যাদি রাখিবার বড় ধামা।

আগুছানি-আগুসর দ্রঃ।

আগুছিআঁ [আগু (< অগ্র)-আসিয়া > আছিয়া > ক্ষেং ছিয়া। অ=ছ, পরে যোগ] অস-ক্রি, আগে আসিয়া আগ-বাড়াইয়া। "আং বাটে তুবে কাহ্নাঞি রহাঞ।"-শ্রীং কীং।

আগুড়ী [আগু দ্রঃ। প্রাদেং] বিণ, অগ্রিম ; আগাম। ২ পূর্ব্ববর্ত্তী।

আগুণ [অগ্রহায়ণ > অঘ্রাণ > আঘন, আগুণ। চট্টং প্রাদেং-আউন] বি, অগ্রহায়ণ। আং আসে অল্প শীত,"-মৈং গীং।

আগুদল [সং-অগ্রদল] বি, অগ্রবর্ত্তী-জনসঙ্ঘ ; সম্মুখবর্ত্তী লোকসমূহ। ২ ব্যগ্রতা সহকারে অগ্রসরণ ; আগবাড়ান গতি। "পিশাচ ভৈরবদলে, যক্ষ রক্ষ, আগুদলে, ঘণ্টাকর্ণ নন্দী মহাবলী।"-অং মং।

আগুন [সং-অগ্নি। হিং-অগিন্] বি, অনল ; বহ্নি। ২ ক্রোধাগ্নি ; উত্তাপ। ৩ দুঃখের জ্বালা ; দুরদৃষ্ট। "কপালে আং।" ৪ সর্ব্বনাশ ; ধ্বংস। "আগুনের কপালে আং।" -অং মং। **আং ওঠা**-আগুন বাহির হওয়া। ২ বিবাদ বাধা ; মর্ম্মদাহী বাক্যের উত্তর প্রত্যুত্তর হেতু বিপক্ষপক্ষদ্বয়ের ক্রোধাগ্নি প্রজ্বলিত হইয়া উঠা। **আং করা**-কয়লা কাঠ ইং জ্বালাইয়া আং প্রস্তুত করা। **~খাগী**-সহমৃতা। ২ অতিক্রুদ্ধা। ৩ শোকসন্তপ্তা ; ভয়চকিতা ; সন্ত্রাসিতা। **আং দেওয়া**-অগ্নিসংযোগ করা। **আং ধরা**-আং লাগা। ২ জ্বলা। আং ধরে যাওয়া (কোন কিছু) পুড়িতে থাকা। **আং ধরানি**-আং জ্বালা ; আং করা। **আং পোয়ানি**-আগুনের কাছে বসিয়া তাপ লওয়া বা হাত পা গরম করা। **আং লাগা**-অগ্নি সংযুক্ত হওয়া। ২ বিশৃঙ্খল হওয়া। ৩ নষ্ট হওয়া ; ধ্বংস হওয়া ; উৎসন্ন যাওয়া। ৪ উত্তেজিত হওয়া। ৫ রাগে জ্বলিয়া উঠা। **আং লাগানি,-লাগাইয়া দেওয়া**-অগ্নি সংযোগ করা। ২ রাগাইয়া দেওয়া ; উত্তেজিত করা। ৩ তুমুল ঝগড়া বাধাইয়া দেওয়া। **আং হওয়া**-অতি ক্রুদ্ধ হওয়া ; ক্রোধে জ্বলিয়া উঠা। ২ অতিশয় উত্তপ্ত বা গরম হওয়া। ৩ দুর্মূল্য হওয়া। প্র-ক্রমে বাজার আং হ'য়ে উঠছে। **খড়ের আং, পাতার আং, তাল-পাতার আং**-যা দাউ দাউ করিয়া জ্বলিয়া উঠে ও অচিরে নিবিয়া যায় বা নিঃশেষিত হয়। ২ [লক্ষং] তুষের আগুনের ঠিক বিপরীত (পরে দ্রঃ)। **গুলের আং**-প্রথমে যার আঁচ খুব হয়, ক্ষণ পরেই ছাই হইয়া যায় ; অত্যন্ত দাহ জনক। **ঘরে আং দেওয়া**-ঘর পোড়ান। ২ গৃহবিবাদ বাধান। **ছাইচাপা আং**-অনভিব্যক্ত শোক ; যে শোক মনে মনেই আছে প্রকাশও পায় না, দূরও হয় না। ২ চিরপোষিত ; বহুকালস্থায়ী। ৩ দারিদ্র্য, সুযোগের অভাব ইং কারণে আপাততঃ অপ্রকাশিত বা সাধারণে অজ্ঞাত ; মহদ্‌গুণশালী ব্যক্তি। ৪ গোপনে পোষিত ক্রোধ, হিংসা প্রতি-শোধস্পৃহা ইং সর্ব্বনাশকারী মনোবৃত্তি। **তুষের আং**-যে আং দাউ দাউ করিয়া জ্বলে না। অধিক কাল স্থায়ী চাপা আং। ২ [লক্ষং] চাপা ক্রোধ, প্রতিশোধস্পৃহা, হিংসা, লালসা ইং।

আগুনি,-নী [অগ্নি >, পদ্যে। বৈং সাং] বি, অগ্নি। "আগুনি জ্বালিয়া মরিব পুড়িয়া কত নিবারিব মন।"-চণ্ডীং। ২ জ্বালা। "মনের আগুনি।"-পদং সাং।

আগুপাছু,-পিছু [সং-অগ্র পশ্চাৎ > আগুপাছু,-পিছু,-আগেপিছে] ক্রি-বিণ, অগ্রপশ্চাৎ ; ভূতভবিষ্যৎ ; কার্য্য-কারণ। ২ [গৌণ অর্থে] পরিণাম। "আং পাং কিছু মাত্র না গণিনু মনে।"-দুর্গা-পঞ্চরাত্র। কেহ তার নাহি বুঝে আং পিং।-সোণার তরী।

আগুয়া/ন, [আগোয়ান ওং। হিং-অগ্‌বান্। সং-অগ্রবান্] বিণ, অগ্রসর ; সম্মুখীন। "তুমি যদি হস্তে প্রভু ধর ধনুর্ব্বাণ। তব রণে কোন জন হবে আং॥"-কৃত্তিং। ২ অগ্রগামী ; আগবাড়ান। "একলি চললি ধনি হয়ে আং।"-পদকল্পতরু। "শতেক জনের আং,"-কবিকং। স্ত্রীং ~নী-অগ্র-

বর্ত্তিনী। "মথুরা নড়িলী বড়ারি হুআঁ আগুয়ানী।"-শ্রীঃ কীঃ।

আগুয়ানি,-ক্রি,অগ্রবর্ত্তী হওয়া। আগুয়াই, আগুয়াও, আগুয়ায় ; আগুইতে ; আগুয়াইয়া ; আগুইব,আগুইবে ইং। আগুসার দ্রঃ।

আগুরি, আগিরি [সং-উগ্র ক্ষত্রিয়] বি, হিন্দুজাতি বিঃ।

আগুরিতে [ব্রজ। বাং-আগুলিতে। আগুলান দ্রঃ। র=ল] ক্রি, আগলাইতে ; রক্ষা করিতে। ২ সাবধান করিতে। ৩ আটক করিতে।

আগুলানি [সং-অর্গল > বাং-ক্রি-'অর্গলান' > 'আগলান'। আগোলান দ্রঃ। আগুলি, আগুলে, আগুলে ; আগুলিতে, আগুলিয়া (ক্ষেং আগুলি) ই] ক্রি, আটক করা ; পথরোধ করা। "বাট আগুলিয়া পথে বুড়ী বৈসে ছলে,"-ঘং। ২ অধিকার করা ; আয়ত্ত করা। "হুট করে হৈমবতী দিতে আনে ভাত। শার্দ্দূল ঝম্পনে সবে আগুলিল পাত।"-শিং।

আগুলি [আগলি দ্রঃ। প্রাং বাং] বি, স্ত্রীং, অগ্রগণ্যা ; প্রধানা ; শ্রেষ্ঠা। "রূপে গুণে যৌবনে ভুবন আং।"-জ্ঞান। "সোহাগে আং হৈল ইন্দ্রের ইন্দ্রাণী।"-চৈং ভাং। ২ [আগুলিয়া > ,ক্ষেং] ক্রি, আটক করিয়া "প্রচণ্ড চণ্ডিকা দ্বার আগুলিয়া রয়।"-শিং।

আগুল্ফ [আ (পর্য্যন্ত) গুল্ফ (গোড়ালি)] ক্রি-বিণ, গোড়ালি পর্য্যন্ত। ~**লম্বিত**-বিণ, গোড়ালি পর্য্যন্ত বিস্তৃত।

আগুসর [সং-অগ্রসর। হিং-অগ্‌সার] বিণ, অগ্রগামী ; অগ্রসর। **আগুসার** [ব্রজং -আগুসার] বিণ, অগ্রগামী। ক্রি, **আগুসরা** **আগুসারা** [অগ্রসর + আ =অগ্রসরা > আগুসরি, -সারি, -সর, -সার, -সরে, -সারে ;-সরিতে,-সারিতে ; সরিয়া,-সারিয়া (ক্ষেং পদ্যে-সরি,-সারি),ইং। প্রাং বাং (সং ছ)-আগুছারা, আগুছারান (ণিজন্ত), আগুছান, আগ্‌চান। আগুছাই, -ছাও, -ছায়,-ছিতে,-ছিআ,-ছিআঁ ইং। ঐরূপ-আগুচাই, আগ্‌চাই, -চাও,-চায় ; -চাইতে ইং। আগুছিআঁ-আগে বাড়িয়া ; সম্মুখে আসিয়া (শ্রীঃকীঃ)। তুল-হিং-অগ্‌সারনা] ক্রি, অগ্রসর হওয়া। "ঠাড়ি রহল রাই নাহি আগুসারে"-বিং পং। "সবজন তেজিয়া আগুসরি ক্রিরই।"-বিং পং। "আগুসরে," -মহাং, (ক্রাশী)।

আগে, ['আয় গিয়ে' বা 'আসগে > , ক্ষেং। প্রাং দং] ক্রি, আয় গিয়ে; ফিরে আয়। "সর্ব্বতীর্থ মি আগে ভাই দুইজনে।"-ঘং।

আগে, [অগ্রে > অগগে >। প্রাং বাং-আগেং, আগেত] ক্রি-বিণ, অগ্রে ; প্রথমে। "আগে দিয়া কত দুঃখ, মধ্যে দিলি কত সুখ, শেষে দুঃখ বাড়ালি দ্বিগুণ।"-অংমং। ২ পূর্ব্বে। ~**আগে** [অগ্রে অবস্থিত ও গতির নিরবচ্ছিন্নতাজ্ঞাপক] ক্রি-বিণ, অগ্রবর্ত্তী হইয়া ক্রমাগত গমনের ভাববোধক। প্র-তুমি আগে আগে যাও। ~**কার** [আগে +র-কার (সম্বন্ধার্থে)] বিণ, অগ্রবর্ত্তী। ২ পূর্ব্বের ; বিগত। প্র-আগেকার কালে। ~**পাছে** [অগ্র পশ্চাৎ শব্দের দ্রং] ক্রি-বিণ, সম্মুখে ও পশ্চাতে। "আগে পাছে দানা ধায় প্রথমে বেতাল।"-অং মং। ~**ভাগে** [সং-অগ্রভাগ] ক্রি-বিণ, সর্ব্বাগ্রে ; প্রথমে। "আগে ভাগে হরি বিধি সঙ্গে করি গেলা হেমন্তের ঘরে।"-অং মং। **আগের, আগেকার** [এর, কার (র দ্রঃ)-সম্বন্ধার্থে] অ, পূর্ব্ব ;পূর্ব্বের ; পূর্ব্ববৎ। প্র-আগেকার কালে। "আগে দেখ, পরে যা বলিবার বল। "তবু কিছুই আর আগের মত হয় না।"-উত্তরা, ১৩৩৩। ৩ সম্মুখে ; পুরোভাগে। ৪ [আগে =পরে] আরও ; অতঃপর। "প্রভু কহে এহো বাহ্য, আগে কহ আর।"-চৈং চং। ৫ ডগায়। "মেদিনী ধরিল আজ্ঞে দর্পনের আগে।"-শ্রীং কীং।

আগেয়ান,-নি,-নী [আজ্ঞানী দ্রঃ। ব্রজং-অজ্ঞান, অগেয়ানি,অগেয়ানী, আগোনী পদও দৃষ্ট হয়। আ=অকারের হিং উচ্চারণের অনুকরণ মাত্র] বিণ, অজ্ঞানী ; অজ্ঞান। "বিদ্যাপতি কহ তুহুঁ আগেয়ানি।"-বিং পং। "তার পিরীতে, আগেয়ান চিতে, ফিরে চল হলধর॥"-বৈং পদং।

আগো [প্রাদেং। ওগো। মেয়েলিং উচ্চারণ ; তুল-ওলো, আলো] অ, সম্বোধন, ওগো। "আগো সই কে জানে এমন রীত।" -চণ্ডীং। "বিদ্যা বলে আগো আই জিজ্ঞাসি তোমায়।"-অং মং।

আগোড় [অর্গল > আগল > , ল=ড়] বি, ঝাঁপ ; আবরণ।

আগোর [সং-অঘোর] বিণ, অঘোর : অচৈতন্য। "আর তিন ভুবন আগোর।" -বিং পং। স্ত্রীং ~**ী, আগিরী**।

আগোর্‌ল [সং-অর্গল > অর্গলিল আগলিল-রিল (ল=র)। ব্রজং] ক্রি, লইল ; আগলাইল ; বেষ্টন করিল। "কোবে আং নাহ।"-বিং পং। "আং বাট।"-চণ্ডীং। ২ প্রকাশ করিল। ৩ অধিকার করিল। "দিনে দিনে অনঙ্গ আং অঙ্গ।"-বিং পং।

আগোরি [আগোরল দ্রঃ। ব্রজং-'আগোরিয়া' ক্ষেং] ক্রি, আগুলিয়া ; আবৃত করিয়া। "শাশ সুমাওত কোরে আং।" -বিং পং। ২ [আগরি দ্রঃ] বি, আগোর : আধার ; ডালি। "হেদেলো সুন্দরি প্রেমের আং শুনহ নাগর কথা।"-চণ্ডীং।

আগোল [আগল দ্রঃ] বি, আলি বা সীমাবদ্ধ খণ্ড খণ্ড ধান জমি। যে পর্য্যন্ত জমি একজন ব্যক্তিকে দেখা শুনা করিতে হয়। ~**দার**-পাকা ধানের রক্ষণাবেক্ষণকারী। **আং বাঁধ করা**-জমির ধান যাতে গরু ছাগলাদি খাইতে না পারে বা চুরি না যায়, তজ্জন্য রক্ষণাবেক্ষণ করা। প্রাং বাং ক্রি, **আগোলানি** [আগোলি, আগোলিল, আগোলিতে ইং] আগুলান দ্রঃ। **আগোলসি**-আগ্‌লাইতেছিল; অবরোধ করিতেছ। "মিছাই কাহাঞি তোঁ আগোলসি বাটে।" -শ্রীং কীং।

আগ্নীধ্র-অগ্নীধ্র (দ্রঃ)।

আগ্নেয় [অগ্নি+এয়-ই-লোপ] বি, অগস্ত্যমুনি। ২ নগরবিঃ ; দেবীকোটা। ৩ অগ্নিপুরাণ। ৪ বিণ, অগ্নিসম্বন্ধীয়। ৫ অগ্নিগর্ভ। "আং গিরি।" ৬ অগ্নিবিশিষ্ট ; অগ্নির গুণ বা ধর্ম্মযুক্ত ; জ্বলন্ত ; উজ্জ্বল। প্র-আং অক্ষর। ৭ অগ্নিযোগে যার কার্য্য হয়। প্র-আং অস্ত্র বা পোত। ৮ অগ্নিকর বা জনক। ৯ জঠরাগ্নি বা ক্ষুধা বৃদ্ধি-কারক। প্র-আং ঔষধ। স্ত্রীং ~**ী**-অগ্নিপত্নী 'স্বাহা'। ২ অগ্নিকোণ। ~**গিরি** -বি, যে পর্ব্বত হইতে অগ্নি, ধাতুনিঃস্রব, অঙ্গার ইং নির্গত হয় volcano. ~**প্রস্তর** -বি, যে প্রস্তর অগ্নি দ্বারা দ্রব হইবার পর

হইয়া বর্ত্তমান আকারে পরিণত হইয়াছে volcanic formation.

আগ্নেয়াস্ত্র [আগ্নেয়+অস্ত্র] বি, ঔর্ব্ব-মুনি কর্ত্তৃক সগরকে প্রদত্ত অস্ত্র ; ব্রহ্মাস্ত্র ; একাঘ্নী বা পাশুপত, শতঘ্নী ইং অস্ত্র ; নালাস্ত্র ; মুসলমান অধিকারের পূর্ব্বে ভারতে রাজস্থানে ব্যবহৃত চাঁদকবি কর্ত্তৃক উল্লিখিত, 'নলনালা' নামক আগ্নেয় অস্ত্র ; (আধুং) কামান, বন্দুক ইং। ২ বৈদিকযুগের বজ্র [বজ্র দ্রঃ]।

আগ্রথন [আ (সম্যক্)-গ্রথন (গ্রন্থন)। গ্রথ্‌(গাঁথা)+অন (ভাং)] বি, গ্রন্থন ; গাঁথা। ২ বন্ধন ; বাঁধা।

আগ্রয়ণ [অগ্রে-অয়ণ (ভোজন)-নূতন শস্যাদি দ্বারা যজ্ঞ করিয়া সর্ব্বাগ্রে দেবতা ও পিতৃদিগকে নিবেদন করিতে হয় বলিয়া] বি, নবান্ন প্রকরণ। "নবান্ন ভক্ষণ তরে এই সে সময় আং নামে যাগ করি লোকচয়।"

আগ্রহ [আ-গ্রহ্‌ (গ্রহণ করা, যত্ন করা ইং)+অ (ভাং) তুল-ইং-eager : প্রাচীন ফ্রেং-aigre] বি, ঐকান্তিক যত্ন ; আঠা। ২ ব্যগ্রতা। ৩ অভিনিবেশ ; আসক্তি। ৪ সাহায্য। ৫ আক্রমণ। ৬ গ্রহণ। ৭ অনুগ্রহ; প্রসাদ। ৮ সামর্থ্য। ৯ অতিক্রম [অপ্রং] ~যুক্ত-বিণ, ব্যগ্র।

আগ্রহাতি/শয় [আগ্রহ + অতিশয়] বি, অত্যাগ্রহ : প্রবল ঝোঁক ; অতিশয় ব্যগ্রতা। প্র-তাঁহার আং দর্শনে পুলকিত হইয়া ইং। ~শয়িতা। ~শয্য [আং+তা, য (ভাং)] বি, আগ্রহাতিশয়ের ভাব।

আগ্রহান্বিত [আগ্রহ+অন্বিত (যুক্ত)] বিণ, সাগ্রহ ; আগ্রহযুক্ত। স্ত্রীং ~া।

আগ্রহায়ণ, আগ্রহায়ণিক [অগ্র (অগ্রবর্ত্তী, আদি)-হায়ন (বৎসর)+অ, (স্বার্থে)-বৎসরের আদি মাস] বি, পূর্ব্বে অগ্রহায়ণ হইতে বৎসরারম্ভ হইত বলিয়া ইহাকে অগ্রবর্ত্তী বা মার্গশীর্ষ বলে।

আগ্রহারিক [অগ্রহার+ইক] বি, অগ্রদানী বা মৃতদানগ্রাহী ব্রাহ্মণ।

আগ্রায়ণ [অগ্র-অয়ন+অ (কৃতার্থে)] বি, নব শস্য-হেতু কৃত যাগ ; শরৎ ও বসন্ত-বিহিত নবান্ন।

আঘট্টন [অ (সম্যক্)-ঘট্ট (চালিত করা) +অন (ভাং)] বি, সম্যক্ চালন ; ঘাঁটা বা ঘোঁটন ; সজ্ঘট্টন। ২ সঙ্কম্পন ; কম্পন। ৩ আঘাত। বিণ, আঘট্টিত।

আঘণ, আঘাণ [প্রাং বাং ও বৈং পদং সাং] বি, অগ্রহায়ণ।

**\`আঘাট** [সং-অঘট্ট। আ (অভাবার্থে)-ঘাট] বি, অঘাট বা যেখানে ঘাট নাই এমন স্থান। ২ খারাপ ঘাট। \`আঘাটা [ব্রজং ঔঘট ঘাট-বিং পং (নং শুং)। আ (না)-ঘাট] বি, যা ঘাট নহে। যে ঘাট আর কেহ সরে না। "আঘাটে বসে রৈলে বেলা যাচ্চে ব'য়ে।"-রবীং।

আঘা/ত [আ-হন (বধ্‌ করা)+অ (ভাং) হন্‌=ঘাত] বি, চোট ; কোপ। "তরবারির আং ;" "গদার আং।" ২ মুষ্টি ইং দ্বারা প্রহার। ৩ ছেদন। ৪ তাড়ন। ৫ বধ। ৬ আঘট্টন। ~তক [আ-হন্‌-অক (কর্ত্তৃ)] বিণ, যে আঘাত করে। ~ স্ত্রীং ~তিকা। ~তসহ-বিণ, আঘাত পাইলে যা ভাঙ্গে না ; যা পিটিয়া পাতলা করা চলে malleable. ~সহত্ব-বি, যে ধর্ম্ম থাকিলে পদার্থ আঘাত পাইয়া ভগ্ন হয় না কিন্তু বিস্তৃত হয় ; ঘাতসহত্ব (রেডিয়াম, প্লাটিনাম, স্বর্ণ, রৌপ্যাদি ধাতুতে এই ধর্ম্ম বিলক্ষণ বর্ত্তমান) malleability.

\`আঘাতন [আ-হন্‌-ণিচ (বধ করান)+অন (ধি)] বি, বধস্থান ; হত্যাগৃহ slaughter house. ২ [ভাং] আহনন ; তাড়ন।

\`আঘা/তি [আঘাত দ্রঃ। পদ্যে] ক্রি, আঘাত-করি ; অস্ত্র প্রহার করি। ২ আঘাত করিয়া। ~তিতে-অস্ত্র প্রহার করিতে। "নিরস্ত্র যে অরি, মহে রথিকুলপ্রথা আঘা-তিতে তারে।"-মেঘং। ~তিব-আঘাত করিব। ~তিল-মারিল ; প্রহার করিল। "ডানি করে তার বুকে আঘাতিল শূল।" -কবিকং। ~তিয়া [আঘাত+ইয়া-আঘাতিয়া, আঘাতি, আঘাতে-আঘাত করিবার মত] বিণ, সাংঘাতিক ; প্রাণে মারিবার মত। আং ধান হওয়া-এত অল্প বা অপ্রচুর যে দুর্ভিক্ষ হবার সুতরাং প্রাণে মারিবার মত।

\`আঘাতী [মুং-আঘাতিন্‌। আঘাত +ইন্‌ (স্ত্য)] বিণ, যাকে আঘাত লাগিয়াছে; আঘাত প্রাপ্ত ; আহত ; ঘায়েল।

\`আঘাবিঘা [প্রাদেং। আঘা (< আঘাত) বিঘা (< বিঘ্ন)] বি, প্রতিবন্ধক।

\`আঘাসা [আ (সাদৃশ্যার্থে)-ঘাস+আ (তুচ্ছার্থে)] বিণ, ঘাসেরই মত আগাছা।

আঘূর্ণন [আ (ঈষৎ, সম্যক্)-ঘূর্ণ্‌ (ভ্রমণ করা)+অন (ভাং)] বি, চক্রের ন্যায় ভ্রমণ ; আবর্ত্তন। ২ পরিভ্রমণ ; ঘূরণ। বিণ, আঘূর্ণিত-ঈষৎ ভ্রামিত বা ঘূর্ণিত ; যা অল্প ঘুরিতেছে।

\`আঘোর [প্রাং বাং। আ (অতি) ঘোর] বিণ, অঘোর ; ঘোর ; গভীর। "আং পাপে তোর বেআপিল গা।"-শ্রীং কীং।

আঘোষিত [আ-ঘোষি (শব্দ করান) +ত (কর্ম্ম)] বিণ, শব্দিত। ২ যার ঘোষণা করা হইয়াছে ; প্রচারিত।

**\`আঘ্রাণ** [আ-ঘ্রা (গন্ধ গ্রহণ করা, শোঁকা)+অন (ণে)] বি, নাসিকাদ্বারা গন্ধ গ্রহণ। ২ গন্ধ ; ঘ্রাণ। ৩ আভাস। বিণ, \`আঘ্রাত-যার ঘ্রাণ বা গন্ধ গ্রহণ করা হইয়াছে ; গৃহীতঘ্রাণ।

\`আঘ্রায়ক [আ-ঘ্রা (গন্ধ গ্রহণ করা) +অক (কর্ত্তৃ)] বিণ, যে গন্ধ গ্রহণ করে।

আঙ [আঙা, আম, আমা দ্রঃ] বিণ, আমা ; আপোড়া। "গলে গেল আঙ হাঁড়ী উনান সহিত।"-ধং মং মাণিকং। ২ বি, অঙ্গার। ৩ বিণ, দগ্ধ কয়লার মত রক্তবর্ণ।

আঙট [সং-অখণ্ড পরে আখণ্ড > আঙট-পরে উচ্চারণ বিকারে আঙোট, আঙ্গট] বিণ, অখণ্ড। "কলার আঙটিয়া পাত।"-চৈং চং। ~পাত-কলাগাছের অখণ্ড পত্র বা অগ-পাতা।

আঙটা [আংটা দ্রঃ। সং-অঙ্গুষ্ঠ। পা অংগুট্ঠ। হিং-আঙ্গুঠী। বাং-আঙ্গোট বা আঙোট (দ্রঃ)-বড় আঙোট] বি, আংটা ; ছোট বালার আকৃতি ধাতুখণ্ড ; লোহার বা পিতলের কড়া ring handle

আঙন-আঙিনা দ্রঃ।

আঙরা [সং-অঙ্গার > আঙার, পরে

আঙা। আঙ্গরা দ্রঃ] বি, অঙ্গার ; জ্বলন্ত কয়লা। বিণ, জ্বলন্ত কয়লার মত রক্তবর্ণ।

আঙরাখা [সং-অঙ্গরক্ষক। হিং-আঙ্গর্‌খা (বন্দ্‌-দার আঙ্গা)। হিন্দুস্থানে হিন্দু মুসলমানের মধ্যে প্রাচীনকাল হতে এই অঙ্গাবরণ সাধারণের পরিধেয়] বি, পুরুষদিগের পরিধেয়-জামাবিঃ ; চাপকান (হি -অচ্‌কন্‌) ; হাঁটুর নিম্ন পর্য্যন্ত লম্বা দুই পাট বা পাল্লার এবং চার বা ছয় কলি ও চার বা ছয়টী বন্ধনীদার জামাবিঃ। প্রথম পাল্লা বগলের নীচে সূতা বা সরু ফিতা দিয়া বাঁধিতে হয় এবং দ্বিতীয় পাল্লা সামনে বুকের উপর আনিয়া চার বা ছয় স্থানে ঐরূপ ফিতা দিয়া বাঁধিতে হয় : অধুনা বন্ধনী স্থানে বোতামও চলিয়াছে [হিন্দুস্থানে দুইপ্রকার আঙরাখার প্রচলন আছে,-"ছ-কলিয়া"-যার ছয়টী কলি এবং ১ পাল্লা বগলের নিম্নে বাঁধিয়া ও ঢাকিয়া আর ১ পাল্লা বুকের উপর রাখিয়া ৪টী বন্ধন দিতে হয়। অন্য 'বালাচর্‌' যার ৪টী কলি ও ৬টী বন্ধনী থাকে। ইহার বগলের নিম্নে বাঁধিবার পাল্লা নিম্নে থাকে আর অপর পাল্লা ঢাকিয়া বুকের উপর দিয়া আনিয়া অন্য বগলের নিম্নে বাঁধা যায়। মুসলমান আমলে বঙ্গেও ইহা ভদ্রপরিবারে বহু প্রচলিত হইয়াছিল] ২ অঙ্গরক্ষক ; সাঁজোয়া ; কবচ।

আওঁল, আওঁলা [আমলক > ভ্রং। হিং-আঁওলা] বি, আমলক ; আমলকী ; আমলা। "হাটে হাটে তোমার বাপ বেচিত আওল।"-কবিক°।

আঙ্‌লানো [আঙুল+আন (করা অর্থে)] ক্রি, অঙ্গুলীদ্বারা নাড়া বা ঘাঁটা।

আঙা [আমা দ্রঃ। প্রাদে°] বিণ, আধপোড়া ; আমা। "আঙা সরায় আনে গর্দ্দভের দুগ্ধ দই।"-কবিক°। ২ [রাঙ্গা > রাঙা > আঙা] বিণ, লাল ; রক্তবর্ণ। **আঙার** [সং-অঙ্গার। আঙ্গার (অঙ্গার সমূহ)-শ° ক° ক্রমঃ। বাং-প্রাকৃ°-আঙার, আঙরা] বি, অঙ্গার ; জ্বলন্ত কয়লা। ২ বিণ, পুড়িয়া রক্তবর্ণ। ~**ধানী**-বি, অঙ্গারধানী দ্রঃ।

আঙিনা [সং-অঙ্গন > আঙ্গিনা > আঙিনা। হিং-আঙন্‌ বা আঙিনা] বি, উঠান। "আমার বধুঁয়া, আন বাড়ী যায় আমার আ° দিয়া।"-চণ্ডী°।

আঙিয়া [সং-অঙ্গিকা > প্রাকৃ°-অঙ্গিয়া > আঙিয়া। হিং-অঙ্গা বা আঙ্গা (আঙরাখা) + ইয়া (ক্ষুদ্রার্থে) ক্ষুদ্র অঙ্গাবরণ। আঙরাখা বা আঙ্গা, পুরুষদিগের ব্যবহারের, 'আঙিয়া' স্ত্রী-পরিধেয়] বি, আঁট ছোট জামা ; কেবল স্তন আবরণোপযোগী পেট ও পিট খোলা ছোট জামা যার পৃষ্ঠের উপর বন্ধনী পড়ে ; কাঁচলী (হিং-চোলী)।

আঙুট, আঙুটা [ক্ষুদ্রার্থে-আঙুটি, আংটি। বৃহদর্থে আঙোট] বি, কড়া ; বলয়।

আঙুর [ফাং-আঙ্গুর >] বি, দ্রাক্ষালতা ও ফল ; আঙ্গুর (দ্রঃ)। ~**দানা**-ক্ষত বাধা পুরিয়া আসিবার সময় যে লাল লাল দানা বাঁধে।

আঙুল-আঙ্গুল দ্রঃ।

আঙেঠি [আঙ্গটা দ্রঃ। হিং-অঙ্গীঠী (অঙ্গীঠা অপেক্ষা ক্ষুদ্র)] বি, স্বর্ণকারাদির কর্ম্মশালার অগ্নি। ২ আগুন রাখিবার পাত্র। ৩ লোহার তোলা-উনান।

আঙোট-আঙট দ্রঃ।

আঙ্ক [ঙ্‌+ক=ঙ্ক] বি, 'ঙ্ক' এই যুক্তবর্ণ। আঙ্ক-আস্ক-ককারাদি বর্ণের সহিত অনুনাসিক-ঙ, ঞ, ণ, ন, ম বর্ণের যোগে (আঙ্ক) এবং শ, ষ, স, হ ই° বর্ণের যোগে (আস্ক) গঠিত যুক্তবর্ণমালা। ~**ফলা**-ঙ্ক, ঙ্খ, ঙ্গ ই° ; ককারাদির সহিত অনুনাসিক বর্ণযোগে গঠিত যুক্তবর্ণমালা ; ঙফলা, ঞফলা, ণফলা, নফলা ও মফলা যুক্ত বর্ণশ্রেণী। "প্রবীণে নবীনে হয়ে, শিখ্‌ছ এখন আঙ্কফলা।"-গোপাল উড়ে।

আঙ্কুশি, আঙ্কুশিক-আঁক্‌শি দ্রঃ।

আঙ্গ [অঙ্গ+অ। উত্তরাখণ্ডী প্রা° হিং-আঙ, আঙওয়া] বি, অঙ্গ ; কোমল অঙ্গ ; আঙ। "এক এক আঙ্গে লক্ষ লক্ষ দান।"-শ্রী° কী°। ২ বিণ, অঙ্গ সম্বন্ধীয় ; শারীর। ৩ নাটকাদি সম্বন্ধীয় ; বেদাঙ্গ-সম্বন্ধী। ৪ 'ঙ্গ' এই যুক্তাক্ষর (আঙ্কফলা দ্রঃ)।

আঙ্গট [আঙট দ্রঃ] বি, অখণ্ড। ২ পায়ের অঙ্গুষ্ঠের আভরণ ; পাদাঙ্গুরী।

আঙ্গটা [সং অঙ্গারশকটী (আগুন রাখিবার পাত্র ; আতিশদান। হিং-অঙ্গেঠী, বা-সং অগ্নি-টা (ঠা)=স্থা, প্রাকৃ°-অগ্‌গিট্টা। হিং-অঙ্গীঠা] বি, অগ্নি রাখিবার পাত্র ; বোরসী ; লোহার তোলা-উনন। স্ত্রী° আঙ্গেটী।

আঙ্গটী [সং-অঙ্গুরী ; হিং-আঙ্‌গুঠী] বি, অঙ্গুরীয়ক ; আঙ্গুলের আভরণ ; অঙ্গুরীয়।

আঙ্গদ [প্রা° বাং-য় অ=আ] বি, অঙ্গদ। "আ° যুগল হাথে।"-শ্রী° কী°।

আঙ্গন,-না [সং-অঙ্গন > প্রা° বাং-আঙ্গণ,' আঙ্গন, আঙ্গিনা। তুল-হিং আঙ্গনাই] বি, অঙ্গন ; উঠান courtyard.

আঙ্গরা, আংরা [সং অঙ্গার (আঙ্গার=অঙ্গার সমূহ) > আঙার, আঙরা] বি, দগ্ধকাঠ ; অঙ্গার ; কয়লা। ২ জ্বলন্ত কয়লা।

আঙ্গরাখা, আংরাখা [সং-অঙ্গরক্ষা। হিং-অঙ্গর্‌খা। আঙরাখা দ্রঃ] বি, অঙ্গত্রাণ ; জামা।

আঙ্গল [অঙ্গুলি দ্রং। প্রাদে°] বি, অঙ্গুলি ; আঙুল।

আঙ্গলানি ['আংলান' ও°। আঙ্গলাই, -লাও,-লায় ;-লাইতে (ক্ষে°-লাতে) : -লাইয়া (ক্ষে°-লায়ে,-লে) ই°] ক্রি, অঙ্গুলি দ্বারা নাড়া বা ঘাঁটা ; অঙ্গুলিদ্বারা স্পর্শ করা ; আঙ্গুল ডুবাইয়া দেওয়া।

আঙ্গার [অঙ্গার+অ (সমূহার্থে)। আঙার দ্রঃ] বি, অঙ্গার সমূহ। ২ দগ্ধ কাঠ ; জ্বলন্ত কয়লা। ৩ বিণ, অঙ্গার সম্বন্ধীয়।

আঙ্গারাখি-বি, লৌহাস্ত্রবিঃ। "কামার পাতিয়া শাল, কোদালি, কুড়ালি, ফাল, গড়ে টাঙ্গি, আ° শেল।"-কবিক°।

আঙ্গারি [সং-আঙ্গার। হিং-অংগারী] বি, অঙ্গার ; কয়লা। ২ প্রসবের পর সজল রক্তস্রাব।

আঙ্গার্য্যস্তর [ভূতাত্ত্বিক পরিঃ] বি, ভূগর্ভের পঞ্চম জাতীয় মৃৎস্তর carboniferous formation.

আঙ্গিক [অঙ্গ+ইক (কৃতার্থে)] বিণ, অঙ্গসম্বন্ধীয়। ২ অঙ্গজ। ৩ অঙ্গদ্বারা সম্পাদিত। ৪ [নাট্য শা°] অভিনয়ের প্রকার ভেদ ; অভিনেতা অভিনেত্রী বা নট-নটীর

অঙ্গ সঞ্চালন, ভাবভঙ্গি, ইঙ্গিত ইং দ্বারা অভিনয়। ৫ মৃদঙ্গ। ৬ মৃদঙ্গবাদক।

আঙ্গিনা [সং-অঙ্গন। হিং-অঙ্গ্নাই, অঙ্গ্না, আঙন। আঙিনা দ্রঃ। মুর্শিং প্রাদেং, গ্রাং বগড়ী-'আঙ্গনে', 'আগ্নে'। পুং রাঢ়ে -আগ্নে। পং রাঢ়ে-আগীন্তা] বি, অঙ্গন; উঠান। "একে হাম পরাধিনী, তাহে কুল-কামিনী ঘর হইতে আং বিদেশ।"-চণ্ডীং।

আঙ্গিয়া১ [অঙ্গন >, ব্রজং] বি, অঙ্গন; উঠান; আঙিনা। "আঙ্গিয়ার মাঝে বঁধুয়া ভিজিছে দেখিয়া পরাণ ফাটে॥"-চণ্ডীং।

আঙ্গিয়া২ [অঙ্গ >, হিং-আঙিয়া] বি, স্ত্রীলোকদিগের অঙ্গরাখা; কাঁচুলি।

আঙ্গিরস [অঙ্গিরস্ (ঋষিবিঃ) + অ (অপত্যার্থে)] বি, অঙ্গিরস্ মুনির পুত্র; দেবগুরু বৃহস্পতি। ২ গোত্রবিঃ।

আঙ্গুটী, -ঠী [সং-অঙ্গুরি,-রী > অঙ্গুটী, আঙ্গুটী (র=ড়=ট্ঠ), > ক্ষেং আঙ্গটী] বি, বলয়াকৃতি অঙ্গুলিভূষণ; আংটি।

আঙ্গুঠ,-ী২ [সং-অঙ্গুলিত্র >] বি, সূচীকর্ম্মে ব্যবহার্য অঙ্গুলিত্রাণ thimble. ২ ধনুর জ্যাকর্ষণার্থ চর্ম্মনির্ম্মিত অঙ্গুলিত্রাণ; চামাটি।

আঙ্গুর [ফাং-অঙ্গুর] বি, স্বনামপ্রসিদ্ধ লতা ও ফল; দ্রাক্ষা grapes. আঙুর দ্রঃ [হিমালয়ের পশ্চিম ভাগে ইহা আপনিই জন্মে; উত্তর পশ্চিম ভারতে, পঞ্জাব ও কাশ্মীরাদি স্থানে ইহার চাষ হয়] "একটুকু রসে ভরা চাহি না আং।"-অশোকং।

আঙ্গুল [সং-অঙ্গুলি, অঙ্গুলী >] বি, অঙ্গুলি; আঙুল।-"লিখেলিখে ব্যথা হলো আঙ্গুলগুলার গিঁটে।"-দ্বিং রায়। ২ [প্রাং বৌং বাং] আংটি। "ঠাঁরেয়া ঠাঁরেয়া স্ত্রী আং দেখাইল। স্ত্রী আং দেখি তোমার হস্তর উপর।"-মাণিকং গান (ঠাঁরেয়া=ইঙ্গিতে)।

আং ফুলে কলাগাছ [অঙ্গুলি দুষ্টব্রণ বা কীটাদির বিষে কলাগাছের ন্যায় রসপূর্ণ ও অল্পকালের মধ্যে পরিপুষ্ট ও স্ফীত হইয়া উঠে] অল্পদিনে কেহ ঐশ্বর্য্যশালী হইলে বা অচিরে নির্ধনের ধন হইলে তৎপ্রতি ইহা ব্যঙ্গোক্তিতে প্রযুক্ত হয়। **আং মটকানি**-ক্রি, আঙ্গুল টানিয়া বা মোচড় দিয়া মট্ মট্ শব্দ করা; অঙ্গুলিস্ফোটন করা। **~হাড়া, আঙুলহাড়া** [আঙ্গুল-হাঁড় + আ (ব্যাপ্ত্যর্থে) যা আঙুলের হাড় পর্য্যন্ত অধিকার করে] বি, আঙুলের মাথায় ফোড়া whitlow. **আঙ্গুলানি**-আঙ্গলানি দ্রঃ।

আঙ্গোট১,-ঠ [সং-অঙ্গুষ্ঠ > আং, আঙোট দ্রঃ] বি, পদাঙ্গুষ্ঠের অঙ্গুরী; পায়ের বুড়া আঙুলের আংটী; আংটা।

আঙ্গোট২ [সং-অখণ্ড >, ভ্রং বা আ-গোটা >] বিণ, অখণ্ড। প্র-আং পাতায় ভাত খাওয়া।

আচকা [আচম্‌কা ক্ষেং। হিং-অচানক্] ক্রি-বিণ, সহসা; অকস্মাৎ। "আজগুবি এক যোগী নাকি, আচ্‌কা রাজসভায় এসেছে॥" গোপাল উড়ে। ২ [হাউটন অসংখ্য শব্দজ বলিয়া অনুমান করেন] আন্দাজি; ঠাউকো। ৩ বিণ, যা সংখ্যাত বা গণনা করা, ওজন করা বা পরিমাণ করা হয় নাই (কেরী)।

আচকান [ফাং-অচ্‌কন্] বি, অঙ্গাবরণ-বিঃ; চাপকান।

আচঞ্চল [আ=ঈষৎ-চঞ্চল] বিণ, ঈষৎ বিচলিত; সামান্যরূপ চঞ্চল।

আচমকা [হিং-অচানক্, আচম্ভা। তুল -মালং 'আনচটা sudden; unawares' সং-চমৎকার] ক্রি-বিণ, চমকিত করিয়া; হঠাৎ; অকস্মাৎ।

আচমন [আ-চম্ (ভোজন করা) + অন (ভাং); গ্রাং-আঁচান] বি, বৈধ কর্ম্মের পূর্ব্বে শুদ্ধিজনক ক্রিয়া: সন্ধ্যাবন্দনাদির পূর্ব্বে মুখে তিনবার জল দিয়া ওষ্ঠ, নাসিকা, চক্ষু-কর্ণাদি অষ্ট অঙ্গে কর স্পর্শ করা; পূজাদি কর্ম্মের পূর্ব্বে বিন্দু বিন্দু জলপানদ্বারা দেহ শুদ্ধিকরণ। ২ ভোজনের পর জল দ্বারা হস্ত মুখ প্রক্ষালন; আঁচান। "ভোজনান্তে আচমন সকলে করিলা।"-অং মং।

আচমনক [আচমন (দ্রঃ) + ক (পাত্র অর্থে) যাতে আঁচান যায়] বি, নিষ্ঠীবন পাত্র; থুতু ফেলিবার পাত্র; ডাবর; পিক্‌দান।

আচমনী, আচমনীয় [আচমন (দ্রঃ) + অনীয় (র্ম্ম)] বি, আচমন করিবার জল। ২ হস্ত মুখ ধৌত করিবার জল। ৩ যা ভক্ষণ করিলে আচমনের প্রয়োজন হয়। ৪ ভক্ষ্যবস্তু। "পাদ্য অর্ঘ্য আচমনীয়াদিদ্বারা তাঁহার অর্চ্চনা করিলেন।" -মহাং (বর্দ্ধ)।

আচম্বা, -ম্ভা [সং-অসম্ভব >, হিং-অচম্ভব > অচম্ভা, অচম্ভো > (বাং-য়) আচম্বা] ক্রি-বিণ, হঠাৎ; (অপ্রত্যাশিত কিছু দৈবাৎ আসিয়া চমকিত করে বলিয়া) আচম্‌কা।

আচম্বিত [সং-অসম্ভাবিত, আচম্ভা=অকস্মাৎ, অদ্ভুত, আশ্চর্য্য। আচমকা দ্রঃ। আচম্বিৎ স্থলে আচম্বিতে এবং প্রাং বাং-আচম্বিতি (শূং পুং)] ক্রি-বিণ, হঠাৎ; দৈবাৎ; অকস্মাৎ; দৈবযোগে। "দৈবের নির্ব্বন্ধ আসি ঘটে আচম্বিতে।"-মং। "কবির প্রাণেতে পশি আচম্বিতে কে রূপসী বীণা-করে খেলা করে হসিত বয়ানে।"-বিং চক্রবর্ত্তী। **আচম্বিতের ব্রত**-যে ব্রতে কোন কথাবার্ত্তা নাই হঠাৎ মধ্যাহ্নাহারের কালে প্রতিবেশিনী জলের ঘটী ও আগুট পাতা লইয়া গৃহকর্ত্রীর রন্ধনশালায় উপস্থিত হইয়া নীরবে অবস্থান করেন। কর্ত্রী সমাদরে সেই পাতায় অন্ন দেন। আহারান্তে মুখশুদ্ধির পর ব্রতিনীর মুখ ফুটে। ক্ষণকাল বিশ্রামের পর তিনি স্বগৃহে ফিরেন। পূর্ব্বে যার হাতে খাওয়া হইয়াছে পুনরায় তার হাতে খাওয়া এই ব্রতে নিষিদ্ধ। শ্রীহট্ট, ত্রিপুরা ইং অঞ্চলে এখনও এই ব্রত অনুষ্ঠিত হয়।

আচয় [আ-চয় (চয়ন)] বি, সংগ্রহ collection.

আচর [অঞ্চল >] বি, আঁচল। "ক্ষণে আং দেই ক্ষণে হোয় ভোর।"-বিং পং।

আচরণ [আ-চর্ (গমনে) + অন (ভাং)] বি, বিচরণ; ভ্রমণ। "প্রেত কাক কুকুরাদি করে আং।"-রামরসায়ন [অপ্রং] ২ আচার; অনুষ্ঠান। প্র-ধর্ম্মাচরণ। "পাপাচরণ।" ৩ ব্যবহার; আচার-ব্যবহার। প্র-সদাচরণ, নিষ্ঠুরাচরণ। ৪ চলন। প্র-জলাচরণ। ৫ রীতি। ক্রি, **আচরা** [আচরি, আচর, আচরে, আচরিতে, আচরিয়া (ক্ষেং-আচরি) ইং] আচরণ করা। **~ণীয়**-বিণ, আচরণের যোগ্য; ব্যবহার

যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্জ্‌ ঞ্চ=ঞ্চ ক্ট=ষ্ট ...

বা[illegible]দান প্রদান-যোগ্য। ২ শুদ্ধ। > স্ত্রীং ~া।

আঁচরা [প্রাদেং—যশোহর। আঁচড়া ওং] বি, ভূমি পরিষ্কার করিবার যন্ত্র।

আচরিত১ [আ-চর্ (গমন করা)+ত (র্ম্ম)] বিণ, অনুষ্ঠিত। ২ ব্যবহৃত। ৩ প্রচলিত।

আচরিত২ [সং-আশ্চর্য্যান্বিত > । প্রাদেং নিম্নকথ্য] বিণ, আশ্চর্য্য। "আজি-কন্যা শুন এক আং কথা।"—মৈং গীং।

আচষা [ন+অ=আ-চষা (কর্ষিত)] বিণ, অকর্ষিত ; আচোট (জমি) ; পতিত (ভূমি)।

আচান্ত [আচমনান্ত >] বিণ, যার আঁচান হইয়াছে।

আচাভুয়া [হিং—অচম্ভা (অদ্ভুত) সং-অসম্ভব। হিং—অচম্ভো,-ভৌ >] বিণ, আশ্চর্য্য ; অদ্ভুত ; কিম্ভূতকিমাকার। "আয়তি কেবল আং।"—অং মং। "মোর বিভার দায় নাই আং বরে॥"—শিং। ২ [পদ্ম পুং (বিজয়)] নির্ব্বোধ ; হ্যাকা। "মন্ত্রী আং হেন, কিছুই না জানে খন, বিদায় হইল করি ভান।"—কাক্কীং। ৩ অজানা ; অপরিচিত। আচাভূয়ার বোম্বাচাক [আং-র (অসম্ভবের) বম্বাচাক (ভম্বচক্র, ভম্ভ দ্রঃ)—যা নাই তার দুর্ব্বোধ্য বা দুর্ভেদ্য ঘনান্ধকার] বি, অসম্ভব বিষয় ; পদার্থ ; আকাশকুসুম। "এই তিনটাই সোনার পাথরবাটী, কাঠালের আমসত্ত্ব, আচাভূয়ার বোম্বাচাক।"—নায়ক, ২০শে কার্ত্তিক ১৩২৭।

আচাম [আচমন > । প্রাদেং] বি, আচমন। ২ পান ভোজন। ৩ ভাতের মাড় ; ফেন।

আচার১ [ফাং, পর্ত্তুং—আচার (চাটনি)] বি, নেবুর রস, লঙ্কা, লবণ, তৈল, সরিষা ইং দ্রব্যযোগে আম, কুল, লেবু ইং ফলে প্রস্তুত অম্লরস খাদ্য ; কাসুন্দি।

আচার২ [আ-চর্ (গমনে)+অ (ভাং) বি, অনুষ্ঠান। ২ আচরণ ; লোক-ব্যবহার ; চরিত্র। ৩ শাস্ত্রীয় ব্যবহার ; সদাচার। ৪ নিয়ম ; পদ্ধতি। প্র—দেশাচার। ৫ [ব্যবহার শাং] বিচার [সহচর শব্দ—'আং বিচার' ; 'আং ব্যবহার'; 'আং ধর্ম্ম'] ~ী [আচারিন্, আচার+ইন্ (স্ত্য)] বিণ, সদাচার বিশিষ্ট ; শিষ্টাচারী। ২ বি, হেলঞ্চা শাক। ~চ্যুত-বিণ, সদাচার হতে ভ্রষ্ট। ~নিষ্ঠ-বিণ, সদাচার পরায়ণ। বি, ~নিষ্ঠা। ~পূত [আচার (দ্বারা) পূত] বিণ, সদাচার দ্বারা পবিত্র ; সদাচারী। ~বর্জ্জিত [আচার (হতে) বর্জ্জিত] বিণ, আচারচ্যুত ; সদাচারবিরহিত। ২ নিয়মবহির্ভূত। ~বান্ [আচার+বৎ (স্ত্য)= আচারবৎ ১মা ১বং] বি, সদাচারী ; নিষ্ঠাবান্। > স্ত্রীং ~বতী। ~বিচার-বিণ, চরিত্র ও সদসদ্বিবেচক। ২ ধর্ম্ম বা শাস্ত্রানুগত বাচবিচার। ~বিরুদ্ধ-বিণ, অনাচারী। ~বিশিষ্ট-বিণ, আচারী। ~বিহীন, ~হীন-বিণ, আচারচ্যুত। ~ব্যবহার-বি, স্বপালিত নিয়মানুষ্ঠান ও অন্যের সহিত আচরণ। ~ভ্রষ্ট [আচার (হতে) ভ্রষ্ট] বিণ, আচারচ্যুত ; সদাচারহীন ; ভ্রষ্টাচার। ২ দুশ্চরিত্র। স্ত্রী-আচার-বিবাহে এয়োস্ত্রীদিগের দ্বারা বর-বরণ ইং মঙ্গলাচার।

আচার্য্য [আচার দ্রঃ। আ-চর্ (গমন করা, শিক্ষা দেওয়া)+য (র্ত্তৃ)। যিনি শ্রেষ্ঠ আচার গ্রহণ করাইয়া সমস্ত বিদ্যা অধ্যয়ন করান। গ্রাং, মেয়েলিং— 'আচাজ্জি।' ভট্টাচার্য্য > গ্রাং—'ভটচাজ্জি', পাং ও বাং প্রাকৃং রূপ-'আচারিজ', 'আচারজ,' 'আচারজী।' "হেন আচারিজ বাণী।"—শ্রীং কীং] বি, যিনি শিষ্যের উপনয়ন দিয়া তাকে বেদ অধ্যয়ন করান (মনু ২।১ক।১৪১) ; বেদাধ্যাপক। ২ শিক্ষাগুরু। ৩ দৈবজ্ঞ ব্রাহ্মণ ; গ্রহবিপ্র। ৪ পুরোহিত ; দেবপূজক। স্ত্রীং (১) আচার্য্যাণী [আচার্য্যা ওং (বিরল)] আচার্য্যপত্নী। ২ গুরুপত্নী। (২) আচার্য্যা-বেদশিক্ষয়িত্রী। ২ শিক্ষয়িত্রী।

আচার্য্য/ক [আচার্য্য+ক (ইদমর্থে)] বি, আচার্য্যের উপদেশ। ~তা, ~ত্ব (-ক্ -) বি, আচার্য্যের আচার ব্যবহার, ভাব বা প্রকৃতি।

আচালা [ন=আ+চালা—যা চালা হয় নাই] বিণ, অচালিত। ২ অপরিষ্কৃত। ৩ মোটা।

আচিত [আ-চি (একত্র করা)+ত (র্ত্তৃ)] বি, ১০ ভার। ২ ২৫ মণ। ৩ এক-গাড়ী ; এক গাড়ীর বোঝা। ৪ বিণ, রাশীকৃত। ৫ জড়িত ; গ্রথিত। ৬ পরিব্যাপ্ত ; আকীর্ণ।

আচির, আচীর [প্রাচীর > প্রাদেং বিকারে প্রাচীরশ্রেণীস্থ ও তদ্বৎ অর্থে 'আচির-প্রাচীর' 'আঁচীল পাঁচীল' ওং] বি, প্রাচীর ; ক্ষুদ্রপ্রাচীর। "ফুলের আচির ফুলের প্রাচীর ফুলেতে ছাইল ঘর।"—চণ্ডীং।

ˋআচু-বি, বৃক্ষ বিঃ।

আচূষণ [আ-চূষ্ (চুষা)+অন (ভাং)] বি, শোষণ। ২ আকর্ষণ।

আচোট [সং—আ (বিনা)+হিং—চোট (আঘাত)] বিণ, যে জমিতে লাঙ্গলের চোট লাগে নাই ; অচষা ; অনাকৃষ্ট ; পতিত। ২ অক্ষত ; অনাহত। ৩ বি, চোট ; আঘাত।

ˋআচ্ছ [আচ্ছা দ্রঃ। প্রাং বাং] ক্রি, আছে। "সেটে (=সেথা) আচ্ছ বনর বাঘ।" -মাণিকং গান।

ˋআচ্ছন্ন [আ-ছদ্ (আবরণ)+ত (র্ম্ম) ; ত=ন্ন] বিণ, আবৃত ; ঢাকা। ২ পরিব্যাপ্ত। ৩ অজ্ঞান : অভিভূত ; বিহ্বল ; অঘোর ;

আচ্ছা [সং-প্রাকৃং—'যা ইচ্ছা।' প্রাদেং পূং বং—'আইচ্ছা'] অ, অঙ্গীকার বা স্বীকার বোধক হাঁ ; যথাভিলাষ ; যে আজ্ঞা (সম্ভ্রমার্থে) তথাস্তু। প্র—রামকে শ্যাম বলিল, সেখানে নিশ্চয় যাইও। রাম বলিল, আচ্ছা। ২ ধর ; ধরা যাউক ; প্রমাণ বা যুক্তির পূর্ব্বেই স্বীকার করিয়া লওয়ার ভাবব্যঞ্জক let it be granted. প্র—আচ্ছা, যদি তাই হয়। ৩ [হিং—অচ্ছা (খুব ভাল, বেশ) < সং—অচ্ছ=স্বচ্ছ (নির্ম্মল)] অ, বেশ ; উত্তম ; ভাল। "মালিনী বলেন সাজ হয়ে গেল আচ্ছা। উলু বন হতে কেন বার হল পেচা।"—ধং মং। ৪ [হিং—বেশ ও ফাং—খুব অর্থ হতে বেশী] খুব ; বিলক্ষণ। প্র—ঐ দুরন্ত ছেলেটার পিঠে আচ্ছা করে ঘা-কতক বসিয়ে দাও ত। ৫ প্রশংসার ভাব জড়িত বিস্ময়। প্র—তার আচ্ছা কৌশল যা হোক! ৬ অপ্রশংসা, বিরক্তি, অশ্রদ্ধা ইং-র ভাব-দ্যোতক ব্যঙ্গোক্তি। প্র—আচ্ছা লোকের

পাল্লায় পড়িয়াছি। ~বেশ-খা উক্ত হল তার অস্তিত্ব, সম্ভাবনা, অনুষ্ঠান ইং স্থলে; তা হলে; যখন তাই তখন ভালই। "দেখে আপনার মা আছেন বুঝি? আচ্ছা বেশ," -মাং ও মং ১৩৩৩।

আচ্ছা/দ [আ-ছাদি (আবরণ করা) +অ (ভাং)] বি, আচ্ছাদন; আবরণ। ২ বিণ, আচ্ছাদক; আবরক। ~দক [আ-চ্ছাদি+অক (র্ত্তৃ)] বিণ, যে আচ্ছাদন করে; আবরক। ~দন [আ-ছাদি (ছাদন বা আবরণ করা) + অন (ভাং)] বি, আবরণ। ২ ঢাকনি। ৩ চাঁদোয়া; চন্দ্রাতপ। ৪ বস্ত্র। ৫ বিণ, আচ্ছাদক; আবরক। প্র-আচ্ছাদন বস্ত্র। ~দনীয় [আ-ছাদি (আচ্ছাদন করা) +অনীয় (র্ম্ম)] বিণ, যাকে আচ্ছাদন করিতে হইবে বা করা উচিত। ২ আচ্ছাদ্য; আবরণোপযোগী। ~দয়,~দয়ে [আচ্ছাদ (দ্রঃ) >, বাং নাম ধাতু। আচ্ছাদি, আচ্ছাদ,আচ্ছাদে; আচ্ছাদিতে; আচ্ছাদিয়া (ক্কেং পদ্যে, আচ্ছাদি) ইং] ক্রি, আচ্ছাদন করে; ঢাকে। "অতি লম্বা দাড়ি আচ্ছাদয়ে নাভিদেশ।"-কবিকং। ~দি, ~দিয়া-অস-ক্রি, আচ্ছাদন করিয়া; আবৃত করিয়া। ২ আচ্ছাদন করি। ~দিত [আ-ছাদি (আচ্ছাদন করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে আচ্ছাদন করা গিয়াছে; আবৃত; ঢাকা। ২ ঘেরা। ~দ্য-বিণ, আচ্ছাদনীয় (দ্রঃ); আবরণযোগ্য।

আচ্ছিন্ন [আ-ছিদ্ (ছেদন করা)+ত (র্ম্ম)-ত=ন] বিণ, বিচ্ছিন্ন করিয়া লওয়া; ছিঁড়িয়া লওয়া; ছিনাইয়া লওয়া; সবলে গ্রহণ; কাড়িয়া লওয়া।

আচ্ছুক [বৈদ্যকে] বি, আচ গাছ (ইহা রক্তস্রাবনাশক morinda letrofolia.

আচ্ছুরিত [আ-ছুর্ (ছেদন করা, শব্দ করা)+ত (র্ম্ম)। কোন বস্তু ছেদন করিয়া বা কাটিয়া কাটিয়া ফেলিলে তার অংশগুলি চারিদিকে পড়ার ভাব হতে 'হাস্যচ্ছটা' ওং] বি, উচ্চহাস্য; সশব্দে হাস্য; অট্ট-হাস্য। ২ অশ্বের হাস্য বা হ্রেষারব। ৩ নখাদিদ্বারা আহত বা ক্ষত। ৪ লেপিত; মর্দ্দিত।

আচ্ছেদ [আ-ছিদ্+অ (ভাং)] বি, টানিয়া ছেঁড়া; কর্ত্তন। ~দী,~ক (-দ্ক-)-বিণ, আচ্ছেদকারী।

আচ্ছোর্দন [আ-ছিদ্ (ছেদন, হনন) +অন (ভাং)-নিপাতনে] বি, মৃগয়া।

আছ-আছা দ্রঃ।

আছইতে [হিং-আছত, আছিত। আছিতে দ্রঃ] ক্রি-বিণ, বিদ্যমান থাকিতে; বর্ত্তমানে: উপস্থিতিকালে; সত্ত্বে; থাকিতে। ২ পূর্ব্বে; অগ্রে; আগে। "আছইতে আছল কাঞ্চন পুতুলা। ভুবন অনুপাম রূপগুণে কুশলা॥"-বিং পং (বঙ্গবাসী) [দ্রঃ-প্রাং কাব্যসংগ্রহে (অং সরকার সংস্করণ) 'আছইতে' স্থলে 'আগে'-"আগে সোই আছল কাঞ্চন পুতুলা।"-বিং পং]।

আছড়া১ [হিং-ছড়ক্না: ছিড়কানা (ছড়া দেওয়া) ছড়া দ্রঃ)-ছিড়কাব=ছড়া > আছড়া। প্রাদেং,বর্দ্ধমান-'কাছড়া'] বি,ছড়া; পশলা। ক্রি, আছড়ানি[বর্দ্ধমান প্রাদেং, কাছ্ড়ানো'] ছড়া দেওয়া। ২ ভূমিতে জোরে নিক্ষেপ করা; আছাড় দেওয়া। আছড়া-আছড়ি-বি, উপর্য্যুপরি আছাড় খাইয়া পড়া বা অঙ্গবিক্ষেপ। ২ ছড়াছড়ি।

আছড়া২ [আ-ছড়া (গুচ্ছ)] বি, ধান্য যব ইং-র আটি।

আছয়, আছয়ে, আছএ, আছিয়ে, আছিএ [আছ দ্রঃ। কেবল পদ্যে; গদ্যে 'আছে'] ক্রি, আছে। "তার প্রতি যত আশা আছয়েআমার।"-নিধুবাবু। "সতী কুলবতী, তুয়া যে খেয়াতি, আছয় গোকুল পুরে।"-চণ্ডীং।

আছরম-আশ্রম দ্রঃ।

আছল [প্রাং বাং। ব্রজং-অছস > আছিল-দ্রঃ] ক্রি, ছিল। "জতহু আং মোর হৃদয়ক সাধ।"-বিং পং।

আছা [সং-অস্ (হওয়া, থাকা) প্রাং হিং'হয়, আছে' অর্থে অবিকল 'অস' প্রয়োগ। মং-অসে, অসতো। পৃথিবীর প্রায় সকল আর্য্য ভাষাতেই অস্ ধাতুজ হওয়া বা থাকা-অর্থক শব্দ পাওয়া যায়। তুল-সং-অস্তি; জেন্দ্ং-অশ্তি osti; গ্রীং-esti; ল্যাং-est; জর্ম্মং-ist; ফ্রাং-অস্ত্; ইং-is. অস্ এর স স্থানে চ, ছ, জ, হ ও অ=আ হইয়া ভিন্ন ভিন্ন প্রাদেং উচ্চারণের সৃষ্টি করিয়াছে। তুল-হিং-অছ্না=বিদ্যমান থাকা, "অছলো মন বৈরাগী,"-কবীর। 'আছহি'-মহম্মদজায়সী। 'অছত'-তুলসী ইং)-আসা আসে: ওড়িং-অছি; ব্রজং-অছি; মং-আহ; আস; বাং-আচে,আছে, আছহ ইং। বাং-এই 'ছ' হিন্দীর মধ্য দিয়াই আসিয়াছে বলিয়া বোধ হয়; কারণ প্রাং হিং-তে ইহার ভুরি ব্যবহার আছে এবং অছ্না ধাতুর রূপান্তরগুলিও অবিকল বাং-য় আসিয়াছে-যথা-প্রাং হিং-অছলো; প্রাং বাং-আছিলোঁ, আছলু, আছিনু: ব্রজং-আছলু; অছল (বিং পং); প্রাং বাং-আছল, আধুং-আছিল। তুল-হিং-অছলো, "কহ কবীর কছু অছলো ন রহিয়া,"-কবীর (অর্থাৎ কবীর বলে জগতে কিছুই ছিল না) ইহা হতে মৈং ও ব্রজং-'অছল'। "সৈসব অছল সে ডরে পলাএল।"-বিং পং। প্রাং বাং পদ্যে-অছন্তি, আছন্ত, আছেন্ত, আছেত; সং-অসন্তি (সন্তি) এবং থাকিতে, থাকা সত্ত্বে এই অর্থেবাং-আছিতে, আছইতের অনুরূপ; প্রাং হিং-অছত, আছত দ্রঃ (হিং শব্দ সাগর। "ছতহু অছত সমান,"-বিং চক্রবর্ত্তী) উং পুং-আছি, প্রাং বাং-'আছে', 'আছোঁ'=আছি। মং পুং-আছ (সমানার্থে) প্রাং বাং থাকুক, আছেন (সম্ভ্রমার্থে), আছিস অবজ্ঞার্থে) এই অর্থে আছ (আছুক দ্রঃ)। প্রং পুং-আছে (সমান বা তুচ্ছার্থে), প্রাং বাং 'আছের'= আছে, পরবর্ত্তী 'আছএ।' "জীবার আশ যবে আছএ তোহ্মার,"-শ্রীং কীং। আছেন (সম্ভ্রমার্থে), বর্ত্তং-আছে, আছিএ, আছিয়ে। ভূতং-আছিল, ছিল। পদ্যে-আছিনু, ছিনু; আছিলাম, আছিলাঙ,-ঞ, (প্রাং বৈং সাং, প্রাং বাং অপ্রং)। ভবিং-আছিত (অপ্রং)। অস-ক্রি-আছিতে, আছইতে (অপ্রং)। অনুজ্ঞা-আছুক। প্রধান প্রধান রূপান্তরগুলি স্ব স্ব স্থানে দ্রঃ] ক্রি, থাকা; বিদ্যমান থাকা; অস্তিত্বে বজায় থাকা। ২ বাঁচিয়া থাকা; জীবিত থাকা। ৩ উপস্থিত থাকা; হাজির থাকা। ৪ বাস করা; অবস্থিতি করা; ৫ সহায়স্বরূপ থাকা [দ্রঃ-প্রাং হিং, বি-তঃ কথ্য পাহাড়ী হিং-তে আছে অর্থে 'ছ' 'ছে' এবং 'ছো'র ব্যবহার আছে]।

আছাকা-বিণ, যা ছাঁকা নহে।

আছাঁটা-বিণ, যা ছাঁটা নহে।

আছাড় [হি-পছাড়্। প্রা॰ বাং-নাচাড়। আছড়া দ্রঃ] বি, উৎপতন ; পতন। ২ পতনজনিত আঘাত। ৩ [শ্রীহট্ট প্রাদে॰] দাঁট : হাতল। ক্রি, **আছড়ানি** [আচড়াই : আছড়া, আছড়াও, আছড়ান : আছড়ায় : আচড়াইতে (কে॰ আছডাতে : আছড়াইয়া (কে॰ গ্রা॰ আছড়ে)] ক্রি, আছাড় দেওয়া : ধরিয়া উর্দ্ধে উঠাইয়াই বেগে ভূতলে নিক্ষেপ করা। **আছড়ুঁয়ে, আছাড়ুঁয়ে, আছাড়ে**-জাপটিয়া ধরিয়া মাটিতে ফেলিয়া দেয়। "কে কারে আছাড়ে কে কারে পাছাড়ে কে মানে কাহার বোল।"-অ॰ ম॰। **আছাড়িয়া, আছড়িয়া, আছড়ি**-আছাড় মারিয়া ; উর্দ্ধনিক্ষেপদ্বারা। এই অর্থে-প্রা॰ বাং, 'নাচেড়ে'। "চরণ নাচেড়ে ভঙ্গ দুর্জ্জয় শকট।"-শীতলা ম॰ (নিত্যা॰)। **~কাছাড়, ~পাছাড়, ~পিছাড়, ~বিছাড়**-বি, হস্তপদবিক্ষেপপূর্ব্বক বিলুণ্ঠন ও কাতরানি ; অত্যন্ত শোকব্যঞ্জক বিলাপের সহিত গড়াগড়ি। প্র-আছাড়-কাছাড় করিয়া কাঁদা। **~কাছাড় করা, ~পিছাড় করা** (চ॰ গ্রা॰ আচাড় পিচেড় করা)-হাত-পা আছড়ান ; ছট্‌ফট্ করা। **আ॰ খাওয়া**-পদস্খলিত হইয়া পতিত হওয়া ; পা পিছলাইয়া পড়িয়া যাওয়া। **আ॰ খাইয়া পড়া**-শোকাদি বশতঃ ইচ্ছাপূর্ব্বক সাষ্টাঙ্গে ভূপতিত হওয়া। **আ॰ দেওয়া, আ॰ মারা**-আছড়ান।

আছান-আসান দ্রঃ।

আছানা [ন=আ-ছানা (দ্রঃ)] বিণ, যা ছাঁকিয়া লওয়া হয় নাই ; আছাঁকা।

আছালতন্ [আ॰-আসালতন্ (আসল হওয়া) > (স=ছ) স্বয়ং হাজির হওয়া] বিণ, যা মার্ফতী নহে ; স্বয়ং personal. প্র-বাদীকে আ॰ জবাব দিতে হইবে, উকিলের মার্ফত দিলে চলিবে না-অর্থাৎ স্বয়ং হাজির হইয়া নিজমুখে বলিতে হইবে। ২ [মং বাং] বি, স্থায়ী permanent. প্র-আ॰ সবজজ, আ॰ চাকুরী।

আছি [সং-অস্মি > প্রাকৃ॰-অসি >] ক্রি, হই ; বিদ্যমান আছি। "পড়িয়া চার্ব্বাক-শাস্ত্র সূক্ষ্ম হইনু আর। আছি কি না আছি শেষে জানা হ'ল ভার।" ২ অবস্থিতি করিতেছি ; বাস করিতেছি। প্র-আজকাল আমি দেশেই আছি। ৩ থাকি। প্র-আমি কোথায় আছি কোথায় নাই তুমি কেন মিথ্যা খুঁজে বেড়াবে? ৪ জীবিত আছি। ৫ উপস্থিত বা হাজির আছি। ৬ সহায়স্বরূপ আছি। প্র-আমি আছি, তোমার ভয় কি? [আছইতে দ্রঃ]।

আছিতে [প্রা॰ বাং। আছইতে দ্রঃ। হিং-তে অছত ও আছত শব্দের ভূরি ব্যবহার। "আপু আছত জুবরাজ-পদ, রামহি দেউ নরেস।"-তুলসী। "খসম অছত বহু পী পর জায়।"-কবীর। "উনকে আছত অপনে আলস।"-সুরদাস। "ছতহ অছত সমান।" -বি॰ চক্রবর্ত্তী। হি॰-'অছিত' ও॰ ইহা হইতেই সম্ভবতঃ বাং-আছইতে, আছিতে- আসিয়া থাকিবে] ক্রি-বিণ, বিদ্যমান্ থাকিতে ; বর্ত্তমান থাকিতে।

আছিদর [আ (সর্ব্বতোভাবে, পূর্ণ) ছিত্বর > ছিদর (শঠ, ধূর্ত্ত)। (২) আ + ছিদ্র > ছিদর (হি॰)-সমূহ দোষযুক্ত, হি॰-ছিছোর ছিছোরা] বিণ, ধূর্ত্ত ; শঠ ; প্রতারক। "এবে রাজা হয়িল ধনের কাতর। পথে মহাদানী থুয়িল হেন আ॰।"-শ্রী॰ কী॰। ২ ছ্যাব্‌লা ; প্রগল্‌ভ। "আ॰ কাহ্নঞি", "আতিবড হৈলা আ॰।"-শ্রী॰ কী॰। স্ত্রীং **~ী**। "আইহনের রাণী রাধা বড আছিদরী।" -শ্রী॰ কী॰। "বুঢ়ী বড আছিদরী * * তার মন বুঝিতেঁ না পারী।"-শ্রী॰ কী॰।

আছিল [সং-আসীৎ পদের প্রাকৃ॰ উচ্চারণ, ত=ল, স=ছ (ভাষাতত্ত্ব) আছা দ্রঃ] ক্রি, ছিল ; বিদ্যমান ছিল ; বর্ত্তমান ছিল। "আ॰ রাবণ রাজা ব্রহ্মবংশে জন্ম।"-মহা॰ (কাশী)। "আ॰ বিস্তর ঠাট প্রথম বয়সে।" -অ॰ ম॰। (সম্ভ্রমার্থে) **আছিলেন**। "আছিলেন দুর্য্যোধন রণপরিহরি।"-মহা॰ (কাশী)। [আছিল অর্থে ব্রজ॰ ও প্রা॰ বাং-য় ১ম পু॰ **আছঁল**, ম॰ পু॰ **আছঁলি** (ছিলি, ছিলে শব্দের ব্যবহার পাওয়া যায়), পদ্যে ছিল স্থলে ছন্দানুরোধে **আছিল** ও **আছিলা**। [আধু॰ বিরল] প্রা॰ বাং 'আছিলাহা'। "কথা না আছিলাহা হেন আছিদর ভারী।" -শ্রী॰ কী॰ [সং-ভূ ও কৃ ধাতুর ন্যায় বাং-য় অতীতকাল বুঝাইতে সকল ক্রিয়াই আছিল (কে॰ ছিল ধাতু যোগে নিষ্পন্ন হয় ; যথা-সং-কর্ত্তুম্ + আসীৎ = বাং- কর্ত্তে + আছীল= কর্ত্তেছিল (করিতেছিল)-ভাষাতত্ত্ব দ্রঃ] ২ উপস্থিত (মাণিক॰ গান)।

আছিলাম [অস্ > আসম্ (ও আগম) আসতম=আছলম্=আছিলাম। অস্ + লাম্-(ই আগম) তুল-ব্রজ॰ **অছঁলিহু**= ছিলাম। "এতদিন অছলিহু অপন পেয়ানে।" -বি॰ প॰ (ন॰ গু॰)] ক্রি, উ॰ পু॰-ছিলাম। [প্রা॰ বাং **আছিলেম, আছিনু, আছিলুঁ** ও দেখা যায়। (প্রা॰ বৈ॰ সা॰) **আছিলাও, আছিলাঞ, আছিলাহোঁ**। "আছিলাহোঁ আহ্মে অতিশয় বালী।"-শ্রী॰ কী॰। **আছিলো, আছিলোঁ**। "অহোনিশি আছিলো", "আছিলোঁ মো শিশুমতী।"-শ্রী॰ কী॰। ইহা হি-অছলোঁর অনুকরণে। ব্রজ॰-অছলোঁ। "একলি অছলোঁ হম গঁথইতে হাব। সসরি খসল কুচচীর হমার॥"-বি॰ প॰।

আছুক [সং-'অস্তু' ; পালি, প্রাকৃ॰-অত্থু-বাং-আছুক] ক্রি, থাকুক ; রহুক (অবস্থিতিকরণার্থে)। ২ থাকুক (তুলনার্থে) "আছুক বিন্ধিতে কাঁড তুলিতে নারিল। হাসিয়া সুশর্ম্মা রাজা ধনু কাড়ি নিল॥" -মহা॰ (কাশী)। এই অর্থে 'আছ' "আছ নবলোক, দেবলোক তোষে মুনি মন হএ ভোলা।"-শ্রী॰ কী॰।

আছে [অস্তি=প্রাকৃ॰-অসি, আসি, আসে। সে=ছে] ক্রি, ১ম পু॰ সমানার্থে বা তুচ্ছার্থে, অস্তিত্ব সূচক ; হয় ; বিদ্যমান আছে। প্র-সে আছে। ২ জীবিত আছে ; বাঁচিয়া আছে। প্র-পাখীটা এখনও আছে না মরেছে? ৩ উপস্থিত আছে। প্র-সে ওখানে আছে এখন যাইলে দেখা হইবে। ৪ প্রচলিত আছে। প্র-কথাতেই আছে-"বড় হবি ত ছোট হ।" ৫ বাস করিতেছে। প্র-সে বহুদিন ঐ বাড়ীতেই আছে। ৬ [বাসের লক্ষণা হতে] সহবাস করিতেছে ; উপপতি বা উপপত্নীরূপে বাস করিতেছে ; অবৈধ প্রণয়ে বদ্ধ আছে বা আসক্ত হইয়াছে (এই অর্থে

সহার্থক শব্দের যোগে ব্যবহৃত হয়)। "ভাল ভাল করে গ্যালাম কেলোর মার কাছে। কেলোর মা বলে আমার জামা'র সঙ্গে আছে।"–নীলদর্পণ। "কলঙ্ক তুলিআঁ দিল রাধিকা কাহাঞির সঙ্গে আছে।"–শ্রীঃকীঃ। ৭ সহায়স্বরূপ আছে। প্র–সে যখন আছে, তোমার ভয় কি! সম্ভ্রমার্থে, আছেন (প্রাঃ বাং–'আছেন্ত') প্র–তিনি আছেন।

আছেন্ত [সং–'সন্তি'র পূর্ব্বরূপ 'অসন্তি' > (প্রা–বাং) আছেন্ত (ভাষাতত্ত্ব ২য় খণ্ড দ্রঃ)] ক্রি, ১ম পুঃ আছেন। "পূরব দুয়ারে আছেন্ত পণ্ডিত কংসাই।"–শূঃপুঃ। ২ থাকেন [প্রাঃ বাং পদ্যে] আছঁএ, আছঁয়ে–আছে। "যোই নিকুঞ্জে আছয়ে বরমানিনী, তাঁহা যাই উপনীত ভেলি।"–জ্ঞানঃ। ডোমেতে পণ্ডিতে প্রভেদ আছয়ে নিশ্চয়।" –শূঃপুঃ [আধুঃ বাং বিরল] আছিয়ে, আছিএ–আছে। "আন রমণী সঞে রাজ সম্পদময়ে আছিয়ে যৈছ বৈরাগী।"–বিঃ পঃ। [দ্রঃ–হিঃ–'মে'র উচ্চারণ বিকারে) 'ময়ে']

আছোলা [আ (না) + ছোলা (হিঃ– ছিলনা=চাঁচা > ছিলা হুয়া=যা চাঁচা বা ছাল ছাড়ান) হইয়াছে,–যার ছাল (সং–ছল্লী, হিঃ– ছাল, ছিল্‌কা) ছাড়ান বা চাঁচা হয় নাই, বা আ (সর্ব্বতোভাবে) + ছোল (ছদ্= আবরণ। দ=ল) + আ (যুক্ত অর্থে)–সম্পূর্ণ ছোলযুক্ত] বিণ, আচাঁচা : অমসৃণ ; অপরিষ্কৃত ; কর্কশ।

আজ১ [সং–অদ্য প্রাকৃঃ–অজ্জ >] অ, অদ্য। ২ বর্ত্তমানে ; অধুনা। ৩ উপস্থিত ; এক্ষণে ; এই মুহূর্ত্তে (এই অর্থে আজি শব্দের ব্যবহার আছে)। ~ক(-র্ক-), ~কার, ~কের–অদ্যকার দ্রঃ।

আজ২ [সং–আজ (অজ্=গমন করা–যা উর্দ্ধে গমন করে)] বি, যজ্ঞীয় হবি ; ঘৃত। ২ বিণ, অজসম্বন্ধীয়। ৩ বিণ, ছাগ মাংস সংঘটিত। ~কাল, আজিকালি [আজ (অদ্য, বর্ত্তমান) + কাল (কল্য, পরদিবস, ভবিষ্যৎ)] অ, অধুনা ; বর্ত্তমানে। "আজকাল তাহার রান্না পছন্দ হয় না।"–উত্তরা, ১৩৩৩। "আজিকালি ওরূপ ঘটনা ঘটিতে বড় দেখা যায় না।" ২ অদ্য এবং কল্য ; অদ্য নহে কল্য ; আজ নহে কাল ; এখন নহে পরে ; দীর্ঘসূত্রিতা ; আলস্য। প্র–আজ কাল করিয়া এক বৎসর নষ্ট হইল। 'আঃ কাঃ করিয়া হাঁটাহাটি করা ভাল নয়। ৩ অনির্দ্দিষ্ট সময়ে। ৪ অনতিবিলম্বে : শীঘ্রই। আজ-নয়-কাল–আজ যদি না হয় ত কাল : একদিন অনতিবিলম্বে : একদিন নিশ্চয়। ২ দীর্ঘ সূত্রতা। প্র–আজ-নয়-কাল করিতে করিতে বছর কাটিয়া গেল। আজ-বাদে-কাল –অবিলম্বে : শীঘ্র। "যাহা চিরজীবী, তাহাই থাক্, যাহা মৃত দেহ, আজ-বাদে কাল কীটের খাদ্য হইবে।"–চারিত্রপূজা। "এ পাত্র আজ-বাদে-কাল ভাঙ্গিয়া যাইতেও পারে।" –ঐ। আজকে [কথ্যঃ] ক্রি-বিণ, অদ্য : অদ্যকার দিনে। প্র–সে আজকেই আসিবে বলিয়া গেল [আজিকে দ্রঃ]।

আর্জক্ষীর [অজা=আজ] বি, ছাগীদুগ্ধ।

আজ্‌খোদ [উঃ–আজ >, ফাঃ– খুদ (আপন, নিজ) >] অ, আপন হতে ; স্বয়ং। ২ [আদাঃ] বিনা পরওয়ানায়। প্র–আঃ হাজির।

আজগব [অজগব + অ ('অজগব' 'অজগাব', 'অজকব' 'অজকাব' ও অবগব দ্রঃ)] বি, হরধনু ; পিনাক [বেন রাজার দক্ষিণ হস্ত মন্থনকালে যখন পৃথুব জন্ম হয় তখন আজগব (মহাদেবের ধনু) স্বর্গ হতে পতিত হয়।–পুঃ]।

আজগবী, আজগুবী [সং–অযুক্ত ; প্রাঃ হিঃ–অজগুতি, আধুঃ হিঃ–অজগুত =যুক্তি বিরুদ্ধ, আশ্চর্য্যজনক, অদ্ভুত। (২) আঃ–আজব (অদ্ভুত) শব্দের বিস্তৃতি। (৩) আঃ–আজনবী=বিদেশী বা অজ্ঞাত মনুষ্য। (৪) ফাঃ–অজ্ + (আঃ) গয়েব=অদৃষ্ট-স্থান বাং যা কিছু নূতন বা অদ্ভুত। তুল–সং– অভিনব ; আঃ–আজায়েব] বিণ, আশ্চর্য্য ; অদ্ভুত। ২ সম্পূর্ণ নূতন ও বিস্ময়কর ; অপূর্ব্ব। ৩ [আজগব দ্রঃ] অদৃষ্টস্থান বা আকাশ হতে পতিত ; আকাশস্ফুট ; আকাশ-ফোড়।

আজড়ানি [হিঃ–উজাড়না=খালি করা ; উধেড়না=উন্মুক্ত করা, খুলে ফেলা। আজড়াই ; আজড়া, আজড়াও, আজড়ান ; আজড়ায় ; আজড়াইতে ; আজড়াইয়া ; (ক্বঃ–আজড়িয়া, গ্রাঃ–আজড়ে)] ক্রি, খালি করা ; পাত্র মুক্ত করা। ২ খুলিয়া ফেলা ; ত্যাগ করা। প্র–কাপড় আজড়ান। ৩ প্রকাশ করা ; ব্যক্ত করা, পেট খালি করা। "পল্লি-কাহিনী সে লান্দুর মায়ের কাছে না আজড়াইয়া মনের ফাঁপর দূর করিতে পারিল না।"

আজ্‌তর্রফ [উঃ–আজ্ (হতে) তরফ (দ্রঃ)] অ, কারও পক্ষে on behalf of

আজদেব, আজদেবেঁ [প্রাঃ বাং] বি, আর্য্যদেব।–চঃ ৩১।২।৫।

আজিন [সং–অঞ্জন >] বি, অঞ্জন : কজ্জল। ২ [অঞ্জনি >] আজ-নাই : জ্যোষ্ঠী। ৩ চক্ষুরোগ বিঃ ; আজুনিয়া stye.

আজর্নস্ [ফরিদঃ প্রাদেঃ। আঃ–জিনস্ (পণ্য ইঃ) > বহুবঃ–অজনাস্ >] বি, জিনিস পত্র ; আসবাব পত্র।

আজনাই [অঞ্জনি বা অঞ্জনিকা >] বি, জ্যোতিবিঃ ; আঞ্জুনে। ২ চক্ষুরোগ বিঃ।

আর্জন্ম [আ (অবধি)–জন্মন্] ক্রি-বিণ, জন্মাবধি ; জন্মমুহূর্ত্ত হতে। ২ যাবজ্জীবন। ~কাল–অ, চিরজীবন ধরিয়া ; জন্মাবচ্ছিন্ন।

আজিব [আঃ–আজব] অদ্ভুত ; আশ্চর্য্য ; অপূর্ব্ব। "কিবা কারিকরের আজব কারি-কুরি।"–চণ্ডী। "গজব করিলে তুমি আজব কথায়।"–অঃ মঃ। প্র–আঃ কাণ্ড। "আঃ সহর।"–হেমঃ। ~ঘর [হিঃ আজায়ব ঘর] বি, পুরাদ্রব্যালয় ; মিউজিয়ম্ museum.

আজবক [তুর্কী–উজ্‌বেগ্ (তুর্কীস্থানের তাতার বংশের এক শাখা বিঃ), ইহাদের প্রকৃতি হতে। তুল–হিঃ উজড্ড। উজবুক দ্রঃ] বিণ, নির্ব্বোধ ; আহাম্মক। ২ বাতুল।

আজবল্ল–বি, বনতুলসী ; বাবুই তুলসী : আজ্‌বলা।

আজবোজ [আজ=আড় (বাঁকা, বিপরীত) + বোজ=বুঝ (যে বুঝে)–হিন্দীতেও ব্যবহার আছে] বিণ, আড়বুঝো ; অবুঝ : অবোধ ; বোকা। "টাকা পেয়ে মুটাভরা, হীরা পরধনহরা বুঝিল এমেনে আজবোজ।" –অঃ মঃ। ২ বাতুল।

আজমীঢ় [অজমীঢ় + অ (ভবার্থে)] বি, জনৈক যদুবংশীয় নৃপতি। ২ বিদুরের নামান্তর।

জ্জিল, আজিলি [আজুল দ্রঃ] বিণ, আদুড়; অনাবৃত। ২ [আজুল২ দ্রঃ] নেকা। "হেন সে আজল দেবরাজে।"-শ্রী° কী°। স্ত্রীং আজলী-নেকী। "আজলী রাধা তো আবালী বড়ী।"-শ্রী° কী°।

আজা [হিং-আজা (পিতামহ) : সং-আর্য্যক=পিতামহ ; মাতামহ (শ° ক° দ্রুম)। তুল-সং-অজ=পিতামহ, ব্রহ্মা। রাজসাহী প্রাদে° মাতামহ বা তাঁর ভ্রাতা। স্ত্রীং **আজী**] বি, মাতার পিতা ; মাতামহ। বর দিলে আজা।"-শি°। "চক্রবর্ত্তী সম্বন্ধে হাম আজা করি মানে।"-চৈ° চ°।

আজাড় [আজড়ান দ্রঃ] বি, মোচন। ২ অবসর। ৩ গুরুত্ব। বিণ, শূন্য ; খালি।

আজাড়ন [আজড়ান দ্রঃ] বি, পাত্র দ্রব্যশূন্য করণ। ২ পরিষ্কার করা। ৩ [প্রাদে°] পাইলের কাপড় ; পাল।

আজাদ [ফা°-আজাদ গ্রা° বিকারে 'আছাদ', 'আচাদ' (প্রা° বাং দলিলে)] বিণ, মুক্ত। ২ খালি ; আজাড়। বি, **~ী** -মুক্তি। ২ স্বাধীনতা।

আজান [আ°-আজ়ান্] বি, নমাজ পড়িবার জন্য সকলকে জানান্ দিবার শব্দ বা আহ্বানবাণী [দ্রঃ-"the Azan is of the following form :—" God is great ! (said four times). I bear witness that there is no God but God (repeated twice). I bear witness that Mohammad is the Apostle of God (repeated twice). Come to salvation ! (recited twice).God is great ! (said twice).there is no Deity but the Deity said only once) and the final call "—M. Abdul Anwar Syed Mohommed Ameer Ali.

আজানত-অজানত দ্রঃ।

আজানা [অজানা দ্রঃ। ন=অ=আ+জানা (জানিত, পরিচিত)। হিং-অজান] বিণ, অপরিচিত ; অজ্ঞাত।

আজানী [প্রা° বাং। সং অজ্ঞানিনী >। হিং অনুকরণে অ=আ। হিং-অজান (পুং)= বেসমঝ, অবুঝ। তুল-আবুঝী] বি, আজলী ; নেকী ; অল্পবুদ্ধি ; আগেয়ানী দ্রঃ।

আজানু [আ (অবধি)-জানু] ক্রি-বিণ, জানু অবধি ; হাঁটু পর্য্যন্ত। **~লম্বিত**-বিণ, জানু পর্য্যন্ত লম্বমান বা দীর্ঘ। **~লম্বিতবাহু**, **~বাহু**-বিণ, যার বাহু জানু পর্য্যন্ত লম্বিত ; দীর্ঘবাহু। "আ° লম্বিত বাহু দূর্ব্বাদল শ্যাম।"-কৃত্তি°।

আজা/নেয় [আজ (গমন)+আনেয় (আনীত)-যে বিপদের মধ্যে বা যুদ্ধে গমন করিলেও আনীত হয়] বি, যুদ্ধাশ্ব। ২ উৎকৃষ্ট-জাতীয় ঘোটক। ৩ বিণ, বংশজাত (অশ্ব সম্বন্ধে) thorough bred ; good breed. "রাজা কহিলেন, বাবা আ° ঘোটক বা অন্য যে ঘোটক ইচ্ছা হয় গ্রহণ কর এবং যুদ্ধ করিতে যাও।"-জাতক ১।২৩।

আজামোজা [প্রাদে° গ্রা°। হিং-আজা (ঠাকুরদাদা) মৌজ (খেয়াল)-আ (=ইয়া)] বি, খোসখেয়াল ; যথেচ্ছ ; খাম-খেয়াল। "তাঁহারা আ° রকমের শাসন পদ্ধতি খাড়া করিয়া দিবেন।"-দৈনিক বসুমতী, ১৪ ১৩৩৭।

আজি [সং-অদ্য > পা, প্রাকৃ°-অজ্জ >, বাং-আজ, আজি, আজু। প্রা° বাং 'আজী' ও° (শ্রী° কী°) হিং, মরাঠী, গুজরাটী,-'আজ'। সিন্ধী-'অজু।' মিথিলা-'আজু'] অ আ বর্ণের পর ও যুক্তাক্ষরের পূর্ব্বে পূ° বঙ্গে একটি হ্রস্ব ইকার স্বল্প বা দ্রুত উচ্চারিত হতে প্রায় শুনা যায়। যথা-অদ্য= 'অইদ্দ,' আচ্ছা='আইচ্ছা', এইরূপ অজ্জ= অইজ্জ=আইজ্জ=আজি] অ, অদ্য ; এই দিন। "চন্দ্রাবলী ! আজি ছাড়ি দেহ মোরে।" -চণ্ডী°। "অরাবণ অরাম বা হবে ভব আজি।" -মেঘ°। ২ এক্ষণে ; এখনি ; উপস্থিত ; এবে। "আজি বড় শোভা রে মধুর বৃন্দাবনে।" -অনন্তদাস। ৩ বর্ত্তমান কালে ; আমাদের সময়ে ; এ যুগে। "সাহস ঐশ্বর্য্য যার ত্রিভুবন চমৎকার-সে জাতি কোথায় আজি, কোথা সে বিক্রম ?" "ছিল যারা আজি তারা অসার তেমনি।"-হেম°। ৪ [সং-আজ=গমন করা] বি, গমন, যুদ্ধ, আক্ষেপ, যুদ্ধক্ষেত্র, সমতলভূমি, মর্য্যাদা, নিন্দা, নির্দ্দিষ্টক্ষণ এই সকল অর্থের মধ্যে বাং শেষোক্ত প্রচলিত। অন্যান্য অর্থের কোন কোনটির অনুবাদ গ্রন্থে বিরল ব্যবহার। **~কার** [আজি+কার (৬ষ্ঠী বিভক্তি। ক, কর, কার, কের, কু ই° যোগে সম্বন্ধ পদ হয়। আজুক, আজকু, আজকার, আধু° আজকের। 'ক' ও 'কর' হিন্দীতেই চ° বাং-তে তার অনুকরণ] বিণ, অদ্য সম্বন্ধীয় ; বর্ত্তমানকালের ; অদ্য। "জাগ সহচরী আজিকার নিশি ভুলো না।"-রবী°। "আজকের মতন রেখে যা বলাই।"-রমাপতি। **~কালি** -বর্ত্তমানকালে ; অধুনা [আজ দ্রঃ] **~কালি করা** [আজ দ্রঃ] আজ-নয়-কাল বলিয়া টালিতে টালিতে কোন কাজে বিলম্ব করা বা কোন কিছুর জন্য সময় লওয়া ; ভাঁড়াভাঁড়ি করা। প্র-আজিকালি করিয়া ত এক বৎসর কাটাইলে [আজ, আজু দ্রঃ] **~ক্রিয়া** -বি, যুদ্ধ কার্য্য।

আজিকে [পদ্যে। দ্রুত 'আজ্‌কে।' আজ+কে (হিং-র অনুকরণে, আজুক দ্রঃ) নির্দ্দেশার্থে বা স্বার্থে)] ক্রি-বিণ, অদ্য ; আজি। "জয়দুর্গে ! বলি আর্য্যসুতগণ পুলক বিহ্বল আজিকে সবে।"-মানসকানন কাব্য।

আজি/গীষা-জিগীষা দ্রঃ। **~গীষু** -জিগীষু দ্রঃ।

আজিধাবন [বৈদিক] বিণ, পণ রাখিয়া দৌড়ান race. প্র-ইন্দ্র অশ্বযুক্ত রথে আ° করিয়াছিলেন।

আজিরা-আজুরা দ্রঃ।

আজী, আজিমা [আজা দ্রঃ। প্রাদে°] বি, মাতার মা ; মাতামহী ; দিদিমা।

আজী/ব [আ-জীব্ (প্রাণ ধারণ করা) +অ (ণে)-যদ্দ্বারা প্রাণ ধারণ করা যায়] বি, জীবিকা। ২ ব্যবসায় profession. ৩ [হিং] বিণ, আশ্চর্য্য ; অদ্ভুত ; আজব (দ্রঃ)। **~বন** [আ (অবধি, পর্য্যন্ত, যাবৎ)+ জীবন] ক্রি-বিণ, জীবনাবধি ; সমস্ত জীবন ; যাবজ্জীবন ; চিরজীবন। ২ [আ-জীব+অন (ভা°)] বি, জীবিকা livelihood. **~ব্য** [আ-জীব+য-যাতে বা যদ্দ্বারা বাঁচা যায়] বিণ, জীবনের আশ্রয় বা অবলম্বন ; জীবিকার স্থান ; উপজীব্য ; সহায়।

আজু১ [সং-অদ্য। আজি দ্রঃ। ব্রজ°, বৈ° সা° প্রচর] ক্রি-বিণ, আজ ; আজি ; অদ্য। "আজু রজনী হাম ভাগ্যে পোহায়নু," -বি° প°। "আজু কেগো মুরলী বাজায়।" -চণ্ডী°। "বিহরে আজু রসিকরাজ গৌরচন্দ্র নদীয়া মাঝ।"-বলরাম°।

আজু২, -জূ [সং-আজু:=বিনাবেতনের শ্রমিক ; বেগার ইতি ভাষা-শং কং দ্রুম] বি, বিনা বেতনের মজুর ; বেগার। **আজুর** [আজু দ্রঃ] বি, বিনা বেতনের কাজ ; পণ্ডশ্রম ; বেগার। **আজুরা** [ফরিদপুর-প্রাদেং। 'আজিরা' ওং। খুলনা কথ্য-'আজরো।' আং-আজর্‌=বদলা; আজ রা=মজুরী ; ভাড়া] বি, মজুরী ; পারিশ্রমিক। ২ ভাড়া।

আজুক [হিং-আজুক, আজক। আজু দ্রঃ। আজু+ক (সম্বন্ধে। আজি দ্রঃ। বৈং সাং। উচ্চারণ ভেদে আজকু] বিণ,আজিকার; অদ্যকার ; অদ্যসম্বন্ধীয়। "আজুক কৌতুক কহনে না হোয়।"-বিং পং। ২ [আজু+ক। (কে=কু-তে ৭মী বিভক্তি। আজকে আজিকার দিনে এই অর্থে। তুল-ঘরকে-ঘরকু= ঘরেতে ; জলকে-জলকু=জলেতে ; দেশকে-দেশকু=দেশেতে) দ্রুত উচ্চারণে আজকে] ক্রি-বিণ, অদ্য ; আজ। "আজুক শয়নে, ননদিনী সনে, শুতিয়া আছিনু সই।"-চণ্ডীং।

আজুর, আজুরা-আজু দ্রঃ।

আজুল, -লি, -লী [আদুরী > প্রাং বাং-য় 'আদুল' ওং। (২) আউল, আউলী > , আউলিয়া দ্রঃ। বাতুল ; বাউলী] বিণ, আদুরে ; আদরিণী ; পাগলী (স্নেহার্থক)। "দেবকীনন্দন বলে শুন গো আজুলী।"-পদ(দেবকীং)। "এ যদুনন্দন ভণয়ে আজুলি, ওই না গোকুল পিয়া।"-পদং (যদুনন্দন)। ২ স্তাকা ; বোকার ভাণকারী ; (ব্যঙ্গার্থে) 'স্তাকা আজুলি' (সহচর শব্দ)। "ঘর সর্ব্বস্ব ঘরে স্তাকা আজুলি ভারে।" -প্রবচন। পুং-**আজুলে**। "স্তাকা আজুলে চাল্ সে কাণা। জল বলে খায় চিনির পানা॥" -প্রবাদসংগ্রহ [দ্রঃ-'স্তাকা আদুলে' ওং দৃষ্ট হয়। আদুলে=আদুরে=আদরিয়া। পক্ষান্তরে আউলিয়া-আউলে-আদুলে-আজুলে দুই অর্থে ব্যবহার]।

আজ্জানি [ফাং-আবাদ-দ=জ ক্রমে আবাদ করা অর্থে আবজা, আবজান-পরে আজ্জান। তুল-হিং-উপজাউ= "জোতনে বোনে যোগ্য জমীন" (বীজবপনযোগ্য জমী)। -উপজানো-উৎপন্ন করা ; জন্মান] ক্রি, বপন করা ; রোপণ করা। ২ গাছ পোঁতা।

আজ্জার [রাজস্ব বিভাগীয় পরিঃ] বি, যে জমী জলপ্লাবিত হয় না।

আজ্ঞপ্ত [আ-জ্ঞা + ণিচ্=জ্ঞাপি(জানান, আদেশ করা)+ত (র্ম্ম)] বিণ, আজ্ঞাপ্রাপ্ত ; আদিষ্ট। বি, **আজ্ঞপ্তি**-আজ্ঞা ; আদেশ।

আজ্ঞা [প্রাং অশিক্ষিত ভাষা এজ্ঞে। আ-জ্ঞা (জানা আদেশ করা)+অ] বি, অনুজ্ঞা ; আদেশ ; হুকুম। ২ অনুমতি। ৩ [জ্যোতিঃ] লগ্ন হতে দশম স্থান। ৪ [তন্ত্রে] সাধনচক্রবিঃ; ষট্‌চক্রান্তর্গত ষষ্ঠচক্র। ৫ [মান্য ব্যক্তিকে প্রশ্ন স্থলে বা উত্তর দানে কথ্য আজ্ঞে] অ, কি আজ্ঞা করিতেছেন? কি বল্লেন? আপনার আদেশ কি? আজ্ঞে হাঁ, আজ্ঞে না। ৬ ['আজ্ঞে' দ্রঃ] সম্মানার্থে প্রশ্নাত্মক অ, কি? **~কারী** [আজ্ঞাকারিন্,আজ্ঞা-কারী (যে করে)]বিণ, আজ্ঞা বা আদেশদাতা। ২ আদেশপালক ; আজ্ঞাবহ ; আজ্ঞানুবর্ত্তী ; বাধ্য। > স্ত্রীং **~কারিণী**। বি, **~কারিতা**-আদেশপালন ; আজ্ঞানুবর্ত্তিতা ; বাধ্যতা। **~চক্র** [আজ্ঞা-চক্র=গোলাকার বৃত্ত] বি, ষট্‌চক্রের অন্তর্গত ষষ্ঠ চক্র। **~তিক্রম** [আজ্ঞা+ অতিক্রম] বি, আজ্ঞালঙ্ঘন। **~দাতা**-বিণ, যে আজ্ঞা দান করে ; হুকুমকারী ; অনুমতিদাতা। **~ধীন** [আজ্ঞা+অধীন] বিণ, আজ্ঞানুবর্ত্তী। > স্ত্রীং **~ধীনা**। **~নুক্রমে** [আজ্ঞা+অনুক্রমে] ক্রি-বিণ, আদেশানুসারে। **~নুগত**-বিণ,আজ্ঞাধীন; বাধ্য। **~নুবর্ত্তী** [অনুবর্ত্তিন্। আজ্ঞা+ অনুবর্ত্তী] বিণ, যে আজ্ঞানুসারে চলে; আজ্ঞা-প্রতিপালক ; আদেশানুযায়ী অনুষ্ঠানকারী। ২বাধ্য। বি,**~নুবর্ত্তন**, > **~নুবর্ত্তিতা**, -ত্ব। "ভৃত্যবৎ আজ্ঞানুবর্ত্তিতাদ্বারা যুবতী দেবযানীর সন্তোষ-সম্পাদন করিতে লাগিলেন।"-মহাং (বর্দ্ধ)। **~নুযায়ী** [আজ্ঞা+অনুযায়ী] বিণ, যে আজ্ঞানুসারে কার্য্য করে। ২ আদেশানুরূপ ; হুকুমমত। **~নুরূপ** [আজ্ঞা+অনুরূপ] বিণ, আজ্ঞানুযায়ী ; আদেশমত। **~নুসারী** [অনুসারিন্ আজ্ঞা-অনুসারী=যে অনুগমন করে] বিণ, আজ্ঞানুবর্ত্তী ; আদেশানুযায়ী ; আদেশানুরূপ : বাধ্য। > স্ত্রীং **~নুসারিণী**। ক্রি, বিণ,**~নুসারে**। **~পক** [আ-জ্ঞা+ণিচ্= জ্ঞাপি (জানন)+অক (র্ত্তৃ)] বিণ, আজ্ঞা বা আদেশদাতা। **~পত্র** [আজ্ঞা-পত্র] বি, আদেশলিপি ; হুকুমনামা। **~পন**-বি, বিশেষভাবে জানান : বিজ্ঞাপন। ২ আদেশ ; আজ্ঞাদান। **~পালক**-বিণ, কথার বাধ্য। **~পিত**-বিণ, [আ-জ্ঞাপি (জানান,আদেশ করা)+ত(র্ম্ম)] বিজ্ঞাপিত। ২ আদিষ্ট ; আজ্ঞাপ্রাপ্ত। **~পিতে**-অস-ক্রি, আজ্ঞাদান করিতে ; হুকুম দিতে। ২ আজ্ঞা করিবার জন্য। **~প্রমাণ**-ক্রি-বিণ, আজ্ঞানুসারে ; আদেশসম্মত ; আদেশানুরূপ। **~বন্দী** [আজ্ঞা-বন্দী] বিণ, আজ্ঞায় বাঁধা। "আজ্ঞাবন্দী বীর হনু দেববৃক্ষ আনি।"-ঘং। **~বহ** [আজ্ঞা-বহ্ (বহন করা)+অ (র্ত্তৃ) যে বহন করে] বিণ, আজ্ঞা যে বহন করে ; আজ্ঞাকারী। **~বিঘাত** [আজ্ঞা-বিঘাত (বি-হন্+ত)=বিনাশ] বি, আজ্ঞাভঙ্গ। **~ভঙ্গ** [আজ্ঞা-ভঙ্গ] বি, আজ্ঞা বা আদেশ লঙ্ঘন ; অবাধ্যতা। **~লিপি**-আদেশপত্র; হুকুমনামা। ২ অনুমতিপত্র; ছাড়পত্র permit **যে আজ্ঞা; যে আজ্ঞে**-সম্মতিসূচক অব্যয়। 'যেরূপ আদেশ করিলেন সেইরূপ করিতেছি।' বা 'আপনার যেমন আজ্ঞা তেমনি হইবে বা করিব' এই বাক্যের সংক্ষেপ। "রামবল্লভ যে আজ্ঞা বলিয়া তৎক্ষণাৎ তামাক সাজিয়া,"-কামিনীকুমার। ২ অসম্মতিসূচক বিদ্রূপোক্তি। তুল-'যা বল্লে' 'তোমার কথা ত মেনে বসে আছি' ইং-র স্থায় 'যে আজ্ঞে' অর্থাৎ আজ্ঞা ত পালন করে বসে আছি।'

আজ্ঞে [আজ্ঞা দ্রঃ (তুল-আং-হুক্‌ম্ > ,হিং ও বাং-হুকুম] অ, (প্রশ্নে, সম্মানার্থে) কি আজ্ঞা হয়? ২ কি বলিতেছেন? ৩ প্রশ্নের উত্তরবাচক অব্যয় ; আজ্ঞে হাঁ। **যে আজ্ঞে**-আজ্ঞা দ্রঃ।

আজ্য [আ-অন্‌জ্ (ম্রক্ষণ করা)+য (ণে) ন-লোপ, ম্রক্ষণ করা হয় যদ্বারা] বি, যজ্ঞীয় ঘৃত ; হবিঃ, "সর্পির্বিলীন মাজ্যং স্যাদ্ ঘনীভূতং ঘৃতং বিদুঃ।" ঘনীভূত অবস্থায় ঘৃত ; গলিত ঘৃত ; ঈষৎ গলিত অবস্থায়-'আয়ুত'। আজ্য দেবগণের, সুরভিঘৃত মনুষ্যগণের,

আহুত পিতৃগণের। "চিতায় চিতায় হোম করে সে মজ্জা-বসার আজ্য ঢালি।"-কাং রায়। ২ যাগযজ্ঞাদিসাধন তৈল, দধি, দুগ্ধ ইং। ৩ তারপিন্ তৈল। ৪ গন্ধবিরজা। ~প [আজ্য-পা (পান করা)+অ (র্তৃ) যে পান করে] বিণ, হবিপায়ী ; ঘৃতপানকারী। ২ পুলস্ত্যসন্তান পিতৃগণ। ~ভাগ-বি, যজ্ঞীয় ঘৃতের একাংশ। ২ বৈদিকগণের আহুতিবিঃ। ~ভুক্-বি, অগ্নিদেব ; অগ্নি।

আজ্বালা [আ (না)-জ্বালা] বিণ, যা জ্বালা হয় নাই।

আঝাল, ~লা, [আ (ঈষৎ, হীন) ঝাল] বিণ, ঈষৎ ঝাল ; ঝালরহিত : কটু-রসহীন।

আঝালা, [হিং-ঝালনা। ঝাল= (অগ্ন্যুত্তাপ) না (ক্রিয়ায়)। না=আ-ঝালা (ভাঙ্গাফুটা পিতলাদি ধাতু দ্রব্য জোড়া)] বিণ, যা ঝাল দিয়া জোড়া নয় not soldered

আঝোড়া [আ (না)-ঝোড়া (ঝুড়া দ্রঃ)] বিণ, যা ঝোড়া হয় নাই। যার ঝাড় বা ডালপালা কাটিয়া ফেলা হয় নাই। প্র-আঝোড়া বাঁশ। ২ হাড় থেকে মাংস যার টানিয়া টানিয়া খুলিয়া জড় করা হয় নাই।

আঞ্জিনি, -নী [সং-অঞ্জন (কজ্জল)-দেহে অঞ্জনের ন্যায় রেখা আছে বলিয়া। আঞ্জনাই দ্রঃ] বি, আঞ্জিনেয় (দ্রঃ) : আঞ্জুনে। ২ চোখের পাতার ধারে যে ব্রণ হয়।

আঞ্জনেয় [অঞ্জনা+এয় (অপত্যার্থে)] বি, অঞ্জনা বানরীর পুত্র ; হনুমান।

`আঞ্জা [প্রাং-অন্তর (আঁতর)-জন্ম। (উর্দ্ধ-অনজ্‌মা, যার জন্ম হয় নাই)] বি, এক সন্তান জন্মের পর পুনরায় সন্তান গর্ভে ধারণ করিবার মধ্যে যে নিয়মিত বা নির্দিষ্ট অন্তর অর্থাৎ ব্যবধান কাল। প্র-সকল স্ত্রীলোকের সমান আঞ্জা হয় না। কারও এক বৎসর কার বা পাঁচ বছরে আঞ্জা এবং কারও বা তারও অধিক দেখা যায়।

আঞ্জাম [ফাং-আন্‌জাম্ (সমাপ্তি, শেষ)] বি, সম্পূরণ ; পালন ; নির্ব্বাহ। ২ সরবরাহ। ৩ বন্দোবস্ত।

আঞ্জিনেয় [অঞ্জন (কজ্জল)+এয় (সম্বন্ধার্থে)] বি, পৃষ্ঠে নীল অঞ্জনের ডোরা-যুক্ত ক্ষুদ্রাকার জ্যেষ্ঠিজাতীয় সরীসৃপবিঃ ; আঞ্জনাই ; আঞ্জুনে lacerta anjineya—Carey ২ সরাল পক্ষী।

আঞ্জীর [ফাং-আন্‌জীর্] বি, বৃহদাকার ডুমুরজাতীয় ফলবিঃ ficus carica.

আঞ্জুমান, -মন [ফাং-আনজুমন্= মজলিস-সভা] বি, সভা ; সমিতি [মুসলমান সম্প্রদায় কর্ত্তৃক প্রতিষ্ঠিত সভা সমিতি প্রায়ই আঞ্জুমন নামে অভিহিত হয়। তুল-আঞ্জুমন ইস্‌লামিয়া]।

আট১, আঠ [সং-অষ্ট > প্রাকৃ-অট্ঠ-অট্‌ঠ > আট্ট > আট। প্রাং বাং আঠ। "এহার দলে আঠ লাখ নহে।"-শ্রীকীং। তুল -গ্রীং-octo ; ইং-eight] বি, ৮ সংখ্যা। ২ বিণ, অষ্টসংখ্যক। আটকঁড়াইয়া -সন্তান জন্মের অষ্টম দিবসে ৮ প্রকার কড়াই ভাজা ঘটিত জলপান বিতরণরূপ মাঙ্গলিক সংস্কার। চং-আটকৌড়ে। আট-খানা করা-আটভাগে বিভক্ত করা। তা হতে নানা প্রকারে ও নানা বিষয়ে 'লাগান ভাঙ্গান' (লাগান দ্রঃ)। আটখানা হওয়া-অত্যন্ত আনন্দের অস্থিরতায় হস্ত-পদাদি বিক্ষেপ ও অঙ্গভঙ্গ যুক্ত হওয়া। তুল-হেসে কুটিকুটি। আটঘাটবাঁধা-আটটি ঘাট বা ঘাটি বন্ধন করা ; তত-যন্ত্রের (সেতার ইং-র) সা রি গা মা পা ধা নি সা এই আটটি ঘাট বা স্বরগ্রাম বা পর্দ্দা বাঁধা। আটচালা-আটচাল বিশিষ্ট ঘর। মাঠে ময়দানে উৎসবাদি কর্ম্মে হোগলা, গোলপাতা ইং নির্ম্মিত সুবৃহৎ চাল বা আচ্ছাদনযুক্ত খুঁটি বা থামের উপর রক্ষিত দেওয়াল-হীন ঘেরা স্থান। `আটপিহির, আটপির দিন-সমস্ত দিন ও রাত্রি। `আটপিঠা [তুল-হিং, অটপটা=কঠিন। আট আঁট (শক্ত) পিঠ (পৃষ্ঠ) যার আছে বা আট-পিঠিয়া-আট দিকে পিঠ পাতিবার শক্তি যার আছে] বিণ, খুব কষ্টসহিষ্ণু ও মজবুত ; দৃঢ়। `আটেপিটে-ক্রি-বিণ, আট কাঠ ও আষ্টেপিষ্টে দ্রঃ। `আটভাজা-প্রথম গর্ভবতীর (সপ্তম মাসে অনুষ্ঠেয় মঙ্গলা-চার হেতু) ৮ প্রকার শস্য (মাষকলাই, মুগ, মটর, শাদাছোলা, ছোলা, বর্ব্বটীকলাই ও ২ প্রকার ধান্য জাত-চাল, চিড়াভাজা ঘটিত জলপান। আটহাঁড়ি (দ্রঃ)।

আট২, আঁট [অষ্ট >] বি, দৃঢ় বন্ধন। ২ (-ট´)] বিণ, শক্তি ; কষা ; দৃঢ়। আঁট-সাঁট-বি, আঁটাআঁটি ; কষাকষি।

আট৩ [চট্টং প্রাদেং] বি, বাড়ীর বাহিরের উঠান।

আটক [হিং-অটক্ >] বি, বাধা ; প্রতিবন্ধক ; বিঘ্ন। "ওকে দেবার আটক কি?"-দীনবন্ধু মিত্র। ২ আবরণ। ৩ অবরোধ ; কয়েদ। ক্রি-বিণ, বদ্ধ বা রুদ্ধ হইয়া "অবোধ বিহঙ্গ পড়িবে আটক,"-বঙ্কিম (গদ্য পদ্য)। ~কন-বি, রোধকরণ ; বদ্ধকরণ। ২ আগলান।

আটকপালিয়া [আত্ত (হত, নষ্ট)-কপাল (ভাগ্য)+ইয়া (যুক্ত) ; প্রাং-আট্‌ক-পালে] বিণ, দুর্ভাগ্য ; হতভাগ্য ; দুরদৃষ্ট। স্ত্রীং-আটকপালী, আঠকপালী (প্রাং বাং) খণ্ডকপালিনী। "আহ্মে দুখমতী নারী আঠ-কপালী।"-শ্রীং কীং।

আটকা [হিং-অট্‌কাব >] বি, আটক ; বাধা। আং পঁড়া-বদ্ধ হওয়া ; অবরুদ্ধ হওয়া। প্র-সে পথে আং পড়েছে।

`আটকাট, -ঠ [আট (অষ্ট)-কাঠ (সং-কাষ্ঠা=দিক্) আটেপিটে দ্রঃ] বি, আট দিক্ : (>) সর্ব্বদিক্ ; সকল বিষয় : আট-ঘাট (দ্রঃ)। ক্রি-বিণ, `আটেকাটে, -ঠে -আট দিকে ; সকল দিকে ; সর্ব্ববিষয়ে। "আটেকাটে দড় ত ঘোড়ার উপর চড়।" -প্রবচন।

আটকানি [হিং-অটক্‌না। আটকাই ; -কা, -কাও, -কান ; কায়, -কান ; -কাইতে (ক্ষেং-কাতে) ; -কাইয়া (ক্ষেং-কে) ইং] ক্রি, আটক করা ; অবরুদ্ধ করা। ২ আগলান।

আটকাল, আটকোল [হিং-অট্‌কল >] বি, আন্দাজ ; অনুমান ; অনুভব। প্র-অন্ধকারে আং করে করে চল। হাতের আং আছে বলিয়াই যে পরিমাণ চাল লইয়াছিল তাতেই কুলাইয়া গেল।

আটকিয়া [আটক দ্রঃ] অস-ক্রি, আটক করিয়া ; আবদ্ধ রাখিয়া। ২ আটক পড়িয়া ; বদ্ধ হইয়া।

ˋআটকিয়া, ˋআটকে [আট-কলাইয়া > (ক্ষেং-আটকলায়ে, আট রকম কলাই যাতে আছে) >] বি, ৺জগন্নাথদেবের মহাপ্রসাদ বিঃ। ২ [ওড়ি-একাটিয়া > বর্ণ বিপর্য্যয়ে, আটিকাএ > আটিকা, আটকে একজনের মত অন্নপাকের হাঁড়ী (বং শং কোষ)] অর্থ দিয়া নির্দ্ধারিত একজনের ভোজন : জগন্নাথদেবের মন্দিরে বিতরিত দৈনিক নির্দ্ধারিত-পরিমাণ প্রসাদ।

আটকেবাঁধা-জগন্নাথ-যাত্রী কর্ত্তৃক একজনের ভোজনোপযোগী প্রসাদ পাইবার জন্য অর্থ প্রদান করা। এইরূপ অর্থ দিয়া বলরামের প্রসাদের ব্যবস্থা করাকে 'বলরামের আটকে বাঁধা' বলে। ২ [লক্ষ] ভরণপোষণের ভয়-নিবারক স্থায়ী বন্দোবস্ত।

আটকৌড়ে [আট (অষ্ট) + কৌড়ে কলাইয়া=কড়াইয়া=কড়ায়ে=কৌড়ে (উচ্চারণ বিকৃতি)] বি, সন্তান জন্মিবার পর অষ্টম দিবসে ছোলা, মটর, বরবটি, বীরি, মুগ, মসুর, হুনমুনে ও মাস কড়াই-সাধাঃ এই ৮ প্রকার কলাই ভাজা বিতরণ ঘটিত উৎসব। "আমার ছেলের আটকৌড়ের দিন আসিস তোরে জলপানি দেব।"-নীলদর্পণ। এই অর্থে অষ্টকলাই ও। "ছয় দিনে ষষ্ঠী পূজা কৈল জাগরণে, অষ্টকলাই তার কৈল আট দিনে।" -ঘ। অধুনা স্থান বিশেষে আত্মীয় বান্ধবগণের মধ্যে বিতরণের জন্য ভাজা কড়ায়ের সঙ্গে খই ও কড়ি (হিং-কৌড়ী) ছড়ান হয়। প্রদেশভেদে আটীকেড়েও বলে। "ষেটেরা ষষ্ঠীর পূজা, আটীকেড়ে করে রাজা, খই কড়ি মোহর ছড়ায়।"-কৌতুক-বিলাস।

আটঘাট [আট (অষ্ট, সকল) + ঘাট (পথ, দিক্)] বি, চতুর্দ্দিক্ ; সকল পথ: (লক্ষ) সকল উপায়। প্র-সে আ° বন্ধ করে বসে আছে। ২ [আটঘাট দ্রঃ] আয় ব্যয় খতাইয়া লাভ লোকসানের দিক্। প্র-আ° বেধে কাজ করলে আর ঠকতে হয় না। ৩ [ঘাটের সহচর শব্দ টাট > আট] বীণা, সেতার, বেহালা ইং তত-যন্ত্রের সোয়ারি বা যন্ত্রধারক কাষ্ঠখণ্ড বা আনদ্ধ যন্ত্রের বন্ধনীযুক্ত ধারগুলি ও আনুসঙ্গিক সরঞ্জাম। তা হতে আ° বাঁধা।

আটচল্লিশ [অষ্টচত্বারিংশৎ >] বিণ, ৪৮ সংখ্যা।

আটচালা [অষ্ট-চাল্ যাব] বি, অষ্ট চাল বা চালাযুক্ত ঘর ; বংশাদি নির্ম্মিত ছাদযুক্ত প্রশস্ত গৃহ। ২ প্রাচীরহীন ঐরূপ চালযুক্ত স্থান। প্র-বারইয়ারীর জন্য আটচালা বাঁধা হইতেছে।

আটত্রিশ [সং-অষ্টাত্রিংশৎ, >, প্রাকৃ -আটত্রিশ] বিণ, সংখ্যা ৩৮।

আটন [প্রাদে] বি, সত্যনারায়ণের কথায় পঞ্চদেবতাভোগ্য শির্ণির পাঁচ ভাগের এক ভাগ। ২ বেদী। ৩ আটন (দ্রঃ)।

আটপটাঙ্গ [বং শং সিন্ধু। আটোপ দ্রঃ] বি, প্রগল্‌ভতা ; দাম্ভিকতা। ২ জাঁকজমক ; বাহার। বিণ, দাম্ভিক ; জেঁকো।

আটপির-আটপ্রহর দ্রঃ।

আটপিলিয়া, -পলা, -পলে [হিং-অটপহলিয়া। অষ্ট-পল (শিরা, রেখা) + ই-আ, এ (বির্থে)] বিণ, অষ্টপলযুক্ত : অষ্টশিরাল octagonal.

আট/পিটা, ~পিটে [আট-(আঁট-শক্ত)-পিঠ (পৃষ্ঠ) ইয়া (যুক্ত)]। (২) অষ্ট =আট-পিঠিয়া-পিঠ দিতে বা পাতিতে পারে যে-যার পিঠ বিবিধ গুরুভার বহনের উপযোগী এবং মজবুত বা দৃঢ়] বিণ, শ্রমসহিষ্ণু ; অতিশয় পরিশ্রমী। ২ কষ্টসহিষ্ণু। ৩ সকল বিষয়ে দক্ষ। ৪ গোঁয়ার। ৫ [যে তিরস্কার বা প্রহার আটটা পিঠ পাতিয়া লয়] দুষ্ট ; দুর্দ্দান্ত। আট ও আটেপিটে দ্রঃ।

আটপৌরে [সং-অষ্টপ্রহর + ইয়া] বিণ, অষ্টপ্রহরিয়া ; যা সর্ব্বদা ব্যবহার করা হয় ; নিত্য ব্যবহার্য্য (তোলা বা পোষাকীর বিপরীত)। "পরি এক আ° শাড়ী, হে সুন্দরী! কোথা যাও?"-অশোক। ২ যা সর্ব্ব সাধারণে অর্থাৎ ভদ্র ইতর সকলেই সর্ব্বদা ব্যবহার করে-এই অর্থে-আ° ভাষা-ইতর ভাষা (সাধু ভাষার বিপরীত)। "সাধু ভাষা, পোষাকী ভাষা, ইতর ভাষা আটপৌরে ভাষা।"-দ্বিং ঠাং।

আটপ্রহর [সং-অষ্টপ্রহর] দিবা চারি প্রহর রাত্রি চারি প্রহর অর্থাৎ সমস্ত দিন ও রাত ; ২৪ ঘণ্টা কাল। চং গ্রাং আটপর।

~ী [রাজসাহী, মালদহ প্রাদে°] বি,ডাকহরকরা ; পিয়ন peon.

আটব-বি, দক্ষিণাপথ : দাক্ষিণাত্য প্রদেশ (ব্রহ্মপুং)। বিণ, আটবিক [অটবী=বন + ইক (ভবার্থে)] বন্য ; আরণ্য ; বনসম্বন্ধীয়। ২ বি, বন্যজাতি ; অরণ্যচর ; বনবাসী। ৩ আরণ্যক সেনা।

আট্‌রা, আঁটরা [সং-আষ্টিলা >, আটিলা > আটলা,-রা। ল=র] বিণ, আঁটিবহুল। ২ শক্ত।

আটল [আ (ঈষৎ)-টল (বক্র)] বিণ, বাঁকা ; আড়া। বি, বংশনির্ম্মিত মাছ ধরিবার যন্ত্র বিঃ ; বড় ঘুণী।

আটলা [সং-অষ্টিলা] বি, আটি ; তাড়া ; গোছা। ৩ খড় বা শুষ্ক তৃণাদি নির্ম্মিত বীড়া বা বিড়ে।

ˋআটষট্টি [আট (অষ্ট) + ষট্টি (ষষ্টি)] বিণ, ৬৮ সংখ্যা।

ˋআটসটা [হিং-অট্‌সটা, অরসথ্ (হিং শং সাং)-মাসিক আয় ব্যয়ের লেখা। তুল-estimate হিসাব] বি, আনুমানিক হিসাব book-keeping. ২ গণনা ; সংখ্যা।

~নবীশ [হিং-অট্‌সটা + ফাং-নবীস] বি, হিসাবরক্ষক ; মুহুরী accountant ; book-keeper.

ˋআটসত্তর [সং-অষ্টোত্তর-সপ্ততি। প্রাকৃ-আটহত্তইড় > বাং-আটাত্তর] বিণ, ৭৮ সংখ্যক। ২ বি, ৭৮ এই সংখ্যা।

আটসাট [আটসটা দ্রঃ] বি, আনুমানিক ব্যয়ের মোটামুটি হিসাব ও তার বিবরণ budget ; rough estimate. ২ দামের আন্দাজ করা ; আনুমানিক মূল্য নির্দ্ধারণ। প্র-আ° করে দেখা যাক কুলায় কিনা। ৩ [গ্রাং ব্যবহারে আঁটিসাঁটি (আঁট দ্রঃ)] হিসাবে কড়াকড়ি।

ˋআটহাঁড়ি-বি, হাঁড়ির আকারের ঢাকনি যুক্ত ক্ষুদ্র মৃৎপাত্র (বিবাহ কার্য্যে স্ত্রী-আচারে বরণডালায় ব্যবহৃত)।

আটা১ [সং-অট্ট > ,ওড়ি°-অটা। তুল-গ্রী°-ateo] [আর্দ (জোরে দাবান যা খুব পেষা যায়-পিসান-হি° শ° সা°) >] বি, গোধূমচূর্ণ। ২ যে কোন শস্য চূর্ণ। ~পেষা করা-বি, আটার মত সর্ব্বাঙ্গ পিষ্ট বা অস্থি চূর্ণ করিয়া প্রহার করা।

আটা২ [আঁট >] কাই; গঁদ, ময়দা ই° যাহা প্রস্তুত দ্রব্য; যদ্বারা কাগজ ই° জোড়া যায়। ২ বৃক্ষাদির নির্য্যাস। "পিরীতি আটা, ননদী কাঁটা, পড়সি হইল ফাঁসি।"-চণ্ডী°। ৩ যত্ন; আগ্রহ; মনঃসংযোগ। প্র-তার পড়া-শুনায় আর তেমন আটা নাই। ৪ [লক্ষ°] আসক্তি।

আটা৩, আট্টা [সং-অষ্ট-আট দ্রঃ] বি, আটবিন্দুযুক্ত তাস: আটফোঁটা চিহ্নিত তাস।

আটাইশ, আটাশ [পালি-অট্ঠবীসতি (সং-অষ্টাবিংশতি), প্রাকৃ°-আটাইঁশ >] বিণ, ২৮ সংখ্যা।

আটাকাটি [আটা+কাটি] বি, আটাযুক্ত কাটি; পাখী ধরিবার জন্য আটা মাখান শিক বা দণ্ড।

আটাত্তর [সং-অষ্ট সপ্ততি > প্রাকৃ°-আটহত্তইড >] বি, ৭৮ সংখ্যা।

আটানব্বই, আটানিই [সং-অষ্টনবতি >] বিণ, ৯৮ সংখ্যক। ২ বি, ৯৮ এই সংখ্যা।

আটান্ন [সং-অষ্ট পঞ্চাশৎ (আট আন্ন=পান্ন-পঞ্চাশৎ) > । ভাষাতত্ত্ব দ্রঃ। হি°-অঠাবন] বিণ, ৫৮ সংখ্যক।

আটালি,-ঠাল [আটা+ল (যুক্তার্থে)] বিণ, আটাযুক্ত; চট্‌চটে। ২ শক্ত; কষা। ৩ [ঢাকা, ফরিদপুর প্রাদে°] দৃঢ়ভাবে সংলগ্ন হয় এমন টিকিট adhesive stamp. আ° মাটি-এঁটেল মাটি দ্রঃ।

আটালী, আটুলী-বি, কুকুরাদির দেহের লোমকীট বিঃ; এঁটুলী (দ্রঃ)।

আটাশ [অষ্টাবিংশতি > কে°] বি, বিণ, আটাইশ দ্রঃ; ২৮।

আটাশী [অষ্টাশীতি >] বি,বিণ,৮৮।

আটাশে [অষ্ট-মাস > কে°] বিণ, যে আট মাসেই ভূমিষ্ঠ হয়। ২ দুর্ব্বল; নিস্তেজ; কম মজবুত। "আমি নই আ° ছেলে। ভয়ে ভুলব নাকো চোখ রাঙালে॥" -রা° প্র°। ৩ মাসের ২৮ তারিখ।

আটি, আঁটি [অষ্টি >, তদ্বৎ জমাট-এই ভাব এবং আঁটিয়া বাঁধার ভাব হইতে। হি°-আঁটী; মাল°-অটি (I.M.L.), ওড়ি°-অটা] বি, স্তূপ; গুচ্ছ; গোছা; তাড়া ২ দুই মুষ্টি প্রমাণ ধান গাছ; দুই হাতা (দ্রঃ)। ৩ বীড়া; বিঁড়ে। ৪ শরাল পক্ষী turdas gingimonus শাকের আটি-লঘুভার প্র-বোঝার উপর শাকের আটি।

আটীকেড়ে-আটকোড়ে দ্রঃ।

আটুপাটু [হি°-অটপটাউ >] বি, প্রবল উৎকণ্ঠা; অত্যাগ্রহ (আঁটুবাটু দ্রঃ)।

আটেপিটে,-পিঠে [আষ্টে পৃষ্টে > (দ্রঃ) > । প্রাদে° ভেদে-আট পিড়ে'] ক্রি, সর্ব্বাঙ্গে। আটে পিটে (পিঠে) দঁড় [দৃঢ় > দড়] বিণ, যে সর্ব্বতোভাবে দৃঢ়কায়। "আটে পিঠে দড় তো ঘোড়ার উপর চড়।"-প্রবচন।

আটোপ [আ-তুপ্ (অহঙ্কার করা)+অ (ভা°)] বি, অহঙ্কার; গর্ব্ব; দম্ভ। "তাই দম্ভভরে কহিলেন;-* * *। কিন্তু এবার তাহার আ° বৃথা হইল।"-বঙ্গভাষা ও সা°। ২ সংরম্ভ; সম্ভ্রম। ৩ বায়ু জন্য পেটের সাড় বা ডাক; পেটের গুড়গুড় শব্দ। ~টঙ্কার-বি, সগর্ব্ববাক্য; অহঙ্কারোক্তি; আস্ফালন। "শুনয়ে মুরারি গুপ্ত আটোপ-টঙ্কার।"-চৈ° ভা°।

আটোল [প্রাদে° ২৪ পর°] আটল দ্রঃ।

আট্ট, আট্টু-আট; আটা। আষ্ট দ্রঃ।

আঠা [আটা দ্রঃ] বি, আটা; কাই। ২ কাথ; বৃক্ষের নির্য্যাস paste; glue.

আঠারি [সং-অষ্টাদশন্ > প্রাকৃ°-আটাড় >] বি,বিণ, ১৮ সংখ্যা বা সংখ্যক। আ° ঘা (বাঘে ছুঁলে)-শরীরের নানাস্থানে ক্ষত। ২ [লক্ষ°] নানা ঝঞ্চাট; ফ্যাসাদ। ~নালা-বি, জগন্নাথ ক্ষেত্রের উত্তরস্থ স্থান বিঃ; প্রবাদ-এখানে ইন্দ্রদ্যুম্ন রাজা আপনার পুত্রগণকে বলি দিয়াছিলেন (চৈ° ভা°)। আ° মাসে বৎসর [বৎসর শেষ হইয়া গেলেও যার খবর হয় না বা যার দেড় বৎসরে এক বৎসরের সম্পাদ্যকর্ম্মে হাত দেওয়ার অভ্যাস তৎপ্রতি ব্যঙ্গচ্ছলে উক্ত] দীর্ঘসূত্রীতা; কুঁড়ে স্বভাব; অলস প্রকৃতি। প্র-যার আঠার মাসে বৎসর, সে কি সময়ে একাজ করিতে পারিবে?

আঠাল-আটাল দ্রঃ।

আঠালু-বি, জন্তুর লোমকীট বি আটুলী (দ্রঃ) a nute

আঠি [অষ্টী >] বি, আঁটি; ফলের কঠিন বীজ; গুঠলি। বিণ, আঠিয়া [অষ্টিলা। যার মূলে অস্থিবৎ অংশ আছে। এঁঠে] আঁটিযুক্ত। ২ এঁটে কলা।

আঠিয়া, আঁঠিয়াকলা-বি, কদলী বিঃ; এঁটে কলা।

আড়১ [সং-অন্তরাল (অভ্যন্তর-পরে, কোন কিছুর পশ্চাৎ) > ভং,আড়াল (র=ড়), কে°-আড় (ল=ড), হি°-আড়। প্রা° বাং, 'আয়ড' তুল-'চক্ষের আয়ড' (ধ° ম° মাণিক°)] বি, অন্তরাল; আড়াল। "লুকাইল সরমে সে সখীটীর আড়ে।"-কুঙ্কুম°। তাকে আড় করিয়া দাঁড়াইও না। একটা গাছের আড় পড়েছে। ২ [হি°] পর্দা; আবরণ। ৩ [ব্যঞ্জনা] আশ্রয়; রক্ষক। প্র-এতদিন সে পাহাড়ের আড়ে ছিল এখন সে আড় আর তার নাই। ৪ পার্শ্ব। "তড়িৎ মণ্ডল, কর্ণেতে কুণ্ডল, হিমাংশু মণ্ডল আড়ে।"-মহা° (কাশী)।

আড়২ [সং-অরাল (অসরল) > আল > আড়; হি°-আড় (বক্র oblique)] বিণ, বক্র; তির্য্যক্; বঙ্কিম। "আড় বদন তহি," -বি° প°। "আড়নয়ন" (তুল-ব্রজ°-"তেরছা নয়নে চায়"-তেরছা=তির্য্যক্)। ২ বি,বক্রতা; অসরলতা; অস্পষ্টতা। প্র-ছেলেটির জিহ্বার বা কথার এখনও আড় ভাঙ্গে নাই।

আড়৩ [সং-অর্দ্ধ > প্রাকৃ° অড্‌ঢ়, পা° অড়ো, হি°-আধ, অধেড়, মাল°-আদে (I.M.L.); তুল-আড়বাঁকা (অর্দ্ধবক্র); আড়াই=সার্দ্ধদ্বয়; আড়ে গেলা=আধ চিবুনো করে গেলা। আড় পাগলা, আড় মাৎলা দ্রঃ] বিণ, অর্দ্ধ; অর্দ্ধেক।

আড়৪ [হি°-আর-ওয়ার্=নদীর এপার, ওয়ার পার=এপার হইতে ওপার across.

তুল-আড় পার হওয়া। নদীর স্রোতের মুখে অর্থাৎ লম্বালম্বি না হইয়া একূল হইতে ওকূল অর্থাৎ প্রস্থের দিক্। এই ভাবে রক্ষিত যা কিছু-আড়া, আড়ানিয়া, আড়ানে, এড়ো। তুল-'আড়া, আড়কাঠা' (প্রস্থদিকের কাষ্ঠ)] বি, প্রস্থ; ওসার; পরিসর; চওড়ার দিক্। প্র-নদীর আড় পার হওয়া। ২ বস্ত্র রাখিবার বংশদণ্ড; সাঙ্গা। ৩ পাখী বসিবার দণ্ড: দাঁড। "পক্ষী বসিবার আড়।"-কবিক°।

আড়₍ [আড়ি দ্রঃ] বি, আড়মাছ: আড়টেংরা।

আড়ই [প্রা° বাং। সং-আঢ়কী > আঢ়ই > আ°। হি°-অড়হর্] বি, অড়হর: অড়র। "আ° বেচি,"-মাণিক° গান।

আড়ওড় [হি°-আড় (দ্রঃ) ওড় (সহচর শব্দ, হি° প্রথায়)] বি, অন্তরাল; আড়াল; গুপ্তস্থান; আড়াল বিড়াল। "কেহ নাই দেখে কোথা হতে আড়ে ওড়ে।"-ঘ°।

আড়ং, ~ঘাটা-আড়ঙ্গ দ্রঃ।

আড়ংবাড়ং [হি°-অওড়ঙ্গ্ বওড়ঙ্গ্; অড়বঙ্গ্-অর্দ্ধবক্র বা বক্র] বিণ, বাঁকাচোরা।

আড়কাটি [ইং-recruiter এর উচ্চারণ সাদৃশ্য হতে আরকাটি। তুল-detective হতে টিক্‌টিকি] বি, কর্ণধার: কাণ্ডারী। ২ নদ্যাদিতে জাহাজের পথ-প্রদর্শক; যে সমুদ্র যাত্রীদিগকে নদ্যাদির মোহানা পর্য্যন্ত পৌঁছাইয়া সমুদ্রগামী জাহাজের অধ্যক্ষের হস্তে তাহাদিগকে অর্পণ করে a pilot. ৩ বস্ত্রবয়নের যন্ত্রবিঃ; মাকু। ৪ কুলি বা মজুর সংগ্রহকারক; যারা লোক-জনকে প্রলোভনের দ্বারা হস্তগত করিয়া স্থানান্তরে মজুরী করিবার জন্য চালান দেয়: কুলির ঠিকাদার।

আড়কাঠ, -ঠা [আড় (প্রস্থ) কাঠা (কাষ্ঠ) প্রস্থের কাষ্ঠ] বি, ঘরের চাল বা ছাদের প্রস্থকাষ্ঠ; কড়িকাঠ।

আড়কালা [অর্দ্ধ > প্রাকৃ°-অড্ঢ > আড়] বিণ, আধকালা: এক কানে কালা।

আড়কুজি-বি, আড়মাছ।

আড়কোলা [আড় (অর্দ্ধ)-কোলা] বি, চিৎ করিয়া শোয়াইয়া পিঠে ও জানুদ্বয়ের নিম্নে ধরিয়া কোলে তোলা; পাথালিকোলা (দ্রঃ)। "ধীরে ধীরে আ° করিয়া ধরিয়া রাস্তার উপর নামাইয়া দিল।"-উত্তরা, ১৩৩৫।

আড়খেমটা, আড়াখেমটা [অর্দ্ধ > আড় + খেমটা (দ্রঃ)] বি, সঙ্গীতের তালবিঃ। দ্বাদশ মতান্তরে সার্দ্ধ ত্রয়োদশ মাত্রার তাল। তিনটি তাল ও একটি ফাঁক থাকে [সঙ্গীতসার]।

আড়গড়া [হি°-'অড়্‌গড়া' আড্ডা ঘোড়োঁকা=আড্ডাঘোড়া বা আড়ং ঘোড়া a horse-depot] বি, অশ্বশালা; আস্তাবল: ঘোড়ার আড্ডা। ২ [হি°-কাঠ-ঘরা (কাষ্ঠ গৃহ)-কাড়্‌গড়া-আড়্‌গড়া] কাঠ দিয়া ঘেরা স্থান; তক্তাঘেরা স্থান। ৩ [প্রাদে°] বেড়ার গায়ে মোটা সিঁড়ি।

আড়ঙ্গ [আড়ং, আড়োং ও°। হি°-আড়ং (হাট, গঞ্জ)। আউরঙ্গ দ্রঃ। বাং গ্রা°-আড়ন] বি, আড্ডা: গোলা; গঞ্জ; হাট; বহুপরিমাণ দ্রব্য ক্রয়বিক্রয়ের স্থান। ২ কারখানা। ৩ হিন্দু পর্ব্বস্থলে সমবেত পুতুলের রাশি। ~ঘাটা-বি, নৌকারোহণের ঘাট বা স্থান। ~ছাঁটা [গ্রা°-আড়ন ছাঁটা] বিণ, কৃষকের বা মহাজনের ঘরে পরিষ্কার করা বা তুষ বাহির করা (চাউল); ঢেঁকি ছাঁটা নয়। ~ধোপ, -ধোলাই [চ°-আড়নধোপ, আড়োন্‌ধোপ] বি, কোরা কাপড়ের রং ও মাড় উঠাইয়া শুক্লীকরণ।

আড়চা [সং-লালসা > । হি°-লালচ্] বি, লোভ; লালসা। ২ ইশারা; ঈষৎ সঙ্কেত। ৩ বিণ, আড়ভাবে; আড়াআড়ি।

আড়চাল-বি, দ্বাদশ (১২) অঙ্গুলি-পরিমিত; আধহাত; এক বিৎ। ২ লাঙ্গলে মুড়ার মধ্যে ঈষ দিয়া আঁটিয়া দেওয়া খিল।

আড়চোখ, -চোক [অরাল চক্ষু। আড় (বক্র) চোক (চক্ষু)] বিণ, বঙ্কিম নয়ন; চোরা কটাক্ষ। ক্রি-বিণ, আড়চোকে-বঙ্কিম নয়নে; কটাক্ষে।

আড়ত, আড়ৎ [হি°-আঢ়ৎ] বি, গঞ্জ; গোলা; ক্রয় বিক্রয়ের প্রধান স্থান; কারবার স্থান; কারখানা। প্র-আরবের বন্দরের নিকটও এইরূপ অনেক মুনের আড়ৎ তৈয়ারী হইয়াছে। ~দার-বি, যাঁরা দস্তুরী লইয়া কার মাল দালালদ্বারা বিক্রয় করাইয়া দেন। ~দারী-বি, আড়তদারের দস্তুরী।

আড়দালি, আর্দালি [ইং-orderlyর লিপ্যন্তর] বি, দ্বারবান; হুকুমদার।

আড়ন₁-বি, বক্র হওন। ২ ক্ষেপণ।

আড়ন₂-আড়ঙ্গ দ্রঃ।

আড়নয়ন [প্রাদে° আরনয়ন (ড=র)] বি, বক্রদৃষ্টি; কটাক্ষ; আড় চোখ।

আড়পাগিল, আড়পাগ্‌লা [আড় (অর্দ্ধ) পাগল, পাগ্‌লা] বি, অর্দ্ধ উন্মত্ত: আধপাগ্‌লা; ক্ষ্যাপাটে।

আড়পাপড়া [আড়ফাব্‌ড়া ও°। আড় (আড় ভাবে নিক্ষেপ্য) পাপড়া (পর্ব্বন্)] বি, ক্ষুদ্র ও মোটা পর্ব্ব বা পাব বিশিষ্ট লাঠি; খেঁটে। ২ ভিন্দিপাল bludgeon

আড়পার [আড় (প্রস্থ) পার (তট) প্রস্থের দিক দিয়া গেলে যে পার বা তট পাওয়া যায়] বি, নদ্যাদির পরপার; অপর তট।

আড়বাঁক [অর্দ্ধবক্র-আধবাঁকা (পরে আড়বাঁকা)] বি, যা সম্পূর্ণ বাঁকা নয়; যার অর্দ্ধাঙ্গ বঙ্কিম।

আড়বাড় [আড় (প্রস্থ) + বাড় (দৈর্ঘ্য)] ক্রি-বিণ, সর্ব্বত্র। ২ চতুর্দ্দিকে।

আড়বুঝ, -ঝা [আর (র=ড়)=অন্য, বিপরীত-বুঝ, -ঝা (সং-বুদ্ধি > বুধ > বুঝ, + আ (ইআ-র্ত্তৃ-যে বুঝে অর্থে। তুল-হি° বুঝইয়া=বুঝনেবালা)। গ্রা°-আড়বুজ, আড়বুজো, অড়বুজ] বি, বিণ, যে অন্যরূপ বুঝে; উল্টাবুঝ; বিপরীত বুদ্ধি। ২ গোঁয়ার; একগুঁয়ে। ৩ উজবুক (দ্রঃ)।

আড়ভাঙ্গা [আড় দ্রঃ] বিণ, সোজা। ক্রি, সোজা করা; বক্রভাব দূর করা। ২ সরল পথে চালিত করা। ৩ দুষ্টকে শিষ্ট করা; দোরস্ত করা? ৪ জিহ্বার জড়তা দূর করা; বিকৃত উচ্চারণকে সরল এবং বিশুদ্ধ করিয়া আনা।

আড়মাৎলা [আড় (অর্দ্ধ)-মাৎলা (গ্রা°-মাতালে। হি°-মাতোয়ালা)] বি, অর্দ্ধমত্ত। আধপাগলা দ্রঃ।

আড়মাতলা, আড়মাদ্‌লা [আড়-মাতাল বা মাথাল + ইআ (মস্তক বা

মাথা আড করিয়া ঘাড বাঁকাইয়া অর্থাৎ ধড়ের সঙ্গে ঋজু ভাবে না রাখিয়া আড়া-আড়ি) > আডমাথ্‌লা ; ত=প=দ] বিণ মাথার দিক্‌ বাঁকা করিয়া শয়নের জন্য আড়া-আড়ি : তির্য্যগ্‌ভাবে। প্র-একে সঙ্কীর্ণ গলি, তাতে আবার লোকটা আডমাদলা হয়ে পড়ে আছে, কাজে কাজেই তাকে ডিঙ্গাইয়া যাইতে হইল। ২ [আড (অদ্ধ) মাদলা (মর্দ্দল + আ)-মাদলের আধখানার মত] প্রায় চতুষ্কোণ বা যতটা লম্বা প্রায় ততটা চওডা : আধ্‌লা। প্র-ইট্‌খানা কেমন আ° হল, ওখানা খুলে আর একখানা ইট গেঁথে দাও।

আড়মোড়া, আড়ামোড়া [আড-মোড়া] বি, শরীরের আডষ্টভাব বা জডতা। **আ° ভাঙ্গা**-ক্রি, গা মুড়িয়া অর্থাৎ সঙ্কুচিত করিয়া ও বিস্তার করিয়া জডতা ভাঙ্গা : আলস্য ভাঙ্গা।

আড়ম্ব/র [আ-ডম্বর (দম্‌=বশীভূত করা, জাঁকজমক করা, দ=ড়) বর (ভা°)] বি, জাঁকজমক : সমারোহ : ঘটা। ২ একত্র সমাবেশ ; বিপুল আয়োজন। ৩ মেঘ গর্জ্জন। ৪ তূর্য্যাদি বাদ্যধ্বনি ; রণবাদ্য। ৫ হস্তীব বৃংহণ বা গর্জ্জন। ৬ ক্রোধ। ৭ উল্লাস : আনন্দ। ৮ গর্ব্ব [বাং বিবল] **~বর্জ্জিত, ~হীন, ~বিহীন, ~রহিত, ~শূন্য**-অনাডম্বর : সহজ। "একটি আড়ম্বরহীন ক্ষুদ্র নমস্কার করিয়া,"-উত্তরা, ১৩৩৩। **~রি, ~রী১**-বি, আডম্বর প্রদশন ; ঘটা : জাঁকজমকের ভাব। ২ **~রী২**-বিণ, জাঁকাল : জমকাল : ঘটাযুক্ত।

আড়ঁরি, আড়ুরি, আড়লি [অরড় (প্রপাত)-ভাঙন-ধরা খাড়া তটভূমি-সর্ব্বানন্দ (চা° ব°)] বি, নদীর ধার : কিনারা। ২ নদীতটস্থ উচ্চস্থান: কাঁধা। "তখন জলোচ্ছ্বাস আরম্ভ হইয়াছিল, কপালকুণ্ডলা একটা আড়রির উপর দাঁডাইয়া ছিলেন।" -বঙ্কিম°। ৩ গড়ানিয়া স্থান : গোড়েন। ৪ ভৃগুদেশ। **~শলাই** [প্রাদে°। গ্রা°-আড়ং (আড়া আড়ি লাগাইবার) শলাই (শলাকা)] বি, পোয়ার সহিত ঢেঁকি আটকাইবার খিল।

আড়ষ্ট [সং-অঙ্গাকৃষ্ট-আকৃষ্ট] বিণ, অবশ : অসাড ; অস্পন্দ। "দিগ দিগঙ্গনা আডষ্টের প্রায়।"-বি° চক্রবর্ত্তী।

আড়সা [প্রা°। আঁস্তাকুড় দ্রঃ] বি, জঞ্জাল : আবর্জ্জনা। ২ কুস্থান। ৩ [হি°-আড়্‌সা। প্রায় আড বা তদ্বৎ] বিণ, বক্র : আড : টেরচা। ২ যাকে এডান হইয়াছে ; পরিত্যক্ত।

আড়া১ [আকার-আআর-আরা-আডা frame of the body] বি, গঠন : ঢাঁচা ; আকৃতি : ডৌল। "হাসি হাসি মুখ খানি অপরূপ আডা।"-ঈ° গুপ্ত। তুল-বেয়াডা=বেডৌল। ২ ধরণ ; প্রকার।

আড়া২ [সং-আঢ়-আডি, আডা] পরিমাণ বিঃ ; ধান্যের মাপ : ৪ মণ (অন্যত্র ২ মণ)। "পড়িয়া কবিত্ব বাণী সম্ভাষিনু নৃপমণি পাঁচ আডা মাপি দিলা ধান।"-কবিক°। ["পূ° বঙ্গে ১৬ কাঠায় এক আডা : জাহানাবাদ অঞ্চলে ৯৬ সের ওজনে এক আড়া হয়।" -বঙ্গীয় শব্দসিন্ধু]।

আড়া৩ [আড দ্রঃ] বি, ডাঙ্গা : কূল : কিনারা : পাড : তীর। "আশ্রয়ি পুকুব আডা,"-কবিক°। "জলে ভাসে কুম্ভীব আডায় ডাকে বাঘ।"-শি°। ২ বংশ বা বেত্র-নির্ম্মিত পাত্র। "আডা ভাঙ্গি তৃণমঞ্চে রাখে পুনর্ব্বার।"-মহা° (কাশী)। ৩ কড়ি-কাঠ ; আড কাঠা : সাঙ্গা ; ঘবের আড দিকে ঝুলান বা গাঁথা বাঁশের আল্‌না। ৪ মাছ ধরিবার যন্ত্রবিঃ। ৫ নদ্যাদির স্রোত ফিরাইয়া আনিয়া মৎস্য ধরিবার জন্য যে খানা খোঁড়া হয়। ৬ [শ্রীহট্ট প্রাদে°] পাখীর দাঁড়। প্র-আড়াকাটা টিয়া। ৭ [শ্রীহট্টের সাতগাঁও অঞ্চলে] নদী পুষ্করিণী তীরস্থ বন। ৮ [আড দ্রঃ] সঙ্গীতের তালবিঃ : আডা-ঠেকা। ৯ [আড় দ্রঃ] বি, প্রস্থদিকের বিস্তার ; চওডাই। প্র-ঘরের আড়া। কাপ-ড়ের আডা। ১০ [অর্দ্ধ-আড় + আ] বিণ, অর্দ্ধ : আধা। (২) সার্দ্ধ। (আডাই দ্রঃ)।

আড়াআড়ি [আড় (বক্র) সাদৃশ্যার্থে দ্বিত্ব, ভবার্থে 'ই'] ক্রি-বিণ, আডভাবে ; বাঁকা করিয়া ; কোণাকোণি। ২ ঢ্যারার (×) মত অনুপ্রস্থে কসি টানিয়া। ৩ বি, হিংসা-হিংসী : দ্বেষাদ্বেষী ; পরস্পর শত্রুতা। "বারমেসে আডা-আড়ি, এক নিমিষে যাবে টুটে?"-মনোমোহন বসু। ৪ প্রতিযোগিতা competition. ৫ এদিক্‌ ওদিক্‌ আগু পিছু। প্র-একদিনের আডাআড়িতে কিছু আসিয়া যাইবে না। ৬ এক সময়ে দুই বিপরীত দিক্‌ হইতে রওনা (পাত্রাদি সম্বন্ধে প্রযুক্ত) crossing.

আড়াই [সার্দ্ধদ্বয় > অর্দ্ধ (আধ) দ্বি (দ্ব-ই=আই)=আধাই-হি°-আঢাই বা আডাই ; গ্রা অড়ঢতিয় (অর্দ্ধতৃতীয়)] বিণ অর্দ্ধ সহ দুই : দুই এবং আধ : ২ + ½। "শুনিয়া আডাই হালা, শিব অনুমতি দিলা, আগুন মেটায়ে দিতে তায়।"-শি°।

আড়াইল [শ্রীহট্ট প্রাদে°] বি, গোশালা মধ্যস্থ উচ্চ স্থান যেখানে গরুদের সারি সারি বন্ধন করা হয়।

আড়াকুশি [কাছার, খুলনা ই অঞ্চলে] বি, আরাকষ দ্রঃ।

আড়াঠেকা [সঙ্গীতে মধ্যমান কিঞ্চিৎ আড (দ্রুত বিলম্বিত) করিয়া বাজাইলেই আডাঠেকা হয়] বি, আডা : সঙ্গীতের ৯ মাত্রার তাল, যাতে তিনটী তাল ও একটি ফাঁক থাকে [সঙ্গীত রত্নাকর]।

আড়ানা-বি, সুবট বা মোল্লার ও কানড়া যোগে বা সুখরাই, কানড়া ও সারঙ্গ মিশ্রণে উৎপন্ন রাগিণীবিঃ।

আড়ানী-বি, আতপত্র : চন্দ্রাতপ। ২ বৃহৎ ছত্র। "তপনের তাপে আ° ধরে মাথে।"-সখীসেনা। ৩ বড় পাখা। "ছত্রদণ্ড আ° চামর মৌরছল।"-অ° ম°।

আড়াভাঙ্গা-ক্রি, আড়ভাঙ্গা : আড়ষ্ট ভাব ঘুচান।

আড়ামোড়া [আড় + আ (সং-যোগার্থে) মোড়া (মর্দ্দন-মাড়া=ভাঙ্গা)] বি, আড়া-ভাঙ্গা : আলস্যভাঙ্গা : শরীরভঙ্গি।

আড়ারি [আড়রি, আড়লি'র উচ্চারণ-বিকার] বি, নদীর উচ্চতট।

আড়াল [সং-অন্তরাল] বি, অন্ত-রাল। ২ পর্দ্দা ; আচ্ছাদন ; আবরণ। ৩ যা কিছু দৃষ্টিরোধ করে : গোপন ব্যবধান। "ধুলিসাৎ করেছ এ প্রাণের আ°।"-রবী°।

আড়ি১ [অন্তরাল > আড়াল > ; আ -অড়্‌ (গমন করা) + ই (স্ত্রা°) ভাব বা

সদ্ভাবে যাওয়া : মনের অন্তরালে যাওয়া] বি, আড় : আড়াল। ২ [প্রাদে॰] অন্তর : ব্যবধান। ৩ অসদ্ভাব। "এতদিন তোমার সহিত আমার আড়ি ছিল যে ভাই। এখন ভাব হইয়াছে।"-আড়ি ও ভাব (প্রবাসী, :৩১০)। ৪ আক্রোশ : ক্রোধ : দ্বেষ। "বুঝনা কেমন হিংসা এ কেমন আড়ি।" -কস্তুরী॰। ৫ বিবাদ : ঝগড়া : শত্রুতা। বায় কর্ণসেনে বড় বেড়ে গেল আড়ি।"-ঘ॰। "অবলার সঙ্গে এত আড়ি।"-রাম বসু। ৬ পণ : প্রতিজ্ঞা : গোঁ। প্র-আড়ি ধরে বসে আছে। ৭ [সং-অরাল=আড়-আইড-আড়ি] বিণ, বক্র : আলস্য ভঙ্গকালে শরীর বক্রভাব ধারণ করে বলিয়া তাকে আড়িভাঙ্গা বা আড়ভাঙ্গা বলে [আড় দ্রঃ] ৮ বিণ, বক্রদৃষ্টি : উঁকি। ~উড়ি-বি, উকিঝুকি। "এই বনে বড় বৃক্ষে রাখ লুকাইয়া। বাঘা যেন নাহি দেখে আড়িউড়ি দিয়া।"-ঘ॰। আ॰ দেওয়া, আ॰ পাতা-ক্রি, গোপনে বা অন্তরালে থাকিয়া কাহার কথা শুনা : আড়াল হইতে কথা শুনিবার জন্য কান পাতিয়া থাকা। আ॰ ধরা, আ॰ বাঁধা-গোঁ ধরা : প্রতিজ্ঞাবদ্ধ হওয়া। ~পাতু-নিয়া, ~পাতুনে-বিণ, গোপনীয় বাক্য গোপনে শ্রবণকারী। ২ গোপনে হত্যাকারী। আ॰ ভাঙ্গা-ক্রি, আলস্য ভঙ্গ করা। ২ সোজা করা : বক্রভাব দূর করা। আ॰ মারা (মারা দ্রঃ)-আড়ি দেওয়া দ্রঃ।

আড়ি২-বি, ধান্যাদি শস্য পরিমাণ : ৩ কাঠা। "ধান্য ধারি দুই আড়ি,"-কবিক॰।

আড়ি৩ [প্রাদে॰] বি, আইড নামক মৎস্য : বৃহৎ টেংরাজাতীয় মৎস্যবিঃ ; আড়-মাছ : আড়কুজি। ২ মৎস্য পরিমাপক ঝুড়ি। ৩ আড়ি পরিমাণ হইতে রাশি বা কাঁড়ি। "যে সোম শুক্রে পরে শাড়ী, ধন হয় তার আড়ি, আড়ি।"-প্রবচন। ৪ শরাল পক্ষী। ৫ [প্রাদে॰] পথ। "ও কার বাড়ী সাত দিনের আড়ি।"-মৈ॰ গী॰।

আড়ুমাড়ু, -বাড়ু, আঁড়ুল্-বাঁড়ুল [সং-অন্ত্র > আঁড়ু + হিং-মরোড় > মাড়] বি, অন্ত্রপাক ; পেটের ভিতর পাকাইয়া বা জড়াইয়া উঠান : বমনোদ্বেগ : গা বমিবমি।

আড়ুরা [প্রাদে॰] বি, ছল : নতা।

আড়ুলি, আড়ুরি [আড়ুরি দ্রঃ] বি, নদীর উচ্চ পাড় বা কাছাড় : নদীর ধারে খাড়া উঁচু পাড়, জলের তোড়ে যার ধস ভাঙ্গিতে থাকে। "পেরুতে আড়ুলি ভাঙ্গি পড়ে যেন জলে।"-ঘ॰।

আড়ে [অন্তরালে > আড়ালে > আয়ড়ে > আড়ে। আড়১ দ্রঃ] ক্রি-বিণ, আড়ালে। ২ অন্তরালে। ৩ প্রস্থের দিকে : আড় দিকে। ৪ [আ (না-বিনা)=মাড়ে(মর্দ্দিত করিয়া) আমাড়ে, ক্ষে॰-আড়ে] ক্রি-বিণ, আমাড়ে, অর্দ্ধমর্দ্দিত করিয়া : আধচিবানো করিয়া। প্র-আড়ে গেলা। আড়ে গেলা [আড়ে দ্রঃ] ক্রি, আমাড়ে খাওয়া : খাদ্য আধচিবানোগোছ করিয়া খাওয়া : না চিবাইয়া তাড়াতাড়ি গলাধঃকরণ করা। আড়ে-দীঘে [আড়ে (প্রস্থে)-দীঘে (দীঘ দিকে, দৈর্ঘ্যে] ক্রি-বিণ, লম্বায় চওড়ায় ; দীঘে প্রস্থে। আড়ে হঁতে, আড়ে-হাতে [আয়ড (অন্তরাল) হাতে (হ'তে, হইতে) আড়ে হ'তে, অন্তরালে থাকিয়া : অজ্ঞাসারে সুতরাং বিলক্ষণ সুবিধামত] বিলক্ষণ সুযোগে, তা হতে অতর্কিত ভাবে। ২ যৎপরোনাস্তি উদ্যমের সহিত। ৩ [আড়ে (আড়)-হাতে-হাত পশ্চাদ্দিকে বাড়াইয়া সটান সেই হাতে] লম্বা হাতে : সজোরে। প্র-আড়ে-হাতে খুব এক ঘা কশাইয়া দেওয়া। আড়ে-হাতে লওয়া-প্রতিশোধ দেওয়া। প্র-এই বার সে একচোট বেশ আড়েহাতে লইয়াছে। আড়ে-হাতে লাগা-উঠিয়া পড়িয়া লাগা প্রাণপণে পিছনে পড়া : যথাশক্তি করা : প্র-সে দাদ তুলিবার জন্য আড়ে-হাতে লাগিয়াছে।

আড্ডা [দ্রাবিড় শাখার কোন কোন ভাষার বিতঃ মাল্টো ভাষায় আড্ডা=বাড়ী ; পরিবার (I.M.L.)। হিং-অড্ডা=ঠিকানা > অসদর্থে, জুয়া খেলার, গাঁজার, গুলির ইং আড্ডা] বি, ঠিকানা ; বাসা। ২ একত্র হইবার বা মিলনের স্থান (বিতঃ দুষ্ট লোকদিগের)। ৩ সাম্প্রদায়িক আখড়া। ৪ উত্তরণ স্থান : সরাই : চটি। "ক্রমে বেলা হইল ক্ষুধা তৃষ্ণার বেশ উদ্রেক হইয়াছে, এমন সময় এক আড্ডায় পৌঁছিলাম।"-ল॰ বন্দ্যো॰। ৫ গাড়ী, পাল্কী ই॰-র বাহকেরা যথায় ভাড়ায় খাটিবার জন্য উপস্থিত থাকে। [হিং-তে আ॰ অর্থে পাখীর বাসা ; দাঁড় ; পায়রা বসিবার উচ্চ মঞ্চ বা মাচা। সং-অট্ট= উচ্চস্থান বা বসিবার মঞ্চ যা সাধাঃ জমি হতে একটু উচে নির্ম্মিত হয়। আদিম অবস্থায় বৃক্ষাবাস (tree dwelling) গুলি প্রায়ই এই প্রকার ছিল। শব্দকল্পে-অট্টঃ হর্ম্যাদি গৃহম্ ইতি ভরতঃ। প্রাকারোগ্রস্থিত রণগৃহম্ ইতি কৌটিল্য (bastion etc)] আ॰ গাড়া-ক্রি, বাসা করা : বাসা করিয়া থাকা। ~ধারী-বি, বিণ, আখড়া বা দলের প্রধান ব্যক্তি : আড্ডায় গিয়া যে আমোদ প্রমোদে অধিক সময় ক্ষেপ করে। ~মারা [গ্রা॰] ক্রি, দলবদ্ধ হইয়া রঙ্গতামাসা করা : আড্ডার কার্য্যে যোগ দান করা।

আঢ়ক [সং] বি, শমী বা শালী ধান্য : অড়হর। ২ আড়ি : আঁঢ়ি পরিমাণ। ৩ বৃষ্টিপতনের পরিমাপক। ৪ ধান্যাদির পরিমাণবিঃ ; চতুঃপ্রস্থ পরিমাণ। ৫ দ্রোণ। ৬ দুই মণ পরিমাণ। ৭ [বৈদ্যকে] সের পরিমাণ। ৮ [জ্যোতিঃ] ১০০ যোজন লম্বা ও ৩০ যোজন চওড়া। ৯ সুগন্ধি মৃত্তিকা : তুবরিকানামক গন্ধদ্রব্য।

আঢ়কিক, -কীন [আঢ়ক+ইক, ঈন] বি, আঢ়ক-পরিমাণ বীজবপনের উপযোগী ক্ষেত্র।

আঢ়া [মৈমনসিং প্রাদে॰] বি, ভূমি পরিমাণ (রশি দ্রঃ)। ২ রশি লম্বা ১ রশি চওড়া।

আঢাকা [আ (না)-ঢাকা] বিণ, অনাচ্ছাদিত ; অনাবৃত : খোলা ; মুক্ত।

আঢ়ি [আঢ়ক (দ্রঃ) >] বি, পরিমাণবিঃ : ৪ কাঠা পরিমাণ।

আঢ্য [আ-ধ্যৈ (চিন্তা করা) + অ(র্ত্তৃ)। ধ=ঢ' যে ধন-চিন্তা করে] বিণ, বিশিষ্ট ; যুক্ত ; অন্বিত ; সম্পন্ন ; পূর্ণ। ২ সমৃদ্ধ ; ধনী ; ঋদ্ধ। ~চর-বি, যে পূর্ব্বে ধনী ছিল।

আণ১ [অণ্+অ (ভা॰)] বি, শব্দ।

আণঁ২ [প্রা॰ বাং। আ=অ, ণ=ন। অণ

দ্রঃ] বিণ, অল্প (চং ৪৪।৩)। ক্রি-বিণ, আণে -অল্প উপায়ে (চং৩৮।৩)।

আণা, [প্রাং বাং। আ=জা, ণ=ন] ক্রি, জানা। আণো=জানি, অবগত হই। "তবেঁ তাক আণো গোআলিনী।"-শ্রীং কীং। আণাও=জানাই। "ঝাট গিআঁ আণাওঁ আইহনে কাংস রাএ।"-শ্রীং কীং।

আণা, [আনয়ন >] ক্রি, আনয়ন করা। আণ=আনয়ন কর। আণাঅ=আনাও। আনায়িবোঁ=আনাইব। আণায়িল=আনাইল। আণাহ=আনাও। আণি, আণিআঁ, আনিআঁ=আনিয়া। আণি=আনয়ন করি। আনিআর=আন, লইয়া আইস। আণিল=আনিলে। আণিলে=আনিল। আণিলেতেঁ=আনিলে। আণিলোঁ=আনিলাম। আণিবার, আণিবারে, আণিবারেঁ=আনিবার জন্য। আণিবোঁ=আনিব। আণাঁ=আনিয়া; আণো =আনয়ন করি।-শ্রীং কীং।

আণক [সং] বিণ, ক্ষুদ্র। ২ অল্প। ৩ অপকৃষ্ট।

আণবিক [সং-অণু+ইক] বিণ, অণু বা পরমাণু সম্বন্ধীয়; অণুঘটিত। আং আকর্ষণ-যে শক্তি-দ্বারা পরমাণু সকল পরস্পর পরস্পরকে আকর্ষণ করে molecular attraction. আং বিপ্রকর্ষণ-বি, যে শক্তিদ্বারা পরমাণু সকল পরস্পর পরস্পরকে বিযুক্ত করে molecular repulsion.

আণি [অণ্ (শব্দ করা)+ই অ=আ] বি, খড়্গাকোটি; তরবারির ধার। ২ গাড়ির চাকার খিল; অক্ষাগ্রকীলক। ৩ সীমা।

আণ্টাল [হিং-আণ্টা খেলা] বি, কাষ্ঠ বা মৃদ্গোলক; ভাঁটা; গুলি। ২ বিলিয়ার্ড খেলা the game of Billiards.

আণ্ডা [সং-অণ্ড, হিং-অণ্ডা। মুং (চং-কং ভাং)] বি, অণ্ড; ডিম্ব। ২ অণ্ডাকার বস্তু; ভাঁটা। ~বাচ্ছা-গর্ভস্থ ও ক্রোড়স্থ সন্তান; ছেলে-পুলে।

আণ্ডাল-আণ্টাল দ্রঃ।

আণ্ডিআ [আঁড়িয়া দ্রঃ। অণ্ড-ইআ (যুক্তার্থে)] বিণ, এঁড়ে (দ্রঃ)। ২ কার্য্যকুশল (আণ্ডীল দ্রঃ)।

আণ্ডিল [আণ্ডীল দ্রঃ)] বিণ, বহু ধনশালী; মহাধনী; আঢ্য। "টাকার আণ্ডিল উঠি ফণের ভাঁড়ার।"-হেমং।

আণ্ডীর [অণ্ড+অ=আণ্ড+ঈর (স্ত্য) হিং-অণ্ডৈল] বিণ, ডিম্ববহুল।

আণ্ডীল, আণ্ডেল [হিং-অণ্ডৈল। সং-অণ্ডীর, র=ল। "অণ্ডীরঃ পুরুষে শক্তে"-মেদিনীং ও বিশ্বং] বিণ, দৈহিক, আর্থিক শক্তিযুক্ত। ২ অণ্ডযুক্ত। ৩ [গৌণার্থে আঢ্য]।

আণ্ডু [নোয়াখালি ইং প্রাদেং] বি, হাঁটু।

আৎ [সং-আৎ, অপাদান কারকের বিভক্তি বাং অবিকল গৃহীত] অ, হইতে। প্র-প্রমুখাৎ।

আৎকা [পূং বং প্রাদেং, পং বঙ্গে গ্রাং 'আচ্ কা'] অ, অকস্মাৎ; হঠাৎ।

আৎকানি-আৎকান দ্রঃ।

আত, [ফাং-আত (বহুবচনবোধক প্রত্যয়-বিঃ; বাং আইন আদাঃ ভাষায় ব্যবহৃত)] অ, সমূহ; প্রভৃতি; ইত্যাদি। প্র-কাগজাত; দলিলাত ইং।

আত, [ব্রজং। আর্ত্ত >] বিণ, আর্ত্ত; তাপিত (বিং পং)।

আতঙ্ক, আতঙ্গ [আ-তনক্ (কষ্টে বাঁচা, ভয় পাওয়া)+অ=আতঙ্ক, পক্ষে ক=গ] বি, ভয়; শঙ্কা। ২ ব্যাধি; পীড়া। ৩ জ্বর, সন্তাপ। ৪ তড়কা রোগ। ৫ যাতনা। ৬ দুঃখ; কষ্ট। জলাতঙ্ক-বি, ক্ষিপ্ত কুকুর যা শৃগাল কামড়াইলে তার বিষজাত যে রোগ হয়, তাহাতে রোগী জল দেখিলেই ভয় পায় hydrophobia. বিণ, আতঙ্কিত-শঙ্কাযুক্ত; ভীত।

আতঞ্চন [আ-তনচ্ (গমন করা+অন (ভাং)] বি, দ্রবীভূত দ্রব্যে চূর্ণ মিশ্রিত করণ। ২ দুগ্ধে দম্বল প্রদান। ৩ গলিত স্বর্ণে সোহাগাদি চূর্ণ নিক্ষেপ। ৪ প্রক্ষেপ। ৫ উপদ্রব। ৬ বেগ।

আতত [আ-তন্ (বিস্তার করা)+ত (র্ম্ম)] বিণ, বিস্তৃত; প্রসারিত; ব্যাপ্ত। ২ আরোপিত। ৩ ঢক্কানাদ; মুরজধ্বনি। ৪ কল্পিত; উদ্ভাবিত। "তোমার বচন রাধা সবই আং।"-শ্রীং কীং।

আততজ্য [আতত (সমন্তাৎ বিস্তৃত) জ্যা (ধনুকের ছিলা) যার-বহুং] বিণ, আরোপিত জ্যা; বিস্তৃত ছিলাযুক্ত।

আততায়ী [আততায়িন্, আতত (সমন্তাৎ বিস্তৃত) ই (গমন করা)+ইন (র্ত্তৃ)] বিণ, যে, গৃহদাহ, বিষপ্রয়োগ, ভূমি-দারঅর্থাদি হরণ, প্রাণনাশ ইং অনিষ্ট সাধনে প্রয়াস পায় বা অনিষ্ট করে; শত্রু; বৈরী। ২চোর; দস্যু। "আং সেনাপতি পাপী কুলাঙ্গার।"-পলাশীং। বি, ~য়িতা।

আতপ [আ-তপ্ (তাপ দেওয়া) +অ (র্ত্তৃ)] বি, সূর্য্যের কিরণ; রৌদ্র। ~তণ্ডুল-বি, সিদ্ধ না করিয়া যে ধান রৌদ্রে শুষ্ক করিয়া ঢেঁকিতে ভানিয়া প্রস্তুত হয়; আলোচাল। প্রাদেং ব্যবহারে-আরুয়। হিং-আরোয়া। ~বারণ-বি, ছত্র; ছাতা। ~স্নান-বি, সূর্য্যের উত্তাপ নগ্ন শরীরে লাগান; রৌদ্র সেবন Sunbath, Insolatis, Heliosis "দুর্ব্বল বা রুগ্ন ব্যক্তির পক্ষেই আতপস্নান প্রশস্ত।" -আং শক্তি, ১৩৩৪।

আতপত্র [আতপ-ত্র, ত্রৈ (রক্ষা করা) +অ (র্ত্তৃ) যে রক্ষা করে। যে আতপ হতে রক্ষা করে] বি, ছত্র; ছাতা। "শিখিপুচ্ছ বিরচিত, মণিমুক্তা উপনীত, আতপত্রে শোভে রাঙ্গা ডাটী।"-কবিকং। ~চ্ছায়া-বি, ছত্রের আশ্রয়।

আতর, [অন্তর > ভ্রং। যশোহর প্রাদেং] বি, কর্ষিত ভূমির মধ্যবর্ত্তী স্থান।

আতর, আতার [আ-তৃ (পার হওয়া)+অ (ণে); আ-তৃ+অ (ণে) যদ্দারা পার হয়] বি, নদ্যাদি পার হইবার নৌকা ভাড়া; পারানি; মাশুল। "আং সঞ্চিত নাই বঞ্চিত সাঁতারে।"-সং শং।

আতর, [আং-ই'ৎর=সুগন্ধি] বি, পুষ্পের নির্য্যাস; সুগন্ধি দ্রব্যবিঃ। ~দান-বি, আতর রাখিবার পাত্র।

আতর, [অস্ত্র > ভ্রং] বি, অস্ত্র। "আচ্ছাদিত হয়ে তনু ছত্রিশ আতরে। পঞ্চশত ধনু তার পঞ্চশত করে।"-শিং।

আতর্পণ [আং-তৃপ্ (তৃপ্তি করা)+অন (ভাং)] বি, তৃপ্তি; সন্তোষ। ২ প্রীতিসম্পাদন; তৃপ্তিদান। ৩ আলিপনা।

'আতলাস্ [আং—আৎলাস্=রেশমী শাদা কাপড়। আরবদিগের অভ্যুদয় কালে শাদা রেশমী কাপড়ের উপর পৃথিবীর মানচিত্র তোলা হইত বলিয়া এই নাম] বি, রেশমী বস্ত্রবিঃ। ২ পৃথিবীর মানচিত্র। "Gk. Atlas, a Titan who bore the world on his shoulders, and whose figure used to be given on the title page of atlases."—*Rev. Davidson.*

'আতস [ফাং—আতশ্ আতিশ্। হিং—অতাস্। গ্রাং বাং—আতাস আগুনের ঝাঁজ] বি, অগ্নি। ২ উত্তাপ। ~বাজি [ফাং—আতশ্বাজী] বি, অগ্নিক্রীড়াবিঃ; উৎসব ও আমোদার্থে বন্দুকের বারুদ, গন্ধক, সোরা কয়লা ইং উপকরণে প্রস্তুত তুবড়ী, হাউই, পটকা ইং বাজী fireworks. "আপনি অনল হইলা আতস বাজী।"—অং মং।

'আতসী [ফাং—আতিশি of fire burning] বিণ, আগ্নেয়; দহ্যমান। ২ কাচবিঃ। আং কাচ—যে কাচ সূর্য্যরশ্মি কেন্দ্রীভূত করিয়া দগ্ধ করে a burning glass.

আতা₁ [সং—প্রাকৃং—অত্তা=মাতা। তুল-তুর্কী, আতা=পিতা] বি, মাতা। "আছিল আমার আতা কিছুই না জানি।"—পদ্ম পুং।

'আতা₂ [সং—আতৃপ্য পর্ত্তুং—আতা (বৈদ্যকে)] বি, আতাফল custard apple

আতাই [ফাং—আতাই] বি, বিনা বেতনে গীত বাদ্যকর; সখের গায়ক বা বাদক। ২ যাঁরা বিনা বেতনে গীতবাদ্য শিক্ষা দেন।

'আতান্তর [অত্যন্ত >] বি, দুরবস্থা; সঙ্কট; বিপন্ন অবস্থা; বিপদ্। প্র—সে এখন এমন আতান্তরে পড়েছে যে কোন দিকেই উদ্ধারের পথ পাইতেছে না।

আতাম্র [আ (ঈষৎ)-তাম্র (রক্তবর্ণ)] বি, পাটল pink. ২ বিণ, তাম্রবর্ণবিশিষ্ট।

আতার—আতর₂ দ্রঃ।

আতারিকাতারি [আতুর > আতার-কাতর > কাতার ভবার্থে, ই] বি, যন্ত্রণায় অস্থিরতা; কাতরোক্তি; যাতনায় ছটফটানি।

আতালি—বি, ছাদের নিম্নের কার্ণিশ। ২ মঞ্চ; মাচা; ভারা।

আতালিক [তুর্কীং—আতালিক্] বি, নীতি শিক্ষার গুরু।

'আতালিপাতালি, আথালিপাতালি [প্রাকৃং—উত্থল্লপথল্ল=এদিক ওদিক(তুল—উত্তরাখণ্ডী, হিং—ওল্লি তরফ পল্লি তরফ)—দেশী নামমালা। মালং—'আতালে পাতালে (I. M. L.)] বি, সর্ব্বত্র; চতুর্দ্দিকে। ২ সর্ব্বাঙ্গে। "শর শেলগুলি আথালিপাথালি, সামালি সামালি চালিছে ঢাল।"—ঘং।

আতাস [আতস দ্রঃ। গ্রাং—ধাশ] বি, আতপ তাপ; আগুনের আঁচ।

আতি [গ্রাং বাং। অতির হিং উচ্চারণের অনুরূপ ও প্রাদেং উচ্চারণ-বিকার] অ, এত। "তোঁহার বিলম্ব উচিত নহে আতি।"—পীং রস।

আতিক্ত [আ=ঈষৎ+তিক্ত] বিণ, ঈষৎ-তিক্ত; তিতকুটে। চং আতিত।

আতির্ত, আতিতা [আতিক্ত >] বিণ, ঈষৎ-তিক্ত; প্রায় তিক্ত [দ্রঃ—সিক্ত > তিত (তিতিল দ্রঃ) সুতরাং আতিত শব্দে ঈষৎ সিক্ত অর্থ হতে পারে কিন্তু, আতিক্ত অর্থই প্রশস্ত]।

আতিথে/য় [অতিথি+এয় (সম্বন্ধে)] বিণ, অতিথিসেবা-পরায়ণ। ২ বি, অতিথি-সেবার সামগ্রী; অতিথির ভোজ্য পানীয় ইং। ~য়তা [আতিথেয়+তা-ভাং] বি, আতিথেয়ের ব্যবহার। স্ত্রীং ~য়ী-বিণ, অতিথি-সেবা-পরায়ণা; অতিথি-সৎকার-কারিণী। "আং কুন্তী ভক্তি সহকারে তাঁহার সেবাবিধি নির্ব্বাহ করিলেন।"—মহাং (সিংহ)।

আতিথ্য [অতিথি+য (প্রয়োজনার্থে)] বি, অতিথিসৎকার; অতিথিসেবা। ২ অতিথিসৎকারের সামগ্রী; অতিথির ভোজ্য পানীয় ইং। ৩ অতিথি। ~স্বীকার-আতিথ্য গ্রহণ; অতিথি হওন।

আতিদেশিক [অতিদেশ (অন্যত্র আরোপ)+ইক (ভবার্থে)] বিণ,. অন্যত্র আরোপিত; যার যে গুণ নাই তার আরোপ সম্বন্ধীয় misapplied; "attributed to a wrong quarter."—*Ganguli.*

'আতিবিতি, 'আথিবিথি [অতি-ব্যস্ত—আস্তেব্যস্তে >] বিণ, অতিসত্বর; অতিব্যস্ততার সহিত; তাড়াতাড়ি। "আং গেল রায় বিদ্যার ভবন।"—অং মং।

আতিশয্য [অতিশয়+য (ভাং)] বি, অতিশয়তা; অতিরেক; আধিক্য। ২ প্রাবল্য।

আতীত [আতিক্ত >। আতিত দ্রঃ] বিণ, ঈষৎ তিক্ত।

'আতু₁ [আ-তৃ (পার হইয়া যাওয়া)+উ] বি, ভেলা; মাড।

আ-তু-অ, কুকুরকে ডাকিবার শব্দ।

'আতু₂ [আত্মতা >] বি, আত্তি (দ্রঃ); আত্মীয়তা। এই অর্থে দ্বিত্ব-'আং-আতু-অতিরিক্ত যত্ন; অত্যন্ত আদর; রক্ষার্থে মহাযত্ন। ২ [সং—অলগ্নতা > (অল্পার্থে দ্বিত্ব) আলগা আলগা -(ভাব) পরে আল্তো আল্তো—শেষে (অত্যর্থে দ্বিত্ব) আতুআতু] যে স্পর্শের ভর সয় না এমন কোমলের প্রতি সাবধান যত্ন; ছুঁতে গ'লে না যায় এরূপ ভাবে ব্যবহার; সঙ্কোচের সহিত ব্যবহার। প্র—ছেলেটাকে অত আতু-আতু করে রেখেও তার রোগ ছাড়ে না। ক্রি, আং আং করা [তুল—ইং molly coddle] শরীর ভাল রাখিবার জন্য অতিরিক্ত আদর যত্ন করা।

আতুড়, আতুড়ি—আঁতুড় দ্রঃ।

আতুর₁ [আ-তুর (ত্বরা করা)+অ (র্ত্তৃ) যে অস্বাস্থ্য হেতু ত্বরান্বিত হয়] বিণ, রুগ্ন; অসুস্থ। প্র—আতুরাশ্রম। ২ আর্ত্ত; কাতর; অধীর; শোকে অভিভূত; ব্যথিত। "শুনেছে তোমার নাম, অনাথ আং জন,"—স্কং। "লালস, নাগর আতুর বড়।"—চণ্ডীং।

~নিবাস [আতুর=পীড়িত-নিবাস=বাস-স্থান-৬ তৎ] বি, রুগ্নাবাস; রোগীদিগের থাকিবার ও সেবার স্থান; হাঁসপাতাল hospital.

আতুর₂ [আঁতুড় দ্রঃ। তুল—আত্রেয়ী]

বি, । সূতিকাগার। ২ [প্রাদে॰] বিণ, আঁতুড়ে আবদ্ধ।

আতৃপ্য [আ-তৃপ্ (তৃপ্ত হওয়া)+য] বিণ, প্রীতিপ্রদ ; তৃপ্তিযোগ্য ; সন্তোষজনক। ২ বি, আতাগাছ ; আতাফল।

আতেলা [অতৈল >] বিণ, তৈলহীন।

আতোদ্য [আ-তুদ্=পীড়ন করা+য (র্ম্ম)] বি, বীণা, সেতার ই॰ তত-যন্ত্র, মৃদঙ্গাদি আনদ্ধযন্ত্র, বংশী, শৃঙ্গাদি শুষিরযন্ত্র, করতালাদি ঘনযন্ত্র এই চারি প্রকার বাদ্য।

আতোর-আচর দ্রঃ।

আতোষ [আ=অ-তোষ। প্রা॰ বাং আতোষে] বি, অসন্তোষ ; অতুষ্টি দুঃখ ; অপ্রীতি। "সুণহ সুণহ কাহ্ন না কর আতোষে," "যা কিছু করিলেঁ মোর্এঁ রাধার আতোষে।"-শ্রী॰ কী॰।

আত্ত [আ-দা (দান করা, গ্রহণ করা)+ত (র্ম্ম)] বিণ, গৃহীত ; প্রাপ্ত। ~গন্ধ, ~গর্ব্ব [(আত্ত=গৃহীত-গন্ধ, গর্ব্ব) যার গন্ধ বা গর্ব্ব গৃহীত হইয়াছে-বহু॰] বিণ, হতগর্ব্ব ; হতদর্প ; চূর্ণিত অহঙ্কার ; বিনীত। ~দণ্ড [আত্ত=গৃহীত-দণ্ড, যিনি দণ্ড প্রহারার্থ দণ্ড গ্রহণ করিয়াছেন-বহু॰] বিণ, গৃহীতদণ্ড ; দণ্ডপাণি। ~শস্ত্র [আত্ত=গৃহীত-শস্ত্র, যে প্রহারার্থ শস্ত্র গ্রহণ করিয়াছে-বহু॰] বিণ, গৃহীতশস্ত্র ; শস্ত্রপাণি।

আত্তার [ফা॰] বিণ, আতর প্রস্তুতকারী ; গন্ধী ; ঔষধবিক্রেতা ; রাসায়নিক পদার্থ প্রস্তুতকারক ও বিক্রেতা।

আত্তি [আত্মন্ (আপন) প্রা॰] বি, আত্মতা ; আত্মীয়তা। প্র-তথায় তাঁদের বন্ধু আত্তির কোন অভাব নাই। ২ মমতা। ~শুর্ভ, ~শু, ~শো [শুভ > শু, শো বা আত্মীয় সদৃশ >, তুল-হি॰ সা=সদৃশ-আত্মীয়বৎ শুভাকাঙ্ক্ষী] বিণ, আপনার অনুগত ; সর্ব্বজনপ্রিয় ; যে পরের মন যোগাইতে পারে ; মমতাশীল।

আত্ম [সং-আত্মন (আত্মা দ্রঃ) > হি॰ আপন ; প্রা॰ বাং-আপ্ত। অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া ব্যবহৃত হয় ; যথা-আত্মদান, আত্মকলহ ই॰] বিণ, স্বীয় ; আপনার ; নিজ। ~কর্ম্ম, ~কার্য্য-স্বকার্য্য। ~কলহ-গৃহবিবাদ। ~কুটুম্ব-আত্মীয় বা জ্ঞাতি কুটুম্ব (কুটুম্ব দ্রঃ)। ~কৃত-স্বকৃত ; স্বহস্তে সম্পাদিত। ~ক্ষমতা-আত্মশক্তি দ্রঃ। ~গত [আত্মন্-গত (গম্+ত)] বিণ, আপনাতে স্থিত ; আত্মনিষ্ঠ। ২ [নাট্যে] ক্রি-বিণ, স্বগত ; আপন মনে ; অন্যের অশ্রুত বা অগোচর। "কতকটা আত্মগত ভাবেই কহিল,"-উত্তরা, পৌষ ১৩৩৩। ~গরিমা, ~গর্ব্ব-অহঙ্কার। ~গুণ [আত্মন্-গুণ] বি, নিজগুণ ; তা হতে স্বীয় দোষগুণ ; নিজের দোষাদোষ। ২ [ব্যঙ্গার্থে] নিজের অগুণ ; আপনার দোষ। প্র-আর আত্মগর্ব্ব ব্যক্ত ক'রতে হবে না। এখন তার নিজের মুখ দিয়াই আত্মগর্ব্ব প্রকাশ হ'য়ে পড়েছে। ~গুণাভিমানী [মানিন্] বিণ, যে আপনার গুণের অভিমান বা গর্ব্ব করে। ~গুপ্ত [আত্মন্=আপনি-গুপ্ত=রক্ষিত যে আত্মদ্বারা রক্ষিত হয়-৩তৎ] বিণ, আত্মশক্তি দ্বারা রক্ষিত। বি, ~গুপ্তি। ~গুপ্তা-বি, আলকুশী গাছ mucuna pruriens. ~গোপন-বি, আপনাকে লুকান ; গা ঢাকা দেওয়া ; নিজেকে অপ্রকাশ রাখা। ২ আত্মরক্ষা। ~গৌরব-বি, স্বীয় গরিমা, আপনার গৌরব ; আত্ম প্রশংসা conceit ; self-importance ~গ্রাহী [আত্মন্-গ্রাহিন্ যে গ্রহণ করে] বিণ, স্বার্থপর ; আত্মম্ভরি। > স্ত্রীং ~গ্রাহিণী। বি, ~গ্রাহিতা। ~গ্লানি-বি, আপনার উপর ধিক্কার ; আত্মনিন্দা ; অনুতাপ ; অনুশোচনা remorse. ~ঘাত [আত্মন্-ঘাত (হনন)] বি, আত্মহত্যা ; নিজহস্তে নিজ প্রাণনাশ suicide. ২ অজ্ঞান। ~ঘাতক, ~ঘাতী [আত্মন্=আপন-ঘাতী (ঘাতিন্), হন (বধ করা)+ইন্ (তৃ)-যে হত্যা করে -উপ॰] বিণ, যে স্বহস্তে স্বীয় প্রাণ নষ্ট করে ; আত্মহত্যাকারী। ২ অজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানহীন। > স্ত্রীং ~ঘাতিকা, ~ঘাতিনী। ~ঘৃণা-আত্মগ্লানি ; আপনার উপর অশ্রদ্ধা। ~ঘোষ [আত্মন্-ঘুষ্=শব্দ করা+অ (তৃ) শব্দদ্বারা যে আত্মাকে ঘোষণা করে-উপ॰] বি, কাক। ২ কুক্কুট। ~চিন্তা-আত্মানুসন্ধান। ~চৈতন্য-বি, স্ব-সংবেদন ; আত্মবোধ ; আত্মজ্ঞান self-consciousness. ~জ [আত্মন্-শরীর=জ (জন=জন্মান+অ (তৃ) যে আত্মা হতে জন্মে] বি, পুত্র। "উত্তরিলা রথী রাবণ-অনুজ, লক্ষি রাবণ-আত্মজে।"-মেঘ॰। > স্ত্রীং ~জা-কন্যা। ~জন [আত্মন্-জন] বি, আপনার লোক। ২ আপনি ; স্বয়ং ; নিজ। "কালী পদে রাখ প্রীতি। * * * আত্মজনের কর গতি॥" -রা॰ প্র। ~জন্ম [আত্মন্-জন্ম, ৬তৎ] বি, পুত্ররূপে আপনার জন্ম। ~জন্মা [আত্মন্=শরীর-জন্মন্=উৎপত্তি। যার শরীর হতে জন্ম হয়-বহু॰] বি, সন্তান। ~জ্ঞ [আত্মন্-জ্ঞা (জানা)+অ (তৃ)] বিণ, আত্মতত্ত্বজ্ঞ ; পরমাত্মজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানী। ২ যে আপনার দোষগুণ জানে ; পণ্ডিত ; বুধ। বি, ~জ্ঞতা। ~জ্ঞান [আত্মন্-জ্ঞান] বি, আত্মার স্বরূপ জ্ঞান ; পরমাত্মতত্ত্বজ্ঞান ; ব্রহ্মজ্ঞান। ২ আমি কে ? ইহা যথার্থরূপে জানা self-knowledge ৩ অহম্ প্রত্যয় ; জীব চৈতন্য self consciousness ~তত্ত্ব [আত্মন্-তত্ত্ব] বি, আত্মার স্বরূপজ্ঞান। ২ অধ্যাত্মবিদ্যা ; যে বিদ্যায় আত্মার স্বরূপ জানা যায়। ৩ পরমাত্মার প্রকৃত অবস্থা। ৪ [বেদ মতে] চৈতন্য। ~তত্ত্বজ্ঞ [আত্মতত্ত্ব-জ্ঞ, যে জানে] বিণ, আত্মার স্বরূপ যে অবগত হইয়াছে ; পরমাত্মজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানী। ~তা [আত্মন্+তা-ভা॰] বি, আধ্যাত্মিকতা ; পরমাত্মতত্ত্ব ; স্বরূপতা। ২ আত্মীয়তা ; প্রণয় ; বন্ধুত্ব। "দয়া করে সয়া বলে যদি হলে সই। অনেক আত্মতা হৈল অতএব কই।"-শি॰। ~তুল্য-সদৃশ ; নিজের মত। > স্ত্রীং ~তুল্যা। ~তুষ্টি-বি, আত্মতৃপ্তি ; আত্মানন্দ। ~তৃপ্তি-আপনার সুখসন্তোষ। > বিণ, ~তৃপ্ত-আপনাতে আপনি তুষ্ট ; লব্ধানন্দ। > স্ত্রীং ~তৃপ্তা। ~ত্যাগ [আত্মন্+ত্যাগ] বি, নিঃস্বার্থতা ; পরার্থে স্বীয় সুখ বিসর্জ্জন ; স্বার্থত্যাগ। ২ আত্মদান ; আত্মোৎসর্গ self-denial ; self-sacrifice. ~ত্যাগী [আত্ম-ত্যাগী (ত্যাগিন্) যে ত্যাগ করে] বিণ, আত্মঘাতী। ২ অজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানহীন। ৩ পরার্থে আপনার সুখ যে বিসর্জ্জন করে ;

স্বার্থত্যাগী। > স্ত্রীং ~ত্যাগিনী।~ত্রাণ -বি, আপনাকে বিপদ্ হতে রক্ষা বা উদ্ধার; আত্মরক্ষা। ~ত্ব-আত্মতা (দ্রঃ)। ~দমন -আত্মসংযম (দ্রঃ)। ~দর্শ [আত্মন্ (শরীর অবয়ব)+দর্শ্ (দর্শন)+অ (ধি) যাতে আপনাকে দেখা যায়] বি, আদর্শ : দর্পণ : মুকুর; আরসি। ~দর্শক-আত্মদর্শী দ্রঃ। > স্ত্রীং ~দর্শিকা। ~দর্শন [আত্মন-দর্শন (দৃশ্ +অন)] বি, স্বকীয় দোষ গুণের পরীক্ষা : আত্মপরীক্ষা ; অন্তদর্শন introspection ২ সকল জীবকে আপনার ন্যায় দেখা। ৩ [দর্শন শা॰] আত্ম দ্বারা আত্মদর্শন : মুক্তি ; মোক্ষ। ~দর্শিতা [আত্ম-দর্শিন্+তা (ভা॰)] বি, অন্তদর্শনের ভাব ; আত্মপরীক্ষার শক্তি। ~দর্শী [আত্মন্-দর্শী (দর্শিন্) যে দেখে] বিণ, আপনার দোষ গুণের প্রতি দৃষ্টি রাখে : আত্মদর্শক ; স্বীয় অন্তর্দ্রষ্টা : আত্মপরীক্ষক। ২ আধ্যাত্মিক। > স্ত্রীং ~দর্শিনী। ~দান [আত্মন্-দান, ৪ তৎ] বি, পরহিতার্থে বা পরের জন্য আপনাকে বিসর্জ্জন : আত্মপ্রাণদান ; আত্মনিবেদন ; আত্মোৎসর্গ। "আমি চাই প্রেমিকের প্রেমিক পরাণ, * * চির আত্ম-বিসর্জ্জন চির আত্মদান!" -কাব্যকুসুমাঞ্জলি। ~দৃষ্টি-আত্মদর্শন দ্রঃ। ~দোষ [আত্মন্-দোষ, ৬ তৎ] বি, নিজ-দোষ ; আত্মাপরাধ ; স্বীয় ত্রুটি ; স্বদোষ। "এক্ষণে তার সম্মুখে দুইটি পথ উন্মুক্ত হয়, আত্মদোষ স্বীকার করিয়া উপযুক্ত শাস্তি গ্রহণ করা বা মিথ্যার সাহায্যে আত্মদোষ গোপন করিয়া নিষ্কৃতি লাভ করা।"-চরিত্র গঠন। ~দোষক্ষালন-বি, আপনার দোষ খণ্ডন ; স্বদোষ মোচন। ~দোষখণ্ডন-বি, স্বদোষ মোচন ; নিজের দোষ অপ্রমাণিত করণ। ~দোষজ্ঞ [আত্মন্-দোষ-জ্ঞা+অ (র্ত্তৃ) -যে জানে] বিণ, যে নিজের দোষ অবগত আছে ; স্বদোষজ্ঞ। ~দ্রোহ [আত্মন্-দ্রোহ (দ্রুহ্ +অ)] বি, আপনার অনিষ্ট। ২ আত্মনিগ্রহ ; আত্মপীড়ন। ৩ গৃহবিবাদ ; ঘরোয়া ঝগড়া ; গৃহশত্রুতা ; অন্তর্বিদ্রোহ। ~দ্রোহী [আত্মন্-দ্রুহ (পীড়ন করা) + ইন্ (র্ত্তৃ)] বিণ, আত্মনিগ্রহকারী ; আত্মপীড়ক। ২ আত্মঘাতী। ৩ গৃহশত্রু। > স্ত্রীং ~দ্রোহিনী। ~ধী [আত্মন্ > আত্ম +ধী] বি, আত্মবুদ্ধি ; আত্মজ্ঞান। ~ন্ [বাং-য় সাধাঃ অন্য শব্দের সহিত সন্ধি যুক্ত হইয়া ব্যবহৃত হয়। পাপ+আত্মন্ =পাপাত্মন্] আত্মা (দ্রঃ)। ~নাশ-আত্মহত্যা। ২ আপনার সর্ব্বনাশ। ~নাশক, ~নাশী-আত্মদ্রোহী ; আত্মঘাতী। > স্ত্রীং ~নাশিকা, ~নাশিনী। ~নিগ্রহ-বি, কৃচ্ছ্র সাধনার দ্বারা অন্তরিন্দ্রিয় ও বহিরিন্দ্রিয় দমন ; আত্মশাসন ; আত্মসংযম। ~নিন্দা-আত্মগ্লানি। ~নিবিষ্ট-বিণ, আত্মমগ্ন। > স্ত্রীং ~নিবিষ্টা। বি, ~নিবেশ। ~নিবেদক-বিণ, আত্মনিবেদনকারী। > স্ত্রীং ~নিবেদিকা। ~নিবেদন-বি, আপনাকে নিবেদন করিয়া দেওয়া ; আত্মোৎসর্গ ; আত্মদান self-devotion ; self-sacrifice. ~নির্ম্মগ্ন-আত্মমগ্ন দ্রঃ। > স্ত্রীং ~নির্ম্মগ্না। ~নিয়োগ-বি, আত্মদান ; আত্মোৎসর্গ। ~নির্ভর-বি, আপনার উপর ভরসা ও বিশ্বাস; আত্মপ্রত্যয়। ~নির্ভরকারী, ~নির্ভরশীল-আত্মপ্রত্যয়ী। > স্ত্রীং ~কারিণী, ~শীলা। ~নিষ্ঠ [আত্মন্ > আত্ম+ নিষ্ঠ] বিণ, আত্মাতে যার নিষ্ঠা বা একাগ্রতা আছে ; আত্মজ্ঞানে নিষ্ঠাপর ; আত্মগত। ২ দেবকার্য্যে যে আপনাকে সমর্পণ করিয়াছে। ৩ আত্মজ্ঞানী ; ব্রহ্মনিষ্ঠ। > বি, ও স্ত্রীং ~নিষ্ঠা। ~নীন [আত্মন > আত্ম +ঈন, হিতার্থে] বিণ, আত্মহিতকর। ২ পথ্য। ৩ আত্মসংক্রান্ত ; নিজ। ৪ আত্মীয় ; স্বজন ; সন্তান ; শ্যালক ; বিদূষক। > স্ত্রীং ~নীনা। ~নেপদ [আত্মন্ শব্দের ৪র্থী ১ব॰ =আত্মনে+পদ] বি, ব্যাকরণে পরস্মৈপদের ইতরপদ ; ক্রিয়ার আত্মফলভাগিত্বব্যঞ্জক রূপ ["*In Sans, Gram*, some verbs have two forms one when the act denoted by the verb is done for the benefit of the agent himself (this is আত্মনেপদ, the other when the same act is done for others ; see পরস্মৈপদ-*Ganguli*)] ~পর [আত্মন্-পর-অপর (দ্বন্দ্ব॰)] বিণ, আপনি ও অপর। ২ আপনার জন বা পক্ষ ; স্বপক্ষ এবং বিপক্ষ বা শত্রু ; শত্রুমিত্র। > স্ত্রীং ~পরা। ~পরায়ণ-বিণ, ব্রহ্মনিষ্ঠ। ২ স্বার্থপর। > স্ত্রীং ~পরায়ণা। ~পরিচয়-বি, আত্ম-প্রকাশ ; আপনার নাম ধামাদির উল্লেখ। ~পরীক্ষা-আত্মদর্শন দ্রঃ। ~পীড়ন, ~পীড়া-বি, আপনাকে কষ্টদান আত্মনিগ্রহ। ~পূজক-বিণ, আত্মপ্রশংসাকারী। ২ আত্মার পূজাকারী। > স্ত্রীং ~পূজিকা। ~পূজন-বি, আপনাকে দেবতাজ্ঞানে পূজা করা। ~পোষক-বিণ, আত্মসমর্থক। ২ স্বপালক। ৩ আত্মম্ভরি। > স্ত্রীং ~পোষিকা। বি, ~পোষণ। ~প্রকাশ-বি, নিজমূর্ত্তি ধারণ ; স্বরূপ প্রদর্শন ; আপনার পরিচয়দান। "তাহার সে ভাব মূর্ত্তি আত্মপ্রকাশ করিয়াছে।"-উত্তরা, ১৩৩৩। ~প্রতারণ, ~প্রতারণা -আত্মবঞ্চনা দ্রঃ। বিণ, ~প্রতারিত। ~প্রতারক-বিণ, যে আপনাকে বঞ্চনা করে। ~প্রতিজ্ঞা, ~প্রতিশ্রুতি-আপনার বাক্য বা অঙ্গীকার। ~প্রত্যয়$_১$ [আত্মন-প্রত্যয়] বি, আত্মপ্রমাণ : আত্মবিশ্বাস ; নিজ বোধ। "কেবল নির্ম্মল সহজ জ্ঞানে তিনি প্রকাশিত হন এবং এক আত্মপ্রত্যয়ের বলে সেই জ্ঞানগোচর সত্য সুন্দর মঙ্গল পুরুষের অস্তিত্বে আমরা বিশ্বাস করি।"-ব্রাহ্মধর্ম্ম ৯।৭৭। ~প্রত্যয়$_২$-স্বশক্তিতে বিশ্বাস ; নিজের উপর নির্ভর। ~প্রত্যয়শীল, ~প্রত্যয়ী-বিণ, আত্মনির্ভরশীল। ~প্রমাদ-বি, আত্মভ্রম বা ভ্রান্তি ; স্ব-চিত্ত ; বিভ্রম। ~প্রমাদী-বিণ, আপনার চিত্ত বিভ্রমযুক্ত ; চিত্ত-বিভ্রান্ত। > স্ত্রীং ~প্রমাদিনী। ~প্রশংসা-বি, আপনার মুখে আপনার সুখ্যাতি। ~প্রশ্রয়-বি, আপন প্রবৃত্তিতে গা ঢালিয়া দেওয়া ; অসংযম; যথেচ্ছ কর্ম্মে রতি। বিণ, ~প্রশ্রয়ী-ঐরূপ প্রশ্রয় দাতা। > স্ত্রীং ~প্রশ্রয়িণী। ~প্রসাদ-বি, আত্মতৃপ্তি। ২ আত্মানন্দ। ~প্রাধান্য-

বি, আপনার শ্রেষ্ঠতা। ~বঁঞ্চক-বিণ, আত্মবঞ্চনাকারী। > স্ত্রীং ~বঁঞ্চিকা। ~বঁঞ্চনা-বি, আপনাকে আপনি প্রতারণা ; মনকে ভুল বুঝাইয়া মিথ্যা প্রবোধ-দান : অপরাধ বা পাপ করিয়া আপনাকে নির্দ্দোশ বলিয়া মনকে বুঝান। ~বঁৎ [সং হতে অবিকল গৃহীত : আপনার মত গৃহীত] অ, আপনার সদৃশ ; স্বসদৃশ। ~বঁত্তা [আত্ম+বৎ+তা (ভা°)] বি, আত্মসাদৃশ্য : অপক্ষপাতিতা : নির্ব্বিকারচিত্ততা। ~বঁধ-বি, আত্মহত্যা। ~বঁন্ধু [আত্মন্-বন্ধু (কুটুম্ব) ৬ তৎ] বি, আত্মীয়সুহৃদ : নিজবন্ধু, আত্মীয়স্বজন ; বন্ধু-বান্ধব, আত্মবন্ধু। ২ [দায়ভাগে] পিতৃষ্বসৃপুত্র : মাতৃষ্বসৃপুত্র ও মাতুলপুত্র অর্থাৎ পিসতুতো, মাসতুতো ও মামাতো ভাই-এই তিন জন আত্মবন্ধু। ৩ [আত্ম (আত্মীয়) বন্ধু] বি, আত্মীয় বর্গ এবং বন্ধু ; জ্ঞাতি বন্ধু। ~বঁলি, ~বঁলিদান-বি, আত্মোৎসর্গ। ২ পরার্থে আত্মসুখ ত্যাগ। ~বঁশ [আত্মন্-বশ] বিণ, যে আপনার ইচ্ছামত কার্য্য করিতে পারে বা করিয়া থাকে ; স্ববশ ; অপরাধীন। "আত্মবশ দৃঢ়চিত্ত লোক।"-চা° বন্দ্যো°। ২ বি, আপনার ইন্দ্রিয়াদির নিগ্রহ : আত্মচিত্ত-বশীকরণ : আত্মসংযম। > স্ত্রীং ~বঁশা। ~বঁর্গ-বি, স্বগণ ; আপনার জনগণ। ~বান্ [আত্মন্+বৎ (বতু) বিদ্যমানার্থে] বিণ, মহাপ্রাণ ; উদার চেতা। ২ আত্মায় যে প্রতিষ্ঠিত ; আত্ম প্রতিষ্ঠ : ধৃতিমান্ ; তত্ত্ব-জ্ঞানী। ৩ মনস্বী। ৪ জিতেন্দ্রিয়। ৫ নিজ-হিতাকাঙ্ক্ষী। ৬ অপ্রমত্ত (শব্দার্থ-চিন্তা-মণি) > স্ত্রীং ~বঁতী। ~বিকাশ-বি, আত্মাভিব্যক্তি ; আত্মোৎকর্ষ : স্বকীয় ক্রমোন্নতি : আত্মার স্ফূর্ত্তি। ২ আত্মপ্রকাশ। ~বিক্রেয় [আত্মন্-বিক্রয়] বি, আপনাকে বেচিয়া ফেলা ; অর্থ, অন্ন, ভালবাসা, কৃতজ্ঞতা বা অন্য কোন কিছুর বিনিময়ে আপনার দেহ ও মন বা ইচ্ছার উপর স্বীয় অধিকার অন্যকে সমর্পণ। স্বাধীনতা হারাইয়া পরের মতানুসারে পরিচালিত হওয়া : সম্পূর্ণভাবে অন্যের বশ্যতা স্বীকার। ২ ক্রীতদাসত্ব। ৩ বেশ্যাবৃত্তি। ~বিক্রেয়ী-আত্মবিক্রয়কারী। > স্ত্রীং ~বিক্রেয়িণী। ~বিগ্রহ [আত্মন্ > আত্ম (স্বজন) বিগ্রহ (যুদ্ধ)] বি, আত্মদ্রোহ ; স্বজাতির মধ্যে সংগ্রাম ; গৃহযুদ্ধ civil-war. ~বিচ্ছেদ [আত্মন্ বিচ্ছেদ] বি, আত্মীয়-স্বজন-বিরহ। ২ গৃহবিবাদ। ~বিদ্ [আত্মন -বিদ্ (বিদ্=জানা+ক্বিপ্-র্ত্তৃ)] বিণ, আপনাকে যে জানে ; আত্মার স্বরূপ জ্ঞান যার আছে : আত্মজ্ঞানী ; আত্মতত্ত্বজ্ঞ ; পরমাত্মজ্ঞানী : ব্রহ্মজ্ঞ। ২ আপনার বলা-বল যার জানা আছে : স্বপক্ষজ্ঞ। ~বিদ্যা [আত্মন্-বিদ্যা] বি, ব্রহ্মবিদ্যা, পরমাত্মতত্ত্ব : অধ্যাত্মবিদ্যা Theosophy. ২ যোগশাস্ত্রাদি। ~বিনাশ-বি, আত্মনাশ দ্রঃ। ~বিনাশক, ~বিনাশী-বিণ, আত্মনাশকারী। > স্ত্রীং ~বিনাশিকা, ~বিনাশিনী। ~বিরোধ-বি, আত্ম-দ্রোহ। বিণ, ~বিরোধী। > স্ত্রীং ~বিরোধিনী। ~বিলোপ [আত্মন্ -বিলোপ] বি, আপনার কর্ত্তৃত্বের চিহ্ন না রাখা : স্বীয় নামযশ গোপন : আত্মগোপন। "কিন্তু তাঁর নাম স্থায়ী করিবার জন্য কিছু-মাত্র চেষ্টা করেন নাই, বরং তার প্রতিকূলতা করিয়াছেন। এরূপ আত্মবিলোপ এখন ত দেখা যায় না।"-চারিত্রপূজা। ~বিশ্বাস-বি, আত্মপ্রত্যয় (দ্রঃ)। বিণ, ~বিশ্বাসী -বিশ্বাসকারী। > স্ত্রীং বিশ্বাসিনী। ~বিসর্জ্জন-বি, আত্মত্যাগ (দ্রঃ)। ~বিস্মরণ [আত্মন্-বিস্মরণ] বি, আপনাকে ভুলিয়া যাওয়া ; আত্মবিস্মৃতি। ~বিস্মরণ-শীল-বিণ, যে সহজেই আপনাকে ভুলিয়া যায়। > স্ত্রীং ~বিস্মরণশীলা। ~বিস্মৃত [আত্মন্-বিস্মৃত] বিণ, যে আপ-নাকে ভুলিয়া আছে ; আপনাভোলা ; তন্ময়। ২ স্বীয় দোষ, গুণ, ক্ষমতা অক্ষমতা যে বুঝিতে পারে না। বি, ~বিস্মৃতি [আত্মন্-বিস্মৃতি] আত্ম-বিস্মরণ : তন্ময়তা। ২ আপ-নার দোষ গুণ, ক্ষমতা অক্ষমতা বিষয়ে অজ্ঞতা। ~পর, ~পরায়ণ-বিণ, আত্মবিস্মরণ-শীল। > স্ত্রীং ~পরায়ণা। বি, ~পরায়ণতা। ~বিহ্বল-বিণ, আত্ম-বিবশ ; যে শোক-ভয়াদিতে বিকল। > স্ত্রীং ~বিহ্বলা। বি, ~বিহ্বলতা। ~বুদ্ধি [আত্মন-বুদ্ধি] বি, আপনার বোধ শক্তি ; আত্মজ্ঞান ; স্বজ্ঞান self-conscious-ness ~বেদী [আত্মন্-বেদী (বেদিন্ -যে জানে)] বিণ, আপনাকে যে জানে ; আত্মজ্ঞ ; আত্মবিদ্। > স্ত্রীং ~বেদিনী। বি, ~বেদিতা। ~বোধ [আত্মন্-বোধ] বি, নিজ অনুভূতি ; স্বানুভাবকতা ; আত্মবিষয়ক জ্ঞান : আমিত্বের জ্ঞান। ২ ব্রহ্মজ্ঞান : তত্ত্বজ্ঞান। ~ভঁব [আত্মন্ -ভব (জাত)] বিণ, আপনাতে উদ্গত। ২ মনোগত : মানসজন্মা। ৩ বি, আপনার সত্তা। ৪ নিজ বিদ্যমানতা। ৫ কামদেব ; মদন। ~ভঁৎর্সনা-বি, আত্মগ্লানি। ~ভাব-বি, স্বকীয় স্বভাব। ২ আপনার চিন্তা বা মনোভাব। ~ভূ [আত্মন্-স্বয়ং-ভূ-হওয়া+ক্বিপ্ (র্ত্তৃ) যে হয়-৫ তৎ] বি, যিনি আপনা হতেই জন্মগ্রহণ করিয়াছেন, স্বয়ম্ভূ ; ব্রহ্মা ; বিষ্ণু ; শিব। ২ কামদেব। ৩ বিণ, স্বয়ং উৎপন্ন। ~মঁগ্ন, ~নির্মঁগ্ন-বিণ, যে আপনার চিন্তায় ডুবিয়া থাকে ; ভাববিভোর ; আত্মনিবিষ্ট ; বাহ্য বিষয়ে নির্লিপ্ত। ২ অত্যন্ত স্বার্থপর। > স্ত্রীং ~মঁগ্না, ~নির্মঁগ্না। ~মর্য্যাদা, ~মান্-বি, আত্মসম্মান। ~মর্য্যাদা-শালী, ~মর্য্যাদাসঁম্পন্ন-বিণ, যার মানবোধ আছে। > স্ত্রীং ~শালিনী, ~মর্য্যাদাসঁম্পন্না। ~মূলী-বি, দুরালভা নামক ক্ষুপ বিঃ ; হিঙ্গুয়া alhagimaurorum. ~ম্ভরি (-ত্ম°-) [আত্মন = আপনাকে-ভরি (ভৃ=পোষণ করা+ই (র্ত্তৃ), যে আপনাকে পোষণ করে)] বিণ, যে আপনি ভোগ করিতে চায় ; যে পরের সুখ চাহে না ; নিজে খাইব পরিব এইরূপ যার প্রবৃত্তি : স্বার্থপর : আত্ম-পরায়ণ : স্বার্থসাধক। "আমরা আত্মম্ভরি আমাদিগকে আত্মবিসর্জ্জন দিতে শিখাও।" -চারিত্রপূজা। ২ [বা°য় অর্থ বিকারে] দাম্ভিক ; অহঙ্কারী। ~ম্ভরিতা, -ত্ব -বি, স্বার্থপরতা : আত্মহিত-পরায়ণতা ;

স্বার্থসাধন। ~যোনি [আত্মন্ (স্বয়ং) যোনি (উৎপত্তিস্থান)-যিনি আপনিই আপনার উৎপত্তিস্থান-বহু০] বি, শিব ; বিষ্ণু ; কামদেব। ~রক্ষা [আত্মন্-রক্ষা] বি, আপনাকে বাঁচান ; নিজ দেহ ও প্রাণ রক্ষা। ২ [শা০] বিঘ্নকর্ত্তা হইতে আপনার শরীর রক্ষা। ৩ বড়মাকাল বা মহেন্দ্রবারুণী বৃক্ষ। বি, ~রক্ষণ-জীবন সংরক্ষণ ; স্বাস্থ্যোন্নতি ও অর্থ সঞ্চয়। ~রত-বিণ, স্বার্থপর ; আত্মানন্দ। ~রূপ [আত্মন্-রূপ (সাদৃশ্য)] বি, আপনার সাদৃশ্য ; স্বরূপ। ২ বিণ, আপনার রূপে আপনি প্রকাশমান। > স্ত্রীং ~রূপা। "আত্মরূপা আশা পূরাহ আসিয়া।"-অ০ ম০। ~লাভ-বি, আপনার লাভ। ২ পরমাত্মজ্ঞান। ৩ বিবেক। ৪ স্বার্থ। ~লোপ-আত্মবিলোপ দ্রঃ। ~লীন-বিণ, আত্মগত ; আত্মনিবিষ্ট। > স্ত্রীং ~লীনা। ~শক্তি-স্বকীয় আত্মক্ষমতা : আত্ম-সামর্থ্য ; আপনার বল বীর্য্য। ~শল্যা-বি, শতাবরী ; শতমূলী। ~শাসন-বি, আত্মসংযম self-control ~শিক্ষা-বি, স্বকীয় চেষ্টায় শিক্ষা। বিণ, ~শিক্ষিত-বিণ, নিজের চেষ্টায় লব্ধ শিক্ষা self-taught. ~শিল্প [বৈদিক] বি, আত্মসংস্কৃতি ; দেহমল ও বাঙ্মল-শোধন ; ঐতরেয় ব্রহ্মণ্য শ্রৌত ও স্মার্ত্ত সংস্কার। "যদ্বারা দেহ ও মনের মল অপনোদিত হয়, যদ্বারা আত্মার স্বরূপাবস্থাতে অবস্থান হইয়া থাকে-এক কথায় যদ্বারা উন্নতির পরাকাষ্ঠা প্রাপ্তি হয় তার নাম আত্মশিল্প।"-উৎসব, ১৩০১। ~শুদ্ধি [আত্মন্-শুদ্ধি] বি, আপনার শোধন বা সংস্কার। ২ স্বীয় নির্দ্দোষতা ; আত্মাপরাধের ক্ষালন। ৩ চিত্তশুদ্ধতা ; মনের মালিন্য মোচন। ৪ স্বকৃত পাপমোচন ; প্রায়শ্চিত্ত self-purification. ~শোধন [আত্মন্-শোধন] বি, চিত্তশোধন। ২ স্বপাপমোচন ; প্রায়শ্চিত্ত। ~শ্লাঘা [আত্মন্-শ্লাঘা] বি, আপনার মুখে আপনার প্রশংসা ; আত্মগর্ব্ব ; বিকত্থনা। ~শ্লাঘিতা [আত্মশ্লাঘিন+তা (ন লোপ)] বি, আত্মগর্ব্ব-প্রকাশ ; নিজমুখে নিজ প্রশংসাকরণ। ~শ্লাঘী [আত্মন্-শ্লাঘি (শ্লাঘ=প্রশংসা করা+ইন -র্ত্তৃ)] বিণ, আত্মগর্ব্বী ; আপনার প্রশংসাকারী ; বিকত্থন। > স্ত্রীং ~শ্লাঘিনী। ~সংক্রান্ত-বি, আপনার ; স্বকীয় ; স্বসম্বন্ধীয়। ~সংবরণ-বি, আত্মসংযমন : চিত্তদমন। ~সংযম [আত্মন্-সংযম] বি, জিতেন্দ্রিয়তা : ইন্দ্রিয়নিগ্রহ : কামক্রোধাদি রিপুগণকে স্ববশে আনয়ন : আপনাকে দমন : নিজেকে বিবেকের বশে আনয়ন। ২ [মনোবিজ্ঞানে] কর্ম্মোদ্দীপক বাসনা-নিচয়ের সুশৃঙ্খল সমন্বয় ; সহানুভূতির বিকাশ, অসহানুভূতির ও অনুভূতির শারীর অভিব্যঞ্জকগুলির দমন, অবধান শক্তির প্রয়োগ ও অনুভূতির উদ্বুদ্ধকারী চিন্তাস্রোতের গতি প্রতিহত করণ। ~সংযমী-বিণ, জিতেন্দ্রিয়। > স্ত্রীং ~সংযমিনী। ~সংশয়, ~সন্দেহ-বি, আপনার উপর অবিশ্বাস বা ভরসাহীন। ~সংস্কৃতি-আত্মশিল্প দ্রঃ। ~সংস্রব [আত্মন্-সংস্রব] বি, নিজসম্বন্ধ ; স্বসম্পর্ক। ~সদৃশ-বিণ, আপনার সমান। ~সমর্পণ-বি, আত্মদান। ২ অস্ত্রাদি ত্যাগ করিয়া জেতার বশ্যতা স্বীকার। ৩ আপনাকে সম্পূর্ণরূপে অন্যের ইচ্ছামত পরিচালন ও ব্যবহারের জন্য ছাড়িয়া দেওয়া। ~সমাহিত-বিণ, আত্মচিন্তায় নিমগ্ন : আত্মস্থ ; আত্মলীন : আপনাতে মগ্ন ; চিন্তা ও ভাবমগ্ন। "দেখিবা-মাত্রই যেন তাঁকে সকলের হইতে স্বতন্ত্র এবং আত্মসমাহিত বলিয়া বোধ হইল।"-রবী০। ~সম্পর্কীয় [আত্মন্-সম্পর্কীয়] বিণ, আপনার সহিত যার সম্বন্ধ আছে ; স্বসম্বন্ধীয়। ~সম্বন্ধ [আত্মন্-সম্বন্ধ] বি, আপনার সম্পর্ক ; স্বসম্পর্ক ; স্বসম্বন্ধ। ~সম্বন্ধীয় [আত্মন্-সম্বন্ধীয়] বিণ, স্বসম্পর্কীয়। ~সম্বরণ-বি, আপনাকে সংযত করণ : আপনাকে বা আপনার ভাবাবেগ দমন। "তবু আত্মসম্বরণ করিয়া কহিল।" -উত্তরা, ১৩৩৩। ~সম্ভব [আত্মন (শরীর) -সম্ভব (উৎপত্তি)-যার আত্মা হতে উৎপত্তি -বহু০] বি, আত্মজ ; পুত্র। ২ কামদেব ; কন্দর্প। ৩ আকাশসম্ভব ; আকাশসম্ভূত। > স্ত্রীং ~সম্ভবা-কন্যা। ২ বুদ্ধি। ~সম্ভ্রম -আত্মসম্মান দ্রঃ। ~সম্মত [আত্মন্-সম্মত] বিণ, যাতে আপনার অভিমত আছে ; আপনার সম্মতিযুক্ত ; স্বসম্মত ; স্বাভিমত। ~সম্মান-বি, আপনার প্রতি শ্রদ্ধা : আত্মাদর ; আত্মমর্য্যাদাবোধ ; স্বগৌরব ; স্বাভিমান self-respect. ~সম্মানজ্ঞান, ~সম্মানবোধ-বি, আত্মাদর বা আপনার গৌরবের অনুভূতি ; নিজ মানবোধ। ~সম্মানজ্ঞানহীন-আপনার মর্য্যাদাবোধ-শক্তিরহিত। > স্ত্রীং ~সম্মানজ্ঞানহীনা। ~সম্মিত [আত্মন-সম্মিত (সম্ = সহিত-মা = পরিমাণ + ত-র্ম্ম) ; আ-ই] বিণ, আপনার সদৃশ ; আপনার তুল্য পরিমাণ ; স্বসদৃশ। "হে বিপ্রসত্তম! আপনি অনেক উপায়ে এই সমস্ত বস্তু আত্মসম্মিত করিয়া তপোনুষ্ঠান দ্বারা মরীচি-ই০ বেধাদিগকে পরাজয় করিয়াছেন।" -মহা০ (সিংহ)। ~সহায় [আত্মন্-সহায়] বিণ, নিজেই নিজের সহায় ; অনন্যসহায়। ~সহায়তা-বি, আত্মনির্ভরতা self-help "ভিজা পা বল, পঙ্ক বল, বরফ বল ক্ষুধা বল, সবই সহ্য হয়, কিন্তু ভিক্ষা নহে ; আমরা ভিক্ষা সহ্য করিতে পারি না! এখানে কেবল রূঢ় সুদৃঢ় আত্মসহায়তা।" -চারিত্রপূজা। ~সাৎ [আত্মন্ (আপনি) +সাৎ (চসাৎ)-অধীনতার্থে। প্রা০ বাং-'আত্মসাত' (চৈ০ চ০)] অ, আপনার অধীন ; স্বীয় অনুগত। "ভক্তি দিয়া জীবে প্রভু কর আত্মসাৎ।"-চৈ০ ভা০ [অপ্র০] ২ আয়ত্ত ; হস্তগত [দ্রঃ-অধুনা ইহা প্রতারণা বা অন্যায়পূর্ব্বক হস্তগত করার অর্থ বুঝায়] ৩ সম্পূর্ণ ভাবে আপনার করা। "এই তিন ঠাকুর গৌড়িয়াকে করিয়াছেন আ০।" -চৈ০ চ০। ক্রি, ~সাৎ করা-স্বহস্তগত করা। ২ হরণ করা ; অন্যায় বা অসৎ উপায়ে গ্রহণ করা ; হাতান misappropriate ~সাৎকৃত [আত্ম+সাৎ+ কৃত] বিণ, যা আপনার হস্তগত বা আয়ত্ত হইয়াছে ; স্বায়ত্তীকৃত। ২ যা হৃত বা অসদুপায়ে গৃহীত ; যা হাতান হইয়াছে। ~সার [আত্মন্-সার-স্থ+অ-আত্মাই প্রধান যার-বহু০] বি, আত্মম্ভরি ; স্বার্থপর। ~সিদ্ধ-স্বকীয় চেষ্টায় নিষ্পন্ন। ২ স্বয়ং

সিদ্ধ দ্রঃ। ~সিদ্ধান্ত-বি, নিজের নির্দ্ধারণ। "কেবল আত্মসিদ্ধান্তের উপর নির্ভর করিয়া কোন মতেই যজ্ঞানুষ্ঠানে প্রবৃত্ত হওয়া উচিত নহে।"-মহা॰ (প্র॰ রায়)। ~সিদ্ধি-বি, মোক্ষ salvation ২ আত্মসফলতা। ~স্তুতি-বি, নিজের প্রশংসা। ~স্থ-বিণ, আত্মগত দ্রঃ। ~হত্যা [আত্মন্-হত্যা(হন+ক্যপ্); ন=অ, অ=আ] বি, আপনার দ্বারা আপনার প্রাণনাশ, উদ্বন্ধন, বিষপান ই॰ উপায়ে আপনার মৃত্যু সংঘটন; আত্মঘাত। ~হনন-বি, আত্মহত্যা। ~হন্তা-বিণ, আত্মহত্যাকারী। ~হা [আত্মন (আপনি)-হা (হন্=বধ করা+ক্বিপ-র্ত্তৃ) যে হত্যা করে-উপ॰] বিণ,আত্মঘাতী; আত্মহত্যাকারী। "কাঁদিছে আত্মহা পাপী হাহাকার রবে।"-মেঘ॰। ২ শুদ্ধজ্ঞান-বর্জ্জিত; অজ্ঞ। ৩ [শা॰] বি, দেবতাকে উৎসর্গ-করা দ্রব্যসামগ্রী যারা স্বকীয় ব্যবহারে আনিয়া আপনার পরকাল হত্যা বা নষ্ট করে; দেবপূজক ব্রাহ্মণ; দেবল। ~হারা-বিণ, আত্মবিস্মৃত। ~হিত [আত্মন-হিত (ধা+ত-র্ম্ম) ধা=হি] বি, স্বীয় কল্যাণ; আপনার মঙ্গল; নিজ হিত। ~হিতকর [আত্মন-হিত-কর] বিণ, আপনার মঙ্গলজনক; স্বীয় কল্যাণকর। ~হীন-বিণ, নিঃস্বার্থ। > স্ত্রীং ~হীনা।

আত্মা [মূ॰-আত্মন্। আ-অৎ (নিয়ত গমন করা)+মন (র্ত্তৃ), জ্ঞা॰। বৌ॰ বাং প্রাকৃ॰-'অধ্যা,' 'অধ্যাপ্প,' 'অপ্প', 'অপ্পাণ' (দো॰ ১১৯), 'অপা' (চ॰ ৩।১), 'অপ্যা', 'অপ্যা'। অপ্যাহি, অপ্যাহিঁ= আত্মাকে। অপা দ্রঃ।] বি, যিনি সর্ব্বব্যাপী ও আপনাকে আপনি জানেন; চৈতন্যস্বরূপ। "তিনি আপনাকে আপনি জানিতেছেন, এই হেতু তিনি আত্মা শব্দে উক্ত হইয়াছেন।" -ব্রহ্ম॰। ২ [হিন্দু শা॰] আত্মা দ্বিবিধঃ- জীবাত্মা ও পরমাত্মা। (১) পরমাত্মা; ব্রহ্ম। "এই জগৎ পূর্ব্বে কিছুই ছিল না, *** কেবল একই অদ্বিতীয় সৎস্বরূপ পরব্রহ্ম ছিলেন। তিনি জন্ম-বিহীন, মহান্ আত্মা; তিনি অজর, অমর, নিত্য ও অভয়।"-উপনিষৎ (ব্রাহ্মধর্ম্ম। ২।১০।১)। (২) জীবাত্মা; জীব। "পরব্রহ্মকে ঈশ্বর-পরায়ণ ধীরেরা একাগ্রচিত্ত হইয়া বিশুদ্ধ জ্ঞাননেত্রদ্বারা আপন আপন আত্মার অভ্যন্তরে দর্শন করেন। যেহেতু আত্মরূপ উজ্জ্বল কোষই সর্ব্বব্যাপী পরব্রহ্মের পরম স্থান; প্রতিজনের আত্মাই তাঁর প্রকৃষ্ট আসন।"-ব্রাহ্মধর্ম্ম [জীবাত্মা ও পরমাত্মা দ্রঃ] ৩ (ন্যায় দর্শনে) অহং-পদের আশ্রয় ego ৪ অধিষ্ঠাত্রী দেবতা। ৫ স্বরূপ। ৬ আপনি; স্বয়ং। ৭ জীবন; প্রাণ। ৮ পুত্র। ৯ [শব্দার্থ চিন্তামণি, জটাধর] দেহ; শরীর। "কৃষ্ণাত্মা।" ১০ হৃদয়। ১১ মন; চিত্ত। ১২ বুদ্ধি; ধী। ১৩ প্রকৃতি; স্বভাব। সেই যুক্তাত্মা ধীরেরা,"-ব্রাহ্মধর্ম্ম। ১৪ ধৃতি; ধৈর্য্য। ১৫ যত্ন। ১৬ সূর্য্য। ১৭ অগ্নি। ১৮ বায়ু। ~দর [আত্মন্-আদর আত্মবিষয়ে আদর ৭ তৎ] বি, আপনার প্রতি শ্রদ্ধা; আপনাকে নীচ মনে না করা; আত্মসম্ভ্রম; আত্মসম্মান self-esteem; self-respect. ~দর্শ-বি, স্বদৃষ্টান্ত। ২ আত্মার আদর্শ। ~ধীন [আত্মা+অধীন] বিণ, স্বাধীন। ২ বি, প্রাণী। ৩ পুত্র। ৪ শ্যালক। ~নুসন্ধান, ~ন্বেষণ-বি, আত্মপরীক্ষা। ২ ব্রহ্মজ্ঞান লাভের জন্য সাধনা। ~ন্বেষী-বিণ, আত্মদর্শী। > স্ত্রীং ~ন্বেষিণী। ~পরাধ [আত্মন +অপরাধ ৬ তৎ] বি, স্বকৃত দোষ; নিজকৃত অন্যায়াচরণ; স্বাপরাধ। ~পহার [আত্মন্-অপহার] বি, আপনার প্রকৃত পরিচয় গোপন করিয়া মিথ্যা পরিচয় দান; জাল পরিচয়। ~পহারক [আত্মন্-অপহারক] বি, যে আপনার নাম, ধাম, জাতি, কুল ই॰ গোপন করিয়া আপনাকে মিথ্যানামে পরিচিত করে, প্রবঞ্চক; কপট। > স্ত্রীং ~পহারিকা। ~পহারী [আত্মন্-অপহারী] বিণ, আত্মাপহারক; জাল পরিচয় দাতা; কপট hypocrite "যে ব্যক্তি অন্তঃকরণে এক প্রকার থাকিতে বাহিরে অন্য প্রকার ব্যক্ত করে, সেই আত্মাপহারী চৌর কর্ত্তৃক কোন পাপকর্ম্ম কৃত না হয়।"-মহা॰(বর্দ্ধ)। > স্ত্রীং ~পহারিণী। ~পুরুষ [আত্মপুরুষ স্থলে পণ্ডিত রামগতি ন্যায়রত্ন মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত ও 'রোমাবতী' গ্রন্থে প্রথম ব্যবহৃত] বি, আত্মা। ২ জীবাত্মা। ৩ প্রাণ। আ॰ শুকাইয়া যাওয়া-ভয়ে প্রাণ উড়িয়া যাওয়া; ভয়ে আড়ষ্ট হওয়া; অত্যন্ত ভয় পাওয়া। ~ভিমত [আত্মন্-অভিমত (অভি-মন্+ত) ন্-লোপ] বিণ, আপনার মতানুযায়ী; আত্মসম্মত। > ভিমান-বি, অহঙ্কার। বিণ, ~ভিমানী। > স্ত্রীং ~মানিনী। ~বমাননা [আত্মন্-অবমাননা-৬ তৎ] বিণ, আপনাকে নীচ মনে করা; আত্মার অসম্ভ্রম করা; আত্মগ্লানি। ~বলম্বন [আত্মন্-অবলম্বন] বি, আত্মাকে আশ্রয় করণ; অন্যের সাহায্য না লইয়া আপনার বুদ্ধি ও ক্ষমতার উপর নির্ভর করা; আত্মাশ্রয়; আত্মসহায়; পুরুষকার self-help ~বলম্বী [আত্মন্-অবলম্বী] বিণ, যে অন্যের সহায়তার অপেক্ষা না করিয়া আপনার ক্ষমতা ও বুদ্ধি অনুসারে চলে; আত্মাশ্রয়ী; স্বাবলম্বী। > স্ত্রীং ~বলম্বিনী। বি, ~বলম্বিতা। ~রাম [আত্মন্-আরাম] বিণ, আত্মাতে যিনি রমণ করেন বা পরমানন্দ উপভোগ করেন; আত্মানন্দ। ২ আত্মস্বরূপ জ্ঞানে পরমানন্দিত; সন্তুষ্ট চিত্ত; লব্ধানন্দ। ৩ [দেহতত্ত্বে] বি, দেহরূপ পিঞ্জরবদ্ধ পক্ষিরূপ প্রাণ; মন; প্রাণপাখী; মন-পাখী। "মনরে আমার এই মিনতি। তুমি পড়া পাখী হও, করি, স্তুতি॥ * ওরে পড় বাবা আত্মারাম, আত্মজনের কর গতি॥"-রা॰ প্র॰। ৪ টিয়া বা শুক আদি যে সকল পক্ষীকে ভগবানের নাম উচ্চারণ করিতে শিখান হয়, এদেশে সাধাঃ তাহাদিগকে আত্মারাম বলিয়া সম্বোধন করা হয়। ৫ অন্তরাত্মা; প্রাণ। প্র-ভয়ে আত্মারাম শুকাইয়া যায়। ৬ জীব। "আত্মারামের আত্মা কালী প্রমাণ প্রণবের মতন।"-রা॰ প্র॰। ৭ পূর্ণব্রহ্ম।

আত্মার্থ [আত্ম+অর্থ] বি, স্বার্থ। ২ বিণ, স্বার্থপর। ~পরিপৃচ্ছা [বৌ॰ সা॰। আ॰-পরি (সম্যক্) পৃচ্ছা (প্রশ্ন-অনুসন্ধান-পরীক্ষা)] বি, আধ্যাত্মিক উন্নতি লাভের জন্য আত্ম-পরীক্ষা।

আত্মাশী [আত্মন্-অশ্ (ভোজন করা) +ইন্ (র্ত্তৃ)=আত্মাশিন্ ১মা॰ ১ব॰। যে স্বকুল ভোজন করে] বি, যে স্বকুল খায়; স্বসন্তানখাদক। ২ মৎস্য।

আত্মাশ্রয় [আত্মন্-আশ্রয়] বি, আত্ম-নির্ভর : আত্মাবলম্বন self-defendence. ২ [ন্যায় দর্শনে] স্বাপেক্ষত্বরূপ তর্কদোষ বিঃ। বিণ, ~ী (-শ্রি-) স্বাবলম্বী।

আত্মীয় [আত্মন্=আপনি+ঈয়-ইদমর্থে] বিণ, স্বকীয় : আপন : স্বীয় : নিজ। ১ বান্ধব : স্বজন : অন্তরঙ্গ। স্ত্রীং ~া। ~তা-বি, আপনার মত ব্যবহার : বন্ধুত্ব : সৌহার্দ্য। ~বন্ধু-বি, স্বজন বান্ধব : আপনার জন। ~বিহীন-বিণ, বন্ধুবান্ধবশূন্য। ~স্বজন [আত্মীয় শব্দের সহচর] বি, শোণিত সম্পর্কে আপনার জন ও বন্ধু-বান্ধব।

আত্মোৎকর্ষ [আত্ম+উৎকর্ষ] বি, আত্মোন্নতি self-culture. "বুদ্ধিবৃত্তির, রুচির, নীতিভাবের, ধর্ম্মভাবের উৎকর্ষ : মার্জ্জিত মতের সৃষ্টি ও স্বভাব গঠন।"-মনোবিজ্ঞান (সিংহ)।

আত্মোৎসর্গ-বি, স্বার্থ বিসর্জ্জন। ২ আত্মত্যাগ।

আত্মোদর [আত্ম+উদর] বি, আপনার উদর। ২ স্বার্থ।

আত্মোদ্ভব [আত্মন্ > আত্ম (শরীর) উদ্ভব। যার শরীর হতে জন্মে-বহুং] বি, পুত্র ; আত্মজ। স্ত্রীং ~া-আত্মজা : কন্যা।

আত্মোন্নতি [আত্মন > আত্ম+-উন্নতি] বি, স্বীয় শ্রীবৃদ্ধি : আত্মোৎকর্ষ।

আত্মোপ/কার [আত্মন্ > আত্ম+উপকার] বি, আপনার উপকার : আপনার ইষ্ট। ~কারক, ~কারী-বিণ, আত্মহিতকারী : আপনার কল্যাণসাধক।

আত্মোপজী/বী [আত্মন্-উপজীবী] বিণ, যে আপনার পরিশ্রমের দ্বারা জীবিকা অর্জ্জন করে ; যে নিজ গতর খাটাইয়া খায়। স্ত্রীং ~বিনী।

আত্মোপনিষৎ [আত্মন্-উপনিষৎ (উপ-নি-সদ্+ক্বিপ্)] বি, ব্রহ্মাত্মা। ২ জীবাত্মা বা অন্তরাত্মা ও পরমাত্মার স্বরূপ নির্ণায়ক গ্রন্থ।

আত্মোপম [আত্মন্-উপমা যার-বহুং] বিণ, আত্মতুল্য ; স্বসদৃশ। বি, আত্মৌপম্য [আং+য (ভাং)] আত্মসাদৃশ্য ; আপনার সহিত তুলনা। "আত্মৌপম্য দ্বারা সাধুগণ সর্ব্বজীবে দয়া প্রকাশ করেন।" -হিতোপদেশ।

আত্যন্তিক, আত্যন্তীন [অত্যন্ত+ইক, ঈন (ভবার্থে)] বিণ, অতিরিক্ত : অত্যন্ত : অতিশয়িত : অসীম : অত্যধিক। ২ যৎপরোনাস্তি : যার পর নাই : অশেষ। ৩ অবিচ্ছিন্ন ; ধারাবাহী।

আত্যন্তিকতা [আত্যন্তিক+তা (ভবার্থে)] বি, আতিশয্য : অতিরেক : অত্যাধিক্য।

আত্যয়িক [অত্যয় (বিনাশ)+ইক] বিণ, বিনাশসম্বন্ধীয় ; প্রাণান্তকর ; ক্ষয়কর। ২ বিপজ্জনক। ৩ পীড়াজনক ; দুঃখজনক। ৪ অমঙ্গলসূচক ; অশুভকর।

আত্যূহ [সং] বি, দাত্যূহ ; ডাহুক : ডাকপাখী।

আত্রেয় [অত্রি (মুনি বিঃ)+এয় (অপত্যার্থে)] বি, অত্রিমুনির পুত্র : দত্তাত্রেয় ; সোম ; দুর্ব্বাসা। ২ অত্রিবংশীয়। ৩ আয়ুর্ব্বেদাধ্যাপক মুনিবিঃ : নাড়ী-জ্ঞান-প্রকরণ গ্রন্থ প্রণেতা। ৪ শরীরস্থ রস ধাতু। স্ত্রীং ~ী-বি, অত্রিবংশোদ্ভবা স্ত্রী। ২ অত্রি-পত্নী। ৩ ঋতুমতী স্ত্রী। ৪ সূতিকাগার (পদ্ম পুং)। ৫ আত্রাই নদী।

আথর্ব্ব/ণ [অথর্ব্বন্+অ (জ্ঞাতার্থে) ইদমর্থে-ণ] বি, অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ। ২ কুল-পুরোহিত। ৩ অথর্ব্ব মুনি প্রণীত সূক্ত সমূহ। ৪ শান্তিগৃহ। ৫ বিণ, অথর্ব্ববেদজ্ঞ ; অথর্ব্ববেদবিশিষ্ট : অথর্ব্ববেদ সহিত। স্ত্রীং ~ণী। ~ণিক-বিণ, অথর্ব্ববেদজ্ঞ।

আথাইল [প্রাং বাং। স্থুল > আথুল >] বি, গৃহ ; গৃহাভ্যন্তর। "আথাইলের ধন কড়ি পাথাইলে শুকায়।"-ময়নাং গান।

আথান্তর [সং-অবস্থা > আবস্থা, প্রাং আবস্তা (predicament, দুরবস্থা, দুর্দ্দশা, মহাকষ্ট। তুল-"মা-খেকো ছেলেগুলোর আবস্তার একশেষ হয়েছে") > আবথা (O. D. B. L.), আবতা > আথা, আতা +অন্তর (ভিতর)-মগ্ন হবার ভাব কিম্বা হিং -অথাহ্ (অথাই=অগাধ) > অথা (অ=আ) + অন্তর্ (জলের) মধ্য তল-অগাধ বা অথাই (জলের) তলে ; অর্থাৎ মহাসঙ্কট। অনুরূপ উক্তি-"অগাধ জলে পতিত হওয়া বা ফেলা।" তুল-তার এই কথা শুনিয়া এখন সে অগাধ জলে পড়িল। গ্রাং-আতান্তর ওং] বি, অতিশয় দুর্ভাবনা : মহাসঙ্কট ; দুঃখসাগরের এমন গভীরতম দেশে যথা হতে উদ্ধার পাইবার আশা নাই বলিলেই হয় ; সমূহ বিপদ, যার কল কিনারা নাই এমন বিপদের পাথার। **আথা(তা)ন্তরে পড়া**-বিপদ বা দুর্ভাবনারূপ সমুদ্রের অগাধ জলে পড়া : সমূহ বিপদে পতিত হওয়া। **আথা(তা)ন্তরে, ফেলা**-অত্যন্ত দুর্ভাবনায় ফেলা : বিপদ সাগরের অগাধ জলে নিক্ষেপ করা বা ডুবান। প্র-সে যে এমন আতান্তরে ফেলবে তা কিজানি? এখন এর উপায় কি হবে?

আথাল [প্রাদেং] বি, গোহাল। ~পাথাল [প্রাকৃং-উৎথল্ল-পৎথল্ল ("পার্শ্বদ্বয়েন পরিবর্ত্তনং,"-হেং)। তুল-মালং আথিথউথি here there। মৈমনসিং প্রাদেং-আথারপাথার] বিং, উভয়পার্শ্ব ; এপাশ ; ওপাশ ; চতুর্দ্দিক ; সর্ব্বত্র। ক্রি-বিণ, **আথালি-পাথালি**-সর্ব্বত্র ; চতুর্দ্দিকে ; যেখানে-সেখানে। "শর শেলগুলি, আথালি-পাথালি সামালি চালিছে ঢাল।"-ঘং। "আথালিপাথালি বীর মারে বৃক্ষ বাড়ি।" -মহাং (কাশী)।

আথিবিথি-আতিবিতি দ্রঃ।

আথেব্যথে [আস্তেব্যস্তে >] ক্রি-বিণ, ব্যস্তসমস্ত ভাবে। "আং মহাপ্রভু আচমন করি।" "আং কেশ বান্ধে,"-চৈং ভাং।

আদ [অর্দ্ধ >] বিণ, অর্দ্ধ ; আধ। ২ [আদি >] আদি ; পুরাতন : সাবেক। ৩ মূল : হেতু ; উৎপত্তিস্থান ; গোড়া।

আদকপালিয়া, আদকপালে [অকর্দ্ধপাল+ইয়া] বি, শিরঃপীড়া বিঃ ; যে রোগে মাথার অর্দ্ধভাগ পীড়িত হয়।

আদ(ধ)খানা [অর্দ্ধ > আদ, আধ +খানা (খণ্ডার্থে)] বিণ, অর্দ্ধভাগ ; অর্দ্ধাংশ। স্ত্রীং আদ(ধ)খানি।

আদখোরা, আদখুরী-বি, খোরার অর্দ্ধ পরিমাণ পাত্র ; আবখোরা দ্রঃ।

আদঙ্গা-আদেঙ্গা দ্রঃ।

আদড় [প্রাদেং] বি, ২০ হাত লম্বা কাপড়। ~া-আদরা ৫ (দ্রঃ)।

আদৎ,-ত, [আং-আদৎ(অভ্যাস)] বি, স্বভাব ; প্রকৃতি ; অভ্যাস : আচার : রীতি।

আদিত, [সং-আদিতঃ। আদিতে যেমন ছিল ঠিক তাই] বিণ, আস্ত : সমগ্র : সমস্ত : সম্পূর্ণ। ২ আসল : খাঁটী। "হেঁ হেঁ বেটা আদত চোর।"-দ্বিং রায়। ৩ প্রকৃত : সত্য। প্র-আদৎ কথাটা কি পরে জানা যাবে। ৪ [আং-অদদ্ (সংখ্যা) আদালতের ভাষায়। মহাজনী ভাষায়] বি, সাকল্য ; মোট total amount. "আদত তঙ্কা।" ক্রি-বিণ, আদতে [আদৌ বা আদিতঃ] স্বভাবতঃ। ২ ব্যবহারতঃ। ৩ মোটেই : মূলেই।

আদত্ত [আং-দা (আদানে)+ত (র্ম), দা=দৎ] বিণ, আদান করা হইয়াছে এমন : গৃহীত।

আদদ্ [আং-আদদ্ (সংখ্যা, বার)] বি, গণনা ; সংখ্যা। ২ বার ; দফা।

আদিপে, আদিবে [আদৌ > আদব্ ওং >] ক্রি-বিণ, আসলে ; মূলে ; মোটে : কিছুমাত্র : একেবারেই।

আদব [আং-আদব্, আদাব্ (উত্তম রীতি নীতি)] বি, শিষ্টাচার। ~কায়দা (-দোব্-) [আং-আদব্+আং-কায়দা (প্রণালী)] বি, সভ্যসমাজের রীতি পদ্ধতি ; শিষ্টাচার : ভদ্রতা। আদিবকায়দা-দুরস্ত, দোরিস্ত-বিণ, শিষ্টাচার সম্মত। "আবার সেই আং কাং দুরস্ত দুইটি প্রশস্ত হস্ত প্রসারিত হইল।"-নরওয়ে ভ্রমণ।

আদম, আদম্ফ [আ। ইং Adam] বি, খৃষ্টান ও মুসলমানদের পুরাণের প্রথম সৃষ্ট মানব। "ব্রহ্মা হৈল মহম্মদ বিষ্ণু হৈল পেকম্বর আদম্ফ হৈল শূলপাণি।"-শূং পুং (রমাই পণ্ডিত) [স্ত্রীং হবা Eve আদমের পত্নী] ~সুমারী [আদম (মনুষ্য)+সুমার (গণনা)] বি, মনুষ্যসংখ্যা ; গণনা ; সেন্সস census. বাবা আদমের সময়-[আদম-হবা (Adam and Eve)র যুগ অর্থাৎ সৃষ্টির আদি] বহু পূর্ব্বকাল : "মান্ধাতার আমলে।"

আদমি, আদমী [আং-আদম্ (প্রথম সৃষ্ট মানব) হতে জাত মনুষ্য] বি, মানুষ ; ব্যক্তি ; লোক ; জন। "লস্করে দু' তিন লাখ আদমী তোমার,"-অং মং।

আদম্ফ-আদম দ্রঃ।

আদর [আ-দৃ (আদর করা)+অ] বি, যত্ন ; খাতির : কদর। ২ সম্মান : মর্য্যাদা। ৩ প্রীতি ; প্রণয়। ৪ অনুরাগ। ৫ শ্রদ্ধা : ভক্তি : পূজা। "আদর করে রাখ হৃদে, আদরিণী শ্যামা মাকে।"-কমলাকান্ত। ৬ আসক্তি। ৭ আরম্ভ। আং অভ্যর্থনা [তুল সহচর শব্দদ্বয় (বিবিধ প্রকারে সম্মান ও যত্ন আত্মীয়তা প্রকাশক)] বি, খাতির যত্ন ; সযত্নে আহ্বান। আং আপ্যায়ন [আদর(খাতির-যত্ন-আত্মীয়তা বাচক) আপ্যায়ন (তুষ্টি বিধানের চেষ্টা)] বি, সমাদর ও সন্তোষ বা প্রীতিবিধান। আং করা-যত্ন করা : সোহাগ করা fondle. আং যত্ন [একার্থবাচক যুগ্ম শব্দে ক্রিয়ার আত্যন্তিকতা ও প্রকারবাহুল্য বুঝায়] বি, যথেষ্ট আত্মীয়তা ; সমাদর ; যত্ন-আত্তি।

আদরণীয় [আ-দৃ (আদর করা)+অনীয়] বিণ, আদরের যোগ্য বা উপযুক্ত। ২ মান্য ; শ্রদ্ধেয় ; সম্মানার্হ। ৩ গ্রহণযোগ্য : গ্রাহ্য। ৪ অবলম্ব্য ; সেবনীয়।

আদরা [সং-আদর্শ >] বি, চিহ্ন। ২ আদল : সাদৃশ্য। ৩ আমেজ। ৪ অতি সামান্য অংশ। ৫ খসড়া : নক্সা ; স্থূল রেখা-চিত্র sketch. "কোনো বিখ্যাত চিত্রকর * * তাঁর আঁকা কতকগুলি আং (sketch) অবলম্বন করে * * ছবি আঁকবেন ঠিক করেন।"-ভারতী, শ্রাবণ, ১৩২৫। ক্রি, আদরানি [আদর+আন (করা অর্থে)] আদর করা। প্রাং বাং-য় আদরাহ-আদর কর বা করিতেছ, আগ্রহ দেখাও বা দেখাইতেছ। "শাক রথহিতে তোহ্মে আদরাহ কেহে।"-শ্রীং কীং।

আদরিণী [আদর+ইন্+ঈ,স্ত্রীং] বিণ, আদরের যোগ্যপাত্রী। ২ মাননীয়া ; শ্রদ্ধাস্পদা ; ভক্তির যোগ্যা। "আদর করে হৃদে রাখ, আং শ্যামা মাকে।"-কমলাকান্ত। ৩ সোহাগিনী ; প্রেমিকা। ৪ [বির্থে০] অভিমানিনী। পুং আদরিয়া [স্কেং আদরে, আদুরে ওং]।

আদরী, আদুরী, আদুরীয়া [আদরিন্ >] বিণ, যে অন্যের নিকট আদর পায়। ২ যে ক্রমাগত আদর পাইয়া অযথা বায়না করে। ৩ আব্দারী। ৪ (ব্যঙ্গার্থে) আহ্লাদী। ৫ প্রিয়পাত্রী। পুং, আদুরে প্র-আদুরে ছেলে [আদরিণী দ্রঃ]।

আদর্শ [আ-দৃশ্ (দেখা)+অ (ধি) যাতে দর্শন করা যায়। বৌং বাং প্রাকৃং-'অদর্শ' (পেখু সুঅনে অদশ জইসা'-চং ৪৬।১)] বি, দর্পণ : মুকুর ; আরসি। ২ যার অনুকরণ করা যায় : উৎকর্ষের চরম ideal, model. ৩ নমুনা sample, specimen. ~চরিত, ~চরিত্র-বি, যে চরিত্র অনুকরণের উপযুক্ত ; অত্যুন্নত চরিত্র। ~নারী, ~মহিলা, ~রমণী-বি, নারীকুলশিরোমণি যে রমণীর চরিত্রকে দৃষ্টান্ত স্বরূপ করিয়া চরিত্র পবিত্র ও উন্নত করিতে হয়। ~পিতি, ~পিত্নী ইং। ~পরিবার-বি, যে পরিবার পারিবারিক সুখ ও শান্তির আগার ; ধর্ম্ম, নীতি, চরিত্র, শিক্ষা, সদাচরণ ইং-তে ও গার্হস্থ্য সকল প্রার্থনীয় বিষয়ে গৃহস্থের অনুকরণীয়। ~পুরুষ-বি, যে পুরুষের দৃষ্টান্তে চরিত্রের উৎকর্ষ সাধন করিতে হয়। ~পুস্তক-বি, যে পুস্তক দেখিয়া লিপি-চাতুর্য্য শিক্ষা করিতে হয়। ~বিদ্যালয়-বি, শিক্ষাদানের প্রণালী যে বিদ্যালয়ে শিক্ষা দেওয়া হয় : যে বিদ্যালয়ে বিদ্যালয়-পরিচালনার প্রণালী শিখান বা প্রদর্শিত হয় model school. ~স্থানীয়-বিণ, আদর্শ করিবার যোগ্য : অনুকরণীয়। ~স্বভাব-বি, বিণ, যে স্বভাবের অনুকরণে স্বভাব বা প্রকৃতির বিশুদ্ধি ও উন্নতি সম্পাদন করিতে হয়। ~স্বরূপ-বি, দৃষ্টান্ত স্থল ; নমুনা।

আদল [আদর্শ >] বি, সাদৃশ্য ; আভাস। ~দার [যশোং প্রাদেং নিম্নকথ্য] বি, পূর্ব্বে লবণ প্রস্তুত হইয়া স্তূপীকৃত হইলে তার উপর যারা ছাপ মারিয়া দিত।

আদলা, আধলা [সং-অর্দ্ধ > আদ, আধ+লা (স্থ, স্বার্থে) তুল-হিং ওয়ালা,

এলা, এলী, ওলী বা ওয়ালী–আধেলা, আধেলী, আধোলী] বি, অর্দ্ধভাগ ; অর্দ্ধেক। ২ এক পয়সার অর্দ্ধ মূল্যের তাম্রমুদ্রা ; আধ পয়সা। ৩ আধখানা ইট ; ইষ্টকের অর্দ্ধভাগ; আদালে [তুল–ইং–Idyl ; ফ্রে০–Idylle ; ইতা০–Idillis ; স্পে০–Idiles—a little form or image.]

আদলী [সং–অর্দ্ধস্থালীকা > অদ্ধ-থালিয়া > অদ্ধহালিয়া > ভ্রং 'অদ্ধহালিঅ > ,প্রা০ বাং 'আধহালী–আধালী > ,ম০ বাং আধলী, আধলি, আদলি–হরেকৃষ্ণ মুখো০, ডাঃ সু০ চট্টো০।–প্রবাসী, আশ্বিন, ১৩৩৬। বি, হাঁড়ির উপরার্দ্ধ ভাঙ্গিয়া দিলে নিম্নার্দ্ধের আকার যেমন হয় সেইরূপ পাত্র 'অর্দ্ধ-স্থালিকা' নামে পরিচিত ছিল। এইরূপ পাত্রে ক্ষুপ, গুল্ম, লতা ই০ রোপন করিয়া গৃহসজ্জার জন্য ব্যবহৃত হইত। (পল্লীগ্রামে আজিও ইহার প্রচলন আছে)। ২ [লক্ষ০, কবি প্রয়োগে, আদলি সদৃশার্থে] নিতম্ব। "আদলি উপরে কেবা,কদলী রোপল রে ঐছন দেখি উরু যুগ।"–চণ্ডী০ [উরুর উপরিভাগ মোটা ওনিম্নভাগ সরু কিন্তু কদলীর তদ্বিপরীত সুতরাং আদলি পাত্রে রোপিত কদলী উল্টা করিয়া রাখার ভাব। তুল–"উরু-শোভে বিপরীত রাম কদলী।"–শ্রী০ কী০। "উলট কদলীতরু গুরুয়া নিতম্ব।"–জ্ঞান০]।

আদা১ [সং–আর্দ্রক, বৈদিক আদার, আর্দ্রক > , প্রাকৃ০–অদ্দঅ, আদ্দা > আদ। মাল০–আদগি] বি, আদামূল ; আর্দ্রক ginger. **~কাঁচকঁলা**–বিণ, বিপরীত-গুণ-বিশিষ্ট ; স্বভাব বিরুদ্ধ। প্র–তাঁদের উভয়ের মধ্যে আদাকাঁচকলা সম্বন্ধ। ক্রি-বিণ, **আদায়-কাঁচকঁলায়**[আদায়(আর্দ্রকের সহিত) – কাঁচকলা – এতদুভয়ের মিশ্রণ] আদা এবং কাঁচকলা পরস্পর বিরুদ্ধরস ও বিরুদ্ধ গুণবিশিষ্ট সুতরাং এতদুভয়ের মিলন স্বভাববিরুদ্ধ > শত্রুভাবে (অনুরূপ প্রবচন-সাপে-নেউলে)। **আদা-জঁল-খেয়ে লাগা**–উঠিয়া পড়িয়া লাগা ; কষ্ট স্বীকার করিয়াও প্রতিজ্ঞারূঢ় হইয়া কাধ্যসিদ্ধির চেষ্টা করা। "কেবল আদা জল খাইয়া মহাশয়ের নিকট পড়িয়া আছি।"–আলাল। **আদারব্যাপারি**–বি, যে আদার মত সামান্য বস্তুর কারবার করে ; সামান্য বিষয়ে ব্যাপৃত ব্যক্তি ; দরিদ্র, অল্পায়াস। "যে হও সে হও তাতে না করি বিবাদ! আদার ব্যাপারি কেন জাহাজ সংবাদ?"–বাসবদত্তা। **ˋআমআদা**–আদা জাতীয় মূল যাতে আমের গন্ধ পাওয়া যায়। **বনআদা**–বুনো আদা ginger cassumuna.

আদা২ [অর্দ্ধ > আধা > আদা (গ্রা০)] বিণ, আধা (দ্রঃ) ; অর্দ্ধেক ; অর্দ্ধ।

ˋআদাআদি, ˋআধাআধি [অর্দ্ধার্দ্ধি >] বিণ, অর্দ্ধাংশিত। ২ বি, কোন বস্তুকে ঠিক সমান সমান দুইভাগ করিয়া তার এক ভাগ ; অর্দ্ধাংশ।

আদাই [আদায় দ্রঃ] বি, হাসিল ; সাধন। "আমার অসাধ্য এমন কোন কাজ নাই। হুকুম পাইলে এখন করিব আ০॥" –পূ০ ব০ গী০।

আদাওর্ত [আ০–আদাবৎ >] বি, শত্রুতা ; বৈরভাব।

আদাগা [না=আ + দাগ + আ (কৃত অর্থে)] বিণ, দাগ করা নয় ; অচিহ্নিত।

আদাঙ্গা, আদেঙ্গা–আধেঙ্গা দ্রঃ।

আদাড় [আবর্জ্জনা (জঙ্গল, ক্ষুপ, বন ই০ অর্থে) > আদাড় ; চট্টলে–আদার। তুল–আদাড়ে কচু। আঁস্তাকুড়ে ছাই ফেলা হয় বলিয়া কচুর খুব বাড় হয় এবং বুনো কচু বেশী কুট্‌কুটে হয়] বি, জঞ্জাল ফেলিবার স্থান ; ছাই ফেলিবার স্থান ; কুস্থান ; ছাইগাদা ; গোবর গাদা। **আ০–পাঁদাড়**–গৃহের পশ্চাদভাগ যা প্রায়ই পরিষ্কৃত করা হয় না এবং আদাড়ের ন্যায় যা কুস্থান বা জঞ্জাল ফেলিবার স্থান। **আ০–বাদাড়**–আদাড় ও তন্নিকটবর্ত্তী বা তৎসম কুস্থান।

আদাড়িয়া [আদাড় দ্রঃ। আদাড় + ই-আ। আদাড়িয়া (ক্ষে০ আদাড়ে)] বিণ, আদাড় সম্বন্ধীয়। ২ আদাড়-জাত ; আদাড়-হতে উৎপন্ন বা আগত। ৩ অপরিষ্কার ; নোংরা। ৪ বন্য প্রকৃতি (wild) ; (>) দুষ্ট, নষ্ট : দুর্দ্দান্ত ; দুর্দ্দম্য ; অদম্য। প্র–এমন আদাড়ে ছেলে কোথাও দেখি নাই। **যেমঁন আদাড়ে কঁচু তেমনি বাগাটে তেঁতুল**–বুনো কচুতে মুখ কুট্‌কুট্‌ করিলে তেঁতুলের দ্বারা তা নিবারিত হয়। জঙ্গলময় অপরিষ্কৃত স্থানে অযত্ন-সম্ভূত কচু অতিশয় তীব্র–তার তীব্রতা দূর করিবার জন্য সুতরাং সুতীব্র অম্ল রস বন্য তেঁতুলের প্রয়োজন। এই ভাব হতে যে যত দুরন্ত তার তদ্রূপ উপযুক্ত শাসক হলে 'অপরাধী' ও 'শাস্তাকে' আদাড়ে কচু ও বাগাটে তেঁতুলের সঙ্গে তুলনা করা হয়। অনুরূপ প্রবচন–"যেমন বুনো ওল তেমনি বাগাটে তেঁতুল।" "যেমন কুকুর তেমনি মুগুর।" তুল–হি০ "জৈসীকে তৈসী।"

ˋআদাড়ে [আদালে দ্রঃ। আধাড়িয়া, হি০–অধেড়া, অধোড়া < অর্দ্ধ] বিণ, অর্দ্ধ সম্পন্ন। প্র–কাজ আদাড়ে হয়ে পড়ে আছে।

আদান [আ–দা (দানে, গ্রহণে) + অন (ভা০)] বি, গ্রহণ। ২ প্রতিগ্রহ। ৩ স্বীকার। ৪ অশ্বভূষণ ; ঘোড়ার সাজ। ৫ রোগলক্ষণ। **আ০ প্রদান** [আদান (গ্রহণ) প্রদান (সম্প্রদান)] বি, দান ও গ্রহণ। ২ বিবাহ সম্বন্ধ ; কন্যা সম্প্রদান ও প্রতিগ্রহ ; কন্যাদান ও কন্যার পাণিগ্রহণ। ৩ পরস্পরের মধ্যে সামাজিক আচার ব্যবহার।

ˋআদাভাগী [অর্দ্ধভাগী >] বিণ, অর্দ্ধভাগগ্রাহী ; অর্দ্ধাংশী।

আদায় [আ০–আদা=সংগ্রহ ; প্রাপ্তি। সং–আদায় (আ–দা=দান করা, গ্রহণ করা + ল্যপ্) অব্যয় শব্দ (১) গ্রহণ করিয়া এবং (২) (আ–দা + ঘঞ্–ভা০) আদান এই অর্থে ব্যবহার আছে–বাচস্পত্য] বি, গ্রহণ ; প্রাপ্তি। ২ উশুল ; সংগ্রহ। প্র–খাজনা আদায় করা। ৩ শিক্ষা ; আত্মস্থ। ৪ পরিশোধন।

আদায়-কাঁচকঁলায়–আদা দ্রঃ।

আদালঁত [আ০–অদালৎ] বি, বিচারালয় ; কোর্ট Court of justice. **~ঘঁর কঁরা**–মকদ্দমায় ফাঁসা।

আদি [আ০–দা (দান-করা, গ্রহণ করা) + ই (র্ম্ম) যা অগ্রে গৃহীত হয়] বি, প্রথম। "আদিতে কিছুই ছিল না একমাত্র সৎ স্বরূপ পরব্রহ্ম ছিলেন।" ২ সকলের মূল, সর্ব্ব-কারণ। "তুমি আদি, তুমি অন্ত, * * তুমি সকলের মূলাধার॥"–স্কন্ধ০। ৩ হেতু. নিদান ; কারণ। ৪ উৎপত্তি ; জন্ম। ৫ পূর্ব্ব। প্র–আদিবাস আদিকাল। ৬ প্রমুখ।

প্র-ব্রহ্মাদি দেবগণ। ৭ [বহুব॰ জ্ঞাপক বিভক্তি] প্রা॰ বাং-'সকল,' 'সব,' 'সবে' অর্থে ম॰ বাং 'আদি'। "তুমি সব জন্ম জন্ম বান্ধব আমার।"-চৈ॰ ভা॰। 'আমা সবে,' 'তোমা সবে' ই॰। পরে-"শ্রীপতি শ্রীনিধি পণ্ডিতাদি বাসাঘরে, করিলেন নিযুক্ত শ্রীবাস আচার্য্যেরে।"-নরোত্তম বিলাস। (২) [আধু॰ বাং] ই॰ [দ্রঃ আদি শব্দের উত্তর স্বার্থে 'ক' বা 'গ' যুক্ত হইয়া 'আদিক' 'আদিগ' হয়] প্র-বৃক্ষাদিক ; জীবাদিক। "রামচন্দ্রাদিক যৈছে গেলা বৃন্দাবনে।"-নরোত্তম বিলাস। পরে-'জীবা দিগ 'বৃক্ষাদিগ' ই॰-বঙ্গভাষা ও সাহিত্য। তুল-ফা॰-দিগর্ (ইত্যাদি, সকল)] ~তা, ~ত্ব-বি, প্রাথমিক অবস্থা বা তার ভাব. প্রারম্ভ : সূত্রপাত।

আদিক'বি [আদি-প্রথম কবি (ধা)] বি, প্রথম কবি। ২ ব্রহ্মা : বিধি। "আ॰ বিধি নিরবধি ভণে।"-বাসবদত্তা। ৩ বাল্মীকি। ৪ পরব্রহ্ম। "আ॰ তুমি, অনাদি নাথ,"-রায় কা॰ প্র॰ ঘোষ।

আদিক'র্ত্তা-বি, ঈশ্বর : পরব্রহ্ম।

আদিকার'ণ [আদি-কারণ (ধা)] বি, প্রথম কারণ ; মূল নিদান ; সর্ব্ব প্রথম হেতু বা নিমিত্ত। ২ যে কারণের আর কারণ নাই ; অনাদি : পরব্রহ্ম। ৩ [বৈদ্যকে] কারণের কারণ।

আদিকাব্য-বি, রামায়ণ।

আদিকোট-বি, অহিচ্ছত্রার নামান্তর।

আদিখ্যেতা [অদীক্ষিত+ইথা (বৎ)। দীক্ষা=দিখ্যে-পূর্ব্ব হতে কিছু না জানার ভাব] বি, ভাণ ; ন্যাকামি। "কি দিন-রাত্তির কি আদিখ্যেতাই হচ্ছে!"-আ॰ শক্তি। ২ অজ্ঞতার ভাণ।

আদিগ'দাধ'র-বি, গয়াস্থিত বিষ্ণুর নাম (এই বিষ্ণুমূর্ত্তির পাদপদ্মে পিণ্ডদান করে)। ২ কাশীস্থ বিষ্ণুমূর্ত্তি।

আদিতাল-বি, সঙ্গীতের তাল বিঃ।

আদিতে'য় [অদিতি (কশ্যপপত্নী)+ এয় (অপত্যার্থে)] বি, অদিতি-নন্দন ; দেবতা [দ্রঃ-দৈত্যগণ বিমাতা দিতির গর্ভজ]।

আদিত্য [অদিতি=কশ্যপপত্নী+য (অপত্যার্থে) বাং 'প্রাকৃ॰ 'আদিত'] বি, অদিতির পুত্রগণ। অদিতির গর্ভে কশ্যপের ঔরসজাত বিবস্বান্, অর্য্যমা, পুষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র ও উরুক্রম, এই দ্বাদশ আদিত্যের জন্ম হয়। কালিকাপুরাণে বিধাতার স্থলে 'সোম'। ঋগ্বেদে একস্থানে আদিত্য সংখ্যা। ৬, যথা-মিত্র, অর্য্যমা, ভগ, বরুণ, দক্ষ ও অংশু। স্থানান্তরে ৭ এবং অন্যত্র ৮ উক্ত হইয়াছে। তৈত্তিরীয়ে-মিত্র, বরুণ, ধাতা, অর্য্যমা, অংশু, ভগ, ইন্দ্র ও বিবস্বান্ এই ৮ আদিত্য। শতপথব্রাহ্মণে দ্বাদশ আদিত্য দ্বাদশ মাসের স্বরূপ বলিয়া উক্ত হইয়াছে (ভারতকোষ)। পুরাণে উক্ত হইয়াছে, সূর্য্যপত্নী সংজ্ঞা স্বামীর তেজ সহ্য করিতে না পারিলে পিতা বিশ্বকর্ম্মা আদিত্যকে দ্বাদশখণ্ডে বিভক্ত করিয়া সূর্য্যের তেজোহ্রাস করেন। তদবধি সূর্য্য বৈশাখে তপন, জ্যৈষ্ঠে ইন্দ্র, আষাঢ়ে রবি, শ্রাবণে গভস্তি, ভাদ্রে যম, আশ্বিনে হিরণ্যরেতা, কার্ত্তিকে দিবাকর, অগ্রহায়ণে চিত্র, পৌষে বিষ্ণু, মাঘে অরুণ, ফাল্গুনে সূর্য্য, চৈত্রমাসে বেদজ্ঞ নামে উদিত হন। ২ সূর্য্য। ৩ বিষ্ণু। ৪ পুনর্ব্বসু নক্ষত্র। ৫ অর্কবৃক্ষ. আকন্দগাছ। ৬ দেবতা। "বিনতানন্দন গরুড় বলবান্ অরুণ এবং ভগবান্ বৃহস্পতি আদিত্যগণ মধ্যে পরিগণিত। অশ্বিনীকুমারদ্বয় সর্ব্ব-ওষধি ও পশুসকল গুহ্যগণ মধ্যে গণিত হইয়া থাকে। হে রাজন! আনুপূর্ব্বিক এই সকল দেবগণের কীর্ত্তন করিলাম।"-মহা॰ (বর্দ্ধ)। ~প'ত্র-বি, আকন্দপাতা ; আকন্দগাছ। হুড়হুড়ে। ~পুষ্পিকা-বি, লাল আকন্দ। ~ভ'ক্তা-বি, হুড়হুড়ে গাছ। ~সূনু [সূনু =সন্তান] বি, আদিত্যের সন্তান। ২ যম। ৩ শনি। ৪ সুগ্রীব। ৫ সাবর্ণি-মনু। ৬ বৈবস্বত মনু। ৭ কর্ণ।

আদিৎ/সা [আ-দিৎস (আদান বা গ্রহণ করিতে ইচ্ছা করা)+অ (ভা॰), স্ত্রীং-আ] বি, গ্রহণেচ্ছা। ~সু-বিণ, গ্রহণেচ্ছু : গ্রহণ করিতে অভিলাষী।

আদি/দেব [আদি-দেব (দের্ওতা -বরাহরূপ)] বি, বিষ্ণু ; বিষ্ণুর বরাহ অবতার। ২ মহাদেব। ৩ ব্রহ্মা। ৪ সূর্য্যের নামান্তর। ৫ পরব্রহ্ম। ৬ আদিদেবতা জগৎকর্ত্রী মহামায়া। "আ॰ নিত্যশক্তি ভুবন-মোহন মূর্ত্তি উরিলেন সৃষ্টির কারিণী।" -কবিক॰। স্ত্রীং ~দেবী-জগৎকর্ত্রী মহামায়া ; দুর্গা। "আদিদেবী মহামায়া সৃজন করিতে দিল মন।"-কবিক॰।

আদিনাথ-বি, ঈশ্বর : ব্রহ্মাণ্ডপতি : পরব্রহ্ম। "আদিনাথ প্রণবরূপ।"-স্ক॰।

আদিপুরাণ-বি, ব্রহ্মপুরাণ।

আদিপুরুষ [আদি=প্রথম-পুরুষ, (ধা)] বি, বংশের প্রবর্ত্তক ; প্রথম পুরুষ : যা হতে বংশ গণনা করা হয় : পূর্ব্বপুরুষ।

আদিব'রাহ'-বি, বিষ্ণুর বরাহমূর্ত্তি : নারায়ণ যে মূর্ত্তিতে প্রলয়-পয়োধিজলমগ্না ধরিত্রীকে স্বীয় দন্তে ধারণ করিয়া উদ্ধার করিয়াছিলেন।

আদিব'স [অ=আ-দিবস] বি, অশুভ-দিন ; দুর্দ্দিন। "কেহ্নে হেন কৈলেঁ কাহ্নাঞিঃ মোর আদিবসে।"-শ্রী॰ কী॰। "কোণ আ॰ ভৈল।"-ঐ।

আদিভূত [আদি (প্রথম)-ভূত (জাত, উৎপন্ন)] বিণ, প্রথমোৎপন্ন অগ্র-জাত ; আদ্য। স্ত্রীং ~া-আদ্যা। "আদি-ভূতা সনাতনী, শূন্যরূপা শশীভালী, ব্রহ্মাণ্ড ছিল না যখন ওমা, মুণ্ডমালা তুই কোথা পেলি।"-কমলাকান্ত।

আদিম [আদি+ম(ভবার্থে)] বিণ, প্রথম ; আদিভূত ; অতিপ্রাচীন। আ॰ অধিবাসী, আ॰ জাতি, আ॰ নিবাসী-আর্য্যবাসের পূর্ব্ববর্ত্তী অসভ্য অধিবাসী ; বন্যজাতি the aborigines. বি, ~তা, ~ত্ব (-ম'-)।

আদিমূল [আদি (অগ্র, আগা) মূল (গোড়া)] বি, আদ্যন্ত ; আগা-গোড়া। "পাপ পামর তোর জাণোঁ আ॰," -শ্রী॰ কী॰।

আদি/র'স-বি, অলঙ্কার শাস্ত্রোক্ত রসের আদি বা প্রথম ; শৃঙ্গার রস। ~র'সাশ্রিত'-বি, যে সকল কাব্যে

প্রধানতঃ শৃঙ্গার রসের বর্ণনা আছে; আদি-রসাত্মক; আদিরস ঘটিত।

আদিরাজ [আদি-রাজন্-রাজা (ধা)] বি, পৃথুরাজা, যিনি পৃথিবীকে গাভীর ন্যায় দোহন করিয়াছিলেন। ২ বৈবস্বত মনু। ৩ পুরুবংশীয় রাজা অবিক্ষিতের পুত্র।

আদিশূর-বি, হিন্দুরাজত্বকালে বঙ্গের প্রবল পরাক্রান্ত হিন্দুরাজা। ইঁহার সময় কান্যকুব্জ হতে পঞ্চব্রাহ্মণ (বর্ত্তমান রাঢ়ী-শ্রেণী ব্রাহ্মণদিগের পূর্ব্বপুরুষ ও পঞ্চকায়স্থ, (বর্ত্তমান দক্ষিণরাঢ়ী কায়স্থগণের পূর্ব্বপুরুষ) বঙ্গে আগমন করেন।

আদিষ্ট [আ-দিশ্=অনুমতি করা+ত (র্ম্ম)] বিণ, আজ্ঞাপ্রাপ্ত; আদেশিত; উপদিষ্ট; অনুজ্ঞাত। ২ নিয়োজিত। ৩ [ব্যা০] কৃতাদেশ-বর্ণ; প্রয়োগসম্মত। ৪ উক্ত; অভিহিত। ৫ উদ্দিষ্ট। ৬ বি, আদেশ।

আদীপন [আ (সম্যক্) দীপ্ (দীপ্তি পাওয়া) অন (ভা০)] বি, উদ্দীপন; উত্তেজন; সন্দীপন। ২ আলিম্পন; আলিপনা।

আদুড় [আউদড় দ্রঃ। 'আদুর,' 'আদুল'ও হয়। সং-উদার (উন্মুক্ত) > বাং প্রাকৃ০-উদাড় > উদড়া, উদলা, আদুর, আদুড়। প্রাদে০] বিণ, নগ্ন; অনাবৃত; উন্মুক্ত; খোলা। প্র-শীতে আদুড় গায়ে থাকা ভাল নহে। ২ আলুলায়িত। "হেনকালে মেনকা আদুড় করি মাথা,"-শি০। **~চুলী** -বিণ, যে নারীর মাথায় কাপড় নাই; মাথার কাপড় খোলা; ঘোম্টা খোলা। "ব্যাকুলি আদুড়চুলী ধুলায় ধূসর * * হয়ে মহারাণী।"-ঘ০।

আদুড়ীর্য়, আধুড়ীর্য় [অর্দ্ধ > ভ্রং. হিং০-অধেড়া >] বিণ, আধা-বয়সী। ২ অপরিণত; অপরিপক্ক।

আদুর, আদুল-আদুড় দ্রঃ।

আদুরিয়া, আদুরী, আদুরে -আদরী দ্রঃ। **আদুরে-গোপাল** [গোপালের (শিশু-কৃষ্ণ) মত সকলের আদরে পালিত] অতিরিক্ত ও অযথা আদরে পালিত।

ˋআদুলি, -লী, ˋআধুলি [আধলি দ্রঃ] বি, আট-আনী; ॥• মূল্যের রৌপ্য মুদ্রা।

আদৃত [আ-দৃ (আদর করা)+ত (র্ম্ম)] বিণ, আদর প্রাপ্ত; সম্মানিত। ২ পূজাপ্রাপ্ত; পূজিত। ৩ আগ্রহের সহিত গৃহীত। ৪ অনুমোদিত; অভিমত। ৫ আদরযুক্ত।

ˋআদেক-আধেক দ্রঃ।

আদেখলা, আদেখলে [ন=অ-দেখলা (যে দেখে দেখে অভ্যস্ত; সুতরাং দেখিতে যার আর আগ্রহ নাই)] বিণ, যে কোন দ্রব্য কখন দেখে নাই, সুতরাং দেখিবার জন্য অতিব্যগ্র; অতিলোভী; কাঙ্গালা; উদরপরায়ণ; ঔদরিক [প্রাদে০ গ্রা০-'আধিকুখী'।

আদেখা [ন=অ (আ)-দেখা (দৃষ্ট)] বিণ, যা দেখা হয় নাই; অদৃষ্ট; অদীক্ষিত। বি, অদর্শন। প্রা০ বাং আদেখ [অ=আ-দেখ (দেখা, দর্শন)] বিণ, অদর্শন; অদৃশ্য। "অখনে কেমনে বড়ায়ি হয়িল আদেখ।" -শ্রী০ কী০।

আদেঙ্গা-আদঙ্গা দ্রঃ।

আদেশ [আ-দিশ্ (দান করা, অনুমতি করা)+অ (ভা০)] বি, অনুজ্ঞা; আজ্ঞা; হুকুম। ২ অনুমতি। ৩ অনুশাসন। ৪ উপদেশ। ৫ নিয়োগ। ৬ [ব্যা০] বর্ণস্থানে বর্ণান্তরোৎপত্তি, প্রকৃতি ও প্রত্যয়ের রূপ-পরিবর্ত্ত substitute [দ্রঃ-স্থা ধাতু স্থানে 'তিষ্ঠ', বৃদ্ধ শব্দস্থানে 'জ্য' ই০ আদেশের দৃষ্টান্ত] ৭ [বির্থে০] যে অনুজ্ঞা বা বাণী মনের মধ্যে স্বতঃই প্রতিভাত হয়, বাহিরে কেহ শুনিতে বা জানিতে পারে না; দৈববাণী। ক্রি, আদেশা [আদেশি,-দেশ,-দেশে; -দেশিয়া (কে০-দেশি);-দেশিতে ই০] আদেশ করা। **~ক** (-শ০) [আ-দিশ্+অক (র্ত্তৃ)] বিণ, যে আদেশ করে; আজ্ঞাদাতা। ২ অনুমতিদাতা। ৩ নিয়োগকর্ত্তা। ৪ যতিচিহ্নবিঃ; রচনার মধ্যে বাক্য-বিশেষের বা কোন বিষয়ের বিবরণ বা উদাহরণ দিতে হলে, এক বিষয় হতে বিষয়ান্তরে উপস্থিত হলে, বাক্য বা বাক্যাংশ উহ্য থাকিলে, দীর্ঘ বিরাম স্থলে, কোন কোন স্থলে বন্ধনীর পরিবর্ত্তে এবং সঙ্গীতাদিতে, স্বরপ্লুত বা নাটকাদিতে উচ্চারণ দীর্ঘ করিবার জন্য একটী দীর্ঘ কষির আকারে (—) যে চিহ্ন ব্যবহৃত হয়, তাকে আদেশক বলে; ইহা ইংরাজি ড্যাশ্ (dash)এর অনুকরণ। **~কর্ত্তা, ~কারী, ~দাতা**-বিণ, যে আজ্ঞা করে। > স্ত্রীং **~কর্ত্রী, ~কারিণী, ~দাত্রী**। **~ক্রমে**-ক্রি-বিণ, আজ্ঞানুসারে। **~পত্র**-বি, হুকুম নামা; সমন। **~পালক**-বি, বিণ, যে আজ্ঞানুযায়ী কাজ করে। **~পালন**-বি, আজ্ঞামত কার্য্য সম্পাদন। **~মর্ত**-বিণ, আজ্ঞানুযায়ী। **~লঙ্ঘন**-বি, অবাধ্যতা; আজ্ঞা পালন না করা বা না মানা।

আদেশানু/বর্ত্তী, ~যায়ী, ~রূপ, ~সারী [আদেশ+অনুবর্ত্তী ই০] বিণ, আজ্ঞানুযায়ী। বি, **~বর্ত্তন, ~যায়িতা। ~রূপতা, ~নুসরণ**। > স্ত্রীং **~বর্ত্তিনী, ~যায়িনী, ~রূপা, ~সারিণী**। ক্রি-বিণ, **~রূপ, ~রূপে, ~সার,-সারে**।

আদেশী [আ-দিশ্=অনুমতি করা+ইন-আদেশিন্ ১মা ১ব০] বিণ, আদেশকারী; আদেশক। ২ উপদেষ্টা। ৩ দৈবজ্ঞ; গণক। স্ত্রীং আদেশিনী।

আদেষ্টা [আ-দিশ্+তৃ (র্ত্তৃ)] বি, আদেশকর্ত্তা। ২ উপদেষ্টা। ৩ শাসনকর্ত্তা।

আদোবে [আদৌ >] অ, আদৌ; এককালে। "আদোবে জানিতাম না।" -রাজনারায়ণ বসু।

আদোয়াত [আ০-আদু (শত্রু) > আদাবৎ (শত্রুতা কিন্তু বাং-য় শত্রু অর্থে ব্যবহার এবং শত্রুতা অর্থে আদোয়াতি। >] বি, শত্রুতা। ২ [বাং-য়] বিণ, শত্রু।

আদৌ [আদি+ই=৭মী বিভক্তির এক বচনে উভয় ইকার স্থানে ঔ। সপ্তম্যন্ত আদি শব্দের রূপ] আদিতে; প্রথমে। ২ অগ্রে। ৩ আরম্ভে; উপক্রমে। ৪ পূর্ব্বে। ৫ আদোপে; মোটেই; এককালেই।

আদ্দব [প্রাদে০, চ০ ক০ ভা০] বি, আদব (দ্রঃ)।

আদ্দাশ, আদ্দাস [প্রা০ বাং। ফা০-আজ্ দাস্ত্ >] বি, অভিযোগ; নালিশ। "রাজারে আদ্দাশ করি জামতি লুঠিতে।"

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীনযুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌য ঞ্চ=ন্‌চ ষ্ট=ষ্‌ট হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্‌হ হ্র লহ ড় য়, জ় ফ় ব় ভ়=zfwv ও চ্চা০ দ্রঃ

-ঘ০। "একমতি হয়্যা ছোটবড় পশুগণ।' আদ্দাসে চলিল সভে যথা পঞ্চানন॥" -কবিক০। ২ নিবেদন। "আদ্দাস করয়ে আসি চমরীর ঘটা।"-কবিক০। ৩ আপ-শোষ ; মনের দুঃখ। "পিঠে চূণ মাখি চলে হাটুরে আদ্দাসে।"-ঐ। "মরি মনের আদ্দাশে।"-গান (মানভূম)।

আদ্দি-আদ্দ্য দ্রঃ।

ˋআদ্ধা [সং-অৰ্দ্ধ >] বি, বাদ্যের অৰ্দ্ধ পরিমিত তাল।

ˋআদ্ধি [সং-আৰ্দ্ধিক > অৰ্দ্ধ > অদ্ধ +ই=আদ্ধি)। লম্বায় সাধারণ তঞ্জেব বা নয়ন সুখ থানের অৰ্দ্ধেক হয় বলিয়া] বি, সূক্ষ্ম চিক্কণ কার্পাস বস্ত্র বিঃ। "মির্জ্জাপুরী আদ্ধি কোরার রেশমীবালাপোষ এখনও প্রস্তুত হতে দেখা যায়।"-বাং কথা।

আদ্য [আদি+য (ভা০)] বিণ, প্রথম : আদিম। ২ আদিভূত। ৩ প্রধান. শ্রেষ্ঠ। ৪ [অদ্ (ভক্ষণ করা) + য(র্ম্ম)] ভক্ষ্য : ভোজ্য। ৫, বি, ভক্ষ্যদ্রব্য। ৬ ধান্য। স্ত্রীং ~া [গ্রা০-**আদ্দি**। **আদ্দিকাল**-অতি প্রাচীন কাল : বহু পূৰ্ব্বকাল ; যুগোৎপত্তি সময় : মান্ধাতার আমল : সে কাল। "বর্ত্তমান যুগে ফিল্ম বা ছায়া চিত্রের প্রভাব কত বেশী আমাদের আদ্দিকালের দেশবাসীগণ তাহা এখনও বুঝিয়া উঠিতে পারে নাই।"-আ০ শক্তি] **~ন্ত** [আদি (প্রথম)-অন্ত (শেষ) দ্বন্দ্ব০] বি, আদি হতে অন্ত পৰ্য্যন্ত : আগা-গোড়া ; সমস্ত [আদ্যোপান্ত দ্রঃ] **~প্রাণী** [বৈজ্ঞা০ পরিঃ] বি, যে অবস্থায় জীবের উন্মেষ-মাত্র হয় ; জীবরাজ্যের নিম্নতম বিভাগীয় জন্তু protozoa. **~প্রান্ত**-ক্রি-বিণ, পূৰ্ব্বাপর। ২ আদি-অন্ত ; আদ্যোপান্ত। **~বীজ** [আদ্য-বীজ (মূলকারণ), ধা] বি, আদি কারণ। ২ [সাংখ্যে] প্রধান। **~মার্ষক, -মাসক** [আদ্য-মাষক-ধা] বি, এক মাষা বা ৫ রতি পরিমাণ। **~রস** [আদ্য-রস(ধা)] বি, অলঙ্কার শাস্ত্রোক্ত প্রধান ও প্রথম রস ; আদি রস : শৃঙ্গার রস। ২ বিবাহে কৌলীন্য ঘটিত সংস্কার বিঃ : বিবাহ। "আমি আ০ কত্তে চাই, একটী কুলীনের মেয়ের সঙ্গে ছেলেটীর বিয়ে দিয়ে তার পরে তোকে পৌত্রীটী সম্প্রদান করি।" -জামাইবারিক। **~লীলা**-বি, প্রথম বয়সের ক্রিয়া কলাপ বা জীবনী। **~শ্রাদ্ধ** [আদ্য -শ্রাদ্ধ (ধা)] বি, মৃতের উদ্দেশে প্রথম শ্রাদ্ধ: অশৌচান্তের পরদিনের কৃত্য।

আদ্যা [আদ্য-আ-স্ত্রীং] বি, আদি-ভূতা : প্রকৃতি ; জগৎকর্ত্রী ; মহাবিদ্যা ; দুর্গা ; কালী : অনাদ্যা। "অনাদ্যা অনন্তা অন্নপূর্ণা অষ্টভুজা। আদ্যা আত্মরূপা আশা পূর্ণাই আসিয়া।"-অ০ ম০ [দ্রঃ-পুরাণে যুগভেদে আদ্যার নামান্তর কীর্ত্তিত হইয়াছে। যথা-সত্যে-**সুন্দরী**, ত্রেতায়-**ভুবনেশ্বরী**, দ্বাপরে-**তারিণী** এবং কলি-যুগে-**কালী**] **~শক্তি**-বি, জগতের আদিকারণ ; সনাতনী, মহামায়া the primordial energy "আ০ তুমি ভগ-বতি।"-রঘুনাথ০।

আদ্যূন [আদি (দ্বারা) উন-৩ তৎ] বিণ, আদিরহিত, অনাদি। ২ [আ-দিব্ (ক্রীড়া করা, পোষণ করা)+ত (র্ত্তৃ)। ব=ঊ : ত=ন] বিণ, যে কেবল আপনাকে পোষণ করে : স্বার্থপর ; ঔদরিক।

আদ্যোপান্ত [আদ্য (প্রথম) উপ (সমীপ) অন্ত (শেষ)-দ্বন্দ্ব] বি, আদি হতে শেষ পর্য্যন্ত : আদ্যন্ত ; আগাগোড়া : সমস্ত।

আদ্রক [হি০-আদরক্ ; সং-আৰ্দ্রক] বি, আৰ্দ্রক ; আদা।

আদ্রিয়মাণ [আ-দৃ+আন (র্ম্ম) য, ম্ আগম] বিণ, যাকে সমাদর করা হইতেছে; যিনি সম্মান বা পূজা পাইতেছেন। স্ত্রীং ~া।

আধ (-ধঁ, ধঁ) [সং-অৰ্দ্ধ; প্রাকৃ০-অদ্ধ > হি০-অদ্ধা, আধা ; বাং-আধ] বিণ, অৰ্দ্ধ ; অৰ্দ্ধভাগ। "আধ অঙ্গে শোভে বিভূতি ধবল আধই গন্ধকস্তুরী রে।"-অ০ ম০। **~আধি** [প্রায় বা ঈষৎ সমভাগ অর্থে দ্বিত্ব] বিণ, অসম্পূর্ণ। ২ আধাআধি : বিভক্ত সমান দুই অংশ। "কপাল লোচন আধই আধে মিলন হইল বড়ই সাধে। * * * দোঁহার আধ আধ আধশশী শোভা দিল বড় মিলিয়া বসি।" -অ০ ম০। ৩ রুদ্ধ ; গদগদ। "আধ কাঁদা আধ হাসা, আধ আধ ভাষা।"-প্রেম ও ফুল। ৪ অস্পষ্ট। "চরণ-কমলে লেখা ! আধ আধ শশি-রেখা, সর্ব্বাঙ্গে গোলাপ-আভা সীমন্তে শুক-তারা জ্বলে।"-সারদামঙ্গল। **~কঁপালিয়া, ~কঁপালী, ~কঁপালে** (ˋআ-) [অৰ্দ্ধ কপাল >] বিণ, মাথার অৰ্দ্ধভাগের পীড়া ; শিরঃপীড়া বিঃ hemicrania. **~কাণা, -কানা**-বিণ, আংশিক দৃষ্টিহীন। **~খেঁচড়া**-আধা খেচড়া দ্রঃ। **~জানা** (-ধঁ-)-বিণ, অসম্পূর্ণ জ্ঞানযুক্ত। "আধজানা আধ-অজানা ভাবে।"-বাঁশরী, ১৩৩৩। **~ধেড়ে** (আদ্ধেড়ে)-বিণ, আধাবয়সী ; আধবুড়া। **~পাগলা, ~পাগলাটিয়া** [গ্রা০ ক্ষে০ **~পাগলাটে**] বিণ, বাতিক-গ্রস্ত : প্রায়োন্মত্ত ; মতিস্থৈর্য্যহীন ; খাম-খেয়ালী। **~পেটা**-বিণ, পেটে অৰ্দ্ধক্ষুধা ; অৰ্দ্ধপূর্ণোদর আছে এমন। **~পোড়া**-বিণ, অৰ্দ্ধদগ্ধ। **~বঁয়সী, ˋআধা-বঁয়সী**-বিণ, মধ্যবয়সী ; যৌবন ও প্রৌঢ় বয়সের মধ্যবর্ত্তী। **~বুড়া, ~বুড়ো** [গ্রা০। আধ (অৰ্দ্ধ) বুড়ো (বৃদ্ধ), হি০-অধেড়। অৰ্দ্ধেক বয়স হইয়াছে যার] বিণ, যৌবন ও বার্দ্ধক্যের মধ্যবর্ত্তী বয়সের ; মধ্যবয়সী ; প্রৌঢ়। (তুল-"অৰ্দ্ধেক বয়স রাজা এক পাটরাণী। পাঁচ পুত্র নৃপতির সবে যুবজানি।"-ভারত০)। প্র-আধ বুড়ো মিনষের আক্কেল দেখ দেখি, এমন কাজও করে। > স্ত্রীং **~বুড়ী**। **~ভঁরা**-বিণ, অৰ্দ্ধেক পূর্ণ। প্র-আধভরা কলসী। **~মণ**-বি, ২০ সের। **~মঁন**-বি, অৰ্দ্ধ সম্মতি। **~মঁরা, ~মারা**-বিণ, অৰ্দ্ধমৃত ; প্রায় মৃত। প্র-লাঠির ঘায়ে আ০ করে ছেড়েচে।

আধক [সং অৰ্দ্ধক >। প্রা০ বাং] বি, অৰ্দ্ধবাহিনীর চালক।

আধিকৃথী [সং-ঔদরিক > ভ্রং, গ্রা০ মেয়েলি০] বিণ, উদরপরায়ণ ; আহার-লোলুপ ; আদেখ্‌লা (দ্রঃ)।

আধঁন [না-আ+ধন (অর্থ) বা আ (সম্যক্) ধন (বিনষ্ট হওয়া)-বিনাশ] বি, ক্ষয়শীল। ২ অস্থায়ী। "নারীর যৌবন কেবল আধন যেমন জলের ফোঁটা।"-কবিক০। ৩ আধুনিক : অধুনাতন। ৪ অকিঞ্চিৎকর।

আধমন [আ-ধা=ধারণ করা, স্থাপন

করা ই৹+মন (ভা৹)] বি, বন্ধক দেওন।

'**আধমাতাল, 'আধমাতালে**- বিণ, যে সম্পূর্ণ মাতাল হয় নাই। ২ আধালে : আড়মাতলা ; আধেঙ্গা।

আধর্ষিত [আ-ধৃষ্ (বল পূর্ব্বক বদ্ধ করা, প্রগল্ভ হওয়া ই৹)+ত (র্ম্ম)] বিণ, যাকে কঠোর হস্তে ধৃত করা হইয়াছে ; আক্রান্ত। ২ বিমর্দ্দিত। ৩ অপমানিত। ৪ বিহ্বলীকৃত ; অভিভূত। বি, আধর্ষণ।

'**আধলা** [আধ (অর্দ্ধ)+লা (স্বার্থে)] বি, অর্দ্ধভাগ। ২ ইষ্টকার্দ্ধক। ৩ আধ পয়সা ; পয়সার অর্দ্ধ। ৪ বিণ, আধখানা : অর্দ্ধাংশিত।

আধলি, আধুলি, আধুলী [গ্রা৹- আদুলি, আদুলী। আদলা দ্রঃ] বি, অর্দ্ধমুদ্রা ; টাকার অর্দ্ধেক মূল্যের মুদ্রা ; আটানি।

আধহারা [একহারা দ্রঃ] অর্দ্ধ > আধ +হার (পরিমাণ)+আ] বিণ, অতিকৃশ।

আধা [সং-অর্দ্ধ > প্রাকৃ৹-অদ্ধ > হিং- অদ্ধা > আধা] বিণ, অর্দ্ধ। "আধা পথ গিয়ে পরে হাসিয়া উঠিছে সব বালিকার দল।" -গোবিন্দ দাস (কুঙ্কুম)। ২ [ব্রজ৹] অর্দ্ধেক। "তুই সেই শৈল, স্নেহ মন্দাকিনী, আমার প্রাণের আধা।"-প্রভাস৹। "মোর পরাণ পুতলী রাধা সুতনু তনুর আধা।"-অ৹ ম৹। ৩ বিণ, অতিকৃশ ; ক্ষীণাঙ্গ।

আধাআধি [সং-অর্দ্ধার্দ্ধ ; হিং- আধোআধ্। গ্রা৹-আদাআদি] বিণ, দুই সমান অংশে বিভক্ত বস্তুর একার্দ্ধ ; বিভক্ত সমান দুই অংশ।

'**আধাখেঁচড়া** [মূলে-অর্দ্ধ খেচর+আ (সাদৃশ্য বা তুলনার্থে) সম্পূর্ণাবয়ব পক্ষী নয়। তুল-হিং প্রবচন-আধা বটের আধা তিতর্, অর্থাৎ বটের পাখীও সম্পূর্ণ নয়, তিতর পাখীও সম্পূর্ণ নয়। তা হতে, অর্দ্ধ সম্পন্ন। প্রবচনের দ্বিতীয় অর্থ-অর্দ্ধ খচ্চর, হিং-খেসর্ অর্দ্ধেক একরকম অর্দ্ধেক অন্য রকম, বাং-য় গৃহীত হয় নাই] বিণ, অসম্পূর্ণ। ২ বিশৃঙ্খল।

আধাঙ্গা-আধেঙ্গা দ্রঃ।

আধান [আ-ধা (ধারণ করা, স্থাপন করা ই৹) অন (ভা৹)] বি, স্থাপন। "পুষিয়া পালিয়া সুত সকল লক্ষণ যুত গৌরী কোলে করিল আ৹॥"-কবিক৹। ২ সাধন। "দেখিব নয়নভরে অখিল'আ৹।"-ঘ৹। ৩ গর্ভাধান ; নিষেক। "প্রকৃতিতে তেজ প্রভু করিল আ৹। রূপবান হইলা তাতে তনয় মহান্॥"-কবিক৹। ৪ সম্পাদন ; করণ। ৫ গ্রহণ ; ধারণ। "পঞ্চফুল সমতুল করিয়া আ৹। মন্ত্র পড়ি স্বামীরে হানিবে পঞ্চবাণ॥" -কবিক৹। ৬ সংস্কারপূর্ব্বক বহ্নি স্থাপন ; অগ্ন্যাধান। ৭ ব্রাহ্মণের নিত্যকৃত্য ; যজন ; হোম। ৮ উৎপাদন। ৯ সঞ্চার। প্রবলাধান। ১০ [র্ত্তৃ, অন] আধার : পাত্র। "গীতে সমর্পিত মন, দ্রব হৈল নারায়ণ, বিধিরাগে করঙ্গ আ৹॥"-কবিক৹।

'**আধানিক** [আধান (দ্রঃ)+ইক (ভবার্থে)] বি, গর্ভাধান সংস্কার। ২ বিণ, আধানসম্বন্ধীয়। ৩ [আধু৹ >] অধুনাতন ; ইদানীন্তন।

আধানী [অধনী > ,প্রা৹ বাং-য়] বিণ, নির্ধন ; দরিদ্র। ২ [আধু৹ >] আধুনিক বা নূতন ধনী an upstart

'**আধাবয়সী**-আধ দ্রঃ।

আধার [আ-ধৃ=ধরা+অ (ধি)] বি, যাতে কোন বস্তু থাকে ; পাত্র। ২ স্থান। ৩ আশ্রয় ; অবলম্বন। ৪ বাঁধ। ৫ আলবাল। ৬ আশয়। ৭ [ব্যা৹] অধিকরণ কারক। ৮ [তন্ত্রে] ষট্চক্র মধ্যস্থ আদ্যচক্রাধার। ৯ [প্রা৹ বাং] খাদ্য (ডাকের বচন)। ১০ [আধু৹ বাং-সংকীর্ণার্থে শ্রীহট্ট প্রাদে৹] পাখীর খাদ্য। ~দেওয়া-ক্রি, পাখীকে জল ছোলা বা দানাপানি দেওয়া।

'**আধালে** [অর্দ্ধলা >] বিণ, অর্দ্ধাংশিত। ২ বি, ইষ্টকার্দ্ধ।

'**আধাসার, 'আধাসারি** [অর্দ্ধসার >৹ প্রা৹ ও ম৹ বাং-য় পদ্যে-ই যোগ] বিণ, অর্দ্ধাবশিষ্ট ; আধাআধি। "পসরা এড়িয়া জল খাইতে নাহি পারি। দেখিতে দেখিতে চিলে করে আধাসারি॥"-কবিক৹।

আধি [আ-ধ্যৈ (চিন্তা করা, স্থাপন করা ই৹)+ই] বি, মানসিক পীড়া ; মনঃপীড়া ; মানসিক ক্লেশ। "আধি ব্যাধি নাহি হয় সর্পের দংশন।"-কবিক৹ (অ৹ সরকার)। ২ [ব্রজ৹] উৎকণ্ঠা ; ভাবনা ; চিন্তা ; দুঃখ। "ভণয়ে বিদ্যাপতি আর নাহি আধি।" -বি৹ প৹ [দ্রঃ-আধু৹ বাং-য়-ব্যাধির পূর্ব্বে ব্যতীত স্বতন্ত্র ব্যবহার নাই] ৩ প্রত্যাশা। ৪ বিপদ : বিপত্তি। ৫ [ভা৹-ই] স্থাপন। ৬ বন্ধক দেওয়া।

আধিক [অ=আ] আ (১২) দ্রঃ।

আধিকরণিক [অধিকরণ+ইক (নিযুক্তার্থে)] বি, বিচারক ; বিচারপতি।

আধিকারিক-অধিকার দ্রঃ।

আধিক্য [অধিক+য (ভা৹)] বি, আতিশয্য। ২ প্রাধান্য ; উৎকর্ষ ; প্রাবল্য।

আধিক্লিষ্ট [আধি=পীড়া-ক্লিষ্ট (ক্লিশ্ +ত (র্ম্ম)=ক্লেশপ্রাপ্ত] বিণ, মনঃপীড়ায় তাপিত বা আর্ত্ত।

আধিক্ষীণ [আধি=দুশ্চিন্তা (দ্বারা) ক্ষীণ-৩ তৎ] বিণ, চিন্তাজীর্ণ (তুল-ভেবে ভেবে দড়ী হওয়া) : মানসিক পীড়ায় কৃশকায়।

আধিজ [আধি-জন্=উৎপন্ন হওয়া+অ (র্ত্তৃ)] বিণ, মনোবেদনাসম্ভূত।

আধিজ্ঞ [আধি=দুঃখ ই৹-জ্ঞা=জানা +অ (র্ত্তৃ) যে জানে] বিণ, দুঃখিত ; আর্ত্ত।

আধিদৈবিক [অধিদেব+ইক (ভবার্থে)] বিণ, দৈবজাত। ২ আকাশসম্ভূত দুঃখের প্রকারভেদ ; ত্রিতাপের অন্যতম ; অতিবৃষ্টি ; অনাবৃষ্টি ; বজ্রপাত ; উল্কাপাতাদি-জনিত দুঃখ। সাংখ্যমতে- যক্ষ, রক্ষ, বিনায়ক, গ্রহাদির আবেশহেতু দুঃখ [আধিভৌতিক, আধ্যাত্মিক দ্রঃ]।

আধিপত্য [অধিপতি+য (ভা৹)] বি, প্রভুত্ব ; কর্ত্তৃত্ব। ২ রাজত্ব। ৩ প্রাধান্য।

আধিবেদনিক [অধিবেদন (সপত্নীকরণ)+ইক (ভবার্থে)] বিণ, অধিবেদন বা দ্বিতীয়বার বিবাহকালে প্রথমা স্ত্রীকে দত্ত (ধনাদি)।

আধিব্যাধি [আধি (দুর্ভাবনা) ব্যাধি (রোগ)] বি, শারীরিক ও মানসিক রোগ।

আধিভোগ [আধি (গচ্ছিত বস্তু) ভোগ-৬ তৎ)] বি, উপভোগ।

আধিভৌতিক [অধিভূত (মূলকারণ)+ইক (ভবার্থে)] বিণ, ত্রিতাপের অন্যতম ; পঞ্চভূত বা জন্তুগণ হতে

যে উপদ্রব, ভয় বা দুঃখ জন্মে। সাংখ্য মতে-স্বেদজ, অণ্ডজ, জরায়ুজ ও উদ্ভিজ্জ জনিত ৪ প্রকার দুঃখ [আধিদৈবিক ও আধ্যাত্মিক দ্রঃ]।

আধিরথি [অধিরথ (ধৃতরাষ্ট্রের সারথি)+ই (অপত্যার্থে)। কর্ণের মাতা কুন্তী কুমারী অবস্থায় জাত ইঁহাকে পরিত্যাগ করিলে অধিরথ ইঁহাকে পালন করিয়াছিলেন বলিয়া নাম] বি, কর্ণ।

আধিরাজ্য [অধিরাজ+য (ভা°)] বি, অধিরাজের ভাব; আধিপত্য।

আধিশ্রয়ণিক [অধিশ্রয়ণ+ইক (ভবার্থে)] বিণ, অধিশ্রয়ণ-সম্বন্ধীয়; কাচাদি দ্বারা যে বিন্দুতে কিরণ সংগ্রহ করা হয় তৎসম্বন্ধীয়। ২ পাকযোগ্য। বি, অধিশ্রয়ণ। ~ব্যবধি [বৈজ্ঞা° পরিঃ] বি, একত্র সংগৃহীত আলোকবিন্দুর দূরত্ব; কেন্দ্রীয় দৈর্ঘ্য; মুকুরের সর্ব্বোচ্চভাগ ও অধিশ্রয়ণ এতদুভয়ের অন্তর focal distance.

আধীকৃত [আধি=গচ্ছিতবস্তু-কৃত=যা করা হইয়াছে, ঈ-আগম] বিণ, যা গচ্ছিত রাখা হইয়াছে; বন্ধকী।

আধুত, আধূত [আ-ঈষৎ-ধু-ধূ (কাঁপা)+ত (র্ত্ত)] বিণ, ঈষৎ কম্পিত; আন্দোলিত; চালিত। ২ বিক্ষিপ্ত। ৩ অভিভূত; ব্যাকুলীভূত। ৪ [নাট্যশা° পরিঃ। অভিনয় দ্রঃ] বি, অঙ্গাভিনয়ে মস্তক ঈষৎ উত্তোলন করিয়া সহসা ফিরান (স্বীয় দেহ দর্শন, আশে পাশে উপরে দৃষ্টিপাত, কোন কার্য্য করিবার ক্ষমতা, সম্ভ্রম আদি স্থলে)।

আধুনিক [অধুনা (এক্ষণে)+ইক (ভবার্থে)] বিণ, ইদানীন্তন; বর্ত্তমানকালীন; অধুনাতন। ২ অল্পকালীন; সাম্প্রতিক। ৩ নব্য। বি, ~তা (-কং-)-বর্ত্তমানত্ব; অর্ব্বাচীনতা; অপ্রাচীনতা। "আধুনিকতার আবরণাচ্ছন্ন গ্রন্থ কৃত্তিবাসী রামায়ণ বলিয়া প্রচারিত।"-হীরেন্দ্রনাথ দত্ত (সা° প° প°, ১৩০১)।

আধুলি-আধলি দ্রঃ।

আধৃত [আ-ধৃ (ধারণ করা)+ত (র্ম্ম)] বিণ, ধৃত; গৃহীত। ২ যাকে আশ্রয় বা অবলম্বন দেওয়া হইয়াছে; রক্ষিত।

আধেক [অর্দ্ধেক >। প্রা°-আদ্ধেক] অ, অর্দ্ধেক। "অরুণ-রথ-চূড়া আধেক যায় দেখা।"-রবী°।

আধেঙ্গা, আধঙ্গা, আধাঙ্গা, আদিঙ্গা, আদাঙ্গা, আদেঙ্গা [সং-অর্দ্ধাঙ্গ >] বিণ, অর্দ্ধাঙ্গ; অর্দ্ধাংশ। ২ অসম্পূর্ণ। ৩ আড়; অর্দ্ধশায়িত।

আধেয় [আ-ধা (ধারণ করা)+য] বিণ, ধারণ করিবার যোগ্য। ২ স্থাপনযোগ্য। ৩ আশ্রিত। ৪ উৎপাদ্য। ৫ বন্ধক রাখিবার উপযুক্ত। ৬ বি, আধারস্থ বস্তু।

আধেলা-আধলা দ্রঃ।

আধোয়া [আ-ধোয়া। সং-অধৌত] বিণ, ধৌত করা নহে; অপ্রক্ষালিত।

আধোরণ [আ-ধুর্ (গমন চাতুর্য্য করা) +অন (র্ত্ত)-যে সঙ্কেত দ্বারা হস্তীর গমন-চাতুর্য্য দেখায়] বি, হস্তিপক; মাহুত।

আধ্মাত [আ-ধ্মা (শব্দ করা বা অগ্নি-সংযোগ করা)+ত (র্ম্ম)] বিণ, ধ্বনিত; শব্দিত; নিনাদিত। "এই শঙ্খ অর্জ্জুন কর্ত্তৃক আ° হইয়াও শতধা বিদীর্ণ হইল না।" -মহা° (বর্দ্ধ)। ২ স্ফীত। ৩ বিবর্দ্ধিত; বিস্তৃত। ৪ বায়ুপূরিত। ৫ বাতরোগবিশিষ্ট। ৬ দগ্ধ। ৭ বি, পেটফাঁপ।

আধ্মান-বি, স্ফীতি। ২ পেটফাঁপা; যে রোগে বায়ু নিরোধ হেতু পাকাশয়ে স্ফীততা ও গুড়্ গুড়্ শব্দ উৎপন্ন হয় flatulence; উদাবর্ত্ত লক্ষণ distension of the abdomen. ৩ মুদো। ৪ নিনাদ।

আধ্মানী-বি, নালিকানামক গন্ধদ্রব্য।

আধ্যাত্মিক [অধ্যাত্ম+ইক(সম্বন্ধে)] বিণ, অধ্যাত্ম বা আত্মা সম্বন্ধীয়। ২ ত্রিতাপের অন্যতম; ব্যাধি জনিত শারীরিক এবং প্রিয়বিয়োগ; কলঙ্ক ও ধননাশাদি জনিত মানসিক দুঃখ। ৩ ব্রহ্ম-বিষয়ক; ঐশ্বরিক [আধিদৈবিক ও আধিভৌতিক দ্রঃ] ৪ অন্তর্ম্মুখ subjective.

আধ্যান [আ-ধ্যৈ (চিন্তা করা+অন (ভা°)] বি, স্মরণ; চিন্তন। ২ উৎকণ্ঠা; দুর্ভাবনা।

আন১ [অন্য > দ্রঃ। হিং, ব্রজং, প্রাং বাং, বৈং সাং। আণ দ্রঃ] বিণ, অন্য; ভিন্ন; পৃথক্। "বুড়ি বলে ঠাঁটা বেটি থালা আন বাটে।"-ঘ°। ২ অন্যথা। "মুক্ত হবে মনে কিছু নাহি মেনো আন।"-শি°। "কভু না হেরিয়ে আন।"-চণ্ডী°। ৩ অন্য; অপর; পর। "আনের সংসার-সুখ মোর বিষম জ্বালা।"-কবিক°। ৪ শত্রু; দুর্জ্জন। "সুজনের সনে আনের পীরিতি।"-চণ্ডী°। ৫ অপরের প্রতি। "আন অনুরাগে পিয়া আন দেশে গেলা।"-বি° প°। ৬ অধিক; আর। "শুন শুন মাধব কি কহব আন।" -বি° প°। ৭ অন্য প্রকার [এই অর্থে আনহি] ৮ ভিন্ন; বিনা।

আন২ [আনয়ন >। ব্রজং, বাং-আনি] ক্রি, আনিয়া; লইয়া আসিয়া। "ধৈরজ ধরব মিলায়ব আন।"-বি° প°।

আন৩, আনো [আনয়ন >] ক্রি, আনয়ন কর; লইয়া আইস। "আনো বীণা মনোহারিকা!" "আন মৃদঙ্গ মুরজ মুরলী মধুরা।"-রবী° [এই অর্থে ছন্দানুরোধে ম° বাং পদ্যে আনহ শব্দের ব্যবহার আছে] ২ [নিত্য বর্ত্তমানে, অভ্যাস বা স্বভাব অর্থে] আনিয়া থাক। "আন মন্দ সমীরণে বিহারিতে তার সনে রাধা বিনোদনে কেন আন না, রঙ্গিনি?"-ব্রজাঙ্গনা। ৩ [বাং ণিজন্ত ক্রি, বিভক্তি। দেখা+আন=দেখান] রুটি পাকান; ভোগ লাগান; মেলান; দেখা করান ই°।

আন৪ [অন্ন (দ্রঃ) আন। প্রা° বাং-য় অ=আ] বি, অন্ন। "আন পানী নাহি খাওঁ।"-শ্রী° কী°।

আন৫ [ফা°-বহুব° প্রত্যয়। বাং-য় কোন রূপান্তরিত না হইয়াই আইন আদালতের ভাষায় ব্যবহৃত] অ° সমূহ; সকল; প্রভৃতি; আদি। যথা-জমিদারান, নাবালকান, সরীকান, মালিকান ই°।

আনক১ [সং-আনক > হিং-আনা] বি, টাকার ষোড়শাংশ। ২ চার পয়সা (স্মৃ°-রঘুনন্দন), আনা দ্রঃ।

আনক২ [আ-অন্ (শব্দ করা)+অক (র্ত্ত) যে শব্দ করে] বি, আনদ্ধ যন্ত্র; বৃহৎ ঢাক; নাগরা; পটহ; ভেরী। ২ গর্জ্জনশীল মেঘ। ৩ বিণ, উৎসাহজনক। ৪ শব্দায়মান।

~দুন্দুভি [আনক-দুন্দুভি, কৃষ্ণের পিতা বসুদেবের জন্ম সময়ে দেবগণ আনক এবং দুন্দুভির বাদন করিয়াছিলেন বলিয়া আনক-দুন্দুভি এই নাম] বি, বসুদেবের নামান্তর। ২ বৃহৎ ঢক্কা।

আনকা,আন্‌কো [আনপা দ্রঃ। সং-অনীক্ষিত >] বিণ, অভিনব; বিচিত্র; অদ্ভুত: অজ্ঞাত ; অস্পষ্ট। "আন্‌কো আলোয় যায় দ্যাখা ওই পদ্মকলির হাই তোলা।"-স-দত্ত।

আনকুটি [অন্নকুট > হিং-অনকোট, -কুট > আং। উনকোটির ভাবার্থ লইয়া উচ্চারণ সাদৃশ্যে উনকুটি ও°] বি, কার্ত্তিকী দীপান্বিতা অমাবস্যার পর দিবস দেবতার (কাশীতে অন্নপূর্ণার, বঙ্গে মদন-মোহনের-বিতঃ বিষ্ণুর) ভোগার্থ দত্ত বিবিধ পক্ক অন্নব্যঞ্জন রাশি। ২ [লক্ষ°] নানা উপকরণ ; বিবিধ আয়োজন [এই অর্থে উনকুটি। প্র-উনকুটি চৌষট্টি রেঁধে বেড়ে সময় আর বড় থাকে না]।

আনকোরা [হিং-অন্‌কোরা (কোরা কোরা)। তুল-করীব্ করীব=অন্ করীব্), বা হিং-অন্‌গঢ় (যা কার দ্বারা গঠিত নহে: স্বয়ম্ভু বা স্বাভাবিক-অর্থাৎ যা এখনও নকলের দ্বারা পুরাতন করা হয় নাই) শব্দজ -হিং শং সাং। তেলু°-করা=নূতন, আধোয়া বস্ত্র (বাং-কোরা কাপড)] বিণ, সম্পূর্ণ নূতন। ৩ যা ব্যবহারে মলিন হয় নাই fresh.

আনখ [আ (পর্য্যন্ত)-নখ] ক্রি-বিণ, নখ পর্য্যন্ত। ~া [অনীক্ষিত > ভ্রং, হিং-অনোখা >] বিণ, অজ্ঞাতপূর্ব্ব; সম্পূর্ণ অভিনব। ২ অপরিচিত : অজানিত।

আনচান [গ্রাং-আইচাই। আন(অন্য) -চান (চিন্তা >) বা চান (ফাং-চয়েন্= সুস্থিরতা : সুস্থতা)। হিং-আনতান-(হিং শং সাং)] বিণ, অস্থির : চঞ্চল। "আং করে প্রাণ,"-নবীন°। "হাঁয়ে সই শুনি যবে বাঁশীর নিশান। গৃহকাজ ভুলি প্রাণ করে আং॥"-চণ্ডী° ['চ' স্থলে 'ছ' ও দৃষ্ট হয়] "তথনে মঝুমন ভেলই আনছান্।" -গোবিন্দ°। ২ [যশোহর প্রাদে°] বি, প্রলাপ ; এলোমেলো কথা ; অসম্বদ্ধ বাক্য। "বোলে আং,"-শ্রী° কী°। "বোল এ আনচানে।"- ঐ।

আনট [অঙ্গুষ্ঠ >। হিং-অংগুঠ-চরণালঙ্কার বিঃ, অঙ্গুষ্ঠত্রাণ] বি, পায়ের বুড় আঙুলের আংটি ; আঙ্গোট। আনোট দ্রঃ।

আনত১ [আ-নম্ (নম্র হওয়া) + ত (র্ম্ম) ম্ লোপ। আ (ঈষৎ) + নত। আ (সম্যক্) + নত] বিণ, অবনত ; যা নুইয়া পড়িয়াছে। ২ ঈষৎ নত।

আনত২ [আন (অন্য) + ত (ত্র)। ব্রজ] ক্রি-বিণ, অন্যত্র। ২ অন্যদিকে। "কেলি-রভস যব শুনে আং হেরি ততহি দেই কানে।"-বিং পং।

আনিত৩ [গ্রাং-'ত' অনুরোধ বা আদরার্থক অনুজ্ঞায়] ক্রি, আনয়ন কর।

আনতি [আনত দ্রঃ। আ-নম্ + তি (ভাং)] বি, প্রণতি : প্রণাম। ২ অবনমন। ৩ নম্রতা।

আনদ্ধ [আ-নহ্ (বন্ধন করা) + ত (র্ম্ম) চর্ম্ম দ্বারা বদ্ধ মুখ] বি, যে বাদ্য-যন্ত্র চর্ম্মদ্বারা বদ্ধমুখ : মৃদঙ্গ মুরজাদি। "শ্রুত হয় কোন স্থানে বাজে বাদ্য কি তানে আং সুষির, তত ঘন।"-কাশী°। বিণ, বদ্ধ ; আবদ্ধ। ২ গ্রথিত। ৩ বস্ত্রাদি বা বেশভূষাদিদ্বারা সজ্জিত। ৪ ব্যাপ্ত। ~যন্ত্র-বি, চর্ম্মদ্বারা বদ্ধমুখ বাদ্য যন্ত্র। আনদ্ধ যন্ত্র ৫ শ্রেণীতে বিভক্ত। যথা-(১) সভ্য (সভাদি মজলিসে বাদিত)-মৃদঙ্গ, তব্‌লা, ঢোলক। (২) বহির্দ্বারিক (শোভা যাত্রা, নগর সংকীর্ত্ত-নাদিতে বাদিত)-ঢাক, ঢোল, নহবৎ, নাগারা বা নাগাড়া। (৩) গ্রাং-মাদল, জোড়খাই, ডুবডুবি, ডমরু, খঞ্জনী, খোর্দ্দক, হুড়কা, ঘুটুক। (৪) সামরিক-জগঝম্প, দামামা, কাড়া, ঢক্কা, তাসা। (৫) মাঙ্গল্য-টিকারা, কাড়া, নাগাড়া, ডম্ফ, খোল [যন্ত্রকোষ]।

আনন১ [আ-অন্ (বাঁচিয়া থাকা) + অন (ণে) যদ্দারা আহার করিয়া বাঁচে] বি, মুখ। প্র-চন্দ্রানন। স্ত্রীং ~া, ~ী (সম্বোধনে আননি)। প্র-চন্দ্রাননি!

আনন২ [আনয়ন > ক্ষে°] ক্রি-বি, আনয়ন ; উপস্থিত করণ।

আনন্তর্য্য [অনন্তর (পশ্চাৎ) + য (ভাং)] বি, অনন্তরত্ব ; পশ্চাদ্ভাব। ২ অব্যবহিত পরে হওয়া বা থাকার অবস্থা ; অব্যবধানত্ব contiguity.

আনন্ত্য [অনন্ত=অসীম + য (ভাং)] বি, অনন্তত্ব ; অসীমত্ব : অন্তরাহিত্য : অশেষত্ব eternity. ২ ক্ষয়হীনতা। ৩ বাহুল্য।

আনন্দ [আ-নন্দ (হৃষ্ট হওয়া) + অ (ভাং)] বি, হর্ষ ; পুলক। ২ সুখ। ৩ পরব্রহ্ম। ৪ প্রেমামৃত ; ব্রহ্মানন্দ। "আং অমৃতরূপে উদিবে হৃদয় আকাশে।"-সং। ৫ মদ্য। ৬ বাসুদেবের বল বিঃ। ৭ শুভবৎসর। ৮ পূর্ব্ব, পশ্চিম, উত্তর-এই তিন দ্বারযুক্ত গৃহ। ৯ বিণ, আনন্দিত। "আনন্দ মনে, বিমল হৃদয়ে, ভজরে ভবতারণে।"-স্কং। ~কন্দ [আনন্দ + কন্দ=মূল] বি, আনন্দের মূল। "সঙ্গে নিত্যানন্দ ভুবনে আনন্দকন্দ মুকুতির দেখাসে শরণি॥"-কবিক°। ~কর, ~জনক, ~দায়ক-বিণ, আনন্দ উৎপাদক ; হর্ষদায়ক। ~ধাম-বি, আনন্দ বা সুখের আগার। "মর্ত্তলোক এইরূপ আনন্দধাম হইলে,"-মহা° (বর্দ্ধ)। ২ ব্রহ্ম-পদ ; মুক্তি : মোক্ষ ; পরলোক : স্বর্গ। "ঐ যে দেখা যায় আনন্দধাম, অপূর্ব্ব শোভন ভব জলধির পারে জ্যোতির্ম্ময়।"-স্কং। ~ন [আ-নন্দ্-ণিচ্= নন্দি (তুষ্ট করা) + অন (ভাং)] বি, হর্ষ উৎপাদন ; সন্তোষদান। ২ আলিঙ্গন, স্বাগত প্রশ্নাদিদ্বারা সম্বর্দ্ধনা। ৩ আমন্ত্রণ। ৪ হর্ষ : আনন্দ। ৫ [র্ত্তৃ, অন] বিণ, আনন্দজনক ; প্রীতিকর ; সুখকর। ~পট [আনন্দ (আনন্দজনক) পট=বস্ত্র] বি, নবোঢ়ার বস্ত্র ; কনের কাপড়। ~প্রভব [আনন্দ-প্রভব (যে উৎপাদন করে)] বি, বীর্য্য : রেতঃ। ~বর্দ্ধন -বি, হর্ষের বৃদ্ধি বা উৎকর্ষ। ২ বিণ, আনন্দ বৃদ্ধিকারক ; অধিকতর হর্ষদায়ক। ~বিহ্বল-বিণ, হর্ষে অভিভূত ; আনন্দে জ্ঞানহারা। ~বৃন্দাবনচম্পূ-বি, কবি কর্ণপূর কর্ত্তৃক ৪৫০০ শ্লোক এবং গদ্যে রচিত দ্বাবিংশ স্তবকে বিভক্ত চম্পূ কাব্য। ~ভবন -সুখকর স্থান; সুখ নিবাস। ~ভরে [আনন্দ -ভর (আধিক্য-পূরণ) ৩ তৎ] ক্রি-বিণ, আনন্দের সহিত ; হর্ষে পূর্ণ হইয়া ; পরমানন্দে। "জাগো মা অন্তরে আনন্দভরে চিদানন্দময়ী হৃদয়বাসিনী।"-স্কং। ~ময় [আনন্দ

+ময়] বিণ, হর্ষযুক্ত ; আনন্দপূর্ণ ; সদাসুখী। "আনন্দময় তোমার বিশ্ব শোভাসুখ-পূর্ণ।" -স্ক°। ২ পরব্রহ্ম। "ভজ রে আনন্দময়ে সব যন্ত্রণা এড়াও রে।"-ঐ। ৩ [বেদান্তদর্শনে] জীব। > স্ত্রীং ~য়ী-বিণ, যে রমণী হর্ষ-পরিপূর্ণা ; যিনি সদা সুখী ; আনন্দিতা। বি, আনন্দ স্বরূপিণী জগন্মাতা। "যার মা আনন্দ-ময়ী তার কিবা নিরানন্দ।"-স্ক°। ~ময়-কোষ [আনন্দময়-কোষ=আবরণ] বি, বেদান্তদর্শনে পরমাত্মার পঞ্চকোষের মধ্যে অন্যতম কোষ: কারণসরিৎ। ~রস [আনন্দ -রস (মধু)-ধা] বি, আনন্দরূপ রস: প্রেমমধু। ২ [ভক্তি ও যোগ শা°] শিরোমধ্যস্থ সুষুম্না-নাড়ীস্থিত সহস্রদলপদ্ম বা সহস্রার হতে নিঃসৃত অমৃত ; ব্রহ্মানন্দ ; চিদানন্দ। "পাপ তাপ সব দূরে গেল, আনন্দরস উথলিল।"-স্ক°। ~লহরী-বি, আনন্দের তরঙ্গ; হর্ষতরঙ্গ; সুখ-তরঙ্গ। ২ রসলীলা ; প্রেম তরঙ্গ। ৩ আনন্দ যন্ত্রের মধ্যে গ্রাম্য শ্রেণীর একতন্ত্রী বাদ্যযন্ত্র [প্রায় অর্দ্ধহস্ত পরিমিত একটি শূন্যগর্ভ কাষ্ঠের খোলের প্রশস্ততর মুখটি চর্ম্মাচ্ছাদিত থাকে ও চর্ম্মের মধ্যস্থলে ছিদ্র করিয়া তাতে এক-গাছি তন্তুর একপ্রান্ত আবদ্ধ করিয়া অপর প্রান্ত একটী চর্ম্মাবৃত মৃন্ময় বা কাষ্ঠময় ভাণ্ডের চর্ম্মে সংলগ্ন থাকে। খোলটি বাম কক্ষে রাখিয়া বাম হস্তে ভাণ্ডটি ও দক্ষিণ হস্তে একটি শলাকা লইয়া বাজাইতে হয় (যন্ত্রকোষ)] ৪ শঙ্করাচার্য্যপ্রণীত বিখ্যাত স্তোত্রগ্রন্থ-বিঃ। ~লাড়ু [গ্রা°-আনন্দনাড়ু] বি, চাউলের গুঁড়ি, তিল, নারিকেলকোরা ও গুড় ঘটিত ভাজা লাড়ু। ~লোক-বি, আনন্দধাম ; স্বর্গ ; পরলোক ; অমৃতধাম। "তুমিই ত আনন্দলোক জুড়াও প্রাণ, নাশ শোক, তাপ-হরণ তোমার চরণ অসীম শরণ দীন জনার।" -স্ক°। ~সন্দোহ [আনন্দ (দুগ্ধ-অমৃত) +সন্দোহ (রাশি)] বি, আনন্দামৃত। ২ আনন্দরাশি : পরমানন্দ। "দেবলোকে দেব-গণ এবং পৃথিবীতে সমস্ত প্রাণিগণ আনন্দ-সন্দোহ সম্ভোগ করিতে লাগিলেন।"-মহা° (বর্দ্ধ)। ~সলিল [আনন্দ (রূপ) সলিল (জল) রূপক-ধা] বি, হর্ষবারি ; প্রেম, ভক্তি, আনন্দজ রস। ২ পরমানন্দজনিত অশ্রু ; হর্ষাবেগজনিত নেত্রবারি : পুলকাশ্রু। ৩ ব্রহ্মানন্দজনিত স্বেদ বা ঘর্ম্ম (ভক্তি ভাবের অবস্থা বিঃ)। ~সাগর [আনন্দ (রূপ) সাগর (রূপক ধা)] বি, সাগর সম বিশাল ও গভীর আনন্দ ; অসীম আনন্দ : অপরিমেয় সুখ। ~স্রোত [আনন্দ স্রোত স্বরূপ-উপমিতি বা আনন্দের (আনন্দ সলিলের) স্রোত-৬ তৎ] বি, আনন্দপ্রবাহ ; একটানা সুখ ; অপণ্ড আনন্দ বা সুখ।

আনন্দা [আনন্দ+আ (স্ত্রীং)] বিণ, হর্ষযুক্তা। ২ বি, সিদ্ধি ; ভাঙ। ~শ্রু [আনন্দ (জনিত) অশ্রু-ম° প° লো°] বি, পুলকাশ্রু ; হর্ষাবেগ জনিত নয়নবারি ; আনন্দসলিল (দ্রঃ)।

আনন্দি [আ-নন্দ্ (হৃষ্ট হওয়া)+ই (ভা°)] বি, আনন্দ; হর্ষ। ২ মহান্ত নৃসিংহের শিষ্য ও প্রবোধানন্দ সরস্বতী-রচিত চৈ° চ° গ্রন্থের প্রসিদ্ধ টীকাকার। ৩ [আনন্দ > (পদ্যে) আনন্দিয়া (নাম ধাতু) স্ক°] ক্রি, আনন্দ দিয়া ; আনন্দদান করিয়া ; আনন্দিত করিয়া। আনন্দিতে-আনন্দ দিতে। আনন্দিল-আনন্দ দান করিল। আনন্দিবে-ক্রি, আনন্দ দান করিবে।

আনন্দিত [আনন্দ+ইত (যুক্ত)] বিণ, আনন্দ বা হর্ষ প্রাপ্ত ; আহ্লাদিত ; হৃষ্ট : সুখী।

আনন্দোচ্ছ্বাস [আনন্দ+উচ্ছ্বাস -৬ তৎ] বি, আনন্দস্ফীতি ; পূর্ণানন্দজনিত স্ফীতি ; হর্ষকণ্টকিত হবার ভাব।

আনপুড়ি [প্রাদে° আঁপুড়ি। আঁতপুড়ি (অন্তর্দাহ) হতে?] বি, অন্তর্দাহ ; হিংসা ; গা জ্বালা ; দ্বেষানল ; জ্বালা। "লোকের আনপুড়িতে সুস্থির হতে পারা যায় না।"-ব° শ° কোষ। "সংসারের আ°,"-ঐ।

আনবেশ [আন (ভিন্ন) বেশ (রূপ)] বি, ভিন্নরূপ ; অন্যপ্রকার। ২ স্বতন্ত্র সাজ। "আ° দিনে দিনে সাধুর নন্দন।"-কবিক°।

আন/মন (-ম-) [আন (অন্য) মন] বি, অমনোযোগ। ~মনা-বিণ, অন্যমনস্ক ; অসতর্ক ; অপ্রস্তুত ; অমনোযোগী। "ক্যাপার মতন আছি চিরদিন উদাসীন আনমনা।" -রবী°। ক্রি-বিণ, ~মনে-অন্যমনে ; অন্য-মনস্ক ভাবে ; নির্লিপ্তভাবে ; শূন্যমনে। "ছিলাম নিশিদিন, আনমনে উদাসী॥" -রবী°। "ভুলিয়ে মরমজ্বালা আনমনে হাসে বালা।"-অশোক°।

আন/মন [আ (ঈষৎ) নমন (নতকরণ)] বি, ঈষৎ নতকরণ ; নোয়ান। ~মনীয়-বিণ, নোয়াইবার যোগ্য ; যা নত করা যায়।

আনমিত [আ-নমিত (নত)] বিণ, যা অল্প নোয়ান হইয়াছে: ঈষৎনত ; আনত ; বক্র।

আনম্য [আ (ঈষৎ) নম্য (নমনীয়)] বিণ, আনমনীয় ; যা নোয়ান যাইতে পারে। ২ যার নিকট নত হওয়া উচিত ; প্রণম্য ; সম্মানার্হ।

আনয় [ব্রজ°] ক্রি, আনিবার জন্য ; লইয়া আসিতে। "কতি যতনে দূতী পঠাওল আনয় গুয়া পান।"-বি° প° (ন° গু°)। ~ন [আ-নী (লইয়া যাওয়া)+অন (ভা°)। আনা দ্রঃ] বি, লইয়া আসার ব্যাপার ; অন্যত্র হতে বা স্থানান্তর হতে উপস্থিত করণ। ~নীয়-বিণ, লইয়া আসিবার উপযুক্ত ; যা আনিতে হইবে।

আন/র্ত [আ-নৃত্ (নৃত্য করা)+অ (ধি)-যেখানে নৃত্য করা হয়] বি, রঙ্গালয় ; নাট্যশালা ; থিয়েটার। ২ যুদ্ধ। ৩ গুজরাট প্রদেশের অংশ বিঃ ; দ্বারকা ; (আধু°) কাটিবাড় Kathiawar. ৪ আনর্ত্তদেশ-বাসী। ৫ শর্য্যাতির পুত্র রেবত। ৬ বিভুর পুত্র ও সুকুমার রাজার পিতা স্বনামখ্যাত পৌররাজ। ~পুর-দ্বারকাপুরী। ~র্ত্তিত [আ-নৃৎ+ত (র্ম্ম)] বিণ, কৃতনৃত্য ; নর্ত্তিত ; যা নাচান হইয়াছে। ২ কম্পিত।

আনর্থ্য [ন=অ+অর্থ=অনর্থ+য(ভা°)] বি, ব্যর্থতা ; বৈফল্য। ~ক্য (-র্থ-) [অনর্থক +য (ভা°)] বি, অনর্থকতা ; ব্যর্থতা ; নিষ্ফলতা।

আনল১ [অনল >। ব্রজ°] বি, অনল ; অগ্নি। "সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু, আনলে পুড়িয়া গেল।"-চণ্ডী°।

আনল২ [ব্রজ°] ক্রি, আনিল ; আনয়ন করিল। "কত পরবোধি আ° অনুরোধি।" -বি° প°।

আনলা [এক > আ-নলা (সং-নল-

নালিক-একনালিক)। তুল-দো নলা (দুই নলবিশিষ্ট)] বি, এক-নলবিশিষ্ট বন্দুক। "দেখি যে বসিল পাখী,ধীরে ধীরে যাই,তাহা পানে চাই, আ° চালায় দেখি॥"-চণ্ডী°।

আনলি [ব্রজ°] আনিল। ২ আনিলে; আনিলি। "কত সঞে রূপ ধনি আনলি চোরি।"-বি° প°।

আনহ১ [আন দ্রঃ। হি°-আনহ্‌ (তুলসী)=লইয়া আইস] ক্রি, আন; আনয়ন কর। ২ বিণ, অন্য; অপর; স্বতন্ত্র।

আনহ২, আনহি [সং-অন্য+হি°-হ, হি (৭মী বিভক্তিতে)।২ [প্রা° বাং] অ, অন্যত্র; অন্য স্থানে।

আনা১ [আনয়ন (> নী-ধাতু)।আনি. আন (দ্রঃ), আনো,আনুন; আনে, আনেন; আনিতে (ক্ষে° আনতে); আনিয়া (ক্ষে° পদ্যে, আনি গ্রা° এনে): ণিজন্ত-আনানো] ক্রি, আনয়ন করা; লইয়া আসা। "কোথায় আনিলে আমায়, * * আনিয়ে সাগর মাঝে তরি ডুবালে॥"-রাজা রামমোহন রায়। ২ [হি°-আনা=আসা] আসা; আগমন। প্র-আনাগোনা।

আনা২ [সং-আনক। টাকার ষোড়শাংশ মূল্যের মুদ্রা (রঘুনন্দনের স্মৃ°); চারি পয়সা। ২ [ওজনে] তোলা বা ভরির ১৬ ভাগের ১ ভাগ। ৩ কোন কিছুর ষোড়শাংশের এক অংশ। প্র-ক্ষত প্রায় সমস্তই শুকাইয়াছে এখন আনাভোর-মাত্র বাকী আছে।

আনা৩ [ফা°-আনা] অনুকরণ,ব্যবহার, আচরণ, কর্ম্ম ই° বাচক প্রত্যয়। প্র-বাবু-আনা, নবাবীআনা, গরীবানা, মুন্সিআনা, বিবিআনা ই°। ২ সম্বন্ধ-বাচক। প্র-সালানা (বাং-সালিয়ানা)। ৩ [প্রাদে°-শোণপুর] একপোয়া পরিমাণ জমী। ৪ [বঙ্গে অঞ্চলে] ৭২ হইতে ৮০ মণ পর্য্যন্ত লবণের পরিমাণ।

আনা৪ [পূ° ব° প্রাদে°। আন দ্রঃ] বিণ, অন্য; ভিন্ন। ২ নানা। "আনা জনে আনা বলে প্রভুর দুয়ারে।"-পূ° ব° গী°।

আনা৫ [প্রাদে° আন দ্রঃ]অ, বিনা; ব্যতীত; ভিন্ন। প্র-আনা উকিলে মোকদ্দমা হয় না।

আনা৬ [আয়না (দ্রঃ) >, গ্রা° ক্ষে°] বি, আয়না; কাচ; দর্পণ glass.

আনার কেবাড় [হি°-কেবাড়=দ্বার] কাচেনির্ম্মিত দ্বার glass-door. "লাথি মারি আনার কেবাড় ভাঙ্গিয়া ফেলিল।" -পূ° ব° গী°।

আনাই-ধানাই [প্রাদে° > হি° অন্ধা-ধুন্ধ, উচ্ছৃঙ্খল, অসম্বদ্ধ+ই (ভা°)] বি, অসম্বদ্ধ কথা; আগড়ম বাগড়ম; যা-তা কথা; অর্থহীন উক্তি; স্তোকবাক্য।

আনাগোনা [আনা (আগমন >) গোনা (গমন >)। হি°-আবাগমন] বি, আসা যাওয়া; গমনাগমন; টানাপড়েন। "সেইদিন হৈতে সেইত পথেতে, করে নাকি আ°।"-চণ্ডী°। ২ সংসারের আসা যাওয়া; জন্মমৃত্যু। "ঘুচলো ভবের আ°।"-বড়াল°। "এবার তবে ক্ষান্ত হবে ওরে শ্রান্ততরী রাখরে আ°।"-রবী°।

আনাচকানাচ [আনাচ (আ=অবধি, পর্য্যন্ত+নাচ=সদর, প্রকাশ্য স্থান) কানাচ (গৃহের পশ্চাদ্ভাগ, অপ্রকাশ্য স্থান) প্রকাশ্য অপ্রকাশ্য সর্ব্বত্র বা আনাচ (আবর্জ্জনা যুক্ত, আঁস্তাকুড়-অস্থান) কানাচ (ছাঁইচ, তুল-ইং -cornice)। ছাঁচতলা (গৃহের পশ্চাতে) অপরিষ্কার বা নোংরা থাকে, সুতরাং কুস্থান] বি, অস্থান-কুস্থান; আঁদাড়-পাঁদাড়। "ভাল মোদের কাল মন্দ মোদের ভাল-আঁদাড় পাঁদাড় আনাচ, কানাচ ঘুরে বেড়াই চল।" -ম্যাক্‌বেথ্‌ (গিরিশ°)।

আনাজ [হি°-অনাজ=শস্য। সং-অন্নাদ (অন্ন+অদ্ (ভক্ষণ করা)-যার সাহায্যে অন্ন ভোজন করা যায়] বি, সব্জী; তরকারি। ~পত্র, ~পাত, ~পাতি -তরকারি-পাতি; রন্ধনোপযোগী ফলমূল ও শাকপাত। বিণ, আনাজি, (জী)- আনাজের উপযোগী। ২ আনাজ-সম্বন্ধীয়।

আনাজিকলা-কাঁচকলা।

আনাড় [আ-নাড়] বিণ, নিনাড়; নিভৃত; গুপ্ত। ২ বি, গুপ্তস্থান। ৩ দুর্জ্ঞেয় স্থান। ৪ যাকে নাড়া হয় নাই। ~া-বিণ, যা নাড়া বা সরান হয় নাই; অস্থানান্তরিত। ২ অকম্পিত; স্থির; অচঞ্চল; যা কাঁপান বা যাতে ঝাঁকুনি দেওয়া হয় নাই।

আনাড়ী [হি°-অনাড়ী (অজ্ঞ) সং-অনেড়=মূক=হাবাবোবা। সং-অজ্ঞানী > প্রাকৃ°-অন্নানী (কুমারপাল চরিত, ৩৩৭) -চা° বন্দ্যো°। বীরভূম প্রাদে°-'আনোড়া' বিণ, অজ্ঞ; মূর্খ; অশিক্ষিত; অচতুর; অকৌশলী। "একি পেয়েছ আ° দাঁড়ি তুফানে ডরাবে।"-রা° প্র°। ২ বোকা। 'ধনবানে কেনে বই জ্ঞানবানে পড়ে। আনাড়ীর ঘোড়া লয়ে অপরেতে চড়ে॥" -দীনবন্ধু। ~পণা, -না [হি°-অনড়্‌পন] বি, মূর্খতা; বোকামি।

আনানি [আনয়ন >] বিণ, আনীত; সংগৃহীত। ২ ক্রি, আনয়ন করা; ক্রীত।

আনামৎ-আমানৎ (বর্ণবিপর্য্যয়ে) দ্রঃ।

আনায় [আ-নী (লওয়া, ধৃত করা)+অ (ণে) যদ্বারা মৎস্যাদি আনা যায়] বি, জাল; ফাঁদ। "আনায় মাঝারে বাঘে পাইলে কি কভু ছাড়েরে কিরাত তারে?"-মেঘ°। ~ী [আনায়িন্‌, আনায়+ইন্‌ (স্য)] বি, জালিক; ব্যাধ; কিরাত।

আনায্য-বি, আনয়নের উপযুক্ত। স্ত্রী° ~া। ২ হোম করিবার জন্য দক্ষিণদিকে স্থাপিত অগ্নি; দক্ষিণাগ্নি।

আনার১ [ফা°] বি, দাড়িম্ব ফল; বেদানা pomegranate. "চাহি না আ° যেন অভিমানে ক্রূর।"-অশোক°। ২ তুবড়ি বাজী।

আনারস [হি°-আনারস্‌; উর্দ্দু-আনান্নস্‌; পর্ত্তু°-ananas >, ১৫৯৪ খ্রীষ্টাব্দে ব্রেজিল হতে পর্ত্তুগীজদ্বারা বঙ্গে আনীত (হরিহর শেঠ)। তে°-অনান্নস। সং-আনশ। শ্রীহট্ট প্রাদে° 'আনানাস'। ল্যা°-ananas sativus এবং পাইন বৃক্ষের ফল-সদৃশ বলিয়া ইং-পাইন-এপ্‌ল] বি, অম্ল-মধুরাস্বাদ ফলবিঃ; বহুনেত্র ফল pine-apple.

আনারসী [আনারস+ই (যুক্তার্থে)] বিণ, আনারসের স্বাদযুক্ত; ঈষৎ অম্ল-মধুর।

আনাহ১ [সং-আনয়। প্রা° বাং-আনহ, আনাহ (ণিজন্তরূপ)-আধু°-

আনাও] ক্রি, আনয়ন কর। "আ॰ ত্বরাগতি।"-শূ॰ পু॰।

আনাই$_{2}$ [আ-নহ্ (বন্ধন করা)+অ (ণে)] বি, কোষ্ঠবদ্ধ রোগ constipation মূত্ররোধক রোগ।

আনাই$_{3}$[নহ্=বিস্তারে] বি, বস্ত্রের দৈর্ঘ্য।

আনি$_{1}$ [আনা দ্রঃ] ক্রি, আনিয়া (পদ্যে)। "অপরুব কে বিহি আনি মিলায়ল।" -বি॰ প॰ (ন॰ গু॰)। ২ লইয়া আসি।

আনি$_{2}$, -নী [আনা দ্রঃ। আনা মূল্যের মুদ্রা। হি॰-আন্নি, তুল-একান্নী, দোআন্নী, চুয়ান্নী, আটান্নী] বি, চারি পয়সার মুদ্রা। ২ ষোড়শাংশ $\frac{1}{16}$ part. ৩ [হি॰ আনা] [ব্যা॰] প্রত্যয়বিঃ ; ব্যবহার ; ব্যবসায় বা কর্ম্ম ; অনুকরণ ইং অর্থে। "বাবুআনি।" ২ [হি॰-পানি শব্দের সঙ্কুচিতরূপ আনি] জল বাচক। 'আমানি, চালানি' (চেলুনি=চাল ধোয়া পানি), 'ধোয়ানি' (ধোয়া পানি), কলতানি=ক্লেদযুক্ত পানি।

আনিল$_{3}$-বিণ, অনিল সম্বন্ধীয়।

আনিল$_{2}$ [আনা দ্রঃ। আনিলাম,-লে, (আনলে),-আনিলেন ;-লি] ক্রি, লইয়া আসিল ; উপস্থিত করিল ; আনয়ন করিল।

আনিলি [অনিল=পবন+ই অপত্যার্থে] বি, অনিলপুত্র হনুমান্ ও ভীম। ২ বিণ, অনিল সম্বন্ধীয়।

আনী-আনি দ্রঃ।

আনীত [আ-নী=লওয়া+ত (র্ম্ম)] বিণ, যা আনয়ন করা হইয়াছে : উপস্থাপিত।

আনীল [আ (ঈষৎ)-নীল] বিণ, নীলাভ light blue. ২ বি, নীলবর্ণ অশ্ব।

আনু [অন্য >। ব্রজ॰] বিণ, অন্য। "এতদিনে আনু ভাগে হাম আছনু, সব বুঝনু অবগাহি।"-বি॰ প॰।

আনুকুল্য [অনুকূল+য (ভা॰)] বি, অনুকূলতা : সহায়তা : পোষকতা। ২ অনুগ্রহ। ৩ উপকার।

আনুখর [আনু (অনুচিত, অ=আ) গ্রা॰-কথ্য ব্যবহারে 'কর' যোগে অনুচিত অর্থে অনুচিতকর > অনুকর > অনুখর "বুলিলি যে আগে অনুখর"-মাধব কন্দলি (রামা॰)] বিণ, অনুচিত। ২ [অর্থ সম্প্রসারণে] অনুচিত কথা, দুর্ব্বাক্য। "অকারণে বোলে রাধা মোরে আ॰।" -শ্রী॰ কী॰।

আনুগতী [প্রা॰ বাং, বৈ॰ সা॰] বিণ, অনুগতা। "আ॰ ভকতী অনাথি আক্ষিনারী।"-শ্রী॰ কী॰।

আনুগত্য [অনুগত+য (ভা॰)] বি, অনুগত থাকার ভাব ; অনুবর্ত্তন ; বাধ্যতা। ২ তোষামোদ। ৩ আনুকূল্য।

আনুপদিক [অনুপদ (পদের অনু=পশ্চাৎ)+ইক] বিণ, পদানুবর্ত্তী ; পদাঙ্কানুসারী। ২ পশ্চাদ্গামী।

আনু/পূর্ব্ব,~পূর্ব্ব্য [অনু (পশ্চাৎ) পূর্ব্ব (প্রথম) পূর্ব্বের পশ্চাৎ] বি, অগ্র-পশ্চাৎ ; পর-পর ক্রম ; যথাক্রম। ২ অনুলোম। স্ত্রীং ~পূর্ব্বী। ~পূর্ব্বিক [অনুপূর্ব্ব+ইক] বিণ, অগ্রপশ্চাদ্বর্ত্তী ; পরম্পরাক্রমে : যথাক্রমে। "পরে তিনি উপাধ্যায়ের সম্মুখে আগমন করিয়া * * আ॰ সমুদায় বৃত্তান্ত কহিলেন।"-মহা॰ (বর্দ্ধ)।

আনুবন্ধ [আনু (আনুপূর্ব্বিক) বন্ধ বন্ধন, সংশ্রব] বি, অবিচ্ছেদ। ক্রি-বিণ, আনুবন্ধে-অবিচ্ছেদে। "আতি চির আনুবন্ধে।"-শ্রী॰ কী॰।

আনুবিধিৎসা [আনু=অনু (সদৃশ) বিধিৎসা (বিধানেচ্ছা), অনুবিধিৎসা+অ (স্বার্থে)+আ (স্ত্রীং)] বি, উপকারকের উপকার বা অপকারকের অপকার সাধনেচ্ছা। ২ [ন-অনু=অননু (বিপরীত) > অ+অনু=আনু-বিধিৎসা] উপকারকের অপকার সাধনেচ্ছা ; কৃতঘ্নতা। ৩ অপকাবকের উপকার সাধনেচ্ছা। ৪ প্রত্যুপকার করিবার অনিচ্ছা বা অপ্রত্যুপকার করিবার ইচ্ছা ; অকৃতজ্ঞতা।

আনুভাব্য [অনুভব+য (প্রশস্তার্থে)] বিণ, অনুভবনীয়।

আনুমানিক [অনুমান+ইক (ভবার্থে)] বিণ, অনুমানযোগ্য। ২ অনুমানসিদ্ধ ; সম্ভাবনীয়। ৩ আন্দাজী। ৪ [সাংখ্যে] বি, প্রধান প্রকৃতি।

আনুরক্তি [অনুরক্ত+ই (ভা॰)] বি, আসক্তি : অনুরাগ।

আনুরূপ্য [অনুরূপ+য (ভা॰)] বি, অনুরূপের ভাব ; সাদৃশ্য।

আনুলোম্য [অনুলোম+য (ভবার্থে)] বি, বর্ণানুক্রম ; যথাক্রম।

আনুশাসনিক [অনুশাসন+ইক (ভবার্থে)] বি, রাজনীতির অনুশাসন সম্বন্ধীয়। ২ মহাভারতান্তর্গত পর্ব্ব বা পরিচ্ছেদবিঃ।

আনুষঙ্গ [অনুষঙ্গ+অ (ভবার্থে), ভ্রং প্রা॰ বাং] বিণ, আনুষঙ্গিক। ২ গৌণ। "আ॰ ফল করে সংসারের ক্ষয়।"-চৈ॰ চ॰।

আনুষঙ্গিক [অনুষঙ্গ=সম্বন্ধ+ইক (ভবার্থে)] বিণ, সঙ্ঘটিত ; যা প্রধান বিষয় বা বস্তুর সঙ্গে আসে ; অপ্রধান ; গৌণ। ২ অপ্রকৃত। ৩ আবশ্যক ; প্রয়োজনীয়। আ॰ বস্তু-by products

আনুষ্ঠানিক, ~ষ্ঠিক [অনুষ্ঠান, অনুষ্ঠা+ইক (সম্বন্ধে)] বিণ, অনুষ্ঠানসম্বন্ধীয় ; শাস্ত্রীয় বিধিসম্মত ; অনুশাসন অনুযায়ী যে চলে।

আনূপ, আনুপ [অনূপ+অ (ভবার্থে)] বিণ, জলবহুল। ২ বি, জল বহুল দেশস্থ জন্তু ; গণ্ডার, মহিষ, শূকরাদি। ৩ আনারসের গাছ। ৪ হিজল গাছ।

আনৃণ্য [অন্-ঋণ+য (ভা॰)] বি, ঋণরাহিত্য ; ঋণমুক্তি ; ঋণপরিশোধ।

আনৃশংস্য [অ-নৃশংস+য (ভা॰)] বি, অহিংসা ; অক্রূরতা। ২ দয়া। ৩ [আ=সম্যক্] সম্যক্ ক্রূরতা।

আনে$_{1}$ [আনয়ন >] ক্রি, আনয়ন করে।

আনে$_{2}$ [অন্য >] ক্রি বিণ, অন্যে ; অন্য লোকে। ২ অন্যের পক্ষে ; অন্যক্ষেত্রে। ৩ [ব্রজ॰] বিণ, অন্য। "এহন জগত নহি আনে।"-বি॰ প॰। ~তব্য [আ-নী=লওয়া+তব্য] বিণ, আনয়নীয় ; আনিবার যোগ্য।

আনেতা [আ-নী+তৃ (র্ত্তৃ)] বিণ, আনয়নকারী ; আহরক।

ˋআনোট, আনোটা [অঙ্গুষ্ঠত্রাণ বা অঙ্গুরীয়ক শব্দের ভ্রং। হি॰-অঁগুঠা > আঙোট্ >] বি, পায়ের আঙ্গুলের আংটি :

পদাঙ্গুলির আভরণ বিঃ; আংটা; চুটকি [আঙ্গোট দ্রঃ]।

আন্ত [অন্ত+অ (সম্বন্ধে)] বিণ, অন্ত-সম্বন্ধীয়। ২ [ব্যা°] অ, আ বর্ণান্ত; যার শেষে অ বা আ আছে।

আন্তর [অন্তর+অ (ভবার্থে)] বিণ, অন্তর্গত। ২ আন্তরিক: মনোগত। ৩ [অন্তর গ্রা° উচ্চারণ] বি, তফাৎ; ব্যবধান; দূর। ৪ ক্রি-বিণ, দূরে; ব্যবধানে।

আন্তরিক [অন্তর+ইক (ভবার্থে)] বিণ, অন্তঃকরণসম্বন্ধীয়। ২ হৃদ্‌গত; মনোগত; মানসিক। ৩ অকপট। ৪ আভ্যন্তরীণ; দেহের ভিতরস্থ। ৫ গভীর। প্র-আন্তরিক ক্রোধ বা বিদ্বেষ।

আন্তরিক-স্রোত (ঃ) [আন্তরিক-স্রোতস্] বি, সমুদ্রগর্ভস্থ অবিরাম প্রবাহ main currents of the ocean.

আন্তরীক্ষ [অন্তরীক্ষ+অ (ভবার্থে)] বি, স্বর্গ ও মর্ত্যের মধ্যস্থলবর্ত্তী; আকাশ-সম্বন্ধীয়।

আন্তরীণ [অন্তর+ঈন (ভবার্থে)] বিণ, আভ্যন্তর; অন্তরস্থ; অন্তর্ব্বর্ত্তী।

আন্তরে,-রেঁ [প্রা° বাং] অ, নিমিত্ত। "তোমার আন্তরে গেলোঁ রাধিকার থানে।"-শ্রী° কী°।

আন্তর্জনীন [অন্তর-জন-ঈন] বিণ, অন্তর্জাত; আভ্যন্তরীণ; সংস্রবোৎপন্ন। "উর্দ্দু আমাদের ভারতীয় আ° ভাষা আর বাংলা আমাদের মাতৃভাষা।"-মৌ° সাহীদুল্লা (প্রবাসী, ১৩৩০)।

আন্তর্জাতিক, আন্তর্জাতীয় [অন্তর্জাত+ইক, ঈয় (ভবার্থে, সম্বন্ধে)] বিণ, জাতি সমূহের পরস্পর ব্যবহার সম্বন্ধীয়; সর্ব্ব জাতির মধ্যে প্রচলিত; জাতি সকলের পরস্পর স্বার্থরক্ষা ঘটিত international. **~সম্মিলিত ব্যবসায়ী সংঘ**-পৃথিবীর সর্ব্বজাতীয় শ্রমশিল্পীদিগের স্বার্থ সংরক্ষক সমাজ International Federation of trade Union. "আন্তর্জাতিক সমাজতন্ত্রীদিগের শ্রমজীবী কার্য্যকরী সমিতি এবং আ° সম্মিলিত ব্যবসায়ী সংঘের একটী সভা হয়ে গিয়েছে।"-আ° শক্তি।

আন্তর্য্য [অন্তর+য (প্রভেদ, তারতম্য-ভবার্থে)] বি, তারতম্যের ভাব; তুল্যতা।

আন্তিম [বৈজ্ঞা° পরিঃ-প্রবাসী, কার্ত্তিক ১৩৩৩] বি, পরমাণু atom

আন্তে [আনিতে > ক্ষে°] ক্রি, আনয়ন করিতে; লইয়া আসিতে। "যদি গোকুলে আন্তে পার শ্রী কান্তে।"-মনোমোহন বসু।

আন্ত্রিক [অন্ত্র+ইক (সম্বন্ধার্থে)] বিণ, অন্ত্রসম্বন্ধীয়; অন্ত্রঘটিত। ২ ['আন্তরিক' শব্দের দ্রুত উচ্চারণ] আন্তরিক: আভ্যন্তরীণ। আ° জ্বর-অন্ত্রক্ষত ঘটিত বিষম জ্বর enteric fever.

আন্দাজ [ফা°-অন্দাজ্] বি, অনুমান; অনুভব। ২ পরিমাণ। ৩ অনুরূপ। ৪ চাঁচা; ডৌল। ৫ [ফা°-আন্দাজ=লক্ষ্যকারী, ক্ষেপণকারী] বাং-য় তদ্ধিত প্রত্যয় স্বরূপ অবিকৃত ভাবেই চলিতেছে। প্র-বরকন্দাজ। তীরন্দাজ। বিণ, **~ী**-আনুমানিক; ঠাউকো; ঠিক না জানিয়া; আজামা।

আন্দি [রংপুর প্রাদে°] বিণ, এঁদো; অব্যবহৃত (পুষ্করিণী ই°)।

আন্দু [সং-অন্দু > । হি°-আন্দু] বি, হাতীর পা বাঁধিবার দড়ি বা শিকল।

আন্দোলন [আন্দোলি+অন (ভা°)] বি, চর্চ্চা; অনুশীলন; তর্ক; বাদানুবাদ। ২ [বাখরগঞ্জ, মৈমনসিং প্রাদে°] বিচার; আলোচনা। ৩ উত্থাপন। ৪ সঞ্চালন। ৫ দোলন। ৬ কম্পন। ৭ [ণে, অন] দোলা। ৮ তোলা পাড়া (মনের মধ্যে); উদ্বেগ। ৯ [বৈজ্ঞা° পরিঃ] তরঙ্গায়িতগতি undulation **~তত্ত্ব**-তরঙ্গায়িতগতিবাদ; তরঙ্গসিদ্ধান্ত undulation theory

আন্দো/লনীয়-বিণ, আন্দোলনের যোগ্য; যার সম্বন্ধে আন্দোলন করিতে হইবে। **~লিত**-বি, যাকে সঞ্চালিত করা হইয়াছে; যার সম্বন্ধে আন্দোলন করা হইয়াছে।

আন্ধ, আন্ধা [অন্ধ > আ°, আন্ধল (প্রা° বাং)। "কামে আন্ধল হঞা," -শ্রী° কী°। গ্রা°-আঁধা] বিণ, অন্ধ। "আন্ধার মাণিক বাছা অন্ধনীর নড়ি।"-ক°।

আন্ধসিক [আন্ধস্=সিদ্ধ তণ্ডুল+ইক (পাকার্থে)] বিণ, পাচক; রাঁধুনি।

আন্ধার [সং-অন্ধকার > অন্ধআর > অন্ধার। আন্ধার আঁধার। প্রা° বাং 'আন্ধকার,' 'আন্ধারী,' 'আন্ধি আরী' (শ্রী° কী°)] বি, অন্ধকার। "আন্ধার কৈল ধূলায়।"-অ° ম°। (আধু° বাং) আঁধার। "আঁধারেতে ভয় করিনা আমি আঁধার বড় ভালবাসি।"-গান। আঁধার ঘরে (ব্রজ°) আঁধিয়ার; আঁধিয়ারা (আন্ধিয়ার দ্রঃ)।

আন্ধারিয়া [আন্ধার (অন্ধকার)+ই-আ (যুক্তার্থে)] বিণ, অন্ধকারময়। "অবশেষে প্রবেশিলা আ° ঘরে।"-কবিক°।

আন্ধিয়ার [অন্ধকার > । ব্রজ°] বি, অন্ধকার; আঁধার। "জনু রবিশশী সঙ্গহি উয়ল পিছে করি আ°।"-বি° প°। "অতিঘন আন্ধিয়ার।"-জ্ঞান° [ব্রজ°-'আঁধিয়ার', 'আঁন্ধিয়ারা' ও 'আঁধিয়ারা'। আধু° বাং-য় 'অন্ধকার' ও 'আঁধার' চ°।

আন্ধ্র [অন্ধ্র (তেলুগু দেশ)+অ] বিণ, অন্ধ্র দেশীয়; অন্ধ্র দেশজ। ২ অন্ধ্র জাতীয়।

আন্ন-অন্ন দ্রঃ।

আন্নি ['খেদা'র পরিঃ] বি, হাতী ধরিবার কোটের দরজার দুই দিকের বাহিরের বেড়া wing. "কোটের ভিতর হাতী পুরিবার জন্য কোটের দরজা হতে কোটের বাহিরে দুইদিকে ক্রমে প্রসারিত করিয়া মোটা মোটা খুঁটি পুঁতিয়া খানিক দূর পর্য্যন্ত যে দুইটা বেড়া প্রস্তুত করিতে হয় সেই দুইটির নাম 'আন্নি'।"

আন্মনা [অন্যমনা > আনমনা দ্রঃ] বিণ, অন্যমনস্ক। "ক্ষ্যাপার মতন আছি চিরদিন উদাসীন আ°।"-রবী°।

আন্বয়িক [অন্বয় (বংশ)+ইক (ভবার্থে)] বিণ, সদ্বংশ জাত: কুলীন। [বিরল] ২ [ব্যা°] অন্বয়সঙ্গত; কৃতান্বয়।

আন্বাহিক [অন্বহ (দ্রঃ)+ইক ভবার্থে)] বিণ, দৈনন্দিন; প্রাত্যহিক; নৈত্যিক।

আন্বীক্ষিকী [অনু (শ্রবণের পর) ঈক্ষা (দর্শন, মনন, জ্ঞান)+ইক (সম্বন্ধে) আত্মতত্ত্ব শ্রবণের পর মানস নেত্রে দর্শন বা অনুমান-

---

যুক্ত বিশ্লেষণ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌য় ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্‌ষ হ্ন=হ্‌ন হ্ম হৃ হ্য হ্ল হ্ব রুহ হ্‌ক্ষ হ্য, হ্ব হ্‌ব=zfwv ষঁ চ্চা° দ্রঃ

রূপ মনন-জ্ঞান-নির্ব্বাহক্ শা০] বি, তর্ক-বিদ্যা ; গৌতমের ন্যায়দর্শন।

আপ্, আপ১ [অপ্ (জল)+অ (সমূহার্থে)] বি, জলরাশি। "হৃদয় বায়ু বহ্নি আপ্ তারে দিল স্থল।"-কবিক০। ২ অষ্ট বসুর মধ্যে একজন।

আপ২ [সং-আত্মন্, প্রাকৃ০-অপ্পণ, হি০-আপ্না-আপ। ব্রজ] বি, আপনি ; নিজে : স্বয়ং। "আপ হি গুরু হোই শিখায়ব কাম।" -বি০ প০। ~কা, ~কে-আপনার।

আপকেওয়াস্তে [মূলে সাহেব ভক্তদের মনস্তুষ্টির জন্য স্বার্থান্বেষী এই চাটু-বাণীর প্রতি বিদ্রূপার্থে] অ, আপনার জন্য। ২ বিণ, তোষামোদকারী : চাটুকার। প্র-যত সব আপকেওয়াস্তের দল।

আপক্ক [আ-ঈষৎ-পক্ব (পরিণত, পাকা)] বিণ, ডাঁসা : পাক্‌লো : আধপাকা। ২ অর্দ্ধসিদ্ধ। ৩ ভর্জ্জিত ; ভাজা।

আপখোরাকি [প্রাদে০ রংপুর, নোয়াখালি ই০] বিণ খোরাকিসহ : প্র-আ০ ৫৲ টাকা মাহিনা।

আপগা [আপ=জলরাশি-গ (গম্=গমন করা)+অ (কৃ)-যে গমন করে (উপ)] বি, সমুদ্রগামিনী নদী।

আপজাত্য [অপজাত (দ্রঃ)+ষ্ণ্য (ভা০)] বি, পূর্ব্ব-বংশগুণ বা জাতীয় উৎকর্ষ হতে বিচ্যুত ; জাতি কুলোচিত সদ্গুণ ভ্রষ্ট হবার ভাব বা অবস্থা degeneracy [বিপরীত -আভিজাত্য]।

আপটকা [প্রা০-মেয়েলি০-পলকা অর্থে অপলকা বা আপলকা'র মত] বিণ, পট্‌কা : পলকা (দ্রঃ)।

আপড়া [আ (না)-পড়া (প্রাপ্তপাঠ, কৃতপাঠ, অধীত), হি০-অনপঢ়=অকৃতপাঠ] বিণ, অপঠিত ; যা পড়া হয় নাই। ২ যে পড়ে নাই ; অশিক্ষিত।

আপণ [আ-পণ্ (বাণিজ্য করা)+অ (ভা০)] বি, পণ্য-ক্রয়-বিক্রয়ের স্থান ; বিপণি ; দোকান ; হাট। ~ণিক [আপণ+ইক (ধর্ম্মার্থে, "পণ্যাৎ ইক")] বিণ, বাণিজ্য বা ক্রয়বিক্রয়সম্বন্ধীয় ; বিপণি বা দোকানবিষয়ক। ২ যারা পণ্য আদান প্রদান করে ; বণিক্ ; ব্যবসায়ী ; দোকানি। ৩ মাশুল ; বাণিজ্যকর।

আপৎ-আপদ দ্রঃ। ~কাল-বি, বিপদের সময় ; আসন্নকাল ; সঙ্কট সময়।

আপতন [আ-পত্=গমন করা+অন (ভা০)] বি, পতন। ২ সংঘটন। ৩ আগমন। ৪ অবতরণ।

আপতিক [আ-পত্=পড়া+ইক (কৃতার্থে)] বিণ, হঠাৎ বা দৈবাৎ আগত বা সংঘটিত ; দৈবায়ত্ত accidental. বি, বাজপাখী।

আপতিত [আপতন (দ্রঃ)+ত (র্ম্ম)] বিণ, দৈবাৎ বা হঠাৎ আগত ; পতিত ; নিপতিত। ২ উপস্থিত। ৩ অবতীর্ণ।

আপত্তি [প্রা০-আপত্য, আপত্ত। আ-পদ্ (গমন করা)+তি (ভা০)-যে প্রতিকূলে গমন করে] বি, বিপত্তি ; বিপদ ; আপদ। ২ বাধা : প্রতিবন্ধক। ৩ অসম্মতি ; অমত। ৪ তর্ক। ৫ বিপরীত যুক্তি প্রদর্শন। ৬ ভৎর্সনা [বিরল] ~কর, ~জনক-বিণ, আপত্তির সূচক।

আপদ্১ [আ (বিপরীত, প্রতিকূল)-পদ্ (গমন করা)+ক্বিপ্ (ভা০)] বি, বিপত্তি : বিপদ ; ব্যসন। ২ দুঃখ। ৩ দুর্দ্দশা [তুল-আ০-আফৎ=বিপদ্] ~গ্রস্ত [আপদ্-গ্রস্ত] বিণ, আপদে পতিত ; আপন্ন ; বিপদ্-গ্রস্ত ; বিপন্ন। ~প্রাপ্ত [আপদকে প্রাপ্ত-২তৎ] বিণ,আপন্ন;বিপন্ন।~বিপদ্ [প্রকার বাহুল্যার্থে একার্থক যুগ্ম পদ] বি, নানা প্রকারের বিপদ ; বিবিধ দুঃখ ; নানা দিক্ হতে আশঙ্কিত বিপদ।

আপদ্২, আপাদ [আ (অবধি, পর্য্যন্ত) পদ, পাদ (চরণ)] ক্রি-বিণ,পদ পর্য্যন্ত ; মাথা হতে পা পর্য্যন্ত। ~চুম্বিত [আ-পদ-চুম্বিত (স্পৃষ্ট)] বিণ, যা চরণ স্পর্শ করিয়াছে ; মস্তক বা গলদেশ হতে পদ পর্য্যন্ত লম্বিত। ~লম্বিত-বিণ, আচরণচুম্বিত ; মাথা হতে পদ পর্য্যন্ত লম্বিত ; গলদেশ হতে লম্বিত হইয়া যা চরণ স্পর্শ করিয়াছে। > স্ত্রীং ~লম্বিতা। ~লম্বী-বিণ, পদ পর্য্যন্ত লম্বিত। > স্ত্রীং ~লম্বিনী। "শবশিশু-কুণ্ডল, লোল শ্রুতিমূল, দনুজমুণ্ডমাল, আপদ-লম্বিনী।"-রঘুনাথ০ (বাং গান)।

আপদ্ধর্ম্ম [আপদ্-ধর্ম্ম (ধৃ+মন্)] বি, বিপদে পতিত হইলে যে ধর্ম্ম অবলম্বন বিধেয় ; আপদ্‌কালের ধর্ম্ম।

আপন [সং-আত্মন্ > প্রাকৃ০-অপ্পন-অপ্‌পন (ং)=আপনার (রত্নাবলী)। হি০-অপন্, অপ্‌না ; ওড়ি০-অপণ ; অস০-আপুনি। চট্ট০-'আঅন', 'আঁঅন'। অতি প্রা০ বাং বৌ০ গা০ ও দো০-অপ্পণ (অউণ রুঅ=আপন-রূপ-বৌ০ গা০ ও দো০), আপন অর্থে 'অপণু', আপনি অর্থে-অপণা 'অপা', 'অপ্‌পণু', 'অপ্যণু', 'অপ্যা' ; অপনা অর্থে-'আপণা' 'অপণে', 'অপ্যণা', এবং আপনাকে অর্থে-'অপণা', 'অপ্যণু', 'অপ্যাণ' ; পরবর্ত্তী প্রা০ বাং-আপন অর্থে 'অপণ' আপণ (নিজ) ; আপনাকে অর্থে 'আপণ', 'আপণা', 'আপণে', 'আপণাক', নিজেই অর্থে-'আপণেই', 'আপণেয়ি', 'আপণেগ্রি', "পর অপ্পাণ,"-দো০ ১১৯। "অপণ অঙ্গের লম্বিমা হইআঁ, মুছিআঁ কাহ্ন আপণ বসনে।"-শ্রী০ কী০] বিণ, নিজ ; স্বকীয় ; নিজস্ব। "বলে তুমি কহ আ০ নাম,"-চণ্ডী০। ২ আত্মীয়। ৩ স, আপনাকে বা নিজেকে। "সই কেন বা আ০ খেয়ে আইলাম যমুনায়।"-চক্র ঠাকুর। ৪ আপনার ; নিজের। "হেলা ফেলা সারা বেলা, একি খেলা আ০ মনে।"-রবী০। "আপন মনে,"-ঐ। ৫ [আপ্ (প্রাপ্ত হওয়া) +অন (ভা০)] প্রাপ্তি ; প্রাপণ। বিণ, আপ্ত। ~কি [প্রা০ বাং-র হি০-র অনুকরণে] নিজের। আ০ খাওয়া-আত্মঘাতী হওয়া ; আপনার মরণের উপায় আপনি করা। ২ মরা। "সই, কেন বা আপন খেয়ে, আইলাম যমুনায়।" ~পর-আত্মীয় অনাত্মীয় ; শত্রু-মিত্র ; আত্মপর। আ০ পায়ে কুড়াল -মারা-নিজের হাতে নিজের অনিষ্ট করা ; আত্মঘাতী হওয়া ; আপনার মঙ্গলের সূত্র আপনার হাতে ছিন্ন করা। ~ওয়ালি [হি০ 'আপনালি' হওয়াই উচিত ছিল। তুল-ঠাকুরালি] স্বার্থপরতা। "তবে যদি কেহ করে আপনওয়ালি তার রক্তে পূজিব রঙ্কিণী ভদ্রকালী॥"-ঘ০।

আপনা [হিং-অপ্‌না] বিণ, নিজ ; স্বয়ং ; আত্ম ; আপন। ২ আপনাকে : নিজেকে। "সই, কেন বা আপনা (পাঠান্তরে 'আপন') খেয়ে আইলাম যমুনায়।"-হরু ঠাকুর। ~**আপনি**-স্বতঃপ্রবৃত্ত হইয়া। ২ স্বভাবতঃ : কাহার চেষ্টাজাত নহে। ৩ আত্মীয়বন্ধু ; স্বজন : আত্মপক্ষ। ৪ পরস্পর। **আপনার মর্ত**-মনের মত। "আ- মত পাই, তবে গ্রাস দুই খাই,"-কবিক°।

আপনার [সং-আত্মন্-৬ষ্ঠী, ১ ব°, প্রাকৃ°-অপ্‌পাণাণং, অপ্‌পাণ (:) >। তুল-মঃ-অপলা। দ্রঃ-সমানার্থে, তোমার ; তুচ্ছার্থে, তোর] স, ভবদীয়। ২ আত্মীয়। "তুমি যে আমার কত আ°, এবার সে কথা বুঝালে।"-রবী°।~**া**-আপনি এবং আপনার সম্পর্কিত সকলে : যাঁকে সম্বোধন করা হইতেছে তিনি এবং তাঁর উপস্থিত সহযোগিগণ। ২ [প্রাদে°। প্রশ্নে] আপনার জাতি কি ; কোন্ জাতি বা সমাজভুক্ত (এখানে আপনারা সম্ভ্রমার্থক নহে)। প্র-তোমরা আপনারা ?

আপনি [হিং-আপ্‌নে। প্রাকৃ°-তুম্ বা তোম্ শব্দের ১মা ১ব° 'তুমি'র সম্ভ্রমসূচক রূপ। গ্রা°-আপুনি। প্রা° বাং-য় 'আপুণি', 'আপুণী'। "আহ্মে আপুণী জাইব সংহতি তাহারে।"-শ্রী° কী°] স, ভবান্ ; উপস্থিত মান্য ব্যক্তিকে সম্বোধন। ২ স্বয়ং : নিজে। "আপনার ভারে মরি যে আ°।"-রবী°। "আজি বসন্ত আপনি হেরি মুখখানি বিহরে চরণতলে গো।"-বি° মজুমদার।

আপন্ন [আ-পদ্+ত (র্ত্তৃ)] বিণ, আপদ্‌গ্রস্ত ; বিপন্ন। ২ প্রাপ্ত। ৩ লব্ধ।

আপন্নসত্ত্বা [আপন্ন (লব্ধ)-সত্ত্ব (প্রাণী)। যে গর্ভে অপত্য প্রাপ্ত হইয়াছে-বহু°] বি, বিণ, অন্তঃসত্ত্বা ; গর্ভিণী।

আপমিত্যক [সং] বিণ, বিনিময়লব্ধ in exchange.

আপরাহ্ণিক [অপরাহ্ণ+ইক (ভবার্থে)] বিণ, অপরাহ্ণকালীন ; বৈকালিক। ২ [কৃতার্থে ইক] দিবসকে তিন ভাগে বিভক্ত করিয়া শেষ ভাগে কৃত্য শ্রাদ্ধাদি।

আপশানি [ফা°-আফ্‌শান (বিক্ষেপ, বিস্তার করা)] বি, আস্ফালন। ২ পশ্চাত্তাপ [আফসান দ্রঃ] ক্রি, **আপশানি, আপসানি** [আপশাই, আপশাও, আপশায় ; আপশাইতে ; আপশাইয়া (ক্ষে° আপ্‌শে) ই°] আস্ফালন করা। ২ আপশোষ করা ; অনুতাপ করা। ৩ ভাপসানো ; হাপসান (দ্রঃ)।

আপশোষ, -সোস [ফা°-আফ্‌সোস্ (দুঃখ, সন্তাপ)] বি, দুঃখ ; মনস্তাপ ; পরিতাপ। "মুখের গ্রাস কেড়ে নিলে, আপ্‌সোসে প্রাণ বাঁচে না।"-বাং গান।

আপস, আপোস [সং-আত্মন্ > প্রাকৃ° অপ্পণো > অপনা (ন=স) > হি° আপ+সে। হি°-আপুস (হি°শ° সা°) হি°-র ন্যায় বাং-য় ৬ষ্ঠী ও ৭মীতেই প্রয়োগ-আপসের (আপসক), আপসে (আপসমে)] বি, আত্মীয়-স্বজন ; আত্মীয়বন্ধু। ২ রফা ; মিটমাট compromise আপনাআপনি ; পরস্পর। ক্রি-বিণ, **আপসে**-আপনাআপনির ভিতর ; সদ্ভাবে : উভয়পক্ষের পরস্পব সম্মতিক্রমে। প্র-আপসের মামলা আপসে মিটমাট হয়ে গিয়েছে।

আপসা [গ্রা°, প্রাদে°, প্রা° বাং আপোষ, আপোঙষ দ্রঃ। তুল-ফা°-আফ্‌শুর্দা (পিষ্ট, কণ্ডিত)] ক্রি, কণ্ডণ করা ; মুসলাঘাতে কাঁড়া ; চূর্ণ করা ; দণ্ডাঘাত করা। "তণ্ডুল কারণে ধান্য গোপতে আপসে।" "ধান্য আপসিতে শব্দ শব্দ উঠিল।"-কৃষ্ণপ্রেম-তরঙ্গিণী।

আপসানি-আপশানি দ্রঃ।

আপস্কার [অপস্কর দ্রঃ। সং] বি, গাত্রমল ; গায়ের মলা।

আপস্তম্ব-বি, সংহিতাকার স্বনামখ্যাত মুনি ; কল্পসূত্রকার।

আপা$_{১}$, **আপাগাড়ি** [অপ্ (জল)+আ (সন্নিহিত)+গাড়ি (হি° গাড়া=গর্ত) ক্ষে°, আপা। প্রাদে°] বি, জলের ধারে মাছ ধরিবার গর্ত।

আপা$_{২}$ [ঢাকা প্রাদে°] বি, জ্যেষ্ঠা ভগিনী।

আপা$_{৩}$, **আপাকথা** [আ°-আফ্‌ওয়া : ফোআহ্ (জনরব) শব্দের বহুব°] বি, জনরব ; জনশ্রুতি ; কিংবদন্তী rumours

আপা$_{৪}$-আফা দ্রঃ।

আপাং-আপাঙ্গ দ্রঃ।

আপাক [আ=ঈষৎ-পচ্=পাক করা+অ] বি, ঈষৎ পাক। ২ কুম্ভকারের মৃৎপাত্র দগ্ধ করিবার স্থান ; পোয়ান।

আপাকা [অপক্ব >] বিণ, অপক্ব। ২ অর্দ্ধপক্ব ; অর্দ্ধসিদ্ধ ; অর্দ্ধদগ্ধ।

আপাঙ্গ, আপাং [সং-অপামার্গ-অপাঙ্গক] বি, চিড়চিড়ের গাছ ; আপাং গাছ achyranthes aspera.

আপাটল [আ=ঈষৎ-পাটল] বিণ, পাটলবর্ণাভ ; ঈষৎ পাটকিলা বর্ণযুক্ত।

আপাণ্ডর, আপাণ্ডুর [আ (ঈষৎ) পাণ্ডর, পাণ্ডুর] বিণ, পাণ্ডুবর্ণাভ ; ঈষৎ শুক্লপীতবর্ণযুক্ত ; ফ্যাকাসে।

আপাত [আ-পত্=গমন করা+অ] বি, পতন। ২ আগমন। ৩ উপস্থিত : বর্ত্তমান ; আপাততঃ ; তৎকাল ; ঘটনা-কাল। প্র-আপাতমধুর। ৪ প্রথম। ~**কঠিন, ~কঠোর**-বিণ, আপাততঃ কঠিন (পরিণামে কিন্তু কঠিন নহে) ~**কর্কশ**-বিণ, যা উপস্থিত বা তৎকালে কর্কশ বলিয়া বোধ হয় (কিন্তু পরিণামে তা থাকিবে না)। ~**দৃশ্যমান**-উপস্থিত যা দৃষ্ট হইতেছে বহির্দৃষ্টিতে যেরূপ প্রকাশ পাইতেছে। "বাঙ্গালা চলিত ভাষায় আপাত-দৃশ্যমান অরাজকতার মধ্যে,"-ডা° সু° চট্টো°।~**দৃষ্টি**-প্রথমদর্শন ; উপস্থিত দর্শন : দেখিবামাত্র। ~**পরুষ**-প্রথমে কর্কশ বা রূঢ় (পরিণামে নহে)। ~**বিরস**-উপস্থিত বা প্রথমে রসহীন বা বিমর্ষ (পরিণামে নহে)। ~**মধুর, ~মনোরম, ~মনোহর**-প্রথম বা উপস্থিত মধুর (কিন্তু পরিণামে নহে)। ~**রমণীয়**-প্রথমে সুন্দর। > স্ত্রীং ~**রমণীয়া**। ~**সরস, -সুরস**-উপস্থিত বা এক্ষণে বা তৎকালে রসযুক্ত ; সুমিষ্ট ; আপাত মধুর (পরিণামে নহে)। ~**সুন্দর**-বিণ, উপস্থিত মত সুদর্শন বা মনোহর।

আপাতিক [আপাততঃ >] বিণ,

উপস্থিত ; এইক্ষণ ; সম্প্রতি। ২ তাৎকালিক। ৩ ক্রি-বিণ, উপস্থিতমত।

আপাততঃ [আপাত (প্রথমে)+তস্ (৭মী স্থানে)] অ, সম্প্রতি ; প্রথমতঃ ; উপস্থিত ; এক্ষণে। ২ ক্রি-বিণ, উপস্থিতমত।

আপাত্য [আ-পত্=গমন করা+য (র্তৃ)] বিণ, আগন্তুক।

আপাদ [আ (অবধি)-পাদ) অ, পদ হতে ; পদ পর্য্যন্ত। ~চুম্বিত-আপদ২ দ্রঃ। ~মস্তক [আপাদ (পা পর্য্যন্ত, অবধি) -মস্তক (অবধি বা পর্য্যন্ত)] ক্রি-বিণ, পদ হতে মস্তক পর্য্যন্ত ; সর্ব্বাঙ্গ। "আপাদ মস্তকে।"-শি০। প্র-সে চাদরে আপাদমস্তক ঢাকিয়া ফেলিল। ~লম্বিত-আপদ২ দ্রঃ।

আপান [আ-পা=পান করা+অন (ধি) যে স্থানে বসিয়া পান করা হয়] বি, পানভূমি ; সুরাপানগোষ্ঠী tavern ২ মদের দোকান। ~ভূমি [আপান-ভূমি=স্থান] বি, মদ্যপানালয় ; মদের দোকান। ২ পান করিবার স্থান।

আপামর [আ (অবধি)-পামর (অধম, নীচ)] ক্রি-বিণ, পামর পর্য্যন্ত ; অধম পর্য্যন্ত। ~সাধারণ-উচ্চ হতে নীচ পর্য্যন্ত ; উত্তমাধম সকলেই।

আপায় [প্রা০ বাং] ক্রি, গত হয় ; যায়। "মধুমাস আ০ মাধব পরবেশ।"-কবিক০।

আপালি [প্রাদে০] বি, উকুন।

আপি, আপিয়া [অর্পি(অর্পণ করিয়া) >] ক্রি, অর্পণ করিয়া ; রাখিয়া। "যব হাম সোঁপব করে কর আপি।"-বি০ প০। "সখি করে কর আপিয়া।"-রবী০।

আপিং, আপিঙ্গ-আফিং দ্রঃ।

আপিঙ্গল [আ=ঈষৎ-পিঙ্গল] বিণ, ঈষৎ পিঙ্গল বা তাম্রবর্ণ ; পিঙ্গলাভ।

আপিঞ্জর১ [আ (পর্য্যন্ত) পিঞ্জর] বিণ, পিঞ্জর-পর্য্যন্ত।

আপিঞ্জর২ [আ (ঈষৎ)+পিঞ্জর= পিঙ্গল] আপিঙ্গল ; পীতাভ।

আপিন [গ্রা০ opionএর লিপ্যন্তর] আফিং দ্রঃ।

আপিল-আপীল দ্রঃ।

আপিস, অপিস, আপীশ, আপীষ, অফিস, আফিস [ইং-Officeএর লিপ্যন্তর] বি, দপ্তর ; কর্ম্মস্থান ; সেরেস্তা। "বিষম রাক্ষস ওটা মেলিয়া অপিসকোটা।"-রবী০। "আপিস ছেড়ে এলাম যদি আপনারই স্লেটে।"-দ্বি০ রায়।

আফিসর, আপিসার [ইং-Officer এর লিপ্যন্তর] বি, যে আপিসে কাজ করে ; উচ্চ কর্ম্মচারী ; কেরাণী।

আপীড় [আ-পীড=পীডন করা+অ (র্ণে) যদ্দারা মস্তক পীড়িত (পিষ্ট) হয়] বি, পাগড়ী ; কিরীট। ২ [ভা০-অ] আপীড়ন ; ক্লেশদান।

আপীড়ক-শেখরক দ্রঃ। ~ড়ন [আ-পীড=পীডন করা+ অন (ভা০)] বি, নিপীড়ন। ২ বিমর্দ্দন ; নিষ্পেষণ। ৩ গাঢ় আলিঙ্গন। ~ড়িত [আ-পীড্-পীড়ন করা+ত (র্ম্ম)] বিণ, নিষ্পেষিত ; সম্যক্ পীড়িত। ২ দৃঢ়বদ্ধ। ৩ গাঢ়ভাবে আলিঙ্গিত। ৪ ভারাক্রান্ত।

আপীত১ [আ (ঈষৎ) পীত] বিণ, পিঙ্গলাভ ; পীতাভ। ২ বি, মাক্ষিক ধাতু।

আপীত২ [আ(সম্যক্)-পা (পান করা) +ত(র্ম্ম)] বিণ, যা নিঃশেষে পান করা হইয়াছে ; সম্যক্ পীত। ~হরিৎ [আপীত-হরিৎ] বি, যে বর্ণে ঈষৎ হরিদ্রা ও সবুজের মিশ্রণ আছে yellowish green.

আপীন [আ (ঈষৎ, সম্যক্) প্যায় (বৃদ্ধি পাওয়া)+ত (র্তৃ)। প্যায়=পী। যে বৃদ্ধি প্রাপ্ত হয়] বিণ, স্থূল ; সুপুষ্ট ; মোটা। ২ [আ-পী (পান করা)+ত (র্ম্ম)-যা পান করা যায়] বি, গবাদির স্তন ; পালান ; মোড় [আপ্যান ও০। বাং অপ্র০]।

আপীল, আপিল [ইং-appeal-এর লিপ্যন্তর] বি, আবেদন। ২ পুনর্বিচারের আবেদন।

আপীলাণ্ট [ইং- appellantএর লিপ্যন্তর] বি, যে আপীল করে।

আপূপিক [অপূপ (পিষ্টক)+ইক (পাকার্থে)] বিণ, যে পিষ্টক প্রস্তুত ও বিক্রয় করে ; হালুইকর ; ময়রা ; পিষ্টক-বিক্রেতা ; মিঠাই বিক্রেতা ; রুটিওয়ালা।

আপূপ্য [আপূপ=পিষ্টক+য (ইদমর্থে)] বি, পিষ্টকের উপকরণ সামগ্রী ; ময়দা, সুজি ই০।

আপূর্ত্ত [আ-পূর্ত্ত (পৃ+ত (ভা০)] বি, খাতাদি খনন।

আপূষ [সং] বি, রাং ; বঙ্গধাতু।

আপৃচ্ছা, আপ্রচ্ছন [আ-প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+অ (ভা০)]বি, জিজ্ঞাসা। ২ আলাপ। ৩ আহ্বান।

আপেক্ষিক [অপেক্ষা+ইক (কৃতার্থে)] বিণ, অপেক্ষাকৃত ; তুলনাকৃত relative. বি, ~তা (-র্ক০)। ~গুরুত্ব-বি, অন্যের সহিত তুলনায় যে গুরুত্ব নিশ্চয় হয়। ২ [বিজ্ঞা০] "সর্ব্বাপেক্ষা লঘুতম একটী পদার্থের ওজনের সহিত তুলনায় অন্যান্য পদার্থের ওজন।"-ডাঃ প্রফুল্ল রায়। ৩ "কোন দ্রব্যের একঘন ফুট আয়তনের ওজনকে এক ঘনফুট জলের ওজন অর্থাৎ ৩০ সের দিয়া ভাগ করিলে যে রাশি পাওয়া যায়, সেই রাশিই সেই দ্রব্যের আপেক্ষিকগুরুত্ব।"-পদার্থবিদ্যা (ত্রিবেদী)। ৪ সমায়তন ভিন্ন ভিন্ন বস্তুর পরস্পর গুরুত্বের যে সম্বন্ধ specific gravity.

`আপেল [ইং-appleএর লিপ্যন্তর] বি, সেব নামক পাহাড়ী ফলবিঃ।

আপোড়া [আ (=অ, অর্দ্ধ, ঈষৎ) -পোড়া] বিণ, ঈষৎ দগ্ধ ; আধপোড়া। ২ অদগ্ধ ; যা পোড়ে নাই।

আপোষ-আপস ; আপোঙষ দ্রঃ।

আপোঙষ, আপোষ ['আপোঙস' শুদ্ধ, প্রা০ বাং স=ষ। আ (সম্যক্, বিলক্ষণ) পোঙষ > সং পুংস্ (মর্দ্দনে, পিষে দেওয়া) > পুঙস্, পোঙষ। প০ বঙ্গের গ্রা০ কথায় 'পুংসে' দেওয়া, 'পুঙিয়ে' দেওয়া চ০ আছে। প্র-লোকটাকে ধরে আচ্ছা করে পুঙ্‌সে দিলে। (২) আ (সাদৃশ্যার্থে) পাংশু, পাংসু (রজঃ, ধূলি-চূর্ণ) > আপাংসু (ধূলিবৎ) > আপোঙষ (মেরে ধূলো বা গুঁড়ো করে দেওয়ার ভাব) > কো০ 'আপোষ'] বিণ, সুপিষ্ট ; চূর্ণীকৃত ; কণ্ডিত ; দণ্ডাহত ; বিলক্ষণ প্রহৃত। "মোঞ আপোঙষ হৈবো তোহ্ম জাইবে মার॥" (তোহ্ম=তুমিও। প্রহারে আমার হাড় গুঁড়ো

হবে তুমিও মারা যাইবে-আমাকে পুংসে দেবে তুমিও মারা যাইবে)-শ্রী০কী০। "কংসে সুধি পাইলে হইবে তোক্ষে আপোষ।" "আইহন মোরে করিবে আপোষ।"-ঐ।

আপ্ত [আত্মন্-আত্ম-আত্ত-আপ্ত] বিণ, আপন; স্বকীয়; নিজ। "আপ্ত মানে মানিনী,"-রামবসু। ২ আত্মীয়; স্বজন; মিত্র। "যত অবতারের পরিষদ আপ্তগণ।"-চৈ০ ভা। "এবে আপ্ত অনেক আনন্দে কর রাজ্য।"-ঘ০। ৩ বিশ্বস্ত। ৪ হিত। ৫ পরমার্থ। ৬ [আপ্ (পাওয়া)+ত] যথার্থ; সত্য। ৭ যথার্থবাদী; হিতোপদেষ্টা। ৮ লব্ধ; প্রাপ্ত। ৯ গণিত শাস্ত্রোক্ত ভাগফলাদি। ১০ যিনি ছলাদি দোষ রহিত। বি, আপ্তি-প্রাপ্তি: লাভ। ২ সম্বন্ধ; যোগ। ৩ যোগ্যতা। ৪ ব্যাপ্তি। ~কাম -বিণ, পূর্ণাভিলাষ; সিদ্ধমনোরথ: ধর্ম্মাত্মা; বিদ্বান্। ~কারী-বিণ, বিশ্বস্তব্যক্তি: যার উপর বিশ্বাস করিয়া কার্য্যভার অর্পণ করা যাইতে পারে। > স্ত্রীং ~কারিণী। ~খুদী [আপ্ত-আ০-খুদী-সহচর শব্দ উভয়ই একার্থক]বিণ, স্বেচ্ছাকৃত; স্বয়ং। ২ স্বার্থপর; আত্মম্ভরি। ৩ স্বয়ং পর্য্যাপ্ত self-sufficient ~গরজী [আপ্‌গরজী ও০। আ০-গরজ্] বিণ, যে আপনার গরজ (প্রয়োজন) বুঝে এবং তদনুসারে কাজ করে: স্বার্থপর। ~তা-বি, আত্মীয়তা; স্বজনপ্রীতি। "প্রীতি ভয় আপ্ততা সভার হইল মনে।"-চৈ০ ভা০। ~পর-আত্মপর দ্রঃ। ~বচন-বি, আপ্তশ্রুতি; বেদবাক্য; ঈশ্বর প্রকটিত সত্য; প্রত্যাদেশ revelation. ~বন্ধু-বি, আত্মীয় বন্ধু; বন্ধুবান্ধবাদি আপনার জন। ~বর্গ-বি, আত্মীয় স্বজন; স্বজনবর্গ; জ্ঞাতিগোত্র। ~বাক্-বি, বেদ; আগম। ~বাক্য-বি, ঈশ্বর-প্রকটিত সত্য; বেদাদি শাস্ত্র; প্রত্যাদেশ revelation. ২ আপ্ত বা আত্মীয় স্বজনের বাক্য। ৩ দোষাদোষ বিচার না করিয়া যে বাক্যের প্রামাণ্য বলিয়া গৃহীত হয়। ~বিক্রয়-আত্মবিক্রয়; আপনাকে বিক্রয়। "মনিষ্য আপ্তবিক্রয় কবজ ও দস্তখত।" -পুরাতন দলিল। ~ভাবে-ক্রি-বিণ, আত্মীয়ের মত; মিত্রবোধ করিয়া; আত্মীয়তা করিয়া। "সে দেশে কামিলা নাই, পাঠালেন তব ঠাই, আপ্তভাবে নৃপতিনন্দন॥" -কবিক০। ~য়াসী [আ০ আসা (প্রা০ বাং আশা দ্রঃ) > আস+ঈ] বিণ, স্বার্থপর; আপ্ত গরজী। ~সার [আত্মসংস্কার >] বি, যোগ, মন্ত্রতন্ত্রাদি প্রক্রিয়া বিশেষ দ্বারা আত্মদেহ বা নিজ শরীর রক্ষা। "কালীনাম যার আপ্তসার কালের ভয় কি আছে তার।" -কমলাকান্ত। ২ অমঙ্গলনিবারক অনুষ্ঠান। ৩ বিণ, স্বার্থপর selfish.

আপ্তি-আপ্ত দ্রঃ।

আপ্য [অপ্=জল+য (ব্যাপ্ত্যর্থে)] বিণ, জলময়। ২ জল সম্বন্ধীয়। ৩ [আপ্ (প্রাপ্ত হওয়া)+য] প্রাপ্য; লভ্য। ৪ বি, কর্ম্মের শেষভূত মন্ত্রাদি।

আপ্যা/য়ন [আ-প্যায় (বৃদ্ধি পাওয়া) আনন্দে স্ফীত হওয়া) + অন (ভা০)] বি, বর্দ্ধন; অভ্যুদয়; উন্নতি; বৃদ্ধি। ২ সম্বর্দ্ধনা; তোষণ; প্রীতিসম্পাদন। ৩ পুষ্টি; পোষণ। ৪ [বৈদিক] ক্ষতিপূরণ; শান্তি-বিধান। ৫ [র্তৃ-অন] বিণ, আপ্যায়নকর; প্রীতিদায়ক; সন্তোষজনক। ~য়িত [আ-প্যায় (বৃদ্ধি পাওয়া, তুষ্ট হওয়া ই০) + ত (র্ম্ম)] বিণ, বর্দ্ধিত; উন্নত; স্ফীত। ২ প্রীত; তুষ্ট; পরিতৃপ্ত। "মোর রূপে আপ্যায়িত করে ত্রিভুবন। রাধার দর্শনে মোর জুড়ায় নয়ন॥"-চৈ০ চ০। ৩ পুষ্ট (এই অর্থে সং-তে বহুল ব্যবহার। তুল- "সূর্য্যস্ত বীর্য্যেণ সোমস্তাপ্যায়িতা তনুঃ"-কূর্ম্ম পু০)। স্ত্রীং ~য়িতা।

আপ্রচ্ছন্ন [আ (আংশিক, সম্যক্) প্রচ্ছন্ন (দ্রঃ)] বি, প্রায় বা সম্পূর্ণ গুপ্ত।

আপ্রপদ [আ (অবধি)-প্রপদ (পদাগ্র)] বি, চরণপ্রান্ত বা পদাগ্র পর্য্যন্ত।

আপ্রপদীন [আ=অবধি-প্রপদ-পদাগ্র+ঈন (ব্যাপ্ত্যর্থে)] বিণ, পাদাগ্র পর্য্যন্ত লম্বমান; আপাদলম্বিত।

আপ্রাণ [আ (পর্য্যন্ত, অবধি)-প্রাণ] বিণ, প্রাণ পর্য্যন্ত; প্রাণপণ। প্র-আ০ চেষ্টা, আ০ শক্তি।

আপ্রী [বৈদিক] বি, বৈদিক মন্ত্র বিঃ। পশুযাগের প্রযাজ যাগে যে যাজ্যা মন্ত্র পঠিত হয়।

আপ্লব, আপ্লাব [আ-প্লু (জলে ভাসিয়া যাওয়া) + অ (ভা০)] বি, জলপ্লাবন। ২ অবগাহন; স্নান। ৩ উল্লম্ফন গতি। ৪ আচ্ছাদন।

আপ্লববর্ত্তী, আপ্লুতব্রতী [আপ্লব আপ্লুত (স্নান)-ব্রতী] বিণ, স্নাতক-ব্রতী। ২ বি, ব্রহ্মচর্য্যাশ্রম হতে গৃহস্থাশ্রমে প্রবেশ করিবার কালে স্নাত ব্যক্তি।

আপ্লা/বন [আ (সম্যক্)-প্লাবন (অভিষেক, বন্যা)] বি, বন্যা। ২ অভিষেক। বিণ, ~বিত-পরিপ্লুত: প্লাবিত; স্নাত।

আপ্লুত [আ (সম্যক্)-প্লু (জলে ভাসিয়া যাওয়া) + ত (র্তৃ)] বিণ, অভিষিক্ত; স্নাত। ২ [ভা০-ত] বি, স্নান। ৩ উল্লম্ফনগতি।

আফগান [ফা০-অফগান্] বি, ভারতের উত্তর-পশ্চিম-প্রান্তদেশবাসী স্বনাম-প্রসিদ্ধ জাতি। "পাঠান, আ০ মোগল ও।"-যমুনা-লহরী। "পরে আ০ মোগল পাঠান দলে দলে দেশ জুড়িয়া,"-দ্বি০ রায়।

আফতাব [ফা০-আফ্তাব্। তুল-সং আতপ=সূর্য্যকিরণ] বি, সূর্য্য।

আফরা [প্রাদে০ ভেদে 'উফ্রা' (দ্রঃ)] বি, ধানের পোকাধরা রোগ; আফরা ধরা বা লাগা; ধান গাছের গাঁঠের ঠিক উপরে এক প্রকার ক্ষত দেখা যায় তার প্রথমাবস্থায় চাষীদের ভাষায় থোড় ও পরিণত অবস্থায় পাকা আফরা বা উফরা।

আফলা-বিণ, যাতে ফল হয় নাই বা হয় না; রাঁড়া।

আফলোদয় [আ (পর্য্যন্ত)-ফল (সিদ্ধি-তার) উদয়] ক্রি-বিণ, ফলোদয় পর্য্যন্ত: যাবৎ ফলোদয় না হয়। ~কর্ম্মা, ~কারী -বিণ, যতক্ষণ কৃতকার্য্য না হয় ততক্ষণ পর্য্যন্ত যে কর্ম্ম করে।

আফসানি [আ০-আফ্শা (য়্)=জাহির বা প্রকাশ করা। ফা০-আফ্শান্=জল (জলের ফোঁটা) ছিটান বা আছড়ান, তা হতে হাত পা আছড়ান (ক্রোধে)-তা হতে বাং-তে রুদ্ধ-ক্রোধ হাত পা আছড়াইয়া প্রকাশ করা। ক্রুদ্ধব্যক্তি প্রতিকার বা প্রতিশোধ লইতে না পারিলে করতল মর্দ্দন বা নিষ্পেষণ করিতে থাকে, তখন তার মনের

ভাব ঐ প্রকারে এবং ঘন ঘন নিশ্বাস ই০তে প্রকাশ পায়। ফা০-আফ্‌শুর্দন=নিষ্পেষণ বা নিংড়ান। করে কর নিষ্পেষণ করা। তুল-উ০ "হাথমল্‌মল্‌রহ্‌গয়া।" বাং-য়-"হাত কামড়ে থাকা"। "হাতকামড়ানি"] ক্রি, চাপা ক্রোধ প্রকাশ করা : ক্রোধে ক্ষোভে হাত পা আছড়ানো। প্র-প্রতিকারে অসমর্থ হইয়া রুদ্ধ ক্রোধে হাত কামড়ানো। বি, **আফসানি**। প্র-ছেলেটা যাবার জন্য কতই না কল্লে কিন্তু কোন মতেই যেতে না পাওয়ায় তার আফসানিটা একবার দেখ।

আফসোস [ফা০-অফ্‌সোস=দুঃখ] বি, দুঃখ ; মনস্তাপ ; পরিতাপ [বাং-আফ্‌সোস, আফ্‌শোস, আফ্‌শোষ এই তিনই ব্যবহৃত হয়-আপশোষ দ্রঃ]।

আফা, আফানি, -লি [লম্ফ-লাম্ফ-লাফানি (গ্রা০-নাপানি) বা আস্ফালন >। প্রাদে০ গ্রা০-'আপা' ও০] বি, বেড়াজাল দিয়া মাছ ধরিবার কালে বাড় ডিঙ্গাইয়া পলায়ন করিবার জন্য মাছের লাফানি।

আফাটা [আ (না)-ফাটা (বিদীর্ণ, রন্ধ্রযুক্ত)] বিণ, যা ফাটা নয় ; ফাটল বা ফাটশূন্য। ২ ছিদ্রহীন।

আফার [প্রা০ বাং। ফার দ্রঃ। সং-স্ফর্‌ (প্রকাশে)-স্ফার (ফাঁক হেতু প্রকাশ)] বি, ফাঁক ; ফাঁকি ; শূন্য ; ফরসা। "আছুক লাভ মোর মূলত আ০।"-শ্রী০ কী০।

আফিং, আফিঙ্গ, আফিম, আফুক [সং-অহিফেন ; আ০-আফিয়ূন্‌ ; উ০-আফিম্‌ ; গ্রী০-ওপিয়ন ; ইং-ওপিয়ম] বি, পোস্তর (poppy) ঢেঁড়ি হতে নিষ্কাসিত নির্য্যাস ; কৃষ্ণবর্ণ, তিক্তরস মাদক দ্রব্য বিঃ ; স্বনাম প্রসিদ্ধ বিষ। "অস্থিচর্ম্ম করি শেষ আফিঙ্গে নাশিবে দেশ।"-কুকুম০। **আফিমী**-যে আফিম খায়। **আফিমচি, আফিংচি, আফিম খোর**-যে আফিমের নেশা করে ; আফিম খাদক। [আপিং, আপিন দ্রঃ]।

আফুট, আফুট স্তি, আফুটা,-টো [আ-ফুট। গ্রা০-আফোটা] বিণ, ছিদ্রহীন। ২ [সং-অস্ফুট] যা প্রস্ফুটিত নহে ; যা ফুটে নাই ; অস্ফুটন্ত। ৩ অপ্রকাশিত।

আফুলা [না=আ+ফুল+আ] বিণ, যাতে ফুল ধরে না বা ধরে নাই ; পুষ্পহীন।

আব১ [হি০-অব্‌] অ, এখন।

আব২ [ফা০-আব্‌ (জল)] বি, জল। প্র-পঞ্জাব (পঞ্চনদ প্রদেশ) ; আবহাওয়া (জলবায়ু) ; গোলাব (গুল+আব=জল) অর্থাৎ গোলাপজল (গোলাব দ্রঃ) ; আবখোরা (আব=জল+খোরা পাত্রবিঃ-জল পান করিবার বাসন) ই০। ২ [জল এই অর্থ হতে জলের মত স্বচ্ছ ও উজ্জ্বল এবং শেষে ঔজ্জ্বল্য। মুক্তাদি সম্বন্ধে উক্ত হয়] বি, ঔজ্জ্বল্য ; চমক [জহুরীদিগের ভাষায়। আবদার শব্দ দ্রঃ। অনুরূপ স্থলে ইং-water (আব=জল) শব্দ ব্যবহৃত হয়। তুল-pearl of the first water] ৩ (তরবারি ই০ অস্ত্রের) তীক্ষ্ণতা : ধার। **~জমজম্‌** [ফা০-আব্‌ (জল)+আ০-জম্‌জম্‌ (দ্রঃ)=আব-ই-জম্‌জম্‌] বি, মক্কার পবিত্র কূপ-জল। ২ [ক্কে০] মন্দাকিনী সুধা (নজ্‌রুল্‌ ইস্‌লাম)।

আব৩ [অভ্র >] মেঘ। "সুনালী চান্নীর রাইত আবে পড়ল ঢাকা।"-মৈ০ গী০।

আবঁ৪ [হি০-আব্‌ ; আবয়্‌, ব্রজ০] ক্রি, আইসে ; আগমন করে। "রাধবি রস জনু পুন পুন আব।"-বি০ প০।

আব৫ [অর্ব্বুদ >] বি, দেহের কোন স্থানে উৎপন্ন মাংসপিণ্ড। ২ গণ্ডমালা। বিণ, **আবুয়া, এবো**-আবযুক্ত।

আবিই [সং-আগচ্ছতি >, হি০-আবতি, আবই, প্রা০ বাং প্রাকৃ০-'আবয়ি' ও০। 'আবও' (সং-আগচ্ছন)। হি০-আব (এস), আবয় (আসে) ই০] ক্রি, আগমন করে : আইসে। "ভব জাইন আবই এমু কোই," -বৌ০ সহজিয়ামতের বাং গান। "আবই জাইণ্‌চ্ছড়ই তাবহ,"-দো০ ১১২। "জাইণ আবয়ি,"-চ০ ৪৩১৪।

আবওয়াব, আবয়াব [ফা০-বাব শব্দের বহুব০] বি, রাজস্ব ব্যতীত রাজা বা জমিদার কর্তৃক গৃহীত বিবিধ কর ; অতিরিক্ত কর illegal cess.

আবকার [ফা০-অব্‌কার্‌=যে মদ চুয়ায়] বি, মদ্যবিক্রেতা। ২ মাদক দ্রব্য প্রস্তুতকারক। **~ী**-বি, মাদকদ্রব্যের ব্যবসায় ; মাদক দ্রব্যের কর বা মাশুল। বিণ, মাদক দ্রব্যের প্রস্তুতকরণ, ব্যবসায় এবং মাশুলাদি নিয়ামক। প্র-আবকারী বিভাগ ; আবকারী মহাল। **আ০ দারোগা**-সরকারী আবকারী বিভাগের পরিদর্শক বা তত্ত্বাবধায়ক Excise Inspector. **আ০ মহাল**-মাদকদ্রব্য প্রস্তুত করণ, ব্যবসায় ও মাশুলাদি নিয়ামক রাজকীয়কর্ম্মবিভাগ Excise Department.

আবখোরা [ফা০-আখ্‌খোরা। আব্‌ (জল)+খোরা (ফা০-খুর্দন্‌=খানা খাওয়া। তা হতে খুর্দনী > খুরী-খোরাখ বা আহারীয় রাখিবার পাত্র। বৃহদর্থে-খোরা=বড় ভোজন পাত্র। ক্ষুদ্রার্থে খোরার অর্দ্ধেক তুলনায় বাং গ্রা০-**আদখুরী, আদখোরা**] বি, জলপান করিবার বাসনবিঃ ; পাথরের বড় পান পাত্র।

আবছায়া, অবছায়া [অপচ্ছায়া >গ্রা০-'আবছা'] বি, অস্পষ্ট ছায়া ; অস্পষ্ট প্রকাশ ; ক্ষীণ বা অস্পষ্ট ছায়ামূর্ত্তি। "কার যেন আবছায়া ছায়া মনে আসে।"-কস্তুরী০। "তুমি মাত্র অনন্তকালের আ০।"-কাঞ্চী০। ২ বিণ, ছায়াবৎ ; অস্পষ্ট।

আবজানি [প্রাদে০-নদীয়া কৃষ্ণনগর অঞ্চল] স্থানান্তরে আওজনো, আওজানো। সং আ-বজ্‌ (গমন করা, পাঠান) তা হতে ভেজান] ক্রি, দ্বার বন্ধ করা ; কপাটের এক বাইলের মুখে অপর বাইল মিলাইয়া বা ভিড়াইয়া দেওয়া ; দ্বার ভেজিয়ে দেওয়া। ২ [প্রাদে০ গ্রা০, সং-আবৃজ্‌ ঈষৎ মোচন] প্রায় আদুড় করা ; অল্প খোলা বা মুক্ত করা। ৩ [প্রাদে০ আজ্জান (দ্রঃ)] বপন বা রোপণ করা। "দুটো দানা আবজে যাচ্চি।"-মেজ বৌ০ (আ০ শক্তি)।

আবঁট [প্রাদে০। সং-অপটু > আবটু >] বিণ, যে কোন কর্ম্মে অভ্যস্ত বা পটু নহে ; অনভ্যস্ত। প্র-আ০ গুরু।

আবিড়তাবিড় [আবলতাবল দ্রঃ। ল=ড়] বি, যা তা ; অসংলগ্ন বাক্য ; অর্থহীন উদ্দেশ্যহীন বাক্যাবলী।

আবডাল, আড়াল [অন্তরাল >]

বি, অন্তরাল; আড়াল। "রাজার ছেলের আবডালেতে উঁকি মারি ভাই,"-হেম°।

আবতার-অবতার দ্রঃ।

আবথা [অবস্থা (দ্রঃ) > আ°] বি, দশা, দুর্দ্দশা। "আকাশ হৈঞা মোর আ° দেখ।" "নহে পাঁচ আ° করিব আজ্ঞে তোম্মারে।"-শ্রী° কী°।

আবদা [জমিদারী-সেরেস্তার ভাষায়, বাখরগঞ্জ প্রাদে°] বিণ, লাখিরাজ; নিষ্কর exempted from rent (in a patta). ২ বি, ঐরূপ জমি the land so held (the term is confined to Eastern Bengal & Chittagong)"—*Wilson*.

আবদার১ [হি°-আব্‌দা=তীব্র ইচ্ছা] বি, উৎকট ইচ্ছা বা আকাঙ্ক্ষা; বায়না: জেদের সহিত অনুরোধ। "আ° সবে তার আমার কারণে॥"-শি°। বিণ, **আবদারে** [আ°+ইয়া, ক্ষে° গ্রা°-**আবদেরে**] যে আবদার করে বা বায়না ধরে (শিশু সম্বন্ধে অধিক প্রযুক্ত হয়)।

আবদার২ [ফা°-আব্‌=জল+দার=বিশিষ্ট] বিণ, উজ্জ্বল; চমকদার। বি, **আবদারি**-উজ্জ্বলতা; চমক। প্র-মুক্তাটীর আবদারি ভাল [মুক্তা হীরকাদি সাগর-জলগন্ডজ রত্নের ঔজ্জ্বল্য সম্বন্ধে। তুল- pearl of the first water." আব২ দ্রঃ]।

আবদ্ধ [আ-বন্ধ্‌ (বন্ধন করা)+ত (ন লোপ)] বিণ, বদ্ধ; রুদ্ধ: আটকানো। ২ প্রতিশ্রুতি দ্বারা বদ্ধ; বাধ্য। ৩ আটকান। ৪ বন্ধক দেওয়া mortgaged. ৫ গ্রথিত; বিজড়িত। ৬ সংশ্লিষ্ট। ৭ প্রাপ্ত: লব্ধ [বিরল] ৮ ব্যাপৃত।

আবনেয় [অবনী (পৃথিবী)+এয় (অপত্যার্থে)] বি, মঙ্গল গ্রহ। ২ [সম্বন্ধার্থে এয়] বিণ, অবনীসম্বন্ধীয়; পার্থিব।

আবন্ধ [আ-বন্ধ্‌ (বন্ধন করা)+অ (ণে)-যদ্দ্বারা বন্ধন করা যায়] বি, যোক্ত্র; যোয়াল; যোত দড়ি। ২ দৃঢ় বন্ধন। ৩ ভূষণ। ৪ প্রণয়।

আবপন [আ-বপ্‌ (বপন করা)+অন (ভা°)] বি, বীজ বপন; রোপণ; বোনা। ২ কেশাদি মুণ্ডন।

আবর১ [সং-অবর >] বিণ, অবোধ; মূর্খ; অসভ্য। "আবরকে বুঝাব কত বুঝ নাহি মানে, ঢেঁকিকে বুঝাব কত মিত্য ধান ভানে।"-প্রবচন।

আবর২-ক্রি, আবরা দ্রঃ।

আবর৩ [হি°-অবর্‌=মেঘ] বি, ঝিন্‌ ঝিনে বৃষ্টি। ২ চোক দিয়া জল পড়া রোগ। ৩ [ফা°-অবরা] বস্ত্রের উপরিভাগ; পোষাকের বহির্দেশ।

আবর৪ [আসাম প্রাদে° বি, আসামের দিবং বা দিহং নদী ও দির্জমো নদীর মধ্যবর্ত্তী সেখীমপুর ও দিব্রুগড়ের উত্তরস্থ পার্ব্বত্য ভূমির অধিবাসী ও মিরি, ডফ্‌লা, আকা পাদম বা বর আবর এই চারি শাখায় বিভক্ত আদিম জাতি; আসামের রাজারা ইহাদের জয় করিতে না পারায় এই নাম। ২ [আবরদিগের ভাষায়] স্বাধীন। ৩ [বাং] অসভ্য।

আবরক [আ-বৃ(অবরোধ করা)+অক (র্ত্তৃ)] বিণ, আবরণকারী; আচ্ছাদনক।

আবরণ১ [আ-বৃ=অবরোধ করা+অন (ভা°)] বি, আচ্ছাদন। ২ ঢাকনি। ৩ বর্ম্ম; ঢাল। ৪ গাত্র-বস্ত্র। ৫ অবরোধ। ৬ [বেদান্তে] অজ্ঞান; মায়া; অবিদ্যা (ইহা চৈতন্যের আবরণ বা আচ্ছাদন স্বরূপ। স্ত্রীং **~ী**-আচ্ছাদন; ঢাকনি। **~শক্তি**-বি, মায়াশক্তি; যে শক্তি পরমাত্মার সত্তা ও মানবের জ্ঞান বা উপলব্ধি রূপ দৃষ্টির মধ্যে অন্তরাল বা আবরণ স্বরূপ হইয়া আছে।

আবরণ২ [বৈ° সা°] বি, ভক্তগোষ্ঠী। এই অর্থে **সাবরণ**-ভক্তগোষ্ঠী-সহিত। "সাবরণ প্রভুরে করিয়া নমস্কার,"-চৈ° চ°। **~দেবতা**-প্রধান দেবতার নিত্যসহচর বা সহচরী, যাঁদের পূজা শেষে হয়। "বাসুকী ও বিশালাক্ষী উভয়েই ধর্ম্মঠাকুরের আবরণ-দেবতা।"-শ্রী° কী° (ভূমিক)।

আবরা১ [প্রাদে°। প্রা° বাং] বি, আবরণ; ঢাকনি; ওয়াড়। ২ [আচ্ছাদন] বি, আবরণ করা; ঢাকা; ওয়াড় পরান।

আবরা২ [আবরণ দ্রঃ। পদ্যে)। আবরি; আবর, আবঁর, আবরুন; আবরে, আবরেন; আবরিতে; আবরিয়া (ক্ষে°, পদ্যে -আবরি) ই°] ক্রি, আবরণ করা।

আবরান [হি°-অবর] বি, অল্প বর্ষণ। ২ জলকণা।

আবরি, আবরিয়া [আবরা২ দ্রঃ] ক্রি, আবরণ করিয়া। "আমি এ আকুল কবরী আবরি কেমনে যাইব কাজে।"-রবী°।

আবরু [ফা°-আবরু=মান, ইজ্জৎ অশুদ্ধ 'আব্রু।' "উভয়ের মতবৈধ ঘটিয়াছে প্রধানতঃ আধু° সাহিত্যের আব্রুতা ও বে-আব্রুতা লইয়া"-ব° বাণী, আশ্বিন, ১৩৩৪] বি, মান-সম্ভ্রম; ভদ্রত্ব; বংশমর্য্যাদা; আভিজাত্য। ২ নারীর সম্ভ্রম; ইজ্জৎ; সতীত্ব। ৩ আবরণ; পর্দ্দা। ৪ লজ্জাশীলতা; শ্লীলতা। ৫ রীতি; পদ্ধতি [বিরল] **বে-আবরু**-মানহানি; অপমান; বে-ইজ্জৎ। ২ বিবস্ত্র।

আবরোঁয়া [ফা°-আবরবাঁ=জল প্রবাহ] বি, ঢাকার উৎকৃষ্ট সূক্ষ্ম বস্ত্রবি:, ইহা এত সূক্ষ্ম সূতায় প্রস্তুত হইত যে জলে ভিজিলে বস্ত্র অদৃশ্য হইয়া জলের মতই দেখাইত।

আবর্জ্জন, আবর্জ্জনা [আ (সম্পূর্ণ-বর্জ্জন (ত্যাগ),-আ] বি, যা পরিত্যক্ত হয়; জঞ্জাল; ওঁচলামাটি। ২ পরিত্যাগ; বিসর্জ্জন।

আবর্জ্জিত [আ (সম্পূর্ণ)-বর্জ্জিত (ত্যক্ত)] বিণ, বিসর্জ্জিত; পরিত্যক্ত। ২ প্রদত্ত। ৩ প্রক্ষিপ্ত। ৪ অবনমিত।

আবর্ত্ত [আ+বৃত্‌ (বেষ্টন করা)+অ] বি, জলের পাক; ঘূর্ণজল। ২ ভ্রমি; ঘূর্ণিপাক। "নরকের আ° হ'তে পাপীজনে কে তরায়?"-স্ক°। "যমুনা-আবর্ত্তশালী বিষম করালী।"-কবিক°। ৩ চিন্তা। ৪ পরিবর্ত্ত। ৫ আবর্ত্তন; ঘূর্ণন। ৬ আওটান। আলোড়ন। ৭ ধাতু গলান। ৮ জন্তুদিগের বিতঃ অশ্বের দেহের যে স্থানে লোমরাজি চক্রাকার বা ঘুরাণ ঘুরাণ থাকে; অশ্বের দশ-বিধ রোমসংস্থানবিঃ curl in the hair of a horse. ৯ মেঘাধিপতি-চতুষ্টয়ের অন্ত-তম; আবর্ত্ত মেঘ। "আবর্ত্ত পুষ্কর মেঘ ডাকিতে ডাকিতে,"-হেম°। ১০ উদরস্থ আবর্ত্তাকার নাড়ি-সন্নিবেশ বিঃ। বিণ, আবর্ত্তিত। **~বাত্যা**-ঘূর্ণীবায়ু cyclone.

আবর্ত্তক-বি, জলভ্রমি। ২ অশ্বের রোমসংস্থান বিঃ। ৩ আবর্ত্তক বা আবর্ত্ত-

নাশক মেঘ। ৪ পৃষ্ঠবংশ বা মেরুদণ্ডস্থ প্রতি খণ্ড অস্থি। ৫ [আবর্ত্ত-অক (র্তৃ)] বিণ, আবরক; আচ্ছাদক। ৬ আবৃত্তিকারক। ~কী-বি, কোঙ্কনদেশজ লতাবিঃ; সোণামুখী। ২ ভদ্রদন্তী বৃক্ষ।

আবর্ত্তন [আ-বৃত্ (হওয়া, ঘোরা) + অন (ভা০)] বি, ঘূর্ণন; পরিভ্রমণ। ২ প্রত্যাবর্ত্তন; পুনরাগমন। ৩ আলোড়ন; ঘোটন; দুগ্ধাদি আওটন। "কেহ বা আছিল দুগ্ধ আবর্ত্তনে চুলাতে রাখি বেসালি।"-চণ্ডী০। ৪ পুনঃপুনঃ করণ। ৫ গুণন। ৬ বেষ্টন। ৭ ধাতু গলান। ৮ [ধি, অন] ধাতু গলাইবার পাত্র; মুছী। ৯ [তক বৈজ্ঞা০ পরিঃ। তুল-ব্যাবর্ত্তন] "ইহাতে যে বাক্য হতে অনুমান করা হয় সেই বাক্যের উদ্দেশ্য এবং বিধেয় যথাক্রমে অনুমিত বাক্যের বিধেয় এবং উদ্দেশ্য হয়।" "কোন মানুষ অমর নহে, ∴ কোন অমর মানুষ নহে"-ইহা একটি আবর্ত্তনের দৃষ্টান্ত conversion.--তং বিং সিংহ [নিরপেক্ষানুমান দ্রঃ] ~নী-বি, ঘোটনকাটি। ~মণি-বি, স্ফটিকজাতীয় উপরত্ন যা ঘুরাইলে ময়ূরকণ্ঠের মত নানা বর্ণের আভাম্বিত হয়; রাজাবর্ত্ত; রেবটী পাথর।

আবর্ত্ত/বতী [আবর্ত্ত (জলভ্রম) + বৎ (মৎ)=আবর্ত্তবৎ + ঈ (স্ত্রী০)] বিণ, জলাবর্ত্তবিশিষ্টা। ~মান-বিণ, প্রত্যাবর্ত্তনশীল। ২ আবর্ত্তন-শীল।

আবর্ত্তিত [আবর্ত্ত দ্রঃ] বিণ, বিঘূর্ণিত। ২ আলোড়িত। ৩ পরিবেষ্টিত। ৪ প্রত্যাবর্ত্তিত; পুনরাগত। ৫ অভ্যস্ত। ৬ গুণিত।

আবর্ল [আওল দ্রঃ। ব্রজ০, বৈ০ পদ০ য়া০] ক্রি, আসিল। আব্লু-আসিছে।

আবলাৎ [আ০-আলাত] বি, স্থাবর অস্থাবর সম্পত্তি।

আবলি, আবলী [আ-বল্ (গমন করা) + ই] বি, পংক্তি; শ্রেণী; সারি; মালা। "দেখিয়াছ দগ্ধবক্ষ জলদ-আবলী।"-প্রেম ও ফুল। ২ সমষ্টি; সংগ্রহ। প্র-গ্রন্থাবলী, অলকাবলী, বাক্যাবলী।

আবলুক-বি, শ্বেতবর্ণ পারাবতের মুখের একদিক লালবর্ণ থাকিলে তাকে আ০ বলে।

আবলুস [হিব্রু-hobni, obni বা eben =কৃষ্ণ প্রস্তর। আ০-আবনুস। গ্রী০-ebenos; ইং-ebony] বি, কালপাথরের ন্যায় কৃষ্ণবর্ণ কঠিন ও ভারী কাঠ বিঃ।

আবল্য [অবল+য গ্রা০ মেয়েলি০-'আবলী'] বি, দুর্ব্বলতা; দৌর্ব্বল্য; জিহ্বার জড়তা-সহ আচ্ছন্নভাব-জড়িত দৌর্ব্বল্য। "যেন একটু আবলির মত এসেছে।"-অমৃত বসু। ২ জড়তা; জাড্য; অবশেন্দ্রিয়তা। ৩ স্ফূর্ত্তিহীনতা। ৪ জিহ্বার জড়তা। ৫ তন্দ্রাঘোর। ৬ অচৈতন্য।

আবশ্য/ক [অবশ্যম্=নিশ্চয় + ক ভাবার্থে) ম্ লোপ] বিণ, অপরিহার্য্য। ২ প্রয়োজনীয়। ৩ অবশ্যকর্ত্তব্য। ৪ বি, প্রয়োজন; দরকার। ৫ অবশ্যম্ভাব। ~কতা [আবশ্যক + তা (ভা০)] বি, প্রয়োজনীয়তা। [দ্রঃ-আবশ্যক অর্থে বিণ, স্থলে ~কীয় এবং বি, স্থলে ~কতা এই দুই অশুদ্ধ শব্দের ব্যবহার বাং-য় চলিয়া গিয়াছে। প্রা০ বাং-য় অবিশ্য অর্থে (ধর্ম্মরাজের গীত -নরসিংহ বসু-১৭৩৭ খৃঃ)]।

আবশ্যিক [অবশ্য + ইক (ইদমর্থে)] বিণ, যা অবশ্যই হইবে বা করিতে হইবে; অবশ্যকর্ত্তব্য; বাধ্যকারী; নিয়ত compulsory (প্রবাসী)।

আব/সথ-বি, আশ্রম। ২ গৃহ। ৩ ব্রত বিঃ। বিণ, ~সথিক। ~সথ্য-বি, গার্হস্থ্যাশ্রম। ২ পঞ্চপ্রকার বহ্নির মধ্যে অন্যতম; অগ্ন্যাধান কর্ম্মাঙ্গ বহ্নি।

আবসিত [আ-অব-সো (স্থাপন করা) + ত] বিণ, ন্যস্ত; সংস্থাপিত। ২ স্তূপীকৃত। ৩ নির্দ্ধারিত; অবধারিত। ৪ সমস্ত।

আবস্থা [অবস্থা শব্দের গ্রা০ উচ্চারণ ভেদ] বি, দুঃখ; কষ্ট। অবস্থা (দ্রঃ)।

আবস্থার ব্যবস্থা নাই-দুর্দ্দশার সীমা শৃঙ্খলা নাই; যৎপরোনাস্তি ক্লেশ বা দুর্গতি।

আবহ১ [আ-বহ্ (বহন করা) জন্মান + অ (র্তৃ)] বিণ, বাহক। ২ যে ধারণ করে; ধারক। ৩ উৎপাদক; জনক। প্র-সুখাবহ, দুঃখাবহ, ভয়াবহ ইং।

আবহ২-সপ্ত বায়ুর অন্যতম; প্রবহ বায়ুর অধঃস্থ বায়ু; ভূ বায়ু। ~বিজ্ঞান, ~বিদ্যা -বায়ুমণ্ডলবিদ্যা; পবনবিদ্যা meteorology. ~বিদ্যাবিৎ-পবনবিদ্যায় পারদর্শী meteorologist ~সংবাদ-জল, ঝড়, বায়ুর গতি ইং বিষয়ক বিবরণ meteorological report

আবহন [আ-বহন] বি, বহন।

আবহমান [আ-বহ + আন (র্তৃ) ম্ আগম] বিণ, চিরপ্রচলিত; ক্রমাগত; নিরবচ্ছিন্ন। ২ উৎপত্তি বা জন্ম হতে; আজন্ম। ~কাল-বি, চিরকাল; অনাদিকাল; অনন্তকাল from time immemorial

আবহাওয়া [ফা০-আব্ (জল) + হাওআ (বায়ু)] বি, জলবায়ু; স্থানীয় শীতাতপাদি সম্বন্ধীয় অবস্থা climate.

আবহাল-আওহাল দ্রঃ।

আবহি [হিং-অব (এখন) + হী=ই। প্রা০, বা০-'অবহি'] অ, এখনই; এই মুহূর্ত্তে।

আবা [আ০-আবা। উচ্চারণে প্রায় এবা] বি, অঙ্গাবরণ বিঃ; গলা হতে জানুর উপর পর্য্যন্ত লম্বা ঢিলা এবং খোলা জামা।

আবা-আবা [সং-আহ্বান > হিং-আব্] বি, আবা আবা শব্দে আহ্বান। ২ ছেলেরা আ আ রব করিবার কালে ক্রমাগত করতল দিয়া ঘন ঘন অধরোষ্ঠ স্পর্শ করিতে থাকিলে যে ধ্বনি হয়-শিশুদিগের ইহা এক প্রকার খেলার মধ্যে; আনন্দধ্বনি। "আনন্দে ঐছনে করে আবা-আবা ধ্বনি।"-ধ০ মং (মাণিক০)। আবা দেওয়া [আ০-এবা, ইবা=অস্বীকার করা বা অসম্মতি দেওয়া] শিশুদের খেলা বন্ধ রাখিবার জন্য মুখে করতল আঘাত দ্বারা 'আবা' শব্দে সঙ্কেত করা; খেলা ক্ষণকাল স্থগিত রাখার ইঙ্গিত করা; খুড়ি দেওয়া। প্র-আবা দিয়ে জল খেতে গেল, এখন ওকে ছুঁলেও চোর হবেনা।

আবাঁধা [না=আ + বাঁধা] বিণ, অবদ্ধ। ২ এলাইত; অবিন্যস্ত। প্র-আবাঁধা চুল। ৩ মলাট দিয়ে বাঁধান হয় নাই এমন। প্র-বাঁধা খাতা থেকে আবাঁধাগুলো বেছে ফেলা। আ০ বইএর দাম কম।

আবাগি, আবাগী [অভাগী দ্রঃ] বি, ভাগ্যহীনা; হতভাগিনী; "কোন্ সে

আবাগি মাগী জোড়হাত দিল শিখাইয়া।" -অশোক০। পুং, আবাগা (প্রাদে০), আবাগে। ˋআবাগে [অভাগে ও০। মূ০-অভাগ্য > অভাগিয়া > আবাগিয়া > ক্ষে০ আবাগে] বিণ, ভাগ্যহীন ; অভাগ্য ; হতভাগা wretch.

আবাছা [আ (না) বাছা (নির্ব্বাচিত)] বিণ, অনির্ব্বাচিত ; যা বাছিয়া লওয়া নহে।

আবাটা [আ (না) বাটা (পিষ্ট, ঘর্ষিত)। সং-উদ্বর্ত্তন ("* * বিলেপনে ঘর্ষণে"-মেদিনী০) > উবটন > হি০-উবটন্] বিণ, যা বাটা বা পেষা হয় নাই। ২ বি, অঙ্গ-পরিষ্কারক ; আমলকী হরিদ্রা ই০ বাটা।

ˋআবাথাবা [অবিথারতা > (সং-অবিস্তারতা)] বিণ, অবিস্তীর্ণ ; সংক্ষিপ্ত। ২ শীঘ্র ; তাড়াতাড়ি। "আবা থাবা করি বাবা তুঞি সেয়া দে।"-শি০। ৩ বি, চাপাচুপি ; ঢাকা ; গোপন। প্র-এখনও আবাথাবা দিয়ে রেখে দিলে পরে সমস্ত প্রকাশ করবে।

আবাদ [ফা০-আবাদ্=(১) বসতিযুক্ত। (২) কস্‌বা অর্থাৎ সমৃদ্ধ গ্রাম বা উপনগর। (৩) লোকবহুল। (৪) সমৃদ্ধ ; উন্নতিশীল। (৫) খুব ; ভাল। (৬) খুস্ অর্থাৎ আনন্দে, সুখে ; সুখী ; আনন্দিত। প্র-আবাদ রহো। তুল-সং-অবসথ,আবাস, ই০-abode] বি,কর্ষিত জমি। ২ উঠিত জমি। ৩ মনুষ্যের বসতি ; যথায় লোকজন বসবাস করে। ৪ চাষ। "এমন মানব জনম (পাঠান্তরে জমি) রৈল পতিত, আবাদ করলে ফলতো সোনা।" -রা০ প্র০। ৫ [প্রাদে০ যশোহর ই০। আ+বাদা (জঙ্গল)] বি, ধান্যক্ষেত্রে পরিণত জঙ্গল ভূমি। আ০ ˋকরা-ক্রি, চাষ করা। ২ জঙ্গলাদি পরিষ্কার করিয়া লোকজনকে বাস করান ; প্রজা বসান। প্র-ওয়াজীদ আলি সাহ জঙ্গল কাটিয়া লক্ষ্ণৌ সহর আবাদ করিয়াছিলেন। দারা শিকোহ যথায় লোকজনকে বসবাস করান সেই স্থানের নাম হয় 'শিকোহাবাদ'। এইরূপ সাহ্‌জাহানাবাদ, মহম্মদাবাদ ই০। ~ˋবন্দ-কর্ষণাধীন under cultivation. কাঠির আবাদ-প্রথমতঃ জঙ্গল কাটিয়া প্রস্তুত করা আবাদ। ~ী-বিণ, আবাদের উপযোগী ; চাষযোগ্য। ২ বি, বাসস্থান ; গ্রামের উপকণ্ঠ।

আবাধ [প্রা০ বাং] অবাধ। ২ [আধিব্যাধি দ্রঃ] পীড়া ; ক্লেশ।

আবাধা [আ-বাধ্ (পীড়ন করা, ব্যাঘাত করা)+অ (র্ম্ম)] বি, বিঘ্ন ; ব্যাঘাত। ২ পীড়া ; ব্যাধি। ৩ দুঃখ ; কষ্ট। ৪ [গ০] বিষম ত্রিভুজ ক্ষেত্রের মধ্যস্থিত লম্ব রেখার উভয় পার্শ্বস্থ ক্ষেত্র the segment of the base of a triangle.

আবান্তর [সং-বৃত্তান্ত দ্রঃ। অবান্তর দ্রঃ] বি, বৃত্তান্ত ; কাহিনী ; ইতিহাস। 'কামরূপী হৈল পক্ষ মহাবলধর। কি হেতু ইহার কহ পূর্ব্ব আ০।"-মহা০ (কাশী)।

আবা/প [আ-বপ্=বপন করা+অ] বি, বীজবপন ; রোপণ। ২ নিক্ষেপ। ৩ আলবাল। ৪ বন্ধুর ভূমি। ৫ রাজ্যরক্ষা। ৬ শত্রুরাজ্যচিন্তা ; শত্রুবিষয়ক চিন্তা। ৭ শয্যাদি রাখিবার পাত্র। ৮ প্রধান হোম। বিণ, ~ˋক-আবাপ কর্ত্তা। ২ বপনকারী। ~ˋন [বাপি=বস্ত্র বয়ন করান+অন (ণে)] বি, কাপড় বুনিবার তাঁত।

আবার [সং-অপর > প্রাকৃ০-অবর > হি০-অউর্ (এক) বার-আর (অপর) বার। "মিলিব আবার।"-চৈ০ চ০। ওড়ি০-আবর] ক্রি-বিণ, অ, আর একবার ; পুনর্ব্বার ; পুনরায়। "আ০ গগনে কেন, সুধাংশু উদয় রে।"-হেম০। ২ সাবধান করণ ; ভয় প্রদর্শন বা শাসনসূচক। ৩ সন্দেহাত্মক ; প্রশ্নে (negative sense) 'তার আবার যাওয়া হবে' (অর্থাৎ যাওয়ার নিশ্চয়তা নাই) 'সে আবার সাহায্য করবে' (সাহায্য করা সম্বন্ধে সন্দেহ) 'কোথায় আ০ যাব?' (যাবনা), 'কোথায় আ০ গিয়েছিলাম?' (=যাই নাই)। ৪ অধিকন্তু ; উপরন্তু ; এতদ্ব্যতীত ই০ শব্দের অর্থ-দ্যোতক ; আরও ; ও। প্র-যদু, মনি, রাধু গেলেই হবে, তুমি আ০ কেন যাবে? ৫ [ই০-again শব্দের প্রয়োগ দৃষ্টে] অপর কথা ; আর এক কথা [অনন্ত রামা০ এই অর্থে ˋআবর (ওড়ি০)]।

আবাল১ [আ (সম্যক্)-বল্ (গমন করা, বেষ্টন করা)+অ] বি, আলবাল।

আবাল২ [আ (অবধি) বাল (বাল্য)] অ, বাল্যাবধি। ২ বালক পর্য্যন্ত। ৩ [প্রা০ বাং] বি, বিণ, বালক ; (অবোধ অর্থে) ছেলেমানুষ। "পছে বল যারে যবে আ০ কাহ্নাঞি।"-শ্রী০ কী০। "আ০ গোপালে।" স্ত্রীং আবালি, আবালী-বালিকা (কাঁচা বুদ্ধি অর্থে)। "আজলী রাধা ভৌ আবালী বড়ী।"-শ্রী০ কী০। ২ বালিকা বয়স অবধি। "আন্ধে আবালি সতী।"-শ্রী০ কী০। ~বৃদ্ধ [আ (পর্য্যন্ত) বাল (বালক)-বৃদ্ধ] ক্রি-বিণ, বালক ও বৃদ্ধ পর্য্যন্ত ; সকলেই। ~বৃদ্ধবনিতা [আবাল বৃদ্ধ-বনিতা (নারী)] ক্রি-বিণ, বালক, বৃদ্ধ এবং স্ত্রীলোক পর্য্যন্ত ; সকলেই।

আবাল্য [আ (পর্য্যন্ত, অব্যয়ধ)-বাল্য (শৈশব)] অ, বাল্যাবধি ; আশৈশব।

আবাস [আ-বস্ (বাস করা)+অ (ঘি)] বি, বাসস্থান ; গৃহ ; বাসা। ~গৃহ, ~ভূমি, ~স্থান-বি, বাস করিবার গৃহ ই০।

আবাসিক [বৌ০ সা০] বি, বিহারের রক্ষণাবেক্ষণের ভার প্রাপ্ত ব্যক্তি care taker. "কজঙ্গলপুরে আছে যে মহাবিহার। আ০ হয়ে তার করুক সংস্কার।"-জাতক ৪র্থ খণ্ড। ২ বিণ, (বি), ছাত্রাবাসে বাসকারী (ছাত্র) resident (student) -রবী০।

আবাহন [সং-আহ্বান। পা০-আব্হান] বি, আহ্বান। ২ মন্ত্রোচ্চারণ দ্বারা দেবতাকে আহ্বান। ৩ আমন্ত্রণ ; নিমন্ত্রণ। বিণ, আবাহিত।

আবাহিনী [আবহন+ঈ (স্ত্রীং)] বি, দেবতাকে আবাহন করিবার জন্য করপুট ও অঙ্গুলির প্রক্রিয়া বা মুদ্রা বিঃ।

আবাহিকা [আ+বাহিকা] বি, প্রবাহিকা ; শরীরস্থ রক্তবাহিকা শিরা।

আবাহিত [আবাহন দ্রঃ] বিণ, আমন্ত্রিত ; আহূত। ২ মন্ত্রপাঠাদিদ্বারা যে দেবতার আবাহন করা হইয়াছে।

আবি-বি, অন্ধক দৈত্যের পুত্র। শিব অন্ধক দৈত্যকে বধ করায় আবি প্রতিশোধ লইবার জন্য উমার অনুপস্থিতিকালে উমারূপ ধরিয়া মহাদেবকে বধ করিতে চেষ্টা করে

কিন্তু সর্ব্বজ্ঞ শিবের হস্তে বিনাশ প্রাপ্ত হয়। ~ক [আবি=মেষ] বিণ, মেষ সম্বন্ধীয়। ২ মেষজাত। ৩ বি, কম্বল।

আবিগ্ন [আবেগ দ্রঃ] বিণ, উদ্বিগ্ন: উৎকণ্ঠিত। ২ [বৈদ্যকে] বি, পানি আমলা। ৩ করমচা।

আবিদ্ধ [আ-বিদ্ধ] বিণ, ছিদ্রিত। ২ বিদ্ধ। ~বক্র [নাট্য শা॰ পরিঃ swinging curve—shown in grace with movement of the elbows, in tying the girdle, difference, slenderness of waist, folk dances অভিনয় দ্রঃ] ব্যাবৃত্ত পতাক হস্তদ্বয়।

আবিধ [আ-ব্যধ্ (তাড়ন করা, ছিদ্র করা)+অ (ণে)] বি, সূত্রধরের কাষ্ঠবেধন যন্ত্র; ত্রপুণ; তুরপুণ; ভ্রমরক a gimlet

আবিয়ে [অবিবাহিত >] বিণ, অবিবাহিত। "বিশেও আবিয়ে রবে।" -কস্তুরী (গোবিন্দ দাস)।

আবির [আবীর দ্রঃ] বি, ফাগ। "আ॰ উড়ায়ে হাসে উষায় অরুণ।"-কস্তুরী॰।

আবির্ভবন [আবিস্ (প্রকাশ) ভবন (ভূ+অন)=হওন] বি, প্রকাশন · অধিষ্ঠান: অবতারণ।

আবি/র্ভাব [আবিস্ (প্রকাশ) ভাব (অবস্থা)] বি, প্রকাশ: উদয়। ২ অধিষ্ঠান: অবতরণ। ৩ উৎপত্তি; উদ্ভব। ৪ প্রাদুর্ভাব। > বিণ, ~র্ভূত-প্রকাশিত। ২ উদ্ভূত। ৩ অধিষ্ঠিত, অবতীর্ণ। ৪ প্রাদুর্ভূত। > বি, ~র্ভূতি-উৎপত্তি। "এই নীল রংএর আবির্ভূতির দ্বারা সহজে ধরা যাইতে পারে।"-সূক্ষ্ম রসায়ণ (অধ্যাপক প্রিয়রঞ্জন রায়)।

আবিল [আ (সম্যক্)-বিল্(ভেদ করা) অ (র্ত্তৃ)-যে সৌন্দর্য্য ভেদ অর্থাৎ নষ্ট করে] বিণ, কলুষিত; পাপ-মলিন। "আ॰ জীবন-প্রবাহ আমার।"-প্রেম ও ফুল। ২ পঙ্কিল: ঘোলা। ৩ আকুল। ৪ সন্দিগ্ধ। বি, ~তা, -ত্ব, আবিল্য। "রুচির আবিল্য এবং লঘুতা।"-বাঁশরী, ১৩৩৩।

আবিষ্কর/ণ [আবিস্ (প্রকাশ)+করণ] বি, যা অপ্রকাশিত বা অজ্ঞাত ছিল তার উদ্ভাবন বা প্রকাশ করণ; আবিষ্কার। বিণ, ~ণীর্য়-আবিষ্কার করিবার যোগ্য; যা আবিষ্কার করিতে হইবে।

আবি/ষ্কর্ত্তা, ~ষ্কারক-বি, যে আবিষ্কার করে; উদ্ভাবক। ~ষ্কার, ~ষ্করণ [আবিস্ (প্রকাশ)-কার (করণ)] বি, উদ্ভাবন: অজ্ঞাত বিষয়ের প্রকাশ; গুপ্ত বা লুপ্ত বিষয় সাধারণের জ্ঞানগোচর-করণ discovery. প্র-কলম্বস আমেরিকা আবিষ্কার করেন। বিণ, ~ষ্কৃত-নব প্রকাশিত; উদ্ভাবিত। ~ষ্ক্রিয়া [আবিস্ (প্রকাশ)+ক্রিয়া (কার্য্য) বি॰ সা॰ মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত শব্দ] বি, নবপ্রকাশ: আবিষ্কার; উদ্ভাবন discovery.

আবিষ্ট [আ (সম্যক্-বিশ্ (প্রবেশ করা)+ত (র্ম্ম) শ=ষ, ত=ট] বিণ, প্রবিষ্ট। ২ অধিগত: অভিভূত: ৩ পরিব্যাপ্ত। ৪ যার মন কোন বিষয়ের ভিতরে প্রবেশ করিয়াছে: অভিনিবিষ্ট। ৫ ভাবাবেশ জড়িত; গদগদ। "বাসুকি আ॰ কণ্ঠে কহে- 'দেখ কি সুন্দর! কি সুন্দর বৃন্দাবন'।" -প্রভাস॰। বি, আবেশ।

আবীত [আ+অজ্ (গতি, ক্ষেপণ অর্থে-অজ্ স্থানে বী আদেশ)=বী+ত (র্ত্তৃ)] বিণ, বিগত: অতীত। স্ত্রীং ~া। ২ বি, উপবীত: যজ্ঞসূত্র। ~ী-বিণ, উপবীত ধারী [দ্রঃ-প্রাচীনাবীতী=দক্ষিণাবীতী (দক্ষিণ স্কন্ধ হতে বামে বিলম্বিত উপবীত ধারী)। নিবীতী=গলদেশে মালার ন্যায় লম্বিত যজ্ঞসূত্রযুক্ত। উপবীতী-বামস্কন্ধ হতে দক্ষিণে বিলম্বিত আবীত বা উপবীত]।

আবীর, আবীরচূর্ণ [আবির দ্রঃ। সং-অভ্র > উর্দ্দূ-আবরক: হি॰-অবীর= ফাগ, অভ্রচূর্ণ ঘটিত রক্তবর্ণ চূর্ণ বিঃ। অপ্রাচীন সং-আবীর-রঞ্জক দ্রব্য বিঃ (হি॰ শ॰ সা॰)। আ॰-আবীর-সুগন্ধচূর্ণ বিঃ (Haughton.)] বি, ফাগ। "দ্বিজ চণ্ডীদাস আবীর যোগাওত সকল সখীগণ সাথে।"-চণ্ডী॰। "প্রকাশ্য পথে আবীর খেলাইতেন।"-চারিত্রপূজা।

আবুড়াখাবুড়া [হি॰-অড়্ বড়্ খড়্-বড়্ বা উভড়খাবড় (বন্ধুর rough) >। তুল-হি॰-বেহড়্=উঁচু নিচু জমি। প্রা॰উচ্চারণ বিকারজ এব্ড়োখেব্ড়ো] বিণ, উচু-নীচু; বন্ধুর; অসমান; অমসৃণ; খরখরে।

আবুদ্ধিয়া [পূ॰ বঙ্গ প্রাদে॰] বিণ, বুদ্ধিহীন; নিবুদ্ধি। "আ॰ রাজচন্দ্ররে কুবুদ্ধিয়া পাইল।"-পূ॰ ব॰ গী॰।

আবুধি [সং-অবুদ্ধি >। প্রা॰ বাং] বিণ, অবুদ্ধিমতী। ২ বি, বুদ্ধিহীনতা।

আবুয়া [গ্রা॰-এবো। আব+উআ] বিণ, যার আব আছে।

আবৃত [আ-বৃ (আবরণ করা)+ত (র্ম্ম)] বিণ, আচ্ছাদিত; ঢাকা। ২ বেষ্টিত। ৩ ব্যাপ্ত; বিস্তারিত। ৪ অজ্ঞানাচ্ছন্ন।

আবৃতি [আ-বৃ+তি (ভা॰)] বি, আবরণ। ২ বেষ্টন। ৩ [ণে-তি] বেড়া; প্রাচীর। ৪ [র্ম্ম-তি] বেষ্টিত স্থান; ঘের enclosure

আবৃত্ত [আ-বৃত্=হওয়া-পড়া ই॰+ত] বিণ, অভ্যস্ত: পুনঃ পুনঃ পঠিত। ২ গুণিত। ৩ পুনরাগত; প্রত্যাগত। ৪ বি, মণ্ডল; চক্র। বি, **আবৃত্তি**-বারংবার পাঠ; অভ্যাস। ২ পুনঃ পুনঃ আগমন: পুনরাগমন। ৩ গুণন। ৪ বেদপাঠ (জাতিতত্ত্ব)। ৫ [দেবীবর ঘটকের মতে] কুলীনের সহিত কুলীনের পুত্রকন্যার আদান প্রদান। ৬ [পদ্য দ্রঃ] "ছন্দোবদ্ধ বাণীর পক্ষে সুবিহিত সুসমঞ্জস উদীরণ।"-কা॰ রায়। "আ॰ সহজেই আবৃত্ত গ্রন্থকে স্মৃতির বশীভূত ও ধৃতির অধিগত করিয়া তুলে।"-ঐ।

আবে১ [হি॰-আবে, গ্রা॰-আউবে, আওয়ে, হি॰-আব্‌না= আগবন (সং-আগমন)] ক্রি, আসে; আবই দ্রঃ।

আবে২ [হি॰-অব্-অব্যয়্-এখনই। প্রা॰ বাং, মৈ॰, অস্ (অ॰ রামা॰)] অ, এখনই: এইমাত্র। "আবে মদন বড়ায়ল দীঠ।"-বি॰ প॰। ~ক্ষণ [অবেক্ষণ দ্রঃ। প্রা॰ বাং] বি, অবধান। ২ প্রতি জাগরণ। "তাহাক অষ্টম গর্ভ জানী দৈবকীর, আবেক্ষণ দিল লোক কংশ মহাবীর।"-শ্রী॰ কী॰।

আবে/গ [আ-বেগ (উদ্বেগ)] বি, উৎকণ্ঠা। ২ চিত্ত-চাঞ্চল্য; ব্যাকুলতা। ৩ ব্যগ্রতা: শীঘ্রতা। ৪ ভাবাবেশ। ~গী-বি, বীজতারকের গাছ।

আবে/দক [আ-বেদি=জানান+অক (র্তৃ)] বিণ, আবেদনকারী। ২ বিজ্ঞাপক : নিবেদক। ৩ অভিযোগ-কারী। ~দন [আ-বেদি=জানান+অন(ভা०)] বি, জ্ঞাত করণ : জানান ; বিজ্ঞাপন : নিবেদন। ২ প্রার্থনা; দরখাস্ত petition. ৩ অভিযোগ। ~দনীয় [আ-বেদি+অনীয়] বিণ, আবেদনের যোগ্য ; নিবেদ্য। ~দিত [আ-বেদি+ত (র্ম্ম)] বিণ, বিজ্ঞাপিত; নিবেদিত। ২ প্রার্থিত। ৩ অভিযুক্ত। ~দ্য [আ-বেদি +য] বিণ, আবেদনীয় ; বিজ্ঞাপ্য ; নিবেদ্য। ২ প্রার্থনার যোগ্য। ~দ্যমান-বিণ, যার জন্য আবেদন বা প্রার্থনা করা হইতেছে ; যাচ্যমান।

আবে/শ [আ-বিশ্ (প্রবেশ করা)+অ (ভা०)] বি, অন্তঃপ্রবেশ ; অনুপ্রবেশ। ২ অভিনিবেশ ; গভীর মনঃসংযোগ। ৩ আসক্তি ; অনুরাগ। "সে যে সুবদনী সুন্দরী রাই, আবেশে হিয়ার মাঝারে লই।" -বি० প०। ৪ রস বা ভাবের আবেগ ; গদ্গদ ভাব। "আবেশে অবশ অঙ্গ ধীরে ধীরে চলে।"-বলরাম०। "আবেশে অবশ অথির চরণ, ধরণে না যায় গা।"-বৈ० পদলহরী। ৫ মনোযোগ। "লহনার বুঝি সাধু কপট আ०।"-কবিক०। ৬ গর্ব্ব ; মদ। "বিষয় আবেশে মন, না ভজিনু সে চরণ,"-অনন্ত-দাস। ৭ অপস্মার রোগ auto-hynotism. ~শক-বিণ, অনুপ্রবেশক। ২ আসক্ত। ~শন [আবেশ (প্রবেশ, অভিনিবেশ)+অন (ধি)-অভিনিবেশস্থান] বি, শিল্প-শালা। ২ [ভা০, অন] প্রবেশ। ৩ ভূতাবেশ। ৪ সূর্য্যাদির পরিধি। ৫ [চিকিৎসা বৈজ্ঞা० পরিঃ সুশ্রুত chap. LX-LXII. "demonology" ("incantations to cure fever due to malignant influence of spirits &c.")] বি, ভূতবিদ্যা ; ভূতাদিগ্রস্ত রোগীর অন্ননাশক মন্ত্রৌষধি প্রয়োগ বিদ্যা। ~শিক -বিণ, আবেশ সম্বন্ধীয়। ২ আগন্তুক। ~শিনী [পু०-আবেশিন্+স্ত্রীং-ঈ] বিণ, বিহ্বলা। "নব অনুরাগিণী, রস আবেশিনী তরঙ্গিণী রে।"-গোবিন্দ०।

আবে/ষ্টক [আ-বেষ্ট=বেষ্টন করা+অক] বি, পরিবেষ্টক। ২ বৃত্তি ; বেড়া। ৩ প্রাচীর। ~ষ্টন [আ (সম্যক্) বেষ্টন] বি, পরিবেষ্টন ; পরিবৃত্তি। ২ 'বেড়া ; ঘেরাও বা ঘের। ৩ [লক্ষ০] পারিপার্শ্বিক অবস্থা ; প্রতিবেশ : চতুর্দ্দিকের অবস্থা বা ভাব environment; surroundings. > স্ত্রীং ~ষ্টনী-বৃতি : বেষ্টনী ; চক্র : পরিধি। ~ষ্টিত [আ-বেষ্ট (বেষ্টন)+ইত] বিণ, পরিবেষ্টিত : চারিদিক্ ঘেরা বা বেড়া দেওয়া।

আবোধন [আ-বুধ্=বুঝা+অন] বি, বুদ্ধি [বিরল]।

আবোর [হিং-অবর (সং-অভ্র=মেঘ)] বি, মেঘ। ২ [প্রা০] বিণ, অবোধ ; জড়। আবর দ্রঃ।

আবোল-তাবোল [হিং-অনবোল্ তনবোল্-যা-তা বলা (সং-অন=নহে-হিং-বোল=বাক্য, যা উক্তিই নহে, যা কহতব্য নয়, তেমন বুলি বা উক্তি। গ্রা०)] বি, অর্থহীন বাক্যাবলী ; সঙ্গতিহীন যদৃচ্ছা উক্তি ; অসম্বদ্ধ প্রলাপ। আ० তা० বকা বা বকে যাওয়া-প্রলাপ বা অসম্বদ্ধ বাক্য বলা। "ভিমরুলের পাগলামি কেমনতর? ওরা কি আ० তা० বকে?"-বঙ্কিম० (লোকরহস্য)।

আব্বা [আ০-আব, আবা, আবু, আব্বা] বি, বাবা ; পিতা। সমাদরে উর্দ্দু-আব্বাজান। তুল-হিং-পিতাজী, প্রা० বাং বাবাজীবন।

আব্রহ্ম [আ (অবধি)-ব্রহ্ম] অ, ব্রহ্ম হতে। ~স্তম্ব-পর্য্যন্ত-পূর্ণ চৈতন্য হতে অচেতন পদার্থ পর্য্যন্ত : নিখিল।

আব্রা [প্রাদে० পূ० শ্রীহট্ট। তুল-সং অব্রুবান। কাছাড়ের হৈড়িম্ব ভাষায় ও আসামের অনার্য্য ভাষায় ব্যবহৃত] বিণ, বোবা। ২ এখনও যার কথা ফুটে নাই।

আভরণ [আ-ভৃ (ধারণ করা)+অন (র্ম্ম) যা অঙ্গে ধারণ করা যায়। অশিক্ষিতের কথায় 'অভরণ'] বি, ভূষণ : অলঙ্কার। "আ० দূর কর গাত।"-গোবিন্দ०। "আ०-ভারিণী, নব অনুরাগিণী,"-ঐ [দ্রঃ-আভরণ ৪ প্রকার যথা-কুণ্ডলাদি 'বেধ্য'; অঙ্গদ, তাবিজ, পুষ্পাদি বন্ধনীয় ; হারাদি 'আরোপ্য' এবং কঙ্কণ নূপুরাদি 'আক্ষেপ্য'] ২ [আ (সম্যক্)-ভরণ (পোষণ)] সর্ব্বতোভাবে ভরণ পোষণ [বিরল] ৩ [আবরণ শব্দের প্রাদে० উচ্চারণ-বিকৃতি] আচ্ছাদন ; বরাভরণ বা কন্যা-আবরণের বস্ত্র।

আভা [আ-ভা=দীপ্তি পাওয়া+অ (ভা০)] বি, প্রভা ; দীপ্তি ; ছটা। ২ শোভা ; কান্তি। "হায়রে স্বর্ণ ল যথা রত্নাকর আভা।" -মেঘ०। ৩ উপমা। ৪ বাবলা গাছ। ~গিনী, ~গী-অভাগী দ্রঃ।

আভাং, আভাঙ্গ [অভ্যঙ্গ > দ্রং] বি, অভ্যঙ্গ ; প্রচুর তৈলদ্বারা অঙ্গমর্দ্দন।

আভাঙ্গা [আ (না) ভাঙ্গা (ভগ্ন-ভঙ্গ)] বিণ, যে সাপের দাঁত ভাঙ্গিয়া দেওয়া হয় নাই। ২ অভঙ্গ দ্রঃ।

আভাতি [আ (বিপরীত)-ভাতি] বি, প্রতিবিম্ব reflection. ২ [আ (অভাবার্থে) ভাতি (দীপ্তি)+তি (ধি)] ছায়া।

আভা/ষ [আ-ভাষ্ (বলা)-অ] বি, মুখবন্ধ : ভূমিকা ; অবতরণিকা। ২ আভাষণ ; আলাপ। ৩ প্রবেশিকা। ৪ অনুষ্ঠান। ~ষণ [(আভাষ দ্রঃ)+অন] বি, সম্ভাষণ ; আলাপ ; পরস্পর কথোপকথন। ২ অভিভাষণ ; বক্তৃতা address. ৩ উক্তি। ~ষিত [ত, র্ম্ম] বিণ, কথিত ; উক্ত। ~ষ্য [+য-র্ম্ম] বিণ, আভাষণের উপযুক্ত ; আলাপ্য।

আভাস [আ-ভাস্=দীপ্তি পাওয়া+অ] বি, আভা ; দীপ্তি ; জ্যোতিঃ। ২ প্রতিবিম্ব ; ছায়া an image ; a reflection. ৩ তাৎপর্য্য ; অভিপ্রায়। ৪ ক্ষীণ বা অস্পষ্ট আদর্শ বা ভাব a faint idea. ৫ ইঙ্গিত। ৬ সাদৃশ্য। ৭ [নভো-বিজ্ঞা०] মেরু ও বিষুব রেখার মধ্যস্থ ব্যবধান ellipticity. ৮ [ন্যায় দর্শনে] অবাস্তব স্বরূপ ; মুষাবুদ্ধি। ৯ [তর্ক শা०] কুতর্ক ; ফাঁকি fallacy. ~মান -বিণ, যা আভাসিত হইতেছে ; প্রকাশ-মান ; প্রতীয়মান।

আভাসি [আভাস > আভাসিয়া-ক্ষে० (পদ্যে)] ক্রি, আভাসিত হইয়া : উদ্ভাসিত হইয়া ; প্রকাশিত হইয়া। "কি মুরতি তব নীলাকাশশায়ী নয়নে উঠে গো আ०।"-রবী०।

আভাস্বর [আ (সর্ব্ব স্থানে) ভাস্বর (ভাস্=দীপ্তি পাওয়া+বর–ক্ত্রা০)] বি, ৬৪ সংখ্যক গণদেবতা বিঃ। ২ [আ (ঈষৎ সম্যক্) ভাস্বর] বিণ, ঈষৎ বা সম্যক্ দীপ্তিশালী।

`আভিজ্র্ন [অভিজন=বংশ+অ (ভবার্থে)] বি, অভিজনের ভাব ; কৌলীন্য।

আভিজাতিক [অভিজাত=বংশ+ইক (সম্বন্ধে)] বিণ, অভিজাতসম্বন্ধীয়। ২ কুলপরিচায়ক। **~চিহ্ন**-কৌলীন্যপরিচায়ক নিদর্শন বা চিহ্ন ; বংশমর্য্যাদাব্যঞ্জক চিহ্নাদির নির্দ্দেশ ; কুলজি heraldry

আভিজাত্য [অভিজাত+য (ভা০)] বি, কৌলীন্য ; উচ্চবংশীয়ত্ব। "আভিজাত্যে আছে যত মানুষের পুত্র। নীলাম্বর চক্রবর্ত্তী তাহার দৌহিত্র॥"–চৈ০ ভা০।২ পাণ্ডিত্য ; বিদ্যাবত্তা। ৩ লজ্জা।

আভিজ্ঞ-প্রত্যক্ষ [অভিজ্ঞ+অ (ভা০) প্রত্যক্ষ মনোবৈজ্ঞা০ পরিঃ] বি, পূর্ব্ব অভিজ্ঞতা-সম্পৃক্ত প্রত্যক্ষ।

আভিধানিক [অভিধান (দ্রঃ)+ইক] বিণ, অভিধানসম্বন্ধীয়। ২ অভিধান বা কোষগ্রন্থ-গত : অভিধানের অন্তর্ভুক্ত। আ০ **শব্দ**-অভিধানান্তর্গত শব্দ। ২ দুরূহ ও বিরল-ব্যবহৃত বা অপ্রচলিত শব্দ।

আভিমুখী সঙ্গ [অভিমুখ+অ (ভবার্থে)+ঈ (স্বার্থে)=আভিমুখী-সঙ্গ। মনোবৈজ্ঞা০ পরিঃ] সকলের বা বহু সঙ্গের লক্ষ্য এক হইলে তার নাম [বিপরীতে অর্থাৎ পৃথক্ হলে বৈমুখী সঙ্গ] সঙ্গ-association (dynamic).

আভিমুখ্য [অভিমুখ+য] বি, সম্মুখীনত্ব। ২ আনুকূল্য ; অনুগ্রহ।

আভিরূপ্য [অভিরূপ (দ্রঃ)+য (ভা০)] বি, সৌন্দর্য্য।

আভিষেচনিক [অভিষেচন+ইক (সম্বন্ধে)] বি, অভিষেচন সম্বন্ধীয় : অভিষেচনের যোগ্য বা নিমিত্ত। ২ মহাভারতের অন্তর্গত যুধিষ্ঠিরের রাজ্যাভিষেক বর্ণনাত্মক পর্ব্ব বিঃ।

আভীর [আহীর দ্রঃ] বি, গোপ জাতি ; গোয়ালা। "যতেক আ০ নারী,"–কবিক০। ২ খৃষ্ট জন্মের ২০০ বৎসর পূর্ব্বে আ০ নামে এক রাজবংশ মগধে বাস করিত। ৩ ভারতের পশ্চিমাঞ্চলস্থ দেশবিঃ। (পু০) বিন্ধ্যাচলে অবস্থিত দেশবিঃ। ৪ আভীর দেশের লোক। ৫ সঙ্গীতের রাগবিঃ। স্ত্রীং **~ী**-আভীরপত্নী। ২ গোপী ; গোয়ালিনী। **~নারী, ~বালা, ~রমণী**-গোপনারী ; গোপবধূ ; গোপকন্যা। **~পল্লি, -পল্লী** [আভীর (গোপ) পল্লি (পাড়া)–৬ তৎ] বি, গোপপল্লী ; গোয়ালাপাড়া। ২ গোপ-অধ্যুষিত গ্রাম।

আভীরী-বি, কল্যাণ, গুর্জ্জরী, শ্যাম ও দেশকার যোগে উৎপন্ন রাগ।

আভুগ্ন [আ=ঈষৎ–ভুজ্ (বক্র হওয়া)+ত (র্ত্ত) জ=গ, ত=ন] বিণ, চতুর্দ্দিকে ভগ্ন। ২ আকুঞ্চিত।

আভূতল [আ (পর্য্যন্ত) ভূতল] ক্রি-বিণ, ভূমিতল পর্য্যন্ত ; মৃত্তিকা স্পর্শ করিয়া। "নিবেদিল আ০ নত করি শির।"–নবীন০ (পলাশি)।

আভূমি [আ–ভূমি] ক্রি-বিণ, আভূতল (দ্রঃ) "জীবনমোহন প্রায় আ০ নত হইয়া নমস্কার করিল।"–পিতাপুত্র।

আভেরী-বি, মিশ্র রাগিণী ; আভীরি।

আভোগ [আ (সম্যক্) ভোগ, ভুজ্ (ভোজন করা, পূর্ণ হওয়া)+অ (ভা০)] বি, সম্যক্‌ভোগ ; উপভোগ। ২ সম্পূরণ ; পরিপূর্ণতা। ৩ [সঙ্গীত শা০] গানের যে পদে ভণিতা থাকে, সেই পদ ; কবির নামযুক্ত গীত-সমাপিকা পদ। "বিদ্যাপতি কহ, প্রাণ জুড়াইতে লাখে না মিলিল এক।"–বি০ প০। "কাশীরামদাস ভণে শুনে পুণ্যবান্।"–মহা০ (কাশী)। (২) সঙ্গীত আলাপের যে চারিটী চরণ নির্দ্দিষ্ট আছে তাহার ১ম অস্থায়ী, ২য় অন্তরা, ৩য় সঞ্চারী, ৪র্থ চরণ [চরণ দ্রঃ] (৩) গানের জিল [জিল দ্রঃ] ৪ বিস্তার। ৫ সর্পফণা (বরুণদেবের ছত্র)।

`আভ্যন্ত/র (-ভ্ত-) [অভ্যন্তর+অ (ভবার্থে)] বিণ, অভ্যন্তরসম্বন্ধীয়। ২ ভিতরের। **~রীণ** [অভ্যন্তর+ঈন (ভবার্থে)] বিণ, আভ্যন্তর ; অন্তরস্থ ; অভ্যন্তরজাত ; ভিতরের ; আন্তরিক।

`আভ্যাসিক [অভ্যাস+ইক (সম্বন্ধে)] বিণ, অভ্যাস সম্বন্ধীয়। ২ অভ্যাসানুযায়ী ; অভ্যাস মত।

`আভ্যুদয়িক [অভ্যুদয়, অভি (সম্যক্) উদয় (উন্নতি, মঙ্গল)+ইক (জননার্থে)] বিণ, অভ্যুদয় সম্বন্ধীয় ; উন্নতি-বিষয়ক। ২ মাঙ্গলিক। ৩ উন্নতিসূচক ও মঙ্গলজনক যে শ্রাদ্ধ : শ্রদ্ধা পূর্ব্বক পিতৃ-পূজা : পিতৃ-পিতামহাদির তৃপ্তির জন্য কৃত্য শ্রাদ্ধ। ৪ অন্নপ্রাশন বিবাহাদি মাঙ্গলিক অনুষ্ঠান উপলক্ষে করণীয় শ্রাদ্ধ ; ইষ্টলাভার্থ আভ্যুদয়িক শ্রাদ্ধ [দ্রঃ–হিন্দু-শাস্ত্রমতে এই পরলোকগত পিতৃপুরুষপূজা মানবের জাতকর্ম্ম ই০ দশ সংস্কারে এবং তীর্থগমনাদি মঙ্গলকর কার্য্যে বিধেয়। প্রাদে০ আভ্যুতি]।

আম$_{১}$ [আ–অম্ (রোগাক্রান্ত হওয়া)+অ (ণে)] বি, আমাশয়। **~জ** (-ম্ব-)-বিণ, রোগ হতে উৎপন্ন : আমাশয় জনিত। **~রক্ত**-বি, রক্ত মলস্রাবের পীড়া। **~শূল**-বি, আমাশয় জনিত উদরের শূল বেদনা।

আম$_{২}$ [আ০–আম্=সাধারণ] বি, সাধারণ। ২ বিণ, সর্ব্বসাধারণের। প্র–আম দরবার। **~রাস্তা**-রাজপথ ; সাধারণের পথ public road.

আম$_{৩}$ [সং–আম্র > প্রাকৃ০–অম্ব, ওড়ি০–আম্ব ; মঃ–আম্বা, প্রা০ বাং 'আম্বু' (আম-গাছ) "আম্বু জাম্বু মুকুলিল।"–শ্রী০ কী০। হি০–আম, আমিয়া (ছোট আম)] বি, স্বনাম-প্রসিদ্ধ ফলবিঃ ; আম্র ; আঁব mango. **~আচার, আমাচার**-আমের আচার (দ্রঃ) ; কাসুন্দি। **~আদা**-বি, আম্রের গন্ধ-যুক্ত আদা বা হরিদ্রার ন্যায় মূলবিঃ ; অম্ল হরিদ্রা curcuma amada. **~চুর** [আম্র-চূর্ণ >] বি, আমকে খণ্ড খণ্ড করিয়া বা ছেঁচিয়া ও শুকাইয়া প্রস্তুত অম্লখাদ্য। **~রস**-আম্রের রস ; আম্রসার। **~সত্ত্ব**-আমসত্ত দ্রঃ। **পাকা আম দাঁড়কাকে খায়**-সুরসের প্রকৃত বা যোগ্য রসগ্রাহী না হলে বা উত্তম ভোগ্য বস্তুর অনুত্তম বা অনুপযুক্ত ভোক্তা হলে আক্ষেপোক্তি স্বরূপ ইহা প্রযুক্ত হয়। **বর্ণচোরা আম**-বাহিরের রং দেখিয়া যে আম সুপক্ব ও সুমিষ্ট হইলেও কাঁচা

ও অম্লাস্বাদ হইবে মনে হয়। ২ [লক্ষ°] যে বাহিরের আকারে ধরা দেয় না। প্র-ওঁকে চিনতে পারবে না উনি বর্ণচোরা আম।

আম[4] [সং-আমা দ্রঃ। প্রা° বাং 'আঙ' দ্রঃ] বিণ, অপক্ব ; কাঁচা raw, "আম মাংস।" ২ অদগ্ধ ; আপোড়া। ~**কুম্ভ**, ~**সঁরা**, ~**হাঁড়ী**-অদগ্ধ কুম্ভ ই°। ~**গৈন্ধি** [আম (কাঁচা) গন্ধ+ই (বির্থে°) যার-বহু°] বিণ, কাঁচাগন্ধ ; মাংসাদির অপক্ব অবস্থায় যে গন্ধ থাকে সেই গন্ধযুক্ত। ২ দুর্গন্ধ। ~**রঁস**-কাঁচা রস।

আমঁকশ্মশান [আম (কাঁচা)+ক (স্বার্থে)-শ্মশান] বি, যেখানে দাহাদি না করিয়া কুকুর, শিয়াল, শকুনি ই°-তে খাইবার জন্য শব ফেলিয়া দেওয়া হয়। "অনন্তর সে আমকশ্মশানে গিয়া সদ্যোমৃত একটা লোকের উরুমাংস পাক করিয়া রাজার আহারার্থে লইয়া গেল।"-জাতক ৫ম খণ্ড।

আমঁট [সং-আম্রাবর্ত্ত > ,হি°-আমাবট্ >] বি, আমসত্ব।

আমড়া [সং-আম্রাতক > । আম-ড়া ক্ষুদ্রার্থে তুচ্ছার্থে, হি°-আম্বাড়া ; ওড়ি°-অম্বড়া ; ম°-আঁবাড়ে, আঁবা, প্রা° বাং-আম্বড়া (শ্রী° কী°)] বি, আম্রাতক বৃক্ষের ফল the hog-plum **আ°-গেছে** [আমড়া দেখিতে আমের মত বলিয়া (আম্রাতক দ্রঃ) আমড়া গাছকে আম গাছ বলিয়া বুঝিতে দেওয়া বা ধোঁকা দেওয়ার ভাব > প্রতারিত। (২) [হি°-হম্‌বড়া (আমি বড় এই বৃথা গর্ব্ব বা অভিমান) > বাং-তে 'হামবড়া গোছের' হতে উচ্চারণ বিকারে ক্রমে 'আমড়াগেছে' শব্দেও পরিণত হইয়া থাকিতে পারে, কারণ সে ক্ষেত্রে ও অর্থের বিপর্য্যয় হয় না] বিণ, তোষামোদে আত্ম-বিস্মৃত। **আ°-গেছে কঁরা, আ° গেছে কঁরিয়া তোলা**-তোষামোদে প্রতারিত করা বা ভুলাইয়া দেওয়া ; চাটু-বাক্যে আকাশে তোলা বা বৃথা গর্ব্বে স্ফীত করিয়া তোলা : অযথা প্রশংসাদি দ্বারা খুব বাড়াইয়া দেওয়া।

আমতা [আমি-তা ; আমিই (দোষী) ইহা স্পষ্ট স্বীকার করিতে ইচ্ছা নাই অথচ স্বীকার করা ভিন্ন উপায় নাই, এরূপ স্থলে অস্পষ্টভাবে 'আমি' বলিয়া ইতস্তত: করার বা কথা চাপা দিবার ভাববোধক 'তা'] বি, 'আমি, তা আমি না' এই ভাব ; **আমতা আমতা কঁরা**-ফাঁপরে পড়িয়া আত্মদোষ স্পষ্ট অস্বীকার না করিলেও 'আমি তা আমি তা' বলিয়া স্বীকার করিতে ইতস্তত: করা। প্র-আগে ত সে কথাটা উড়াইয়াই দিয়াছিল আমার কাছে সব শুনিয়া তখন আমতা আমতা করিতে লাগিল।

আমঁদ-আমদানী (দ্রঃ)।

আমঁদরঁপ্ত্ [ফা°-আমদ্‌রফ্‌ৎ] বি, আমদানী রপ্তানী।

আমদানী [ফা°-আমদন্ (আসা) আম্‌দনি >] বি, যা বাহির হতে আসে। ২ আয়। ৩ ভিন্ন স্থান হতে পণ্য আনয়ন। **আ°রঁপ্তানী** [ফা°-আমদ্‌রফ্‌ৎ > । আমদানীর বিপরীত রপ্তানী] পণ্য বাহির হ'তে আনা বা আসা বাহিরে পাঠান বা যাওয়া। "বড়বাজারে সে মালের আমদানি-রপ্তানি বড় অল্প।"-সংসার (রমেশ)। ~**সুমার** [আমদানি (আয়) সুমার (সমষ্টি)-আয়ের সংখ্যাপরিমাণ] বি, মোট আয় ; আয় গণনা।

আমিধুর [আ (ঈষৎ)-মধুর মিষ্ট)] বিণ, ঈষৎ মিষ্ট ; অল্পমধুরাস্বাদ।

আমঁন[1] [হেমন্ত > হি°-অমন্ >] বি, হৈমন্তিক ধান্য ; আমন ধান।

আমঁন[2] [পূ° বঙ্গ প্রাদে°] স, আপনার। "শুনেন শুনেন পিতাঠাকুর কই আমনের ঠাই,"-পূ° ব° গী°।

আমি/ন্ত্রণ [আ-মন্ত্র্ (মন্ত্রণা করা, আহ্বান করা) + অন (ভা°)] বি, সম্ভাষণ। ২ আহ্বান। ৩ পূজা-গ্রহণার্থ আহ্বান (পূজায় বিঃ দুর্গা পূজার পূর্ব্বদিনে সায়ংকালে আ° করিতে হয়)। ৪ নিমন্ত্রণ। ৫ অভিনন্দন ; সম্বর্দ্ধনা। ৬ নিয়োগ। ~**ন্ত্রঁয়িতা**-বিণ, আমন্ত্রণকারী। > স্ত্রীং ~**ন্ত্রঁয়িত্রী**। ~**ন্ত্রিত**-বিণ, নিমন্ত্রিত। ২ আহূত। ৩ অভিনন্দিত ; সম্বর্দ্ধিত। ৪ নিয়োজিত। > স্ত্রীং ~**ন্ত্রিতা**।

`আমপাবঁড়াই [হামবড়া ও আপ্ বড় মিশ্রণে প্রাদে° গ্রা° রূপ] বিণ, হামবড়।

"ধুয়া মূলা কুলীনগুলা আ°।"-ব° সা° প° প°।

`আমবাত [আম (পীড়াদায়ক)-বাত (শোথ)] বি, "কতকাংশে সার্ব্বাঙ্গিক বিকার সহবর্ত্তী প্রাদাহিক শোথ সংযুক্ত চর্ম্মের তরুণ বা পুরাতন পীড়াবিঃ। ইহাতে জ্বালা ও চুলকানি অত্যন্ত অধিক হয়, গাত্রে বিছুটী লাগিলে যেরূপ চিহ্নাদি ও লক্ষণ উপস্থিত হয়, এ রোগেও সেই সকল লক্ষণ সহসা প্রকাশ পায়।"-ডাঃ কর nettlerash

`আমমোক্তার [আ°-আম + মুখ্‌তার্] বি, বিষয়কর্ম্মের সাধারণ ভারপ্রাপ্ত কর্ম্মচারী : প্রতিনিধি। আদালতের মকদ্দমাদির তদ্বির করিবার ভারপ্রাপ্ত প্রতিনিধি attorney. ~**নামা**-বি, যে দলিলের দ্বারা কেহ এটর্নীর ক্ষমতা প্রাপ্ত হয় : টর্নীনামা।

আমঁয় [অম্ (রুগ্ন হওয়া) + অ (ভা°)= আম+যা (যাওয়া) + অ (র্ত্তৃ)] বি, রোগ ; ব্যাধি। বিণ, **আমঁয়িক**।

আমঁয়দা [ফা°-আমাদাঃ (প্রচুর) >] বিণ, প্রচুর ; অপরিমিত।

আমঁয়িক-বিণ, রোগসংক্রান্ত। ২ রোগপ্রতীকারক ঔষধসম্বন্ধীয় theraputical.

আমঁর [আ! মর! গ্রা°] অ, বিরক্তি, ক্রোধ ই° ব্যঞ্জক গালি, মরণ হউক এই অভিশাপ বা প্রার্থনা সূচক বাক্য। "আ° গতর থেকো,"-উত্তরা, ১৩৩৩। ~**ণ** (রঁ) [আ (পর্য্যন্ত)-মরণ (মৃত্যু)] ক্রি-বিণ, মরণ পর্য্যন্ত। ~**ণান্ত** [আ-মরণ-অন্ত] ক্রি-বিণ, মরণ পর্য্যন্ত ; মরণকালাবধি। ~**ণান্তিক**-বিণ, আমরণস্থায়ী।

আমরঁক্ত [আম-কাঁচা-রক্ত] বি, রক্ত আমাশয় : যে উদরাময়ে মলের সহিত রক্ত-স্রাব হয় blood dysentery.

আমরঁস-আম (৩, ৪) দ্রঃ।

`আমিরি-অ, প্রশংসাসূচক ; আহামরি। "কি শোভা আ-মরি হায়।"-বাং গান। ২ বিদ্রূপ ; ব্যঙ্গ। "আমরি আমরি যমেরি ভুল।"-নবীন তপস্বিনী। ৩ সমবেদনাসূচক অব্যয়। প্র-আমরি, বাছাকে বড়ই লেগেছে।

আমিরিষ [সং-অমর্ষ > , প্রাকৃ°-অমরিষ >] বি, ক্রোধ। "কিযে কাহ্ন করে আমরিষে।"-শ্রী° কী°।

আমরুত [সং-অমৃত (ফল) হিং-অমরূত, অমরুদ, হিং-উচ্চারণের অনুকরণে বাং-আমরুত] বি, পেয়ারা ফল guava.

আমরুল [অম্ললোনী >] বি, অম্লরস শাকবিঃ oxalis corniculata . চাঙ্গরী, অম্লাতী, অয়োটজ ইং গুল্ম wood sorrel.

আমর্শ [আ-মৃশ্ (মর্দ্দনে, স্পর্শে, উপদেশে, প্রণিধানে) + অ (ভাং)] বি, আমর্দ্দন। ২ স্পর্শ। ৩ পরামর্শ। ৪ প্রণিধান। ৫ চিন্তা। ~ন [আ-মৃশ্-অন (ভাং)] বি, ধর্ষণ। ২ স্পর্শন। ৩[অন্যান্য অর্থে ও] আমর্শ।

আমর্ষ [অ=আ-মৃষ্ (ক্ষমা করা) + অ (ভাং) প্রাং বাং প্রাকৃং-আমরিষ] বি, অক্ষমা ; ক্রোধ [অমর্ষ দ্রঃ]।

আমিল [আং-আমল্ (জেলা ; রাজত্ব-কাল)] বি,রাজত্বকাল ; শাসনকাল। "নবাবী আমলের খেতাব।" ২ অধিকার ; দখল। "পরগণা পরগণা হইল আং।"-অং মং। "কটকে হইল আলিবর্দ্দির আং।"-ঐ। ৩ [প্রাদেং] বৎসর। ৪ কাল ; জীবন কাল ; যুগ। প্র-ভূসম্পত্তিটী তাহার প্রপিতামহের আমলের। ~দস্তক-সম্পত্তি অধিকারের ক্ষমতা-দানকারী দলিল বা পর-ওয়ানা warrant giving possession. [দ্রঃ -"a written order from the proper authority to enable the purchaser of an estate at a public sale to obtain possession."— *Wilson*] ~দার-বি, খাজনা আদায়কারী কর্ম্মচারীtax collector. ২ শাসনকর্ত্তা ; রাজা ruler >বিণ, ~দারী। ~দারি-বি, শাসন। ২ শাসনতন্ত্র। ৩ রাজস্ব : মালগুজারি। ৪ রাজস্ব কর্ম্মচারির পদ। আং দেওয়া-ক্রি, দখল দেওয়া ; অধিকার দান করা। "সে আং দিতে চাহে না।"-উত্তরা, ১৩৩৩। আং না দেওয়া-ক্রি, নিকটে আসিতে না দেওয়া : ঘেঁষিতে না দেওয়া। (গৃহে) প্রবেশ করিতে বা বাস করিতে অধিকার না দেওয়া। ২ গ্রহণ না করা। ৩ কাহারও প্রার্থনায় বা বক্তব্যে কর্ণপাত না করিয়া একেবারে উড়াইয়া দেওয়া বা প্রসঙ্গান্তরে তা চাপা দেওয়া ; কোন প্রসঙ্গ উত্থাপনই করিতে না দেওয়া। আমলে-আনা-ক্রি, কার্য্যে পরিণত করা ; কাজ হাতে লওয়া বা আরম্ভ করা। মান্ধাতার আমিল-বি, মান্ধাতার রাজত্বকাল। ২ রাবণের সমসাময়িক মান্ধাতার সময় বা যুগ অর্থাৎ অতি প্রাচীনকাল (ত্রেতা যুগের কথা)।

আমর্লক, আমর্লকী [হিং, প্রাং বাং -আঁওলা] বি, আমলা ; আমলকী গাছ emblic myrobalan. ত্রিফলার মধ্যে একটী ফল (অন্য দুটী, হরীতকী ও বহেড়া)।

আমলিকী-বর্ত্তন [আমলকীর বর্ত্তন=বটী =গুলি-৬ তৎ] বি, মাথা ঘষিবার জন্য পিষ্ট আমলকীর গুলি। "চুয়া সে চন্দন, আমলকী-বর্ত্তন, যতন করিয়া আনে।"-চণ্ডী।

আমলনামা [আং-আমাল (কাজকর্ম্ম, চরিত্র,আচরণ) + ফাং-নামা(ইতিহাস,বিবরণী পত্র)] বি, কর্ম্মচারীর নিয়োগ পত্র। ২ কর্ম্মচারীর কাজ কর্ম্ম সম্বন্ধীয় সরকারী স্মারক বহি service book. ৩ জমী কিম্বা অন্য সম্পত্তির অধিকার নির্দ্দেশক আজ্ঞাপত্র ; বিষয়াধিকারের হুকুমনামা। "বড় গোল লেগেছে খাস মহলে, আছে মোর আং তবু কৈ গো তারা আমল দিলে ?"-বাং গান।

আমলা১ [আং-আমল্ (রাজত্ব) > আমিল (রাজকর্ম্মচারী) + আ] বি, নিম্ন পদস্থ রাজ কর্ম্মচারী ; আদালতাদির কার্য্যনির্ব্বাহক কর্ম্মচারী ; উচ্চপদস্থ রাজকর্ম্মচারীর অধীন ব্যক্তিগণ ; কেরাণী ইং। "যেন রাঙা আং তুলে মামলা গামলা ভাঙে না।"-ঈং গুপ্ত। ২ [আং-আমালা, প্রাং-আম্‌লা, আং-আমল্ শব্দের বংবং] বি, রাজস্ব আদায়কারী কর্ম্মচারী। ৩ দপ্তর office. আং আওলাদ -ইমারত ও তৎ সংলগ্ন দ্রব্যাদি। ~তন্ত্র-প্রভাবশালী যথেচ্ছাচার রাজকর্ম্মচারীমণ্ডলী ; নায়েবতন্ত্র। ২ শাসন কার্য্যনির্ব্বাহের পদ্ধতি ; তৎসম্বন্ধীয় নিয়ম কৌশল বা কায়দাকানুন। ~ফয়লা [আং-ফআলা (ফাআল শব্দের বহুবং-কর্ম্মচারী agents, workers] ছোট বড় কর্ম্মচারী, কেরাণী আমলা। এই অর্থে বাং প্রাদেং আমুল-মামুল।

আমলা২ [সং-আমলক, হিং-আঁওলা] বি, আমলকী ফল।

আমলাতি,-তী [আমলকী >] বি, আমলকী ; আমলা : হাই বা হাই আমলা। "আনিল পাকড়ি ডাল হাই আমলাতি।"-কবিকং।

আমলানি১ [চং-আমে যাওয়া। অম্ল + আন (হওয়া অর্থে)] বি, পচিয়া টকগন্ধ ও অম্ল ফেনযুক্ত হওয়া ; আঁইয়ে যাওয়া। ২ ব্যথাযুক্ত হওয়া।

আমলানি২ [সং-অঙ্গার >, আঙার : আঙ + রা (সাদৃশ্যার্থে) + আন (ক্রিয়ায়) > আঙরান=আঙলান (ঙ=ম, র=ল) > আং= আঙরে বা আমলে যাওয়া-প্রায় অঙ্গারে পরিণত হওয়ার ভাব] ক্রি, ঝলসে যাওয়া : আঙ্গরে যাওয়া ; রোদ পোড়া হয়ে চুপসে যাওয়া ; আধ পোড়ার মত শুকাইয়া মলিন হওয়া। "মুখখানিও রোদে আমলে যাওয়া ফুলের মত মলিন।"

আমলেট-বি, পারশে ইং-র মত ক্ষুদ্রজাতীয় সুস্বাদ মৎস্যবিঃ।

আমলে-নাওয়ারা [আং-আমল (দ্রঃ)। হিং-নিওআরা=নাওআরা (নৌকা)] বি, বঙ্গের বাদশাহী নৌ বিভাগ।

আমশী, -সী [সং-অম্লপেশী >] বি, শুষ্ক আম্রচূর্ণ। "আমশী খাবে আম ফুরালে।"-রাং প্রং। "যদি পাই মিঠা ঘোল, পাকা চালিতার ঝোল প্রাণ পাই পাইলে আমসী॥"-কবিকং।

`আমসত্ত্ব [আম্রসত্ত্ব বা আম্রাবর্ত্ত >] বি, আমের রস জমান ; শুষ্ক আম্ররস [তুল-হিং-অম্বট্ বা অমাবট্ ; বঙ্গের কোন কোন স্থানে বিতঃ উং বঙ্গে আম্বটও বলে]।

`আমসুপারি [প্রাদেং, উং-বঙ্গে। আমেরিকা হতে সফর (ভ্রমণ) করিয়া আসিয়াছিল বা সফরী (ভ্রমণকারীর সঙ্গে আসিয়াছিল বলিয়া এই নাম। আমেরিকা > আম + (আং-সফর (journey) > সফরী (traveller ; provision for journey-সফরকারী ; সফরসম্বল)। হিং কবি সুরদাস তাঁর রচিত সুরসাগর গ্রন্থে শ্রীকৃষ্ণাদির

সহিত পেয়ারা অর্থে 'সফরী' ব্যবহার করিয়াছেন) > উচ্চারণ বিকারে 'সুপারি অর্থাৎ আমরিকাসফরী >] বি, পিয়ারাফল guava. [স্থানবিশেষে উচ্চারণ বিকার হেতু **টামসুপারি** ও বলে]।

`**আমইরিদ্রা, আমইলদী** [আম্র-গন্ধ ও ঈষৎ অম্লরস বলিয়া আম] বি, আম-আদা curcuma reclinata.

আমা১ [আম (দ্রঃ)+আ (স্বার্থে)। গ্রা°-আঙা] বিণ, অর্দ্ধদগ্ধ ; মৃন্ময় বস্তু যা আগুনে পোড়ান হয় নাই ; আধপোড়া ; কাঁচা ; কাঁচাপোড। প্র-আমা ইট। "আমা সরায় আনে গর্দ্দভের দুগ্ধ দই।"-কবিক°।

`**আমা২** [সং-অহম্] নিজে : স্বয়ং। ২ আমি। "আমা বলে নয় গো আমী এমন পণ অনেকে করে।"-বাং-গান। ৩ আমাকে। "তোমার এমন আজ্ঞা আমা অভাগায়।" -ঘ° [পূ° বঙ্গের প্রা° বাং পুঁথিতে সর্ব্বত্রই আমা স্থলে 'আহ্মা'। "সত্য কহ আহ্মাতে কপট পরিহরি। কি নাম তোহ্মার কহ কাহার বরনারী।"-মহা° (কবীন্দ্র)] আ°-**আদি** [তুল-'আহ্মেসহ্মে'-আমি দ্রঃ] আমি ও আর আর। আ° **আদি করি**-আমাকে অগ্রবর্ত্তী করিয়া। "আমা আদি করি সবে যত যদুগণ যুদ্ধ করিবারে মানা করিল তখন।"-মহা° (কাশী)।

আমাজীর্ণ, আমাতী, আমাতিসার-বি, অজীর্ণ বা অতিসার রোগ। ইহাতে প্রায়ই চক্ষুর ঠিক নিম্নদেশের গণ্ডস্থল স্ফীত হয়।

আমাড়ে [আ-মাড় (মর্দ্দন, চর্ব্বণ)] ক্রি-বিণ, না চিবাইয়া ; না মাড়িয়া। ২ [আমাপ স্থলে] অপরিমিত ; ক্রমাগত।

আমাত্য-অমাত্য দ্রঃ।

আমাদো [তুল-আ° আমোদ (উচ্চ স্তম্ভ)] বি, কাঠের পর্দ্দা (ব° শ° সিন্ধু)।

আমানৎ [আ°-অমানৎ। বাং-য় ভ্রং-আনামৎ] বি, কোন ব্যক্তির নিকট জমা স্বরূপ রক্ষিত বস্তু ; গচ্ছিত ধন ; জমা দেওয়া অর্থ [বাং **আনামৎ** ও বলে] "Deposit ; charge ; anything held in trust ; money deposited in court. Among the Marathas, profit derived from deposits and temporary sequestration of estates."—*Wilson.*

আমানি, -নী [হি°-মাড়, বাং-মাড়ানী] বি, ভাতের গাঁজান মাড় : কাঞ্জী ; কাঁজী। ২ পান্তভাতের জল। "আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান।"-কবিক°।

আমান্ন [আম (অপক্ক)-অন্ন (ধা)] বি, অপক্ক তণ্ডুল : কাঁচা বা অসিদ্ধ চাউল। ২ চাউল। "আ° মোদক দধি।"-কবিক°।

আমাবাস্য [অমাবস্যা+অ > , বর্ণ-বিপর্য্যয়ে] বিণ, অমাবস্যার কৃত্য।

আমামা [আ°-অমামাহ্] বি, শিরস্ত্রাণবিঃ : মুসলমান আমলে ব্যবহৃত পাগড়ীবিঃ। "তিনি মস্ত এক অমামা পাগড়ী মাথায় দিয়া আসিতেন"-আত্মচরিত (রাজনারায়ণ বসু)।

`**আমার** [আমি দ্রঃ। প্রাকৃ°-অম্হাণ (ং) > , প্রা° বাং, আহ্মার, আমার, আমাকে, আমাতে ই°। সং-অস্মদ্ শব্দের কুঞ্চিত রূপ 'আম্' শব্দে ভিন্ন ভিন্ন বিভক্তি যোগে নিষ্পন্ন হয় (ভাষা তত্ত্ব, শ্রীনাথ)। প্রাদে°, গ্রা°-মোহর, মোহার (হি° গ্রা°-মোহার), মোহোর] স, মদীয় : আপনার : নিজের। "আমার আমার করে মত্ত হই মা অনিবার, ইন্দ্রিয়াদি দারা সুতে সকলই ভাবি আমার।" -রাম দত্ত (বাং গান)। ২ অভেদাত্মা : আমাময় : আমা হতে অভিন্ন। "যে হও সে হও তুমি, তুমি আমার আমি তোমার।" -স্ক°। ৩ নিজস্ব ; নিজের আয়ত্ত বা অধিকৃত [গীত ও পদ্যে-মঁম ; **মোর** (হি°-মেরা, মোর, মোহর, মোহার) : ব্রজ° (১) হমার, হামারি। "দংশয়ে হামারি বয়ান।" -গোবিন্দ°। (২) মঝু। "তছু মঝু মানস মাতল মধুকর।"-ঐ। তুল-হি°-হমারা ; ঠেট : হি°-হমার, মোহার, ম°-আমচা ; ওড়ি°-আম্ভর।

আমারী [আ-আমারী=হাওদা] বি, ছাদহীন হাওদা। "হাতীর আ° ঘরে বসিয়া আমীর।"-অ° ম°। ২ গোশকটের ধুরা ও মাচান বদ্ধ করিবার রজ্জু।

`**আমাশয়** [গ্রা°-শায়। আম (অজীর্ণ) +আশয় (স্থান-৬ তৎ] বি, আমস্থলী। ২ উদরাময় বিঃ dysentery.

`**আমি** [সং-মূ° অস্মদ্=অহম্ > প্রাকৃ° অহম্মি শব্দের ১মা° ১ব° (বাং আম্হি, হম্মি, আহম্মি, অহ্মি, আহ্মি ই° > হামি > আমি। আধু° বাং রূপ, অহম্-এর কুঞ্চিত রূপ আম্ শব্দের সহিত ভিন্ন ভিন্ন বিভক্তি যোগে নিষ্পন্ন-ভাষাতত্ত্ব (শ্রীনাথ)। প্রা° বাং অহ্মে (বৌ° গা° ও দো°। সং অহম্ > আমি, আহ্মা (আমি, আমার, আমাকে), আহ্মাকে (আমায়, আমার, আমা হতে), আহ্মাক (আমায়) আহ্মত (আমার, আমাকে, আমার প্রতি বা জন্য, আমা হতে), আহ্মাতে (আমায়), আহ্মার (আমার), আহ্মারা (আমরা), আহ্মারে (আমার, আমায়, আমাদিগকে), আহহ্মি, আহ্মি (আমি), আহ্মি, আহ্মী (আমি, আমাকে, আমাদের-এই অর্থে সং অস্মাভিঃ < আম্হে, চ° ১০৫ এবং আমার, আমাকে অর্থেও), আহ্মেত (আমিই), আহ্মেসহ্মে (আমরা সবে), আহ্মে হো (আমিও), আহ্মো (আমাদের)-শ্রী° কী°। ম° বাং ও প্রাদে° হাম, হামি (পদ্যে), মোঞ মোঞিঁ, মোঞেঁ, মোঞ, মোঁ, মোঁই, মোই, মোএ, মোয়ে, মো, মুই, মু, ম (আমি), মোঞঁও (আমিই), মোহো (আমিও) ; হামার, মোহর, মোহার, মোহোর, মোহোরে, আমাগোর, মোগার, মোর (আমার) ; হামে, মোঞেঁ, মোতে, মোক, মোকে, মোকেঁ, মোহারে, মোহোরে, মোরে (আমাকে) : বহুব°-মোহারা, আমি সব আমাসব, -সবা, -সবে, মোসবা, মোসবে ; মোসবার মোসবের, মোদিগের, মোদের, আমাদিগর, আমারদিগের, আমারদের আমাসবার, আমাসবাকার (আমাদিগের) ; আমাসবে, মোদিগে, মোসবে, আমাদিগে, আমারদিগের, আমারদিগকে, মোদেরকে, মোদিগে, মোদেরকে (আমাদিগকে); আধু° বাং আমি, আমরা (আধু° পদ্যে মোরা), আমার (পদ্যে মোর), আমাদের (পদ্যে মোদের), আমাকে। (আধু° পদে আমারে, মোরে, মোকে) আমাদিগকে। তুল-আম্বির উচ্চারণ বিকার-'আই' 'আঁঞি' (প্রাদে° চট্টল), ইং- i, গ্রী°-iota, ল্যা°-sam (ego), জেন্দ্°-অস্মি, লিথু° এস্মি, সং-অস্মি (আমি হই) অহম্

(আমি), প্রাকৃ০-অহম্, আম্হি > হম্মি, অহমি > ; ব্রজ০-হামি ; পালি০-অহম্ ; হিং -হম্,-ব্রজ০-হাম্ ; মৈ০-হম্ : নেপালী-মৈ ; পঞ্জাবী-মৈ (ম্যায়্); উৎকলী-আম্ভে ; মঃ-মী; গুর্জ্জ০-হম্। সম্বন্ধ পদে বহুবচনে তুল-প্রাকৃ০ -অম্হাণ (ং)=অম্হার, ওড়ি০-অম্ভর, মৈ০-হম্‌রা, ব্রজ০-হম্‌রা, নেপালী-হামিহেরু,হিং -হমার, মঃ-আমচা, ইং-our (আমাদের)] তপই শুডরী অহ্‌ মে।"-চ০ ৪।৫, "গোঠে হৈতে আসি আহ্মি বুঢ়ী গোআলিনী।" -শ্রী০ কী০। "তপই কাহ্নু আহ্মে।" -চ০ ১২।৫। "আহ্মি দেবকন্যা নহে গন্ধর্ব্বের নারী। সহজে সৈরন্ধ্রী আহ্মি কেশ কর্ম্ম করি॥"-মহা০ (কবীন্দ্র)] স, আত্ম-বোধের পাত্র বা অবলম্বন; আমি এই বোধ যার হয় ; অহম্. "কিন্তু আমি কোন খানে ভাবিয়া না পাই ধ্যানে, কোন পথে গেলে ওমা আমি মিলে দেমা বলে।"-রাম দত্ত। ২ আত্মা। "অনন্তই 'আমি' রূপে আবির্ভূত হইয়া 'তুমি' রূপে ভাসমান নিজেকে নিরীক্ষণ করেন। জগতে যত 'আমি' সব এই 'বিরাট আমি'রই ব্যষ্টিরূপ। "যতক্ষণ তিনি আপনাতে আপনি ডুবিয়া একাকী থাকেন ততক্ষণ তিনি নিজেকেও দেখেন না, কিম্বা জানেন না। এইটি একজাতীয় নিদ্রা ('ঘুম')। ইহার ভঙ্গই তাঁহার আত্মপরিচয় বা আত্মবোধ-অর্থাৎ 'আমি'র উৎপত্তি।" -উত্তরা, ১৩৩৩। ৩ অহঙ্কার। "মুই নিব ভাড়বালা।"-চৈ০ ভা০। "তাহা মুই না পাই দেখিতে,"-প্রেমভক্তি-বিলাস। **আমি নয়**-আত্মহারা ; আত্মবিস্মৃত। "অমনি দুবাহু পসারি, উমা কোলে করি, আনন্দেতে আমি -আমি নয়॥"-রাম বসু। **আমাতে আর আমি নাই**-আমার অস্তিত্ব লুপ্ত হইয়া গিয়াছে ; আত্মহারা হইয়াছি ; আত্মবিস্মৃত হইয়াছি ; আমার প্রাণ উড়িয়া গিয়াছে এই ভাব। "উমা উমা করে করে আমাতে আর আমি নাই।"-বাং গান। **আমার**- [আমি দ্রঃ] স, মৎসম্বন্ধীয় ; মদীয়।

আমিক্ষা, আমীক্ষা-বি দুগ্ধবিকার : ছানা। বিণ, **আমিক্ষীয়**-আ০ হইতে উৎপন্ন ; ছানা ঘটিত বা তৎসম্বন্ধীয়।

আমিন১, আমেন [হিব্রু০ ও আ০-আমীন্ (ঈশ্বর এইরূপই যেন করেন)। তুল-গ্রী০-ameen. ইং-amen] অ, স্বস্তিবচন ; এমনই হউক ; বাং রামেশ্বরী সত্যনারায়ণের কথা সমাপ্তির পর এই শব্দ উচ্চারিত হইয়াছে।

আমিন২-আমীন দ্রঃ।

আমিনী [সং-কামিনীর ক লোপে] বি, কামিনী ; সেবিকা ; দেবাদাসী। "সোলস আ০ মেলি এহি চন্দন খুরি।"-শূ০ পু০। "আদ্য কালের আ০ ধর্ম্মের ব্রতদাসী।" -ধ০ ম০ (মাণিক০)।

আমিষ [আইঁষ, আইঁষ দ্রঃ। মাংস হতে মাছ মাংস ডিম্বাদি পরে স্মৃতি মতে পান, লেবু, রাঙ্গানটে শাক এমন কি দগ্ধ বস্তুও আমিষ মধ্যে গণ্য হয়] বি, মাংস, মাছ, মাংস ডিম্বাদি যে কোন জৈবখাদ্য। ২ ভোগ্য-বস্তু। ৩ লোভ ; তৃষ্ণা। ৪ লোভনীয় বস্তু। ৫ অভিলাষ [বিরল] ৬ উৎকোচ ; ঘুষ। **~গৃধ্নু** [আ০+গৃধ্নু (লিপ্সু)] বিণ, মাংস লোভী। **~ত্যাগী** [আমিষ-ত্যাগী] বিণ, নিরামিষাশী। **~প্রিয়** [আমিষ (মাংস) প্রিয় যার-বহু০] বিণ, যারা মাংস খাইতে ভালবাসে ; মাংসলোলুপ। ২ কঙ্কপক্ষী। **~ভক্ষণ, ~ভোজন**-আমিষান্ন গ্রহণ। **~ভুক্, ~ভোজী** [আমিষ-ভুজ্ (ভোজন করা)+ক্বিপ্ (কর্তৃ),-ভুজ্+ইন্ (কর্তৃ), যে ভোজন করে-উপ০] বিণ, যে মাংস খায় ; মাংসহারী। **~লিপ্সু, ~লুব্ধ, ~লোলুপ** [আমিষ (মাংস) লিপ্সু ইং (লোভী)] বিণ, মাংসপ্রিয় ; যে আমিষ খাইতে খুব ভালবাসে ; আমিষ লোভী।

আমিষাশী [আমিষ-আশী (অশ্= ভোজন করা+ইন্ (কর্তৃ)-যে ভোজন করে)-উপ০] বিণ, মৎস্যমাংসভোজী।

আমিষী-বি, জটামাংসী।

আমীক্ষা-আমিক্ষা দ্রঃ।

আমীন, আমিন [আ০-আমীন-যার নিকট কোন বস্তু আমানৎ বা গচ্ছিত রাখা হয় trustee] বি, কর্ম্মচারী বিঃ ; তত্ত্বাবধায়ক। ২ [রাজস্ববিভাগে] জরিপ কারী ; জমির কূতকারী ; যে জমী মাপ করে ; যে ব্যক্তি জমীদারের সরখৎ পাইয়া জমির জরিপ কর্ম্মে নিযুক্ত হয়। ৩ [বিচার বিভাগে] দেওয়ানি মোকদ্দমার বিচারের ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; স্থানীয় মামলা সম্বন্ধে অনুসন্ধানের ভারপ্রাপ্ত কর্ম্মচারী "Applied in upper India especially to a native officer of Government, employed either in the Revenue Department to take charge of an estate and collect the revenues on account of Government, as to investigate and report their amount ; or In the Judicial Department, as a Judge and arbitrator in civil cases. in the Presidency of Bengal. in particular, two classes of native judicial functionaries are now so named.' —*Wilson* "Land measurer or Estimator of standing crops ; a commissioner employed in local enquiries—*A glossary of vernacular Judicial and Revenue Terms.*

আমীনাখাতুন [রহেমানী দ্রঃ] বি, চট্টগ্রামের সন্নিহিত হালিসহর গ্রামের চল্লিশ জন বাঙ্গালী মিস্ত্রির অবিরত এক বৎসর পরি-শ্রমে প্রস্তুত বাঙ্গালীর জাহাজ। ৪।৫ ইঞ্চি পুরু তক্তায় নির্ম্মিত। প্রধান মিস্ত্রির নাম কালী-কুমার দে। ১৯১৩ এপ্রেল এ নির্ম্মাণ কার্য্য আরম্ভ হইয়া ১৯১৪ মার্চ্চের ১৫ই জলে ভাসান হয়। আনুমাণিক ৭০ হাজার টাকা নির্ম্মাণের ব্যয়। ইহা ৫।৬ হাজার মণ মাল বহনক্ষম। প্রবল আঘাতে বা সাধারণ কামানের গোলাতেও সহজে ভগ্ন হইবার নহে,-প্রবাসী, ১৩২১।

আমীর, আমির, অমীর [আ০-অমীর noble man, peer. বহুব০-উমরা] বি, বড়লোক ; সম্ভ্রান্তবংশীয় ধনী। **~ওমরা** -আমীর ও তত্তুল্য বা তাহার অব্যবহিত নিম্নপদস্থ ব্যক্তি ; সম্ভ্রান্ত ধনী লোকেরা ; বড় বড় লোক। **আমিরি,-রী** [আমীর+ঈ (অনুকরণার্থে)] বি, আমীরের চাল চলন ; বড়মানুষী। **আমিরি করা**-বড় মানুষী করা ; বড় বড় চাল দেখান ; যৎপরোনাস্তি সুখ ঐশ্বর্য্য সম্ভোগ করা।

আমু/ক্ত [আ-মুচ্ (মোচন করা)+ত (র্ম্ম)] বিণ, পরিত্যক্ত ; নিক্ষিপ্ত। ২ ঈষৎ

মুক্ত ; খোলা ; উন্মুক্ত। ৩ [আ-মুচ্ (বন্ধন করা)] বদ্ধ। ~ক্তি-বি, উদ্ধার ; খালাস।

আমুখ [আ-মুখ] ক্রি-বিণ, মুখ-পর্য্যন্ত। ২ [আ-মুখ (আরম্ভ)। সং নাট্যে] প্রস্তাবনা।

আমুদে [আমোদ+ইয়া (শীলার্থে) =আমোদিয়া >] বিণ, যে আমোদ করে ; রসিক ; আমোদ-আহ্লাদপ্রিয়।

আমুল-মামুল [আ॰-অ্মূম (সাধারণ)+আ॰-মামূল (প্রথামত), মামুলের সহিত অনুপ্রাসার্থে আমুল। সহচর শব্দদ্বয়] বি, আমলা দ্রঃ। ২ [নোয়াখালি অঞ্চলে চ॰ মামুলি দ্রঃ] বিণ, পূর্ব্ব হতে চলিত ; রেওয়াজ মত customary.

আমুষ্মিক [অমুষ্মিন্=ইদম্ (৭ মী ১ব॰) +ইক (ভবার্থে)] বিণ, পারলৌকিক ; লোকান্তরিক।

আমুষ্যায়ণ [সং, বাং প্র॰ অ॰] বিণ, প্রখ্যাত বংশীয়।

আমূল [আ=অবধি-মূল=প্রথম, গোড়া] ক্রি-বিণ, মূলপর্য্যন্ত ; প্রথমাবধি ; আগাগোড়া। ~তঃ (ল॑) [আমূল+তস্-পঞ্চমী স্থানে] অ, মূল হতে ; গোড়া থেকে।

আমৃষ্ট [আ-মৃজ্=চূর্ণ করা+ত (র্ম্ম), জ=ষ ; ত=ট] বিণ, বিমর্দ্দিত। ২ উচ্ছেদিত।

আমেজ [ফা॰-আমেজ্=মিশ্রিত, মিলিত। তুল-সং আমিশ্রিত] বি, ঈষৎ প্রকাশ ; আদ্রা ; লেশ ; আভাস ; অল্প মিশ্রণ। প্র-লালের আমেজ।

আমোচন [আ (সম্যক্)-মুচ্ (ত্যাগ করা)+অন (ভা॰)] বি, মোচন ; মুক্তি ; খালাস। ২ [ন=অ=আ+মোচন] বন্ধন ; পরিধান [প্র॰ অ॰]

আমোদ [আ-মুদ্ (হৃষ্ট হওয়া)+অ (ভা॰)] বি, আহ্লাদ ; আনন্দ ; হর্ষ। ২ উৎসব। ৩ [গে] যদ্দ্বারা ঘ্রাণেন্দ্রিয়ের পরিতোষ জনিত আনন্দ বা তৃপ্তি হয়। বি, অতি দূরগামী গন্ধ ; তীব্র সুগন্ধ [বিরল] ৪ [প্রাদে॰] বিণ, আমোদিত ; সুগন্ধে পূর্ণ। প্র-চারিদিক ফুলের গন্ধে আ॰ করেছে। ~আহ্লাদ, ~প্রমোদ-উৎসব আনন্দ ; ক্রীড়াকৌতুক ; কেলিবিলাস। ~জনক [আমোদ-জনক=উৎপাদক] বিণ, যে বা যা আমোদ জন্মায় ; আনন্দদায়ক। ~প্রিয়-কৌতুকাসক্ত ; আমুদে।

আমোদন [আ-মোদি=আহ্লাদিত করা+অন (র্ত্তৃ)] বিণ, আমোদজনক। ২ [অন (ভা॰)] বি, আমোদ করণ।

আমোদা [আমোদ+আ (ক্রিয়ায়), বাং নাম ধাতু। আমোদি (আ॰ করি), আমোদ (আ॰ কর) আমোদে (আ॰ করে, আ॰ দেয়)] ক্রি, আমোদ করা। ২ আমোদিত করা। আমোদিছে-ক্রি, আমোদিত করিতেছে ; আনন্দ দান করিতেছে। ২ সুরভিত করিতেছে ; সুবাস বিলাইতেছে। "পূজে ঋতুরাজে আজি ফুলজালে ধরণী! ধূপরূপে পরিমল, আমোদিছে বনস্থল,"-ব্রজাঙ্গনা। আমোদিয়া [ক্ষে॰ আমোদি পদ্যে] অস-ক্রি, আনন্দ দান করিয়া ; আমোদিত বা পুলকিত করিয়া। ২ আনন্দ করিয়া। "মহা আমোদিয়া নাথ করেন ভোজন।"-চৈ॰ ভা॰। ৩ বিণ, আমোদ করা যার স্বভাব ; আমোদপ্রিয় ; রসিক [ইহার কুঞ্চিত আকার আমোদে, আমুদে] আমোদিতে-আনন্দদান করিতে। ২ আমোদ করিতে। আমোদিত [আমোদ+ইত (জ্ঞা॰)] বিণ, আনন্দিত ; পুলকিত ; হৃষ্ট। ২ সুবাসিত ; সুরভিত ; সৌগন্ধযুক্ত।

আমোদী [আমোদ+ইন্ (স্ত্য)] বিণ, হর্ষযুক্ত ; সানন্দ। ২ আমুদে। ৩ সুগন্ধযুক্ত। ৪ বি, কর্পূরাদি মুখের সুগন্ধজনক দ্রব্য।

আম্নায় [আ-ম্না (অভ্যাস করা)+অ (র্ম্ম)-যা মুনি ঋষিদিগের দ্বারা অভ্যস্ত হয়] বি, শ্রুতি ; বেদ ; নিগমাগম ; তন্ত্রশাস্ত্র। ২ [হিং॰] অভ্যাস ; বেদাদির পাঠ বা অভ্যাস।

আম্বর [ইং-amber. সং-অম্বর] বি, সুগন্ধ রঞ্জন দ্রব্যবিঃ ; যদ্দ্বারা বস্ত্র সুবাসিত ও রঞ্জিত করা হয়।

আম্বা [বৈদিক, সং-অম্=বল (বৈদিক, নিরুক্ত) > 'অমবল' > ভ্রং 'আম্বা'=বলবিক্রম। বাং-তে সঙ্কীর্ণার্থে বলের নিদান-রক্ত, (গ্রা॰) রস (বীর্য্য) বা তেল। প্র-বড় আম্বা হয়েছে=ভারি রস হয়েছে বা ভারি তেল হয়েছে। তুল-আ॰ মাল > বহুবচনে আম্বাল্ =ধন, ঐশ্বর্য্য-তা হতে ধনগর্ব্ব, ঐশ্বর্য্যমত্ততা-বাং ব্যঙ্গোক্তিতে আম্বা, রস, তেল, স্থানবিশেষে হয়] বি, শক্তিসামর্থ্য ; বলবিক্রম ; ক্ষমতা ; বীর্য্য ; রস ; তেল। "আপনাকে আঁট নাই পরের মাগ চাও। এত যদি আম্বা আছে ঘরে কেন না যাও॥"-শি॰। ২ [সং-অহম্-পূর্ব্বিকা "অহং পূর্ব্বমহং পূর্ব্বমিত্যহংপূর্ব্বিকা।" -অমর॰। আমি পূর্ব্বে অর্থাৎ আগে যাইব আমি আগে যুদ্ধে যাইব এইরূপ উদ্যমশীলতা। তুল-হিং॰-হাম্‌বড়া] আমি আগে আমি আগে ইত্যাকার ভাব ; আগুয়ান হবার অতি আগ্রহ। "বনজন্তু যুদ্ধে কিন্তু আম্বা দেখি বাড়া।"-কবিক॰। ৩ আস্ফালন ; স্পর্দ্ধা। প্র-লোকটার আম্বা দেখ। ৪ যোগ্যতার অতিরিক্ত আকাঙ্ক্ষা ; দুরাকাঙ্ক্ষা ; উচ্চাভিলাষ। ৫ কর্ত্তৃত্বাভিমান ; কর্ত্তৃত্বের বড়াই। "মানুষ করে আম্বা, কিন্তু ঘটান জগদম্বা।" -অ॰ সরকার। ক্রি, আ॰ করা।

আম্বিকেয় [অম্বিকা-এয় (অপত্যার্থে)] বি, অম্বিকার পুত্র ; কার্ত্তিকেয়। ২ কাশীরাজদুহিতা অম্বিকার গর্ভজাত (ব্যাসদেবের ঔরসজাত) পুত্র ; ধৃতরাষ্ট্র।

আম্মা [সং-অম্বা > হিং॰-অম্মাঁ > উর্দ্দূ-আম্মা। তুল-আ॰-উম্ম] বি, মা ; মাতা।

আম্র [সং-অম্র+অ (স্বার্থে)। তৎপর্য্যায় ;-"আম্রশ্চূতঃ রসালঃ।"-অমর॰। ফা॰-আম্ব ; ইং-mango আম, আঁব দ্রঃ] বি, স্বনামপ্রসিদ্ধ ফল বৃক্ষ ; আমগাছ। ২ ঐ বৃক্ষের ফল ; আম ; আঁব। ~কানন-বি, আম বাগান। ~গন্ধক [আম্র-গন্ধ+ক-স্বার্থে] বি, পশ্চিমদেশীয় আম্রগন্ধযুক্ত গুল্মবিঃ ; সমষ্টিল। ~পানক-বি, আমের পানা বা সরবৎ। ~পুষ্প-বি, আমের মুকুল বা বোল। ~পেশী [আম্র-পেশী (তত্বৎ)] বি, আমশী ; আমশুষ্ক। ~বল্লী [মরাটী-আম্বট বেল] মহারাষ্ট্র দেশজাত তীক্ষ্ণাম্ল লতাবিঃ। ~বীজ-আমের আঁটি। ~মূল-আমগাছের শিকড়। ~রসাকৃতি পানক [বৈদ্যকে] মথিত দধিতে জাফরাণ ও চিনি মিশাইয়া প্রস্তুত (আমরস সদৃশ) সরবৎ বা পানা। ~লেহ-আমের চাট্‌নি। ~সার-বি, আম্রের পত্র বা শাখা ; আম্রপল্লব। "পূর্ণ ঘট শোভে নারিকেল

ক্ত বিন্দুবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গাঁ ঞ্চ=ন্‌চ ক্ষ=ষ্ট হ্ন=হ্ন হ্নু হ্ল হ্ম হ্ব=ন্‌হ ম্‌হ ল্‌হ ভ্ব ব্য, জ্ক্ ব্ক্ত=ৎfwv ও চ্চা॰ দ্রঃ

আম্রসারে।"-চৈং ভাং। ~হরিদ্রা [আম-গন্ধি বলিয়া। হিং-আমহল্‌দী] বি, আম-হলুদ; আম আদা।

আম্রাত, -তক [আম্র-অত্‌ (গমন করা)+অ, অক (র্তৃ)-যা আম্রের নামেই চলিয়া যায়; অনেকটা আম্রের মত বা অনুরূপ বলিয়া] বি, আমড়া গাছ ও ফল। ২ আমসত্ত্ব। ৩ কামরূপের তীর্থ বিং। ইহার অধিষ্ঠাতা দেব আম্রাতকেশ্বর শিব এবং দেবী সিদ্ধ গঙ্গা।

আম্রাবর্ত্ত [আম্র-আবর্ত্ত (আওটান)] বি, আমসত্ত্ব।

আম্রে/ড়ক [আ-ম্রেড়-নিচ্‌ (পুনঃ পুনঃ কথনে)+অক (র্তৃ)] বিণ, যে এক বিষয় পুনঃপুনঃ বলে; কণ্ঠস্থকারী। বি, ~ড়ন -অভ্যাস; পুনঃপুনঃ কথন। > বিণ, ~ড়িত-পুনঃ পুনঃ উক্ত; অভ্যস্ত।

আম্ল [অম্ল+অ (ভবার্থে)] বিণ, অম্লরস-যুক্ত; টক।

আম্লকুচি-বি, অম্লকুচাই নামক গুল্ম।

আম্লবেতস-বি, অম্লবেতসের গাছ।

আম্লা-বি, তেঁতুলগাছ। ২ আমলকী।

আম্লানো-ক্রি, আমলান দ্রঃ। ২ [আ-ম্লান+আ=ও (ক্রি-বিভক্তি)] মুষড়ান; নির্বীর্য্য ও মৃতপ্রায় হওয়া।

আম্লিকা, আম্লীকা-বি, তেঁতুল-গাছ। ২ অম্লোদ্‌গার।

আম্‌সি, আম্‌সী, আম্‌শী-আমশী দ্রঃ।

আয়১ [আ-ই বা অয়্‌ (গমন করা)+অ (ভাং)-যা আগমন করে বা আসে] বি, অর্থাগম; ধনাগম। "তামাক খাওয়া চাষার ছেলের পক্ষে আদৌ আয়ের বলিয়া গণ্য হয় না।" ২ লাভ। ৩ উপস্বত্ব। ৪ [জ্যোং] একাদশ ভবন। ৫ অন্তঃপুর রক্ষক। ~কর [আয়-কর-যে করে] বিণ, আয়প্রদ; ধনপ্রদ; লাভবান্‌। প্র-আয়কর ব্যবসায়। ২ প্রজার উপার্জ্জনের উপর রাজকর বা টেক্‌স income tax. "আয়কর শুনে গায়ে আসে জ্বর।" -মনোমোহন বসু। ~প্রদ-বিণ, লাভ উৎপাদক; আয়কর; যা হতে অর্থাগম হয়। বিণ, ~বর্দ্ধক-উপার্জ্জন বা লাভ বৃদ্ধিকারী। বি, ~বর্দ্ধন, ~বৃদ্ধি-উপার্জ্জনের আধিক্য। ~ব্যয়-বি, ধন বা অর্থের আগম নিগম; জমা খরচ।

আয়২ [আসা এই ক্রিয়াপদের অনুজ্ঞা মং পুং রূপ, অসম্ভ্রমার্থে বা স্নেহার্থে] ক্রি, আগমন কর। প্র-কাছে আয়। ~গে [গ্রাং। গিয়া > (স্কেং) গে] আইস গিয়া। সমানার্থে এসগে, সম্ভ্রমার্থে-আসুন গে।

আয়৩ [হিং-আয়কে, আকর, আকরকে >, স্কেং] ক্রি, আসিয়া। "সে সব পাইল আমি বৃন্দাবন আয়।"-চৈং চং।

আয়ত১ [আ-যম্‌ (বিরত হওয়া)-ত (র্তৃ)] বিণ, দীর্ঘ; বিস্তৃত; বিশাল। আং চক্ষু, -নয়ন, -নেত্র, -লোচন (স্ত্রীং ~া)। ২ দূর। ৩ [র্ম্ম] আকৃষ্ট। ৪ সংহত। ৫ বি, সমচতুষ্কোণ বিষমবাহু ক্ষেত্র rectangle

আয়ত২ [সং-অবিধবত্ব > আইহত্ব > আয়াত > আয়ত (O.D.B.L.)। মেয়েলিং -'এয়োৎ'] বি, সধবার ভাব; স্ত্রীর স্বামী বিদ্যমানতা। "এমন আং রাখি পতিব্রতা মেয়ে।"-শিং [গ্রাং আয়াত]।

আয়তচ্ছদা [আয়ত (বিস্তৃত) ছদ (পত্র -যার, বহুং) +আ (বির্থেং)] বি, কলাগাছ।

আয়তন [আ (সম্যক্‌)-যত্‌ (যত্ন করা) +অন (ধি) যে স্থানে সম্যক্‌ রূপে যত্ন করা হয়। অতি প্রাং বাং 'আঅতন' (দোং ১১৬); প্রাং-'আয়াতন'] বি, যজ্ঞবেদী; বেদী। ২ দেবালয়; দেবমন্দির। ৩ বিশ্রাম স্থান। ৪ গৃহ; ভদ্রাসন। ৫ ভিটা; বাস্তু। "আং ভূমি বাড়ী বীর দেয় বাক্য পড়ি।"-কবিকং। ৬ পরিমাণ। ৭ পরিসর; প্রস্থ। ৮ [বৌং দর্শন] দ্বাদশটি ইন্দ্রিয়-চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক, মন এই ছয় আধ্যাত্মিক ও রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ, ধর্ম্ম এই ছয় বহিরায়তন। "পরিপুন্নায়তনা" (=পূর্ণেন্দ্রিয় সম্পন্না)।

আযতন [আ (সম্যক্‌)-যতন (যত্ন)] বি, বিশেষ যত্ন; সমাদর।

আয়ততল [আয়ত (বিস্তৃত)-তল (নিম্ন-দেশ)] বিণ, প্রশস্ত তল-বিশিষ্ট; তলবিস্তৃত।

আয়তাক্ষী [আয়ত-অক্ষি-যার(বহুং)] বিণ, বিশালাক্ষী; আয়তলোচনা; সুন্দরী।

আয়তি, আয়িতী [আয়ত (দ্রঃ)+ঈ (ভাং)। (২) অবিধবত্ব > আইহত্ব > আয়ত। তার প্রসারে-এয়ো, এয়োত, এয়োতি, আয়তি-আয়তী (O.D.B.L.)] বি, সধবার চিহ্ন। ২ সধবা; এয়োস্ত্রী। "জন্ম আয়তি হয়ে জীয়া থাক সুখে।"-শিং। ৩ স্বামীর আয়ুরেখা। ৪ [আ-যা (যাওয়া)+তি (ধা=য)] ভবিষ্যৎ। ৫ ভাবী শুভ সম্ভাবনা।

আয়ত্ত [আ-যত্‌ (যত্ন করা, বশ হওয়া) +ত (র্তৃ)। আয়ত্ত অর্থে 'আয়ত্তাধীন' শব্দের অপপ্রয়োগ আছে] বিণ, অধীন; অধিকৃত। বি, ~তা-অধীনতা; বশবর্ত্তিতা।

আয়ত্তি [আ-যত্‌+তি (ভাং)] বি, বশ্যতা; অধীনতা। ২ প্রীতি; স্নেহ; যত্ন; আর্ত্তি। ৩ শক্তি; ক্ষমতা; সামর্থ্য; যোগ্যতা। ৪ সীমা। ৫ প্রয়াস; আগ্রহ; চেষ্টা। ৬ গৌরব; প্রভাব। ৭ ভবিষ্যৎকাল। ৮ পরিণামদর্শিতা [বিরল]।

আয়না [ফাং-আঈনা-মুখ দেখিবার কাঁচ] বি, আরশি; দর্পণ। **আয়নায় মুখ দেখা**-পরস্পর উপকার প্রত্যুপকার করা; যে ভাল করে তার ভাল করা এবং যে মন্দ করে তার মন্দ করা।

আয়ন্দা-আয়েন্দা দ্রঃ।

আয়ব [হিং-আওব। ব্রজং] ক্রি, আসিবে। "পিয়া যব আং,"-বিং পং।

আয়বড় [অব্যূঢ় >] বিণ, অবিবাহিত। "ঘরে আং মেয়ে, কখন না দেখ চেয়ে, বিবাহের না ভাব উপায়।"-অং মং। **আং ভাত** [অব্যূঢ় > আং+ভাত] বি, পুত্র কন্যার বিবাহ উপলক্ষে প্রদত্ত অন্ন [চং-'আইবুড়ো,' 'আইবুড়ো-ভাত']।

আয়মা, আয়েমা [আং-আএমা] বি, মুসলমান নবাব বা সম্রাটগণ কর্ত্তৃক ধর্ম্ম-প্রচারাদির জন্য বা পাণ্ডিত্যের পুরস্কার স্বরূপ ও মৌলবীদিগকে বৃত্তিস্বরূপ দত্ত নিষ্কর জমী। ২ পুরস্কার স্বরূপ বিনামূল্যে প্রাপ্ত জমী। ~দার-আয়মা জমী যে ভোগ করে। ~দারী-আয়মা জমীর ভোগ দখল।

আয়মাল [আং-আয়্‌মাল] বি, গ্রাম ও পরগণা।

আয়ঁর [প্রা॰ বাং। হিং॰-অউর, ঔর] অ আর (দ্রঃ)। "হাছী জিঠী আ॰ উঝঁট না মানিলোঁ॥"-শ্রী॰ কী॰।

আয়ঁল [ব্রজ॰] ক্রি, আসিল ; "কোই কহে আয়ল হরি।"-বি॰ প॰। 'য়' স্থলে 'ও'র ব্যবহারও আছে। "মধুঋতু আওল।" -ভানুসিংহ। ১ম পু॰, **আয়লুঁ, আয়লু-** আসিলাম। **'আয়নু'** প্রয়োগও আছে।

আয়ঁস [অয়স্(লৌহ) + অ(স্বার্থে)] বিণ, লৌহসংক্রান্ত। ২ [উৎপন্নার্থে-অ] লৌহ-নির্ম্মিত ; লৌহময়। ৩ বি, লৌহ। ৪ লৌহ-ময় বাণের ফলক ; লৌহনির্ম্মিত অস্ত্রাদি। স্ত্রীং **~সী**-বি, লৌহময়ী অঙ্গরক্ষিণী : সাঁজোয়া ; লৌহ আবরণ ; বর্ম্ম। "আয়সী-আবৃত দেহ, আইল কাতারে।"-মেঘ॰।

আয়ঁস্ত [আ-যস্ (যত্ন করা, ক্ষেপণ করা) + ত (র্ম্ম)] বিণ, নিক্ষিপ্ত। ২ পীড়িত। ৩ প্রযত্নপর।

আয়িস্ত্রী, আয়োস্ত্রী, এয়েস্ত্রী, এইস্ত্রী, এয়েস্ত্রী, আইওস্ত্রী-সধবা নারী [এয়ো দ্রঃ]।

আয়া [পর্ত্তু॰-Aya (nurse)] বি, দাই ; দাসী ; সেবিকা। ২ [আর্য্যক > । আয়ি দ্রঃ] বি, পিতামহ ; মাতামহ [বিরল] স্ত্রীং **আয়ী** (আর্য্যা-হিং॰ উচ্চারণ আরিয়্যা। তুল-সখা=সয়া, সখী=সই)।

আয়াত১ [আ-যা (যাওয়া-আসা) + ত (র্ত্তৃ)] বিণ, যে আসিয়াছে ; আগত।

আয়াত২ [আয়ত২ দ্রঃ] বি, সধবার চিহ্ন। "চারি ছুঁড়ি বধূর আয়াত ঘুচে করে। ভালে ঘুচে ভাবন ভাগিনা যদি মরে॥"-ঘ॰।

আয়ান [সং-অভিমন্যু > প্রাকৃ॰-অহি-মন্ন > আইহন (শ্রী॰ কী॰) > আইঅন > আয়ান] বি, কৃষ্ণের-পালয়িত্রী যশোদার সম্পর্ক-ভ্রাতা এবং বৃষভানুনন্দিনী রাধিকার পতি। ইনি ধর্ম্মপ্রাণ কালীভক্ত ও পুরুষত্বহীন ছিলেন বলিয়া উক্ত। ইঁহাকে ভজনা না করিয়া রাধিকা কৃষ্ণকে ভজনা করিয়াছিলেন। "ঐ দেখ, আস্‌ছে আয়ান, বংশিবয়ান! বনমাঝে। বিপদে যায় যে জীবন, মধুসূদন! তোমায় ভজে।"-দাশরথি রায়।

আয়াপান, -পানা [ল্যা॰-Eupatorium, Aya-pana, Hort, Beng.] বি, বৈদেশিক ক্ষুদ্র ওষধিবৃক্ষবিঃ ; বিশল্য-করণীকেও (Menispermum cordifolium) আয়া পান্ বলে (উভয়েরই বেদনা, ক্ষত ইং আরোগ্য করিবার গুণ আছে বলিয়া)।

আয়াম [আ৲॰-আইয়াম্ (সময়, ঋতু, *দিন*)] বি, ঋতু ; কাল ; সময় ; দিন। ২ [যশোহর প্রাদে॰] উপযুক্ত সময়। ৩ বিস্তার ; দৈর্ঘ্য length ; ওসার breadth.

আয়ালঁতা-বি, ধানগাছবিঃ ; ইহা গভীর জলে জন্মায় ও খুব লম্বা হয়। এই ধানের চাউলের নামও আয়ালতা (Haughton).

আয়াস [আ-যস্ (ক্ষেপণ করা, ক্লেশ পাওয়া) + অ (ভা॰)] বি, ক্লেশ ; দুঃখ। ২ শ্রমজনিত ক্লেশ ; শ্রান্তি ; ক্লান্তি। ৩ অতিশয় যত্ন ও চেষ্টা ; প্রযত্ন। প্র-তাহার সকল উদ্যম সকল আয়াস ব্যর্থ হইল। ৪ শ্রম। ৫ [আ৲॰-আ৲এষ৲ (আরাম, সুখ) >] আরাম ; সুখ। **~ঘঁর** [আয়াস (আরাম) + ঘর (গৃহ, আগার)] বি, আরাম করিবার গৃহ ; বিশ্রামাগার। "দুর্ব্বলা আয়াসঘরে বিছায় শয়ন।" -কবিক॰। **~ছাড়া** [আয়াস (শ্রান্তি) ছাড়া (ত্যাগ করা)] ক্রি, শ্রান্তি দূর করা ; বিশ্রাম করা। "কিবা পথ পরিশ্রমে, আইলাদিগের ভ্রমে, আয়াস ছাড়িতে এই ঘর।"-কবিক॰। **~সাধ্য**-বিণ, ক্লেশ সাধ্য ; চেষ্টার দ্বারা সম্পাদ্য। বিণ, **আয়াসিঁত** [আয়াস + ইত (যুক্ত)] শ্রান্ত। ২ ক্লিষ্ট। ৩ চেষ্টিত।

আয়া/সী [মৃ॰-আয়াসিন্] বিণ, পরিশ্রমী। ২ উদ্যোগী। ৩ সচেষ্ট। ৪ ক্লান্ত ; শ্রান্ত। স্ত্রীং **~সিনী** [প্রা॰ বাং] শ্রান্তা। "আয়াসিনী ভৈলা আজি তোহ্মে কি কারণে।"-শ্রী॰ কী॰।

আয়াসে [আয়াস (চেষ্টা, শ্রম, ক্লেশ) নামধাতু। আয়াসি, আয়াস, আয়াসে ; আয়াসিতে ; আয়াসিয়া ইং] ক্রি, কষ্ট দেয় ; পীড়ন করে ; দুঃখ দেয়। "আয়াসে আজি কে, বৎসে, তোমারে?"-মেঘ॰। "মদকল করিত্রয় আ॰ দাসীরে।" -ঐ। ২ ক্রি-বিণ, কষ্টকর চেষ্টায় ; কষ্টে। "অনেক আ॰ মুদেছি নয়ন,"-বাং গান। প্রা॰ বাং **আয়াসেঁ**-শ্রান্তি হেতু। "আয়াসেঁ কাহ্নের উরে সুতিলোঁ দিঞা শিয়রে।"-শ্রী॰ কী॰।

'আয়ি, আয়ী [প্রা॰ বাং। আয়া (দ্রঃ), স্ত্রী ;-ঈ। তুল-সখা=সয়া, সখী=সই। আর্য্যা (দাক্ষায়ণী=মা দুর্গা)-আর্য্যিকা (মান্যা স্ত্রী) আর্য্যা উচ্চারণে, 'আরিয়্যা'-আ-ই-য়্যা -আয়ি, আয়ি। অস॰-আই, মরাঠী-আঈ] বি, মাতার মাতা ; মাতামহী। "প্রাকৃত শব্দেও যেবা বলিবেক আই। আই শব্দ প্রভাবে তাহার দুঃখ নাই।"-চৈ॰ ভা॰। ২ মাতা। "বাসলী আয়ী।"-শ্রী॰ কী॰। ৩ [ব্যঙ্গচ্ছলে] বৃদ্ধ মাতামহী। "হীরার আয়ি বুড়ী। গোবরের ঝুড়ী॥"-বিষবৃক্ষ। **~বুড়ী**-বি, ছোট মেয়ে বাচালতা করিলে বা অধিকবয়স্কাদিগের ন্যায় পোষাক পরিধান করিলে বা পাকা পাকা কথা বলিলে তাকে আয়িবুড়ী বলে।

আয়ু, আয়ুঃ (-য়ু) [আয়ুস্-ই (গমন করা) উস্, ই=আয়। প্রা॰ বাং 'আউ', আউ।' "আউ দাহয়ে বিরহী মন শেষ হইল আউ।"-গীত গো॰ (গিরি)। "আউ থাকিতেঁ কাহ্নাঞিঁ মরণ ইছমি।"-শ্রী॰ কী॰। প্রা॰-'আই'-পরমাই (পরমায়ু), প্রমাই, পেরমাই] বি, জীবন ; প্রাণ। ২ জীবিতকাল। ৩ বয়স। **অল্পায়ু**-হ্রস্বজীবন। ২ যার মৃত্যু নিকট। [চ॰ প্রা॰-অল্পাই, অলপ্পেয়ে] **দীর্ঘায়ু**-দীর্ঘজীবন। ২ যে বহুকাল জীবিত থাকে। **~ক্ষয়**-বি, পরমায়ুব্যয় ; জীবনহ্রাস ; মৃত্যু।

আয়ুঃপ্রঁদ [আয়ুস্-প্রদ] বিণ, যে জীবন দান করে ; প্রাণদায়ক ; সঞ্জীবক। ২ যদ্দ্বারা জীবন বৃদ্ধি হয়।

আয়ুঃশেষ [অয়ুস্-শেষ। ৬ তৎ] বি, জীবনের অবসান ; জীবনের শেষ বা অল্পাবশিষ্টাংশ ; মরণের সমীপ। ২ মৃত্যু।

আয়ুক্ত [আ-যুজ্ (যোগ করা) + ত (র্ম্ম)] বিণ, নিযুক্ত [প্র॰ অ॰]।

আয়ুত [বৈদিক। আজ্য দ্রঃ] বি, পিতৃগণের উদ্দিষ্ট ঈষৎ গলিত ঘৃত।

আয়ুঁদড় [প্রা॰ বাং। আউদড় দ্রঃ। ক্ষে॰ 'আদুড়'] বিণ, অনাবৃত। ২ আলুলায়িত।

আয়ুধ [আ-যুধ্ (যুদ্ধ করা) + অ (ণে)। যদ্দ্বারা যুদ্ধ করে] বি, অস্ত্রশস্ত্র। "আয়ুধের কড়কড়ি জুয়ালের মাঝে।"-শিং॰। **~াগার** [আয়ুধ-আগার=আলয়, গৃহ-৬ তৎ] বি, যে

গৃহে যুদ্ধোপকরণ রক্ষিত হয়; শেলেখানা: অস্ত্রাগার an arsenal; an armoury.

আয়ুধিক, আয়ুধীয় [আয়ুধ+ইক, ঈয় (সম্বন্ধে)] বিণ, অস্ত্রশস্ত্র সম্বন্ধীয়। ২ সামরিক। ৩ যোদ্ধা: অস্ত্রজীবী। ৪ আয়ুধধারী; অস্ত্রধারী armoured.

আয়ুর্দ্রব্য [আয়ুস্ (জীবন সাধন) দ্রব্য (বস্তু)] বি, আয়ুঃপ্রদ সামগ্রী; ঔষধ।

আয়ুর্বৃদ্ধি [আয়ুস্-বৃদ্ধি] বি, জীবনের বৃদ্ধি। ~কর [আয়ুর্বৃদ্ধি কর-কৃ+অ (র্ত্তৃ) যে করে-উপ°] বিণ, আয়ুর বৃদ্ধিকারী: যা জীবনকে বাড়ায়; আয়ুষ্কর।

আয়ুর্বৃদ্ধ্যন্ন [আয়ুঃ+বৃদ্ধি+অন্ন] বি, আয়ুর বৃদ্ধি কামনায় অন্নভোজন। ২ [বাং বির্থে°] অনূঢ়ান্ন; আইবুড়ো ভাত (দ্রঃ)।

আয়ুর্ব্বেদ [আয়ুস্=জীবনকাল-বেদ, বিদ্+অ, জানা যার যদ্বারা-৬তৎ] বি, অথর্ব্ব-বেদান্তর্গত ধন্বন্তরিপ্রণীত চিকিৎসাবিদ্যা। করণব্যূহমতে ইহা ঋগ্বেদের উপবেদ-ইহাকে পঞ্চম বেদও বলে: আয়ু ও স্বাস্থ্যবিজ্ঞান Biology, the science of life বিণ, ~ী, ~জ্ঞ (-র্দ), ~বিৎ, ~বেত্তা [আয়ুর্ব্বেদ+ইন্ (স্ত্য), +জ্ঞ ই°] বিণ, আয়ুর্ব্বেদজ্ঞ। ২ আয়ুর্ব্বেদ মতে যাঁরা চিকিৎসা করেন: কবিরাজ। ~ীয়-বিণ, আয়ুর্ব্বেদ সম্বন্ধীয় বা সম্মত; আয়ুর্ব্বেদোক্ত।

আয়ুর্যোগ [আয়ুস্ (জীবন কাল)-যোগ] বি, আয়ুর্দ্রব্য; ঔষধ।

আয়ুষ্কর [আয়ুস্+কর (যে করে) উপ°] বিণ, আয়ুর্দ্রব্য; জীবন দীর্ঘকারী ঔষধ; আয়ুষ্য।

আয়ুষ্কাম [আয়ুস্-কাম: কম্+অ (র্ত্তৃ) যে কামনা করে] বিণ, দীর্ঘ জীবনাভিলাষী: যে বহুদিন বাঁচিতে চাহে।

আয়ুষ্টোম [আয়ুস্+স্তোম (যজ্ঞ)] বি, দীর্ঘায়ু কামনায় অনুষ্ঠিত যজ্ঞবিঃ।

আয়ুষ্মান্ (-ষ্মা-) [আয়ুস্+মৎ (স্ত্য) ১মা, ১ব°] বিণ, দীর্ঘজীবী। স্ত্রীং আয়ুষ্মতী। ~যোগ-বি, তিথি নক্ষত্রের যোগ বিঃ। ২ রাশিচক্রের তৃতীয় (চান্দ্র) নক্ষত্রমণ্ডল a division of the ecliptic.

আয়ুষ্য [আয়ুস্+য (হিতার্থে)] বিণ, আয়ুঃপ্রদ; আয়ুষ্কর। ২ অন্ন; পথ্য।

আয়েন্দা [ফা°-আমদন্=আসা, আগমন করা। তা হতে আইন্দা=যা আসিবে] ক্রি-বিণ, আগামী: ভবিষ্যৎ: ভাবী। ২ অতঃপর: অদ্যাবধি; এখন হইতে।

আয়েব [আ°-অইব্ (ই অনেকটা 'য়ে'র মত)] বি, দোষ: ত্রুটি।

আয়েমা-আয়মা দ্রঃ।

আয়েস [আ°-আএ্‌ষ্=উপভোগ] বি, সুখ: আরাম; আনন্দ। "আমরা বেচারী ব্যবসা চাকরী করি আর তোমরা কর গো আ°।"-দ্বি° রায়। বিণ, ~ী-আরামপ্রিয়।

আযোগ [আ-যুজ্ (যোজনে)+অ (ভা°)] বি, আয়োজন· ব্যাপার। ২ গন্ধমাল্যোপহার।

আয়োগব [স্মৃ°, পু°] বি, শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভ- জাত জাতিবিঃ।

আয়োজক [আ-যুজ্ (সংগ্রহ করা) অক (র্ত্তৃ)] বিণ আয়োজনকারী।

আয়োজন [আ-যুজ্ (সংগ্রহ করা) অন (ভা°)] বি,সংগ্রহ; আহরণ। ২ উদ্যোগ। ৩ দ্রব্য সামগ্রী। "নিদয়ার সাধ হেতু, ঘরে ঘরে ধর্ম্মকেতু, চাহিয়া আনিল আ°।" -কবিক°। ~কর্ত্তা,-কারী-বিণ, আয়োজন করে; আয়োজক।

আয়োজিত [আ-যোজি (যুজ্ণিজন্তে-(যোগ করান)+ত (র্ম্ম)] বিণ, সংগৃহীত; আহৃত; সঙ্কলিত। ২ সমাহৃত।

আযোড়-যোড়ন [প্রা° বাং] বি, অঘটন ঘটনা: অসম্ভবকে সম্ভব। "আ° আক্ষে করিবাক পারি।"-শ্রী° কী°।

আয়োধন [আ-যুধ্ (যুদ্ধ করা) অন (ভা°)] বি, যুদ্ধ। ২ [ধি-অন] যুদ্ধক্ষেত্র: রণস্থল। ৩ বধ।

আয়োস্যুয়ো [আয়ো (সধবা, এয়ো) স্যুয়ো (সোহাগী > সই)] বি, সধবা বন্ধুরমণীগণ; সই সাঙ্গাতি। "আ° আনিতে বিজয়াদাসী চলে,"-কবিক°।

আর১ [ঋ (গমন করা) অ (র্ত্তৃ) জ্ঞা°] বি, চক্রাঙ্গ-কাষ্ঠ-বিঃ।

আর২ (র্, র্) [সং-অপর; হিং°-ঔর; পঞ্জাবী-হোর; ব্রজ°-অরু (২৪ দ্রঃ); আসা°-আরু, ওড়ি°-আহরি, আর, আরব; বাং-আবার] অ, copulative conjunction এবং; ও। "ধর্ম্ম সমাজের পিতা *** আর ভাষা সমাজের মাতা।"-ভূদেব°। ২ অধিক: বেশী। "কি আর বলিব-নাথ বলিব তোমায় হে!"-স্কন্দ°। ৩ যে পর্য্যন্ত যতক্ষণ বা যতদূর হইয়াছে তার পর বা অধিক further any more; any longer. প্র-আর কেঁদো না; আর যেড়ো না বা এগিয়ো না; আর জল ঢালিও না। "সরলা, তোমার ন্যায় বুদ্ধিমতীকে দৌত্যকার্য্যে নিযুক্ত করিয়া আর অধিক কি বলিব?"-লুৎফউন্নিসা। ৪ অপর: অন্যজন। "আর জন কয় এই মহাশয়।" -ভারত°। ৫ অন্য কিছু; অন্য বিষয় বা বস্তু। "আর কিছু নাই শ্যামা মা তোর কেবল দু'টি চরণ রাঙ্গা।"-কমলাকান্ত। "আর কোন সাধ নাই মা চিতে।"-রামদত্ত (বাং গান)। ৬ অতঃপর। "আমার আর বলিবার কথা নাই।"-অ° দত্ত। ৭ নিষেধবাচক; অসময়: অযুক্তি, অনৌচিত্য ই° বোধক (এরূপ স্থলে ইহার সহিত 'কাজ কি,' 'কেন' 'কি হবে' ই° শব্দ যুক্ত হয়)। "আর আমার কাজ কি বিয়ের সাজ পরিয়ে বৃদ্ধকালে।"-রাসবিহারী মুখো°। "মুরলা, মুরলা, আর কেন সে কথা মুরলা?" -শান্তিলতা। ৮ পরে; আখেরে; ভবিষ্যতে; জন্মান্তরে। "মিছে কান্নায় কি ফল আর, যাতে আর না ভোগ পুনঃপুনঃ তারই উপায় কর সার।"-বাং গান। ৯ এখনও। "বিশ্বরাজ হে আমায় কেন ডাক সখা বলে আর।"-স্কন্দ°। ১০ এখন, বর্ত্তমান। "আর কি মোদের সে দিন আছে,"-বাং গান। ১১ ইহা ব্যতীত; অন্য; এক ভিন্ন। "যত দুঃখ লাজ দারিদ্র্য সঙ্কট, আর জানাইব কারে!"-স্কন্দ°। ১২ অধিকন্তু; তা ছাড়া besides; moreover. প্র-আর দেখ, যদি ই°। "অনাথা বালিকার উপর তোমার এত আক্রোশ! আর তুমি কি একটু বোঝ না, কনককে তুমি এ বাড়ীতে রাখ নাই।"-প্রেমলতা। ১৩ [disjunctive conjunction] অথবা; কিম্বা whether, or. "আমার উপর রাগই কর, আর আমাকে কেটে ফেলে গঙ্গার জলে ভাসিয়েই দাও।"-বসন্তের রাণী। ১৪ এককালে;

যুগপৎ। "আমাদের ঘরের লক্ষ্মী আর তোমার যম।"-বঙ্কিম০। ১৫ দ্বিতীয়টা বা অন্য একটা। "এমন পরমা সুন্দরী, রূপবতী গুণবতী মেয়ে আর পাওয়া যাবে না।"-বসন্তের রাণী। "কিন্তু আলালের ঘরের দুলালের দ্বারা বাং সাহিত্যের যে উপকার হইয়াছে, আর কোন বাং গ্রন্থের দ্বারা সেরূপ হয় নাই এবং ভবিষ্যতে হইবে কি না সন্দেহ।"-বঙ্কিম০। ১৬ সুতরাং; যে রকম অবস্থা তাতে। "বড় অসহ্য ব্যাপার হ'য়ে উঠল। আমার আর এ বাড়ী থাকা কোন ক্রমে পোষাল না দেখছি।" -প্রেমলতা। ১৭ কখন; কস্মিন্ কালে (অসম্ভব বা কখন হয় না এই অর্থে)। প্র-আমড়া গাছে কি আর আম ফলে থাকে। ১৮ কোন; বিশেষ; একটা। "বড় বউমা তো আর মন্দ কথা বলেন নি।"-প্রেমলতা। ১৯ দ্বিতীয় বার; একবারের অধিক। "কাহারও সহিত হয় ত সে একটীবার মাত্র সম্ভাষণ করিয়াই উচ্ছিষ্ট পাত্রের ন্যায় পরিত্যাগ করিয়াছে। তাহাদের ভাগ্যে আর তাহার দর্শন ঘটে নাই।"-লুৎফউন্নিসা। "শর্ম্মা ওদিকে আর নন!"-বাল্মীকিপ্রতিভা। ২০ স্বতন্ত্র: পৃথক্; বিভিন্ন; অন্য। "আর এক স্থানে দেখুন।" "ভাষাছাড়া আর কিছু যে কেতাবে বুঝিতে হয়, তাহা আমি বুঝিতাম না * * *।"-অ০ সরকার। "এক জনপদের পর আর এক জনপদের আবির্ভাব হইয়াছে; এক রাজ্যের পর আর এক রাজ্যের উৎপত্তি, স্থিতি ও বিলয় ঘটিয়াছে।"-রজনীকান্ত গুপ্ত। ২১ পক্ষান্তরে; কিন্তু। "অতীত-দর্শী ঐতিহাসিক প্রীতি-প্রফুল্ল হৃদয়ে হিন্দুর অতীত গৌরবের কথা ঘোষণা করিতেছেন। আর যাহারা অসভ্য ও অনক্ষর বলিয়া পরিচিত ছিল, তাহারা এখন সভ্যতায় শ্রীসম্পন্ন ও জ্ঞান-গৌরবে মহিমান্বিত হইয়া হিন্দুর জ্ঞানভাণ্ডার হইতে রত্নরাশি সংগ্রহ করিতেছেন।"-রজনীকান্ত গুপ্ত। ২২ পূর্ব্ববৎ; তখনকার মত। "আমি এখন আর সে বড় মানুষের মেয়ে নহি।"-শান্তিলতা। ২৩ তদবধি; সেই হইতে।" দলিতপুষ্প মর্ম্ম-পীড়িতা প্রেমলতা আর কক্ষের বাহির হন না।"-প্রেমলতা। ২৪ বিপরীত বা অপ্রত্যাশিত পরিণাম-বোধক। প্র-এক করিতে আর হয়। ২৫ ক্রমোৎকর্ষসূচক: তার উপর: তাহাতে আবার; ইহাতেই রক্ষা নাই আবার। "একে সে মোহন যমুনার কূল, আর সে কেলি-কদম্ব-মূল, আর সে বিবিধ ফুটন্ত ফুল, আর সে শারদ-যামিনী।"-জ্ঞান০। "একে কাল হৈল মোর নয়লি যৌবন। আর কাল হৈল মোর বাস বৃন্দাবন॥"-চণ্ডী০। "একে গোবি পাতরি তাহে দুখ কাতরি অরু দুগ বিরহক জ্বালা।"-বি০ প০। ২৬ পুনরায়: আবার; ফিরিয়া: পাল্টে। "আর কি আমার হবে সে দিন, সুদিন হেন আসিবে।"-স্ক০। ২৭ পূর্ব্বে বা পরে। প্র-আর কখনও দেখা যায় নাই, যাবেও না। ২৮ অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তীর অব্যবহিত পূর্ব্ব বা পরবর্ত্তী কাল; আগামীর পরবর্ত্তী। প্র-এ শনিবার যাওয়া হবে না; আর শনিবারে যাইব [দ্রঃ-বর্ত্তমান সপ্তাহের শনিবার='এ' বা 'এই' শনিবার, যে শনিবার আসিতেছে তা 'আস্‌চে' শনিবার, তার পর যা আসিবে তা 'ও'-শনিবার। আর=পর সপ্তাহের; ও= তারও পরের। এইরূপ উপস্থিতের পূর্ব্বে আর, তারও পূর্ব্বে হইলে 'ও'] ২৯ গত: বিগত। প্র-আর বৎসর এমন দিনে ঘটনাটি ঘটিয়াছিল। ৩০ আক্ষেপ; অবসাদ, হতাশের ভাব, অভিশাপ, ক্রোধ, বিস্ময়, বিরক্তি ই০ ব্যঞ্জক ও কথার মাত্রাস্বরূপ প্রযুক্ত। "আর বাছা, এই এক কনককে নিয়েই এই সংসারটা ছারখার হ'বে দেখছি, অভাগীর কি পোড়া অদেষ্ট।"-প্রেমলতা। আর তোমার মুখে আগুন; আর তোমার পোড়া কপালখানা! আর কি হবে। যা হবার হয়েছে। আর না। ৩১ একটা কথা, এক নূতন বিষয় বা সংবাদ ই০ অর্থে কথার মাত্রাস্বরূপ প্রযুক্ত; কোন বিষয়ের আলোচনা কালে হঠাৎ স্মৃতি পথে উদিত কোন অপ্রাসঙ্গিক সংবাদ দিতে হইলে; কোন মজার কথা পড়িতে হইলে ইহা ব্যবহৃত হয়। তখন ইহার সহিত 'শুনেছ', 'দেখ' ই০ শব্দ যুক্ত হয়। "আর শুনেছ গুণধর। এসেছে এক ব্রহ্মচারী বাঞ্ছা তারি হ'তে বর।" -বাং গান। ৩২ অবশ্য of course. প্র-যা নষ্ট হইয়াছে তা আর এখন দেখিতে পাইবে না, কিন্তু বর্ণনা ও ছবি হতে তার অনেকটা আভাস পাইতে পার। ৩৩ এতক্ষণ বা এইক্ষণ পর্য্যন্ত টিকিয়া থাকা বা বাঁচিয়া থাকার ভাব। "তবে বুঝি আমার মামা আর নাই! দুই ঘণ্টা তো অনেকক্ষণ হ'য়ে গিয়েছে, এখনও তো তারের জবাব এল না।"-ননিলাল বন্দ্যো০। ৩৪ নিষ্ফলতার আশঙ্কাসূচক। "অমন করলে আর কি হ'বে।"-প্রেমলতা। ৩৫ তুলনায়। প্র-সেই একদিন আর এই একদিন। সে কাল আর একাল। ৩৬ অব্যবহিত পরেই: প্রায় তখনই। প্র-তুমিও গেলে আর সেও এল।~আর [হি০-ঔর ঔর। প্রা০ বাং-গদ্যে ভূরি ব্যবহার, অধুনা বিরল] বিণ, অন্যান্য; অপরাপর; ইত্যাদি ইত্যাদি। "উত্তর দালানে সমস্ত দুগ্ধবতী গাভীগণ থাকে, দক্ষিণ ভাগে ঘোড়া ও গাধাগণ, পশ্চিমের দালানে, হাতি ও উট তাদের সাতে সাতে আর আর অনেক অনেক পশুগণ।"-প্রতাপাদিত্য চরিত (খ্রীঃ-(১৮০১)। আর একটু হ'লে-বাড়াবাড়ি হইলে; পূর্ব্বাবস্থার বিপর্য্যয় হইলে; অবস্থা গুরুতর হইলে; সঙ্গত সীমা অতিক্রান্ত হইলে। "কিন্তু আমার তখন কি অবস্থাই হয়েছিল, আর একটু হ'লে পড়ে যেতেম!"-প্রেমলতা। ~কত, ~কতই [প্রশ্নে] বড় বেশী নহে; অল্পই। "বাসা খরচ লাগবে না, নিজের কাপড় জুতো-সে আর কতই?"-মা০ ও ম০ বাণী, ১৩৩৩। আর কি, আর নয় তি কি (হি০-'ঔর কেয়া, ঔর নেহী ত কেয়া'র অনুকরণে) হাঁ; তাই; ইহাই উদ্দেশ্য; তাহাই বটে; প্রায় তদ্রূপ; (কোন কিছু হতে) অভিন্ন almost. প্র-মরণ আর কি; নবাব আর কি! "এক বছরের ভিতর সব উড়িয়াছে! তার পর আমার গহনাগুলিও নাও আর কি! * *।"-শান্তিলতা। ~বার-আর একবার; আবার। "সেথায় ফিরায়ে লহ মোরে আরবার।"-রবী০।

আর৩ [প্রা০ বাং ক্রিয়া বিভক্তি। 'আরু' 'আরে', 'আরোঁ' পরে দ্রঃ] নিত্য বর্ত্তমান অনুজ্ঞা ম০ পু০ রূপ। 'আনিআর'=আন; কহিআর=কও; খাআর=খাও; দিআর= দাও। "আণিআর বনমালী," কর্পূরবাসিত রাধা খাআর তাম্বুল," "মোকে দিআর আভয়।"-শ্রী০ কী০। নিত্য বর্ত্তমান উ০ পু০

বিভক্তিরূপ আরো (কহিআরো=কহি; শ্রী° কী°)। ১ম° পু°-'আরে' (গাবিআরে=গাহে-বি° প°)। অনুজ্ঞা ১ম পু°-আরু (দিআরু=দিউক-শ্রী° কী°)।

আর৪-অস্ত্যর্থক, বিশিষ্টার্থক বা কুশলার্থক তদ্ধিত প্রত্যয়।

আরও, আরো [কচিৎ 'আর'। আর+ও (আধিক্যার্থে)] বিণ, ইহাপেক্ষা অধিক; অধিকতর। প্র-এখন হয়েছে কি, আরও হবে। ২ ইহা ছাড়া: তদ্ব্যতীত। ৩ এখনও। ৪অ, পুনঃ; পুনরায়।

আরক১ [আ°-আরক্=জলীয় ঔষধ; নির্য্যাস; মদ্য। তুল-অর্ক-পাতন=চুয়ান] বি, নির্য্যাস; সত্ব; রস। ২ চুয়ান; মদ্য।

আরক২ [আর এক >, দ্রুত উচ্চারণে, পূ° বঙ্গ প্রাদে°] বিণ, আর এক (পূ° ব° গী°)।

আরকূট-বি, পিত্তল; পিত্তলালঙ্কার।

আরক্ত [আ=(ঈষৎ, সম্যক) রক্ত] বিণ, ঈষৎ রক্তবর্ণ; লোহিত বর্ণ। "অনাবৃত লাবণ্যের আবর্ত্ত অর্দ্ধেকে আরক্ত অনল ছটা পড়েছে আসিয়া।"-ফুলরেণু। ২ গাঢ় রক্তবর্ণ। "দেবতাবৃন্দের রক্ত ও আরক্তবর্ণ ছত্র, দৃষ্টিগোচর হইতে থাকিল।"-মহা° (বর্দ্ধ)। ৩ সম্যক্ অনুরক্ত; আসক্ত। ~নয়ন, ~নেত্র, ~লোচন-বিণ, আলোহিত চক্ষু। ২ ক্রোধপূর্ণ দৃষ্টি।

আরক্তিম-বিণ, অল্প বা গাঢ় লাল।

আরক্ষ [আ-রক্ষ্ (রক্ষা করা)+অ (কর্ত্তৃ)] বি, গজকুম্ভের অধোভাগ। ২ হস্তীর মস্তকের চর্ম্ম। ৩ থানা; ঘাটী। ৪ রক্ষী-সৈন্য। ৫ বিণ, রক্ষক। ৬ সংরক্ষিত। ৭ রক্ষণীয়। ~ক (ক্ষ') বিণ, রক্ষাকর্ত্তা। ২ বি, প্রহরী। ৩ রক্ষী-সৈন্য।

আরগ্বধ-বি, সোঁদাল cassia fistula.

আরজ [আ°-অর্জ্=আবেদন] বি, আবেদন; প্রার্থনা; দরখাস্ত। "ভাল হেতু করেছিনু হুজুরে আ°।"-অ° ম°।

আরজবেগ, আরজবেগী [আ°-আরজ (আবেদন)+ফা°-বেগ (যে পেশ করে)] বি, যে বিচারপতির সম্মুখে আবেদন পত্র স্থাপন করে বা দরখাস্ত দাখিল করে; পেশকার usher. "আরজবেগীরে কহে লহ পরিচয়। জিজ্ঞাসে আরজবেগী কহ অরে চোর।"-অ° ম°।

আরজি, আরজী, আর্জি [আরজ দ্রঃ। আ°-আরজী] বি, প্রার্থনা; অনুরোধ। ২ দরখাস্ত। ৩ বাদীর প্রার্থনাপত্র।

আরট্ট-বি, পঞ্জাবপ্রদেশ। ~জ-বি, পঞ্জাবদেশীয় অশ্ব। বিণ, আরট্টদেশোৎপন্ন। > স্ত্রী° ~া।

আরটী-বি, স্থলপদ্ম। ২ বামনহাটী।

আরণা-আর্ণা দ্রঃ।

আরণি-বি, জলাবর্ত্ত; ঘূর্ণীজল।

আরণ্য [অরণ্য+অ (ভবার্থে)] বিণ, অরণ্যজ: বনজাত; বন্য। ~পশু-বি, বুনো চতুষ্পদ জন্তু। ২ [পশু=ছাগ] বন্য ছাগ। ৩ মহিষ, বানর, ভল্লুক ও তিন প্রকার মৃগের সহিত সরীসৃপও গণ্য। ~ক [অরণ্য+ক (স্বার্থে)] বিণ, অরণ্যজাত। ২ অরণ্য-সম্বন্ধীয়। বি, বেদের উপসংহার ভাগ 'ব্রাহ্মণ,' এই ব্রাহ্মণের উপসংহার ভাগ আরণ্যক। "ব্রহ্মচর্য্য গ্রহণে অরণ্যাশ্রমে বাস করিবার কালে গুরুর নিকট যে সকল উপদেশ ও শিক্ষা লাভ হইত, আরণ্যকে তা লিপিবদ্ধ হয়। অরণ্যাশ্রমে উহার উৎপত্তি বলিয়া নাম আরণ্যক। যজ্ঞাদি কর্ম্মানুষ্ঠানের জন্য যেমন ব্রাহ্মণ খণ্ডের প্রয়োজন, বানপ্রস্থাশ্রমীর জন্য সেইরূপ আরণ্যকের প্রয়োজন।"-পৃথিবীর ইতিহাস (লাহিড়ী)। ~মুদ্গা [বৈদ্যকে] বি, মুদ্গাপর্ণী; মুগানি।

আরত [আরতি >] বিণ, রত। ২ অনুরাগযুক্ত; আসক্ত। ৩ রতি বিষয়ে দক্ষ; রতিক্ষম। "মুঞি অতি বালি সো আরত নাহ।"-বি° প°।

আরতি১ [আ-রম্ (ক্রীড়া করা, ক্ষান্ত হওয়া)+তি (ভা°)। "আরত্যবরতি বিরতয় উপরামে।"-অমর°। প্রা°-'আরুতি'] বি, বিরতি; নিবৃত্তি; বিশ্রান্তি। ২ রতি; আসক্তি; অনুরাগ। "কানুর পিরীতি, যতেক আরতি, যাইলে জানিবা তুমি।"-চণ্ডী°। "কপট পিরীতি আ° বাঢ়ায়।"-ঐ। "আ° কহনে না যায়।"-জ্ঞান°। ৩ আগ্রহ; আটুবাটু। "আ° না কর কানু না ধর চীর।"-বি° প°। ৪ পূজা; সম্মান। "কামদেবে পাণ দিয়া দিলেন আ°।"-কবিক°। ৫ আহ্বান; নিয়োগ। "সাজে মেঘনাদ পেয়ে বাপের আ°।"-কৃত্তি°। ৬ আজ্ঞা; আদেশ। "বিষম আ° দিল নরপতি"-কবিক°। "দেবীর আ° পায়, মর্ত্ত্যে মালাধর যায়, প্রবেশিলা খুল্লনা উদরে।"-ঐ। ৭ [সং-আরাত্রিক। "আরাত্রিকম্ * * নীরাজন-নিমিত্ত দীপঃ। নীরাজনা। নীরাজন পাত্রঞ্চ। আরতি ইতি ভাষা।"-শ° ক° দ্রুমঃ। শব্দসারে বিরতি এবং প্রতিমার সমক্ষে দীপাবর্ত্তন দুই আছে। হিং ওড়ি°-'আরতি' শেষার্থে] দেবমূর্ত্তির সম্মুখে দীপাদির চালনা; বরণ; নীরাজন। "আ° করয়ে ব্রহ্মা,"-হেম°। ৮ নিবেদন। ৯ [সং আর্ত্তি (সা° প° প° ১৩২৩, ১ম সংখ্যা)] ব্যাকুলতা; কাতর্য্য। "একে কুলবতী, চিতের আ°, বিধি বিড়ম্বিত কাজে।"-জ্ঞান°। ১০ [বৈ° প° সা°] প্রার্থনা; আশা; আকাঙ্ক্ষা। "ধনকা আ° ধনপতি না পূরল রহল জনমসুখ ভয়।"-বি° প°।

আরতি, আরিতী২ [প্রা° বাং। সং আর্ত্তির প্রাকৃ° রূপ] বি, "আর্ত্তি জলকারণে আহ্মে এত দুঃখ পাইল। এবে হৈল মোহোর আ°।"-শ্রী° কী°।

আরতিল [আ°+ল (বির্থে°)] বিণ, আর্ত্ত; আর্ত্তিযুক্ত। "তোহ্মার কারণে আরতিল জগন্নাথ।"-শ্রী° কী°। "দেখিল পাকিল বেল গাছের উপরে। আ° কাক তাকে ভখিতে না পায়ে॥"-শ্রী° কী°।

আরদালি, আর্দ্দালী [ইং-orderly র লিপ্যন্তর] বি, হুকুমবরদার; পত্রাদিবাহক; পেয়াদা।

আরদ্র [হরিদ্রা >] বি, হরিদ্রা; হলুদ। "আরদ্র মাখিয়া কেবা, সারদ্র বনাইল রে ঐছন দেখি পীতাম্বর।"-চণ্ডী°।

আরনাল,-লক-বি, কাঁজি; আমানি।

আরন্ধ, আরান্ধ [সং-অরন্ধন > ভ্রং-আ°। প্রা°-'আরন্দ', 'আরান্দ'] বি, যে দিন রন্ধন নিষেধ। অরন্ধন দ্রঃ।

আরব১ [আ°-আরব্] বি, স্বনাম প্রসিদ্ধ দেশ Arabia. ২ আরব জাতি। বিণ, আরবী, আর্বী-আরবদেশীয়। ২ আরবে নির্ম্মিত। ৩ বি, আরব দেশের ও জাতির

ভাষা। ৪ আরব জাতি ; আরবের লোক। ৫ আরবদেশীয় উৎকৃষ্ট জাতীয় স্বনাম-প্রসিদ্ধ ঘোটক ; আরবী ঘোড়া।

আরব₂, আরাব [আ-রু (শব্দ করা) + অ (ভা০)] বি, ধ্বনি ; শব্দ। ২ উচ্চরব। "বাজিল তুমুল যুদ্ধ গগনে সুন্দরী ; কাঁপিলা বসুধা ; দেশ পুরিল আরবে।"-মেঘ০। "পশিল সে স্থলে আরাব।"-ঐ [সমনাম-রব, আরব, আরাব, সংরাব, বিরাব-(অমর০)] বিণ, **আরাবী**-নিনাদ বা নির্ঘোষ যুক্ত। "উন্নতককুদ্, মেঘ গম্ভীর আরাবী।"-যদুগোপাল চট্টো০।

আরবেলা [আলবালা দ্রঃ] বি, দীর্ঘনল হুকা বিঃ ; গড়গড়া। "চৌদ্দশত দরবেশ চলে আ০ হাতে।"-মনসা০ ম০ (ষষ্ঠীবর)।

আরব্ধ [আ-রভ্ (গমনে আরম্ভে) + ত (র্ম)] বিণ, যার আরম্ভ বা সূত্রপাত করা হইয়াছে ; কৃতারম্ভ। ২ অনুষ্ঠিত।

আরভটি,-টী [আ-রভ (আরম্ভ) + অ (স্বার্থে টি, টী)। নাট্যে] বি, রচনাবিঃ। ২ নাট্যক্রীড়াবিঃ।

আরভমাণ [আ-রভ্ (আরম্ভ করা) + আন (ম্ আগম)] বিণ, আরম্ভ করিতেছে এমন ; উপক্রমমাণ।

আরমান [প্রাদে০] বি, অভিলাষ ; বাসনা। ২ অমান্য। ৩ দুঃখ। ৪ নৈরাশ্য।

আরমানি,-নী[ইং- Armenianএর লিপ্যন্তর] বি, আরমিনিয়া দেশের অধিবাসী। ২ আরমানজাতীয়। প্র-আরমানী গির্জ্জা।

আরমাল [যশোহর প্রাদে০] বি, ঢেঁকির ছিদ্রস্থ ক্ষুদ্র গোলাকার কাঠবিঃ।

ˊআরম্ভ [গ্রা০-আরোম্ভো। আ-রভ্ (গমন করা) + অ (ম্ আগম)] বি, সূত্রপাত ; প্রথম চেষ্টা। ২ উপক্রম। ৩ প্রস্তাবনা। ৪ উদ্যোগ। ৫ অনুষ্ঠান; কর্ম্ম। ৬ উৎপত্তি। ~ক [আরম্ভ (দ্রঃ) + অক (র্তৃ)] বিণ, যে আরম্ভ করে। ২ উৎপাদক। ৩ প্রস্তাবক।

আরম্ভা [আরম্ভ + আ (ক্রিয়ার)। বাং নামধাতু। আরম্ভি, আরম্ভ, আরম্ভে ; আরম্ভিতে ; আরম্ভিয়া (পদ্যে আরম্ভি) ই০] ক্রি, আরম্ভ করা। **আরম্ভিল,-লা** [পদ্যে] আরম্ভ করিল। "পুন আরম্ভিলা ভগ্নদূত।"-মেঘ০।

আরশ,-স [আ০-আর্শ্‌' সিংহাসন throne] বি, রাজাসন ; সিংহাসন। প্র-খোদার আ০ পর্য্যন্ত টলাইয়াছিল।

আরশি, আরশী, আরসি, আরসী [সং-আদর্শ > প্রাকৃ০-আঅরিস্ >] বি, দর্পণ ; মুকুর। "সরসী আরসি মোর!"-মেঘ০। "ধরিল সমুখে আরশি আনিয়া।"-রবী০। "গৃহের আয়সী ছবি।" -অশোক০।

আরসিলা, -সুলা, -শুলা [সং-অস্র (কোণ)-পদা "অস্রাঃ কচাঃ।"-অমর০। পা করাতের মত কাটা কাটা বলিয়া। তুল-ওড়ি০-অসরূপা। বর্ণ বিপর্য্যয়ে অরসপা > আরসলা বা অস্রফলা (শল্লকী-বাবলা গাছ,সজারু, তদ্বৎ পদ যার) > অসরফলা > আরসলা] বি, তৈলপায়িকা ; তেলা পোকা cockroach ; blatta gigantia আ০ আবার পাখী-আরসুলার নাম তেলা-পোকা। ইহা কীট বা পতঙ্গ জাতীয়। ফর্ ফর্ করিয়া উড়ে বলিয়াই পাখীর শ্রেণীভুক্ত হতে পারে না। তা হতে বিদ্রূপোক্তিতে যে যা নয় তৎপ্রতি প্রযুক্ত বাক্যাংশ।

আরসা [আ (ঈষৎ) + রস + আ] বিণ, ঈষৎ রসযুক্ত। ২ রসহীন ; নিরস ; শুষ্ক।

আরা₁, আরী [সং-আরা, হিং-আরা, ফা০-আর্‌হ্] বি, করাত। ২ চর্ম্মকারের বেধন অস্ত্র। ৩ ছুরিকা।

আরা₂[সং-অর=চক্রনেমি। হিং-আরা] বি, চক্রের নাভি হতে নেমি পর্য্যন্ত যে দণ্ড থাকে ; পাকি ; গাড়ীর (বিতঃ গরুর গাড়ীর) চাকার রুল-খিলি ও পুঁটের মধ্যের পাখি বা কাষ্ঠ spokes.

আরা₃ [হিং-ঔর-আর, (হিং০তে ঈষৎ আকারান্ত উচ্চারণ), ব্রজ০-'আরা'] অ, আর ; অন্য ; অপর ; স্বতন্ত্র। "শেষ শমন-ভয়ে তুয়া বিনু গতি নাহি আরা।"-বি০ প০।

আরার্কষ [ফা০-অর্ৱাকষ্=করাতী (প্রাদে০ কাছার, খুলনা ই০-'আড়াকুশি')] বি, করাতী ; যারা করাতের কাজ করে ; যারা করাত দিয়া কাঠ চিরিয়া তক্তা বাহির করে।

আরাণ্ডী [এরণ্ড > ভেরাণ্ডা=ভ্যারেণ্ডা > আরাণ্ডা > ; প্রাদে০ ভেদে আ০] বি, ভেরণ্ড ; রেড়ী।

আরাতি-বি, অরাতি ; শত্রু।

আরাত্রিক [আরাত্রিকম্ * * নীরাজন-নিমিত্ত দীপঃ * * *। আরতি ইতি ভাষা-শ০ ক০ দ্রুম] বি, আরতি ; নীরাজন। ২ [নাট্য শা০, অভিনয় দ্রঃ] অঙ্গাভিনয়ে স্কন্ধ স্পর্শ করিয়া উভয় দিকে মাথা ফেরান (বিস্ময় স্থলে, অন্যের মত অনুমান করিয়া)।

আরা//ধক-বিণ, যে আরাধনা করে ; উপাসক ; সেবক। ~**ধন, ~ধনা** [আ-রাধ্ (আরাধনা করা) + অন, + আ] বি, আরাধনা ; উপাসনা। ২ সেবা। ৩ অভ্যাস। ৪ রন্ধন। ৫ সন্তোষণ। ৬ আকাঙ্ক্ষা ; সাধ ; প্রার্থনা। "এই আরাধন করি গো মনে।" -হরুঠাকুর। ~ **ধনীয়, ~ধ্য**-বিণ, আরাধনার যোগ্য ; আরাধ্য ; উপাস্য ; পূজ্য। ~**ধিত**-বিণ, উপাসিত ; পূজ্য। ২ সেবিত। ৩ আয়ত্ত ; প্রাপ্ত। ~**ধ্যমান**-বিণ, যার আরাধনা বা পূজা করা হইতেছে ; উপাস্যমান ; সেব্যমান।

আরাঁধপালা-অরন্ধন দ্রঃ।

আরান [আড়, আড়ানো দ্রঃ। প্রাদে০ উ০ পূ০ বঙ্গ] ক্রি, জড়ত্ব প্রাপ্ত হওয়া। "তারা নাম কর্‌তে কর্‌তে জিহ্বাডা আমার আকে কালে গ্যাছে আরাইয়া।"-রজনী সেন।

আরাব-আরব দ্রঃ।

আরাম [আ-রম্ (ক্রীড়া করা) + অ (ধি)] বি, উপবন ; বৃক্ষবাটিকা ; ফল-পুষ্প হেতু ভূখণ্ড ; বাগান। "কূপ ব্যাপী আ০ ও সভা সকল প্রতিষ্ঠিত ছিল।" "দক্ষিণে রাখিবে তবে রাজার আরামে॥"-ম০। ২ শান্তি ; নিবৃত্তি। ৩ শ্রান্তি দূর করণ ; বিশ্রাম। প্র-সমস্ত দিনের পরিশ্রমের পর তিনি একটু আরাম করিতে ছিলেন। ৪ আনন্দ ; সুখ ; স্বচ্ছন্দতা ; সোয়াস্তি। "বানর চা খাইতে খাইতে বলিল আঃ কি আরাম।"-জীবজন্তু। ৫ [তুল-ফা০ আরাম্=স্বাচ্ছন্দ্য ; স্বাস্থ্য। বাং বেয়ারাম অর্থে রোগ বুঝায়] স্বাস্থ্য। ৬ বিণ, সুস্থ ; স্বচ্ছন্দ। ৭ নীরোগ। ~**কেদারা, ~চেয়ার, ~চৌকি**

[মূলে arm-chairএর লিপ্যন্তর ; ফলে কর বা করচরণের অবলম্বন যুক্ত আরামের সহিত অঙ্গ ঢালিয়া দিয়া বসিবার মত চেয়ার বলিয়া আর্ম্‌ (arm) স্থলে আরাম শব্দের সার্থকতাও আছে] বি, বাজুদার কুর্সি, হাত-কেদারা। "ঘরের এক কোণে আরাম কেদারায় অর্দ্ধশায়িত অবস্থায় বসিয়া * *,"-আ॰ শক্তি, ১৩৩১। ~তঁলব [ফা॰-আরামতলব] বিণ, ভোগী ; সুকুমার ; সুখী ; অলস। ~শীতঁলা-বি, সুগন্ধি পত্রশাক বিঃ ; আনন্দী ; রামশালী।

আরারুট [ইং-arrowroot এর লিপ্যন্তর] বি, আদা বা হরিদ্রা গাছের ন্যায় দেখিতে এক প্রকার গুল্মের মূলের পালো।

আরালিক [আরাল (বক্র)+ইক (র্ত্তৃ, জ্ঞা)] বি, পাচক। ২ বিণ, বক্রগমনশীল।

আরাশ [ফা॰-আরায়েশ=সৌন্দর্য্য] বি, এক প্রকার চূণাকারী। চূণকামের উপর মাজিয়া ঘসিয়া অধিক সৌন্দর্য্য বিধান করাকে আরাশের কাজ বলে।

আরি, [ফা॰-আর্রা (আর্রাকশ্‌= করাতী) হিং-আরা, আরি (আরা অপেক্ষা ক্ষুদ্র)] বি, ক্ষুদ্র করাত।

আরি₂ [সং-আলি > আড় (কবিক॰), আড়া, আড়ি আরি (চণ্ডী॰)] বি, ক্ষেত্রের আইল ; আলবাল। "চৌদিশ বাঁধলনি শীলকি আরি।"-বি॰ প॰। ২ পুকুরের পাড, নদ্যাদির উপকূল ; তট। "ও কূলে মথুরা মাঝে যমুনার নদী। ও আরিতেঁ পার হঁঞা বিকণিবোঁ দধী॥"-শ্রী॰ কী॰।

আরি₃ [অরি > প্রা॰ বাং-য় আ॰] বি, শত্রু। "তোহ্মে দেব কংসের আরি (পাঠান্তরে 'আরী')।"-শ্রী॰ কী॰।

আরি₄ [হিং-আরি (জিদ) প্রাদে॰] বি, ঝোঁক ; ঘোর ; জের। "জৈঠ মাসের ছোট রাইতে ঘুমের আরি না মিটে।"-মৈ॰ গী॰।

আরিন্দা [ফা॰-আরিন্দা] বি, যে খাজনার টাকা খাজনা-খানায় লইয়া যায় : রাজকর বাহক। ২ প্রেষ্য : পত্র বা সংবাদ বাহক ; পেয়াদা।

আরিশ [অর্শ্‌ শব্দের গ্রা॰-মেয়েলি॰ উচ্চারণ বিকারে] বি, অর্শ।

আরু, [ওরাওঁ শব্দ] বি, খাম আলু।

আরু₂ [অরু দ্রঃ। আসা॰] অ, আর।

আরুড়ী-আড়রি দ্রঃ।

আরুরুক্ষা-বি, আরোহণ করিবার ইচ্ছা। ~রুক্ষু-বিণ, আরোহণেচ্ছু ; যে আরোহণ করিতে উদ্যত হইয়াছে।

আরুশ [আ॰-আর্শ্‌ (ছাদ, সিংহাসন, উর্দ্ধতম লোক)-বাং-য় কবি নজরুল ইস্‌লাম কর্ত্তৃক ব্যবহৃত] বি, সিংহাসন ; খোদার সিংহাসন। ২ [আ॰-আর্শ্‌-ই-মুঅল্লা] সপ্তম স্বর্গ ; বৈকুণ্ঠ ; গোলোক ; ব্রহ্মলোক the highest heaven

আরূঢ় [আ-রুহ্‌ (জন্মান, গজান উর্দ্ধে উঠা)+ত (র্ত্তৃ) হ=ত=ঢ়। উ=ঊ] বিণ, যে আরোহণ করিয়াছে ; যে উপরে উঠিয়াছে। প্র-অশ্বারূঢ়, সিংহাসনারূঢ়। ~যৌঁবনা [অলং শা॰] বিণ, নায়িকা ভেদ : যে যুবতীর পতিপ্রসঙ্গ ভাল লাগে। ২ যে নারী যৌবনে পদার্পণ করিয়াছে : নবযুবতী।

'আরে [সং-অরে ; হিং-অ্রে ; বাং আরে, অরে, ওরে] অ, ভয়, বিস্ময়, ঘৃণা, লজ্জা, বিরক্তি ও শোকসূচক অব্যয়। ২ সম্বোধন বা সম্ভাষণ সূচক অব্যয় ; হে ; রে ভো ! অরে ! (চ॰ ৪।১২)। "ভাল হৈল আরে বঁধু আসিলা সকালে। প্রভাতে দেখিলাম মুখ দিন যাবে ভালে॥"-চণ্ডী॰। ৩ [প্রায় 'আরে মোর' 'আরে আরে' ; (পদ্যে) ; আধু বাং গদ্যে-ওরে আমার] বিদ্রূপার্থে। "আরে মোর আরে মোর সোণার বঁধুর। অধরে কাজর দিল কপোলে সিন্দুর।"-চণ্ডী॰। (২) আদরার্থে (আধু॰ বাং-ওরে আমার) "আরে মোর আরে মোর নিত্যানন্দ রায়।" -গোবিন্দ॰। ৪ বিস্মৃত বিষয় হঠাৎ স্মরণে, ঐ যাঃ। ৫ [হিং-ঔর] স, অপরে, অপর ; অন্যে ; অন্যজন। "দুঃখের উপরে সুখ, যার দুঃখ তার সুখ, একে দুঃখী আরে সুখী, কেমনে বুঝায়ে॥" -নিধুবাবু। ৬ [প্রা॰ বাং] পুনঃ, তার উপর। "একেঁ দহদহ ঘসিয় আগুণ আরে কে না জালে ফুকে,"-শ্রী॰ কী॰। ৭ প্রসঙ্গান্তে বা কথার মাত্রা স্বরূপ (তুল-হিং আর্‌য়া, আরে মিয়া)। ~রে-সম্বোধনে। "দূত বধি নঠ কইলি আরেরে কাহ্নাঞি ল।"-শ্রী॰ কী॰।

'আরো-আরও দ্রঃ।

আরোগ্য [অরোগ+য (ভা॰)] বি, রোগাভাব ; স্বাস্থ্য। ২ রোগনিবৃত্তি। ~কঁর, ~কারী, ~জঁনক, ~দায়ঁক, ~লাভ, ~সাধঁক, ~সাধঁন। ~শালা-বি, চিকিৎসাগার। ~সাধ্য-বিণ, আ॰ সাধন যোগ্য ; চিকিৎস্য।

'আরো/প [আরোহি (জন্মান)+অ (ভা॰), হ=প] বি, এক বস্তুতে অন্য বস্তুর ধর্ম্মের স্থাপন। ২ কল্পনা করিয়া ঘটান ; উদ্ভাবন। দোষারোপ। ৩ অভেদ জ্ঞান। ৪ স্থাপন। "মুণ্ডে আরোপিয়া গিরি আনে হনুমান।" -কবিক॰। ৫ নিবেশ ; অর্পণ। ~পঁক-বিণ, যে আরোপ করে। ২ আরোপণ-কারী। ~পঁণ [আরোপ (দ্রঃ)+অন (ভা॰)] বি, ন্যাস ; প্রদান ; স্থাপন। "সিংহ-পৃষ্ঠে আরোপণ দক্ষিণ চরণ। মহিষের পৃষ্ঠে বাম পদ আরোপণ॥"-কবিক॰। ২ আরোহণ করান ; চড়ান ; কোন কিছুর উপরে বসান। ৩ ধনুকে জ্যা সংযোজন। ৪ শস্যাদি রোপণ। ৫ আরোপ করণ ; একে অন্য ধর্ম্মের অবভাস।

আরো/পা [আরোপ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। আরোপি, আরোপ, আরোপে ; আরোপিতে ; আরোপিয়া, (ক্ষে॰ পদ্যে-আরোপি), গদ্যে-আ॰ কঁরা] ক্রি, আরোপ করা। ২ অর্পণ করা ; নিবেশ করা। "কলহে আরোপি মন।"-কবিক॰। আরোপ+ইলাম, ইলে, ইল ই॰ যোগে প্রা॰ বাং ধাতু রূপ। "নানা ফুল আরোপিল নির্ম্মিল বৃন্দাবন।" -শ্রী॰ কী॰। ~পিত [আ-রোপি+ত (র্ম্ম)] বিণ, যাকে আরোপ করা হইয়াছে। ২ ন্যস্ত ; স্থাপিত। ৩ উত্থাপিত ; কল্পিত। ৪ অবভাসিত। ~প্যমাণ [আ-রুহ্‌ (আরোহণ করা)+ণিচ=আরোপি+আন (র্ম্ম)] বিণ, যাকে বা যার আরোপ করা হইতেছে। ২ স্থাপ্যমান। ৩ অবভাসমান।

আরোয়া [হিং-অর্‌বা] বি, আতপ-চাউল। ২ আতপচাউলের চিঁড়া।

আরো/হ [আ-রুহ্‌ (আরোহণে)+অ (ভা॰)] বি, উচ্চতা। ২ দৈর্ঘ্য। ৩ রাশি। ৪ শ্রেণী। ৫ নিতম্ব ; কটি। ৬ স্ত্রীনিতম্ব। ৭ [র্ত্তৃ, অ] বিণ, আরোহী। আ॰ মার্গ-কার্য্য হতে কারণপরম্পরাগত অনুমান

-from effect to cause ; a posteriori. [বিপরীত অবরোহ] ~ইক-বিণ, যে আরোহণ করে। ~ইণ [আরোহ+অন (ভা°)] বি, উর্দ্ধে গমন ; উপরে উঠা ; চড়া। আ° কারী-আরোহী। ~ইণী [আরোহণ+ঈ (স্ত্রী°)] বি, সোপান ; সিঁড়ী। ২ মই। ~হিত-বিণ, যাতে আরোহণ করিয়াছে। ২ যাকে চড়াইয়া দেওয়া হইয়াছে।

আরোহী [মূ°-আরোহিন্] বিণ, যে আরোহণ করে বা করিয়াছে ; আরোহণ-কারী। ২ [সঙ্গীতে] সাতটী স্বরের ক্রমান্বয়ে উর্দ্ধ বা অনুলোমগতি [নিম্নগতির নাম অবরোহণ বা বিলোম গতি]।

আর্ক [অর্ক+অ(সম্বন্ধে)] বি, সূর্য্য সম্বন্ধীয়। ~ফলা-বি, সৌর শিখা বা রশ্মি : রেফ (́)। ২ [তদ্বৎ] শিখা ; টিকী। "ধ্বজাধারী আ° যার দিকে চাই।"-কস্তুরী°।

আর্ক্ষ [ঋক্ষ (নক্ষত্র)+অ (সম্বন্ধে)] বিণ, ঋক্ষ সম্বন্ধীয়। ২ নক্ষত্রাদি সম্বন্ধীয়। ৩ বি, ঋক্ষসমূহ। ৪ রাজা সংবরণ।

আর্ঘা-বি, মধুমক্ষিকা বিঃ।

আর্ঘ্য-বি, আঘা মধুমক্ষিকা সংগৃহীত মধু (স্বাদে কটু ও কষায়, গুণে কফপিত্তঘ্ন)।

আর্চা, আর্ছা [অর্চনা >, মেয়েলি° ভাষায় 'আচ্ছারা'] বি, পূজা।

আর্জি-আরজি দ্রঃ।

আর্জ্জব [ঋজু (সরল)+অ (ভা°)] বি, ঋজুতা ; সারল্য।

আর্ট [ইং-art] বি, সংস্কার বা প্রতীতি বা অনুভূতির প্রকার "art is expression of impression."—*Benedetto. Croce* ২ সূক্ষ্ম, স্থূল, সকল রকম শিল্প। ৩ কলা বিদ্যা। ৪ ছলা কলা। আর্ট ইস্কুল [ইং-art school] চিত্র, ভাস্কর ই° কলা শিক্ষার আলয় ; শিল্প বিদ্যালয়। প্রত্যক্ষ-দ্যোতক আর্ট-"যা প্রকৃতিতে আছে, যা বাস্তব জগতে ঘটে তা ভাল হউক, মন্দ হউক এমত কি পাপ, দুর্নীতি, অশ্লীলতা, ঘৃণা ই° দ্যোতককে নগ্ন দৃশ্য নির্ব্বিচারে অঙ্কিত করা যে আর্টের উদ্দেশ্য ও কার্য্য realistic art আর্টিষ্ট [ইং-artist] বি, শিল্পী ; রূপদক্ষ। "রূপের ভেদাভেদ জ্ঞান ও রহস্য প্রকাশ হল, কায আর্টিষ্টের, এই জন্যে 'আ°' কথার ঠিক প্রতিশব্দ হল রূপদক্ষ।"-অবনী° ঠাকুর।

আর্ণা [হিং-আর্ণাভৈঁসা (আরণ্য-মহিষ), বাং প্রাদে°] বি, বন্য মহিষ। ২ [লক্ষ°] অশোভনরূপে স্থূলদেহ ব্যক্তি।

আর্ত্ত [আ-ঋত্ (গমন করা, ব্যাকুল হওয়া)+অ (র্তৃ)] বিণ, পীড়িত। ২ দুঃখিত। ৩ কাতর। ৪ অসুস্থ। ৫ অভিভূত : বিহ্বল। ৬ আকুল। ৭ বিপন্ন। ৮ উৎপীড়িত ; উদ্বেজিত। স্ত্রী° ~া-বিণ, রোগ কাতরা। ২ বি, আর্ত্তব।

আর্ত্তনাদ, আর্ত্তস্বর [আর্ত্ত-নাদ, স্বর] বি, আর্ত্তিসূচক চীৎকার ; আকুল ক্রন্দন ; কাতর ধ্বনি।

আর্ত্তব [ঋতু (স্ত্রীরজ বা কাল)+অ] বি, স্ত্রীরজ। ২ বিণ, গ্রীষ্মবর্ষাদি বা স্ত্রী ঋতু সম্বন্ধীয়। ~ী-ঋতুসম্বন্ধীয়। ২ ঘোটকী।

আর্ত্তি [আর্ত্ত (দ্রঃ)+তি, বাং প্রাকৃ° রূপ 'আরতি'] বি, রোগ ; ব্যাধি ; পীড়া। ২ যন্ত্রণা ; ব্যথা ; মনঃকষ্ট ; ক্লেশ। ৩ ব্যাকুলতা ; কাতরতা। "বিপ্রের আর্ত্তি-মতে। আইলা তাঁর গুরু লক্ষ্মীপতি দূর হৈতে।"-নরহরি চক্রবর্ত্তী। "দেখিয়া বিপ্রের আর্ত্তি শ্রীগৌর সুন্দর।"-চৈ° ভা°। ৪ [সং] অভিলাষ। ৫ [পে] ধনুকের অগ্রভাগ। ~জ [ঋত্বিজ+অ(সম্বন্ধে)] বি, পৌরোহিত্য।

আর্ত্বিজ্য [ঋত্বিজ্+য (কর্ম্মার্থে)] বি, পুরোহিতের কর্ম্ম ; পৌরোহিত্য।

আর্থ [অর্থ+অ (সম্বন্ধে)] বিণ, অর্থ সম্বন্ধীয় ; আর্থিক।

আর্থিক [অর্থ+ইক (সম্বন্ধে)] বিণ, অর্থসম্বন্ধীয়। ২ অর্থশাস্ত্রজ্ঞ। ৩ অর্থগ্রাহী ; ধনাদি বৃদ্ধি ব্যাপারে অর্থ নিয়োগকারী ; যে অর্থের আদান প্রদান কার্য্য করে।

আর্দালী, আর্দ্দালী-আরদালী দ্রঃ।

আর্দ্দাশ [আ°-অর্জ্ দাস্ত্=লিখিত আবেদন। প্রা° বাং] বি, অভিযোগ ; নালিশ। ২ প্রার্থনা। "তাদের আ° নাহি শুনিলেন কাণে।"-ঈ° গুপ্ত। আদ্দাশ দ্রঃ।

আর্দ্র [অর্দ্দ্ (গমন করা) র (র্তৃ) অ=আ-জল বা রস যার অভ্যন্তরে গিয়াছে] বিণ, ভিজা। ২ অভিষিক্ত। ৩ দ্রব ; কাঠিন্য-শূন্য। ৪ শিথিল। ৫ মৃদু। বি, ~তা। ~ক-বি, আদা।

আর্দ্রা-বি, অশ্বিনী, ভরণী ই° ২৭টি নক্ষত্রের মধ্যে ৬ষ্ঠ নক্ষত্র the star orionis.

আর্দ্ধ [অর্দ্ধ+অ (সম্বন্ধে)] বিণ, অর্দ্ধ সম্বন্ধীয়। ~মাসিক-পাক্ষিক bi-monthly

আর্দ্ধিক [অর্দ্ধ+ইক (সম্বন্ধে)] বিণ, অর্দ্ধেক সম্বন্ধীয়। ২ অর্দ্ধাংশভাগী। ৩ অর্দ্ধসীরী ; ভূস্বামীর ভূমি কর্ষণ করিয়া অর্দ্ধ শস্যভাগী। ৪ বৈদ্য ; অম্বষ্ঠ। স্ত্রী° ~ী।

আর্দ্রিত [আর্দ্র (দ্রঃ)+ত (র্ম্ম)-যাকে আর্দ্র করা হয়েছে] বিণ, সিক্ত।

আর্বী-আরবী দ্রঃ।

আর্ম্মাণি, আর্ম্মাণী, আর্ম্মানী [ইং- Armenianএর লিপ্যন্তর] বি, আর্ম্মিণিয়া নামক স্বনাম-প্রসিদ্ধ স্থানের অধিবাসী বা তৎসম্বন্ধীয়। প্র-আর্ম্মাণি গির্জ্জা।

আর্য্য [প্রাকৃ°-অজ্জ। ঋ (গমন করা, ব্যাপ্ত হওয়া, প্রাপ্ত হওয়া)+য (র্তৃ)-যাঁরা গমনশীল বা জ্ঞানপ্রাপ্ত ; সুপ্রতিষ্ঠিত ; যাঁরা নানা দেশে গমন করিয়া কীর্ত্তি স্থাপন করিয়াছেন। তুল-গ্রী°-আরিয়ান (অর-কর্ষণ) ; জেন্দ্°-ঐর্য্য(মান্য) ; আর্ম্মানি-অরি(সাহসী) ; ইরান। ফা°-অর্য্য। দক্ষিণ ভারতে-'আইআর'] বিণ, মহাকুল ; কুলীন ; সজ্জন ; সাধু (অমর°)। ২ যিনি বিশুদ্ধ তত্ত্বনিচয়ের নিকটবর্ত্তী ; শ্রেষ্ঠ বুদ্ধিযুক্ত-বাচস্পতিমিশ্র। যিনি কর্ত্তব্যপরায়ণ, অকর্ত্তব্যবিমুখ, আচারবান্ (স্মৃ°)। ৩ মান্য। ৪ শ্রেষ্ঠ। ৫ সুসভ্য। ৬ উচ্চগুণশালী। ৭ সদাচার ও সদ্ধর্ম্মপরায়ণ। "শ্রেষ্ঠস্বভাব ধর্ম্মাত্মা, পরোপকারী, সত্যবিদ্যাদি গুণযুক্ত এবং সর্ব্বসময়ে আর্য্যাবর্ত্ত দেশবাসী।"-দয়ানন্দ সরস্বতী। ৮ জ্যেষ্ঠ। ৯ গুরু। ১০ স্বামী। ১১ বি, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও সঙ্কর শূদ্র মতান্তরে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারিবর্ণ, মতান্তরে ব্রাহ্মণাদি বর্ণত্রয়। ১২ ঈশ্বরপুত্র (যাস্ক)। ১৩ [ঋ (কর্ষণ করা)] কৃষিকর্ম্মকারী। যারা সকলের আদিতে (অনার্য্যাদিগের পূর্ব্বে) কৃষিবিজ্ঞানে পারদর্শী হইয়া ভূমিকর্ষণ বীজবপন-

্য যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্য ঞ্চ=ন্‌চ ষ্ট=ষ্‌ট হ্ন=হ্‌ন হ্ম=হ্‌ম হ্ব=হ্‌ব হ্য=হ্‌য হ্‌ বা, জ্ ক্ ব্‌ ভ্=zlwv ও চ্চা° দ্রঃ

যারা শস্যোৎপাদন করিবার উপায় অবগত হইয়াছিলেন [ল্যা॰—arare, গথ॰—arjan, জর্ম্ম॰—araan, erian, erjen, আইস্॰—eria, অ্যাং স্যা॰—erian, কর্ষণ অর্থক। তুল—দ্রাবিড় ভাষায় 'আরে' (=plough I. M. I.) ১৪ [প্রা॰ বাং] ক্রুদ্ধ ; রুষ্ট ; রাগী। "বিপ্র বলে মিশ্র তুমি বড় দেখি আর্য্য।"—চৈ॰ ভা॰ [অপ্র॰] ১৫ মান্য ; পূজ্য ; শ্রেষ্ঠ। "বৈষ্ণবের গুরু তিনি জগতের আর্য্য।" ১৬ [বৌ॰ সা॰] ভিক্ষুদিগের মধ্যে যাঁরা সাধুতার উচ্চসোপানে অধিরোহণ করিয়াছেন। স্ত্রীং ~া (চৈ॰ ভা॰)। ~ক [আর্য্য=পূজ্য+ক (প্রশস্তার্থে) যিনি অতিশয় পূজ্য] বি, পিতামহ ; মাতামহ। ২ বিণ, মান্য। ৩ পূজ্য। > স্ত্রীং **আর্য্যকা, আর্য্যিকা**—মান্যা স্ত্রী : শ্রেষ্ঠা স্ত্রীলোক। ২ পিতা বা মাতামহী ; 'আই' দ্রঃ। ~**গৃহ্য** [আর্য্য (সাধু)-গৃহ্য (পক্ষীয়)] বিণ, আর্য্যপক্ষীয় ; সাধুজন আশ্রিত ; সজ্জনপক্ষীয়। ~**চরিত** [আর্য্য (সাধু) চরিত (চরিত্র)] বি, আর্য্যের উপযুক্ত চরিত্র ; সাধুস্বভাব। ২ বিণ, আর্য্যস্বভাবের উপযুক্ত। ৩ সদাচারবিশিষ্ট। ~**জাতি**—বি, মানবজাতির অংশ বিঃ। ~**তা** [আর্য্য+তা (ভা॰)] বি, আর্য্যের ভাব। ২ সাধু আচার ; সদাচার। ৩ ধর্ম্মশীলতা। ~**ধর্ম্ম**—বি, সদাচার। ২ আর্য্যজাতির ধর্ম্ম। ~**পথ**—স্বামীর বা সংসার ধর্ম্মের পথ। "দুস্ত্যজ্য আর্য্যপথ নিজ পরিজন।"—চৈ॰ চ॰। ~**পুত্র** [আর্য্য (সৎকুলজাত) পুত্র—ধা] বি, সদ্বংশীয় পুত্র। ২ গুরুপুত্র। ৩ মান্যব্যক্তির পুত্র। ৪ [আর্য্য =শ্বশুর] শ্বশুরপুত্র ; স্বামী ; পতি [নাটকীয় ভাষায় স্বামীকে আর্য্যপুত্র বলিয়াই সম্বোধন করিবার প্রথা আছে] ~**বৃত্ত** [আর্য্য= শ্রেষ্ঠ, বৃত্ত=চরিত্র যার—বহু॰] বিণ, সাধুচরিত্র ; সদাচারবিশিষ্ট ; ধর্ম্মশীল। ২ বি, সদাচার। ~**ব্রত** [আর্য্য (আর্য্যের ন্যায়)-ব্রত (আচার নিয়ম) যার—বহু॰] বিণ, শ্রেষ্ঠব্রতধারী। ২ [৬ তৎ] বি, আর্য্যের পালনীয় নিয়ম বিঃ। ~**ভারত**—বি, আর্য্যজাতির অধিকৃত বা বিস্তৃত প্রভাব ভারতবর্ষ। ~**ভাষা**—বি, আর্য্য জাতির ভাষা Aryan language. ~**লিঙ্গী** [আর্য্য-লিঙ্গী (লিঙ্গিন্)=লক্ষণ বিশিষ্ট] বিণ, আর্য্যলক্ষণাক্রান্ত। আর্য্যের লক্ষণধারী। বি, ~লিঙ্গ। ~**শ্বশুর**—শ্বশুরের পিতা। ~**সমাজ**—বি, স্বামী দয়ানন্দ সরস্বতী কর্ত্তৃক স্থাপিত ধর্ম্মসমিতি। এই সমাজ বেদের সংহিতা ভাগকে অপৌরুষেয় বলিয়া স্বীকার করেন, স্বতঃ প্রমাণ মানেন, মূর্ত্তিপূজা, শ্রাদ্ধ, তর্পণ করেন না ; বর্ণ; গুণ, কর্ম্ম, স্বভাব অনুসারে মানেন। ~**সমাজী**—বিণ, আ॰ সমাজভুক্ত। ২ উক্ত সমাজের লোক। ~**সিদ্ধান্ত**—বি, জ্যোতির্ব্বিদ্ আর্য্যভট্ট রচিত গ্রন্থ।

আর্য্যভট্ট—বি, 'আর্য্যসিদ্ধান্ত' ও 'বীজগণিত' প্রণেতা কুসুমপুর (পাটনা)-নিবাসী জনৈক ভারতীয় হিন্দু জ্যোতির্ব্বিৎ, ইনি খ্রীঃ ৩য় বা ৪র্থ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন বলিয়া অনুমিত হন। ইনি সর্ব্বপ্রথমে পৃথিবী যে সূর্য্য-কেন্দ্রকে পরিভ্রমণ করে এই মত প্রকাশ করেন। আরবী ও পারসী ভাষায় ইনি 'অর্য্যভড' নামে খ্যাত।—ভারতকোষ।

আর্য্যমিশ্র [আর্য্য (শ্রেষ্ঠত্ব) মিশ্র (মিশ্রিত)] বিণ, বিখ্যাত ; প্রসিদ্ধ [বিরল] ২ [সং নাটকে] গৌরবান্বিত বা পূজ্য পুরুষের প্রতি ব্যবহৃত।

আর্য্যা [আর্য্য+স্ত্রীং—আ] বি, পার্ব্বতী, দুর্গার নামান্তর। ২ শাশুড়ী। ৩ মান্যা ও শ্রেষ্ঠা স্ত্রীলোক। ৪ ছন্দোবিঃ। ৫ তা হতে ছন্দোবন্ধ। ৬ অঙ্কের সূত্রাদি : নিয়ম বা সঙ্কেত। প্র—শুভঙ্করের আর্য্যা।

আর্য্যাবর্ত্ত [আর্য্য (পূজ্য)+আবর্ত্ত (বাসস্থান)—৬ তৎ। বা "আর্য্যা অত্রাবর্ত্তন্তে পুনঃ পুনরুদ্ভবন্তীত্যার্য্যাবর্ত্তঃ" আর্য্যেরা এই স্থলেই পুনঃপুনঃ জন্ম গ্রহণ করেন বলিয়া এই নাম—কুল্লুকভট্ট] বি, আর্য্যজাতির জন্মভূমি—যার পূর্ব্ব সীমা বঙ্গোপসাগর, পশ্চিম সীমা আরব সাগর, উত্তর সীমা হিমালয় এবং দক্ষিণ সীমা বিন্ধ্যাচল—মনু॰। গ্রী॰—Aryana (উত্তরাপথ) গৌড়রাজমালা।

আর্শথ [জমীদারী পরিঃ] বি, প্রত্যেক প্রজার অধিকৃত ভুমির হিসাব ; "A zemindari village account showing the gross holding of each ryot in a mouzah, and detail founded on the tenj." *A glossary of Vernacular Judicial and Revenue Terms*

ˋআর্শি, ˋআর্সি [আদর্শ >] বি, দর্পণ ; মুকুর। "বিধবার আর্সিখানি পড়ে আছে এক ধারে।"—অশোক॰।

আর্ষ [ঋষি+অ (উক্ত, প্রণীত, প্রযুক্তাদি অর্থে)] বিণ, ঋষিপ্রোক্ত ; ঋষিপ্রণীত। ২ ব্যাকরণের নিয়ম বহির্ভূত। প্র—আর্ষপ্রয়োগ। ৩ ঋষিসম্বন্ধীয়। ৪ বি, বিবাহবিঃ। **আর্ষেয়**—বিণ, আর্ষ (দ্রঃ)।

আর্সা [আরা॰ ভাষায়। আ॰—আরসা (সময়, বিলম্ব ই॰)] বি, মুলতুবী ; স্থগিত করা postponement ২ [চট্ট॰ প্রাদে॰। 'আর্হা' ও॰] উপাসনা বিঃ।

আর্হত [অর্হত+অ (সম্বন্ধে)] বিণ, জিনসম্বন্ধীয় : জিনমতালম্বী ; জৈন দিগম্বর। ২ বুদ্ধবিঃ [আর্হতের মতে আত্মা চিরস্থায়ী এবং প্রতি শরীরে এক এক আত্মা নিরন্তর অবস্থান করেন ; সেই আত্মা সর্ব্বজ্ঞ ও রাগদ্বেষাদিবর্জ্জিত। আর্হতেরা সম্যগ্দর্শন, সম্যগ্জ্ঞান ও সম্যগ্চরিত্র এই 'রত্নত্রয়' লাভের জন্য সাধনা করেন]।

আল$_{১}$, আলি, আইল [সং—অল্= বাধা দেওয়া] বি, সীমা : বেড়া ; ঘের : আইল দ্রঃ। **আলদুর্গা**—ক্ষেত্রের আলিতে পূজিতা দেবী দুর্গা। 'আলি দুর্গা' ও॰।

আল$_{২}$ [সং—অল=সূক্ষ্মমুখ] বি, হুল। ২ কণ্টক : হুক। ৩ কীলক বা পেরেকের মুণ্ডী। **ˋআলবিঁধ**—বি, সূক্ষ্মাগ্র কীলক প্রবেশ করণোপযোগী ক্ষুদ্র ছিদ্র।

আল$_{৩}$ [আলোক শব্দের কুঞ্চিতাকার] বি, আলোক। ২ বিণ, আলোকিত। ৩ আতপ ; রৌদ্রশুষ্ক। প্র—আলচাল।

ˋআল$_{৪}$ [আলা$_{২}$ দ্রঃ] ক্রি, ম॰ পু॰—এলে' দাও ; অযত্নভাব প্রদর্শন কর। "যাচিলে' যৌবন আল ঐ তাপেতে মরি।"—ঘ॰।

আল$_{৫}$ [অল্—ণিচ্=আলি (ভূষিত করা)+অ (র্তৃ)। বর্ণের প্রাধান্য হেতু যে অন্য পদার্থকে ভুষিত করে] বি, হরিতাল। ২ হুল। ৩ শ্রেষ্ঠ।

আল$_{৬}$ [ল দ্রঃ প্রা॰ বৈ॰ পদ॰ সা॰] অ, পদ মধ্যবর্ত্তী 'আখর'। "শুভ তিথি বার শুভক্ষণে। আল। অতিশয় উল্লসিত মনে॥ ল বড়ায়ি॥"—শ্রী॰ কী॰।

আল$_{7}$ [সং-হলা > হাল > । আলো দ্রঃ] অ, সখী সম্বোধন ; ওলো ; লো।

আল$_{8}$ [“আল্লা অব্বা চ অম্বা”-হেম০। (দেশী নামমালা)] অ, মাতৃ সম্বোধন, মাতঃ। “লক্ষীক বুলিল দেবগণে॥ আল রাধা পৃথিবী ত কর অবতার।”-শ্রী০ কী০।

আল$_{9}$ [লালা > লাল > আ০] বি, লালা ; থুতু। ~বাটি, -বাটী (দ্রঃ)।

আল$_{10}$ [প্রা০ বাং] ছল ; ওজর। “ঔষধ করিবার আলে জন জন পালায়।” -মাণিক০ গান।

আলওয়ান, ˋআলোয়ান্ [আ০-আল্বন্-যাতে রং ফলান হইয়াছে] বি, স্বনাম-প্রসিদ্ধ গায়ে দিবার পশুলোমজাত বস্ত্রবিঃ ; হাঁসিয়া বা কিনারা-হীন শাল।

আলকাতরা [পর্ত্ত০-alcatras. আ০-আর্কৎরাহ্] বি, পাথুরিয়া কয়লা বা এক জাতীয় পাইন বৃক্ষের দগ্ধ কাষ্ঠ হতে প্রস্তুত কৃষ্ণবর্ণ পদার্থ ; তারকোল বা কোলতার tar.

আলকুশী, আলকুষি,-ষী [আল (হুলসম) কুশী (=কেশী বা ‘শূকি’ বর্ণবিপর্য্যয়ে =কুশি। ইহার ফল দেখিতেও শূককীট বা শুয়া পোকার মত। ফল পাকিলে, হাতে কাপড় জড়াইয়া তুলিতে ও আগুনে শুঁয়া পোড়াইয়া বীজ সংগ্রহ করা হয়। আল-কোষ+ই, ঈ আলযুক্ত কোষবদ্ধ বীজ ফল] বি, শুঁয়া পোকার মত কাঁটাযুক্ত ফলের লতাগাছ বিঃ ; যন্ত্রণাদায়ক লোমশ ফলবিঃ। ২ আল্-কুশীফলের ভিতরের পরাগ পদার্থ। “আলকুশী গুঁড়া মাথী উড়াও মন্ত্র পড়ে।”-শি০।

আলকে-তিলক [অলকা দ্রঃ। প্রা০ বাং] বি, কুঙ্কুমাদি রচিত চিত্র। “আ০ চড়ায়ি কাজল নয়নে।”-শ্রী০ কী০।

আলক্ষ্য [আ-লক্ষ্ (লক্ষ্য করা)+য (র্ম্ম)] বিণ, লক্ষণ দ্বারা অনুমেয়। ২ ক্রি-বিণ, সম্যক্ জানিয়া বা লক্ষ্য করিয়া।

ˋআলখাল্লা, ˋআলখেল্লা [আ০-আল্খালিক্ =গাত্রাবরণ বিঃ] বি, লম্বা ঢিলা জামা বিঃ ; গাত্রাবরণ বিঃ।

ˋআলগ [অলগ্ন > । হিং-অলগ্] বিণ, পৃথক্। “বিশ্বম্ভর অগ্রে নিল আলগ করিয়া।” -চৈ০ ভা০। ২ [প্রাদে০-আল্গে ও০] ক্রি-বিণ, তফাৎ ; দূরে। “আল্গে থাকি রামগতি যে নজর করে চায়।”-পূ০ ব০ গী০।

আলগর্দ্দ-অলগর্দ্দ (দ্রঃ)।

আলগা, আল্গা [অলগ্ন > । হিং-অল্গা-পৃথক্ ; ঢিলা] বিণ, যা কিছুতে দৃঢ়-ভাবে লাগিয়া নাই ; অবদ্ধ ; শিথিল ; এলো ; ফস্কা। প্র-গেরটা আলগা বাঁধা হয়েছে। ২ খোলা ; আদুড় ; অনাবৃত। ৩ বেফাঁস ; অসঙ্গত ; গাম্ভীর্য্যহীন ; যাতে আঁট বা বাঁধুনি নাই ; অসম্বদ্ধ। প্র-আল্গা কথা। ৪ অসংযত। প্র-লোকটার মুখ ভারি আলগা, যা মুখে আসে তাই বলে। ৫ শিথিল প্রযত্ন ; অসতর্ক। ৬ লাগ বা স্পর্শশূন্য ; অস্পৃষ্ট। ৭ [আলগ দ্রঃ] বাহিরের ; উট্কো। আ০ লোক-চোর। “পাশের ঘরে কিসের শব্দ হচ্ছে। বোধ হয় বাড়ীতে আ০ লোক এসেছে।” -চোর কাঁটা। ~লতা-বি, আকাশবল্লী ; অমরবেল ; আলোক-লতা Cassayta filiformis.

আলগোছ, আলগছ, আলগছা [সং-অলগ্ন > হি০-অলগ্+স, সা, সি, সে। স=চ=ছ। অলগ্সা=আলগছা, অলগ্সে-আলগোছে=অলগ্নভাবে] বি, নিরবলম্বন। ২ অস্পর্শ। ৩ [আল-গম্=গচ্ছ (গমন করা)-গমন করিতে ব্যগ্র] বিণ, গমনোন্মুখ : উঠিবার জন্য ব্যগ্র : উদ্গ্রীব ; প্রস্তুত। ক্রি-বিণ, আলগোছে, আলগোচে, আল-গিছে [হিং-অলগ্সে (স=ছ)] ক্রি-বিণ, তফাৎ হতে ; দূর হতে ; না ছুঁইয়া। “আলগোচে তুমি গিয়া করহ রন্ধন।”-চৈ০ ভা০। “রুধিরের পানা আলগছে দানা চাতকেরা পিয়ে যেন জল।”-কবিক০ (অ০ সরকার)।

আলগোছি, আলগুছী [আলগোচ দ্রঃ] বি, কোন অবলম্বন ব্যতিরেকে শিশুর উচ্চ হইয়া উঠিবার বা দাঁড়াইবার প্রথম চেষ্টা ; কিছু না ধরিয়া দাঁড়ান। আ০ দেওয়া-শিশুর ঐরূপ দাঁড়ান। “আলগোছি দেয় দশমাসে॥”-কবিক০।

আলঙ্কারিক [অলঙ্কার + ইক (জ্ঞাতার্থে)] বিণ, অলঙ্কার শাস্ত্রজ্ঞ। ২ অল-ঙ্কার সম্বন্ধীয়। ৩ অলঙ্কার শাস্ত্রকার ; অলঙ্কার বিষয়ক গ্রন্থকর্ত্তা।

আলচা [আড়চাহনি >] বি, বক্রদৃষ্টি। ২ অদৃশ্যভাবে পরিদর্শন ; গুপ্ত সন্ধান।

আলচাল, আলোচাল [আতপ তণ্ডুল >] বি, আতপ চাউল ; সিদ্ধ না করিয়া রৌদ্রে শুকান ধান্য হতে প্রস্তুত চাউল। “আলোচাল আর বুট ভিজানা।” -রা০ প্র০।

আলজাল, আলাজাল, আলা-জালা [অলঞ্জাল (দ্রঃ) > আলজলে (মাধব-কন্দলি রামা০)। অতি প্রা০ বাং ‘আলাজালা’ “জোমণ গোএর আলাজালা” (=সঙ্কল্প বিকল্প জালং টীকা)-চ০ ৪০।১। তুল-হিং আল-জঞ্জাল (“ঝুঠা আল জঞ্জাল ত্যজি, পকড়া কাঁচ কবীর,” -কবীর) = ‘ঝঞ্ঝট বখেড়া’ -হিং শ০ সা০] বি, জঞ্জাল ; উপদ্রব; উৎপাত। ২ গোলমাল (এই অর্থে পূ০ বঙ্গে চ০)।

ˋআলজিব [আলিজিহ্বা >] বিণ, ক্ষুদ্র জিহ্বা the uvula. **আলজিহ্বিকা** -বি, গলশুণ্ডিকা ; জিহ্বামূলগ্রন্থি প্রদাহ tonsilities.

ˋআলটপ্কা, ˋআল্টপ্পা [আ০-আলুফ্ফা। আলুফা দ্রঃ। গ্রা০-আল্পো, আল্পো। তুল-হিং অলল-টপ্প (বে-ঠিকানেকা) -হিং শ০ সা০] ক্রি-বিণ, হঠাৎ ; অপ্রত্যাশিত ভাবে ; আল্পো (গ্রা০)। প্র-টাকাটা আল্টপ্কা পেয়ে গেল। ২ আলগোছে।

আলটী [আল দ্রঃ] বি, ছল। “আ০ করিল বেগে তথির কারণে।”-কবিক০।

আলণ [অলবণ > গ্রা০-আলুনি ; অলোনা] বিণ, লবণহীন।

আলতপালত-আলাৎপালাৎ দ্রঃ। ২ [পালিত > পালত, হিং-পালতু। আলত (সম শ্রেণীস্থ পথে সহচর শব্দ বা লালিত > আলিত >] বি, পোষ্য।

আলতা [অলক্ত >] বি, অলক্ত ; যাবক। ২ লাক্ষা lac.

আলতারাফ,-প [আ০-আলতর্ফ] বি, সিন্দুক আলমারী ই০-র দ্বারবদ্ধ করিয়া তালা লাগাইবার লোহা পিতল ই০-র পাত করা কব্জা ও তার ছিদ্র দিয়া পরাইয়া তালা লাগাইবার মত আংটা (সুর্শো)।

ˋআলতো, ˋআলতো-আলতো

[দ্রাবিড়ীয় মাল০-আলম্ভ্ তোলাহ (loosely ; lightly.—I. M. L.) > আলংতো > আলতো] ক্রি-বিণ. আলগা করে : ঢিলে করে : ফাঁপা ফাঁপা। প্র- আ০-আ০ করে মস্ত বেণে খোঁপা বাঁধ। ২ বি. আলগা ফাঁপা [বিরল] ৩ [অ-তলস্থ] ধ. উপর উপর : তলার অংশ না ছুঁইয়া।

আলনা [সং-আলম্বন (আ-লম্ব্‌ঃ লম্বিত হওয়া)-যাতে কিছু আলম্বন করা যায়। তুল-দোলনা দোলন হতে : ঝুলনা ঝুলন হইতে। হি০-অলগনী (ল স্থানে র‌ও উচ্চারিত হয়) : ম:-অলগনে : ওড়ি০- অলগুনি,-গনি] বি, বস্ত্রাদি ঝুলাইয়া রাখিবার কাষ্ঠদণ্ড বি: a cloth-stand.

আলপিনা-আলিপনা দ্র:।

আলপাকা [পেরুভীয় paco. পাকো. আল্‌পাকো। ই০- alpacaর লিপ্যন্তর] বি, স্বনাম-প্রসিদ্ধ মেষজাতীয় পশু। ২ আলপাকার লোমজাত বস্ত্র।

ˋআলপিন [পর্ত্তু-alfinete > , ই০ -pin উর্দ্দু-আল্‌পিন] বি পিন ; সূক্ষ্ম ও অতিক্ষুদ্র কীলক বা খিল : সূচীর মত সরু কিন্তু ছিদ্রহীন, এক মুখ সূক্ষ্ম অন্যমুখ বা আলপিনের মাথা ঢোপ বসান।

আলফা [হালুআ > আলুহা > আলুফা >] বি, মিষ্টান্ন বিঃ। "ভিয়ান বসিয়াছে, সীতা মিশ্রী, আ০ ই০ বহুবিধ আহারীয় প্রস্তুত হইতেছে।"-শ্রী০কী০ (ভূমিকা)।

আলবৎ, আলবাৎ, আলবত্তা, আলবাত্তা [আ০-আল্‌বৎতা=নিঃসন্দেহ] অ, নিশ্চয় : নিঃসন্দেহ, অবশ্য। "আমি ফেলিনি গো, ফেলিনি" "আলবৎ ফেলেছ, একশ' বার ফেলেছ।"-আ০ শক্তি, ১৩২৮।

আলবাটি, -টী [লালা > লাল > আল + বাটি (পাত্র)] বি, থুতু ফেলিবার পাত্র ; পিকদানী। "দিব্য আলবাটি দুই শোভে দুই পাশে।"-চৈ০ভা০। "দুই দিকে আলবাটি জ্বলে পুরা গাড়ু।"-কবিক০।

আলবাল [আ-লূ (ছেদন বা খনন করা) + অ=আল-বল্‌ (ধারণ করা) + অ-যে আল বা আলি ধারণ করে] বি. গাছের গোড়ার চারিদিকে বেষ্টিত জল ধারণ করিবার মত খাত্।

আলবালা, আলবোলা [ফা০- আল্‌বলা] বি, ধূমপানার্থ দীর্ঘ-নল হুক্কা বিঃ ; দীর্ঘনল ফরসী ; সটকা বা গড়গড়া।

আলমারী [পর্ত্তু০-almario > ; ফ্রে০-armoire ; ই০-almirah.] বি, দ্রব্যাদি রাখিবার কাষ্ঠাদি নির্ম্মিত আধার বিঃ।

আলুমাল [বৌ০ বাং প্রাকৃ০। "আ ক্রয়বিক্রয়াদি"-সরোজ বজ্রের দোহা- অদ্বয় বজ্রের টীকা] বি, ক্রয় বিক্রয়াদি। "আ০ ব্যবহারে পেল্লহ।"-দো০ ১০২। ২ [আদান প্রদানের (অসবর্ণ বা আন্তর্জাতিক বিবাহের) ভাব হতে] আ০ গোত্র। ৩ [শ্লেষার্থে বা নিন্দার্থে. গ্রা০-এলোমেলো] বিণ, উল্টা- পাল্টা : গোলমেলে ; বিশৃঙ্খল। প্র-আ০ কাণ্ড, আ০ ব্যাপার। প্র-ওদের কথা ছেড়ে দাও, ওদের সব আ০ গোত্র কিছুরই ঠিক নাই [এই অর্থে পূ০ বঙ্গে আলজাল চ০]।

আলˊ/ম্ব [আ-লম্ব্‌ (লম্বিত হওয়া) + অ (ভা০)] বি, অবলম্বন : আশ্রয়। ২ আধার। ~ম্বন [আ-লম্ব্‌ (আশ্রয় করা) + অন (ভা০)] বি অবলম্বন, আশ্রয়। ২ [অলঙ্কার শা০] যে সকল কারণে স্থায়ি- ভাবের উদ্রেক হয়, তাহাদিগকে বিভাব বলে এবং যাকে অবলম্বন করিয়া হয়, শোক, ভয়, বিস্ময় ই০ চিত্তবিকার জন্মে, তাকে আলম্বন বিভাব বলে। দূরাগত বন্ধু দর্শনে হর্ষ হইলে বন্ধু হর্ষের, সর্প দর্শনে ভয় জন্মিলে সর্প ভয়ের, পুত্র-শোকাতুরা মাতাকে দেখিয়া দুঃখ হইলে জননী দুঃখের আলম্বন বিভাব হয় ; শৃঙ্গারাদি রসের বিভাব বিঃ। ৩ [বৈদিক] বধ। ৪ [বৌ০ সা০] মন্ত্র বিঃ ; যে মন্ত্রদ্বারা সমস্ত ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থের উপর প্রভুত্ব জন্মে। "আচার্য্যের নিকট আ০ মন্ত্র শিক্ষা করিয়া গৃহে ফিরিতেছিল।"-জাতক ৪র্থ খণ্ড। ~ম্বিত [আ-লম্ব্‌ + ত (র্ম্ম)] বিণ, অব- লম্বিত : আশ্রিত। ২ ধৃত। ৩ [আ-ঈষৎ, সম্যক্‌-লম্বিত] ঈষৎ লম্বিত ; প্রলম্বিত। ~ম্বী [আ-লম্ব্‌ + ইন্‌ (র্ত্তৃ)] বিণ, অব- লম্বনকারী ; আশ্রয়কারী। ২ প্রলম্বিত।

আলˊম্ভ [আ-লভ্‌ (পাওয়া, বধ করা) + অ (ভা০), ম্‌ আগম] বি, বধ ; হিংসা। ২ সংস্পর্শ। ৩ যুদ্ধ। ~য [আ-লভ্‌ + য (র্ম্ম)] বিণ, হিংস্য ; বধযোগ্য। ২ সংস্পৃশ্য। ৩ প্রাপ্তব্য। > স্ত্রীং ~া-বধযোগ্যা।

আলˊয় [আ-লী (লীন হওয়া) + অ (ধি) যার মধ্যে প্রবেশ করিলে বা থাকিলে দেখা যায় না] বি. গৃহ : বাসস্থান : বাড়ী ; আগার। ২ মহল quarters ৩ আশ্রয় স্থান।

আলয়াতি [প্রাদে০] বি, চোর অপহৃত দ্রব্য যার নিকট গচ্ছিত রাখে। ২ দুষ্ট। "আ০ শ্রীবাসের কালি করোঁ কার্য্য।"-চৈ০ ভা০।

আলˊর্ক [অলর্ক (কুকুর) + অ (ইদমর্থে)] বিণ, অলর্ক সম্বন্ধীয়। ২ বি, ক্ষিপ্ত কুকুরের বিষ rabies

আলিলির্ত [নাট্য শা০, অভিনয় দ্র:] বি, অঙ্গাভিনয়ে সহজভাবে চক্রাকারে মস্তকের গতি (মত্ততা, মূর্চ্ছা, মাথাঘোরা, ইতস্তত: লাব, হাস্য ই০ স্থলে প্রযুজ্য]।

ˋআলˊস [আলস্য > প্রা০ বাং] বি, আলস্য : অলসতা। "নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে॥"-চণ্ডী০। ২ বিণ, অলস [বি০ প০] **আলসহি** [ব্রজ০] আলস্যে। বিণ, **ˋআলসিয়া, আল্‌সে, আলস্যা, আলস্যে** [আলস্য + ই-আ] বিণ. অলস ; দীর্ঘসূত্রী : কর্ম্মে অসত্বর বা অতৎপর ; জড়। **আল্‌সে কুঁড়ে**-বিণ, অলস, রোগ বা দৌর্ব্বল্যাদি হেতু নহে।

আলসেমি [আলসিয়াম] বি, অলসতা।

ˋআলস্যি [অলস + য (ভা০)] বি, কুঁড়েমি ; কর্ম্মে উপেক্ষা ; অপ্রবৃত্তি বা অনুৎ- সাহ : অলসতা ; জড়তা। ~ত্যাগ [আলস্য ত্যাগ] বি, জৃম্ভণ : হাইতোলা ; গা ভাঙ্গা। ~পর, ~পরতন্ত্র, ~পরবশ, ~পরায়ণ-বিণ, অলসতার বশীভূত।

আলা১ [আ০-আলা=উচ্চ] বিণ, প্রথম ; সর্ব্বোচ্চ ; সমুন্নত ; শ্রেষ্ঠ। **সদরআলা**- সদরদেওয়ানী আদালতের প্রধান কর্ম্মচারী।

আলা২ [আলোক > , দ্র:] বিণ, আলোকিত ; উজ্জ্বল ; উদ্ভাসিত। "দীপ উজারিনু মন্দির হইল আলা।" -চণ্ডী০। "ভুবন করেছে আলা।"-ঘ০।

আলা৩ [আ-লস্‌ (সংশ্লিষ্ট হওয়া)]

বিণ. সম্পর্ক রহিত ; অবসন্ন : ক্লান্ত। "ভালবেসে বেসে হয়েছি আলা।"-বৃত্র০।

আলা৪ [আলা৩ >] বিণ, পড়ে-পাওয়া : বিনা মেহনত বা উপার্জ্জনের। "বলে শালা আলা টাকা মোর।"-অ০ ম০।

আলা৫ [প্রাদে০ আংলা [তুল-আংলা-ল্যাণ্ড (England), হিঙ্গলি (English) > আলা] বি, তামাক বিঃ।

আলা৬ [আতপ (সূর্য্য পক্ক অর্থে)] বি, আতপ তণ্ডুল ; আলোচাল।

আলা৭ [হি০-বালা (রথবালা, ঘরবালা, দিল্লীবালা, লিখনেবালা ই০), ওড়ি০-বালা] বি, বিশিষ্টযুক্তবাচক প্রত্যয় ই০। ২ কর্ত্তা, অধিকারী, নিবাসী ই০ অর্থে বাং তদ্ধিত প্রত্যয়বিঃ। বাং-য় 'ওলা' রূপ ধারণ করে। প্র-টাকাওলা (আলা) ফিরিওলা (ফেরি + আলা), তুল-উপরবালা = উপরওলা-উপরে যে আছে]।

আলা৮ [এলা ২ দ্রঃ, আলি, আলি, আলে, ই০] ক্রি, ত্যাগ করা ; ছাড়িয়াদেওয়া : এলে দেওয়া। ২ স্বত্ব ত্যাগ করা ; দাবী দাওয়া না রাখা।

আলা৯ [যশোহর প্রাদে০] বিণ, অস্পৃষ্ট।

আলা১০ [এলা, এড়া দ্রঃ, অলগ্ন > আলগা > আলা] বিণ, এলো ; শিথিল।

আলা১১ [প্রা০ বাং প্রাদে০ আল, আলি (সীমা, দিক্)] বিণ, দিকের। "উত্তর আলা গাছটী দক্ষিণ আলা বাওরে।"-প্রা০ সূর্য্যের গান (বঙ্গ সা০ পরিচয়)।

আলাই-বি, আপদ : অমঙ্গল। ~**বালাই** [হি০-অলৈয়া-বলৈয়া। বালাই দ্রঃ] বি, আপদবিপদ ; অমঙ্গল ; রোগ-শোক। ২ শপথ বা দিব্যবিঃ। ৩ জঞ্জাল বা ওঁচলা মাটি।

আলাইয়া [আলানো দ্রঃ] ক্রি, স্খলিত হইয়া। ২ অবশ হইয়া। "সখি সাধে যদি বাড়াই পা, আ০ পড়ে সকল গা॥"-কবিক০। ৩ খুলিয়া। "গিরা তবে আ০ লও।"-ঘ০।

আলাইল-ক্রি, আলুলায়িত করিল ; শ্লথ করিল ; খুলিয়া দিল বা গেল। "আলাইল জটা বাঘছাল গেল পড়ে॥"-শি০।

আলাকাড়ি-এলাকাড়ি দ্রঃ।

আলাও [আল্ (দ্রঃ) >] বি, আলি-বন্ধন ; বাঁধ embankment. ২ গাড়ীর চাকার ধুর ; কাঠলগ্ন কীলক।

আলাঝালা [প্রাদে০] বি, আদর। "পুত্র কোলে লইয়া সতীন আ০ করেরে।" -পূ০ ব০ গী০।

আলাঞা [প্রা০ বাং-বৈ০ সা০। আলাইয়া, আলান দ্রঃ] ক্রি, এলাইয়া ; খুলিয়া। "আলাঞা দিয়াছে বেণী।"-চণ্ডী০।

'**আলাত** [অলাত + অ (স্বার্থে)] বি, জ্বলন্ত অঙ্গার। ২ [আলাদ দ্রঃ] জাহাজের কাছি ; মোটা দড়ি। "ভাল ভাল আ০ লৈল মোটা ২ কাছি।"-পূ০ ব০ গী০। ৩ বিণ, জ্বলন্ত অঙ্গার সম্বন্ধীয়।

'**আলাৎপালাৎ** [আতালপাতাল > বর্ণবিপর্য্যয়ে। 'আলতপালত' ও০। মাল০ "আতালে পাতালে nonsense" (I.M.L.) : আতালিপাতালি দ্রঃ] বি, এদিক্-ওদিক্ ; এপাশ-ওপাশ। ২ এদিক্-ওদিক্ হতে অনির্দ্দিষ্ট লক্ষ্য হীন, তা হতে, আগডম-বাগডম ; অসংলগ্ন বাক্য ; যা-তা। "ও আলাৎ-পালাৎ মাথামুণ্ড তুমি কি গাইতেছ?" -পরিষৎ গ্রন্থাবলী সংখ্যা-৩০।

আলাদ [সং-অলগর্দ্দ ('অলগর্দ্দো জল ব্যালঃ'-অমর০)=জলসর্প, জলঢোঁড়া সাপ। (>) যার ঐরূপ আকৃতি এবং জলের সহিতই সম্বন্ধ (জাহাজের কাছি), তুল-হি০-আলাত=জাহাজের রসি বা মোটা দড়ী] বি, জাহাজের কাছি। ২ [প্রাদে০-মালদহ। সং-অলগর্দ্দ >] কেউটিয়া সাপ।

'**আলাদা**, '**আলাহিদা** [আ০-আলাহ্দা >] বিণ, ভিন্ন ; অন্য। ২ স্বতন্ত্র ; পৃথক। "ওদের পূজা আলাহিদা হয়েছে কি না?"-নীলদর্পণ।

আলান ['আলান-স্তম্ভ' ও০। আ-লা (গ্রহণ করা, বন্ধন করা) + অন (ধি)] বি, বন্ধন স্তম্ভ ; গোঁজ ; খুঁটী। "ধন বলে ভায়্যা দেখহ সকল নায়্যা রাখ ডিঙ্গা পুতিয়া আ০।" -কবিক০। ২ হস্তিবন্ধন স্তম্ভ। "কালীপদ-মরকত-আলানে, মন-কুঞ্জরেরে বাঁধ এঁটে।" -রা০ প্র০। ৩ [পে-অন] বন্ধনরজ্জু। ৪ [ভা০-অন] বন্ধন।

আলানিক [আলান + ইক (স্বার্থে)] বি, অশ্ব-গজাদি-বন্ধন-স্তম্ভ ; গোঁজ।

আলানো, -নি [আলুলায়িত > আলুলান >]। আলাই, আলাও, আলায় : আলাইতে : আলাইয়া : আলাইলাম, আলাইলে, আলাইল ই০] ক্রি, আলুলায়িত করা ; এলানো ; আল্লা করা। ২ খোলা : উদ্ঘাটন করা। **পাঁজি আলানি**-পাঁজি পুঁথি খোলা : তিথি নক্ষত্র সমস্ত বলা। ২ [পঞ্জিকা খুলার ভাব >] সমস্ত কথা বলিয়া দেওয়া ; ভিতরের সকল কথা ব্যক্ত করা। "সাধুর নিকটে তার আলাইও পাঁজি॥"-কবিক০।

আলান্ত [প্রাদে০] বিণ, শ্রান্ত ; ক্লান্ত।

আলাপ [আ-লপ্ (কথা বলা) + অ (ভা০)] বি, কথাবার্ত্তা ; সম্ভাষণ। ২ পরিচয়। ৩ অভ্যাস ; উচ্চারণ। ৪ [সঙ্গীতে] যে রাগে যে যে সুর প্রয়োগ করা উচিত তা তাল লয়াদি যোগে বিশুদ্ধ প্রণালীতে প্রদর্শন। **আ০ করা**-ক্রি, কথোপকথন করা ; সম্ভাষণ করা। ২ সুর ভাঁজা।

আলাপ॥ন [আ-লপ্ + অন (ভা০)] বি, কথোপকথন। "মৌন আ০।"-সোণার তরী। ~**নীয়** [আ-লাপি (ণিজন্ত) + অনীয় (র্ম্ম)] বিণ, আলাপের যোগ্য ; যে বা যার বিষয় লইয়া আলাপ করিতে হইবে। ক্রি, বিণ, ~**নে**-আ০ দ্বারা। "নিবারে সতত সতী প্রেম আলাপনে এ কালাগ্নি।"-মেঘ০।

আলাপিস্তি [প্রা০ বাং] ক্রি, আলাপ করে। "যতেক বিদ্যাধরী, কিন্নর কিন্নরী, রাগ আলাপস্তি রসাল।"-দুর্গামঙ্গল।

আলাপ॥পরিচয় [আলাপ(কথোপ-কথন)-পরিচয় (জিজ্ঞাসাবাদ) উভয় শব্দ প্রায় একার্থবাচক=এরূপ শব্দের যুগপৎ ব্যবহারে একাধিক ব্যক্তি, বস্তু বা বিষয় সম্বন্ধ বুঝায়] বি, পরস্পরের মধ্যে কথোপকথন ; জিজ্ঞাসা-বাদদ্বারা পরস্পরের মধ্যে সম্ভাব বা আত্মীয়তা করণ। ~**প্রলাপ** [প্রলাপ আলপের সহচর শব্দ] বি, আলাপ ; কথোপকথন। "আলাপে প্রলাপে হাসি উচ্ছ্বাসে আকাশ উঠিল আকুলি।"-রবী০। ~**সালাপ** [পা০-অল্লাপ-সল্লাপ=কথাবার্ত্তা তুল-হি০-

অলাপ শলাপ=নিরর্থকবাক্য (হিং শং সাং)] বি, কথোপকথন। ২ আলাপ পরিচয়।

আলাপা [আলাপ+আ (করা অর্থে)। প্রাং বাং পদ্যে। আলাপি,-লাপো,-লাপে: -লাপিতে ;-লাপিয়া (ক্ষেং-লাপি) ইং] ক্রি, আলাপ করা। আলাপে-আলাপ করে। ২ আলাপ করিতে। "প্রেমকথা আলাপে বলিল দুইজন।"-কবিকং।

আলাপিত [আলাপ+ইত] বিণ, যার সহিত আলাপ হইয়াছে ; পরিচিত।

আলাপী [মূং-আলাপিন্] বিণ, যার সঙ্গে পরিচয় আছে ; পরিচিত ; জানিত। বি, পরিচিত ব্যক্তি acquaintance. "আমাদের নবপরিচিত আলাপীটি ঈষৎ হাসিয়া কহিলেন, * * * *"-গল্পগুচ্ছ (রবী)। ২ অন্যের সহিত আলাপ করিতে যে ভালবাসে; আলাপ-কারী। "আলাপী চাহনি কোথা গোলাপী উষায়।"-অশোকং।

আলাপ্য-বিণ, আলাপের যোগ্য ; যার সঙ্গে আলাপ করিতে হবে। ২ কথনীয়।

আলাবর্ত্ত [আল-আবর্ত্ত (চালিত)] বি, কাপড়ের পাখা ; টানাপাখা ; আলা ভোলা।

আলাবু-অলাবু (দ্রঃ)।

আলাভোলা [হিং-অল্‌বেলা, ভোলা ভালা] বিণ, সাদাসিধা ; অচতুর ; নিতান্ত ভাল মানুষ-অনেকটা এলোমেলো ধরণের।

আলাম-কালাম [প্রাদেং। আং-আলাম (সর্ব্বজ্ঞ) >, কলমা (দ্রঃ) > কালাম (শাস্ত্র কথা)] বি, ঈশ্বরের কথা। "আং-কাং বন্দুম কিতাব আর কুরাণ।"-মৈং গীং।

আলামত [আ-আলামত্ (চিহ্ন) >, প্রাদেং মৈমনং, শ্রীহট্ট ইং] বি, জমির সীমা-চিহ্ন land marks. ২ চিহ্ন।

আলায়১ [আলুলায়, আলুয়ায় (দ্রঃ) > ক্ষেং আং, আল্যায়, এলায়। আলাই, আলাও, আলায় ; আলাইতে; আলাইয়া ইং] ক্রি, আলগা করে। ২ এলাইয়া যায়।

আলায়২ [ফাং-আয়্-ওয়ায়্‌লা (হা-হুতাস alas woe) >] বি, আক্ষেপ ; হা-হুতাশ। "কন্যার কথা লেখে রাণী করিয়া আং।"-মৈং গীং।

আলায়-আলায় [আলোয়-আলোয় > দিনের আলোক থাকিতে থাকিতে ; অর্থাৎ অসময়ে নহে] ক্রি-বিণ, দিন থাকিতে থাকিতে ; উপযুক্ত সময়ে ; সময় থাকিতে। ২ নির্ব্বিঘ্নে ; নির্ব্বিবাদে ; শান্তিতে। "সবাই গেল আলায় আলায়, বুড়ী মরে আপন জ্বালায়।"-প্রবচন।

আলায়া, আলেয়া [আলোক >] বি, আলেয়া নামক জ্বলন্ত গ্যাস will-o'-the-wisp ; ignisfatuus. ২ অপ-দেবতা ; অপচ্ছায়া an apparition. ৩ [লক্ষং] আশার ছলনা ; ভ্রান্ত আশা delusive hope.

আলাল [সং-আ (সম্যক্)+হিং-লাল (=নিহাল-বহু সম্পত্তি পাইয়া সম্পন্ন-হিং শং সাং)। তুল-হিং-অলাল] বিণ, ধনাঢ্য ; সম্পন্ন; ধনী। আলালের ঘরের দুলাল-[হিং-দুলার (=আদর, দুলারা=আদুরে ছেলে) >] ধনীর ঘর প্রায়ই সন্তান বিরল সুতরাং ধনীর সন্তান সবে ধন নীলমণি স্বরূপ অত্যন্ত আদরের পাত্র ; আদুরে ও আব্দারে ছেলে।

আলালচক্র [সং-আলাতচক্র (তং-ল ইহার সহিত কুলালচক্রের (কুমারের চাক) উচ্চারণ ও ভাব মিশিয়া আলালচক্র অপ্রং] বি, আলাতচক্র। ২ কুলালচক্র ; কুমারের চাক। "আলালচক্র-প্রায় সেই লীলা-চক্র ফিরে।"-চৈং চং।

আলাল হিসাবে [আং-আলাওয়া (ব্যতীত >)+হিসাব (দ্রঃ)] ক্রি-বিণ, হিসাব নিকাস না করিয়া।

আলি১, আলী১ [অল্ (বাধা দেওয়া) +ই (ণে)-যদ্দারা (জলকে) বাধা দেওয়া হয়] বি, ভূমির বাঁধ ; ক্ষেত্রের আইল বা আল। "বৎস আরুণে! তুমি ক্ষেত্রে গমন করিয়া তার আলিবন্ধন কর,"-মহাং (বর্দ্ধ)।

আলি২,-লী২ [হিং-তে-'পংক্তি' 'রেখা' অর্থে-মানসকোষ। অল (পর্য্যাপ্তি, প্রাচুর্য্য ইং)+ই-ণে (যদ্দারা প্রাচুর্য্য হয়), বা অল্ (শোভা করা, ভূষিত করা)+ই (জ্ঞাং)] বি, শ্রেণী ; সারি ; পংক্তি (আলি-কালি দ্রঃ)।

আলি৩, -লী৩ [> অতি প্রাং বাং] অকারাদি বর্ণমালা ; স্বরবর্ণ(চং ১১।৩, ১৭।৩)।

আলি৪ [তুল-হিং-সহেলী। তামিল -আলী=নারী। অল্ (অলঙ্করণ করা বা ভূষিত করা)+ই (ণে)-যদ্দারা ভূষিত বা অলঙ্কৃত হয়, বা আ-লী (লীন হওয়া) +ই (থি)-যাতে বিশ্বাস লীন বা স্থাপিত হয়] বি, সখী ; সঙ্গিনী। "ওহে আলি কালি গালি যে দিবে।"-বাসবদত্তা। "আকুলি সে দেবভূমি স্বর্গের শেফালি, ফুটিয়া ঝরিয়া পুনঃ ফুটিতে কি আলি?"-অশোকং। "আলি আলিঙ্গন চাহে।"-বিং পং (বিশারদ)। অং সরকার সংস্করণে-আলী। ২ [অল্ (ভূষিত করা)+ই (র্ত্তৃ, জ্ঞাং)-যে পুষ্প ভূষিত করে। 'অলি' দ্রঃ] বি, ভ্রমর।

আলি৫-আলী দ্রঃ।

আলি৬ [আলা (আলিয়া যাওয়া) ক্রিয়ার উত্তম পুরুষ] ক্রি, বিরত হই ; ত্যাগ করি ; ছাড়ি। "কাজ নাই গোঁসাই বিষয় আমি আলি।"-ঘং।

আলি৭ [গ্রাং-এলি, তুল-হিং গ্রাং-আইলি, গইলি (বাং-গেলি)। "কা আইলি হঁ।"] ক্রি, আইলি ; আগমন করিলি। "মাথা খেতে আলি মোর,"-ভারতং।

আলিকানি [প্রাং বাং। অলীক-আন অর্থাৎ নকল করা-নক্সা করার ভাব হতে] ক্রি, ভেঙ্গচান ; মুখভঙ্গী করা। "বানরের মুখ করি তারে আলিকায়।"-মুকুন্দমঙ্গল (হরিদাস)।

আলিকালি [অ+আলি (শ্রেণী)-ক +আলি (শ্রেণী)। অতি প্রাং বাং] বি, বর্ণমালা অর্থাৎ অকারাদি স্বরবর্ণমালা এবং ককারাদি ব্যঞ্জন বর্ণমালা। "আং বেণি সারি শুণে আ।"-চং ১৭।৩। ("আং বর্ণা-ক্ষরাণাং মধ্যে সারাক্ষরমকারং।"-টীকা, বৌং গান। বেণি=দুয়ের মিলন। সারি =সার। শুণে আ=শুনিয়া) [তুল-য়ুরোপীয় ভাষায় alphabet (গ্রী -১ম বর্ণ আল্‌ফা ও ২য় বর্ণ বিটা-বেট্ >), সেমিতীয় ভাষার 'আলিফ্ বে' (হিব্রু-'আলিফ্' ভেথ্ বা বেথ্ এবং আরবী ও ফারসীর 'বে' >)। আলি-কালি শব্দ যদিও সং এবং তদ্ভব ও তৎসম সকল ভারতীয়-বাঙ্গালা, হিন্দী, আসামী, উড়িয়া, গুজরাতী, মহারাষ্ট্রী, তেলুগু (তামিল নহে, তামিলের বর্ণমালা ভিন্নরূপ)

ইং ভাষার বর্ণমালা সম্বন্ধে প্রযুক্ত হতে পারে, তথাপি ইহা বঙ্গদেশেই পূর্ব্বে প্রচলিত ছিল; অধুনা শব্দটি অপ্র॰]।

আলি/ঙ্গন [আ-লিন্‌গ্‌ (আলিঙ্গন করা) + অন (ভা॰)] বি, অঙ্গ মিলন; প্রীতি বা স্নেহ-ভরে বাহুবেষ্টনে বদ্ধকরণ; কোলাকুলি। "আলি আলিঙ্গন চাহে।"-বি॰প॰। ক্রি, আ॰ কঁরা। **~ঙ্গিনু** [ব্রজ॰] আলিঙ্গন করিলাম। "চন্দন ভরমে শিওলী আলিঙ্গনু।" -বি॰প॰। **~ঙ্গি, ~ঙ্গিয়া** [পদ্যে] আলিঙ্গন করিয়া। **~ঙ্গিত** [আ-লিঙ্গ্‌ + ত (র্ম্ম)] বিণ, যাকে আলিঙ্গন করা হইয়াছে; আশ্লিষ্ট; বাহুবদ্ধ; পরিবদ্ধ। **~ঙ্গিতে**-আলিঙ্গন করিতে [মাইকেল]।

আলি/ঙ্গী [সূ॰-আলিঙ্গিন্‌] বিণ, আলিঙ্গনকারী। স্ত্রীং **~ঙ্গিনী**। ২ বি, মাদল; মৃদঙ্গ।

আলিঙ্গ্য [আ-লিন্‌গ্‌ + য (র্ম্ম)] বিণ, আলিঙ্গন যোগ্য; আশ্লেষণীয়। ২ বি, মৃদঙ্গবিঃ (বক্ষে রাখিয়া বাজায় বলিয়া)।

আলিঞ্জর [অলিঞ্জর + অ (স্বার্থে)] বি, মৃন্ময় জলপাত্র; জালা।

আলিপনা, আলপিনা [আলিম্পন (দ্রঃ)] বি, মঙ্গলালেপন; আলপনা (দ্রঃ)। পিটুলিদ্বারা দেবস্থান, গৃহদ্বারাদি লেপন বা চিত্র করণ। "মুছে ফেল আলপনা দিয়ে জলধারা।"-অশোক॰। "দ্বারদেশে আলিপনা দিয়ে,"-শি॰ [ব্রজ॰] আলিপণ।

আলিম [আ॰-ইল্‌ম্‌ (বিদ্যা >] বি, যার ইল্‌ম্‌ অর্থাৎ বিদ্যা আছে; বিদ্বান্‌।

আলিম্পন [আ-লিন্‌প্‌=লেপন করা + অন (ভা॰)। গ্রা॰-আলপনা, আলিপনা] বি, আলিপনা। স্ত্রীং ~া।

'আলিশ, আলিস [অলস >] বিণ, অলস; কুঁড়ে। বি, আলস্য। "পিরিতি বালিসে, আলিস ত্যজিব,"-চণ্ডী॰। "অবস আলিসে, ঠেসনা বালিসে, ঘুমে ঢুলু ঢুলু আঁখি।"-ঐ। গ্রা॰ চ, আলিস্যি।

'আলিসা [আলি-সা (সদৃশ) আলি দ্রঃ] বি, অট্টালিকার ছাদের প্রান্ত-ভাগ; কার্ণিশ। "বিমলা দ্বিগুণ উদ্বিগ্নচিত্তে ছাদের আলিসার নিকটে গেলেন।"-দুর্গেশনন্দিনী। "বেলা যায় বৃষ্টি বাড়ে বসি আলিসার আড়ে ভিজে কাক ডাক ছাড়ে।"-রবী॰।

আলিসিয়া, আলসিয়া, আল্‌সে, আল্‌স্যে-বি, আলস্যযুক্ত; অলস; কুঁড়ে।

আলী, আলি [আ॰-আলী=উচ্চ] বিণ, উচ্চ; উন্নত; উদার। "এত আলি হুকুম উচিত আজি নয়।"-ঘ॰। ২ অকুণ্ঠিত; অবাধ। আ॰ মেজাজ-উদারমতি; উদার প্রকৃতি; উঁচু মেজাজ।

আলীঢ় [আ-লিহ্‌ (আস্বাদন করা) + ত (র্ম্ম)] বিণ, আস্বাদিত। ২ [ভা॰-ত] চাটা। ৩ বি, শরাদি ক্ষেপণকালে উপবেশনের ভঙ্গী বিঃ; দক্ষিণ জানু সম্মুখে বা অগ্রে ও বাম জানু পশ্চাতে রাখিয়া উপবেশন।

আলীন [আ-লী (লীন হওয়া) + ত (র্ম্ম), ত=ন] বিণ, বিলীন: লয়প্রাপ্ত। ২ পরিব্যাপ্ত। **~ক** (-ন॔-) বি, যা অল্পমাত্র অগ্নি সংযোগে লীন হয় বা গলিয়া যায়; রঙ্গধাতু: রাঙ।

আলু১ [ঋ=গমন করা + উ (র্ত্তৃ) র=ল, আরু=আলু-মাটীতে, জলেতে যে গমন করে] বি, মূলবিঃ; কন্দবিঃ potatoe [হিন্দুস্থানে আলু জাতীয় মূল ও কচুকে আরুই বলে। দক্ষিণ আমেরিকার অন্তর্গত ব্রেজিল হতে পর্ত্তু॰ কর্ত্তৃক আনীত কন্দবিঃ, ইং পোটাটো, ভারতের প্রায় সর্ব্বত্রই আলু নামে পরিচিত। তেলে॰-বাঙ্গালা-দুম্পোলু (বঙ্গদেশ হতে অন্ধ্রে নীত বলিয়া)] ২ [আলুর মত গোল বলিয়া] অণ্ডকোষ। **~দোষ**-লাম্পট্য; চরিত্র দোষ।

আলু২ [আলু প্রকৃতি হতে বা আলুয়া (এলো, শিথিল) >] বিণ, মোলায়েম; নরম; শিথিল; এলোমেলো। "সেনের নফর আমি নাম মোর কালু। কাজে পাবি পরিচয়, কথা গুলা আলু॥"-ঘ॰।

আলু৩ [ব্যা॰] বিশিষ্টার্থক বা শীলার্থক প্রত্যয় বিঃ। প্র-দয়ালু, কৃপালু।

'আলুই১ [প্রাদে॰] বি, কালমেঘের পাতা; বেলফুলের কুঁড়ি, জোয়ান, রাঁধুনি, বড় এলাচের খোসা ও লবঙ্গ পোড়া একত্র চূর্ণ করিয়া রৌদ্রে শুষ্ক করিয়া লইতে হয়। ইহা শিশুদিগের বালসার ঔষধ।

আলুই২ [আলান দ্রঃ। আলুয়ান (দ্রঃ) >] ক্রি, আলুলায়িত করি: মুক্ত করি: এলাই। আলুইতে-এলাইতে।

আলুইয়া [ক্ষে॰ আলুয়ে] অস-ক্রি, আলুলায়িত করিয়া: এলাইয়া। "আলুইয়া কেশজাল, আলিঙ্গ উল্লাসে, বাঁধ মোরে লো সৈরিণি! কেশনাগপাশে!"-হরিমঙ্গল।

আলুইল-ক্রি, আলুলায়িত হইল বা করিল। **আলুইলে**-ক্রি, আলুলায়িত করিলে বা হইলে; এলাইলে। "আলুইলে কেশ নাহি বাঁধি।"-কমলাকান্তের দপ্তর।

আলুঠ [আহুট (দ্রঃ)] বিণ, সাড়ে তিন। "আ॰ হাথ কলেবর তোর।"-শ্রী॰কী॰।

আলুণি, আলুনী [অলবণ >] বিণ, লবণহীন: লবণের স্বাদহীন; আলোনা।

আলুথালু [গ্রা॰-এলো থেলো। সহচর শব্দদ্বয়। এলো (দ্রঃ) > আলু, শিথিল > আলু] বিণ, এলায়িত; এলোমেলো; অসংযত: শিথিল। "আ॰ হায় এবে কবরী বন্ধন।"-মেঘ॰। "কভু আ॰ কেশে,"-সারদা-মঙ্গল (বি॰ চক্রবর্ত্তী)।

আলুদল-আউদর,-দড় দ্রঃ।

আলুফা [আ॰-আলুফ্‌ ফাহ্‌। গ্রা॰-আলপো] বিণ, অনায়াস লব্ধ; বিনাব্যয়ে বা বিনা চেষ্টায় প্রাপ্ত। আলটপ্পা দ্রঃ।

আলুবোখারা [ফা॰-আলুবখারা] বি, বোখারা ইং স্থানে জাত কুলজাতীয় ফলবিঃ।

আলুয়ানি [অলগ্ন + আন (করা অর্থে)। আলুয়াই,-য়াও,-য়ায়; আলুয়াইতে (ক্ষে॰ আলুইতে); আলুয়াইয়া=(ক্ষে॰ আলুইয়া, গ্রা॰ আলুয়ে) ই॰] ক্রি, এলান। আলুয়ায়-এলাইয়া যায়; শিথিল হয়; খুলিয়া যায়। "অবধানে আলুয়ায় দৃঢ় বন্ধন দড়ি।"-কবিক॰। অস-ক্রি, আলুইয়া, আলুয়ে-এলাইয়া; খুলিয়া। "আলুয়ে পড়েছে কেশ, বিষাদিনী হীনবেশ।"-নিধু বাবু। "দুর্ব্বলা আলুয়ে দিল বন্ধনের দড়ি।" -কবিক॰।

আলুল [আলোল >] বিণ, আলু-লায়িত ; উন্মুক্ত ; এলায়িত। "আলুল-কুন্তলে ললাট ঢাকা।"-অবসর।

আলুলায়িত [আ-লুল (বিমর্দ্দন করা)+ক্যঙ+ত (র্ম্ম), ক্ষে॰-আলুলিত] বিণ, অসম্বদ্ধ ; উন্মুক্ত ; এলায়িত। "আলু-লায়িত কুন্তল," "আলুলিত কেশ,"-রবী॰ (সোণার তরী)।

আলুন [আ-লূন (ছেদিত)] বিণ, ঈষৎ বা সম্যক্ ছেদিত।

আলে [সং-অলং > । অতি প্রা॰ বাং] অ, নিষ্ফল ; বৃথা (চ॰ ৪০।১)।

আলেঁ [সং-অলীক > আলীঅ > আল । আলে < 'অলীকেন', অতি প্রা॰ বাং] ক্রি-বিণ, অলীক ; বৃথা। "ঝাণে * * * আলে," (=অলীক ধ্যানেন)-দো॰ ৯৪।

আলেকম, আলেকুম [আ॰-আলেকুম] স, আপনাকে। ~**স্লাম, -সেলাম**-অ, আপনাকে নমস্কার good morning, peace be to you [প্রথমে সেলাম আলেকুম বলিলে 'আলেকুম সেলাম' বলা হয়, তখন শেষোক্তের অর্থ হয় আপনাকেও নমস্কার। প্রা॰ বাং "আলেকম ছেলাম"]।

আলেখা [অলিখিত >] বিণ, অলিখিত: সাদা। ২ [আ (ঈষৎ)-লেখা] ঈষৎ লিখিত। ৩ অল্প পরিদৃষ্ট।-মহা॰(কাশী)।

আলেখিয়া [আলখ্ বা অলখ্ এই নাম জপ করে বলিয়া আলেখিয়া] বি, সন্ন্যাসী সম্প্রদায় বিঃ, ইহারা ভক্ষ্য-সংগ্রহার্থ সঙ্গে ঝুলী রাখে। "* * ঐ ঝুলী ভৈরব, গণেশ বা কালীদেবীর উদ্দেশে প্রতিষ্ঠিত এবং তদনুসারে ইহারা তিন শ্রেণীতে বিভক্ত। * * * * ইহাদিগের বাম হস্তে ঝুলী, খর্পর : দক্ষিণ হস্তে চিমটা লইয়া এবং বিভূতি রুদ্রাক্ষাদি অপরা-পর উপকরণ গ্রহণ করিয়া ভিক্ষার্থে পর্য্যটন করে।"-উ॰ স॰।

আলেখ্য [আ-লিখ্=লেখা+য (র্ম্ম)] বিণ, তুলিকা ও বর্ণাদিদ্বারা অঙ্কিত প্রতি-মূর্ত্তি ; চিত্রপট ; ছবি। ২ লিখন বা লেখা। ৩ চিত্রকরণ ; চিত্রণ। ৪ বিণ, লেখ্য ; লেখনীয়। ~**শেষ** [আলেখ্য-লিখন, চিত্রকরণ মাত্রই + শেষ=অবশিষ্ট, যার-বহু॰] বিণ, চিত্রাবশেষ ; মৃত।

আলেপ, আলেপন [আ-লিপ্=লেপন করা+অ, অন (ভা॰)] বি, লেপন ; বিলেপন plastering. ২ আলিপনা।

আলেয়া [আলায়া দ্রঃ। তুল-হি॰-আলাইয়া-মশাল ; হি॰-লুকা, আলাত] বি, জ্বলন্ত গ্যাস বিঃ ; জলাভূমিতে মাঠে ময়দানে জ্বলন্ত গ্যাসের আলো প্রায় দেখা যায়। ইহা রাত্রিতে পথিককে অনেক সময় বিপথগামী করে। পথভ্রান্তজন ইহার অলোক দেখিয়া গ্রাম বা মনুষ্যবাস নিকটবর্ত্তী মনে করিয়া সেইদিকে ধাবিত হইয়া প্রতারিত হয় an ignisfatuus. "নদীতীরে বিলে ঝিলে পুকুরের পাড়ে, সন্ধ্যা-রেতে অন্ধকারে অথবা নিশীথে, জ্বলে যে অনল শিখা আঁখি পালটিতে আলেয়ার আলো কভু ভেব না তাহারে॥" -ফুলরেণু। ২ অপদেবতা : অপচ্ছায়া an apparition

আলো১ [আলোক > ক্ষে॰। তুল-'আওয়েলি' (L.M i.)] বি, আলোক : দীপ্তি। ২ প্রকাশ। আ॰ **করা**-ক্রি, উদ্ভাসিত করা ; প্রকাশিত করা ; সমুজ্জ্বল করা। প্র-ঘর আলো করা। **আলোচা'ল** -সূর্য্যালোক বা রৌদ্রপক্ক চাউল : আতপ চাল। **ঘর আলো**-বিণ, যে গৃহ উদ্ভাসিত বা উজ্জ্বলকারী : গৃহের আনন্দ বা শোভা-স্বরূপ। প্র-ঘর আলো বউ।

আলো২ [সং-হলা > (সখীর প্রতি সম্বোধন)। অতি প্রা॰ বাং-'হালো' ম॰ বাং-'আলো', আধু॰ বাং- হ্যালো, হ্যালা] অ, ওসখী ; ওসই ; ওলো। "আলো ডোম্বি," "হালো ডোম্বী তো পুছমি সদভাবে।"-চ॰ ১০।২। "আলো সই," -চণ্ডী॰। "সনকা কাঁদিয়া বলে আলো অভাগিনী।"-কেতকাদাস।

আলো-আঁধারি-বি, আলোক এবং অন্ধকারের মিশ্রণ।

আলো-ছায়া [চিত্রকলা পরিঃ। ইং chiaroscuro (clear-obscure) শব্দের ভাবানুবাদ] বি, চিত্রাঙ্কনের অনুজ্জ্বল, অস্পষ্ট বা অন্ধকার এবং উজ্জ্বল বা আলোকিত অংশ light & shade.

আলোয়-আলোয়-ক্রি-বিণ, অন্ধ-কার হবার পূর্ব্বে ; দিনের আলো থাকিতে। ২ সময় থাকিতে ; সুযোগ হাত ছাড়া হবার পূর্ব্বে। ৩ সুদিন থাকিতে থাকিতে : সুখে শান্তিতে থাকিতে থাকিতে। "আলোয় আলোয় ভালোয় ভালোয় চলে যাব সাধ মনে।"-রাধানাথ॰ (বাং গান)।

আলোক [আ-লুক্ (দেখা, দীপ্তি পাওয়া)+অ (ভা॰)] বি, দর্শন। ২ আলো ; দীপ্তি ; আভা। "আ॰ পাইয়া লোক পুলকিত মন।"-ম॰ মো॰ ত॰। ৩ [বিজ্ঞানে] "ব্রহ্মাণ্ডব্যাপী ঈথার (ether) নামক এক-প্রকার অতিসূক্ষ্ম তরঙ্গমালা চক্ষুকে উত্তেজিত করিলে এবং সেই উত্তেজনা বিশেষ স্নায়ু-মণ্ডলীদ্বারা মস্তিষ্কের এক নির্দ্দিষ্ট স্থানে নীত হইলে, আমরা আ॰ দেখিতে পাই। আ॰ বলিয়া কোন পদার্থ নাই, আমাদের মস্তিষ্কের একটা বিশেষ অবস্থাই আমা-দিগকে আ॰ দেখায়।"-জগদানন্দ রায়। [আলোক উত্তাপ নহে, কিন্তু তা, তাপে পরিণত হয়-সূর্য্যের আলো কাঁচের পরকলা দিয়া নলীভূত করিলে আগুন জ্বলিতে পারে। চাঁদ হিমাংশু বলিয়া অভিহিত হইলেও তার আলোতে তাপ জন্মান যায়] ৪ প্রকাশ। ৫ জীবনালোক ; নবজীবন ; জ্যোতির্ম্ময় ভুবন। "জনম মোরে দিয়েছ তুমি আলোক হতে আলোকে, জীবন হতে নিয়েছ নব জীবনে।"-রবী॰। ৬ জ্ঞানালোক। ~**ক্ষোদন**-রাসায়নিক এক প্রক্রিয়ায় ধাতু-ফলকের উপর আলোকোৎকীর্ণ ফলক হতে মুদ্রিত চিত্র প্রকটন বা উৎপাদনের প্রণালী বিঃ photogravure. ~**চিত্র**-ছায়াচিত্র photography. ~**চ্ছটা**-আলোক রশ্মি ; আলোকচ্ছটার ছুরিকা ; আলোকরশ্মির বিচ্ছুরণ ; আলোকস্ফুরণ। "একটি উল্কা আকাশের বুকে তীব্র আলোক-চ্ছটার ছুরিকা হানিয়া নিঃশব্দে এ পার দিয়া ছুটিয়া গেল।"-রাধা॰ মুখো॰ (উত্তরা,১৩৩৩)। ~**বিজ্ঞান**-বি, আলোক ও দর্শন সম্বন্ধীয় তত্ত্ব ; দৃষ্টিবিদ্যা optics. ~**স্তম্ভ**-বি, স্তম্ভাকৃতি বা স্তম্ভোপরি নির্ম্মিত গৃহ যাতে এরূপভাবে আলোকিত করা হয় যে, সেই

আলোক সুদূর স্থল বা জলপথের যাত্রীকে পথ প্রদর্শন করে light-house.

আলোক/ন [আ-লুক্=দেখা+অন (ভা°)] বি, দর্শন ; দৃষ্টি। ২ [ণিজন্ত-লোকি +অন (ভা°)] দেখান ; প্রদর্শন। **~নীয়** [আ-লুক্ + অনীয়] বিণ, দ্রষ্টব্য : দর্শন-যোগ্য। > স্ত্রীং **~নীয়া**।

আলো/কিত [আ-লুক্+ণিচ্ (=লোকি+ত, র্ম্ম)] বিণ, দৃষ্ট ; অবলোকিত। ২ [আলোক+ইত (যুক্তার্থে)] আলোক-দ্বারা প্রকাশিত বা সজ্জিত। ৩ উদ্ভাসিত : প্রভান্বিত। **~কিল**-ক্রি, আলোকিত করিল ; উদ্ভাসিত করিল ; সমুজ্জ্বল করিল। "যে স্মৃতি-বিজলীবেগে আলোকিল দূরাতীত নাগরাজ বুঝিলা তথন।"-প্রভাস° (নবীন)।

আলো/চন, -না [আ-লুচ্=দেখা +অন (ভা°) আ (স্ত্রীং)] বি, আন্দোলন ; বিচার ; অনুশীলন ; চর্চ্চা। ২ নিরূপণ। ৩ [আ-(পর্য্যন্ত) লোচন] ক্রি-বিণ, লোচন পর্য্যন্ত। **~চনী**-আলোচ্য বিষয়। অনুশীলনী (দ্রঃ)। **~চনীয়** [আ-লুচ্ + অনীয় (র্ম্ম)] বিণ, **~চিত** [আ-লুচ্ +ত (র্ম্ম)] বিণ, যার আলোচনা হইয়াছে ; অনু-শীলিত ; চর্চ্চিত। ২ নির্দ্ধারিত ; অবধারিত। **~চ্য** [আ-লুচ্ +য (র্ম্ম)] বিণ, আলোচনার যোগ্য ; অনুশীলনের উপযুক্ত। ২ যে বিষয়ের আলোচনা হইতেছে বা হইবে।

আলো/ড়ন [আ-লুড়্=নাড়াচাড়া করা+অন (ভা°)] বি, আবর্ত্তন ; বিলোড়ন ; মন্থন। ২ আন্দোলন। ৩ সম্যক্ আলোচন। ৪ সম্মিলন। **~ড়িত** [আ-লুড়্ +ত (র্ম্ম)] বিণ, মথিত : মর্দ্দিত। ২ আন্দোলিত ; আলোচিত। ৩ সম্মিলিত [বিরল]।

আলোণা [অলবণাক্ত >। প্রাদে°। আ+লোণা] বিণ, যাতে লবণ নাই ; লবণের স্বাদহীন। আলুনি দ্রঃ।

আলোয়ান [আ°-আল্বান্] বি, পশুলোমজাত গাত্রবস্ত্র ; পশ্মিনার চাদর : উর্ণা চাদর ; কিনারাহীন শাল।

আলো/ল [আ (ঈষৎ-সম্যক্) লোল] বিণ, সম্যক্ বা অল্প চঞ্চল। ২ বিলোল ; লক-লক। "চতুর্ভুজা মুক্তকেশী মুখে অট্ট অট্ট হাসি লহ লহ আ° রসনা।"-শি°। **~লিকা** [আলোল + ইক (কৃত অর্থে) আ (স্ত্রীং)] বি, উলুধ্বনি।

আলোহিত-বিণ, রক্তাভ। ২ ঘোর লাল। **~নয়ন, ~নেত্র, ~লোচন** -বিণ, যার চক্ষুর বর্ণ লাল ; আরক্ত-চক্ষু। ২ রোষকষায়িত লোচন।

আল্গো-আলটপ্কা দ্রঃ।

আল্যা [প্রাদে° আল্য ও°। "আল্য করি ধায়।"-কবিক°। হি°-লাড় (আদর) > লাল+ইয়া=লালিয়া > লাল্যা > আল্যা। তুল-অনার্য্য (রাজমহলী) ভাষায় আল্ব্ লালে' (verbal noun-ending > ভালবাসা, সোহাগ করা- I. M. L) > আল্লাল্যা > 'আল্যা' বাং-য় আসা অসম্ভব নয়] বি, শিশুর আবদার ; সোহাগ। আ° করি-ক্রি-বিণ, সোহাগ ভরে : আহ্লাদ করিয়া ; আদর জানাইয়া। "আল্যা করি কোলে বসি ছেঁদে ধরি গলে, ওমা ওমা বলি উমা কথা কন ছলে।"-অ°ম°।

আল্যায়-আলায় দ্রঃ।

আল্লা [মু°-(ক্যাল্ডীয়) আল্হা (পরমেশ্বর) >, আ°-আল্লাহ্। সং-অল্ (পর্য্যাপ্ত) লা (গ্রহণ বা দান করা) + অ (র্তৃ) + আ (স্ত্রীং) =আল্লা (সর্ব্বগ্রাহী, সর্ব্বদ পরমেশ্বর)। অথর্ব্ববেদে পরবর্ত্তী কালে সন্নিবেশিত অর্ব্বাচীন সং শব্দ (অল্লোপনিষদ দ্রঃ) আ° ভাষায় পুং] বি, একেশ্বর : একমাত্র পূজ্য ; কোরাণের প্রতিপাদ্য ঈশ্বর ; খোদা।

আশ$_1$ [অশ্ (ভোজন করা) + অ (ভা°)] বি, অশন ; ভোজন। অন্য শব্দে যুক্ত হইয়া ভোজন অর্থ প্রকাশ করে, স্বতন্ত্র প্রয়োগ নাই (প্রাতরাশ=প্রাতঃকালীন ভোজন, হুতাশ= হুত ভোজন যার=অগ্নি), পবনাশ (পবন যার ভোজন=সর্প ই°)।

আশ$_2$ [সং-আশয়, আশা (ক্ষে°) ব্রজ°। বৈ° সা°, পদ্যে ভূরি প্র°। প্রা° বাং-'আস'। আসত=অশায়] বি, আশা ; আকাঙ্ক্ষা। "থোরি দরশনে আশ না পূরল বাঢ়ল মদনক জ্বালা।"-বি প°। "আশ না মিটিল।"-বাং-গান। ২ ভরসা। ৩ অভিলাষ ; বাসনা ; অভিপ্রায়। "আধ লুকায়লি আধ উদাস। কুচ-কুম্ভ কহি গেও আপনকি আশ॥"-বি°প°। ৪ [ব্যা°] বহু° সমাসযুক্ত 'আশা' শব্দের রূপান্তর। প্র-হতাশ ; নিরাশ ই° [ব্রজ°] **আশল**-ক্রি, আশা করিল ; আশা দিল। "সেই অবধি দিন বহু আশ আশল।"-বি°প°। **আশে**-আশায়। "আশে রেখেছি প্রাণ।" -গান। প্রা° বাং-য়-আশয় অর্থে 'আশে' (শ্রী° কী°)।

আশ$_3$ [সঙ্গীতে অশ্ (ব্যাপ্ত হওয়া)] বি, গানের এক একটী অক্ষরকে দুই বা ততোধিক স্বরে উচ্চারণ করাকে আশা বলে। তার চিহ্ন কসি। "সা-রা গা-মা ;" "রা - - -ম"-জ্যো°-ঠাকুর। মীড় দ্রঃ।

আশ$_4$ [বৈদিক, সং-আশা (পার্শ্বদিক্)] বি, পার্শ্বদিক্, পাশ। **~পাশ** [একার্থক সহচরশব্দদ্বয় বীপ্সার্থে] চতুষ্পার্শ্ব।

আশ$_5$ [আস, আশু > আউশ >] বি, আউশ ধান্য। প্র-আসচাল।

আশং/সন, আশং/সা$_1$ [আ-শন্স্ (বলা, ইচ্ছা করা) + অন, অ (ভা°)-আ (স্ত্রীং)] বি, প্রত্যাশা ; আশা। ২ ইচ্ছা ; কামনা। ৩ সম্ভাবনা। ৪ সন্দেহ ; সংশয়। ৫ কথন [বিরল] ৬ প্রশংসা। ৭ অভ্যর্থনা [প্রা° বাং] **~সমান**-বিণ, যে আশংসা করিতেছে। **~সা**$_2$ [আশংসি, -শংস, -শংসে -শংসিতে ; -শংসিয়া (ক্ষে°, পদ্যে-আশংসি) ই°] ক্রি, আশংসা করা। **~সিত**-বিণ, সম্ভাবিত। ২ অভিলষিত ; আকাঙ্ক্ষিত। ৩ কথিত। ৪ বি, আকাঙ্ক্ষা ; আশা। ৫ ইচ্ছা। ৬ কথন। > **~**ী [মূ°-আশংসিতৃ] বিণ, যে আশংসা করে ; ভাবী মঙ্গলকামী। ২ আকাঙ্ক্ষী ; প্রার্থী। ৩ ইচ্ছুক। ৪ কথয়িতা। **~সিল**-ক্রি, আশংসা করিল। ২ অভ্যর্থনা করিল। ৩ প্রশংসা করিল। "কলিযুগে আশংসিল শ্রীভাগবতে।"-চৈ° ভা°। **~সু**-বিণ, আশংসাকারী : আকাঙ্ক্ষী। ২ ইচ্ছুক [আশংসিতা দ্রঃ] **~সে**-ক্রি, অভ্যর্থনা করে। "ফল-মূল দিয়া হনূমানেরে আশংসে।"-চৈ° ভা°। ২ প্রশংসা করে।

আশক, আসক [আ°-আশিক্ প্রেমিক। তুল-সং 'আসক্ত'] বিণ, প্রেমিক প্রণয়ী। "প্রথম দুয়ারে মদের গতি। দ্বিতীয় দুয়ারে আসক স্থিতি॥ আসক রূপেতে শ্রীকৃষ্ণ কই। মদরূপ ধরি আশ্রিত হই॥"-চণ্ডী°।

২ অনুরক্ত ; আসক্ত। ৩ বি, সোহাগ ; অনুরাগ। "পিরীতি আসকে সদাই থাকিব।"-চণ্ডী০।

আশকারা, আসকারা [ফা০-আশ্‌কারা (প্রকাশ করা)] বি, প্রকাশ। ২ অনুসন্ধান বা তদারক করিয়া সত্য প্রকাশ। ৩ প্রশ্রয় ; আবদার। "ছেলেকে আশকারা দেওয়া।" মকদ্দমা আ০ করা-মকদ্দমা সম্বন্ধে অনুসন্ধান বা তদারক করিয়া প্রকৃত তথ্য বাহির করা।

আশক্ত [আ-শক্‌ (সমর্থ হওয়া)+ত (ক্ত)] বিণ, শক্ত ; সমর্থ।

আশঙ্কনীয় [আ-শঙ্ক্‌ (ভয় করা)+অনীয়] বিণ, আশঙ্কাযোগ্য ; ভয়ের।

আশঙ্কা [আ-শঙ্ক্‌ (ভয় করা)+অ+আ (স্ত্রী০)] বিণ, ভয় ; শঙ্কা ; ত্রাস। ২ সংশয় ; সন্দেহ। ৩ সঙ্কোচ। ~স্থল-বি, ভয়ের বিষয় ; ত্রাসের যোগ্য ক্ষেত্র। ২ সন্দেহস্থল।

আশঙ্কিত [আ-শঙ্কা+ইত-জাতার্থে] বিণ, ভীত ; ত্রাসযুক্ত ; ত্রস্ত। ২ যার জন্য আশঙ্কা হইয়াছে। ৩ সন্দিগ্ধ। স্ত্রী০ ~া।

আশনা [ফা০-আশ্‌না] বি, বন্ধু ; প্রণয়ী। ~ই-বি, বন্ধুত্ব ; প্রণয়। ২ অবৈধ বা অসামাজিক প্রণয় ; স্ত্রী-পুরুষের গুপ্ত প্রণয়।

আশপাশ [আশ৩ (দ্রঃ)+পাশ (পার্শ্ব ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব। হি০-অসপাশ=চারি পাশ ; আশ (অন্য পার্শ্ব বা পার্শ্বান্তর-এ পাশ ও পাশ বা পাশ ও পাশের নিকট] ক্রি-বিণ, আশে পাশে-চারি পার্শ্বে ; চতুর্দ্দিকে ; ইতস্ততঃ।

আশমান১ [আবেস্তা-অশ্মন্‌(আকাশ) > প্রা০ পারসীক অস্‌মানম্‌ > ফা০-আস্‌মান=আকাশ। তুল-সং-অশ্মন্‌ (প্রস্তর)। ঋগ্বেদে (অশ্মন্‌ সদৃশ বলিয়া) মেঘ ও পর্ব্বত একার্থক। পুরাণে পর্ব্বতের পক্ষ কল্পিত ও মেঘ উড়িতে দেখিয়া পর্ব্বতের উড্ডয়ন কল্পিত-(চা০ বন্দ্যো০)। আকাশ যে অশ্মময় পূর্ব্বের এই বিশ্বাস। 'আকাশ ভেঙ্গে মাথায় পড়া' এই আধু০ বাক্যাংশ কর্ত্তৃক সমর্থিত হয়। 'প্রা০ আর্য্যগণ যখন একত্রবাস করিতেন, তখন অশ্মন্‌ অর্থে আকাশই বুঝিতেন] বি, আকাশ। আ০ জিমি তফাৎ, আ০ জিমির তফাৎ [ফা০-'জমীন-আসমান'] নিম্নে ধরাপৃষ্ঠ এবং ঊর্দ্ধে দৃশ্যমান আকাশের মধ্যে যে ব্যবধান। ২ আকাশ-পাতাল প্রভেদ ; অনেক প্রভেদ ; কোন দুই বস্তুর মধ্যে এত পার্থক্য যে তুলনাই হয় না। ~ী, আসমানী [ফা০-আস্‌মান=আকাশ+ঈ (সম্বন্ধীয়, তদ্বর্ণবিশিষ্ট অর্থে)-মেঘশূন্য নির্ম্মল আকাশ নীলাভ দেখায়, ফা০-তে ঐ বর্ণকে সুতরাং আসমানী বলে। তুল-ইং, জর্ম্ম০, ফ্রে০, প্র০, স্পে০-azur, azure. আ০-আজ্‌রূ অক্‌] বিণ, আকাশ সম্বন্ধীয়। ২ আকাশের বর্ণ বিশিষ্ট ; হাল্‌কা নীল বা নীলাভ। ৩ স্বর্গীয়। ৪ দৈব। তুল-আকাশবাণী=দৈববাণী। ৫ আকাশ ফুটো ; অকারণ। ৬ হঠাৎ ; অকস্মাৎ [দ্রঃ-হি০-তে 'আশমানী'র কয়েকটি বিশেষ প্রয়োগ-(১) মিশরীয় কার্পাস বিঃ। (২) তাড়ী (মদ্য)। (৩) পাল্কীবেহারাদিগের পাল্কী বহন কালে সংকেত বচন। কোন গাছের ডাল পালা সাম্‌নে পড়িলে বাহকেরা সাবধান করিবার জন্য 'আসমানী আসমানী' বলিতে থাকে তাতেই পাল্কী বাঁচাইয়া লইয়া যায়। বাং-য় কোন কোন স্থানে কথ্য ভাষায় প্রয়োগ]

আশমান২-অসম্মান দ্রঃ।

আশয় [আ-শী (শয়ন করা)+অ (ধি)] বি, আধার ; আশ্রয়। প্র-জলাশয়। ২ আগার ; স্থান। প্র-মূত্রাশয়। ৩ অজীর্ণ স্থান ; কোষ্ঠাগার ; কোষ্ঠবায়ু [আশয় ৭টী-বায়ু, পিত্ত, কফ বা রক্ত, পক্ব, মূত্র, আমাশয়। স্ত্রী-গর্ভাশয় লইয়া ৮টী আশয়] ৪ চিত্ত ; মন ; হৃদয়। প্র-মহাশয়। ৫ ইচ্ছা ; অভিলাষ ; বাসনা। ৬ তাৎপর্য্য। ৭ উদ্দেশ্য ; অভিপ্রায়। প্র-সদাশয়। ৮ কর্ম্মজনিত বাসনারূপ সংস্কারবিঃ। ৯ ধর্ম্মাধর্ম্ম। ১০ ঐশ্বর্য্য ; বিভব। ১১ অভ্যন্তর। ১২ আশা ; অপেক্ষা ; প্রত্যাশা। "দুর্গম কাননে ভ্রমি, মৃগ না পাইনু আমি কেবল আশয়ে মিথ্যা ফিরি॥"-কবিক০।

আশরফী, আশর্ফি, আসিরফী [ফা০-আশ্‌রফী (স্বর্ণমুদ্রা)। আশ্‌রফ্‌ খাঁ বাদশাহ কর্ত্তৃক প্রথম প্রচলিত বলিয়া নাম। ওজন ১০ মাসা] বি, স্বর্ণমুদ্রা বিঃ ; মোহর। "আসরফী বস্ত্র অলঙ্কার আদি যত।"-অ০ ম০।

আশরা [আশ্রয় >] বি, আশ্রয়। ২ আশা ; ভরসা।

আর্শল-আশ দ্রঃ।

আশা১ [আ-অশ্‌ (ব্যাপ্ত হওয়া)+অ (ভা০, স্ত্রী০-আ)-যা উত্তরোত্তর ব্যাপ্ত বা বৃদ্ধি প্রাপ্ত হয়। প্রা০ বাং 'আসা' (চ০ ৪৫।১) > "আহা'ও০-"তোর না পুরিবে আহা।" -শ্রী০কী০] বি, আকাঙ্ক্ষা ; প্রত্যাশা ; কোন কিছুর জন্য অপেক্ষা। "আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়।"-মাইকেল০। ২ আশ্বাস ; ভরসা। প্র-আশা দিবার মত আর কিছুই নাই। ~চাষ-বি, ধান্যাদি বুনিয়া তা তুলিয়া লইবার পর জমি চষিয়া রাখা। ~তরু [কাব্যাল০] বি, আশারূপ বৃক্ষ। ~তিরিক্ত, ~তীত [আশা+অতিরিক্ত, অতীত] বিণ, আশার অধিক। ~ন্বিত [আশা (দ্বারা) অন্বিত] বিণ, আশাযুক্ত। ~পথ-বি, আশারূপ পথ (য. অবলম্বন করে সাধন পথে চলা যায়)। ~পাশ-বি, আশারূপ বন্ধন রজ্জু। ~বদ্ধ [আশা (দ্বারা) বদ্ধ] বিণ, আশ্বাসিত ; হৃদয়ে আশা বা আকাঙ্ক্ষা ধরিয়া অবস্থিত ; আশাপুষ্ট। ~বন্ধ [আশা (আকাঙ্ক্ষা)-বন্ধ (বন্ধন)-৬ তৎ] বি, আশার বাঁধন। ২ মায়ার বন্ধন ; মায়াপাশ। "অভয়া গো দূর কর আশা বন্ধ, মিথ্যা জন্ম হৈল মহীতলে।"-কবিক০। ৩ আশ্বাস। ৪ প্রত্যাশা। ৫ [আশা (দিক্‌)-বন্ধ] মাকড়সার জাল। ~বরী [সঙ্গীত শা০] বি, রাগিণীর মধ্যে মালব রাগের ছয় বীর-রসাত্মিকা রাগিণী বিঃ। ~বাই [আশা (আকাঙ্ক্ষা ; প্রত্যাশা) রূপ বাই (বাতিক, বায়ুরোগ বা উন্মাদ)] বি, প্রবল আকাঙ্ক্ষা ; উৎকট প্রত্যাশা। "নিবৃত্তি না হয় এ আশা-বাই।"-হরু ঠাকুর। ~বান্‌-বিণ, আশাযুক্ত ; প্রত্যাশী। > স্ত্রী০ ~বতী। ~ভঙ্গ-বিণ, বিনষ্ট আশা ; যার পোষিত আশা আর নাই ; ভরসা-ভাঙ্গা ; হতাশ। ~ভরসা [আশা (আশ্বাস) ও ভরসা (নিভরশীলতা বা সাহস) বি, কোনরূপ আশা ; আকাঙ্ক্ষা, উৎসাহ, উদ্যম সাহস ই০। প্র-আর আশাভরসা কিছুই রহিল না। ~লতা [অলং, আশা-তরু দ্রঃ] আশারূপ লতা। ~শূন্য-বিণ, নিরাশ। ~স্পর্দ্দ-বি, আশার আস্পদ বা

স্থল। ~স্য [আ-শাস্+য (র্ম্ম)] বিণ, আশার যোগ্য। ২ আশাজনক। ৩ প্রার্থনীয়।~হঁত, ~হীন-বিণ, আশাশূন্য ; ভরসাহীন ; হতাশ। "ছিলাম নিশিদিন আশাহীন প্রবাসী।"-রবী০।

আশা₂-বি, দিক্। "পশ্চিম আশার কূলে গেলা নিশানাথ।"-কবিক০। "ফুল-কুল সখী উধা যখন খুলিবে পূর্ব্বাশার হৈমদ্বার পদ্ম-কর দিয়া।"-মেঘ০। ~পতি [আশা (দিক্)-পতি] বি, দিক্‌পাল। "দিনপতি, গণপতি, পূজিলেন প্রজাপতি, বিধি আশাপতি গ্রহগণে।"-কবিক০।

\`আশা₃ [আ০-আসা (লাঠি)] দণ্ড ; রাজদণ্ড septre লাঠি। "কামের কনক আশা।"-অ০ ম০। ২ সন্ন্যাসী ও ফকিরের ব্যবহার্য্য দণ্ড। "কমণ্ডলু তুম্বীফল,করঙ্গ পীয়ারে জল, হাতে আশা হিঙ্গুল বরণ॥"-অ০ ম০। ~দঁণ্ড-বি, আশাসোঁটা। ~বঁরদার [ফা০-বরদার (bearer)। তুল-হি০ সোঁটা-বরদার] বি, দণ্ডধারী ; রাজদণ্ড বহনকারী club or mace-bearer. ~সোঁটা [প্রাদে০ চট্ট০-আশাসোটা] আ০-আসা (রাজদণ্ড septre)+হি০-সোঁটা (দণ্ড)-একার্থক সহচরশব্দ। বি, দণ্ড : রাজদণ্ড ; রাজচিহ্ন।

আশান-আসান দ্রঃ।

আশি [রাশি >, ভ্রং। পূ০ বঙ্গ প্রাদে০] বি, রাশি। "আসন পাতিয়া তা'তে দিও পদ্মের আশি।"-মৈ০ গী০।

আশী₁ [অশ্ (ভোজন করা)+ইন্=আশিন্ ১মা ১ব০। অন্য শব্দের অন্তে যুক্ত হইয়া ব্যবহৃত হয়] বিণ, ভোজী ; খাদক। প্র-মাংসাশী।

'আশী₂, আশি [অশীতি > প্রাকৃ০-আসীঈ। হি০-অস্‌সী] বি, বিণ, অশীতি ; ৮০ এই সংখ্যা ; ৮০ সংখ্যক।

আশী₃ [সং] সর্পদন্ত। ২ বৃদ্ধি নামক ঔষধ।

আশীবিষ [আশী (বিষদন্ত)+বিষ-যার দন্তে বিষ আছে-বহু০] বি, সর্প। "কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে, কভু দংশেনি যারে।"-স০ শ০।

আশীর্ব্বচঁন, আশীর্ব্বাদ [আশিস্+বচন, বাদ (উক্তি)-৬ তৎ] বি, অন্যের মঙ্গলোদ্দেশে বচনপ্রয়োগ ; শুভকামনা ; কল্যাণ হউক ইত্যাকার উক্তি ; বরদান। আশীর্ব্বা/দঁক-বিণ, যে আশীর্ব্বাদ করে। > স্ত্রীং ~দিকা।

আশীষ [হি০-অশীষ, আশীর্ব্বাদ > ক্ষে০,'আশিস' ও০] বি, আশীর্ব্বাদ। "আঁখির নীরে মোদের শিরে, আশীষধারা আজি ঢালো।"-প্রমথ চৌধুরী। ক্রি, ~া [আ০+আ (ক্রিয়ায়) আশীষি, আশীষ, আশীষে ; আশীষিতে ; আশীষিয়া (ক্ষে০ পদ্যে আশীষি) ই০] আশীষ করা বা দান করা : আশীর্ব্বাদ করা। "প্রণমিলা রামচন্দ্র আশীষিয়া রথী চিত্ররথ, দেবরথে গেলা দেবপুরে।"-মেঘ০।

\`আশু [অশ্=ব্যাপা+উ (র্তৃ)] বি, বর্ষা-কালীন ধান্য ; আউস ধান্য। ২ বিণ, শীঘ্র ; অবিলম্বে ; ক্ষিপ্র। ~কারী [আশু=শীঘ্র-কারী (কারিন্) যে করে] বিণ, যে অবিলম্বে কাজ নির্ব্বাহ করিতে পারে ; শীঘ্রকারী ; ক্ষিপ্রকারী ; চট্‌পটে। ~গঁ [আশু=শীঘ্র-গ=(গমন করা)+অ (র্তৃ)-যে শীঘ্র গমন করে] বিণ, শীঘ্রগামী। ২ বি, তীর। ৩ সূর্য্য। ৪ নক্ষত্র। ৫ উল্কা। ৬ বায়ু। ~গতি [আশু (শীঘ্র)+গতি (গমন) যার-ব২০] বিণ, ক্ষিপ্র-গামী ; শীঘ্রগামী। ২ [ধা] বি, ক্ষিপ্র গতি ; শীঘ্রগমন। ৩ বায়ু। "অনুচর তব আশুগতি-পুত্র হনু, আশুগতি-গতি।"-মেঘ০। ~গামী [আশু-গামী (গামিন্) যে গমন করে-বহু০] বিণ, শীঘ্র গমনকারী ; ক্ষিপ্রগামী। ২ বি, সূর্য্য। > স্ত্রীং~গামিনী। ~তঁর [আশু+তর (উৎকর্ষার্থে)] বিণ, ক্ষিপ্রতর ; অতিশীঘ্র। "পবন অমনি চালাইলা আশুতরে।"-মেঘ০। ~তোষ [আশু (শীঘ্র)-তোষ=সন্তোষ, যার শীঘ্র বা অল্পেই সন্তোষ জন্মে-বহু০] বি, শিব। বিণ, শীঘ্রসন্তুষ্ট [আশুতুষ্ট ও০] ~ধান্য-বি, বর্ষাকালে যে ধান্য জন্মে ; আউস ধান। ~পত্রী [আশু-পত্রী-বহু০] বি, শল্লকী লতা ; কুন্দরকী লতা। ~বিশ্বাস [আশু-বিশ্বাসী ও০] বিণ, শীঘ্র প্রত্যয়ী। ~ব্রীহি [আশু-ব্রীহি=ধান্য (ধা)] বি, আউস ধান্য। ~রোষ [আশু-রোষ যার-বহু০] বিণ, যার শীঘ্র বা সামান্য কারণেই ক্রোধ জন্মে। ২ [আশুরুষ্ট ও০] শীঘ্ররুষ্ট। ~শুক্ষ্ণি [আশু-শুষ্ (শুষ্ক করা)+সন (ইচ্ছার্থে)+অনি (র্তৃ)-যে শীঘ্র শুষ্ক করে] বি, অগ্নি। "চৌদিকে মঙ্গলধ্বনি, দক্ষিণে আশুশুক্ষণি দধি দধি ডাকে গোয়ালিনী।" -কবিক০।

আশেপাশে-আশ দ্রঃ।

আশৈশঁব [আ (অবধি) শৈশব (শিশু+অ-ভা০)] অ, শিশুকাল হইতে।

আশোত, অশোত [অশ্বত্থ >। গ্রা০] বি, অশ্বত্থ দ্রঃ।

আশোবার [আস্‌সোয়ার দ্রঃ] বি, সওয়ার ; অশ্বারোহী। "দেখিয়াছি আ০ অনেক অনেক।"-কাঞ্চী০।

আশোয়া/স, আশোয়াশ [আশ্বাস > এই অর্থে ব্রজ০, প্রা০ বাং, আসোআস] বি, আশ্বাস ; প্রবোধ। "যব ধনী পাওল ইহ আশোয়াস। বৈঠলি পুহু তব ছোড়ি নিশোয়াস॥"-বি০ প০। ২ আশা। "তুয়া আশোয়াসে, জাগি নিশি বঞ্চনু।" -জ্ঞান০। ৩ ভরসা ; সাহস। "হেরি সহচরী কছু ভেল অশোয়াস।"-ঐ। ক্রি,~সঁল-ক্রি, আশ্বাসিত করিল, আশা দিল। "পন্থে আসোআসল গোপালদাস।" -রসমঞ্জরী (পী০)। ~সঁলু, -লুঁ-আশ্বাস দিলাম। "সোহি অবধি দিন বহু আশোয়াসলু।" -বি০ প০। ~সঁলি -আশ্বাস দিয়াছিলে। "যতেক আশোয়াসলি।"-জ্ঞান০।

আশৌচ-বি, অশৌচ দ্রঃ।

\`আশ্‌কিয়া-আস্কে দ্রঃ।

আশ্চর্য্য [আ-চর্ (গমন করা)+য (র্ম্ম), শ্ (স)-আগম। প্রাকৃ০-আচরজ। গ্রা০-মেয়েলি০-'আচ্চজ্জি'] বিণ, বিস্ময়কর ; অদ্ভুত ; অপূর্ব্ব। ২ বিণ, বিস্ময়। ৩ [আধু০ বাং অশুদ্ধ ব্যবহার] বিণ, আশ্চর্য্যা-ন্বিত ; বিস্ময়াপন্ন। প্র-তুমি কথাটা শুনেই যে আশ্চর্য্য হয়ে গেলে। ৪ বি, বিস্ময়ের বিষয়। "ইহাতে আ০ কি?"-টেকচাঁদ।

\`আশ্মন [অশ্মন্ (প্রস্তর)+অ (সম্বন্ধে)] বিণ, প্রস্তর সম্বন্ধীয়। ২ পাথুরে। ৩ বি,

প্রস্তরসমূহ। ৪ প্রস্তরবিকার। ৫ সূর্য্য-সারথি অরুণ।

আশ্রব [আ+শ্রু (শ্রবণে)+অ] বি, প্রতিশ্রুতি: অঙ্গীকার। ২ [আশ্রব দ্রঃ] ক্লেশ। ৩ দোষ। ৪ [+অ (র্ত্তৃ)] বিণ, যে কথা শুনে : বাধ্য।

`আশ্রম [আ-শ্রম্ (শ্রম করা, তপস্যা করা) + অ (ধি)—যাতে অত্যন্ত পরিশ্রম করিয়া উত্তম গুণের গ্রহণ এবং শ্রেষ্ঠ কর্ম্ম করা যায় : তপস্যা করিবার স্থান] বি, তপোবন। ২ মানবের জীবন-যাত্রার চারিটী অবস্থা—ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বাণপ্রস্থ ও সন্ন্যাস। ৩ দশনামী সন্ন্যাসী সম্প্রদায়ের অন্তর্গত ও শঙ্করাচার্য্যের প্রধান চারি শিষ্যের অন্যতম পদ্মপাদের অন্যতর শিষ্য 'আশ্রম' হতে তৎপ্রবর্ত্তিত সম্প্রদায় সন্ন্যাসীর উপাধি। —উ॰ স॰ (অ॰ কু॰ দত্ত)। ৪ বন। ৫ মঠ। ৬ চতুষ্পাঠী। ৭ গৃহ : বাসা। ~ধর্ম্ম-বি, আশ্রমবাসীর পালনীয় কর্ত্তব্য : আশ্রমাচার। ~বাসিক-বিণ, আশ্রমে অবস্থানসম্বন্ধীয় ; বনবাসসংক্রান্ত। ২ বি, মহাভারতের ১৮শ পর্ব্বের অন্তর্গত একটী পর্ব্ববিঃ। ~বাসী -বিণ, আশ্রমী। ২ তাপস। > স্ত্রীং ~বাসিনী। ~ভ্রষ্ট-বিণ, আশ্রমোচিত ধর্ম্ম বা নিয়ম হতে স্খলিত। ২ আশ্রম হতে বহিষ্কৃত। ~স্থ-বিণ, আশ্রমে স্থিত বা বিদ্যমান। > স্ত্রীং ~স্থা।

`আশ্রমিক [আশ্রম +ইক (অবস্থানার্থে)] বিণ, যে আশ্রমে থাকে : আশ্রমস্থ : চতুরাশ্রম মধ্যে কোন একটী আশ্রম অবলম্বনকারী : আশ্রমধর্ম্মাচারী। ২ আশ্রমবিশিষ্ট।

আশ্রমী [মূ॰—আশ্রমিন্] বিণ, আশ্রমস্থ : আশ্রমবিশিষ্ট ; আশ্রমিক।

আশ্রয়, আশ্রয়॥ণ [আ-শ্রি (সেবা করা, অবলম্বন করা)+অ, অন (ভা॰)] বি, অবলম্বন ; শরণ। ২ আধার। ৩ সহায়। ৪ রক্ষক। ৫ বিষয়। ৬ গুণবিঃ। ৭ বিণ, আশ্রয়কর্ত্তা। ~ণীয়-বিণ, আশ্রয়ের যোগ্য ; আশ্রয় লইবার মত। ২ বি, আশ্রয় স্থান। > স্ত্রীং ~ণীয়া (-য়॑-)। ~দাতা বি, যে আশ্রয় দান করে। ২ প্রতিপালক। > স্ত্রীং ~দাত্রী। ~প্রার্থী, আশ্রয়ার্থী-বিণ, যে, আশ্রয় চায়। > স্ত্রীং ~প্রার্থিণী, ~আশ্রয়ার্থিণী। ~বিহীন- বিণ, অশরণ। > স্ত্রীং ~বিহীনা। ~লিপ্সু [আ॰+ লিপ্সু (লাভেচ্ছু)] বিণ, আশ্রয়লাভেচ্ছু : আশ্রয় পাইবার অভিলাষী : শরণপ্রার্থী। ~হীন -বিণ, আশ্রয়বর্জ্জিত : অশরণ : গৃহশূন্য : নিরাশ্রয় : অনাথ। > স্ত্রীং ~হীনা।

আশ্রয়াশ [আশ্রয় (স্থান)-অশ্ = ভোজন করা + অ (র্ত্তৃ)—যে আপনার আশ্রয়স্থান ভোজন করে] বি, অগ্নি। ২ চিতাগাছ। ৩ বিণ, আশ্রয়নাশক। স্ত্রীং ~া।

আশ্রয়ি॥তে [আশ্রয় + ইতে (করিতে), বাং নামধাতু আশ্রয়ি, আশ্রয়॑, আশ্রয়ে ; আশ্রয়িতে : আশ্রয়িয়া (ক্ষে॰ আশ্রয়ি) ই॰] ক্রি, আশ্রয় করিতে। ~বে-আশ্রয় করিবে। ~বেন-আশ্রয় বা অবলম্বন করিবেন। "এই প্রভু বিরক্তি আশ্রয়িবেন যখনে।"—চৈ॰ ভা॰।

আশ্রয়ী [মূ॰—আশ্রয়িন্] বিণ, আশ্রয়কারী। ২ আশ্রয়প্রাপ্ত। "রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী।"—মেঘ॰।

`আশ্রিত [আ-শ্রি + ত (র্ত্তৃ)] বিণ, যে আশ্রয় পাইয়াছে : শরণাগত। ২ সহায়তাপ্রাপ্ত। ৩ অনুগত। ৪ সেবক। ৫ স্থিত। ৬ অনুপ্রবিষ্ট। ৭ আধেয়। ৮ [ন্যায়দর্শনে] পরমাণু আকাশাদি নিত্যবস্তু ভিন্ন দ্রব্যের অন্তর্গত সাধর্ম্ম্য। স্ত্রীং ~া। ~বৎসল-বি, শরণাগতের প্রতি-কৃপালু বা স্নেহশীল। > স্ত্রীং ~বৎসলা। বি, ~বাৎসল্য।

`আশ্রুত [আ-শ্রুত] বিণ, অঙ্গীকৃত। ২ আকর্ণিত।

আশ্লিষ্ট [আ-শ্লিষ্ (আলিঙ্গন করা) +ত(র্ম্ম)] বিণ, আলিঙ্গিত। ২ সম্মিলিত ; সংসক্ত। ৩ পরিব্যাপ্ত। ৪ [অলং শা॰] শ্লেষোক্তিযুক্ত ; শ্লেষপূর্ণ।

আশ্লেষ [আ-শ্লিষ্ (আলিঙ্গন +অ (ভা॰)] বিণ, আলিঙ্গন ; পরিরম্ভন। ২ মিলন। ৩ একদেশ সম্বন্ধ। ৪ শ্লেষ।

`আশ্ব [অশ্ব+অ (সম্বন্ধে)] বিণ, অশ্ব-সম্বন্ধীয় ; অশ্ববাহিত ; অশ্ববাহ। ২ বি, অশ্বসমূহ [প্র॰ অ॰]।

`আশ্ব॥ত্থ [অশ্বত্থ +অ (সম্বন্ধে)] বিণ, অশ্বত্থসম্বন্ধীয়। ২ বি, অশথ গাছের ফল। ~ত্থিক-বিণ, অশ্বত্থ বৃক্ষ সম্বন্ধীয় বা তজ্জাত ; অশ্বত্থ বৃক্ষোৎপন্ন।

`আশ্বমেধিক [অশ্বমেধ + ইক (সম্বন্ধে)] বিণ, অশ্বমেধ সম্বন্ধীয়। ২ বি মহাভারতের ১৮শ পর্ব্বান্তর্গত পর্ব্ববিঃ।

`আশ্বলায়ন-বি, বেদস্মৃতি প্রণেতা শৌনক-শিষ্য ঋষিবিঃ, ইনি শ্রৌতসূত্র, গৃহ্যসূত্র এবং ঐতরেয় আরণ্যকের চতুর্থ আরণ্যক প্রণেতা।

`আশ্বস্ত [আ-শ্বস্ (শ্বাস ক্রিয়া করা) + ত (র্ম্ম)—যাকে শ্বাস ক্রিয়ার স্বাভাবিক অবস্থায় (উদ্বেগহীন অবস্থায়) রাখিয়াছে] বিণ, যে আশ্বাস পাইয়াছে : আশ্বাস বা ভরসা প্রাপ্ত : আশাযুক্ত। স্ত্রীং ~া।

আশ্বা॥স [আ-শ্বস্ (নিশ্বাস প্রশ্বাস ফেলা) +অ (ভা॰)] প্রা॰ বাং- 'আশোয়াস'। বি, শ্বাস ; নিশ্বাস। ২ ভরসা ; আশা দান। "সদাগর বলে যত কপট আ॰।" —কবিক॰। ৩ প্রবোধ ; সান্ত্বনা। ৪ উৎসাহ দান। ৫ [প্রা॰ বাং] আশঙ্কা। "উপায় করিয়া গেলে আ॰ ঘুচিবে।"—রামা॰ (জগৎরাম) [অপ্র॰] ~সক-বিণ, যে আশ্বাস দান করে ; সান্ত্বনাদাতা। > স্ত্রীং ~সিকা। ~সন-বি, ভরসা দান ; সান্ত্বনাদান : প্রবোধন। ২ আশ্বাসজনক। ৩ আশ্বাস : ভরসা ; সান্ত্বনা। ~সনীয়-বিণ, আশ্বাসের যোগ্য : ভরসাযোগ্য ; যাকে সান্ত্বনা বা প্রবোধ দেওয়া আবশ্যক। > স্ত্রীং ~া।

আশ্বাসা [আশ্বাস+আ (দেওয়া অর্থে ক্রিয়ায়)। আশ্বাসি, আশ্বাস॑, আশ্বাসে ; আশ্বাসিতে : আশ্বাসিয়া (ক্ষে॰ পদ্যে-আশ্বাসি) ই॰] আশ্বাস দেওয়া : আশ্বস্ত করা।

আশ্বাসিল [মাইকেল] আশ্বাস দিল ; আশ্বস্ত করিল ; আশা ভরসা দান করিল ; সান্ত্বনা দান করিল ·[প্রা॰ বাং-আসে- আসল। "পন্থে আসোআসল গোপাল দাস।"—রসমঞ্জরী (পী॰)]।

আশ্বাসিত-বিণ, যাকে আশ্বাস দেওয়া হইয়াছে ; সান্ত্বনা বা প্রবোধ প্রাপ্ত ; আশ্বস্ত। ২ ভরসান্বিত।

আশ্বিক [অশ্ব+ইক (সম্বন্ধে)] বিণ, ঘোটকীয়। ২ অশ্বারোহী।

আশ্বিন [অশ্বিনী নক্ষত্রযুক্ত পৌর্ণমাসী ঘটিত কাল। প্রা° বাং **আশিন**] বি,দ্বাদশ মাসের ৬ষ্ঠ মাস। এই মাসে সূর্য্য কন্যারাশিস্থ হয়। ২ অশ্বিনীকুমারদ্বয় (অশ্বিনীকুমার দ্রঃ)। স্ত্রীং **আশ্বিনী**-আশ্বিন মাসের পূর্ণিমা।

আশ্বিনেয় [অশ্বিনী (সূর্য্যপত্নী)+এয় (অপত্যার্থে)-অশ্বিনীর পুত্রদ্বয়-এজন্য শব্দটী দ্বিবচনান্ত] বি, অশ্বিনীকুমার দ্বয়ের বৈদিক নাম। অশ্বিনীকুমার দ্রঃ [দ্রঃ-আশ্বিনেয় প্রকৃত কাহারা তৎসম্বন্ধে বিস্তর মতভেদ আছে। ভারতকোষ হতে বিভিন্ন মতগুলি সঙ্কলিত হইল,-"স্বর্গবাসী দেবগণের মধ্যে অতঃপর আশ্বিনেয়দ্বয়ের * * একজন জল (moisture) ও অপর জন আলোক (light) অবলম্বন করিয়া ভুবন ভ্রমণ করেন বলিয়া ইঁহাদের এই নাম হইয়াছে।" "আশ্বিনেয়দ্বয় উষার পূর্ব্বে প্রত্যূষে, জগতে আলোক লইয়া প্রবেশ করতঃ উষাকে পথ প্রদর্শন করেন।" ইঁহারা "ইন্দ্র ও সূর্য্য"-নিরুক্তকার যাস্ক। ঔর্ণভব বলেন,-"ইঁহারা অশ্বারোহণে ভ্রমণ করেন বলিয়া এই নাম।" "বেদে ইঁহারা-(১) পৃথিবী ও স্বর্গ, (২) দিবা ও রাত্রি, (৩) সূর্য্য ও চন্দ্র, (৪) বিবস্বান্ ও করণ্যুর যমজ পুত্র, (৫) আকাশের পুত্র, (৬) সিন্ধুগর্ভ সম্ভূত, (৭) দক্ষ সম্ভূত, এবং (৮) সূর্য্যাত্মজার পতি বলিয়া উক্ত হইয়াছেন। উক্ত হইয়াছে ইঁহারা "যুবা, পুরাতন, মধ্যবর্ণ, জ্যোতিব অধীশ্বর, উজ্জ্বলবর্ণ, পদ্মমালা বিভূষিত, বলশালী, ক্ষমতাশীল, ভয়ানক কৌশলী ও জ্ঞানী, অহঙ্কারের মূলোচ্ছেদকারী। ইঁহারা সুবর্ণময় রথে ভ্রমণ করেন। ইঁহারা দিবসে৩ বার ও রাত্রে ৩ বার জগৎ ভ্রমণ করেন। ইঁহারা বৈদ্য, এবং অন্ধ প্রভৃতিকে আরোগ্য করেন।"

আশ্বীন [অশ্ব+ঈন] বি,অশ্বের একদিন গম্য পথ।

আশ্বীয় [অশ্ব+ঈয় (সমূহার্থে)] বি, অশ্বসমূহ। ২ বিণ, অশ্বসম্বন্ধীয়।

আশ্/শ্ব শুর [সং-আর্য্য শ্বশুর] বি, শ্বশুরের পিতা। ~**শ্বাশুরী, -শাশুড়ী**-বি, শাশুড়ীর শাশুড়ী।

আশ্রিফী-আশরফী দ্রঃ।

আষাড়দণ্ড-আষাঢ়দণ্ড দ্রঃ।

আষাঢ়, [পূর্ব্ব বা উত্তরাষাঢ়া নক্ষত্রযুক্ত পৌর্ণমাসী ঘটিত কাল] বি, দ্বাদশ মাসের তৃতীয় মাস ; এই মাসে সূর্য্য মিথুন রাশিতে গত হয়।

আষাঢ়$_2$-বি, পলাশ কাষ্ঠের দণ্ড ; দণ্ড ; লাঠি। ২ মলয় পর্ব্বত। ~**দণ্ড** [আষাঢ় (২) দ্রঃ] বি, সন্ন্যাসীর ব্যবহার্য্য দণ্ড বা লাঠি। "করঙ্ক আষাঢ় দণ্ড জটা বিলম্বিত।" -লীলাবতী।

আষা/ঢ়া [আ-সহ=সহ্য করা + অ (র্ত্ত) আ (স্ত্রীং) হ=ঢ] বি, পূর্ব্ব বা উত্তরাষাঢ়া নক্ষত্র। স্ত্রীং ~**ঢ়ী**-আষাঢ় মাসের পূর্ণিমা। ~**ঢ়িয়া**, ~**ঢ়ে**-বিণ, আষাঢ় সম্বন্ধীয় ; আষাঢ় মাসের। ২ আষাঢ় মাসে যা জন্মে। "একে একে ভাঙ্গে, আষাঢ়িয়া যেন জকুণ্ডা॥" -কবিক°। ~**ঢ়ে গল্প** [আষাঢ় মাসের দিনগুলি দীর্ঘ এবং বৃষ্টি বাদলে বাহিরে যাইবারও উপায় বড় থাকে না। পূর্ব্বে বাঙ্গালার ছেলে মেয়েরা বৃদ্ধাদিগের নিকট বসিয়া বহুবিধ অদ্ভুত ও আনন্দজনক গল্প শুনিয়া আষাঢ়ের দীর্ঘ দিবসগুলি কাটাইত, এক্ষণে এরূপ গল্প বলা ও শুনার প্রথা প্রায় উঠিয়া গিয়াছে] বি, অদ্ভুত গল্প। "আষাঢ়ে গল্প সে কই আমাদের নিতান্তই ঘরের জিনিষ।"-রবী°। ২ কাল্পনিক কাহিনী। ৩ মিথ্যা কথা।

আষ্ট [সং-অষ্ট >, আ° (পূ° বঙ্গ প্রাদে°)। গ্রা° আট্ট >] বি,বিণ, অষ্ট ; আট। "আট আষ্টে চৌষট্টি।" "আষ্ট গণ্ডা।"

আষ্টা [প্রাদে° আর-টা (অনির্দ্দেশ বা অপ্রধান অর্থে) >] অ, ইত্যাদি। প্র-"টাকাটা আষ্টা। বাগানটা আষ্টা আছে মাঝে মাঝেই দেখ্তে হয়।

আষ্টানি-আঁষ্টিয়া দ্রঃ।

আষ্টেপৃষ্টে [অষ্ট পৃষ্ঠ (দ্রঃ)। অষ্টে পৃষ্টে,-পৃষ্ঠে (অষ্টাঙ্গে > আষ্টাঙ্গে) > আষ্টে-পৃষ্ঠে (সহচর শব্দ) পরে আর একটী সহচর শব্দ যোগে আষ্টেপৃষ্ঠে ললাটে > (মেয়েলি° আষ্টে পিষ্টে ললাটে,-মলাটে)। তুল-গ্রা° আষ্টে পিষ্টে, আটেপিঠে। অষ্টে=আষ্টে, যেমন অষ্টাঙ্গে=(গ্রা°) আষ্টাঙ্গে] ক্রি-বিণ, অষ্টাঙ্গে ; সকল অঙ্গে ; সর্ব্বাঙ্গে।

আস [আশু > আউশ > আস] বি, আশুধান্য : আউশ ধান। ~**চা'ল**-আউশ ধান্যের চাউল। প্র-আসচা'লের মোটা ভাত জুড়িয়ে গেলে গলা দিয়ে উলবে কেন?

আসি [আসা দ্রঃ। আইস > কুঞ্চিত আকারে। ওড়ি°-আসি, হি°-আব্, রূপান্তরে-এস] ক্রি, আইস ; আগমন কর। "বিহানে পরের বাড়ী কোন্ লাজে আস?"-চণ্ডী°।

আসক [সং-আসক্তি=আসক্(তি)] বি, আসক্তি ; অনুরাগ। "পিরীতি আসকে সদাই থাকিব।"-চণ্ডী°। ২ [আ°-আশক্। আ, ই-শক্ (ভালবাসা, প্রেম) হতে। মুসলমানী বাং-য় প্রচুর ব্যবহার] বিণ,আসক্ত ; অনুরক্ত। ৩ প্রেমিক : প্রণয়ী। স্ত্রীং **আসিকা**-প্রণয়িনী।

আসকত [সং-আসক্তি > হি°-আসকত (বিণ, 'আসকতী,' ক্রি, আসকতানা) আলস্য] বি, আলস্য ; অবসাদ ; দীর্ঘসূত্রতা।

আসক্ত [আ-সন্জ্ (আলিঙ্গন করা) + ত (র্ত্ত)] বিণ, অনুরক্ত ; প্রীত। ২ সংলগ্ন। ৩ আবিষ্ট। ৪ যত্নশীল। ৫ অ, সতত : অবিরত ; নিত্য। ~**চিত্ত,-চেতা**-বিণ, তদ্গত ; নিবিষ্ট-মনাঃ।

আসক্তি [আ (সর্ব্বদা) সন্জ্ (আলিঙ্গন করা) + তি (ভা°)] বি, অনুরাগ ; প্রীতি। ২ ভোগাভিলাষ। ৩ সঙ্গ ; সহবাস। ৪ মিলন ; সংসক্তি। ৫ অভিনিবেশ ; মনঃসংযোগ। বিণ, আসক্ত।

আসখাস [ফা°-শখ্স্ (লোক)-বহুব°] বি, সাধাঃ পুলিশের তদারক। প্র-আসখাস তলব।

আসঙ্গ [আ-সন্জ্+অ] বি, সহবাস ; মিলন ; সঙ্গ। ২ ভোগাভিলাষ। ৩ সম্বন্ধ। ৪ অনুরাগ ; প্রীতি। ৫ অভিনিবেশ ; মনঃসংযোগ। ~**লিপ্সা** [আসঙ্গ

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ̃ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=নচ ক্ষ=ক্‌খ হ্ম=হ্‌ম হ্ন হ্ল হ্ব হ্য হ্র=নহ মহ লহ ভ ব্য, জ ফ ব ভ=zfwv ও চচা° দ্রঃ

-লভ্ (পাওয়া) +সন্ (ইচ্ছার্থে, লভ্=লিপ্) আ (স্ত্রীং)] বি, একত্র মিলিত হইয়া থাকিবার ইচ্ছা ; সংসর্গ বা সহবাস স্পৃহা ; মিলনেচ্ছা।

আসত্তি [আ-সদ্ (গমন করা)+তি (ভা০)] বি, মিলন। ২ নৈকট্য ; সন্নিধি ; সান্নিধ্য। ৩ লাভ। ৪ [ব্যা০ ও ন্যায় দর্শনে] পদসমূহের সান্নিধ্যজ্ঞান ; পদসন্নিধানকরণ।

আসন [আস্=উপবেশন করা+অন (ধি)] বি, যার উপর উপবেশন করা যায় ; বসিবার স্থান ; চৌকি, পিঁড়ি, কম্বল ই০। প্র-কুশাসন, কাষ্ঠাসন, কম্বলাসন, ধরাসন। ২ রাজতক্ত ; সিংহাসন। ৩ পীঠ। ৪ হাতীর স্কন্ধদেশ যথায় মাহুত বসে। "আসন কোন ঠাঁই।"-অ০ম০। ৫ [তুল-আস্তানা] অবস্থিতি ; বাস। ৬ যোগ সাধনায় উপবেশনের কৌশল বিঃ ; অষ্টাঙ্গ যোগের তৃতীয় যোগ। ইহা পঞ্চ প্রকার, যথা-পদ্মাসন, স্বস্তিকাসন, ভদ্রাসন, বজ্রাসন ও বীরাসন। ৭ মল্লযুদ্ধ বা কুস্তিক্রীড়া-কালে অবস্থানের কৌশল বিঃ। ৮ দেবপূজার উপচার বিঃ। ৯ জীবক বৃক্ষ ; পীতবর্ণ বৃক্ষ ইহার পুষ্প রক্তবর্ণ। ১০ পীতসাল ; পিয়াল। ইহার কাষ্ঠ খদিরবর্ণ, পুষ্প পীতবর্ণ। ১১ আগমন। "কোথা হইতে আসন, আসন কোন ঠাঁই।"-অ০ ম০। **~নী** [আস্+অন (ভা০)+ঈ (ক্ষুদ্রার্থে স্ত্রীং), হি০-আস্নী] বি, ক্ষুদ্র আসন বসিবার ছোট চৌকী। ২ স্থিতি। ৩ বৈঠক ; বসা। ৪ দোকান। **আ০ অঙ্গুরী**-বি, আসনরূপে কল্পিত রূপার পাত এবং রূপার ক্ষুদ্র অঙ্গুরী, ইহা দেবপূজার উপকরণ বিঃ। **আ০ গ্রহণ**-বি, উপবেশন। **আ০ দান**-বি, বসিতে দেওয়া। **আ০ পরিগ্রহ**-বি, উপবেশন। **~পিঁড়ি, -ড়ী, -ড়ে**-বি, পায়ের উপর পা মুড়িয়া বসা ; চাপঠিলি খাইয়া বা 'বাবু হইয়া' বসা crosslegged. "নিমি তখন আসনপিঁড়ি হইয়া বসিয়া মেয়েকে কোলে শোওয়াইয়া ঝিনুক লইয়া তাহাকে দুধ খাওয়াইতে বসিল।"-আনন্দমঠ। **~বন্ধ** [আসন-বন্ধ] বি, পদ্মাসনাদি উপবেশন বিন্যাস। **~শালা** [বৌ০ সা০] বি, বসিবার ঘর। "আপনি বিহারে প্রতিগমন পূর্ব্বক আসন শালায় অবস্থিতি করুন।"-জাতক, ১।৪১। **শয়ন-আসন**-শয্যা। "উঠি সদাগর বৈসে শয়ন-আসনে।"-কবিক০।

আসনা, আসনাই-আশনা দ্রঃ।

আসন্ন [আ-সদ্ (গমন করা)+ত(র্ত্তৃ)] বিণ, উপস্থিত ; আগত। "হোতা হোতৃসদনে আ০ হল।"-ঐ০ ব্রা০ (ত্রিবেদী)। ২ নিকটবর্ত্তী। ৩ মুমূর্ষু ; অন্তিম ; শেষ। **~কাল** [আসন্ন (কাল) সময়] বি, বিপৎ-কাল ; আপৎকাল। ২ মরণকাল ; মৃত্যুর সময় ; অন্তিম কাল। **~প্রসবা**-বিণ, যিনি অতি শীঘ্র প্রসব করিবেন। **~মৃত্যু**-বিণ, যার মরণ অতি নিকটবর্ত্তী।

আসব১ ["সদ্যঃ কৃত সংসাধনঃ সঞ্জাত মদ্য."-মনুর-মেধাতিথি কৃত টীকা। আ-সু (প্রসব করা)+অ (র্ত্তৃ) যে মত্ততা প্রসব করে বা জন্মায়] বি, সদ্যোজাত মদ্য ; সুরা ; তাড়ী। **~পায়ী, ~সেবী**-বিণ, মদ্য-পানকারী ; মদখোর ; সুরাপায়ী। ২ মাতাল। **~মাতা** [আ০+মাতা (মত্ত)। প্রা০ বাং] বিণ, সুরাপানে মত্ত ; মাতাল। (চ০ ৯।২)।

আসব২ [বৌ০ সা০] বি, আস্রব (দ্রঃ) ; পাপ। ২ রিপু।

আসবাব [আ০-আস্বাব্ (কারণ সমূহ) তা হতে জিনিষ সমূহ] বি, জিনিষপত্র ; গৃহস্থলীর দ্রব্যসামগ্রী ; গৃহ সজ্জার দ্রব্যাদি। **~পত্র** [আসবাব-পত্র (তৎসদৃশ অন্যান্য দ্রব্য অর্থে। পত্র শব্দ এরূপ স্থলে প্রভৃতি, ইত্যাদি, আদি অর্থসহ তৎসাদৃশ্য জ্ঞাপন করে)] বি, আসবাবাদি।

আসমান-আশমান দ্রঃ। **~ী**-আশমানী দ্রঃ। **~তারা** [আসমান (আকাশ) তারা] বি, স্বনামপ্রসিদ্ধ আম্র। ২ আকাশের তারকা।

আসয়ার-আসোয়ার দ্রঃ।

আসমুদ্র [আ=পর্য্যন্ত-সমুদ্র] ক্রি-বিণ, সমুদ্র পর্য্যন্ত ; সাগরাবধি ; সমুদ্রের উপকূল পর্য্যন্ত। **~করগ্রাহী** [আ (পর্য্যন্ত) সমুদ্র-করগ্রাহিন্, গ্রহ+ইন্-যে গ্রহণ করে] বি, সসাগরা ধরার অধীশ্বর ; চক্রবর্ত্তী ; সম্রাট্।

আসর [আ-সৃ (হিংসা করা)+অ (র্ত্তৃ)] বি, রাক্ষস [অপ্র০] ২ [ফা০-আসর] সভা ; মজলিস। "আসরে সজ্জন সভা, আমি অন্ধ গাব কিবা।"-ঘ০। "আসরে করহ অধিষ্ঠান।"-শি০। ৩ [বিঃর্থে০] যজ্ঞস্থল ; পূজার স্থান। "আসরে উরহ নিজ-গুণে।"-কবিক০। ৪ [আ০-অসর্ (সূর্য্যা-স্তের পূর্ব্বের নমাজ), মুসলমানী বাং] বি, সান্ধ্য উপাসনা ; সন্ধ্যা। প্র-আসরের সময় বিবাহ হইয়াছিল। **আ০ গরম করা**-কথাবার্ত্তা বা বক্তৃতা দ্বারা সভাস্থ সকলকে উৎসাহিত ও প্রফুল্ল করিয়া তুলা।-শি০। **আ০ জমা**-সভাস্থল লোকে পরিপূর্ণ হওয়া এবং সকলে একাগ্রচিত্তে সভার কার্য্যে যোগ দেওয়া। **আ০ জমিয়ে লওয়া**-সভায় স্বীয় প্রতিপত্তি স্থাপন করা। **আসরে নামা**-ক্রি, সভাস্থলে আবির্ভূত হওয়া।

আসল [আ০-আসল্=মূল] বি, মূল original. "লিখাইয়া পঞ্জা ফরমানের নকল, নানামতে সাবধানে রাখিলা আ০।"-অ০ম০। ২ খাঁটি ; বিশুদ্ধ ; অবিকৃত। ৩ সত্য ; তথ্য ; যথার্থ ; প্রকৃত। প্র-আসল কথা এই। **~লে**-অ, প্রকৃত পক্ষে।

আসল [ব্রজ০। প্রা০ বৈ০ সা০, পদ্যে] ক্রি, আসিল ; আগমন করিল ; আইল।

আসশেওড়া-আস্শাওড়া দ্রঃ।

আসা১ [আ দ্রঃ। আইসা ও০। পূ০ বঙ্গে 'আহা'। স' স্থলে 'হ' (তুল-আহেন=আসেন =আগমন করেন বা করুন)। আসা-আহা ; হি০-আবা, আনা ; হি০-আব=বাং -আয়, 'স' স্থলে য়'। তুল-এসেছি=এয়েছি : এসেছে= এয়েছে=হি০=আয়া ; এসো= আয়ো =আও, আব। তুল-"সজনি আব আব লো।" -রবী০। 'য়' স্থলে 'ই', 'সি' স্থলে 'ই', তুল-আয়ল (হি০)=আসল (ব্রজ০)=আসিল (বাং)= আইল (বাং=পদ্যে)। আইসে=এসে ; 'আসি' স্থলে আয়ি' (ব্রজ০-আয়ই)=আই। 'আই' স্থলে 'এ'। তুল-আইসে=এসে ; আইলে-এলে ; আইলাম=এলাম। উ০ পু০ আসব, আসনু, আসলাম, আসিতেছি, আস্তেছি (গ্রা০-এস্তেছি) ; আসি, আসিতেছি, আসিব ; আসিতেছিলাম, আসিয়াছিলাম, আসিতাম, আইতাম ; আসিয়াছি, আইনু, আসিলাম, আইলাঙ, আইলাঞ, আইলাম, আইব ;

এনু, এলাম, এসেছি, এয়েছি, এসেছিলাম ; এয়েছিলাম, এয়েছিনু। ম০ পু০-আস, আসবে আসিবে, আসিতেছ, আস্তেছ, এসেছ, এসেছিলে, আইস, আইবে (সমানার্থে) ; আইসুন, আসুন, আসেন, আইসেন (পু০ বঙ্গে, সম্ভ্রমার্থে) ; আয়, আসিস, আসবি, আসিবি, আইবি, আসিতিস, (ক্ষে০ আসতিস) ; আসিয়াছিস, আসিয়াছিলি, এসেছিস, এসেছিলি, আসিলি, এলি (তুচ্ছার্থে)। প্র০ পু০ আইসেন, আসেন-আসিবেন, আইবেন, আসিতেন, আইতেন, আসছেন. আসিছেন, আসিলেন, আইলেন (সম্ভ্রমার্থে) ; আসে, আইসে, আসিত, আসিতেছে, আসছে (গ্রা০-এস্তেছে) ; আসিছে, আসিবে, আসবে, আইবে, আসিয়াছিল, আইয়াছিল, এয়েছিল, এসেছিল, আসিল, আইল, এল (তুচ্ছার্থে) ; অনুজ্ঞায়-আইস (ক্ষে০ এস), আইসুন (ক্ষে০ আসুন), আইসুক (ক্ষে০ আসুক), আইসুন (ক্ষে০ আসুন)] ক্রি, আগমন করা। প্র-তাহাকে আসিতে দেখিলাম। ২ উপস্থিত হওয়া। প্র-লোকজন এতক্ষণে নিশ্চয়ই আসিয়াছে। ৩ অগ্রসর হওয়া ; কর্ম্মে উদ্যত হওয়া। প্র-দেখে শুনে আর হাত পা আসে না। ৪ [হি০-র অনুকরণে। উপস্থিত মতে দক্ষতা বা প্রয়োগপটুতা-বোধক] কোন কিছুতে জ্ঞান, শিক্ষা বা অভ্যাস থাকা ; যোগাইয়া যাওয়া ; ক্ষমতা, সাধ্য, কৌশল ইত্যাদিতে কুলান। "মর মাসী এত আসে তোর।" "ছিটা ফোঁটা তন্ত্র মন্ত্র আসে কতগুলি।"-অ০ ম০। প্র-গান বাজনা তাহার বড় আসে না। ৫ উদয় হওয়া ; আবির্ভূত হওয়া : উদ্রেক হওয়া। প্র-কোন কথা মনে আসা। হৃদয়ে ভাব আসা ; রাগ আসা ; হাসি আসা ; কান্না আসা। ৬ উৎপন্ন হওয়া ; দেখা দেওয়া। প্র-চক্ষে জল আসা ; ঘর্ম্ম আসা। ৭ আক্রমণ করা ; অধিকার করা। প্র-জ্বর আসা, ঘুম আসা। ৮ আরম্ভ হওয়া। প্র-বর্ষা আসিলে কাজটা বন্ধ রাখিতে হইবে ; বৃষ্টি এল। ৯ আমদানী হওয়া আয় হওয়া ; উপার্জ্জন হওয়া। প্র-জমীদারী হইতে তাঁহার বার্ষিক কত আসে। হাটে প্রায় জিনিষই আসে। জঙ্গলের কাটকুটা বেচিয়া তাহার কিছু আসে কি ; হাঁ, বেশ দু'পয়সা আসে। ১০ ঘটা ; হওয়া। প্র-বিপদ যখন আসে তখন কাহারও মুখ চাহিয়া আসে না। মরণত আর আসবে না যে সব জ্বালা জুড়াবে। ১১ বৃদ্ধি পাওয়া ; বাড়িয়া আসা, বিস্তৃত হওয়া। প্র-নদীর জল কতটা আসিয়াছে। বর্ষায় পুকুরের জল উঠান পর্য্যন্ত আসে। ১২ কোন কিছুতে লাগা ; আবশ্যক হওয়া ; যোগ্য বা উপযুক্ত হওয়া : খাটিয়া যাওয়া। প্র-ওসব তাঁহার কোনই কাজে আসিবে না। জামাটা তাহার গায়ে ঠিক আসিয়াছে। ১৩ প্রবেশ করা। প্র-জানালা দিয়া হাওয়া আসিতেছে। ঘরে আলো আসেনা। ১৪ পতিত হওয়া : ধরা দেওয়া। প্র-সহজে কি সে তাহার খপ্পরে আসিবে ; এখন তাহার হাতে আসিবে বলে ত মনে হয় না। ১৫ বিণ, যা আসিয়াছে : আগত > গত : অতীত-(পরে) ক্রিয়ার সমাপ্তিসূচক। "নিবে-আসা দিবসের দগ্ধ রাঙা আলো।"-রবী০। ১৬ বি, আগমন ; উপস্থিতি। "বড় বিপদে পড়ে তোদের রাজ্যে আমার আসা।"-কবি গদাধর। "যাইব সাগরে, আসা নগরে তোমারে আশীষ করিতে রায়।"-বাং গান। "আসার আশা আর কেন গো বৃন্দে।"-দাশরথি। **আসা আসি**-একজনের ঘন ঘন আগমন। ২ প্রায়ই লোকজনের ক্রমান্বয়ে আগমন। ৩ পরস্পর আগমন ও প্রতি-আগমন visit & return visit. **আসা যাওয়া** [হি০-আব্‌গমন। বাং-গ্রা০ আওন যাওন] গমনাগমন ; আনাগনা। "চোরে চোরে কুটুম্বিতে আসা যাওয়া রেতে রেতে।"-গোপাল উড়ে। ২ জগতে আসা ও জগৎ হইতে যাওয়া ; জন্ম ও মৃত্যু : পুনঃপুনঃ জন্ম লওয়া। "আসা-যাওয়া যে যন্ত্রণা জেনেও কি মন জানিস্ না।" "ওরে আমার আসা-যাওয়া সার হইল, গুরু ভজন হইল না।"-বাং গান। ৩ কোন কিছুর উপর কার্য্য করা ; ভাবান্তর আনয়ন করা ; ক্ষতি হওয়া : ক্ষতিবৃদ্ধি হওয়া। "তাতে আসে যাবে কিবা কার।" -রবী০। "যদি ধন নাশ হয় তায় কিবা আসে যায়।"-চরিত্রগঠন। **কথা আসা**-কথাবার্ত্তা চলা ; আলোচনা বা উত্থাপন হওয়া। প্র-অনেক স্থান হইতে তাহার বিবাহের কথা আসিতেছে। ২ (মুখে) কথা যোগাইয়া যাওয়া ; বলতে পারা। **কাণে আসা**-শ্রবণ গোচর হওয়া ; (কর্ণবিবরে) প্রবেশ করা। প্র-এসব কথা কেন তবে আমার কাণে আসে (অর্থাৎ শুনতে পাওয়া যায়)। **পেটে আসা**-গর্ভে জন্ম লওয়া। প্র-তাহার বিশ্বাস যে ছেলেটী মরিয়াছিল সেই আবার তাহার পেটে আসিয়াছে। **ফিরে আসা**-ফেরা ; প্রত্যাবর্ত্তন করা। **বলে আসা**-অনুমতি নিয়ে বা সংবাদ দিয়ে আসা। **মনে আসা**-স্মৃতি পথে উদয় হওয়া ; মনে পড়া : স্মরণ হওয়া। প্র-কথাটা এখন তাহার মনে আসিয়াছে। **মাথায় আসা**-মস্তিষ্কে অর্থাৎ বুদ্ধির স্থানে প্রবেশ করা বা উদয় হওয়া : বোধ বা জ্ঞানগম্য হওয়া ; বুঝিতে পারা। প্র-এতক্ষণ পরে বিষয়টী তাহার মাথায় আসিয়াছে। **হাতে আসা**-আয়ত্ত হওয়া। অধিকারভুক্ত হওয়া ; হস্তগত হওয়া। প্র-তাহাকে ধরিবার অনেক চেষ্টা হইল কিন্তু কিছুতেই সে কাহারও হাতে আসিতেছে না।

আসা₂ [সং-অংশু > আঁশ, এঁশে, আঁস +আ (ক্রিয়ায়)-আঁশা প্রাদে০ উচ্চারণে, আশা-অংশু বা] ক্রি, পচিয়া অংশু বা সূত্র বাহির হওয়া। ২ [তাহা হতে, প্রয়োজন মত] পচা। "জলে পাট আসা।" (চা০ বন্দ্যো০)।

আসাঁত্‌লা, আসাঁৎলানি, আসাঁ তোলা [সন্তলন দ্রঃ] বিণ, যা তেলে বা ঘৃতে ভাজা হয় নাই।

আসাদন [সং] বি, লাভ। ২ সম্পাদন। বিণ, আসাদিত।

আসান, আশান [ফা০-আসান= সহজ. মু০ বাং 'আছান' "বিপদে আছান," -মৈ০ গী০] বি, অবসান। প্র-মুস্কিল আসান। ২ লাঘব। ৩ শান্তি : রেহাই। "আসান করিয়া কত ভুলায় প্রজায়।"-ঘ০। ৪ [দর্জ্জিদের ভাষায়] উরুস্থলের ঘের বা বেড়। "শ্রেণী বন্ধনের দ্বারা স্মৃতিশক্তির কতকটা আ০ হয়।" -ভারতী, ১৩৩০।

`আসানিড়ি [প্রা০ বাং (আশা₂ দ্রঃ, নড়ি দ্রঃ)] বি, লাঠি (মাণিক০ গান)।

আসাপ, আসাপা-বি, ভেক বিঃ ; কটকটে ব্যাঙ।

ˋআসাবঁরদার [আ৹—আসা (রাজদণ্ড) + ফা৹—বরদার্ (বাহক ; ফা৹—বর্দন্ লইয়া যাওয়া)] বি, আসাসোঁটাবাহক ; দণ্ডধারী। **~ী**-আসাবরদারের কার্য্য বা পদ।

ˋআসাবাড়ী [আসা-বাড়ি=লকড়ী=লড়ী=লাঠি] বি, দণ্ড ; রাজদণ্ড ; আশাসোঁটা।

আসাম [আহম জাতির আবাসভূমি। আহম=অহম=অসম=অসমীয়া=আসাম] বি পৌরাণিক প্রাগ্‌জ্যোতিষপুর : বঙ্গদেশের উত্তরপূর্ব্ববর্ত্তী প্রদেশ। বিণ, **আসামী, অসঁমীয়া**-আসাম জাত বা তৎসম্বন্ধীয়। ২ আসাম অঞ্চলের ভাষা ; ইহা বঙ্গভাষারই প্রাদে৹ রূপান্তর, মতান্তরে নহে। প্রা৹ অস৹ অনেকাংশে বাং-র অনুরূপ, কিন্তু আধু৹ অস৹ লেখকগণ আহোম ভাষা ও পার্ব্বত্যজাতির ভাষায় বহু শব্দ গ্রহণ ও সং মূলক শব্দ বর্জ্জন করিয়া বাং হতে পৃথক্ করিতেছেন। প্রাকৃতের রূপ অস৹-তে অনেক রক্ষিত হইয়াছে। যথা-প্রাকৃ৹ 'কেদ্দহ' বা 'কেত্তিঅ'=অস৹—কেতিয়া (কখন) ই৹। কতকগুলি গ্রাম্যশব্দ ও উচ্চারণ-বৈষম্য ব্যতীত ˊআধু৹ আস৹ ও বাং-র রচনাগত বিশেষ পার্থক্য নাই। অস৹ 'জোনাকী'র (র), 'অরু'র (ু) 'আন্দোলনে'র (ে) এবং 'সকলো'র (ো) বর্জ্জন করিলেই বাং শব্দে পরিণত হয়। সংস্কৃতের সহিত বাং-র যতদূর ঐক্য, বাং-র সহিত অসমীয়ার তদপেক্ষা অধিক সাদৃশ্য আছে।—সা৹ প৹ প৹, ১৩০১।

আসামী [আ-সাম্=নাম শব্দের বহুব৹। বাং ইহার ব্যাপ্ত্যর্থে যার নামে নালিশ হয় বা বিপক্ষে যার নাম লওয়া হয়] বি, অভিযুক্ত ; প্রতিবাদী। ২ [জমী৹—মহা৹ পরিঃ] যে ব্যক্তির নিকট পাওনা থাকে ; জমীদারের প্রজা। ৩ লোক ; ব্যক্তি। প্র—যেমন তেমন আ৹ নয়, বড় শক্ত আ৹।

আসার১ [আ-সৃ (গমন করা) + অ (ভা৹)] বি, মুষলধারে বারিপাত ; প্রবলবৃষ্টি। ২ জল ; সলিল। ৩ জলকণা। ৪ প্রবেশ। ৫ শত্রুকে বেষ্টন। ৬ বন্ধুসৈন্য। **~বর্ষী**-বিণ, যে মেঘ প্রচণ্ড বারিবর্ষণ করে।

ˋআসার২ [আ৹—আসার=চিহ্ন] পুরাতনের চিহ্ন বা সাবেক নিশানা। ২ প্রাচীর ই৹-র গাঁথনি ভবিষ্যতে বাড়াইবার জন্য যতটুকু গাঁথিয়া রাখা হয় বা তার নিশানা রাখিয়া দেওয়া হয় তাকে আ৹ বলে।

ˋআসি [আসা দ্রঃ] ক্রি, আগমন করি। ২ [প্রাদে৹ ব্যবহার] যাই। "আসি বলে গেল চলে,"—গান। ৩ আসিয়া থাকি use to come প্রা৹ বাং আসী। "তোর সঙ্গে নিতি আসী।"—শ্রী৹ কী৹। ৪ আগমন করিয়া ; আসিয়া। "ধর আসী।"—শ্রী৹ কী৹। আধু৹ বাং পদ্যে। "দেখ আসি।"

আসিক্ত-বিণ, অল্প বা খুব ভিজা।

ˋআসিঁত-বি, অসিত মুনির পুত্র, ইনি শাণ্ডিল্য গোত্রের প্রবর। ২ (-তঁ-) ক্রি, আগমন করিত।

আসিদ্ধ১ [আ-সিধ্ (গমন করা, রাজাদেশে ধৃত করা) + ত (র্ম্ম)।—স্মৃ৹] বিণ, বিচারকের নিকট দণ্ডিত হইয়া কারাগারে নিক্ষিপ্ত।

আসিদ্ধ২ [আ (না) সিদ্ধ] বিণ, যা সিদ্ধ নহে। গ্রা৹—**আসিঝা**। ২ অর্দ্ধসিদ্ধ ; আধসিদ্ধ।

আসিধার [আসি=উপবেশন করা-ধার যে ধারণ করে] বি, যুবক যুবতীর একত্র উপবেশন ও অবস্থিতিকালে সংযত ও অবিকৃত চিত্ত থাকা রূপ ব্রত বিঃ। অসিধার দ্রঃ।

ˋআসিয়া১ [আসা দ্রঃ (ক্ষে৹—ˋএসে), ইয়া দ্রঃ] অস-ক্রি, আগমন করিয়া।

আসিয়া২ [আশিয়া, এশিয়া ও৹ < ইং Asia] বি, যুরোপের পূর্ব্বে ও আফ্রিকার উত্তর পূর্ব্বে অবস্থিত মহাদেশ ; জম্বুদ্বীপ।

আসিষ্টাণ্ট [ইং— assistant এর লিপ্যন্তর] বি, বিণ, সহকারী।

আসীন [আস্ + আন (র্তৃ)। আ=ঈকার] বিণ, ˊউপবিষ্ট ; অবস্থিত। প্র—সিংহাসনে আসীন।

আসু [আসা দ্রঃ। আইসুক >, ক্ষে৹। প্রা৹ বাং] (অনুজ্ঞা) ক্রি, আগমন করুক ; আসুক। "হাথে ধরি ধনু বাণে কাহ্ন আসু বিদ্যমানে তভোঁ তাকে নাহিঁ মোর ডরে।"—শ্রী৹ কী৹।

আসুক১ [আসা২ দ্রঃ। আইসুক >, ক্ষে৹] ক্রি, ম৹পু৹ অনুজ্ঞা, আগমন করুক।

আসুক২, আসুখ [প্রা৹ বাং অসুখ দ্রঃ] বি, অসুখ। ২ দুঃখ ; বিষাদ। "দেখি তোহ্মা আ৹ মোর মনে বড় দুখ।"—শ্রী৹ কী৹। "আ৹ না কর তোহ্মে শুন গোআলী। নিকটে মেলিব তোর প্রিয় বনমালী।"—ঐ। বিণ, আসুখী। স্ত্রীং **আসুখিনী**-অসুখী। **আসুখিল** [প্রা৹-বাং] বিণ, অসুখী।

ˋআসুর [অসুর + অ] বিণ, অসুরসম্বন্ধীয়। ২ নিন্দিত ; গর্হিত। ৩ অপবিত্র। ৪ ভয়ানক। ৫ বি, বিবাহ-পদ্ধতি বিঃ ; এই বিবাহে বর কন্যার পিতা ভ্রাতা ই৹-কে ধন দান করিয়া স্বেচ্ছানুসারে কন্যা গ্রহণ করে। ৬ বিট লবণ। ৭ আসীরিয়া দেশ Assyria. **~বিবাহঁ**-কন্যা পক্ষীয়কে ধন দান করিয়া কন্যার পাণিগ্রহণ।

ˋআসুরিক [অসুর + ইক (সম্বন্ধে)] বিণ, অসুরসম্বন্ধীয়। ২ অতি ভীষণ।

ˋআসুরী [আসুর + ঈ (স্ত্রীং)] বি, অসুরদিগের আচরিত আচার। ২ বৈদিক ছন্দোবিঃ। ৩ ছেদন, ভেদন ই৹ অস্ত্র চিকিৎসা বিঃ surgery. ৪ রাই সর্ষপ।

আসেঁচন [অসেচন + অ স্বার্থে)] বিণ, সম্যক্ সেক ; বিলক্ষণরূপে সিঞ্চন ; জল ছিটাইয়া খুব ভিজাইয়া দেওয়া। **~ক** (নঁ) [অসেচন + ক (স্বার্থে)] বি, আসেচন। ২ আসেচনসাধন পাত্র। ৩ প্রিয় ; দয়িত।

আসে/ধ [আ-সিধ্ (গমন করা, অবরোধ করা) + অ (ভা৹)] বি, রাজাজ্ঞায় বা বিচারকের আদেশে অবরোধ। ২ প্রতিষেধ। **~ধঁক, ~দ্ধা**-আসেধ কর্ত্তা। বিণ, **~ধঁনীয়ঁ, ~ধ্য**-আসেধ যোগ্য।

আসেসার [ইং—assessor এর লিপ্যন্তর] বি, বিচারকের সহকারী।

আসোয়ার, আসোবার [ফা৹—সওয়ার দ্রঃ। প্রা৹ পারসীক অস + বর, বার > অস=বার ই। "এই শব্দ প্রা৹ পারসীকদের পঞ্জাব দখলের সঙ্গে সঙ্গে (৫০০ খৃ পূ৹) ভারতে আসে (সাঁচীতে প্রাকৃ৹ ভাষায় ব্রাহ্মী লেখে অসবারি রূপে পাওয়া যায়) > মধ্য-পারসীক বা পহ্লবী—অসবার > ফা৹ আসবার, সবার।"—চা৹ বন্দ্যো৹। বাং—সওয়ার, সোয়ার ও৹] বি, সওয়ার ; অশ্বারোহী ; হস্তী, অশ্বাদি বাহনারূঢ়

ব্যক্তি। "পলায় তুরঙ্গ কাটা গেলে আসোয়ার।"-মহা° (কাশী)। "যবনীয়া অশ্বপর যবন আসোবার।"-কবিক°।

আস্ক [আঙ্ক দ্রঃ] বি, স্ক এই যুক্তাক্ষর ককারাদি বর্ণের সহিত অনুনাসিক (ঙ্ ঞ্ ণ, ন, ম) বর্ণ ব্যতীত স্পর্শাদি বর্ণের যোগজাত যুক্তবর্ণ। ~ফলা-আস্ক, আস্থ ইং যুক্ত-বর্ণমালা (আঙ্কফলা দ্রঃ)।

আস্কন্দন [আ-স্কন্দ্ (গমনে, তিরস্কারে, হিংসায়)+অন (ভা°)] বি, ধাবন। ২ আক্রমণ। ৩ যুদ্ধ। ৪ বিনাশ; হনন। ৫ তিরস্কার। ৬ আস্ফালন। ৭ অশ্বের গতি বিঃ। বিণ, ~ন্দিত১। ~ন্দিত২-বি, অশ্বের গতি বিঃ; প্লুতগতি। "মন্দগতি আস্কন্দিতে নাচে বাজিরাজী।" -মেঘ°।

আস্কারা [আশ্কারা দ্রঃ] বি, প্রশ্রয়; আব্দার। "বালকটী পিতা মাতার নিকট আ° পাইয়া পাঠশালায় যাইবার নামও করিত না।"-আলাল°।

**`আস্কে, `আস্কে, `আশ্কিয়া** [প্রাদে°] বি, স্বনাম প্রসিদ্ধ পিষ্টক; পৌষসংক্রান্তির দিন পিঠা পার্ব্বণ উপলক্ষ্যে চাউলের গুঁড়ি জলে গুলিয়া প্রস্তুত স্বনাম প্রসিদ্ধ সচ্ছিদ্র পিষ্টক [বঙ্গের বহু স্থানে অগ্রহায়ণের সংক্রান্তিতে স্বতন্ত্র আস্কে পর্ব্বের প্রচলন আছে।"ফস্কে গেল আস্কে খাওয়া।"-ঈং গুপ্ত (পৌষপার্ব্বণ)। `আ° খেয়েচ ফোড় তি `গোণনি-আহারের সুখ পাইয়াছ কিন্তু আগুনের উত্তাপে আস্কের সর্ব্বাঙ্গে যে ছিদ্র হয় তাতে আস্কের কত যন্ত্রণা তা ভাব নাই বা সেই ছিদ্র গুণিবার কষ্ট সহ্য কর নাই; সুখের ভাগ ভোগ করেছ কিন্তু তার পরিণামে দুঃখের ভাগটীর খবর রাখ নাই। যে কার্য্যের পরিণামে দুঃখ পাইতে হয়, তা যারা পরিণাম না ভাবিয়া বা পরিণামের খবর না রাখিয়া গোপনে সম্পন্ন করিয়া মজাটুকু ভোগ করে কিন্তু ধরা পড়িয়া বিপন্ন হয়, তাহাদিগের প্রতি বিদ্রূপোক্তি। "ডুবে ডুবে জল খাও, তার প্রতিফল পাও * * আস্কে খেয়েছ বাছু ফোড় তো গোণ নি।" -বাং গান। তুল-"ঘুঘু দেখেছ ফাঁদ ত দেখনি।" ২ পরিণাম চিন্তা না করিয়া দুরূহ কার্য্যের সূত্রপাতে তা সহজসাধ্য মনে করিলে তৎপ্রতি ব্যঙ্গোক্তি।

`আস্ত [সং-অস্তি (অস্=থাকা)+তি (লট্ বিভক্তি)-আছে অর্থাৎ যা বা যতটা আছে তাই) >] বিণ, অনংশিত; অভঙ্গ: সমুদায়: সমস্ত: গোটা; পূর্ণ। "আস্ত মানুষ গেলে।" -রবী°। "কপাল ভাঙ্গে আস্ত ইটে।" -ঈং গুপ্ত। "আস্ত সঙ্ বানাইয়া।"-অশোক°। আ° কেউটে-জীবন্ত বিষধর সর্পতুল্য; সর্ব্বতোভাবে কেউটে সদৃশ। ২ অতি ভীষণ প্রকৃতি পরানিষ্টকারী; যে দংশন না করিয়া ছাড়িবে না। "তুই আস্ত কেউটে।" -গি° ঘোষ। আ° না রাখা-প্রহার করিয়া অস্থি ও দেহ চূর্ণ করা; হাড়ভাঙ্গা প্রহার করা (দুরন্ত শিশুর প্রতি অধিক প্রযুক্ত হয়)। "একথা শুনিলে তাকে আর আস্ত রাখিবে না।" "তাহা হ'লে কি আর আস্ত থাক্‌বো।"-দীনবন্ধু মিত্র। "তা হলে কাক্কীকে কি আর আস্ত রাখতুম? ওর আর চিহ্ন দেখাই যেত না।"-রাজা (রবী°)।

আস্তব্যস্ত (-ব্যঁ-) [সং-অস্ত-ব্যস্ত-অতিব্যস্ত] বিণ, ব্যস্তসমস্তভাব; অতিশয় ব্যস্ত; অত্যন্ত আগ্রহান্বিত; ব্যগ্রভাবে ত্বরান্বিত। "মন্দোদরী পুলকিত চেয়ে পুত্র-পানে। আস্তেব্যস্তে উঠি রাণী ধরে দুই হাতে।"-কৃত্তি°।

আস্তর [আ-স্তৃ (বিস্তার করা)+অ (র্ম্ম)] বি, শয্যা। ২ শয্যার আচ্ছাদন; বিছানার চাদর। ৩ পাতিয়া বসিবার কম্বলাদি; পাতনচি। ৪ হাতীর পৃষ্ঠে পাতিবার চিত্রিত কম্বলাদি বস্ত্র বা আস্তরণ। ৫ [প্রাদে° যশোহর] পরদা। ৬ [ফা°-আস্তর=যে কাপড় রেজাইএর নীচে লাগান হয়] জামা টুপি ই°-র ভিতরের আবরণ বস্ত্র। ৭ রঙের প্রথম পোঁচ priming. ৮ দেওয়ালে লেপ দেওয়ার পলেস্তার plaster.

আস্তরণ [আ-স্তৃ+আস্তর দ্রঃ] অন (র্ম্ম) বি, শয্যা। ২ বিছানার চাদর। ৩ পাতনচি: গালিচা ই°। "চন্দ্রবথ আস্তরণ বকুলতলায়। প্রসারিত, দুইজন বসিয়া তথায়।"-কুরুক্ষেত্র। ৪ হাতীর পিঠে পাতিবার আস্তর। ৫ উত্তরীয় বস্ত্র।

আস্তান, আস্তানা [ফা°-আস্তানা= আড্ডা। তুল-সং-স্থান, হি°-আস্থান] বি, স্থান। ২ আড্ডা। ৩ আশ্রম। প্র-পীরের আস্তানা। ৪ আস্তাবল stand.

আস্তাবল [আ°-ইস্তবল (অশ্বাদির থাকিবার স্থান) ইহা এবং ইংরেজী stable (ষ্টেব্ল) উভয়ই ল্যা°-স্তেয়ার stare (থাকা, দাঁড়ান) ধাতুজ ষ্ট্যাবুলম্ শব্দের রূপান্তর প্রা° ফ্রে°-এস্তেবল্ estable >] বি, অশ্বশালা; অশ্ব গজাদি পশু রাখিবার স্থান।

আস্তিক১ [অস্তি=আছে+ক (কণ্)] পরলোক আছে, এবং ঈশ্বর আছেন এই বুদ্ধি যার আছে এই অর্থে] বিণ, ঈশ্বরের অস্তিত্ব যিনি স্বীকার করেন; পরলোকে ও ঈশ্বরে যার বিশ্বাস আছে। ২ যে বেদ মানে সে আ° যে মানে না সে নাস্তিক [দ্রঃ-ঈশ্বর মানিয়াও বেদ না মানিলে নাস্তিক] ~তা, -ত্ব (-র্ক-).

আস্তিক্য [আস্তিক+তা, ত্ব (ভা°)+য (ভা°)] বি, বৈদিক ধর্ম্মে শ্রদ্ধা; ঈশ্বরে ও পরলোকে বিশ্বাস; আস্তিকের আচার বা ব্যবহার।

আস্তিক২, আস্তীক [বাসুকির ভগিনী জরৎকারু বা মনসাদেবী স্বামী জরৎকারু মুনির নিকট পুত্র প্রার্থনা করিলে মুনি 'অস্তি' অর্থাৎ আমার ঔরসজাত পুত্র তোমার গর্ভে আছে-এই বলিয়া প্রস্থান করেন। যথাসময়ে পুত্র হইলে তাঁর নাম হয় আস্তীক] বি, মনসা-দেবীর পুত্র আস্তীক মুনি।

আস্তিন, আস্তীন [ফা°-আস্তীন্-জামার হাতা] বি, কোরতা, অঙ্গরাখা ই° জামার হাত; হাতা।

আস্তীর্ণ [আ-স্তৃ (বিস্তার করা)+ত (র্ত্ত)] বিণ, যা পাতা হইয়াছে; পাতিত। ২ প্রসারিত; বিস্তীর্ণ। ৩ আচ্ছাদিত।

আস্তৃত [আ-স্তৃ (বিস্তার করা)+ত(র্ম্ম)] বিণ, বিস্তৃত; প্রসারিত। ২ আচ্ছাদিত।

`আস্তে [ফা°-আহিস্তা (ধীরে)] ক্রি-বিণ, ধীরে, সন্তর্পণে; ধীর গতিতে। ২ অল্পে। ৩ অনুচ্চস্বরে। ৪ নিঃশব্দে।

`আস্থা [আ-স্থা (থাকা)+অ (ভা°)] বি, ভরসা। প্র-যে প্রতিশ্রুতি রক্ষা না করে তার কথায় কারও আস্থা থাকে না।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্য ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্ন হ্ম হ্ব ...=হ্ ... ও চ্চা° দ্রঃ

২ আশ্রয়। ৩ শ্রদ্ধা। ৪ আদর। ৫ যত্ন। ৬ অপেক্ষা। তুল-উ-বা়স্‌তা (ওয়াস্তা) ৭ স্থান। ৮ স্থিতি।

আস্থা/ন [আ-স্থা (থাকা)+অন (ভা°)] বি, আস্থা। ২ অবস্থিতি। ৩ স্থান। ৪ আড্ডা। ৫ আশ্রম। ~পন [সুশ্রুত পারি°] বি, বস্তিক্রিয়া enema

আস্থায়ী [মূ°-আস্থায়িন্, আ-স্থা+ইন্, স্থা=স্থায়্] বি, "সঙ্গীতে প্রথমে যেটীর দ্বারা মুখ বন্ধন করা যায় বা যেটা প্রথম চরণ হয় তাহার নাম আস্থায়ী।"-সঙ্গীত রত্নাকর।

আস্থিত [আ-স্থা+ত (র্ম্ম) ; স্থা=স্থি] বিণ, আরূঢ়। ২ অধিষ্ঠিত। ৩ প্রাপ্ত। ৪ আশ্রিত। ৫ আক্রান্ত। ৬ পরিব্যাপ্ত।

আস্পদ [আ-পদ্ (গমন করা)+অ (ধি) ; স্-আগম] বি, আধার। প্র-স্নেহাস্পদ। ২ স্থান। ৩ পদ। ৪ অধিষ্ঠান। ৫ প্রভুত্ব। ৬ প্রতিষ্ঠা। ৭ সম্পদ্। ৮ কৃত্য : ক্রিয়া।

আস্পদ্দা [আস্পর্দ্ধা দ্রঃ] বি, স্পদ্ধা। "এমনি আ° তার ঠাকুরমার করে সে গো পদে পদে শত অপমান॥"-অশোক°।

আস্পন্দন [আ (ঈষৎ, সম্যক্) স্পন্দ (কম্পিত হওয়া)+অন (ভা°)] বি, ঈষৎ কম্পন। ২ প্রকম্পন। ৩ আন্দোলন।

আস্পর্দ্ধা [সং-স্পর্দ্ধা >। গ্রা°-আস্পদ্দা। আ-স্পর্দ্ধ্ (পরাভব করিবার ইচ্ছা করা)+অ (ভা°)-আ (স্ত্রীং)] বি, স্পর্দ্ধা : দর্প : অহঙ্কার। ২ মাৎসর্য্য। ৩ আস্ফালন। ৪ প্রতিযোগিতা। বিণ, আস্পর্দ্ধী-স্পদ্ধাকারী।

আস্ফা/ল [আস্ফালন দ্রঃ] বি, হস্তীর কর্ণ সঞ্চালন। ~লন [আ-স্ফল্+ণিচ্=স্ফালি (গমন করান) অন (ভা°)] বি, আত্মক্ষমতা ও গুণগরিমার গর্ব্বিত-বাক্যে কীর্ত্তন : আত্মশ্লাঘা। ২ সঞ্চালন। "চলে দন্তী আস্ফালিয়া শুণ্ড।"-মেঘ°। ৩ রোষপ্রকাশ। ৪ সংঘর্ষ। ৫ শব্দ করণ : ধ্বনি করণ। বিণ, ~লিত [আ-স্ফালি+ত (র্ম্ম)] সঞ্চালিত। ২ তাড়িত। ৩ সংঘটিত।

আস্ফালা [আস্ফাল+আ (ক্রিয়ায়)। আস্ফালি, আস্ফাল, আস্ফালে : আস্ফালিতে, আস্ফালিয়া ই°] ক্রি, আস্ফালন করা।

আস্ফালিল, আস্ফালিলা-ক্রি, আস্ফালন করিল। "হুঙ্কারি কেহ উলঙ্গিলা অসি : আস্ফালিলা শূলে কেহ।"-মেঘ°।

আস্ফো/ট [আ-স্ফুট্ (প্রস্ফুটিত হওয়া, হিংসা করা)+অ (ভা°)] বি, বিকাশ। ২ আস্ফোট বা আকন্দ গাছ। ৩ সংঘর্ষণজনিত শব্দ। ৪ ঠোকাঠুকির শব্দ। ৫ আছড়ানর শব্দ। প্র-লাঙ্গূলাস্ফোট। ৬ মল্লগণের বাহুতে করাঘাত শব্দ ; তালঠোকা। "সহস্র আস্ফোট বজ্র নিনাদ হইতে লাগিল।" -আনন্দমঠ। ৭ [আস্ফোটক দ্রঃ] ~টক [আ-স্ফুট্+অক (র্ত্তৃ)] বি, আখরোট গাছ। ২ হাপরমালী। ৩ ভূঁইপলাশ। ৪ আকন্দ। ~টন [আ-স্ফুট্ (প্রস্ফুটিত হওয়া, হিংসা করা)+অন (ভা°)] বি, প্রস্ফুটন ; বিকাশ। ২ আস্ফোট। ৩ আস্ফালন। ~টনী [আ-স্ফোটি (ভেদ করান)+অন (ণে)+ঈ (স্ত্রীং)] বি, সূত্রধরাদির ছিদ্র-করণ-যন্ত্রবিঃ ; তুরপুন : ভ্রমর ই°।

আস্ফোটা [আ-স্ফুট+অ (র্ত্তৃ) আ (স্ত্রীং)] বি, কাঠমল্লিকা। ২ হাপরমালী [আস্ফোতা দ্রঃ]।

আস্ফোত-বি, আকন্দ বৃক্ষ। ২ রক্ত কাঞ্চন (কোবিদার) bauhinia variegata, a species of ebony. ৩ ভূঁইপলাশ [আস্ফোট দ্রঃ] ~া-বি, হাপরমালী clitoria ternatea ২ শারিবা ; শ্যামলতা। ৩ কাঠমল্লিকা। ৪ গন্ধ ভাদুলিয়া বা প্রসারিণী paederia foetida.

আস্য [অস্ (ক্ষেপণ করা)+য (ধি) বা আ-স্যন্দ্ (ক্ষরণ, গমন)+অ (ধি) যার মধ্যে আহার নিক্ষিপ্ত হয়] বি, মুখ ; আনন। ২ [অস্ (উৎপত্তি হওয়া) যাতে বাক্যের উৎপত্তি হয়] বক্ত্র। ৩ বিণ, মুখজাত [বিরল] স্ত্রীং ~া-বি, মুখস্থিত জিহ্বা। ২ আনন। ~লোম [মূ°-আস্যলোমন্] বি, শ্মশ্রু : দাড়ী, গোঁপদাড়ী।

আস্যাওড়া, আস্‌শ্যাওড়া, আস্‌শাওড়া, আশ্যাওড়া, আস্‌শেওড়া, আস্‌সেওড়া [সং-আস্যশাখোট। আস্য (মুখ-দন্তধাবন দ্বারা মুখ মার্জ্জন হেতু) শাখোট (শাখা+ওটন-শেওড়া গাছ) যে শেওড়াগাছের শাখায় দন্তধাবন করা হয়। পূ° বঙ্গ, বিশেঃ বরিশাল অঞ্চলে-'আষ্ঠালি'] বি, স্বনাম-প্রসিদ্ধ বন্য ক্ষুপ glycosmis pentaphylla. ইহা শেওড়াগাছ (streblus asper) হতে স্বতন্ত্র।

আস্যাসব [আস্য (মুখজাত)+আসব (মধু) ৬ তৎ] বি, মুখমধু ; থুথু।

আস্রপ [অস্রপ দ্রঃ] বি, রাক্ষস। ২ জোঁক। ৩ মূলানক্ষত্র।

আস্রিব ['আস্রব' ও°] বি, ক্লেশ : দুর্দ্দশা distress. ২ যন্ত্রণা pain ৩ পাপ : দুঃখ ; তাপ। "অনাসক্ত, দ্বেষহীন, হয়েছে আ° ক্ষীণ, অবিদ্যা হয়েছে বিদূরিত।"-জাতক, ৪র্থ খণ্ড। ৪ প্রতিশ্রুতি ; কড়ার। ৫ প্রবাহ ; নিঃস্রাব।

আস্রা/ব [আ-স্রাব] বি, ক্ষত : ঘা ; নালি ঘা sore. ২ লালা saliva ৩ ক্ষতাদি হতে নিঃসৃত রস বা ক্লেদ। ~বণ-রস গড়ান। বিণ, ~বী-ক্ষরণশীল।

আস্বচ্ছ [আ (ঈষৎ) স্বচ্ছ] বিণ, ঈষৎ স্বচ্ছ (বস্তুবিচার-রামগতি)।

আস্বনিত [আ (সম্যক্) স্বনিত (শব্দিত)] বিণ, সম্যক্ নিনাদিত ; অতিশয় শব্দিত ; আশব্দিত ; আঘ্রাত।

আস্বা/দ [আ-স্বদ্ (আস্বাদন করা)+অ (ভা°)] বি, স্বাদ ; তার ; রস। ২ অনুভূতি। ৩ স্বাদগ্রহ ; আস্বাদন ; রসানুভব। ~দক [আ-স্বাদি (আস্বাদন করান) অক (র্ত্তৃ)] বিণ, যে স্বাদ গ্রহণ করে ; যে চাখে। ২ রসগ্রাহী। ~দন [আস্বাদ (দ্রঃ), আ-স্বাদি+অন (ভা°)] বি, স্বাদগ্রহণ : চাখন ; জিহ্বা দ্বারা স্পর্শ করিয়া লবণ মধুর অম্ল ই° রস অনুভব করণ : রসাস্বাদন ; তার গ্রহণ। ২ পান ; ভোজন। ৩ পরখ করণ। ৪ অনুভব করণ। ৫ ভোগ করণ। ৬ অবগত হওন। ~দনীয়, ~দ্য [আ-স্বাদি (আস্বাদন করান)+অনীয়, য (র্ম্ম)] বিণ, আস্বাদন করিবার উপযুক্ত ; ~দিত [আ-স্বাদি+ত (র্ম্ম)] বিণ, যার স্বাদ গ্রহণ করা হইয়াছে : চাখা ; পরখ করা : গৃহীত তার। ২ অনুভূত। ৩ ভুক্ত।

আহই [অতি প্রা° বাং] অ, উচ্চস্বরে সম্বোধনার্থক অ.-চ২৩।১।

আহকজ্বর [আহক(নাসা রোগ) জ্বর] বি, নাসাজ্বর।

আহড় [অন্তরাল > আড়াল, আড়, আইড় > আহড়] বি, অন্তরাল : আড়াল। (অপ্র°)। "আহড়ে থাকিয়া রম্ভা জামাতা নেহারে।"-কবিক°। "কোথায় লুকায় হেন না দেখে আহড়।"-মহা° (কাশী)। ২ আগড়। ~বিহড় [হি°-বেহড়, বিহড়= বালীয়াড়ীর মত উচু নীচু জমী; সহচর শব্দ] বি, আড়াল বিড়াল। "নকুল লুকায় গড়ে চতুর জম্বুকী। আহড়ে বিহড়ে থাকি মারয়ে ভাবকী॥"-কবিক°।

আহত [আ-হন্ (বধ করা)+ত (র্ম্ম)] বিণ, আঘাত প্রাপ্ত; আঘাতিত। ২ তাড়িত; সঞ্চালিত। ৩ মর্দ্দিত। ৪ গুণিত। ৫ জ্ঞাত। ৬ বি, ঢাক; ঢক্কা। ~লক্ষণ [আহত (জ্ঞাত, সঞ্চালিত) লক্ষণ (চিহ্ন) যার-বহু°] বিণ, গুণদ্বারা প্রখ্যাত।

আহতি [আ-হন্ (আঘাত করা)+তি (ভা°)] বি, আঘাত; চোট। ২ তাড়ন। ৩ গুণন; সংহতি।

আহব [আ-হ্বে (আহ্বান করা)+অ (ধি)-যেখানে শূরগণ আহূত হয়] বি, যুদ্ধ; সংগ্রাম। "সংগ্রাম সাধ অবশ্য মিটাব মহাহবে আমি তব।"-মেঘ°। ২ [আ-হু (হোম করা)+অ (ধি)] হোম করিবার স্থল। ৩ যজ্ঞ। ~নীয় (-ব°)[আ-হু (হোম করা)+অনীয় (ধি)] বি, গার্হপত্য হতে উদ্ধৃত করিয়া হোমার্থ যে অগ্নির সংস্কার করা যায় সেই যজ্ঞাগ্নি। ২ বিণ, হবন যোগ্য: সম্যক্‌রূপে হোম করিবার উপযোগী।

আহমাল [আ°-হম্‌ল্ (বোঝা) বহু-বচনে আহ্‌মাল্ (বোঝা সমূহ)-আদা° পরি:] বি, মালপত্রের বোঝাসমূহ।

আহর, [আ-হৃ (হরণে)+অ (ভা°)] বি, আহরণ। ২ [অ (র্ত্তৃ)] বিণ, আহরণকারী।

আহরণ [আ-হৃ=হরণ করা+অন (ভা°)] বি, সংগ্রহ; সঙ্কলন। ২ সঞ্চয় করণ। ৩ উপার্জ্জন। ৪ আনয়ন। ৫ আয়োজন। ৬ বিবাহাদির উপঢৌকন পদার্থ। ৭ [অস্ত্র চিকিৎসা দ্রঃ] বি, নিষ্কর্ষণ extraction. বিণ, আহৃত। ~ণী [আহরণ দ্রঃ] বি, সঙ্কলনী; চয়নিকা: সংবাদ ও সাময়িক পত্র এবং গ্রন্থাদি হতে সার সঙ্কলন বা সংগ্রহ। ~ণীয় (-র°-) [আ-হৃ=হরণ করা +অনীয় (র্ম্ম)] বিণ, আহরণের যোগ্য।

আহরা [আহৃ > আহর (আহরণ)+ আ (বাং ক্রিয়া বিভক্তি)। আহরি, আহর্‌, আহরে: আহরিতে: আহরিয়া (ক্ষে° পদ্যে-আ°বি) ই°। ণিজন্ত-আহরান। ক্রি, আহরণ করা: সংগ্রহ করা। ২ সঞ্চয় করা। ৩ উপার্জ্জন করা। ৪ অন্বেষণ করা; খোঁজা। "আহরিয়া বর আনি, করিয়া মধুর বাণী পণ বিনা করে সমর্পণ॥"-কবিক°।

আহরিৎ [আ (ঈষৎ) হরিৎ (সবুজ)] বি, ঈষৎ হরিদ্বর্ণ greenish. ২ বিণ, হরিৎ বর্ণযুক্ত ~নীল-বি, ঈষৎ হরিৎ ও নীলের মিশ্রণে উৎপন্ন বর্ণ greenish blue ২ বিণ, ঐ বর্ণযুক্ত।

আহরিত [আ-হৃ+ত (র্ম্ম)। শুদ্ধ-রূপ-আহৃত] বিণ, কৃত-আহরণ; সংগৃহীত।

আহর্ত্তব্য [আ-হৃ+তব্য (র্ম্ম)] বিণ, আহরণযোগ্য।

আহর্ত্তা [আ-হৃ (হরণ করা)+তৃ (র্ত্তৃ)] বিণ, আহরণকারী: সংগ্রাহক। ২ সঙ্কলন কর্ত্তা। ৩ অনুষ্ঠাতা। ৪ আয়োজনকারী।

আহল-আহেল দ্রঃ।

আহলবাহল, -বিহল [আহড়-বিহড় দ্রঃ। ড়=ল। সহচর শব্দদ্বয়] বি, আড়াল-বিড়াল; অন্ধি-সন্ধি; সর্ব্বত্র। "সওয়া ক্রোশ ঘরখান একটী দুয়ারে॥ আহল বাহল চাহি আন্ধারিয়া কোণে। কিচমিচ কঙ্কর কত চুঁচা পণে পণে॥"-কবিক°।

`আহলুদিয়া, `আহলুদে [আ (=অ, ঈষৎ)+হলুদ+ইয়া] বিণ, ঈষৎ হরিদ্রা মিশ্রিত: ঈষৎ হরিদ্রাবর্ণ। ২ হরিদ্রাহীন; হরিদ্রাবর্ণহীন।

`আহলে-বিলাত-আহেল দ্রঃ।

`আহা [সং-আহো, অহহ। অব্যয় শব্দ; ইহা ভিন্ন ভিন্ন উচ্চারণ বা স্বরবিকার দ্বারা বিভিন্ন অর্থ প্রকাশ করে (হায় দ্রঃ)। তুল-আ°, ফা°-আহা; ই°-aha.] অ, বিস্ময়। ২ (আ:হা) আনন্দ। ৩ দুঃখ: সহানুভূতি: শোক। "আহা আহা হরি হরি উহু উহু মরি মরি হায় হায় গোঁসাই গোঁসাই।" -ঈ° গুপ্ত। (২) বিরক্তি। ৪ [উচ্চারণ বিকারে-অ্যা:হ্যা, এ:হে:] বিদ্রূপ: ঘৃণা। ৫ পরিতাপ, আপসোস: হায়। "মিল্টন, আহা! তুমি যদি আজ বাঁচিয়া থাকিতে! তোমাকে ইংলণ্ডের বড়ই আবশ্যক হইয়াছে।" -চারিত্রপূজা। ~করা-ক্রি, সহানুভূতি প্রকাশ করা। ~বলা-সহানুভূতিসূচক কথা বলা: সান্ত্বনাবাক্য বলা। "আহা বলে, এমন লোকও অঞ্চলে নেই।"-দত্তা (শ°চ°)।

আহাব [আ-হ্বে (আহ্বান করা)+অ (ধি)] বি, যেখানে পশুগণ জলপানার্থে আহূত হয়: গবাদির জলপানার্থ চৌবাচ্চা বা কেটো trough. ২ দ্রোণকলস। ৩ আহ্বান-সাধক মন্ত্রবি°।

`আহামরি [আমরি দ্রঃ] অ, প্রশংসা-ধ্বনি। ২ বিদ্রূপোক্তি; ব্যঙ্গসূচক। ৩ বিণ, অতিশয় প্রশংসনীয়; অনিন্দ্যসুন্দর। প্র-তাহার রূপ একেবারে আহামরিও নয় আবার মন্দও নয়।

আহাম্মক, আহাম্মুক [আ°-আহ্‌মক (নির্ব্বোধ) >] বিণ, নিরেট মূর্খ; নির্ব্বোধ; বুদ্ধিহীন: বেওকুফ। "রাজপুত্র-গুলো দেখি, আহম্মক অতি।"-দ্বি° রায়।

`আহার [আ-হৃ (হরণ করা-ভোজন করা)+অ (ভা°, র্ম্ম)-বাহ্য জগৎ হতে যা আহৃত হয়, ইন্দ্রিয় দ্বারা যা গৃহীত হয় ও শরীরের পুষ্টির জন্য যা গৃহীত হয় তা শারীর আহার। ছান্দোগ্য উপনিষদে আছে 'আহা-রের শুদ্ধিতে সত্ত্বশুদ্ধি, বুদ্ধির নির্ম্মলতা ("আহার শুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ")। প্রা° বাং রূপ -'আহারা' (চ° ২১।১)] বি, আহরণ; সংগ্রহ। ২ ভোজ্যদ্রব্য: খাদ্য; অন্ন। ৩ ভোজন। আ° করা-ক্রি, ভোজন করা: খাওয়া। ২ গ্রাস করা; কবলিত করা। ~দাতা-বিণ, যে আহার দেয়; যে খাওয়ায়। ২ অন্নদাতা; প্রতিপালক। ~নিদ্রা-বি, শয়ন ভোজন > নিত্যকর্ম্মের মধ্যে যা প্রধান > সর্ব্বকর্ম্ম। প্র-আহার

নিদ্রা ত্যাগ করে বসে আছে। ~পুষ্ট-অন্ন দ্বারা পালিত বা বর্দ্ধিত। ~প্রার্থী-অন্ন-ভিখারী ; বুভুক্ষু। ~প্রিয় [আহার-প্রিয় যার-বহু°] বিণ, যে আহার করিতে ভালবাসে। ২ ঔদরিক ; পেটুক। ~বিহার -বি. ভোজন ও বিচরণ ; সঞ্চরণ বা খেলা করিয়া বেড়ান ; খাওয়াদাওয়া। আ° বিহার করা-ক্রি. খেয়ে খেলিয়ে বেড়ান। ~বৃত্তি [আহার+বৃত্তি (কার্য্য, ব্যাপার)] বি, ভোজন কার্য্য ; ভোজন ব্যাপার। "ভিক্ষান্ন ভক্ষণ কর না * * এখন কিরূপে আহারবৃত্তি নির্ব্বাহ করিয়া থাক?" -মহা° (বর্দ্ধ)।

আহা/রা [আহার (দ্রঃ) > ,বাং নামধাতু। আহারি, আহারে, আহারে ; আহারিতে; আহারিয়া (ক্ষে° পদ্যে-আহারি) ই°] ক্রি, আহার করা। ~রি-আহার করিয়া। ~রিব-আহার করিব। "ফল-মূল আহারিব, দূর্ব্বাদলে প'ড়ে রব।" -কা° প্র° ঘোষ। ~রী [মূ°-আহারিন্] বিণ, যে বিলক্ষণ খাইতে পারে ; ভূরি-ভোজনক্ষম।

`আহারা/ন্ত [আহার + অন্ত] বি, ভোজনের সমাপ্তি। ক্রি-বিণ, ~ন্তে।

আহারাভাব [আহার+অভাব] বি, অন্নাভাব ; অনশন। ২ শরীর পোষক পথ্যের অভাব।

আহারার্থী [আহার-অর্থ (প্রার্থনা করা)+ইন্ (র্ত্তৃ)] বিণ, যে আহার বা ভোজন প্রার্থনা করে। ২ যে খাইতে চাহে ; ভোজনাভিলাষী।

আহার্য্য [আ-হৃ (হরণ করা, আনা) +য (র্ম্ম)] বিণ, আহরণীয় ; সংগ্রহ যোগ্য। ৩ যা যোগাড়যন্ত্র করিয়া নিষ্পন্ন করিতে হয় ; যত্ন বা চেষ্টাসাধ্য ; অস্বাভাবিক ; কৃত্রিম। প্র-আ° শোভা। ৪ [৩ >] ৫ আরোপিত। ৬ [অস্ত্রচিকিৎসা দ্রঃ] আহরণীয় [প্রা° বাং-প্রাদে°] অস্বাভাবিকতা ; কপটতা ; ভণ্ডামি। "তাহা দেখি ও ব্রাহ্মণ আহার্য্য করিয়া। পড়িলা মাৎসর্য্য-বুদ্ধ্যে আছাড় খাইয়া॥"-চৈ° ভা° [অপ্র°] ৭ বি, আহারীয় ; ভোজ্য ; ভক্ষ্য ; খাদ্য।

আহাল-আওহাল দ্রঃ।

আহাহা [সং-অহহ] অ, খেদ, ক্ষোভ, দুঃখ ই° সূচক অব্যয়। "আহাহা আমার মত পিশাচ রাক্ষস এত।"-প্রেম ও ফুল।

আহিক [অহি (সর্প)+ইক (তদ্দ্বারা ক্রীডার্থে)] বি, সাপুড়ে। ২ [সাদৃশ্যার্থে ইক] কেতুগ্রহ, dragon's tail. ৩ পাণিনি মুনি।

আহিঙ্কে, আহিঙ্গে [গ্রা°। সং-আকাঙ্ক্ষা · । মেয়েলি°-উচ্চারণে আকিঙ্খে > আহিঙ্কে। তুল-ফা°-আহঙ্গ্] বি, আকাঙ্ক্ষা।

আহিড়ী-আহুড়ি দ্রঃ।

আহিত [আ-ধা (ধারণ করা) +ত (র্ম্ম)। ধা=হি] বিণ, ন্যস্ত। ২ স্থাপিত। ৩ অর্পিত। ৪ যা বন্ধক দেওয়া হইয়াছে ; গচ্ছিত। ~লক্ষণ [আহিত (কৃত) লক্ষণ (চিহ্ন) যার -বহু°] বিণ, স্বীয় সদ্গুণদ্বারা প্রখ্যাত [আহৃত লক্ষণ দ্রঃ] ২ কৃতসন্ধান।

`আহিতাগ্নি [আহিত=স্থাপিত-অগ্নি যৎকর্ত্তৃক-বহু°] বি, অগ্নি-বেদ-সমন্বিত ব্রাহ্মণ ; সাগ্নিক ; অগ্নিহোত্রী।

`আহিতুণ্ডিক [অহিতুণ্ড (সর্পমুখ)+ইক (ক্রীড়ার্থে) যে সর্পমুখ দ্বারা ক্রীড়া করে] বি, সাপুড়ে। ২ বিণ, সর্পবিদ্যাকুশল।

আহিলকার-আহেলকার দ্রঃ।

আহী/র, আহীরী [সং-আভীর,-রী > হি°-অহীর] বি, আভীর ; আভীরী ; আভেরী ; গোপ জাতি ; উত্তর পশ্চিম প্রদেশের গোপ জাতি (আভীর দ্রঃ)। "আহীর-রমণী যত, চালইঞা বাহির পথ আপনি যাইছ আনছলে।"-অনন্তদাস। স্ত্রীং ~রণী, ~রিণী। "হাম ত আহীরিণী সহজে গোঁয়ারিণী।"-বি° প°।

`আহুকিতেঁ [সং-অভি-উক্ষ্ (সেচনে) উচ্চারণ বিকারে 'আহুক (খ)'+ইতেঁ প্রত্যয়] ক্রি-বিণ, অভ্যুক্ষণের জন্য ; ছিটাইতে। "বাহিরেঁ ভিতরেঁ তোঁ কাহ্নু কাল। মুকুট ধুয়িআঁ আ° ভাল॥"-শ্রী° কী°। (রজকের নীল দেওয়া জলে ধু'লে ময়লা কাপড় যেমন ফর্সা হয় নীলমণিময় মুকুট ধোয়া জলে ধুলে তেমনি কৃষ্ণের কৃষ্ণত্ব ঘুচিবে এই ভাব)। -শ্রী° কী°, ভাষা টীকা (পৃ° ৬০১)।

`আহুট,-ঠ [সং-অর্দ্ধ=চতুর্থ-যার (এক, দুই ও তিনের পর) চতুর্থ হইতেছে অর্দ্ধ অড্ঢ-চতুট্ঠ > অড্ঢ-অউট্ঠ > অড্ঢুট্ঠ, অদ্ধুট্ঠ > আহুট্ঠ > আহুট, আহুঠ, আউঠ-ডাঃ সু° কু° চট্টো°] বি, বিণ, সাড়ে তিন ৩½। "আ° হাথ কলেবর তোর।" -শ্রী° কী°। "আ° হাথ নাঅখানি তোর পাঁচ পাটে।"-ঐ।

`আহুড়ি₁, আহুড়ী [প্রাদে°। হি°-আহুড=লড়াই, যুদ্ধ। লড়াইয়া যেমন বেগে ধাবমান্ হয়। ফা°-আহু=মৃগ, তদ্বৎ ক্ষিপ্রগতি। তুল-বাহুড়ী] বি, দ্রুতগামী পত্র বা সংবাদ-বাহক ; ধাবক। "উভ মুখে ধাও সাধু যেমন আহুড়ি॥" "উর্দ্ধমুখে ধাও যেন ফিরয়ে আহুড়ি॥"-কবিক° (অ° সরকার)।

আহুড়ি₂, আহুড়ী [আহেরিয়া দ্রঃ] ব্যাধ। ২ খটিক।

`আহুত [আ-হু (হোম করা) + ত(র্ম্ম)] বিণ, যা আহুতি দেওয়া হইয়াছে।

`আহুতি [আ-হু (হোম করা) + তি (ভা°)] বি, দেবতার প্রীতি সম্পাদনার্থ অগ্নিতে ঘৃতদান ; হোম। "এ আগুনে কেনে আহুতি দান?"-ব্রজাঙ্গনা। "সেই পাপাত্মাকে সর্পসত্রানুষ্ঠান করিয়া প্রজ্বলিত হুতাশনে আহুতি দেওয়া কর্ত্তব্য।"-মহা° (বর্দ্ধ)। ২ হবনযোগ্য সামগ্রী ; ঘৃতাদি। ৩ [বৈদিক। ঐতরেয় মতে] আহুতি বা দেবগণের আহ্বান ; যথাবিধি মন্ত্রকরণক বহ্ন্যধিকরণক দেবতোদ্দেশে হবিঃ দান (ত্রিবেদী)।

আহূত [আ-হ্বে (আহ্বান করা) +ত (র্ম্ম)] বিণ, কৃতাহ্বান ; আমন্ত্রিত ; নিমন্ত্রিত।

আহূতি [আ-হ্বে (আহ্বান করা) + তি (ভা°)] বি, আহ্বান ; আমন্ত্রণ।

আহৃ/ত [আ-হৃ (হরণ করা) + ত(র্ম্ম)। বাং-য় আহরিত এই অশুদ্ধ শব্দ চলিত আছে। আহরণ দ্রঃ] বিণ, যাকে আহরণ করা হইয়াছে ; সংগৃহীত ; সঙ্কলিত। ২ আনীত। ৩ সঞ্চিত। ৪ আয়োজিত। ~র্তব্য-বিণ, আহরণযোগ্য।

আহে [প্রা° বাং। 'অহে' দ্রঃ। হি°-র অনুকরণে অ=আ-বৎ] অ, সম্ভাষণ। "আহে কাহাঞি।" "আহে রাধা।"-শ্রী° কী°।

ˋআহেয়্য [অহি=সর্প+এয় (সম্বন্ধার্থে)] বিণ, সর্প সম্বন্ধীয়।

ˋআহেরিয়া, ˋআহেড়িয়া [সং-আখেট (দ্রঃ) > প্রাকৃ॰ আহেড়+ইয়া= আহেডিয়া (র=ড়), আঁহড়ি (কবিক॰) -চা॰ বন্দ্যো॰। হি॰-আহেড়ী=মৃগয়াকারী] বি, রাজপুতানার প্রসিদ্ধ মৃগয়াক্রীড়া · মৃগয়া। ২ বিণ, মৃগয়াকারী।

ˋআহেল, ˋআহেলী [আ॰-আহ্ল্ (লোক people)-ঘরের লোক, খাস দেশী-লোক > খাস, খাঁটী, আনকোরা ই॰ অর্থে বাং-য় প্রযুক্ত] বিণ, খাস ; খাঁটী ; অমিশ্র ; আন্কোরা। "আহেলী বিলাতি বোল আনকোরা ঢাকাই।"-হেম॰। আহেল্-ই-ইস্লাম-ইস্লামের লোক ; মুসলমান। ২ সম্পূর্ণ নূতন। ˋআহেল্ বিলাত, ˋআহেলে বিলাত,-বেলাত [আ, আহ্ল্ (ঘরের লোক)-ই, এ (সমস্তপদে আরবী, ফারসী অনুযায়ী পদযোজক)-বিলাত, বেলাত (আ॰-বিলাএ্ৎ-বাদশাহের মূলুক বা স্বদেশ c f. home.) অর্থাৎ বাদশাহের খাস দেশের লোক] বাদশাহের স্বদেশ হতে নূতন আগত সুতরাং ভারতবর্ষ সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ। "আহেল্ বেলাত নরিশ্ সাহেব ধর্ম্ম অবতার।"-হেম॰। ২ [আহেল (সম্পূর্ণ নূতন) বেলাত (বাদশাহের মুলুক। সম্রাটের অধিকৃত দেশ)] নূতন বিলাত ; ভারতবর্ষ (ইংরেজাধিকৃত ও মহারাণী ভিক্টোরিয়া কর্ত্তৃক ১৮৫৮ খৃঃ অব্দে স্বীয় শাসনাধীনে বা খাসে গৃহীত ভারত)। "আহেল বেলাত খাস করেছো, বাস করে মা থাকো থাকো।" -ঈ॰ গুপ্ত। ˋআহেলে মাম্লা-মোকদ্দমার বাদী প্রতিবাদী। মামলা দ্রঃ।

ˋআহেলকার, ˋআহিলকার [আ॰-আহ্ল+ই+ফা॰-কার (কর্ম্ম)] বি, দপ্তরের কর্ম্মচারী ; লিপিকার, মুহুরি ; মুন্সী clerk. ২ কারিন্দা workman, agent ৩ হালকা বা জেলার শাসনকর্ত্তা। ৪ উচ্চপদস্থ কর্ম্মচারী officer

আহে [প্রাদে॰] অ, সন্দেহ। ২ প্রশ্ন।

আহোআল, আহোয়াল [আ॰-আহ্বাল। হাল্ (বর্ত্তমান অবস্থা) শব্দের বহুব॰। স্থল বিশেষে-আওহাল, আব-হাল] বি, বর্ত্তমান অবস্থা ; অবস্থা ; দশা।

ˋআহ্ন [অহন্+অ (সম্বন্ধে)] বি, দৈনিক।

ˋআহ্নিক [অহন্ (দিন)+ইক (সম্বন্ধে)] বিণ, প্রাত্যহিক। ২ দৈনিক। ৩ [কৃত্যার্থে ইক] সন্ধ্যাবন্দনাদি প্রতিদিনের কৃত্য। ~গতি-বি, দৈনিক গতি। ২ পৃথিবী স্বীয় কক্ষোপরি দিবারাত্রে অর্থাৎ ২৪ ঘণ্টায় যে পশ্চিম হতে পূর্ব্বদিকে একবার ঘুরিয়া আইসে সেই আবর্ত্তনের নাম আ॰ গতি diurnal motion

ˋআহ্নো [প্রা॰ বাং। 'আরো' > উচ্চারণ বিকারে] অ, আরও ; তাহা ছাড়া ; বেশীর ভাগ ; অধিকন্তু। "সপ্তলাখের মোর বাঁশী করী চুরী। আহ্নো গালী দেহ মোরে রাধিকা নাগরী॥"-শ্রী॰ কী॰।

ˋআহ্লা/দ [আ-হ্লদ্ (সন্তুষ্ট হওয়া) অ (ভা॰)] বি, আনন্দ ; হর্ষ ; আমোদ। ২ প্রীতি। ~দক [আ-হ্লাদি=আহ্লাদ-করান+অক (র্ত্তৃ)] বিণ, যে আহ্লাদ করে। ২ যা আনন্দ দান করে ; আমোদজনক ; হর্ষকর। ~দন [আ-হ্লাদি=আহ্লাদ করান +অন (ভা॰)] বি, প্রীতিসম্পাদন ; প্রীণন ; আমোদন। ~দিত [আ-হ্লাদ=সুখ+ত (র্ত্তৃ) বা আহ্লাদ+ইত (জাতার্থে)] বিণ, আনন্দিত ; প্রীত ; হৃষ্ট। ২ যে আহ্লাদিত হইয়াছে ; জাত আনন্দ। ~দী [গ্রা॰-আহ্লাদি। আহ্লাদ+ইন্ (স্ত্যা)=আহ্লাদিন্ ১মা ১ব॰। বাং-য় স্ত্রীং, পুং আহ্লাদিয়া (ক্ষে॰ আহ্লাদে, গ্রা॰-আল্লাদে] বিণ, আহ্লাদ করাই যার স্বভাব। ২ আমোদ-প্রিয়। ৩ যে সময় অসময় না বুঝিয়া আহ্লাদ প্রকাশ করে ; ন্যাকা। ৪ বি, স্ত্রী, আদুরী নারী। ৫ নেকী। ৬ আমোদপ্রিয়া। > স্ত্রীং-~দিনী ও॰। ˋআহ্লাদে ˋআটখানা (তুল -হেসে কুটি কুটি) যার আহ্লাদের মাত্রা এত অধিক হয় যে তা ভিতরে ধরিয়া রাখিবার স্থান পাকে না, তখন অঙ্গ যেন অষ্টধা বিভক্ত করিয়া (অঙ্গ ভঙ্গেই প্রকাশ) বাহির হইয়া পড়ে বা হর্ষ পুলকিত অঙ্গে ফুটিয়া বাহির হয়। ˋআহ্লাদে পুতুল-শিশুর ন্যায় আদর পাওয়া ছাড়া পুতুলের আর কোন শক্তি বা কার্য্য নাই, যে পুতুলের মত কর্ত্তব্যবোধহীন ও আদুরে নিষ্কর্ম্মা ব্যক্তি যে কেবল অন্যের যত্ন পাইয়া আহ্লাদ আমোদ করিয়া বেড়ায় কোন দায়িত্ব বা ভার গ্রহণ করে না তাকে বিদ্রূপ করিয়া বলা হয়-আ॰ পুতুল। তুল-আদুরে গোপাল।

ˋআহ্বয় [আ-হ্বে (আহ্বান করা)+অ (ণে)] বি, সংজ্ঞা ; নাম। ২ ক্রি, আহ্বান করে। "ক্ষত্রনীতি আছে হেন যদ্যপি আ॰। কিবা দ্যূতে কিম্বা যুদ্ধে বিমুখ না হয়॥" -মহা॰ (কাশী)।

ˋআহ্বান [আ-হ্বে (আহ্বান করা)+অন (ভা॰)] বি, আমন্ত্রণ ; ডাক। ২ নিমন্ত্রণ। ৩ সম্বোধন।

ˋআহ্বায় [আ-হ্বে+অ (ণে)] বি, আহ্বয়। ২ আহ্বান। ~ক (-য়ˋ-) [আ-হ্বে +অক (র্ত্তৃ)] বিণ, আহ্বানকারী। ২ দূত।

আহ্মা, আহ্মি, আহ্মে ই॰-আমি দ্রঃ।

ই, -স্বরবর্ণ মালার তৃতীয় বর্ণ। হ্রস্ব স্বর। উচ্চারণ স্থান তালু। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে 'ি' এইরূপ আকার হয়। যথা-ক্+ই= কি [দ্রঃ-ইকার ব্যঞ্জনবর্ণের পূর্ব্বেই বসে বলিয়া পূ॰ বঙ্গে ইকারের উচ্চারণ প্রথমেই করা হয়। যথা-করিয়া=কইরা ; উড়িয়া=উইড়া। তুল-"উইড়া যাইতে পইখটা পুইড়া পুইড়া মরে।" -সূর্য্য উঠাইবার ছড়া (বিক্রমপুরের ইতিহাস)।

২ [ইদম্=ইম্ ('দ' লোপে)=ই (প্রাকৃতে 'ম্' লোপে) ইদম্ শব্দের প্রাকৃত রূপ। সর্ব্বনাম রূপে ব্যবহৃত হইলে বাং-য় 'ইহা' হয়। এস্থলে হি॰-তে শুদ্ধ 'ই'র ব্যবহার আছে।

প্রাদে°, গ্রা°, প্রা° বাং হি°-র অনুকরণে] স, এ ; এই ; ইহা। "ইধন যার ঘরে নাই তার মিছাই জীবন।"-ছড়া। "দিগ্বিজয়ী বেশ ধর ইবেশ ছাড়িয়া ;" "ই ভব তরিতে সেতু :" "ই বড় বিষম ঠাঁই :" "ই হেতু পাঁচালী কবি করিল প্রকাশ।"-দুর্গামঙ্গল [দ্রঃ-২৪ পরগণা, হুগলী, নবদ্বীপ ই° স্থানে 'এই' শব্দের 'এ' মাত্র এবং বর্দ্ধমানাদি অঞ্চলে 'ই' মাত্র ব্যবহৃত হয়]।

ই৩ [সং-'হি', হি°-হী'] অ, বাক্য দৃঢ় করণার্থে বাং-য় 'ই' যুক্ত হয়। প্র-গেলামই বা, যদিই বা হয়, না বল নাই বলিলে। ২ অ, খেদ ; কোপ ; নিন্দা : বিস্ময় : সম্বোধন : আহ্বান : নিরাকরণ। ৩ অ, কেবলমাত্র ; একমাত্র ; অনন্যবাচক। প্র-সেখানে আমিই ছিলাম ; তাকেই যাইতে হইবে। ৪ নিশ্চয়সূচক। কাজটা করিবই করিব। প্রা° বাং-য় (চ° ৩৯।২)। ৫ অগ্রাহ্য বা অবজ্ঞাসূচক। প্র-যেই কেন আসুক না সে কাহারও কথা শুনবে না ; কেনই বা সে শুনবে ; কেই বা তার কথা শুনেছে। ৬ হেতু-বাচক। প্র-তাহার কথাতেই ত আগুন জ্বলেছে, না হলে কি এত কাণ্ড বাধে? কাজেই বল্‌তে হয় তারই যত দোষ। ৭ বিশেষ-বাচক। প্র-কিছুইত কাজে আসিল না। এত বয়স হইল ছেলেটা কোন কাজেরই হইল না। ৮ আধিক্য বা পরিমাণ সূচক। প্র-যতই বল আর যতই কর ভবি ভুলবার নয়। ৯ পাদ পূরণে 'হি'=ই। ১০ [ই (গমনে)+ (র্ত্তু, ক্বিপ্)] বি, কামদেব। ১১ [ব্যা°] বাং প্রত্যয় বিঃ। (১) যুক্ত অর্থে ; আছে এই অর্থে। যথা-ভারি ; দাগি। (২) স্বার্থে। যথা-হাসি। (৩) সম্বন্ধার্থে। যথা-সরকারি। (৪) ধর্ম্ম অর্থে। যথা-লম্বাই : খাড়াই। (৫) ব্যবসায় অর্থে। যথা-ডাক্তারি ; ক্ষেতি : গোলদারি। (৬) সাদৃশ্যার্থে। যথা-বড়মানুষি। (৭) তদুৎপন্ন ; তদ্‌জাত : তন্নিমিত্ত। যথা-পাটনাই ; কাবুলি। তদ্দেশীয় হইলে 'ঈ' যথা-কাবুলী ; বিহারী ; বাঙ্গালী। (৮) ক্ষুদ্রার্থে। যথা-হাঁড়ি, কলসি : মুড়ি ঢাকনি, ঝুড়ি, খুন্তি ই°। বৃহদর্থে আ দ্রঃ। (৯) দক্ষ অর্থে। যথা-হিসাবি। (১০) দিন নির্দ্দেশ বা নির্দ্ধারণার্থে। যথা-সাতই, আটই [দ্রঃ-৫ই হতে ১৮ই পর্য্যন্ত 'ই' তারপর 'এ।' যথা-উনিশে। 'এ' দ্রঃ] ১২ [ব্রজ° ও প্রা° বৈ° সা°] কথার মাত্রা স্বরূপ কেবল উচ্চারণার্থে। যথা-"মনের আগুনি মনে নিভাইতে।"-অনন্তদাস। "সাঁঝর বেরি।"-বি° প°। "সগরি রাতিয়াঁ।" 'কিরাতি' (কিরাত স্থলে)। এইরূপ 'শপথি' (শপথ স্থলে)। "যেনতি করিয়া শপথি করিল।" -চণ্ডী°। (১) কর্ত্তা স্ত্রী হলে ব্রজভাষায় ক্রিয়াপদে ইকার যুক্ত হয়। "ভেলি বরনারী।" "গেলি কামিনী গজহুঁ গামিনী।"-বি° প°। (২) সপ্তমী বিভক্তি বাচক। "গুরুজন সমুখই ভাব তরঙ্গ।"-বি° প°। ১৩ অস-ক্রি, বিভক্তি ইআ বা ইয়ার ক্ষে, পদ্যে প্রচলিত। প্র-করি=করিয়া, দেখি=দেখিয়া। অতি প্রা° বাং-য় ও ইহার ব্যবহার ছিল। "বীঅ লই।" (বৌ° গা° ও দো°)=বীজ লইয়া। ১৪ [প্রা° বাং] বিশিষ্টার্থক 'ইত' (সং-র্ম্ম-ক্ত) প্রত্যয়ের ক্ষে°। 'বিকসই'=বিকসিত ("জিণরঅণ বিকসই সা।"-বৌ° গা° ও দো°)। ইত=ইঅ=অই। ১৫ নামধাতু গঠনে সং-'তি' ও 'তে' প্রাকৃ° নিয়মে 'ই' বিভক্তি। যথা-অমৃত > অমৃতায়তে, অলীক > অলীকায়তে, চিহ্ন > চিহ্নয়তি, পল্লব > পল্লবয়তি ই°। প্রা° বাং-য় ইহার ভূরি প্রচলন ছিল শাস্ত্রী মহাশয় সম্পাদিত 'হাজার বছরের পুরাণ বাং ভাষায় বৌ° গা° ও দো°' গ্রন্থ হতে কতকগুলি আধু° বাং-য় ব্যবহৃত নামধাতুর তৎকাল-প্রচলিতরূপ প্রদত্ত হইল। যথা-কিরিঅই, কিরিজ্জই, কীঅই-করা যায়। কঁহই, কঁহেই-কহে। কিহিজ্জই, কিহিটঅই-কহা যায়। খজ্জই-খায়। খাই-খায়। খেলিই-খেলে। গিজিই-গজায় : গজিয়ে উঠে। গঁটই-গড়ে। গঁমই-গমন করে। গাহই-গ্রহণ করে। ঘুমঁই-ঘুমায়। চিন্তই, চিন্তজ্জই-চিন্তা করে ; চিন্তা করা যায়। চ্ছড়ই-ছাড়ে। চ্ছিজ্জই-ছেঁড়ে। ছুপই-ছোঁয়। জাঅই-যায়। জাণঁই-জানে। জীবিই-বাঁচে। ঠাই-থাকে। তুটই, তুট্টই-টুটে। থিপ্যিই-লেপন করে। থঁক্কই-থাকে। দেই-দেয়। দেখিই-দেখে। ধঁরই, ধরিজ্জই-ধরে : ধরা যায়। ধাবিই-ধাবন করে। নিরঁজ্জই-নিবৃত্ত হয়। পিইঠ্ঠই, পিইসিই, পিইসিঈ-পশে ; প্রবেশ করে। পিতিআঈ-প্রত্যয় করে। পঁতেই-পতিত হয়। পাবিঅই, পাবিজ্জই-পায় ; পাওয়া যায়। পিবিই-পান করে। পুচ্ছই-প্রশ্ন করে। বঁক্‌খাণিই, বঁক্‌খানিজ্জই-ব্যাখ্যান করে ; ব্যাখ্যা করা যায়। বঁট্টই-বর্ত্তন করে। বঁসই-বসে : বাস করে। বঁহই-বহন করে। বাহই-বাহন করে। বিণাসিই-বিনাশ করে। বোলঁই-বলে। ভাবঁই-ভাবে। মঁণঅই-মনে হয়। মঁরই-মরে। মিরিআই-মরে যায় (তুল-হি°-মর্ মরায় গয়ে)। মাণিই-মাণে। মারিই-মারে। মিলঁন্তেই-মেলে। রিজ্জই-রাজে : বিরাজে ; শোভে। (২) প্রবৃত্ত হয়। লঁক্‌খিই-লক্ষ্য করে। লঁব্বই, লাভিই লাভ করে ; লভে। মঁজ্জই-সাজে। সঁকই-শক্য হয় ; পারে। সিজ্‌ঝিই-সিঝে : সিদ্ধ করে।

ই অ-এই ; টী ; এবং (দো° ১১৪)। ২ [ব্যা°] সৌরসেনী ভাষায় ক্ত্বা প্রত্যয়ের স্থলে ইঅ আদেশ (বররুচি, ১২-৯)। মিলিঅ=মিলিয়া =মিলিত হইয়া।

ইআ-ইয়া দ্রঃ।

ইউনানী-য়ুনান দ্রঃ। ই° চিকিৎসা -হকিমী চিকিৎসা।

ইউরেশী/য়ঁ, ~য়ান্ [ইং-Eurasianএর লিপ্যন্তর] বি, য়ুরোপ ও এসিয়া মহাদেশীয় পিতা-মাতার সন্তান ; সঙ্কর জাতি বিঃ।

ইউরোপীয়ঁ, য়ু(য়ূ)রোপীয়ঁ [ইং- Europeanএর লিপ্যন্তর] বিণ, য়ুরোপ-মহাদেশ-সম্বন্ধীয় ; য়ুরোপ-জাত ; য়ুরোপের অধিবাসী। বি, ~তা [ইং-Europeanism এর অনুবাদ] য়ুরোপের বিশেষত্ব ; য়ুরোপের অনন্যসাধারণ প্রকৃতি ও ধর্ম্ম। "ভারতবর্ষের যাহা শ্রেষ্ঠধন তাহাও সার্ব্বভৌমিক, য়ুরোপের

যাহা শ্রেষ্ঠধন তাহাও সার্ব্বভৌমিক, তথাপি ভারতবর্ষীয়তা এবং য়ুরোপীয়তা উভয়ের স্বতন্ত্র সার্থকতা আছে বলিয়া উভয়কে একাকার করিয়া দেওয়া চলে না।”-চারিত্রপূজা।

ইংকার-ইঙ্কার দ্রঃ।

ইংরাজ, ইংরেজ [পর্ত্তু°-ইংলেজ, হিং-অঙ্গ্রেজ, ফ্রেং-Anglaise. লেজ > রেজ, পরে (ভারতের রাজপদ পাইবার পর) সংস্কার জড়িত উচ্চারণ বিকারে রাজ] বি, ইংল্যাণ্ড দেশের অধিবাসী।

ইংরাজী, ইংরেজী, ইংরেজি [গ্রা°-ইংরিজি] বিণ, ইংরেজসম্বন্ধীয়। ২ ইংরেজি ভাষা। “পড়তে পারি বলতে পারি ইংরাজী ভাষায়। পিয়ানো বাজাতে পারি ইংরাজী প্রথায়॥”-হেম°।

`ইংলিশ [ইং-English. পর্ত্তু°-Ingles] বি, হরপ বিশেষের নাম। গ্রেট প্রিমার (Great primer) অপেক্ষা ছোট পাইকা (Pica) অপেক্ষা বড় এবং ঐ দুয়ের মধ্যবর্ত্তী আকারের হরপ।

`ইংলিস্ [রাজস্ব বিভাগীয় পরিঃ Inglis)] বি, বরতরফ করা বা কর্ম্মে অক্ষম সিপাহীদিগকে পেন্‌সনের পরিবর্ত্তে প্রদত্ত নিষ্কর ভূমি “rent-free tenures given to disbanded sepoys in lieu of pension.” “Invalid soldiers or sipahies to whom allotments of land were assigned as pensions—the lands so granted”—*Wilson.* ~দার-বি, যে টাকার স্থলে জমী পেন্‌সন স্বরূপ প্রাপ্ত হয়।

ইংলিস্তান [উর্দ্দু] বি, ইংরেজ জাতির নিবাসস্থান; ইংরেজের জন্মভূমি England, রাজধানী London > সং-লণ্ড, দেশ।

ইঃ [ইস্ >] অ, কোপ; দুঃখ বা সন্তাপ বা বিস্ময়সূচক শব্দ। ২ বি, কামদেব।

ইঁচড়-ইচড় দ্রঃ।

ইঁচলা-ইচলা দ্রঃ।

ইঁজল, পিঁজল-আঁজি দ্রঃ।

ইঁট [সং-ইষ্টক >। ইট দ্রঃ] বি, দগ্ধমৃত্তিকা; যদ্দ্বারা অট্টালিকাদি নির্ম্মিত হয়। “ইটের মত শক্ত।”-দ্বি° রায়।

ইঁটোনো-ক্রি, ইষ্টকের দ্বারা আঘাত করা: ইট ছুড়িয়া মারা।

ইঁদুর-ইন্দুর দ্রঃ। ~কানী [সং-উন্দুরকর্ণী] বি, ইঁদুরের কানের মত পাতা: জলের পানা; আখুকর্ণী লতা salivinia cucullata. ~জালি-বি, যে ফলের কচি অবস্থাতেই ভিতরটা কুরকুটে হইয়া যায়।

ইকঁট, ইকঁড় [প্রাদে°] বি, বংশাঙ্কুর।

ইকঁড় [প্রাদে°] বিণ, শক্ত; নিরেট।

ইকড়া [প্রাদে°] বি, ইঁদুর।

ইকড়ি-মিকড়ি, ইচকি-মিচকি-বি, ছেলেদের খেলা, ইহাতে দু'হাতের তল উপুড় করিয়া প্রত্যেক আঙুলের উপর এই বলিয়া চিমটি কাটিতে হয়-`ইকড়ি-মিকড়ি চাম চিকড়ি, চামে কাটা মজুমদার, ধেয়ে এল দামুদর ই°। ছড়া হতে খেলার নাম।

`ইকমিক, `ইক্‌মিক্ [‘ইক্‌মিক্ কুকার’ ডা° ইন্দুভূষণ মল্লিক কর্ত্তৃক উদ্ভাবিত ও প্রবর্ত্তিত বলিয়া তাঁহার নামের আদ্য, মধ্য ও অন্ত্যবর্ণ যোগে বস্তুর নাম] বি, পাক করিবার চুল্লী: বাষ্পবলে সিদ্ধ করিয়া লইবার মত ধাতু নির্ম্মিত চুল্লা (Stove), Icmic cooker “ইক্‌মিক্‌টা আনলেই বেশ হ'ত, ঐ খিচুড়ী খেয়ে;”-বার্ষিক বসুমতী, ১৩৩৪।

ইকরার-বি, একরার দ্রঃ।

ইকা/র [ই+কার (স্বার্থে)] বি, ই এই বর্ণ; ি। ~রাদি-ই এই বর্ণ যার আদিতে আছে। ~রান্ত-ই এই বর্ণ যার অন্তে আছে।

ইকি [একি দ্রঃ। ইহা কি > ক্ষে°] অ, এ কি; বিস্ময়সূচক অ°। “মনে ভাবে অনুসাল ইকি বিপরীত।”-মহা° (শ্রীকরণ)।

ইকুন [সং-উৎকুন >] বি, উকুন।

`ইক্ষু [ইষ্ (ইচ্ছা করা)+সু (র্ম্ম, জ্ঞা°)] বি, আক্‌গাছ। ২ অসিপত্র বৃক্ষ। ~কাণ্ড [ইক্ষু (বৎ) কাণ্ড (গুঁড়ি) যার-বহু°] বি, শরমুঞ্জ। ২ কাশতৃণ; কেশে। ৩ ইক্ষু-দণ্ড। ~গন্ধা [‘ইক্ষুগন্ধ’,-‘গন্ধিকা’ ও°। ইক্ষু (সদৃশ) গন্ধ (ঘ্রাণ) যার-বহু°] বি, গোখুরী। ২ কাশতৃণ; কেশে। ~চ্ছায়-বি, আকগাছের ছায়া। ~তুল্য-বিণ, আকের মত। ~দণ্ড [দণ্ডাকৃতি বলিয়া] বি, আক। ~নেত্র-বি, আকের চোক বা, গাঁট। ~পত্র-বি, আকের পাতা। ২ জওয়ার ধান্য Panicum spicatum. ~বিকার-বি, আকের রস জ্বাল দেওয়া গুড়। ~মতী-বি, নদী বিঃ; (অপর নাম ইক্ষুল, তীরে সাঙ্কস্থা নগরী বিরাজিত। কনিংহাম বলেন, ইহার অপর নাম ‘ঈশানী’। মৈনপুরী ই° অঞ্চলে ‘ঈশান’ নদী, অন্যত্র ‘কালীনদী’)। ~যন্ত্র [ইক্ষু-যন্ত্র (কল)] বি, যে যন্ত্রদ্বারা ইক্ষুরস নির্গত করে; আকমাড়া কল। ~রস [ইক্ষু-রস (৬ষ্ঠী তৎ)] বি, আকের রস। ~শাকট-বি, আকের ক্ষেত। ~সমুদ্র-বি, সপ্ত সমুদ্রের অন্যতম। ~সার [ইক্ষু-সার (স্থিরাংশ) যার-বহু°] বি, একোগুড়; খাঁড়।

ইক্ষ্বাকু [ইক্ষু-আ-কৃ (করা)+উ (র্ত্তৃ)] বি, তিত্‌লাউ। ২ সূর্য্যবংশীয় প্রথম রাজা। হাঁচিবার কালে মনুর নাসিকা হতে জন্মগ্রহণ করিয়াছিলেন [বিষ্ণু পু°]।

ইঙ্কার [আ°-ইন্‌কার] বি, অস্বীকার।

ইঙ্গন [ইঙ্গিত দ্রঃ। ইনগ্ (গমনে)+অন (ভা°)] বি, গমন। ২ চেষ্টা। ৩ চলন। ৪ কম্পন [বাং অন্য শব্দের সহযোগ ব্যতীত ব্যবহার নাই। যথা-জ্যোতিরিঙ্গন]।

ইঙ্গ-বঙ্গ [ইঙ্গ (ইঙ্গরেজ বা ইংরেজ > ক্ষে°)+বঙ্গ] বিণ, ইংরেজী ও বাংলা মিশ্রিত Anglo-Bengali. ২ সাজ সজ্জা রুচি ই°-তে ইংরেজের অনুকরণকারী ইংল্যাণ্ড-প্রত্যাগত বাঙ্গালী। ৩ য়ুরোপ-প্রত্যাগত য়ুরোপীয় ভাবাপন্ন বঙ্গবাসী।

ইঙ্গিত [ইনগ্ (গমন করা)+ত (ভা°)] বি, হৃদ্গত ভাব; যে অঙ্গ চালনাদি দ্বারা মনের ভাব বুঝিতে পারা যায়; সঙ্কেত; ঠার; ইসারা। ২ চলন; চাল্। ৩ অন্বেষণ। ৪ চেষ্টা। ৫ অভিপ্রায়; তাৎপর্য্য। ৬ [নাট্য শা°] অভিনয়ে আনন্দ-প্রকাশক বঙ্কিম •দৃষ্টি sidelong glances expressing joy. ~কার [প্রা° বাং। ই°-কার (ক্রিয়া-কার্য্য)] বি, আকার ইঙ্গিত; হাব-ভাব। “ইঙ্গিতকারে হারিল রাধা কাহ্নের বচনে।”-শ্রী° কী°। ~জ্ঞ (-ত-) [ইঙ্গিত-জ্ঞ (জ্ঞা=জানা+অ-র্ত্তৃ)-যে জানে] বিণ, যে ইঙ্গিত দেখিয়া মনের ভাব বুঝিতে পারে।

[ইন্‌গ্‌ (গমনে) দ (যে দান করে) -উপ০। (অ=উ)] বি, তাপস তরু, কণ্টকী বৃক্ষবিঃ। স্ত্রীং ~ী। ২ জ্যোতিষ্মতী ৩ লতাফটকী putranjiva ; balanites roxburghii. ইঙ্গুদীবৃক্ষ ১৫।১৬ হাত উচ্চ হয়। ইহার ফল আম্র ফলের মত কিন্তু তিক্তাস্বাদ। বীজ হতে তৈল হয়। পূর্ব্বকালের ঋষিগণ এই তৈল ব্যবহার করিতেন। সং-সাহিত্যে এই শব্দের বহুল প্রয়োগ আছে।

ইঙ্গুল-বি, হিঙ্গুল। স্ত্রীং ~ী-বৃক্ষবিঃ।

ইচকি-মিচকি-ইকড়ি-মিকড়ি দ্রঃ।

ইচঁড়, ইঁচঁড় [ইচল মাছের দাড়ার মত বা ইড়াচিকা (বোলতার) হুলের মত কণ্টকিত কলিয়া। ল=ড] বি, অপক্ক কাঁঠাল। এচড় দ্রঃ। **ই(ইঁ)চঁড়ে পাকা**-বিণ, অকাল পক্ক precocious.

ইচলা, ইচলি, ইচলী [সং-ইক্ষাক এবং চিলিচিম এই দুই শব্দের মিশ্রণে ইঁচলা। পূ০ বঙ্গে 'ইচা', 'ইঁচা' (মনসা ম০-বংশী), 'ইচিলা' (ডাকের বচন)। প০ বঙ্গে গ্রা০ 'ইচলে'] বি, চিংড়ী মাছ। পূ০ বঙ্গে ইচা মোচাচিংড়ীকে বলে। কোন কোন স্থলে ছোট বড় নির্ব্বিশেষে চিংড়ী মাছ। "থোড়, উড়ুম্বর ইচলি মাছে। খাইলে মুখের অরুচি ঘুচে।"-কবিক০।

ইচ্ছক [ইষ্‌ (ইচ্ছা করা) + অক (র্তৃ)] বিণ, ইচ্ছুক ; অভিলাষী। ২ টাবালেবু।

ইচ্ছা$_1$ [সং-ইষ্‌ (ইচ্ছা করা) + অ (ভা০), ষ=ছ। তুল-ইং-wish. সুইড০-onsks. প্রা০ বাং ব্রজ০-ম০-'ইছা', 'ইৎসা' ও০ গ্রা০ কথ্য-'ইচ্ছে'। 'ইচ্ছাএ'= ইচ্ছায় (শ্রী০ কী০)। 'ইছসি'=ইচ্ছা কর, ইচ্ছা করিতেছ (ঐ)', বৈ০ পদে০-'ইৎসা'] বি, বাঞ্ছা ; স্পৃহা ; অভিলাষ ; বাসনা। "বিষয় অনুরাগ হতে কামনা, কামনা হতে ইচ্ছা জন্মে, ইচ্ছা হতে তৃষ্ণা প্রবলা হয়।" ২ উৎসাহ। ৩ প্রবৃত্তি volition. "ইচ্ছা হইল তব ভানু প্রকাশিল।"-স্কং০। **~কল্পতরু**-বি, বাঞ্ছাকল্পতরু (দ্রঃ)। **~কৃত**-ইচ্ছা করিয়া করা বা সম্পাদিত। **~ক্রমে**-ইচ্ছায় ; বাসনানুসারে ; বাঞ্ছাপূর্ব্বক। **~জনিত**-বাসনা হতে উদ্ভূত ; অভিলাষজাত। **~তন্ত্র**-বিণ, স্বৈর ; বাসনানুগ : ইচ্ছাপ্রধান ; বাসনাসর্ব্বস্ব। ২ বি, স্বৈর-রাজ্য। **~তন্ত্ররাজত্ব, ~তন্ত্রশাসন**-স্বৈর শাসন। রাজার স্বেচ্ছামত রাজ্য শাসন despotic Government. **~তন্ত্রশাসন-পদ্ধতি**-রাজা বা শাসক সম্প্রদায় কর্ত্তৃক প্রজানিরপেক্ষ শাসনের ধারা, প্রণালী বা নিয়ম absolute monarchy, despotism. **~ত্মক**-বিণ, ইচ্ছাময় স্ত্রীং **~ত্মিকা**-ইচ্ছাময়ী। **~দত্ত**-বিণ, স্বেচ্ছায় প্রদত্ত ; ইচ্ছা করিয়া দেওয়া। **~দমন**-বি, বাসনা সংযত করণ ; বাক্যে বা কার্য্যে ইচ্ছার প্রকাশ হতে না দেওয়া। **~ধীন** [ইচ্ছা + অধীন] বিণ, বাসনার অধীন : ইচ্ছায়ত্ত। > স্ত্রীং **~ধীনা**। **~নিবৃত্তি**-বি, বাসনাক্ষয়। **~নিমিত্তক**-বিণ, বাঞ্ছাহেতু ; অভিলাষজনিত। **~নুগত**-বিণ, স্বাধীন। > স্ত্রীং **~নুগতা**। **~নুগ, ~নুগামী** [ইচ্ছা + অনুগ,-অনুগামী] বিণ, বাসনার বশবর্ত্তী ; অভিলাষানুযায়ী। > স্ত্রীং **~নুগা, নুগামিনী**। **~নুযায়ী** [ইচ্ছা + অনুযায়ী] বিণ, বাসনানুসারে। > স্ত্রীং **-নুযায়িনী**। **~নুরূপ** [ইচ্ছা + অনুরূপ] বিণ, অভিলাষানুযায়ী ; প্রার্থনা বা কামনামত। > স্ত্রীং **~নুরূপা**। **~নুসার, -সারে** [ইচ্ছা + অনুসার, অনুসারে] ক্রি-বিণ, যথেচ্ছ ; ইচ্ছামত। **~নুসারী**-বিণ, ইচ্ছানুযায়ী। > স্ত্রীং

~পত্র-বি, স্বেচ্ছাকৃত দান বা নিয়োগ পত্র ; উইল deed of gift, will. **~পূর্ব্বক**-ক্রি-বিণ, ইচ্ছায় ; ইচ্ছা করিয়া। **~প্রযুক্ত**-বিণ, বাসনাপ্রেরিত ; ইচ্ছাহেতু। **~প্রেরিত**-বিণ, বাসনা দ্বারা নিয়োজিত। **~ফল**-বি, বাসনার পরিণাম। ২ [গণিত শা০] সমানুপাতে চতুর্থ রাশি the fourth term in a proportion. **~বতী**-বি, বিণ, যে স্ত্রী ইচ্ছামত কাজ করে। ২ যে স্ত্রী আকাঙ্ক্ষা বা অভিলাষ বা লোভ করে : ধনাদিতে স্পৃহাবতী : বাসনাবতী। ৩ কামুকী (নারী) [পুং **~বান্‌** (মূ০-ইচ্ছাবৎ)] বিণ, অভিলাষী। **~বর্দ্ধক**-বিণ, বাসনার উত্তেজক বা উৎসাহদাতা ; ইচ্ছাবৃদ্ধিকারী। **~বশ, ~বশগ**-বিণ, ইচ্ছাধীন ; ইচ্ছায়ত্ত। > স্ত্রীং **~বশা, -বশগা**। **~বসন্ত**-দ্রঃ। **~বসু** [ইচ্ছা (ধীন) + বসু (ধন) যাঁর -বহু০] বি, কুবের Plutarch. **~বহির্ভূত**-বিণ, ইচ্ছার বাহিরে ; বাসনার বিরুদ্ধ। **~বিমুখ, ~বৈমুখ**-বিণ, ইচ্ছানিবৃত্ত : বিরক্ত। > স্ত্রীং **~বিমুখা, বিমুখী, বৈমুখী**। **~বিরুদ্ধ**-বিণ, ইচ্ছার বিপরীত। **~বিহার**-বি, ইচ্ছামত বিচরণ ; ভ্রমণ ; ক্রীড়া বা রমণ। **~বিহারী**-বিণ, স্বৈরবিহারী। > স্ত্রীং **~বিহারিণী**-যথেচ্ছ ভ্রমণকারিণী ; স্বৈরবিহারিণী। "কামরূপধারিণী ইচ্ছাবিহারিণী জরা নাম্নী রাক্ষসী।"-মহা০ (প্র০ রায়)। **~বিহীন**-বিণ, যার কোনরূপ বাসনা নাই ; বিরক্ত ; অনাসক্ত। > স্ত্রীং **~বিহীনা**। **~বৃদ্ধি**-বি, বাসনার বিস্তার ; বাঞ্ছাধিক্য। **~ব্যতিরেকে, ~ব্যতীত**-ক্রি-বিণ, বিনাভিলাষে ; ইচ্ছা না থাকিলেও। **~ব্যাহত**-বিণ, ব্যর্থবাসনা ; হতাশ। > স্ত্রীং **~ব্যাহতা**। **~ভাব** [ইচ্ছা (র) + অভাব] বি, বাসনাবিহীনতা। **~মত, ~মতে**-ক্রি-বিণ, বাসনানুরূপ ; স্বেচ্ছায়। **~ময়**-দ্রঃ। **~মরণ, ~মৃত্যু**-বি, মরিতে ইচ্ছা হইলে দেহত্যাগ (যেমন ভীষ্মের)। ২ বিণ, মৃত্যু যার স্বেচ্ছাধীন। **~মূল, ~মূলক**-বিণ, ইচ্ছাহেতুক দ্রঃ। **~য়ত্ত** [ইচ্ছা + আয়ত্ত যার-বহু০] বিণ, ইচ্ছাধীন : আত্মবশ। **~রহিত, ~শূন্য, ~হীন**-বিণ, অমর ; চিরজীবী। > স্ত্রীং **~া**। **~হেতুক**-বিণ, বাসনা হতে উৎপন্ন, ইচ্ছাই যার কারণ ; ইচ্ছামূলক।

ইচ্ছা$_2$ [ইচ্ছি, ইচ্ছ, ইচ্ছে, ইচ্ছিতে : ইচ্ছিয়া ই০। অতি প্রা০ বাং-ইচ্ছেঁ=ইচ্ছা-দ্বারা (দো০ ১১১) > ('ইছে' ম০ বাং পদ্যে)= ইচ্ছায়। ইছিয়া-দ্রঃ] ক্রি, ইচ্ছা করা। "ইচ্ছি

মরিবারে।"-মেঘ০। **ইচ্ছিলে**-ইচ্ছা করিলে। ২ মনোনীত করিলে; পছন্দ করিলে। "কহগো নিরুপমা কাহার বোলে রামা ইচ্ছিলে বুঢ়া জটাধরে।"-কবিক০। **ইচ্ছে**-ইচ্ছা করে। "দেবতা দেখিতে ইচ্ছে যাহার সমর।"-গৌরীমঙ্গল। **ইচ্ছিত** [সং-ইষ্টঃ স্থলে বাং-র এই অশুদ্ধরূপ চ০ হইয়াছে] বিণ, বাঞ্ছিত।

ইচ্ছাবসন্ত-বি, মসুরিকা small-pox [দ্রঃ-"বিশেষ বিষ শরীর মধ্যে শোষিত হইয়া এই সংক্রামক ও স্পর্শাক্রামক অবিরাম জ্বর উৎপন্ন হয়। এই জ্বরে তৃতীয় দিবসে গাত্রে গুটিকা নির্গত হয়। এই গুটিকানির্গমনকারী জ্বরে চর্ম্মের ও কখন কখন শ্লৈষ্মিক ঝিল্লির বিশেষ প্রদাহ উপস্থিত হয়; ইহা পূযোৎপাদনকারী। ইহাতে চর্ম্মে রক্তবর্ণ দাগ নির্গত হয়।" -ডাঃ কর]।

ইচ্ছাময়-বিণ, বাসনাত্মক; যাঁর ইচ্ছা মাত্র কার্য্য হয়; যাঁর ইচ্ছাই সৃষ্টির মূল। ২ ঈশ্বর। স্ত্রীং ~ী (-র্ম-)-বি, ইচ্ছাত্মিকা আদ্যাশক্তি। "তিনি ঘটে ঘটে বিরাজ করেন, ইচ্ছাময়ীর ইচ্ছা যেমন।"-রা০ প্র০। ২ বিণ, বাসনাত্মিকা।

ইচ্ছু,-ক [সং-ইষ্। ইচ্ছা (দ্রঃ) উ(র্ত্তৃ): ইচ্ছু+ক (স্বার্থে)] বিণ, ইচ্ছাবিশিষ্ট; বাসনাযুক্ত। ২ সম্মত; রাজী।

ইছা [ইচ্ছা দ্রঃ। সং-ইষ্ (ইচ্ছা-করা) >। ইছি, ইছ, ইছে; ইছিতে; ইছিয়া (ক্ষে০ ইছি) ই০] ক্রি, ইচ্ছা করা। ণিজন্ত-ইছান-ইচ্ছা করাইয়া দেওয়া।

ইছিয়া [সং-ইষ্, ইচ্ছা করা) তুল-ইং-wishing] ক্রি, ইচ্ছা করিয়া। ২ কামনা করিয়া। "ই০ তোমার বশ, দিনু তারে পণ দশ।"-কবিক০।

ইজননামা [আ০-ইজ্ন (দুই পক্ষের সম্মতি), ফা০-নামাহ (বিবরণ-পত্র)] বি, চরমপত্র; ইচ্ছাপত্র; উইল will.

ইজমাল, ইজমালী-এজমাল দ্রঃ। খানদান-ই-ইজমালী=যৌথপরিবার joint family.

ইজলাস [বাং-সাধাঃ 'এজলাস্', ফা০-ইজ্লাস্ "The bench of a court." "A sitting, especially of a court of justice; sessions; under the Muhammadan government, it usually denoted an assembly of jurists or learned men for the decision of an intricate or important cause. It is also used at present for a meeting or sitting of the Supreme Council."—*Wilson*] বি, বিচারালয়। এজলাস দ্রঃ।

ইজা [ফা০-ইজা] বি, মিলাইবার জন্য এক ফর্দ্দের ঠিক অন্য ফর্দ্দে লিখিত হয়, তাহা এই ফর্দ্দের উপর টানিলে জের ও নীচে টানিলে ইজা কহে। ২ জের। •

ইজাদ [ফা০-ঈজাদ্] বি, অতিরিক্ত ভূমি। ২ [আ০] আবিষ্কার।

ইজাফা [আ০-ইজাফ্] বিণ, অধিক; বেশী। "তিন সন ইজাফা দিয়াছি রাজ-কর।"-ঘ০।

ইজার১ [ফা০-ইজার্ (অধোবস্ত্র) গ্রা০-ইজের] বি, পাজামা; অধোবস্ত্র। "অধোবস্ত্র ইজার উজার অধোদেশে।"-ঘ০। "দশরেখা টুপিমাথে। ইজার পরয়ে দৃঢ় করি।" -কবিক০। ~বন্ধ [ফা০-ইজার্-বন্দ] বিণ, যার দ্বারা ইজার বন্ধ করা যায়; ইজার কোমরে বাঁধিবার ফিতা।

ইজার২, ইজের [আ০-ইজারা > গ্রা০-ইজের] বি, অধিকার; স্বত্ব; দখল। প্র-তোমার কোন ইজের আছে। আমার ইজের আছে বলেই ত বলছি। ~দার [আ০, ফা০-ইজারদার্] বি, ইজারার অধিকারী; মুস্তাজির; ঠিকাদার।

ইজারা [আ০-ইজারা। গ্রা০-ইজেরা] বি, ভূমি ভোগাধিকার স্বত্ব বিঃ; একাধিক বৎসরের জন্য হস্তবুদ খাজনার নিয়মে জমিদারের নিকট হতে গৃহীত গ্রাম। ২ নির্দ্দিষ্ট জমার মেয়াদী বন্দোবস্ত; ঠিকা mortgage; lease. ৩ [বাং সাধাঃ] স্বত্ব দখল; একচেটিয়া অধিকার [দ্রঃ-ইজারা রাজস্ব আদায়ের চুক্তিমাত্র ইহাতে জমি দখলি স্বত্ব জন্মে না। "Especially employed to denote a lease or farm of land held at a defined rent or revenue; whether from Government direct or from an intermediate payer of the public revenue; a farm or lease of the revenue of a village or district, also of customs, or collections of any description, as of custom any fees or allowances; any items of revenue letting lands on farm or lease; the lands so let; a contract; a monopoly.—*Wilson*. ~দার-গ্রহণকারী; যে ইজারা লয়। ~দারী-কাস্তকারি চাষ-আবাদ farming.

ইজাহার [ফা০-ইজাহার (সাক্ষ্য)। গ্রা০-এজেহার] বি, জবানবন্দী; সাক্ষ্য an affidavit; any statement made by the parties or witnesses in a suit. A deposition or declaration in court. ~নবীশ-বি, বাদী প্রতিবাদীর সাক্ষ্যগ্রহণকারী বা জবানবন্দীলেখক।

ইজ্জৎ [আ০-ইজ্জৎ। 'মান-সম্ভ্রম' স্থলে। মান='ইজ্জত' ও চ০] বি, সম্মান; সম্ভ্রম। "জগতে ইঁহাদের একটা মান ইজ্জত আছে।" -ব০ বাণী, ১৩৩৩। ২ স্ত্রীলোকের পবিত্রতা; আবরু। ~দার-বিণ, যার মান সম্ভ্রম আছে; আবরুদার। বে-ইজ্জৎ-অপমান; বে-আবরু; মান-সম্ভ্রম নাশ।

ইজ্জল-বি, হিজ্জল বৃক্ষ; হিজল গাছ। ২ জিউলি গাছ। ৩ নিচুল গাছ।

ইজ্য [যজ্ (পূজা করা)+য (র্ম্ম)] বিণ, পূজ্য। বাং-অন্যান্য অর্থ অপ্রশস্ত। স্ত্রীং ~া-বিণ, পূজ্যা। ২ বি, যজ্ঞ।

ইজ্যাশীল [ইজ্যা (যজ্ঞ) শীল (পরায়ণ)] বিণ, যে বারংবার যজ্ঞে প্রবৃত্ত হয়; পুনঃ পুনঃ যজ্ঞকারী; যাজক; যাজ্ঞিক।

ইঞ্চলা [প্রা০ বাং। ওঁচলা (দ্রঃ)] বি, উচ্ছিষ্ট; এঁটো। "ইঞ্চলা খাঁআ কাহ্ন বার পড়িবে।"-শ্রী০ কী০।

ইঞ্চাক [সং] বি, ইচঁলা বা ইচা মাছ; মোচা চিংড়ি; চিংড়ি মাছ।

ইঞ্চি, ইঞ্চ [ইং-inch] বি, ১২ যবোদর পরিমাণ; বুরুল।

ইঞ্জাপ-ইনসাফ দ্রঃ।

ইঞ্জিন [ইং-engine এর লিপ্যন্তর] বি, যন্ত্র; কল। প্র-বয়লারে ভাল করে ষ্টীম হ'লে তবে ই০ চলবে।

ইঞ্জিনিয়র, -য়ার [ইং-Engineer এর লিপ্যন্তর বাং-এঞ্জিনিয়ারও বলে] বি, যন্ত্রাধ্যক্ষ; কলপরিচালক। ২ যন্ত্রবিজ্ঞানজ্ঞ। ৩ পূর্ত্তাদি বিদ্যায় পারদর্শী; পূর্ত্তবিভাগীয়

প্রধান কর্ম্মচারী। সর্ব্বপ্রধানকে চীফ ইঞ্জিনিয়র (Chief-Engineer) বলে।

ইঞ্জিল, ইঞ্জীল [আ॰-ইন্‌জীল্=সুসংবাদ। গ্রী॰-eu = well, angellein to bring news ইং-evangel- good news, the gospel তুল-"মথি-লিখিত সুসংবাদ"] বি, মুসলমানী ভাষায় বাইবেলের নাম the New Testament.

ইট [সং-ইষ্টক : পা॰-ইট্টক। হি॰-ইটা। শ্রীহট্ট প্রাদে॰ ইটা (ঢেলা)] বি, ঘরবাড়ী নির্ম্মাণোপযোগী বিশেষ আকৃতির সাধাঃ চতুষ্কোণ মৃত্তিকা খণ্ড : ইহা আগুনে পোড়াইলে পাকা ইট হয়। রৌদ্রে শুষ্ক করিয়া লইলে কাঁচা বা আমা ইট হয়। ই॰ কাটান [মৈমন॰ প্রাদে॰] ইট তৈরী করা। ই॰ গঁড়া-ইট তৈয়ার করা। ইটের গাঁথনি-একখানির উপর এক খানি করিয়া কাদা বা চূণ সুরকী ই॰ মসলা-দ্বারা ভিত, দেওয়াল ই॰-র গাথন। শক্ত যেন ইট-পোড়া বা পাকা ইট খুব কঠিন বলিয়া ইহার সহিত শক্ত জিনিষের তুলনা করা হয়, এবং বলা হয় শক্ত যেন ইট হইয়া গিয়াছে। মাথায় বা কপালে ইটের আঘাত ক্রোধ, অভিমান ই॰-র লক্ষণ। "সময়ে না পেলে ঢাকা কপাল ভাঙ্গে আস্ত ইটে।" -ঈ॰ গুপ্ত। ইটপাটকেল-আস্ত ইট এবং ইটের ভগ্ন খণ্ড। পাটকেল দ্রঃ। প্র-ইট-পাটকেল ছুঁড়িয়া মারা। ইট্‌টি মার্‌লে পাটকেলটি খেতে হয়-আঘাত করিলে প্রতি আঘাত পাইতে হয় : মানুষের স্বভাব এই যে প্রতিশোধ লইতে ছাড়ে না, তাহারই ভাব। কুব্যবহার করিলে লোকের কুব্যবহার সহ্য করিতে হয়।

ইটখোলা [খোলা=ক্ষেত্র; ইট তৈয়ার করিবার স্থান বা মাঠ] বি, পাঁজা পুড়াইবার মাঠ; পাঁজা খোলা।

ইটচুর [সং-ইষ্টকচূর্ণ] বি, সুরকী।

ইটা$_1$, ঈটা [প্রাদে॰] বি, ট্যাংরার মত কিন্তু বৃহত্তর মৎস্যবিঃ silurus acanthius. "ঈটা ভুনিয়ার মিঠা।"-প্রবচন।

ইটা$_2$ ['ইট' দ্রঃ। শ্রীহট্ট প্রাদে॰] বি, ঢেলা।

ইটানি, ইটনি-ক্রি, ইষ্টক নিক্ষেপ করিয়া প্রহার করা; ইষ্টকাঘাত করা।

ইটাল [ইষ্টক >। প্রা॰ বাং। "জয়ানন্দের চৈ॰ ম॰ ও কৃ॰ কীর্ত্তনে হাটাল, হেঁটাল" -চা॰ বন্দ্যো॰] বি, ইট [অপ্র॰]।

ইটি, এটি [হি॰-ইঠী] অ, সম্মুখবর্ত্তী বস্তু বা ব্যক্তি [বির্থে॰ বা নির্দ্দিষ্ট এই অর্থে টি যুক্ত হয়] ইটিসিটি [ইটি, এটি + সিটি (সে-টি)] এ জিনিষ সে জিনিষ : বাজে বিষয় ব্যাপার বস্তু : বাজে কাজ। "লয়ে পুঁথি দু' চারিটি নেড়ে চেড়ে ইটি সিটি এই মত কাটে দিন রাত।"-সোণার তরী।

ইড়কি, ইড়িক [প্রাদে॰] বি, গুঁতা : ঠোকর : ঘোড়ার পেটে পা বা জুতার কাঁটার আঘাত দিয়া ইসারা করণ। "ইড়কি দিতে চলে ইসারাতে।"-ধ॰।

ইড়া [ইল্ (গমন করা, ক্ষেপণ করা ই॰) + অ (র্ত্তৃ), আ (স্ত্রীং), ল=ড়] বি, বাণী, সরস্বতী। ২ স্বর্গ। ৩ পৃথিবী। ৪ ধেনু। ৫ ইক্ষ্বাকুকন্যা : বুধপত্নী। ৬ দক্ষকন্যা : কশ্যপপত্নী। ৭ মনুর পত্নী। খণ্ড প্রলয়ের পর ইঁহার গর্ভে পুনরায় মনুবংশ উৎপন্ন হয়। ৮ শরীরস্থ রক্তবাহিকা নাড়ীবিঃ (মেরুদণ্ডের বাম পার্শ্বে অবস্থিত)। ৯ [বৈদিক] ইষ্টি যজ্ঞ পশুযজ্ঞ ই॰-তে প্রধান যাগের পর যজমান ও ঋত্বিকের ভক্ষ্য হবিঃ শেষ।

ইৎ [ই (যাওয়া) + ক্বিপ্ (ৎ-আগম)-যা চলিয়া যায়, অদৃশ্য হয় বা লোপ পায়] বি, ধাতু ও প্রাতিপদিকের উত্তর বিহিত প্রত্যয় মধ্যস্থ যে বা যে সকল বর্ণ কার্য্যকালে লোপ পায়। এই লোপ পাওয়াকে ইৎ যাওয়া বলে। যথা- 'ক্যপ্ এর ক্ প্, ঘঞ্ এর ঘ্ ঞ ইৎ যাইয়া (J), ও অ থাকে।'-বিশ্ব কো॰।

ইত [ই (গমন করা ই॰) + ত (র্ত্তৃ)] বিণ, গত। ২ প্রাপ্ত। ৩ [+ত(র্ম্ম)] জ্ঞাত। ৪ মুগ্ধ। ৫ [ব্যা॰] বি, প্রত্যয়বিঃ। যুক্ত এই অর্থে শব্দের উত্তর (স্ত্যু) 'ইত' প্রত্যয় হয়। শব্দ + ইত=শব্দিত ই॰। বাং-য় স্বতন্ত্র ব্যবহার নাই।

ইতঃ/পর [ইতস্ (ইহার) পর] অ, ইহার পর; অতঃপর। "ই॰ ভেদ দ্বন্দ্ব ছাড়হ সকল।"-অ॰ম॰। ~পূর্ব্বে-ইহার পূর্ব্ববর্ত্তী কালে; ইহা যখন হয় নাই তখন।

ইতর (-র্ত-) [ই (ইচ্ছা)-তৃ (পার হওয়া) + অ (র্ত্তৃ)] স, ইতর লোক। প্র-নিতান্তই ইতরের ন্যায় কার্য্য। বিণ, নীচ; অধম। ২ পামর। ৩ অন্য; ভিন্ন; অপর। প্র-বামেতর নয়ন। মানবেতর প্রাণী। বিণ, ইতরিয়া [গ্রা॰-কথ্য-ইতুরে] ইতর জনোচিত। প্র-ইতুরে কাণ্ড। ~জন-বি, নীচ-লোক; পামর। ২ অন্য ব্যক্তি। ~জাতি-বি, মানবেতর জাতি; জীব জন্তু। ২ নিম্ন সমাজস্থ জাতি। ~তা(-র্‌-)-বি, ই॰ বৎ আচরণ বা ব্যবহার; নীচতা। ~থা (-র্‌-)-অ, অন্যথা। ~বিশেষ [ইতর-বিশেষ (দ্বন্দ্ব॰)] বি, ভেদাভেদ; ভিন্নতা। ২ [৫ তৎ] অন্য হতে বিশেষ তুলনাদ্বারা এক হতে অন্যের বিশেষ। ~ভাষা-বি, অপভাষা দ্রঃ। বিণ, ~ভাষী-অপভাষায় ভাষী। ~লোক-বি, নীচ ব্যক্তি বা সম্প্রদায়; ছোট লোক।

ইতরামি, ইৎরামো [ইতর + আম (আন তদ্বৎ করা)। হি॰-ইতরাণা, ইতরায় =ইতুরে কাণ্ড বা ব্যবহার করে] ক্রি, ইতরের মত আচরণ করা; নীচ জনোচিত কাজ করা। বি, ইতরামি-ছোট লোকের ব্যবহার; নীচতা; ইতরামি করা।

ইতরেতর [ইতর-ইতর (দ্বন্দ্ব॰)] বিণ পরস্পর; অন্যোন্য। ~দ্বন্দ্ব-বি, ব্যাকরণে কতকগুলি বিশেষ্য পদের সমাহার বা সমাস; দ্বন্দ্ব সমাস। ~যোগ-বি, দ্বন্দ্ব সমাস বিঃ, যে সমাসে পদার্থের পরস্পর যোগ বুঝায়। যথা-হরিহর।

ইতরেতরাশ্রয় [ইতরেতর-আশ্রয়] বি, পরস্পর আশ্রয়; পরস্পরের পরস্পর অবলম্বন; উভয়ে উভয়ের আশ্রয়; পরস্পর-সাহায্য। ~ী-বিণ, যারা পরস্পর পরস্পরকে আশ্রয় করিয়া কার্য্য করে; পরস্পর সহায়।

ইতস্ততঃ [মূ॰-ইতস্ততস্, ইতস্ (এখানে) -ততস্ (সেখানে), প্রাকৃ॰-ইদোতদো (মৃচ্ছকটিক)] অ, এখানে সেখানে; এদিকে

ওদিকে। ২ চতুর্দ্দিকে ; সকলদিকে ; সর্ব্বত্র। ইং করা-ক্রি. সঙ্কোচ করা ; কুণ্ঠিত হওয়া। ২ দোলায়মানচিত্ত হওয়া। ৩ অতৎপর হওয়া ; গড়িমসি করা।

ইতি [ই (গমন করা) + তি (ভাং)] অ, পত্রাদির সমাপ্তিসূচক বাক্য ; সমাপ্তি ; শেষ ; রফা। "পড়ল ঘুমের দফায় ইতি।"-দ্বিং রায়। ২ এই প্রকার। প্র-ইতিবৃত্ত। ৩ ইহা : এই। প্র-ইতিকর্ত্তব্য। ৪ উপক্রম। ৫ প্রকরণ। ৬ এজন্য। ~উতি [সং- ইতস্ততঃ। প্রাকৃং-ইদোতদো (মৃচ্ছং)। তুল- মালটোং-'আথিউথি' (=look there! there! there—I M. L.] ক্রি-বিণ, এদিক্-ওদিক্ বা চতুর্দ্দিক্। "পাগলের মত কভু ইতিউতি চায়।"-গোবিন্দং (কড়চা)। "ধীরে ধীরে যায়, ইতিউতি চায়, ধীর-মন্থর-গামিনী।" -বৈং পং। ইং করা-ক্রি. শেষ বা সমাপ্ত করা। ~কথা [ইতি (ইহা) কথা (কাল্পনিক কথা রচনা)] বি, উপকথা। ২ নিরর্থক কথন। ~কর্ত্তব্য [ইতি (ইহা) কর্ত্তব্য (করণীয়)] বিণ, ইহা করা উচিত। ২ বি, অনুষ্ঠিতব্য বিষয় : কর্ত্তব্য কর্ম্ম। ~কর্ত্তব্যতা [ইতি কর্ত্তব্য + তা (ভাং)] বি, ইহাই কর্ত্তব্য এইরূপ জ্ঞান। ২ কোন কার্য্য করিবার সদ্‌যুক্তি বা ঔচিত্য। ~কর্ত্তব্যবিমূঢ় -বিণ, উপস্থিত কি করা উচিত তা নির্ণয়ে অসমর্থ বা অনিশ্চিত বুদ্ধি ; কিংকর্ত্তব্য-বিমূঢ়। বি, ~কর্ত্তব্যবিমূঢ়তা। ~পূর্ব্বে-অ, ইহার পূর্ব্বে ; ইহা ঘটে নাই এমন সময়। ~বৃত্ত [ইতি (এই প্রকার) বৃত্ত (অতীত) যা ঠিক এই প্রকার গত হইয়াছে বা ঘটিয়াছে] বি, অতীত বৃত্তান্ত ; ইতিহাস। ~বৃত্তকার- বি, ইতিহাস-লেখক। ~মধ্যে [ইতোমধ্যে দ্রঃ] অ, ইহার মধ্যে। ২ এই সুযোগে ; ইত্যবসরে।

ইতিমাম, এতিমাম [ফাং-এহ্‌তি- মাম্। আদাং পরিঃ] বি, মুসলমান আমলের জমীদারী বিঃ। প্রাং কাগজ পত্রে বর্দ্ধমান, রাজসাহী ইং এতিমাম বলিয়া উক্ত "The trust or jurisdiction of a zemindar over certain variable divisions of a province under the Muhammadan Government of Bengal, equivalent to a zemindari ; thus Burdwan, Rajshahi, & are in early financial report designated as eahtimams. In Chittagong the term denotes a tenure similar but subordinate, to a taluk, and usually of small rent."—*A glossary of vernacular and judicial revenue terms, British India.*

ইতিহ [ইতি (এই প্রকার ; তদ্রূপ) হ (সমাচার)] অ, পরম্পরাগত উপদেশ। ২ পুরাতন কথা। স্ত্রীং ~া-বি, জনশ্রুতি : কিংবদন্তী [বিরল]।

ইতিহাস [ইতিহ (পরম্পরাগত উপদেশ) + অস্ (হওয়া) + অ (ধি)-যাতে পরম্পরাগত উপদেশ আছে] বি, পূর্ব্ববৃত্তান্ত ; পুরাবৃত্ত : প্রাচীন কথা ; ইতিবৃত্ত history ; অতীতের কাহিনী ; যা হইয়া গিয়াছে তার যথাযথ চিত্র। "যাতে ধর্ম্মার্থকামমোক্ষের উপদেশ-সহ পূর্ব্ব বৃত্তান্ত বর্ণিত আছে।" -মহাং। "ইতিহাসের কথা-বস্তু, 'পূর্ব্ববৃত্ত- কথা।' ধর্ম্মার্থকামমোক্ষের যে পূর্ব্ববৃত্ত কথা, অথবা যে পূর্ব্ববৃত্ত কথাযুক্ত ধর্ম্মার্থকামমোক্ষের উপদেশ-সমন্বিত বিষয়, তাহারই নাম 'ইতিহাস' বলিয়া সুপরিচিত ছিল। তাহা সত্যঘটনামূলক পুরা-কাহিনীর আধার। পুরাণে ঠিক এইরূপ ধরা বাঁধা সত্যঘটনামূলক কথার উপর ধর্ম্মার্থকামমোক্ষের উপদেশ নির্ভর করে না। পুরাণ 'পঞ্চ লক্ষণ' গ্রন্থ বলিয়া পরিচিত। * * * 'পঞ্চ লক্ষণ' পুরাণে থাকিত-সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর, বংশানু- চরিত ইং-র কথা। সে কথা জনশ্রুতিমূলক চিরপ্রচলিত পুরাতন কথা হইলেও, 'পূর্ব্ববৃত্ত- কথা' বলিয়া পরিচিত ছিল না। এইখানে পুরাণের এবং ইতিহাসের পার্থক্য থাকায় এবং উভয়ের মধ্যে লোকশিক্ষার উপাদান তুল্যভাবে নিহিত থাকায়, অতি পুরাকাল হতে দুইটি বিষয়কেই পৃথক ভাবে অধ্যয়ন করিবার ব্যবস্থা প্রচলিত হইয়াছিল।"-অংকুং মৈত্রেয় (মাং ও মং বাণী, ফাল্গুন, ১৩৩৪)। "যিনি অসংখ্য লোকের শ্রদ্ধা ও ভক্তি আকর্ষণ করিয়া তাহাদের আদর্শ বা মূর্ত্তিরূপে বিরাজ- মান, তাঁহার চরিত্রকথা যাহাতে বিবৃত আছে তাহাই ইতিহাস, ইতিহাসের ভিত্তি ব্যক্তি- বিশেষের জীবনী * * *।" "অতীত ঘটনার ফলাফল দর্শনে, বর্ত্তমানকে কিরূপ ভাবে আয়ত্ত করিলে ভবিষ্যতে সুফল লাভ হয়, ইতিহাস তাহাই নির্দ্দেশ করে।"-ইমার্সন্। ~কার-ইং লেখক। ~জ্ঞ (-স-) [ইতিহাস -জ্ঞা (জানা) + অ (কৃ)] বিণ, যে পূর্ব্ববৃত্তান্ত জানে ; ইতিহাস শাস্ত্রে যার জ্ঞান আছে ; ঐতিহাসিক। বি, পুরাবৃত্তজ্ঞ ব্যক্তি। ~বিৎ, ~বেত্তা-ইতিহাসজ্ঞ।

ইতু [ইন (সূর্য্য) > ইত > ইতু, কিন্তু অধিক সম্ভব-মিত্র (সূর্য্য) > মিতু > ইঁতু > ইতু বা 'ইষ্ট' (পূজা-সূর্য্য পূজা) > ইতু। পূজার মন্ত্রেও আছে "মিত্রায় নমঃ"। (২) "সং ইন্দ্র > ব্রাহ্মী লেখে ইত্র ইতু ?" -চাং বন্দ্যোং] বি, সূর্য্যপূজার ঘট : অগ্রহায়ণ মাসে দ্বাদশটি ক্ষুদ্র ঘটে দ্বাদশ সূর্য্যের পূজা হয়- ইহাই ইতু পূজা। অগ্রহায়ণ মাসের প্রতি রবিবারের ভোরে শস্য সম্পত্তি কামনায় পূজিত সূর্য্যদেব। ~পূজা-উক্ত ঘটস্থ সূর্য্য বা মিত্র পূজা।

ইতুনিদকুড়ে [ইতিউতিকারী কুঁড়ে] বিণ, দীর্ঘসূত্রী : নিড়বিড়ে।

ইতে [প্রাদেং] স, ইহাতে। ইতেছে [দ্বি দ্রঃ] বর্ত্তমান অস-ক্রি, বিভক্তি। প্র-করিতেছে, যাইতেছে ইং।

ইতোমধ্যে [ইতস্-মধ্যে] অ, ইহার মধ্যে। আধুং বাং অশুদ্ধ কিন্তু চং রূপ। ইতিমধ্যে (দ্রঃ)।

ইত্তিলা, ইত্তেলা [আং-ইৎ-তলা (সংবাদ)] বি, খবর ; সংবাদ। ২ বিজ্ঞাপন ; নোটিস্।

ইত্থম্ভূত [ইত্থম্ (এইরূপ) ভূত (গত) যা এইরূপ হইয়া গিয়াছে] বিণ, এবম্ভূত ; ঈদৃশ। ২ এইপ্রকার জাত।

ইত্যনুসারে [ইতি + অনুসারে] ক্রি- বিণ, ইহার অনুযায়ী ; এইরূপে।

ইত্যবসরে [ইতি-অবসরে] অ, এই অবসরে ; এই সুযোগে।

ইত্যাকার [ইতি-আকার] অ, এই প্রকার ; এবম্প্রকার ; এইরূপ। "মহারাজ মানসিংহ আপনচিত্তে ইং নানা প্রশ্নের পুনঃপুনঃ আন্দোলন করিতে লাগিলেন।" -নবাবনন্দিনী (দামোং)।

ইত্যাদি [ইতি-আদি] অ, এবং। ২ প্রভৃতি ; এতৎপ্রভৃতি। ৩ ইতর। "ই॰ নারীর মায়া নাহি বুঝে নর।"-মহা॰ (কাশী)। ৪ এই প্রকার : এবম্প্রকার। "ই॰ অনেক বিধ কৃষ্ণে বুঝাইয়া। আপনি গেলেন রাম কৃষ্ণেরে রাখিয়া॥"-মহা॰, আদি(কাশী)।

ইত্বর [ই (গমনে) বর (র্ত্তৃ) ত্ আগম] বিণ, ইতর। স্ত্রীং ~ী-পামরী। ২ অভিসারিকা ; অসতী : কুলটা।

ইৎসা [বৈ॰ পদ] বি, ইচ্ছা ; কামনা। "তুমি দেব-দেব হরি, সঙ্গে যুদ্ধ ই॰ করি, তব অস্ত্রে যেন যায় প্রাণ।"-রামা॰ (কৃষ্ণদাস)।

ইথে [ইত্থং > । এতে দ্রঃ। প্রা॰ বৈ॰ সা॰] অ, ইহাতে। "ইথে নাহি লাজ।" -বি॰ প॰। ২ ইহা : ইহার। "ইথে লাগি ধনি কাহে হোয়বি বিমুখ।"-বি॰ প॰। ৩ এইহেতু ; এইজন্য (অবস্থাবাচক)। "চণ্ডীদাস ইথে কহে।"-চণ্ডী॰। "সোহাগিনী ইথে তোর এত অভিমান।"-অশোক॰। ৪ এতদ্দ্বারা। ৫ এই বিষয়ে ; এ সম্বন্ধে। "কহ ধনি ইথে কি সমাধা।"-বি॰ প॰। ৬ ইহা (তুল-বাং এত। হিং॰-ইহাতক্)। "ইথে শুনি জানিল আছএ জীব এথা।"-ব্রজ॰-পরিক্রমা।

ইদ-ঈদ দ্রঃ।

ইদং [বাং স্বতন্ত্র ব্যবহার নাই] স, ইহা। প্র-নিবেদনমিদং।

ইদানী [চ॰ এদানি] অ, বর্ত্তমানে : আজকাল।

ইদানীং [ইদানীম্, ইদম্ (ইহা) + দানীম্ (কালার্থে)। দম্-লোপ] অ, অধুনা ; আজিকালি ; সম্প্রতি ; এইকালে ; এক্ষণে।

ইদানীন্তন [ইদানীম্ + তন (ভবার্থে)] বিণ, ইদানীং যা হইয়াছে ; অধুনাতন ; আধুনিক ; বর্ত্তমানকালীন। ২ নব্য।

ইদাবঁৎসঁর ['ইদ্বৎসর' ও॰ ইদা চিহ্নিত বৎসর] বি, ত্রিংশ সূর্য্যোদয়ে যে মাস হয় তার দ্বাদশ মাসে এক ইদা বৎসর। ইহা বর্ষ পঞ্চকের তৃতীয় বর্ষ ; ৩৬০ দিনে যে বৎসর।

ইদারা, ইঁদারা-ইন্দারা দ্রঃ।

`ইদি, ইদী, `ইন্দি, `ইন্দিঅ ইন্দীঅ-ইন্দ্রিয় দ্রঃ।

ইদ্দৎ-যে সময়ের মধ্যে মুসলমান বিধবাব শাস্ত্রমতে পুনরায় বিবাহ হয় না।

ইধ্ম [ইন্ধ্ (প্রজ্বলিত করা) + ম (জ্ঞা॰) -যাকে জ্বালান যায়] বি, জ্বালানি কাষ্ঠ। ~বাহ [ইধ্ম+বাহ (যে বহন করে) তেজস্বী অগস্ত্যনন্দন বাল্যকালেই পিতার আলয়ে অগ্নি-সন্দীপন কাষ্ঠের ভার বহন করিতেন বলিয়া তাঁর এই নাম (মহা॰)] বি, অগস্ত্যের পুত্র।

`ইন্কম্-ট্যাক্স, -টেক্স [ইং- Income-tax] বি, প্রজার উপার্জ্জনের উপর রাজা যে কর আদায় করেন : আয়-কর।

ইন্টরপ্রেটর [ইং-interpreterএর লিপ্যন্তর] বি, আদালতে যে কর্ম্মচারী আদালতের কথা বিচারপ্রার্থীকে এবং বিচারপ্রার্থীর কথা আদালতকে ভাষান্তরিত করিয়া জ্ঞাত করেন : দোভাষী।

ইন্টারমিডিয়েট [ইং- Intermediateএর লিপ্যন্তর] বি, মধ্যপরীক্ষা ; ম্যাট্রিক ও বি-এ পরীক্ষার মধ্যবর্ত্তী পরীক্ষা। "সে ই॰ পাশ করিয়াছে।"-উত্তরা, ১৩৩৩।

ইন্ফিসলী-বি, মুক্তিপত্র ; ছাড়পত্র a release.

ইন্ভাইস [ইং-invoiceএর লিপ্যন্তর] বি, চালান ; রপ্তানি মালের বিবরণ-পত্র। যে সকল মাল জাহাজে আমদানি হয়, বিদেশীয় মহাজনেরা সেই মালের সঙ্গে যে বিবরণ সম্বলিত কাগজ পাঠান।

ইন্সলভেণ্ট [ইং- insolvent এর লিপ্যন্তর] বিণ, ঋণ পরিশোধ করিতে অসমর্থ বলিয়া আদালত কর্ত্তৃক গ্রাহ্য : দেউলিয়া।

ইন্সাফ [আ॰-ইন্সাফ্। দলিল পত্রে 'ইন্সাপ'] বি, সুবিচার : ন্যায় বিচার।

ইনাম [আ॰-ঈ নাম্ (অর্থদান)] বি, দান : আপনার অধীন ব্যক্তিকে যা দান করা যায় ; বখশিশ ; পুরস্কার। "ই॰ কি চাহ বলি পাতশা জিজ্ঞাসে।"-অ॰ ম॰। ~ভূমি -বি, উপকার করিলে গবর্ণমেণ্ট পুরস্কার স্বরূপ যে নিষ্কর ভূমি দান করেন ; নিষ্কর ভূমি। "বৈদ্যনকুল তুমি খাইবে ইনামভূমি, চিকিৎসা করিবে রাজপুরে।"-কবিক॰।

ইনামেল, 'এনামেল [ইং-enamel এর লিপ্যন্তর] বি, কাওলিন নামক মৃত্তিকা, প্রস্তরচূর্ণ, সীসক, লবণাদি চূর্ণদ্বারা প্রস্তুত প্রলেপ। প্র-এনামেলের বাটী।

`ইনি [ইদম্ > । সং-তে 'দ' লোপে ইম্, সম্ভ্রমার্থে ইমানি > প্রাকৃ॰-ইনি] এই ব্যক্তি : এই জন।

ইনিয়ে-বিনিয়ে [ইনাইয়া-বিনাইয়া ক্ষে॰-ব্যাপক অর্থে বিনাইয়ার সহচর শব্দ (বিনান দ্রঃ)] ক্রি-বিণ, নানা বাক্যে ; নানা প্রকারে বা বিস্তারিত ভাবে বর্ণনা করিয়া : ঘুরিয়ে ফিরইয়ে। প্র-সে যে ই॰-বি॰ কত কি বল্লে। আর ই॰-বি॰ বলতে হবে না সোজা বলে ফেল না। ২ কাঁদুনি গাইতে গাইতে। ৩ [অনুনয়-বিনয় >] অনুনয়-বিনয় করে। প্র-ই॰-বি॰ বল্লে যদি তার কথা শোনে।

ইন্তাকাল [আ॰-ইন্ত্কাল (প্রস্থান-মহাপ্রস্থান-হস্তান্তর ই॰)] বি, মৃত্যু। ২ [আদা॰ পরিঃ, ফা॰-ইন্ত্কাল-ই-জায়দাদ transfer of property, বাং ক্ষে॰ ইস্তাকাল] মকদ্দমা নিষ্পত্তি হবার পূর্ব্বে ক্রোক ;

ইন্তাজার, ইন্তিজার, ইন্তিজারি, ইন্তেজারি [আ॰-ইন্ত্জার্] বি, আগ্রহের সহিত অপেক্ষা। ই॰ করা-অপেক্ষায় থাকা।

ইন্তিজাম্ [গ্রা॰-'ইন্তেজাম্। আ॰-ইন্ত্জাম্] বি, বন্দোবস্ত ; ব্যবস্থা ; শৃঙ্খলা।

ইন্তিহা [আ॰-ইন্ত্হা] বি, শেষ ; সীমা: একশেষ।

ইন্তিহান, -হাম, ইন্তেহাম [আ॰-ইম্ত্হান্] বি, পরীক্ষা।

ইন্দারা, ইঁদারা, ইদারা [সং-অন্ধু >, হিং॰-ইন্দারা] বি, কৃত্রিম ক্ষুদ্র জলাশয় ; কূপ ; পাতকুয়া। ২ গভীর গর্ত্ত।

`ইন্দি, ইন্দী [সং-ইন্দ্রিয় (বীর্য্য) > গ্রা॰ ক্ষে॰, বা ইন্দ্ (পরমৈশ্বর্য্য) + ই, ঈ-র্ত্তৃ] বি, লক্ষ্মী ; সামর্থ্য ; সম্বল ; শক্তি ; যোগ্যতা। গ্রা॰-অশিষ্ট উক্তিতে। "পোঁদে নেই ইন্দি ভজরে গোবিন্দী।" (নিজের নেই কোমরের জোর, সুতরাং শক্তির জন্য গোবিন্দ ভজ)

-প্রবচন। (২) সম্বলহীনের গোবিন্দ নামে ভিক্ষা বা লক্ষ্মীছাড়ার লক্ষ্মীপতিকে স্মরণ করার ইঙ্গিত। ২ [প্রা॰ বাং] ইন্দ্রিয়। "পাঞ্চ ইন্দি।"-বৌ॰ গা॰ ও দো॰। ~বরণী-বি, উৎপলিনী : কুমুদ।

ইন্দি/বর, ইন্দীবর, -বার [ইন্দি (ইন্দিরা >) লক্ষ্মী-বর (শ্রেষ্ঠ, অভীষ্ট, লক্ষ্মীর অতিশয় প্রিয়)] বি, নীলপদ্ম : নীলোৎপল। স্ত্রীং ~বরী-শতমূলী (ইহার নীলোৎপলাকার পুষ্প)।

ইন্দিরা [ইন্দ্ (ঐশ্বর্য্য)-রা (যে দান করে)-বহু॰] বি, বিষ্ণুপত্নী ; লক্ষ্মী ; কমলা। ~লয় [ইন্দিরা (লক্ষ্মী)-আলয় (বাসস্থান-লক্ষ্মী পদ্ম হতে জন্মিয়াছিলেন)] বি, পদ্ম ; শতদল ; কমল।

ইন্দু [ইন্দ্ (প্রভুত্ব করা) + উ (র্কৃ), যিনি নক্ষত্রগণ মধ্যে আধিপত্য করেন। কিংবা উন্দ্ (আর্দ্র হওয়া) + উ ; উ=ই। যিনি সুধায় আর্দ্র হন] বি, চন্দ্র : সুধাকর। ২ [চন্দ্রের ন্যায় শুভ্র বলিয়া] কর্পূর [বিরল] ৩ [প্রা॰ ভারতীয় সং সা॰। "In ancient Indian mythology, however the same drink identified with the juice of immortality of the Gods, and the seat of this divine drink to the moon the golden—gleaming drop in the sky." —*pp. 58-59 foot-note of Introduction to A History of Indian Literature vol. I. Winternitz. Cal. U. Edn.*] অমৃতবিন্দু ; বিন্দু drop. ৪ [বৈদিক ইন্দু= সোমলতা, সোমরস। ইন্দু+র=সোমপায়ী-চা॰ বন্দ্যো॰] ইন্দ্র। ~কমল [ইন্দু (চন্দ্র)-কমল (পদ্ম) ধা] বি, শ্বেতপদ্ম ; কুমুদ। ~কলা,-দল,-রেখা,-লেখা [ইন্দু-কলা, ই॰ ৬ তৎ] বি, চন্দ্রকলা ; চন্দ্রের ১৬ ভাগের একভাগ digit of the moon. [চন্দ্রকলা দ্রঃ] ~কলিকা [ইন্দু-কলিকা (ইন্দুর ন্যায় শুভ্র কলিকা যার)] বি, কেতকী। ২ চন্দ্রকলা। ~কান্ত [ইন্দু-কান্ত (কমনীয়, স্বামী)] বি, চন্দ্রকান্তমণি ; যা চন্দ্রকিরণে অতি শোভা পায়। > স্ত্রীং ~কান্তা-রাত্রি। ২ নক্ষত্র। ~কী-বি, গাবগাছ। ২ কেঁউ গাছ। ~জ [ইন্দু-জ (যে জন্মে) ইন্দু +জন্+অ (ন্ লোপ)] বি, বুধ। > স্ত্রীং~া-রেখানদী : নর্ম্মদানদী। ~দল-বি, চন্দ্রকলা। ~নিভানন [ইন্দু (চন্দ্র)-নিভ (ন্যায়) আনন (মুখ) চন্দ্রের ন্যায় বদন যার-বহু॰] বিণ, চন্দ্রবদন। সম্বোধনে ~নিভাননে। "তবে কেন তুমি কাঁদ, ইন্দুনিভাননে, তিত অশ্রু নীরে।"-মেঘ॰। > স্ত্রীং ~নিভাননা, ~নিভাননী। ~পুত্র-বি, বুধগ্রহ the planet mercury. ~পুষ্পিকা-বি, কলিকারি বা নাটাকরঞ্জের গাছ। ২ বিষলাঙ্গল বৃক্ষ। ~বল্লী [ইন্দু-বল্লী (লতা) -৬ তৎ] বি, সোমলতা। ~ব্রত [ইন্দু-ব্রত (পুণ্যজনক বা পাপক্ষয়কর কর্ম্ম) ৬ তৎ] বি, চান্দ্রায়ণ ব্রত। ~ভূষণ-বিণ, চন্দ্র যার ভূষণ বা অলঙ্কার। বি, শিব। ~ভৃৎ [ইন্দু (চন্দ্র) ভৃৎ (ভৃ=ধারণ করা+ক্বিপ্ (র্কৃ) যে ধারণ করে-উপ॰] বি, চন্দ্রচূড় : শিব। ~মণ্ডল -বি, চন্দ্রমণ্ডল : উপচন্দ্রক disc of the moon. ~মতী [ইন্দু-মৎ (ন্যু), ঈ (স্ত্রীং)] বি, পূর্ণিমা। ২ বিদর্ভরাজকুমারী এবং অজ-রাজমহিষী ; দশরথের জননী। ৩ তীর্থবিঃ। ~মুখী-বিণ, ইন্দুবৎ মুখ যে স্ত্রীর ; চন্দ্রাননা : সুন্দরী। ~মৌলী [ইন্দু-মৌলী (শিরোভূষণ) যার-বহু॰] বি, চন্দ্রচূড় : শিব। ~রতন, ~রত্ন [ইন্দু (সদৃশ) শুভ্র বর্ণ হেতু] বি, মুক্তা [বি॰ প॰] ~রেখা, ~লেখা [ইন্দু-রেখা, লেখা=পঙ্‌ক্তি (৬ তৎ)] বি, চন্দ্রকলা : চন্দ্রখণ্ড। ২ সোমলতা। ৩ গুলঞ্চ। ৪ যামিনী। ~লোহক-বি, রৌপ্য silver. ~সুত-চন্দ্রপুত্র ; বুধ।

ইন্দুর, ইন্দূর [সং-ইন্দুর। হি॰, ওড়ি॰ -ইন্দুর : ম॰-উন্দীর ; তেলু॰-পান্দিকক্কু] বি, মূষিক ; ইঁদুর। উন্দুর দ্রঃ। ~কাণি, -নি [ইন্দুর+কাণ-ঈ (স্ত্রীং)। তুল-সং-উন্দুরকর্ণী] বি, একপ্রকার গাছ ; জলের পানা বিঃ: (ইহার আকার ইঁদুরের কাণের মত)।

ইন্দ্র, [ইন্দ্ (আধিপত্য করা) + র (র্কৃ-জ্ঞা॰)-যিনি দেবগণের উপর আধিপত্য করেন] বি, দেবরাজ ; সুরপতি। পুরুষসূক্তমতে ইন্দ্র অগ্নির সহিত পুরুষের মুখ হইতে নির্গত হইয়াছিলেন। তৈত্তিরীয়মতে তিনি অদিতির গর্ভসম্ভূত। স্বর্গের অধিপতি বলিয়া ইঁহার নাম 'স্বর্গাধিপ,' 'স্বরাট্,' দিবস্পতি'। বেদে তিনি সর্ব্বশ্রেষ্ঠ দেবতা বলিয়া উক্ত, তাই তাঁর নামান্তর লেখর্ষভ। বৈদিক ভারতে ইন্দ্র আদিদেবতা কিন্তু পুরাণে তিনি ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর-এই তিন শক্তির অধীন ; তথাপি স্তুতির সময় 'ঈশ্বর' বলিয়া উক্ত :-"নমোঽস্তু তস্মৈ জগদীশ্বরায় লোকত্রয়েশায় পুরন্দরায়।" একশত অশ্বমেধ যজ্ঞ করিলে ইন্দ্রত্বলাভ হয়। তাই ইন্দ্রের নাম-শতমখ, শতক্রতু, শতমন্যু। দেবমানে শতবর্ষ রাজ্য করিলে ইন্দ্রত্ব যায় : তখন দেব, দানব, মানব যে কেহ স্বীয় তপঃ-প্রভাবে শত অশ্বমেধ যজ্ঞ সমাপন করিয়া ঐ পদ লাভ করেন এবং পুরী-অমরাবতী, প্রাসাদ-'বৈজয়ন্ত', উদ্যান-'নন্দন', হস্তী-'ঐরাবত', এবং অশ্ব-'উচ্চৈঃশ্রবা' ই॰ ইন্দ্রের ঐশ্বর্য্য ভোগ করেন। পাছে কেহ তপঃপ্রভাবে ইন্দ্রত্ব লাভ করে, এই ভয়ে ইন্দ্র উগ্র তাপস-গণের সাধনায় বিবিধ বিঘ্ন উৎপাদন করিতেন। স্বর্গপুরী ও স্বর্গের সুখ ও ধনৈশ্বর্য্যের অধিপতি বলিয়া ইন্দ্রের অন্য নাম 'বাসব' ও 'বাস্তোষ্পতি'। ইন্দ্রপত্নীর নাম 'শচী' ; তাঁর পুত্র-'জয়ন্ত' (কিন্তু বহু পুরাণে ইন্দ্রাদি দেবগণ অপুত্রক)। জয়ন্ত ব্যতীত ইন্দ্রপুত্র-(২) বালী। (৩) অর্জুন [রামা॰ মহা॰] এবং (৪) মালাধর ও (৫) নীলাম্বর [চণ্ডীকাব্য, কবিক॰] সুরপতি ইন্দ্র দেবদ্বেষী অসুরদিগের চিরশত্রু। অসুরগণ ঘোর অত্যাচারী হইলে এবং বাহুবলে স্বর্গ অধিকার করিলে ইন্দ্র ঘোরতর সংগ্রাম করিয়া অসুর বিনাশ করিতেন। এইরূপে অসুরদিগের প্রধান বৃত্র, নমুচি, বল, জম্ভ, অহি, চুমুরি, ধুনি, পিপন, শুষ্ণ ই॰ তাঁর হস্তে নিধন প্রাপ্ত হইলে ইন্দ্র-'বৃত্রহা', 'বৃত্রঘ্ন', 'নমুচিসূদন', 'জম্ভভেদী', 'জম্ভভেদন', 'বলরিপু', 'বল-ভিদ্', 'বলভেদন', 'বলারাতি', 'পুরুহূত', 'পাকশাসন' ই॰ নামে আখ্যাত। তিনি অসুরপুরী বিদারণ করায় তাঁর নাম 'পুরন্দর'। দধীচিমুনির অস্থিতে বিশ্বকর্ম্মাকর্ত্তৃক নির্ম্মিত বজ্রদ্বারা অসুর নিপাত ও পর্ব্বত বিদারণ করেন এবং তাঁর প্রধান অস্ত্রস্বরূপ বজ্রকে ধারণ করেন বলিয়া নাম-গোত্রভিদ্, বজ্রী, আখণ্ডল। তাঁর অশ্বগণ হরিদ্বর্ণ বলিয়া নাম হরিহয়, হরিদশ্ব। মেঘ বাহন বলিয়া নাম

'মেঘ-বাহন'। ইন্দ্র বারি বর্ষণ করেন বলিয়া নাম 'বৃষা'। গৌতমপত্নী অহল্যাকে হরণ করায় মুনিশাপে সর্ব্বাঙ্গে সহস্রযোনি প্রকাশ পায় ; পরে বিহিত যজ্ঞানুষ্ঠান করিলে যোনি লোচনে পরিণত হয়। তদবধি তিনি সহস্রাক্ষ ; সহস্রলোচন ইং নামে প্রসিদ্ধ [ঋগ্বেদ ও পুরাণের বৃত্রঘ্ন ইন্দ্র-পারসিক জেন্দ্‌-আবেস্তায় বেরেথ্রঘ্ন (Verethragna) এন্দ্র এবং গ্রীং-Orthropon, (গ্রীং-orthros অণুঃ, তুল-পারসীক verethra=বৃত্র-pon পণ (হন্) ইন্দ্রের ন্যায় গ্রীং-zeus (জিয়স্)। তুল-ল্যাং-jovis—jupiter)-দিবস্পতি, দেবরাজ, সুরশ্রেষ্ঠ, দৈত্যরিপু, বজ্রধারী : মেঘবাহনের ন্যায় মেঘাবৃত মস্তক ; বৃষার ন্যায় বৃষ্টিপ্রদ ; মেঘসমূহের পরিচালক ও পৃথিবীর উৎপাদিকা শক্তিপ্রদাতা এবং বজ্রীর ন্যায় হিফেস্টস্ নির্ম্মিত অশনি-নামক অমোঘাস্ত্র প্রহারে টাইটান নামক দৈত্যকুল নির্ম্মূলকারী ও দেবগণের সুখশান্তিবিধাতা। অদিতিনন্দন ইন্দ্রের সহিত গ্রীক সূর্য্যদেব Hellenic Apollo র কথঞ্চিৎ সাদৃশ্য আছে-উভয়েরই বাণাধার সুবর্ণময়, উভয়েই অগ্নিময় রথে আরোহণ করিয়া স্বর্গ পরিভ্রমণ করেন। ইন্দ্রের অশ্বগণ হরিৎ, হেলিয়সের অশ্বগণের নাম চরিত-Charities—ভারতকোষ দ্রঃ]।

ইন্দ্র২-বি, প্রধান ; শ্রেষ্ঠ [এই অর্থে শব্দের পর যুক্ত হয়। যথা-দেবেন্দ্র, নরেন্দ্র, মনুজেন্দ্র, বীরেন্দ্র ইং] ২ রাজা ; অধিপতি [এই অর্থে শব্দের পর যুক্ত হয় যথা-ধরেন্দ্র] ৩ [বেদান্ত] পরমেশ্বর। ৪ সূর্য্য। ৫ যোগ বিঃ। ৬ তিক্তবীজবিঃ। ৭ কূটজবৃক্ষ। ৮ উপদ্বীপবিঃ। ৯ রাত্রি। ১০ বিণ, ঐশ্বর্য্যশালী। বিণ, ঐন্দ্র। স্ত্রীং ~া, ~াণী (দ্রঃ)। ~ক [ইন্দ্র (শ্রেষ্ঠ) + ক (সুখ)-শ্রেষ্ঠ সুখ আছে যাতে-বহুং] বি, গৃহ। ২ সভাগৃহ। ~কল্প [ইন্দ্র-কল্প (সদৃশ)] বিণ, ইন্দ্রসদৃশ। "ইন্দ্রকল্প মহাত্মা ধৃতরাষ্ট্র।"-মহাং। ~কীল [ইন্দ্র-কীল (শঙ্কু-পর্ব্বত)-৬ তৎ] বি, হিমালয়স্থ মন্দর পর্ব্বত। মতান্তরে মহেন্দ্র পর্ব্বত, যেখানে অর্জ্জুন তপস্যা করেন এবং কিরাতরূপী মহাদেবের সহিত যুদ্ধ করিয়া তাঁর সন্তোষ সাধন করেন। "হিমাদ্রির পার গন্ধমাদন ভূধর। ইন্দ্রকীল গিরি হয় তাহার উত্তর।" "* * * হিমালয় গিরিবরে ইন্দ্রের নন্দন। করেন তপস্যা আরাধিতে ত্রিলোচন।" -মহাং (কাশী)। ~কুঞ্জর-বি, ঐরাবত হস্তী। ~কৃষ্ট-বিণ, বৃষ্টিজল বর্দ্ধিত। ~কোষ [ইন্দ্র (অত্যুত্তম) কোষ (স্থান)-৬ তৎ] বি, মঞ্চ। ২ খট্বা ; পর্য্যঙ্ক। ৩ জানালার বাহিরের বারাণ্ডা balcony. ৪ তাক ; দেয়ালগিরি ; ব্রাকেট bracket. ~গোপ [ইন্দ্র-(অত্যুত্তম) গো (কিরণ) প (যে পালন করে) যে অত্যুত্তম শোভা ধারণ করে] বি, রক্তবর্ণ ক্ষুদ্র কীটবিঃ ; মখমলী coccinella. ~চ্ছন্দ-বি, মুক্তাস্রবিঃ [রত্নমালা] ~চন্দন -বি, হরিচন্দন ; রক্তচন্দন। ~চাপ [ইন্দ্র-চাপ (ধনুঃ)-৬ তৎ] বি, ইন্দ্রধনুঃ ; ইন্দ্রায়ুধ। ২ রামধনু। "কিরীটছটা কবরী উপরি, হায় রে, শোভিল যথা কাদম্বিনীশিরে ইন্দ্রচাপ।" -মেঘং। ~জাল [ইন্দ্র (ইন্দ্রিয়)-জাল (আচ্ছাদন করা) অ (র্তৃ)-যে ইন্দ্রিয় আচ্ছাদন করে অর্থাৎ ভ্রান্তিতে পাতিত করে] বি, চতুঃষষ্টি কলা বিদ্যার অন্তর্গত বিদ্যাবিঃ ; যদ্দ্বারা অপ্রকৃত বস্তুতে প্রকৃতভাব দর্শন করায় ; কুহক ; ভেল্কী ; ভোজবাজী। ২ মায়া। ৩ ছল ; প্রতারণা। ~জালক, ~জালিক [ইন্দ্রজাল (কুহক) + অক, ইক (সম্বন্ধার্থে, জ্ঞাতার্থে)] বিণ, ইন্দ্রজাল সম্বন্ধীয় ; ইন্দ্রজাল সম্ভূত ; ঐন্দ্রজালিক। ২ বি, বাজীকর ; কুহকী ; ভোজবিদ্যানিপুণব্যক্তি। ব্রজং-ইন্দ্রজালক (বিং পং)। ~জিজ্জয়ী-পরে দ্রঃ। ~জিৎ [ইন্দ্র-জিৎ-জি (জয় করা) + ক্বিপ (র্তৃ)-যে জয় করে। যে ইন্দ্রকে জয় করিয়াছে] বি, রাবণপুত্র ; মেঘনাদ। "আমারে জিনিয়া বেটার নাম ইন্দ্রজিৎ।"-কৃত্তিং। ২ বিণ, ইন্দ্রজয়কারী ; বাসবজয়ী। "কি কৌশলে, রাক্ষস ভরসা ইন্দ্রজিৎ মেঘনাদে-অজেয় জগতে-উর্ম্মিলাবিলাসী নাশি, ইন্দ্রে নিঃশঙ্কিলা।"-মেঘং [মেঘনাদ মহামায়ার পূজা করিয়া মায়াবল লাভ করিয়াছিলেন। রাবণের দিগ্বিজয় সূত্রে দেবরক্ষে যুদ্ধ বাধিলে, মেঘনাদ মায়াবলে অদৃশ্য থাকিয়া ইন্দ্রকে মায়াতে আচ্ছন্ন, শরজালে অবসন্ন এবং মায়াপ্রভাবে বন্দী করিয়া লঙ্কায় লইয়া যান। ব্রহ্মা প্রমুখ দেবগণ তখন রাবণকে সাধুবাদ ও মেঘনাদকে বরদানে তুষ্ট করিয়া ইন্দ্রকে মুক্ত করেন। মেঘনাদ প্রথমে অমর হবার বর চাহিয়াছিলেন, ব্রহ্মা সে বর দিতে অসম্মত হইলে, তিনি এই বর চাহেন-"যুদ্ধে জয়লাভের ইচ্ছা করিয়া যখন আমি বিধি পূর্ব্বক হোম করিব তখনি যেন আমার জন্য অগ্নি হইতে অশ্ব সহিত রথ উত্থিত হয় ; এবং যতক্ষণ সেই রথে অবস্থান করিব ততক্ষণ যেন অমর হই এবং হোম সমাপন না করিয়া সংগ্রাম করিলে যেন আমার মৃত্যু হয়।"-ব্রহ্মা সেই বরই দিলেন, এবং বলিলেন, "অতঃপর মেঘনাদের নাম হইল ইন্দ্রজিৎ।" ইনি নাগপাশ শস্ত্রে সুশিক্ষিত ছিলেন। লক্ষ্মণের হস্তে নিহত হন] ~জিদ্বিজয়ী, ~জিজ্জয়ী [ইন্দ্রজিৎ + বিজয়ী, জয়ী] বি, বিণ, লক্ষ্মণ ; মেঘনাদবধকারী। ~তাপন-বি, ইন্দ্রজিৎ। ২ বাতাপি। ~তূল, ~তূলক, ~তূলা [ইন্দ্র-তূল, তূলক, তূলা (কার্পাস)] বি, আকাশ হতে পতিত সূত্র, আকাশ বুড়ীর সূতা। ~ত্ব [ইন্দ্র + ত্ব (ভাং)] বি, ইন্দ্রের পদ এবং ঐশ্বর্য্য। ২ স্বর্গের আধিপত্য। ৩ রাজত্ব। ৪ প্রাধান্য। ~দারু [ইন্দ্র-দারু (বৃক্ষ)] বি, দেবদারু বৃক্ষ। ~দ্যুম্ন [ইন্দ্র-দ্যুম্ন (ধন)-ইন্দ্রের ন্যায় ধন যার-বহুং] বি, অবন্তীর জনৈক সূর্য্যবংশীয় রাজা। ইনি পরম বিষ্ণুভক্ত ছিলেন। ইনিই পুরীধামে জগন্নাথদেবের মন্দির ও দারুময় মূর্ত্তি প্রতিষ্ঠা করেন। মতান্তরে ইনি অযোধ্যার অধিপতি ছিলেন। "পূর্ব্বে ছিলা অযোধ্যায় রাজা ইন্দ্রদ্যুম্ন বায় সূর্য্যবংশে সূর্য্যের সমান।"-অং মং। ২ গন্ধমাদনের সন্নিকটস্থ সরোবর বিঃ। ৩ অযোধ্যারাজ ইন্দ্রদ্যুম্ন কর্ত্তৃক পুরীধামে প্রতিষ্ঠিত হ্রদ। " * * গরুর খুরে, মাটী উড়ে যায় দূরে, তাহে এই ইন্দ্রদ্যুম্ন হ্রদ।"-অং মং। ৩ জনৈক রাজা (পত্নীর নাম ছিল অহল্যা)। ~দ্রুম, ~দ্রু [ইন্দ্র-দ্রু, দ্রুম (বৃক্ষ)-৬ তৎ। এই বৃক্ষে ইন্দ্রের নিশান বাঁধা আছে বলিয়া এই নাম] বি, অর্জ্জুন বৃক্ষ। ২ কুড়চী গাছ। ~দ্বীপ-বি, ভারতবর্ষের নয় ভাগের এক ভাগ। অন্য ৮ ভাগ যথা-(২) কশেরুমান্,

(৩) তাম্রবর্ণ, (৪) গভস্তিমান্, (৫) নাগদ্বীপ, (৬) সৌম্য, (৭) গান্ধর্ব্ব, (৮) বারুণ। ভারতবর্ষবিচার গ্রন্থমতে ইহা ইংলণ্ড। ~ধনু [মূ॰—ইন্দ্রধনুস্] বি, ইন্দ্রচাপ ; শক্র-ধনু। ২ রামধনু rainbow. ~ধ্বজ [ইন্দ্র +ধ্বজা (পতাকা) ৬ তৎ, ইন্দ্রের সন্তোষার্থে ধ্বজা] বি, ভাদ্র শুক্লা দ্বাদশীতে রাজ্যের বিঘ্নশান্তি ও প্রজাবৃদ্ধির কামনায় রাজারা পূর্ব্বে ইন্দ্রের প্রীত্যর্থে, যে ধ্বজা বিধিমত পূজা করিয়া প্রোথিত করিতেন, এই ধ্বজা উত্থাপন ঘটিত উৎসব সাত দিন থাকিত, পরে বৈধ অনুষ্ঠান সহ ধ্বজা বিসর্জ্জিত হইত। [রামা॰] ~নীল,-নীলক [ইন্দ্র (অত্যুত্তম) -নীল (নীলবর্ণ) + অ (স্ত্যু) ক (স্বার্থে)] বি, মকরত মণি ; নীলকান্ত মণি ; পান্না a sapphire. [দুগ্ধের ভিতর এই মণি রাখিলে দুগ্ধ নীলবর্ণ হয়—শব্দস্তোমমহানিধি] ~পুর-বি, সুমাত্রাদ্বীপের দক্ষিণ-পশ্চিমে বেঙ্কুলেনের ১০০ ক্রোশ উত্তর পশ্চিমস্থ নগরী বিঃ।—সন্দেশাবলী। ~পুরী-বি, মানসোত্তর পর্ব্বতের পূর্ব্বদিকে স্থাপিত [ভারতকোষ] ~পুষ্প-বি, লবঙ্গ। ২ ইন্দ্রযব। ~পুষ্পিকা-বি, বিষলাঙ্গলা। > স্ত্রীং ~পুষ্পা। ~প্রমিত্ত-বি, মাণ্ডুক্য মুনির পিতা, মার্কণ্ডেয়ের গুরু, পৈলের শিষ্য এবং ঋগ্বেদাচার্য্য ঋষি। ~প্রসাদী-বিণ, ইন্দ্রের প্রসন্নতা সাপেক্ষ ; ইন্দ্রের কৃপাধীন ; দৈবাধীন। ২ যে জমিতে বর্ষণের উপর কৃষি নির্ভর করে। "কৃষিকার্য্য এখানে (বীরভূম) ইন্দ্রপ্রসাদী। নিকৃষ্ট জমি সম্বন্ধে কৃষকেরা এই বিশেষণটি প্রয়োগ করে।"—ডাঃ রাধাকমল মুখো॰। ~প্রস্থ [ইন্দ্র (দেবরাজ, রাজা)—প্রস্থ (যে স্থানে প্রভুত্ব করে)। যেখানে ইন্দ্র আধিপত্য করিয়াছিলেন (বহু॰)। হিং—ইন্দরপত্] বি, পার্থনগর ; যুধিষ্ঠিরের স্থাপিত নগর ; প্রাচীন দিল্লী (ইহা দিল্লী ও কুতবের মধ্যে ছিল। ইন্দ্রপ্রস্থ যমুনার বাম উপকূলবর্ত্তী ছিল, দিল্লী যমুনার দক্ষিণ কূলবর্ত্তী। পাণ্ডবগণের রাজধানী। ক্রমে 'পার্থনগর' বিভিন্ন সময়ে 'হরিপ্রস্থ', 'শক্রপ্রস্থ', 'পিথরা-কোট' বা 'কোট-পিথোরা', 'কিলা আলাই', 'দিল্লী', 'তোগলক্-আবাদ', 'ফিরোজাবাদ' ও 'শাহাজাহাবাদ' নামে অভিহিত হয়)। ~প্রহরণ-বি, বজ্র। ~বংশা-বি, দ্বাদশাক্ষর সং ছন্দোবিঃ, যার ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম ও ১১শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু। ~বজ্রা-বি, একাদশাক্ষর সং ছন্দোবিঃ, যার ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু। ~বল-বি, পাণ্ডুবংশোদ্ভব উদয়ন পুত্র, কিন্তু শবররাজ বলিয়া পরিচিত। ~বারুণী, ~বারুণিকা-বি, রাখালশশা colocynth কুন্দরুকী। ~বৃক্ষ-বি, দেবদারু। ~বৃদ্ধা-বি, ব্রণরোগবিঃ। ~ব্রত-বি, রাজধর্ম্ম। ~ভেষজ-বি, শুঁঠ। ~মণি-বি, ইন্দ্রনীল (দ্রঃ)। ~যব [ইন্দ্র (বৃক্ষ বিঃ)—যব (বীজ)—৬ তৎ। এই বীজ উদরাময়ের ঔষধ] বি, যবাকৃতি তিক্ত বীজবিঃ ; কূটজবৃক্ষ বীজ ; কুড়চিবীজ seed of holarrhena. ~লুপ্ত [ইন্দ্র (অত্যুত্তম > সর্ব্বতোভাবে)—লুপ্ত (লোপ প্রাপ্ত)—৩ তৎ] বি, কেশনাশক রোগ ; টাক। ~লোক [ইন্দ্র-লোক (ভোগভূমি)] বি, ইন্দ্রাধিষ্ঠিত ভুবন ; ইন্দ্রনগরী ; অমরাবতী। ২ ইন্দ্রসভা : সুধর্ম্মা। ~শত্রু-বৃত্রাসুর। ~শূরণ, ~সুরী-নিষিন্দাগাছ। ~সভা-বি, অমরাবতীস্থ দেবসভা ; সুধর্ম্মা [এই সভা বিশ্বকর্ম্মা বিনির্ম্মিত, ৪০০ ক্রোশ পরিধি যুক্ত ও ২ ক্রোশ উচ্চ। একেবারে তেত্রিশকোটি দেবতা ও ৪৮০০০ ঋষির বসিবার স্থান।—পু॰] ~সাবর্ণি [ইন্দ্র—সাবর্ণি (সূর্য্যতনয়)] বি, চতুর্দ্দশ অর্থাৎ শেষ মনু। এই মন্বন্তরে অবতার বৃহদ্ভানু, ইন্দ্রের নাম শুচি, পবিত্র চাক্ষুষাদি দেবতা, অগ্নি, বাহু, শুদ্ধ, মাগধাদি সপ্তর্ষি এবং উরু গম্ভীর ব্রধ্নাদি মনুপুত্রগণ হইবেন।—ভাগবত। ~সুত [ইন্দ্র—সুত (পুত্র)—৬ তৎ] বি, বালী রাজা। ২ জয়ন্ত। ৩ মধ্যম পাণ্ডব অর্জ্জুন। ৪ অর্জ্জুনবৃক্ষ। ~সেন [ইন্দ্র—সেন (সেনা)—ইন্দ্রসেনার ন্যায় সেনা যার—বহু॰] বি, নল রাজার দময়ন্তীগর্ভসম্ভূত পুত্র—মহা॰। ২ যুধিষ্ঠিরের সারথি। ৩ সূর্য্যবংশীয় পূর্ণের পুত্র। ইঁহার পুত্রের নাম বীতিহোত্র।—ভাগবত। ~সেনা-বি, নল-দময়ন্তীর কন্যা।

-বি, কাঁটা জামীর। ২ শচী।

ইন্দ্রাণিকা-বি, নিষিন্দা গাছ।

ইন্দ্রাণী [ইন্দ্র (দ্রঃ) + ঈ (স্ত্রীং আন আগম)] বি, ইন্দ্রপত্নী ; শচী। (ঐতরেয় ব্রাহ্মণে ইন্দ্রপত্নীর নাম 'প্রসহা')। ২ অষ্টমাতৃকার একজন। ৩ যোগিনী বিঃ। ৪ দুর্গা। "ইচ্ছারূপা ইন্দুমুখী ইন্দ্রাণী ইন্দিরা। ইন্দীবরনয়নী ইঙ্গিতে ইচ্ছ ইরা।" —অ॰ ম॰। ৫ নীল নিসিন্দা nigundo ৬ বড় এলাচ amomum subulatum ৭ ছোট এলাচ elettaria cardamomum.

ইন্দ্রানুজ [ইন্দ্র—অনুজ (কনিষ্ঠ) ৬ তৎ। ইন্দ্রের পরে কশ্যপের ঔরসে অদিতি গর্ভে বামনাবতারের জন্ম হয়] বি, বামনদেব ; বিষ্ণু [ইন্দ্র দ্রঃ]।

ইন্দ্রাবরজ [ইন্দ্র—অবরজ (কনিষ্ঠ)] বি, ইন্দ্রানুজ দ্রঃ।

ইন্দ্রায়ুধ [ইন্দ্র—আয়ুধ (অস্ত্র)—৬ তৎ] বি, ইন্দ্রধনু ; ইন্দ্রাস্ত্র। ২ [মেঘ হতে জলবিন্দু পতিত হবার কালে তাতে সূর্য্যকিরণ স্পর্শহেতু বিচিত্র বর্ণ-ধনুর মত দেখায় বলিয়া ধনু] ইন্দ্রধনু : রাম ধনু rainbow

ইন্দ্রারি [ইন্দ্র—অরি (শত্রু) ৬ তৎ] বি, অসুর ; দৈত্য।

ইন্দ্রালয়-বি, অমরাবতী ; স্বর্গ।

ইন্দ্রাশন [বৈদ্যকে] বি, সম্বিদাবৃক্ষ ; সিদ্ধি abrus precatorius

ইন্দ্রাসন-বি, সিংহাসন throne.

ইন্দ্রিয় [ইন্দ্র (আত্মা, স্বয়ং) + ইয়। আত্মা যার উপর প্রভুত্ব করে। অতি প্রা॰ বাং 'ইদি', 'ইদী', 'ইন্দি', 'ইন্দিঅ', 'ইন্দীঅ'। —বৌ॰ গা॰ ও দো॰। ইদিবিসঅ=ইন্দ্রিয় বিষয়ক (চ॰ ৪১।৩)। ইন্দিআল=ইন্দ্রিয়জাল (চ॰ ৩০৩)। ইন্দীজানী (সং—ইন্দ্রিয়াণি—চ॰ ৩৩।৪)। "ইন্দীঅ-বিষয়-গাম" ("ইন্দ্রিয় বিষয়-গ্রাম।"—টীকা) —বৌ॰ গা॰ দো॰] বি, যদ্দারা পদার্থের জ্ঞান জন্মে। ইন্দ্রিয় তিন প্রকার—(১) কর্ম্মেন্দ্রিয়—বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ। (২) জ্ঞানেন্দ্রিয়—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ (৩) অন্তরিন্দ্রিয়—মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত [বেদান্তে] এই ১৪ ইন্দ্রিয়ের ১৪ দেবতা কল্পিত হইয়াছে—চক্ষুর সূর্য্য, কর্ণের

দিক্, নাসিকার অশ্বিনীকুমারদ্বয়, জিহ্বার প্রচেতা, ত্বকের বায়ু, মনের চন্দ্র, বুদ্ধির চতুর্মুখ, অহঙ্কারের শঙ্কর, চিত্তের অচ্যুত, বাক্যের বহ্নি, পাণির ইন্দ্র, পাদের বিষ্ণু, পায়ুর মিত্র, উপস্থের প্রজাপতি [ন্যায়মতে] পৃথিবীর ইন্দ্রিয় ঘ্রাণ, জলের জিহ্বা, তেজের চক্ষু, বায়ুর ত্বক্ ও আকাশের কর্ণ] ~ক্ষোভ [ইন্দ্রিয় ক্ষোভ (বিকার)] বি, ইন্দ্রিয়বিক্ষেপ · চিত্তবিভ্রম। ২ ইন্দ্রিয়চাঞ্চল্য। ~গম্য [ইন্দ্রিয় গম্য (প্রাপ্য, গ্রাহ্য)] বি, ইন্দ্রিয়গোচর ; জ্ঞানগোচর ; বোধগম্য ; জ্ঞানপথবর্ত্তী। ২ ইন্দ্রিয়গ্রাহ্য। ~গোচর [ইন্দ্রিয়-গোচর (জ্ঞাত বিষয়)-৬ তৎ] বিণ, ইন্দ্রিয়ের প্রত্যক্ষ বিষয় ; জ্ঞানের বিষয়ীভূত ; জ্ঞানগম্য। ~গ্রাম-বি, ইন্দ্রিয় সমূহ। ~গ্রাহ্য-বিণ ইন্দ্রিয়দ্বারা যা গ্রহণ করিতে পারা যায় : ইন্দ্রিয়গোচর। ~ঘাত-বি, ইন্দ্রিয়ের ধ্বংস ; ইন্দ্রিয়ের শক্তি লোপ। ~জয়-বি, ইন্দ্রিয় বশ ; ইন্দ্রিয় নিগ্রহ ; ইন্দ্রিয় সংযম। ~জয়ী-বিণ, জিতেন্দ্রিয়। ~জ্ঞান-প্রত্যক্ষ জ্ঞান। ~তৃপ্তি-বি, ইন্দ্রিয় সেবায় পরিতুষ্টি ; ইন্দ্রিয় সুখ। ২ সম্ভোগ। ~দমন-বি, ইন্দ্রিয়কে বশীভূত করণ ; ইন্দ্রিয়সংযম ; ইন্দ্রিয় নিগ্রহ। ~দোষ-বি, ইন্দ্রিয়ের উচ্ছৃঙ্খলতা ; স্ত্রী সম্ভোগ বিষয়ে যথেচ্ছাচার ; লাম্পট্য। ~নিগ্রহ-বি, ইন্দ্রিয়দমন : ইন্দ্রিয়ের বশীকরণ ; ইন্দ্রিয় সংযম। ২ [দর্শনে] স্ব স্ব বিষয় হতে ইন্দ্রিয়গণকে প্রত্যাবর্ত্তন করা। ~নিরোধ-বি, ইন্দ্রিয়ের ক্রিয়ারোধ ; ইন্দ্রিয়চেষ্টা-রাহিত্য। ~পর, ~পরতন্ত্র, ~পরবশ-বিণ, ইন্দ্রিয়ের বশীভূত : ইন্দ্রিয় সেবারত। ~পরায়ণ-বিণ, ইন্দ্রিয় সেবায় তৎপর : ইন্দ্রিয়সেবী : ভোগ সুখে আসক্ত : অতিরিক্ত স্ত্রীসম্ভোগকারী। ~পরিতৃপ্তি-ই॰ তৃপ্তি দ্রঃ। ~বশ [বশ (বশীভূত) ৬ তৎ] বিণ, ইন্দ্রিয়ের অধীন : অজিতেন্দ্রিয়। ~বিষয়-বিণ, ইন্দ্রিয়গোচর ; ইন্দ্রিয়গ্রাহ্য। ~বৃত্তি-বি, ইন্দ্রিয়ের ব্যাপার . দর্শন-শ্রবণাদি ক্রিয়া। ২ ইন্দ্রিয়ের শক্তি। ~মুগ্ধকর-বিণ, ইন্দ্রিয়ের মোহজনক। ~লালসা-বি, ইন্দ্রিয় সুখের জন্য লোলুপতা ; ই॰ লিপ্সা ; কামুকতা। ~সংযম-বি, জিতেন্দ্রিয়তা ; ইন্দ্রিয়দমন ; ইন্দ্রিয় জয় ; ইন্দ্রিয় নিগ্রহ। ~সেবক-বিণ, ইন্দ্রিয় পরায়ণ। ~সেবা-বি, ইন্দ্রিয়ের সেবা ; ইন্দ্রিয়ের তৃপ্তি সম্পাদন ; বিষয় সম্ভোগ। ~সেবী-বিণ; যে ইন্দ্রিয়ের সেবা করে ; ভোগসুখে আসক্ত ; ইন্দ্রিয়পরায়ণ।

ইন্দ্রিয়ায়তন [ইন্দ্রিয়-আয়তন (আলয়) ৬ তৎ] বি, ইন্দ্রিয়ের আধার ; শরীর ; দেহ।

ইন্দ্রিয়ার্থ [ইন্দ্রিয়-অর্থ (বস্তু) ৬ তৎ] বি, রূপ, রসাদি ইন্দ্রিয়ভোগ্যবস্তু।

ইন্ধন [ইন্ধ্ (দীপ্ত করা, জ্বালান) + অন (ণে)-যদ্দ্বারা জ্বালান হয় বা আগুন জ্বালা যায়] বি, জ্বালানিকাষ্ঠ। ২ [ভা॰] উদ্দীপন। ৩ তক্তা ; কাষ্ঠ। "ই॰ অভেদ যোড ঘুড়িল যতনে।"-ঘ॰।

ইন্নি [প্রাদে॰। স্থান ভেদে-'এত্তি'] অ, এদিকে। ইন্নি-বিন্নি =এদিকে ওদিকে। (তুল-এত্তি-উত্তি)। "ইন্নি কাটে বিন্নি কাটে রক্ত পড়ে ধারে।"-মাণিক॰ গান।

ইন্স্পেক্টর [ইং-inspector] বি, পরিদর্শক ; তত্ত্বাবধায়ক।

ইব-অ, তুল্য : সদৃশ। ২ ঈষৎ। ৩ উৎপ্রেক্ষা। ৪ নিয়োগ। ৫ অবধারণ। ৬ বাক্যালঙ্কার। ৭ ক্রিয়া-বিভক্তি। যথা -করিব, যাইব ই॰ [দ্রঃ-১ম ও ম॰ পু॰-ইবে। যথা-তুমি করিবে, সে করিবে ; সম্ভ্রমার্থে-ইবেন। যথা-তিনি করিবেন, আপনি করিবেন]।

ইবনে [আ॰-ইব্‌ন্ (পুত্র)] বি, পুত্র। "ইবনে দুর্গাপ্রসাদ চক্রবর্ত্তী সুচরিতেষু।"

ইবা [প্রা॰ বাং] স, এই ; ইহা। "ইবা শিশু ইহার করিবে কোন কর্ম্ম।"-দুর্গামঙ্গল। ২ অ, যদি, অপি, সত্যই, তাহাই ই॰ ভাববোধক। প্র-নাইবা গেল, হলইবা, যদিইবা হয়। ৩ অবজ্ঞা বা উপেক্ষাসূচক (ই দ্রঃ)। প্র-কেইবা তার কথা শুনে। ৪ ক্রিয়া বিভক্তি, প্রাদে॰ পূ॰ বঙ্গে। যথা-করিবা, খাইবা ই॰।

ইবে [প্রা॰ বাং। হি॰-অবহি। এবে দ্রঃ] ক্রি-বিণ, এখন। "ইবে অভাগিনী হইলাম হেন প্রায় বাসি।"-চৈ॰ ভা॰। "ইবে সে জানিল তুমি যত বড় গুণি।"-রামা॰ (কৃত্তি)। ২ ক্রিয়া বিভক্তি। যথা-করিবে, খাইবে, যাইবে।

ইবেশ [ই (এই)-বেশ] বি, এই বেশ ; এরূপ বেশ ; এই পোষাক বা পরিচ্ছদ। "দিগম্বরী বেশ ধর ই॰ ছাড়িয়া।"-দুর্গামঙ্গল। ২ ইত্যাকার।

ইব্রানী, ইব্রিয়, ইব্রীয় [আ॰-ইব্রি, ইব্রানী (ইং-Hebrew) + (বাং) আনী, ইঅ, ঈঅ (সম্বন্ধে)] বিণ, ইহুদী জাতীয় বা সম্বন্ধীয় ; হিব্রু।

ইমন [সঙ্গীতে] বি, স্বরমিলন। ২ রাগিণীবিঃ। ~কল্যাণ-বি, ইমন্ ও কল্যাণ যোগে উৎপন্ন মিশ্র রাগিণী। ~কেদারা-বি, ইমন ও কেদারা যোগে উৎপন্ন মিশ্র রাগিণী।

ইমসন, ইমসাল [দলিলের ভাষায়। ফা॰-ইম্ (এই)] বি, এই বৎসর।

ইমান, ঈমান [আ॰-ঈ.মান্] বি, ধর্ম্ম ; বিশ্বাস। "আল্লাহ্ তালা ব্যতীত কেহ একদণ্ডের (আরাধনার) যোগ্য নয় ও হজরত মুহম্মদকে (দ্রঃ) খোদাতালা, দীন এস্লাম প্রচারের জন্য পাঠাইয়াছেন।"-ইহা মুখে স্বীকার করা ও সত্য বলিয়া বিশ্বাস করার নাম ঈমান।"-আবদুস্ সমদ্। ২ বিবেক।

ইমানদার [আ॰-ই.মান্ + ফা॰-দার] বিণ, বিশ্বাসী ; সাধু ; ধার্ম্মিক। বি, ~ী -বিশ্বাসের কার্য্য : বিশ্বস্ততা ; সাধুতা : কৃতজ্ঞতা।

ইমাম [আ॰-ই.মাম্=যিনি অগ্রে অগ্রে গমন করেন] বি, অগ্রদূত pioneer. [হজরৎ আলী প্রভৃতি ঈশ্বরের ইমাম] ~বাড়া [এমামবাড়া দ্রঃ] বি, যে বাড়ীতে মুসলমানদিগের মহরমোৎসবের অর্থাৎ আলী এবং তাঁর পুত্রদ্বয় হাসন হোসেনের দেহান্তোৎসব হয় বা যথায় তাজিয়া বা গোমারা রক্ষিত হয় এবং যা প্রতিষ্ঠাতার পারিবারিক সমাধি স্থানরূপে ব্যবহৃত হয়।

ইমারত [আ॰-ই.মারৎ] বি, পাকাবাড়ী ; অট্টালিকা।

বল বল বলুন বেলা ব্যাথা অতি এত যুক্ত ক্ষর, ে=া =া=এ =α(t), ণ=ন ব=জ স=শ=ষ সশ=S (স্ব স্ত স্থ স্ম স্র স্ল শৃ...), অনাদ্য ্ অব্যক্ত

ইয়ৎ [ইদম্ (ইহা) + যৎ (পরিমাণার্থে)] বিণ, এতাবৎ; এত; এই পরিমাণ। স্ত্রীং ইয়তী [ক্রমেই বাং অপ্রং হইতেছে]।

ইয়ত্তা [ইয়ৎ + তা (ভাং)। তুল-হিং-ইংতক্] বি, এতপরিমাণ; সংখ্যা; গণনা; অবধারণ। "অদৃষ্টপূর্ব্ব ঐ সভা সম্যক্ নিরীক্ষণ করিয়াও দৃষ্টান্তদ্বারা নির্দ্দেশ বা ইং করা কোন ক্রমেই সম্ভাবিত নহে।"-মহাং (প্রং রায়)। ক্রি, ইং করা। ~রহিত-বিণ, অসংখ্য; অনন্ত। ২ পরিমাণ; সীমা।

ইয়া₁ [ই + আ। হিং-অনুকরণে] আধুং বাং-গদ্য সাহিত্যে 'য়্যা' এর রূপান্তর; ২৪ পরগণা অঞ্চলে বিশুদ্ধ (্যে) একারে পরিণত। প্র-(বিশেষ্যে) ছেল্যা=ছেলিয়া=ছেলে: (অস-ক্রি) কর্যা=করিয়া=করে।

ইয়া₂ [=ইআ (সং-ত্বা-তুল-ইং participle) > য়া=্যা। (পূং বঙ্গ)] অস-ক্রি, বিভক্তি। আসা, দেখা, করা ইং ক্রিয়াপদে যুক্ত হইয়া ক্রিয়ার অসমাপ্তি ও অন্য ক্রিয়াপদের দ্বারা বাক্যে সমাপ্তির আকাঙ্ক্ষা বুঝায়। যথা-ইয়াযোগে আসা > আসিয়া, করা > করিয়া, দেখা > দেখিয়া ইং। তুল-পূং বঙ্গে উচ্চারণে-আস্যা, কর্যা, দেখ্যা। ইয়া দ্রুত উচ্চারণে=এ। আ দ্রঃ। 'ভালবাসিয়া' > ভালবাস্যা > ভালবেসে।

ইয়াকুত [ফাং] বি, লাল মণি ruby.

ইয়াদ [ফাং-য়াদ্] বি, স্মরণ; ধারণা। ~দাস্ত-বি, স্মরণচিহ্ন; স্মারকবস্তু; স্মারকলিপি memorandum.

ইয়াদীকির্দ্দি [প্রাং দলিলপত্রে ব্যবহৃত ফাং শব্দ, 'দাসখৎ' দ্রঃ] স্মরণ রাখিও; মনে থাকে যেন যে, "ইয়াদীকির্দ্দি সকল মঙ্গলালয় শ্রী গাছপার কোরর্ণের (Casper Gornet) ফিরিঙ্গী শুচরিতেষু লিখীতং * *," -দলিল, ২৮এ মে, ১৭৩৫ সাল।

ইয়ার₁ [প্রাদেং] স, ইহার (মৈং গীং)।

ইয়ার₂ [ফাং-য়ার=দোস্ত (২) মদদগার্, সহায় help-mate. এই অর্থে বাং অপ্রং। প্রাং-এয়ার] বি, বন্ধু। বাং-তে 'বয়স্য' অর্থে অধিক চং। এমন বন্ধু যার নিকট হৃদয়ের গোপনীয় কথাও বলা চলে। "য়্যার কহা বহু প্যার কিয়া, গজ বাজি দিয়া শির তাজ ধরায়া॥"-অং মং। "লাল লাল ঝাল ঝাল নানাবিধ পানি খে'ত সে মিলে দু' চারিটি এয়ার।"-দ্বিং রায়। ২ রসিক; যৌবনসুলভ রসিকতাপ্রিয়। প্র-ছোঁড়া ভারি ইয়ার হয়ে উঠেছে।

ইয়ার্কি, এয়ারকি, এয়ার্কি [ফাং-ইয়ারী + কি (হিং-র অনুকরণে। তৎসুলভ কর্ম্ম বা ক্রিয়া অর্থে। তুল-ডুবকী=ডুবনে কী ক্রিয়া)] বি, হাস্য পরিহাস বা রসিকতা; যৌবনসুলভ রহস্যালাপ; অসার আমোদ আহ্লাদ; হাস্য কৌতুকাদি। "গল্পে এয়ার্কিতে মঠে ও মস্জিদে, তোমার সত্তা ভিন্ন সকল বাতিল হয়।"-রজনী সেন। ~বক্সী [ফাং-বখ্শী (বেতন বিলি করে যে কর্ম্মচারী। ফাং-সাহায্য দানকারী help-mate. বখ্শ্=দান)। ফাং-ইয়ার-বখ্শ্ >। তুল-বয়স্য] বি, বন্ধুবান্ধব; ইয়ার বন্ধু।

ইয়ারিং [ইং-Ear-ring এর লিপ্যন্তরে র লোপ করিয়া ক্ষেং] বি, কর্ণভূষণ।

ইয়ুনানী, য়ূনানি [আং-য়ুনানি; গ্রীং-Ionian. সং-যাবনিক, বাং 'য়ুনানী' ওং] বিণ, গ্রীক।

ইয়ে, -এ [কথ্য] অ, কথার মাত্রা স্বরূপ, ইহা বাক্য সম্পূর্ণ ও সার্থক করিবার জন্য ব্যবহৃত হয়। যে শব্দ মনে বা মুখে আসিতেছে না ইহা দ্বারা সেই উহ্য শব্দের অর্থ করিয়া লওয়া যায়। "তাড়াতাড়ি জিব কাটিয়া দুলাল বলে, ছিছি! জিবটার একটু ইয়ে নেই তোমার।"-বংবাণী, ১৩৩৩। (এখানে ইয়ে=সংযম, লাগাম)।

ইয়োরামেরিকা [ইয়োরোপ + আমেরিকা] বি, য়ুরোপ এবং আমেরিকা Euro-America. "এসিয়ার ইজ্জৎ ইয়োরামেরিকায় আর ইয়োরামেরিকার ইজ্জৎ এসিয়ায় ছড়াইতে * *,"-বিং সরকার।

ইরিণ, ইরিণ [ঋ=ইর্ (গমন করা) + ইন (জ্ঞাং)] বি, মরু; উষর ভূমি; ক্ষার ভূমি। ২ জলশূন্য এবং বৃক্ষাদি-বিহীন ভূভাগ। ৩ শূন্য।

ইরম্মদ [ইরা (জল-যাতে জল হয়-মেঘ) মদ (মদ্=ক্রীড়া করা) + অ (র্ত্তৃ)-যে ক্রীড়া করে বা দীপ্তি পায়] বি, সমুদ্রাগ্নি; বাড়বাগ্নি। ২ বজ্রাগ্নি; মেঘজ্যোতিঃ। "দেখেছি দ্রুত ইরম্মদে দেব ছুটিতে পবন পথে।"-মেঘং। "ইরম্মদাকৃতি বাঘ ধরিল মৃগীরে।"-ঐ। ৩ হস্তী।

ইরশাদ, ইরষাদ [আং-ইর্ষাদ] বি, আদেশ। ২ ইচ্ছা; অভিপ্রায়; উদ্দেশ্য। "বাদশাহ কোনরূপ ফরমান কিম্বা ইরষাদ প্রচার করেন নাই।"-জয়ন্তী (নং গুপ্ত)।

ইরশাল [আং-ইর্সাল্=চালান, প্রেরণ] বি, নায়েব গোমস্তা কর্ত্তৃক সদর কাছারিতে প্রেরিত খাজনা। "মাঝে মাঝে বেবাক পাঠাবে ইং।"-ঘং।

ইরা [ই (গমন করা) + র (র্ত্তৃ)-জ্ঞাং আ (স্ত্রীং)] বি, বীণা। ২ পৃথিবী (তুল-গ্রীং, স্পেং-era ও প্রাং-উচ্চ জর্ম্মং-ero=earth "ইন্দীবরনয়নী ইঙ্গিতে ইচ্ছ ইরা।"-অং মং। ৩ সুরা। ৪ জল। ৫ অন্ন। ৬ কশ্যপের অন্যতমা ধর্ম্মপত্নী; ইনি বৃক্ষ, লতা, তৃণাদির প্রসূ।

ইরাক [আং-ইরাক্] বি, আরব সীমান্তে পারস্য দেশের দ্রাক্ষাকুঞ্জ ও দ্রাক্ষাজাত সুরার জন্য প্রসিদ্ধ প্রদেশ বিঃ। ~ী [ইং + ঈ (সম্বন্ধে)] বিণ, ইরাণী; ইরাক-দেশীয় বা জাতীয়। ২ বি, ঐ দেশের ঘোড়া। ইং-ই-আর্ব-প্রাচীন আবিসিনিয়া the ancient Babylon. কাল্ডিয়া Chaldea ইং-ই-আজম-মিডিয়া দেশ Media.

ইরাণ-বি, পারস্য। "আমরা ইং দেশের কাজী।"-দ্বিং রায় [ঈরাণ দ্রঃ]।

ইরাণি, ইরানি, ঈরাণী, ঈরানী [ফাং-ঈরানী। ঈরাণ দ্রঃ। "সগর রাজা যে সমস্ত ক্ষত্রিয়-বংশকে যুদ্ধে পরাভব করিয়া নানারূপ চিহ্নিত, দেব ও অগ্নি উপাসনায় অধিকারী করেন, তাদের মধ্যে একটি বংশের নাম পহ্ণব বা পহ্লব। তারা শ্মশ্রুমুণ্ডনে নিষেধিত হয় (বিষ্ণু পুং ৪।৩-হরিবংশ)। পারসীক দেশে যে সমস্ত পুরাতন প্রস্তরময় নর-প্রতিমা দেখিতে পাওয়া যায়, সে সমুদায়ই শ্মশ্রু-বিশিষ্ট। অতএব ঐ পহ্লবেরা ইরাণি জাতিবিঃ বোধ হয়।"-অং দত্ত (ভাং উং সং

-উপ০ পৃঃ ৫০। "জরথুস্ত্র শিতমের প্রবর্ত্তিত মতানুগামী লোকেরাই প্রকৃত ইরাণি বলিয়া উল্লিখিত হতে পারে। পারসীকেরা এবং প্রাচীন বাহ্লীক বা বাল্‌খ (Bactria) ও মাদ (Media) দেশীয়েরা ইরাণি।"-ভা০ উ০ স০ উপ০] বি, ঈরাণের অধিবাসী ; ইরাণি ভাষা ; পারস্য দেশের লোক Persian. ২ এক সম্প্রদায়ের বেদিয়া। ৩ পারস্য ভাষা। ৪ বিণ, ঈরাণ সম্বন্ধীয় বা জাত।

ইরাদা [আ০] বি, সঙ্কল্প ; অভিপ্রায় ; মনন ; অভিলাষ।

ইরা/বান্‌ [ইরাবৎ, ইরা (জল)+বৎ (স্ত্য)] বি, সমুদ্র। ২ অর্জ্জুনের পুত্র ; নাগকন্যা উলূপী-গর্ভজাত। ৩ হিমালয়স্থিত হ্রদ বিঃ। ইহা হতে ইরাবতী নদী উৎপন্ন হইয়াছে। স্ত্রীং ~বতী-বি, নদীবিঃ ; পঞ্জাবের অন্তর্গত নদীবিঃ ; রাবী। ২ ব্রহ্মদেশীয় নদী বিঃ ; ঐরাবতী। ৩ ভব নামক রুদ্রের পত্নী।

ইরিবেল্লিকা-বি, মস্তকব্রণ carbuncle of head.

ইর্সাল [আ০-ইর্স্‌াল=কোন কিছু প্রেরণ] বি, খাজনা ; রাজস্ব। ২ জমীদারী হতে বাৎসরিক আদায় জমীদারের নিকট প্রেরণ [দ্রঃ-"The sending of remittances from the villages to the zemindar or to the District Treasurer, and from thence to the exchequer." —*Wilson.*]

ইল$_{১}$-বি, মনুর বরপুত্র, সুদ্যুম্ন নামে খ্যাত। একদা মৃগয়াব্যাজে ইল শঙ্করগুপ্ত কুমার-বনে প্রবেশ করায় নারী হন। অতঃপর আরাধনায় তুষ্ট হইয়া শঙ্করই তাঁহাকে "একমাস পুরুষ একমাস নারী হইবেন" এই বর প্রদান করেন। স্ত্রী অবস্থায় বুধের সহিত তাঁহার মিলন হইলে পুরূরবার জন্ম হয়। পুরুষ অবস্থায় ইঁহার উৎকল, গয় ও বিমল নামে তিন পুত্র হয়।-পদ্ম পু০। (ইলা দ্রঃ)।

ইল$_{২}$, ইলা, ইলো-বি, অচির অতীতের প্রথম পুরুষের ক্রিয়া বিভক্তি-করিল, ফুটিল ই০।

ইল$_{৩}$ [বিহারী হি০, ব্রজ০] বিশেষণাত্মক কৃদন্ত প্রত্যয়। 'জুড়াইল দুধ ;' 'সুতিল মানুষ।' ফুটিল বাঙ্গলী ফুল (=ফুটন্ত বা০ ফুল) ; গড়িল=গঠিত ; গড়া (O.D.B.L.)

ইলচী [প্রাদে০] বি, চিংড়ী মাছ। "খোড় উড়ুম্বর ইলচী মাছে, খাইলে মুখের অরুচি ঘুচে।"-কবিক০। ২ [গ্রা০-ইল্‌চে] বিণ, নিকৃষ্ট ; অধম ; নীচ।

ইলবিলা-বি, তৃণবিন্দের কন্যা ; বিশ্রবা-মুনির পত্নী ও কুবেরের জননী [ভাগবত] কৃত্তি০ মতে পুলস্ত্যপত্নী ও বিশ্রবার জননী।

ইলবিষ [প্রাদে০] বি, সজারু জাতীয় জন্তু। "বাঁশ মুড়ীর ই০ যেন ঝড়কিয়া উঠিল।" -পূ০ ব০ গী০।

ইল্ম-ইলিম দ্রঃ।

ইলশা, -শে [ইলীশ > প্রাদে০] বি, মৎস্যবিঃ। ~জাল-উক্ত মৎস্য ধরিবার উপযোগী জাল (দ্রঃ)।

ইলা [ইল্‌ (প্রেরণ করা)+অ (র্ম্ম) স্ত্রীং -আ] বি, বৈবস্বত মনু-কন্যা, বুধ-পত্নী, পুরূরবার জননী। মনু, মিত্রাবরুণের উপাসনা করিয়া একটী সন্তান প্রার্থনা করেন, কিন্তু আরাধনায় ত্রুটি বশতঃ পুত্রের পরিবর্ত্তে কন্যা হয়। সেই কন্যাই ইলা। ইনি পরে বিষ্ণুর বরে পুরুষত্ব লাভ করিয়া 'সুদ্যুম্ন' নামে খ্যাত হন। ইল$_{১}$ দ্রঃ। ২ ইক্ষ্বাকু রাজার কন্যা। ৩ পৃথিবী। ৪ ধেনু। ৫ বাণী। ৬ মদ্য। ৭ জল। ৮ কশ্যপ-পত্নীবিঃ। ~তল-ধরাতল।

ইলাকা, এলাকা [আ০-ইলাকা] গ্রামের অধিবাসীর সরহদ্দ বা অধিকার সীমা। ২ অধীনতা। ৩ সম্পর্ক (এই অর্থে গ্রা০-এ্যাঁ লেকা)।

ইলাবৃর্ত [ইলা (পৃথিবী) আবৃত (মনোনীত) ইহা ভূগোলের শ্রেষ্ঠাংশ] বি, জম্বুদ্বীপের নব বর্ষের চতুর্থ বর্ষ। ইহার উত্তরে নীল, শ্বেত ও শৃঙ্গবান্‌ পর্ব্বত, দক্ষিণে নিষধ, হেমকূট ও হিমালয় পর্ব্বত, পশ্চিমে মাল্যবান্‌ পর্ব্বত, পূর্ব্বে গন্ধমাদন পর্ব্বত। ইহা মেরু পর্ব্বত (সুমেরু) বেষ্টন করিয়া আছে। ২ যেখানে অভিশপ্ত স্ত্রীরূপী ইল (ইলা) বুধের সহিত বাস করিতেন, সেই স্থানের নাম ইলাবৃত। ইহা কৈলাসের নিকটবর্ত্তী। "ইলাবৃতে ঘর মোর জাতিতে ব্রাহ্মণী।" (চণ্ডীর উক্তি)-কবিক০।

ইলাহী [আ০-ই.লাহি] উচ্চ ; মহান্‌। ২ ঈশ্বর। ৩ বিণ, বিরাট্‌ : অতিরিক্ত ; অধিক। প্র-ই০ খরচ, ই০ কাণ্ড বা কারখানা। এলাহী দ্রঃ। ই০ গঁজ-আকবর বাদশাহ কর্ত্তৃক প্রবর্ত্তিত ৪১ অঙ্গুলী বা ৩৩ ইঞ্চি প্রমাণ গজ। ইমারতাদি মাপ কার্য্যে ইলাহীগজ ব্যবহৃত হয়। ই০ তোবা-হা ঈশ্বর যো ঈশ্বর। ই০ রাত-মহরমের জাগরণের রাত্রি ; দীর্ঘ রাত্রি যা ফুরাইতেই চাহে না। ই০ সঁন-আকবর বাদশাহ প্রবর্ত্তিত সাল। হিজরী হইতে ১০ বৎসরের ব্যবধান ও হজরৎ মুহম্মদের মৃত্যু তারিখ হইতে গণনীয়। -(মোহাম্মদী পঞ্জিকা) প্রবাসী, ১৩২৭।

ইলি, ইলী [প্রাদে০] বি, কাটারী।

ইলিকা-বি, পৃথিবী।

ইলিবিলি, ইলবিল [হি০-বিল-বিলানা (কীটাদির এদিকে ওদিকে বাঁকা ভাবে গতি)। 'হিলিবিলি, ও০] বি, আঁকা-বাঁকা গমন। "ডাঙ্গর উকুন নীকী করে, ই০।" -অ০ ম০

ইলিম, এলেম ['ইলম' ও০। আ০-ই.ল্‌ম্‌ (বিদ্যা। আলিম্‌-বিদ্বান্‌)] বি, বিদ্যা। ~দার-বিণ, বিদ্বান্‌।

ইলিমিলি [ইষ্টমন্ত্রের জপমালা > ? তুল-শ্রীমানী > প্রাদে০ গ্রা০-ছিলিমিলি। মিলির সহিত অনুপ্রাসার্থ ইষ্ট > ইলি] বি, অস্পষ্ট বাক্য ; অর্থহীন শব্দ। "ই০ জপে সদা ছিলিমিলি মালে।"-কবিক০।

ইলিশ, ইলীশ [সং-ইল্লীশ (শ০ ক০ দ্রুমঃ)। হি০ ও পূ০ বঙ্গে-হিল্‌সা-ইল (গমন করা, চরা)+কিপ্‌, র্ত্তৃ-(যে জলে চরে) ঈশ প্রধান-অতি স্বাদুতা প্রযুক্ত যে জলচরের মধ্যে শ্রেষ্ঠ] বি, ইলিশ মাছ clupea alosa ; clupea ilisha.

ইলেক [ই ('ই'র আকৃতি বা তদ্রূপ) লেক (লেখ বা রেখা)] বি, '৴' এইরূপ বাঁকা রেখা ; চিহ্ন ; আঁক ; কাহন বা টাকার পর পণ বা আনা না থাকিলে '৲' এইরূপ চিহ্ন দিতে হয় ; এবং গণ্ডার পূর্ব্বে পণ বা আনা না থাকিলে '৴' এইরূপ চিহ্ন দিতে হয়। প্র-১০৲ পনর টাকা, ৴১৫ পনর গণ্ডা, এই চিহ্নগুলিকে 'ইলেক' বলে। মণ ও বিঘার পর এবং সের ও কাঠার পূর্ব্বে / এইরূপ চিহ্ন দিলে তাকেও

'ইলেক' বলে। যেমন-৩/ (তিন মণ), ১০/ (দশ বিঘা), /৫ (পাঁচ সের), /৩ (তিন কাঠা)। "যতেক তঙ্কার কড়ি বামে ইলেক দিবে।" -শুভঙ্কর।

ইলেক্‌ট্রিক্ [ইং-electric এর লিপ্যন্তর] বিণ, বৈদ্যুতিক। ~**লাইট** [ইং-light] বিদ্যুতের আলোক; তাড়িতালোক।

ইলেকট্রো/প্যাথি [ইং-electro-pathy র লিপ্যন্তর] বি, তাড়িতঘটিত চিকিৎসা-বিজ্ঞান বা প্রণালী। ~**টাইপ** [ইং- electro-type] বি, বৈদ্যুতিক প্রক্রিয়াদ্বারা নির্ম্মিত তাম্রময় আধার ফলক।

ইলোরা-বি, দৌলতাবাদ এবং আওরাঙ্গাবাদ নগরের নিকটস্থ গুহামন্দির (cave-temple) হতে এক ক্রোশ দূরে অবস্থিত নগরবিঃ। কথিত আছে, বহু শতাব্দী হইল এই সমস্ত ইলিচপুরের রাজা ইলু কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছে।-সন্দেশাবলী।

ইল্বৎ [আদা০ ভাষায় দলিলে] অ, দরুণ। "জামিনীর ইল্বতে (on account of the bail standing surety for)।

ল্ববাহ-বি, অগস্ত্য পুত্র; ইনি বাল্যকালে পিতার আলয়ে ইধ্ম (অগ্নি-সন্দীপন কাষ্ঠ) ভার বহন করিতেন বলিয়া এই নাম।

ইল্লৎ [আ০-ই্‌ল্লৎ=ময়লা] বি, নোংরামি; অপরিচ্ছন্নতা; মলিনতা। "স্বভাব যায় না ম'লে ই০ যায় না ধুলে।" -প্রবচন। **ইল্লতিয়া, ইল্লুতে**-বিণ, নোংরা; অপরিষ্কার।

ইল্ললা [ইল্ (শয়ন করা)+ল (জ্ঞা০, নিপাতন) যারা মৃগশিরার শিরোদেশে শয়ন করে] বি, মৃগশিরা নক্ষত্রের শিরস্থ ৫টী ক্ষুদ্র তারকা (মৃগশিরা দ্রঃ)।

`**ইল্লিশ, ইল্লীশ**-বি, ইলিশমাছ।

ইল্লী [দিল্লীর সহযোগী শব্দ] অ, অনির্দ্দেশ্য; অজানা সুদূর দেশ। "কত ইল্লী দিল্লী হয়ে এখন ঘরে এসে বসেছে।"

ইল্বল-বি, বাতাপি দৈত্যের ভ্রাতা। ইহারা ব্রাহ্মণের পরম শত্রুদ্বয়। বাতাপি মায়ায় মেষ হইত এবং ইল্বল তাকে রাঁধিয়া গৃহাগত মুনিদিগকে ভোজন করাইত। তৎপরে মৃতসঞ্জীবনী মন্ত্র উচ্চারণ করিয়া 'বাতাপি বাতাপি' করিয়া ডাকিলেই সে মুনির উদর ভেদ করিয়া বাহির হইত এবং তাতে মুনির মৃত্যু হত। এইরূপে দুই ভ্রাতায় বহু ব্রাহ্মণ বধ করিয়াছিল। অবশেষে মহাতেজস্বী অগস্ত্য মুনি কৌশলে দৈত্যদ্বয়কে বধ করেন। তিনি মেষরূপী বাতাপিকে উদরস্থ করিয়া তপোবলে স্বীয় উদরেই তাকে জীর্ণ করিয়া বিনাশ করেন। ইল্বল তখন ভ্রাতৃশোকে প্রাণত্যাগ করে। ২ মৎস্যবিঃ। ৩ নক্ষত্রবিঃ।

ইশ্-ইস্ দ্রঃ।

ইশতিহার [আ০-ইশ্‌ত্‌হার্] বি, বিজ্ঞাপন-পত্র; নোটিস।

ইশপিশ, ইস্‌পিস [নিশ্‌পিশ্ দ্রঃ] বি, অস্থির; অশান্ত; চঞ্চল। ২ কোন কিছু করিবার জন্য হস্তকণ্ডূয়ন। প্র-মন ইশপিশ করা; গা ইশপিশ করা।

`**ইশাদী** [ফা০-ইশাদী। আ০-শাহাদৎ= সাক্ষ্য। শাহিদ্=সাক্ষী] বি, সাক্ষী witness.

`**ইশারা, ইসারা** [আ০-ইশারাহ্। গ্রা০-ইসেরা। ই০ করা,-দেওয়া,-পাওয়া] বি, ইঙ্গিত। "করিয়া বিজলীভঙ্গি ইশারা আমাকে, উড়ায়ে জলদচুল ধরে' খেতে আসে।"-ফুলরেণু।

ইশীকা, ইষিকা, ইষীকা [ইষ্ (গমন করা)+ঈক, ঈক (র্ত্তৃ)] বি, হস্তীর চক্ষুগোলক। ২ তুলি। ৩ কাশ; কুশ।

ইষণা [এষণ(দ্রঃ)-এ=ই। তুল-volition] বি, ইচ্ছাশক্তির প্রয়োগ; মনন; ইচ্ছা; এষণা; অন্বেষণ; অনুসন্ধান। "যে সত্যের ইষণায় আজ আমরা উদ্বুদ্ধ হ'য়ে উঠেছি ** সেই সে প্রেরণা ** বড় অল্প নয়।"-প্রবর্ত্তক।

ইষমূল-বি, বৃক্ষবিঃ; ইষের মূল aristolochia Indica.

ইষরমূল, ইষেরমূল-বি, সর্পবীর্য্যহর মূলবিঃ; বিষঘ্ন।

ইষু [ইষ্ (গমন করা)+উ (র্ত্তৃ)-যে হিংসার জন্য গমন করে] বি, শর; তীর; বাণ। "অসি ইষু গদা যে প্রহারে গদাধর।"-শি০। ২ পঞ্চবাণ হতে পাঁচ (৫) সংখ্যার চিহ্ন। "সমাপ্ত করি গজ ইষু রস সোমে।" (=১৬৫৮) গীতগোবিন্দ (গিরি০)। ৩ [শরাকৃতি পত্র ও পুষ্প বলিয়া। 'ইষু'ও০] লতাবিঃ; ইসার মূল। "ইষু-র-মূলের গন্ধে পলায় ভুজঙ্গ।"-কবিক০। ৪ [ত্রিকোণমিতি] বৃত্তক্ষেত্রের মধ্যরেখা; উৎক্রম জ্যা versed sine. ৫ ইসের মূল দ্রঃ। ~**ধর**-ধনুর্ধর; তীরন্দাজ।

ইষুধি [ইষু (বাণ)+ধি (যে ধারণ করে)] বি, বাণাধার; তূণ।

ইষ্ট১ [ইষ্ (বাঞ্ছা করা)+ত (র্ম্ম)] বিণ, বাঞ্ছিত; অভিলষিত। ২ প্রিয়। ৩ প্রশংসিত। ৪ প্রার্থিত। ৫ অভিপ্রেত। ~**কবচ**-বি, ইষ্টমন্ত্রপূত বা ঔষধিগর্ভ গুটিকা বা মাদুলি। ~**কর্ম্ম**-বি, প্রিয় বা অভিলষিত কর্ম্ম। ~**কুটুম্ব**-বি, আত্মীয় বন্ধু। ~**গন্ধ**-বি, সুগন্ধ। ২ বালুকা। ৩ বিণ, সুগন্ধযুক্ত। ~**গোষ্ঠী**-বি, গুরু সম্প্রদায়ানুসারে সম্যক্ আলাপ। "ইষ্ট গোষ্ঠী বিচার করি না করিহ রোষে।" "এই মত দুইজনে ইষ্টগোষ্ঠী করি,"-চৈ০ চ০। ~**জন**-বি, প্রিয়জন। ~**তম** [ইষ্ট (প্রিয়)+তম (বহুর মধ্যে একের উৎকর্ষজ্ঞাপক)] বিণ, সর্ব্বাপেক্ষা অধিক অভিলষিত। ২ অত্যন্ত প্রিয়। স্ত্রীং ~তমা। ~**তর**-বিণ, প্রিয়তর। স্ত্রীং ~তরা [তুল-ইং wished. সং-ইষ্। আ০-ইস্‌ল্যা-osk (longing desire)] ~**দেব, -দেবতা** [ইষ্ট (অভীষ্ট)+দেব, দেবতা] বি, মন্ত্রদাতা গুরু; গুরুদেব; দীক্ষাগুরু; উপাস্য দেবতা। ~**বান্ধব**-জ্ঞাতি ও বন্ধুবর্গ।

ইষ্ট২ [বৈদিক। যজ্ (পূজা করা)+ত (ভা০) যজ=ইষ্। ত=ট] বি, শ্রৌতকর্ম্ম; যজ্ঞাদিকর্ম্ম। ২ বর। ৩ এরণ্ড বৃক্ষ। বিণ, শ্রৌত। ~**প্রয়োগ**-বি, শিষ্ট প্রয়োগ; মহাজন-বাক্য। ~**বিয়োগ**-প্রিয়জনের মৃত্যু। ~**লাভ**, ~**সাধন**, ~**সিদ্ধি**-মনোবাঞ্ছার পূর্ত্তি। ইষ্টাপত্তি দ্রঃ।

ইষ্টক, ইষ্টকা, ইষ্টিকা-বি, দগ্ধমৃৎখণ্ড; ইট। ~**খণ্ড**-ইটের টুকরা; পাটকেল।

ইষ্টকান্যাস-ইট গাঁথা।

ইষ্টকা/পথ-বি, ইষ্টকনির্ম্মিত পথ; পাকা রাস্তা। ~**লয়**-বি, ইটের ঘর; কোঠা বাড়ী; অট্টালিকা।

ইষ্টাকিন্ [Stocking এর বাং] বি, মোজা।

ইষ্টাট [Estate] বি, ভূসম্পত্তি; বিষয়াশয়।

ইষ্টাপত্তি [ইষ্ট (অভিলষিত) + আপত্তি (প্রাপ্তি)] বি, ইষ্টসিদ্ধি। ২ লাভ। ৩ উপকার।

ইষ্টাপূর্ত্ত [ইষ্ট (কৃতোৎসর্গ) + পূর্ত্ত (খাতাদি কর্ম্ম)] বি, সাধারণের হিতার্থ যজ্ঞ, কূপাদি খনন, দেবালয় নির্ম্মাণ ইং কর্ম্ম। ২ [ইষ্ট (শ্রৌত) + পূর্ত্ত (স্মার্ত্ত)] বৈদিক ও স্মৃতিসম্মত কর্ম্ম বা কর্ম্মফল। প্র-এতে তোমার কিছু ইং আছে কি?

ইষ্টামালা [ইষ্ট=ইষ্টা, তার মালা-৬তৎ] বি, জপমালা (৮০-৪০।১)।

ইষ্টাম্প [ইং-stamp] বি, শুল্ক আদায়ের চিহ্নপত্র; ডাকটিকিট। ইং কার্গজ-আদালতে গ্রাহ্য উচিত শুল্ক আদায়ের চিহ্নযুক্ত কাগজ; মোহর; মুদ্রণ; ছাপ। ষ্টাম্প দ্রঃ।

ইষ্টার্থ [ইষ্ট + অর্থ (ধা)] বি, অভীষ্ট; অভিপ্রায়।

ইষ্টালাপ [ইষ্ট-আলাপ] বি, সদালাপ; পরস্পর শিষ্ট আলাপ।

ইষ্টি১ [ইষ্ (ইচ্ছা করা) + তি (ভাং)] বি, ইচ্ছা; বাঞ্ছা।

ইষ্টি২ [বৈদিক। যজ্ (পূজা করা) + তি। যদ্দ্বারা যজন করা হয়। য=ই। জ=ষ। তি=টি] বি, ঋত্বিক্ চতুষ্টয়ের সম্পাদ্য সাগ্নিক যজমান কর্ত্তৃক অনুষ্ঠেয় কর্ম্ম; শ্রৌত অগ্নিতে সম্পাদ্য হবির্যজ্ঞ। ২ যজ্ঞ; দেবপূজা। ৩ ইন্দ্রাদি কতিপয় দেবতাকে যথাবিধি পুরোডাশ-দান। দীক্ষণীয়া ইষ্টি-সোমযাগের পূর্ব্বে অনুষ্ঠেয় যজ্ঞবিঃ (রঘুনন্দন)।

ইষ্টিকা, ইষ্টিকাচূর্ণ [রাসাং পরিঃ] বি, ইষ্টকের গুঁড়া; সুরকি brickdust.

ইষ্টিমার [ইং-steamer] বি, বাষ্পীয় পোতবিঃ।

ইষ্টিসন, ইষ্টিসেন, ইষ্টেসন, এষ্টেসন [ইং-station] বি, রেলগাড়ী থামিবার ও ছাড়িবার নির্দ্দিষ্ট স্থান।

ইষ্টীল [ইং-steel] বি, ইস্পাত। ~পেন [ইং-steel-pen] বি, ষ্টীল বা ইস্পাতের মুখ কলম।

ইষ্ট্রীট [ইং-street] বি, গলিপথ অপেক্ষা বড়, দুইদিকে ঘরবাড়ীবিশিষ্ট রাজপথ।

ইষ্বাস ['ইষ্বসন' ও০। (ইষু (বাণ)-অস্ (নিক্ষেপ করা) + অ (ণে) যদ্দ্বারা বাণ নিক্ষেপ করা যায়] বি, ধনুঃ। ২ [ইষু (বাণ) -অস্ (নিক্ষেপ করা) + অ (কর্তৃ)] বিণ, ধনুর্দ্ধর; তীরন্দাজ; শরক্ষেপক।

ইস্ [প্রাদেং। অনুং] অ, আশ্চর্য্য-বোধক; বিস্ময়সূচক। ২ বৈপরীত্যবোধক। "ইস্ বাঙ্গাল পেয়েছেন কি আমায়?" -দ্বিং রায়। ৩ ক্লেশব্যঞ্জক।

ইসর্দন্ত [প্রাদেং] বি, কসের দাঁত। আর বাঙ্গাল বলে রে কহিতে বাসি লাজ। ইং গেল মোর জীবনে কি কাজ॥"-কবিকং।

ইসপিস-নিশপিশ দ্রঃ।

ইসরমূল ['ইষু', 'ঈশ্বরমূল' (বৈদ্যকে) 'ঈশের মূল', 'ইষের মূল', 'ইস্বুর মূল' ও০। সং-অর্কমূলা (শং কং দ্রুম), অকপত্র aristolochia Indica] বি, সর্পবিষনাশক ও সর্পনিস্তেজকারী মূল বিঃ। "আছিল ইসরমূল তাতে এককালি।" "ইসর মূলের গন্ধে পলায় ভুজঙ্গ।"-কবিকং।

ইসলাম [আং-ই সলাম=মুসলমান হওয়া] বি, মুসলমান। "আর হজরত মোহাম্মদ (দঃ) ছিলেন অগ্নি উপাসনার বিরোধী ইস্লামের প্রচারক।"-সম্মিলনী, ১৩৩৪।

ইসাদ [ইশাদী দ্রঃ-১১৬২ সালের বাং] বি, সাক্ষী। "ব্রাহ্মণীরে ইসাদ রাখিয়া গেলা ঘরে।"-রাং ভট্ট (সত্যনারায়ণ) [অপ্রং]।

ইসারা-ইশারা দ্রঃ।

ইসেবগুল [ফাং-অস্প্ (অশ্ব) গুল্ (ফুল)-অশ্ব কর্ণের মত পত্র ও বীজ বলিয়া] বি, স্বনামখ্যাত বীজ plantago ovatei. ঈশবগুল দ্রঃ।

ইস্ক [আং-ইশ্‌ক্ (প্রেম)] বি, প্রেম; ভালবাসা। ইস্কের-প্রেমের। (কবি নজরুউল্ ইস্লাম কর্তৃক ব্যবহৃত)।

ইস্কার্তর [ফ্রাং-escritoire >] বি, লিখিবার ডেস্ক।

ইস্কাপিন্-বি, তাসখেলার তাসবিঃ। (ছোট বোঁটাযুক্ত কাল রঙের পান আঁকা কাগজ খণ্ড)।

ইস্কুল [ইং-school এর লিপ্যন্তর স্কুল >গ্রাং উচ্চারণে] বি, বিদ্যালয়।

ইস্ক্রুপ [ইং-screw >] বি, পেঁচ; পাক দেওয়া প্রেক।

ইসটিমার, ইষ্টিমার [ইং-steamer >] বি, বাষ্পীয় পোত; কলের জাহাজ।

ইস্‌টিলপেন, ইষ্টিলপেন [ইং-steel-pen এর লিপ্যন্তর] বি, লৌহনির্ম্মিত লেখনীমুখ; কলমের অগ্রভাগ যা লেখনী-দণ্ডে যুড়িয়া লিখিতে হয়।

ইস্‌টেশন [ইং-station এর লিপ্যন্তর] আড্ডা; রেল, ষ্টীমার, ট্রাম ইং-র যাত্রীদিগের নাবা উঠার স্থান।

ইস্‌তিস্ [ইতস্ততঃ? >(বং শং কোষ)। তুল-বাং ইতিউতি] অ, এটা ওটা; অস্থিরতার ভাব; উস্‌খুস্।

ইস্তক [হিং-ইস্তক্=এই বা ইহা তক্ (পর্য্যন্ত)] অ, হইতে। ২ পর্য্যন্ত। "ইস্তক সে লাট টমসন।"-হেমং। ৩ তাসখেলায় রঙের সাহেব বিবি। ~নাগাএদ, -নাগাদ [আদাং ভাষা] আদ্যন্ত। "ইস্তক নাগাএদ জমাওয়াসিল হিসাব।" ইং জুতা সেলাই লাগাৎ চণ্ডীপাঠ-সংসারের সকল কাজ; অধম বা নীচতম কার্য্য হতে উৎকৃষ্ট বা উচ্চতম কার্য্য পর্য্যন্ত।

ইস্তফসার [আং] বি, বর্ণনা statement.

ইস্তফা, ইস্তাফা [আং-ইস্‌ত্ আফ্‌ =মাফ। গ্রাং-এস্তবা] বি, ক্ষমা; মাফ। ২ চাকরি ছাড়িবার উদ্দেশ্যে জবাবপত্র। ৩ শেষ। "এখানে ইস্তফা তবে, যা হবার তা হয়ে গেল।"-দ্বিং রায়। "সংগ্রামে ইং দেওয়াই সাব্যস্ত করিলেন।"-নরওয়ে ভ্রমণ (গুপ্ত)।

ইস্তাহার, ইস্তিহার [আং-ইশ্‌তি-

হার্। আ°-শোহ্‌রৎ (প্রচার) > গ্রা° এস্তেহার] বি, বিজ্ঞাপন; নোটিস। ~ী-বিণ, নিলাম বিক্রয় সম্বন্ধীয়। ~নামা-বিজ্ঞাপন advertisement; hand-bill. ই°-ই-কুর্কী-সম্পত্তি ক্রোককরিবার নুটিস বা বিজ্ঞাপ্তি বা notice of attachment, ই°-ই-নীলাম-নিলামের বিজ্ঞাপন বা নুটিস notice of auction-sale.

ইস্তিম্‌রারী, ইস্তিমুরারী, ইস্তমোরারী [আ°-ইস্তিম্‌রারী। গ্রা°-'ইস্তমকরারি', 'ইস্তিমারী'] বিণ, চিরস্থায়ী: পৌনঃপুনিক। ২ যে সকল তালুক চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বাবধি বিদ্যমান আছে; চিরনির্দ্ধারিত খাজনার তালুক। ই° জঁমা-fixed or perpetual assessment of land. ই° তালুক-১৭৯৩ খৃঃ অব্দের চিরস্থায়ী বন্দোবস্তের (permanent settlement) পূর্ব্ব হতে যে সমস্ত চিরস্থায়ী তালুক যার খাজনা চিরনির্দ্দিষ্ট ও যার নিরিখ বৃদ্ধি হয় না; মোকররী তালুক। ই° পাট্টা-permanent lease বঁন্দোবঁস্ত-ই-ইস্তিম্‌রারী-a permanent settlement.

ইস্তিহার-ইস্তাহার দ্রঃ। ~নামা [ইস্তাহার (দ্রঃ)। ফা°-নামা] বি, প্রচারপত্র written proclamation. ২ বিজ্ঞাপন।

ইস্তিরি, ইস্ত্রী, ইস্ত্রী [হি°-ইস্তিরী, সং-স্তরী=যে স্তরে স্তরে রাখে, ভাঁজ করে] বি, ধৌত বস্ত্র মসৃণ বা কঠিন করিবার জন্য লৌহময় যন্ত্রবিঃ।

ইস্তেমাল [আ°-ইস্তি(আ) মাল] বি, ব্যবহার; প্রয়োগ; প্রথা; চলন।

ইস্পাত [তুল-সং অয়স্‌-পত্র (পাত) ফা°-ফৌলাদ। গ্রী°-spathe (broad blade) > স্পে°-espade, পর্ত্তু-Ispada, spede (sword), ই°-steel-plate > (ব° শ° কোষ)] বি, কার্ব্বনদ্বারা প্রস্তুত লৌহ: পরিষ্কৃত লৌহ; শক্ত বা টান লোহা (ব° শ° কোষ)।

ইস্পিরিট [ই°- spirit এর লিপ্যন্তর] বি, মদ্যসার।

ইস্প্রিং [ই°-spring >] বি, স্থিতিস্থাপক বস্তু; কুণ্ডলীকৃত লৌহ তার। প্র-ঘড়ির ইস্প্রিং। ২ দম।

ইস্লা/ম, ইস্‌লাম [আ°] বি, হজরৎ মুহম্মদ প্রবর্ত্তিত মুসলমান ধর্ম্ম। বিণ, ~মী, ~মিয়্য-উক্ত ধর্ম্ম সম্বন্ধীয়।

ইহ [ইদম্ (ইহা) + হ। ৭মী বিভক্তি স্থানে হ] অ, এই স্থানে; এই সময়ে। ২ বিণ, বর্ত্তমান; উপস্থিত। "ছাড় ইহ বাত।"-গোবিন্দ° কড়চা)। "* * আমরা ইহজীবন সংগ্রামের ব্যাপার করিয়া তুলিব কেন?"-সনাতনী [ব্রজ°-ইহ=এই। "ইহ সুখ।"-বি° প°] ৩ সং-এই ব্যক্তি; ইনি। "ইহ রস কূপ।"-বি° প°। ৪ ইহাকে। "ইহ কর দান।"-বি° প°। ~কাল [ইহ-কাল (সময়) গ্রা°-এহোকাল] বি, জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত সময়। ২ এজন্ম। ~জঁগৎ-বি, এই পৃথিবী; ইহলোক (দ্রঃ)। ~জঁন্ম-বি, এই পৃথিবীতে জীবনকাল। ২ মনুষ্য-জন্ম। ~জীবন-বি, এ পৃথিবীতে জীবন ধারণ কাল; এ জন্ম: মানব-জীবন। ~বাদ-বি, সংসার বাদ বা ধর্ম্ম। বিণ, ~বাদী-সংসার বা দেহ বা মায়া বাদী "একথা সত্য যে, যে হিন্দু যত শিক্ষিত সে ততই অনাধ্যাত্ম ইহবাদী।"-আনন্দ° পত্রিকা। ~লোক [ইহ (এই)-লোক (জগৎ)] বি, এই জগৎ; মনুষ্যলোক। ২ এ জন্ম।

ইহা [হি°-'য়হ'। সং-ইদম্, অদস্। ওড়ি°-এহা। ইহ দ্রঃ] স, এই বস্তু। সম্বন্ধে-ইহার। প্রাদে° উচ্চারণ ইআর, ইঅর, এয়ার। কলিকাতা অঞ্চলে 'এর'। মান্যে-ইঁহার। এতেষাম্ > প্রাকৃ° এআণ > ইহান (পদ্মা° পু° বিজয় গুপ্ত) > ইঁহার। বহুব°-ইঁহাদের। ইহাকে, ইঁহাকে ই°। এ, এনা দ্রঃ।

ইহাতে [সম্ভ্রমে-ইঁহাতে, ক্ষে°-এঁতে =ইঁহার মধ্যে। "এঁতে কোনখানে কপট নাই"] অ, এই ব্যক্তিতে; এই বস্তুতে; এই বিষয়ে। ২ এই স্থানে বা পাত্রে। ৩ এতদ্দারা। ৪ এইজন্য [ক্ষে°-এতে। ইয়ে দ্রঃ]।

ইহুদী, য়িহুদী, য়িহূদী [হিব্রু-য়হু, য়িহু >, আ°-য়হুদ (jew), য়হুদন (jewess), আ°-ই.ব্রি=হিব্রু; ইব্রিয় দ্রঃ। Aramaic—y'hudai from Heb. y'hudah—Judah যা হতে Jew. তুল-"জু (রাকাশে সরস্বত্যাং পিশাচে) যবনেঽপি চ।" -মেদিনী°] বি, হিব্রু; য়িহুদা (Judia) র লোক, জু jew. স্ত্রীং ইহুদিনী (হি°-য়িহুদিন্)।

ইহো [প্রাদে°] স, ইহাকে। "গোবিন্দ বলিল ইহো না রাখ দুয়ারে।"-মহা° (কাশী)।

ঈ

ঈ-স্বরবর্ণমালার চতুর্থ বর্ণ। দীর্ঘস্বর। উচ্চারণ-স্থান তালু। জিহ্বার অগ্রভাগ নীচের পাটির দাঁতের পশ্চাতে রাখিয়া মধ্যভাগ তালুর নিকটে আনিয়া, অধর নিম্নদিকে ঈষৎ ঝুকাইয়া এবং মুখবিবর অপেক্ষাকৃত সঙ্কুচিত করিয়া উচ্চারণ করিতে হয়। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে (ী) এইরূপ আকার হয়। যথা-ক্+ঈ=কী। ২ [ব্যা°] বাং প্রত্যয়-বিঃ-(১) সম্বন্ধার্থে। প্র-জমিদারী। (২) ভাবার্থে। প্র-পণ্ডিতী, নবাবী। (৩) ব্যবসায় উপজীবিকা অর্থে। প্র-সওদাগরী, মোক্তারী, ডাক্তারী। (৪) পদ বা কার্য্য অর্থে। প্র-জজিয়তী। (৫) বির্থে°। প্র-মোটা ধারী (কাপড়); খাঁদা-নাকী; তেজী। (৬) তন্নির্ম্মিত অর্থে। প্র-রেশমী, সূতী [দ্রঃ-বিণ, হতে বি, করিবার জন্য ভাববাচক 'ঈ' প্রত্যয় ফা° হতে গৃহীত। প্র-বদনামী, বদমেজাজী] (৭) বি, হতে বিণ,-কারী 'ঈ'

হিং হতে গৃহীত। প্র-সরকারী, দরকারী। (৮) [প্রাং বৌং বাং-য়] ৭মী বিভক্তি চিহ্ন-এ, তে। প্র-অধরাতী=অর্দ্ধরাত্রি বা অর্দ্ধরাত্রিতে (চং পদং ২।২ ; ২২,১)। ৩ [প্রাকৃং নিয়মে প্রাং বাং-য়] ই স্থলে ঈ। "পতী, মুনী, হরী, মতী ইং। "সব ঠাঁয়ি আপচয় কৈল মোর হরী।" "আজ হৈতে আহ্মারা হৈলাহোঁ এক মতী।"-শ্রীং কীং। আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের ঈকারান্ত রূপ সাধারণ-"কোঁঅলী কোমলা বালী (বালা) ইং। ৪ [ঈ (গমন করা) + ক্বিপ্ (র্ত্তৃ)] বি, কন্দর্প। ৫ লক্ষ্মী। "ঈশ্বরী ঈপতি-জায়া ঈষদ্-হাসিনী।"-অং মং। ৬ অং, কোপ। (২) দুঃখ। (৩) যন্ত্রণা।

ঈঃ-অ, যন্ত্রণাসূচক। ২ ক্রোধসূচক। ৩ [প্রাদেং] সন্দেহার্থে ; তা'-বই-কি। ৪ তুচ্ছার্থে ; সামান্যার্থে ; ইস্। প্র-ঈঃ ভারি তর্মর্দ্দাণি।

ঈকা/র [ঈ+কার (স্বার্থে)] বি, ঈবর্ণ ; ঈ ; ী। ~রাদি, ~রাদ্য [ঈকার + আদি] বিণ, যার আদিতে ঈ আছে। ঈকার হইতে আরম্ভ করিয়া অন্যান্য বর্ণ। ~রান্ত -বিণ, ঈকার যার অন্তে আছে।

`ঈক্ষ/ণ [ঈক্ষ্ (দ্রঃ)+অন (ভাং)] বি, দৃষ্টি ; দর্শন। "অতিশয় স্নেহভরে করেন ঈং।"-কাঞ্চীং। ২ [ণে] যদ্দারা দেখা যায় ; চক্ষু। বিণ, ~ণিক [ঈক্ষণ (দর্শন) + ইক। তুল-ইং seer] বিণ, দৈবজ্ঞ ; শুভাশুভ গণনাকারী। > স্ত্রীং ~া-দৈবজ্ঞা।

ঈক্ষমাণ [ঈক্ষ্ (দর্শন করা)+আন (র্ত্তৃ, ম্ আগম)] বিণ, যে দর্শন করিতেছে ; নিরীক্ষমাণ।

`ঈক্ষা [ঈক্ষণ (দ্রঃ)+অ (ভাং) আ (স্ত্রীং)] বি, দর্শন ; দেখা।

ঈক্ষিত [ঈক্ষণ (দ্রঃ)+ত (র্ম্ম)] বিণ, দৃষ্ট। ২ [+ত (ভাং)] বি, দর্শন। ~া [মূং-ঈক্ষিতৃ। ঈক্ষ্+তৃ (র্ত্তৃ)] বিণ, দ্রষ্টা ; দর্শক।

ঈগল [ইং- eagle এর লিপ্যন্তর] বি, চিল জাতীয় পার্ব্বত্য ও মাংসাশী পক্ষীবিঃ। ঈগল চিল অপেক্ষা বড়, ঠোঁট বাঁকা, শক্ত এবং ধারাল, বেগ ঘন্টায় ৫০ মাইলের কম নহে, দৃষ্টিশক্তি অতিশয় তীক্ষ্ণ বলিয়া ইং ভাষায় 'eagle eyed' ঈগলচক্ষু অর্থে তীক্ষ্ণ দৃষ্টিশক্তিবিশিষ্ট। নানাজাতীয় ঈগল আছে তন্মধ্যে স্বর্ণ-ঈগল (golden eagle) সর্ব্বাপেক্ষা বড়। ইহারা ডানা বিস্তৃত করিলে প্রায় ৩ গজ পরিমাণ স্থান অধিকার করে।

ঈজাদ-ইজাদ (দ্রঃ)।

ঈড়া [ঈড়্ (স্তুতি করা)+অ (ভাং)] বি, স্তুতি ; প্রশংসা। ঈড়িত [ঈড়্+ত (র্ম্ম)] বিণ, স্তুত ; প্রশংসিত। ২ [+ত-ভাং] স্তব [বিরল]।

ঈড্য [ঈড়া (দ্রঃ)+য (র্ম্ম)] বিণ, স্তুত্য ; স্তবের যোগ্য ; স্তবনীয়। ~মান [ঈড়া (দ্রঃ) +আন (র্ম্ম)। য-আগম। আ=মা] বিণ, স্তূয়মান ; যাকে স্তব করা যাইতেছে।

ঈতি [ঈ (গমন করা)+তি (র্ম্ম)] বি, শস্যোৎপাদনের ষড়্বিধ বিঘ্ন যথা-অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী এবং নিকটস্থিত বৈরীরাজা। "কৃষীবলগণ ক্ষেত্রের কর্ষণ করে, বপে বীজ তাহে, করে কত শ্রম শস্য লভিবার তরে, কিন্তু কোন ঈতি দেখা দেয় যদি, তা হলে ত রক্ষা নাই।"-জাতক, ৫ম খণ্ড।

ঈথর [Etherএর লিপ্যন্তর। বৈজ্ঞাং পরিঃ 'অধ্বর'-মণীন্দ্র বন্দ্যোং)] বি, বায়বিক পদার্থ ; আকাশ। "বৈজ্ঞানিকগণ বলেন, আমরা যাহাকে শূন্য দেশ বা আকাশ বলি তাহা বায়ু ব্যতীত আর একপ্রকার অতি লঘু এবং সূক্ষ্ম পদার্থে পরিপূর্ণ। ইহার বৈজ্ঞানিক নাম ঈং (ether), আলোকের নির্দ্দিষ্ট গতির একমাত্র কারণ ঈং। কোন স্থান সম্পূর্ণ শূন্য থাকিতে পারে না। বায়ুমণ্ডল ও আকাশ সর্ব্বত্র ঈং বিদ্যমান।"-জগদানন্দ রায়।

ঈদ [আং-ঈদ্ বা ঈদ্-উল্-ফিৎর্] বি, মুসলমানদিগের একটী প্রধান পর্ব্বদিন। "The first of shawal is the "Eed" festival which is the day of pleasure and rest after the hard fatigue and sufferings of the Ramzan. On this day all Mussulmans, however divided they may be are supposed to mix with and embrace each other * * *. This Eed-day and the succeeding two days are celebrated with great eclat." —*Moulvie Abdul Anwar Syed, Mohammed Ameer Ali (The Moslem Festivities.* ২ [ঈদ্-উজ্-জোহা বা বকর্-ঈদ্ (বাং-বক্‌রীদ্)] বলিদান পর্ব্ব ; ইহা সংসারের মায়াবন্ধন, কামাদি ষড়্রিপু এবং যা কিছু ঈশ্বর বিরোধী বা ঈশ্বরাভিমুখী নহে, তাকে ঈশ্বরের উদ্দেশ্যে বলি দেওয়ার রূপক। "On the 10th day of every Mohammedan twelfth month called *zilhij*, is celebrated * * the Moslem Aniversary * * the holy *Iduzzoha* or *Bakurid* on which occasion Mohammedans of all ranks and denominations are to be seen from early dawn till midday engaged in special prayers, * * * prayers, which close by midday, are followed by offerings to the Maker of All in the sacrifices of animals, which ritual lasts three consecutive days. * * * what Christmas is to Christians so this *Bakurid* is to Mohammedans." —*The Moslem Festivities.*

ঈদগা [আং-ঈদ্‌গাহ্] বি, মুসলমানদিগের সাধারণ প্রার্থনার স্থান, বিতঃ যথায় সকলে একত্র হইয়া ঈদের দিন নেমাজ পড়ে।

ঈদৃক্ [ঈদৃশ্-ইদম্ (ইহা)-দৃশ্ (দেখা) + ক্বিপ্ (ভাং), (শ্=ক্)-ইহার মত দর্শন যার] বিণ, এতাদৃশ ; এইরূপ (এই সং শব্দটী বাং-য় অবিকল ব্যবহৃত হয়) "কিন্তু সায়ংকাল উপস্থিত হইলে ঈং প্রভাবান্ প্রভাকরও অস্তমিত হইয়া যান্।"-হরিদেব শাস্ত্রী।

ঈদৃশ [ইদম্-দৃশ্+অ (ভাং)] বিণ, এতাদৃশ ; ইহার সদৃশ ; ইহার অনুরূপ : এপ্রকার (এই সং শব্দটী বাং-য় অবিকল ব্যবহৃত হয়)। স্ত্রীং ~ী-বিণ, এতাদৃশী। অনুরূপা ; এমন। প্র-ঈদৃশী কন্যা। ঈদৃশী-তাদৃশী-বিণ, এমন-তেমন ; সামান্যা। "ঈদৃশী-তাদৃশী নহ ঈশান ঈহিনী।"-ভারতং।

ঈপতি [ঈ (লক্ষ্মী, দুর্গা)+পতি] বি, কমলাপতি ; বিষ্ণু। ২ শিব। ~জায়া-বি, লক্ষ্মী ; কমলা। ২ শিবজায়া ; দুর্গা। "ঈশ্বরী ঈপতি-জায়া ঈষদ্‌হাসিনী।"-অং মং।

`ঈপ্সা [আপ্+সন্+অ, আ=ঈ (ভাং) আ (স্ত্রীং)] বি, পাইবার ইচ্ছা। ২ বাঞ্ছা ; ইচ্ছা। ৩ লোভ ; লিপ্সা। বিণ, (১) ঈপ্সিত [আপ্ (পাওয়া)+স (ইচ্ছার্থে) আ=ঈ (পাইতে ইচ্ছা করা)+ত (র্ম্ম)] বিণ, বাঞ্ছিত ; অভিলষিত ; ইষ্ট। ২ অভিলষণীয়। ৩ যা পাইতে ইচ্ছা হয়।

৪ [+ত-ভা°] বি, ইচ্ছা ; মনোরথ। (২) ঈপ্সু [ঈপ্সিত (দ্রঃ)+উ (র্ত্তৃ) পাইতে ইচ্ছুক] বিণ, ইচ্ছুক।

ঈর্ণ, ঈরিণ [ঋ=গমন করা+অন, ইন (থি), ঋ=ঈর্। ইরাণ দ্রঃ] বিণ, উষর ভূমি; ক্ষার ভূমি। ২ জল বৃক্ষাদিবিহীন ভূমিভাগ। ঈরিণের নামান্তর ঈরাণ। ৩ ঈরাণ দেশবিঃ।

ঈরাণ [ফা°-ঈরান। তুল-আবেস্তার ঐর্যন (ঐর্য্যান-উ° পণ্ডিত)। বাং-র 'ইরাণ' (দ্রঃ) চ°। আবেস্তার—Aryanem-Vaejo (Aryanem=Of the Iranians, Vaejo =seed, beeja=birth-land- ইরাণের পূর্ব্ববর্ত্তী ও জগতের দ্বিতীয় আর্য্যস্থান-Arctic Home (Tilak)। (2) Aryanem (=আর্য্যাণাম্) Vaejo (আবর্ত্ত: > আবত > বত > বদ > বজ > বৃইজ, বৃএজ-আর্য্যদিগের দ্বিতীয় প্রত্নৌক-উ° বিদ্যারত্ন)। পহ্লবী -এরাণ-ব্রেজ, প্রা° পারসীক্ অঈরান, ক্যালডীয়-অর্যান (চা° বন্দ্যো°)। "Spiegel also takes the same view & places Arianavaejo in the farthest east of the Iranian plateau in the region where the Oxus & Jaxartes take their rise." —*Arctic Home, p. 316*. লোকমান্য তিলকের মতে Aryana Vaejo must be located near the North Pole & not to the east of Iran"—*Arctic Home*. অন্য পণ্ডিতদের মতে-"উত্তর-কুরুর নামান্তর ইরাণ।"-ঐতিহাসিক রহস্য] বি, প্রাচীন পারসীকদিগের এবং প্রাচীন বাহ্লীক (Bactria)ও মাদ (Media) দেশ। ইরাণি দ্রঃ। ২ পারস্যদেশ Persia.

ঈরিত [ঈর্ (কাঁপা-প্রেরণ করা-বলা) +ত (র্ম্ম)] বিণ, প্রেরিত। ২ ক্ষিপ্ত। ৩ বিসর্জ্জিত। ৪ কথিত। ৫ চালিত। ৬ কম্পিত। ৭ [বৈদিক] উদ্গীত। "ঋগ্বেদের প্রথমদিকের মণ্ডল কয়টির মন্ত্র ঈ° হইবার সময় পঞ্চনদ প্রদেশে আর্য্যগণ বাস করিতেন।"-অ° বিদ্যাভূষণ (প্রবাসী, ১৩২৯)। ৮ [+ক্ত-ভা°] কথন।

ঈর্ব্বারু-বি, কাকুড়।

ঈর্ষা, ঈর্ষ্যা [ঈর্ষ্ (দ্বেষ করা)+অ (ভা°)] বি, পরশ্রীকাতরতা। ২ দ্বেষ। ৩ স্ত্রী ও পুরুষের পরস্পর ব্যভিচার শঙ্কা। স্ত্রী ও পুরুষের মধ্যে একের প্রতি অন্যের ভালবাসায় সন্দেহ জনিত দাহ। ৪ [বৌ° সা°] চালচলন ; স্বভাব। "কাহার কি ঈর্ষ্যা, প্রাজ্ঞ, বিচারিয়া বলত আমায়।"-জাতক, ৪র্থ খণ্ড। ~নল-বি, হিংসারূপ অগ্নি। ~ন্বিত-বিণ, হিংসাযুক্ত। > স্ত্রীং ~া। ~পথ-বি, ভিক্ষাব্রত mendicancy (*Gossin.*) ~পর, ~পরতন্ত্র, পরবশ, ~পরায়ণ-বিদ্বেষ পরায়ণ : হিংসার বশবর্ত্তী। > স্ত্রীং ~া। ~মূলক -বিণ, মূলে যার হিংসা আছে ; হিংসাজনিত।

ঈর্ষালু [ঈর্ষা (দ্রঃ)+আলু (স্ত্য)] বিণ, ঈর্ষাপরায়ণ ; ঈর্ষা করাই যার স্বভাব ; পরশ্রীকাতর।

ঈর্ষী [ঈর্ষা (দ্রঃ)+ইন্ (স্ত্য)] বি, ঈর্ষা করা যার স্বভাব ; ঈর্ষাবিশিষ্ট [বিরল]।

ঈলা [সং] বি, স্তব। ২ পৃথিবী। ৩ ধেনু।

ঈলি, ঈলী-বি, কাটারি : ছুরী।

ঈশ [ঈশ্ (আধিপত্য করা)+অ(র্ত্তৃ)] বি, ঈশ্বর। ২ শিব। ৩ পারদর্শী। ৪ বিণ, স্বামী। ৫ নিয়ন্তা। ৬ শ্রেষ্ঠ। ৭ সমর্থ। স্ত্রীং ~া-লাঙ্গলদণ্ড। ২ সীতা রেখা। ৩ ঈশ্বরী। ৪ ঈষাণী ; দুর্গা। ~ত্ব-বি, প্রভুত্ব। ২ নেতৃত্ব। ~সখ-শিব-সখা ; কুবের।

ঈশন-বি, প্রভুত্ব ; শাসন। ২ নিয়মন। ৩ শিক্ষা instruction.

ঈশবগুল [ফা°] বি, ইসেবগুল (দ্রঃ)। (সং প্রতিশব্দ 'শীতবীজ,' 'শৈশিরিক' ; 'শৈত্য বীজ')।

ঈশা-ঈসা (দ্রঃ)।

ঈশাদন্ত [ঈশা (লাঙ্গল দণ্ড) দন্ত (দাঁত) ঈশার ন্যায় দন্ত যার-বহু°] বি, যে হস্তীর বৃহৎ দন্ত থাকে।

ঈশান [ঈশ্+আন (র্ত্তৃ)] বি, মহেশ্বর ; শিব। "এমন সময় ঈ° তোমার বিষাণ উঠিল বাজিয়া।"-রবী°। ২ একাদশ রুদ্রের মধ্যে অষ্টম রুদ্র। ৩ শিবের অষ্টমূর্ত্তির মধ্যে সূর্য্য-মূর্ত্তি। ৪ বিণ, প্রভু। স্ত্রীং ~ী-বি, মহেশ্বরী ; দুর্গা। ~ঈহিনী [দ্রঃ] বি, শিবমোহিনী ; দুর্গা। "ঈদৃশী তাদৃশী নহ ঈশান-ঈহিনী।"-অ° ম°। ~কোণ [ঈশান (শিব)-কোণ (উত্তর দিকের অন্তরাল) ৬তৎ-এই কোণের অধিপতি শিব] বি, পূর্ব্ব ও উত্তরদিকের মধ্যবর্ত্তী কোণ।

ঈশানী-বি, দুর্গা। ২ শমীবৃক্ষ।

ঈশিতব্য [ঈশ্+তব্য (র্ম্ম), ই-আগম] বিণ, ঐশ্বর্য্য প্রকাশের পাত্র। "ঈশ্বর * * ঐশ্বর্য্যবান হইলেও যদি তিনি ঈ° না পান তাহা হইলে তাঁহার ঐশ্বর্য্য অপ্রকাশিত অনভিব্যক্ত থাকে।"-উৎসব, ১৩৩২।

ঈশিতা, ঈশিত্ব [ঈশ্ (আধিপত্য করা)+ই (র্ত্তৃ)+তা, ত্ব (ভা°)] বি, ঈশ্বরত্ব। ২ অণিমা মহিমাদি অষ্ট ঐশ্বর্য্যের মধ্যে স্বামিত্বরূপ ঐশ্বর্য্য (এই ঐশ্বর্য্য হেতু স্থাবর জঙ্গমাত্মক সর্ব্বভূত ঈশ্বরের আজ্ঞাধীন)। ৩ প্রভুত্ব। ৪ সর্ব্বপ্রাধান্য। ৫ সামর্থ্য।

ঈশীয়-খ্রীষ্টীয়। "ঈশীয় পঞ্চদশ শতাব্দীর শেষার্দ্ধে।"-অ° শীল (উত্তরা, ১৩৩৩)।

ঈশেরমূল-ইসরমূল (দ্রঃ)।

ঈশ্বর [ঈশ্ (আধিপত্য করা)+বর (র্ত্তৃ, শীলার্থে)] বি, (শাস্ত্রে) ঐশ্বর্য্যবিশিষ্ট সগুণ ব্রহ্মের নাম বা উপাধি ; সৃষ্টিস্থিতি-প্রলয় কর্ত্তা ; পরমেশ্বর ; ব্রহ্মের যে অংশ সৃষ্টি-কার্য্যে ব্যাপৃত তাই ঈ° ; সৃষ্টিশক্তি ; মায়ার আধার চৈতন্য, ব্রহ্মাদি এই সৃষ্টিশক্তির গুণবিশেষ হতে উৎপন্ন। সুতরাং ঈ° হতে স্বতন্ত্র ; সমুদয় সৃষ্টিশক্তি ও তার আধার চৈতন্য ; ব্রহ্মাদি তাঁহার অংশ বিঃ। "বিধি বিষ্ণু ঈশ্বর মহেশ রুদ্র পঞ্চ। পঞ্চ প্রেত নিয়মিত বসিবার মঞ্চ।"-অ° ম°। ২ [পু°] একাদশ রুদ্রের মধ্যে একজন (বায়ুপু°)। ৩ শিব। ৪ ব্রহ্ম। ৫ কন্দর্প। ৬ [দর্শনে] ক্লেশ, জন্ম, কর্ম্ম, বিপাক, আশয়দ্বারা অপরাভূত চৈতন্য (পাতঞ্জল)। ৭ বিণ, অধিপতি ; স্বামী ; প্রভু। ৮ শ্রেষ্ঠ। ৯ সমর্থ। ১০ দেবতার স্থান বা তীর্থক্ষেত্র-জ্ঞাপক চিহ্ন ৺ ; ওঁকার চিহ্ন। প্র-৺ কাশীধাম। ১১ [প্রা° বাং বিশে°] গুরু। "ঈশ্বরের

স্ত্রী সনে করে পরিহাস; গাভুর বয়সে যাতে কাশ, গুরু জনকে করে উপহাস। বলে ডাক তার নাই জীবনের আশ।" -ডাকং। ১২ মৃত ব্যক্তির জ্ঞাপক; 'শ্রীর' বিপরীত; 'পরলোকগত' অর্থে ব্যবহৃত। প্র- শ্রীউমানাথ ভট্টাচার্য্যের পিতা ৺শ্যামাকান্ত ভট্টাচার্য্য। স্ত্রীং ~ী। ~কৃর্ত্ত-বিণ, অপৌরুষেয়; অলৌকিক। ~কৃপা-বি, ভগবদনুগ্রহ। ~তা, ~ত্ব-বি, ভগবদ্ভাব divinity. ২ প্রভুত্ব। ~দত্ত -বিণ, ভগবৎপ্রেরিত; ভগবানের দেওয়া; অলৌকিক। ~দ্বেষ-বি, ঈশ্বরে দ্বেষ; ঈশ্বরের অস্তিত্ব অপলাপ করা; নাস্তিকতা। > বিণ, ~দ্বেষী-নাস্তিক। ~নিষেধ -ঈশ্বরের অনভিপ্রেত বা নিষিদ্ধ কার্য্য; নাস্তিকতা। ~নিষ্ঠ [ঈশ্বর-নিষ্ঠ-যার ঈশ্বরে নিষ্ঠা আছে-বহু] বিণ, সমস্তই ঈশ্বরের ইচ্ছাধীন এই বিশ্বাসের সহিত যে জীবনযাত্রা নির্ব্বাহ করে: ভগবদ্ভক্ত: আস্তিক। > স্ত্রীং~নিষ্ঠা [ঈশ্বরে নিষ্ঠা (ভক্তি) ৭তৎ] বি, ঈশ্বরপরায়ণতা; ভগবদ্ভক্তি। ২ ঈশ্বরে দৃঢ় বিশ্বাস; আস্তিক্য বুদ্ধি। ~পূজা-বি, ঈশ্বরের উপাসনা, সেবা বা আরাধনা। ~প্রসাদ-বি, ঈশ্বরকৃপা। ~প্রসাদাৎ-ক্রি-বিণ, ভগবদনুগ্রহে; ঈশ্বরের দয়ায়। ~প্রীতি, ~প্রেম-বি, ভগবানে ভক্তি; ভালবাসা; ভগবৎপ্রেম। ২ ঈশ্বরের ভালবাসা। ~প্রেমিক-বিণ, ভগবদ্ভক্ত। ~বাদ [ঈশ্বর+বাদ (বদ্=বলা)+অ (র্ম্ম)] বি, ঈশ্বরের অস্তিত্ব-স্থাপক মত। ~বাদী-বিণ, ঈশ্বরের অস্তিত্ব যে স্বীকার করে; আস্তিক। > স্ত্রীং ~বাদিনী। ~বিরোধ-বি, ঈশ্বরের নিয়মের বিপরীতাচরণ; নাস্তিক্য। ~বিরোধী-বিণ, নাস্তিক। > স্ত্রীং ~বিরোধিনী। ~বুদ্ধি-বি, আস্তিক্য-বুদ্ধি বা ভাব; ঈশ্বরজ্ঞান। ~বৃত্তি [ঈশ্বর (দেবোদ্দেশে রক্ষিত) বৃত্তি (ব্যবসায়-জাত লভ্যাংশ)] বি, ব্যবসাদার লাভের যে অংশ দেবসেবা, ধর্ম্মানুষ্ঠান বা পুণ্য-কর্ম্মার্থ রক্ষা করেন। ~ভক্ত -বিণ, ভগবানে ভক্তিমান্; ঈশ্বরনিষ্ঠ; আস্তিক। বি, ~ভক্তি। ~ভক্তিনিষ্ঠ-বিণ, ভগবানে ভক্তি বিশ্বাস যার সুদৃঢ়। ~ভাব-বি, ঈশ্বরত্ব। ২ ঈশ্বরবুদ্ধি। ৩ প্রভুত্ব। ~ভীরু-বিণ, ঈশ্বরের নিয়ম লঙ্ঘন করিতে বা অপ্রীতিকর কিছু করিতে ভীত; ভগবদ্ভক্ত God-fearing ~মতি-বি, ঈশ্বরে মতি বা সমর্পিত চিত্ত; ঈশ্বরবুদ্ধি; আস্তিক্যভাব। ~সাক্ষী-বি, ঈশ্বরই আমার প্রত্যক্ষদর্শী; ভগবৎ-প্রমাণ। ২ 'ভগবান্‌ই' আমার সাক্ষী বা ভগবান্ জানেন এইরূপ সাক্ষিস্বরূপ ঈশ্বরের নাম-গ্রহণ। ~সাধক-বি, ভগবানের উপাসক বা পূজক। ~সাধনা-বি, ভগবৎ আরাধনা বা পূজা। ২ যোগ; ধ্যান। ~সৃষ্ট-বিণ, নৈসর্গিক; বিশ্বপতির রচিত। ~সেবক-বি, ভগবৎ উপাসক; ঈশ্বর-পূজক। ~সেবা-বি, ঈশ্বরের পূজা। ঈশ্বরাজ্ঞা, ঈশ্বরাদেশ -বি, ভগবৎ-প্রেরণা; নিয়োগ; অনুমতি; হুকুম Command of God

ঈশ্বরা/ধীন [ঈশ্বর+অধীন] বিণ, জগদীশ্বরের ইচ্ছার অধীন: ঈশ্বরায়ত্ত। ~নন্দ [ঈং+আনন্দ] বি, ভগবৎ লীলা। ~বতার [ঈশ্বর+অবতার] বি, ঈশ্বরের অবতার, যিনি ঐশী শক্তি লইয়া জন্মগ্রহণ করেন; অলৌকিক গুণবিশিষ্ট মহাপুরুষ। ~য়ত্ত [ঈশ্বর+আয়ত্ত] বিণ, ঈশ্বরাধীন। ~রাধনা [ঈশ্বর+আরাধনা] বি, ঈশ্বরের উপাসনা। ~রাধক -বি, ঈশ্বরোপাসক। ~শীর্ব্বাদ [ঈং+আশীর্ব্বাদ] বি, ভগবৎকৃপা: ঈশ্বরপ্রসাদ।

ঈশ্বরী [ঈশ্বর (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, পার্ব্বতী; দুর্গা। ২ লক্ষ্মী। ৩ সরস্বতী। ৪ শক্তি। ৫ যোগিনীবিঃ। ৬ [বৈদ্যক] বৃক্ষবিঃ। (২) লতাবিঃ।

ঈশ্বরেচ্ছা [ঈং+ইচ্ছা] বি, ভগবানের উদ্দেশ্য; অভিলাষ বা অভিপ্রায়।

ঈশ্বরোপা/সক [ঈং+উপাসক] বি, বিণ, ভগবানের উপাসনাকারী বা পূজক। ~সনা-বি, ঈশ্বরের আরাধনা বা পূজা; ভগবানের নাম কীর্ত্তন।

ঈষ [সং-ঈষা (দ্রঃ) 'ঈস' ওং] বি, লাঙ্গলের ফলা। ~ধর-যুগন্ধর দ্রঃ।

ঈষৎ [প্রাং বাং-'ঈসত' ওং। ঈষ্ (গমন করা, পাওয়া ইং)+অৎ (র্তৃ)-যে ন্যূনতাকে প্রাপ্ত হয়] অ, অল্প; কিঞ্চিৎ; কিছু। ~কর [ঈষৎ (কিঞ্চিৎ)+কর (কৃ=করা+অ-র্ম্ম) যা করা যায়] বি, অত্যল্প। ২ বিণ, অল্পায়াস সাধ্য। ৩ যাতে অত্যল্প কাজ হয়; যাতে কোন ফলোদয় হয় না; অকিঞ্চিৎকর। ~পাণ্ডু-বি, বিণ, ধূলার রং; ধূসর।

ঈষদুচ্চ, ঈষদুত্থিত, ঈষদুন্নত [ঈষৎ+উচ্চ] বিণ, অল্প উত্থিত; অল্প উঁচু; সামান্য উৎকর্ষ।

ঈষদুদ্ভিন্ন [ঈষৎ+উদ্ভিন্ন] বিণ, অল্প বিকসিত; ঈষদুত্থিত। ২ অল্প দলিত।

ঈষদুদ্রিক্ত [ঈষৎ+উদ্রিক্ত] বিণ, অল্প উত্তেজিত; সামান্য বৃদ্ধিপ্রাপ্ত। বি, ঈষদুদ্রেক-সামান্য উত্তেজনা।

ঈষদুষ্ণ [ঈষৎ+উষ্ণ] বিণ, অত্যল্পউষ্ণ; কদুষ্ণ; কুসম কুসম গরম।

ঈষদূন [ঈষৎ-উন (কম)] বিণ, কিঞ্চিৎ ন্যূন; কিছু কম। বি, ~তা।

ঈষদগভীর [ঈষৎ+গভীর] বিণ, অল্প নিম্ন: গম্ভীর; নিবিড়: ভাসা-ভাসা shallow.

ঈষদ্দর্শন [ঈষৎ+দর্শন] বি, অল্পদৃষ্টি: কিঞ্চিৎ অবলোকন; কটাক্ষপাত।

ঈষদ্দীর্ঘ [ঈষৎ+দীর্ঘ] বিণ, অদীর্ঘ।

ঈষদ্ধাস্য [ঈষৎ+হাস্য] বি, মুচকে হাসি smile. ২ বিণ, স্মিত।

ঈষদ্বক্র [ঈষৎ+বক্র] বিণ, অল্প বাঁকা।

ঈষদ্বিকসিত [ঈষৎ+বিকসিত] বিণ, ঈষদুদ্ভিন্ন। ২ আধফুটন্ত।

ঈষদ্ভিন্ন [ঈষৎ+ভিন্ন] বি, অল্প পৃথক্।

ঈষন্মাত্র [ঈষৎ+মাত্র] বিণ, অল্পমাত্র: সামান্য।

ঈষদ্রক্ত [ঈষৎ+রক্ত] বিণ, লালাভ।

ঈষলাঙ্গলা, ঈশলাঙ্গলা [সং-লাঙ্গলী,-লি gloriosa superba] বি, উপ-বিষজাতীয় ক্ষুদ্র বৃক্ষের মূল; বিষলাঙ্গুলিয়া।

ঈষা [ঈষ্ (গমন করা)+অ (র্তৃ)+আ (স্ত্রীং), যেথান দিয়া লাঙ্গল যায়] বি, লাঙ্গল-পদ্ধতি; সীতা। ২ লাঙ্গলদণ্ড; লাঙ্গলের ফলা। ৩ শকটের দীর্ঘকাষ্ঠ। ৪ রথাঙ্গবিঃ। ~দণ্ড

-বি, লাঙ্গলের হাতল বা ফলার সহিত যুক্ত বাঁট। ~দন্ত [ঈষা + দন্ত (দাঁত) ঈশাদন্ত দ্রঃ] বি, ঈষার ন্যায় দীর্ঘদন্ত হস্তী tusker. ~ধার [ঈষা + আধার] বি, লঙ্গল। ২ রথ।

ঈষিকা, ঈষীকা [ঈষ্ (আঘাত করা, গমন করা ই°) + ইক, ঈক (স্ত্রী) আ (স্ত্রীং)] বি, হস্তীর অক্ষিগোলক। ২ তুলিকা ; তুলি। ৩ কাশ তৃণ। ৪ শর ই° তৃণের মাজ ; খড়কে। ৫ অস্ত্রবিঃ।

ঈষির [ঈষ্ (গতি) + ইর (র্তৃ)] বিণ, গতিশীল। ২ বি, অগ্নি।

ঈস্ [ইশ্ দ্রঃ] অ, আশ্চর্য্যবোধক : অবিশ্বাসসূচক ; বৈপরীত্যবোধক। "এমনি কি তার থাক্‌বে চিরদিন ?-ঈস্!"-দ্বি° রায়।

ঈসা, ঈশা [হিব্রু-য়ীসু, ইং-Jesus, হিব্রু°-য়শা=ত্রাণ করা] বি, খ্রীষ্টানদিগের ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্ট। "ঈশা মুশা শ্রীচৈতন্য, ওমা প্রেমের ভরে অচৈতন্য, হায় মা কবে হব মা ধন্য, ওমা মিশে তার ভিতরে।"-বিবেকানন্দ।

ঈসামিসী, ঈশুমিসী [যীশু-মসীহ্ (ইং-Moses)] বি, যীশুখ্রীষ্ট।

ঈহমান [ঈহ্ (চেষ্টা, ইচ্ছা, অনুসন্ধান করা) + আন (র্তৃ, ম্ আগম)] বিণ, চেষ্টমান ; সচেষ্ট। ২ ইচ্ছু : অভিলাষী। ৩ অনুসন্ধানরত।

ঈহা [ঈহ্ + অ (ভা°) + আ (স্ত্রীং)] বি, ইচ্ছা। ২ চেষ্টা। ~র্থী-বিণ, চেষ্টাকারী। ২ ধনান্বেষী।

ঈহামৃগ, ঈহাবৃক [ঈহা (চেষ্টা, ইচ্ছা) + মৃগ (হরিণ) যার মৃগ বধ করিবার ইচ্ছা বা চেষ্টা (বহু°) ; ঈহা-বৃক (বাঘ) মৃগ-চেষ্টাতে স্থিত বৃক-৭ তৎ] বি, নেক্‌ড়ে বাঘ ; ছোট বাঘ। ২ রূপক শ্রেণীর একবিধ দৃশ্যকাব্য, ইহা চারি অঙ্কে সম্পূর্ণ, দেব দেবী ইহার নায়ক নায়িকা। প্রেম ও কৌতুক বর্ণনা ইহার প্রধান অঙ্গ।

ঈহি//ত [ঈহা (দ্রঃ) + ত (ভা°)] বি, চেষ্টা। ২ ইচ্ছা। ৩ উদ্যোগ। ৪ [+ত (র্ম্ম)] বিণ, যে বিষয়ে যত্ন বা চেষ্টা করা গিয়াছে : চেষ্টিত। ৫ ইষ্ট ; অভিলষিত : বাঞ্ছিত। ৬ [+ত (র্তৃ)] উদ্যত। স্ত্রীং ~তা [(ঈ°-বিণ, সকল অর্থে), ~নী] বিণ, বাঞ্ছিতা। "ঈদৃশী তাদৃশী নহ ঈশান ঈহিনী।" -ভারত°। ২ বাঞ্ছাকারিণী ; অভিলাষিণী।

উ-স্বরবর্ণমালার পঞ্চম বর্ণ। হ্রস্বস্বর। উচ্চারণ স্থান ওষ্ঠ। ওষ্ঠদ্বয় সঙ্কুচিত ও সম্মুখ দিকে প্রলম্বিত, মুখবিবর ক্ষুদ্রতর এবং জিহ্বা ঈষৎ সঙ্কুচিত করিয়া উচ্চারণ করিতে হয়। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে, ইহার (ু) এইরূপ আকার হয়। যথা-ক্ + উ=কু : শ্ + উ=শু ; র্ + উ=রু। বাং গ্রা° উচ্চারণ বিকারে উ প্রায়ই 'ও' হয়। যথা-উঠা=ওঠা, উত্তর= ওতোর, উজর=ওজোর ই°। ২ [ব্যা°] বাং প্রত্যয় বিঃ। (১) বিশিষ্টার্থে। যথা-ঢালু। (২) অতি পরিচয়ে বা আদর অর্থে (নামের উত্তর) যথা-শিবু ; হারু। ৩ [অৎ (গমন করা) + উ (র্তৃ-ডু)-অ লোপ] বি, শিব। "উ শব্দে বুঝহ শিব, মা শব্দে স্ত্রী তার, বুঝিয়া মেনকা উমা নাম কৈল মার।"-অ° ম°। (২) ব্রহ্মা। ৪ [উ (শব্দ করা) + ক্বিপ্ (ধি)] অ, সম্বোধন। (২) বিতর্ক। (৩) বিস্ময়। (৪) ক্রোধ। (৫) দয়া। (৬) দুঃখ। (৭) নিয়োগ। (৮) পাদপূরণ। ৫ [প্রা° বাং ওব্রজ°, আধু°-উক, প্রাদে° উকা] ক্রিয়া বিভক্তি। করু (করে, করিয়া) করুকা (=করুক) যাকু (=যাউক) ই°। ৬ [প্রাদে°-ব্যবহার। 'ও' শব্দের (উনি অর্থ) উচ্চারণ বিকারে হি°-বহ্] স, ওই ব্যক্তি। প্র-উ কাজ করিতে পারে (মানভূম, বাঁকুড়া ই° অঞ্চলে)। ৭ [অতি প্রা° বাং] (উহা দো° ৯০)। (২) বাক্যালঙ্কার-বোধক অব্যয়। "ভবহিঁ উ অজ্জই।"-স° দো° ১০২)। (৩) সমুচ্চয়ার্থক অব্যয়,-ও, অপি। "জো তরু ছেব ভেবউ ন জাণই।"-চ° পদ ৪৫।৪ [(টীকা-তরু (চিত্তবৃক্ষ) ছেব ছেদ=নিঃস্বভাবীকরণ) ভেব (=ভেদ=মোক্ষ-মার্গ) জাণই (জানন্তি=জানে) অদ্বয়বজ্র] ।

উঅঅ [বৌ° বাং প্রাকৃ°। দ=অ, য়=অ] বি, উদয় (দো° ১২৯)।

উঅই, উই, উয়ি [সং-উদয় > উঅয় > উয় (য়=ইঅ=অই) > উই, বৌ° বাং প্রাকৃ°]-বি, উদয় (চ° ৮।২)। ২ উদয় > উঅ + ই > উয়ি > উই=উদয় হইয়া, উদিয়া] অস-ক্রি, উদয় হইয়া। "উয়ি গেল নবসুর।" (নবসূর্য্য উদয় হইয়া গেল)-চণ্ডী°।

উঅএসঁ ['উএস' ও°, বৌ° বাং প্রাকৃ°। প=অ, দে=এ, শ=স] বি, উপদেশ। উঅএসেঁ =উপদেশে (দো° ৯৬)।

উঅজ্জই [সং-উৎপদ্যতে > প্রা° বাং প্রাকৃ°] ক্রি, (সকর্ম্মক) উৎপাদন করে (দো° ১৩০)। (অকর্ম্মক-উইজঅ) উৎপন্ন হয়, (৪৫।২)।

উঅত্তি [সং-উৎপত্তি। প=অ] বি, উৎপত্তি (দো° ১২৫)। **উইত্তা** [সং-উদিত্বা > উদিত হইয়া (চ° ৩০।২)।

উঅর [প্রাকৃ°, প্রাদে°, চ° ক° ভা°। প=অ] অ, উপর।

উআস [বৌ° বাং প্রাকৃ°, দ=অ। সং-উদাসীন > উদাস > উআস] বি, বিণ, উদাস ; উদাসীন (চ° ৭।২)।

উই-বি, পিপীলিকাবিঃ, রুই [প্রাদে° উয়ী দ্রঃ] "উই আর ইঁদুরের দেখ ব্যবহার। যাহা পায় তাহা কেটে করে ছারখার।" -ঈ° গুপ্ত। ~চারা, ~ঢিপি, ~ঢিবি, -বি, উইপোকার স্তূপ ; বল্মীক। "উই চারা খাই পশু নামেতে ভল্লুক।"-কবিক°। ~চিংড়া, -ড়ি, -ড়ে-উচ্চিঙ্গট দ্রঃ। উ° ধঁরা, উয়ে ধঁরা-ক্রি, উইপোকা দ্বারা আক্রান্ত হওয়া ; উই লাগা। বিণ, উই পোকায় ভুক্ত ; রুয়ে খাওয়া। ২ উই ধরিয়াছে এমন। ~রাজ, উলিরাজ-বি,

ঁযুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্য ঞ্চ=নচ ঞ্চ=ষ্ট ঃ=হ হ্ন হ্ল হ্ব হ্ন=ন্হ ব্‌হ ল্‌হ ত্ত ব্য, জ ক ব ভ=zfwv ও চ্চা° দ্রঃ

লাল পিপড়ার মত কীট ; উই বা শ্বেত পিপীলিকার পরম শত্রু।

উইল [ইং-will >] বি, উত্তরাধিকারীকে স্বেচ্ছাকৃত দান-পত্র ; মৃত্যুর পর বিষয়-সম্পত্তির ভোগাদি সম্বন্ধীয় ব্যবস্থাপত্র।

উএক্ষ [বৌ০ বাং প্রাকৃ০। সং-উপেক্ষা >উএক্‌খা, উএক্ষ পে=এ] বি, উপেক্ষা (দো০ ১৩০)। উএখি-অস-ক্রি, উপেক্ষা করিয়া (চ০ ১৬।৪)।

উএ/স [উঅএস (দ্রঃ-সংক্ষেপার্থে অ লোপ] বি,উপদেশ (চ০ :২।২)। ~সই [সং-উপদিশতি >] ক্রি, উপদেশ দান করে (চ০ ৪০।৩)। ~সে-উপদেশে (দো০ ৮৭, ১৩০)। ২ [সং-উদ্দেশ >] বি, উদ্দেশ। ~সেঁ-উদ্দেশে (দো০ ৮৮)।

উও [হি০-বহ >] সং-সেই (মাণিক০ গান)।

উঃ-অ, ক্রোধবাচক। ২ শোক দুঃখবাচক। ৩ বিস্ময়বাচক।

উ [সং-উম্। "উং প্রশ্নোদঙ্গীকৃতৌ রোষে।"-হে০] অ, প্রশ্নবাচক। ২ রোষবাচক। ৩ স্বীকার [এই অর্থে প্রায় হুঁ] অস্বীকারে-উঁহুঁ। ৪ ক্ষীণস্বরে উত্তর। ৫ ক্রন্দন-ধ্বনি। ৬ বিস্ময়সূচক।

উঁআঁ-যন্ত্রণাপ্রকাশ। ২ উচ্চবাচ্য।

উঁহুঁ-অ, না।

উঁআনি, উআঁনি, উঙানি, উমানি, উআঁন্‌কি [অনুকার শব্দ হতে] বি, অতি ক্ষুদ্র মশক।

উঁকি [উৎ-ঈক্ষণ বা অক্ষি, উকি দ্রঃ] বি, গুপ্ত স্থান বা অন্তরাল হতে ঈষৎ দৃষ্টি। ~ঝুঁকি [উঁকি (গুপ্তদৃষ্টি)-ঝুঁকি (দেহ ঈষৎ বক্রকরণ)] বি, অন্তরাল হতে ক্রমাগত এদিক্ ওদিক্ দৃষ্টিপাত। "কে যায় কে যায় ওই উঁকিঝুঁকি চেয়ে?"-হেম০। উঁ০ দেওয়া, উঁ০ মারা-ক্রি. গোপনে থাকিয়া দেখা। "শয্যায় সুসজ্জ হ'য়ে উঁকি দিয়া চায়।"-শি০।

উঁচ, উঁচা, উঁচু, উচো [উচ্চ >] বিণ, উন্নত। "উঁচ হয়ে রহিল কঠিন কুচ দুটি।"-শি০। "চৌদিকে প্রাচীর উঁচা।"-অ০ ম০। ২ উপরিভাগ। ৩ উদার ; উৎকৃষ্ট। প্র-উঁচু নজর। ৪ কর্কশ ; রূঢ় ; কড়া। "বরং দু'কথা শুনো তবু কারুকে উঁচুকথা বোলো না।"-প্রফুল্ল (গি০ ঘোষ)।

উঁচ/কপালে [উঁচ (উচ্চ,উন্নত) কপাল (ললাট)+ইআ (বির্থে০)=উচ কপালিয়া গ্রা০ উ০] বিণ, যার ললাট উচ্চ। ২ সৌভাগ্যশালী। স্ত্রীং ~কপালী-উঁচু কপালবিশিষ্টা ; সুতরাং মুখশ্রী-হীনা।

উঁচট, উঁচোট-উচোট দ্রঃ।

উঁচনি, উঁচানি [উত্তোলন >, দ্রঃ-উঁচই, উঁচও, উঁচয়, উঁচাই, উঁচাও, উঁচায়, উঁচাইতে, উঁচতে, উঁচাতে ; উঁচাইয়া, উঁচিয়ে ই০] ক্রি, উত্তোলন করা ; উঠানো। ২ অতিক্রম করা ; টেক্কা দেওয়া। প্র-কাহাকে উঁচাইয়া কাজ করা। ৩ অবস্থার অতিরিক্ত চালে চলা। উঁচিয়ে বা উঁচাইয়া উঠা [উচ্চ হইয়া উঠা হতে ঈর্ষাচ্ছলে, ভূরি প্রশংসাচ্ছলে, বিরল ব্যবহার] ক্রি, উন্নত হওয়া ; শ্রীবৃদ্ধিসম্পন্ন হওয়া ; হীন অবস্থা হতে উন্নত হইয়া উঠা। প্র-লোকটা দুদিনেই খুব উঁচিয়ে উঠেছে।

উঁচন (-চ-) [উঁচন দ্রঃ] বি, উত্তোলন ; উত্থাপন।

উঁচনীচ, উঁচানীচা, উঁচুনীচু [উচ্চ-নিম্ন >] বিণ, অসমান ; বন্ধুর।

উঁচল [উঞ্ছন >] বি, তৃণাদি ঝাড়িয়া একত্র করণ ; চালন ; ঝাড়ন ; উঁচলন।

উঁচলানি [উঞ্ছন >] ক্রি, পাছড়ানো। ২ পরিষ্কার করা। ৩ ঝাড়া।

উঁচোট-বি, ঠোকর ; চলিবার কালে পদাঙ্গুলিতে আঘাত।

উঁচোন [উত্তোলন >] বি,উত্তোলন। ২ [উচ্চারণ >] বি, উচ্চারণ।

উঁছনি [উঞ্চন (দ্রঃ) বা উচ্চয়ন > 'ওঁছান'] ক্রি, ধূলামাটি ; ক্ষুদকুঁড়া নীচে ফেলিয়া গ্রহণযোগ্য শস্যাদি দুই হাত দিয়া উত্তোলন করিয়া লওয়া ; উপরে অসার ভাগ হতে সার ভাগ তুলিয়া লওয়া ; উছাঁইয়া লওয়া। ২ উত্তোলন করা ; উঁচু করিয়া দেখান ; কাহার প্রতি হাত উছঁন বা উছাঁন।

উঁজল-পাঁজল [অতি প্রা০ বাং 'উঞ্চল পাঞ্চল' (চ০ ২:।৫)। গ্রা০-ওঁচড় পাঁচড়। তুল-ওলটপালট ; তুল-প্রাকৃ০ 'উত্থল্ল-পত্থল্ল'] বি, উপরনীচে ; উলট পালট।

উঁহা-উহা দ্রঃ।

উঁহুঁ-অ, অসম্মতিসূচক ; না। ২ শৃঙ্গার রসের উত্তেজক শব্দ।

উকি১, উকা১ [সং-উল্কা > পালি০-উক্কা >] বি, অগ্নিস্ফুলিঙ্গ। ২ অগ্নি। ৩ মশাল।

উকি২ [ইক্ষু > আউক > উক (ক্ষে০)] বি, আক sugarcane. ~উড়া-ক্রি, আগুনের ফুল্‌কি উড়া।

উঁক৩, উকা২-উখা দ্রঃ।

উক৪ [উভ দ্রঃ] ধাতুর ১ম পু০ ১ব০ ও বহুব০ প্রত্যয়। করুক, বলুক, দেখুক ই০। এই অর্থে মান্যে-উন। যথা-করুন, বলুন, দেখুন ই০।

উকর্টন, উটর্কন [উটকন দ্রঃ] বি, অন্বেষণ ; অনুসন্ধান। ২ অন্বেষণ করা ; খোঁজা [হি০-উটক্‌না] "দশ বিশ জন মেলি, উকটে মূষিক ধূলি।"-কবিক০।

উকটানি [প্রাদে০। সং-উদ্‌ঘাটন >] ক্রি, উদ্‌ঘাটন করা। ২ অন্বেষণ করা।

উকটিয়া-বিণ, উৎকট শক্ত। ২ অস-ক্রি, খুঁজিয়া।

উকড়া [প্রাদে০। উকাড়া দ্রঃ] বি, মুড়কি।

উকড়ানি [হি০-উখ্‌ড়ানা] ক্রি, আল্‌গা হওয়া ; খুলিয়া যাওয়া ; উৎপাটিত হওয়া ; উৎপাটন করা।

উকড়ী, উখ্‌ড়ী [প্রাদে০] বি, পেতেন ; বিরল ব্যবহার। দ্রব্যাদি রাখিবার জন্য গৃহকোণাশ্রিত মঞ্চ বিঃ। ২ হাতা। ৩ উড়ি ধান্য। উড়কি দ্রঃ।

উকড়ো [প্রাদে০, জেমোকাঁদি অঞ্চল] বি, গুড়মিশ্রিত খৈ ; মুড়কি।

উকনাহ [সং] বি, কপিশবর্ণ অশ্ব a boy, chest-nut-horse.

উকর-ধাকর [প্রাদে০। 'হাকড়-ধাকড়' ও০। অনুকার শব্দ] বি, দ্রুত ও

বিশৃঙ্খল ভাব ; উদ্দণ্ড বা ধেই-ধেই। "উকর ধাকর করিয়া...নাচে।"-কৃত্তি°।

উকলী, উখলি, উখলী [উদূখল >] বি, মুষল দ্বারা ধান্যাদি কুটিবার কাষ্ঠাদি-নির্ম্মিত পাত্র।

ˋউকা১ [সং-উল্কা >, পালি°-উক্কা >। প্রাদে°-পাঞ্জালি] বি, অগ্নিস্ফুলিঙ্গ। ২ অগ্নি। ৩ মশাল [উক দ্র:]।

ˋউকা২ [প্রাদে°] বি, শিকি, বংশ বা বেত্র-নির্ম্মিত মাছ ধরিবার যন্ত্রবি: ; ঘূণী।

উকাচাকা [গ্রা° কথ্য-'উকোচাকা', 'উকোচ্যাকা'। তুল-হি°-উক্তিযুক্তি-"সলাহ ঔর তদবীর।"-হি° শ° সা°] বি, সন্ধান সুলুক ; খোঁজখবর।

উকা/র [উ+কার-স্বরূপার্থে] বি, উবর্ণ। উ। ু। ২ [+কার-স্বরূপার্থে] শিব। "উকারস্তু মহেশ্বরঃ।"-একাক্ষরকোষ। ~রাদি-যার আদিতে উ এই বর্ণ আছে। ~রান্ত-যার শেষে উ এই বর্ণ আছে।

উকালৎ [আ°-বকালৎ (দৌত্য)] বি, উকীলের পদ ; উকীলের কর্ম্ম।

উকালৎ-নামা [আ°-বকালৎ+ফা°-নামাহ্] বি, বাদী বা প্রতিবাদীর পক্ষে উকালতী বা উকীলের কার্য্য করিবার নিয়োগপত্র।

উকালতী [আ°-বকালৎ+ঈ (ব্যবসায় অর্থে)] বি, উকীলের কার্য্য বা ব্যবসায়। ২ পক্ষাবলম্বন।

উকাশ ['উকাস' ও° (চৈ° চ°)। সং-প্রকাশ > (ভ্রং) পকাশ > উ°, প্রা° বাং প্রাকৃ°] বি, প্রকাশ। ক্রি, ~া [উকাশি, উকাশ, উকাশে, উকাশিয়া, উকাশি, উকাশিতে ই°] ক্রি, প্রকাশ করা। "ক্রুর শঠের গুণ ডোরে, হাতে গলে বান্ধি মোরে রাখিয়াছে নারি উকাশিতে।"-চৈ° চ°।

উকি, উঁকি [হিক্কা >] বি, উদ্গার; হিক্কা। "মাথাঘোরে উঁকি তোলে।"-অ°ম°। ২ [উৎ-ঈক্ষণ বা অক্ষি (কেবল অক্ষি মাত্র বাহির করিয়া এবং সর্ব্বাঙ্গ গোপন করিয়া দর্শন হতে)] গুপ্তদৃষ্টি ; গোপনে দর্শন। ৩ অগ্নিকণা। **উকি উঠা**-ক্রি, হিক্কা উঠা ; ঢেঁকুর উঠা। **উঁকি মারা**-ক্রি, লুকাইয়া দেখা : অলক্ষ্যে ঈষদ্ দৃষ্টি করা। "ভয় করোনা একলা আমি দেখ্‌তে নাহি চাই। রাজার ছেলের আড়ালেতে উকি মারবো ভাই।"-হেম°। ~ঝুঁকি [উকি+ঝুঁকি (ঝোঁক >)] বি, গুপ্তদৃষ্টি ; প্রচ্ছন্নভাবে থাকিয়া ঈষদ্ দৃষ্টি। "কে যায় কে যায় অই উকিঝুঁকি চেয়ে।"-হেম°। "আড়ালে থাকিয়া কপি মারে উকিঝুকি।"-কবিক°।

উকিল, উকীল [আ°-বকীল। ইং-vakil] বি, ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী। ২ যে ব্যক্তি বিচারালয়ে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়া অন্যের সাহায্যার্থে প্রতিনিধিস্বরূপ ব্যবহার-কার্য্য সমাধা করেন। বাদী প্রতিবাদীর পক্ষ হতে নিযুক্ত হইয়া প্রত্যেকের স্বার্থরক্ষার্থ যে মোকদ্দমা পরিচালিত করে। ~সরকার-বি, সরকারী উ°, আদালতে নিযুক্ত রাজপক্ষীয় ব্যবহারাজীব Govt. pleader.

উকুণ, উকুন [ওকণ, >, গ্রা°-'উকন'। চট্ট° প্রাদে° 'উন', 'উইন', 'উকুল'। সং-উৎকুণ >] বি, কেশ-কীট ; যে কীট মস্তকেজন্মে। "ডেঙ্গর উকুন নীকি করে ইলি বিলি।"-অ° ম°।

উকুণবাড়ি ['উকন, উকুন-ঠেঙ্গা' (প্রাদে°) 'উগুনপাশী' ও°। উকুন (উখুনও বলে। সং-উৎক্ষেপণ। তুল-অঙ্কুশ+বাড়ি (দণ্ড)। প্রাদে°-উকুনতাড়া] বি, শস্য-পরিষ্করণ যন্ত্র-বি: ; সরু বংশদণ্ডের অগ্রভাগে বক্রাকার সরু লৌহশলাকাযুক্ত যন্ত্র; উখুনপাশী।

উকুল [সং-অকূল। প্রা° বাং-গ্রা°-রূপ উকুল] বি, অকূল ; সমুদ্র। "উকুলের ঢেউ এল দুকূল ভরিয়া।"-শূ° পু°।

উক্ত [বচ্=বলা+ত (র্ম্ম)। ব=উ] বিণ, যা বলা গিয়াছে ; কথিত ; ভাষিত। ২ নির্দ্দিষ্ট ; উল্লিখিত। ৩ উচ্চারিত [+ত-ভা°] বি, কথন। ২ নির্দ্দেশ ; উল্লেখ। ৩ উচ্চারণ [বিরল] ~কর্ত্তা-কর্তৃবাচ্যে প্রত্যয় হইলে ঐ প্রত্যয় দ্বারা কর্তৃত্বার্থ উক্ত হয় এজন্য ঐ কর্ত্তাকে উক্তকর্ত্তা বলে। উহাতে ১মা বিভক্তি হয়। ~কর্ম্ম-কর্ম্মবাচ্যে প্রত্যয় হইলে ঐ প্রত্যয় দ্বারা কর্ম্মত্বার্থ উক্ত হয় এজন্য ঐ কর্ম্মকে উক্তকর্ম্ম বলে ; ঐ কর্ম্মে ১মা বিভক্তি হয়।

উক্তানুক্ত [উক্ত+অনুক্ত] বিণ, কথিত এবং অকথিত।

উক্তি [উক্ত দ্র:। বচ্+তি (ভা°)] বি, কথা ; বচন ; বাক্য। ২ উল্লেখ। ~পরম্পরা-বি, পর পর গ্রথিত বাক্য : ধারাবাহিক কথন। ২ পর পর উল্লেখ।

উক্‌থ [বৈদিক] বি, সামবেদ ; সামবেদাংশ। ২ যজ্ঞ বি:।

উক্ষ [উক্ষ্ (সেচনে, আর্দ্রীকরণে)] বিণ, সিক্ত। ২ বর্ষিত। ৩ ধৌত। ~ণ [উক্ষ্ (আর্দ্র করা)+অন (ভা°)] বি, প্রোক্ষণ ; সেচন।

উক্ষতর, উক্ষা [উক্ষন্=বৃষ+তর-প্রধানার্থে] বি, বৃহৎ বৃষ ; বড় ষাঁড় ; প্রৌঢ় বলদ। স্ত্রীং ~ী-গতযৌবনা গাভী [তুল-সং-উক্ষন্, উক্ষা ; ফা°-গাও, অথ্না ; ল্যা°-vacca ; এ্যাং-স্যা°-oxa ; সুই°-oxe ; আইস্°-oxi ; গথ°-auhsa ; প্রা° ফ্রীস্-কান-oxa ; ইং-ox (pl. oxen.)]

উক্ষিত [উক্ষ (দ্র:)+ত (র্ম্ম)] বিণ, সিক্ত ; অভিষিক্ত। ২ লিপ্ত [বিরল]।

উখ, উখা, উগা [গ্রা°-ˋউকো, উগো প্রাদে°। সং-উৎকর্ষণ বা উৎঘর্ষণ >] বি, সূত্রধর বা কর্ম্মকারগণের লৌহময় ঘর্ষণাস্ত্র a rasp, file.

উখড়-বি, সর্ব্বদা মদ্য ও মাংস ব্যবহারকারী। সন্ন্যাসিসম্প্রদায়-বি:।

ˋউখড়নি, ˋউখড়ানি [সং-উৎ+খোড় (গতি-প্রতিঘাত অর্থে)+অন (ভা°) =উৎখোড়ন > উখোড়ন, প্রাকৃ°-উখোড়িঅ, বাং-য়-উখড়ন, ক্রি, উখড়ান] ক্রি, উৎপাটন করা ; উন্মূলন করা। "তরু উপাড়িয়া, গিরি উখাড়িয়া কৈল প্রলয়ের ঝড়।"-অ° ম°। ২ ঠিকরান। "ঢেকি দানা গায়, উখড়িয়া যায়, পুষ্পের যেমত মালা।"-কবিক°। ৩ খুলিয়া পড়া। "মণি উখড়িল হের দেখ বিদ্যমান।" -ভাগবত (শ্যামদাস)। ৪ উপ্‌টিয়া পাপ্‌টিয়া দেওয়া। ৫ [লক্ষ°] স্থানান্তরিত হওয়া ;

উঠিয়া যাওয়া ; শেষ হওয়া। "হাট উখুড়িবে প্রচুর ভৈল বেলা।"-শ্রী° কী°।

`উখড়া, [শ্রীহট্ট প্রাদে° (চৈ° চ°) ও জেমোকাদি অঞ্চল] বি, মুড়কি [উক্‌ড়ো দ্রঃ]।

উখড়া₂ [উথরা দ্রঃ] বিণ, উৎক্ষিপ্ত। ~খুখ্‌ড়া-উস্কামুস্কা দ্রঃ।

`উখড়ী [প্রাদে°] বি, নারিকেলমালা ই° এবং কাষ্ঠশলাকা দ্বারা প্রস্তুত এক প্রকার হাতা ; উড়কী।

`উখড়ো [উখড়ন দ্রঃ। প্রাদে° বীরভূম] বি, পথ ; রাস্তা।

`উখন-বি, ঘর্ষণ ; মার্জ্জন।

উখর [উৎখোড় > উখোড > উখড, ড়=র ; হি°-উখড়া] বিণ, উদ্‌গত : বহির্গত ; উচ্চ। "দন্ত উ° আর উৰ্দ্ধমুখে চায়।"-মনসা ম° (বংশী)।

উখল,, উখলি,-লী-উদূখলদ্রঃ।

উখল₂-বি, উখ (পশুহিতকর তৃণ-বিঃ)।

`উখা, `উগা, `উঘা [প্রাদে°] অগ্নি-কণা ; স্ফুলিঙ্গ। ২ মশাল। ৩ উনন। ৪ পাকস্থালী : হাঁড়ী। ৫ জাল-বিঃ। `উখ্য-বিণ, স্থালীপক্ব।

উখা₂-উথ দ্রঃ।

উখার্ড়ন-উখড়ন দ্রঃ।

উখাড়া [সং-উৎখন বা উৎখিনে বা উৎকর্ষণ > পা°-উক্‌খণন বা উক্‌খিণন বা উক্কড্ঢণ > উখাড়ন > । হি°। উখাড়ি, উখাড়, উখাড়ে, উখাড়িতে, উখাড়িয়া ই°] ক্রি, উৎপাটন করা।

`উখাড়িয়া [হি°-উখাড়না=তোলা] ক্রি, উত্তোলন করিয়া।

উখারিয়া [হি°-উখড়না] ক্রি, পদ-স্খলিত হইয়া ; হোঁচট লাগিয়া। "উ° পড়ে ঘোড়া যায় মন্দ তেজে।"-কৃত্তি°।

উখাল [প্রাদে° পূ° বঙ্গ। সং-উদ্‌গার > উগ্‌গার > উগাল > উখাল] বি, বমন। ক্রি, উ° কঁরা-বমি করা।

`উখি [প্রাদে° পূ° বঙ্গ] বি, মাথার মরামাস ; খুস্কি।

`উখুনপাশী [উখুন+পাশ (দণ্ড)+ঈ (বিৰ্থে°)] বি, উকুনবাড়ি ; শস্যপরিষ্করণ-দণ্ড। "জোয়ালে কোদাল ফাল দা উ°।"-শি°।

উখো,-উখ দ্রঃ।

উখো₂ [২৪ পরগণা প্রাদে°] বি, বড মাছ ধরিবার জন্য বাঁশের শিকে প্রস্তুত পিঞ্জর বিঃ (ফেটী জালের মত আকার কিন্তু আটোলের চেয়ে বেশী উঁচু ও লম্বাচওড়া, এক দিকে প্রবেশদ্বার।

উখো₃ [প্রাদে°] বি, আঁকষির মত ৭।৮ হাত লম্বা বংশ-দণ্ড যদ্দ্বারা গরুর পায়ের তলায় মাড়াইবার জন্য ধান্য সহ খড় টানিয়া টানিয়া দিতে হয়। উখোই কঁরা-ধান মাড়া বা কলাই গম আদি শস্য খড হতে পৃথক্ করিবার জন্য শস্যসহ খড় উখো দিয়া টানিয়া টানিয়া গরুর পায়ের তলায় সরাইয়া দেওয়া।

উগ [উগ্র > .ভ্রং] বিণ, উগ্র ; প্রখর। "হিমকর উগ হতে দিনকর তেজ।"-জ্ঞান°।

উগথিক [সং-উদ্‌গত >] ক্রি, উদয় হইয়াছে। "রবি শশি উ° পাশ।"

উগরণ, উগরোন [উদ্গিরণ >] বি, উদ্গিরণ : বমন : ঢ্যাকার। "যাহা মুনি পিয়াছিল, কাণে উগরিয়া দিল।"-অ° ম°।

উগরণ, উগরাণো-ক্রি, বমন করা। উগরি-উদ্গিরণ করিয়া। "অজীর্ণ ভোজন দ্রব্য উগরি দুর্ম্মতি।"-মেঘ°।

উগরা [উগরণ দ্রঃ। উগরি, উগর, উগরে, উগরিক, উগরিয়া ই°] ক্রি, উদ্গীরণ করা।

উগরে, উগারে-ক্রি, উদ্গিরণ করে ; বমন করে। "ফণী মণিবর উগরে নিরখি।" -বি° প°। ২ বর্ষণ করে ; ঢালে। "কোকিল উগারে মধু ভ্রমর গুঞ্জরে।"-ঘ°। ৩ [উগরিয়ার দ্রুত উচ্চারণ] ক্রি, উদ্গীরণ করিয়া। উ° দেওয়া-ক্রি, বমন করিয়া ফেলা। ২ বাহির করিয়া দেওয়া।

উগল [ব্রজ°। উগা দ্রঃ] ক্রি, উদিত হইল। "কত এ অরুণ উদয়াচল উ° কত এ পছিম গেল চন্দা।"-বি° প°।

উগলানি, উগলানো [সং-উদ্গিলন, পা° উগ্‌গিলন (=উদ্গিরণ) গ্রা°-ওগলান। হি°-উগলনা, উগালনা] ক্রি, উদ্গিরণ করা : বমন করা। উগরান দ্রঃ।

উগা [উদ্‌গার, হি°-উগনা বা উদ্‌গমন >] ক্রি, উদয় হওয়া ; গজান। "ব্যগ্র হইলা উগ্র আর উগে নাহি কিছু।"-শি°। ২ উদ্‌গীর্ণ করা। ৩ উচ্চারণ করা ; বলা।

উগানি [প্রাদে°। মৈ° গী°] ক্রি, উসুল করা। ২ শোধ করা।

উগার [শ্রীহট্ট প্রাদে°] বি, মেড়ি দ্রঃ।

উগারা [ব্রজ°। হি°-উগ্‌রা হুয়া] বিণ, উদ্‌গীর্ণ। "রাহু বদন উ°।"-বি° প°। ২ উদ্‌ঘাটন করা। উঘারা দ্রঃ।

উগোনো [প্রাদে°, গ্রা°। উখা (উনন) -উখানে-উনানে চড়ান বা উথ (শুষ্ক হওয়া) -উখান-শুকান] ক্রি, ভাজা। ২ বিণ, ভর্জ্জিত। প্র-উ° কলাইয়ের ডাল।

উগ্র,-বি, শিব। "উগ্র তপ করে উগ্র কহিতে অপার॥"-অ° ম°। ২ শিবের বায়ু-মূর্ত্তি [অষ্টমূর্ত্তি দ্রঃ] ৩ ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রার গর্ভে জাত জাতি-বিঃ ; আগুরি ; উগ্রক্ষত্রিয়। ৪ নক্ষত্রগণবিঃ। ৫ কেরল দেশের নামান্তর। ৬ ধৃতরাষ্ট্রের শত পুত্রের মধ্যে একজন। ৭ শোভাঞ্জন বৃক্ষ। ৮ বিষ। ৯ ক্রোধ।

উগ্র₂-বিণ, ভয়ানক ; প্রচণ্ড ; উৎকট। "উগ্র তপ করে উগ্র কহিতে অপার।" -অ° ম°। ২ তীব্র ; প্রখর ; তীক্ষ্ণ। ৩ রূঢ় ; কর্কশ। ৪ ক্রূর ; নিষ্ঠুর। ৫ ক্রুদ্ধ : কোপন। "আমার কর্ম্মের গতি, উগ্র হইল মোর পতি।" -কবিক°। বি, ~তা। ~কণ্ঠ-বি, বিণ, তীব্র স্বর ; যার গলার স্বর কর্কশ। ~কর্ম্মা [উগ্র=ভয়ানক কর্ম্মন্=কার্য্য যার-বহু°] বিণ, যে অনায়াসে ভয়ানক কর্ম্ম করিতে পারে ; ভীমকর্ম্মা। ২ ক্রূরকর্ম্মা। ~কাণ্ড [উগ্র-কাণ্ড (ক্রিয়া) যার-বহু°] বিণ, উগ্র-কর্ম্মা। ২ বি, কারবেল্ল ; করলা ; উচ্ছে। ~ক্ষত্রিয়-বি, আগুরি জাতি। ~গন্ধ [উগ্র (তীব্র, উৎকট) গন্ধ যার-বহু°] বি, হিঙ্গু ; হিং। ২ রশুন। ৩ কটফল। ৪ চম্পক ; চাঁপা। ৫ অর্জ্জক বৃক্ষ। ৬ উৎকট গন্ধবিশিষ্ট ; তীব্রগন্ধ। স্ত্রীং ~গন্ধা-বি, অজমোদা। ২ বচ। ৩ অজগন্ধা। ৪ যবানী। ~চণ্ডা [উগ্র-(ভয়ানক)-চণ্ডা=অতি

কোপনা (ধা)] বি, চণ্ডিকাদেবী [দুর্গা-অষ্টাদশভুজা, কোটি যোগিনী সমাবৃতা হইয়া এই মূর্ত্তিতে আশ্বিন মাসের কৃষ্ণা নবমীতে প্রথমে আবির্ভূতা হইয়া মহিষাসুরের প্রথম মূর্ত্তি বিনষ্ট করেন, এবং এই মূর্ত্তি হইতেই দক্ষ-যজ্ঞ ভঙ্গ হয়] ২ অতিশয় কোপনা স্ত্রী। "সাজে রক্ষ অনীকিনী উগ্রচণ্ডা রণে।"-মেঘ০। [অতি কোপনা, ভয়ঙ্করী নারী, ~চণ্ডী ও বলে] ~তা,~ত্ব [উগ্র+তা, ত্ব-ভা০] বি, উগ্র-স্বভাব ; ঔদ্ধত্য। ২ উগ্রতা : তীব্রতা : প্রখরতা। ৩ কোপ। ~তারা [উগ্র (উগ্রতরভয়)-তারা (যিনি ত্রাণ করেন) (যিনি উৎকট ভয় হতে ত্রাণ করেন)] বি, ভগবতীর মূর্ত্তিভেদ। ইন্দ্রাদি দেবগণ শুম্ভদানব কর্ত্তৃক পরাজিত হইয়া যে সময় তাঁহার আরাধনা করেন, সেইকালে দেবী মাতঙ্গিনীর কায়কোষ হইতে উগ্রতারা মূর্ত্তি আবির্ভূতা হইয়া বলিলেন-"সুরগণ! আমার আরাধনা করিতেছেন, আমি তাঁহাদের জন্য শুম্ভাদি দৈত্যগণকে বিনাশ করিব।" ~দন্ত-বিণ, করাল ; ভীমদশন। ২ নৃশংস। > স্ত্রীং ~া। ~দর্শন [উগ্র (ভীষণ)-দর্শন (দৃষ্টি) যার -বহু০] বিণ, ভয়ানক দৃষ্টি যার ; ভীষণ দৃষ্টি। ~ধন্বা [উগ্র=ভয়ানক+ধন্বন্=ধনুক, যার, ধনু=ধন্বন্-বহু০] বি, ইন্দ্র। ২ শিব। ৩ বিণ, যার ধনু শত্রুগণ সহ্য করিতে পারে না ; প্রখর-ধনুর্দ্ধর। প্র-উগ্রধন্বা ভীষ্ম। ~প্রকৃতি-বিণ, কোপন-স্বভাব। ২ ভীষণ-প্রকৃতি ; যার মেজাজ অতিশয় কড়া। ~বক্তা-বিণ, কটুভাষী। ~বীর্য্য-বিণ, তীব্র তেজবিশিষ্ট ; অতিশয় তেজস্বী। ~ভাব -বি, উগ্রতা। ~মূর্ত্তি [উগ্র-মূর্ত্তি যার -বহু০] বিণ, যে সর্ব্বদা উগ্রভাবে থাকে : যার মূর্ত্তি দেখিলে ভয় হয় ; ভয়ানক মূর্ত্তি। ~শেখরা [উগ্র (শিব)-শেখরা (কিরীট-স্থিতা) ৬তৎ] বি, গঙ্গা। ~শ্রবাঃ [উগ্র (উৎকৃষ্ট)-শ্রবস্ (কর্ণ) যার-বহু০, উগ্রশ্রবস্] বি, রোমহর্ষণ সুত। ২ ধৃতরাষ্ট্রের শত পুত্রের মধ্যে একজন। ৩ তীক্ষ্ণ শ্রবণশক্তিবিশিষ্ট। ~সেন [উগ্র (ক্রুদ্ধ, ভয়ানক) সেনা=সৈন্য-যার-বহু০] বি, মথুরার রাজা বিঃ ; আহুকের পুত্র ; কংসের পিতা ; অন্য নাম দেবক। ২ ধৃতরাষ্ট্রের শত পুত্রের মধ্যে একজন। ~সেনজ [উগ্রসেন-জ=জাত] বি, কংস। ~স্বভাব [উগ্র-স্বভাব] বিণ, কোপন-স্বভাব ; যে সহসা ক্রুদ্ধ হয় ; উগ্রচরিত্র ; ভীষণ-প্রকৃতি। ~স্বর-বি, বিণ, উগ্রকণ্ঠ দ্রঃ।

উগ্রা [উগ্র+আ (স্ত্রীং)] বি, উগ্রজাতি স্ত্রী : যোগিনী বিঃ। ২ [বৈদ্যকে] বচ। (২) যমানী। (৩) ধনে। ৩ বিণ, অতি কোপনা নারী ; প্রখরা।

উঘড়া [প্রাদে০ উদ্‌ঘাটন >] ক্রি, উদ্‌ঘাটন করা। "আবেগে আপন ভাব কহেন উঘাড়ি।"-চৈ০ চ০।

উঘাড় উঘার [সং-উদ্‌ঘাটন] বিণ, ব্যক্ত : প্রকাশিত।

উঘারণ, উঘারন [সং-উদ্‌ঘাটন। হি০-উঘার্‌না] বি, উদ্‌ঘাটন ; উন্মোচন।

উঘা/রা [উঘারণ (দ্রঃ)-আ (ক্রিয়ায়)। উঘারি, উঘার, উঘারে ; উঘারিতে ; উঘারিয়া (পদ্যে ক্ষে০ উঘারি ই০)] ক্রি, উদ্‌ঘাটন করা : উন্মুক্ত করা ; নগ্ন করা। ~রয়ে [ব্রজ০] ক্রি, উন্মুক্ত করে : উদ্‌ঘাটন করে। "দিনে দিনে অনঙ্গ উঘারয়ে অঙ্গ।" -বি০ প০। "উঘারিল প্রেমের কপাট।" -চৈ০ চ০। "হে দ্রৌপদি! যত তোমা উঘারি উঘারি, নগ্ন করা দূরে থাক, শাটী বেড়ে যায়!"-অশোক০। ~রি-উদ্‌ঘাটন করা ; অনাবৃত করে। "কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি।"-বি০ প০। ~রিয়া [ব্রজ০] ক্রি, খুলিয়া। "বাস উঘারিয়া।"-চণ্ডী০।

উঘারী-বিণ, বিবসনা ; বিবস্ত্রা। "অপ জস হো এত জগত ভরি হে। জনু কবিঅ উ০॥"-বি০ প০ (ন০ গুপ্ত)।

উঙানি-বি, অতি ক্ষুদ্র জাতীয় মশক ওয়ান্‌কি। "আলকুশী গুঁড়া মাসী উড়াও মন্ত্র পড়ে। উঙানি হইয়া ঘোরে গাঁয় যেন ছড়ে॥"-শি০।

উঙারি, উঙারিয়া [প্রা০ বাং প্রাদে০] ক্রি, নিঙড়াইয়া। "একে একে কেশ সব লইল উ০।"-মনসা ম০ (ঘোষাল)।

উঙ্কুণ-বি, উকুণ ; কেশকীট ; ডেঙ্গর

উচ, উচু [সং-উচ্চ] বি, উচ্চস্থান উপরিভাগ : উর্দ্ধভাগ। "উচনীচ না বুঝি পড়ল সেই ঠাম।"-বি০ প০। ২ বিণ, উচ্চ : উন্নত।

উচকই [ব্রজ০। হি০-উচক্‌না=উচ্চ (উঁচা)+করনা (করা)] অস-ক্রি, উঁচু করিয়া : তুলিয়া ; উঠাইয়া। ২ চমকিয়া উঠে। "হেরইতে উচকই লোচন ভার।" -গোবিন্দদাস।

উচকপালিয়া [উচ্চ-কপাল-ইয়া (যুক্তার্থে)] গ্রা০-'উচ কপালে'] বিণ, যার ললাট অশোভন ভাবে উচ্চ। স্ত্রীং উচ্-কপালী।

উচক্ক, উচক্কা [হি০-উচক্কা=লুচ্চা ; বদমাশ] বি, চোর : গাঁটকাটা। ২ বিণ, অপরিপক ; উঠতি ; নব্য। "উচক্ক বয়স এত মনে নাহি আসে।"-অ০ ম০। ২ [হি০-উচকা-অচাকা=অচানক ; বাং-আচম্‌কা-আচ্‌কা] ক্রি-বিণ, সহসা [প্রাদে০-গ্রা০ ব্যবহার] ৩ [উৎ-উর্দ্ধ-চক্ষু-চোক, চক্কা (চক্ষু-বিশিষ্ট)] বিণ, যে উর্দ্ধমুখ হইয়া চলে সুতরাং দৃষ্টিও উপর দিকে থাকে ; নিম্নে অর্থাৎ পথিমধ্যে কি আছে যে দেখে না।

উচক্রা [হি০-উচ্চক্কা] বিণ, গোঁয়ার ; ক্রোধনস্বভাব ; দুঃসাহসী।

উচট [সং-উচ্চাটন > উচ্চাট (উৎপাত-হঠাৎ ঠোকর খাইয়া স্থানচ্যুতি। হি০-উখাড়, উচোট আচোট। বাং বহুরূপ-"উচাট, উচোট, উছট, উছাট, উছোট, উঁচট, উঁচাট, উঁচোট, উছট, উঁছাট, উছোট, উঁছট, উঁছাট উঁছোট। গ্রা০-ওচোট-ওঁচোট, হুচট, হুচোট, হুঁচট, হুঁচোট হোচোট, হোঁচোট। প্রা০ বাং উঁঝট (শ্রী০ কী০)] বি, চলিবার কালে পথে উদ্‌গত কঠিন স্থানে বা বস্তুতে লাগিয়া পদা-ঙ্গুলিতে চোট বা আঘাত প্রাপ্তি। চরণাগ্রে আঘাত, টক্কর, ঠোকর ই০। ক্রি, উচট, উচোট, উছট বা হোঁচট খাওয়া, -লাগা-পদাঙ্গুলিতে ঐরূপ আঘাত পাওয়া; ঠোকর খাওয়া। "ঘর হইতে বাহির হইতে লাগিল উচোট।"-কবিক০। "কপালে টনক নড়ে, হাত হইতে হাতা পড়ে, উছট লাগিয়া পদতলে।"-ভারত০। "আমারি স্মরণে হায় সে নাকি উছট্ খায়।"-কঙ্কম০।

উচর্নর্যনা-বি, মৎস্যবিঃ।

উর্চর-উচ্চ দ্রঃ।

উর্চল [ব্রজ॰। সং-উচ্চ] বিণ, উচ্চ : উঁচু। "উ॰ বলিয়া অচলে চড়িনু পড়িনু অগাধ জলে।"-জ্ঞান॰। "রোয়ল ঘট উ॰ করি ঠাম।"-বি॰ প॰।

উচা,১ উঁচা [সং-উচ্চ] বিণ, উন্নত।

উচা২ [উচ্ছ দ্রঃ। শ্রীহট্ট প্রাদে॰। 'ছিয়া', 'ঝার্ছা', 'গাইল-ছিয়া' ও॰] বি, ঢেঁকিতে না কাঁড়িয়া হাতে করিয়া যে গোলাকার দীর্ঘ ভারি কাঠদ্বারা আঘাত করিয়া ধানের তুষ ছাড়ান হয় সেই মূষলের নাম। ~কঁরা-ক্রি, তুলিয়া ধরা।

উচানীচা, উচুনীচু-বিণ, উচ্চনীচ ; উন্নত অবনত। ২ উর্দ্ধ অধঃ। ৩ বন্ধুর : আবুড়া-খাবুড়া। ৪ অসমান।

উচাই [হিং-উঁচাই=উচ্চতা] বি, উচ্চতা ; খাড়াই।

উচাট-বি, উচাটন ; ব্যাকুলতা। ২ বিণ, উদ্বিগ্ন (চৈ॰ ম॰)।

উচাটন [উচ্চাটন>]বি, উৎকণ্ঠা : ব্যাকুলতা ; চিন্তাকুলতা। বিণ, ব্যাকুল ; উৎকণ্ঠিত। "উ॰ কবি কহিল অমন যেয়োনা হৃদয় দলি।"-রবী॰। ২ অধীর। "মন উ॰ কর কিসের কারণ।"-ঘ॰। "মন উচাটন, নিশ্বাস সঘন,"-চণ্ডী॰।

উচান [উচ্চে নয়ন (আনয়ন) প্রা॰-ওচান, ওঁচানি] বিণ, উচ্চ। ২ (-নঁ-) ক্রি, উচ্চ করা ; উঠান ; তোলা। "অসুরদলনী মাতা উচাইল চড়।"-শি॰।

উচিঙ্গা-উচিঙ্গট দ্রঃ।

উচিত [বচ্ (বলা)+ইত (র্ম্ম) (ব=উ) বা উচ্ (সমবায়)+ত (র্ম্ম) ; প্রা॰ বাং : বর্ণবিপর্য্যয়ে-'উচতি'] বিণ, পরিমিত ; ন্যায্য ; যোগ্য ; কর্তব্য। ২ সমঞ্জস [বিরল] ৩ উপযুক্ত। "যে যার উচিত হয়, দিল তারে সে বিষয়।"-কবিক॰। ৪ যথার্থ। ৫ যুক্তিসিদ্ধ। ৬ পরিমিত। ~কারী-বিণ, কর্তব্যকর্ম্মসম্পাদক ; উপযুক্ত কর্ম্মকারী। ~চারী-বিণ, যেমন চালে চলা উচিত যে সেইরূপ চলে। ~বক্তা [উচিত-বক্তা (যে বলে)] বিণ, যে উচিত কথা বলে। ~বাদী-বিণ, উচিতভাষী। ~ভাষী-বিণ, যে উচিত কথা বলে।

উচিতী [মৈ॰। উচ্চতা>] বি, এক শ্রেণীর গীত : মঙ্গল কর্ম্মের সময় পুরস্ত্রীগণ যে গান করে। জামাতা গৃহে আসিলে, তার ভোজন সমাপন হলে গৃহের মহিলাগণ যে সকল গীত গান করেন। ২ যোগ : বশীকরণ (বি॰ প॰-ন॰ গুপ্ত)। উ॰ গাওয়া-জামাতার "উচ্চতা বা উচ্চ সম্মানের জন্য তার গৌরব বাড়াইয়া গীত দ্বারা তার সংবর্দ্ধনা করা (বি॰ প॰-ন॰ গুপ্ত)।

উচু-উচা দ্রঃ।

উচুঙ্গ-বি, পতঙ্গ বিঃ ; উচ্চিংড়া।

উচুর [গ্রা॰। সং-উচ্চৈঃ> বা প্রচুর (উচ্চারণ-বিকারে) > উচুর, উচর। প্রাদে॰ ভেদে উচ্ছুর (উড়িষ্যা অঞ্চলে চ॰] বিণ, অধিক ; অতিরিক্ত : অবসানপ্রায়। "বেলা হল উ॰ প্রচুর ভয় মনে।"-অ॰ ম॰। "গগনে উছুর বেলা।"-সারাবলি। ২ [উচ্চৈ > উচ্চৈর্ > উচুর] উচ্চ।

উচোট-উচট দ্রঃ।

উচ্চ [প্রা॰ বাং 'উচর', 'উছর' (দ্রঃ) উৎ=উর্দ্ধ-চি-চয়ন করা+অ (র্ম্ম)] বিণ, উন্নত : উচু : তুঙ্গ। ২ সম্ভ্রান্ত ; সামাজিক মান-সম্ভ্রমযুক্ত ; কুলীন ; সুপ্রতিষ্ঠিত ; সুপবিত্র। প্র-উ॰ কুল, উ॰ বংশ, উ॰ স্বর। ৩ উন্নত শ্রেণীর ; উঁচু দরের। প্র-উ॰ কবি, উ॰ পদ, উ॰ কলা, উ॰ সাহিত্য। ৪ অধিক, সংখ্যা, পরিমাণ বা গুরুত্বে অধিক। প্র-উ॰ বেতন, উ॰ মূল্য, উ॰ সংখ্যা। ৫ সরলোন্নত : খাড়া step ৬ দীর্ঘ ; উগ্র : তীব্র। প্র-উ॰ রব, উ॰ স্বর, উ॰ শব্দ। ~কণ্ঠ-বি, উচ্চস্বর ; উঁচুগলা। ~কণ্ঠে-ক্রি-বিণ, উঁচু গলায় চীৎকার করিয়া। ~কথা-বি, চড়া কথা ; কঠোর বাক্য ; ছোট মুখে বড় কথা। ~কর্ম্মচারী-বি, উচ্চ বেতনের অধিক দায়িত্বপূর্ণ কর্ম্মের কর্তা ; বড় অপিসর। ~তা-বি, উৎকর্ষ ; উন্নতি। ২ উঁচাই ; উচ্ছ্রায়। ৩ মহত্ব ; উদারতা। ~ত্ব-বি, উন্নত্য। ~তম-বিণ, সর্ব্বোচ্চ ; চরমোন্নত : শ্রেষ্ঠ। ~তর-বিণ (দুয়ের মধ্যে) অধিক উন্নত, অপেক্ষাকৃত তুঙ্গ। ~তাল-নৃত্যগীত : নৃত্য-গীত-বাদ্য ; তৌর্য্যত্রিক। ~নাদ-বি, ঘোর শব্দ ; গর্জ্জন। ~নীচ-বিণ, উন্নত অবনত ; উঁচুনীচু ; অসমান ; বন্ধুর। ২ বড় ছোট ; ক্ষুদ্র বৃহৎ। ৩ ভদ্র-ইতর। ৪ ভালমন্দ। ৫ [স্বর] কড়ি ও কোমল। ~পদ, ~পদবী-সমধিক ক্ষমতা : দায়িত্ব ও মর্যাদার স্থান : অধিক বেতনের কর্ম্মাধিকার। ~পদস্থ, ~পদস্থিত-ঐরূপ পদ বা অধিকারে প্রতিষ্ঠিত বা অবস্থিত ; উন্নত পদারূঢ়। ~প্রকৃতি-বি, বিণ, উদারস্বভাব।

উচ্চই [সং-উচ্যতে > বৌ॰ বাং প্রাকৃ॰] বি, বলে (দো॰ ৯০)।

উচ্চকিত [উৎ+চকিত] বিণ, উদ্বেগ : চঞ্চল : উৎকণ্ঠিত। "সেদিন এ বঙ্গদেশ উ॰ জাগেনি স্বপনে পায়নি সংবাদ।"-রবী॰।

উচ্চটা [বৈদ্যকে] বি, ভুঁই আমলা : রসুন : নাগরমুথা ; নির্ব্বিষা তৃণ : আমরুল : ওকড়া : কুঁচগাছ। ২ অভ্যাস : চর্চ্চা। ৩ ব্যবহার ; প্রয়োগ : প্রথা usage. ৪ দম্ভ।

উচ্চণ্ড [উৎ=অতিশয়-চণ্ড=রুষ্ট হওয়া+অ (র্ত্তৃ)] বিণ, ত্বরান্বিত। ২ প্রচণ্ড ; ভীষণ। ৩ অতিকোপন। ৪ উদ্দাম। ৫ দুর্দ্দমনীয় ; দুর্দ্দান্ত। ৬ অতিশয় তীব্র ; অত্যন্ত প্রখর। "উ॰ দেখিয়া বেলা।"-জ্ঞান॰।

উচ্চ/বাচ্য [সং-উচ্চাবচ=নৈকভেদঃ (অমর॰) ভালমন্দ। ওড়ি॰-উচাবাচা=বাগ্-বিতণ্ডা প্রতিবাদ] বি, ভালমন্দ ; ভাল বা মন্দ ; কোন কথার উত্থাপন ; কথাটী মাত্র : কোন সাড়া-শব্দ। প্র-তিনি উচ্চবাচ্য না করিয়া চলিয়া গেলেন। উ॰ না করা-কোন বিষয়ে প্রশ্ন প্রতিবাদ বা হাঁ না বা ভালমন্দ কিছুই না বলা। ~বিদ্যালয়, ~শিক্ষালয়-বি, উচ্চশ্রেণীর পাঠ্য, জ্ঞানবিজ্ঞানের বিষয় যথায় অধ্যয়ন করা, শিক্ষা করা হয় High School. "উচ্চ বিদ্যালয়ে প্রবেশ করিল।"-উত্তরা, ১৩৩৩। ~বেতন-বি, মোটা মাহিনা। ~ভাব-বি, উন্নত-চিন্তা। ~ভাবী [উ॰+ভাব্

(বলা) + ইন্‌ (র্ত্তৃ-নিন্‌)] বিণ, যে জোর গলায় কথা বলে। ২ উগ্র বা উদ্ধতবক্তা ; প্রগল্‌ভ ; যে কড়া বা রূঢ় বাক্য বলে। ~র্মনাঃ,-র্মনা [উ° + মনস্‌ (মনঃ) যার-বহু°] বিণ, উদারচেতা ; মহানুভাব ; মহামনাঃ। ~রায় [উ° + রা (শব্দ) য় (তে, দ্বারা)-উভরায় দ্রঃ] ক্রি-বিণ, উচ্চৈঃস্বরে। "আইস পুত্র বলিয়া ডাকিছে উচ্চরায়।"-রামা° (কৃত্তি)। ~রোল [উ° + রোল (রব)-উতরোল দ্রঃ] বি, উচ্চশব্দ : চীৎকার। ~র্লগ্ন-বি, শুভকর্ম্মের উৎকৃষ্ট ক্ষণ ; অতিশুভযোগ। ~র্ললাট-বি প্রশস্ত কপাল। > স্ত্রীং ~ললাটা-যে, স্ত্রীর কপাল উঁচু ; উচ্‌কপালী। ~শিরঃ, -শির-বি, বিণ, উন্নত মস্তক। ২ বি, উঁচু পাগড়ি। ~শির্স্ক-বিণ, উন্নত মস্তকবিশিষ্ট। ২ বি, উঁচু পাগড়ি বা টুপি। ~শিরাঃ-বিণ, উঁচু মাথা যার। ~শিরার্ল-উঁচুশিরা যুক্ত। ২ উঁচু উঁচু পলতোলা। ~স্বভাব-উচ্চ প্রকৃতি দ্রঃ। ~স্থ, ~স্থিত্র্ত-তুঙ্গে অবস্থিত ; উন্নতপদবীতে প্রতিষ্ঠিত। ~হাসি, ~হাস্য-বি: অট্টহাস। ~হৃর্দয়-বি, বিণ, মহাপ্রাণ ; উদারচেতা।

উচ্চন্দ্র [উৎ (উত্তীর্ণ, অদৃশ্য) চন্দ্র] বি, শেষ রাত্রি।

উচ্চয়, উচ্চায় [উৎ=উর্দ্ধ-চি=একত্র করা, চয়ন করা + অ (ল্‌) + অ (ভা°)] বি, চয়ন। ২ [+ল্‌, ঘঞ, র্ম্ম] পরিধান বস্ত্রগ্রন্থি ; নীবি। ৩ রাশি ; পুঞ্জ। প্র-সমুচ্চয় ; শিলোচ্চয় [স্বতন্ত্র ব্যবহার নাই]।

উচ্চ/র্রণ [উচ্চারণ দ্রঃ] বি, ব্যক্তকরণ ; কথন। ২ উর্দ্ধে বিচরণ। বিণ, ~রির্ত১-উক্ত ; কথিত ; ব্যক্ত। ~রিত২ [উৎ-চর, (গমন করা, বলা) + ত (র্ম্ম)] শব্দিত। ২ যা উচ্চারণ করা গিয়াছে ; কীর্ত্তিত ; ভাষিত। ৩ নির্দ্দিষ্ট ; উল্লিখিত। ~লির্ত [উৎ (উপর, বাহির) চল্‌ (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, উর্দ্ধেগত। ২ নির্গত। ৩ প্রস্থিত। বি, ~র্লন-উর্দ্ধেগমন।

উচ্চা/কাঙ্ক্ষা [উচ্চ + আকাঙ্ক্ষা] বি, উচ্চাভিলাষ। বিণ, ~কাঙ্ক্ষ-উচ্চাভিলাষী ; উন্নতিকামী।

উচ্চার্টন [উচ্চ-অটন (সঞ্চালন-অট্‌= গমন করা + অন (ভা°)] বি, উন্মূলন ; উচাটন। ২ চঞ্চল করণ। ৩ অভিচারকর্ম্মবিঃ : মনের ব্যাকুলতা জন্মাইবার জন্য তন্ত্রোক্ত অনুষ্ঠান-বিঃ। ৪ উৎকণ্ঠা, ব্যাকুলতা। ৫ উৎপীড়ন. ৬ বিষাদ। ৭ বিণ, ব্যাকুল। ৮ বিষণ্ণ।

উচ্চার্বচ [উদক্‌ (উদ্গত) অবাক্‌ (অবনত)-উন্নত অবনত অর্থে উচ্চাবচ, নিপাতন] বিণ, নিম্নোন্নত ; উচ্চনীচ। ২ ভালমন্দ। "যে ভীমসেন বিবিধ যান ও উ° বসনদ্বারা সংকৃত হইতেন।"-মহা°। ৩ [নৈকভেদ-অমর°] নানা প্রকার : বিবিধ। "উ° মৃগ, মৎস্য ও মৈরেয় ই° প্রভৃত সুরা সকল সমাহৃত হইল।"-রামা°। ৪ অসমান।

উচ্চাভি/লাষ [উচ্চ + অভিলাষ) বি, উচ্চাকাঙ্ক্ষা ; উন্নতি করিবার ইচ্ছা। বিণ, ~লাষী, ~লাষিণী।

উচ্চার [উৎ (অতিশয়) চর্‌ (গমনে)-(র্ম্ম)-যা অপান বায়ুর বেগে ত্যাগ করা হয়] বি, মলোৎসগ ; মলত্যাগ। ২ মল ; বিষ্ঠা।

উচ্চার্রণ [প্রা° বাং 'উচারু'। উৎ-চারি=(গমন করা, শব্দ করা) + অন (ভা°)] বি, কথন ; শব্দ করণ ; উক্তি করণ ; কীর্ত্তন। উ° র্করা-কথায় ব্যক্ত করা ; মুখ দ্বারা শব্দ করা। এই অর্থে ম° বাং উচ্চারা (দ্রঃ)। ~র্তত্ত্ব-ধ্বনিবিজ্ঞান ; উচ্চারণ-শাস্ত্র phonetics. [দ্রঃ-'ইহাতে মানব ভাষায় সমস্ত প্রচলিত ও সম্ভাব্য স্বর ও ব্যঞ্জনধ্বনি যথাযথ নির্দ্দেশ করে।'] "উচ্চারণতত্ত্ব অনুযায়ী বর্ণমালা (phonetic alphabet) তৈরী করার মূলমন্ত্র হইতেছে * * একটি অক্ষরে মাত্র একটি ধ্বনি, d—o=ডু, s—o=সো ; এরূপ চলিবে না ; মেনেজার=ম্যানেজার, ইহাও এই নিয়মে unphonetic বানান) ; s + h তে 'শ' বা c + h তে 'চ'-এইরূপ দুই অক্ষর জুড়িয়া এক ধ্বনি-তাহাও চলিবে না।"-ডাঃ সু° কু° চট্টো°] ~বিকার-অশুদ্ধ বা বিকৃত উচ্চারণ। ~বিভ্রাট-বিশুদ্ধ উচ্চারণ বিষয়ে বিতর্ক বিসংবাদ, উচ্চারণ-সঙ্কট। উ° স্থান-যে স্থান হতে শব্দ উচ্চারিত হয়। যথা-কণ্ঠ, তালু ই°। ক্রি, উচ্চার ; উচ্চারি ; উচ্চারিতে ; উচ্চারিলা। "উচ্চে উচ্চারিল বেদ বেদী।"-মেঘ°।

উচ্চার্রণীর্য় [উচ্চারণ + অনীয় (র্ম্ম)] বিণ, উচ্চারণযোগ্য ; যা উচ্চারণ করা উচিত বা উচ্চারণ করিতে পারা যায় ; উচ্চার্য্য।

উচ্চা/রা [উচ্চারণ > বাং নাম ধাতু। উচ্চারি, উচ্চার, উচ্চারে, উচ্চারিতে, উচ্চারিবে, উচ্চারিতে, উচ্চারিয়া ই°-পদ্যে, কচিৎ গদ্যে] ক্রি, উচ্চারণ (দ্রঃ) করা। ~রির্ত [উচ্চারণ (দ্রঃ) + ত (র্ম্ম)] বিণ, যা উচ্চারণ করা হইয়াছে। ২ শব্দিত। ৩ উক্ত ; কথিত। ৪ ব্যক্ত।

উচ্চার্য্য [উৎ-চারি + য (র্ম্ম)] বিণ, উচ্চারণযোগ্য ; কীর্ত্তনীয় ; বক্তব্য। ~মাণ [উৎ-চারি + শান (র্ম্ম)] বিণ, যা উচ্চারণ করা যাইতেছে।

উচ্চার্শ, উচ্চাশা [উচ্চ + আশ (আশা) আছে যার] বিণ, উচ্চাকাঙ্ক্ষী।

উচ্চার্শয় [উচ্চ-আশয়] বি, উন্নতহৃদয় ; উচ্চমন ; উদারতা। ২ বিণ, উন্নতচেতা ; উদার [বিপরীত নীচাশয়] স্ত্রীং ~া।

উচ্চিংড়া-উচ্চিঙ্গট দ্রঃ।

উচ্চিঙ্গট ['উচ্‌চিটিঙ্গ', 'উইচিংড়া', 'উইচিংড়ি', 'উইচিংড়ে', 'উচ্চুঙ্গ', 'উইচিমড়া', 'উচ্‌চিমড়া', 'উচিঙ্গা', 'উচ্চিংড়া', 'উচ্চিংড়ে' ও°। উদ্‌ (উর্দ্ধে)-চিঙ্গট (গমনকারী) যে লম্ফ দিয়া যায় বা পতঙ্গ-বিঃ বা (হি°) চিঙঘাড়-উচ্চনিনাদ-ক্রমাগত সমস্বরে চিরিক্‌ চিরিক্‌, কট্‌কট্‌ ই° কর্ণবধিরকারী রবকারী] বি, উচ্চিংড়ে the cricket. ২ কোপনস্বভাব ব্যক্তি।

উচ্চিত [উদ্‌-চিত চি=চয়ন করা + ত (র্ম্ম)] বিণ, সংগৃহীত [বিরল]।

উচ্চুঙ্গ [উৎ=উর্দ্ধ-চুঙ্গ (গমন করা) + অ (র্ত্তৃ)-যে উর্দ্ধে গমন করে] বি, পতঙ্গবিঃ : উইচিঙ্গড়া। উচ্চিঙ্গট (দ্রঃ)।

উচ্চূল [উৎ=উদ্গত+চূড়া যার-বহু০] বি, ধ্বজপট ; নিশান ; পাগ [বিরল]।

উচ্চে [উচ্চৈঃ >, ত্রং] ক্রি-বিণ, উপরে : উন্নত প্রদেশ ; উর্দ্ধে। ২ তীব্রভাবে।

উচ্চৈঃ [উচ্চৈস্] ক্রি-বিণ, উর্দ্ধে ; উপরে। ২ তীব্রভাবে।

উচ্চৈঃশ্রবা [উচ্চৈঃ (উচ্চ)-শ্রবণ (কর্ণ) যার-বহু০] বি, সমুদ্রমন্থনে উত্থিত উন্নত-কর্ণ ; ইন্দ্রের বাহন ; সপ্তমুখ শ্বেতবর্ণ অশ্ব। ২ বিণ, উচ্চকর্ণযুক্ত। ৩ উচ্চস্বর অর্থাৎ খুব উচ্চগলায় বলিলে শব্দ যার কর্ণে প্রবেশ করে (তুল-লোকটা উঁচু শুনে, একটু জোরে বল)। ৪ বধির : কালা।

উচ্চৈঃস্বর [উচ্চৈঃ স্বর (শব্দ) যার-বহু০] বি, উচ্চশব্দ ; উচ্চরব। ~**স্বরে** [উচ্চৈঃ-স্বর (শব্দ)-এ বাং বিভক্তি] ক্রি-বিণ, উচ্চরবে। চীৎকার করিয়া ; ডাক ছাড়িয়া।

'**উচ্ছন্ন** [সং-উৎসন্ন >] বিণ, উৎসন্ন : বিনষ্ট ; ধ্বংসপ্রাপ্ত।

উচ্ছব-উছব দ্রঃ।

উচ্ছট, উছোট-উচট দ্রঃ।

উচ্ছর [প্রা০ বাং। সং-উচ্ছ্রায়=উন্নত] বিণ, উচ্চ। ২ অধিক। "উচ্ছর হয়েছে বেলা।"-ধ০ ম০ (মাণিক০) [অপ্র০]।

উচ্ছ/ল [উৎ (উর্দ্ধ)-শল্ (গমন করা) +অ] বিণ, অবধারিত ক্রমে সর্ব্বতঃ ব্যাপ্ত। ২ উচ্ছলিত ; উৎক্ষিপ্ত : উথলিত ; স্ফীত। ~**লন**-বি, উথলন। ~**লিত** [উৎ-শল+ত (র্ত্ত)] বিণ, উৎক্ষিপ্ত। ২ উদ্গত। ৩ স্ফীত : উথলিত।

উচ্ছা, উচ্ছিয়া-উচ্ছে দ্রঃ।

উচ্ছাদন [উৎ-ছাদি (আবরণ করা)+অন (ভা০)] বি, উদ্বর্ত্তন। ২ গন্ধদ্রব্য দ্বারা শরীরের ময়লা তোলা।

'**উচ্ছাস্ত্র** [উৎ (বিপরীত, না) শাস্ত্র] বিণ, শাস্ত্রবিরুদ্ধ : অশাস্ত্রীয় ; শাস্ত্রভ্রষ্ট।

উচ্ছাহ [উৎ+সাহ (বৈ০ সা০)] বি, উৎসাহ ; "তাহাতে বড়ই সুখ মনের উ০।" -গীতগোবিন্দ (গিরি০) [অপ্র০]।

উচ্ছিখ [উৎ (উপরি) শিখা (জ্বালা) যার-বহু০] বিণ, উদ্গত-শিখ। ২ উন্নতাগ্র। ৩ নাগবিঃ।

উচ্ছিত্তি [উৎ-ছিদ্ (ছেদন করা)+তি (ভা০)] বি, উচ্ছেদ ; সমূলে উৎপাটন। ২ বিনাশ।

'**উচ্ছিদ্যমান** [উৎ-ছিদ্ (ছেদন করা) +আন (র্ম্ম)] বিণ, যার উচ্ছেদ হইতেছে।

উচ্ছিন্ন [উৎ-ছিদ্+ত (র্ম্ম) দ, ত=ন্ন] বিণ, যার উচ্ছেদ হইয়াছে। বিনাশিত। ২ উৎপাটিত। ৩ উন্মূলিত।

উচ্ছিলা [ওছিলা (দ্রঃ) >] বি, ছুতো : ওজর। (মৈ০ গী০)। ২ [ওসারা (দ্রঃ) >] ঘরের চালের বা ছাঁচের জল। "কেমনে থাইব কন্যা উছিলার পাণি।"-মৈ০ গী০।

উচ্ছিলীন্ধ্র [উৎ-শিলীন্ধ্র=কদলী পুষ্প] বি, কোঁড়ক ; ছাতা। ২ বিণ, উদ্গত-শিলীন্ধ্র ; বিকসিত শিলীন্ধ্রযুক্ত।

উচ্ছিষ্ট [উৎ-শিষ্ (শেষ রাখা)+ত (র্ম্ম)] বিণ, ভোজনের পর পাত্রে যা অবশিষ্ট থাকে ; ভুক্তাবশেষ : এঁটো। ২ ভোজনের পর জলদ্বারা যা ক্ষালন করা নয়। "উচ্ছিষ্ট মুখ।" ৩ যাতে অন্নব্যঞ্জনাদির সংস্পর্শ হইয়াছে। প্র-উচ্ছিষ্ট বাসন। ৪ অনুভুক্তা-বশিষ্ট। ৫ পরিত্যক্ত। "কেহই তো নাথ করে না গ্রহণ, পাপের উ০ দগ্ধ প্রাণ মন।" -প্রেম ও ফুল। ৬ যাকে ভোগ করা হইয়াছে ; উপভুক্ত। ~**ভোক্তা**, ~**ভোগী**-বি, অন্যের ভুক্তাবশিষ্ট ভোজনকারী। ২ নীচ। ৩ তোষামোদদ্বারা অন্যের অনুগ্রহলাভ-কারী। ~**ভোজন**-বি, এঁটো খাওয়া। ~**ভোজী** [উ০-ভোজী (ভুজ্=ভোজন করা +ইন) ৬ তৎ], বিণ, এঁটো খেকো ; উচ্ছিষ্ট ভোজনশীল। ২ নীচ।

উচ্ছিষ্টান্ন [উচ্ছিষ্ট+অন্ন] বি, ভুক্তা-বশেষ, এঁটো (ভাত)।

উচ্ছীর্ষক [উৎ(উন্নত)-শীর্ষ(মস্তক) যার (বহু০)+ক (স্বার্থে)] বি, উপাধান : বালিশ। ২ শিরঃপ্রদেশ। ৩ বিণ, উন্নত-মস্তক।

উচ্ছুষ্ক [উৎ (উপরি)-শুষ্ (শুষ্ক হওয়া) +ত (র্ত্ত) ত=ক] বিণ, যার উপরিভাগ শুষ্ক। ২ সন্তপ্ত।

উচ্ছূন [উৎ (উর্দ্ধ)-শ্বি (বৃদ্ধি পাওয়া+ত (র্ত্ত) শ্বি=শূ=ছূ] বিণ, স্ফীত ; উচ্ছ্বসিত। ২ উন্নত। ৩ বৃদ্ধিপ্রাপ্ত ; বর্দ্ধিত।

উচ্ছৃঙ্খ/ল [উৎ (উদ্গত না)-শৃঙ্খল (শিকল) যার-বহু০] বিণ, যে শৃঙ্খলবদ্ধ নহে ; বন্ধনমুক্ত। "উ০ হস্তী সচ্ছন্দে গমন করে।" -পুরুষ-পরীক্ষা। ২ বিশৃঙ্খল ; অনিয়ন্ত্রিত : যথেচ্ছাচারী। ৩ স্বেচ্ছাচারী। ৪ বা শাস্ত্রানুসারে চলে না ; যথেচ্ছাচারী ; কদাচারী। ~**লতা**-বি, যথেচ্ছাচার ; নিয়ম-বিরুদ্ধতা। বি, ~**লা**-নিয়মরাহিত্য।

উচ্ছে, উচ্ছা [ওড়ি০-কড়ংকলী=ছোট করলা ; প্রাদে০-উস্তে। গ্রা০-'উচ্ছ', 'উচ্ছো'] বি, পুঁটুলে উচ্ছে ; কারবেল্লী : তিক্তাস্বাদ ফলবিঃ momordica charantia. বড় জাতীয় উচ্ছের নাম 'করলা।'

'**উচ্ছেত্তা** [উৎ+ছিদ্ (ছেদনে)+তৃণ (র্ত্ত)] বি, বিণ, যে উচ্ছেদ করে ; উন্মূলক ; বিনাশক। স্ত্রীং **উচ্ছেত্রী**।

'**উচ্ছেদ** [উৎ-ছিদ্ (ছেদন করা)+অ] বি, উৎপাটন ; উন্মূলন। ২ বিনাশ। ~**সাধক**-বিণ, বিনাশক ; উন্মূলনকারী। স্ত্রীং ~**সাধিকা**। বি, ~**সাধন**।

'**উচ্ছেদ/ক** [উচ্ছেদ (দ্রঃ) অক (র্ত্ত)] বিণ, যে উচ্ছেদ করে ; বিনাশক। ~**নীয়** [উৎছেদ (দ্রঃ)+অনীয় (র্ম্ম)] বিণ, যার উচ্ছেদ করা আবশ্যক ; বিনাশযোগ্য।

উচ্ছো/ষণ [উৎ-শুষ্ (শুষ্ক করা)+অন (র্ত্ত)] বিণ, উর্দ্ধশোষক। ২ সন্তাপক। ৩ [+অন-ভা০] বি, উর্দ্ধশোষণ ; সন্তাপন। ~**ষিত** [উৎ-শুষ্ (র্ম্ম) ত (ক্ত)] বিণ, ত।

উচ্ছ্রয়, উচ্ছ্রায় [উৎ=উর্দ্ধ-শ্রি (সেবা করা)+অ (ভা০, ল্)+অ (ভা০, ঘঞ্)। প্রা০ বাং উচ্ছর (দ্রঃ), উছার] বি, উচ্চতা। "পর্ব্বতের উচ্ছ্রায়।" ২ উন্নতি।

উচ্ছ্রা/য়ী [মু০-উচ্ছ্রয়িন্] বিণ, উর্দ্ধ-গত। ২ উচ্চ lofty. স্ত্রীং ~**য়িণী**।

উচ্ছ্রিত [উৎ-শ্রি-ত (র্ত্ত)] বিণ, উন্নত। ২ স্ফীত। "কন্দর্পে উচ্ছ্রিত।"

-মহা০ (বর্দ্ধ)। ৩ উদিত। ৪ উৎপন্ন। ৫ উন্নমিত। ৬ বৃদ্ধিপ্রাপ্ত। বি, উচ্ছ্রিতি-উচ্চতা ; উচ্ছ্রায় elevation.

উচ্ছ্/সন-বি, শ্বাসপ্রশ্বাস-ক্রিয়া। ২ উচ্ছ্বাস। ৩ উছলন; উথলন। **~সিত১** [উৎ (উপরি)-শ্বস্ নিঃশ্বাস প্রশ্বাস পরিত্যাগ করা+ত (র্ত্তৃ)] বিণ, স্ফীত। ২ কম্পিত। ৩ উৎফুল্ল। ৪ শিথিলীকৃত। ৫ বিকাশ-প্রাপ্ত ; স্ফুরিত। **~সিত২** [+ক্ত-ভা০] বি, উচ্ছ্বাস ; নিঃশ্বাস। ২ স্ফুরণ ; কম্পন।

উচ্ছ্/াস [উৎ-শ্বস্+ (ভা০, ঘঞ্)] বি, বিকাশ। ২ নিঃশ্বাস। "উচ্ছ্বসিলা বীরবৃন্দ বিষাদে চৌদিকে মহীরুহব্যূহ যথা উচ্ছ্বাসে নিশীথে।"-মেঘ০। ৩ শোক হেতু দীর্ঘ-নিঃশ্বাস। "স্বনিছে পবন উচ্ছ্বাসে বিলাপী যথা।"-মেঘ০। ৪ উর্দ্ধে উঠা। "তপ্তপাত্রে পয় উচ্ছ্বসিত ধূমপুঞ্জ ত্রস্ত অগ্নিতেজে।"-মেঘ০। ৫ স্ফীতি। প্র-জলোচ্ছ্বাস ; আনন্দোচ্ছ্বাস। ৬ উল্লাস। ৭ অধ্যায় ; পরিচ্ছেদ। "প্রথমোচ্ছ্বাস।" ৮ ফাঁক। ৯ আশ্বাস। ১০ আকাঙ্ক্ষা। ১১ প্রাণ। ১২ আবেগ outburst ; (ভাবের) আবেগ emotion. **~সিত** [উৎ-শ্বস্-ণিচ্=শ্বাসি (নিঃশ্বাস ফেলা)+ত (র্ম্ম)] বিণ, উথলিত ; স্ফীত। ২ বিকাশিত।

উচ্ছুট-উচট দ্রঃ।

উচ্ছড় ন-বি, বমন।

উচ্ছব, উচ্ছব [সং-উৎসব >] বি, উৎসব। মচ্ছব দ্রঃ।

উচ্ছর [আয়োত্তর ভাষায়] বি, বিলম্ব।

উচ্ছর/গ [সং-উৎসর্গ (দ্রঃ)] বি, ক্রি, উৎসর্গ। **~গান**-উৎসর্গ করা। **~গিয়া** [উৎসর্গিয়া] উৎসর্গ করিয়া। "হাঁস কতগুলা দেন ঘাটে উছরগিয়া।"-মাণিক০ গান।

উচ্ছল [সং-উচ্ছল] বিণ, উথলিত ; উদ্বেলিত। ২ উচ্চ। "এক বুক উ০।" -মাণিক০ গান।

উছ/লন, ~লানি [উছলি, উছলাই : উছল, উছলাও ; উছাল, উছলায় ; উছলিতে, উছলাইতে ; উছলিয়া, উছলাইয়া, (ক্ষে০ উছলি, উছলায়ে) ই০] ক্রি, উথলিয়া উঠা। "কমল পরিমল লয়ে শীতল জল পবনে ঢল ঢল উছলে কূলে।"-অ০ ম০। বি, **~লন** (-ছ্-)। **~লিআঁ** [সং-উচ্ছলিত] (চ০ ১৯১২)। **~লিল**-ক্রি, উথলিয়া উঠিল ; উচ্ছলিত হইল [ব্রজ০ ~লল]। "গোকুলে উছলল করুনাক রোল।"-বি০ প০। বিণ, **~লিত** [সং-উচ্ছলিত >] উছলিত ; উথলিত ; যা উথলিয়া উঠিয়াছে।

উছাটিণ, উছাটিণ [প্রা০ বাং প্রাকৃ০। উচ্চাটন দ্রঃ] বিণ, উচ্চাটন। ২ [মদনের বাণ] বি, উন্মাদন। "উছাটিণ বাণে লঅ রাধার পরাণে।"-শ্রী০ কী০।

উছারা [বৌ০ বাং প্রাকৃ০। সং-উচ্ছয় দ্রঃ] বিণ, উঁচ ; অতিরিক্ত (বেলা সম্বন্ধে) -চ০ ১৪।২।

উছিলা [ফা০-বসীলাহ্। অছিলা দ্রঃ] বি, ছল ; ছুতা।

উছুর-উচুর দ্রঃ।

উছোট-উচট দ্রঃ।

উছোট-উচুর দ্রঃ। **উ০ খাওয়া, উ০ লাগা**-উচট দ্রঃ।

উজ [ঋজু >] বিণ, সোজা ; সরল।

উজড় [হি০-উজাড় (বসতিশূন্য) >] বিণ, বসতিশূন্য। ২ শূন্য ; খালি।

উজড়ন, উজড়ানি [হি০-উজড়ানা (খালি করা)] ক্রি, উত্তোলন করা। ২ পাত্র খালি করা ; আজড়ানো। ৩ নিঃশেষ করা। "একশ্বাসে তিন হাঁড়ি আমানি উজড়ে।" -কবিক০।

উজন [উজান দ্রঃ] বি, স্রোতের বৈপরীত্য। ২ বিপরীত ; উল্টা। **উজনে, উজানে**-ক্রি-বিণ, স্রোতের বিপরীত দিকে। "কুবাতাসে যদি ভাসে তরি না চলে উজানে।"-কমলাকান্ত।

উজবক, উজবুক [তুর্কী০-উজ্‌বক্= তাতারদিগের একজাতি। উচ্চারণ বিকারে 'উজ বেগ'-"Uzbeg—a member of the Turkish family of Tartars in Turkestan, their blood in some places mixed with a Tajik (or Aryan) strain, elsewhere with Kiptchak, Kalmuck, and Kirghiz elements."—*Davidson.*] বি, তাতারীয় জাতি-বিঃ। ২ উজবকজাতীয় সৈন্য। "যবন কিরাত শক আগুদলে উজবক, খোরাসানি মোগল পাঠান।"-কবিক০। ৩ বিণ, তাদের মত অশিক্ষিত এবং আড়বুজো ; নির্বোধ ; আহাম্মক।

উজর, উজোর [উজ্জ্বল >] বিণ, উজ্জ্বল ; দীপ্তিশালী। "শারদ-পূর্ণিমা নিরমল রাতি, উজোর সকল বন।"-চণ্ডী০। "ভুজে বিরাজিত তাড় ভুবন উজর। কটিতে কিঙ্কিণী ধ্বনি শুনি মনোহর।"-ঘ০।

উজরানি, উজারিণ [উজ্জ্বল করণ হতে। হি০-উজ্‌রানা বা উজ্‌লানা] ক্রি, জ্বালিয়া দেওয়া ; উজ্জ্বল করা। "দীপ উজারিনু মন্দির হইল আলো।"-চণ্ডী০।

উজরোল [উজ্জ্বল >] বি, উজ্জ্বল ; প্রদীপ্ত। ২ ক্রি, উজ্জ্বল হইল ; দীপ্ত হইল। "উ০ রাতি, মণিময় বাতি।"-চণ্ডী০।

উজল [উজ্জ্বল >] বিণ, উচ্ছল। ২ উজ্জ্বল। "উজল তারা"-বাং গাম। ৩ [উৎ-ডল] বি, জলের উর্দ্ধাধোগমন। **~পাজল** [সং-উত্থান পতন > , প্রাকৃ০-উত্থলপথল, বাং, উতলপাতল >] বি, উলট পালট ; তলা উপর।

উজলা [উজ্জ্বল+আ (করা অর্থে)-উজলান দ্রঃ। উজালি, উজল, উজলে, উজলিতে, উজলিয়া (ক্ষে০-উজলি) ই০] ক্রি, উজ্জ্বল করা। "উজলি দিশি।"-হেম০।

উজলানি [হি০-উজ্‌লানা। উজলাই, উজলাও, উজলায় ; উজলাইতে ; উজলাইয়া ই০] ক্রি, উজলান ; ঝাড়া ; উৎক্ষেপণ করা। ২ উচ্ছলিত হওয়া। ৩ উজ্জ্বল করা [উজরান দ্রঃ]।

উজলি [উজ্জ্বল+ই (স্বার্থে) ; হি০-উজ্‌লা] বিণ, উজ্জ্বল। "নীল উজলি নীলমণি।"-চণ্ডী০। ২ [উজলা দ্রঃ] ক্রি, উজ্জ্বল করিয়া ; উদ্ভাসিত করিয়া। "গায়িতে গায়িতে অমরাবতীতে আইল একদা উজলি দিশি।"-হেম০। ৩ [বৌ০ বাং-প্রাকৃ০] উজলে; উজ্জ্বল হইয়া প্রকাশ পায় (চ০ ৩০।৪)।

উজা [ঋজু >] বিণ, সরল ; সোজা (কবিক০)। **~উজি**-ক্রি-বিণ, সোজাসুজি [অপ্র০]।

উজা/গর [উৎ+জাগৃ (জাগরণ)-অ

(ভা°, ঘঞ্) উজ্জাগর > উজাগর। হি°-উজাগর-ভালরকম জাগরণ তা হতে-প্রকাশিত, জাজ্বল্যমান] বি, জাগরণ "সঙ্গে জ্ঞাতি পুত্র নাতি, উজাগর দিবারাতি।"-কবিক°। ২ কোজাগর পূর্ণিমা। ~গিরি [ব্রজ°] বিণ, উজ্জ্বল। "রয়নি উজাগরি দিন আন্ধার।" -বি° প°।

উজা/টা [প্রা° বাং। তুল-হি°-উজাড়না, উলটানা। জট বা জড় উৎপাটন-তলা উপর করা ভাব] ক্রি, মূলোৎপাটন করা; উলটপালট করা; উল্টাইয়া দেওয়া। ~টিয়া-উল্টাইয়া।

উজাড়, উজার, উজোড় [হি°-উজার=শূন্য। উৎ (উৎখাত) জড় (মূল)] বিণ, উন্মূলিত। ২ শূন্য; খালি। "থলি ঝুলি উজাড় করে ফেলে যা আছে তোর ফুরাল রাতারাতি।"-রবী°। ৩ বসতিশূন্য; নির্মনুষ্য।

উজাড়া [হি°-উজাড়না। উৎ+জট বা জড়+আ (করা অর্থে)। উজাড়ি, উজাড়, উজাড়ে, উজাড়িতে, উজাড়িয়া, উজাড়িব উজাড়িবে ই°] আজড়ান দ্রঃ] ক্রি, খালি করা। ২ খাইয়া ফেলা। "একশ্বাসে তিন হাঁড়ি আমানি উজাড়ে।"-কবিক°।

উজান, উজানি [সং-উদ্ধান; হি°-উজ্জনা (উপর উঠ্না, চড়না); মঃ-উধান; হি°-উজান (উদ্=উপর-যান=গমন)] বি, স্রোতের বিপরীত গতি। উল্টাস্রোত; জোয়ার। "প্রেমসিন্ধু আজি বহিছে উজান।" -প্রভাস°। "গোঁ করে সোঁৎ ঠেলে ভাঁটি গাং ছেড়ে। উজানের পথে চলে দাড়ি গোঁপ নেড়ে।"-ঈ° গুপ্ত। ক্রি-বিণ, উজানি-স্রোতের প্রতিকূলে। "ধর্ম্মে নৌকা বাহে উজানি ভাটালি।" উজানের মাছ-বর্ষাকালে পুকুরে জল ঢুকিতে থাকিলে পুকুরের যে মাছগুলি সেই জলবাহিয়া বাহির হয়। "কৃষাণ যেমন ধরে উজানের মাছ।" -কবিক°।

উজানভাটী [উজান (উল্টা প্রবাহ, জোয়ার) ভাটী (নদী ই°-র স্বাভাবিক স্রোত, নিম্নদিকে প্রবাহ)] বি, জোয়ার ভাঁটা। ২ উপর নীচে। ৩ এ দিক্ ও দিক্। "ভ্রমেন উ° চৌদিকে কোচের বাটী, কোচবধূ ভিক্ষা দেয় থালে।"-কবিক°।

উজানিবেলা [প্রা°, উ° বঙ্গ] বি, পূর্ব্বাহ্ন বেলা (দশটার কাছাকাছি)।

উজানো-ক্রি, নদীর স্রোতের বিপরীতে যাওয়া। উজায়ে যাওয়া-উল্টা স্রোত ঠেলিয়া যাওয়া। "যখন জোয়ার আসবে, উজায়ে যাবে, ভাটিয়া যাবে ভাটার বেলা।" -রা° প্র°।

উজাল [প্রাদে°] বি, মশাল (পূ° ব° গী°)। ~া [উজ্জ্বল >] বি, আলোকময়। ২ উজ্জ্বল। "আধই হৃদয়ে হাড়ের মালা আধ মণিময় হার উজালা।"-অ° ম°।

উজি [প্রাদে°] বি, জনশ্রুতি; আপা।

উজিয়ার, উজিয়ারা [উজ্জ্বল >, হি°-উজিয়ার। ব্রজ°] বিণ, উজ্জ্বল। "শশী উজিয়ারা।"-বি° পু°। "গোরা গায় অরুণ বসন উজিয়ার।"-চৈ° ম°। ২ আলোকিত; উদ্ভাসিত। "মন মথ হেরি উজিয়ার।" -বি° পু°।

উজির, উজীর [আ°, ফা°-ৱজীর্] বি, অমাত্য; মন্ত্রী। উজীরি, উজীরালি-উজীরের কার্য্য। রাজা-উজীর-প্রধান প্রধান লোক। রাজা-উজীর মারা-গালগল্প করা; মিথ্যা কল্পনায় নিজের বাহাদুরির কথায় সময় কাটান।

উজু১ [আ°-ৱজ়্। 'ওজু' ও°] বি, নমাজের পূর্ব্বে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হস্তপদাদি প্রক্ষালন। ২ মুসলমানদিগের শাস্ত্রীয় স্নান।

উজু২, উজূ [বৌ° বাং প্রাকৃ° (সং-ঋজু > উজু, 'উজূ' ও°। প্রা° বাং উজ] বিণ, সোজা; ঋজু, (চ° ৩২।২)। "উজু বাটে।" (চ°১৫।১)। উজু রে উজু ছাড়ি মা লেহু রে বঙ্ক।"-চ° ৩২।২ "গাঙ্গের দুইকূল ভাঙ্গিয়ে বেকা করে উজু।"-মনসা ম° (বি° গুপ্ত); ~বাট-ঋজুপথ; সোজা পথ। "জে জে উজু বাটে গেলা।"-বৌ° গান।

উজোড় [উজ্জ্বল > (উজার দ্রঃ)] বিণ, উজ্জ্বল। "ও মুখচাঁদ উজোড়।"-সারদা-ম°। ২ [হি°-উজাড়] বিণ, খালি। ৩ বসতি-শূন্য।

উজোর [সং-উজ্জ্বল, উজ্জর > উজ্জোর > উজোর পদ্যে। হি° প্রাদে° ও পদ্যে উজ্জর, উজিয়র। ব্রজ°] বিণ, উজ্জ্বল। "জনু আঁচরে উজোর সোনা।"-বি° পু°। ২ আলোকিত; উদ্ভাসিত। "বিনা দীপে ঘর মোর তোর অঙ্গে উজোর।"-চৈ° ভা°।

উজ্জয়িনী, উজ্জয়িনী [উৎ (অতিশয়)+জয়িনী। জি (জয় করা) অন (ট্-র্তৃ)-ঈ (স্ত্রীং), এখানকার লোকেরা জয়শীল বলিয়া নগরীর এই নাম] বি, মালব (Malwa) দেশের অন্তর্গত অবন্তী; অপর নাম বিশালা।

উজ্জাপন [সং-উদ্যাপনের প্রা°-রূপ, 'উজান' ও বলে। বি, সমাধান; সমাপন।

উজ্জী/বন [উৎ-জীব (বাঁচিয়া থাকা)। +অন (ট ভা°)] বি, মূর্চ্ছার পর চৈতন্যলাভ। ২ মৃতপ্রায় হইয়া পুনরায় সজীব হওয়া। ৩ বিস্মৃত বিষয়ের পুনরুত্থাপন। ~বিত [উৎ=জীব+ত (র্ম)] বিণ, অচৈতন্যের পর চৈতন্য প্রাপ্ত। ২ মৃতপ্রায় হবার পর পুনঃ প্রাণ প্রাপ্ত। ৩ বিলুপ্ত বা বিস্মৃত ঘটনা বা বিষয় নবীভূত।

উজ্জুগী, উজ্জোগী-উদ্যোগী দ্রঃ।

উজ্জৃ/ম্ভ [উৎ (উপরি) জৃন্ভ্ (হাই-তোলা)+অ (ভা°)] বি, বিবর্ত্তন; বিকাশ। ২ [+অ (র্তৃ)] বি, প্রকাশিত; প্রস্ফুটিত। ~ম্ভিত [উৎ-জৃন্ভ্+ত (র্তৃ)] বিণ, স্ফুটিত; বিকসিত। ২ [ভা°-ত] বি, স্ফুরণ; বিকাশ।

উজ্জোত [সং-উদ্যোত > বৌ° বাং প্রাকৃ°] ক্রি, আলো করে (দো° ১১৭)।

উজ্জোগ-উদ্যোগ দ্রঃ।

উজ্জ্বল [হি°-প্রাদে°-উজ্জর। বাং উজোর, উৎ (অতিশয়) জ্বল্ (দীপ্তি পাওয়া) +অ (র্তৃ)] বিণ, দীপ্তিমান; ভাস্বর; দীপ্ত। ২ পরিষ্কৃত। ৩ শোভমান। ৪ বি, শৃঙ্গাররস। ৫ স্বর্ণ। ~কৌতুক-বিণ, কৌতুকভাস্বর; কৌতুকদীপ্ত; পরিহাসপ্রিয়; রসিকতামুখর। "সেই বুধমণ্ডলীর মধ্যে একটি ঋজু দীর্ঘকায় উজ্জ্বলকৌতুক প্রফুল্লমুখ গুম্ফধারী প্রৌঢ় পুরুষ চাপকান-পরিহিত বক্ষের উপর দুইহস্ত আবদ্ধ করিয়া দাঁড়াইয়া-

ছিলেন।"-রবী°। ~তা(-র্লা)-বি, উজ্জ্বলের ভাব ; ঔজ্জ্বল্য ; চাকচিক্য।

উজ্জ্ব/র্লন [উৎ+জ্বলন] বি, প্রদীপন ; প্রজ্বলন। বিণ, ~লির্ত-যা জ্বলিয়া উঠিয়াছে ; প্রদীপ্ত। "উজ্জ্বলিত নাট্যশালা সম।"-মেঘ°।

উজ্/ঝঁ-বি, ত্যাগ ; বর্জ্জন। বিণ, ~ঝির্ত [উজ্ ঝ্ (ত্যাগ করা)+ত(ক্ত, র্ম)] পরিত্যক্ত।

উঝা-ওঝা দ্রঃ।

ˋউঝাল [উজ্ ঝ্=ত্যাগ করা-বাহির করিয়া ফেলিয়া দেওয়া বা উদ্ধার= উঝার-উঝাল (ঝালান দ্রঃ)। প্র-পুষ্করিণী উদ্ধার, পঙ্কোদ্ধার] বি, উদ্ধার। ২ উত্তোলন। ক্রি, ~া-উদ্ধার করা ; উঠানো। "শৃঙ্গে উঝালিয়া।"

ˋউঞ্চলপাঞ্চল [উজল পাজল (দ্রঃ) শব্দের প্রা° বাং রূপ] বি, ওলটপালট। "তবসে মুষা উ°। সদ্গুরু বোহে করিহ সো নিচ্চল।"-বৌ° গা° ও দো°।

ˋউঞ্ছ [উনছ্ (খুঁটিয়া লওয়া)+অ (ভা°)] বি, জীবিকা-নির্ব্বাহার্থ ধান্যাদি খুঁটিয়া লওয়া ; (হীন) বৃত্তিবিঃ। ২ তুচ্ছ ; অকিঞ্চিৎকর। ৩ নীচ ; ওঁচা। ~জীবী -উঞ্ছ কর্ম্মদ্বারা জীবিকানির্ব্বাহকারী।

উঞ্চুট [উচোট দ্রঃ (প্রা° বাং)] বি, চুট্‌কি। "উ° পরিল রত্নময়।"-মনসা° ম° (বংশী)।

ˋউঞ্ছনি-বি, খই, মুড়ি ই° ভাজিবার সময় ভাজনা খোলায় নাড়িয়া দেওয়া।

ˋউঞ্ছবৃত্তি [উঞ্ছ (হীন)-বৃত্তি (ব্যবসায়, জীবনধারণের উপায়)] বি, উপেক্ষিত শস্য খুঁটিয়া লইয়া তদ্দ্বারা জীবন ধারণ। ২ [স্মৃ°] ব্রাহ্মণের সর্ব্বোৎকৃষ্ট বৃত্তি ; ঋত, অমৃত ও মৃত এই বৃত্তিত্রয়ের মধ্যে শ্রেষ্ঠ বৃত্তি ; ঋত জীবন।-মনু°। ৩ নানা স্থান হতে কিঞ্চিৎ কিঞ্চিৎ আহরণ করিয়া অতিকষ্টে দিনযাপন। ৪ নীচ বৃত্তি ; হীন জীবিকা ; সামান্য ব্যবসায়। ৫ মহাভারতোক্ত জনৈক ধর্ম্মশীল ব্রাহ্মণ। "নারদ কহিলেন, ধর্ম্ম-প্রধান বিদর্ভ রাজ্যে উ° নামক জ্ঞানবান্ কোন ব্রাহ্মণ ছিলেন।"-মহা° (বর্দ্ধ)। ৬ বিণ, উ° অবলম্বী। ৭ উ° নামধেয়। "যজ্ঞের নিমিত্ত উ° ব্রাহ্মণের পুরাবৃত্ত * * বর্ণন করিতেছি।"-মহা° (বর্দ্ধ)।

উঞ্ছশীল [উনছ্ (খুঁটিয়া লওয়া)+অ (ভা°)-শীল (বৃত্তি)] বি, উপেক্ষিত শস্যাদি খুঁটিয়া লওয়া রূপ বৃত্তি। ২ [(উনছ্=খুঁজিয়া লওয়া) শীল (স্বভাব) যার-বহু°] বিণ, উঞ্ছ-জীবী ; উদ্ধৃত শস্যের অবশিষ্ট আহরণকারী।

উট [সং-উষ্ট্র ; প্রাকৃ°-উট্ট ; হি°-উঁট্] বি, স্বনামখ্যাত কুব্জ-পৃষ্ঠ ভারবাহী পশু-বিঃ ; ক্রমেলক ; লম্বোষ্ঠ ; উষ্ট্র camel. স্ত্রীং ~নী [হি°-উঁটনী। মঃ-উঁটীণ) [দ্রঃ-আরব এবং মিশরে এই জন্তুর আদি বাস। এসিয়া ও আফ্রিকার উষ্ণপ্রধান জলশূন্য প্রদেশে মরুভূমিতে উটই একমাত্র বাহন এই কারণে ইহাকে রূপকের ভাষায় 'মরুতরণী' 'ship of the desert' বলা হয়] ২ [উ (শব্দ করা) +ট (জ্ঞা°-র্তৃ)] বি, তৃণ ; পর্ণ ; পত্র। প্র-উটজ ; অর্থাৎ পর্ণশালা। ~কঁপালিয়া, -কঁপালে [উটের মত বলিয়া বা উচ্চ > (ভ্রং) উচ > উট। উচ্চ কপাল যে পুরুষের, উচ্ কপালে। স্ত্রীং ~কঁপালী-উচকপালী দ্রঃ। ~পটাং [হি°। বাং কথ্য হি°-র অনুকরণে] বিণ, বেআড়া ; অসম্বদ্ধ ; আজগুবি ; উদ্ভট। ~পক্ষী, ~পাখী [উষ্ট্র পক্ষী-ostrich] বি, উটের মত লম্বা গলা দীর্ঘাকার ও মহাবল পক্ষী-বিঃ। ইহার দেহ ভারী ও ডানা ছোট বলিয়া উড়িতে পারে না। ~মুখো-উষ্ট্রের মত উর্দ্ধমুখ যার ; যে নিম্নে দৃষ্টি না রাখিয়া চলে। > স্ত্রীং ~মুখী।

উটক [হি°-উটক্কর=অজানা (উটকা, 'উটকো' ও°] বিণ, অপরিচিত। প্র-বাড়ীতে কোন উটকো লোক এসেছে। ২ আগন্তুক। ৩ [হি°-উটকনা, সং-অট্=ঘুরে বেড়ান। তা হতে যে ঘুরিয়া বেড়ায়] অটনকারী ; ভবঘুরে। ৪ [সং-অট্ ধাতু হতে উটক পরে হুটকো শেষে হুড়কো। তুল-হুড়্‌কো মেয়ে বা বৌ-যে হুট্ হুট্ করিয়া পলায় বা উৎক, উৎকা=উৎকণ্ঠিতা। 'উৎকণ্ঠিতা নায়িকা' নহে, কারণ তার লক্ষণ সম্পূর্ণ বিপরীত, সে পতির জন্যই উৎকণ্ঠিতা] যে স্ত্রী পতিগৃহ হতে পিতৃগৃহে পলায়ন করে। উ° পাটকি [উচ্চারণ-ভেদে ; ওটোক পাটোক'। তুল-হি°-উটকন্ পাটকন্] বি, উলটপালট ; তোলাপাড়া। ২ বিণ, উলটা পালটা ; হেলাগোছা।

উটকিনি, উটকানি [সং-উৎক্ষেপণ, হি°-উট্‌কনা। সং-অট্=ঘুরিয়া বেড়ান। উকটন দ্রঃ। 'ওটকানো'ও বলে] ক্রি, অন্বেষণ করা ; খোঁজা বা খোঁজ করা ; খুঁজে বেড়ান। "ঝোপ ঝাপ উটকে গহন।"-কবিক°। ২ বি, অন্বেষণ। উটকানি-পাটকানি [উটকন (উৎক্ষেপন) পাটকম (প্রক্ষেপন, পাতন, পাড়ন] ক্রি, জিনিসপত্রের আবরণ তুলিয়া বা দ্রব্যাদি উঠাইয়া এবং খুলিয়া পাতিয়া বা গাড়িয়া তার মধ্যে অন্বেষিত বস্তু আছে কিনা দেখা ; দ্রব্যাদি তোলা-পাড়া করিয়া খোঁজ করা। "উটকিয়া ঝোপে ঝাড়ে নেহালে পর্ব্বত আড়ে।" -কবিক°। বি, উটকিন-পাটকিন। উট-কিয়া-পাটকিয়া, উটকেপাটকে -ক্রি-বিণ, উলটিয়া পালটিয়া ; তোলপাড় করিয়া। (তুল-হি°-উঠায়কে পটকায়কে)।

উটকা, উটকো-উটক দ্রঃ।

উটক্করা,-ক্কারা [হি°-উচ্‌কা, উচক্কা (দ্রঃ)] বিণ, উটকো ; অপরিচিত।

উটজ [উট (তৃণ পর্ণাদি)+জ (র্তৃ)] বি, মুনিগণের পত্র-নির্ম্মিত গৃহ ; কুটীর ; কুঁড়ে ; পর্ণশালা। "উটজে করিছে দিন যাপন রে।" -স° শ°। ~শিল্প-বি, কুটীর-শিল্প Cottage industry.

উট্‌তি [উঠ্‌তি দ্রঃ] বি, কাট্‌তি ; দ্রব্যাদি বিক্রয়। ২ উন্নতি। ৩ বর্দ্ধনশীল ; বিকাশশীল ; উন্নতিশীল।

ˋউটনি, উটনো, উঠনা [উত্থান-উঠান (হি°-উঠান=কাট্‌তি ; খরচ)] বি, ধারে খরিদ ; ধারে ক্রয়।

উটনচালাক [উড়ন (দ্রঃ)-চালাক] বিণ, উপর চালাক ; ফাজিল over active.

ˋউটার [প্রাদে°] বি, বস্তা বা থলিয়া যে দড়ি হতে তৈয়ার হয়।

উটুরা [প্রাদে°] বি, দড়ি দিয়া বস্তার মুখ সেলাই করা।

উঠঁই-উঠা২ দ্রঃ।

উঠতি [সং-উত্থিতি-উঠত্তি] বি, দ্রব্যাদি বিক্রয়; কাটতি। ২ উন্নতি। ৩ বিণ, উন্নতিশীল। প্র-এই এখন তার উঠ্তি সময়। ৪ বৃদ্ধিশীল; নবীন। "উঠ্তি বয়স। উ°-পড়তি [উত্থান-পতন>] বি, উত্থান-পতন। ২ পণ্য বিক্রয়ে লাভ লোকসান। ৩ মূল্যের হ্রাস বৃদ্ধি। ~মুখ-বি, উন্নতির সূত্রপাত; বৃদ্ধিমুখ।

উঠিতে-বসিতে [দ্রুত উচ্চারণে উঠতে-বসতে] অস-ক্রি, উত্থান করিতে ও উপবেশন করিতে। ২ যখন তখন, সদা-সর্ব্বদা; সকল সময়। "উঠতে বসতে অত ধনের নাড়া দিলে আমি সইবো কিসের জন্যে।"

ˋউঠন১, ˋউঠান১ [উত্থান>] বি, গাত্রোত্থান।

উঠন২, উঠান২ [অঙ্গন>। গ্রা° ˋউটন] বি, প্রাঙ্গণ; আঙ্গিনা।

উঠনু [ব্রজ°-উঠলুঁ; বাং-উঠ্নু] ক্রি, উঠিলাম। "উঠনু হাম কালিন্দী তীর।" -বি° প° [বাং কথ্য উঠ্নু]।

উঠন্ত [উঠ্+অন্ত। চলন্ত দ্রঃ] বিণ, যা উঠিতেছে; উদীয়মান।

উঠবোস ['ওঠবোস' ও°। উঠ (উঠা উত্থান)-বোস (উপবেশন, বসা)-ব্যায়াম, তা হতে শাস্তি punishment, drill তুল-কাণ ধরে উঠা বসা] বি, ব্যায়াম। ২ শাস্তি।

উঠয়ে [ব্রজ°] ক্রি, উঠে। ২ জন্মে। "রসপরসঙ্গে উঠয়ে মঝু কাঁপ।"-বি° প°।

উঠল [ব্রজ°] ক্রি, উঠিল। "তৈখনে হৃদয় উঠল মঝু কাঁপি।"-বি° প°।

উঠলুঁ [ব্রজ°] ক্রি, উঠিলাম। (উঠনু দ্রঃ)।

উঠবন্দী-বি, জমির চাষ আবাদ সম্বন্ধীয় রায়তওয়ারী বন্দোবস্ত বিঃ। উ°-রায়ত-এক শ্রেণীর রাইয়ত যারা ভিন্ন ভিন্ন বৎসর বিভিন্ন জমি চাষ করে [নদীয়া ই° জেলায় চ°]।

উঠসার [দাবা বড়ে খেলায় কিস্তি বিঃ] বিণ, উঠ্তি; বল বা বড়ে উঠিবার দরুণ যে কিস্তি পড়ে। "তাহার সর্ব্বনাশ উপস্থিত উ° কিস্তিতেই মাত।"-আলাল°।

উঠা১ [উত্থান>উট্ঠান>] বি, উত্থান; গাত্রোত্থান; দাঁড়ান। ২ উন্নতি। ৩ উদ্যম; প্রকাশ। ৪ বৃদ্ধি; বাড়। ৫ স্ফীতি; উথলন। ৬ উৎসাহ; অবসাদের বিপরীত অর্থে। আশা (নৈরাশ্যের বিপরীত অর্থে); উত্থান (পতনের বিপরীত অর্থে)। "উঠা নামা প্রেমের তুফানে।"-গি° ঘোষ।

ˋউঠা২ [উত্থান>। হি°-উঠ্না। বাং গ্রা°-ওটা। উঠি, উঠ, উঠে; উঠিতে, উঠতে; উঠিয়া, উঠে; ণিজন্ত-উঠাই, উঠাও, উঠায়। গ্রা°-ওঠ, ওঠে, ওঠাই, ওঠাও, ওঠায়, ওঠাইতে, ওঠাতে, ওঠাইয়া, ওঠায়ে ই°] ক্রি, উত্থিত হওয়া; গাত্রোত্থান করা; দণ্ডায়মান হওয়া। ২ শয্যা ত্যাগ করা। "উঠ শিশু মুখ ধোও পর নিজবেশ।" ম° মো° ত°। ৩ উদ্গত হওয়া; গজান। প্র-ধানের শিষ উঠা; বীজ হতে কল উঠা। ৪ উদয় হওয়া; দেখা দেওয়া; প্রকাশ পাওয়া। প্র-সূর্য্য উঠা; রৌদ্র উঠা। ৫ জাগ্রত হওয়া; উদ্বুদ্ধ হওয়া; জড়তা ত্যাগ করিয়া বা আলস্য বর্জ্জন করিয়া কর্ম্মে প্রবৃত্ত হওয়া। ৬ উত্তেজিত হওয়া; উৎসাহিত হওয়া। ৭ উন্নতি করা। প্র-এখন তাহার সময় ভাল যাইতেছে না, কিন্তু সে পাকা ব্যবসাদার, শীঘ্রই উঠিবে। ৮ উপরে যাওয়া; আরোহণ করা; চড়া। প্র-ছাদে উঠা; গাছে উঠা। ৯ স্ফীত হওয়া; ফুলিয়া উঠা; ফাঁপিয়া উঠা। ১০ বিদ্রোহী হওয়া; মাথা তোলা; বিপক্ষে বা প্রতিকূলে দণ্ডায়মান হওয়া। ১১ উদ্গীর্ণ হওয়া; উৎক্ষিপ্ত হওয়া; বাহির হইয়া পড়া। প্র-সে যা খাইয়াছিল সমস্ত উঠিয়া গিয়াছে। আর মাটি খুঁড়িতে হইবে না, এই-বার জল উঠিতেছে। ১২ স্খলিত হওয়া; ঝরিয়া যাওয়া। প্র-চুল উঠা; লোম উঠা। ১৩ বিলীন হওয়া; মিলাইয়া যাওয়া। প্র-রং উঠা; দাগ উঠা। ১৪ উঠিয়া যাওয়া; বজায় না থাকা; বন্ধ হওয়া; রহিত হওয়া; ভাঙ্গিয়া যাওয়া abolish. প্র-সাহায্য অভাবে বিদ্যালয়টী উঠিয়া গেল। এখান থেকে দোকান পাট সব উঠিয়া গিয়াছে; এবাড়ী হতে তার অন্ন উঠিল। ১৫ সরিয়া পড়া; স্থানান্তরে যাওয়া; স্থান খালি করা। প্র-এখান থেকে উঠ। তাহারা এগ্রাম হতে অন্য গ্রামে উঠিয়া গিয়াছে। ১৬ বৃদ্ধি পাওয়া। তাপমান যন্ত্রে পারদ উর্দ্ধে উঠা। প্র-জ্বর এখন কত উঠিয়াছে। ১৭ বিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া নিম্ন শ্রেণী হতে উপরের শ্রেণীতে যাওয়া; প্রোমোশন পাওয়া। ১৮ ফুরাইয়া যাওয়া নিঃশেষিত হওয়া। প্র-যা কিছু ঘরে ছিল সব উঠিয়া গিয়াছে, এখন আবার বাজার হইতে আনিলে তবে খাইতে পাইবে। ১৯ বিদায় হওয়া। "অনুমতি হয় ত উঠি।" ২০ স্বাস্থ্য পুনর্লাভ করা; নিরাময় হইয়া রোগশয্যা ত্যাগ করা। ২১ সংগৃহীত হওয়া; হাতে আসা। প্র-যারা চাঁদা তুলতে গিয়েছিল তারা বল্লে এবার অনেক চাঁদা উঠেছে। ২২ কার্য্য সমাপ্তি বা সাধন বোধক মূল ক্রিয়াংশ। প্র-পেরে উঠা; করে উঠা; জুটিয়া উঠা; জ্বলিয়া উঠা। ২৩ প্রকাশ পাওয়া; দেখা দেওয়া; আরম্ভ হওয়া। প্র-রোদ ঝড় ই° উঠা। ২৪ শ্রুতিগোচর হওয়া; কানে উঠা। প্র-রব, গুজব উঠা। ২৫ বাজারে আমদানি হওয়া; বিক্রয় হতে আরম্ভ হওয়া। প্র-এ বৎসর খুব শীঘ্র আম উঠেছে। ২৬ পেটে যাওয়া; উদরস্থ হওয়া; মুখে উঠা। প্র-অত ভাত পড়ে রইল, ভাত উঠল না কেন গো? ২৭ বিক্রয় হওয়া। "ফল আর হাটে নাই, সব উঠে গেছে।" ২৮ ভরিয়া উঠা; সন্তুষ্ট হওয়া। "মন আর কিছুতেই উঠে না।" উঠাইয়া দেওয়া-ক্রি, তুলিয়া দেওয়া; সাহায্য না পাইয়া তারা পাঠশালা উঠাইয়া দিল। ২ উত্থিত করা; উঁচু করিয়া দেওয়া; খাড়া করা। ৩ সরাইয়া দেওয়া; অপসৃত করা। ৪ মিটাইয়া দেওয়া; মুছিয়া ফেলা। ৫ জাগরিত করা; জাগান।

ˋউঠাউঠি-বি, পুনঃপুনঃ উত্থান। একাধিক ব্যক্তির একে একে বারবার উঠাবসা। উঠানামা [গ্রা°-'ওঠানামা'] বি, উত্থান পতন। "উ° প্রেমের তুফানে।"

-গি° ঘোষ। ২ তোলপাড়। ৩ আরোহণ এবং অবতরণ। ৪ উন্নতি ও অবনতি। ৫ ভেদবমি। ৬ ক্রি, উত্থিত হওয়া এবং পতিত হওয়া। ৭ একবার আরোহণ করা একবার অবতরণ করা। ৮ তরঙ্গায়িত হওয়া; আন্দোলিত হওয়া। উঠাপড়া [উত্থান পতন >] বি, উত্থান পতন; উঠা-নামা। উঠেপড়ে লাগা-সমূহ উদ্যমের সহিত কর্ম্মে প্রবৃত্ত হওয়া। "মন্ত্রের সাধন কিম্বা শরীর পতন" এইরূপ ভাব হৃদয়ে রাখিয়া কাজ করা। অন্ন উঠা-অন্ন বন্ধ হওয়া; ভোজন রহিত হওয়া; জীবিকার পথ বন্ধ হওয়া। উকি উঠা-হিক্কা হওয়া; ওয়াক্ ওঠা। খঁড়ি-উঠা-তৈল মর্দ্দন না করায় দেহের চর্ম্ম শুষ্ক হইয়া মরামাস উঠা। চুল উঠা-কেশ স্খলিত হওয়া; লোম ঝরিয়া পড়া। চোখ উঠা-নেত্ররোগ হওয়া। জল উঠা-জল নির্গত হওয়া। জাতে উঠা-সমাজে যে পতিত ছিল বা একঘরে হইয়াছিল পুনরায় সমাজে তার সহিত সকলের আহার ব্যবহার আরম্ভ হওয়া। দাঁত উঠা-শিশুদিগের দন্তোদ্গম হওয়া; দাঁতগজান। নাম উঠা-নামের উল্লেখ হওয়া। ২ প্রসিদ্ধ হওয়া; সুনাম বিস্তৃত হওয়া। ৩ নাম কাটা যাওয়া। ৪ নাম লুপ্ত হওয়া। নেচে উঠা-আনন্দে মত্ত হওয়া; উল্লসিত হওয়া। "হৃদি মাঝে কত নাচে তরঙ্গ। নেচে উঠে প্রাণ, পাব ত্রিভঙ্গ॥" -গি° ঘোষ। পাক উঠা-পক্কোদ্গম হওয়া। ২ পালক বাহির হওয়া। ৩ মৃত্যুর নিকটবর্ত্তী হওয়া। "পিঁপড়ার পাখা উঠে মরিবার তরে।" ৪ ছেলে দুরন্তপণা করিলে তাকে প্রহার বা অন্য শাস্তি দিবার পূর্ব্বে তার সতর্কীকরণ বা তিরস্কার স্বরূপ বলা হয়, তার 'পাক উঠিয়াছে'। পাট উঠা-সমূলোৎপাটিত হওয়া। ২ স্থান বা আবাস উঠিয়া যাওয়া; চিহ্ন পর্য্যন্ত লুপ্ত হওয়া। পায়ের জুতা মাথায় উঠা-যার নিম্নে থাকার কথা তার বা নীচের উচ্চে উঠা। মন উঠা-তৃপ্ত হওয়া; পরিতুষ্ট হওয়া।

"ঘরে কি তোর মন উঠেনা মিষ্ট কি পরের মনী।"-গান। রক্ত উঠা-রক্ত বমন হওয়া; কাশের সহিত রক্ত নির্গত হওয়া। রঙ উঠা-জল বা রৌদ্র লাগিয়া রঞ্জিত বস্ত্রাদি হতে রঙ্গ বাহির হইয়া যাওয়া; রঙ মিলাইয়া যাওয়া বা বিলুপ্ত হওয়া। রব উঠা-জনরব হওয়া; কথা উত্থাপিত হওয়া।

`উঠানি₁ [উত্থাপন >] ক্রি, উর্দ্ধে প্রেরণ, উত্থিত করা; নিম্ন হতে গ্রহণ করা; উত্তোলন করা। ২ ধরিয়া তোলা; চড়ানো। ৩ উত্থাপন করা; উল্লেখ করা। ৪ গাঁথিয়া তোলা। ৫ উৎপাটন করা। ৬ সরান; অপসারিত করা; স্থানান্তরিত করা। ৭ জাগান। ৮ কার্য্যে প্রবৃত্ত হবার জন্য উৎসাহিত করা। ৯ অবনত বা হীন অবস্থা হতে উন্নত করা। ১০ মারিবার জন্য উদ্যত হওয়া: "হাত উঠান।"

`উঠান₂ [উৎ (উন্মুক্ত) ঠান (স্থান)। "উথান প্রাঙ্গণে"-মেদিনী°। চট্ট° প্রাদে° 'উড়ান'] বি, প্রাঙ্গণ; চত্বর; আঙ্গিনা। ~চষা-ভিটার মাটি চষা; সুতরাং সমভূম করা অর্থাৎ উৎখাত বা উদ্বাস্ত করা; অত্যাচার করা।

`উঠানি [উত্থান >] বি, উত্থান। "বাণ খেয়ে নীলবীর করিল উ°।"-কৃত্তি°। ২ [তুল-চড়োয়া-উপর চড়াও বা চড়া-উত্থান-হি°-চড়াব] আক্রমণ; প্রহারোদ্যম। "না মারেন রাম তারে যার নম্র বাণী, যে বড়াই করে তার উপরে উ°॥"-কৃত্তি°। "প্রতিব্যূহ করি সবে উ° করিল।"-কাশী°।

উঠিত [প্রাদে°] বি, জঙ্গলমুক্ত জমি। "জঙ্গলকে বাদা বলে এবং জঙ্গল উ° হইয়া যখন ধান্য-ক্ষেত্রে পরিণত হয়, তখন তার নাম আবাদ।"-যশোহর-খুলনার ইতিহাস। ~পতিত-বি, আবাদী জমির প্রকার-ভেদ; যে জমিতে কোন বৎসর আবাদ হয়, কোন বৎসর হয় না।

উঠোনি [প্রাদে°] বি, গরুরগাড়ী নীচে হতে উপরে উঠার জায়গা; চড়াই।

উড় [উড়ো দ্রঃ] বিণ, যে উড়িতেছে; উড্ডয়নশীল। ~খই-যে খই বাতাসে উড়িয়া গিয়াছে।

[ব্রজ°] ক্রি, উড়িতে। "মধুমাতল কিয়ে উ° না পার।"-বি° প°।

উড়কি [উক্ড়ি দ্রঃ] বি, উড়িধান (বি° প°)। "উড়কি ধানের মুড়কি দিব পথে জল খেতে।"-ছড়া। ২ খই (উক্ড়ী দ্রঃ)। ৩ মঞ্চ। ৪ উখড়ী হাতা। ৫ [প্রা° উক্কীর উচ্চারণভেদ] উক্কী।

উড়কুড় [উড়-কুল (সমস্ত; নিঃশেষে)] বি, আদ্যন্ত; শেষ। ২ চিহ্ন। প্র-লোক ম'রে ম'রে গ্রামের উ° উঠে গেল।

উড়কুল [প্রাদে°] বি, উড্ডয়নোন্মুখ।

উড়্কু-উড়ুক্কু দ্রঃ।

উড়্ঢ়ুঁড়িয়া, উড়্ঢ়ুঁড়ে [উড়ন +চণ্ডিআ] বি, অপব্যয়ী; অমিতব্যয়ী; বৃথা ধনসম্পত্তি নাশকারী।

উড়তি, উড়তী, উড়াতি-বিণ, উড্ডীয়মান; অস্থির; অনিশ্চিত।

উড়ন [সং-উড্ডয়ন] বি, শূন্যে গমন; আকাশে উড়া। ২ [সং-আবরণ। হি°-ওড়ন] বি, পরিধান। ৩ [বিপরীত পাড়ন) আবরণ; যা উপরে থাকে বা উর্দ্ধদিকে থাকে; 'ওড়ন' ও বলে। তুল-ওড়নপাড়ন] "তামার উ° তামার পাড়ন তামা করিলাম সার।"-শূ° পু°। ~চড়িয়া, ~চড়ে, ~চণ্ডীয়া, ~চণ্ডে [উড়ন+চণ্ড+ইআ > উড়ন-চণ্ডিয়া > উড়নচণ্ডে। ঐরূপ-চড়িয়া > চড়ে। হি°-উড়ন-চড্টী এই চড্টী পরে সং আকার পাইয়া 'চণ্ডী' হইয়াছে, উড়নচড্টীয়া হইয়াছে উড়নচণ্ডীয়া > উড়নচণ্ডে পরে উড়নচড়ে] বিণ, যে বিষয় সম্পত্তি উড়াইয়া দেয়; অমিতব্যয়ী; বৃথা ধননাশক।

উড়নপেকে [উড়ন+পাক+ইআ। যার উড়িবার বা উড়াইবার পাখা (পক্ষ) আছে] বিণ, অপব্যয়ী। ২ [যে গরুর একখানি পাঁজরের হাড় উঁচু, নদীয়া জেলার কোন কোন স্থানে এই গরুকে উ° গরু বলে। -ব° শ° সিন্ধু]।

উড়নী, উড়ানী [প্রা°-উড্ডনি। সং-আবরণ। প্রাকৃ°-ওড়ান্ (উত্তরীয়); ওহাড়নী

-দেশীনামমালা। হিং-ওঢ়না, ওঢ়নী] বি, গাত্রবস্ত্রবিঃ; উত্তরীয়; এক পাটা চাদর।

উড়্নীয়্-বিণ, উড্ডয়নশীল।

উড়্ন্ত [উড়্+অন্ত। সং-উড্ডয়ৎ] বিণ, উড়িতেছে এমন; উড্ডয়নশীল। "উ° পাখী।"

উড়্পড়্ন [উৎপতন>] বি, উড়িয়া পতিত হওয়া।

উড়্ব [ব্রজ°] ক্রি, উড়িবে। "বাঙ্কি ধবল জন্মু উড়ব তরাসে।"-বি° প°। ২ (-র্ব্)-ক্রি, উড়া দ্রঃ।

উড়্শ,-ষ,-স [সং-উৎ-দংশ>, প্রাদে°-উড়াষ, উড়্ষ (কবিক°), উরস (ঢাকা অঞ্চল), ওরস (রঙ্গপুর)-ব° শ° কোষ] বি, ছারপোকা।

উড়্শী [সং-ঋদ্ধ>পা° উদ্ধ। হিং-উরদ, উরিদ; ক্ষুদ্রার্থে-উরদী] বি, কাল কলাই; মাষকলাই। "শিম্ব উ° দাল বাটি।" -মনসা° ম° (বংশী)।

উড়া১ [সং-উড্ডয়ন, হিং-উড়না। উ° পূ°-উড়ি; ম° পূ°-উড়, উড়ুন, উড়্, ওড়্; প্র° পূ°-উড়ে; ওড়ে। উড়িব, উড়িবে, উড়িলাম, উড়িলে ই°। অস-ক্রি,-উড়িতে; উড়িয়া; উড়ি, (পদ্যে, স্কে°-উড়ে)। ণিজন্ত-উড়ান] ক্রি, শূন্যে গমনাগমন করা; উড়িয়া যাওয়া। ২ দ্রুতগমন। ৩ অদৃশ্য হওয়া। ৪ [উড়িবার ভাব হতে] ত্যাগ করা; হারা হওয়া। প্র-প্রাণ উড়া। "উড়িল ভূতশুদ্ধি।" -অ° ম°। ৫ [গ্রা°] প্রচারিত হওয়া। প্র-খবর উড়া। ৬ [গ্রা°] চলিতে থাকা; হতে থাকা। প্র-সেখানে খুব গান উড়বে। ৭ [গ্রা°-চলিতে থাকার ভাব হতে] ভোজনে ব্যয় হওয়া; খরচ হওয়া; কাটা; লাগা। প্র-আজ ওদের বগ্গিতে খুব লুচিসন্দেশ উড়বে এখন। ৮ [(ঊড়া) শ্রীহট্ট প্রাদে°] পদদলিত করা। জিনিষটি উড়িও না (=পদদলিত করিও না)।

উড়া২-বিণ, কিংবদন্তীমূলক; জনশ্রুতি-মূলক; অনিশ্চিত। প্র-উড়া কথা; উড়া খবর।

উড়া৩ [হিং-ওঢ়না গায়ে দেওয়া; পরিধান করা] ক্রি, গায়ে দিতে; আবৃত করিতে; পরিধান করিতে। "আমি যোগাইব কাঁথা উড়িতে অম্বর।"-গোবিন্দ গীত। ~**উড়া** [উড়ু উড়ু দ্রঃ] বিণ, পলায়নপর; উড্ডয়নোন্মুখ। ২ ভাসা-ভাসা; অস্থায়ী; অনিশ্চিত।

উড়াতাড়,. -তাড়া [উড়া-তাড়া (তাড়না>)] বি, ভয় প্রদর্শনার্থ তাড়না। ২ অস্থিরতা প্রকাশ। "ধর ধর করি পিছে মারে উড়াতাড়।"-শি°।

উড়ানি° [উড়াই, উড়াও, উড়ায়; উড়াইলাম, উড়াইলে, উড়াইল; উড়াইব (উড়াব), উড়াইও (উড়িও), উড়াইবে (উড়াবে); উড়াইতে (উড়াতে), উড়াইয়া (উড়িয়ে) ই°] ক্রি, অপব্যয় করা। ২ উড্ডীন করানো। ৩ বি, উপেক্ষা। "উত্তমে উ° করে অকিঞ্চনে দেখি।"-শি°।

উড়ানি-উড়নি দ্রঃ।

উড়ানিয়া [উড়ন+ইআ] বিণ, যে উড়াইয়া দেয়; অপব্যয়ী।

উড়াপাক-বি, লাঠি, সড়কি, তলোয়ার ই°-র খেলোয়াড়দিগের অস্ত্র-সঞ্চালনসহ গতি-বিঃ; শূন্যে লম্ফ দিয়া মাথার উপর দিয়া হাত ঘুরাইয়া অস্ত্রচালনা। ২ উল্লম্ফন; ঊর্দ্ধোলম্ফ। "উ° দিয়া ধায় যার যার পথে॥"-শি°। "পাইক দেয় উ°, ঘনবাজে জয় ঢাক।" -কবিক°।

উড়াবাও-বি, উপদংশ।

উড়াসালী [উড়ি দ্রঃ] বি, ধান্যভেদ। "উ° বিন্দসালী আর লাউসালী * * ধান জে ভাদোলী॥"-শূ° পু°।

উড়ি, উড়ী [উড়ি বা উড়ো; কারণ ধান পাকিয়া বাতাসে উড়িয়া ক্ষেত্রে পতিত হয় এবং তা হতে গাছ হইয়া ধান্য হয়। বন্যধান যা স্বভাবতঃ জন্মে এবং রোপণ করিতে হয় না] বি, উড়ুক ধান; নীবার। "উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা।"-ঘ°। **উড়িচূর্ণ**-উড়িধানের চালের গুঁড়ি। **উড়িতে**-ক্রি, উড্ডয়ন করিতে। ২ [প্রাকৃ°-ওড্ঢন, >হে° (দেশীনামমালা)। হিং-ওঢ়্না] অঙ্গাবৃত করিতে; গায়ে দিতে। "হরিণ বদলে পাই পুরাণ খোসলা। উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধুলা॥"-কবিক°।

উড়িদ্ [প্রাকৃ°-উড়িদো (মাষ ধান্য) >হে° (দেশীনামমালা)] বি, উড়িধান।

উড়িয়া [ওড়িয়া দ্রঃ। ওড্ডিআ (ওড্র+ইআ)>, ভ্রং] বি, উৎকলবাসী; উড়িষ্যার লোক। ২ [উড়ন>] বি, উড়ি ধান [এই ধান পাকিলেই বাতাসে উড়িয়া বা ঝরিয়া পড়ে। এজন্য 'ঝরাধান'ও বলে। মালদহে, উড়েধান] ৩ ক্রি, উড্ডীন হইয়া।

উড়িয়া আসা, উড়িয়া পড়া-ক্রি, উড্ডীন হইয়া পতন; হঠাৎ উপস্থিত হওয়া।

উড়িয়া আসিয়া জুড়িয়া বসা-ক্রি, অযাচিত বা অনিমন্ত্রিত হইয়া হঠাৎ আসিয়া সর্ব্বংকর্তা হইয়া বসা।

উড়িষ্যা-ওড়িশা দ্রঃ। শব্দকল্পদ্রুমে-"'উড়িষ্যা' ইতি ভাষা।"

উড়ী-উড়ি দ্রঃ।

উড়ু [উড়্ (স্তুতি করা)+উ-জ্ঞা°] বি, তারা; নক্ষত্র। "রাতুল বরুণ রুচি অরুণ উদিত। নিরখিয়া নিশাপতি হইল লজ্জিত॥ উড়ুগণ পলাইল প্রাণপতি সঙ্গে।"-ঘ°। ২ জল।

উড়ুউড়ু [ড়ু (উড়নেচ্ছু)+উড়ু (প্রাবল্য বা আতিশয্য অর্থে দ্বিত্ব)] বিণ, একস্থলে না থাকিয়া পলাই পলাই ভাব; অস্থির; উদ্বিগ্ন। "কি কথা কহিলে কি ফেরে ফেলিলে উ° উ° করে মন।"-অ° ম°।

উড়ুক [সং-কুরুবক] বি, রক্তঝিণ্টী-পুষ্প। "জবা সে তুলসী তুলি ধর্ম্মর পীরিতি উ° করঙ্ক বেলা তুলিল মালতী।"-শূ° পু°। ২ [সং-উরুবুক, বুক] রেড়ী গাছ।

উড়ুক্কা, উড়ুক্কু, উড়ুখুড়ু-বিণ, পক্ষবান্; উড্ডয়নক্ষম।

উড়ুক্কুমৎস্য-বি, উড্ডয়নক্ষম ক্ষুদ্র-জাতীয় সামুদ্রিক মৎস্য-বিঃ flying-fish.

উড়ুপ, উড়ূপ [উড়ু (জল) প (পা= রক্ষা করা+অ, ড়-র্তৃ)-যে জল হতে রক্ষা করে (উপ°)] বি, ভেলা; ডোঙ্গা। ২ [উড়ু (নক্ষত্র) প (পা) পালক, পতি-৬ তৎ] বি, চন্দ্র।

উড়ুপতি [উড়ু (নক্ষত্র) পতি-৬তৎ] বি, চন্দ্র। "কোটী উ° জিনি শ্রীমুখের জ্যোতিঃ।"-বাং গান।

উড়ুপথ [উড়ু (নক্ষত্র) পথ (পথিন্) ৬তৎ] বি, আকাশ।

-ুম্বর [উদুম্বর দ্রঃ] বি, উদুম্বর ; যজ্ঞডুমুর গাছ। "মূলা ব্যাগুন সীম তাহে রান্ধ দিয়া নিম। আর দাও উ° ফল।" -কবিক°। ২ তাম্র। ৩ দুই তোলাপরিমাণ। ৪ গোবরাটের নীচের কাঠ ; দেহলী। ৫ কুষ্ঠ রোগ-বিঃ।

উড়ুষ, উড়ুশ [সং-উদ্দংশ। হি°-উড়ুস=খটমল। পূ° বঙ্গে-উরস : ওড়ি°-ওড়স ; উ° বঙ্গে-ওরস ; শ্রীহট্টে-'উলস'] বি, ছারপোকা। "উড়ুষ কচ্ছপগুলা শশা হেন মশা গুলা।"-কবিক°।

উড়ো-বিণ, উড্ডয়নশীল। ২ ভিত্তিহীন ; অনির্দিষ্ট ; বৃথা ; বিচারহীন। "যবে নিয়ে উড়ো তর্ক শাস্ত্রীবর্গ টিকি দীর্ঘ নাড়ে।"-দ্বি° রায়। ২ [উড়া (দ্রঃ), অনুজ্ঞায়। গ্রা°] ক্রি, উড্ডয়ন কর্। সম্ভ্রমে-'উড়োন্।' বি, **উড়োন্, উড়োনো**-উড্ডয়ন। উ° **খই গোবিন্দায় নমঃ**-অনন্যোপায় বা বাধ্য হইয়া কোন সৎকার্য্যে নিয়োগ কল্পনা করা ; যা হাতছাড়া হইতেছে তা স্বেচ্ছায় সৎকার্য্যে নিয়োগ বা দান করার ভাণ [দ্রঃ-যখন বাতাসে খৈ উড়িয়া যাইতেছে, পাইবার আর উপায় নাই, তখন সেগুলি দেবতাকে নিবেদন করা হইতে এই প্রবচনের জন্ম] **~ভাষা** [উড়া (দ্রঃ)। ভাষা-গ্রা°। যে ভাষা বা কথা লোকের মুখে মুখে উড়িয়া বেড়ায়, যার মূল বা জনকের নির্ণয় নাই] বি, কিংবদন্তী ; জনশ্রুতি ; জনরব

-ী/ন [উৎ-ডী (আকাশে গমন করা)+ (ট্, ভা°)] বি, শূন্যে গমন ; উড়া ; আকাশে বিচরণ। **~মান** [উৎ-ডী +আন (র্তৃ-শান) ম-আগম] বিণ, নভোবিহারকারী। ২ উড়নশীল।

উড্ডামর [উৎ (উত্তম)-ডামর] বিণ শ্রেষ্ঠ ; সর্ব্বোত্তম। ২ অতিপ্রচণ্ড।

উড্ডী/ন [উৎ-ডী+ত (র্তৃ) ত=ন] বিণ, যে উড়িয়াছে ; উৎপতিত। ২ উর্দ্ধগামী ; উর্দ্ধগত। ৩ [ক্ত-ভা°] বি, আকাশে গমন ; উড়ন। **~য়মান** [উৎ-ডী+আন (র্তৃ-শান) য, ম-আগম] বি, যে উড়িতেছে : আকাশে গমনকারী ; উড়ন্ত।

উণো [বৌ° বাং প্রাকৃ°] অ, পুনঃ (দো° ৯৮)]।

উৎ [তুল-ইং- out, গথ°, অ্যাং-স্যা°, প্রা° স্যা° আইস্ল্যাণ্ডিক্, সুই°-ut. উপসর্গবিঃ] অ, উপর : উর্দ্ধ ; উচ্চ। প্র-উৎক্ষিপ্ত ; উন্নত ; উত্থান ; উল্লঙ্ঘন। ২ উত্তম ; উৎকৃষ্ট। ৩ বাহিরে। প্র-উৎপিঞ্জর। ৪ অতিশয়। প্র-উত্তপ্ত ; উৎকর্ষ। ৫ বৈপরীত্য ; ব্যতিক্রম। প্র-উৎক্রম। ৬ [অপ-অর্থক] নিন্দনীয়। প্র-উৎকোচ। ৭ বিরুদ্ধ। প্র-উন্মার্গ : উৎপথ। ৮ অভাব। প্র-উচ্ছৃঙ্খল। ৯ উদ্গত। প্র-ছীর্ষক : উত্তম। ১০ অকস্মাৎ। প্র-উৎপাত। ১১ অতিক্রান্ত। প্র-উৎসূত্র।

উৎ, উতো, উঁতো [উষ্ণতা বা উত্তাপ >] বি, আঁচ ; উত্তাপ। **উঁতো দেওয়া**-ভিজা কাঠ প্রায় নির্ব্বাপিত অগ্নির ধিমা আঁচে শুকাইবার জন্য উনুনের উপর সাজাইয়া রাখা।

উতঙ্ক-বি, বেদমুনির অতিশয় গুরুভক্ত, ধর্ম্মনিষ্ঠ ও জিতেন্দ্রিয় শিষ্য। গুরুভক্ত শিষ্যের আদর্শ।

উতথ্য-বি, বৃহস্পতির জ্যেষ্ঠ, অঙ্গিরা ঋষির জ্যেষ্ঠ পুত্র এবং গৌতম মুনির পিতা। **~তনয়**-উতথ্যাত্মজ।

উত/প্ত[উত্তপ্ত >।ব্রজ°] বিণ,উত্তপ্ত; উষ্ণ। "ঘন ঘন উ° শ্বাস।"-বি° প°। **~পতি** [উৎপত্তি >।ব্রজ°] বি, উৎপত্তি।

উতর১ [সং-উত্তর > ব্রং]। গ্রা°-ওতর, ওতোর। বি, উত্তর ; জবাব। "অবনতবয়নী উ° নাহি দেই।"-বি° প°। ২ দোষ বা আপত্তির খণ্ডন। **~কাটা** [গ্রা°-ওতোর-কাটা] ক্রি, উত্তর দান করা ; প্রত্যুক্তি করা।

উতর২ [উত্তরণ (দ্রঃ) >] বি,উত্তরণ। ২ বিণ, উত্তরণীয়। **~খানা** [উত্তরণস্থান >] বি, নামিবার স্থান। ২ সরাই ; পান্থশালা। **~ভাঙ্গা১**-বি, উত্তরণস্থান ; সরাই। **~ভাঙ্গা২**-বি, মৎস্য ধরিবার স্থান।

উতরণ [উ-তৄ (তরণে)+অন (ভা°)] বি, অবতরণ। ২ উপস্থিত হওয়া। ৩ নদ্যাদি পার হওয়া। "উতরিতে ভবনদী করেছ কি আয়োজন।"-স্কন্দ°।

উতরল, উত্তরল-উতরোলদ্রঃ।

উতরা [উতরণ দ্রঃ। উতরি, উতর, উতরে। উতরিতে, উতরিয়া (পদ্যে স্কে° উতরি) ই°। ণিজন্ত-উতরান। এই অর্থে উতরা ও° চ° পরে দ্রঃ] ক্রি, নামা।

উতরাই-উৎরাই দ্রঃ।

উত/রানি [গ্রা°-'ওৎরানো'। উতর দ্রঃ। উতরাই, উতরাও, উতরায় ; উতরাইতে (স্কে° উতরাতে) ; উতরিয়া (স্ক° পদ্যে) উতরি, গ্রা°-উতরে) ই°] ক্রি, অবনত করা ; নামান। ২ নিম্নে আগমন ; নামা। ৩ [উত্তীর্ণ হওয়ার ভাব হতে] গন্তব্য স্থানে বা আদর্শে বা পূর্ণতায় বা সফলতায় আসিয়া পৌছান ; প্রকাশিত হওয়া। ভাল মন্দ বাহির হইয়া পড়া ; পরীক্ষায় ভাল বা মন্দ দাঁড়ান। প্র-ছেলেটির এখন যে রকম পড়ায় মন তাতে বোধ হয় পরীক্ষায় ভালই উতরাইবে। ফশল, বস্ত্র, আহারীয় ই° উতরান। ব্রজ° ও প্রা° বাং **~রল, উত্তরল**-নামিল। **~রিয়া** [উতার দ্রঃ) ক্রি, নামাইয়া, ছাপিয়া লইয়া। "ছাব উতরিয়া।"-কবিক°। **~রিল**-ক্রি, উপস্থিত হইল। "সদাব্রত ফলাহারী করভ করভী আসি উতরিল সবে।"-মেঘ°। ২ [(পদ্যে) উতরিল] উত্তর দান করিল। **~রোল** [উত (উচ্চ) + রোল (রব) প্রা° বাং-'উতুরোল'। "হৈল উতুরোল।"-শূ° পু°] বি, উচ্চৈঃস্বর ; গণ্ডগোল। ২ ঝঙ্কার। "উপবনে অলি উতরোল।"-চণ্ডী°। ৩ [উৎ (অতিশয়) তরল (চঞ্চল)। এই অর্থে 'উতরল', 'উতরোল' ও°] বিণ, অতিশয় চঞ্চল। ৪ কবিকঙ্কণ চণ্ডী (ইণ্ডিয়ান প্রেসের ১৯১১ অব্দের সংস্করণ পৃ-১১১) গ্রন্থে "উত্তরোল।" আছে] অতিশয় আগ্রহ। ৫ বিণ, ব্যগ্র ; উৎকণ্ঠিত ; উদ্বেলিত ; বিহ্বল। "শুনিয়া ভাঁড়ুর বোল কালকেতু উতরোল।"

-কবিক০। স্ত্রীং উতরলী, উত্তরলী-অতিশয় চঞ্চলা। কৃত্তিবাস, মাধবাচার্য্য (১৬শ শতাব্দীর পূর্ব্বার্দ্ধে) ই০। স্ত্রীং ~রোলী ব্যবহার করিয়াছেন। "মনে না মানেন সীতা হয়ে উতরোলী।"-রামা০। ৬ [ব্রজ০] ক্রি, উচ্চরব করে। "আকুল অতি উতরোল।" -বি০ প০।

উতলপাতল [প্রাকৃ০-উথল্লপথল্লা হে০ (দেশীনামমালা)] বি, নিম্নোচ্চ। ২ তোলপাড় : ওঁজলপাঁজল।

উতলা [প্রাকৃ০-'উৎথল্লা' (পরিবর্ত্তন ও পরিবর্ত্তন-জনিত বেগ।-হে০ (দেশীনামমালা)] বিণ, উদ্বিগ্ন : উৎকণ্ঠিত; ব্যাকুল। ২ হর্ষাকুলিত। "উ০ কলাপী কেকাকলরবে বিহরে; নিখিল চিত্ত হরষা।"-রবী০। ৩ চঞ্চল। "তোমার অলোকগুচ্ছ হয়েছে উ০।"-অশোক০। "তোমার" উ০ উত্তরীয় তুমি আকাশে উড়ায়ে দিও।"-রবী০।

উতা, উতো, উঁতো [উষ্ণতা >। প্রাদে০] বি, আঁচ।

উতা, উতো-ওথা দ্রঃ।

উতাড়িয়া [উত্তোলন >] ক্রি, উত্তোলন করিয়া [অপ্র০]।

উতাপ, -ই-উত্তাপ দ্রঃ।

উতার [হি০-উতার = উঁচা >, উতরণের যোগ্যস্থান, কমী, ভাঁটা, নিকৃষ্ট, পরিহার ই০, বাং ইহার কোন কোন অর্থে প্রাদে০ ব্যবহার আছে। 'বিব উতরান', ই০] বি, নিম্নতা ; ঢাল ; নাবাল। ~চড়াই [হি০-চড়াইউতার] বি, অবরোহণ; আরোহণ : নামা-উঠা। ২ নীচা উঁচা, ঢাল ও উচ্চ্রায়।

উতার, উতারা [হি০-চ০, বাং বিরল] বি, নকল; আদর্শ। ২ (-র্) ক্রি, ঢাল। "খণ্ডে মুগের সুপ উতার ডাবরে।"-কবিক০।

উতা/র্ল্ [ব্রজ০। আধু০ বাং, পদ্যে] ~রিল-ক্রি, নাবাইয়া লইল; নামাইল। ২ খুলিয়া লইল। "নাসা মোতিম গীমক হার। খতনে উ০ কত পরকার।"-বি০ প০।

~রিয়া [উত্তরণ >। পদ্যে, ক্ষে০ উতারি] ক্রি, নামাইয়া। "গায়ে হইতে উতারিয়া দিল খাসা জোড়।"-কবিক০। ২ খুলিয়া; ছাড়াইয়া। "গোধিকা রেখেছি বান্ধি দিয়ে জাল দড়া। ছাল উতারিয়া প্রিয়ে কর শিক-পোড়া॥-কবিক০।

উর্তাল [উত্তল >] বিণ, উত্তাল। ২ [>] উৎকট; ভয়ঙ্কর। "কণ্টপথে উ০ গন্ধে।"-মন্দির (দরবেশ)।

উতোর [উত্তর >] বি, উত্তর ; জবাব ; প্রত্যুক্তি। "আমি হাসিতে জানি হাসির কি উ০ নাই?"-ইন্দিরা।

উতোলিঅ [অতি প্রা০ বাং (উত্তোলন >] অস-ক্রি, উত্তোলন করিয়া (দো০ ১৩২)।

উৎক-উৎ (উপরি) ক বা উদ্ (প্রাবল্য ই০)+ক (ন্) বিণ, উদ্বিগ্ন; উন্মনা; উৎসুক; উৎকণ্ঠিত anxious. স্ত্রী ~া।

উৎকট [উৎ (প্রবল)+কট্ (গমন করা, বৃদ্ধি পাওয়া)+অ (ভা০) বিণ, তীব্র; অতিপ্রখর। ২ উগ্র। ৩ দুঃসাধ্য; কঠিন। প্র-উ০ রোগ। ৪ অত্যধিক। প্র-উ০ পরিশ্রম। ৫ প্রগাঢ়; সুগভীর। প্র-উ০ চিন্তা। ৬ ভয়ানক: বিকট। প্র-উ০ চেহারা। ৭ অসহনীয়; কঠোর। প্র-উ০ শাস্তি। ৮ অতি প্রবল। প্র-উ০ বাসনা। বি, হস্তিবিঃ। প্র-মদোৎকট। ৯ রক্তেক্ষু। ১০ শর। ১১ তেজপাতা। ১২ দারুচিনি। স্ত্রীং ~া-বি, সিংহলী লতা। বি, ~তা (-টˇ-)।

উৎ/কণ্ঠ [উৎ (উন্নত) কণ্ঠ (গলদেশ) যার-বহু০] বিণ, উদ্গ্রীব। স্ত্রীং ~কণ্ঠা [উৎ (অতিশয়) কন্ঠ্ (চিন্তা করা)+অ (ভা০)] বি, বিণ, উদ্বেগ; মানসিক অস্থিরতা; সংশয়যুক্ত দুর্ভাবনা। ২ ব্যাকুলতা। ৩ অভীষ্ট লাভার্থ কালক্ষেপে অসহিষ্ণুতা। ~কণ্ঠিত [উৎকণ্ঠা+ইত (জাতার্থে)] বিণ,. উৎকণ্ঠাযুক্ত; উদ্বিগ্ন। ২ অতিশয় উৎসুক। ৩ বিষণ্ণ; অসুখী; ব্যাকুল। "প্রব্রজ্যা গ্রহণ করিয়াও রিপুবশে উ০ হইতেছ কেন?" -জাতক, ৪র্থ খণ্ড। ৪ নায়কের প্রকার-ভেদ। > স্ত্রীং ~কণ্ঠিতা-নায়িকাভেদ; নির্দ্দিষ্ট আগমন সময় অতিক্রম হইলে যে নায়িকা নায়কের জন্য অতিশয় শোকার্ত্তা হয়। "স্বামীর বিলম্ব যেই ভাবে অনুক্ষণ। উৎকণ্ঠিতা তাহারে বলয়ে কবিগণ॥" -রসমঞ্জরী (ভারত০)।

উৎকন্ধর [উৎ (উন্নত) কন্ধরা (গ্রীবা) যার-বহু০] বিণ, উন্নতস্কন্ধ; উন্নতগ্রীব।

উৎকর [উৎ (উর্দ্ধ)) কর-কৃ (করা) +অ (র্ম) যা উচ্চ করিয়া তুলে] বি, কাঁড়ী : রাশি : স্তূপ। ২ [কৃ বিক্ষেপ করা) +অ (র্ম) যা বাতাসে অশ্ব গজাদির পদক্ষেপে উৎকীর্ণ হয়] ধূলা।

উৎকর্ণ [উৎ (উর্দ্ধ)+কর্ণ যার-বহু০। বিশেষ আগ্রহসহ কিছু শুনিতে হইলে কর্ণকে শব্দাভিমুখী করিতে হয়, অশ্বগবাদির কাণ খাড়া করার অনুকরণে] বিণ, কাণ খাড়া এরূপ।

উৎকর্ত্তন [উৎ-কৃত্ (ছেদন করা)+অন (ভা০)] বি, খণ্ডশঃ ছেদন।

উৎকর্ষ [উৎ (অধিক) কৃষ্ (চিহ্ন করা) অ (ভা০)] বি, উৎকৃষ্টতা : আধিক্য : বৃদ্ধি। ২ উৎকৃষ্টতা : শ্রেষ্ঠতা। ৩ উন্নতি। মানবসমাজের আপেক্ষিক উন্নতি civilisation. "অনেক বিষয়ে ব্যাবিলোনের উৎকর্ষের সহিত ভারতের তাম্র ও ব্রঞ্জের যুগের উৎকর্ষের সাদৃশ্য দেখিতে পাওয়া যায়।"-রাখালদাস বন্দ্যো০। ~ণ [উৎ-কৃষ্+অন (ভা০)] বি, আকর্ষণ; উঠান; টানিয়া লওয়া; গুটান। "স্থলভাগের সন্নিহিত হইয়া বুদ্ধি-মোহপ্রযুক্ত জলশঙ্কা করিয়া স্বীয় বসন উৎকর্ষণ করিলেন।"-মহা০ (বর্দ্ধ)। পরিঃ দ্রঃ।

উৎকল [উৎ (উৎকৃষ্ট) কল্ (গমন করা) +অ (ধি) জ্ঞা০] বি, সুদ্যুম্ন (পুরুষ অবস্থায় ইলার ঔরসে ইঁহার জন্ম হয়)। ২ ধ্রুবের জ্যেষ্ঠপুত্র। ৩ [উৎ (উত্তর)+কল (কলিঙ্গ ক্ষে০)] উত্তর কলিঙ্গ; কোচবিহার ও আসামের উত্তরে অবস্থিত কলিঙ্গবন (পরিঃ দ্রঃ)। ৪ ভারবাহী [বাং-য় প্র০ অ০]।

উৎকলিকা [উৎ (উর্দ্ধ) কল্ (গমন করা)+অক (র্তৃ)+আ (স্ত্রীং)। অক=ইক] বি, তরঙ্গ; ঊর্ম্মি; ঢেউ। ২ কলিকা: ফুলের কুঁড়ি। ৩ [উৎ-কল (চিন্তা করা) ই০] উৎকণ্ঠা। ~কুল [উৎকলিকা (দ্বারা) আকুল] বিণ, অতিশয় উদ্বেগযুক্ত; উৎকণ্ঠায় আকুল। "দুর্য্যোধন সাতিশয় উ০ হইয়া গৃহ

হইতে বহির্গত হইলেন।"-মহা০ (সিংহ)। **~কুলিত** [উৎকলিকা (দ্বারা) আকুলিত] বিণ, অতিশয় উদ্বেগযুক্ত।

উৎকলিত [উৎ-কল্ (চিন্তা করা) + ত (র্ত্তৃ)] বিণ, উন্মনা ; উদ্বিগ্ন। "নিদ্রাভঙ্গে তদুভয়, উ০ অতিশয়, চিন্তায় চঞ্চল অহরহ।" -কাঞ্চী০। ২ তরঙ্গিত।

উৎকা-উৎক দ্রঃ।

উৎকা/র [উৎ (উপর) কৃ (বিক্ষেপ করা) + অ (ভা০)] বি, ধান্যের ছড়া হতে ধান্য পৃথক্ করিয়া একস্থানে স্তূপাকার করণ: ধানসারী। **~রিকা** [পারি০, সুশ্রুত] বি, স্থূল ও বৃহদায়তন পুল্টিস বা উপনাহ massive poultices

উৎকাশ, উৎকাশী [উৎ (উৎকট) কশ্ (শব্দ করা) + অ (ভা০)] বি, আক্ষেপ বা অঙ্গগ্রহযুক্ত কাশ hiccup.

উৎ/কীর্ণ [উৎ-কৃ (নিক্ষেপ বা বিক্ষেপ করা) + ত (র্ম্ম)] বিণ, উৎক্ষিপ্ত : বিক্ষিপ্ত। ২ [কৃ =বেধন বা বিদ্ধ করা] খোদিত : কাষ্ঠ প্রস্তরাদির গায়ে অক্ষর চিত্রাদি কাটিয়া তুলা। ৩ চিত্রিত ; লিখিত। বি, **~কিরণ** -প্রস্তরাদির পৃষ্ঠে চিত্রণ বা লিখন ; খোদন।

উৎকী/র্ত্তন [উৎ-কৃৎ (প্রশংসা করা) + অন (ভা০)] বি, উচ্চ প্রশংসা। ২ বর্ণন। ৩ ঘোষণা : প্রচার। বিণ, **~র্ত্তিত**-বিঘোষিত। ২ প্রশংসিত।

উৎকুণ [উৎ-কুণ্ (হিংসা করা) + অ (র্ত্তৃ) যে মাথার উপর থাকিয়া হিংসা করে] বি, কেশকীট ; উকুণ।

উৎকূলিত [উৎ-কূল (তীর) + ইত বা + ণিচ + ত (র্ম্ম)] বিণ, কূলে উৎক্ষিপ্ত ; তীরে নীত।

উৎকৃতি [সং] বি, ২৬ অক্ষর সং ছন্দোবিঃ।

উৎকৃত্ত [উৎ-কৃত্ (ছেদন করা) + ত (র্ম্ম)] বিণ, খণ্ডে খণ্ডে কর্ত্তিত ; ছিন্নবিছিন্ন। ২ উৎপাত।

উৎকৃত্যমান [উৎ-কৃৎ (ছেদন করা) + আন (র্ম্ম) য-ম-আগম] বিণ, যা বহু খণ্ডে কর্ত্তিত বা ছিন্ন করা হইতেছে।

উৎকৃষ্ট [উৎ-কৃষ্ + ত (র্ম্ম-ক্ত)] বিণ, যার উৎকর্ষ আছে ; প্রকৃষ্ট। ২ উত্তম ; শ্রেষ্ঠ। ৩ উর্দ্ধদিকে আকৃষ্ট [বিরল] বি, **~তা**-প্রাধান্য ; শ্রেষ্ঠতা।

উৎকোচ [উৎ-কুচ্ (সঙ্কুচিত হওয়া, অপদান করা) + অ (ণে)] বি, ঘুস্। **~ক** (-চ-)-বিণ, যে ঘুস্ দিয়া স্বীয় কার্য্য উদ্ধার করে। স্ত্রীঃ উৎকোচিকা। **~গ্রাহী**-বিণ, যে ঘুস্ লয় ; ঘুস্খোর। **~জীবী**-বিণ, উৎকোচের অর্থে যে জীবনযাত্রা নির্ব্বাহ করে। **~দাতা**। > স্ত্রীঃ **~দাত্রী**। **~দান**-বি, ঘুস্ দেওয়া বা খাওয়ান।

উৎক্রেম [উৎ (উল্টা) ক্রম্ (গমন করা) + অ (ভা০)] বি, ক্রমভঙ্গ : ওলটপালট। ২ বিপর্য্যয় : ব্যতিক্রম। ৩ বিলোম। ৪ নির্গমন। ৫ লঙ্ঘন। ৬ মৃত্যু ; মরণ। **~ণ** (-ম-) [উৎ-ক্রম্ (গমনে)-অন (ভা০)] বি, উদ্গমন। ২ ক্রম-বিপর্য্যয় : ব্যুৎক্রম inversion ৩ বিলোমগতি : বৈলোম্য। ৪ [ব্যা০] বাক্যে শব্দ-বিন্যাস-বিপর্য্যয় transposition of words in a sentence. ৫ [গ০] আনুপাতিক সংখ্যা পর্য্যায়ের পরিবর্ত্তন ; বিলোমক্রিয়া rule of inversion.

উৎক্রা/ন্ত [উৎ (উপরি) ক্রম্ (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, উল্লঙ্ঘিত : অতিক্রান্ত। ২ [উৎ (বিপরীত, উল্টা) ক্রান্ত (গত)] বিলোমগতিপ্রাপ্ত : বিপর্য্যস্ত। ৩ উৎপন্ন ; উদ্গত। বি, **~ন্তি**-উদ্গমন। ২ বিলোমগতি ; আরোহ। **~ন্তিবাদ**-বি, আরোহ-নীতি ; ক্রমে ক্রমে উৎকর্ষতা এবং পূর্ণতা।

উৎক্রোশ [উৎ-ক্রুশ্ (ক্রন্দন করা) + অ (র্ত্তৃ)] বি, কুরর পক্ষী ; ঈগল জাতীয় শিকারী পক্ষী-বিঃ। "পূর্ব্ব তীরে পক্ষীদিগের রাজস্থানীয় এক উ০ থাকিত।"-জাতক, ৪র্থ খণ্ড।

উৎক্ষিপ্ত [উৎ (উর্দ্ধ) ক্ষিপ্ত (ক্ষিপ্-প্রেরণ করা) + ত (র্ম্ম)] বিণ, উর্দ্ধদেশে যা ক্ষেপণ করা হইয়াছে। ২ উত্তোলিত। ৩ উৎপাটিত ; উন্মূলিত। ৪ [নাট্য শা০ 'অভিনয়' দ্রঃ] বি, অভিনয়কালে মস্তকের পার্শ্ব ও উর্দ্ধগতি (সম্মতি, নির্দ্দেশ, কামনা ই০ স্থলে)। **~কম্পন** [উৎক্ষিপ্ত-কম্পন (কম্প =কাঁপা) + অন (ভা০)] বি, ভূমিকম্প-যাতে ভূমি উর্দ্ধে উৎক্ষিপ্ত হইতেছে মনে হয় perpendicular shocks of earthquake

উৎক্ষে/প, উৎক্ষেপণ [উৎ-ক্ষিপ্ (প্রেরণ করা) + অ (ভা০) অন (ভা০)] বি, উর্দ্ধে ক্ষেপণ ; উর্দ্ধপাতন। ২ [স্মৃ০] চৌর্য্য। ৩ [উপরে উঠাইয়া নিক্ষেপ করা হয় বলিয়া] মুষল ; মুদ্গার। **~পক** [উৎ-ক্ষিপ্-অক (র্ত্তৃ)] বিণ, যে উর্দ্ধে ক্ষেপণ করে। ২ [স্মৃ০] বস্ত্রাদি অপহারক। > স্ত্রীঃ **~পিকা**।

উৎখলা [বৈদ্যক] বি, মুরামাংসী।

উৎখাত [উৎ (উর্দ্ধে) খন্ (খোঁড়া) + ত (র্ম্ম)] বিণ, সমূলে উৎপাটিত ; উন্মূলিত। ২ ধ্বংসপ্রাপ্ত : বিনষ্ট। ৩ [ভা০] বি, উন্মূলন ; উৎপাটন : উপড়ন। **~কেলি, -লী** [উৎখাত (রূপ) কেলি (খা)] বি, শৃঙ্গাদিদ্বারা বৃষাদির মৃত্তিকাখননরূপ ক্রীড়া ; বপ্রক্রীড়া।

উত্তংস [উৎ (উর্দ্ধ) + তনস্ (ভূষিত করা) + অ (ণে)] বি, শিরোভূষণ ; কর্ণ-ভূষণ।

উত্তপ্ত [উৎ (অতিশয়) তপ্ (সন্তাপ জন্মান) + ত (র্ম্ম)] বিণ, প্রতপ্ত ; সন্তপ্ত : উষ্ণ : তাপযুক্ত। ২ দগ্ধ। ৩ রুষ্ট ; কোপাবিষ্ট। ক্রি, উ০ করা [ব্রজ০ উতাপই দ্রঃ]।

উত্তম [উৎ-তম্ (ইচ্ছা করা) অ (র্ত্তৃ)] বিণ, সর্ব্বাপেক্ষা ভাল ; উৎকৃষ্ট। ২ শ্রেষ্ঠ। ৩ উপাদেয়। ৪ বি, বিষ্ণু। ৫ ধ্রুবের বৈমাত্রেয় ভ্রাতা : সুরুচি-গর্ভজাত, উত্তানপাদ রাজার পুত্র। ৬ তৃতীয় মনু প্রিয়ব্রত রাজার পুত্র। ৭ একবিংশতিতম দ্বাপরের ব্যাসের নাম। ৮ ক্রি-বিণ, বেশ ; ভালই ; উত্তমরূপে। স্ত্রীঃ **~া** (দ্রঃ)। বি, **~তা** (-ম-) -উত্তমের ভাব। ২ উৎকর্ষ। ৩ শ্রেষ্ঠত্ব, প্রাধান্য। **~পদ** [উত্তম-পদ (মর্য্যাদা) যার -বহু০] বিণ, উচ্চপদবিশিষ্ট ; সম্মানিত পদে স্থিত। ২ বি, উচ্চপদ ; সম্মানের পদ ; উচ্চাসন। ৩ উন্নত অবস্থা। **~পুরুষ** [ব্যা০] বি, যে কিছু বলে বা করে first person. **~মধ্যম** [গ্রা০] বি, বিলক্ষণ প্রহার। উ০ ম০ দেওয়া-ক্রি, বিলক্ষণরূপে প্রহার করা। **~সংগ্রহ**-বি, গোপনে পরদার করণ [প্র০ অ০] **~সাহস** [উত্তম (অতি গুরুতর, সর্ব্বোচ্চ) সাহস (দণ্ড)] বি,

দণ্ডবিঃ ; অপরাধীর সর্ব্বোচ্চ দণ্ড। ইহাতে ১০০০ বা ৮০০ পণ (মতান্তরে) ১৮০,০০০ পণ নামক তাম্র মুদ্রা দিতে হইত [১ পণ মুদ্রা এখনকার ৮/২ তের আনা দুই রতি পরিমাণ তাম্রে গঠিত হইত] "বেদত্রয়বেত্তা, রাজা এবং দেবতাকে গালি দিলে উত্তমসাহস দণ্ড, জাতিসমূহের প্রতি গালি দিলে মধ্যমসাহস দণ্ড, গ্রাম এবং দেশের উল্লেখ পূর্ব্বক গালি দিলে প্রথমসাহস দণ্ড হইবে।"-বিষ্ণুসংহিতা। ২ দুঃসাহস।

উত্তমর্ণ [উত্তম (প্রধান)-ঋণ যার (উপচয় হেতু যার উত্তম ঋণ)-বহু°। বিপরীত -অধমর্ণ (দ্রঃ)] বিণ, ঋণদাতা : মহাজন। "প্রতিভূ সর্ব্বজন সমক্ষে উত্তমর্ণকে যাহা দিবে, অধমর্ণ, প্রতিভূকে তাহার দ্বিগুণ অর্পণ করিবে।"-যাজ্ঞবল্ক্য-সংহিতা।

উত্তমর্ণিক, উত্তমর্ণী [উত্তম+ঋণিক, ঋণী] বিণ, মহাজন ; উত্তমর্ণ।

উত্তমা-বি, উৎকৃষ্টা স্ত্রী। ২ নায়িকা-বিঃ। "অহিত করিলে পতি যেবা করে হিত। উত্তমা তাহার নাম বলয়ে পণ্ডিত॥" -রসমঞ্জরী। ৩ ক্ষীরাই গাছ।

উত্তমাঙ্গ [উত্তম (প্রধান)-অঙ্গ (ধা)] বি, প্রধান অঙ্গ : মস্তক। ২ মানবের মস্তক হতে কটিদেশ পর্য্যন্ত দেহাংশ bust. "মেটকাফ হলে তাঁর (প্যারীচাঁদ মিত্রের) এক ছবি আছে, এবং কলিকাতা টাউনহলে এক প্রস্তরনির্ম্মিত উ° আছে।"-শিবনাথ শাস্ত্রী।

উত্তমাশা-বি, বিশেষ বা যথেষ্ট ভরসা ; খুব ভাল আশা। ২ [ভূগোলে] অন্তরীপ-বিঃ the Cape of Good Hope.

উত্তমোত্তম [উত্তম+উত্তম] বিণ, উত্তম হতে উত্তম ; উৎকৃষ্ট হতে উৎকৃষ্ট ; বিবিধ উৎকৃষ্ট (বস্তু) ; খুব ভাল ভাল।

উত্তমৌজা [উত্তম-ওজস্ (বল) যার -বহু°] বিণ, শ্রেষ্ঠ বলবিশিষ্ট। ২ বি, মনুর পুত্র দশমমন্বন্তরাধিপ।

উত্তম্ভ [উৎ (ঊর্দ্ধে) স্তন্ভ (স্তব্ধ করা)+অ (ভা°)] বি, উত্তোলন। ২ স্তম্ভীভাব।

উত্তম্ভন [উৎ-স্তন্ভ (স্তব্ধ করা)+অন (ভা°)] বি, অবলম্বন। ২ টেক : ঠেকো ; খুঁটি। **উ° করা**-ক্রি, চাগাইয়া তোলা। "অবসন্ন হইলে উ° করা অর্থাৎ চাগাইয়া তোলা।"-উদ্বোধন, ১৩২৭।

উত্তর [উৎ (উপরি)-তৃ (পার হওয়া) +অ (ভা°)] বি, প্রতিবাক্য ; জবাব ; জিজ্ঞাসিত বিষয়ে বক্তব্য-নির্দ্দেশ। ২ [প্রা° বাং] কথা ; উচ্চবাচ্য। "ক্রোধ করি দ্বিজবর বুলিল উত্তর।"-ময়না° গান। ৩ [প্রা° বাং] অভিপ্রায়। "মুকুন্দ কহেন তাঁর মনের উ°।"-চৈ° ভা°। ৪ [প্রা° বাং] সম্মতি। "তোক্ষাত লাগিয়া রাধা তেআগিল ঘর। তভোঁ মোর বচনে না দিলেঁ উ°।"-শ্রী° কী°। ৫ আপত্তি-খণ্ডন। ৬ সিদ্ধান্ত। ৭ প্রতিকার। ৮ অর্থালঙ্কারবিঃ। ৯ [স্ত্রী] উত্তর দিক্ the North. ১০ অব্যবহিত পরবর্ত্তী দেশ বা কাল। ১১ বিরাট রাজার পুত্র (মহা°)। ১২ বিণ, যার পরে ঘটিবে ; পরবর্ত্তী ; ভবিষ্য। ১৩ যোগ্য। ১৪ প্রধান। "শাস্তা জেতবনে অবস্থান-কালে উ° শ্রেষ্ঠী পুত্রকে * * বলিয়াছিলেন।"-জাতক। ১৫ শ্রেষ্ঠ। ১৬ অসাধারণ ; দুর্লভ। "লোকোত্তর চরিত।" ১৭ [উত্তর+ঞ] উত্তর দিক্ দেশ বা কাল সম্বন্ধীয়। ১৮ উপরিস্থিত। ১৯ ক্রি-বিণ, পরে ; অনন্তর ; পশ্চাৎ। প্র-গমনোত্তর : শ্রবণোত্তর। **উ° করা**-জবাব করা ; চোঁপা করা। **উ° দেওয়া**-জবাব দেওয়া : জিজ্ঞাসিত বিষয়ে বক্তব্য নির্দ্দেশ করা। ২ সাড়া দেওয়া। **~কাণ্ড**-বাল্মীকি রামায়ণের ৭ম কাণ্ড। **~কাল** [উত্তর (পশ্চাদ্গামী)-কাল (সময়) ধা] বি, ভবিষ্যৎ কাল। ২ পরবর্ত্তী সময়। ক্রি-বিণ, **~কালে**-ভবিষ্যতে ; পরে। **~কালীন** [উত্তর (পরবর্ত্তী) কাল+ঈন (সম্বন্ধার্থে)] বিণ, যা পরে বা ভবিষ্যতে ঘটিবে ; ভবিষ্যৎ কাল সংক্রান্ত। **~কুরু** [উত্তর-কুরু। ভূগোলের উত্তরাংশ (ধা)] বি, জম্বুদ্বীপের নব বর্ষান্তর্গত বর্ষবিঃ। আর্য্যগণের আদি বাসভূমি বলিয়া অনুমিত। ইহা মেরুর দক্ষিণে, শৃঙ্গী পর্ব্বতের অপর পার্শ্বে অবস্থিত ও দেবতাগণের প্রিয় বাসস্থান, এবং যেখানে মন্দাকিনী নদী, চৈত্ররথ বন ও সপ্তর্ষিগণের বাস; এ সম্বন্ধে বহু মতান্তর আছে। **~কেন্দ্র**-বি, পৃথিবীর উত্তর প্রান্ত ; সুমেরু-প্রদেশ North Pole. **~কোশল** [উত্তর (স্থ) কোশল] বি, অযোধ্যা রাজ্যের অন্তর্গত সরযূ নদীর উত্তরস্থ প্রদেশ। প্রা° রাজধানী ছিল শ্রাবস্তী (ইরাবতী তীরে অবস্থিত), শ্রাবস্তীর দক্ষিণে বর্ত্তমান 'বলরামপুর' সামন্তরাজ্য। **~কোশলা** [উত্তর-কোশল (ধা)] বি, অযোধ্যানগরী। ২ কোশল দেশ : কোশল দেশের উত্তরাংশ। **~ক্রিয়া** [উত্তর (পশ্চাৎ) ক্রিয়া (কার্য্য)-ধা] বি, মৃতের সৎকার। ২ সাংবৎসরিক শ্রাদ্ধাদি কার্য্য। ৩ প্রতিবচন দান। **~গামী**-বিণ, উত্তরে গমনকারী। ২ পশ্চাদ্গামী। > স্ত্রীং **~গামিনী**। **~চ্ছদ** (-র্‌-) [উত্তর (উপরিস্থিত) ছদ (আচ্ছাদন বস্ত্র)-ধা] বি, আস্তরণ ; উপরে বিছাইবার বস্ত্র ; বিছানার চাদর। **~জ** (-র্‌-) [উত্তর (অনন্তর, পশ্চাৎ) -জ (জাত)] বিণ, যে পশ্চাৎ বা পরে জন্মিয়াছে : পশ্চাদুৎপন্ন। ২ বি, অনন্তর বংশ। **~তঃ** (-র্‌-) [-তস্=তঃ] ক্রি-বিণ, উত্তর হতে। ২ উত্তর ক্রমে। **~ত্র** (-র্‌-) [উ°+ত্র (৭মী স্থানে)] ক্রি-বিণ, উত্তরে। ২ পরে। **~দাতা**-বিণ, বি, যে জবাব দেয়। **~দান**-বি, জবাব দেওয়া। **~দিক্** [উত্তর -দিশ্ (দিক্)-ধা] বি, উদীচী ; বায়ু ও ঈশান কোণের মধ্যবর্ত্তী দিক্। **~ধের্য্য** [উত্তর (পশ্চাৎ)-ধেয় (ধা-ধারণ করা+য, র্ম্ম)] বিণ, পশ্চাৎ গ্রাহ্য বা করণীয়। ২ পরে স্বীকার্য্য। "উত্তরধেয় বিষয়ের জন্য উপস্থিত প্রস্তাব অবান্তর প্রসঙ্গ মাত্র।" **~পক্ষ** [উত্তর (পশ্চাদ্গামী)-পক্ষ (অনুমেয় বস্তুর আধার)] বি, যাতে পূর্ব্বপক্ষে সিদ্ধান্ত হয় ; সিদ্ধান্ত পক্ষ "the conclusive reply to an argument ; the minor proposition in a syllogism."—*Ganguli*. ২ শুক্লপক্ষে মাস আরম্ভ হইলে, কৃষ্ণপক্ষ। **~পদ** [উত্তর-পদ] বি, কৃত-সমাস বা সমস্তপদের শেষ পদ। **~পাদ** [উত্তর-পাদ] বি, ব্যবহার শাস্ত্রে চতুষ্পাদ ব্যবহারের অন্তর্গত দ্বিতীয় পাদ। **~পুরুষ**-বি, অনন্তর বংশজ। ২ [ব্যা°] ১ম পুরুষ। **~প্রচ্ছদ**-বি, উত্তরচ্ছদ দ্রঃ। **~প্রত্যুত্তর** [উ°-প্রতি+উত্তর] বি, বিতর্ক ; জবাবের প্রতিজবাব ; মোকদ্দমায়

বাদী প্রতিবাদী পক্ষীয় বিতর্ক। ~ফল্গুনী, ~ফাল্গুনী [উত্তর (পশ্চাদ্গামী) ফল্গুনী বা ফাল্গুনী (নক্ষত্রবিঃ)-ধা] বি, অশ্বিনী, ভরণী ইং ২৭টী নক্ষত্রের মধ্যে দ্বাদশ নক্ষত্র। ইহার অধিষ্ঠাতা অর্য্যমা। ~বর্ত্তী-বিণ, উত্তরস্থ। >স্ত্রীং ~বর্ত্তিনী। ~বস্তি [পারিঃ, সুশ্রুত] বি, জরায়ু মধ্যে যন্ত্র দ্বারা জল-ধারা প্রক্ষেপ রূপ চিকিৎসা uterine douche, কর্ম্ম-urethral and vaginal injections, ~বাদী [উত্তর (প্রতিবচন) বাদী (বদ্=বলা+ইন্=যে বলে)] বিণ, প্রতিবাদী। ~ভাদ্র পদ-বি, অশ্বিন্যাদি ২৭টী নক্ষত্রের ষড়্বিংশ নক্ষত্র। ~মানস [উত্তর (ভারতের উত্তরস্থ) মানস] বি, স্বনামখ্যাত তীর্থ ; মানস সরোবর। ~মীমাংসা-বি, ষড়্দর্শনান্তর্গত দর্শনবিঃ ; বেদান্ত। ~মেরু-বি, পৃথিবীর উত্তর প্রান্ত the North-pole. ~মেরু-বৃত্ত-বি, উদীচ্যবৃত্ত ; পৃথিবীর প্রান্ত অর্থাৎ মেরু হতে ২৩৷৷০ অংশ অন্তরে স্থিত কল্পিত ক্ষুদ্র ক্ষুদ্র বৃত্ত-সমূহের উত্তরদিক্স্থ বৃত্ত the Arctic Circle or Zone. ~রহিত, ~বিহীন, ~হীন-বিণ, নিরুত্তর। ~যোগ্য-বিণ, উত্তরের উপযোগী। ~সাক্ষী-বিণ, অন্যের মুখে শুনিয়া বা অপরের নিকট সংবাদ পাইয়া যে সাক্ষ্য দেয়। ~সাধক-বিণ, তন্ত্রোক্ত শব-সাধনায় যে সাধকের পশ্চাতে থাকিয়া সাহায্য করে ও সাহস দেয়। ২ কর্ত্তা আপাততঃ কার্য্য আরম্ভ করে কিন্তু পরে যার সহায়তায় সেই কার্য্য সম্পন্ন হয় সে 'উত্তরসাধক'।

উত্তরঙ্গ [উত্তর (উপরি)-গ (গম্-গমন করা)+অ (র্ত্তৃ)] বি, দ্বারের উপরিস্থিত বক্র কাষ্ঠ ; কুমীরকা। ২ [উৎ (উদ্গত)-তরঙ্গ (ঢেউ) যার-বহুং] বিণ, উর্ম্মিময় ; তরঙ্গিত।

উত্তর/ণ [উৎ (উপরি) তরণ=গমন] বি, নদ্যাদি পার হওন। ২ পথিকদিগের এক দিবসের জন্য বা সাময়িক অবস্থিতি ও বিশ্রাম-করণ। ৩ পৌছন ; উপস্থিত হওন। ~ণীয়-বিণ, উত্তরণযোগ্য। ২ বি, পান্থশালা। উং স্থান [গ্রাং-উতোর ডাঙ্গা] বি, গন্তব্যস্থান ; যথায় উপস্থিত হওয়া যায়। ২ আড্ডা ; চটি ; সরাই।

উত্তরা$_1$-বি, বিরাট-রাজকন্যা ও অভি-মন্যুপত্নী।

উত্ত/রা$_2$ [গ্রাং কথ্য 'ওৎরা'=উত্তরণ করা। উত্তরি, উত্তর, উত্তরে ; উত্তরিতে, উত্তরিয়া (ক্ষেং উত্তরি) ইং] ক্রি, উপস্থিত হওয়া। ২ পার হওয়া। ~রিতে-উপস্থিত হতে। ২ পার হতে। "উত্তরিতে ভব-নদী করেছ কি আয়োজন।"-স্কং। ~রিল-উপস্থিত হইল : পৌছিল [এই অর্থে প্রাং বাং-য় "উত্তরোলি।" "জামাতা দেখিয়া যায় বাণ্যা (=বেহুলার পিতা সায় বেণে) উত্তরোলি," (=উপস্থিত হইলেন) -কেতকাদাস] পার হইল।

উত্তরাখণ্ড-বি, ভারতবর্ষের উত্তরে হিমালয় পর্ব্বতমালার মধ্যে গাঢ়ওয়াল ইং প্রদেশস্থ ভূভাগ ; উত্তর দেশ।

উত্তরাধর [উত্তর+অধর] বি, উপরের ওষ্ঠ ; উপরের ঠোঁট।

উত্তরাধি/কার [উত্তর-অধিকার (স্বত্ব)] বি, মৃত ব্যক্তির সহিত সম্বন্ধ-জনিত মৃতের বিষয়সম্পত্তিতে স্বত্ব। ~কারী-বিণ, মৃতব্যক্তির সম্পর্কসূত্রে যে তাব ধনসম্পত্তি প্রাপ্ত হয় ; পশ্চাদধিকারী ; দায়াদ ; ওয়ারিস্। >স্ত্রীং ~কারিণী।

উত্তরাপথ-বি, ভারতবর্ষের উত্তরস্থ ভূখণ্ড ; উত্তরাখণ্ড। (দক্ষিণাপথ দ্রঃ)।

উত্তরাভাস [উত্তর-আভাস] বি, উত্তর সম্বন্ধীয় ব্যাখ্যা। ২ [উত্তর-আভাস (সদৃশার্থে)-ঠিক উত্তর নহে তবে প্রায় তদ্রূপ। ৩ [ব্যবহার শাং] বি, কদুত্তর ; অসদুত্তর ; অপ্রকৃত উত্তর।

উত্তরায়ণ [উত্তর-অয়ন (পথ)-৬ তৎ] বি, সূর্য্যের উত্তরদিগ্বর্ত্তী পথ। ২ যে মাঘ হতে আষাঢ় এই ছয় মাস সূর্য্য বিষুবরেখা হতে উত্তর দিকে গমন করে। (বৎসরের এই ভাগ, দেবতাদিগের-দিবা এবং অসুরদিগের-রাত্রি) the summer-solstice.

উত্তরায়ণান্তবৃত্ত [উত্তর+অয়ণ-অন্ত-বৃত্ত] বি, বিষুবরেখার ২৩৷৷০ অংশ উত্তরে সূর্য্যের গতি-সীমা-নির্দ্দেশক কল্পিত অক্ষরেখা।

উত্তরার্দ্ধ [উত্তর (অপর, পর)+অর্দ্ধ (ধা)] বি, অপর অর্দ্ধ ; পরার্দ্ধ (অন্য অর্দ্ধেকের নাম পূর্ব্বার্দ্ধ)।

উত্তরাশা [উত্তর-আশা (দিক্)-ধা] বি, উত্তর দিক্। ২ [উত্তর-আশা (প্রত্যাশা) -৬ তৎ] জবাব পাইবার ভরসা বা অপেক্ষা। ~পতি-বি, উত্তরদিক্পতি কুবের।

উত্তরাষাঢ়া [উত্তর (পশ্চাদ্গামী) আষাঢ়া (নক্ষত্র-বিঃ)-ধা] বি, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের একবিংশ নক্ষত্র।

উত্তরাসঙ্গ [উত্তর (উপস্থিত) আসঙ্গ (আসক্ত)-উপরে যা লগ্ন হয়] বি, আবরণ বা আচ্ছাদন বস্ত্র। ২ উত্তরীয় ; উড়ানী। ৩ [সংখ্যা দ্রঃ] সন্ন্যাসীদের পরিধেয় একপুট। ইহা মঠের ভিতর বাহির সর্ব্বত্র ব্যবহার্য্য। ত্রিচীবরের অন্যতম।

উত্তরাস্য [উত্তর+আস্য (মুখ)] বি, উত্তরমুখ (শাস্ত্রমতে দান-গ্রহীতাকে দাতার দক্ষিণ দিকে উৎসর্গের দ্রব্য সম্মুখে রাখিয়া উত্তর মুখ করিয়া বসিতে হয়)। "উত্তরাস্যে রাখিয়াছে বরের আসন।"-অং মং।

উত্তরি [উত্তরণ>] ক্রি, উপস্থিত হইয়া। "ছলিতে আইলা হর দ্বিজবেশ ধরি। জিজ্ঞাসিলা গৌরী প্রতি তথায় উং॥" -কবিকং।

উত্তরী [উত্তরীয়>ক্ষেং] বি, দোছোট্ ; উড়ানি ; চাদর। "অঙ্গরাগ চিতা-ধূলি, কান্ধেতে ভাঙ্গের ঝুলি, বিষধর উং বসন।" ২ উপবীতের ন্যায় ধৃত বস্ত্র। ~য় [উত্তর (উপর)+ঈয় (ইদমর্থে)] বি, নাভির ঊর্দ্ধদেশের অঙ্গের আবরণ-বস্ত্র ; উড়ানী ; দোছোট।

উত্তরে$_1$-ক্রি-বিণ, উত্তর দিকে। ২ পরে ; অবশেষে ; ভবিষ্যতে। ৩ জবাবে : প্রতিবচনে [পদ্যে]।

উত্তরে$_2$-ক্রি, উত্তরণ করে ; উপস্থিত হয়। ২ উত্তর বা জবাব করে।

উত্তরোত্তর [উত্তর (পশ্চাৎ) উত্তর (বীপ্সার্থে দ্বিত্ব)] ক্রি-বিণ, অনুক্রমে ; একের পর এক ; পরে পরে ; ক্রমশঃ।

উত্তান [উৎ (উপরি)-তন্ (বিস্তার করা) +অ (র্ত্তৃ) বা উৎ-স্থান (স্থিতি)] বিণ, উপর দিকে মুখ করিয়া অবস্থান ; চিৎ। ২ বিস্তার-

হীন [বিরল] ~শঁয় [উত্তান-শয় (শি= শয়ন করা+অ-র্ত্তৃ) ধা] বিণ, চীৎ হইয়া যে শয়ন করিয়া থাকে। > স্ত্রীং ~া। ২ বি, শিশু। ~শায়ী-বিণ, উত্তানশয়। > স্ত্রীং ~শায়িনী।

উত্তানপাদ-বি, স্বায়ম্ভুব মনুর পুত্র এবং ধ্রুবের পিতা। ইঁহার সুরুচি ও সুনীতি নাম্নী দুই ধর্ম্মপত্নী ছিলেন। সুরুচির গর্ভে উত্তম এবং সুনীতির গর্ভে ধ্রুব জন্মিয়াছিলেন। ~র্জ (-দঁ-)-বি, উত্তানপাদ রাজার পুত্র : ধ্রুব।

উত্তাপ [উৎ-তপ্ (উষ্ণ হওয়া)+অ (ভা০)। ব্রজ -উতাপ] বি, উষ্ণতা ; তাপ heat ২ সন্তাপ। ক্রি, ~ই, উতাপই [ব্রজ০] উত্তাপদান করে ; উত্তপ্ত করে। "চান্দ চন্দন তনু অধিক উতাপই উপবনে অলি উতরোল।"-বি০ প০।

উত্তা/পঁন-বি, উত্তাপদান ; তপ্তকরণ। ~পিঁত [উৎ-তাপি (উত্তপ্ত করান)+ত (র্ম্ম)] বিণ, যাকে খুব তপ্ত করা হইয়াছে। ২ সন্তাপিত।

উত্তার [উৎ (উপরি) তার (তৃ-পার হওয়া)+অ (র্ত্তৃ) যে পার হয়] বি, উদ্বমন। ২ উত্তরণ। ৩ [উদ-তার] বিণ, উচ্চ-শব্দ। ৪ [উৎ-তারা-যার-বহু০] উর্দ্ধগত তাবকাযুক্ত।

উত্তাল [উৎ(উর্দ্ধ : উন্নত)-তল্ (প্রতিষ্ঠা) +অ (র্ত্তৃ)] বিণ, উচ্চ : উন্নত। (উথাল দ্রঃ)। ২ তাল প্রমাণ ; তাল গাছ অপেক্ষা উচ্চ (দো০ ২৮)। ৩ উৎকট ; ভয়ঙ্কর। ৪ উচ্চ নিনাদক : উৎকট রবকারী।

উত্তিষ্ঠমান [উৎ-স্থা (অবস্থান করা) +আন (র্ত্তৃ) ম-আগম] বিণ, উত্থান ; উত্থানোন্মুখ : যে উঠিবার উপক্রম করিতেছে। ২ উন্নতিমুখ ; উন্নতিশীল ; বর্দ্ধনশীল। ৩ উদ্যোক্তা ; উদ্যমশীল।

উত্তীর্ণ [উৎ-তৃ-তরণ করা-পার হওয়া +ত (র্ত্তৃ)] বিণ, যে পার হইয়াছে। প্র-তিনি মহাসমুদ্র উ০ হইয়া আসিয়াছেন। ২ জল হতে উত্থিত। ৩ অতিক্রান্ত। প্র-সময় উ০ হইল। ৪ উপস্থিত। প্র-ঘাটে আসিয়া উ০ হইল। ৫ কৃতকার্য্য। প্র-পরীক্ষায় উ০ হওয়া। ৬ নিষ্কৃতিপ্রাপ্ত। প্র-বিপদ হতে উ০ হওয়া। ৭ বহির্গত ; নির্গত।

উত্তুঙ্গ [উৎ (অতিশয়)-তুঙ্গ (উচ্চ)] বিণ, সমুন্নত ; অত্যুচ্চ।

উত্তুরে [উত্তর+(হিং০) উআ >] বিণ, উত্তরস্থ : উত্তরদিকের। "বনকদম্বের ঘন গন্ধ উ০ বাতাসে ভেসে আসছে।"-চা০ বন্দ্যো০।

উত্তুষ [উৎ (উদ্গত)-তুষ (ধানের খোসা) যা হতে-বহু০] বি, ভর্জ্জিত ধান্য ; খই।

উত্তেজঁক [উৎ-তিজ্ (শাণিত করা)+অক (র্ত্তৃ)] বিণ, উত্তেজনাকারী ; উদ্দীপক। ২ তেজাল দ্রব্য যা অপর বস্তুকে দগ্ধ করে বা ঝলসাইয়া দেয় ; এসিড acid. ৩ যে ঔষধ দেহ-যন্ত্রের কোন ক্রিয়ার উত্তেজনা উৎপাদন করে stimulant উ০ কারঁণ-(রোগাদির) উৎপাদক বা বৃদ্ধিজনক মুখ্য কারণ ; নিদান।

উত্তে/জঁন [উৎ-তিজ্ (তেজ করা, তীব্র করা, তীক্ষ্ণ করা)+অন (ভা০)] বি, উৎসাহ : উপদেশ ই০ দ্বারা প্রবল প্রবৃত্তি দান। ২ প্রবর্ত্তন : উদ্দীপন ; কাম ক্রোধাদি রিপুর উদ্দীপন। ৩ অস্ত্র ই০-র ধার ঘষণ দ্বারা তীক্ষ্ণ করা। ৪ উৎপীড়ন। ~জা-বি, প্রবল প্রবর্ত্তনা ; উদ্দীপনা ; উৎসাহন। ~জিঁত [উৎ-তিজ্+ত (র্ম্ম)] বিণ, যাকে উত্তেজনা করা গিয়াছে। ২ উদ্দীপিত। ৩ শাণিত। ৪ উত্ত্যক্ত। ৫ উৎপীড়িত। ৬ প্রোৎসাহিত। ৭ [ভা০-ক্ত] বি, অশ্বের মধ্যগতিবিঃ।

উত্তোরঁণ [উৎ (উন্নত) তোরণ (বহির্দ্বার) যাতে-বহু০] অতি উচ্চ বহির্দ্বার-বিশিষ্ট নগর।

উত্তো/লঁন [উৎ (উর্দ্ধ)-তোলন (উঠান)] বি, উর্দ্ধনয়ন ; উর্দ্ধে উঠান ; তোলা। ২ উত্থাপন। ~লিঁত [উৎ (উর্দ্ধ)-তোলিত (তুল=উর্দ্ধনয়ন-ণিচ্=তোলি+ত-র্ম্ম)] বিণ, যাকে তুলিয়া ধরা হইয়াছে : যাকে উপরে উঠান হইয়াছে ; উর্দ্ধে স্থাপিত ; উত্থাপিত ; উন্নমিত। বি, উত্তোলন।

উত্ত্যক্ত [উৎ-ত্যক্ত (বর্জ্জিত)] বিণ, বিরক্ত ; ব্যতিব্যস্ত। ২ উৎখাত : উৎক্ষিপ্ত ৩ পরিবর্জ্জিত ; পরিত্যক্ত।

উত্ত্রাস [উৎ (অতিশয়) ত্রাস (ভয়)] বি, অতি ভয় ; সন্ত্রাস।

উত্থ [উৎ+স্থা+ড (র্ত্তৃ)-যা উপরে উঠিয়াছে। স্বতন্ত্র ব্যবহার নাই, শব্দান্তে সমাস-যুক্ত হয়] বিণ, উত্থিত। ২ উৎপন্ন ; সঞ্জাত : জাত। 'কুলোত্থ', 'কৃলোত্থ', 'সাগরোত্থ', 'পুলিনোত্থ', 'কারণোত্থ', 'নবোত্থ' ই০। ~না [উত্থান-বর্ণবিপর্য্যয়ে] বি, বরণ। "জয় দিয়া পুত্রবধূ করিল উথনা।"-কবিক০।

উত্থান [উৎ (উপরি) স্থা (থাকা)+অন (ভা০) স লোপ)] বি, উঠন ; উত্থিতি। ২ শয্যা, আসনাদি হতে গাত্রোত্থান। ৩ উন্নতি, শ্রীবৃদ্ধি। ৪ অভ্যুদয় ; আবির্ভাব। ৫ উদ্যম : উদ্যোগ ; পৌরুষ। ৬ [রাজনীতি শা০] রাজ্যচিন্তা ; সৈন্যাদি-বল ; যুদ্ধ। ৭ বিদ্রোহ, রাজার বা সমাজের বা দেশের বা ব্যক্তি-বিশেষের বিরুদ্ধে দাঁড়ান। ৮ [প্রাদে০] বরণ। ~পঁতন-বি, উঠাপড়া। ২ উন্নতি অবনতি। ৩ হ্রাসবৃদ্ধি। ~শীল-বিণ, উক্ত ধর্ম্মবিশিষ্ট। বি, ~পঁতন-শীলঁতা। ~শঁক্তি-বি, উঠিবার ক্ষমতা। ~শক্তিরহিত, ~শূন্য, ~হীন-বিণ, যার উঠিবার মত সামর্থ্য নাই। উত্থানের ডালা-বি, বরণ-ডালা। "উত্থানের ডালা সজ্জা করিল লহনা।"-কবিক০।

উত্থানৈকাদশী [উত্থান (উঠা) একাদশী (তিথি) যে তিথিতে বিষ্ণুর নিদ্রাভঙ্গ হয়। (বিষ্ণু পু০)] বি, কার্ত্তিক মাসীয় শুক্ল একাদশী।

উত্থা/পঁক [উৎ-স্থা + ণিচ্=স্থাপি (স্থিতি করান)+অক (র্ত্তৃ)] বিণ, যে উঠায় ; যে কোন বিষয়ে উৎসাহ বা মন্ত্রণা দ্বারা প্রবর্ত্তিত করায়। ২ প্রসঙ্গকারক ; প্রস্তাবক। ৩ উত্তোলক। ~পঁন [উৎ-স্থা-ণিচ্=স্থাপি (স্থিতি করান)+অন (ভা০)] বি, ক্রি, উত্তোলন ; উঠান। ২ প্রস্তাবনা বা প্রসঙ্গ। প্র-সে কথার উত্থাপনে কাজ নাই। ~পনীয়ঁ [উৎ-স্থাপি+অনীয়-র্ম্ম] বিণ, উত্থাপনের যোগ্য ; যাকে অবশ্যই উত্তোলন করিতে হইবে। ২ প্রসঙ্গ করিবার

উপযুক্ত। ~পিত [উৎ-স্থাপি+ত (র্ম্ম)] বিণ, যাকে উত্তোলন করা হইয়াছে : উত্তোলিত। ২ কৃতপ্রসঙ্গ ; প্রস্তাবিত। ~প্য-বিণ, উত্থাপনীয়। উত্থাপন করা-ক্রি, তুলিয়া ধরা। ২ কোন বিষয়ের প্রসঙ্গ করা : কথা পাড়া। ৩ উপস্থিত করা।

উত্থি/ত [উৎ-স্থা+ত (র্তৃ)] বিণ, ঊর্দ্ধগত। ২ উদ্গত ; উৎপন্ন। ৩ উদ্যত। ৪ বর্দ্ধিত। ৫ উন্নত। ৬ বিপক্ষে বা বিরুদ্ধে দণ্ডায়মান। বি, ~তি-উত্থান। ২ অভ্যুদয় ; উন্নতি। ৩ নিদ্রাভঙ্গ ; জাগরণ। ৪ উত্তোলন। ৫ বিরুদ্ধে বা প্রতিবাদ স্বরূপ মস্তক উত্তোলন ; বিদ্রোহ।

উত্থিতাঙ্গুলি [উত্থিত+অঙ্গুলি] বি, বিণ, চাপড় মারিতে উদ্যত। ২ তর্জ্জনী : নির্দ্দেশীকৃত ইঙ্গিত।

উৎপত [উৎ (ঊর্দ্ধ) পত-পত্ (গমন করা)+অ (র্তৃ) যে গমন করে] বি, পক্ষী। ২ বিণ, ঊর্দ্ধে গমনকারী।

উৎপতন [উৎ (ঊর্দ্ধ) পত্ (গমন করা) +অন (ভা০)] বি, উড়িয়া আসিয়া পড়া। ২ ঊর্দ্ধগমন ; উড্ডয়ন ; উড়ন। ৩ উৎক্ষেপণ। ৪ উল্লম্ফন। ৫ উদ্গাম ; উদয় ; উৎপত্তি। ~শীল-বিণ, উড়ন্ত। >স্ত্রীং ~শীলা। বিণ, উৎপতিত [উৎ-পত্ +ত (র্তৃ)] উড্ডীন। ২ উল্লম্ফিত। ৩ উদ্গত ; উদিত। ৪ উৎক্ষিপ্ত। >স্ত্রীং ~া।

উৎপতিষ্ণু [উৎ-পত্+ইষ্ণু (র্তৃ-শীলার্থে-ইষ্ণু)] বিণ, উৎপতনশীল।

উৎপত্তি [উৎ (উপরি) পদ্ (গমন করা, প্রকাশ পাওয়া) +তি (ভা০)] বি, আবির্ভাব ; অভ্যুদয়। ২ জন্ম ; উদ্ভব। ৩ কারণ ; মূল। ~মূল-বি, জন্মহেতু। ২ আদিকারণ। ~স্থল, ~স্থান-বি, নিদান ; গোড়া।

উৎপথ [উৎ (বিপরীত) পথিন্+অ (ড) ইন্-লোপ] বি, বিপথ ; অপথ ; অসৎপথ ; শাস্ত্রবিগর্হিত পথ। ২ কুপন্থা। "যতেক উ০ সে তোমার ব্যবহার।" -চৈ০ ভা০। ~গামী-বিণ, উন্মার্গগামী। ২ উচ্ছৃঙ্খল। >স্ত্রীং~গামিনী। ~প্রতিপন্ন, ~প্রবৃত্ত-বিণ, কুমার্গাবলম্বী : কুপথাশ্রয়ী। >স্ত্রীং~প্রতিপন্না।

উৎপথাশ্র/য় [উৎপথ+আশ্রয়] বি, কুপথাবলম্বন। বিণ, ~য়ী-অসৎপথাবলম্বী। >স্ত্রীং ~য়িনী।

উৎপদ্যমান [উৎ-পদ্ (গমন করা) +আন (র্তৃ) য-ম-আগম] বিণ, যে উৎপন্ন হইতেছে ; যে জন্মিতেছে ; জায়মান।

উৎপন্ন [উৎ-পদ্ (গমন করা)+ত (র্তৃ) দ্=ত=ন্] বিণ, জাত ; সৃষ্ট ; উদ্ভূত। ২ আবির্ভূত ; অভ্যুদিত। ৩ প্রস্তুত। ৪ লব্ধ। ক্রি, উ০ করা-জন্মান ; সৃষ্টি করা। ~বুদ্ধি [উৎপন্ন-বুদ্ধি (মতি) যার-বহু০] বিণ কার্য্যকালে যার বুদ্ধি যোগায় ; উপস্থিত-বুদ্ধি। বি, উপস্থিত মতিত্ব presence of mind ~মতি-বিণ, উপস্থিত বুদ্ধি। ~মতিত্ব [উৎপন্ন-মতি (বুদ্ধি)+ত্ব (ভা০) উৎপন্ন বুদ্ধির ধর্ম্ম] বি, বিপদ সময়ে বুদ্ধির উদয় presence of mind

উৎপবন [উৎ (উপরি) পূ (পবিত্র করা)+অন (ভা০)] বি, কুশদ্বারা জল প্রোক্ষণ ; দ্রব্যের শুদ্ধি।

উৎপল [উৎ (উপরি-জলের উপরে) পল্ (গমন করা)+অ (র্তৃ)। তুল- "মুণ্ডারী উপল-ব়া=ভাসমান (প্লাবমান) ফুল।"-চা০ বন্দ্যো০] বি, জলপুষ্প ; পদ্ম। ২ কুড়গাছ। ৩ বিণ, নির্ম্মাংস ; মাংসহীন। স্ত্রীং উৎপলী-তুঁষের চাপড়া উৎপলিনী-বি, জলপুষ্পবিং। ২ পদ্মিনী। ৩ (বহুব০) পদ্মসমূহ। ৪ কমলবন। ~নয়ন, ~নেত্র। ~পত্র। ~বর্ণ-বি, উৎপলের ন্যায় বর্ণ lilac.

উৎপলাক্ষ-বিণ, যার চক্ষু উৎপল সদৃশ। স্ত্রীং ~ী-কমলনেত্রা।

উৎপশ্য [উৎ (ঊর্দ্ধ) পশ্য (দৃশ্=দর্শন-করা)+অ (র্তৃ) (দৃশ্=পশ্য)] বিণ, যে মুখ ঊর্দ্ধদিকে করিয়াছে ; ঊর্দ্ধদৃষ্টি।

উৎপা/টক [উৎ (ঊর্দ্ধ) পট্+ণিচ্ =পাটি (গমন করান)+অক (র্তৃ)] বিণ, যে উপড়াইয়া ফেলে ; উন্মূলক। ২ উৎক্ষেপক। ~টন [ভা০-অন] বি, ক্রি, উত্তোলন : উন্মূলন ; উপড়ন। ২ উৎক্ষেপণ। ~টনীয় -বিণ, যা উপড়াইয়া ফেলিবার উপযুক্ত : উন্মূলনযোগ্য। ~টিত-বিণ, উন্মূলিত। ~টী-বিণ, উৎপাটক।

উৎপাত [উৎ (অকস্মাৎ) পত্ (গমন করা)+অ (ভা০)] বি, উৎপতন : উড়িয়া পড়ন। ২ দৈব জন্য অমঙ্গল ঘটনা ; দৈব-নিগ্রহ, যথা-ভূমিকম্পাদি কালে অমঙ্গলসূচক উল্কাপাত, দিক্ নির্ঘোষ, ভূমিকম্প ই০। ৩ অত্যাচার। ৪ দৌরাত্ম্য ; উপদ্রব। ৫ [প্রাদে০] বিপদ্ : কুলক্ষণ। ~কেতু-বি, উৎপাতজনক চিহ্ন।

উৎপা/দ [উৎ (ঊর্দ্ধ) পাদ (চরণ)] বিণ, যার চরণ ঊর্দ্ধদিকে থাকে ; ঊর্দ্ধ-পাদ। ~দক [উৎ (উপরি) পদ্+ণিচ্=পাদি (গমন করান)+অক (র্তৃ)] বিণ, যে উৎপাদন করে। ২ জন্মদাতা ; জনক। ৩ উৎপত্তির কারণ। >স্ত্রীং~দিকা। ~দন [উৎ-পাদি+অন (ভা০)] বি, উৎপত্তিরূপ ক্রিয়া ; সৃষ্টিকরণ ; জনন। ~দনীয় [উৎ-পাদি+অনীয় (র্ম্ম)] বিণ, উৎপাদনযোগ্য ; উৎপাদ্য। ~দয়িতা [উৎপাদি+তৃ (র্তৃ) তৃ=তা] বিণ, যে উৎপাদন করে ; উৎপাদন-কারী। ২ জন্মদাতা ; জনয়িতা। >স্ত্রীং ~দয়িত্রী-উৎপাদিকা ; জননী। ~দিত [উৎ-পাদি+ত (র্ম্ম)] বিণ, যার উৎপত্তি হইয়াছে ; যাকে উৎপাদন করা গিয়াছে। ২ সৃষ্ট ; রচিত ; নির্ম্মিত ; জনিত। ~দী-বিণ, উৎপাদক। >স্ত্রীং~দিনী। ~দ্য [উৎপদ্+ণিচ্=উৎপাদি (উৎপাদন করান)+য (র্ম্ম)] বিণ, উৎপাদনার্হ উৎপাদনযোগ্য ; যাকে জন্মাইতে হইবে। ~দ্যমান (উৎ-পদ্ ণিচ্=উৎপাদি+আন (র্তৃ) য-ম-আগম] বিণ, জন্ম্যমান ; জায়মান ; যার উৎপাদন হইতেছে ; যে জন্মিতেছে।

উ০ শয়ন [উৎ (উপরি) পাদ (চরণ)-শয়ন (নিদ্রা) যার-বহু০] বিণ, যারা ঊর্দ্ধে পা রাখিয়া শয়ন করে। ২ বি, টিটির পক্ষিশাবক।

উৎপি/ঞ্জর [উৎ (উপরি বহির্গত)

পিঞ্জর (পিঞ্জরা) > । র=ল] বিণ, যে পিঞ্জর হতে উন্মুক্ত হইয়াছে বা হইবে; পিঞ্জর-মুক্ত। ২ কারা-নির্গত; কারামুক্ত। ৩ বন্ধনোন্মুক্ত। ~প্পল-বিণ, উৎপিঞ্জর। ২ বিহ্বল।

উৎপিপাসু [উৎ-পা (পান করা)+স (ইচ্ছার্থে সন্‌=উৎপিপাস)+উ (র্তৃ)] বিণ, অতিশয় পিপাসাযুক্ত। ২ উৎকণ্ঠিত।

উৎপিষ্ট-বিণ, বিমর্দ্দিত।

উৎপী/ড়্ক-বিণ, অত্যন্ত পীড়াদায়ক। ২ অত্যাচারী। স্ত্রীং ~ড়িকা।

উৎপীড়ন [উৎ-পীড় (তাড়না করা, পীড়ন করা)+অন (ভাং)] বি, উত্যক্ত করণ; ক্লেশ দান। ২ উপদ্রব করণ। ৩ পীড়াপীড়ি করণ। ৪ উত্তেজন। উং করা -ক্রি, উপদ্রব করা; ক্লেশ দেওয়া; উত্যক্ত করা। ~কর্ত্তা, ~কারী-বিণ, উৎপীড়ক। >স্ত্রীং ~কর্ত্রী, ~কারিণী।

উৎপীড়িত [উৎ-পীড় (তাড়ন করা, পীড়ন করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে উৎপীড়ন করা হইয়াছে; উপদ্রুত; ক্লেশপ্রাপ্ত। স্ত্রীং ~া।

উৎপ্রাস, উৎপ্রাসন [উৎ-প্র-অস্ (ক্ষেপণ করা, পরিহাস করা)+অ (অন, ভাং)] বি, উৎক্ষেপ; উর্দ্ধে ক্ষেপণ। ২ ঈষৎ হাস্য। ৩ পরিহাস [প্রং অং]।

উৎপ্রেক্ষণ [উৎ-প্র-ঈক্ষ্ (দর্শন করা, বিতর্ক করা)+অন (ভাং)] প্রকৃত বস্তুতে অপ্রকৃতের আরোপ করণ। ২ বিতর্ক; সন্দেহাত্মক বাক্য। ৩ অনুমান; আন্দাজ। ৪ উপেক্ষা; ক্ষমা। ৫ উদ্ভাবন। ৬ অনবধান; অতৎপরতা। ৭ অবলোকন; দর্শন; দেখা।

উৎপ্রেক্ষা [উৎ-প্র-ঈক্ষ্ (দর্শন করা, বিতর্ক করা)+অ (ভাং-অঙ্) আ (স্ত্রীং) অর্থালঙ্কার-বিঃ] বি, প্রকৃত বস্তুতে অপ্রকৃত বস্তুর আরোপ; উপমেয়েতে উপমানস্বরূপে যে সম্ভাবনা বা সংশয় হয়; বর্ণনীয় বিষয়ের সহিত বিষয়ান্তরের অভেদকল্পনা। উং দ্বিবিধ-যেন, বুঝি, মানি ইং শব্দের প্রয়োগ থাকিলে বাচ্যোৎপ্রেক্ষা এবং না থাকিলে প্রতীয়মানোৎপ্রেক্ষা। "লজ্জা বেশে রাহু আসি গ্রাসিল চাঁদেরে, হাসি ভস্মে লুকাইলা দেব বিভাবসু!" -মেঘং। "পূর্ব্বদিগ্‌ভাগে সুধাংশুর অংশু অল্প অল্প দৃষ্টি গোচর হওয়াতে বোধ হইল যেন প্রিয়-সমাগমে আলোকিত হইয়া পূর্ব্বদিক্ দশন বিকাশ পূর্ব্বক মন্দ মন্দ হাসিতেছে।" -কাদং। "অপরূপ পেশমুরামা, কলকলতা অবলম্বনে উয়ল হরিণীহীন হিমধামা।" -বিং পং। ২ বিতর্ক। (উৎপ্রেক্ষণ দ্রঃ)।

উৎপ্লব [উৎ (উর্দ্ধে)-প্লব্ (প্লু=গমন করা, লম্ফ দেওয়া)+অ (ভাং)] বি, উর্দ্ধে গমন: উপরে উঠা; উল্লম্ফন; লাফান। ২ জলের উপরে ভাসমান থাকা; জলে ভাসা; উন্মজ্জন। ৩ উদ্রেক। ৪ সন্তরণ; সাঁতার কাটন। স্ত্রীং ~া-তরণী; নৌকা; ভেলা। ~ন (-বং) [উৎ-প্লু+অন (ভাং)] বি, উৎপ্লব। ২ উল্লম্ফন। ৩ সন্তরণ।

উৎফাল [হিং-ফলঙ্। উৎ-লম্ফ=লাফ=ফাল। উৎ (উপরে) ফল্ (গমন করা)+অ (ভাং)] বি, উর্দ্ধে গমন; লম্ফ; উল্লম্ফন; লাফ। ২ বৃদ্ধি।

উৎফুল্ল [উৎ-ফুল্ল (বিকসিত হওয়া, প্রকাশ পাওয়া)+অ (র্তৃ-চ্) বা উৎ-ফল্+ক্ত (নিপাতনে)] বিণ, বিকচ; বিকসিত; ফুটন্ত। ২ প্রফুল্ল; উল্লাসিত।

উৎরনো, উৎরান [উত্তরণ>। উৎরাই, উৎরাও, উৎরায়, উৎরাইতে, উৎরাইয়া ইং] ক্রি, পার হওয়া। ২ পৌছন; উপস্থিত হওয়া। ৩ নামা; অবতরণ করা। ৪ হওয়া। "তার খাটুনি হয় * * * কম অথচ কাজ উৎরায় বেশী।" -পিতাপুত্র। ৫ দাঁড়ান। প্র-জিনিসটা এবার বেশ উৎরেছে। ৬ বাধা বিঘ্ন কাটাইয়া বা প্রতিবন্ধক ছাড়াইয়া উঠা। উৎরে যাওয়া-উৎরান। "সবগুলিই বেশ উং গেছে।"-সম্মিলনী।

উৎরাই, উতরাই [হিং-উত্‌রাই] বি, পাহাড়ের উপর হতে অবরোহণ-পথ; নিম্নতা; ঢাল।

উত্রী [সং-উত্তরীয়>উত্তরী (গ্রাং ক্ষেং উত্রী)] বি, উত্তরীয়। ২ [সং-পবিত্র>] (গাজনের সন্ন্যাসীদের) গলদেশে মালার ন্যায় ধারণীয় উপবীত। "বরণ করায়ে দেন ভক্ত গলে উং।"-মাণিকং গান।

উৎলনো, উৎলানি [উথলন>। প্রাকৃং -উথল্লী (পরিবর্ত্তন ও পরিবর্ত্তনজনিত বেগ) -হেং (দেশীনামমালা)] ক্রি, স্ফীত হওয়া; উথলিয়া উঠা। ২ উন্নত হওয়া। ৩ বৃদ্ধি পাওয়া [উথলন দ্রঃ]।

`উৎস [উন্দ্ (আর্দ্র হওয়া, ভিজিয়া যাওয়া)+স (র্তৃ-স্ত্রাং); ন-লোপ, দ=ত্-যে জল দ্বারা মৃত্তিকা আর্দ্র করে] বি, ঝরণা: প্রস্রবণ; ফোয়ারা।

`উৎসঙ্গ [উৎ-সন্‌জ্ (আলিঙ্গন করা)+অ (ধি)] বি, ক্রোড়; কোল। ২ [(র্ম্ম-অ)] ঊরুদেশ। ৩ পর্ব্বতের সানুদেশ; শৈলনিতম্ব। ৪ উর্দ্ধভাগ; উর্দ্ধতল। ৫ [ভাং-অ] বিণ, সঙ্গহীন; নিঃসঙ্গ। ৬ উৎসন্ন; বিনষ্ট; উৎসাদিত। ৭ [নাট্য শাং, অভিনয় দ্রঃ] দুই বাহুমূলে মৃগশীর্ষ হস্তদ্বয় স্থাপন (আলিঙ্গন বিনয় আদি স্থলে)।

`উৎসঙ্গিত [উৎসঙ্গ+ইত (যুক্তার্থে)] বিণ, অঙ্কগত; ক্রোড়ে স্থাপিত। ২ সংসর্গ-প্রাপ্ত; সম্পৃক্ত; মিলিত; সংযুক্ত।

`উৎসঞ্জন [উৎ-সন্‌জ্ (আসক্ত হওয়া, ক্ষেপণ করা)+অন (ভাং)] বি, উর্দ্ধে উত্তোলন; উপরে উঠান। ২ উর্দ্ধে ক্ষেপণ; উৎক্ষেপণ।

উৎসদ [বৌং শাং] বি, প্রত্যেক মহা-নরকের চতুর্দ্বারে ৪টি করিয়া উৎসদ নামক ১৬টি উপনরক কল্পিত হইয়াছে; সুতরাং বৌদ্ধ অষ্টমহানরকের প্রত্যেকের ১৬টি করিয়া উপনরক আছে।

`উৎসন্ন [উৎ-সদ্ (গমন করা, নাশ করা)+ত (র্তৃ) দ=ন, ত=ন। পা-উস্‌সন্নো; বাং গ্রাং-উচ্ছন্ন (উচ্ছোন্নো)] বিণ, বিধ্বস্ত; বিনাশপ্রাপ্ত; বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত। "তুই যখন সভামধ্যে...দ্রৌপদীকে কটূক্তি করিতেছিস তখন তুই উং হইলি।"-মহাং (বর্দ্ধ)। ২ উৎপাত [প্রং অং]।

`উৎসব [উৎ-সূ বা সু (প্রসব করা)+অ (র্তৃ)। গ্রাং-'উচ্ছব'। তুল-মহোৎসব=

মোচ্ছব] বি, প্রসব [প্রা° অ°] ২ আনন্দজনক ব্যাপার ; মাতন ; ধুমধাম। ৩ [ভা°-অ] আনন্দ ; আহ্লাদ। ৪ যজ্ঞ। "তুমি আজ্ঞা দিলে আমি যাই পিতৃবাস। বাপের উ° দেখি বড় অভিলাষ॥"-কবিক°। ৫ অভিলাষ ; বাসনা ; ইচ্ছা [অপ্র°] ~কৌতুক -বি, আমোদ আহ্লাদ। ~ময়-বিণ, উৎসবপূর্ণ। > স্ত্রীং ~ময়ী। ~সঙ্কেত [উৎসবে (আনন্দজনক ব্যাপারে) সঙ্কেত (স্ত্রী-পুরুষের পরস্পর অনুরাগ-জনিত আহ্বান) করে যারা -বহু°] বি, পার্ব্বতীয় জাতিবিঃ ; ইহাদের মধ্যে স্ত্রী-পুরুষের পরস্পরে অনুরাগ জন্মিলে স্বেচ্ছা বিহার করিয়া থাকে, বিবাহ-প্রথা নাই।

উৎসবামোদ [উৎসব+আমোদ] বি, হর্ষ কোলাহল ; আনন্দ মাতন।

উৎসর্গ [উৎ-সৃজ্ (ত্যাগ করা)+অ (ভা°) প্রা°-'উচ্ছুগগু', ১১-১২ শতাব্দীর প্রা° বাং-উছরগ, উছর্গ, উছরগিয়া=উৎসর্গিয়া= উৎসর্গ করিয়া (মাণিক° গান-ব° সা° প°)] বি, সম্বন্ধ ধ্বংস ; (তা হতে) পরিত্যাগ ; বর্জ্জন। ২ স্বস্বত্বত্যাগ ; দান ; দেবাদির উদ্দেশে অর্পণ ; কাহারও উদ্দেশে সংস্কার বা অর্পণ dedication [ব্যা°] সামান্য বিধি ; সাধারণ সূত্র। ৩ সাগ্নিকের অনুষ্ঠেয় ক্রিয়াবিঃ ; যাগবিঃ। ৪ প্রতিষ্ঠা। ৫ পুরীষত্যাগ ; মলত্যাগ [প্র° অ°] ক্রি, উ° করা-কাহারও উদ্দেশে বা নামে অর্পণ বা প্রতিষ্ঠা করা dedicate. ~পত্র-বি, জীবিত বা মৃত পৃষ্ঠপোষক ; ভক্তিভাজন স্নেহানুরাগভাজন বা বন্ধুর নামে পুস্তকাদি নিবেদন বা সমর্পণসূচক লিপি বা লেখ।

'**উৎসর্জ্জ/ক** [উৎসর্জ্জন দ্রঃ] বিণ, যে উৎসর্জ্জন করে; উৎসর্গকারী। ~ন [উৎ-সৃজ্ (ত্যাগ করা)+অন (ভা°)] বি, পরিত্যাগ ; বর্জ্জন ; পরিহার। ২ স্বস্বত্বত্যাগ ; দান। ৩ দেবাদি উদ্দেশে অর্পণ ; কাহারও উদ্দেশে সংস্কার করা বা প্রতিষ্ঠা করা dedication. বিণ, উৎসৃষ্ট।

'**উৎসর্/পণ** [উৎ-সৃপ্ (মন্দ গমন করা) +অন (ভা°)] বি, উৎপ্লবন ; ঊর্দ্ধগমন। ২ অতিক্রম ; উল্লঙ্ঘন। ৩ বর্জ্জন ; ত্যাগ। ~পী [উৎ-সৃপ্ (গমন করা)+ইন্ (ণিন্)-কর্তৃ-শীলার্থে বা উৎসর্প+ইন্ (স্ত্য)=উৎসর্পিন্ ১মা ১ব°] বিণ, ঊর্দ্ধে গমনশীল; ঊর্দ্ধগামী। ২ উল্লঙ্ঘনকারী। ৩ বৃদ্ধিশীল ; প্রবর্দ্ধমান। ৪ উত্তরঙ্গ। > স্ত্রীং ~পিণী-জৈনদিগের কালবিঃ [বিপরীতে-অবসর্পিণী]।

'**উৎসর্য্যা** [উৎ-সৃ (গমন করা)+য (র্ম্ম-স্ত্রা°)] বি, ঋতুমতী গাভী।

'**উৎসাদ** [উৎ-সদ্ (হিংসা করা)+অ (ভা°)] বি, উচ্ছেদ ; নাশ ; ধ্বংস। "এ ব্রাহ্মণ করিবেক গ্রামের উ°।"-চৈ° ভা°।

'**উৎসা/দন** [উৎ-সদ্ + ণিচ্=সাদি (বিনাশ করা)+অন (ভা°)] বি, তৈল ও চন্দনাদি দ্বারা গাত্রের শোভা বর্দ্ধন ; গাত্র শোধন বা পরিষ্করণ ; উদ্বর্ত্তন। ২ ঘর্ষণ ; মার্জ্জন। ৩ ধ্বংসকরণ ; বিনাশকরণ ; উৎসন্নকরণ। ৪ উৎপাটন ; উন্মূলন। ৫ [পারিঃ সুশ্রুত] দুষ্ট ক্ষতের পচাল বা মরা মাংস বাদ দেওয়া বা চাচিয়া ফেলা raising of the margin or bed of an ulcer. ৬ বৈজ্ঞানিক প্রণালীতে অঙ্গসংবাহন চিকিৎসা massage. ~দনীয় [উৎ-সদ্-ণিচ্=সাদি (গমন করান, বিনাশ করা)+অনীয় (র্ম্ম)] বিণ, উচ্ছেদযোগ্য ; বিনাশযোগ্য ; যাকে অবশ্য উন্মূলন করিতে হইবে। > স্ত্রীং ~া। ~দিত [উৎ-সদ্+ণিচ্=সাদি+ত (র্ম্ম)] বিণ, যার উৎসাদন করা হইয়াছে, উন্মূলিত ; সমূলোৎপাটিত ; বিধ্বস্ত ; বিনাশিত। ২ নির্ম্মলীকৃত ; পরিষ্কৃত। > স্ত্রীং ~া।

'**উৎসারক** [উৎ-সৃ+ণিচ্=সারি (গমন করান, দূর করা)+অক (র্তৃ)] বিণ, যে উৎসারণ বা গমন করায় ; যে দূর করিয়া দেয়। ২ অপনোদক ; নিরাসক। স্ত্রীং ~া।

উৎসার/ণ [উৎ-সৃ+ণিচ=সারি (গমন করান)+অন (ভা°)] বি, দূরে গমন করান ; দূরীকরণ। ২ নিরাকরণ ; অপনয়ন। ৩ প্রত্যাখ্যান ; ৪ চালন ; স্থানান্তরীকরণ। ~ণীয় [উৎ-সৃ+ণিচ্=সারি+(দূর করা) অনীয় (র্ম্ম)] বিণ, উৎসারণ বা দূরীকরণ যোগ্য ; নিরসনীয়। > স্ত্রীং ~া।

'**উৎসারিত** [উৎ-সৃ+ণিচ=সারি (গমন করান)+ত (র্ম্ম)] বিণ, দূরীকৃত ; অপসারিত। ২ চালিত ; স্থানান্তরিত ; স্থানান্তরীকৃত। স্ত্রীং ~া।

উৎসাহ [উৎ-সহ্ (সহ্য করা)+অ (ভা°)] বি, কার্য্যে তৎপরতা ; উদ্যম। ২ অধ্যবসায় ; স্থির প্রযত্ন। ৩ [অলঙ্কার শা°] বীররসের স্থায়িভাব। ৪ সাহস venture. "পরান্ত করিতে উ° করিতে পারি।"-মহা° (সিংহ)। ~ক [উৎ-সহ্ (সহ্য করা)+অক (র্তৃ)] বিণ, যে উৎসাহ জন্মায় ; উৎসাহদাতা। স্ত্রীং উৎসাহিকা। বিণ, ~জনক। ~দাতা। > স্ত্রীং ~দাত্রী। ~দান। ~দায়ক। > স্ত্রীং ~দায়িকা। ~নাশ। ~লোপ।

উৎসাহি/ন [উৎ-সহ্+ণিচ=উৎসাহি +অন (ভা°)] বি, উৎসাহ দান ; উৎসাহ দেওয়া। ২ [ণে-অন] বিণ, যদ্দারা উৎসাহ দেওয়া হয় বা উৎসাহী করান হয় [বিরল] ~নীয় [উৎসাহ+অনীয় (র্ম্ম)] বিণ, উৎসাহদান-যোগ্য ; যাকে উৎসাহী করিতে হইবে।

উৎসাহবর্দ্ধক [উৎসাহের (উদ্যোগের) বর্দ্ধক-৬ তৎ] বিণ, যে অপরের উৎসাহ বৃদ্ধি করে ; যে অন্যকে অধিকতর উৎসাহী করে।

উৎসাহবর্দ্ধন [উৎসাহের বর্দ্ধন-৬ তৎ] বি, উদ্যমের আধিক্য সম্পাদন ; উৎসাহ বাড়ান। ২ [ণে-অন] বিণ, উৎসাহবর্দ্ধক ; উদ্যমজনক। প্র-উ° বাক্য। ৩ [র্তৃ, স্ত্রা°] বি, বীররস। ~বান্-বিণ, উৎসাহশীল। > স্ত্রীং ~বতী। ~ভঙ্গ-বিণ, নিরুৎসাহ।

উৎসাহি/শীল [উৎসাহ (উৎসাহযুক্ত) হইয়াছে-শীল (স্বভাব) যার-বহু°] বিণ, যার স্বভাবত উৎসাহ আছে ; উৎসাহযুক্ত ; উৎসাহী। ~শীলতা-বি, উৎসাহবিশিষ্টতা; স্বাভাবিক উৎসাহ থাকার ভাব ; উদ্যম অধ্যবসায়শীলের ভাব। ~শূন্য-বিণ, নিরুৎসাহ। > স্ত্রীং ~া। ~সম্পন্ন-বিণ, উৎসাহী। > স্ত্রীং ~া। ~হীন-বিণ, উদ্যমবিহীন। > স্ত্রীং ~া।

ন্যাহান্বিত-বিণ, উদ্যমী। স্ত্রীং ~া।

উৎসাহিত [উৎসাহ+ইত (স্থ্য)] বিণ, প্রাপ্তোৎসাহ। ২ উত্তেজিত। স্ত্রীং ~া-উৎসাহশীলতা [এই অর্থে ~ত্ব ও°] ২ বিণ, উৎসাহান্বিতা।

উৎসাহী [উৎ-সাহ+ইন-(স্থ্য)= উৎসাহিন্ ১মা ১ব°)] বিণ, যার উৎসাহ আছে; উৎসাহবিশিষ্ট: উদ্যোগী। স্ত্রীং উৎসাহিনী।

উৎসিক্ত [উৎ-সিচ্ (সিক্ত করা, গর্ব্ব করা)+ত (র্কৃ)] বিণ, উদ্ধত: গর্ব্বিত। ২ উত্তেজিত; উদ্রিক্ত। ৩ [র্ম্ম] যার উপর সেক করা হইয়াছে; উপরিসিক্ত।

উৎসিচ্যমান-বিণ, উৎসেকশীল: সেচনরত। ২ বর্দ্ধমান।

উৎসুক [উৎ-সু, বা সূ (প্রসব করা, অনুরক্ত হওয়া)+ক (র্কৃ)] বিণ, বাঞ্ছিত কর্ম্মে উদ্যত; অভীষ্ট সাধনে উদ্যুক্ত: ইষ্টসাধনেচ্ছুক। ২ সবিশেষ যত্নবান্: আগ্রহান্বিত; সাতিশয় উদ্যোগী; অত্যন্ত তৎপর; অতিশয় ব্যগ্র। ৩ অনুরক্ত। ৪ আকুল: উৎকণ্ঠিত। স্ত্রীং ~া। ~তা (-ক-)-বি, অত্যন্ত যত্নশীলতা; অতিশয় তৎপরতা: সবিশেষ ব্যগ্রতা; আগ্রহাতিশয়। ২ ব্যাকুলতা; উৎকণ্ঠা।

উৎসূত্র [উৎ (অতিক্রান্ত, দূরীভূত) সূত্র (নিয়ম) যার-বহু°] বিণ, নিয়ম-বহির্ভূত: রীতিবিগর্হিত।

উৎসর্জন [উৎ-সৃজ্ (ত্যাগ করা)+অন (ভা°)] বি, বর্জ্জন; ত্যাগ। ২ (কারও) উদ্দেশে সমর্পণ; দান।

উৎসৃষ্ট [উৎ-সৃজ্+ত (র্ম্ম-ক্ত)] বিণ, যাকে ত্যাগ করা হইয়াছে; বর্জ্জিত; পরিত্যক্ত। ২ উপহৃত; প্রদত্ত। ৩ নিবেদিত: প্রতিষ্ঠিত। ৪ প্রযুক্ত। স্ত্রীং ~া।

উৎসৃষ্টার্থ [উৎসৃষ্ট (ত্যক্ত, দত্ত) অর্থ] বি, দত্ত ধন। ২ উৎসর্গীকৃত ধন। ৩ অনুচিত শব্দার্থ। ৪ বিণ, ধনত্যাগী: ধনদাতা।

উৎসেক [উৎ-সিচ্ (সেক করা, গর্ব্ব করা)+অ (ভা°)] বি, উপরে সেচন। ২ অহঙ্কার; গর্ব্ব।

উৎসেচন [উৎ-সিচ্ (সেচন করা, গর্ব্ব করা)+অন (ভা°)] বি, ২ উপরিসেক; উত্তেজন। ~ক্রিয়া-যে প্রক্রিয়ায় (তাড়ির মত) মাতিয়া বা গাঁজিয়া উঠে fermentation.

উৎসেধ [উৎ (উপরি) সিধ্ (গমন করা)+অ (ভা°)] পর্ব্বত কিংবা বৃক্ষাদির উচ্চতা; দৈর্ঘ্য altitude ২ ঔদ্ধত্য। ৩ [র্কৃ] বিনাশ; বধ। ৪ স্থূলতা: বেধ। ৫ দেহ; শরীর।

উৎসেধাঙ্ক [উৎসেধ+অঙ্ক] বি, (কূপাদি জলাশয়, শৈলসানু ই°-র) উচ্চতা বা তলদেশ হতে উপরিভাগের উচ্চতা-নির্দ্দেশক চিহ্ন।

উথল, উথাল [উৎস্থল: প্রাকৃ°-উৎথল্লী। সং-উত্তাল (দ্রঃ)] বি, স্ফীতি: কাঁপ: উচ্ছ্বাস। "শোল জোজন জুড়িআ অগ্নিপ্রভা উথল তৎপর।"-শূ° পু°। ২ বিণ, উথলিত: উচ্ছলিত: উত্তঙ্গ। ৩ (উথল) [উথান >] ক্রি, উঠিল: উত্থিত হইল: উথাপিত হইল। "যোদিন মাধব পয়াণ করল, উথল সো সব বোল।"-বি° প°।

উথলন [উথলন >। বাং, গ্রা°-উথ্লান, ওৎলান। প্রাকৃ°-উৎথল্লী=পরিবর্তন ও তজ্জনিত বেগ] বি, উদ্বেলন: উঁচু হইয়া উঠা।

উথলনি, উথলানি [উথলি, উথল, উথলে: উথলিলাম, উথলিলে, উথলিল: উথলিতে, উথলিয়া। এইরূপ-উথলাই ই°] ক্রি, উঁচু হওয়া; ফাঁপিয়া বা স্ফীত হইয়া উঠা।

উথলল [ব্রজ°] ক্রি, উথলিয়া উঠিল; উদ্বেলিত হইল। "উ° মদন পয়োধি তরঙ্গ।"-বি° প°।

উথলা [উথল দ্রঃ। উথলি, উথল, উথলে; উথলিতে; উথলিয়া (কে° উথলি): উথলিল: উথলিবে ই°] ক্রি, উথলিয়া, উঠা: স্ফীত হওয়া; উপচিয়া পড়া। ণিজন্ত-উথলান (দ্রঃ)।

উথলিত [উচ্ছলিত >] বিণ, স্ফীত; উদ্বেলিত। ২ প্লাবিত; পরিব্যাপ্ত।

উথলান [উথলন দ্রঃ। গ্রা°-ওৎলান] ক্রি, উথলিত হইয়া উঠা; স্ফীত হওয়া; ফেঁপে উঠা; উৎক্ষিপ্ত হওয়া; উপচিয়া পড়া। "দুগ্ধ উথলিলে তুমি নাহি দেও পানি।" -কবিক°। ২ আনন্দে উচ্ছ্বসিত হওয়া। "নিরখি নিরখি বদন-ইন্দু, পুলকে উথলে প্রেমসিন্ধু।"-রা° প্র°। ৩ শোকে উদ্বেলিত হওয়া। "কহিতে উথলে মোর হিয়া।" -জ্ঞান°।

উথাআঁ-পাথাআঁ [উদ্বোধিয়া প্রবোধিয়া >। তুতিয়ে পাতিয়ে দ্রঃ] ক্রি-বিণ, উদ্বোধিত ও প্রবোধিত করিয়া। "উ°-পা° আস্কা আনিল নিফলে পোহাইল রাতী।"-শ্রী° কী°।

উথাল [উথলন >, প্রাকৃ°-উৎথল্লী >] বি, উথলিত স্রোত বা শিখা। "অমর্থ সমর্থ, বাণ, বাণ ব্রহ্মজাল। চারিদিকে পড়ে যেন অগ্নির উ°॥"-কৃত্তি°।

উদ্, উৎ-অ, উপসর্গ, উপরি। যথা-উৎসেধ; উথাপন; উৎপল। ২ উর্দ্ধ। যথা-উৎপাটন; উৎপাদশয়ন; উদ্ভিদ্। ৩ উচ্চ: উন্নত। যথা-উৎকন্ধর; উত্তাল; উদ্ঘোষ। ৪ আধিক্য: অতিশয়। যথা-উৎকর্ষ; উত্রাস; উৎকণ্ঠা। ৫ বিপরীত। যথা-উদ্যত। ৬ অকস্মাৎ। যথা-উৎপাত। ৭ বাহিরে। যথা-উৎপিঞ্জর; উদ্বাসন। ৮ উৎকৃষ্ট। যথা-উদ্ভূতি। ৯ বহির্ভূত। যথা-উৎসূত্র। ১০ সম্মুখে। যথা-উদ্বান্ত। ১১ অতিক্রান্ত। ১২ বন্ধন, মোচন, প্রাবল্য, দূরত্ব, নৈকট্য ই° অর্থেও প্রয়োগ দেখা যায়। যথা-উদ্বেল।

উদক [উন্দ্ (আর্দ্র করা, সিক্ত করা) নিপাতনে ন-লোপ। উন্দ্+অক (র্কৃ) নিপাতনে, উদক, বা জলবাচক উদ+ক। তুল-সং-উন্দ্, উদ্রস্, উদা; ল্যা°-unda (wave) উ°, হি°-ওদা; স্লাভ°-woda] বি, বারি; জল; অম্বু; পানীয়। প্র-ক্ষীরোদ সমুদ্র। "অহঙ্কার হতে হইল পঞ্চজন। পৃথিবী উ° তেজ আকাশ পবন॥"-কবিক°।

উদক্, উদঙ্, উদচ্, উদঞ্চ [উদচ্-উৎ-অন্চ্ (গমন করা)+ক্বিপ্ (র্কৃ) ন্ লোপ, চ্=ক্)। বাং-র সমাসযুক্ত ব্যতীত স্বতন্ত্র ব্যবহার

নাই] অ, উর্দ্ধ; অনন্তর। ২ বি, উত্তর দিক্; উত্তর দেশ; উত্তর কাল। ৩ বিণ, উত্তরাভিমুখ; উদঙ্মুখ; উত্তরবর্ত্তী northern. ~দাতা-বি, জলদানকারী। ~দান [বির্থে°] বি, গঙ্গাজল হাতে লইয়া সঙ্কল্প করিয়া ব্রাহ্মণকে দান। ~স্পর্শ-বি. জল ছোঁয়া। ২ জলগ্রহণ বা পান।

উদকক্রিয়া [উদক (জল) ক্রিয়া (কর্ম্ম) -৬ তৎ] বি, মৃত ব্যক্তিগণের আত্মার প্রীত্যর্থে জলদানরূপ ক্রিয়া; তর্পণাদি।

উদকাধার-বি, জলপাত্র।

উদকার্থী-বিণ, জলপ্রার্থী; তৃষ্ণার্ত্ত।

উদকুম্ভ [উদ (উদকপূর্ণ)-কুম্ভ (কলস) -ধা] বি, জলপূর্ণ কলস; বারিপূর্ণ কুম্ভ। ২ কমণ্ডলু।

উদক্যা-বিণ, জলীয়। স্ত্রীং ~া-ঋতুমতী।

উদগত [উদ্গত > । প্রা° বাং] বিণ, উদ্ঘাটিত। ২ উচ্চাটিত, উৎকণ্ঠিত। ~মতি,-তী-উৎকণ্ঠিত-চিত্ত। (শ্রী°কী°)।

উদগদ্রি [উদক্ (উত্তর দিকের) অদ্রি পর্ব্বত- ৬ তৎ] বি, উত্তরদিকস্থ পর্ব্বত; উত্তরাচল; হিমালয়।

উদগয়ন [উদক্ (উত্তর দিকে)-অয়ন (সূর্য্যের গমন) হয় যে কালে-বহু°] বি, যে কালে সূর্য্য উত্তর দিকে গমন করে; উত্তরায়ণ;

উদগ্র [উৎ (উপরি) অগ্র (শেষ) অগ্রভাগ যার-বহু°] বিণ, উচ্চ; দীর্ঘ; উন্নত। ২ উদ্ধত। ৩ উৎকট। ৪ বৃহৎ; প্রকাণ্ড; মহৎ। ৫ তীব্র। ৬ দেবী-যুদ্ধে মহিষাসুরের অনুচরবিঃ। ৭ মেঘনাদবধকাব্যে রাবণের সেনানায়কবিঃ। "চতুরঙ্গে আইল গর্জ্জিয়া চামর, অমরত্রাস; রথিবৃন্দসহ উ°, সমরে উগ্র * *।"-মেঘ°।

উদঙ্, উদচ্, উদঞ্চ্-উদক্ দ্রঃ।

উদঙ্মুখ [উদক্ (উত্তর দিকে)-মুখ যার -বহু°] বিণ, উত্তরাভিমুখ; উত্তর মুখ।

উদজ [উদ (উদক)-জন্ (উৎপন্ন হওয়া) +ড] বিণ, উদকজাত; জলোৎপন্ন; জলজ।

উদজন, উদজান [ইং hydrogen- odourless colourless invisible gaseous element forming two thirds in volume of water] বি, বর্ণহীন গন্ধহীন অদৃশ্য জলীয় গ্যাস বিঃ; অম্লজনক (ত্রিবেদী); আর্দ্রজন (মণীন্দ্র বন্দ্যো°)।

উদঞ্চন [উৎ-অন্চ্ (গমন করা, পূজা করা)+অন (ভা°)] বি, উর্দ্ধক্ষেপণ; উদ্গমন; উর্দ্ধগতি। ২ [র্ম্ম] আচ্ছাদন-পাত্র; ঢাকনি। ৩ জল তুলিবার পাত্র। ~ঞ্চিত [উদ্-অন্চ্ (পূজায়)-ত (র্ম্ম)] বিণ, পূজিত। ২ [-অন্চ্ (গতি)]।

উদড়া-বিণ, উদলা দ্রঃ। ২ উজড়া দ্রঃ।

উদড়ানি [সং-উদার (উন্মুক্ত)। র=ল= ড় >, গ্রা°-উদাড়=আদুড়=আদুল। উঘার দ্রঃ। তুল-হিং-উধেড়্না=উদ্ঘাটন করা] ক্রি, অনাবৃত করা; উদ্ঘাটন করা; উন্মোচন করা; খুলিয়া ফেলা। প্র-চাল উদড়ে ছাওয়া।

উদধি [উদ (জল) ধা (ধারণ করা)+ই (তৃ)] বি, যে জল ধারণ করে; জলধি; পয়োনিধি; সমুদ্র; অর্ণব। ~মল-বি, সমুদ্রফেন। ~মেখলা [উদধি (সমুদ্র) হইয়াছে মেখলা (কটিভূষণ) যার-বহু°, পৃথিবী সমুদ্রবেষ্টিত বলিয়া] বি, ধরণী; পৃথিবী। ~সুতা-বি, লক্ষ্মীদেবী।

উদন্ত [উৎ-অন্ত (শেষ)] বি, বৃত্তান্ত; সংবাদ; বার্ত্তা। "উ° নাহি কিছু।"-বি° প°। ২ সাধু (মে°)। ৩ বৃত্তিযাজন (শব্দরত্নাবলী) [প্র° অ°]।

উদন্যা [উদক (জল)+য (ইচ্ছার্থে ক্যয়্) ক=ন+অ (ভা°) আ (স্ত্রীং)] বি, পিপাসা; জলপানের ইচ্ছা।

উদপাত্র-বি, জল রাখিবার আধার। ~পান [উদ (জল) পা (পান করা)+ অন (ধি) জল পান করা হয় যেখানে-বহু°] বি, জলপান-স্থান; ক্ষুদ্র জলাশয়; কূপ; চৌবাচ্চা।

উদবাস [উদ (জল)-বাস (অবস্থিতি) যার-বহু°] বি, মৎস্যাদি জলচর। ২ উদক বা জলমধ্যে বাস।

উদবাহক-বিণ, বি, জলবাহক; জলের ভারী। স্ত্রীং ~বাহিকা। ~বাহন-বি, জলের ভার বহন। ২ জলযান। ~বাহী-বিণ, জলবহনকারী; জলের ভারী। ~বৃদ্ধি [ঋগ্বেদ-Wilson] বি, যে দেশে খুব বেশী জলভাগ থাকে।

উদবিন্দু [উদ (উদক)-বিন্দু-৬ তৎ] বি, জলকণা; জলের ফোঁটা।

উদবেগল [ব্রজ°। উদ্বেগ >] ক্রি, উদ্বিগ্ন হইল। "জমুনাক তির উপবন উ° ফিরি ততহি নিহারি।"-বি° প°।

ˋউদম, ˋউদাম [সং-উদ্দাম >, হি°- উধম। গ্রা°-'উদুম'] বি, উৎপাত; উপদ্রব; ধূম। প্র-ছেলেটা ভারি দুর্দ্দান্ত; সমস্তদিন কেবল উদম করে বেড়াবে। ২ [সং-উদ্দাম= মুক্ত] বিণ, মুক্ত। ৩ উলঙ্গ; নগ্ন; অনাবৃত। "বসন না দেই বুকে উদাম মাথার কেশ।" -কবিক°। "বসে উদম্ গায়।"-ম্যাকবেথ। (গি° ঘোষ)। ৪ উচ্ছৃঙ্খল; স্বেচ্ছাবিহারী। প্র-উদম ষাঁড়। ৫ [গ্রা°। সং-উদ্যম। হি°-উদিম] উদ্যম; উৎসাহ।

ˋউদমাদা, ˋউদমোদা [হি°-উদ্মাদ (সং-উন্মাদ >) বিণ, উদমাদী-উন্মত্ত] বিণ, পাগলা; হাবলা; মাথাপাগলা; নির্ব্বোধ; শিথিলপ্রকৃতি; ন্যাকা।

ˋউদমো [উদম দ্রঃ। উদ্দাম (মুক্ত) >, বালকের উদ্দাম প্রকৃতি হতে অপরিণত] বিণ, অপরিণতবয়স্ক। ~রাঁড়ী-বি, অপরিণতবয়স্কা বিধবা; বালবিধবা; কড়ে রাঁড়ী। "উদমোরাঁড়ীর মাঠে যাব, ম্যাকবেথেরে দেখা দেব।"-ম্যাকবেথ। (গি° ঘোষ)।

উদয় [উৎ (উর্দ্ধে) অয়্। ই (গমন করা) +অ (অল্-অপা°)-যথা হতে সূর্য্যাদি উদিত হয়] বি, উদয়নামক পর্ব্বত; পূর্ব্বাচল; উদয়গিরি। "উদয়শিখরে সূর্য্যের মত।" -মানসী। "উদিলে নির্দ্দয় রবি উদয়-অচলে।" -মাইকেল। ২ পূর্ব্বদিক্; পূর্ব্ব। "উ° দুআরে আজি সুনিচ বারতা।"-শূ° পু°। "ওঠ সূর্য্য উদয় দিয়।"-প্রা° সূর্য্যের গান। ৩ [ভা°, অ] উৎপত্তি। প্র-ফলোদয়। ৪ প্রকাশ। "প্রথম প্রভাত উ° তব গগনে।"-রবী°। ৫ উদ্রেক। প্র-ক্রোধের উ°; ক্ষুধার উ°। ৬ আবির্ভাব; সঞ্চার। প্র-করুণার উ°; ভাবোদয়; দয়ার উ°। ৭ বোধ; অনুভূতি। প্র-সুখোদয়। ৮ উত্থান। প্র-সূর্য্যোদয়;

চন্দ্রোদয়। ৯ উন্নতি। প্র-উদয়োন্মুখ। ১০ আরম্ভ। প্র-এইত তাহার সৌভাগ্যের উ°। ১১ [পরিহাস বা রসিকতা স্থলে] উপস্থিতি : আগমন। ১২ উৎকর্ষ। ১৩[জ্যোতিষে. বি, অঙ্ক] মেষাদি লগ্ন। ১৪ [ব্রজ°] ক্রি, উদিত হয়। "গগনে উ° কত তারা।"-বি° প°।

উদইছে-উদিছে শব্দের কোমল রূপ। (উ +দ+ই+ছে) উদয় হইতেছে। ২ উদয় হইয়াছে। "কোটি মদনজনু জিনিয়া শ্যামের তনু, উ° যেন শশী রবি।"-চণ্ডী°।

উদয়ল-উদয় হইল (বি° প°)। উদিতে -উদিত হইতে। উদিবে-উদিত হইবে। উদিল-উদিত হইল। উদিয়া-উদিত হইয়া। "স্বপনেতে প্রতিনিশি হৃদয়ে উদিবে আসি।"-রবী°।

উদয়কাল [উদয় (সূর্য্যোদয়) কাল (সময়)] বি, সূর্য্যোদয়ের সময়। ২ আবির্ভাবকাল। ৩ তীব্রবিষধর : ক্ষুদ্রজাতীয় সর্পবিঃ।

উদয়গিরি, -পর্ব্বত, -অচল-বি, যে পর্ব্বতে সূর্য্যের উদয় হয়। "উদয় অচলে উষা দেখ আসি আসিছে।"-দেবেন্দ্র° সেন।

উদয়ন [উদ্-ই (গমন করা)+অন (র্ত্তৃ, জ্ঞা°)] বি, উদয়নাচার্য্য। ২ অগস্ত্যমুনি। ৩ অবন্তী দেশের রাজাবিঃ।

উদয়নালা [গ্রা°-উধুয়ানাল, উধুনালা] রাজমহলের নিকটস্থ গ্রাম ও নালা, ১৭৬১ অব্দে ইংরেজের সহিত বঙ্গের নবাব মীর কাসিমের যুদ্ধ ও পরাজয় স্থান।

উদয়মান [উৎ-ই+আন-(র্ত্তৃ) ম-আগম] বিণ, যিনি প্রকাশ পাইতেছেন; প্রকাশমান। ২ উৎপদ্যমান; জায়মান; যে জন্মিয়াছে বা জন্মিতেছে।

উদয়াস্ত [উদয়+অস্ত-দ্বন্দ্ব°] বি, সকাল-সন্ধ্যা। ২ উদয় হতে অস্ত পর্য্যন্ত সময়; প্রভাত হতে সন্ধ্যা পর্য্যন্ত কাল; সারাটি বেলা; দিনভোর। ৩ ক্রি-বিণ, উদয় হতে অস্ত পর্য্যন্ত।

উদয়োন্মুখ [উদয়-উন্মুখ=উদয়ের উন্মুখ -৬ তৎ] বি, অভ্যুদয়ের আরম্ভ। ২ [উদয়-উন্মুখ যার-বহু°] বিণ, যার অভ্যুদয় হইবার উপক্রম হইয়াছে।

উদর [উৎ-ঋ (গমন করা)+অ(র্ত্তৃ)] বি, নাভি এবং স্তনের মধ্যভাগ; পেট; জঠর। ২ [ধি-অন্] অভ্যন্তর। ৩ যুদ্ধ। (অপ্র°)।

~গ্রন্থি [উদরে (তলপেট)-গ্রন্থি (গাঁইট) যা হতে উদরে গ্রন্থি জন্মে-বহু°] বি, গুল্মরোগ (ইহা হইতেই পেটের মধ্যে গোলাকার রক্তপিণ্ড জন্মে; যার প্রাদেশিক নাম গুলুম)। ~ত্রাণ [উদরের-ত্রাণ (রক্ষা) হয় যৎ কর্ত্তৃক -বহু°] বি, উদর বন্ধনের বস্ত্রাদি। ~পর-বিণ, উদরপরায়ণ। > স্ত্রীং ~া। ~পরতা [উদর-পর (পেটুক)+তা (ভা°)] বি, যে রোগ-হইলে বার বার আহার করিবার ইচ্ছা হয়। ২ পেটকুমি : ঔদরিকতা। "সে রোগের পাশে বিশাল-উদর বসে উদরপরতা।" -মেঘ°। ~পরায়ণ [উদরে-পরায়ণ (অনুরক্ত) ৭ তৎ] বিণ, যে উদর-পূরণে ব্যস্ত: উদর-পূরণই যার প্রধান কর্ম্ম; ঔদরিক; উদরসর্ব্বস্ব: পেটুক। > স্ত্রীং ~া। ~পিশাচ-বিণ, পিশাচ যেমন আহার সম্বন্ধে ভালমন্দ বৈধাবৈধ কিছুই বিচার করে না, তদ্রূপ উদর-পূরণে যে যথেচ্ছাহারী; অখাদ্য-খাদক। > স্ত্রীং ~পিশাচী। ~ভঙ্গ [উদরের-ভঙ্গ (৬ তৎ)] বি, উদরাময়; অতিশয় ভেদ হওয়া।

উদরম্ভরি [উদর-ভৃ (পোষণ করা) +ই (র্ত্তৃ)=ভরি। ম-আগম] বিণ, আত্মম্ভরি; আপনার উদর-পূর্ত্তিতেই যার পরিতৃপ্তি; পেটুক। ~রোগ [উদরের রোগ -৬ তৎ] বি, উদরের রোগ: পেটের পীড়া। ~সর্ব্বস্ব -বিণ, ঔদরিক। ~সাৎ-বিণ, উদরস্থ; ভক্ষিত।

উদরাধ্মান [উদর+আধ্মান] বিণ, পেটফাঁপা।

উদরান্ন [উদর+অন্ন] বি, পেটের ভাত; অশন।

উদরাবর্ত্ত [উদরের-আবর্ত্ত (বৃত্তাকার গর্ত্তবৎ) ৬ তৎ] বি, নাভি [তুল-নাভিকূপ]।

উদরাময় [উদর-আময় (পীড়া)-৬ তৎ] বি, অতিসার; পেটের পীড়া diarrhœa

উদরিণী [উদর+ইন্ (প্রশস্তার্থে)=উদরিন+ঈ (স্ত্রীং)] বি, গর্ভিণী।

উদরিল [উদর+ইল (স্ত্য)] বিণ, স্থূলোদর।

উদরী [উদর+ঈ (ব্যাধি বা বিকারার্থে) গ্রা°-উদুরি] বি, উদরস্ফীতি রোগ dropsy. ২ [উদর+ইন (স্ত্য)] বিণ, স্থূলোদর; তুন্দিল; ভুঁড়ে।

উদর্ক [উৎ-ঋচ্-ঘঞ্] বি, ভবিষ্যৎকাল। ২ সম্ভাবিত ফল prospect. ৩ ময়না গাছ vangueria spinosa.

উদর্য্য [শরীর বিজ্ঞা° পরিঃ] বি, উদরের মাংস।

উদলা, -ড়া [প্রাদে° পূ° বঙ্গ। মালদহে-উদাম] বিণ, উলঙ্গ; নগ্ন; উন্মুক্ত। "তোমার কেবল ঘোমটা খুলে উ° করে ফেলা।"-কস্তুরী°। ২ [উত্থান > প্রাকৃ°-উথল > উদল+আ। শ্রীহট্ট প্রাদে°] স্থূল: পুরু। "উ° কাপড়।"

উদলাবণিক [উদ (জল)+লবণ+ইক (ষ্ণিক)] লবণ জলে রক্ষিত বা সিক্ত বা প্রস্তুত করা।

উদশ্বিৎ-বি, অর্দ্ধভাগ জলমিশ্রিত ঘোল।

উদসল-ক্রি, উন্মুক্ত করিল। "তেঁই উ° কুচজোরা।"-বৈ° প°।

উদস্ত [উৎ-অস্ (ক্ষেপণ করা)+ত (র্ম্ম)] বিণ, ইতস্ততঃ বিক্ষিপ্ত। ২ অপসারিত; দূরীকৃত; বহিষ্কৃত।

উদা-বি, ফিকে লালবর্ণ পারাবত। ২ [হিং°-ওদা। সং-উন্দ-আর্দ্র] বিণ, ভিজা।

উদাত্ত [উৎ (উচ্চ) আ-দা (উচ্চারণ করা, দান করা)+ত (র্ম্ম, ক্ত=ত্ত) যার উচ্চারণ উচ্চ করিতে হয়] বি, স্বরভেদ; বেদগানের উচ্চস্বর। "তরঙ্গিয়া চলিয়াছে অনুদাত্ত উ° স্বরিত।"-রবী°। ২ বাদ্যবিঃ। ৩ দান। ৪ [কাব্যালং] অলৌকিক দান; ঐশ্বর্য্য বা মহৎ ব্যক্তিদিগের চরিত্র-বর্ণন প্রস্তুত বিষয়ের অঙ্গ হইলে এই অলঙ্কার হয়। ৫ বিণ, দয়ালু। ৬ দানশীল; দাতা। ৭ মহান্; উদার; উন্নতচিত্ত। ৮ উচ্ছৃঙ্খল; বন্ধনমুক্ত।

উদান [উৎ-আ-অন্ (বাঁচা)+অ (ণে) -যে বায়ুদ্বারা বাঁচিয়া থাকে] বি, কণ্ঠস্থিত

বায়ু : প্রাণ, অপানাদি শরীরস্থ পঞ্চ বায়ুর অন্যতম ; বেদান্তে-ঊর্দ্ধগমনশীল কণ্ঠদেশস্থ উৎক্রমণ বায়ু। ২ উদরাবর্ত্ত ; নাভি। ৩ সর্পবিঃ।

ˋউদাবৎসর-বি, বর্ষপঞ্চকের মধ্যে বর্ষবিঃ।

উদাবর্ত্ত [উদ্+আবর্ত্ত] বি, মল, মূত্র ও বায়ুরোধক রোগ-বিঃ ; গুদগ্রহ। ২ মুদো।

উদাবিসু-বি, জনকবংশীয় জনৈক রাজা।

উদাবৃত্তা-বি,যোনিরোগ-বিঃ ; কষ্টরজঃ difficult menstruation.

ˋউদাম [উদ্দাম >, গ্রাঃ-উদোম] বিণ, অনাবৃত : খোলা। "বসন না দেয় বুকে উঃ মাথার কেশ।"-কবিকঃ। ২ উদ্দাম ;বন্ধন-মুক্ত। ৩ অদম্য। "নন্দরাজ-ঘরে নবনী খাইয়া, হইয়াছে উঃ ষাঁড়া।"-পদকল্পতরু।

ˋউদামাদা [উদারমতি-ভ্রং, পরে অর্থবিকৃতিতে-অতি সরল ঢিলে ঢালা বা অর্দ্ধোন্মাদ হতে আধপাগলা অর্থে]।

উদায়ুধ [উৎ (উর্দ্ধগত) আয়ুধ (অস্ত্র) যার-বহুঃ] বিণ, শত্রু বিনাশার্থ যে ব্যক্তি অস্ত্র উত্তোলন করিয়াছে ; উদ্ধৃতাস্ত্র ; উদ্যত-প্রহরণ।

উদার [উৎ (মুক্ত, উর্দ্ধ, উচ্চ) আ-ঋ (গমন করা)+অ (র্তৃ)] বিণ, দানশীল ; বদান্য। ২ [গুণে] মহান্ ; মহৎ ; উন্নত ; প্রশস্ত। প্র-উঃ হৃদয়। "হৃদয়ের ভাব সব উঃ মহান্।"-কাব্যকুসুমাঞ্জলি। ৩ [দূরত্বে] উচ্চ ; উন্নত। "কথনো উঃ গিরির শিখরে।" -চিত্রা। ৪ [ব্যাপ্তি অর্থে] প্রশস্ত ; সুবিস্তৃত। "গগনের উঃ ললাট।"-ছবি ও গান। "তোমার উঃ প্রাসাদে একেলা।" -রবীঃ। ৫ দয়ার্দ্র ; করুণ। "মেলিয়া উঃ আঁখি রহিলা নীরবে।"-রবীঃ। ৬ স্থির : গম্ভীর। ৭ সরল-প্রকৃতি ; ঋজুস্বভাব। ৮ শূন্য ; নিরবলম্ব। "উঃ অম্বর, শূন্য সাগর, শূন্যে মিলাও প্রাণ।"-গিঃ ঘোষ। ৯ দ্বেষহীন ; ভেদজ্ঞানহীন ; সংকীর্ণতাশূন্য ; সার্ব্বভৌমিক। "আমি চাই বিশ্বের উঃ পরাণ।"-কাব্যকুসুমাঞ্জলি। ১০ উৎকৃষ্ট ; উত্তম। "অধিক উঃ দেখিয়ে পরিণাম।" -বিঃ পঃ। ১১ [প্রাঃ বাং] চিন্তান্বিত ; চিন্তাযুক্ত (চৈঃ ভাঃ) [অপ্রঃ] ~চরিত [উদার (মহৎ) চরিত (চরিত্র, স্বভাব) যার-বহুঃ] বিণ, মহাপ্রাণ ; মহাশয় ; সকল সংকীর্ণতাশূন্য। ২ বদান্য। ~চিত্ত [উদার -চিত্ত যার-বহুঃ] বিণ, যার চিত্তে ঔদার্য্য ইঃ গুণ বিদ্যমান থাকে ; মহৎপ্রকৃতি ; উন্নতমনা ; সরলচরিত্র ; গম্ভীরচিত্ত। ~চেতা [উদার-চেতা (চেতস্=চেতা) -বহুঃ] বিণ, যার চিত্ত উদার ; সদাশয় ; মহা-প্রাণ। ~তন্ত্র-বি, উদারনীতি ; স্বাতন্ত্র্যবাদ। ~তন্ত্রী-বিণ, উদারনৈতিক। ~তা (-র্ত্র-) [উদার+তা (ভাঃ)] বি, অকপটতা ; ঋজুতা ; সরলতা। ২ ঔদার্য্য। ৩ শ্রেষ্ঠত্ব ; মহত্ত্ব ; ঔন্নত্য। ৪ দয়ালুতা। ৫ বদান্যতা ; দানশীলতা। ৬ [অলং] কাব্যগুণবিঃ ; ওজো-গুণের প্রকার-ভেদ [রচনা গাঢ় অথচ বর্ণ-বিন্যাসগুণে তা নৃত্যৎপ্রায় বলিয়া বোধ হইলে উদারতা নামক ওজোগুণ হয়] ~ধী [উদার (অকপট) হইয়াছে ধী (বুদ্ধি) যার-বহুঃ] বিণ, প্রশস্তমনা ; স্থিরচিত্ত ; সরলবুদ্ধি ; মহদাশয় ; কপটতাশূন্য। ২ বি, ধ্রুবের পৌত্র ; পুষ্টির পুত্র। ~নীতি-বিণ, যার মত ও কার্য্যপ্রণালী উদার ; উদারতন্ত্র liberal. ২ বি, সঙ্কীর্ণভাববর্জ্জিত নীতি। ৩ স্বাতন্ত্র্য-বাদ ; রাজনৈতিক মতৌদার্য্য liberalism ~নীতিক,-নৈতিক-বিণ, উদারতন্ত্রী ; স্বাতন্ত্র্যবাদী liberal. ~প্রকৃতি [উদার-প্রকৃতি (স্বভাব) যার-বহুঃ] বিণ, যিনি স্বভাবতঃ সদাশয় ; মহত্ত্ব যাঁর প্রকৃতিগত ; উদার-চরিত ; মহাশয়। ~মতি-বিণ, উদারধী ; প্রশস্তমনা ; উদারমতাবলম্বী। ~সত্ত্ব [উদার -সত্ত্ব (প্রাণ) যার-বহুঃ] বিণ, মহাপ্রাণ ; মহদাশয় ; অদীনসত্ত্ব। ~স্বভাব [উদার-স্বভাব (প্রকৃতি) যার-বহুঃ] বিণ, মহদাশয় ; উচ্চপ্রকৃতি ; উন্নতস্বভাব ; উদারপ্রকৃতি। ২ সরল স্বভাব। ৩ দয়ালু স্বভাব। ~স্বভাবিতা-বি, উদার স্বভাবের ধর্ম্ম। ~হৃদয়-বিণ, মহাপ্রাণ ; মহদাশয়।

উদারা [উদর হতে উচ্চার্য্য বলিয়া] বি, নিম্নসপ্তকের সুর।

ˋউদাল [শ্রীহট্ট প্রাদেঃ] বি, ২৫।৩০ ফুট দীর্ঘ গাছ, যা হতে পাট পাওয়া যায় ও যার বীজ হতে যা কাটা গাছের কাণ্ড হতে গাছ জন্মে ও দুই তিন বৎসরে পাট লইবার উপযুক্ত গাছে পরিণত হয়।

উদাস১ [উদ্ (ত্যক্ত) আস্ (বসা, থাকা) +অ (র্তৃ)-যে সংসার ত্যাগ করিয়া বা বিরক্ত হইয়া বসে] বি, সংসারবিরক্ত ; সন্ন্যাসী [বিরল]।

উদাস২ [উদ্ (ত্যাগার্থে) আস্ (বাস বা অবস্থানার্থে) +অ(র্তৃ)। প্রাঃ বাং-'উদস'] বি, বিষয়-বিতৃষ্ণা ; বৈরাগ্য ; ভোগবাসনা-পরিহার ; ঔদাস্য ; উদাসীনতা। ২ অনুৎ-সাহ। ৩ উপেক্ষা। "ভনয়ে বিদ্যাপতি করব উঃ।"-বিঃ পঃ। ৪ উচ্চতা [বিশেষ্যে বিরল] ৫ বি, ঔদাস্যযুক্ত ; উদাসীন ; নির্লিপ্ত। "ন মিলয় মন ভরি ন হোয় উঃ।" -বিঃ পঃ। ৬ অনুরাগশূন্য। ৭ নিরপেক্ষ ; তটস্থ indifferent. ৮ আকুল ; ব্যাকুল। "উঃ জগৎ যেতে চায় সেথা দেখিতে পেয়েছে পথ।"-রবীঃ। ৯ ক্ষুণ্ণ ; বিষণ্ণ ; বিষাদিত ; ম্লান।"ওগো কে তুমি বসিয়া উঃ মূরতি বিষাদ শান্ত শোভাতে।"-মানসী (রবীঃ)। ১০ প্রাণ হুহু করা। "পরাণ কেন কে জানে উদাসে।"-রবীঃ। ১১ অনাবৃত ; উন্মুক্ত। "উঃ বাতাসে নিশ্বাসিয়া কেঁদে ওঠে বন।"-চিত্রা। "এদিকে ঝাঁপিতে তনু ওদিকে উঃ।" -বিঃ পঃ। ১২ উদ্দেশ্যহীন ; শূন্য। "উঃ পরাণে কোথা নিরুদ্দেশ, * * * ভ্রমিতেছি আনমনে।"-ছবি ও গান। ১৩ [প্রাঃ বাং-'উদস' (বৈঃ পঃ)] শিথিল। "নীবিবন্ধ করল উদস" (=উদাস)।

উদা৶স৩-ক্রি, উদাস করা। ~সিল -উদাস করিল। ~সে-উদাস করে। ~সি -উদাস করি, করিয়া। ~সিয়া-উদাস করিয়া। "হুহু করি নিশ্বাসিয়া চ'লে যাবে উদাসিয়া কেশপাশ আকাশে ছড়ায়ে।" -রবীঃ। উঃ উঃ করা-ক্রি, শূন্য বোধ করা ; হুহু করা। "জানি না কেন যে হৃদয় এখন উঃ উঃ করে।"-প্রেম ও ফুল।

উদাসল [ব্রজঃ] ক্রি, অনাবৃত করিল বা হইল। "তেজি উঃ কুচজোরা।"-বিঃ পঃ। "পাশ উঃ পালটি নেহারি।"-জ্ঞানঃ।

উদাসিতা [মূ°-উদাসিতৃ। উদ্ (ত্যাগার্থে)-আস্ (বসা) তৃ (র্তৃ), যে সর্ব্বস্ব ত্যাগ করিয়া বসে] বিণ, উদাসীন ; বৈরাগী। ২ নিঃসম্পর্ক। ৩ স্বতন্ত্র। ৪ নিরপেক্ষ ; যে পক্ষ বা বিপক্ষ আশ্রয়ী নহে neutral.

উদাসিনী [উদাসী, উদাসীন দ্রঃ] বি, সন্ন্যাসিনী। ২ বিণ, অনাথা। "শিবের কুমারী আমি উ° নহি।"-পদ্মা পু°। ৩ অনন্যবিষয়ে একান্ত অনুরাগিণী ; আত্ম-বিস্মৃতা। সংসারের সকল বিষয়ে বিরাগিণী কিন্তু এক বিষয়ে অনুরাগিণী। "শ্যাম-প্রেমে উ° রাধিকা শ্যাম অধীনী।"-ব্রজাঙ্গনাকাব্য।

উদাসী [উদাস+ইন্ (স্ত্য) বা উৎ-আস্ (উপবেশন করা)+ইন্ (র্তৃ)=উদাসিন্ ১মা ১ব°] বিণ, যার বাসনা উদাস হইয়াছে ; যে বিষয়-বাসনা রাখে না ; বিষয়বিরাগী। ২ অনাসক্ত ; নির্লিপ্ত ; নির্ব্বিকার। "শুনিয়া উ°, বসুন্ধরা বসিয়া আছেন এলোচুলে।" -রবী°। ৩ অন্যমনস্ক : আত্মবিস্মৃত। "আমি উন্মনা হে, হে সুন্দর আমি উ°।"-রবী°। ৪ বি, উদাসীন; সন্ন্যাসী। স্ত্রীং উদাসিনী (দ্রঃ)।

উদাসীন [উদ্ (উপরে, উর্দ্ধে)-আসীন। (অবস্থিত, উপবিষ্ট)-যিনি বিষয়-বাসনার উর্দ্ধে অবস্থিত বা উদ্ (বাহিরে) -আসীন-যিনি সংসারের বাহিরে অবস্থিত] বি, সন্ন্যাসী ; বৈরাগী। ২ বিষয়-বিতৃষ্ণ ; নির্ব্বিকার ; নির্লিপ্ত। "ক্ষ্যাপার মতন আছি চিরদিন উ° আনমনা।"-রবী°। ৩ যে কোন পক্ষে বা বিপক্ষে নাই ; নিরপেক্ষ neutral. ৪ যার সহিত সম্পর্ক বা পরিচয় নাই। "তরুশ্রেণী উ°, রাজপথ পানে চেয়ে আছে সারাদিন, আপনার ছায়ার পানে।" -রবী°। ৫ এক বিষয়ে অনুরক্ত। ৬ ক্রি-বিণ, অপরিচিতের মত ; নিঃসম্বন্ধ। ৭ উদ্দেশ্যহীন ভাবে ; শূন্যগর্ভ vacant. "* * শোকহীন, হৃদিহীন সুখস্বর্গভূমি, উদাসীন চেয়ে আছে।"-রবী°। বি, ঔদাসীন্য। স্ত্রীং ~া। উদাসিনী (দ্রঃ)। ~তা (ন্)-বি, ঔদাস্য।

উদা/হরণ [উদ্-আ-হৃ (আহরণ করা) +অন (ভা°)] বি, কোন বিষয়ের অর্থ বা কোন অভিপ্রায় স্পষ্ট এবং বোধগম্য করিবার জন্য বা কোন কিছু প্রমাণ করিবার জন্য, অন্য বিষয়ের উল্লেখ। ২ প্রস্তুত বিষয়ের সমর্থক বাক্য বা প্রসঙ্গ ; সূত্রাদির অর্থ বিশদ-রূপে বুঝাইবার জন্য দর্শিত প্রয়োগ ; দৃষ্টান্ত। ৩ মূলবিষয়ের প্রয়োগ [মূলের বিপরীত বিষয়ের প্রয়োগকে প্রত্যুদাহরণ বলে] ৪ নিদর্শন। ৫ কীর্ত্তন : বর্ণন ; উল্লেখ। ~হার [প্র° অ°] বি, উদাহরণ। ~হৃত [উদ্-আ-হৃ+ত (র্ম্ম)] বিণ, যা উদাহরণে দেখান গিয়াছে ; উল্লিখিত ; দৃষ্টান্তস্বরূপ উক্ত। ২ বর্ণিত। ৩ উচ্চারিত।

উদিছে [উদয় দ্রঃ। উদয় হইতেছে > ক্ষে° উদিতেছে > আরও সঙ্কুচিতরূপ উদিছে] ক্রি, উদয় হইতেছে।

উদিত [উদ্ (উপরি) ই (গমন করা)+ত (র্তৃ)] বিণ, উদ্‌গত ; উত্থিত। ২ উন্নত। ৩ উদয়প্রাপ্ত। ৪ প্রাদুর্ভূত ; উৎপন্ন। ৫ [ভা°-ত] উদয় [প্র° অ°] ৬ বদ্ (বলা)+ক্ত] বিণ, কথিত ; উল্লিখিত ; উক্ত।

উদিত্বর [উদ্-ই (গমন করা)+বর (র্তৃ), ত্ আগম] বিণ, উদ্গত ; উত্থিত। ২ যে উঠিতেছে [বিরল]।

উদিসা [প্রা° বাং, প্রাদে°] বি, উদ্দেশ। "ঘৃতে ভাজে নিমপাত উ° উরসী তাত।" -মনসা ম° (বংশী)।

উদীক্ষণ [উদ্-ঈক্ষ্ (দর্শন করা)+অন (ভা°)] বি, উৎকৃষ্টরূপে দর্শন বা বিবেচনা। ২ প্রতীক্ষা [বিরল]।

উদীচী [উদক্ (উত্তর দিক্)+ঈপ, উদক্=উদীচি+ঈ=উদীচী] বি, উত্তর দিক্।

উদীচীন [উদীচী (দ্রঃ)-ঈন (সম্বন্ধার্থে)] বিণ, উদীচ্য।

উদীচ্য [উদীচী দ্রঃ। য (ভবার্থে) "শরাবত্যাস্তু যোঽবধেঃ। দেশঃ পাগ্ দক্ষিণঃ প্রাচ্য উদীচ্যঃ পশ্চিমোত্তরঃ॥"-অমর°] বিণ, উত্তরে স্থিত ; উত্তর-দিক্-সম্বন্ধীয় ; উত্তর-দেশীয় ; উত্তরদেশজাত ; উত্তরদিকে উৎপন্ন। ২ বি, সরস্বতী (অমরসিংহের মতে শরাবতী) নদীর উত্তরপশ্চিমস্থিত দেশ; অপর নাম 'উদগ্-দেশ'। ৩ বালা নামক গন্ধদ্রব্য। ~বৃত্ত [উদীচ্য (উত্তর মেরুস্থিত) বৃত্ত (অক্ষাংশ)] বি, যে অক্ষ-রেখা উত্তর মেরুর ২৩½° অংশ দক্ষিণে অবস্থিত; যে কল্পিত অক্ষ-রেখা উত্তর মেরুকে (North Pole.) ২৩½° ডিগ্রী দূরে বেষ্টন করিয়া আছে Arctic Circle.

উদীচ্যেতরবৃত্ত [উদীচ্য-ইতর (ভিন্ন, অপর) বৃত্ত-যে বৃত্ত উদীচ্যের অপর অর্থাৎ দক্ষিণ] বি, দক্ষিণ মেরুর (South Pole) ২৩½° অংশ উত্তরে কল্পিত অক্ষ-রেখা Antarctic Circle.

উদীয়মান [উদ্-ঈ-শান (র্তৃ)] বিণ, যে উঠিতেছে rising. স্ত্রীং ~া।

উদী/রণ [উৎ-ঈর (গমন করা)+অন (ভা°, ট্)] বি, উচ্চারণ। ২ কীর্ত্তন। "ছন্দোবদ্ধ বাণীর পক্ষে সুবিহিত সুসমঞ্জস উ°।"-কা° রায়। ~রিত [উৎ-ঈর্+ত (র্ম্ম)] বিণ, উচ্চারিত। "কোটি কোটি কণ্ঠে যখন এক উপাসনার মন্ত্র উ° হইত।" -সম্মিলনী, ১৩৩৩। ২ কীর্ত্তিত।

উদীর্ণ [উৎ-ঋ (গমন করা)+ত (র্তৃ), ঋ-ত=ঈর্ণ] বিণ, উদ্‌গত [অন্যান্য অর্থ সং অভিধানে দ্রঃ (বাং-য় ব্যবহার নাই)]।

উদীর্য্যমাণ [উৎ-ঈর্ (প্রেরণ করা)+শান (র্ম্ম) য আগম] বিণ, উচ্চার্য্যমাণ। ২ উল্লিখ্যমান।

ˊ**উদুম**-উদম দ্রঃ।

ˊ**উদুমধুম**, ˊ**উদুমধুমা** [উদ্ধমথুমা ও°, সং-উদ্ধত। হি°-উধম=উপদ্রব, দাঙ্গা ফ্যাসাদ গোঁয়ারতমী, উধমী=গোঁয়ার ; উৎপাতকারী] বিণ, ধুম্ করে যে ; গোঁয়ার ; উপদ্রবকারী। গ্রা° কথ্য-ভেদে-ধামধুম্ব। উধুম দ্রঃ।

উডুম্বর [উডুম্বর দ্রঃ] বি, যজ্ঞডুমুরের গাছ। ২ যজ্ঞ ডুমুর। ৩ কুষ্ঠরোগ-ভেদ। ৪ তাম্র।

উদূখল [উদ্ (উপরে, উর্দ্ধে) উখ্ (গমন করা) ল (স্ত্য)-নিপাতন। যার মুখ উর্দ্ধ বা উপর দিকে গিয়াছে। তুল-সং-উৎখল ; পা°-উক্খল ; হি°-উখলী। বাং কথ্য-উখল (বড় উ°) উখলি (ছোট উ°)-ক্ষে° খল, খল্ল] বি, কাষ্ঠাদি-নির্ম্মিত ডমরুর আকার প্রায় ১ ফুট গভীর পাত্রবিঃ, যাতে তণ্ডুলাদি শস্য

রাখিয়া মুষলাঘাতে নিস্তুষ করা হয় : উখ্‌লি। "উদূখলে গোপালে যশোদা লয়ে বাঁধে।-শি°।

উদেশ [সং-উদ্দেশ, ব্রজ°] বি, উদ্দেশ। "আর নাহি করল উ°।"-জ্ঞান°। ২ লক্ষ্য। ৩ হেতু ; কারণ ; নিমিত্ত। "নিচয় মরিব আমি সে কানু উ°।"-বি° প°।

উদেস [উদাস >] বিণ, অনাবৃত। "নিবিবন্ধ করল উ°।"-বি° প°।

`উদো [উধো দ্রঃ] বিণ, নির্ব্বোধ। ২ অধঃপতিত ; কলঙ্কিত। ~**গেঁড়ে** [অশ্লীল] অকর্ম্মণ্য ; অলস। ২ বোকা।

উদোম [উদেস, উদাস দ্রঃ] বিণ, উন্মুক্ত ; আদুড় ; উদ্‌লা ; খোলা।

উদ্‌গত [উদ্ (উপরে, উর্দ্ধে) গম্ (গমন করা) + ত (র্ত্তৃ) যে গিয়াছে] বিণ, যার উদ্‌গম হইয়াছে ; উদ্ভূত ; উৎপন্ন। ২ উদিত। ৩ উর্দ্ধগত ; উত্থিত। ~**কার্য্য** [স্থপতিশিল্পে] বি, প্রাচীরাদি গাত্রে উৎকীর্ণ খোদকারী কাজ relief-work.

উদ্‌গতাসু [উদ্‌গত + অসু (প্রাণ)] বিণ, মৃত।

উদ্‌গতি [উদ্-গম্ + তি (ভা°)] বি, উদ্‌গম ; উদ্ভূতি ; উৎপত্তি। ২ উদয়।

উদ্‌গত্বর [উদ্-গম্-ক্বরপ্ (র্ত্তৃ)] বিণ, উদ্‌গমনীয়।

উদ্‌গম [উদ্-গম্ + অ (ভা°, ল্)] বি, উত্থান ; উৎপত্তি ; উদয়। ~**ন** (-র্ম-) [উদ্-গম্ + অন (ভা°)] বি, উপরে গমন ; উদয় ; অভ্যুন্নতি ; উদ্গতি। ~**নীয়** [উদ্-গম্ + অনীয় (র্ম্ম)] বিণ, আরোহণের যোগ্য। ২ [উৎ (বাহিরে) গমনীয় (গমনযোগ্য-"উদ্‌গমনীয়ং যৎ ধৌতয়োর্ব্বস্ত্রয়োর্যুগম্।"-অমর°)। পরিধেয় ও উত্তরীয় যা অঙ্গে ধারণ করিয়া বাহির হওয়া যায়] বি, ধৌত পরিধেয় বস্ত্রযুগল ; ধোয়া ধুতিচাদর।

উদ্‌গাঢ় [উদ্-গাহ্ (বিলোড়ন করা) + ত (ভা°), হ-ত=ঢ়] ক্রি-বিণ, প্রগাঢ় ; প্রবল ; অত্যন্ত ; অতিমাত্র : অত্যধিক intense.

উদ্গাতা [উদ্ (উদাত্ত, উচ্চৈঃস্বরে)-গাতা (গৈ=গান করা + তৃ-(র্ত্তৃ) তৃন্)=উদ্গাতৃ ১মা ১ব°-যে উচ্চরবে গান করে] বি, সামবেদগাথক। ২ বিণ, উচ্চরবে গানকারী। স্ত্রীং উদ্গাত্রী।

উদ্গার [উদ্-গৃ (ভোজন করা) অ (ভা°), গৃ=গার্] বি, মুখদ্বার দিয়া উদরস্থ বায়ুনির্গম ; ঢেকুর। "উদর হইল পূর্ণ উঠিল উ°।"-শি°। ২ বমন ; বমি করণ। ৩ নিঃসরণ। ৪ উচ্চারণ। ৫ [র্ম্ম-অ] বড়িশ।

উদ্গিরণ, উদ্গীরণ [উদ্গার অর্থে বাং-য় ভূরিপ্রচলন। উদ্-গৃ + অন (ভা°-নিপাতন), গৃ=গির্, গীর্] বি, বমন। ২ ঢেকুর।

উদ্গীত [উদ্ (উচ্চ)-গীত (গৈ=গান করা + ত, র্ম্ম), গৈ=গী] বিণ, উচ্চকণ্ঠে গীত : উদাত্তস্বরে গীত। বি, উদ্গীতি-উচ্চৈঃস্বরে গান। ২ আর্য্যাছন্দোবিঃ।

উদ্গীথ [উদ্-গীথ (গৈ=গান করা + থ-র্ম্ম, জ্ঞ)] বি, সামবেদের ধ্বনি। ২ সামগান। ৩ প্রণব। ৪ সামবেদের দ্বিতীয় অধ্যায়।

উদ্গীম [ব্রজ°। প্রা° বৈ° প° সা°] বিণ, উদ্‌গ্রীব ; আগ্রহান্বিত।

উদ্গীর্ণ [উৎ=গৃ (ভোজন করা) + ত (র্ম্ম) গৃ-ত=গীর্ণ] বিণ, যা উদ্গিরণ করা হইয়াছে : বমিত। ২ উত্থিত। ৩ নির্গত। ৪ উচ্চারিত।

উদ্‌গূর্ণ [উদ্-গুর্ (উৎক্ষেপে)-ক্ত (র্ম্ম)] বিণ, উত্তোলিত। ২ উদ্যত। স্ত্রীং ~া।

উদ্‌গ্রথিত [উৎ-গ্রন্থ্ (গাঁথা) + ত (র্ম্ম)] বিণ, উর্দ্ধে গ্রথিত ; উর্দ্ধে সংলগ্ন ; উপরিভাগে বদ্ধ।

উদ্‌গ্রন্থন [উৎ-গ্রন্থ্ (গাঁথা) + অন (ভা°)] বি, প্রাচীরাদি নির্ম্মাণ।

উদ্‌গ্রহ, উদ্‌গ্রহণ [উদ্-গ্রহ্ (গ্রহণ করা) + অ, অন (ভা°)] বি, গ্রহণ ; গলাধঃকরণ ; গিলন।

উদ্‌গ্রা/হ [উদ্-গ্রহ্ (গ্রহণ করা) + অ (ভা°)] বি, গ্রহণ। ২ বিদ্যাবিচার। "উ° করিতে চৈতন্য গোসাঞি জান।"-চৈ° ম° [অপ্র°] ~**হিত** [উৎ-গ্রহ্ + ণিচ=গ্রাহি + ত (র্ম্ম)] বিণ, উপরে নীত বা বদ্ধ ; উপন্যস্ত। ২ উন্নমিত। ৩ আক্রান্ত। ৪ গ্রাহিত ; প্রাপিত।

উদ্‌গ্রীব [উৎ + গ্রীব-গ্রীবা উন্নত করিয়া আগ্রহে অপেক্ষা করার ভাব] বিণ, অত্যাগ্রহান্বিত ; উৎকণ্ঠিত। "কি হয় না হয় জানিবার জন্য তিনি উ° হইয়া রহিলেন।"

উদ্ঘ/ট্টন [উৎ-ঘট্ট্ (সংযোগ করা) + অন (ভা°)] বি, ঘোঁটন ; আলোড়ন। ২ ধাক্কামারা। ৩ উন্মোচন। ~**ট্টিত** [উৎ-ঘট্ট্ (চালিত হওয়া) + ত (র্ম্ম)] বিণ, যা উদ্ঘাটন করা হইয়াছে ; উন্মোচিত। ২ আহত [অপ্র°]।

উদ্ঘর্ন [উৎ-হন্ (বধ করা) + অ (ধি°) হ=ঘ] বি, সূত্রধরের কাষ্ঠ এবং কর্ম্মকারের লৌহাদি পরিষ্কার করিবার জন্য কাষ্ঠ বা লৌহনির্ম্মিত আধার ; পরকাঠ।

উদ্‌ঘর্ষণ [উৎ (উপরে)-ঘৃষ্ (ঘর্ষণ করা) + অন (ভা°)] বি, কোন কঠিন পদার্থ দ্বারা দেহ মার্জ্জন friction

উদ্ঘা/ট [উৎ-ঘট্ (প্রকাশ পাওয়া) + অ (ভা°)] বি, উদ্‌ঘাটন ; উন্মোচন। ২ [ধি-অ] বাণিজ্যদ্রব্য দর্শন জন্য উন্মুক্ত স্থান। ৩ রাজকর দান ও গ্রহণ করিবার ঘাটি বা স্থান। ৪ ঘাটির রক্ষিগৃহ ; গুমটি। ~**টক** [উৎ-ঘট্ + ণিচ্=ঘাটি (প্রকাশ পাওয়ান) + অক (র্ত্তৃ)] বিণ, উদ্‌ঘাটনকারী ; উন্মোচক। ২ প্রকাশকারী ; প্রকাশক। ৩ উল্লেখকারী। ৪ বি, যদ্দ্বারা দ্বার উদ্‌ঘাটন করে ; চাবি। ৫ কূপ হতে জল উত্তোলক যন্ত্র ; ঘটীযন্ত্র। ~**টন** [উৎ-ঘাটি + অন (ভা°)] বি, উন্মুক্তকরণ ; উন্মোচন ; অনাবৃতকরণ। ২ প্রকাশকরণ। ৩ উল্লেখ। ৪ [অন-ণে] বিণ, যদ্দ্বারা খোলা যায় ; উদ্‌ঘাটক। ৫ কূপ হতে জল তুলিবার জন্য রজ্জুবদ্ধ চর্ম্মপাত্র। বিণ, ~**টিত**-যার উদ্ঘাটন বা উন্মোচন করা হইয়াছে ; অনাবৃত। ২ প্রকাশিত ; অভিব্যক্ত।

উদ্ঘা/ত [উৎ-হন্ (বধ করা) ঘাত (ঘঞ্-ভা°)] বি, প্রতিঘাত ; টক্কর ; ঠোকর ; পাদস্খলন। ২ মুদ্গরাদি অস্ত্রবিঃ। ৩ উল্লেখ। ৪ কূপ হতে জল তুলিবার যন্ত্র ; কপিকল।

৫ উপোদ্‌ঘাত ; উপক্রম ; প্রস্তাবনা ; আরম্ভ। ৬ গ্রন্থাদির অধ্যায় বা পরিচ্ছেদ। ~তী-বিণ, প্রতিঘাতকারী। ২ পদস্খলনকারী। > স্ত্রীং ~তিনী। "উদ্‌ঘাতিনী পন্থা।"-স০ দত্ত।

উদ্‌ঘূর্ণা [উদ্-ঘূর্ণ+আ] বি, নানারূপ বিসদৃশ চেষ্টা। "শ্রীরাধিকার উন্মাদ যৈছে উদ্ধব দর্শনে। উ০ প্রলাপ তৈছে প্রভুর রাত্রি দিনে।"-চৈ০ চ০।

উদ্‌ঘোষ [উৎ (উচ্চ) ঘুষ্ (শব্দ করা) +অ (ভা০)] বি, উচ্চরব। ২ [(র্তৃ, ঘঞ্‌] উচ্চশব্দকারী।

উদ্‌জান, উদ্‌র্জন [বৈজ্ঞা০ পরিঃ] বি, হাইড্রোজেন hydrogen.

উদ্দংশ [উৎ (উৎকট) দনশ্ (দংশন করা) +অ (র্তৃ) যে দংশন করে] বি, কেশকীট ; উকুন। ২ বৃহদাকার মশকবিঃ ; ডাঁশ।

উদ্দণ্ড [উৎ (উৎকট, উন্নত) দণ্ড, যার -বহু০] বিণ, কঠোর দণ্ডদাতা। ২ প্রবল ; প্রতাপান্বিত (চৈ০ চ০)। ৩ [ধা] উত্থিত দণ্ড ; উদ্যত (প্রহারোদ্যত) দণ্ড ; উত্তোলিত যষ্টি। ~পাল [উৎ-দণ্ড-পাল (পাল্= রক্ষা করা)+অ (র্তৃ)] বি, যিনি দণ্ড দ্বারা পালন করেন ; দণ্ডবিধাতা। ২ সর্পবিঃ। ৩ মৎস্যবিঃ।

উদ্দন্তুর [উৎ (উচ্চ, লম্বা) দন্ত+উর (স্থ্য, ডুর) যার লম্বা দন্ত আছে] বিণ, উঁচু দাঁতবিশিষ্ট ; ভীষণদন্ত ; করাল।

উদ্দান্ত [উৎ (অতিশয়) দান্ত-দম্ (শাসন করা)+ত (র্ম)] বিণ, অতিশয় দমিত। ২ প্রশমিত : স্থিরীভূত।

উদ্দাম [উৎ-দম্ (মুক্ত হওয়া) (ঘঞ্‌ -র্তৃ)] বিণ, বন্ধনমুক্ত ; বন্ধন রহিত। ২ স্বেচ্ছাচারী ; স্বেচ্ছাপরিচালিত। "যতেক্ক করয়ে প্রভু সকল উ০।"-চৈ০ ভা০। ৩ উচ্ছৃঙ্খল। ৪ দুর্দমনীয় ; অতিশয় প্রবল ; উৎকট। প্র-উ০ বাসনা।

উদ্দা/ল-বি, কোদো ধান্য। ২ চালিতা গাছ ; বহুবার বৃক্ষ cordia myxa. ৩ বাতঘাতক বৃক্ষ ; কর্ণিকার বৃক্ষ। "ভদ্রে, ঐ যে বাতঘাতক বৃক্ষ দেখিতেছ, উহার আর একটী নাম উ০। এখানে গর্ভস্থ হইয়াছে বলিয়া তোমার ঐ সন্তানটীর উদ্দালক নাম রাখিবে।"-জাতক, ৪র্থ খণ্ড। ~লক [উদ্দাল (দ্রঃ)+ক জ্ঞা০] বি, মুনিবিঃ ; শ্বেতকেতু ইঁহার পুত্র। ২ বহুবারক বৃক্ষ।

উদ্দিষ্ট [উৎ=দিশ্ (লক্ষ্য করা বলা ই০) +ত (র্ম)] বিণ, যার উদ্দেশ করা হইয়াছে ; যার অনুসন্ধান পাওয়া গিয়াছে ; লক্ষ্যীকৃত। ২ উপদিষ্ট। ৩ অভিপ্রেত।

উদ্দীপক [উৎ-(অতি) দীপ্ (দীপ্তি করা)+অক (র্তৃ)] বিণ, প্রকাশক। ২ দীপ্তিকারক। ৩ উত্তেজক।

উদ্দীপন [উৎ-দীপ্ (দীপ্ত করা)+অন (ভা০)] বি, প্রকাশ করণ ; দীপ্ত করণ। ২ প্রজ্বলন। ৩ উত্তেজন ; উৎসাহিত করণ। ৪ বর্দ্ধিত করণ ; বাড়াইয়া দেওয়া ; উসকে দেওয়া। ৫ কাম ক্রোধাদি রিপুকে প্রবলকরণ। ৬ [দীপ্ +ণিচ্ =দীপি+অন (র্তৃ) যে উদ্দীপ্ত করায়। (অলং শা০)] উদ্দীপন বিভাব, যারা রসের উদ্দীপন করে তারাই 'উদ্দীপন বিভাব'। যাকে অবলম্বন করিয়া হর্ষ, শোক, ভয়, বিস্ময় ই০ চিত্তবিকার জন্মে তাকে 'আলম্বন বিভাব' বলে। দূরাগত বন্ধুদর্শনে হর্ষ হ'লে বন্ধু হর্ষের আলম্বন বিভাব, সর্পদর্শনে ভয় জন্মিলে সর্প-ভয়ের আলম্বন বিভাব হয়। আলম্বন বিভাবের কার্য্য বা চেষ্টা হতে উদ্দীপন বিভাবের জন্ম হয়। ভয়ের আলম্বন সর্পকে ফণা ধরিয়া গর্জ্জন এবং দংশনার্থ ধাবিত হতে দেখিলে যদি ভয় জন্মে তা হলে তাকে আলম্বনের কার্য্য বা চেষ্টাজনিত 'উদ্দীপনবিভাব' বলা যায়। স্ত্রীং ~া-বি, উদ্দীপন (সকল অর্থে)। ~পূর্ণ। ~ময়।

উদ্দী/পনীয় [উৎ-দীপ্ (দীপ্ত করা) +অনীয় (র্ম)] বিণ, উদ্দীপনযোগ্য। ~পিত [উৎ-দীপ্ +ত (র্ম)] বিণ, প্রকাশিত। ২ প্রদীপ্ত ; প্রজ্বলিত। ৩ উত্তেজিত। ৪ সংবর্দ্ধিত। ~প্ত [উৎ-দীপ্ (দীপ্তি পাওয়া)+ত (র্ম)] বিণ, যা জ্বলিয়াছিল ; প্রকাশিত ; অভিব্যক্তীকৃত ; উজ্জ্বলিত ; আলোকিত। ২ জ্বলন্ত ; প্রজ্বলিত।

উদ্দে/শ [উৎ-দিশ্ (লক্ষ্য করা ; বলা)+অ (ভা০)। প্রাদে০, গ্রা০-উরদিশ। "উরদিশে বাড়ায় হেলায় মমিন মুসলমান।" -মৈ০ গী০] বি, লক্ষ্য। "কাহার উদ্দেশে একথা বলা হইল তখন কেহ বুঝিল না।" ২ অনুসন্ধান ; অন্বেষণ ; খোঁজ ; সন্ধান। "আকাশবাণীতে পেয়ে দেবীর উ০।"-অ০ম০। "আপনি খুঁজিয়া ফিরে তোমারি উদ্দেশে।"-রবী০। "সাগর উদ্দেশে নদী ভ্রমে দেশে দেশে রে, অবিরাম গতি।"-ব্রজাঙ্গনা। ৩ অভিপ্রায়। ৪ অভিসন্ধি। ৫ কারণ ; হেতু। ৬ বার্ত্তা ; সংবাদ। "একবার কেহ উ০ লয় না।" ৭ ঠিকানা। ৮ উল্লেখ। ৯ নাম দ্বারা কথন। ১০ চিহ্ন। ১১ স্মরণ ; ধ্যান। "মহামায়া-উদ্দেশে বিস্তর কৈলা স্তব।"-অ০ ম০। ১২ [নির্দ্দেশ 'উদ্দেশে'] ক্রি-বিণ, নির্দ্দেশ মতে। ১৩ [পরিঃ, সুশ্রুত] সংক্ষিপ্ত বিবরণ (সাধাঃ দেহাভ্যন্তরে কোন আগন্তুক কিম্বা গৌণতঃ কোন আরোগ্য-পরিপন্থী রোগনিদান) [দ্রঃ-'উদ্দেশ'=সংক্ষিপ্ত বিবরণ। 'নির্দ্দেশ'= বিস্তারিত বিবরণ। 'অপদেশ' যুক্তি বা বিচার বিবৃতি। 'উপদেশ'=কোন প্রক্রিয়ার বিশেষ প্রণালী সম্বন্ধে বিধান। 'প্রদেশ'=পূর্ব্বঘটনা হতে বর্ত্তমান কর্ত্তব্য নির্দ্ধারণ] ১৪ [ধি, অল্] প্রদেশ [প্র০ অ০] ~শক [উৎ-দিশ্ (লক্ষ্য করা, বলা)+অক (র্তৃ)] বিণ, উদ্দেশকারী।

উদ্দেশ্য [উৎ-দিশ্ (লক্ষ্য করা)+য (র্ম)] বিণ, যার উদ্দেশ করা হয় ; লক্ষ্য ; অভিপ্রেত। ২ বি, অভিসন্ধি ; অভিপ্রায়। ৩ তাৎপর্য্য ; মানে। ৪ [ব্যা০] যার সম্বন্ধে কিছু বিহিত বা নিষিদ্ধ হয় subject. ~হীন, ~বিহীন-বিণ, যার কোন অভিপ্রায় নাই ; লক্ষ্যশূন্য aimless.

উদ্দেশ্যানুরূপ [উদ্দেশ্য+অনুরূপ] বিণ, অভিপ্রায়ানুযায়ী।

উদ্দ্যোত [উৎ=দ্যুত্ (দীপ্তি পাওয়া) অ (ভা০)] বি, উদ্দীপ্তি ; প্রকাশ। ২ আতপ।

উদ্‌দ্রুত [উৎ-দ্রু (বেগে গমন করা)+ত (র্তৃ)] বিণ, ধাবিত ; পলায়িত। ২ বেগবিশিষ্ট।

উদ্ধত [উৎ-হন্ (হিংসা করা, গমন করা) +ত (র্তৃ)] বিণ, উগ্র। ২ দুর্দ্দান্ত ; দুরন্ত। ৩ ধৃষ্ট ; অবিনীত। ৪ গর্বিত ; অহঙ্কৃত।

৫ উৎকট। ৬ উৎক্ষিপ্ত। বি, উদ্ধতি প্রাং-উদ্ধতামি। ~চারিতা [উদ্ধত-চর্ (বিচরণ করা) + ইন্ (র্ত্তৃ-ন্)=উদ্ধতচারিন্ +তা (ভাং)] বি, উগ্র আচরণ ; দুরন্তপনা ; ঔদ্ধত্য ; উদ্ধত চাল-চলন। ~চারী [মূং-উদ্ধতচারিন্ ১মা ১বং] বিণ, যে উদ্ধতভাবে চলে ; ঔদ্ধত্যপ্রকাশক ; দাম্ভিক। > স্ত্রীং ~চারিণী। ~প্রকৃতি-বিণ, উং স্বভাব। ~ভাষী [উদ্ধত-ভাষ্ (ব্যক্ত করা, কথা বলা) + ইন (র্ত্তৃ)=উদ্ধতভাষিন্] বিণ, যে উদ্ধতভাবে কথা বলে ; দাম্ভিক বক্তা ; যে কথা বলিবার কালে কাহাকেও সমীহা করে না ; অহঙ্কৃতবাদী। ~মনা (-ঃ) [মনস্] বিণ, দাম্ভিক ; উগ্রস্বভাব। ~স্বভাব [উদ্ধত-স্বভাব (চরিত্র) যার-বহুং] বিণ, উগ্র-প্রকৃতি ; উচ্ছৃঙ্খল-চরিত্র ; দুরন্ত-স্বভাব। > স্ত্রীং ~স্বভাবা।

উদ্ধতি [উৎ-হন্-(হিংসা এবং গতি) + তি (ভাং)। প্রাং-উদ্ধতামি] বি, ঔদ্ধত্য ; উচ্ছৃঙ্খলতা। ২ ধৃষ্টতা ; দুরন্তপনা। ৩ গর্ব্ব ; অহঙ্কার। ৪ উন্নতি। ৫ উৎপতন ; উর্দ্ধগমন।

উদ্ধর্/ণ [উৎ-ধৃ (ধারণ করা) + অন (ভাং)] বি, উদ্ধার ; উত্তোলন। ২ [বৈদিক] আহবনীয় অগ্নি জ্বালিবার জন্য গার্হপত্য কুণ্ড হতে অগ্নিগ্রহণ। ৩ ঋণ-পরিশোধ। ৪ মুক্তি। ৫ উন্মূলন। ৬ [ইং- quotationএর অনুবাদ] বি, রচনাদিতে বা একজনের বাক্য মধ্যে অন্যের রচনা, বাক্য বা পদ অবিকল উদ্ধৃত করিলে তাহা " " এইরূপ চিহ্ন মধ্যে আবদ্ধ করা হয় ; ইহাকে উং চিহ্ন বা উদ্ধার-চিহ্ন বলে sign of quotation. বিণ, ~ণীয়।

উদ্ধর্ত্তা--বি, বিণ, উদ্ধরণকারী(ব্যক্তি)।

উদ্ধর্ষ [উৎ-হৃষ্ (আনন্দিত হওয়া) + অ (ভাং, ল্)] বি, উৎসব ; আনন্দ ; আমোদ ; আহ্লাদ।

র্ষণ [উৎ-হৃষ্ (হর্ষ হওয়া) + অন (ভাং)] বি, রোমাঞ্চ ; রোমোদ্গম ; পুলক।

উদ্ধব [উৎ-ধূ (কম্পিত হওয়া, আনন্দ করা) + অ (ভাং)] বি, আনন্দজনক কর্ম্ম ; উৎসব [প্র অং] ২ [র্ত্তৃ] কৃষ্ণের সখা ; সত্যকের পুত্র ; বৃহস্পতির শিষ্য ; বৃষ্ণিবংশীয় মন্ত্রী। দেবশ্রবা ইঁহার অপর নাম. যদুবংশ-নাশের পূর্ব্বে কৃষ্ণ ইঁহাকে আত্মতত্ত্বের উপদেশ করেন, ইনি জীবনের শেষ ভাগ বদরিকাশ্রমে অতিবাহিত করেন।

উদ্ধান [উদ্ + ধা (ধারণে)-অন (ণে)] বি, উনান ; চুল্লী। ২ [র্ত্তৃ-অন] বিণ উর্দ্ধগত। ৩ [ম্ম-অন্] উদ্গীর্ণ।

উদ্ধান্ত [উৎ + ধম্ বা ধ্মা + ক্ত (র্ম্ম)] বি, মদশূন্য হস্তী। ২ বিণ, বমিত।

উদ্ধার [উৎ-হৃ (লওয়া) + অ (ভাং)] বি, উত্তোলন। প্র-পঙ্কোদ্ধার। ২ উদ্ধৃত অংশ বা বাক্য। ৩ উদ্ধারচিহ্ন (" ")। ৪ [হৃ (হরণ করা) অ (ভাং)] পরিত্রাণ ; নিষ্কৃতি ; মোচন ; অব্যাহতি। ৫ সমাজচ্যুত বা পতিত ব্যক্তির সমাজে পুনর্গ্রহণ। ৬ নষ্ট বস্তুর পুনর্ব্বার অধিকার। ৭ [প্রাদেং ঢাকা অঞ্চল] হাওলাত।

উদ্ধার ["স্যাদৃণং পর্য্যুদঞ্চনম্ উদ্ধারঃ।" -অমরং। যা হতে হিং, ওড়িং, প্রাং বাং-'উধার'] বি, ঋণ ; কর্জ্জ। ২ [শ্রু দায়-ভাগে] ভাগ ; উত্তরাধিকার বা দায়ভাগ সূত্রে প্রাপ্য বিষয়। "দ্বিজাতিদিগের সমান বর্ণজাত সন্তানেরা জ্যেষ্ঠকে উদ্ধারাংশ প্রদান করতঃ অবশিষ্টাংশ ঐ জ্যেষ্ঠের সহিত সমান ভাগ করিয়া লইবে।" "প্রথম স্ত্রী গর্ভজ সন্তান কনিষ্ঠ হইলেও সে এক বৃষভ উদ্ধাররূপে প্রাপ্ত হইবে।"-মনুং। উং চিহ্ন-বি, উদ্ধরণ (দ্রঃ) sign of quotation

`উদ্ধারণ-বি, উদ্ধরণ দ্রঃ।

`উদ্ধা/রা [উদ্ধার (দ্রঃ) + আ (ক্রিয়ায়) উদ্ধারি, উদ্ধার, উদ্ধারে ; উদ্ধারিলাম, উদ্ধারিলে, উদ্ধারিল ; উদ্ধারিতে ; উদ্ধারিয়া (ক্ষেং উদ্ধারি) ইং] ক্রি, উদ্ধার করা। ~রি-উদ্ধার করিয়া। "নাহি কাজ সীতায় উদ্ধারি।"-মেঘং। ~রিতে-ক্রি, উদ্ধার করিতে, বিপদ হতে পরিত্রাণ করিতে। "সাজিছে সুগ্রীব রাজা উদ্ধারিতে তোরে।" -মেঘং। ~রিল, ~রিলা-ক্রি, উদ্ধার করিল ; ত্রাণ করিল। "নব যদুগ্রামে হবি * * উদ্ধারিয়া পশুভূমি, ঘোর আত্ম-বলিদানে শিলা দ্রব করি।"-প্রভাসং। ~রার্থ [উদ্ধার + অর্থ (নিমিত্ত)] অ, উদ্ধারের জন্য।

`উদ্ধুক [উর্দ্ধগ দ্রঃ] উর্দ্ধগ শব্দের গ্রাং উচ্চারণ।

উদ্ধূত [উৎ-ধূ (কাঁপা) + ত (র্ম্ম)] বিণ, উৎকম্পিত। ২ উৎক্ষিপ্ত। ৩ উৎপাটিত। ৪ উত্থাপিত। ৫ উৎখাত।

উদ্ধূনন [উৎ-ধূ (কম্পিত হওয়া) + অন (ভাং)] বি, উৎকম্পন ; বিকম্পন। ২ উৎক্ষেপণ।

উদ্ধূপন [উৎ-ধূপি (ধূপ্=সন্তাপে + ণিচ্) + অন (ভাং)] বি, উৎক্ষেপণ ; উর্দ্ধে সঞ্চালন ; উত্তোলন। ২ [র্ত্তৃ-অ] বিণ, যে উৎক্ষেপ বা সঞ্চালন করে ; কম্পনের প্রবর্ত্তক ; সঞ্চালক।

`উদ্ধৃত [উৎ-ধৃ (ধারণ করা) + ত (র্ম্ম)] বিণ, উত্তোলিত, উত্থাপিত। ২ অধিকৃত। ৩ সমাজে গৃহীত। ৪ [উৎ-হৃত] মোচিত। ৫ অন্যের উক্তি বা রচনাংশ অবিকৃতভাবে গ্রহণ করিয়া দৃষ্টান্ত-স্বরূপ বা সমর্থনার্থ প্রকটিত quoted.

উদ্ধৃতাংশ [উদ্ধৃত + অংশ] বি, অন্যের উক্ত বা লিখিত যে বাক্য বা বাক্যাংশ অবিকৃতভাবে গৃহীত বা দৃষ্টান্তস্বরূপ সন্নিবেশিত হইয়াছে ; চুম্বক extract ; excerption.

উদ্ধৃতি [উৎ (উর্দ্ধে)-ধৃ (লওয়া) + তি (ভাং)] বি, উদ্ধার ; উত্তোলন ; উপরে তোলা ; উৎক্ষেপণ ; উপরে উঠান।

উদ্ধ্মান [উৎ-ধ্মা (শব্দ এবং অগ্নি সংযোগ করা) + অন (ধি) যেখানে অগ্নি প্রজ্বলিত হয়] বি, চুলিকা ; চুল্লী ; উনান।

উদ্বৎসর (-দ্বৎ-) [উৎ + বৎসর] বি, চন্দ্রমাসান্বিত বৎসর।

উদ্বদ্ধ (-দ্বৎ-) [উৎ (উপরি, উর্দ্ধে) বদ্ধ] বিণ, ঝুলান ; টাঙ্গান।

উদ্বন্ধক (-দ্বৎ-) [উৎ (অধিক) বন্ধ (বন্ধন করা) + অক (র্ত্তৃ, জ্ঞাং)] বি, বর্ণসঙ্কর জাতিবিঃ ; রজক ; ধোপা। ২ [উৎ (উর্দ্ধে) বন্ধক (বন্ধনকারী)] বিণ, যে গলায় দড়ি দিয়া মরে।

উদ্বন্ধন (-দ্বঁ) [উৎ (ঊর্দ্ধে) বন্ধ্ (বন্ধন করা) + অন (ভা°)] বি, ঊর্দ্ধে রজ্জু দ্বারা গলদেশে বন্ধন ; মৃত্যু-কামনায় গলায় রজ্জু-বন্ধন। ২ আত্মহত্যার জন্য গলায় দড়ি দেওয়া ; গলায় দড়ি দিয়া মরা। ৩ [উৎ (উদ্গত) মুক্ত হইয়াছে বন্ধন যার-বহু°] বিণ, বন্ধনমুক্ত ; মুক্তবন্ধন ; বন্ধনভ্রষ্ট। ৪ [ধা] বন্ধনমুক্তি ; বন্ধনভ্রংশ : বন্ধনচ্যুতি। ~রঁজ্জু-বি, গলায় দড়ি দিবার দড়ি ; ফাঁসি দিবার রজ্জু a halter.

উদ্বর্মন (-দ্বঁ-) [উৎ-বম্ (উদ্গিরণ করা) + অন (ভা°)] বি, উদ্গিরণ ; বমন।

উদ্বর্ত্ত (-দ্বঁ-) [উদ্বৃত্ত দ্রঃ। উৎ-বৃত্ (হওয়া) + অ (ভা°)] বি, সংগৃহীত বা আয়োজিত দ্রব্য সামগ্রী প্রয়োজন মত খরচ করিয়া যা অবশিষ্ট থাকে তাকে উদ্বর্ত্ত বলে ; অবশিষ্টাংশ ; উদ্বৃত্ত : অতিরেক ; আধিক্য। ২ [র্ম-অ] বিণ, অতিরিক্ত ; অবশিষ্ট।

উদ্বর্ত্ত/ন (-দ্বঁ-) [উৎ-বৃত্ (লেপন করা) + অন (ভা°)। হি°-উব্টন] বি, উৎসাদন ; হরিদ্রা, তিল, বেসন ই° গন্ধদ্রব্যাদি দ্বারা বিলেপন ; গাত্রবর্জ্জন। ২ ঘর্ষণ massage ৩ উৎপতন ; ঊর্দ্ধগমন। ৪ উল্টান ; উল্টান-পালটান ; ফেরানঘুরান। ৫ [ণে-অন] বিলেপন-দ্রব্য। ~নীয়ঁ (-দ্বঁ) [উৎ-বৃত্+অনীয় (র্ম)] বি, গাত্র-মার্জ্জন-সামগ্রী ; মার্জ্জনার্থ চূর্ণ।

উদ্বর্দ্ধন (-দ্বঁ-) [উৎ-বৃধ (দীপ্তি)-অন (ভা°)] বি, অন্তর্হাস্য suppressed laughter.

উদ্ব/হঁ (-দ্বঁ-) [উৎ-বহ্ (বহন করা) + অ (র্তৃ) যে বহন করে] বি, সন্তান। ২ বিবাহ; উদ্বাহ। ৩ বর। ৪ নায়ক। ৫ বায়ুবিঃ। ৬ বিণ, উৎপাদক। ৭ প্রসিদ্ধতম ; উত্তম। স্ত্রীং ~হা-কন্যা। ~হঁন (-দ্বঁ-) [উৎ-বহ্ + অন (ভা°)] বি, বহন। ২ উত্তোলন ; ধারণ। ৩ বিবাহকরণ। ~হিঁত [উৎ+বহ্ (দাবন, প্রাধান্যে ই°)-ত (র্ম)] বিণ, উদ্ধৃত ; উত্তোলিত।

উদ্বান্ত (-দ্বা-) [উদ্-বম্ (বমন করা)-ত (র্ম)] বিণ, উদ্গীরিত ; বমিত। ২ উদ্গত। ৩ বি, মদহীন হস্তী।

উদ্বায়ী (-দ্বা-) [উৎ-বায়ী=বায়বী-বায়ব্য] বিণ, বায়ুর সহিত বা বাতাসে যা সহজে উড়িয়া যায় ; যা উবিয়া যায়। "কর্পূর বড় উ° দ্রব্য।"-গৃহস্থ, ১৩২০।

উদ্বাসঁন (-দ্বা-) [উৎ+বাসন] বি, ত্যাগ। ২ বিসর্জ্জন banishment

উদ্বাস্ত (-দ্বা-) [সং-উদ্বাসিত=গৃহ] বি, বাসভবনের সম্মুখবর্ত্তী স্থান। ২ পালান বাড়ীর সংলগ্ন খালি জমি। ৩ [উৎ (ত্যক্ত) + বাস্ত (বস্=বাস করা + তুণ্ ধি)=বসত-বাটী] বিণ, বাস্তভিটাত্যক্ত ; গৃহত্যাগে বাধ্য। "অধিকাংশ পুরাতন সম্ভ্রান্ত পরিবার এখন ঋণ-দায়ে উ° হইয়াছেন।"-সনাতনী।

উদ্বা/হঁ (-দ্বা) [উৎ-বহ্ (বহন করা) + অ (ভা°)] বি, পরিণয় ; বিবাহ। ~হঁন [উৎ-বহ + ণিচ্=বাহি + অন (ভা°)] বি, বিবাহ-দান। ২ উদ্ধারসাধন। ~হঁনী [পূর্ব্বে পণ স্বরূপ কপর্দ্দক দিয়া উদ্বাহ-কার্য্য সম্পন্ন হইত বলিয়া] বি, কপর্দ্দক : কড়ি। ~হিক [উদ্বাহ-ইক (সম্বন্ধে)] বিণ, বিবাহ-সম্বন্ধীয়। ~হিঁত১ [উৎ-বাহি+ত (র্ম)] বিণ, যাকে বিবাহ করান হইয়াছে : বিবাহিত : পরিণীত। ~হিঁত২ [নাট্য শা°] বি, অঙ্গাভিনয়ে নর্ত্তকীর মস্তক উন্নত করিয়া স্থির থাকা (পতাকা চন্দ্র, আকাশ, পর্ব্বত উড্ডয়ন খাড়া উচ্চ দর্শন প্রদর্শন ধারণ বা 'আমি পারি বলিয়া' গৌরবাদি স্থলে অভিনয় দ্রঃ)। ~হিনী [উদ্বাহ+ইন্ স্ত্য=উদ্বাহিন্+ঈ (স্ত্রীং)] বি, রজ্জু ; বন্ধনী ; দড়ি। ২ ঊর্দ্ধে বহনকারিণী। (উদ্বাহী দ্রঃ)। ~হী [উৎ+বাহী] বিণ, ঊর্দ্ধে বহনকারী। ২ বিবাহকারী। স্ত্রীং উদ্বাহিনী (দ্রঃ)।

উদ্বাহু (-দ্বা-) [উৎ (ঊর্দ্ধে) বাহু (হস্ত) যার-বহু°] বিণ, যে ঊর্দ্ধে হাত তুলিয়াছে ; ঊর্দ্ধবাহু ; উত্তোলিত বাহু ; যে উপর দিকে হস্ত প্রসারণ করিয়াছে।

উদ্বাহ্য (-দ্বা-) [উৎ-বাহি+য (র্ম)] বি, বিবাহযোগ্যা কন্যা ; বিবাহের উপযুক্তা।

উদ্বিগ্ন [উৎ-বিজ্ (ভয় করা) + ত (র্তৃ)] বিণ, উদ্বেগবিশিষ্ট ; ভাবনাযুক্ত ; উৎকণ্ঠিত। ২ ক্ষুব্ধ। ৩ ভীত। ~মনা-বিণ, যার মন উদ্বিগ্ন হইয়াছে ; উৎকণ্ঠিত-চিত্ত। "গৌরমুখ গমন করিলে পর রাজা উদ্বিগ্নমনা হইয়া মন্ত্রিগণের সহিত তৎক্ষণাৎ মন্ত্রণা করিতে লাগিলেন।"-মহা° (বর্দ্ধ)।

উদ্বিড়াল (-দ্বি-) ["উদ্রস্তু জলমার্জ্জারঃ পানীয়-নকুলো বসী।"-হে°। বাং উদ্র হতে উদ্ এবং মার্জ্জারের অনুবাদ বিড়াল শব্দের সংযোগে উৎপন্ন ; জলে অবলীলাক্রমে চলা-ফেরা করে বলিয়া, জলমার্জ্জার ; নকুলের মত আকৃতি বলিয়া 'পানীয় নকুল'] বি, জলমার্জ্জার an otter. "স্থান-বিশেষে ইহাদিগকে 'ভোঁদড়' এবং 'ধেড়েও' বলিয়া থাকে। ইহারা লেজশুদ্ধ লম্বায় প্রায় আড়াই হাত হয়। ইহাদের মাথা ও মুখ চেপ্টা, পা ছোট এবং আঙ্গুল চামড়া দিয়া জোড়া। গায়ের রং উপরের দিক্ কটা, নীচের দিক্ ধূসর। উদ্বিড়ালের সাঁতার দিবার শক্তি খুব বেশী। জলে নামিবার সময় ইহারা ডিগ্‌বাজী খাইয়া লাফাইয়া পড়ে। * * মাছই ইহাদের প্রধান খাদ্য।"-পশুপক্ষী। স্ত্রীং ~লী।

উদ্বীক্ষণ (-দ্বী-) [উৎ-বি+ঈক্ষ্ (দর্শন করা) + অন (ভা°)] বি, ঊর্দ্ধদর্শন : ঊর্দ্ধে দৃষ্টিপাত। ২ দর্শন।

উদ্বুদ্ধ (-দ্বু-) [উৎ-বুধ্ (জ্ঞানের উদয় হওয়া-চেতনা হওয়া) + ত (র্তৃ)] বিণ, প্রবুদ্ধ ; জাগরিত। ২ বিকসিত ; প্রস্ফুটিত। ৩ উদিত। ৪ [র্ম-ক্ত] যা স্মৃতি-পথে উদিত হইয়াছে ; অনুস্মৃত।

উদ্বৃত্ত (-দ্বৃ-) [উৎ-বৃত্ (অবস্থান করা) + ত (র্ম)] বিণ, যে কার্য্যের জন্য যে দ্রব্য আয়োজন করা হয়, সেই কার্য্য নির্ব্বাহ হইয়া যা অবশিষ্ট থাকে ; অতিরিক্ত (এই অর্থে উদ্বর্ত্ত দ্রঃ। ২ উৎক্ষিপ্ত। ৩ উদ্বর্ণিত। ৪ উদ্গীর্ণ ; বমিত। ৫ [র্তৃ, ক্ত] উত্থিত। ৬ [উৎ (উদ্ধত) বৃত্ত (চরিত্র) যার-বহু°] দুর্বৃত্ত।

উদ্বেগ (-দ্বে-) [উৎ+বেগ=বিজ্ (ভয় করা) + অ (ভা°)] বি, চিত্তের ব্যাকুলতা ; উৎকণ্ঠা। ২ ভয়-মিশ্রিত ভাবনা। ৩ উত্তেজনা। ৪ অস্থিরতা ; চাঞ্চল্য। ৫ বিরহজনিত দুঃখ। ৬ ক্ষোভ। ৭ ত্বরা।

৮ বিণ, অতিশয় বেগযুক্ত ; বেগবান্। (২) [বিপরীতার্থে উৎ] বেগরহিত। ৯ [বৈদ্যকে] বি, গুপারি। বিণ,~গী-উদ্বেগকারী বা দায়ী।

উদ্বে/জক (-দ্বে-) [উৎ-বিজ্ + অক (র্তৃ)] বিণ, উদ্বেগজনক। ২ কষ্টদায়ক। ৩ বিরক্তিজনক। ৪ উত্তেজক। ~**জন**-[উৎ-বিজ্ (ভয় করা)+অন (ভা॰)] বি. উদ্বেগ ; চিত্তচাঞ্চল্য। ২ কম্প। ৩ কষ্ট। ৪ ভয়। ৫ বিণ, ভয়প্রদর্শক ; উদ্বেজনকারী। ৬ উত্তেজনকারী। ~**জয়িতা** [উৎ-বিজ্ + ণিচ্=বেজি (উদ্বেগ করান)+তা (র্তৃ, তৃন্=উদ্বেজয়িতৃ ১মা ১ব॰)] বিণ, যে উদ্বেগ জন্মায় ; উদ্বেগজনক ; উদ্বেগের হেতু ; উদ্বেগকারক। ~**জিত** [উৎ-বেজি+ত (র্ম)] বিণ, উদ্বিগ্ন ; ব্যাকুলিত। ২ দুঃখিত ; ক্ষোভিত। ৩ উত্যক্ত। ৪ উদ্বেলিত। > স্ত্রীং ~া।

উদ্বে/ল (-দ্বে-) [উৎ (অতিক্রান্ত) বেলা (সীমা-তীরভূমি) বেলার অতিক্রম (অব্যয়ী॰)] বিণ, উচ্ছলিত ; উথলিত। "যে ইচ্ছা উচ্ছ্বসি উঠি বাহিরিতে চাহে। উ॰ উদ্দম মুক্ত উদার প্রবাহে॥"-রবী॰। "* * স্রোতকে রুদ্ধ না করিতে পারিয়া দ্বিগুণ বেগে উ॰ করিয়া তুলিল।"-চারিত্রপূজা। ২ কূলাতিক্রান্ত। ৩ সীমাতিক্রান্ত। বিণ,~**লিত**। অস-ক্রি, ~**লিয়া**-উচ্ছলিত হইয়া ; উচ্ছ্বসিত হইয়া। "অন্তরের অন্তহীন অশ্রুপারাবার উদ্বেলিয়া উঠিয়াছে হৃদয়ে আমার গভীর নিঃস্বনে!"-সোনার তরী।

উদ্বেষ্ট (-দ্বে-) [উৎ-বেষ্ট (বেষ্টন করা) +অ (ভা॰)] বি, অবরোধ ; আক্রমণ। ২ [র্তৃ-ল্] বিণ, পরিবেষ্টক। ~**ন** [উৎ-বেষ্ট (বেষ্টন করা)+অন (ভা॰)] বি, আবরণ। ২ হস্তিপাদবন্ধন। ৩ উন্মোচন। ৪ (ণে-অন্) উষ্ণীষ। ৫ [র্তৃ-অন্] বেষ্টনকারী। ৬ [উৎ (উদ্গত) বেষ্টন যা হতে-বহু॰] বিণ, বেষ্টনবিহীন ; বন্ধনমুক্ত।

উদ্বোঢ়া (-দ্বো-) [উৎ-বহ্ +তৃন্ (র্তৃ) বহ্-তৃ=বোঢ়া] বি, যে উদ্বাহ করে ; বিবাহকারী ; বর।

উদ্বো/ধ (-দ্বো-) [উৎ-বুধ্ (জ্ঞানের উদয় হওয়া) +ঘঞ্ (ভা॰)] বি, জ্ঞানের উদয় ; বোধের উন্মেষ। ২ বিস্মৃত বিষয়ের কোন কারণ বশতঃ জ্ঞান বা স্মরণ। ৩ পূর্ব্বসংস্কারের উদ্দীপন। ৪ [ণে-ল্] কিঞ্চিৎ জ্ঞান ; কিঞ্চিৎ বোধ।~**ধক** [উৎ-বুধ্+ণিচ্ =বোধি (বোধ জন্মান)+অক (র্তৃ)] বিণ, যা কোন বস্তু বা ব্যক্তির বোধ জন্মাইয়া দেয় ; জ্ঞাপক ; সূচক। যা দেখিলে পূর্ব্ব জ্ঞানের উদয় হয়। ২ উদ্দীপক ; উত্তেজক। ~**ধন** [উৎ-বুধ + ণিচ=বোধি (বোধ জন্মান)+অন (ভা॰)] বি. বোধের উদ্রেক ; জ্ঞাপন। ২ চৈতন্যোৎপাদন। ৩ জাগরণ। ৪ [র্তৃ, অন] বিণ,জ্ঞানোৎপাদক ; বোধক ; যে জ্ঞান জন্মাইয়া দেয়।

ˋ**উদ্ভট, উদ্ভট্টী** [উৎ (উচ্চ)-ভট্ (ইচ্ছা করা)+অ, ঈ (র্তৃ, ইদমর্থে) যে উচ্চ অভিলাষ করে] বিণ, মহাশয় ; উদার ["মহেচ্ছে ভূভৃচোদারোদাত্তোদীর্ণমহাযশাঃ (পাঠান্তরে-মহাশয়াঃ)। মহামনা মহাত্মা চ॥"-হেম॰] ২ প্রবর ; শ্রেষ্ঠ। ৩ লোকপ্রসিদ্ধ (এবং-উৎকৃষ্ট)। প্র-উ॰ কবিতা ["গ্রন্থবহির্ভূতে লোকপ্রসিদ্ধোঽজ্ঞাতবক্তৃকে শ্লোকে,"-বাচস্পতি। তুল-unseen passages] ৪ গ্রন্থবহির্ভূত। প্র-পরীক্ষায় কতকগুলি উদ্ভট শ্লোকের ব্যাখ্যা করিতে হইয়াছিল। ৫ যে শ্লোক বা রচনার রচয়িতা অজ্ঞাত। ৬ অভিনব ; বিচিত্র [প্রাদে॰ বাং-য় উদ্ভট্ট শব্দের ব্যবহার আছে] ৭ ক্রি-বিণ, আশ্চর্য্যরূপে। "সদা আমা নানা নৃত্যে নাচায় উ॰।"-চৈ॰ চ॰। উ॰-**কবিতা**-গ্রন্থবহির্ভূত কিন্তু বহুল প্রচলিত কবিতা বা শ্লোক।

ˋ**উদ্ভব** [উদ্-ভূ (উৎপন্ন হওয়া)+অ (ভা॰)] বি, প্রাদুর্ভাব ; উৎপত্তি ; জন্ম। "যদি থাকে বোধ উ॰ লয়ের স্থান, তবে ত্রাণ কর মা বলে একবার তারা নামে ছাড় তান।" -গোবিন্দ ব্রহ্মচারী। ২ [র্তৃ-অ] বিণ, জাত ; উৎপন্ন। ~**কর**-বিণ, উৎপত্তিকারী ; জনক।

ˋ**উদ্ভাব, ˋউদ্ভাপ** [উৎ-ভাপ (সং-বাষ্প > বাপ্‌ফ > ভাপ, ভাব। তুল-ইং-vapour] বি, উষ্ণবাষ্প। ২ উত্তাপ।

ˋ**উদ্ভা/বক**-বি, উদ্ভাবনকারী। স্ত্রীং ~**বিকা**। ~**বন** [উৎ-ভূ+ণিচ্=ভাবি (চিন্তা)+অন (ভা॰)] বি, চিন্তন ; কল্পনা। ২ আবিষ্করণ ; অজ্ঞাত বিষয় প্রকাশ করা discovery. ৩ উৎপাদন ; যা ছিল না চিন্তা ও বুদ্ধি দ্বারা তার সৃষ্টি করা ; প্রয়োজনসাধক কোন কিছু ভাবিয়া বাহির করা invention. "প্রয়োজনই উদ্ভাবনের জন্মদাতা।"-প্রবচন। ৪ [র্তৃ-অন] বিণ,উদ্ভাবনকারী ; উদ্ভাবক। ~**বনীয়** [উৎ-ভাবি+অনীয় (র্ম)] বিণ, উদ্ভাব্য ; কল্পনার যোগ্য। ~**বয়িতা** [মূ॰-উদ্‌ভাবয়িতৃ ১মা ১ব॰। উদ্ভাবন দ্রঃ] বি, উদ্ভাবক। > স্ত্রীং ~**বয়িত্রী**। ~**বিত** [উৎ-ভাবি+ত (র্ম)] বিণ, যার উদ্ভাবন করা হইয়াছে ; আবিষ্কৃত। ২ কল্পিত। ৩ চিন্তিত। ~**ব্য** [উৎ-ভাবি +য (র্ম)] বিণ, উদ্ভাবনযোগ্য ; উদ্ভাবনীয়।

ˋ**উদ্ভা/স** [উৎ (সমধিক)-ভাস্ (দীপ্তি পাওয়া)+অ (ভা॰)] বি, দীপ্তি। ২ প্রকাশ। ~**সক** [উৎ-ভাস্ (দীপ্তি পাওয়া) +অক (র্তৃ)] বিণ, উজ্জ্বলকারক। ২ প্রকাশক। ৩ উদ্দীপক। ~**সন** [উৎ (অধিক, সম্যক্-ভাস্ (দীপ্তি পাওয়া)+অন (ভা॰)] বি, আলোকময় করণ ; উদ্দীপন ; উজ্জ্বলীকরণ। ২ প্রকাশন। ৩ [র্তৃ-অন] বিণ, প্রকাশক ; দীপ্তিকারক ; উদ্ভাসক। ~**সিত** [উৎ-ভাস্ (দীপ্তি পাওয়া)+ত (র্তৃ)] বিণ, প্রদীপ্ত। ২ শোভিত। ৩ প্রকাশিত। ৪ উজ্জ্বলিত।

উদ্ভিজ্জ [উৎ (ঊর্দ্ধ) ভিদ্ (ভেদ করা) +কিপ্ (র্তৃ) যে ঊর্দ্ধভেদ করে। উদ্ভিদ্ (তা হতে জন্মে এই অর্থে) জ=জন্+অ (র্তৃ) যে উদ্ভিদ্ অর্থাৎ বীজ হতে জন্মে] বিণ, যে বীজ হতে ভূমি ভেদ করিয়া জন্মে ; বৃক্ষ, লতা গুল্মাদি।~ **বিদ্যা**-botany.

ˋ**উদ্ভিজ্জাণু** [উদ্ভিজ্জ-অণু] বি, উদ্ভিজ্জের মধ্যে অণু ; চক্ষুর অগোচর অণুপ্রমাণ উদ্ভিজ্জ ; যে সকল উদ্ভিদ্ এত ক্ষুদ্র যে চক্ষু দ্বারা দৃষ্ট হয় না।

উদ্ভিজ্জাশী [উদ্ভিজ্জ+অশ্ (ভোজনে) -ঈ (র্তৃ)] বিণ, তৃণভোজী। ২ নিরামিষভোজী vegitarian.

ˋ**উদ্ভিদ্** [উৎ (ঊর্দ্ধ) ভিদ্ (ভেদ করা) +কিপ্ (র্তৃ) যে মাটি ভেদ করিয়া ঊর্দ্ধে উঠে]

বি, অঙ্কুর ; বীজ। ২ তরু, গুল্ম, তৃণ, লতাদি। উদ্ভিজ্জ দ্রঃ [উদ্ভিদ্ দুইপ্রকার,-বন্ধ্য (যাদের ফল পুষ্প হয় না) ও অবন্ধ্য (যাদের ফুল ও ফল হয়)। ইহারা চারি শ্রেণীতে বিভক্ত,-বৃক্ষ,ক্ষুপ (গুল্ম), লতা এবং ওষধি। বৃক্ষ চারি প্রকার,-(১) বনস্পতি (যাদের ফুল ব্যতীত ফল হয়, যথা-অশ্বত্থ, বট, ডুমুর ই০) ; (২) বৃক্ষ (যাদের ফুল হতে ফল হয়, যথা-আম্রাদি): (৩) স্থাণু (যাদের মূল হতে অগ্রদেশ পর্য্যন্ত একটী মাত্র প্রকাণ্ড অর্থাৎ শাখা-প্রশাখাদি নাই। যথা-তাল, নারিকেলাদি) : (৪) তৃণ,দূর্ব্বা, মুস্তক, ইক্ষু, বংশাদি)। ক্ষুপ-গুল্মাকৃতি ও ক্ষুদ্র বৃক্ষাকৃতি (ঘেঁটু, ঝিণ্টী ই০)। লতা তিন প্রকার,-(১) বহুশাখ অর্থাৎ বীরুধ্ জাতীয় ; (২) শাখাহীন লতা অর্থাৎ বল্লীজাতীয় : (৩) মূলদেশ হতে একাধিক লতায় বিস্তৃত অর্থাৎ গুল্মিনী-জাতীয়। ওষধি দ্বিবিধ,-ধান্যশ্রেণী, যা এক বৎসরের অধিক বাঁচে না (শূক ও শিম্বী জাতীয়) ; কদলীশ্রেণী, যা ধান্য অপেক্ষা দীর্ঘায়ু এবং যার একটি ফলের মধ্যে বহুবীজ থাকে (কলায়াদি)। অঙ্কুর-নবজাত উদ্ভিদ্ : কল। কর্ণিকা-বীজকোষ। কলিকা-কোরক। কাণ্ড-নাড়ী দ্রঃ। কুট্মল-মুকুল ; অল্পপ্রস্ফুটিত কলি। কেশর-পুষ্পরেণুর আধার-দণ্ড। কোরক-কুঁড়ি ; পুষ্পিত হবার পূর্ব্বে যা আবরণ ভেদ করিয়া প্রথম বাহির হয়। ক্ষারক-পুষ্প যখন সবুজবর্ণ আচ্ছাদন দ্বারা আবৃত থাকে, কলির সেই প্রথমাবস্থা। গুচ্ছ-একবল্লরীতে জাত বহু পুষ্পের স্তবক। নাড়ী-শতপর্ব্বাজাতীয় উদ্ভিদের এক পর্ব্ব হতে অন্য পর্ব্ব পর্য্যন্ত স্থান ; নল : নালা : কাণ্ড। পরাগ-পুষ্পরেণু বা রজঃ। পর্ব্ব-তৃণজাতীয় উদ্ভিদের পাব্ বা গ্রন্থি ; সন্ধি : কাণ্ড। পর্ব্বযোনি-ইক্ষুনল। প্রকাণ্ড-বৃক্ষের গুঁড়ি। প্ররোহ-বীজোৎপন্ন নবোদ্ভিদ্। বৃন্ত, বোঁটা-বীজ, অঙ্কুর, পত্র, পুষ্প ও ফলের বন্ধনী। মঞ্জরী-এক বৃন্তে জাত বহু উপবৃন্ত, পত্র ও পুষ্প। শতপর্ব্বা-বাঁশ। স্কন্ধ-শাখা ও প্রকাণ্ডের সন্ধিস্থল। ~জল-বি, পাদপপাদপাদি হতে নির্গত তৃষ্ণা-নিবারক শীতল জল। ~বিদ্যা-বি, বৃক্ষলতাগুল্মাদি যাবতীয় উদ্ভিদের জন্ম, বৃদ্ধি, শরীর-সংস্থান, শ্রেণী-বিভাগ, প্রকৃতি ই০ সম্বন্ধীয় জ্ঞানপ্রতিপাদক বিদ্যা ; উদ্ভিদ্ বিজ্ঞান Botany. ~বৃত্তান্ত [~'বিবরণ' ও০। উদ্ভিদ্-বৃত্তান্ত (প্রাকৃ০ বিবরণ)] বি, উদ্ভিদ্-জগতের ইতিবৃত্ত natural history of plants ~ভোজী-বিণ, তৃণ, শাকাদি ভক্ষণকারী। ~সংবিভাগ [উদ্ভিদের সং (সম্যক্) বিভাগ-৬ তৎ] বি, তরু গুল্মাদির প্রত্যেকের রূপ ও গুণদ্বারা শ্রেণীবিভাগ।

উদ্ভিদণু [উদ্ভিদ্ + অণু] বি, উদ্ভিজ্জাণু (দ্রঃ) micro-organism.

উদ্ভিন্ন [উৎ-ভিদ্ (ভেদ করা, প্রকাশ পাওয়া)+ত(র্ম্ম-ক্ত=ন্ন] বিণ, অঙ্কুরিত। ২ প্রকাশিত ; প্রস্ফুটিত ; বিকসিত। "উ০ যৌবন।" ৩ প্রকটিত। ৪ পৃথক্‌কৃত। ৫ [কর্তৃ-ত] যা ভেদ করিয়া উঠিয়াছে।

উদ্ভূত [উৎ-ভূ (উৎপত্তি)+ত (কৃ)] বিণ, উৎপন্ন, জাত ; প্রাদুর্ভূত। ২ প্রকাশিত : প্রস্ফুটিত। ৩ উদ্গত, উদিত ; উদয়প্রাপ্ত। ৪ দর্শনযোগ্য, প্রত্যক্ষ বিষয়। ৫ ক্রি-বিণ, স্পষ্ট ; ব্যক্ত।

তি [উৎ (উৎকৃষ্ট)-ভূ+তি (ভাক্তি) (ধা)] বি, উৎকৃষ্ট বিভূতি। ২ সমুন্নতি।

উদ্ভেদ [উৎ (উর্দ্ধ) ভিদ্ (ভেদ করা) +অ (ভা০)] বি, প্রকাশ। ২ বিকাশ : প্রস্ফুটন। প্র-যৌবনোদ্ভেদ ; পুষ্পোদ্ভেদ। ৩ উদ্গম। প্র-পত্রোদ্ভেদ। ৪ আবিষ্কার। প্র--অর্থোদ্ভেদ। ৫ সঙ্গম। প্র-গঙ্গোদ্ভেদ। ৬ রোমাঞ্চ। প্র-পুলকোদ্ভেদ। ৭ ভেদ-পূর্ব্বক উৎপত্তি। প্র-অঙ্কুরোদ্ভেদ।

উদ্‌ভ্রম [উৎ-ভ্রম্ (ভ্রমণ করা)+অ (ভা০)] বি, উর্দ্ধভ্রমণ। ২ বুদ্ধিভ্রংশ। ৩ উদ্বেগ ; আকুলতা।

উদ্‌ভ্রান্ত [উৎ (অতিশয়) ভ্রম্ (ভ্রান্ত হওয়া)+ত (কর্তৃ)] বিণ, উন্মত্ত ; উন্মাদ : পাগল ; ক্ষিপ্ত। প্র-উ০ প্রেম। ২ ব্যাকুল : বিহ্বল। প্র-উ০ চিত্ত। ৩ হতজ্ঞান : লুপ্তবুদ্ধি ; জ্ঞানশূন্য। ৪ বিঘূর্ণিত। ৫ উচ্ছৃঙ্খল ; যথেচ্ছাচারী। ~হৃদয় [উদ্ভ্রান্ত (ব্যাকুল) হইয়াছে হৃদয় যার-বহু০] বিণ, উদ্ভ্রান্তচিত্ত ; আকুল-হৃদয়।

উদ্যত [উৎ-যম্ (বিরত হওয়া) +ত (কর্তৃ)] ম্-লোপ] বিণ, উদ্যোগী ; উদ্যুক্ত ; উদ্যমশীল। ২ উন্মুখ ; প্রবৃত্ত। ৩ উত্থিত। ৪ [কর্ম্ম-ত] উত্তোলিত। বি, উদ্যতি (দ্রঃ)। ~দণ্ড [উদ্যত (উত্তোলিত) হইয়াছে দণ্ড যৎ কর্তৃক-বহু০] বিণ, যিনি শাসনের জন্য দণ্ড উত্তোলন করিয়াছেন ; শাসনোদ্যত ; দণ্ড-বিধানে উন্মুখ ; উদ্দণ্ড। ~বাহু [উদ্যত (উত্তোলিত) বাহু যৎকর্ত্তৃক-বহু০] বিণ, উত্তোলিত-বাহু ; উর্দ্ধবাহু।

উদ্যতি [উৎ-যম্+তি (ভা০) ম্ লোপ] বি, উদ্যোগ ; উদ্যম।

উদ্যম [উৎ-যম্+ঘঞ্ (ভা০)] বি, উদ্যোগ ; যত্ন ; চেষ্টা। "কেন পান্থ ক্ষান্ত হও হেরে দীর্ঘ পথ। উ০ বিহনে কার পূরে মনোরথ।"-স০ শ০। ২ উৎসাহ। ৩ উত্তোলন [সম।-উৎসাহ, উদ্যম, উদ্যোগ, প্রয়াস। উৎসাহ, কোন কার্য্যে প্রবৃত্তি দান করে। উদ্যম সেই উৎসাহকে শিথিল হতে দেয় না। উদ্যোগ কার্য্য সম্পাদন সাধ্য করে ; যোগাড় যত্ন করা তার প্রকাশ। উদ্যম ও উদ্যোগের দ্বারা প্রয়াস বুঝা যায়। ইহা প্রবৃত্তিকে বলবতী রাখে। ইহার অন্য নাম প্রচেষ্টা] ~ভঙ্গ-বিণ, নিরুৎসাহ। ২ বি, উদ্যম বা উৎসাহ-হীনতা। ~শীল [উদ্যম-শীল (যুক্ত) ৩ তৎ] বিণ, কর্ম্মে যত্নশীল: উদ্যমী। বি, ~তা। ~ী [উদ্যম+ইন্ (স্ত্য)= উদ্যমিন্ ১মা ১ব০] বিণ, উদ্যোগী ; যত্নশীল : চেষ্টাবান্ ; তৎপর।

উদ্যান [উৎ-যা (গমন করা)+অন (ধি) আনন্দোৎসাহের সহিত যথায় গমন করা হয়] বি, উপবন ; ধনীদিগের বিহার-ভূমি ; ক্রীড়াবন। ~কুসুম-যে ফুল বাগানে জন্মে। ~তরু-যে বৃক্ষ বাগানে জন্মে ; ফলবৃক্ষ। ~পাল, ~পালক [উদ্যান (উপবন), পাল,পালক (যে রক্ষা করে) ৬ তৎ] বিণ, উদ্যান যে পালন করে ; রক্ষণাবেক্ষণ-কারী ; উদ্যানরক্ষক ; মালী। >স্ত্রীঃ ~পালিকা। ~পুষ্প, ~প্রসূন-

উপবনের ফুল (বনফুল নহে) : উদ্যানকুসুম। ~বিদ্যা-horticulture. ~মিলন, ~সম্মিলন-বিহারকাননে উৎসবাদি-কারণে বন্ধুগণের সম্মিলন ; উদ্যানে অধিবেশিত বান্ধবগণের প্রীতিভোজ ; উদ্যানোৎসব garden-party. ~রক্ষক [উদ্যানের রক্ষক-৬ তৎ] বিণ, উদ্যানপালক। > স্ত্রীং ~রক্ষিকা। ~শোভন, ~শোভী-বিণ, উদ্যানের শোভা-সম্পাদক। > স্ত্রীং ~শোভনা, ~শোভিনী [তুল-বন-শোভিনী (মাইকেল)]।

উদ্যানাধ্যক্ষ [উদ্যান + অধ্যক্ষ] বিণ, উদ্যানপাল। স্ত্রীং ~া।

উদ্‌যা/পন [গ্রাং-উজ্জাপন। উৎ-যা + ণিচ্ (প আগম)=যাপি (যাওয়ান) + অন (ভাং)] বি, আরব্ধ ব্রতাদির সমাধান। ২ সমাপন ; সম্পাদন ; সাঙ্গ। ~পিত [গ্রাং-'উজ্জাপিত'। উৎ-যাপি + ত (র্ম্ম)] বিণ, যা সমাপিত হইয়াছে ; নির্ব্বাহিত ; সম্যক্ অনুষ্ঠিত।

উদ্যুক্ত (-দ্দ-, -জ্জ-) [উৎ-যুজ্ (যোগ করা) + ত (র্ত্তৃ) জ-ক] বিণ, উদ্যোগী ; যত্নবান্ ; চেষ্টাশীল। ২ [র্ম্ম-ত] সংযুক্ত।

উদ্যোক্তা (-দ্দো-, -জ্জো-) মূং-[উদ্যোক্তৃ] বি, বিণ, উদ্যোগ বা আয়োজনকারী। ২ প্রবর্ত্তক। ৩ উদ্যমশীল।

উদ্যোগ (-দ্দো-,-জ্জো-) [পাং-উয্যোগ > বাং প্রাকৃং উজ্জোগ : গ্রাং-উজ্জুগ। উৎ-যুজ্ (যোগ করা) + ঘঞ্ (ভাং) জ-গ] বি, উদ্যম ; চেষ্টা ; যত্ন। ২ আয়োজন ; যোগাড়। ৩ উৎসাহ। ~শীল [উদ্যোগ (যত্ন) শীল (যুক্ত)-৩ তৎ বা উদ্যোগে (যত্ন-বিষয়ে) শীল (স্বভাব) যার-বহুং] বিণ, সকল বিষয়ে যত্নবান্ ; উৎসাহী। ~ী [উদ্যোগ (দ্রঃ) + ইন্-স্ত্য=উদ্যোগিন্ ১মা ১বং। গ্রাং-উজ্জুগী, উজ্জোগী] বিণ, উদ্যম ও যত্নশীল ; চেষ্টাবান্। "উং পুরুষে লক্ষ্মী করেন আশ্রয়।"-হিতোপদেশ। ২ [গ্রাং দ্রুত উচ্চারণে-উজ্জুগী] আয়োজনকারী ; যোগাড়ে।

উদ্রথ [উৎ (উদ্গত) রথ যা হতে-বহুং] বি, রথের কীলক। ২ [রথতুল্য পক্ষ যার] কুক্কুট।

উদ্রাব [উৎ (উচ্চ)-রু (শব্দ করা) + ঘঞ্ (ভাং)] বি, উচ্চশব্দ ; চীৎকার ; উচ্চধ্বনি।

উদ্রিক্ত [উৎ-রিচ্ (বিযুক্ত হওয়া) + ত (র্ম্ম)] বিণ, উত্তেজিত। ২ অতিশয়িত। ৩ স্পষ্ট ; স্ফুট evident

উদ্রেক [উৎ (প্রাবল্য অর্থে) রিচ্ (উঠা) + ঘঞ্ (ভাং) প্রবল হইয়া উঠা] বি, আবির্ভাব ; উদয় ; প্র-ক্ষুধার উং। ২ উত্তেজন। ৩ উপক্রম। ৪ বৃদ্ধি ; আধিক্য।

ˋউধা [ঊর্দ্ধ > প্রাদেং] বিণ, উচ্চ ; উন্নত [অপ্রং]।

ˋউধাউ, ˋউধাও, উধাযু [উ=উৎ (ঊর্দ্ধে) + ধাও (ধাব-ধাবন) উদ্ধাবন ; হিং-অভাও, উভাও] বি, ঊর্দ্ধে ধাবন। "সঙ্কট বুঝিয়া পক্ষ পাখে করি ভর। উধাও করিয়া আইল পাটী নাগর॥"-গোবিন্দগীত। "রাজহংস উধাযু করিল অন্তরীক্ষে।"-বৃহৎ সারাবলী। "উধাও করিল ঘোড়া অন্তরীক্ষ বাটে।" -ধং মং (মাণিকং)। ২ বিণ, (ঊর্দ্ধে বেগে গমন করিয়া) অদৃশ্য ; লোকটা এক দৌড়ে উধাউ হয়ে গেল। ৩ বিণ, ঊর্দ্ধে দৃষ্টির বহির্ভূত ; এত ঊর্দ্ধে যে দৃষ্টি চলে না। "উধাও অস্থির, তব নাবী মূর্ত্তি রাজে।"-অশোকং। ৪ পশ্চাদ্ধাবন : অনুসরণ। "উধাও করিল বেগে ময়নার শিষা।"-ঘং। ৫ দৃষ্টির বহির্ভূত ; অদৃশ্য ; নিরুদ্দেশ। প্র-পাখীটা উড়িতে উড়িতে কোথায় উধাও হ'য়ে গেল।

ˋউধার [হিং-উধার। প্রাং বাং। সং-উদ্ধার > : "ঋণং তূদ্ধারঃ"-হেং। আধুং বাং -'ধার'] বি, ঋণ ; কর্জ্জ ; ধার ; দেনা। "কালিকার ভিক্ষায় নাথ উং সুধিলুঁ।"-কবিকং।

ˋউধারি-উদ্ধার কর। "গুণবতি উং গোকুলপতি।"-বিং পং।

উধারল-উদ্ধার করিল। "উং সরসিজা পাওল প্রাণ।"-বিং পং।

ˋউধারা [উদ্ধার (উৎ + ধৃ (ঘঞ্-ভাং) > উধার-আ (ক্রিয়ায়) >, ব্রজং, প্রাং বাং] ক্রি, উদ্ধার করা।

ˋউধো [প্রাং ˋউদো] বিণ, নির্ব্বোধ। উদো দ্রঃ। ২ সম্বন্ধ-নির্ণয় নামক কুলগ্রন্থ মতে উৎসাহ মুখোপাধ্যায়ের সংক্ষিপ্ত নাম 'উধো'। উধোর পিণ্ডি বা বোঝা বুধোর ঘাড়ে-একজনের লাভ লোকসান পাপ, অপরাধ, দায়, ভার অন্যকে দেওয়া বা অন্যের স্কন্ধে (চাপানো)। "উধোর পিণ্ডি বুধোকে চাপিয়ে কিছু নিয়ে সরে পড়ি।"-রজনী সেন। "আমার হল উদোর বোঝা বুধোর ঘাড়েতে।"-বাং গান। উৎসাহ মুখোপাধ্যায়ের (উধোর) পত্নীর সহিত যোগেশ পণ্ডিতের (বুধোর) অবৈধ প্রণয় জন্মে, দৈবকীনন্দন তাঁহাদের এই অবৈধ প্রণয়জাত সন্তান। উধোর মৃত্যুতে দৈবকীনন্দন উধোর নামে পিণ্ডদান করিলে বুধ যোগেশ বীজী অধিকারে তাহা পাইয়াছিলেন। যথা-"যোগেশের উপজায়া প্রসবিল যোগ ছায়া দৈবকীনন্দন উধোর পত্নী।" "পঞ্চানন মুলো কয় দৈবদত্ত পিণ্ডচয়, ক্ষেত্রী বীজী কেহ নাহি ছাড়ে। পণ্ডিতের বুধ খ্যাতি নয়মূল্য জনশ্রুতি, উধোর পিণ্ডি পড়ে বুধোর ঘাড়ে।" -সম্বন্ধ-নির্ণয়।

উন১ [সং-উন। 'উনা' 'উনো' 'উনু' ওং। "উনাবধা দুনা শীত" ; "উনোভাতে দুনো বল"] বিণ, ন্যূন ; হীন ; কম। প্র-উনপঞ্চাশ, উনুনব্বই। উনকুটি চৌষট্টি [উনকোটি দ্রঃ] পূর্ণসংখ্যা : যে আয়োজনে বা সংগ্রহে কোন কিছু বাদ যায় না।

উন২, উইন [চট্টং প্রাদেং] বি, উকুন।

উনচল্লিশ, উনচালিশ, উনচাল্লিশ [একোনচত্বারিংশ >] বি, বিণ, ৩৯ সংখ্যা বা সংখ্যক।

উনর্জন, উনজন [উন (কম)-জন (বিপরীত)-যে সম্প্রদায়ে] বিণ, সংখ্যালঘিষ্ঠ minority. "ভারতের উং সম্প্রদায়ের ও অতিজন সম্প্রদায়ের স্বার্থ লইয়া যাতে বিবাদ না বাধে তাহার ব্যবস্থা * *।"-দৈং বসুমতী।

ˋউনিন [উদ্ধ্মান > দ্রং] বি, চুল্লী ; চুলা ; আখা। ২ দ্রবকরণ ; গলন। ৩ [উনোনো] ক্রি, গলানো ; দ্রব করা। "কিরণে উনয় নবনীত।"-কালীকীর্ত্তন। উমান২ দ্রঃ।

উনপাঁজুরে [উন (উন, ন্যূন) পাঁজুরে

(পঞ্জরিয়া=পঞ্জরস্থিযুক্ত)] বিণ, দুর্ব্বল। ২ হতভাগ্য।

উনবুক [উন (কম) বুক (সাহস)] বি, কম সাহস; ভীরুতা। "উনবুকে নাহি হয় সতিনের হ্রাস।"-কবিক॰।

উনমত্ত, উনমতি [উন্মত্ত > প্রা॰ বাং] বিণ, অজ্ঞান; উন্মত্ত। "মো বিনে উনমত কান।"-বি॰ প॰। ২ হিতাহিত জ্ঞানশূন্য। দুতাক মাইল আচ্ছে উনমত কালে (=অবস্থায়)।"-শ্রী॰ কী॰।

উনমাতিই [ব্রজ॰] ক্রি, উন্মত্ত করিয়া। "চিত উনমাতই নবরসে কাননে ধায়।" -বি॰ প॰।

উনসত্তর, -রি [একোনসপ্ততি-প্রাকৃ॰ উনহত্তইড > উনহত্তরি > হি॰-উনহত্তর] বি, বিণ, ৬৯ সংখ্যা বা সংখ্যক।

উনাইল [উনন দ্রঃ] ক্রি, সিদ্ধ করিল গলাইয়া ফেলিল। "বেগুলা রন্ধন করি উ॰ ভাত।"-ক্ষেমানন্দ।

ˋউনান₁ [উদধ্মান > পা॰-উদ্ধান > ভ্রং উধান >। 'অভিধান চিন্তামণিতে'-"উদ্ধান"=চুল্লী] বি, চুল্লিকা; চুল্লী; চুলা: আখা। "উনানে পাড ফুক।"-কবিক॰।

ˋউনানি₂ [সং-উষ্ণ > প্রাকৃ॰-উহ্ন, পা॰-উনহ > বাং ক্রি, উণহান > উণআন > উনান-তাপান > তাপাইয়া গলান। উনন দ্রঃ। উনাই, উনাও, উনায়; উনাইতে; উনাইয়া (ক্ষে॰ উনিয়ে) ই॰] ক্রি, গলানো: উত্তাপে দ্রব করা। ২ গলিয়া পড়া; গলিত হওয়া। "আতপে উনায় যেন ননীর পুতুলি।" -রামা॰ (কৃত্তি)। "যে ঘৃত অন্নের তাপে উনাইয়া পড়ে।"

ˋউনি [অদস্ >, সম্ভ্রমার্থে সং অমুনি=অউনি (ম লোপ)=উঁনি।-ভাষাতত্ত্ব] স, সম্মুখস্থ ব্যক্তি: কখন কখন 'তিনি' স্থানে ব্যবহৃত হয়। স্বামীকে বুঝাইতে মেয়েলি॰ -উনি। "তাঁহার বাবার কথা, মা'র কথা, ভগিনীপতি ও বোনেদের কথা, সর্ব্বোপরি তাঁর 'উনি'র কথা।" "বোনেদের কাছে 'উনি'র নাকাল হওয়ার কথা।"-প্রবাসী, ১৩৩৩। বহুব॰-উনারা, ওনারা। সম্বন্ধ পদে -উনার, ওনার, ওঁর; (বহুব॰) উনাদের, উনাদিগের ওনাদের, ওঁদের। গ্রা॰ লিখিত ভাষায়-উঁহারা, উঁহার, উঁহাদিগের ই॰-র বিণ, প্রয়োগ আছে।

উনিশ [সং-উনবিংশতি >, মাগধী-উনবীসা >, প্রাকৃ॰-উনোইঁশ >] বি, এক কম বিংশসংখ্যা; ১৯ এই সংখ্যক। **~বিশ** [উনিশ-বিশ (বিংশ-প্রাকৃ॰ বিঁশ)] বিণ, ১৯ এবং ২০ এই সংখ্যার মধ্যে যতটুকু তফাৎ: অতি সামান্য; যৎসামান্য; দুয়ের মধ্যে এত অল্প প্রভেদ যে তুলনা কালে সহসা ধরা যায় না। ২ ঈষৎ ছোট বড।

উনু [সং-উন] বিণ, ন্যূন: হীন: কম। "উনু ভাতে দুনু বল।"

ˋউনুই [উন্ন >। উন্দ্=আর্দ্র হওয়া] বি, উৎস; ঝরণা।

ˋউনুন [উদধ্মান >। 'অভিধান চিন্তামণি' মতে "উদ্ধান"] বি, উনন; চুলা। "নাই উ॰ জ্বালা একি জ্বালা।"-ঈ॰ গুপ্ত।

উনুবুক-বিণ, সাহসহীন; অল্প সাহস: ভীরু।

উনুয়ানি, উনুয়ে-উঠা [উনুই দ্রঃ] ক্রি, আর্দ্র হওয়া; বিগলিত হওয়া; চুয়াইয়া পড়া। ২ স্ফুরিত হওয়া; অল্পে অল্পে উদ্গত হওয়া; উথলিয়া ওঠা to ooze out "ছুঁইতে উনুয়ে উঠে পরিমল।"-প্রেম ও ফুল।

উন্তি, -ন্তী [অন্ত (দ্রঃ) > এ (আধু॰)] নিত্য বর্ত্তমান-বোধক বিশেষণ-বাচক কৃৎ-প্রত্যয়-বিঃ [দেখুন্তি (=দেখ্তা-দেখে এমন, যে দেখে, দ্রষ্টা। তুল-হি॰ দেখইয়া-দেখউয়া > বাং দেখিয়ে); **গাউন্তি, -ন্তী** (যে গায়, গায়ক। তুল-হি॰ গাবইয়া > বাং গাইয়ে)। এইরূপ **নাচুন্তি, -ন্তী** ই॰]।

উন্দুর, উন্দূর ['উন্দরু', 'উন্দুরু', 'উন্দুরু', 'উঁদুর' ও॰-চ॰ ক॰ ভা॰। 'ইন্দুর' 'ইন্দুর' দ্রঃ] বি, ইঁদুর: মূষিক।

উন্ধধুন্ধ [হি॰-অঁধাধুন্ধ-"গড়বড়; ধীঙ্গা ধীঙ্গী; বেধড়ক; মারামারি।"-হি॰ শ॰ সা॰] বি, তুমুল ঝগড়া; অতিশয় গণ্ডগোল। ২ ক্রি-বিণ, বেধড়ক; অতিশয় বেগে। ৩ [>] ত্বরান্বিত; ব্যস্ত সমস্ত।

উন্ধিপোকা-বি, গাঁদি পোকা।

উন্ন [উন্দ্ (আর্দ্র হওয়া)+ত (র্ত্তৃ) ন লোপ, দ্-ত=ন্ন] বিণ, সিক্ত; ক্লিন্ন; আর্দ্র; ভিজা। ২ দয়ার্দ্র; দয়ালু [প্র॰ অ॰]।

উন্নত [উৎ-নম্ (নত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, উচ্চ; তুঙ্গ। ২ উদার। ৩ উদ্ধত। ৪ [র্ত্তৃ] বিণ, উন্নতিপ্রাপ্ত; গৌরবান্বিত: বৃদ্ধিপ্রাপ্ত, পূর্ণ; স্ফীত। ৫ [প্রা॰ বাং] উঠ্তি। "অঙ্গে পাতলী রাধা উ॰ যৌবনে।" -শ্রী॰ কী॰। বি, উন্নতি। **~চিত্ত**-বিণ, যার মন নীচতাশূন্য; উদারহৃদয়; প্রশান্ত-মনাঃ; মহামনাঃ। **~চিত্ততা**-বি, চিত্তের ঔদার্য্য; মনের উদারভাব; মনস্বিতা। **~চেতা, ~মনাঃ, ~মনা, ~হৃদয়**-বিণ, উদারচরিত: উচ্চাশয়। **~নাভি**-বি, গোঁড়। ২ বিণ, স্থূলোদর।

উন্নতানত [উন্নত (উচ্চ)-আনত (নীচ) -উন্নত এবং আনত-দ্বন্দ্ব॰] বিণ, উচ্চনীচ; উঁচুনীচু; বন্ধুর। ২ উদার ও সঙ্কীর্ণ। ৩ অসমান। ৪ [উন্নত (উচ্চতা, উচাই) আনত (নীচাই)] বি, ঊর্দ্ধ এবং অধোদিকের দৈর্ঘ্য।

উন্নতি [উৎ-নম্-তি (ভা॰)] বি, শ্রীবৃদ্ধি: সৌভাগ্য; ঋদ্ধি; গৌরব; অভ্যুদয়। ২ উচ্চতা। ৩ গরুড়পত্নী। **~শীল**-বিণ, উদীয়মান: যে উন্নতি করিতেছে। > স্ত্রীং ~া। **~সাধক**-বি, যে উন্নতির সাধনা করে। ২ উৎকর্ষ-বিধায়ক; উন্নতিজনক। > স্ত্রীং **~সাধিকা**। বি, **~সাধন**।

উন্নদ্ধ [উৎ-নহ্ (বন্ধন করা)+ত (র্ম্ম)] বিণ, উর্দ্ধে বদ্ধ; উর্দ্ধে সংযত; উদ্বদ্ধ।

উন্নমন [উৎ-নম্-ণিচ্=নমি (নত করান) +অন (ভা॰)] বি, উত্তোলন; উত্থাপন। ২ [উৎ-নম্+অন (ভা॰)] সম্যক্ রূপে নত হওন। ৩ উন্নতি।

উন্নমিত [উৎ (উর্দ্ধে) নম্+ণিচ্=নমি (নামান)+ত (র্ম্ম)] বিণ, যা উপরে তোলা হইয়াছে; উত্তোলিত; উর্দ্ধীকৃত; উর্দ্ধে উত্থাপিত।

উন্নম্র [উৎ-নম্র (নত)] বিণ, উন্নত। স্ত্রীং ~া।

উন্নয়, উন্নায় [উৎ (উপরে) নয়-নায় (নয়ন, লওয়া) বা উৎ-নী (লওয়া)+অ,

(ভা০)] বি, অভ্যুত্থান ; উন্নতি। ২ সাদৃশ্য ; ঔপম্য। ৩ [ণিজন্ত-নী+অ (ভা০)] উত্থাপন ; উত্তোলন।

উন্নয়ন [উৎ-নী (লওয়া)+অন (ভা০)] বি, উর্দ্ধীকরণ ; উত্তোলন ; উঠান। ২ উন্নতি। ৩ [ণে অন-যদ্দ্বারা জ্ঞানের উৎকর্ষ হয়] অনুমান। ৪ ন্যায়শাস্ত্র। ৫ [বৈদিক] 'পূৎভৃৎ' হতে সোমরস তুলিয়া আহুতির জন্য চমসে গ্রহণ।

উন্নস [উৎ (উন্নত) হইয়াছে নাসা (নাসিকা) যার-বহু০। (বহু০ সমাসে নাসা=নস)] বিণ, উচ্চনাস ; যার উচ্চ নাসিকা আছে ; উন্নতনাসিক।

উন্নাদ [উৎ (উচ্চ) যে নাদ (শব্দ)+অ (ভা০)] বি, উচ্চ স্বর ; উচ্চধ্বনি ; মহাশব্দ। ২ উৎকট শব্দ ; কঠোর নিনাদ। ৩ [উৎ (উচ্চ) নাদ (শব্দ) যার-বহু০] বিণ, উচ্চশব্দকারী।

উন্নাভ [উৎ (উন্নত) নাভ (নাভি) যার-বহু০। নাভি=নাভ] বি, উন্নতনাভি ; যার নাভিদেশ উন্নত বা স্থূল। ২ সূর্য্য-বংশের কোন রাজা।

উন্না/য়-উন্নয় দ্রঃ। **~য়ক** [উৎ-নায়ক] বিণ, উত্তোলক। ২ প্রস্তাবক ; উত্থাপক। > স্ত্রীং **~য়িকা**।

উন্নিদ্র [উৎ (নির্গত) নিদ্রা যার-বহু০] বিণ, নিদ্রাবিরত ; নিদ্রারহিত ; জাগ্রত। ২ সাবধান ; সতর্ক। ৩ [অর্থালং] বিকচ ; বিকসিত ; প্রস্ফুটিত ; ফুল্ল। **~া** [উৎ (বিগত) নিদ্রা] বি, নিদ্রারাহিত্য ; ঘুমের অভাব ; নিদ্রাহীনতা ; ঘুম না আসা। "উন্নিদ্রায় বহুক্ষণাবধি উৎকট মানসিক যন্ত্রণা সহনে অবসন্ন হইয়াছিলেন।"-দুর্গেশনন্দিনী।

উন্নীত [উৎ-নীত। নী (প্রাপ্ত করান)+ত (র্ম্ম)] বিণ, উন্নতিবিশিষ্ট অভ্যুন্নতিপ্রাপ্ত ; বৃদ্ধিপ্রাপ্ত। ২ উর্দ্ধগত ; যাকে তুলিয়া ধরা হইয়াছে বা উপরে উঠান হইয়াছে। ৩ সন্দেহীকৃত ; তর্কিত। ৪ অনুমিত ; অনুমানীকৃত।

উন্নেতা [উৎ (উর্দ্ধে) নেতা (চালক)। নী (লওয়া)+তৃন্ (র্ত্তৃ)=উন্নেতৃ ১মা ১ব০)] বি, যে উপরে বা উর্দ্ধে লইয়া যায় ; উত্তোলনকারী। ২ উন্নতি-বিধানকর্ত্তা। স্ত্রীং উন্নেত্রী।

উন্মগ্ন [উৎ-মস্জ্ (মগ্ন হওয়া)+ত (র্ত্তৃ) (স্-লোপ, জ্=গ্, ত=ন)] বিণ, জল হতে উত্থিত। ২ নিম্ন স্থানাদি হতে উত্থিত।

উন্মজ্জক [উৎ-মস্জ্ (মগ্ন হওয়া, ডুবা)+অক (র্ত্তৃ) স=জ] বিণ, জলোত্থিত ; উন্মজ্জনকারী ; যে ভাসে বা ভাসায়। ২ বি, যে তপস্বী আকণ্ঠ জলে মগ্ন হইয়া তপঃ সাধন করেন, তাঁকে 'উন্মজ্জক তাপস' বলে।

উন্মজ্জন [উৎ (না)-মস্জ্ (ডুবা)+অন (ভা০)] বি, জলাদি হতে উত্থান ; ভাসা ; জলে ডুবিয়া না থাকা।

উন্মত্ত [উৎ (অতিরিক্ত) মদ্ (মত্ত হওয়া)+ত (র্ত্তৃ) যার অতিরিক্ত মত্ততা জন্মিয়াছে] বিণ, ক্ষিপ্ত ; প্রমত্ত ; বাতুল ; উন্মাদগ্রস্ত ; পাগল। ২ হিতাহিত জ্ঞানশূন্য। ৩ মত্ত ; মদসেবী ; মাতাল। ৪ অত্যন্ত আসক্ত ; অত্যাবিষ্ট। ৫ আত্মহারা। ৬ [মত্ততা হয় যদ্দ্বারা এই অর্থে, ণে] ধুস্তুর ; মুচুকুন্দ বৃক্ষ। **~ক** [উৎ-মত্ত+ক (স্বার্থে)] বিণ, উন্মত্ত। ২ [র্ত্তৃ, ক] উন্মত্তকারী ; পাগল করে এমন। ৩ বি, অবধূত। **~তা** [উন্মত্ত+তা (ভা০)] বি, উন্মত্তের ভাব। ২ মস্তিষ্করোগবিঃ ; উন্মাদ। "অদূরে বসে সে রোগের পাশে উন্মত্ততা।"-মেঘ০। ৩ ক্ষিপ্ততা ; পাগলামি। ৪ হিতাহিত-বুদ্ধি-বিচারশূন্যতা। **~প্রলাপ** [উন্মত্ত-প্রলাপ-৬ তৎ] বি, পাগলের কথা ; অসম্বদ্ধ অর্থহীন বাক্য। **~প্রায়** [উন্মত্ত-প্রায় (সদৃশ)] বিণ, ক্ষিপ্তের মত ; পাগলের মত ; উন্মত্তবৎ। ২ যার মস্তিষ্কবিকারের উপক্রম হইয়াছে ; ক্ষিপ্তপ্রায়। **~বৎ**-ক্রি-বিণ, পাগলের মত।

উন্মথন [উৎ-মন্থ্ (মন্থন করা)-অন (ভা০)] বি, বিলোড়ন ; মন্থন ; মর্দ্দন। ২ বিনাশন ; নিধন ; হনন ; হত্যা ; বধ।

উন্মদ [উৎ (অতিরিক্ত)-মদ্ (মত্ত হওয়া)+অ (র্ত্তৃ)] বিণ, অতিশয় মত্ততাযুক্ত ; প্রমত্ত। "কিম্বা শুম্ভ নিশুম্ভ, উ০ বীরমদে।"-মেঘ০। ২ পাগল ; ক্ষিপ্ত। স্ত্রীং **~া**-বি, মত্ততাযুক্তা। "চিকণি তোমায় বাঁধিতাম সদা বাঁধিতে কামীর মন, ধর্ম্মকর্ম্ম ভুলি উন্মদা যৌবনে।"-মেঘ০। ২ উন্মত্তা ; পাগলী। "কভু গায় গীত করতালি দিয়া উন্মদা।"-মেঘ০। ৩ [প্রাদে০] ভ্রম। "উন্মদে করিলে গুণা (পাপ) নবী ব্যায়াকুল।"-পূ০ ব০ গী০।

উন্মদিষ্ণু [উৎ-মদ্+ইষ্ণু (র্ত্তৃ)] বিণ, উন্মাদশীল ; মত্ত ; ক্ষিপ্ত। ২ মদবারিযুক্ত (যেমন-হস্তী)।

উন্মন [উন্মনা >] বিণ, উদ্বেগযুক্ত ; অন্যমনস্ক। "আসনে বসিয়া উ০ হইয়া ভাবেন ব্যাস গোসাই।"-অ০ ম০।

উন্মনা, নাঃ [উৎ (উৎকণ্ঠিত)-মনস্ (মনঃ) যার (বহু০)=উন্মনস্ ১মা ১ব০] বিণ, ব্যাকুল-মানস ; উৎকণ্ঠিতচিত্ত ; ব্যাকুল ; উদ্বিগ্ন ; অন্যমনস্ক। "শুনি মজুমদার বড় উ০ হইল।"-অ০ ম০। "আমি উ০ হে, হে সুদূর, আমি উদাসী।"-রবী০।

উন্মন্থ, উন্মন্থন [উৎ-মন্থ্ (বিলোডন করা)+অ। অন (ভা০)] বি, মথন ; বিমর্দ্দন। ২ আলোডন। ৩ হনন।

উন্মাথ [উৎ-মন্থ্ (মন্থন করা-বন্ধন করা, বধ করা)+অ (ণে)] বি, যদ্দ্বারা মৃগাদি পশু আবদ্ধ করে ; ব্যাধের পাশ ; ফাঁদ। ২ [ভা০-অ] মন্থন ; আলোড়ন। ৩ দৈন্য ; খেদ। ৪ বিনাশ ; হত্যা। ৫ [উৎ-মন্থ্+ণিচ্=মাথি+অ (র্ত্তৃ)] ঘাতক।

উন্মাদ [উৎ-মদ্ (মত্ত হওয়া)+অ (ভা০)] বি, বায়ুরোগ। ২ চিত্তবিভ্রম। ৩ বাতুলতা। ৪ বিণ, ক্ষিপ্ত ; বাতুল। "দগ্ধ হতাশ্বাসে ছুটিলা উন্মাদপ্রায় হুঙ্কারি ভীষণ।"-বৃত্র০। ৫ আত্মবিস্মৃত। ৬ স্ফীত ; স্থূল। "দিনে দিনে বাড়ে গর্ভ উদর উ০।"-ঘ০। ৭ অধিক আনন্দ, বিরহাদি-জনিত চিত্ত-বিক্ষোপতা যাতে, প্রলাপ, গীত, অট্টহাস্য, নৃত্য, চীৎকার, বৃথা চেষ্টা ই০ লক্ষণ দেখা দেয় -(চৈ০ চ০-মজুমদার)। **~ক** (-দঁ-) [উৎ-মদ্+ণিচ্=মাদি (মত্ত করান)+অক (র্ত্তৃ)] বিণ, যে মত্ততা জন্মায় ; মত্ততাজনক। ২ বি, মদিরা ; মদ। **~কর**-বিণ, উন্মাদক। > স্ত্রীং **~করী**। **~গ্রস্ত**-বিণ, পাগল। > স্ত্রীং **~া**। **~ন, -না** (-দঁ-) [উৎ-মদ্+অন (ভা০ +আ] বি, প্রমত্ততাজনন ; উন্মত্তকরণ। ২ [ণে-অন। যদ্দ্বারা মত্ততা জন্মে] বি,

কামদেবের বাণবিঃ। ৩ মদ্য। ~প্র লাপ-বি, পাগলের অসম্বদ্ধ বাক্যাবলি। ~প্রায়, ~বঁৎ-বি, পাগলের মত। ~বান্-বিণ, ক্ষিপ্ত।

উন্মা/দির্ত [উন্মাদ্+ণিচ্=উন্মাদি+ত (র্ম্ম)] বিণ, যাকে ক্ষেপান হইয়াছে : উন্মত্তী-কৃত। ~দী [উন্মাদ+ইন্ (স্ত্য)=উন্মাদিন্ ১মা ১ব০] বিণ, প্রমত্ত : উন্মাদযুক্ত : মত্ততাগ্রস্ত : উন্মত্ত। > স্ত্রীং ~দিনী। "ব্রহ্মাণ্ড ঘুড়িয়া ভ্রমিতে লাগিল বামা উন্মাদিনী এবে।" -বৃত্র০।

উন্মান-বি, দ্রোণ-পরিমাণ।

উন্মার্গ [উৎ (কুৎসিত)-মার্গ (পথ)] বি, কুপথ ; নিন্দিত মার্গ : অসৎপথ। ২ কদাচার। ৩ বিণ, কুপথগামী ; নিন্দিতাচারী। ৪ উচ্ছৃঙ্খল। ~গামী [মু০-উন্মার্গগামিন্ ১মা ১ব০] বি, যে কুপথে গমন করে : কুপথগামী : পাপানুসারী : অসদাচারী : পথভ্রষ্ট। > স্ত্রীং ~গামিনী।

উন্মির্ত [উৎ+মা (পরিমাণে)+ত (র্ম্ম)] বিণ, কৃত-পরিমাণ : মাপা।

উন্মিষির্ত [উৎ-মিষ্ (প্রকাশিত হওয়া) +ত (র্ত্তৃ)] বিণ, প্রস্ফুটিত ; বিকসিত ; উন্মীলিত। ২ ঈষৎ প্রকাশিত।

উন্মী/র্লন [উৎ-মীল্ (চক্ষু মেলন) +অন (ভা০)] বি, নেত্র-বিকাশ ; চক্ষু মেলিয়া চাওয়া ; চোথ খোলা [বিপরীত নিমীর্লন] ২ বিকাশ : প্রকাশ : উন্মেষ। ৩ উদ্ঘাটন ; উন্মোচন। বিণ, ~লির্ত [+ত (র্ম্ম)] বিণ, উন্মেষিত ; উদ্ঘাটিত। ২ [(র্ত্তৃ-ক্ত)] বিকসিত ; প্রকাশিত। **উন্মুক্ত** [উৎ-মুচ্ (মোচনে) +ত (র্ম্ম)] বিণ, যার বন্ধন খুলিয়া দেওয়া হইয়াছে : বন্ধনরহিত। ২ নিষ্কৃতিপ্রাপ্ত : মুক্তিপ্রাপ্ত। ৩ অনাবৃত ; খোলা। ৪ উদার ; অকপট।

উন্মুখ [উৎ (উর্দ্ধ) মুখ যার-বহু০] বিণ, যে মুখ তুলিয়া আছে ; যে প্রস্তুত হইয়াছে : উদ্যত। ২ প্রবৃত্ত ; তৎপর। ৩ উৎসুক। ~তা (-র্থ-) [উন্মুখ+তা (ভা০)-উন্মুখের ধর্ম্ম] বি, উদ্যত হওয়ার ভাব বা অবস্থা। ২ উদ্গত হওয়ার ভাব : প্রকাশ হওয়ার ভাব। ৩ আগ্রহ : ঔৎসুক্য। ৪ তৎপরতা।

উন্মুদ্র [উৎ (বিমুক্ত) মুদ্রা (শীলমোহর) যার-বহু০] বিণ, মুদ্রারহিত ; ষ্ট্যাম্প চিহ্নশূন্য। ২ প্রস্ফুটিত ; বিকসিত।

উন্মূ/র্লন [উৎ-মূলি (নামধাতু) উৎ-পাটন+অন (ভা০)] বি, মূলের সহিত উত্তোলন করা : উচ্ছেদ : উৎপাটন। ২ সমূলে বিনাশ করা। ~লয়িতা [উৎ-মূল্ +তৃন্ (র্ত্তৃ) উন্মূলয়িতৃ ১মা ১ব০] বিণ, মূলোচ্ছেদকারী ; উৎপাটক। ২ বিনাশ-কারী। > স্ত্রীং ~লয়িত্রী। ~লির্ত [উৎ -মূলি+ত (র্ম্ম)] বিণ, যার মূলোচ্ছেদ হইযাছে : সমূলে উৎপাটিত। ২ মূলসহ বিনাশিত।

উন্মেষ, উন্মের্ষণ [উৎ-মিষ্ (বিকসিত হওয়া)+অ, অন (ভা০)] বি, চক্ষু মেলিয়া চাওয়া ; উন্মীলন। ২ উদয় : উদ্ভব। "আধ্যাত্মিক ভাবের উন্মেষণ * * ঘটিয়া থাকে।"-মহাপুরুষ আশুতোষ। ৩ প্রকাশ। ৪ ঈষৎ বোধ : উদ্রেক। ৫ আভাস, ইঙ্গিত।

উন্মো/র্চন [উৎ-মুচ্ (মোচন করা)+ অন (ভা০)] বি, বন্ধন খুলিয়া দেওয়া। ২ কারামুক্তি দান ; নিষ্কৃতি দান। ৩ খুলিয়া লওয়া। ~র্চনা [বৈজ্ঞা০ পরিঃ] বি, গবেষণার প্রকারভেদ। "কি বিধায়না কি উ০ উভয়বিধ গবেষণাই আক্ষিক প্রমাণের সাহায্যে নিষ্পন্ন। বিধায়ক গবেষণা প্রচলিত সংস্কারের উপর নির্ভর করে। উন্মোচক গবেষণা সংস্কারে সন্দিগ্ধ করাইয়া তাহার মূল অনুসন্ধানে ব্যাপৃত করায়।"-প্রবাসী, ১৩৩৩। ~চির্ত [উৎ-মুচ্ + ণিচ্=মোচি (মুক্ত করান)+ ত (র্ম্ম)] বিণ, যাকে মুক্ত করা হইয়াছে।

উর্প [উপসর্গ] নিকট। প্র-উপকূল ; উপ-কণ্ঠ। ২ দ্বারা। প্র-উপলেপন। ৩ সহিত। প্র-উপাসনা, উপসর্গ (রোগের)। ৪ পশ্চাৎ। প্র-উপেন্দ্র। ৫ অগৌণ। প্র-উপধর্ম্ম। ৬ ক্ষুদ্র। প্র-উপদ্বীপ ; উপপুরাণ ; উপপাতক। ৭ উৎকর্ষ। প্র-উপাদেয়। ৮ আধিক্য। প্র-উপচয় ; উপসেচন। ৯ হীনতা ; ন্যূনতা। প্র-উপজিহ্বা। ১০ তুল্য। প্র-উপমা। ১১ সাদৃশ্য। প্র-উপকথা : উপনেত্র : উপদেব : উপবন। ১২ সম্পূর্ণ। প্র-উপহার। ১৩ পার্শ্ব। প্র-উপরক্ষ body-guard, ১৪ ইচ্ছা। প্র-উপযাচক ; উপরত। ১৫ আরম্ভ। প্র-উপক্রম ; উপজ্ঞা। ১৬ উপরি। প্র-উপ-দেহ : উপনয়ন। ১৭ সাহায্য। প্র-উপ-করণ। ১৮ প্রতিনিধি। প্র-উপপতি। ১৯ অনুকম্পা। প্র-উপকার [তুল-গ্রী০ hupo ; hypo. ল্যা০-supo ; sub ইং-up. ডেনিশ, ফ্রীস্কান, ডচ্-op. নর্থ-হাই-জর্ম্ম-ob.]

উপর্কণ্ঠ [উপ (সমীপ) কণ্ঠ-অব্যয়ী০] বিণ, কণ্ঠ সমীপে। ২ সমীপ ; নিকট। ৩ বি, অশ্বের গতিবিঃ। ৪ গ্রামান্ত। ~র্ঠ্য,-্য। ~বাসী [উপকণ্ঠ (নিকটে) বস্ (বাস করা)+ইন্ (র্ত্তৃ) উপকণ্ঠবাসিন্ ১মা ১ব০] বিণ, যিনি নিকটে বাস করেন।

উপর্কথা [উপ (সদৃশ) কথা (আখ্যা-য়িকা)] বি, উপন্যাস ; কল্পিত গল্প : উপাখ্যান।

উপর্করণ [উপ (সাহায্য) কৃ (করা)+ অন (ণে)] বি, যার সাহায্য ব্যতীত কর্ত্তা কোন ক্রিয়া সম্পাদন বা কোন দ্রব্যাদি নির্ম্মাণ করিতে পারেন না। যেমন-ইট, কাঠ, চূণ, মাটী, জল ই০ গৃহাদি-নির্ম্মাণের উ০ ; ফল-মূলাদি নৈবেদ্যের উ০ ও নৈবেদ্য পুষ্প চন্দনাদি পূজার উ০। "স্বর্ণপাত্রে সারি সারি উপহার নানা বিবিধ উ০।"-মেঘ০। ২ অঙ্গ। ৩ সামগ্রী। ৪ [সং। বাং অপ্র০] উপকার।

উপ/র্কর্ত্তা [উপকর্ত্তৃ ১মা ১ব০] বিণ, উপকারক ; উপকারী। "আমার উ০ অনাদি বসু। তিনি তাঁহার বাটীতে আমাকে কিছু-দিন রাখিয়া স্কুলে দিলেন।"-প্রবাসী, ১৩২২। স্ত্রীং ~র্কর্ত্রী।

উপকা/র [উপ-কৃ+ঘঞ্ (ভা০)] গ্রা০, 'উপগার' 'উবগার'] বি, অনুগ্রহ ; আনুকূল্য ; সাহায্য। ২ কল্যাণ। ৩ [বির্থে০] সদ্গতি-লাভ। "তোর গর্ভ ভাগ্যে নাই, যদি দেন গোঁসাই, অন্য গর্ভে বংশের সঞ্চার। সঙ্গীত পুরাণ কথা, শুনিয়াছিলাম সতা, পরলোকে হয় উ০॥"-কবিক০ [দ্রঃ-সপত্নী-পুত্র-প্রদত্ত জলপিণ্ডে পরলোকে সদ্গতিলাভ হয়] ৪

উপকরণ (দ্রঃ)। ~র্ক [উপ (সাহায্য) কৃ (করা) + অক (র্ত্তৃ)] বিণ, যে উপকার করে; উপকারী; উপকর্ত্তা; হিতকারক। ২ সাহায্যকারী; সহায়ক। স্ত্রীং ~রিকা। ~রিতা [উপকারিন্ + তা (ভাং, উপকারী জনের ধর্ম্ম)] বি, সহায়তা; উপকার। ২ উপযোগিতা। ৩ মঙ্গল; হিত। ~রী [উপ-কৃ (করা) + ইন্ (র্ত্তৃ)=গ্রাং-'উবগারী', উপকারিন্ ১মা ১বং] বিণ, হিতকারী। ২ উপযোগী। > স্ত্রীং ~রিণী।

উপ°কার্য্য [উপ-কৃ + য (র্ম্ম)] বিণ, যার উপকার করা হইতেছে বা হইবে বা উচিত বা আবশ্যক; উপকারযোগ্য। স্ত্রীং ~া-রাজগৃহ। ২ পটবাস। ৩ ধানের গোলা।

উপ°কীর্চক [উপ (পশ্চাৎজাত) কীচক] বি, কীচকের অনুজ; কীচকের কনিষ্ঠ উনশত ভ্রাতা; সূতপুত্র কীচকানুজ ইহারা বিরাট-রাজের শ্যালক। "মহাবাহু বৃকোদর উপকীচক-দিগের বধেচ্ছায় মহা উদ্যম ভরে একবারে স্ফীতকায় হইয়া উঠিলেন।"-মহাং (বর্দ্ধ)।

উপ°কুম্ভ [উপ (সমীপ) কুম্ভ (ঘট) কুম্ভের সমীপ-অব্যয়ীং] বি, কুম্ভের নিকট। ২ বিণ, সমীপ; নিকট; সন্নিহিত।

উপ°কুল্যা [উপ (সমীপে) কুল্ (রাশি করা) + য (র্ম্ম)] বি, পয়ঃপ্রণালী; জলবহির্গমন পন্থা; খাল। ২ পিপ্পলী; পিঁপুল।

উপ°কূপ [উপ (সমীপ) কূপ-অব্যয়ীং] বি, কূপসন্নিধান; কূপের নিকটে। উং ~জলাশয়-পশ্বাদির জলপানার্থ কাষ্ঠ-ইষ্টক-নির্ম্মিত জলাধার।

উপ°কূল [উপ (সমীপ) কূল (তীর) -অব্যয়ীং] বি, কূলসমীপস্থ স্থান; সমুদ্র বা নদ্যাদির তীরস্থিত ভূমিভাগ; বেলাভূমি।

উপ°/কৃত [উপ-কৃ (করা) + ত (র্ম্ম)] বিণ, যার উপকার করা হইয়াছে; অনুগৃহীত; কৃতোপকার। ২ [ক্ত-ভাং] বি, উপকার। বি, ~কৃতি [+তি (ভাং)] বি, উপকার।

উপ°কৢপ্ত [উপ-কৃপ্ (সমর্থ হওয়া) + ত (র্ত্তৃ), কৃপ্=কৢপ্] বিণ, সমর্থ; অনুরক্ত। ২ [র্ম্ম-ত] উপস্থত। ৩ রচিত। ৪ উৎসর্গীকৃত।

উপ°কেশ [উপ (সদৃশ) কেশ-অব্যয়ীং] বি, কেশের তুল্য; কৃত্রিমকেশ; পরচুলা।

উপ°কোশা-বি, উপবর্ষের কন্যা; বররুচির পত্নী।

উপ°ক্রন্তা [উপ (প্রথম) ক্রম্ (গমন করা) + তৃন্ (র্ত্তৃ) ম=ন্=উপক্রন্তৃ ১মা ১বং-অগ্র-গমনকারী] বিণ, আরম্ভকারী; উদ্যোক্তা।

উপ°ক্রম [উপ-ক্রম্ + অ (ভাং)] বি, উদ্যোগ; চেষ্টা। "উপায়-সম্পন্ন ব্যক্তির উং প্রায়ই ব্যর্থ হয় না।"-মহাং (সিংহ)। ২ উদ্যম। ৩ আরম্ভ। ৪ উপায়। ৫ গমন; পলায়ন। ৬ বশীকরণ। ~ণিকা (-ম-) [উপ-(প্রথম) ক্রম্ (গমন করা) + অন (ভাং=উপ-ক্রমণ + ক-আ (স্ত্রীং)] বি, প্রারম্ভ; সূত্রপাত। ২ কর্ত্তব্য বা বক্তব্য বিষয়ের ক্ষেং অভিপ্রায় প্রদর্শন; অবতরণিকা; প্রস্তাবনা। ৩ ব্যাং সম্বন্ধীয় প্রারম্ভিক পুস্তকবিঃ। ~ণীয় (-ম-) [উপ-ক্রম্ + অনীয় (র্ম্ম)] বিণ, যা আরম্ভ করিতে হইবে; আরম্ভযোগ্য। ~মাণ (-ম-) [+আন (র্ত্তৃ) ম্-আগম] বিণ, যে উপক্রম করিতেছে; প্রবর্ত্তনকারী; আরম্ভকারী; আরভমাণ।

উপ°ক্রান্ত [উপ=ক্রম্ + ত (র্ম্ম)] বিণ, যার সূত্রপাত হইয়াছে; আরব্ধ। ২ বিস্তৃত।

উপ°ক্রিয়া [উপ (সাহায্য) ক্রিয়া (কার্য্য)] বি, সহায়তা; উপকার।

উপ°ক্রোশ [উপ-ক্রুশ্ (ক্রন্দন করা, নিন্দা করা ইং) + ঘঞ্ (ভাং)] বি, জুগুপ্সা; অপবাদ; ভর্ৎসনা; নিন্দা। ২ [অব্যয়ীং] ক্রোশ পথের পরিমাণ; ক্রোশের সমীপ। ~ক (-শ-) [উপ-ক্রুশ্ + অক (র্ত্তৃ)] বিণ, নিন্দক; অপবাদক। ২ বিকট শব্দকারী; গর্দ্দভ।

উপ°ক্রোষ্টা [উপ-ক্রুশ্ + তৃন্ (র্ত্তৃ)= উপক্রোষ্টৃ ১মা ১বং] বিণ, ভর্ৎসনাকারী; অপবাদক। ২ বি, গর্দ্দভ।

উপ°ক্ষয় [উপ-ক্ষি (ক্ষয় পাওয়া) + অ (ভাং] বি, ক্ষতি; হানি; অপচয়। ২ বাস্তু-ভূমির সমীপস্থ প্রদেশ।

[উপ-ক্ষি + ত (র্ম্ম) ত=ন]

বিণ, ক্ষয়প্রাপ্ত; ক্ষতিগ্রস্ত; হীন; বিনষ্ট। ২ বাসভবন-সন্নিহিত।

উপ°ক্ষেপ [উপ-ক্ষিপ্ (ক্ষেপণ করা) + অ (ভাং)] বি, প্রস্তাব; কথন; উল্লেখ। ২ ক্ষোভ; আক্ষেপ; মনস্তাপ। ৩ [নাট্যে] ইতিবৃত্তের প্রস্তাব বা উল্লেখ।

উপ°ক্ষেপণ [স্মৃতিং পরিঃ] বি. ব্রাহ্মণ-গৃহে অন্নপাকের জন্য শূদ্রের অন্নদান। ~র্ধর্ম্ম -বি, উক্ত নিয়ম বা শাস্ত্রীয় বিধি।

উপ°/গত [উপ-গম্ (গমন করা, স্বীকার করা) + ত (র্ত্তৃ)] বিণ, উপস্থিত; সন্নিহিত; নিকটবর্ত্তী। ২ অনুরক্ত; আসক্ত। ৩ কৃত-মৈথুন; স্ত্রীরত। ৪ [র্ম্ম-ত] স্বীকৃত; অঙ্গীকৃত। ৫ প্রাপ্ত। ৬ জ্ঞাত। বি, উপগম। ~গম [উপ-গম্ (গমন করা) + অ (ভাং)] বি, জ্ঞান। ২ লাভ; প্রাপ্তি। ৩ গমন; উপস্থিতি। ৪ আসক্তি। ৫ অঙ্গীকার। বিণ, উপগত।

উপ°গান-বি, সামবেদীয় ২৩টি প্রপাঠক সম্বলিত গীতিগ্রন্থ।

উপগার, উবগার-উপকার দ্রঃ।

উপ°গিরি [উপ (সমীপ) গিরি-অব্যয়ীং] বি, পর্ব্বতোপকণ্ঠ। ২ খণ্ডশৈল; ক্ষুদ্র পাহাড়। ৩ দেশবিঃ। ৪ কৃত্রিম পাহাড়; কেলি-শৈল [উপবন মধ্যে কেলি-শৈল রচনা করা ভারতের প্রাচীন প্রথা] "আপন আলয়ে রচিয়াছে লয়ে উং কেলিস্থলী।"-রঙ্গলাল।

উপ°/গীত [উপ-গীত] বিণ, কীর্ত্তিত। স্ত্রীং ~গীতা। ~গীতি-বি, ১ম ও ৩য় চরণে দ্বাদশ এবং ২য় ও ৪র্থ চরণে পঞ্চদশ মাত্রা-বদ্ধ আর্য্যাছন্দোবিঃ।

উপ°গুপ্ত-বি. বুদ্ধনির্ব্বাণের শতবর্ষ পরের শূদ্র বৌদ্ধ সিদ্ধপুরুষ। মথুরার ১৮ লক্ষ লোককে বৌদ্ধধর্ম্মে দীক্ষিত করিয়াছিলেন। বিণ, নিকটে লুক্কায়িত; উপগূঢ়।

উপ°গুরু-বি, গুরুস্থানীয়; গুরুর প্রতিনিধি।

উপ°গূঢ়-বিণ, প্রচ্ছন্ন। ২ কৃতালিঙ্গন। স্ত্রীং ~া।

উপ°গূহন [উপ-গুহ্ (আচ্ছাদনে) + অন (ভাং)] বি, আলিঙ্গন।

উপগ্রন্থসূত্র-বি, কাত্যায়ন-রচিত সামবেদীয় সূত্রগ্রন্থ।

উপগ্রহ [উপ (ন্যূন) গ্রহ + অ (র্ম্ম)] বি, প্রধান গ্রহের চতুর্দ্দিকে ভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ ; অনুষঙ্গী গ্রহ (যেরূপ চন্দ্র পৃথিবীর উপ-গ্রহ)। ২ [গ্রহ্ (গ্রহণ করা) + অ (ভা॰)] বি, অবরোধ ; কারাবন্ধন। ৩ আনুকূল্য। ৪ প্রার্থনা [বাং বিরল] ৫ বিণ, কয়েদী ; বন্দী। ~ণ [উপ (সমীপ) গ্রহ (গ্রহণ করা) + অন (ভা॰)] বি, গুরুর নিকট হতে বিধিপূর্ব্বক বেদের পাঠ গ্রহণ ; সংস্কার পূর্ব্বক বেদাধ্যয়ন।

উপগ্রা/হ [উপ-গ্রহ + ঘঞ্ (ভা॰)] বি, উপহার ; উপঢৌকন ; ডালি। ~হ্য [উপ-গ্রহ + য (র্ম্ম)] বি, উপঢৌকন দ্রব্য। উপগ্রাহ দ্রঃ।

উপঘাত [উপ-হন্ (বধ করা) + ঘঞ্ (ভা॰) হন্=ঘাত] বি, ধ্বংস বিনাশ ; উচ্ছেদ ; লোপ। ২ আঘাত। ৩ হানি ; ক্ষতি। ৪ বিকৃতি ; বিকলতা। ৫ রোগবিঃ। ~ক (-তঁ-) [উপ-হন্ + অক (র্ত্তৃ) হন্=ঘাত] বিণ, হননকারী : বিনাশক। ২ যন্ত্রণাদায়ক ; পীড়ক। ৩ অনিষ্টকারক ; ক্ষতিজনক।

উপঘ্ন্য-বি, নিকটাশ্রয়। ২ অবলম্বন।

উপচক্ষুঃ [উপ (নিকট সদৃশ) চক্ষুস্ -অব্যয়ী॰)] বি, নয়নসমীপ ; চক্ষুর নিকট। ২ দিব্য চক্ষু। ৩ চসমা : উপনেত্র।

উপচয় [উপ-চি (সংগ্রহ করা) + (ভা॰)] বি, অভ্যুন্নতি ; শ্রীবৃদ্ধি। ২ আধিক্য ; পুষ্টি ; বৃদ্ধি। ৩ সংগ্রহ। ৪ সমূহ। ৬ [জ্যো॰] লগ্ন হতে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থান। [বিপরীত-অপচয়]।

উপচ/র [উপ(সমীপ)চর (গমন করা) + অ (ভা॰)] বি, উপচয় ; উন্নতি। ২ [চর্ + অ (র্ত্তৃ)] বি, দূত : চরের সমীপ ; দূতসন্নিধান। ৩ [উপ-চর (চড়া)] চর ভূমির নিকট : চড়ার কাছে। ~রিত [উপ-চর্ + ত (র্ম্ম)] বিণ, শুশ্রূষিত ; উপাসিত, আরাধিত ; সেবিত। ২ লক্ষণাশক্তিদ্বারা জ্ঞাপিত : লক্ষণা-বোধিত।

উপচর্য্যা [উপ-চর্ + য (ভা॰)] বি, পরিচর্য্যা ; সেবা ; শুশ্রূষা। ২ রোগচর্য্যা ; চিকিৎসা।

উপচা, উপচানি [উপচয় > উপচয়ান'র দ্রুত উচ্চারণ। উপচি, -চ, -চে ; উপচাই, -চাও, -চায় ; উপচিতে, উপচাইতে ; উপচিয়া, উপচাইয়া (ক্ষে॰ উপচে) ই॰] ক্রি, অতিরিক্ত হওয়া। ২ অতিক্রম করা ; ছাপিয়া পড়া ; আধারের বাহির হইয়া পড়া। প্র-বৃষ্টির জলে পুকুর উপচাইয়া পড়িয়াছে।

উপচা-উপচি-ক্রি-বিণ, ছাপা-ছাপি ; ভরপুর full to the brim

উপচার [উপ-চর্ + ঘঞ্ (ভা॰)] বি, উপ-করণ ; পূজার সামগ্রী। "পঞ্চোপচারে দশোপচারে বা ষোড়শোপচারে পূজা করিবে।" "দিল বহু উ॰ ধূপে কৈল অন্ধকার।"-সত্য॰ পাঁচালী। ২ শুশ্রূষা ; পরিচর্য্যা। ৩ সম্ভ্রম : সম্মান। ৪ ব্যবসায়। ৫ উৎকোচ ; ঘুষ। ৬ আরোপ। ৭ সামগ্রী। ৮ অর্চ্চনা ; পূজা। ৯ ভোগের বস্তু। "আর যত উ॰ পুত্র বিনা অন্ধকার।"-কবিক॰। ১০ ব্যবহার। ১১ ধর্ম্মানুষ্ঠান। ১২ লক্ষণা-শক্তি দ্বারা অর্থজ্ঞান। ১৩ চরিত্র। ১৪ চাতুরী ; ছল : মিথ্যাকথা। ১৫ উপশম। "কিয়ে উ॰ বুঝাইনা পারই।"-বি॰ প॰ [দ্রঃ-পঞ্চোপচার-গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য। দশোপচার-পঞ্চোপচার + পাদ্য (জল) অর্ঘ্য-দূর্ব্বা, আতপতণ্ডুল, পুষ্প, বিল্বপত্র, জল, চন্দনাদি, আচমনীয়, মধুপর্ক ও স্নানীয় জল। ষোড়শোপচার-দশোপচার + রজতাদি আসন, স্বাগত ("অমুক দেবতে স্বাগতং তে" -এই বাক্য), বস্ত্র, আভরণ (রজতাভরণাদি) বন্দনা, ব্যঞ্জন]।

উপচার্য্য [উপ-চর্ + য (র্ম্ম)] বি, মন্ত্রদ্বারা সংস্কৃত অগ্নি ; যজ্ঞানল।

উপচিকীর্ষা [উপ (উপকার)-কৃ (করা) স, ইচ্ছার্থে-সন্=চিকীর্ষ + অ (ভা॰) আ (স্ত্রীং)] বি, অন্যের উপকার বা সাহায্য করিবার ইচ্ছা ; পরের দুঃখ নিরাকরণের অভিলাষ ; পরহিতৈষণা।

উপচিকীর্ষু [উপ-কৃ + সন্ ইচ্ছার্থে= উপচিকীর্ষ + উ (র্ত্তৃ)] বিণ, উপকারাভিলাষী ; উপকার করিতে ইচ্ছুক।

উপচিত [উপ-চি (সংগ্রহ করা) + ত (র্ম্ম)] বিণ, সংগৃহীত ; সঞ্চিত। ২ পরিপুষ্ট ; বর্দ্ধিত। ৩ সমাহিত। ৪ রচিত। ৫ দগ্ধ। ৬ [র্ত্তৃ] বর্দ্ধমান ; বৃদ্ধিপ্রাপ্ত ; সমৃদ্ধ। বি, উপচিতি।

উপচিত্র-বি, একাদশাক্ষরা ছন্দোবিঃ। ইহার ৩য়, ৬ষ্ঠ, ৯ম ও ১১শ অক্ষর গুরু (বৃত্ত-রত্নাকর)।

উপচীয়মান [উপ-চি (সংগ্রহ করা) -আন (র্ম্ম) য ম-আগম] বিণ, যা সঞ্চিত করা হইতেছে। ২ বর্দ্ধমান।

উপচ্ছন্দ [উপ-ছন্দ্ (আচ্ছাদন করা) + অ (ভা॰)] বি, যাচ্ঞা ; প্রার্থনা ; অনু-রোধ। ২ মন্ত্রণাদান, পরামর্শদান।

উপচ্ছায়া-বি, অপচ্ছায়া দ্রঃ।

উপজ$_1$-বি, গায়ক বা বাদকদিগের ইচ্ছানুযায়ী রাগসঙ্গত ক্ষুদ্র ক্ষুদ্র তান : মিজরাব।

উপজ$_2$ [উপ (পরে) জ (জাত)] বিণ, অনুজ। ২ বি, কনিষ্ঠ ভ্রাতা।

উপজ$_3$ [উপ জন্ (জন্মান) বা সং উৎপদ্য > প্রাকৃ॰ উপজ্জ >] উৎপত্তি : উৎপাদন। ক্রি, উপজনি, উপজানি [উপজে, উপজিতে, উপজয়ে ই॰, প্রা॰ বাং প্রাকৃ॰ উপজ্জই (দ্রঃ)] উৎপন্ন করা ; জন্মান। [ব্রজ] উপজয়ে, উপজএ-ক্রি, উপস্থিত করে। ২ জন্মায়। "বিধিনি বিথারিত উপজয়ে শঙ্কা।"-বি॰ প॰।

উপজ$_4$-বিণ, যা উপরে জন্মিয়াছে। স্ত্রীং ~া।

উপজনন [উপ-জন (জন্মান) + অন (ভা॰)] বি, জন্ম ; উদ্ভব ; উৎপত্তি। ২ [ণিজন্ত -জনি + অন (ভা॰)] বি, উৎপাদন ; আজ্জান।

উপজয়, উপজয়ে-উপজ দ্রঃ।

উপজলা [উপ (উপগত) জল যেখানে, -বহু॰] বি, জলমগ্না ; নিবিষ্টজলা ভূমি। ২ নদীবিঃ।

উপজল্পী [উপ-জল্প + ইন্ (স্ত্য) = উপজল্পিন্ ১মা ১ব॰] বিণ, যে অনাহূত হইয়া জল্পনা করে ; বিজল্পক।

উপ/জা [উপজনন দ্রঃ। উপজি, উপজ, উপজে, উপজিতে, উপজিয়া ইং] ক্রি, উৎপন্ন হওয়া। **~জল** [ব্রজং] ক্রি, জন্মিল ; ঘটিল। "শৈশব যৌবনে উপজল বাদ।" -বিং পং। ২ বোধ হইল ; জ্ঞান হইল ; মনে হইল। "রাহু ভয়ে শশী ভূমে পড়ু খসি ঐছে উপজল মোহে।"-বিং পং। ৩ উপস্থিত হইল। **~জিবে**-জন্মিবে। "উপজিবে দেবী মহামায়া।"-কবিকং। **~জিল**-উৎপাদন করিল। "দেখি এ বীভৎস দৃশ্য সিদ্ধার্থের মনে উপজিল মহা ঘৃণা।"-অমিতাভ। ২ উৎপন্ন হইল ; জন্মিল। "গাত্রে উপজিল মাংস হইল লোমাঞ্চ।"-কবিকং। "উপজিল ক্রোধ।"-ভারতং।**~জে**-উৎপন্ন হয় ; জন্মে। "হেরিয়া কবির গম্ভীর মুখ, হৃদয়ে উপজে মহা কৌতুক।"-রবীং। ২ উপজয়ে ; জন্মায়।

উপ/জাত, ~জাতি-বি, সং কবিতার ছন্দো-বিঃ। ইন্দ্রবজ্রা ও উপেন্দ্রবজ্রা এবং ইন্দ্রবংশা ও বংশস্থবিলে মিলিত ছন্দকে উপজাতি বলে।

উপজানি [উপজনন > উপজায়, উপজিল, উপজিতে, উপজিবে ইং। 'উপজা'র ণিজন্ত রূপ] ক্রি, উৎপাদন করা ; উৎপন্ন হওয়া ; জন্মান।

উপজায়ল [ব্রজং] ক্রি, উপস্থিত হইল ; উৎপাদন করিল। "দ্বন্দ্ব উং।"-বিং পং।

উপজাপ [উপ-জপ্ (কথনে, ভেদে)-ঘঞ্ (ভাং)] বি, বিবাদ ; ভেদ ; বিচ্ছেদ।

উপজিহ্বা, উপজিহ্বিকা [উপ (ক্ষুদ্র) জিহ্বা + কণ্ (স্বার্থে) + আ (স্ত্রীং)] বি, আলজিব।

উপজী/বক [উপ-জীব্ (বাঁচিয়া থাকা) + অক (র্তৃ)] বিণ, জীবিকানির্ব্বাহকারী। ২ যা অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ হয়। **~বন**-বি, জীবিকা ; বৃত্তি ; ব্যবসায়। **~বিকা** [পুং ~বক। উপ (আনুকূল্যার্থে বা সাদৃশ্যার্থে) জীবিকা (জীবনোপায়)-যা জীবনোপায়ের অনুকূল বা সদৃশ] বি, বৃত্তি ; জীবিকা। **~বী** [উপজীব + ইন্ (স্ত্য) = উপজীবিন্ ১মা ১বং] বিণ, যে জীবনধারণ করে ; জীবিকাবলম্বী। ২ আশ্রিত। **~বে**-ক্রি, বাঁচিবে। "জীবে অমর নর, সেই দক্ষ প্রজেশ্বর উপজীবে, দেবী চন্দ্রমুখী।" **~ব্য** [উপ-জীব্ + য (র্ম্ম)] বিণ, যাকে আশ্রয় করিয়া জীবন-ধারণ করা হয় ; আশ্রয় স্থান।

উপজ্ঞা [উপ-(প্রথম)-জ্ঞা (জানা) + অ (ভাং)] বি, প্রথম জ্ঞান ; উপদেশ ভিন্ন যে জ্ঞান জন্মে instinct. ২ আদি কথন [দ্রঃ-অন্য শব্দের পর উপজ্ঞা শব্দ থাকিলে ক্লীং হয়]।

উপড় [সং-উদ্বর্ত্তন (উল্টান অর্থে) ; (২) সং-অবমূর্দ্ধা > উপুড় দ্রঃ। হিং-উবটন ; উপটন (সং-উৎপতন)। ওড়িং-উবড (হিং-উবট) উপট ; বাং গ্রাং-উচ্চারণভেদে-'উপুড়ে'] বিণ, নিম্নদিক্ ; উপর ; উল্টা ; অধোমুখ। প্র-কলসী উং করিয়া সমস্ত জল ঢালিয়া ফেল।

উপড়ন [উৎপাটন >] বি, উৎপাটন ; মূলোৎপাটন।

উপড়ানি, উপড়ানি [উৎপাটন >] ক্রি, উন্মূলিত করা ; তুলিয়া ফেলা ; ছিন্ন করা। "পাছাড়ে বসিল বুকে উপাড়িল দাড়ি।"-শিং। ণিজন্ত রূপ উপড়ান-উৎপাটন করান।

উপঢৌকন [উপ-ঢৌক্ (শব্দ করা, গমন করা ইং) + অন (ভাং)] বি, সম্মানযোগ্য ব্যক্তির সন্তোষার্থ উপাদেয় বস্তুর দান ; উপায়ন ; ডালি। ২ [সঙ্কীর্ণার্থে] উৎকোচ।

উপতপ্ত [উপ-তপ্ (সন্তাপ জন্মান) + ত (র্ম্ম)] বিণ, পীড়াগ্রস্ত ; তাপিত ; সন্তপ্ত ; কাতর ; দুঃখিত। ২ [ভাং-ত] উষ্ণ ; উত্তপ্ত। **~া** [উপ-তপ্ + তৃন্ (র্তৃ)=উপতপ্তৃ ১মা ১বং -যে •তাপ জন্মায়] বিণ, সন্তাপদায়ক ; দুঃখজনক ; তাপবিধানকারী। ২ রোগবিঃ।

উপতা/প [উপ (অত্যন্ত)-তপ্ + অ (ভাং)] বি, উত্তাপ। ২ সন্তাপ ; পীড়া ; মনস্তাপ ; দুঃখ। ৩ অশুভ। **~পক** [+ অক (র্তৃ)] বিণ, যে সন্তাপ জন্মায় ; দুঃখদায়ক ; পীড়াজনক ; উত্তাপকারক। **~পিত** [+ণিচ্=তাপি (তাপযুক্ত করান) + ত (র্ম্ম)] বিণ, সন্তপ্ত।

উপতারা [উপ-তারা] বি, নেত্রতারার চতুর্দ্দিকস্থ রঞ্জিত মণ্ডল ; কনীনিকা-মণ্ডল Iris.

উপতীর [উপ (সমীপে)-তীর, তীরের সমীপে-অব্যয়ীং)] বি, তীরোপকণ্ঠ তট বা তীরের নিকট ; উপকূল।

উপত্যকা [উপ + ত্যকন্ (ভবার্থে)] বি, পর্ব্বতদ্বয়সংলগ্ন নিম্নতর ভূভাগ valley

উপত্বক্ [উপ + ত্বক্] বি, দেহের উপরের অতিশয় পাতলা স্তর বা আবরণ যাতে স্নায়ু বা রক্তবহা নালী নাই ; সুনছাল উঠিলে যা উঠিয়া যায় বা ফোস্কা পড়িলে যা ফুলিয়া উঠে (ইহার নিম্নস্তরই প্রকৃত ত্বক্)।

উপদংশ [উপ (অতিশয়) দনশ্ (দংশন করা) + অ (র্ম্ম) যা চর্ব্বণ করা হয়] বিণ, মদ্যাদি মাদক দ্রব্য সেবন সময়ে ভক্ষ্য মুখরোচক খাদ্য ; চাট্। ২ [র্তৃ-অন্] বি, মেঢ্র-রোগবিঃ ; গরমি syphilis. ["কুলাগত ক্রমে বা সাক্ষাৎ সম্বন্ধে বা পরম্পরিত-রূপে অব্যবহিত বা ব্যবহিত স্পর্শাক্রমণ দ্বারা রোগাক্রান্ত ব্যক্তি হতে সুস্থ ব্যক্তিতে নীত এবং অর্জ্জিত পীড়ায় সংক্রামণ প্রাপ্ত স্থানে নিয়মিত গুপ্তাবস্থা গত হবার পর শ্যাঙ্কার নামক আদ্য ক্ষতরূপে প্রকাশমান, পরে কিছুদিন পর দৈহিক বিকারের লক্ষণযুক্ত ও অবশেষে দেহের কোন যন্ত্রের পীড়া উৎপাদক, স্পর্শাক্রামক-বিঃ পুরাতন পীড়াকে উং বলে।"-ডাঃ আর, জি, কর]।

উপদ/র্শক [উপ-দৃশ্ (দর্শন করা) + ণিচ্=দর্শি + অক (র্তৃ) দৃশ্=দর্শ, যে পথ দেখাইয়া দেয়] বি, দ্বারদর্শক ; দ্বারী ; দৌবারিক ; দ্বারপাল। **~র্শন** [উপ-দৃশ্ + ণিচ্=দর্শি + অন (ভাং)] বি, প্রদর্শন ; দেখান। **~র্শিত** [উপ-দৃশ্ + ণিচ্ =দর্শি + ত (র্ম্ম)] বিণ, যা পূর্ব্বে দেখাইয়া দেওয়া হইয়াছে ; প্রদর্শিত।

উপদা [উপ-দা (দানে)] বি, নজর, উপঢৌকন। ২ ঘুস্। **~নক**-বি, উৎকোচ।

উপদিশ্যমান [উপ-দিশ্ (বলা, দান করা) + আন (র্ম্ম) য-ম-আগম] বিণ, যে উপদেশ প্রাপ্ত হইতেছে। ২ যে বিষয়ে উপদেশ দেওয়া হইতেছে।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্য ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্‌ষ ‍হ্ন=হ্‌ন হু হ্ল হ্ব হ্ম=ন্‌হ হৃ হ্র ল্হ ভ ব্য, জ ক্ ব ভ=ẓ/wv ও চ্চাং দ্রঃ

উপদিষ্ট [উপ-দিশ্ (বলা)+ত (র্ম্ম)] বিণ, উপদেশপ্রাপ্ত ; গৃহীতোপদেশ ; দত্তোপদেশ ; শিক্ষিত। ২ আদিষ্ট। ৩ কথিত। ৪ প্রদর্শিত। ৫ [ভা॰-ত] উপদেশ [অপ্র॰]।

উপদুর্গ [উপ (সন্নিহিত, ক্ষুদ্র) দুর্গ] বি, দুর্গসন্নিহিত ক্ষুদ্র দুর্গ।

উপদেব, উপদেবতা [উপ (ক্ষুদ্র বা সদৃশ)-দেব। উপ-দিব্ (ক্রীড়া করা, দ্যুতি ই॰)+তৃন (র্ত্তৃ=উপদেবতৃ ১মা ১ব॰)] বি, অপ্রধান দেবতা। ২ ভূত প্রেতাদি ; দেবযোনি। "দেব উপদেব নহি দেখ আমি নর।" -অ॰ ম॰। ৩ [ভাগবতে] দেবকের পুত্র। ৪ [লিঙ্গ, পদ্ম, মৎস্য ও বায়ু পুরাণে] অক্রূরের পুত্র। ৫ [হরিবংশ] আহুকের পুত্র। স্ত্রীং **উপদেবী**-অপ্রধানা দেবী ; ক্ষুদ্র দেবতা। ২ [হরিবংশ ও ভাগবতে] যদুবংশীয় দেবকের কন্যা। ৩ [হরিবংশে] বসুদেবের পত্নী।

উপদেশ [উপ-দিশ্(বলা)+ঘঞ্ (ভা॰)] বি, মন্ত্রণাদান ; পরামর্শদান। ২ গুরূপদেশ ; মন্ত্রদান। ৩ শিক্ষাদান। ৪ উদ্দেশ ; উৎপত্তি। "অবধান কর্ণধার কহি পুরাণের সার কহিব গঙ্গার উ॰।"-কবিক॰। ৫ [ণে-ঘঞ্] অনুশাসন। ৬ নাম। ৭ নির্দ্দেশ ; আদেশ। **~ক** (-শ॰) [অক (র্ত্তৃ)] বিণ, উপদেষ্টা ; উপদেশদাতা। ২ শিক্ষক ; অধ্যাপক। **~গর্ভ, ~মূলক, ~াত্মক**-বিণ, যার গর্ভে, মূলে বা অন্তরে উপদেশ আছে। **~নীয়** (-˘-) [+অনীয় (র্ম্ম)] বিণ, উপদেশ দিবার উপযোগী ; উপদেশ্য। **~ী** -বিণ, উপদেষ্টা। **~্য** [+য (র্ম্ম)] বিণ, যা উপদেশ দেওয়া উচিত বা আবশ্যক ; উপদেশযোগ্য। ২ শিক্ষণীয় ; অনুশাসনীয়।

উপদেষ্টব্য [+তব্য (র্ম্ম)] বিণ, উপদেশযোগ্য ; যে বিষয়ে বা যাকে উপদেশ দেওয়া কর্ত্তব্য।

উপদেষ্টা [+তৃন্(র্ত্তৃ) শ=ষ, তৃ=ট্ =উপদেষ্টৃ ১মা ১ব॰] বি, শিক্ষাদাতা ; উপাধ্যায়। ২ গুরু। "ইন্দ্রের বৃহস্পতি, নলের সুমতি, দশরথের বশিষ্ঠ ও রামচন্দ্রের বিশ্বামিত্র যেরূপ উ॰ ছিলেন।"-কাদ॰। ৩ বিণ, উপদেশদাতা ; উপদেশক। ৪ মন্ত্রণাদাতা।

উপদ্রব [উপ-দ্রু (গমন করা, অনিষ্ট করা)+অ(ভা॰)] বি, অত্যাচার ; উৎপাত ; দৌরাত্ম্য। ২ অশুভ ঘটনা। ৩ [সুশ্রুত] ব্যাধির প্রকোপ জন্য অন্য রোগারম্ভক দোষ ; বিকার রোগের উপসর্গ ; একটী রোগ থাকিতে অন্য আর একটীর উপক্রমকে উ॰ বলে symptoms.

ষ্টা [উপ-দৃশ্ (দর্শন করা)+তৃন্ (র্ত্তৃ) দৃশ্=দ্রষ্, ত=ট-দ্রষ্টৃ ১মা ১ব॰] বিণ, যে প্রত্যক্ষ করিতেছে ; উপদর্শনকারী ; উপদর্শক ; প্রত্যক্ষকারী। ২ সাক্ষী।

উপদ্রুত [উপ-দ্রু+ত (র্ম্ম)] বিণ, অত্যাচারিত ; উৎপীড়িত। বহু বৈদেশিক বীর ভিন্ন ভিন্ন সময়ে ভারতবর্ষকে উ॰ করিয়াছিলেন।" পৃথ্বীরাজ-উপক্রমণিকা। ২ বিণ, ব্যাকুলিত।

উপদ্বীপ [উপ (ক্ষুদ্র) দ্বীপ (জলবেষ্টিত স্থল)] বি, ক্ষুদ্র দ্বীপ ; দ্বীপের সদৃশ ; যে ভূভাগের প্রায় চতুর্দ্দিকে জল। ২ দ্বীপের উপকণ্ঠ বা সমীপ।

উপধর্ম্ম-বি, অপ্রশস্ত ধর্ম্ম ; গৌণ ধর্ম্ম। ২ কুসংস্কার। ৩ নাস্তিকতা। ৪ চলিত ধর্ম্মের বিরুদ্ধাচার। ৫ [ভাগবতে] পাষণ্ড ; নাস্তিক।

উপধা [উপ-ধা (ধারণ করা)+অ (র্ম্ম) ; ব্যা॰ পরি॰-"অলোঽন্ত্যাৎ পূর্ব্ব উপধা।" -পাণিনি] বি, অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ penultimate letter. ২ ছল। ৩ উপায়। ৪ অমাত্যাদির সততার রাজ-পরীক্ষা।

উপধাতু-বি, অষ্ট প্রধানধাতুর ন্যায় ধাতু-ইহা সাত প্রকার, যথা-মাক্ষিক। ২ তুত্থক। ৩ অভ্র। ৪ নীলাঞ্জন। ৫ মনঃশিলা। ৬ হরিতাল। ৭ রসাঞ্জন। মতান্তরে -স্বর্ণমাক্ষিক, তারমাক্ষিক, তুঁতে, কাঁসা, পিতল, সিন্দুর, শিলাজতু। ৮ দেহস্থ উপধাতু -স্তন্য (রসজ), রজঃ (রক্তজ), বসা (মাংসজ), স্বেদ (মেদোজ), দন্ত (অস্থিজ) কেশ (মজ্জজ), ওজঃ (শুক্রজ)।-দ্রব্যগুণাভিধান।

উপধা/ন [উপ-ধা (ধারণ করা)+অন (ধি)] বি, শয়িত ব্যক্তি যাতে মস্তক রাখে ; মস্তকাধান ; উপাধান ; বালিশ। "উপধানে মুখ লুকাইয়া সেই শয্যায় অধোবদনে শুইয়া পড়িলেন।"-বিমলা। ২ [ভা॰-অন] ধারণ। ৩ ব্রতবিঃ। ৪ [ণে-অন] বিষ। **~নীয়** [উপ-ধা (ধারণ করা)+ অনীয় (ধি)] বি, মস্তকাধান ; বালিশ।

উপধা/য়ক [উপ-ধা+অক (র্ত্তৃ)] বিণ, উৎপাদক ; জনক। ২ উপযোগী। **~য়ী** [উপ-ধা+ইন্ (র্ত্তৃ=উপধায়িন ১মা ১ব॰)] বিণ, উপযোগী। ২ উৎপাদক। > স্ত্রীং **~য়িনী**।

উপধি [উপ-ধা+ই (ভা॰-কি)] বি, কৈতব ; ছল ; চতুরতা ; কাপট্য। ২ ভয়। ৩ [ধি-কি] রথচক্র।

উপধূ/পন [উপ-ধূপন-ধূপ্-ধূমদানে] বি ধূমপ্রয়োগ ; গন্ধদ্রব্য বা ঔষধের ধূমপ্রয়োগ fumigation (রবী॰)। **~পিত** [উপ -ধূপ্ (সন্তাপনে, দীপনে)+ত (র্ত্তৃ)] বিণ, সন্তাপিত। ২ যার জীবনদীপ নির্ব্বাণপ্রায়। > স্ত্রীং **~া**।

উপনগর-বি, নগরের উপকণ্ঠ। ২ ক্ষুদ্র নগর।

উপনত [উপ-নম্ (নম্র হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, অধিগত ; প্রাপ্ত। ২ নিকটাগত ; উপস্থিত (হে॰)। ৩ শরণাপন্ন।

উপনতি [উপ-নম্+তি (ভা॰)] বি, উপস্থিতি ; উপগম। ২ বিনয় ; নম্রতা।

উপনদ, -নদি-বি, নদ বা নদীর উপকণ্ঠ। ২ শাখা নদ বা নদী।

উপনদী [ভূগোল] বি, শাখানদী, যে নদী অন্য নদীতে গিয়া পড়িয়াছে, সহায়ক নদী tributary, affluent.

উপনন্দ [উপ (উপগত) নন্দ (আনন্দ) যার-বহু॰] বিণ, আনন্দপ্রাপ্ত ; আনন্দিত। ২ শ্রীকৃষ্ণের পালক পিতা গোকুলাধিপতি গোপরাজ নন্দের কনিষ্ঠ ভ্রাতা। ৩ বৌদ্ধশাস্ত্রোক্ত নাগরাজবিঃ। ৪ সুরমা ভুজঙ্গীর পুত্র-মহা॰। ৫ [ভাগবতে] মদিরা নাম্নী বসুদেবের পত্নীর গর্ভে জাত পুত্র। ৬ কাশীরাজ ব্রহ্মদত্তের পুত্র। ইনি রাজপুরোহিতের কনিষ্ঠ ভ্রাতা কুহনের পরামর্শ ও সহায়তায় যুবরাজ নন্দের প্রাণ-সংহারে চেষ্টা পাইয়াছিলেন। ৭ ধৃতরাষ্ট্রের পুত্র ; ইনি ভীমের

হস্তে নিহত হন।~ক [উপ-নন্দ্‌+ণিচ্‌=নন্দি (আনন্দিত হওয়া)+অক (র্ত্তৃ)] বিণ, হর্ষোৎপাদক; আহ্লাদকারক; আনন্দপ্রদ। ২ বি, গোপরাজ নন্দের ভ্রাতা। ৩ ধৃতরাষ্ট্রের পুত্র। ৪ উর্ণনাভ।

উপনম্র [উপ-নম্‌+র (র্ত্তৃ)] বিণ, উপনত; উপস্থিত।

উপনয় [উপ-নী (লওয়া)+অ (ভা°)] উপনয়ন সংস্কার। ২ আগমন। ৩ [তর্ক বিজ্ঞা° পরিঃ] ন্যায়ের প্রতিজ্ঞাবিঃ; হেতুর উপসংহার the fourth member of a complete syllogism

উপনয়ন, উপনায়, উপনায়ন [উপ-নী (লওয়া)+অন (ণে)অ (ভা°); + ণিচ্‌=নায়ি+অন (ভা°)-যে কর্ম্মদ্বারা অধ্যয়নার্থ আচার্য্যের নিকট নীত হয়] বি, বৈদিক দীক্ষা; যজ্ঞোপবীত ধারণরূপ সংস্কার। ২ উপস্থিতি।

উপনাম [উপ (কল্পিত) নাম] বি, কল্পিত নাম উপাধি।

উপনায়, উপনায়ন-উপনয়ন দ্রঃ।

উপনায়ক [উপ (ক্ষুদ্র, হীন) নায়ক] বি, নায়কের গুণ বা উৎকর্ষ ব্যাখ্যাতা; অযোগ্যনায়ক। ২ উপপতি।

উপনাহ [উপ-নহ্‌ (বন্ধন করা)+ঘঞ্‌ (র্ম্ম)] বি, বীণার তন্ত্রীবন্ধনস্থান। ২ [ণে] প্রলেপ; পুল্টিস poultice

উপনিধান [উপ-নি-ধা (ধারণ ও পোষণ করা)+অন (ভা°)] বি, গচ্ছিত রাখা; ন্যাসস্বরূপ ধারণ; ন্যাসরক্ষণ।

উপনিধি [উপ-নি-ধা+ই (ভা°-কি)] বি, ন্যাস; উপনিধান দ্রঃ। ২ [স্মৃ°] অভ্যন্তরস্থ দ্রব্যের কথা প্রকাশ না করিয়া যে মুদ্রাঙ্কিত পেটিকাদি গচ্ছিত রাখা হয় তার নাম। -যাজ্ঞবল্ক্য-সংহিতা।

উপনিপাত [উপ-নি-পত্‌ (গমন করা)+ঘঞ্‌ (ভা°)] বি, উপকণ্ঠে আগমন; সমীপে আগমন।

উপনিবদ্ধ [উপ (সম্পূর্ণার্থে, বিশেষভাবে)+নিবদ্ধ] বিণ, সংবদ্ধ, বিশেষভাবে লিপিবদ্ধ। "তাঁহারা যাহা যখন অনুভব করিয়াছিলেন, * * তাহা লোকহিতের জন্য উ° করিয়া গিয়াছেন।"-উপনিষৎ-সংগ্রহ (বিধু° শাস্ত্রী)।

উপনিবেশ [উপ-নি-বিশ্‌ (প্রবেশ করা)+অ (ধি)] বি, কৃষি, বাণিজ্যাদি বা কেবল বসবাসের জন্য দেশান্তর হতে আসিয়া নরনারী দলবদ্ধ হইয়া যথায় অবস্থান করে; বাণিজ্যাদির স্থান Colony. ২ [ভা°-অ] প্রবেশ। ~শিত [উপ-নি-বিশ্‌+ণিচ্‌=বেশি+ত (র্ম্ম)] বিণ, যাদের উপনিবেশে বাস করান হইয়াছে; কৃতোপনিবেশ, এই অর্থে বাং-য় 'উপনিবিষ্ট' শব্দের ব্যবহার আছে।

উপনিমন্ত্রণ [উপ-নি-মন্ত্র্‌ (মন্ত্রণা করা)+অন (ভা°)] বি, কর্ত্তব্য কর্ম্মে প্রবর্ত্তন।

উপনির্গম [উপ (অনুকূল অর্থে, উপায় অর্থে)-নিব্‌-গম্‌+অ (ণে)-যদ্দারা নির্গম হয়] বি, নিঃসরণের পথ। ২ [ভা°] বহির্গমন।

উপনিষৎ, উপনিষদ্‌ [উপ-নি-সদ্‌ (গমন করা, জ্ঞান হওয়া)+ক্বিপ্‌ (ণে)-যদ্দারা জ্ঞান হয়] বি, বেদের যে ভাগে ঈশ্বরের নিরূপণ আছে, জ্ঞানকাণ্ড; বেদান্ত; ব্রহ্মবিদ্যা। ২ বিদ্যা। ৩ ধর্ম্ম। ৪ সত্য। ৫ তত্ত্ব। ৬ রহস্যবিদ্যা ও যে গ্রন্থে উহা আলোচিত। ৭ [ধি-ক্বিপ্‌] নির্জ্জন স্থান; বিজন স্থান।

উপনিষ্কর [উপ-নিব্‌-কৃ (করা)+অ (ণে) স, আগম] বি, প্রশস্ত পথ; রাজপথ।

উপনিষ্ক্রমণ [উপ-নিব্‌-ক্রম্‌ (গমন করা)+অন (ভা°)] বি, নিষ্ক্রমণ নামক সংস্কারবিঃ। ২ [ণে-অন] নিষ্ক্রমণের পথ; রাজপথ।

উপনিহিত [উপ-নি-ধা (ধারণ করা)+ত (র্ম্ম) ধা=হি] বিণ, অন্যের নিকট রক্ষিত; গচ্ছিত; ন্যস্ত।

উপনীত [উপ-নী (প্রাপ্ত করান)+ত (র্ম্ম)] [স্মৃ°] বিণ, উপনয়নদ্বারা সংস্কৃত(বালক); যার পৈতা হইয়াছে; উপায়নীকৃত। ২ আনীত; প্রাপিত; আগত; উপস্থিত। ৩ জড়িত; খচিত। "শিখিপুচ্ছে বিরচিত, মণিমুক্তা উ° আতপত্রে শোভে রাঙ্গা ডাটী।" -কবিক° [অপ্র°]।

উপনেতা [উপ-নী-তৃন্‌ (র্ত্তৃ)=উপনেতৃ ১মা ১ব°] বিণ, উপনয়নকারক; উপনয়নদাতা। ২ আনয়নকর্ত্তা। ৩ প্রাপক। ৪ উপনায়ক। স্ত্রীং উপনেত্রী।

উপনেত্র [উপ (সদৃশ)-নেত্র (অব্যয়ী°) নেত্রের-উপ (সদৃশ)] বি, উপচক্ষু; চশমা spectacles.

উপন্যস্ত [উপ (সমীপ)-নি-অস্‌ (ক্ষেপণ করা)+ত (র্ম্ম)] বিণ, যা অন্যের নিকট রক্ষিত হইয়াছে; বিন্যস্ত; গচ্ছিত। ২ আরব্ধ। ৩ দত্ত। ৪ উল্লিখিত; প্রস্তাবিত।

উপন্যাস [উপ (উপকণ্ঠে, সম্মুখে) নি-অস্‌(ক্ষেপণ-স্থাপন করা)+ঘঞ্‌(ভা°)-সম্মুখে বা প্রারম্ভে স্থাপন] বি, উপস্থাপন; বিন্যাস। ২ উপোদ্ঘাত; উপক্রম; প্রস্তাব; উপক্রমণিকা; মুখবন্ধ; বাক্যারম্ভ। ৩ উদাহরণ; দৃষ্টান্ত; উল্লেখ। ৪ [বাং-য় বির্থে°] কাল্পনিক উপাখ্যান; উপকথা; কল্পিত গদ্যকাব্য। কাদম্বরী, বাসবদত্তা, দশকুমারচরিত ই° কথাগ্রন্থকে উপন্যাস বলা যায়। অধুনা ইং, নভেল (novel) বুঝাইতে উপন্যাস শব্দ ব্যবহৃত হয়। সুতরাং উপন্যাস অর্থে প্রকৃত জীবনের দৃশ্যাত্মক কাল্পনিক কাহিনী-সম্বলিত গদ্য গ্রন্থ; গদ্যে রচিত যে কাল্পনিক কাহিনীতে বা গল্পে প্রকৃত জীবনের চিত্র অঙ্কিত হয়। তুলঃ-"a fictitious prose narrative or tale presenting a picture of real life especially of the emotional crises in the life history of the men and women portrayed."—*Twentieth Century Dictionary*. নায়কনায়িকাদির চরিত্র অতিপ্রাকৃত, অদ্ভুত বা নিতান্ত অলৌকিক হইলে উপন্যাস স্থলে রমন্যাস (romance) বলা হয়। নভেলের অনুকরণে অধুনা বাং উপন্যাস জ্ঞান-বিজ্ঞানের বিবিধ বিষয়, ইতিহাস, রাজনীতি, সমাজ, চরিত্রনীতি, ধর্ম্ম ই° অবলম্বনে রচিত হইতেছে। ~কার-উপন্যাসলেখক বা রচয়িতা। ~মূলক-বিণ, কল্পনাত্মক; গল্পাত্মক।

উপন্যাসিকা [তুল-নাটিকা] বি, ক্ষুদ্র উপন্যাস novelette.

উপপতি [উপ (প্রতিনিধি) পতি (স্বামী)] বি, গুপ্তপতি ; অধর্ম্মপতি ; জার ; ঢেমন। স্ত্রীং উপপত্নী।

উপপত্তি [উপ-পদ্ (গমন করা) + তি (ভা০)] বি, উৎপত্তি [অপ্র০] ২ সংস্থান : সংগতি। ৩ পূর্ব্বাপর বিরোধ-পরিহার : মীমাংসা ; সিদ্ধান্ত inference. ৪ [রাসা পরি০] দৃষ্টসিদ্ধি fact ৫ প্রমাণ demonstration ; proof. ৬ উপলব্ধি ; উপলাভ ; সম্যক্ জ্ঞানলাভ। ৭ প্রকরণ-প্রতিপাদ্য অর্থসাধন : যুক্তি ; উপায় : কারণ। ৮ [গ০] সপ্রমাণ করণ।

উপপত্নী [উপ (প্রতিনিধি)-পত্নী (স্ত্রী)] বি, পত্নীস্থানীয়া, বিবাহিতা স্ত্রী ভিন্ন অনুরক্তা অন্য স্ত্রী : উপস্ত্রী : ঢেমী।

উপপথ [উপ (ক্ষুদ্র, গুপ্ত) পথ] বি. গুপ্তপথ : সাধারণের অজ্ঞাত পথ। "প্রসিদ্ধ পথ ছাড়ি প্রভু উ০ চলিলা।"-চৈ০ চ০। ২ ক্ষুদ্রপথ : সঙ্কীর্ণ পথ।

উপপদ [উপ (সমীপ) পদ (পদের উপ) -অব্যয়ী০] বি, পদের নিকটস্থ পদ ; পূর্ব্বপদ। ২ অপ্রধান পদ। ৩ জাতীয় উপাধি : বংশগত উপাধি। ৪ [ব্যা০] কৃদন্ত পদের পূর্ব্বপদ। ৫ সমাসবিঃ : পূর্ব্বপদের সহিত কৃদন্ত পদের সমাস। প্র-কুম্ভকার [কুম্ভ (উপপদ বা পূর্ব্বপদ) কার (কৃদন্ত পদ-কৃ + অন্)]।

উপপন্ন [উপ + পদ্ + ত (র্কৃ)] বিণ. উৎপন্ন। ২ সম্পন্ন ; সিদ্ধ। ৩ মিলিত। ৪ আগত। ৫ ফলিত। ৬ সম্ভাবিত। ৭ সঙ্গত ; অবিরুদ্ধ। ৮ প্রতিপন্ন। ৯ যোগ্য। ১০ লভ্য : প্রাপ্য। "কদাচিৎ কোন দিবসে খাই অন্ন। সেই যদি নির্ব্বিরোধে হয় উ০॥" -শ্রীকৃষ্ণবিজয়। স্ত্রীং ~া।

উপপর্শুকা [উপ (পার্শ্বস্থ) পর্শুকা] বি, মেরুদণ্ড হতে উৎপন্ন উভয়পার্শ্বস্থ দ্বাদশ পঞ্জরাস্থির মধ্যে যে পাঁচখানি বুকাস্থির সহিত যুক্ত নহে false ribs (যে সাতখানি বুকাস্থির সহিত মিলিত হইয়াছে তাহারা পর্শুকা true ribs)।

উপপাতক [উপ (হীন) পত্ + ণিচ্ = পাতি (পতিত করান) + অক (র্কৃ)] বি. মহাপাতক অপেক্ষা লঘু পাপ। পরদার, আত্মবিক্রয়, মাতৃত্যাগ, পিতৃত্যাগ, সুতত্যাগ, কন্যাদূষণ, দারবিক্রয়, অপত্যবিক্রয়, বান্ধবত্যাগ, অভিচার, ঋণ-পরিশোধ না করা, নাস্তিকতা, গোহত্যা ই০ উনষাট উপপাতক নামক পাপকর্ম্ম। স্ত্রী ~ী।

উপপাদক [উপ-পদ্ + ণিচ্ = পাদি (গমন করান) + অক (র্কৃ)] বিণ, সমাধানকারী : নির্ব্বাহকারী : কার্য্যকারক ; সম্পাদক। ২ সিদ্ধান্তকারী। **~দন** [উপ-পাদি + অন (ভা০)] বি, তর্ক ও যুক্তিদ্বারা সমর্থন : প্রতিপাদন ; সিদ্ধান্ত করণ ; মীমাংসা করণ। ২ নির্ব্বাহ : সাধন : সম্পাদন ; সমাধান। **~দনীয়** [+ অনীয় (র্ম্ম)] বিণ, সম্পাদনের যোগ্য : নির্ব্বাহ্য ; প্রতিপাদ্য : মীমাংসার যোগ্য। **~দিত** [+ (র্ম্ম)] বিণ, যুক্তিপরামর্শদ্বারা সমর্থিত ; বিহিত। ২ সম্পাদিত : নির্ব্বাহিত। ৩ সিদ্ধান্তীকৃত। **~দ্য** [+ য (র্ম্ম)] বিণ. উপপাদনের যোগ্য ; নির্ব্বহণীয়। ২ সমর্থনীয়। ৩ মীমাংসার যোগ্য। ৪ বি. সাধ্য বা মীমাংসনীয় প্রতিজ্ঞা a theorem

উপপুত্র [উপ (দ্রঃ) + পুত্র (দ্রঃ)-বৌ সা০] বি. শিষ্য।

উপপুর [উপ (নিকট) পুর (নগর) -অব্যয়ী০] বি. বৃহৎ নগরের নিকটস্থ গ্রাম : নগরপার্শ্বস্থ গ্রাম : শাখানগর suburb.

উপপুরাণ [উপ (ক্ষুদ্র) পুরাণ] বি, ক্ষুদ্র পুরাণ ; উপপুরাণের সংখ্যা অষ্টাদশ। যথা- সনৎকুমারোক্ত আদি পুরাণ, (২) নৃসিংহ, (৩) কার্ত্তিকেয়কথিত বায়ুপুরাণ, (৪) শিবপ্রোক্ত শিবধর্ম্ম পুরাণ, (৫) দুর্ব্বাসঃ, (৬) নারদ, (৭) নন্দিকেশ্বর, (৮) উশনঃ, (৯) কপিল, (১০) বরুণ, (১১) শাম্ব, (১২) কালিকা, (১৩) মহেশ্বর, (১৪) পদ্ম, (১৫) দেব, (১৬) পরাশর, (১৭) মরীচি, (১৮) ভাস্কর (মতান্তরে সৌর)। মতান্তরে-নন্দিকেশ্বর, পদ্ম, দেব স্থলে বামন, ব্রহ্মাণ্ড ও ভার্গব এবং অন্যত্র (পণ্ডিত মনিয়র বিলিয়মস্-প্রদত্ত তালিকায়) বায়ু, বামন, ব্রহ্মাণ্ড, মারীচ ও ভার্গব স্থলে মানব, নন্দিকেশ্বর, আদিত্য, ভাগবত ও বাশিষ্ঠ পুরাণের উল্লেখ আছে। মতান্তরে-ধর্ম্মপুরাণ।

উপপ্রদান-বি, উৎকোচ।

উপপ্লব [উপ-প্লু (গমন করা) + অ (ভা০)] বি, উৎপাত ; উপদ্রব। ২ উল্কাপাত। ৩ অমঙ্গল ; অশুভ। ৪ বিপদ। ৫ ভয়। ৬ রাহু : চন্দ্রাদি গ্রহণ। ৭ রাজশক্তির বিরুদ্ধে প্রজাশক্তির অভ্যুত্থান ; বিদ্রোহ ; বিপ্লব।

উপপ্লব্য [উপ-প্লু (গমন করা) + য (ভা০)] বি. বিরাট নগরের উপকণ্ঠস্থ গ্রামবিঃ।

উপপ্লুত [উপ-প্লু (গমন করা) + ত (র্ম্ম)] বিণ, পীড়িত। ২ উপদ্রুত। ৩ বিপদ্‌গ্রস্ত। ৪ ভীত। ৫ রাহুগ্রস্ত।

উপবক্তা [উপ (সমীপ) বচ্ (বলা) + তৃন্ (র্কৃ=উপবক্তৃ ১মা ১ব০)] বিণ, ধর্ম্মাদিবিষয় উপদেশক ; যজ্ঞের পুরোহিতবিঃ ; যজ্ঞাদি ব্যাপার সম্যক্‌রূপে যে দর্শন করে ; সদস্য। ২ উপদেষ্টা।

উপবঙ্গ [উপ (সমীপ) বঙ্গ (দেশ)] বি, বঙ্গের উপকণ্ঠ ; বঙ্গের সমীপ। ২ বঙ্গদেশের নিকটস্থ দেশবিঃ।

উপবন [উপ (সদৃশ) বন] বি, নির্ম্মিত বন ; উদ্যান : বৃক্ষবাটিকা ; ফুলের বাগিচা। ২ [অব্যয়ী০] বনের সমীপ।

উপবন্ধ [উপ (সমীপ) বন্ধ্ (বন্ধন করা) + অ (ভা০)] বি. কোন ব্যক্তির বন্ধনোদ্দেশে তাহার নিকটে ছল করিয়া অন্য পদার্থের বন্ধন।

উপবর্ণন [উপ (অতিশয়) বর্ণ্ (বর্ণন করা) + অন (ভা০)] বি. বিশেষরূপে গুণাদির ব্যাখ্যা। ২ সম্যক্ বিবরণ ; যথাযথ কীর্ত্তন। ৩ পুঙ্খানুপুঙ্খ বর্ণন।

উপবর্ত্তন [(উপ-বৃত্ (বর্ত্তমান থাকা) + অন (ধি) যেখানে বাস করা যায়] বি, বসতিস্থান ; জনপদ : দেশ। ২ সজল বা নির্জ্জল স্থান মাত্র।

উপবর্ষ-বি, পাণিনি ও কাত্যায়ন-প্রমুখ মুনিগণের উপাধ্যায় ঋষিবিঃ।

উপবর্হ [উপ-বর্হ (আরোপণ করা + অ (ধি) শয়ন-সময়ে যাতে মস্তক স্থাপন করা হয়] বি, মস্তকাধার ; শিরোধান ; বালিশ।

উপবসথ [উপ (ক্ষুদ্র) বসথ (বাসস্থান)] বি, গ্রাম a village

উপবাদ [উপ (কুৎসিত) বদ্ (বলা) +অ (ভা॰)] বি, তিরস্কার। ২ নিন্দা; অপবাদ; কুৎসা।

উপবা/স [উপ-বস্ (বাস করা)+অ (ভা॰)। বৈদিক অর্থ (১) সমীপে বাস (ভগবানের নাম গুণলীলা জপ প্রসঙ্গাদির সন্নিকটে বাস)। (২) দেবগণ যজ্ঞের সমীপে বাস করিবেন এই সঙ্কল্প। (৩) ব্রতগ্রহণার্থ গ্রাম্য ভোজন ত্যাগ করিয়া আরণ্য ভোজনের নিয়ম। স্কেং 'উপাস' গ্রা॰ দ্রং-উপোস (উপোষ দ্রঃ)] বি, অবস্থান [প্র॰ অ॰] ২ অগ্ন্যাধান। "শূন্য তায় জীবলোক অধিক বাড়য়ে শোক, প্রথম বালায় উ॰।"-কবিক॰। ৩ অনাহার: অনশন। ~সক [উপ-বস্+অক (র্ত্তৃ)] বিণ, উপবাসকারী: অনাহারী; উপোষী। ২ ব্রতবি॰। ~সী [উপ-বস্+ইন্ (র্ত্তৃ)=বাসিন্ ১মা ১ব॰। গ্রা॰-উপাসী, উপুসী উপোসী] বিণ, উপবাসকারী; অনাহারী।

উপবাহ্য [উপ-বহ্ (বহন করা)+য (ণে)] বি, যে হস্তী রাজাকে বহন করে: রাজযান। ২ [ধি, ঘ্যণ্] রাজপথ।

উপবিদ্যা-বি, অশ্রেষ্ঠ বিদ্যা; উপবেদ বা বেদাঙ্গগ্রাহ্য বিদ্যা: শিল্পবিদ্যা।

উপবিধি-বি, অপ্রধান বিধান; মিউনিসিপ্যালিটি ই॰র বিধিবদ্ধ আইন।

উপবিষ [উপ (তুল্য) বিষ-বিষের তুল্য (অব্যয়ী॰)] বি, আকন্দের আঠা, স্নুহীরস (মনসাবৃক্ষের রস), কালহারিকা, ধুস্তূর, করবীর আঠা, এই পঞ্চ দ্রব্যের নাম উপবিষ, ইহারা বিষের মত জীবননাশক। ২ কৃত্রিমবিষ।

উপবিষ্ট [উপ-বিশ্ (প্রবেশ করা)+ত (র্ত্তৃ)] বিণ, যে উপবেশন করিয়াছে; যে বসিয়াছে; আসীন।

উপবীজ্যমান [উপ-বীজ্ (ব্যজন করা)+আন (র্ম্ম) য্ ম আগম] বিণ, যাকে হাওয়া বা বাতাস করা হইতেছে।

উপবীত [উপ-বী (গমন করা) +ত (র্ত্তৃ)] বিণ, যজ্ঞোপবীত দ্বারা সংস্কৃত; যার যজ্ঞোপবীত হইয়াছে। ২ (-ত) [ভা॰-ত] বি, যজ্ঞসূত্র: পৈতা [দ্রঃ-"অখণ্ড অদিতি বা সূর্য্যপথ। ইহা সূর্য্যকে বেষ্টন করিয়া আছে। সূর্য্য যখন পুরাতন পথ সমাপ্ত করিয়া নূতন পথ ধরেন, তাঁহার নূতন উ॰ হয়। ইহা রাখী-পূর্ণিমার উৎসবের কারণ। এই দিন হরির নূতন যজ্ঞোপবীত ধারণ হয়। তাহারই অনুকরণে লোক আগামী বর্ষে বিপদ্ হতে রক্ষা পাইবার জন্য রক্ষাসূত্র হাতে পরে]।

উপবীতী [উপবীত+ইন্ (স্ত্য)= উপবীতিন্ ১মা ১ব॰] বিণ যজ্ঞসূত্রধারী: যজ্ঞোপবীতবিশিষ্ট · যার গলায় পৈতা আছে। ২ বামস্কন্ধে ধৃত-উত্তরীয়। উ হওয়া-দেবকার্য্যে বা দেবতর্পণে যজ্ঞসূত্র ও উত্তরীয়কে বামস্কন্ধে রক্ষা বা ধারণ করা। (প্রাচীনাবীতী ও নিবীতী দ্রঃ)।

উপবেদ [উপ-বিদ্ (জ্ঞান) অ (ণে) যদ্দ্বারা জ্ঞান জন্মে] বি, আয়ুর্ব্বেদ বা বৈদ্যশাস্ত্র: ধনুর্ব্বেদ বা শস্ত্রাস্ত্রবিদ্যা: গন্ধর্ব্ববেদ বা সঙ্গীতশাস্ত্র: অর্থবেদ বা শিল্পশাস্ত্র · মতান্তরে-স্থাপত্যবেদ।

উপবে/শ [প্রা॰ বাং॰-'উপবিস': উপ-বিশ (প্রবেশ করা)+অ (ভা॰)] আসন গ্রহণ: বসা। ২ আসনে বসান; বসান। বি. ~শক [উপ-বিশ্ (প্রবেশ করা) +অক (র্ত্তৃ-ণক)] যে বসে। ২ [>] [উপ-বিশ্+ণিচ্=বেশি+ণক (র্ত্তৃ)] যে বসায়। ~শন [উপ-বিশ্ (প্রবেশ করা)+অন (ভা॰)। প্রাকৃ॰ উবইসন] বি, আসনে অবস্থিতি; বসা। ২ [উপ-বিশ্ +ণিচ্=বেশি+অনট্=বেশন] বি, অপরকে বসান; বসাইয়া দেওয়া। ৩ [স্মৃতি শা॰] দেবকার্য্যে দক্ষিণ পদের উপর বাম পদ রাখিয়া ও পিতৃকার্য্যে বামপদের উপর দক্ষিণপদ স্থাপন করিয়া বসা। ~শয়িতা [উপ-বিশ্+ণিচ্ =বেশি (প্রবেশ করান)+তৃন্ (র্ত্তৃ) ই আগম= উপবেশয়িতৃ ১মা ১ব॰] বিণ, যে অন্যকে বসাইয়া দেয়। ~শিত [উপ-বেশি+ত (র্ম্ম)] বিণ, যাকে বসান হইয়াছে।

উপব্যাঘ্র [উপ (ক্ষুদ্র) ব্যাঘ্র] বি, ক্ষুদ্রজাতীয় বাঘ; নেকড়ে বাঘ; চিতাবাঘ। ২ [উপ (সমীপার্থে) ব্যাঘ্র] ব্যাঘ্রের সমীপ। ৩ কণ্টকারি বৃক্ষ। স্ত্রীং ~ী।

উপভঙ্গ [উপ-ভন্‌জ্ (ভাঙ্গিয়া যাওয়া) +অ (ভা॰) জ=গ, ভঙ্গ=ভঙ্গ)] বি, রণে ভঙ্গ দিয়া পলায়ন; যুদ্ধ করিতে করিতে পলায়ন।

উপভাষা [উপ (অপ্রধান) ভাষা] বি, প্রাদেশিক ভাষা; বুলি dialect.

উপভুক্ত [উপ-ভুজ (ভোজন করা)+ ত (র্ম্ম)] বিণ, ভুক্ত: খাদিত: ভক্ষিত। ২ উদ্দিষ্ট। ৩ ব্যবহৃত। ৪ যাকে উপভোগ করা হইয়াছে। স্ত্রীং ~া।

উপভুজ্যমান [উপ-ভুজ্+আন (র্ম্ম) য ম্-আগম। যা উপভোগ করা যাইতেছে] বিণ, যা ব্যবহার করা হইতেছে। ২ যে বিষয় বা বস্তু ভোগ করা হইতেছে।

উপভুঞ্জান [উপ-ভুঞ্জ্ (ভোগ করা)+ আন (র্ত্তৃ) যে উপভোগ করিতেছে] বিণ, উপভোগকারী [সং-অনুবাদ গ্রন্থে। আধু॰ বিরল]।

উপভূষণ [উপ (গৌণ, আনুষঙ্গিক)- ভূষ্ (ভূষা করা)+অন (ণে) যদ্দ্বারা ভূষা করা যায়] বি, অবান্তর ভূষণ। ২ ঘণ্টা, চামরাদি উপকরণবি॰।

উপভৃৎ [উপ-ভৃ (ভরণ করা)+ক্বিপ্ (ধি)] বি, বট-কাষ্ঠে নির্ম্মিত গোলাকার যজ্ঞপাত্রবি॰।

উপভোক্তা [উপ (আধিক্যার্থে) ভুজ্ +তৃন (র্ত্তৃ) জ=ক্=উপভোক্তৃ ১মা ১ব॰। যে উপভোগ করে] বিণ, উপভোগকর্ত্তা; সম্যক্ ভোগকারী।

উপভোগ [উপ (সম্যক্)-ভুজ্ +ঘঞ্ (ভা॰)] বি, সুখোপভোগ। "কামনা সকল কদাপি উ॰ দ্বারা প্রশমিত হয় না।"-মহা॰। ২ পুত্র কলত্রাদির সহিত সংসারে সুখাদির সম্ভোগ। ৩ ভোজন: ভক্ষণ। ৪ ব্যবহার ৫ বিলাসভোগ। "উ॰ দূর কৈলে নানারূপ ফল।"-কবিক॰। ~্য [উপ-ভুজ্+য (র্ম্ম) যে বিষয়ের উপভোগ করা উচিত)] বিণ, উপভোগের উপযুক্ত; উপভোগের নিমিত্ত।

উপম [উপ-মা+অ (র্ত্তৃ-ড) উপমা দ্রঃ] বিণ, সদৃশ; তুল্য; কল্প (সমাসে অন্য শব্দের সহিত মিলিত হইয়া এই অর্থ প্রকাশ করে)। প্র-সাগরোপম।

উপমন্যু-বি, আয়োদধৌম্য মুনির আদর্শ গুরুভক্ত শিষ্য।

উপমর্দ্দ [উপ (অধিক) মৃদ্ (মর্দ্দন, নিষ্পীড়ন করা)+অ (ভা॰)] বি, নিষ্পীড়ন : রগড়ান। ২ আলোড়ন। ৩ হিংসা।

উপমা [উপ (তুল্য) মা (পরিমাণ করা) +অঙ্ (ভা॰)] বি, ঔপম্য : সাদৃশ্য ; তুলনা। ২ অর্থালঙ্কার-বিঃ। "এক ধর্ম্মবিশিষ্ট (একরূপ গুণসম্পন্ন) ভিন্নজাতীয় বস্তুদ্বয়ের (উপমান উপমেয়ের) সাদৃশ্য-কথনকে উ॰ নামক অর্থালঙ্কার কহে।"-কাব্যনির্ণয়। ৩ [(ণে-অঙ্) যদ্দারা উপমা (সাদৃশ্য) করা হয়] উপমান।

উপমাতা [উপ-মা+তৃন্ (র্ত্তৃ)=উপমাতৃ ১মা ১ব॰] বিণ, যে সাদৃশ্য দেখায় : উপমান-কর্ত্তা। ২ [উপ (সদৃশ) মাতা] বি, ধাত্রী ; ধাইমা। ৩ [স্মৃতিশা॰] মাতৃ-তুল্যা ; মাসী, পিসী, মামী, পিতৃব্য-স্ত্রী, শাশুড়ী ; জ্যেষ্ঠভ্রাতার পত্নী।

উপমান [উপ-মা+অন (ণে)] বি. যদ্দারা তুলনা দেওয়া যায়। "তার মুখ পদ্মের স্থায় সুন্দর," এখানে পদ্মের দ্বারা মুখের তুলনা দেওয়া যাইতেছে : সুতরাং মুখের উপমান পদ্ম। ২ [ভা॰-অন] সাদৃশ্য : উপমা। ৩ [তর্ক-বিজ্ঞানে] যুক্তির প্রকার-ভেদ। "ইহাদ্বারা দুইটি পদার্থের মধ্যে কোন কোন বিষয়ে সাদৃশ্য দেখিয়া তাহাদিগের একটীতে কোন একটী অপর বিষয় বর্ত্তমান থাকিলে, অপরটীতে যে ইহা বর্ত্তমান আছে এইরূপ নিরূপণ।"-ত॰ বি॰ (সিংহ)। [দ্রঃ -প্রাচীন প্রাচ্যন্যায়ে-"প্রসিদ্ধসাধর্ম্ম্যাৎ সাধ্য-সাধনম্-গোতম পাশ্চাত্য ন্যায়ের analogy.]

উপমালঙ্কার-বি, অর্থালঙ্কারবিঃ : "এক ধর্ম্মবিশিষ্ট (এক রূপগুণ-সম্পন্ন) ভিন্ন-জাতীয় বস্তুদ্বয়ের (উপমান ও উপমেয়ের) সাদৃশ্য-কথনকে উ॰ কহে।"-কাব্যনির্ণয়।

উপমিত [উপ-মা (পরিমাণ করা)+ত (র্ম্ম)] বিণ, তুলিত ; অনুরূপ। ২ জ্ঞাত।

উপমিতি [উপ-মা (পরিমাণ করা)+তি (ভা॰)] বি, উপমা : তুলনা। ২ সাদৃশ্য জন্য জ্ঞান। "গোসদৃশ বলিয়া গবয়-পদ-বাচ্য ইত্যাকার জ্ঞান।" ৩ কর্ম্মধারয় সমাসের অন্তর্গত সমাস-বিঃ। "মৃণাল-ভুজ" (মৃণাল-সদৃশ)। "মৃণালভুজ আনন্দে আন্দোলি চন্দ্রাননা।"-মেঘ॰।

উপমেয় [উপ-মা-য (র্ম্ম)] বিণ, উপমার বিষয়ীভূত ; যার উপমা (তুলনা) করা হয় : উপমাবিষয় [পদ্মসদৃশ মুখ, তার মুখ পদ্মের স্থায় সুন্দর-এখানে মুখকে পদ্মের তুল্য বলায় মুখ 'উপমেয়'] ২ কর্ম্মধারয় সমাসের অন্তর্গত সমাসবিঃ : উপমিত সমাস। সিংহ, শার্দ্দূল, ঋষভ ই॰ শ্রেষ্ঠার্থ-বাচক বা স্বধর্ম্মবাচক পদের প্রয়োগ না থাকিলে, উ॰ এবং উপমান-বাচক পদের সহিত এই সমাস হয়। যথা-পুরুষসিংহ : মুখপদ্ম ; বাহুলতা। "অরবিন্দ-বদনীর মুখ অরবিন্দ।"-দীনবন্ধু মিত্র।

উপমেয়োপমা [উপমেয় + উপমা (সাদৃশ্য)] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ : পূর্ব্ববাক্যের উপমান ও উপমেয় উত্তর বাক্যে উপমেয় এবং উপমানরূপে বর্ণিত হইলে এই অলঙ্কার হয়। "বিভবে মহেন্দ্র যথা এ পুর তেমতি।এ পুর বিভবে যথা মহেন্দ্র তেমতি॥" -নি॰ ক॰।

উপযন্তা-উপযাম দ্রঃ।

উপযন্ত্র-বি, অপ্রধান যন্ত্র : সহায়ক যন্ত্র : মুখ্যযন্ত্রের আনুষঙ্গিক যন্ত্র।

উপযা/চক [উপ (সমীপস্থ, উপস্থিত)-যাচ্ (যাচ্ঞা করা)+অক (র্ত্তৃ)] বিণ, যে স্বয়ং উপস্থিত হইয়া বিনম্রভাবে যাচ্ঞা করে : স্বয়ং যাচক। ২ উপবপড়া : অগ্রে প্রস্তাবকারী। ৩ বিনা আহ্বানে যে কিছু বলিতে বা কহিতে চায়। স্ত্রীং ~চিকা। বি, যে স্ত্রী পর পুরুষের নিকট গিয়া তার অনুরাগ প্রার্থনা করে। ~চিত [উপ-যাচ্ +ত (র্ম্ম)-যে বিষয়ের জন্য বা যার নিকট উপস্থিত হইয়া প্রার্থনা করা হইয়াছে] বিণ, প্রার্থিত : যাচিত। ২ সমর্পিত। ~চিতক [উপযাচিত+ক (স্বার্থে)] বি, যাচিত দ্রব্য : প্রার্থিত বস্তু। ২ ইষ্টলাভের জন্য দেবতার নিকট 'মানত করা' বস্তু।

উপযাজ [উপ-যজ্ (দেবপূজা ই॰)+অ (ভা॰)] বি, যজ্ঞবিঃ। ২ সংহিতাধ্যয়ন। ৩ [উপ (পশ্চাৎ জাত) যাজ (তন্নামক ঋষি)] কাশ্যপগোত্রীয় ঋষিবিঃ। ইঁহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম যাজ। ইঁহারা মহারাজ দ্রুপদের পৌরোহিত্য স্বীকার করিয়া পুত্রেষ্টি যাগ করেন। তাহাতে দ্রৌপদী ও ধৃষ্টদ্যুম্নের জন্ম হয়।

উপযাত [উপ-যা (গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, সমীপাগত ; উপস্থিত। ২ প্রাপ্ত।

উপযান [উপ (সমীপ)-যা (গমন করা) +অন (ভা॰)] বি, সমীপে গমন ; উপস্থিতি। ২ প্রাপ্তি। ৩ (>) অনুগ্রহ লাভ [বিরল]।

উপ/যাম [উপ-যম্ (বিবাহে) ঘঞ্ (ভা॰)] বি, বিবাহ। > ~যন্তা-স্বামী।

উপযুক্ত [উপ-যুজ্ (যোগ করা)+ত (র্ত্তৃ)] বিণ, উপযোগী ; সমকক্ষ ; যোগ্য ; অনুরূপ। ২ কর্ত্তব্য ; স্থায্য ; উচিত। ৩ কার্য্যদক্ষ। ৪ সমর্থ। ~তা [উপযুক্তের ধর্ম্ম অর্থে-তা] বি, কার্য্যদক্ষতা। ২ উপ-যোগিতা। ৩ অনুরূপতা।

উপযো/গ [উপ-যুজ্+অ (ভা॰) জ্=গ্] বি, উপযোগিতা। ২ উপকার ; আনুকূল্য। ৩ আবশ্যকতা। ৪ ভোগ। ৫ ভোজন। ৬ ইষ্ট সাধনের ব্যাপার। ৭ [ণে-ঘঞ্] কারণ। বিণ, ~গী-উপযুক্ত দ্রঃ। ~গিতা [উপযোগ+ইন্+তা (ভা॰)] বি, আবশ্যকতা। ২ কার্য্যকারিতা। ৩ আনুকূল্য। ৪ যুক্তিযুক্ততা ; উপযুক্ততা ; সঙ্গতি propriety. ৫ ক্ষমতা ability.

উপর [উপ (উর্দ্ধে) র < সং-উপরি। তুল -upper. গ্রা॰-'উলুর' (-ড), 'ওপর', 'ওপোর। চট্ট॰ প্রাদে॰ 'উঅর] বি, উর্দ্ধভাগ ; উ॰ পৃষ্ঠ ; আকাশের দিক্। ২ চাল ; ছাদ। ৩ বিণ, উর্দ্ধে স্থিত ; উচ্চ। "উ॰ তালা', উ॰ ঠোঁট ; দাঁতের উ॰ পাটী। ৪ অধিক ; অতি-রিক্ত। ৫ ক্রি-বিণ, উর্দ্ধে ; উপরে ; আকাশের দিকে উন্নত বা উঁচুভাবে। ৬ পরে। ৭ প্রতি। প্র-কাহারও উ॰ রাগ বা অনুরাগ ই॰। ~তালা, ~আলা, ~ওয়ালা [গ্রা॰ উপরওলা। উ॰+হি॰-বালা-যে উপরে আছে] বিণ, উপরিতম। ২ বি, উর্দ্ধতম কর্ম্ম-চারী ; উচ্চপদস্থ কর্ম্মচারী। ৩ [হি॰-উপরালা (পক্ষগ্রহণ সহায়তা)] [>] পৃষ্ঠপোষক ;মুরুব্বি।

~উপর [ইং-superficial] বিণ, বহিঃপৃষ্ঠ-ব্যাপী; বহিরঙ্গ; বহিঃস্থিত; বাহ্য। ২ অগভীর। ৩ বি, যে অংশ উপরে আছে; অগ্রভাগ। "তলা না ছুঁয়ে উং উং উঠাইয়া লও ঘাঁটিও না।" ৪ অ, ভাসা ভাসা। "উ-উং দেখেছে তলিয়ে দেখেনি।" ৫ পরে পরে; উপর্য্যুপরি। "উং উং চার বার হইল।" ৬ একটির মস্তকে বা পৃষ্ঠে আর একটি করিয়া। "হাঁড়ীগুলি উং উং সাজাইয়া রাখ।" ~চড়া-বি, উপর হতে আক্রমণ। ২ বিণ, আক্রমণকারী। ৩ [হইয়া, করিয়া ইং যোগে] ক্রি-বিণ, অনধিকারী ভাবে; অধিকার লঙ্ঘন করিয়া। ~চাড়, ~চাড়া-বি, শাবলাদি যন্ত্র চালনা বা অতিরিক্ত জোর প্রয়োগ (কোন গুরুভার কিছু তুলিবার বা সরাইবার জন্য)। ~চাপ -বি, উপর হতে বল প্রয়োগ বা পেষণ। ২ অপ্রকৃত হেতু প্রদর্শন; ছল; ত্রুটি বা অপরাধাদির ভার বা দায়িত্ব; অতিরিক্ত পীড়ন। ~চাল-বি, শতরঞ্জ খেলায় যে খেলিতেছে না অথচ পাশে বসিয়া দেখিতেছে তৎকর্তৃক বল বা বড়ের চালনা। ২ অতিরিক্ত চালাকি বা ফন্দী। ~চালাক-বিণ, বিধি ও সঙ্গতির সীমাতিরিক্ত চালাক all too clever. ~ছাপ [প্রাদেং রাঢ় অঞ্চল-পাল্কী বেহারাদের ভাষায় (বং শ কোষ)] বি,পাল্কীর ছাদে ঠেকিবার মত গাছের ডাল। ~তল, ~তলা, ~তালা-বি, ভূপৃষ্ঠের প্রথম প্রকোষ্ঠের ছাদ বা ছাদের উপর নির্ম্মিত প্রকোষ্ঠ; এক স্তরের উপরিস্থ স্তর। ~দৃষ্টি, ~নজর-বি, শিষ্টাচার-বিরুদ্ধ ঊর্দ্ধ দৃষ্টি; স্ত্রীলোকের মুখ বা বক্ষের প্রতি দৃষ্টিপাত। ~নীচা, ~নীচে-অ, একবার ঊর্দ্ধে এক-বার নিম্নে; ওঠা-নামা। "উং নীচে করতে করতে পা ধরে গেল।" ~পড়া-বি, ঘাড়ের, বা মাথার উপর ঝুঁকিয়া বা আসিয়া পড়া। ২ বিণ, অনধিকার চর্চ্চাকারী; অযাচিত হস্তক্ষেপকারী। "লোকটা ভারী উং পড়া;" "তুমি উং পড়া হয়ে এলে কেন।" উং টান ইওয়া-ঊর্দ্ধশ্বাস হওয়া। উপরে উঠা-আরোহণ করা। ২ অতিক্রম করা। ৩ কর্ম্মস্থলে উন্নতি করা; তার উপর তার উপর-উপর্য্যুপরি। মাথার উপর-(বিং র্থে) গুরুস্থানীয় বা অভিভাবক স্বরূপ। "তাহার মাথার উপর আর কেহ নাই।"

উপরক্ত [উপ-রন্জ্ (রঙ্ করা)+ত (র্তৃ)] বিণ, রক্তবর্ণ; লালবর্ণে রঞ্জিত। ২ রোগগ্রস্ত। ৩ লিপ্ত। ৪ [রনজ্ (গ্রাস করা) +ত (র্ম)] বি, রাহু। ৫ রাহুগ্রস্ত চন্দ্র ও সূর্য্য।

উপরক্ষ [উপ (সমীপে) রক্ষ্ (রক্ষা করা) +অ (র্তৃ)] বি, যে সেনাদলের নিকটে থাকিয়া সেনা রক্ষা করে। ২ শরীর-রক্ষক body-guard. ~ণ [উপ-রক্ষ্ (রক্ষা করা)+অন (ভাং)] বি, রক্ষার্থ সৈন্যসমাবেশ। ২ থানা; চৌকী। ৩ রক্ষাকরণ।

উপরঞ্জ/ক [উপ-রঞ্জ্ (রঞ্জন করা)+ অক (র্তৃ)] বিণ, উপরাগকারী; উপরঞ্জন-কারক; চিত্রকর। বি, ~ন-চিত্রণ।

উপরত [উপ-রম্ (ক্রীড়া করা)+ত (র্তৃ)] বিণ, বিরত; নিবৃত্ত। প্র-উপরতস্পৃহ। ২ মৃত; গত [বিরল] ৩ বিগত। ~স্পৃহ [উপরত (নিবৃত্ত) স্পৃহা (বাঞ্ছা) যার-বহু] বিণ, সংসারে লিপ্ত থাকিতে যার বাসনা নাই; বীতশ্রদ্ধ; বিগতস্পৃহ। ২ বিগততৃষ্ণ।

উপরতি [উপ-রম্ (ক্রীড়া করা)+তি (ভাং ম্-লোপ)] বি, ঔদাস্য; নিবৃত্তি; বৈরাগ্য; বাসনাপরিহার। ২ মৃত্যু। ৩ সহিষ্ণুতা।

উপরত্ন [উপ (সদৃশ)-রত্ন] বি, রত্নতুল্য ঔজ্জ্বল্যশালী বস্তু। ২ কাচ, প্রস্তর, মুক্তা, শঙ্খ, শুক্তি, কর্পূর ইং।

উপরন্তু, উপরান্ত [প্রাদেং 'উপরন্তু' ওং, কথ্য চং। প্রাং বাং 'উপান্তু'=উপর] অ, ইহার অতিরিক্ত; এতদ্ব্যতীত। "রস সৃষ্টিতো করিতেই পারি না, উপরন্তু রস গ্রহণের ক্ষমতাও আমাদের নাই।"-আং শক্তি, ১৩৩৪।

উপরম, উপরাম [উপ-রম্+অ (ভাং)] বি, বিষয়বাসনাত্যাগ; নিবৃত্তি; ঔদাস্য; বৈরাগ্য। ২ মৃত্যু। ৩ [নিবৃত্তির ভাব হতে] সমাপ্তি; শেষ; অন্ত; অবসান। "বনবাস উপরমে যদি যুদ্ধ হয়।"-মহাং (কাশী)।

উপরস-বি, উপধাতু; হিঙ্গুল, অভ্র, হরিতাল, মনঃশিলা, স্রোতোঞ্জন, সোহাগা, রাজাবর্ত্তক, চুম্বক, স্ফটিক, খড়ী, শঙ্খ, গৈরিক, হীরাকস, কড়ি, ঝিকতা, বোল, কঙ্কুষ্ঠ, সৌরাষ্ট্রমৃত্তিকা।

উপরাগ [উপ-রন্জ্+ঘঞ্ (ভাং), ন-লোপ, জ্=গ্] বি, সূর্য্য ও চন্দ্রের গ্রহণ। ২ রাহু। ৩ উপদ্রব; উৎপাত; উল্কাপাত। ৪ ব্যসন; নিন্দা; অপবাদ। ৫ প্রবৃত্তি। ৬ সম্বন্ধ। ৭ বিরাগ; ঔদাস্য। ৮ রঞ্জন; রংকরা।

উপরাজ [উপ+রাজ (রাজা)] বি, প্রতিনিধি রাজা; রাজ-প্রতিনিধি Viceroy. ~্য-রাজপ্রতিনিধিস্থাপিত রাজ্য। Viceroyalty.

উপরাণী [উপ (সদৃশ অর্থে বা প্রতিনিধি অর্থে)+রাণী (কদর্থে)] বি, রাজাদিগের রক্ষিতা নারী বা উপপত্নী। "বলা বাহুল্য যে রাজাদিগের উপরাণীরাও ভৃত্যদের নিকট রাণী নাম পাইয়া থাকে।"-সীতারাম।

উপরাম-উপরম দ্রঃ।

উপরি [কথ্যং বাং উপরে, ওপরে। উপ (ঊর্দ্ধ)+রি, নিপাতন] অ, ঊর্দ্ধে। ২ উপরে। ৩ পরে; অনন্তর। ৪ উপর হতে আগত বা লব্ধ; অপ্রত্যাশিত; দৈব। ৫ নির্দ্দিষ্ট নিয়মের অতিরিক্ত। ৬ (পং) নির্দ্ধারিত আয়ের উপর; বেতন ব্যতীত উপার্জ্জন; দস্তুরি commission; বখশিশ; ঘুস্। "এক্ষণে তিনি গ্রামের জমীদার মহাশয়দিগের কাছারির খাতাপত্রের কাজ করিয়া থাকেন এবং বেতন ও উপরি ইংতে দু'দশ টাকা উপার্জ্জন করেন।"-মেজবৌ (শিবনাথ শাস্ত্রী)। ~উক্ত-উপর্য্যুক্ত (দ্রঃ)। উং উপরি-ক্রি-বিণ, পরে পরে। ২ একটার উপর আর একটা ক্রমে। ৩ অগভীর ভাবে; ভাসা ভাসা। ~খরচ-বি, অতিরিক্ত ব্যয়; নির্দ্দিষ্ট ব্যয় ব্যতীত বিবিধ কারণে যে ব্যয় হয়। ~গত-বিণ, আরূঢ়। > স্ত্রীং ~া। ~চর [উপরি-চর্ (গমন করা)+অ (র্তৃ)] বিণ,ঊর্দ্ধে চরিয়া বেড়ায়; ঊর্দ্ধচর। ২ বি, রাজাবিং। ~তন [উপরি+তন (ভবার্থে)] বিণ, উপরে স্থিত। ২ ঊর্দ্ধতন। ~তল-বি,

গৃহের ছাদ। ২ উপর-তালা। ~দেবতা -বি, উপদেবতা। ~ধৃত-বিণ, উপরে স্থাপিত। ২ উপরে গৃহীত। ৩ উপরে উদ্ধৃত quoted above. ~লিখিত-বিণ, পূর্ব্বোক্ত।

উপরি/পাওনা, ~লাভ, ~আয় -বি, নির্দ্ধারিত বা যথানিয়মে অর্জ্জিত বেতন ব্যতীত বা আয়ের অতিরিক্ত অসদুপায়ে লব্ধ অর্থ ; অবৈধ আয় বা লাভ।

উপরিভাগ-বি, কোন বস্তুর যে অংশ অনাবৃত থাকে ; আকাশ ও বস্তুর যে ভাগের পরে অন্য কোন ব্যবধান নাই। ২ পৃষ্ঠ।

উপরিভাব, উপরিভাউ-বি, ভূতাবেশ ; ভূতে পাওয়া।

উপরিসদ্ [উপরি (উর্দ্ধে) সদ্ (স্থিতি করা) + ক্বিপ্ (র্তৃ)] বি, সোমনেত্র নামে উপরিস্থিত দেববিং।-শুক্লযজুর্ব্বেদ (৯।৩৫)।

উপরিস্থ, উপরিস্থিত [উপরি-স্থা (অবস্থান করা) + অ (র্তৃ) + ত (র্তৃ)] উপরে অবস্থিত।

উপরুদ্ধ [উপ (উপরি) রুধ্ (রোধ করা) + ত (র্ম্ম)] বিণ, উৎপীড়িত। ২ আবদ্ধ ; সংবৃত। ৩ কৃতোপরোধ। ৪ অনুরুদ্ধ।

উপরূপক-বি, রূপক দ্রঃ।

উপরে-উপরি দ্রঃ।

উপরোক্ত-উপর্য্যুক্ত দ্রঃ।

উপরোধ [উপ-রুধ্ + অ (ভা॰)] বি, অনুরোধ ; সুপারিস। ২ প্রতিবন্ধকতা। ৩ নিমিত্ত। "এইত আছি যে আমি তব উ॰।" মহা॰ (কাশী)। ৪ মানরক্ষা ; খাতির। "কোন উ॰ গুরু করিল তোমারে। তুমি কেন উ॰ করহ উহারে॥" -মহা॰ (কাশী)। ৫ ব্যাধি [অপ্র॰] ৬ আবরণ [অপ্র॰] ৭ ক্ষমা। "জাতিতে ব্রাহ্মণ আমি এক মাত্র ক্রোধ, বিশেষ বালক সখা চিত্তে উ॰।"-মহা॰ (কাশী)। "ব্রাহ্মণ বলিয়া চিত্তে উ॰ করি। ইহার উচিত এইক্ষণে দিতে পারি॥"-ঐ। উ॰-অনুরোধ [সহচর শব্দ] বি, নির্ব্বন্ধাতিশয়। উপরোধে ঢেঁকী গেলা-সনির্ব্বন্ধ অনুরোধ এড়াইতে না পারিয়া অনিচ্ছা সত্বেও কঠিন বা কষ্টকর বা অসম্ভব কাজ করা ; নির্ব্বন্ধাতিশয় রক্ষা করা।

উপরোধক [উপ-রুধ্ + অক (র্তৃ)] বিণ, উপরোধকারী ; উপরোধকর্ত্তা। ২ বাসগৃহ।

উপর্য্যুক্ত [উপরি + উক্ত। বাং অশুদ্ধ-রূপ 'উপরোক্ত' ও ক্বচিৎ 'উপরুক্ত' চ॰] বিণ, উপরে যা উক্ত হইয়াছে : পূর্ব্বোক্ত ; উল্লিখিত।

উপর্য্যুপরি [উপরি + উপরি] অ, তার উপর তার উপর ; ক্রমান্বয়ে একের পর অন্য। ২ ক্রমাগত ; অবিরাম।

উপল১ [উপ-লা (দান করা) + অ (র্তৃ)] বি, প্রস্তর ; পাষাণ ; পাথর। ২ রত্ন ; মহামূল্য প্রস্তর। ৩ ঘুঁটে। ৪ প্রস্তরময় ভূমি। স্ত্রী ~া।

উপল২ [সং-উপলা."উপলা শর্করাপি চ।" -অমর॰। হি -উপল=চিনী। প্রা॰-ওলা। প্রা॰ বাং] বি, শর্করা ; চিনী ; ওলা।

উপলক্ষ, উপলক্ষ্য [উপ (সমীপে) লক্ষ (দর্শন করা) + অ (ভা॰)] বি, উদ্দেশ। ২ প্রয়োজন। ৩ উদ্দেশ্য। ৪ [উপ-লক্ষ + য (র্ম্ম)] বিণ, প্রয়োজনীয়। ৫ অবলম্ব্য। ৬ দ্রষ্টব্য। ক্রি, উ॰ করা উ॰ হওয়া।

উপলক্ষক [+ অক (র্তৃ)] বিণ, যে সাধারণ চিহ্নাদি দ্বারা বিশেষার্থ বুঝিতে পারে। ২ বিচক্ষণ ; বুদ্ধিমান্। ~ক্ষণ [উপ (অধিক) লক্ষ্ + অন (ণে) যদ্দ্বারা লক্ষ হয় (চিহ্নাদি)] বি, অন্যার্থের প্রকাশক ; অধিকার্থের সূচক। ২ উপক্রম। স্ত্রী ~ক্ষণা-বি, তাৎপর্য্যের অনুপপত্তি হলে শব্দের অন্যার্থ কল্পনাই লক্ষণা। প্র-তিনি গঙ্গাবাসী হইয়াছেন। এখানে গঙ্গা অর্থে গঙ্গাতীর বুঝাইবে কারণ গঙ্গাজলে বাস অসম্ভব। ইহাই লক্ষণা। ~ক্ষিত [উপ-লক্ষ্ + ত (র্ম্ম)] বিণ, চিহ্নিত ; সূচিত ; অনুমান-বিষয়ীভূত। ২ বিশিষ্ট ; যুক্তিযুক্ত। ৩ [অলং] লক্ষণাদ্বারা যে অর্থের প্রকাশ পায়। প্র-সে গঙ্গাবাসী হইয়াছে। এস্থলে গঙ্গা শব্দে গঙ্গাতীর এই অর্থ উপলক্ষিত হইয়াছে।

উপলক্ষ্য-উপলক্ষ দ্রঃ।

উপলব্ধ [উপ-লভ্ (প্রাপ্তি) + ত (র্ম্ম)ভ্=ব্, ত=ধ)] বিণ, যে বিষয়ের বা যার উপলাভ হইয়াছে। ২ অনুভূত। ৩ প্রাপ্ত। স্ত্রীং ~ব্ধী (রঘুবংশে)।

উপলব্ধি [উপ-লভ্ + তি (ভা॰)] বি, অনুভব ; বোধ। ২ প্রাপ্তি ; লাভ। ৩ ইন্দ্রিয়াদিদ্বারা জ্ঞান।

উপলভেদী [উপল-ভিদ্ (বিদারণ করা) + ইন্ (র্তৃ)=ভেদিন্ ১মা ১বং (উপ॰ বা ৬ তৎ) প্রস্তরভঙ্গকারী ; যে প্রস্তর ভাঙ্গে। ২ পাষাণভেদী উদ্ভিদ্ ; শিলফোড়।

উপলভোগ [উপল (শর্করা, ওলা) ভোগ (নৈবেদ্য)] বি, চিনীর নৈবেদ্য ; চিনীর লাড্ডু ; ওলার ভোগ; প্রাতর্ভোগ; বাল্যভোগ (মজুমদার)। "প্রাতে প্রভু জগন্নাথের উ দেখিয়া।"-চৈ॰ চ॰।

উপলভ্য [উপ-লভ্ + য (র্ম্ম)] বিণ, লাভের যোগ্য ; প্রাপ্য। ২ জ্ঞেয়।

উপলম্ভ [উপালম্ভ দ্রঃ। উপ-লভ্ (লাভ করা) + অ (ভা॰) ম-আগম] বি, উপলাভ ; উপলব্ধি। ২ ভর্ৎসনা ; তিরস্কার। ~্য [উপ-লভ্ + য (র্ম্ম) ম্-আগম] বিণ, স্তবের যোগ্য, প্রশংসনীয়।

উপলা [উপল + আ (স্ত্রী, স্বার্থে)] বি, কঙ্কর বা প্রস্তরময় ভূমি। ২ চিনী। ৩ বিণ, কাঁকুরে ; শৈলময়।

উপলিঙ্গ [উপ (উপরি) লিন্‌গ্ (গমন করা) + অ (র্তৃ)] বি, ভূকম্পনাদি উৎপাত।

উপলিপ্ত [উপ-লিপ্ (লেপন করা) + ত (র্ম্ম)] বিণ, যার উপর লেপন করা হইয়াছে, লেপিত।

উপলে/প [উপ-লিপ্ (লেপন করা) + ঘঞ্ (ভা॰)] বি,কোন বস্তুদ্বারা উপরে লেপন। ~পন [উপ-লিপ্ + অন (ভা॰)] বি,মৃত্তিকা, গোময়, বালুকাচূর্ণ ই॰ দ্বারা গৃহের ভিত্তির আবরণ ; ভিত্তির আবরণার্থ তদুপরি মৃত্তিকাদির প্রলেপ।

উপশ/ম [উপ-শম্ (শান্ত হওয়া) + অ (ভা॰)] বি, শান্তি ; নিবৃত্তি। ২ ইন্দ্রিয়দমন। ৩ রোগের শমতা। ৪ [ব্রজ॰] বিণ, নিবৃত্ত ; নিরস্ত। "তবহু কানু উ॰ নাহি হোই।" -বি॰ প॰। ~মক [উপ-শম্ + অক (র্তৃ)] যে শান্ত করে ; উপশমকর্ত্তা। ~মনীয়

[উপ-শম্ + অনীয় (র্ম্ম)] বিণ, যাকে উপশম করা উচিত বা আবশ্যক ; উপশমযোগ্য। ~মিত্ত [উপ-শম + ণিচ্ + ত (র্ম্ম)] বিণ, যাকে উপশম করা হইয়াছে ; উপশান্ত।

উপশয় [উপ (সমীপ)-শী (শয়ন করা) + অ (ভা০)] বি, শয়ন। ২ [ধি-ল্] মৃগ-বধের জন্য ব্যাধগণ যে গুপ্তস্থানে শয়ন করিয়া থাকে ; গর্ত্তবিঃ। ৩ [উপ (সমীপে) শয় (হস্ত) -অব্যয়ী০] হাতের নিকট। ৪ ক্রোড়। ৫ [আয়ু০ শা০] বিশেষ ঔষধ বা পথ্য প্রয়োগ দ্বারা ব্যাধির লক্ষণ-জ্ঞান। ৬ পথ্যাদি দ্বারা রোগের প্রশমন। ৭ বিণ, আরামজনক : সুখকর।

উপশল্য [উপ (সমীপ) শল্ (গমন করা) + য (র্ম্ম)=শল্য (গম্য) যেখানে যাওয়া যায়, গ্রাম] বি, গ্রামের অন্তভাগ : গ্রামের সীমা : গ্রামপ্রান্ত।

উপশান্ত [উপ-শম্ (উপশম হওয়া) + ত (র্ম্ম)] বিণ, নিবৃত্ত ; যাকে উপশম করা হইয়াছে।

উপশায় [উপ (পর্য্যায়ক্রমে) শী (শয়ন করা) + ঘঞ্ (ভা০)] বি, পর্য্যায়ক্রমে শয়ন ; প্রহরী ই০-র পালানুযায়ী শয়ন।

উপশিরা-বি, সূক্ষ্মশিরা : শাখাশিরা। "জাগিয়া উঠিছে অস্থি শিরা উ০।"-ফুলরেণু।

উপশিষ্য-বি, অপ্রধান শিষ্য। ২ শিষ্যের শিষ্য। স্ত্রীং ~া।

উপশোভিত[উপ-শুভ্ (দীপ্তি পাওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, শোভাযুক্ত। ২ অলঙ্কৃত : ভূষিত।

উপ/শ্রুত [উপ-শ্রু (শ্রবণ করা, অঙ্গীকার করা) + ত (র্ম্ম)] বিণ, যা শ্রবণ করা হইয়াছে। ২ প্রতিশ্রুত ; অঙ্গীকৃত ; প্রতিজ্ঞাত ; ~শ্রুতি [উপ-শ্রু + তি (ভা০)] বি, স্বীকার ; অঙ্গীকার : প্রতিজ্ঞা। ২ দৈব-বিষয়ক শুভাশুভ প্রশ্ন।

উপশ্লেষ [উপ-শ্লিষ্ (আলিঙ্গন করা) + অ (ভা০)] বি, আশ্লেষ : আলিঙ্গন। ২ একদেশ সম্বন্ধ। ৩ বঞ্চনা করিবার মানসে শব্দের স্পষ্টার্থ ত্যাগ করিয়া কূটার্থের অনুসন্ধান। ৪ উপহাস ; ঠাট্টা।

[উপ-স্তনভ্ (স্তব্ধ হওয়া, আরম্ভ করা)। উপশব্দের পর স্তম্ভ=ষ্টম্ভ] বি, সূত্রপাত ; আরম্ভ ; উপক্রম। ২ হেতু ; উপলক্ষ ; প্রয়োজন। ৩ উদ্রেক। ৪ স্তম্ভন।

উপসংক্ষেপ-বি, সংক্ষিপ্তসার।

উপসংখ্যান [উপ-সং-খ্যা (বলা, গণনা করা) + অন (ভা০)] বি, এক, দুই ইত্যাকার গণনা। ২ সঞ্চয়। ৩ বিশেষণ। ৪ [ব্যা০] তুল্যার্থক পদ। ৫ [ণে, অন] যদ্দ্বারা সংখ্যা করা যায়।

উপসং/গ্রহ [উপ (নিকট) সং (সহিত) গ্রহ্ (গ্রহণ করা) + অ (ভা০)] বি, চরণস্পর্শ-পূর্ব্বক অভিবাদন : পদধূলি-গ্রহণপূর্ব্বক প্রণাম ; অভিবন্দন [প্র০ অ০] ২ সম্যক্ সঙ্কলন। বি, ~গ্রাহ্য-পদধূলি-গ্রহণযোগ্য : পাদস্পর্শপূর্ব্বক বন্দনীয়।

উপসংবাদ [উপ (অঙ্গীকার)-সম্ (সম্যক্ রূপ)-বদ্ (বলা) + ঘঞ্ (ভা০)=বাদ (কথন)] বি, অঙ্গীকৃত বিষয় কথন ; প্রতিশ্রুত হইয়া কথন। ২ সাধারণ বৃত্তান্ত।

উপসংযম [উপ-সম্-যম্ (নিবৃত্ত হওয়া) + অ (ভা০)] বি, নিবৃত্তি। ২ ইন্দ্রিয়দমন। ৩ সমাপ্তি।

উপসংসদ-বি, উপসভা ; অধীন সমিতি : সবকমিটি Sub-Committee.

উপসং/হরণ [উপ-সম্-হৃ + অন (ভা০)] বি, উপসংহার। ~হার [উপ-সম্-হৃ (হরণ করা) + অন (ভা০)] বি, প্রস্তাবিত বিষয়ের সমাপ্তি। ২ মরণ। ৩ বিনাশ। ৪ সংগ্রহ। ৫ নিবৃত্তি। ৬ আক্রমণ। ৭ সঙ্কোচ। ~হৃত [উপ-সম্-হৃ + ত (র্ম্ম)-যা আহরণ করা হইয়াছে] বিণ, সমাপ্ত। ২ বিনাশিত। ~হৃতি [উপ-সম্-হৃ + তি (ভা০)] বি, উপসংহরণ ; বিনাশ ; মৃত্যু। ২ নিবৃত্তি। ৩ সংকোচন।

উপসত্তি [উপ (সমীপ, সহিত)-সদ্ (গমন করা) + তি (ভা০)] বি, সংসর্গ। ২ উপাসনা ; আরাধনা। ৩ শুশ্রূষা। ৪ প্রতিপাদন। ৫ সমীপে আগমন। ৬ দান। ৭ ত্যাগ।

উপস/দ [উপ-সদ্ (গমনে) + অৎ (র্ত্তৃ)] বিণ, নিকটগামী ; সমীপবর্ত্তী। ~দন [উপ (সমীপ)-সদন (গৃহ)-অব্যয়ী০] বি, গৃহের নিকট।

উপসন্তান-বি, সন্তানতুল্য ; সগোত্র।

উপ/সন্ন [উপ (সমীপ) সদ্ (গমন করা) + ত (র্ত্তৃ) দ্=ত=ন্ন] বিণ, সমীপে আগত : সমীপস্থ। "কদাচিৎ কোন দিবসে বা খাই অন্ন। সেহ যদি অবিরোধে হয় উ০।" -চৈ০ ভা০। সাঁঝ উ০ ভৈল বনের ভিতরে।" -শ্রী০ কী০। ২ আসন্ন ; নিকটবর্ত্তী। ৩ উৎপন্ন। ৪ বি, উপভোগ (চৈ০ ভা০)। প্রা০ বাং ~সন-উপস্থিত। "বিহাণ আইলাহোঁ হৈল সাঁঝ উপসন।"-শ্রী০ কী০।

উপসম্পত্তি-বি, অতিরিক্ত বা অভিনব সম্পত্তি।

উপসম্পন্ন-বিণ, যজ্ঞার্থে হত। ২ পর্য্যাপ্ত। ৩ প্রাপ্ত। ৪ প্রচুর। ৫ মৃত।

উপসর [উপ-সৃ (গমন করা) + অ(ভা০)] বি, নিঃসরণ ; নির্গমন। ২ গো-গবী-সঙ্গম। ৩ অভিগমন।

উপসর্গ [উপ (সমীপ বা সহিত) সৃজ্ (সৃষ্টি করা) + অ (র্ত্তৃ)] বি, যে সকল অব্যয় শব্দ ধাতুর সহিত মিলিত হইয়া বা ধাতুকে অবলম্বন করিয়া ঐ ধাতুর নানা অর্থের সৃষ্টি করে prepositional prefixes. বৈয়াকরণ-দের মতে উপসর্গের অর্থবাচকতা নাই, কিন্তু অর্থদ্যোতকতা আছে, তারা স্বয়ং কোন বিশেষ অর্থ প্রকাশ করে না, কিন্তু ধাতুযোগে বিশেষ বিশেষ স্থলে বিশেষ অর্থ প্রকাশ করে। উপসর্গ ২০টি যথা-(১) প্র, (২) পরা, (৩) অপ, (৪) নি, (৫) প্রতি, (৬) নির্, (৭) বি, (৮) অতি, (৯) সম্, (১০) দুর্, (১১) অভি, (১২) অনু, (১৩) সু, (১৪) উৎ, (১৫) উপ, (১৬) পরি, (১৭) অধি, (১৮) অপি, (১৯) অব, (২০) আ। ২ [উপ (উপস্থিত) সৃজ্ (সৃজন করা) + অ (ভা০-ঘঞ্) সৃজ্=সর্গ] বি, রোগের বিকার ; এক রোগ প্রবল থাকা সত্ত্বে তার আনুষঙ্গিক রোগ। ৩ ভূমিকম্প ; উল্কাপাতাদি উপদ্রব। ৪ বিঘ্ন : অনিষ্ট।

উপসর্জ্জন [উপ (হীন) সর্জ্জন (গমন)] বি, অপ্রধান। ২ ত্যাগ (দৈব উপদ্রব)। ৩ [ব্যা০] সমাস-ঘটিত পদে প্রথমান্ত নির্দ্দিষ্ট পদ ; এক বিভক্ত্যন্ত পদ।

উপ॑সর্প/ক-বিণ, নিকটগামী। ~ণ [উপ (সমীপ) সৃপ্ (গমন করা) + অন (ভা॰)] বি, আগমন ; সমীপে উপস্থিতি। > স্ত্রীং ~ণা-বি, অনুগ্রহ প্রত্যাশায় অন্যের নিকট যাওয়া। ২ আরাধনা। ৩ বিবাহার্থ প্রেম নিবেদন বা অর্চ্চনা Courtship

উপসর্য্যা [উপ-সৃ (গমন করা) + য (র্ম্ম) নিপাতনে সৃ + য=সর্য্য, স্ত্রীং-আ] বি, ঋতুমতী গাভী। ২ আসন্ন গর্ভগ্রহণা গাভী।

উপসাগর [উপ (ক্ষুদ্র) সাগর] বি, প্রায় চতুর্দ্দিকে স্থলবেষ্টিত সাগরাংশ ; ক্ষুদ্র সাগর gulf, bay

উপসার্য্য-বিণ, যার নিকট যাওয়া চাই সমীপগম্য।

উপসুন্দ-বি, কৃষ্ণ-হস্তে নিহত নরকাসুরের সেনাপতি। ২ সুন্দ দৈত্যের সহোদর তিলোত্তমার রূপে উভয়ভ্রাতা মুগ্ধ হইয়া পরস্পর যুদ্ধ করিয়া নিহত হয়।

উপসূর্য্যক [উপ (সমীপ বা উপগত) সূর্য্য। ক (স্বার্থে)] বি, সূর্য্যের চতুর্দ্দিগ্‌ব্যাপী রশ্মিমণ্ডল ; সূর্য্যমণ্ডল। ২ [সূর্য্য + ক (সাদৃশ্যে)] চন্দ্রমণ্ডল। ৩ ছটা।

উপসৃষ্ট [উপ-সৃজ্ (সৃষ্টি করা, যোগ করা) + ত (র্ম্ম)] বিণ, সংশ্লিষ্ট ; ব্যাপ্ত, মিলিত ; সংযুক্ত। ২ [ব্যা॰] উপসর্গযুক্ত। ৩ বিসৃষ্ট ; ত্যক্ত। ৪ কামী। ৫ [ভা॰-ত] বি, মৈথুন [প্র॰ অ॰]।

উপসেক [উপ (অধিক) সিচ্ (সেচন করা) + অ (ভা॰)] বি, জলসেক। ২ সেকদ্বারা মৃদুকরণ ; সেচন দ্বারা নরম করণ।

উপসেচন [উপ-সিচ্ + অন (ভা॰)] বি, জলসেক ; আর্দ্রকরণ।

উপ/সেবক [উপ-সেব্ (সেবা করা) + অক (র্ত্তৃ)] বি, উপভোক্তা ; উপভোগকর্ত্তা। ২ পরদাররত ; পরস্ত্রীতে আসক্ত। ~**সেবন**-বি, উপাসনা। ২ সম্ভোগ। ৩ আসক্তি addiction. ~**সেবা**-বি, চাকরি। ২ পূজা। ৩ সম্ভোগ। বিণ, ~**সেবিত**। ~**সেবী** [উপ-সেব্ + ইন্ (র্ত্তৃ)=উপসেবিন্ ১মা ১ব॰] বিণ, সেবক ; যে সেবা করে ; পরিচর্য্যাকারী।

উপস্কর, উপস্কার [উপ (সম্পূর্ণ)-কৃ (করা) + অ (ণে), স-আগম-যদ্দ্বারা উপকার হয়] বি, উপকরণ ; প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী। ২ সূপব্যঞ্জনাদির মসলা ; বাটনা। ৩ [(ভা॰-অল্, ঘঞ্) গুণান্তরের আরোপ। ৪ যত্ন। ৫ পরিষ্কার ; মার্জ্জনা। "রন্ধনের স্থান উপস্করি ভাল মতে।"-চৈ॰ ভা॰ [দ্রঃ-উপস্কর > ক্রি, উপস্কর-উপস্করি, -স্কর, -স্করে ; উপস্করিতে, উপস্করিয়া (ক্ষ॰ উপস্করি) ই॰] ৬ [ব্যা॰] অসম্পূর্ণ বাক্যের অর্থবোধের জন্য শব্দের অধ্যাহার। ৭ বিণ, প্রস্তুত।

উপস্করণ [উপ (হিংসা) কৃ (করা) + অন (ভা॰)] বি, হিংসা করা ; হিংসন। ২ সজ্জাকরণ ; অলঙ্করণ। ৩ [ণে, অন] উপকরণ ; আবশ্যক দ্রব্যসামগ্রী।

উপস্তম্ভ [উপ (সাদৃশ্যার্থে) স্তম্ভ] বি, অবলম্বন। ২ আহার নিদ্রাদি জীবনের অপরিহার্য্য অবলম্বন।

উপস্তুতি [উপ (সমীপ) স্তু (স্তব করা) + তি (ভা॰)] বি, সম্মুখে স্তুতি ; সাক্ষাতে প্রশংসা।

উপস্ত্রী [উপ (প্রতিনিধি) স্ত্রী (পত্নী)] বি, উপপত্নী ; রক্ষিতা।

উপস্থ [উপ (সমীপ) স্থা (থাকা) + অ (র্ত্তৃ) যে সম্মুখে থাকে] বিণ, সমীপস্থিত ; উপরিস্থিত। ২ বি, পুরুষ ও স্ত্রীর জননেন্দ্রিয়। ৩ ক্রোড় [বিরল] ~**নিগ্রহ**-বি, ইন্দ্রিয়-সংযম।

উপস্থাতা [উপ-স্থা + তৃন (র্ত্তৃ)=উপস্থাতৃ ১মা ১ব॰] বিণ, যে সম্মুখে উপস্থিত থাকে। ২ সেবক ; ভৃত্য।

উপস্থান [উপ (সমীপ) স্থা (থাকা) + অন (ভা॰)] বি, উপস্থিতি ; আসা। "সর্ব্ব বন্ধুগণের হইল উ॰।"-চৈ॰ ভা॰। ২ [বৈদিক] উপাসনা। "এই ঋকে হরিশ্চন্দ্র দ্বারা আহবনীয় অগ্নির উ॰ করাইলেন।" -ঐতরেয় ব্রাহ্মণ (ত্রিবেদী)। ৩ [বৌ॰ সা॰] কাহার নিকট উপস্থিত হইয়া তাহার পরিচর্য্যা। মহা উপস্থান-ভিক্ষুরা সকলে সমবেত হইয়া প্রতিদিন তিনবার তথাগতের পরিচর্য্যা করিতেন ও তাঁহার নিকট ধর্ম্মোপদেশ শুনিতেন। এই পরিচর্য্যার নাম মহা উপস্থান। "তখন তিনি প্রতিদিন মহা উপস্থানের সময় উপস্থিত থাকিতেন।" -জাতক, ১।৪০।

উপস্থা/পক [উপ-স্থা + ণিচ্=স্থাপি (স্থিতি করান) + অক (র্ত্তৃ)] বিণ, যে উপস্থিত করায়। ২ প্রস্তাবক ; প্রস্তাবকারী। স্ত্রীং ~**পিকা**। ~**পন** [উপ-স্থাপি + অন (ভা॰)] বি, উপস্থিতি করান ; আনয়ন। ২ প্রস্তাবকরণ। ~**পয়িতা** [উপ-স্থা + ণিচ্=স্থাপি + তৃন্ (র্ত্তৃ)=উপস্থাপয়িতৃ ১মা ১ব॰] প্রস্তাবকর্ত্তা। > স্ত্রীং ~**পয়িত্রী**-প্রস্তাবকর্ত্রী। ~**পিত** [উপ-স্থাপি + ত (র্ম্ম)] বিণ, যাকে উপস্থিত করা হইয়াছে ; আনীত। ২ প্রস্তাবিত।

উপস্থিত [উপ (উপকণ্ঠে) স্থা + ত (র্ত্তৃ)=স্থিত-নিকটস্থিত, যে উপস্থিত হইয়াছে] বিণ, আগত। ২ বর্ত্তমান ; বিদ্যমান। ৩ আসন্ন। ৪ সম্মুখস্থ। ৫ উত্তীর্ণ। ~**বক্তা**-বি, যিনি পূর্ব্বে আলোচনা না করিয়া তৎক্ষণাৎ বা উপস্থিত মত যে কোন বিষয়ে বক্তৃতা করিতে পারেন। > স্ত্রীং ~**বক্ত্রী**-উপস্থিত মত বক্তৃতাকারিণী। ~**বুদ্ধি**-উৎপন্নমতি দ্রঃ।

উপস্থিতি [উপ (নিকট)-স্থা (থাকা) + তি (ভা॰)] বি, নিকটে আগমন ; সমীপে অবস্থান ; নিকটে থাকা। ২ বিদ্যমানতা ; বর্ত্তমানতা। ৩ উত্তরণ।

উপস্পর্শ [উপ (সদৃশ) স্পৃশ্ (স্পর্শ করা) + অ (ভা॰)] বি, সদৃশস্পর্শ। ২ পান। ৩ আচমন। ৪ স্নান। ৫ [স্মৃতি॰ পরিঃ] কুলকুচা। "যে ব্যক্তি ভোজনগৃহে বা আসনে অবস্থিত হইয়া উ॰ করে।"-অত্রিসংহিতা (বঙ্গবাসী)। ~**ন** [+ অন (ভা॰)] বি, স্পর্শকরণ। ২ আচমন।

উপস্পৃষ্ট [+ ত (র্ত্তৃ)] বিণ, যে স্পর্শ করিয়াছে ; যে আচমন করিয়াছে ; কৃতাচমন। ২ স্নাত। ৩ [র্ম্ম-ত] যাকে স্পর্শ করা হইয়াছে ; সংস্পৃষ্ট।

উপস্বত্ব [উপ-স্ব (ধনাদি) + ত্ব (ভা॰)] বি, ধনাদিতে প্রভুত্ব ; গৃহ, জমিদারী ই॰ বিষয় সম্পত্তিজাত আয় বা লাভ।

উপহত [উপ-হন্ (বধ করা)+ত(র্ম্ম)] বিণ, যাকে বধ করা হইয়াছে : বিনষ্ট : আহত। ২ বিনাশিত। ৩ অভিভূত : আক্রান্ত। প্র-শোকে বা দুঃখে উপহত। ৪ বিঘ্নিত। ৫ ক্লিষ্ট। "বাঘ বলদে সদাই দ্বন্দ্ব নিবারিব কত। অভাগিনী গৌরীর প্রাণ সদাই উ°॥"-কবিক°। ৬ তিরস্কৃত। ৭ নিবারিত। ৮ দূষিত।

উপ/হরণ-বি, লুণ্ঠন। ২ বলিদান। ৩ উপহার; দান। ৪ খাদ্যবণ্টন। **~হর্ত্তা**-বিণ, উপহারদাতা। ২ বলিদান-কারী। ৩ খাদ্যবণ্টনকারী। ৪ উপহার-দাতা। > স্ত্রীং **~হর্ত্রী**।

উপহসিত [উপ-হস্ (হাস্য করা) +ত (ভা°)] বি. উপহাস. হাস্য : পরি-হাস। ২ [র্ম্ম-ত] যাকে উপহাস করা হইয়াছে।

উপ/হার [উপ (দান) হৃ (হরণ করা) +ঘঞ্ (ভা°)-গ্রহণ-যোগ্য বস্তুর দান] বি, আদর ও যত্নপূর্ব্বক এবং সন্তোষের সহিত যা দান করা যায়; উপঢৌকন; ভেট; ডালি। "এ যৌবন ধন, দিব উ° রমণে!"-ব্রজাঙ্গনা। ২ [র্ম্ম-ঘঞ্] উপঢৌকনের দ্রব্য। "পাশে হেম ঘণ্টা উ° নানা হেমপাত্রে।"-মেঘ°। ৩ [উপ (সমীপ) হার (কণ্ঠাভরণ)-অব্যয়ী°] হারের সমীপে [অপ্র°] ৪ [উপ (উপগত) হার] হারের নিকটস্থিত তাদৃশ শোভাজনক দ্রব্য। **~হারী**-বিণ, উপহার-দাতা। > স্ত্রীং **~হারিণী**।

উপহাস [উপ (সম্যক্) হস্ (হাস্য করা) +ঘঞ্ (ভা°)] বি, পরিহাস : ঠাট্টা : তামাসা। ২ অবজ্ঞা; উপেক্ষা।

উপহাসাস্পদ-বিণ, উপহাস্য।

উপহাস্য [উপ-হস্+য (র্ম্ম)] বিণ, উপহাসাস্পদ; উপহাসের যোগ্য : উপ-হসনীয়। বি, **~তা**-উপহাস-যোগ্যতা : উপহাসের বিষয়।

উপহিত [উপ-ধা (ধারণ-করা, পোষণ করা)+ত (র্ম্ম) ধা=হি] বিণ, গৃহীত। ২ ধৃত। ৩ দত্ত; অর্পিত। ৪ আরোপিত; ন্যস্ত।

উপহৃত [উপ-হৃ (হরণ করা)+ত (র্ম্ম)] বিণ, উপহারস্বরূপ দত্ত। ২ উৎসৃষ্ট। ৩ আনীত : আহৃত। ৪ অর্পিত।

উপা-উবা দ্রঃ।

উপাই [গ্রা°। উপায় (দ্রঃ) শব্দের হি° পাঠবিকারে] বি, উপায়। ২ ক্রি-বিণ, উপায়ে। "বাঁচব কোন উ°।"-বিং প°।

উপাংশু [উপ-অংশু। গ্রা°-'উপাংশি'] বিণ, অনুচ্চ; অপ্রোচ্চারিত। ২ নির্জ্জন। ৩ বি, অন্যলোকের শ্রবণের অযোগ্যরূপে মন্ত্রজপবিঃ : দেবতার প্রতি মনোনিবেশ-পূর্ব্বক অল্পমাত্র জিহ্বা ও ওষ্ঠ চালিত করিয়া মন্ত্র উচ্চারণ করিবে। উচ্চারিত মন্ত্র কেবল নিজেরই শ্রবণযোগ্য হইবে, এইরূপ জপকে 'উপাংশু জপ' বলে। **~কথন**-অনুচ্চস্বরে আলাপ। ফিস্ ফিস্ করিয়া কথা whispering. **~কথন-মঞ্চ**-যে ক্রমোচ্চ আসন সমন্বিত-মঞ্চ বা গম্বুজ এমন ভাবে গঠিত, যেখান হতে উচ্চারিত অনুচ্চ ধ্বনি প্রাচীর হতে পরাবর্ত্তিত হইয়া বহুদূর পর্য্যন্ত শ্রুত হয় whispering gallery. "এই সমাধি মন্দিরস্থ উপাংশুকথনমঞ্চ বা প্রতিধ্বনি গ্যালারি আছে তদ্রূপ ভারতবর্ষের আর কোথাও নাই।"-বিজাপুর (ভারতভ্রমণ, পৃ° ৬৫৮)। **~বধ**-বি, গুপ্তহত্যা। **~বাস**-বি, নির্জ্জনবাস; অজ্ঞাতবাস। **~বাসী**-বিণ, বিজনবাসী।

উপাকরণ, উপাকর্ম্ম, উপা-গ্রহণ [উপ-আ (সম্যক্)-কৃ (করা)+অন (ভা°)] বি, আরম্ভণ। ২ সংস্কার-পূর্ব্বক বেদ-অধ্যয়ন। ৩ সংস্কারপূর্ব্বক পশুবধ করণ। ৪ যূপে বন্ধনের পূর্ব্বে যজ্ঞিয় পশুকে দুইগাছি দর্ভদ্বারা সমন্ত্রক স্পর্শ। "পশুর উপাকরণের পর নিয়োক্তা (যূপে বন্ধনকর্ত্তা) পাওয়া গেল না।" -ঐতরেয় ব্রাহ্মণ (ত্রিবেদী)।

উপাকৃত-বি, যজ্ঞের নিমিত্ত হত পশু : বলি।

উপাক্ষ [উপ (সমীপ) অক্ষি (চক্ষুঃ)+ অ (রাজাদিভ্যঃ অ) ই লোপ-অব্যয়ী°] বি, চক্ষুর সমীপস্থিত; উপনেত্র ; চস্মা। **~কার**-চস্মাপ্রস্তুতকারী ; উপনেত্র-নির্ম্মাতা।

উপাখ্যান [উপ (গৌণ, অপ্রধান, ক্ষুদ্র) -আখ্যান (আ-খ্যা=বলা)+অন (র্ম্ম) কোন মূল আখ্যানের অন্তর্গত কথা; ক্ষুদ্র আখ্যান] বি, পুরাণকাহিনী; পুরাবৃত্তকথন; ইতি বৃত্ত (মহা° এই অর্থে বহুল ব্যবহৃত, উপাখ্যান স্থলে ইতিহাস শব্দেরও প্রয়োগ দেখা যায়)। "পূর্ব্বকালে নারদ ঋষি, রাজা অকম্পনকে যাহা কহিয়াছিলেন, পণ্ডিতেরা এইস্থানে সেই পুরাতন ইতিহাস উদাহরণ রূপে কীর্ত্তন করিয়া থাকেন। * আমি সেই উপাখ্যানপ্রতিপাদিত মৃত্যুৎপত্তি বিবরণ কীর্ত্তন করি * ঐ পুরাবৃত্ত আদ্যোপান্ত * * শ্রবণ কর : এই আখ্যান পুষ্টি ও আয়ুর্বৃদ্ধি-কর, * * এই * * রম্য উপাখ্যান পাঠ করিলে বেদাধ্যয়নের তুল্য ফলপ্রাপ্তি হয়।" -মহা° দ্রোণ (বর্দ্ধ)। ২ বৃত্তান্ত : কথা; আখ্যান। ৩ সম্যক্‌রূপে কথন [বিরল]।

উপা/গত [উপ (সমীপ) আগত (আ-গম্=গমন করা)+ত (র্ত্তৃ)] বিণ, যে নিকটে উপস্থিত হইয়াছে; উপস্থিত : নিকটে আগত। ২ [র্ম্ম-ত] যাকে নিকটে প্রাপ্ত হওয়া গিয়াছে। ৩ প্রাপ্ত : অনুভূত। ৪ স্বীকৃত। **~গম** [+আগম-আ-গম্-অ (ভা°)] বি, সমীপে আগমন; নিকটে উপস্থিতি। ২ প্রাপ্তি। ৩ স্বীকার; অঙ্গীকার। ৪ অনুভব।

উপাগ্রহণ-বি, উপাকরণ।

উপাঙ্গ [উপ (সদৃশ) অঙ্গ অনগ্ (গমন করা)+অ (র্ত্তৃ) যে গমন করে] বি, প্রত্য-বয়ব; অঙ্গের অঙ্গ (শরীরের অঙ্গ-কর, চরণ-তাদের উপাঙ্গ-অঙ্গুলি)। ২ বেদের অঙ্গ-সদৃশ শাস্ত্রবিঃ; মীমাংসা, বৈশেষিক, ন্যায়, যোগ, সাংখ্য এবং বেদান্ত এই ষড়্‌দর্শন। ৩ [অঙ্গে উপগত] ললাটে চন্দনাদি চিহ্ন : তিলক, ফোঁটা, ছাপ ই°। ৪ নরদেহের নিম্নভাগস্থ ক্রিমি-সদৃশ দক্ষিণাংশ vermiform appendix. অন্ত্রদেশের কীটাকার উপাঙ্গ appendix. **~প্রদাহ**-পাকস্থলীর উ° নালী মধ্যে কোন পদার্থ প্রবেশ করিলে বাহির হইতে না পারায় যে উৎকট যন্ত্রণা-দায়ক প্রদাহ জন্মে appendicitis.

উপাচার্য্য [উপ-আচার্য্য (উপদেষ্টা)]

বি, আচার্য্যের সহকারী : অপ্রধান উপদেষ্টা। ২ আচার্য্যসদৃশ। স্ত্রীং ~া। পত্নী অর্থে ~াণী, ~তা, ~ত্ব-বি।

উপাট্টিঅ [উৎপাটন > প্রাকৃ উপ্পাটন। উৎপাটন করিয়া অর্থে উৎপাটিয়া >] অস-ক্রি,-উৎপাটন করিয়া (দো° ৮৬)।

উপাড়া [উৎপাটন > উপাড়ন। ক্রি, উপাড়া, উপাড়ি, উপাড়, উপাড়ে, উপাড়িয়া, উপাড়িতে ই°] ক্রি উৎপাটন করা।

উপাত্ত [উপ (নিকটে) আত্ত (গৃহীত)] বিণ, প্রাপ্ত ; গৃহীত।

উপাত্যয় [উপ-অতি (অতিক্রম-অয় [ই=গমন করা+অ (ভা°) ই=অয়্)] বি, অতিক্রম করিয়া গমন : আচার উল্লঙ্ঘন, নিয়মাতিক্রম। ২ নাশ : মৃত্যু।

উপাদান [উপ (সমীপ) আদান (গ্রহণ) আ-দা (দান করা)+অন (ভা°) যা লইয়া কর্ত্তা ক্রিয়া নির্ব্বাহ করে] বি, আদিকারণ : সমবায়িকারণ (যা রূপান্তরিত হইয়া অন্য বস্তুতে পরিণত হয়, যথা-মৃত্তিকা ঘটের উ°)। ২ উৎপত্তি। "শোক হইতে শ্লোকের হইল উ°।"-কৃত্তি°। ৩ গ্রহণ। ৪ বিষয় হতে ইন্দ্রিয়ের আকর্ষণ। ৫ আদান। ৬ [বৌ° সা°] জীবনে আসক্তি। ইহা বিষয়তৃষ্ণা জাত এবং পুনর্জ্জন্মের হেতু ; বাসনা-অগ্নি। "উপাদানে দগ্ধ হয় জীব অনুক্ষণ।"-জাতক, ৩য় খণ্ড। ~ভূত, ~ময়, ~মূলক-বি, উপাদানঘটিত। বিণ, উপাদানাত্মক।

উপাদেয় [উপ-আদেয় (গ্রাহ্য)-যা আদানের যোগ্য] বিণ, গ্রহণযোগ্য। ২ উৎকৃষ্ট ; মনোরম। ৩ বিধিসিদ্ধ : বিধেয়।

উপাধান [উপ-আধান < আ-ধা= ধারণ করা, স্থাপন করা+অন (ধি) যাতে স্থাপন করা হয়] বি, মস্তকাধান : বালিশ। ২ [ভা° অন] বিধান।

উপাধি [উপ-আধি (আ-ধা=ধারণ করা, স্থাপন করা ই°)+ই (ধি-কি) যাতে ধারণ করা যায়] বি, আধার ; অধিকরণ। ২ [ণে-ই] যদ্দ্বারা ভেদ করা যায় ; পরম্পর ভেদক ধর্ম্ম ; বিশেষণ ; জাতি বংশ ও বিদ্যা-দ্বারা নামের পরিচায়ক শব্দ। তর্করত্ন, বিদ্যালঙ্কার, মুখোপাধ্যায় ই°। ৩ [র্ম্ম-ই] যাকে ধারণ করা হয় : অধিক সমৃদ্ধি ; পদ। ৪ [ভা° -ই] ধারণ করা ; ধর্ম্ম চিন্তা করা। ৫ [ন্যায়দর্শনে] সাধ্যের ব্যাপকত্ব সত্ত্বে হেতুর অব্যাপকত্ব ধর্ম্ম। যথা-ব্যাপকত্ব অগ্নির ধর্ম্ম, কিন্তু ধূমবান্ অগ্নি বলিলে, তার উপাধি হইবে 'আর্দ্রকাষ্ঠ' : যে-হেতু অগ্নি ধূমবান, সুতরাং কাষ্ঠ আর্দ্র। ~ক-বিণ, স্বভাবজরূপাদি হতে ভিন্ন ; আরোপিত। ২ বিশেষ বা উপাদেয়। "উ° কোথাহ নহিল দরশন।"-চৈ° ভা°। "খাবার জন্য কোন উ° দ্রব্য বা খাদ্য আয়োজন করা হয় নাই।" ৩ উপাধিবিশিষ্ট। ~পত্র [উপাধি (বিদ্যার পরিচায়ক) পত্র (যাতে লেখা যায়) ৬ তৎ] বি, যে পত্রে বিদ্যার পরিচায়ক উপাধি লিখিয়া দেওয়া হয় ; বিদ্যালয়ের প্রশংসা-পত্র certificate ~ধারী-বিণ, যার উপাধি আছে : খেতাবী। ২ উপনামধারণকারী। ~ভূষিত-বি, গুণজ্ঞাপক পদ বা খেতাব দ্বারা সম্মানিত বা অলঙ্কৃত।

উপাধেয় [উপ-আ-ধা+য (র্ম্ম)-যা ধারণের যোগ্য] বিণ, আরোপ্য ; যার প্রতি অন্য বস্তুর আরোপ করা হয়। ২ যা অভিনিবেশের যোগ্য : অভিনিবেশনীয়। ৩ উপাধির উপযুক্ত। ৪ উপাধিযুক্ত : নামযুক্ত ; অভিহিত।

উপা/ধ্যায় [উপ-অধি-ই (অধ্যয়ন করা)+ঘঞ্ (অপা°) যার নিকট অধ্যয়ন করা হয়] বি, আচার্য্য ; অধ্যাপক : শিক্ষক : উপদেষ্টা ; পণ্ডিত ; মাষ্টার। ২ যিনি বেদের একদেশ কিংবা বেদাঙ্গ অধ্যয়ন করান ; যিনি উপজীবিকার জন্য বেদ কিংবা ব্যাকরণাদি বেদাঙ্গশিক্ষা দেন [দ্রঃ-বৌদ্ধমতে যিনি ধর্ম্মশাস্ত্রের উপদেষ্টা তিনি আচার্য্য, যিনি অন্যান্য শিক্ষা দেন তিনি উ°] ৩ উপাধিবিঃ দ্রঃ-"মহারাজ বল্লালসেনের সময়ে সদাচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি (বেদাধ্যয়ন) তপঃ ও দান, এই নয়টি গুণে বিভূষিত ব্রাহ্মণগণই 'উপাধ্যায়' এই উপাধি প্রাপ্ত হন। যিনি যে গ্রামে বাস করিতেন, 'উপাধ্যায়' এই উপাধির প্রথমে সেই গ্রামের নাম কথিত হয়। যথা-(১) (নাম) বরাহ, (গ্রাম) বন্দ্যঘটি, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) বন্দ্যোপাধ্যায়। (২) (নাম) সুলোচন, (গ্রাম) চট্টগ্রামী, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) চট্টোপাধ্যায়। (৩) (নাম) ধাদু, (গ্রাম) মুখুটী, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) মুখোপাধ্যায়। (৪) (নাম) সৌরী, (গ্রাম) গাঙ্গুলী, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) গঙ্গোপাধ্যায়।-শুভবিবাহ, পৃঃ ৯২-৯৩। স্ত্রীং ~ধ্যায়া, ~ধ্যায়ী১-বি, বিদ্যোপদেশিনী : যিনি স্বয়ং বিদ্যার উপদেশ দেন। ~ধ্যায়ী২, ~ধ্যায়ানী-বি, অধ্যাপক-পত্নী ; উপাধ্যায়ের ভার্য্যা : পণ্ডিত কিংবা মাষ্টারের স্ত্রী।

ˋউপান [অপাঙ্গ >] বি, কটাক্ষ : আড়-নয়ন ; বক্রদৃষ্টি। "মদন বৈসে বামনয়নে মাদন বৈসে দক্ষিণ কোণে শোষণ বাণেতে উপানে চাই।"-চণ্ডী°।

উপানৎ, উপানদ্ [উপ-আ-নহ্ (বন্ধন করা, আবৃত করা)+ক্বিপ্ (ণে) যদ্দ্বারা পা আবৃত করা যায়] বি, চর্ম্মপাদুকা : চর্ম্মনির্ম্মিত পাদত্রাণ ; জুতা : বিনামা। "দুয়ারে বান্ধিল জাল বেত্র উপানৎ।"-কবিক°। ~কার-জুতানির্ম্মাতা ; মুচি।

উপানন্দ [উপানন্দ > বিকারে পা°] বি, উপনন্দ (দ্রঃ)। "ত্রাণ কিসে পাই, মান কিসে পাই, উপায় কিরে উ°।"-দাশরথি°।

উপান্ত [উপ (উপকণ্ঠ, নিকট) অন্ত (শেষ)] বি, উপকণ্ঠ : সমীপ : নিকট। ২ শেষসীমা : প্রান্ত। ৩ পরিসর। ৪ [তুল-last but one] অন্তের সমীপ : শেষের নিকট : অবসানের কাছে। "চৈত্রমাসের উপান্তদিনে বাসন্তীপূজা হইবে।" (মাসের অন্তদিনের পূর্ব্বদিন বা পরদিন বুঝিতে হইবে)। ৫ [প্রাদে°। উপরন্ত (দ্রঃ) >] উপরে। "দশসহস্র উর্দ্ধরেতা ইহার উ°।" -মহা° (কাশী)।~বর্ণ [উপান্ত যে বর্ণ। উপ (সমীপ) অন্ত (শেষ) বর্ণ (অকারাদি) অন্ত বা অন্তের উপ (যা)-অব্যয়ী°] বি, অন্তবর্ণের পূর্ব্ববর্ণ। অ হইতে ক্ষ পর্য্যন্ত বর্ণের মধ্যে হ উপান্তবর্ণ।~্য-বিণ, নিকটবর্ত্তী ; প্রান্তবর্ত্তী।

২ [ব্যা॰] অন্তের অব্যবহিত পূর্ব্বস্থ penultimate.

উপা/পরাধ [উপ (হীন, অল্প) অপরাধ] বি, ক্ষুদ্রাপরাধ ; লঘুপাপ ; মিথ্যা সাক্ষ্য, প্রবঞ্চনা, পরনিন্দা, হিংসা ইং মহাপরাধ অপেক্ষা লঘু দোষ।

উপাবর্ত্তন [উপ-আ-বৃত্ (বিদ্যমান থাকা, ফিরিয়া আসা)+অন (ভা॰)] বি, বিদ্যমান। ২ প্রত্যাগমন ; পুনর্ব্বার আগমন ; ফিরিয়া আসা। ৩ পার্শ্ব-পরিবর্ত্তন। ৪ আবর্ত্তন ; ঘূর্ণন।

উপাবৃত্ত [উপ-আ-বৃৎ (ফিরিয়া আসা) +ত (র্ত্তৃ)] বিণ, সাধিত ; সম্পাদিত। ২ প্রত্যাবৃত্ত ; পুনরাগত। ৩ ঘূর্ণিত। ৪ [সাধাঃ অশ্বাদি পক্ষে] শ্রম-দূর করিবার জন্য ভূমিতে পুনঃ পুনঃ লুণ্ঠিত।

উপার্ম [ব্রজ॰] বিণ, সদৃশ। "অতনু কাঁচলা উং।"-বিং পং।

উপা/য় [উপ-ই (গমন করা, সম্পাদন করা)+অ (ণ)=আয়। ব্রজ॰ উপাই (দ্রঃ)। গ্রা॰ বাং তার অনুকরণ] বি, রাজাদিগের কার্য্যসম্পাদনের নীতি-চতুষ্টয় :-সাম (বিপক্ষ -সহ সন্ধি), দান (বিপক্ষকে শান্ত করিতে ভূমি অর্থ ইং দান), দণ্ড (বিপক্ষ সহ যুদ্ধ বা তাকে শাসন), ভেদ (শত্রুর গৃহবিচ্ছেদ সংঘটন) ; রাজ্যরক্ষা, প্রজাপালন ও রাজ-কার্য্যসম্পাদনের সাম দান দণ্ড ভেদ এই চতুর্ব্বিধ সাধন। ২ কৌশল ; সন্ধান। "নির্ম্মাণের উং জানা চাই।" ৩ প্রতিকারের পথ ; প্রতিকার। প্র-বিপদ যে আসছে তা দেখা যাচ্ছে, কিন্তু আর তার উপায় নাই। ৪ [বির্থে॰] উপার্জ্জন ; রোজগার। "উং করিব আজি নানা ধন কড়ি।"-ঘং। ৫ প্রাপ্তি ; লাভ। ৬ [ভা॰-ঘঞ্] উপস্থিতি [বিরল] ~য়ী [উপায়+ইন্ (ত্য)] বিণ, কৌশলী ; সন্ধানী ; উপায়যুক্ত। স্ত্রীং~য়িণী।

উপায়ক্ষম [উপায় (উপার্জ্জন)-ক্ষম (ক্ষম্=সমর্থ হওয়া-সামর্থ্য)+অ (ভা॰) যার উপায়ের ক্ষমতা আছে-বহং] বিণ, উপার্জ্জন সমর্থ ; অর্থোপার্জ্জনকারী ; উপায়ী।

উপায়জ্ঞ [উপায়-জ্ঞ (জ্ঞা (জানা)+অ (র্ত্তৃ) যে উপায় জানে] বিণ, শত্রুর প্রতি সাম, দান, ভেদ, দণ্ডনীতি-প্রয়োগকুশল। ২ যে প্রতিকার করিতে জানে ; প্রতিকারক্ষম।

উপায়ন [উপ (সমীপ)-ই (গমন করা) +অন (র্ম্ম) যাকে প্রেরণ করা হয়] বি, পারিতোষিক ; উপহার ; উপঢৌকন ; ভেট। "নানা গ্রাম হইতে সে নানা উং। আসিতে লাগিল অতি অকথ্য বচন॥"-চৈং ভাং। "সবে উপায়ন দিয়া,উমাপুত্রে দেখে গিয়া।"-শিং। ২ ব্রতাদিপ্রতিষ্ঠা। ৩ [ভা॰ অন] সমীপ গমন।

উপায়ান্তর [উপায়+অন্তর] বি, অন্য উপায় ; গত্যন্তর।

উপারত [উপ-আ-রম্ (ক্রীড়া করা-আরাম করা)+ত (র্ত্তৃ)] বিণ, ক্রীড়াসক্ত। ২ প্রত্যাগত ; প্রতিনিবৃত্ত। ৩ বিরত ; ক্ষান্ত।

উপারম্ভ [উপ-আ-রভ্ (উপক্রম করা) +অ (ভা॰) ম্-আগম] বি, আরম্ভণ ; উপক্রম করা ; প্রারম্ভ।

উপারূঢ় [উপ+আরূঢ়] বিণ, প্রাপ্ত। ২ [র্ত্তৃ-ত] উৎপন্ন। ৩ আরূঢ়।

উপা/র্জ্জক-বিণ, উপার্জ্জনকারী। স্ত্রীং ~র্জ্জিকা। ~র্জ্জন [উপ (সামর্থ্য-আনুকূল্য) অর্জ্ (উপার্জ্জন করা)+অন (ভা॰)] বি, ধনাহরণ ; অর্থার্জ্জন। ২ লাভ ; প্রাপ্তি। ৩ সংগ্রহ। ~র্জ্জিত [উপ+অর্জ্জিত] বিণ, অর্জ্জিত ; প্রাপ্ত ; লব্ধ। ২ সংগৃহীত ; সঞ্চিত।

উপার্দ্ধরঙ্গ [বৌ॰ সা॰] বি, দর্শকবৃন্দকে হাসাইবার জন্য এক প্রকার নৃত্য, যাতে শরীরের অর্দ্ধাংশ মাত্র নৃত্য করে, অপরার্দ্ধ নিশ্চল থাকে। "দেবনট আসিয়া...উং দেখাইলেন। তাঁহার একপার্শ্বের হস্ত, একখানি পদ, একটী চক্ষু ও একটী দন্ত নৃত্য করিতে, চলিতে ও স্পন্দন করিতে লাগিল, অবশিষ্ট অঙ্গ-প্রত্যঙ্গগুলি নিশ্চল রহিল। * * * উপস্থিত অন্য সমস্ত দর্শক কিন্তু অবিরত হাস্য করিতে লাগিল ; তাহারা রাজাঙ্গনে গড়াগড়ি দিতে লাগিল। এইরূপে তখন উৎসবের অবসান হইল।"-জাতক, ৪র্থ খণ্ড।

উপারন্ত [প্রা॰ বাং] উপর, উপরন্ত (দ্রঃ) [অপ্র॰]।

উপালব্ধ [উপ-আলব্ধ (আ-লভ্ (লাভ করা ইং)+ত (র্ম্ম)] বিণ, প্রাপ্ত ; লব্ধ। ২ ভর্ৎসিত ; তিরস্কৃত ; নিন্দিত।

উপালম্ভ [উপ-আ-লভ্ (লাভ করা, নিন্দা করা)+অ (ভা॰)] বি, লাভ ; প্রাপ্তি। ২ সরোষবাক্য ; দুর্ব্বাক্য ; তিরস্কার। "সাধু বলে স্থানগুণে কর উং।"-কবিকং। ৩ [প্রাদে॰] উপর।

উপা/শ্রয় [উপ-আশ্রয়] বিণ, অবলম্বনীয় ; আশ্রয়যোগ্য ; আশ্রয়স্থানীয়। ২ অবলম্বন। ৩ অবলম্বনকর্ত্তা ; আশ্রয়কারী। ৪ ভিক্ষুণীদের থাকিবার স্থান। ~শ্রিত-বিণ, অবলম্বিত। ২ আশ্রয়ী।

উপাস-উপবাস দ্রঃ।

উপাসক [উপ-আস্ (উপবেশন করা) +অক (র্ত্তৃ)] বিণ, আরাধক ; সাধক ; উপাসনাকর্ত্তা ; সেবক। ২ শরণাগত ; অনুগত। ৩ চাটুকার।

উপাসঙ্গ [উপ (নিকট)-আসঙ্গ (সতত) -যা সর্ব্বদা নিকটে (পৃষ্ঠলগ্ন বা মনে) থাকে] বি, শরধি ; বাণের আধার ; তূণীর ; তূণ ; যাতে বাণ রাখে। ২ আসক্তি।

উপাস/ন [উপ (নিকট)-আস্ (উপ-বেশন করা)+অন (ভা॰)] বি, উপবেশন। ২ উপাসনা। ৩ বাণনিক্ষেপ ; শরাভ্যাস। ~না [উপাসনা দ্রঃ] বি, আরাধ্যের সান্নিধ্য অনুভূতিসহ পূজা ; "যদ্দারা আনন্দ-স্বরূপ ঈশ্বরে নিজ আত্মাকে মগ্ন করা যায়।" -দয়ানন্দ সরস্বতী। ২ আরাধনা ; পূজা। ৩ সেবা ; শুশ্রূষা। ৪ উপকার-প্রত্যাশায় পরের মনস্তুষ্টি সাধন। ৫ সাধ্যসাধন ; যাচ্ঞা। "নানা বেশ-ভূষা হীরা রূপা সোনা এনেছি পাড়ার করি উং।"-রবী॰। **নির্গুণোপাসনা**-"পরমাত্মাকে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, সংযোগ, বিয়োগ, লঘু, গুরু, অবিদ্যা, জন্ম, মরণ এবং দুঃখাদি গুণরহিত জানিয়া তাঁর উপাসনা। **সগুণোপাসনা**-ঈশ্বরকে সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান, শুদ্ধ, নিত্য, আনন্দময়, সর্ব্বব্যাপক, এবং সনাতন, সর্ব্বকর্ত্তা, সর্ব্বাধার, সর্ব্বস্বামী, সর্ব্বনিয়ন্তা, সর্ব্বান্তর্যামী, মঙ্গলময়, সর্ব্বানন্দপ্রদ, সর্ব্বপিতা, সর্ব্বজগৎ-সৃষ্টিকর্ত্তা, ন্যায়কারী, দয়ালুতাদি সত্যগুণযুক্ত জানিয়া উঁহার উপাসনা।"-দয়ানন্দ সরস্বতী [দ্রঃ-

মানসপূজার নাম ভজনা। বাহ্যপূজা বা নানা-বিধ উপচারে পূজার নাম 'অর্চ্চনা'। স্তবস্তুতি-দ্বারা দেবতার করুণা বা কৃপা ভিক্ষার নাম 'আরাধনা'] ~নীয়,~নার্হ-বিণ, উপাস্য।

উপাসিত [উপ-আস্+ত (র্ম্ম) যাকে উপাসনা করা হইয়াছে] বিণ, পূজিত: আরাধিত। ২ উপকার-প্রত্যাশায় যাকে অনুরোধ করা হইয়াছে; অনুনীত। ৩ [ভা·] উপাসনা।

উপাসী [উপবাসী > ক্ষে· উ·। প্রা· -উপোসী, উপুসী 'উপোষী', 'উপুষী', 'উপুসী'] বিণ, অভুক্ত। ২ অতৃপ্ত। "তৃপ্ত হয় মোর দু'টি আঁখি উ·।"-অশোক·।

উপাসীন [উপ (নিকটে) আসীন] বিণ, নিকটে উপবিষ্ট; উপস্থিত।

উপাস্তি-বি, উপাসনা। ২ পরাভ্যাস বা লক্ষ্যবেধ-শিক্ষা target practice

উপাস্থি [উপ-অস্থি=অস্ (বিদ্যমান থাকা, প্রহার করা)+থি (র্ত্ত)-যে থাকে: দেহের মাংসাদি লয় হইলেও যা বিদ্যমান থাকে] বি, দেহের অভ্যন্তরস্থ অস্থি-তুল্য পদার্থ যা দেখিতে হাড়ের মত অথচ নরম cartilage.

উপাস্থিক [উপ (সদৃশ) অস্থি (হাড়) বা উপাস্থি+ক (যুক্তার্থে)] বিণ, মৎস্যাদি যে সকল জলজন্তুর দেহের অভ্যন্তরে অস্থিসদৃশ পদার্থ থাকে; হাঙ্গর; বাণমৎস্য ই· cartilaginous fish.

উপাস্য [উপ-আস্+য (র্ম্ম) যাকে উপাসনা করা যাইতে পারে] বিণ, অর্চ্চ্য: আরাধ্য: পূজ্য: সেব্য। ২ উপকার-প্রত্যাশায় অনুবর্ত্তনীয়; যাকে উপাসনা বা তোষামোদ করা হয়। ~মান [উপ-আস্+আন (র্ম্ম), য-ম-আগম] বিণ্, যার উপাসনা হইতেছে: অর্চ্চ্যমান: আরাধ্যমান; সেব্যমান। ২ উপকার-প্রত্যাশায় যার অনুবৃত্তি করা যাইতেছে।

উপাহিত [উপ-ধা (ধারণ করা, আগমন করা)+ত (র্ত্ত)] বি, ধৃত। ২ আসন্ন; উপস্থিত। ৩ [র্ম্ম-ত] মিলিত; আরোপিত; ন্যস্ত; সংযোজিত। ৪ [উপ+অহিত] অগ্ন্যুৎপাত; উল্কাপাতাদি উপদ্রব।

উপাহৃত [উপ-আ-হৃ+ত (র্ম্ম)] বিণ, আনীত। ২ সংগৃহীত। ৩ কল্পিত।

উপু [ঊর্দ্ধ-উবু; উভু, উপু] বি, উচ্চ; ঊর্দ্ধ; উঁচু। উচু (দ্রঃ)।

উপুড় [উপর-উপড (দ্রঃ) (২) "সং-আমূর্দ্ধা > ওমুড ঢ > ওমুঢ় > উমুড > উপুড়,"-চা· বন্দ্যো·। ওড়ি·-উবড: হি·-উবটা] বি, ন্যুব্জ; উচ্চ। ২ হেঁটমুখ; পৃষ্ঠ উপর দিকে এবং বক্ষ পৃথিবীর দিকে রাখিয়া শয়ন। ৩ চিতের বিপরীত। ~হস্ত [কোন কিছু দান করিবার সময় করতল যে ভাবে থাকে। (লোকে চিতহস্তে বা হাত পাতিয়া দান গ্রহণ করে এবং করতল উপুড় করিয়া বা হাত তুলিয়া দান করে)] দানপরায়ণ। "কৃপণ সহজে উ· হস্ত হয় না।"

উপেক্ষ/ক [উপ-ঈক্ষ্ (দেখা, তুচ্ছ করা)+অক (র্ত্ত) যে উপেক্ষা করে] বিণ, উপেক্ষাকারী, উদাসীন, বিষয়বিরত indifferent ~ণ [উপ-ঈক্ষ্+অন (ভা·)] বি, উদাসীনের ন্যায় ঈক্ষণ বা দর্শন। ২ অমনোযোগ: ঔদাসীন্য। ৩ রাজনীতি-সম্মত উপায়বি·: পররাষ্ট্র-পরিদর্শন। ৪ ত্যাগ; বর্জ্জন; ~নীয় [উপ-ঈক্ষ্+অনীয় (র্ম্ম)] বিণ, উপেক্ষার যোগ্য; অমনোযোগের উপযুক্ত। ২ বর্জ্জনীয়।

উপেক্ষা [ব্রজ· প্রা· বাং 'উপেখা'। উপ-ঈক্ষ্ (দেখা, তুচ্ছ করা)+অ (ভা·) স্ত্রীং-আ] বি, অমনোযোগের সহিত দর্শন; অযত্ন: তাচ্ছিল্য; অনাদর indifference. ২ ঔদাসীন্য। ৩ পরিত্যাগ। ৪ অস্বীকার। "স্বীকার করিলে পূর্ব্বে, শত্রুগণ সংহারিবে, এরে উপেক্ষিয়া কর রণ।" -মহা· (কাশী)। ৫ [বৌ·সা·। মৈত্রী, করুণা, মুদিতা দ্রঃ] মৈত্রী, করুণা, মুদিতা এই তিন অবস্থা অতিক্রম করিয়া যে অবস্থায় মানুষ দুঃখে অনুদ্বিগ্নমনা, এবং সুখে বিগতস্পৃহ হইয়া নিত্যই শান্তভাবে অবস্থান করে।

উপেক্ষিত [উপ-ঈক্ষ্+ত (র্ম্ম) যা দর্শন বা উপেক্ষা করা হইয়াছে] বিণ, পূর্ব্বে দৃষ্ট। ২ অনাদৃত; অবজ্ঞাত; অবহেলিত। ৩ পরিত্যক্ত; অবধীরিত। ৪ অস্বীকৃত। ক্রি, উপেক্ষয়ে [উপেক্ষি, উপেক্ষে; উপেক্ষিতে; উপেক্ষিয়া; ক্ষে· উপেক্ষি (পদ্যে) ই·] উপেক্ষা করে।

উপেখা১ [উপেক্ষা >। ব্রজ· ও প্রা· বাং] ক্রি, উপেক্ষা করা। উপেখ-উপেক্ষা কর। উপেখবি-উপেক্ষা করিবে বা করিবি। "তুহুঁ যদি অভিমানে। মোহে উ· হাম কাহাঁ যাওব আর॥"-জ্ঞান·। উপেখসি-উপেক্ষা করিতেছ। উপে-খই-উপেক্ষা করিতেছ বা কর। উপেখি -উপেক্ষা করিয়া। "পিবইতে চাহে মধু জীউ উ·।" -বি· প·। উপেখিআঁ-উপেক্ষা করিয়া। "মণে কৈলোঁ আনুমান তোকে উ· কাহ্নু গেলা দূর মথুরা নগরী।" -শ্রী· কী·। উপেখিয়ে-উপেক্ষা করিয়া। "প্রেম কারণ জীউ উ·।"-বি· প·। উপেখিল-উপেক্ষা করিল। উপেখী-উপেক্ষা করি।

উপেখা২ [অপেক্ষা >। প্রা· বাং ব্রজ·] ক্রি, প্রতীক্ষা করা, অপেক্ষা করা। "সময় উপেখিআঁ রহিলা দেবগণ।"-শ্রী· কী·।

উপেখা৩ [সং-উৎপ্রেক্ষণ। প্রাকৃ· উপ্‌পেক্‌খিঅ-"চণ্ডীদাস রহে তথা সে রূপ উপেখি।"-চ· পদ·] ক্রি, ঊর্দ্ধদৃষ্টি হইয়া থাকা; আগ্রহের সহিত অপেক্ষা করা। "তোহ্মাক উপেখিলোঁ" (তোমার মুখ তাকাইয়া রহিলাম-বিদ্বদ্বল্লভকৃত টীকা)।

উপেত [উপ (সমীপ) ইত (ই=গমন করা +ত, র্ত্ত) যে গমন করিয়াছে] বিণ, গত। ২ মিলিত; সংযুক্ত। ৩ [র্ম্ম-ত] প্রাপ্ত [বাং স্বতন্ত্র ব্যবহার নাই]।

উপেন্দ্র [উপ (পশ্চাৎ জাত) ইন্দ্র (ইন্দ্-দীপ্তি পাওয়া+র-র্ত্ত) যে দীপ্তি পায়, যিনি ইন্দ্রের পরে জন্মিয়াছেন] বি, ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা: বিষ্ণু: বামনদেব। ২ ইন্দ্র-লোকের উপরে থাকেন বলিয়া উ· (পুং)। ~বজ্রা-বি, একাদশাক্ষরযুক্ত-সং ছন্দোবিঃ। যে একাদশ-অক্ষর-পাদের ১ম, ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম অক্ষর লঘু এবং ২য়, ৪র্থ, ৫ম, ৮ম, ১০ম ও ১১ শ অক্ষর গুরু।

উপোতী-বি, পূতিকা; পুঁইশাক।

উপোদিকা-অপোদিকা দ্রঃ।

উপোদ্‌ঘাত [উপ-উৎ-হন (বধ করা, হিংসা করা, গমন করা, আরম্ভ করা) + ঘঞ্ (ভা°) হন্+ঘঞ্=ঘাত] বি, উপক্রম ; আরম্ভ। ২ প্রস্তাবনা ; সূচনা ; ৩ প্রকৃত-বিষয়ক চিন্তা ('উ°-সঙ্গতি' ও°) বা উপোদঘাত।

ˋউপোষ [উপবাস > । শব্দসারে 'উপোষ' সং-শব্দ। হিং-উপাস। বাং উপাস, উপোস ব্যবহৃত হয়] বি. উপবাস : অনাহার। বিণ, **উপোষী** [সং-উপাষিত >] উপবাসকারী ; অভুক্ত। গ্রা° **উপুষী**। প্র-রাত-উপুষী।

উপো/ষণ [উপ-উষণ (বস্=বাস করা, উপবাস করা ই°) + অন (ভা°) ; ব স্থানে উ] বি, অবস্থিতি। ২ অনাহার : উপবাস। **~ষিত** [উপ-বস্+ত (র্তৃ) ; ব=উ, ই আগম : স্=ষ)] বিণ, কৃতোপবাস। ২ অনাহারী ; অভুক্ত। ৩ [ভা°-ক্ত] উপবাস ; অনশন।

উপোস, উপাস [উপবাস-ভ্রং] বি, উপবাস ; অনশন ; অনাহার। ২ অবস্থান। **~তিরেস** [উ° শব্দের সহচর শব্দ তিরেষ বা তিরেস (তৃষ্ণা)] নির্জ্জলা উপবাস ; উপবাসাদি কৃত্য : উ° করা।

উপোসী, উপাসী, উপুসী [উপবাসী >] বিণ, অভুক্ত। ২ অতৃপ্ত।

উপ্ত [বপ্ (বীজ বোনা) + ত (র্ম্ম) ব স্থানে উ] বিণ, বোনা ; যা বোনা হইয়াছে এমন। ২ নিক্ষিপ্ত। **~কৃষ্ট**-বিণ, বপনের পর কর্ষিত। **~ বীজ** [উপ্ত-বীজ (শস্য)-ধা] বিণ, বোনা বীজ। ২ [-বহু°] যে ক্ষেত্রে বীজ বোনা হইয়াছে।

উপ্তি [বপ্ (বোনা) + তি (ভা°)] বি, বপন ; বোনা।

উফর্ড়ন [উৎ-স্ফোটন (বিদারণ, বিদ্ধ করণ)] বি, বিদারণ। ২ [সং-উৎপাটন। প=ফ] বি, উৎপাটন : উপড়ন।

ˋউফর্ড়নি,,-ড়ানি [উফড়ি বা উফড়াই, উফড়, উফড়াও, উফড়ে, উফড়ায়, উফাড়িতে, উফড়াইতে ই°] ক্রি, উৎপাটন করা। ২ বিদীর্ণ হওয়া ; বিদারণ করা। "বাজন শুনিতে দুই শ্রবণ উফড়ে।"-চৈ° ভা°। ণিজন্ত-উফড়ান-উপড়ান (দ্রঃ)।

উবএস, উবএসো, উবেশ, উবেস [উপদেশ > । প্রা° বাং] বি, উপদেশ। **উবএসেঁ**-উপদেশে।-বৌ° গা° ও দো°। "কহিঅ উবেশ" (দো° ৯৩)। ২ উদ্দেশ। "গঅণ উবেসেঁ।"-চ° ৮।২।

উবগার-উপকার দ্রঃ।

উবচানি [উপচয় >] ক্রি, উপচিয়া পড়া : উৎক্ষিপ্ত হওয়া ; অতিক্রম করা। ২ (-নি-) বি, অতিক্রমণ।

উবজানি [উপজান দ্রঃ। •ক্রি· উৎপন্ন হওয়া।

উবর্জ্জিই [অতি প্রা° বাং] উৎপন্ন হয় (দো° ৯১)।

উবর্টন [সং-উদ্বর্ত্তন > প্রাকৃ° উব্বট্টন] বি, বিলেপন, গায়ে মাখিয়া স্নান করিবার জন্য সুগন্ধ চূর্ণ বা চন্দনাদি পঙ্ক।

উবুদা-উপুড় দ্রঃ।

উবর্ধ্য [শরীর-বিঃ পরিঃ] বি, পুরীষ ; বিষ্ঠা excrement

উবরানি [উদ্বর্তন > গ্রা°-উব্‌বান, ওব্‌রান। হিং-উবর্‌না] ক্রি, অতিরিক্ত বা ফাল্‌তো হওয়া। প্র-ভাঁড়ারে অনেক জিনিস উবরেছে। "প্রসাদ উবরিল খায় সহস্রেক জন।"-চৈ° চ°।

উবল [ওবল দ্রঃ। হিং-ওঝল] বি, অন্তর্দ্ধান। ২ তল্লাস।

উবা,, ˋউপা [সং-উদ্ভবন। হিং-উব্‌না (উর্দ্ধগতি ব্যঞ্জক)=উঠা। উবে, উপে, উপিয়া, উবিয়া, উ° যাওয়া] ক্রি, উঠিয়া যাওয়া ; উড়িয়া যাওয়া : উর্দ্ধগ হওয়া ; অদৃশ্য হওয়া ; উবিয়া যাওয়া। গ্রা°-উপিয়া বা উপে যাওয়া। "রস যে তাহাতে উপিয়া যায়।"-ব° বাণী, ১৩৩৪ [হিং ভাষায় ব্যাকুল হওয়া অর্থে 'উব্‌না', 'উভ্‌না'র প্রয়োগ আছে, তুল-বাং, "মন উড়্ উড়্ করা।"]

ˋউবা [শ্রীহট্ট প্রাদে°। তুল-উলা] ক্রি, খাড়া অবস্থায় ডুবা। "উবে হইল তল।"

উবাস [প্রাদে°] বি, উপবাস (মৈ° গী°)।

উবু [সং-উর্দ্ধ > উধ, উভু, উপু, উবু। হিং-উভ। গুজ°-উভুঁ=খাড়া হওয়া] বিণ, উর্দ্ধ। "দীঘে উবু সোলকোস।"-শূ° পু°। উচ্চ : উঁচু। প্র-উবু হইয়া বসা।

উবুড়, উবুৎ [উপুড় দ্রঃ। ব্রজ° হিং-উবট(পাল্টা)। "উবটি না ভেলিহু সঙ্গ পরিপাটী (বি° প°-ন° গু°) অর্থাৎ ফিরিয়া পরস্পর সাক্ষাৎ হইল না। উবু (উর্দ্ধ) তট (তল)-তলা উপর বা উল্টান বা ফিরান (যেমন বাটী উবুড় করিয়া রাখা, অর্থাৎ বাটীর তলা উপর করিয়া বা পাল্টাইয়া রাখা] বিণ, ন্যুব্জ। ২ উপর : উচ্চ। ৩ উলটা [এই অর্থে প্রাদে° উবুদা "খোপাত বান্ধিল কন্যা উব্‌দা করিয়া রে।" -পূ° ব° গী°] ৪ হেঁটমুখ ; উপুড়। "উবুৎ হইয়া জলে পড়ে।"-মৈ° গী°।

ˋউবুর্দল [প° বঙ্গ প্রাদে° গ্রা°। সং-উরু (অধিক বিশাল) > ওবু-দল] বি, বহু লোক যে দলে থাকে -- ডাকাতের ভারি দল। **~ী**-ডাকাতি।

উব্বাল [প্রাদে° গ্রা°। সং-উদ্বমন, বান্তু --] বি. বমি। ২ [অর্থ বিপর্যয়ে] ভেদ : ভেদ-বমি।

উব্বুরকুব্বুর-উভুমুভু দ্রঃ।

উভ [উভ্ (পরিপূর্ণ করা) + অ (র্তৃ) যে দুই সংখ্যা পূরণ করে] বিণ, উভয় ; দুইজন ; যুগল। "দেশ-কাল উভে জিনি, বিস্তারেন রাজ্য যিনি, বাক্য কি বলিবে তাঁরে মন যারে নাহি পায়।"-স্ক°। ২ [উর্দ্ধ > প্রাকৃ° উদ্ধ >] উচ্চ। "উভলেজ করিয়া পলায় কপিগণ।"-কৃত্তি°। "অমনি এড়ায় রায় উভ উভ লাফে।"-ঘ° [তুল-ল্যা°-ambo ; লিথু°-abbu ; ই°-both]

উভচর [উভ (> উভয় ক্ষে°) চর (যে চরে) বিদ্যাসাগর মহাশয় প্রবর্ত্তিত শব্দ] বিণ, যারা জলে ও স্থলে এই উভয় স্থানে বিচরণ করে, যথা-ভেক, কূর্ম্ম ই°।

উভচূড় [উভ (উর্দ্ধ) চূড় (চূড়া)] বিণ, চূড়ার আকারে সাজান পাত্রস্থ শস্য ই° : পাত্রস্থ দ্রব্যের আধিক্য।

উভচোট [উভ (যুগল হস্তের) চোট] বি, হাততালি ; করে করাঘাত।

উভয় [উভ + য (অবয়বার্থে) বা উভ্ (পূরণে) + অয় (র্তৃ)] বিণ, দুই। ২ দুই জন।

প্র-উভয়ে যেও না একজন যাও। **উর্ভয়ঁতঃ, -তঁ** [মূ॰-উভয়তস্ ৭মী স্থানে তস্] অ, দুই দিকে ; দুই পার্শ্বে দুই পক্ষে। **উর্ভয়ঁতো-মুখ** [উভয়তঃ (দুই দিকে) মুখ যার-বহু॰] বিণ, যার দুই দিকে মুখ আছে। স্ত্রীঃ ~ী।
উর্ভয়ঁত্র [উভয়+ত্র, ৭মী স্থানে ত্র] অ, দুই পক্ষে ; দুই স্থানে। ২ দুই লোকে ; প্র-ইহ-লোক পরলোক উভয়ত্রই পাপীর মহাদুঃখ। কি স্বদেশে কি বিদেশে উভয়ত্রই। **উর্ভয়ঁথা** [উভয়+থা (প্রকার অর্থে থা প্রত্যয়)] অ, উভয়প্রকারে, দুইপ্রকারে।
উর্ভয়/সঁঙ্কট [উভয়-সঙ্কট] বি, দুইদিকে বিপদ্ ; হাঁ বল্লেও দোষ না বল্লেও দোষ between Sylla and Charybdis প্র-না এ পক্ষের কথা এড়াতে পারি না ও পক্ষের : উভয়সঙ্কটে পড়েছি। **~সঁম্মর্তঁ**-বিণ, উভয়ের অনুমত : দুইয়ের অভিপ্রেত ; উভয়ের সম্মত। **~ানুমঁত** [উভয়+অনুমত] বিণ, যে বিষয়ে উভয়ের মত হইয়াছে ; উভয়ের সম্মতিপ্রাপ্ত। **~ার্থ** [উভয়+অর্থ, বি, দুইরূপ অর্থ : দ্ব্যর্থ। ২ দুই উদ্দেশ্য। ৩ বিণ, দ্ব্যর্থক equivocal
উভিঁরঁড়-বি, দ্রুতবেগ।
উভিঁরঁড়ে-ক্রি-বিণ, দ্রুতবেগে : অতি-শীঘ্র। "খড়্গা চর্ম্ম ধরে কেহ ধায় উ॰।"-শি॰।
উর্ভঁরঁণ [হি॰-উভরানা,-ডানা] বি, বহিষ্করণ। ২ উদ্বৃত্ত হওয়া।
উভরানি [গ্রা॰ ওবরানো] ক্রি, উদ্বৃত্ত হওয়া ; আবশ্যক খরচের পর অবশিষ্ট থাকা। "ভাঁড়ারে অনেক জিনিস উভরেছে।
উভিরায় [উভ (উচ্চ, চতুর্দ্দিকে) রায় (রব)-যাতে উচ্চ বা চতুর্দ্দিকে শব্দ হয়] বিণ, চীৎকার; উচ্চ রব ; প্রবল শব্দ। "উ॰ কান্দিছে খুল্লনার বাপ মা।"-কবিক॰। "মাথায় কঙ্কণ হানি উ॰ কাঁদে।"-ঘ॰।
উভরোল [উভ (উচ্চ)-রোল (ধ্বনি, রব)] বি, উচ্চশব্দ ; গণ্ডগোল।
উভা, উবা [উভ দ্রঃ। সং-উচ্চ >। শ্রীহট্ট প্রাদে॰। বৌ॰ সা॰] বিণ, উচ্চ। ২ উপুড়। দণ্ডায়মান। "উভা মানুষ লড়ি ভরে উভা হইয়া।"- মনসা ম॰ (বংশী)। ২ [বৌ॰ বাং প্রাকৃ॰ উপস্থিত হওয়া। **উভির্ল-** উপস্থিত হইল (চ॰ ৪-৫)। **উভানি** [গ্রা॰ বাং। সং-উচ্চ > উভ+আন] ক্রি, উচ্চ করা। ২ উঠান ; উত্তোলন করা। "বার ভার উভাইল।"-মাণিক॰ গান।
উভা/র [উৎ+ভৃ (ভরণে, পোষণে, দানে ই॰)+ঘঞ্ (ভা॰)-উদ্ভার > প্রাকৃ॰ উব্ভার-উত্তারিত > উভার। হি॰-উভাড় (স্ফীতি, ফাঁপ), ইং-heaving প্রা॰ বাং। সং-'উদ্ধার' (শব্দকোষ)] বি, উত্থান। ২ স্ফীতি। ৩ ব্যাপ্তি ; বিস্তার। "পুষ্পবৃষ্টি নীলাচলে গন্ধের উ॰।"-চৈ॰ ম॰। **~র্ঁণ** [প্রা॰ বাং] বি, অবতারণ। ২ মোচন।
উভারা [হি॰-উভারনা। প্রা॰ বাং] ক্রি, নামান। "তাড়িপত্রখণ্ডে উভারিলা বীরবর।" -কবিক॰। ২ মোচন করা ; ঢালা। "খণ্ডে মুগের সূপ উভারে ডাববে।-ঐ।
উভিষ্ট [প্রা॰ বাং] বিণ, উৎসন্ন : বিনষ্ট। "উ॰ হইবে সর্ব্বরাজ্য।"-চৈ॰ ভা॰।
উভু, উপু [গ্রা॰। সং-উর্দ্ধ > প্রাকৃ॰ উভ, উভু=উপর] বিণ, উচ্চ ; উন্নত ; উবু।
উভুচুভু [মেয়েলি॰-'উব্বুর-চুব্বুর', 'উব্ভুর চুব্ভুর' 'ভরপুর'। হি॰-উভডনা= উঁচু করিয়া তোলা ; উপরে উঠান : উভ্রা হুআ-ছাপাছাপি। উভু (দ্রঃ)-চুভু, চুব্ভুর, চুবুর-চুবান=ডুবান=চুবা] ক্রি-বিণ, ছাপা-ছাপি ; পাত্র পরিপূর্ণ হইয়া পড়িয়া যাইবার মত হওয়া। ২ ভরপেট ; পেট ভরিয়া। ৩ বি, ডোবা উঠা ; হাবুডুবু।
উভে [প্রাদে॰। উভ দ্রঃ] ক্রি-বিণ, সম্পূর্ণ-রূপে। "আইল আইশনায়ে পানি উভে করল তল।"-মৈ॰ গী॰। (উচ্চকে জলের তল করার ভাব হতে ?)।
উম্-অ, ক্রোধ ; কোপ। ২ প্রতিজ্ঞা ; অঙ্গীকার ; শপথ। ৩ প্রশ্ন ; জ্ঞাতব্য বিষয় জিজ্ঞাসা। ৪ [প্রাদে॰ বরিশাল-উষ্ণ >] বি, উষ্ণতা, উষ্মা ; গরম। "লেপখানিতে বেশ উম্ আছে।" "গায়ে আছে উম্।"-পূ॰ ব॰ গী॰। **উম দেওয়া, উমে বঁসা**-পক্ষীর ডিম্বে তা দেওয়া। "হাঁসটা উমে বসিয়াছে।"
উমিগি [উ (উৎ-উল্টা) মগ (সং মঙ্গ্= গমনে)] ক্রি, ফিরিয়া। উ॰ কহই সখি করহ পয়ান।"-শ্রী॰ কী॰।
উমঁড়১ [হেঁটমুণ্ড > হুমুড় > ব্রজ॰-উমড়] বি, হেঁটমুণ্ড। **উমড়া**-ক্রি. হেটমুণ্ড হওয়া ; হুমড়ি খাওয়া। **উমড়ি**-হুমড়ি খাইয়া।
উমঁড়২ [হি॰-মরোড় >] বি, মোচড়। **উমড়া**-ক্রি, মোচড় বা পাক দেওয়া। **উমড়ি য়ে** [হি॰-উমডনা। উমড়ি দ্রঃ] ক্রি, কষ্ট পায়। ২ বিদীর্ণ করে ; আঘাত করে। ৩ মোচড বা পাক দেয়।
উমঁড়৩ [উৎ+মঙ্গ্ (গমনে)] উথলন : স্ফীতি। **উমড়ি**-ক্রি-বিণ, উথলিয়া। "তব২ ক্ষীর উমড়ি পড তাপে। বিরহ বিয়োগ আগ দেই ঝাঁপে॥"-বি॰ প॰।
উমঁত্তঁ [উন্মত্ত >। ব্রজ॰] বিণ, উন্মত্ত। "বিকৃত বদন উ॰ মতী।"-শ্রী॰ কী॰।" ২ একগুঁয়ে। "এথোই না ধরে কাহ্নাক্রি উ॰ আকার।"-শ্রী॰ কী॰।
উমঁতায়-ক্রি, উন্মত্ত হয়। "দুহুঁক পরশ রসে দুহুঁ উ॰।"-জ্ঞান॰।
উমতি [উন্মত্ত > উনমতি > ক্ষে॰] বিণ, উন্মত্ত। "যুবতী যত দিন উ॰ সবে ভেল।" -চৈ॰ ম॰। ২ অজ্ঞান। ৩ ক্রি-বিণ, অন্যমনস্ক ভাবে। "একলি চলল ধনী হয়ে আগুয়ান। উ॰ কহই সখি করহ পয়ান।"-বি॰ প॰। স্ত্রীঃ **উমতিনী**-উন্মাদিনী ; পাগলী। "পরাণে পরাণ সহকার উ॰।"-জ্ঞান॰।
উমির [আ-উম্র্ (বয়স) গ্রা॰-'উমির' উমের'] বি, বয়স। **~ভোর**-চিরজীবন। **~া** [আ-উম্রাহ্ (আমীর-বহু॰ ব॰)] বি, আমীরসমূহ ; ধনিসকল। বাং-য় **'আমীর-উমরা'**"-ধনি সম্প্রদায়। ২ রাজা রাজড়া।
উমা [উ (শিব) মা (শ্রী, লক্ষ্মী) ৬ তৎ। "উ শব্দে বুঝহ শিব মা শব্দে শ্রী তার। বুঝিয়া মেনকা উমা নাম কৈল সার॥"-অ॰ ম॰। অথবা, উ (হে) মা (নিষেধ, না) "উ বৎসে! মা কুরু তপস্যাং" মেনকা ভগবতীকে ইহা কহিয়াছিলেন এজন্য তাঁহার নাম উমা হইল। অথবা-উ (শিব) মা (যিনি মনন করেন) যিনি শিবকে পতিরূপে মনন করেন] শিবা : দুর্গা, গিরিজা। ২ কীর্ত্তি। ৩ কান্তি। ৪ শান্তি। ৫ হরিদ্রা। ৬ মসিনা। **~কান্ত**-বি, শিব।

~গুরু [গুরু (পিতা, স্বামী)] বি, গিরিরাজ ; হিমালয়। ২ শিব। ~চতুর্থী-বি, জ্যৈষ্ঠ শুক্লা চতুর্থী ; উমার জন্মতিথি। ~ধব [উমার -ধব (স্বামী) ৬ তৎ] শিব ; গৌরীশ।

উমা/ন [সং-উন্মান=পরিমাণ বা তৌলকরণ] বি, পরিমাণ : মাপ। ২ গাম্ভীর্য্য। ~নিয়া-ক্রি, মাপিয়া। "ছালায় ভরিল সবে উমানিয়া আড়ি।"-কবিক°।

উমানি [প্রাদে°। সং-উষ্ম বা উষ্ণ > বাং-ক্রি, উষ্মান বা উষ্ণান (উষ্ণ করা অর্থে) তা হতে উমান পরে উঁয়ান] ক্রি, গরম করা : তাতান। প্র-হাঁড়ী উমাইয়া বা উয়াঁইয়া লওয়া।

উমানি-উঁআনি দ্রঃ।

উমাপতি-বি, পার্ব্বতীপতি, শিব।

উমাবন [উমার প্রীতির জন্য (সৃষ্ট) বন -৪ তৎ] বি, শোণিতপুর।

উমাসহায় [উমা সহায় যার-বহু°, বা উমার সহায়-৬ তৎ] বি, শিব।

উমাসুত [উমার সুত (পুত্র) ৬ তৎ] বি, গণেশ ; কাৰ্ত্তিকেয়।

উমিদ [উমেদ দ্রঃ] বি, আশা। ২ আকাঙ্ক্ষা।

উমির-উমর দ্রঃ।

উমে/দ [ফা°-উম্‌মেদ্ (আশা)] বি, আশা। ২ কাম্য। "উপস্থিত উ বাসিহ নাহি ডর।"-শি°। ~দার [ফা°-উম্‌মেদ্‌বার্] বিণ, প্রত্যাশাকারী। ২ কর্ম্মপ্রার্থী। ৩ উপকারের প্রত্যাশায় যে পরের তুষ্টিসাধন করে। ~দারী [ফা°-উম্‌মেদ্‌বারী] বি, কর্ম্মপ্রাপ্তির জন্য সাধনা ; কর্ম্মের আশা।

উমেশ [উমার (পার্ব্বতীর)-ঈশ (প্রভু) ৬ তৎ] বি, উমাপতি ; শিব।

উম্ফিটী [প্রাদে°] বি, উৎসাহ।

উয়টানি [প্রা° বাং-উলট >] ক্রি, উলটান। উয়টে=উয়টিয়া=উলটিয়া। "উয়টে হাতর পসার আউলিয়া পড়িল।"-মাণিক° গান।

া [ব্রজ°, উয়া দ্রঃ] ক্রি, উদিত হইল ; প্রকাশ পাইল। "কনকলতা অবলম্বনে উ°। হরিণী-হীন হিমধামা॥"-বি° প°।

উয়া [ব্রজ°, প্রা° বাং] ক্রি, উদয় হওয়া। উয়-উদয় হওয়া। উয়ি-উদয় হই। ২ উদয় হইয়া। উয়ল (দ্রঃ)-উদয় হইল। উয়ব-উদিত হইবে। উয়ে-উদয় হয়। ২ উদিত হইয়েছে। উয়িল-প্রকাশিত হইল। উয়ি গেল-উদিত হইল।

উয়াড়-বি, উয়ার। ওয়াড় দ্রঃ।

উয়ানি-উমান দ্রঃ। ২ [বাঁকুড়া, নদিয়া প্রাদে] জমির মাপ।

উয়ানী, উয়ান্‌কি-ওয়ানী দ্রঃ।

উয়ার [হি°-উজাড়না=ঝুড়িয়া কাটিয়া ফেলিয়া দেওয়া। উচ্চারণ ভেদে বাং-ওয়ার, ওয়াড়] বি, ঝুড়ে ফেলা ; কেটে ফেলা। প্র-আঙ্গুল কেটে উ° করে দিয়েছে।

উর, উরঃ [উরস্। উর্ (সৌত্রিক ধাতু-গমনে, জ্ঞানে) + অস্] বি, হৃদয়, বুক, বক্ষঃস্থল। "সাহসে উরে কর দেল। মনহি মনোভব তব নাহি ভেল॥"-বি° প°। ২ বিণ, প্রধান ; শ্রেষ্ঠ ; উত্তম, প্রবীণ। "উর বিনু শেজ পরশ নাহি পারই সোই লুটত মহী ঠামে।"-বি° প°।

উর-উরা দ্রঃ।

উরগ, উরঙ্গ, উরঙ্গম [উরস্ (বক্ষঃ) গ (গম্-গমন করা) + অ (তৃ) যে বক্ষঃ দ্বারা গমন করে-৩ তৎ। স-ম লোপ উরস্-গ, ম= স্ লোপ। উরস্-গম্ + ড, তৃ-খ স্=ঙ] বি, স্ত্রী সর্প ; ভুজঙ্গম ; ভুজগ ; ভুজঙ্গ। স্ত্রী° উরগী। ২ সীসক lead.

উরগভূষণ [উরগ (সর্প) ভূষণ (অলঙ্কার) যার-বহু°] বি, নাগাঙ্গদধর ; অহিনূপুরধর ; নাগযজ্ঞোপবীত শিব ; সর্পভূষণ।

উরগরাজ [উরগের (সর্পের)-রাজা= রাজ (রাজাদিভ্যো অচ্) আকার লোপ -৬ তৎ] বি, ফণিপতি ; সর্পরাজ ; বাসুকি।

উরগস্থান [উরগের (সর্পের) স্থান (আবাস)-৬ তৎ] বি, সর্পাবাস ; নাগগণের বসতিস্থান ; নাগলোক, পাতাল।

উরগারি [উরগের (সর্পের) অরি (শত্রু) -৬ তৎ] বি, ফণিরিপু ; সর্পভুক্ ; গরুড়। ২ নকুল ; বেঁজি। ৩ ময়ূর।

উরগাশন [উরগ (সর্প) অশন (ভোজ্য) যার-বহু°। অশ্ (ভোজন করা) + অন (র্ম্ম) বা অশ্ + অন-র্ত্তৃ=অশন (ভোক্তা) উরগের অশন-৬ তৎ] বি, সর্পভক্ষক : ভুজঙ্গভুক্। ২ গরুড় পক্ষী। ৩ নকুল, বেঁজি। ৪ ময়ূর।

উরগেন্দ্র [উরগের (সর্পের) ইন্দ্র (প্রধান, রাজা)-৬ তৎ] বি, নাগরাজ ; অনন্ত।

উরজ [উরস্ (বক্ষঃস্থল) জ (জাত)-জন্ (জন্ম) + ড (তৃ) ন্ লোপ] বিণ, বক্ষঃস্থল হতে যা উৎপন্ন : স্তন। "উ° কমলযুগ প্রফুল্ল সতত।"-মেঘ°। "নিরজনে উ° হেরই কত বেরি।"-বি° প°।

উরঝাই [ব্রজ°। হি°-মুরঝানা (শুষ্ক বা মলিন হওয়া) > মুরঝাই (হরিশ্চন্দ্র)। মু=উ] বিণ, শুষ্ক, মলিন। "চলল রাজপথে দুহুঁ উ°। কহ কবিশেখর দুহুঁ চতুরাই।"-পদকল্পতরু।

উরৎ, উরত-উরুত দ্রঃ।

উরথা [বৃ (বরণ করা)=বর=উর + তা= থা (ভা)] ক্রি, বরণ করা।

উরথিতে-ক্রি, বরণ করিতে ; বরণ করিবার জন্য। "বর উ° ধনী চলিলা আপনি।"-চৈ° ম°। "পুত্রবধূ উরথিবার তরে।"-কবিক°। উরথিয়া-ক্রি, বরণ করিয়া। "উ° পুত্রবধূ নিল নিকেতন।" -কবিক°।

উরদিশ-উদ্দেশ দ্রঃ।

উরভ্র [সমূহার্থে-ঔরভ্রক-মেষসমূহ] বি, মেষ। ২ মেষজাত। ৩ (>) কম্বলাদি। ৪ মেষমাংস। বিণ, ঔরভ্র।

উরমাল, উরুমাল [ফা°-রুমাল্ শব্দের হি°-উচ্চারণবিকার। প্রা-বাং-পদে ব্যবহার। হি° কবি বিহারীলাল ইহা অন্যভাবে প্রয়োগ করিয়াছেন। তুল-"মোর মুকুট কটি কাছনী, কর মুরলী উর মাল।" "লঘু ঢালৈঁ, লঘু রঘু করবালৈঁ, লঘু লঘু কর উরমালৈঁ।" -রঘুরাজ] বি, রুমাল। "ধায় পাইক চাপ ঢাল, ঢালে বান্ধে উরুমাল, পায় বান্ধে সোনার নূপুর।"-কবিক°। ২ রণসজ্জা বিঃ ; অশ্বের

া যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ঁ হীনযুক্তাক্ষর অকারান্তবৎ ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=নচ ঞ্ছ=ন্ছ ঁ হ্ন=হ্‌ন হ্ম=হ্‌ম হ্ব ঙ্ক=নক হ্র হ্ল ত্ত ঝ্য, জ ফ ব ত্তু=এ উ ও উচ্চা° দ্র.

উরুতে বাঁধিবার চামড়া ; উরুত্রাণ। "চারি পায়ে বান্ধিল ঘাঘর উরুমাল।"-কবিক০।

উর্‌ল [প্রা০ বাং-উরা দ্রঃ] ক্রি. উদিত হইল। উয়ল দ্রঃ।

উরশ্চক্র [উরঃ+চক্র] বি, পাপীর দণ্ড-বিধানার্থ পাষাণচক্র (মনোজ্ঞ হারের ন্যায় কিন্তু পাপীর গলে পরাইলে ঘুরিতে থাকে ও তীক্ষ্ণধারে তাহার দেহ ক্ষতবিক্ষত হয়, গলায় ঝুলাইবার বুক চাপ পাথরের যাঁতা। "তখন এক ব্যক্তি উ০ ধারণ করিয়া নরকে পচিতেছিল।"-জাতক, ১।১০৪।

উরশ্ছদ [উরঃ (বক্ষঃ) ছদ+ণিচ্ (স্বার্থে) =ছাদি (আচ্ছাদন করা)+অ (ণে) যদ্দ্বারা আচ্ছাদন করা হয়] বি, উরস্ত্রাণ : বর্ম্ম . কবচ . সাঁজোয়া।

উরস১ [উরস্-উর্ (সৌত্রিক ধাতু-গমনে জ্ঞানে. প্রেমে)+অস্-জ্ঞানের, প্রেমের আশ্রয়] বি, বক্ষঃ। "সোহাগ তরঙ্গরাশি, অঙ্গখানি দিবে গ্রাসি, উচ্ছ্বসি পড়িবে আসি উরসে গলে।"-রবী০। "কি জানি কি জয়-যুক্ত মাথা ইন্দ্রজাল, গর্ব্বিত উরসে তোর অরুণ অধরে।"-ফুলরেণু।

উরস২-উড়শ দ্রঃ।

উরসানি [সং-বর্ষণ > . প্রা০ বাং] ক্রি. ক্ষরিত হওয়া : চুয়ান।

উরসি [উরস্ ৭মী ১ব০] অ, বক্ষঃস্থলে। "রূপসী শিরসি শশী, হরোরসি এলোকেশী।" -রা০ প্র০।~রুহ-স্তন।

উরসিজ (-জ) [উরসি (বক্ষে) জ জন (জন্মান)+ড (র্তৃ)-বক্ষে যে জন্মে] বি. বক্ষোজ . উরোজ (দ্রঃ)। ২ স্তন।

উরসিল [উরস্ (বক্ষঃ)-ইল (প্রশস্ত অর্থে)] বিণ. বিশাল বক্ষবিশিষ্ট।

উরস্থুনি-উর্স্থুনি দ্রঃ।

উরস্ত্র [উরঃ (বক্ষঃ)+ত্র (ত্রৈ=ত্রাণ করা) +ড (র্তৃ)-যা বক্ষঃস্থল ত্রাণ করে বা রক্ষা করে] বি, কবচ : বর্ম্ম।

উরস্ত্রাণ [উরঃ (বক্ষঃ) ত্রাণ ত্রৈ (ত্রাণ করা)+অন (ণে)] বি, কবচ ; বর্ম্ম। উরস্ত্র দ্রঃ।

উরস্থল, উরঃস্থল [উরস্ (বক্ষ) স্থল] বি. বক্ষঃস্থল। "স্থূলতা উদরে ছিল, বলে তা লুঠিয়া নিল, উরস্থল জঘন দু'জন।" -কবিক০।

উরস্য [উরস্+য্য (ভবার্থে)] বিণ, ঔরস-জাত। ২ বক্ষোজ। বি, ঔরস-পুত্র। স্ত্রীং ~া-ঔরস-কন্যা।

উরস্বান্ [উরস্ (বক্ষঃ)+বৎ(প্রশস্তার্থে -বতু) ১মা ১ব০] বিণ, বিশাল বক্ষোযুক্ত।

উরহ [উর-হ (ছন্দঃপূরণার্থ)] ক্রি, অবতীর্ণ হও আসিয়া অধিষ্ঠান কর। "কহে যোড করে উ০ আমারে।"-অ০ ম০।

উরহি [উরসি দ্রঃ। ব্রজ০] অ, বুকে।

উরা [উরন-অবতরণ অর্থে 'উর' শব্দের প্রয়োগ। সৌত্রিক ধাতুর অনুজ্ঞায় মধ্যম পুরুষের একবচনের অনুরূপ অব্যয়। মাইকেলে- উর, উর (দ্রঃ)। কেবল পদ্যে। উরি. উর, উরে . উরিতে . উরিয়া (ক্ষে০ উপি) ই] ক্রি. অবতীর্ণ হওয়া : আবির্ভূত হওয়া আসিয়া অধিষ্ঠান করা। "পুস্তক লইয়া করে উর দেবী আসবে।"-কবিক০। উরি-আবির্ভূত হইয়া . আসিয়া। মাইকেলে-উরি=উরিয়া। "উরি দাসে দেহ পদছায়া।"

উরিল-উদিত হইল আবির্ভূত হইল প্রকাশ পাইল। ব্রজ০-উরল উয়ল।

উরি [শ্রীহট্ট প্রাদে০। সং-শিম্বী > (পূ০ বঙ্গে) শিউর > ইউর > উরি-চ০ কু০ ভট্ট] বি. শিম্বী . শিম (মৈ০ গী০)।

উরু [উর্ (সৌত্রিক ধাতু-গমন করা)+উ (র্তৃ)] গমনশীল। ২ প্রশস্ত : বিশাল। ৩ মহৎ : বড় [বিরল]।

উরুচ [ফা০-আর্জ অর্চ্চনা, উপাসনা prayer] বি. অহোরাত্র জিগির নাম কীর্ত্তন। "মুসলমান ধর্ম্মান্তর্গত মুজাহবি সম্প্রদায়ের উ০ অর্থাৎ অহোরাত্র জিগির নাম কীর্ত্তন হইয়া গিয়াছে।"-সম্মিলনী, ১৩৩৩।

উরুণস্ [উরু (দীর্ঘ) নস্ (নাসিকা) যার -বহু০, (বহু০ সমাসে নাসা স্থানে নস্)] বিণ, দীর্ঘ নাসিকা যার : নাক লম্বা।

উরুত, উরূত [উরং. উরত, উরোত ও০] বি. জানু : জঙ্ঘা। "উরুতের উপরে উমার হস্ত রাখি।"-শি০।

উরুবুক [উরু (মহৎ) বুক্ (নষ্ট করা)+অ (র্তৃ) যে মহাব্যাধি নষ্ট করে] বি, এরণ্ড ; ভেরেণ্ডা গাছ (যার ফলে তৈল হয়)।

উরুমার্গ-বি, প্রশস্ত বা দীর্ঘ পথ।

উরুমাল-উরমাল দ্রঃ।

উরো/গামী-বিণ, বুকে ভর দিয়া গমনশীল। স্ত্রীং ~গামিনী।

উরোগ্রহি-বি, বুকশূল।

উরোঘাত [উরঃ+ঘাত-৭ তৎ] বি, বক্ষে আঘাত : বুক চাপড়ান।

উরোজ (-র্জ-) [উরঃ (বক্ষঃ) জ (জন্=জন্মান)+ড (র্তৃ)-যা বক্ষে উৎপন্ন হয়] বি, বক্ষোজ : স্তন [উরসিজ দ্রঃ]।

উরোভূষণ [উরস্ (বক্ষঃ) ভূষণ-৬ তৎ] বি. বক্ষঃভূষণ : হার।

উর্জ্জিত-উর্জ্জিত দ্রঃ [শি০]।

উর্ণ, ঊর্ণ [ঊর্ণা দ্রঃ] বি, ঊর্ণা। ২ সূত্র।

উর্ণনাভ [উর্ণ (সূত্র) নাভ (নাভিতে) যার-বহু] বি, মাকড়সা। ২ [নাট্য শা০] ২৮ প্রকার হস্তাভিনয়ের অন্তর্গত পদ্মকোষ হস্তের বক্রাঙ্গুলি সমূহ (নরসিংহ হিরণ্যকশিপুর দেহ বিদীর্ণ করিবার সময়ের মত। ইহা শিরঃকণ্ডুয়ন ই০ স্থলে) [দ্রঃ-যে চক্রান্তকারী ব্যক্তি আপনার কূটবুদ্ধিরূপ জালে আপনি বদ্ধ হয় উর্ণনাভের সহিত তার তুলনা করা হয়]।

উর্ণা [উর্ণ্ (আচ্ছাদন করা)+অ (র্তৃ)-যে আবরণ করে। উর্ণ, ঊর্ণ ও০] বি. মেষাদি পশুর লোম। ২ ললাটস্থ লোমযুক্ত আঁচিল।

উর্দি, উর্দ্দি [হি০-ব্বর্দি] বি, সিপাহী শাস্ত্রী ই০-র নির্দ্দিষ্ট সরকারী পোষাক, বিভাগীয় কর্ম্মচারিগণের সমাকার পরিচ্ছদ uniform

উর্দ্দু [তুর্কী০-উর্দু=বাদশাহী লস্কর . তুর্কীসেনানিবাস, ছাউনি > তথাকার ভাষা; বাদশাহী সেনাদিগের ভাষা] বি, আকবর বাদশাহের সময় তাঁহার লস্করের বাজারে হিন্দু মুসলমানের মধ্যে যে ভাষায় কথাবার্ত্তা আরম্ভ হইয়াছিল সেই মিশ্রিত লস্করী ভাষার নাম উর্দ্দু। "পিরদ্ আফ্ রোজ্" নামক গ্রন্থ-মতে শাহ্‌জাহান বাদশাহের আমলে ইহার সৃষ্টি হয়। ইহাতে মূল হিন্দীর সহিত আরবী ও ফারসী শব্দের বহুল প্রয়োগ আছে, এবং ইহা ফারসী

অক্ষরে লিখিত হয়। ইহা হিন্দুস্থানের ভিন্ন ভিন্ন প্রদেশের কথিত ভাষার সহিত যাবনিক ভাষার মিশ্রণে উৎপন্ন বলিয়া 'হিন্দুস্থানী' ভাষাও বলে। উর্দু-ই-মুআল্লা (—the royal camp or army), উ°-কি-জবান (ভাষা)-the Hindustani language as spoken in Delhi তুল-*Lingua Franca*, the mixed language spoken by Europeans in the East. ইহা ভারতের *Lingua Franca*. ~নবীশ [ফা°-উর্দ্দ নবীস্] বি. যে উর্দ্দ ভাষা জানে ও তাহাতে কাজ করে। ~বাজার[ফা°-বাজার্। পদ্যে ছন্দানুরোধে 'উরুদু'] বি,বাদশাহী পণ্টনের বাজার। অধুনা ইংরেজ রাজত্বে 'গোরাবাজার'। "থাবি খেয়ে মরে লোক হাজার হাজার। তল গেল মাল মাত্তা উরুদু বাজার।"-অ° ম°।

উর্ব্ব [উরু+অ] বি. ব্রহ্মর্ষি-বি° উর্ব্ব। (ঔর্ব্ব দ্রঃ)।

উর্ব্বর [উরু(অধিক)-অর (ঋ=গমন করা) +অ (র্ত্তৃ) ঋ=অর: যে অধিক পরিমাণে শস্যোৎপাদন করে] বি. শস্যোৎপাদিকা ভূমি: প্রচুর ফসলদায়ী ক্ষেত্র। ২ উৎপাদক। ৩ সতেজ। স্ত্রীং ~া-বিণ. উৎপাদিকা ভূমি: শক্তিবিশিষ্টা। ২ শস্যসম্পন্না। ৩ সর্ব্বশস্য উৎপাদিকা। ৪ বি. বিবিধ শস্য প্রচুর পরিমাণে উৎপন্ন হয় এমন জমি।

উর্ব্বশী [উরু (মহৎ) বশ্ (বশীভূত করা) +অ (র্ত্তৃ) ঈ (স্ত্রীং), যে মহৎ ব্যক্তিকেও রূপদ্বারা বশীভূত করিতে পারে। নারায়ণের উরুসম্ভবা] বি. অপ্সরাগণের প্রধানা: স্বর্গবেশ্যাদিগের প্রধানা। ২ কামরূপের নদীবি°। ~বল্লভ, -রমণ [উর্ব্বশী-বল্লভ, রমণ (পতি)] বি. পুরূরবা [মিত্র ও বরুণের অভিশাপে ইনি স্বর্গভ্রষ্টা ও মনুষ্যভোগ্যা হইয়াছিলেন]।

উর্ব্বারু,-লু-বি. কাঁকুড়।

উর্ব্বী-বি. পৃথিবী। ২ বিপুলা। ~ধর-বি. ভূধর; পর্ব্বত। ২ বাসুকি। ~রুহ-বি. মহীরুহ; বৃক্ষ।

উর্সানি [বর্ষণ > হি° বৌছারনা। ব=উ। প্রা° বাং প্রাদে°] ক্রি. বায়ুতাড়িত বর্ষা বারি পতন হওয়া। ২ [উছর (দ্রঃ) > উছরাল > উরছান > উর্সান] উছলান; উচ্ছলিত হওয়া। "ভাঙ্গা তুম্বা দিয়া জল উর্সিয়া পলায়।"-মাণিক° গান।

উর্সানি [·উবসুনি' ও°। সং-বর্ষণ (ব=উ, ই=ইয়া) সম্বন্ধে=বর্ষার] বিণ. বর্ষার জল যা চালের বাতা বা ছাঁইচ বাহিয়া পতিত হয়।

উল [ইং-wool (উর্ণা) > হি°-উল] বি. উর্ণা: পশম: পশুলোম।

উলইন [শ্রীহট্ট প্রাদে°] বি. পালান: গোস্তন।

উলঙ্গ [সং-উন্নগ্ন। হি°-উলঙ্গ, বিকারে -উলাঙ্গ। উ (উদ্গত, উন্মোচিত)-লাঙ্গা স্ত্রী (পরিধেয় বস্ত্র) বা লুঙ্গী (পুরুষপক্ষে) ~ বিবস্ত্র বা উ (উৎক্রান্ত) লনগ্ (সংযোগ)+অ (র্ত্তৃ) যে দেহে বস্ত্র সংযোগ করে না। বাং-উলাঙ্গ ও°] বিণ. বিবস্ত্র: অঙ্গাবরণহীন: ন্যাংটা। "ধিয়া তাধিয়া তাধিয়া ভূত নাচে। উলাঙ্গী উলঙ্গে পিশাচী পিশাচে॥"-অ° ম°। ২ দিগ্‌বসন। ৩ অনাবৃত: উন্মুক্ত: আদুড়। ৪ মুক্ত: উদার: অকপট: খোলা: সরল। "আমি চাই শিশু হেন উ° পরাণ, মুখে মাখা সরলতা, কয় না সাজানো কথা, জানে না যোগাতে মন করি নানা ভাণ: প্রাণ খোলা, মন খোলা, আপনি আপনা ভোলা, তার স্নেহ প্রীতি সবি হৃদয়ের টান। আমি চাই স্বর্গের উ° পরাণ।"-কাব্যকুসুমাঞ্জলি। স্ত্রীং উলঙ্গী, উলঙ্গিনী, উলাঙ্গিনী, উলাঙ্গী-বিবসনা: দিগ্‌বসনা। "কে রণরঙ্গিণী যোগিনীসঙ্গিনী, হয়ে উলঙ্গিনী নাচিছে সমরে।"-দেওয়ান রঘুনাথ। "উলঙ্গিনী অসি।"-ঈশান বন্দ্যো° (চিন্তাকাব্য)। "কে রণতরঙ্গে উলাঙ্গী ভীমা ভঙ্গিমা।"-বাং গান। "বঙ্গভূমে উলঙ্গী হয়ে নাচে কার মেয়ে।"-ঐ।

উলঙ্গা [উলঙ্গি, উলঙ্গ, উলঙ্গে; উলঙ্গিতে: উলঙ্গিয়া ক্ষে° উলঙ্গি): উলঙ্গিলাম,-লে,-ল ·ই°] ক্রি. অনাবৃত করা।

উলঙ্গিল, উলঙ্গিলা, উলাঙ্গিল-উলঙ্গ করিল; অনাবৃত করিল; মুক্ত করিল: কোষমুক্ত করিল। "হুঙ্কারি কেহ উলঙ্গিলা অসি।"-মেঘ°।

উলট [হি°-উলট্। প্রাকৃ°-অল্লট্ট] বি. উলটা; বিপর্য্যয়; অধোমুখ (শ্রী° কী°)। বিণ. উল্টা। ক্রি.উল্টান। ব্রজ -উলটল-উল্টাইয়া গেল। উলটায়ল-উল্টাইয়া দিল। উলটায়বি-উলটা করিবি। উলটায়-উল্টিয়া পড়ে। "অলিভরে উ°।"-বি° প°। ~কম্বল [উল্টা-কমল (ফুল অধোমুখী বলিয়া) গ্রা°-ওলট কম্বল (< কমল) দ্রঃ। (উচ্চারণ বিকারে কম্বল)] বি. দাক্ষিণাত্য ও মালদহ অঞ্চলের একজাতীয় গাছ ও তাহার বীজ (বাধকের মহৌষধ) Abroma augusta. ~পালট [উলটা-পালটা। গ্রা°-ওলোট-পালোট ও°। প্রাকৃ°-অল্লট্ট পলট্ট (পাশ্ব-পরিবর্ত্তন) > দেশীনামমালা (হে°)] বি. তলাউপর, উপর নীচা করা। "উলট্ পালট করে বার পাঁচ ছয়।"-শি°।

উলটানি, উলটান-পালটান-উল্টন দ্রঃ।

উলটি [উলটিয়া ক্ষে°] ক্রি. ফিরিয়া। "উ° ধরিলেক হাত।"-শ্রী° কী°। ২ বিপর্য্যস্ত হইয়া। "বল করিতে মেদিনী উ° জাএ।" -শ্রী° কী°। ~পালটি [উলট্ পালট্ দ্রঃ] ক্রি-বিণ. বিপর্য্যস্ত হইয়া: উল্টাইয়া পাল্টাইয়া গড়াগড়ি দিয়া। "কত চেষ্টা যত্ন করি উলটি পালটি পড়ি।"-কুঙ্কুম°।

উলিন [উল্বণ >] বি. শরীরস্থ পিত্ত এবং বাতের প্রকোপ জনিত রোগবি°; বায়ুরোগ। "আমি কাঁপি কাম জ্বরে সে বলে উ°॥" -অ° ম°।

উলিপ, উলুপ [উল্ (দাহ করা)+অপ (র্ম্ম) যা দগ্ধ করা যায়] বি. উলুখড়। ২ প্রতানিনী; গুল্মিনী। ৩ [প্রলেপ >] ওলপ; হাঁড়ি কলসি ই°-র মুখ আবৃত করিবার প্রলেপ।

উলমানি [উলা দ্রঃ। প্রা° বাং] ক্রি. অবতরণ করা; নামা।" বানর-বালক গাছ উপর বসিঞা। উলমিছে কেহ্নে লাঙ্গুল ধরিয়া॥"-মুকুন্দ ম° (ব° সা° প°)।

উলমা [আ°-ই লম্ (বিদ্যা) >] বিণ. বিদ্বান; আরবী উপাধি। "শম্‌স্-উল্-উ°।"

উল্লস [উল্লাস >, পদ্যে] বি. পুলক। উলসে-পুলকে। ক্রি. উলসানি-উল্লসিত হওয়া। ২ পুলক-কণ্টকিত হওয়া, শিহরান।

উলসি/সি [সং-উল্লসিত > উলসিত (-হইয়া)=উলসিয়া > উং। গ্রাং-উলসে (-উঠা)। পদ্যরূপ] ক্রি-অস, উল্লসিত হইয়া, পুলকিত হইয়া। **~সিত** [উল্লসিত >] বিণ, পুলকিত ; উল্লাসিত। "উলসিত দুহে দোঁহা হেরি।" "উলসিত ভেল গোবি।" -বৈং পং।

উলসূতা [ইং-wool] বি, পশু-লোমের সূতা ; ঊর্ণা। "কেহ কিনে উ বুনাইতে মোজাজুতা।"-চন্দন।

ˋউলা₁-উলু দ্রঃ।

উলা₂ [অবতরণ অর্থে উবা (ব=ল)। হিং-উলাব (যে-গাড়ির একদিক্ ঝুঁকিয়া বা নামিয়া পড়িয়াছে। হিং-উলরনা=নামা। গ্রাং-ওলা ; তুল-ওলাউঠা · ওলান=নামান। তুল-পেট নামান উলি, উল, উলে, উলিতে ; উলিয়া (ক্ষে, উলে)] ক্রি, নামা ; অবতরণ। "বিধের কূপে উলবো না গো * * মনের আগুন তুলব না গো॥"-রাং প্রং। **ˋউলে যাওয়া**-নামিয়া যাওয়া, অবতরণ করা। ২ বসিয়া যাওয়া ; নাবাল হওয়া। ৩ অপসৃত হওয়া ; ভাব নামিয়া যাওয়া, হালকা হওয়া, লঘু হওয়া। "ঘরে এলে উলে যায় হৃদয়ের ভার।"-বিং চক্রবর্ত্তী।

ˋউলানি [উলা (দ্রঃ)র ণিজন্ত রূপ] ক্রি, নামান ; অবতরণ করান। "বেহুলা রন্ধন করি উলাইল ভাত।"-মনসার ভাসান।

উলার, উলাড় [হিং-উলাব] বি, গাড়ী ই-র বিতঃ দুই চাকার গাড়ীর পিছন দিকে বেশী বোঝা হওয়ায় জোয়াল গরুর কাঁধ হইতে উপরে উঠিয়া যাওয়া ; পিছন ভারী হওয়া।

ˋউলি, ˋউলিয়া [উলা দ্রঃ] ক্রি, নামিয়া ; অবতরণ করিয়া। "রথ হইতে উলিলেন চারি মহামতি।"-কৃত্তিং। "তবে ধনঞ্জয় বীর রথ হৈতে উলি।"-মহাং (কাশী)।

উলী [প্রাং বাং। ডাকের বচনে] বি, কুশল [অপ্রং]।

ˋউলু₁, উলুখড় [উলুক উলূপ দ্রঃ 'উলা ওং (মৈং গীং)] বি, স্বনাম প্রসিদ্ধ তৃণ ; উলু-ঘাস ; উলুখড়। প্র-উলুখাগড়া ; উলুবন imperata arandinacea.

ˋউলু₂ [ধন্যাত্মক] স্ত্রীগণের উচ্চারিত উলুউলু রব। গ্রাং-উলো' হুলুধ্বনি ; মঙ্গল-ধ্বনি ; আনন্দধ্বনি। "উলু, উলু, উলু! সে আনন্দধ্বনি, ওঠাইল অন্তঃপুরে রঙ্গ-রণ-রণি!" -দেবেন্দ্র সেন। ২ [উল-ধ্বনি করে বলিয়া] একপ্রকার সর্প ; উলুবোড়া।

উলুই [অলক্ষ্মী >] বিণ, আকুথুটে ; অপব্যয়ী। "লঙ্কার বাণিজ্য যদি এনে দেয় ঘরে, মেয়ে হলে উলুই উড়ায় খাপিটারে।" -শি। ২ [উলু দ্রঃ। 'হুলুই'ও] বি, উলু-ধ্বনি। সাপের উলুই-বোড়াসাপের উলুলু এইরূপ অনুকার শব্দ।

উলুক-বি, উলূক (দ্রঃ) ; পেচক। "উং না দেখে যেন সূর্য্য কিরণে।"-চৈং চ।

উলুকা [উল্কাশব্দের কোমলরূপ, পদ্যে] বি, উল্কা। ২ অগ্নি। ৩ মশাল। "এতেক দেখিয়া পাণ্ডবের সেনাগণ। উং জ্বালিল লক্ষ লক্ষ সেইক্ষণ॥"-মহা (কাশী)।

উলুখাগড়া [উলু (দ্রঃ) + খাগড়া (খাগ, দীর্ঘদণ্ড নলতৃণ)] বি, উলুখড় ও নল। ১ [লক্ষ] সহজে ভঙ্গ-প্রবণ, অকিঞ্চিৎকর বাজে লোক · গরীব লোক, নিরীহ প্রজা। "রাজায় রাজায় যুদ্ধ হয়, উলুখাগড়ার প্রাণ যায়!"-প্রবচন।

উলুটি [প্রাদেং। উলু (দ্রঃ) টি (মাটি > মাটি ক্ষে -টি)] বি, উলুখড়যুক্ত মৃত্তিকা (মৃৎ প্রাচীরাদিতে লেপ দিবার জন্য)। খড়টি দ্রঃ।

উলুত পুলত [উলটপালট দ্রঃ] বি, বহু অনুসন্ধান ; চতুর্দ্দিকের বস্তু ওলটপালট করিয়া অন্বেষণ।

উলুবোড়া [উলু রব করে বলিয়া-'সাপের হুলুই'] বি, সর্পবিঃ ; পচাবোড়া · ভয়ানক বিষাক্তসর্প।

উলুয়া [প্রাদেং, গ্রাং দ্রুত উচ্চারণে 'উলো'] বি, গরুর গাড়ির চাকার মধ্যবর্ত্তী হাঁড়ির (গোলাকার কাষ্ঠ) মধ্যস্থ গোলাকার লৌহ।

উলুরি-ঝুলুরি [প্রাদেং, গ্রাং] বিণ, এমন ছিন্নবস্ত্র যে ঝালরের মত ফালি ফালি ও ঝুলঝুলে।

উলূক₁, উলুক [উৎ (উপরি) লম্ (উডা-নিপাতনে), লুক্ (দর্শন করা)-যে বৃক্ষাদির উপর হতে বা উড়িতে উড়িতে দর্শন করে] বি, নিশাচর পক্ষিবিঃ ; পেঁচা ; পেচক। ২ দুর্য্যোধনের মাতুল ; শকুনির পুত্র। ৩ ধর্ম্মঠাকুরের বাহন ; স্থানবিশেষে ধর্ম্মঠাকুরের মূর্ত্তিভেদ ; উলূক দেবতা। ৪ দেশবিঃ। ৫ [মহাং, কূর্ম্মপুং] মহর্ষিবিঃ।

উলূক₂, উলূপ [উলু দ্রঃ] বি, উলুখড়।

লূখল [উদূখল >] বি, উদূখল, উখলি।

উলূপী₁, উলুপী [উৎ=উ-লুপ্, লুপ্ (বিনাশ করা) + ইন্=উলুপী। যে মৎস্য-দিগকে বিনাশ করে] বি, শিশুমার ; শিশুক।

উলূপী₂-বি, নাগরাজ কৌরব্যের কন্যা ; অর্জ্জুন-পত্নী।

[উলু + উলু, বারংবার অর্থে দ্বিত্ব। পূ বঙ্গে 'জোকার' (দ্রঃ)] বি, স্ত্রীগণের মাঙ্গলিক ধ্বনি ; উলুধ্বনি।

উলো-উলুয়া দ্রঃ।

উল্কি-ফুল্কি [উল্ক (উল্কা >) ফুল্ক (স্ফুলিঙ্গ >)-উল্কা বা অগ্নি স্ফুলিঙ্গবৎ-অতিশয় ভয় হলে মুখ চোখ ইং বিস্ফারিত হয়, নেত্র হতে তীব্র জ্যোতি নির্গত হয়। উল্কা, উল্কামুখী দ্রঃ] বিণ, ভয়চকিত।

উল্কা [উল্ (সৌত্রিক ধাতু-দাহ করা) + ক (র্ত্তৃ-আ-স্ত্রীং)] বি, আকাশ হতে পতিত জ্বলন্ত প্রস্তরাদি ; বায়ব্য আলোক ; নভোমণ্ডলে ধাবমান অগ্নিপিণ্ড meteors "তীর তারা উল্কা বায়ু শীঘ্রগামী যেবা, মনের অগ্রেতে বল যেতে পারে কেবা।"-ভারতং। ২ স্ফুলিঙ্গ ; অগ্নিকণা। ৩ উখা ; মশাল। "রক্ষিগণ * * অমনি সহস্র সহস্র উল্কা লইয়া দেখিতে চলিল।"-মহাং (বর্দ্ধ)। **~চক্র**-বি, তন্ত্রোক্ত চক্রবিঃ ; দীক্ষা-বিষয়ক মন্ত্রের দোষগুণ-বিচারক যন্ত্রবিঃ। ২ অগ্নি-রাশি। **~জিহ্ব** [উল্কা (অগ্নিকণা স্বরূপ) জিহ্বা যার-বহুং] বি, অগ্নি। ২ রাক্ষসবিঃ। **~ধারী, ~বাহক**-মশালচী। **~পাত**-বি, তারা খসা। **~পিণ্ড**-বি, উল্কাশ্ম meteor. **~মুখ** [উল্কা-মুখে যার-বহুং]

বি, যার মুখ উল্কার মতন দেখায়। ২ প্রেতবিঃ। বিণ, ভয়চকিত। **~মুখী** [উল্কা (উল্কার মত) মুখ যার (বহুং), যার মুখ অগ্নিকণার মতন রক্তবর্ণ] বি, খ্যাক্‌শিয়ালী : অন্ধকার রাত্রিতে ইহারা মুখব্যাদান করিলে অগ্নিবৎ উজ্জ্বল দেখায়। ২ আলেয়া। ৩ ক্রোধবশতঃ যে সকল কামিনীর মুখ রক্তবর্ণ হয়। **~শ্ম-** বি, আকাশ হতে পতিত জলন্ত পাথর meteoric stone, aerolite.

উল্কি, উল্কী [স্ত্রীলোকদিগের কপোলস্থ চিত্র-রচনার নাম চিত্রক। চিত্রক পরে 'চিতা' হয়। কপালে সূচীবিদ্ধ করিয়া স্থায়ী রঙ্গের ফোঁটা বা টীপ কাটাকে 'চিতা-কাটা' বলে। উৎকলে ও বঙ্গের স্থানে স্থানে চিতা কাটা শব্দের প্রয়োগ আছে। ক্রমে ললাটে ললাটিকা ও কণ্ঠে বক্ষে এবং বাহু ইং অঙ্গে অলঙ্কারের অনুকরণে চিত্র-রচনা বা অলক্কিয়া হতে (গ্রাং-উল্কি) শব্দ আসিয়াছে। অলঙ্কার ধারণের ভাব হতে 'উল্কিপরা' শব্দের উৎপত্তি] বি, দেশভেদে নরনারীগণ কপালে,বক্ষে,বাহুতে এবং অন্যান্য অঙ্গে সূচীবিদ্ধ করিয়া যে কৃষ্ণবর্ণ বা সবুজ বর্ণের চিহ্ন বা চিত্রবিচিত্র করে। "সিন্দুরের বিন্দু সহ কপালেতে উল্কি।"-ঈং গুপ্ত। "কপালের একটী ছোট উল্‌কি টীপের মত দেখাইত।"-বঙ্কিম (কমলাকান্তের দপ্তর)।

উল্‌টানি, উল্টানি [উল্লুণ্ঠন >। হিং-উলট্‌না। গ্রাং-ওল্টানো উল্টাই, উল্টাও, উল্টায় : উল্টিতে : উল্টিয়া (স্কেং উল্টো ইং] ক্রি, উলট পালট হওয়া : তলা উপর হওয়া। ২ পরিবর্ত্তিত হওয়া : বদলাইয়া যাওয়া ; পরিবর্ত্তন করা : বদলান। প্র-পথ উল্টান। ৩ বিপরীত করা। ৪ উবুড় বা হেঁট মুখ হওয়া বা করা। ৫ পালটা আসা বা যাওয়া ; ফিরিয়া আসা। ৬ উক্তি প্রত্যাহার করা : অস্বীকার করা ; কথার খেলাপ করা। প্র-কথা উল্‌টানো। ৭ বিপর্যাস্ত হওয়া। ৮ গত হওয়া ; নূতনকে স্থান দেওয়া। প্র-কলি উলটান। **~পাল্টানি**-উলট পালট করা : বিপর্য্যস্ত করা : তলা উপর করা : অদল বদল করা।

উল্টা [হিং-উল্টা। সং-উৎপ্লুত > প্রাকৃং অল্লট্ট >] বিণ, বিপর্য্যয় : বিপরীত। ২ বিপক্ষ : প্রতিকূল : বিরূপ। ৩ ব্যতিক্রম। ৪ অসঙ্গত। ৫ বিলোম : প্রতিলোম। ৬ বৈষম্য। **~পাল্টা** [প্রাকৃং-অল্লট্ট-পল্লট্ট (পার্শ্ব-বিবর্ত্তন) > (হেং), উলট-পালট দ্রঃ] বিণ, ফেরফার : বিপর্য্যয়। **~বাজি** [হি - কলাবাজী] বি, ডিগবাজী ; মাথা নীচু করিয়া উল্টাইয়া পড়া। **~বুঝ,-ঝা**-বিণ, বিপরীত বুদ্ধিবিশিষ্ট। "কিন্তু সেটা উল্টা বুঝা রাম হয়েছে।" ২ ভ্রান্ত। **~রথ**-বি, জগন্নাথদেবের পুনর্যাত্রা বা দক্ষিণাভিমুখে রথযাত্রা।

উল্‌টিয়া, উল্টে [উলটন দ্রঃ] ক্রি-বিণ, ফিরাইয়া : বিপক্ষে, পরিবর্ত্তে : পাল্টে। উং চোরা মশান গায়-চোর নিষ্কৃতি লাভের জন্য সাধুকে চোর বলে। নিজের দোষ ঢাকিবার জন্য পরকে দোষী করা [মশান পাওয়া দ্রঃ]।

উল্মাদ [সং-উন্মাদ >। গ্রা ন স্থলে ল তুল-নবীন=লবীন] বিণ, পাগল।

উল্মুক [উল্‌ (দগ্ধ করা-সৌত্রিক-ধাতু) +মুক (র্তৃ)-যে দগ্ধ করিতে পারে] বি, জ্বলন্ত অঙ্গার। ২ [হরিবংশে] বৃষ্ণিবংশীয় রাজা (বলরামের ঔরসে রেবতীর গর্ভে ইঁহার জন্ম হয়)। ৩ [ভাগবতে] ধ্রুববংশীয় রাজা (মনুপত্নী নড়লার গর্ভজাত)।

উল্ল/ঙ্ঘন [উৎ-লন্‌ঘ্‌ (অতিক্রম করা)+অন (ভা)] বি, অতিক্রম। ২ উল্লম্ফন : ডিঙ্গান। "মহাবাহু বৃকোদর * * একটা প্রাচীরোপরি আরোহণ করিলেন এবং অবলীলাক্রমে তাহা উং পূর্ব্বক রাজ-ভবনের বহির্ভাগে নিপতিত হইয়া * ধাবমান হইলেন।"-মহাং (বর্দ্ধ)। ৩ লম্ফ ; লাফা-লাফি। "দুইটি কুকুর খেলা করিতেছে। * * নিকটস্থ হইয়া উভয়ে উভয়কে কামড়াইতেছে উং করিতেছে * *।"-বিমলা (দামোদর)। ৪ বিরুদ্ধাচরণ। **~ঙ্ঘনীয়, ~ঙ্ঘ্য-** বিণ, যা অতিক্রম করা আবশ্যক বা উচিত : লঙ্ঘনীয়। ২ লম্ফ দিয়া যা পার হওয়া যাইতে পারে : উল্লম্ফনীয়। **~ঙ্ঘিত** [যা লঙ্ঘন করা হইয়াছে] বিণ, অতিক্রান্ত।

উল্লম্ফ,-ন [উৎ (উর্দ্ধে)-লম্ফ্‌ (গমন করা)+অন-(ভা) র=ল] বি, লম্ফ দিয়া পার হওয়া : ডিঙান : লাফান। ২ অতিক্রমণ : বিরুদ্ধাচরণ। **~নীয়**-বিণ, যা লাফ দিয়া পার হওয়া যায় : উল্লঙ্ঘনীয়।

উল্লল [উৎ+লল্‌ (কাঁপা) অন্‌ (র্তৃ)] বিণ, রোমশ। ২ কম্পনশীল।

উল্ললিত [উৎ (অতিশয়) লল্‌ (কাঁপা) +ত (র্তৃ)] বিণ, প্রকম্পিত : আন্দোলিত। ২ বিকম্পিত। ৩ তরঙ্গায়িত। ৪ ব্যাকুলিত।

উল্ল/সৎ [উৎ-লস্‌ (ক্রীড়া করা) অৎ (র্তৃ) ১মা ১ব] বি, শোভমান ; প্রফুল্ল। ২ ক্রীড়ৎ : [বাং স্বতন্ত্র ব্যবহার নাই] **~সন** [সং-উদ্ধর্ষণ, উদ্ধূষণ (রোমাঞ্চ)] বি, লোমাঞ্চ ; রোমহর্ষণ ; উলসিয়া উঠন। **~সিত** [উৎ-লস্‌ (ক্রীড়া করা)+ত (র্তৃ) যে উল্লাসযুক্ত হইয়াছে (বৌং বাং প্রাকৃং 'উহুসিউ'।-"বতিস জোইণী তস্স অঙ্গ উহ্নসিউ।"-চং (২৭-১)] ক্রীড়িত। ২ আনন্দিত : হর্ষাবিষ্ট ; উৎফুল্ল। ৩ প্রকাশিত ; বিশোভিত। ৪ স্ফুরিত। ৫ উদ্গত ; বিকসিত।

উল্লা/প [উৎ (উচ্চ) লপ্‌ (বলা)+ঘঞ্‌ (ভাং)] বি, শোকাদি জন্য উচ্চধ্বনি ; বিলাপ। ২ শোক এবং রোগাদি জন্য স্বরভঙ্গ। ৩ রোগ কিংবা শোকাদি জন্য অযথা প্রলাপ। **~পন** [উৎ-লপ্‌+ণিচ্‌= লাপি (প্রকাশ করণে)+অন (ভাং)] বি, শাস্ত্রব্যাখ্যা : বিস্তৃতভাবে শাস্ত্রের অর্থ বা মর্ম্মপ্রকাশ। ২ আত্ম-অভিপ্রায় প্রকাশ। **~প্য** [উৎ-লাপি+য (র্ম্ম)] বি, গীতি-নাট্যবিঃ : "এক অঙ্কে গ্রথিত এবং প্রেম ও হাস্য ইহার জীবন। ইহার বিষয়টি পৌরাণিক এবং নাট্যঘটিত কথোপকথন মধ্যে সঙ্গীতে গেয়।"-ঐতিহাসিক রহস্য।

উল্লাল [উৎ (উল্লম্ফ-উৎক্ষেপার্থে)-লল্‌ (ক্রীড়া করা)+ঘঞ্‌ (র্তৃ)] বি, শিশুর হাত পা আছড়াইয়া টিক্‌নি দিয়া খেলা বা ক্রোড়স্থ শিশুর নৃত্য। "বুকে আরোপিয়া পদ করেন উং।"-ঘং। ২ সোহাগ ; সুখ। "তোকে দেখি নাতিনী মো পাইলোঁ উল্লালে।" -শ্রীং কীং।

[প্রা° বাং] বিণ, তন্ময (দো ১০৩)।

উল্লাস [উৎ-লস্ (ক্রীড়া করা)+ঘঞ্ (ভা°), অতি প্রা° বাং উলাস (চ° ৩০।৩)] বি, ক্রীড়া। ২ আনন্দ : আহ্লাদ। ৩ প্রকাশ। ৪ বিকাশ। ৫ উজ্জ্বলতা। ৬ গ্রন্থের পরিচ্ছেদ। ৭ উত্তোলন। ৮ বৃদ্ধি [দ্রঃ-বিজয়-লাভে যে সাময়িক আনন্দ তাহা উল্লাস। যে কোন কারণে আনন্দ স্থায়ী হইলে তাহা হর্ষ। আহ্লাদে বা হর্ষে রোমাঞ্চ হইলে তাহা পুলক] বিণ, উল্লাসিত।

উল্লা/সী [উৎ-লাস+ইন্ (স্ত্য)= উল্লাসিন্-১মা ১ব°] বিণ, ক্রীড়নশীল আনন্দযুক্ত। স্ত্রীং ~সিনী।

উল্লিখিত [উৎ (উপরি)-লিখ্ (লেখা, বলা)+ত (র্ম্ম)] বিণ, উপরিলিখিত। ২ পূর্ব্বকথিত। ৩ কীর্ত্তিত। ৪ নির্দ্দিষ্ট। ৫ চিত্রিত : অঙ্কিত। ৬ উৎকীর্ণ। ৭ কুন্দিত ; চাঁচা।

উল্লু [সং-উলূক > হি°-উল্লু (কাল-পেঁচা)। হিন্দুস্থানে প্রবাদ আছে ইহার মাংস খাইলে লোক হাবা কালা ও বোকা হয়, > হাবা-বোকা ; আরও প্রবাদ আছে, যে ভিটায় উল্লু ডাকে, তাহা উজাড় হইয়া যায়। তুল-ভিটায় ঘুঘু চরা] বি, পেচক। ২ মূর্খ : নির্ব্বোধ : হাবাকালা ; হাবা-বোকা।

উল্লুক [উৎ (উচ্চ) লুক্=(উক উক বা উকু উকু শব্দ)-যে উচ্চ রবে উকু উকু শব্দ করে] বি, ঘনকৃষ্ণবর্ণ দীর্ঘবাহু বনমানুষ-জাতীয় বানরবিঃ gibbon "ভারতবর্ষের আসাম, চট্টগ্রাম ই° অঞ্চলে এবং ব্রহ্মদেশে একজাতীয় গিবন আছে, বাঙ্গালায় তাহাদিগকে উল্লুক বলে। উল্লুক উচ্চে দুই হাতের বেশী হয় না। হাত বেশী লম্বা, ঝুলাইয়া দিলে মাটীতে ঠেকে। ইহারা সকাল সন্ধ্যা-বেলা খুব বেশী ডাকে। ইহাদের 'উকু উকু' কর্কশ চীৎকার প্রায় এক মাইল দূর হইতে শুনা যায়।"-পশুপক্ষী। ২ [উল্লু দ্রঃ। বানরের বুদ্ধির সহিত উল্লুর শব্দসাদৃশ্য ও প্রবাদ মিশ্রিত হইয়া] বিণ, নির্ব্বোধ ; মূর্খ, বে-আক্কেল। "বরের কাণের কাছে গিয়া শত গালি দিল কেহ-বর তুমি বড়ই উ°।" -বিংশশতাব্দীর বর (দেবেন্দ্র সেন)।

উল্লুণ্ঠন [উৎ-লুণ্ঠ্ (লুঠ করা)+অন (ভা°)] বি, লুঠ করিয়া লওয়া। ২ উলট-পালট করা। ৩ পরিহাস করা : ঠাট্টা করা [বিরল]।

উল্লেখ [উৎ-লিখ্ (অঙ্কিত করা)+ঘঞ্ (ভা°)] বি, পূর্ব্বকথন। ২ দৃষ্টান্ত-প্রদর্শন। ৩ নির্দ্দেশ। ৪ খনন। ৫ অর্থালঙ্কার-বিঃ allusion [দ্রঃ-যথা, হেন ই° শব্দ থাকিলে উপমা অলঙ্কার হয়] "সাজিলা রথীন্দ্রর্ষভ বীর-আভরণে, হৈমবতীসুত যথা নাশিতে তারকে মহাসুর, কিম্বা যথা বৃহন্নলা-রূপী কিরীটী, বিরাট-পুত্র সহ, উদ্ধারিতে গোধন সাজিলা শূর শমীবৃক্ষমূলে।"-মেঘ°। ৬ [সং অলঙ্কার-মতে] গ্রাহক বা বিষয় ভেদে এক বস্তুর অনেক প্রকার উল্লেখ manifold predication. "চারি বেদে যাঁর ভেদ বুঝিতে না পারে। বৌদ্ধের বুদ্ধিতে যাঁরে ধরিবারে নারে॥" "বাইবেলে যাঁরে বলে সর্ব্ব-শক্তিময়। কোরাণে মুসলমানে যাঁরে আল্লা কয়॥ * * সেই সে অনাদি এই সংসারের সার। মানস-সরসে আসি বসুন আমার॥"-বন্ধু। এখানে একমাত্র পরমাত্মার গ্রাহকভেদে এই সকল উপাধি। বিষয়-ভেদে যথা-"যেমন পদ্মিনী সতী, মিলিল তেমনি পতি, রাজকুল-চক্রবর্ত্তী ভীম। ধর্ম্মে ধর্ম্মপুত্র সম, রূপে সহদেবোপম। বীর্য্যে পার্থ বিক্রমেতে ভীম॥"-পদ্মিনী উপাখ্যান। ~পুস্তক-প্রসঙ্গ-কোষ (প্রসঙ্গ দ্রঃ)। ~যোগ্য-বিণ, উল্লেখ্য।

উল্লেখ/ন [উৎ-লিখ্+অন (ভা°)] বি, ভূমি-বিদারণ : খনন। ২ নির্দ্দেশ : কথন : কীর্ত্তন। ৩ উৎকীর্ণন : খোদন। ৪ কুন্দন : চাঁচা : ছোলা। ৫ বমন [প্র°অ°] ~নীয় [উৎ-লিখ্ অনীয়+(র্ম্ম) যা উল্লেখের আবশ্যক বা যোগ্য] বিণ, নির্দ্দেশ্য : উল্লেখ্য।

উল্লোকিত [নাট্য শা°] বি, অভিনয়ে উপরদিকে দৃষ্টিপাত।

উল্লোল [উৎ (উপরি) লোড্ (চঞ্চল হওয়া)+অচ্ (র্ম্ম)-যে বায়ুদ্বারা চালিত হয়] বি, বৃহৎ তরঙ্গ : বড় ঢেউ। ২ [র্ত্তৃ] বিণ, দোদুল্যমান ; হিল্লোলিত।

উল্ব [বৈদিক] বি, ক্লেদাকার জরায়ু অপেক্ষা অতিশয় সূক্ষ্ম চর্ম্ম। "কুকুর উল্ব সমেত জন্মগ্রহণ করে।"

উল্বণ [উৎ (উপরি) লু (যোগ করা)+অন্ (র্ত্তৃ, নিপাতন) গ্রা°-উল্গন] বিণ, প্রবল : উৎকট। "উ° চর্ব্বণে ফের ফুরাল ব্যঞ্জন।"-শি°। ২ বিশদ। ৩ সুস্পষ্ট : স্ফুট : ব্যক্ত। ৪ তীক্ষ্ণ। ৫ বি, বায়ুপিত্ত-বিকার বা বাতপিত্তের প্রাবল্য জন্য রোগবিঃ। "আমি কাঁপি কামজ্বরে সে বলে উ°।"-অ°ম°। পিত্তোল্বণ : বাতোল্বণ ; আমোল্বণ ই°।

উল্‌সনি, উল্‌সানি [সং-উল্লাস, উল্লাসন] ক্রি, উল্লাসিত হওয়া ; হৃষ্ট হওয়া : আনন্দে কণ্টকিত হওয়া। উল্‌সে-ক্রিবিণ, উল্লসিত হইয়া।

উশকাড়া [যশো° প্রাদে° নিম্ন কথ্য] বি, মাছের দলের ভিতর হতে বাহির হইয়া আবার জলে প্রবেশ করার নাম।

উশতী, উষতী [উষ২ দ্রঃ] বি, লম্পটের আলাপ : কাম-কথা ; অসৎ কথা। ২ অকল্যাণকর বাক্য।

উদ্রশথ-বি, পুরুবংশীয় রাজ বিঃ (উশী-নর ভ্রাতা তিতিক্ষুর পুত্র)।

উশনাঃ, উশনা [বশ্ (ইচ্ছা করা)+অনস্ (র্ত্তৃ)-জ্ঞা°। ব-স্থানে উ] বি, ভৃগুমুনির পুত্র শুক্রাচার্য্য : অসুর-গুরু। "কবীনাম্ উশনাঃ কবিঃ।"-গীতা (১০।৩৭)। "উশনা কুশপাণি চিন্তিয়া সঞ্জীবনী মন্ত্রিত কৈল কুশ জল।"-কবিক°।

উশেক-বি, যযাতিবংশীয় কৃতির পুত্র -(ভাগবত)।

উশিজ-বি, অঙ্গিরার পুত্র (ইনি বৃহস্পতির অগ্রজ)।

উশীনর-বি, পুরুবংশীয় নৃপতি-বিঃ ; মহা-মনার পুত্র ও শিবি রাজার পিতা। ২ যদুবংশীয় নৃপতি-বিঃ, (বসুদেব-পত্নী রোহিণীর গর্ভে জন্ম হয়)।

উশীর, উশীরক, উষীর [বশ্ (ইচ্ছা করা)+ঈর (র্ম্ম-ঈরক্)-জ্ঞা°] বি, গন্ধ-

তৃণবিশেষের মূল ; বেণার মূল ; খশ্‌খশ andropogon muricatus. "আমোদ করি সবুজ মোহে, উশীর-ঘন-সৌরভে।" -সবুজপত্র। **~বীজ** [উশীরের বীজ-৬ তৎ] বি, বেণার মূলের বীজ। ২ পর্ব্বত-বিঃ। **~স্তম্ব** [উশীরের (বেণার মূলের) স্তম্ব (গুচ্ছ) ৬ তৎ] বি, বীরণ-মূলের গুচ্ছ : বেণামূল বা খস্‌খস তৃণের গোছা।

উশুল [উ-উসুল। আ°-বাসিল > ওয়াশীল দ্রঃ] বি, আদায়। বিণ, **~ী**-যা উশুল দিতে হইবে বা হইয়াছে।

উষ১ [উষ্‌ (দাহ করা)+অ (র্তৃ-ক)-যে দাহ জন্মায়] বি, ক্ষার মৃত্তিকা।

উর্ষ২ [সং-উষঃ। প্রা°-উষো। উষ্‌+অ (র্তৃ)] বি, উষাকাল; প্রভাত। ২ [র্ম্ম] যাকে সন্তাপ জন্মায়; কামুক। ৩ গুগ্‌গুল্‌। স্ত্রীং~া।

উষ, ওষ [প্রাদে°] বি, হিম। "লাগিয়া কার্ত্তিকের উষ গায়ে হইল জ্বর।"-মৈ° গী°।

উষখুষ [হিং-অস্‌থাস্‌না, অস্‌থসানা] বি, উসখুস দ্রঃ।

উর্ষণ [উষ্‌ (দাহ বা জ্বালা করা)+অন (ণে) যদ্দারা কণ্ঠে দাহ জন্মে] বি, মরিচ। ২ পিপুলমূল। স্ত্রীং ~া-শুঁট ; পিপুলী।

উর্ষত [প্রা° বাং। সং-উল্লসিত > ; ভং] বিণ, উল্লসিত : আনন্দিত। "গোধন লইয়া বনে যাও আইস শিশুসনে দেখিয়া উ° বাসি মনে।"-ভাগবত (শ্যামাদাস)।

উর্ষদ্ধু-বি, যদুবংশীয় জনৈক রাজা : ইনি সর্ব্বদা যজ্ঞানুষ্ঠান করিতেন বলিয়া প্রসিদ্ধ হন।

উর্ষর [চরকে] বি, পিত্ত।

উর্ষসি [উৎ-শ্বাস-উচ্ছ্বাস >, ব্রজ°- 'উসাস', 'উসসি' (উচ্ছ্বাসিয়া)] ক্রি, দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করিয়া। "উষসি উষসি খসি খসি পড় নোর।"-বি° প°। "উসসি উসসি পড় খসি খসি আলি আলিঙ্গন চাহে।"-ঐ।

উর্ষসী-উষসী দ্রঃ।

উষা-উষা দ্রঃ।

উষাকাল, উষঃকাল [উষা-কাল (কল্‌=গণনা করা+অন-ণে) যার শব্দদ্বারা রাত্রি শেষ হইল বলিয়া অনুমান করা হয়] বি, কুক্কুট। ২ [উষা দ্রঃ] প্রাতঃকাল।

উষাপতি [উষার পতি (স্বামী) ৬ তৎ] বি, কৃষ্ণের পৌত্র ; প্রদ্যুম্নের পুত্র ; অনিরুদ্ধ।

উষিত [উষ্‌ (দাহ করা)+ত (র্ম্ম)] বিণ, যা দগ্ধ করা হইয়াছে; দগ্ধীভূত। ২ পর্য্যুষিত : বাসি। ৩ [বস্‌ (বাস করা)+র্তৃ-ত] স্থিত ; নিবিষ্ট ; কৃতনিবাস। ৪ ত্বরিত [বাং অন্য শব্দ বা উপসর্গযোগে ব্যবহৃত হয়]।

উষিপিষি, উষিপিষি, উষিপুষি, উষিমুষি [হিং-উসর-পসর : উসল-পসল্‌ (তুল-ও জোল-গাজল) উসখুস দ্রঃ। **উষু-পুষু, উষুমুষু, উস্‌মুস্‌** ও°, 'উসিপসি', 'ইস্‌পিস্‌', 'উসাপিস', নিস্‌পিস্‌ ই° এই শ্রেণীর শব্দ] বি, অস্থিরতা ; ব্যস্ততা। ক্রি, উষিপিষি করা : উষিমুষি করা=উস্‌খুস্‌ করা ; অস্থির হওয়া : ব্যস্ততা প্রকাশ করা : উঠিয়া যাইবার জন্য চঞ্চল হওয়া। "ঘরে শচীমায় উঠিবারে চায় উষিমুষি করে প্রভু।"-চৈ° ম°। "রাত্রি শেষ হৈল বেশ্যা উষিপিষি (পাঠান্তরে-উসি-পষি) করে।"-চৈ° চ°।

উষীর-বি, উশীর দ্রঃ।

উষোশ [প্রাদে°] বি, অবসর: অবকাশ।

উস্কণ [সং-উৎকষণ] বি, উজ্জ্বলকরণ : প্রদীপ্ত করণ।

উস্কা [হি°-উস্‌কন্‌। সং-উৎকষণ। হি°-উকসনা। উস্কাই, উস্কাও, উস্কায় ই°] ক্রি, উপরে উঠান। ২ উত্তেজিত করা।

উস্কাফুস্কা, -খুস্কা [প্রায়ই-উস্কো-ফুস্কো। উস্কা=শুষ্ক। খুস্কা=খুশ্‌ক্‌ অর্থাৎ শুষ্ক। সহচর শব্দে ইহার সহিত হি°-উস্‌কানা বাং ওস্‌কানোর (খোঁচা দিয়া ফুলান বা ফাঁপান) ভাব মিশ্রিত আছে। ফুস্কার সহিত স্ফীত হওয়ার ভাব জড়িত] বিণ, শুষ্ক এবং স্ফীত ; কেশ তৈলহীন সুতরাং শুষ্ক রূক্ষ এবং ফাঁপান ; দেহ তৈলহীন সুতরাং রূক্ষ এবং শুষ্ক।

উস্‌খুস্‌ [হি°-অস্‌থাস্‌না। উস্‌খুস দ্রঃ] ক্রি-বিণ, অস্থির ; ব্যস্ত ; চঞ্চল। ২ খুস্‌খুস্‌ দ্রঃ। কাশির বেগ ; খখ বা চিড়চিড়। প্র-গলা উ° করা।

উষ্টা [শ্রীহট্ট প্রাদে°] বি, পায়ের আঙুলের নীচের অংশ দ্বারা আঘাত। **উ° মারা, -লাগান**-ঐরূপ আঘাত করা। "উষ্টা লাইগ্যা পড়িয়া গেছে উপুরের গাত।"-ভারতবর্ষ, (মাঘ, ১৩৩৪)। ২ চড় (মৈ° গী°)।

উষ্ট্র [বস্‌ (বাস করা) ট্র (র্তৃ) (ব=উ), যে মরুভূমিতে বাস করে। তুল-আ°-উস্‌তুর্‌, ফা°-সুতুর্‌] বি, ক্রমেলক ; উট্‌ camel. স্ত্রীং **~ী**। **~কণ্টক-ভোজন ন্যায়**-উষ্ট্রের শমীকণ্টকভোজনবৎ অর্থাৎ অল্পমাত্র ভোজনসুখের জন্য অধিক কষ্ট স্বীকার করিয়া কণ্টকচর্ব্বণতুল্য। ইহা সামান্য সুখ হেতু বহু দুঃখভোগী সাংসারিকের প্রতি প্রযুক্ত হয়। **~ক্রোশী** [উষ্ট্র+(উষ্ট্রবৎ) ক্রোশিন (ক্রুশ্‌ রোদনে, চীৎকারে)+ণিন্‌ (র্তৃ)] বিণ, যে অত্যন্ত চীৎকার করে। > স্ত্রীং **~ক্রোশিনী**। **~যান**-উটের গাড়ী।

উষ্ট্রগ্রীব, -গ্রীবা [উষ্ট্রের গ্রীবার মত আকৃতি বলিয়া] বিণ, উষ্ট্রের মত গ্রীবা-বিশিষ্ট। ২ বি, ভগন্দর রোগ।

উষ্ট্রিকা [উষ্ট্র+ইক (ইকণ্‌) স্ত্রীং-আ] বি, স্ত্রী-উট ; উষ্ট্রী ; উট্‌নী। ২ মৃন্ময় মদ্য-ভাণ্ড।

উষ্ণ [উষ্‌ (দাহ করা)+ণ (র্তৃ) যে দাহ জন্মায়] বি, আতপ ; রৌদ্র ; খরা। ২ গ্রীষ্মকাল। ৩ উষ্মা। ৪ [উষ্ণবীর্য্য বলিয়া] পলাণ্ডু। ৫ বিণ, তপ্ত : গরম। ৬ তীব্র। ৭ উত্তেজিত। ৮ ক্রুদ্ধ। ৯ তৎপর; আলস্য-হীন। স্ত্রীং ~া-বি, সিদ্ধচাউল। ২ সন্তাপ। ৩ পিত্ত। ৪ যক্ষ্মারোগ। **~ক** [উষ্ণ+ক (স্বার্থে)] বিণ, উষ্ণকারক : সন্তাপক : ২ অনলস। ৩ ক্ষিপ্রকারী। **~কটিবন্ধ** [ভৌগোলিক পরিঃ] বি, উত্তরায়ণবৃত্ত বা কর্কটক্রান্তি এবং দক্ষিণায়নবৃত্ত বা মকর-ক্রান্তির অন্তর্ব্বর্ত্তী ভূমিভাগ torrid zone.

উষ্ণকর [উষ্ণ-কর (যে করে)] বিণ, উষ্ণকারক। ২ [উষ্ণ-কর (কিরণ) যার] বি, সূর্য্য ; মার্ত্তণ্ড। ৩ অগ্নি।

উষ্ণকাল [যে কাল উষ্ণ (ধা)] বি, গ্রীষ্মকাল ; বসন্তের পরবর্ত্তী এবং বর্ষার পূর্ব্ববর্ত্তী ঋতু : গরমি কাল। **~তা, ~ত্ব**-বি, উষ্ণের ভাব [বিজ্ঞা°] তাপের একটি লক্ষণ মাত্র, তাপ নয় ; যা হাতের চেয়ে গরম ঠেকে তা উষ্ণ। "ধাতু অল্প তাপেই অধিক উষ্ণ হয়,

জলে অপেক্ষাকৃত অধিক তাপ না দিলে তেমন উষ্ণ হয় না।"

উষ্ণনদী [উষ্ণ (তপ্ত) নদী (ধা)] বি, বৈতরণী নদী। পাপীর পক্ষে ইহার জল উষ্ণ [বৈতরণী দ্রঃ-"জলে জ্বলে পাপপ্রাণ তপ্ত তৈলে যেন॥"-মেঘ০]।

উষ্ণপ্রধান-বি, গ্রীষ্মপ্রধান।

উষ্ণপ্রস্রবণ-বি, উষ্ণ নির্ঝর hot spring.

উষ্ণবীর্য্য [উষ্ণ (প্রবল) বীর্য্য (শৌর্য্য, বল) যার-বহু০] বি, সূর্য্য। ২ তেজস্কর দ্রব্য। ৩ শুশুক।

উষ্ণরশ্মি [উষ্ণ-রশ্মি (কিরণ) যার-বহু০] বি, খরাংশু : উষ্ণকিরণ। ২ সূর্য্য। ৩ অর্কবৃক্ষ : আকন্দ।

উষ্ণাগম, উষ্ণোপগম [উষ্ণ (উষ্মা-রৌদ্র) আগম (উপস্থিত) যেকালে উষ্ণের উপগম (আগম) সেকালে-বহু০] বি, গ্রীষ্মঋতু, গরমিকাল।

উষ্ণানুষ্ণ [উষ্ণ+অনুষ্ণ] বিণ, উষ্ণ ও শীতল : ঠাণ্ডা গরম।

উষ্ণাভিগম [উষ্ণ+অভিগম] বি, গ্রীষ্মকাল।

উষ্ণালু [উষ্ণ+আলু (প্রত্যয়-আর্ত্ত অর্থে)] বিণ, যে উত্তাপ সহ্য করিতে পারে না। ২ আতপক্লান্ত।

উষ্ণাসহ [উষ্ণ+সহ] বি, বসন্তকাল।

উষ্ণিক [উৎ (ঊর্দ্ধে) স্নিহ্ (স্নিগ্ধ করা)+ক্বিপ্ (র্ত্তৃ), ত্ লোপ, স্ন-ষ্ণ ; হ্=ক্। যে ঊর্দ্ধদেশ বা মস্তক স্নিগ্ধ করে] বি, উষ্ণীষ, শিরস্ত্রাণ : শিরোবেষ্টন : পাগড়ি। ২ বেদাদির সপ্তাক্ষর ছন্দোবিঃ।

উষ্ণিকা [উষ্ণ (তপ্ত অন্ন)+ক+আ (স্ত্রীং)] বি, যবের মণ্ড ; যাউ।

উষ্ণীষ [উষ্ণ (তাপ) ঈষ্ (দূর করা)+অ (র্ত্তৃ-ক) যে তাপ দূর করে] বি, শিরোবেষ্টন : পাগড়ি। ২ কিরীট। ৩ বিশেষ চিহ্ন বা নিদর্শন। ~**ধারী**-বিণ, ধৃতোষ্ণীষ ; যার মাথায় পাগড়ি আছে : কিরীটী।

উষ্ণোদক [উষ্ণ (তপ্ত) উদক (জল)-ধা] বি, তপ্তজল ; গরমজল।

উষ্ণোপগম [উষ্ণের উত্তাপের-উপগম (উপস্থিত) হয় যে কালে-বহু০] বি, গ্রীষ্মঋতু : গ্রীষ্মকাল।

উষ্ম [উষ্ (দাহ করা)+মন্ (ধি) যে সময়ে দাহ জন্মায়] বি, গ্রীষ্মঋতু : গরম কাল। ২ তীব্রতা। ৩ সম্যক্ তাপ : উত্তাপ। ৪ রাগ : ক্রোধ। ৫ [ব্যা০] শ, ষ, স, হ এই বর্ণ চতুষ্টয়। ৬ স্বেদ-জল, ঘর্ম্ম। "উমার উষ্মায় উপজিল মশাগণ।"-শি০। ৭ গরমি গুমোট। উ০ **করা** [গ্রা০ প্রাদে০] উত্তপ্ত হওয়া : গা গরম হওয়া : জ্বর হওয়া। প্র-তার গা'টা কেমন উষ্ম করেছে। ২ গুমট হওয়া : গুমট করা। প্র-আজ এমন উষ্ম করে আছে বোধ হয় রাত্রে জল হতে পারে। ~**বর্ণ** [উষ্ম (উচ্চারণ বিষয়ে বায়ু-প্রধান)-বর্ণ (ব্যঞ্জনাক্ষর)] উষ্ম (৫) দ্রঃ। ~**ক** [উষ্ম+ক (স্বার্থে)] বি, গ্রীষ্ম-ঋতু : গ্রীষ্মকাল।

উষ্মা [মূ০-উষ্মন্, প্রাদে০ গ্রা০ 'উস্মো', 'উষ্‌মো'] বি, ক্রোধ : উত্তেজনা। "এঃ টা উষ্মা হয়েছে।"-আ০ শক্তি। ~**করা**-রাগ করা উষ্ণ হওয়া। ২ তাপ।

উষ্মাকার [উষ্ম-আকার (শরীর) যার-বহু০] বিণ, তেজস্বী। "ব্রহ্মার সদৃশ গুরু বড় উ০।"-কৃত্তি০।

উষ্মাগম [উষ্ম+আগম] বি, উষ্ণাগম দ্রঃ।

উষ্মান্বিত [উষ্ম-অন্বিত (যুক্ত)] বিণ, রাগান্বিত, ক্রোধযুক্ত : রুষ্ট। "যবনাধিপতি উ০ হইয়া পুনর্ব্বার যুদ্ধারম্ভ করিল।"-পুরুষ-পরীক্ষা।

উষ্মামতি [উষ্মা-মতি] বিণ, ক্রোধমতি ক্রোধান্বিত। "করে ভস্ম উ০ ভয়ঙ্কর বেশ।" -ঘ০।

উসখুস, উসখুষ [হি০-অস্‌পস। না, অস্‌থাস্‌না। অল্পার্থে 'উস্‌খুস্‌' শব্দাত্মক পদ] বি, চলাফেরা বা দেহাদির সঞ্চালনে বস্ত্রাদির সহিত ঘর্ষণে যে শব্দ হয়। "মানুষ চলার উসখুষ শব্দ হইল।"-রবী০ (গল্প)। ২ অস্থির, চঞ্চল। ~**করা**-ব্যস্ত হওয়া : উঠিয়া যাইবার জন্য অস্থিরতা প্রকাশ করা বা ব্যস্ত হওয়া। প্র-উসখুস করিও না স্থির হইয়া বস। "হলধর গদাধর উস্‌খুস্‌ করে। ছট্‌ফট্ ছট্‌ফট্ করে তারা মরে॥"-আলাল০।

উসন [প্রাদে০] বি, ওসার ; বিস্তৃতি। ২ (-না)-ক্রি, বিস্তার করা; উঁচান। ~**া**-বি, ধান্য অর্দ্ধসিদ্ধ করিয়া রৌদ্রে শুষ্ক করিয়া ও ভানিয়া যে চাউল প্রস্তুত হয়।

উসভ [বৌ০ সা০] বি, ১৪০ হাত পরিমাণ (১২ হাত=২ বিতস্তি=১ রত্নি ; ৭ রত্নি=১ যষ্টি, ২০ যষ্টি=১ উসভ)-জাতক, ৪র্থ খণ্ড (টীকা)।

উসরা-ধাইর দ্রঃ।

উসরি, [ওসার (আড়) ক্রি আড় হইয়া : এক পাশ হইয়া। "বন্দী দেখি মহাবীর বলে ভাই ভাই। উসরিয়া সবে দেহ একটুকি ঠাই॥"-কবিক (অ০ সরকার সংস্করণ)।

উসরিপসারি [ওসার-প্রসার (আড়ে দীর্ঘে অর্থে)] একপাশ হইয়া, আড় হইয়া : হাত পা লম্বালম্বিভাবে প্রসারিত করিয়া। "উ-প দেহ একটুক ঠাই।"-কবিক০।

উসাশ, -স [সং-উৎসারণ। হি০-উসারনা : অপসারণ। হি-উদাস, উসাসা (সং-উৎশ্বাস) স্ফীত করা ~ আলগা করা] বিণ, মুক্ত : অনাবৃত। ২ স্ফীত : শিথিল, আলগা, ঢিলা। "কাপড় উ০ করে যেন মবায়ের বড়।"-কবিক০। "বন্ধন উ০ তার করিল সকল।"-ঐ। ৩ অবকাশ : ফাঁক।

উসিপিসি, -পিসি [উষিপিষি দ্রঃ। ইহা হতে বাং-ইস্‌পিস্‌, নিস্‌পিস্‌] বি, অস্থিরতা, চঞ্চলতা। উ০ **করা**-ব্যস্ত হওয়া অস্থির হওয়া।

উসুমুসু-উষিপষি দ্রঃ।

উস্নি [উরস্নি (দ্রঃ) > স্থে০। সং-বর্ষণ+ইয়া=বর্ষার। ব=উ] বিণ, বৃষ্টির বা বর্ষার জল যা ছাঁইচ হতে বা চাল বাহিয়া ঝরঝর করিয়া পতিত হয়। ~**জল**-ছাঁইচের জল। তা হতে রঙধরা জল। কোন জলীয় আহারীয় বিস্বাদ এবং উপযুক্ত মসলা বিহীন হলে বা অতিশয় জলো দুধকে রূপকের ভাষায় 'উস্নি জল' বলে। প্র-ঝোল ত নহে যেন 'উস্নি জল' দুধ ত নয় 'উস্নি জল' ই০।

উস্কা [উদ্ধ্রণ। উস্কো দ্রঃ] বিণ, আলগা।

উস্কানি, উস্কানি [সং-উৎকর্ষণ। হি০-উস্‌কানা। বাং-উচ্চারণভেদে ওস্কান] ক্রি.

উস্কাইয়া দেওয়া ; বর্দ্ধিত করা ; বাড়াইয়া দেওয়া ; উজ্জ্বল করিয়া দেওয়া। প্র-প্রদীপের শলতে উস্কান। ২ উত্তেজিত করা ; টুটাইয়া দেওয়া। প্র-সেই ত রোজ উস্কে দিয়ে দিয়ে ঝগড়াটি বাধালে। ৩ খোঁচা দেওয়া। ৪ খোঁচা দিয়া মুখ করিয়া দেওয়া। প্র-ফোড়ার মুখ একটু উস্কে দিলেই হইবে। ৫ উন্মেষিত করা। বি, উস্কন।

উস্কুরো [প্রাদে০] বি, কোনো চাপ বস্তু শুকাইয়া ঝুরো হইলে তাকে উ০ বলে (প্রায়ই শুষ্ক বিষ্ঠার সম্পর্কে উক্ত হয়)।

উস্খো, উস্খা [উস্ক দ্রঃ। খুস্কোর অনুকরণে] বিণ, আলগা। ২ তৈলহীন। প্র-মাথাটা উস্খ হ'য়ে রয়েছে, একটু তেল দাও।

উস্খোখুস্খো, উস্খাখুস্খা [প্রাদে০ গ্রা০ উস্কোখুস্কো উস্‌খ (আলগা, অযত্নবিন্যস্ত, হেলাগুচ্ছা) খুস্‌খ (তু-খ্‌শুক্‌=সং-শুষ্ক) বা শুষ্ক হতে উস্ক এবং খ্‌শুক্‌' হতে খুস্খ-সহচর শব্দ। চুল শুষ্ক হইলেই আলগা হইয়া যায়] বিণ, শুষ্ক এবং অযত্নবিন্যস্ত (কেশ) ; তৈলাদি স্নেহ-পদার্থবিহীন এবং উন্মুক্ত ; রুক্ষ। ক্রি, উ০-খু০ করা-আলগা করা ; বন্ধন খুলিয়া এলোমেলো করিয়া ফেলা। প্র-খোপা ও বিনুনি খুলিয়া চুল উ০-খু০ করিয়া ফেলিল।

উস্তুন্‌খুস্তুন্‌ [উস্তন্‌ (উদ্বাস্ত করণ-উদ্বস্তন্‌-উস্তন্‌। উ, উস্তানা=খোঁচা দেওয়া, গ্রা০ ভাষায়, কাটি করা)+খুস্তন (ফা০ কুশ্‌তন্‌=হনন করা-জ্বালান পোড়ানর ভাব)] বি, জ্বালাতন পোড়াতন করা ; শান্তিতে তিষ্ঠিতে না দেওয়া ; খোঁচাখুঁচি দ্বারা অতিষ্ঠ্য করিয়া তোলা।

উস্তাদ, ওস্তাদ [আ০-উস্‌তাদ্‌=শিক্ষক] বি, শিক্ষক ; গুরু। ২ দক্ষ কারিগর (তুল-ওস্তাগর)। ৩ বিণ, অতি চতুর বা চালাক। প্র-ছেলে ওস্তাদ হয়ে উঠেছে।

উস্তাদী, ওস্তাদি-বিণ, চালাকী। ২ বি, শিক্ষকতা।

উহ [ব্রজ০, হি০-বহ্‌] স, ঐ বস্তু : নির্দিষ্ট বস্তু বা বিষয় ; উহা। ২, ঐ জন : ঐ ব্যক্তি : ও। "উহ মধুজীব তুহুঁ মধুরাশে," "কাহার রমণী কে উহ জান।"-বি০ প০। "উহ রসময়ী ইহ রসিক শিরোমণি।"-চণ্ডী০।

উহা [সং-অদস্‌। প্রাকৃ০-অহা ; ওহা। বাং-উহা। হি০-উস প্রাদে০, গ্রা০-উয়া "উয়াতে মোকের কষ্ট লাই।"-উত্তরা, ১৩৩৩। সম্ভ্রমে-উঁহা, উঁহার, উঁহাকে, উঁহাদের, উঁহাদিগের, উঁহাদিগকে ই০] স, ওই-ব্যক্তি ; ওটা ; ও-বিষয়। ২ তাহা ; সেটা। "কিন্তু ইহাই জিজ্ঞাসা করি তুমি যে পদবীতে পদার্পণ করিয়াছ উহা কি সাধু-সম্মত?" -কাদ০।

উহাড় [হি০-ওহার > ; ওয়াড় দ্রঃ] বি, খাপ ; আচ্ছাদনী ; ওয়াড়।

উহাপোহা [প্রাদে০। সং-উহাপোহ (প্রাপ্তি বিষয়ে কৃতনিশ্চয় সংশয়হীন) >] বি, অন্ধিসন্ধি। ২ সম্যক্‌ অনুসন্ধান [অপ্র০]।

উহার [উহা দ্রঃ। সম্বন্ধে স, ঐ ব্যক্তির ; তাহার ; ঐ বস্তুর। ব্যক্তিপক্ষে অবজ্ঞার্থে] "গ্রহণের কাল পেয়ে রাহু আসিতেছে ধেয়ে, উহাপানে ধনি চেয়ে দেখোনা লো দেখোনা। ওতো নিজে মূর্খ রাহু, পসারি আসিছে বাহু, কাজকি উহার ভয়, রেখোনা লো রোখোনা॥" -রস-তরঙ্গিণী।

উহু, উহুঃ, উহুহু [অহহ >] বি, যন্ত্রণাব্যঞ্জক শব্দ। "সকলের বদন হইতেই অজ্ঞাতসারে যন্ত্রণাব্যঞ্জক 'উহু' শব্দ বাহির হইয়া পড়িল।"-নবাবনন্দিনী (দামোদর)। "উহুহু দারুণ বিধি, মোরে দিল নিরবধি, সেইত যাতনা আছি চিরদিন বহিতে।" -ম০ মো০ ত০।

উহু উহু [উহু (যন্ত্রণাসূচক শব্দ)+উহু (আধিক্য অর্থে দ্বিত্ব)] অ, অতিশয় যন্ত্রণা-সূচক শব্দ। "আহা আহা হরি হরি উহু উহু মরি মরি।"-অ০ ম০। "আহা আহা উহু উহু করে হায় হায়।"-শি০। ২ শৃঙ্গার রসের উত্তেজক শব্দ [উঁহুঁ দ্রঃ]।

উহুঁ, উহুঁহুঁ-অ, নিষেধার্থে। ২ অস্বীকারে। ৩ প্রশ্নের নঞর্থক উত্তরে।

উহে [হি০-বহ >] স, উহাতে। "দেখি সুবদনী কহে, কি নাম লিখিলা উহে, পরিচয় দেও আপনার।"-চণ্ডী০।

উহ্য (উহ্ন) [বিণ, অপ্রকটিত বা অনুল্লেখ, প্রকাশ না থাকিলেও যা অবগত হওয়া যায় বা যা আছে বলিয়া কল্পিত হয় ; অনুক্ত, অনুল্লিখিত elliptical. ~মান-[বহ্‌ (বহন করা)+মান (র্শ্ব, শান) য-ম আগম] বিণ, বাহ্যমান ; যা বহন করা যাইতেছে। ২ গৃহ্যমাণ। ৩ যা আনয়ন করা যায়।

ঊ

ঊ-স্বরবর্ণমালার ৬ষ্ঠ বর্ণ। দীর্ঘস্বর। উচ্চারণ-স্থান ওষ্ঠ। ওষ্ঠদ্বয় বিলক্ষণ সঙ্কুচিত ও সম্মুখে প্রলম্বিত, মুখবিবর ক্ষুদ্রতম এবং জিহ্বা সঙ্কুচিত করিয়া উচ্চারণ করিতে হয়। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে, ইহার আকার (ূ) এইরূপ হয়। যথা-ক + ঊ = কূ ; র+ঊ=রূ। ২ [অব্‌ (রক্ষা করা, পালন করা) +০ (র্ত্ত-ক্বিপ্‌)-অ লোপ ; ব-ঊ্‌-ঊ] বিণ, পালনকর্তা ; রক্ষাকর্ত্তা। ৩ বি, শিব। ৪ চন্দ্র। ৫ অ, শোক, দুঃখ, যন্ত্রণাদি-সূচক। ৬ বাক্যারম্ভ।

ঊআর [বৌ০ বাং প্রাকৃ০] বি, উপকার (দো০ ১১৯)।

ঊঃ-অ, যন্ত্রণাব্যঞ্জক। ২ বিদ্রুপব্যঞ্জক।

ঊঁ-অ, আক্রোশ ; ক্রোধ ; ঔদাসীন্য ও ভয়প্রদর্শন বা তাড়না স্থলে প্রযুক্ত।

ঊকা/র-বি, ঊ এই বর্ণ, ূ। ~রাদি-বিণ, যার আদিতে ঊ আছে, ঊ ই০। ~রান্ত-বিণ, যার অন্তে ঊ আছে।

ঊখলি [উদূখল >] বি, উদূখল।

[বহ্‌ (বহন করা)+ত (র্শ্ব) (ব=উ,

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্চ ক্ষ=ক্‌ষ হু=হ্‌ হু হ্ম হ্ন হ্ব=ন্হ হ্ব হ্‌হ ত্‌ ব্য, জ ক্‌ ব্‌ত্ত=zfwv ও চ্চা০ দ্রঃ

হ্=ত্+ঢ়) উ=উ। যা বহন করা হইয়াছে] বিণ, ধৃত। ২ অঙ্গীকৃত। ৩ [বহ্ (বিবাহ করা)+ত (র্তৃ)] যিনি বিবাহ করিয়াছেন ; কৃতদার ; বিবাহিত। স্ত্রীং ~া-বিবাহিতা: পরিণীতা। বি, উঢ়ি-বিবাহ।

উর্ত [বে (বস্ত্র নির্ম্মাণে)+ত (র্ম্ম)] বিণ, যা বোনা হইয়াছে : বোনা woven. বি, **উতি** [+ক্তি (ভা॰)] বয়ন। ২ সেলাই।

উধঃ, উর্ধস্, উর্ধস্ [বহ্ (বহন করা) স্থানে উধস্ (বহনযোগ্য অর্থে নিপাত) গবাদি পশুরা যা দুগ্ধের আধার রূপে বহন করে] বি, পশুর স্তন ; গাভী ই॰-র পালান ; মেঢ়।

উধিস্য [বহ্=উধস্ (পশু-স্তন) তৎসম্বন্ধীয় অর্থে বা তদুৎপন্নার্থে-যণ্, যা পশুর স্তন হতে উৎপন্ন বা নিঃসৃত হয়] বি, দুগ্ধ।

উণ [সং-উর্ণা। হি॰-উন, তুল-ইং-wool] বি, উর্ণা : পশুলোমজাত সূত্র : উল দ্রঃ। **~ী** [উণ+ই (নির্ম্মিত অর্থে)] বিণ, উর্ণাজাত ; উল-নির্ম্মিত।

উন [উন্ (কম করা)+অ (ভা॰)] বি, কম ; ন্যূন। ২ [র্তৃ-অ] বিণ, হীন : অসম্পূর্ণ। ৩ কমজোর ; দুর্ব্বল। স্ত্রীং ~া-বিণ, হীনা ; ন্যূনা। "হইলে একটু উনা দুনা কড়ি চায়।"-কুঙ্কুম॰। **উনা ভাতে দুনা বল, ভরা ভাতে রসাতল**-পরিমিত (অল্প) আহারে শরীর হাল্‌কা থাকে, শীঘ্র পরিপাক হেতু দেহে বল হয়, কিন্তু খুব পেট ভরিয়া খাইলে আলস্য জন্মে, সুতরাং ধরাতল আশ্রয় গ্রহণ করিতে হয়। অর্থাৎ চলচ্ছক্তি ও কর্ম্ম-শক্তি রহিত হইয়া শয্যা গ্রহণ করিতে হয়। **~আশী** [সং-উনাশীতি বা একোনাশীতি >, উনাশী, উনাশীতি, >] বি, ৭৯ সংখ্যা। ২ বিণ, ৭৯ সংখ্যক। **~কোটি-চৌষট্টি** [গ্রা॰-উনকুটি চৌকুটি বা চৌষট্টি] বিণ, প্রায় সম্পূর্ণ ; খুঁটাইয়া ; খুঁটিনাটি কিছুই প্রায় বাদ না দিয়া। প্র-উন কোটি চৌষট্টি রকম আয়োজন। **~চত্বারিংশ, -শৎ** [সং-উনচত্বারিংশৎ >] বি, উনচল্লিশ সংখ্যা : ৩৯। ২ বিণ, ৩৯ সংখ্যক। **~চত্বারিংশত্তম**-বিণ, ৩৯ সংখ্যক। **~চল্লিশ** [সং-উনচত্বারিংশৎ >] বি, বিণ, উনচত্বারিংশ (দ্রঃ)।

উন/জন [বিপরীত অভিজন (দ্রঃ)] বি, অল্পসংখ্যক লোকবিশিষ্টতা minority. ২ বিণ, সংখ্যালঘু বা লঘিষ্ঠ ; সংখ্যাল্প। "উ॰ ও অভিজন সম্প্রদায়ের কথা বলা হইয়াছে।" -বসুমতী, ১৩৩৭। **~ত্রিংশ** [সং-উনত্রিংশৎ >] বি, বিণ, উনত্রিশ ; ২৯ সংখ্যা বা সংখ্যক। **~ত্রিশ** [সং-উনত্রিংশৎ ; প্রাকৃ॰-উনত্রিংশ] বি, বিণ, ২৯ সংখ্যা বা সংখ্যক। **~ত্রিংশৎ**-বি, বিণ, ২৯ সংখ্যা বা সংখ্যক। **~ত্রিংশত্তম**-বিণ, ২৯এর পূরক। **~নবতি**-বি, বিণ, উননব্বই (দ্রঃ), -৮৯। **~নবতিতম**-বিণ, ৮৯ সংখ্যার পূরণ 89th. গ্রা॰-উননই ; উনুনাই। **~নব্বই** [সং-উননবতি >] বি, বিণ, ৮৯ সংখ্যা বা সংখ্যক। **~পঞ্চাশ** [সং-উনপঞ্চাশৎ >] বি, বিণ, ৪৯ সংখ্যা বা সংখ্যক। **~পঞ্চাশৎ** -বি, বিণ, ৪৯। **~পঞ্চাশত্তম**-বিণ, ৪৮এর পরবর্ত্তী সংখ্যা। **~পাঁজুরে** [উন (এক কম) পাঁজর (পঞ্জর)+ইআ-উনপাঁজরিয়া=উনপাঁজুরে (দ্রুত উচ্চারণে) -যে গরুর একখানি পঞ্জরাস্থি কম -অলক্ষণাক্রান্ত গরু >ঐরূপ গরুর সহিত তুলনায় উক্ত, বালক পক্ষে। ঐরূপ বালিকার্থে **~পাঁজুরী**। বিণ, অলক্ষণযুক্তা ; অলক্ষুণে। **~পাঁজুরে বরা খুরে** [উন্ পাঁজুরে+বরা (বরাহ) খুর+ইআ > বরাখুরিয়া > বরা খুরে-একটী পঞ্জরাস্থি কম ও বরাহের খুরের মত খুরযুক্ত, সুতরাং অতিশয় অলক্ষণাক্রান্ত গরু] বিণ, সকল অলক্ষণাক্রান্ত : অতিশয় অলক্ষুণে। **~বিংশতি** [উন (এক কম) বিংশতি (কুড়ি)] বি, বিণ, উনিশ ; ১৯ এই সংখ্যা বা সংখ্যক। **~বিংশতিতম**-বিণ, ১৯এর পূরক সংখ্যা।

উন/বুক [উন (কম) বুক (বক্ষঃ) সাহসের স্থান > সাহস] বি, কম সাহস। ২ বিণ, ভরসাহীন, হতাশ। **~বুকে**-ক্রি-বিণ, কম সাহসে ; ভরসাহীন হইয়া ; ভয়ে ভয়ে ; ভীরুতার সহিত। "এক বলিতে দশ বলিবে না করিবে ত্রাস। উনবুকে নাহি হয় সতীনের হ্রাস॥"-কবিক॰। **~ষট্টি, ~ষাইট, ~ষাট** [উনষষ্টি >] বি, বিণ, ৫৯ সংখ্যা বা সংখ্যক। **~ষষ্টি**-বি, বিণ, ৫৯ এই সংখ্যা বা সংখ্যক। **~ষষ্টিতম**-বিণ, ৫৮এর পরবর্ত্তী সংখ্যা। **~সত্তর** [সং-উনসপ্ততি ; প্রাকৃ॰-উনহত্তইড >] বি, বিণ, ৬৯ সংখ্যা বা সংখ্যক। **~সপ্ততি**-বি, বিণ, ৬৯ সংখ্যা বা সংখ্যক। **~সপ্ততিতম**-বিণ, ৬৮এর পরবর্ত্তী সংখ্যা।

উনাশী, উনাশীতি-উনআশী দ্রঃ। **~তম**-৭৯ এই সংখ্যার পূরণ 79th

উনিশ [সং-উনবিংশতি ; প্রাকৃ॰-উনইস] বি, বিণ, উনবিংশতি সংখ্যা বা সংখ্যক। **~া, -শে**-মাসের ১৯ তারিখ।

উনু [উন > গ্রা॰ উচ্চারণ] বিণ, কম ; হীন। ২ দুর্ব্বল। "উনুবুক।"-কবিক॰।

উনো [উন > গ্রা॰ উচ্চারণে] বিণ, কম। "উনো ভাতে দুনো বল।"-প্রবচন।

উপ্ [শব্দাত্মক। উপ্ > উপ্ > হুপ্, ঝুপ্ (হুপ্ দ্রঃ)] বি, হনুমানের ডাক ; উপ্ উপ্ শব্দ (এই ডাক দিয়া হনুমান চকিতের মধ্যে গাছে উঠে বা এক গাছ হতে অন্য গাছে লাফ দেয় বলিয়া 'উপ' বা উপ্ করিয়া অর্থে একলাফে)। ২ অ, অকস্মাৎ।

উম্ [উম্ দ্রঃ]।

উয়া,₁ ["নাম ধাতু ; প্রাকৃ॰-উণ্হ, উম্হ হতে বোধ হয়।"-ব॰ বিশ্ববল্লভ (শ্রী॰ কী॰ টীকা)। সম্ভবতঃ সং-উদ্ধান, উদ্ধান (চুল্লী উধান, উদান > উআঁ > উয়া। "উদ্ধান-মধিশ্রয়ণী চুল্লিরন্তিকা")] ক্রি, দগ্ধ হওয়া ; দগ্ধ করা ; পোড়া ; পোড়ান। "যেন উয়ে কুম্ভারের পণী।"-শ্রী॰ কী॰।

উয়া,₂ [প্রা॰ বাং। সং-উদয় > উঅঅ > উআ, উয়া] ক্রি, উদয় হওয়া ; উদিত হওয়া ; প্রকাশিত হওয়া। "যেন উয়ে গগনে চান্দ গোটা।"-শ্রী॰ কী॰।

উয়ী [উই দ্রঃ] বি, বল্মীক ; শাদা পিপীড়া ; রুই।

উরব্য [উরু (দ্রঃ)+য (তত্র ভব অর্থে) যে ব্রহ্মার উরুদেশ হতে উৎপন্ন] বি, বৈশ্য-জাতি। ২ বিণ, উরুজাত ; উরুজ।

উরা [উরা দ্রঃ। পদ্যে। উত্তরণ অর্থে উরি, উর, উরহ। উরে। অস-ক্রি, উরিতে ;

উরিয়া ; উরি (কো°)] ক্রি, অবতীর্ণ হওয়া; আবির্ভূত হওয়া ; আসা। "উর তবে, উর দয়াময়ি, বিশ্বরমে! * * উরি, দাসে দেহ পদছায়া।" -মেঘ°। "উর ঘটে পূর অভিলাষ॥"-ঘ°। ২ উরু ; উরৎ। "নিদ্রা যায় মুনি কন্যা-উরে শির দিয়া।"-মহা° (কাশী) [অপ্র°]।

উরু [গ্রা°-উরৎ, উরত, উরুত, উরাত, উরোত। উর্ণ্ (আচ্ছাদনে)+উ (র্ম্ম) ণ্-লোপ। যাকে বস্ত্রদ্বারা আবৃত রাখে] বি, জানুর ঊর্দ্ধ ভাগ ; হাঁটুর উপরস্থিত স্থূল বা মাংসল ভাগ ; কুঁচ্‌কি হতে হাঁটু পর্য্যন্ত চরণাংশ ; উরৎ। "ঝক ঝকি উরুদেশে * * শোভে খরশাণ অসি * *।"-মেঘ°। **~গ্রাহ** [উরু-গ্রহ্ (গ্রহণ করা) +অ (র্ত্তৃ) যে উরুদেশকে গ্রহণ (আক্রমণ করে)] বি, উরুস্তম্ভ রোগ। **~জ** [উরু (দ্রঃ)-জ [জন্ (জন্ম হওয়া)+ড (র্ত্তৃ)-যে উরুদেশ হতে জন্মিয়াছে] বি, বৈশ্যবর্ণ। **~দঘ্ন**-বিণ, উরত পর্য্যন্ত উঁচু। **~পর্ব্ব** [পর্ব্বন্ বাং বিরল] বি, হাঁটু। **~পর্ব্বা**। **~ভঙ্গ**-বি, জঙ্ঘাস্থিভগ্নকরণ। প্র-ভীম কর্ত্তৃক কুরুরাজের উরুভঙ্গ। **~স্তম্ভ** [উরু-স্তন্ভ্ (স্থির হওয়া, অবশ হওয়া)+অ (ণে) যদ্দ্বারা উরুদেশ স্থির (অবশ) হয়] বি, উরুতে সঞ্জাত দুষ্টব্রণ বা বিস্ফোটক। > স্ত্রীং **~স্তম্ভা** [উরু তুল্য স্তম্ভ (কাণ্ড) যার-বহু°] বি, কদলীবৃক্ষ।

উরুপা [ল্যা°-Europa শব্দ হতে কবি নবীনচন্দ্র কর্ত্তৃক গঠিত। বৈদিক নাম হরিয়ুপিয়া] বি, য়ুরোপ Europe. "হতভাগ্য দীনবন্ধু যদি দেশান্তরে-পুণ্যখণ্ড উরুপায় লভিত জনম।"-নবীন°। "গতস্মৃতি গ্রীস, রোম, উরুপা, মার্কিন, কে আছে জগতে আর।"-রঙ্গমতী (নবীন)।

উর্জ্জ, উর্জ্জঃ [মূ°-উর্জ্জস্, বাং বিরল] বি, বল, শক্তি। ২ বীর্য্য। ৩ উৎসাহ। ৪ জীবন ; প্রাণ। ৫ নিঃশ্বাস। ৬ চেষ্টা। ৭ জল। ৮ অন্ন। স্ত্রীং **~া**-শক্তি। ২ উৎকর্ষ। ৩ উৎসাহ।

উর্জ্জস্বল [উর্জ্জস্ (সামর্থ্য) + বল (স্ত্য)] বিণ, বলবান্ ; পরাক্রান্ত। ২ দৃঢ়দেহ।

উর্জ্জ/স্বান্ [মূ°-উর্জ্জস্বৎ] বিণ, উর্জ্জস্ব। স্ত্রীং **~স্বতী**। **~স্বী** [উর্জ্জস্ (তেজ, বল) + বিন্ (স্ত্য) উর্জ্জস্বিন্ ১মা ১ব°] বিণ, বলশালী ; শক্তিধর। ২ তেজস্বী। > স্ত্রীং **~স্বিনী**।

উর্জ্জিত [উর্জ্জ্ (তেজ, বল)+ত (র্ত্তৃ) যিনি তেজ ধারণ করেন] বিণ, বলবান ; তেজস্বী ; শক্তিশালী। ২ তেজস্কর। "উর্জ্জিতাস্ত্র সমস্ত প্রস্তুত হয়ে আছে।"-শি° [তুল-"তেজস্কর অসি।"-মেঘ°] ৩ বর্দ্ধিত। ৪ উদার। ৫ [ভা°-ত] বি, বল ; সামর্থ্য। ৬ উৎসাহ।

উর্ণনাভ, -নাভি [উর্ণ (সূত্র) নাভ, নাভি (নাভি হতে বহির্গত হয়) যার-বহু°] বি, মাকড়্সা।

উর্ণা [উর্ণ (আচ্ছাদন করা) + অ (র্ত্তৃ) স্ত্রীং -আ যে মেষাদি পশুর শরীর আচ্ছাদন করে। তুল-হি°-উন,' ই°- wool] বি, মেষাদি পশুর লোম ; পশম। ২ ভ্রূদ্বয়ের মধ্যে মৃণাল সূত্রের ন্যায় অতি সূক্ষ্ম রোম সমূহের বর্ত্তুলাকার চিহ্নবিঃ ; ভ্রূমধ্যস্থ রোমাবর্ত্ত। এই রোমাবর্ত্ত রাজচক্রবর্ত্তী কিংবা মহাযোগসাধকের ললাটে লক্ষিত হয়। **~ময়** [উর্ণা +ময়ট্ (প্রস্তুতার্থে] বি, মেষলোমদ্বারা প্রস্তুত সূত্রাদি। **~য়ু** [উর্ণা (মেষলোম)+যু (স্ত্য) মেষলোম যাতে বিদ্যমান রহিয়াছে] বি, মেষ। ২ মেষলোমনির্ম্মিত আসন ; কম্বল। ৩ উর্ণনাভ ; মাকড়্সা। ৪ গন্ধর্ব্ববিঃ।

উর্দ্দি-উর্দি দ্রঃ।

উর্দ্দু-উর্দু দ্রঃ।

ঊর্দ্ধ [উদ্ (উপরি) হা (গমন করা)-ড (র্ত্তৃ) +ব। উদ্-উর্। অতি প্রা° বাং 'উহ' দো° ১২৭)] বিণ, উন্নত ; উচ্চ। ২ উপর। ৩ উৎকৃষ্ট। ৪ অনন্তর। ৫ [উদ্-হা (ত্যাগ করা)] ত্যক্ত। ৬ [বৈদিক যুগে] উদয় হতে মধ্যাহ্ন পর্য্যন্ত।-নিরুক্ত। ৭ (> আধু°) ঊর্দ্ধদিক্।

ঊর্দ্ধ/ক [ঊর্দ্ধ (উচ্চ)-ক (কৈ শব্দ করা) + অ (র্ত্তৃ)। যে ঊর্দ্ধে নীত হইয়া বাদিত হয় বা বাদিত হলে উচ্চ ধ্বনি করে] বি, বাদ্যযন্ত্র ; মৃদঙ্গবিঃ ; যা ঊর্দ্ধে তুলিয়া বাজায়। **~কণ্ঠ** [ঊর্দ্ধ কণ্ঠ (গ্রীবা) যার-বহু°] বিণ, উচ্চকণ্ঠ ; উন্নতগ্রীব। স্ত্রীং **~কণ্ঠী**-শতাবরী লতা। **~কর্ণ**-বি, শুনিবার জন্য কাণ খাড়া ; উৎকর্ণ। > স্ত্রীং **~কর্ণা**। **~কায়** [ঊর্দ্ধ-কায় (দেহ) যার-বহু°] বিণ, উচ্চদেহ ; উন্নতদেহ। ২ [ঊর্দ্ধ (নাভির উপরিস্থিত) কায় (দেহ) (ধা) মতান্তরে কায়ের ঊর্দ্ধ (উপবিভাগ) ৬ তৎ] বি, নাভির ঊর্দ্ধস্থ শরীরাংশ ; পূর্ব্বকায়। > স্ত্রীং **~কায়া**। **~কেতু** [ঊর্দ্ধ-কেতু যার-বহু°] বিণ, উন্নতধ্বজ ; উচ্ছ্রিতধ্বজ ; ঊর্দ্ধপতাক। ২ বি, জনকবংশীয় রাজাবিঃ। **~কেশ** [ঊর্দ্ধ-কেশ যার-বহু°] বিণ, ভূতাধ্যক্ষ ; ভূতযোনি। ২ বি, কুশময় ব্রাহ্মণ। ৩ ব্রহ্মা। > স্ত্রীং **~কেশী**।

ঊর্দ্ধ/গ (-গ) [ঊর্দ্ধ-গ গম্-(গমন করা) + অ (র্ত্তৃ) যে ঊর্দ্ধে গমন করে] বিণ, উপরি গমনশীল ; ঊর্দ্ধগামী ; গগনবিহারী। স্ত্রীং **~া**। ২ [গ্রা°-উদ্ধুক] রোগবিঃ। "উ° বিকারে মোর পড়িয়াছে দাঁত।" -অ° ম°। ৩ সৎ-পথাবলম্বী ; মহদাচারবান্ ; সত্যনিষ্ঠ। ৪ ধার্ম্মিক ; শাস্ত্রোপদেশশাসিত। ৫ [যিনি সকলের ঊর্দ্ধে থাকেন] পরমেশ্বর। **~গত**-বিণ, উত্থিত ; আরূঢ়। **~গতি** [ঊর্দ্ধে (উপরদিকে) গতি (গমন) ৭তৎ] বি, ঊর্দ্ধে চলন ; উচ্চ গমন ; উপরে ভ্রমণ। ২ স্বর্গগমন ; স্বর্গারোহণ। ৩ উন্নতস্থানে আরোহণ ; উপরে উঠা। ৪ পারলৌকিক মঙ্গল। "আমার কি সাধ্য তাঁর করি ঊর্দ্ধগতি।"-মহা° (কাশী)। ৫ [ঊর্দ্ধে গতি (গমন) যার-বহু°] বিণ, স্বর্গগত ; স্বর্গারূঢ়। ৬ উচ্চগতিপ্রাপ্ত। **~গল**-ঊর্দ্ধকণ্ঠ (দ্রঃ)।

ঊর্দ্ধ/গপুর [ঊর্দ্ধ (উপরে) গ-(যে ঊর্দ্ধে গমন করিয়াছে) তার পুর-৬ তৎ] বি, রাজা হরিশ্চন্দ্রের নগর। ২ [ঊর্দ্ধগ (ঊর্দ্ধস্থিত)-পুর (ধা)] পুরনামক অসুরের নগর। **~গামী** [ঊর্দ্ধ (উপরে)-গম্ (গমন করা) + ইন্ (র্ত্তৃ)-ঊর্দ্ধগামিন্ ১মা ১ব°] বিণ, ঊর্দ্ধে গমনশীল ; আকাশবিহারী। ২ উন্নতি-

শীল। ৩ উপরিস্থিত। > স্ত্রীং ~গামিনী। ~চরণ [ঊর্দ্ধ (উপরদিকে স্থিত) চরণ (পাদ) যার-বহুং] বিণ, ঊর্দ্ধপাদ। ২ বি, শরভ ; অষ্টপাদ মৃগ (যার অষ্ট চরণের মধ্যে চারিখানি চরণ সর্ব্বদা ঊর্দ্ধগত থাকে)। ৩ যিনি চরণ ঊর্দ্ধগামী করিয়া যোগসাধন করেন ; ঊর্দ্ধপাদ যোগী [ঊর্দ্ধবাহু দ্রঃ] ~টান [ঊর্দ্ধ (ঊর্দ্ধদিকে) টান (খাসের আকর্ষণ, গতি)] বি, মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে খাসের ঊর্দ্ধগতি ; খাসটান। "কণ্ঠ যবে রুদ্ধ হবে নিঃশ্বাস ঘন বহিবে, ঊর্দ্ধটান হবে, নেত্রে না রবে স্পন্দন।"-কাং প্রং ঘোষ। ~তন [ঊর্দ্ধ (উপরি) + তন (ভবার্থে)] বিণ, যে বা যা ঊর্দ্ধদিকে আছে ; উপরিস্থিত। ২ প্রথমে অতিবাহিত ; পূর্ব্বে গত ; যারা ইহাদের পূর্ব্বে ছিল। প্র-উং চতুর্দ্দশ পুরুষ ; উং ষট্‌পুরুষ। ~তল-বি, উপরিতল।

ঊর্দ্ধ/থা [ঊর্দ্ধ + থা (প্রকারার্থে)] অ, ঊর্দ্ধদিকে। ২ ঊর্দ্ধভাবে। ~দৃষ্টি [ঊর্দ্ধে (ঊর্দ্ধদিকে) দৃষ্টি (দর্শন, চক্ষু) যার-বহুং] বিণ, যে উপরে চাহিয়া আছে : ঊর্দ্ধদর্শন। ২ ঊর্দ্ধনয়ন ; শিব-চক্ষুঃ। ৩ শূন্যদৃষ্টি। ৪ [ঊর্দ্ধে (ভ্রূদ্বয়ের মধ্যে) দৃষ্টি (দর্শন)-(ধা)] বি, যোগ-সাধনার্থ ভ্রূদ্বয়ের মধ্যে দৃষ্টিনিক্ষেপ। ৫ উচ্চলক্ষ্য ; উন্নত দৃষ্টি। ~দেহ [ঊর্দ্ধে (মৃত্যুর পরস্থিত) যে দেহ (ধা)] বি, মৃত্যুর পর উৎপদ্যমান দেহ : মরণান্তে উৎপন্ন শরীর ; লিঙ্গদেহ ; সূক্ষ্ম শরীর। > স্ত্রীং ~দেহা-বিণ, ঔর্দ্ধদেহিক। ~দেব-বি, পরমেশ্বর। ~নেত্র [মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে চক্ষুর যে অবস্থা হয়] শিব-নেত্র। > স্ত্রীং ~নেত্রা।

ঊর্দ্ধ/পাতন [তির্য্যক্‌পাতন দ্রঃ] বি, রাসায়নিক প্রক্রিয়াবিঃ : চোলাই : তির্য্যক্‌-পাতন distillation. "একখানা সরার মধ্যে দ্রব্যস্থাপন করিয়া আর একখানা সরা দিয়া ঢাকিয়া সরার সন্ধিস্থলে মাটী ও কাপড দ্বারা প্রলেপ দিয়া যন্ত্রটী তপ্ত বালুকার উপর স্থাপন করিতে হয় এবং ঊর্দ্ধস্থিত সরার উপর ভিজা নেকড়া রাখিয়া দিতে হয়। নেকড়া শুষ্ক হইলে কিছু কিছু জল দিয়া পুনর্ব্বার সিক্ত করিতে হইবে। গন্ধক কর্পূর ইং পদার্থ উত্তাপ বশতঃ বাষ্পাকারে পরিণত হইয়া ঊর্দ্ধগামী হইবে এবং পুনর্ব্বার ঊর্দ্ধস্থিত শীতল সরার নিম্নে জমিয়া থাকিবে। মাটি, বালুকণা ইং অধঃস্থিত সংলগ্ন হইয়া সরার মধ্যে পড়িয়া থাকিবেক। এই প্রক্রিয়ার নাম ঊর্দ্ধপাতন।" -ডাঃ প্রফুল্লচন্দ্র রায় (নব্যরসায়নী বিদ্যা)। ~পাতালী [শ্রীহট্ট প্রাদেং। গরুর এক শিং ঊর্দ্ধে বা উপরদিকে অন্য শিং পাতাল বা নিম্নদিকে বাড়িতে থাকিলে তাহা দোষের ও গৃহস্থের অকল্যাণকর বিবেচিত হয়] বি, গরুর ঊর্দ্ধাধঃ শিং থাকা রূপ দোষ। ~পাদ-বিণ, যার পদ উপর দিকে (তুল-ঊর্দ্ধবাহু সন্ন্যাসী)। ~পুণ্ড্র [ঊর্দ্ধ (ঊর্দ্ধগামী) পুণ্ড্র (ফোঁটা) যার-বহুং] -যার ললাটে মৃত্তিকাদিদ্বারা ঊর্দ্ধগামী ফোঁটা রহিয়াছে] বিণ, ঊর্দ্ধতিলকযুক্ত ; ফোঁটাধারী। ২ [ঊর্দ্ধ (ঊর্দ্ধমুখ) পুণ্ড্র (ফোঁটা) ঊর্দ্ধমুখ যে ফোঁটা (ধা)] মৃত্তিকা চন্দন কুঙ্কুম ভস্ম ইং দ্বারা ললাট ইং দ্বাদশ স্থানে অঙ্কিত ঊর্দ্ধ মুখ তিলক ; লম্বা ফোঁটা। ~ফণা [ঊর্দ্ধ (উন্নত) ফণা (মস্তক) যার-বহুং] বিণ, উদ্যতফণা : কুপিত সর্প। "* * হয় ধরা-ধূলিতলে নতশির-নয় ঊর্দ্ধফণা ভুজঙ্গিনী আপনার তেজে।"-রবীং। "* * কিন্তু তারে প্রহারয়ে যদি-কেহ ঊর্দ্ধফণা ফণী দংশে প্রহারকে।" -মেঘং। ~বর্ত্ম-বি, শূন্যপথ ; আকাশ। ~বায় [বাহু ভ্রং > বায়। হি-বহিঁয়া। ঊর্দ্ধে বায় (বাহু) যার-বহুং] বিণ, ঊর্দ্ধবাহু। ক্রি-বিণ, ~বায়ে। ঊর্দ্ধবাহু হইয়া। "দান পেয়ে নারদ নাচেন ঊর্দ্ধ বায়ে।"-মহাং (কাশী)। ~বাহু [ঊর্দ্ধ (ঊর্দ্ধগত) বাহু (হস্ত) যার-বহুং] বিণ, যে হস্ত উত্তোলন করিয়াছে ; ঊর্দ্ধহস্ত। ২ বি, শৈব সন্ন্যাসী বিঃ [ইঁহারা এক কিম্বা দুই হস্ত ঊর্দ্ধে উত্তোলন করিয়া থাকেন। ইঁহারা জটাধারী ইঁহাদের কোন নির্দ্দিষ্ট বাসস্থান নাই] ~ভাগ-বি, উপরের অংশ ; উপরিতল। ~মুখ [ঊর্দ্ধ (উন্নত) মুখ (বদন) যার-বহুং] বিণ, যিনি মুখ ঊর্দ্ধদিকে তুলিয়া-ছেন ; কৃতোর্দ্ধবদন। ২ [মুখের ঊর্দ্ধ-৬ তৎ] দন্ত পর্য্যন্ত মুখের ঊর্দ্ধভাগ। ~রেতা [ঊর্দ্ধ (ঊর্দ্ধগত, অস্খলিত) রেতস্ (বীর্য্য) যার-বহুং যে শুক্রক্ষয় করে নাই] বি, শিব [দক্ষ-যজ্ঞে সতী দেহত্যাগ করিলে পরে শিব আপন রেত ঊর্দ্ধগত করায় এই নাম] ২ শুক্রসংযম-কারী ; জিতেন্দ্রিয় ; যোগী। ৩ ভীষ্ম (দ্রঃ)। ৪ সনক, সনৎকুমারাদি ঋষিগণ এবং ৮৮০০০ অষ্টাশীসহস্র ঋষি যাঁহারা স্ব স্ব রেত ঊর্দ্ধগত করিয়াছিলেন [দ্রঃ-রেতের আধার স্বভাবতঃ মস্তক-কামার্ত্ত হইলেই ঐ রেত স্খলিত হইয়া অণ্ডকোষে আগত হইয়া পতিত হয় ; কামার্ত্ত না হইলে ঐ রেত ঊর্দ্ধ (মস্তক) গতই থাকে] ~লোক [ঊর্দ্ধ (ঊর্দ্ধেস্থিত) যে লোক (জগৎ)-ধা] বি, স্বর্গ। ২ [নাট্য শাং] অভিনয়ে ভূঃ, ভুবঃ, স্বঃ জন, তপ, সত্য, মহঃ বুঝাইতে পতাক হস্ত। ~শায়ী-বিণ, যে চিৎ হইয়া শয়ন করে ; উত্তানশায়ী। > স্ত্রীং ~শায়িনী। ~শ্বাস [ঊর্দ্ধ (দীর্ঘ) শ্বাস (নাসা প্রবাহিত বায়ু) যার-বহুং] বিণ, যার ঘন ঘন শ্বাস বহিতেছে ; যার হাঁপ ধরিয়াছে ; কষ্টশ্বাস। ২ [ঊর্দ্ধ (দীর্ঘ) শ্বাস -ধা] বি, দীর্ঘ নিশ্বাস ; সশব্দে নিঃশ্বাস ত্যাগ। ক্রি-বিণ, ~শ্বাসে-দীর্ঘশ্বাস ত্যাগ করিয়া ; অতি দ্রুতবেগে। "হত্যার তাড়নে চলেছে নিখিল বিশ্ব ঊর্দ্ধশ্বাসে প্রাণপণে ব্যাঘ্রের তাড়নে মৃগ-সম।"-রবীং।

ঊর্দ্ধ/স্থ [ঊর্দ্ধ (উপরি) স্থ (যে থাকে)] বিণ, ঊর্দ্ধে বর্ত্তমান ; উপরিস্থিত ; ঊর্দ্ধে অবস্থিত। ~স্থাতা [মূং-ঊর্দ্ধস্থাতৃ ১মা ১বং] বিণ, ঊর্দ্ধে অবস্থানকারী। ~স্থাপয়িতা [ঊর্দ্ধ-স্থাপি (স্থা + ণিচ্-স্থাপন করান) + তৃ (র্ত্তৃ) ই-আগম=স্থাপয়িতৃ ১মা ১বং, যে উপরে স্থাপন করায়] বিণ, যে অন্যকে উপরে স্থাপিত করে ; উচ্চে স্থাপন-কারী। ~স্থিত-বিণ, উচ্চে বা উপরে যা আছে ; যে উপরে থাকে বা আছে ; উপরি-স্থিত। বি, ~স্থিতি।

ঊর্দ্ধাম্নায় [ঊর্দ্ধ (উচ্চ, প্রধান) আম্নায় (অধ্যয়নীয় শাং)-ধা] বি, মহর্ষি নারদকর্ত্তৃক ব্যাসদেবের নিকট প্রকাশিত শাস্ত্র ;-ইহা গুরুভক্তি, মৎস্যাদি অবতার কীর্ত্তন, গৌরাঙ্গ মাহাত্ম্য, কৃষ্ণপূজাবিধি, নারায়ণস্তব এবং গয়া-মাহাত্ম্য ইং বিষয়ক দ্বাদশাধ্যায়বিশিষ্ট সংহিতা-বিঃ।

ঊর্দ্ধোমূলোঽধঃশাখ [ঊর্দ্ধঃ-মূল

+অধঃ+শাখ (শাখা) যার] বিণ, যে বৃক্ষের মূল ঊর্দ্ধে এবং শাখা অধোদিকে, বিপরীত বা উল্টা ধারা। "মানুষ যেখানে সৃষ্টি করিতে গিয়া নীচে হইতে ক্রমে উপরে গড়িয়া তোলে না, সে উপর হইতে উপরকে ধরিয়া নীচে নামিয়া আসে, এখানে উঠিয়া বস্তুতঃই দেখিতে পাই ঊ০।"-আ০ শক্তি, ২৩শে বৈশাখ, ১৩৩৪।

ঊর্ব্ব-বি, ঔর্ব্বের পিতা এই মুনি নিজ উরুদেশে বহ্নিস্থাপন করিয়া আহুতি প্রদান করায় বৈশ্বানর-সমপ্রভ উক্ত পুত্র লাভ করেন (ঔর্ব্ব দ্রঃ)।

ঊর্ব্বর-উর্ব্বর দ্রঃ।

ঊর্ব্বরা-উর্ব্বরা দ্রঃ।

ঊর্ব্বশ্বর-বি, ভরতবংশধর রাজা মহাবীর্য্যের পুত্র।

ঊর্ব্বশী, ঊর্ব্বসী-বি, উর্ব্বশী দ্রঃ।

ঊর্ব্বষ্ঠীব [ঊরু+অষ্ঠীবৎ (জানু)] বি, ঊরু ও জানু।

ঊর্ব্বস্থি [ঊরু (প্রধান, স্থূল) অস্থি (হাড়)-ধা] বি, মোটা হাড়। ২ [ঊরুর (ঊরুস্থলের) অস্থি-৬'তৎ] ঊরুতের হাড়।

ঊর্ম্মি [উর্ (=গমন করা)+মি (র্ত্তৃ, জ্ঞা০)-যে ঊর্দ্ধে গমন করে। (২) সং-ভ্রমি > আবেস্তা-বরেমি > ঊর্মি (চা০ বন্দ্যো০)] বি, বীচি; তরঙ্গ; ঢেউ। ২ তরঙ্গময় স্রোত। "কূর্ম্ম কমঠি কূট ঊর্ম্মিতে লটপট।" -হে০। ৩ অঙ্গুরিয়ক। ৪ [বস্ত্রাদির উপর ঢেউতোলা] চুনট। ৫ [ভা০-মি] বেগ। ৬ উৎকণ্ঠা। ৭ কোষ। ৮ ভ্রান্তি। ৯ সমূহ। ১০ ব্যাধি। ১১ শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা, পিপাসা এই ছয়টী দেহের ধর্ম্ম। ~কা-বি, ক্ষুদ্র তরঙ্গ। ২ বস্ত্রের চুনট; কোঁচান। ৩ অঙ্গুরীয়ক। ৪ উৎকণ্ঠা। ৫ ভ্রমরঝঙ্কার। ~মান [ঊর্ম্মি+মৎ (স্ত্য)=ঊর্ম্মিমৎ ১মা ১ব০] বিণ, তরঙ্গান্বিত; ঢেউযুক্ত। ২ ঢেউ-খেলান। ৩ বক্র। ~মালা-বি, তরঙ্গশ্রেণী। ~মালী [ঊর্ম্মি মালা (সমূহ)+ইন্ (স্ত্য)=ঊর্ম্মিমালিন্ ১মা ১ব০] বি, সমুদ্র। > স্ত্রীং~মালিনী

ঊর্ম্মিল-বিণ, ঊর্ম্মিমান undulating.

ঊর্ম্মিলা-বি, রাজর্ষি জনকের কনিষ্ঠা কন্যা; লক্ষ্মণের পত্নী এবং অঙ্গদ ও চন্দ্রকেতুর জননী [সীতা যজ্ঞবেদী হইতে সম্ভূতা হইয়াছিলেন। কিন্তু ঔরসজাতা নহে, পরন্তু ঊর্ম্মিলাই জনকের ঔরসী কন্যা।-রামা০] ~বিলাসী [ঊর্ম্মিলায় বিলাস (বাসনা) যার (স্ত্য)-ইন্] বি, লক্ষ্মণ। "কি কৌশলে, রাক্ষস ভরসা ইন্দ্রজিৎ মেঘনাদে- অজেয় জগতে-ঊর্ম্মিলাবিলাসী নাশি, ইন্দ্রে নিঃশঙ্কিলা?"-মেঘ০।

ঊল [ইং- wool] বি, উর্ণা দ্রঃ।

ঊলূক-উলূক দ্রঃ।

ঊলূপী-উলূপী দ্রঃ।

ঊষ [উষ্ (দাহ করা)+অ (র্ত্তৃ) যে দাহ জন্মায়] বি, ক্ষারভূমি। ২ সাজিমাটি। ৩ প্রত্যূষ; পূর্ব্বসন্ধ্যা; প্রভাত। "ঊর্দ্ধজটা উরুরস্তা উষ প্রকাশিকা।"-অ০ ম০। ৪ গহ্বর। ৫ চন্দনাদি। ~বান্ [উষ্= উষ্ (দাহে)+বৎ (স্ত্য) ১মা ১ব০] বিণ, যার দাহিকাশক্তি আছে। ২ উষর।

'ঊষর [উষ (দাহিকা শক্তি)+র (স্ত্য)] বি, লবণমৃত্তিকা; ক্ষারভূমি; লোণামাটি। ২ বিণ, অনুর্ব্বর। ৩ মরুময়। "এ শুধু ঊ০ বালুকাধূসর মরুরূপে আছে মরিয়া।" -সোণার তরী।

'ঊষসী [উষস্ (প্রভাত)+ঈ] বিণ, ঊষারাগরঞ্জিতা; প্রভাতী। ২ রূপবতী; পরমাসুন্দরী। ৩ বি, ঊষা। "স্বর্গের উদয়াচলে মূর্ত্তিমতী তুমি হে ঊ০ হে ভুবনমোহিনী উর্ব্বশি!"-রবী০। ৪ [উষস্ (প্রভাত)+সো (শেষ করা)+অ+ঈ (স্ত্রীং)] বি, সন্ধ্যা [প্রকৃতিবাদ] [প্র০ অ০]।

'ঊষা [উষ+আ (স্ত্রীং)। গ্রা০-উষো। "উষোরাণী শ্বশুর বাড়ী যায়।"-গান] বি, প্রত্যূষ; রাত্রির অবসানে কা কা শব্দ করিতে করিতে কাক সকল বাসা হইতে উড়িয়া যায়, কিন্তু প্রভাতের পূর্ণ আলোকে চতুর্দ্দিক্ প্রকাশিত না হওয়ায় আবার বাসায় ফিরিয়া আসে এবং পুনঃপুনঃ এইরূপ করিতে থাকে-ঠিক সেই সময়কে ঊষা বলে।"ডাকে পাখী না ছাড়ে বাসা। উড়ে ব'সে খাবে করি আশা॥ ফিরে যায় ঘরে না পেয়ে দিশা। খনা ডেকে বলে তার নাম ঊষা॥"-খনার বচন। ২ [অলং] ঊষার অধিষ্ঠাত্রী দেবী fig. personification) "ওই কে অমরবালা দাঁড়ায়ে উদয়াচলে। ঘুমন্ত প্রকৃতিপানে চেয়ে আছে কুতূহলে॥ চরণ-কমলে লেখা, আধ আধ রবিরেখা, সর্ব্বাঙ্গে গোলাপ-আভা, সীমন্তে শুকতারা জ্বলে।" "হয় হয় প্রায় ভোর, ভাঙ্গে ভাঙ্গে ঘুম-ঘোর, সুস্বপ্ন-রূপিণী উনি, ঊষারাণী সবে বলে।"-সারদা ম০। "ফুল-কুল-সখী ঊষা যখন খুলিবে পূর্ব্বাশার হৈম-দ্বার পদ্মকর দিয়া।"-মেঘ০। ৩ বেদোক্ত দেবীবিঃ। ৪ পুরাণোক্ত ভবনামক জলমূর্ত্তি শিবের পত্নী। ৫ পার্ব্বতীর পরিপার্শ্বিকা যিনি নৃত্য-গীতাদি দ্বারা পার্ব্বতীর মনোরঞ্জন করিতেন। ৬ প্রহ্লাদের পৌত্র শোণিতপুরের রাজা বাণাসুরের আলোক-সামান্যা রূপবতী কন্যা। ইনিই পার্ব্বতীর শাপভ্রষ্টা পরিপার্শ্বিকা। পার্ব্বতীর বরে ইনি কৃষ্ণের পৌত্র অনিরুদ্ধের প্রতি স্বপ্নে প্রণয়াসক্তা হন এবং সখী চিত্রলেখার সাহায্যে দ্বারকা হইতে অনিরুদ্ধকে নিদ্রাবস্থায় হরণ করিয়া আপনার আলয়ে আনয়ন করেন। পরে অনিরুদ্ধ গান্ধর্ব্বমতে ঊষার পাণিগ্রহণ করেন। এই সূত্রে যাদবগণের সহিত বাণ রাজার ভীষণ সংগ্রাম হয়। ফলে যাদবগণ বর বধূ লইয়া দ্বারকায় প্রস্থান করেন। মহা০। ~কাল-বি, প্রত্যূষ; প্রভাত। ~কালীন-বিণ, প্রাভাতিক; প্রাত্যূষিক।

ঊহ১-ঊর্দ্ধ দ্রঃ।

ঊহ২ [ঊহ্ (বিতর্ক করা)+অ (ভা০)] বি, তর্ক ও যুক্তিদ্বারা অজ্ঞাত বা দুর্ব্বোধ্য বিষয়ের নিরূপণ-চেষ্টা; অধ্যাহার; তর্ক; অনুমান; ইহা সম্ভবপর কিনা তার কারণ যুক্তিদ্বারা নির্ণয়; সন্দেহ। "বেদমন্ত্রে ঊ০ নাই।" বিণ, **ঊহিত**-বিতর্কিত অনুমানিত বা অনুমিত; অধ্যাহৃত; সন্দিগ্ধ।

'ঊহনী [বহ্ (বহন করা)+অন্ (র্ত্তৃ, জ্ঞা০)+ঈ (স্ত্রী)-যে গৃহের ময়লা বহন করিয়া পরিষ্কার করে। তুল-হিং-বঢ়নী] বি, শোধনী; সম্মার্জ্জনী; ঝাঁটা; খেঙরা [প্র০ অ০]।

'ঊহিনী [উহ-ইন্ (জ্ঞা০) স্ত্রীং-ঈ] বি,

সমষ্টি ; সংগ্রহ। প্র-অক্ষৌহিণী [বাং-য় স্বতন্ত্র প্রয়োগ নাই]।

ঊহ্য [উহ্‌ (তর্ক করা)+য (র্ম্ম)] বিণ, যুক্তিনির্ণেয় ; তর্কসাধ্য ; যুক্তি তর্ক দ্বারা যা নির্ণয় করা হয়। ২ অধ্যাহার্য্য ; শব্দের স্পষ্ট উল্লেখ নাই অথচ অর্থসঙ্গতির জন্য যা কল্পনা করিয়া লইতে হয় ; অনুক্ত understood ; elliptical. ৩ বিতর্ক। ৪ বূহ। ৫ বূহ। **~গান**-বি, ছয়টি প্রপাঠকযুক্ত সামবেদীয় গীতিপুস্তক। সামবেদের গীতিপুস্তককে চারিভাগে বিভক্ত করিতে পারা যায়, যথা-গ্রামগেয়-গান, আরণ্য-গান, উহ-গান ও উহ্য-গান। গ্রামগেয়-গানে ১৭টী, আরণ্য-গানে ৬টী, উহ-গানে ২৩টী এবং উহ্য-গানে ৬টী প্রপাঠক থাকিবে।

ঋ

ঋ-স্বরবর্ণমালার সপ্তম বর্ণ। হ্রস্ব ও দীর্ঘস্বর। উচ্চারণ-স্থান মূর্দ্ধা। ঋ স্বরমধ্যে গণ্য হইলেও বিশুদ্ধ স্বর নহে, কারণ ইহা উচ্চারণকালে জিহ্বাগ্র প্রায় মূর্দ্ধা স্পর্শ করে, কিন্তু মুখজাত বায়ু একবারে রুদ্ধ হয় না বলিয়া ইহা স্বর পর্য্যায়ভুক্ত হইয়াছে। সাধাঃ ইহা 'রি'র মত উচ্চারিত হয়। ঋ ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে ইহার (ৃ) এইরূপ আকার হয়। যথা-ক্‌+ঋ=কৃ ; হ্‌+ঋ=হৃ। ২ বি, স্বর্গ ; দেবলোক। ৩দেবমাতা; অদিতি। ৪অ, নিন্দা। (২) বাক্য। (৩) পরিহাস। (৪) প্রাপ্তি।

ঋকা/র-বি, ঋ এই বর্ণ, ৃ। **~রাদি, ~রাদিক**-বিণ, যার আদিতে ঋ আছে ; ঋ ইং। **~রান্ত**-বিণ, যার অন্তে ঋ আছে।

ঋ-ঋ-শব্দানুভূতি-বিঃ ; সেতারাদির তারে ঝংকার দিলে যেরূপ শব্দ হয়। ২ স্পর্শানুভূতিবিঃ ; কাঁচা ঘৃত বচ ইং জিহ্বায় রাখিলে যেরূপ অনুভূতি হয়।

ঋক্ [ঋচ্‌ (স্তুতি করা)+০ (ণে-ক্বিপ্‌) যদ্দ্বারা দেবগণের স্তুতি করা হয়] বি, ঋগ্বেদ। ২ বেদের অন্তর্গত ত্রিবিধ মন্ত্রের অন্যতম (অন্য দুই যজু ও সাম)। "যাহার অক্ষর চরণ ও অবসান নিয়মবদ্ধ তাহাই ঋক্।" -রাং ত্রিবেদী। ৩ গায়ত্রী।

ঋক্থ [ঋচ্‌ (স্তব করা)+থ-র্ম্ম (চ্‌=ক্‌) যাকে আবাল-বৃদ্ধ-বনিতা সকলে স্তব বা আরাধনা করে অর্থাৎ পাইতে প্রার্থনা করে] বি, ধন [দায় দ্রঃ] ২ স্বর্ণ। ৩ উত্তরাধিকার-সূত্রে প্রাপ্য ধন। ৪ মৃতব্যক্তির স্থাবর অস্থাবর সম্পত্তি। **~ী**-বিণ, ধনী। ২ অংশী। **~গ্রাহ, ~গ্রাহী, ~ভাক্, ~ভাগী, ~হর, ~হারী**-বিণ, ধনভাগী ; সম্পত্তির অংশীদার বা উত্তরাধিকারী। > স্ত্রীং **~গ্রাহিণী, ~ভাগিনী, ~হরা, ~হারিণী**।

ঋক্ষ [ঋক্ষ্‌ (বধ করা)+অ (র্ত্তৃ) যে নরাদি প্রাণী বধ করে] বি, ভল্লুক। ২ [ঋষ্‌ (গমন করা)+স (র্ত্তৃ-স্ত্রাং) ষ্‌=ক্‌ স=ষ। যে অবিরত গমন করে] বি, নক্ষত্র ; নক্ষত্র-ঘটিত-মেষাদি-রাশি the constellation Ursa Minoris—*Morton*, *Haughton*. ৩ ঋক্ষবান্‌ পর্ব্বত (গণ্ডোয়ানা দেশে অবস্থিত)। ৪ [উদ্ভিদ্‌ বিদ্যায়] শ্যোণক : শ্যোণাক বা শোনাল বৃক্ষ Bignonia Indica —*Haughton*. ৫ পুরু-বংশীয় অরিহের পুত্র। ৬ চিত্রসেনের পুত্র। ৭ ভেলা বৃক্ষ। **~গন্ধা, ~গন্ধিকা**-বি. বীজতাড়কের গাছ। ২ ভূমিকুষ্মাণ্ড। ৩ ঋষিজাঙ্গল বৃক্ষ।

ঋক্ষবন্ত-বি, শম্বরাসুরের নগর [শম্বরাসুরের রাজধানী দণ্ডকারণ্যস্থ বৈজয়ন্ত নগর] ২ ঋক্ষবান্‌ পর্ব্বত।

ঋক্ষবান্ [ঋক্ষ (ভল্লুক)+বৎ (স্ত্য) বোধ হয় এই পর্ব্বতে পূর্ব্বে সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক ভল্লুক বাস করিত] বি, গণ্ডোয়ানার পর্ব্বত যা হতে তাপ্তী ও নর্ম্মদা-নামক নদীদ্বয় প্রবাহিত।

ঋক্ষমণ্ডল [ঋক্ষ (ভল্লুকাকৃতি সপ্ত নক্ষত্র) দ্রঃ-মণ্ড (পুষ্ট)] বি, সপ্তর্ষিমণ্ডল the great Bear.

ঋক্ষরাজ [ঋক্ষ (ভল্লুক বা নক্ষত্র) তার-রাজা, ৬ তৎ] বি, জাম্বুবান্‌। ২ চন্দ্র।

ঋক্ষেশ [ঋক্ষ (ভল্লুক বা নক্ষত্র) তার-ঈশ (পতি বা অধীশ্বর) ৬ তৎ] বি, জাম্বুবান্‌। ২ নক্ষত্রেশ ; চন্দ্র।

ঋক্‌সংহিতা-বি, (ঋক্‌বেদ দ্রঃ) ঋগ্বেদসংহিতায় ১০১৭ সূক্ত, ২০০০ বষট্‌বর্গ, ৬৪ অধ্যায়, ৮ অষ্টক, ১০ মণ্ডল এবং ১০০০ অনুবাক্‌ আছে। মতান্তরে ১০২৮ সূক্ত, ৮৫ অনুবাক্।-তত্ত্ববোধিনী। ইহাতে চরণব্যূহ-মতে ১০৩২২ ঋক্‌, শৌনকের মতে ১০৬১৬ ঋক্‌ আছে। ঋগ্বেদসংহিতায় সমুদায়ে ১৫৩৮২৬ পদ আছে [ভারতকোষ]।

ঋগ্বিধান-বি, ঋগ্বেদোক্ত বিধি। ২ ঋক্‌মন্ত্রের দ্বারা অনুষ্ঠেয় ব্রতবিঃ।

ঋগ্বেদ, ঋক্‌বেদ-বি, ঋক্‌ দ্রঃ। চতুর্ব্বেদের মধ্যে প্রাচীনতম বেদ। মতান্তরে সামবেদের পরবর্ত্তী প্রাচীনতম বেদ (উং বিদ্যারত্ন)। ইহা জগতের প্রাচীনতম সাহিত্য। চরণব্যূহের মতে ঋগ্বেদে ১০৫৮০ ঋক্‌ আছে। কিন্তু বর্ত্তমানে ১৬৩ ঋক্‌ লোপ প্রাপ্ত হইয়াছে। ঋগ্বেদসংহিতা প্রথমতঃ শাকল ঋষি কর্ত্তৃক অধীত হইয়াছিল। এইরূপে বাস্কল, অশ্বলায়ন, শঙ্খায়ন ও মণ্ডূক এই ঋষি চতুষ্টয় ঋগ্বেদ পরে পরে অভ্যাস করিলে ইহার পাঁচ-শাখার উদ্ভব হয়, যথা-শাকল, বাস্কল, আশ্বলায়ন, শাঙ্খায়ন এবং মাণ্ডূক। অর্থাৎ "যতবার ঋগ্বেদ নূতন নূতন ঋষিকর্ত্তৃক অভ্যস্ত হইয়াছে, ততবারই ইহার শাখা উদ্ভূত হইয়াছে, যেহেতু প্রতিবারেই মূলের কিছু কিছু ব্যতিক্রম ঘটিয়াছে। যাকে আমরা নূতন সংস্করণ বলিয়া থাকি, তাহাই বৈদিক সময়ে শাখা বলিয়া আখ্যাত হইত।"-এই পাঁচশাখা ব্যতীত ঐতরেয়ী, কৌষিতকী, শৈশিরী, পৈঙ্গী

ই০ বহুবিধ উপশাখা আছে। ঋগ্বেদের ব্রাহ্মণ নামক দুই প্রধান বিভাগ আছে-ঐতরেয় এবং কৌষিতকী বা শাঙ্খ্যায়ন। ঐতরেয় আট পঞ্চিকায়, প্রতি পঞ্চিকা পাঁচ অধ্যায়ে, প্রতি অধ্যায় ন্যূনাধিক সাতকাণ্ডে (সর্ব্বসমেত ২৮৫ কাণ্ডে) বিভক্ত; ইহার কিয়দংশ পদ্য। ঋগ্বেদের অপর অংশ ঐতরেয় আরণ্যক। ঐ অংশ ১৮ অধ্যায়ে ও পাঁচ আরণ্যকে বিভক্ত। ~ী, ~বিৎ-বিণ, ঋগ্বেদে পারদর্শী; ঋগ্বেদজ্ঞ। ২ ঋগ্বেদানুযায়ী কর্ম্মদক্ষ।

ঋঙ্মন্ত্র-বি, পদ্যের ছন্দে গ্রথিত বেদের মন্ত্র।

ঋচীক-বি, ভৃগুবংশজ ঋষি; ঔর্ব্বের পুত্র; গাধি রাজকন্যা সত্যবতীর পতি এবং সত্যবতী-গর্ভজাত জমদগ্নি শুনঃশেফ প্রমুখ শতপুত্রের পিতা। ২ সূর্য্য।

ঋচীষ [ঋজ্ (ভর্জ্জন করা=ভাজা)+ঈষ (ধি) জ=চ্; যাতে পিষ্টক ভাজা হয়] বি, পিটে ভাজিবার ভাজনাখোলা। ২ সাজ (পু° বঙ্গে)। ৩ নরকবিঃ। ৪ ধন। (তুল-ইং- riches.) [প্র° অ°]।

ঋচেয়ু-বি, পুরুবংশীয় রাজা রৌদ্রাশ্বের পুত্র।

ঋজিশ্বান্-বি, ইন্দ্রের মিত্র রাজবিঃ। ঋগ্বেদোক্ত কৃষ্ণ নামক দস্যু অংশুমতী নদী-তীরে ইঁহার হস্তে নিহত হয়।

ঋজীষ [ঋজ্ (ভর্জন করা)+ঈষ-ধি, জ্ঞা°] বি, ঋচীষ দ্রঃ।

ঋজু [ঋজ্ (গমন করা)+উ (র্ত্তৃ) যে সোজা গমন করে] বিণ, অবক্র; সোজা। ২ সরলপ্রকৃতি; অকুটিল। ৩ সহজ; অকঠিন। প্র-ঋজুপাঠ। ~কায় [ঋজু (সরল)+কায় (দেহ) যার-বহু°-যার শরীর বক্র নয়] বিণ, সরলদেহবিশিষ্ট। ২ বি, কণ্বপমুনি। ~গ [ঋজু (সরলভাবে)-গ-গম্ (গমন করা)+অ (র্ত্তৃ) ম্ লোপ] বিণ, যে সোজা গমন করে; অবক্রগামী। ~তা [ঋজু (সরল)+তা (ভা°)] বি, অবক্রতা। ২ অকাপট্য; সরলতা। ৩ অকাঠিন্য। ~প্রকৃতি, ~স্বভাব-বিণ, সরলমতি।

ঋজুরেখা-বি, সরলরেখা a straight line. **ঋজ্বী** [ঋজু+ঈ (স্ত্রীং)] বি, সরলা; অবক্রা। ২ [জ্যো°] গ্রহসমূহের গতিবিঃ।

ঋণ [ঋ (গমন করা বা পাওয়া)+ত (র্ত্তৃ) যে উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়] বি, ধার; দেনা; পুনর্ব্বার ফেরত দিতে স্বীকার করিয়া যা গ্রহণ করা হয়; কর্জ্জ [উদ্ধার দ্রঃ] ২ [স্মৃ°] ঋণ ত্রিবিধ-দেবঋণ-যা যজ্ঞাদি দ্বারা পরিশোধিত হয়। ঋষিঋণ-যা ব্রহ্মচর্য্য এবং বেদ পুরাণাদি শাস্ত্র অধ্যয়ন দ্বারা পরিশোধিত হয়। পিতৃঋণ-যা সন্তানোৎপাদন করিলে পরিশোধিত হয়। ৩ [গ°] ব্যবকলিত সংখ্যা; বিয়োগচিহ্ন; (−)এই চিহ্ন the sign of negation or subtraction, a minus."—*Haughton.* ~কর্ত্তা, ~কারী-বি, অধমর্ণ। ~গ্রস্ত [ঋণ (কর্জ্জ-দ্বারা) গ্রস্ত (অভিভূত) ৩ তৎ, যে ঋণদ্বারা গ্রাসিত হইয়াছে] বিণ, ঋণী; যে অনেক কর্জ্জ করিয়াছে; ঋণাভিভূত; কর্জ্জ-নিমগ্ন। ~গ্রহণ-বি, ঋণ লওয়া; ধার লওয়া। ~গ্রহীতা-বিণ, ঋণকারী। ~গ্রাহক-বি, ঋণগ্রহণকারী; ঋণকারী; অধমর্ণ; দেনদার। ~গ্রাহী-বিণ, খাতক; অধমর্ণ। ~চিহ্ন [গ°] বি, বিয়োগ চিহ্ন; রাশির পূর্ব্বে (—) এই চিহ্ন minus. ~জাল-বি, ঋণের বন্ধন; ঋণ পাশ; ধারের দায়। ~দ, ~দাতা-বিণ, যে ধার দেয়। উত্তমর্ণ। ~দান-বি, ঋণের প্রতিদান; ধারশোধ। ২ ঋণস্বরূপ অর্থাদি দান; ধার দেওয়া। ~দায়ক-বিণ, উত্তমর্ণ; ঋণদায়ী কর্জ্জ-দাতা; মহাজন। ~দাস [ঋণ=ধার (দ্বারা) দাস (ভৃত্য) যে ঋণ গ্রহণ করিয়া দাস্য কর্ম্মদ্বারা ঋণ পরিশোধ করে-৩ তৎ] বি, ঋণশোধ পর্য্যন্ত দাসত্বকারী; দেনার দায়ে দাসত্বকারী। > স্ত্রীং~দাসী। ~পত্র-বি, তমসুক; ধারখত। ~পরিশোধ-বি, ধার চুকান। ~মুক্ত-বিণ, যে ঋণ পরিশোধ করিয়াছে; যে ঋণদায় হতে উদ্ধার লাভ করিয়াছে। ~মুক্তি, ~মোক্ষ-বি, ধারশোধ; ঋণপরিশোধ। ~লেখ্য [ঋণ-লেখ্য (পত্র)] বি, ঋণগ্রহণ-জ্ঞাপক পত্র; তমসুক। ~শোধ-বি, ধার চুকান।

ঋণাদান [ঋণ (কর্জ্জ) আদান (গ্রহণ) ৬ তৎ] বি, ঋণীর নিকট হতে ঋণের টাকা আদায়; খাতকের নিকট হতে ধার দেওয়া টাকা আদায় করিয়া লওয়া। ২ সুদ সমেত টাকা লওয়া; সুদে আসলে টাকা আদায়। ৩ [স্মৃ°] অষ্টাদশ ব্যবহারের অন্যতম।

ঋণাপনয়ন, ঋণাপনোদন [ঋণ-অপনয়ন, অপনোদন (দূরীকরণ) ৬ তৎ] বি, ঋণ-পরিশোধ।

ঋণী [ঋণ (ধার)+ইন্ (স্ত্য)=ঋণিন্ ১মা ১ব°] বিণ, ঋণগ্রাহী; ঋণকারী; অধমর্ণ; দেনদার। ২ উপকাররূপ ঋণগ্রস্ত; বাধিত; কৃতজ্ঞ।

ঋত [ঋ (গমন করা)+ত (র্ত্তৃ)] বি, পরব্রহ্ম (যিনি সর্ব্বগত)। ২ যিনি গমন করিয়াছেন; গত। ৩ সত্য; যথার্থ। ৪ [র্ম্ম-ক্ত] পূজিত। ৫ আর্ত্ত; পীড়িত। ৬ [র্ত্তৃ-ত] দীপ্ত (শ° ক° দ্রুম)। ৭ বি, ধর্ম্মপুত্র; দক্ষকন্যা-গর্ভজাত [ভারতকোষ] ৮ মিথিলেশ্বর বিজয়ের পুত্র; শুনক ইঁহার পুত্র [ভারতকোষ] ৯ দেবতাবিঃ [প্রকৃতিবাদ] ১০ মোক্ষ। ১১ যজ্ঞ। ১২ কর্ম্মফল। ১৩ জল। ১৪ উঞ্ছবৃত্তি। ~ধামা [ঋত (দীপ্ত) ধামন্ (বাসস্থান) যার-বহু°] বি, পরমেশ্বর। ২ বিষ্ণু। ৩ ত্রয়োদশ মন্বন্তরের মনু। ~ধ্বজ [ঋত (অক্ষত; চিরস্থায়ী) হইয়াছে ধ্বজ যার -বহু°] বি, শত্রুজিতের পুত্র, যিনি গালব-মুনি-প্রদত্ত কুবলয় নামক অশ্বারোহণে বজ্র-কেতু দানবের পুত্র পাতালকেতুকে বিনাশ করিয়া তদপহৃতা মদালসানাম্নী কন্যার পাণি-গ্রহণ করেন। ২ বৈদেশ নগরের রাজা। ৩ একাদশ রুদ্রের অন্যতম। ~পর্ণ-বি, ঋতুপর্ণ দ্রঃ। ~ব্রত-বি, সূর্য্যলোক-প্রাপ্তিবিধায়ক ব্রতবিঃ (ফাল্গুনী পূর্ণিমাতে ত্রিরাত্র উপবাস করিয়া ব্রত পালনীয়। ~ম্ভরা [ঋত (সত্য) ভৃ (ভরণ করা, পালন করা)+অ (র্ত্তৃ), ম্ আগম। যে সত্য পালন করে (স্ত্রীং-আ)] বি, সত্যজ্ঞানরূপ চিত্তবৃত্তিবিঃ। ২ প্লক্ষদ্বীপস্থিত নদীবিঃ। পুং, ~ম্ভর-পরমেশ্বর। ~সদন [ঋত (যজ্ঞ) সদ্ (স্থিতি করা)+অন (ধি) যে

স্থানে যজ্ঞ করা হয়] বি, যজ্ঞের নিমিত্ত উপবেশন করিবার স্থান। ~স্পতি [ঋত (যজ্ঞ) পতি, পা+তি (র্ত্তৃ) স আগম। যিনি যজ্ঞরক্ষা করেন। বি, যজ্ঞরক্ষক ; যজ্ঞ-কর্ত্তা। ২ বিষ্ণু।

ঋতানৃত [ঋত+অনৃত] বি, সত্য-মিথ্যা।

ঋতি [ঋ (গমন করা)+তি (ভা॰)] বি, গমন ; গতি। ২ নিন্দা। ৩ ঘৃণা। ৪ স্পর্দ্ধা। ৫ বর্দ্ধন। ৬ [ঋ-তি] সৌভাগ্য। ৭ পথ। ৮ অশুভ [ধরণীকোষ] ৯ শুভ [মে॰] ~ঙ্কর [ঋতি (শুভ) কৃ (করা) +অ (র্ত্তৃ) যে শুভ করে] বিণ, শুভপ্রদ ; হিতজনক ; শুভঙ্কর।

ঋতু [ঋ (গমন করা)+তু (জ্ঞা॰-র্ত্তৃ (যে নিয়মানুসারে গমনাগমন করে) ভাবে, তু-দীপ্তি (মেদিনীধৃত শব্দকল্পদ্রুম) >] বৈদিক যুগে-বসন্ত (মধু ও মাধব=চৈত্র ও বৈশাখ), "মধুশ্চ মাধবশ্চ বাসন্তিকাবৃতু।"-কৃষ্ণযজু॰) ; গ্রীষ্ম (জ্যৈষ্ঠ ও আষাঢ়-"শুক্রশ্চ শুচিশ্চ গ্রীষ্মা-বৃতু।"-কৃ॰ যজু॰) ; বর্ষা (শ্রাবণ ও ভাদ্র-"নভশ্চ নভস্যশ্চ বার্ষিকাবৃতু"-কৃ॰ যজু॰) ; শরৎ (আশ্বিন ও কার্ত্তিক-"ইষশ্চোর্জ্জশ্চ শারদাবৃতু"-কৃ॰ যজু॰) ; হেমন্ত (অগ্রহায়ণ ও পৌষ-"সহশ্চ সহস্যশ্চ হৈমন্তিকাবৃতূ" -কৃ॰ যজু॰) ; শিশির (মাঘ ও ফাল্গুন-"তপশ্চ তপস্যশ্চ শৈশিরাবৃতূ"-কৃ॰ যজু॰)-তৈত্তী॰ সং] বি, গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, বসন্ত, ছয় কাল পর্য্যায় বা পালা ক্রমে এবং নিয়মানু-সারে গমনাগমন করে বলিয়া ইহাদের নাম ঋতু। ২ সূর্য্যোদয় হতে সূর্য্যাস্তকাল [সূর্য্যোদয়ের ১ম দশদণ্ড 'বসন্ত' ; ২য় দশ-দণ্ড 'গ্রীষ্ম' ; ৩য় দশদণ্ড 'বর্ষা' ; ৪র্থ দশদণ্ড 'শরৎ' ; ৫ম দশদণ্ড 'হেমন্ত' ; ৬ষ্ঠ দশদণ্ড 'শিশির' ঋতু জানিতে হইবে। ভিন্ন ভিন্ন অভিচার কর্ম্মের এই ভিন্ন ভিন্ন ঋতু নির্দ্দিষ্ট আছে। মতান্তরে অর্দ্ধরাত্রি শরৎ, প্রভাত-কালে হেমন্ত, পূর্ব্বাহ্ণ-কালে বসন্ত, মধ্যাহ্ন-কালে গ্রীষ্ম, অপরাহ্ণে বর্ষা ও প্রদোষকালে শিশির ঋতু। মতান্তরে-উষাকাল-হেমন্ত, প্রভাত-শিশির, প্রহরার্দ্ধ বসন্ত, মধ্যাহ্নকাল গ্রীষ্ম, ৪র্থ যাম-বর্ষা এবং রবির অস্তগমন সময় শরৎ। ঋতুকাল-বিভাগ-৬০ ক্ষণ=১ লব, ৬০ লব=১ নিমেষ, ৬০ নিমেষ=১ কাষ্ঠা। ৬০ কাষ্ঠা=১ অতিপল, ৬০ অতিপল=১ বিপল, ৬০ বিপল=১ পল (২৪ সেকেণ্ড), ৬০ পল=১ দণ্ড (২৪ মিনিট), ৬০ দণ্ড=১ অহো-রাত্র, ৬০ অহোরাত্র=১ ঋতু। ৩ স্ত্রীলোকের মাসিক শোণিতস্রাব (যা প্রতিমাসে নিয়মানু-সারে দেখা দেয়) ; রজঃ ; পুষ্প ; আর্ত্তব। ৪ [গৌণ অর্থে] রতি। "বলবান্ পুত্র হেতু, বায়ুকে দিলেন ঋতু, তাতে হৈল ভীম মহাবীর।"-শি॰। ৫ গ্রীষ্মাদি ঋতু সংখ্যায় ৬টী বলিয়া ইহা ৬ সংখ্যার বোধক [প্রাচীন গ্রন্থকারগণ সংখ্যার পরিবর্ত্তে এইরূপ শব্দ গাঁথিয়া শ্লোকে গ্রন্থাদির তারিখ এবং বয়সাদি নির্দ্দেশ করিতেন] ~কাল-বি, যে ষোড়শ দিন স্ত্রীলোকের ঋতু থাকে। ~কালীন-বি, ঋতুকালোৎপন্ন ; ঋতুসময়-সংক্রান্ত ; ঋতুকালে যা ঘটে। ~ধর্ম্ম-বি, ঋতুর অবস্থা ; ঋতুর আবির্ভাবে যে সকল অবস্থা ঘটে বা লক্ষণ সকল প্রকাশ পায়। ~নাথ, ~পতি [ঋতুর (গ্রীষ্মাদি কালের) নাথ পতি (শ্রেষ্ঠ) ৬ তৎ] বি, ঋতু-রাজ ; বসন্তকাল। "ভুলে যথা ঋতু-পতি হেরি মধুকালে বনস্থলী।"-মেঘ॰। ~পরিবর্ত্ত-বি, এক ঋতুর অবসানে অন্য ঋতুর আবির্ভাব ; ঋতুপর্য্যায় ; ঋতু-পরিবর্ত্তন।

ঋতু/পর্ণ-বি, অযোধ্যারাজ অযুতায়ুঃ বা অযুতাশ্বের পুত্র, অক্ষক্রীড়া ও গণনাবিদ্যায় অসাধারণ নৈপুণ্যলাভ করিয়াছিলেন। নলরাজা রাজ্যভ্রষ্ট হইয়া বাহুক পরিচয়ে সারথির কার্য্য করিয়া ইঁহার আশ্রয়ে অব-স্থিতি করিয়াছিলেন, মন্ত্রবলে কলি নলের দেহ হইতে বহির্গত হইলে ইনি নলকে স্বীয় বিদ্যা দান করেন [মহা॰] ~পর্য্যায়-বি, ষড়ঋতুর পর পর ক্রম। ~প্রাপ্ত-বি, ফলন্ত। ~বৃত্তি-বি, বৎসর। ~মতী [ঋতু (রজঃ)+মৎ (স্ত্য স্ত্রীং-ঈ)] বিণ, স্ত্রীধর্ম্মিণী ; রজস্বলা ; পুষ্পবতী। ~রাজ-বি, ঋতুপতি ; সকল ঋতুর শ্রেষ্ঠ ; বসন্তকাল।

ঋতু/সংহার [ঋতু-সং-হৃ (হরণ করা) +অ (ধি) বসন্তাদি ঋতুগণের সংহার (সংগ্রহ বা বর্ণনা) যে পুস্তকে] বি, মহাকবি কালিদাসপ্রণীত গ্রীষ্ম-বর্ষাদি ঋতু-সমূহের বর্ণনাত্মক প্রসিদ্ধ কাব্য। ~সন্ধি -বি, দুই ঋতুর মিলন কাল ; এক ঋতুর শেষ এবং অন্যের আবির্ভাব সময়। ~স্তোম [ঋতু-স্তোম (যজ্ঞ)] বি, এক-দিবসসাধ্য যজ্ঞবিঃ।

ঋতুস্থলা-বি, অপ্সরোবিঃ।

ঋতু/স্নাতা-বি, যে নারী ঋতুকালের চতুর্থ দিবসে স্নান করিয়াছে ; ঋতুস্নান-কারিণী। ~স্নান-বি, ঋতুমতী নারীর চতুর্থ দিবসীয় স্নান ; ঋতুর (প্রথম তিন দিবস অশুচি কাল গত হইলে) চতুর্থ দিবসে নারী স্নান করিয়া শুচি হইলে স্বামীর মুখ দর্শন বা মনে মনে স্বামীকে ধ্যান করিয়া সূর্য্যদর্শন রূপ সংস্কার। ~হরীতকী-বি, বর্ষাদি ঋতুভেদে পর্য্যায়ক্রমে সৈন্ধব, শর্করা, শুণ্ঠি, জীরক, মধু ও গুড় সংযোগে সেব্য হরীতকী [ইহাতে সকল রোগের উপশম হয় বলিয়া নিদানে উক্ত হইয়াছে]।

ঋত্বিক্ [ঋত্বিজ্-ঋতু-যজ্ (পূজা করা)+০ (ক্বিপ-র্ত্তৃ) যিনি ঋতুতে যাগ যজ্ঞ করেন] বি, যজমানের হিতার্থ যজমান কর্ত্তৃক যাঁহারা যজ্ঞে বৃত ও নিযুক্ত হইতেন (তাঁহাদের কেহ উচ্চস্বরে ঋক্ মন্ত্র উচ্চারণ করিয়া দেবতার আবাহন বা প্রশংসাদি করিতেন, কেহ অনুচ্চ-স্বরে যজুর্মন্ত্র উচ্চারণ করিয়া পুরোডাশাদি যজ্ঞের দ্রব্য প্রস্তুত করিতেন বা দেবতার উদ্দেশে আহুতি দিতেন, কেহ বা সামমন্ত্রগান করিয়া দেবতার স্তুতি করিতেন) ; পুরোহিত ; যাজক ; ঋতুযাজক [দ্রঃ-যজ্ঞে মুখ্য ঋত্বিক্ বা পুরোহিত ৪জন,-হোতা, অধ্বর্য্যু, ব্রহ্মা ও উদ্গাতা। এক একজনের অধীনে তিন জন করিয়া দ্বাদশ জন সহকারী ঋত্বিক্ থাকেন] "ধীমান রাজা জনমেজয় *** সুদারুণ যে সর্প-সত্র অনুষ্ঠান করিয়াছিলেন, তাহাতে কোন্ কোন্ পরমর্ষি ঋত্বিক্ ও সদস্য ছিলেন ** তাহা জ্ঞাত হইতে ইচ্ছা করি। **** ঋত্বিকগণ উক্ত সত্রে আহুতি প্রদান করিতে আরম্ভ করিলে ঘোর ভীষণ সর্পগণ আসিয়া পতিত হইতে লাগিল, ***।"-মহা॰(বর্দ্ধ)।

ঋদ্ধ [ঋধ্ (বৃদ্ধি পাওয়া)+ত (র্ত্তৃ) যিনি বর্দ্ধিত হইয়াছেন] বিণ, ঋদ্ধিযুক্ত ; বৃদ্ধিযুক্ত ;

সমৃদ্ধিশালী। ২ প্রচুর। ৩ সঞ্চিত। ৪ বি, মর্দ্দিত পক্বধান্য। ৫ বহুলিত ধান্য। ৬ সিদ্ধান্ত।

ˋ**ঋদ্ধি** [ঋধ্ (বৃদ্ধি পাওয়া) + তি (ভা০)] বি, সর্ব্বতোমুখী বৃদ্ধি বা উন্নতির ভাব বা অবস্থা ; অভ্যুদয়। "মিতব্যয় ও সঞ্চয়ের দ্বারা যে আর্থিক উন্নতি হয়, মিতাহারে, মিতাচারে, অনালস্যে, ব্যায়ামে, জ্ঞানে, শিক্ষায়, সভ্যতায়, শিষ্টাচারে এবং চরিত্রে ও ধর্ম্মবলে যে দেহ, মন, হৃদয় ও আত্মার উন্নতি হয়, এক কথায় তাহার নাম ঋদ্ধি।"-ঋদ্ধি (১ম অধ্যায়)। ২ শ্রীবৃদ্ধি ; সম্পদ্ ; সমৃদ্ধি ; সৌভাগ্য ; সমুন্নতি। ৩ সম্পত্তি ; সঞ্চিত ধন। ৪ লক্ষ্মী। ৫ পার্ব্বতী। ৬ মাতৃকাবিঃ। ৭ [আয়ু০] কোষধামলদেশ ও গৌড়দেশজ ওষধি কন্দবিঃ। ঋদ্ধির গাত্র এক প্রকার শ্বেত-বর্ণ শুঁয়া দ্বারা আবৃত। ইহার ফুলের, মতান্তরে ফলের আবর্ত্ত বামদিকে। এক্ষণে ইহা আর পাওয়া যায়না বলিয়া ইহার পরিবর্ত্তে বেড়েলা ব্যবহৃত হয় [বৃদ্ধি দ্রঃ। "ঋদ্ধি বৃদ্ধি * * are herbs from 10 to 12 inches high, hairy all through and having leaves long and wooly beneath, very closely allied to Helianthemum Microphyllium. They occur at a height of about 3000 to 5000 feet high on the Himalayas.

The peculiar turning of the flowers in the right and left directions is the only point which differentiates the one from the other."
—*The Economic Botany of India.*] ৮ সিদ্ধি ; ভাঙ্। ৯ মঙ্গল। "গ্রহের শান্তি ঋদ্ধি, করিল গ্রহশুদ্ধি, বুঝিয়া জ্যোতিষের গতি।"-কবিক০। ১০ মাঙ্গল্য-ক্রিয়া। "সম্মুখে হেমঘট, আচ্ছাদি চারু পট, পড়িয়া স্বস্তি ঋদ্ধি বিধি।"-অ০ ম০। ১১ বিভূতি ; ঐশ্বর্য্য ; তেজঃ। "সে সভায় অগ্নি, চন্দ্র, সূর্য্য ই০ সমস্ত দেবতা স্ব স্ব ঋদ্ধি দ্বারা জাজ্বল্যমান মূর্ত্তিতে স্ব স্ব স্থানে স্ব স্ব মান ও প্রভাব অনুসারে উপবিষ্ট * * *।"-মহা০ (বর্দ্ধ) [তুল-সং, ঋদ্ধি-ঋধ্ (বৃদ্ধি পাওয়া), ঋক্‌ছ (দান করা) + ক্বিপ্ (র্ম্ম)=ঋক্ (ছ লোপ)=যা দান করা যায়, ধন। ইং-riches ; জর্ম্ম০-richi ; এ্যা-স্যা০, প্রা০-ric ; প্রা০-স্যাক্স০-riki, প্রা০-ফ্রীস্‌কান, সুই০-rik ; গথ০-reiks.] **~মান্**-বিণ, সমৃদ্ধ।

ঋভু [বৈদিক। ঋ (দেবমাতা)-ভূ (হওয়া, উৎপন্ন হওয়া) + উ] বি, সতীর দেহত্যাগের পর প্রমথগণ দক্ষের যজ্ঞ ভঙ্গ করিলে ভৃগু মন্ত্রবলে অগ্নিকুণ্ড হইতে ঋভুনামক সৈন্যের সৃষ্টি করেন। ঋভুগণ বৈবস্বত মন্বন্তরের দেবতা (পু০)। ২ অপগস্থান (আফগানিস্থান) বাসী সুধন্বার পুত্রগণ ঋভু নামে প্রসিদ্ধ ছিলেন। তাঁহারা গুণমাহাত্ম্যে মনুষ্য হইয়াও পরে দেবত্ব লাভ করেন। তাঁহারা অগ্নির উপাসনা করিতেন এবং অগ্নির স্তুতির জন্য ব্রহ্ম বা বেদ-মন্ত্র সকল রচনা করেন। ঋভুগণ শিল্পী ছিলেন।-ঋগ্বেদ। ৩ ব্রহ্মার মানসপুত্র। ৪ দেবত্বপ্রাপ্ত মনুষ্য-বিঃ।-সায়ণ।

ঋভুক্ষ [ঋভু (দেবগণ) ক্ষি (বাস করা, গমন করা বা নাশ করা) + অ (ধি) যে স্থানে দেবগণ বাস করেন] বি, ত্রিদিব, স্বর্গ। ২ [র্ত্তৃ-অ। যিনি দেবগণের অগ্রে গমন করেন] ইন্দ্র। "ঋভুক্ষপা তুমি ঋষি ঋভুক্ষের বৃদ্ধি।" -অ০ ম০। ৩ বজ্র।

ঋভুক্ষী [ঋভুক্ষ (স্বর্গ বা বজ্র) + ইন্ (স্ত্য) =ঋভুক্ষিন্ ১মা ১ব০] বি, ইন্দ্র ; বজ্রী।

ঋষভ [ঋষ্ (গমন করা) + অভ-র্ত্তৃ-জ্ঞা০] বি, পূর্ব্ব-সাগরস্থ ধবলবর্ণ পর্ব্বতবিঃ। এখানে সুদর্শন নামক সরোবর আছে। ২ দক্ষিণ-সাগরস্থ পর্ব্বতবিঃ। এখানে রোহিতনামক গন্ধর্ব্বগণ বাস করেন। "ঋ০ গিরির পরে পৃথিবীর শেষ। দীপ্ত দেহ পুণ্যবান্‌গণের সে দেশ॥"-রামা০ (রাজ)। ৩ স্বর্ণময় পর্ব্বত ; হিমালয়ের শৃঙ্গ ; ইহার পার্শ্বে রজতময় কৈলাস। হিমালয় ও কৈলাসের মধ্যে মৃত-সঞ্জীবনী, বিশল্যকরণী, সঙ্গিনী ও সুবর্ণকরণী নামক ওষধি আছে। ৪ ঋষভকূটপর্ব্বত-নিবাসী। ৫ অগ্নীধ্রের পুত্র নাভির ঔরসে মেরুদেবীর গর্ভে মহাত্মা ঋষভের জন্ম হয়, ইনি পরমহংস ব্রতের পথ-দর্শক। ইঁহার একশত পুত্র, তন্মধ্যে ৮১ জন বৈরাগ্য আশ্রয় করেন ও অবশিষ্ট জ্যেষ্ঠপুত্র ভরত-প্রমুখ নয়জন ভারতের নয় দ্বীপের রাজা হন। ৬ বৃষভ ; বৃষ। ৭ ঋষভ বা ঋষভক নামক ওষধি। ৮ কর্ণকুহর। ৯ স্বর বিঃ ; নাভি হতে উঠিয়া কণ্ঠশীর্ষ পর্য্যন্ত উদ্গাত যে বায়ু তদ্দ্বারা এই স্বর জন্মে। এই স্বর বৃষভের শব্দ হতে গৃহীত। ১০ [কোন কোন শব্দের পরে যুক্ত হইয়া শ্রেষ্ঠ অর্থ বুঝায়] প্রধান ; শ্রেষ্ঠ। প্র-মনুষ্যর্ষভ, দেবর্ষভ ই০। "অভিমানে মহামানী বীরকুলর্ষভ রাবণ কহিলা।"-মেঘ০। স্ত্রীং **~ী**-শ্মশ্রুযুক্তা স্ত্রী। ২ বিধবা। **~ক** (-ভ০-) [আয়ু০] বি, ওষধিকন্দবিঃ ; কাঁকড়া-শৃঙ্গী carpopogon pruriens. [ঋষভক অভাবে বংশলোচন ব্যবহৃত হয়। জীবক দ্রঃ। ভাবপ্রকাশে-"জীবক ঋষভক হিমাদ্রি-শিখরোদ্ভব, রসোনকন্দবৎ কন্দ, নিঃসারী (সচ্ছিদ্র), সূক্ষ্মপত্রক, জীবক কূর্চ্চকাকার (ঝাড়ুবৎ), ঋষভক বৃষশৃঙ্গবৎ।"] **~কূট** -বি, হেমকূট নামক পর্ব্বত [এখানে ঋষভ নামক তাপসের আশ্রম ছিল] **~দ্বীপ** -বি, শ্বেতদ্বীপ [কার্ত্তিকেয় এই দ্বীপস্থ ক্রৌঞ্চ নামক পর্ব্বত বিদারণ করিয়া ক্রৌঞ্চদারণ নামে আখ্যাত হন] **~ধ্বজ** [ঋষভ (বৃষ) ধ্বজ (চিহ্ন) যার-বহু০] বি, বৃষধ্বজ ; বৃষ-বাহন ; শিব। **~ী**-বি, আলকুশী rox.

ঋষা [বৈদ্যকে] বি, গোরক্ষ চাকুলে ; গোরোচনা।

ˋ**ঋষি** [ঋষ্ (গমন করা) + ই-র্ত্তৃ-জ্ঞা০। যিনি জ্ঞান এবং সংসারের পারে গমন করিয়াছেন। যিনি জ্ঞানমার্গে গমন করিয়া সংসার অতিক্রম করিয়াছেন] বি, মুনি : সাংসারিক-বিষয়-বিরত : যোগী ;-যাঁ হতে বিদ্যা, সত্য, তপঃ ও শ্রুতি সম্যক্‌রূপ নিরূপিত হয় তিনিই ঋষি বা যিনি স্বয়ং উৎপন্ন হয়েন তিনি ঋষি।-পু০। যিনি পরমার্থে সম্যক্ দৃষ্টি স্থাপন করিয়া সর্ব্বতোভাবে পরোপকার করেন তিনি ঋষি।-স্মৃ০ [ঋষয়ো মন্ত্রদ্রষ্টারঃ, ঋষি দর্শনাৎ] ঋষিগণ ঈশ্বরপ্রণীত মন্ত্রদর্শন করিয়াছিলেন বলিয়া তাঁহারা ঋষি।-যাস্ক। ঋষি ত্রিবিধ। (১) দেবর্ষি [দেব (দেবতার ন্যায় মান্য) + ঋষি] পর্ব্বত নারদাদি (রামা০ উ০-প্র০ ৩)। (২) ব্রহ্মর্ষি [ব্রহ্ম (ব্রহ্মতত্ত্বানুসন্ধানরত) ঋষি বা ব্রহ্ম (ব্রাহ্মণ) + ঋষি] নারদ, পুলস্ত্যাদি। (৩) রাজর্ষি [রাজা হইয়াও ঋষির ন্যায় আচরণ করিয়াছিলেন বলিয়া] জনকাদি (বিষ্ণু০ পু০)। মতান্তরে সপ্তবিধ-পূর্ব্বোক্ত ত্রিবিধ ব্যতীত। (৪) মহর্ষি-ব্যাস-দুর্ব্বাসাদি। (৫) পরমর্ষি-ভেলা আদি। (৬) কাণ্ডর্ষি-জৈমিনি আদি। (৭) শ্রুতর্ষি-সুশ্রুতাদি

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্‌ষ হ্ণ=হ্‌ণ হ্ন হ্ল হ্ব হ্ম=ম্‌হ হ্র লহ্ ভ হ্য, জ্ ফ্ ব্ ভ্=zfwv ও জ্ঞা০ দ্রঃ

(প্রকৃতিবাদ)। রামায়ণমতে ঋষি, দেবর্ষি আদি এবং বৈখানস (ব্রহ্মার নখ হতে উৎপন্ন): স্থণ্ডিলশায়ী (যজ্ঞভূমিতে শয়নকারী): সজপ (সর্ব্বদা জপকারী) ইং ২৩ প্রকার। মহাভারতে ঘৃতপায়ী, সোমবায়ব্যাদি আরও কয়েক প্রকার ঋষির উল্লেখ আছে।-ভারত-কোষ। ২ [জ্যো°] সপ্তঋষি-মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলহ, পুলস্ত্য, ক্রতু, বশিষ্ঠ এই ৭টী নক্ষত্র [সপ্তর্ষি দ্রঃ] ইং-জ্যোতির্বিদ্যায় এই সপ্তর্ষি Great Bear নামক নক্ষত্রপুঞ্জে অবস্থিত। ৩ শাস্ত্রপ্রণেতা। ৪ বেদাংশবিঃ। ৫ ঋষি মরীচ্যাদি সপ্তসংখ্যক বলিয়া ইহা এই সংখ্যার দ্যোতক। "বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিলা। সেই শকে এই গীত ভারত রচিলা॥"-অ° ম°। স্ত্রীং ঋষী-ঋষি-পত্নী। প্রা°বাং-য়-**ঋষ্যাণী** (ঋষি+আনী) -শৃ° পু°।

ঋষি/ক, ঋষীক-বি, ঋষিপুত্র। **~কুল্যা** [ঋষি-কুল্যা (৬ তৎ)] ঋষিকল্পিত নদী; ঋষিগণের কৃত্রিম নদী: কৃত্রিম সরোবর। ২ যে নদী মহেন্দ্র পর্ব্বত হতে উৎপন্ন হইয়া গঞ্জামের নিকট সাগরে মিলিত হইয়াছে [ব্রহ্মপু°] ৩ তীর্থবিঃ। **~তুল্য**-বিণ, ঋষির মত। **~প্রোক্ত**-বিণ, ঋষি কর্ত্তৃক উক্ত বা কথিত। ২ ঋষি কর্ত্তৃক আদিষ্ট। ৩ আর্ষ। > স্ত্রীং ~া-বি, মাষপর্ণী বৃক্ষ; মাষাণী। **~বর**, -রাজ-বি, ঋষি-শ্রেষ্ঠ। **~বাট**-বি, ঋষি-নিবাস। "ঋষিবাট ঋষিগণে হয়েছে পূরিত।"-রামা° (রাজ)। **~যজ্ঞ**-বি, বেদাধ্যয়ন; শ্রুতি, স্মৃতি, পুরাণ, তন্ত্রাদি শাস্ত্রাধ্যয়ন। **~লোক**-বি, ঋষিগণের বাসস্থান; যে লোকে ঋষিগণ বাস করেন; ধ্রুব-লোকের নিম্নে ও শনি-লোকের উপরে স্থিত ঋষিগণ-ভোগ্য ভুবন। **~শ্রাদ্ধ**-বি, ঋষির শ্রাদ্ধ, ঋষিদিগের কর্ত্তব্য শ্রাদ্ধ। ২ [এই শ্রাদ্ধে আড়ম্বরই অধিক কিন্তু ফলে বড় কিছু নয় বলিয়া] আড়ম্বরসার শ্রাদ্ধ-ক্রিয়া। "অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে। দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘুক্রিয়া।"-উদ্ভট।

ঋষ্ট [ঋষ্ (গমন করা)+ত (র্ত্তৃ) যে উপবনে ইচ্ছামত গমন করে] বি, এক জাতীয় হরিণ যার সর্ব্বাঙ্গ শ্বেতবর্ণ বিন্দু দ্বারা চিত্রিত। ২ বিণ, অশুভজনক; অকল্যাণকর।

ঋষ্টি [ঋষ্-তি (ভা°)] বি, অশুভ; গ্রহদোষ। ২ [র্ম্ম-তি] যে খড়্গের দুই দিকে ধার আছে: যমধার।

ঋষী-বি, ঋষি (দ্রঃ) পত্নী।

ঋষ্য [ঋষ্-য (র্ম্ম)] বি, সর্ব্বাঙ্গ শ্বেতবর্ণ বিন্দু চিহ্নিত বা শ্বেতপাদ হরিণ: ঋষ্ট দ্রঃ।

ঋষ্যকেতু-বি, অনিরুদ্ধ।

ঋষ্যগন্ধা-বি, আলকুশী। ২ শতমূলী।

ঋষ্যজিহ্ব-বি, কুষ্ঠরোগ leprosy.

ঋষ্যমূক [ঋষ্য (হরিণ) মূক (বোবা) -বহু°। হিংসা না করায় মৃগগণকে যেখানে আর্ত্তনাদ করিতে হয় না] বি, দক্ষিণদেশীয় পর্ব্বত। পূর্ব্বঘাট ও নীলগিরি পর্ব্বতশ্রেণীর মধ্যস্থিত পর্ব্বত। ইহা পম্পা সরোবর ও কাবেরী নদীর উৎপত্তি-স্থান। এখানে মতঙ্গ-মুনির আশ্রম ছিল। সুগ্রীব বালীর ভয়ে এই পর্ব্বতে বাস করিয়াছিলেন।

ঋষ্যশৃঙ্গ [ঋষ্য (মৃগ) শৃঙ্গ (শিং) মৃগশৃঙ্গবৎ শৃঙ্গ যার-বহু°] বি, কশ্যপপুত্র মুনি বিভাণ্ডকের পুত্র। বিভাণ্ডকের ঔরসে, দ্বাদশাদিত্যের অন্যতম ভগের কন্যা মৃগীরূপিণী স্বর্ণমুখীর গর্ভে ঋষ্যশৃঙ্গ মুনির জন্ম। ইনি কৌশিকী নদীর তীরে পিতার তপোবনে পুণ্যাখ্য নামক আশ্রমে পিতা ব্যতীত অন্য মনুষ্য-বিরহিত হইয়া পালিত হন। ইঁহার যৌবনকালে অঙ্গরাজ্যে অনাবৃষ্টি হলে অঙ্গরাজ লোমপাদ ব্রাহ্মণগণের পরামর্শে তাঁকে তপোবন হতে আনয়ন করেন। তাঁর আগমনে ইন্দ্র অঙ্গদেশে বারি বর্ষণ করেন। রাজা দশরথ স্বীয় কন্যা শান্তাকে পালনার্থ স্বীয় বন্ধু লোমপাদকে প্রদান করেন। অঙ্গরাজ ঋষ্যশৃঙ্গের সহিত সেই কন্যার বিবাহ দেন। ঋষ্যশৃঙ্গ মুনি রাজা দশরথের পুত্রেষ্টি যজ্ঞ করিলে পর রামচন্দ্রাদি পুত্রচতুষ্টয় জন্মগ্রহণ করেন [রামা° মহা°]।

ঋষ্যাণী-ঋষি দ্রঃ।

ৠ

ৠ-স্বরবর্ণমালার অষ্টম বর্ণ। প্লুতস্বর। উচ্চারণস্থান মূর্দ্ধা। সাধাঃ 'রী'র মত উচ্চারিত। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে (ৄ) এই আকারে পরিণত হয়। যথা-ক্+ৠ=কৄ। বামন, স্ত্রী, নিশানাথ, মাতা, অষ্টমী, দিতি, ভৈরব, অগ্নি ইং বুঝায়। ২ [ঋ (জ্ঞান)+ক্বিপ্ (র্ত্তৃ)-যিনি জ্ঞান দান করেন বা যিনি জ্ঞানস্বরূপ] বি, শিব; শঙ্কর [কলাপ°] ৩ [ঋ (গমন)+ক্বিপ্ (র্ত্তৃ)-যিনি দেবতার বা সুরের বিরুদ্ধে গমন করেন] বি, অসুর: দৈত্য। ৪ [-ধি, ক্বিপ্ যেখানে তত্ত্বে গমন করিতে হয়] বি, স্বর্গ। "ৠকার স্বর্গের নাম তুমি ৠরূপিণী। ৠস্বরূপা রাখ মোরে ৠবাসদায়িনী॥"-অ° ম°। ৫ গতি: স্মৃতি: নিন্দা: ভয়: রক্ষা: বক্ষ; রক্ষা; দিতি: অদিতি ইং সূচক [আধু° বাং ব্যবহার নাই। প্রা° বাং পদ্যে বিরল] ৬ ক্রি, গমন করা। ৭ পাওয়া।

ঌ

ঌ-স্বরবর্ণমালার নবম বর্ণ। হ্রস্ব, দীর্ঘ ও প্লুতস্বর। উচ্চারণ-স্থান দন্ত। 'ঋ'র মত ইহাও বিশুদ্ধ স্বর নহে কারণ-উচ্চারণ-কালে জিহ্বাগ্র উপর পাটির দন্ত প্রায় স্পর্শ করে. সাধাঃ 'লি'র মত উচ্চারিত। ব্যঞ্জনবর্ণের সহিত যোগ হলে রূপান্তর হয় না। যথা-ক+ঌ=কৢ। শ্রীধর, দেবযোনি, রুদ্র, বিশ্বেশ্বর, মহেন্দ্র, নবমী, দেবমাতা, পৃথিবী, পর্ব্বত ইং বুঝায় [বাং-য় বিরল] ২ বেদ। "ঌকার বেদের নাম তুমি সে ঌকার। ঌ পড়িলে কি হবে ঌ কি জানে তোমার॥"-অং মং। ৩ পরমাশক্তি : কুণ্ডলিনী। "তুমি সে ঌ কার।" -অং মং। ৪ বি, ঌ র আকারে যা প্রকাশ পায় ; ক্ষণপ্রভা ; বিদ্যুৎ। ঌ-ঌ **কঁরা**-ক্রি. দূরে অস্পষ্ট ভাবে নেত্রপথে পতিত হওয়া। ২ একস্থানে অনেক একত্র হইয়া চঞ্চল হওয়া : কিলি কিলি করা।

ঌকার-বি, ঌ এই বর্ণ। ২ বেদ। ৩ কুণ্ডলিনীশক্তি ; পরমাশক্তি।

ৡ

ৡ-স্বরবর্ণমালার দশম বর্ণ। প্লুতস্বর। উচ্চারণ স্থান দন্ত। সাধাঃ 'লী'র মত উচ্চারিত হয়। কমলা, হৃষীকেশ, আকাশ, দশমী, মহাদেব, গজানন, দনু, দেবনারী ইং বুঝায়। [বাং প্রং অং] দনু : দিতি : দৈত্যমাতা। "ৡকার দৈত্যের মাতা ৡ ভব দানব। ৡকার স্বরূপা তনু বদিলা ৡ ভব॥" -ভারতং।

ৡকার-বি, ৡ এই বর্ণ। ২ দৈত্যমাতা : দিতি।

ৡভব [ৡ (দিতি, দনু) ভব (জাত)] বি, দনুজ : দৈত্য।

এ

এ১-স্বরবর্ণমালার একাদশ বর্ণ। উচ্চারণ-স্থান কণ্ঠ ও তালু। মুগ্ধবোধমতে শুদ্ধ তালু। ইহা দীর্ঘস্বর। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে 'ে' এইরূপ আকার হয়। যথা-ক+এ=কে। ইহা অ+ই এই দুই স্বর-যোগে উচ্চারিত হয় বলিয়া ইহাকে সন্ধ্যক্ষর বলে। বাং-র ইহার হ্রস্ব, দীর্ঘ ও প্লুত স্বর আছে। যথা-এ্যা ক [হ্রস্ব] (২) একুশ [দীর্ঘ] (৩) মেন : এরে (শিশুকে ধমক দিবার কালে) [প্লুত] ; প্রা বাং পদান্তে একারের হ্রস্বস্বর-আধুং চং, বাং দীর্ঘস্বরে ও সাধু ভাষায় [হিং অনুকরণে] 'ইয়া'তে পরিণত। যথা-কর‍্যা=করে=করিয়া। "অগ্নি লেগে ললাটে লিখন গেল জ্বল্যা।" -শিং। এখানে জ্বল্যা=জ্ব'লে=জ্বলিয়া [যা হ্রস্ব এ বা য্যা যোগে পূং বঙ্গ ইং স্থানে উচ্চারিত, ।২৪ পরগণা, হুগলি ইং অঞ্চলে তাই দীর্ঘস্বর-সংযোগে উচ্চারিত হয়] প্রাং বাং 'এ' অধুনা 'য়'তে পরিণত। যথা-হএ=হয়। "নৃপতি হুসেন সাহ হএ মহামতি।"-মহাং (কবীন্দ্র পরমেশ্বর)। [ই (গমন করা) >] বি, বিষ্ণু। ২ স্মৃতি : স্মরণ। ৩ [=হে] সম্বোধন : আহ্বান : ডাকা। ৪ সহানুভূতি : অনুকম্পা ; দয়া। ৫ অসূয়া। ৬ ঘৃণা। ৭ পৃথিবী [অপ্রং] ৮ [বৌং বাং প্রাকৃং দোং ৮২, ৮৪, চং ৬।৪ ইং] এই। "এ বণ চ্ছাড়ী হোহ ভান্তো।"-চং ৬।৪। •"এ বিশ্বাস এড়াইবার এখন আর উপায় নাই।" -সনাতনী। ৯ [ইহা > এহা > এ] ইহা। "এ বড় বিষম কথা।"-সনাতনী। ১০ উপস্থিত ; বর্ত্তমান। ১১ এমন ; এপ্রকার। ১২ আগামী ; সাম্‌নে ; সম্মুখবর্ত্তী ; পুরোবর্ত্তী। ১৩ মধ্যে ; মাঝে। "এ সখী, সুন্দরী যুবতী জনে, হরি নাচত কত প্রকার।" -গীতগোবিন্দ (গিরি)। এ-রবিবার নয় ও-রবিবারে যাব। ১৪ অনির্দ্দিষ্ট সমূহ, অনেক, সকল বা সাধারণ অর্থে। "পাগলে কি না বলে, ছাগলে কি না খায়।" "লোকে বলে" ইং। এ২ (১১ দ্রঃ)।

এ২ [ব্যাং 'ইয়া'র ক্ষেং] বাং প্রত্যয়-বিঃ। দেশবাচক-তদ্দেশে প্রচলিত ; তদুৎপন্ন। প্র-শান্তিপুরে লোকতা ; ঘাটালে হাঁড়ি ; চীনে বাসন। (২) অস্ত্যর্থে। প্র-ঠেকারে ; লালপেড়ে কাপড়। (৩) ব্যবসায়ী অর্থে। প্র-জেলে, নেয়ে, (নাবিক)। (৪) প্রকার বা ভাবার্থে। প্র-ঢিলে ; কিরকিরে ; মিটমিটে। (৫) কর্ত্তা এই অর্থে। প্র-খোসামুদে : ফলারে। (৬) তন্নির্ম্মিত অর্থে। প্র-মেটে বাড়ী। (৭) দিন, কাল, বয়স, নির্দ্দেশার্থে ১৯ হতে উর্দ্ধসংখ্যার (সাধাঃ সত্তরের কোটা পর্য্যন্ত) পূরণবাচক] প্র-বিশে, ত্রিশে, বাহাত্তরে। (৮) হিন্দী 'হি'র রূপান্তর। তুল-বারহি=বারে] নিশ্চয়ার্থে। "বারে বারে তুমি ভেবো না কমলিনী।"-বাং গীত। ২ বাং বিভক্তি। প্রাকৃত 'এ'র অনুকরণে। কর্তৃ-

কারকে, ১মা বিভক্তি। প্র—লোকে বলে। প্রা॰ বাং-য়—"কংশে পুতনাক নিয়োজিল।" —শ্রী॰ কী॰। "শুনিয়া রাজাএ বোলে হইয়া কৌতুক।"—মহা॰ (সঞ্জয়)। "কোন মতে বিধাতাএ করিছে নির্ম্মাণ॥"—রামেশ্বরী মত (বঙ্গভাষা ও সাহিত্য)। (২) [এ=কে] কর্ম্ম-কারকে, ২য়া বিভক্তি (১মা অনুকরণে)। "দেখি রাধার রূপ যৌবনে." "বনমাঝে পাইল তরাসে।" 'তাএ' (—তাহাকে) —শ্রী॰কী॰। "তোমার পিতাজনকে দিব অৰ্দ্ধেক দেশ।"—কৃত্তি॰ (৭৫ বৎসরের পুঁথি) সা॰প॰প॰ ১৩০১। "লাজ কেন কর বধূজনে."—কবিক॰। "জগন্নাথে প্রণমিল অষ্টাঙ্গ লোটিয়া।" (৩) [পদান্ত এ,এঁ=পা॰হি॰ < সং-ভিঃ=বাং প্রাকৃ॰ =ই=এ তে=ত (চুরিত=চুরিতে=চুবিএ প্রা॰ বাং) আধু॰ বাং-য় (লতাভিঃ > লতাহি > লতাই=লতাএ=লতায়।"তোমায় আমায় আজ বোঝা পড়া হবে।" (তুল—"অদ্য যুদ্ধং ত্বয়া ময়া")] করণকারকে, ৩য়া বিভক্তি (দ্বারা, দিয়া অর্থে instrumental case, denoting suffix, by. "পর পুরুষের নেহা এঁ যাহার বিষ্ণুপুরে স্থিতী." "মিছাই মাথাএ পাড়এ সান।"—শ্রী॰ কী॰। নিজের চোখে দেখা। তরোয়ালে কাটা। হাতে মাথা কাটা। ঘিয়ে বা তেলে ভাজা। (৪) সম্প্রদান কারকে। [প্রা॰ বাং 'মো এ', 'আহ্মাএ'=আধু॰ বাং 'আমাকে', 'আমাদিগকে' ও ৪র্থী বিভক্তি। প্র—দীনে কর দান। "ভিক্ষা দেহ রঘুবধূ ক্ষুধার্ত্ত অতিথে।"—মেঘ॰। নিমিত্তার্থে। "লোক-হিতে দান।" (৫) প্রা॰ বাং-য় অপাদান কারকের বিভক্তি। হইতে এই অর্থে। "চম্পাই নগরে (=নগর হঁতে) আসে চাঁদ সদাগর।" —কবিক॰। (৬) সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি 'এর' স্থলে প্রা॰ বাং 'এ'। "বন্ধন দেখিয়া বীবে (বীরের) লজ্জা হৈল চণ্ডীর তর্থন।"—কবিক॰। অধিকরণে ৭মী বিভক্তি স্থলে (প্রা॰ বাং) 'এ' =(আধু॰ বাং) 'য়'। যথা—(প্রা॰ বাং) বেলাএ =(আধু॰ বাং) বেলায়। "হেন বেলাএ দ্বারকাএ পড়িল প্রমাদ।"—চৈ॰ ম॰। "দেশে দেশে মোর ঘর আছে।"—রবী॰। "ঘরে থাকা ই॰ থাকে।" (৭) বাং ক্রিয়া বিভক্তি। যথা—কৃ ধাতু হতে করে। ধৃ ধাতু হতে ধরে। "বহুকাল শাসে রাজা সব নৃপবরে।"—কৃত্তি॰। (৯০ বৎসরের পুঁথি—সা॰ প॰ প॰ ১৩০১)। অস-ক্রি-বিভক্তি। প্র—ক'রে—করিয়া। দেখে গেল, যেতে দেবে না, বলে যাও। (৮) ক্রি-বিণ, জোরে; মনে প্রাণে—এই অর্থে। প্র—এক টানে তুলে ফেল। প্র—এক চুমুকে দুধটা খেয়ে ফেলে। (৯) প্রা॰বাং ক্রিয়ায় ১ম পুরুষের বিভক্তি। কর+এ=করএ। এইরূপ পড়এ (আধু॰ বাং 'করে' 'পড়ে'); 'তাএ' (=তাপিত করে, তাপ দেয়)—শ্রী॰ কী॰। (১০) [হি॰—সকর্ম্মক ক্রিয়ার কর্ত্তায় যুক্ত 'নে'-বৎ—"মৈঁনে দেখা।" প্রা॰ বাং নে=এ] নির্দ্দিষ্ট অর্থে (এ১৩ দ্রঃ)। "পণ্ডিতে বলিলে মানি," "মায়ে বাপে বলিলে দোষ হয় না," "বেরালে মুখ দিলে" ই॰। (১১) 'আ' স্থলে আধু॰ বাং 'এ'। প্রা॰ বাং—আলি (আইলি, আসিলি)=এলি; খাতি (খাইতে)=খেতে; আনিয়া > এন্যা > এনে: আজ্ঞা > আজ্ঞিআ > আইজ্ঞা > এজ্ঞে; এগ্‌গে > এগ্‌গে [O D B L] আ দ্রঃ। ৩ [সং এষঃ > প্রাকৃ॰—এস > এহ > এহ্‌, হি॰—যহ্‌ > এ] স. (অসম্ভ্রমার্থে) এই ব্যক্তি। (২) এই বস্তু, জন্তু, বিষয়। এই, এটা—ইহা একে=ইহাকে। এতে=ইহাতে, এর=ইহার, এই ব্যক্তির ই॰। সম্ভ্রমে=এঁ, এঁর, এঁকে, এঁতে-ইঁহার মধ্যে। বহুব॰—এদের, এঁদের, এদেরকে এঁদেরকে (প্রাদে॰)। প্রাদে॰ গ্রা॰ সম্ভ্রমে-এনা, এনার, এনাকে।

এআ স্বরের মাত্রা; কথার মাত্রা।

এই [ইদম্ > ইমে+হি=ইএঁ+ই= এই (ভাষাতত্ত্ব)] সর্ব্বনাম। বিণ, সম্মুখবর্ত্তী; পুরোবর্ত্তী। প্র—এই সমুদয় দেখিলে নয়নের তৃপ্তি হয়। ২ বিষয় বা বস্তু নির্দ্দেশক। এই কথাই তোমায় বলিতেছিলাম। ৩ উপস্থিত; বর্ত্তমান। প্র এই জীবনে। ৪ সম্বোধন বা আহ্বানসূচক শব্দ (তুচ্ছার্থে): ওরে। ৫ শিশুদিগের ভয়প্রদর্শনসূচক। ৬ এখনি; এইক্ষণে; অবিলম্বে। প্র—এই এলাম ব'লে। এইমাত্র আসিয়াছি। ৭ এখন; অতঃপর; সম্প্রতি। প্র—এই লও তোমার-দ্রব্য, আমি চলিলাম। ৮ অপ্রত্যাশিত ঘটনা বা পরিণাম দর্শনে বিস্ময়-প্রকাশক শব্দ। এরূপ স্থলে ইহার সহিত 'যা' প্রায়ই যুক্ত হইয়া থাকে] এই। প্র—এখন কি হবে! এই যা! ৯ হঠাৎ কোন পরিচিত ব্যক্তির সহিত অপ্রত্যাশিত ভাবে সাক্ষাৎ হইলে যুগপৎ বিস্ময় ও হর্ষব্যঞ্জক। এরূপ স্থলে প্রায়ই 'এই' শব্দের সহিত 'যে' যুক্ত হয়। এই যে, তুমি এখানে কোথা হইতে? ১০ অনুরোধ রক্ষিত না হইলে অনুরোধকারীর মনঃক্ষুণ্ণতা-সূচক [এরূপ স্থলে প্রায়ই 'ত' 'এই' শব্দের সহিত যুক্ত থাকে এবং 'ত'র উপর জোর পড়ে; 'ত' তখন প্লুত উচ্চারিত ওকার যুক্তের মত শুনায়] প্র—এই ত যা বলিলাম তার কিছুই করিলে না। ১১ ভয়ব্যঞ্জক [এরূপস্থলে প্রায় 'গো' শব্দ যুক্ত থাকে] প্র—এইগো।

এইপাকে [প্রাদে॰] ক্রি-বিণ, এই হেতু; এই কারণে; এজন্য। "এই পাকে সেই কালে কয়ে দিলাম আমি।"—শি॰।

এইসন, এইসা [হি॰—ঐসন, ঐসা > প্রা॰ বাং-য় চ॰] অ, এরূপ।

এইসে [হি॰—ঐসে > । ব্রজ॰—ঐছন; প্রা॰ বাং—ঐছে] এই প্রকার; এমন। ২ এইত। "পিরীতে এইসে হলো, সংশয় জীবনে॥"—নিধুবাবু [দ্রঃ—সে=ত পরিণত অর্থে)]।

এইস্ত্রী—এয়ো দ্রঃ।

এউক্তি [এওজ দ্রঃ] বি, প্রতিনিধি, কাহার পরিবর্ত্তে অস্থায়ী কার্য্যকারী, একটিনি substitute (person) acting or officiating. এউজি দেওয়া, এউজিতে কাজ করা।

এউঢেউ, হেউঢেউ [অনুকার শব্দ] অ, অতিভোজনপান জন্য মুহুর্ম্মুহু উদ্‌গারধ্বনি। ২ বি, ভুরিভোজনে পরিতৃপ্তি; ভরপূর আহারে সন্তোষ। এততেও তোমার তৃপ্তি হয় নাই? আচ্ছা কিসে তোমার এউ-ঢেউ হ'তে পারে শুনি?"

এও—ইহাও; যা বলা হল তাও। প্র—এও কখন হয়? ২ এ ব্যক্তিও; বস্তুও বা বিষয়ও। প্র—এও তোমার সঙ্গে যাবে। এও ভেবে দেখবার বিষয়। এও-ওও-দুই পক্ষই; ইহাও উহাও। "পূর্ব্বে যেমন বলিয়াছি, সদাচারে এ-ও হয়, ও-ও হয়, তখন

আত্মতুষ্টিকেই বলবতী করিতে হইবে।" -সনাতনী। এ-ও-তা [তুল-এটা, ওটা, সেটা] নানাবিধ বস্তু। তুল-অনির্দ্দিষ্ট নানা বিষয়; যা তা।

`এওজ, এয়্জ, এয়োজ [আ০-এবজ্] বি, বিনিময়; পরিবর্ত্ত। ~দ্দরাজ, ~র্তরাজ [ফা০] বি, পরস্পর বিনিময়। এওজি [গ্রা০-এউজি। এওজ দ্রঃ] বিণ, পরিবর্ত্তে প্রাপ্ত। "তাহার এওজি জমি কলিকাতার বাহির সিমলা পল্লীতে।" -আত্মচরিত (রাজনারায়ণ)। এওজে-ক্রি-বিণ, বিনিময়ে; পরিবর্ত্তে in lieu of.

এঃ-অ, বিস্ময়; ঘৃণা; বিরক্তি; হঠাৎ স্মৃতিপথে উদয়, অনুতাপ ই০ অর্থবাচক।

এঁ-অ, প্রশ্নে। ২ কথা হৃদয়ঙ্গম বা শ্রুতিগোচর হলে জিজ্ঞাসাবাচক।

এঁকা [প্রাদে০] বি, জলসেচনের জন্য ডোঙ্গা কলের মাথার উপর আড় ভাবে ন্যস্ত বাঁশ।

এঁচড়-ইচড় দ্রঃ।

এটিয়া, `এঁটে১, `এঠে [অষ্টি >] বি, গেঁড়; কদলী কচু ই০ গাছের মূল। "কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড়।" -অ০ ম০।

এঁটে২-ক্রি-বিণ, আঁটিয়া; কষিয়া; শক্ত করিয়া। "এঁটে ধরলে চিঁ চিঁ করে। ছেড়ে দিলে লক্ষ মারে॥" -প্রবাদমালা।

`এঁটেল [অষ্টিল > আঁটাল >] বি, কৃষ্ণবর্ণ পিচ্ছিল মৃত্তিকা; আটাযুক্ত মাটী। "এ০ মৃত্তিকায় তায় তুলে দিল তালি।" -ঘ০। ২ বিণ, আঁটাল; আঠাযুক্ত; শক্ত; দৃঢ়।

`এঁটো, `এঁঠো [উচ্ছিষ্ট >] বি, উচ্ছিষ্ট অন্নাদি; ভুক্তাবশিষ্ট দ্রব্য। "বনের সুফল পাড়ি করে সবে কাড়াকাড়ি। এঁটো বোলে ঘৃণা কিছু নাই।" -ঈ০ গুপ্ত। বিণ, ভুক্তাবশিষ্ট; উচ্ছিষ্ট; মুখস্পৃষ্ট; ভোজনের পর অপ্রক্ষালিত মুখ বা হস্ত বা ভোজনের পাত্র। প্র-এঁটো মুখ; এঁটো বাসন। ২ উচ্ছিষ্টের সহিত স্পৃষ্ট। ৩ যাকে একবার ভোগ করা হইয়াছে; উপভুক্ত। ৪ পরিত্যক্ত; বর্জ্জিত। এঁটো কাঁটা [এঁটো (উচ্ছিষ্ট) কাঁটা (আমিষভোজীর পরিত্যক্ত মাছের কাঁটা)] বি, ভুক্তাবশিষ্ট; যা ফেলিয়া দেওয়া হয়। "কুকুর বিড়াল হায় সেও ত আশ্রয় পায়। সেও ত তোমার ঘরে এঁটোকাঁটা খায়।" -চন্দন। "কোনরূপে পিত্তিরক্ষা এঁটোকাঁটা খেয়ে।" -ঈ০ গুপ্ত। `এঁটো-খেকো-বিণ, যে অন্যের ভুক্তাবিশিষ্ট খায়; উচ্ছিষ্টভোজী। ২ অন্যের কৃপাপাত্র। ৩ নিতান্ত হীন বা নীচ। "বাগদিনী বলে দূর এঁটো খেকোর বেটা।" -শি০। `এঁটো-পাড়া-ক্রি, উচ্ছিষ্ট ধুইয়া মুছিয়া পরিষ্কার করা; আহার-স্থান গোময়াদি লেপন ও ধৌত করণ দ্বারা শুচি করা। "আপনার নিদ্রা এলে আমি রান্নাঘরে যাব, হাঁড়ি তুলে এসেছি, এঁটো পেড়ে এসেচি।" -দীনবন্ধু মিত্র।

এঁড় [সং-অণ্ড > । হিং অণ্ড্ > আঁড়। অশ্লীল] বি, অণ্ডকোষ; মুষ্ক। ~কাটা-বিণ, ছিন্নমুষ্ক; আক্তা। ২ পুরুষত্বহীন; গালিবিঃ। ~দেখান [তুল-কলা দেখান] ক্রি, ফাঁকি দেওয়া; বঞ্চনা করা। ~বিচি [অণ্ড-বীজ (বৎ) অণ্ডকোষ; মুষ্ক। এঁড়ে তেল দেওয়া-তোষামোদ করা।

এঁড়িয়া, এঁড়ে [অণ্ড > এঁড়+ইয়া =এ (বির্থে০)-অণ্ডযুক্ত] বি, ষাঁড়; বলদ। "ঘরে আছে বুড়া এঁড়ে ধরে মহাবল।" -শি০। ২ বিণ, ষাঁড়ের ডাকের মত তীব্র-গম্ভীর; কর্ণবধিরকারী। "মাধী বলে আলো সাধী চুপ করি থাক। আমি জানি এমন বিস্তর এঁড়ে ডাক॥" -অ০ ম০। এঁড়ে-গলা [এঁড়ে (ষণ্ডের মত)+গলা (কণ্ঠরব)] বি, বিকট কণ্ঠস্বর; ষাঁড়ের মত ডাক। "এঁড়ে গলা এঁড়ে ডাক উচ্চ চীৎকার।" -অ০ ম০ [হেঁড়েগলা দ্রঃ। `এঁড়ে লাগা [প্রাদে০। আঁতুড়০ >] বি, শিশুদিগের রোগ; জননীর গর্ভাবস্থার স্তন্য পান করিয়া শিশুদিগের এই রোগ হয়, তাতে তাদের অজীর্ণ হয় এবং তারা ক্রমেই কৃশ হতে থাকে।

এঁদের [গ্রা০, প্রাদে০-এঁয়াদের, এনাদের ও০] স, ইঁহাদের। "এঁ০ মধ্যে অনেকেই।" -উত্তরা, ১৩৩৩।

এঁদো, এঁধো [অন্ধ-অন্ধুআ > আঁধুয়া, আঁদুয়া > এঁ০] বিণ, অন্ধকারময়। ২ আলোকহীন স্যাঁতান এই অর্থে ~পড়া। "দোতলা বাড়ীর গা ঘেঁসে এঁদো-পড়া জরাজীর্ণ বাড়ীখানা।" -সেজবৌ (আ০ শক্তি)।

এঁষে-ঘা-বি, গোরু, মেষ, ছাগল ই০ জন্তুর মুখে বা খুরে যে ঘা হয়।

এঁষানি, `এঁসানি [আমিষ > আঁইষ > আঁষ+আনি। 'আঁষানি'ও বলে] বি, আমিষগন্ধ; আঁষ্টে গন্ধ। এঁসানি মারা-ক্রি, আমিষগন্ধ দূর করা; ঘৃতে ভাজিয়া আঁষগন্ধ দূর করা; সন্তলন করা। "মাংসের এঁসানি মারে ঘৃতে কল কল।" -ঘ০। ২ আঁষ্টে গন্ধ ছাড়া।

এক [সং-এক [সং-এক। প্রা০ বাং ও প্রাদে০ 'একু' (চ০ ১৫।২; ৩৪।৪) এথ 'এখু, বৌ০ বাং প্রাকৃ০ 'এক্ক' (দো০ ১৩১), 'এক্কু', (দো০ ৯৩, ১১২), 'একে' (চ০ ২৮।৬) 'একক' (দো০ ৯৬)। "একুমণা" (চ০ ২৩।১)। তেলু০-ওকাটি] বি, এক সংখ্যা। "একের পিঠে এক এগার।" ২ [ব্যা০] অ, এক এই অর্থবাচক প্রত্যয়। বচনেক (সং-বচনৈক=এক বাক্য), প্রহরেক (সং-প্রহরৈক=এক প্রহর)। ৩ বিণ, এক সংখ্যাবিশিষ্ট; এক-সংখ্যক; একটীমাত্র। প্র-একজন না দুই-জন [দ্রঃ-অনধিকের ভাব বিঃ করণার্থে ইহার সহিত টা বা টি, টী যুক্ত হয়। প্র-একটা] ৪ পূর্ণ; ভরা। "এক কলসী দুধে এক ফোঁটা চোনা।" -প্রবচন। "এক ঘর লোক।" ৫ অভিন্ন; সম; সেই। "এক মায়ের পেটে ঐ দুইজন জন্মিয়াছে; উহারা সহোদর ভ্রাতৃদ্বয়।" "এক সান্‌কির ইয়ার।" "একমন হলে সমুদ্র শুকায়।" -প্রবাদমালা। ৬ সমবেত। প্র-সকলকে এক করিতে হবে। ৭ মিশ্রিত; মিলিত। প্র-চালে ডালে এক করে রেখেছে। ৮ সম্বন্ধ; সম্মিলিত। প্র-দুই হাতে এক করিয়া দেওয়া। ৯ অবিরাম; অবিচ্ছিন্ন। প্র-একটানা সুর; এক-ঘেয়ে। ১০। অদ্বিতীয়; অনন্য; সাদৃশ্যরহিত। "এক প্রথম জ্যোতিঃ অতি শুভ্র পরমব্রহ্ম।" "তুমি এক তুমি পুরাণ তুমি অনন্ত সুখ-সোপান।" -স্কন্দ০। ১১ প্রধান; শ্রেষ্ঠ ['একজন্মা' 'একদেব' দ্রঃ] ১২ কোন অনির্দ্দিষ্ট। "একদিন হায় এমন হবে, এ

মুখে আর বলবে না।"—স্ক- [একটি দ্রঃ] ১৩ প্রথম। ১৪ অন্য। ১৫ অন্যতম। ১৬ একাকী। ১৭ বি. [ভাগবতে] সোমবংশীয় নৃপতি রায়ের পুত্র। ~আধ—অল্পস্বল্প. একাধিক নয়।~আটি, ~গোছা,~তাড়া, ~থোলো—বি, কতকগুলি বা বহু একত্র। ~কথা—বি. যে কথা নড়িবার নয় ; অপরিবর্ত্তনীয় বাক্য। ~কর্ম্মা—বিণ, অনন্যকর্ম্মা : একবৃত্তিক। ~কাঁড়ি, ~গাদা, ~রাশ—বি, বিণ, ঢের : বহু : স্তূপাকার। ~ক্রিয়—বিণ, এককর্ম্মা। ~খান,-খানা —একটা : একখণ্ড। ~গঙ্গা—বি, অনেকটা। ~গাছ—গাছ ভরা। প্র—একগাছ নারিকেল। ২ দীর্ঘ কোন একখণ্ড।~গাছা —একটা। ~গাল—গালভরা। ~গেঁয়ে —একগ্রামের একস্থানবাসী। ~দিন—কোন এক দিবস ; একদা। ২ একবার : এক সময়। ৩ যুগ ; কাল। "সে একদিন ছিল এখন আর তা দেখতে পাবে না।" সে একদিন গেছে। ৪ মৃত্যুদিন ; একদিনের মত আয়ু ; বাঁচিয়া থাকা। "ফের যদি * * আমার বাড়ীমুখো হবে তা'হলে আমারই একদিন কি ওরই একদিন।"—বংবাণী, ১৩৩৪। ৫ নিশ্চয় এক দিবস বা সময়। এই অর্থে "একদিন-না-একদিন"। "অনুশীলন করিলে এং নাং এং দিন কবির চেষ্টা সফল হবে।"—সম্মিলনী। **এক আধ বার**—ক্বচিৎ ; কখন [আধ=অর্দ্ধেক নহে, বিরলার্থে বা অল্প বা অনধিক এই অর্থে প্রযুক্ত] "পাড়া-পড়সীর বাড়ী এক আধবার বেড়াতে গেলে দোষ কি?"—অমৃত বসু। **এক আধটা**—একটা বা জোর দুইটা। **এক আঁচড়ে বুঝে ল'ওয়া**—একবার দর্শনে বা একটা কথা শুনিয়া বা একমাত্র আচরণ দেখিয়া অর্থাৎ সামান্য পরীক্ষায় মানুষ চেনা। **এক ক্ষুরে মাথা মুড়ানি**—সমান প্রকৃতিবিশিষ্ট ; সমস্বভাবচরিত্র। **এক ঢিলে দুই পাখী মারা**—এক উপায়ে বা এক কৌশলে উভয়দিক্ রক্ষা করা বা দু'টী উদ্দেশ্য সিদ্ধ করা। **এক লাঠিতে সাত সাপ মারা**—এক উপায়ে অনেক কাজ হাসিল করা। **এক হাত ল'ওয়া**—বিদ্রূপ করিয়া দোষ কীর্ত্তন করা।—প্রবাদ-সংগ্রহ। ২ সুযোগ বুঝিয়া বা উপযুক্ত ক্ষেত্রে পুরাতন দাদতোলা। **এক আড়া**—বিণ, এক প্রকার গড়ন বা আকার বিশিষ্ট। **এক আন্দাজ জরিপ**—বি. এক জাই জরিপ ; কোন মৌজার সমস্ত জমির এককালীন জরিপ। **এক কই** [এক+ই (নিশ্চয়ার্থে) বিণ. অভিন্ন, সমতুল : সমান ; পার্থক্য-রহিত।

এক এক—বিণ, কোন কোন। প্র—এমন এক একজন লোক আছে ইং। ২ একজন একজন : একটি একটি। ৩ ক্রি বিণ, একে একে : এক একটি করিয়া, একটীর পর অন্যটী, একজনের পর আর একজন করিয়া, পরে পরে : ক্রমশঃ। "কিন্তু একে একে শুকাইছে ফুল এবে, নিবিছে দেউটী।"—মেঘং।

একক [এক+ক, স্বার্থে। হিং—একাএক] বিণ, সঙ্গহীন, একাকী ; একলা। প্র—ঐ দুর্গম পথে একক যাইও না। ২ সহায়-বিহীন : অসহায়। প্র—সমস্তই সে একক করিয়াছে। ৩ কেবল : একমাত্র : এক।

এককলসী—বিণ, কলসপূর্ণ। প্র—এক কলসী জল। ২ প্রচুর পরিমাণ (জলীয় পদার্থ পক্ষে)। **এং দুধে এক ফোঁটা চোনা দেওয়া**—এক বিন্দু চোনা স্পর্শে যেমন সমস্ত দুধ নষ্ট হয় তদ্রূপ এক দোষে সকল গুণ নষ্ট করা। ২ আগাগোড়া ভাল আচরণ করিয়া সর্ব্বশেষে সামান্য কুব্যবহার করিয়া নিন্দার্হ হওয়া। ৩ কার্য্য সুসম্পন্ন-প্রায় করিয়া আনিয়া সামান্য কারণে সমস্ত পণ্ড করিয়া ফেলা। ৪ শেষরক্ষা না করা।

এককাট্টা [হিং—ইকট্টহ, একাট্টা দ্রঃ] বিণ, একজোট ; এক মতাবলম্বী ; এক-যুক্তিতে দলবদ্ধ। ২ একত্র ; জড়।

এককালীন [এক-কালীন] বিণ, এককালে বা একবারে যা হয় বা করা যায়। প্র—এককালীন খরচ। ২ এক সময়ে ; সমসাময়িক। ~তা (নং)—বি, যৌগপদ্য : এক সময়ে হওয়া। ২ সম-সাময়িকতা।

এককুড়ি [মেয়েলিং হিসাবে যে কুড়ি পর্য্যন্ত গণিতে জানে তার গণনায়] বি, ২০ কুড়ির এক থেকে। (এইরূপ—দুকুড়ি=৪০, তিনকুড়ি=৬০ ইং)।

এককুণ্ডল [এক—কুণ্ডল (কর্ণের ভূষণ) যার—বহুং] বি, বলরাম। ২ কুবের।

এককেনে [গ্রাং। এক-কোণ >। কর্ম্মকার, সূত্রধরাদির কর্ম্মশালায় ব্যবহৃত শব্দ] বি, এক কোণযুক্ত বাটালি।

এককোষ্ঠী—বি, এক কোষ্ঠময় দেহ শিরঃপদী সামুদ্রিক জীব (কটল্ মৎস্য cuttle fish অক্টোপস্ octopos ইং [অক্টোপস্ দ্রঃ]।

একগম্য [এক—গম্য (লভ্য)] বিণ, একলভ্য : একমাত্র প্রাপ্তব্য।

একগঙ্গা [এককলসী দ্রঃ ; ভরাগাঙ্ বা পরিপূর্ণতার ভাব] বিণ, প্রচুর : বহু পরিমাণ : একরাশি।

একগা [এক (ভরা) গা (গাত্র : অঙ্গ)] বিণ, সর্ব্বাঙ্গ ; গাত্রপূর্ণ : গাত্রের সকল স্থানে। প্র—একগা গহনা।

একগাল [এক (পূর্ণ) গাল] বিণ, গাল-ভরা ; মুখপূর্ণ। প্র—এং পান ; এং হাসি। ২ [সংখ্যামাত্র-সূচক] একগ্রাস। প্র—এং ভাত।

একগুঁয়ে, একগুয়ে [এক—গোঁ +এ (স্বার্থে)] বিণ, যে মানা মানে না ; অবাধ্য : একরোকা ; যে নিষেধ বা বারণ শুনে না। "একগুযে তেজীয়ান্ অথচ তরল"

একগুরু [এক (অভিন্ন) গুরু (উপ-দেশক) যার—বহুং] বি, সহাধ্যায়ী ; এক-গুরুর শিষ্য ; গুরুভাই ; সতীর্থ ; সহপাঠী।

একগ্রামীণ [একগ্রাম+ঈন বিদ্য-মানার্থে (খীন)] বিণ, যারা একগ্রামে বাস করে ; একগ্রামাধিবাসী।

একঘেঁয়ে [তুল—একঘেয়ে] বিণ, আগা-গোড়া নিরেট, সারবান্ (জাতক ১।১২১)।

একঘরিয়া, একঘরে [একঘরে

বন্ধ, অন্য ঘরের সহিত আদানপ্রদান রহিত] বিণ, জাতিভ্রষ্ট; সমাজচ্যুত।

একঘেয়ে [এক-ঘা (বাদ্যে ঘা, তাল) + ই-আ (স্বার্থে)] বিণ, বৈচিত্র্যহীন: এক সুর: একরূপ; নূতনত্বহীন; পুরাতন। "আর ভাল লাগেনাক প্রত্যহই এ°।" -দ্বি° রায়। ~মি-বি, এক ঘেয়ে ভাব বা অনুষ্ঠান।

একচক্ষু-বি, কাক [একাক্ষ দ্র:] ২ বিণ, এক নেত্রবিশিষ্ট; কাণা।

একচক্র [এক (অদ্বিতীয়) চক্র (চাকা) যার-বহু°, যে রথের একচাকা] বি, একচক্র-যুক্ত রথ; সূর্য্যের রথ। ২ গণ্ডার। ৩ বিণ, একমাত্র চাকাযুক্ত।

একচক্রা-বি, এটওয়ার ৮ ক্রোশ দক্ষিণ-পশ্চিমে অবস্থিত নগরীবি:। পাণ্ডবগণ জতুগৃহ-দাহের পর জননীর সহিত এই নগরে বাস করিয়াছিলেন, তথায় ভীম বকরাক্ষসকে বধ করেন।-মহা° আদি° ১৫৮ অ°।

একচত্বারিং/শ, ~শৎ [সং- একচত্বারিংশৎ] বি, বিণ, একচল্লিশ; ৪১ সংখ্যা বা সংখ্যক। ~শত্তম-বিণ, ৪১ সংখ্যা।

একচর [এক (একাকী) চর (যে গমন করে বা চরে)] বি, গণ্ডার। ২ বিণ, যে একাকী বিচরণ করে বা অবস্থান করে। ৩ অন্য সংসর্গবিহীন; যে অন্যের সঙ্গে যায় না বা থাকে না, বিজনবাসী।

একচর্য্যা [এক-চর্‌ (গমন করা) + য (ভা°)] বি, একাকী গমন, অসহায় চলন।

একচল্লিশ [একচত্বারিংশৎ >] বি, বিণ, ৪১ সংখ্যা বা সংখ্যক।

এক/চাপ [প্রা°, এক (একত্র) চাপ (জমাট)] বিণ, একত্র; সমবেত। "সকল পাষণ্ডী তারা একচাপ হৈয়া।"-চৈ° ভা°। ক্রি বিণ, ~চাপে-ক্রি-বিণ, একত্র হইয়া; একসঙ্গে জড় হইয়া (অপ্র°)।

একচারী [একচর (দ্র:) + ইন্‌ (তৃ= একচারিন্‌ ১মা ১ব°)] বিণ, যে একাকী বিচরণ করে; একা বাস করে। "না শুনিলে এই কথা যে ঘরে লহনা সতা এ° ভুখিল বাঘিনী।"-কবিক°। ২ বুদ্ধ-সহচারী। স্ত্রী° একচারিণী।

একচালা [এক-চাল (ছাদ) + আ (বিথে°)] বিণ, একচালবিশিষ্ট: একছত্র; একচালের অন্তর্গত; বংশ, তৃণ, পত্রাদি আচ্ছাদিত একখানি চালবিশিষ্ট ক্ষুদ্র গৃহ: একত্র বাস। প্র-তাহার সহিত ত আমার এ° নহে। ২ চালনীতে যা একবার মাত্র চালিয়া বা ছাঁকিয়া লওয়া হইয়াছে। ৩ একবার চালিত, যা একবার চালান হইয়াছে।

একচিত্ত [এক (এক বিষয়ে) চিত্ত (মনঃ) যার-বহু°] বিণ, যার এক বিষয়ে চিত্ত নিবিষ্ট আছে: একমতি; অনন্যচিত্ত: একমনা। ২ অন্যের সহিত যার চিত্তের সম্পূর্ণ ঐক্য বা সামঞ্জস্য আছে: অভিন্নহৃদয়।

একচুল-বিণ, একগাছি চুল পরিমাণ: অতি সূক্ষ্ম। ২ অতি সামান্য; অত্যল্প মাত্র। ৩ সিকি সুত বা-১/৮ জ বা-১/৩২ ইঞ্চি পরিমাণ। (চুলদ্র:)।

একচূর্ণী-বি, তৈত্তিরীয়-যজুঃসংহিতা ভাষ্যকার মুনিবি:।

একচেটিয়া, একচেটে [এক-চাট (সর্ব্বতোভাবে)-ই + আ (স্বার্থে)] বিণ, একায়ত্ত; একের অধীন।

একচোখো [এক-চোখ্‌ (চক্ষু)-উ + আ (বিথে°)=একচোক্ষুআ=একচোখো (অবজ্ঞার্থে)] বিণ, একচক্ষুবিশিষ্ট। ২ অযথা একপক্ষানুরাগী, পক্ষপাতদুষ্ট; অনুদার। "এক-চোখো এমন কার্য্য অনিবার্য্য।" -মনোমোহন বসু। ~পনা,~মি-বি, এক চোখো ভাব বা অনুষ্ঠান।

একচ্ছত্র, একছত্র [এক + ছত্র] বিণ, এক রাজছত্রের অধীন; একজন অধিপতির শাসনাধীন। "পুত্র হবে রাজচক্রবর্ত্তী একছত্র করিবে ভুবন।"-অমিতাভ।

একচ্ছায় [এক + ছায়] বিণ, অখণ্ড ছায়াসমাবৃত; সমাচ্ছাদিত। "ধনঞ্জয় বিশিখ জালে আকাশ মণ্ডলকে যেন এ° করিয়া তুলিলেন।"-মহা° (বর্দ্ধ)।

একছুট, একছোট [এক + ছুট (দৌড়)] বি, লম্বা দৌড়, বাধারহিত দৌড়ন। ২ [ছুট (ইং-suit; a set) = সাট-a set of clothes] বি, এক প্রস্থ বস্ত্র; এক সাট পোষাক বা পরিচ্ছদ। ৩ [এক + সুত (সূত্র)] একবস্ত্র; ধুতি সাড়ী ই°র একখানি মাত্র, ধুতি এবং উড়ানী বা চাদরের মধ্যে কেবল ধুতিকেই বুঝায়। ৪ [শেষ পর্য্যন্ত অতি-দ্রুততাব্যঞ্জক অর্থে এক] একদৌড়। বিণ, উত্তরীয়বিহীন। ক্রি-বিণ, একছুটে, একছোটে-একদৌড়ে। ২ একবস্ত্রে, ধুতিমাত্র পরিধান করিয়া।

একজ১ (এ-)] এক-জ-জন (জন্মান) + ড (তৃ)-ন্‌ লোপ] বিণ, এক হতে জাত; একজাত। ২ সহোদর। স্ত্রী° ~া-সহোদরা।

একজ২ [এক-জ (যব বা যবোদর >)] বি, ৪ ধান পরিমাণ। ২ এক যবোদর পরিমাণ। ৩ [সূত্রধর কর্ম্মকারাদির ভাষায়] দুই সুত বা সিকি (১/৪) ইঞ্চি পরিমাণ।

একজটা [এক-জটা (একত্রীকৃত চুল) যার] বিণ, যার মস্তকে একটী মাত্র জটা আছে। ২ উগ্রতারা-মূর্ত্তি। দেবগণ অসুর-ভয়ে ভীত হইয়া মাতঙ্গী মহাবিদ্যার স্তব করিলে তাঁর দেহ হতে কৃষ্ণবর্ণা একজটা মূর্ত্তির আবির্ভাব হইয়াছিল।-কালিকা পু°।

একজন্মা [এক (প্রধান) হতে, জন্ম (জন্মন্‌-উৎপত্তি) যার-বহু°] বি, লোকপাল; রাজা। রাজা দিক্‌পালের অংশে সম্ভূত এই জন্যই একজন্মা। ২ [একবার জন্ম যার অর্থাৎ দ্বিজাতির ন্যায় গায়ত্রী মন্ত্রে দীক্ষারূপ জন্মান্তর নাই] শূদ্রজাতি।

একজাই [উ-একজা >] ক্রি-বিণ, বারংবার; ক্রমাগত; অবিরাম। "কেন খাটি এ° শরীরে আরাম পাই।"-পদ্যপাঠ ১ম ভাগ। ২ বি, তুলনা। ৩ বিণ, এক মেলবদ্ধ, সামাজিক সমীকরণ। "পুরন্দর খাঁ দক্ষিণ রাঢ়ীয় কায়স্থের প্রথম এ° (সমীকরণ) করিয়াছিলেন।"-মধ্যযুগে বাঙ্গলা। ৪ একত্র; এক কাট্টা [হি°-ইকট্ঠা] ৫ [জমীদারী সেরেস্তায়] বিণ, একুন; মোট হিসাব total এ° চালান-বৎসরের শেষে একুন চালান।

একজাত [এক (অভিন্ন) হতে জাত (উৎপন্ন)] বিণ, এক পিতা-মাতা হতে

যাদের জন্ম। ২ [খ্রীষ্টধর্ম্ম শা°] এক হতে উৎপন্ন ; পুরুষ-সংসর্গ ব্যতীত নারী গর্ভ-সম্ভূত (যেমন যীশু)। "ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে প্রদান করিলেন।"-বাইবেল। ৩ (-ত) স্বজাতি।

এক/জাতি-বি, একশ্রেণী। ২ [এক (একবার) জাতি (উৎপত্তি) যার-বহু°] বি, শূদ্রজাতি [বৈদিক দীক্ষা না থাকায় শূদ্রকে একজাতি এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্যকে দ্বিজাতি বলে]~জাতীয় [গ্রা° ~জেতে] বিণ, সমশ্রেণীস্থ ; একপর্য্যায়ভুক্ত। ২ তুল্য প্রকার ; সদৃশ। ৩ এক বা অভিন্ন লক্ষণাক্রান্ত। > স্ত্রী° ~া।

এ̃কজায় [একজাই দ্রঃ] ক্রি-বিণ, একত্র ; একসঙ্গে। "বেণে বৈসে একজায়।" -কবিক°। "শত শত এ° গুজরাটে তন্তুবায়।"-ঐ। ২ বারংবার ; ক্রমাগত। প্র-আমাকে একজায় (সাধাঃ-জাই) বিরক্ত করিও না। ৩ [এক জায়া (স্ত্রী) যার। সং-তে ব্যবহার] একপত্নীক।

এ̃কজিদ্দি [এক-জিদ্+ই] বিণ, একগুঁয়ে।

একজিবিশন [ইং-exhibition] বি, প্রদর্শনী।

এ̃ক/জোট [এক+জোট=জোড় (জুড়্=বন্ধন করা)] বিণ, একত্র মিলিত ; দলবদ্ধ। ২ একমতাবলম্বী। ৩ [জোট=জোড় (মেল) বা যুক্ত (যোগ্য)-জুটী দ্রঃ] সমবয়স্ক ; সমযোগ্য। ক্রি-বিণ, ~জোটে-এক-যোগে ; দলবদ্ধ হইয়া।

এ̃কজ্বরি-বি, অবিরাম জ্বর ; যে জ্বর ছাড়ে না ; এক জ্বর থাকিতে আবার জ্বর আসে।

এ̃কটা [এক+টা (অবজ্ঞা বা অনাদরার্থে)] বিণ, একই সংখ্যক ; একমাত্র। ২ অবশ্য ; অল্প (এতদর্থে 'দুটো' এই শব্দের সহযোগে ব্যবহৃত হয়)। "দুটো একটা বা একটা দুটো কথাতেই কাজ হবে।" ৩ নির্দ্দিষ্ট ; বিশেষ। "তোমার সঙ্গে একটা কথা আছে।" ৪ অনির্দ্দিষ্ট ; অবিশেষ ; কোন একটা ; যে কোন। প্র-একটা হ'লেই হ'ল। ৫ অ, এক্ষণে ; উপস্থিতমত ; একবার। [(আশু প্রয়োজনসূচক) ইহা ইং-just শব্দের ব্যবহারের অনুরূপ] "কাগজখানায় একটা সই করে দাও ত।" এ̃° কিছু-বিশেষ কিন্তু অজ্ঞাত কোন। "বৌদির একটা কিছু গোলমাল আছে।"-উত্তরা, ১৩৩৩। বঁড় একটা-ক্রি-বিণ, বেশী (নয়) প্রায়ই (নয়) খুব (কম)। "কাহার সহিত বড় একটা কথা কয় না।"

এ̃কটানা [এক (একদিকে) টান (প্রবাহ)+আ (বিণর্থে)] বিণ, একদিকে প্রবাহিত। ২ অবিরত ; অবিশ্রান্ত। "অতি-জোর একটানা কি করিবে গুণ টানা।" -ঈ° গুপ্ত। ৩ একঘেয়ে। প্র-সারাদিন এ সুরে আর ভাল লাগে না।

একটি,-টী [এক+টি, টী (মাত্র বা আদরার্থক প্রত্যয়)। অতি প্রা°-বাং-একুড়ি (চ° ২।৫) তুল-তেলে -ওকাটি] বিণ, এক-মাত্র, একের অনধিক। "খুড়ো আমার ভাইপো ব'লে একটি বার না দিলেন বেটে।" -ঈ° গুপ্ত। ২ অনির্দ্দিষ্ট ; কোন। প্র-একটি ভদ্রলোক আসিয়াছিলেন।

এ̃কটিন্,-টীন, একটীং, একটীনি [ইং-acting >] বিণ, পরিবর্ত্ত ; একজনের স্থলে অন্যের অস্থায়ী নিয়োগ ; এউজি। "ঢাকের পিঠে বাঁয়া যেমন বাজে নাকো একটি দিন। তেমনি হরুর দলে রামপ্রসাদ একটিন্।"

একটী-একটি দ্রঃ।

একটু [এক+টু-অল্পার্থে] বিণ, অল্পমাত্র ; কিঞ্চিন্মাত্র। প্র-একটু জল দাও। ২ কিছু ; অতি অল্প ; সামান্য ; খানিক ; খানিকক্ষণ। প্র-একটু অপেক্ষা কর। কটু খাও। ৩ একবার [একটা দ্রঃ-ইং-'a little' বা 'just' শব্দের মত ব্যবহার] প্র-একটু দেখতো সে আসছে কিনা। একটু যাওই না।

এক/টুক্ (এ̃) [এক+টুক্ (স্বল্পার্থে, প্রাদে° এই অর্থে ব্রজ° একঠামা (দ্রঃ)] বিণ, অল্পমাত্র। ~টুকু [(অত্যল্পার্থে)] বিণ, অত্যল্প ; অতি সামান্য। ২ যৎকিঞ্চিৎ।

এ̃ক/ঠামা [প্রাদে°, প্রা° বাং] বি, একটু মাত্রও ; অত্যল্প মাত্রও। "নাহি উপকার একঠামা।"-বি° প°] ~ঠোকা [প্রাদে°] বিণ, একরোকা ; একগুঁয়ে।

এ̃কডৌল [এক (সম) ডৌল (গঠন, আড়া)] বি, এক সমান ; এক আড়া।

এ̃কড়ো, এ̃°কড়ো [কামার শালে ব্যবহৃত শব্দ] বি, শালে খোঁচা দিয়া আগুনের তেজ বাড়াইবার জন্য ব্যবহৃত লৌহ নল।

এ̃ক/টল-বিণ, অভিন্ন ; একাকার। ~টাল-বিণ, একত্র মিলিত ; মিলান। ২ গড়ানে। একরাশ। ৪ এক প্রকার ঢালাই করা।

একতঃ (-এ̃-) [এক+তস্ ৫মী বা ৭মী স্থানে তস্=একতস্] অ, একদিক্ হতে ; এক পার্শ্ব হতে ; এক পক্ষ হতে। ২ এক দিকে ; একপার্শ্বে ; এক পক্ষে।

একর্তৎপর ['solely intent on' অর্থে (রবী°)] বিণ, একাগ্রচিত্ত, অনন্য বিষয়ে অবধানপর বা নিরত।

একর্তনযেকর্তন (এ̃-র্ত-যেঁ-র্ত-) [প্রা° বাং। যেন তেন প্রকারেণ হতে 'একর্তন-তেকর্তন, একর্তনথেকর্তন' ও°] ক্রি-বিণ, যেমন তেমন করিয়া ; যে কোন প্রকারে ; কষ্টে সৃষ্টে। "এ°-যে° করি যে খাইছে তার দুয়ারত ঘোড়া।"-মাণিক° গান।

এ̃কতন্ত্রী [একতন্ত্র+ঈ (যুক্তার্থে)] বি, বীণাজাতীয় একতারযুক্ত বাদ্যযন্ত্রবিঃ। অলাবু (লাউ) খর্পরে (খোলায়) একটি বংশদণ্ড যোজিত এবং সেই দণ্ডের উপরিভাগে একটি-মাত্র কীলক সম্বদ্ধ থাকে ও তাহাতে একগাছি লৌহ তার সংযোজিত থাকে।-যন্ত্রকোষ। অপর নাম 'একতন্ত্রিকা' ; 'একতারা' (দ্রঃ)। ২ বিণ, একতন্ত্রযুক্ত ; একসম্প্রদায়ভুক্ত ; এক-মতাবলম্বী।

একর্/তম [এক+তম (বহুর মধ্যে একের নির্দ্দেশ বা উৎকর্ষার্থে)] বিণ, দুয়ের অধিক বা অনেকের মধ্যে এক। ~তর [এক+তর (দুয়ের মধ্যে একের নির্দ্দেশ বা উৎকর্ষার্থে)]

তুল-গ্রী°-hekteros.] বিণ, দু'য়ের মধ্যে এক। ২ [প্রা° বাং প্রাদে°] স্বতন্ত্র ; ভিন্ন। "ওরূপ থুইল ময়না একতর করিয়া।"-মাণিক° গান।

একতর [হি°-একতরহ্ >] ক্রি-বিণ, এক রকম ; এক প্রকার।

এক/তরফ [ফা°-এক্তরফ্ >] বি, একদিক্ ; একপার্শ্ব। ২ এক পক্ষ। বিণ, **~তরফা, ~তরফা**-একদিক্ বা একপক্ষ সম্বন্ধীয় ; একপক্ষীয়। ২ বি, **~দফা**। **~তলা** [গ্রা° ~তালা] বিণ, এক তল বা স্তর বিশিষ্ট ; ভূপৃষ্ঠ হতে এক ছাদবিশিষ্ট।

একতা [এক+তা (ভা°) একের ধর্ম্ম বা ভাব] বি, একভাব ; ঐক্য ; একত্ব ; মিলন। ২ অভেদ ; অভিন্নতা। ৩ সাম্য [তুল-ইং-unity ; ল্যা°- unitas ; হি°-একাঈ]।

একতান (-এঁ-) [এক (অদ্বিতীয়) তান (বিষয়) যার-বহু°] বিণ, যার মন কেবল একই বিষয়ে লগ্ন ; এক বিষয়ে নিবিষ্ট মন ; একাগ্রচিত্ত ; তদ্গতমানস। ২ বি, একযোগে বাঁধা স্বর ; লয়। ক্রি-বিণ, **একতানে**-একাগ্রচিত্তে। ২ কণ্ঠের সহিত কণ্ঠ মিলাইয়া ; সমস্বরে। "একতানে, সমীরণ সনে, গাহিছে তটিনী গুণ গুণ স্বরে।"-গান। **~তা** (-ন্-)-বি, একনিষ্ঠতা; একাগ্রতা ; তদ্গতচিত্ততা। ২ ঐক্য ; সুসঙ্গতি। ৩ সুরের মিল harmony. **~মন, ~মনা, ~মনাঃ** [বাং-তে 'একতানমন' চ°। একতানে (একবিষয়ে) মনস্ (মনঃ) যার বহু°=একতানমনস্ ১মা ১ব°] বিণ, এক বিষয়ে নিবিষ্টচিত্ত ; একাগ্রচিত্ত ; অনন্যমনা।

একতাপন্ন (এঁ-) [একতা (একত্ব)-আপন্ন (প্রাপ্ত) ২ তৎ] বিণ, অভিন্ন ; ভেদরহিত। ২ একে পরিণত ; একত্বপ্রাপ্ত ; একীভূত ;

একতার১-বিণ, একতন্ত্রযুক্ত। ২ এক আস্বাদন ; সমানস্বাদযুক্ত।

একতার২ [আ°-এখ্তিআর্ >] বি, ক্ষমতা। ২ দখল ; অধিকার।

একতারা [একতন্ত্রী >] বি, একটীমাত্র তারযুক্ত বীণাজাতীয় বাদ্যবিঃ। (একতন্ত্রী দ্রঃ)।

একতাল [এক (সমান) তাল (গীতাদির কালের পরিমাণ-লয়)] বি, সমতাল ; সমান লয় ; একমিল। ২ নিরবচ্ছিন্ন স্বর : অবিচ্ছিন্ন বা ধারাবাহিক নৃত্যগীতাদি। ৩ সমন্বিত লয়। স্ত্রী: ~া।

একতালা১-বি, দ্বাদশ মাত্রার তাল। তাল দ্রঃ।

এক/তালা২ [তালা=তল-আ] বিণ, একতলবিশিষ্ট ; একতালা। প্র-একতালা বাড়ী। **~তীর্থ**-বি, যার একই তীর্থ বা গুরু ; সহপাঠী। **~তীর্থী** [মূ°-একতীর্থিন্ ১মা ১ব°] বি, সতীর্থ ; একগুরু।

একত্র [এক+ত্র। ৭মী স্থানে 'ত্র' প্রত্যয়। গ্রা°-একত্তর, এঁকোত্তর, একস্তর, একিস্তর-অশুদ্ধ কিন্তু চ°। 'এঁকত্রিত' (এই শব্দ প° রামগতি ন্যায়রত্ন মহাশয় প্রথম ব্যবহার করেন, পরে বাং-য় ক্রমে প্রচলিত হয়। অধু° ব্যবহার বিরল হইয়া আসিতেছে)] অ, এক বিষয়ে। ২ একদিকে। ৩ একস্থানে। ৪ মিলিত ; মিশ্রিত। ৫ সমবেত ; জড় : সম্বদ্ধ। **এ° করা**-ক্রি, জড় করা ; জমা করা। ২ দলবদ্ধ করা। **এ° হওয়া**-ক্রি, দলবদ্ধ হওয়া ; একসঙ্গে মিলিত হওয়া।

একত্রিংশ, একত্রিংশৎ [সং] বিণ, ত্রিশের পরবর্ত্তী ; একত্রিশ ; ৩১ সংখ্যক। **~ত্তম**-বিণ, ৩১ সংখ্যক বা তাহার পূরক।

একত্রিশ [সং-একত্রিংশ >, প্রাকৃ°-একত্রিশ >] বি, ত্রিশ সংখ্যার পরবর্ত্তী সংখ্যা ; ৩১। ২ বিণ, ৩১ সংখ্যক।

একত্ব (এঁ-) [এক+ত্ব (ভা°)] বি, একতা ; অভেদ ; ঐক্য।

একদংষ্ট্র-একদন্ত দ্রঃ। **~া**-বিণ, একদাড়াবিশিষ্ট।

একদন্ত, একদংষ্ট্র [এক-দন্ত, দংষ্ট্রা (দাঁত) যার-বহু°] বি, গণেশ [গণেশের একদন্ত নামে পরিচিত হইবার কারণ ;- যুদ্ধকালে পরশুরাম গণেশের একটী দন্ত ভগ্ন করেন। (মতান্তরে) ক্রীড়াযুদ্ধে কার্ত্তিক উহা ভগ্ন করেন। (মতান্তরে) পাশাক্রীড়ার জন্য পার্কির প্রয়োজন হওয়ায়, রাবণ গণেশের একটী দন্ত উৎপাটন করেন। (মতান্তরে) একদা রাবণ কৈলাসে শিবের সাক্ষাৎকারলাভে গমন করিলে মন্দিরদ্বারে গণেশকর্ত্তৃক বাধাপ্রাপ্ত হওয়ায় তাঁহার একটী দন্ত উৎপাটন করিয়া ফেলেন]।

একদম [হি°-একদম্] ক্রি-বিণ, এককালে ; মূলেও ; একেবারেই। প্র-সে দৌড়িতে এ° পারে না। "বদান্য, যে এ° লাথ্ দেয় উপাধি কিনিতে।"-রজনী সেন।

একদমা [এক-দম-আ (বিশিষ্ট)] বি, একবার আওয়াজকারী পটকা। এইরূপ **দোদমা**-দুইবার আওয়াজকারী পটকা। ২ বিণ, একদমযুক্ত।

একদা (এ-) [এক+দা (কালার্থে)] অ, যুগপৎ ; এককালে। ২ কদাচিৎ ; কোন এক সময়ে। ৩ একদিন ; একদিবস। "একদা, বিধুবদনে, রাঘবের সাথে ভ্রমিতেছিনু কাননে।"-মেঘ°।

এক/দাপটে [এক-দাপট; হি°-ডপট্ =দৌড়)] ক্রি-বিণ, একদৌড়ে ; একদমে। **~দিঠি** [এক-দৃষ্টি >] বি, বিণ, অনন্য লক্ষ্য। ক্রি-বিণ, **~দিঠে**-এক দৃষ্টিতে। **~দৃক্**-বি, একচক্ষু দ্রঃ।

একদিন-এক দ্রঃ।

এক/দৃষ্টি [এক (এক বিষয়ে) দৃষ্টি (দর্শন) যার-বহু°] বিণ, অনন্যদৃষ্টি ; একভিন্ন অন্য দিকে যার দৃষ্টি নাই। ২ [এক (অদ্বিতীয়) দৃষ্টি (চক্ষু) যার-বহু°] বিণ, কাক (কাকের একটীমাত্রই অক্ষিগোলক থাকে)। ৩ [যার চক্ষু নাই] কাণ। ৪ [এক (এক বিষয়ক) দৃষ্টি (দর্শন)-ধা] বি, এক বিষয় দর্শন ; একদিকে দৃষ্টিপাত। ৫ একবার নেত্রপাতে যতটুকু দৃষ্টি হয় ; একনজর। ক্রি-বিণ, **~দৃষ্টে**-অনন্যদৃষ্টিতে ; এক বস্তু বা বিষয়ের প্রতি বদ্ধদৃষ্টি হইয়া। "একদৃষ্টে চাহে বামা দূর লঙ্কাপানে।"-মেঘ°।

একদেব [এক (অদ্বিতীয়) দেব (পূজ্য) -ধা] বি, অদ্বিতীয় পূজ্য ; প্রধান দেব ; পরমেশ্বর। "এ° ত্রিভুবন পরিপালক,"-ব্রহ্ম°।

একদেলা-বি, ঢাকা জামালপুরের নিকটবর্ত্তী (অধুনা জলপ্লাবনে ধ্বংসপ্রাপ্ত) ঐতিহাসিক নগর-বিঃ [সন্দেশাবলী]।

একদেশ [এক-দেশ (স্থান)] বি, অংশবিঃ ; কোন অংশ ; একাংশ। ২ অবয়ব। ৩ কোন একটা দেশ ; দেশবিঃ। ~**দর্শী** [এক-দেশ (স্থান)-দর্শী (যে দেখে)। দৃশ্ +ইন্ (স্তু-ণিন)=দর্শিন্ ১মা ১বং০] বিণ, যে এক পক্ষ বা অংশ বা দিক্ দর্শন করে। ২ অনুদার ; সংকীর্ণ। ৩ অদূরদর্শী। ৪ পক্ষপাতী। ~**দর্শিতা**-বি, পক্ষপাত। ২ সংকীর্ণতা। ~**ীয়**-বিণ, স্বদেশবাসী। ২ একদেশ সম্বন্ধীয়।

একদেশবিবর্ত্তিন্যুপমা [এক-দেশবিবর্ত্তিনী+উপমা] বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। সাদৃশ্যের বাচ্যত্ব ও গম্যত্ব উভয়ই দৃষ্ট হইলে এ০ হয়। যথা-"নয়ন সদৃশ নীল নলিনী বদন তুল্য হায় কমলিনী,সরসী শোভা শোভিতেছে হায় বসন সদৃশ শৈবাল ভাল।" [দ্রঃ-এখানে নেত্রাদির সাদৃশ্য বাচ্য, কিন্তু সরোবর শোভায় অঙ্গনা সাদৃশ্যটি গম্য।

একদেহ-বি, অভিন্নশরীর। ২ দম্পতি। ৩ সগোত্র। ৪ বুধগ্রহ।

এক/ধর্ম্মা [এক (তুল্য) ধর্ম্ম (গুণ বা স্বভাব) যার-বহু০] বিণ, একধর্ম্মবিশিষ্ট ; তুল্যধর্ম্মাবলম্বী ; সমানধর্ম্মা ; সমধর্ম্মী। ~**ধর্ম্মী** [এক+ধর্ম্ম+ইন্ (স্ত্য)] বিণ, এক-ধর্ম্মসম্প্রদায়ভুক্ত। স্ত্রীং ~**ধর্ম্মিণী**।

একধা [এক+ধা (প্রকারার্থে)] অ, একদিকে ; একবিষয়ে। ২ একপ্রকারে।

একধুর,-ধুরা,-ধুরীণ [এক-ধুর (ভার)+অ, ঈন (ীন, স্ত্য)] বিণ, যে পিঠের একদিকে ভার বহে ; এক পিঠা গরু।

একনবতি [সং] বি, বিণ, ৯১ সংখ্যা ও তাহার পূরক। গ্রা০-একনব্বই, একনব্বই, 'একানব্বই'। [প্রাকৃ-একানবই] ~**তম**-বিণ, ৯১ সংখ্যক বা তাহার পূরক ; একানব্বয়েরটি।

একনব্বই, এ্যাকানব্বই [এক-নবতি > একনবই > (গ্রা০) একনব্বই] বি, বিণ, ৯১ সংখ্যা বা সংখ্যক।

একনলা [এক-নল-আ] বিণ, এক-নলযুক্ত। ২ বি, এক নলিযুক্ত বা একনলের বন্দুক। এইরূপ 'দোনলা'।

এক-না-অ, একাধিক। **এক-না-এক, একটা-না-একটা, একজন-না-একজন**-একাধিক বস্তু বা ব্যক্তি পর্য্যায়ক্রমে ; কোন এক ; খালি বা অভাব না থাকার ভাব ; ভর্ত্তি বা বিদ্যমানতা ভাব ; অন্ততঃ একজনও। "এক-না-এক পণ্ড বাধিয়ে বসবেই।" "একটা-না-একটা দেখাই যায়।" "একজন-না-একজন লেগেই আছে।"

একনাগাড় [প্রাদে০-এক-লাগাড় (লাগ, লাগাড়)-একের সহিত অন্য সংলগ্ন হইয়া তাহার সহিত অপর এক লগ্ন এইরূপ একাদিক্রমে এবং অবিচ্ছেদে যা চলিয়াছে] বিণ, অবিশ্রান্ত ; ক্রমিক ; একাদিক্রম ; ক্রমাগত। ক্রি-বিণ, **একনাগাড়ে**-ক্রমাগত সমভাবে ; একাদিক্রমে।

এক/নাথ-বিণ, একস্বামিক। ২ বি, শিবলিঙ্গবিঃ। ~**নামা**-বিণ, সমনামধেয় namesake

একনায়ক [এক (অদ্বিতীয়) নায়ক (পরিচালক ; রাজা)-ধা] বিণ, একমাত্র পরিচালক বা শাসক রাজার অধীন ; স্বৈর-শাসক autocrat এ০ **রাজ্যতন্ত্র**-বি, যে রাজ্যের শাসনকার্য্য কেবল রাজার মতানুসারেই সম্পন্ন হয় autocracy.

একনিষ্ঠ-বিণ, একেই নিষ্ঠা যার ; একাগ্র। স্ত্রীং~**া**-একের প্রতি আস্থা বা অনুরক্তি যে স্ত্রীর। ২ একাগ্রতা।

একপক্ষ [এক-পক্ষ (পাখ বা সহায়) যার-বহু০] বিণ, একটী ডানাবিশিষ্ট। ২ বি, সপক্ষ ; সহায়। ৩ বাদী প্রতিবাদীর মধ্যে হয় বাদী না হয় প্রতিবাদী। ৪ পনর দিন ; মাসের অর্দ্ধ।

এক/পঞ্চাশ [সং-পঞ্চাশ >] বি, বিণ, ৫১ সংখ্যা বা সংখ্যক। ২ [গ্রা০। এককুড়ি দ্রঃ। মেয়েলি হিসাবে] এক বার বা এক থোক ৫০ (দু' পঞ্চাশ = ১০০] ~**পঞ্চাশৎ**-বি, বিণ, ৫১। ~**পঞ্চাশত্তম**-বিণ, ৫১ সংখ্যক বা তাহার পূরক।

একপত্নী [এক-পতি (স্বামী) যার, ন আগম] বি, পতিপরায়ণা ; পতিব্রতা ; সতী ; সাধ্বী। ২ প্রধানা স্ত্রী। ৩ সপত্নী ; সতীন। ~**ক** [এক-পত্নী যার-বহু০, ক যোগ] বিণ, যার একটিমাত্র পত্নী ; অব্যভিচারী ; সচ্চরিত্র।

একপত্রোৎপত্তিক [এক-পত্র (পত্র অবস্থায়) উৎপত্তি (অঙ্কুরিত হওয়া)+ক (বহু০) যারা এক পত্রাবস্থায় অঙ্কুরিত হয়] বিণ, বীজ অঙ্কুরিত হবার সময় যে সকল গাছের কেবল একটী মাত্র পত্র উৎপন্ন হয় ; এক-পত্রোৎপাদক। ২ একদা একটীমাত্র বীজ-প্রসবকারী monocotyledonous.

একপদ [এক-পদ (পা, চিহ্ন ই০) যার -বহু০] বিণ, একপদবিশিষ্ট। ২ খঞ্জ ; খোঁড়া। ৩ ক্রি-বিণ, যুগপৎ ; তৎক্ষণাৎ ; অকস্মাৎ। ৪ একউদ্যমে ; একপদে। ৫ বি, একটী বাক্য। ৬ চলিবার সময় প্রথম পা বাড়াইলে যতটুকু ব্যবধান হয় তত পরিমাণ। প্র-সে আর এ০ অগ্রসর হইতে সাহস করিল না।

একপদী-বি, একপদ-বিশিষ্টা ; এক পেয়ে। ২ বি, সঙ্কীর্ণ পথ। ~**করণ**-বি, একাধিক পদকে সমাসবদ্ধ করা বা একপদে পরিণত করা।

একপদে-অ, এক উদ্যমে ; একবারে। ২ অকস্মাৎ।

একপরামর্শী [মূ০-একপরামর্শিন্,১মা ১ব০] বিণ, যারা একসঙ্গে পরামর্শ করিয়া কার্য্য করে। ২ একমতাবলম্বী ; অভিন্ন মত ; একমত।

একপর্ণা, -পর্ণিকা [এক (একটী মাত্র) পর্ণ, পর্ণিকা (পত্র) ভক্ষ্য যার, অন্ত লোপ-বহু, অপর্ণা হবার পূর্ব্বে উমা যখন এক একটী মাত্র পর্ণ ভোজন করিয়া তপস্যা করিয়াছিলেন তখন তাঁর একপর্ণা নাম হয়] বি, মেনকার গর্ভজা হিমালয়-কন্যা ; অসিত-দেবলের পত্নী ; অপর্ণা ও একপাটলার সহোদরা।

একপাটলা [এক (একটী মাত্র) পাটল (পারুল) ভক্ষ্য যার-বহু০] বি, মেনকা-গর্ভজাতা হিমালয়-কন্যা অপর্ণার সহোদরা এবং জৈগীষব্যের পত্নী (একটী পাটল মাত্র ভক্ষণ করিয়া তপস্যা করায় এই নাম)।

একপাটা, এ্যাকপাট্টা [হি০-এক-পাট্টা=এক ফর্দা ; চাদর] বি, উড়ানি ;

উত্তরীয়। ২ একবস্ত্র [দ্রঃ-একপাটা প্রকৃতপক্ষে একখানি বিজোড় বস্ত্র ; তা হতে ধুতিমাত্র অর্থাৎ একছুট এবং ধুতি ও চাদর হলে দোপাট্টা অর্থাৎ দোছুট কিন্তু ব্যবহারে দোপাট্টা (দ্বিতীয় পট্ট : দ্বিতীয় বস্ত্র) অর্থে এক পাটা অর্থাৎ উত্তরীয় মাত্র]।

এক/পাঠী [মূং-একপাঠিন্] বিণ, সহপাঠী। স্ত্রীং ~পাঠিনী।

একপাদ-বি. দানব-বিঃ। ১ একাদশ রুদ্রের অন্যতম। ৩ মহিষাসুরের মন্ত্রী। -স্কন্দ পুং।

একপার্শ্ব, একপাশ-বি, দেহের একার্দ্ধ। ক্রি-বিণ, কাত : একপেশে।

একপার্শ্বে, একপাশে-ক্রি-বিণ, একধারে ; একান্তে ; একদিকে।

একপিঙ্গ, -ল [এক+পিঙ্গ, পিঙ্গল (নীল-পীত চিহ্ন) যার (বহুং) যার এক চক্ষু স্থানে নীল-পীত চিহ্ন আছে] বি, কুবের [গৌরীর প্রভাবে বামচক্ষু নষ্ট হওয়ায় শিবের অনুগ্রহে, গৌরী নষ্ট চক্ষু স্থলে একটী পিঙ্গলবর্ণ চিহ্ন দেন।-পু.। ১ মহাদেবের সখা। ইনি যক্ষগণকর্ত্তৃক পূজিত ও কুবেরের রাজধানীবাসী।

একপিণ্ড [এক (সমান)+পিণ্ড যাদের-বহুং] বি, সপিণ্ড।

একপিতৃক [এক (অভিন্ন) পিতৃ (পিতা) যাদের (বহুং)+ক] বিণ, অভিন্নপিতৃক : একপিতার ঔরসজাত [এক-মাতৃক দ্রঃ]।

একপুত্রতা,-ত্ব [এক+পুত্র+তা, ত্ব (ভাং)] বি, একাপত্যতা।

এক/পুরুষ [এক (অদ্বিতীয়, প্রধান) +পুরুষ-ধাং] বি, পরম পুরুষ : পরমেশ্বর। ২ একবংশ ; এক সময়ের তাবৎ লোক generation. ~পুরুষিয়া, ~পুরুষে -বিণ, এক পুরুষের জীবিতকালীন। ২ যে কুলীন বংশজ বা মৌলিক ঘরে বিবাহ করিয়া স্বয়ং কুল ভঙ্গ করিয়াছে। ৩ এক-পুরুষান্বিত।

একপেট-বি, একোদর। ২ ক্রি-বিণ, উদর পূর্ণ করিয়া ; পেট ভরিয়া।

একপেশে [এক-পার্শ্ব=পাশ+ইয়া-ক্ষেং=পেশে] বিণ, একদিকে ঝোঁকা ; এক-বর্গা। ২ পক্ষপাতী।

একফল-বি. একই পরিণাম। ২ একটীমাত্র ফল। ৩ বিণ, একফলা বা ধার যুক্ত (যেমন ছুরি)। ৪ একটী ফল যাতে আছে বা ধরে। ৫ এক পরিণামযুক্ত। স্ত্রীং ~া।

একফালা, একফালি-বি, লম্বাভাবে কাটা একখণ্ড ; একটুকরা। "মেনকার দাসী আনে ঔষধের ডালি। আছিল ইসর মূল তাহে একফালি।"-কবিকং।

একবংশ-বি-বিণ, সগোত্র।~ীয়-বিণ, এককুলজাত : এক ঝাড়ের।

একবচন [ব্যাং] বি, একত্ব সংখ্যার বাচক singular number [দ্রঃ-সংতে -একবচন, দ্বিবচন (dual number) ও বহুবচন (plural number) কিন্তু বাংলায় দ্বিবচন নাই]।

একবর, -বরিয়া, -বরে [গ্রাং-'একবেরে] বিণ, যার একবার বিবাহে বরণ করা হইয়াছে ; এক বিবাহ : এক পক্ষের।

একবর্গা [গ্রাং-একবগ্গা। এক+বর্গ (দিক্, পথ, গতি, গোঁ)-সং-বল্গ (গতি) বা মার্গ (পথ) হতে+আ (অবলম্বী)] বিণ, এক পথে, একমার্গী, এক গুঁয়ে। "এই মাগুর জাতি বড়ই দুরন্ত-অত্যন্ত এং।"-নায়ক,১৩২৬।

এক/বর্ণ [পরিঃ বীজগণিত] অমিশ্র অজ্ঞাত রাশি simple unknown quantity ২ এক জাতি। ৩ অযুক্তাক্ষর। ৪ একবারে উচ্চার্য্যধ্বনি বা শব্দাংশ syllable : একমাত্রা। ~বর্ণা-বিণ, এক জাতীয়। ২ এক রঙা। ~বর্ণী-বি, কাংশতাল ; মন্দিরা cymbals

একবর্ষিকা [এক+বর্ষ (বৎসর)+ইক (সংজাত অর্থে), স্ত্রীং-আ, যার এক বৎসর পূর্ণ হইয়াছে] বি. একবৎসরের গাই ; একবৎসরের বকনা।

একবস্ত্র [এক (অদ্বিতীয়) বস্ত্র-ধাং] বি, একমাত্র বস্ত্র : একছুট। ২ [এক বস্ত্র যার-বহুং] বিণ, একবস্ত্র পরিহিত ; উত্তরীয় বস্ত্ররহিত। ৩ [এক (একজাতীয়) বস্ত্র যার] বিণ, এক জাতীয় বসনবিশিষ্ট। ৪ ক্রি-বিণ, একছুটে ; কেবল মাত্র ধুতি পরিয়া।

একবাক্য [এক+বাক্য-ধাং] বি, অভিন্নবাক্য : এককথা। ২ [এক-বাক্য যার-বহুং] বিণ, একমত · একমতাবলম্বী। ~তা-বি, বাক্যের অভিন্নতা : অন্যথা না করার ভাব ; ঐকমত্য।

একবাড়িয়া-একবেড়ে দ্রঃ।

একবাদ [এক (অভিন্ন) বাদ (বাদিত্ব, ধর্ম্মমতবাদ)] বি, বেদান্তে আব্রহ্ম স্তম্ভ পর্য্যন্ত তাবৎ পদার্থের অভিন্নত্ব-প্রতিপাদক-রূপ মতবাদ। ২ [এক+বাদ (বাদন) যা এক হস্তদ্বারা বাদিত হয়] বি, ডিণ্ডিম নামক বাদ্য-যন্ত্র।

একবান [এক পোরান > ক্ষেং] বিণ, এক পোড় দেওয়া ; একবার আগুনে পোড়ান।

এক/বার-বি, এক সময়। ২ একের অনধিক বার। ৩ একদফা। ~বারে-ক্রি-বিণ, এককালে ; একদা once ২ এক-চেষ্টায়। ৩ সম্পূর্ণরূপে। ৪ হঠাৎ। ৫ একদম। ৬ এখনি at once.

একবাস-বিণ, একবস্ত্র। ২ ক্রি-বিণ, বস্ত্র পরিবর্ত্তন না করিয়া। স্ত্রীং ~া-একবসনা।

একবিংশ [এক (অধিক) বিংশ] বিণ, একাধিক বিশ সংখ্যক ; ২১ একুশ সংখ্যক।

একবিংশতি-বি, বিণ, বিংশতি এবং এক : একুশ ; ২১ সংখ্যা বা সংখ্যক। ~তম-বিণ, ২১ সংখ্যক।

একবেড়ে [এক+বেষ্টনে+ইয়া > বেড়িয়া > ক্ষেং] বিণ, এক ফের দেওয়া (বস্ত্রাদি)। ২ এক ঘেরা বা বেড়া দেওয়া (গৃহাদি)। ৩ এক পাক দেওয়া (সূত্রাদি)। ৪ [বর্গ+ইআ > বর্গে (বল্-গতি >)] একপেশে।

এক/ভক্ত [এক (একবার) ভক্ত (ভোজন) যাতে (বহুং) যে ব্রতে একবার মাত্র ভোজনবিধি আছে] বি, একাশন ব্রতবিঃ (ইহাতে একবার মাত্র দিবাভাগে ভোজন-

বিধি আছে)। ২ [এক (একমাত্র) ভক্ত (উপাসক)-খা] প্রধান ভক্ত ; অদ্বিতীয় ভক্ত। ৩ [একের (কেবল পরমেশ্বরের) ভক্ত] ঈশ্বরে ভক্তিযুক্ত : পরমেশ্বরের উপাসক। **~ভক্তি** [এক (অন্যবিষয়রহিত)-ভক্তি -খা] বি, অচলা ভক্তি : অনন্যবিষয় ভক্তি। ২ ভগবদ্ভক্তি। ৩ বিণ, ঈশ্বরে ভক্তিমান : ঈশ্বরের ভক্ত।

একভাব-বি, এক বিষয়ে অনুরাগ ; অনন্য বিষয়ে আসক্তি। ২ এক স্বভাব ; একরূপ প্রকৃতি। ৩ একাশয় ; এক অন্তঃকরণ। ৪ সমভাব ; এক ধরণ। ৫ [একের ভাব-৬ তৎ] একজনের স্বভাব। ৬ একমন ; একচিত্ত। "ভবানীর নামে দিলা এ০ হয়ে।" -অ০ ম০।

একভার্য্য-বিণ, একপত্নীক। **~া** এক (প্রধানা)-ভার্য্যা (স্ত্রীং)-খা] বি, প্রধানা স্ত্রী। ২ একের ভার্য্যা ; একজনের পত্নী।

এক/ভিত [এক-ভিত (দিক্)] বি, একদিক্ ; একান্ত। ক্রি-বিণ, **~ভিতে**-একদিকে ; একান্তে [কাশীদাস]।

একমত [এক (অভিন্ন) মত যার-বহু০] বিণ, অনন্যমত ; একযুক্তি ; যার সহিত মতের ঐক্য আছে : একবাক্য। ২ [এক (অদ্বিতীয়) মত (জ্ঞান)-খা] বি, একজ্ঞান। **~া,-ত্ব**-বি, বিণ, ঐকমত্য (দ্রঃ)।

একমতাবলম্বী [এক+মত+অবলম্বী] বিণ, একমতাশ্রয়ী ; একপরামর্শী : অনন্য-বিশ্বাস ; অভিন্ন মত।

একমতি [প্রা০ বাং-'একমতী।' একা (শ্রেষ্ঠা) মতি (বুদ্ধি)-খা] বি, সুমতি ; উত্তমা ধী ; সুবুদ্ধি। ২ [একের মতি (বুদ্ধি) ৬ তৎ] বি, একজনের বুদ্ধি। ৩ [একে (এক বিষয়ে) মতি (বুদ্ধি) যার-বহু০] বিণ, একনিষ্ঠ। "অহোনিশি একমতী তোহ্মা ছাড়ী নাহিঁ গতী।"-শ্রী০ কী০।

এক/মনা, এক/মনাঃ [একে (অনন্য বিষয়ে) মনস্ (মনঃ) যার-বহু০] বিণ, একচিত্ত ; অনন্যচিত্ত ; একাগ্রহৃদয়। **~মনে**-ক্রি-বিণ, নিবিষ্টচিত্তে। ২ একনিষ্ঠার সহিত।

একমাতৃক [এক+মাতৃ (মাতা) যাদের (বহু০)+ক] বিণ ; একমাতৃ-গর্ভোৎপন্ন ; এক-জননীগর্ভ-সম্ভূত ; সহোদর [একপিতৃক দ্রঃ]।

এক/মাত্র-বিণ, একের অনধিক ; কেবল একটি। **~মাত্রা** [ব্যা০ ছন্দে, সঙ্গীতে] বি, একবারে উচ্চার্য্য শব্দাংশ one syllable. ২ একস্বর। ৩ হস্তের একবার দ্রুত বা বিলম্বিত পতন বা ক্ষেপণ ও উত্থান-কাল। ৪ [ঔষধের] একদাগ বা একবারের পরিমাণ। **~মাত্রিক**-এক শব্দাংশযুক্ত monosyllabic.

এক/মুখ [এক-মুখ (দ্বার) যার-বহু০] বি, একদ্বার মণ্ডপবিঃ। ২ দ্যূত ক্রীড়াদি। **~মুখে**-ক্রি-বিণ, বরাবর একদিকে। "তারা আপনী পরে দৃষ্টি না করে একমুখে ধাইতেছে।"-রামা০ (রঘুনন্দন)।

একমূল-বি, এক শিকড়। ২ বিণ, একই উৎপত্তি হেতু বা স্থান। স্ত্রীং **~া**-বিণ, এক শিকড়ের। ২ বি, অতসী ; পুণ্ডরীক white lotus ৩ শালপর্ণী desmodium (hedysarum) gangeticum

একমেটে [এক (একবার, একলেপ) মেটে (মাটিয়া, মৃত্তিকাযুক্ত)] বিণ, খড়ের প্রতিমাদির অঙ্গে প্রথমবার যে মাটির প্রলেপ দেওয়া হয় বা মাটি লাগান হয়। ২ আংশিকভাবে বা প্রথম হস্তক্ষেপ ; এক দফা সম্পাদিত; অসম্পূর্ণ। ৩ একহারা। "এ০ গড়ন।"-হেম০।

একযষ্টিকা-বি, একহালী মালা : একনরী হার।

একযোট [এক-যোট, জুড় (বন্ধন করা)=জুট (হি০-জুটনা) মিলিত হওয়া] বিণ, একত্র মিলিত : দলবদ্ধ। ২ একদল। "এ০ মেয়ে কেহ আঁর যোট খুঁজে।"- শি০।

একরঞ্জ [এক-রঞ্জ্ (অনুরঞ্জনকরা)+অ (ণে) যদ্দারা উত্তম অঙ্গরাগ করা হয়] বি, কেশরঞ্জক-বিঃ। ২ ভৃঙ্গরাজ বৃক্ষ।

একরত্তি [এক-রতি (কুঁচ প্রমাণ)] বিণ, একরতি প্রমাণ ; অত্যল্প ; একটুখানি। "এ০ বিষ নাই তার কুলোপানা চক্র।" -দাশরথি। "এ০ ছাই।"-কণিকা। ২ খুব ছোট। "এ০ মেয়ে।"-কাব্যকুসুমাঞ্জলি।

একরস [এক (অভিন্ন) রস (আস্বাদ) যার-বহু০] বিণ, সমান রস ; তুল্য রস ; এক প্রকার রস। ২ একরাগ। ৩ তুল্যপ্রকৃতি ; অভিন্নস্বভাব। ৪ [এক (প্রধান) রস (বীর, করুণাদি) যাতে-বহু০] শান্ত, বীর, করুণাদি রস-প্রধান কাব্য-নাটকাদি।

একরা বি, এক রব : এক কথা ; এক যুক্তি। "সব শেয়ালের এক রা।" ২ এক মত। "সকলে এ০ হয়ে নিষ্পত্তি করেছে, এখন আর বদলায় না।"

একরার [আ০-এক্‌রার্] বি, স্বীকার ; কবুল। "ভবানীঠাকুর ইংরেজকে ধরা দিলেন, সকল ডাকাইতি এ০ করিলেন।" -দেবীচৌধুরাণী। **~নামা** [আ০-এক্‌রার্, ফা০-নামা] বি, স্বীকার-পত্র ; দলীল-পত্র ; প্রতিজ্ঞা-পত্র।

এক/রূপ [এক (তুল্য) রূপ যার-বহু০] বিণ, সদৃশ ; সমরূপ ; তুল্যরূপ। বি, এক প্রকার ; এক ধরণ । **~রূপে**-ক্রি-বিণ, একপ্রকারে ; এক ধরণে।

একরোকে [রোক, রোকড় দ্রঃ] ক্রি-বিণ, একদিক্ ; একমুখে। ২ এককালে। ৩ এক কিস্তিতে।

এক/রোখা১ [এক+রোখা (হি০-রোখ=রোষ, ষ=খ)+আ (ণ্য)-এক বিষয়ে রোখ আছে যার-বহু০] গ্রা০, **~'রোকা।'** বিণ, ক্রুদ্ধস্বভাব ; রুক্ষ-প্রকৃতি। ২ বদরাগী ; রগচটা। ৩ [ফা০-রুখ্ (মুখ) > . হি০-রুখ্ (মুখ, প্রবৃত্তি, ধ্যান) একদিকে বা বিষয়ে যে মুখ ফিরিয়ে বা ধ্যান দিয়ে আছে যেন একরুখা > একরোখা > গ্রা০ 'একরোকা'] একগুঁয়ে।

একরোখা২ [এক-রোখা (মুখা=দিকে)] একদিকে বা পিঠে সোজা বুনানের যে বস্ত্রাদির সম্মুখ ভাগে চিক্কণ বুনন ও পশ্চাৎদিকে উল্টা ও কর্কশ বুনন [তুল-দোরোখা]।

একল [এক+ল (অসহায়ার্থে)। একলা, একলে, একলু, একেলা। স্ত্রীং-একলী, একেলি (চ০ ২৮।৩), একেলী (বৈ০ পদ০) একেলে (চ০ ৩৯।৫)] বিণ, একলা ; একাকী ; নিঃসঙ্গ। ২ অসহায়। ৩ যিনি অন্যের সাহায্য ভিন্ন এমন কি যন্ত্রাদির সাহায্য না লইয়াও কেবল গান দ্বারা লোকের মনোরঞ্জন করিতে পারেন।-সঙ্গীত-রত্নাকর। স্ত্রীং একলী,

একেলী-একাকিনী। "এ° বুলসি কেহে বৃন্দাবন মাঝে।"-শ্রী° কী°।

এ´কলব্য-বি, নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র। অদ্বিতীয় ধানুকী এবং আদর্শ গুরুভক্ত। ইনি দ্রোণাচার্য্যের নিকট অস্ত্রবিদ্যা শিক্ষার জন্য গমন করিলে, নীচজাতি বলিয়া আচার্য্য কর্তৃক প্রত্যাখ্যাত হইয়া দুঃখিত অন্তঃকরণে বনগমন পূর্ব্বক কাষ্ঠময় (মতান্তরে, মৃন্ময়) দ্রোণমূর্ত্তি নির্ম্মাণ করিয়া দৃঢ়তর অধ্যবসায় সহকারে একাগ্রচিত্তে অস্ত্রশিক্ষা আরম্ভ করেন এবং তাহার ফলে অর্জ্জুনপ্রমুখ দ্রোণশিষ্যগণ অপেক্ষা অধিক ক্ষিপ্রহস্ত অস্ত্রকুশল হইয়া উঠেন। দ্রোণাচার্য্য একদা মৃগয়াব্যপদেশে সশিষ্য সেই বনে উপস্থিত হইয়া একলব্যের পরিচয় পাইলে তাঁহার অস্ত্রপ্রয়োগ-নৈপুণ্যে বিস্মিত হন এবং গুরুদক্ষিণা-স্বরূপ তাঁহার দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রার্থনা করেন। একলব্য তৎক্ষণাৎ তাহা কর্ত্তন করিয়া গুরুকে দান করেন। আচার্য্য এইরূপে ছলক্রমে এই অদ্বিতীয় ধানুকীর ক্ষমতা হ্রাস করিয়া অর্জ্জুন-প্রমুখ শিষ্যগণকে আশ্বস্ত করেন।

এ´কলসাড়িয়া, এ´কলসেঁড়ে [একল (একলা-বিচরণশীল) ষাঁড়+ইয়া-ষাঁড়বৎ প্রকৃতি-বিশিষ্ট] বিণ, যে একলা থাকিতে ভালবাসে। ২ স্বার্থপর। ৩ অনন্য-সংস্রব ; যে একলা থাকিতে ভালবাসে। ৪ যে অপরকে ভাগ দিতে চাহে না ; আপ্তগরজী ; আপ্তসুখী।

এ´কলা [একল >। হি°-অকেলা] বিণ, অসহায় ; একক। ২ এক [মাণিক° গানে] [অপ্র°]।

এ´কলাই [প্রাদে°, এক (জোড় দেওয়া নয়)+লাই (< হি° লোঈ=পর্ত্ত=ফর্দ্দ)-হি° ইকলাই ("এক পাটকা মহীন দুপট্টা বা চদ্দর।"-হি° শ° সা°)-এক ফর্দ্দা] বি, কাজ করা শাদা চাদর ; শাদা ফুলকাটা উড়ানী।

এ´কলাদুকলা, -দোকলা [হি°-ইকেলা-দুকেলা >] বি,কখন একাকী কখন দু'জনে ; নিঃসঙ্গ।

এ´কলি [ব্রজ° < হি°-ইকেলী] বিণ, একাকী ; একাকিনী।

এ´কলিঙ্গ [এক+লিঙ্গ (শিবলিঙ্গ) যেখানে-বহু°] বি, যে স্থানে পঞ্চ ক্রোশের মধ্যে একমাত্র শিবলিঙ্গ আছে। ২ শিবলিঙ্গ-বিঃ। ৩ [এক-লিঙ্গ (চক্ষুঃ) যার-বহু°] বি, একচক্ষু ; কাণা। ৪ বি, কুবের।

এ´কলে [একল >] বিণ, একেলা ; একাকী। "বসিয়া বিরলে, থাকয়ে এ°।" -চণ্ডী°।

এ´কলেডা [মুদ্রণে। লেড্ দ্রঃ। ইং-leaded >] বিণ, একখানি লেড্ দিয়া পংক্তি পৃথক্ করিয়া ছাপান। "তবে যদি প্রবন্ধগুলিকে একলেডা করিয়া বর্জ্জাইসে ছাপা হয়।"-আ° শক্তি, ১৩৩৪।

এ´কলেপ্‌চো, -ল্যাপ্‌চো [গ্রা°-লেপ্‌চো দ্রঃ] বি, একলাগ বা লাগাও। "এ যেন একল্যাপ্‌চো দেখাচ্চে।"-কেদার বন্দ্যো°।

এ´কশফ [এক (অখণ্ডিত) শফ (খুর) যার-বহু°] বি, অখণ্ডিত-খুরযুক্ত পশু ; অশ্বাদি একখুরে জন্তু।

এ´কশরণ [বিতঃ পদ্যে] বি, একমাত্র আশ্রয়। ২ বিণ, এ° বিশিষ্ট।

এ´কশা, এ´কসা [হি°-এক্‌সা] বিণ, একত্র ; মিলিত ; মিশ্রিত। ২ একাকার।

এ´কশিরা-বি, মুষ্কবৃদ্ধি রোগ ; যে রোগে মুষ্কের একদিকের শিরা স্থূল ও অণ্ড-বৃদ্ধি হয়।

এ´কশিলা [এক (অখণ্ড) শিলা (প্রস্তর)] বিণ, সমুদয় একখানি মাত্র প্রস্তরে উৎপন্ন ; অখণ্ড পাষাণময়। "আর একটী পাহাড় দেখিলাম, সেটী এ°।"-সঞ্জীব চট্টো°।

এ´কশৃঙ্গ [এক-শৃঙ্গ (শিং) যার-বহু°] বি, একশিং-বিশিষ্ট পশু ; গণ্ডার। ২ [শৃঙ্গ (চিহ্ন)-যাঁর হৃদয়ে একচিহ্ন আছে] বিষ্ণু [অপ্র°]।

এ´কশেষ [এক-শেষ (অবশিষ্ট) যাতে-বহু°] বি, দ্বন্দ্ব সমাস-বিঃ ; এক বিভক্তিযুক্ত হইলে সদৃশ দুই বা বহু পদের একমাত্র অবশিষ্ট থাকে, তখন সেই পদে দ্বিবচন বা বহুবচন যুক্ত হইয়া যে সমাস হয়। ২ বিণ, অতিশয়। ৩ চরম ; চূড়ান্ত। "আর্ত্তের সেবা করিলে, তাহার মুখমণ্ডলে, একটু স্বচ্ছন্দতার সহিত কৃতজ্ঞতার যে অপূর্ব্ব জ্যোতি খেলিতে থাকে, তাহা সৌন্দর্য্যের এ°।"-সনাতনী।

এ´কষষ্ট-বিণ, ৬১ সংখ্যক। স্ত্রীং ~ী।

এ´কষষ্টি [গ্রা°-একষিট্টি < পা° একসট্‌ঠি। এক-ষষ্টি (ষাইট) এক অধিক ষাইট (ম° প° লো°)] বি, একষট্টি ; ৬১। ২ বিণ, ৬১ সংখ্যক। ~তম-বিণ, ৬১ সংখ্যক।

এ´কসপ্ততি [এক (অধিক) সপ্ততি (সত্তর)-ম° প° লো°] বি, বিণ, একাত্তর ; ৭১ সংখ্যা বা সংখ্যক। ~তম-বিণ, ৭১ সংখ্যক।

এ´কসরী, এ´কসরি [একশরী ও°। ব্রজ°। হি°-একসর্=একাকী। সং-একেশ্বর >, স্ত্রীং একেশ্বরী] বিণ, একাকিনী ; একলা। "কী হমে সাঁঝক একসরি তারা।"-বি° প°। "একসরি যাইতে যমুনা তীর। অলখিতে আওল শ্যাম শরীর॥"-চণ্ডী°।

এ´কসূত্র-বিণ, এক নিদানজাত। ২ একসূতার। ৩ বি, একতার। ৪ ডমরু।

এ´কহাজার-এক সহস্র।

এ´কহায়ন [এক+হায়ন (বৎসর) যার -বহু°] বিণ, যার বর্ষমাত্র বয়স। স্ত্রীং ~ী-বি, এক বৎসরের বাছুর।

এ´কহারা [হি°-এক্‌হরা] বিণ, কৃশ ; কাহিল ; ছিপ্‌ছিপে। "যেমন ডেপুটী বাবু এ° চেহারা।"-হেম°। "এ° তার দেহ।" -দ্বি° রায়।

এ´কহৃদয়-বিণ, অভিন্নহৃদয় ; একাত্মা। স্ত্রীং ~া।

এ´কা [একাকী > ক্ষে°] বিণ, নিঃসঙ্গ ; অদ্বিতীয় ; একক ; একলা। "একা যাব বর্দ্ধমান করিয়া যতন।"-অ° ম°। ২ ক্রি-বিণ, নির্জ্জনে। "একা একা থাকে, একা একা চিন্তা করে নিজ মনে।"-রবী°। ৩ শুদ্ধ ; কেবল-মাত্র। "একা রামে রক্ষা নাই সুগ্রীব তার মিতা।"-প্রবচন। ৪ যিনি অভিন্নরূপে স্থিতি করেন ; দুর্গা। **এ´কা রামে রক্ষা নাই সুগ্রীব তার মিতা**-যখন মন্দ-লোকের সহিত মন্দলোকের, অত্যাচারীর সহিত অত্যাচারীর, দুর্দ্দান্তের সহিত দুর্দ্দান্তের সহযোগিতা হয়, তখন লোকে এই বিদ্রূপোক্তি করে।

এ´কাই-বি, স্বর্ণকারের নেহাইবিঃ।

এই নেহাইএর মাথার দুই পার্শ্ব ক্রমশঃ সরু anvil.

একা/এক [হিং—একাএক (একদম, all at once) ~] অ. একদম : সোজা : বরাবর। ~একী—একাকী দ্রঃ।

একাকার [এক (তুল্য)+আকার (অবয়ব) যার—বহুং] বিণ, তুল্যাকৃতি : সমাবয়ব : এক সমান। "ঘুমে জাগরণে মিশি এং মিশি দিবসে।"

একাকী [এক+আকিন (অসহায়ার্থে) =একাকিন ১মা ১বং। হিং—একা-এক] বিণ, যার সঙ্গে কেহ নাই : নিঃসঙ্গ : অনন্য-সহায় ; একক ; একলা। ২ ক্রি-বিণ, নির্জ্জনে। ৩ আপনা আপনি ; একলা বা নিঃসঙ্গ হইয়া [এই অর্থে—একাএকী। "একাএকী অশ্ব চড়ি চলি গেলা বন।" —চণ্ডীকাব্য (ভবানী)] স্ত্রীং একাকিনী—অসহায়া-স্ত্রী।

একাক্রমে—একাদিক্রম দ্রঃ।

একাক্ষ [এক+অক্ষি=অক্ষ (চক্ষুঃ) যার —বহুং] বি, কাক [রামায়ণে উক্ত হইয়াছে, বনবাসকালে চিত্রকূট পর্ব্বতে একদা জয়ন্ত নামক কাক চঞ্চুপুট দ্বারা নিদ্রিতা জানকীকে আঘাত করিলে রামচন্দ্র ইষীকাস্ত্র দ্বারা কাকের এক চক্ষু উৎপাটন করেন, তদবধি কাকজাতি একাক্ষ হইয়াছে] ২ বিণ, একচক্ষু বিহীন ; কাণ ; কাণা। ৩ বি, মহিষাসুরের অন্যতম মন্ত্রী। ৪ দানব-বিঃ।

একাক্ষরকোষ [এক (এক একটী করিয়া) অক্ষর (স্বরবর্ণ) তার কোষ (অভিধান)] বি, পুরুষোত্তম দেব কর্ত্তৃক ৩২টী শ্লোকে রচিত অ হইতে অঃ পর্য্যন্ত যাবতীয় স্বরবর্ণের অর্থ-পুস্তক বা অভিধান [একাবলী কোষ দ্রঃ]।

একাগ্র [এক (মাত্র) অগ্র (অবলম্বন) যার—বহুং] বিণ, এক বিষয়ে আসক্ত ; অনন্য-মনাঃ ; একনিষ্ঠ। ২ অব্যাকুল ; অনাকুল। ~চিত্ত [একাগ্র চিত্ত যার—বহুং] বিণ, এক বিষয়ে নিবিষ্ট মন : অনন্যমনাঃ : একনিষ্ঠ। ~তা—বি, একবিষয়ে ঐকান্তিক অনুরাগ ; অনন্যবিষয়াসক্তি ; অনন্যচিত্ততা। ২ অত্যনু-রাগ ; অত্যাসক্তি ; নিবিষ্টচিত্ততা।

একাঘ্নী [এক+হন্ (বধ করা)+টক্ (উপধা অকার লোপ) হ স্থানে ঘ=ঘ্ন ; এক+ঘ্ন (নিপাতনে আকার) একাঘ্ন—স্ত্রীং—ঈ। যে একজনকে সংহার করে] বি, লক্ষিত এক-পুরুষঘাতিনী ; অব্যর্থ মহা অস্ত্রবিঃ [কর্ণ অর্জ্জুনকে বধ করিবার জন্য এই অস্ত্র যত্নে রাখিয়াছিলেন : কিন্তু দুর্য্যোধনের অনুরোধে ঐ অস্ত্র ঘটোৎকচের প্রতি নিক্ষেপ করেন] "যবে কর্ণ কালপৃষ্ঠধারী এড়িলা এং বাণ রক্ষিতে কৌরবে।"—মেঘং।

একাঙ্গ [এক (প্রধান) অঙ্গ—ধা] বি, শ্রেষ্ঠাঙ্গ : উত্তমাঙ্গ : মস্তক। ২ দেহের একটী অবয়ব। ৩ একাংশ : একদেশ। ৪ [এক (প্রধান—সুন্দর)—অঙ্গ গ্রহগণের মধ্যে সুন্দর অঙ্গ বলিয়া] বুধগ্রহ। ৫ [এক (সুন্দর) অঙ্গ হয় যদ্দ্বারা—বহুং] চন্দন।

একছত্র-ছত্রী-ছত্তর [এক > একা +সত্র > ছত্র > ছত্তর—চ্ছত বিচারহীন এক-সত্রগত] বিণ, একাকার। ২ বিপর্য্যস্ত ; বিশৃঙ্খল।

একাট্টা [সং—একত্র > একট্ট বা একস্থ > একট্ঠ > একাট্টা, একাঠা। হিং—ইকট্টা] বিণ, একত্র : সংহত : সংঘবদ্ধ : সমবেত। একস্থানে জড়। ২ এককাট্টা (দ্রঃ)।

একাণ্ড [এক—অণ্ড (মুষ্ক) যার—বহুং] বি, অশ্ব।

একাত্তর [সং—একসপ্ততি প্রাকৃং—একহত্তইড >। তুল—হিং—একহত্তর] বি, বিণ, ৭১ এই সংখ্যা বা সংখ্যক।

একাত্ম [এক—আত্মন (আত্মা—প্রাণ) যার বা যাদের মধ্যে] বিণ, অখণ্ডাত্মা : অদ্বয় : একপ্রাণ ; অভিন্নহৃদয়। বি, একাত্মতা।

একাত্মবাদী [এক—আত্মন্ (আত্মা-রূপ ব্রহ্মমাত্র)—বাদিন্ (স্বীকারকারী)] বিণ, ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা বা ব্রহ্ম ছাড়া আর কিছুই নাই। বেদান্তের এই মত অবলম্বন-কারী ; এক আত্মরূপী : ব্রহ্ম স্বীকারকারী ; বৈদান্তিক। ২ ['বাদি' ওং] উক্ত মত প্রতি-পাদক। "বেদান্ত একাত্মবাদি দ্ব্যাত্মবাদি তর্ক।"—অং মং। ৩ বি, বেদান্তশাস্ত্র।

একাত্মা [এক (অভিন্ন) আত্মা যার (বহুং)=একাত্মন্ ১মা ১বং] বিণ, অভিন্নহৃদয় ; একপ্রাণ। ২ অভিন্নদেহ।

একাদশ [এক=একা (এক অধিক) দশন্+অ (পূরণে)—মং পং লোং, বহুবচনান্ত শব্দ] বি, ১১ এই সংখ্যা। ২ বিণ, একাধিক-দশসংখ্যক : একাদশ সংখ্যার পূরক [দশ পর্য্যন্তসংখ্যাবাচক শব্দে কেবল সংখ্যাকে বুঝায় : একাদশ হতে সংখ্যা ও সংখ্যা-বিশিষ্টকে বুঝায়] ~তম—বি, ১১ সংখ্যক।

একাদশ/তনু [একাদশ+তনু (মূর্ত্তি) যার—বহুং, যিনি একাদশ মূর্ত্তিতে একাদশ রুদ্র নামে অভিহিত—অজ, একপাদ, অহিব্রধ্ন (অহির্বুধ্ন) পিনাকী, অপরাজিত, ত্র্যম্বক, মহে-শ্বর, বৃষাকপি, শম্ভু, হর ও ঈশ্বর। (মতান্তরে) অজৈকপাদ, অহিব্রধ্ন, বিরূপাক্ষ, সুরেশ্বর, জয়ন্ত, বহুরূপ, ত্র্যম্বক, অপরাজিত, বৈবস্বত, সাবিত্র, হর] বি, শিব। ~বৃহস্পতি—জন্ম লগ্ন হতে একাদশ স্থানে বৃহস্পতি থাকিলে তাকে এং-বৃং বলে। ~রুদ্র—বি, একাদশ-তনু (দ্রঃ)।

একাদশী [একাদশ+ঈ (প্)] বি, তিথিবিঃ। ইহা দ্বিবিধ—শুক্লা ও কৃষ্ণা। যে সময়ে সূর্য্যের দৃষ্টি হইতে চন্দ্রের একাদশকলা বহির্গত হইয়া যায়, সেই সময় শুক্লা একাদশী এবং যখন চন্দ্রের একাদশকলা সূর্য্যের দৃষ্টি-পথে প্রবেশ করে তখন চন্দ্রকলার জ্যোতি থাকে না। সেই সময়ে কৃষ্ণাএকাদশী হয়। "এং ব্রহ্মচর্য্য ব্রত বিধবার।"—কুঙ্কুমং। ২ হরি-বাসর ; হরিদিন [দ্রঃ—মাসাদি ভেদে একাদশীর বিভিন্ন নাম আছে। যথা—

	শুক্লাএকাদশীর	কৃষ্ণাএকদশীর
মাস	নাম	নাম
বৈশাখ	মোহনী	বরূথিনী
জ্যৈষ্ঠ	নির্জ্জলা	অপরা
আষাঢ়	পদ্মা	যোগিনী
শ্রাবণ	পুত্রদা	কামিকা
ভাদ্র	বামনা	অজা
আশ্বিন	পাপাঙ্কুশা	ইন্দিরা
কার্ত্তিক	প্রবোধিনী	রমা
অগ্রহায়ণ	মোক্ষা	উৎপলা
পৌষ	পুত্রদা	সকলা

মাস	শুক্লাএকাদশীর নাম	কৃষ্ণাএকাদশীর নাম
মাঘ	জয়া	ষট্‌তিলা
ফাল্গুন	আমর্দ্দকী	বিজয়া
চৈত্র	কামদা	পাপমোচনী
মলমাস	সুভদ্রা	কমলা]

২ একাদশ ইন্দ্রিয় (বাক্, পানি, পাদ, পায়ু, উপস্থ, চক্ষু, কর্ণ, নাসা, জিহ্বা, ত্বক্ ও মন) সংযমন।

একাদিক্রম [এক্-আদি-ক্রম] বি, অনুক্রম ; এক লাগাড়। ২ বিণ, আনুপূর্ব্বিক। ক্রি-বিণ, একাদিক্রমে [প্রা০- একাক্রেমে] আনুক্রমিক ; আনুপূর্ব্বিক; ক্রমাগত ; একাক্রমে।

একাদোকা [হি০-একাদুকা। একলা-দুকলা দ্রঃ] বিণ, একাকী ; নিঃসঙ্গ।

একাধার [এক + আধার] বি, এক পাত্র ; একাশ্রয় ; সমক্ষেত্র। প্র-একাধারে এমন বিবিধ গুণের সমাবেশ অল্পই দেখা যায়।

একাধিক [এক + অধিক] বিণ. একের অধিক ; দুই হতে উর্দ্ধসংখ্যক।

একাধিপতি [এক + অধিপতি] বি, একমাত্র প্রভু ; সর্ব্বোচ্চশাসনকর্ত্তা : রাজা। ২ বিণ, সর্ব্বে-সর্ব্বা।

একাধিপত্য [এক-অধিপতি + য (ভা০) এক ব্যক্তির রাজত্ব] বি, অধিরাজ্য ; অপ্রতিদ্বন্দ্বী ক্ষমতার পরিচালন ; শ্রেষ্ঠাধিকার। ২ সর্ব্বে-সর্ব্বা হইয়া কার্য্য করণ ; একাশ্রয় ব্যক্তির প্রভুত্ব।

একানঁড়িয়া, একানাড়্যা, একানঁড়ে [একা (এক) নড়ি (লাঠি-লক্ষ০-পা) + আ (স্ত্য)] বিণ, একপদবিশিষ্ট ; এক ঠেঙ্গো ; খোঁড়া। ২ বি, এক পেয়ে ভূত; খোঁড়া মানুষ।

একানব্বই-একনব্বই দ্রঃ।

একানিয়া, একানে [হি০-একানিয়া] বিণ, একাকী ; অনন্য-সঙ্গ।

একান্ত [এক-অন্ত (শেষ) যার-বহু০] বিণ, নিতান্ত। ২ অবধারিত। ৩ একের অবধারণ। ৪ নির্জ্জন ; বিরল। "চাহি শচী পানে-কহিলেন শচীকান্ত মধুর বচনে-একান্তে।"-মেঘ০। ৫ ক্রি-বিণ, অত্যন্ত ; অতিশয়। "আজু যদি মানিনি তেজবি কান্তে। জনম গোয়াওবি রোই একান্তে।"-বি০ প০। ৬ [পারিঃ, বিতঃ চিকিৎসা-বিজ্ঞানে] বি, প্রত্যেক ক্ষেত্রে সুনিশ্চিত সিদ্ধান্ত বা বিষয়-বোধক শব্দ ("ত্রিবৃৎ বিরেচক এবং মদনফল বমন কারক"-ইহা একান্তের দৃষ্টান্ত)। কিন্তু কোন কোনস্থলে নিশ্চিত ও অন্যান্য স্থলে অনিশ্চিত ফলপ্রদ এরূপ বোধক শব্দের নাম "অনেকান্ত"। ~পক্ষে-অ, নিতান্তই যদি।

একান্তচারী [একান্তে (-নির্জ্জনে) চারী (চর্=ভ্রমন করা + ইন্, র্ত্ত)=একান্তচারিন্ ১মা ১ব০] বিণ, যে নিজনে ভ্রমণ করে। ২ অতি ভ্রমণকারী।

একান্তর [এক (একজনের) অন্তর (ব্যবধান) ৬ তৎ] বি, একজনের ব্যবধান। ২ [এক-অন্তর (ব্যবধান) যার-বহু০] বিণ, যে একজনের পর থাকে ; একজনের পরস্থিত alternate **একান্দাজ জরিপ** [জমিদারী পরিঃ] বি, মৌজার সমস্ত জমির জরিপ। বিণ, একান্তরিত।

একান্তরাঘব-বি, সেতুবন্ধের শিব-লিঙ্গবিঃ।

একান্তে [এক + অন্তে] ক্রি-বিণ, নির্জ্জনে। ২ একধারে। ৩ নিতান্ত পক্ষে।

একান্ন১ [এক পঞ্চাশৎ > ,প্রাকৃ০- এক + (শৎ লোপে) পঞ্চা=পঞ্ঞা=পন্না (স্বর-বিপর্য্যয়] পান্না=এক পান্ন=(প লোপ একান্ন। -ভাষাতত্ত্ব। তুল-হি০-একায়ন] বি, বিণ, ৫১ সংখ্যা বা সংখ্যক। ~পদ-বি, বৈষ্ণব কবি গোবিন্দদাস কর্ত্তৃক ব্রজভাষায় লিখিত একান্নটী পদযুক্ত রাধাকৃষ্ণ-লীলাত্মক পুস্তিকা।

একান্ন২ [এক (একত্র) অন্ন (আহার) যার-বহু০] বিণ, অপৃথগন্ন ; সহভোজী ; একত্র আহারকারী। ২ [এক (একমাত্র দিনে এক-বার) অন্ন যে গ্রহণ করে] একাহারী। ৩ বি, একভুক্ত ব্রত। ~বর্ত্তী [এক-অন্ন-বর্ত্তিন্ ১মা ১ব০] বিণ, এক যৌথ পরিবারভুক্ত ; একসংসারভুক্ত ; একান্নভুক্ত। ~বর্ত্তী-পরিবার-যে সংসারে সকলে এক ব্যক্তির বা উপার্জ্জনশীল সকলের মিলিত অন্নে পালিত হয় : যৌথ পরিবার joint-family. ~বর্ত্তিতা, ~ত্ব-বি, ~ভুক্ত [এক-অন্ন-ভুক্ত (ভুজ্ + ত)] বি, এক পরিবার-নিবিষ্ট ; একান্নবর্ত্তী। ~ভোজী -বিণ, এক বা সমান বা একত্র অন্নগ্রহণকারী। ২ যে দিনে একবার আহার করে ; একাহারী। > স্ত্রীং ~ভোজিনী।

একাবয়ব [এক + অবয়ব] বিণ, অভিন্নাঙ্গ। ২ একাকৃতি। ৩ একপ্রকার।

একাবলী [এক-আবলী (শ্রেণী) যাতে -বহু০] বি, একনরী : একনর হার বা মাল্য। ২ একাদশাক্ষরাবৃত্তি পয়ার অপেক্ষা ন্যূন অক্ষরে রচিত ছন্দোবিঃ ; ইহার যতি সাধাঃ ষষ্ঠ এবং কচিৎ সপ্তম অক্ষরের পর পতিত হয়। একাবলী তিন প্রকার-একাদশাক্ষরাবৃত্তি, দ্বাদশাক্ষরাবৃত্তি এবং ত্রয়োদশাক্ষরাবৃত্তি। ৩ [দেবী ভাগবতে] নৃপতি হৈহয়ের পত্নী ; ইঁহার পৌত্র কার্ত্তবীর্য্যার্জ্জুন। ~কোষ-বি, পুরুষোত্তম দেব কর্ত্তৃক ৫৪ শ্লোকে রচিত অভিধান, যাতে ক হতে ক্ষ পর্য্যন্ত চৌত্রিশটী বর্ণের প্রত্যেক বর্ণে শুদ্ধ এক এক স্ববর্ণ যোগে তার অর্থ লিখিত হইয়াছে। [একাক্ষর কোষ দ্রঃ]।

একাভিসন্ধি [এক + অভিসন্ধি] বিণ, যার অভিপ্রায় অপরিবর্ত্তনীয়। ২ বি, অভিন্ন উদ্দেশ্য। ~ক-বিণ, এক অভিসন্ধিযুক্ত।

একাম্র, একাম্রকানন-বি, উৎকল দেশের প্রসিদ্ধ তীর্থবিঃ [এই কাননে একটী মাত্র আম্র বৃক্ষ ছিল বলিয়াই এই নাম। ইহার অপর নাম ভুবনেশ্বর (ব্রহ্ম পু০)]।

একায়ন [এক (একমাত্র) অয়ন (গমন) যেখানে-বহু০] বিণ, একমাত্র গমনযোগ্য ; একমাত্র প্রাপ্তব্য। ২ [এক-অয়ন (আশ্রয়)] একমাত্র অবলম্বনীয়। ৩ [এক-অয়ন (বিষয়) যার-বহু০] বিণ, এক বিষয়ানুরক্ত ; অনন্য-বিষয় ; একাগ্র। ৪ [এক + অয়ন (পথ) বৈদিক] বি, বেদবিহিত পথবিঃ। "কেবলাদ্বৈত বিচার এ০ পদ্ধতি বিরুদ্ধ হওয়ায় 'মায়াবাদ' নামে কথিত।"-গৌড়ীয়, ৭ম বর্ষ, ২৩ সংখ্যা। বি, ~তা (-ন০)-একাগ্রতা : এক ভাবাপন্ন হওয়া।

একাযুত-বিণ, ১ অযুত ; দশহাজার বা দশ সহস্র (ঘ০)।

একা/র [এ+কার (স্বরূপ অর্থে)] বি, 'এ' স্বরূপ; এ এই অক্ষর। ২ [বৌ° বাং প্রাকৃ° 'এক্কার' ও°] একাকার। ক্রি-বিণ, **একারেঁ** (সং-একাকারেণ) একাকার করিয়া (চ° ১১।২)। **~রাদি**-বিণ, যার আদিতে এ আছে; এ প্রভৃতি বর্ণ। **~রান্ত**-বিণ, যার অন্তে এ আছে।

একার্থ [এক (অভিন্ন) অর্থ (মানে) যার-বহু°] বিণ, অভিন্নার্থ; তুল্যার্থ। ২ [এক-অর্থ (অভিপ্রায়) যাদের-বহু°] যাদের অভিপ্রায়ের ভেদ নাই। ৩ [এক-অর্থ (ধন) যাদের] যাদের ধনের বিভাগ করা হয় নাই। **~ক**-বিণ, একার্থ (সমান অর্থে)। **~চর্য্যা**-বি, এক কার্য্য করা; এক উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত মিলিত হইয়া কর্ম্ম করা। "রাজার প্রত্যাখ্যাত লোকের সহিত একার্থচর্য্যা ও তাহাদের সংসর্গ পরিত্যাগ করিবে।"-কামন্দকীয় নীতি। **~তা**-বি, তুল্যার্থ-প্রতিপাদকতা; একার্থবোধকতা। ২ প্রয়োজন বা অভিপ্রায়ের ভেদাভাব। **~প্রতিপাদক** [এক+অর্থ প্রতিপাদক-যে সকল শব্দ একার্থের প্রতিপাদন করে] বিণ, একার্থবোধক (যেমন-মনুষ্য, অশ্ব, জল ই° শব্দ)। বি, **~প্রতিপাদকতা**-একার্থবোধকতা; এক অর্থ প্রতিপন্নকারিতা। **~বোধক**-বিণ, যে সকল শব্দ দ্বারা অভিন্ন অর্থের বোধ হয়; এক অর্থের প্রতিপাদক। **~বোধকতা**-বি, অভিন্ন অর্থ প্রতিপন্নকারিতা।

একাশী [একাশীতি >] বি, বিণ, ৮১ সংখ্যা বা সংখ্যক।

একাশী, একাশি [একপার্শ্ব >, 'একাশে' ও°] বিণ, একপার্শ্ব বা একধার বা একদিক্ কাত হওয়া; একপেশে।

একাশীতি [এক+অশীতি] বি, বিণ, ৮১ সংখ্যা বা সংখ্যক। **~তম**-বিণ, ৮১ সংখ্যার পূরক।

একাশ্রয় [এক (একমাত্র) আশ্রয় (অবলম্বন) যার-বহু°] বিণ, যার গত্যন্তর নাই; অনন্যগতিক; একাশ্রিত। ২ এক কার্য্যাবলম্বী।

একাশ্রিত [এক (একজনের বা একজনেতে) আশ্রিত (শরণাগত)] বিণ, যে একজনকে আশ্রয় করিয়া আছে; অনন্যগতিক; অনন্যশরণাগত; আশ্রয়ান্তর রহিত। **~গুণ** [দার্শনিক পরিঃ। এক (একজনেতে) আশ্রিত (নিবিষ্ট) যে গুণ-ত্ব (ধা)] বি, একে নিহিত বা নিবিষ্ট ধর্ম্ম। এই গুণ ২১ প্রকার। যথা-রূপ, রস, গন্ধ, স্পর্শ, একত্ব, একপৃথক্ত্ব, পরিমাণ, পরত্ব (নিকটত্ব), অপরত্ব (দূরত্ব), বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, অদৃষ্ট (ধর্ম্মাধর্ম্ম), ও শব্দ।-সিদ্ধান্তমুক্তাবলী, [ইহার অপর না।-'একৈকবৃত্তিগুণ,' 'একাশ্রয়ত্ব']।

একাষ্টকা-বি, প্রজাপতির কন্যা; ইন্দ্র ও সোমের জননী।

একাষ্ঠীল [এক-অষ্ঠী-ল (লা-দানে +অ, র্ত্তৃ) যে বীজ পুষ্প দান করে] বি, বকবৃক্ষ। স্ত্রীং **~া, ~ী**-নিমুই গাছ।

একাসন [এক+আসন] বি, একমাত্র বা অভিন্ন আসন। ২ বিণ, এক আসনে উপবিষ্ট। ৩ যার অন্য আসন নাই।

একাহ [এক-অহ-অহন্ ন্-লোপ (দ্বিগু°, ধা)] বি, এক দিবস। ২ বিণ, একদিন-সাধ্য। "এ° পর্ব্ব।" **~গম, ~গম্য** [এক-অহন্ (দিন) গম্ (গমনে)+অ, য (র্ম্ম) -যে স্থানে একদিনের মধ্যে গমন করা যায়] বি, একদিন-গম্য স্থান। ২ বিণ, একাহ মধ্যে গমনীয়। স্ত্রীং **~া**।

একাহার [এক+আহার] বি, একবার মাত্র ভোজন। ২ [এক-আহার (ভোজন) যার (বহু°) এই অর্থে **এক'-হারী** ও°] বিণ, যে একবার-মাত্র ভোজন করে।

একাহিক [এক-অহন্+ইক (সম্বন্ধার্থে) ন্-লোপ] বিণ, একদিন সম্বন্ধীয়; একদিন-সাধ্য; একদিনে উৎপাদ্য; একদিবসীয়।

একি, একই [এক+ই (অবধারণে)] বিণ, একমাত্র। ২ তুল্য; সমান।

একি [এ (ইহা)+কি] অ, ইহা কি প্রকার; কিরূপ; এ কেমন। ২ এত; এ-যে অনেক। "একি করুণা তোমার ওহে করুণানিধান। অধম পতিত জনে এত তোমার করুণা কেন?"-স্ক°। ৩ আশ্চর্য্যবোধক শব্দ; অপ্রত্যাশিত; অস্বাভাবিক; অসম্ভাবিত বিষয় সম্ভব হইতে দেখিয়া বিস্ময়। "একি কথা শুনি আজ মন্থরার মুখে?" "একিলো একিলো একি কি দেখিলো এ চাহে উহার পানে।"-অ° ম°।

একিদা [আ°-য়েকীদা] বি, একনিষ্ঠা; নির্ভর; (>) একাগ্রচিত্ততা; ঝোঁক। "কি প্রকারে জয়ী হইব তাহাতেই কেবল এ° থাকে।"-আলাল°।

একীকরণ [এক+ঈ (চ্বি-অভূততদ্ভাবার্থে)-কৃ+অন (ভা°)] বি, স্তূপীকরণ; একত্র স্থাপন। ২ সংমিশ্রণ; বহু দ্রব্য একসঙ্গে মিলান।

একীকৃত [এক+চ্বি (অভূততদ্ভাবে)= একী+কৃ+ত (র্ম্ম)] বিণ, একত্র-করা; রাশীকৃত। ২ মিশ্রিত। ৩ এক আকারে বা ভাবে পরিণত। স্ত্রীং **~া**।

একীনিতা [এক+ঈন (স্বার্থে)+তা (ভা°)] বি, সমগ্রতা; ঐক্যসম্বন্ধ। "বক্তাদের ইহাও মনে থাকে না যে ধর্ম্মের সর্ব্বাঙ্গের সমষ্টিতে একপ্রকার এ° আছে।" -ইন্দ্রনাথ বন্দ্যো°।

একী/ভবন [এক+ঈ (চ্বি) ভবন (হওন)] বি, এক হওয়ার অবস্থা প্রাপ্তি। **~ভাব** [-ভাব (স্বভাব)] বি, একত্র মিলিত হওয়া; একত্ব ভাবাপন্ন। বিণ, **~ভূত**-একত্রীকৃত; সম্মিলিত। ২ স্তূপীকৃত; একত্র সংস্থাপিত।

একীয় [এক+ঈয় (সম্বন্ধার্থে, ভবার্থে)] বিণ, এক-বিষয়ক; এক-সম্বন্ধীয়। ২ এক-পক্ষাবলম্বী।

একু-এক (দ্রঃ)। **~মণা**-একাগ্রচিত্ত (চ° ২৩।১)।

একুইতি, একইতি [প্রা° বাং। সং-একপুত্রবতী > একপুত্তী > একুইতি, আরও দ্রুত উচ্চারণে-একইতি] বিণ, এক-পুত্রের জননী; একপুত্রবতী; কাকবন্ধ্যা। "একইতি মাএর ছাওআল।"-শ্রী° কী°।

একুড়ি [বৌ° বাং প্রাকৃ°। একটি > একুটি (ও=ড়)। তুল-তে°-ওকাটি] বিণ, একটি (চ° ২।৫)।

একুন [এক+উন (একত্র অর্থে)] বি,

মোট; সমষ্টি। একুনে-ক্রি-বিণ, সর্ব্বশুদ্ধ; সমুদায়ে; সাকল্যে। "তিনজনে একুনে বদন হইল বার।"-শি°।

একুরাব [একরব >। দ্রষ্ট°] বি, সমস্বর; ঐকতান।

একুশ [সং-একবিংশতি > পা°-এক-বীসতি; অর্দ্ধমাগধী-একবীসা > পরবর্ত্তী প্রাকৃ°-একোইস, -শ > ; হি°-একইস্] বি, বিণ, ২১ এই সংখ্যা বা সংখ্যক।

একুশে-অ, কুড়িদিনের পরদিন; ২১ দিনের দিন। "সে এ° যাবে।" এ° কোনদিন পড়ে?" ২ [গ্রা°] বিণ, একুশ; ২১। "এ° তারিখ।"

`একে ['ইহাকে' > ক্ষে°] স, ইহাকে; এই ব্যক্তিকে। "একে চেনা ভার।" ২ (এ কে) [প্রশ্নে] এই ব্যক্তি কে; এ কোন্ জন?

ঐকে [সংখ্যাবাচক] একমাত্রতে: একটীতে। প্র-একেই হইবে, না আরও চাই? ২ কোন এক বিষয়ে; এক বস্তুকে। "ভাবে একে আর।"-অ° ম°। ৩ একপক্ষে; একদিকে; এপক্ষে। প্র-একেত এই তাহার উপর আবার ই°। ৪ [অতি প্রা° বাং] এক (চ° ২৮।৬)। ~ঐকে-ক্রি-বিণ, একের পর এক করিয়া; পরে পরে। "দিনগুলি একে একে কাটিতে থাকে।"-উত্তরা, ১৩৩৩। ঐকে চায় আরে পায়-প্রার্থনীয় ব্যতীত অন্য মনোমত বস্তু পাইলে অধিকতর আনন্দে নাচিয়া উঠে। "একে চায় আরে পায়। তাহারা দেখিল মতিলালও তাহা-দেরই একজন।"-আলাল°।

ঐকেক্ষণ [এক ঈক্ষণ (চক্ষুঃ) যার -বহু°] বিণ, একাক্ষ; একচক্ষু; কাণ; কাণা। ২ বি, শুক্রাচার্য্য। ৩ কাক।

ঐকেলা-একল দ্রঃ।

ঐকেশ্বর [এক (অদ্বিতীয়) ঈশ্বর (অধিপতি)-ধা] বিণ, একাধিপতি। ২ [প্রা° বাং পদ্যে] একাকী। "এ° যাবে তুমি।" "চলিল এ°।" ৩ একমাত্র। স্ত্রীং ~রী-একাকিনী। "সদা পরাধিনী ঘরে রহে একেশ্বরী।"-পদকল্পতরু। ~বাদ-বি, অদ্বৈতবাদ monotheism. বিণ, ~বাদী।

একৈক (ঐ-) [এক-এক (বীপ্সার্থে-দ্বিত্ব)] বিণ, একাকী; একাএক; একক। ২ ক্রি-বিণ, একের পর এক one by one. ৩ এক একজন করিয়া। ৪ এক একটী।

একৈকশঃ [মূ°-একৈকশস্] অ, এক এক করিয়া পর্য্যায়-ক্রমে; একৈক; একে একে।

একৈশিকা,-ষিকা-বি, আকনাদি stephania hernandifolia ২ বকফুলের গাছ। ৩ অজশৃঙ্গী। ৪ তেউড়ী।

একো [এক দ্রঃ। সং-একোহি > প্রা° বাং। একোই, এখোই। এক+ও] বিণ, একও; একটিও; একটি; এক। এখো দ্রঃ।

একোদক [এক (সমান) উদক (জল) যাদের-বহু°] বিণ, যাদের একরূপভাবে জল তর্পণ করিতে হয়; ঊর্দ্ধতন সপ্তম পুরুষ পর্য্যন্ত গোত্রজ পুরুষ; সমানোদক।

একোদর [এক (অভিন্ন) উদর (গর্ভস্থান) যাদের-বহু°] বি, সহোদর ভ্রাতা। ২ [এক (একাকৃতি) যে উদর (ধা)] তুল্য উদর; সমান উদর। স্ত্রীং ~া।

একোদ্দিষ্ট [এক-উৎ-দিশ (উদ্দেশ করা)+ত (ক্ত)] বি, ব্যক্তিবিশেষের উদ্দেশে বাৎসরিক কৃত্য শ্রাদ্ধ; সাংবৎসরিক শ্রাদ্ধ।

একোদ্দেশ [একের উদ্দেশ-৬ তৎ] বি, একজনের প্রতি লক্ষ্য; একজনের অনু-সন্ধান। ২ [এক-উদ্দেশ (উদ্দেশ্য) যাদের -বহু°] বিণ, যে বহুজনের উদ্দেশ্য এক বা অভিন্ন; একাভিপ্রায়।

একোন [এক (দ্বারা) উন-৩ তৎ] বিণ, এককম। স্ত্রীং ~া।

একোশিকা-বি, একৈশিকা দ্রঃ।

এক্কা (ঐ-) [হি°-এক্কা] বি, এক অশ্ববাহিত ক্ষুদ্র দ্বিচক্র যান-বিঃ।

এক্কার-একার। (২) দ্রঃ।

এক্কু-এক দ্রঃ।

ঐক্কেবারে [প্রাদে° গ্রা°] ক্রি-বিণ, একদম; সম্পূর্ণরূপে; সর্ব্বতোভাবে; সকল রকমে। ২ পূর্ব্বসূচনা না দিয়া; হঠাৎ।

এক্ষণ [এ (এই) ক্ষণ (কাল) মুহূর্ত্ত] বি, এই মুহূর্ত্ত; এই সময়। ~কার [এ°+কার (সম্বন্ধার্থে)] বিণ, এই সময় সম্বন্ধীয়; এ সময়ের। `এক্ষণে [এ=এই (এতৎ >) -ক্ষণে (সময়ে)] অ, এই কালে; এখনই; এই মুহূর্ত্তে। ২ উপস্থিত; সম্প্রতি।

এক্স্চেঞ্জ [ইং-Exchange এর লিপ্যন্তর] বি, বিনিময় বিপণি: শ্রেষ্ঠি-চত্বর; মহাজন ও দালালগণের কার্য্যনির্ব্বাহ-স্থান।

এখতিয়ার [গ্রা°-একৃতার্ চ°। < আ°-য়েখ্তিআর্ > কুঞ্চিত আকারে] বি, পরাক্রম; ক্ষমতা; শক্তি; সাধ্য। ২ অধিকার; দখল। ৩ ইচ্ছা; খুসী।

ঐখন [এ (< এই)-খন (> ক্ষণ)। প্রাকৃ°-অহুণা (মৃচ্ছ)-পূ°-বাং গ্রা°-এহন। প্রা°-বাং-এখণ, এখণে, এখনে] অ, এসময়। প্র-এখন এখান থেকে উঠে যাওয়া ভাল নয়। এখন যাও পরে এস। ২ এ অবস্থায়; এক্ষেত্রে। "এখন শ্যাম রাখি কি কুল রাখি গো সই। যদি ত্যজি গো কুল, তবে হাসে গোকুল, যদি রাখি গোকুল, কৃষ্ণে বঞ্চিত হই॥"-সাতুরায়। ৩ এতক্ষণে; এতবিলম্বে। "ভাল এলি সকাল বেলা এখন বুঝি ঘুম ভাঙ্গিল, তাই এনেছিস্ সাজিয়ে ডালা।"-গোপাল উড়ে। ৪ অসময়ে; যখন প্রয়োজন নাই, তখন; আর এখন। "পূজার সময় বয়ে গেছে কাজ কি এখন ফুলমালায়।"-গোপাল উড়ে। ৫ সুযোগ হারাইবার পর। "বিদায় করেছ যারে নয়নজলে, এখন ফিরাবে তারে কিসের ছলে।" -রবী°। ৬ সম্প্রতি; উপস্থিত। প্র-এখন এক রকম চলে যাচ্ছে, পরে দেখা যাবে। ৭ বর্ত্তমান কালে; এযুগে; অধুনা। "ছিল বটে আগে তপস্যার বলে কার্য্যসিদ্ধি হ'ত এ মহীমণ্ডলে, * * এখন সে দিন নাহিক রে আর।"-হেম°। ৮ অন্য কোন সময়; অবসর মত; পরে। প্র-সে কথা বলব এখন; তুমি যাও, আমি যাব এখন [এই অর্থে প্রায় 'অখন'-ক্ষে°-'খন'। তুল-হি°-কহবনু=কহিব এখন=পরে বলিব] ৯ আজকাল (ঈর্ষার্থে বা ব্যঙ্গার্থে)। প্র-এখন কি আর তার সেদিন আছে, সে এখন গাড়ি ঘোড়া চড়ে বেড়াচ্চে। ১০ অবশেষে। "এখন আমারে লহ করুণা করে!"-সোনার তরী। ১১ এইবার; এবার। প্র-সেবার যে বড় পলাইয়ে ছিলে, এখন? ১২ (ঐখন) এযাবৎ; এত দিনেও, এ পর্য্যন্ত।

"এখন কি ব্রহ্মময়ী হয়নি মা তোর মনের মত।"-মহারাজ রামকৃষ্ণ। ১৩ ইহা সত্ত্বেও : অতঃপর ; প্রমাণ পাইয়াও। প্র-এখন কি বল্‌তে চাও একাজ তোমার নহে। ১৪ অদ্যাপি ; আজিও। "এখন এখন প্রাণ সে নামে শিহরে কেন।"-জ্যো° ঠাকুর। **এঁখন-তখন**-প্রতি মুহূর্ত্তেই (মৃত্যু) ঘটিবার আশঙ্কা বা সম্ভাবনা-ব্যঞ্জক : মর-মর। "জমীদার বাবুর বাড়ীতে একটী বালকের ঘোরতর জ্বর বিকার হইয়াছে-বোধ হয় রোগীর এ°-ত° হইয়াছে।"-আলাল°।

এঁখনিও, এঁখনো [এই-ক্ষণ ও। বাং প্রাকৃ° -এখোঁয়ো] অ, একাল পর্য্যন্ত ; এ পর্য্যন্ত : এ সময়তক্ : এতক্। "এখনো তারে চোখে দেখিনি।"-রবী°। "এখনও এ প্রাণ আছে সই, এলে সখি দেখা হ'তো কালা এল কই।" -গি ঘোষ। ২ এক্ষণে, সম্প্রতি। ৩ আজিও, অদ্যাপি। "কনকণ্ঠময়ী গঙ্গে, এখনো সাগর পানে কোন মুখে চলি, চলেছ মৃদুল তানে॥" -রাজ°। ৪ এ অবস্থাতেও : তথাপি : তবুও। "এখনো জাগিয়া উঠরে সবে, এখনো সৌভাগ্য উদয় হবে।"-হেম। ৫ এযুক্তির পরও : অতঃপর ; ইহা সত্ত্বেও। প্র-যা যা বলা হ'ল সব শুনলে ত, এখনও কি বল্‌তে চাও তোমার দোষ নাই।

এঁখনকার-অ, ইদানীন্তন : বর্ত্তমানের ; এ যুগের। ~**মঁত**-ক্রি-বিণ, বিণ, উপস্থিতের জন্য ; বর্ত্তমানের উপযোগী।

এখনি, এঁখনই [এক্ষণ-ই (নিশ্চয়ার্থে) গ্রা°-'এখুনি'। প্রা° বাং-'এখুনি', 'এখণে'] অ, এই মুহূর্ত্তে ; অবিলম্বে : ত্বরায়। "যা করিতে হয় করহ এখনি।"-রবী°।

`এখান [এই-স্থান > থ্থান > থান] বি, এস্থান ; এইস্থল ; এইক্ষেত্র। ২ এই পৃথিবী ; এ ধরা। প্র-মানুষ এখান থেকে যখন চলে যায়, তখন কিছুই সঙ্গে যায় না।

`এখানকার, এখানের [এখান+কার (সম্বন্ধার্থে)] বিণ, এই স্থান সম্বন্ধীয় : এখানের। ২ এ জগতের ; এ ধরার।

`এখানে [এখান+এ (ধি) এ=তে। হিং 'ত্তি' (একয়তি উত্তরাখণ্ডী হিং-'এতি') অনু-করণে বাং-য় (প্রাদে° মালদহ অঞ্চলে)-তি (এখতি)] এইস্থানে ; অত্র।

এখো [প্রা° বাং। এক+ও=একো >] বিণ একজনও : একটিও। "কাহাকো না বোলে কাহ্নাঞি এখো থর বাণী।"-শ্রী°কী°।

এখোই-একটিও (শ্রী° কী°)।

এখোক্ষণে-ক্ষণমাত্রও (শ্রী° কী°)।

এগজামিন [ইং-examine > examination এর অর্থে গ্রা° বাং-য় চ°] বি, পরীক্ষা। ক্রি, এ° **দেওয়া**-পরীক্ষা দেওয়া : পরীক্ষিত হওয়া। এ° **কঁরা**-পরীক্ষাগ্রহণ করা।

এগজিকিউটার [ইং-executor] বি, বিষয়ের তত্ত্বাবধায়ক : কার্য্যাধ্যক্ষ ; নাবালকের বিষয়ের কার্য্য-নির্ব্বাহক বা নির্ব্বাহিকা। (বাং-য় স্ত্রী পুং উভয় লিঙ্গে চ°)।

এগিনি, এগানি এগুনো, এগোনো [অগ্রগমন >। এগই, এগোই, এগুই, এগোও, এগোয় এগুতে, এগোতে, এগতে, এগোবো, এগুবো, এগোবে, এগুবে ই°] ক্রি, অগ্রে গমন করা : অগ্রসর হওয়া। "কাজের ভিড় এবং শরীরের অপটুতার জন্য এগতে পারছিনে।"-রবী°। "কেবল এক পা এগোনো দুই পা পিছোনো।"-ঐ।

এগিয়ে দেওয়া [আগাইয়া দেওয়া-আগু করিয়া দেওয়া। গ্রা°] উন্নতির পথে অগ্রসর হতে সাহায্য করা। ২ কিছু দূর সঙ্গে গিয়া অগ্রসর করান।

এঁগারি [একাদশন্ >] বি, বিণ, ১১ সংখ্যা বা সংখ্যক।

এঁগারিঞ্চি [এগার+ইঞ্চি (ইং-inch)] বি, একাধিক দশ ইঞ্চি পরিমাণ। ২ এগার ইঞ্চি পরিমাণ ইষ্টক। "এমন এক এ° ঝাড়িব।"-টেকচাঁদ।

এগু [অগ্র >, গ্রা°] বি, অগ্র। ২ বিণ, অগ্রবর্ত্তী। ৩ ক্রি-বিণ, অগ্রে। **এগুতে** [গ্রা°] ক্রি-বিণ, অগ্রে : পূর্ব্বে। ২ অগ্রবর্ত্তী হতে। **এগুনে, এগোনে** [গ্রা°] এগুতে।

এগুলা₁ [এই-গুলা (সকল)] বি, এই সমুদয়।

এগুলা₂ [আগু অগ্রসর হইলা >] ক্রি, অগ্রসর হইল। "শ্বশুর করিয়া পিছু এগুলা নয়ানী।"-শি°।

এগোনো-আগান। এগন দ্রঃ।

`এঘে [প্রাদে°, প° রাঢ়, গ্রা°] বি, ইক্ষু ; আক।

এঙ্গাপেঙ্গা [অঙ্গপ্রত্যঙ্গ+আ (বিকারার্থে), বা অঙ্গভঙ্গ ভঙ্গিমা >] বি, অঙ্গপ্রত্যঙ্গের নানা ভঙ্গী ; তেংড়ান ভেংড়ান।

এঙ্গোলা [ইং-angora >] বি, নব্য তুর্কীর রাজধানী এঙ্গোরায় নির্ম্মিত প্রসিদ্ধ বস্ত্র ; কাপড়।

এঁচড়-ইচড় দ্রঃ।

এজঁন, এজঁনা-স, এ ব্যক্তি ; এ লোক।

এজিন্যি, এজিন্যে-ক্রি-বিণ, এই হেতু : একারণ ; অতএব ; সুতরাং।

এজ⁄মাল [আ°-ই্‌জ্‌মাল্ (একত্র করা-যৌথ অধিকার)] বি, যা পাঁচ জনে মিলিয়া ভোগ করে : যৌথ অধিকার। ~**মালি**-বিণ, পাঁচজনের অধিকারভুক্ত : সাধারণ। "এজমালি সম্পত্তি।"

এজরা [আ°-ইজ্‌রা] বি, জারি ; প্রচার।

এজরাই [ফা°-ইজ্‌রাই] বি, ডিগ্রি degree

এজলাস [ফা°-ইজ্‌লাস্ (বৈঠক)। বাং প্রাদে° আজলাস] বি, আদালত ; বিচারালয়। "এ° খুব বড মেলা লোকও জড়।"-দ্বি°রায়।

এজহার, এজাহার, এজেহার [আ°-ইজ্‌হার্=প্রকাশ] বি, প্রকাশ করণ ; বক্তব্য ; উক্তি declaration ; deposition

এজু [ইং-educated > এজুকেটেড > ক্ষে° এজু বিদ্রূপার্থে] বি, ইংরেজি-শিক্ষিত, নব্য শিক্ষিত, পাশ্চাত্য সংস্কার ও চাল-চলনের অনুরাগী। "ইহার ভাব ভঙ্গী আদর্শ সমস্ত বিলাতী * * * এ সাহিত্যের পঠনপাঠন কয়েকজন বাবুর বা বঙ্কিমের ভাষায় 'এজুর' মধ্যে নিবদ্ধ।"-মা° ও ম° বাণী, ১৩৩৩।

এজেণ্ট [ইং-agent] বি, প্রতিনিধি। ২ উকীল ; ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী। ৩ গোমস্তা। ৪ কার্য্যনির্ব্বাহক। ৫ মেট ; কাপ্তেন।

এজেন্সি [ইং-agency] বি, প্রতিনিধি-

রূপে অধ্যক্ষতা বা কর্তৃত্ব ; গোমস্তাগিরি। ২ এজেন্টের অপিস বা কর্মস্থান।

এঞ্জিন, ইঞ্জিন [ইং < Engine] বি, বাষ্পীয় শকটাদির কল ; বাষ্পীয় যন্ত্র। ২ যুদ্ধে ব্যবহৃত যন্ত্র-বিঃ। ৩ জ্বলন্ত গৃহে জল উত্তোলন বা প্রক্ষেপের যন্ত্র-বিঃ ; জল-প্রক্ষেপক। ৪ যন্ত্র।

এটর্নি, -র্নী [ক্ষে°-টর্নি, ইং < attorney] বি, আমমোক্তার ; আইন-ব্যবসায়ী।

এটা [এ (এই)-টা (নির্দেশার্থে, অবজ্ঞার্থে)] স, এই বস্তু ; এই ব্যক্তি ; এই জন্তু। ২ ইহা ; এই বিষয়। **এটা-ওটা-সেটা**-যা তা ; বাজে বা অবান্তর কতকগুলা। **এটা-সেটা**-নানাবিধ বা বিবিধ বস্তু ; বাজে জিনিস ; বাজে কাজ ; অকেজো বিষয় বা বস্তু। "কয়েকটা ভাঁড়ে ও টিনে নুন, মশলা, এটা-সেটা, কোণে একটা নোঙরা ষ্টোভ আর জলের কুঁজো।"-মেজবৌ (আ° শক্তি)।

এটানি [গ্রা°-ক্ষেত্রকর্মে ব্যবহৃত। আটি + আন > আটান > আটান, এটোনোও বলে। আটি দ্রঃ] ক্রি, আটি করা বা বাঁধা।

এটে, এঁটে [অষ্ঠি > পূ° বঙ্গ ব্যতীত অনুনাসিক উচ্চারণই সাধারণ] বি, কদলীর মূল ; কলাগাছের গোড়া ; গেঁড়। "কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড়।"-অ ম°। ২ 'আঁটিয়া'র কুঞ্চিত আকার] ক্রি-বিণ, শক্ত করিয়া ; কষিয়া। প্র-বেশ করে এঁটে কাপড় পর ; প্র-ফিতেটা এঁটে বাঁধ। ৩ আঁটিয়া ; পরাস্ত করিয়া ; আয়ত্ত করিয়া ; শাসন করিয়া। প্র-সে দুরন্ত ছেলেকে কেউ এঁটে উঠতে পারে না। ৪ পাত্রস্থ হইয়া ; ধরিয়া। প্র-অত ছোট হাঁড়িতে সব চাল ধরবে কি ? হাঁ এঁটে যাবে।

এটেল, এঁটেল [আঠাল >, গ্রা° প্রাদে°] বিণ, আঁটযুক্ত ; কঠিন ; এঁ° মাটি। ২ আটাযুক্ত ; চটচটে।

এটোনো [গ্রা° প্রাদে°] ক্রি, আটি বাঁধা।

এঠিন-এথা দ্রঃ।

এডভানস্ [ইং-advance-money paid in expectation of a transaction] বি, আগাম ; দাদন।

এড় [আ-ইড় (ত্যাগ করা) + অ (র্কৃ-অচ্)। এড়মুক দ্রঃ] বিণ, যার শ্রবণে কোন শব্দ গৃহীত হয় না ; শ্রবণশক্তিবিহীন ; বধির ; কালা [বিরল] ২ [এড়ক দ্রঃ] বি, মেষ।

এড়ৃ, এড় [এলা দ্রঃ। ল=ড়] ক্রি, পরিহার কর ; ত্যাগ কর। "দেশের বাহিরে সীতা এড় গিয়া দূরে।"-কৃত্তি°। ২ ছাড় ; থাম। "বিদ্যাবলে এড় মেনে ঠাট কর কত।"-অ° ম।

এড়ক [ইল্ (গমন করা) + অক (র্কৃ-ক্ত°) ল=ড়] বি, পৃথুশৃঙ্গ মেষ ; ভেড়া ; মেড়া ; দুম্বাভেড়া। ২ বন্যছাগ। ৩ তৃণবিঃ ; হোগলা। স্ত্রীং ~া-মেষী ; ভেড়ী। ২ বন্যছাগী।

এড়মূক [এড (বধির)-মূক (বোবা) -দ্বন্দ্ব°] বিণ, বাগিন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয়ের শক্তি-রহিত ; বধির এবং বোবা ; হাবা-কালা।

এড়া১ [এলা দ্রঃ। ড=ল] বিণ, এলাইয়া যাওয়া ; বাসি। "এড়া ভাত।" ২ পচা decomposed ৩ উচ্ছিষ্ট ; এঁটো। "এড়া রুটি খাওয়াইয়া করিব জাতি মারা॥"-মনসা ম° (বিজয়)।

এড়া২ [সং-ইড়্=ত্যাগ করা, ইড়িত= ত্যক্ত, নিক্ষিপ্ত। এড়ি ; এড, এড়ই (প্রা° বাং) এঁড়া, এড়ন ; এঁড়ে ; এঁড়ন ; এড়িতে ; এড়িয়া (ক্ষে° এড়ে, এড়িব ই°] ক্রি, ত্যাগ করা ; ছাড়া। "এড়ই আন্ধারে কাহ্ন না কর কচাল।"-শ্রী° কী°। ২ ফেল্। ৩ কাত কর্ ; আড় কর্। ৪ লঙ্ঘন কর্ ; কৌশলে পরিহার কর। এড়ান দ্রঃ।

এড়াই-বেড়াই [এড়িবেড়ি দ্রঃ] ক্রি-বিণ, এড়িবেড়ি করিয়া ; জড়াইয়া। "এ°-বে° মিরদ্দিরে ঠ্যাসাইয়া ধরিল।"-পূ° ব° গী°।

এড়াওন-বি, পলায়ন ; নিষ্কৃতি লাভ ; রক্ষাপ্রাপ্তি।

এড়াকানি [প্রা°] বি, উপেক্ষা ; তুচ্ছ-তাচ্ছিল্য ; আড়ো-আড়ো ছাড়ো-ছাড়ো ভাব।

এড়াচে [এড়া (আড) চে (চিআ > চিআ > চিয়া > চে] বিণ, আড়াইয়া আছে বা থাকে ; যা এড়াইয়া যায়।

এঁড়াটিয়া, এঁড়াটে-বিণ, আলসে। ২ সংস্রবরহিত। ৩ অপরিষ্কৃত। ৪ অধম। ৫ এড়াচে দ্রঃ।

এঁড়ানি১ [এড় দ্রঃ। এড়াই, এড়াও, এড়ান, এড়ায়, এড়াইতে, এড়াইয়া, এড়াইব (ক্ষে° এড়াব) ই°। বৌ° বাং, প্রাকৃ°- এড়িএউ=এড়াও, ত্যাগ কর (চ° ১।৪)] ত্যাগ করা ; পরিহার করা। "কাননে পত্রের কুঁড়ে এড়ে এল তাল।"-ঘ°। ২ অব্যাহতি লাভ করা ; নিষ্কৃতি লাভ করা ; মুক্তি পাওয়া ; ছাড়ান। ৩ অতিক্রম করা ; "এড়াইয়া মেঘমালা মাতলি সারথি চালাইল বিমান।"-মেঘ°। ৪ গড়াইয়া দেওয়া ; ঢালা। প্র-জল এড়ান। ৫ উপেক্ষা করা ; লঙ্ঘন করা ; অমান্য করা। "অলঙ্ঘ্য তোমার আজ্ঞা এড়াইতে নারি।"-শি°। ৬ দূরে রাখা। ৭ নিক্ষেপ করা। "এড়িলেক চোখা চোখা শর।" ৮ প্রেরণ করা। "তবে যে এড়িব ঘোড়া ক্ষিতি বিচরিতে।"-মহা° (শ্রীকরণ)। ৯ বিস্তার করা ; ফেলা। "সন্ধান বুঝিয়া এড়ে জাল।"-ঘ°।

এঁড়ানি২ [এড়াওন > ক্ষে°] বি, নিষ্কৃতি ; ছাড়ান ; মুক্তি ; অব্যাহতি। "দেবী বলে মোর ঠাঁই না গেলে এড়ান নাই।" -কেতকাদাস। "যথায় যাউক তার নাহিক এ°।"-কৃত্তি°। বিণ, এড়ানিয়া (ক্ষে° -'এড়ানে') কচিৎ এড়াটিয়া (এড়াটে)। ~র্ব [ব্রজ°] ক্রি, এড়াইব ; এড়াব।

এড়ি [এড় দ্রঃ। কেবল পদ্যে ব্যবহৃত, গদ্যে 'এড়াইয়া' 'এড়িয়া', 'এড়ে'] অস-ক্রি, ত্যাগ করিয়া। "শুনি কর্ণ সেইক্ষণে এড়ি ধনুঃশর। বাহুযুদ্ধ করে দোঁহে ভূমির উপর॥" -মহা° (কাশী)। ২ অতিক্রম করিয়া ; লঙ্ঘন করিয়া। "যায় সবে এড়ি নানা বন।" -কবিক°। ৩ উপেক্ষা করিয়া। ৪ নিক্ষেপ করিয়া ; ছুঁড়িয়া।

এড়ি, এঁড়ি [এণ্ডি >] বি, আসাম-জাত রেশমী বস্ত্রবিঃ। ২ জুতার গোড়ালি। প্র-এঁড়ি তোলা জুতা।

এডিটর [ইং-editor—"one who revises and prepares a work for publication ; also the title of the conductor of a journal, magazine, or other serial publication, and of the heads of the minor departments, as news-editor, or fashion-editress. The word in the former sense signified that preparation of a work which required critical taste and literary capacity, such as the writing of the preface, introduction, notes, index and also the correction of the text ; and in the same manner, the editor of a journal not only revises and publishes the works of others, but prepares original matter."—*American Encyclopædia of Printing*] বি, সম্পাদক। **এডিট করা**-ক্রি, এক বা একাধিক লেখকের রচনা একত্র করিয়া সাময়িক পত্র বা পুস্তক সম্পাদন করা : অন্যের রচিত গ্রন্থাদি টীকা, টিপ্পনী, ব্যাখ্যাদি দ্বারা বিশদ, সুবোধ্য এবং পাঠশুদ্ধ করা।

এডিটরি, -রী [ইং- editorshipএর অনুবাদ। এডিটর+ই, ঈ (কর্ম্ম, ব্যবসায় অর্থে)] বি, সম্পাদকতা ; সম্পাদকের বৃত্তি।

এডিশন [ইং-edition এর লিপ্যন্তর "The number of copies of a work that are printed at the same time or for one publication."—*American Encyclopædia of Printing*] বি, সম্পাদন ; সংস্করণ ; একদা মুদ্রিত গ্রন্থাবলী। **পকেট-এডিশন** [ইং-pocket-edition] বি, এত ছোট সংস্করণ যে পকেটে রাখা চলে [দ্রঃ-নিজের কল্পনা ও বুদ্ধি-প্রসূত লেখাকে 'রচনা করা' বা 'প্রণয়ন করা' বলে। অন্যের রচনাবলী কমাইয়া কাটিয়া-ছাঁটিয়া, ঘষিয়া-মাজিয়া, বাড়াইয়া, সংশোধন করিয়া ও আবশ্যকমত স্বীয় টীকা-টিপ্পনী মন্তব্যাদি সহ প্রকাশ করাকে এডিট-করা বলে]।

এড়িতে-ক্রি, ত্যাগ করিতে। "কেহ দুঃখে চায় নিজ শরীর এ০।" ২ নিক্ষেপ করিতে। প্র-শর এ০।

এড়িবেড়ি [এণ্ডী > ; বেষ্টন > বেড়ি -গুটির মত আড়ে বেষ্টন করার ভাব হতে। তুল-গ্রা০ হিং-আঁয়ড়ি-বঁয়ড়ি (ইতস্ততঃ)] বি, সম্পূর্ণ বেষ্টন। প্র-এ০ করিয়া ধরা। ২ ক্রি-বিণ, চারিদিকে।

এড়ুক [ঈড় (নিক্ষেপ করা)-উক] ক্রি, পরিত্যাগ করুক ; নিক্ষেপ করুক। ২ [এড়ুকও হয়] বি, শ্মশানচৈত্য ; গোর [অপ্র০]।

এড়ুয়া, এড়ো [আড় (কাত, পার্শ্ব, বক্র)+উয়া (তদবস্থ ; তদ্ভাববোধক)=আড়ুয়া > (উচ্চারণ-ভেদে) এড়ুয়া > ,ক্ষে০ এড়ো] বিণ, এক-পেশে ; কাত-করা : আড় ভাবে স্থিত। ২ বক্র ; কুটিল; শঠতাপূর্ণ। "বিলাতের 'টাইমস' লর্ড চেমস্‌ফোর্ডের আফগান-নীতির বিরুদ্ধে আচ্ছা এড়ো চাল চালিতেছে।" -নায়ক, ১৩২৬।

এড়ে-ক্রি, ছাড়ে ; ত্যাগ করে ; ফেলে ; নিক্ষেপ করে [এড়ান দ্রঃ]।

এড়ো-এড়ুয়া দ্রঃ।

এণ১ [সং-অনেন এই সর্ব্বনাম স্থলে 'এন' আদেশ। প্রা০ বাং-এণ] বিণ, ইহাদ্বারা (দো০ ১৩২)।

এণ২ [ই (গমন করা)+ণ (র্তৃ-স্থা০) যে চঞ্চল ভাবে গমন করে] বি, কুরঙ্গ ; মৃগ ; হরিণ। "এণরিপুবাহিনী এ একান্তেরে চাও।"-অ০ ম০। স্ত্রীং **~ী**-হরিণী।

এণক [এণ+ক (ক্ষুদ্রার্থে)] বি, ক্ষুদ্র-মৃগ। স্ত্রীং **এণিকা**। **~তিলক** [এণ (মৃগ) তিলক (চিহ্ন) যার-বহু০] বিণ, মৃগাঙ্ক ; শশধর ; চন্দ্র। **~ভৃৎ** [এণ (মৃগচিহ্ন)-ভৃৎ (ধারী)] বি, চন্দ্র। **~রিপু** [এণ (মৃগ) রিপু (ভক্ষ্য বলিয়া শত্রু) যার-যে মৃগ বিনাশ করে (বহু০) কিংবা ৬ তৎ] বি, মৃগাদন ; সিংহ। "এণরিপুবাহিনী এ একান্তেরে চাও। একা আজি এখানে এখন কি এড়াও।" -অ০ ম০।

এণাজিন [এণ+অজিন] বি, মৃগচর্ম্ম ; মৃগচর্ম্মের আসন।

এণ্ডা১ [অণ্ড > প্রা০ বাং, হিং-আন্ডা] বি, অণ্ড ; ডিম্ব ; ডিম। "গণ্ডা গণ্ডা এণ্ডা খেয়ে ঠাণ্ডা করি প্রাণ।"-ঈ০ গুপ্ত। এণ্ডাওলা তপ্‌সে (মাছ)। ২ [অশ্বাণ্ডের ভাব হতে অশিষ্ট ব্যবহারে] 'এঁড়, ঘোড়ার ডিম ; কিছুই না। ৩ কচিছেলে ; ছোট বা অল্পবয়স্ক সন্তান। প্র-বেচারী অনেক গুলি এণ্ডা বাচ্চা রেখে গেছে। ৪ বিণ, কচি (ছেলে) ; শিশু ; অপ্রাপ্তবয়স্ক। **~বাচ্চা** [তুল-কাচ্চা-বাচ্চা] বি, গর্ভস্থ শিশু ও কচি ছেলে-পুলে ; কোলের ছেলে ও ছোট ছোট ছেলে-পুলে। **গণ্ডায় এণ্ডা মিলান** [তুল-গোলে হরিবোল দেওয়া। পাঠশালে গণ্ডাকিয়া ই০ ঘোষাইবার সময় যে সকল ছাত্র ফাঁকি দেয় এবং সমস্ত বলিতে চাহে না তারা অন্য দশজনের সঙ্গে বাক্যের শেষাংশে 'আণ্ডা' মাত্র বলিয়া থাকে, যেমন সকলে সমস্বরে বলিল, "চার কড়ায় এক গণ্ডা", তাহার মধ্যে কেহ বাক্য সমাপ্তি-কালে বলিল 'ণ্ডা'] ফাঁকি দেওয়া।

এণ্ডা২ [সং-এরণ্ড > ভেরণ্ড > ভ্যারেণ্ডা > এণ্ডা। প্রা০ বাং] বি, এরণ্ড বৃক্ষ। "এণ্ডার ঠান (=ডাল) লইয়া আসা (=দণ্ড) করিয়া।"-মাণিক০ গান।

এণ্ডী [সং-এরণ্ড > এ০, অস০-এরী ; এ০+ঈ (জাতার্থে)-এরণ্ডী, বাং-এঁড়ী, এড়ী। 'আরাণ্ডী' ও০। এরণ্ডপত্রভোজী, রেশম কীটজাত কোষ বা গুটীর সূতা নির্ম্মিত বলিয়া-ব০ শ০ কোষ] বি, এণ্ডীর তসর ; এঁড়ী। "এণ্ডী ও মুগার চাদর।"

এতি [সং-এতাবৎ। প্রাকৃ০-ইত্তিঅ, এত্তিঅ, এত্তঅ (ভাস, চারুদত্ত)-চা০ বন্দ্যো০। তুল-হিং-এত্তা] বিণ, সংখ্যাধিক্য-সূচক (বস্তু-পক্ষে) ; ইয়ৎসংখ্যক ; এত-গুলো। প্র-এত পুস্তক সংগ্রহ করিলে রাখিবে কোথায় ? ২ পরিমাণাধিক্য-সূচক (বস্তু-পক্ষে)। প্র-এত দুধ খাইতে পারিবে না। ৩ বিষয়াধিক্য-সূচক। "এত শিখিয়াছ এটুকু শেখনি কিসে কড়ি আছে দুটো ?"-রবী০। ৪ প্রকারাধিক্য-সূচক ; নানাপ্রকার ; বহুবিধ। "রাজপথ দিয়ে চলে এত লোকে, এমনটি আর পড়িল না। চোখে আমার যেমন আছে!"-রবী০। ৫ চরম বা পরিণাম সূচক অব্যয়। প্র-ওঃ এত ! এত দূর গড়াইয়াছে ? ৬ এত অধিক ; এত বার।

এতি [সং-এতৎ > । (২) এ+ত (থি)] স, এই ; এতৎ। ২ ইহাতে (দো০ ৯৬, ১০৪)।

এতক [সং-ইয়ৎ; প্রাকৃ০-এত্তক > এতেক দ্রঃ] বিণ, এতেক; এত। ২ এই পর্য্যন্ত। ৩ একাল পর্য্যন্ত; অদ্যাবধি।

এতৎ, এতদ্ [সং] স, সম্মুখস্থ বস্তু, ব্যক্তি বা বিষয়; ইহা; এই; ইনি।

এতত্তুল্য [এতৎ+তুল্য] বিণ, ইহার সমান; এতাদৃশ।

এতদতিরিক্ত [এতৎ+অতিরিক্ত] বিণ, অ, ইহা ছাড়া; ইহার বেশী; আরও।

এতদবস্থায় [এতৎ+অবস্থা+য় (তে=এ=য়)] ক্রি-বিণ, এরূপ স্থলে; এক্ষেত্রে; এ প্রকার অবস্থায় পতিত হইয়া বা হইলে। "বিপদে পড়িয়া চিত্তের কিঞ্চিৎ অস্থিরতা হওয়া পরিণামে ভাল, এ০ উত্তর জ্ঞানের উদয় হয়।"-টেকচাঁদ।

এতদাদি, এতদাদ্য [এতৎ (ইহা) +আদি, আদ্য (আদি করিয়া)] বিণ, এই সঙ্গে আরও; ইত্যাদি।

এতদীয় [এতৎ+ঈয়, সম্বন্ধার্থে] বিণ, এই সম্বন্ধীয়; ইহার সংক্রান্ত; এই বিষয়ক।

এতদুদ্দেশ্য [এতৎ+উদ্দেশ্য] বি, এই অভিপ্রায় motive.

এতদ্দে/শ [এতৎ+দেশ বি, এই দেশ। বিণ, ~শীয়।

এতদ্ধেতু [এতৎ-হেতু] অ, এই হেতু; এই কারণে।

এতদ্ভিন্ন [এতৎ+ভিন্ন] অ, এ ছাড়া; ইহা ব্যতীত।

এতদ্রূপ, এতদ্বৎ [এতৎ+রূপ, বৎ] অ, এইরূপ; ইহার সদৃশ।

এতদ্ব্যতিরিক্ত, এতদ্ব্যতীত [এতৎ+ব্যতিরিক্ত, ব্যতীত] অ, ইহা ছাড়া।

এতবার [আ০-এৎবার্ (বিশ্বাস)] বি, প্রত্যয়; বিশ্বাস; ভরসা। ২ (এত্‌বার্) রবিবার।

ˋএতবার-অ, এত অধিক-দফা বা ক্ষেপ।

এতলা, এত্তেলা [এত্তেলা দ্রঃ। আ০-ই্‌ৎতলা] বি, বিজ্ঞাপন; সংবাদ; খবর; নোটিস। ~**নামা** [ফা০-নামা] বি, বিজ্ঞাপন-পত্র; সংবাদ-পত্র; নোটিস্ notice.

এতসি [প্রা০ বাং, ব্রজ০, এত+সি (=ই)] অ, এতই।

এতহি [ব্রজ০। অত্র=এত্র=এথ=এথা=এথি (এখানে) তুল-কথি=কোনখানে; কোন দিকে] ক্রি-বিণ, এখানে। ২ এইদিকে। "অনতহি গমনে এ০ নিহার।"-বি০ প০।

এতহুঁ, এতহু [ব্রজ০। সং-এতাবৎ >] বিণ, এতাবৎ। "এ০ নিদেশ কহলুঁ তোহে।"-বি০ প০।

এতাদৃক্, এতাদৃশ [এতৎ-দৃশ্ (দেখা)+ক্বিপ্, অ (র্ম্ম) এইরূপ যাকে দেখা যায়] বিণ, এই প্রকার; ঈদৃশ; এবংবিধ; এরূপ। স্ত্রীং **এতাদৃশী**।

এতা/বৎ, ~বান্ [এতৎ+বৎ (পরিমাণার্থে)] অ, এ পর্য্যন্ত; এ যাবৎ। ২ এইমাত্র। ৩ এত পরিমাণ; এত। স্ত্রীং ~**বতী**-বিণ, এতখানি। ~**বৎকাল**-বি, এপরিমাণ সময়েই; এতদিন। ২ ক্রি-বিণ, এতদিন ধরিয়া। ~**বতা**-অ, এতদ্দ্বারা; ইহার দ্বারা।

এতালা [এতলা, এত্তেলা দ্রঃ] বি, সংবাদ; খবর; বিজ্ঞাপন; নোটিস্। "প্রজারা প্রথমতঃ এই সর্দ্দারের নিকট এ০ দেয়।"-প্রবাসী, ৪র্থ ভাগ। "হাসিয়া তাহার এজাহার নিয়ে প্রথম এ০ কাটি।"-রজনী সেন।

এতিম [আ০-য়তীম (পিতৃহীন বা মাতা-পিতৃহীন সন্তান)] বি, অনাথ orphan. ~**খানা** [আ০-য়তীম+ফা০-খানা (আলয়)] বি, অনাথালয় orphanage.

এতেক [সং-ইয়ৎ >, প্রাকৃ০-এত্তেক] বিণ, এত; এই পরিমাণ। ২ এতদূর; এ পর্য্যন্ত; এই অবধি। ৩ এই সমস্ত; এইটুকু। "এতেক কহিয়া রাজা, দূত পানে চাহি, আদেশিলা।"-মেঘ০। ৪ এবম্প্রকার।

এতেকে, এতেকেঁ [প্রা০ বাং] এততে; এই হেতু। **এতেকেই**-এততেই।

এত্তেলা [আ০-ই্‌ৎতলা (খবর, জানান্) এতলা দ্রঃ] বি, এৎলা; নোটিস্ notice; সংবাদ; খবর। "গোবিন্দ লাল স্বদেশে যাত্রা করিলে, নায়েব কৃষ্ণকান্তের নিকট এক এ০ পাঠাইলেন।"-কৃষ্ণকান্তের উইল।

এথা [সং-অত্র; প্রাকৃ০-এত্র=এথ; বাং-এথা, বা এই (এ) স্থান=(থা) >, < হেথা (পূ০ বঙ্গে)। বৌ০ বাং প্রাকৃ০-এথু, এথ্, -থ, (থা)-বৌ০ গা০ ও দো০। প্রাদে০ গ্রা০-**এঠা, এঠাঁই, এঠিন**] অ, অত্র; এইস্থানে; এখানে।

এথাসি, এথাঁসি [ব্রজ০, প্রা০ বাং-এথা+সি (=ই)] অ, এখানেই। "এথাঁসি সুন্দরি রাধা কর কাঠ দাপ।"-শ্রী০ কী০।

এথু [প্রা০ বাং। সং-অত্র >] অ, অত্র, এথা; এখানে (দো০ ১১৭, চ০ ১৬১৫)।

এথ, এথু, এথো [প্রা০ বাং। অত্র > । এথা দ্রঃ] অ, অত্র; এথায় (দো০ ৯৯, ১১৫, ১৩২ ই০)।

এদিক্ [ইদিক্ দ্রঃ] ~**সেদিক্**-অ, চতুর্দ্দিক্।

এদিকে-ক্রি-বিণ, এইদিকে; বক্তার দিকে। ২ এতদঞ্চলে; এতদ্দেশে। ৩ উপস্থিত ক্ষেত্রে; পক্ষান্তরে; এই সঙ্গে।

এদে [প্রাদে০ হুগলী জে০ অঞ্চল-বিশেষে] বি, বেতের ধামা (ব০ শ০ কোষ)।

ˋএদের [সম্ভ্রমে-এঁদের। এ, ইহা দ্রঃ] স, ইহাদের।

ˋএদ্দিন [কথ্য। এতদিন > দ্রুত উচ্চারণে। যদ্দিন, তদ্দিন দ্রঃ] ক্রি-বিণ, এতদিন; এত অধিক কাল। ২ এই দীর্ঘ-কালের মধ্যে। "অসুখ না হলে এ০ পড়ে থাকি?"

এধার [হি০-ইধর্] বি, এদিক্। এ০ ওধার [হি০-ইধর্ উধর্] বি, উভয় দিক্, (বিষয় বা বস্তুর) দুই দিক্: উভয় পক্ষ। ২ ক্রি-বিণ, উভয় সীমানা পর্য্যন্ত। ৩ চতুর্দ্দিক্। **এধারে**-আমার কাছে। "এধারে এস।" ওধারে দ্রঃ।

এনকোর [ফ্রে০-encore (অঙ্কোর)] বি, পুনরায় গাহিবার অনুরোধ; গীতবাদ্য আবার শুনাইবার বা নৃত্য বা অভিনয় পুনরায় দেখাইবার আহ্বান।

ˋএনা [ইদম্ শব্দের ৩য়া বিভক্তি রূপ 'অনেন' > বাং-এন হেন (দ্রঃ); প্রাদে০-

এনা] অ, এইরূপ : এমন ; হেন। "বনমালা গলে দোলে ভাল, এনা বেশ কোন দেশে ছিল।"-চণ্ডী০। ২ এই। "এনা একফুট পানী।"-শ্রী০ কী০। ৩ [প্রাদে০] স, ইনি। এনার=ইঁহার। বহুব -এনাদের, এনাকে= ইঁহাকে। বহুব০-এনাদেরকে।

এনামেল [ইনামেল দ্রঃ। ইং-enamel] ধাতুপাত্রের উপর কাচবৎ মসৃণ পদার্থের কলাই ; মিনা। এ০ বার্সন-উক্ত প্রলেপ দ্বারা আবৃত লৌহময় পাত্র (হাঁড়ী, থালা, গেলাসাদি)।

এনে [চৈতন্য-ভাগবতে। এক্ষণে > ক্ষে০। প্রা০ বাং] ক্রি-বিণ, এক্ষণে [অপ্র০]।

এন্টাল-বি, আণ্টা গুড় গুড় খেলা ; বিলিয়ার্ড খেলা।

এনট্রান্স্ [ইং-Entrance examination] বি, বিশ্ববিদ্যালয়ের প্রথম পরীক্ষা ; প্রবেশিকা। "এ০ পরীক্ষা বেরূপ সম্মানের সহিত দিয়াছ এই পরীক্ষাটা সেইরূপ দাও।" -সংসার।

এন্ভেলাপ [ই০-envelope >] বি, চিঠির আবরক থাম।

এন্তাকাল-ইন্তাকাল দ্রঃ।

এন্তার [ইং-entire ; পর্তু০-এন্তারো entaro (অবিভক্ত, অখণ্ড) >] বিণ, অবিভক্ত ; যা ক্রমাগত চলিয়া আসিয়াছে ; লম্বা ; অজস্র।

এন্তাজারি, এন্তেজারি [আ০-ইন্‌তজার্=প্রতীক্ষা। ইন্তজার দ্রঃ] বি, প্রতীক্ষা ; অপেক্ষা। ২ আশা ; ভরসা। ৩ অধীনতা ; আয়ত্তবশ্যতা।

এন্দে [আদা০ পরিঃ। আ -ইন্দ্ (ভিতরে)] অ, মধ্যে।

এপয়েণ্ট [ইং-appoint এর লিপ্যন্তর] বি, কর্ম্মে নিয়োগ; ভর্ত্তি। "যদি অন্য লোককেই এ০ করি।"-মা০ ও ম০ বাণী, ১৩৩৩।

এপার-বি, এইপার ; এদিকের কূল ; নদী ই০-র যে কূলে বক্তা উপস্থিত [ও পারের বিপরীত] এ০ ওপার-কোন কিছুর এক পৃষ্ঠ হতে অন্য পৃষ্ঠ পর্য্যন্ত ; সম্মুখ হতে পশ্চাতে। ২ নদী ই০ জলাশয়ের এক কূল হতে বিপরীত কূল ; পারাপার। "এ০ ও০ করি পারিনা ত আর। আজ মোরে লয়ে যাও অপারে তোমার।"-চিত্তরঞ্জন দাশ। ~কার [এপার+কার (সম্বন্ধার্থে)] বিণ, এই পার সম্বন্ধীয় ; এ পারের।

এপ্রিল, এপ্রেল [ইং-April >, হিং-অপ্রেল] বি, চৈত্রের শেষার্দ্ধ হতে বৈশাখের প্রথমার্দ্ধ মাস।

এফ্-এ, এফে-ইং বিশ্ববিদ্যালয়ের F. A. পরীক্ষা।

এবঁ১ [সং] অ, সং-তে-অবধারণ, নিশ্চয়, সংখ্যা, পরিমাণ, সাদৃশ্য ই০ অর্থে বহুল রূপে, কিন্তু বাং-য় সমাসযুক্ত হইয়া কচিৎ ব্যবহৃত। প্র-তথৈব চ, অতএব।

এবঁ২, এবঁই-অ, এবং (দ্রঃ)-দো০ ৮২, ৮৭।

এবং [এই সং শব্দ যথাবৎ বাং-য় চ০] অ, নিশ্চয়াত্মক ; সম্মতিসূচক ; এইরূপ ; এই প্রকার ; এতাদৃশ ; এই ; এমন ; এবম্প্রকার ; এবংবিধ [বিরল] ২ [যোজক শব্দ conjunction] অপর ; অন্য ; আর ; ও and. ৩ অধিকন্তু also. ~কার-এবং এই শব্দ (দো০ ১২৯)। ২ [বৌ০ বাং] একার ও বকার। ৩ [সন্ধ্যা ভাষায়] বি, চন্দ্র ও সূর্য্য (চ০ ৯।১)।

এবঁঞ্চ [এবং চ] অধিকন্তু ; আরও ; এই যে।

এবংবিধ [এবম্বিধ দ্রঃ] বিণ, ঈদৃশ ; এইরূপ। "যোগেশ যখন এ০ অবস্থায় অবস্থাপিত।"-বিমলা (দামোদর)।

এবড়োখেবড়ো-আবুড়াখাবুড়া দ্রঃ।

এবঁমস্তু [সং-এবং+অস্তু] অ, এইরূপেই হউক। "এ০ বলি অগ্নি এই বর দিল।"-মহা০ (কাশী) [অপ্র০]।

এবম্প্রকার [এবং (এই) প্রকার (রূপ) -এইরূপ] বিণ, এইরূপ ; এরকম ; এমনতর ; ঈদৃশ।

এবঁম্বিধ, এবংবিধ [এবং-বিধ (প্রকার)] বিণ, এবম্প্রকার ; ঈদৃশ ; এইরূপ।

এবঁভূত [এবং (এইরূপ) ভূত (যে হইয়াছে)] বিণ, এবম্প্রকার ; এতাদৃশ ; এইরূপ।

এবরা [আ০-ইব্‌রা (নিষ্কৃতি) >] বি, অব্যাহতি। ২ বাতিল। ৩ ছাড় ; পরিত্যাগ ; ইস্তীফা (দ্রঃ)।

এবরাত-এবারৎ দ্রঃ।

এবার [এ (এই) বার (সময়, দিন)] অ, এদিনে। প্র-এবারে ও-জিনিস খেতে নাই। ২ এ সময় ; এখন। প্র-এ০ যাও দেখি বোধ হয় কৃতকার্য্য হবে। ৩ এদফায় ; এপালায় (turn)। প্র-এবারকার জয় হল? ৪ এ জীবনে, এ যাত্রায়। "এবারের মত বসন্ত-গত জীবনে।"-রবী০। ৫ পরবারে ; পরজন্মে। ৬ এ বৎসর। প্র-এ০ ফসল ভাল হয় নাই। এ০ ভাল বর্ষাই হ'ল না। ৭ এক্ষেত্রে ; এ অবস্থায়। ~কার, এবারের [এবার (দ্রঃ)+কার, এর (সম্বন্ধার্থে)] বিণ, এইবার সম্বন্ধীয়। ২ এ জীবনের।

এবারৎ [আ০-এবারৎ=পাঠ ; বাক্য ভং বাং-য়-'এবরাত'] বি, রচনাপদ্ধতি ; ভাষার ইঙ্গিত ; পদ ; পাঠ ; পাঠান্তর।

এবে [হি০-'অহিবের' ক্ষে০-অবহি, অবৈ > বাং এবে। পদ্যে। প্রা০ বাং-এবেঁ। এবেসি=এখন সে। এবেঁসি=এখনই। এবেঁহো= এখনও। এভোঁ, এভোঁহো=এখনও] অ, এক্ষণে ; এখন ; উপস্থিত ; এ সময়। "ছিল ভিক্ষা তব পদে সফল তা এবে।"-মেঘ০। "তেঁই সে রাবণ এবে দুর্ব্বার সমরে স্বজনি।"-ঐ। ২ এ সঙ্কটে ; এ দুঃসময়ে ; এ আসন্নকালে। "এ রণক্ষেত্রে পাইনু কি তোরে, নরাধম? কোথা এবে দেব বজ্রপাণি ?" -মেঘ০। "মাংস তোর মাংসাহারী জীবে দিব এবে।"-ঐ। ৩ অতঃপর। "চলি গেল যবে সভ্য সুজন, মুখোমুখী করি বসিলা দুজন, রাজা বলে এবে কাব্য-কূজন আরম্ভ কর কবি!"-রবী০। ৪ অধুনা ; আজি-কালি। "তপে মগ্ন এবে তাপসেন্দ্র, তেঁই, দেব, লঙ্কার এ গতি।"-মেঘ০।

এবেলা [এ-বেলা (সময়, দিবাভাগ)] ক্রি-বিণ, এ সময়। ২ দিবসের এই ভাগে। প্র-এ বেলা আর যাব না। ৩ [প্রাদে০] সকাল বেলা (ও-বেলার বিপরীত)। ৪ এবার। ~কার [এ+বেলাকার (সম্বন্ধার্থে)] বিণ, এ বেলা সম্বন্ধীয় ; এবেলার। প্র-এ বেলাকার মত চলিয়া যাইবে।

এব্‌রা [আ°, ফা°-বরী >] বি, অগ্রাহ্য; নামঞ্জুর ; বাতিল ; ছাড়িয়া দেওয়া। "আদালত তার সমস্ত সাক্ষীকে এ° করিয়াছেন।" "জামিন এ° দিয়াছে।"

এম্-এ [ইং-Master of Artsএর সাঙ্কেতিক চিহ্ন, M. A.] বি, বিশ্ববিদ্যালয়ের উপাধিবিঃ। "বৃথা ও পাশ্চাত্য দীক্ষা প্রসবে যে বি-এ, এম-এ, বিশ্ববিদ্যালয়।"-চন্দন।

এম্-ডি [ল্যা°-Medicinæ Doctor (ইং- Doctor of Medicineএর আদ্যক্ষর M. D.)] বি, ভৈষজ্যবিদ্যা ও চিকিৎসাশাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধিবিঃ।

এমঁত [এ (এই) মত (প্রকার) ; বা অস্মিন্ > এস্মিন্ > এমিন (স লোপে) > এমন > এমত ; বা এ (এই) + মৎ (উপমার্থে, প্রকারার্থে) > এমন্ত (মৎ স্থলে প্রাকৃত ব্যবহার মন্ত-ভাষাতত্ত্ব দ্রঃ) > এমত (ন লোপে)] বিণ, এমন ; এরূপ ; এপ্রকার। ২ (এমঁত) [এইমত এর ক্ষে°] বি, উপস্থিত মন্তব্য।

এমতানাই [আ°-ইম্‌তিনাআ (prohibition)] বি, নিষেধাজ্ঞা injunction.

এমতি (-এঁ-) [এমত দ্রঃ, পদ্যে, বৌ° বাং প্রাকৃ°-'এমই' (দো° ১০৪)] ক্রি-বিণ, এমন ; ঈদৃশ ; এইরূপ। "বিস্তারি পাষাণে কেবা রতন বসাইল রে, এ° লাগয়ে বুকের শোভা।"-চণ্ডী°। "এ° করিল কে?"-ঐ।

এমঁন [সং-অনেন ; প্রাকৃ°-ইমিণ (প্রা° বাং-ঐমনি)। এমত দ্রঃ। এ-মন মৎ=মন্ত= (প্রা° বাং-এমন্ত=এমন) ত লোপ] বি, ঈদৃশ ; এরূপ ; এই প্রকার ; এবংবিধ ; এহেন। "আজিকে এ° দিনে শুধু পড়ে মনে, সেই দিবা অভিসার পাগলিনী রাধিকার।"-রবী°। ২ এতেক। "শেষে ফুটিল রে কবে এ° গরবে।"-বি° মজুমদার। ~কিরে-ক্রি-বিণ, এইরূপে ; এভাবে ; এই ধরণে। ~তঁরি [এমন + তর (উপমার্থে)] বিণ, এ প্রকার ; ঈদৃশ।

এমঁনি, এমঁনই [এমন + ই (নিশ্চয়ার্থে)। গ্রা°-এমন-ধারা (প্রাদে°) ; প্রা° বাং-ঐমনি] বিণ, এইরূপই ; ঠিক এই প্রকার। "মোরেও এমনি পরাইতে হ'বে রতন ভূষণ রাজি!"-রবী°। "সে দিনও এমনি বায়ু রহিয়া রহিয়া।"-রবী°। ২ এতই ; এতাধিক। "এমনি মধুর শ্লোক বাখানিব।" -রবী°। ~তঁরি [এমনি + তর (উপমার্থে) প্রাদে°, গ্রা°-এম্‌নিধারা] বিণ, ঠিক এই রকম। "সেদিনো এমনিতর অন্ধকার ছিল।"-রবী°।

এম্-বি [ল্যা°-Medicinæ Baccalaureus (ইং-Bachelor of Medicine) শব্দের সাঙ্কেতিক আদ্যক্ষর, M. B.] বি, বিশ্ববিদ্যালয়ে চিকিৎসা-বিজ্ঞান বিষয়ের উপাধি ; 'এম্ ডি'র নিম্নস্থ উপাধি।

এমান্ [আ°-ঈ.মান্ শব্দের ভ্রং] বি, বিশ্বাস ; ধর্ম্ম।

এমাম [আ°-ইমাম্ মুসলমান ধর্ম্মগুরু] বি, মুসলমান ধর্ম্মাধ্যক্ষ ; প্রধান যাজক ; নেতা বা নায়ক। এমামিত্ব-বি, ধর্ম্মনেতৃত্ব। "আর যদি তাঁহারা হারিয়া যান তাহা হইলে তাঁহারা আসাদ উদ্‌দওলা সাহেবের এমামত্ব স্বীকার করিবেন।"-আ° শক্তি, ১৩৩৩।

এমারঁৎ [আ°-আমারৎ বা এ.মারৎ >] বি, অট্টালিকা ; পাকাবাটী ; কোঠাবাড়ী।

এম্নি ['এমনি'র দ্রুত উচ্চারণে। তেম্নি, যেম্নি দ্রঃ] বিণ, এমনই ; এইরূপই। "দেশের এম্নি বিচার বটে, চোর হয়ে চোর ধরতে ছোটে, এ° দেশের উল্টা দাঁড়া।"-বাং গান। ২ [যে শব্দের পূর্ব্বে বসে তার অর্থে আতিশয্য, তীক্ষ্ণতা বা প্রচণ্ডতার দ্যোতনা করে] ক্রি-বিণ, এতদূর ; এত বেগে বা জোরে, এত তীব্র ই°। প্র-এম্নি ঠেলে দিয়েছে, এম্নি মিষ্টি মিষ্টি শোনালে, এ° দৌড় দিলে ই°।

এমুখো [এ + মুখ + উআ বা + আ= এমুখা, এমুখুআ-এমুখো] ক্রি-বিণ, এদিগ্‌বর্ত্তী বক্তার সম্মুখীন। এ° হঁওয়া-বক্তার সম্মুখে বা স্থানে আসা। "তখন আর এমুখো হবে?"

এমুড়া-ওমুড়া [এ-মুড়া (হি° মুহরা-মোড় দ্রঃ। মুড়=মাথা-পথের মাথা) + ও-মুড়া] অ, একবার এমাথা বা একদিকের শেষ আবার অপর দিকের শেষ ; এক মাথা থেকে আর এক মাথা পর্য্যন্ত (পথের) ; এ মোড় থেকে ও মোড় পর্য্যন্ত।

এযাবঁৎ [এ-যাবৎ] অ, এ পর্য্যন্ত।

এয়ার [ইয়ার দ্রঃ] বি, বন্ধু। "মিলে চু-চারিটি এ°।"-দ্বি° রায়।

এয়ারিং [ইং-earring, ইয়ারিং দ্রঃ] বি, কর্ণভূষণ ; কুণ্ডল ; ঝুম্‌কা।

এয়িস্ত্রী, এয়েস্ত্রী-এয়ো দ্রঃ।

এয়ো ['এও', 'আইও', 'আয়ো' ও°। সং-অবিধবা > অবিহবা > অয়িহ > আইহ > আয়ো > এয়ো-O.D.B.L.] বিণ, সধবা ; যে নারীর পতি বর্ত্তমান। এয়েস্ত্রী (দ্রঃ)। "এয়োগণ সঙ্গে করি প্রদীপ ধরিয়া।" -কবিক°। "এয়ো তুমি তোমার কি সাজে এবেশ।"-মেঘ°। "আয় এয়োগণ করবি বরণ।"-হেম°। ~জাত-বি, এয়োদিগের একত্র ভোজন। ~ত [এয়ো দ্রঃ] বি, সধবার অবস্থা। "এয়োতের ব্রত উদ্‌যাপন।" -অশোক°। ~তি,-তী-বি, আয়তি। ২ বিণ, এয়োত ; আয়তিবিশিষ্ট ; এয়েস্ত্রী ; সধবা। "জনম এয়োতি হোক, চির মন সুখে রোক।"-কাব্যকুসুমাঞ্জলি। ~সূতা-সধবার হাতে কাটা সূতা। (বিবাহাদি শুভ কার্য্যে ব্যবহৃত)। "আনিল আইওর সূতা নাটাই সহিত।"-কবিক°। ~স্ত্রী-সধবা নারী। এই অর্থে এয়স্ত্রী, এয়েস্ত্রী, আয়স্ত্রী, আয়োস্ত্রী, ওইস্ত্রী, এয়িস্ত্রী গ্রা° ব্যবহারে চ°।

এর [সং-কৃত > প্রাকৃ°, ৬ষ্ঠীর চিহ্ন কেরক > , বাং-এর, র, কের, কর, গের, গর। তুল-হি°-'কর, কের, কেরি।' "ক্ষত্র জাতিকের রোষ।"-তুলসীদাস। ওড়ি°-'র' (দ্রঃ)] বি, বাং ৬ষ্ঠী বিভক্তি-চিহ্ন। ২ [ইহার > ক্ষে°] ইহার ; এই ব্যক্তির (অসম্ভ্রমার্থে)। সম্ভ্রমার্থে-এঁর। প্র-এর কাছে কি আছে ; এর চেয়ে ওটা ভাল। ~ই (-রঁ-) [প্রাদে°] অ, এখানে। এরই আসি কাছে বসি কথা শুন ভাই।"-পূ° ব° গী°। ~পঁর-ইহার পরবর্ত্তী। ২ এই অপ্রীতিকর ঘটনা ; অপমান প্রতিকূল অবস্থা ই°-র পর। "মা এর পর আর আমাদের এখানে থাকা চলে না।"-পিতাপুত্র।

এরঁক, এরঁকা [ই (গমন করা) + রক (র্তৃ), স্ত্রীং-আ] বি, গ্রন্থিহীন তৃণবিঃ ; নল খাগড়া। ২ শরগাছ। ৩ শরকাঠি। "সেখানে উহা হইতে এক গুচ্ছ এরক তৃণ

জন্মিল।"-জাতক, ৪র্থ খণ্ড। "তদ্দর্শনে কাল-প্রেরিত অন্ধক ভোজ সৈনের ও বৃষ্ণিবংশীয়গণ সেই মুষলভূত এরকা সকল দ্বারা পরস্পরকে বিনাশ করিতে লাগিলেন।"-মহা° (বর্দ্ধ)। ৪ হোগলা।

এরঘের, ওরঘের [এর, ওর (আড়, ওয়াড়)-ঘের (বেষ্টন)] বি, সম্পূর্ণরূপ আবরণ: আবরু; আপাদ মস্তক মুড়িয়া বা সর্ব্বাঙ্গ বস্ত্রাদি দ্বারা বেষ্টন।

এরঙ্গ-বি, মৎস্যবিঃ; অরঙ্গামাছ; রাঙ্গামাছ। ২ মঞ্জিষ্ঠা।

এরণ্ড-বি, ভেরাণ্ডাগাছ; রেড়ী গাছ ricinus communis. ~া-বি, পিপ্পলী। ২ বৃহদ্দন্তী (জামাল গোটা) Balios-permum montanum. ~ক-বি, ভেরাণ্ডা গাছ; রেড়ীগাছ castor oil plant এরণ্ড (দ্রঃ)। ~তৈল-বি, রেড়ীর তেল castor oil. ~পত্রিকা, ~পত্রী-বি, দন্তীবৃক্ষ ~ফলা -বি, হ্রস্বদন্তীবৃক্ষ।

এরসে [এ (এই, উপস্থিত) রস (রঙ্গ; আনন্দ; রস দ্রঃ) +এ (তে, ধি)] বি, এই রঙ্গ-রহস্যে; উপস্থিত আমোদ প্রমোদে। ২ ইহার স্বাদ-গ্রহণে; ইহার উপভোগজাত আনন্দে। প্র-তিনি এ রসে বঞ্চিত।

ˋএরা [ইহারা > এআরা > য়্যারা > এরা (গ্রা°)] স, ইহারা।

এরারুট [ইং-arrow-root] বি, আমেরিকার এক প্রকার গাছড়ার মূল ও তার পালো। এই গাছ ভারতবর্ষেও জন্মে। রোগীর পক্ষে অতি লঘু পথ্য।

এরূপ [এ-রূপ (প্রকার)] বিণ, এ প্রকার; এরকম; এমন।

ˋএরে [ইহারে ক্ষে° > এরে (রে=কে) সম্ভ্রমার্থে-এঁরে। প্রাদে°-এয়াঁরে, এঁয়ারে, এন্নারে] স, ইহাকে। ২ কর্ম্মকারকের বিভক্তি। "মনেরে বুঝায়ে বল, নয়নেরে দোষ কেন।"-নিধুবাবু। ৩ (এ এরে) অ, শিশু-দিগকে ভয়-প্রদর্শন; শাসন বা ধমকানর শব্দ।

এর্ব্বারু ['ইর্ব্বারু'-এর্ব্বারুক (জাতক, ৫ম খণ্ড) ও°] বি, কর্কটীবিঃ। ২ কাঁকুড়; ফুটী। ৩ এক প্রকার শশা (জাতক)। এ° তৈল-কাঁকুড় বীজের তৈল।

এল-বি, রাজা পুরূরবার পিতা (মহা°)।

এলঁ, এলো [আসা দ্রঃ। আসিল > আইল, আএল > এল। ক্রি, আসিল, আসিয়া উপস্থিত হইল। সং-আয়াত > আয়াল > আআল > মৈ°-আএল-চা° বন্দ্যো°। প্রা° বাং-আয়িলা, আইলোঁ ই°। এল, আসিল, এলে=আসিলে, এলি= আসিলি। এলাম, এলুম, এলেম=আসিলাম] ক্রি, আসিল।

এলি [এলা, এলো দ্রঃ। আকুল (বিস্রস্ত) > আউল > আঅল > আএল > এল] বিণ, আলুলায়িত; মুক্ত।

এল-এ [ইং-L. A. (Licentiate of Artsএর আদ্যক্ষর)] বি, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাবিঃ। এণ্ট্রান্স ও বি-এ'র মধ্যবর্ত্তী পরীক্ষা। "শরৎ তুমি এবার 'এল-এ'র জন্য পড়িতেছ।"-সংসার [এক্ষণে, আই-এ, (I.A) "আই-এস্‌সি" I.Sc. (বিজ্ঞানের জন্য)]

এল-এম-এস [ইং-L.M.S. (Licentiate in Medicine and Surgeryর আদ্যক্ষর)] বি, চিকিৎসা-বিজ্ঞানে বিশ্ব-বিদ্যালয়ের দত্ত উপাধিবিঃ।

এলকিনি, এলকোনো [অলীকান (সফল করা) >] ক্রি, বিদ্রূপ করা; বিকৃত অঙ্গভঙ্গি দ্বারা রহস্য করা।

এলকানি, এলকুনি [এলকুন >] বি, বিদ্রূপ করণ; অঙ্গভঙ্গি; বাঁদরামি (ভেংচানি অর্থে)। এলকানি-বেলকানি।

এলকুমি-বেলকুমি [অলীকান ও ব্যলীকান (ব্যলীক-নাগরে-মেদিনী°)-যে বেল্লিকপনা করে] বি, অঙ্গভঙ্গি; অঙ্গপ্রত্যঙ্গ ও মুখ-বিকার; রঙ্গ সহ অঙ্গভঙ্গ।

এলক্কা [এরকা >, র=ল। প্রা° বাং] বি, এরকা; এড়কা। "মুসলের কথে যত এ° জন্মিল। সেই এলক্কার যুদ্ধে যদুবংশ মৈল।"-চৈ° ম°।

এলচি, ইলচি [তুর্কী°-এল্‌চি] বি, দূত।

এলর্তলা [অইল, গুলতলা দ্রঃ। ব্রলীক > অইল > (প্রাদে°) এল, গুল+তল] বি, ছাঁচতলা। ~বেলর্তলা-নানাস্থান; এর দ্বারা তার দ্বারা; এদিক্‌ ওদিক্‌; নানা আশ্রয়।

এলবার্ট [Prince Albert কর্ত্তৃক প্রবর্ত্তিত বলিয়া এই নাম] বি, টেড়ি বা টেরি। "এ° কেটে।" "এ° টেরি বাগইয়ে যাবো।" এ° ফ্যাসানে টেরিকাটা।

এলবালু, *এলবালুক-বি, গন্ধ-দ্রব্যবিঃ; খনিজদ্রব্যচূর্ণবিঃ। ২ বীজবিঃ।

এলবাস [আ°-ইল্‌বাস্‌ (পোষাক)] বি, পরিচ্ছদ: পোষাক; কাপড়।

এলা [ইল্‌ (ক্ষেপণ করা, দূর করা)+অ (র্ম্ম) যে মুখের দুর্গন্ধ দূর করে, এলাবীজ (তুল -এলাচদানা) > এলাঈজ, এলাজী > হিং-ইলাইচ, বাং এলাইচ; এলাচী, এলাচ। এ= ই, জ=চ] বি, এলাচ। ২ এলাইচ লতা। ৩ পঞ্চদশাক্ষর ছন্দোবিঃ; ইহার তৃতীয়, পঞ্চম, চতুর্দ্দশ ও পঞ্চদশবর্ণ গুরু (যথা-"বলনা সখে রব করি কত তব আশা।"-বৃত্ত-রত্নাকর)।

এঁলা [অলগ্ন বা এলায়িত >। প্রাদে°-আউলা > আলা >] বিণ, আল্‌গা; ঢিলা। ২ অলস; অকর্ম্মণ্য। ৩ [সং ইল্‌= নিক্ষেপ করা। এড়া দ্রঃ; ড়=ল] ক্রি, ত্যাগ করা; পরিত্যাগ করা; ফেলা। ৪ ধান এলে দেওয়া; সেঁকে দেওয়া। ৫ [এড়া, দ্রঃ] পচা; গলা decomposed.

এলাইচ-এলা দ্রঃ।

এলাক-বি, মুনিবিঃ।

এলাকা [আ°-ইলাকা=সম্বন্ধ। গ্রা°-এলাক্কা, এলেকা] বি, সম্পর্ক; সংস্রব: সম্বন্ধ। প্র-সে কাহারও এ° রাখে না। "আমার সহিত এবং আমার ওয়ারীসের সহিত ওই ছোকরার কোন এ° নাই।"-দলিল, ১৭৩৫। ২ দখল; অধিকার; আয়ত্ত। প্র-এ স্থানটী তাহার এলাকার মধ্যে পড়ে। ৩ সীমা। প্র-এ রাজ্যের এ° বহুদূর পর্য্যন্ত বিস্তৃত।

এঁলাকাড়ি, -কাঁড়ি, আলা-কাড়ি [আলা > এলা (শিথিল), কৃতি > কারি > কাড়ি] বি, শিথিলতা; ঢিলামি; অমনোযোগ। এ° দেওয়া-অমনোযোগ করা; শৈথিল্য দেখান।

এলাচ, এলাচি–এলা দ্রঃ।~**দানা**–এলাবীজ।

এলানি, এলানো [আলুলান >] ক্রি, এলাইয়া ফেলা ; আলগা করা ; শিথিল করা। "এলাইয়া বেণী ফুলের গাঁথুনি দেখয়ে খসায়ে চুলি।"–চণ্ডী°। "বর্ষা এলায়েছে তার মেঘময় বেণী।"–রবী°। ২ (-নঁ) বিণ, এলাইত ; শিথিল ; খোলা। "এলান পাক।" "এলান চুল।"

এলাপত্র–বি, কদ্রু-গর্ভ-সম্ভূত কশ্যপ-নন্দন একজন প্রধান নাগ। ২ এলালতার পত্র।

এলাপর্ণী [এলা (এলা সদৃশ)–পর্ণ (পাতা) যার–বহু°] বি, কাঁটা আমরুল।

এলাপুর–বি, বর্ত্তমান ডেরাওয়াল। এখানে সোমনাথ পত্তন ও সোমনাথের মন্দির নির্ম্মিত আছে [ভারতকোষ]।

এলাবীজ–এলা দ্রঃ।

এলাম, এলেম [আসা দ্রঃ] ক্রি, আসিলাম। "আমি এলেম, কাঁপ্‌ল তোমার বুক।"–উত্তরা, ১৩৩৩।

এলায় [আলুলায়িত > আলুলায়–ক্ষে° > এলায়] ক্রি, খোলে ; ভগ্ন হয়। "গঙ্গাপুরে বেহুলার মান্দাস এ°।"–ক্ষেমানন্দ (কেতকা-দাস)। ২ [এবেলায় ক্ষে°] অ, এখন এবেলায়। "এ° যদি আমি যাই জলক লাগিয়া।"–মাণিক° গান। (উ°-বঙ্গে চ° কথায় এখনও ব্যবহৃত)।

এলাহি, এলাহী [আ°–আলী বা আলা–হী=উচ্চ। আ°–ইলাহী (ই=এ) মহান্, ঐশ্বরিক] বিণ, ঐশ্বরিক। ২ বিস্তৃত; ফালাও। ~**কাণ্ড**, ~**কারখানা**–বি, বিস্তৃত আয়োজন ; ফালাও কারখানা ; খুব বড় বা ভারী রকমের বন্দোবস্ত।

এলি [আসিলি বা আইলির ক্ষে° সম্ভ্রমার্থে–এলেন, সমানার্থে–এলে (দ্রঃ)] ক্রি, আগমন করিলি ; আসিলি ; উপস্থিত হইলি। "এলি কিরে উমা !–দুখিনী জীবন ! –বলি গিরি রাণী ছুটিলা তখন।"–মানস-কানন কাব্য।

এলীকা–বি, গুজরাটি এলাচ ; ছোট এলাচ।

এলুক–বি, গন্ধদ্রব্যবিঃ।

এলুমিনিয়ম [ইং–aluminium] বি, শ্বেতবর্ণ, ঘাতসহ অতিলঘু ধাতুবিঃ : যদ্দ্বারা বর্ত্তনাদি প্রস্তুত হয় এবং অন্য ধাতুতে খাদ দেওয়া হয়।

এলুয়া,-য়ে [অলগ্ন > এলো (দ্রঃ)] বিণ, অসংলগ্ন ; শিথিল ; আল্‌গা : এলো-মেলো ; খোলা (আঁট বাঁধা নয়)। "এক গোঁজা এলুয়ে খড়।"–মাণিক° গান।

এলে, [আসিলে বা আইলের ক্ষে°, সম্ভ্রমার্থে–এলেন, তুচ্ছার্থে, অতি-পরিচয়ার্থে, স্নেহার্থে, প্রশ্নে বা বিস্ময়ে–এলি] ক্রি, আগমন করিলে। "আমার নয়ন-ভুলানো এলে।"–রবী°। "এলি কিরে উমা ! হৃদয়-রতন।"–মানসকানন কাব্য। ২ (এলে) [অস-ক্রি] আসিলে পর। প্র–সে এলে আমি যাব।

এলে, [অলগ্ন > এলান (দ্রঃ)] ক্রি-বিণ, ছাড়িয়া ; ছেড়ে ; ত্যাগ করিয়া।~**দেওয়া** [অলগ্ন > । এলান দ্রঃ] ক্রি, শিথিল করিয়া দেওয়া ; যারা পরস্পর সংলগ্ন আছে, তাহা-দিগকে অলগ্ন করিয়া দেওয়া ; ছড়াইয়া দেওয়া। ২ ত্যাগ করা। ৩ আশা ভরসা ছাড়িয়া দেওয়া। প্র–ছেলেটার কিছু হবে না, বাপ মা ও মাষ্টার ই° সকলেই ওকে এলে দিয়েছেন। ৪ ধান সেঁকে দেওয়া ; ঢেঁকিতে কোটা ধান গড় হতে বাহির করিয়া ফেলা বা উলট পালট করিয়া দেওয়া। "যত সব ব্রজনারী চাল কুট্‌চেন সারি সারি, এলে দিচ্চেন বড়াই বুড়ি টেকে দিচ্চেন রাই।" –গান [টেকে দেওয়া, টাকা দ্রঃ]।

এলেকা [এলাকা দ্রঃ] বি, অধিকার ; সীমা। ২ সংস্রব।

এলেক্কা [আ°–ইলাকা >] বি, সম্পর্ক ; সংস্রব ; সম্বন্ধ। ২ দখল ; অধিকার।

এলেম্ [আ°–ই.লম্ (বিদ্যা, জ্ঞান) >, 'ইলম্', 'ইলিম্' ও°] বি, জ্ঞান ; বিদ্যা। ২ কৌশল ; চাতুর্য্য। ~**দার**–বিণ, শিল্পী ; বিদ্যাবান্। ২ চতুর। ~**দারী**–বি, বিদ্যাবত্তা ; শিল্পচাতুর্য্য। ~**বাজ**–বিণ, বুদ্ধিমান্ ; চতুর। ২ শিল্পজ্ঞ ; বিশেষজ্ঞ। ৩ কার্য্যদক্ষ ; কার্য্যকুশল। ~**ভরা** [বিদ্রূপোক্তি] বিণ, পেট যার বিদ্যায় পূর্ণ ; বিদ্যাবাগীশ ; বিদ্যাদিগ্‌গজ। ২ বি, এলেমবাজী। "কেঁড়ে কেতাব উড়ে কীর্ত্তি বগলে যার এলেমভরা 'ডি এল' মারা পছন্দ আমার।"–হেম°।

এলেমান [ফ্রে°–allemande (a German)] বি, জর্ম্মণীর অধিবাসী : জর্ম্মণ। "ইঙ্গরেজ ওলন্দাজ ফিরিঙ্গী ফরাস। দিনেমার এ° করে গোলন্দাজী।"–অ° ম°।

এলো, [আসিল > আইল > আএল > এল >] ক্রি, আগমন করিল। "এলো তোর খ্যাপা দিগম্বর।"–গি° ঘোষ। এ° **এলো**–ক্রি-বিণ, আগতপ্রায়। "সাহেব এলো এলো হইয়াছে যা করিতে হয় এই বেলা করুন।"–আলাল°। এ° **বলে**–আগত-প্রায় ; আগমন অতিনিকটবর্ত্তী বা আসন্ন।

এলো, [সং–আলুলায়িত > , এল দ্রঃ] বিণ, খোলা ; উন্মুক্ত : শিথিল ; অবদ্ধ। "একদা এলো চুলে কোন ভুলে ভুলিয়া আসিল সে আমার ভাঙ্গা দ্বার খুলিয়া।"–রবী°। ২ শিথিলযত্ন। ৩ অসাবধান : অসতর্ক। ৪ বাঁস ; অসম্বদ্ধ ; অর্থশূন্য। প্র–এলো কথা। ৫ কোন নির্দ্দিষ্ট দিক্ হতে নহে, কিন্তু কখন এদিক্ কখন ওদিক্ হতে প্রবাহিত ; গোল-মেলে ; ক্ষিপ্তবৎ : মুক্ত। প্র–এলো হাওয়া। ~**কেশ**, ~**চুল**–বি, অসম্বদ্ধ বা খোলা চুল (বিতঃ নারীর) ; খোঁপা বাঁধা নহে। বিণ, ~**কেশী**, ~**চুলী**। ক্রি-বিণ, ~**কেশে**, ~**চুলে**। "একদা এলোচুলে কোন ভুলে ভুলিয়া।"–রবী°। **এলোয়** [আলুলায় > আলুয়ায় > ক্ষে°–আলায় > এলোয়] ক্রি, খুলিয়া ফেলে ; শিথিল করে। ~**চুলী** [এলো–চুল–ঈ (যুক্তার্থে)] বিণ, আলুলায়িত-কুন্তলা ; মুক্তকেশী। "রুষিল অসুর তার খসিল অম্বর। এ° ধেয়ে বুলি ছুই দিগম্বর॥" –শি°। ~**থেলো** [আলুথালু দ্রঃ] বিণ, আল্‌গা। ২ শৃঙ্খলা-রহিত ; বিশৃঙ্খল। প্র–এলোথেলো কবরীবন্ধন কেশপাশ।" –কৃত্তি°। ৩ স্খলিত বসন ভূষণ ও শিথিল কেশদাম ; শিথিল ; অসংবৃত। "কত শত পূর্ণশশী এ° হয়ে, বিরাজিত সুনীলাম্বু সরিত হৃদয়ে।"–নবীন°।~**ধাবাড়ি,-ড়ী,-ড়ে**

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গঁ্য ঞ্চ=ন্চ ষ্ট=ষ্ট হু=হু হ্ন হ্ম হ্ন=ন্হ হ্ম ম্হ হ্ল ল্হ হ্ব ব্য, জ্ঞ ক্ষ বক্ত=ævy ও চ্চা দ্রঃ

[এলো-থাবাড়ী (প্রাকৃ°-থাবড়া) (থাবকা) =ধারা, রীতি। অবজ্ঞার্থে-ড়ে। এলো-পাতাড়ি ও°] বিণ, এলোমেলো; বিশৃঙ্খল; বেবন্দোবস্ত। ২ বেধড়ক; অসংযত বেগ। ৩ ক্রমাগত। ৪ সকল দিকে; দোহেতো right and left.

এলোপাতাড়ি-এলোথাবাড়ি (দ্রঃ)।

এলোপেথি, এলোপ্যাথি [ইং-alophathyর লিপ্যন্তর] বি, য়ুরোপীয় প্রণালীর চিকিৎসা।

এলোমেলো [এলো (অবদ্ধ)-মেলো (মিলিত, বিক্ষিপ্ত)] বিণ, অবেণীবদ্ধ; উন্মুক্ত। ২ শৃঙ্খলাশূন্য; বিশৃঙ্খল; অযত্নবিন্যস্ত। "এ° চুল সেই এ° বায়।"-কুঙ্কুম°। ৩ গোল-মেলে। ৪ অসাবধান। ৫ অসম্বদ্ধ: অর্থ ও বাঁধুনীহীন। প্র-এ° বকুনী। ৬ চারিদিকে ছড়ান; বিক্ষিপ্ত।

এলোর-বি, সরকার প্রদেশস্থ বিভাগ-বিঃ। ২ এলোর বিভাগস্থ নগরবিঃ। -সন্দেশাবলী।

এলোরা [ইলোরা দ্রঃ]।

এল্কোনো-এলকোনো দ্রঃ।

এষ, এষা, এস, এসি [প্রা° বাং, তুল-হিং-এইসা, এইসন্, ঐসা, এইসি > এসা ই°] বিণ, ঈদৃশ। ২ [সং-এহি >] এই (দো° ১৩২, ১১৫, চ° ১৫৫)। "এসি আছে জীবার উপাএ।"-শ্রী°কী°।

এষণ/ণ [আ-ইস্ (গমন করা, অন্বেষণ করা)+অন] বি, গমন। ২ অন্বেষণ। ৩ ইচ্ছা। ৪ (র্তৃ-অন) বি, লৌহময় বাণ। স্ত্রীং ~ণা-বি, বাসনা। "সমগ্র জড়বিজ্ঞানে একটি নব এষণা প্রদান করিল।"-প্রবাসী ১৩২৭। ২ স্বর্ণকারের নিক্তি। স্ত্রীং ঈপ্ যোগে, ~ণী [স্ত্রীং ক প্রত্যয় যোগে ~ণিকা] স্বর্ণকারের নিক্তি। ২ অস্ত্রবিঃ a probe; বেলকার [বাং অন্ত শব্দে যুক্ত হইয়া চ°। প্র-অন্বেষণ, গবেষণ, গবেষণা। কবি অক্ষয়কুমার বড়াল মহাশয় এষণা (?) শব্দের স্থলে প্রাচীন গাথা-সাহিত্যে ব্যবহৃত 'এষা' শব্দ বাং-তে প্রথম ব্যবহার করিয়াছেন] ~ণীয় [ইষ্ (ইচ্ছা করা)+অনীয় (র্ম)] বিণ, বাঞ্ছনীয় [বিরল]।

এষা₁-বাঞ্ছিতা। ২ স্মরণীয়া। ৩ অন্বেষণ-যোগ্যা।-ভারতী। ৪ এষণা; ইচ্ছা; বাঞ্ছা; বাসনা Haughton.

এষা₂-এস দ্রঃ।

এষিতা [ইষ্ (ইচ্ছা করা)+তৃন্ (র্তৃ) ই-আগম=এষিতৃ ১মা ১ব°। বিকল্পে এষ্টা] বিণ, ইচ্ছুক; অভিলাষী।

এষু [সং] অধিকরণে সপ্তম্যন্ত সম্মানার্থে বহুবচনান্ত বিভক্তি। 'সুচরিতেষু' 'বরাবরেষু' >, 'ভক্তিভাজনেষু' ই°।

এষ্টব্য [ইষ্+তব্য (র্ম)] যাকে বাঞ্ছা করা যায়] বিণ, অভিলষণীয়; বাঞ্ছনীয়; বাসনার বিষয়ীভূত।

এষ্টা-এষিতা দ্রঃ।

এষ্যক্রিয়া [এষণ দ্রঃ। অস্ত্র-চিকিৎসা দ্রঃ] বি, শলাকা যন্ত্রদ্বারা ক্ষতের গভীরতা পরীক্ষা করা probing.

এস₁ [আইস > ক্ষে°, প্রাদে°] ক্রি, (অনুজ্ঞা) আইস; আগমন কর; চল; সঙ্গ লইতে আহ্বান। "এস, সখি, তুমি আমি বসি এ বিরলে।"-ব্রজাঙ্গনা। ২ প্রতি-যোগিতা, প্রতিদ্বন্দ্বিতা, শক্তি পরীক্ষা, যুদ্ধ ই°র জন্য আহ্বান। "এস দেখি একবার," এস না? এস ত? এস না একবার। ৩ কাহার কৌশল বা ফাঁদে পড়িলে কৌশলকারীর জয়লাভের আনন্দ-মিশ্রিত বিদ্রূপোক্তি। "পালানে গরুর শিঙে দড়ির ফাঁস পরাইয়া ঝী বলিল-এস ত মা ভগবতী এইবার কেমন পালাও দেখি?" ৪[তুল-ইং-'come, come'—to introduce a contemptuous concession.—Murray 80, 91 b] ঘৃণামিশ্রিত সম্মতি বা অনুমোদন সূচক। প্রায়ই দ্রুতোচ্চারিত ও পুনরুক্ত 'এস এস।' ৫ আবির্ভূত হও; অবতীর্ণ হও। ৬ উপস্থিত হও।

এস₂, এসি [হিং-সী, হী > ই] এই, এস দ্রঃ।

এসপার-ওসপার, এসপার কি ওসপার-এসপার কি ওসপার দ্রঃ।

এসরাজ, এসরার-বি, আধুনিক ততযন্ত্রবিঃ; সেতার ও সারঙ্গীর মিশ্রণে ইহার উৎপত্তি। সেতারের ন্যায় ৫টী প্রধান তন্ত্র ও কতকগুলি পার্শ্বতন্ত্রিকা থাকে; ইহার দণ্ড অবিকল সেতারের ন্যায় এবং খর্পরটী প্রায় সারঙ্গীর মত [যন্ত্রকোষ]।

এসিটিলিন [ইং-acetylene] বি, উজ্জ্বল আলোকদায়ী জ্বলনশীল বর্ণহীন বাষ্প-বিঃ। "তীব্র উজ্জ্বলতায় এসিটিলিনের শাদা আলোর মত রং ফুটিয়াছে।"-মন্ত্রশক্তি (অ° দেবী)।

এসিড [ইং-acid] বি, অম্ল; দ্রাবক; তেজাব।

এসিয়া, এশিয়া [ইং-Asia] বি, য়ুরোপ ও উত্তর আফ্রিকার পূর্ব্ব হতে প্রশান্ত মহাসাগরের উপকূল পর্য্যন্ত বিস্তৃত মহাদ্বীপ।

এসু [বৌ° বাং প্রাকৃ°। সং অস্মিন্ >] অ, এখানে (চ° ২৬।৩, ৪২।৫)।

এসে₁ [আইসের প্রাদে° দ্রুত উচ্চারণ] ক্রি, আগমন করে; আসে। "কালের তিমির-রজনী ভেদিয়া তোমারি মুরতি এসে।" -চয়নিকা।

এসে₂, এসেবে [বৌ° বাং প্রাকৃ°-এস দ্রঃ] বিণ, ঈদৃশ (চ° ৫০।৩)।

এসেন্স [ইং-Essence] বি, গন্ধসার।

এসেসার [ইং-assessor >] বি, করনির্দ্ধারক কর্ম্মচারী।

এস্টকিন, এষ্টকিন্ [ইং-stocking] বি, মোজা।

এস্তাহার, এস্তেহার [ইশ্তাহার দ্রঃ। আ°-ইশ্‌তহার্ (বিজ্ঞাপন)] বি, বিজ্ঞাপন; নোটিস notice.

এস্তেমাল, এস্তমাল [আ°-ইস্‌ত্‌আমাল্ (অভ্যাস, ব্যবহার)] বি, ব্যবহার। ২ অভ্যাস। বিণ, ~ী।

এস্‌পার [হিং-ইস্‌পার >] বি, এই পার; এধার।

এস্‌পার-কি-ওস্‌পার [হিং-ইস্‌পার্ (একূল, এদিক্) কি (কিংবা) হিং-উস্‌পার্ (ওকূল, বিপরীত দিক্)-হয় এদিক্ না হয় ওদিক্] অ, যা হয় একটা: অনুকূল বা প্রতিকূল যা হয় একটা স্থির নিশ্চয়: নিষ্পত্তি। "দেবেন্দ্র স্থির করিলেন, স্বয়ং হীরার বাটী গিয়া এস্‌পার-কি-ওস্‌পার যা-হয়-একটা করিয়া আসিবেন।"-বিষবৃক্ষ (বঙ্কিম)।

এহ্$_{১}$ [আ (সম্যক্) ঈহ্ (চেষ্টা করা) + অ (র্ত্তৃ)] বিণ, যিনি সম্যক্‌রূপে চেষ্টা করেন : সম্পূর্ণ চেষ্টাশীল ; সচেষ্ট ; উদ্যোগী। ২ [ভা০-অ] বি, ক্রোধ [অপ্র০]।

এহ্$_{২}$ [সং-ইমেহি=হি০-এহি=বাং-এহ (এই) তুল-"সোহি এহি হৈ কুমার কাঞ্চি-রাজরায়কে।"-ভারত০। প্রা০ বৈ০ সা০-এহ, এহো। অতি প্রা০ বাং-এহ=ঈদৃশ এই (চ০ ৪৩।৪)] স, এই ব্যক্তি ; এই বিষয় ; এই বস্তু। ২ ইহা ; এই ; ইটি।

এহন [সং-অস্মিন্ > ঠেঁট হি০-তে-ঐসন্ ; এহন। প্রা০ বাং-এহনি (দ্রঃ) এমন। তুল-(বাং) হেন, এহেন] ক্রি-বিণ, এমন ; এপ্রকার। "ভণতি বিদ্যাপতি শুন বর যুবতি এহন জগৎ নহি আনে।"-বি০ প০।

এহনি [এহন দ্রঃ। এ-হেন (>, দৃশ) =হনি (ব্রজ ভাষায় স্ত্রীং)-এমনি] ক্রি-বিণ, এহেন : এমন ; এরূপ। "এ০ সুন্দরী গুণক আগরি।"-বি০ প০।

এহা [প্রা০ বাং। এহাএ=ইহাও। এহাকে ইহা বা ইহাকে। এহাত, এহাতে=ইহাতে। এহাতেসে-ইহাতেই। এহার=ইহার] বিণ, এই। "এহা তীরে।" "এহা বুঝি।"-শ্রী০কী০। ২ ইহা।

এহার [সং-ইদম্ >। তুল-হি০-এহর্, এহার। প্রা০ বাং, বৈ০ সা০। আধু০-ইহার] স, এই ব্যক্তির : এই বস্তুর : এই বিষয়ের। ২ এতৎ-সম্বন্ধীয়। এহারে [এহার দ্রঃ। 'ইহারে'ও০। প্রা০ বাং-রে=কে (আধু০)] ইহাকে। "হিমাদ্রি দক্ষিণ দিকে ক্ষীরোদ উত্তরে। সমস্তে ভারতবর্ষ বলেন এ০।"-শি০।

এহি [সং-ইমেহি কিংবা আ-ই (গমন করা) + হি০ (অনুজ্ঞা ম০ পু০ ১ব=এহি-ক্রি, হি০-এহি। "সোহি এহি হৈ কুমার কাঞ্চি-রাজরায়কে।"-ভারত০। প্রা০-বাং-'এহ', এহ্, 'এহো', এবং এহি (ব্রজ০) এ + হি (ই)] স, এই (দো০ ১১৩, ১৩২)। ২ ইহা। "মনে এহি অনুমানি।"-দুর্গামঙ্গল।

এহিনে [বৌ০ বাং প্রাকৃ০] অ, এখানে। এখিনে (দ্রঃ)। এহি খনে [প্রা০ বাং] অ, এইক্ষণে। "এহি খনে আসিবু মন্দিরে।" -গোবিন্দ গীত।

এহু [এহ্ দ্রঃ, বৌ০ বাং প্রাকৃ০] অ, এখানে (চ০ ২৬।৩)। ২ এই (দো০ ১০৬)।

এহেনি-বিণ, হেন ও এহন দ্রঃ।

এহো [এহ দ্রঃ। প্রা০ বৈ০ সা০। আধু০ বাং-'এও'] স, ইহা ; এই। ২ ইহাও। "প্রভু কহে এহো বাহ্য আগে কহ আর।" -চৈ০ চ০।

এহোবার-এইবার ; এবারও।

ঐ

ঐ$_{১}$ (ওই)-স্বরবর্ণমালার দ্বাদশ বর্ণ। দীর্ঘ-স্বর। উচ্চারণ-স্থান কণ্ঠ ও তালু (বোপদেবমতে শুদ্ধ তালু)। বর্ণবিজ্ঞানমতে ইহা স্বতন্ত্র বর্ণ নহে, কারণ ইহা অ এবং এ এই দুই স্বরযোগে উৎপন্ন যুক্তস্বর। যথা,-অ + এ=ঐ-অএ (সং উচ্চারণ)। এজন্য ইহাকে সন্ধ্যক্ষর বলে। বাং উচ্চারণ 'অই, ওই'। ব্যঞ্জনসহ যুক্ত হইলে ঐকার বলে-তখন ইহার আকার 'ৈ' এইরূপ। যথা-ক্ + ঐ=কৈ।

ঐ$_{২}$ [অদস্ > অমী > অঈ > ঐ] স, নির্দ্দিষ্ট ব্যক্তি; বস্তু বা বিষয়: সেই। "ঐ সময়ের মধ্যে এক রাজকন্যা * * স্নান পূজা সমাপন পূর্ব্বক বৃক্ষের ছায়াতে ভ্রমণ করিতে লাগিলেন।"-বেতাল পঞ্চ০। ২ অ, অদূরে ; কিঞ্চিৎ দূরস্থ ইন্দ্রিয়গ্রাহ্য (বস্তু) ; ওখানে। "ঐ বুঝি বাঁশী বাজে, বন মাঝে কি মনমাঝে।"-রবী০। "ঐ যে মৃগাক্ষী গমন করিতেছে দেখিতেছ, ও অতি সুশীলা।"-কাদ০। ৩ [অবজ্ঞার্থে] আহ্বানসূচক অব্যয়। প্র-অরে ঐ। ওদিকে যা। ৪ স্মরণসূচক অব্যয়। প্র-ঐ, ছাতাটা আনতে ভুলে গেলুম। ঐ যে গো সে দিন তুমি যার কথা বল্লে, তার নাম কি ? ৫ উল্লিখিত ; উক্ত। "ভগবান মনু ঐ কথাটি একবার বলিয়া ক্ষান্ত হন নাই।"-সনাতনী [ওই দ্রঃ]।

ঐক [এক + অ (স্বার্থে বা সম্বন্ধার্থে)] বিণ, এক-সম্বন্ধীয় : একবিষয়ক। ২ একার্থের প্রতিপাদক : একার্থের বোধক।

ঐকতান [একতান + অ (ভা০) এক-তানের ভাব] বি, ভিন্ন ভিন্ন জাতীয় যন্ত্রের সমস্বর বাদন concert ২. বাদ্যধ্বনি। ~বাদন-বি, একাধিক বাদ্যযন্ত্রের এক সুরে বাজান।

ঐকপত্য [এক-পতি (স্বামী) + য(ভা০) এক অধিপতির ধর্ম্ম] বি, সার্ব্বভৌমত্ব ; একাধিপত্য ; একাধিকারিত্ব ; অপ্রতিদ্বন্দ্বিতা।

ঐকপদিক [এক-পদ (বিভক্ত্যন্ত শব্দ) + ইক (ভবার্থে)] বিণ, এক বিভক্ত্যন্ত পদোৎপন্ন ; একপদোত্থ।

ঐকপদ্য [এক-পদ (বিভক্ত্যন্ত শব্দ) + য (ভা০)] বি, অনেক পদের একার্থ বোধকতা সম্পাদন। অনেক পদের একার্থ-প্রকাশের সামর্থ্য (যথা-ঘট, কুম্ভ, কলস)।

ঐকবাক্য [একবাক্য + অ (ভা০ অন্)] বি, একবাক্যতা ; একাভিপ্রায় ; এক মতাশ্রয়। ক্রি-বিণ, ~বাক্যে-একবাক্যে ; একমতাবলম্বনে ; একমত হইয়া।

ঐকমত্য [এক-মত (অভিপ্রায়) + য (ভা০)] বি, তুল্যমতি ; একমত ; একপ্রকার অভিপ্রায় ; মতের অভিন্নতা। ২ মত-সাদৃশ্য।

ঐকরাজ্য [এক-রাজন্ (ধা)=একরাজ + য (ভা০)] বি, সার্ব্বভৌমত্ব ; চক্রবর্ত্তিত্ব ; একাধিপত্য।

ঐকলব্য [একলব্য + অ (সম্বন্ধার্থে)] বি, একলব্যের শিষ্য বা ছাত্র। ২ একলব্য-সম্বন্ধীয়। ৩ একলব্য-প্রবর্ত্তিত।

ঐকশতিক [একশত + ইক (পণ্যার্থে)] বিণ, একশত দ্রব্যের অধিকারী বা পণ্য-ব্যবসাকারী।

ঐকশ্রুত্য [এক-শ্রুতি (শ্রবণ) যার

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র= অগগ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ্য=গ্যাঁ ঞ্চ=ন্চ ঞ্ছ=ন্ছ হ্ন=হ্ন হ্ণ হ্ল হ্ম হ্ম=ন্হ ব্হ ল্হ ভ্‌ ঝ্য, জ্‌ ক্‌ বৃভ্‌-~fwv ও চ্যা০ দ্রঃ

(বহু॰)=একশ্রুতি+য (ভা॰)] বি, উদাত্ত ও অনুদাত্ত স্বরের সন্নিকট স্বরবিঃ।

ঐকাগারিক [এক-আগার (গৃহ) -ইক (বাসার্থে)] বিণ একগৃহবাসী (দশকুমারচরিত)। ২ লুণ্ঠনকারী [অপ্র॰]।

ঐকাগ্র্য [একাগ্র+য (ভা॰)] বি, একনিষ্ঠা ; এক বিষয়ে আসক্তি ; মনঃসংযোগ ; একাগ্রতা।

ঐকাত্ম্য [এক-আত্মা (স্বরূপ) যার, বহু॰=একাত্ম+য (ভা॰)] বি, আত্মার ঐক্য ; একস্বরূপত্ব : অভিন্ন হৃদয় : একপ্রাণ। ২ ঐক্য ; অভেদ ; পার্থক্যরহিত : তাদাত্ম্য identity.

ঐকান্তি/ক[একান্ত+ইক(ভবার্থে)] বিণ, প্রগাঢ় : আত্যন্তিক। "জ্ঞানপ্রদীপ্ত মহাত্মাগণ ভিন্ন ত্রিলোকমধ্যে অন্য কেহ তাঁহার প্রিয়তম নাই, এইজন্য আমি তাঁহার প্রতি ঐ॰ ভক্তিযুক্ত হইয়াছি।"-মহা॰ (বর্দ্ধ)। ২ একনিষ্ঠ। ৩ দৃঢ়। বি, ~র্কতা। ~কে [একান্ত দ্রঃ] ক্রি-বিণ, একান্তে : গোপনে : নির্জ্জনে।

ঐকান্তিক [এক-অন্ত (অধ্যয়নের ঠিক বিপরীত ভাব) যার (বহু॰) একান্ত+ইক (ইদমর্থে)] বিণ, যে ছাত্র একরূপ অধ্যয়ন করিয়া পরীক্ষাকালে তার বিপরীত বাক্য বলে।

ঐকার-বি, ঐ ; এই স্বরবর্ণ the lette ঐ।

ঐকার্থ্য [এক-অর্থ (প্রয়োজন) +য (ভবার্থে)] বি, একপ্রয়োজন : একার্থীভাব। ২ কার্য্যবিশেষে পণ-বন্ধনার্থ সন্ধি।

ঐকাহিক [এক-অহন্ (দিন)=একাহ +ইক (ভবার্থে)] বিণ, একদিন ব্যাপক। ২ একদিন অন্তরে যা হয়। ৩ একদিন নিষ্পাদ্য। ৪ একদিন সম্বন্ধীয়। ৫ ক্ষণস্থায়ী। ~জ্বর-যে জ্বর একদিন অন্তর হয় বা একদিন ব্যাপিয়া থাকে।

ঐক্য [এক+য (ভা॰)] বি, অভিন্নতা ; একতা ; একত্ব ; একীভাব। ২ মিল ; অবিরোধ। ৩ একরূপতা। ~মত্য [একমত দ্রঃ] বি, একমতত্ব ; অভিন্নমত হওয়া। "সকলেই ঐক্যমত্য অবলম্বন পূর্ব্বক * * কহিলেন।"-মহা॰ (প্র॰ রায়)। ~বাক্যে [মৈমন॰ প্রাদে॰] ক্রি-বিণ, একবাক্যে।

ঐক্ষব [ইক্ষু (আক)+অ (ভবার্থে)] বিণ, ইক্ষুজাত (গুড়, চিনী ই॰)। ২ ইক্ষু সম্বন্ধীয়।

ঐক্ষ্বাক, ঐক্ষ্বাকব [ইক্ষ্বাকু+ষ্ণ (ভবার্থে)] সম্বন্ধে বিণ, ইক্ষ্বাকুবংশীয় : ইক্ষ্বাকুসম্বন্ধীয়।

ঐগো-অ, আসন্ন বিপদে ভীতিব্যঞ্জক। প্র-ঐগো ধল্লে।

ঐঙ্গুদ [ইঙ্গুদ (তাপস বৃক্ষ)+অ (ভবার্থে)] বি, ইঙ্গুদী বৃক্ষের ফল যা হতে তৈল বাহির করিয়া তাপসগণ ব্যবহার করিতেন।

ঐচ্ছিক [ইচ্ছা+ইক (সম্বন্ধার্থে)] বিণ, ইচ্ছানুরূপ : অভিলাষানুযায়ী। ২ ইচ্ছাসাপেক্ষ : ইচ্ছাধীন : যা ইচ্ছামত করা হয় optional স্ত্রীং ~ী-ইচ্ছানুযায়িনী।

ঐছন [হি॰-ঐসন (স=ছ), মেয়েলি॰-'ঐসিন' ~। প্রা॰ বৈ॰ সা॰ ও ব্রজ॰ বুলিতে বহুল ব্যবহৃত। বৈ॰ প॰-'ঐসন' 'ঐছন' দুইরূপই ব্যবহৃত হইয়াছে। তুল-"নিতি নিতি ঐসন তুহুঁক বিলাস। ব্যঞ্জন করতহি গোবিন্দদাস ॥"-বৈ॰ পদলহরী। আধু॰ অপ্র॰] ক্রি-বিণ, ঐরূপ ; ঐপ্রকার ; ও রকম। "নাম পরতাপে যার, ঐছন করিল গো, অঙ্গের পরশে কিবা হয়।"-চণ্ডী॰। "শুনইতে ঐ॰ রাইক বাণী, নাহ নিকটে সখী কয়ল পয়ানি॥"-বি॰ প॰।

ঐছনে [হি॰-ঐস্‌নে (ঐছে দ্রঃ)] ক্রি-বিণ, ঐরূপে : ঐভাবে। "ঐ॰ সোপনু তৈছে নিজ দেহ।"-গোবিন্দ॰।

ঐছে [হি॰-ঐসে=ঐরূপে, ঐভাবে। প্রা॰ বাং ; বৈ॰ সা॰-তে বহুল চ॰। 'তৈছে' 'যৈছে' দ্রঃ] ক্রি-বিণ, ঐ প্রকারে : ঐভাবে ; ঐরূপ করিয়া। "যাঁহা যাঁহা প্রভুর চরণ পড়ে চলিতে চলিতে ; সে মৃত্তিকা লয় লোক, গর্ত্ত হয় পথে। ঐছে চলি আইলা প্রভু রামকেলি গ্রাম।"-চৈ॰ চ॰। ২ [হি॰-ঐসা, ঐসন, ঐসে ; ঐস্‌নে=ঐরূপ] অ, ঐরূপ ও রকম : এহেন। "ঐছে দয়ালু অবতার, ঐছে দাতা নাহি আর, গুণ কেহ নারে বর্ণিবারে॥" -চৈ॰ চ॰। ৩ উহাতে : ঐজন্য : ঐহেতু [অপ্র॰]।

ঐটি, ঐটী, ঐটা, ঐটে [ঐ-টা, টে (তুচ্ছার্থে) টি টী সম্ভ্রমার্থে] অদূরস্থ বা সম্মুখস্থ বহু বিষয় বা পদার্থের মধ্যে নির্ব্বাচিত এক বিষয় বা পদার্থ।

ঐণ [এণ (হরিণ)+অ (সম্বন্ধার্থে)] বিণ, কালসার মৃগসম্বন্ধীয়।

ঐণিক [এণ (মৃগ)+ইক (প্রহারার্থে) যে মৃগ প্রহার করে] বিণ, মৃগয়াকারী ; মৃগহন্তা ; ব্যাধ।

ঐণেয় [এণ (মৃগ)+এয় (সম্বন্ধার্থে-এয়ণ] বিণ, কালসার মৃগ সম্বন্ধীয়। ২ বি, কৃষ্ণসারের চর্ম্ম।

ঐত ['ত নিশ্চয়ে] অ, ঐজন্যই ত ; সেইজন্য ; ঐ কারণে। ২ একমাত্র উহাই। প্র-ঐত তাহার দোষ। ৩ নির্দ্দেশ। প্র-ঐত ওটা ওখানে পড়িয়া আছে। ৪ ঐ ব্যক্তি : সেই। প্র ঐত আমাকে বলিল।

ঐতরেয় [ইতর (মুনিবিঃ)+এয় (অপত্যার্থে)] বি, ইতর মুনির অপত্য। ২ [কৃত অর্থে এয়ণ্। ইতরেয়মুনি দ্বারা কৃত (প্রণীত) বলিয়া ঐ॰ নাম হইয়াছে] ঋগ্বেদের অষ্টাদশ অধ্যায় ও পাঁচ আরণ্যকে বিভক্ত একখানি আরণ্যক বা শাখাবিঃ। সাত অধ্যায়ে বিভক্ত দ্বিতীয় আরণ্যকের অন্তর্গত ঐ॰ উপনিষদ্ নামক অংশ। ঐতরেয় আরণ্যকের দ্বিতীয় ও তৃতীয় আরণ্যকের নাম বহ্বৃচ, ব্রাহ্মণোপনিষদ্ বা ঐতরেয় উপনিষদ্। মতান্তরে দ্বিতীয় আরণ্যকের শেষ চারি অধ্যায়ের নাম ঐতরেয় উপনিষৎ। ৩ [তুল-আবেস্তার অত্রথ্য=ধর্ম্মানুষ্ঠান শিক্ষা (চা॰ বন্দ্যো॰)] ঐ॰ ব্রাহ্মণ ঋগ্বেদের একখানি ব্রাহ্মণ অর্থাৎ বেদাংশবিঃ। ইহা আট পঞ্চিকায় বিভক্ত। প্রতি পঞ্চিকায় পাঁচ অধ্যায় এবং প্রতি অধ্যায়ে ন্যূনাধিক ৭ কাণ্ড আছে। সর্ব্বসমেত ২৮৫ কাণ্ড। ইহার কিয়দংশ পদ্য এবং

ইহাতে নানাবিধ বিবরণ দৃষ্ট হয় [৭ ঋগ্বেদ সংহিতা অনুক্রমণিকা-রামনাথ ; সরস্বতী সম্পাদিত]।

ঐতিহাসিক [ঐতিহাস+ইক (জ্ঞাতার্থে বা সম্বন্ধার্থে)] বিণ. ইতিহাসজ্ঞ : ইতিহাসবেত্তা। ২ ইতিহাস সম্বন্ধীয়। ~তা (-কঁ-)-বি, ইতিহাসের গুণ বা ধর্ম্ম : ঐতিহ্যের ভাব।

ঐতিহ্য [ইতিহ+য (স্বার্থে)] বি, ইতিহাস পরম্পরাগত কথা tradition : শ্রোত : পরম্পরাগত উপদেশ-বাক্য। ২ প্রমাণ।

ঐজন্য-অ, ঐ জন্য : ঐ কারণ : সেই হেতু। ২ উহার মধ্যে : উহাতে।

ঐন্দব [ইন্দু (চন্দ্র)+অ (সম্বন্ধার্থে)] বিণ, ইন্দু সম্বন্ধীয় : চান্দ্র। ২ বি, মৃগশিরা নক্ষত্র। ৩ চান্দ্রায়ণ ব্রতবিঃ। ৪ চান্দ্রমাস [বিরল]।

ঐন্দ্র [ইন্দ্র+অ (অপত্যার্থে)] বি, ইন্দ্র-পুত্র (জয়ন্ত, বালী, অর্জ্জুন, মালাধর, নীলাম্বর) [ইন্দ্র দ্রঃ] ২ পূর্ব্বদিক্। ৩ পূর্ব্বদেশীয় জাতিবিঃ। ৪ [সম্বন্ধার্থে-অণ্] ইন্দ্র সম্বন্ধীয়। স্ত্রীং ~ী-ইন্দ্রাণী। ২ পূর্ব্বদিক্। ৩ শক্তিবিঃ। ৪ জ্যেষ্ঠা নক্ষত্র। ~অস্ত্র-বজ্রাস্ত্র ; অগ্ন্যস্ত্র। "পাণ্ডব ঐন্দ্র অস্ত্র প্রাপ্ত"-মহা০ (বর্দ্ধ)।

ঐন্দ্রজালিক [ইন্দ্রজাল (কুহক)+ইক (সম্বন্ধার্থে) যে ইন্দ্রজাল বিদ্যা দেখায়] বিণ, অপ্রকৃত বস্তুতে প্রকৃত ভাব প্রদর্শন-পটু ; ইন্দ্রজাল-বিদ্যায় পারদর্শী কুহকী। ২ ইন্দ্রজাল সম্বন্ধীয়। ৩ বি, যাদুকর ; বাজীকর a jugler ; a magician.

ঐন্দ্রদ্যুম্ন [ইন্দ্রদ্যুম্ন+অ (অপত্যার্থে)] বি, ইন্দ্রদ্যুম্ন রাজার পুত্র। ইন্দ্রদ্যুম্ন রাজার উপাখ্যান। ৩ [সম্বন্ধার্থে-অণ্] বিণ, ইন্দ্রদ্যুম্ন সম্বন্ধীয়।

ঐন্দ্রলুপ্তিক [ইন্দ্রলুপ্ত (টাক)+ইক (ভবার্থে)] বিণ, কেশনাশক রোগগ্রস্ত ; যার মস্তক কেশশূন্য হইয়াছে ; টেকো। ২ ইন্দ্রলুপ্ত সম্বন্ধীয় ; টাক-ঘটিত।

ঐন্দ্রবায়ব [ইন্দ্র+বায়ু=ইন্দ্রবায়ু(দ্বন্দ্ব০) +অ (সম্বন্ধার্থে)] বিণ, ইন্দ্র এবং বায়ুসম্বন্ধীয় : ইন্দ্র ও বায়ুকে উদ্দিষ্ট। ২ ইন্দ্র ও বায়ু দেবতার উদ্দেশ্যে প্রদত্ত যজ্ঞীয় ঘৃতাদি।

ঐন্দ্রি [ইন্দ্র+ই (অপত্যার্থে)] বি, ইন্দ্রেরপুত্র। ২ কাক।

ঐন্দ্রিয়ক [ইন্দ্রিয়+অ (সম্বন্ধার্থে)= ঐন্দ্রিক+ক (স্বার্থে)] বিণ, ইন্দ্রিয়সম্বন্ধীয়। ২ ইন্দ্রিয়গ্রাহ্য : ইন্দ্রিয়গোচর : প্রত্যক্ষ। ৩ বি, প্রত্যক্ষজ্ঞান।

ঐন্দ্রিলা-বি বৃত্রাসুরের পত্নী ও গন্ধর্ব্ব-কন্যা।

ঐন্দ্রী [ইন্দ্র+ঋ=ঐন্দ্র+ঈ (স্ত্রীং)] বি, ইন্দ্রপত্নী : শচী। ২ দুর্গা। ৩ পূর্ব্বদিক্।

ঐমত্ত [ঐ-মত (প্রকার)] ক্রি-বিণ, ঐ প্রকার : ঐরূপ : সেই রকম ; তদ্রূপ।

ঐমণি, -নি [ঐ-মণি=মতি (প্রকার) প্রা০ বাং] ক্রি-বিণ, ঐমত ; ঐ প্রকার অমন; অমনি ; তদ্রূপ। জৈমিনিরে ঐমণি বলিলা বেদব্যাস।"-শি। "ঐ০ একত্র হ'য়ে নন্দির সহিত।"-ঐ।

ঐযা (ঐ-জ্ঞাঃ)-অ, বিস্ময়-সূচক ; অপ্রত্যাশিত পরিণামের সংঘটনে বিস্ময়-প্রকাশক। ২ আক্ষেপব্যঞ্জক : হঠাৎ কোন দুর্ঘটনায় ক্ষোভব্যঞ্জক। ৩ হঠাৎ কোন ভুল চুক স্মরণ হওয়ায়।

ঐযে [ঐ (অদূরে) যে (নিশ্চয়ার্থে)] অ, সত্যই ত ; যথার্থ বটে। ২ অদূরে দৃশ্যমান। ৩ ওখানে।

ঐর-বি, উৎকলের জনৈক রাজা। খণ্ড-গিরিতে ইঁহার নাম খোদিত আছে। "হেথায় ভূপতি ঐর।"-কাঞ্চী০।

ঐরাবণ [ইরা (জল)+বৎ(স্ত্য) ইরাবৎ (সমুদ্র)+অ (ভবার্থে-অণ্) ত্=ণ যে সমুদ্র হতে উৎপন্ন হইয়াছে] বি, ইন্দ্রের হস্তী ; ঐরাবত; পূর্ব্বদিক্-হস্তী। স্ত্রীং ~ী-বিদ্যুৎ।

ঐরাবত [ইরা (জল)+বৎ (স্ত্য)-ইরাবৎ (সমুদ্র)+অ (তত্র ভবার্থে) সমুদ্র-মন্থনে উৎপন্ন বলিয়া] বি, ইন্দ্রের হস্তী ; পূর্ব্বদিক্-গজ। ২ নাগবিঃ। ৩ সরল রামধনু। ৪ [বিদ্যুতের ন্যায় লালবর্ণ বলিয়া] নারাঙ্গা নেবু। স্ত্রীং ~ী; ~পত্নী-বিদ্যুৎ। ২ ঐরাবত নদী (আধু০-রাবি)।

ঐরি [সং-'অরি' এবং বৈরী' শব্দদ্বয়ের অর্থ ও উচ্চারণ সাদৃশ্যে গঠিত ; গ্রা০] বি, অরি : শত্রু ; বৈরী। "জ্ঞানি প্রাণের ঐরি তুইরে প্রাণ।"-রাম বসু।

ঐরিণ [ইরিণ+অ (সম্বন্ধে)] বি, লবণবিঃ।

ঐরূপ-বিণ, ঐ রকম ; তদ্রূপ।

ঐরে-অ, ভয়-প্রদর্শন। "ঐরে ! ধর্‌লে।"

ঐরেয় [ইরা(অন্ন)+এয় (তত্র ভবার্থে)] বি, অন্নজাত মদ্য।

ঐল [ইলা (বুধের স্ত্রী) বা এল+অ (অপত্যার্থে)] বি, রাজা এলের পুত্র বা ইলার গর্ভজ বুধের ঔরসজাত পুত্র পুরুরবা। ২ [মহা০ (শান্তি)] দানববিঃ।

ঐলবিল [ইলবিলা (পুলস্ত্যপত্নী, কুবেরের পিতামহী)+অ (অপত্যার্থে) অপত্যের অপত্যকেও অপত্য বলে] বি, কুবের।

ঐলাবৃতবর্ষ [ঐলাবৃত (ইলাবৃতের অধিকৃত) যে বর্ষ-ধা] বি, জম্বুদ্বীপের ৯ বর্ষ বা অংশের এক অংশ। ২ [পু০] ইলাবৃত দেশ ; কৈলাস পর্ব্বতের সন্নিহিত স্থানবিঃ ; যথায় অভিশপ্ত ইল, স্ত্রীরূপে (ইলা) বুধের সহিত বাস করিতেন। ইলাবৃত দ্রঃ।

ঐলিহ্-আইলদ্রঃ।

ঐলেয় [এলা+এয় (ভবার্থে)] বি, এলাজাত সুগন্ধি।

ঐলো [ঐ (ওই) লো (স্ত্রীলোকের প্রতি স্ত্রীলোকের সম্বোধনের ভাষা (ওইলো দ্রঃ)] অ, অদূরবর্ত্তী বা সম্মুখবর্ত্তী কোন বস্তু কোন স্ত্রীলোককে সম্বোধন করিয়া-প্রদর্শন-সূচক। ২ ভীতিব্যঞ্জক।

ঐশ [ঈশ (ঈশ্বর)+অ (সম্বন্ধার্থে) ঈ=ঐ] বিণ, ঈশ সম্বন্ধীয় ; ঐশ্বরিক। স্ত্রীং ~ী। প্র-ঐশী শক্তি। ঐশীমায়া,-শক্তি-বি, ঈশরীয় মায়া বা শক্তি।

ঐশানী [ঈশান (শিব)+অ(সম্বন্ধার্থে) =ঐশান+ঈ (স্ত্রীং)] বি, ঈশান কোণ : উত্তর-পূর্ব্ব দিক্। ২ ঈশানপত্নী ; দুর্গা। ৩ শক্তিবিঃ।

ঐশিক [ঈশ+ইক (সম্বন্ধার্থে)] বিণ, ঈশ্বরসম্বন্ধীয়; ঈশ্বরবিষয়ক ; ঐশ। ২ বাণবিঃ।

ঐশ্বর [ঈশ্‌+বর(সম্বন্ধার্থে)] বিণ, ঐশ ; ঐশ্বরিক। স্ত্রীং ~ী।

ঐশ্বরিক [ঈশ্বর+ইক (সম্বন্ধার্থে)] বিণ, ঈশ্বরসম্বন্ধীয় ; ঈশ্বরবিষয়ক ; ঐশ।

ঐশ্বর্য্য [ঈশ্বর (প্রভু)+য (ভা০)] বি, ২ ঈশ্বরত্ব ; প্রভুধর্ম্ম ; প্রভুর ভাব ; প্রভুত্ব। ৩ সম্পত্তি ; ধন। "অহো! আমি অনন্ত ঐশ্বর্য্যের অধীশ্বর অথচ আমার কিছুই নাই।" -মহা০ (বৰ্দ্ধ)। ৪ অণিমা, লঘিমা, ব্যাপ্তি (সাকল্য সম্বন্ধ), প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িত এই অষ্টবিধ শক্তি বা গুণ। ৫ [বৈ০ শা০] 'সমগ্র প্রভুত্ব, পরাক্রম, যশঃ, সম্পৎ, জ্ঞান ও বৈরাগ্য' এই ছয়টি। ৬ [বাং-য় বির্থে০] বিপুল ধনসম্পত্তির সহিত প্রভাব প্রতিপত্তি এবং সুখ বিলাসের ভাব-সূচক। এই অর্থে সাধাঃ 'ঐশ্বর্য্য-সম্পত্তি' 'ঐশ্বর্য্য-সুখ' 'সুখ-ঐশ্বর্য্য' 'ঐশ্বর্য্য-প্রভাব' ই০ সহচর শব্দ চ০। **~গর্ব্ব**-বি, ধনমদ। **~গর্ব্বিত, ~মত্ত**-ধনগর্ব্বিত। বি, **~মত্ততা**-ধনসম্পত্তি ও প্রভাব প্রতিপত্তির গর্ব্ব।

ঐশ্বর্য্য/বান্‌ [মূ০-ঐশ্বর্য্যবৎ >] বিণ, ধনসম্পত্তি প্রভুত্বাদিবিশিষ্ট। স্ত্রীং **~বতী**।

ঐশ্বর্য্য/শালী [মূ০-ঐশ্বর্য্যশালিন্‌] বিণ, ঐশ্বর্য্যবান্‌। স্ত্রীং **~শালিনী**।

ঐশ্বর্য্যসম্পন্ন [ঐশ্বর্য্যদ্বারা সম্পন্ন (যুক্ত) ৩ তৎ] বিণ, ঐশ্বর্য্যবান্‌। স্ত্রীং ~া।

ঐশ্বর্য্যান্বিত [ঐশ্বর্য্যদ্বারা অন্বিত(যুক্ত) ৩ তৎ] বিণ, ঐশ্বর্য্যবান্‌ ; ধনসম্পদ্‌বিশিষ্ট। স্ত্রীং ~া।

ঐষিক-বি, বাণবিঃ।

ঐষীক [ইষীকা+অ (সম্বন্ধার্থে)] বিণ, ইষিকাসম্বন্ধীয়। ২ বি, মহাভারতে পর্ব্ববিঃ।

ঐষ্টিক [ইষ্ট (যজ্ঞ)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, যজ্ঞসম্বন্ধীয় ; যজ্ঞীয়।

ঐস্‌ন-ঐছন দ্রঃ।

ঐস-ঐছে দ্রঃ।

ঐহলৌকিক-বিণ, ঐহিক ; ইহলোক সম্বন্ধীয়।

ঐহিক [ইং(এইকালে)+ইক(ভবার্থে)] বিণ, ইহকালের ; এজন্মের ; এজন্মে সম্ভূত : ইহলৌকিক। "ঐহিকের সুখ হবে না বলে, দিলাম না প্রাণ তোমায়, আমার এ সংসারের সুখ, তাও ত হল না, দুকূল হারালাম হায়।" -স্ক০। "ঐহিকের সুখ কদিন বল, দেখ্‌তে দেখ্‌তে দিন ফুরাল।"-বাং গা০। ২ ইহ-লোক-সংঘটিত : ইহলোক-সংক্রান্ত।

ঐহিক/দর্শী [মূ০-ঐহিকদর্শিন্‌] বিণ, ইহকালের সুখ দুঃখ দর্শনকারী ; সাংসারিক ভোগান্বেষী ; ইহকালসর্ব্বস্ব worldly-minded. বি, **~দর্শিতা**। **~দর্শিনী**। **~বাদী**-বিণ, ঐ০। "জগতের ঐহিকবাদি-গণের পরস্পর বাদবিসম্বাদ দর্শনে যেন নীরবে হাসিতেছে।"-বঙ্গসাহিত্যের ভবিষ্যৎ (আ০ মুখো০)।

ও

ও-স্বরবর্ণমালার ত্রয়োদশ বর্ণ। দীর্ঘস্বর। বাং-য় হ্রস্ব উচ্চারণই সাধারণ। উচ্চারণ-স্থান কণ্ঠ ও ওষ্ঠ ; অ এবং উ যোগে উচ্চারিত হয় বলিয়া ইহাকে সন্ধ্যক্ষর বলে। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে ইহার আকার (ে া) এইরূপ হয়। যথা-ক+ও=কো। ২ [ব্যা০] বাং প্রত্যয়বিঃ। (১) অস্ত্যর্থে। প্র-জেঁকো ; ঝেলো (ঝালযুক্ত)। (২) অনুজ্ঞা অর্থে। প্র-যেও ; বলিও। (৩) সম্বন্ধার্থে। প্র-কেজো (কাজসম্বন্ধীয়) কথা ; মেঠো ; (৪) বসবাস অর্থে। প্র-বুনো ; গেছো। (৫) ব্যবসায় অর্থে। প্র-মেছো। (৬) যুক্ত বা বিশিষ্টার্থে। প্র-জোলো। (৭) তন্নির্ম্মিত অর্থে। প্র-কেটো ; ঘেসো। (৮) ঈষদর্থে। প্র-আঁটো ; ডোবো-ডেবো। (৯) অবজ্ঞা অর্থে (নামের উত্তর)। প্র-ভুলো ; যেদো। ৩ বি, ব্রহ্মা। ৪ [সং-অসৌ > প্রাকৃ০-ওই। হিং০-বহ] স, ওই ব্যক্তি। "ও এখন কত রং করবে।" -কমলে কামিনী (গি০ ঘোষ)। ৫ অদূরস্থ ব্যক্তি, বস্তু বা বিষয়। "কে ও বাজাইছে বাঁশী, স্বজনি!"-ব্রজাঙ্গনা। "হায় ওকি আর গীত গাহিছে? না হেরে শ্যামে ও বাঁশী কাঁদিছে।" -ঐ। ৬ [বৈদিক হয়ে > অহে > ওহে > ও (চা০ বন্দ্যো০)] অ, সম্বোধন। "ও কাকা বাবু, আমায় জলে ডুবিয়ে মার আমি একটু জল খেয়ে মরি।"-প্রফুল্ল (গি০ ঘোষ)। ৭ সম্ভাবনা। প্র-যাইলেও যাইতে পারি। ৮ স্মরণ। প্র-ও বেশ মনে পড়েচে ; ও তাই বটে। ৯ অভিপ্রায়। ১০ ['আহা' ক্ষে০] দয়া ; অনুকম্পা। প্র-ও মরে যাই, ও আমার বাছারে। ১১ [সং-অপি। (২) বৈদিক উত > প্রাকৃ০-উদ,উঅ > ও(চা০ বন্দ্যো০)। (৩) সং-উত > প্রাকৃ০-পরে উতা > উতা > ফা০-উ বা ও (ডা০ সু০ চট্টো০) প্রা০ বাং -হো (চ০ ৭।৩ ই০) ; মধ্য বাং-হো, হ, ও, অ (চা০ বন্দ্যো০)] সংযোজক অব্যয় ; এবং। প্র-তুমি ও আমি। ১২ বিপরীত ; পর ; অন্য। "সকল বিষয়ের এ পীঠ ও পীঠ দুই পীঠই এইভাবে দেখা আবশ্যক।"-সনাতনী। "তাহার একূল ওকূল দুকূল গেল।" ১৩ স, ওই ; উক্ত ; সেই ; সে তাহা ; উহা ; স্ত্রীর মুখে স্বামীর উল্লেখার্থে (মেয়েলি০-তুল-উনি, ওঁরা ই০)। "ও কাজটা করিতে নিষেধ আছে, কাজেই সে কাজটা করা হইবে না।" -সনাতনী। ১৪ নির্দ্দেশ ; অবজ্ঞার্থে ব্যক্তি-বিশেষনির্দ্দেশক সর্ব্বনাম। "ওকি এ কাজ করিতে পারিবে?" "ওতো নিজে মূর্খ রাহু পসারি আসিবে বাহু, বাজ কি উহার ভয় রেখো না লো রেখো না।"-রসতরঙ্গিণী। ১৫ পর্য্যন্ত ; মাত্র ; মোটেও। "পাঠশালায় যাইবার নামও করিত না।"-আলাল০। "কদলী তুলনা তায়, মনেও তুলনা।"-বাসব-দত্তা। ১৬ আধিক্য-সূচক অব্যয়। প্র-আরও লোক পাঠাও। ১৭ অতঃপর ; ইহা.

সত্ত্বে ; তথাপি। প্র-এখনও হল না? তবুও কথা শুনিল না। ১৮ এমন কি even. প্র-যদি সে বলেও তবু সকল কথা কথন বলিবে না। ১৯ সঙ্গে সঙ্গে ; অমনি। "সেও বেরিয়ে পড়েছে, তার ঘরের চালখানাও ভেঙ্গে পড়েচে।" ২০ অভিন্ন পরিণামার্থক। "রামে মারলেও মরবে, রাবণে মারলেও মরবে।" ২১ ভিন্ন পরিণামার্থক। "কারও সর্ব্বনাশ কারও পোষ মাস।" ২২ স্বেচ্ছাধীনতা-বোধক optional. প্র-দিলেও দিতে পার। ২৩ নঞর্থক ; বিরক্তি-বোধক অনমুকূল ভাবদ্যোতক। "তুমিও যেমন।" "তারও যা কপাল।" ২৪ [আর্য্যেতর ভাষায়] অ, প্রত্যুত্তরজ্ঞাপক ; সাড়া দেওয়ার শব্দ। ২৫ এমনকি যদি ; যদ্যপি। প্র-আমি যাবই না। তিনি বল্লেও না। ২৬ অধিকন্তু ; ভিন্ন ; তদ্ব্যতীত ; তা ছাড়া ; অপিচ also ; beside প্র-তার ভালও ত হতে পারে? সে প্রায় সকল কথা ঠিক ঠিক বলিয়াছে, দুটো একটা মিথ্যাও যে বলে নাই তাহাও নহে। ২৭ যে বস্তু বা বিষয়ের কথা বলা হইতেছে, ঐ বস্তু। "সজল চীর পয়োধর-সীমা। কনক চেলে জনু পড়ি গেও হিমা॥ ও নুকি করতহি দেহা।"-বি° প° [ও=ঐ আর্দ্র বস্ত্র] ২৮ [তুল-'আর'] গতপূর্ব্ব ; পুনরায় ; আগামীর পরবর্ত্তী। প্র-ও সোমবারে এসেছি (=গতপূর্ব্ব সোমবারে এসেছি)। "ও রবিবারেও পারব না। তার ফিরে রবিবারে যাব।" ২৯ যা মনে হচ্ছে না। "ওই যে ওপাড়ার ওর নামটা কি বলতে পার? ৩০ পার্শ্ববর্ত্তী ; অদূরস্থ। "ও পাড়া", "ও পাড়ার ওই কর্ত্তা বুড়ো।" -ঈ° গুপ্ত। ৩১ [প্রা° বাং-য়- 'ত, প, ব, ম' স্থলে 'ও'র ব্যবহার ছিল। প্রাদে° কথ্য ভাষায় এখনও আছে। ঘাত=ঘাও, বাত=বাও, দাত্র=দাও, তাপ=তাও, ভাব=ভাও, গ্রাম=গাঁও। ৪০০ বৎসর পূর্ব্বের বাং-য় ক্রিয়া পদেও 'য়' স্থলে ও। যথা-যায়=যাও, খায়=খাও। "আমি সব পড়ি তুমি পড়িতে না যায়।"-চৈ° ম° (জয়ানন্দ)]।

ওআ, ওয়া [প্রাদে°, চ° ক° ভা°] বি, ব-ফলা।

ওআড় [হি°-ওহার (আবরণ) >। তুল-হি°-ওঢনা] বি, আবরণ-বস্ত্র ; লেপ কিংবা বালিসের খোল [ওয়াড় দ্রঃ]।

ওই (ঐ) [অদস্ > (ঐ দ্রঃ)] অ, ঐ ; অই : অদূরস্থ দৃশ্য ; অদূরস্থ ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু। ২ স্মরণ। ৩ সম্বোধন। ৪ নির্দ্দেশ। "মথুরার উপবন কুসুমে সাজিল ওই।"-রবী°। "ওই যে পাখীটি সখি দেখিছ পিঞ্জরে রে, সতত চঞ্চল * * *।"-ব্রজাঙ্গনাকাব্য। ৫ ভয় বা আতঙ্ক সূচক। প্র-ওই ধল্লে ; ওই গো। ৬ সেই : অভিন্ন : একই। "অবিকল ওই কথা।"-ম্যাকবেথ (গি° ঘোষ)। •

ওইগো [আদরার্থে 'গো'] অ, সম্বোধন। ২ নির্দ্দেশ। ৩ ভয় : আতঙ্ক। প্র-ওইগো ধল্লে। ৪ স্মরণ। প্র-ওইগো ওই কথাই হচ্চে। **ওই-যা**-ঐ যা দ্রঃ। **ওইরে** [তুচ্ছার্থে রে] অ, ওইগো। স্ত্রীং **ওইলো**। "চল্ চল্ চল্ চল্ যাইলো যাই।" "ওইলো ওই।"-ম্যাকবেথ (গি° ঘোষ)।

ও-ও-উহাও ; সেও ; তাহাও। "তাহার পর সদাচার কি তা জানিবার উপায় নেই, বা পূর্ব্বে যেমন বলিয়াছি, সদাচারে এও হয়, ও-ও হয় তখন আত্মতুষ্টিকেই বলবতী করিতে হইবে।"-সনাতনী। ২ উভয় ; দু'জনেই ; দুই রামও শ্যামও, রামও নয় শ্যামও নয়। "জাতও গেল পেটও ভরল না।" "ধনও গেল প্রাণও গেল।"

ওঃ-অ, বিস্ময়। ২ ক্রোধ। ৩ পরিতাপ। ৪ শোক। ৫ ভয়। ৬ ক্লেশ : যন্ত্রণা। "দীর্ঘ নিশ্বাস সহ উভয় হস্তে মস্তকের কেশসমূহ ধারণ করিয়া নবাব বলিলেন,-ওঃ!"-নবাবনন্দিনী (দামোদর)। ৭০ অবজ্ঞা। ৮ বিদ্রূপ।

ওঁ [ও ৮ দ্রঃ। সম্ভ্রমে ওঁ কিন্তু ব্যবহার নাই] স, ওই (সম্মানিত) ব্যক্তি ; উনি। ওঁকে =উহাকে। ওঁর=উঁহার। ওঁদের=উঁহাদের, ওঁরা=উঁহারা।

ওঁ (ওঙ) [ওঁম্ (অউম) শব্দের ক্ষে° বেদে ঁর উচ্চারণ ং বৎ। ওঁ=ওং। "মধুমাঁ অস্তু"= "মধুমাং অস্তু"] অ, সকল মন্ত্রের আদ্যবীজ ; সকল বর্ণের ভিত্তিভূমি ; ওঙ্কার ; প্রণব [ওম্ দ্রঃ]।

ওঁকান [হি°-ধোঁক্না (ধিকানা) আগুনে বাতাস দিয়া প্রজ্বলিত করা] ক্রি, চুল্লীতে অগ্নি প্রদান পূর্ব্বক ফুৎকার দেওয়া।

ওঁকার, (ওংকার) [ওঙ্কার দ্রঃ] বি, প্রণব। "একমাত্র রব অশ্রান্ত 'ওঁকার' উচ্ছ্বাসের সহ ফোটে।"-চিন্তা (ঈশান বন্দ্যো°)।

ওঁচলা [উঞ্ছন > উঁচল >] বি, আবর্জ্জনা ; অবস্কর ; জঞ্জাল।

ওঁচা, ওঁছা, ওছা [উচ্ছিষ্ট বা-উঞ্ছ (পরিত্যক্ত)। (২) অবচ্ছিত > ওছা > ওঁছা (চা° বন্দ্যো°)। হি°-ওছা] বিণ, পরিত্যক্ত ; উপেক্ষিত। ২ নীচ ; অধম ; অতিহীন। "ওমা ওমা পোড়া ভাগ্যি উকিলের ওঁচা।" -হেম°। ৩ জঘন্য ; নিন্দার্হ ; ঘৃণ্য ; হেয়।

ওঁচানো [উঞ্ছন >] ক্রি, উত্তোলন করা ; তোলা ; উঠান। ২ বাড়ান ; ছাড়াইয়া উঠা ; অতিক্রম করা।

ওঁচোট-উচট দ্রঃ।

ওঁজিল-পাঁজিল-উঁজল-পাঁজল দ্রঃ।

ওঁৎ-ওত দ্রঃ।

ওঁবিযু-অ, বিস্ময়-মিশ্রিত বিদ্রূপসূচক। ২ আত্মভ্রম সংশোধনার্থ যেমন চলিত কথায় 'থুড়ি' বলে, সেইরূপ অর্থে ব্যঙ্গস্থলে ব্যবহৃত হয়।

ওক$_{১}$, ঔক [সং-ওকস্ >] বি, আশ্রয় ; গৃহ ; স্থান। প্র-প্রত্নোক [তুল-গ্রী°-okos (স্থান)]।

ওক$_{২}$ [উকি দ্রঃ। প্রাকৃ°-ওক্কিঅ, অনুকার শব্দ] বি, উদ্গার ; হিক্কা। ২ [প্রাদে° পূ° বঙ্গ] বমন। **~উঠা, ~ওঠা**-ক্রি, বমন চেষ্টা বা বেগ হওয়া। **~তোলা**-ওয়াক্ শব্দে বমন করিতে চেষ্টা করা।

ওকড়া-বি, ওক্ড়া গাছের সূক্ষ্ম কণ্টকময় ক্ষুদ্র ক্ষুদ্র ফল। ২ ক্ষুদ্রাকার গুল্ম। "ওকড়ার ফল দেয় কেশের ভিতরে।"-চৈ° ভা°। ৩ ওকড়া গাছের পাতা। ৪ পাঁচন-বিঃ।

ওকড়ানি [প্রাদে°, উখড়ান দ্রঃ] ক্রি, উন্মূলন করা ; উপড়ান। "খড় আনিল ওকড়িয়া।"-মাণিক° গান।

ওকঁণ [প্রা° বাং-'ওকঁন'] বি, উকুন দ্রঃ।

ওকা/র-বি, 'ও' এই বর্ণ ; ে া।

~রাদি-ও এবং অন্যান্য বর্ণ। ও ইং। ~রান্ত-যার অন্তে ও আছে।

ওকালৎ, ওকালতি [আঃ-বকালৎ] বি, উকিলের ব্যবসায় বা কর্ম্ম pleadership. ২ পক্ষাবলম্বন। ~**নামা**-উকিলের নিয়োগ-পত্র; আমমোক্তারনামা power of attorney.

ওকি-অ, বিস্ময়সূচক। ২ প্রশ্নসূচক। "ওকি সুরপুরীর পর্দ্দাখানি নীরবে তুলে ইন্দ্রাণী আজ দাঁড়িয়ে আছেন জানালা খুলে?" -রবীং।

ওকে [সম্মানার্থে ঁ যোগে ওঁকে ইং] স, উহাকে। ওর=উহার। ওতে=উহাতে। বহুবং-ওদের, ওদেরকে (প্রাদেং গ্রাং) ওঁ, ওনা দ্রঃ।

ওক্ত, ওক্‌তি [আঃ-বখৎ (সময়)। হিং-বখত্] বি, সময়। "বৃথা ও তিলক ফোটা, পাঁচ ওক্ত মাথা কোটা, ধূর্ত্তামি ভণ্ডামি ওটা নিশ্চয় নিশ্চয়।"-চন্দন। ২ সুযোগ। "কম্ বক্‌তি ওক্‌ত গেল তক্তে যাবে ফাঁক।"-হেমং।

ওখড়ানি-উখড়ান দ্রঃ।

ওখঁদ [ঔষধ > হিং-ঔখধ্ > ওখদ, ব্রজং ও প্রাং বৈং সাং চং] বি, ঔষধ [অপ্রং]।

ওখলা, উখলা [প্রাদেং] বি, বাদল অপগম (চাং বন্দ্যোং)।

ওখান [ও-স্থান > ওথান > প্রাদেং] বি, অদূরবর্ত্তী বা ঐ বা উল্লিখিত স্থান; সেখান। ~**কার**-ঐ স্থানের। ২ সম্বোধিত ব্যক্তির বা উল্লিখিত ব্যক্তির বাড়ীর বা নিকটের। "আশা করি ওখানকার সমস্ত কুশল।"

ওখানে [প্রাদেং] অ, বাড়ীতে; বাসস্থানে; বাসায়; সন্নিধানে। প্র-সে কাল তার ওখানে গিয়াছিল।

ওগ্যরহ, ওগির, ওগরাহ [আঃ-বগয়্রহ্] অ, ইত্যাদি; প্রভৃতি; আর আর।

ওগরা-বি, একত্র সিদ্ধ চাউল ডাউল।

ওগরানি [উদ্গিরণ > । ক্রি, ওগরাই, ওগরাও, ওগরায়, ওগরাইতে (কেং ওগরাতে), ওগরাইয়া (কেং উগরে) ইং] ক্রি, বমন করা; উদ্‌গিরণ করা।

ওগলানি, ওগলানো-উগলান দ্রঃ।

ওগো [প্রাদেং] সম্বোধন-বাচক অব্যয়; ওহে। "ওগো! তুমি কোথা যাও কোন বিদেশে।"-সোনার তরী। ২ [কোন ব্যক্তি-বিশেষকে সম্বোধন করিয়া উক্ত নহে-বা বিশ্বমানবকে সম্বোধন করিয়া উক্ত impersonal] মনের আবেগ, হৃদয়ের ব্যাকুলতা বা ভাবের উচ্ছ্বাস-ব্যঞ্জক অব্যয়। "ওগো এমন সোনার মায়াখানি কে যে গড়েছে।" "ওগো কাহারে আজ জানাই আমি কি আছে ভাষা।"-রবীং। ৩ [বিতঃ স্ত্রী প্রতি। স্বামীর নামোচ্চারণ নিষিদ্ধ ও স্ত্রীর নাম ধরিয়া ডাকার সঙ্কোচ ও লজ্জাহেতু] স্ত্রী কর্ত্তৃক স্বামী সম্বোধন ও স্বামী কর্ত্তৃক স্ত্রীর প্রতি সম্বোধন-বাচক অব্যয়।

ওঘ [উচ্=উক্ (ক=ঘ)-সমবেত হওয়া + ঘঞ্ (র্ম্ম); "ওঘো বৃন্দেঽস্তসাং রয়ে।"-অমরং] বি, সংঘ; সমূহ: রাশি: নিকর: নিবহ। ২ পরম্পরা। ৩ জলের বেগ: জলপ্রবাহ; স্রোত। ৪ তরঙ্গ। ৫ [গে. ঘঞ্। "নৃত্য গীতাদৌ-বিলম্বিতঃ দ্রুতং মধ্যং তন্ত্রমোঘো ঘনং ক্রমাৎ।"-অমরং] দ্রুত নর্ত্তন; নৃত্যে দ্রুত-গতির নাম। ৬ শোণিতপুর-নিবাসী নরকাসুরের জনৈক অনুচর। শ্রীকৃষ্ণ ইহাকে বধ করেন। [মহাং] ~**বতী**-বি, ওঘবানের কন্যা ও সুপ্রতীকের পত্নী। [ভাগবত] ২ নদী-বিঃ। [মহাং] ~**বান্**-বি, প্রতীকের পুত্র। ইনি কন্যার নাম ওঘবতী রাখিয়াছিলেন [ভাগবত] ~**রথ**-বি, ওঘবান্ নামক রাজার পুত্র।

ওঙ্কার [ওম্ (প্রণব) কার (কৃ + ঘঞ্-স্বরূপার্থে)] বি. সকল মন্ত্রের আদি বীজ; সকল বর্ণের ভিত্তিভূমি: প্রণব; ওঁ। ২ [যে ওঁ শব্দ করে] কাশীস্থ শিবলিঙ্গবিঃ; ওঙ্কারনাথ। ৩ নর্ম্মদা নদীগর্ভস্থ একটী ক্ষুদ্র দ্বীপের উপর স্থাপিত শিবলিঙ্গ [পদ্মপুং [ওঁ, ওম্ দ্রঃ]।

ওচানি, ওঁচানি-উচান দ্রঃ।

ওছাওল্ [হিং-ওসার=(বিস্তার) > ওছার > ওছাবর > ওছাবল > ওছাওল। তুল-বিছানা=বিছৌলা=বিছাবলা (হিং শং কোষ)] বি, শয্যা; বিছানা।

ওছি-অছি দ্রঃ।

ওছিয়ৎনামা [আঃ-বসীহৎ + ফাঃ-নামা] বি, উইল will.

ওজ [প্রাং বাং। সং-অব্জ > ,ভ্রং অবজ > অওজ > ওজ] বি, পদ্ম।

ওজঃ [ওজস্ শব্দ] বি, তেজঃ। ২ বল। ৩ দীপ্তি। ৪ স্বর্ণ। ৫ [অলঙ্কার শাং] কাব্যরসের উৎকর্ষ-সাধক গুণবিঃ; রচনার যে ধর্ম্ম (style) থাকিলে চিত্ত উদ্দীপ্ত হয়; বহুসমাসজড়িত দীর্ঘপদযুক্ত বাক্য [ওজোগুণ বহুবিধ তন্মধ্যে বঙ্গভাষায় "সমাধি, শ্লেষ, উদারতা এবং ক্রমোৎকর্ষ।"-কাব্য-নির্ণয়] ৬ [ওজসা > ,ব্রজং-ওজ] উৎসাহ সহকারে; প্রবল অনুরাগের সহিত; সাগ্রহে। "প্রিয় মুখে সুমুখি চুম্বয়ে ওজ। চাঁদ অধোমুখে পিবই সরোজ॥"-বিং পং।

ওজন [আঃ-বজন্ (মাপ) > ওং। গ্রাং-'ওজোন'] বি, পরিমাণ; তৌল; মাপ; পরিমাপ [পরিশিষ্ট দ্রঃ] ২ ভার; গুরুত্ব; দম weight. ৩ ক্ষমতা; শক্তি। ৪ পদ-মর্য্যাদা; আত্মসম্ভ্রম; গুরুত্ব। "আপনার ওং বুঝিয়া না চলিলে, মান সম্ভ্রম * * কিরূপে রক্ষা হতে পারে।"-বিজ্ঞান-নীতি-প্রসূন, ১৮৯০। ৫ তুলনা; লঘুত্ব-গুরুত্ব-পরীক্ষা। "মুখুয্যের সঙ্গে কার করোনা ওং।"-হেমং। ~**করা**-পরিমিত; স্বল্প। "চাই না চাই না তোমার ওজন-করা ভালবাসা।"-দুর্গাদাস দে। ~**দর**-বি, তৌল হিসাবে মূল্য-নির্দ্ধারণ; গুনতি হিসাবে নহে। **মির বাঁধা ওং** [মহাজনী পরিঃ] বি, দ্রব্যাদি ওজন করিবার কালে এক মণ বা দুই মণ বা যে কোন নিরূপিত হারে ওজন। যেমন চাউলের প্রতি ক্ষেপেই ২॥০ মণ করিয়া ওজন। **ছুমকা ওং**-বস্তায় বস্তায় মালের ওজন; কোন বস্তায় এক মণ কোনটায় আড়াই মণ ইং রূপ ওজন।

ওজর [আঃ-উজর্ (হেতু; ছল)] বি, আপত্তি। ২ হেতু; ছল; বাহানা। **ওং আপত্তি**-ওজর বা আপত্তি; গোলযোগ। "এই খতের পৃষ্ঠায় ওয়াশীল ব্যতিরেকে অন্য কোন রসীদ লইবার ওং আপত্তি করিব না। যদি কোন ওং আং করি, তাহা নামঞ্জুর হইবে।"-সরল জমীদারী মহাজনী।

ওজস্বল [ওজস্ (তেজঃ) + বল (স্ত্য) যার তেজ আছে] বিণ, তেজস্বী; ক্ষমতাশালী; বলিষ্ঠ। ~**স্বিতা** [ওজস্

(তেজঃ) + বিন্, (স্ব) =ওজস্বিন্+তা (ভা॰)] বি, বলবত্তা ; বলশালিতা। ২ তেজস্বিতা। ~স্বী [ওজস্ (বল)+বিন্ স্ব=ওজস্বিন্ ১মা ১ব॰] বিণ, বলবান্ ; শক্তিশালী। ২ তেজস্বী। ৩ দীপ্তিমান্ ; প্রদীপ্ত। ৪ ওজোগুণাবলম্বী। > স্ত্রীং ~স্বিনী-বলবতী।

ওজা [ওঝা দ্রঃ] বি, রোজা দ্রঃ।

ওজিষ্ঠ [ওজস্ (বল)+ইষ্ঠ (স্ব) অস্ লোপ] বিণ, বলবান্। ২ তেজস্বী ; তেজীয়ান্। ৩ দীপ্ত। ৪ ওজোগুণ-বিশিষ্ট।

ওজু-উজু দ্রঃ।

ওজুক [ওজঃ দ্রঃ] বি, শক্তি ; ক্ষমতা [অপ্র॰] "এত তেজ এত বড় কে ধরে ও॰।"-ঘ॰।

ওজুনামা [আ॰-বজুহাৎ+ফা॰-নামা] বি, মোকদ্দমার হেতু-লিখন-পত্র।

ওজুহাৎ [আ॰-বজুহাৎ কারণসমূহ, 'বজ্‌হ'র বহুব॰। ফা॰-বজে, বজাহ্=কারণ ; হেতু] বি, কারণসমূহ ; হেতুগুলি। ২ ওজর ; আপত্তি। ক্রি-বিণ, ~হাতে।

ওজোগুণ [অলং শা॰] বি, কাব্যের গাম্ভীর্য্য-সম্পাদনকারী গুণ।

ওজোন [হি॰-'ওজন' রাসা॰ পরিঃ। ইং-ozone >] বি, অম্লজান-সার।

ওঝা [সং-উপাধ্যায় > প্রাকৃ॰-উঅজ্‌ঝাঅ,উবজ্‌ঝাঅ (O.D.B.L.) > ওজ্‌ঝাঅ > ওজা, ওঝা (চা॰ বন্দ্যো॰)। বাং গ্রা॰-ওজা, রোজা। সিন্ধী-ঝাঝো (ঐ)। মৈ॰ শব্দ (As. Res. V. 66)] বি, ব্রাহ্মণের উপাধিবিঃ। ২ বৈদ্যনাথ মন্দিরের প্রধান পুরোহিত। ৩ বিষবৈদ্য ; সর্প-বিষ-চিকিৎসক ; সাপুড়ে। ৪ ভূত-প্রস্তের চিকিৎসক ; যারা ভূত নামায় ; ভূতুড়ে। "কেহ কহে নাই, ওঝা দে ঝাড়াই রাইয়েরে পেয়েছে ভূত।"-চণ্ডী॰। ৫ কুহকী ; মায়াবী ; বাজীকর। "রেতে করে মানুষ দিবসে করে অজা। রাণী বলে দূর কর হেন ছার ওঝা॥"-ঘ॰।

ওট [ওষ্ঠ >] বি, ওষ্ঠ ; উপরের ঠোঁট। "বাঁধুলী জিনিয়া রাঙ্গা ওটখানি হাস।"-ভক্তিরত্নাকর [দ্রঃ-রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয়ের মতে ওট, অট্ট >। ওটখানি হাস=অট্ট অট্ট হাস। কিন্তু বাঁধুলী পুষ্পের সহিত রাঙ্গা ওষ্ঠেরই তুলনা হইতেছে, সুতরাং এখানে বর্ণ ই লক্ষ্য, শব্দ নহে। হাস=হাসো বা হাসা অর্থাৎ 'হাস্যময়' ওষ্ঠ]।

ওটকানি [উদ্‌ঘাটন >, উটকান দ্রঃ] ক্রি, তুলিয়া তুলিয়া খোঁজা ; অনুসন্ধান করা।

ওটকিস্তি, ওটসাকিস্তি-বি, দাবা খেলায় প্রতিপক্ষের বল উঠিয়া কিছু ধরিলে বা মারিলে যে কিস্তি পড়ে।

ওটা [ও+টা (তুচ্ছার্থে, সামান্য অর্থে)] স, ঐবস্তু। প্র-ওটা কি দেখা যাইতেছে? ২ উক্ত বিষয় বা কথা বা ধারণা ; উহা। "সেই ত্রিতাপ ধ্বংসের জন্য নানা দর্শনের উৎপত্তি হয়। কেহ বলেন, তাপ কোথায়-ওটা একটা ভুল ; কেহ বলেন, তাপ ও শৈত্য ও দুটাই ভুল।"-সনাতনী।

ওঠ [ওষ্ঠ > প্রাকৃ॰-হোট্‌ঠ, ওট্‌ঠ > মধ্য বাং-ওঠ (O.D.B.L.) ; হি॰-ওঠ, হোঁট, হোঠ। ওষ্ঠ দ্রঃ] বি, ওষ্ঠ। "বাঁধুলি জিনিয়া রাঙ্গা ওঠখানি হাসা।"-ভক্তি-রত্নাকর।

ওঠবন্দী [উঠবন্দী দ্রঃ] বি, যে জমীতে স্থায়ী অধিকার নাই ; প্রকৃত অধিকারী যখন উঠিতে বলিবে তখনই উঠিয়া যাইতে হইবে এমন বন্দোবস্তের জমি। ~জোত-যে জমি যে বৎসর আবাদ না করিয়া পতিত রাখা হয় সে জমির সে বৎসর খাজনা দিতে হয় না, যে বৎসর আবাদ হয় সেই বৎসরেই খাজনা দিতে হয় এবং পতিত জমি জমিদার পর-বৎসরের জন্য নূতন বন্দোবিস্ত করেন।

ওঠা-উঠা দ্রঃ।

ওঠান-উঠান দ্রঃ।

ওড়১ [শ্রীহট্টে-'উড়'] বি, জবাফুল। ~পুষ্প [সং] বি, জবাফুল। "ওড়পুষ্প গুঞ্জ জিনি ওষ্ঠের ওজস্।"-ভারত॰।

ওড়২ [ওয়াড় > ক্ষে॰] বি, ওয়াড় (দ্রঃ)।

ওড়-আড় [হি॰-অনুকরণে। হি॰-ওতআত দ্রঃ] বি, আড়াল-বিড়াল ; গলি-ঘুঁজি ; ঘাতঘোঁত। "ও॰-আ॰ বুঝিয়া সন্ধানে পাতে জাল।"-ঘ॰।

ওড়ং [বৌ॰ বাং প্রাদে॰। সং-উদঙ্ক > পা॰-উলঙ্ক >] বি, নারিকেলের মালা-নির্ম্মিত হাতা। "কাপড়ের উপর এক ও॰ গুড় ঢালিয়া দিত। সেই গুড় কয়েক মিনিটের মধ্যে জমিয়া যাইত। ইহাই সরা গুড়।" "প্রত্যেককে একটু একটু গুড় ও এক এক ও॰ জল খাইতে দিল।"-জাতক।

ওড়ন-উড়ন দ্রঃ। (২) ওঢ়ন দ্রঃ। ~পাড়ন-বি, আবরণ ও পাতন ; পাতিয়া শুইবার ও গায়ে দিবার। "একমাত্র বস্ত্র তারই ওড়ন তারই পাড়ন।" ২ এক জিনিস লইয়া নাড়াচাড়া। ৩ উঠান ও নামান ; উত্তোলন ও পাতন। ~ষষ্ঠী [ওড়ন (হি॰-ওঢ়না=অঙ্গ আবৃত করা। এই পর্ব্ব-ঘটিত)-ষষ্ঠী (তিথি-বিঃ, অগ্রহায়ণ শুক্লা ষষ্ঠী)] বি, অগ্রহায়ণমাসের শুক্লা ষষ্ঠী। এই ষষ্ঠী হতেই জগন্নাথদেব শীতবস্ত্র ব্যবহার করেন। "যাত্রা আসি কাছিল ওড়নষষ্ঠী নাম।"-চৈ॰ ভা॰। ~না [ওঢ়না দ্রঃ। হি॰-ওঢ়না বা ওঢ়নী=স্ত্রীলোকের ব্যবহৃত চাদর ওহাড়নী (দেশীনামমালা)-হে॰] বি, স্ত্রীলোকের অঙ্গাবরণবিঃ ; চাদর ; নিচোল। "বাতাস বেয়ে ওড়না গেল উড়ে।"-কথা। ২ [অবগুণ্ঠ ; ওড়নং (প্রাকৃতসর্ব্বস্ব)-চা॰ বন্দ্যো॰] অবগুণ্ঠন।

ওড়ব-বি, রাগবিঃ। যে সকল রাগ পাঁচটী সুরে সম্যক্ প্রকার প্রকাশ পায়, তাদের নাম ও॰।

ওড়স্বা [প্রাদে॰। তুল-হি॰-উড়ছু-ক্কা] বিণ, অমিতব্যয়ী ; ওড়নচড়ো ; ওড়নচণ্ডে।

ওড়া১ [ওড় দ্রঃ। হি॰-ওড়া। প্রাদে॰-উড়া=টুকরি (শ্রীহট্ট)] বি, বেত্রাদিনির্ম্মিত বোঝা লইবার পাত্র ; বড় ঝুড়ি ; ঝাঁকা। "ওড়া কোদাল লইয়া মগ চলে লাখে লাখে।"-পূ॰ ব॰ গী॰। "ওড়া ভরি মৎস্য লব কৈ আর উৎপল।"-কৃত্তি॰।

ওড়া২ [উড়া দ্রঃ। ওড়ে, ওড়ান (=উড়িতে দেওয়া, উড়ান দ্রঃ), ওড়াবে, ওড়াতে] ক্রি, উড়া ; উড্ডয়ন করা। ২ বয়সের অধিক বা অবস্থার অতিক্রম করিয়া আচরণ করা।

্‌ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ্‌ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্য=য্‌হ ব্র ল্হ ড় ঢ়, ড্‌ ঢ্ ব্ ভ=ঠwv ও চচা॰ দ্রঃ

ওয়ার, ওয়ারি [সং-বার (অববার-আবরণ)] বি, ওয়াড় দ্রঃ। ২ আবরণ। "নেতের ওয়ারি দিল তাহার উপর।"-চণ্ডীকাব্য (কমললোচন)।

ওয়ার [তুল-ইং-war যুদ্ধ ; কাটাকাটির ব্যাপার। হিং-বার (চোট, আঘাত, আক্রমণ) < সং-বার (দাঁও)] বি, রক্তারক্তি কাণ্ড। প্র-কেটে ওং করা।

ওয়ারা১ [সং-বারণ (রক্ষা, বাঁচান) হিং-বারা (বচাও, খর্চকী বচত)] বি, লাভ। ২ বিণ, অতিরিক্ত।

ওয়ারা২ [উহারা প্রাদেং উচ্চারণ ক্ষেং] স, উহারা। "ওং জিজ্ঞাসিলে আমি কি দিব উত্তর।"-মনসাং (নারায়ণ দেব)।

ওয়ারিণ [ইং-warrant >] বি, হুকুম-নামা ; সনন্দ ; গ্রেপ্তারি পরওয়ানা। "বড় পেড়াপিড়ি হইলে এর নিয়ে ওকে দের অবশেষে সমন ওং বাহির হইলে বিষয় আশয় বেনামি ওয়ারিশ করিয়া পা ঢাকা হয়।" -আলালং।

ওয়ারিশান [ওয়ারিস দ্রঃ] বি, পুত্র-পৌত্রাদি দায়াদ ; উত্তরাধিকারী।

ওয়ারিশ, ওয়ারিস [আং-বারিস্] বি, উত্তরাধিকারী heir.

ওয়ালা-বালা দ্রঃ।

ওয়াশীল [আং-বাসিল্। উশুল দ্রঃ] আদায় ; পাওনা।

ওয়াশীলৎ, ওয়াশিলাত [আং-বাসিলাৎ] বি, মহলে গোমস্তা জমিদারের পাওনা আত্মসাৎ করিলে মহাল যাচাই ও পাওনা নির্দ্দেশ করণ।

ওয়াসকোট, ওয়েষ্টকোট [waistcoat >] বি, বিলাতী কাট ছাঁটে প্রস্তুত ফতুই ; কোমর পর্য্যন্ত লম্বা, বুক পিঠ মাত্র ঢাকা জামা।

ওয়াস্তা [আং-বাস্তা (হেতু)] বি, হেতু ; কারণ। ২ অপেক্ষা। "তবে থাকিবে না কোন চক্ষুলজ্জা রবে না কারো ওং।" -দ্বিং রায়। ওয়াস্তে [হিং-বাস্তে] অ, জন্য।

ওয়াহাবী, ওহাবী-বি, বিণ, আবদুল বহাব প্রবর্ত্তিত মুসলমান ধর্ম্ম ও ধর্ম্মাবলম্বী।

ওয়েটিং রুম [ইং-waiting roomএর বাং লিপ্যন্তর] বি, রেলওয়ে ষ্টেশনের বিশ্রাম-কক্ষ।

ওয়েরাণ [আং-বীরাণ (উজাড়)] বিণ, উজার। "সহস্র সহস্র লোক নাশ হইয়া দেশ ওং হইবেক।"-তোতা ইতিহাস।

ওর১ [হিং-ওর] বি, দিক্ ; তরফ। ২ পক্ষ। ৩ অন্ত ; কিনারা। ৪ [সং-অবার (কিনারা), এপার (শব্দকল্পে)] পার ; সীমা ; অবধি। "রূপের নাহিক ওর॥-চণ্ডীং। "আনন্দে নাহিক ওর পুত্র হইল চিত্তচোর।" -ঘং। "শোভায় যে নাহি আজ ওর।" -অশোকং।

ওর২ [অদস্ > (ষষ্ঠী ১বং) 'অস্য'র প্রাকৃং 'অর'-বাং-ওর] স, ঐ-ব্যক্তির ; উহার। "খোপাটি দিয়েছে খুলে এই দোষ ওর!" -অশোকং। ২ বি, দিক্।

ওর-ঘোর১-এরঘের দ্রঃ।

ওর-ঘোর২ [ওর (সীমা)-ঘোর (আচ্ছন্নভাব)] বি, আচ্ছন্ন বা আবল্য ভাবের একশেষ ; দিশ্‌পাশ্। "জ্বরের ওরঘোর নেই।" প্রাদেং ব্যবহারে-ওরপাড়-অসংখ্য। ওরপার-সীমা সংখ্যা।

ওর্‌ফে, ওর্ফে [আং-উর্‌ফ্] বি, উপনাম ; ডাকনাম ; নামান্তর ; বনাম alias

ওরমা [হিং-উর্‌মা] বি, সেলাই ; সিয়ানী। ২ ঢাকনী।

ওর্‌স্বা, ওড়্‌স্বা [মধুপবৃত্তি-ওড়ন (পুষ্প হতে পুষ্পান্তরে) এর ভাব হতে] বি, যে কর্ত্তব্যে মন না দিয়া নানা স্থানে আমোদ লুটিয়া বেড়ায় ; লম্পট। ২ দুঃসাহসিক ব্যক্তি।

ওর্‌স, ওড়্‌স [উড়শ দ্রঃ। প্রাদেং] বি, ছারপোকা। "ওরসের লেখা নাই উকুন ডালি ডালি।"-ময়নাং গান।

ওরসা [আর্দ্র >। তুল-বাং-দোঁরসা ও সরস প্রাদেং] বিণ, সিক্ত ; আর্দ্র ; ভিজা।

ওরে১ [সং-অরে] অ, সম্বোধনবাচক পদ। "ওরে, হরিপ্রেম দেরে মোরে।"-ধ্রুবচরিত্র (গিং ঘোষ)। ২ বিস্ময়ে ; ওহো ; তাইতরে। প্র-ওরে! এতক্ষণ জানা ছিল না! ~বাসরে [ওরে + বাস (ফাং-বস্, সং-অলং অর্থে, বস্ দ্রঃ) + রে] "ওরে বাসরে! কী কঠিন অভিমান!"-রাজা (রবীং)।

ওরে২ [অদস্ >] স, উহারে ; উহাকে। "কিভাবে ভাবিনী যদি বুঝিতে সজনী। পিঞ্জর ভাঙ্গিয়া ওরে ছাড়িতে অমনি।"-ব্রজাঙ্গনা।

ওল, ওল্ল [সং] বি, স্বনামপ্রসিদ্ধ কন্দ বা মূল ; শূরণ। বুনো ওল-অতি তীব্র ওল যা খাইলে অতিশয় গলা কুট্ কুট্ করে ও গাল গলা ফুলিয়া উঠে। যেমন বুনো ওল তেমনি বাঘাটে তেঁতুল-বুনো ওলের বিষ খুব, টক তেঁতুল (যার ভয়ে বাঘ পালায় বলিয়া প্রবাদ) খাইলেই কাটে। > যেমন দুষ্টলোক তেমনি তার কঠোর শাসক ; যেমন কঠিন রোগ তার তেমনি তেজস্কর বা তীব্র ঔষধ বা প্রতিকার।

ওর্ল-ওলা দ্রঃ।

ওলজানি [হিং-উলঝনা=উৎক্ষেপণ করা] ক্রি, উৎক্ষেপণ করা।

ওলিটপালিট [< প্রাকৃং-অলট্টপলট্ট (পার্শ্বপরিবর্ত্তন) > দেশীনামমালা-হেং] ক্রি-বিণ, তলাউপর ; উলটাপালটা। "হয় দুনিয়া ওলটপালট আর কিসে ভাই রক্ষা হবে?"-ঈং গুপ্ত। ২ [গ্রাং প্রাদেং-ওল্‌ক-তাল্‌ক] বিশেষরূপে অনুসন্ধান ; দ্রব্যাদি স্থানচ্যুত করিয়া উল্টাইয়া দেখা।

ওলিটকম্বল [সং-দ্রুমোৎপল। ফুলের পাপড়ী অধোমুখী বলিয়া উল্টাকম্বলও বলে। উল্টা > ওলট] বি, গুল্মজাতীয় গাছ যার পাতা স্থলপদ্মের পাতার মত, ফুল ছোট ও

Abroma augusta.

ওলটানি [প্রাকৃং-অলট্ট > হিং-উলট্‌না] ক্রি, পার্শ্বপরিবর্ত্তন করা ; তলা উপর করা ; বিপর্য্যস্ত করা। ২ বদলান ; পরিবর্ত্তন করা ; ফেরফার করা ; হেরফের করা। চড়ি ওল্‌টানি [চড়ি দ্রঃ] ক্রি, মরা।

ওর্লতলা [সং-বলীক > অইল (দ্রঃ) > ওল। হিং-ওলতী] বি, ছাঁচতলা ; বর্ষায় ছপ্পর বা চালের জল যে স্থানে পতিত হয়।

ওলদে [আং-বলদ্=পুত্র] বি, পুত্র। "ওং যোগেশ্বর চক্রবর্ত্তি।"

ওলিন [ওলা দ্রঃ] বি, অবতরণ ; অবরোহণ ; নামন। ২ [plumb line, উং-সাহোল,

সাহুল ; সং-অবলম্ব। ম০-ওলম্বা ; ওড়ি০-ওলম্] রাজমিস্ত্রীর পরিমাণ যন্ত্রবিঃ।~দড়ি-যে সূতাদ্বারা রাজমিস্ত্রীরা গাঁথনির মাপ ও খাড়াই পরীক্ষা করে ; সালসূতা plumb line.

ওলন্দা, ওলীণ্ডা [পর্ত্তু০-Hollanda হল্যাণ্ড হতে প্রথম আমদানি বলিয়া] বি, বিলাতি মটর ; ওলন্দা কড়াই।

ওলন্দাজ [ফ্রেং০-Hollandaise >] হি০-হল্যাণ্ড-দেশবাসী।"ইঙ্গরেজ ও০ ফিরিঙ্গি ফরাস।"-অ০ ম০। বিণ, ~ী- হল্যাণ্ড-দেশজাত; হল্যাণ্ড-সংক্রান্ত [প্রাদে০] বাট-পাড়ী। ২ গুণ্ডামী ; গোঁয়ারতমী।

ওলপ [সং-প্রলেপ (উপরে লেপ) বি, হাঁড়ী কলসী ই০-র মুখ বন্ধ করিবার জন্য সরা ই০ রাখিয়া ময়দা বা মাটির প্রলেপ। ২ [প্রাদে০] ঢাকনি ; আবরণ।

ওলা১ [প্রাকৃ০-ওইল (অবতরণ) দেশী-নামমালা-হে০। উলি, ওল, ওলে ; উলিতে (ক্ষে০ উলতে) উলিয়া (ক্ষে০ উলে) ; উলিলাম (উললুম,-লেম),-লে,-ল (ক্ষে০ উললাম,-লুল, -ললে) ই০] ক্রি, অবতরণ করা ; নামা ; অবরোহণ বা আরোহণ করা। "আসচালের মোটা ভাত জড়িয়ে গেলে গলা দিয়ে উলবে কেন।"-অ০ দেবী। ২ [লক্ষ০] বি, ভেদ হওয়া ; পেটনামান।

ওলা২ [হি০-উলা (লাড়ু)।তুল-'অলি' (ই০-hail)-I. M. L.] বি, চিনী বা মিছরির লাড়ু বিঃ। ২ [প্রাদে০-যশোহর] খেজুর রসের শেষাংশ ;ওলারস।

ওলাইচণ্ডী-ওলাবিবি দ্রঃ।

ওলাউঠা,-ওঠা [ওলা (নামা)-উঠা (বমন)-যে ব্যারামে দাস্ত ও বমি হয়] বি, ভেদবমন ; বিসূচিকা রোগ। ২ নামাউঠা।

ওলানি [ওলাই, ওলাও, ওলায় ; ওলাইতে (ক্ষে০ ওলাতে) ; ওলাইয়া (ক্ষে০ ওলায়ে, উলিয়ে) ই০] ক্রি, অধঃক্ষেপণ ; নামান। ২ ভেদ হওয়া ; পেট নামান। ৩ (-ন-) [প্রাদে০-যশোহর] গাভীর স্তন ; পালান্।

ওলাবিবি [ওলা (ওলাউঠা)-বিবি (দেবী)। মুসলমানের 'বিবি', হিন্দুর 'চণ্ডী'। রোগ সম্প্রদায়-নির্ব্বিশেষে আক্রমণ করে ; সুতরাং এক দেবতা উভয়েরই উপাস্য। যে দেবী ওলাউঠা রোগ আরোগ্য করেন এবং কুপিতা হইলে রোগ প্রেরণ করেন। ২ [প্রাদে০-যশোহর] বিসূচিকা : কলেরা।

ওলামেলা [প্রাদে০] বি, আনা-গোনা। "চতুর দিগের সপীগণে করে ও০।" -পূ০ ব০ গী০।

ওলাহন [হি০-ওলাহনা > প্রাকৃ০-উবালহন < সং-উপালম্ভন] বি,অভিযোগ ; দোষারোপ ; খোঁটা। "তুমি যে আমার ঠাঞি কর আগমন। তাহাতেই প্রভু মোরে দেন ও০॥"-চৈ০ চ০। "যশোদার ঠাঁই কয় দিয়া ও০।"-পূ০ ব০ গী০।

ওলিওছি, ওলীওছি-অলি অছি দ্রঃ।

ওলো [প্রাকৃ০-হলা > অল > ওলো, বৌ০ প্রাকৃ০-হালো ("হালো ডোম্বী," -দো০),আলো, বাং প্রাকৃ০-হাঁলো, হ্যালো, আলো,ওলো। প্রাদে০ রূপান্তর-বগড়ী-'ওরী' 'ওরীয়ে' ; পূ০ ও প০ রাঢ়-'ওটে'। তুল-হি০ 'আ-রী', 'ও-রী', 'ওয়ে-রী'] অ, নারীগণের পরস্পর প্রণয়সূচক সম্বোধন ; সখীকে আহ্বান। "ওলো, পূর্ণবিধুমুখী মোরে ভেঙ্গে বল দেখি, ইহারে বলয় বলে কে তোমারে বলেছে।"-রসতরঙ্গিণী।

ওল্টানি-ওলটান দ্রঃ।

ওশ-ওস দ্রঃ।

ওশার-ওসার দ্রঃ।

ওশারা-ওসারা দ্রঃ।

ওশোরা, -সোরা [তুল-প্রাদে০-ওরসা বা ওস্‌সা (বরিশাল) উসারা= বারান্দা (ময়মনসিংহ), মালদহে-ওসরা (রক, বারান্দা) ওড়ি০-ওরাশ=অন্তঃপুর] বি, শয়ন-গৃহের নিকটস্থ বা শয়নগৃহ-সংলগ্ন রন্ধন-গৃহ "একাকী রূপসী বালা কুটীর করিয়া আলা। ওশোরায় মাছ কুটে সুন্দর কেমন।" -কুঙ্কুম০।

ওষ [উষ্ (দাহ করা)+অ (ভা০)] বি, অগ্নি কিংবা ক্ষার সংযোগে গাত্রদাহ ; সন্তাপ; দহন।

ওষধি,-ধী [ওষ (দীপ্তি)-ধা (ধারণ করা)+ই (কি) যে রাত্রিতে দীপ্তি পায়, "ধান্যযবাদি ওষধ্য ফলপাকান্তাঃ বহুপুষ্প-ফলোপগাঃ।"-মনু০] বি, জ্যোতির্লতা ; যে সকল লতা রাত্রিতে উজ্জ্বল দেখায়। ২ ফলপাকান্ত বৃক্ষাদি ; ফল পাকিলে যে সকল তরু, লতা, তৃণ ই০ শুকাইয়া যায়,-ধান্য, কদলী ই০।

ওষধিগর্ভ [ওষধির গর্ভ (উৎপত্তিস্থান) ৬ তৎ ; যা হতে ওষধি জন্মে] বি, চন্দ্র। (চন্দ্র-কিরণ-সংযোগে ওষধির উদ্ভব হয়)। ২ সূর্য্য (সূর্য্যের উত্তাপে ওষধি বৃদ্ধি পায়)।

ওষধিজ [ওষধি-জন (জন্মান)+ড (র্ত্তৃ)] বিণ, ওষধিজাত। ২ বি, ঔষধ। ৩ ওষধি-জাত অগ্নি।

ওষধিপ্রস্থ [ওষধি-প্রস্থ] বি, হিমালয়-পুর (ব্রহ্মলোক হতে ভগীরথ-আনীতা গঙ্গা এইখানে পতিত হন। সতীশোকে মহাদেব এইস্থানে তপস্যা করিয়াছিলেন)।

ওষধিনাথ, ওষধীনাথ, ওষধি-পতি, ওষধীপতি, ওষধীশ [ওষধীর নাথ, পতি, ঈশ-৬ তৎ। চন্দ্র ওষধীর অধি-ষ্ঠাত্রী দেবতা] বি, ওষধিনাথ ; চন্দ্র ; চাঁদ। ২ কর্পূর। ৩ সোমলতা।

ওষাণ [ওক্কাণ দ্রঃ] বি, তুষ বাহির করিবার জন্য উখলী ই০-তে ধান্যাদি নিক্ষেপ।

ওষুধ১ [ঔষধ > অষুধ > ওষুধ (গ্রা০ ওষুদ)] বি, ঔষধ। ২ প্রতিকার। ৩ বশী-করণ ; গুণ (ঔষধ-মন্ত্রাদিবিষয়ে)। ও০ করা -ক্রি, চিকিৎসা করা। ২ প্রতিকার করা। ৩ মন্ত্রৌষধি দানে বশ করা ; গুণ করা।

ওষুধ২ [গ্রা০-দ। অশুদ্ধ >] বি, অশৌচ। ও০ হওয়া-ক্রি, অশৌচ হওয়া।

ওস্কাণ [হি০-উস্‌কানা] ক্রি, উস্কে দেওয়া ; নাড়িয়া দেওয়া ; খোঁচা দেওয়া। ২ প্রজ্বলিত করা। ৩ উত্তেজিত করা।

ওষ্ঠ [সং। প্রাকৃ০-ওট্‌ঠ। হি০-ওঠ, ওঁঠ, হোঁঠ, হোঁঠ, হোঠ, হোনট, হোঁট] বি, দন্তচ্ছদ ; উপরের ঠোঁট।

ওষ্ঠকোপ [ওষ্ঠের-কোপ (ক্লেশ) হয় যাতে বা যদ্দ্বারা-বহু০] বি, মুখরোগবিঃ।

ওষ্ঠপল্লব-বি, পল্লব স্বরূপ উপর

ঠোঁট। ~পুট-বি, মিলিত ওষ্ঠাধর। ~পুষ্প [ওষ্ঠ (ওষ্ঠোপমান) হইয়াছে পুষ্প যার-বহু°] বি, বন্ধূক পুষ্পের বৃক্ষ। ~ব্রণ -বি, ওষ্ঠের উপর দুষ্ট স্ফোটক।

ওষ্ঠাগত [ওষ্ঠ+আগত] বিণ, ওষ্ঠের নিকট আগত অর্থাৎ বাহির হইবার মত। ~প্রাণ [ওষ্ঠ (ওষ্ঠ পর্য্যন্ত) আগত-প্রাণ যার -বহু°] বিণ, যার প্রাণ বাহির হবার উপক্রম হইয়াছে; মৃত্যুর পূর্ব্বদশা-গ্রস্ত: মৃতপ্রায়। ২ অতিষ্ঠ; উত্যক্ত।

ওষ্ঠাধর [ওষ্ঠ+অধর] বি, উপর ও নিম্ন ঠোঁট।

ওষ্ঠী-বি, বিম্বফল: তেলাকুচা।

ওষ্ঠ্য [ওষ্ঠ+য (সম্বন্ধার্থে)] বি, ওষ্ঠ-সম্বন্ধীয়। ২ যা ওষ্ঠ হতে উচ্চারিত হয়; ওষ্ঠ্য বর্ণ।

ওস, ওসা [হি°-ওস=হিম। সং-অবশ্যায় > প্রাকৃ°-ওস্সাঅ, পা°-ওস্সাব=শিশির (চা° বন্দ্যো°)] বি, নিশাজল-হিম; শিশির [পূ°-বঙ্গ ও উৎকলে 'ওস' চ°]।

ওসানি [ওস্কান >, প্রাদে°] ক্রি, ঢেঁকিতে ধান ভানিবার সময় ধান নাড়িয়া দেওয়া।

ওসার [প্রসার > ভ্রং। হি°-পৈসার, (২) অবসর > অওসর > ওসার, হি°-ওসার (বিস্তার, ফৈলাব) তুল-আ°-বসীহ্ (বিস্তীর্ণ)] বি, প্রস্থ; পরিসর; চওড়াই; বিস্তার।

ওসারাল [ওসার+হি° রালা > রাল > ওসারাল >] বিণ, যার ওসার আছে; চৌড়া; পরিসরবিশিষ্ট।

ওসারা, ওশারা [গ্রা° প্রাদে°-ওসোরা, ওশারো ওসারো। হি°-উসারা, ওসারা, 'প্রাকৃ°-ওসারিঅ < সং-উপশালা, হি°-ক্ষুদ্রার্থে-ওসারী] বি, দালান: বারান্দা।

ওস্কানি-ওস্কাণি দ্রঃ।

ওস্তাগর [ফা°-উস্তাগর্ >] গুরু; শিক্ষক। ২ উচ্চ শিল্পী; [ত্রিপুরা প্রাদে°] রাজমিস্ত্রী। ৩ বাং মুসলমানদিগের মধ্যে উপাধিবিঃ। "কলকেতা বংশী ওস্তাগরের গলি।"-মেজ বৌ (আ° শক্তি)।

ওস্তাদ [ফা°-উস্তাদ্ (শিক্ষক, বাং সাধাঃ সঙ্গীত-শিক্ষক)] বি, গুরু; শিক্ষক: উপদেশক; আচার্য্য; (সঙ্গীত-শিক্ষক)। "সকলকেই যে গানে ওস্তাদ হইতে হইবে, এমন কোন অবশ্য বাধ্যতা নাই।"-চারিত্র-পূজা। "আর তানসান ছিলেন মহা ও°।" -দ্বি° রায়। ২ কলা-গুরু। ৩ নর্ত্তকীর গুরু। ৪ বিণ, দক্ষ: কৌশলী: পারদর্শী; সিদ্ধহস্ত। ৫ সঙ্গীত-দক্ষ। ৬ [বির্থে] বিণ, বেশী চালাক; বাহাদুর। ওস্তাদি, ওস্তাদী [ওস্তাদ +ই (ব্যবসায় অর্থে, স্বার্থে)। ফা°-উস্তাদী] বি, ওস্তাদের কার্য্য; সঙ্গীত-নৈপুণ্য। "এলেন তানসান রাজার কাছে দেখাতে ও°।"-দ্বি° রায়। ২ চতুরতা; চালাকি; চালবাজী। ৩ বিণ, প্রকৃত গায়কের উপযুক্ত; আচার্য্যোপযোগী। "ওস্তাদী গলার তানকর্ত্তবে পল্লীর নিদ্রা তন্দ্রা তিরোহিত।"-গল্পগুচ্ছ (রবী°)। ৪ দক্ষতা। ৫ শিক্ষকতা। ৬ কেরদানী: বাহাদুরি: গুরুগিরি।

ওহরি-অ, পূর্ব্ব বিশ্বাস বা ধারণার হঠাৎ বিপরীত দর্শনে বিস্ময়-প্রকাশক অব্যয়। "ও হরি! এই বুঝি তোকিওর রেলষ্টেসন।" -জাপান (ডাঃ মল্লিক)।

ওহাড়, ওহাড়ন, ওহাড়ী [গ্রা° বাং। সং-বার (আবরণ)। প্রাকৃ° ওঢ়ণ > ওহাড়ন, ওহাডনী, পিহানীএ-দেশীনামমালা -হে°] বি, আবরণ; ওয়াড়; আচ্ছাদন। ওহাড়িয়া-আবৃত করিয়া; ঢাকিয়া।

ওহাবী [আ-বহাবী] বি, মুসলমান ধর্ম্মসম্প্রদায়বিঃ। আরবদেশীয় আবদুল ওহাব নামক ধর্ম্ম-গুরু-শিষ্য-সম্প্রদায়।

ওহার [প্রাদে° উচ্চারণে] স, উহার।

ওহে [সং-অহে >, প্রাদে°] অ, সম্বোধন; "ওহে গিরি গা তোল হে, মা এলেন হিমালয়।"-রামবসু। ২ আরামবাগ অঞ্চলের লোকেরা শ্যালককে 'ওহে' বলিয়া ডাকে। -ব° শ° সিন্ধু।

ওহো [সং-'অহো' >] অ, স্মরণ। ২ বিস্ময়। ৩ আক্ষেপ; বিলাপ। ৪ হঠাৎ প্রিয়জন-দর্শনে আনন্দ-প্রকাশ।

ঔ

ঔ-স্বরবর্ণমালার চতুর্দ্দশ বর্ণ। দীর্ঘস্বর। উচ্চারণ-স্থান কণ্ঠ ও ওষ্ঠ (মতান্তরে তালু)। 'অ' এবং 'ও' যোগে উচ্চারিত হয় বলিয়া সন্ধ্যক্ষর। ব্যঞ্জনবর্ণে যুক্ত হইলে আকার (ৌ) এইরূপ হয়। যথা-ক্+ঔ=কৌ। ২ বি, পৃথিবী। ৩ অনন্ত। ৪ শব্দ। ৫ অ, আহ্বান। ৬ সম্বোধন। ৭ বিরোধ। ৮ নিষেধ। ৯ নির্ণয়।

ঔঁ (ঔং) [তন্ত্রে] স্ত্রী, শূদ্রের জপ্য মন্ত্র-বিঃ।

ঔকা/র-বি, ঔ এই বর্ণ, ৌ। ~রাদি, ~রাদ্য-বিণ, যার আদিতে ঔ আছে। ~রান্ত-বিণ, যার অন্তে ঔ আছে।

ঔক্/থ্য [উক্থ=গর্গমুনি+য (অপ-ত্যার্থে)] বি, গর্গমুনির পুত্র। ২ [উক্থ দ্রঃ] সামবেদাংশের অর্থবিঃ; যজ্ঞবিশেষে ইহা গীত হয়। ~থিক [উক্থ+ইক (বিজ্ঞানার্থে) উক্থ নামক সামবেদাংশ যিনি জ্ঞাত আছেন] বিণ, সামবেদের উক্থশাখা-ধ্যায়ী; উক্থজ্ঞানী।

ঔক্ষ [উক্ষন্ (বৃষ। তুল-ইং-oxen) +অ (সমূহার্থে) ন্-লোপ] বি, বৃষভশ্রেণী; বৃষসমূহ। ২ বিণ, বৃষসম্বন্ধীয়।

ঔখদ [ঔষধ > হি° ঔখদ (ষ=খ, তুল-বিভীষণ=বিভীখন) ব্রজ°] বি, ঔষধ। "রোগী করয়ে জনু ঔ° পান।"-বি° প°। ২ সান্ত্বনা। "কেবল মরমে ঔ° রাখা।"-চণ্ডী°। ৩ প্রতিকার।

ঔখ্য ["উখ্যস্তু পৈঠরম্।"-অমর°। "পিঠরঃ স্থাল্যুখা কুণ্ডম্।"-ঐ। উখা (পিঠর স্থালী হাঁড়ী কড়া)+য (নিষ্পন্নার্থে)] বি,

হাঁড়ীতে পাক করা বস্তু ; কড়ায় রান্না করা আহারীয়। ২ বিণ, স্থালীপক্ক (অন্নাদি)।

ঔঘ [ওঘ (রাশি)+অ (স্বা০)] বি, জলসমূহ ; জলসমুচ্চয় ; বারিরাশি। ২ বিণ, জলরাশি সম্বন্ধীয়। ৩ নৃত্যে দ্রুতগতি সম্বন্ধীয়।

ঔঘট [সং-অবঘট্ট > (হি০) ঔঘট] বি, অপকৃষ্ট ঘাট ; আঘাটা। ~ঘাট-আঘাটা।

ঔচিতী [উচিত+ষ্ণ=ঔচিত+ঈ (স্ত্রীং)] বি, ঔচিত্য। ২ ন্যায্যতা।

ঔচিত্য [উচিত+ষ্ণ্য (ভা০)] বি, উপযুক্ততা। ২ ন্যায্যতা।

ঔচ্চ, ঔচ্চ্য [উচ্চ+ষ্ণ, ষ্ণ্য (ভা০)] বি, উচ্চতা বা উন্নতির ভাব ; উচ্ছ্রায়।

ঔজসিক [ওজস্ (বল)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, বলশালী ; তেজস্বী ; শূর ; বীর্য্যসম্পন্ন ; ওজস্বল ; বলিষ্ঠ।

ঔজস্য [ওজস্ (তেজ)+য (ভা০)] বি, বীর্য্যবত্তা ; তেজস্বিতা। ২ উগ্রতা ; উগ্রভাব ; প্রাখর্য্য।

ঔজ্জ্বল্য [উজ্জ্বল (দীপ্ত)+য (ভা০)] বি, দীপ্তি ; উজ্জ্বলতা ; চিকনাই। ২ বিণ,

ঔট [ইং-out >] অ, বাহির ; উত্তীর্ণ ; চৌকস ; সকল বিদ্যায় পারদর্শী। "তাঁহাদের বিশ্বাস ছিল রুদ্রকান্ত কালেজের ঔট।" -বিমলা (দামোদর)। ২ [শ্লেষার্থে] ফাজিল ; জ্যাটা। প্র-ও ছেলে একেবারে ঔট হয়ে গেছে।

ঔড়ব [ওড়ব+অ (সম্বন্ধার্থে)] বি, পঞ্চস্বরাত্মক রাগ [দ্রঃ-স্বরসংখ্যানুসারে রাগের জাতিভেদ দৃষ্ট হয়। যে রাগে সপ্তস্বরের বিকাশ হয়, তার নাম 'সম্পূর্ণ রাগ'। যাতে একস্বর বর্জ্জিত অর্থাৎ ছয় স্বরের বিকাশ তার নাম 'ষাড়ব বা খাড়ব' এবং যাতে দুই স্বর বর্জ্জিত অর্থাৎ পাঁচ স্বরের বিকাশ তার নাম 'ঔড়ব'।-সঙ্গীতরত্নাকর]।

ঔড়ুপিক [উড়ুপ (ভেলা)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, উড়ুপ সম্বন্ধীয়। ২ যে নদী ভেলা দ্বারা পার হওয়া যায় ; ক্ষুদ্র নদী।

ঔডুম্বর [ড স্থলে 'ড়'ও০ উডুম্বর+অ (ভা০)] বিণ, যজ্ঞডুমুর বৃক্ষের কাষ্ঠনির্ম্মিত ; উডুম্বর সম্বন্ধীয়। ২ রৌপ্য কিংবা তাম্র-নির্ম্মিত। ৩ বি, তপস্বিবিঃ। ৪ কুষ্ঠরোগ। ৫ তাম্র। ৬ চতুর্দ্দশ যমের মধ্যে একজন ; পিতৃপতি। ৭ কচ্ছদেশের প্রাচীন নাম। স্ত্রীং ~ী-উডুম্বর সম্বন্ধীয়া।

ঔড্র [ওড্র (ওড়িশাদেশ)+অ (পালনার্থে -র্ত্তৃ)] বি, উৎকলের রাজা ; ওড্রাধিপতি। ২ বিণ, ওড্রদেশসংক্রান্ত।

ঔৎকট্য [উৎকট+ষ্ণ্য (ভা০)] বি, আতিশয্য। ২ উগ্রতা ; প্রচণ্ডতা।

ঔৎকণ্ঠ্য [উৎকণ্ঠা+য (সম্বন্ধার্থে, ভা০)] বিণ, উৎকণ্ঠা সম্বন্ধীয়। ২ বি, উদ্বেগবশতঃ কষ্ট। ৩ চিত্তের অস্থিরতা ; চিত্তচাঞ্চল্য ; মানসিক উদ্বেগ।

ঔৎকর্ষ্য [উৎকর্ষ+য (সম্বন্ধার্থে, ভা০)] বি, উন্নতি। ২ বৃদ্ধি। ৩ উৎকৃষ্টতা ; শ্রেষ্ঠতা।

ঔৎকোচিক [উৎকোচ+ইক (সম্বন্ধে)] বিণ, উৎকোচ ঘটিত বা সম্বন্ধীয়।

ঔত্তমি [উত্তম+ই (অপত্যার্থে)] বি, ধ্রুবের ভ্রাতা রাজা উত্তমের পুত্র। ২ মনু-বিঃ। ৩ [সম্বন্ধার্থে ইণ্] বিণ, উত্তম সম্বন্ধীয়। ৪ উত্তম জাত ; উত্তমোৎপন্ন।

ঔত্তরপথিক [উত্তরপথ+ইক (বিচরণ করে অর্থে)] বি, উপাসকবিঃ। ২ বিণ, উত্তর-পথাভিজ্ঞ। ৩ উত্তর-পথগামী।

ঔত্তরপদিক [উত্তরপদ+ইক (সংসৃষ্টার্থে)] বিণ, উত্তরপদ-সংসৃষ্ট ; উত্তরপদ-সম্বন্ধীয়। ২ [গ্রহণার্থে-ইকণ্] উত্তর-পদ-গ্রাহক।

ঔত্তরেয় [উত্তরা+এয় (অপত্যার্থে)] বি, উত্তরাগর্ভ-সম্ভূত অভিমন্যুপুত্র ; রাজা পরীক্ষিত।

ঔত্তানপাদি [উত্তানপাদ+ই (অপত্যার্থে)] বি, রাজা উত্তানপাদের পুত্র ধ্রুব। ২ ["ধ্রুব ঔত্তানপাদিঃ।"-অমর০] ধ্রুবতারা।

ঔৎপাতিক [উৎপাত+ইক (সম্বন্ধার্থে)] বিণ, উৎপাতবিশিষ্ট ; উপদ্রবান্বিত। ২ অশুভসূচক। "ঔৎপাতিকে ঔপসর্গে তুমি সে ঔষধ।"-অ০ ম০।

ঔৎসঙ্গিক [উৎসঙ্গ+ইক (সম্বন্ধে)] বিণ, ক্রোড় সম্বন্ধীয়। ২ ক্রোড়স্থ।

ঔৎসর্গিক [উৎসর্গ (স্বভাব)+ইক (তস্য ইদমর্থে)]-বিণ, স্বাভাবিক ; প্রাকৃতিক ; স্বভাবজাত। ২ উৎসর্গ সম্বন্ধীয়। ৩ [ব্যা০] সাধারণ বিধি সম্বন্ধীয় ; সাধারণতঃ।

ঔৎসুক্য [উৎসুক+য (ভা০)] বি, আগ্রহ ; উৎসুকতা ; ব্যগ্রতা। ২ উদ্বেগ ;

ঔদক [উদক+ষ্ণ] বিণ, জলীয়।

ঔদনিক [ওদন (সিদ্ধ তণ্ডুল)+ইক (পাচকার্থে)] বিণ, পাচক ; সূপকার ; রাঁধুনী। ২ ওদন সম্বন্ধীয়।

ঔদন্য-বি, যজুর্ব্বেদপারগ মুনিবিঃ।

ঔদরিক [উদর+ইক (আসক্ত্যর্থে)] বিণ, উদরম্ভরি ; উদরসর্ব্বস্ব ; পেটুক। ২ উদরসম্বন্ধীয়।

ঔদার্য্য [উদার+য (ভা০)] বি, মহাপ্রাণতা ; মুক্তপ্রাণতা ; উদারতা ; মহানুভাবকতা। ২ বদান্যতা ; দানশীলতা।

ঔদাসীন্য [উদাসীন+য (ভা০)] বি, উদাসীনতা ; অনাসক্ততা ; নির্লিপ্ততা। ২ উপেক্ষা। ৩ সম্পর্কশূন্যতা। ৪ মধ্যস্থতা ; নিরপেক্ষতা। ৫ অমনোযোগিতা। বিণ, উদাসীন।

ঔদাস্য [উদাস+য (ভা০)] বি, ভোগে বিরক্তি ; বৈরাগ্য। ২ উপেক্ষা। ৩ অমনোযোগ indifference. বিণ, উদাস।

ঔদুম্বর [উদুম্বর+অ (সম্বন্ধার্থে)] বিণ, উদুম্বর সম্বন্ধীয় [ঔডুম্বর দ্রঃ]।

ঔদ্দালক-বি, স্বর্ণবর্ণ বল্মীককীটকৃতমধু ; উইমধু। ২ উদ্দালক মুনির পুত্র।

ঔদ্দেশিক [উদ্দেশ+ইক] বিণ, প্রাদেশিক। ২ আনুসন্ধানিক। ৩ আভিসন্ধিক। ~চৈত্য-চৈত্য দ্রঃ।

ঔদ্ধত্য [উদ্ধত+য (ভা০)] বি, অবিনয় ; অশিষ্টতা ; অনম্রতা ; ধৃষ্টতা। ২ উগ্রতা। ৩ অহঙ্কার ; দম্ভ।

ঔদ্ধারিক [উদ্ধার+ইক (সম্বন্ধার্থে)] বিণ, উদ্ধারসম্বন্ধীয়। ২ [স্মৃতি০ (দায়ভাগে)] বি, পৈতৃকধন বিভাগকালে উদ্ধারার্থ দেয় ধন। ৩ ঋণ-পরিশোধসম্বন্ধীয়।

ঔদ্বাহিক [উদ্বাহ (বিবাহ)+ইক (ইদমর্থে)] বিণ, বিবাহ জন্য প্রাপ্ত (দ্রব্যাদি); উদ্বাহকালে লব্ধ। ২ বিবাহ-সম্বন্ধীয়। ৩ বি, যৌতুক।

ঔদ্ভিজ্জ [উদ্ভিজ্জ+অ (ইদমর্থে) উ=ঔ] বিণ, উদ্ভিদসম্বন্ধীয়। ২ উদ্ভিদ হতে জাত বা উৎপন্ন। ৩ বি, সম্ভর লবণ; পাংশু লবণ; সৈন্ধব লবণ।

ঔদ্ভিদ [উদ্ভিদ্+অ (ইদমর্থে); উ=ঔ] বিণ, উদ্ভিদসংক্রান্ত। ২ বি, পাংশু লবণ; পাঙ্গা লবণ।

ঔধস্য [উধস্ (স্তন)+ষ্ণ্য] বিণ, স্তন্য। ২ বি, স্তনদুগ্ধ।

ঔন্নত্য [উন্নত+য (ভা°)] বি, বৃদ্ধি; উচ্চতা; উন্নতির অবস্থা বা ভাব।

ঔপকর্ণিক [উপকর্ণ+ইক (সমীপার্থে)] বিণ, কর্ণের প্রান্তদেশ পর্য্যন্ত বিশ্রান্ত। ২ কর্ণসমীপে।

ঔপকূলিক [উপকূল+ইক (ইদমর্থে)] বিণ, উপকূলজাত। ২ উপকূল সম্বন্ধীয়। ৩ উপকূলে স্থিত।

ঔপচারিক [উপচার+ইক (ইদমর্থে)] বিণ, উপকরণসম্বন্ধীয়। ২ [স্বার্থে-ইকণ্] বি, উপচার।

ঔপজানুক [উপ-জানু (জানুর সমীপে-অব্য)+ক (স্বার্থে)=উপজানুক +অ (স্বার্থে)] বিণ, জানুপরিব্যাপক; জানু পর্য্যন্ত ব্যাপক; আজানুলম্বিত।

ঔপদেশিক [উপদেশ + ইক (ভবার্থে)] বিণ, উপদেশ-লব্ধ। ২ উপদেশ-সংক্রান্ত। ৩ উপদেশ দেওয়া যাঁর ব্যবসায়; উপদেশোপজীবী।

ঔপনায়নিক, ঔপনয়নিক [উপ-নয়ন+ইক (তস্য ইদমর্থে)] বিণ, উপনয়ন-সম্বন্ধীয়। ২ উপনয়নকর্ত্তা; উপনয়ন-প্রবর্ত্তক।

ঔপনিধিক [উপনিধি+ক (স্বার্থে) =উপনিধিক+অ (ইদমর্থে)] বি, প্রীতি-পুর্ব্বক অর্পিত ভোগের দ্রব্য। ২ [স্মৃতি°] "বিশেষ বিবরণ না বলিয়া যে সকল বস্তু করণ্ড পেটিকাদির মধ্যে রাখিয়া অপরের হস্তে ন্যস্ত হয়।"-যাজ্ঞবল্ক্যসংহিতা।

ঔপনিবেশিক [উপনিবেশ+ইক সম্বন্ধে বা ভবার্থে)] বিণ, উপনিবেশ-সংক্রান্ত; উপনিবেশঘটিত। ২ উপনিবেশ-জাত; উপনিবেশে স্থিত। ৩ উপনিবেশে অধ্যুষিত।

ঔপনিষদ্ [উপনিষদ্+অ (ইদমর্থে)] বিণ, উপনিষৎসম্বন্ধীয়। ২ উপনিষৎশাস্ত্র-নির্দ্দিষ্ট; ব্রহ্মবিদ্যাবিষয়ক।

ঔপনীবিক [উপ (নিকট) নীবি (কটিবস্ত্রগ্রন্থি; পেট-কাপড়ের কসি=বন্ধনী) +ইক] বিণ, নীবি-সন্নিকটস্থ।

ঔপন্যাসিক [উপন্যাস+ইক] বিণ, উপন্যাস সম্বন্ধীয়। ২ উপন্যাসের বিষয়ীভূত। ৩ উপন্যাসে বর্ণিত বা বর্ণনীয়। ৪ অদ্ভুত।

ঔপপত্তিক [উপপত্তি+ইক (কৃতার্থে -ইকণ্)] বিণ, যুক্তি তর্ক দ্বারা প্রতিপন্ন; গ্রন্থাদি দ্বারা প্রমাণ্য। ২ সিদ্ধান্ত প্রতি-পাদক demonstrative.

ঔপপাতিক [বৌ° সা°, পা°-'ওপ-পাতিক'] বিণ, স্ত্রী-পুরুষের সংসর্গ বিনা সত্ত্বের যে উৎপত্তি; অহেতুক। "হংসকুলে ঔ° জন্ম পরিগ্রহ করিয়াও।"-জাতক, ৪র্থ খণ্ড।

ঔপমিক [উপমা+ইক (কল্পিতার্থে)] বিণ, উপমাদ্বারা কল্পিত বা নির্দ্দিষ্ট; উপমা সম্বন্ধীয় comparative. "আধুনিক ঔ° ভাষাতত্ত্বের প্রভাবে জানা গিয়াছে।" -ভারতবর্ষ (লাহিড়ী)।

ঔপম্য [উপমা+য (ভা°)] বি, তুল্যতা similitude. ২ সাদৃশ্য analogy. ৩ সামঞ্জস্য balance.

ঔপয়িক [উপায়+ইক (ইদমর্থে)] বিণ, উপায়দ্বারা লব্ধ; ধর্ম্মসঙ্গত। ২ উপযোগী। ৩ বি, উপায়। স্ত্রীং ~ী। "ঔপয়িকী-ভার্য্যা আমি কদাচই নয়।" -রামা° (রাজ)।

ঔপরোধিক [উপরোধ+ইক (ভবার্থে, সম্বন্ধে)] বি, পীলুকাষ্ঠের দণ্ড। ২ বিণ, উপরোধসংক্রান্ত।

ঔপল [উপল+অ (ভবার্থে)] বিণ, উপলনির্ম্মিত; উপলসম্ভব; প্রস্তরময়। ২ উপলসম্বন্ধীয়।

ঔপসর্গিক [উপসর্গ (উপদ্রব)+ইক ইদমর্থে)] বিণ, উৎপাত বা উপদ্রবসম্বন্ধীয়। ২ উপসর্গ (প্র, পরা ই°) তৎ=সম্বন্ধীয়। ৩ বি, সান্নিপাতিক রোগবিঃ।

ঔপাধিক [উপাধি+ইক (সম্বন্ধার্থে)] বিণ, উপাধিসংক্রান্ত। ২ বিশেষ সম্বন্ধীয়; বৈশেষিক। ৩ অনিত্য; অস্থায়ী। ৪ অবাস্তব।

ঔপাধ্যায়িক [উপাধ্যায়+ক (স্বার্থে) +অ (সম্বন্ধার্থে)] বিণ, উপাধ্যায়সম্বন্ধীয়। ২ উপাধ্যায় হতে প্রাপ্য বা প্রাপ্ত।

ঔপায়িক [উপায়+ইক (সম্বন্ধার্থে)] বিণ, উপায়সংক্রান্ত। ২ উপায়লভ্য; উপায়নিষ্পন্ন; উপায়সাধ্য।

ঔপাসন [উপাসনা+অ (সম্বন্ধার্থে)] বিণ, উপাসনাসম্বন্ধীয়। ২ উপাসনা-কালীন।

ঔবল, ওবল [আ°-আউঅল > আব্বল >] বিণ, প্রথম; আদি। ২ প্রধান; উৎকৃষ্ট। ৩ সন্তান।

ঔরগ [উরগ (সর্প)+অ (সম্বন্ধার্থে)] বিণ, উরগসম্বন্ধীয়। ২ [উরগের অধিষ্ঠাত্রী দেবতা বলিয়া] বি, অশ্লেষা নক্ষত্র।

ঔরৎ [আ°-আওরৎ, আউরৎ (নারী)] বি, স্ত্রীলোক; মেয়েমানুষ। ২ পত্নী [হি°-তে চ°। তুল-বাং-তে 'নারী=পত্নী']।

ঔরভ্র [বহুব°-ভ্রক] বি, ধন্বন্তরির প্রতি প্রশ্নকর্ত্তা ঋষি-বিঃ। ২ উরভ্র (দ্রঃ)।

ঔরস, ঔরস্য ["স্বজাতে ত্বৌর-সৌরস্যৌ।"-অমর°] বিণ, স্বস্ত্রীতে স্বয়ং উৎ-পাদিত পুত্র; নিজ হইতে ধর্ম্মপত্নীজাত পুত্র। "এই হেতু না আইল তোমার ঔ°।"-মহা° (কাশী)। ২ [উরস (শ্রেষ্ঠ, প্রধান)+অ (সম্বন্ধে)] দ্বাদশ প্রকার পুত্রমধ্যে প্রধান। স্ত্রীং ঔরসী। "রাজা জনক অযোনিসম্ভবা কন্যা সীতাকে রামের হস্তে এবং স্বীয় ঔরসী কন্যা ঊর্ম্মিলাকে লক্ষ্মণের হস্তে সম্প্রদান করেন।"-অধ্যাত্ম রামায়ণ।

ঔর্ণ [ঊর্ণা-ষ্ণ(সম্বন্ধে)] বিণ,ঊর্ণাসম্বন্ধীয়। ২ পশমী।

ঔর্ণনাভ [ঊর্ণনাভ+অণ্ (সম্বন্ধে)] বিণ, মাকড়সা সম্বন্ধীয়। ২ বি, নিরন্তকার।

ঔর্দ্ধদেহিক, ঔর্দ্ধদৈহিক [ঊর্দ্ধ দেহ (শরীর)+ইক (সম্বন্ধার্থে) ঊ=ঔ, দে=দৈ] বি, দেহত্যাগের পর যা করণীয়; তর্পণাদি কর্ম্ম; অন্ত্যেষ্টি; প্রেতকৃত্য; অগ্নিসংস্কার। ২ বিণ, অন্ত্যেষ্টি সম্বন্ধীয়।

ঔর্ব্ব [ঔর্ব্বাগ্নি, বাড়বাগ্নি দ্রঃ। ঊর্ব্ব (মুনি)+অ (অপত্যার্থে-সম্বন্ধার্থে) ঊর্ব্ব মুনির উরুজাত বলিয়া] বি, বাড়বাগ্নি [দ্রঃ-ভৃগুনন্দন ঔর্ব্ব সমুদ্র মধ্যে স্বীয় ক্রোধানল পরিত্যাগ করিলে উহা সাগরগর্ভে অবস্থিতি করিয়া 'ঔর্ব্ব, বাড়বানল, সামুদ্রিক বহ্নি' নামে উক্ত হইল। -মহা॰] ২ ইনি ব্রহ্মার উরু হতে উৎপন্ন এবং ইঁহার উরু হতে উদ্ভূতা কন্যা কন্দলী। ঔর্ব্ব কন্দলীকে দুর্ব্বাসার হস্তে সম্প্রদান করিয়াছিলেন। ৩ পার্থিব। ৪ পাঙ্গা লবণ [প্রা॰অ॰]।

ঔর্ব্বশেয় [উর্ব্বশী+এয় (অপত্যার্থে)] বি, উর্ব্বশী-গর্ভজাত; উর্ব্বশীর পুত্র। ২ অগস্ত্য।

ঔর্ব্বাগ্নি-বি, বাড়বাগ্নি; আগ্নেয়গিরি-গর্ভস্থ অগ্নি; রসাতলাগ্নি।

ঔর্ব্বানল [ঔর্ব্ব+অনল] বি, বাড়বানল।

ঔর্ব্ব্য [ঊর্ব্ব+য (অপত্যার্থে)] বি, ঊর্ব্বপুত্র মুনিবিঃ।

ঔলুক,-লূক [উলুক+অণ্ (সমূহ অর্থে) বহুব॰] বি, পেঁচার ঝাঁক।

ঔলূক্য [উলূক (পেচক)+য (সদৃশ অর্থে) তদ্বৎ তীক্ষ্ণ দৃষ্টি বলিয়া যা অন্যের চক্ষে অন্ধকার ঠেকে এবং যে অন্ধকারে দৃষ্টি চলে না, তা ভেদ করিয়া যে (পা॰) সত্য দর্শন করায় বা যিনি তা করেন। এইজন্য বৈশেষিক দর্শনকার মহর্ষি কণাদের নামান্তর] বি, বৈশেষিক দর্শন। ২ মহর্ষি কণাদ।

ঔশনস [উশনস্-দৈত্যগুরু শুক্রাচার্য্য। ("শুক্রো দৈত্যগুরুঃ কাব্য উশনা ভার্গবঃ কবিঃ।"-অমর॰)+অ (কৃতার্থে, সম্বন্ধে)] বি, শুক্রনীতি; উশনা-প্রণীত দণ্ডবিধি; শুক্রাচার্য্য-প্রণীত উপপুরাণবিঃ। ২ বিণ, উশনা সম্বন্ধীয়। ~ী-শুক্রকন্যা দেবযানী।

ঔশীর, ঔষীর [উশীর+অ (ভবার্থে)] বি, চামর দণ্ড। ২ বেণার মূল-নির্ম্মিত শয়নের আসন। ৩ চৌকী; কেদারা। ৪ বিণ, উশীরসংক্রান্ত।

ঔষধ [ওষধি+অ (ভবার্থে)] বি, রোগনাশক বা আরোগ্যসম্পাদক দ্রব্য; রোগের প্রতিষেধক ভেষজ; রোগনিবারক বস্তু। ২ ওষধি। ৩ প্রতিকার। ৪ উপায়, প্রচেষ্টা, মন্ত্রবল বা মন্ত্রৌষধ প্রয়োগ। "এক্ষণে কোন তপস্যায়, কিরূপ ঔষধে, কোন যাগে বা কি প্রকার কর্ম্মফলে তাহা দেখিতে পাই, অনুগ্রহ করিয়া তাহার সন্ধান বলিয়া দিলে অনুগৃহীত হই।"-মহা॰ (প্র॰ রায়)। ৫ সান্ত্বনা। ~করণ-ঔষধ সেবন ও চিকিৎসাধীন থাকা। ~ধারণ-রোগনিবারক বস্তু মাদুলিইং মধ্যে রক্ষা করিয়া অঙ্গে ধারণ করা। ঔ॰ পথ্য-রোগ নিবারণার্থ সেব্য ঔষধ এবং রোগীর হিতকর আহারীয় সামগ্রী medicine and diet. ~সেবন-বি, অষুধ গ্রহণ বা পান।

ঔষধাজীব [ঔষধ-আ (সম্যক্) জীব (জীবিকা) যার-বহু॰] বিণ, ঔষধব্যবসায়ী; ঔষধবিক্রেতা।

ঔষধালয় [ঔষধের-আলয় (গৃহ) ৬তৎ] বি, ঔষধপ্রাপ্তিস্থান; ঔষধ-প্রস্তুতকরণ-স্থান; ডাক্তারখানা; ঔষধ বিক্রয়ের স্থান dispensary.

ঔষধি [ওষধি বা ঔষধ ভুলে, অপপ্রয়োগ] বি, ঔষধ। "নাহি জানে বিধি এমন ঔ॰ পিয়াইলে যায় অরি।"-চণ্ডী॰।

ঔষধীয় [ঔষধ+ঈয় (সম্বন্ধে)] বিণ, ঔষধসম্বন্ধীয়। ২ ঔষধঘটিত।

ঔষর [ঊষর+অ (সম্বন্ধার্থে)] বি, পাংশুক্ষার; পাঙ্গা লবণ। ২ অয়স্কান্ত। ৩ বিণ, ঊষর ভূমিজাত।

ঔষস-বি, সন্ধ্যার অবসর; ঊষা সম্বন্ধীয়।

ঔষীর-ঔশীর দ্রঃ।

ঔষ্ট্র [উষ্ট্র+অ (সম্বন্ধার্থে)] বিণ, উষ্ট্র সম্বন্ধীয়। বহুব॰-ঔষ্ট্রক-উষ্ট্রসমূহ (ঔরভ্র দ্রঃ)।

~রথ [উষ্ট্র-রথ+অ (সম্বন্ধার্থে)] বিণ, উষ্ট্রবাহ্য যান সম্বন্ধীয়। ২ [ভা॰] উটের গাড়ী; শিক্রম্।

ঔষ্ঠ্য [ওষ্ঠ+য (ভবার্থে)] উচ্চার্য্য বর্ণ, উ, ঊ, ও, ঔ, পবর্গ, ব।

ঔষ্ণ, ঔষ্ণ্য [উষ্ণ+অ (ভা॰)] বি, উষ্ণত্ব।

ঔষ্ণীক [উষ্ণীষ [পাগ্‌ড়ী, কিরীট)+অ (বিৰ্থে॰)ষ=ক] বিণ, উষ্ণীষমণ্ডিত; কিরীটধারী; মুকুটধারী। ২ বি, রাজা।

ঔষ্ম, ঔষ্ম্য [উষ্ম দ্রঃ। উষ্মন্+অ, য (ভা॰)] বি, উষ্ণতা; উষ্মতা।

ক

ক,-ব্যঞ্জন বর্ণমালার এবং কবর্গের আদ্যবর্ণ (আলিকালি দ্রঃ)। কণ্ঠ হতে উচ্চার্য্য বলিয়া, কণ্ঠ্যবর্ণ। কণ্ঠ হতে শব্দ বাহির করিবার কালে জিহ্বামূল তালুর নিকট হতে মুহূর্ত্তের জন্য পথরোধ করিলে, ক এই শব্দ স্বতঃই উচ্চারিত হয়। অল্পায়াসে ও অত্যন্ত অল্প হাওয়া বাহির করিলেই উচ্চারিত হয় বলিয়া ইহাকে 'অল্প-প্রাণ' এবং ধ্বনির গাম্ভীর্য্য নাই বলিয়া 'অঘোষ' বর্ণ বলে। প্রাণ ও ঘোষ দ্রঃ। উচ্চারণে ইং-k. এবং ফা॰-কাফ্ বর্ণের তুল্য; কিন্তু জিহ্বামূল তালুর পশ্চাতে অর্থাৎ অলিজিহ্বার স্থান হতে হাওয়ার পথ রোধ করিলে মহাপ্রাণ ও ঘোষবান্ খ ও গ ব্যতীত আর এক প্রকার উচ্চারণ বাহির হয়, তাহা অনেকটা ক, ইং-q. এবং আরবী কাফ্ বর্ণের তুল্য। বাং ভাষায় বহু আরবী শব্দ ব্যবহৃত হওয়ায় ভাষাতত্ত্ববিদ্‌গণকে ক বর্গের নিম্নে বিন্দুযুক্ত

করিয়া ক্ এই নূতন বর্ণের সৃষ্টি করিতে হইয়াছে। সম্ভবতঃ অক্ষয়কুমার দত্ত মহাশয় বাং ভাষায় এইরূপ বিন্দুযুক্ত বর্ণের প্রথম প্রবর্ত্তক। চট্টল, মৈমনসিং, ঢাকা ই° অঞ্চলে কথ্য ভাষায় 'ক' স্থলে 'গ' উচ্চারিত হয়। যথা-বুক=বুগ।

ক২ [সং। কৈ (শব্দ করা)+অ (ড, র্ত্তৃ, জ্ঞা)] বি, প্রজাপতি [বৈদিক] ব্রহ্মা; বিষ্ণু; রুদ্র; সূর্য্য; যম; বায়ু; অগ্নি; দীপ্তি; জল; দক্ষ; কন্দর্প; রাজা; আত্মা; মন; দেহ; মস্তক; কেশ; পক্ষী; ময়ূর; ধন; রোগ; সুখ; শব্দ। বাং ভাষায় ক অন্যান্য বর্ণসহযোগে ঐ সকল অর্থ প্রকাশ করে। ককুন্দর, কচ্ছ, কপট, ককুভ, কদলী, কপর্দ্দ ই° দ্রঃ। ২ অনুকার শব্দ। ক এবং ক-বর্গীয় সকল বর্ণই প্রধানতঃ শব্দ-দ্যোতক। ইহা ক-বর্গীয় বর্ণ-যোগে কণ্ঠ্য শব্দ (খক্ খক্, গাঁক গাঁক্), চ-বর্গীয় বর্ণ-যোগে শব্দের কোমলতা (কচ্, কচ্, কুচ্ কুচ্), ট-বর্গীয় বর্ণযোগে কাঠিন্য (কট্কট্, টকাটক্, ঠক্ ঠক্), ত-বর্গীয় বর্ণ-যোগে তারল্য (তক্ তক্, থক্ থক্), প-বর্গীয় বর্ণ-যোগে পবন-ক্রিয়ার (কপ্ কপ্, বক্বক্) দ্যোতনা করে। ৩ অবিলম্ব বা আকস্মিকতা বাচক। প্র-টক্ করে কেটে ফেলা। তাক লাগা। কচ্ করে কাটা। কট্ করে কামড়ান। ৪ তীব্রতাব্যঞ্জক। প্র-পেট কন্কন্ করা। মাথা কট কট করা। লাঠি ঠক ঠক করা। চোক কর কর করা। গা কস্ কস্ করা। ৫ পর্য্যন্ত বা সীমা-বোধক। প্র-এই তক। ছটাক খানেক। ৬ [সংখ্যাবাচক। কয় শব্দের দ্রুত উচ্চারণ হেতু কুঞ্চিত আকার। ক' ও°] বিণ, কি সংখ্যক; কয়টা। প্র-ক' সের দুধ। ক' গজ কাপড়। ক' হাজার টাকা। ক' বৎসর। ক' দিন। ক' ঘণ্টা। ক' জন লোক। ৭ পরিমাণবাচক কত অর্থে বিরল ব্যবহার। প্র-কখন (কতক্ষণ)। ৮ বাং প্রত্যয়। (১) স্বার্থে। প্র-ঝলক; মড়ক; বৈঠক; আহ্নিক। হেনক (=হেন); যেনক (=যেন)। "সাত তাল উচ্চ মঞ্চ জেনক আকাশ।" -শ্রীকৃষ্ণবিলাস। (২) অল্পার্থে। প্র-টাক, টুক। (৩) ক্ষুদ্রার্থে (diminutive)। প্র-মানবক, বৃক্ষক। (৪) তুচ্ছার্থে ক-পরে কা। প্র-ঢ্যাঙ্গা হট্কা, ছোট্কা (স্ত্রীং ছোট্কী, ছুট্কী)। ৯ প্রা° বাং-বিভক্তি। (১) ২য়া বিভক্তি আধু° বাং-র 'কে' স্থলে ৪০০ বৎসর পূর্ব্বে চ° ছিল (রূপ নারায়ণের দুর্গা-মঙ্গল দ্রঃ); এইরূপ-'রাধাকে' স্থলে 'রাধাক'। প্রাদে° ভেদে 'কু।' প্র-মোহক, তোমাহক, আমাহক। (২) [৬ষ্ঠী বিভক্তি [হি°-র বিবিধ শাখার কথ্য ভাষায় বা বোলীতে কর, ক, র এবং আকারাদি স্বর-যোগে বিভিন্ন উচ্চারণ-জাত কা, কে, কো, কের, কার ই°-র অনুকরণে। পূর্ব্বমাগধীতে সম্বন্ধে ক, কের, কেরক' ও পরবর্ত্তী বিকারে বাং এর। "আপন কাজক লাগি।" "যমুনাক তীর।" -শ্রী°কী°। তুল-ওড়ি° 'র,' প্রা° বাং-'র' এবং 'ক' উভয়েরই ব্যবহার আছে] "হাথক দরপণ মাথক ফুল, নয়নক অঞ্জন মুখক তাম্বুল।"-বি° প°। "শ্রবণক পথ।" "দশনক চিন।" তুল-'হাথর', 'সংসারক।' -শূ° পু°। (৩) হেতু অর্থে [বিহারী হি°-লাগি, লাগে > বাং গ্রা°-নেগে। অস°-ল'] 'যুড়িবাক'=যুড়িবার জন্য; 'ত্যেজিবাক'= ত্যাগের নিমিত্ত; 'হাঁঠীবাক'=চলিবার জন্য। ভাঁগিল সোনার ঘট যুড়িবাক পারী।" -শ্রী° কী°। ১০ সত্ত্বেও; তথাপি শব্দের আকাঙ্ক্ষা-বোধক 'কেন' অর্থে। "যেথা আমি যাই নাক, তুমি প্রকাশিত থাক।" -রবী°। ১১ ভ্রূক্ষেপ না করা বা উপেক্ষার ভাব-বোধক 'কেন' এই অর্থে (তখন 'না' র সহিত যুক্ত হয়)। প্র-বলুক নাক। এখন করুক নাক, পরে দেখে নেব। যাব নাক ই° নাক=না-কেন। ১২ প্রশ্নে নিশ্চয়তা বা দৃঢ়তা অর্থে। "আচ্ছা তুমি যাবে না ক?" ১৩ (ক) সতর্কীকরণে যেন অর্থ-বোধক। "ছিন্ন মালার ভ্রষ্ট কুসুম ফিরে যাসনে ক কুড়াতে।"-রবী°।

কঁ৩ [কহ, কও শব্দের ক্ষে° (দ্রুত উচ্চারণ হেতু) অবজ্ঞায়-অনুজ্ঞা বাচক। প্রা° বাং উকারান্ত অনুজ্ঞাত্মক ক্রিয়াপদ-করু, হরু, হউ, দেহু, লেহু ই°-র প্রাদে° মধ্য বাং-র উর সহিত কা ও পরে ক যুক্ত হইত-করুকা, হরুকা ই°-করুক, দিউক, হউক ই°। এইরূপ উনবিংশ শতাব্দীর পণ্ডিতী বাং-র ক্রিয়াপদে ক যুক্ত হইয়া করিবেক, হইবেক, করিলেক খাউক, খাক, দিক, লউক (গ্রা° কথ্য-দিক, নিগ) ই°। "বিবেচনা করিলেক।" "নিন্দা-করিবেক।"-তোতা ইতিহাস] ক্রি, বল্; বর্ণনা কর্। প্র-কথা ক। যা যা দেখে এলি ক দেখি। কঁআ, কঁহা-বলা; উল্লেখ করা; বর্ণনা করা। কঁই, কঁহি-উ° পু°, বলি। কঁও, কঁহঁ কঁয়, কঁহে-প্র° পু° বলে। অস-ক্রি, কঁইতে, কঁহিতে-বলিতে; বলিবার জন্য। (২) কহিতে স্থলে (দ্রুত উচ্চারণ হেতু) কঁইতে, পরে, কৈতে ব্রজ°-ক হইতে। কহা দ্রঃ। কঁ-খঁ [তুল-গ্রী°- alphabet—alpha, beta হতে; ইং-a b c; ফা°-আলিফ্ বে] বর্ণ-মালা; প্রাথমিক পাঠ; লেখাপড়ার সূত্র-পাত। প্র-এখনও ক খ শেখেনি; ওখানা 'ক খ'র বই; তাহার ক খ চিন্তেই ত এক-মাস গেল। আরম্ভ; উপক্রমণিকা। "জ্যোতিষের ক খ বলিলেই হয়।" -দ্বি° ঠা°। কঁ অক্ষর গোমাংসঁ-বর্ণমালার যা প্রথমবর্ণ অর্থাৎ শিক্ষার সূত্রপাত তাও (গোমাংসের মত) মুখে আনিতে নাই; 'ক' অক্ষর গোমাংস তুল্য যার নিকট অস্পৃশ্য, অনুচ্চার্য্য এবং অশ্রাব্য। সুতরাং বর্ণজ্ঞান-বর্জ্জিত অবস্থা; লেখাপড়ার লেশমাত্র না থাকা; বর্ণপরিচয়হীন। কঁ বিল্‌তে ইঁ-বর্ণপরিচয়হীন। একবর্ণ উচ্চারণ করিতে অন্য বর্ণ উচ্চারণ করা; এক বলতে আর; মূর্খ; অজ্ঞান।

কঁআ১ [কয়া দ্রঃ। প্রা° বাং। কচা দ্রঃ। হি°-কচ্চা > কআ >] বিণ, কচি।

কঁআ২, কঁওয়া-কহা দ্রঃ।

কঁআনি [প্রাদে°-চ° ক° ভা°। সং-কষায় > কষান >] ক্রি, কষায় রসযুক্ত করা।

কঁআল, কোআল [প্রাদে°-চ° ক° ভা°] বি, কপাল।

কঁই১ [উচ্চারণ-সাদৃশ্য হেতু 'কৈ' এরূপও লিখিত হয়। সং-কিম্-ক (কস্মিন্ অর্থে)-কহি, কহিঁ। প্রশ্নে] অ, কোথায় (শুদ্ধ প্রশ্নে)। প্র-বই খানা কই দেখতে পাচ্চি না? ২ কোথায় (নৈরাশ্যের ভাবমিশ্রিত)। "কই গো বৃন্দে সই, বৃন্দাবন-চন্দ্র কই।"-রামবসু। ৩ বৈপরীত্যবোধক; না এই অর্থে। "বাঁশরী

বাজাতে চাহি বাঁশরী বাজিল কই।"-রবী°। "তোমার খাওয়া হয়েছে? কই হয়েছে?" ৪ বিস্ময়-বোধক। প্র-কই তার ত কোনই অসুখ করে নাই! ৫ বিস্ময়ের সহিত কারণ বা হেতু সম্বন্ধে প্রশ্নের ভাব-বোধক। প্র-কই সে আসবে বলে এল না? ৬ [এ, এই, এটি, এইটি, এই যে, এখানে ই° অর্থে শিশু-সন্তানের প্রতি প্রযুক্ত] আদর অর্থে। প্র-আমার সোণা কই, মাণিক কই, কই রে আমার নীলমণি।

কই$_{২}$ [সং-কবয়ী। "কবয়ী মৎস্যভেদে" -ত্রিকাণ্ডশেষ] বি, কবয়ী মৎস্য; কই মাছ। প্র-কই মাছ ভাজা, কই দিয়ে কপি দিয়ে ঝোল ই°।

কই$_{৩}$ ['কহি'র দ্রুত উচ্চারণ] ক্রি, কহি; বলি। "সত্য সত্য পুনঃ সত্য উর্দ্ধ হস্তে কই। হয় নাই পরিত্রাণ হরিনাম বই।"-শি°। "তোমা বই কারে কই।"-বাং-গান।

কইয়ে [কহিয়ে < হি°-কহইয়া] বি, যে বলতে পারে; সুবক্তা। কি°-বইয়ে, কি° বলিয়ে-বিণ, বাক্‌পটু।

কইল$_{১}$ [প্রা° বাং-রি=ই] ক্রি, করিল। "রাধার ক° চেতনে।"-শ্রী° কী°।

কইল$_{২}$-কআ দ্রঃ।

কইলা$_{১}$, কইলে [বানান-ভেদে কৈলে। উচ্চারণ-ভেদে কঁইলে, কৈঁলে। সং-কপিলা (ধেনু)-প্রাকৃত রূপ-কইলা। 'কোমলা'র প্রাকৃ°-কঁইলা] বি, তিন মাসের অনধিক বয়সের স্ত্রী-গোবৎস, সদ্যঃপ্রসূত নৈ বাছুর (নৈ বাছুর একটু বড় হইলে বক্‌না বলে)। কইলা বাছুর [কোমল বৎস a sucking calf; a calfunder 3 months of age.—*Haughton.* তুল-cow-calf নৈবাছুর] ২ সদ্যঃ-প্রসূত বা তিন মাসের অনধিক নৈবাছুর। "গেলে বাঁধা কৈলে বাছুর।"-গি° ঘোষ।

কইলা$_{২}$ [চ° ক° ভা°। হি° অনুকরণে] বি, কয়লা।

কইসন [হি°-কৈসন >, সং-কীদৃশ, প্রা° বাং-কইসনি (চ° ১৮।২)] বিণ, কি প্রকার; কেমন (চ° ২২।২)।

কইসর [আ°-কয়্‌সর্; হি°-কৈসর্; ল্যা°-Cæsar. প্রসব করিবার পূর্ব্বেই জননীর মৃত্যু হইলে তৎক্ষণাৎ পেট চিরিয়া যে সন্তান বাহির করা হয় ল্যাটিন ভাষায় তাকে 'কেজর' বলে। রোমের বাদশাহ অগষ্টস এই-রূপে জন্মগ্রহণ করেন বলিয়া তাঁহার নাম হয় 'অগস্‌টস 'কেজর' (সীজর=Augustus Cæsar.) এবং এই 'কেজর' দোর্দ্দণ্ড-প্রতাপ ও সম্রাট্‌কুলতিলক ছিলেন বলিয়া কেজর (=কইসর) অর্থে পরে সম্রাট্ বুঝাইতে থাকে] বি, সম্রাট্; বাদশাহ। কইসর-ই-হিন্দ্ [ইং Kaiser-i-Hind] হিন্দুস্থানের সম্রাট্। ২ ইংরেজ-গবর্ণমেণ্টের সম্মানসূচক পদকবিঃ।

কইসে, কইসেঁ [হি° > প্রা° বাং] ক্রি, বিণ, কিসে (চ° ৩৯।১। চ° ৪০।২)।

কউতর [প্রাদে° উচ্চারণ। হি°-কবুতর। সং-কপোত] বি, কপোত; পারাবত। স্ত্রীং ~ী।

কএ [প্রা° বাং ব্রজ°। হি°-কয়্, কয়ক > কয়কে (প্রা°) > কয় >] ক্রি, করিয়া; করে। "সজনি ভল কএ পেখন ন ভেলি।" -বি° প°।

কএক [ক (কত)+এক। হি°-কইএক। কতেক দ্রঃ] বিণ, কতিপয়। ২ কিয়ৎ; কিঞ্চিৎ; কিছু।

কএত-কয়েত দ্রঃ।

কএথা [সং-কপিথ >। হি°-কয়্‌থা] বি, কপিথ; কয়েত বেল। ২ কয়েৎ বেলের গাছ।

কএদ [আ°-কৃএদ্] বি, অবরোধ; আটক; প্রতিবন্ধ।

কএদী-বি, যাকে কএদ করা হইয়াছে; অবরুদ্ধ ব্যক্তি। ২ বিণ, অবরুদ্ধ।

কএরাকাণী [কাণী স্থলে থানীও উচ্চারিত হয়। কলহকারিণী হতে। প্রা°] বি, কর্কশবাদিনী নারী; কলহপ্রিয়া স্ত্রী।

কএলা$_{১}$ [প্রাদে°] বি, মৎস্য-বিঃ; কয়লামাছ।

কএলা$_{২}$ [প্রা° বাং] ক্রি, করিলাম। (চ° ৩৫।৫)।

কএলা$_{৩}$ [কয়লা দ্রঃ। হি°-কোএলো; ইং-coal.] বি, কাঠাঙ্গার; আলাত; পাথুরে কয়লা।

কওঁ [হি°-কহুঁ > কহিমু > কমু। প্রা°-বাং] ক্রি, কহি। "তোমার কথা যদি কওঁ মহাপাপে মরি।"-মাণিক° গান। ২ কহিব। "তোক জ্ঞান শিখিবার কওঁ খোলা হাড়ির ঠাক্রি।"-মাণিক° গান।

কওড়ি [প্রা° বাং। কবড়ী, কৌড়ী দ্রঃ] বি, কড়ি। "কওড়ি পঠওলে পাব নহি ধার।"-বি° প° (ন° গু°)।

কওন [হি°-'কবন'] কোন দ্রঃ।

কওয়া [হি°-কহাব্, কহাবত। কই, কও, কয়। অস-ক্রি-কইতে; কইয়া, ক'য়ে। এইরূপ কইলাম, কইলে, কইল, কইতেছে, কইয়াছে, কইবে ই°। ণিজন্ত-কওয়ানি -কওয়াই; কওয়াও, কওয়ান; কওয়ায়, কওয়াল; কওয়াইতে (স্কে° কওয়াতে,; কওয়াইয়া (স্কে° কওয়ায়ে) ই°] ক্রি, কহা; বলা; বর্ণন করা। "মরমে মরমের কথা ক° গেল না।"-রাম বসু। ২ বি, কথন; বর্ণন।

কওর [প্রা° বাং প্রাদে°] বি, গ্রাম।

কংখা [বৌ° বাং প্রাকৃ°। আকাঙ্ক্ষা > কাঙ্ক্ষা >] বি, বাঞ্ছা; আকাঙ্ক্ষা।

কংগ্রেস [ইং-Congress] বি, জাতীয় মহাসভা বা পরিষৎ।

কংফুচী-বি, বিণ, কংফুচের মতাবলম্বী। পরিঃ দ্রঃ।

কংস$_{১}$, কংশ [কন্‌শ্-কন্‌স্ (শাসন করা)+অ-র্ত্তৃ, যে (নিষ্ঠুরভাবে) শাসন করিতে পারে] বি, মথুরার রাজা, উগ্রসেনের পুত্র। ~কৃষ্ [কৃষ্ (কর্ষণ করা, মর্দ্দন করা)] বি, যিনি কংসকে বিনাশ করিয়াছেন; কংসহন্তা; কৃষ্ণ। ~হা [-হা (হন্, বধ করা) +ক্বিপ্ (র্ত্তৃ)] বি, কংসহন্তা; কৃষ্ণ। ~জিৎ [-জিৎ (জি, জয় করা)+ক্বিপ্ (র্ত্তৃ)-যে কংসকে জয় করিয়াছে] বি, কংসারি কৃষ্ণ।

কংস$_{২}$, -শ-বি, তাম্ররঙ্গ-মিশ্রিত ধাতু; কাঁসা। ২ তৈজস দ্রব্য; কাংস্যপাত্র; স্বর্ণ-রজতাদিনির্ম্মিত পাত্র।

কংস$_{৩}$, -শ-বি, পরিমাণ-পাত্র-বিঃ; আঢ়ক।

কংসক [কংস+ক (তুল্যার্থে)-যা কাঁসা সদৃশ শ্বেতবর্ণ। (২) ক (জল) কংসের ন্যায় স্বচ্ছ জল হয় যা হতে-বহু°] বি, হীরাকস।

কংসকার [কংস-কৃ (করা)+অ (র্তৃ-অণ্) উপ০] বি, যে কংস প্রস্তুত করে ; জাতিবিঃ ; কাংস্যবণিক্ ; কাঁসারি। ~বণিক্-বি, কাঁসারি।

কংসবিতী, কংসাবিতী-বি, কংসের ভগিনী ; উগ্রসেনের কন্যা ও দেবশ্রবার পত্নী। ২ বাঙ্গালার নদীবিঃ।

কংসহা [কংস+হা (হন্+ক্বিপ্-র্তৃ)] বি, কংসারি কৃষ্ণ।

কংসারাতি, কংসারি [কংসের অরাতি, অরি (শত্রু)-৬ তৎ কিংবা কংস (হইয়াছে) অরাতি, অরি যার-বহু০] বি, শ্রীকৃষ্ণ ; বিষ্ণু ; নারায়ণ।

কঁঅলা [প্রাকৃ০। প্রাদে০-চ০ ক০ ভা০] বি, কমলা।

কঁক্, কঁক্কক্ [শব্দাত্মক] বি, অব্যক্ত শব্দ ; (ঐ শব্দে হাস্য)। ২ মোরগের ডাক। ক্রি, কঁকুকঁকান-বি, কক্ককানি।

কক্‌থটী-বি, খটাশ। "বানরী রব দএ ক০ নাদ।"-গোবিন্দ০।

কঁকানি [অনু০। ককাই, ককাও, ককায় ; ককাইতে (ক্ষে০ ককাতে), ককাইয়া (ক্ষে০ ককইয়ে) ই০] ক্রি, সদ্যোজাত শিশুর ক্রমাগত কক্ করিয়া ক্রন্দন করা ; রোদন করিতে করিতে স্বর বা দম বন্ধ হওয়া। ২ কাতরতা প্রকাশ করা। ৩ বি, ঐরূপ ক্রন্দন। কাঁদিয়া কঁকাইয়া [কথ্য-কেঁদে কিকইয়ে] ক্রি-বিণ, অনেক কান্নাকাটি করিয়া ; বিশেষ অনুনয়-বিনয় সাধ্য-সাধনা করিয়া ; বহু কষ্ট জানাইয়া। কঁকানি-বি, কাতর ক্রন্দনধ্বনি ; রোদন-শব্দবিঃ।

কঁকার [ক (ব্যঞ্জনবর্ণ) + কার (স্বরূপার্থে)] বি, কবর্ণ।

ককুঞ্জল-বি, চাতকপাখী।

ককুৎ, ককুদ্-বি, বৃষস্কন্ধের ঝুঁটি।

ককুৎস্থ [ককুদ (রাজচিহ্ন) স্থ (যে থাকে) অর্থাৎ যাতে রাজচিহ্ন থাকে (উপ০) কিংবা ককুদ (ষাঁড়ের ঝুঁটি) তাতে স্থ (যে থাকে) ৭মী-উপ০। প্রসিদ্ধ আছে যে বৃষরূপ ইন্দ্রের ককুদে থাকিয়া ইক্ষ্বাকুবংশীয় রাজা পুরঞ্জয় অসুর বধ করিয়াছিলেন] বি, সূর্য্য-বংশীয় রাজা ; [রামা০] সূর্য্যবংশীয় ভগীরথের পুত্র ; [ভাগবতে] পুরঞ্জয়ের পুত্র।

ককুদ ["প্রাধান্যে রাজলিঙ্গে চ বৃষাঙ্গে ককুদোঽস্ত্রিয়াম্।"-অমর০] বি, শৈলশৃঙ্গ ; পর্ব্বতের চূড়া। ২ রাজচিহ্ন (ছত্রচামরাদি)। ৩ ধর্ম্মের পত্নী। ৪ বিণ, প্রধান ; শ্রেষ্ঠ। ~াঙ্ক [ককুদ (রাজচিহ্ন) অঙ্ক্ (ধরা)+অ (র্তৃ)] বিণ, রাজলক্ষণাক্রান্ত ; রাজচিহ্নাঙ্কিত ; ছত্র চামরাদি রাজচিহ্নধারী।

ককুদ্মতী ["কটো না শ্রোণিফলকং কটিঃ শ্রোণী ককুদ্মতী।"-অমর০। ককুদ্মৎ+ঈ (স্ত্রীং) ক=শরীর ; কু=ভূমি ; নিতম্বস্থ ভূমি-নিতম্বদেশ। শরীরের যে অংশে নিতম্বদেশ আছে] বি, কটি ; নিতম্বদেশ ; শ্রোণী।

ককুদ্মান্ [ককুদ্+মৎ (স্ত্য মতুপ্) ১মা ১ব০] বি, যার ককুদ আছে ; বৃষ ; ষাঁড়। ২ চূড়া বা শিখরবিশিষ্ট বলিয়া শৈল ; পর্ব্বত।

।

[মূ০-ককুদ্মিন্] বিণ, ঝুঁটি বা শিখরবিশিষ্ট। ২ বি, বলরাম-পত্নী রেবতীর পিতা। ৩ বৃষ। ৪ পর্ব্বত। স্ত্রীং ~দ্মিনী।

ককুন্দর [ক (শরীর) কু (নিতম্ব) দৃ (দীর্ণ হওয়া ; গর্ত্ত হওয়া)+অ (র্তৃ-খ জ্ঞা০)] বি, নিতম্বের দক্ষিণ ও বাম ভাগের দুইটী আবর্ত্তাকার গর্ত্ত। ২ কটুতিক্ত-রসাত্মক বৃক্ষবিঃ।

ককুভ্১ [ককুভ দ্রঃ। ক-কুন্ভ্-ক্বিপ্ (র্তৃ)] বি, বৈদিক ছন্দোবিঃ। ২ রাগিণীবিঃ। ৩ দেশ। ৪ দিক্। ৫ চম্পকমালা ; চম্পকশাখা।

ককুভ২ [ক (দিক্, বায়ু) কু (ভূমি)+ভা (দীপ্তি পাওয়া) অ (র্তৃ) বা ক-কুন্ভ্(পরিব্যাপ্ত করা)+অ(র্তৃ)] বি, রাগবিঃ। ২ বীণার প্রান্ত-ভাগস্থ বক্র কাষ্ঠ ; অলাবু ; অলাবুর অংশ। ৩ [বিস্তীর্ণ ভূমি (ব্যাপক বলিয়া)] অর্জ্জুন-বৃক্ষ। ৪ [বিস্তীর্ণ পক্ষ হেতু] পক্ষিবিঃ। স্ত্রীং ~া-ককুভের সকল অর্থে ; চম্পকমালা ও শাখা।

ককুহাস-বি, স্তুতি।

কক্/ড় [কড়কড় (অনু০)-হাড় চিবাইবার, দন্তে দন্ত ঘর্ষণ বা ঘর্ষণ শব্দ (কড় ভক্ষণে), কড়া করিয়া কষণে (কড়্ড-কর্কশী ভাবে)-কড়াকড় > ক্ষে০] অ, কড়া করিয়া কষিবার শব্দ ; কড় কড় করিয়া চর্ব্বণ। ২ দন্তে দন্তে ঘর্ষণ শব্দে ক্রোধ ; আপশোষ ই০ বাচক। "ক০ দন্তে দন্তে ভীষণ ঘর্ষণ।" -বি০ চক্রবর্ত্তী। ~ড়িয়া, ~ড়ে-বিণ, খুব কড়া। ২ খুব কষা। ৩ কড় কড় শব্দে চিবান যায় এমনি কড়া ও টাট্‌কা ভাজা। বি, ~ড়ি-কড়কড়ি দ্রঃ।

কঁকোল, -লক [কক্ (অহঙ্কার করা) +(র্তৃ-ক্বিপ্) কোল-কুল (রাশিকরা)+অ (র্তৃ)] বি, কাঁকলানামক গন্ধদ্রব্যবিঃ।

কক্‌খট-বি, খড়ীমাটি। ২ বিণ, কঠিন। ~ী-বি, খড়ীমাটি। খটিকা দ্রঃ।

কক্‌খনি-কঙ্কণ দ্রঃ।

কক্ষ [সং-কষ্+স (ণে, জ্ঞা০)] বি, গৃহ ; প্রকোষ্ঠ ; ঘর। ২ রাজান্তঃপুর। ৩ দেওয়াল। ৪ বাহুমূল ; বগল ; (সাধাঃ) কক্ষপুট। ৫ কোমর ; বাঁক ; কাঁকাল ; পার্শ্বভাগ। ৬ (বগলে হয় বলিয়া) কাঁকবিরালী নামক স্ফোটক রোগ। ৭ গ্রহগণের পরিভ্রমণ-পথ orbit. প্র-কক্ষচ্যুত। ৮ বস্ত্রপ্রান্ত ; বস্ত্রাঞ্চল ; আঁচল। ৯ কচ্ছ ; কাছা (ভুল-কাছা গলায় দেওয়া) উত্তরীয়-বস্ত্রের একাংশ ; পৃষ্ঠদেশে প্রদত্ত বস্ত্রাংশ। ১০ শুষ্কতৃণ ; শুষ্কবন [বিরল] ১১ লতা [বিরল] ১২ [কষ্=হিংসা করা] বিণ, স্পর্দ্ধাকারী ; প্রতিযোগী ; প্রতিপক্ষ। প্র-সমকক্ষ ; তুল্যকক্ষ। ১৩ কলুষ ; পাপ [বিরল] স্ত্রীং ~া-ভিত্তি ; দেওয়াল। ২ প্রকোষ্ঠ। ৩ কুঁচ। ৪ পূর্ব্বপক্ষ। "যার কক্ষা মাত্র নাহি বুঝে কোন জনে।"-চৈ০ভা০। ৫ প্রতি-যোগিতা। "বালকেহো ভট্টাচার্য্য সনে কক্ষা করে।"-চৈ০ভা০। ৬ ['কক্ষ্যা' ও০] চন্দ্রহার। ৭ হস্তিবন্ধন-রজ্জু। ~চ্যুত-কক্ষ হতে বিচ্যুত বা বিচলিত। ~তল-বি, গৃহতল ; মেজে floor. ২ বগল। ~পুট-বগল। ~ভ্রষ্ট-কক্ষচ্যুত। ~স্থ-কক্ষের মধ্যে স্থিত ; স্বস্থানে অধিষ্ঠিত ; কক্ষের অন্তর্গত।

কক্ষক [কক্ষ+ক (জ্ঞা০)] বি, জন্মেজয়ের সর্প-যজ্ঞে দগ্ধীভূত সর্প (বাসুকীর পুত্র)।

কক্ষণ১, -নো [ক (কশ্চিন্) ক্ষণ-ও >, গ্রা০। হিং-কোইক্ষণ-কখনই] অ,

কোন কালেই ; কখনই। প্র—সে বলেছে যে ওদিকে সে কক্ষণ যাবে না। **কক্ষিণ$_2$** [প্রাদে৹ জোর দিয়া বলা] অ, কখন। "ক৹ আবার বলুম?" **কক্ষিণই** [নিশ্চয়ে, হি৹—'হি'=বাং (কে৹) 'ই'। পুনরুক্তি-দুষ্ট] অ, কোন সময়েই ; কখনই। **কক্ষিণো$_3$**—কখনই। "তুমি 'মা' বোল না যেন?" "বাবা বল্লেন—'কক্ষণো না।'"—আ৹ শক্তি।

কক্ষধর [কক্ষ (দেহপার্শ্ব) ধৃ (ধারণ করা)+অ (র্তৃ, জ্ঞা৹)] বি, বক্ষের উভয় পার্শ্বস্থ মর্ম্মস্থল।

কক্ষসেন—বি, রাজা অবিক্ষিতের পৌত্র।

কক্ষা, কক্ষ্যা—কক্ষ দ্রঃ।

কক্ষান্তর [কক্ষ+অন্তর] বি, ভিন্ন কক্ষ ; অন্তগৃহ।

কক্ষাপট [কক্ষা (কটিবন্ধ) পট (বস্ত্র)—ধা, বা ৬ তৎ] বি, কৌপীন ; অন্তর্বাস। ২ কাছা।

কক্ষা/বেক্ষক [কক্ষা (মহল, রাজ-অন্তঃপুর) অবেক্ষক অব—ঈক্ষ্=দর্শন করা+অকণ, (র্তৃ)—৬ তৎ] বি, অন্তঃপুররক্ষক। ২ দ্বারবান্ ; দৌবারিক। ৩ উদ্যান-রক্ষক। ৪ চিত্রকর। ৫ উপপতি ; লম্পট। স্ত্রীং ~বেক্ষিকা।

কক্ষীকৃত [কক্ষ কৃত (মধ্যে ঈ—চ্বি, অভূততদ্ভাবার্থে)] বিণ, বশীকৃত ; আয়ত্তীকৃত ; অধীনীকৃত। ২ কুক্ষিগত।

কক্ষ্য—বি, কক্ষ (দ্রঃ)। ২ সাদৃশ্য। ৩ বিণ, কক্ষোদ্ভব। ৪ কক্ষ সম্বন্ধীয়। স্ত্রীং ~া।

কখনি$_1$ (-নঁ-) [কি (কিম্ >) খন (ক্ষণ >)] কদা ; কস্মিন্‌কালে ; কোন সময়ে ever. **কখনি কখনি, কখনি সখনি**—ক্রি-বিণ, সময়ে সময়ে ; কোন কোন সময়ে। "কখন কখন সখি, দেখা দেয় আসি।"—বাং-গীত। **কখনই**—অ, কোন কালেই। ২ কোন মতেই বা অবস্থাতেই। **কখনও, কখনো**—অ, যে কোন অবস্থা, সময়, সুযোগ, ঘটনা হউক না তা সত্ত্বেও। **কখনো, কখনো**—অ, কোন কোন সময়।

কখন$_2$—অ, কোন সময়? when?

কঙ্ক [কঙ্ক্ (গমন করা)+অ (র্তৃ)] বি, কাঁকপক্ষী ; হাড়গিলে Heron. ২ যম। ৩ অজ্ঞাতবাস-কালে যুধিষ্ঠির বিরাটরাজের নিকট এই নামে পরিচিত হন। ৪ ক্ষত্রিয়। ৫ ছলব্রাহ্মণ। ৬ কংসের ভ্রাতা ; উগ্রসেনের পুত্র। স্ত্রীং~া—উগ্রসেনকন্যা। ২ শ্রীখণ্ড চন্দন ; শ্বেত-চন্দন। **~পক্ষ**—বি, কাঁকপাখীর পালক ; হাড়গিলার পালক, তার ডানা। **~পত্র**—বি, কাঁকপাখীর পালক। ২ পুঙ্খযুক্ত পার্থ। ৩ বিণ, কঙ্কপক্ষযুক্ত। **~মুখ**—বি, কাঁকপাখীর মুখ বা তদ্বৎ অগ্রভাগ। ২ কঙ্কচঞ্চুবৎ সাঁড়াশী ; চিম্‌টা। ৩ শল্যোদ্ধারক যন্ত্রবিঃ।

কঙ্কট [কং (বায়ুকে) কট্ (আবরণে)+অ (র্তৃ জ্ঞা৹ থ) যে বায়ুকে পর্য্যন্ত অবরোধ করে] বি, বর্ম্ম ; কবচ ; সাঁজোয়া। **~ক** (-ট্-) [কঙ্কট+ক (স্বার্থে) কঙ্কট দ্রঃ] বি, কবচ ; সাঁজোয়া। "গলদেশে প্রতিমুক্ত, উরু কঙ্কটকযুক্ত, শিরস্ত্রাণে সুশোভিত শির"—রঙ্গলাল (কাঞ্চী৹)।

কঙ্কণ [শব্দাত্মক পদ। যে পরস্পরের ঘর্ষণে কং কং শব্দ করে] বি, স্ত্রীলোকের করভূষণবিঃ ; কাঁকন ; খাড়ুয়া ; খাড়ু। ২ শেখর। ৩ করসূত্র। ৪ সহ্যাদ্রি হতে সাগর পর্য্যন্ত বিস্তৃত দেশ ; পরশুরাম একবিংশতিবার নিঃক্ষত্রিয় পৃথিবী ব্রাহ্মণাধিকৃত করিয়া আপন বাসের জন্য এই স্থান নির্ম্মাণ করেন।

কঙ্কণী, কঙ্কণীকা [কঙ্কণ+ঈ (স্ত্রীং) ; ক (স্বার্থে)—আ (স্ত্রীং)] বি, ছোট ঘুঙুর ; ক্ষুদ্র ঘুণ্টিকা।

কঙ্কত [কনক্ (গমন করা)+অত (র্তৃ, জ্ঞা৹) সংস্কারের জন্য কেশ মধ্যে গমন করে] বি, কেশ-সংস্কারক ; চিরুণী। স্ত্রীং ~ী, **কঙ্কতিকা**—কাঁকুই মোটা দাঁড়ার বড় চিরুণী comb. **~দেহী** [মূ৹—কঙ্কতদেহিন্] বিণ, চিরুণীর দাঁড়ার ন্যায় কাঁটায় আবৃত গোলাকার কোমলাঙ্গ টেনফোরা নামক সামুদ্রিক জীববিঃ ctenophora.

কঙ্কপুরী [কঙ্ক (সুখ) পুরী—ধা] বি, কাশীধাম।

কঙ্কমালা—বি, করতাল বাদ্য।

কঙ্কর [সং—শর্করা > কাঁকর > সং-রূপ কং—কৃ+অ (র্তৃ), যে ঘর্ষণে বা আঘাতে 'কং' শব্দ করে] বি, (দানাদার শর্করার মত বলিয়া) কাঁকর। "ঐ দেখ। প্রচণ্ডতর কর্কশ সমীরণ ইতস্তত কঙ্কণ বর্ষণ করিতেছে।"—মহা৹ (বর্দ্ধ)। ২ বিণ, কর্কশ ; কঠিন। ৩ করকরে বা কিরকিরে।

কঙ্করোল—বি, কাঁকরোল গাছ ও ফল। এই ফলের সর্ব্বাঙ্গ চিরুণীর দাঁতের মত কণ্টকাবৃত।

কঙ্কা—কঙ্ক দ্রঃ।

কঙ্কাল [কঙ্ক্ (গমন করা, গত হওয়া) আল (র্তৃ, জ্ঞা৹)] বি, শরীরের রক্ত, মাংস, মেদ চর্ম্ম ই৹ সমস্ত গত হইলে যা অবশিষ্ট থাকে অর্থাৎ কেবল হাড় পাঁজরা বা খাঁচা ; অস্থিপঞ্জর skeleton. ২ কাঁকাল ; কটি। **~মালা**—হাড়পাঁজরা সমূহ। **~মালী** [কঙ্কালমালা (অস্থিমালা)+ইন্ (স্ত্য)=কঙ্কালমালিন্ ১মা ১ব৹ যার কঙ্কালমালা আছে] বি, অস্থিমালাধারক শিব। > স্ত্রীং **~মালিনী**—কালী। **~সার**—বিণ, অত্যন্ত কৃশ হওয়ায় অস্থি মাত্র অবশিষ্ট।

কঙ্কু—বি, তৃণবিঃ ; কাঙ্‌নি ঘাস। ২ উগ্রসেনের পুত্র।

কঙ্কুষ্ঠ—বি, হরিতালের ন্যায় পাষাণবিঃ ; হিমালয়প্রদেশস্থ পীতবর্ণমৃত্তিকাবিঃ।

কঙ্গু, কঙ্গুকা, কঙ্গুনী [কথ্য—কাঙ্গনি] বি, এই ধান্য শ্যামাক, চীনক, কট ও কোদ্রব ভেদে এবং শ্বেত, পীত, কৃষ্ণ ও রক্তবর্ণ ভেদে চারিপ্রকার এবং বংশবীজ ও শরোদ্ভব ভেদে কোদ্রব ধান্যও দুই প্রকার panicum italicum.

কঙ্গুরা [হি৹—কঁগূরা। ফা৹—কুংগূরা] বি, শিখর ; চূড়া। তুল—"কণক কঁগূরা,"—তুলসী। ২ [কঙ্গুয়া ও৹] দুর্গের প্রাচীরের মধ্যে মধ্যে যে সকল উন্নত স্থান থেকে সৈনিকগণ যুদ্ধ করে ; বুরুজ। "পাথরের জড় পাথরের গড় ক৹ পুরট শোভা।"—কবিক৹।

কচ্$_1$ [শব্দাত্মক। ক দ্রঃ] অ, তীক্ষ্ণধার অস্ত্রের সবল আঘাতে কোন সরস বা কোমল বস্তুকে কর্ত্তন করিবার শব্দ। প্র—কলাগাছটা কচ্ করিয়া কাটিয়া ফেলিল। ২ কোমল দ্রব্য চিবাইবার শব্দ (এই শব্দ হতে কচুরী, কচু, ই৹-র নাম আসিয়াছে)। কাঁচা কাঁকুড় কচমচিয়া খাওয়া ; কচু কচকচ করিয়া কাটা। তুল—"কাঁচা মাথা কচমচায়ে চাবায়ে না

খাই।"—রাজাবাহাদুর। কচ্ শব্দ ব্যাপক হইলে কচাকচ্, কচ্ শব্দ ক্রমাগত হইতে থাকিলে কচরকচর। উপর্য্যুপরি অল্পজোরে কিন্তু তীক্ষ্ণধার অস্ত্রাঘাতে কর্ত্তন শব্দ কঁচ্কঁচ্। কঁচ্কিচি, কঁচ্কঁচানি—বকুনি ; গোলমাল। ২ কলহ ; ঝগড়া। "কচকচিতে কাজ কি মোরা দেশে ফিরে যাই।"—কৃত্তি°। ৩ অব্যক্ত অনুকারী শব্দ ; গরুর গাড়ীর চাকা ঘুরিবার বা ঢেঁকি ই° তুলিবার ও পাড়িবার সময় ঘর্ষণের শব্দ। ঢেঁকির কঁচকিচি—ঢেঁকিতে পা দিয়া তুলিবার এবং পাড়িবার সময় যে অব্যক্ত শব্দ হয়। ২ বচসা ; কলহ। "মিথ্যা ঢেঁকির কচকচি করায় কি উপকার।" —টেকচাঁদ। জোর করিয়া এক আঘাতে দুই খণ্ড করিবার শব্দ 'কঁচাৎ' [কচ্ অপেক্ষা কোমল শব্দ কুচ্। ঐরূপ পুনঃ পুনঃ আঘাতের নাম কুচ্কুচ্। 'কচাৎ' এর কোমল 'কুচুৎ'। কঠিন বা নীরস বস্তুর কর্ত্তন শব্দ কচ্ না হইয়া কট্ হয়। এইরূপ কট্কট ; কটাকট ; কটাৎ, কুটুৎ]।

কঁচ$_2$ [কচ্ (বন্ধন করা)+অ (র্ম্ম—অল্—জ্ঞা°) যাকে মস্তকে বন্ধন করা হয়] বি, শিরোরুহ ; কেশ ; চুল। "কবহুঁ বান্ধয়ে কচ কবহুঁ বিথারী।"—বি° প°। ২ [কেশের ন্যায় অগ্রভাগ] কলমাদির সূক্ষ্মাগ্রভাগ ; কৎ (দ্রঃ)। ৩ [অগ্রভাগের অর্থ >] ডগলা বা আগা। ৪ [ভা°—অ] বন্ধন। প্র—বিকচ (বি=বিহীন কচ=বন্ধন)। ৫ বৃহস্পতির পুত্র ; শুক্রাচার্য্যের শিষ্য। ৬ শোভা। ৭ ব্রণের উপরকার শুষ্ক চর্ম্ম ; পাপড়ী ; মাউড়ী ; শুষ্কব্রণ। ৮ সুগন্ধবালা। ৯ মেঘ। স্ত্রীং ~া—হস্তিনী। ২ [প্রাদে°] গাছের ডাল ; কুঠারদ্বারা কাঠ চিরিবার কালে যে বড় বড় কুচা বাহির হয়।

কঁচ$_3$ [ফা°—কজ্] বি, জমি, ইমারত ই°-র খানিকটা কোণাচে বা তেরচা ভাবে বাহির হইয়া থাকিলে তাকে কচ বলে। বিণ, কঁচকিচিয়া$_1$, কচকিচে$_1$—কচকচ শব্দকারী। কঁচকিচিয়া$_2$, কঁচকিচে$_2$ [সং—কর্ষণ >, হি°—কচ্চা—কাঁচা >] বিণ, কচিকচি ; অপক্ক ; কাঁচা। ২ বি, তৃণবিঃ।

কঁচগ্রহি [কচের বা কচেতে গ্রহ (গ্রহণ করা) হয় যে ব্যাপারে—বহু°] বি, যুদ্ধে কেশাকর্ষণ। ২ চুলে ধরা।

কঁচর্টন [সং—কষ (হিংসা ই°)—কস্ >] বি, মর্দ্দন ; ম্রক্ষণ। কঁচটা [হি°—কচল্না, কুচল্না] বিণ, মর্দ্দিত ; মাখা। ক্রি, (উ° পু°, অসম্ভ্রমার্থে) মর্দ্দিত কর্ ; মাখ্। কঁচটাকিচটি—বি, মাখামাখি ; চট্কাচট্কি। ২ ঘষাঘষি। ৩ ঠাসাঠাসি।

কচটানি [(কস্টান ও°) কচলান দ্রঃ। কচটাই ; কচটাও, কচটান ; কচটা ; কচটায়। অস-ক্রি—কচটাইতে, কচটাতে ; কচটাইয়া, কচটে] ক্রি, চট্কান ; মাখা ; মর্দ্দন করা। ২ বিণ, মর্দ্দিত। লেবু কিচটে তেতো করা [শ্লেষার্থে] ক্রি, অতিরিক্ত পেষণ বা অত্যাচারে বা দুর্ব্ব্যবহারে নিরতিশয় অপ্রীতিকর করিয়া তোলা।

কঁচড়া [সং—কচ (চুল, লোম—তা হতে সুত্রাদি)—ড়া (তাতে নির্ম্মিত অর্থে)] বি, স্থূল ও দীর্ঘাকার রজ্জু ; কাছি ; দড়া। ২ [প্রাদে° বাঁকুড়া] মোয়া ফল। ৩ [প্রাদে°—নদীয়া] মোট [হি°—কিচড়। বাং, প্রাদে°—কচ্ছুর, সং ও পালি°—কচ্চর। কচ (ইট পাথরাদির টুকরা, খোয়া) + ড়া (যুক্তার্থে রা—লা ধাতুজ)] পঙ্ক ; কাদাকিচেল ; জঞ্জাল ; কাঁকরযুক্ত মাটি। কড়কচ বা করকচ [এই অর্থে—কঁচরা, কঁচলা ও°]।

কঁচমা [হি°—কাঁচ্চা হতে। তুল—বাং—এক-রত্তি ; একছটাক ; মাংস-বিরল খর্ব্বাকার ছেলেকে বলে ছটাকে। সেইরূপে স্ত্রী, ছটাকী] বিণ, একটুখানি ; মুষ্টিমেয় ; এক-রত্তি প্রমাণ বা পরিমাণ > নিতান্ত শিশু। "ভাল ফললো ফল বঙ্গালীতে, মিলল বর এক ক° ছেলে।" —রাসবিহারী মুখো°।

কঁচিরকঁচির, কঁচিরমঁচির [হি°—কচর্কচর্ প্রাদে°, উচ্চারণভেদে 'ক্যাচরম্যাচর'] বি, কাঁচা ফল চিবাইয়া খাইবার শব্দ। ২ অব্যক্ত শব্দ ; পক্ষীর ধ্বনি। ৩ নিরর্থক গণ্ডগোল। ৪ ঝগড়া ; কচ্কচি।

কঁচলন [কচলান দ্রঃ। সং—কচ্ (দীপ্তি) >] বি, প্রক্ষালন ; ধৌত করণ। ২ মর্দ্দন। কঁচলা—বিণ, ধোয়া। ২ মর্দ্দন করা। ৩ বিবাদী। কঁচলাকিচলি [কচাল দ্রঃ] বি, ক্রমাগত বাক্কলহ।

কঁচলানি [হি°—কুচলানা। কচলাই, কচলাও ; কচলাম ; কচলা। কচলায় ; কচালে। অস-ক্রি—কচলাইতে; কচলাইয়া ; কচালিয়া ; কচালি (কে°) কচালে] ক্রি, মর্দ্দন করা ; মাড়ান। ২ ধৌত করা ; প্রক্ষালন করা। ৩ চট্কান ; মাখা। "চম্পক অঙ্গুলে আম মাখে কচালিয়া।"—ফুলরেণু। বি, রগড়ান ; মার্জ্জনা করা। "এক হাতে সখী কচালিয়া আঁখি নয়ানে দেখিয়ে অরি।"—চণ্ডী°।

কঁচা$_1$ [প্রাদে°] বি, দণ্ড ; যষ্টি। ২ কাষ্ঠের ছিলকা। প্র—কাঠের কচা। ৩ বৃক্ষবিঃ। (২) গাছের কচি ডাল। ৪ ডাঁটা ; খাড়া। "বার্ত্তাকু কুমড়া কচা তাহে দিয়া কলা মোচা।"—কবিক°। কঁচা$_2$ [কচাল (দ্রঃ) >, কে°] বি, বিবাদ ; কচাল দ্রঃ। কচা$_3$ [সং—কচ্ছ >] জলের কাছ বা নিকটস্থ ভূমি ; জলাভূমি। (তুল—কাছাড়)। কঁচা$_4$—কচড়া ; পাটকেল ; ইষ্টকখণ্ড। প্র—ইটের কচা [দ্রঃ—ক্ষুদ্র কচাকে 'কুচা' ; অতিক্ষুদ্রকে 'কুচি' বলে] কঁচা$_5$ [প্রাদে°] ক্রি, পরীক্ষা করা। ~কিচি—কলাকচলি দ্রঃ।

কঁচাকু [তুর্কী°—কজাক (ডাকু, দুর্ব্বৃত্ত) >] বিণ, লুণ্ঠনকারী ; দুর্ব্বৃত্ত ; দস্যু। ২ [বাং বির্থে°। আ°—কজিয়া (ঝগড়া) >] ঝগড়াটে।

কঁচাৎ [অনু°] অ, কঠিন বস্তু এক আঘাতে কাটার শব্দ ; জাঁতিতে সুপারি কাটার শব্দ। কট্ দ্রঃ।

কঁচানি$_1$ [কচা$_1$ দ্রঃ। প্রাদে°] ক্রি, কলান ; গজান ; মুঞ্জরিত হওয়া [অপ্র°]।

কঁচানি$_2$ [প্রা°-বাং—বৈ° সা°] কচটান ; রগড়ান। "কচাইয়া আঁখি।"—চণ্ডী°।

কঁচায়ঁন [কচাল দ্রঃ। চট্ট° প্রাদে°] বি, বাদানুবাদ ; বিতণ্ডা dispute,

কঁচাল, কঁচল, কুঁচল, কোঁচল [হি°—কুচল্, কচ্লা] বি, বিরক্তিজনক তর্ক-বিতর্ক ; বাক্কলহ ; বিবাদ ; ঝগড়া ; কিচকিচি। "কয়ে কথা কচাল যে কয় পুনঃ পুনঃ।"—শি°। "মাগীরা এই নিয়ে সেই থেকে কত কোচল কচ্চে।"—ছোট বড় (কা° প্র°

দাশগুপ্ত)। ২ [প্রাদে॰] কুৎসা। ৩ মৎস্য ধরিবার এক রকম বড় জাল। ৪ মর্দ্দন; রগড়ান। ৫ [কিচাল দ্রঃ। হি॰—কীচড়] কর্দ্দম। বিণ, কঁচালিয়া।

কচালে [কচলান দ্রঃ] ক্রি, মর্দ্দন করে। "দুই চক্ষু লোহিত ক॰ করে করে।"—মহা॰ (কাশী)। ২ রগড়ান। "উঠিল পদাতি ধরিয়া ঢাল কাতি, ক॰ কেহ বিলোচন।"—কবিক॰।

কচি [হি॰—কচ্চা; কচ্চী] বিণ, কাঁচা; অপক্ক। ২ কোমল; নরম। ৩ নূতন; সদ্যোজাত; নবপ্রসূত। "এমনি স্বভাব মোর কচি ছেলে পেলে। অমনি কাঁদাই তারে মহা কুতূহলে।"—অশোক॰। ~খোকা—কোমলমতি শিশু। ২ শিশুর ন্যায় অবোধ। প্র—তাহার কচিখোকার মত কথা বলা বা কাজ হয়েছে। ৩ ন্যাকা। > স্ত্রীং ~খুকি।

কচু, কচ্চী—বি, কচুনামক কন্দবিঃ; কচু মূল; কচুর গাছ। ২ ['ঘোড়ার ডিম' 'কলা' ই॰ শব্দের ন্যায় বিদ্রূপোক্তি; কচুর সাদৃশ্যার্থে অণ্ডকোষ] কিছুই নহে; অসম্মতি-জ্ঞাপক অব্যয়। কচুকাটা [কচ্ কচ্ শব্দ >] অবলীলাক্রমে ও যদৃচ্ছা খণ্ড খণ্ড করা। কচুঘেঁচু—কৃষিজাত কচু এবং বুনো ঘেসো মাটিজাত ঘেঁচু। স্থানভেদে মেটে আলু। তুল-হি॰—ঘুঁইয়াঁ। কচু এবং কচুজাতীয় আনাজ। তুল—ফলমূল, শাকসবজী। কচুপোড়া খাওয়া [কচুর সাদৃশ্যার্থক অণ্ডকোষ পোড়াইয়া খাওয়া] গ্রাম্য গালিবিঃ। কঁচু-শাক—কচুগাছের বোঁটা বা ডাঁটা-শুদ্ধ পাতা।

কচুয়া—বি, বাদ্যযন্ত্রবিঃ; কচুয়া সেতার।

কচুরি, -রী [কুচুর কুচুর করিয়া খাইবার শব্দ > হি॰—কচৌরী, কচৌড়ী, > কচুরী] বি, নিমকী জাতীয় খাবার; সিদ্ধ দাইলের পূর দেওয়া মশলা মিশ্রিত ময়দার ভর্জ্জিত পিষ্টক; পূরিকাবিঃ। ~পানা—বি, পুষ্করিণী আদি জলাশয়ের জলরোধকারী অতি বৃদ্ধিশীল পানা pistia stratiotes.

কচেবারি [হি॰—কচ্চে বারহ্=কাঁচা ১২। হি॰—কচ্চা=কচ্চে > বাং—কচে] বি, পাশা খেলায় যে দান পড়ে তা ছয় পাঁচ এক জুড়িয়া যে ১২ হয় (জোড়া তাড়া দিয়ে বার সুতরাং কাঁচা বার)।

কচ্চর [কু (কুৎসিত) চর (কু—কৎ—চর্—গমন করা + অ (র্তৃ)] বিণ, যে কুৎসিত ভাবে গমন করে। ২ দুরাত্মা; দুর্ব্বৃত্ত। ৩ [হি॰ —কচ্চর=মৈলা (হি॰—কুচৈলা)] বিণ, কলুষিত; মলদূষিত; কর্দ্দমাক্ত; মলিন।

কচ্ছ১—বি, কাছা; পরিধেয় বস্ত্রের পশ্চাৎ অঞ্চল।

কচ্ছ২ [সং—কচ্ছ সমুদ্রকূলের ভূমি] বি, জলপ্রায় দেশ; জলময় দেশ; সর্ব্বদা জলমগ্ন পঙ্কিল স্থান; জলের উপকণ্ঠস্থ ভূভাগ; অনূপদেশ; হ্রদাদির তীর-দেশ; কাছার। ২ জলপ্রান্ত। ৩ তুঁদবৃক্ষ। ৪ নৌকার পশ্চাদ্‌ভাগ। ৫ পর্ব্বতের সন্নিহিত সমতল স্থান। কাছাড় দ্রঃ। ৬ গুজরাটের সমীপস্থ অন্তরীপবিঃ; কচ্ছভুক্ত; কচ্ছ প্রদেশ। কচ্ছেশ্বর বা কোটেশ্বর ইহার প্রাচীন রাজ-ধানী ছিল; তৎকালে ঐ দেশের নাম ছিল ঔড়ুম্বর the province of Cutch. ৭ কচ্ছদেশের ঘোড়া। ৮ বিণ, জলের প্রান্তস্থিত। স্ত্রীং ~া—বি, ঝিঁঝিপোকা।

কচ্ছটিকা, কচ্ছোটিকা [প্রা॰—কাছুটী] বি, কাছা; কাছুটী। ২ কৌপীন।

কচ্ছ/প [কচ্ছ (মুখসংপুট) প (পা রক্ষা করা) + (ড, র্তৃ) যে আপন মুখ সংপুট শরীর-মধ্যে রক্ষা করে। সং—'কক্ষপ' ও॰। হি॰—কচ্ছ] বি, কমঠ; কূর্ম্ম; কাছিম। ২ মল্লযুদ্ধের বন্ধবিঃ; কুস্তির প্যাচবিঃ। ৩ কুবেরের নব নিধির মধ্যে এক নিধি। ৪ নাগবিঃ। স্ত্রীং ~পী—স্ত্রী-কচ্ছপ। ২ ক্ষুদ্র কচ্ছপ। ৩ যে রোগে তালুতে অর্ব্বুদ হয়। ৪ (সরস্বতীর) বীণা; ত্রিতন্ত্রী। ~পিকা [কচ্ছপের গায়ের মত বলিয়া] বি, চর্ম্মগ্রন্থিরোগবিঃ ["group of 5 or 6 hard elevated nodulan eruptions arranged in the shape of a tortoise which may appear on the surface of any part of the body." —সুশ্রুত] ২ ঘোড়া নিম।

কচ্ছভূ, -ভূমি—বি, জলের কাছের জমি; কাছাড়।

কচ্ছরুহা [কচ্ছ (জলার্দ্র স্থান) রুহ (জাত) যে জলার্দ্র স্থানে জন্মে] বি, দূর্ব্বাঘাস।

কচ্ছা—বি, কাছা; পরিধেয় বস্ত্রের যে অংশ পশ্চাদ্ভাগে গুঁজিয়া দেওয়া হয়।

কচ্ছাটিকা—কচ্ছটিকা দ্রঃ।

কচ্ছু, কচ্ছূ [সং] বি, কণ্ডূ; চুলকানি; খোস; পাঁচড়া।

কচ্ছুমতী [কচ্ছু + মৎ (মতু—জননার্থে) ঈ (স্ত্রীং)] বি, কচ্ছু রোগোৎপাদক শূকশিম্বী।

কচ্ছুর—বি, কচ্ছুরোগগ্রস্ত; খোসো।

কচ্ছোটিকা—বি, কাছা।

কছম [ফা॰—কিস্‌ম্] বি, প্রকার; ভেদ।

কছরত [কসরত দ্রঃ] বি, কৌশল। "মেলা ক॰ তারে যতনে শিখায়।"—মৈ॰ গী॰।

কছার—কাছাড় (২) দ্রঃ।

কছু [হি॰—কুছ্ > প্রা॰-হি॰, কছু > ব্রজ॰ ও প্রা॰ বাং, বৈ॰ সা॰—কছু] অ, কিছু। "নব অনুরাগিণী রাধা ক॰ নাহি মানয়ে বাধা।"—বি॰ প॰। "বচন চাতুরী হাম ক॰ নাহি জানি।"—ঐ।

কজাই, কাজাই [ফা॰] বি, ঘোড়ার মুখের সাজ; মুখস; কড়িয়ালি। কজাওয়া [ফা॰] বি, উটের পিঠের জিন বা কাঠি।

কজ্জল [কু (কুৎসিত, কৃষ্ণ) যে জল (বারি, রস), কু স্থানে কৎ—ধা] বি, অঞ্জন; কাজল। ২ [অঞ্জন সদৃশ বর্ণ হেতু] বি, মেঘ। ৩ কালি। ৪ রসসিন্দূর; রসপর্পটী black sulphide of mercury. স্ত্রীং ~া—মৎস্যবিঃ; কাজলা মাছ। ২ কাজলা আক। ~ধ্বজ—বি, প্রদীপ।

কজ্জলী, কজ্জ্বলী [রাসা॰ পরিঃ কজ্জল দ্রঃ] বি, রস-কজ্জলী; পর্পটিকা; রস পর্পটী রসামৃত চূর্ণ Æthiop's mineral [দ্রঃ—"চক্রদত্ত মতে সমানভাগ পারা আর গন্ধক একত্রে খলে মাড়িলে প্রথমতঃ কৃষ্ণবর্ণ ধূলিবৎ একপ্রকার নূতন পদার্থ উৎপন্ন হয়। আয়ুর্ব্বেদে ইহা কজ্জলী নামে অভিহিত।" —নব্য রসায়নী বিদ্যা (প্রফুল্লচন্দ্র রায়)]।

কজ্জ্বল [কু (কুৎসিত) জ্বল (অগ্নিশিখা) কৃষ্ণবর্ণ যে শিখা (ধা) কিংবা কু (কৃষ্ণবর্ণ) হইয়াছে, জ্বল (দীপ্তি) যার—বহু॰] বি, অঞ্জন; কাজল। বিণ, কজ্জল-বর্ণ-বিশিষ্ট; কৃষ্ণ। ২ অন্ধকার; মলিন। "মেঘ-কজ্জল দিবসে।" —রবী॰। ~ী—কজ্জলী দ্রঃ।

কঞ্চি, কিঞ্চিকা, কঞ্চী [প্রা°-'কম্‌চী' পরে সং আকারে পরিণত হইয়া কঞ্চিকা (শং° কং° দ্রষ্টব্য) কুঞ্চিকা (চক্রপাণি-দত্তকৃত শব্দচন্দ্রিকা) রূপে গৃহীত] বি, বংশ-গ্রন্থি হতে যে ক্ষুদ্র শাখা বহির্গত হয়। বেণু-শাখা; বাঁশের ডাল। "বাঁশের চেয়ে কঞ্চি দড়।"-প্রবচন।

কঞ্চুক, কিঞ্চুক [কন্‌চ্‌ (বন্ধন করা)+উ, উক (ণে) যদ্দারা শরীর আবদ্ধ করা হয়, হি°-চোলক, চোলী] বি, বর্ম; কবচ; সাঁজোয়া। "উঠিছে আকাশে কাঞ্চন-কঞ্চুক-বিভা।"-মাইকেল। ২ কাঁচুলি। "কঞ্চুক যুগইতে, পহু ভেল ভোর।" ৩ জামা; অঙ্গরাখা (অঙ্‌রাখা)। ৪ নির্মোক; সাপের খোলস। ৫ পুত্রাদির জন্মোৎসবে ভৃত্যেরা প্রভুর নিকট হতে যে বস্ত্রাদি প্রাপ্ত হয়। ৬ বস্ত্র। স্ত্রীং কঞ্চুকী১।

কঞ্চুকী২ [কঞ্চুক (কবচ, গাত্রাবরণ) + ইন্‌ (স্ত্য)=কঞ্চুকিন্‌ ১মা ১ব°] বি, অন্তঃপুর-রক্ষী; অন্তঃপুররক্ষক; নপুংসক; খোজা। ২ দ্বারপাল; নকীব। ৩ রাজান্তঃপুরের অধিকারী পুরুষ। ৪ লম্পট। ৫ কবচ-ধারী। ৬ [কঞ্চুক আছে বলিয়া] সর্প। ৭ খোসাযুক্ত শস্য; ধান, যব, ছোলা ই°। ৮ অগুরুচন্দন বৃক্ষ। ৯ ক্ষীরকঞ্চুকীবৃক্ষ; ক্ষীরখেজুর বা ক্ষীরীশ গাছ। ১০ শিরীষ গাছ mimosa sirisa. ইহার বীজে চক্ষুরোগঘ্ন অঞ্জন হয়।

কঞ্চুল, কঞ্চুল [কচ্‌ (দীপ্তি) পাওয়া) +উল, উল (ণে-স্ত্রা) যদ্দারা নারীগণ অঙ্গের শোভা জন্মায়। হি°-চোলক; কঁচুলী; কেঁচুল] বি, স্ত্রীলোকের অঙ্গাভরণবিঃ। স্ত্রীং কঞ্চুলী।

।, কি [কঞ্চুল দ্রঃ। হি°-কঁচুলী; সং-কঞ্চুলী; বাং-কাঁচুলি] বি, যদ্দারা অঙ্গের আবরণ করা হয়; স্ত্রীগণের অঙ্গরক্ষণীবিঃ (তুল-হি°-অঙ্গিয়া, আঙিয়া, আঙ্গা,) কাঁচুলি।

কঞ্জ১ [কং (সুখ বা জল) জ (জন্‌ ধাতু-র্ত্তৃ-ড) যে জলে জন্মে কিংবা যার দর্শনে সুখ জন্মে] বি, ব্রহ্মা; লোকপিতামহ।

কঞ্জ২ [ক (মস্তক) তাতে জ (উৎপন্ন)] বি, কেশ; চুল। ২ পদ্ম। "কঞ্জনয়নী খঞ্জন-গতিহারী।"-জগদানন্দ-পদাবলী। ৩ অমৃত (সমুদ্রজাত বলিয়া)। ৪ বিণ, জলজাত; জলজ।

কঞ্জক-বি, ময়নাপাখী।

কঞ্জজ [কঞ্জ (পদ্ম) জ যিনি বিষ্ণুর নাভিপদ্ম হতে জন্মিয়াছেন] বি, পদ্মযোনি; ব্রহ্মা।

কঞ্জন [কং (সুখ) জন (যে জন্মায়)-জন্‌ +ণিচ্‌-জনি (জন্মান) + অ (র্ত্তৃ)] বি,যে সুমিষ্ট বাক্যদ্বারা সকলের সুখ জন্মায়; ময়নাপক্ষী।

কঞ্জনাভ [কঞ্জ (পদ্ম) নাভ (নাভি) যার-বহু°] বি, পদ্মনাভ; বিষ্ণু।

কঞ্জমুখী [কঞ্জ (দ্রঃ) বৎ মুখ যার-বহু°] বিণ,পদ্মমুখী। "কালরাত্রি ক° কত জান কলা॥"-কবিক°।

কঞ্জর১, কঞ্জার [কঞ্জ (পদ্ম) ঋ (গতি বা অবস্থিতি)+অ (র্ত্তৃ-জ্ঞা) যিনি পদ্মে অবস্থান করেন] বি, ব্রহ্মা।

কঞ্জর২ [কং (জল) জৄ (জীর্ণ করা) +অ (র্ত্তৃ-জ্ঞা) যে জলাদি ভোজ্য বস্তু জীর্ণ করে] বি, উদর; জঠর। ২ হস্তী। ৩ সূর্য্য। ৪ ময়ূর [প্র° অ°]।

কঞ্জল-বি, কঞ্জক; ময়নাপাখী।

কঞ্জিকা-বি, ভার্গী বা বামনহাটী গাছ clerodendron serratum.

কঞ্জুস, কঞ্জুষ [হি°-কন্‌জুস্‌। প্রাকৃ°-কঞ্চুষ (কণ+চুষ) কাণচোষা। তুল-হি°-মক্ষিচূষ=যে মধুমক্ষিকা টিপিয়া মধু বাহির করিয়া চুষিয়া খায়] বিণ,কৃপণ। বি,কঞ্জুসি [হি°-কঞ্জূসী] ~পণা-কৃপণতা।

কট্‌১ [অনু°। সং-কট্ট (কাটা) ধাতু (কোমলে, কচ্‌) ট কাঠিন্যে] অ, শুষ্ক কঠিন বস্তু এক আঘাতে কাটার শব্দে; কঠোরতা বা কাঠিন্যব্যঞ্জক শব্দ। কট্‌ করিয়া কাটা। ২ শীঘ্রতাব্যঞ্জক (তুল-"টক্‌ করিয়া কাটা")। প্র-কট্‌ করিয়া জিভ কামড়ান। কট্‌ করে কথাটা বলে ফেলে। ৩ তীব্রতা-ব্যঞ্জক। প্র-কাটপিঁপড়া কট্‌ করিয়া কামড়ায় [আধিক্যে; কটাৎ, কটাস্‌; স্বল্পার্থে, কুট, কুটুৎ, কুটুস্‌] ~কট্‌-দাঁত দিয়া কোন কঠিন বস্তু দ্বিখণ্ডিত করিবার বা কাটিবার শব্দ। ২ যন্ত্রণাব্যঞ্জক। প্র-মাথা কট্‌কট্‌ করা। কাণ কট্‌কট্‌ করা। ফোড়া পাকিয়া কট্‌কট্‌ করা। ৩ কঠোর এবং স্পষ্ট; মর্মচ্ছেদের ভাব; বিঁধিয়া বিঁধিয়া বলার ভাব (তুল-সত্যমপ্রিয়ম্‌)। প্র-তাহাকে কট্‌কট্‌ করিয়া শুনাইয়া দিল। ৪ বি, মহাদেব। কটাৎ-ভারি যন্ত্র দ্বারা কঠিন দ্রব্য এক আঘাতে কাটিবার শব্দ। কটাস্‌=কঠিন দ্রব্য জোরে দন্তে কাটিবার শব্দ। "কটাস কামড়।" কট্‌কটা-বি, দন্তে দন্তে ঘর্ষণশব্দ; ক্রোধ ও বিরক্তিব্যঞ্জক শব্দ; দন্ত কড়মড়ি।"দন্ত-কট্‌কটা।"-মহা°। কটার্কট-ব্যাপকার্থে। কটর্‌কটর্‌-ক্রমাগত কাটার শব্দ (কোমলার্থে, 'কুটুর কুটুর')। কচ্‌ দ্রঃ।

কট২ [কট্‌ (আচ্ছাদন করা) + অ (র্ত্তৃ, জ্ঞা)] বি, তৃণাচ্ছাদন; তৃণাসন; মাদুরী; মাদুর। ২ তৃণনির্ম্মিত রজ্জু; মরাই বাঁধিবার বড় রজ্জু। ৩ তক্তা। ৪ [কট্‌=বর্ষণ করা] হস্তীর গণ্ডদেশ, যা মদজল বর্ষণ করে [সং-তে-শব, শবরথ, শ্মশান, কটি, অতিশয় এবং সময়বদ্ধ অর্থে ব্যবহার আছে]।

কট৩ [বৌ° বাং-প্রাকৃ°, সং-কষ্ট >] বি, কষ্ট। "কট সঅলা অইস সহাব।" -চ° পদ° ৪১।৫। ২ আশ্চর্য্য "ভণই কট ভুসুকু।"-চ° পদ° ৪১।৫।

কট৪ [কটকবালা > কে°] বি, বন্ধকী তমশুক।" একমাসের কটে যদি তোমার বসত বাড়ী বাঁধা রাখতে পার, তবে টাকা দিতে পারিব।"-কা° প্র° দাশগুপ্ত।

কটক [কট্‌ (বেষ্টন করা) + অক (র্ত্তৃ)] বি, করভূষণ; বলয়। ২ চক্র। ৩ গজদন্ত-মণ্ডল। ৪ সৈন্য। "বাঙ্কা গেল সাগর কটক হৈল পার।"-কৃত্তি°। ৫ সেনানিবেশ; শিবির। ৬ সৈন্য দ্বারা রক্ষিত রাজধানী। ৭ সানু; পর্বতের নিতম্বদেশ। ৮ সামুদ্রিক লবণ; সৈন্ধব। ৯ ওড়িষার জেলাবিঃ এবং ঐ জেলার প্রধান সহর। বিণ, ~ী-কটকসম্বন্ধীয়। ২ কটকজাত; কটকে নির্ম্মিত। প্র-কট্‌কী জুতা। ৩ পর্বতীয় শাকের কন্দবিঃ।

কটকট [অনু০। কুটকুট দ্রঃ] অ, তীব্র বেদনার অনুভূতি-ব্যঞ্জক; কন্‌কন্ অপেক্ষা কঠোর বেদনা। প্র—ক০ করে। মাথা ক০ করা। কান ক০ করা ই০। ফোড়া পাকলে পুঁজ গেলে না দিলে ক০ কনকন করতে থাকে। ২ ক্রমাগত দাঁতে কাটায় বা এক কোপে বা আঘাতে কঠিন বস্তু কাটার শব্দ। ৩ অসঙ্কোচে মুখের উপর কড়া কড়া কথা শুনান যাতে শ্রোতার মর্ম্মচ্ছেদ হয়।

কটকিটিয়া, কট্‌কিটে [কট্+কট্+ইআ (যুক্তার্থে) যা পুনঃপুনঃ কাটিতে বা কামড়াইতে থাকে] বিণ, কঠিন; কঠোর, পরুষ; রূঢ়; নীরস। প্র—তাহার কথাগুলো বড়ই কট্‌কটে। ২ তীব্র; উৎকট। ৩ মুখর; বাচাল; স্পষ্টবক্তা। ৪ [(শুষ্ক ও কঠিন বলিয়া) বরিশাল অঞ্চলে ইহার এক নাম 'দন্তভাঙ্গা'] বি, জগন্নাথদেবের প্রসাদ-বিঃ। (২) বেসম ও গুড় মিশ্রিত কঠিন মিঠাইবিঃ। (৩) [কট্‌কট্ শব্দে ডাকে বলিয়া] এক জাতীয় ভেক; ইহার অন্য নাম 'কুনো ব্যাং' (ঘরের কোণে বাস করে বলিয়া)। ৫ কীটভুক্ পক্ষীবিঃ flycatcher.

কটকবালা, কটকোবালা [আ০] বি, যে বন্ধকী কোবালাতে এরূপ কড়ার থাকে যে, অধমর্ণ নির্দ্দিষ্ট সময় মধ্যে ঋণশোধ করিতে না পারিলে ঐ বন্ধকী সম্পত্তি মহাজনের অধিকারভুক্ত হইবে; স্বত্বযুক্ত বিক্রয়-পত্র deed of conditional sale; ২ বন্ধকী তমসুক mortgage.

কটকরঞ্জা [সং—কটুকরঞ্জা] বি, করঞ্জ-ভেদ; গেঁটে বা কাঁটা করমচা।

কটকার [কট (মাদুর) কৃ (করা)+অ (র্তৃ)] বি, মাদুর নির্ম্মাণকারী জাতিবিঃ; মাদুর

কটকিনা, কট্‌কেনা [গ্রা০—কোট্-কোনা। সং—কঠিন >। অস০—কটকিনা (দুর্লভ); হিং০—কট্‌কনা (নিয়ম); ওড়ি০—কটুকমা] বি, নিয়মের কাঠিন্য; ধরা-কাট; বাঁধাবাঁধি। ২ এক বৎসরের জন্য জমি ইজারা লওয়া; মেয়াদী ইজারা। ৩ কোট (তুল—কোট বজায় রাখা); প্রতিজ্ঞা। "দিয়ে পদ দু'টি মাড়াবে যে মাটি, শ্রীমতী তো সেটি ছোঁবে না। তুলিয়ে সে মাটি দিবে ছড়া ঝাঁটি, শ্রীরাধার এটি কট্‌কেনা॥"—কবির গান (রাসু নৃসিংহ)। ক০ করা—ক্রি, নিয়ম ধরিয়া থাকা। ~দার—মেয়াদী ইজারার উপস্বত্ব-ভোগকারী।

কটকী—বিণ, পিঙ্গলবর্ণা; রুক্ষ-গৌরবর্ণা; ফ্যাকাসে শাদা। ২ কটকের; কটকজাত।

কটকোল—বি, পিকদানী।

কটখাদক—বিণ, অতিভোজী।

কটদান [কট (বেষ্টন, আবর্ত্তন) দান] বি, বিষ্ণুর পার্শ্বপরিবর্ত্তন।

কটফল [কট্ (কটু >) যে ফল—ধা] বি, ফলবিঃ; কায়ফল। ২ [কটু ফল যার —বহু০] বৃক্ষবিঃ myrica sapida. স্ত্রীং ~া —গাম্ভারী বৃক্ষ। ২ বৃহতী। ৩ কাকমাচী। ৪ বার্ত্তাকী। ৫ দেবদালী। ৬ শ্বেত রাখালশশা।

কটভঙ্গ [কটের (সৈন্যের) ভঙ্গ] বি, সৈন্যভঙ্গ দ্বারা সেনাবল ও রাজার বিনাশ। ২ [যদ্দ্বারা কট ভঙ্গ হয়] রাজভৃত্য-বিঃ। ৩ হস্ত দ্বারা শস্যকর্ত্তন।

কটভী—বি, অপরাজিতা। ২ জ্যোতিষ্মতী লতা; নয়াফট্‌কী লতা; বন উচ্ছে। ৩ কাঁটা শিরীষ।

কটমট, কটমিটি [কট (কঠিন >) মট (অনু০, শুষ্কতাব্যঞ্জক) সহচর শব্দদ্বয়] বিণ, ঝনা কাষ্ঠবৎ কঠিন; শক্ত। ২ দুরূহ। "অট অট হাসে কটমট ভাষে নখর-বিদারিত রিপুকরী তুণ্ডে।" ৩ (কট্‌মট্) ভীষণ; ভয়ানক। ৪ (কটোমটো) [সং—কট ধাতু (প্রকটন করা) মট (দন্তে); ক্রোধের চোখ দেখান] ক্রি-বিণ, খর; তীব্র। "কড়মড় করি দন্ত কটমট চান।"—শি০। **কটমিটিয়া, কটমিটে**—বিণ, কঠোর; ভীষণ। ২ খর; তীক্ষ্ণ; তীব্র। প্র—কটমটে রৌদ্র।

কটমালিনী—বি, মদিরা।

কটর [অনু০] অ, কঠিন বস্তু দাঁত দিয়া কাটার শব্দ। ক০ কটর—ক্রমাগত ঐরূপ কাটার শব্দ। ক০ মটর [কড়মড়—কড়র-মড়র দ্রঃ] শুষ্ক ছোলা মটর ই০ চিবানর শব্দ। দুর্ব্বোধ্য ও ড়, ঢ়, ট-বর্গীয় উচ্চারণ বহুল শব্দের আবৃত্তি শব্দ।

কটো/রা [হিং০—কটোরা (হিং০—কাঁসা+ওরা (প্রত্যয়) কঁসোরা—হিং০ শ০ সা০। কটোরা দ্রঃ] বি, কাঁসার বাটী; ধাতুনির্ম্মিত বাটী। ২ মাটীর বাটী; খুরি। ৩ বাটী। "কত ক০ ভরিয়া সুধা যোগায় অমনি।" —রা০ প্র০। ৪ কড়া। স্ত্রীং~রী, ~রি—বি, বাটী। "কটরি জিনিয়া কুচসাজা।"—বি০ প০।

কটা১ [সং—কড়ার] বিণ, পিঙ্গলবর্ণ; রুক্ষ গৌরবর্ণ। ২ [কট (তৃণ) বর্ণ] বিণ, কট খড়ের বর্ণবিশিষ্ট; খড়ের বর্ণ [স্ত্রীং কটকী] ৩ রুক্ষ; কড়া। "পূজিয়া সন্ন্যাসী কটা।" —ঘ০। ~শূদ্র—রুক্ষ গৌরবর্ণ শূদ্র; অস্বাভাবিক বর্ণ-বিশিষ্ট (কারণ জাতিতত্ত্বে শূদ্রের স্বাভাবিক বর্ণ কৃষ্ণ বলিয়া নির্দ্দিষ্ট। তুল—'কাল বামুন')। ~চোক—বিড়ালাক্ষ। **কটিয়া, কটিয়ে, কটে**—অস-ক্রি, কটা হইয়া। প্র—তাহার গোঁফ দাড়ির চুল সব কটিয়া গিয়াছে।

কটা২ [ক (কয়) টা (সংখ্যার নির্দ্দেশ-বাচক) তুচ্ছার্থে আ। আদরার্থে—কটি] বিণ, কয়টা; কতসংখ্যক।

কটাক্ষ [কট্ (গমনকারী) অক্ষি (চক্ষুঃ) হয় যে ক্রিয়াতে বহু০, অক্ষি=অক্ষ বৈ০ পদ০ সা০—'কটাখ'] বি, নয়নকোণদ্বারা দর্শন; অপাঙ্গদৃষ্টি; বক্রদৃষ্টি। ২ রুষ্ট দৃষ্টি; তীব্র সমালোচনা; প্রতিকূল দৃষ্টি। ~জাল—বি, অনেকের অপাঙ্গদৃষ্টি। ~দৃষ্টি, ~পাত—বক্র দৃষ্টি; অপাঙ্গদর্শন।

কটাক্ষে—ক্রি-বিণ, দেখিবামাত্র; দৃষ্টি-মাত্র; নিমেষে; মুহূর্ত্তে; অবিলম্বে।

কটাখ [কটাক্ষ > ভ্রং] বি, কটাক্ষ। "যাঁহা যাঁহা কুটিল ক০।"—বি০ প০।

কটাগ্নি [কটদ্বারা বেষ্টিত যে অগ্নি—ধা] বি, কটদ্বারা প্রজ্বালিত অগ্নি। ২ তৃণাগ্নি; ঘাসের আগুন; খড়ের আগুন।

কটাৎ [অনু০] অ, কঠিন বস্তু দন্তে বা অস্ত্রে কাটিবার শব্দ। প্র—ক০ করিয়া কামড়াইয়া ফেলিল। শুপারি জাঁতিতে চাপিয়া ধরিতেই ক০ করিয়া কাটিয়া গেল।

কটানি [কটা দ্রঃ] ক্রি, কটা হওয়া। ২

কটা করা; কটারঙ্গ ধরান। **কটিয়ে যাওয়া**-ক্রি, কটা বর্ণে পরিণত হওয়া। প্র-তার সব চুল কটিয়ে গেছে।

কটায়ন [সং] বি, খস্খস্ তৃণ।

কটারি, কাটারী [সং-কর্ত্তরী। হিং-তে-কটার=বড় কাটারি] বি, অস্ত্র-বিঃ; দা। ২ হিন্দুস্থানে নারিকেলের শাঁস বাহির করিবার অস্ত্রবিঃ। ৩ [পাল্কী বেহারাদের ভাষায়] পথে পতিত খোঁচা-ওঠা কাষ্ঠখণ্ড বা চেলা।

কটালি১ [সং-কডার] বিণ, ম্লান-গ্লানিযুক্ত [বিরল]।

কটাল২ [সং-করাল ("তুঙ্গে"-অমর০)] বিণ, তুঙ্গ; উচ্চ; স্ফীত (তা হতে) মোটা; বৃহৎ বড়। এই অর্থে বাং-য় কঁড়ালি শব্দের ব্যবহার আছে। প্র-কড়াল কাড়াল চিংড়ী। ২ [গ্রাং-কোটাল। সং-করাল (তুঙ্গ)] বি, অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে সমুদ্র ও নদীর স্ফীতি; জোয়ার। **ভরাকটাল**-অমাবস্যায় পূর্ণিমায় নদীর জলের পূর্ণ স্ফীতি; জোয়ারের অবস্থা spring tide. **মরাকটাল**-ভাটার অবস্থা neap tide. **কটাল ডাকা**-বান ডাকা; ভরা কটালের সময় জোয়ারের জলের শব্দ হওয়া।

কটাস [কাটা; হিং-কাটনা] বি, অব্যক্ত শব্দ; দাঁত দিয়া কাটিবার শব্দ-বিঃ। ২ কীটাদির দংশনের তীব্রতাব ভাবব্যঞ্জক শব্দ [তুল-'কটাস কামড়।' কট দ্রঃ। শব্দ ও তীব্রতার আধিক্যার্থে কটাস; মৃদুতা স্থলে কুটুস। প্র-ক্ষুদি পিঁপড়ে 'কুটুস' করিয়া কামড়ায়, ডেয়ে পিঁপড়ে কটাস করিয়া কামড়ায়] **~কটাস**-অ, তীব্র বেদনার ব্যক্তিজ্ঞাপক শব্দ। ২ ক্রমাগত দাঁতে কাটিবার বা কঠিনবস্তু এককোপে বা আঘাতে কাটিবার শব্দ।

কটাসিয়া, কটাসে [কট (তৃণবিঃ; যে তৃণে মাদুর হয়) আস (অল্পতার্থক) ইআ (বিঃ) দ্রুত উচ্চারণে কটাসে] বিণ, ঈষৎ কটা বর্ণবিশিষ্ট; কটা। ২ বি, কটা রঙ।

কটাহ [সং। হিং-কড়াহ-বড়ী, স্ত্রীং কড়াহী। "কটাহো ঘৃত তৈলাদি পাকপাত্রে চ খর্পরে।"-বিশ্ব কো০] বি, কড়া; লৌহাদি-নির্ম্মিত পাকপাত্রবিঃ; তৈলাদি জ্বাল দিবার লৌহ বা তামারখুলি। প্র-লৌহকটাহ; তৈল-কটাহ। ২ ভর্জ্জনপাত্র; ভাজনা-খোলা। ৩ কচ্ছপের খোলা; খর্পর। ৪ [সং-তে] কূপ; নরকবিঃ; দ্বীপবিঃ; মহিষ-শাবক (হিং-পাঁড়িয়া)]।

কটিকনা-কটকনা দ্রঃ।

কটি, কটী [কট্ (বেষ্টন, গমন করা) +ই (জ্ঞাং)] বি, মধ্যদেশ; কোমর; কাঁকালি; মাজা। ২ হস্তিগণ্ড।

কটি/তট, ~দেশ, ~মণ্ডল-বি, কোমর। **~বর্দ্ধনী** -বি, কোমরবন্ধ। ২ ঘুনসি। **~রোহক**-বি, মাহুতের পশ্চাতে হস্তিপৃষ্ঠে আরোহণকারী।

কটি, -টী [কয়টি শব্দের ক্ষেং আদরার্থে টি টী-তুচ্ছার্থে কটা (কয়টা)] বিণ, কয় সংখ্যক।

কটিত্র [কটি (কোমর)+ত্র (ত্রৈ, ড প্রত্যয়ান্ত ত্রৈ ধাতুজ, যে কটিদেশ রক্ষা করে)] বি, কটিরক্ষক; কটিবস্ত্র বা কটিবন্ধ। ২ কোমর-বন্ধন। ৩ চন্দ্রহার; গোট; ঘুনসী।

কটিপ্রোথ [কটি-প্রোথ (প্রচুর-স্থূল হওয়া)+অ (জ্ঞাং) কটির নিম্নস্থ প্রচুর মাংস-পিণ্ড] বি, কটিদেশস্থ মাংস-পিণ্ড; নিতম্ব; পাছা।

কটিবন্ধ [কটি-বন্ধ্ (বন্ধন করা)+অ (ণে-ল্ জ্ঞাং)] বি, যদ্দ্বারা কটি বন্ধন করা যায়; কোমরবন্ধ; পেটি belt. ২ পৃথিবীর মধ্যস্থান-বেষ্টিত কল্পিত রেখা।

কটিভূষণ [কটির ভূষণ-৬ তৎ] বি, মেখলা; কাঞ্চী; গোট; চন্দ্রহার।

কটিয়া [হিং-কটিয়া] বিণ, কঠিন।

কটিরা,-লা [হিং-কতীরা, কতীলা] বি, বৃক্ষবিশেষের নির্য্যাস sterculiaurens. (অশ্বাদিকে ঔষধ স্বরূপ খাওয়ান হয়)। ২ [কাপড়ে ছিটের রং করিবার জন্য ব্যবহৃত হয়] পারস্যদেশীয় ক্ষুপবিশেষের নির্য্যাস।

কটিল্ল-বি, করলা; বড় জাতীয় উচ্ছে।

কটিশূল [কটির শূল-৬ তৎ] বি, কটিদেশের বেদনা; বাতিকশূল; কোমরের যন্ত্রণাদায়ক বাত।"

কটিশৃঙ্খলা [কটি (কোমর) শৃঙ্খলা (শিকল) -৬তৎ] বি, কটির অলঙ্কারবিঃ; কোমরের ঘুঙুর।

কটিসূত্র [কটির সূত্র-৬ তৎ] বি, ঘুনসী; কোমর বন্ধনের সুতা। ২ গোট; চন্দ্রহার। ৩ কটিদেশে ধারণোপযোগী যজ্ঞোপবীত।

কটী, ~তট, ~দেশ-কটি দ্রঃ।

কটীতল-বি, খড়্গবিঃ; কটিদেশে ধারণ-যোগ্য ক্ষুদ্রাকৃতি ন্যুব্জপৃষ্ঠখড়্গ; ভোজালিয়া।

কটীর, -রক-বি, গুহা। ২ নিতম্ব।

কটু [সং। হিং-কড়, কড়ুয়া] বি, অম্ল মধুরাদি ৬ রসের একটী রস; ঝাল। ২ বিণ, তিক্ত। ৩ উগ্র; তীব্র। ৪ উষ্ণ। ৫ বিরস; বিস্বাদ। ৬ কর্কশ; অপ্রিয়। প্র-কটুকথা। ৭ মন্দ; কু। ৮ সুরতি। ৯ বি, তিত পলতা। ১০ কুড়চী।

কটুআ [প্রাং বাং হিং অনুকরণে। ক্ষুদ্রার্থে বা তুচ্ছার্থে উআ। কৌটা > কটোরা > কটুআ, প্রাদেং] বি, কৌটা (দ্রঃ)। "সোণার কং দু'টি মাণিকে পূরাআঁ।"-শ্রীং কীং।

কটুক [কটু (ঝোল)+ক-স্বার্থে] বি, ত্রিকটু (শুঁট, পিপুল, মরিচ)। ২ কটুরস। ৩ সুগন্ধি তৃণ। ৪ কুড়চী গাছ। ৫ রাই সরিষা। ৬ আকন্দ গাছ। ৭ তিত লাউ। ৮ পটোল।

কটুকন্দ [কটু (তিক্ত, ঝাল) কন্দ (মূল) যার-বহুং] বি, সজিনাগাছ। ২ আদা। ৩ লশুন। ৪ মূলা।

কটুকা [কটু+ক-আ (স্ত্রীং)] বি, কটকী। ২ পান। ৩ তিত লাউ। ৪ রাই সরিষা।

কটুকাটব্য [কটু (কড়া) কাটব্য (কাটে এমন বাক্য, মর্ম্মচ্ছেদক বাক্য) পরস্পর সাহচর্য্য-হেতু বহুবচনার্থক, তুল-গালিগালাজ] বি, দুর্ব্বাক্য; গালমন্দ।

কটুকী-বি, কট্কী।

কটুকীট [কটু (তীব্র দংশক) কীট] বি, ডাঁশ।

কটুতা, -ত্ব [কটু+তা, ত্ব (ভা০)] বি, তীক্ষ্ণতা ; উগ্রতা। ২ কার্কশ্য ; পরুষতা ; অপ্রিয়তা। ৩ ঝাল বা তিক্তের স্বাদ।

কটুতিক্তক [কটু-এবং তিক্ত স্বাদ যার -বহু০] বি, শণবৃক্ষ। ২ ভূনিম্ব ; চিরতা।

কটুতুম্বী [কটু (তিক্ত) যে তুম্বী (অলাবু) -ধা] বি, তিত লাউ।

কটুতৈল [কটু (ঝাল) তৈল, হিং-কড়ুয়া তেল] বি, সর্ষপতৈল।

কটুত্রয় [কটু-ত্রয়ের সমাহার (সমাহার দ্বিগু)] বি, শুঁঠ, পিঁপুল, মরিচ এই তিন কটু ফলের মিশ্রণ ; ত্রিকটু।

কটুদলা-বি, কাঁকুড়।

কটু/পত্র [কটু পত্র যার-বহু০] বি, ক্ষেতপাপড়া গাছ। স্ত্রীং ~পত্রিকা-কণ্টকারী জাতীয় বৃক্ষবিঃ।

কটুপাক-বিণ, যা পরিপাকে কটু হয়। ২ লবণাক্ত।

কটুফল-বি, যে ফল কটু ; তিত লাউ। ২ কণ্টকারী ; পটোল। ৩ পলতা। স্ত্রীং ~া-শ্রীবল্লীবৃক্ষ ; কটফলের গাছ।

কটুবাক্য-বি, কু কথা ; গালি।

কটুবার্ত্তাকী [কটু রসযুক্ত যে বার্ত্তাকী (ক্ষুদ্র বেগুন)-ধা] বি, শ্বেত কণ্টকারী। ২ তিক্তাস্বাদ বেগুন।

কটুবীজা [কটু-বীজ যার-বহু০] বি, পিঁপুল।

কটুবীরা-বি, লঙ্কামরিচ capsicum.

কটুভঙ্গ [কটুরসের ভঙ্গ (দূর করা) হয় যা হতে-বহু০] বি, শুঁঠ। ২ আদা।

কটু/ভাষ-বি, দুর্ব্বাক্য। ~ভাষী [ক০ +ইন্ (র্ত্তৃ, ণিন্) কটুভাষিন্ ১মা ১ব০] বিণ, কটু-বাক্যাদি ; দুর্ম্মুখ। > স্ত্রীং ~ভাষিণী-অপ্রিয়বাদিনী।

কটুয়া [সং-কট ধাতুজ। প্রা০-কোটো। কটোরা দ্রঃ] বি, কৌটা। "অধমার চরণ ধূলি রাখ ক০ ভরি।"-চৈ০চ০।

কটুর-বি, ঘোল।

কটুরব [কটু (কর্কশ) হইয়াছে রব (শব্দ) যার-বহু০, বা কটু যে রব-ধা] বি, ভেক ; কট্‌কটে বেঙ, (কট্‌কটে বেঙ হতে বেঙ মাত্রকেই বুঝায়)। ২ কর্কশ শব্দ [তুল- "কপটকরতালী কটুরবঃ।"-পদাঙ্কদূত]। ~স্নেহ-বি, সর্ষপ তৈল।

কটূক্তি [কটু-যে উক্তি (বচন)-ধা] বি, কুকথা ; কটুকথা ; গালি।

কটো/র, -রা [হিং-কটোরা-কাঁসা +ওরা (প্রত্যয়)=কঁসোরা-মুখ খোলা নীচু কানা ও চওড়া খুরা-দেওয়া ছোট কাঁসার পাত্র] বি, ধাতু পাত্র-বিঃ ; পিতল কাঁসা ই০-র বাটি। "তেজি উদাসল কুচ জোরা পালটী বৈঠায়ল কনক কটোরা।"-বি০ প০। ২ [বাং মৃৎপাত্রকেও বুঝায়] মাটির খুরি ; বাটির আকারের খুরি। ৩ বাটী। "একে তনু গোরা কনক কটোরা।"-বি০ প০। স্ত্রীং ~রি-ছোট বাটি ; ছোট খুরি। "সোনার কটোরি কুচযুগ-গিরি কনক মন্দির লাগে।"-চণ্ডী০।

কট্ট-বি, কটিদেশের মধ্যস্থল বা ক্ষীণ-ভাগ ; কাঁকাল। "কটি কট্ট।"-অ০ ম০।

কট্টার [হিং-কট্টর=যে কাটে] বি, কাটারি [বিরল] ২ যে কাটা কাটা বুলি বলে ; মুখফোড়।

কট্টঙ্গ [কটু (কঠিন বা কষায়িত) অঙ্গ] বি, সূর্য্যবংশীয় রাজা দিলীপ। ২ শ্যোণাক বৃক্ষ। ৩ বিণ, কঠিনাঙ্গ।

কট্টার (-ট্ট-) [কর্ত্তরী দ্রঃ। তুল-ইং cutlery, a cutting instrument ; cutter, a knife ; cuttoc, a large knife] বি, ছেদকাস্ত্রবিঃ ; কাটারী।

কট্বী-বিণ, তিতা। ২ কটুকী Picrorrhize kurroa.

কঠ [কঠ্ (দুঃখানুভব করা)+অ (র্ত্তৃ-জ্ঞা) যিনি তপঃক্লেশ সহ্য করেন] বি, কঠোর তপস্যাকারী সামবেদের অধ্যাপক মুনিবিঃ। ২ সামবেদের কঠ শাখাধ্যায়ী। যম ও নচিকেতা-সংবাদ-সম্বলিত যজুর্ব্বেদীয় উপ-নিষদ্‌বিঃ ; কঠোপনিষৎ ; কৃষ্ণযজুর্ব্বেদের শাখাবিঃ। ৩ ঋগ্বেদ।

কঠ/োপনিষদ্-বি, ঈশ্বরসম্বন্ধীয় তর্কবিতর্কপূর্ণ উপনিষদ্‌বিঃ। ~ধূর্ত্ত-বি, বেদের কঠশাখাধীত। ~বল্লী-বি, অথর্ব্ব-বেদের অন্তর্গত উপনিষদ্‌বিঃ। মতান্তরে কৃষ্ণযজুর্ব্বেদের কঠ শাখার উপনিষদ্। ইহা দুই অধ্যায়ে সমাপ্ত, প্রথম অধ্যায়ে নচিকেতা ও তাঁহার পিতা বিশ্বজিৎ-সংবাদ এবং দ্বিতীয় অধ্যায়ে যম ও নচিকেতা-সংবাদ আছে। ~শ্রুত্যুপনিষদ্-বি, কৃষ্ণযজুর্ব্বেদীয় আরণ্যকের গদ্যময় পরিশিষ্ট। ~সূত্র-বি, কৃষ্ণযজুর্ব্বেদীয় সূত্রগ্রন্থবিঃ।

কঠর [সং] বিণ, কঠিন ; কঠোর দ্রঃ।

কঠিকা-বি, খড়িমাটি। ২ তুলসী।

কঠিঞ্জর [সং] বি, তুলসীবিঃ ; কাল-তুলসী। ২ শ্বেত পলাশ গাছ।

কঠিন [কঠ্ (কষ্টে বাঁচা)+ইন্ (র্ত্তৃ-জ্ঞা)] বিণ, শক্ত ; দৃঢ়। প্র-কঠিন মাটি। ২ কঠোর ; নির্ম্মম ; নির্দ্দয় ; নিষ্ঠুর। "কঠিন হইয়ে, তোমারে রাখিয়ে কেমনে বল যাই।" -গান। ৩ দুরূহ ; দুর্ব্বোধ ; যা অনায়াসে বুঝিতে পারা যায় না। প্র-কঠিন বিষয়। ৪ তীব্র ; তীক্ষ্ণ। ৫ যাকে সহজে তুষ্ট বা বশ করা যায় না। ৬ ভয়ানক ; বিষম। ৭ দুঃখজনক ; দুঃসহ ; কষ্টকর। প্র-কঠিন ব্যবহার। স্ত্রীং ~া। ~চিত্ত, ~প্রাণ, -হৃদয়-বি, কঠোর অন্তঃকরণ। ২ বিণ, নির্দ্দয় ; মমতাশূন্য।

কঠিনা, কঠিনিকা, কঠিনী-কাঠখড়ি। ২ রামখড়ি ; খড়িমাটি। বি, কঠিনতা। কঠিনী/কৃত-বিণ, যা শক্ত করা হইয়াছে। ~ভূত-বিণ, যা শক্ত হইয়া গিয়াছে ; দৃঢ়ীভূত।

কঠিনতা • [কঠিন+তা (ভা০)] বি, দৃঢ়তা। ২ কঠোরতা। ৩ দুঃসাধ্যতা। ৪ নিষ্ঠুরতা। ৫ ভয়ানকতা।

কঠিয়া [কণ্ঠিয়া দ্রঃ] বি, কণ্ঠী ; কণ্ঠের মালা। ২ (কণ্ঠিধারী বলিয়া) বৈষ্ণব। "ক০ তেলির বাড়ীক লাগিয়া গেল চলিয়া। ক০ তেলির মাচাত থাকিল বলিয়া।" -মাণিক০ গান। ৩ বিণ, কণ্ঠিধারী।

কঠোপনিষৎ-বি, ঈশ্বর সম্বন্ধীয় তর্ক-

বিতর্কপূর্ণ উপনিষদ্‌গ্রন্থবিঃ। ২ অথর্ব্ববেদের অন্তর্গত উপনিষদ্; কঠবল্লী। ৩ কঠশ্রুত্যুপনিষদ্; কৃষ্ণযজুর্ব্বেদের আরণ্যকের পরিশিষ্টবিঃ।

কঁঠোর [কঠ্ (কষ্টে বাঁচা) + ওর (র্তৃ)] বিণ, শক্ত; কঠিন; দৃঢ়। ২ পূর্ণ। ৩ নির্ম্মম; নিষ্ঠুর। ৪ শুষ্ক; নীরস। "আমার জ্ঞানচর্চ্চিত কঠোর চিত্ত প্রেমপ্লাবনে দ্রব হইয়াছে।"-পুষ্পপাত্র। ৫ কর্কশ। প্র-কঠোর স্বর। ৬ বি, কঠিন নিয়ম; কষ্টকর ব্রত; কৃচ্ছ্র সাধন ব্রত। বি, ~তা(-র্ঁ-), ~ত্ব। ~ভাবে-ক্রি-বিণ, কঠোরতার সহিত।

কঁড়$_1$ [কড়্ (ভোজন করা) + অ (র্ম্ম)] বিণ, যা ভোজন করা যায়; ভক্ষ্য। ২ [তুল-আকড়, আকাট] অজ্ঞ; মূর্খ। ৩ উন্মত্ত; পাগল।

কঁড়$_2$ [সং-কট (রজ্জু, ট=ড়) হিং-কড়া (বলয়)] বি, কটক; করভূষণ; গালা-নির্ম্মিত বালা। ২ বিবাহে কন্যার হাতের লোহ কড়া বা বেড়ী। তুল-হাতে কড়ী পায়ে বেড়ী। ৩ মৎস্য ধরিবার বড়শী বাঁধা সূত্র: মৎস্যাদি ধরিবার যন্ত্রবিঃ। "ঝপ করি ঝাঁপ দিয়া অজয়ে পাতে কড়া।"-ঘ০।

কঁড়$_3$ [কলি=কডি=কড়] পাতার কলি। ২ বৃক্ষে ফুলের মুখে ক্ষুদ্রতম ফুলের আকৃতি যে ফল ধরে; ফলের প্রথম অবস্থা; কড়েয়া। প্র-আমে কড়েয়া ধরেছে। ৩ কুসুমের বীজ।

কঁড়$_4$ [হিং-গোড়] পদ; পা; সাধাঃ হাতীর পা। প্র-কড় পাতা। ২ [কটি] কোমর।

কঁড়$_5$ [অনু০] কড়কড় শব্দ। তা হতে শব্দ। "কড় কড় কড়ে বজ্র পড়িল ভূতলে।"-মেঘ০।

কঁড়ই$_1$ [প্রাদে০] বি, যে মুরগীর ডিম পাড়িবার সময় হইয়াছে।

কঁড়ই$_2$ [সং-কটাহ। হিং-কড়াই] কড়া। "কড়াই করিয়া রান্ধ সরিষার শাক।"-কবিক০।

কঁড়ক [সং] বি, কয়কচ লবণ।

কঁড়কঁচ, কঁরকঁচ [পেষণ করিবার সময় 'কড়' ও কচ্ শব্দ হতে] বি, সামুদ্রিক লবণ; কড়ক।

কঁড়কঁড় [অনু০] বি, কড়কড় এই ধ্বনি; দুই কঠিন বস্তুর পরস্পর ঘর্ষণ-শব্দ। ২ 'কড় কড়' বাদ্য। 'কাড়া' নামক বাদ্য-ধ্বনি। "বাজে ঢাক, বাজে ঢোল, কাড়া কড় কড়ে।" "কড় কড় কড়ে বজ্র পড়িল ভূতলে।"-মেঘ০।

কঁড়কঁড়ি$_1$, কঁড়কঁড়া [সং-কটকটা-অনু০] অ, কড় কড় শব্দ। **কঁড়কঁড়ান** [কড় কড়াই,-কড়াও, -ড়ায় -ড়াইতে (ক্ষে০-ড়াতে); কড়কড়াইয়া (ক্ষে০-কড়-কড়িয়ে) ই০] ক্রি, কড় কড় শব্দ করা।

কঁড়কিড়ি$_2$ [প্রাদে০। কড়কড় দ্রঃ] বি, শুষ্ক (অন্নাদি); পর্য্যুসিত; বাসি। বিণ, **কঁড়কঁড়ি, কঁড়কিড়িয়া, কঁড়কিড়ে** [হিং-কড়া। প্রায় অর্থে দ্বিত্ব। বরিশালে কর্‌করা] বিণ, কড়কড়িয়া; কড়কড়ে; শুষ্ক ও পর্য্যুসিত (ভক্ষ্য দ্রব্য); জল না দেওয়ায় শুষ্ক সুতরাং কড়া (ভাত)। প্র-কড়কড় ভাত। (তুল-কড়া প্রসাদ। বিপরীত-পান্ত ভাত বা জল দেওয়া ভাত)। ২ কঠিন।

কঁড়কিড়েপানী [কল্ কল্ (ঘূর্ণী জল) ল=ড়; জলের শব্দ] বি, খরস্রোত। "তখন আমরা একটি কড়কড়ে পানীতে পড়িলাম ষ্টীমার কোনমতে আর অগ্রসর হয় না।"-রাজনারায়ণ বসু।

কঁড়কিনি [কড দ্রঃ] ক্রি, কড়কড়ে হওয়া; মুচড়িয়া যাওয়া; ঘা শুকান। ২ কড় বা পাতার কলি ধরা; গজান। ৩ কড়া কথায় সতর্ক করা; তিরস্কার করা।

কঁড়কানি [সং-কটু=কড় (কড়া কথা) + কান (প্রয়োগার্থে)। হিং-কড়কনা, কড়-কানা] ক্রি, ধমকান; ভৎর্সনা করা; তর্জ্জন করা; তাড়না করা।

কঁড়খ, কঁড়খা [হিং-কড়্‌খা >, প্রা০ বাং] বি, রাজার স্তুতিপাঠক; বন্দী বীরগণের প্রশংসাসূচক যুদ্ধ-সঙ্গীত; যুদ্ধে সৈন্যগণের উত্তেজক গান। "ধাড়ী গায় কড়্‌খা ভাঁড়াই করে ভাঁড়। মালে করে মালাম চোয়াড়ে লোফে কাঁড়॥"-কবিক০।

কঁড়ঙ্কর, কঁড়ঙ্গর [সং] বি, কুঁড়া; তুষ; ভুষি; আগড়া।

কঁড়ঙ্গ, কঁরঙ্গ [সং-করঙ্ক] বি, ভুষী-পাত্র; ভিক্ষাপাত্র। বরিশাল ই০ অঞ্চলে বৈষ্ণব ভিক্ষুকগণ নারিকেল মালাদ্বারা করঙ্গ প্রস্তুত করিয়া উহাই ভিক্ষাপাত্ররূপে করে গ্রহণ করে। "করঙ্ক আষাঢ়দণ্ড জটা বিলম্বিত।"-দীনবন্ধু মিত্র।

কঁড়ঙ্গরীয় [কড়ঙ্গর (কুঁড়া) + ঈয় (জ্ঞা০)] বিণ, যে কড়ঙ্গর ভক্ষণ করে; কুঁড়া-খাদক; কুঁড়াখেকো। ২ খুদ খেকো।

কঁড়চ [প্রাদে০] বি, ট্যাঁক। "কড়চে পয়সা গুঁজে চলেন তিনি বাবু সেজে।"-গান।

কঁড়চা [সং-কারিকা="বিবরণশ্লোকঃ।"-শ০ ক০ দ্রুম। "কারিকা তু স্বল্পবৃত্তৌ বহোরর্থস্য সূচনম্।"-হে০।-শ্লোকে গ্রথিত বিবরণ। ক্ষে০ বহু অর্থদ্যোতক বিবরণ। বা কড় 'রক্ষণে'-কবিকল্পদ্রুমঃ। জীবন-বৃত্তান্ত বা ঐতিহাসিক ঘটনাদির বিষয় যাতে রক্ষিত হয় বা ঐ সকল বিবরণ ধ্বংস হতে রক্ষা করিবার জন্য যাতে লিখিত হয়। ইহার কলেবর সাধাঃ অতি ক্ষুদ্র। কা=চা, র=ড়; তুল-পত্র, পত্রক, পত্রিকা হতে পর্‌চা-পাতড়া। বাং, হিং, সং > মিশ্রিত ভাষায় লিখিত চৈ০ চ০ গ্রন্থে কড়চা শব্দকে সং আকার দেওয়া হইয়াছে যথা-"তথাহি শ্রীরূপগোস্বামিকড়চায়াঃ শ্লোকঃ।"-জগদীশ্বর গুপ্তের টীকাতেও-"অস্মাদারভ্য নবশ্লোকাঃ শ্রীরূপগোস্বামিকড়চোদ্ধৃতাঃ"] বি, বিবরণ শ্লোক; দিনলিপির আকারে লিখিত জীবনী বা ইতিবৃত্ত (তুল-রোজ নামচা= diary)। "ক০ করিয়া কিছু লাগিলা লিখিতে।"-চৈ০ চ০। ২ অতি সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত। ৩ খুচরা পদ্য সাহিত্য। ৪ [জমিদারী মহাজনীতে] যে কাগজে কোন্ প্রজায় কত খাজ্‌না কোন্ তারিখে আদায় (উসুল) হইল ও কত বাকী রহিল তার বিবরণ লিখিত হয়; ওয়াশীল বাকী বহি।

কঁড়ছ [কোঁচড় দ্রঃ। ক্রোড় হতেও সম্ভব কিন্তু হয়ত সং-কক্ষতট > প্রাকৃ০-কচ্ছতড় > কচ্ছঅড় > কচ্ছড় > পরে বর্ণ-বিপর্য্যয়ে 'কড়ছ' (সা০ প০ প০, ১৩২৩] বি, কটিতট। "বসন খসয়ে অঙ্গুলি চাপয়ে কর সে কড়ছে থুইয়া।"-চণ্ডী০।

কঁড়তা [কয়্তা ও০] বি, পণ্য ক্রয়

বিক্রয় কালে দ্রব্যাধার বা পাত্রের ওজন। প্র-কলসীর ক॰ বাদ দিয়া গুড় ওজন কর।

কঁড়মঁড় [অনু॰] বি, কঠিন দ্রব্যের চর্ব্বণ-শব্দ; কামড়ের শব্দ। ২ দন্তে দন্তে ঘর্ষণ-শব্দ। "ক॰ করে দন্ত কট মট চায়।"-কৃত্তি॰। বিণ, **কঁড়মিড়িয়া, কঁড়মিড়ে**-অত্যন্ত শুষ্ক [দ্রঃ-মৃদু হলে **কিড়মিড়**। প্র-দাঁত কিড়মিড় করা। মৃদুতর ও সুখকর অর্থে **কুড়মুড়**] **কঁড়্‌র মঁড়্‌র**-শুষ্ক কঠিন দ্রব্য চিবানর শব্দ। ২ র, ড় ও ট-বর্গীয় উচ্চারণ-বহুল দুর্ব্বোধ্য ভাষায় আবৃত্তির শব্দ।

কঁড়মঁড়ানি-ক্রি, কড়মড় শব্দ করা; বিরক্তি, ক্রোধ, আক্রোশ ই॰ সূচক; দন্তে দন্তে ঘর্ষণ-শব্দ। **কঁড়মিড়ি**-অস-ক্রি, কড়মড় করিয়া। "অগ্নিময় চক্ষুঃ যথা হর্য্যক্ষ, সরোষে কড়মড়ি ভীম দন্ত,. পড়ে লম্ফ দিয়া বৃষস্কন্ধে, রামচন্দ্র আক্রমিলা রণে কুমারে।"-মেঘ॰। ২ কড়মড় শব্দে চর্ব্বণ করা। বি, **কঁড়মঁড়ানি**। কামড়ান দ্রঃ।

কঁড়মা [কড় (দ্র)=ভোজ্য, ভক্ষ্য। বা কর্ম্ম হতে করম-কড়ম (স্বার্থে আ) মঙ্গল কর্ম্ম বা মঙ্গলাচার। ইহা দই শব্দের সহযোগে ব্যবহৃত হয়, যথা-দই কড়মা (দধি কর্ম্ম-দধি ঘটিত মঙ্গল-কর্ম্ম)] বি, ভক্ষ্য; মঙ্গলাচার উদ্দেশে বিহিত ভক্ষ্যবিঃ। দই দ্রঃ।

কঁড়ম্ব [কড়্ (পৃথক্ করা)+অম্ব (র্ম্ব, অম্বচ্) জ্ঞা॰] বি, যাকে পৃথক্ করা যায়; শাকাদির ডাঁটা। ২ [র্তৃ-অম্বচ্] অগ্রভাগ; আগড়া। ৩ কুঁড়ি; অঙ্কুর। কড় দ্রঃ। ৪ কড়েয়া। ৫ কদম্ব। ৬ কলম্ব; বাণ। ৭ [প্রাদে॰] বংশের একমাত্র সন্তান [বহুবিস্তৃত বংশ ও অনন্তর বংশ অর্থে চ॰। 'কলমীর ঝাড়'] স্ত্রীং ~ী-কলমীশাক।

কঁড়য়ি [প্রা॰ বাং, প্রাদে॰] বি, শ্বেত শিরীষ গাছ (স্ত্রী॰ কী॰)।

কঁড়্‌র-মঁড়্‌র-কড়মড় দ্রঃ।

কঁড়রা [হিং॰-কর্রা। সং-কঠোর >] বিণ, কর্কশ; দৃঢ়; শক্ত কঠিন।

কড়সী [কড় (কটি) সী (সূত্র)। প্রাদে॰ ব্যবহার] বি, কটিসূত্র; ঘুনসী।

কঁড়হাঁস [সং-কলহংস] বি, রাজহংস-জাতীয় হ্রস্বপদ দীর্ঘগ্রীব, প্রায় দুই হাত প্রমাণ হাঁস grey lag goose.

কঁড়া১ [সং-কপর্দ্দক; হিং॰-কৌড়ী, অবজ্ঞার্থে-আ] বি, কপর্দ্দক; কড়ি। ২ এক কড়ির মূল্য বা পরিমাণ। ১ কড়া=৪ কাক=৩ ক্রান্তি=৯ দন্তি=৮০ তিল। ৩ ধন। "অন্ধক জনার নড়ি দরিদ্রের ক॰।"-কবিক॰। ৪ [তুল-কণা, কুটা, কুটী। ইং, ল্যা॰-quota; স্পে॰-cuota; প্র॰-cota; ফ্রে॰-cote; আ॰-কৎরহ্, ক্‌তা] কণা; টুকরা; অতি ক্ষুদ্রাংশ; অতি সামান্য; একটুকু; এক তিল। সম্বন্ধে **কঁড়ার** [প্রা॰ বাং-'কঁড়াকঁর', প্রাদে॰ উচ্চারণে '**কোড়াকঁর**'। "স্বর্ণর থালত অন্ন খাইনু বিস্তর। এখন হইনু কোড়াকর ভিখারি।"-মাণিক॰ গান] "তাহার এক কড়ারও যোগ্যতা নাই।" বিণ, কড়িয়া; কড়ে।

কঁড়া২ [কড় দ্রঃ। কঠোর। হিং॰-কর্রা] বিণ, কঠোর; কঠিন; শক্ত; যাকে সহজে নোয়ান যায় না। প্র-কড়া মাটি। ২ যা সহজে গলে না বা গলান যায় না। প্র-কড়া মাংস। ৩ তেজাল; তীব্র; কড়া; খর। "খুব কড়া ওষুধ হওয়া চাই, এক দিনেই যাতে কাজ হয়।" -রবী॰ (পরিত্রাণ)। "কড়া রদ্দুর।" "আগুনের কড়া আঁচ।" ৪ কর্ত্তব্য-পালনে কঠোর; নির্ম্মম; কঠিন দণ্ডবিধায়ক। প্র-কড়া হাকিম। ৫ যে ছাড় দেয় না; যে কাজে ঢিলা দেয় না; খুব সতর্ক। প্র-কড়া পাহারা। ৬ [স্বরে বা কণ্ঠরবে] কর্কশ; কড়া; শ্রুতিকটু। প্র-কড়া আওয়াজ। ৭ [ভাবে বা অর্থে] কর্কশ; কঠোর; নির্দ্দয়; নিষ্ঠুর। প্র-কড়া কথা। ৮ অবিশ্রান্ত এবং অতিশয়। প্র-কড়া মেহনত বা শ্রম। ৯ কষ্টসহনশীল; সহজে যা বহির্গত হয় না। প্র-কড়া প্রাণ; কড়া জান। ১০ বদ্ধ (মুষ্টি); ব্যয়কুণ্ঠ। প্র-খরচ সম্বন্ধে তার হাত ভারি কড়া (ইহার বিপরীত শিথিল; দরাজ; মুক্ত)। ১১ চড়া; মহার্ঘ; উচ্চ। "মহাজনেরা খুব কড়া সুদে টাকা লগ্নী করিতেছেন।"-বাং কথা। ১২ উগ্র; রূক্ষ। প্র-কড়া মেজাজ। ১৩ বাঁধা; অলঙ্ঘ্য। প্র-কড়া নিয়ম। কড়া হুকুম। ১৪ [আকর্ষণ হতে কষা। তুল-কড়াক্কড়] দৃঢ়; কষা; টান; আঁট। প্র-কড়া করে গেরো বাঁধন দেওয়া। ১৫ [কর্ষণ-ঘর্ষণ] বি, কঠিন বস্তুর ঘর্ষণ-জাত ফোস্কা; নিয়ত ঘর্ষণ হেতু শরীরের যে স্থানের চর্ম্ম কঠিন ও পুরু হয়; ঘাটা; জাম্‌ড়ো। "বল্লেন তিনি কড়া পড়ল হাতে বাট্‌না বেটে।"-দ্বি॰ রায়। ১৬ বহু অভ্যাসের চিহ্ন স্বরূপ ঘাটা। প্র-কড়া পড়িয়াছে হাতে অন্নবস্ত্র দিয়া।"-ভারত॰।

কঁড়া৩ [সং-কটক] বি, ধাতু-বলয়; লোহার বালা। প্র-হাতে কড়া পরান। ২ বালার মত হাতল; আংটা handle. "সে চা'র পেয়ালার কড়া ধরিতে পারিতেছিল না, পেয়ালা এত তপ্ত ছিল।"-মতিচুর। ৩ তবলা, ঢোল ই॰-র রজ্জুস্থিত আংটী।

কঁড়া৪ [সং-কটাহ; হিং॰-কঢ়াই, কটক বা বলয়াকৃতি বলিয়া] বি, কটাহ; কড়াই; দুগ্ধ তৈলাদি জ্বাল দিবার ধাতু-পাত্রবিঃ; খুলি। "সম্মুখে দুধের কড়া কাটীতে ঘোঁটন।"-হেম॰।

কঁড়া৫ [কড় দ্রঃ] বি, বোল বা ফুলের অব্যবহিত পরবর্ত্তী সময়ে ফলের অবস্থা; ফলের প্রাথমিক অবস্থা; কড়েয়া। "রক্ত পীত ঘনশ্যাম, কাঁচা ক॰ পাকা আম, কাঁটাল গোলাপজাম ফল অগণন।"-চন্দন॰।

কঁড়াই [কলায় দ্রঃ] বি, মুদ্গ; মটর ও মাষকলাই ই॰। ২ [কটাহ >] বি, ক্ষুদ্র কটাহ। ৩ [হিং॰-কড়া; সং-কটক] বি, বলয়; বালা। "পিতার বচনে ভাটে দিল পুরস্কার, ঘোড়া জোড়া ক॰ কনক কণ্ঠহার।"-ঘ॰।

কঁড়াকঁড় [কড়া+কড়া] বিণ, শক্ত। ২ ভীষণ। ঝমাঝম দ্রঃ। "দক্ষ পক্ষ বিপক্ষ দেখিয়া দড়বড়। দুইদলে সংগ্রাম লাগিল ক॰॥"-শি॰। ৩ বি, অব্যক্ত শব্দ; মেঘ-গর্জ্জন; বজ্রধ্বনি [কড়াৎ দ্রঃ]।

কঁড়াকঁড়া [সংখ্যাধিক্যে দ্বিত্ব] বি, শক্ত শক্ত কথা; কঠোর বাক্যে তিরস্কার। প্র-তাকে খুব কড়াকড়া শুনিয়ে এসেছে। ২ বিণ, কঠোর; শক্ত শক্ত (বহুবচনে দ্বিত্ব)। প্র-কড়াকড়া কথা।

কঁড়াকিয়া-কড়ানিয়া দ্রঃ।

কঁড়াক্ক/ড় [কড়াকড় দ্রঃ] বিণ, শক্ত; কঠোর। প্র-কড়াক্কড় নিয়ম। বি, ~ড়ি।

কড়াক্রান্তি [১কড়া=৪ কাক=৩ ক্রান্তি] বি, মুদ্রার অতি ক্ষুদ্র ক্ষুদ্র সংখ্যা ; সূক্ষ্ম-হিসাব।

কড়াঙ্কে [কড়া + অঙ্ক + ইয়া=কড়াঙ্কিয়া। গ্রা° ক্ষে°] বি, কড়ানিয়া (দ্রঃ)।

কড়াৎ [অনু°] বি, অব্যক্ত শব্দ। "বল-প্রয়োগ করিতেই ক° করিয়া চাবী ঘুরিল, বাক্স খুলিল।"-মহিমময়ী (দী° রায়)। ২ বজ্রধ্বনি। "কড়কড়াকড় কড়াৎ কড়াৎ ডাকবে যখন ঝন্ঝনে।"-ম্যাকবেথ (গি° ঘোষ)।

কড়ানিয়া [কড়া দ্রঃ। কড়াকিয়া ও°। গ্রা°-কড়ানে, কড়াঙ্কে, কড়াকে] বি, কড়া পরিমাণ মুদ্রা-সম্বন্ধীয় গণনা বা অঙ্ক ; শতপর্য্যন্ত কপর্দ্দক গণনা।

কড়ার১ [সং] বি, পিঙ্গলবর্ণ। ২ বিণ, পিঙ্গলবর্ণবিশিষ্ট।

কড়ার২ [আ°-কড়ার্। প্রাদে°, গ্রা°-'করাল'] বি, স্থিরতা : সময়নির্দ্ধারণ ; নিশ্চয়। ২ অঙ্গীকার ; প্রতিশ্রুতি : সর্ত্ত। সর্ত্তের অভাব অর্থে 'বেকড়ার' (আ°-বে-কড়ার)।

কড়ারি-বিণ, চুক্তিবদ্ধ ; নির্দ্ধারিত।

কড়ালি [সং-"করালো দন্তুরে তুঙ্গে।" -অমর°] বিণ, বড বড় দন্ত বা দাড়াবিশিষ্ট। প্র-বাজারে বেশ কড়াল কড়াল চিংড়ী-মাছ উঠেছে।

কড়ি১, কড়ী [সং-কপর্দ্দক, প্রাকৃ°-কবড়ী >, হিং°-কৌড়ী >] বি, সমুদ্রজাত শঙ্খশম্বুকাদি-জাতীয় জীববিশেষের দেহ : কপর্দ্দক ; বরাটক [বর্ণভেদে কড়ির ভিন্ন ভিন্ন নাম আছে। সিংহী (স্বর্ণবর্ণ) ; ব্যাঘ্রী (ধূম্রবর্ণ) ; মৃগী (উপরিভাগ পীতবর্ণ ও নিম্নভাগ শ্বেতবর্ণ) : হংসী (শ্বেতবর্ণ) ; বিদস্তা (থর্ব্বাকৃতি)] ২ [অধিক মূল্যের মুদ্রার্থক শব্দের সহচর শব্দ। তুল-টাকাকড়ি, পয়সাকড়ি, ধনকড়ি, তা হতে] অর্থ ; ধন ; টাকা money : wealth. প্র-লোকটা বেশ ক° করে নিয়েছে। ৩ কড়ি-ওয়ালা ; কড়িকপালে। "এত শিখিয়াছ এটুকু শেখনি কিসে ক° আসে দুটো।"-রবী°। **কড়িওলা** [কড়ি+বালা] ধনবান্। **কড়িকষা**-কড়ির মূল্য-নিরূপক হিসাব ; কড়ির মূল্যসম্বন্ধীয় গণিত। **কড়ি-কুষ্ঠা**-কড়ি খরচ সম্বন্ধে কষা হাত যার ; কৃপণ ; ব্যয়কুণ্ঠ। **কড়িখেলা**-কড়ি চালিয়া খেলা ; দশপঁচিশ, গোলকধাম, অষ্টাকষ্টে ই° খেলা। **কড়িচণ্ডাল**-অর্থপিশাচ। ২ ঘুসখোর। **কড়িপাতি** [তুল-খরচপাতি;পয়সাপাতি] বি, পয়সাকড়ি ; অর্থাদি ; খরচপত্র। "কর্পূর কহিছে সঙ্গে ক° নাই।"-ধ° ম° (মাণিক)। **কড়িপিতিশি** (মেয়েলি°-গ্রা°)-'কড়ি প্রত্যাশী' হতে ; যে কেবল কড়ির প্রত্যাশা করে অন্য কিছুতে যার চিত্ত যায় না ; অর্থগৃধ্নু ; অর্থলোলুপ। **কড়িফট্কা**-কপর্দ্দকশূন্য ; নিঃস্ব : নির্ধন। **কড়িবউলি, -লী, কড়িবাউলি** [বীরবৌলী দ্রঃ। কড়ি -বৌলি (বলয়াকৃতি বলিয়া)] বি, কর্ণাভরণ-বিঃ : কড়ি গাঁথা মাকড়ি ; স্বর্ণতারে মুক্তাগাঁথা বলয়াকার ভূষণ। "সুবর্ণের কড়িবউলি, রজত-পত্র পাশুলি সুবর্ণের অঙ্গদ কঙ্কণ।"-চৈ° চ°। **কাণা-কড়ি**-ছিদ্রযুক্ত বা ভগ্ন কড়ি। **ঘেঁচি বা ঘেঁচি কড়ি** [ওড়ি°-গণ্ঠী কৌড়ী] গেঁটে কড়ি। **টাকাকড়ি, পয়সাকড়ি**-ধন ; নগদ অর্থ বা মুদ্রাদি। **সাতহাটের কাণা-কড়ি**-যে কড়ি হাটে হাটে বিনিময় বা হস্তান্তর-জনিত ক্ষয়-প্রাপ্ত সুতরাং ছিদ্রযুক্ত হইয়াছে। ২ (সাদৃশ্য হ'তে) যে অনেক ঘুরিয়াছে ও অনেক দেখিয়াছে।

কড়ি২ [সং-কাণ্ড। হিং°-কাঁড়] বি, পাকা ঘরের ছাদ ধারণ করিবার জন্য স্থূল ও দীর্ঘ কাষ্ঠখণ্ড (দুই কড়ির ব্যবধান মধ্যে যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র ও অপেক্ষাকৃত সরু কাষ্ঠখণ্ড থাকে তাকে বরগা বলে) ; মেটে ঘরের আড়া বা আড়কাট। প্র-বাড়ীটা খুব পুরাতন, ছাদের কড়িবরগাগুলা ভাঙ্গিয়া পড়িতেছে। কড়ির উদ্দেশ্যসাধক লৌহাদি-নির্ম্মিত দণ্ডকেও কড়ি বলা হয় (লোহার কড়ি)।

কড়ি (ড়ী) আনা-কড়িয়াল দ্রঃ।

কড়িকানি [কুঞ্চন হতে কোঁকড়ান, তার উচ্চারণ-বিকারে] বিণ, শুকান ; মুসড়ান ; কোঁকড়ান। ২ [কথ্য কড়কানি] ক্রি, (কড়া কথায়) তিরস্কার করা ; ধম্কান।

কড়িমধ্যম-বি, তীব্র মধ্য স্বর।

কড়িয়া, কড়ে [সং-কনীয়স্-কনীয়ান্। হিং°-কনেঠ। দ্রুত উচ্চারণে-কড়ে] বিণ, কনিষ্ঠ ; ছোট ; ক্ষুদ্র। প্র-কড়িয়া অঙ্গুলি ; কড়ে আঙুল। ২ কন্যা ; অল্পবয়স্কা ; বালিকা। প্র-কড়ে রাঁড়। ৩ বি, কনিষ্ঠা ; কড়ে আঙুল। ৪ কড়ে আঙুলের খোঁচা ; কনিষ্ঠ অঙ্গুলিদ্বারা স্পর্শ। "শেষরাতে আসে সারারাতি লিখে পড়ে। খাওয়াইতে জাগাইতে হয় দিয়া কড়ে॥"-অ° ম°। ৫ গোচাতুর্য্য লক্ষণ। ৬ বিণ, চঞ্চল। **কড়ে দেওয়া, কড়েমারা**-আঙুলের খোঁচা দিয়া ইঙ্গিত করা। **কড়িয়ারাড়ী, -ড়ি** [সং-কন্যা (বালিকা)-রাঁড়ী। গ্রা°-কড়ুই-রাঁঢ়ী। **কড়েরাঁড়ী**। কড়িয়া দ্রঃ] বি, যে স্ত্রী অতি অল্পবয়সে স্বামী চিনিবার পূর্ব্বেই বিধবা হইয়াছে। "হয় ত বা কারুর বিয়ের পরে স্বামী মরে গেল-কড়েরাঁড়ি, ভগবান্‌কে ডাকুক না কেন।"-রা°-কৃ° লীলা প্রসঙ্গ। ২ বাল-বিধবা ; শৈশবে স্বামিহীনা।

কড়িয়াল১ [কড়ি (ধন) + য়াল (হিং°-কড়িবালা > বাং-কড়ি (ড়ী) আলা > ক্ষে°-ক'ড়েল] বিণ, ধনবান্ ; অর্থশালী ; আঢ্য।

কড়িয়াল২-কড়িয়ালি দ্রঃ।

কড়িয়ালি, -লী [কড় বা কড়া + কড়ি -আল (স্ত্য)। তুল-সং-খলিন, খলীন-বল্গার কড়াদার অংশ] বি, লাগামের যে অংশ ঘোড়ার মুখে লাগান থাকে, তাতে লোহা বা পিতলের কড়া > সংলগ্ন অংশের নাম। মুখস ; ঘোড়ার মুখের কশাবন্ধনের কড়াদার অংশ। "ধরেন ভারত যে ঘোড়ার ক°।"-কৃত্তি°।

কডিসিল [ইং-codicil] বি, ইচ্ছাপত্র বা উইলের ক্রোড়পত্র বা পরিশিষ্ট। "উইলের সঙ্গেই জীবনমোহন কডিসিলেরও প্রোবেট লইয়াছিলেন।"-পিতাপুত্র।

কড়ী-কড়ি দ্রঃ।

কড়ুই১ [সং-কণ। বাং-কুঁড়া (খুদ) + ই (বির্থে°, স্ত্য) যেখানে কুঁড়া পড়ে বা থাকে] বি, ধান্যের গোলা। ২ এক জাতীয় তাম্বুল। প্র-কড়ুই পান।

কড়ুই২ [প্রাদে°] বি, লবণ, চিনি ও সরিষা বাটা মিশ্রিত করিয়া তেলে ভাজা ঝিঙা,

খোড় ই০-র ব্যঞ্জন। দুগ্ধ কড়ুই-ঝিঙ্গার কড়ই ; দুধ কই (দ্রঃ)।

কড়ুইরাঁঢ়ী-কড়িয়া দ্রঃ।

কড়ুয়া [হিং] বিণ, কটু ; তীব্র। প্র-কড়ুয়া গন্ধ। ২ কড়া ; রসা নহে। প্র-কড়ুয়া তামাক। কড়ুয়া তেল (সরিষার তৈল)। ৩ [কড়ম্ব দ্রঃ। অঙ্কুর ; আঁকুরা ; আকুড়া। প্রাদে০ বরিশাল] বি, আক্শী ; আকর্ষণী।

কড়ুলী-বি, প্রাচীন আর্য্য আনদ্ধ যন্ত্রবিঃ। ২ টিক্লি। প্র-আক কড়ুলি।

কড়েরাড়ী,-রাঁড়ী [কড়িয়া দ্রঃ] বি, বালবিধবা। "দারুণ বিধাতা মোরে কৈল কড়েরাড়ী।"-ক্ষেমানন্দ (মনসা মং)।

কড়েল-কড়িয়াল দ্রঃ।

কণ্[কণ্ (সঙ্কোচ বা ক্ষে০ করা)+অ (জ্ঞা০-অল্)] বি, সূক্ষ্মাংশ ; অতি ক্ষুদ্রাংশ ; অত্যল্প ভাগ ; গুঁড়া ; রেণু। প্র-খোকা তাকে সন্দেশ হতে কণ খুঁটিয়া খাইতে দিল [এই অর্থে ইহার 'কোন্' এইরূপ উচ্চারণ হয়] ২ (কনঁ) বিন্দু। প্র-ধূলি-কণ-বাহী [এই উচ্চারণ ও অর্থে স্বতন্ত্র ব্যবহার বাং-তে নাই] ৩ শস্যের ক্ষুদ্র অংশ ; খুদ ; কুঁড়া। ৪ কুমীরে মাটি ; কুমীরে পোকা। স্ত্রীং-কণা ; কণিকা ; কণী-ক্ষ লিঙ্গ।

কণ কণ, কণু কণু, কণু কণ [সং-কণ, ক্বণ (শব্দ করা)। 'কন্‌কন্', 'কনকন' ও০] বি, অনুকরণ শব্দ ; তীব্র ধ্বনি; ধাতুপাত্রে কঠিন বস্তুর আঘাত-শব্দ ; কাঁসরের বাদ্যধ্বনি ; বাসনের শব্দ। ২ কণ্ কণ্ এইরূপ তীব্র কণ্ঠস্বর। প্র-তার গলা যেন কণ কণ করিতেছে। ৩ বিণ, কণ-কণ শব্দকারী। "বীণা বাদয়ে অতি ললিত ক্বণু ক্বণু ক্বণ নিনাদে।"-হেম০। বি, কণকণি। ৪ [কণ্=আর্ত্তনাদ করা] বি, এমন যন্ত্রণা যাতে আর্ত্তনাদ করায় ; তীব্র বেদনা। প্র-দাঁত কণ কণ করা : পেট কণকণ করা। বিণ, কণকিনিয়া, কণকিণে, কন্‌কিনে-অতিশয় তীব্র ; অত্যন্ত যন্ত্রণাদায়ক। ২ অত্যন্ত ঠাণ্ডা, দংশনে যেমন তীব্র বেদনা অনুভূত হয় স্পর্শে তদ্রূপ যন্ত্রণাদায়ক হয়। প্র-মাঘ মাসের কণকণে শীতে খালি গায়ে থাকা যায় না। জল ঠাণ্ডা কণকণে হয়ে যায়, ছোঁয়া যায় না। কণকণে বরফ। ক্রি, কণকণানি-কণকণ করা। বি, কণকিণি, কণকণানি-যন্ত্রণা ; ক্ষত ; স্ফীত বা আহত অঙ্গের বেদনা। অস-ক্রি, কণকিণিয়ে। প্র-হাড়ের উপর এমন মেরেছে যে কণকণিয়ে দিয়েছে [দ্রঃ-লঘু শব্দে বা কম তীব্র বেদনায় কুণকুণ। স্থূল শব্দে-কণকণ। তীব্র অথচ সূক্ষ্ম শব্দে-কিণকিণ, কিণিকিণি]।

কণকিণি [কণকণ দ্রঃ] বি, কঙ্কণাদির মধুর শব্দ ; কণকণ এই শব্দ। "ফণিরাজ ফণফণি কঙ্কণের কং নানা অলঙ্কার ঝলমল।" -ভারত০।

কণগুগ্‌গুলু [সং] বি, বাং-য় কণগুগ্‌গুল নামে প্রসিদ্ধ গন্ধদ্রব্যবিঃ। ২ মহিষ নামক গুগ্‌গুলু। ৩ শ্বেতজীরক।

কণজীর, কণজীরক-বি, শ্বেতজীরক : সাদা জীরা ; ক্ষুদ্রজীরক : ছোট জীরা।

কণভুক্, কণভিক্ষক [কণ (ক্ষুদ্রাংশ) ভক্ষ্ (ভক্ষণ করা)+অক-র্ত্তৃ] বি, ভারিট পক্ষী। ২ ক্ষুদ্রাংশ-ভোজী ; খুদখেকো বা কুঁড়োখেকো।

কণআ-কণক দ্রঃ।

কণা [প্রাকৃ০-কণো : বাং-কোণা। কণ দ্রঃ। স্বার্থে-আ] বি, বিন্দু ; অত্যল্পভাগ; সূক্ষ্মাংশ। "চাতক জলদ কহি সে নহে তুলনা। সময় নহিলে সে না দেয় এক কণা॥" -চণ্ডী০। ২ রেণু : গুঁড়া। ৩ [বৈদ্যক] কণ (৩) (দ্রঃ)। (২) পিপ্পলী। (৩) জীরক। (৪) কুমিরে পোকা। চাঁদের কণা-চাঁদ দ্রঃ।

কণা/কার-বিণ, বিন্দুর আকারবিশিষ্ট : দানাদার granular ~টীন, ~টীর [কণ-অট্ (গমন করা)+ঈন ও ঈর (র্ত্তৃ, জ্ঞা০)] বি, যে কণামাত্র খাদ্য লাভের জন্য ভ্রমণ করে ; খঞ্জন পক্ষী। ~মাত্র [কণা+মাত্র (অল্পার্থে)] বি, অত্যল্পমাত্র ; একবিন্দু ; এককণা।

কণাদ [কণা (অত্যল্প)-অদ্ (আহার করা)+অ (র্ত্তৃ) যিনি অতি অল্প পরিমাণে আহার করেন, কিংবা কণ (পরমাণুকে) অদয়তি (যিনি আবিষ্কার করেন)] বি, বৈশেষিক দর্শনকার মুনিবিঃ। ২ মহামুনি কশ্যপ। ৩ অল্পভোজী চটক পক্ষী [অপ্রসিদ্ধ] ৪ সুবর্ণকার সেক্‌রা [অপ্রসিদ্ধ]।

কণি [কোণ দ্রঃ। গ্রা০-কেনি, কুণি দ্রঃ] বি, নখের কোণ। "নখের কণি।"-চণ্ডী০। ২ হিং-কোনিয়া] বি, বাক্‌স ই০-র কোণে বসাইবার লৌহ পিতলাদির পাত ; কোণা।

কণিক [কণ (ক্ষুদ্রাংশ)+ইক (ণ্-স্ত্য)] [বি, অতিক্ষুদ্রাংশ ; বিন্দু ; কণা। ২ গোধূম চূর্ণ ; ময়দা। ৩ নীরাজন-বিধি ; আরত্রিক। ৪ [অপ্রসিদ্ধ] বৈরী ; শত্রু। ~া [কণিক (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, এককণা ; বিন্দুমাত্র ; অত্যল্প পরিমাণ। ২ তণ্ডুলের কণা ; খুদ। ৩ খুদের খিচুড়ী। প্র-বিদুরের কণিকা প্রসাদ (পুরীতে)।

কণিত [কণ্ (শব্দ করা)+ত (ভা০-ক্ত)] বি, ক্রন্দন ; রোদন ; আর্ত্তনাদ। ২ বিণ, শব্দিত ; নিক্বণিত।

কণিশ [কণ (অল্প)+শ (জ্ঞা০-ই আগম)] বি, শস্যের মঞ্জরী ; ধান্যাদির শীষ।

কণিষ্ক-কনীষ্ক দ্রঃ।

কণী-বি, কণিকা।

কণীণিকা [সুশ্রুত] বি, চক্ষুর ভিতরের কোণ interior corner of the eye.

কণীয়ান্-কনীয়ান্ দ্রঃ।

কণুই [সং-কফোণি ; হিং-কোহনী] বি, বাহুর নিম্নগ্রন্থি elbow. কনুই দ্রঃ।

কণ্টক, কণ্ট [কণ্ট্ (গমন করা)+অক, অ (র্ত্তৃ-জ্ঞা০)] বি, যে হস্তপদাদিতে গমন বা প্রবেশ করে ; কাঁটা। ২ মৎস্যের অস্থি ; মাছের কাঁটা। ৩ সূচ্যগ্র। ৪ [লক্ষ০] ক্ষুদ্র শত্রু। ৫ রোমাঞ্চ। প্র-পুলক-কণ্টকিত। ৬ দোষ। ৭ ন্যায়ে-দোষোক্তি। ৮ ব্যাঘাত ; বিঘ্ন। ৯ যা বিরক্তিকর বা ক্ষতিজনক। ১০ কেন্দ্র। ১১ বিণ, যে কষ্টের বা অসুখের কারণ হয়। ক্লেশদায়ক। প্র-কুলের কণ্টক ; সমাজ-কণ্টক। ১২ কণ্টকযুক্ত। "কুলেতে কণ্টক তরু বেষ্টিত ভুজঙ্গে।"-বঙ্কিম০। ~দ্রুম [কণ্টক (কণ্টক প্রধান) যে দ্রুম (র্ম্ম)] বি,

শাল্মলী বৃক্ষ; শিমুল গাছ। ~পক্ষক [কণ্টক (কাঁটা যুক্ত) পক্ষ (ডানা) যার-বহু° সমাসে ক যোগ] বি, যাদের পৃষ্ঠের ডানার উপরে এক কিংবা অধিক অস্থিশলাকা অর্থাৎ কাঁটা থাকে (যেমন কৈ, খরসলা ই° মৎস্য)। ~ফল, কণ্টকীফল [(কণ্টকযুক্ত) ফল যার-বহু°] বি, কাঁঠাল গাছ। ২ গাব-ভেরেণ্ডার গাছ। ৩ ধুতুরার গাছ। ৪ গোক্ষুর গাছ। ৫ [কণ্টক (কণ্টকযুক্ত) যে ফল-ধা] কাঁঠাল। ~ভুক্ [বাবলা শাঁই ই° বৃক্ষের কণ্টকযুক্ত শাখা পল্লবাদি খায় বলিয়া)] বি, উট। ~ময়-বিণ, কণ্টকাবৃত। ~লতা।-শয্যা। ~স্বরূপ-বিঘ্ন। ২ যন্ত্রণা। ~াকীর্ণ-কাঁটাপূর্ণ। ২ বিঘ্নসঙ্কুল।

কণ্টকারিকা, কণ্টকারী [কণ্টক (কাঁটা)-ঋ (গমন করা)+অণ্ (জ্ঞা°)-ঋ=আর্ =কণ্টকার+ক (স্বার্থে) আ (স্ত্রীং) অ=ই= কণ্টকারিকা। পক্ষে, কণ্টকার+ঈ=কণ্টকারী। গ্রা°-কন্টিকারি, -রী, কাঁটকারী, কেঁটকিরি] বি কণ্টকারীর গাছ।

কণ্টকাশন [কণ্টক (কাঁটা)+অশন (ভোজ্য) যার-বহু°] বি, উষ্ট্র; উট; ইহারা বাবলা গাছের কাঁটা খাইতে ভালবাসে বলিয়া এই নাম।

কণ্টকিকীট-বি, শুয়া পোকা।

কণ্টকিত [কণ্টক+ইত (যুক্তার্থে)] বি, রোমাঞ্চযুক্ত; রোমাঞ্চিত; যাতে রোমাঞ্চ হইয়াছে। ২ কণ্টকযুক্ত; যেখানে কণ্টক জন্মিয়াছে। ৩ কণ্টকবিদ্ধ।

কণ্টকি/নী-বি, বার্ত্তাকী। ২ শোণ-ঝিণ্টী; মধুখর্জ্জুরিকা নামক মিষ্ট খেজুর। ~লতা-বি, শশাগাছ। ২ কাঁকুড় গাছ।

কণ্টকী [কণ্টক (কাঁটা) বা ক্ষুদ্র অস্থি) +ইন্ (স্তা)=কণ্টকিন্ ১মা ১ব°] বি, অতিশয় কাঁটাযুক্ত মৎস্যবি:; ফলুইমৎস্য। ২ খর্জ্জুরাদি বৃক্ষ। ৩ বেউড় বাঁশ। ৪ বিণ, কণ্টকবিশিষ্ট; যাতে অনেক কাঁটা আছে। ~ফল,-কণ্টকিফল-কাঁঠাল।

কণ্টকোদ্ধার [ক°+উদ্ধার] বি, কাঁটা বাহির করা। ২ [লক্ষ°] শত্রুনিপাত। ৩ বিঘ্ননাশ। ৪ কষ্টের নিদান দূর করণ।

কণ্টপত্র-বি, বৈঁচি গাছ।

কণ্টফল, কণ্টাফল [কণ্টা (কাঁটাযুক্ত যে ফল-ধা, বহু°] বি, কাঁঠাল।

কণ্টাম্নু-বি, বেগুন। ২ বাঁশ। ৩ বাবলা।

কণ্টী-বি, গোক্ষুর zygophyllæ tribulus terestris.

কণ্ট্রাক্টর [ই°-contractor] বি, যাঁরা কোন কার্য্য সম্পন্ন করিবার নির্দ্দিষ্ট টাকা চুক্তিপূর্ব্বক কার্য্য সমাধা করে; ঠিকাদার।

কণ্ঠ [কণ্(শব্দ করা, রব করা)+ঠ (র্ত্তৃ); বা কণ (ধ্বনি, স্বর)+ঠ (স্থান)-স্বরস্থান] বি, স্বরস্থান; স্বরযন্ত্র windpipe (সুশ্রুত); গলা; গলদেশ। প্র-কণ্ঠ্যবর্ণ; কণ্ঠাগত প্রাণ; কণ্ঠচ্ছেদ। ২ কণ্ঠস্বর; গলার স্বর; কণ্ঠধ্বনি; গলার আওয়াজ। প্র-তিনি মধুরকণ্ঠে গান করিতেছেন; এমন সুকণ্ঠ গায়ক প্রায় দেখা যায় না [উচ্চকণ্ঠ-উঁচু গলা; চীৎকার] ৩ [শরীর বিজ্ঞা° পরি.] টুঁটি throat. ৪ নিকট (উপকণ্ঠ অর্থে-সং-তে ব্যবহার)। ৫ মদন বৃক্ষ; ময়না গাছ। স্ত্রীং কণ্ঠা, কণ্ঠী। ~কূণিকা [কণ্ঠ (গলা) কূণ্ (শব্দ করা)+অক (র্ত্তৃ, জ্ঞা°) আ (স্ত্রীং) অ=ই] বি, যে কণ্ঠের ন্যায় ধ্বনি করে; বীণা। ~নাড়ী, ~নালী [কণ্ঠের নাড়ী (সুশ্রুত) নালী-৬তৎ] বি, গলার নলী; গলনালী windpipe; the gullet. ~নীলক [কণ্ঠ (হইয়াছে) নীল (বর্ণ) যার-বহু°, সমাসে ক-যোগ] বি, নীলকণ্ঠ; মহাদেব। ২ উল্কা। ৩ ময়ূর। ~পাশক [কণ্ঠ (কণ্ঠের) পাশক (বন্ধনার্থ শৃঙ্খল)] বি, হস্তীর গলবেষ্টনী; হাতীর গলায় বাঁধিবার দড়ী বা শিকল। ~বদ্ধ,-লীন-বিণ, গলবদ্ধ; আলিঙ্গিত। ক° বাহির হওয়া-ক্রি, স্বর বাহির হওয়া বা শ্রুতি-গোচর হওয়া। ~ভূষণ,~ভূষা-বি, কণ্ঠাভরণ; মাল্য; হার; চিক; নেকলেস। ~মণি-বি, কণ্ঠে ধারণ করিবার রত্ন। ২ কণ্ঠস্থ মণিভূষণ। ~মালা-কণ্ঠহার দ্রঃ। ~রোধ-বি, কণ্ঠ চাপিয়া শ্বাসরোধ। ~রোল-বি, চীৎকার। ~লগ্ন-বি, কণ্ঠবদ্ধ। ~শ্বাস-বি, মৃত্যুকালীন শ্বাসের টান। ২ অতিরিক্ত হাঁপ ধরিলে যে শ্বাসকষ্ট হয়। ~সূত্র-বি, মাল্য। ২ আলিঙ্গনবি:। ~স্বর-বি, কণ্ঠরব; গলার আওয়াজ। ~হার-বি, কণ্ঠমালা; কণ্ঠভূষণ-বি:। "দেখাব কণ্ঠী কণ্ঠহার পিঠের ঝাঁপা ফুল।" -হেম°।

কণ্ঠস্থ [কণ্ঠ-স্থ (স্থা=থাকা)+অ (র্ত্তৃ) যে কণ্ঠে থাকে] বিণ, কণ্ঠস্থিত। ২ যা বিলক্ষণরূপে শিক্ষা করা হইয়াছে; অভ্যস্ত; মুখস্থ। ৩ যা কণ্ঠে প্রবেশ করে; গলার অধঃকৃত।

কণ্ঠা [কণ্ঠ+আ (স্ত্রীং)] বি, কণ্ঠদেশের অস্থি; স্কন্ধের পার্শ্বস্থ অস্থিদ্বয় clavicle. ২ গলা। ~গত-কণ্ঠের নিকট আগত; কণ্ঠস্থ। ~গতপ্রাণ-বিণ, প্রাণ যার কণ্ঠ পর্য্যন্ত আসিয়াছে (প্রাণ বাহির হবার উপক্রমের অবস্থা-সূচক)। ২ দেহ হতে বহির্গমনোন্মুখ প্রাণবায়ু। ৩ প্রাণান্ত পরিচ্ছেদ। ~গতপ্রায়-বিণ, প্রাণ বাহির হবার মত। ক° বাহির হওয়া-কণ্ঠের হাড় দেখা দেওয়া; অত্যন্ত দুর্ব্বল ও কৃশ হওয়া।

কণ্ঠাগ্নি [কণ্ঠে-অগ্নি যার-বহু°। কণ্ঠে যার জঠরানল আছে] বি, পক্ষী [প্রা° অ°]।

কণ্ঠাভরণ [কণ্ঠ+আভরণ] বি, কণ্ঠভূষণ।

কণ্ঠাল [কণ্ঠ (গলা)-অল্ (পর্য্যাপ্তি অর্থে)+অ (জ্ঞা°)] বি, উষ্ট্র; উট। ২ নৌকার হাল বা দাঁড়। ৩ শূরণ; ওল।

কণ্ঠি, কণ্ঠী [কণ্ঠ+ই; ঈ ক্ষুদ্রার্থে কণ্ঠিকা] বি, কণ্ঠভূষণ; কণ্ঠহার অপেক্ষা ছোট স্বর্ণ বা মুক্তার একহালি মালা; কণ্ঠমালা। দেখ্‌বে কণ্ঠি, কণ্ঠহার পিঠের ঝাঁপা-ফুল।"-হেম°। "কণ্ঠী আনিয়া কণ্ঠে জড়ায়।" -রবী°। ২ বৈষ্ণব বৈষ্ণবীর কণ্ঠে ধারণ করিবার তুলসী মালা। প্র-কণ্ঠি বদল করিয়া বিবাহ। ৩ অশ্বের কণ্ঠরজ্জু; ঘোড়ার গলার ডোর। ~ধারণ-বৈষ্ণব বৈষ্ণবীর গলায় ধারণ করিবার জন্য তুলসীর মালা গ্রহণ;

তিলক চন্দনাদির ন্যায় বৈষ্ণবের চিহ্ন ধারণ। ~ছেঁড়া-বৈষ্ণবসম্প্রদায়চ্যুত করা। ~ধারী-আনুষ্ঠানিক বৈষ্ণব ; বৈরাগী। ~বঁদল [প্রাদে°] বি, বৈষ্ণবসম্প্রদায়ের মধ্যে প্রচলিত বিবাহ-প্রথা অনুসারে স্ত্রী-পুরুষের পরস্পর কণ্ঠের মাল্য-বিনিময়। ২ কণ্ঠের মাল্য-বিনিময়দ্বারা বিবাহ। ~রঁব [কণ্ঠীতে (কণ্ঠে) রব (শব্দ) যার-বহু°] বি, কপোত। ২ মত্ত হস্তী। ৩ সিংহ [বাং-য় প্র° অ°] > স্ত্রী° ~রিবী-বাসক বা বাকসগাছ।

কণ্ঠেকাল [কণ্ঠে (গলদেশে) কাল (কালকূট বিষ ধারণ জন্য কৃষ্ণবর্ণ চিহ্ন) যার-বহু°, অলুক°] বি, নীলকণ্ঠ ; মহাদেব।

কণ্ঠ্য [কণ্ঠ+য (ভবার্থে, যণ্)] বিণ, কণ্ঠসম্বন্ধীয়। ২ কণ্ঠ হতে উচ্চারিত বর্ণ ; যথা-অ, আ, হ। **কণ্ঠ্যৌষ্ঠ্য** [কণ্ঠ্য+ওষ্ঠ] বি, যা কণ্ঠ এবং ওষ্ঠ এই উভয় স্থান হতে উচ্চারিত হয়। "হ্রস্ব অ বর্ণের সংবৃতান্ত উচ্চারণে ওষ্ঠ সংবৃত করিতে হইয়া থাকে। এইজন্য কণ্ঠ্য অ-বর্ণ কণ্ঠ্যোষ্ঠ্যে পরিণত হয়।" -সা° প° প°।

কণ্ডন [কন্‌ড্ (তুষহীন করা) + অন (ভা°)] বি, তুষ-নিষ্কাশন ; নিস্তুষকরণ ; কাঁড়ন। ~নী [কন্‌ড্ (কাঁড়ন) + অন, (ণে-ট্) যদ্দ্বারা চাল কাঁড়া হয়] বি, মুষল। ২ [ধি-ট্ (যাতে রাখিয়া চাল কাঁড়া হয়)] কনণ্ডপাত্র ; উখলি।

কণ্ডু-বি, মুনিবিঃ। ২ চুলকানি।

কণ্ডুরা-কণ্ডূরা দ্রঃ।

কণ্ডূ [কণ্ডূ (সৌত্র ধাতু + ক্বিপ্)] বি, চুলকানি ; খোস ; পাঁচড়া। ~তি [কণ্ডূ+তি (ভা°)] বি, খোস। ২ শরীরের মধ্যে সড়সড় বোধ ; চুলকানি। ৩ [লক্ষ°] অস্থিরতা ; প্রবৃত্তির তাড়নায় অতিশয় চঞ্চলতা ; কুটকুটুনি।

কণ্ডূয়ঁ/ন-বি, কণ্ডূ ; চুলকানি ; পাঁচড়া। ২ চুলকানি হেতু অস্বস্তি ; চুলকাইবার জন্য অঙ্গুলির অস্থিরতা। প্র-যা তা লিখিয়া হস্ত-ক° নিবৃত্তি করা। ৩ প্রবৃত্তির তাড়নায় অতিশয় অস্বস্তি ; কুটকুটুনি। ~মান [কণ্ডূ (সৌত্র ধাতু=চুলকান) + য কণ্ডূয়+আন (র্তৃ)-ম-আগম] বিণ, কণ্ডূয়ন করিতেছে এমন ; যে চুলকাইতেছে।

কণ্ডূরা, কণ্ডুরা [কণ্ডূ-রা (দান করা + (র্তৃ, ক্বিপ্) যে কণ্ডূ দেয়। অর্থাৎ যা স্পর্শ করিলে গাত্র-কণ্ডূ উপস্থিত হয়] বি, আলকুশী গাছ।

কণ্ডূল [কণ্ডূ (চুলকান) + ল (স্ত্য)] বিণ যার কণ্ডূ আছে ; কণ্ডূ রোগে আক্রান্ত ; খোসো।

কণ্ডোল [কন্‌ড্ (রক্ষা করা) + ওল (ধি, জ্ঞা) + ক (স্বার্থে)-যাতে ধান্য ই° শস্য রক্ষিত হয়] বি, বাঁশ কিংবা নল দ্বারা নির্ম্মিত ধান্যাদি শস্য রাখিবার পাত্র ; গোলা ; ডোল। ~বীণা-বি, কটোলবীণা ; চণ্ডালদিগের জাতীয় বাদ্য ; কেঁদ্‌ড়া। -শব্দরত্নাবলী।

কণ্ঢারা [সং-কন্ধর > কান্ধার > বৌ° বাং প্রাকৃ°। "ডাঙ্গার দিকে কোন নদী বাঁকিয়া গেলে তাহাকে কাঁধার বলে-যেখানে ঢকিলে আর পথ পাওয়া যায় না।"-হ° শাস্ত্রী] বি, কাঁন্ধার ; কাঁধার। "এক্ বাকু ণ ভূলহ রাজপথ ক°।"-চ° পদ°, ১৫।২।

কণ্ন, কন্ন [প্রা° বাং। সং-কর্ণ > , ভ্রং] বি, কর্ণ ; কান। "রতন কুণ্ডল শোভে কন্নে।" -শ্রী° কী°।

কণ্না [গৃহকর্ম্ম=ঘরকন্না ; ক্ষে° কন্না। হি° কর্না=কাজকর্ম্ম করা] বি, গৃহের কাজকর্ম্ম ; সেবা-শুশ্রূষা। ক° করা-ক্রি, গৃহস্থালীর কাজকর্ম্ম করা ; সেবা-শুশ্রূষা করা। ঘর-কন্না করা-সংসারধর্ম্ম পালন করা।

কণ্নার [সং-কহ্লার >] বি, পুষ্পবিঃ ; সুঁদিফুল। "কমল ক° ইন্দীবর।"-কবিক°।

কণ্যা-কন্যা দ্রঃ।

কণ্যান [সং-কনীয়ান্] বিণ, অতিক্ষুদ্র ; অতিশয় ছোট। ২ কনিষ্ঠ। "পাণ্ডু নৃমণি ক° রমণী মত্র মহীপতি সুতা।"-কবিক°।

কণ্ব [কণ্ (শব্দ করা) + ব (র্তৃ, জ্ঞা°)] বি, শুক্লযজুর্ব্বেদীয় স্মৃতিকার মুনিবিঃ ; কাণ্বায়ন-গোত্রীয়গণের আদিপুরুষ ; শকুন্তলার পালক-পিতা। ২ ঋগ্বেদের অষ্টম মণ্ডলের রচয়িতা ঋষি। ~সুতা [কণ্বের (তাঁর) কন্যা (পালিতা কন্যা)-৬ তৎ] বি, শকুন্তলা। ~স্মৃতি-বি, কণ্বমুনি কর্ত্তৃক শুক্লযজুর্ব্বেদ হতে সংগৃহীত স্মৃতিগ্রন্থবিঃ।

কণ্বাশ্রম [কণ্ব (কণ্বের)-আশ্রম -৬ তৎ] বি, মালিনী নদীতীরস্থ মহামুনি কণ্বের আশ্রম (আদি ধর্ম্মারণ্য নামে প্রসিদ্ধ)।

কণ্বি [সং-করণীয় > ক্ষে°, হি°-করণী > কণ্বি] বি, কর্ত্তব্য ; কর্ম্ম ; কাজ। ২ [কদর্থে প্রাদে°-শ্রীহট্ট] কুকর্ম্ম ; কুমন্ত্রণা। ক্রি, ক° করা। "কুক্রিয়া বা কুমন্ত্র দ্বারা লোকের অনিষ্ট করা, লোককে পাগল করা, একজনের সম্বন্ধে আর একজনের মন বিষাক্ত করিয়া দেওয়া ই°।"-চ° কু° ভট্ট।

কৎ [আ°-ক্‌ত্ (nib)'খৎ' ও°] বি, কলমের মুখ। ~কাটা-কলমের মুখ কাটিয়া লিখিবার উপযোগী করা।

কতি [হি°, গ্রা°-কেতে (তুলসী), কেত্তা ; (সাধু) কিতনা, কিতনে ; ব্রজ°-কতি ; ওড়ি°-কেত্তে ; মঃ-কেবটা ; সং-কতি] বিণ, (সংখ্যা বা পরিমাণার্থে, প্রশ্নে) কিয়ৎ ; কি পরিমাণ ; কি সংখ্যক। "কত কাল পরে বল ভারত রে দুঃখ-সাগর সাঁতারি পার হবে।" -গোবিন্দ রায়। "জনম গোঙাম্নু দুখে, কত বা সহিব বুকে।"-চণ্ডী°। ২ প্রচুর ; বহু ; অনেক। প্র-কতদিন ধরিয়া যে সে অপেক্ষা করিতেছে তাহার নির্ণয় নাই। ৩ মুনিবিঃ। ৪ [কতক দ্রঃ] কতফল ; নির্ম্মলী। কতি করে,-করিয়া-ক্রি-বিণ, অনেক করিয়া ; বহু সাধ্য সাধনায় ; বহু চেষ্টায়। প্র-তাহাকে কত করে বলে তবে এখানে আনা গেল। ২ কি পরিমাণ মূল্যে ; কি হিসাবে ; কি দরে। প্র-বাজারে আজ কাল উৎকৃষ্ট বালাম চাল কত করে পাওয়া যায় ? কতি মতি-বিণ, বহু প্রকার। "ক° সুখ নাহি অবধি।"-অ° ম°। "পাইলাম ক° সুখ।"-কৃত্তি°। কতি শতি-বিণ, অসংখ্য ; বহুসংখ্যক ; শতশত। প্র-তাহার মত ক° গড়াগড়ি যাইতেছে। "ক° আছে দীন অভাগা আলয় হীন শোকে জীর্ণপ্রাণ কত কাঁদিতেছে নিশিদিন।"-স্ক°।

কতিক [কত (দ্রঃ) + ক (স্বল্পার্থে) প্রাকৃ°-কেত্তক ; হি°-কেতিক (তুলসী) প্রা° বাং ও আধু° প্রাদে° (পূ° বঙ্গে) কতেক ; সং-কতম ; কতি] বিণ, কিয়ৎ-পরিমাণ ;

ǀ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌য ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ ষ্ট=ষ্‌ট হ্ন=হ্‌ন হ্ম হ্য হ্ব হ্ল=ম্‌হ র্‌হ ল্‌হ ভ্‌ ঝ্য, জ্‌ ক্‌ ব্‌ ভ্‌=z/ʃ w ও চটা° দ্রঃ

কতিপয়-সংখ্যক। ২ কিয়দংশ। ৩ অল্প। ৪ [ক (জল)+তক (প্রকাশ) বা হতে হয় অর্থাৎ যদ্দারা জল পরিষ্কার হয়] বি, নির্মলী ফল।

কঁতকটা [কত+কটা (টাক্, বর্ণ-বিপর্যায়ে কটা) আধিক্যার্থে টাক্ স্বল্পার্থে টুক্; টুকু। আবার কটা-আদরার্থে কটি হয়। কতকটি] অ, কি পরিমাণ; কত অল্প পরিমাণ। ২ (কঁতক্‌টা) [কতক-কত +ক (অবধি অর্থে)+টা (অনাদরে। আদরে টি হয়)] কিয়ৎপরিমাণে: অল্পমাত্রায়; সামান্য। ৩ খানিকটা; কিয়দংশ; স্বল্পভাগ; ক্ষুদ্র অংশ বা খণ্ড।

কঁতকি [কত (কি পরিমাণ বা সংখ্যক) + কি (প্রকারার্থে) কি কি বস্তু] অ, বহু প্রকারের অসংখ্য বস্তু বা বিষয়; কত রকম যে বলিয়া শেষ করা যায় না। প্র-প্রদর্শনীতে ক০ যে দেখা গেল তাহার আর কি বলিব।

কঁতক্ষণ [কিয়ৎক্ষণ >]বি, কিয়ৎকাল; কিছুকাল। ২ [প্রাদে০] আগমন-জিজ্ঞাসা-বাচক। ৩ [প্রাদে০] বহুক্ষণ। ক্রি-বিণ, কঁতক্ষণে।

কঁতখান [কত (কি পরিমাণ) খান (টা; খণ্ড)] বিণ, কতটা; কি পরিমাণ ব্যাপ্ত। প্র-ক০ জমি তাহাকে দেওয়া হইল। ২ [কত (বহু) খান (কাণ্ড-অকাণ্ড, কুকাণ্ড)] বি, বহু অনর্থপাত; কি পরিমাণ অনিষ্ট-সংঘটন। "কি জানি কুচক্রী আসি ক০ করে।" "সদাই ভাবনা বিধি ক০ করে।"-ঘ০। ৩ [কত (বিস্তারিত, অতি-রঞ্জনার্থে)-খান (বাখান, ক্ষে০)] বি, বর্ণনায় অতিরঞ্জন। "তাহার কাণে এখন ক০ করিয়া লাগাইবে।" ক০ করা-ক্রি, বাড়াইয়া বলা। ২ বহু অনর্থপাত করা।

কঁতটা [পরিমাণবাচক] বিণ, কতখানি; কতিপয়।

কঁতনা [প্রাদে০] কতই; কত যে। "ক০ যতনে ক০ গোপসি।"-বি০ প০।

কঁতবেল-কপিথ দ্রঃ।

কঁতম [সং] বিণ, বহুর মধ্যে কোনটি।

কঁতমত[কত দ্রঃ] ক্রি-বিণ, কত প্রকারে; বিবিধ প্রকারে। "বিরস দেখিলে মুখ ক০ সাধি।"-নিধুবাবু। ২ বিণ, কত প্রকার।

কঁতয়ে [প্রা০ বাং। তজ্জ০] বিণ, কত।

কঁতর-বিণ, উভয়ের মধ্যে কোনটি।

কঁতরণ [হিং, সং-কর্তন >] বি, উষ্ট্র মেষ ই০-র লোম ছেদন; কর্তন।

কঁতরি [সাঁওতালী ভাষা] বি, সাঁওতালদের হস্তালঙ্কার বিঃ; যার গড়ন মোটা; উপরটা উচ্চ ও কাঁটা।

কঁতল [আ০-ক্‌ত্‌ল্] বি, তরবারি দ্বারা হত্যা; বধ; নরহত্যা; মানুষ-খুন। প্র-আদালতে আজ একটা কতলের মকদ্দমা আছে। ক০ করা-ক্রি, কেটে ফেলা।

কঁতলানি [হিং-কুচলনা বা কচলনা তা হতে কচলান, পরে কচটান, বর্ণ-বিপর্যায়ে চট্‌কান, বা ক্বাথ হতে ক্বাথ+লান (হিং-তে করান অর্থে লানা প্রত্যয়, তুল-দেখলানা, বৈঠলানা ই০) - ক্বাথলান = ক্বাথ করান; ক্বাথ বাহির করাইবার মত কচটান] ক্রি, খুব কচটান; বেশ করে রগড়ে রগড়ে ধোয়া।

কঁতহুঁ হিং, প্রা০ বাং] ক্রি-বিণ, কতনা; কতই; বিবিধ; বহু। "চুম্বন কবল ক০ ছল।"-বি০ প০।

কঁতহোক্ষণে, কঁথোখঁনে - কতিক্ষণে দ্রঃ।

কঁতি, কঁতী [হিং-কতি (তুলসী) ব্রজ০-কতি। প্রা০ বাং-'কতী'। সং-কিম্+অতি (পরিমাণার্থে ডতি)=কতি-ইহার কি পরিমাণ? আধু০-বাং অপ্র০। প্রা০ বাং-'কথো'] বিণ, কত; কিয়ৎপরিমাণ। "কতিক্ষণে আওব কুঞ্জরগমনী।"-বি০ প০। ২ কতিপয়; কয়জন। ৩ [সং-কুত্র >, প্রাকৃ-কত্তি > ব্রজ০, প্রা০ বাং-কথি (দ্রঃ)] কোথায়। "গোবিন্দ গেলা কতী।"-শ্রী০কী০। "ভাড়ু দত্ত জীতে ভায়া পলাইবে কতি।"-কবিক০। "মুঞি নিমাইর দর্শন আর পাব কতি।"-চৈ০ চ০। ৪ কি।

কঁতিক্ষঁণে, কঁতিখঁনে [কতক্ষণ দ্রঃ। প্রা০ বাং, 'কতেহোক্ষণে' 'কথোখনে' আধু০-বাং। প্রা০-কথ্য, প্রাদে০ উচ্চারণ কতক্‌খোনে] অ, কিয়ৎকালে; কিছুকাল পরে। ক্রি-বিণ, কখন; কতক্ষণ পরে কত-কালে বিলম্বে। "কতিক্ষণে আওব কুঞ্জর-গমনী।"-বি০ প০।

কঁতিচিৎ [কতি (কত)+চিৎ-অসাকল্যার্থে। আধু০-বাং অপ্র০] অ, কতিপয়; কিয়ৎসংখ্যক; কতকগুলি।

কঁতিথ [কতি+থ] [আধু০ বাং অপ্র০] কত প্রকার; কত মত।

কঁতিপয় [কতি+অয় (অয়ট্) প-আগম] বিণ, কতকগুলি; কিয়ৎপরিমাণ।

কঁতিবিধ [কতি-বিধা (প্রকার) যার -বহু০] কত প্রকারের; কতমত।

কঁতিরা [হিং-কতিলা] বি, অশ্বকে খাওয়াইবার ঔষধবিঃ।

কঁতিসঁঞে [মৈ০-কতি=কথি (কোথা) সঞে (হিং, সে-সেঁ, সয়্=হতে)-কথিসঞ্] ক্রি-বিণ, কোথা হতে; কোথা থেকে; "ক০ রূপ ধনী আনলি চোরি।"-বি০ প০।

কঁতিহুঁ [হিং-মৈ০] অ, কেন। "ক০ মদন তনু দহসি হমারি।"-বি০ প০।

কঁতে [কত (দ্রঃ) তে] অ, কততে; কত করিয়া; কত প্রকারে (বি০ প০)।

কঁতেক [প্রা০-বাং। আধু০-প্রাদে০ ব্যবহার (পূ০ বঙ্গ)। বর্ণ-বিপর্যায়ে কেতক। কত+এক (তুল-হিং-কিতনে) এক (মানস-কোশ-পৃ০, ২৭); ওড়ি০-কেতেক; হিং-কেতিক (তুলসী); সং-কতিক] বিণ, কয়েক; কতিপয়; কত কয়টি; কতকটী; কতগুলি; অল্পসংখ্যক। ২ কিয়ৎ-পরিমাণ; অল্প; কিঞ্চিৎ; কিছু। ৩ কত (নিশ্চয় করণে অসামর্থ্য অর্থে)। "না জানি ক০ মধু শ্যাম নামে আছে গো, বদন ছাড়িতে নাহি পারে।"-চণ্ডী০। ৪ কত অধিক; (আধিক্য অর্থে)। "দেখ দেখি চেয়ে ক০ বেলা।" -অ০ ম০ [তুল-এতেক, যতেক, ততেক]।

কঁত্তা [প্রা০। কর্তা দ্রঃ] বি, কর্তা; প্রভু। ২ গৃহস্বামী; গৃহের কর্তা। ৩ স্বামী; পতি। স্ত্রীং গিন্নী। প্র-কত্তা গিন্নী। ৪ [পূ০ পূ০, ধর্মমঙ্গলাদি প্রা০ বাং, সাহিত্যে করতা (কর্তা)] করতার। "অনাদি করতারে

জুগল পদেত করি স্তুতি॥"-শূ° পু°। "উরিল দেব করতা।"-ঐ। ৫ ভগবান্; ঈশ্বর; নিরঞ্জন; ধর্ম্মঠাকুর। ৬ [প্রাদে°-গ্রা°] দোকানে হাটে বাজারে যারা জিনিস পত্র বিক্রয় করে, তাহাদিগকে সম্বোধন করিবার শব্দ। ~ভঁজা-বৈষ্ণব-সম্প্রদায়বিঃ; যারা কর্ত্তার ভজনা বা উপাসনা করে। কঁর্ত্তামি, কঁর্ত্তাত্তি-কর্ত্তৃত্ব।

কঁর্ত্তৃণ-বি, গন্ধতৃণ; রামকর্পূর andro-pogon schoenanthus; Fragrant grass. ২ চাকুলে।

কঁত্তে [করিতে > কে°। করা দ্রঃ] অস-ক্রি, করিতে। "চেষ্টা কত্তে।" "মানুষ কত্তে।"

কঁথ্থুন, কিতুন [প্রাদে°। সং-কুতঃ >, দ্রং] অ, কোথা হতে। "কথ্থন যায় বিদেশী বন্ধু প্রাণী নিল হরি।"-পূ° ব° গী°।

কঁথং [সং > পণ্ডিতী বাং] অ, কেন; কিরূপ; কি সূত্রে।

কঁথ [প্রা° বাং। কথো দ্রঃ] বিণ, যত। "কথ অরুণ ঘটা।"-চণ্ডীকাব্য (ভবানী)।

কঁথক [কথ্ (বলা)+অক (র্ত্তৃ, জ্বা)] বিণ, পুরাণ-পাঠক; যে পুরাণ ব্যাখ্যা করে; যে পুরাণের কথা বলে। ২ বক্তা। ৩ নাটক-বক্তা (শব্দরত্নাবলীতে সমনাম-কথা-প্রাণঃ একনটঃ)। ~ঠাকুর-যে ব্রাহ্মণ পুরাণের কথা বলেন এবং পুরাণ পাঠ করিয়া শুনাইয়া থাকেন। ~তা (-কঁ-)-বি, পুরাণ পঠন ও ব্যাখ্যান।

ˋকঁথঞ্চন, ˋকঁথঞ্চিৎ [কথম্+চন; চিৎ (অল্পার্থে, অসাকল্যার্থে)] অ, কোন-রূপে; কোন প্রকারে; কোন সুযোগে; কোন উপায়ে। ২ কিরূপে; কিভাবে; কি প্রকারে।

ˋকঁথ/ন [কথ্ (বাক্য প্রবন্ধ)+অন (ভা°)] বি, ভাষণ; উক্তি; বলন; কহন; বলা। "অধিক ক° আর না যায় লাজেতে।" -বিধু বাবু। ক্রি, কহা। বিণ, কথনীয়। ~নিকা [বীরভূম প্রাদে°] বি, বাক্য-বিন্যাস; ভাষা; লেখ্য; বিবরণ wording. "দলিলের কথনিকা" wording of a deed.

~নীয় [কথ্+অনীয় (র্ম্ম)] বিণ, বাচ্য; কথ্য; উক্তিযোগ্য; বক্তব্য; বলিবার উপযোগী বা উপযুক্ত।

কঁথম্ভূত [সং > পণ্ডিতী বাং] বিণ, কিম্ভূত; কিরূপ; কেমন।

কঁথা১ [কথ্ (বলা)+অ (ভা°-অণ্ড, আ-(স্ত্রীং) ক্ষুদ্রার্থে-কথিকা] বি, উক্তি; বচন; বিবৃতি। ২ উচ্চারণ। ৩ উপাখ্যান; গল্প; বৃত্তান্ত; কাহিনী। "মহর্ষি কথা আরম্ভ করি-লেন।"-কাদ°। ৪ সত্যমিশ্রিত কল্পিত গল্প-গ্রন্থ। "কথামালা।" ৫ অঙ্গীকার; প্রতিশ্রুতি। "যে কথা সেই কাজ।" প্র-তার কথার ঠিক নাই, কথা দিয়া কথার মত কাজ না করায় পাপ হয়। ৬ কথকতা। প্র-কথা শুনিতে যাওয়া। ৭ আলাপ। ৮ নামকীর্ত্তন; গুণ-গান। "তোমার কথায় তোমারি সেবায়।" -স্ক°। ৯ প্রসঙ্গ; বিষয়। তোমার কথা হেথা কেহ ত বলেনা, করে শুধু মিছে কোলাহল।" -রবী°। ১০ বলিবার (মত) কিছু; বক্তব্য। "কোন কথা না বললে ডাকবার কি দরকার ছিল।"-উত্তরা, ১৩৩৩। ১১ উল্লেখ। প্র-সে কথায় আর কাজ কি? ১২ সদ্ভাব; বাক্যালাপ। প্র-তাহার সহিত কথা নাই বা কথা বন্ধ হইয়াছে। ১৩ মনোভাব; অভিপ্রায়; গোপনীয় বিষয়ের সন্ধান। প্র-কথা দিয়ে কথা লওয়া। ১৪ বিনা কঠোর-তায়; সহজে। প্র-সে কথায় শুনিবার পাত্র নয়। ১৫ কাজের বিপরীত; অকর্ম্মণ্যতা। প্র-সে কেবল কথায় ধোকড়। ১৬ ভাষা; বাক্য। প্র-তাহার কথার আঁট বা বাঁধুনি নাই। ১৭ পরামর্শ; কুপরামর্শ; ভাঙ্গচি; লাগান; চুকলি। "কার কথায় করেছ এমন মন ভারি?"-গান। "কার কথায় এত কাণ্ড হল?" ১৮ [বিদ্রূপে] আদেশ; হুকুম। প্র-তোমায় যেতেই হবে। কেন, তোমার কথায়?-যাবইনা। ১৯ তুলনা। "তোমাদের বাবু হলেন বড়লোক তাঁর সঙ্গে কার কথা।" ২০ প্রয়োজন। "এমন কিছু কথা নাই।" ২১ ব্যাপার। "এ বড় কম কথা নয়।" বিণ, কথ্য। কথা কঁও-অভিমান, ক্রোধ বা বিরাগ ত্যাগ করিয়া অনুরাগের নিদর্শনস্বরূপ মৌনভাব ত্যাগ কর। "কথা কও ফিরে চাও।" কঁথা-কঁথন [শ্রীহট্ট প্রাদে°] বি, কথোপকথন। কঁথাকাটা-প্রতিবাদ করা। (২) কথার অসত্যতা প্রতিপন্ন করা। (৩) কথা এড়ান। কঁথা-কাটাকাটি-বাদ-প্রতিবাদ; বচসা। কঁথাচালা-এক স্থানের কথা অন্যস্থানে চালনা করা বা রটান; একস্থানের সংবাদ স্থানান্তরে বিস্তার করা। কঁথা চালাচালি-পরস্পরের মধ্যে কোন বিষয় বা ঘটনার পরিচালন। কঁথা দিয়া কঁথা লঁওয়া-কাহারো মনের মত কথা বলিয়া তাহার বিশ্বাস উৎপাদন করতঃ তাহার মনের কথা বাহির করিয়া লওয়া অর্থাৎ জানা। কঁথা দেওয়া-বাগ্দান করা; প্রতিশ্রুত হওয়া; অঙ্গীকার করা। (২) নিজ ব্যয়ে বা উদ্যোগে পৌরাণিক শাস্ত্রকথা বা কথকতার আয়োজন করা। কঁথা পাড়া -প্রসঙ্গ করা; প্রস্তাব করা; কোন গূঢ় উদ্দেশ্যে কথারম্ভ করা বা বলা। কঁথা ফেলা-প্রসঙ্গ করা; কথার সূত্রপাত করা; প্রস্তাব করা। কঁথা বাড়ানি-বিতণ্ডা বা বাদানুবাদ বৃদ্ধি করা। কঁথা বেচে খাওয়া [ব্যবহারাজীব; দালাল ই° শ্রেণীর লোক বিচার বিতর্কদ্বারা এবং বাক্-চাতুর্য্যদ্বারা জীবিকা অর্জ্জন করিয়া থাকেন বলিয়া] কথার বিনিময়ে অর্থোপার্জ্জন করা; শাস্ত্রীয় যুক্তি প্রদর্শন এবং বাক্চাতুর্য্যে জীবিকা-র্জ্জন করা; মিষ্ট বা মন-রাখা কথায় ভুলাইয়া অর্থোপার্জ্জন করা। "বেশ্যার বেহদ্দ পেসা কথা বেচে খায়। পদের আবার মান সম্ভ্রম কোথায়॥"-হেম° (উকিলের স্ত্রীর উক্তি-'বাজিমাৎ' কবিতায়)। কঁথা মাত্র সার-কেবল কথা কাজে কিছু নয়। কঁথা শুনা, -শোনা-কথার বাধ্য হওয়া; কথা মান্য করা; কথানুসারে কাজ করা; আদেশ বা অনুরোধ পালন করা। (২) কথক-কর্ত্তৃক ব্যাখ্যাত পুরাণ-কথা শ্রবণ করা। কঁথা সঁরা-বাক্স্ফূর্ত্তি হওয়া; কথা বাহির হওয়া। "বুকে ব্যথা করে কথা সরে নাই মুখে।"-শি°। কঁথা সারা-বর্ণনা বা কথোপকথন সমাপ্ত করা। (২) উক্তি সংশোধন করিয়া লওয়া। কঁথায় কথা বাড়া-প্রতিবাদে বা নূতন কথার উল্লেখে অন্য কথার অবতারণা প্রয়োজন হেতু বাগ্বিতণ্ডার বৃদ্ধি

হওয়া। কঁথায় কঁথায়-প্রতিবাক্যে; প্রতিকথায়। (২) কথা-প্রসঙ্গে; কথানুক্রমে। (৩) সকল বিষয়ে। (৪) যখন-তখন। কঁথায় চিঁড়ে ভেজা [তুল-"many words will not fill a bushel."—*i.e.* mere promises will not help the needy. কথায় পেট ভরে না।-প্রবাদ] ফাঁকা আওয়াজে কাজ হওয়া; ফাঁকি দিয়া কাজ হাসিল হওয়া (কারণ চিঁড়ে ভিজাইতে হইলে জল বা দধির মত জলীয় বাস্তব পদার্থের প্রয়োজন হয়)। কঁথায় থাকা -সংশ্রব রাখা। কঁথার আঁটুনি-কথার বাঁধুনি দ্রঃ। কঁথার ওড়ন পাড়ন -বাক্যের আবরণ; বাগ্‌জাল; অসার বাগাড়ম্বর; অর্থ ও যুক্তিহীন বাক্যের প্রাচুর্য্য। কথার শ্রাদ্ধ দ্রঃ। কঁথার কঁথা-কথার মাত্রা; অগৌণ কথা; উড়ো কথা; বিশেষত্ব-হীন বাক্য। "নীরব কথার কথা জগৎ সঙ্গীত-ময়।"-অবসর। (২) অসার কথা; মিছে কথা। "মিছে কথা দিছে সে যে প্রাণ মন তায়। সকলি কথার কথা কিছু কিছু নয়।" -ফুলরেণু। (৩) সহজ ব্যাপার; সোজা কথা। "ভোলা সে কি কথার কথা প্রাণ যে প্রাণে গাঁথা।"-গোপাল উড়ে। কঁথার ছব্বা-(মেয়েলী°)-কথার শ্রী দ্রঃ। কঁথার ঢো [মেয়েলি°। ধুয়া হতে ঢো] কথার ধুয়া। কঁথার ধঁরণ, -ধারা-বাক্য-প্রয়োগের প্রণালী। (২) কথা বলিবার অভিপ্রায় বা উদ্দেশ্যজ্ঞাপক কৌশল। প্র-এরকম যে হবে বা সে যে এমন করবে তার কথার ধরণেই বোঝা গিয়েছিল। কঁথার ধার না ধারা -সংশ্রব না রাখা; সংশ্রবে না থাকা; কোন বিষয়ে সংসৃষ্ট না থাকা। প্র-সে ওসকল কথার ধার ধারে না। কঁথার ধোকঁড়-বাক্যবাগীশ; কাজের কেহ নয়; যে কথার ধুরন্ধর কিন্তু কার্য্যে অগ্রসর হয় না; অকর্ম্মণ্য। কঁথার নঁড় চঁড় (করা,-হওয়া) কঁথা নঁড়ানি-উক্তি বা প্রতিশ্রুতির অন্যথা (করা, হওয়া); কথা পাল্টান। "কেঁদে কেটে মাথা খুঁড়ে তাঁর কথা নড়ানো যায় না।"-রবী°। কঁথার পিঠে কঁথা-এক কথার অব্যবহিতির পরে অন্য কথা; প্রতিকথা; প্রতিবাদ; প্রত্যুত্তর। কঁথার ফের-কথার পেঁচ বা কৌশল। (২) কথার পরিবর্ত্তন; পূর্ব্ব উক্তির অস্বীকার। কঁথার বাঁধুনি-উক্তি বা বাক্যের যুক্তিযুক্ততা এবং অর্থসঙ্গতি; কথার আঁট; উক্তির শৃঙ্খলা। কঁথার মাথা নাই মুণ্ডও নাই-শৃঙ্খলাহীন বাক্য; অর্থহীন এবং অসঙ্গত কথা; প্রলাপ-বাক্য; এলোমেলো কথা। কঁথার মানুষ-প্রতিশ্রুতিপালক; সত্যবাদী। "গোবিন্দ বাবু কথার মানুষ।" কঁথার মারপেঁচ-বাক্-কৌশল; শব্দের অনেকার্থতা হেতু উদ্দেশ্যের অনুযায়ী বাক্যের কূট প্রয়োগকৌশল। কঁথার শ্রাদ্ধ [শ্রাদ্ধের আড়ম্বরাধিক্য হতে। তুল-"অজা-যুদ্ধে ঋষিশ্রাদ্ধে * * * বহ্বারম্ভে লঘুক্রিয়া"] কথারই 'ওড়ন পাড়ন' কিন্তু কাজে কিছুই নয়। কঁথার শ্রী-বাক্যের সৌন্দর্য্য; কথার মাধুর্য্য। (২) কথার বা উক্তির ধারা; কথা বলিবার ধরণ। প্র-লোকটার কথার শ্রী দেখ। কঁথার হাত পা দেওয়া, কঁথার হাত পা বাহির করা-মৌলিক বিবরণ নানা প্রকার কাল্পনিক কথার যোগে বিশদ করা; যে কথা হয় নাই তাহাও যুড়িয়া দিয়া আসল কথা শাখা-প্রশাখায় বিস্তৃত করা। আজগুবী কঁথা-অসম্ভাবিত বিষয় বা সংবাদ। আদুরে আদুরে কঁথা-অর্দ্ধ-স্ফুট বাক্য; আধ আধ কথা। আপন কঁথাই পাঁচ কাহন-নিজের উক্তিরই প্রাধান্য স্থাপনের চেষ্টা; আপনার কথার আধিক্য; অন্যের কথা চাপা দিয়া বা তাহাতে কর্ণপাত না করিয়া ক্রমাগত নিজের বক্তব্য বলিয়া যাওয়া। ইতুরে কঁথা-ইতর জনোচিত উক্তি। উঁচু কঁথা-নিজের অবস্থার অতিরিক্ত কথা। (২) চড়া কথা; ভর্ৎসনা-বাক্য। উচিত কঁথা-যুক্তিসঙ্গত কথা; হক্ কথা। উল্টা কঁথা-বিপরীত বাক্য। এক কঁথা-অপরিবর্ত্তনীয় কথা; স্থির বাক্য। এক কঁথা-অন্য কঁথা-দুইয়ের মধ্যে বৈপরীত্য বা পার্থক্য বোধক বাক্যাংশ। "কিন্তু সাহায্য না পাওয়া এক কথা আর বাধা পাওয়া অন্য কথা।"-বং বাণী, ১৩৩৩। একটা বা একটি কঁথা-অনধিক কথা। (২) বিশেষ কোন কথা। কঁড়া কঁথা-কর্কশ বাক্য; তিরস্কার। কঁম কঁথা-সামান্য বিষয়; হাসিয়া উড়াইবার কথা। কঁম কঁথা নঁয়-উপেক্ষার বিষয় নয় not a joke. কাঁচা কঁথা-পরিবর্ত্তন-শীল কথা; অস্থায়ী বাক্য; যে কথার উপর নির্ভর করা চলে না। কাজের কঁথা-সার-বান্ কথা; প্রয়োজনীয় কথা। (২) কার্য্য সম্বন্ধীয় কথা। কানে কঁথা, কানে-কানে কঁথা-অন্যের অশ্রুত বাক্য; চুপি চুপি কথা। খেলো কঁথা-বাজে কথা; কাঁচা কথা; যে কথার গুরুত্ব নাই; অসার কথা। খোলাখুলি কঁথা-যে কথায় পরস্পরের হৃদয় মুক্ত হয়; কোন কিছু গোপন না করিয়া অকপট ভাবে কথা। গঁড়া কঁথা -অসত্য বা কাল্পনিক কথা; যে কথা কেহ বলে নাই এমন সৃষ্টি করিয়া বলা বা কল্পিত কথা; অপ্রকৃত কথা; সাজান কথা। ঘঁর ভাঙ্গা কঁথা-যে কথায় গৃহ-বিবাদ হয়। ঘঁরের কঁথা-সংসার-সম্বন্ধীয় কথা। (২) অতিপরিচিত বিষয়। ঘেন্নার কঁথা-ঘৃণ্য বিষয়। (২) লজ্জার কথা। চুপিসাড়ে কঁথা-নির্ব্বাক্ হইয়া ইঙ্গিত বা ইসারায় কথা। (২) অনুচ্চস্বরে কথা। চোখা চোখা কঁথা-তীক্ষ্ণ বা তীব্রবাক্য; প্রাণ-স্পর্শী বাক্য; হৃদয়ে বিদ্ধ হয় এমন কথা। (৩) বাছা বাছা কথা; তীক্ষ্ণ অথচ সত্য কথা। ছোট কঁথা-সামান্য কথা; নিচু দরের কথা; মূল্যহীন বাক্য। ছোট মুখে বঁড় কঁথা-ছোট দ্রঃ। দঁশ কঁথা-অনেক কথা। (২) নানাবিধ কড়া কথা; ভর্ৎসনা বাক্য। প্র-দশকথা শুনাইয়া দেওয়া। দু'এঁক কঁথা [দুইএক একাধিক কিন্তু অনধিক অর্থাৎ কতকগুলা] কয়েকটা কথা। (২) কথার পর কথা। প্র-দুই এক কথা হতে হতে বিলক্ষণ ঝগড়া বেধে গেল। (৩) অল্প কথা। প্র-দুই এক কথায় মিটবে না। দু'কঁথা [দু= দুই। কিন্তু এখানে দুইটী মাত্র অর্থ নয়। দশকথা দ্রঃ] কতকগুলা শক্ত কথা; ভর্ৎসনা-সূচক বাক্য। প্র-সে তাহাকে বেশ দু'কথা শুনাইয়া দিল। (২) কথোপকথন। প্র-তাহার সহিত দু'কথা না হলে তার অভিপ্রায় কি বুঝিব। (৩) প্রসঙ্গ। নাকে কঁথা-

অনুনাসিক স্বরে কথা। নাকে কানে কঁথা, নাকে চোখে কঁথা, নাকে মুখে কঁথা-বাচালতা। নোংরা কঁথা-[গ্রা০] অসরল কথা ; কপট বাক্য। (২) জঘন্য কথা। ন্যাকা কঁথা-অবুঝের মত কথা। (২) বাঁকা বাঁকা বা ভুল উচ্চারণে কথা। পাকা কঁথা-স্থির বাক্য ; যে কথার আর নড়চড় হয় না ; দৃঢ়বাক্য। পাকানি কঁথা, পেঁচওয়া কঁথা-অসরল বা অকপট বাক্য ; ঘুরান কথা ; কৌশলপূর্ণ জটিল এবং গুপ্ত উদ্দেশ্যযুক্ত বাক্য। পাঁচ কঁথা [দশ কথা, সাত কথা, লাখ কথা ই০ একার্থক] নানা কথা ; অনেক কথা। ফল কঁথা-প্রকৃত কথা ; সার কথা in short ; the long and short of it. ফাঁস কঁথা-অকেজো কথা ; বাজে কথা ; অসার কথা [এই অর্থে বিপরীতার্থক বেফাঁস কঁথা চ০] বড় কঁথা-বি, মূল্যবান্ ও উপযুক্ত উক্তি। (২) মহত্ত্বপূর্ণ কথা। বাঁকা কঁথা-অসরল বাক্য ; বক্রোক্তি। বাজে কঁথা-খেলো কথা ; অসার বাক্য। ভালি কঁথা-উত্তম বাক্য। (২) হিতকর বাক্য ; প্রয়োজনীয় কথা। প্র-ভাল কথা মনে পড়েচে। (৩) কোন কথা বা প্রসঙ্গ উত্থাপন করিবার পূর্ব্বোক্তি ; আচ্ছা। (৪) হঠাৎ কোন কথা স্মরণ হওয়ায় তাহার প্রস্তাবনা বা উপক্রমণিকা। মিঠা কঁথা-মিষ্ট কথা ; মধুর বচন। মোট কঁথা-ফলকথা। যে কঁথা সে কাজ-কথা মাত্রে পর্য্যবসিত নয় কার্য্য দ্বারা উক্তির সারবত্তা ও সত্যতা প্রতিপাদন ; প্রতিজ্ঞা-পালন। লক্ষ বা লাখ কঁথার এক কঁথা-অসংখ্য বাক্যের মধ্যে একমাত্র মূল্যবান্ এবং উপযুক্ত কথা। লজ্জার বা লাজের কঁথা [মেয়েলি০-'নজ্জার কথা'] লজ্জাজনক বাক্য বা বিষয় ; নিন্দনীয় ঘটনা। "কি কাণ্ডটা ছি ছি ছি ছি 'নজ্জার কথা বড়!"-হেম০। "ও মরে যাই লাজের কথা।" -বাং গান। লোকের কঁথা-জনসাধারণের উক্তি। শক্ত কঁথা-কড়া কথা দ্রঃ। শেষ কঁথা-যে কথার পর আর বক্তব্য নাই। (২) মৃত্যু-কালের উক্তি ; শেষ সময়ের কথা। শুনা-কঁথা-সম্মুখে উক্ত হয় নাই এমন কথা ; যে কথা পরে অন্যের নিকট শ্রুত hearsay. সাজানি কঁথা-অপ্রকৃত কথা ; গড়া কথা দ্রঃ। সাত কঁথা-দশ কথা, পাঁচ কথা দ্রঃ। সাত কঁথার এক কঁথা-পাঁচ কথার এক কথা দ্রঃ। সোজা কঁথা-সরল কথা ; সহজ কথা। হক্ কঁথা -ন্যায্য কথা ; উচিত কথা। হাল্কা কঁথা-যে কথার গুরুত্ব নাই। হাসির কঁথা-উপহাসাস্পদ বাক্য বা বিষয়। যে কথা লইয়া পরিহাস করা চলে ; পরিহাসযোগ্য কথা ; তামাসার কথা। (২) আমোদজনক কথা।

কঁথা₂ [কোথা দ্রঃ। প্রা০ বাং ; প্রাদে০-কথা] ক্রি-বিণ, কোথায়। "কথা এ পাইলা তুমি অপূর্ব্ব মণিহার।"-মহা০ (রাজেন্দ্র দাস)। "কথা স্বর্গ মেনকা কথা বিশ্বামিত্র ঋষি।"-ঐ। কঁথাতো,-তেঁা, কঁথাহে।-কোথাও।

কঁথান্তর [কথার-অন্তর (অবকাশ) -৬ তৎ] বি, কথার অবকাশ ; কথাবসর। ২ বাদান্তর ; বাক্যান্তর। ৩ কথার খেলাপ।

কঁথাপ্রবন্ধ-বি, কথাত্মক প্রবন্ধ।

কঁথাপ্রমাণ [কথার প্রমাণ-৬ তৎ] বি, বাক্যানুসারে ; উপদেশমত ; মতানুযায়ী। ২ বাক্যের প্রামাণ্য ; বাক্যের সত্যতা।

কঁথা॥প্রসঙ্গ [কথার (বাক্যের) প্রসঙ্গ (প্রস্তাব) ৬ তৎ] বি, বাক্যারম্ভ ; কথার প্রস্তাব। ২ কথাবার্ত্তা ; কথোপকথন। ৩ কথার প্রসঙ্গ (আরম্ভ) হইয়াছে যার -বহু০] বি, কথক ; বক্তা ; গল্পকাবক। ৪ বাতুল ; উন্মত্ত। ~প্রসঙ্গে-কথায় ; কথা উঠায় ; প্রস্তাব-সূত্রে। ২ অ, কথা-ক্রমে ; কথায় কথায় ; কথা হতে হতে।

কঁথাপ্রাণ [কথা প্রাণ (প্রাণ-ধারণের উপায়-জীবিকা) যার-বহু০] বিণ, যেব্যক্তি কথাদ্বারা জীবিকা-নির্ব্বাহ করে ; কথক ; কথোপজীবী ; নাটকাচার্য্য [প্র০ অ০]।

কঁথাবার্ত্তা-বি, কথোপকথন।

কঁথামুখ [কথার মুখ (আরম্ভ) -৬ তৎ] বি, গ্রন্থারম্ভবিঃ। ২ মুখবন্ধ ; অবতরণিকা।

কঁথায়-ক্রি-বিণ, কথা দিয়া প্রবোধবচনে। "তারে ক০ রাখিব কত টেলে।" -বাং গান। ২ আদেশে ; অনুরোধে ; উপরোধে, পরামর্শে ; মন্ত্রণায় ; বাক্যে। "পিরীতি কি হয় যায় কাহার ক০।" -নিধুবাবু। ৩ [কার্য্যের বিপরীত অর্থে] ফাঁকা আওয়াজে ; বৃথা প্রতিশ্রুতিতে। প্র-ক০ নয় কাজে করে দেখান চাই। ক০ কঁথায় ই০-কথা দ্রঃ।

কঁথারম্ভ [কথার-আরম্ভ-৬ তৎ] বি, কথার আরম্ভ ; প্রসঙ্গের সূত্রপাত ; গল্পারম্ভ।

কথাশেষ-বি, কথার সমাপ্তি।

কঁথাসরিৎসাগর-বি, বহু কাহিনী-সম্বলিত সুপ্রসিদ্ধ সুবৃহৎ প্রাচীন গ্রন্থবিঃ। মূলগ্রন্থ 'বৃহৎকথা' পৈশাচী প্রাকৃতে লিখিত। কবি সোমদেব ভট্ট কাশ্মীরপতি শ্রীহর্ষদেবের মহিষীর চিত্তবিনোদনার্থ সং ভাষায় ঐ গ্রন্থের সারসংগ্রহ করিয়া ক০ স০ সা০ রচনা করেন। গ্রন্থের প্রতিপাদ্য বিষয় কৌশাম্বীপতি বৎসরাজপুত্র নরবাহনদত্তের চরিত-কথা।

কথি [সং-কুত্র > ভ্রং, প্রা০-বাং] কোন্ স্থানে ; কোথায়। "নটবর বেশ পাইল কথি।"-চণ্ডী০। ২ কি ; কিসের। "হাম জীয়ব কথি লাগি।"-বি০ প০। ~কা-বি, ক্ষুদ্র কথা, ক্ষুদ্র কাহিনী ; ছোটগল্প storiette.

কথিত [কথ্ (বাক্য প্রবন্ধ করা) + ত (র্ম্ম)ই আগম] বিণ, যা বলা হইয়াছে ; উদিত ; ভাষিত ; উক্ত। ২ উচ্চারিত। ৩ ব্যাখ্যাত ; বর্ণিত। ৪ বি, বিষ্ণু। ৫ [ভা০-ক্ত] কথন ; ভাষণ [বাং অপ্র০] ~পদতা [কথিত (উক্ত) যে পদ (ধা) + তা, ভা০] বি, পুনরুক্ততা ; উক্ত পদের পুনরুল্লেখ। ২ অলঙ্কার শা০ পুনরুক্তি দোষ।

কথিহুঁ [হি০ > ব্রজ০] অ, কোথাও। "ঐছে ক০ না হেরিয়ে আর।"-জ্ঞান০।

কঁথো [প্রা০ বাং। সং-কতি। ভবানী-প্রসাদ করের চণ্ডীকাব্যে 'কথ' (দ্রঃ)-১৬৫০ খৃঃ] স, কতিপয়। "রহিলেন নীলাচলে কথোজন লৈয়া।"-চৈ০ ভা০। ২ [প্রা০ বাং পদ্যে, কত শব্দের প্রাদে০ উচ্চারণ-বিকার। তুল-কতো] বিণ, কত। ৩ বহু।

কঁথোদ্ঘাত [কথার-উদ্ঘাত (উপক্রম)

-৬ তৎ] বি, কথার প্রস্তাবনা ; কথারম্ভ ; উপক্রমণিকা।

কথোপকথন [কথার উপকথন -৬ তৎ] বি, কথাবার্ত্তা ; উক্তি-প্রত্যুক্তি ; কোন বিষয়ে একাধিক জনে একত্র হইয়া আলাপন।

কথ্য [কথ্ (বলা) + য (র্ম্ম)] বিণ, বক্তব্য : কথনীয় ; কহিবার উপযুক্ত। ২ সাধারণের কথায় চলিত colloquial. বি, কথা।

কদক্ষর [কু (কুৎসিত)-অক্ষর (ধা) কু=কৎ] বি, কদর্য্য অক্ষর ; বিশ্রী লেখা। ২ [কুৎসিত অক্ষর যার-বহু০] বিণ, যার হস্তের অক্ষর কুৎসিত বা দেখিতে ভাল নহে : খুঁট আখরে।

কদগ্নি [কু (মন্দ) যে অগ্নি (ধা)-কু=কৎ] বি, নির্ব্বাণোন্মুখ বহ্নি। ২ অগ্নিমান্দ্য। ৩ [কু-অগ্নি (জঠরানল) যার-বহু০] বিণ, যার অগ্নিমান্দ্য হইয়াছে ; যার পরিপাক-শক্তির হ্রাস হইয়াছে।

কদন [কদ্ (বৈক্লব্য, বিবশতা) + অন (ট্-ভা০)] বি, পীড়ন। "মদন কদনে মোর নয়ন ঝুরল।"-শ্রী০ কী০। ২ অবসাদ।

কদন্ন [কু (কুৎসিত) যে অন্ন (ধা)। কু=কৎ] বি, জঘন্য আহারীয় দ্রব্য। ২ নেকট ভাত : পিণ্ডীকৃত অন্ন। ৩ পর্য্যুসিত বা অপরিস্কন্ন অন্ন : বাসি ভাত। ~ভোজী [মূ০-কদন্নভোজিন্ ১মা ১ব০] বিণ, যে কদর্য্য আহার করে ; জঘন্য দ্রব্য ভক্ষণকারী ; কুখাদ্যখাদক।

কদপত্য [কু (কুৎসিত) যে অপত্য (সন্তান)-ধা, কু=কৎ] বি, কুপুত্র : কুসন্তান। ২ [কুৎসিত অপত্য হইয়াছে যার-বহু০] কুপুত্রের পিতা বা মাতা।

কদভ্যাস [কু=কৎ + অভ্যাস] বি, কুঅভ্যাস।

কদম১ [কদম্ব >] বি, বৃক্ষবিঃ। প্র-কদম ফুল, কদমতলা। ~ঝাড়-উক্ত ফুলের গুচ্ছ বা শ্রেণী।

কদম২ [আ০-কদম্] বি, পদ ; পা। "সবে পূজে পীরের ক০।" ২ ঘোড়ার গতিবিঃ ; কদমচাল। ~া [প্রাদে০] বি, মিষ্টান্নবিঃ ; সন্দেশের পাক ও আকারভেদ ; কদমফুলের মত আকৃতিবিশিষ্ট সন্দেশ।

কদমী [আ০-কদ্‌মী] বি, অনুচর ; ভৃত্য। "নদী বলে যদি বট ক০ আমার।"-ঘ০।

কদম্ব [হি০-কদম ; মঃ-কলম্ব ; কর্ণাটী-কড়েবু : তেলু০-কড়িমি চেট্টু। সং-কদং (বর্ষাকাল) বা (গমন করা, জানান) অ (জ্ঞা০)-যা (যার ফুল) ফুটিয়া বর্ষাকাল জানাইয়া দেয়। যাকে দেখিয়া বর্ষা আগত বলিয়া বোধ হয়। বর্ষাকালেই কদমফুল ফুটে] বি, কদমফুলের গাছ anthocephalus cadamba ; nauclea kadamba. ২ কদম, ফুল। "কদম্ব-রেণু বিছাইয়া ফুল-শয়নে। অঞ্জন আঁক নয়নে।"-বর্ষামঙ্গল (রবী০)। ৩ [কদি (বিস্তীর্ণ হওয়া) অম্ব (র্ত্তৃ)-বহু পুষ্পের সমষ্টিজাত গোলক হতে-বহু এই অর্থে] সমূহ ; শ্রেণী ; সমষ্টি। প্র-পদকদম্ব। ৪ [কদম্ব বৃক্ষের আকারে পরিণত হয় বলিয়া] আতসবাজী-বিঃ : কদমঝাড়। তুল-হি০-কদ্‌মা [কদম্ব প্রধানতঃ তিন প্রকার। যথা-(১) কেলকদম্ব, কেলি-কদম্ব। ইহার অন্য নাম ধারাকদম্ব-ইহার কাঠ হলুদবর্ণ। হি০-হলদু ; মঃ-ধারাকলম্বু adina cordifolia : nauclea cordifolia. সং নাম-মেঘাভ ; প্রাবৃষ্য ; ভ্রমরপ্রিয়। (২) নীপকদম্ব : নীপ। (৩) মহাকদম্ব ; ইহা অল্প প্রসাব গোলাকার পুষ্পযুক্ত] ক০ গোলকন্যায়-কদম্বপুষ্প প্রথমাবস্থা অর্থাৎ অতি ক্ষুদ্রাবস্থা হতে একইরূপ গোলাকারে উৎপন্ন ও বর্দ্ধিত হয়। সেইরূপ কোন বস্তু বা বিষয় কোন কালেই আকার অর্থাৎ অবয়ব পরিবর্ত্তন না করিলে তাকে কদম্বগোলকন্যায় অর্থাৎ তদ্বৎ বলা হয়। ~ক-বি, সমূহ : কদম্ব (৩) দ্রঃ। ২ সরিষা। ৩ কদমগাছ। ৪ অশ্বের হলদিয়া নামক পাদ-রোগ। ~কুসুম, ~পুষ্প-বি, কদমফুল।

কদর [আ০-কদর্] বি, আদর ; যত্ন : সম্মান ; খাতির। ২ দরদ্ [সং কদর (ক =জল + দৃ =বিদারণ করা, ছেঁড়া + অ=(ণ)-কাঁটা বাব্‌লা ; ছেঁড়া পায়স ; করাত ; জাগ্‌ড়ো ; কড়া।-বাং-প্র০ অ০]।

কদর্থ [কু (কুৎসিত) অর্থ (অভিধান) ; কু=কৎ-ধা] বি, কুৎসিত অর্থ ; অসঙ্গত অর্থ ; ভ্রান্ত অর্থ ; অযৌক্তিক অর্থ। ২ বিণ, নিরর্থক ; ব্যর্থ। ৩ [কু-অর্থ যার-বহু০] বিণ, কুৎসিত অর্থকারী। ~র্থন, -না [কু-অর্থ (যাচ্ঞা করা) + অন (ভা০) + আ] বি, কুৎসিত অর্থ করণ। ২ নিন্দা। "কপর্দ্দীর কদর্থন কুমুদার কর্ম্ম। পর্ব্বতের বেটা মোকে পুড়িলেক জন্ম॥" -শি০। ~র্থিত [কু (কুৎসিত) অর্থ + ণিচ্ = অর্থি + ত (র্ম্ম)] বিণ, কুৎসিত অর্থকৃত ; যার অসঙ্গত অর্থ করা হইয়াছে। ২ বিড়ম্বিত। ৩ বিফলীকৃত ; ৪ দুষিত। ৫ ঘৃণিত। ~র্থীকৃত [কদর্থ-কৃত মধ্যে-ঈ- অভূত-তদ্ভাবে চি্] বিণ, যার কুৎসিত অর্থ করা হইয়াছে। ২ বিফলীকৃত ; ব্যর্থীকৃত। ৩ মন্দীকৃত।

কদর্য্য [কু (কুৎসিত) অর্য্য (শ্রেষ্ঠ-আতিশয্য অর্থে) কু=কৎ] বিণ, অত্যন্ত কুৎসিত ; কদাকার ; জঘন্য। ২ [স্মৃ০-"আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্। যো লোভাৎ সঞ্চিনোত্যর্থান্ স কদর্য্য ইতি স্মৃতঃ॥"] স্ত্রী-পুত্র-পরিবারকে কষ্ট দিয়া যে লোভবশতঃ অর্থ সঞ্চয় করে ; কৃপণ ; লোভী ; নীচ। বি, ~তা-বি, নিকৃষ্টতা ; মন্দতা ; জঘন্যতা।

কদল, -লক [ক (বায়ু) দল্ (ভেদ করা, দলন করা) + অ, অক (র্ম্ম, ভা০) যে বায়ু কর্ত্তৃক দলিত ও ছিন্ন হয়। মুণ্ডারি ভাষায় 'কাদ্‌লা'] বি, রম্ভাতরু : কদলীবৃক্ষ ; কলা-গাছ। ২ রম্ভাফল ; কলা।

কদলী, কদলিকা-কলাগাছ। ২ কলা। ৩ পতাকা ; নিশান। ৪ মৃগীবিঃ। ~উরু-কদলীবৎ স্থূল বর্ত্তুল কোমল উরু-দেশ। ~কুসুম, ~পুষ্প [কদলীর কুসুম, পুষ্প-৬ তৎ। হি০-'কেলেকা ফুল।'] বি, মোচা। ~দণ্ড [কদলীর দণ্ড-৬ তৎ] বি, থোড়।

কদা [বাং-পদ্যে। আধু০, বিরল। কিম্ + দা (কালার্থে) কিম্=ক] অ, কোনকালে ; কখন ; কবে। ~চ [সং-কদাচন] অ, কোন কালে ; কদাচিৎ ; কখন। ২ কখন কখন ; প্রায়ই নহে (দ্বি০ ঠা০)। ৩ কোন কালে ; কখনও। "বিশেষ বিবেচনা না করিয়া কার্য্য করেন না বলিয়াই কদাচ তাঁহাদিগকে অবসন্ন হইতে হয় না।"-মহা০ (প্র০ রায়)। ~চন, ~চিৎ [কদা + চন-চিৎ

অসাকল্যার্থে] অ, কখন ; কোনকালে ; কখন কখন ; বিরল। ~পি [কদা-অপি (নিশ্চয়)] অ, কোন কালে ; কখনই ; কখনও। প্র-কদাপি এমন কর্ম্ম করিও না। ২ কোন এক সময়ে। প্র-যদিই কদাপি একথা তিনি বলিয়া থাকেন তা মনে করিতে নাই।

কদাকার [কু (কুৎসিত) আকার (গঠন) যার-বহু০, কু=কৎ] বিণ, কুৎসিত অঙ্গপ্রত্যঙ্গ-বিশিষ্ট ; জঘন্য মূর্ত্তি। "দেখিলাম কৃতান্তের সহোদরের ন্যায়, পাপের সারথির ন্যায় * * কতকগুলি কুরূপ ও ক০ শবর সৈন্য আসিতেছে।"-কাদ০। ২ বিশ্রী ; কুরূপ। ৩ জঘন্য : ঘৃণ্য। বি, ~তা।

কদাচরণ [কু-কৎ+আচরণ, প্রাদে০ গ্রা০ ক্ষে০-'কদাচন',পূ০ ব০ প্রাদে০-'কদাচন' (পূ০ ব০ গী০)] বি, দুর্ব্ব্যবহার। ~চার [কু-কুৎসিত যে আচার (আচরণ)-ধা] বি, কুব্যবহার ; কুৎসিত আচরণ ; অভদ্রের আচার। ২ বিণ, কুৎসিত কার্য্যানুষ্ঠাতা ; অসদাচারী। ~চারী [মূ০-কদাচারিন্ ১মা ১ব০] বিণ, যার আচরণ কুৎসিত ; অসাধু আচারবিশিষ্ট। > স্ত্রীং ~চারিণী।

কদাচিৎ-কদাচন দ্রঃ।

কদাহার [কু=কৎ+আহার] বি, কুৎসিত বা কুখাদ্য ভোজন। ~রী-বিণ, কুখাদ্যখাদক।

কদিচ (-চঁ-) [সং-কদাচিৎ >, গ্রা০] অ, কদাপি ; কখনও।

কদিন, ক'দিন [গ্রা০ ক্ষে০। কয়দিন > 'ক'দিন', 'ক'দ্দিন' ও০] প্র-এই ক দিন ঘুমের কথায় শরীরটা ভা'রি মাত্‌লা মাত্‌লা লাগচে। "দেড়কোশ বোজা বিল তোমরা ক'দ্দিনে কেটে উঠবে?"-মেজবৌ (আ০ শক্তি)। ক্রি-বিণ, কতদিন।২ [ব্যঙ্গোক্তিতে, উপেক্ষায়] অল্পদিন ; শীঘ্র ; বড় বেশীদিন নয়। "বারি-ছাড়া হ'লে মীন বলনা বাঁচে ক'দিন।" -বাংগান।

কদিমী -মি [আদা০, আ০-কদীমী] বিণ পুরাতন আমলের ; পূর্ব্বপুরুষের সময়ের ; পৈতৃক। ২ প্রাচীন ; পুরাতন। "কদিমি দেবোত্তর।"

কদু [প্রাদে০, পূ০ বঙ্গে ; মু০ বাং। হিং০-কদ্দু] বি, অলাবু ; লাউ।

কদুক্তি [কু (কুৎসিত) যে উক্তি (বলা) -ধা, কু=কৎ] বি, অশ্লীল বচন ; মন্দভাষণ ; কটুকথা ; কুকথা ; অসাধুভাষা।

কদুত্তর [কু (কুৎসিত) যে উত্তর-ধা। কু=কৎ] বি, কটুবাক্য ; কুকথা ; মন্দ বা কটু-কথায় উত্তর বা জবাব ; কদুক্তি। "লোক মুখে শুনিয়া দক্ষের ক০।"-কবিক০। "ক্রোধ করে তোমারে করেন ক০।"-শি০।

কদুষ্ণ, [কু (ঈষৎ) উষ্ণ-ধা, কু=কৎ] বিণ, কিঞ্চিদুষ্ণ ; ঈষদুষ্ণ : অল্পতপ্ত ; কুসুম কুসুম গরম।

কদ্রথ [কু=কৎ+রথ] বি, মন্দযান ; কুশকট।

কদ্বদ [কু=কৎ+বদ] বি, কুবক্তা। স্ত্রীং ~া।

কদ্রু[1] [কম্-ইচ্ছা করা+উ (র্শ্ম, জ্ঞা০ ডু) : র আগম ম=দ] বিণ, পিঙ্গলবর্ণ।

কদ্রু[2], কদ্রূ-নাগমাতা ; কশ্যপ-মুনি-পত্নী ; দক্ষ প্রজাপতির তনয়া।

কন, ক'ন [কহেন > কএন > কন। প্রাদে০-পূ০ বঙ্গ] ক্রি, বলেন।

কনি, কনি [কোন > প্রাদে০ ভেদ] বিণ, কোনও (রামা০-কবিচন্দ্র)।

কনক [কন্ (দীপ্তি পাওয়া)+অক (র্ত্তৃ-জ্ঞা০) যে বর্ণ দ্বারা দীপ্তি পায়। প্রা০ বাং ; প্রাকৃ০-'কণঅা, কণয়া'] বি, স্বর্ণ ; সুবর্ণ। ২ সুবর্ণবলয়। "হাতেতে ক০ পরে বাহুতে কঙ্কণ।"-কৃত্তি০। ৩ [বৈদ্যকে। কনকের বর্ণবিশিষ্ট বলিয়া] লাক্ষাবৃক্ষ। (২) চম্পকবৃক্ষ। (৩) কিংশুকবৃক্ষ। (৪) নাগকেশরবৃক্ষ। (৫) কাঞ্চনালবৃক্ষ। (৬) কনকগুগ্‌গুলুবৃক্ষ। (৭) ধুস্তূরবৃক্ষ। (৮) কালীয়বৃক্ষ। (৯) কাসমর্দ্দ-বৃক্ষ। বিণ, কনকিয়া (দ্রুত উচ্চারণে কন্‌কা)। প্র-কন্‌কা-নটে। ~কড়ি [প্রাদে০] বি, সোণার কড়া ; স্বর্ণ-নির্ম্মিত কর্ণভূষণবিঃ ; এক প্রকার মাকড়ি। "দু'কাণে কনককড়ি বড়ি শোভা পায়।"-ঘ০। ~করবীর [হিং০-কনিয়র, কনেরা। "বোধ হয় হলুদা কলিকা ফুল।"-ব০ শ০ কোষ] বি, স্বর্ণবর্ণ করবীর (করবীর (৮ দ্রঃ)। ~ক্ষার [কনক (সুবর্ণ) ক্ষার (ক্ষরণ-দ্রবণ) হয় যদ্দারা -বহু০] বি, যদ্দারা সুবর্ণ তরল হয় : সোহাগা। ~চম্পক, ~চাঁপা [কনকবর্ণ যে চম্পক, চাঁপা-ধা] বি, কনক চাঁপাফুল ; স্বর্ণচাঁপা ; কর্ণিকার pteros permum acerifolium. ~চূড়,-চূর [ক০-চূর্ণ] বি, ধান্যবিঃ (ইহার উত্তম খৈ হয়)। ~টঙ্ক-বি, স্বর্ণকুঠার। ~দণ্ড-বি, রাজচ্ছত্র। ২ [৬তৎ] স্বর্ণযষ্টি। ~ধুতুরা [সং-কনকধুস্তূর] স্বর্ণবর্ণ ধুতুরা বৃক্ষ। ~ধ্বজ-বি, ধৃতরাষ্ট্রের শতপুত্রের অন্যতম পুত্র। ২ [কনক-নির্ম্মিত ধ্বজ যার -বহু০] বিণ, যার ধ্বজ সুবর্ণময় ; সুবর্ণধ্বজ। ~পত্র [কনক (কনক-নির্ম্মিত) পত্র (পত্রাকার কর্ণভূষণ) ধা] বিণ, সুবর্ণ-নির্ম্মিত কর্ণভূষণ ; কাণপাত। ~পল [কনক (সুবর্ণের ন্যায় বর্ণবিশিষ্ট) পল (মাংস) যার-বহু০] বি, মৎস্যবিঃ ; এই মৎস্যের বর্ণ সোনার মত। ২ কর্ষ চতুষ্টয়রূপ পল পরিমাণ। ~প্রভ, -প্রভা [কনকের প্রভার ন্যায় প্রভা যার-ম০ প০ লো০, বহু০] বি, স্বর্ণপ্রভা ; স্বর্ণবর্ণাভ ; সুবর্ণদ্যুতি। ~প্রভা-মহা জ্যোতিষ্মতীলতা। ২ নারীবিঃ। ~প্রসবা-বি, স্বর্ণকেতকী। ২ [রূপকার্থে] স্বর্ণগর্ভা। ~ময় [কনক+ময় (বিকারার্থে-ময়ট্)] বিণ, কনক-নির্ম্মিত ; সুবর্ণময়। ~মুকুট-বি, সোণার কিরীট বা তাজ। ~রঞ্জিত-বিণ, সোণার জলে গিল্টি করা। ~রম্ভা-বি, একজাতীয় কলা। ~রস [কনক (বর্ণ) রস (রসায়ন) ধাতু] বি, হরিতাল। ~লতা-বি, স্বর্ণলতা। "কনকলতা অবলম্বনে উন্নত হরিণী-হীন হিমধামা।"-বি০ প০। ~সূত্র [কনক-নির্ম্মিত যে সূত্র-ধা] বি, স্বর্ণসূত্র ; স্বর্ণডোর ; সোণার তার।

কনকন [কণকণ দ্রঃ। অল্পার্থে 'কুনকুন'] অ, প্রবল বেদনা ; তীক্ষ্ণ যন্ত্রণা শীত বা অত্যন্ত ঠাণ্ডার কষ্টকর অনুভূতি বা বেদনা। প্র-দাঁত ক০ ক০ করা। অপ্রবলার্থে 'কুনকুন'। ~ঝনঝন-অধিকতর বেদনাব্যঞ্জক। ক্রি, কনকনানি। বি, কনকনানি। বিণ, কনকনি, কনকনে। কনকনে-ঝনঝনে-অতি প্রবল যন্ত্রণাদায়ক।

কনকাঙ্গদ [কনকনির্ম্মিত যে অঙ্গদ—ধা] বি, সুবর্ণ-নির্ম্মিত কেয়ূর ; স্বর্ণের বাজু।

কনকাচল [কনক (রচিত যে) অচল (পর্ব্বত) ধা] বি, সুমেরু ; হেমাদ্রিপর্ব্বত। ২ হেম-শৈলাদি। "কমলে ঝাঁপি কিয়ে ক°॥"—বি° প°।

কনকাঞ্জলি—বি, মাঙ্গলিক দানবি°: প্রতিমা-বিসর্জ্জনের পূর্ব্বে স্বর্ণ বা স্বর্ণমূল্য পরিমাণ রৌপ্যসহ তণ্ডুলাদি দ্রব্য অঞ্জলি করিয়া দেবীকে অর্পণ ; বিবাহযাত্রা-কালে বর কর্ত্তৃক স্বীয় জননী বা জননীস্থানীয়াকে স্বর্ণাদি (সচরাচর টাকা) অঞ্জলি করিয়া দান বা বিবাহের পর প্রথম শ্বশুরগৃহে গমনকালে কন্যাকর্ত্তৃক ঐরূপ দান।

কনকাবিতী, কন্‌কাবিতী—বি, ছেলে-ভুলান গল্পের এক রাজকন্যা।

কনকায়ু—বি, ধৃতরাষ্ট্রের শতপুত্রের মধ্যে একজন।

কনকালুকা [কনকের-আলু (জল-পাত্র)+ক-স্বার্থে-আ (স্ত্রী°)—৬ তৎ] বি, সুবর্ণ-কলস ; স্বর্ণঘট ; সুবর্ণ-ভৃঙ্গার ; ঝারি [বৈ° পদাবলীতে, বিরল-প্রয়োগ। আধু°, প্র° অ°]।

কনকাহ্ব [কনক-আহ্বা (নাম) যার—বহু°] বি, কনক ধুতুরার গাছ। ২ নাগকেশর বৃক্ষ।

কনখল—বি, কুরুক্ষেত্রের উত্তরস্থিত এবং হরিদ্বারের সমীপস্থ তীর্থবি°।

কনভোকেশন [ইং—Convocation-এর লিপ্যন্তর] বি, ভারতীয় বিশ্ববিদ্যালয়ের বার্ষিক উপাধি-বিতরণ-সভা। বিদ্যোদ্বোধন সভা।

কনয়া [ব্রজ° বৈ° পদ। কন > ভ্রং] বি, কনক ; সুবর্ণ। "ক° শম্ভুপরি ঢারত সুরধুনী ধারা।"—বি° প°। "কুন্দন ক° কলেবর কাঁতি।"—গোবিন্দ°।

কনেষ্টবল, কনেষ্টবিল, কনেষ্টেবিল, কনেষ্টেবল [ইং—constable] বি, পুলিসের সিপাই ; পাহারাওয়ালা ; নগরের শান্তিরক্ষক ; প্রহরী।

কনসল [ইং—consul] বি, বৈদেশিক বাণিজ্যদূত।

কনসার্ট [ইং—concert এর লিপ্যন্তর] বি, বিবিধ বাদ্য-যন্ত্রের ঐক্যতান। ক° পার্টী [concert party] ঐক্যতান-বাদকের দল।

কনিষ্ঠ ['কনিষ্ঠক' ও° (প্র° অ°)। অল্প+ই (অত্যর্থে) কিংবা যুবন্‌+ইষ্ঠ (যুবন্‌ ও অল্প শব্দের স্থানে কণ্‌ আদেশ) কণ্‌=কন্‌। গ্রা°—কনিষ্টি'] বিণ, অনুজাত ; অনুজ। ২ বয়সে ছোট ; অন্য অপেক্ষা যার বয়স কম ; অন্যের তুলনায় ক্ষুদ্র। ৩ অত্যল্প। ৪ ক্ষুদ্রতম ; সকলের ছোট। ৫ নিকৃষ্ট। ৬ অব্যবহিত পরবর্ত্তী। ৭ মহাদেব। স্ত্রী° ~া—কনিষ্ঠ অঙ্গুলি ; কড়ে আঙ্গুল। ২ অনুজা। বি, ~তা—কনিষ্ঠ হওয়া ; (বয়সে) অল্পতা।

কনীনক [কন্‌ (দীপ্তি পাওয়া)+ঈন (র্ত্তৃ) ক (স্বার্থে)। শরীর বিজ্ঞা° পরি°] বি, নেত্রমধ্যস্থ কৃষ্ণ গোল pupil.

কনীনিকা [কনীনক (দ্র°)+আ (স্ত্রী°) —ই আগম] বি, নয়নমণি ; চক্ষুর তারা। ২ কনিষ্ঠা অঙ্গুলি ; কড়ে আঙ্গুল। ৩ কনিষ্ঠা ভগিনী।

কনীয়ান্‌ [অল্প+ঈয়নস্‌ (অত্যর্থে) অল্প=কন্‌=কনীয়ন্‌স্‌ ঃমা ঃব° স্‌ লোপ] বিণ, অত্যল্প। ২ সর্ব্বকনিষ্ঠ ; সকলের ছোট। ৩ অতি ক্ষুদ্র ; নেহাৎ ছোট। ৪ দুইয়ের মধ্যে ছোট। ৫ কনিষ্ঠ ভ্রাতা। স্ত্রী° কনীয়সী—কনিষ্ঠভগিনী। "রুক্মমালি রুগ্মকেশ কনীয়ানে গণি। পঞ্চভাই মধ্যে একা রুক্মিণী ভগিনী॥"—শি°।

কনুই [সং—কফোনি ; হি°—কোহনী ওড়ি°—কহুণি] বি, কফোণি ; বাহুর নিম্ন গ্রন্থি elbow. "দক্ষিণ কনুই সন্ধি কটির উপর।"—কঙ্কুম।

কনে১ [প্রাদে°। সং—'কন্যার' উচ্চারণ-বিকারে 'কন্নে, > 'কনে'। সং—কনী অর্থে কন্যা, উচ্চারণ-বিকার হতে বানান-বিকার, পরে অর্থ-বিকার] বি, নববিবাহিতা কন্যা নবোঢ়া ; নববধূ। প্র—বরকনে ; কনের মা ; কনের মাসী। ২ যে কন্যার বিবাহের কথা হইতেছে ; বিবাহের যোগ্যা কন্যা ; বিবাহের পাত্রী। "শুনিয়া বিয়ের নাম কনে সেজে বুড়ী।"—ঈ° গুপ্ত। কনে-বউ [কন্যা বধূ] বি, বালিকাবধূ ; নববধূ। ২ কনিষ্ঠা বধূ-(সাধাঃ বড়-মেজ-সেজ-ন-নতুন-ছোট-শেষে কনে। বধূর সংখ্যা বৃদ্ধি পাইলে 'রাঙ্গা বউ' ই° নামও বাহির করিতে হয়, তাতেও না কুলাইলে অমুকের বউ বা অমুক গ্রাম বা নগরের বউ বলিতে হয়। কনিষ্ঠা বধূ বৃদ্ধা হইলেও তাঁর 'কনে-বউ' নামই থাকিয়া যায়)।

কনে২ [প্রাদে° গ্রা°] কোথা। প্র—কনে যাই। ২ কে। "তুমি ছাড়া কনে লৈব কোলে মায়া করি।"—পূ° ব° গী°। নিত-কনে, মিত-কনে [মিত (মিত্র—স্ত্রী, মিতিন্‌=সখী) হতে নিত] বি, বিবাহের সময় যে কন্যা কনের সখী বা সহচরী হয়। কনের ঘরের মাসী বরের ঘরের পিসী—যিনি দুই পক্ষেই থাকেন ; উভয় পক্ষের আত্মীয় ও বিশ্বাসের পাত্র।

কনেঠ [ব্রজ°, হি°—কনেঠ ; সং—কনিষ্ঠ] কনিষ্ঠ। "লখই না পারিয়ে জেঠ ক°।"—বি° প°।

কনেষ্টবল—কনষ্টবল দ্র°।

কনোজ, কনৌজ—কান্যকুব্জ দ্র°। কনৌজিয়া—বিণ, কান্যকুব্জ-দেশীয়। ২ বি, কনোজব্রাহ্মণ।

কন্ত [কম্‌ (ইচ্ছা করা)+তু (র্ম্ম—জ্ঞা°)] বি, কন্দর্প। "প্রেম আকুল গোপ গোকুল কুলকামিনী ক°।"—গোবিন্দ°। ২ চিত্ত ; হৃদয়। ৩ [কম্‌+তু, স্য] বিণ, সুখান্বিত [অপ্র°]।

কন্থা [কম্‌ (অভিলাষ করা)+থন্‌ (র্ম্ম) শীতার্ত্তগণ শীত নিবারণের জন্য যাকে অভিলাষ করে] বি, জীর্ণ বস্ত্র-রচিত শীতনিবারক বস্ত্র ; কাঁথা। ২ মৃন্ময় ভিত্তি ; কাঁথ।

কন্দ [কন্দ্‌ (আর্দ্র হওয়া)+অ (র্ম্ম-জ্ঞা°) যে মৃত্তিকারস কর্ত্তৃক আর্দ্র হয়] বি, আলু ই° মূল ; ওল ; শূরণ। "কন্দ বদলে মাকন্দ পাব হরিতাল বদলে হীরা॥"—কবিক°। ২ বৃক্ষাদির মূল। ৩ [মূল হতে লক্ষণা°] হেতু। "তুহুঁ সে নাগরি কানু রসকন্দ।"—বি° প°। "সঙ্গে প্রভু নিত্যানন্দ ভুবনে আনন্দ-কন্দ মুকুতি দেখাল সরণি।"—কবিক°। ৪ [সং-স্কন্ধ ;—কন্দ ; বাং, প্রাকৃ°, গ্রা°—কাঁধ] স্কন্ধ।

৫ স্তনমূল। "ঝাঁপবি কুচ দর শায়বি কন্দ।" -বিং পং। ৬ [কং (জল) দা (দান করা) + অ (র্ত্তৃ) যে জল দান করে] বি, মেঘ। ৭ কর্পূর। ৮ যোনি-রোগ-বিঃ। ৯ [আং--কন্দ্ (মিষ্ট) তুল-পঞ্জাবী-খণ্ড] খাঁড়; গুড়। চং-- ~কাটা [স্কন্ধ > ভ্রং] বি, কবন্ধ; মস্তক-হীন ভূত বা প্রেত। ২ বিণ, মস্তকহীন। ~গুড়ূচী-বি, ঐ নামের গুলঞ্চলতা। ~ট-বি, শ্বেতপদ্ম; সাদা সুঁদি। ~ফলা-বি, কারবেল্লী; ছোট উচ্ছা। ~মূল-বি, মূলক; মূলা।

কন্দর [কং (জল) দৃ (বিদারণ করা) + অ (র্ম, জ্ঞাং, থ) জল যাকে বিদীর্ণ করিয়া নির্গত হয়] বি, পর্ব্বতের গহ্বর। "চামরী গিরি কন্দরে।"-বিং পং। ২ [কং (গজমস্তক) দৃ (বিদীর্ণ হওয়া) + অ (ণে-জ্ঞাং) যদ্দারা গজমস্তকে প্রহার করা হয়] বি, অঙ্কুশ [প্রং অং] ৩ আর্দ্রক; আদা [প্রং অং] ৪ গৃঞ্জন; গাজর। ৫ ওল। ৬ [মৈং বাং। স্কন্ধ শব্দের ভ্রং] স্কন্ধ; কাঁধ। "সখিগণ কন্দরে থোই কলেবর।"-বিং পং। স্ত্রীং ~া; ~ী।

কন্দরোদ্ভবা [কন্দর (গহ্বর) উদ্ভব (উৎপত্তি-স্থান) যার-বহুং] বি, ক্ষুদ্র পাষাণ-ভেদী নদী।

কন্দর্প [কং (কাহাকে) না (দর্পয়তি) সন্দীপিত করেন (কং ন দর্পয়তীতি) কিংবা (ব্রহ্মাকে) দৃপ্ (সন্দীপ্ত করা) + অ, র্ত্তৃ, জ্ঞাং। যিনি ব্রহ্মাকেও সন্দীপিত করেন] বি, মনোভব; কামদেব; মদন। ২ কন্দর্প তুল্য রূপবান্; অতিশয় সুপুরুষ। প্র-রূপে কন্দর্প। ৩ সঙ্গীতোক্ত তাল-বিঃ। ~কূপ-যোনি; মদনালয়। ~কেলি-কাম-ক্রীড়া। ২ প্রহসনবিঃ। ~জ্বর-কাম-জ্বর (দ্রঃ)। ~মথন [কন্দর্প (কাম) মথ্-(পীড়ন করা + অন (র্ত্তৃ, জ্ঞাং) যিনি কন্দর্পকে মথন (নাশ) করিয়াছেন] বি, মহাদেব; মদনান্তক। ২ কামনিবারক বস্তু।

কন্দল [কং (মুখ) দল্ (ভেদ করা) + অ। প্রাকৃং--কঁদল, বাং-গ্রাং--কোঁদোল] বি, কলধ্বনি; কোলাহল [অপ্রং] ২ বিবাদ; কলহ; ঝগড়া। "বেণাগাছে ঝুঁটি বেঁধে করয়ে কং।"-শিং। "বিনয়ে করিয়া ধার গুধিতে কং।"-কবিকং। ৩ যুদ্ধ; লড়াই। বিণ, কন্দলিয়া। ক্রি, কন্দল করা। ৪ [সং ভাষায়-(১) নিম্ন উপরাগ, (২) গণ্ডদেশ, (৩) স্বর্গ, (৪) পতাকা, (৫) পদ্মবীজ, (৬) ভূমি-কদলী বৃক্ষ, (৭) নবপত্র এবং (৮) অপযশ অর্থে ব্যবহার আছে। ~লিত-বিণ, বিকসিত। ২ অঙ্কুরিত। ৩ নির্গত। ৪ নিক্ষিপ্ত। ~লিয়া [গ্রাং--কুঁদুলে] যে কন্দল করে; ঝগড়াটে।

কন্দলী-বি, ঔর্ব্ব মুনির কন্যা। অতি কলহপ্রিয়া বলিয়া কন্দলী নামে প্রসিদ্ধা হন। ইনি দুর্ব্বাসার পত্নী হন। দুর্ব্বাসা তাঁহার শত অপরাধ মার্জ্জনা করিয়া তৎপরে শাপে ভস্মীভূত করেন। ২ [গ্রাং--কুঁদুলি, -লী] বিণ, যে স্ত্রী কলহে তৎপরা। ৩ মৃগী-বিঃ। ৪ কদলী ফুল। ~কুসুম-বি, ফোঁড়কছাতা।

কন্দশূরণ, -সূরণ [কন্দ (গেঁড়ো esculent root) -শূরণ, -সূরণ (হিং, সিন্ধী ইং ভাষায়)] বি, ওল arum campanulatum

কন্দালু-বি, কাসালু; থাম আলু yam.

কন্দু [সং] বি, কড়া; কটু; ভাজনা-খোলা।

কন্দুক, কিন্দুক [সং] বি, গেণ্ডুক; গোলা; খেলিবার গেঁদ। ২ ভাঁটা। ৩ ত্রয়োদশাক্ষর অতিজগতী-জাতীয় সং ছন্দ; ইহার ২।৩।৫।৬।৮।৯।১১।১২ ও ১৩ বর্ণ গুরু। ~ক্রীড়া-গোলা লইয়া ক্রীড়া; বল খেলা। ~পক্ক-বিণ, কাটখোলায় ভাজা।

কন্দুকেশ্বর-বি, কাশীস্থ শিবলিঙ্গবিঃ।

কন্ধ [স্কন্ধ > ভ্রং] বি, দেহ; ধড়। "মুণ্ড বিনা কেবল নড়িয়া ফিরে কন্ধ।" -কবিকং। ২ [প্রাং বাং] মস্তক; মুণ্ড। "দুই আঁখি থাউ পড়ুক তার কন্ধ।" -শ্রীং কীং১ ~কাটা [কন্ধ (স্কন্ধ) + কাটা] বিণ, মস্তকহীন। ২ বি, মস্তকহীন দেহ; কবন্ধ। ~দেশ-দেহের যে অংশকে স্কন্ধ বলে; কাঁধ।

কন্ন১ [কোন > (বৌং বাং-প্রাকৃং) কন্ন] বিণ, কোন। কন্নর=কোন কোন। "ষোলশথ ঘর বেদি (=বৈদিক), বেদি নয় কন্নর জুন" (=কোন কোন জন)।-শূং পুং।

কন্ন২ [সং] বি, পাতক। ২ ঋষিবিঃ।

কন্না, কর্ণা [মেয়েলীং। হিং--করনা (করা-করিবার মত কাজ) করণীয় (কর্ত্তব্য) শব্দের ক্ষেং] বি, কর্ত্তব্য; করণীয় কাজ-কর্ম্ম। ২ সেবা। ৩ সংসার-ধর্ম্ম; গৃহস্থলীর কাজ। ৪ খাটুনী। "গতোরের কন্নাটা কচ্ছে কে?"-অমৃত বসু। ~করা-সংসারধর্ম্ম পালন করা; সেবা করা ঘর-কন্না-ঘর দ্রঃ।

কন্ধর [কং (মস্তক) ধর (ধৃ-ধরা + অ (র্ত্তৃ-জ্ঞাং, থ) যে মস্তক ধারণ করে-উপং। রাবণের নাম ছিল 'দশকন্ধর'] বি, স্কন্ধ; কাঁধ। ২ গ্রীবা। ৩ [কন্ধরা, কন্দরা, কণ্ঠারা (বৌং বাং, প্রাকৃং] বি, কান্ধার। ৪ [(কং=জল) ধর] মেঘ। ৫ মুস্ত; মুথা। ৬ মারিষ শাক; নটিয়া শাক। ~া-বি, কাঁধ; গলা।

কন্যকা [সং। "অষ্টবর্ষা ভবেদ্ গৌরী দশবর্ষা তু কন্যকা। সম্প্রাপ্তে দ্বাদশে বর্ষে কুমারীত্যভিধীয়তে।"-অং টীকা। "অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষা তু রোহিণী। দশমে কন্যকা প্রোক্তা তত উর্দ্ধং রজস্বলা।"-ইতি স্মৃতিঃ] বি, দশবর্ষা কন্যা; নয় হইতে দশ বৎসর অর্থাৎ নয় হইতে ৯ বৎসর ১১ মাস ২৯ দিন পর্য্যন্ত বয়স্কা কন্যা। ২ অবিবাহিতা কন্যা: কুমারী। ৩ নায়িকা-বিঃ। ৪ কন্যা; তনয়া; পুত্রী [বিরল] ৫ ঘৃতকুমারী। ~জাত-কন্যকা অবস্থায় জাত; যে অবিবাহিতা কন্যা বা কুমারীর গর্ভে জন্মে; কানীন (ব্যাস, কর্ণাদি)। ~পতি-জামাতা।

কন্যা [কন্ (কামনা করা-প্রীত হওয়া) + য (র্ত্তৃ-জ্ঞাং) আ (স্ত্রীং)। উচ্চারণ-বিকারে বানান-বিকার-'কন্নে'। প্রাং বাং-'কণ্যা'] বি, যে স্ত্রী পতি কামনা করে; অবিবাহিতা কুমারী। ২ দুহিতা; তনয়া। প্র-রাজকন্যা। ৩ [গ্রাং--ক'নে] সদ্যোবিবাহিতা নারী; বিবাহের যোগ্যা পাত্রী। প্র-কন্যা দেখিতে যাওয়া; বরকন্যা। কনে দ্রঃ। ৪ কন্যা রাশি; ইহা মেষাদির মধ্যে ষষ্ঠ। ইহা উত্তর-ফল্গুনীনক্ষত্রের শেষপাদত্রয় হস্তা এবং চিত্রার প্রথমার্দ্ধ যুক্ত। ৫ [খনা] আশ্বিন মাস। ৬ [আয়ুং] ঘৃতকুমারী; বড় এলাচী (স্থূলৈলা); তিত কাঁকড়ী; কাঁকরোল

(বন্ধ্যাকর্কোটকী)। ৫ সং চতুরঙ্করযুক্ত ছন্দোবিঃ। ~কর্ত্তা-বি, বিবাহে কন্যা পক্ষীয় অভিভাবক ; কর্ম্মকর্ত্তা বা কন্যা সম্প্রদানকারী। ~কাল [কন্যার কাল -৬ তৎ] বি, অবিবাহিতা কন্যার দশম বৎসর। ২ [প্রাদে°] সমাজের সাধারণ নিয়মে যে কুমারীর বিবাহের বয়স উপস্থিত হইয়াছে বা উত্তীর্ণ হইবার উপক্রম হইয়াছে এমন অবস্থা। ~কুব্জ [কন্যা হইয়াছে কুব্জ (কুঁজো) যেখানে-বহু°। প্রবাদ আছে কুশনাভ রাজার শতকন্যা পরম রূপলাবণ্যবতী ছিলেন। পবনদেব তাঁহাদের সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া তাহাদিগকে কামনা করেন, কিন্তু রাজকন্যাগণ পবনদেবকে উপেক্ষা করেন। তাহাতেই পবনদেব কন্যাগণের মধ্যদেশ ভগ্ন করিয়া কুব্জ করিয়া দেন। বর্ণবিপর্য্যয়ে-কান্যকুব্জ] বি, কান্যকুব্জ ; বর্ত্তমান কনৌজ। ~কূপ বি, তীর্থবিঃ। কন্যাতীর্থ দ্রঃ। ~জন [কন্যা (স্ত্রী-জাতি, নারী) জন (লোক-অবিশেষে) ; গ্রা°-মেয়েলোক] বি, রমণী বা নারীজন ; স্ত্রীলোক। "গৃহের অভ্যন্তরে প্রবেশিয়া দেখিলেন কন্যাজনেরা নানা বাদ্যযন্ত্র লইয়া চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া বসিয়াছে।" -কাদ°। ~ট, ~ন্তঃপুর [কন্যা (কুমারী) অট্ (গমন করা) + অ (ধি), কন্যা (র) + অন্তঃপুর] বি, যেখানে কন্যাগণ গমন করে, নারীগণের বাসস্থান ; অন্তঃপুর। ২ কুমারী-বাসভবন ; অন্তঃপুরের যে অংশে রাজকন্যা বাস করেন। ~তীর্থ-বি, কুরুক্ষেত্রস্থিত তীর্থবিঃ। ~দান [কন্যার দান (সম্প্রদান)] বি, কন্যাসম্প্রদান ; শাস্ত্রমতে বরহস্তে কন্যার্পণ ; মেয়ের বিবাহ দেওয়া। "বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদী এল বান, শিব ঠাকুরের বিয়ে হচ্ছে তিনটী কন্যা দান।"-ছড়া। ~দায়-বি, কন্যার বিবাহের দায় বা দায়িত্বভার। ~দায়গ্রস্ত-বিণ, ঐরূপ দায়গ্রস্ত। ~দূষক-বিণ, কুমারী-ধর্ষক। ~দূষণ-বি, কুমারী-ধর্ষণ ; কুভাবে কুমারীর গাত্রস্পর্শাদি। ~ধন [কন্যার ধন-৬ তৎ] বি, কুমারী দশায় যৌতুক প্রাপ্ত অর্থ ; কন্যকাবস্থায় লব্ধধন ; স্ত্রীধনবিঃ। (এই ধনে ভ্রাতা অধিকারী হয়)। ২ [কন্যা রূপ ধন-ধা] কন্যারত্ন। ~ন্তঃপুর -কন্যাট দ্রঃ। ~পণ [কন্যাদানের বিপরীত] বি, কন্যা পাত্রস্থ করিবার (বিনিময়ে লভ্য) পণ বা নিষ্ক্রয়। ~পতি [কন্যার পতি (স্বামী) -৬ তৎ। সং-'কন্যাবেদী' ও°] বি, জামাতা ; জামাই। ~যাত্র,-যাত্রী [প্রাদে°] বি, বিবাহ উপলক্ষে কন্যার পক্ষ হতে নিমন্ত্রিত ব্যক্তি। "কন্যাযাত্র বরযাত্র ঋতু ছয় জন।" -অ° ম°। ~শুল্ক-বি, কন্যাপণ।

কন্যে [সং-কন্যা শব্দের উচ্চারণ-বিকার পরে বানান-বিকারে] বি, দুহিতা ; মেয়ে। কন্যা দ্রঃ।

১কপ্১ [ক্ষপ্ ধাতু প্রেরণে। সং-ক্ষিপ্র : ভং-খপ্ ; সাদৃশ্যে কপ্, গপ্ (তুল-টপ্) খপ্ দ্রঃ] অ, শীঘ্র গলাধঃকরণ, (২) দ্রুত গিলনের শব্দ। ~কপ্ [অনু°। ক (জল) প (পতন বা পান অর্থে)-অনতিক্ষুদ্র নিরেট বস্তু জলে পতন বা তাড়াতাড়ি জল-পানের কণ্ঠশব্দ (গলশব্দ নয়)। ব্যাপ্ত্যর্থে-'কপাকপ্'। লঘু বা স্বল্পার্থে-'কুপ্কুপ্' বিক্ষিপ্তভাবে ছোট বড় ঢিল নিক্ষেপ-শব্দে-'কুপ্কাপ্'। আধিক্যার্থে ও তুচ্ছার্থে-কাপ্কাপ্] অ, ভেক মৎস্য ই°-র জলের উপরিভাগে মুখ তুলিয়া খাবি খাইবার শব্দ। ২ ক্ষিপ্রগতিতে আহারীয় মুখে তুলিবার বা কবলিত করিবার শব্দ (গিলিবার নয়-গেলা বা গলাধঃকরণের শব্দ গপ্গপ্ গবগব ই°)। ৩ জিহ্বা ও তালুর সাহায্যে আলগোছে জল-পান-শব্দ (গলাধঃকরণ শব্দ-গলগল ও গলায় ঢালিবার অধিক পরিমাণে গলাধঃকরণ শব্দ-ঢক্ঢক্)। ৪ সরু মুখ পাত্র (কূপী ই°) জলে ডুবাইয়া জল ভরিবার শব্দ। ৫ ভেকাদির ডাক। কপাকপ্-ক্রমাগত কপ্ কপ্ করিয়া গিলন [তুল-টপাটপ্]।

১কপ২-কাপ্ দ্রঃ।

কপচানি১ [অনু°। কপ্চ্ বৎ শব্দ হতে। কাঁচির ঐরূপ শব্দ, তদ্বৎ চঞ্চু শব্দ। সং-কৃপ্ (ছেদনে) ধাতু হতে] ক্রি, কর্ত্তন করা ; ছেদন করা ; ছাঁটিয়া ফেলা। ২ পাখীর বুলি শিখিবার পূর্ব্বে যে অস্ফুট শব্দ করিতে থাকে ; বুলি ধরার উপক্রম করা। ৩ [লক্ষ°] শিশুর কথা শিখিবার পূর্ব্বে অব্যক্ত শব্দাভ্যাস। ৪ [তিরস্কারার্থে] জ্যাঠামো করা ; শিশুমুখে বিরক্তিকর পাকা পাকা বা কাটা কাটা বুলি বাহির করা। ৫ [তিরস্কারার্থে বা বিদ্রূপে] কাহার কথা অপ্রাসঙ্গিক, অযাচিত বা অপ্রীতিকর হইলে তার মুখ বন্ধ করিবার অভিপ্রায়ে বক্তাকে শিশু-পর্য্যায়ে ফেলিয়া লজ্জা দিবার জন্য বা অবজ্ঞাচ্ছলে উক্ত] শিশুর বুলি বা পাখীর বুলি বলা ; অযাচিতভাবে অর্থহীন কথা বলা ; বক বক করিয়া বিরক্ত করা। "ঢের হয়েছে আর কপচাতে হবে না।" ৬ বলা ; আবৃত্তি করা। "মামুলি কথা কপ্চাইবার জন্য নরনারী আর লালায়িত নয়।"-বি° সরকার।

কপচানি২, কপচানি-বি, উক্তি। "মুখের কপচানিতে শুধু খিলখিল করিয়া হাসে।"

কপট [কপটতা এই অর্থে। প্রা°-বাং] বি, চাতুরী ; প্রতারণা ; বঞ্চনা ; শঠতা ; ধূর্ত্ততা। "কলিঙ্গে ক° করি রাখ নিজ দাস।" -কবিক°। ২ মায়া। ৩ ছল। ৪ অসত্য ব্যবহার ; অধর্ম্মাচরণ ; পাপ। "মরিবেক পাপিগণ আপন কপটে।"-মহা° (কাশী)। ৫ [আধু°-বাং] বিণ, শঠ ; বঞ্চক ; প্রতারক। বি, ~তা (-ট°-), কাপট্য। ~চারী [কপট (শঠতা) চারী (যে আচরণ করে) =কপটচারিন ১মা ১ব°] বিণ, বঞ্চক ; শঠ ; ধূর্ত্ত। ২ যে কপট করিয়া অন্যের প্রতি সরল ব্যবহার দেখায়। ৩ কাপটিক ; কপট-বেশী ; ছদ্মবেশী। ~নাট-বি, চাতুর্য্য। "মিছা খড়ি পাড় কাহাক্রি কপটনাটে।" -শ্রী° কী°। ~পটু [কপটে (কপটাচরণে) পটু (দক্ষ)-৭ তৎ] বিণ, শঠতা-নিপুণ ; কপটতায় দক্ষ ; ছলাকুশল ; বঞ্চন-চতুর। ২ ঐন্দ্রজালিক। ~প্রণয়-বি, মৌখিক ভালবাসা। ~প্রবন্ধ-বি, ছল ; প্রবঞ্চনা ; শঠতা। ~প্রবীণ-কপটতায় প্রবীণ বা পরিপক্ক ; অতিশয় শঠ। "কপট-প্রবীণ, কুলিশকঠিন, তোমার দারুণ হিয়া।" -কবিক°। ~বেশ-ছদ্মবেশ। > ~বেশী -কপটাচারী ; ছদ্মবেশী। ~লেখ্য-বি, মিথ্যা বা জাল পত্র, দলিল, দস্তাবেজ ই°।

কপটা/চরণ, ~চার-বি, মিথ্যাচার ; অসরল ব্যবহার ; ছলনা। > ~চারিণী-বিণ, যে স্ত্রী কপটাচার করে। পুং ~চারী।

কপটিক-বিণ, কপটী। >স্ত্রীং ~া।

কপি/টী [কপট+ইন্ (স্ত্য)] বিণ, প্রবঞ্চক ; প্রতারক। স্ত্রীং ~টিনী।

কপনি-কৌপীন দ্রঃ।

কপর্দ্দ [ক (গঙ্গা জল)-পৃ (ধারণ করা) +দ (ধি-জ্ঞা০) শিব যাতে গঙ্গাজল ধারণ করিয়াছিলেন] বি, শিবের জটাজূট। ২ [পুরুষের যখন দীর্ঘ কেশ-ধারণের প্রথা ছিল তখন অংশতঃ স্ত্রীর মত কেশবিন্যাসের প্রথাও ছিল। "অবিবাহিত নারীদিগের কেশ-রচনায় একটু নূতনত্ব ছিল। পৃষ্ঠ ভাগের সমগ্র লম্বিত কেশরাশি চারিটি গুচ্ছে বিভক্ত করিয়া চারিটি সূক্ষ্ম বেণীর সংযোগে একটি বড় বেণী রচিত হইত তাহা 'কপর্দ'। এই কপর্দের নাম ছিল 'চতুষ্কাপর্দ'। ইহা পশ্চাদ্‌ভাগে দুলিত, এবং উহা কবরীরূপে গ্রথিত হইত না"] বি, চুলের বিনুনি-বিঃ।

কপর্দ্দক [কপর্দ্দ+ক, জ্ঞা০। কড়ি দ্রঃ] বি, কড়ি ; ইহা বর্ণভেদে পাঁচ প্রকার। ~বিহীন, ~শূন্য, ~হীন-নিঃস্ব।

কপি/র্দ্দী [কপর্দ্দ (শিবের জটাজূট)+ইন (স্ত্য)=কপর্দ্দিন্ ১মা ১ব০] বি, শিব। ২ একাদশ রুদ্রের অন্যতম। স্ত্রীং ~র্দ্দিনী-পার্ব্বতী। "কপর্দ্দীর কদর্থন কুমুদার কর্ম্ম। পর্ব্বতের বেটী মোকে পুড়িলেক জন্ম॥"-শি০।

`কপস [কপাট২ দ্রঃ >, লক্ষ০। শ্রীহট্ট প্রাদে০] বি, পেঁপে।

কপাট-বি, সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘসূচক উপাধিবিঃ।

কপাট, কবাট [ক (বায়ু) পট্+ণিচ্ =পাটি (গমন করান)+অ (র্ত্তৃ) ; পক্ষে, প=ব। "কপাটঞ্চ কবাটকমিতি দ্বিরূপকোষঃ।" তুল-ওড়ি০-কপাট। হি০-কবাড়, কেবাড়] বি, দ্বাররোধক ; দ্বারের আবরণ। "দিয়েছি প্রাণের কবাট খুলিয়া।"-প্রেম ও ফুল। "খুলিল মনের দ্বার না লাগে কপাট।" -ভারত০। ২ [আয়ু০] শিরোঽস্থি, (২) কুষ্ঠরোগবিঃ। ~সন্ধি-বি, কব্জা, হুক ই০ দ্বারা চৌকাটের দুই পাশে কপাট জুড়িবার স্থান। কপাট আবজানি, কবাট খোলা-দ্বার মুক্ত করা। কপাট দেওয়া-দ্বার বন্ধ করা। কপাট ঠেসানি, -ভিড়ানি-দ্বারের একদিকের পাল্লা অন্য দিকের পাল্লার মুখে মুখে লাগান ; দ্বার বন্ধ করা। কপাট ভেজানি-খিল না দিয়া দরজার দুই দিকের পাল্লা মুখে মুখে লাগান ; খিল না দিয়া দ্বার বন্ধ করা। কপাটে খিল দেওয়া বা খিল লাগানি-দ্বার অর্গলদ্বারা বন্ধ করা। "তাইত কপাটে লাগাইয়া খিল, স্বর্গ মর্ত্ত্যে খুঁজিতেছি মিল, আনমনা যদি হই একতিল অমনি সর্ব্বনাশ।" -রবী০। কপাটের ফাঁক-কপাটের দুই বাইল ঈষৎ মুক্ত করিলে যে রেখার ন্যায় শূন্য স্থান হয়। ২ কপাটের গায়ে ছিদ্র বা জোড়ের মুখের রন্ধ্র।

কপাটঘ্ন [কপাট-হন্ (আঘাত করা) +অ (র্ত্তৃ, জ্ঞা০, ট্)] বিণ, কপাটভগ্নকারী ; চোর ; ডাকাত।

`কপাটি, কপাটী [হি০-কবড্ডী উচ্চারণ-বিকারে, গবড্ডী] বি, কপাটি খেলা : হাড়ুডুডু খেলা। দুইদলে বিভক্ত হইয়া এই খেলা খেলিতে হয়। এই খেলায় নানা রকম বোল ব্যবহৃত হয়। যথা-'ছেল্ কপাটী,' 'চু কপাটী' ই০। কপাটী লাগা, দাঁত-কপাটী লাগা-দাঁতে দাঁতে খিল লাগা ; দাঁতে দাঁতে চাপিয়া যাওয়া ; দাঁতি লাগিয়া অচৈতন্য হওয়া।

কপাল [ক (জল, লক্ষণদ্বারা মস্তকের ঘৃত) পাল (যে রক্ষা করে) পা+ণিচ্=পালি +অ (র্ত্তৃ)। প্রাকৃ০-কআল, কোআল (চট্ট০ প্রাদে০)] বি, করোটি ; মাথার খুলি ; নরকপাল skull bone. "চলে ক০ ধঃ ধঃধঃ কার মাথা এটা হিহিহি-হঃ * * * * * রাজা কি রাখাল ছিল কোন কাল এখন মড়ার মাথার ক০ শ্মশানে দিয়াছে ফেলিয়া।" -হেম০। ২ ভালদেশ ; ললাটস্থল। "কপালেতে উল্কী।"-ঈ০ গুপ্ত। ৩ ভাগ্য ; অদৃষ্ট। "কপালে সেবিছ কষ্ট কি করিতে পারি।"-শি০। "কপালের ভোগ।" ৪ কর্পর ; কলস বা ঘটের অর্দ্ধাংশ, যে দুইভাগ যোগ করিয়া ঘট বা কলস নির্ম্মাণ করে তার নাম ঘটের কপাল ; খাপরা ; খোলা। ৫ ভিক্ষাপাত্র ; খোলা। ৬ [বৈদিক] পাকের জন্য ছোট ছোট মাটির পাত্র ; খোলা। "কপালগুলি পাশাপাশি সাজাইয়া তার উপর পুরোডাশ সেঁকিতে হয়। বিভিন্ন যাগে ক০ সংখ্যা বিভিন্ন।" ৭ কুষ্ঠরোগ-ভেদ। ৮ [সং] সমূহ। (২) জনতা। বিণ, কপালিয়া, কপালে-কপাল আছে যার : ভাগ্যবান্। কড়ি কপালে-যার অদৃষ্টের জোরে প্রভূত অর্থ উপার্জ্জিত হয় ; যার ভাগ্যে খুব অর্থলাভ হয়। এই অর্থে, 'টাকা কপালে' 'সোণা কপালে' ও০। কপালক্রমে -ভাগ্যবলে ; দৈবযোগে ; হঠাৎ। কপাল গুণে গোপাল মেলা-অদৃষ্ট-অনুসারে সন্তান লাভ করা প্রায়ই মন্দ অর্থে-দুর্ভাগ্য বশতঃ কুসন্তান লাভ করা। কপাল-জোর, জোর কপাল-বলবৎ অদৃষ্ট ; ভাগ্য সুপ্রসন্ন। কপাল টনটনে, টনটনে কপাল-টান, নিটোল, তা হতে প্রশস্ত, তা হতে জোর কপাল। ২ [সাধাঃ ব্যাজোক্তিতে অর্থাৎ বিপরীত অর্থে প্রযুক্ত] মন্দ ভাগ্য ; দুর্ভাগ্য। কপাল ঠুকে কাজ আরম্ভ করা,-কাজে হাত দেওয়া-অদৃষ্টের প্রতি নির্ভর করিয়া কাজে লাগা। "কপালে (অদৃষ্টে) যা' থাকে হ'বে" বলে কাজে হাত দেওয়া [দ্রঃ-পরিণাম কি হইবে না জানিয়া ও না ভাবিয়া দৃঢ় প্রতিজ্ঞা বা প্রবল ঝোঁকের বশে কোন কাজে লাগিবার কালে লোকে সাধাঃ কপালে কর স্পর্শ করিয়া বলিয়া থাকে কপালে যা'থাকে হবে। তুল-"বুকঠুকে কাজে লাগা"] কপাল ঠুকে যাওয়া-চলিবার সময় হঠাৎ কোন কিছুর আঘাত কপালে লাগা। কপালঠোকা ['কপালঠুকি' ও০। তুল-ওড়ি০-মাথা করা] ক্রি, ভূতলে কপাল স্পর্শ করিয়া প্রণাম করা। ২ বিণ, অনিশ্চিত ; দৈবাধীন। প্র-কপাল-ঠোকা কাজ। ৩ মাথা খোঁড়া। কপাল পেটা-কপালে করাঘাত করা। কপাল-পোড়া, পোড়া কপাল-দগ্ধ অর্থাৎ নষ্ট ভাগ্য ; দুরদৃষ্ট ; মন্দভাগ্য। স্ত্রীং পোড়া কপালী-দুর্ভাগ্যবতী ; হত-ভাগিনী। পুং, পোড়া কপালিয়া, পোড়াকপালে। কপাল ফেরা-

অদৃষ্টের পরিবর্ত্তন হওয়া ; মন্দভাগ্য ভাল হওয়া। কঁপাল ভাঙ্গা-দুঃখ ক্ষোভ ইং হেতু কপালে কঠিন বস্তুর আঘাত করা (আত্মহত্যার উদ্দেশ্যে)। "সময়ে না পেলে টাকা, কপাল ভাঙ্গে আস্ত ইটে।"-ঈং গুপ্ত। ২ অদৃষ্ট অপ্রসন্ন হওয়া ; ভাগ্য মন্দ হওয়া। প্র-এতদিন পরে তার কপাল ভেঙ্গেছে, (২) ভাঙ্গা কপাল ('ফাটা কপাল' ও০) খণ্ডিত অদৃষ্ট; দুরদৃষ্ট। কঁপালে ঘা দেওয়া, -মারা, কঁপাল চাপড়ানি-কপালে করাঘাত করা। ইহা শোক, অনুতাপ ই০-র নিদর্শন। কঁপালের গেরি-অদৃষ্টসূচক গ্রহ ; কুগ্রহ। কঁপালের ফের-অদৃষ্টের বন্ধন ; যা থেকে মুক্তিলাভ দুর্ঘট ; সঙ্কট। কঁপালের লেখা-অদৃষ্টের লিখন ; অদৃষ্টলিপি ; ভাগ্যলিপি ; ভবিতব্য। আট কঁপালিয়া, -কঁপালে [আট=আস্ত (হৃত)+কপাল+ইয়া] হতভাগ্য ; দরিদ্র। উচকঁপাল, উচাকঁপাল-উন্নত ললাট ; সৌভাগ্যলক্ষণ ; পুরুষের সৌন্দর্য্য। উচ-কপালিয়া, উচ্কঁপালে-যে পুরুষের ললাট উন্নত। স্ত্রীং উচ্কপালী-যে স্ত্রীর কপালের অগ্রভাগ বহির্গত হইয়াছে ; যে নারীর কপালের মধ্যভাগ টিবির মত উচু। ইহা স্ত্রীলোকের সৌন্দর্য্যের হানিকর। "উচকপালী চেরনদাঁতী।" ছাইকঁপাল, ছারকঁপাল-অসার অপদার্থ ভস্মমাত্র লভ্য আছে এমন অদৃষ্ট ; মন্দভাগ্য। "উমার মুখ চাঁদের চূড়া, বুড়ার দাড়ী শণের নুড়া। ছারকপালে ছাইকপালে দেখে পায় ডর লো।"-অ০ ম০। ছাইচাপা কঁপাল-যে কপাল বা অদৃষ্ট আবর্জ্জনায় আবৃত এবং সহজে মুক্ত হয় না বা খোলে না। নিচাকঁপাল-অনুন্নত কপাল ; সঙ্কীর্ণ ললাট। পাতা-চাপা কঁপাল-পাতায় ঢাকা কপাল সামান্য হাওয়া লাগিলেই মুক্ত হয় ; যার সহজে বরাত খোলে। পাথির চাপা কঁপাল-পাথর সহজে (হাওয়ায়) নড়ান যায় না সুতরাং কপালের আবরণ মুক্ত হয় না ; সহজে যার বরাত খোলে না। ভাঙ্গা কঁপাল জোড়া লাগা-নষ্ট ভাগ্য পুনরায় সুপ্রসন্ন হওয়া ; কপাল ফেরা।

কঁপালটুকী [বীরভূম প্রাদে০] বিণ, খাতার বা বহির কপালে অর্থাৎ উপরের কোণে স্মারকস্বরূপ যা টুকিয়া রাখা হয়। কঁ০ হাওলাত-ঐরূপ টুকিয়া যা কর্জ্জ দেওয়া হয়।

কঁপালভাতি [যোগ পরিঃ] বি, যোগ-শাস্ত্রীয় ষট্‌কর্ম্মবিধান-বিঃ ; নাসারন্ধ্র দিয়া জল টানিয়া বারবার মুখের দ্বারা শীৎকার পূর্ব্বক জল গ্রহণ করিয়া নাসারন্ধ্র দ্বারা বিরেচন।

কঁপালভৃৎ [কপাল (নৃকরোটি, নরমুণ্ড) ভৃৎ (যে ধারণ করে)-ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) ৎ আগম] বি, মহাদেব। ২ [যারা নরকপালের ভিক্ষাপাত্র ধারণ করে] ভিক্ষুক। ৩ বিণ, কপালধারী ; ভিক্ষাপাত্র-ধারক।

কঁপাল॥মালা-বি, নরকপালের হার ; মুণ্ডমালা। ~মালী [কপালের মালা=কপাল-মালা (অস্থিদাম)+ইন্ (স্ত্য)=কপালমালিন্ ১মা ১ব০, যার গলে নর-কপাল (অস্থি) নির্ম্মিত মালা আছে] বি, মহাদেব। > স্ত্রীং ~মালিনী-কালী। "কপালমালিনী কাল-কামিনী।"

কঁপালমোচন [কপালের মোচন হইয়া-ছিল যেখানে-বহু০, যেখানে ব্রহ্মার পঞ্চম মস্তকের কপাল মুক্ত হইয়াছিল] বি, কাশীস্থ তীর্থবিঃ ; পুষ্করতীর্থ।

কঁপালস্ফোট-বি, পিশাচবিঃ ; রাক্ষস-বিঃ। ~ত্ব (-ট্‌-)-বি, পিশাচত্ব। "সেই শব-কপাল হতে কিঞ্চিৎ রস বিজয় দত্তের মুখমধ্যে পতিত হইল। রসাস্বাদ করিবামাত্র বিজয় কপালস্ফোটত্ব প্রাপ্ত হইল।"-ক০ স০ সাগর।

কঁপালি [প্রাদে০] বি, রস লইবার জন্য খেজুর বা তাল গাছের মাথার দিকে যে স্থানে কলসী বাঁধিয়া দেয়। ২ শূদ্র জাতি-বিঃ। ৩ দ্বারশীর্ষস্থ কাষ্ঠপট্ট ; সর্দ্দাল।

কঁপালিকা [কপাল+ইক (ক্ষুদ্রার্থে ইকণ্) আ (স্ত্রীং)] বি, ক্ষুদ্র করোটি ; ছোট মাথার খুলি ; খাপরা। ২ দন্তরোগবিঃ।

কঁপালিয়া, কঁপালে [কপাল+ইয়া (যুক্ত) দ্রুত উচ্চারণে কপালে] বিণ, ভাগ্যবান্। আটকঁপালিয়া [আস্ত(হৃত)কপালিয়া] হতভাগ্য। কঁড়ি কঁপালিয়া-যার ভাগ্যে টাকাকড়ি বা ধনের অভাব হয় না। উচ-কপালিয়া, ছাইকপালিয়া, ছারকপালিয়া -কপাল দ্রঃ।

কঁপালী১ [কপাল (নৃকরোটি)+ইন্ (স্ত্য)=কপালিন্ ১মা ১ব০-যার গলে কপাল-মালা আছে] বি, মহাদেব।

কঁপালী২ [কপাল-ললাট-মাথা] চৌকাঠের মাথা বা মাথার কাঠ। ২ শণ দড়ী প্রস্তুত ও বিক্রয়কারী জাতিবিঃ। প্র-কপালীটোলা, কলিকাতা। ৩ কার্পাস হতে তুলা ও বীজ পৃথক্ করিবার কলের (ginning machine) বেলনের নিম্নস্থ করোটি সদৃশ অংশ।

কঁপা॥লী৩ [কপাল (ভাগ্য)+ইন্ প্রশস্তার্থে] বিণ, ভাগ্যবান্ ; যার অদৃষ্ট বা কপাল ভাল। স্ত্রীং ~লিনী-কালী। ২ ভাগ্যবতী। খণ্ডকঁপালিনী-যে স্ত্রীর কপাল ভাঙ্গিয়াছে ; হতভাগিনী ; দুর্ভাগ্যবতী (কবিক০)।

কঁপালে [প্রাদে০, কপালিয়ার ক্ষে০] বি, ভাগ্যবান্। "সেই ক০ বিয়ে করে যে পায় বিশ হাজার পণ।"-রজনী সেন। ২ ক্রি-বিণ, ললাটদেশে। প্র-কপালে আঘাত। ৩ অদৃষ্টে ; ভাগ্যে।

কঁপি [সং] বি, বানর। "কপিসৈন্য।" -রামা০। ২ গন্ধর্ব্ববিঃ। ৩ বরাহ। ৪ বিষ্ণু। ৫ কপিলবর্ণ [প্র০ অ০]।

ˋকঁপি, কাপি [ইং-Copy. The subject matter to be printed, whether it be an original work in manuscript or a reprint."--*American Encyclopædia of Printing.*] বি, প্রতিলিপি ; যে রচনা মুদ্রিত করিতে হইবে; আদর্শ। কঁপি কঁরা -ক্রি, নকল করা ; কোন লিপির প্রতিলিপি প্রস্তুত করা।

কঁপি [হিং-গোভি। পর্ত্তু০-couvr ; ফ্রেং-cohoche ; ইং-cole (a general name in all sorts of cabbage) জর্ম্ম০-kohl ; ল্যা০-colis] বি, ব্যঞ্জনোপযোগী সবজীবিঃ। কপি কয়েক রকম আছে। যথা-ওলকপি বা গাঁটকপি (ওলের আকৃতি এবং গ্রন্থিময় বলিয়া) ; তাল কপি বা বাঁধাকপি পাতাগুলি বাঁধিয়া দিতে দিতে তালের

আকৃতিতে পরিণত করা হয় বলিয়া, হিং-করমকল্লা) ; ফুলকপি (ইং-cauli flower) ফুলের তোড়ার মত হয় বলিয়া। ~কচ্ছক -বি, মাথার খুলি skull.

কপিকল-বি, কূপাদি হতে জল উত্তোলনের যন্ত্র : নিম্ন স্থান হতে কোন ভারি দ্রব্য তুলিবার যন্ত্র pulley.

কপিকেতন [কপি (হনুমান্) হইয়াছে কেতন (পতাকা-চিহ্ন) যার-বহু°। যার রথে কপিচিহ্ন আছে] বি, কপিধ্বজ ; অর্জ্জুন। ২ কপিচিহ্নিত ধ্বজা।

কপিজ-বিণ, বানর হতে জাত।

কপিঞ্জল [সং] বি, চাতকপক্ষী। যে পাখী ফটিকজল ফটিকজল শব্দে ডাকে the francoline partridge. ২ গৌরবর্ণ তিত্তির পক্ষী। ৩ মুনিবালক ; (কাদম্বরী কথায়) পুণ্ডরীকের সখা।

কপিত্থ [কপি (বানর)-থ (যেখানে থাকে) স্থ (থাকা) + অ (ধি,ড)। স্থ=থ (বানর অনেক সময়ে এই বৃক্ষে ফল খাইবার জন্য থাকে বলিয়া ইহার নাম কপিত্থ)। 'কপিত্থ' ও°। ভং-'কয়েতবেল' (তুল-'কয়ণা'), গ্রা°-কতবেল] বি, কয়েতবেল বৃক্ষ। ২ কয়েতবেল।

কপিধ্বজ [কপি (হনুমান্) রহিয়াছে ধ্বজে যার-বহু°] বি, অর্জ্জুন। কপিকেতন দ্রঃ।

কপিনাস [বাদ্যাঙ্গে, কপির নাসার মত আকৃতিযুক্ত বলিয়া] বি, ততযন্ত্রবিঃ। "বীণরবাব মুরজ ক°। বিবিধ যন্ত্র সেই করয়ে বিলাস॥"-জ্ঞান°।

কপিপ্রিয়-বি, আমড়া গাছ। ২ কয়েতবেল গাছ।

কপিরথ [যার রথে কপি (হনু)] বি, রামচন্দ্র।

কপিল [কপি (বানর) + ল (স্থা) বানরের ন্যায় রঙ্ যার] বিণ, পিঙ্গলবর্ণবিশিষ্ট। ২ [সুশ্রুত-ঈষৎ পীতমিশ্রিত কৃষ্ণবর্ণ bluish yellow. ৩ বি, পিঙ্গলবর্ণ। ৪ সাংখ্য-দর্শনকার স্বনামপ্রসিদ্ধ মুনি। রামায়ণে অগ্র্য-বতার বলিয়া খ্যাত। ইঁহারই কোপানলে সগর-বংশ ধ্বংস হয়। ৫ অগ্নি। ৬ বিষ্ণু। ৭ দৈত্যবিঃ। ৮ নাগবিঃ। ৯ কুক্কুর। ১০ কপিলবস্তু নামক নগরী। ১১ মেরুর পশ্চিমে স্থিত পর্ব্বতবিঃ। ১২ পিত্তল। ~গঙ্গা-কামরূপের সীতা নদী : (অন্যনাম) সর্ব্বপুণ্যা (কালিকা পু°)। ~দ্রাক্ষা-কিস্‌মিস্। ~দ্যুতি-কপিল-কান্তি। ২ সূর্য্য। ~দ্রুম-কাক্ষী নামক সুগন্ধি কাষ্ঠ। ~ধারা-বি, গঙ্গা। ২ গঙ্গাতীরস্থ তীর্থবিঃ (মহা°)। ৩ কপিলা গাভীর দুগ্ধধারা। ~বস্তু-বুদ্ধদেবের জন্মস্থান, (শাক্য রাজা শুদ্ধোদনের রাজ্যের রাজধানী নেপালের দক্ষিণে অযোধ্যা হতে ২৫ মাইল উত্তর-পূর্ব্বে শতাধিক মাইল রোহিণী নদীতীরে ও বারাণসীর উত্তরে অবস্থিত, অধু° ধ্বংসপ্রাপ্ত এস্থান এক্ষণে 'ভুইলা গ্রাম'। ~শিংশপা-শিশুগাছ tawny leaved sisu. ~স্মৃতি-কপিলমুনি-প্রণীত স্মৃতিগ্রন্থ।

কপিলা [সং। হি°-কপিলা=যে ধেনুর গায়ে শাদা শাদা ফুলের দাগ পড়া, শাদা রঙ্গের গাই। তুল-জিমি কপিলহিঁ ঘালৈ হরহাই।"-তুলসী°] বি, ধেনু। ২ কামধেনু। ৩ পুণ্ডরীক নামক দিগ্‌হস্তীর স্ত্রী, পূর্ব্ব ও দক্ষিণ কোণাধিকারিণী হস্তিনী। ৪ ঘৃত-কুমারী। ৫ যে শিশুগাছের ফুল কপিলবর্ণ। ৬ রেণুকা নামক গন্ধদ্রব্যের প্রকারভেদ। ৭ নির্বিষ জোঁক। ৮ কপিলা নাম্নী নদী। ৯ বিণ, কপিলবর্ণা ; পিঙ্গলা। ~ক্ষ-তীর্থ-বিঃ। ~ক্ষী-শিশুগাছ। ~ভোগ-বি, শারদীয় ধান্য-বিঃ। ~রাই-বি, শারদীয় ধান্যবিঃ। ~শ্রম-বি, মহর্ষি কপিলের সাগর-সঙ্গমস্থ আশ্রম, বর্ত্তমান নাম 'সাগর দ্বীপ'। ~সঙ্গম-রেবাতীরস্থ তীর্থবিঃ। ~হ্রদ-স্নানে রাজসূয় যজ্ঞ-ফল-দায়ী তীর্থ-বিঃ (মহা°)।

কপিলাশ্ব [কপিল (পিঙ্গলবর্ণ) যে অশ্ব (ঘোড়া)-ধা] বি, পিঙ্গলবর্ণ ঘোটক। ২ [কপিলবর্ণ অশ্ব যার-বহু°] বি, ইন্দ্র। ৩ সূর্য্যবংশীয় রাজা কুবলয়াশ্বের পুত্র।

কপিলাসর-বি, শারদীয় ধান্য-বিঃ।

কপিলোমফলা-বি, আলকুশী (ধাতু)।

কপিলোহ [কপিল-লোহ >] বি, কপিশ [কপি + শ (স্থা) কপির ন্যায় রঙ্ আছে যার] বি, নীল ও পীত মিশ্রিত রঙ্। ২ বিণ, পাঁশুটে বর্ণ : মেটিয়া রঙ্। স্ত্রীং ~া, ~ী-নদীবিঃ। ২ মাধবী লতা। ৩ মদ্যবিঃ। ৪ পিশাচীবিঃ।

কপিশাঞ্জন-বি, মহাদেব। ~পুত্র -পিশাচ demon.

কপিশীর্ষ [কপি (বানর) থাকে-শীর্ষে (অগ্রভাগে) যার-বহু°] বি, প্রাকারাগ্র ; প্রাচীরের মাথা।

কপীতন [কপি (বানর) তন (তন্-বিস্তার করা + অ, র্ত্তৃ) যে কপিদিগকে আশ্রয় দেয় বা যার উপর কপিরা আশ্রয় লয়] বি, আমড়াগাছ। ২ শিরীষগাছ। ৩ গন্ধ-ভাদাল। ৪ বেলগাছ। ৫ পাকুড়গাছ।

কপীন [উচ্চারণ-ভেদে কপ্নি। কৌপীন >] বি, অন্তর্বাস ; গুহ্যদেশাবরক বস্ত্র ; লেঙ্গটি ; কপ্নি।

কপীন্দ্র [কপির-ইন্দ্র (প্রধান) ৬তৎ ; নির্দ্ধারণার্থ ষষ্ঠীর সমাস হয় না বলিয়া মতান্তরে কপির মধ্যে ইন্দ্র-৭তৎ] বি, সুগ্রীব। ২ হনুমান্। ৩ বিণ, কপিশ্রেষ্ঠ।

কপীষ্ট [বানরের প্রিয় বলিয়া] বি, কয়েতবেল। ২ [বৈদ্যক] রাজাদনী ; খিরণী বা খিন্নী mimusops hexandra.

কপুচ্ছল [সং] বি, শিখাস্থানের পশ্চাদ্‌ভাগ অর্থাৎ যে অংশ স্কন্ধের দিকে গিয়াছে। "অনন্তর কুমারের ক° দেশে কুশগুচ্ছ বন্ধন।"

কপুষ্টিকা [ক (মস্তক) তার পুষ্টি (স্থূলতাসাধন) হয় যদ্দ্বারা-বহু°, ক-পুষ্টি + ক + আ (স্ত্রীং)] বি, শিখাস্থান হতে উভয় পার্শ্ব-দিকে অধঃশিরে যে অংশ কর্ণদ্বয়াভিমুখে গিয়াছে।" "ক° দেশস্থিত কেশচ্ছেদন।"

কপোত [কব (বর্ণে) + ওত (জ্ঞা°) যে নানা বর্ণে রঞ্জিত হয়। "কপোতঃ স্যাৎ চিত্রকণ্ঠ-পারাবত-বিহঙ্গয়োঃ।"-মে°] বি, কবুতর ; পারাবত ; পায়রা। ২ ঘুঘু। ৩ [ক (বায়ু) পোত (নৌকা)-যে বায়ুভরে নৌকার ন্যায় গমন করে বা যে বায়ুর পোত সদৃশ। "কপোতঃ পক্ষিমাত্রেঽপি।"-ত্রিকাণ্ড-শেষ] পক্ষী [বিরল] ৪ [সুশ্রুত] কৃষ্ণাভ-

ধূসর blackish grey. ৫ [নাট্য শা পরিঃ] বিনয় ; শপথ ; মান্য ব্যক্তিদের সহিত আলাপোপযোগী যুক্তকর মুদ্রা-বিঃ। স্ত্রীং~তী-কপোতের বধূ। 'কপোতিকা' ও০। "কপোত কপোতী যথা উচ্চ বৃক্ষচূড়ে বাঁধি নীড়, থাকে সুখে।"-মেঘ০।~ক (ক)-বি,সৌবীরাঞ্জন। ~চরণ-নখী নামক গন্ধদ্রব্য।~পালিকা, ~পালী [কপোতের পালিকা-৬ তৎ। কপোত(পায়রা)পালি (রক্ষা করা) + অক (র্তৃ, অা০) যে কপোতদিগকে আশ্রয় দিয়া রক্ষা করে বা কপোতগণ যার আশ্রয় পাইয়া রক্ষিত হয়] বি, বিটঙ্ক ; পায়রার খোপ। ২ পক্ষিশালা ; চিড়িয়াখানা। ~বর্ণী-কপোতাভ দ্রঃ। ~বৃত্তি [কপোতের বৃত্তি (আচরণ) ৬তৎ। কপোতগণ পরদিনের জন্য সঞ্চয় করিয়া রাখে না যে দিন যা পায় সেদিন তা খায়] বি, আকাশবৃত্তি (দ্রঃ) ; সঞ্চয়হীন জীবিকা। ২ [কপোতবৃত্তির ন্যায় বৃত্তি (জীবিকা) যার-বহু০] বিণ, যাকে কপোতের ন্যায় সদ্য সঞ্চয় করিয়া বাঁচিতে হয়।

কপোতাক্ষ [কপোত (সদৃশ) অক্ষ (অক্ষি-যার) তুল-কাকচক্ষু (জল)। গ্রা০-কবতক্ষ] বি, নদী, যার কূলে বঙ্গের অমর কবি মধুসূদন দত্তের জন্মস্থান যশোহর জেলার অন্তর্গত সাগরদাঁড়ী গ্রাম অবস্থিত।

কপোতাভ-বিণ, কপোতবর্ণ। ২ ধূসর (এই হেতু ছোট এলাচের এক নাম 'কপোতবর্ণী')।

কপোতারি [কপোতের-অরি (শত্রু) ৬ তৎ] বি, শ্যেন পক্ষী ; বাজ পাখী ; শিকারী পাখী।

কপোতিকা-বি, (কপোত নামক উদ্ভিদ যোগে প্রস্তুত হইত বলিয়া) মদ্য-বিঃ। "কিঞ্চিৎ উৎকৃষ্ট ক০ সুরা সংগ্রহ করিয়া দিন।"-জাতক। ২বি, মাদী পায়রা ; কপোতী।

কপোতেশ্বর [কপোতের ঈশ্বর-৬ তৎ] মহাদেব। স্ত্রীং ~রী-বি, দুর্গা ; পার্ব্বতী।

কপোল [সং] বি, গণ্ড ; গাল ; স্ত্রীং ~লী। ২ জানুরক্ষিণী ; মালাইচাকি। ~কল্পনা [কপোল দ্বারা কল্পনা-৩ তৎ] বি, যে অবাস্তব বিষয় প্রকৃতবৎ কল্পনা করিয়া বলা হয় ; গালগল্প ; অপ্রকৃত ঘটনা ; বাস্তবতাহীন রচনামাত্র। বিণ, ~কল্পিত। ~কুন্তলা-বিণ, যে রমণীর চূর্ণ কুন্তল কপোলদেশ স্পর্শ করিয়াছে ; কপোল-লম্বী কুন্তলযুক্তা নারী। "কালী কপালিনী মাতা কপোল-কুন্তলা। কাল-রাত্রি কঙ্কমুখী কত জান কলা॥"-কবিক০ ~দেশ-বি, গণ্ডদেশ ; গাল।

কপ্নি-কৌপীন দ্রঃ।

কপ্প [সং-কল্প > বৌ০ বাং প্রাকৃ০] বি, সঙ্কল্প। "কপ্পরহিঅ সুহঠাণু।"-দো০।

কপ্‌কপ্-কপ্ দ্রঃ।

কপ্পূর [সং-কর্পূর শব্দের গ্রা০ উচ্চারণ। হিং-কপূর ; তেলু০-কর্পূরমু ; ওড়ি০-কপূর ; মঃ-কাপুর ; আ০-কফূর ; ইং-camphor] বি, কর্পূর।

কফ১ [সং। ক (জল) ফ=ফল্ (গমনে) + অ (র্তৃ, ড) ল্ লোপ-যে জল শরীর হতে নির্গত হয়। ফা০-কফ্] বি শরীরস্থ শ্লৈষ্মিক ধাতু (দেহের অপর দুই ধাতু, বায়ু ও পিত্ত)। প্র-কফের নাড়ী ; কফের প্রকোপ। বিণ, কফুয়া, কফো (কো)-শ্লেষ্মাপ্রধান শ্লৈষ্মিক। "একে তোমার কফো নাড়ী, ডুব দিও না বাড়াবাড়ি। হলে পরে জ্বর জাড়ি, যেতে হবে যমের বাড়ী॥"-ঈ০ গুপ্ত। ক০ কর শ্লেষ্মাজনক ; শ্লেষ্মা-উৎপাদক। ক্রি, ক০ করা-কফের অধীন হওয়া ; কফের বৃদ্ধি হওয়া। প্র-তাহার খুব কফ করেছে। ~কূর্চ্চিকা-বি, গাঢ় কফ, দ'য়ের মত বসা শ্লেষ্মা ; গয়ের শ্লেষ্মা। ~ঘ্ন (কফিঘ্ন), ঘ্নী-বিণ, শ্লেষ্মানাশক। ~জ্,-জনক, ~দ-বিণ, কফকর (দ্রঃ)। ক০ তোলা-কাশিয়া শ্লেষ্মা উদ্গার করা বা বাহির করিয়া ফেলা। ~দ,~বর্দ্ধন-বিণ, কফ-কর। ক০ নিঃসারক-যদ্দারা কফ বাহির হইয়া যায়। ক০ বর্দ্ধক, ক০ বর্দ্ধন-শ্লেষ্মাবৃদ্ধি-কারক। ২ পিণ্ডীতগর বৃক্ষ। ক০ বসা-শ্লেষ্মা জমিয়া যাওয়া। প্র-সর্দ্দির উপর মিষ্টান্ন খাওয়ায় তাহার বুকে কফ বসিয়াছে। ক০ সরা-কফ উঠিয়া যাওয়া।

কফ২ [ইং-cuff] বি, জামার হাতা বা আস্তিনের মুখ। তুল-আ০-কফ্ (অর্থাৎ হাতের তেলো)। প্র-কফওয়ালা জামা।

কফণি, কফোণি,-ণী [সং। তুল-ওড়ি০-কহণি ; হিং-কোহনী ; কুহ্‌নী ; বাং-কনুই] বি, হস্তের মধ্যবর্ত্তী অর্থাৎ বাহুর নিম্নস্থ গ্রন্থি ; কনুই elbow.

কফন, কাফন [ইং- coffin] বি, শবাবরণ বস্ত্র।

কফান্তক [কফের-অন্তক (নাশক) -৬ তৎ] বি, বাবলা গাছ। ২ বিণ, কফ-বিনাশক।

কফারি [কফের-অরি (শত্রু) -৬ তৎ] বি, শুঁঠ। ২ কফনাশক।

কফী১ [কফ+ইন্ (স্ত্য)=কফিন্ ১মা ১ব০] বিণ, কফযুক্ত ; যার কফ আছে ; কফো।

কফী২ [ইং-coffee] বি, কাফিগাছ ; এই গাছের বীজ ভাজিয়া ও চূর্ণ করিয়া চা, কোকো ই০র ন্যায় পানীয় প্রস্তুত করা হয়।

কফো [কফ দ্রঃ] বিণ, কফযুক্ত ; কফ-প্রধান ; শ্লৈষ্মিক। "একে তোমার কফো নাড়ী।"-ঈ০ গুপ্ত।

কফোণি-কফণি দ্রঃ।

কফ্নী [আ০, ফা০] বি, মুসলমান ফকীরের পরিচ্ছদবিঃ।

কব১ [হিং-কহব শব্দের ক্ষে০] ক্রি, কব ; কহিব ; বলিব ; বর্ণন করিব। "কা সঞে বিলসব কো কব তাহ।"-বি০ প০। ২ [প্রাদে০-কহিব শব্দের ক্ষে০] বি, "আমি কি আর কব।"-ক্ষ০। "অবাক্ মুখে বাক্ সরে না কথা কব কি।"-গোপাল উড়ে।

কব২ [হিং মৈ০-বাং] কথন। কবহু দ্রঃ।

কবচ [ক (বায়ু)-বনচ্ (বঞ্চনা করা) + অ (র্তৃ) ন-লোপ। যদ্দারা শরীর আবৃত করিলে বায়ু পর্য্যন্ত বঞ্চিত হয়, অর্থাৎ গাত্র স্পর্শ করিতে পারে না] বি, বর্ম্ম ; সাঁজোয়া। "যতনে আঁটিয়া ক০।"-মেঘ০। "অভেদ্য কবচে ধর্ম্ম আবরেন তারে।"-ঐ। ২ বিঘ্ন-বিনাশের জন্য তন্ত্রোক্ত মন্ত্র-লিখিত ভূর্জ্জপত্র ; গুটিকা। "ঐছন ক০ ধরব যব হাত।" -বি০ প০। ৩ খাজনার রসিদ ; দাখিলা। ৪ [ফা০-কব্‌জ্-করতল] কবচ-পত্র ; খত।

ইহা পূর্ব্বকালের প্রমিসারী নোট ও রসীদ সদৃশ ছিল, এবং আধুনিক নোটের মত পূর্ব্বে ব্যবহৃত হইত। ৫ অধিকার; আয়ত্ত। ৬ [আয়ু°] বি, ক্ষেৎপাপড়া, (২) দারুচিনি। (৩) ভূর্জ্জবৃক্ষ, (৪) পাকুড় গাছ, (৫) পলাশ পিঁপুল। ক° পত্র-ভূর্জ্জপত্র, (২) কবচ লিখিবার পত্র। ~ী [কবচ+ইন্ (স্ত)= কবচিন্ ১মা ১ব°] বিণ, কবচধারী; যে কবচ ধারণ করিয়াছে।

কবজ-বি, কবচ (দ্রঃ); রসীদ। ২ খত। "প্রাণের ক° পূর্ণ প্রীতির অক্ষরে।" -প্রেম ও ফুল। ৩ [আ°-কব্জা] অধিকার; আমল; সাধাঃ-কবজা। ৪ [আ°-কব্জ্ costiveness] কোষ্ঠবদ্ধতা; মলরোধ। প্র-পেটটা কবজ করেছে।

কবড়ী [সং-কপর্দ্দক > হিং ও প্রা° বাং -কবড়ী। হিং-তে পরে কৌড়ী ও বাং-য় কড়ী (দ্রঃ)] বি, কপর্দ্দক; কড়ী। "ক° ন লেই।" -চ° পদ ১৪১৫।

কবন্ধ [সং। ক (মস্তক) বন্ধ্+অ। যার দেহের সহিত মস্তকের বন্ধন নাই। "বিশিরস্কে নরে নীরে কবন্ধঃ খেচরেঽপি চ।"-অনেকার্থ-ধ্বনি-মঞ্জরী। "কবন্ধোঽস্ত্রী ক্রিয়াযুক্তমপমূর্দ্ধ-কলেবরে। ক্লীবং জলে পুংস্যুদরে রাহুরক্ষো-বিশেষয়োঃ।"-মেদিনী। রামায়ণে লিখিত আছে যে যুদ্ধক্ষেত্রে এক অযুত গজ, নিযুত অশ্ব, ১০০ খান রথ এবং দশকোটি পদাতি সৈন্য নিহত হইলে একটী কবন্ধ হয়] বি, মস্তকহীন অথচ স্বাভাবিক মনুষ্য-বৎ গমনাগমনাদি ক্রিয়াশীল নরদেহ; স্কন্ধকাটা। "উঠে পড়ে ফিরে ঘুরে কবন্ধের ন্যায়।" -অ° ম°। ২ রুদ্র-বিঃ। ৩ কেতু। ৪ জনস্থানের রাক্ষস-বিঃ। ৫ উদর; পেট। ৬ ধূমকেতু। ৭ জল।

কবয়ী [ক (জল) বয়্ (গমন করা)+ ইন্(র্ত্তৃ) যে জল হইতে তীরে গমন করে] বি, কইমাছ।

কবর১ [আ°-কব্‌র্ (সমাধি)। প্রাদে° প্রা° মু° বাং-'কয়বর' (মৈ° গী°)] বি, মুসলমানের সমাধি; গোর। কবরগা, কবরিস্তান [ফা°-গাহ্ (স্থান)। প্রাদে°, বাং-কবরজা, কবরডাঙ্গা] বি, গোরস্থান। "অপরাংশে মুসলমানদিগের কবরডাঙ্গা ও কাজি সাহেব পীরের স্থান ছিল।"-রা° কৃ° লীলাপ্রসঙ্গ। ~বিছাতি-কবরের উপরিস্থিত বিছুটি; গোরের উপর যে বিছুটি গাছ জন্মে। "শ্মশানের ক্ষীরা আর কবরবিছাতি।"-কবিক°।

কবর২ [সং] বি, লবণ। ২ অম্ল। ৩ বেশ-বিন্যাস; কবরী। ৪ বিণ, কর্ব্বুরবর্ণ।

কবরা-বি, বাবুই পাখী। ২ [সং-কর্ব্বর] বিণ, সাদার উপর কাল, লাল, হলুদে দাগযুক্ত বা লাল, কাল, হলুদের উপর সাদা দাগযুক্ত। ৩ দোরঙ্গা।

কবরী [সং। হি°-গ্রা°-কুবড়ী] বি, বেণী। ২ কেশ-বিন্যাস; খোঁপা। ৩ বাবুই তুলসী; বন তুলসী। ~ভূষণ-বি, সোণা রূপাদি নির্ম্মিত মুক্তা, ফুল, চিরুণী ই° খোঁপার গহনা।

কবর্গ-বি, কণ্ঠস্থানোৎপত্তিক ক, খ, গ, ঘ, ঙ এই পঞ্চবর্ণ।

কবল [ক (শরীর) বল্ (বলবান্ হওয়া, পুষ্ট হওয়া)+অ (ণে, ল্)-জ্ঞা°। যদ্দ্বারা শরীর সবল বা পুষ্ট হয়] বি, গ্রাস [দ্রঃ-কবল > বাং-'খাবল'] ২ কুলকুচা gargle. ৩ [প্রা° বাং। তুল-রাঢ়, প্রাদে° 'খাবল' 'খামটা'] মুষ্টি; মুঠা (শ্রী° কী°)। ~ধারণ [সুশ্রুত] গলার ভিতর ধুইবার জন্য ঔষধমিশ্রিত জল গলায় ধারণ করিয়া কুলকুচা। (তুল-হি°-কুল্লা, কুল্লী)। বিণ, কবলিত।

কবলানি [আ°-কবুল > । চ°, বাং -কওলান] ক্রি, স্বীকার করা; বলিয়া ফেলা; পরিচয় দেওয়া। "দেবেন্দ্রনাথ বলিলেন অমন সকলকেই রাজা কবলায়।" ২ অঙ্গীকার করা; স্বীকার করা; প্রতিশ্রুতি দান করা। "তুমি আরও টাকা কবলাও; সে ঢব্‌কা ছেলে, পাথর ভাঙলে বাঁচবে না।"-প্রফুল্ল (গি° ঘোষ)।

কবলিকা [সং] বি, প্রলেপ; পট্টি; পুল্‌টিস।

কবলিত [কবলি (নামধাতু) (গ্রাস করা)+ত (র্ম্ম) যা গ্রাস করা হইয়াছে] বিণ, কৃতগ্রাস; গ্রস্ত; মুখে-পোরা; মুখ-বিবরে ন্যস্ত। ২ ভক্ষিত; গিলিত।

কবলীকৃত [কবল দ্রঃ। কবল-কৃ (করা)+ত (র্ম্ম)-মধ্যে, ঈ (অভূততদ্ভাবে চ্বি)] বিণ, মুখ মধ্যে ধৃত; গ্রস্ত; যা গ্রাস করিয়া লওয়া হইয়াছে। ২ ভক্ষিত।

কবহিঁ [মৈ° বাং] অ, কখনও। "বিনি দুঃখে সুখ ক° নাহি হোয়।"-বি° প°।

কবহু, কবহুঁ [মৈ° বাং] অ, কখনও। "কবহুঁ না মানি।" "কবহুঁ বিথারি।"-বি° প°।

কবাট [ক (বায়ু) বট্ (বেষ্টন, আবরণ করা)+অ (ণে, জ্ঞা°)] বি, দ্বারের আবরণ; কপাট।

কবাটি, কপাটি-বি, দাঁতে দাঁতে লাগা; দাঁতে দাঁতে খিল ধরা। ২ ক্রীড়াবিঃ। কপাটি দ্রঃ।

কবার [কহিবার > ক্ষে°] বিণ, কহিবার মত; বলিবার উপযুক্ত; "একি আমার ক° কথা।"-রামবসু। ২ [ক (কত) বার (ফেরা, গুণ, দফা] কয়বার; কতবার।

কবালা, কোবালা [আ°-কবালা] বি, বিক্রয়পত্র; খরিদ-বিক্রয়ের দলিল। কটকবালা-সর্ত্তবিশিষ্ট বিক্রয়পত্র।

কবি [কব্ (স্তব করা)+ই (র্ত্তৃ, জ্ঞা°) যারা আপন রচিত কবিতাদ্বারা ভগবানের স্তব করে] বি, কাব্য-লেখক; কবিতাকর্ত্তা; রসাত্মক বাক্য-রচক; যার কাব্য-রচনার শক্তি আছে। ২ ব্রহ্মা। ৩ শুক্রাচার্য্য। ৪ সূর্য্য। ৫ বাল্মীকি। ৬ ব্যাস। ৭ পণ্ডিত। ৮ কল্কিদেবের জ্যেষ্ঠ ভ্রাতা। ৯ এক শ্রেণীর গান; ইহাতে চিতান, পরচিতান, ফুকা, মেলতা, মহড়া ও খাদ এই কয় অংশ থাকে। ~ওয়ালা-কবিগানকারী। ~কঙ্কণ-বি, কাব্যে পাণ্ডিত্য-জ্ঞাপক প্রাচীন উপাধি (তুল -আধু° কবিভূষণ, কাব্যালঙ্কার ই°)। বাং চণ্ডীমঙ্গলকাব্যের রচয়িতা কবি মুকুন্দরাম চক্রবর্ত্তী এই উপাধিতে ভূষিত ছিলেন। ~কণ্ঠ, ~ভূষণ, ~রত্ন-কাব্যশাস্ত্রে পারদর্শিতানুসারে উপাধিবিঃ। ~কল্পদ্রুম [কবির(পণ্ডিতের) কল্পদ্রুম (কল্পবৃক্ষ) ৬ তৎ] বি, বোপদেব-কৃত ধাতুপাঠ গ্রন্থবিঃ। ~কল্পনা -বি, কাব্যকারগণের উদ্ভাবনা রচনা বা মনগড়া বিষয়। ~কল্পলতা [কবি-কল্পলতা -৬ তৎ] বি, কাব্যরচনা-শিক্ষার গ্রন্থবিঃ।

~গাওয়া-কবিগান করা। ~গাওয়া-গায়ি, কঁবির লঁড়াই কঁরা-কবির উতোর গানে দুই দলে পরস্পর উত্তর-প্রত্যুত্তর করা বা উতোর কাটা। ~গান-বি, আসরে দুইদলে হার জিতের প্রশ্নোত্তর ছলে তখনি তখনি রচিত গান। ~গুরু-বি, আদি কবি বাল্মীকি। ~জ্যেষ্ঠ [কবির মধ্যে জ্যেষ্ঠ (প্রধান) নির্দ্ধারণার্থে-৭ তৎ] বি, বাল্মীকি মুনি। ~বঁর, ~শ্রেষ্ঠ-বিণ, সর্ব্বপ্রধান কবি। ~ভাষা-বি, যবদ্বীপে প্রচলিত ভাষা। এই ভাষার বহু শব্দ সংস্কৃত ও বাংলার অনুরূপ। ~রঁঞ্জন-বি কাব্যে পাণ্ডিত্যজ্ঞাপক উপাধি বিঃ। স্বনামপ্রসিদ্ধ কবি রামপ্রসাদ এই উপাধিতে ভূষিত ছিলেন। ~রাজ [কবি (পণ্ডিত, তা হতে, আয়ুর্ব্বেদশাস্ত্রে পণ্ডিত) + রাজ (রাজা, শ্রেষ্ঠ)] বি, কবিশ্রেষ্ঠ। ২ আয়ুর্ব্বেদমতে চিকিৎসাকারী; বৈদ্য। ~রাজ ডাকা কবিরাজ আনাইয়া চিকিৎসা করান। ~রাজ দেখান-বৈদ্যের দ্বারা রোগীর চিকিৎসা করান। ~রাজি, -জী -আয়ুর্ব্বেদীয় চিকিৎসা। ~রাজি কঁরা-আয়ুর্ব্বেদমতে চিকিৎসা করা। ~রামায়ঁণ -বি, রামায়ণকার আদি কবি বাল্মীকি। ~সমঁয়প্রসিদ্ধি, ~প্রসিদ্ধি-বি, প্রাচীন কবিদিগের মধ্যে কতকগুলি বস্তু বিষয় ও তাহাদের বর্ণনা ও সম্বন্ধাদির কল্পনা প্রসিদ্ধি লাভ করিয়াছিল এবং পরবর্ত্তী কবিগণ যে কল্পনার অনুসরণ করিয়া আসিতেছেন [তুল-সূর্য্য-প্রিয়া কমলিনী, চন্দ্র-প্রিয়া কুমুদিনী তাই দিবসে পদ্ম রাত্রিতে কুমুদ বিকসিত হয়। চকোরের জ্যোৎস্না পান, চাতকের ঊর্দ্ধমুখে বৃষ্টিজল পান, চক্রবাক ও চক্রবাকীর বিরহ-রজনী, মেঘ শব্দে বা দর্শনে ময়ূরের হর্ষ ও নৃত্য, যশ ও পুণ্য শুক্লবর্ণ, নিন্দা ও পাপ কৃষ্ণ-বর্ণ, প্রমদা বা যুবতী সধবা সুন্দরীর পদাঘাতে অশোকতরুর পুষ্পোদ্গম ("হে অশোক কোন রাঙাচরণ চুম্বনে মর্ম্মে মর্ম্মে শিহরিয়া হলি লালে লাল।"-অশোক॰) ই॰। এইরূপ ক্রোধ ও অনুরাগ রক্তবর্ণ, হাস্য ও কীর্ত্তি শুভ্রবর্ণ, বর্ষাগমে হংসগণ মানস-সরোবরে গমন করে, যোষিত-দিগের মুখমধু (থুথু) দ্বারা বকুল পুষ্প বিকসিত হয়, মদনের ধনুর্গুণ ভ্রমরের মালা, মদনের ধনু ও বাণ পুষ্পময়, মদনের পুষ্পবাণে নারী-চিত্ত ও যুবতীর কটাক্ষে যুবকগণের হৃদয় বিদীর্ণ হয়, অশোকতরুতে ফল হয় না, বসন্তে জাতী পুষ্প প্রস্ফুটিত হয় না, চন্দন বৃক্ষে ফলপুষ্প হয় না ই॰] আদি কঁবি-বি, ব্রহ্মা; সৃষ্টি-কর্ত্তা; পরমেশ্বর। ২ বাল্মীকি। দাঁড়া কঁবি-কবির লড়ায়ে যে কবি দাঁড়াইয়া দাঁড়াইয়া সভায় উপস্থিত মত কবিতা মুখে মুখে রচনা করিয়া বলিয়া প্রতিপক্ষের উক্তির উত্তর দেয়। বঁসা কঁবি-হাফ আখড়াই সভায় বসিয়া বসিয়া যে কবি ঐরূপ প্রতিযোগিতা করে।-গীতাবলী (মনমোহন বসু-জন্মভূমি): আখড়াই (নিধু বাবুর ধারায়)। মঁহাকঁবি-মহা ও মহাকাব্য দ্রঃ।

কবিক-বি, লাগাম। ২ কইমাছ। স্ত্রীং ~া-বি, কবয়ী। ২ পুষ্পবিঃ।

কবিতা [কবি+তা (ভা॰)] বি, কবিত্ব poetry. ২ কবিরচিত গান; পদ্যরচনা; শ্লোক poem ~কুঞ্জ, ~নিকুঞ্জ-বি, কাব্যরূপ কুঞ্জকানন। ২ কবিতাসমষ্টি।

কবিত্ব [কবি+ত্ব (ভা॰)] বি, কবির ভাব: কবিতা লিখিবার শক্তি। ২ সৌন্দর্য্য; মাধুর্য্য। প্র-তার মধ্যে একটু ক॰ আছে। ৩ রচনাকৌশল: রচনাশক্তি। "আশ্চর্য্য ক॰ তোমার ওহে জগত-জীবন।"-কা॰ প্র॰ ঘোষ। ~পূর্ণ, ~মঁয়-বিণ, কাব্যগুণ: রস ভাবাদিতে সর্ব্বাঙ্গসুন্দর। ~শক্তি-বি, কাব্য-রচনা বা উৎকৃষ্ট কবিতা লিখিবার শক্তি।

কবিলা [আ॰-কবীলা। মুসলমানী বাং, বিতঃ বাখরগঞ্জ] বি, পত্নী; স্ত্রী।

কবীর-পন্থী [কবীর-পন্থী (পথিন্ >)] বি, বিণ, কবীর-প্রবর্ত্তিত বৈষ্ণবসম্প্রদায়বিঃ ও তৎমতাবলম্বী। রামানন্দের দ্বাদশজন শিষ্যের মধ্যে কবীর অন্যতম শিষ্য। ইনিই এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। "কবিরপন্থীদিগের সকল দেবতা অপেক্ষা বিষ্ণুর প্রতি ভক্তি ও শ্রদ্ধা অধিক।"-ভারতবর্ষীয় উ॰ স॰।

কবুতর [সং-কপোত, প্রাকৃ॰-কবোয়; হি॰-কবুতর্: ফা॰-কবুতর্; প্রাদে॰-উচ্চারণ-ভেদে, কউতর: কৈতর] বি, পারাবত; কপোত; পায়রা। "গোলা, লক্কা, লোটন, সিরাজু, কেউ পরপন, মুখ্খী, ফট্কা, তিলে, গেরোবাজ, কেউ চিলে।"-কেদার বন্দ্যো॰ (বার্ষিক বসুমতী, ১৩১৪)। "নিবিড় খোপের ক॰।"-গি॰ (গীতগোবিন্দ)। স্ত্রীং ~ী-কউতরী।

কবুল [আ॰-কবূল্] বি, স্বীকার। "রাজ্য দিব কহিয়াছি সঙ্গে সঙ্গে আনিয়াছি গোলাম কবুলে পাব পার।"-ভারত॰। "কয়েদ করিলে তারে হইবে ক॰।"-চন্দন॰। ক্রি, কবুলানি [চ॰-কবলানো] স্বীকার করা। ক॰ কঁরা-ক্রি, স্বীকার পাওয়া; সম্মত হওয়া। ক॰ জঁবাব-স্পষ্ট উত্তর। দাবী সত্য বলিয়া উত্তর। ক॰ জঁমা-স্বীকৃত কর বা রাজস্ব।

কবুলতি,-তী, কঁবুলিয়ঁতি [আ॰-কবুলিয়ত > বাং-য়। কবুলিয়ত দ্রঃ] বি, স্বীকার: রশিদ। প্রজা পাট্টার অনুরূপ সর্ত্তে যে কাগজে লিখিয়া জমিদারের নিকট খাজনা দিবার জন্য অঙ্গীকারবদ্ধ হয়, তাহার নাম কবুলতি।

কবুলাবেশী-বি, স্বীকৃত জমা; গুজস্তা জমার উপর প্রজা যে বেশী কর দিতে স্বীকার করে।

কবুলিয়ঁত [আ॰-কবুলিয়ত] বি, খাজানা দিবার চুক্তিপত্র।

কবে১ [কহিবে ক্ষে॰; হি॰-কহবে] ক্রি, কহিবে; বলিবে। "অন্যে কথা কবে কিন্তু তুমি রবে নিরুত্তর।"-রামমোহন।

কবে২ [ওড়ি॰-কেবে; হি॰-কব্; সং-কদা] অ, কোন্ দিনে; কোন্ সময়ে। প্র-"আজ যদি না বলো তবে কৃষ্ণকথা কবে কবে।"-দাশরথি॰। ~কার-বিণ, কোন কালের: বহুদিনের পুরাতন। "কে জানে কবেকার কথা।"-রবী॰।

কবোষ্ণ [কু (ঈষৎ)-উষ্ণ (ধা) কু=কব] বিণ, অল্পউষ্ণ; ঈষদুষ্ণ; কুসুম কুসুম গরম।

কঁব্জা [আ॰-কব্জা] বি, দখল; আয়ত্ত।

কব্জা [আ॰-কব্জা] বি, কপাট-যোজক পিত্তল লোহাদির পাত hinges. ২ [ক্ষুদ্রার্থে কব্জী] করপৃষ্ঠ; মণিবন্ধ। "কব্জা

তুলে দেখবে বাজু দেখবে কাণের দুল।" -হেম°। কব্জীঘড়ী-মণিবন্ধে বাঁধিবার ঘড়ী (তুল-টেঁকঘড়ী) wrist-watch. "একটি অতি ক্ষুদ্র কব্জীঘড়ী অলঙ্কার স্বরূপ তাহার মণিবন্ধে শোভা পাইতেছিল।" -বার্ষিক বসুমতী।

কব্য [সং] বি, পরলোকগত বা মৃত পিতৃলোককে দেয় খাদ্যদ্রব্য; পিতৃভোগ। (হব্য দ্রঃ)। ~বাহ [কব্য (নরলোকে দত্ত পিতৃলোকের খাদ্যদ্রব্য)-বাহ (যে বহন করে) বহ্=বহন করা+ঘঞ্ (র্ক্তৃ, জ্ঞা°) বহ=বাহ (উপ°) কিংবা কব্যের বাহ-৬ তৎ] বি, অগ্নি; হব্যবাহন। ~বাহন [কব্যের বাহন (যে বহন করে)-৬ তৎ] বি, কব্যবাহ দ্রঃ।

কভু [হি°-কবহু, কভী: ওড়ি°-কেবেহেঁ; সং-কদাপি। প্রা° বাং-'কভো','-ভোঁ', 'কভোঁহো'-কখনও] অ, কখন; কোন সময়ে। "যাহারে কাণ্ডারী করি সাজাইয়া দিনু তরী, সে কভু দিল না পদ তরণীর অঙ্গে।"-বঙ্কিম°।

কম১ [কম্ (বাঞ্ছা করা)+অ (র্ক্ত, জ্ঞা°)] বিণ, কমনীয়। "নবীন নিদাঘ আভা প্রখর উজ্জ্বল, পড়িয়াছে বসন্তের কম কলেবর।" -রঙ্গমতী। ২ [প্রাদে°] সম; সদৃশ; তুল্য। "কেবা করে কামশরে কটাক্ষের সম। কটুতায় কোটী কোটী কালকূট কম।" -অ° ম°।

কম২ [ফা°-কম্] বিণ, পরিমাণে অল্প; সংখ্যায় অল্প। ২ ন্যূন; পশ্চাৎপদ। "লাঠালাঠি কাটাকাটি কিসে তুমি কম।" -ঈ° গুপ্ত। কম করা-হ্রাস করা; কমান। কম করিয়া, কম করে-অল্প অনুপাতে। কম চওড়া-সঙ্কীর্ণ; অপ্রশস্ত; সরু। কম জম=কমযম। কম জোর -বিণ, দুর্ব্বল; ক্ষীণ; ভঙ্গ বা ছিন্নতাপ্রবণ। বি, কম জোরি-দুর্ব্বলতা। কমনসীব [ফা°] বিণ, অভাগা। > ~নী-বি, দুরদৃষ্ট; দুর্ভাগ্য। কম-বেশী [ফা°-কম্ ও বেশ] অ, অল্পাধিক। কম-যম [কম (অল্প) যম (সংযম, সঙ্কোচ, নিবৃত্তি) প্রায় একার্থবাচক সহচর শব্দদ্বয়] বিণ, অল্পস্বল্প; পরিমিত। কম-মজবুত [ফা°-কম্‌মজ্‌বুত্] বিণ, কমজোর; অদৃঢ়; অল্পদিন যা টেঁকে; অল্প টেঁকসই। কম-সে-কম-অ, অন্ততঃ পক্ষে; নিতান্ত কম পক্ষে। কম হওয়া-কমিয়া যাওয়া; অল্প হওয়া। বি, কমতি। ক্রি, কম।

কমজাত [ফা°-কমজ়াতি (low birth, baseness)] বি, নীচমনা। "কমজাতরা।" -ন° ইসলাম।

কমঠ -বি, কচ্ছপ। "ক° উপর করিয়া ভর ধরণী ধরিল ধরণীধর॥"-শি°। ২ দৈত্যবিঃ। ৩ শজারু। ৪ বাঁশ। ৫ সন্ন্যাসীদের জলপাত্রবিঃ। স্ত্রীং ~ী-কচ্ছপী। "কূর্ম্ম কমঠীকূট উর্ম্মিতে লটপট।"-হেম°।

কমণ-কোন দ্রঃ, কেমন দ্রঃ।

কমণ্ডলু, কমণ্ডুলু [ক (ব্রহ্মা, জল) মণ্ড (ভূষণ, আবরণ)-লা (দান করা)+উ (র্ক্তৃ, জ্ঞা°) প্রা°-কমণ্ডল, কুমণ্ডল] বি, ব্রহ্মচারী বা সন্ন্যাসীদিগের জলপাত্রবিঃ। প্রায়ই মৃন্ময় বা কাষ্ঠময়। "ব্রহ্মা-কমণ্ডলু হতে আবার জলস্তম্ভ ধায়, রজতের কায়।" -হেম° [দ্রঃ-কবিবর হেমচন্দ্র ছন্দের অনুরোধে 'কমণ্ডল' শব্দ ব্যবহার করিয়াছেন। "ব্রহ্মা-কমণ্ডলে জাহ্নবী উথলে"]।

কমতি [হি°, বাং প্রা°] বি, অল্পতা; হ্রস্বতা; ন্যূনতা deficit "খরচের চেয়ে জমায় ক° হল ২৪ কোটি।"-ব° বাণী, ১৩৩৩। ২ বিণ, কম; অল্প; প্রয়োজনাপেক্ষা ন্যূন। "সে বসন ভূষণ ক° হ'লে স্বামীকে স্ত্রী বকে।"-দ্বি° রায়। "আমাদের বাঁদিকে ক° থাকিলেও ডানদিকে বাড়তি থাকিতে পারে।"-চারিত্রপূজা।

কমন১ [কম্ (কামনা করা) + অন (র্ক্তৃ, জ্ঞা°)] বিণ, কামনাকারী; লম্পট। ২ কমনীয়; মোহন। অন্য শব্দের সহিত সমাসযুক্ত হইয়া বিরল ব্যবহৃত। "ভুবন কমনরূপ।" "ত্রিভুবন ক°।" কমনীয় দ্রঃ।

কমন২-কেমন দ্রঃ।

কমনীয় [কম্ (ইচ্ছা করা)+অনীয় (র্ক্ত)] বিণ, মনোহর; বাঞ্ছনীয়; সুন্দর; রম্য। ২ অভিলষণীয়; স্পৃহণীয়। বি, ~তা-স্পৃহণীয়তা; অভিলষণীয়তা। ২ সৌন্দর্য্য; মনোহরতা; চিত্তরঞ্জকতা।

কমনে [কম্ (কিম্=কি, কোন্) নে (স্থানে)। গ্রা°। পূ°-বাং-কহনে-কনে। হি°-কহান্=কহাঁ; গ্রা°-কোহ্‌নে ঠাঁই] ক্রি-বিণ, কোন্‌স্থানে; কোন্‌খানে; কোথায়। ২ কোন্‌দিকে।

কমন্তরে-মন্তর দ্রঃ।

কমবক্ত, কম্‌বখত্‌ [আ°-কম্‌বখ্‌ৎ] বিণ, অল্পভাগ্য; দুরদৃষ্ট; দুর্ভাগ্য; হতভাগ্য। স্ত্রীং কমবক্তি, কমবকৃতি-দুরদৃষ্টা; দুর্ভাগ্যবতী; হতভাগী। "কম্‌বক্‌তি ওক্ত গেল ওক্ত যাবে ফাঁক।"-হেম°। ২ কপালের ভোগ; গ্রহ।

কমবেশ, কমবেশী, কমিবেশী [ফা°-কম্-ও-বেশ] বিণ, ন্যূনাধিক; অল্পবিস্তর [কম দ্রঃ]।

কমর [ফা°-কমর্। বাং-গ্র-'কোমর'ও°] বি, মধ্যদেশ; কটি।

কমল [কং=কম্ (জলকে) অল্ (শোভিত করা)+অ (র্ক্তৃ-জ্ঞা°) যা প্রস্ফুটিত হইয়া জলের শোভা জন্মায়] বি, পদ্ম। "ফুটে কি ক° কভু সমল সলিলে?"-মেঘ°। ২ ["কমলং জলম্।"-অমর°। কম্ (ইচ্ছা করা)+অল্ (র্ক্ত, জ্ঞা) পিপাসা-নিবৃত্তির জন্য সকলে যাকে পাইতে ইচ্ছা করে] জল। "বিপক্ষ দেখিয়া বড় নদে বাড়ে বান। কুলকুল করয়ে ক° কাণে কাণ॥"-ঘ°। ৩ [রাসা° পরিঃ] তাম্র; নীল বিভ্রম; হেমগর্ভ copper. [সং-তে -ঔষধ; সারসপক্ষী; মৃগবিঃ ইং অর্থে ব্যবহার আছে] ~আঁখি-বি, পদ্মের মত চক্ষু। ~কলি-বি, পদ্মকুঁড়ি। ~কীট-বি, পদ্মস্থিত কীটবিঃ। ২ কমলবর্ণ কীট। ~কোরক, ~কোষ-বি, কমল-কোরক; পদ্মের কুঁড়ি। ~জ (-লঁ-)-বি, বিষ্ণুর নাভিকমলজাত ব্রহ্মা। ২ [কমল (জল) তাতে-জ (উৎপন্ন)] জলজ; পদ্ম। "জগদম্বমপহর কমলজ-নয়ন।"-বৈ° প° সা°। ৩ রোহিণী-নক্ষত্র। ৪ বিণ, কমল হতে যে উৎপন্ন; পদ্মজাত; মধু। ~নয়ন। ~মালা-বি, পদ্মের হার। ~যোনি [কমল (বিষ্ণুর নাভিপদ্ম) যোনি (উৎপত্তি-স্থান) যার-বহু°] বি, অব্জযোনি; ব্রহ্মা। ~লোচন-বি, পদ্মনেত্র।

কমলা [কমল (পদ্ম)+অ (স্ত্র্য) যাঁর হস্তে

সর্ব্বদা লীলাকমল শোভা পায়, কিংবা ক (ব্রহ্মত্ব) ম (শিবত্ব) লা যিনি দান করেন। যিনি ব্রহ্মত্ব ও শিবত্ব দান করেন। "লক্ষ্মীঃ পদ্মালয়া পদ্মা ক॰ শ্রীহরিপ্রিয়া।"-অমর॰] বি, রমা ; লক্ষ্মী। ২ দশমহাবিদ্যান্তর্গত বিদ্যা। ৩ উত্তমা স্ত্রী ; বরাঙ্গনা ; বরনারী। ৪ নদীবিঃ। ৫ হিরণ্যকশিপুর ভার্য্যা ; প্রহ্লাদ-জননী ; কয়াধূ। ৬ কমলালেবু। ৭ পাণ্ডুরোগ। ৮ [ওড়ি॰-কমলা গুড়ি ; সং-কাম্পিল্ল] গুঁড়ারোচনী বৃক্ষ। কমিলা দ্রঃ।

কমলা, কঁমলালেবু [প্রাকৃ॰-কঁঅলা (চট্ট॰ প্রাদে॰)। প্রাদে॰-শ্রীহট্ট। কাম্‌লা (হরিদ্রাবর্ণ) বর্ণ হতে কম্‌লা। তুল-নাগ (মেটে সিন্দূর) রঙ্গ > নাগরঙ্গ, নারঙ্গ, হি॰-নারাঙ্গী] বি, নারঙ্গ জাতীয় লেবু ; শ্রীহট্ট বা সিলেটের নারঙ্গ। "নারঙ্গ ছোলঙ্গ টাবা কমলা বীজপুর।"-চৈ॰ চ॰। ~কঁর [কমলের -আকর (উৎপত্তিস্থান)-৬ তৎ] বি, পদ্মাকর ; পদ্মবহুল জলাশয়। ২ পদ্মসমূহ। ৩ [কমল (পদ্ম) হইয়াছে আকর (উৎপত্তিস্থান) যার-বহু॰] বি, ব্রহ্মা ; কমলযোনি। ৪ পদ্মমধু। ৫ নিবন্ধকার কমলাকর ভট্ট। ~কান্ত [বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের প্রসিদ্ধ রহস্যাত্মক গ্রন্থ কমলাকান্তের দপ্তরের কমলাকান্ত চরিত্র হতে] বি, আফিমখোর : যে অহিফেনের নেশায় ভোর থাকে। "চীনের সিবুয়ান, হুউনালা ই॰ প্রদেশে পোস্তের চাষ চলিতেছিল * * * কমলাকান্তদিগের পক্ষে পোহাবারো!"-হিতবাদী, ১৩১৮। ২ [কমলার কান্ত (প্রভু)-৬ তৎ] বি, লক্ষ্মীপতি ; নারায়ণ। ~গুঁড়ি [সং-কাম্পিল্ল (mallotus phillippinensis) > কমলা গুঁড়ি (ফলের গা থেকে কমলা (orange) বর্ণ গুঁড়া পাওয়া যায় বলিয়া) পট্টবস্ত্রাদি রঞ্জক। তুল-আ॰-কির্‌মেজ্ (red dyestuff)] বি, কাম্পিল্ল বৃক্ষ জাত ফলের লাল গুঁড়া (যা পট্টবস্ত্রাদি রঞ্জনে ব্যবহৃত হয়) ; গণ্ডারোচনী (বৈদ্যক)। ~পঁতি [কমলার পতি-৬ তৎ] বি, লক্ষ্মীকান্ত ; কমলাপ্রিয় ; বিষ্ণু। "হৃদি-বৃন্দাবনে বাস, যদি কর হে কমলাপতি। ওহে ভক্তপ্রিয়! আমার ভক্তি হবে রাধা সতী।"-দাশরথি॰। ~বিলাস [কমলা (লক্ষ্মী) র বিলাস (প্রিয়বস্তু) কমলার বিলাসের সামগ্রী] বি, উৎকৃষ্ট বস্ত্রবিঃ (আধু॰-'কিরণ-শশী' 'প্রভাবতী' গুলবাহার' ই॰-র মত প্রাচীন কালেও কাপড়ের নানা নাম ছিল)। "কমলা-বিলাস বাস পরি অভিলাষে।"-ঘ॰। ~লঁয়া [কমল (সমুদ্র-জল) আলয় (বাসস্থান) যাঁর, বা কমল (পদ্ম) আলয় (বসিবার স্থান) যাঁর -বহু॰। আ (স্ত্রীং)] বি, পদ্মালয়া ; লক্ষ্মী। ২ পদ্মাসনা : সরস্বতী। ~সঁন [কমল (পদ্ম) আসন যার-বহু॰] বি, বিষ্ণুর নাভিকমলস্থিত ব্রহ্মা। ২ [কমলরূপ আসন (ধা)] পদ্মাসন।

কমলিনী [কমল+ইন্ (সমূহার্থে)= কমলিন্-ঈ (স্ত্রীং)] বি, পদ্ম সমূহ : পদ্মিনী : পদ্মের ঝাড়। "ক॰ কোন্ ছলে থাকিবে ডুবিয়ে জলে বঞ্চিয়া রমণে।"-ব্রজাঙ্গনাকাব্য। ২ শ্রীরাধিকা : রাইকমলিনী। "কুঞ্জে ছিল কানু ক॰। কোথায় গেল কিছুই না জানি॥"-চণ্ডী॰।

কমলেকামিনী-বি, দুর্গার রূপ-ভেদ : কবিকঙ্কণ চণ্ডীতে বর্ণিত কালীদহে (সিংহল সন্নিহিত সাগর জলে) পদ্ম-পুষ্পোপরি উপবিষ্টা ভগবতী। "অপরূপ দেখ আর, ওরে ভাই কর্ণধার, কামিনীকমলে অবতার। ধরি রামা বাম করে, উগারয়ে করিবরে, পুনরপি করয়ে সংহার॥"-কবিক।

কমলোত্তর [কমল (কমল সদৃশ বা হতে) যে উত্তর (উৎকৃষ্ট)] বি, কুসুম্ভ পুষ্প : কুসুমফুল।

কমা১ [ইং-comma প্রয়োগসম্বন্ধে বাং-য় ইহার যথাযথ অনুকরণ হইয়াছে] বি, অল্পমাত্র বিরাম-চিহ্ন ; প্রাথমিক ; (,) এইচিহ্ন।

কমা২ [হি॰-কম্‌না। ফা॰-কম্ (অল্প)। প্র॰-পু॰-কমে। অস-ক্রি-কমিতে ; কমিয়া ; কমি (ক্ষে॰), ক'মে (গ্রা॰)] ক্রি, কম হওয়া : হ্রাস প্রাপ্ত হওয়া। কম দ্রঃ। প্র-জ্বর কমেছে, যন্ত্রণা কমিলে রোগী ঘুমাইয়া পড়িবে। (ণিজন্ত) কঁমানি-কম করা ; ছোট করা ; খাট করা। বি, হ্রাসপ্রাপ্তি। প্র-কমা বাড়া সম্বন্ধে বলিতে পারি না।

কমি [হি॰-কম্,-মী] বি, অল্পতা ; হ্রাস। ~বেশি,-শী-হ্রাস বৃদ্ধি।

কমিটি (কঁ) [ইং-Committee] বি, মন্ত্রণা-সভা ; সমিতি। "ক॰ করে আলোচনা হল।"-আ॰ শক্তি, ১৩৩৩।

কমিলা [সং-কাম্পিল্ল; হি॰-কমিলা, ইং-kamela] বি, গুড়ারোচনীবৃক্ষ (mallotus phillippinensis) বা রক্তাঙ্গ বৃক্ষের ফলের গা-চাঁচা লাল গুঁড়া যা পট্টবস্ত্রাদি রঞ্জিত করিবার কার্য্যে লাগে। ২ সুগন্ধচূর্ণ sunda rochani.

কমিশঁন, -শান, -সঁন (কঁ-) [ইং-commission] বি, অন্যের জন্য দ্রব্যাদি সংগ্রহ বা ক্রয়-বিক্রয় করিয়া দিবার পারিশ্রমিক ; দস্তুরি। উচ্চ কঁমিশঁন-শতকরা উচ্চহারে বা বেশী দরে দস্তুরি। কঁমিশঁন-এজেণ্ট [ইং-commission-agent] যে ব্যক্তি দস্তুরি লইয়া ক্রয়-বিক্রয় করিয়া দেয়। কঁমিশঁন এজেন্সী [ইং-commission agency] ঐরূপ ক্রয়বিক্রয়ের কুঠী বা কার্য্যালয়। ২ কোন কার্য্য সম্পাদন বা কোন বিষয়ে তদন্ত করিবার ভার-প্রাপ্ত সমিতি বা সভা। বি, কঁমিশিনী-কমিশনের কাজ।

কমিশঁনর [ইং-Commissioner] বি, বিভাগীয় প্রধান কর্ম্মচারী : রাজস্ববিভাগের উচ্চপদস্থ কর্ম্মচারী ; কয়েকটী জেলা (district) লইয়া একটী বিভাগ (division) হয়, কমিশনর সেই বিভাগের সর্ব্বপ্রধান রাজকর্ম্মচারী। চীফ্-কঁমিশঁনর [ইং-Chief Commissioner] বি, প্রায় ছোট-লাটের ক্ষমতা-প্রাপ্ত প্রাদেশিক সর্ব্বপ্রধান রাজকর্ম্মচারী।

কমুণ্ডল-কমণ্ডলু দ্রঃ।

কমুন-কেমন দ্রঃ।

কম্প [কম্প্ (কাঁপা)+অ (ভা॰-ল্)] বি, হর্ষ, ভয়, রোষাদি জন্য দেহের চাঞ্চল্য : কম্পন ; কাঁপনি। ২ নড়ন। ~জ্বর-শীত বোধ করিবার পর শরীর ঘন ঘন কম্পিত করিয়া যে জ্বর আসে। ইহাতে যতক্ষণ না হাত পা এবং সর্ব্বাঙ্গ খুব উষ্ণ হয় ততক্ষণ কম্প থাকে ague. কঁ॰ দিয়ে জ্বর আসা-সর্ব্বাঙ্গ কাঁপাইয়া দিয়া তার পর জ্বর প্রকাশ পাওয়া।

কম্পন [কম্প্ (কাঁপা) + অন (ভা০)] বি, কাঁপনি ; কম্প ; শিহরণ। ২ [কম্প্ + অন-র্ত্তৃ, জ্ঞা০] যে কাঁপিতেছে ; কম্পযুক্ত। ৩ [কম্প্ + ণিচ্=কম্পি + অন-র্ত্তৃ, জ্ঞা০] কম্পকারক ; কম্পজনক। ৪ [সঙ্গীতে] কণ্ঠের কম্পন : স্বরের তরঙ্গ : গলাকাঁপান। তন্তযন্ত্রের তারের কম্পন। বিণ, ~নীয়।

কম্পমান [কম্প্ + আন (র্ত্তৃ) ম-আগম] বিণ, কম্পান্বিত; কাঁপিতেছে এমন; কম্পনশীল।

কম্পাউণ্ডার [Compounderএর লিপ্যন্তর] বি, ডাক্তারখানার কর্ম্মচারী, যিনি ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ প্রস্তুত করেন। ~রি-কম্পাউণ্ডারের কর্ম্ম বা বৃত্তি।

কম্পান্বিত [কম্প (দ্বারা) অন্বিত] বিণ, কম্পিত।

কম্পাস [ইং-compass] বি, দিগ্দর্শন বা দিগ্নির্ণয় যন্ত্র ; দিশ্সূচিক যন্ত্র। ২ গাড়ির কম্পাস। প্র-ঘোড়াটী জুড়িতেও চলে, কম্পাসেও চলে।

কম্পিত [কম্প্ + ত (র্ত্তৃ) ই-আগম] বিণ, কম্পান্বিত ; কম্পযুক্ত ; আন্দোলিত ; বিধূনিত। ২ ভীত ; থরথরিত। ৩ [র্ম্ম-ক্ত] চালিত ; যাকে কাঁপাইতেছে। ৪ [নাট্য-শা০ পরিঃ অঙ্গাভিনয়ে] বি, মস্তকের উর্দ্ধ ও নিম্নগতি (ঘৃণা, প্রশ্ন, আহ্বান, ভয় প্রদর্শনাদি স্থলে অভিনয়ে প্রযোজ্য) স্ত্রীং ~া।

কম্পিতাঙ্গ [কম্পিত + অঙ্গ] বি, কম্পবান্ অঙ্গ। ২ বিণ, কম্পান্বিত দেহ।

কম্পোজ [ইং-compose] ছাপার পূর্ব্বে কাপির অনুরূপ অক্ষর সাজান।

কম্পোজিটর [ইং-compositor] বি, যে কম্পোজ করে ; অক্ষরবিন্যাসকারী। বি, ~রি।

কম্প্র [কম্প্ + র (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, কম্পযুক্ত ; কম্পিত ; চলিত। "দ্বিধায় জড়িত পদে কম্প্র বক্ষে নম্র নেত্রপাতে।"-রবী০। ২ ভীত ; ভয়শীল।

কম্ফর্টার [ইং-comforter. গ্রা০-কম্ফট, কম্ফোট, কম্ফোটর] বি, ঊর্ণা-নির্ম্মিত গলাবন্ধ (তুল-উর্দ্দু গুলুবন্দ্)।

কম্বল [কম্ (ইচ্ছা করা) + বল (র্ম্ম, জ্ঞা০)] বি, মেষাদির লোম-নির্ম্মিত আসন। প্র-কম্বলাসনে উপবেশন। ২ শীতনিবারক উত্তরীয় বস্ত্র ; শীতবস্ত্র। প্র-কম্বল মুড়ি দিয়া পড়িয়া থাক। ৩ শয্যায় পাতিবার কম্বল। প্র-কম্বলে শয়ন ; কম্বলে উপবেশন ই০। কম্বল নানাস্থানের প্রসিদ্ধ, যথা-কাশ্মিরী কম্বল, গাড়ুয়ালী কম্বল, ভোট কম্বল, মুজঃফরনগরের কম্বল ই০। ৪ [কমল উচ্চারণ বিকারে কম্বল] বি, কমল ; পদ্ম ; উৎপল। প্র-রক্ত কম্বল। ৫ গলকম্বল ; গো-গলকম্বল : সাস্না। ৬ মৃগবিঃ। ৭ নাগবিঃ। ৮ জল (কমল দ্রঃ)।

কম্বলী [কম্বল (গলকম্বল) + ইন (স্ত্য)=কম্বলিন্ ১মা ১ব০] বি, গলকম্বলধারী বৃষভ। ২ বিণ, কম্বলবিশিষ্ট ; কম্বলবান্। প্র-কম্বলীবাবা (সাধু)।

কম্বু১ [কম্ব্ (শব্দ করা) + উ (র্ত্তৃ, জ্ঞা০) যে বায়ুদ্বারা শব্দ করে] বি, শঙ্খ ; শাঁখ। "কম্বু জিনিয়া কেবা কণ্ঠ বনাইল রে।"-চণ্ডী০। "নাদিল কম্বু অম্বুরাশি রবে।"-মেঘ০। ২ গলদেশ। ৩ অঙ্গুরীয়। ৪ বলয়। ৫ কাঁপা হাড়। ৬ হস্তী। ৭ শম্বুক। ৮ কর্ব্বুরবর্ণ। ৯ বিণ, কর্ব্বুর ; নানা বর্ণ ; চিত্রবিচিত্র, কুঁজা বা কলসীর গলা। স্ত্রীং-কম্বু২, কম্বু-গ্রীবা। ~কণ্ঠ [কম্বু (শঙ্খ) সদৃশ কণ্ঠ যার-বহু০] বি, যার গ্রীবা শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত। "কম্বুকণ্ঠ মৃণালভুজ-বলি০ পয়োধর হারা।"-বি০ প০। > স্ত্রীং ~কণ্ঠী। ~গ্রীব [কম্বু (শঙ্খ) কম্বুর ন্যায় গ্রীবা যার-বহু০] বিণ, যার গ্রীবা শঙ্খের ন্যায় রেখাযুক্ত (কবিগণকর্ত্তৃক শঙ্খের সহিত গ্রীবার তুলনা চিরপ্রসিদ্ধ)। > স্ত্রীং ~গ্রীবা-বি, শঙ্খের রেখার ন্যায় ত্রিরেখাযুক্ত গ্রীবা। ~রেখা-বি, শঙ্খের মত কুণ্ডলিত রেখা। ২ বিণ, পেঁচান ; ঘুরান spiral.

কম্বোজ [কম্ব্ (গমন করা) + ওজ (র্ত্তৃ-জ্ঞা০)] বি, শঙ্খবিঃ। ২ দেশবিঃ। ৩ হস্তিবিঃ।

কম্মি [কর্ম্ম > অং] বি, কর্ম্ম ; কার্য্য। কাজকম্মি-ক্রিয়াকর্ম্ম ; নিত্যনৈমিত্তিক কর্ম্ম ; ব্যবসায়। অকম্মি-অবৈধ কার্য্য ; অকার্য্য ; অপরাধ ; দোষ। অকম্মা-কাজের অযোগ্য ; কাজের বাহির ; কার্য্যে অপটু ; অদক্ষ বা অক্ষম। নিকম্মা-কর্ম্মহীন, অলস। ২ অদক্ষ। ৩ যা কাজে আসে না।

কম্র [কম্ (ইচ্ছা করা) + র (র্ত্তৃ-শীলার্থে)] বিণ, কামী ; কামুক ; কামাভিলাষী। ২ [র্ম্ম-র] রম্য ; কমনীয় ; মনোহর ; সুন্দর ; প্রিয়দর্শন beautiful, lovely.

কয়১ [সং-কিয়ৎ-কত=কথ=কয়। হিং০-ক', ক] বিণ, সংখ্যা জিজ্ঞাসা-সূচক। প্র-ওথায় কয়জন আছে? কয়২ [কহে শব্দের দ্রুত উচ্চারণ। কহা দ্রঃ। কই, কও, কয়, কয়েছি, কয়েছ, কয়েছে, কইতে কৈতে (=কহিতে)। কইব=কৈব (=কহিব) ই০] ক্রি, কহে ; বলে। "কয় কিনা কয় কথা," -রাম বসু। ২ বর্ণনা করে। "সেরূপ লাবণ্য কয় কাহার শকতি।"-ঘ০। কয়েছি=কহিয়াছি ; বলিয়াছি। "দুয়েকটি কথা কয়েছি তা' সনে।"-রবী০। কয়টি [কয় + টি (নির্দ্দেশার্থে)] অ, কি সংখ্যক।

কয়থ, কয়েথ [সং-কপিত্থ > হিং০-কয়থা] বি, কতবেল wood-apple. অন্য নাম কাঠিন্য ফল।

কয়রা-বি, বর্ণবিঃ ; বর্ণ। ~কানা-বর্ণসম্বন্ধে দৃষ্টিহীন colour-blind. > স্ত্রীং ~কানী।

কয়ল [হিং০-কহল=কঅল=কয়ল। গ্রা০-কয়লা (দ্রঃ)] ক্রি, কহিল ; বলিল। ২ [হিং০-করল। ব্রজ০] করিল। ~লু-করিলাম। "কয়ল২ যমুনা সিনান।"-জ্ঞান০। কয়লু (দ্রঃ)। কয়লি=কহিলে।

কয়লা১ [প্রাকৃ০-কোইলা > (হেং)। চট্ট০ প্রাদে০-'কইলা'] বি, অঙ্গার ; অলাত ; দগ্ধকাষ্ঠ। ২ ক্ষুদ্র জাতীয় মৎস্যবিঃ ; কয়লামাছ। ৩ [প্রাদে০] কাষ্ঠাঙ্গার।

কয়লা২ [হিং০-প্রা০-কহলা=কঅলা=কয়লা। কয়ল দ্রঃ] ক্রি, কহিল। বৈ০ পদ০ সাহিত্যে ভূরি প্রয়োগ-আধু০ অপ্র০।

কয়লু-লুঁ [কয়ল দ্রঃ। প্রা০-বাং। কৃ > করা > করিলাম > (প্রাদে০ ২৪পরগণা) 'করলুম' এর প্রা০ রূপ করলুঁ, করলোঁ -আরও প্রা০-কয়লুঁ-লু] ক্রি, করিলাম।

কয়া [প্রাদে০] বি, জলক্রীড়া। প্র-কয়া কয়া খেলা। খেলার বচন-"কয় কয়

মাছের ঝোল, মা বলেছে হাঁড়ি তোল" ই°। ২ [প্রাদে° বরিশাল] হরিদ্বর্ণ ফড়িং-বিঃ।

কঁয়াচি [কহিয়াছি > ক্ষে° কহেছি > কয়েচি > কৈচি। প্রাদে°] ক্রি, কহিয়াছি ; বলেছি;"অর্জ্জুন বদতি পূর্ব্বে ক° তোমাকে।" -মহা° (বিশারদ)।

কঁয়াধু-বি, জম্ভাসুরের কন্যা, হিরণ্য-কশিপুর ভার্য্যা, প্রহ্লাদের মাতা।

কঁয়ারফড়িং বি, পতঙ্গবিঃ ; ধান্যচ্ছেদক কীট।

`কঁয়াল-বি, গ্রামের ধানচাল মাপকারী ; মাপদার ; দ্রব্যাদি ক্রয়-বিক্রয়ের ওজনকারী। ২ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ৩ শস্য সংগ্রহ কর্ত্তা ও রক্ষক। ~ী-বি, কয়ালের পারিশ্রমিক। "এবার বাজারে কয়ালী ডাক হবে।"-দী° রায়।

কঁয়িলোঁ [প্রা° বাং-র=য়] ক্রি, করিলাম। "এজন্মে বা না ক° ভাগ।"-শ্রী° কী°।

কঁয়েক [হি°-কই এক। কএক দ্রঃ] বিণ, কতিপয় ; অল্প সংখ্যক।

কঁয়েতবেল-কয়থ দ্রঃ।

কঁয়ে/দ [আ°-কয়েদ্] বি, অবরোধ করা ; আবদ্ধ ; আটক। "পাতসার আজ্ঞা পায় নাজির সত্বর ধায় মজুমদারে ক° করিল।" -অ° ম°। ক°-খালাসী মোকদ্দমা-অন্যায় আটক হতে মুক্তির জন্য নালিশ case for wrongful confinement. ~দি, -দী-বি, বিণ, অবরুদ্ধ (ব্যক্তি)।

কঁর$_{১}$ [ক (বিক্ষেপ করা)+অ (র্ম্ম) যা সূর্য্যাদি তেজঃ পদার্থ হতে বিক্ষিপ্ত হয়] বি, কিরণ ; রশ্মি। "আজি এ প্রভাতে রবির কর। কেমনে পশিল প্রাণের পর।" -চয়নিকা। "নিরমল ফেনরাশি নাচে শৃঙ্গ-পরে। নানা রঙ্গ ফলে তাহে দিনকর করে॥" -রঙ্গলাল (কাঞ্চী°)। ২ [যা মেঘ হতে বিক্ষিপ্ত হয়] বর্ষোপল ; করকা।

কঁর$_{২}$ [যা রাজা কর্ত্তৃক গৃহীত হয়] রাজস্ব ; খাজনা ; শুল্ক। প্র-পথকর, বনকর, ফলকর জলকর ই°।

কঁর$_{৩}$ [কৃ (করা)+অ (ণে) যদ্দারা কার্য্য করা হয়] হস্ত। "কোমলতর কমল করে পরশ কর পরাণ পরে।"-রবী°। ২ হস্তিশুণ্ড (কর আছে বলিয়া হস্তীর নাম করী)। ৩ বিষয়।

কঁর$_{৪}$-বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধি-বিঃ। ২ জাতীয় পদবী-বিঃ।

কঁর$_{৫}$ [কৃ (করা)+অ (র্ত্তৃ-যে করে-এই অর্থবোধক প্রত্যয় (উপপদ পূর্ব্বে থাকিলে)] যে করে ; কারী ; কারক। জনক ; দায়ক। প্র-হিতকর, সুখকর, প্রভাকর। ২ [প্রা° বাং] সম্বন্ধে বিভক্তি। প্র-যাকর ; তাকর।

কঁর$_{৬}$ [করা দ্রঃ] ক্রি, অনুষ্ঠান কর ; সম্পাদন কর ; গঠন কর ; পরিণত কর ; গড়িয়া লও ; গড়। "আমারে কর তোমার বীণা লহ গো লহ তুলে।" "তুমি মোরে করেছ সম্রাট্।"-রবী°। ২ [ব্রজ°] করি। "সঙ্কেত কর বিশোয়াসে।"-বি° প°। ৩ [ব্রজ°] করে। "চলইতে সহচরী কর অবলম্ব।" -বি° প°। ৪ [প্রা° বাং] করিয়া। "পরিধান কর নেত বাসে। ভৃঙ্গার ভরিয়া লৈল জল।" -শ্রী° কী°। কঁরউ-করুক। কঁরর্ত্ত, কঁরর্তহি-করিতেছে। কঁরন্তি, কঁরেন্ত কঁরএ (বর্ত্তমান ১ম পু° রূপ) করিতেছেন। কঁরিলোঁ-করিলাম। কঁরসি, -সী-করিস্ : করিতেছিস্। কঁরই-কর। কঁরিউ, -উ-করি। কঁরিউ-কর কঁরিএ-করিও। কঁরিঞাঁ-করিয়া। কঁরিল-১ম পু° ক্রিয়া। (২) করিলাম। "তাহাকে করিল আস্কে অনেক যতনে।"-শ্রী° কী°)। কঁরিলে-করিল। করিলান্ত, করিলেন্ত, কৈল, কৈলে, করিলাহা, করিলেহেঁ, কৈলি-অতীত ১ম পু° রূপ। কইলোঁ; করলোঁ, করিতোঁ, করি-লাহোঁ, করিলোঁ, কৈলোঁ-অতীত ম° পু° রূপ। ভবিষ্যৎ ১ম পু°-করিবেক ; ম° পু° করিবেহেঁ। উ° পু°-করিবোঁ। অনুজ্ঞা -১ম পু°-করউ। করু,ম°পু°-করহ,"করিউ, করিএ, করিহ, করিহলি, করিহে (="বসি তোহ্মে তার পাশে করিহলি উপহাসে।" -শ্রী° কী°)। (২) করিও (ঐ)। কঁরিলোঁ-করিলাম। কঁরিবঁ-উ° পু° ক্রিয়া। (২) করিবে। কঁরিবাক-করিতে। কঁরি-বেহেঁ-করিবে। কঁরিবোঁ-করিব। কঁরিহঁ-করিও। কঁরিহিলি-করিও, কঁরিহে-করে। "কেহো যবে বেকত করিহে এহা কাজ।"-শ্রী° কী°। (২) করিও। "আরবার হেন না ক°।"-ঐ। কঁরী। -করি। (২) করে। "বড় কাজ করিআঁ না করী জানাজানী। * * সে সি সিআনী।" -ঐ। (৩) করিতেছ। "কেহে হেন করী।"-ঐ। (৪) করিল। "যোড় হাথ করী বনমালী। তাত বড় পাইল অপমান।" -ঐ। কঁরু-করুক। কঁরো-করি। কঁরোঁ-করি। (২) করিতেছি। প্রা° বাং-ণিজন্তরূপ- কঁরাআঁ, -এঁা- করাইয়া। কঁরাএ-করায়। কঁরায়িউ-করাই। কঁরাইঁ-করাও। অতি প্রা° বাং-বৌ° বাং প্রাকৃ°-'কর' (সং-কুরু)-অনুজ্ঞা,ম° পু°। (২) করে। 'করঅ'-করে। 'করই'-করে। করউ (সং-করোতু)-করুক। . করন্ত-করিতেছে। 'করহ' 'করহি' 'করহু',-'হুঁ', 'করিহ', 'করু' (সং-কুরু)-কর। 'করিঅ'-করিয়া। 'করি-অই', 'করিজ্জই' (সং-ক্রিয়তে)-করা যায়। (২) করে। 'করী',-করিয়া। 'করেই'-করিয়া। (২) করে। 'করো'-করিতেছি।

কঁরই$_{১}$ [সং-কৃ+তিপ্=করোতি > প্রাকৃ°-করই ; হি°-করহি, করই ; বাং পদ° সা°-করই] অস-ক্রি, করিতে। "কেলি ক° মধু পানে।"-বি° প°। "দুহুজন ভেদ ক° নাহি পায়।"-ঐ। ২ [করই > করএ=করয়ে, ক্ষে° করে] ক্রি. করে।

কঁরই$_{২}$ [শ্রীহট্ট প্রাদে°] বি, মুড়ি।

কঁরক$_{১}$ [সং] বি, বংশাঙ্কুর বা কোঁড়ক। ২ ব্যাঙের ছাতা ; গোময়ের ছাতা। ৩ দাড়িম গাছ। "কুন্দ কোরক জিনিয়া দ্বিজ। কি ছার তাহাতে ক° বীজ।"-চণ্ডী°। ৪ নাটাকরঞ্জ। ৫ পলাশ। ৬ রক্তকাঞ্চন। ৭ বকুলগাছ। ৮ কুসুম্ভ বৃক্ষ।

কঁরক$_{২}$ [সং-করঙ্ক] বি, কমণ্ডলু। ২ নারিকেলের মালা। ৩ পক্ষিবিঃ। ৪ কর ; রাজস্ব। স্ত্রীং ~া-বর্ষোপল ; শিলা ; হিম।

কঁরকঙ্কণন্যায়-বি, করকঙ্কণ-ঘটিত যুক্তি-মূলক উদাহরণবিঃ; কঙ্কণ শব্দে করভূষণ বুঝাইলেও করকঙ্কণ শব্দে করসংলগ্ন কঙ্কণকে বুঝায়-এই যুক্তি।

কঁরকঁচ [সং-কর্কর ; কড়ক। হিং-করকর ও করকচ] বি, সমুদ্রের জল শুকাইয়া প্রাপ্ত লবণ, সামুদ্রিক লবণ। ~া-পাথরের টুকরা; খুব ছোট ছোট নুড়ি gravel.

কঁরকিচিয়া, -কিচে [কড়া-করকচি] বিণ, অপক্ক ; কাঁচা ও শক্ত। ২

কঁরকিচি [প্রাদেং-করকচ্+ই-পেষণ বা চর্ব্বণে করকর্ ও কচ্‌কচ্ শব্দ হতে] বি, নারিকেল ফলের ভিতরের অপুষ্ট কোমলাংশ। নেয়াপাতি ডাবের জল যে কোমল আবরণের মধ্যে থাকে ; শাঁসের পূর্ব্বাবস্থা। ঐ কোমল অংশ চিবাইলে কর্ কচ্ এইরূপ শব্দ হয়। কোমলতর শব্দ হেতু-"কুর কুচি।" বিণ, করকচিয়া ; করকচে।

কঁরকঁচ্ছপিকা-বি, কূর্ম্মমুদ্রা a shell.

কঁরকঁঞ্জ [কর-কঞ্জ (পদ্ম)] বি, করপদ্ম ; করকমল। "চুড়ি কনক করকঞ্জে।"-বিং পং।

কঁরকিটিয়া, কঁরকিটে [কর (হিং-কোঢ় ; সং-কোঠ-কুষ্ঠ >) কটিয়া (কোঠ-কুষ্ঠ+ইয়া ; হিং-কোঢ়ী ; বাং-কুটে) একার্থবাচক সহচর শব্দ। বাং-'কুরকুটে' ওং। এখানে কুর=কুড়=কুষ্ঠ। কুষ্ঠকে বাং-তে 'কুড়িকিষ্টি'ওং। তা হতে কুষ্ঠরোগের গুণবিশিষ্ট] বিণ, খর্ব্বাকৃতি ; কুঁজো ও কঠিন। অপুষ্টদশায় পক্ক ; রোগে সরলভাবে বাড়িতে না পাইয়া কোঁকড়াটে বা কুঁজো হইয়া খর্ব্বাকারে পাকিয়া কঠিন "stunted (said of vegetables that have been checked in their growth and have thereby become crooked and hard)" —*Haughton*. ২ [সং-কর্করেটু] পক্ষিবিঃ lanius excubitor. ইহার বর্ণ কাল, কথিত

কঁরকঁণ-বি, উরুদেশ। ২ সন্ধিস্থান the hip ৩ কটিদেশ।

কঁরকঁণ্টক [করের-কণ্টক] বি, নখ।

কঁরকঁবলিত-বিণ, করায়ত্ত ; হস্তগত।

কঁরকঁমল-করপদ্ম দ্রঃ।

কঁরকঁম্পন [ইং- hand-shake এর ভাবানুবাদ] বি, প্রথম সাক্ষাতে পরস্পর করে কর ধৃত করিয়া কম্পনরূপ সৌজন্য।

কঁরকঁর [সং-কর্কর ; হিং-কর্‌কর্। বাং-কাঁকর] বি, কাঁকরের ঘর্ষণজনিত শব্দ ; কর্কশ শব্দ। প্র-গলা কং করে। ২ কোমলাঙ্গে কাঁকরের আচড় পড়িয়া ক্লেশানুভূতি। প্র-চোখ কং করা (হিং-করকরাহট-কিরকিরী=বালি। তুল-চোখের বালি= হিং-'আঁখ কী কিরকিরী')। ৩ করকর করার ক্লেশ হতে অস্থিরতা ; ব্যাকুলতা। প্র-বুকের ভিতর কং করিয়া উঠা ; প্রাণ কং করা। ছেলের কষ্ট দেখিলে মায়ের প্রাণ কং করিতে থাকে [দ্রঃ-স্নেহে মায়াতে, কং করে ; রাগ হলে কষ্‌কষ্ করে] বিণ, করকরিয়া, করকরে-খরখরে ; শুষ্ক, শক্ত এবং ঘর্ষণে কর্‌কর্ শব্দ ক্লেশকর অনুভূতিপ্রদ। কড়া (হিং-করা)। প্র-ঘুড়ি উড়াইবার সূতায় করকরে মাঞ্জা দেওয়া। নূতন করকরে গামছা দিয়া গা রগ্‌ড়ান ব, মাজা [দ্রঃ-অপেক্ষাকৃত শক্ত ও শুষ্ক অর্থে-কড়কড়ে। করকরে অপেক্ষা সূক্ষ্ম কিরকিরে। কিরকির দ্রঃ] বিণ, কঁরকিরিয় ক্ষেং কঁরকিরে)।

কঁরকঁরানি [করকর দ্রঃ] ক্রি, করকর করা। ২ কলকলান (দ্রঃ) ; কাককর্ত্তৃক মৃদু শব্দ করা। কুরুরয়ে দ্রঃ।

কঁরকঁল-বি, একত্র মিশ্রিত নানাজাতীয় শস্যবীজ (পারাবতাদির খাদ্য)।

কঁরকলিত [করদ্বারা কলিত (ধৃত) ৩ তৎ] বিণ, যা করদ্বারা ধৃত হইয়াছে। "করকলিতাসি বরাভয় মুণ্ডে।"-অং মং।

কঁরকা [সং] বি, মেঘ হতে পতিত প্রস্তরভাবাপন্ন জল ; মেঘজাত শিলা ; শিল। ২ ওলা।

কঁরকাক্ষ [করক-অক্ষি=অক্ষ] বিণ, যার বর্ষার শিলের মত শুভ্র চক্ষুঃ ; শ্বেতাক্ষ।

কঁরকাপাত-বি, শিলাবৃষ্টি।

কঁরকাম্ভ [করক (নারিকেল মালা) তার অম্ভস্ (অম্ভঃ) জল-৬ তৎ, কিংবা করকে (নারিকেল মালাতে) স্থিত অম্ভ-৭ তৎ] বি, নারিকেল জল। ২ [করকার (শিলার) ন্যায় স্বচ্ছ বা শীতল অম্ভঃ (জল) যার-বহুং] বি, নারিকেল গাছ।

কঁরকোষ-বি, অঞ্জলি।

কঁরকোষ্ঠী-বি, করতলগত রেখা ; কোন কোন পণ্ডিত ঐ রেখা দেখিয়া জীবনের শুভাশুভ নিরূপণ করিতে পারেন, কররেখাদ্বারা কোষ্ঠীর মত বিচার করা হয় বলিয়া কররেখার নাম করকোষ্ঠী।

কঁরগবীজ [সং-করক (দ্রঃ)=দাড়িম্ব বৃক্ষ, ক=গ] বি, দাড়িম্ববীজ ; দালিম দানা। "দশনমুকুতা জিমি কুন্দ কং।"-বিং পং।

কঁরগ্রহঁ১, কঁরগ্রহঁণ [করের (হস্তের) গ্রহ (গ্রহণ করা) হয় যে ব্যাপারে-বহুং] বি, পাণিগ্রহণ ; বিবাহ। ২ [করের গ্রহণ-৬ তৎ] হস্তধারণ।

কঁর/গ্রহঁ২ [কর=রাজস্ব] বি, রাজস্ব আদায়। ~গ্রাহঁ [কর-গ্রহ্ (গ্রহণ করা) +অ (র্ত্তৃ)] বিণ, যে কর গ্রহণ করে ; করগ্রাহক (দ্রঃ)। ~গ্রাহঁক [কর-গ্রাহক] বিণ, যে কর গ্রহণ করে। ২ কর আদায়কারী ; কর্ম্মচারী collector of tax or revenue. ৩ পাণিগ্রহণকারী ; পতি। ~গ্রাহী [কর-গ্রাহিন্] বিণ, করগ্রাহক। ২ বি, কর আদায়কারী কর্ম্মচারী।

কঁরঘঁর্ষণ [কর (হস্ত) দ্বারা ঘর্ষণ করা হয় যার-বহুং] বি, দধি-মন্থনের দণ্ড ; ঘোলমৌনি। ২ [কর দ্বারা ঘর্ষণ-৩ তৎ] করতলে করতলে ঘর্ষণ ; কোন বস্তুতে কর দ্বারা ঘর্ষণ।

কঁরঙ্ক [কৃ (করা) + অঙ্ক (জ্ঞা)] বি, করধৃত পাত্র ; কমণ্ডলু ; করুয়া। "বাঘছাল, অক্ষমালা বিভূতি ভূষণ কং, আষাঢ়-দণ্ড, জটা বিলম্বিত।"-দীনবন্ধু মিত্র। ২ নারিকেল মালায় নির্ম্মিত ভিক্ষাপাত্র। ৩ নারিকেলের মালা। ৪ করোটি ; মাথার খুলি। ৫ পানের বাটা ; পানের ডিবা। "তাম্বুল-করঙ্ক-বাহিনী।"-সাদং। ৬ শরীরাস্থি। ৭ ইক্ষুবিঃ ; করঙ্কশালি। ~শালি-বি, ইক্ষুবিঃ। করঙ্ক দ্রঃ।

কঁরঙ্গ [সং-করঙ্ক] বি, জলপাত্রবিঃ ; সাধাঃ জলপাত্রকে বৈষ্ণবেরা কং বলে। "কমণ্ডলু তুম্বীফল কং পিবারে জল।" -অং মং। "ছাড় রঙ্গ, পর কৌপীন করে কর কং॥"-দাশরথি। ~ণ [সং] বি, হাট।

কঁরঙ্গুঁল [প্রাং বাং। করাঙ্গুলি >] বি,

অঙ্গুলি। ~বিন্দ-অঙ্গুলি বৃন্দ। "করঙ্গুর-বিন্দ মাল নিম্মিত কমলে।"-শ্রী০ কী০।

করচা [ফা০-কড়চা। রাজস্ব-বিভাগীয় পরিঃ] বি, প্রাপ্য খাজনার হিসাব। ২ অতি সংক্ষিপ্ত স্মারকলিপি · নোট note. কড়চা দ্রঃ।

করচালি,-চালু [হি০-করছাল, কয়চুল -ছুলা,-ছুলী, কলছুল্, ছুলি, কর্ছী, কল্ছী : কর=হাত (দ্বারা)+চালি, চালু যা চালিত হয় বা চালান যায়। উ০-বঙ্গে চ০] বি, হাতা ; খুন্তি।

করচ্ছদ [আয়ু০] বি, শেওড়া গাছ। স্ত্রীং ~া-সিন্দূরপুষ্পীবৃক্ষ।

করজ১ [করে-জাত-৭ তৎ। কর-জন্+ড (র্ত্তৃ-জ্ঞা০)] বি, নখ। "সিংহ চাহে কোপ-দৃষ্টে আঁচোড়ে বীরের পৃষ্ঠে করজে কালিছার আর।"-কবিক০। ২ করঞ্জ বৃক্ষ। "মুকুলিত করজ-কুসুম নাহি ভেল।"-জ্ঞান০। ৩ [নখাকৃতি বলিয়া] ব্যাঘ্রনখ নামক গন্ধদ্রব্য ; নখী। ৪ বিণ, করোৎপন্ন, কর হতে জাত।

করজ২-কর্জ্জ দ্রঃ।

কর/জোড়-বিণ, যুক্ত কর ; বদ্ধাঞ্জলি, হাতজোড় (বিনীত নিবেদন, আদেশ-প্রাপ্তির অপেক্ষা বা প্রার্থনার সময়)। প্র-বিচার-পতির আগে ক০ করিয়া দাঁড়াইয়া আছে। ক্রি-বিণ,~জোড়ে,-জোড়ি-হাত জোড় করিয়া ; যুক্ত করে।

করঞ্জ, -ক [ক (জল) রন্জ্ (রাগ করা)+অ (র্ত্তৃ-জ্ঞা০) ; স্বার্থে ক] বি, করমচা-গাছ pangamia glabra [করঞ্জ ৬ প্রকার, যথা-(১) ডহর, (২) লতা, (৩) কাঁটা বা গেঁটে, (৪) মাকড়া, (৫) বিষ এবং (৬) অম্লকরঞ্জ] স্ত্রীং ~া (হি০-করোঁজা, করৌঁদা)। "কাণে করঞ্জার ফুল ; গালভরা এলোচুল।"-কুঙ্কুম০।

করট১ [ক (আত্মা) রট্ (রটনা করা)+অ (র্ত্তৃ, অচ্ জ্ঞা) যে আপনার শব্দ (ক-ক বা কা-কা) দ্বারা আপনাকে রটায় অর্থাৎ প্রচার করে] বি, কাক ; বায়স ['করটক'ও০] ২ [করোটি হতে?] হস্তিগণ্ড ; করীর গণ্ডদেশ। ৩ বাদ্যযন্ত্রবিঃ। ৪ [স্মৃ০] একাদশাহ শ্রাদ্ধ। ৫ [আয়ু০] কুসুম্ভ-বৃক্ষ ; কুসুমফুলের গাছ। ৬ বিণ, নাস্তিক।

~ক (-ট-)-বি, কাক। স্ত্রীং ~া-যে গাই কষ্টে দুগ্ধ দেয় ; কষ্ট করিয়া যে গাভীর দুধ দোহা যায়।

কর/ট২ [হি০-করবট্ ~] বি, পার্শ্ব। "ঐত ধর্ম্মী রাজা ক০ ফিরিল।"-মাণিক০ গান।~টী-বি,হস্তী: করী। > স্ত্রীং~টিনী।

করণ [কৃ (করা)+অন (ট্-ণে)] বি, করণ কারক ; যদ্দ্বারা ক্রিয়া নিষ্পন্ন হয়। ২ কার্য্যের প্রধান সাধন ; কারণ। ৩ [-অন (র্ম্ম)] কার্য্য। "শুন ঠাকুরাণী নিজ পুত্রের ক০।" -চৈ০ ভা০। ৪ উপকরণ। "সভে মিলি দিল তারে পূজার ক০।" ৫ বিবাহে আদান-প্রদান-বিষয়ক প্রতিজ্ঞা ; বিবাহ অঙ্গীকার ক০। ৬ [দর্শনে] ইন্দ্রিয় (২) শরীর (৩) ক্ষেত্র (৪) স্থান। ৭ [জ্যো০] বব, বালব, কৌলব, তৈতিল, গর, বণিজ, বৃষ্টি, এই সাতটী ববকরণ: এবং শকুনি, চতুষ্পাদ, নাগ ও কিস্তুঘ্ন এই চারটী ধ্রুবকরণ। এক একটী তিথির অর্দ্ধ পরিমাণে এক একটী ক০ হয়। শুক্লা প্রতি-পদের শেষার্দ্ধ হতে কৃষ্ণা চতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত প্রত্যেক তিথির পূর্ব্বার্দ্ধে একটী ক০ পরার্দ্ধে অপরটী। এইভাবে ববকরণ ৭টী আটবার যথাক্রমে উপস্থিত হয়। যে শুক্লা প্রতিপদের শেষার্দ্ধে ববকরণ তার দ্বিতীয়ার প্রথমার্দ্ধে বালবকরণ, দ্বিতীয়ার শেষার্দ্ধে কৌলবকরণ, তৃতীয়ার প্রথমার্দ্ধে তৈতিল, শেষার্দ্ধে গরকরণ ই০ ক্রমে হইয়া থাকে ; এবং কৃষ্ণাচতুর্দ্দশীর শেষার্দ্ধ হতে শুক্লা প্রতি-পদের পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত যথাক্রমে ধ্রুব করণ হয়। যথা-কৃষ্ণাচতুর্দ্দশীর শেষার্দ্ধে শকুনি করণ, অমাবস্যার পূর্ব্বার্দ্ধে চতুষ্পাদ, পরার্দ্ধে নাগ করণ, এবং শুক্লা প্রতিপদের পূর্ব্বার্দ্ধে কিস্তুঘ্ন করণ হয়। ৮ [নৃত্যগীতে] করচরণাদির অভিনয়। ৯ কর্কশ-কণ্ঠ গায়ক। ১০, হস্ত-দ্বারা বিলেপন। ১১ শূদ্র গর্ভজাত বৈশ্যপুত্র; (মতান্তরে) কায়স্থ। ১২ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।~কারণ -বিবাহে আদান-প্রদান ঘটিত অনুষ্ঠানাদি ; বিবাহ সম্বন্ধীয় ব্যবহার। ~তা (-ন-)-বি, কর্ত্তৃত্ব ; উপায় ; সহায়তা ; সাধকত্ব instrumentality. ~বাচক-করণ-কারক-বোধক শব্দ।

করণা-বি, বাদ্যযন্ত্রবিঃ ; এক প্রকার বৃহজ্জাতীয় শুষির-যন্ত্র; ইহার অন্য নাম কর্ণা ; ইহার দৈর্ঘ্য ১৫ ফুট, ধ্বনি তীব্র।-যন্ত্রকোষ।

করণাধিপ [করণের (ইন্দ্রিয়ের) অধিপ (অধিষ্ঠাতা)-৬ তৎ] বি, ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা দেববিঃ। চক্ষুঃ আদি পাঁচ ইন্দ্রিয়ের এক এক অধিদেবতা আছে, তারাই ক০। চক্ষুর অধিপতি সূর্য্য, কর্ণের দিক্, নাসিকার ক্ষিতি, জিহ্বার বরুণ, ত্বকের বায়ু।

করণী [করণ+ঈপ্। গ০ পরিঃ] বি, সূক্ষ্মরূপে যে রাশির মূল বহিষ্কৃত না হয় ; √‾ এই চিহ্ন surd. ~য় [কৃ (করা) +অনীয় (র্ম্ম)] বিণ, করিবার যোগ্য ; যা করা উচিত ; বিধেয়। ২ কর্ত্তব্য কর্ম্ম ; যেখানে বিবাহাদি সামাজিক ক্রিয়া কর্ম্ম করিতে বাধা নাই। ৩ করণকারণ চলে এমন। প্র-করণীয় ঘরে কন্যার বিবাহ না দিয়া অঘরে দিয়াছে।

করণ্ড [কৃ+অণ্ডন (র্ম্ম)] বি, মধুকোষ ; মধুচক্র ; মৌচাক। ২ ফুলের সাজি। "বামকরে ক০ আঁকড়ি ডানি করে। প্রবেশিল নীলাম্বর মালঞ্চ ভিতরে॥"-কবিক০। ৩ পেটারি। ৪ খুঙ্গী ; ঝাঁপি। ৫ ঝুড়ি ; চুপড়ি। "ক০ কুঠার নিল আপনার করে।" -মহা০ (কাশী)। ৬ কারণ্ডব নামক জলচর পক্ষী। স্ত্রীং ~া-যকৃৎরোগ।

করণ্ডি, -ণ্ডী [করণ্ড দ্রঃ। শ্রীহট্ট প্রাদে০] বি, "সোলার তৈরী চতুষ্কোণ মন্দিরাকৃতি ভাসমান ক্ষুদ্র গৃহ-বিঃ, উহার তিন দিক্ সাদা ও একদিকে মনসা দেবীর ছবি আঁকা। শ্রীহট্ট জেলার হবিগঞ্জ ও মৌলবী বাজার মহকুমার কোন কোন স্থানে মনসাপূজার সময় করণ্ডীর ব্যবহার হয়। মনসা দেবীর নিকট বলি দেওয়া পাঁঠার রক্তের ছিটা করণ্ডীতে দেওয়া হয় ও রুধির-পাত্র তাহার অভ্যন্তরে রাখা হয়। সমানাকারে ৩।৪টি কলাগাছের টুকরা গাঁথিয়া তাহার উপরে করণ্ডী খাড়া রাখা হয়। বেহুলা যে মান্দাসে (ভেলায় আরোহণ করিয়া লক্ষ্মীধর সহ দেবপুরে গিয়াছিলেন, ইহা যেন তারই অনুকৃতি। ইহা দৈর্ঘ্যে প্রস্থে সাধাঃ এক বর্গ হাতের অধিক হয় না। উচ্চতাতেও এক হাতের অধিক নহে।"-চ০ কু০ ভট্ট।

কঁরণ্ডিক [করণ্ড+ইক (সম্বন্ধার্থে)] বিণ, উদরে চর্ম্মময় থলিবিশিষ্ট প্রাণী (কেঙ্গেরু ইং)। স্ত্রীং ~া-রাজমহিষী।

কঁরর্ত [সং-করতি। হিং মৈং, বাং বৈং, পদং সাং, ভূরি প্রয়োগ] ক্রি, করে। "ধরনিয়ে চাঁদ কং পরকাশ।"-বিং পং। "কেহু কং কাহ কোর।"-জ্ঞানং। ২ [সং-করণাৎ বা করণতঃ (তস্ প্রত্যয় যোগে) হতে হিং-করকে, কর্, করৎ] অ, করণ পূর্ব্বক : করণানন্তর ; করিয়া। 'করতঃ' (ভুলে। আধুং বিরল ; 'করত' প্রং চং)।

কঁরর্তপ,-ব [হিং-করতব ; সং-কর্ত্তব্য কর্ম্ম] বি, সুশিক্ষা ; কলা ; গুণ। ২ ব্যায়াম : কুস্তি। ৩ রাগরাগিণীর আলাপ বা অভ্যাস : স্বরভঙ্গী ; সংগীতে সুরের নানা প্রকার ভাঁজ বা কৌশল প্রকাশ। ৪ কায়দা ; কৌশল। ৫ কেরামত ; যাদু।

কঁরর্তল [করের (হস্তের) তল (তেলো) ৬-তৎ] বি, হস্তুতল ; হাতের তেলো। ২ হস্ত। ৩ আয়ত্তি। ~র্গর্ত-বিণ, হস্তগত। ~র্গর্ত কঁরা-ক্রি, মুঠার ভিতর করা : আয়ত্ত করা, বশীভূত করা। কঁরর্তলের ভির্তর -করতলগত ; মুঠার ভিতর : আয়ত্ত।

**`কঁরতা** [কড়তা দ্রঃ] বি, ক্রয়-বিক্রয় কালে পণ্যধারক শূন্য পাত্রের ভার ; ধাড়া। ২ কর্ত্তা ; ঈশ্বর ; ধর্ম্মঠাকুর ; করতার দ্রঃ। `কঁং কঁরা, `কঁং ভাঙ্গা, `কঁং বাদ দেওয়া-পণ্যপূর্ণ পাত্র হতে পাত্রের ভার বা ওজন বাদ দেওয়া।

কঁরতার [সং-কর্ত্তা=করতা। র্ত্তৃ, বহুবং, শ্রেষ্ঠার্থে-কর্ত্তারঃ=করতার। হিং-করতা (তুলসী), করতার] বি, কর্ত্তা ; প্রভু ; সৃষ্টি-কর্ত্তা ; ঈশ্বর ; ধর্ম্মঠাকুর। "তোমারে সদয় না হইল কং।"-ঘং।

কঁর/তাল [করের তাল (গানের পরিমাণ) ৬-তৎ] বি, দুইকরের পরস্পর অভিঘাত ; করতল-ধ্বনি ; হাততালি। ২ দুই করতলে ধরিয়া হাততালির অনুকরণে বাজাইবার কাঁসার বাদ্যযন্ত্র। "চথ চথ লুপু চুপু চথচথ তালধ্বনি করতালে, শিব, তাল-ধ্বনি করতালে অঙ্গুলি অঙ্গুষ্ঠ ঘন নাদে।" -হেমং। স্ত্রীং ~তালি,-লী-বি, হাত তালি। "দাও করতালি জয় জয় বলিয়া পূরিয়া অঞ্জলি কুসুম লহ।"-হেমং।

কঁরতোয়া [কর (শিবের হস্ত) তোয় (জল)+অ (স্ত্য) গৌরীর বিবাহকালে হরের করতলপতিত তোয় হতে এই নদীর উৎপত্তি হয় বলিয়া এই নাম] বি, ঋক্ষপর্ব্বতোৎপন্না নদী ; অপর নাম সদানীরা।

কঁরথু [সং-করোতু > করথু। মৈং বাং-বৈং পদং সাং] ক্রি, কর ; করুক। "সুফলে কং অভিসার।"-বিং পং।

কঁরদ [কর-দ (র্ত্তৃ ড প্রত্যয়ান্ত দানার্থক দা ধাতুজ)] বিণ, যে অন্যকে কর দেয় : করপ্রদ। স্ত্রীং ~া-করদাত্রী। ২ গুর্জ্জরস্থ নগর বিঃ।

কঁরদস্ত [সং-কর+ফাং-দস্ত (হস্ত)] বিণ, যুক্তকর ; যোড়হস্ত। "ধবল বস্ত্র নিল রাজা গলাতে পল্টাইয়া। কং হইঞা...।"-ময়নাং গান (১১-১২শ শতাব্দী)।

কঁরদাতা-বিণ, বি, রাজস্ব, শুল্ক, টেক্স প্রদানকারী (ব্যক্তি) rate-payer.

কঁরদীকৃর্ত [করদ-কৃত (করা হইয়াছে) মধ্যে-ঈ (অভূততদ্ভাবে চ্বি)] বিণ, যে পূর্ব্বে করদ ছিল না পরে তাকে করদ করা হইয়াছে : যাকে করদানে বাধ্য করা হইয়াছে।

`কঁরধৃর্ত-বি, করদ্বারা ধৃত বা গৃহীত ; হস্তগত।

কঁরন্যাস [করে-ন্যাস-৭ তৎ] বি, তন্ত্রোক্ত ন্যাসবিঃ ; মন্ত্র উচ্চারণ-পূর্ব্বক তন্ত্রোক্ত বিধি অনুসারে অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামা ও কনিষ্ঠা অঙ্গুলি স্পর্শের নাম করন্যাস।

কঁরনু [হিং-করলোঁ ; মৈং-করলুঁ : লুঁ হতে 'নু' ; বাং-প্রাং-কোরিনু : কোরনু, পরে কোর্নু] ক্রি, করিলাম। "প্রাণপিয়ারে কং পরণাম।"-বিং পং।

কঁরন্তি-কর, দ্রঃ।

কঁরপক্ষ [করসদৃশ পক্ষ (পাখা) যার-বহুং -অর্থাৎ হস্তই যাদের পক্ষস্বরূপ] বি, চর্ম্মচটিকা ;

কঁরপত্র [করের ন্যায় পত্র যার-বহুং] বি, ক্রকচ ; করাত ই saw. ২ জলক্রীড়া (এই অর্থে-কঁরপাত্র, 'কঁরপত্রিকা' ও)। ~বান্ [করপত্র (করাত)+বৎ স্ত্য-বতু (=কর-পত্রবৎ ১মা ১বং) করপত্র সদৃশ যার পত্রকাণ্ড] বি, তালগাছ।

কঁরপদ্ম-বি, পদ্মহস্ত ; করকমল।

কঁরপল্লব [কর পল্লবের ন্যায়, উপমিতং] বি, পল্লব সদৃশ কর ; নব পল্লবের ন্যায় অতিশয় কোমল ও লাল আভাযুক্ত কর। ২ [করের পল্লব-৬ তৎ] অঙ্গুলি ; করশাখা।

কঁরপাত্র-করপত্র দ্রঃ।

কঁর/পাল [কর-পাল, পা+ণিচ্=পালি (রক্ষা করা)+অ (র্ম্ম-জ্ঞাং) করদ্বারা পাল (রক্ষা) ধারণ করা হয় যাকে] বি, অসি ; খড়্গ ; তরবার। ২ হস্তযষ্টি ; হাতে-ধরা লাঠি। ৩ সোঁটা। ~পালিকা, -বালিকা [কর (হস্ত) পালি (রক্ষা করা)+অক (জ্ঞাং)] বি, ক্ষুদ্র করবাল ; ক্ষুদ্র গদাকৃতি করধৃত দণ্ড : সোঁটা। ২ ছোরা ; ছুরি। ৩ মুদ্গর। ~পালী [করপালিকা দ্রঃ]।

কঁরপীর্ড়ন [করের পীড়ন (গ্রহণ) করা হয় যে ব্যাপারে-বহুং] বি, পাণিগ্রহণ ; করগ্রহ ; পরিণয় ; বিবাহ।

কঁরপুট [করের পুট (থলিয়া) কিংবা কর দ্বারা কৃত পুট] বি, অঞ্জলিবদ্ধ কর ; যোড়হস্ত। ২ যুক্ত কর ; বিনীতভাব দেখাইবার জন্য দুই কর যুক্তকরণ।

কঁরপৃষ্ঠ-বি, করতলের অপরদিক্ ; হাতের পিঠ।

কঁরপ্রর্দ [কর (রাজস্ব) প্রদ (যে প্রদান করে)] বিণ, করদাতা।

কঁরর্ব [মৈং : বাং] করিবে। "কি কং হরি হর ধাতা।"-বিং পং। ২ করিব। "তোহারি বচনে যদি কং পীরিত।"-ঐ।

কঁরবা/ল [করে-বাল (বল্-ণিচ্=বালি (বর্দ্ধিত হওয়া)+অ (জ্ঞাং) করেতে যে বৃদ্ধি প্রাপ্ত হয়] বি, নখ। ২ অসি ; খড়্গ ; তলবার। "করে কং বালশশী শোভে শিরে।"-বাং গান। "হৃদয়ে প্রকাণ্ড ঢাল করে কং।"-রঙ্গলাল (কাঞ্চীং)। স্ত্রীং ~লিনী [সম্বোধনে, করবালিনি] কৃপাণ-হস্তা ; দুর্গা। "নগনন্দিনি সুরবন্দিনি রিপু-

বিন্দিনি গো * * * * সুখশালিনি কয়থালিনি গো।”-অ০ ম০।

কঁরবালা-কারবালা দ্রঃ।

কঁরবালিকা-করপালিকা দ্রঃ।

কঁরবি [ব্রজ০] করব দ্রঃ। ক্রি, করিবি। “প্রেম ক০ অব সুপুরুথ জানি।”-বি০ প০।

কঁরবী [সং-করবীর। কর-(এখানে মূল) বী-যে ব্যাপে-যে মূল দ্বারা ব্যাপন করে -৩ তৎ। গ্রা০ ভাষায় ‘করুপি’] বি, করবীর পুষ্প ; করুপি ফুল। শ্বেত ও রক্ত বর্ণ-ভেদে দুই জাতীয় ফুল। ইহার গন্ধ মধুর কিন্তু অল্প। বহুদল করবীকে পদ্ম করবী বলে। ২ [আয়ু] শ্বেতসর্ষপ; যমানী; হিঙ্গুপত্রী (তেলু০-কাপ্পু)। ~র [কর (মূল) বীর (বীর্য্য-প্রকাশক) যার-বহু০] বি, করবীর পুষ্পের বৃক্ষ। ইহার মূল অশ্ববিনাশক বলিয়া এই নাম nerium odorum. ২ দেশবিঃ। ৩ তীর্থবিঃ। ৪ শ্মশান। ৫ খড়্গ। ৬ দৈত্যবিঃ। ৭ নাগবিঃ। ৮ পুষ্প (শ্বেত, পীত, রক্ত, কৃষ্ণ, পাটল বর্ণ-ভেদে করবীর পুষ্প পাঁচ প্রকার)। স্ত্রীং ~রী-অদিতি। ২ পুত্রবতী নারী। ৩ একপুত্রা রমণী। ৪ উত্তম গাভী। ~রক [করবীর+ক, জ্ঞা০] বি, অর্জ্জুন-বৃক্ষ। ২ করবীর মূল। ৩ খড়্গ।

কঁরবে [ব্রজ০] ক্রি, করিবে ; করিব। “যতন তঁহু ক০।”-বি০ প০।

কঁর/ভ [কর-ভা (শোভা পাওয়া)+অ (র্ত্তৃ) যে করেতে শোভা পায়] বি, মণিবন্ধ অবধি কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করের বহির্ভাগ। ২ উষ্ট্র ও তৎশাবক। “শরভ ক০ গজ লইল শরণ।”-কবিক০। ৩ হস্তীর শাবক। ৪ অশ্বতর। স্ত্রীং ~ভী-স্ত্রীজাতীয় হস্তিশাবক। “অতিথি আসিত নিত্য ঐ০ করভী।” -মেঘ০। বিণ, ~ভীয়-করভ সম্বন্ধীয়। ২ বি, করভ-পালক।

`**কঁরভূ** [কর-ভূ (হওয়া)+ক্বিপ্ (র্ত্তৃ) যে করেতে উৎপন্ন হয়] বি, নখ ; অঙ্গুলির অগ্রভাগস্থিত অস্থি।

কঁরভূষণ [করের ভূষণ (অলঙ্কার)-৬ তৎ] বি, করাভরণ ; হস্তালঙ্কার ; হাতের গহনা। ২ কঙ্কণ।

কঁরম [কর্ম্ম >] বি, কর্ম্ম ; ক্রিয়া ; কার্য্য ; অনুষ্ঠান। “কি মোর ক০ অভাগী।” -বি০ প০। “করমদোষে।”-বৈ০ প০ লহরী। ২ [হিং-করম=অদৃষ্ট] অদৃষ্ট ; ভাগ্য ; কপাল। “সখিরে, কি মোর করমে লেখি।”-চণ্ডী০। “তথাপি সে লুকাইল করমের গুণে।”-নিধু০। (২) [তুল-হিং গ্রা০-কিরিয়া করম] বি, কর্ম্ম ; পারলৌকিক অনুষ্ঠান : প্রেতকার্য্য। ৩ অনুগ্রহ। ক্রিয়াকঁরম-সামাজিক ও পারলৌকিক কর্ম্ম। ধঁরম-কঁরম-ধর্ম্মকার্য্য।

কঁরমকশ্‌শি,-স্যি,কঁরোমকোশ্‌শি -বি, কার্পণ্য ; কৃপণতা ; টানাটানি। “অত করমকশ্শি কল্লে চলে না। যে করমকশ্শি করে খরচ করে তাতে আঁটে না।”

কঁরমচা-করমর্দ্দক দ্রঃ।

কঁরমর্দ্দ [সং] বি, করঞ্জবৃক্ষ। ২ [ভা০-অল্] করদ্বারা মর্দ্দন ; হস্তামর্ষণ। ~ক-বি, করমচা। ২ পাণি-আমলা। ~ন-বি, কঁরকম্পনবৎ প্রীতির নিদর্শন স্বরূপ হস্তামর্ষণ।

কঁরমালা১ [করের (অঙ্গুলি-পর্ব্বের) মালা (শ্রেণী) ৬ তৎ] বি, অঙ্গুলি-পর্ব্ব-সমূহ ; অঙ্গুষ্ঠ ভিন্ন প্রত্যেক অঙ্গুলিতেই চারিটী করিয়া কর বা পর্ব্ব আছে উহা দ্বারা করে সংখ্যা রাখা হয়।

কঁর/মালা২ [কর-মালা-৬ তৎ] বি, কিরণসমূহ। ২ হাতের মালা (রুদ্রাক্ষাদির মালা) ; জপমালা। ~মালী [কর-মালা +ইন্(স্ত্য)] বি, সূর্য্য ; অগ্নি।

করমি [প্রাদে০। কর্ম্ম-বিবাহ-কর্ম্ম > করম+ই] বি, ঘটক। “মাঘ মাসে ক০ আইল হীরাধারের বাড়ী।”-মৈ০ গী০।

কঁরমুক্ত [কর হতে মুক্ত-৫ তৎ] বিণ, করচ্যুত ; হস্তত্যক্ত ; হস্ত হতে পতিত।

কঁরমুষ্টি-বি, মুটো।

কঁরম্বিত [ক-রম্ব্ (গতি অর্থে)+ত (র্ম্ম) বা রভ্ (নির্ব্বিচার প্রবৃত্তি > মিশ্রণে ভ=ব)] বিণ, মিশ্রিত ; খচিত। “কলম্বের কলকণ্ঠে কোথা ক০ মনোহর পম্পাসর ময়মরঞ্জন।” -বি০ মজুমদার (দণ্ডকারণ্যে)। ২ চূর্ণীকৃত।

কঁরম্ভ,-ক-বি, দইমাখা ছাতু।

কঁরযষ্টি-বি, হাতছড়ি।

কঁরয়ে [ব্রজ০] ক্রি, করে। “তেঁই না ক০ গরল।”-বি০ প০।

কঁররুহ [করে-রুহ (যে জন্মে) ৭ তৎ] বি, করভূ ; নখ ; নখর। ২ হাতের অঙ্গুলি। ৩ অসি ; কবরাল।

`**কঁরল** [ব্রজ০। হিং-গ্রা০-‘করলা’ ও০] ক্রি, করিল। “শূন্য ক০ বিহি মদন ভণ্ডার।” -বি০ প০। “জীবন ক০ পরাধীন।”-ঐ। ২ বি, পক্ষিবিঃ।

কঁরলা [কারবেল্ল >। সং-কারবেল্লী, উচ্ছে] বি, তিক্তাস্বাদ লতাবিশেষের ফল ; দীর্ঘাকার উচ্ছে ; লম্বা উচ্ছে। বাং-য় কোন কোন স্থানে ‘পটলে উচ্ছে’ও০।

কঁরলু, -লুঁ [ব্রজ০। প্রা০-বাং-কোরলু] ক্রি, করিলাম। “তাকর বচনে ক০ সব কাজ।”-বি০ প০।

কঁরশাখা [করের শাখা-৬ তৎ] বি, অঙ্গুলি ; আঙ্গুল।

কঁরশীকর [কর (হস্তিশুণ্ড) হতে নিঃসৃত, শীকর (মদ-জল-বিন্দু)-৫ তৎ] বি, হস্তীর শুণ্ড হতে পতিত জলবিন্দু।

কঁরশুদ্ধি [করের শুদ্ধি (শোধন)-৬ তৎ] বি, মন্ত্রদ্বারা হস্ত-শোধন।

`**কঁরসি** [মৈ০। সং-করোসি ভ্রং] ক্রি, করিতেছ। “জানসি তব কাহে ক০ পুছারি।” -বি০ প০।

কঁরসূত্র [করের সূত্র-৬ তৎ] বি, হাতের সূতা। ২ বিবাহাদি মাঙ্গলিক কার্য্যে হস্তে ধৃত সূত্র।

কঁরসেট [ইং-corset] বি, মেয়েদের আঁটা জামা ; কঞ্চুলিকা।

কঁরহ [প্রা০ বাং। হ হিং-র অনুকরণে] ক্রি, কর। “বিলম্ব ক০ অকারণ।” -কবিক০। “রাজা হাস্য করিয়া কহিলেন, আয়োজন ক০।”-রাজা কৃষ্ণচন্দ্র। ২ [করহ > কঁরোহ ও০] সম্পাদন করা। “ঝাট বাপের কথা তুমি করোহ কুশল। রাজ্য শূন্য করিয়া আয়িলে বাপ একেশ্বর রইল।”-কৃত্তি০ (৯০ বৎসরের পুঁথি সা০ প০ প০ ১৩০১)।

কঁরহাট [কর (হস্ত) হট্ (দীপ্তি পাওয়া বা ভূষিত করা)+ অ (জ্ঞা)] বি, পদ্ম ই০-র

কন্দ বা মূল। ২ মদনবৃক্ষ। ৩ দেশবিঃ। ~ক(-ট˘-)-বি, মদনবৃক্ষ।

করা [সং-কৃ=কর্+আ (বাং ক্রিয়াবাচক) হিং-কর্না। উং, পুং,-করি ; মং, পু,-কর, করুন্, কর্ ; প্রং, পুং,-করে, করেন। অস-ক্রি-করিতে ক্ষেং করতে > গ্রাং-কর্তে, কত্তে (এইরূপ, করিতেছে > ক্ষেং-গ্রাং-করতেছে > কর্তেছে > কত্তেছে > কচ্ছে´ > কচ্চে) ; করিয়া ; করি' (পদ্যে), ক'রে (ক্ষেং)। ণিজন্ত-করান। এই ধাতু বিশেষ্য-বিশেষণ-বাচক পদ বা পদ-সমষ্টির সহিত যুক্ত হইয়া উৎপাদন, সাধন, অনুষ্ঠান, সংঘটন, প্রয়োগ ইং বিশেষ বিশেষ অর্থ প্রকাশ করে। প্রাং বাং রূপ 'কর ৫' দ্রঃ] ক্রি, সাধন করা ; কোন কিছুর নিষ্পাদন বা অনুষ্ঠান. করা। "একটা নূতন কিছু কর একটা নূতন কিছু করো।"-দ্বিং রায়। ২ জন্মান ; উৎপাদন করা। প্র-ফসল করা। গাছ করা। ৩ উৎপন্ন করা। সৃষ্টি করা। প্র-ধোঁয়া করা। আলো করা। অন্ধকার করা। আগুন করা। উত্তাপ করা। ৪ নিয়োগ করা ; খাটান ; লাগান ; প্রয়োগ করা। প্র-বুদ্ধি করা। উদ্যম করা। জোর করা। মন করা। মত করা। মতলব করা। স্নেহ করা ইং। ৫ [প্রয়োগের ভাব হতে] ছোঁড়া ; নিক্ষেপ করা ; চালান ; প্রবেশ করান। প্র-বন্দুক করা। গুলি করা। মাটিতে কোদাল করা। ক্ষেতে লাঙ্গল করা। ছিঁচ্কে করা। খড়্কে করা। দাঁতন করা। (২) (অশিষ্টার্থে) বাঁশ করা। কাঠি করা। ৬ প্রকাশ করা। প্র-রাগ করা। ভয় করা। মায়া করা। অভিমান করা। অহঙ্কার করা। জাঁক করা। ৭ সঞ্চালন করা। প্র-পাখা করা। বাতাস করা। হাওয়া করা। ৮ কৃত্য সম্পাদন করা। প্র-তীর্থ করা। গয়া করা। কাশী বৃন্দাবন করা। ৯ বোধ করা ; অনুভব করা ; ভোগ করা ; ভোগা। প্র-সুখ করা। অসুখ করা। আরাম করা। দুঃখ করা। কষ্ট করা। ১০ নির্ম্মাণ করা ; প্রস্তুত করা ; গড়া। প্র-বাড়ী করা। বাগান করা। পথ করা। ১১ [তুল-ইং-take to] নিযুক্ত করা ; ভাড়া করা ; ব্যবহারার্থ লওয়া ; আরোহণ করা ; আশ্রয় লওয়া। প্র-গাড়ী করা। পাল্কী করা। নৌকা করা। বাসা করা। ১২ নিত্য যাওয়া-আসা করা ; নিয়মিত উপস্থিত হওয়া। প্র-আপিস করা। কাছারী করা। আদালত-ঘর করা। হাঁসপাতাল-ঘর করা। হাট-বাজার করা। ১৩ পরিচালনা করা ; চালান। প্র-দোকান করা। ঘর করা। সংসার করা। ব্যবসায় করা। বাণিজ্য করা। ১৪ হওয়া অর্থে। প্র-আবশ্যক করা। মেঘ করা। ভয় করা। পাস করা (উত্তীর্ণ হওয়া)। ১৫ রন্ধন করা। প্র-ভাত বা রুটী করা। ঝোল করা। ডালনা করা। খিচুড়ি করা। পায়েস করা। ১৬ উল্লেখ করা। প্র-নাম করা। কার কার নাম কল্লে ? ১৭ অর্জ্জন করা। প্র-সে দেশে খুব নাম করেছে। ১৮ বিণ, কৃত ; সম্পাদিত ; করিয়াছে এমন। "শ্বেত পাথরেতে গড়া, পথখানি ছায়াকরা, ছেয়ে গেছে ঝরে-পড়া বকুলে।"-রবীং। "হাঁ-করা ছেলে।" প্র-বাসি-করা কাপড়। ১৯ পাতা ; পাড়া ; কাটা ; দাগা ; কষা। প্র-আঁক করা। অঙ্ক করা। দাগ করা। ২০ রচনা করা ; লেখা। প্র-বই করা। টীকা করা। ব্যাখ্যা করা। ২১ পরিণত করা ; অনুবাদ করা ; অনূদিত করা। প্র-গদ্য করা। বাঙ্গালা করা। ইংরেজী করা। ২২ সঞ্চয় করা ; জমান। প্র-টাকা করা। ২৩ জীবিকার্জ্জন হেতু ব্যবসায় (profession) অবলম্বন করা। প্র চাকরী করা। ডাক্তারি করা। চাষ করা। ২৪ নিত্য-নৈমিত্তিক ইষ্টকর্ম্ম করা। প্র-আহ্নিক করা। পূজা করা। নমোনমঃ করা। ২৫ তোলা ; আনা (মনে বা স্মৃতিপথে)। প্র-মনে করা [দ্রঃ-'করা' এই ক্রিয়া-পদযুক্ত বিশেষার্থ-বাচক শব্দসমুচ্চয় (অর্থ, প্রথম কয়েকটী ব্যতীত স্ব স্ব স্থানে দ্রষ্টব্য)। যথা :-অঙ্ক করা। অত করা (অত অধিক চেষ্টা করা। 'করিয়া ৬' দ্রঃ)। আঁআঁ করা (ভয়ব্যঞ্জক শব্দ করা, কাঁদা)। আঁক্ করা। আঁচ করা (অনুমান করা, আগুনের তেজ বৃদ্ধি করা)। আড় করা (কাত করা)। আড়ি করা (সদ্ভাব ভঙ্গ করা ; শত্রুতা করা)। ইচ্ছা করা (ইচ্ছুক হওয়া)। ইজ্জৎ করা (মান রাখা, খাতির করা)। উঁআঁ করা। উঁ-করা। আঁ-করা। উঁচু করা (তোলা)। উপ'স করা (উপবাসী থাকা)। উল্টা করা (বিপরীত অনুষ্ঠান করা)। উষ্ম করা। উস্খুস্ করা। ঋণ করা। ঋঋ করা। ওৎ করা। কত করা (কত দ্রঃ)। কলকল্ করা। কতল্ করা। কম করা। করকর করা। কাপ করা। কাল করা। কাহিল করা। কষ্কষ্ করা। কষ্ট করা। কিচকিচ করা। কিরকির করা। ক্যাঁচকোঁচ করা। কুত করা। কুৎসা করা। কুল করা। কোপ করা। কোর করা। ক্যাট্ক্যাট্ করা। খাঁই করা। খাস করা। খুন করা। খুব করা। খ্যাঁক্ করা। গা করা। গাড়ী করা। গান করা। গুণ করা। গুম করা। গোঁজ করা। গোল করা। ঘর করা। ঘাড়ে করা। ঘোর করা। চার করা। চাষ করা। চুপ করা। চোট করা। ছল করা। ছাই করা। ছুটী করা। ছুতা করা। ছ্যাঁক্ করা। জল করা। জাঁক করা। জাল করা। জিব বাহির করা। জোর করা। জ্বর করা। জ্বালা করা। ঝাঁ করা। ঝাঁঝাঁ করা। ঠন্ঠন্ করা। ঠাঁই করা। ঠিক করা। ঠোস করা। ঢং করা। ঢাক করা। ঢিপ করা। ঢোল করা। তাক্ করা। তার করা। তাল করা। তুল করা। থানা-পুলিশ করা। থু করা। দাগ করা। দিক করা। ধর-পাকড় করা। ধরাধরি করা। ধার করা। ধারধোর করা। ধুমধাম করা। ধোঁয়া করা। ধোলাই করা। নতা করা। নমো করা। নমোনমঃ করা। নাং করা। নেল করা। পয়সা করা। পাক করা। পার করা। পাল্কী করা। পাস করা। প্রাণ কেমন করা (বুক ধড়ফড় করা ; অব্যক্ত বেদনায় মন অস্থির হওয়া)। ফাঁক করা। ফাঁস করা। ফোঁস করা। বড় করা। বশ করা। বাগ করা। বাব করা। বার করা। বেশ করা। ভন্‌ভন্ করা। ভয় করা। ভাণ করা। ভাব করা। ভ্যান্‌ভ্যান্ করা। মত করা। মন করা। মনে করা। মাথা করা। মাথা কট্‌কট্ করা। মাথা কোটাকুটি করা। মাথা খারাপ করা। মাথা মাটি করা। মাথা গরম করা। মাথা ঠাণ্ডা করা। মাথা ঠিক করা। মাথা ব্যথা করা। মাথামুণ্ড করা। মানুষ করা (লালন-পালন করা, শিক্ষা দেওয়া, উপার্জ্জনক্ষম করা)। মেঘ করা (আকাশে মেঘ জমা হওয়া ও বৃষ্টির পূর্ব্বসূচনা করা)। যাগ করা। যাত্রা

‌্র যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গ্যঁ ঞ্চ=ন্চ ঞ্ট=ন্ট˘ হু=হ্ হু হ্ল হ্ব হ্ন=ন্হ হ্ম হ্য ল্হ ভ ব্য, জ্ব ক্ব ব্ব=zfwv'ও চ্চাং দ্রঃ

করা। যুত করা। যোগ করা। যোগাড় করা। রঙ্ করা। রাগ করা। রাজা করা। রাত করা। রিষ করা। রেতি করা। রেয়াত করা। রোক করা। রোগ করা। লজ্জা করা। লম্বা করা। লাট করা। লুট করা। লোপ করা। লোপাট করা। শোক করা। শোধ করা। শোভা করা; সই করা। সক্ বা সখ করা। সঙ্ করা। সঙ্গ করা। সঙ্গী করা। সঙ্গে করা। সত্য করা। সব করা। সাঙ্গ করা। সাজ করা। সাড় করা। সার করা। সুখ করা। সুখী করা। সুরু করা। সোজা করা। সেলাই করা। হাঁ করা। হাঁহাঁ করা। হাত করা। হাতে করা। হাড়কালী করা। হাট করা। হা-মা-কা করা। হালাল করা। হাসিল করা। হিংসা করা। হুট করা। হুজ্জত করা। হুঁস করা। হুঁসিয়ার করা। হেঁট করা। হেঁট মাটি উপুড় করা। হোড় করা। হোড়হাবড় করা। করিতে হইবে, -হইল, -হয়; করিতে লাগিল, -থাকিল, -করিতে, -নাই, -আছে ই°, করিতে স্থলে সর্ব্বত্র গ্রা° ক্ষে° -'কত্তে']।

করাঘাত [করের আঘাত-৬ তৎ কিংবা কর দ্বারা আঘাত-৩ তৎ] বি, কর-প্রহার; চপেটাঘাত; চাপড় মারা। শিরে করাঘাত করা-অত্যন্ত অনুতাপ বা ক্রোধবশে মাথা চাপড়ান।

করাঙ্গন-বি, কর আদায়ের স্থান বা দপ্তর।

করাটিয়া-বিণ, করকটিয়া; অপুষ্ট; অনুর্ব্বর।

করাণী-বি, করগ্রাহক। ২ [সাধাঃ কেরাণী] লেখন। কেরাণী দ্রঃ।

করাত [সং-করপত্র > করপত্ত > কর-পাত (পা=আ) করাত] বি, কাঠ চিরিবার উপযোগী লোহার পাতে দাঁত-কাটা যন্ত্র saw. ছোট করাতকে হাত-করাত বলে, উহা এক-হাতে চালান যায়। বড় করাতে কাঠের বড় বড় গুঁড়ী চিরিয়া লম্বা লম্বা তক্তা বাহির করিতে হলে করাতের পিছন দিক্ দুই হাতে ধরিয়া একজনে টানে ও ঠেলে আর মুখের দিকে ধরিয়া এক বা দুইজনে টানে ও ঠেলে। করাতের গুঁড়া-করাত দিয়া কাঠ চিরিবার সময় যে কাঠের গুঁড়া পড়ে saw-dust. করাত-কল বা করাতে কল-ইঁদুর ধরিবার জন্য লোহার জাঁতি-কল, তার দুই পাশ করাতের দাঁড়ার মত কাটাকাটা থাকে; ইঁদুর তার মধ্যে আসিলেই দুই পাশের মুখ দিয়া চাপিয়া ধরে। শাঁখের করাত-শঙ্খ চিরিবার জন্য যে করাত ব্যবহৃত হয়। উহা তীক্ষ্ণধার অর্দ্ধচন্দ্রাকার ও দুই হাতে দুই প্রান্ত ধরিয়া চালাইতে হয়। অন্য করাতে যেমন দাঁতগুলা একদিকে বাঁকান থাকায় তার বিপরীত দিকে টানিলেই কাঠ কাটে, শাঁখের করাতে কিন্তু দুইদিকেই কাটে। তা হতে আসিতে যাইতে যে ক্ষতি করে তাকে 'শাঁখের করাত' বলে।

করাতি,-তী [করাত দ্রঃ] বি, করাত-ব্যবহারকারী; যারা করাত দিয়া কাঠ চিরিয়া তক্তা করে। ২ বিণ, নাশক। "কুলের করাতি।"-চণ্ডী°।

করাধীন-বিণ, হস্তগত।

করানি [করা ক্রিয়ার ণিজন্ত রূপ] ক্রি, করিতে বাধ্য করা; অপরকে করিতে দেওয়া; অন্য দ্বারা করাইয়া লওয়া। ২ লওয়ান। ৩ জন্মান; ঘটান।

করামত [গ্রা°-কেরামত, কে°-। আ°-করামত্; হি°-করামাত] বি, আশ্চর্য্য; অদ্ভুতশক্তি। ২ করতব। বি, করামিতি (হি°-করামাতী)। ক° দেখানি-অদ্ভুত-শক্তি বা ঐশীশক্তির প্রকাশ করা।

করায়ত্ত [কর+আয়ত্ত] বিণ, হস্তগত; অধিগত।

করায়ন্ত [প্রা° বাং। রূপান্তরে-করাইলেন্ত] ক্রি, করাইলেন। "বাম হাতে বার করে ধরি ততক্ষণ। ক° যুধিষ্ঠির রাজা দয়াবান্॥"-মহা° (শ্রীকর)।

করায়িকা-বি, ছোট বক।

করার [আ°-করার্] বি, কড়ার; অঙ্গী-কার; চুক্তি। "প্রত্যেক অঙ্গীকার এবং অঙ্গীকারের সমষ্টি যা পরস্পরের প্রবৃত্তি স্বরূপ, তাকে 'করার' কহে।"-জমিদারী দর্পণ (শশিশেখর)। ২ স্থিরতা। বিণ, করারী। ~দাদ [আদা°-করার্দাদ্] বি, চুক্তিপত্র।

করারা [সং-করাল(উচ্চ) > হি°-করারা >, বাং প্রাদে° মৈমনসিং] বি, নদ্যাদির জল কাটিয়া বা নামিয়া গিয়া যে জমি নূতন গঠিত হয় newly framed land. ২ [মুর্শি° প্রাদে°] মূল বা প্রধান জমি main land.

করারী [করার দ্রঃ] বিণ, যা কড়ার করা হইয়াছে; অঙ্গীকৃত; স্থিরীকৃত। করারি জমি-যে জমির কর বাবদে নির্দ্দিষ্ট ধান্য করার করা হয় সেই জমির নাম করারি জমি। করারি ধান্য-করারি জমির প্রাপ্য ধান্যকে করারি ধান্য বলে। বে-করারী-যার কোন কড়ার নাই; যার কোন চুক্তি করা হয় নাই; অনির্দ্ধারিত।

করাল১ [সং] বি, জনকবংশীয় রাজ-বিঃ। ২ কাল তুলসী। ৩ [হি°-রাল=ধুনা] ধুনা মিশ্রিত তৈল; গর্জ্জন তৈল। স্ত্রীং ~া -অনন্তমূল।

করাল২ [প্রাদে°। কড়ার দ্রঃ] বি, শপথ। "করালে আবদ্ধ আছি।"

করাল৩ [সং। "করালো দন্তুরে তুঙ্গে।" -অমর°। ভ্রং কড়াল (দ্রঃ)] বিণ, বড় বড় দন্ত-বিশিষ্ট; দন্তুর। ২ ভয়ানক আকৃতি; ভীষণ; ভয়ানক-দর্শন। প্র-করাল-বদনা কালী। ৩ তুঙ্গ; উচ্চ, (২) বৃহৎ, (৩) মহৎ। স্ত্রীং করালী, করালিনী [করালো ভয়ানকো রসো বিদ্যতে অস্যা ইতি করালিনী] বি, চামুণ্ডা; চণ্ডিকা। প্র-করালীচরণ। করালীপ্রসাদ। ২ বিণ, ভয়ঙ্করী। "যমুনা আবর্ত্তশালী বিষম করালী।" -কবিক°। ৩ পুতনা-জ্বালা নামক অগ্নি-জিহ্বা। ~বদন-বি, ভয়ঙ্কর মুখ। ২ বিণ, ভীষণানন। > স্ত্রীং ~বদনা-যাঁর মুখ অতি ভীষণ। ২ মহাকালী। ~ভৈরব [ল্, ব্] বি, পুং-বিঃ।

করালা-বি, অনন্তমূল; বৃহতী।

করাস্ফোট [কর দ্বারা আস্ফোট-৩ তৎ] বি, তালঠোকন।

করিঅরি [করীর-অরি (শত্রু)-৬ তৎ] বি, সিংহ। "ক° জিনি মধ্য মাজা ক্ষীণী।" -কবিক°।

করিও [করিয় দ্রঃ] ক্রি, করিয়ো; ভবিষ্যতে ক'রো; করিবে। প্র-দেখা করিও। ভয় করিও।

করিকর [করীর কর (হস্ত) শুণ্ড–৬ তৎ] বি, হস্তিশুণ্ড ; হাতীর শুঁড়।

করিকরভ–বি, হস্তিশাবক।

করিকর্ণপলাশ–বি, হাতীকান পলাশ গাছ।

করিকা [কর+ইক (কৃতার্থে, ইকন্) আ (স্ত্রীং)] বি, নখের আঁচড়।

করিকুম্ভ [করীর কুম্ভ–৬ তৎ] বি, হস্তীর কুম্ভদেশ ; হাতীর মাথার কুম্ভাকৃতি স্থান। ২ গন্ধচূর্ণ।

করিঞা [প্রা০ বাং–পদ০-সা] অস-ক্রি, করিয়া দ্রঃ।

করিণী–বি, হস্তিনী।

করিতকর্ম্মা [গ্রা০। সং–কৃতকর্ম্মন্ >] বিণ, কার্য্য-সম্পাদনে কুশল ; যে অনেক কাজ-কর্ম্ম করিয়া বহুদর্শন লাভ করিয়াছে। "ক০ প্রতিনিধিদের নিকট হইতে।" –বি০ কু০ সরকার।

করিতুঁ [হি০-গ্রা০ প্রা০-বাং–'তুঁ'। আধু০–তুম, তাম, তেম ;–করিতাম=করিতেম =করতুম] ক্রি, করিতাম। "দেখিতে পাইতুঁ শিরোপা ক০ এমতি মন যে করে।"–চণ্ডী০।

করিদারক [করীকে যে বিদারণ করে] বি, সিংহ।

করিপথ [করীরপথ–৬ তৎ] বি, হস্তি-গমন-যোগ্য পথ। ২ দেবপথ। ৩ দেশবিঃ।

করিপোত–বি, করভ।

করিবক [সং] বি, বকফুলবিঃ।

করিবন্ধ [করীর (হস্তীর) বন্ধ (বন্ধন) করা হয় যাতে–বহু০] বি, যাতে হস্তীকে বন্ধন করে ; আলান।

করিবর, করিরাজ [করী (দ্রঃ)+বর, রাজ (রাজা–শ্রেষ্ঠ)] বি, শ্রেষ্ঠ হস্তী।

করিম, করীম [আ০–করীম্=দয়ালু (২) ঈশ্বর] বিণ, করুণাময়। ২ বি, ঈশ্বর।

করিমুখ [করীর মুখ–৬ তৎ] বি, করীর মুখ ; গজমুখ। ২ [করীর মুখের সদৃশ মুখ যার–বহু০] বি, গণেশ।

করিয়ঁ [করা দ্রঃ। হি০–করিহো ; প্রা০-বাং ; পদ০-সা০। করিহ–করিঅ–করিয়–করিও (কে০–কোরো)] ক্রি, করিও। "হঠ ন ক০ হরি ন ক০ লোভ।"–বি০ প০।

করিয়া [করা দ্রঃ] দ্রুত উচ্চারণে ক'রে। প্রা০-বাং–করো ; পূ০-বঙ্গ প্রাদে০ উচ্চারণ কইরা] অস-ক্রি, অনুষ্ঠান বা সম্পাদনের পর ; করণানন্তর। ২ ক্রি-বিণ, দ্বারা ; সাহায্যে ; কোন আধারে রাখিয়া ; অব-লম্বনে ; বাহনে ; আরোহণে। প্র–গাড়ি করিয়া যাওয়া। নৌকা করিয়া পার হওয়া। ঘোড়ায় করিয়া যাওয়া। "শাবকদিগের নিমিত্ত চঞ্চুপুটে ক০ খাদ্যসামগ্রী আনে।" –কাদ০। ৩ লইয়া ; ধরিয়া। প্র–হাতে করিয়া। মাথায় করিয়া। কাঁধে করিয়া। ৪ স্থাপন করিয়া ; রাখিয়া ; ফিরাইয়া ; ঘুরাইয়া। প্র–পূর্ব্বদিকে মুখ করিয়া উপ-বেশন করে। ৫ প্রকারে ; উপায়ে ; রূপে। প্র–কি করিয়া সে একাজ করিল। ভাল করিয়া, মন্দ করিয়া, যেমন করিয়া হউক। ৬ এত যত ই০ পরিমাণ-বাচক শব্দের সহিত যুক্ত হলে সেবার দ্বারা প্রীতি-সম্পাদনার্থ বা অনুগ্রহ-লাভের জন্য চেষ্টা দ্বারা বুঝায়। প্র–এত করিয়াও তাহার মন পাওয়া গেল না। ৭ পর্য্যায় বা ক্রম-বাচক। প্র–একটী একটী করিয়া সকল পাখী উড়িয়া গেল। একটু একটু করিয়া। ৮ [গ্রা০ ব্যবহার] হেতু-বাচক : জন্য। "তাহাতে ক০ সে এই কথা বলিল।" ৯ বাঁধিয়া ; তৈয়ার করিয়া। "ঘর করিয়া দাও [সাধাঃ তাতে, যাতে, উহাতে, ইহাতে ই০ শব্দের যোগে এই অর্থ সূচিত করে] ১০ স্বরূ-পার্থক বলিয়া ; অভেদ-জ্ঞানে। "তোমার বুদ্ধিকে ও বিবেচনাকে দূরে রাখ, আমাকে ঈশ্বর ক০ জান।"–রাজা রামমোহন রায় [দ্রঃ–প্রা০-বাং ; বৈ০ পদ০ সা০–করিঞা। অনুনাসিক। হি০-র অনুকরণে। "তুঁহু যদি কহসি করিঞা অনুষঙ্গ।"–বি০ প০]।

করিয়া-কর্ম্মিয়া [গ্রা০–'করে-কর্ম্মে'] ক্রি, স্বহস্তে কাজকর্ম্ম সম্পাদন করিয়া ; স্বকীয় চেষ্টায়। "হাতে কলমে করিয়া-কর্ম্মিয়া শিখিয়াছি।"–দ্বি০ ঠা০।

করির, করীর [সং] বি, বাঁশের অঙ্কুর বা কোঁড়ক। ২ ঘট। ৩ করীল গাছ। স্ত্রীং করিরা, করিরী–হাতীর দাঁতের গোড়া।

করিশাবক, করিশিশু, করিসুত [করীর–শাবক (শিশু, সুত)–৬ তৎ] বি, গজ-শিশু ; হাতীর ছানা।

করীরা–বি, হস্তিদন্তমূল। ২ ঝিঁঝি পোকা।

করিষ্ণু [কৃ–কর্+ইষ্ণু (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, করণশীল ; যে করিতেছে বা করে ; ক্রিয়াবান্।

করিষ্যমাণ [কৃ (করা)+আন (র্ত্তৃ, ভবিষ্যদর্থে–ষ্য–ম্ আগম) বা স্যমান ; ই–আগম] বিণ, যে করিবে।

করিহঁ [প্রা০ বাং পদ্যে ; বৈ০ পদ০-সা০। হি০–করিহঁ] ক্রি, করিও। "তার চর্চ্চা কেহ না ক০ মোর স্থানে।"–শি০।

করী [কর (শুণ্ড)+ইন্ (স্ত্য)=করিন্ ১মা ১ব০] মানুষের পক্ষে কর (হাত) যা, হাতীর পক্ষে শুঁড় তা। এইজন্য হস্তীর অন্য এক নাম করী] বি, গজ ; হস্তী। স্ত্রীং করিণী –হস্তিনী।

করীন্দ্র [করীর মধ্যে–ইন্দ্র (প্রধান) –৭ তৎ] বি, গজবর ; গজপ্রধান। ২ ঐরাবত।

করীষ১ [সং] বি, ঘুঁটে ; মাঠ, বন জঙ্গলাদিতে গরু যে পুরীষ ত্যাগ করে সেই গোময় শুষ্ক হলে তাকে করীষ বলা হয় ; ঘসি।

করীষ২–বি, ৮ একার (acre) বা প্রায় ২৫ বিঘা পরিমাণ।

করীষাগ্নি [করীষ (ঘুঁটে) দ্বারা প্রজ্ব-লিত অগ্নি (আগুন)–৩ তৎ) কিংবা করীষের অগ্নি–৬ তৎ] বি, ঘুঁটের আগুন।

করীস [বৌ০ বাং-সা০–ধান্যমাপ] বি, ৪ অর্মণ (=৪ দ্রোণ) বা প্রায় ১২ মণ পরিমাণ (জাতক ১।৩৯)।

করু [সং–কৃ=করা। কর দ্রঃ। করোতু–করু করুক, হি০–করোঁ, করুঁ=করি (ম্যয় করুঁ=আমি করি)। মৈ০ বাং ; বৈ০ পদ০ সা০-তে ভূরি প্রয়োগ] ক্রি, করে। "ক্ষণে ক্ষণে অধর আগে করু বল।"–বি০ প০। ২ করুক। "লাখ উদয়া করু চন্দা।"–বি০প০। ৩ করিও। "সো হরি না করু পুছারে।"–বি০ প০।

করুই [প্রাদে০। করই ও০] বি, শস্যের গোলা ; শস্য-ভাণ্ডার। ২ ভাণ্ডার ; ভাঁড়ার।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্চ ঞ্ট=ন্ট হ্ন=হ্ন হ্ল হ্ম হ্ব=ন্হ ল্হ ম্হ ভ্, য়, জ় ক় ব় ভ়=zfwv ও চ্চা০ দ্রঃ

করুক [সং-করোতু-তা হতে করথু, করু, করুক। প্রাদে০-করুকা] ক্রি, কর দ্রঃ।

করুগেট, করোগেট, কঁরকেট [ইং-corrugated] বি, ঢেউতোলা দস্তার ঢালাই করা লোহার পাত বা চাদর।

করুণ১ [কৃ (বিক্ষেপ করা)+উন ধি-যাতে চিত্ত বিক্ষিপ্ত হয়] বি, করুণরস। প্রিয়-জনের বিরহে বা ইষ্ট বস্তুর অনিষ্ট ঘটিলে করুণ রসের আবির্ভাব হয়, শোক ইহার স্থায়িভাব। ২ দয়া; অনুগ্রহ। ৩ বিণ, পরদুঃখে দুঃখিত। প্র-করুণহৃদয়। ৪ শোকসংক্রান্ত; শোকঘটিত। ৫ যাতে শোকের আবির্ভাব হয়; যা শুনিলে বা দেখিলে করুণা হয়। প্র-করুণ দৃশ্য। "অরুণ নয়নে ক০ চাই সঘনে জপয়ে রাই রাই।" -বৈ০ পদা০। বিণ, কারুণিক। "পরম কারুণিক পরমেশ্বর।"-অ০ দত্ত।

করুণ২ [সং] বি, কমলালেবুর গাছ citrus decumana.

করুণা১ [করুণ+আ (স্ত্রীং)। প্রা০ বাং-'রুণা' (দ্রঃ)] বি, দয়া; কৃপা; অনুকম্পা। ২ অনুগ্রহ। ৩ [মৈ০, বাং, বৈ০ পদ০ সা০] কাতরতা। "অতি ৱ লাজ ডর অতি ৱ ক০।"-বি০ প০। ৪ [মিথি০] কাতর মিনতি। "একে ধনি পদুমিনি সহজহি ছোটি। করে ধরইতে করু ক০ কোটি।"-বি০ প০। ৫ কাতরভাবে। "রহত ক০ পথ হেরি।" -বি০ প০। ৬ [বৌ০ শা০। হিংসায় বিপরীত। বৌ০ ধর্ম্মের সাধন-বিঃ-মৈত্রী, মুদিতা,উপেক্ষা দ্রঃ] বি, প্রাণের যে অবস্থায় অপরের দুঃখে দুঃখ উপস্থিত হয়, অপরের দুঃখ ও অহিত দূর করিবার বাসনা হয়।

করুণা২ [হিং-করনা-কর্ণ্য] বি, করুণা নেবু; গোঁড়া নেবু। গোঁড়া দ্রঃ।

করুণা৩ [পু০] বি, পুলস্ত্যমুনির কনিষ্ঠা কন্যা; জ্যেষ্ঠার নাম মিত্রা। ~**কঁর**-বিণ, কৃপালু। ~**নিকঁর** [করুণা-নিকর (নিধি, (২) রাশি)] বিণ, কৃপানিধি; করুণাময়। >স্ত্রীং ~**নিকঁরা**-করুণাময়ী-সম্বোধনে, নিকরে। "জয় দেবি জগদম্বি দীন দয়াময়ি শৈলসুতে করুণানিকরে॥" -অ০ ম০। ~**নিদান** [করুণার নিদান (মূল-উৎস) -৬ তৎ] বিণ, করুণাময়; দয়াবান্; দয়ালু; করুণাকর। ~**নিধান** [করুণা (র) নিধান (নিলয়)-৬ তৎ] বিণ, করুণানিলয়; কৃপানিধান; দয়ালু; দয়াময়। ২ বি, ঈশ্বর। "অধম পতিত জনে এত তোমার করুণা কেন ওহে করুণা-নিধান।"-স্ক০। ~**নিধি**-বি, করুণানিধান। ~**পঁর**-বিণ, সদয়। ~**ময়** [করুণ+ময়-(স্ত্র)] বিণ, দয়া আছে যার; দয়াময়; কৃপানিধান। "বাঁচাও করুণাময় ভিখারী রাঘবে।"-মেঘ০। >স্ত্রীং ~**ময়ী**-দয়াবতী।

করুয়া [সং-করঙ্ক। হিং, ওড়িং-করুয়া] বি, করোয়া দ্রঃ।

করে১ [অতীত-বাচক ক্রিয়া] ক্রি, করিয়া-ছিল। "সে আমায় নিষেধ করে, তাই আমি করি নাই (=করিয়াছিলাম না)"।

করে২ [করিয়া-ক্ষে০] ক্রি-বিণ, দ্বারা: পূর্ব্বক; ভরে। "এখন আমারে লহ করুণা করে।"-চয়নিকা। ২ প্রকারে; রূপে; ভাবে। প্র-কি করে কাজটা করা যাবে। ৩ ['ক'রে' ও০। ৩য়া বিভক্তির প্রত্যয়=তে=দ্বারা। যথা-কেমন করে=কেমনে] পরিণামে; ফলে। এই অর্থে যাতে ক'রে, তাতে ক'রে ই০ রূপে ব্যবহৃত হয়। "এমন ভাবে জাগিয়ে তোলা হয় যা'তে ক'রে দেশের জন্যে প্রাণ দিতে।"-প্রবাসী, ১৩৩৯।

করেটু, কঁর্করেটু [রেট্-শব্দ করা] বি, করক'টে পাখী।

করেণু [সং] শোককাতর; শোকার্ত্ত; দীন। ২ [করেণূ ও০] স্ত্রী হস্তী; হস্তিনী। ~**কা**-বি, হস্তিনী। "রাজকুমার স্বর্ণালঙ্কারে ভূষিত করেণুকায় আরোহণ করিলেন॥" -কাদ০। ~**মতী** [পু০] বি, নকুলের ভার্য্যা; নিরমিত্রের জননী (মহা০ আদি০ ৯৫, ৭৯)।

করেলা, করিলা [সং-কারবেল্ল। হিং-করেলা] বি, তিক্তফলবিঃ; দীর্ঘাকার উচ্ছে momordica charantia.

করোট, করোটি, করোটী [ক (মস্তক) রুট্ (রক্ষা করা)+অ (র্ত্তৃ-জ্ঞা০)+ই (জ্ঞা০)-ঈ (স্ত্রীং)] বি, মাথার খুলি। "বিকট ভীষণ দংষ্ট্রা গাছে সৈন্যগণ। করোটি কঙ্কাল অস্থি করিছে চর্ব্বণ।"-কৃত্তরেণু।

করোঠ [হিং-করবট্] বি, কাত হইয়া শরীরের যে কোন পাশে ভর দিয়া শয়ন। -লওয়া,-ফেরা-ক্রি, শয়নে পাশ ফেরা।

করোয়া [প্রাদে০ গ্রা০] বি, কমণ্ডলু।

করোহ [প্রা০ বাং] ক্রি, করহ দ্রঃ।

কর্ক [সং] বি, শ্বেতবর্ণ অশ্ব। ২ ক্ষুদ্র কলস। ৩ [ইং-cork কর্ক্] দক্ষিণ য়ুরোপের ওকবৃক্ষবিশেষের বল্কল; কাক। ৪ কাকরোল গাছ; কাঁকড়াশিঙ্গী। ৫ বিণ, শ্বেতবর্ণ। ~**খণ্ড**-দেশবিঃ; যথায় শ্বেতাশ্ব পাওয়া যায়। ~**চির্ভটী**-শ্বেত-কাঁকুড়; সাদা ফুটী।

কর্কট, কর্ক্ট, কর্কটক [সং-কর্কটকঃ। প্রাকৃ০-করকটকো] বি, কাঁকড়া। ২ কর্কটী পক্ষী the numidian crane. ৩ পদ্মকন্দ। ৪ অলাবুগাছ। ৫ মেষাদি দ্বাদশ রাশির মধ্যে চতুর্থ রাশি; কর্কট রাশি। "কর্ক্ট সিংহেতে যেন জলদ বরিষে।"-মহা০ (কাশী)। ৬ [৫ >] আষাঢ় মাস (খনার বচন)। ৭ [নাট্য শা০ অভিনয়ে] বৃশ্চিক মুদ্রা। এক হাতের আঙুলগুলি অন্য হাতের আঙুলের গলুই মধ্য দিয়া চালাইয়া বদ্ধ করা (interlocked fingers) ভিতর বা বহির্দিক্ করিয়া ধারণ। (ইহা প্রত্যঙ্গ প্রসারণ, শঙ্খ-বাদন, বৃক্ষ-শাখা নোয়ান ই০ স্থলে অভিনয়ে প্রযোজ্য)। স্ত্রীং কর্কটি, কর্ক্টি, কর্ক্টিকা।

কর্ক্টক্রান্তি-বি, নিরক্ষ রেখা হতে ২৩॥° অংশ উত্তরে যে অক্ষ-রেখা আছে tropic of cancer.

কর্ক্টশৃঙ্গী,-শৃঙ্গিকা['কর্কটাখ্যা', 'কর্কটাহ্ব', 'কর্কটাহ্বা' ও০] বি, কাঁকড়া শিঙ্গা গাছ rhus succedanea acuminata.

কর্ক্টিয়া, কর্কটে [সং-কর্করেটু] বি, কট্‌কটিয়া পাখী। ২ বিণ, করকটিয়া (দ্রঃ), খর্ব্বাকৃতি; কুঁজো ও কঠিন। ৩ কর্কশ-রবকারী।

কর্কটি,-টিকা [সং। হিং-কাঁকড়ি] বি, কাঁকুড় গাছ a kind of cucumber (cucumisutilatissimus).

কর্ক্টীমাটি [প্রাদে০] বি, কাঁকড়ায় যে

মাটি তোলে ; কাঁকড়ামাটি। "ঘুড়িটাক কর্কটিমাটির করি কোঁটা।"-শি০।

কর্কটু-বি, করেটু।

কর্কর [কর্ক্ (সৌন্দর্য্য)+অর (ণে, জ্ঞা০) যদ্দারা সৌন্দর্য্য বৃদ্ধি পায়] বি, দর্পণ; আর্শি ; মুকুর। ২ মুদ্গর। ৩ [হিং-কঙ্কর] কাঁকর ; ঘুটিং। ৪ বিণ, কঠোর ; দৃঢ় ; কর্কশ। স্ত্রীং ~ী-জলপাত্র ; সনল ঘটী ; গাড়ু ; বদ্না।

কর্করাল-বি, চূর্ণকুন্তল ; অলক। ২ বিণ, কাঁকুরে।

কর্করিয়া-বিণ, কঙ্করযুক্ত।

কর্কবিল-বিণ, দানাদার ; কিরকিরে ; কাঁকুরে।

কর্কশ, কর্কশ [সং] বিণ, খরস্পর্শ ; খরখরে ; অমসৃণ ; আবুড়া খাবুড়া। ২ শ্রুতিকটু ; পরুষ। ৩ কঠিন ; কঠোর ; নির্দ্দয় ; নিষ্ঠুর ; নির্ম্মম। ৪ ক্রূর ; কপট। ৫ শুষ্ক ; নীরস। ৬ বি, করঞ্জ বৃক্ষ ; কমলাগুঁড়ী ; কালকাসন্দা ; বিছাতীগাছ ; ইক্ষুভেদ। ৭ খড়্গ। স্ত্রীং ~া-শঙ্কিতব্যভিচারা স্ত্রী। বি, ~তা, ~ত্ব-কার্কশ্য।

কর্কশচ্ছদ-বি, পটোল। ~া-ঝিঙা।

কর্কসার [সং] বি, দধি-মিশ্রিত শক্তু ; দই মিশান ছাতু।

কর্কারু-বি, পাকা-কুমড়া ; বিলাতী কুমড়া beninkasa cerifera. ~ক [সং] বি, তরমুজ।

কর্কোট, কর্কোটক [সং] বি, তীব্রবিষ ; স্বনামপ্রসিদ্ধ নাগ বা সর্প। ২ বেলগাছ। ৩ ['কর্কোটিকা' ও০] কাঁকরোল গাছ। ৪ কাঁকুড় গাছ। ৫ ইক্ষু ভেদ।

কর্চ্চর [সং] বি, হরিতাল।

কর্চ্চরিকা, কর্চ্চরী [সং। হিং-কচৌরী বা বাং কচুরী হতে। কচুরী দ্রঃ। অমরকোষাদি প্রাচীন বা শব্দকল্পদ্রুম, শব্দসারাদি আধুং সং অভিধানে নাই, প্রকৃতিবাদে আছে] বি, কচুরী।

কর্চ্চুর, কর্চুর [আযুং। তুল-হিং-কচূরা। মঃ-কর্ণাটী-কচোরা] বি, একাঙ্গী murraya exotica. ২ কাঁচাহলুদ। ৩ স্বর্ণ। ৪ বিণ, কর্ব্বুরবর্ণবিশিষ্ট।

কর্চ্ছে [করা দ্রঃ, করিতেছে > কেং করতেছে > ; প্রাদেং ভেদে 'কচ্চে'] ক্রি, করিতেছে। "কাছে ব'সে গান কর্চ্ছে।" -আং শক্তি, ১৩৩৩।

কর্জ্জ, কর্জ্জা [আং-কর্জ্, পদ্যে-'করজ' (কবিকং)] বি, ঋণ ; ধার ; দেনা। "কর্জ কর কাত্যায়নী কুবেরের কাছে। ভিখারীকে ভয়ে ভাবি ভঙ্গ দেয় পাছে।"-শি০। কর্জ্জদার, করজদার-বিণ, ঋণী ; দেনদার ; খেরো। কর্জ্জপত্র-দেনাপত্র ; ধারখোর। ২ ঋণস্বীকারপত্র ; খৎ।

কর্ণ১ [কর্ণি (শ্রবণ করা)+অ(ণে) যদ্দারা শব্দ শুনা যায়। প্রাং বাং প্রাকৃং-কন্ন] বি, শ্রবণ ; কান। ২ কর্ণালঙ্কার ; কর্ণভূষণবিঃ ; (সোণার) কান। ৩ [কৃ (করা)+ন (র্ত্তৃ) যে নৌকা সোজা করিয়া রাখে] হাইল। ৪ কুন্তীর কন্যাকালের পুত্র ; অঙ্গরাজ ; দাতাকর্ণ। ~কটু-বিণ, শ্রবণের অসুখকর ; কর্কশস্বর। "খাঁটি সং শব্দগুলির দীর্ঘস্বরের দীর্ঘ উচ্চারণ কর্ণকটু হয় না।"-কাং রায়। ~কণ্ডূ [কর্ণের কণ্ডূ (কণ্ডূয়ন, চুলকান) হয় যাতে -বহুং] বি, কর্ণের মধ্যে চুলকানি রোগবিঃ ; কান-চুলকানি। ~কণ্ডূতি-বি, কণ্ডূয়ন। ~কীট, -কীটী [কর্ণ (কর্ণে প্রবেশ করে যে) কীট] বি, কান-কোটারি। > স্ত্রীং ~কীটা-কেন্নুই a centipede. ~কুণ্ডল-বি, কর্ণভূষণবিঃ ; বীরমৌলী ; কানমালা। ~কুহর [কর্ণের কুহর (ছিদ্র)-৬তৎ] বি, কর্ণ-বিবর ; কর্ণকূপ; কর্ণের ছিদ্র ; কর্ণরন্ধ্র। ~কৃমি [কর্ণের (কানের) মধ্যে জাত যে কৃমি (ক্ষুদ্র কীট) হয় যে রোগেক্ত-বহুং] বি, কানের রোগবিঃ। ~গত-বিণ, শ্রুতিগোচর। ~গূথ-বি, কর্ণমল। ~গোচর [কর্ণের (কানের) গোচর (বিষয়)-৬তৎ] বিণ, কর্ণের বিষয় ; শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য। প্র-কোন কথা কর্ণগোচর হওয়া। ~গোলক-বি, কানের হাড়ী। ~গ্রাহ [কর্ণ (নৌকার হাইল) গ্রাহ (যে গ্রহণ করে)] বি, যে নৌকার হাইল ধরে ; কর্ণধার ; নাবিক। ~ছিদ্র-বি, কর্ণকূপ ; কর্ণরন্ধ্র। ~জিৎ-বি, অর্জ্জুন। ~দর্পণ-কর্ণভূষণবিঃ, কান তড়্কা। ~ধনিকা-বি, কান বিঁধিবার (বিতঃ) হাতীর কান বিঁধিবার লোহশলাকা। ~ধার [কর্ণ (নৌকার হাইল) ধার (যে ধারণ করে) কর্ণ-ধৃ (ধারণ করা)+অন্-কর্ত্তৃ] বি, যে নৌকার হাইল ধরে ; নাবিক ; কাণ্ডারী। ২ [লক্ষং] চালক ; পরিচালক। ~নাদ [কর্ণে নাদ =৭ তৎ] বি, কর্ণের মধ্যে শব্দবিঃ ; কর্ণ অঙ্গুলি দ্বারা আচ্ছাদিত করিলে যে ভোঁ ভোঁ শব্দ হয়। ~পট, ~পটহ-বি, শ্রবণ-যন্ত্রের সূক্ষ্ম ঝিল্লি যাতে শব্দের প্রতিঘাত হইলে শ্রবণগোচর হয়। ~পথ [কর্ণরূপ পথ (ধা) বা কর্ণের পথ-৬তৎ] বি, কর্ণমধ্যে শব্দ-প্রবেশযোগ্য পথ ; শ্রুতিপথ। ~পরম্পরা [কর্ণ-পর-পর] বি, এক কান হতে আর এক কান, তা হতে আর এক কান, এরূপ ক্রমাগত ; একজনের নিকট একটি কথা শুনিয়া অন্য একজনকে বলা, সে আবার অন্যকে বলিলে কর্ণপরম্পরা বলে ; পরম্পর কানাকানি। ~পাক-বি, পূতি-কর্ণ ; কানে পুঁজ হওয়া। ~পাত-বি, শ্রবণ। ~পালী [কর্ণ-পাল (পা+ণিচ্= পালি-রক্ষা করা+পালন করা)+অ (জ্ঞা০), ঈ (স্ত্রীং)] বি, কর্ণালঙ্কার ; কর্ণভূষণ ; কানবালা ইং কর্ণের আভরণ। ~পূর [কর্ণ-পূর। পূর্ (পূরণ করা)+অ (র্ত্তৃ, জ্ঞা০) উপং, যে কর্ণকে পূর্ণ করে] বি, কর্ণাভরণ ; কর্ণভূষণ ; কান নামক অলঙ্কার। "কর্ণপূর কিরণে কবরী কান্তি করে।"-ঘ০। "শঙ্খ কজ্জল সোনা তাম্র রৌপ্য গোরচনা চামর দর্পণ কর্ণপূর।"-কবিকং। ২ নীলোৎপল। ৩ অশোক বৃক্ষ। ৪ শিরীষ বৃক্ষ। ~প্রতিনাহ-বি, যে রোগে কর্ণগূথ তরল হইয়া ঘ্রাণ মুখ দিয়া বাহির হয় ও শিরোরোগ (অর্দ্ধভেদক) উৎপাদন করে (সুশ্রুত)। ~ফুল-কানের অলঙ্কারবিঃ hypotenuse. ~বংশ [কর্ণ (কর্ণাকার) বংশ (বাঁশ) থাকে যাতে-বহুং] বি, মঞ্চ। ~বান্-বিণ, কর্ণ বিশিষ্ট। ২ হালযুক্ত। ~বিদ্রধি-বি, কানের ভিতরের ফোড়া abscess or ulcer in the cavity of the ear.

~বিলম্বী-বিণ, কর্ণ পর্য্যন্ত লম্বমান; আনত। ২ কর্ণ হতে লম্বিত। ~বেধ [কর্ণের বেধ (বিদ্ধকরণ)-৬তৎ] বি, সংস্কারবিঃ; চূড়াকরণ; সংস্কারপূর্ব্বক কান বিঁধান। "পর্ব্বতপুণ্যাহ পেয়ে পাঁচমাস কালে কর্ণবেধ কন্যার করিল কুতূহলে।"-শিং। ~বেষ্ট, ~বেষ্টক, ~বেষ্টন [কর্ণ (কর্ণের) বেষ্ট (বেষ্টন করা)+অ (অল্ ণে) অক (র্ত্তৃ)+অন্ (ট্, ণে)] বি, কর্ণবেষ্টক ভূষণ; কুণ্ডল। ~ভূষণ [কর্ণের ভূষণ-৬ তৎ] বি, কর্ণালঙ্কার; কর্ণাভরণ। ~মদ্গুর-বি, কানমাগুরমাছ। ~মল [কর্ণের মল-৬ তৎ; কিংবা, কর্ণস্থ যে মল-ধা] বি, কানের ময়লা; খইল। ~মুকুর-বি,কানের দর্পণালঙ্কার; তাড়াঙ্ক। ~মূল [সং] বি, কানের গোড়া। ২ কর্ণমূলের গ্রন্থি-স্ফীতি রোগ। প্র-তার কর্ণমূল হইয়াছে, উহা পাকিলে অস্ত্র করা হইবে। ~রন্ধ্র-বি, কানের ছিদ্র। ~লতিকা -বি, কানের পাতা। ~শূল [কর্ণের শূল -৬ তৎ] বি, কর্ণের ভিতর হুল বেঁধার মত যন্ত্রণাদায়ক রোগ; যে রোগে কান কট্‌কট্, ঝন্‌ঝন্ করে ear-ache. ~স্রাব [সুশ্রুত] বি, কানের ভিতর হতে রস বা পুঁজ-গড়ান রোগ। ~স্ফোট-বি, কর্ণমূলের গোড়া। > ~স্ফোটা-কানফাটা লতা। ~হীন [কর্ণ দ্বারা হীন-৩ তৎ] বিণ, বধির; কালা।

কর্ণ₂ [গং] যে সরল রেখা চতুর্ভুজের সম্মুখীন দুই কোণ যুক্ত করে diagonal. ২ সমকোণী ত্রিভুজের সমকোণের সম্মুখীন বাহু। অক্ষকর্ণ-বিক্ষেপকেন্দ্র; পতনকেন্দ্র argument of the latitude. চলকর্ণ-ক্ষিতিমণ্ডল হতে গ্রহের দূরত্ব true distance of a planet from the earth. বিষমকর্ণ-সমকোণী ত্রিভুজের কর্ণ hypotenuse of a rightangled triangle.

কর্ণক [সং] বিণ, নিয়োগকর্ত্তা; নিয়ন্তা। ২ কর্ণধার; যে নৌকার হাল ধরে।

কর্ণপিশাচী [সং] বি, তন্ত্রোক্ত দেবীবিঃ। মধ্যরাত্রিতে দগ্ধমীন দিয়া দেবীর পূজা হয়।

কর্ণশ্রবা [সং ... মহাভারতোক্ত ঋষিবিঃ।

কর্ণাকর্ণি [(গ্রাং-কানাকানি) কর্ণ দ্বারা আকর্ণি (শ্রবণ করা)-৩ তৎ (প্রং অং)] বি, কানাকানি; পরস্পর ফুসফুসনী; কানে কানে কথা [কানাকানি দ্রঃ]।

কর্ণা/ট-বি, দেশবিঃ। ২ অসুরবিঃ (শ্যামলাদেবী কর্ত্তৃক বিনষ্ট)। বর্ত্তমান কার্ণাটিক। ~টক-বি, কর্ণাটের পুরুষ। ২ কর্ণাট-দেশ। স্ত্রীং ~টী-কর্ণাটদেশীয়া স্ত্রী। ২ কর্ণাট-রাজমহিষী। ৩ রাগিণীবিঃ; মালব-রাজের-পত্নী। ৪ কাব্যের রীতিবিঃ। ৫ হংসপদী নামক লতা। ~টিকা [কর্ণাট -ঈপ্=কর্ণাটী+ক (স্বার্থে) আ (স্ত্রীং)] বি, কর্ণাট দেশ Carnatic. ২ কর্ণাটদেশীয়া স্ত্রী।

কর্ণান্তর [কর্ণ+অন্তর] বি, কর্ণকুহর। ২ এক কান হতে অন্য কান।

কর্ণাভরণ-বি, কানের গয়না।

কর্ণারা-বি, কান বিঁধিবার শলা।

কর্ণাস্ফাল-বি, কোন কোন পশুর কর্ণ সঞ্চালন।

কর্ণি, কর্ণী [কর্ণি-কর্ন্নি-কন্না। তুল-ফ্রেং-cunna, canon; ইং-gun] বি,আগ্নেয়াস্ত্র; কামান।

কর্ণিক্ [প্রাদেং। গ্রা -কোন্নিক] বি, রাজমিস্ত্রিদের ব্যবহার্য্য চূণ, সুর্কি, বালি ইং লাগাইবার লৌহ-নির্ম্মিত যন্ত্রবিঃ; কন্নিক trowel.

কর্ণিকা₁ [কর্ণ (কান)+ইক (জ্ঞাং) আ (স্ত্রীং)] বি, কর্ণাভরণ; কর্ণভূষণ; কোয়াপাতা। ২ হস্তিশুণ্ডের অগ্রবর্ত্তী অঙ্গুলির ন্যায় অংশ। ৩ পদ্মের মধ্যস্থ বীজকোষ pericarp of a lotus. ৪ পুষ্পমধ্য। "বিকসিত পুণ্ডরীক কর্ণিকার মাঝে।" -অং মং। ৫ বৃন্ত; বোঁটা। ৬ হস্তের মধ্যাঙ্গুলি। ৭ অজশৃঙ্গী বৃক্ষ। ৮ অগ্নিমন্থন বৃক্ষ। ৯ [ভাগবতে] যদুবংশীয় বসুদেব-ভ্রাতা আনকের স্ত্রী। ১০ অপ্সরোবিঃ। ১১ কঙ্কপত্নী।

কর্ণিকা₂ [সং। হিং-করণী, ওড়িং; মঃ-করণী] বি, লেখনী।

কর্ণিকাচল [কর্ণিকা (পদ্মের বীজকোষ) অচল (পর্ব্বত) কর্ণিকাবৎ অচল (উপমিতং)] বি, সুমেরু পর্ব্বত (ইহা পৃথিবীর মধ্যস্থানে বলিয়া কল্পিত)।

কর্ণিকার [কর্ণিকা (দ্রঃ)+ঋ (গমন করা)+অ (র্ত্তৃ) যে কর্ণিকা নামে বা পর্য্যায়ে গমন করে; কর্ণিকাসদৃশ পুষ্প হওয়া। হিং-কনিয়র, কনের। (২) সোনহালী, তেলুং-সোনালুফ্‌ল। সং-স্বর্ণালুবৃক্ষল-তা হতে সোনাল-সোঁদাল] বি, সোঁদালগাছ cassia fistula. ২ সোঁদালি ফুল। "আকন্দ তপন কাঁটা, কং শ্বেতজটা, সূর্য্যমণি তুলিল গুলাল।"-কবিকং। ~তরু-স্বর্ণচল বা সোঁদাল গাছ। ২ [বৈদ্যক] কনকচাঁপা।

কর্ণিনী [সং-কিণ > কড়া >, তুল-corn] বি, শ্লৈষ্মিক ঝিল্লীতে উৎপন্ন অর্ব্বুদ hæmorshoid growth or poly-pusuteri appearing on the living membrane of the organ. ২ কর্ণী দ্রঃ।

কর্ণিল-বিণ, কর্ণবিশিষ্ট। ২ দীর্ঘকর্ণ।

কর্ণিশর [কর্ণি-শর (বাণ)। তুল-মৈং বাণ কনিয়ারা বা কনিয়ালা (তীক্ষ্ণ)। "কুটিল কটাখ বাণ কনিয়ালা।"-বিং পং] বি, বিঁধিয়া ছিদ্র করিবার তীক্ষ্ণমুখ যন্ত্রবিঃ; বেধনাস্ত্র। ২ তীক্ষ্ণ শর।

কর্ণী [কর্ণ-ইন্ (স্ত্য)=কর্ণিন্ ১মা ১বং] বিণ, কর্ণবিশিষ্ট; কর্ণযুক্ত। ২ কর্ণসম্বন্ধীয়। ৩ দীর্ঘকর্ণ। ৪ সপ্ত বর্ষপর্ব্বতের মধ্যে পর্ব্বতবিঃ। ৫ কুটিলাবয়বযুক্ত শরবিঃ। স্ত্রীং কর্ণিনী।

কর্ণীরথ [কর্ণী (কর্ণদেশে বাহ্যমান যে রথ (যান)-ধা] বি, স্কন্ধবাহ্য যান; স্ত্রীলোকের গমনার্থ বস্ত্র-আচ্ছাদিত ক্ষুদ্র যান; ডুলি।

কর্ণেজপ [কর্ণে-জপ (পুনঃ পুনঃ উচ্চারণ -মন্ত্রদান)+অ (র্ত্তৃ, জ্ঞাং)] বিণ, সূচক; খল; কুপরামর্শদাতা; মনোভঙ্গকারী। ২ বি, গোয়েন্দা।

কর্ণেন্দু [কর্ণের ইন্দু (চন্দ্র)-৬ তৎ] বি, অর্দ্ধচন্দ্রাকৃতি কর্ণভূষণ; (সোনার) চাঁদ।

কর্ণেল, কার্ণেল [ইং-colonel] বি, সৈন্যবিভাগ বা এক পল্টনের প্রধান অধিনায়ক।

কর্ণোপকর্ণিতা [কর্ণ-উপকর্ণ (কর্ণ হতে উপকর্ণে (কর্ণান্তরে) যা যায়)] বি, জনশ্রুতি; কাণাকাণি।

কর্ণ্য [কর্ণ+য (ভবার্থে)] বিণ, কর্ণোৎপন্ন; কর্ণসম্ভব। ২ বি, কর্ণমল; কানের খোল।

কর্ত্ত [কৃৎ (ছেদনে)+অ (ভা০), তুল-ইং -cut] বি, ছেদ; কাটা। ~ন [কৃৎ (ছেদন করা)+অন (ভা০)] বি, ছেদন করা; কাটা। ২ কাট্‌না কাটা। >স্ত্রীং ~নী-যদ্দ্বারা কর্ত্তন করা হয়; কাটিবার অস্ত্র; কাঁচি। ২ কাতান।

কর্ত্তরী, কর্ত্তরিকা [কৃৎ (ছেদন করা) +অর (ণে, জ্ঞা০)=কর্ত্তর-ঈ (স্ত্রীং), ক (ক্ষুদ্রার্থে) যোগে কর্ত্তরিকা। কট্টার দ্রঃ। গ্রা০-কাতারি, কাতুরি] বি, কাটিবার অস্ত্র; কাটারি। ২ ছুরি। ৩ পত্রীকৃত স্বর্ণাদি কর্ত্তনযন্ত্র; কাতুরি। ৪ কর্ত্তনযোগ্য অপর দুই একটী অস্ত্রও বুঝায়। যথা,-কাঁচি, বাণের পুঙ্খ ইং। **কর্ত্তরী-স্বস্তিক** ['কর্ত্তরীমুখ' ও০। নাট্য শা০] বি, পর্ব্বত-শিখর বা বৃক্ষ-শাখা বুঝাইতে অভিনয়ে ক্রশের আকারে দুই হাত রাখা crossed hands like arrow shafts.

কর্ত্তব, করতব [হিং-করতব্‌। সং-কর্ত্তব্য] বি, করতপ দ্রঃ।

কর্ত্তব্য [কৃ (করা)+তব্য (র্ম্ম)] বিণ, অনুষ্ঠানযোগ্য; করণীয়; করা আবশ্যক; যা করিতে হইবে; বিধেয়; উচিত। ২ বি, অনুষ্ঠেয় কর্ম্ম duty. প্র-কি কর্ত্তব্য কি অকর্ত্তব্য সকলেরই তা জানা কর্ত্তব্য। বিপরীতে 'অকর্ত্তব্য'। ৩ [করতব দ্রঃ] বি, **~তা, -ঔচিত্য। ~কর্ম্ম, ~জ্ঞান, ~নিষ্ঠ, -পর, ~পরায়ণ, ~পালক, ~সাধক**-বিণ, যে করণীয় কার্য্য করে। **~নিষ্ঠা, ~পরতা, ~পরায়ণতা** বি,-কর্ত্তব্যে আসক্তি। **~পালন, ~সম্পাদন, ~সাধন**-বি, করণীয় কার্য্য করণ। **পরাঙ্মুখ, ~বিমুখ**-বিণ, কর্ত্তব্যে অবহেলাকারী। **~প্রিয়**-বিণ কর্ত্তব্যানুরাগী। **~বিমূঢ়**-বিণ, কর্ত্তব্য কি তা স্থিরকরণে অসমর্থ।

কর্ত্তব্যাতিশয় [কর্ত্তব্য-অতিশয়] বি, কর্ত্তব্যের আতিশয্য; অবশ্য কর্ত্তব্য বিষয়।

কর্ত্তা [কৃ (করা)+তৃ (র্ত্তৃ)=কর্ত্তৃ ১মা ১বং, >গ্রা০-কর্ত্তা] বিণ, প্রণেতা; যিনি স্বতন্ত্রভাবে কর্ম্ম করেন; নির্ম্মাতা; স্রষ্টা। ২ [ব্যা০] কারকবিঃ; যে কোন কর্ম্ম সমাধা করে। ৩ গৃহস্বামী,-এই অর্থে বাং-'কর্ত্তা।' ৪ স্বামী; পতি। "শুনিয়া নারীর কথা মনে অভিমান। কর্ত্তাটি জানালা খুলে স্নিগ্ধবায়ু খান॥"-বাজিমাৎ (হেম০)। ৫ অধ্যক্ষ। ৬ প্রভু; মুনিব। ৭ বি, বিধাতা। স্ত্রীং **কর্ত্রী** [কর্ত্তানী, কত্তানী মৈমনসিং প্রাদে০] প্রধানা স্ত্রী; গৃহিণী। কত্তা >স্ত্রীং-গিন্নি, গিন্নী। **কর্ত্তৃকারক**-ক্রিয়ার সহিত অন্বিত কর্ত্তৃবাচক পদ the nominative case. **কর্ত্তৃপদ**-ক্রিয়াসম্পাদক শব্দ the nominative. **কর্ত্তৃবাচ্য**-যে বাচ্যে কর্ত্তার বচন ও পুরুষ অনুসারে ক্রিয়ার বচন ও পুরুষ এবং কর্ত্তৃকারকে ১মা ও কর্ম্মকারকে ২য়া বিভক্তি হয় the active voice. **কর্ত্তার ইচ্ছায় কর্ম্ম**-আইনকানুন বা যুক্তির প্রভাব যেখানে নাই, কর্ত্তা বা প্রভুর ইচ্ছাই তথায় কর্ম্মের প্রবর্ত্তক; স্বেচ্ছাচারিতা।

কর্ত্তানেয়েন [সং-কর্ত্তৃ-নিয়ম (নিয়মন) >নেমন >নেঅন >নেয়েন। প্রাদে০] বি, করণীয় বা পালনীয় বিধি-নিয়ম rules and regulations.

কর্ত্তাভজা [কর্ত্তা (কর্ত্তার-সৃষ্টিকর্ত্তার) ভজা (ভজনকারী উপাসকদল)] বি, উপাসক-সম্প্রদায়বিঃ। নদীয়া জেলার কাঁচড়াপাড়া ষ্টেশনের অনতিদূরবর্ত্তী ঘোষপাড়া গ্রামে আউলচাঁদ নামক জনৈক উদাসীন ইহার প্রবর্ত্তক। ১৬০৮ শকে নদীয়ার অন্তঃপাতী উলাগ্রামের মহাদেবদাস বারুই তাহার পানের বরজে অজ্ঞাতকুলশীল অষ্টমবর্ষীয় একটী বালক প্রাপ্ত হয়; মহাদেব ঐ বালকের পূর্ণচন্দ্র নাম রাখে। পূর্ণচন্দ্র ক্রমে বৈষ্ণবচূড়ামণি বলরাম দাসের নিকট বৈষ্ণব-ধর্ম্মে দীক্ষিত হইয়া আউলচাঁদ নামে খ্যাত হন। ইনি সমস্ত ভারতবর্ষ পর্য্যটন করেন এবং সাধনবলে দৈবশক্তি সাক্ষাৎ করেন, তাঁহার সম্বন্ধে এইরূপ গান প্রচলিত আছে-"এ ভাবের মানুষ কোথা হ'তে এলো? এর নাইকো রোষ, সদাই তোষ মুখে বলে সত্য বল। এর সঙ্গে বাইশ জন, সবার একটী মন, জয় কর্ত্তা বলি, বাহু তুলি, করলে প্রেমে ঢলাঢল॥ এযে হারা দেওয়ায়, মরা বাঁচায়, এর হুকুমে গঙ্গা শুকালো।" কি হিন্দু কি মুসলমান সকলকেই ইনি সমান ভাবিতেন, মুসলমানেরাই ইঁহার নাম আউলচাঁদ রাখেন। ইঁহারা বলেন কৃষ্ণচন্দ্র, গৌরচন্দ্র ও আউলচন্দ্র-তিনে এক, একে তিন। ১৬৩৯ শকে বোয়ালিয়া বা বোয়ালে গ্রামে, আউলচাঁদ দেহত্যাগ করেন। শ্রীকৃষ্ণই ইঁহাদের উপাস্য দেবতা, এ সম্প্রদায়ী গুরুদিগের নাম 'মহাশয়,' শিষ্যের নাম 'বরাতি,' এই সম্প্রদায়ে জাতি-বিচার নাই, কিন্তু সুরাপান একেবারে নিষিদ্ধ, ইঁহাদের কোন ধর্ম্মগ্রন্থ নাই; দোল ও রাসযাত্রাই ইঁহাদের প্রধান মহোৎসব, ফাল্গুন মাসের দোল-পূর্ণিমাতে ঘোষপাড়াতে ইঁহাদের মহোৎসব হয়। (ভারতবর্ষীয় উ০ স০)। ২ [লক্ষ০] কর্ত্তৃত্বসম্পন্ন ব্যক্তির উপাসক বা তোষামোদকারী; ক্ষমতাপন্ন কর্ত্তার স্তাবক। "এই অপমান শাসনকর্ত্তারা উপেক্ষা করিতে পারেন, কর্ত্তাভজারাও উপেক্ষা করিতে পারেন।"-আ০ শক্তি, ১৩৩৪।

কর্ত্তার-বি, করতার দ্রঃ।

কর্ত্তিত [কৃৎ (ছেদন করা)+ত (র্ম্ম)-ই আগম] বিণ, দ্বিধাকৃত; ছেদিত; ছিন্ন; যা কাটা হইয়াছে।

কর্ত্তুকাম [কর্ত্তুম্‌ (করিবার জন্য) কাম (ইচ্ছা) যার-বহু০(ম্‌ লোপ)] বিণ, করিতে ইচ্ছুক; চিকীর্ষু।

কর্ত্তৃ [কৃ+তৃণ্‌ (র্ত্তৃ)] বি, কর্ত্তা দ্রঃ।

কর্ত্তৃক [সং-অন্য শব্দের সহিত কর্ত্তৃ শব্দের বহুব্রীহি সমাস হলে 'ক' প্রত্যয় হয়। যথা-মৎ কর্ত্তৃক] অ, দ্বারা; সাহায্যে; আনুকূল্যে [দ্রঃ-"একালের লেখকেরা কর্ত্তৃক এবং দ্বারা এই দুই পদের ব্যবহারে বড় একটা ভেদ রাখেন না; এটা আমার অনুচিত বোধ হয়। আমার বিবেচনায়, ক্রিয়ার কর্ত্তৃত্ব বুঝাইবার জন্য কর্ত্তৃক এবং কারণত্ব বুঝাইবার জন্য দ্বারা ব্যবহার করা উচিত। 'যোগেন্দ্র দ্বারা মুদ্রিত' না লিখিয়া 'যোগেন্দ্র কর্ত্তৃক

মুদ্রিত' লিখিলেই ভাল হয়।"-রামেন্দ্রসুন্দর ত্রিবেদী]।

কর্ত্তৃকা [সং] বি, ক্ষুদ্র কর্ত্তরী, কর্ত্তরিকা; ছোট কাটারী; ছুরিকা।

কর্ত্তৃকারক-কর্ত্তা দ্রঃ।

কর্ত্তৃত্ব [কর্ত্তৃ+ত্ব (ভাং)] প্রাং-'কত্তাত্তি'] বি, প্রভুত্ব। ২ কারকত্ব। ৩ অধিকার; ক্ষমতা।

কর্ত্তৃপদ-কর্ত্তা দ্রঃ।

কর্ত্তৃপক্ষ, কর্ত্তৃবর্গ-বি, কর্ম্মসম্পাদকগণ; কর্ত্তারা; কর্ম্মপরিচালকসংঘ; কর্ম্মাধিকারিগণ; শাসকবর্গ authorities.

কর্ত্তৃবাচ্য-কর্ত্তা দ্রঃ।

কর্দ্দন [কর্দ্দ্ (কুৎসিত রব করা)+অন (ভাং)] বি, কুৎসিত ধ্বনি। ২ বালকের শব্দ বা গোলমাল। ৩ উদরের মধ্যে কলকল্ শব্দ; পেটের ডাক। ৪ [স্ত্রাং-র্দ্দ্রী] কাক; বায়স।

কর্দ্দম, কর্দ্দ [বৈদিক যুগে 'ছায়া' অর্থে প্রচলিত ছিল। তার ভাব হতে পরে ভিন্নার্থে প্রযুক্ত] বি, পঙ্ক; কাদা; পাঁক। ২ কলুষ; পাপ। ৩ স্বায়ম্ভুব মনুর কন্যা দেবহূতির পতি। কর্দ্দম-নামক প্রজাপতি; কপিলের পিতা। ৪ নাগবিঃ। ৫ শালিধান্য। ~ময়-বিণ, কর্দ্দমিত। স্ত্রীঃ ~ী-মুদ্গারবৃক্ষ; মুগুরা।

কর্দ্দমাক্ত [কর্দ্দম+অক্ত(লিপ্ত,মিশ্রিত)] বিণ, পঙ্কিল; কর্দ্দমিত।

কর্দ্দমিত [কর্দ্দম+ইত (যুক্তার্থে)] বিণ কর্দ্দমযুক্ত; পঙ্কিল।

কর্প [প্রাদেং। সং-কার্পাস > ভ্রং] বি, কার্পাস। "জামাতারে পিতা মোর দিল ভূমিদান। তাহে হয় মাস/মসুরী তিল কর্প ধান॥"-কবিকং।

কর্পট [সং।"পটচ্চরং জীর্ণবস্ত্রং সমৌ নক্তককর্পটে।"-অমরং] বি, জীর্ণবস্ত্র; ছিন্ন পরিচ্ছদ; পুরাতন কাপড়; নেকড়া। ২ মলিন বস্ত্র; নেতা। ৩ করবস্ত্র; রুমাল। ৪ কাপড়। ৫ পুরাণ-প্রসিদ্ধ পর্ব্বত যথায় শমন অধিষ্ঠিত। স্ত্রীং কর্পটী। ক্ষুদ্রতর অর্থে কর্পটিকা। ~ধারী-বিণ, চীরধারী; ছিন্নবস্ত্র-পরিধানকারী; দরিদ্র। কর্পটিক [কর্পট (ভিক্ষাপাত্র)+ইক (ষ্ণ)] বিণ, ভিক্ষাপাত্রধারী; ভিক্ষুক। ~ী [কর্পট+ইন (ষ্ণ)=কর্পটিন্ ১মা ১বং] বিণ, কর্পটিক।

কর্পর [সং-"স্যাৎ কর্পরঃ কপালোঽস্ত্রী।" -অমরং] বি, মাথার খুলি [তুল হিং-খোপড়া] ২ [ক=খ; সং-খর্পর, বাং-খপ্‌রা] খাপ্‌রা; মৃৎপাত্রের ভগ্নাংশ। ৩ কটাহ। ৪ [কৃপ্ (সমর্থ হওয়া)+অর (র্ত্তৃ) যা সামর্থ্য দান করে] খড়্গ্ বিঃ; খর্পরনামক খাণ্ডা; কাতা। স্ত্রীঃ ~ী-তুত্থাঞ্জন a sort of collyrium.

কর্পরাল [কর্পর (কাঠিন্যে বা আকারে কর্পর বা খর্পর সদৃশ বলিয়া)+আল (যুক্ত)] বি, আখরোট গাছ; কোঙ্কণ দেশপ্রসিদ্ধ পীলুবৃক্ষ।

কর্পাস, -সী-বি, কার্পাস দ্রঃ।

কর্পূর [সং-"অথ কর্পূরমস্ত্রিয়াম্। ঘনসারশ্চন্দ্রসংজ্ঞঃ সিতাভ্রো হিমবালুকা॥" -অমরং। হিং-কপূর, আং-কাফূর, মালয় দ্বীপে-'কাপুর'। বোং বাং প্রাকৃং-'কাপুর', চং কং ভাং-'কাউর'] বি, ভারত, চীন, মালয় দ্বীপ ইং স্থানের বৃক্ষ-বিশেষের (cinnamomum camphora) কাষ্ঠের ঘনরস বা নির্য্যাস. শুভ্র শীতল বলিয়া চন্দ্রসংজ্ঞক সকল শব্দই কর্পূরার্থে প্রযুক্ত হয় এবং জমাট বাঁধিলে বালুকার বা শ্বেত অভ্রবৎ দেখায় বলিয়া ইহার নামান্তর সিতাভ্র; হিমবালুকা। পক্ব (কাষ্ঠ চুয়ান এবং সচরাচর ব্যবহৃত শ্রীকর্পূর camphor) ও অপক্ব (ভীমসেনী barus camphor ইহা dyrobalanus aromatica নামক বৃক্ষজাত) ভেদে কর্পূর সাধাঃ দুই প্রকার। কিন্তু ভীমসেনী ও শ্রীকর্পূর ব্যতীত আয়ুর্ব্বেদী দ্রব্য-পর্য্যায়ে কর্পূর-পোতাস, সিতকর শর্করাবাস, পাংশু, পিঞ্জ, অব্দসার, হিমবালুক, অব্‌তিক, তুষার, হিম, শীতল ইং ভেদে বহু প্রকার। ২ কর্পূর-লতা; কর্পূর-গন্ধ, শ্বেতপুষ্পী; জলজ লতাবিঃ limnophila, gratioloides এই জাতীয় কৃষ্ণাভ পুষ্পবতী লতার নাম কাল কর্পূর limnophila roxburghii. ~কান্তি,~দ্যুতি-কর্পূরবৎ সিতাভ্র কান্তি। ২ সুগন্ধ তাম্বুল-পত্র; কর্পূরগন্ধ পান। ~তৈল-কর্পূর হতে উৎপন্ন স্নেহপদার্থ। ~মণি [কর্পূরের মত উজ্জ্বল এবং কটু-তিক্ত-রস ও গুণযুক্ত বলিয়া] বি, মূল্যবান্ প্রস্তরবিঃ; পাষাণভেদ। ~রস-পারদ। ২ [রাসাং পরিঃ] হি, রসকর্পূর; শ্বেতভস্ম calomel. ~হরিদ্রা (হিং-কপূরহলদী) আমআদা curcuma reclinata.

কর্পূরতিলকা-বি, পার্ব্বতীর জয়ানাম্নী প্রধানা সখী (অন্য প্রধানা সখী বিজয়া)।

কর্পূরস্তব-বি, মহাকালরচিত কালিকার প্রসিদ্ধ স্তব।

কর্ফর [সং] বি, মুকুর; দর্পণ।

কর্ব্বর-বি, ব্যাঘ্র। স্ত্রীঃ ~ী-ব্যাঘ্রী; শৃগাল।

কর্ব্বু/র [সং] বি, সুবর্ণ; সোনা। ২ নানা বর্ণের মিশ্রণজাত বর্ণ; বিচিত্র বর্ণ। বিণ, ~রিত। স্ত্রীঃ ~রা [বৈদ্যক] বি, বাবুই তুলসী; পারুল গাছ। ২ বিণ, কর্ব্বুর বর্ণ; বিচিত্র বর্ণা। ৩ পাপ। ~রী -বি, দুর্গা।

কর্ব্বুর [সং-"রাক্ষসঃ * * * রাত্রিচরঃ কর্ব্বুরো নিকষাত্মজঃ।"-অমরং] বি, রাক্ষস। "কর্ব্বুরোত্তম।"-মেঘং। ২ হরিদ্রা। ৩ দৈত্যবিঃ। ৪ হরিতাল; শটী বা শঠী; গন্ধশটী curcuma-gedoaria. (কর্ব্বুর অর্থেও ব্যবহৃত)।

কর্ম্ম [কৃ=করা+ম (র্ম্ম, মন্=কর্ম্মন্ ১মা ১বং) প্রাকৃং-'কম্ম', (করম দ্রঃ)। হিং >বাং-কমে] বি, যা করা যায়; কার্য্য; কাজ work. প্র-সৎকর্ম্ম; অসৎ কর্ম্ম; কুকর্ম্ম। ২ স্বধর্ম্ম পালন; কর্ত্তব্য duty. "সে কাজের ভার যাহার উপর থাকে,তাহা তাহার অনুষ্ঠেয় কর্ম্ম।"-কৃষ্ণচরিত্র (বঙ্কিম)। "শুন ভারত-সন্তান কর্ম্মে তব মুক্তি বর্ত্তমান।"-কর্ম্মযোগ (হিন্দুপত্রিকা)। ৩ আবশ্যকতা; প্রয়োজন; প্রয়োজনের বস্তু। প্র-কোন কর্ম্মের, কোনও কর্ম্মের নয় ইং। ৪ বিবাহাদি সামাজিক অনুষ্ঠান; উৎসব; পূজা-পার্ব্বণাদি অনুষ্ঠান। প্র-তাহাদের বাড়ীতে আজ কোন কর্ম্ম আছে কি? এই তাঁহার শেষ কর্ম্ম, মেয়েটির বিবাহ হইলেই তিনি এখন নিশ্চিন্ত হন।

৫ অফিসের কর্ম্ম; চাকরী service. প্র-তিনি জাহাজে কর্ম্ম লইয়া বিদেশে গিয়াছেন, (২) দাস্যবৃত্তি। প্র-বৃদ্ধের অবস্থা বড়ই খারাপ হয়েছে, টাকাকড়ি যা ছিল তা ত সবই গিয়েছে এখন যে লোকের বাড়ী কর্ম্ম করে খাবে তারও শক্তি নাই। ৬ [স্মৃ॰] প্রেতকর্ম্ম, অন্ত্যেষ্টিক্রিয়া। ৭ [ব্যা॰] কর্ম্ম-কারক objective case. ৮ [ন্যায়॰] উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ ও গমন এই পঞ্চ ক্রিয়া। ৯ [তুল-হি॰-করম -পূর্ব্বজন্মকৃত কর্ম্ম] অদৃষ্ট; ললাট; ভাগ্য। প্র-কর্ম্মের ভোগ। ১০ [যোগ শা॰- "ধৌতির্বস্তিস্তথা নেতির্লৌলিকী ত্রাটকং তথা। কপালভাতিশ্চৈতানি ষট্ কর্ম্মাণি সমাচরেৎ॥"-ঘেরণ্ড-সংহিতা] ধৌতি, বস্তি, নেতি, লৌলিকী (লৌলী), ত্রাটক ও কপাল-ভাতি 'ষট্‌কর্ম্ম' নামক এই ৬ প্রকার যোগ-ক্রিয়া, (২) যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান ও প্রতিগ্রহ এই ৬ প্রকার স্মার্ত্ত কর্ম্ম। ~কর [কর্ম্মন্ ১মা ১ব॰=কর্ম্ম (কাজ) কর (যে করে)-উপ॰] বিণ, কর্ম্মনির্ব্বাহক; যে কোন কার্য্য করে। ২ যে পরিশ্রমের মূল্য লইয়া কর্ম্ম করে; ভৃত্য; অনুচর; সেবক; চাকর। ৩ কর্ম্মকার; কারিকর। (২) কামার blacksmith. > স্ত্রীং ~করী-দাসী। ২ মূর্ব্বালতা। ~কর্ত্তা [কর্ম্মের কর্ত্তা] যিনি কর্ম্ম সম্পাদন করেন তাঁকেই কর্ম্মকর্ত্তা বলে। ২ যিনি নিজে কর্ম্ম না করিলেও অন্যের দ্বারা কর্ম্ম সম্পাদন করাইয়া লয়েন; যাঁর বাড়ীতে বিবাহাদি কর্ম্ম হয়, তাঁকেও কর্ম্ম-কর্ত্তা বলে। ৩ [ব্যা॰] কর্ম্মই যেখানে কর্ত্তা বলিয়া বর্ণিত হয়, কর্ত্তা যে স্থানে কর্ম্মকে কর্ত্তা বলিয়া বর্ণনা করেন, সেই কর্ম্মই কর্ম্মকর্ত্তা নামে প্রসিদ্ধ। প্র-কর্ত্তা বলিলেন অদ্যকার অন্ন আমি পাক করিতেছি, কিন্তু অন্ন স্বয়ংই পক্ব হইতেছে, এস্থলে কর্ম্ম অন্নকে কর্ত্তা কর্ত্তৃরূপে প্রয়োগ করায় কর্ম্মকর্ত্তা হইল। ~কর্ত্তৃবাচ্য [কর্ম্মকর্ত্তা দ্রঃ] বি, যে স্থলে কর্ম্ম কর্ত্তার তুল্য ক্রিয়া সম্পন্ন করে, তাকেই কর্ম্মকর্ত্তৃবাচ্য কহে। আমি অন্নপাক করিতেছি কিন্তু অন্ন স্বয়ং পক্ব হইতেছে ইং স্থলে কর্ম্মকর্ত্তৃবাচ্য হয়। ~কাণ্ড [কর্ম্মের কাণ্ড (সমূহ) ৬ তৎ] বি, কর্ম্মসমূহ; যাবতীয় কর্ম্ম। ২ [কর্ম্মের কাণ্ড (অধ্যায়) যাতে-বহু॰] বেদাংশবিঃ; ইহাতে কর্ম্মসমূহ নিরূপিত হইয়াছে; যজ্ঞোপযোগী ঋগাদি চতুর্ব্বেদ এবং ব্রাহ্মণসমূহ। ~কার [কর্ম্ম-কৃ (করা)+অ (র্ত্তৃ) উপ॰। যারা লৌহাদি ধাতুর কর্ম্ম করে] বি, জাতিবিঃ; কামার। ২ [নৌ] জাহাজ ও নৌকার কর্ম্মচারী; কামার। ৩ যারা মূল্য লইয়া কর্ম্ম করে; ভৃত্য। ~কারক-বিণ, যে কর্ম্ম সম্পাদন করে; কর্ম্মচারী। ২ [ব্যা॰] কারকবিঃ objective case. ~কারী [কর্ম্ম -কৃ (করা)+ইন্ (র্ত্তৃ)=কর্ম্মকারিন্ ১মা ১ব॰] বিণ, যে কর্ম্ম করে; কর্ম্মকারক; কর্ম্মচারী। ~কুণ্ঠ [কর্ম্মে কুণ্ঠা যার] বিণ, কর্ম্ম করিতে কুণ্ঠিত; শ্রমকাতর; অলস। ~কুশল -বিণ, কর্ম্মদক্ষ; কার্য্যপটু। ~ক্লান্ত-বিণ, কর্ম্ম করিতে করিতে অবসন্ন ও পরিশ্রান্ত। ~ক্ষম [কর্ম্মেতে ক্ষম (দক্ষ) ৭ তৎ] বিণ, কর্ম্ম করিবার ক্ষমতা যার আছে; কার্য্যকুশল; কার্য্যপটু; কার্য্যদক্ষ। ~ক্ষেত্র [কর্ম্মের ক্ষেত্র-৬ তৎ] বি, কর্ম্মভূমি; কার্য্যস্থান; কর্ম্মানুষ্ঠানের স্থান; ভোগভূমি। ২ ভারত-বর্ষ। ~গতি [কর্ম্ম গত (প্রাপ্ত)-২ তৎ] বিণ, কর্ম্মপ্রাপ্ত। ২ [কর্ম্মার্থ গত-৪ তৎ] কর্ম্মের জন্য আগত; কর্ম্মানুসারে প্রাপ্ত; কর্ম্মা-র্জ্জিত। ~চারী [কর্ম্ম-চর্ (গমন করা)+ ইন্ (র্ত্তৃ) কর্ম্মচারিন্ ১মা ১ব॰] বিণ, যে কর্ম্ম করিবার জন্য অন্যের নিকট গমন করে; যে বেতন লইয়া অন্যের কর্ম্ম করে; যে অন্য কর্ত্তৃক কর্ম্মে নিয়োজিত হয়; কার্য্য-কারক। ~জ [কর্ম্ম (কার্য্য) হতে জ (জাত-র্ত্তৃ, ড প্রত্যয়ান্ত জন্ ধাতুজ)] বিণ, ক্রিয়োৎ-পন্ন; কর্ম্মজাত। ২ বি, কলিযুগ। ৩ সুখ-দুঃখাদি। ~জ্ঞ [কর্ম্ম (কার্য্য) জ্ঞ (যে জানে) -র্ত্তৃ, ড প্রত্যয়ান্ত জ্ঞা ধাতুজ] বিণ, যে কার্য্য জানে; কর্ম্মবিৎ; বিধিজ্ঞ; যে ব্যক্তি কার্য্যের উপায় ও সময় বিশেষভাবে জানে। ~ঠ [কর্ম্ম (ক্রিয়া) ঠ (কুশলার্থে)] বিণ, যে ব্যক্তি কার্য্যের নিয়ম-প্রণালী এবং উপায় ও কাল বিশেষরূপে জানে; কর্ম্মকুশল। ২ কর্ম্মক্ষম; যার কর্ম্ম করিবার মত শারীরিক শক্তিসামর্থ্য আছে। ~ণ্য [কর্ম্মন্ (কার্য্য)+য (যোগ্যার্থে)] বিণ, কার্য্যযোগ্য; যা কর্ম্মে আবশ্যক হয় (বিপরীত-অকর্ম্মণ্য)। ২ কার্য্য-দক্ষ; কর্ম্মকুশল। > স্ত্রীং ~ণ্যা-বেতন; কর্ম্মমূল্য। ~ণ্যতা [কর্ম্মণ্য+তা (ভা॰)] বি, কার্য্যনির্ব্বাহদক্ষতা; কর্ম্ম-সম্পাদন-নৈপুণ্য। ২ কর্ম্মোপযোগিতা; প্রয়োজন-সাধকতা; যা কার্য্য-সাধনে লাগে। ~ণ্যভুক্ [কর্ম্মণ্য (কর্ম্মলভ্য-বেতন) ভুক্ (যে ভোজন করে) ভুজ্ (উপভোগ করা)+র্ত্তৃ-ক্বিপ্ (উপ॰)] বিণ, কর্ম্ম-মূল্যোপজীবী; বেতনোপ-জীবী; যে কর্ম্মের মূল্যদ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ~ত্যাগ [কর্ম্মের ত্যাগ-৬ তৎ] বি, কার্য্যে বিরতি; কার্য্যত্যাগ বা পরিহার। ২ চাকরি ছাড়া; কর্ম্ম হতে অবসর গ্রহণ। প্র-তিনি কর্ম্মত্যাগ করিয়া স্বাধীন ব্যবসায়ে মন দিয়াছেন। ৩ [দর্শনে] বিষয়-কর্ম্ম-পরিত্যাগ; বিষয়-বাসনা হতে বিরতি বা নিবৃত্তি। ৪ সংন্যাস। ~ত্যাগী-বিণ, যে কর্ম্ম পরিত্যাগ করিয়াছে। ২ নিষ্কর্ম্মা। ৩ সংসার-বিরক্ত। ~দক্ষ [কর্ম্মে দক্ষ (কুশল)-৭তৎ] বিণ, কার্য্যকুশল; কর্ম্ম-নিপুণ; কার্য্যপটু; যার কর্ম্ম-নির্ব্বাহে বিলক্ষণ নৈপুণ্য আছে। ~দুষ্ট [কর্ম্ম (ক্রিয়া) দ্বারা দুষ্ট দোষযুক্ত)-৩ তৎ] বিণ, যে কুকর্ম্ম দ্বারা দূষিত হইয়াছে; কুক্রিয়ান্বিত। ২ যে সর্ব্বদা কুকর্ম্ম করে; কুকর্ম্মা; দুষ্কর্ম্মা; দুশ্চরিত্র। ~দোষ [কর্ম্মের দোষ-৬ তৎ] বি, কুকর্ম্মের অপরাধ; মন্দ কর্ম্মের অনুষ্ঠান জন্য দোষ। ২ অপরাধ বা পাপ। ৩ অদৃষ্টের দোষ। ~ধারয় [কর্ম্ম-ধৃ+ণিচ্=ধারি (ধারণ করা) +অ (র্ত্তৃ)] বি, সমাসবিঃ; যে সমাসে দুইটী পদ বিশেষ্য বিশেষণ ভাবাপন্ন হইয়া এক বিভক্ত্যন্ত হয় ঐরূপ সমাসকে কর্ম্মধারয় বলে। প্র-সুন্দর বালক, নীলপদ্ম ইং। ~নাশা [কর্ম্মের নাশ (লোপ) হয় যা হতে-বহু॰] বি, বেহার ও কাশীর মধ্যস্থিত একটী নদী; এই নদীর জল-স্পর্শে সমস্ত পুণ্য-কর্ম্মের ক্ষয় হইয়া যায়। "কর্ম্মনাশা-পাপপ্রবাহিণী-কেমনে পড়িল বহি জাহ্নবীর জলে।"-বীরাঙ্গনা-কাব্য। ২ বিণ, যে কর্ম্ম নষ্ট করে; কার্য্য-পণ্ডকারী। প্র-লোকটা ভারি কর্ম্মনাশা কেবল সময় নষ্ট করে। ~নিকাশ [প্রা॰-

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ন্‌জ হ্ন=হ্‌ন হ্ম=হ্‌ম হ্য=হ্‌য, জ ক্ ব ভ=zfwv ও চ্চা॰ দ্রঃ

নিকেশ। হিং-নিকাস; হিসাব নিকাস (শেষ, খতিয়ান)] বি, কর্ম্ম-সমাপ্তি; কর্ম্ম-শেষ; খতিয়ান। "কর্ম্মনিকেশ তখনি হয়।"-রজনী সেন। ~নিষ্ঠ, ~পর, ~পরায়ণ, ~ব্রতী, ~রত-বি, কর্ম্ম-শীল; কর্ম্মী। ~পথ [কর্ম্মের পথ-৬ তৎ] বি, কর্ম্মের পদ্ধতি; যে উপায় দ্বারা শুভকর্ম্ম সিদ্ধ হয়। ~প্রবচনীয় [ব্যাং] বি, যে সকল অব্যয় শব্দের যোগে বিভক্তি হয়। "অব্যয় দুই রকম। কতকগুলি ধাতুর সহিত জুড়িয়া যায়, সে গুলিকে উপসর্গ বলে। যখন সেগুলি ধাতুর সঙ্গে জুড়িয়া যায় না অথচ তাদের যোগে বিভক্তি হয়, তখন সে গুলিকে কং প্রং বলে।"-হং প্রং শাস্ত্রী। ~পাশ কর্ম্মবন্ধ দ্রঃ।~ফল [কর্ম্মের ফল-৬ তৎ] বি, কর্ম্ম জন্য সুখ বা দুঃখ; কৃত কর্ম্মের পরিণাম: কর্ম্মবিপাক। ~বন্ধ, ~বন্ধন-বি, কর্ম্ম-রূপ বাঁধন; নিয়তি; কর্ম্মফলস্বরূপ পুনঃপুনঃ জন্ম মৃত্যু। ~বশ [কর্ম্মের বশ-৬ তৎ] বিণ, কার্য্যাধীন; যে কার্য্যানুসারে চলে বা থাকে। ২ বি, কার্য্যানুরোধ; কার্য্যগতিক; কর্ম্মানু-বন্ধ।~বশতঃ [কর্ম্মবশ+তস্ (সপ্তম্যর্থে)] অ, কার্য্যবশে; কার্য্যগতিকে; কর্ম্মানুরোধে; কর্ম্মানুসারে; কার্য্যবশতঃ। ~বাচ্য [ব্যাং] বি, যে বাচ্যে ক্রিয়া কর্ম্মের পুরুষ ও বচন পায় ও যাতে কর্ত্তায় ৩য়া ও কর্ম্মে ১মা বিভক্তি হয়। ~বাদ-বি, কর্ম্মই মোক্ষলাভের উপায় এই মত।~বাদী-বিণ, মতাবলম্বী।~বিপাক [কর্ম্মের-বিপাক (পরিণাম)-৬ তৎ] বি, কর্ম্মের ফলভোগ; কৃত কর্ম্মের শুভাশুভ পরিণাম। ২ শুভাশুভ কর্ম্মফল-জ্ঞাপক শাতাতপকৃত স্মৃতিশাস্ত্র। ~বীর [কর্ম্ম (সম্পাদনে) বীর (শক্ত, শূর)] বি, অসাধারণ কর্ম্মী; কর্ম্মশূর; বিরাট্ কর্ম্ম-সম্পাদক; বহু সদনুষ্ঠানে সিদ্ধিকাম। ~ব্যতিহার-বি, পরস্পর এক জাতীয় ক্রিয়া করণ; ক্রিয়া-বিনিময়। ~ভূ-বি, কর্ষিত ভূমি। ~ভূমি [কর্ম্মের ভূমি (পৃথিবী)-৬ তৎ, (আর্য্যদিগের কর্ম্মকাণ্ড-স্থান)] বি, আর্য্যাবর্ত্ত; হিমালয় ও বিন্ধ্য পর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ; ভারতবর্ষ। ২ কার্য্যক্ষেত্র; জীবন-সংগ্রাম-ক্ষেত্র। ~ভোগ [কর্ম্মের ভোগ-৬ তৎ] বি, কর্ম্ম জন্য সুখ বা দুঃখ প্রাপ্তি; কর্ম্মফল-লাভ। ২ কোন বিষয়ে নিরর্থক কষ্ট পাওয়া; বৃথা ক্লেশ পাওয়া; গ্রহ। ~মীমাংসা-বি, জৈমিনীয় দর্শন; পূর্ব্বমীমাংসা শাস্ত্র। ~মূল [কর্ম্মের মূল-৬ তৎ] বি, কুশ; দর্ভ। ২ কর্ম্ম-সাধন কারণ। ~যুগ [কর্ম্মের যুগ-৬ তৎ] বি, কলিকাল। ২ কর্ম্মপ্রধান যুগ। ~যোগ [কর্ম্মের যোগ-৬ তৎ] বি, বেদ-শাস্ত্রাদি বিহিত কর্ম্মের কৌশল; চিত্তের শুদ্ধি-বিধায়ক বেদোক্ত কর্ম্ম। ২ কর্ম্ম-ফলে লক্ষ্য না রাখিয়া কর্ম্ম করা। ৩ বিহিত কর্ম্মে একান্ত নিষ্ঠা। ~যোগী [কর্ম্মযোগ+ইন্ (স্ত্য) =কর্ম্মযোগিন্ ১মা ১বং] বিণ, যে নিয়ত কর্ম্মযোগ করে; কর্ম্মযোগরত; বেদোক্ত কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত। ২ ঈশ্বর-সাক্ষাৎকার লাভের জন্য ধ্যান-ধারণাদিরূপ তপস্যা-নিরত। ৩ সমস্ত লক্ষ্য যে অনুষ্ঠিত কর্ম্মে নিযুক্ত করিয়াছে: আত্মবিস্মৃত কর্ম্মী। ~রঙ্গ -বি, কামরাঙ্গা ফলের গাছ। ~শালা [কর্ম্মের শালা-৬ তৎ] বিণ, কার্য্যস্থান; দপ্তর। ২ শিল্পাদি কার্য্যের আগার বা গৃহ। ~শীল [কর্ম্ম-শীল কর্ম্মে (কর্ম্ম নির্ব্বাহে) শীল (স্বভাব) হইয়াছে যার-বহু] বিণ, কর্ম্ম-সাধন-তৎপর; যে চেষ্টাপূর্ব্বক কর্ম্ম করে; যে কার্য্যসিদ্ধির জন্য যত্ন ও পরিশ্রম করে; কর্ম্মী। ~শুচি [কর্ম্ম দ্বারা শুচি (পবিত্র)-৩ তৎ] বিণ, যে সৎকর্ম্ম দ্বারা পবিত্রতা লাভ করে। ২ [কর্ম্মে শুচি-৭ তৎ] যে কখন অসৎ কর্ম্ম করে না; যার কর্ম্মে দোষ দেখা যায় না; বিশুদ্ধ কর্ম্মকারী। ~শূর [কর্ম্মে (কর্ম্ম সাধনে) শূর (দক্ষ) ৭ তৎ] বিণ, কর্ম্মবীর; কর্ম্মদক্ষ। ~শৌচ [কর্ম্মে শৌচ (শুদ্ধি)-৭ তৎ] বি, কার্য্যশুদ্ধি; কর্ম্ম বিষয়ে নির্দ্দোষতা। বিণ, কর্ম্মশুচি। ~সংন্যাস [কর্ম্মের সংন্যাস (সম্যক্ ত্যাগ) -৬ তৎ। কথ্য ~সন্ন্যাস] বি, কর্ম্মের ফল কামনা না করিয়া নিত্য নৈমিত্তিক কর্ম্ম পরিহার: ঐহিক সুখ-ভোগের কর্ম্মত্যাগ। বিণ, কর্ম্মসংন্যাসী। ~সম্ভব-বি, কর্ম্ম হতে সম্ভূত বা জাত। ~সংন্যাসী [কর্ম্ম-সংন্যাস+ইন (স্ত্য) = কর্ম্মসংন্যাসিন্ ১মা ১বং। কথ্য~সন্ন্যাসী] বিণ, সংন্যাসাশ্রমা-বলম্বী; যতি। ২ যে ঐহিক সুখ-বাসনা বা কামনা পরিহার পূর্ব্বক নিত্য নৈমিত্তিক কার্য্য পরিত্যাগ করে; কর্ম্মত্যাগী। বি, কর্ম্মসংন্যাস। ~সচিব [কর্ম্মের সচিব (মন্ত্রী) -৬ তৎ] বি, কর্ম্ম সম্পাদনে সহায়; সহকারী কার্য্যনির্ব্বাহক। ২ মন্ত্রী minister, secretary of state. ~সাধক-বি, যে ক্রিয়া কর্ম্ম করে। ২ কর্ম্ম-সম্পাদক। ~সাপেক্ষ-বিণ, যা কর্ম্মের অপেক্ষা রাখে; কর্ম্ম ব্যতীত যা হয় না। ~সাক্ষী [কর্ম্মের - সাক্ষী (সাক্ষিন্ = প্রত্যক্ষ-দ্রষ্টা)-৬ তৎ] বি, সর্ব্ব কর্ম্মের প্রত্যক্ষ দর্শনকারী; সাক্ষাদ্‌দ্রষ্টা (সূর্য্য), (২) সোম, (৩) যম, (৪) কাল, (৫) ক্ষিতি, (৬) জল, (৭) তেজঃ, (৮) বায়ু, (৯) আকাশ-এই নয় জন সর্ব্বকর্ম্মসাক্ষী। ~সিদ্ধি [কর্ম্মের সিদ্ধি-৬ তৎ] বি, কর্ম্মের ফলপ্রাপ্তি; অভীষ্ট-ফল-প্রাপ্তি; ইষ্টলাভ; কৃতকার্য্যতা। ~সূত্র [কর্ম্মরূপসূত্র (নিয়ম) -ধা] বি, কর্ম্মের নিয়ম। কৃতকর্ম্মের ফলানুযায়ী বিধান; নিয়তি। ~স্থল, ~স্থান [কর্ম্মের স্থান-৬ তৎ] বি, কর্ম্মক্ষেত্র; কার্য্যালয়।

কর্ম্মাকর্ম্ম [কর্ম্ম+অকর্ম্ম] বি, কর্ত্তব্যা-কর্ত্তব্য।

কর্ম্মাক্ষম [কর্ম্ম (ত)+অক্ষম] বি, কাজ করিতে অসমর্থ।

কর্ম্মাঙ্গ [কর্ম্মের অঙ্গ-৬ তৎ] বি, কার্য্যাবয়ব; শাস্ত্র-বিহিত যাগাদি কর্ম্মের অপরিহার্য্য অংশ।

কর্ম্মাধীন [কর্ম্ম (তার) অধীন] বিণ, কর্ম্মের অধিকারভুক্ত; কর্ম্মবশ; ভাগ্যাধীন।

কর্ম্মাধ্যক্ষ [কর্ম্মের অধ্যক্ষ (পরিদর্শক) -৬ তৎ] বিণ, কার্য্য-পরিদর্শক; কার্য্য-পরি-চালক; যিনি ক্রিয়া-সম্পাদন-ভার গ্রহণ করিয়া সমস্ত তত্ত্বাবধান করেন; কর্ম্মের অধিনায়ক।

কর্ম্মানুবন্ধ [কর্ম্ম+অনুবন্ধ] বি, কর্ম্মবন্ধন। ~ী-বিণ, কর্ম্মের উপর নির্ভর-শীল; কর্ম্মসাপেক্ষ।

কর্ম্মানুরূপ [কর্ম্মের অনুরূপ-৬ তৎ] বি, কার্য্যের উপযুক্ত; কর্ম্মের সদৃশ; কর্ম্মোপযোগী; কর্ম্মানুযায়ী।

কর্ম্মানু/ষ্ঠাতা [কর্ম্ম+অনুষ্ঠাতা] বি, কর্ম্মকর্ত্তা। ~**ষ্ঠান** [কর্ম্মের (ক্রিয়ার) অনুষ্ঠান (আয়োজন)-৬ তৎ] বি, কার্য্যে প্রবৃত্তি; কর্ম্মারম্ভ; কার্য্যের প্রথম উদ্যোগ; কর্ম্ম-সূচনা। ২ কার্য্য-সাধন; কর্ম্ম-সম্পাদন।

কর্ম্মা/ন্ত [কর্ম্ম+অন্ত] বি, কর্ম্মের সমাপ্তি; কার্য্য-শেষ। ~**ন্তর** [কর্ম্ম-অন্তর (অন্য)] বি, অন্যকর্ম্ম; স্বতন্ত্র কার্য্য: কার্য্যান্তর। প্র-তিনি এক কর্ম্ম ত্যাগ করিয়া কর্ম্মান্তর গ্রহণ করিয়াছেন। ~**ন্তিক** [কর্ম্ম-হইয়াছে অন্তিকে (সমীপে) যার-বহুং। যে সর্ব্বদা কাজ সম্মুখে করিয়া আছে] বি, ভৃত্য; কর্ম্মকর; চাকর। ২ দাসী।

কর্ম্মার [কর্ম্ম (কর্ম্মের জন্য) অর (যে গমন করে) কর্ম্ম-ঋ (গমন করা)+অ র্ত্তৃ-জ্ঞাং-যে কর্ম্ম করিবার জন্য আপন কর্ম্মশালায় গমন করে] বি, লৌহজীবী; কর্ম্মকার; কামার। ২ কামরাঙ্গা ফলের গাছ। ৩ বেউড় বাঁশ।

কর্ম্মারম্ভ [কর্ম্মের আরম্ভ-৬ তৎ] বি, কার্য্যের প্রথম উদ্যোগ; কার্য্যের সূত্রপাত।

কর্ম্মার্হ [কর্ম্মের-অর্হ (যোগ্য)-৬ তৎ] বিণ, কার্য্যযোগ্য; ক্রিয়োপযোগী; কর্ম্মোপযুক্ত। ২ যদ্দারা কর্ম্ম সম্পাদন করা যায়; কর্ম্মক্ষম।

কর্ম্মিষ্ঠ [কর্ম্ম-(কর্ম্মন্ >)+ইষ্ঠ (স্ত্য)] গ্রাং-কর্ম্মিষ্টি, কর্ম্মিষ্ট] বিণ, কর্ম্মক্ষম; কর্ম্মশীল; কর্ম্মনিষ্ঠ; কর্ম্মশক্তিসম্পন্ন; কর্ম্মে দৃঢ়। বি, ~তা।

কর্ম্মী [কর্ম্ম (ন্)+ইন্ (স্ত্য)=কর্ম্মিন্ ১মা ১বং] বিণ, যে বিশেষ যত্নের সহিত কার্য্য করে; কর্ম্মদক্ষ; কার্য্যক্ষম। ২ কর্ম্মকারী; মিস্ত্রী। "হনুমান আনে গিরি, বাম হাতে অসি ধরি কর্ম্মীর স্বভাব রঘুনাথ।"-কৃত্তিং।

কর্ম্মেন্দ্রিয় [কর্ম্মের ইন্দ্রিয়-৬ তৎ] বি, যে সকল ইন্দ্রিয় দ্বারা কর্ম্ম সম্পাদন হয়; কর্ম্ম-নির্ব্বাহের দৈহিক যন্ত্র; (বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই পঞ্চ)।

কর্ষ১ [সং] বি, স্বর্ণ রৌপ্যাদি ওজনের পরিমাণবিঃ; ১৬ মাষা=৮০ রতি; ১ তোলা (about 17 grains troy), (২) ২ কোণে= ২ তোলা=১ কর্ষ।

কর্ষ২ [কৃষ্ (কর্ষণ করা) বাং-কর্ষা ধাতু, মং পুং (সমানার্থে)। কর্ষি, কর্ষ, কর্ষে: কর্ষিলাম,-লে,-ল; কর্ষিতে, কর্ষিয়া (ক্ষেং কর্ষে) ইং] ক্রি, কর্ষণ করা; ক্ষেত্রে চাষ করা। ক্রি, ভূমি কর্ষণ করা; চাষ করা। ২ [-ভাং, ল্] বি, ভূমিকর্ষণ; চাষ। ~া [কৃষ্ (আকর্ষণ >)] বিভীতক বৃক্ষ (emblica officinalis).

কর্ষক [কৃষ্ (কর্ষণ করা)+অক (র্ত্তৃ)] বিণ, যারা ভূমিকর্ষণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে; কৃষক; কৃষিজীবী; কৃষাণ; চাষা। ২ আকর্ষক; যে আকর্ষণ করে। ৩ যে জাতীয় পক্ষী পায়ের নখ দিয়া জমি আঁচড়াইয়া তার ভিতর হতে পোকা মাকড় ধরিয়া খায়। ~**বর্গ** [কর্ষক-বর্গ (শ্রেণী)] বি, যে সকল পক্ষী পা দিয়া মাটী কর্ষণ করে বা খোঁড়ে তারা কর্ষক নামে অভিহিত এবং প্রাণিতত্ত্বে এই সকল পক্ষীকে যে শ্রেণীভুক্ত করা হইয়াছে তার নাম কর্ষকবর্গ। "মুরগী, ময়ূর, তিতির, বটের, পেরু ইং কর্ষকবর্গের অন্তর্গত। ইহারা সচরাচর মাঝারী আকারের হয়। কর্ষকবর্গের পাখীর ডানা তেমন বড় হয় না। সেইজন্য তারা ভালরূপ উড়িতে পারে না। কর্ষক পক্ষী মাত্রই ভূমিতে বাসা প্রস্তুত করে।"-পশুপক্ষী।

কর্ষণ [কৃষ্ (ভূমি কর্ষণ করা)+অন (ভাং, ট্)] বি, হলচালনা; কৃষিকার্য; লাঙ্গলাদি দ্বারা ভূমিখনন। ২ আকর্ষণ; টানন। স্ত্রীং ~ী-ক্ষীরিণীবৃক্ষ। বিণ, কর্ষণীয়; কর্ষিত। ক্রি, কং করা-চষা। **কর্ষণীয়** [কৃষ্ (ভূমি কর্ষণ করা)+অনীয় (র্ম্ম)] বিণ, ভূমি কর্ষণের যোগ্য; যা কর্ষণ করা আবশ্যক বা কর্ষণ করিতে হইবে। **কর্ষিত** [কৃষ্ (কর্ষণ করা)+ত (র্ম্ম-ক্ত) ই-আগম] বিণ, যে ভূমি কর্ষণ করা হইয়াছে: কৃষ্ট; চষিত। ২ কষা (তুল-কষ্টি পাথরে সোনা কষা)।

কর্ষা-কর্ষ২ দ্রঃ।

কর্ষাপণ-কার্ষাপণ দ্রঃ।

কর্ষী [কৃষ্ (কর্ষণ করা)+ইন্ র্ত্তৃ (ণিন্ ১মা ১বং] বিণ, যে আকর্ষণ করে; আকর্ষণকারী। ২ মনোজ্ঞ; মনোরম; মনোহর; যে মন টানে। স্ত্রীং **কর্ষিণী**-যদ্দারা কর্ষণ করা বা টানা যায়; কবিকা; খলীন; অশ্বের মুখ-বন্ধনরজ্জুস্থিত লৌহবিঃ। ২ ক্ষীরিণী বৃক্ষ।

কর্ষূ [সং] বি, ঘুঁটের আগুন। ২ ক্ষুদ্র কুণ্ড; যাতে যজ্ঞাগ্নি রাখা যায় (তুল-তিং-গুর্সি)।

কল১ [সং-কল্ (গতি অর্থে) ধাতু হতে। যা গতিশীল। তুল-কলচলা, কলচালান, কল ঘুরান ইং বা কল্ শব্দে যা চালাইলে শব্দ করিতে থাকে। হিং-কল। বিহারে-কো-হ্লু, কোহ্লু (country mill for cane, sugar, oil &c)—patent mills introduced by European firms.-*Sir George Grierson* (*Bihar peasant life*)] বি, যন্ত্র machine, engine. প্র-ময়দার কল, কাপড়ের কল, জলের কল ইং। ২ চাবি; যা ঘুরাইয়া ফিরাইয়া টিপিয়া বা টানিয়া কোন কিছু খোলা বা বন্ধকরা বা চালান যায়। ৩ বন্দুকের ঘোড়া। প্র-কল বন্ধ করে দিয়েছে আর জল পাওয়া যাচ্ছে না। প্র-তালার কল খারাপ হয়ে গেছে, চাবি লাগে না। **কলকব্জা**-যন্ত্রপাতি; যন্ত্র ও তার আনুষঙ্গিক অংশ machinery. **কল-কারখানা**-যন্ত্র ও যন্ত্রের কার্য্য পরিচালন স্থান; যন্ত্রশালা ও যন্ত্র হতে দ্রব্যাদি উৎপাদন-সম্বন্ধীয় কর্ম্মশালা। **কল-কৌশল**-যন্ত্র ও তা চালাইবার বিশেষ উপায় বা চাতুর্য্য। **কলঘর**-যে ঘরে বা স্থানে যন্ত্র বসান থাকে। **কল টিপিয়া দেওয়া**-গোপনে শিক্ষা বা পরামর্শ দেওয়া; অলক্ষিতে সতর্ক বা সাবধান করিয়া দেওয়া। **কলপাতা**-ফাঁদ পাতা। **কলবল**-যন্ত্রশক্তি; পেঁচোয়া কৌশল। **কলবাড়ী**-কারখানা; যন্ত্রালয়। **কলের কাপড়**-বয়ন-যন্ত্র হতে উৎপন্ন কাপড় (হাতে বোনা তাঁতের কাপড় নয়)। **কলের গাড়ী**-রেল গাড়ী; যা যন্ত্র (engine) দ্বারা চালিত হয়; ঐরূপ কলের জাহাজ। **কলের পুতুল**-যে পুতুলের ভিতর এমন কল করিয়া দেওয়া আছে যা টিপিলে, টানিলে বা ঘুরাইলে পুতুল নড়িতে, চলিতে, হাত পা নাড়িতে বা শব্দ করিতে পারে। পুতুল নাচে লোকে কলের পুতুল নাচায়। **কলের মানুষ**-মানুষের আকৃতি পুতুল। (২) যে মানুষের নিজের বুদ্ধি নাই, পরের কথায় চলে বলে। (৩) যার মতি স্থির

নাই ; যে এই মাত্র এক কথা বলে আবার পরক্ষণেই অন্য কথা বলে। (৪) সঙ্। কপিকল-কপি দ্রঃ। ভার-উত্তোলক যন্ত্র। ঘুড়ির কল বাঁধা-ঘুড়ি উড়াইবার জন্য তার কাঁপ ও পেট্টা বা পেটের কাঠি বা শলাকায় সুতা বাঁধা। ছলে বলে কলে কৌশলে-ছলনায় বা ভুলাইয়া ; দৈহিক শক্তি প্রয়োগে ; ফাঁদ পাতিয়া ও যুক্তি বা বুদ্ধি-চাতুর্য্য দ্বারা ; ভালমন্দ যে কোন উপায়ে by hook or by crook. ২ [প্রাদে॰] জলের কল ; জলের নল ও মুখে যে যন্ত্রভাগ সংযুক্ত থাকে যা ঘুরাইলে বা টিপিলে নল দিয়া জল পড়ে বা জল বন্ধ হয়। প্র-তাহার বাড়ী তৈয়ার হইতেছে এখনও বাড়ীতে কল আসে নাই। ৩ কৌশল ; উপায় ; গূঢ় বা অন্যের অজ্ঞাত বিধান। "প্রাণী ধরিবার ঘোর কল বিধাতার।"-হেম॰। ৪ ফাঁদ ; পেঁচ। প্র-কল পাতা। ইঁদুর-কল। ৫ [হিং-কল (সং-কল্য)] যুক্তি। ঢেঁকী কল-যে যন্ত্র ঢেঁকীর মত চাপ পাইলে এক দিকে উঁচু এক-দিকে নীচু হয়। সাধাঃ বিদ্রূপার্থে প্রযুক্ত। ফাঁস কল-পশুপক্ষী পায়ে বা গলায় সুতার বা তারের ফাঁস লাগিয়া আটক বা ধরা পড়ে এমন কৌশলময় যন্ত্র ; ফাঁদ। হাঁস-কল-যে কল হংসাকৃতি ; দ্বারে কপাট ঝুলাইবার জন্য লোহার একবিঃ।

কল২ [ক (বায়ু, জল) ল (গ্রহণ করা) বা কল্ (গমনে)-যা (বায়ু গ্রহণ করিবার জন্য মৃত্তিকা ভেদ করিয়া) উর্দ্ধে গমন করে-যা মাটি ফুড়িয়া বাহির হয় ; বা কলল (ভ্রূণ) হতে] বি, অঙ্কুর ; কোরক। ২ শুক্র। ৩ কোলিবৃক্ষ ; শালগাছ।

কল৩-মধুরাস্ফুট শব্দ কল্+অ (র্ম্ম)] বি, অব্যক্ত মধুর ধ্বনি ; মৃদু গুঞ্জন ; মৃদুধ্বনি ; কাকলি ; কলধ্বনি ; কলরব। ২ বিণ, মধুর। প্র-কলকণ্ঠ ; কলস্বন।

কল৪ [সং-কবল। ক্ষে॰-'কল' ; ভং-'থাবল'] বি, গ্রাস ; সাধাঃ গোগ্রাস।

কলকণ্ঠ [কল(অব্যক্ত মধুর ধ্বনি) হইয়াছে কণ্ঠে যার-বহু॰] বি, পিক ; কোকিল। ২ পারাবত ; কপোত। ৩ হংস। ৪ [গৌণার্থে] কাব্য-কুঞ্জের কলকণ্ঠ ; সুকবি। "উজ্জয়িনী কোকিলের কণ্ঠ সুললিত।"-রঙ্গমতী। "হেথা আসি ক॰ পড়িয়াছে ঘুমিয়া।"-নবীন॰। স্ত্রীং ~ী-সুস্বরবতী ; মধুর রবকারিণী।

কলকল (-ল্-ল্) [কল দ্রঃ। শব্দাত্মক। মৃদুতর শব্দস্থলে 'কুলকুল'] বি, মধুর অস্ফুট ধ্বনি ; পক্ষীর কলরব। ২ জলনির্গমন-শব্দ ; জলপ্রবাহের শব্দ। "কল কল কল রবে কি কথা কহিছ রে, কলনিনাদিনী!"-বান্ধব পত্রিকা। ৩ কলকল শব্দ। ক্রি, কলকলান। বি, কলকলানি। ক্রি-বিণ, কলকলিয়া, কলকলিয়ে-কল্‌কল্ শব্দ করিয়া। "হাহা করি সবে উচ্ছল রবে চঞ্চল কলকলিয়া।" -রবী॰। পেট কলকল করা-অজীর্ণ হেতু পেটের মধ্যে কলকল্ শব্দ করা।

কলকলানি [কলকল দ্রঃ। শব্দাত্মক। করকরান দ্রঃ] ক্রি, কল্‌কল্ শব্দ করা। ২ কলরব করা ; মধুর অব্যক্তধ্বনি করা ; কাকলিধ্বনি করা। "আয়রে পাখী ল্যাজঝোলা খুকুমণিকে দাও দোলা, ভাত খেয়ে তুমি কলকলাবে খুকুমণিকে ঘুম পাড়াবে।"-ছড়া।

কলকেতা [২৪ পরগণা প্রাদে॰,গ্রা॰] বি, কলিকাতা। "এঁর জন্যই বোধ হয় তাড়াতাড়ি কল্‌কেতায় যেতে হবে।" -ব॰ বাণী, ১৩৩৪।

কলগী [আ॰-কল্‌গী, 'কলগী, তুরা'] বি, তাজ ; মুকুট ; শিরোভূষণ ; কিরীট tiara. "মাণিক ক॰ তোরা চক্‌মকে হীরা।" -ভারত॰।

কলঘোষ [কল (অব্যক্ত মধুর) ঘোষ (শব্দ) যার-বহু॰] বি, কলকণ্ঠ ; কোকিল।

কলঙ্ক [কল+অঙ্ক (চিহ্ন)। বিপরীতে নিষ্কলঙ্ক। প্রাদে॰ নোয়াখালি-'কলঁক'। কলঁকের=কলঙ্কের (পূ॰ ব॰ গী॰)] বি, অঙ্ক ; চিহ্ন। ২ তাম্রাদি ধাতুপাত্রের দাগ ; মল ; মর্চ্যা [গ্রা॰-'কলঙ্কা'] ৩ অখ্যাতি ; দুর্নাম ; অপযশ। প্র-কুলে কলঙ্ক দেওয়া। ক্রি, ~ধরা, -পড়া, ~ধরা-বিণ, কষ লাগিয়াছে এমন ; দাগপড়া। ~কর [কলঙ্ক (অকীর্ত্তি) কর (কারী-কৃ+অ-র্ত্তৃ)] বিণ, যা করিলে কলঙ্ক জন্মে ; অকীর্ত্তিকর। ~রটানি-চতুর্দ্দিকে অপযশ গান করা ; দুর্নাম বা নিন্দা প্রচার করা। ~কালিমা -বি, কলঙ্কের কৃষ্ণত্ব ; নিন্দা বা অপযশের কাল দাগ। ~ভঞ্জন-বি, দোষক্ষালন ; অপরাধ-মোচন। ~লাঞ্ছিত-বিণ, কৃষ্ণচিহ্নিত ; অপযশের কালিমায় কলঙ্কিত।

কলঙ্কষ [সং] বি, সিংহ। স্ত্রীং ~া-হাত-তালি [বাং প্র॰ অ॰]।

কলঙ্কিত [কলঙ্ক (চিহ্ন)+ইত (যুক্তার্থে)] বিণ, চিহ্নযুক্ত ; চিহ্নিত। ২ লৌহাদির মলবিশিষ্ট। ৩ কলঙ্কী ; কলঙ্কযুক্ত ; যার কলঙ্ক হইয়াছে ; অপযশভাগী ; অপবাদগ্রস্ত। স্ত্রীং ~া।

কলঙ্কী [কলঙ্ক+ইন্ (স্ত্য) কলঙ্কিন্ ১মা ১ব॰] বিণ, যার কলঙ্ক হইয়াছে ; যার অপযশ ঘটিয়াছে ; দুর্নামগ্রস্ত। "ক॰ শশাঙ্ক তোমা বলে সর্ব্বজন। কর আসি কলঙ্কিনী কিঙ্করী তারারে তারানাথ!"-মাইকেল। স্ত্রীং ~ঙ্কিনী।

কলঞ্জ-বি, ধূমপান-দ্রব্য ; তাম্রকূট ; তামাক ; সুলফা ; দোক্তা nicotiana tabacum.

কলট [সং] বি, ঘরের চাল thatch.

কলতানি [প্রাদে॰ ভেদে কলসানি] বি, পূঁষ ; ক্লেদ। ২ শ্লেষ্মা।

কলত্র [সং] বি, ভার্য্যা ; রমণী ; দারা। ২ নিতম্ব ; কটিদেশ। ৩ জঘনস্থল। ৪ দুর্গ [বাং প্র॰ অ॰]।

কলধূত, কলধৌত-বি, সুবর্ণ ; স্বর্ণ। "কলেবর কান্তি কিবা কলধৌত দাম।"-ঘ॰। "কলধৌত দেহ দান, সাধ দেবতার মান, ঘুচিবেক তোমার আপদ।"-কবিক॰। ২ রৌপ্য। ৩ মধুরধ্বনি।

কলধ্বনি [কল (অব্যক্ত মধুর) হইয়াছে ধ্বনি (শব্দ) যার-বহু॰] বি, ময়ূর। ২ কোকিল ; পিক। ৩ কপোত ; পারাবত। ৪ [কল যে ধ্বনি (ধা)] অব্যক্ত অথচ মধুর শব্দ ; কলরব ; কাকলি।

কলন [কল্ (গণনা করা)+অন (ভা॰)] বি, সংখ্যা করণ। প্র-সংকলন ; ব্যবকলন। বিণ, কলিত। ২ চিহ্ন। ৩ দোষ। ৪ গর্ভে শুক্র-শোণিত-মিশ্রণ জাত ভ্রূণের প্রথমাবস্থা।

৫ বেতগাছ। ~া [কলন (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, গণনা ; বিচার। ২ ব্যবহার ; আদানপ্রদান। "আপনি খাউন আগে আমি খাব পরে, কতক্ষণ কথার কলনা পরস্পরে।"-কাশী°।

কলনা/দ-বি, কলধ্বনি। ~দী-বিণ, মধুর অস্ফুটধ্বনিকারী। > স্ত্রীং ~দিনী।

কলন্তর [সং-কলান্তর("বৃদ্ধিঃ কলান্তরম্" -হে°) ; ওড়ি°-কলন্তর] বি, কুসীদ ; সুদ। "কেহ ক° লয়, বৃষে কেহ ধান্য বয় কালে কিনে রাখে কোন জন॥"-কবিক°।

কলন্দর্ [আ°-কলন্দর্] বি, এক শ্রেণীর মুসলমান ফকীর ; মুণ্ডিত-কেশ মুসলমান সন্ন্যাসী ; পীর। "ঋণ কড়ি নাহি দাও, নহ ক°।"-কবিক°। ২ বর্ণসঙ্কর জাতিবিঃ ; অধিকাংশ এক্ষণে মুসলমান ধর্ম্মাবলম্বী। ইহারা ভল্লুক, বাঁদর ই° নাচায় ; যারা বাঁদরের খেলা দেখায়। ৩ তাঁবুর কানাত ; পাল।

কলন্দ/রা-বি, রেশমী কাপড়বিঃ ; ইহা সূতা, রেশম ও তসরে বোনা হয়। স্ত্রীং ~রী-বি, কানাতদার ছোলদারী ; তাঁবু।

কলপ [হি°-কলপ্ ; আ°-কলফ্ (ভাত, চিড়া ই°-র মাড় বা ক্বাথ) ; সং-কল্প (রচনা করা)] বি, মণ্ড ; মাড়। ২ চুল কাল করিবার রঙ্ ; খেজাব। "বল তো কেমন পাকা গোঁপে ক° শোভা পায়।"-হেম°।

কলবল [কল দ্রঃ] বি, অস্ফুটধ্বনি ; গোলমাল ; বহুজনের কণ্ঠরব-জনিত গণ্ডগোল। ২ বিণ, অব্যক্ত শব্দকারী ; গণ্ডগোলকারী। "পরদল ক° ভূতল টলমল।" -ভারত°। ৩ অধিক জলে ভাত ফুটিবার শব্দ। ক্রি, কলবলানি-কলবল শব্দ করা। বি, কলবলানি।

কলবিঙ্ক [সং] বি, চড়াই পাখী। "কুরর কুক্কুট কঙ্ক, কামী কোক ক°, কলরব কুলিঙ্গ কর্কট।"-কবিক°।

কলভ [করভ দ্রঃ। কর (শুণ্ড)=কল-ভা (দীপ্তি পাওয়া)+অ (র্কৃ) যে কর দ্বারা শোভা পায়] বি, ৩০ বৎসর পর্য্যন্ত বয়স্ক করিশাবক ; করভ। ২ উষ্ট্রশাবক। ৩ ধুতুরা গাছ। স্ত্রীং ~ী।

কলম১ [সং] বি, শালি ধান্য ; কলমাধান।

কলম২ [সং-কলম্ব, কড়ম্ব, শরগাছ বা খাগ ; শাকের ডাঁটা ; পূর্ব্বে শরের বা খাগের মুখ সরু করিয়া কাটিয়া তাতেই লেখা হত। মেদিনী°, হেমকোষ ও বিশ্বে, ত্রিকাণ্ডে, জটাধরে ও শব্দকল্পদ্রুমে 'কলম' শব্দ অর্থে লেখনী। কিন্তু অধিক পুরাতন কোষ 'অমরে' নাই। ল্যাটীন, গ্রীক, আরবী ই° প্রাচীন ভাষায় ইহার অনুরূপ শব্দ নালী শাক বা ঘাসের ডাঁটা ও লেখনী অর্থে চ°। প্রাচীন সং সাহিত্যে লেখনী-বাচক কলম-শব্দের ব্যবহার দেখা যায় না। পরবর্ত্তী সং সাহিত্যেও বিরল। হিন্দী, তেলুগু, ওড়ি° বাং ই° প্রাদেশিক ভাষায় ইহার ভূরি প্রচলন। সম্ভবতঃ মুসলমান রাজত্ব-কালে আ°-কলম্ শব্দ হতে আদালতে ফারসী দপ্তরে ও ফারসী লেখা-পড়ায় (তুল-কলম্‌দান ; কাগজ্ কলম্, দবাত্ কলম্, কলম্-বন্দ্, কলম্‌তরাশ্ ই°) ব্যবহার করিবার কালে সং আভিধানিক 'কলম' শব্দ ভিন্ন ভিন্ন প্রদেশে কথ্য ভাষায় এবং 'লেখনী' লিখিত ভাষায় প্রচলিত হয় এবং বর্ণতূলি, বর্ণমাতা, বর্ণতূলিকা, অক্ষর তূলিকা ই° শব্দ ক্রমে অপ্রচলিত হইয়া যায়। পরে ইং pen শব্দের আমদানী হয়, কিন্তু তাহা দেশ-প্রচলিত লেখনীর মত নহে বলিয়া পেন্‌সিল, শ্লেট ই°-র মত ব্যবহৃত না হইয়া লেখনী-ভেদ-জ্ঞাপক পেন কলম (pen+কলম) শব্দে পরিণত হয়] বি, লেখনী ; অক্ষরতূলিকা। "দোষ গুণ নাহি দেখি যে কিছু লেখাও লিখি, কলমে বসিয়া কৃপাময়।"-ঘ°। ২ কলমের আকারে কাটা গাছের ডাল। কলম করা-গাছের ডাল হতে নূতন গাছ উৎপাদন করা। কলম কাটা-কঞ্চি, শর ই° কাটিয়া কলম প্রস্তুত করা। ২ গাছের ডাল কলমের আকারে কাটিয়া অন্য গাছের ডালে বাঁধিয়া যে নূতন গাছ উৎপাদন করা যায়। ক্রি, কলমের খোঁচা-অনিষ্ট করিবার অভিপ্রায়ে কাহারও বিরুদ্ধে লেখা-লেখি। কলমের চারা-কলম করা গাছের চারা। বিণ, কলমিয়া, কলমী-কলম করিয়া উৎপন্ন। প্র-কলমী আম [গ্রা°] কলুমে। প্র-কলুমে চারা। কলুমে পেয়ারা।

কলমচি [আ°-কলম্+তুর্কী, চী > ফা°-কলম্‌চী > বাং-চি] বি, শ্রুতলেখক ; লিপিকর amanuensis. "গিরিশ ঘোষের ক° অবিনাশ বাবু...।"

কলম/তরাশ [আ°-কলম্+ফা°-তরাশ্] বি, যদ্দারা কলম কাটা যায় ; ছুরী। ~দান [আ°-কলম্+ফা°-দান] বি, কলম রাখিবার পাত্র। সাধাঃ কলম রাখিবার পাত্র ; মসী ও লেখনী রাখিবার আধার ; দোয়াতযুক্ত কলমাধার। ~পেশা [আ°+ফা°] বি, লেখনীবৃত্তি। ~বন্ধ [ফা°-বন্দ্] বিণ, লিখিত written. ~করা-ক্রি, লেখা। ~বাজী [আ°-কলম্+ফা°-বাজী] বি, লিপিচাতুর্য্য ; লিপিকৌশল ; লেখনবৃত্তি ; লেখালেখি ; কলমের যুদ্ধ। বিণ, ~বাজ -লিপিকুশল ; কলমের ব্যবহারে দক্ষ ; কলম-চালনায় মজবুত বা তৎপর।

কলমা [আ°-কল্মা=বাক্য। তুল-বাইবেলে-"আদিতে বাক্য ছিল"-In the beginning was the word and the word was with God, and the word was God.—*St. John. V.I.* সং-নাদঃ, শব্দঃ-"আসীচ্ছক্তিস্ততো নাদস্তস্মাদ্বিন্দুসমুদ্ভবঃ।" "শব্দোব্রহ্মাঽভবৎ পরম্।"-ভাগবতম্] বি, মহম্মদীয় ধর্ম্মগ্রহণসম্বন্ধীয় স্বীকারোক্তিজ্ঞাপক এবং দেহশুদ্ধিজনক কোরাণোক্ত উপাসনা-বিঃ ; মুসলমান ; ধর্ম্মের মূল বাক্য ; ইষ্ট মন্ত্র। "আমার বাসনা হয় যত হিন্দু পাই। সুন্নত দেওয়াই আর ক° পড়াই।"-অ° ম°। "মোল্লা পড়ায়ে নিকা, দান পায় সিকা সিকা, দোয়া করে ক° পড়িয়া॥"-কবিক°।

কলমী [সং-কলম্বী, গ্রা°-কলমি] বি, কলমী শাক ipomoea reptans. "বিলে ফোটে কাল জলে কমলকহ্লারদলে ক° শালুক সুঁদী ফুল।"-চন্দন°। ~নক্সা [রাজসাহী প্রাদে°] বি, খসড়া rough sketch, outline.

কলমীর ঝাড়-কলমী শাকের বহু-বিস্তৃত শাখাপ্রশাখা বা ডালপালা। ২ [লক্ষ°] বহু বিস্তৃত বংশাবলী জ্ঞাতি গোত্র।

কলমুখরিত-বিণ, অস্ফুটধ্বনির দ্বারা শব্দিত। "ছন্দের মিলিত ঝঙ্কারে পল্লী-সন্ধ্যাগুলি কং হইয়া উঠিত।"

কলম্ব [সং] বি, বাণ ; শর। "উড়িল কলম্বকুল অম্বর-প্রদেশে।"-মেঘং। ২ কদম্ব-বৃক্ষ ; কদমের গাছ। ৩ শাকের ডাঁটা : কড়ম্ব।

কলম্বিকা, কলম্বী [সং] বি, কলমী শাক। "ভূমি বুনে ভূতনাথ ভাজা পোড়া ছেড়ে। কলম্বীর শাক খেয়ে উজাড়িল গেড়ে॥"-শিং। ২ [শরীর-বিঃ-পরিঃ] গ্রীবার পশ্চাদ্ভাগ।

কলরব [কল (মধুরাস্ফুট) রব (শব্দ)] বি, কলকল ধ্বনি ; কাকলি। (২) কোলাহল। ২ [কল-রব-যার-বহুং] কপোত ; পারাবত। ৩ কোকিল।

কলল [সং] বি, জ্রণ ; জরায়ু।

কলশ, কলস [সং। কল্ (মধুরাস্ফুট শব্দ করা) ধাতু হতে। ঘটাদিতে জল ভরিবার সময় মধুরাস্ফুট ধ্বনি হয় বলিয়া, বা ক (জল) লস্ (ক্রীড়া করে)-যার মধ্যে জল ক্রীড়া করে] বি, মাঝারী জালার আকৃতি জলপাত্র ; বড় ঘড়া ; গাগরা। স্ত্রীং কলসী [গ্রাং-কলসি] সচরাচর জল আনিবার ও রাখিবার মাটির ঘড়া ; 'গাগরী, কলসী' অর্থে কলস শব্দের ব্যবহার আছে। "যদি কং ভাসায়ে জলে বসিয়া থাকিতে চাও গহন-তলে।"-রবীং। ২ ধাতু বা মৃত্তিকা-নির্ম্মিত ক্ষুদ্র জলপাত্র ; ঘট। তন্ত্রমতে ঘটের পরিমাণ সাধাঃ ৫০ আঙুল ব্যাস, ১৩ আঙুল উচ্চ, ৮ আঙুল মুখের ফাঁদ। ৩ মন্দির, চৈত্য ইং-র চূড়াস্থ ধাতুপ্রস্তরাদি-নির্ম্মিত কলশ ; মন্দিরাদির কলসাকৃতি শিখর cupola ; a dome. "সুনার কং শোভে দেউল উপরে।"-শূং পুং। বিণ, কলশিত, কলসিত-কলসমণ্ডিত। "কাঞ্চনকলসিত।"-কবিকং।

কলশি, -শী, -সি, -সী-কলস দ্রঃ।

কলস্বন, কলস্বর [কল-স্বন, স্বর (ধ্বনি)] বি, তারস্বর ; উচ্চৈঃস্বর। "রাম বনবাস শুনি যেমন কৌশল্যা রাণী কলস্বরে করেন রোদন।"-শিং। ২ বিণ, কলধ্বনি-কারী। স্ত্রীং কলস্বনা-কলনাদিনী ; মধুরাস্ফুট শব্দকারিণী।

'কলহ [কল (অব্যক্ত মধুর শব্দ) হা (ত্যাগ করা) + অ (র্ত্তৃ) যে শব্দ মধুরতা ত্যাগ করে] বি, বাক্যযুদ্ধ ; বিবাদ ; ঝগড়া। ২ সংগ্রাম ; যুদ্ধ। ৩ রামায়ণোক্ত বাদ্যবিঃ [রামাং, লঙ্কা, ৯৫]।

কলহংস [কল (মনোহর শব্দকারী) যে হংস-ধাং] বি, রাজহংস a gander. ২ বালিহাঁস a teal ৩ হংসজাতীয় জলচর পক্ষিবিঃ gallinula porphyria ; flamingo প্র-মানস-সরোবরে, মরাল, সারস, কং কারণ্ডবাদি জলচরপক্ষী নিরন্তর ক্রীড়া করিয়া থাকে। ৪ 'অতিজগতী' শ্রেণীর ছন্দো-বিঃ ; ইহা ত্রয়োদশাক্ষর, ৩।৫।৯।১২।১৩ বর্ণ গুরু। স্ত্রীং ~ী।

কলহ/কার, -কারী [কলহ (বিবাদ) কার (যে করে) কৃ (করা) + অ (র্ত্তৃ) যে কলহ করে ;-কারিন্ ১মা ১বং] বিণ, বিবাদ-কর্ত্তা ; বাক্য-যুদ্ধকারী ; ঝগড়াটে। স্ত্রীং ~কারিণী। ~প্রিয় [কলহ (বিবাদ) প্রিয় যার-বহুং] বি, নারদমুনি। ২ বিণ, যে সকল সময়ে কলহ ভালবাসে। > স্ত্রীং ~প্রিয়া-সারিকাপক্ষী। ২ কন্দলী।

কলহান্তরিতা [কলহ (বিবাদ) দ্বারা অন্তরিতা (ব্যবধানে স্থিতা)-৩তৎ] বি, যে নায়িকা নায়কের সহিত কলহ করিয়া ব্যবধানে থাকিয়া অনুতাপ করে ; মানভরে নায়কের প্রতি কোপ করিয়া আরোপিত দোষ দ্বারা নায়ককে দূরীকৃত করিয়া পরে "আহা কেন আমি অকারণ দোষারোপ করিয়া তিরস্কার করিলাম, কেনই বা স্থানা-ন্তরে যাইতে বলিলাম" এইরূপ পশ্চাৎ অনুতাপকারিণী স্ত্রী।

কল/হাস, -হাস্য-বি, মধুর অস্ফুট-ধ্বনিতে হাস্য। ~হাসিনী-বি, যে স্ত্রী উক্তরূপে হাস্য করে।

কলা১ [সং-কল্ (গণনা করা) "চন্দ্রস্য ষোড়শো ভাগঃ কলা।"-অং টীকা] বি, চন্দ্রের ষোড়শ ভাগ ; চন্দ্রের ষোল ভাগের একভাগ। "চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায়। কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায়॥" -অং মং [পুরাণমতে চন্দ্রে সুধা বা অমৃত আছে এবং তাহা এক এক ভাগ বা কলা বৃদ্ধি পাইতে ১৬ কলায় পূর্ণ হয় এবং এক এক কলায় হ্রাস পাইতে পাইতে অমাবস্যায় কলাহীন হয়। এইজন্য চন্দ্রের নাম কলা-ধর, কলানাথ, কলানিধি। চন্দ্রের ১৬ কলার নাম,-(১) অমৃতা, (২) মানদা, (৩) পূষা, (৪) পুষ্টি, (৫) তুষ্টি, (৬) রতি, (৭) ধৃতি, (৮) শশিনী, (৯) চন্দ্রিকা, (১০) কান্তি, (১১) জ্যোৎস্না, (১২) শ্রী, (১৩) প্রীতি, (১৪) অঙ্গদা, (১৫) পূর্ণা, (১৬) পূর্ণামৃতা। কৃষ্ণপক্ষে ১৬ জন দেবতা এক এক দিনে এক এক কলা (অমৃত) পান করেন, আবার, শুক্লপক্ষে প্রতিদিন ১ কলা করিয়া বৃদ্ধি পাইয়া পূর্ণিমায় ১৬ কলা পূর্ণ হয়। 'অমৃতা' পানকারী অগ্নি হতে পরে পরে দেবতাদের নাম যথা -(২) সূর্য্য, (৩) বিশ্বদেব, (৪) বরুণ, (৫) বষট্‌কার, (৬) ইন্দ্র, (৭) দেবর্ষি, (৮) অজএকপাদ, (৯) যম, (১০) বায়ু, (১১) উমা, (১২) পিতৃগণ, (১৩) কুবের, (১৪) পশুপতি, (১৫) প্রজাপতি। ষোড়শ কলা অমাবস্যার দিন জল এবং ওষধিতে প্রবেশ করে। তা পান করিয়া গবাদির দুগ্ধ হয়। তা হতে ঘৃত হয়। ঘৃত আহুতি দ্বারা পুনরায় চন্দ্রে প্রবেশ করে] ২ সূর্য্যের রশ্মি বা তেজের নাম কলা। উহা দ্বাদশ ভাগে বিভক্ত। তাদের নাম-(১) তপিনী, (২) তাপিনী, (৩) ধূম্রা, (৪) মরীচি, (৫) জ্বালিনী, (৬) রুচি, (৭) সুষুম্না, (৮) ভোগদা, (৮) বিশ্বা (বিশ্বকর্ম্মা) (১০) বোধিনী, (১১) ধারিণী, (১২) ক্ষমা [দ্রঃ-বঙ্গে চন্দ্রকলা বা শশিকলা শব্দের এবং উত্তর-ভারতে সূর্য্যকলা শব্দের অধিক ব্যবহার। তথায় অনেক স্ত্রীলোকের নাম থাকে সুরযকলা বা সুরজকলা] ৩ অগ্নির শিখার নাম কলা। ঐ শিখা ১০ প্রকার। তাদের নাম-(১) ধূম্রা, (২) অর্চি, (৩) উষ্মা, (৪) জ্বলিনী, (৫) জ্বালিনী, (৬) বিস্ফু-লিঙ্গিনী (৭) শ্রী, (৮) সুরূপা, (৯) কপিলা, (১০) হব্যকব্যবহা। ৪ ["কলা কালভেদে" "অষ্টাদশ নিমেষাস্তু কাষ্ঠাস্ত্রিংশত্তু তাঃ

কলাঃ।"-অমর০] কালের অংশ-১৮ নিমিষে কাষ্ঠা, ৩০ কাষ্ঠায় ১ কলা, ৩০ কলায় ১ ক্ষণ। **৫** অল্প সময়। **৬** [কালাংশ হতে] অংশ ; লেশ। **৭** [কল্-গণনা করা] সংখ্যা ; কলন। **৮** কুসীদ ; সুদ।

কলা$_{2}$ ["কলা শিল্পে", "শিল্পং কর্ম্ম কলাদিকম্।"-অমর০। "সন্তি বিদ্যাঃ কলাস্তিস্রো গান্ধর্ব্বেষু প্রতিষ্ঠিতাঃ * * *।"-শুকদেবকৃত সিদ্ধান্তপ্রদীপ] বি, শিল্প। সুকুমার-শিল্প (fine arts) ; শ্রম-শিল্প (industries) ; যন্ত্রশিল্প (mechanics) **২** বিদ্যা। বিদ্যার বিবিধ বিভাগের এক এক ভাগ কলা। শৈবতন্ত্রোক্ত কলা ৬৪ প্রকার। জ্ঞান-বিজ্ঞানের সকল বিভাগই তাহার অন্তর্গত। "চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায়। কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায়॥"-ভারত০। চৌষট্টি কলা ;-(১) নৃত্য (হাবভাবাদিযুক্ত নর্ত্তন বা নটন), (২) গীত (গান-শিক্ষা, গীত-রচনা, সরিগমাদি স্বরজাতি-ভেদ, রাগ-ভেদ, তাল ও মাত্রাদি রচনা।-সংগীত-বিজ্ঞান শিক্ষা), (৩) বাদ্য (সুরজ্ঞান, অনেক বাদ্যযন্ত্র-নির্ম্মাণ ও তদ্বাদনজ্ঞান, তাল ও বোল রচনা), (৪) উদকবাদ্য (জলতরঙ্গ বাদ্যজ্ঞান), (৫) নাট্য (উপরূপকাদি অষ্টাদশভেদ ; অনেক রূপ ধরিয়া আবির্ভাব হওয়া, অভিনয় প্রদর্শন), (৬) কৌচুমারযোগ (কুচুমার কর্ত্তৃক উদ্ভাবিত বহুরূপ ধারণ-জ্ঞান), কুরূপকে সুরূপ করিবার বিদ্যা, (৭) নেপথ্য-যোগ (বেশরচনা-চাতুরী) স্ত্রীপুরুষের বস্ত্রালঙ্কার দ্বারা সাজ-সজ্জা), (৮) বিশেষকচ্ছেদ্য (নানা প্রকার তিলক রচনা), (৯) দশন, বসনাঙ্গ রাগ (দশন, বসন ও অঙ্গের রঞ্জন), (১০) শেখরাপীড় যোজন (মাথায় চুলে পুষ্পগ্রন্থনাদি), (১১) কেশমার্জ্জন কৌশল (চুল আঁচড়ান ও চুলবাঁধা, কেশ-বিন্যাস), (১২) পুষ্পাস্তরণ (ফুলশয্যা প্রস্তুত করণ ; শয্যা রচনা করিয়া পুষ্প-স্তবকাদি বিস্তার), (১৩) মাল্যগুম্ফন বিকল্প (বিবিধ মাল্য রচনা), (১৪) গন্ধযুক্তি (চুয়া, চন্দন কর্পূরাদি দ্বারা বিবিধ গন্ধদ্রব্য প্রস্তুত করণ ; তাম্বুল-রচনা ; সুগন্ধ পানের মশলা ; কেয়া খয়ের ই০ প্রস্তুত করণ) [দ্রঃ-শুক্রনীতি অনুসারে পূর্ব্বোক্ত নৃত্য গীত বাদ্য নাট্য ব্যতীত দ্যূতক্রীড়া এবং রতিশাস্ত্রসম্মত রতিজ্ঞান-বিধায়ক বহুবিধ আসনজ্ঞান গান্ধর্ব্ব বিদ্যার অন্তর্গত গান্ধর্ব্ব কলা বলিয়া উক্ত] (১৫) আলেখ্য (বর্ণজ্ঞান ও চিত্রকর্ম্মাদি। চিত্র-প্রণালী শিক্ষা drawing ; উত্তম, মধ্যম ও অধম বর্ণাদি সংযোগে রঞ্জন painting. শুক্রনীতিমতে চিত্রাদি-নির্ম্মাণ-তৎপ্রণালী শিক্ষা), (১৬) প্রতিমালা (সকল বস্তুর প্রতিকৃতি নির্ম্মাণ ; মৃত্তিকা, কাষ্ঠ, পাষাণ ও ধাতু দ্বারা বস্তুনির্ম্মাণজ্ঞান শুক্রনীতিতে চিত্রাদি আলেখ্যবিদ্যার অন্তর্গত sculpture),* (১৭) বৈজয়িকী বিদ্যা-জ্ঞান (যে বিদ্যাদ্বারা বিজয় লাভ হয় ; যুদ্ধবিদ্যা-শুক্রনীতি-মতে ধনুর্ব্বেদাগমোক্ত যুদ্ধবিষয়ক কলাবিদ্যা ; (ক) শস্ত্রের সন্ধান অর্থাৎ লক্ষ্য বস্তুতে লক্ষ্যীকরণ এবং বিক্ষেপ এবং বাণ সন্ধান ও ক্ষেপণ কালে পাদাদি-অঙ্গ-চালন-বিধি-জ্ঞান, (খ) সন্ধি, আকৃষ্টি অর্থাদি দ্বারা পরপক্ষ বশীভূত করণ ; ভেদ ও মল্লযুদ্ধ, (গ) যন্ত্রাদি কৌশলে লক্ষিত স্থানে যন্ত্র হতে পতন, (ঘ) বাদ্যের সংকেতানুসারে সেনা দ্বারা ব্যূহ-রচনা-প্রণালী, (ঙ) গজ, অশ্ব ও রথের গতি দ্বারা যুদ্ধের আয়োজন) শিল্প-বিজ্ঞানের বিবিধ বিভাগসম্বন্ধীয় বিদ্যা ; (১৮) বৃক্ষায়ুর্ব্বেদযোগ (মৃতপ্রায় বৃক্ষে ঔষধ-যোগ, উদ্ভিদ-চিকিৎসা) শুক্রনীতিতে,-(ক) বৃক্ষাদির বীজ উৎপাদন, বপন ও পালনপ্রণালী শিক্ষা, বিবিধ গাছগাছড়া সম্বন্ধীয় জ্ঞান, (খ) শস্য এবং ধাতুবিষয়ক এবং নাড়ী ও ব্রণাদি ব্যাধি-বিষয়ক জ্ঞান, (গ) প্রস্তর ও ধাতুর ভস্ম-বিধান, (ঘ) ধাতু এবং ঔষধির সংযোগ-ক্রিয়াজ্ঞান, (ঙ) ধাতুসকলের মিশ্রণ এবং মিশ্রিত ধাতুর পার্থক্যসাধন, (চ) ধাত্বাদি-সংযোগে অপূর্ব্ব উপকারিতা জ্ঞান, (ছ) অন্য বস্তু হতে ক্ষার নিষ্কাসন, (জ) বস্তুর সারাংশগ্রহণ-কৌশল, (ঝ) ইক্ষু-বিকার অর্থাৎ ইক্ষু হতে গুড় চিনি প্রস্তুত করণ, (ঞ) মকরন্দাসব অর্থাৎ পুষ্পনির্য্যাস এবং মদ্যাদি প্রস্তুত করণ brewing, (ট) তিল, সরিষা ই০ হতে তৈল নিষ্কাসনবিধি (ঠ) জল, বায়ু ও অগ্নির সংযোগ এবং বিয়োগ দ্বারা ক্রিয়া-বিধান chemistry. (১৯) চিত্রশাকপূপ-ভক্ষ্যবিকারক্রিয়া, নানাবিধ পাকক্রিয়া, সূপকর্ম্ম, (২০) পানকরসরাগাসব-যোজনা অর্থাৎ পানীয় পদার্থ রস ও রাগ রচনা (শুক্রনীতি-মতে, (ক) অল্পাধিক রসাদি-সংযোগে অন্নাদির পাকজ্ঞান, (খ) দুগ্ধ দোহন এবং দুগ্ধদ্বারা ঘৃতাদি প্রস্তুত করণ) ; (২১) তক্ষণ (সূত্রধরের কর্ম্ম), (২২) তর্কুকর্ম্ম (টেকো ঘুরান, চরকা কাটা), (২৩) পট্টিকাবেত্রবাণবিকল্প (পাট বা শণ বেত ও বাদ নারিকেল দড়ি বা মুঞ্জ দ্বারা খাট-বোনা, ধামা, কাঠা ই০ প্রস্তুত করণ, বেত বোনার কাজ, শুক্রনীতিতে-বেণু অর্থাৎ বংশদণ্ড) ও তৃণাদি পত্রের কার্য্যকারিতা জ্ঞান, (২৪) শয়নরচন (পল্যঙ্কাদি নির্ম্মাণ ও শয্যা প্রস্তুতকরণ-চাতুরী), (২৫) সূচীবাপকর্ম্ম (সূচীকর্ম্ম, কঞ্চুকাদি সীবন, শুক্রনীতিতে-সূত্রকর্ম্ম অর্থাৎ রিপুকর্ম্ম, কাপড়ে ফুল তোলা), (২৬) বালক-ক্রীড়নক (খেলানা তৈয়ার করা), (২৭) ভূষণ-যোজন (অলঙ্কার-যোজনা) বা স্বর্ণাদির অলঙ্কার নির্ম্মাণ-জ্ঞান-শুক্রনীতি, (২৮) কর্ণপত্রভঙ্গ (কর্ণপাত, দুল ই০ অলঙ্কারনির্ম্মাণ)-শুক্রনীতি, (২৯) তণ্ডুলকুসুমবলিবিকার (তণ্ডুল কুসুমাদি দ্বারা নানাবিধ পূজোপহার রচনা, শ্রী ই০ নির্ম্মাণ), (৩০) সম্পাট্য (হীরা কাটা ও তাতে পল তোলা), (৩১) মণিভূমিকা কর্ম্ম (ময়দানব-নির্ম্মিত পাণ্ডবসভার ন্যায় মণিবদ্ধ ভূমিক্রিয়া), (৩২) বাস্তুবিদ্যা (কোন স্থানে কি ভাবে গৃহাদি নির্ম্মাণ করিতে হইবে তাহার জ্ঞান, স্থাপত্যবিদ্যা, শুক্রনীতিমতে-তড়াগ, বাপী, প্রাসাদ ও সমভূমির নির্ম্মাণজ্ঞান, (৩৩) মণিরাগজ্ঞান (মণির রাগ-জ্ঞান ; রত্নের রঙ্গ চেনা), (৩৪) রূপ্যরত্ন পরীক্ষা (স্বর্ণ-রৌপ্যাদির উৎকর্ষাপকর্ষজ্ঞান, শুক্রনীতি-মতে (ক) রত্নাদির সদসৎ জ্ঞান এবং তাদের বেধনজ্ঞান, (খ) স্বর্ণরত্নাদির প্রকৃতাপ্রকৃত জ্ঞান, (গ) স্বর্ণরত্নাদির নির্ম্মাণ-জ্ঞান, (৩৫) আকরজ্ঞান (খনিবিদ্যা ; প্রস্তর ও ধাতুর উৎপত্তিস্থান নির্ণয়জ্ঞান mining), (৩৬) ধাতুবাদ (রসায়ন দ্বারা ধাতু-নির্ম্মাণ-বিদ্যা mettalurgy), শুক্রনীতিতে-কতিপয় যন্ত্রশিল্প ও বিজ্ঞানের অন্তর্ভুক্ত বিদ্যার নাম আছে, যথা-(ক) ঘটিকাদি বহুবিধ যন্ত্রনির্ম্মাণ-কৌশল mechanics, (খ) নৌকা, রথ, শকটাদি নির্ম্মাণ-জ্ঞান, (গ) বস্ত্রবয়ন weaving.

(ঘ) সূত্র ও রজ্জু নির্ম্মাণজ্ঞান। (ঙ) পশুচর্ম্মাদির মৃদুত্ব ও কাঠিন্য করণজ্ঞান tanning. (চ) পশ্বাদির দেহ এবং মলমূত্রাদি পরীক্ষা দ্বারা তাদের কার্য্যকারিতা-জ্ঞান, (ছ) গৃহ এবং ভাণ্ডাদি শোধন-বিধি disinfecting, (জ) বৃক্ষাদির জলসেক ও উত্তাপ-দান-বিধি horticulture, (ঝ) কাচপাত্রাদি নির্ম্মাণ-জ্ঞান glass-making, glass-blowing &c., (ঞ) লৌহাদি দ্বারা অস্ত্রশস্ত্র নির্ম্মাণ-বিধি cutlery, (ট) গজ, অশ্ব, বৃষ ও উষ্ট্র-দিগের পৃষ্ঠস্থিত আসনাদি নির্ম্মাণ-বিধান, (৩৭) ঐন্দ্রজাল (ভোজবিদ্যা যাদুবিদ্যা), (৩৮) বস্ত্র-গোপন (সূতার বস্ত্র লইয়া কৌষেয় বস্ত্র প্রদান), (৩৯) হস্তলাঘব (অন্যের অলক্ষ্যে হস্তসঞ্চালন দ্বারা বস্তুর পরিবর্ত্তনাদি), (৪০) চিত্রাযোগ (নানা অদ্ভুত প্রদর্শনোপায়, নানা মূর্ত্তি-পরিগ্রহ), (৪১) সূত্রক্রীড়া (সূত্রসঞ্চালন দ্বারা পুতলানাচ), (৪২) মেষকুক্কুটশাবকযুদ্ধ বিধি (মেড়া, মুরগী ও বটেরের লড়ায়ের প্রণালী-জ্ঞান), (৪৩) শুকসারিকা প্রলাপন (শুকসারিকা পক্ষীকে পড়ান বা নানা বুলি শিখান), (৪৪) দ্যূতবিধি: (পাশা খেলা জুয়া খেলা), (৪৫) আকর্ষক্রীড়া (আকর্ষণবিদ্যা-বলে বস্তুআনয়ন, ইন্দ্রজালের অন্তর্গত), (৪৬) অভিধানকোষছন্দোজ্ঞান), (৪৭) বৈনায়িকী-বিদ্যা (শাস্ত্রজ্ঞান), (৪৮) দেশভাষা-জ্ঞান (দেশের বিবিধ ভাষাজ্ঞান); প্রাদেশিক প্রাকৃত বুলি জানা), (৪৯) ম্লেচ্ছিতকবিকল্প (বিবিধ দেশের ভাষা-জ্ঞান; ম্লেচ্ছ ভাষা-সমূহে জ্ঞান), (৫০) কাব্য, সমস্যা, পূরণ (কাব্যের গুপ্ত বা অনুক্ত পদ এবং সমস্যার অংশান্তর পূরণ), (৫১) অক্ষরমুষ্টিকা-কথন (অদৃষ্ট অক্ষরের স্বরূপ এবং মুষ্টির মধ্যে ধৃত বস্তুর সংখ্যা কথন। মতান্তরে অঙ্গুলিসঙ্কেত দ্বারা অক্ষর-প্রকাশ), (৫২) পুস্তকবাচন (অবিদ্যমান বর্ণযোজনা দ্বারা অবলীলাক্রমে পাঠ করণ; মতান্তরে যথারীতি গ্রন্থপাঠ), (৫৩) নাটিকাখ্যায়িকাদর্শন (নাটক ও আখ্যায়িকা রচনা ও তত্তৎ শাস্ত্রজ্ঞান), (৫৪) মানসীকাব্য-ক্রিয়া (পরের মনের কথা বুঝিয়া তা কাব্যাকারে বা শ্লোকে প্রকাশকরণ), (৫৫) প্রহেলিকা (হেঁয়ালি riddle), (৫৬) যন্ত্রমাতৃকা (ককারাদি মাতৃকা বর্ণযোগে পূজার যন্ত্র বা নক্সা (table) প্রস্তুত করণ), (৫৭) উদকঘাত (জলস্তম্ভ-বিদ্যা), (৫৮) উৎ-সাদন (বাস্তুচ্যুতকরণবিদ্যা), (৫৯) দুর্ব্বচক-যোগ (যা বলা বা করা দুঃসাধ্য তা বলা বা করার কৌশল, মতান্তরে, কঠিন পদ বা শব্দের অর্থকরণ), (৬০) পুষ্পশকটিকা নিমিত্তজ্ঞান (পুষ্পশকটিকা-ঘটিত অনুষ্ঠান-মূলক বিদ্যা যদ্দারা নিমিত্তজ্ঞান জন্মে অর্থাৎ যে বিদ্যাদ্বারা বায়ুর গতি, মেঘের বর্ণ, মেঘগর্জ্জন বিদ্যুৎ ইং দেখিয়া ভবিষ্যতে কি ঘটিবে বলা যায়), (৬১) ধারণ-মাতৃকা (যন্ত্র-মাতৃকা ধারণজ্ঞান। মতান্তরে স্মৃতিবৃদ্ধি নিমিত্ত যন্ত্র table, schedule ইং রচনা), (৬২) ক্রিয়াবিকল্প (একই কর্ম্ম বিবিধ উপায়ে সম্পাদন করিবার কৌশলজ্ঞান), (৬৩) ছলিতকযোগ (ছলনা; পরকে ভুলান, ভুল-ছলাকলা), (৬৪) বৈতালিকীবিদ্যাজ্ঞান (যে বিদ্যায় বেতালসিদ্ধ হওয়া যায়)। শুক্র-নীতিতে আরও অনেক কলাবিদ্যার উল্লেখ আছে তন্মধ্যে শিশু ও যুবকদিগের শিক্ষা-সম্বন্ধীয় বিদ্যা উল্লেখযোগ্য। (ক) বালকের রক্ষণাবেক্ষণজ্ঞান, ধারণবিধি ও ক্রীড়া-কৌশল kindergarten. বালক ও যুবক-দিগের উপযোগী বিদ্যা, যথা,–(খ) সন্তরণ swimming, (গ) বৃক্ষারোহণ climbing. (ঘ) নানাদেশীয় ভাষানুযায়ী বর্ণের লিখন-জ্ঞান, (ঙ) দান, গ্রহণ, প্রতিদান, প্রত্যুপ-কার, শিক্ষা, অপরাধী জনে পীড়ন, অনপ-রাধী জনে সম্ভ্রম-শিক্ষা [দ্রঃ–ইংরেজিতে যাকে arts and industries বলে তা এই শিল্প-কলার অন্তর্গত। কলা অর্থে সাধাঃ সকল প্রকার যন্ত্র ও কল সাহায্যে করণীয় বিদ্যা science হতে artএর যে প্রভেদ, বিজ্ঞান হতে কলার সেই প্রভেদ। বিজ্ঞান অর্থে কোন বিষয়ের বিশেষ জ্ঞান এবং তৎসম্বন্ধীয় বিধি-নিয়মের মূলতত্ত্ব; কলা সেই নিয়মের বশবর্ত্তী হইয়া হাতে-কলমে করিবার কায়দা বা কৌশল-জ্ঞান। সঙ্গীত বিজ্ঞান-বিৎ তৌর্য্যত্রিকের মূলতত্ত্ব খুব ভাল জানিতে পারেন, স্বরভেদ, তাল মান ইং বিষয়ে তাঁর বিশেষ জ্ঞান থাকিতে পারে, কিন্তু গীত-বাদ্য-নৃত্য-কলায় অভিজ্ঞ না হলে তিনি এমন গাহিতে বাজাইতে এবং নাচিতে পারিবেন না যাতে তাঁকে কলাবান্ (বৎ) অর্থাৎ কালোয়াৎ বা কলাবতী বলা যাইতে পারে। কলা উচ্চ ও নিম্ন বা সূক্ষ্ম ও স্থূল হিসাবে প্রধানতঃ দুই প্রকার। উচ্চ অঙ্গের কলাকে "ললিতকলা" বা সুকুমার শিল্প (fine arts) বলে। সঙ্গীতজ্ঞ, চিত্রকর, ভাস্কর, ললিতকলা-ভিজ্ঞ (artist); কিন্তু নক্সানবীস (designer, draftsman) ফটোগ্রাফার, এন্‌গ্রেভার, সূত্রধর, কর্ম্মকার, শঙ্খকার, কাংস্যকার ইং নিম্ন অঙ্গের কলা-শিল্পী (artisan)। নিম্ন অঙ্গের কলা (শ্রম-শিল্প) হাতের কাজ ও যন্ত্রের কাজ ভেদে দুই শ্রেণীতে বিভক্ত। হাতের কায়দা বা কৌশল শিখিয়া যারা নানাবিধ শিল্পকাজ করে তারাই শ্রম-শিল্পী (artisan); যারা বিজ্ঞানের (বল-বিজ্ঞান; স্থিতিবিজ্ঞান গতিবিজ্ঞান ইং-র) ভিত্তির উপর বিবিধ কলকব্জা ঘটিত ও বাষ্পীয়, বৈদ্যুতিক ইং যন্ত্রজাত শিল্প-কলায় অভিজ্ঞ তারা যন্ত্রশিল্পী (mechanic) [শিল্প নহে] কৌশল [দ্রঃ কলা কেবল কৌশল। শিল্প কৌশল নহে বিদ্যা। প্রধান প্রধান বিদ্যার সংখ্যা ৩২, কলার সংখ্যা ৬৪; যা কেবল বাগ্ ব্যাপার-সাধ্য তাই বিদ্যা, যা মূর্খ ব্যক্তিও সম্পাদন করিতে পারে তাই কলা। "যৎ যৎ স্যাৎ বাচিকং সম্যক্ কর্ম্ম বিদ্যাভিসংজ্ঞিতং। শক্তো মূকোঽপি যৎ-কর্ত্তুং কলাশব্দজ্ঞস্তু তৎ-স্মৃতম্॥" সুতরাং সংগীত বিদ্যা, বাদ্য কলা। কৌশল-বিকাশ কলা। "কৌশল-বিকাশ কলা নামে অভিহিত, সৌন্দর্য্য বিকাশ শিল্প-নামে * * * *।" প্রাচীন ভারতে দুই শ্রেণীর শিল্পী এক শ্রেণীর নাম কারু বা কারুক, অন্য শ্রেণী শিল্পী, একালের কারিকর শব্দ কারুক শব্দের অপভ্রংশ। কারুক বা কারিকর শ্রমজীবী মাত্র, উদ্ভাবক নহে। সে কেবল অন্যের উদ্ভাবিত কৌশল-শিক্ষায় এবং দ্রব্য-নির্ম্মাণে সিদ্ধহস্ত (স্মৃতি)]

কলা-কুশল–শিল্পবিদ্যায় নিপুণ; বিবিধ বিদ্যায় পারদর্শী। কলা-কৌশল–নানা প্রকার শিল্পপ্রণালী জ্ঞান ও তাতে নিপুণতা; বিদ্যা ও বুদ্ধি-চাতুর্য্য। কলা--পরিষদ–বি, সুকুমার-শিল্পোন্নতি সম্বন্ধীয় সভা বা সঙ্ঘ। কলাবিদ্যা–কলা-বিজ্ঞান

technology. **কলা-ভবন**-শিল্পশালা ; বিবিধ শিল্পের কারখানা ; চিত্রশালা ; নাট্যশালা। **কলা-শিল্প**-বি, ৬৪ প্রকার বিদ্যার অন্তর্গত শিল্পবিদ্যা। **কাব্য-কলা**-কাব্যরচনা-জ্ঞান ও রসভাবাদি অলঙ্কার-সমাবেশ দ্বারা তাতে চমৎকারজনকত্ব-সম্পাদনের কৌশল-জ্ঞান ; কাব্যশিল্প poetic art. **কারু-কলা**-শ্রমশিল্প industrial arts. **চিত্রকলা**-বি. চিত্রাঙ্কন-বিদ্যা। **চৌষট্টি কলা**-নৃত্য,গীত,বাদ্য, আলেখ্য,ভাষাজ্ঞানাদি ৬৪ বিদ্যা। ২ সকল বিদ্যা। **যন্ত্রকলা**-যন্ত্র-সাহায্যে করণীয় শিল্প mechanical arts. **ললিত-কলা, সুকুমারকলা**-কলা দ্রষ্টব্য fine arts. **শিল্পকলা**-শিল্পবিদ্যা।

কলা৩-বি, নৌকা। ২ বিভূতি। ৩ কান্তি। "বিম্ব ফল জিনী তোর অধরের কলা।"-শ্রী০ কী০। ৪ নৈপুণ্য ; কৌশল। ৫ [ছলা শব্দের সহচর। তুল-ছলা-কলা] চাতুরী ; ছল ; ছলচাতুরী। "তিরীলা ক০।" -শ্রী০ কী০। "ভাঁড় জানে বহু কলা, পরদ্বন্দ্বে পাতে ছলা টাকা সিকা নিত্য খায় খতি।" -কবিক০। ৬ হাব-ভাব ; ঠাট। "বচন ইঙ্গিতে কত নয়ন ভঙ্গিতে। কত গণ্ডা কলা তায় কহিতে কহিতে॥"-ঘ০। ৭ স্ত্রীরজ। ৮ বিভীষণের জ্যেষ্ঠা কন্যা। ৯ মরীচিপত্নী (ইনি কশ্যপ এবং পূর্ণিমার জননী)-ভাগবত।

কলা৪ [হিং-কেলা। সং, প্রাকৃ০-কেলা। সং-কদলী। ইং-banana. ল্যা০-musa sapientum] বি, প্রসিদ্ধ ফলবৃক্ষ ; কলাগাছ ও তার ফল ; কদলী plantain. কদলী বহুবিধ তন্মধ্যে প্রসিদ্ধ-কাঠ কদলী (কাঠ কলা বা কাঁঠালী কলা), গিরিকদলী (পাহাড়ী কলা খুব মোটা ও বড় বড়), সুবর্ণ কদলী (কনক কদলী-সুবর্ণ বা কনকচাঁপার গন্ধ ও বর্ণ হতে), মহেন্দ্র কদলী (বন্ধ কদলী), কৃষ্ণ-কদলী (মহারাষ্ট্রদেশীয় সবুজবর্ণ এবং বাঁশীর আকার),মাণিক্য কদলী, মর্ত্ত্যকদলী (মর্ত্তমান কলা),অমৃত মর্ত্তমান (হিং-অমৃৎবান্. মর্ত্তমান-জাতীয়), চাকাই মর্ত্তমান (ঢাকায় জন্মে বলিয়া), মালভোগ (উত্তরবঙ্গে, মর্ত্তমান-জাতীয়), চাটিম (চট্টগ্রামী, মর্ত্তমান-জাতীয়), চম্পা কদলী (চাঁপা কলা, সুবর্ণ বা কনক কদলী), চিনিচাঁপা (চম্পাজাতীয় কিন্তু ছোট ও অধিক মিষ্ট), কাঁচকলা (কাঁচা অবস্থায় এই কলা রন্ধন করিয়া খাইতে হয় বলিয়া এই নাম, ইহা পাকিলে সুস্বাদু হয় না), কালিবৌ বা কলাবৌ কাঁঠালী, কাবুলী কলা (কাবুল ইহার জন্মস্থান), ডোগরে বা ডোরে (ইহার মোচা রন্ধন করিয়া খায়), ঠোটে কলা (ডোগরে জাতীয়, ক্ষুদ্র), বীজী বা বীচে কলা (বীজপূর্ণ বলিয়া), বিয়ে কলা (ভিতরে খিয়াল বা তেলাল বলিয়া), মদনা, কানাই বাঁশী (বাঁশীর আকার, পাকিলেও সবুজবর্ণ), সন্নাকলা, দয়েকলা, অনুপাম, তুলসী কলা, রসথলী, সিঁদুরে কলা, রাম কলা (বোম্বায়ে কলা), শিঙ্গাপুরী, বেসীনে কলা (বেসীন দ্বীপজাত), যবদ্বীপে, ফিলিপাইনে ই০। **কলা বা কলাটি করবে**-কিছুই করিতে পারিবে না। **কলা খাও**-মর। **কলা খাওয়া**-বানর পদবাচ্য হওয়া (তুল-বানর কলা খাবি,বড় বৌএর বাবা হবি ই০ -ছড়া)। **কলা-খেকো**-বানর-প্রকৃতি ; বানুরে। **কলা খেয়ে যাওয়া**-পিণ্ডদান-কালের কলা খাইয়া যাওয়া ; মরিয়া যাওয়া। **কলা দেখান**-বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন (অগ্রাহ্য বা অমান্য করণ অর্থে)। ২ অশ্লীল ইঙ্গিত করণ। **কলা পোড়া**-আদ্য ও চতুর্দ্দশ মাসিক শ্রাদ্ধে মৎস্যের পরিবর্ত্তে কলা পোড়াইয়া দেওয়ার বিধি আছে। তা হতে মৃত্যুর বা শ্রাদ্ধের ইঙ্গিত গালি-বিঃ। **কলা পোড়া খাও**-চুলোয় যাও ; মর (যাতে প্রেতশ্রাদ্ধে কলা-পোড়া দিবার ব্যবস্থা হয়)। ২ অশ্লীল গালি। **কলা হবে**-কিছুই হইবে না। **কলার এঁটে**-কলাগাছের মূল বা মূলস্থ কন্দ। **কলার ছোটা**-কলা গাছের পেটো হতে যে সূতা বাহির করা হয়। ২ [কলার আকৃতি হতে] বৃদ্ধাঙ্গুলি ; শিশ্ন। এই শব্দ অসম্মতি অর্থে, বিদ্রূপার্থে, অভাবার্থে, বিপরীতার্থে, অশ্লীল গালি অর্থে প্রযুক্ত হয়। "ফল তার কলা।" **কলার তেউড়, -তেড়**-কলাগাছের মূল হতে উৎপন্ন নূতন চারা। এই চারার প্রথম অবস্থা অঙ্কুরাবস্থাকে, 'মুকি' (গ্রা০-'পুঁকি') বলে। তুল-ওলের মুকি, কচুর মুকি ই০। **কলার পানমুচি ভাঙ্গা**-কলার ফুল ধরিবার বা মোচা পড়িবার পূর্ব্বে খর্ব্বাকৃতি পত্র বাহির হওয়া। **কলার পেটো**-কলা গাছের ছাল। **কলার ফুল** (কদলীপুষ্প) মোচা। **কলার বাইল বা বাল্‌দো**-কলা পাতার ডাঁটা বা দণ্ড।

কলা৫ [প্রাদে০ কল দ্রঃ] বি, ধানের শিষ বা ছড়া (রমাই পণ্ডিত)।

কলাই১ [সং-কলায়। মুসলমানী বাং-'কলুই'] বি, কড়াই ; মটর। ২ শুঁটিবিশিষ্ট বা শিম্বীজাতীয় (leguminous) যাবতীয় শস্য ; মাষকলাই ; কলাই-শুঁটি ; ছোলা ; পায়রা-মটর ; ঠিক্‌রে কলাই ই০।

কলাই২ [আ০-কলাই] বি, ধাতুপাত্রে রূপা রঙ্গ আদি ধাতু গলাইয়া তার পাতলা প্রলেপ। ক্রি, **ক০ করা**-ঐরূপ প্রলেপ দেওয়া বা রঙ্গ ধরান। বিণ, **ক০ করা**। প্র-কলাই করা বাটী। **ক০ গর-ঘারা** কলাই করে।

কলাই৩-বি, কলাচিকা দ্রঃ।

কলাকন্দ-বি, কলার বড়া। ২ কালাকন্দ নামক বরফী মিঠাই।

কলাঙ্কুর-বি, চৌর্য্যশাস্ত্রকার মূলদেব। ২ কংসাসুর। ৩ সারস crane.

কলাকুশল [(কলাতে কুশল)-৭ তৎ] বিণ, নৃত্যগীতাদি-চতুঃষষ্টি-কলাবিদ্যানিপুণ ; চিত্রকলায় দক্ষ।

কলাকেলি [কলা (কলাবিদ্যা) কেলি (ক্রীড়া) যার-বহু০] বি, কামদেব।

কলাচিকা, কলাচী [সং। হিং-কলাই] বি, কফোণি (কনুই) হতে মণিবন্ধ পর্য্যন্ত প্রকোষ্ঠ ; হস্ত। ২ অশ্বের জানুর অগ্রভাগ।

কলাতলা [প্রাদে০] বি, বিবাহকালে স্ত্রী-আচারের স্থান ; চতুর্দ্দিকে কলাগাছ পুঁতিয়া ঘেরা হয় বলিয়া এই নাম। "হায়, লাঠি ভর করিয়ে, এ শিশু বরকে নিয়ে কেমনে ঘুরবো আমি কলাতলে।"-রাসবিহারী মুখো০।

কলাদ [কলা (শিল্পবিদ্যা) দ (যে দান করে-কর্তৃ, ড প্রত্যয়ান্ত দানার্থক দা ধাতুজ)

যা কলা (অংশ) আদ (যে গ্রহণ করে-আ-দা +ড, র্ত্তৃ) যে কারুকার্য্য দেখায় বা যাকে অলঙ্কার নির্ম্মাণ করিতে দিলে তার অংশ গ্রহণ করে] বি, স্বর্ণকার ; সেক্‌রা।

কলাধর [কলা-ধর (যে ধরে)] বি, চন্দ্র। ২ শিব [কলাধার দ্রঃ]।

কলাধার [কলার-আধার (আশ্রয়) -৬ তৎ] বি, চন্দ্র। ২ [কলা (চন্দ্রকলা) ধার (যে ধারণ করে)] শিব ; অর্দ্ধচন্দ্রমৌলি।

কলানি [কল দ্রঃ] ক্রি, যোগ করা। ২ গজান ; কল বাহির হওয়া ; অঙ্কুরোদ্গম হওয়া।

কলানাথ [কলার নাথ (প্রভু)-৬ তৎ] বি, চন্দ্র। ২ জনৈক সঙ্গীতজ্ঞ গন্ধর্ব্ব।

কলানিধি [কলার নিধি (আধার) -৬ তৎ] বি, চন্দ্র।

কলানুনাদী-বি, চড়ুই পাখী। ২ চাতক পাখী। ৩ ভ্রমর।

কলান্তর-বি, বৃদ্ধি ; সুদ।

কলাপ [কল (অব্যক্তমধুর শব্দ) আপ্ (পাওয়া)+অ (র্ত্তৃ) যে অব্যক্ত মধুর শব্দ করে] বি, আভরণ ; ভূষণ। ২ কাঞ্চী ; কটিভূষণ : চন্দ্রহার। ৩ প্রসিদ্ধ সং ব্যাকরণ। ইহার সূত্র সর্ব্ববর্ম্মাচার্য্যকৃত ও বৃত্তি দুর্গসিংহকৃত। উভয়েই বৌদ্ধ পণ্ডিত। ৪ ময়ূরের পুচ্ছ। "কুঞ্জবন গহনে, খেলয়ে হংসাবন ললিত, শিব, হংসাবন ললিত, প্রসারি ক০ কলাপী।" -হেম০। ৫ চন্দ্র। ৬ পণ্ডিত। ৭ গ্রামবিঃ। ৮ তূণ। ৯ ধনু। ১০ শর। ১১ নারাচ ; অর্দ্ধচন্দ্র বাণ। ১২ সমূহ ; রাশি। ১৩ হস্তীর গলবন্ধন রজ্জু। ১৪ যে চারি শ্লোকের অর্থ এক ক্রিয়া দ্বারা সমাপ্ত হয় এরূপ মিলিত শ্লোকচতুষ্টয়।

কলা/পক-বিণ, হস্তিগলরজ্জু। ২ এক ক্রিয়ার সহিত অন্বিত ; একবিষয়ক চারিটী শ্লোক। ~পী, -পি [কলাপ (ময়ূরপুচ্ছ)+ইন্ (স্ত্য)=কলাপিন্ ১মা ১ব০] বি, ময়ূর। "কলাপি-কলাপ জিনি খুল্লনার কেশ।" -কবিক০। ২ [কল (মধুরধ্বনি) আপ্ (পাওয়া)+ইন্ (র্ত্তৃ)] কোকিল। ৩ বৈশম্পায়নের শিষ্য। স্ত্রীং ~পিনী-ময়ূরী।

২ রাত্রি। ৩ নাগরমুথা a species of cyperus. ৪ চন্দ্রমা।

কলা-পুঁকী-বি, কলাগাছের তেউড় ; কলাগাছের চারা।

কলা-পেটো [কলা-পাট (পট্ট) উয়া >ক্ষে০ পেটো] বি, কলাগাছের বাকলা বা খোলা। ২ কলার পেটোর দড়ী।

কলাবিউ [সং-কলাবধূ] বি, নবপত্রিকা ; নবদুর্গা। কলাবধূ দ্রঃ। ২ [নবপত্রিকার দীর্ঘ অবগুণ্ঠনের আদর্শে] দীর্ঘাবগুণ্ঠিতা স্ত্রী ; অতি লজ্জাশীলা বধূ। "কভু সাজে ক০ সেকালের বুড়ী।"-কস্তুরী০।

কলা/বৎ-কলাবতী। কালোয়াৎ দ্রঃ। স্ত্রীং ~বতী [কলা+বৎ (স্ত্য, বতু)+ঈ (স্ত্রীং)] বিণ, বি, নৃত্যগীতাদি চৌষট্টি-কলা-বিদ্যা-বিশারদা। "বাজত দ্রিগি দ্রিগি ধোদ্রিম দ্রিমিয়া. নটতি কলাবতী শ্যাম সঙ্গে মাতি করে করু তাল-প্রবন্ধক ধ্বনিয়া।" -বি০ প০। ২ বি, রাজা বৃষভানুর পত্নী ; যজ্ঞকুণ্ডোদ্ভবা ; রাধিকার জননী। (ব্রহ্ম বৈ০ পু০) কিন্তু পদ্ম পু০ মতে 'কীর্ত্তিদা'। ৩ তুম্বুরু গন্ধর্ব্বের বীণা (হে০)। ৪ রসিকা। "কোন কলাবতী আজি পেয়েছিল লাগ।" -চণ্ডী০ [পুং, কলাবান্ (কলাবৎ কিন্তু গ্রা০ -কালোয়াৎ)-নৃত্যগীতবাদ্যে নিপুণ]।

কলাবিতু, কলাবিত্তু [হি০-কলাবত্তু। কলা-আবর্ত্ত=আবত্ত (হি০-বটা হুয়া)-সোনা-রূপার তারে পাক দেওয়া শিল্প] বি, রেশমের উপর সোনা বা রূপার সূক্ষ্ম তার জড়ান বা পাকান সোনা ; রূপার পাকান তার ; সোনা বা রূপার তার দিয়া বোনা ফিতা যা বস্ত্রাদির পাড় বসাইবার কাজে লাগে।

কলাবিধু [গ্রা০-'কলাবৌ'। দুর্গাপূজার দিবস প্রথম পূর্ব্বাহ্নে কদলী আদি নবপত্রিকা-রূপিণী নবদুর্গাকে বস্ত্রালঙ্কার ও সিন্দূরাদিতে ভূষিত করিয়া অবগুণ্ঠনবতী বধূর ন্যায় গৃহ-প্রবেশ করাইবার প্রথা হতে কলাবধূ এই নাম] বি, নবপত্রিকা ; নবদুর্গা [দ্রঃ-নবপত্রিকার এক এক পত্রিকা এক এক দেবীরূপে পূজিতা হন। যথা-রম্ভারূপা ব্রহ্মাণী, কচ্চিরূপা কালিকা, হরিদ্রারূপা দুর্গা, জয়ন্তীরূপা কার্ত্তিকী, বিল্বরূপা শিবা, দাড়িমীরূপা রক্ত-দন্তিকা, অশোকরূপা শোকহারিণী, মান-রূপা চামুণ্ডা এবং ধান্যরূপা লক্ষ্মী। -বৃহন্নন্দীকেশ্বর পু০] ২ [নবপত্রিকার দীর্ঘ অবগুণ্ঠন হতে] দীর্ঘ অবগুণ্ঠনবতী বধূ ; অতি লজ্জাশীলা বধূ।

কলাবাজী [হি০-তে প্র০ চ০। সং-কলা, ফা০-বাজী] বি, মাথা নীচু করিয়া উল্টাইয়া পড়া ; ডিগ্‌বাজী।

কলাবান্ [কলা+বৎ-স্ত্য-বতু=কলাবৎ ১মা ১ব০] বিণ, যার সঙ্গীতবিদ্যায় নৈপুণ্য বা পাণ্ডিত্য আছে ; কলাজ্ঞ ; কালোয়াৎ। ২ কলাবিশিষ্ট। ৩ বি, কলাধর ; চন্দ্র। স্ত্রীং কলাবতী।

কলাবাসনা-বি, কলাগাছের শুষ্ক বল্কল ; শুক্‌না কলার পেটো।

কলাবৌ-কলাবধূ দ্রঃ। ২ [তুল-উর্দ্দু-'কেলন'-পুত্রবধূ (Hindustani English Dic.) >বধূ, কুলবধূর উচ্চারণ বিকারে?] কুলবধূ।

কলাভৃৎ [কলা-ভৃৎ (যে ধারণ করে) ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (র্ত্তৃ)] বি, চন্দ্র। ২ শিল্পী। ৩ শিব।

কলাম [কালাম দ্রঃ] বি, মূল ধর্ম্মমন্ত্র ; শ্লোকবিঃ ; কোরাণের প্রার্থনা (লা ইলাহা ই০)। আশীর্ব্বাদ দিল তারে পড়িয়া ক০। -পূ০ ব০ গী০।

কলায় [সং। গ্রা০-কলাই, মুসলমানী বাং-'কলুই'] বি, কলাই ; কড়াই। ~দাল-মাষ-কলায়ের দাল।

কলায়ন [কলা-অয় (গমন করা, পাওয়া)+অন (র্ত্তৃ-জ্ঞা) যে কলা বিদ্যা প্রাপ্ত হয়] বি, পুং, নর্ত্তক।

কলায়িলোঁ [আ০-কায়ল > হি০-কায়লহ্ >] ক্রি, বশীভূত হইলাম ; অনুগম্য হইলাম (শ্রী০ কী০)।

কলালাপ [কল (অব্যক্ত মধুর) হইয়াছে আলাপ (শব্দ) যার-বহু০] বি, ভ্রমর ; মধুকর। ২ [কল যে আলাপ (ধা)] অব্যক্তমধুর ধ্বনি। ৩ [কলা বিষয়ে আলাপ-৭ তৎ] নৃত্য-গীতাদি কথা।

কলি১ [কল (গণনা করা)+ই-জ্ঞা০]

বি, চতুর্থ যুগ; যুগচতুষ্টয়ের শেষ যুগ; কলি ইহার অধিষ্ঠাতা। ১২০০ দিব্য বৎসর অর্থাৎ ৪৩২০০০ বৎসর ইহার পরিমাণ। ৩১০১ খ্রীঃ পূঃ অব্দে এই যুগের আরম্ভ হইয়াছে। -ভারতকোষ। ২ দ্বেষ। ৩ ক্রোধের ঔরসে তদীয় ভগিনী হিংসার গর্ভে কলির জন্ম হয়; ইনি অতি কৃষ্ণবর্ণ জুগুপ্সিত, তৈলাভ্যক্ত, কাকতুল্যোদর, বিকট বদন, লোলজিহ্ব, পূতিগন্ধাশৃক্পূর্ণ। ইনি নিজ ভগিনী দুরুক্তিকে বিবাহ করিয়া ভয় নামক পুত্র ও মৃত্যু নামে কন্যা উৎপাদন করেন। ৪ যুদ্ধ। ৫ কলহ। "ইহাতে অবুধগণ মহাকলি করে।" -চৈ০ ভা০। ৬ শূর। "আন্ধা শিশু না দেখিহ স্বণ ল সুন্দরি রাধা আন্ধে ক০ ত্রিদশ ঈশ্বরে॥"-শ্রী০ কী০। স্ত্রীং **কলী**। **এই তি কলির সন্ধ্যা**-কলিযুগের এই আরম্ভ, এখনও ঘোর অন্ধকারময় রাত্রি কাটাইতে হইবে; কষ্টের বা দুঃখের এই সূত্রপাত।

কলি২, -লী [সং] বি, কলিকা দ্রঃ। ফুলের কলি; অস্ফুট পুষ্প; কোরক। "সোণালি আঙ্গুলগুলি অফুট চাঁপার ক০।" -অমৃত বসু। ২ পুষ্প-কলিকার মত চূড়াল (তুল-কমলকলি) কেশবিন্যাস। প্র-ক০ কেটে চুল বাঁধা। ৩ বৈষ্ণবগণের তিলকের প্রকারভেদ। ৪ জামার বগল; পকেট সেমিজ ও জ্যাকেটে লাগাইবার কলির আকারে কাটা কাপড়ের টুকরা। প্র-কলিদার জামা। সেমিজে কলি বসান। ৫ বীণা, বেহালাদির নিম্নভাগ। ৬ কবিতার বা শ্লোকের পদ বা চরণ। ৭ গানের পদ। "রামপ্রসাদ গান, ভক্তি যেন মূর্ত্তিমান্, তার শেষে আরো দু'টি ক০ বিন্যাসি।" -দেবেন্দ্র সেন। **কমলকলি**-পদ্মকোরক, উদ্ভিন্নযৌবনা ও কমলের ন্যায় কোমলাঙ্গী কামিনী; আদরের পাত্রী। "রাবণ বলে চন্দ্রাবলী তুমি আমার ক০।"-বঙ্কিম০। **রসকলি**-তিলকভেদ।

কলি৩ [আ০-কলী (alkali) ক্ষার; যবক্ষার; সাজিমাটি,-তা হতে কলিচূণ; চূণক্ষার] বি, চূণ; কলিচূণ। **কলিধরান, -ফেরানি**-গৃহাদিতে চূণ জলে গুলিয়া লেপ দেওয়া বা মার্জ্জন করা। **কলিচূণ**-শামুক ইং০র খোলা-পোড়ান চূণ।

কলিআঁ [প্রা০-বাং কালি + আ (স্বার্থে)] বি, কালি; কলঙ্ক। "হাত দিতেঁ লিহে ক০।" -শ্রী০ কী০।

কলিকা [সং] বি, কলি; কোরক; অস্ফুটপুষ্প। "যবে দেখেছিনু তায় প্রভাত-প্রভায় বসন্ত কুঞ্জ কাননে। সেহি অস্ফুটদল ক০ বিমল মৃদু বিচলিত পবনে॥"-কলিকা ও ফুল (বি০ মজুমদার)। ২ [বৈদেশিক পুষ্প, প্রা০ সং-অভিধানে নাম নাই। অস্ফুটিত পুষ্পের আকৃতি হতে এই নাম প্রাপ্ত] কল্‌কে ফুল thevelia nerifolia ৩ [কল্‌কে ফুলের আকার হতে। কল্কি, কল্কে ও০। হি-কলিআঁ] যে পাত্রে তামাক ও আগুন রাখিয়া ধূমপান করা যায়; হুঁকার কলকে।

কলিকাল [কলিরূপ যে কাল, (সময়) -ধা] বি, কলিযুগ। "মহাঘোর ক০ নীচ হবে মহীপাল সর্ব্বভোগ নীচের সাধন।" -কবিক০।

কলিঙ্ক [কলঙ্ক শব্দের বিকার] কলঙ্ক দ্রঃ।

কলিঙ্গ-বি, উৎকলের দক্ষিণ সীমায় দ্রাবিড় পর্য্যন্ত সমুদ্রের তীরস্থিত দেশ। ২ কলিঙ্গদেশ-স্থাপনকারক; বলির পুত্র; দীর্ঘতমার ঔরসে সুদেষ্ণার গর্ভে ইঁহার জন্ম। ৩ প্লক্ষ বৃক্ষ। ৪ পুটজ বৃক্ষ। ৫ পূতী করঞ্জ বৃক্ষ। ৬ শিরিষ বৃক্ষ। ৭ বিণ, কলিঙ্গ দেশ-জাত। স্ত্রীং ~া-সুন্দরী স্ত্রী; নিতম্বিনী। ২ তেউড়ী; ত্রিবৃৎ।

কলিজা [সং-কালেয়=যকৃৎ + য=জ। হিং কলেজা, কলেজী=যকৃৎ liver ফা০-জীগর্] বি, যকৃৎ। ২ বক্ষঃস্থলের গ্রন্থিবিঃ; হৃৎপিণ্ড। "দেখিয়া যেতেচে ছিঁড়া প্রচণ্ড হাসির চোটে ক০ ধমনী।"-প্রেম ও ফুল। ৩ [হৃৎপিণ্ড >] বুক; সাহস। এই অর্থে হি০-তেই ব্যবহৃত। তার অনুকরণে বাং-য় প্র০ অ০।

কলিঞ্জ [সং] বি, তৃণনির্ম্মিত আসন; চাঁচ; দরমা; মাদুর।

কলিত [কল্ (গণনায়, সংকলনে) + ত (র্ম্ম)] বিণ, কৃতচয়ন; আহৃত। "স্বকর-ক০ তব শল্লকী-পল্লবে।"-বি০, মজুমদার। ২ [কল্ (গণনা করা) + ত (র্ম্ম)] বিণ, গণিত; সংখ্যাত। ৩ ধৃত; আশ্রিত; গৃহীত। ৪ বদ্ধ। ৫ বিরচিত [অন্য শব্দের সহিত সমাস-যুক্ত হইয়া বাং-তে ব্যবহৃত হয়] "ইন্দুবদনী ধনি নয়ন বিশালা। কমল-ক০ জনি মধুকর-মালা॥"-বি০ প০।

কলিদ্রুম-বি, বিভীতক বৃক্ষ; বয়ড়া গাছ (নল রাজার শরীরে প্রবেশকালে ছিদ্রানুসন্ধানার্থ কলি এই বৃক্ষকে আশ্রয় করিয়াছিলেন বলিয়া ইহার নাম ক০)।

কলিন্দ-বি, পর্ব্বতবিঃ (এই পর্ব্বত হতে যমুনা নদী বাহির হইয়াছে বলিয়া কালিন্দী নামে খ্যাত)। ২ বিভীতক বৃক্ষ; বয়ড়া গাছ। ৩ সূর্য্য। **~কন্যা, ~জা**-কলিন্দ পর্ব্বত-জাত নদী; কালিন্দী বা সূর্য্যকন্যা যমুনা।

কলিপ্রিয় [কলি (কলহ) হইয়াছে প্রিয় যার-বহু০] বি, নারদ মুনি। ২ বানর। ৩ [কলির প্রিয়-৬ তৎ] বিভীতক বৃক্ষ; বয়ড়া গাছ। ৪ বিণ, কলহপ্রিয়; যে কলহ ভালবাসে। স্ত্রীং ~া-কন্দলী।

কলিফিরান [কলি দ্রঃ। ফিরান হিং-ফের্না] ক্রি, চূণকাম করা; গৃহাদি চূণের জলে মার্জ্জিত করা; চূণ ধরান।

কলিযুগ [কলি দ্রঃ] বি, চতুর্থযুগ; কলি এই যুগের অধীশ্বর বলিয়া এই নাম; কল্কী এই যুগের অবতার।

কলিযুগাদ্যা-বি, কলিযুগের আদি।

কলিয়া [প্রাদে০, গ্রা০-কোলে] বি, হিন্দুর মধ্যে জাতীয় পদবী-বিঃ।

কলিল-বিণ, মাঘী পূর্ণিমা; মিশ্রিত। ২ ঘন।

কলী-বি, কলিকা। ২ কবিতার পদ। ৩ কলিকাল। ৪ [প্রা০ বাং কালই > কলোইল >] ক্রি-বিণ, কল্যই। "পাছে কলি কাহ্নাঞি বিরহ দুখ পাইবেঁ।"-শ্রী০ কী০।

কলু [কল হতে হিং-কোল্হূ=কোন কিছু মাড়িবার কল press; ঘানিগাছ (oil-man's press)। বাং-য়-ঘানির কাজ যে করে] বি, তৈলকার। ২ ঘানিগাছ (হিং-অনুকরণে। উ০ বঙ্গে)। স্ত্রীং **~নী**-তৈলকার জাতীয়া নারী।

কলুই [কলাই দ্রঃ। মুসলমানী বাং]

বি, মাষকলাই। "বেঁধে দেয় ফুফু নানি ক॰ ডালের পানি।"-ঈ॰ গুপ্ত।

কলুফে, কুলুফে [হি॰-কুল্‌ফ্। স্যা॰-কুফ্‌ল্‌=তালা, তার ভাব হতে আটক পড়া] ক্রি, আকৃষ্ট হয় ; বাঁধা পড়ে ; মোহিত হয়। "মদনক॰।"-চণ্ডী॰।

কলু/ষ [কল্ (গমন করা, আশ্রয় করা) + উষ (র্তৃ-ক্তা॰) যে কুকর্ম্মের ফল স্বরূপ হইয়া প্রাণীদিগকে আশ্রয় করে] বি, পাপ ; অধর্ম্ম। ২ আবিলতা ; মলিনতা। ৩ বিণ, পাপাশ্রিত ; পাপী। ৪ আবিল ; ঘোলা। ~ষিত [কলুষ (পাপ) + ইত (যুক্তার্থে)] বিণ, পাপবিশিষ্ট ; পাপকর্ম্মকারী ; অধর্ম্মগ্রস্ত। ২ দূষিত ; মলিন। ৩ মলিনীকৃত ; কলঙ্কিত।

কলেজ [ই॰-college] বি, উচ্চশিক্ষাগার ; স্কুলের উর্দ্ধতন শিক্ষাস্থান ; বিজ্ঞান, দর্শন ও কলাবিদ্যা-শিক্ষালয়।

কলেবর [সং। কল=শুক্র। শুক্রোৎপন্ন বলিয়া] বি, দেহ ; শরীর ; তনু ; গাত্র। স্ত্রীং ~।-বি, দেহবিশিষ্টা।

কলেরা [ই॰-cholera] বি, বিসূচিকা ; ওলাউঠা ; সংক্রামক পীড়া। "ইহাতে ফেনের ন্যায় ভেদ, বমন, খেঁচুনি আদি উপদ্রব উপস্থিত হয়, প্রস্রাব বন্ধ হয় ও জীবনী শক্তি ক্ষীণ হইয়া পড়ে।"-ডাঃ আর, জি, কর।

কলোসাস্ [ই॰-colossu বি, পৃথিবীর পুরাতন সপ্ত আশ্চর্য্যের অন্যতম রোড্‌স্ ও সাইপ্রস্ দ্বীপদ্বয়ে পদদ্বয় ধাবণকারী এপলোদেবের বিরাট্ মূর্ত্তির ন্যায় বিশাল দেহ ; অতিকায় ; মহান্ : বিশাল। ২ বিরাট্ বিগ্রহ। "কিন্তু আজিকার আনন্দের ক॰ হতাশা ও অনুশোচনার দুইটী দ্বীপকে পদদলিত করিয়া আকাশ ফুঁড়িয়া উঠিল।" -ব॰ বাণী, ১৩৩৪।

কল্ক [সং] বি, খইল ; খলি ; কাইট ; শিটে। ২ মল ; বিষ্ঠা। ৩ কর্ণমূল। ৪ পাপ। ৫ অলঙ্কার। ৬ গন্ধদ্রব্য বিঃ ; চূর্ণদ্রব্য বিঃ। ৭ বহেড়া গাছ। ৮ কাই ; মণ্ড paste.

কল্কলানি, কলকলানি [কলকল (দ্রঃ) + আন (ক্রিয়ায়)] ক্রি, কলকল শব্দ করা। ২ জল-স্রোতের শব্দ হওয়া। ৩ পাখীর কাকলিধ্বনি করা।

কল্কা, কল্‌কা [হি॰-কল্‌গা (মোরগ ফুল cockscomb flower ; হি॰-মুর্গ্‌কেশ amaranthus, prince's feather, বর্ষায় জন্মিয়া আশ্বিন কার্ত্তিক মাসে ফোটে, মোরগের ঝুঁটীর মত লাল লাল কেশরগুচ্ছ)- তুর্কী, কল্‌গী হতে তাজ পাগড়ী ই॰- উপর পাখীর পালক গুচ্ছ-তার অনুকরণে অধুনা স্বর্ণমণি-মুক্তাময় কলগী] বি, কল্‌গীর মত নক্সা বা ফুল। কল্কাদার আঁচল-কল্কাতোলা বা কল্‌কাকাটা আঁচলা। কল্কাপেড়ে-কল্কা কাটা পাড় যুক্ত ; কল্‌কাদার। প্র-কল্‌কাপেড়ে সাড়ী।

কল্কাদার, কল্‌কাদার [কল্কা দ্রঃ] বিণ, কল্কা আছে যাতে ; নক্সাকাটা ; কলকা তোলা। "গহনা গায়ে আলতা পায়ে ক॰ আঁচল।"-ইন্দিরা (বঙ্কিম)।

কল্কি১, কল্কী [কল্ (গমন, আগমন) + কি (র্তৃ)-যিনি আসিবেন, যিনি কলিকালে অবতাররূপে আগমন করিবেন] বি, কলিযুগের শেষ অবতার ; বিষ্ণুর দশাবতারের শেষ অবতার। পুরাণ-মতে ইনি সম্ভলপুর গ্রামনিবাসী বিষ্ণুশর্ম্মা-নামক ব্রাহ্মণের পুত্ররূপে চৈত্র মাসের শুক্লা দ্বাদশী তিথিতে জন্ম গ্রহণ করিবেন। ~পুরাণ-বি কল্কি অবতারের বিবরণযুক্ত পুরাণ-গ্রন্থ ; ইহার নামান্তর অনুভাগবত।

কল্কি২ [কলিকা-কল্‌কে, উচ্চারণ ভেদে কল্কি। হি॰-কলিয়া] বি, তামাকের আধার ; তামাক সাজিবার পাত্র। "কল্কির আগুনে তার পুড়িল সকল।"-কুলরেণু। "পোড়া কল্কিতেই থাকিয়া থাকিয়া টেনে মারিতেছেন।"-পিতাপুত্র (ন॰ গুপ্ত)।

কল্কে, কল্‌কে [কলিকা দ্রঃ। কলিকা পুষ্প বা পুষ্পের কলির আকার বলিয়া] বি, ২কার অঙ্গবিঃ (তুল-২কো কলকে) তামাক ও আগুনের আধার। কল্কে পাওয়া-সমাজে বা সভায় উপস্থিত ভদ্র লোককে তামাক খাইতে দিয়া আদর অভ্যর্থনা ও মর্য্যাদা করার প্রথা হতে অন্য দশজনের ন্যায় তামাক পাওয়া অর্থাৎ দশের মধ্যে একজন বলিয়া গণ্য হওয়া ; আসন প্রাপ্ত হওয়া ; সম্মান পাওয়া ; খাতির যত্ন পাওয়া ; আমল বা দখল পাওয়া। "অবশিষ্ট প্রায় কেহই কল্কে পান নাই।"-বঙ্গবাসী।

কল্গা, কল্‌গী [তুর্কী-কল্‌গী] বি, তাজ, পাগড়ী ই॰-সম্মুখে পাখীর পালকের গুচ্ছ ; পূর্ব্বে উষ্ট্রপক্ষীর (সুতুর্ মুর্গ্) পালকে ঐ শিরোভূষণ নির্ম্মিত হইত এক্ষণে স্বর্ণ মণিমুক্তায় নির্ম্মিত হয়। সোণার কলগী তাহাতে মুক্তা ও মূল্যবান্ প্রস্তর জড়িত।

কল্‌তানি [কত্‌লানির বর্ণবিপর্য্যয়] বি, ক্বত বা ক্বাথ যা জলে কচলান (হি॰-কচ্‌লানা, কচলনা-চটকান, ঘর্ষণ করা) দ্বারা বাহির হয় ; ধোয়াট। ২ পুঁয বা রসরক্তধোয়া জল ; গাদ।

কল্প [সং] বি, বেদের অঙ্গ গ্রন্থবিঃ ; ইহাতে বৈদিক ক্রিয়ার বিবৃতি আছে। বেদবিধিবিঃ। ২ [পু॰] ব্রহ্মার এক অহোরাত্র। ৪,৩২০,০০০,০০০ বৎসরে ব্রহ্মার এক দিন এবং ঐ পরিমাণ বৎসরে এক রাত্রি হয়, দিবসে ব্রহ্মাণ্ড সৃষ্ট হয় ও বিদ্যমান থাকে, রাত্রিকালে তা লয়প্রাপ্ত হয়। এই সৃষ্টি ও লয়কে কল্প বলে। ৩ প্রলয়। ৪ পক্ষ। ৫ বিধি ; নিয়ম ; বিধান ; শাস্ত্রীয় বিধি বা নিয়ম পালন। প্র-নবম্যাদি কল্প ; কল্পবাস। ৬ পূজাবিধি। ৭ অভিপ্রায় ; সংকল্প ; প্রতিজ্ঞা। ৮ কল্পবৃক্ষ (কল্পতরু দ্রঃ)। ৯ শব্দের প্রত্যয় স্বরূপ যুক্ত হইয়া সদৃশ বা ঈষদূন এই অর্থ প্রকাশ করে। প্র-মৃতকল্প ; অমৃতকল্প।

কল্পক-বি, কল্পনাকারী ; রচক। ২ গ্রন্থকর্ত্তা। ৩ কল্প বা গৃহ্য ও শ্রৌতসূত্র-রচক ; কল্পকার। ৪ নাপিত।

কল্পতরু [কল্প (সঙ্কল্প-অভীষ্ট) দাতা তরু, বা কল্প (কল্পান্তস্থায়ী) তরু (বৃক্ষ)-ধা। পু॰ মতে সমুদ্রমন্থনোত্থিত এই বৃক্ষ কল্পান্ত হলে পুনরায় সমুদ্রগত হয় ; এইজন্য ইহার নাম কল্পতরু] বি, কল্পবৃক্ষ ; অভীষ্টফলদায়ক বৃক্ষ। ২ [কল্পবৃক্ষের নিকট প্রার্থনা করিলেই অভীষ্ট লাভ হয় বলিয়া অতিশয় দাতাকে কল্পতরু বলে] অতিশয় বদান্য ; উদার ; অতিশয় দাতা ; দাতাকর্ণ [দ্রঃ-ব্রজ॰। ছন্দের অনুরোধে 'কলপতরু'। "কেলি কলপতরু সুপুরুখআতরু।"-বি॰ প॰]।

কল্পদ্রুম-বি, কল্পতরু (দ্রঃ)।

কল্পন [সং] বি, অধ্যাহার ; আরোপ ; রচনা। ২ উদ্ভাবনা ; অবাস্তবে বাস্তব-কল্পনা ; বাস্তবিক যে বিষয়ের সত্তা নাই সেই বিষয়ের সত্তা ঘটাইয়া লওয়া বা দেওয়া। স্ত্রীং ~া।

কল্পনা [সং] বি, রচনা : উদ্ভাবনী শক্তি ; চিচ্ছায়া imagination. "তুমিও আইস, দেবী, তুমি মধুকরী কং! কবির চিত্ত-ফুলবন মধু লয়ে রচ মধুচক্র।"–মেঘং। "লও দাসে সঙ্গে সঙ্গে, হেমাঙ্গি কল্পনে, বাগ্দেবীর প্রিয়সখি!"–চতুর্দ্দশপদী কবিতাবলী। "সেই কবি মোর মতে কং সুন্দরী যার মনঃ-কমলেতে পাতেন আসন।"–ঐ। ২ মনগড়া বিষয় ; অলীক বা মিথ্যা ভাবনা। প্র–ইহার মধ্যে একটুও সত্য নাই, এ সব তাহার কং মাত্র। ৩ অনুমান। প্র–এ সকল বিষয় কি সে কখনও কং করিয়াছিল? 8 [বৈং পরিঃ] কল্পিত বিষয় ; অপ্রমাণীকৃত অনুমান hypothesis. ৫ [ত বিং পরিঃ] "পরীক্ষা কিংবা পর্য্যবেক্ষণ দ্বারা যার সত্যতা প্রমাণ করা যাইতে পারে কোন কার্য্যের এইরূপ কারণ কং।"–প্রং সিংহ। ৬ ধারণ : গ্রহণ। প্র–রূপ কং ; মূর্ত্তি কং। বিণ, কল্পিত। ~প্রবণ, ~প্রিয়-বিণ, কল্পনা করিবার স্বাভাবিক প্রবৃত্তিযুক্ত ; যে কল্পনা করিতে ভালবাসে। ~শক্তি-বি, রচনা-সামর্থ্য : যে শক্তি-প্রভাবে কবিগণ নূতন নূতন বিষয় সকল উদ্ভাবনা করেন : উদ্ভাবনক্ষমতা।

কল্প/পাদপ-কল্পতরু দ্রঃ। দেবতরু ; অভীষ্টফলদাতা বৃক্ষ। কং দান–সুবর্ণের ফল, পত্র, পক্ষী ও বিবিধ ভূষণযুক্ত স্বর্ণময় বৃক্ষ ব্রাহ্মণকে দান ; মহাদান-বিঃ। ~বায়ু-বি, প্রলয় ঝড়। ~বিহারী-বিণ, ভাবতান্ত্রিক। ~বৃক্ষ-বি, কল্পতরু দ্রঃ। ~লতা [কল্প-পাদপ দ্রঃ] বি, মহাদানের অন্তর্গত দানযোগ্য সুবর্ণলতা। ~লোক-বি, কল্পনা-জগৎ imaginary world. কল্পলোকের বিষয়-বি, কাল্পনিক বিষয় imaginary things. "এইরূপই একটা প্রয়োজন ই·· লেজকে কল্পলোকের বাহিরে কর্ম্মলোকে আনয়ন করেছে।"–বিচিত্রা, ১৩৩৪, চৈত্র। ~সূত্র [সং] বি, বৈদিক কর্ম্মানুষ্ঠানের প্রতিপাদক সূত্র ; দৈনিক ক্রিয়ার বিধি ; গৃহ্য-সূত্র ; বৈদিক ক্রিয়া-পদ্ধতি ; শ্রৌতসূত্র।

কল্পান্ত [কল্পের (ব্রহ্মার দিনের) অন্ত (অবসান)–৬ তৎ] বি, ব্রহ্মার দিবাশেষ ; যুগান্ত : প্রলয়কাল। ~স্থায়ী [কল্পান্তে (কল্পের শেষে) স্থায়ী–যে থাকে–স্থা=থাকা + ইন্ (র্ত্তৃ)=স্থায়িন্ ১মা ১বং–৭ তৎ] বিণ, চিরকালস্থায়ী ; যা প্রলয়কাল পর্য্যন্ত থাকে ; প্রলয়ের পূর্ব্বে যা বিনষ্ট হয় না ; অক্ষয়।

কল্পারম্ভ-বি, পূজাবিধির আরম্ভ। দুর্গা-পূজার পূর্ব্বে ১৫ দিন থাকিতে অর্থাৎ ভাদ্রের কৃষ্ণা প্রতিপদ্ হতে বা ষষ্ঠী হতেও করা হয়। দুর্গা-পূজা নির্ব্বিঘ্নে আরম্ভ করিবার জন্য কল্পারম্ভে চণ্ডীপাঠাদি স্বস্ত্যয়ন-বিধি প্রচলিত আছে।

কল্পিত [কল্পনা দ্রঃ। কৃপ্ + ণিচ্=কর্পি= কল্পি (র=ল) + ত (র্ম্ম)] বিণ, আরোপিত : অধ্যাহৃত। ২ উদ্ভাবিত : রচিত : সৃষ্ট। ৩ অবধারিত ; সঙ্কল্পিত : নিশ্চিত। 8 সম্পাদিত। ৫ সজ্জিত। ৬ বি, যুদ্ধের জন্য সজ্জিত হস্তী। কিং ধর্ম্ম-বি, অনীশ্বরে ঈশ্বরারোপ। ২ মন-গড়া ধর্ম্ম (যা সনাতন নহে)।

কল্পী [কল্প্ + ইন্ (র্ত্তৃ–ণিন্)–কল্পিন্–১মা ১বং] বিণ, কল্পনাকারী : রচক। ২ বেশকারী।

কল্প্য [কৃপ্ + ণিচ্=কল্পি (কল্পনা করা) + য (র্ম্ম)] বি, কল্পনাযোগ্য ; আরোপ্য। ২ রচনীয় ; অনুষ্ঠেয়। ৩ বিধেয়।

কল্মষ (-ল্মষ-ল্মষ) [সং] বি, কলুষ ; পাপ। ২ নরকবিঃ। ৩ বিণ, মলিন ; মলাবিষ্ট ; আবিল। 8 পাপিষ্ঠ : পাপাত্মা।

কল্মা, কলমা [আং–কলমা–বাক্য–ঈশ্বরের বাক্য] বি, মুসলমান ধর্ম্মের মূল বাক্য বা মন্ত্র–"লা ইলাহ্ ইল্লিল্লাহ্, মহম্মদ রসুলিল্লাহ্।" কং পড়া–কলমা প'ড়ে মুসলমান হওয়া। কং পড়ান–কলমা পড়িয়ে মুসলমান করা। কলমা দ্রঃ।

কল্মাষ (-ল্মা, ল্লা) [কল্ (গমন করা) ইং) + ক্বিপ্–র্ত্তৃ=কল্ (যে গমন করে) মষ্ (হানি করা) + অ (র্ত্তৃ জ্ঞাং)=মাষ (যে অন্য প্রাণীকে নষ্ট করে)] বি, রাক্ষস। ২ দৈত্যবিঃ। ৩ অগ্নিবিঃ। 8 নাগবিঃ। ৫ কৃষ্ণবর্ণ। ৬ শ্বেত-কৃষ্ণ-মিশ্রিত বর্ণ। ৭ বিণ, কৃষ্ণবর্ণ-বিশিষ্ট। ~কণ্ঠ-বি, নীলকণ্ঠ ; শিব। ~পাদ-বি, রাজা সৌদাস।

কল্মী-কলমী দ্রঃ।

কল্য১ [সং। "প্রত্যুষ, অহর্মুখ, কল্য, উষস্, প্রভাত।"–অমরং] বি, আগামী প্রাতঃকাল ; প্রভাত : আগামী দিন ; কাল : অদ্যের অব্যবহিত পরবর্ত্তী দিবস : আগামী (গ্রাং–আগত) কল্য। ২ অদ্যের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী দিবস ; গতকল্য। ~কার-পূর্ব্ব বা পর দিনের।

কল্য২ [স্মৃং] মধু। ২ বিণ, হাবা-কালা। ৩ সুস্থ। 8 শুভ ; মঙ্গলকর। ৫ স্বাস্থ্যপ্রদ। স্ত্রীং ~া-মদ্য : হরীতকী। ~পাল [কল্য (মদ্য) পাল। ইহা হতে হিং–কালাল–শুঁড়ি] বি, মদ্য-ব্যবসায়ী ; শৌণ্ডিক ; শুঁড়ি।

কল্যত্ব [কল্য (সুস্থ) + ত্ব (ভাং)] বি, সুস্থতা : স্বাস্থ্য ; আরোগ্য।

কল্যবর্ত্ত [কল্য (প্রভাতে) বর্ত্ত (বৃত্ + ণিচ্=বর্ত্তি (আশ্রয় করা) + অ (র্ম্ম) যা প্রভাতে আশ্রয় করে] বি, প্রাতরাশ ; প্রাতর্ভোজন breakfast.

কল্যা, কল্লা [ফাং–কল্লাহ্ > (প্রাদেং বিঃ চট্টগ্রামে)] বি, মুণ্ড: গলা। "হাতীর কল্যা যেন জমিনে পড়িল।"–পূং বং গীং।

কল্যাণ [কল্য (শুভ)–অণ্ (শব্দ করা, হওয়া) + অ (র্ম্ম)] বি, হিত : মঙ্গল ; ভদ্র ; কুশল ; সুখ ; সমৃদ্ধি। ২ রাগিণীবিঃ। স্ত্রীং ~ী-বৎসতরী। ২ শুভদা ; মঙ্গলাস্পদা। ৩ সাধ্বী। সম্বোধনে–কল্যাণি। "ত্বরায় আমি আসিব ফিরিয়া কল্যাণি, সমরে, নাশি তোমার কল্যাণে রাঘবে, বিদায় এবে দেহ, বিধুমুখী!"–মেঘং। ~কর [কল্যাণ (মঙ্গল)–কর (যে করে) কৃ (করা) + অ (র্ত্তৃ)] বিণ, যে কল্যাণ বিধান করে ; মঙ্গলকর ; শুভঙ্কর : শুভদ ; হিতজনক ; উপকারক। ~বর, ~বরেষু, ~ীয়, ~ীয়েষু-বি, স্নেহপাত্রকে পত্রে সম্বোধনের পাঠ। > স্ত্রীং~ীয়া। ৭মীতে ~বরেষু, > স্ত্রীং ~বরাসু। ~বান্-বিণ, কল্যাণীয়। > স্ত্রীং ~বতী-কল্যাণী। ~ভার্জ্জন-

বি, মঙ্গলাস্পদ। ~ময় [কল্যাণ-ময়ট্] বিণ, মঙ্গলময় ; শুভঙ্কর। > স্ত্রীং ~ময়ী-মঙ্গলময়ী ; শুভঙ্করী। "চিরকল্যাণময়ী তুমি ধন্যা।"-রবী০। ~যোগ [কল্যাণের যোগ -৬ তৎ] বি,মঙ্গল-যোজনা। ২ [কল্যাণ (কল্যাণকর) যে যোগ-ধা] বি, জ্যোতিষোক্ত যোগবিঃ।

কল্যাণালয় [কল্যাণের (মঙ্গলের) আলয় (আশ্রয়)-৬ তৎ] বিণ, যার কল্যাণ কামনা করা হয় ; কল্যাণাশ্রয় ; মঙ্গলাস্পদ ; মঙ্গলালয় ; কল্যাণীয় ; কল্যাণের স্থান ; মঙ্গলান্বিত।

কল্যাণাস্পদ [কল্যাণের (মঙ্গলের) আস্পদ (স্থান)-৬ তৎ] বিণ, মঙ্গলালয় ; কল্যাণভাজন ; মঙ্গলাধার। স্ত্রীং ~া, (পত্রে) স্নেহাস্পদের প্রতি সম্বোধনের পাঠ ৭ মীতে কল্যাণাস্পদেষু। স্ত্রীং কল্যাণাস্পদাসু।

কল্যা/ণী [মূ০-কল্যাণিন্, ১মা ১ব০। কল্যাণ দ্রঃ] বিণ, কল্যাণযুক্ত। স্ত্রীং ~ণিনী, ~ণীয় [কল্যাণ+ঈয় (স্ত্য)] বিণ, কল্যাণ-ভাজন ; মঙ্গলাস্পদ। > স্ত্রীং ~ণীয়া। পুং ৭ মীতে কল্যাণীয়েষু-স্নেহাস্পদেষু-পত্রের পাঠ। স্ত্রীং কল্যাণীয়াসু।

কল্ল [সং-কল্ল-অস্ফুট বা অব্যক্ত শব্দ। যার কর্ণে শব্দ ব্যক্ত বা স্ফুটিত হয় না] বিণ, বধির ; কালা।

কল্লা১ [ফা০-কল্লা=মুখ-বিবর ; গালের ভিতরের অংশ ; চোপা। (২) চেঁচামেচি ; বচসা। মেয়েলি শব্দ। বাং-তে কল্লা বা চোঁপা আছে যার। এই অর্থে, ফা০-কল্লাদরাজ্] বিণ, চোঁপা-কারিণী ; মুখরা ; মুখের উপর যে মেয়ে জবাব করে ; মুখোড় ; ঝগড়াটে (তুল-হি০-ঝগড়া-কল্লা=ঝগড়া-ঝাটি)। "ওর মত কল্লা মেয়ে বাপের কালে দেখিনি।" -সধবার একাদশী (দীনবন্ধু)। ২ [মেয়েলি০] বচসা ; ঝগড়া। ৩ [প্রাদে০] ছলা ; ঠাট coquetry. প্র-মেয়ে কল্লা করে পড়ে আছে। ৪ অতিশয় চতুরা ; দুষ্টা। "কল্লার ঘাড় বোল্লায় ভাঙ্গে।"

কল্লা২ [করলার উচ্চারণ-বিকার। উ০-বঙ্গে 'কল্লে'] বি, করলা ; উচ্ছে।

কল্লু [হি০-কল্লু-কলটা-কাল, তা হতে এমন বদখত কাল যে বিদ্রূপ করা চলে] বিণ, অত্যন্ত কাল ; (বিদ্রূপ) কালমাণিক ; কেলো ; কালিঝুল মাখা সঙ ; কেলুয়া (তুল-কেলুয়া, ভুলুয়া)। "বিংশ শতাব্দীর এ যে অপরূপ কল্লু।"-অশোক০।

কল্লো/ল [কল্ল (অব্যক্ত শব্দ করা)+ওল (র্তৃ-জ্ঞা০) যে অব্যক্ত শব্দ করে] বি, বিশালোর্মি ; মহাতরঙ্গ ; অতিশয় জলের ঢেউ। ২ অতিশয় আনন্দ ; আহ্লাদ। বিণ, ~লিত। > স্ত্রীং ~লিনী [কল্লোল (মহাতরঙ্গ)+ইন্ (স্ত্য)=কল্লোলিন্+ঈ (স্ত্রীং)] বি, মহাতরঙ্গবতী নদী ; তরঙ্গিণী। ২ বিণ, কল্লোলকারিণী।

কশ [সং-সৃক্কণী অর্থ-বাচক সৃক্ক, বর্ণ-বিপর্য্যয়ে কস্ব পরে-কস, উচ্চারণে-কশ] বি, ওষ্ঠপ্রান্তদ্বয় ; সৃক্কণী। প্র-দুই কশ দিয়া পানের পিক গড়াইতেছে।

কশট, কসট [কষ্টি দ্রঃ। প্রাদে০-ময়মনসিং] বি, হিসাব calculation.

কশবে, কসবে-কসবা (২) দ্রঃ।

কশা, -ষা ["অশ্বাদেস্তাড়নী কশা।" -অমর০। ষা-বিরল। কশ্ (হিংসা করা) +অ (ণে,জ্ঞা০-আ (স্ত্রীং) যদ্দ্বারা অশ্বাদি পশু তাড়না করা হয়)] বি, চাবুক। ২ লাগাম। ৩ ক্রি, কশাইয়া দে, কশাঘাত কর্ ; চাবুক মার্। প্র-লোকটাকে আচ্ছা করে দু'ঘা কশা।

কশানি [কশা দ্রঃ] ক্রি, কশাইয়া বা কশিয়ে দেওয়া ; কশাঘাত করা ; চাবুক লাগান ; চাব্কান।

কশাড়, -র্-কাশ দ্রঃ।

কশার্হ [কশার (কশাঘাতের) অর্হ (যোগ্য)-৬ তৎ] বিণ, যাকে কশাঘাত করা উচিত ; কশাঘাতযোগ্য ; কশাতাড়নযোগ্য।

কশি [সং-কষ্-আকর্ষণে, বিলেখনে। ফা০-কশীশ (রেখা)] বি, যা টানিয়া লেখা যায় ; রেখা। ~টানা-ক্রি, রেখাঙ্কন করা, রেখাপাত করা।

কশিদা [ফা০-কশীদা। (কশীদ-টানা= আঁকা) ফুল আঁকা বা তোলার কাজ] বি, কাপড়ে সূচ দিয়া রেশম বা সূতায় পাতা-লতা-ফুল তোলা ; গুলকারী। কশীদা-সাদা তিন-কলিয়ার, পেঁচদার, শিকলকাটা, ফুলদার বা গুলদার, বুটিদার ই০ ভেদে নানা প্রকার।

কশুর১ [আ০-কুসূর] বি, দোষ ; ত্রুটি ; অপরাধ। প্র-কু০ হয়েছে মাপ কর। ২ বিলম্ব ; অপেক্ষা। "কিঞ্চিৎ ক০ নাহি ক০ কাটিতে।"-অ০ ম০। ৩ অবহেলা ; চুক। "এক্ষণেও বাবুরাম পীড়িত হওয়াতে সৎ-পরামর্শ দিতে ও তত্ত্ব লইতে ক০ করিতেছে না।"-টেকচাঁদ।

কশুর২**, কুশুর, কুশাইর** [প্রাদে০-মুর্শি০-বগড়ী, পুরাঢ়। গ্রা০] বি, ইক্ষু ; আক।

কশেরু, কসেরু, কসেরূ-বি, পৃষ্ঠের অস্থি ; মেরুদণ্ড। ২ কসেরু, কসেরূ-তৃণ-মূলবিঃ ; কেশুর। ৩ জম্বুদ্বীপের অংশবিঃ।

কশেরুক [কশেরু (মেরুদণ্ড)+ক (স্ত্য)] বিণ, যাদের মেরুদণ্ড আছে। ২ [ক স্বার্থে] বি, কশেরু ; কেশুর। স্ত্রীং ~া [কশেরু (মেরুদণ্ড)+ক (স্বার্থে)-আ (স্ত্রীং)] বি, মেরুদণ্ড। ২ কশেরু।

কশ্চিৎ [সং] কোন ; কেহ।

কশ্মীর-বি, কাশ্মীর দেশ।

কশ্য [কশ্ (আঘাত করা-শাসন করা) +য (র্ম্ম)] বি, অশ্বের কটি ; ঘোড়ার মধ্য-স্থান। ২ [কশ্ (শব্দ করা) মদ্যপান করিলে অনেক শব্দ করে বলিয়া] মদ্যবিঃ। ৩ [কশা +যণ-র্ম্ম] বিণ, কশাঘাতের যোগ্য ; কশার্হ।

কশ্যপ১ [বৈদিক। "যঃ সর্ব্বং পশ্যতি"-যে সকল দেখে সে কশ্যপ (তৈত্তিরীয় আরণ্যক)] বি, ঈশ্বর।

কশ্যপ২ [কশ্য (মদ্য) প (যে পান করে। পা=পান করা+অ, র্তৃ-ড) এইজন্য কশ্যপ-প্রজাপতির পত্নী অদিতি (ঐশীশক্তি-জগজ্জননী)] বি, মুনিবিঃ (ইনি মদ্যপান করিতেন এইজন্য ইঁহার নাম কশ্যপ) ; মরীচির পুত্র ; ব্রহ্মার পৌত্র ; সুরাসুর ই০-র পিতা। ২ মৃগবিঃ। ৩ মৎস্যবিঃ। ৪ সপ্তর্ষি নামক সপ্ত তারার অন্তর্গত নক্ষত্রবিঃ। ~নন্দন [কশ্যপের নন্দন (পুত্র)-৬ তৎ] বি, কশ্যপের পুত্র ; গরুড়। ২ সুরাসুর ই০।

কষ১ [সং-কষায় >, প্রা০ বাং-'কস'] বি, কষায় রস ; হরীতকী ই০ কষার রস ফল ও গাছের কষ বা খয়েরবর্ণ ছোপ বা দাগ। কলা-

গাছের কষ ; তালশাঁস, ডাবের জল ই°-র কষ ; কষা উদ্ভিজ্জসার tannin. ২ রং ; ছোপ। "কাফুর রূপের কস লাগিয়াছে রাস রভসের অঙ্গে।"-মুকুন্দ মল্লিক (ব° বাণী, ১৩৩৩)। বিণ, কষা। ক্রি, কষা। ~ধরা, ~লাগা-ছোপ লাগা।

কষ₂ [সং-কষ-কর্ষণ-আকর্ষণ-নিকষ= কষপট্টী ; হি°-কসৌটী] বি, কষ্টিপাথর ; মসৃণ কৃষ্ণ প্রস্তর ; যার উপর স্বর্ণাদি ধাতু কষিয়া বা ঘষিয়া পরীক্ষা করিতে হয়। যে পাথরের উপর সোণা কষিলে (রেখা টানিলে বা ঘসিলে) দাগ পড়ে এবং তা হতে সোণা পরীক্ষা হয়। ক্রি, ~া-কষ্টিপাথরে করিয়া পরীক্ষা করা। প্র-সোণাকষা।

কষকষ [কষ (হিংসার্থে) কষণ বা পেষণের ভাব >] অ, হিংসার অভিব্যক্তিব্যঞ্জক ভাব ; কড়া কষণ বা ঘর্ষণজাত জ্বালা বা গাত্রদাহজনিত অস্বস্তিজ্ঞাপক। প্র-হাত কষকষ করা। মন কষকষ করা। ক° করা-কষকষান দ্রঃ।

কষকষা/নি [কষ (হিংসার্থে) কষ(প্রতিহিংসার্থে)+আন-করা অর্থে-ক্রোধে বা প্রতিহিংসায় কষকষ করা] ক্রি, আক্রোশের ভাব প্রকাশ করা ; ক্রোধে বা প্রতিহিংসার্থে করতলে করতল বা দন্তে দন্ত ঘর্ষণ করা ; আফসান ; গষগষ দ্রঃ। বি, ~নি। "বেদম প্রহার না দিতে পারলে মনের কষকষানি মিটবে না।"

কষট [সং-কষ্ট ; হি°-কষাবট্ ; কষা দ্রঃ] বি, কষা ; কষুনি ; টান। ২ টান হতে হাতটান ; কৃপণতা [তুল প্রা°-করমকষ্টি, করমকষ্টি=টানাটানি ; কৃপণতা ; করমকষটি করে=কষ্টেসৃষ্টে। করম (কর্ম্ম) এখানে সহচর শব্দ]।

কষণ [কষ, কষা দ্রঃ] বি, ঘর্ষণ ; আঁক দেওয়া। ২ কণ্ডূয়ন ; চুলকান। ৩ কষা ; প্রস্তরে ঘর্ষণ করিয়া স্বর্ণাদি পরীক্ষা করণ। ৪ অপক্ক। ৫ টানিয়া বা শক্ত করিয়া বন্ধন করা ; আঁটন ; বাঁধন।

কষণী, কষনী, কষুনি, কস্নি [প্রা°। কষণ দ্রঃ] বি, আঁটনী ; কড়া বাঁধন ; টানিয়া বাঁধন ; বন্ধন-কার্য্য। ২ বাঁধুনি ; গাঁইট ; গ্রন্থি।

কষা₁ [কষায় দ্রঃ] বি, কর্ষ ; কষায়। ২ বিণ, কষায়-রসযুক্ত ; কষাস্বাদ। কষি দ্রঃ।

কষা₂ [সং-কৃষ্ (কর্ষ) বিলেখন, আকর্ষণ, প্রাপণ] ক্রি, বিলেখন (কষ্টি পাথরে) দ্বারা স্বর্ণাদির বর্ণ ও মূল্য নিরূপণ করা : কষ্টিপাথরে সোণা ঘসিয়া তার রেণু অঙ্কিত বা ধৃত করা। প্র-সোণাটা কষিয়া দেখিলেই জানা যাইবে পাকা কি মরা [প্রা°-বাং-য় 'কসা'র ব্যবহারও পাওয়া যায়। "সুবর্ণবণিক্ বসে রজত কাঞ্চন কষে।"-কবিক°] ২ [সোণাকষার ভাব হতে] পরীক্ষা করা। ৩ [বিলেখন হতে] অঙ্কপাত করা · অঙ্কপাত দ্বারা গণিতের ফল প্রাপ্ত হওয়া বা বাহির করা। প্র-আঁক কষা। (২) মূল্যাদি নিষ্কাসন করা ; মূল্য নিরূপণ করা। প্র-দাম কষা। মোট কষা-ঠিক দেওয়া ; তেরিজ ফল বাহির করা : সর্ব্বসাকল্যে কত তাহার গণনা করা। (২) রেখা-পাত করা। ২ [আকর্ষণ হতে] টানা (তুল-কষি)। (২) [তুল-ফা°-কসীদন্। হি°-কস্না] টানিয়া বাঁধা ; আঁটিয়া বাঁধা। প্র-দড়ীটা আরও একটু কষে না বাঁধলে টানাটানিতে খুলে যাবে। ৩ [টানের ভাব হতে] বিণ, কড়া ; রূক্ষ ; টান ; (কষামাজা দ্রঃ)। প্র-তাহার ধাত বড়ই কষা। কষা মেজাজ। ৪ সন্তলন করা ; হালুনি মারিয়া লওয়া। প্র-পাঁঠার মাংস আগে বেশ করিয়া কষিয়া লও। ৫ [কষ্ট দ্রঃ] বিণ, হাতটান ; কৃপণ ; ব্যয়কুণ্ঠ। কষে কাজ করা-খুব আঁটুনির সহিত কাজ করা ; অত্যন্ত পরিশ্রম ও মনোযোগের সহিত কর্ম্ম করা ; চুটিয়ে কাজ করা।

কষা₃ [সং-কষ্ (হিংসা করা-নিষ্পীড়ন করা-বাঁধা) সঙ্কীর্ণার্থে] বি, চাবুক ; কশা ; কষাঘাত। ২ ক্রি, তাড়না করা ; কড়াকড়ি ; কড়া ব্যবহার করা ; কড়কান। ৩ টানিয়া বা কড়া করিয়া বাঁধা বা জড়ান। প্র-পেঁচ কষা ; তার কষা। ক্রি, কষানি [কষ দ্রঃ। কষা+আন। কষাই, কষাও, কষায় ; কষাইতে (ক্বে° কষাতে) ; কষাইয়া (ক্বে° কষিয়ে) ই°। প্রাকৃ° কআন=কোআন (চট্ট° প্রাদে°)] ক্রি, কষায় রসযুক্ত করা।

কষাকষি [আকর্ষাকর্ষি] বি, পরস্পর আকর্ষণ করণ ; তাড়না। দ্রব্যাদির মূল্য-হ্রাসের জন্য জেদাজেদি। কষামাজা-ঘষামাজা ; ঘষিয়া মসৃণ ও মাজিয়া উজ্জ্বল বা চিক্কণ করা। ২ দ্রব্যের মূল্য কষিয়া (যাচাই বা পরীক্ষা করিয়া) নির্দ্ধারণ করা ; দ্রব্য ক্রয়কালে খুব কমের দিকে টানাটানি করিয়া দরদস্তর করা ; মূল্য কমাইবার জন্য কড়াকড়ি বা জেদাজেদি। মনকষাকষি-মনের মধ্যে সঙ্কীর্ণ ভাবের ক্রিয়া ; মনের অনুদারতা-তা হতে মনোমালিন্য ; মনান্তর ; বিবাদ।

কষাটিয়া, কষাটে [কষ্ট দ্রঃ] মন্দ ; কুৎসিত [প্রাদে°] বিণ, বিস্বাদ ; কষায় স্বাদযুক্ত ; ঈষৎ কষা। ২ কৃপণ।

কষানি-কষা দ্রঃ।

কষানি [কষ দ্রঃ। আনি (পানি ক্বে°)] বি, কষজল ; কস-ধোয়া জল। ২ নির্গত রস ; পূঁয ; ক্লেদ।

কষামি, কষামো [কষ দ্রঃ] কৃপণতা ; কার্পণ্য।

কষায় [সং। "কষায়ো রসভেদে চ নির্য্যাসে চ বিলেপনে। অঙ্গরাগে চ ন স্ত্রী স্যাৎ সুরভৌ লোহিতে ত্রিষু।"-মেদিনী°। "বর্ণে।"-হেম°। "কটু তিক্ত কষায়াস্ত সৌরভেঽপি প্রকীর্ত্তিতা।" -হলায়ুধ [হি°-কসাব কসৈ্‌য়লা] বি, কষায়-রস ; তিক্তরস ; কটুরস ; সাধাঃ কষা বা 'তুবর' রস। ২ হরীতকী ই°-র নির্য্যাস বা কাথ ; কষ tannin. ৩ সুগন্ধ-লেপন ; সুরভি ; অঙ্গরাগ। ৪ লোহিতবর্ণ ; ফিকে লাল ; খয়েরী রং। ৫ শ্যোণাক বৃক্ষ। ৬ বিণ, কষাস্বাদ astringent. ["কষায়া মারুতং পিত্তং উধরা মধুরা কফঃ।"-চরক°] বি, মারুত ; বায়ু।

কষায়িত [কষায়+ণিচ্=কষায়ি+ত (র্ম্ম) কিংবা কষায়+ইত (স্য)] বিণ, অল্প রক্তবর্ণ ; অনুজ্জ্বল রক্তবর্ণ দ্বারা রঞ্জিত ; ছোবান। প্র-রোষ-কষায়িত লোচন। ২ বিলেপিত। ৩ রক্ত ও পীতমিশ্র বর্ণযুক্ত। ৪ কৃতলোহিত ; ।

কষায়ী [কষায়+ইন্ (স্ত্র্য=কষায়িন্ ১মা ১ব°)] বি, খর্জ্জুর বৃক্ষ। ২ লকুচ বৃক্ষ। ৩ শাল বৃক্ষ। ৪ বিণ, কষায়যুক্ত।

কষি [কষ্ (হিংসা করা)+ই] বিণ, হিংসক [বিরল] ২ [কষা দ্রঃ] দীর্ঘ সরল রেখা "——————" এইরূপ রেখা। প্র—কষি টানা। ৩ পরিধেয় বস্ত্রাংশ যা কোমরে গুঁজিলে কাপড় খুলিয়া যায় না ; খোঁট বা খুঁট। প্র—কষি গোঁজা (প্রাদে°—২৪ পরগণা)। ৪ [কষায় স্বাদ হেতু কষি] কাঁচা আমের আঁটি, আঁটির ভিতরের শাঁস ; বাকড়ার ভিতরের শাঁস। ৫ বিণ, কষি মাত্র হইয়াছে এমন কচি। প্র—কষি-কষি আম।

কষিত [কষ্+ত (র্ম্ম)] বিণ, যা কষা হইয়াছে ; পরীক্ষিত ; যা পরীক্ষা করা হইয়াছে। "সন্তান যদ্যপি হয় অসিত বরণ। প্রসূতির কাছে সেই ক° কাঞ্চন॥"—পদ্যপাঠ।

কষিদা [ফা°—কশীদা < কশীদন (টানা)] বি, কশিদা দ্রঃ। গুণকারীর কাজ : সূচে সুতার ফুল তোলা।

কষিয়া, কষে [কষা দ্রঃ। বৌ° বাং প্রাকৃ°—'কোহিঅ' (চ° টীকায় "দৃঢ়ং করোতি") —কসিয়া। হি°—কস্‌কে। আধু° বাং, চ°—কসিয়া, ক্ষে°—ক'সে] ক্রি বিণ, কষ ধরিয়া। ২ কষ্টিপাথরে কষিয়া ; সোণা রূপা কষিয়া। ৩ পরীক্ষা করিয়া। ৪ অঙ্ক কষিয়া। ৫ দাম কষিয়া। ৬ টানিয়া ; আঁটিয়া ; দৃঢ় করিয়া। ৭ সঙ্কলন করিয়া। ৮ সজোরে। প্র—কষে ঘুঁষা বসাইয়া দাও।

কষুটী [কষি—কচি] বি, অপুষ্ট ফল ; অপরিণত ফল।

কষুয়া, কষো [কষায়—কষা+উয়া (যুক্ত)] বিণ, বিস্বাদ : কষা। প্র—কষো পেয়ারা। ২ যাতে কষ আছে।

কষেরুকা—বি, কশেরুকা (দ্রঃ)।

কষ্ট [কষ্ (হিংসা করা)+ত (ভা°)] বি, দুঃখ ; ক্লেশ ; যন্ত্রণা। ২ [র্তৃ—ক্ত] বিণ, ক্লিষ্ট ; কষ্টসাধ্য। প্র—কষ্টকল্পনা। ৩ দুঃখজনক ; দুঃখদাতা। ৪ গহন। ৫ কুৎসিত। **~কর, ~জনক, ~দায়ক**—বিণ, যে কষ্ট জন্মায় বা দেয়। **~করা**—উদ্যম করা ; শ্রম করা। ২ ক্লেশ স্বীকার করা। **~কল্পনা** [কষ্ট (কষ্টকর) যে কল্পনা—ধা, কিংবা কষ্টের বা কষ্টে কল্পনা—৬ বা ৭ তৎ] বি, যে কল্পনা সহজে করিতে পারা যায় না ; দুঃখের কল্পনা ; কষ্টকর কল্পনা। বিণ, কষ্টকল্পিত। **~কল্পিত** [কষ্টে কল্পিত—৭ তৎ] বিণ, যে বিষয়ের কষ্টে কল্পনা করা গিয়াছে। **~কারক** (·র্‌·) [কষ্ট (ক্লেশ) কারক (জনক, কারণ)—৬ তৎ] বিণ, কষ্টদায়ক ; ক্লেশজনক।

কষ্টার্জ্জব—কষ্ট দ্রঃ।

কষ্টজীবী [কষ্ট—জীব (বাঁচা)+ইন্ (র্তৃ—ণিন্)=জীবিন্ ১মা ১ব°] বিণ, যে কষ্ট করিয়া বাঁচিয়া থাকে ; যে কষ্টে জীবিকা নির্ব্বাহ করে। ২ কষ্টে যে অনেক অর্থার্জ্জন করিয়া জীবন ধারণ করে। **~দ, ~দায়ক** [কষ্ট (দুঃখ) দ (যে দান করে)—দা (দান করা)+অ (র্তৃ)] বিণ, দুঃখদ ; যে কষ্ট দেয় ; যাতে অনেক কষ্ট পাওয়া যায়। **~পাওয়া, ~ভোগ করা**—কষ্টে জীবন অতিবাহিত করা।

কষ্টম-হাউস [ইং—Custom-House] বি, আমদানী ও রপ্তানী মালের উপর শুল্ক আদায়ের দপ্তর।

কষ্টরিপু [কষ্ট (কষ্টসাধ্য) যে রিপু (শত্রু)—ধা] বি, যে শত্রুকে কষ্টে আয়ত্ত করা যায় ; কষ্টাধীনীকৃত ; যে শত্রুকে বাধ্য বা বশীভূত করিতে অনেক কষ্ট সাধন করিতে হয়। **~শ্রিত** [কষ্ট (কষ্টকে) শ্রিত (প্রাপ্ত) —২ তৎ] বিণ, দুঃখপ্রাপ্ত ; যে কষ্ট পাইতেছে। ২ যে কঠোর ব্রত করিতেছে। **~সহ** [কষ্ট (দুঃখ) সহ (সহ্য করা)+অ (র্তৃ)] বিণ, যে দুঃখ সহ্য করিতেছে ; ক্লেশ-সহিষ্ণু ; ক্লেশ সহ্য করিতে সমর্থ ; যে ক্লেশ সহ্য করিতে পারে। **~সহিষ্ণু**—বিণ, ক্লেশসহনশীল। **~সাধ্য** [কষ্ট দ্বারা সাধ্য (সাধনযোগ্য)—৩ তৎ কিংবা কষ্টে সাধ্য—৭ তৎ] বিণ, ক্লেশ-নির্ব্বহণীয় ; ক্লেশসাধ্য ; যা বিনাকষ্টে নির্ব্বাহ হয় না ; যা অনেক কষ্টে সম্পন্ন বা সমাপ্ত হয়। **~স্থল, ~স্থান** [কষ্টের স্থান—৬ তৎ] বি, দুঃখের স্থান ; ক্লেশজনক ক্ষেত্র ; যন্ত্রণার স্থান। ২ ক্লেশের বিষয়।

কষ্টা [কষাটে, কষা দ্রঃ] বি, কষা।

কষ্টার্জ্জিত [কষ্ট+অর্জ্জিত] বিণ, কষ্টে লব্ধ বা প্রাপ্ত।

কষ্টি [কষ্ (কর্ষণ করা)+তি (ভা°)] বি, সুবর্ণাদি কষা ; কষণ : পরীক্ষা করা। ২ [ধি—ক্তি যাতে সুবর্ণাদি কষে। হি°—কসৌটী] কষণ-প্রস্তর ; কষ্টিপাথর। ৩ [প্রাদে° ঢাকা] হিসাব ; গণনা। প্র—সুদ-কষ্টি। **~পাথর**—কষপট ; যে কৃষ্ণবর্ণ মসৃণ পাথরে সোণা রূপা কষা যায়।

কষ্টেসৃষ্টে [কষ্টে (কষ্ট করিয়া) সৃষ্টে (সৃষ্টি করিয়া=চেষ্টা দ্বারা পথ করিয়া বা উপায় উদ্ভাবন করিয়া)] ক্রি-বিণ, কায়ক্লেশে ; বহু-কষ্টের পর।

কস১ [সং—সৃক্ক বর্ণবিপর্য্যয়ে কস্ৃ—কস্। কশ দ্রঃ] বি, সৃক্কণী ; ওষ্ঠপ্রান্তদ্বয়। প্র—কস বেয়ে লাল পড়া।

কস২—কষ দ্রঃ।

কসটি, কস্টি [হি°—কসৌটী। কষ্টি দ্রঃ] বি, কষ্টিপাথর। "জনি সে সোনারে কসি কসটিতে।"—বি° প° (গুপ্ত)।

কসনি, কস্নি [কষা দ্রঃ। হি°—কস্‌না হতে বাং—ষ স্থলে স] বি, বন্ধন। "কুন্দলের ধুকড়ি ঢেঁকির পিঠে জিন। ক° কুশের দড়ী লাগাম বিহীন॥"—শি°।

কসবা [আ°—কস্‌বাহ্] বি, সাধারণ গ্রাম অপেক্ষা বড় ও নগর অপেক্ষা ছোট বসতি বা বস্তি : যে বৃহৎ গ্রামে বহু ভদ্র ও ধনী লোকের বাস। ২ [শ্রীহট্ট প্রাদে°—কসবে] জেলার যে নগরে বাজার আছে বা হাট বসে।

কসবী [আ°—কস্‌ব্=পেশা, মেহনত। তা হতে কস্‌বী=পেশাদার। যে গতর খাটাইয়া খায়, তা হতে যে নারী শরীর খাটাইয়া জীবিকা-নির্ব্বাহ করে। যে ব্যভিচাররূপ পেশা করে] বি, ব্যভিচারিণী ; বেশ্যা ; বারাঙ্গনা। "ক° ঘরে আইছ বান্দর।"—অমৃত বসু। **~খানা, ~ঘর**—বি, বেশ্যালয়। **~গিরি**—বি, বেশ্যার চালচলন ; বেশ্যাবৃত্তি। **~পনা**—বি, বেশ্যার আচরণ ; বারাঙ্গনার ব্যবহার।

কসম [আ°—কস্‌ম্] বি, শপথ ; দিব্য।

কসরৎ,-ত, কস্‌রৎ [হি°—কস্‌রৎ।

নিয়মবদ্ধ অঙ্গসঞ্চালন drill. ২ ব্যায়াম; কুস্তী। ৩ কায়দা; কৌশল। "এই অনভ্যস্ত যান হতে বহু কস্‌রতে নামিলাম।" -ফোয়ারা (নং বন্দ্যো°)। **কথার কসরৎ**-বাক্‌কৌশল।

কসা (কশা) [কষা দ্রঃ। বিলেখনের ভাব হতে কশীদা দ্রঃ] বিণ, কসিত; খচিত। "সোণা মুক্তা হীরা কসা বই নাই আর।" -চৈ° ভা°। ২ [কষা দ্রঃ। টানের ভাব হতে] মহার্ঘ; দুর্মূল্য; টান। "বাজার কসা কি রকম।"-রজনী সেন। ৩ [হি°-কস্‌সা। বাং-য়-ষ স্থলে স। প্রাদে° টাঙ্গাইল-কইসা] কষা; আঁটা; কড়া; শক্ত।

কসাই [আ°-কস্‌সাব] বি, ঘাতক; গো-ঘাতক; যারা মাংস বিক্রয়ের জন্য পশুবধ করে। "গো-মাংস বেচিয়া নাম বলায় ক°।"-কবিক°। ~**খানা**-কসাইয়ের দোকান। ~**গিরি**-কসাইয়ের মত আচরণ বা ব্যবসাদারী। "সেই বৈবাহিক সম্বন্ধ বাঙ্গালী সমাজে ক্রমশঃ দোকানদারী হইতে কসাইগিরিতে পরিণত হইতে চলিল।" -আ° শক্তি, ১৩৩৪। **কসাইয়ের হাতে পড়া**-নিষ্ঠুরের পাল্লায় পড়া; নিষ্ঠুরের সহিত কাজ করা বা তার সংস্রবে আসা; নির্দ্দয় ব্যক্তির অধীন হওয়া।

কসাড়-বি, কাশ-তৃণাদির ঝোপ জঙ্গল।

কসাল-বিণ, অনুজ্জ্বল রক্তবর্ণ। "ক° পিআল ডগরে (তগরে)।"-শ্রী° কী°।

কসি [কষি দ্রঃ] বি, রেখা; ইলেক।

কসিয়া [কষিয়া দ্রঃ]।

কসিদ [আ°-কাসিদ >] বি, দ্রুতগামী সংবাদবাহক। "একজন অশ্বারোহী ক° দ্বারা * * পত্র প্রেরণ করেন।"-সিপাহী যুদ্ধের ইতিহাস।

কসুনি-কসনি দ্রঃ।

কসুর [আ°-কুসূর, কুসুর=ত্রুটি, দোষ] বি, ত্রুটি; দোষ। "কারণ হরির শ্বশুর রামকান্ত বসুর। টাকার ছিলাম খাতক তাই তার এসব ক°।"-দ্বি° রায়। ২ ন্যূনতা; হীনতা; অপূর্ণতা; কমতি। ৩ বাকী। কাজে নিজেকে মোতায়েন রাখিতে ক° করি নাই।"-বি° সরকার। ৪ অবহেলা; ত্রুটি; চুক। "গালি দিতে ক° করে না।" ৫ [গ্রা°-মেয়েলি°-সবুর অর্থে ভুলক্রমে কসুর] ধৈর্য্য; সবুর; বিলম্ব; অপেক্ষা। **ক° নাই ও কামাইও নাই**-ছাড়-ছোড় নাই; অবিচ্ছেদে চলিয়াছে। বে-কসুর (দ্রঃ)।

কসে১ [কষা দ্রঃ] ক্রি, কষে; পরীক্ষা করে। "সুবর্ণ বণিক বসে রজত কাঞ্চন কসে পাড়ে কোষে হইলে সংশয়।"-কবিক°।

কসে২-কষিয়া দ্রঃ।

কসেরু, ~কা-বি, কশেরু (দ্রঃ)।

কস্তি [আ°-কস্‌রৎ] বি, ব্যায়াম। ২ কায়দা; হাত পায়ের কৌশল। ৩ চেষ্টা; অভ্যাস practice. ৪ শিক্ষা।

কস্তা [কষায়=লোহিত বর্ণ; কষায়িত] বিণ, লোহিত বর্ণ; লাল [দ্রঃ-সাধাঃ চওড়া লাল পাড়কে কস্তাপাড় বলে] ~**পেড়ে**-চওড়া লাল পেড়ে। "কস্তাপেড়ে ধুতি।"-টেকচাঁদ।

কস্তা-কিস্তি [হি°-কুস্তমকুস্তা] বি, ধস্তাধস্তি; মল্লক্রীড়ায় দুইজন পরস্পরকে ধরিয়া অধঃপাতিত করিবার জন্য চেষ্টা।

কস্তী-বি, অগ্ন্যুপাসক পারসীকদিগের যজ্ঞোপবীত। এই উপবীত তাদের কোমরে থাকে। পারসীক পুরোহিত মেগাইদিগের কোমরের পৈতা।

কস্তুর [সং-কস্তুরী] বি, কস্তুরী মৃগ। ২ মৃগনাভি। ৩ কচুজাতীয় বৃক্ষবিঃ। **কস্তুরা** [সং-কস্তুরী] বি, কস্তুরী মৃগ। ২ শুক্তি; মুক্তা জন্মে যে ঝিনুকে। ৩ [গ্রা°-কস্তুরু] ঔষধিবিঃ। ইহা পোর্ট ব্লেয়ার দ্বীপের পাহাড়জাত খড়ির মত দ্রব্য। অনেকে মনে করে ইহা সমুদ্রের ফেনা। ৪ নৌকা বা জাহাজের তক্তার জোড় বা সন্ধি।

কস্তুরি, -রী [সং-কস্তুরিকা দ্রঃ] বি, গন্ধদ্রব্যবিঃ; মৃগ musk. ইহা এক-জাতীয় ক্ষুদ্রকায় মৃগের নাভির নিকট চামড়ার থলিতে থাকে বলিয়া ইহাকে মৃগনাভি বলে। তিন প্রকার মৃগনাভি প্রসিদ্ধ-নেপালের মৃগনাভি কপিলবর্ণ, কাশ্মীরের মৃগনাভি পিঙ্গলবর্ণ এবং সিকিম, ভুটান, কামরূপ ই°-র কৃষ্ণবর্ণ। **ক° মল্লিকা**-মৃগ-মদ-বাসা নামক মল্লিকা ফুল। ২ মৃগনাভি। ক° মৃগ-কস্তুরি দ্রঃ। **কাল কস্তুরী**-কস্তুরী-গন্ধযুক্ত গাছড়া hibiscus abelmoschus. **লতা কস্তুরী**-কালকস্তুরী-জাতীয় এবং কস্তুরী গন্ধযুক্ত গাছড়া musk mallow.

কস্তুরিকা, কস্তূরিকা [কস্ (গমন করা) + তুর, তূর=কস্তুর, কস্তূর+ক, আ (স্ত্রীং), অ=ই, যার গন্ধ বহু দূরে গমন করে] বি, মৃগনাভি। ~**মৃগ, কস্তুরী মৃগ**-বি, যে হরিণের নাভিতে কস্তুরি থাকে musk deer.

কস্মিন্ কালে [কস্মিন (কিম্ শব্দ ৭মীর সপ্তম্যন্ত পদ) কালে (কালেতে) বাং-য় এই সং রূপ অবিকৃতভাবে চলিয়া গিয়াছে। 'কোন কালে' অপেক্ষা ইহা অধিক জোরের] বি, কোন কালে; কোন সময়ে; কখন। প্র-ওঃ ক° ছিল, যে এখন থাকবে? এমন কথা ক° কালেও শুনি নাই।

কস্য [সং-কিম্ শব্দ ৬ষ্ঠীর ১ব°; আদা°-দলীল-দস্তাবেজে। এখানে কস্য=যস্য] অ, কাহার; কার; যাহার; অমুকের। লিখিতং শ্রীকার্ত্তিকচন্দ্র দে সাং নবদ্বীপ কস্য অংশীনামা পত্রমিদং কার্য্যঞ্চাগে, আমি আপনার সাহায্যে ই°।" "লিখিতং শ্রীমহম্মদ আলি বিশ্বাস সাং হাটখোলা কস্য সওদা ও বায়না পত্রমিদং কার্য্যঞ্চাগে মহাশয়ের পশ্চিমের চালানী গুড়িয়ান সরিষা * গুদামে যাহা মৌজুত আছে ই°।"

কহ [সং-কথ (প্রাকৃ°-থ=হ) কথনে; হি°-কহ; কহো] ক্রি, বল। ২ [গ্রা°-বাং] কও; বর্ণনা কর। "এখন কহ মনের কথা আইলা কিবা কাজে।"-চণ্ডী°। ৩ [মৈ° ব্রজ°] কহে; বলে। "বিদ্যাপতি কহ তুঁহু সেয়ানী।"-বি° প°।

কহই [কহ দ্রঃ। হি°, মৈ°; বাং-কহয়ে কহএ (প্রা°-বাং)] ক্রি, কহে; বলে। বিদ্যাপতি কবি ক°।"-বি° প°। ২ কহিতে। "পীয়াক পীরিত হাম ক° না পার।"-বি° প°। ~**ত** [কহ দ্রঃ। হি°-

মৈ°] ক্রি, কহে। "তঁহি পুন মোতিহার টুটি ফেকল, কহইত হার টুটি গেল।"-বি° প°। ~তে [কহ দ্রঃ] অস-ক্রি, কহিতে; বলিতে; বর্ণনা করিতে। "কি কহব রে সখি কহইতে লাজ।"-বি° প°।

কইত১ [কহ দ্রঃ। কহ+ত (অনুরোধে)। ত দ্রঃ] ক্রি, কহ। "ক° ক° সখি বোলত বোলত রে।"-বি° প°। ~হি [কহত+হি] ক্রি-বিণ, কহিতেই; বলিবামাত্র। ২ কহে। "মৃদু মৃদু কহতহি ভাষা।"-বি° প°।

কইত২ [কথিত >] বিণ, কথিত: মৌখিক। প্র-ক° প্রমাণ। ২ [হি°-কহাবত >] বি, কথন; কথা।

কইতব্য [কহ (কহন-কথন)+তব্য (উচিত অর্থে)] বিণ, কথন-যোগ্য; কথ্য: কথনীয়; কথিতব্য; কহিবার উপযুক্ত: বলিবার মত। ২ বলিবার শক্তিসঙ্গত। ক° নয়-অকথ্য; কহিবার শক্তির অতীত।

কইন [সং-কথন, প্রাকৃ°-কহন (থ=হ). হি°-কহন-ক্রি, কহ্‌না। বৌ° বাং প্রাকৃ°-'কহণ'-কহা(দ্রঃ)। বৌ°-বাং প্রাকৃ°-'কহণা'] বি, কথা; ভাষণ; বচন; উক্তি; উল্লেখ: কথা-প্রয়োগ; বলন। ২ বিণ, কথ্য; কহতব্য: উল্লেখযোগ্য; বলিবার; কহিবার। "সই একথা ক° নহে। হিয়ার ভিতর, বসতি করিয়া কথন কি জানি কহে।"-চণ্ডী°।

কইনে [হি°-কহ্‌নে, কহ্‌নেমে; মঃ-কথনে। বাং-র হি°-র অনুকরণ] ক্রি-বিণ, বর্ণনে (সাধ্য)। উল্লেখে (সামর্থ্য); কহা সম্বন্ধে (শক্তি)। ক° না যায়-বর্ণনা-শক্তিতে কুলায় না; বলিতে পারা যায় না [দ্রঃ-মৈ°-হি°-তে-কহি ন জায়; কহনে বা কহল ন হোয়। "সজনি অকথ্য কহি ন জাএ।" "এ ধনি রঙ্গিনী কি কহব তোয়। আজুক কৌতুক ক° ন হোয়॥"-বি° প° (গুপ্ত)। "এসখি রঙ্গিনি কি কহব তোয়। আর এক কৌতুক ক° না হোয়।"-বি° প° (বৈ° প° লহরী)]।

কইন্তি [প্রা° বাং। ওড়ি°-র অনুকরণে] ক্রি, কহেন; কহিতেছেন।

কইব [হি°-তে ১ম পু°, কহিবে এই অর্থে। তুল-'কো কহব।' বাং-বৈ° প° সা°] ক্রি, কহিব; বর্ণিব। "তুহু মন মোহন কি ক° তোয়।"-বি° প°। "কি ক° সুন্দরী রূপে।"-ঐ।

কইবি১ [বৈ° প° সা°] কহিবি। "কেলি-কলা-রস ক° মোয়।"-বি° প°। **কইবি**২ [বৌ° বাং প্রাকৃ°-কহি দ্রঃ। কহি, কহিঁ+অপি >] অ, কুত্রাপি।

কইয়ে [হি°-কহ, গ্রা°-হি°-কহয়্‌-কহৈ, বাং-কহে] ক্রি, কহে; বলে। "কি ক° গদ গদ ভাষু।"-বি° প°।

কইর [আ°-কহর্‌=জ্বালা; যন্ত্রণা fury] বি, যন্ত্রণা; অত্যাচার; জুলুম। "সহরে ক° দেখে প্রাণ কেঁদে উঠে।"-ভারত°।

কইল [হি°: বাং-বৈ° প° সা°। গ্রা°-কহলা] ক্রি, কহিল। "করে কর ধরি যো কছু ক°।"-বি° প°। ২ [কহন, কহনে দ্রঃ। কহ+ল (যোগ্য অর্থে)] অস-ক্রি, কহা; বলা। ৩ বি, কথন। "সেই ভূতের কথা ভাই! ক° না যায়।"-চৈ° চ°।

কইলম [হি° গ্রা° -° বাং-কহিলাম] ক্রি, বলিলাম। "দূর কর দুরমতি ক° তোয়।" -বি° প°। এই অর্থে 'কহলহি' ও°। "পর সঞে কহলহি নাম হি তোরি।"-ঐ।

কইলিহি [প্রা° বাং] ক্রি, কহিলাম।

কইলি [ব্রজ°। বাং-কহিলি] ক্রি, কহিলি। "কাহে ক° তুঁহু সঙ্কেত কত।" -বি° প°।

কইলু, -লুঁ [ব্রজ°] ক্রি, কহিলাম। "এতহু নিদেশ ক° তোহে সুন্দরি।"-বি° প°।

কইসি [ব্রজ°। বাং-পদ° সা°] ক্রি, কহিতেছে; কহে। "নমুঞাবদনী ধনি বচন ক° হসি।"-বি° প°। (মিথিলার পদ-ন° গুপ্ত সংস্করণে-"আনন লোলএ বচন° বোলও হসি")।

কইহি [হি°-ব্রজ°। বাং-পদ° সা°] অস-ক্রি, কহিতে। "কি কহব সজনি তাহেরি কহিনী, ক° ন পারিঅ দেখলি জহিনী।" -বি° প°।

কহা১ [সং-কথ্‌ ধাতু হতে সং-কথন, কথা=হি°-কহানী=বাং-কাহিনী, কথা। ক্রি, কথা দ্রঃ] বি, উক্তি; কথন বা কহন।

কহা২ [কহা১ দ্রঃ। হি°-কহ্‌না=ওড়ি°-কহিবা। অনুজ্ঞায় বাং-কহ=হি°-কহ, কহো-"গঙ্গ কহো গুণসিন্ধু মহীপতি-নন্দন সুন্দর কোঁ্য নাহি আয়া।"-ভারত°] আধু° বাং কহা স্থলে বলা। রাজাবলী (১৮০৮) গ্রন্থে-"আপনাকেও সকল শিক্ষার্থে কহি না কিন্তু স্মরণার্থে কহি।" কহি, কহ, কহে; কহিলাম, (উ° পু°); -কহিলে-কহিলি, (ম° পু°) কহিল, কহিলেন (১ম° পু°); কহিতে (ক্ষে° কইতে, কৈতে) কহিয়া (ক্ষে° কহে, কয়ে) ই°। ম° বাং বৈ° সা° ব্রজ°-কহ, কহই, কহইত, কহইতে, কহত, কহতহি, কহব, কহবি, কহয়ে, কহল, কহলম, কহলহি, কহলি, কহলু-লুঁ, কহসি, কহহি, স্ব স্ব স্থানে দ্রঃ] ক্রি, বলা; উক্তি করা। ২ উচ্চারণ করা। ৩ প্রকাশ করা। ৪ বর্ণনা করা। ৫ আজ্ঞা করা; আদেশ করা। "স্বপনে রজনী শেষে, বসিয়া শিয়রদেশে কহিলা মঙ্গল রচিবারে॥"-ভারত°। ৬ রচনা করা; গান করা। "সেই আজ্ঞা শিরে বহি, নূতন মঙ্গল কহি, পুনরায় চাহিয়া আমারে।"-অ° ম°। ৭ বিণ, যা বলা হইয়াছে; কথিত; উক্ত। প্র-কহা কথা [দ্রঃ-কহা স্থলে কওা, কওয়ার প্রয়োগ আছে। হ স্থলে অ=য়, হি স্থলে ই, হ বা হো স্থলেও প্রয়োগ ভেদে দেখা যায়। তুল-কহ-ক; কহি=কই। কহিবে=কইব, কৈব, কব (হি°-কহবে)। "কৈবে ধন্য।"-গৌরীমঙ্গল। কহিতে=কইতে, কৈতে 'করিতে' ক্ষে° কৈতে হয় (ভারত°)। কহে=কয়, কহো=কও। প্রায় ৩০০ শত বৎসর পূর্ব্বের বাং-য় কহে স্থলে কহন্তি শব্দের প্রয়োগ দেখা যায়। "মহা-মুনি মেধস কহন্তি মোক্ষপথ।"-দুর্গামঙ্গল। তৎপূর্ব্বে শূন্যপুরাণাদিতে বহুল প্রয়োগ। কহেন স্থলে 'কহেন্ত' (শূ° পু°)। উড়িয়া ভাষায় সমধিক। আরও প্রা° বাং-য়-শ্রী° কী° (১৪ শতাব্দীতে)] 'কহও',-'কহো, কহোঁ'-কহি, বলি। 'কহন্তি'-কহিতেছেন। 'কহি-আর'-কহ। 'কহিআরোঁ-কহিতেছি। 'কহিএ'-কহে। 'কহিতোঁ'-কহিতাম। ক্রি, 'কহিব'-উ°-পু°। ৮ কহে। "সবে কহিব আইহনের মাএ।"-শ্রী° কী°। ক্রি, 'কহিল'-১ম পু°। ৯ কহিলাম। 'কহিলান্ত'

কহিলেন্ত'-কহিলেন। 'কহিলোঁ'-কহিলাম, 'কহিহ'-কহিও, বলিও। 'কহী'-কহিতে। ১০ কহিও। 'কহীতেঁ'-কহিতে। 'কহো, কহোঁ'-বলি। অতি প্রা০ বাং-য়-'কহই'= কহে। 'কহন্ত'=কথ্যমান ; কহিতেছে এমন। 'কহমি'=কহিতেছি। 'কহিঅ'-কহে। ১১ কথিত। 'কহিঅউ'-(সং-কথিতং)-কথিত। 'কহিএ' (সং-কথয়তি)-কহে। 'কহিজে' - কথিত। 'কহিজ্জই'-কহেন। ১২ কহা যায়। 'কহিটঅই' - (সং - কথ্যতে-কর্ম্মবাচ্যে)। 'কহেই'-কহে। 'কাহিব'-কহিব।

কঁহাকিহি [(হ=অ=য়) কআ কয়ি= কওয়া কয়ি] বি, বলাবলি ; উক্তিপ্রত্যুক্তি ; বাক্যালাপ। বঁলা-কঁহা, বঁলা-কঁওয়া -ক্রি, বিশেষ করিয়া বলা ; বলিয়া রাখা। ২ বিণ, দত্তবাক্ ; প্রতিশ্রুত।

কঁহানি [হিং-কহানা-কহবানা। কহা শব্দের ণিজন্ত রূপ কহাই=বলাই ; কহাইতে =বলাইতে ; কহাইবার=বলাইবার, অন্যের দ্বারা বলাইবার। কহাইয়া (অন্যের মুখ দিয়া) বলাইয়া] ক্রি, বলান। অপরকে বলিতে বাধ্য করা ; অন্য দ্বারা কহা ; উক্তি করান।

কঁহায়ঁসি, কঁহাওসি [কহান দ্রঃ। মৈং বাং পং সাং] ক্রি, কহাও ; বলাও। "আদি অনাদিনাথ কং।"-বিং পং।

কহি, কহিঁ কহী, কাহি [হিং- কহাঁ, কঁহী < সং-কুত্র] অ, কোথায়। "ঘাটোআলি কহী।"-শ্রীং কীং।

কহিম্পি [কহবি দ্রঃ। কহীঁ > কহিম্ +অপি] অ, কোথাও।

কহিনী [কাহিনী ভ্রং। ব্রজং] বি, যা কহা যায় ; কাহিনী ; বৃত্তান্ত। "কি কহব সজনি তাহেরি কং। কহহি ন পারিঅ দেখলি জহিনী॥"-বিং পং।

কহিয়ে [কহয়া দ্রঃ। হিং-কহইআ, কহ +ইয়া-কহনেবালা। বাং ক্ষেং কইয়ে] বিণ, যে কহে ; বলিবার লোক। ২ বাক্পটু। কহিয়ে বলিয়ে, বলিয়ে কহিয়ে [গ্রাং-কইয়ে-বইয়ে। হিং-কহইয়া-বোলইয়া] বিণ, বাক্পটু; অনর্গল বক্তা; যে বেশ বলিতে কহিতে পারে। ২ সাহস করে যে দু'কথা বলিতে পারে।

কহির [বৌং বাং-প্রাকৃং] অ, কোথা- কার। "কং কপুর তাম্বুল বড়ায়ি কং নেত পাটোল।"-শ্রীং কীং।

কহিল [কহনে দ্রঃ। কহ+ইল (ইব-মত, যোগ্য অর্থে)] বিণ, কহিবার মত ; কহন- যোগ্য। "মনের উল্লাস যত কং না হোয়।" -জ্ঞানদাস (সাং পং পং ১৩১৩)।

কহু [হিং-মৈং বাং পং সাং] ক্রি, কহে ; বলে। "কো কহু আওব মাধাই।"-বিং পং।

কহুয়া [কহ+উআ : হিং-কহইয়া, কহবৈয়া। বাং-প্রাকৃং-কৈয়ে] বিণ, যার বাক্স্ফূর্ত্তি আছে ; যে অনর্গল কহিতে পারে। ২ বাচাল। ৩ বাক্পটু।

কঁহে [কহা দ্রঃ। কহে, কহয্=কহৈ। প্রাকৃং-কহেহি। বাং-প্রাকৃং-কয়। প্রাং বাং- কঅ] ক্রি, বলে। সম্ভ্রমার্থে-কঁহেন।

কঁহোঁ [মৈং বাং পং সাং] ক্রি. কহিতাম। "সব দুঃখ কহোঁ তনু পরশে।"-বিং পং।

কঁহ্লার [ক (জলের) হার (মালা)-৬ তৎ, যারা জলের উপরে মালার মত শোভা পায়, ল-আগম] বি, শ্বেত শতদল ; শ্বেত পদ্ম ; সুঁদি। "তোলে কং কেবল কালা।" -কবিকং।

কা [সং-কিম্ > ।প্রাকৃং-কঃ, কা, কাহা] স, কি : কে ; কোন্ জন, বস্তু বা বিষয়। "পার্ব্বতী পদ্মারে কহে পাঠালেম যত। কা হতে না হৈল কিছু আইল নাহি নাথ॥" -শিং। "কা হ'তে জনমিল জগতের যাতনা ?" -হেমং (দশমহাবিদ্যা)। কার [সম্বন্ধে 'র' যোগ] কাহার। ২ কাহা ; কোনজন। কা দিয়া-কাহার দ্বারা ; কোন জনের মার্ফৎ। "মোর দিব্য তোরে, সত্য বল মোরে, কা দিয়া পাঠালি জল।"-কবিকং। কাকে [কর্ম্মে কে বিভক্তি যোগ] স, কাহাকে। এই অর্থে 'কারে'। মৈং বাং কাহ (বিং পং)। কাতে [৭মী বিভক্তি, তে] কাহাতে ; কাহার মধ্যে। ২ তার সহিত। কাতে কাতে-কে কার সঙ্গে। প্র-অত রাত্রে কাতে কাতে গেল। ২ [হিং ৬ষ্ঠী বিভক্তি চিহ্ন-'কা' 'ক'। "বাং বৈং পং সাং-তে ভূরি প্রয়োগ। হাথক দরপণ মাথক ফুল।"-বিং পং। তুল-(মৈং পং সাং) "নিধন কা জঞো ধন কিছু হো।"-বিং পং]।

কাই [সং-কাথ। হিং-কাই অর্থে ছাতা বা সর, তাও কাথের মত। আঠা অর্থে হি : 'লেই'] বি, মণ্ড ; কল্প ; লেই ; আঠা। "কেহবা পিটুলি মাথে কেহ কাই গোলে।" -ঈং গুপ্ত। ২ ['কাঁই' ওং] ঘন রস : চাঁচি। "এই অম্বলের কাঁইটুকু দিয়ে দু'টি ভাত টেনে মেখে নে।"-অং দেবী। ৩ [শ্রীহট্ট প্রাদেং] মুচি বা মুছী দ্রঃ।

কাইচা [ক্ষেত্রকর্ম্মে। প্রাদেং রঙ্গপুর। কাঁইচীর (কাঁচি=scissors) বড়] বি, শস্য- ছেদনের অস্ত্র ; ধানকাটা কাস্তে।

কাইট [সং-কিট্ট >] বি, কল্ক ; মলা ; খাদ ; শিটা। বিণ, কাইটা-তা হতে কিটা, কিটে। প্র-তেলকিটে, তেলকিটে গন্ধ [কিটে আবার উচ্চারণভেদে চিটে হইয়া 'তেলচিটে'। কিটে ও চিটে উভয়ই শব্দাত্মক; কিট্ কিট্ ও চিট্ চিট্ শব্দ >]।

কাইত, কাত [হিং-কইত-কিত] বি, পার্শ্ব ; পাশ ; তরফ। প্র-কাইত বা কাত ফেরা ; কাত দেওয়া। ২ বিণ, বক্র ; আড় ; হেলা। প্র-কাত হয়ে পড়া, কাত করে রাখা।

কাইতি [হিং-কায়থী < কায়থ < কায়স্থ (লিপিকার, মুহুরী, হিসাব-রক্ষক)] বি, মাত্রাহীন অক্ষর ; মহাজনী লিপি ; মুড়িয়া অক্ষর। "তিন পঙতি কাং অক্ষর।" -বং বিদ্বদ্বল্লভ।

কাইয়াঁ, কেঁইয়াঁ, কেয়েঁ, কেঁয়েঁ, কাইয়া [হিং-কাঁইয়াঁ, কাকের কাঁঅকাঁঅ শব্দ এবং তার স্বার্থপূর্ণ, ধূর্ত্ত ইং >] বিণ, চালাক ; ধূর্ত্ত। ২ [কেঁয়ে দ্রঃ। কাই মাই কথা এবং দর কষাকষি বা কচলাকচলি করার প্রকৃতি >] বি, মাড়ওয়ারী বণিক্ সম্প্রদায়- বিঃ। ৩ [<ˀ] মাড়ওয়ারী। ৪ কৃপণ বা খল।

কাইল [সং-কল্য-কালি-কাইল-চং কং ভাং ; পূং বঙ্গ] বি, কল্য, কাল (দ্রঃ)।

কাউ, কাউয়া [সং-কাক-কাউ ; হিং- কৌআ ; প্রাদেং, গ্রাং-কেয়ো] বি, পক্ষিবিঃ; কাক। "শুকানো ডালেতে বসি কু-বোলয় কাউ।"-কবিকং। ২ অম্লরস ফলবিঃ।

কাউকে [গ্রাং কথ্য। কাহাকেও- কাহাওকে > ক্ষেং কাউকে] স, কাহাকেও।

ন্ন যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্জ্য ঞ্চ=ন্চ ঞ্ছ=ন্ছ হ্ন=হ্ন হ্ল হ্ম হ্ব হ্ন=ন্হ হ্র লহ ড় ঢ়, জ় ফ় ব় ভ়=zfwv ও চ্চাং দ্রঃ

"মনের মতন তো কা০ পাচ্ছি না। -পিতাপুত্র। "কা০ যদি না বলিস ত বলি। -রবী০ (রাজা)।

কাউচুলি-বি,কথা কাটাকাটি; বিতণ্ডা; ঝগড়া।

কাউঠা [সং-কমঠ > ; কেটো দ্রঃ। প্রাদে০] বি, কচ্ছপ। "কাউঠার রান্ধে মাংস তৈল ডিম্ব দিয়া।"-মনসা০ (বংশী)।

কাউন, কাউনি, কাঙ্নি [সং-কঙ্গু] বি, কাউন ধান্য। ২ কাঙ্নি নামক চণকজাতীয় শস্য ; কাকুন।

কাউয়ালুলি [শ্রীহট্ট প্রাদে০ কাক] বি, তেলাকুচা ফল।

কাউর১ [আ০-কর্‌হ্‌=নালীঘা ulcer] বি, ঘা ; জামা ; চর্ম্মরোগবিঃ ; পদাদিতে হয় eczema. ২ ব্রণবিঃ : নালীঘা ulcer.

কাউর২-বি, গঙ্গাজল বহিবার ভার। "ডোমদিগের বাঁশের লাঠী, ছড আর গঙ্গাজল বহিবার কা০।"-তীর্থভ্রমণ (সর্ব্বাধিকারী)।

কাউর৩-কর্পূর দ্রঃ।

কাএ [প্রা০ বাং। সং] স, কাহাকে। ২ [প্রাকৃ০-কাঅ] বি, কায়া ; দেহ (শ্রী০ কী০)।

কাএত-কায়েত দ্রঃ।

কাএদা-কায়দা দ্রঃ।

কাএম-কায়েম দ্রঃ।

কাওয়া [আ০-কাওয়া। কাফি দ্রঃ] বি। "কফিয়া আরেবিকা" নামক বৃক্ষের শুষ্ক ফল। এই ফল ভারতবর্ষ, আরব ও পারস্য ই০ দেশে জন্মে।

কাওয়াজ [আ০-কবায়দ=নিয়ম] বি, বন্দুকের ব্যবহার-শিক্ষা ; সৈন্যদিগের যুদ্ধ-কৌশল-শিক্ষা parade.

কাওয়াত, কাওয়াদ-কাওয়াজ দ্রঃ।

কাওয়ানি [কাথ+আন-ঘুঁটিয়া কাই করা] ক্রি, আবর্ত্তিত করা ; আওটান।

কাওয়ালী [আ০-কৌবালী, হি০-কাবালী] বি, মুসলমান পীরদিগের দরগা বা সুফী সম্প্রদায়ের মজলিশে যে ধর্ম্মসঙ্গীত হয় তার বিশেষ সুর ও তাল ; দরবেশী সুর। ২ বাদ্যে তেতালার প্রকারভেদ মধ্যমান অপেক্ষা দ্বিগুণ জলদ্ তাল।

কাওরা [সং-কিরাত ; হি০-কিরার] হিন্দু-ধর্ম্মাবলম্বী প্রাচীন জাতিবিঃ; ক্যাওরা। স্ত্রী০ ~ণী (সং-কিরাতিনী)।

কাওলি১ [সং-কপালি >] বি, বস্ত্রবয়নকারী নিম্নশ্রেণীর জাতিবিঃ।

কাওলি২ [আ০-কব্‌বাল (musician) > কাওয়াল > কাওয়ালি > কাওলি] বি, গায়ক। "নয় শত কা০ চলে তের শত নর (নট)।"-মনসা০ (বিজয়০)। কাওয়ালী দ্রঃ।

ˋকাংস, ˋকাংসীয়, ˋকাংস্য, ˋকাংস্যক [সং] বি, কাঁসার পানপাত্র। ২ কাঁসা : তাম্ররঙ্গমিশ্রিত ধাতু ; ঘোষ (রাসা০ পরিঃ) bell-metal. ৩ কাঁসী নামক বাদ্যযন্ত্র।

কাংস্যকার [কাংস্য (কাঁসা) কার (যে করে) কৃ (করা)+ষণ্ (র্ত্তৃ)-উপ০] বি, যারা কাঁসার জিনিস তৈয়ারী করে ; কাংস্যবণিক্ ; কাসারী।

কাংস্যমাক্ষিক, কাংস্যমুখী [কাঁসার মত উজ্জ্বল বলিয়া] বি, লৌহ ও গন্ধক যোগে উৎপন্ন মণি mineral iron pyrites.

কাঁ [সং-কিম্ >। কা দ্রঃ। কাঁহা ক্ষে০। সম্ভ্রমার্থে ৺] স, কিনি ; কোন্ জন ; কে। সম্বন্ধে-কাঁর-কাঁহার (তুচ্ছার্থে, কার)।

কাঁক্ করা (শব্দাত্মক) আচম্কা ভয়ে ঐরূপ চীৎকার করা। তুল-"আঁক ; হাঁক" (কোঁক দ্রঃ)। কাঁ কাঁ (শব্দাত্মক) অসন্তোষ-জ্ঞাপক চীৎকার (কাঁইয়া দ্রঃ) ; কষ্টের চীৎকার।

কাই১ [শব্দাত্মক] বি, কাঁসর বাজাইবার শব্দ। কাঁই এই শব্দ। তুল-"কাঁই-না-না কাঁই-না-না।" **কাঁইকাঁই**-কাঁইয়া : অপ্রীতিকর আপত্তি ; চীৎকা ।

কাঁই২-কাই দ্রঃ।

কাঁইবীচি [কাঁই-কাই (কাথ-আঠা) তৈয়ার করিবার বীচি (বীজ)] বি, তেঁতুলের বীজ।

কাঁইমাই [কাঁই দ্রঃ। অনুনাসিক উচ্চারণ বহুল অর্থে 'ঁ' ও 'ম'র প্রয়োগ] বিণ, জড়িত ; দুর্ব্বোধ্য ; অস্পষ্ট। "শুনিয়াছি সে দেশের কাঁ০ কথা। হায় বিধি সে কি দেশ গঙ্গা নাই যথা॥"-ভারত০।

কাঁইয়া, কাইয়া [শ্রীহট্ট প্রাদে০] কাইর। দ্রঃ।

কাঁউ, কাঁউর, কাঁউরূপ [কাম=কাঁউ] বি, কামরূপ ; কামাখ্যা।

কাঁওল, কাউঁল, কাঁমল [সং-কামল] বি, কাম্‌লা ; পাণ্ডুরোগ। এই রোগে সমস্ত শরীর হরিদ্রাবর্ণ হয় এবং সকল পদার্থ হরিদ্রাবর্ণ দেখে jaundice.

কাঁক [সং-কঙ্ক=পক্ষিবিঃ, ইহারা কাঁক্ কাঁক্ করিয়া রব করে বলিয়া এই নাম] বি, কাঁকপাখী। ইহারা শ্বেতকৃষ্ণবর্ণ বা ফিকে লাল ; গলা, ঠোঁট ও পা লম্বা ; লিপ্তপদ ; জলে সাঁতার দেয় ; মাছ ধরিয়া খায় heron.

কাঁকই, কাঁকুই [সং-কঙ্কতিকা। হি০-কাঙ্গী। শ্রীহট্ট প্রাদে০-'কাকইর'] বি, মোটা চিরুণী ; মোটা ও বড় দাড়ার চিরুণী। পূর্ব্ববঙ্গে চিরুণীমাত্রকেই কাঁকই বলে।

কাঁকড়া [সং-কর্ক্কট] বি, কর্ক্কট। "ছেলে ছোকরা খুদে কাঁ০।"-পঞ্চানন্দ। **~বিছা** [বিছা দ্রঃ। হি০-বিচ্ছু ; কাঁকড়ার মত আকার ও দাড়ার মত হুল এবং কাঁকড়ার মত কামড়াইয়া ধরে বলিয়া এই নাম] বি, ক্ষুদ্রাকৃতি অষ্টপদী হুলবিশিষ্ট বিছা ; বৃশ্চিকবিঃ scorpion. **~মাটি**-বি, কাঁকড়ায় তোলা মাটি। **~শৃঙ্গী** [সং] বি, কণ্টকী লতাবিঃ।

কাঁকড়ি [সং-কর্কটী। প্রাকৃ০-কক্কটী। হি০-ককড়ী] বি, কাঁকুড় জাতীয় ফলবিঃ (কাঁকুড় অপেক্ষা ক্ষুদ্র ও সরু)। ২ [কর্কটী-কাঁকুড। ইহা পাকিলে ফুটিয়া বা ফাটিয়া যায়, সে জন্য পাকা কাঁকুড়কে ফুট বা ফুটি বলে। কবিকঙ্কণ ফুটী অর্থে 'কাঁকড়ি' শব্দের প্রয়োগ করিয়াছেন] "পরিবার রহিল মোর পাপ-গুজরাটে। কহিতে কাঁ০ যেন বুক মোর ফাটে॥"-কবিক০।

কাঁকণ [সং] বি, কঙ্কণ ; হস্তালঙ্কারবিঃ। "কেন বাজাও কাঁ০।"-রবী০।

কাঁক, কাঁখ [সং-কক্ষ > পা০-কক্খ > কাক, কাখ, প্রাদে০ কাঁক,-খ] বি, কক্ষ ; বগল। ২ কাঁকাল। "ছেলে কলসী ই০ কাঁকে করা।" **~বিড়ালী, বিরালী, বেরালী** [হি০-ককরালী, কছরালী, কখরালী

>বালী ওরালী >বরালী >বিরালী, ব=ড় বা কাক-বড়-বালী (স্ফোটক হেতু বৃহৎ) >কাকবড়ালী >কাকবিড়ালী] বি, কক্ষ-স্ফোটক ; বগলের ফোড়া। গ্রা০-ক্যাঁক (খ) 'বিড়ালী, বেড়ালী, বিরালী, বেরালী' ও০।

ˋ**কাঁকির** [সং-কর্কর ; হিং-কঙ্কর >] বি, কুলুই ; ক্ষুদ্র প্রস্তরখণ্ড। ২ বিণ, **কাঁকরিয়া** [গ্রা০-কাঁকুরে] কঙ্করযুক্ত ; কাঁকর মিশ্রিত।

ˋ**কাঁকরা**, ˋ**কাকরা** [প্রাদে০] বি, গুড়পিঠা।

ˋ**কাঁকরো**, ˋ**কাঁকড়ো** [প্রাদে০] বিণ, প্রসবান্তে বহুদিন পরে গাভীর দুগ্ধ গাঢ় এবং অল্প হইলে তাহাকে কাঁকরো বা কাঁকুড়ো বা খেঁড়ো বলে।

ˋ**কাঁকরোল** [সং-কর্কোটকী] বি, ক্ষুদ্র ক্ষুদ্র ফলবিঃ ; ইহার গায়ে নটকানের মত কাঁটা আছে। উত্তর বঙ্গে নাম 'কাঁকনে'।

ˋ**কাঁকলা** [সং-কক্কোল] বি, গন্ধদ্রব্যবিঃ।

ˋ**কাঁকলাস**, ˋ**কাকলাস** [সং-কৃক-লাস। "কৃকং লাসয়তি"-যে মাথা কাঁপায়] বি, কাঁকলাস নামক সরীসৃপ calotes versicolor. ২ গিরগিটি। বিণ, **কাঁক-লাসিয়া**, **কৈঁকলাসে**-কৃকলাসবৎ ; কৃশ।

কাঁকাল [সং-কঙ্কাল] বি, মধ্য ; কটি ; কোমর। "কাঁ০ ভাঙ্গিয়া পড়ে কদম তলায়।"-কুসুম০। "রান্ধিয়া বাড়িয়া কাঁকালে হৈল বাত।"-কবিক০।

কাঁকালি [কাঁকাল দ্রঃ। হিং-কমরি, কমরিয়া] বি, "হেলায়ে কাঁ০ কাঁপায়ে অঙ্গুলি, রঙ্গ করে কত ঠাটে।"-ঘ০।

কাঁকিনী-বি, মহিষ। ২ পূর্ণবয়স্কা স্ত্রী।

কাকুড় [সং-কর্কটি] বি, অপক্ব ফুটি।

কাকুনি [প্রাদে০] বি, কাতরতা-ব্যঞ্জক ধ্বনি। ২ চাঁচুনি।

কাঁখ [সং-কক্ষ। হিং-কাঁখ] বি, বগল। "মাথায় ধবল ছাতি খুঙ্গি পুঁথি কাঁখে।"-ঘ০। "হাতে লড়ী কাঁখে ঝুড়ি বলে ব্রহ্মময়ী।"-ঐ। ২ কাঁকাল। "সারা দিন ছেলে কাঁকে করে কেন্না।" "কোলে কাঁখে রাখি।"-প্রেম ও ফুল।

কাঁখতলি [কক্ষতল >] বি, কক্ষতল ; বগল। "হেঁঠ মাথা মতি তোলে কাঁখতলির মালা॥"-কবিক০।

ˋ**কাঁখবিরালী**, ˋ**কাঁখবিড়ালী**, ˋ**কাঁকবিরালী**, ˋ**কাঁকবিড়ালী** [হিং-ককরালী, কংখরালী, কঁখৌরী] বি, কাঁখের ফোড়া ; বগলের ফোড়া বা গিন্টী।

কাঁচ১ [কাচ দ্রঃ] বি, গ্লাস ; বালি ও এক প্রকার ক্ষার দ্বারা উৎপন্ন বস্তুবিঃ ; পরকলা। ২ নিকৃষ্ট মণি। "চারু চিন্তামণি কি কখন হয় কাঁচ।"-ঘ০।

কাঁচ২ [কাঁচা দ্রঃ] বিণ, কাঁচা ; অপক্ব ; আপাকা। "ফলহ না মিঠাই হোয়ত কাঁচ।"-বি০ প০।

কাঁচ-আলি [প্রা০ বাং-কাঁচ (১) দ্রঃ+ আলি (পণ্য)=ছলনা-চাতুরী] বি, ফাঁদ ; ঝঞ্ঝাট ; লেঠা। "কার কাঁচ থাকিতে না দেও মোএ পাএ॥" (=আমি কার ফাঁদে পা দিই না অর্থাৎ কার লেঠায় থাকি না)।

কাঁচকড়া [হিং-কচকড়া-হিং শ০ সাগরে-"হিং-কচ্ছ=কচ্ছপ (কাঁছিম)+ সং-কাণ্ড=হড্ডী (হাড়)-কাছিমের হাড়, স্থিত tortoise-shell] বি, তিমি মৎস্যের দন্ত-সংলগ্ন কোমল অস্থিবিঃ whale-bone, ২ [কাঁচকড়ার সদৃশ বলিয়া] রবার গলান ; বি, কাঁচকড়া vulcanite

কাঁচকলস [কাঁচ-কলস (পাত্র অর্থে)] কাঁচকূপী ; বোতল।

কাঁচকলা [হিং-কচ্ কেলা] বি, কাঁচায় তরকারীতে খাইবার কলা ; আনাজি কলা।

কাঁচকা [প্রাদে০] বি, সর্ষপাদির ডাঁটা।

কাঁচড়া-বি, শাকবিঃ commelyna bengalensis. "কাঁ০ ক্ষুদের জাউ রান্ধিহ যতনে।"-কবিক০]।

কাঁচপোকা [নীলবর্ণ কাচের মত উজ্জ্বল বলিয়া] বি, চকচকে নীলবর্ণের বোলতা-জাতীয় পতঙ্গ (ইহাদের লেজে যে সকল শক্ত আংটির মত আবরণ থাকে তা কাটিয়া মেয়েরা টিপ তৈয়ার করিয়া কপালে পরে)।

কাঁচল, **-লা** [সং-কঞ্চুলী, কঞ্চুলিকা] বি, স্ত্রীলোকের বুকের আবরণ ; কাঁচুলি। "উরস কমলে কাঁ০ বাঁধিয়া"-অশোক০। "বিচিত্র কাঁ০ বান্ধা বুকের উপর।"-শি০। "অতনু কাঁ০ উপায়।"-বি০ প০।

কাঁচলি, **কাঁচুলি** [সং-কঞ্চুলী,-কঞ্চু-লিকা] বি, স্তনাংশুক ; স্ত্রীলোকের বুকের আবরণ ; স্তনাচ্ছাদক বস্ত্রবিঃ। "লাক্ষার কাঁ০ চমকে বিজুলি।" "তারা পশ্চিমে ছিল, তাই কাঁ০ পরে।"-দীনবন্ধু।

কাঁচা১-কেঁচা দ্রঃ।

কাঁচা২ [হিং-কচ্চা। বিপরীতার্থক শব্দ পাকা, হিং-পকা। অধুনা অফিস আদালতা-দির ইং কাগজ পত্রে এই শব্দ চলিয়া গিয়াছে। ইং-kachcha, kuchcha. দ্রঃ- "incorrectly kacha or kucha, and corruptly cutcha, kutcha, kancha, kachi.—raw, unripe immature, crude. —*Wilson*. তুল-a kachcha road. সং-কাঞ্চা (বন্ধনে ; তা হতে শিথিল বা আঁটহীন ও অস্থায়ী বন্ধনে)] বিণ, শিথিল ; ঢিলা ; এলো। প্র-কাঁচা পাকের সূতা ; কাঁচা শেলাই। ২ মাটির বা কাদার, রৌদ্রে শুকান ইটের (আগুনে পোড়ান বা পাকা ইটের নয়)। কাঁচা গাঁথনি ; কাঁচা ঘর। ৩ কোমল ; নরম ; কচি ; তরুণ ; অল্প। প্র-কাঁচা বয়স। ৪ গাছ-পাকা নহে ; অপক্ব। প্র-কাঁচা আম। ৫ আগুনে পাক করা নহে ; অসিদ্ধ ; অরন্ধিত। প্র-কাঁচা দুধ, কাঁচা তরকারী। ৬ অপরিণত। প্র-কাঁচা বুদ্ধি। ৭ অস্থায়ী ; ভঙ্গপ্রবণ ; পরিবর্ত্তন-শীল। প্র-কাঁচা কথা। কাঁচা ফর্দ্দ (তুল-পাকা কথা ; পাকা বন্দোবস্ত ই০)। ৮ অদক্ষ ; অনিপুণ ; অচতুর। প্র-কাঁচা লোক ; কাঁচা ছেলে। ৯ যা টিকে না ; যা উঠিয়া যায়। প্র-কাঁচা রং। ১০ অমিশ্র ; নির্ম্মল। প্র-কাঁচা সোনা। ১১ অসিত ; অশুভ্র ; কাল। প্র-কাঁচা চুল। ১২ আপোড়া ; আমা। প্র-কাঁচা ইট। ১৩ অশুষ্ক। প্র-কাঁচা কাঠ। ১৪ লঘু ; অপ্রশংসনীয় ; অকুশল। প্র-কাঁচা কাজ। ১৫ [হিং-কাঁচি, কাচ্চা] ওজনে বা পরি-মাণে কম ; হাল্কা। প্র-কাঁচা সের। ১৬ পশ্চাৎপদ ; অল্পজ্ঞানবিশিষ্ট ; স্বল্প শিক্ষিত। প্র-ছেলেটি ভূগোলে বড় কাঁচা।

১৭ অনায়াসলব্ধ। প্র-তার কাঁচা পয়সা কিনা তাই পয়সায় তেমন মায়া নাই। ১৮ [সং-কাঞ্চ্ বন্ধন করা। তুল-কাঁচনি-পুঁথি বন্ধনের ডুরী (জ্ঞানদাস)] ক্রি, বন্ধন করা। "কুচ কাঁচলকো বিফল কাঁচে।"-বি° প°। **কাঁচা ইঁট**-রৌদ্রে শুষ্ক ইষ্টক ; আপোড়া বা আমা ইঁট। **কাঁচা কথা**-যে কথা থাকে না (তুল-পাকা কথা যার নড়চড় হয় না)। ২ খেলো কথা ; অসার বাক্য। **কাঁচা কলা**-কাঁচকলা দ্রঃ। **কাঁচা কাঁচা**-কাঁচাটে (দ্রঃ)। **কাঁচা কাঠ**-ভিজে কাঠ। ২ অসার কাঠ ; মজবুত করা নয় unseasoned. **কাঁচা ঘুম**-ঘুমের ঘোর যখন আছে ; ঘুমের ঝোঁক না কাটিবার অবস্থা। **কাঁচা জল**-যে জল গরম করা হয় নাই। **কাঁচা টাকা**-নগদ টাকা।

কাঁচাটিয়া [ক্ষে° কাঁচাটে (গ্রা°)- কাঁচা-আটিয়া (সাদৃশ্যার্থে)] বিণ, কাঁচার মত ; প্রায় কাঁচা। **নাক দিয়া কাঁচা জল ঝরা**-সর্দ্দির প্রথমাবস্থায় তরল শ্লেষ্মা নির্গত হওয়া। **কাঁচা পাড়**-কাপড়ের যে পাড় বা কিনারার রং ধোপ পড়িলে উঠিয়া যায়। ২ জলাশয়ের ধার বা ঘাট যা ইট বা পাথর দিয়া পাকা করিয়া বাঁধান নয়। **কাঁচা বাড়ী**-মেটে বাড়ী ; মাটির ও বাঁশের দেওয়াল এবং খড়ের বা খোলার চাল দেওয়া বাড়ী [ইং-kachcha building. "a kachcha building is one built of earth as opposed to brick or stone vide kham (which is the persian equivalent and more commonly used in official parlance').—*A Glossary of Vernacular Judicial and Revenue terms.* **কাঁচা মাংস**-অরন্ধিত মাংস ; অপক্ক মাংস [পাকা মাংস ইহার বিপরীত নয়। পাকা মাংসের বিপরীত 'কচি' মাংস] **কাঁচা মাল**-বি, যে সকল কৃষিজাত ই° দ্রব্য স্বাভাবিক অবস্থাপন্ন বা অসংস্কৃত বা অনির্ম্মিত raw or unmanufactured materials. **কাঁচা রাস্তা**-মেটে রাস্তা ; পাথর, কাঁকর, শুরকী ই° দিয়া পাকা করা বা বাঁধান রাস্তা নয় ["a kachcha road is an unmetalled as opposed to a metalled one."—*Glossary*] **কাঁচা লেখা**-অনভ্যস্ত হস্তলিপি। ২ বাঁধুনিহীন রচনা। **কাঁচা সির্দ্দী**-সর্দ্দীর প্রথম বা তরলা-বস্থা ; যে অবস্থায় শ্লেষ্মা জমাট্ বাঁধে নাই। **কাঁচা হাট** [প্রাদে°] বি, শাক-সব্জীর হাট। **কাঁচা হাট করা**-শাক-সব্জী কেনা। **কাঁচা হাত**-অশিক্ষিত ; অদক্ষ ; অনিপুণ হস্ত ; শিক্ষানবীশের হাত।

কাঁচা$_{৩}$ [হিং কচ্না। কাঁচান দ্রঃ] ক্রি, কাঁচার ভাব প্রাপ্ত হওয়া ; কাঁচিয়া যাওয়া। ২ পণ্ড হওয়া। "সমস্তই যদি এক মুহূর্ত্তে কাঁচিয়া যায়।"-দ্বি° ঠা°। ৩ পূর্ব্ব সঙ্কল্প বা উদ্দেশ্য বা প্রতিশ্রুতি ভঙ্গ হওয়া।

কাঁচা$_{৪}$ [কাঁচা দ্রঃ] ক্রি, বন্ধন করা। "কুচ কাচলকো বিফল কাঁচে।"-বি° প°।

কাঁচা$_{৫}$ [প্রাদে° যশোহর, নিম্ন (কথ্য)] বিণ, নিবিড় জঙ্গলপূর্ণ। "কাঁচা বাদা।"

কাঁচাগোল্লা [কাঁচা (নরম পাকের বলিয়া)-গোল্লা (গোলাকার মিষ্টান্নবিঃ)] বি, স্বনামপ্রসিদ্ধ পাকবিশেষের সন্দেশ (নাটোরের কাঁচাগোল্লা বিখ্যাত)। "পাত্রের দল * * ক্ষীরের ছাঁচ, নারিকেলের মিষ্টান্ন ও নাটোরের কাঁ° খাইয়া গেল।"-গল্পগুচ্ছ (রবী°)।

কাঁচানি [কাঁচার ণিজন্ত রূপ] ক্রি, কাঁচা করা ; পুনরায় পূর্ব্বাবস্থা প্রাপ্তি করান ; কার্য্য-সিদ্ধিপক্ষে বহুদূর অগ্রসর হইয়া সমস্ত পণ্ড করা ; পরিণতি-প্রাপ্তির মুখে অপূর্ণ অবস্থায় প্রত্যাবর্ত্তন করান। "ও তুই ঘর না বুঝে বস্‌তে পেরে কাঁচালি পাকা ঘুটি।" -দাশরথি°।

কাঁচামিঠা [কাঁচা-মিঠা (মিষ্ট)] বি, যা কাঁচা অবস্থাতে মিষ্ট ; স্বনামখ্যাত আম্র-বিঃ। "ছোট্টটী গোলাপজাম মেজো৹ কাঁ° আম।"-চন্দন°।

কাঁচি$_{১}$ [সং-কাঞ্চী] বি, গুঞ্জা ; কুঁচ। "কাঁচি দিয়া কৈল মান ষোল রতি দুই ধান।" -কবিক°। ২ মোটাসূতার ঘন বুনানির কাপড় ; কাঁচি কাপড়। ৩ [প্রা° বাং] চন্দ্রহার ; কাঞ্চি। **~চর** [প্রাদে° ময়মনসিং] বি, নূতন চর।

কাঁচি$_{২}$, কাঁচী [হিং-কঁইচী-কঁচ্ কঁচ্ শব্দকারী কর্ত্তনী। চট্ট° প্রাদে° কেঁচি] বি, ছেদনের অস্ত্র ; কর্ত্তরিকা ; ছেদনী scissors. **~সিগারেট**-কাঁচি-চিহ্নিত ছোট চুরুট।

কাঁচী [হিং-কচ্চা, কঁচ্চা। স্ত্রীং কঁচ্চী] বিণ, অপক্ব। ২ অসিদ্ধ। ৩ অপূর্ণ ; কম ; ছোট। প্র-কাঁচী ওজন ; কাঁচী সের ; ইহার বিপরীত পাকী (হিং-পক্কী)।

কাঁচুমাচু [কুঞ্চন, সংকোচন] বিণ, অপ্রসন্ন। ২ ক্রি-বিণ, সঙ্কোচভাব ; এই অর্থে কাঁচুমুচু।

কাঁচুয়া [হিং-সং-কঞ্চুক] বি, কাঁচ্‌লি ; কাঁচুলি। "কাঁ° ধরব যব হঠিয়া।"-বি° প°।

কাঁচুলি [সং-কঞ্চুলিকা > কাঁচুলিআ > কাঁচুয়া, কাঁচুলী-কুচ (স্তন) আবরণী] বি, নারীবক্ষ বা স্তনাবরক বস্ত্রবন্ধনী বা কুর্ত্তি ; আঙিয়া।

কাঁচে-কাচ্চা$_{২}$ দ্রঃ।

কাঁচ্চা-বি, সিকি ছটাক।

কাঁজি [সং-কাঞ্জিক] বি, পর্য্যুষিত অন্নের অম্ল জল ; আমানি ; বাসি ভিজে ভাতের চুকা জল ; পান্তাভাতের জল। "পাঁচ মাসে কাঁজি করঞ্জায় যায় মন। ছয় মাসের বেলা তারে না রুচে ওদন॥"-কবিক°। **নামে গোয়ালা কাঁজি ভক্ষণ**-যে গোয়ালা হইয়াও দুধ খাইতে পায় না, কাঁজি খাইয়া থাকে, সে গোয়ালা নামে মাত্র। ২ (>) নামের উপযুক্ত আচরণ না থাকিলে ইহা বলা যাইতে পারে।

কাঁট [প্রাদে° উচ্চারণভেদে কোঁট। অশ্লীল] বি, ভগাঙ্কুর, যোনিদ্বারের উপরিস্থিত সূক্ষ্মাগ্র ক্ষুদ্র মাংসপিণ্ডবিঃ।

কাঁটা [সং-কণ্টক ; হিং-কাঁটা। পূ° ব° প্রাদে°। চ° ক° ভা°-কেঁটা, কেঁড়া। "কেঁড়া দূর করিতে তারা চিন্তিল উপায়।"-পূ° ব° গী°] বি, সূচী ; সূচ্যগ্র। ২ মৎস্যের সূক্ষ্মাগ্র বা সূচাল অস্থি। "মাছের কাঁটা পায়ে ফুটেছে দোলায় চেপে যাই।"-ছেলেভুলান ছড়া। ৩ গাছের কাঁটা ; (কুল, বাবুল, বেল ই° গাছের গাত্রে উদ্‌গত সূচী)। "কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে।"-স° শ°। "কণ্টকের বনে গেলে কাঁটা ফোটে পায়।"-বাং গান।

৪ লৌহকীলক ; লোহার কাঁটা। প্র-জুতায় কাঁটা মারা। দুমুখো কাঁটা দিয়ে তক্তা জোড়া। ৫ ঘড়ির লৌহসূচী ; ঘড়ির কাঁটা। প্র-কাঁটায় কাঁটায় বারটা বাজিল। ঘড়ির কাঁটা ঘুরান। ৬ লৌহ বা পিত্তলাদি-নির্ম্মিত বৃহৎ মানদণ্ড ; ভারী জিনিস ওজন করিবার মত তুলাদণ্ড ; ঐ দণ্ডের মধ্যভাগের কাঁটার মুখ তার উপরিস্থিত কাঁটার মুখের সহিত মিলিত করিয়া ওজন করিতে হয় বলিয়া এই নাম। ৭ বড় নিক্তি ; ডাকঘরের ব্যবহার্য্য পার্শেল ইং ওজন করিবার তৌল। ৮ কাঁটায় সূক্ষ্ম ওজন হয় বলিয়া] ওজন দর ; (>) বাজার দর। ৯ ["লোমহর্ষে চ কণ্টকঃ।" -অমর০] লোমহর্ষ ; রোমাঞ্চ। প্র-গায়ে কাঁটা দেওয়া, জিহ্বায় কাঁটা বাহির হওয়া। ১০ খোঁপায় গুঁজিবার কাঁটা ; গুঁজী; সজারুর কাঁটা যা মাথায় গুঁজীর মত ব্যবহৃত হয়। ১১ য়ুরোপীয় প্রথায় আহার করিবার কালে মাংসাদি ভোজ্যদ্রব্য চাপিয়া ধরিয়া ছুরী দিয়া কাটিবার ও বিঁধিয়া মুখে তুলিবার কাঁটা fork. ১২ যা কিছু বিদ্ধ হয় তাই কাঁটা ; খোঁচা বা পীড়াদায়ক যা কিছু তাই কাঁটা ; যন্ত্রণার হেতু। প্র-জলের কাঁটা। জল কাঁটা-ভাঙ্গা-গোছ গরম করা। ১৩ শত্রু। প্র-কুসন্তান মায়ের পেটের কাঁটা। ১৪ বিঘ্ন ; প্রতিবন্ধক। প্র-পথের কাঁটা। **কাঁটা করা**-কাঁটায় ওজন করা। **কাঁটা-কাঁটা** -কণ্টকিত। **কাঁটা-খোঁচা** [সহচর শব্দ (খোঁচা কাঁটা অপেক্ষা বড় এবং অপেক্ষাকৃত স্থূল) খোঁচা বা গোঁজা] বি, কাঁটা এবং খোঁচা ; প্রতিবন্ধক। "উভমুখে সাধু ধায়, কাঁটা খোঁচা ফুটে পায়।"-কবিক০। **কাঁটার কুড়**-কাঁটার কুল বা রাশি ; যা কাঁটায় পূর্ণ। প্র-চাঁদা মাছ কাঁটার কুড়। **কাঁটা-গুড়চাউলী**-কাকমাচি। **কাঁটা-চামিচ, -চামচে**-ছুরী কাঁটা ; য়ুরোপীয় প্রণালীতে ভোজনকালে ব্যবহার্য্য তেকড়্‌কা, চার-কড়্‌কা ধাতুময় বেধনাস্ত্র (fork) ও চামচ (spoon) ; fork and knife. **কাঁটা-চামচে ধরা**-সাহেবী খানা অভ্যাস বা আরম্ভ করা ; সাহেবী চালে ভোজন করা। **কাঁটায় কাঁটায়**-ঠিক ; কমবেশী নহে ; যথানিয়ম ; যথাসময় punctual. প্র-তার কাজ সব কাঁটায় কাঁটায় হওয়া চাই, একটু এদিক্ ওদিক্ হলেই সর্ব্বনাশ। **কাঁটা তোলা**-যে কাঁটা বিঁধিয়া আছে বা ফুটিয়া আছে তা বাহির করা। **কাঁটা দেওয়া** (গায়ে)-ক্রি, রোমাঞ্চ হওয়া ; অঙ্গ কণ্টকিত হওয়া ; শীতে বা ভয়ে গায়ের লোম কাঁটার মত দাঁড়াইয়া উঠা। "কদম্ব কুসুম সম অঙ্গে কাঁটা দিল। থরথরি সব অঙ্গ কাঁপিতে লাগিল॥"-গোবিন্দদাসের কড়চা। ২ বিঘ্ন ঘটান। **পথে কাঁটা দেওয়া**-পথে কাঁটা বসাইয়া পথ বন্ধ করা ; পথ চলা বন্ধ করা ; আসা যাওয়া রহিত করা। **কাঁটা দিয়া কাঁটা তোলা বা বাহির করা** -শত্রু দ্বারা শত্রু নাশ করা। **কাঁটানিটিয়া** -কাটা শাকবিঃ ; কাঁটানটে amarantus spinosus. **কাঁটাফোট**-কাঁটা বিঁধিয়া যাওয়া। **চোরকাঁটা** [দেখিতে কাঁটার মত নহে অথচ অলক্ষিতে কাপড়ে তাহার ফুল বিঁধিয়া যায় বলিয়া এই নাম। সং-চোরপুষ্পী] ঘাসবিঃ ; যার ধানের শীষের মত লম্বা ডাঁটায় ফুল হয় andropogon aciculatus. **শিয়াল কাঁটা**-কণ্টকযুক্ত ক্ষুদ্র গুল্ম বিঃ argemone mixicana. **পদ্মকাঁটা**-যে রোগে পদ্ম-ডাঁটা কণ্টকিত মৃণালের মত গায়ে কাঁটা কাঁটা হয় ; রোমমূল স্ফীত হইয়া লোহিতবর্ণ হয় এবং তা স্পর্শে বেদনা অনুভূত হয়।

কাঁটাকুড় [কাঁটা-কুড় (কুল-স্তূপ)] বি, কাঁটার রাশি। ২ এঁটো কাটা ফেলিবার স্থান। ৩ কাঁটা গাছে পরিপূর্ণ স্থান ; গহন।

কাঁটানিটিয়া [গ্রা০-কাঁটানটে] বি, কণ্টকময় নটিয়া শাক।

কাঁটাল, কাঁঠাল, কাঠাল [সং-কণ্টকীফল। গ্রা০-ক্যাটাল, গ্রা০ বাং-'কাঠোয়াল'] বি, পনস ; কাঁঠাল ফল। ২ [কাঁটা+ল (যুক্তার্থে)] বিণ, কণ্টকময় ; কাঁটাযুক্ত। **কাঁটালিয়া, কাঁটাল্যা**-কাঁটাবিশিষ্ট ; কাঁটাল ফলের উপরিভাগের মত। প্র-কাঁটাল্যা বসন্ত। **কাঁঠালের আমসত্ত্ব** [কাঁঠালের রস হতে কাঠালসত্ত্বই হতে পারে, তাকে আমসত্ত্ব বলা যেতে পারে না, বলিলে ভুল বা মিথ্যা বলা হয়] বি, ভুল নামকরণ; মিথ্যা নাম দেওয়া ; অপনাম ; বে-থাপ ; অপপ্রয়োগ। "দুঃখের বিষয় তাহাদের এ উদ্যম কাঁঠালের আমসত্ত্বের ন্যায় নিতান্তই বে-খাপ হইয়া উঠিয়াছে।"-প্রবাসী, ৪র্থ ভাগ, ৭ম সংখ্যা।

কাঁটালি কলা [কলা দ্র০] বি, রম্ভাবিঃ।

কাঁটাসিজ-বি, কণ্টকবিঃ ; ইহা চৌশিরা, গায়ে লম্বা লম্বা কাঁটা আছে।

কাঁটী, -টি, -ঠী [সং-কণ্ঠী-কণ্ঠ-রেখা] বি, লৌহনির্ম্মিত বর্ত্তুলাকার দ্রব্য, যা মৎস্য ধরিবার জন্য যে জাল বোনা হয়, তাতে ব্যবহৃত হয়। পূ০ বঙ্গে 'জালের কাঠী' বলে। ২ শুকপক্ষীর গলদেশস্থিত রেখা। প্র-চন্দনা পাখীর গলায় কাঠী দেখা দিয়াছে। ৩ সর্পের গলার রেখা। ৪ কণ্ঠমালার এক একটী দানা।

কাঁড়১ [সং-কাণ্ড (বর্গ অর্থাৎ সমূহ অর্থে) বৃহদর্থে কাড়া, ক্ষুদ্রার্থে কাঁড়ি] বি, রাশি ; স্তূপ ; ঢের। স্ত্রী০ **কাঁড়ি**। "এনেছি হরিণ দিয়া দধি এক হাঁড়ি। তাহা দিয়া খায় বীর ভাত তিন কাঁড়ি॥"-কবিক০। ২ [সং-কাণ্ড (দণ্ড অর্থে)] দণ্ড ; লাঠি ; লগুড়। প্র-তালের কাঁড়। ৩ বংশদণ্ড ; বাঁশ। ৪ [বংশ-নির্ম্মিত ও বংশাকার বলিয়া] পাত্রবিঃ ; বাঁশের চোঙ্গা ; কেঁড়ে।

কাঁড়২ [সং-কাণ্ড, কোদণ্ড] বি, কাণ্ড ; বাণ ; তীর। "ধাবড় পাথর বাড় জোড়ে চৌখণ্ডিয়া কাঁড় বাঁশে বান্ধা হাড়িয়া চামর।" -কবিক০। ২ [বাণনিক্ষেপক] ধনুক ; বাঁশের ধনুক। "মালে করে মালাম চোয়াড়ে লোফে কাঁড়।"-ভারত০। "আশী গণ্ডা বাজে ঢোল তের কাহণ সাজে কোল, কাঁড় ধরে তিন তিন কোটী।"-কবিক০। ৩ [বাঁকুড়া প্রদে০] যতদূর তীর যায় arrow-shot "এক কাঁড় তফাৎ।" **পাতন-কাঁড়**-যে ধনুক বনে পাতিয়া রাখিলে যন্ত্রবলে হিংস্রজন্তু শরবিদ্ধ হয় ; স্বতশ্চল ধনুকাস্ত্র automaton. "তিনটী পাতন-কাঁড় দিল জামাতারে।"-কবিক০।

কাঁড়ন [সং-কণ্ডন] বি, নিস্তুষকরণ ; ভানন ; ছাঁটন। ২ নিষ্পেষণ। ক্রি ; কাঁড়া।

কাঁড়রা [হিং-কণ্ডরা=মোটা নাড়ী। হিং-কড়ুঙ্গা=মোটা] বিণ, স্থূল ; মোটা ; হৃষ্টপুষ্ট।

কাঁড়া১ [সং-কণ্ডিত ; প্রাকৃং-কাড়ংত (হেং)] বিণ, পরিষ্কৃত ; নির্ম্মলীকৃত। প্র-কাঁড়া চাল, আকাঁড়া চাল।

কাঁড়া২ [সং-কণ্ড্ (নিস্তুষ করা)। কাঁড়ি। কাঁড়, কাঁড়ুন, কাঁড্। কাঁড়ে। অস-ক্রি-কাঁড়িতে, কাঁড়িয়া, কেঁড়ে (গ্রা০)। ণিজন্ত-কাঁড়ান] ক্রি, কণ্ডন করা ; ভানা ; ছাঁটা ; কুট্টিত করা। প্র-চাল কাঁড়া। ২ [প্রাদেং কাড়া দ্রঃ] বুলি বলে ; ডাক ছাড়ে ; বাহির করে। "কাকের বাসায় কোকিলের ছানা জাত অনুসারে কাঁড়ে রা॥"-প্রবাদ। ৩ বিণ, কণ্ডিত ; কুট্টিত ; ছাঁটা। "ভিক্ষার চাল, কাঁড়া আর আকাঁড়া।"-প্রবাদ।

কাঁড়া৩ [প্রাদেং। কাঁড়া (পটহ) ফাং-দার (ওয়ালা)] বি, কাড়া২ দ্রঃ। ~দাড় পটহবাদক।

কাঁড়াদাস [আকাঁড়া দ্রঃ] বি, অপরিণতবয়স্ক মূর্খ অথচ গোঁয়ার লোক। **~বাবাজী** [বিদ্রূপার্থে] মূর্খ-গোঁয়ার-অর্ব্বাচীন।

কাঁড়ান১ [সং-কণ্ডন] বি, পরিষ্কার করণ ; নিস্তুষ করণ ; ভানন। "কাড়ানের কালে আসি করিলেক ভঙ্গ। মাঠে পেয়ে মাছি ডাঁস মাচাইল জঙ্গ॥"-শিং।

কাঁড়ানি২ [কাঁড়া ধাতুর ণিজন্ত রূপ। কাঁড়াই, কাঁড়াও, কাঁড়ায়। অস-ক্রি-কাঁড়াইতে, কাঁড়াইয়া, কাঁড়িয়ে (গ্রা০)] ক্রি, কণ্ডন করান। বি, কাঁড়ানি।

কাঁড়ার [সং-কাণ্ডার >] বি, হাইল। "ভয়ঙ্কর অন্ধকারে চাক ভাউরি ফিরে কাং রাখন নাহি যায়॥"-মনসাং (বংশী)।

কাঁড়ারা [সং-কাণ্ডারী > কাঁড়ারি (দ্রঃ)-রা] বি, প্রধান মাঝি ; কাপ্তেন।

কাঁড়ারি [কাণ্ডারী >] বি, কাণ্ডারী ; কর্ণধার ; মাঝি। "কখন ঘেটেল কখন কাং। কখন খেটেল কখন ভাঁড়ারী॥" -ভারতং।

কাঁড়ি,-ড়ী [সং-কাণ্ড] বি, স্তূপ ; রাশি ; ঢেরী। "সারি সারি হাঁড়ি হাঁড়ি কাঁড়ি করে কোলে।"-ঈং গুপ্ত। ২ তালকাণ্ড ; তাল-গাছের সারাংশ ; তালের কাঁড়ি। "তালর কাঁড়ি লাগে গুআর বাখারি।"-শূং পুং। ৩ [কাঁড়া দ্রঃ] ক্রি, কণ্ডন করি ; নিস্তুষ করি। প্র-চাল কাঁড়ি, ডাল কাঁড়ি। **~ঘঁর** [মুর্শিং প্রাদেং] বি, তালকাণ্ড বা তালের কড়ি ও খুঁটি দিয়া নির্ম্মিত ঘর।

কাঁঢ়ার-কাণ্ঢার দ্রঃ।

কাঁত-কাথ দ্রঃ।

ˋকাঁতড়া-কাঁথডা দ্রঃ।

কাঁতি [সং-কান্তি ; প্রাকৃং-কাঁতি, কাত্থি। প্রা০ বাং-কাতি, কাঁতী] বি, কান্তি, শোভা ; লাবণ্য। "কনয়া নিকষ তোর দেহের কাঁতী।"-শ্রীং কীং। "দশনকাঁতি মুকুতা-পাঁতি।"-চণ্ডীং। "কাঞ্চনকাঁতি বরণ।" -জ্ঞানং। "বরকমল-কাঁতি জিনি কামিনী।" -বিং পং। "নবীন জলদ-কাঁতি।"-কবিকং।

কাঁথ [সং-কন্থা-"মৃন্ময়ভিত্তৌ" (২) তথা "প্রাবরণান্তরে।"-মেদিনীং। গ্রাং-কাঁত (থ=ত)] বি, মৃন্ময় ভিত্তি। "চাল জলে পড়ে চারি পাট কাঁত গলে। চারিটা গলিত ভিত্তি পড়ে মহীতলে॥"-কবিকং। ২ প্রাকার ; প্রাচীর ; দেওয়াল। "ঘৃত দিয়া সাত ডোরা, কাঁথে দিল বসুধারা, কৈল নান্দীমুখের বিধান।" -কবিকং। "কাঁথ ভাঙ্গি যাই যদি দেহ অনুমতি।"-ঐ।

কাঁথড়া [কাঁথ দ্রঃ। 'কাতড়া' ওং] বি, ভগ্ন প্রাচীর ; ভাঙ্গা বাড়ীর দেওয়াল। ২ কাঁথ বা প্রাচীরের আদরা বা আদল। **~পুরী**-জীর্ণ গৃহ বা কুটির।

কাঁথা [সং-কন্থা। গ্রাং-কাঁতা, ক্যাঁথা, ক্যাঁতা, ক্যাথা] বি, জীর্ণ বস্ত্র-রচিত আস্তরণ ; কন্থা ; শীতবস্ত্রবিঃ। "ঝুলি কাঁথা বাঘ ছাল সাপ সিদ্ধি লাড়ু।"-ভারতং।

কাঁথি [কাঁথ দ্রঃ] বি, প্রাচীর ; দেওয়াল। ২ নদীর উঁচুপাড়। কাঁথি [কাঁতি দ্রঃ]।

কাঁথী [কাঁথি দ্রঃ] বি, আড়ুরি ; নদীর উচ্চ তীর।

ˋকাদি১ [কাঁদা দ্রঃ। মং পুং অনুজ্ঞা] ক্রি, তুমি ক্রন্দন কর। মং পুং কাঁদ্ (তুচ্ছার্থে)।

কাদ২ [কাঁদ + উয়া >] বিণ, ক্রন্দনোন্মুখ। **~কাঁদি**-কাঁদিবার মত ; অশ্রুপূর্ণ।

কাঁদ৩ [কাঁধ দ্রঃ] বি, স্কন্ধ।

কাঁদন [সং-ক্রন্দন। কান্না দ্রঃ] বি, রোদন ; বিলাপকরণ ; অশ্রুমোচন। ক্রি, কাঁদা।

কাঁদিনি [কাঁদুনি দ্রঃ] বি, বিলাপোক্তি ; কাতর বাক্য। ২ সর্পবৈদ্য বা সাপুড়েদিগের গীত-বিঃ। "এখনি ধরিত সাপ কাঁং গাহিয়া।" -ভারতং।

কাঁদঁর [প্রাদেং-কান্ধার >, গ্রাং] বি, বন বা পর্ব্বতপ্রান্তস্থ রুদ্ধস্রোত জলনালা।

কাঁদরাই [প্রাদেং] বি, লাল শতপদী ; সহস্রপদী ; কেন্নাই centipede, millipede.

কাঁদা [সং-স্কন্ধ হতে পার্শ্ব > কিনারার ভাব। কাঁধা দ্রঃ] বি, কূল ; তীর ; কিনারা। ২ [সং-ক্রন্দন] ক্রন্দন ; কান্না। "আমি জনমে মরণে কত কাঁদা কেঁদেছি॥"-বিহারীং সরকার। ৩ ক্রি, ক্রন্দন করা ; রোদন করা। **~কঁকান**-চোখের জল ফেলা ও কাকুতি-মিনতি করা। প্র-অনেক কেঁদে ককিয়ে শেষে তাকে রাজী করেছে।

কাঁদাকাঁদি১, -কান্নাকান্নি-এক-জনের বা একপক্ষের কান্না শুনিয়া অন্যের বা অন্য পক্ষের ক্রন্দনে যোগদান। **কাঁদা-কাটা, কাঁদাকাটি** [কাটা কাঁদার সহচর শব্দ। কান্না দ্রঃ] কান্নাকাটী বা কান্নাকান্নি ; ক্রন্দন ও বিলাপ। "বৌমা কেঁদে কেটে ছুটে বড়বাবুদের বাড়ী খবর দিতে গেলেন।" -অমৃতং বসু। ২ অনুযোগ। ৩ উপরোধ ; অনুরোধ। ৪ কাঁদা ও মাথা খোঁড়া ; কপাল বা বুক চাপড়ান। **কাঁদা রাঁধা** [রন্ধনের ধূমে চোখে জল পড়ার ভাব] কাঁদা ও তৎসঙ্গে অভিমান প্রকাশ ও আক্ষেপ করা (স্ত্রীপক্ষে)। প্র-মেয়ে কেঁদে রেঁধে একাকার করচে। **কঁকাইয়া কাঁদা**-শিশুর দম আটকাইয়া যাইবার মত ভাবে উচ্চৈঃস্বরে ক্রন্দন করা। **কাঁদিয়া কাটিয়া এক করা**-কাঁদিয়া মাথামুড় খুঁড়িয়া একমাত্র কান্নাকান্নিরই ব্যাপার করিয়া তুলা। **কাঁদিয়া হাট করা**-চীৎকার করিয়া কাঁদা এবং

কাঁদিয়া লোক জড় করা। বি, কান্নাহাটি। গুমরিয়া কাঁদা-রুদ্ধকণ্ঠে বা কান্না চাপিবার চেষ্টা করিয়া কাঁদা। ঘ্যান্ ঘ্যান্ বা ঘ্যানর ঘ্যানর করিয়া কাঁদা-অবিরাম বিরক্তিকর ক্রন্দন করা; ক্রমাগত সুর করিয়া কাঁদা। ডুকরিয়া বা ফুকারিয়া কাঁদা-ডাক ছাড়িয়া বা উচ্চৈঃস্বরে কাঁদা। নাকে কাঁদা-অনুনাসিক স্বরে কাঁদা। ২ বায়না ধরা। প্যান্ প্যান্ করিয়া কাঁদা-সামান্য কারণে চোখের জল ফেলিয়া বিলাপ করা। ফুঁপাইয়া বা ফুলিয়া ফুলিয়া কাঁদা-নির্ব্বাক্ ক্রন্দনকালে রুদ্ধ শ্বাস হেতু মধ্যে মধ্যে বক্ষ স্ফীত হওয়া এবং দীর্ঘশ্বাস ত্যাগ করা। ফোঁস্ ফাঁস্ বা ফ্যাঁস্ ফ্যাঁস্ করিয়া কাঁদা-অনুচ্চস্বরে এবং দীর্ঘশ্বাস সহ কাঁদা। বিনাইয়া, ইনাইয়া বিনাইয়া কাঁদা-বিবিধ বিলাপ করিতে করিতে কাঁদা। "পতিশোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে।"-ভারত০। বেঁউরিয়া বা বেঁউরে কাঁদা-হঠাৎ আতঙ্কে ভয়কম্পিত-স্বরে কাঁদিয়া উঠা (শিশুর)।

কাঁদাকাঁদি২ [সং-স্কন্ধাস্কন্ধি-কাঁধাকাঁধি, ধ=দ (গ্রা০)] বি, কাঁধা দ্রঃ।

কাঁদাড়ি [সং-কান্ধার-কাঁধার-কাঁদার (গ্রা০)] বি, জুলী; নালী; ছাঁচের জল যাইবার নালী। ২ গুচ্ছ। ৩ যন্ত্রবিঃ।

কাঁদানি [কাঁদা ধাতুর ণিজন্ত রূপ] ক্রি, ক্রন্দন করান; কাঁদিতে বাধ্য করা; কাঁদাইয়া দেওয়া।

`কাঁদাল [গ্রা০-কেঁদেল। কাণ্ড-আল] বিণ, মোটা; কোঁৎকা। প্র-কেঁদেল লাঠি। ২ [কাঁধ-আল] বি, কাঁধের আড়াল বা পশ্চাৎ। প্র-কাঁদাল দিয়ে চলে গেল।

`কাঁদি, `কাঁদী [সং-স্কন্ধ=সমুদয়-তা হতে বৃক্ষের স্কন্ধদেশে লম্বিত এক বৃন্তস্থ বা এক ছড়ার সমুদয় ফল] বি, ফলের গুচ্ছ; স্তবক; থোবা। "হাত দিলে ধুলা উড়ে যেন কেন্না কাঁদী।"-ভারত০। প্র-কলার কাঁদি; এক কাঁদি ডাব। `কাঁদাকাঁদি [স্কন্ধাস্কন্ধি] কাঁধাকাঁধি। ২ ক্রন্দন; কাঁদা; কান্নাকান্নি। গাছে না উঠিতেই এক কাঁদি-লক্ষ্য স্থানে পৌঁছিবার পূর্ব্বেই ফল প্রাপ্তি (বিদ্রূপোক্তি)। "এখনও কোদাল পড়ে নাই, গাঁতী চলে নাই-ইতিমধ্যেই এই গাছে না উঠিতেই এক কাঁদী।"-বসুমতী, ১৩১৮।

কাঁদুনি, -নী [সং-ক্রন্দন] বি, আবেদন-নিবেদন; কান্নার সুরে অনুযোগ বা অভিমান প্রকাশ। "চাউনি কর্ত্তার পানে কাঁ০ কাঁদিয়া।"-ঈ০ গুপ্ত। "কথার বাঁধুনী কাঁদুনীর পালা, চোখে নাহি কারো নীর।"-রবী০। ২ কান্নার সুরে গীত; সাপুড়ের গান।

কাঁদুনিয়া, কাঁদুনে-বিণ, যে বেশী কাঁদে। প্র-কাঁদুনে ছেলে। ছিঁচ্ কাঁদুনে-যে ছুঁইলে কাঁদে; যে সহজে বা সামান্য কারণে কাঁদে। নাকে কাঁদুনে, -কাঁদুনী-যে পুরুষ বা স্ত্রী নাকে কাঁদে। (নাক দ্রঃ)।

কাঁধ, কাঁদ [সং-স্কন্ধ-কন্ধ > (বৌ০ বাং প্রাকৃ০) কান্ধ > কাঁধ, কাঁদ। হি০-কন্ধা] বি, স্কন্ধ; কন্ধর; দেহের যে স্থানে ভার বহন করে shoulder. প্র-কাঁধে মাথা রাখা। ২ ঘাড়। ক্রি, কাঁধানি-কাঁধে করা। কাঁধ ছাড়ানি-কাঁধকে বিশ্রাম দিবার জন্য একজনকে সরাইয়া সেই স্থানে আর একজনের কাঁধ দেওয়া। কাঁধ দেওয়া-ভার বহনের জন্য প্রস্তুত হওয়া বা যোগ দেওয়া। ২ কাঁধে তুলিয়া লওয়া। কাঁধ বদলানি-কাঁধাকাঁধি দ্রঃ। পালাক্রমে কাঁধে লওয়া। কাঁধ-কাট-যে মৃতদেহ দাহ করিবার জন্য কাঁধে করিয়া লইয়া যায়; শববাহক।

কাঁধা [সং-স্কন্ধ, কান্ধার দ্রঃ] বি, কিনারা; ধার। ~করা, ~বহা-স্কন্ধে বহন করা। বিণ, যে স্কন্ধে বহন করে; পাল্কী, বাঁক ই০ বাহক। প্র-কাঁধা বহা বেহারা। ~কাঁধি-একজনের স্কন্ধে আর একজন, তাহার স্কন্ধে অন্যজন এইরূপ। ২ একাধিক ব্যক্তি কাঁধ বদলাইয়া বদলাইয়া কোন ভার বহন করা। ~দেওয়া-কোন ভার বহনে যোগ দেওয়া।

কাঁধাড়ি [কান্ধার, কন্ধর দ্রঃ] বি, পর্ব্বতের স্কন্ধ; পাহাড়ের ধার। ২ গৃহের পশ্চাদ্ভাগ।

কাঁধার [কন্ধর দ্রঃ] বি, কূল; কিনারা; ধার।

কাঁধেলী [হি০-কঁধেলী] বি, ঘোড়ার কাঁধের সাজ (ইহা হাঁসুলির আকারে, চামড়া, বনাত ই০ নির্ম্মিত)।

কাঁপ [সং-কম্প] বি, কম্প; কাঁপুনি। "দেখিয়া বীরের দাপ, অঙ্গে মোর হইল কাঁপ, বেগে আইনু মনে পেয়ে দুঃখ।"-কবিকং০। "কাঁপে হেরইতে দেহ মঝু থরহরি কাঁপ।" -বি০ প০। ২ [ঘুড়ি দ্রঃ] ঘুড়ির পেটী। ক্রি, ~া।

কাঁপই [ব্রজ০-কাঁপয়ে দ্রঃ] ক্রি, কাঁপে। "দুহুঁ তনু কাঁ০ মদনক বচনে।"-বি০ প০।

কাঁপন [সং-কম্পন; গ্রা০-কাঁপুনি] বি, কম্পন; নড়ন; থরথর করণ; লড়ন।

কাঁপয়ে [কাঁপই দ্রঃ] ক্রি, কাঁপে। "কাঁ০ দুরবল দেহ।"-বি০ প০।

কাঁপল [ব্রজ০] ক্রি, কাঁপিল। "থরহরি কাঁ০ লহুলহু ভাষ।"-বি০ প০।

কাঁপা [কাঁপ দ্রঃ।-কাঁপি। কাঁপ; কাঁপুন্; কাঁপ্; কাঁপে। অস-ক্রি-কাঁপিতে; কাঁপিয়া; কেঁপে (গ্রা০)। ণিজন্ত-কাঁপান] ক্রি, থরথর করা; লড়া। "কাঁপিতেছে ভ্রাতা-ভগ্নী, ভয়ে কণ্ঠগত প্রাণ।"-নবীন০ (প্রভাস)। বি, কাঁপন; কাঁপনি। গ্রা০-কাঁপুনি।

কাঁপানি [কাঁপা ধাতুর ণিজন্তরূপ। কাঁপাই। কাঁপাও। কাঁপায়। অস-ক্রি-কাঁপাইতে; কাঁপাইয়া, কাঁপইয়ে, কাঁপিয়ে (গ্রা০)] ক্রি, কম্পিত করে; লড়ায়।

`কাঁসির [সং-কাংস্য। হি০-কাঁসর] বি, কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্রবিঃ। ২ রোগবিঃ।

`কাঁসলা [প্রাদে০] বি, স্বর্ণকারের স্বর্ণ রৌপ্যের পাত হতে টোপ তুলিবার যন্ত্রবিঃ; বোর, পুঁটে ই০ পিটিয়া তৈয়ার করিবার সচ্ছিদ্র ছয়পল আকৃতি কাঁসার যন্ত্র।

`কাঁসা [সং-কাংস্য] বি, রাং ও তামা-মিশ্রিত ধাতু।

`কাঁসারি [সং-কাংস্যকার] বি, যারা

কাঁসার জিনিস প্রস্তুত করে ও তার ব্যবসায় করে।

কাঁসী [কাঁসা (কাংস্য)+ই (নির্ম্মিত অর্থে)] বি, কাঁসার কানা উঁচু থালাবিঃ। [বরিশাল অঞ্চলে ঐ পাত্রকে কেহ কেহ 'পাত্থি' বলে] ২ কাংস্য-নির্ম্মিত বাদ্য; কাঁসর। ~দার [ফাং-দার (ওয়ালা)] বি. বিণ, যে কাঁসী বাজায়; কাঁসী-বাদক।

কাহা, কাহঁা [হিং-কাঁহা। সং-কুত্র] অ, কোথা। "কাঁহা গোপবেশ কাঁহা নির্জ্জন বৃন্দাবন।"-চৈং চং। "কাহা নহি শুনিয়ে এমতি থাকার।"-বিং পং।

কাঁহাতক [হিং-কাঁহা=কোথা+তক্ (পর্য্যন্ত) কতদূর পর্য্যন্ত] ক্রি-বিণ. কোন্ সীমা পর্য্যন্ত। ২ কতক্ষণ পর্য্যন্ত; কতকাল। "এসব ত মাতা পুরাণ কাহিনী কাং রাখি স্মরি মা!"-দ্বিং রায়। "আমি কাং লুকিয়ে রাখবো?"-গিং ঘোষ (গৃহ-লক্ষ্মী)।

কাক১ [কু (কুৎসিত)-অক্ (গমন করা) +অ (র্ত্তৃ-অচ্-কু:ক+অক)=কাক; যে পাদ-বিকলতাবশতঃ কুৎসিতভাবে গমন করে] খঞ্জ। ২ [ক (জল) অক্ (গমন করা)+অ (ধি) যেখানে জল গমন করে] দ্বীপবিঃ। ৩ কড়ার চতুর্থাংশ; এক কড়ার চার ভাগে এক কাক; কাগ। ৪ ঈষৎজল; অল্পজল।

কাক২ [হিং-কা+ক (সম্বন্ধে)] কাহার; কার। "কান্ত! কাক-মুখে নাহি সংবাদই।" -বিং পং।

কাক৩ [ইং-cork] বি. কর্কগাছের ছালের ছিপি; ছিপি।

কাক৪ [সং। হিং-কৌআ। পুং-বঙ্গে-কেঅ। গ্রাং-কাগ। কা (কৈ=রব করা) অ (র্ত্তৃ)-যে 'কা' এই রব করে] বিঁ, কাকপক্ষী; বায়স crow. ২ কাক উড়িবার সময় যেরূপ আকৃতি হয় তদ্রূপ তিলক। দাঁড়কাক-দ্রোণ কাক; কৃষ্ণ কাক jackdaw; jungle crow. কাক কাঁকুড় জ্ঞান-উচ্চারণ সাদৃশ্য থাকিলেও উভয়ের মধ্যে ভেদজ্ঞান; বস্তুটা কি তার জ্ঞান। কাকচক্ষু-কাকের চক্ষুর ন্যায় স্বচ্ছ। স্বচ্ছজল সম্বন্ধে উক্ত হয়। কাক-কোকিলে ভেদ-ভাল-মন্দ ভেদ-জ্ঞান। তীর্থের কাক-তীর্থ-স্থানে লোকে শ্রাদ্ধ-শান্তি ব্রাহ্মণ-ভোজনাদি করায়। শ্রাদ্ধের পিণ্ড ও ভুক্তাবশিষ্ট প্রাপ্তির আশায় কাক প্রতীক্ষা করিয়া থাকে। ২ তীর্থের কাকের ন্যায় অপেক্ষা বা প্রতীক্ষাকারী। বেল পাকিলে কাকের কি-বেল পাকিলেও তার খোলা এত শক্ত থাকে যে কাকে ঠুকরাইয়া ছিদ্র করিতে ও খাইতে পারে না। সুতরাং তা কাকের ভক্ষ্য হয় না; কাক সুতরাং তাতে লোভ করে না। ২ [>] যে বস্তু যার পক্ষে অপ্রাপ্য সে বস্তু বিদ্যমান থাকিলেও তার আশা করায় কোন ফল নাই। ভাত ছড়ালে কাকের অভাব হয় না -যেখানে কাক বসিয়া নাই সেখানে গৃহস্থ উচ্ছিষ্ট ভাত ফেলিলে কোথা হতে কাক আসিয়া জুটে। ২ [>] অন্ন দিলে সহচর অনুচর ইং লোকজন কোথা হতে আসিয়া জুটে। কাকের ছাঁ বকের ছাঁ [ছাঁ= ছানা বা ছাঁদ ক্ষেং ছোট বড় সরু মোটা ছাঁদে কোথাও অক্ষর ভাল ফোটে নাই সুতরাং সেখানে বকের মত অনেকটা সাদা, কোথাও খুব কালি পড়িয়া কাকের মত কাল এমন লেখা বা কাকের চঞ্চুর আঘাত ও নখরের আঁচড়বৎ] বি, কদক্ষর; লেখার ছাঁদ যার খুব খারাপ; খুট আখর।

কাকচ্ছদ-বি, খঞ্জন পাখী wagtail.

কাকজঙ্ঘা [সং] বি, কেউরাঠেঙা বা কাঁটাগুড়কাউলী গাছ leea hirta

কাকজম্বু, কাকজিম্বু [কাক (কাকের মত কালবর্ণ) যে জম্বু-জম্ব্ (জাম)-ধা] বি, ক্ষুদ্রজাম; বনজাম ardisia humilis

কাকডুমুর-বি, কালডুমুর।

কাকতন্দ্রা [কাকের-তন্দ্রা (নিদ্রা) -৬ তৎ] বি, কাকের নিদ্রা। ২ কাকের মত নিদ্রা; অতি সতর্ক নিদ্রা।

কাকতালীয় [কাক (বায়স) তাল (ফলবিঃ(+ঈয় (তুল্যার্থে)-পাকা তালে কাকের আগমন ও তালফলের পতনরূপ ঘটনার ন্যায়] বি, ন্যায়বিঃ; গাছে পাকা তালের উপর কাক আসিয়া বসিতেই তালটী পড়িয়া গেল, অতি পক্কতা হেতু কাক না বসিলেও হয়ত তালটী পড়িত, সুতরাং তাল পতনের প্রতি কাকের বাস্তবিক কারণতা না থাকিলেও আপাতদৃষ্টিতে কাককেই কারণস্বরূপ মনে হইতেছে। এইরূপ ঘটনাস্থলে অর্থাৎ যথায় প্রকৃত কারণ ভিন্ন অন্যকে কোন কার্য্যের কারণ বলিয়া ভ্রম হয় সেই সকল স্থলে কাক-তালীয় ন্যায় ঘটিয়া থাকে। ২ বিণ, হঠাৎ সংঘটিত;" আকস্মিক যোগাযোগ সম্বন্ধীয় coincidental.

কাকিতিমিনিতি-কাকুতি দ্রঃ।

কাকতিন্দুক [সং] বি, কুঁচিলা। ২ গাব।

কাকতী (-ক-) [অসং-কাকৎ (কাগজ) +ই (র্ত্তৃ)-যে কাগজ পত্রের বা লেখাপড়ার কাজ করে, তুল-কায়েৎ-কায়েথী ভাষা] বি, আসামের অহমজাতীয় উপাধি-বিঃ। অসং-মুহুরী; রাজ্যের আয়-ব্যয়ের হিসাবরক্ষক ও ভূমির উৎপন্ন দ্রব্যের পরিমাণকারক।

কাকতুণ্ডী [কাকতুণ্ড+ঈ (স্ত্রীং)] বি, বনৌষধি বৃক্ষ; ইহার পত্র কাকতুণ্ডের ন্যায়। ২ [রাসাং পরিঃ] পিত্তল brass. ৩ গিল্টি করা পিতল।

কাকধ্বজ [কাক (কাকচিহ্নাঙ্কিত) ধ্বজা যার-বহুং] বি, যার ধ্বজায় কাকচিহ্ন অঙ্কিত আছে। "কাকধ্বজরথারূঢ়া।"-ভারতং। ২ [কাক (বাষ্প) ধ্বজ (ধ্বজা স্বরূপ) যার-বহুং] বি, বাড়বানল।

কাকনামা [কাকনামন্-১মা ১বং। কাকের আরোহণে শাখা নত হয় বলিয়া এই সংজ্ঞা] বি, বকফলের গাছ।

কাকনাসা [সং-কাকের নাসার ন্যায় কৃষ্ণবর্ণ ফল বলিয়া] বি, বইচ্ গাছ।

কাকনিদ্রা [কাকতন্দ্রা দ্রঃ] বি, কপট-নিদ্রা; তন্দ্রা।

কাকপক্ষ [কাকের পক্ষের ন্যায় পক্ষ (উপমিতং)] বি, মস্তকের দুই পার্শ্বের কেশ-রচনাবিঃ; শিখণ্ডক। ২ কাকের পক্ষের মত উভয় গণ্ডে লম্বমান অনতিদীর্ঘ স্বল্প কেশ; কাণপাটা; জুল্পী।

কাকপদ-বি, উদ্ধার-চিহ্ন; " " এই চিহ্ন sign of quotation. ২ শিরঃস্থিত কাকপদাকার কেশ; শিক্ষা। ৩ লেখার মধ্যে পরিত্যক্ত স্থান বুঝাইবার চিহ্ন;

× × × এই চিহ্ন। "কাকপক্ষীর পদ পরে ইহা রূঢ় শব্দে পরিণত হইয়াছিল (মৃচ্ছকটিক নাটক)। রূঢ় অর্থ—হস্তলিখিত পুস্তকে লিপিকর যে সকল স্থানে পাঠোদ্ধারে অক্ষম হইয়া কিয়ৎ স্থান ফাঁক রাখিতেন ঐ সকল স্থানে × × × এইরূপ চিহ্ন ব্যবহৃত হইত। এই চিহ্নের নাম কাকপদ চিহ্ন ; উহার অর্থ পরিত্যক্ত বা শূন্যস্থান।"—অক্ষয় মৈত্রেয়, প্রবাসী ১৩০৯।

কাকপুচ্ছ [কাকের পুচ্ছের ন্যায় পুচ্ছ (লেজ) যার—বহু০] বি, কোকিল।

কাকপুষ্ট [কাক দ্বারা পুষ্ট (প্রতিপালিত)—৩ তৎ] বি, কোকিল : পরভৃৎ। (প্রসিদ্ধি আছে, কোকিল কাকনীড়ে কাকডিম্ব দূর করিয়া আপন ডিম্ব রক্ষা করে, কাকী। আপন ডিম্ব জ্ঞানে তা প্রতিপালন করে।

কাকফল [কাক (কাকের প্রিয়) যে ফল—খা] বি, নিমফল। ২ [কাক-প্রিয় ফল হইয়াছে যে বৃক্ষে] বি, নিমগাছ।

কাকবন্ধ্যা [কাকীর মত বন্ধ্যা (ম০ প০ লো০) যে নারী এক বার মাত্র কাকীর মত সন্তান প্রসব করে] বি, একসন্তানা স্ত্রী : এক গর্ভা রমণী ; যে নারীর একটী মাত্র সন্তান হইয়াছে ; একপ্রসবিনী।

কাকবলি [কাক (কাকোদ্দেশে) বলি (উপহার)—৪ তৎ] বি, কাকের ভোজনোদ্দেশে উৎসৃষ্ট অন্নাদি ; শাস্ত্রানুসারে কাকোদ্দেশে দত্ত অন্ন।

কাকভীরু [কাক হতে ভীরু (ভীত)—৫ তৎ। যে কাক দেখিয়া ভয় পায়] বি, পেচক ; উলূক। ২ বিণ, কাক হতে ভয়প্রাপ্ত।

কাকভূষণ্ডী, কাকভুশুণ্ডী—বিণ, ভূষণ্ডী নামক পুরাণ-প্রসিদ্ধ কাক। (পূর্ব্ব জন্মে এক ঋষি কাকরূপ ধরিয়া রামচন্দ্রের উচ্ছিষ্ট খাইয়া অমর হন)। ২ ভূষণ্ডীকাক বহুকাল বাঁচিয়াছিল বলিয়া, সাধাঃ দীর্ঘজীবী লোকদিগকে কাকভূষণ্ডী বলা হয়।

কাকমদগু—বি, ডাকপাখী।

কাকমর্দ্দ—বি, মাকাল ফল।

কাকমাচিকা, কাকমাচী [সং—কাকাহ্বনী, কাকমাচিকা] বি, কেউয়াঠুটী ; কাঁটা গুড়কাউলী ; গুড়কামাই গাছ capparis sepiaria. ২ কাঁটাহীন গুড়কামাই solanum nigram.

কাকমাতা—বি, কাকমাচি। ২ বায়সজননী।

কাকমারি—বি, এক জাতীয় বৃক্ষ ও তার ফল ; ইহার পাতা পানের মত, ফল ক্ষুদ্র ও অণ্ডাকার, বিষাক্ত anamrita cocculus.

কাকযব—বি, তণ্ডুলশূন্য ধান্য ; আগড়া ; (পূ০ বঙ্গে) চিটা।

কাকরুত [কাকের রুত (শব্দ)—৬ তৎ] বি, কা কা এই রব ; কাকের ডাক।

কাকরুহা [কাক (কাকাদি পক্ষী আনীত বীজ হতে) রুহ (উৎপন্ন)] বি, শূন্যজাত বৃক্ষ ; পরগাছা ; অন্য গাছের উপর কাকাদি পক্ষী আনীত বীজ-জাত গাছ।

`কাকরোল, `কাঁকরোল—বি, কর্কোট দ্রঃ।

কাকল, কাকলক [কা (ঈষৎ) কল অব্যক্ত মধুর ধ্বনি যার—বহু০] বি, কণ্ঠাভরণ ; কণ্ঠমণি। ২ গলগ্রন্থি ; ফলক গ্রন্থি (যা বৃদ্ধি পাইলে গলগণ্ড রোগ) thyroid

`কাকলা [সং—কক্কোল] বি, সুগন্ধি দ্রব্যবিঃ ; কাঁকলা।

**`কাকলাস** [সং—কৃকলাস (দ্রঃ)] বি, সরট ; বড় জেঠী। বিণ, `কাকলাসিয়া, `কাকলাসে, `কেঁকলাসে, কঁ্যাকলাসে—কৃকলাসবৎ। ২ কৃশ।

কাকলি, কাকলী১ [কাকল (দ্রঃ) + ইন্—ঈন্ (র্ত্তৃ) বা দ্রাবিড়-মুণ্ডারী—(কাকলি গান) >] বি, মধুরাস্ফুট ধ্বনি ; অব্যক্ত-মধুর শব্দ ; কলধ্বনি। ২ যন্ত্রসমূহের একত্রীভূত সুদূরাগত অব্যক্ত মধুর ধ্বনি ; ঐকতান harmony. ৩ যন্ত্রবিঃ।

কাকলী২ [কাকলাস দ্রঃ] বিণ, কৃশ। "শুকাইয়া হইয়াছে কন্যা চিকন কা০।" —পূ০ ব০ গী০।

কাকলীদ্রাক্ষা [বৈদ্যক] বি, কিশ্মিশ্।

কাকলীরব [কাকলী (অব্যক্ত মধুর) রব (শব্দ) যার—বহু০] বি, কোকিল। ২ অব্যক্ত মধুর ধ্বনি।

কাকশীর্ষ [কাকের মত শীর্ষ (মস্তক) যার—বহু০] বি, বক ফুলের গাছ।

কাকা [ফা০—কাকা=বড় ভাই ; হি০—কাকা—চাচা=বাপের ভাই ; বাং—বাপের ছোট ভাই। হি০-তে—বাপ অর্থে ও০] বি, খুড়া ; স্ত্রীং কাকী।

কা-কা—কাকের রব। ২ কাকোলীবৃক্ষ। ৩ কাকমাচী গাছ। ৪ কাক্‌লা। ৫ কুঁচ।

কাকাক্ষিগোলক—বি, কাকের একটীমাত্র অক্ষি-গোলক দ্বারা উভয় চক্ষুর দৃষ্টিক্রিয়া সমাধা হয়। সেইরূপ কোন একটী বিষয় যদি উভয়েব সহিত সম্বন্ধিত হয় তবে কা০ ন্যায় বলে।

কাকাণ্ড—বি, কাকের ডিম। ২ মাকড়াগাব। ৩ বড় লতাফট্‌কী। ৪ ঘোড়ানিম।

কাকাতুয়া—বি, শুকবর্গের পক্ষি-বিঃ ; অষ্ট্রেলিয়া, মলক্কা, নবগিনি ই০ দ্বীপের নানাজাতীয় ও নানাবর্ণের পাখী।

কাকারি [কাকের অরি (শত্রু)—৬ তৎ] বি, পেচক ; উলূক। ২ [কাক যার অরি —বহু০] বি, পেচক।

কাকাল—বি, কাক-পক্ষি-বিঃ ; দ্রোণ কাক ; দাঁড়কাক।

কাকিনী,-ণী [সং] বি, বিংশতি কপর্দ্দক ; কুড়িটা কড়ি বা ৫ গণ্ডা কড়ি বা একবুড়ি। ২ এক কড়া। ৩ কুঁচ। ৪ মানদণ্ড।

কাকী [কাক + ঈ (স্ত্রীং)] বি, স্ত্রী কাক ; বায়সী। ২ কর্কশকণ্ঠ গায়ক। ৩ লতাবিঃ। ৪ [কাকা দ্রঃ] পিতৃব্যপত্নী ; খুড়ী।

কাকু [কক্ (চঞ্চল হওয়া) + উ (র্ত্তৃ-উণ্)] বি, রাগ বা ভয় বা শোকাদি দ্বারা বিকৃত কণ্ঠধ্বনি। ২ বক্রোক্তি ; কূটার্থ কথন। ৩ দৈন্যোক্তি ; কাতর বচন ; কাকুতি-মিনতি। "লাগ পায়িলে তাক বুলিহ কাকু করী।" —শ্রী০কী০। "শুনিয়া দ্বিজের কাকু।"—চৈ০ভা০। ৪ স্বরের বিকৃতি বা বদ সুর হওয়ার নাম কাকু। ৫ জিহ্বা।

কাকুতি [কাতরোক্তি > প্রা০ বাং—'কাকুতী' '(শ্রী০ কী০)] বি, কাতরোক্তি ; খেদোক্তি ; অনুনয় ; মিনতি। "সুগ্রীবেরে

জানাইও আমার কা॰।”-কৃত্তি॰। “বড়-বড় বানরের দেখিয়া কা॰।”- ঐ। ~মিনি(মু)তি-অনুনয়বিনয়।

কাকুৎস্থ, কাকুৎস্থ্য [ককুৎস্থ+অ-য (অপত্যার্থে)] ককুৎ (বৃষস্কন্ধ)-তাতে স্থিত =ককুৎস্থ (সূর্য্যবংশীয় রাজা দিলীপ)। ইনি অসুর-সমরে বৃষরূপধারী ইন্দ্রের স্কন্ধে আরোহণ করিয়া যুদ্ধ করিয়াছিলেন বলিয়া এই নাম] বি, সূর্য্যবংশীয় রাজা দিলীপের অপত্যগণ ; শ্রীরামচন্দ্র ই॰ সূর্য্যবংশীয় রাজা। ২ রাজা পুরঞ্জয়। ৩ বিণ, দিলীপবংশীয়।

কাকুদ, কাকুদ্র [শরীর-বিঃ পরিঃ] বি, মুখের তালু ; টাক্‌রা the palate.

কাকুবাদ [কাকু-বাদ (বদ্‌-বলা) +অ (ভা॰)] বি, কাকুতি ; মিনতি ; কাতর বাক্য।

কাকুর্ব্বাদ [কাকুবাদ দ্রঃ] বি, কাতর প্রার্থনা ; বিনয় ; মিনতি। “গদ গদ স্বরে করে হরে কা॰। পূর্ণ কর পশুপতি পার্ব্বতীর সাধ॥”-শি॰।

কাকূক্তি [কাকু-যে উক্তি (বাক্য)-ধা] বি, কাতরতাসূচক বাক্য ; খেদোক্তি। ২ বক্রোক্তি।

কাকে [কাহাকে শব্দের দ্রুত উচ্চারণ] স, কাহাকে ; কোন্‌ ব্যক্তিকে। (সম্ভ্রমার্থে) কাঁকে। বহুব॰-কাহারদিগকে (ম॰-বাং) কাহাদিগকে (আধু॰) সম্ভ্রমার্থে কাঁহাদিগকে; দ্রুত উচ্চারণে-কাদিকে, কাদিগে। “তুমি কেবা আন কাকে একি চমৎকার।”-রাম-মোহন। ব্রজ॰ প্রা॰ বাং-কাহুকো, কাহু। “কাহু না পেখি।”-বি॰ প॰। “কেহ করত কাহু কোর।”-জ্ঞান॰।

কাকেক্ষু [কাক (কুৎসিত) ইক্ষু (আক্‌)-ধা] বি, শর ; খাগড়ানামক তৃণ। ২ কাশবিঃ।

কাকোদর [কু (কুৎসিত, বক্র)-অক্‌ (গমন করা) + অ (র্তৃ), কু=ক। কাক (বক্র)-উদর (পেট) যার-বহু॰] বি, সর্প ; সাপ। ইহারা গমন-কালে উদর বক্র করিয়া যায় বলিয়া নাম। “পশে যদি কা॰ গরুড়ের নীড়ে, ফিরে কি সে যায় কভু আপন বিবরে পামর!” -মেঘ॰।

কাকোল-বি, গরল ; কৃষ্ণবর্ণ স্থাবর বিষ। ২ দাঁড়কাক।

কাকোলি, কাকোলী [কু (ঈষৎ) কল্‌ (শব্দ করা) +ই-ঈ (র্তৃ, স্ত্রী॰)] বি, কাকলি, সূক্ষ্ম অব্যক্ত মধুর ধ্বনি। ২ নেপালজাত কন্দবিঃ ; কাঁকলা berry of the calculus indicus.

কাকোলূকিকা [কাক (বায়স)-উলূক (পেচক) = কাকোলূক + ইক (সম্বন্ধার্থে, ইকণ্‌)-আ (স্ত্রীং)] বি, কাক ও উলূকের (পেচকের) স্বাভাবিক বৈরতা স্থায়।

কাক্ষ [কু (ঈষৎ,বক্র)-অক্ষি-যাতে] বি, কটাক্ষ।

কাক্ষী-বি, সৌরাষ্ট্রদেশীয় মৃত্তিকা। ২ অরহর কলাইয়ের ডাল।

কাক্ষীব, কাক্ষীবক-বি, শজিনা গাছ hyperanthera moringa. ২ ঔশী-নরীর গর্ভে গৌতমের পুত্র।

কাক্ষীবান্‌-বি, গৌতম মুনির পুত্র; চণ্ড-কৌশিকের পিতা। ২ শূদ্রাগর্ভে দীর্ঘতমা মুনির ঔরস-জাত পুত্র।

কাখ, কাঁখ, কাঁক [সং-কক্ষ > পা॰ কক্‌খ >] বি, কুক্ষি ; বগল। ২ পার্শ্ব > কাঁকাল। ৩ [প্রাদে॰] কোল। প্র-কাঁকে পিঠে (কোলে পিঠে) স্থলে)। কাঁকে কোলে (সহচর শব্দদ্বয়)-কোলে কাঁকালে।

কাগ-কড়ার চতুর্থাংশ। ২ [কাক শব্দের গ্রা॰-উচ্চারণ] বায়স।· ~চর [প্রাদে॰] মৈমনসিং] বি, বগচর ; নীচু তট lower bank.

কাগজ [চীন॰-‘কায়গদ’ > নেপালী-‘কায়গদ’ > আ॰-কাগজ্‌। হিং॰-কাগজ্‌ ; কাগদ’ কাগর (তুলসী)। ‘কাঅজ’, ‘কাঅচ’ -চ॰ ক॰ ভা॰] বি, কাপড়, শণ, তুলা, বৃক্ষ-পত্র, কাষ্ঠাদি পচাইয়া যে পাতলা পত্র লেখন বা মুদ্রনাদি কার্য্যের উপযোগী করিয়া নির্ম্মিত হয় paper. ২ খবরের কাগজ news-paper. বিণ, ~ী-কাগজসম্বন্ধীয়। ২ কাগজ-ব্যবসায়ী। ৩ কাগজ প্রস্তুতকারী। ~পত্র-কাগজাদি। ~াত-কাগজপত্র।

কাগজী [কাগজ-ঈ(সাদৃশ্যার্থে)কাগজের মত পাতলা আবরণবিশিষ্ট বলিয়া] বি, যারা কাগজ তৈয়ার ও তার ব্যবসা করে। ২ লেবুবিঃ। ৩ বাদামবিঃ। ৪ [কাগজের মত শাদা] বি, শ্বেতবর্ণ পায়রা।

কাগতি [কাগজ দ্রঃ। কাগজী, কাগদি ও॰] বি, কাগজ প্রস্তুতকারী ও ব্যবসায়ী মুসল-মান জাতিবিঃ। “কাগজ কাটিয়া নাম ধরিল কা॰।”-কবিক॰।

কাগদ-কাগজ দ্রঃ।

কাগমালা, -মলা [প্রাদে॰ পূ॰ ব॰] বি, রান্নাঘরের বাসন রাখিবার জন্য বাঁশের খুঁটার উপরিস্থিত আধার। “টানাইয়া রাখে লীলা কাগমলা উপরে।”-মৈ॰ গী॰।

কাগাবগা [কাক বক আসিয়া অন্ন যেমন এখানে এক খাবলা ওখানে এক খাবলা মুখে দিয়া কতক ছড়াইয়া পলায় তদ্রূপ] অ, এখানে এক খাবলা ওখানে এক খাবলা নিয়ে ছড়াছড়ি করার ভাব ; উচ্ছৃঙ্খলভাব। প্র-কা॰ করে খেয়ে গেল। ২ [মাথায়] এখানে খানিকটা ঘন চুল রেখে ওখানে ছোট করে শাঁস বার করে চুলকাটা সুতরাং ঘন-স্থান কাগা আর শাঁস বাহির করা সাদা স্থান বগা। প্র-কাগাবগা করে চুল কাটা।

কাগার [হিং॰-কাগরী=হীন, তুচ্ছ] বিণ, দরিদ্র ; কাঙ্গাল ; হীনভাবাপন্ন। “বিংশতি যোজন ক্ষেত্র নগর মথুরা। পূর্ব্বে কাগার ছিল ইবে সে মগরা।”-চৈ॰ ম॰। ২ [হিং॰-কগার] নদীর আড়া।

কাঙর, কাঙরী [কাঙর ও॰। কাম-রূপী-কাঁউরূপী-কাঁউরী] বি, কামরূপপ্রদেশ। “কাঙর কামিক্ষা চণ্ডী কামরূপে খেলা।” -ধ॰ ম॰ (মাণিক)।

কাঙল [সং-কামল] বি, পাণ্ডুরোগ ; কামলারোগ। ~া [হিং॰-কংগাল্‌-কংগলা। সং-কঙ্কাল (অনাহারে কঙ্কালসার)] বি, দুর্ভিক্ষ-পীড়িত ; ক্ষুধার্ত্ত ; দরিদ্র ; ভিখারী। “তোমার সাধের বাঙলা হ’ল কাঙলা।”-ঈ॰ গুপ্ত। ২ লোলুপ ; লোভী ; ছোঁচা। স্ত্রীং ~ী। গ্রা॰-কেঙ্‌লী।

কাঙাল, কাঙালী [কাঙ্গাল দ্রঃ] বি, বুভুক্ষিত ; দুর্ভিক্ষপীড়িত ; অনাহারক্লিষ্ট ; দরিদ্র। “ওগো কাঙাল আমায় কাঙাল করেছে।”-রবী॰। “কাঙালী বাঙালী যত

চিরদিন অনুগত ধনে প্রাণে হল কাঙ্গালী।" -ঈং গুপ্ত। ২ প্রার্থী ; ভিখারী। "এসেছি কি হেথা যশের কাঙালি।"-রবী০।

কাঙ্ক্ষ [সং-কক্ষ > ভ্রং] বি. কক্ষ ; কাঁথ।

কাঙ্ক্ষণীয় [কাঙ্ক্ষ্ (অভিলাষ করা) + অনীয় (র্ম্ম)] বিণ, বাঞ্ছনীয় ; অভিলষণীয় ; আকাঙ্ক্ষণীয় ; স্পৃহণীয়।

কাঙ্ক্ষা [কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা) + অ (ভা০) আ (স্ত্রীং)। প্রা০ বাং-'কংখা' (দ্রঃ)] বি, ইচ্ছা ; বাঞ্ছা ; অভিলাষ ; স্পৃহা। বিণ, কাঙ্ক্ষিত।

কাঙ্ক্ষিত [কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা) + ত (ভা০) ই আগম] বি, ইচ্ছা ; অভিলাষ। ২ [র্ম্ম-ক্ত] বিণ, যা ইচ্ছা করা হইয়াছে : বাঞ্ছিত ; অভিলষিত ; আকাঙ্ক্ষিত ; ঈপ্সিত। স্ত্রীং ~া।

কাঙ্গনী-বি, প্রাকারশীর্ষ। ২ ধান্যবিঃ।

কাঙ্গা [কঙ্কা, কঙ্ক অপেক্ষা বৃহদাকার] বি, হাড়গিলে পাখী। "ভুজঙ্গ ধরিয়া খায় ধোকড়িয়া কা০।"-কবিক০ [হিং০-কাঙ্গা, কাঙ্গী (চিরুণী) অপেক্ষা বড়] বি, বড় চিরুণী ; কাঁকুই।

কাঙ্গাল [সং-কঙ্কাল > (দারিদ্র্য নিবন্ধন কঙ্কালসার)। হিং০-কাঙ্গাল, কাঙ্গলা ; গ্রা০ উচ্চারণ ক্যাঙালি] বিণ, দরিদ্র ; নিঃস্ব। "লুঠি বাঙ্গালার লোক করিল কাঙ্গাল।" -ভারত০। ২ [রিক্ত ভাণ্ডার বা হস্ত হইতে] অভাবগ্রস্ত। ৩ [>] নিঃশক্তি ; অক্ষম। "যৌবনে অন্যায় ব্যয়ে বয়সে কাঙ্গালী।" -মাইকেল০। ৪ দীন, প্রার্থী বা যাচক ; ভিক্ষুক। এই অর্থে 'কাঙ্গালী'। গ্রা০-'কাঙালি' প্রচুর। "এসেছি কি হেথা যশের কাঙালি।"-রবী০। ৫ দুঃখী। ৬ বি, ভিক্ষোপজীবী ; জাতভিখারী ; কাঙ্গালী। স্ত্রীং কাঙ্গালী ; কাঙ্গালিনী। ~**খানা**-বি, অনাথালয় ; গরীবখানা। "দুঃখী জনে করে মানা গড়ো না গো কাঙ্গাল-খানা।" -বিং মজুমদার।

কাঙ্গালী [গ্রা০ উচ্চারণ-কাঙালি, ক্যাঙালি। বাং-য় কাঙ্গাল অর্থে পুং, কাঙ্গালী শব্দ প্রচর] বি, ভিক্ষোপজীবী ; জাত-ভিখারী। প্র-কাঙ্গালী ভোজন। ২ কাঙ্গাল দ্রঃ। বাং-য় স্ত্রীং কাঙ্গালিনী। "কই, কেমনে রেখেছ, কাঙ্গালিনী আমি, রাজা, আমার সে ধনে।"-মেঘ০। ~**পনা** [হিং০-কাঙ্গ্লাপন্] বি দীনতা ; কাঙ্গালীর আচরণ।

কাঙ্গী [ওরাঁও ভাষায় কাঙ্গী (কাঠের চিরুণী) বড় হইলে-কাঙ্গা] বি, কাঠের চিরুণী ; কাঁকই (দ্রঃ) ; কাঙ্গা।

কাঙ্গুর-বি, গঙ্গোদক পাত্রবিঃ ; গঙ্গা-জলের পাত্র।

কাঙ্গুরা [ফা০-কংগুরা (সৌধ-চূড়া বা শিখর)] বি, পেটা ঘড়ি যা সৌধ-চূড়ায় রক্ষিত হয়। "কোঠায় কঙ্গুরা ঘড়ী নিশান নহবৎ।" -ভারত০।

কাচ১ [কচ্ (দীপ্তি পাওয়া) + অ (ণে, জ্ঞা০) ; "কাচঃ শিক্যে মণৌ নেত্ররোগভেদে মৃবস্তরে।"-মেদিনী০। বৈদিক যুগের পূর্ব্বেও ভারতে কাচের ব্যবহার প্রচলিত ছিল তাহা প্রাগৈতিহাসিককালের ব্যবহৃত কাচের সামগ্রীর আবিষ্কার হইতে জানা যায়।" -বিং মজুমদার] বি, বালি ও একপ্রকার ক্ষার হতে উৎপন্ন স্বচ্ছ ভঙ্গপ্রবণ বস্তুবিঃ ; কাঁচ ; পরকলা glass ২ মণিবিঃ ; কাচমণি। "মাণিক তেজি কাচে অভিলাষ।"-বিং প০। ৩ ["অলম্বি শিক্যং কাচো।"-অমর০। পা০-কাজো, কসচা বোঁচ, শিক্যা] শিক্যা ; শিকে। ৪ ভিক্ষার ঝুলি। "তাহার পরিধান রক্ত বসন স্কন্ধের একদেশে মৃগচর্ম্ম, মস্তকে সুবিন্যস্ত জটামণ্ডল, স্কন্ধে কাচ। তিনি এই বেশে ভিক্ষা করিতে করিতে রাজদ্বারে উপনীত হইলেন।"-জাতক। ৫ নেত্ররোগ-বিঃ। ৬ কৃষ্ণবর্ণ লবণ। ৭ মোম।

কাচ২ [হিং০-কাছ (প্রাকৃ০-কচ্ছ ; সং-কক্ষ) কোমরের নিম্নভাগ হতে উরুতের কিয়দংশ পর্য্যন্ত স্থান, (২) ঐ স্থানের পরিধান-বস্ত্র যা জাঙ্গিয়ার উপর পরিহিত হয় ; কাছনী। তুল-হিং০-"চতুর কাছ কাছে জব জৈসা। তব তহঁ নাচ দিখাবৈ তৈসা।"-বিশ্রামসাগর] বি, পরিচ্ছদ ; সাজ ; বেশ ; অভিনয়ার্থ নট-নটীর বেশ। "ভুবন-মোহন কাচে, রত্নমালা তথি নাচে, গান মুনি গান্ধার নিষাদ।"-কবিক০। ২ [হিং কাছ, কাছনী, কছোটী, কাছা-"কস্কর ওর কুছ উপর চঢ়া কর পহনী হুই ধোতী জিসকী দোনোঁ। লাঁগেঁ পীছে খোসী-জাতী হৈঁ-হিং শ০ সা০] কাছটী ; কাছুটী ; ল্যাঙ্গোট ; জাঙ্গিয়া। প্র-কাচ পরিয়া কুস্তি করিতেছে। ৩ [হিং০-কাছ বা কচ্-বন্ধনে। হিং০-কাছনী-কটিবন্ধন। তুল-"সীস মুকুট কটি কাছনী ; কর মুরলী উরমাল।" -বিহারীদাস] বি, বন্ধন ; কটীর বন্ধন। "তুরিতে ঘুচাইনু নীবিক কাচ।"-বিং প০। ৪ বহুরূপীবেশ ; কাল্পনিক বেশ ; ছদ্মবেশ ; ভেক। "ঘণ্টাগরুড় খাড়া থাকেন, কাচেন কাপের কাচ।"

কাচ৩ [প্রা০ বাং] বি, ছল ; লীলা ; খেলা। "কবি রামপ্রসাদ দাসে গো ভাষে মা! কত কাচগো কাচ।"-কালীকীর্ত্তন। ২ রঙ্গ-তামাসা ; নাচ-তামাসা ; ক্রীড়া-কৌতুক। "পরে সহরের ধনবান্ লোক আছে। কিছু ব্যয় করেন সকলে নাচ কাচে॥"-কাশীপরিক্রমা (জয়নারায়ণ)। ৩ অঙ্গভঙ্গী ; ঢং। ৪ বাতিক ; বাই ; রোগ। "বুড়া বয়সে ধেড়ে কাচ।" -প্রবচন।

কাচকড়া-কাঁচকড়া দ্রঃ।

কাচকূপী-বি, কাচের বোতলবিঃ।

কাচন [সং-কঞ্চ্, কাঞ্চ্-বন্ধনে। কচ্ (বন্ধন করা) + অন (ণে) জ্ঞা০] বি, যদ্দারা কোন কাগজপত্রাদি আঁটা যায় ; পালা ইং০ ডুরী ; পুঁথী বন্ধনের ডোর ; কাচনি। ২ [কিম্ > স্ত্রীলিঙ্গে-কা + চন (অসাকল্যার্থে)] অ, কোন্ স্ত্রী। ৩ [প্রাদে০] বি, ধৌতকরণ ; ক্ষালন। ৪ কপট বেশধারণ।

কাচনিকী [কাচনক + ইন্ (স্ত্য)=কাচন-কিন্ ১মা ১ব০] বি, লিপি ; পত্র।

কাচন্নি-কাচল দ্রঃ।

কাচন্তি [কাচ১ দ্রঃ] ক্রি, দীপ্তি পায়। ২ শোভা পায়।

কাচভাজন-বি, কাচনির্ম্মিত পাত্র বা আধার।

কাচমণি [কাচ দ্রঃ] বি, স্ফটিকবিঃ।

কাচমল [কাচের (ক্ষার মৃত্তিকার) মল -৬ তৎ] বি, ক্ষার মৃত্তিকাযুক্ত লবণ।

কাচলবণ, কাচসম্ভব [কাচ১ দ্রঃ] বি, সৈন্ধব লবণ।

কাচস্থালী-বি, কাচের পাত্র। ২ পারল গাছ।

কাচা₁ [কাচ দ্রঃ। হিং—কাছটি, কাছা। সং—কক্ষ > প্রাকৃং—কচ্ছ > কাছা বিকারে কাচা বস্ত্রাঞ্চলের ভাব হতে] বি, বস্ত্রখণ্ড বা ক্ষুদ্র বস্ত্র; ছোট কাপড়। "পরি দুজনের কাচা, ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশ-মুখ।"—কবিকং। ২ গুরুজনের মৃত্যুতে উত্তরীয়রূপে পরিধেয় ধুতির প্রান্ত। প্র—কাচা গলায় দেওয়া। ৩ নূতন খণ্ড বস্ত্র। "তখন সাজায়ে মাচা, কসলী কাচা, বিদায় দিবে চণ্ডীর বেশে।"—রাং প্রং।

কাচা₂ [কাচ দ্রঃ। হিং—কচারণা (কচালিয়া ধোয়া); পছাড়না (আছাড় দিয়া ধোয়া)। প্রাং বাং—অপ্রং। কাচি, কাচ, কাচে, কাচিতে, কাচিয়া (ক্ষেং কেচে) ণিজন্ত—কাচানি—কাচাই, কাচাও, কাচায়, কাচাইতে, কাচাইয়া (ক্ষেং কাচিয়ে) ইং। প্রাং বাং—'কাঁ—'ওং। কাঁচে=কাচে] ক্রি, আছাড় দিয়া বা কচালিয়া ধৌত করা : প্রক্ষালন করা। প্র—কাপড় কাচা। ২ [সং—কাঞ্চ্ (দীপ্তি পাওয়া)] শোভা পাওয়া : দীপ্তি পাওয়া। প্রাং বাং—কাচন্তি—শোভা পায়। "বাম দিগে কাচন্তি পরভুর তিথার থস্তা॥"—শূং পুং। ৩ ['সাজা'র সহচর শব্দ। কাচ (বেশ) + আ (ক্রিয়া বিভক্তি ; করা অর্থে)] বেশবিন্যাস করা ; সজ্জা করা ; ছদ্মবেশ ধারণ করা ; পরিধান করা। "আয়োর মিশালে বুড়ী নানা কাচ কাচে।—কবিকং। সাজিয়া কাচিয়া [তুল—ঘষিয়া মাজিয়া] সাজসজ্জা করিয়া ; বেশবিন্যাস করিয়া। "সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া, * * * * সাজিয়া কাচিয়া সভে হইলা বাহির॥"—জ্ঞানং। ৪ বিণ, প্রক্ষালিত ; ধৌত। প্র—কাচা কাপড়।

কাচাক্ষ [কাচ—অক্ষি (কাচের ন্যায় অক্ষি (চক্ষু) যার—বহুং) অক্ষি=অক্ষ] বিণ, কাচের ন্যায় যার চক্ষু। ২ বি, বকপক্ষী।

কাচি, -ছি [সং—কক্ষা=হস্তীর গলবন্ধন-রজ্জু। তা হতে মোটা দড়ী—কক্ষার হিং উচ্চারণ কচ্ছা পরে বাং—কাছি] বি, স্থূল রজ্জু ; মোটা দড়ী। ২ স্থানবিশেষে কাস্তেকে 'কাচি' বলে।

কাচিৎ [কা (কিম্ শব্দ স্ত্রীলিঙ্গে) + চিৎ অসাকল্যার্থে)। পণ্ডিতী বাং-য় ব্যবহৃত, অধুনা অপ্রং] অ, কোন এক (স্ত্রী)।

কাচিম [কচ্ + ণিচ্=কাচি (বন্ধন করান) + ইম (জ্ঞাং)] বি, দেবকুলোদ্ভব গুল্মকবৃক্ষ। ২ কচ্ছপ ; কাছিম (দ্রঃ)।

কাচ্‌কা [কচ > ?] বি, সর্ষপের শুষ্ক ডাঁটা।

কাচ্‌তি ['কাস্তে'র অনুকরণে?] বি, অস্ত্র-বিঃ ; দা-বিঃ।

কাচ্‌লি [শ্রীহট্ট প্রাদেং] বি, তোলো অপেক্ষা অনেক বড ; মাটির হাঁড়ি।

কাচ্চা [কাঁচ্চা দ্রঃ। সং—কন্‌চ্ ধাতু অল্পীভাবে বা অল্পীকরণে—ওজনের ক্ষুদ্র মান-বিঃ] ছটাকের চতুর্থাংশ।

কাচ্চাবাচ্চা [কাচ্চা (হিং—কচ্চা—সং—কষণ—কচি : অপক্ক) বাচ্চা (হিং—বচ্চা=সন্তান—সং—বৎস) বহুবচনার্থক] বি, কচি ছেলে পুলে ; ছোট ছোট ছেলে মেয়ে ; সন্তান-সন্ততি।

কাছ [প্রাকৃং—কচ্ছ ; সং—কক্ষ (পার্শ্ব) > কূল, কিনারা, সীমা। তুল—"কাছ করণ।" —জমির মাপ করণ (সিন্ধু দেশে)] বি, নদীর কূল ; তীর। ২ নিকট ; সমীপ। "ভিখারীর মতো আমরা বিদেশীয়দের কাছে শুধু চাইবার জন্যেই যাব কেন? আমরাও তাদের কাছ থেকে নেব, তারাও আমাদের কাছ থেকে নেবে।"—ছেলেদের রবীন্দ্রনাথ। ৩ [কাছা দ্রঃ] পরিধেয় বস্ত্রের দ্বিতীয়াঞ্চল ; কচ্ছা। বীরকাছ—মালকোঁচা। "বীরকাছ পরিধান, কোপে বীর কম্পমান, কনক টোপর শোভে শিরে।"—কবিকং। ৪ গাত্রাবরণ ; অঙ্গা-বরণ। "সদা দুর্গা দুর্গা বলে, দুর্গা নামের কাছ করেছি॥"—রাং প্রং। ৫ [প্রাং বাং] কক্ষ ; কটি ; কোমর। "কাছের কলসী।"—শ্রীং কীং। ৬ ভোল ; কপটবেশ।

কাছট, কাছটি, কাছুটি [হিং—কছোটি ; সং—কচ্ছোটিকা। কাচ দ্রঃ] বি, মালকোঁচা ; কৌপীন। কাছটিয়া—ক্রি-বিণ, কাছটি করিয়া ; মালকোঁচা করিয়া। "কত রাজা রাজপুত্র উদ্যত হইয়া। ধনুক তুলিতে যায় বস্ত্র কাছটিয়া॥"—কৃত্তিং [দ্রঃ—পূর্ব্বে বাঙ্গালা দেশে কাছটি বা কাছোটি করিয়া কাপড় পরার প্রথা ছিল। হিন্দুস্থানে এখনও আছে। বাঙ্গালী স্ত্রীলোকেরাও কাছটি করিয়া কাপড় পরিত। দক্ষিণ ভারতে এখনও পরে। কাছটি স্থলে বঙ্গে এখন কাছা (লম্বা কাছা) দিয়া কাপড পরিবার প্রথা চলিয়াছে। স্ত্রীলোকের মধ্যে সে প্রথা উঠিয়া গিয়াছে]।

কাছলা [প্রাদেং] বি, মৃৎ পাত্রবিঃ। "কাং ভরা সাচ্চা দই পাতিল ভরা সর।" —মৈং গীং।

কাছা [সং—কক্ষা—বস্ত্রাঞ্চল ; কচ্ছ (হেমচন্দ্রে কচ্ছা=পরিধানাঞ্চল) ; পাং—কচ্ছা। "ইত্থীনং মজ্ঝবন্ধে চ পকোট্‌ঠে কচ্ছ বন্ধনে মেঘ-মলায়াং মতা কচ্ছা কচ্ছো * *।" —অভিধানপ্রদীপিকা। কাচ] বি, পুরুষের পরিহিত বস্ত্রের শেষভাগ। পরিধেয় বস্ত্রের যে অংশ কটিদেশের পশ্চাদ্‌ভাগে গোঁজা থাকে। ২ [কাছটি দ্রঃ] হস্তী কক্ষের চর্ম্মরজ্জু। ৩ [মুর্শিং প্রাদেং] কোমর ; কটি waistdeep. "এক কাছা জল।" কাছা কোঁচা দিয়ে কাপড় পরা—পুরুষের পরিধেয়বস্ত্রের সম্মুখভাগ কুঞ্চিত করিয়া নাভিদেশের নিকট গুঁজিয়া এবং পশ্চাদ্‌ভাগ কুঞ্চিত করিয়া দুই পায়ের মধ্য দিয়া টানিয়া তাহার বিপরীত দিকে গুঁজিয়া কাপড় পরা। "নগ্ন শির, সজ্জা নাই, লজ্জা নাই ধড়ে। কাছা কোঁচা শতবার খসে পড়ে পড়ে॥"—সোনার তরী (রবীং)। কাছা আল্‌গা—বিণ, ঢিলা ; শিথিল ; অসাবধান। প্র—এমন কাছা আলগা লোক দেখা যায় না। কাছা-ঢিলা—কাছা আল্‌গা দ্রঃ। অসতর্ক ; অসাবধান ; বিশৃঙ্খল ; নিস্তেজ ; কমজোর। "নীলে সকল জমি নিলে জমিদার সব কাছা-ঢিলে।"—ঈং গুপ্ত। কাছা-ধরা —লেজ ধরা দ্রঃ। স্বাধীনভাবে কাজ করিবার শক্তিরহিত ; পরের সাহায্য-প্রার্থী। ২ উপাসক ; তোষামোদকারী ; চাটুকার।

কাছাকাছি [কাছ দ্রঃ] বিণ, একের কাছে অন্য ; সন্নিকট ; নিকটবর্ত্তী।

কাছাড় [সং—কচ্ছ, হিং—কাছার। সিন্ধী 'কাছো'—নদীর পলী পড়া জমি] বি, সমুদ্র বা নদীর তটভূমি ; নদীর কূল। ২ [রংপুর, ময়মন-সিং প্রাদেং] নদীর খাড়া উঁচু পাড়। "ঢেউএ কাং ভাইঙ্গা পড়ে।"—মৈং গীং। ৩ জলের

প্রান্তভূমি ; নিম্নজলভূমি। ৪ [কাছার ও°] যেখানে বন বেশী নাই, কিন্তু অল্প অল্প কসাউ বন আছে অথচ চাষ আবাদও আরম্ভ হইয়াছে ; কসাড় বন। ৫ প্রাদেশিবিঃ; আসামপ্রান্তবর্ত্তী অংশ। ৬ হি°-পছাড়-বাং-আছাড়] আছাড়; উৎক্ষেপণ ; আঘাত ; নিক্ষেপ। "বড় বড় পাথর কা° মারে লয়ে। বিস্তর প্রস্তর গেল চুরমার হয়ে।"-শি°। ৭ কাছার দ্রঃ। আছাড় কাছাড় কঁরা-হাত পা আছাড়াইয়া গড়াগড়ি দেওয়া ; দৈহিক অস্থিরতা দ্বারা কাতরতা বা ব্যাকুলতা প্রকাশ করা। (২) ঐরূপে আবদার করা (শিশু পক্ষে)।

কাছানি [কাছ দ্রঃ। কাছ+আন (আওয়ান-আওন ক্ষে°) হি°-নগ্চানা] ক্রি, কাছে আসা বা গমন করা; নিকটবর্ত্তী হওয়া ; ঘনান।

ˋকাছার [কচ্ছ >] কাছ ; নিকট (মৈ° গী°)।

কাছারি,১,-রী [হি°-কচহরী (কচকচ, বাদ-বিবাদ) হরী (হারক)-কচকচি বা বাদী প্রতিবাদীর বিচারস্থান] বি, বিচারালয় ; আদালত Court of Justice. কাছারি কঁরা-আদালতে নিত্যনিয়মিত উপস্থিত হইয়া তথায় কার্য্য নির্ব্বাহ করা ; বিচার করা। কাছারি খোলা-আদালতের কাজ আরম্ভ হওয়া। কাছারি ঘঁর কঁরা-মকদ্দমা চালাবার জন্য আদালতে আনা করা ; ঘর হতে আদালত এবং আদালত হতে গোনা ঘর এইরূপ, যাতায়াতের কষ্ট স্বীকার করা। কাছারি বঁসা-মকদ্দমার শুনানি ও বিচার আরম্ভ হওয়া ; কাছারি ওঠা, শেষ হওয়া-আদালত বন্ধ হওয়া ; মকদ্দমার শুনানিও সে দিনের মত বিচার স্থগিত থাকা। কাছারি বঁরখাস্ত হঁওয়া-আদালতের বিচার-সভা ভঙ্গ হওয়া। কাছারি বঁন্ধ হওয়া-পর্ব্বোপলক্ষে বা গ্রীষ্মাদি অবকাশে আদালতের কার্য্য বন্ধ হওয়া।

কাছারি,২,-রী [সং-কার্য্যালয় ; হি°-কচহরী। "Kachahri, Kachahree, Kacheri, Kachhahari, Kachhari, Kacheli, corruptly Cutcherry—A court, a hall, an office, the place where any public business is transacted; also in Marathi the business carried on there, or the people assembled."—*Wilson Bombay.* "*Court of justice ; office.*" —*U P.* বি, কাজকর্ম্মের স্থান ; দপ্তর ; আপিস। জঁমিদারী কাছারি-কোন জমিদারের স্বীয় জমিদারী সংক্রান্ত কাজ-কর্ম্মের স্থান। সঁরকারী কাছারি-গবর্ণমেণ্টের দপ্তর।

ˋকাছি [সং-কক্ষা (হস্তীর গলবন্ধন রজ্জু) হি°-গ্রা° উচ্চারণ কচ্ছা] বি, স্থূলরজ্জু ; কাছী ; রশী। ২ [নৌ] নৌকার জাঁদ বাড়িতে বাঁধিয়া তক্তা বাঁকাইবার জন্য ব্যবহৃত এলো পাটের দড়ি। ৩ জাহাজ বা নৌকা বাঁধিবার মোটা দড়া। "গুড় কে মারিয়া টান কাছি ধরে ছাড়ে গান।"-ঈ° গুপ্ত।

ˋকাছিম [সং-কচ্ছপ : হি-কছুআ (স্ত্রী°), কছুই ;-কেটো, কাঠা (কমঠ হতে) বড় জাতীয় কচ্ছপ, উ° বঙ্গে-'কাঠিম'] বি, কূর্ম্ম ; কমঠ। "বড়া কিছু সিদ্ধ কিছু কাছিমের ডিম।"-ভারত°।

ˋকাছী [কাছি দ্রঃ] বি, স্থূলরজ্জু ; কড়চা দড়ি। "তিনটে কাছি কাছাকাছি, যুক্ত বাঁধা মূলাধারে।"-রা° প্র°।

কাছুটি,কাছোটি [কচ্ছোটিকা >] বি, কচ্ছ, কাছা। ২ কৌপীন ; কপ্নী। "পাতা লতা খাস বেটা পরিস কা°।"-রামা° (কৃত্তি°)।

ˋকাছুয়া [প্রাদে° ত্রিপুরা অঞ্চলে] বি, বলপূর্ব্বক বিবাহ ; পৈশাচ বিবাহ।

ˋকাছে,১ [সং-কক্ষ ; প্রাকৃ°-কচ্ছ ; হি°-'কাছে' "জহাঁ কুন্জ গৃহকাছে।"-সুরদাস] ক্রি-বিণ, নিকট ; সন্নিধানে ; সামনে। ২ তুলনায়। "ওর কাছে লাগে না।" ~কাছে [আধিক্যার্থে দ্বিত্ব] ক্রি-বিণ, সঙ্গে সঙ্গে ; অতিশয় নিকটে ; নিয়ত নিকটে।

কাছে,২ [কাচা দ্রঃ। সং-কচ্‌-বন্ধনে। হি°-কাছনা] ক্রি, বন্ধন করে ; যোজনা করে। "খুঙ্গের জানিয়া মর্ম্ম, গায়ে আরোপিল বর্ম্ম দুই দিগে কাছে যমধার॥"-কবিক°।

কাজ [সং-কার্য্য ; প্রাকৃ°-কজ্জ ; পা°-কয্য ; হি°-কাজ। তুল-কাম কাজ] বি, কর্ম্ম ; কার্য্য work. ২ [পদার্থ-বিদ্যায়] বলের প্রতিকূলে কোন পদার্থকে চালান action. ৩ প্রয়োজন ; আবশ্যক ; দরকার। "কাজ কি বাস, কাজ কি বাসে, কাজ কেবল সেই পীতবাসে।"-দাশরথি। ৪ কর্ত্তব্য (তুল-অকাজ=অকর্ত্তব্য, অকর্ম্ম) duty ৫ (কর্ম্ম) ক্ষমতাসাধ্য ; শক্তিসাধ্য। প্র-তার কাজ বা যার তার কাজ নয়। ~কঁর্ম্ম [তুল-হি°-কাম কাজ্। কাজ (কার্য্য)+কর্ম্ম (সহচর শব্দ)] বি, নিত্য নির্ব্বাহের কর্ম্ম; জীবিকা-নির্ব্বাহের উপযোগী অনুষ্ঠান ; বিষয়-ব্যাপার। খেত-খোলার কাজ ; ব্যবসায়-বাণিজ্য ; দেনা-পাওনা, চাকরী-বাকরী ই° বহুবিধ কার্য্য ; পুরুষের এবং স্ত্রীলোকদিগের গৃহস্থালীর বিবিধ কার্য্য। কাজ আছে-প্রয়োজন আছে। ২ মতলব বা অভিপ্রায় আছে। কাজ আনা-কাজ সংগ্রহ করা। কাজ আদায় কঁরা-অন্যের নিকট হতে কাজ লওয়া ; কর্ম্মে নিযুক্ত ব্যক্তিকে খাটাইয়া কাজ লওয়া। কাজ কঁরানি -কাজে লাগান ; অন্যের দ্বারা কাজ করাইয়া লওয়া ; লোক খাটান। কাজ কি-কাজ নাই ; বৃথা ; অকারণ ; অপ্রয়োজন। প্র-কাজকি এতটা মামলা বাধিয়ে। কাজ কেনা-কাজ হাসিল করা ; কাজ আদায় করা ; অভিপ্রায় বা উদ্দেশ্য সিদ্ধ করা। (তুল-দিন কেনা)। কাজ কেয়ালি কঁরা-কাজ হাসিল করা ; কার্য্য সুসম্পন্ন করা। কাজ চঁলা-কাজ যথা নিয়মে সুসম্পন্ন হওয়া। অবাধে কাজ হইতে থাকা। কাজ চালানি-কর্ম্ম পরিচালন করা ; কাজ নির্ব্বাহ করা। কাজ দেওয়া-প্রয়োজন-সিদ্ধি পক্ষে সাহায্য করা। প্র-পুরাতন কল, কিন্তু খুব কাজ দিচ্ছে (২) কাজ করিয়া অন্যকে সেই সকল কাজ বুঝাইয়া দেওয়া বা কাজ লইবার জন্য অন্যকে তার উপকরণ ও আদেশ দেওয়া। কাজ দেখা-কাজ শেখা। ২ কাজ পরীক্ষা করা ; তত্ত্ব লওয়া ; তত্ত্বাবধান করা। ৩ কাজে মন দেওয়া। ৪ কর্ম্ম অন্বেষণ করা। কাজ দেখানি-ভাল কাজ করিয়া নিজের উপযুক্ততা প্রদর্শন করা। ২ প্রকৃত কার্য্য নির্ব্বাহ না করিয়া

তার আড়ম্বর করা। **কাজ ধঁরা**-কর্ম্ম গ্রহণ করা ; কাজ লওয়া ; কার্য্যে প্রবৃত্ত হওয়া। **কাজ নাই**-অনাবশ্যক ; প্রয়োজনাভাব। **কাজও নাই, কামাইও নাই**-কোন নির্দ্দিষ্ট বা নির্দ্ধারিত কর্ম্ম নাই যার উপর লক্ষ্য রাখিয়া কাজ করা যাইবে, সুতরাং তার শেষও নাই ; এলোধাবাড়ি কাজ। **কাজ বঁজায় রাখা** কর্ম্মে নিযুক্ত থাকা। **কাজ বাজানি**-উদ্দেশ্য সিদ্ধি করা ; কাজ হাসিল করা। ২ কাজ সারা ; কাজ করা। "কাজ বাজায় কে নাইকো দাসী।"-বাং গান। **কাজ বাতলানি, বাতলে দেওয়া** [কাজ-হিং-বাৎলানা=বলে দেওয়া, উপদেশ দেওয়া] কাজ দেখাইয়া দেওয়া ; কাজের আদেশ বা উপদেশ দেওয়া। **কাজ বাড়ানি**-শ্রম ও সময় নষ্ট করাবার মত কার্য্যের পরিমাণ বা সংখ্যা বৃদ্ধি করা সুতরাং কষ্টের হেতু বৃদ্ধি করা ; এমন অকাজ করিয়া বসা যা সংশোধন করিতে সময় ও পরিশ্রমের প্রয়োজন। **কাজ বাহির কঁরা**-কাজ উপস্থিত না থাকিলে খুঁজিয়া বাহির করা ; আবিষ্কার করা বা সৃষ্টি করা। **কাজ-ভোলা**-ক্রি, কর্ত্তব্য বিস্মৃত হওয়া। বিণ, অকর্ম্মণ্য। **কাজ লঁওয়া**-অন্যের নিকট হইতে কাজ বুঝিয়া লওয়া ; কাজে খাটান। **কাজ-সাবাড় কঁরা**-কার্য্য সমাপ্ত করা। ২ হত্যা বা প্রাণ নাশ করা। **কাজ সারা**-কার্য্য নির্ব্বাহ করা। **কাজ হারানি**-অসাবধানতার ফলে কাজ নষ্ট হইতে দেওয়া ; কাজ হস্তগত না হওয়া ; উদ্দেশ্য ব্যর্থ বা পণ্ড হইতে দেওয়া। **কাজ হারানিয়া, কাজ হারানে**-বিণ, কর্ম্ম পণ্ডকারী ; অকর্ম্মণ্য ; সুযোগ নষ্টকারী। প্র-কাজ হারানে লোক। **কাজ হাসিল কঁরা**-উদ্দেশ্য-সাধনে কৃতকার্য্য হওয়া। ২ কাজ আদায় করা। **কাজেকাজে**-এক কার্য্যের সূত্রে অন্য কার্য্য এইরূপ পরে পরে ; কাজের পরিণামে ; ফলতঃ ; সুতরাং। **কাজে দেখা**-কাজের উপযুক্ত হওয়া ; প্রয়োজনে আসা ; কাজে লাগা। **কাজে লাগা**-কাজে আসা ; কাজের হওয়া ; প্রয়োজনে লাগা। ২ কর্ম্মে নিযুক্ত হওয়া ; কাজ আরম্ভ করা। **কাজের কাজী**-কাজ করিবার উপযুক্ত ব্যক্তি ; কর্ম্মের উপযুক্ত কর্ম্মী। **কাজের বাজার**-কর্ম্মক্ষেত্র ; কর্ম্মস্থল ; কর্ম্মের আদান প্রদানের স্থান। **কাজের বাহির,-বার**-যার কাজ করিবার ক্ষমতা রহিত হইয়াছে ; অকর্ম্মণ্য। প্র-রোগে রোগে লোকটা একেবারে কাজের বার হয়ে গেছে। **কাজের লোক**-কর্ম্মঠ ; কাজ করিবার উপযুক্ত। **কাজের হাতও নাই, পাও নাই, মাথাও নাই, মুণ্ডও নাই**-যে কাজের কোথায় আরম্ভ কোথায় শেষ তার ঠিক নাই ; যে কাজের শৃঙ্খলা নাই। **কাজুয়া, কেজো**-কর্ম্মের উপযোগী। **অকাজুয়া, অকেজো**-যা কাজের অনুপযুক্ত ; যদ্দ্বারা কোন কাজ হয় না। **অকাজ**-যা কাজের মধ্যে গণ্য নয়। ২ অকর্ম্ম বা অপকর্ম্ম ; অকর্ত্তব্য কর্ম্ম। **কুকাজ**-কুকর্ম্ম ; মন্দকাজ। **সুকাজ**-ভালকর্ম্ম।

কাজঁর [সং-কজ্জল (ল=র) > হিং-কাজর ; বাং-কাজল। বৈং পং সাং-ভূরি ব্যবহার] বি, অঞ্জন ; কজ্জল ; কাজল। "বঙ্কিম লোচনে কাং রাজ।"-বিং পং। "কাজরে সাজল মদন ধনু।"-ঐ।

কাজরা [প্রাদেং] বি, শুঁয়া পোকা জাতীয় এক প্রকার লোমহীন কীট।

কাজরি-কাজলি দ্রঃ।

কাজঁল [সং-কজ্জল] বি, অঞ্জন ; চক্ষুর শীতলতা-বিধায়ক লেপন দ্রব্য। "কে দেখতে পায় চোখের কাছে কাং আছে কিনা আছে॥"-রবীং। "অঞ্জন করিয়া মাজি আঁখির কাজলে।"-ভারতং।

কাজলা[1] [গাঢ় সবুজবর্ণ পালক বলিয়া ? বি, টিয়াজাতীয় পক্ষিবিঃ slaty-headed paraquet. ইহারা লম্বে প্রায় এক হাত হয়, ইহাদের পালক ঘোর সবুজ, কেবল ডানার কয়েকটি পালক ও ঠোঁট মেটে সিঁদুরের মত লাল। ইহাদের গলা বেড়িয়া লাল রেখা হয়। ২ [কাজলী ওং] রক্তাভ কৃষ্ণবর্ণ ইক্ষুবিঃ

কাজলা[2] [কাঠ-চেলা বা চক্কল (splinter)-ঠ=জ। ভুল-ট=চ। হিং-কটকেলা =কচকেলা=বাং-কাঁচকলা। ভুল-ওড়িং-পটকিলা (পট্টকীলক)] বি, কাঠের লম্বা লম্বা গুঁড়ী চিরিয়া তক্তা করিবার কালে চিরের মুখ ফাঁক রাখিবার জন্য একদিক্ মোটা একদিক্ পাতলা যে কাঠের টুকরা গুঁজিয়া দেওয়া হয়। কাজলা আঁটিয়া দিলে দুই তক্তার ফাঁকে করাত অনায়াসে চালান যায়। করাতী-দিগের ব্যবহার্য্য কাষ্ঠকীলক বা মেক wedge. **কাং আঁটা**-কাঠ চিরিয়া তক্তা করিবার জন্য ফাট বা চিরের মুখে কাঠ গুঁজিয়া দেওয়া। প্র-করাত এখন খানিকটা চলেচে এইবার কাজলা আঁটিয়া দাও ; কাজলা আঁটিয়া ফাড়া বা ফাটান। ২ কীলক বা মেক ঠুকিয়া মজবুত করা।

কাজলা[3] [কাজ্লী আক হতে স্বতন্ত্র] বি, রক্তবর্ণ ইক্ষুবিঃ ; রক্তেক্ষু ; কাজ্লা আক saccharum officinarum. ২ বংশবিঃ ; কাজলা বাঁশ। ৩ ধান্যবিঃ ; কাজোল ধান।

কাজলি[1] [সং-কৃষ্ণেক্ষু ; শ্যামলেক্ষু] বি, মধুর কটুরস, ঈষৎ ক্ষারগুণযুক্ত ইক্ষুবিঃ। ২ সং-কান্তারেক্ষু ; হিং-কাতারে] কৃষ্ণবর্ণ ; অপেক্ষাকৃত শক্ত ও অল্পরস ইক্ষুবিঃ।

কাজলি[2]**, -রী, -লী** [সং-কজ্জল > হিং-কজ্জল] বি, কাজলি নামক গানবিঃ। শ্রাবণের কৃষ্ণা তৃতীয়া পর্য্যন্ত গেয় গানোৎসব।

কাজলী-বি, সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘসূচক উপাধিবিঃ।

কাজিঁমরা [শ্রীহট্ট প্রাদেং] বি, মুমূর্ষ ভাণকারী ; কপটমুমূর্ষু। "কাং মাছ।" [নবাবী আমলে কোন গৃহস্থের বাটীতে এক গরীব ভদ্রলোক অতিথি হন। গভীর রাত্রিতে তিনি জাগিয়া দেখেন এক চোর তাঁহার আশ্রয়-দাতার সর্ব্বস্ব লইয়া যাইতেছে। তিনি তখন চোর চোর বলিয়া চীৎকার করিতে করিতে চোরের পশ্চাদ্ধাবন করেন। চীৎকারে গৃহস্থরা জাগিয়া উঠে। চোর ছিল পুলিশ-চৌকীদার। সে বেগতিক দেখিয়া পশ্চাদ্ধাবমান ব্যক্তিকেই চোর বলিয়া গ্রেপ্তার করে ও কাজীর বিচারের জন্য উপস্থাপিত করে। কাজী সাহেব সমস্ত শুনিয়া কাহাকে,

ধৃতকারী চৌকিদারকে অথবা ধৃত অতিথিকে দণ্ড দিবেন স্থির করিতে না পারিয়া ভাবিতে থাকেন, এবং হঠাৎ মূর্চ্ছিত হইয়া পড়িয়া যান। পাখার হাওয়া ইং-তে কিছুই হইল না দেখিয়া তাঁহাকে তাঁহার গৃহে পাঠাইয়া দেওয়া হয় এবং যাদের বিচারের কালে ঐরূপ ঘটিল তাদেরই উপর স্কন্ধে করিয়া লইয়া যাইবার আদেশ হয়। পথে অতিথিটি আক্ষেপ করিয়া আপন মনে বলিতে থাকে—"হা ভগবান্! অদৃষ্টে এই ছিল! চোর ধরিতে গিয়া শেষে চোর হইতে হইল!" পুলিশ বলিয়া উঠিল, এখন জেলে গিয়া ঘানি টানিয়া পুলিশ কর্ম্মচারীর বিরুদ্ধে চলিবার মজা উপভোগ কর। আরে বাপু পাহারায় আসিয়া চুরি করিতেছিলাম তাতে তোর কি? তুই কেন আমাকে ধরিতে গেলি? মুমূর্ষুর ভাণকারী কাজী সাহেব সমস্ত শুনিয়া বাটী পৌঁছিতেই হঠাৎ গা ঝাড়া দিয়া উঠিয়া বসিলেন এবং স্থায় বিচারে অতিথিকে সসম্মানে মুক্তি দিয়া চোরকে কঠোর দণ্ডে দণ্ডিত করিলেন; তদবধি 'কাজিমরা' প্রবাদে পরিণত হইয়া যায়]।

কাজিমাজি [প্রাদেং (কাজিয়া দ্রঃ)] বি. চেঁচামেচি (মৈং গীং)।

কাজিয়া [আং—ক়জ়িয়া=ঝগড়া, বিবাদ। পূং বঙ্গ উচ্চারণে 'কাইজা'। খুলনা ও ২৪ পরগণায় 'কেজে'] বি, বিবাদ; বিতর্ক; ঝগড়া; কুঁদড়ামি। "এইমাত্র বুড়ি নাতিনীর সঙ্গে কাং করিতেছিল।"—দেবীচৌধুরাণী। "সহোদর ভ্রাতার সঙ্গে জমী লইয়া কাং করিয়া মারামারি করিয়াছিল।"—বঙ্কিমং।

কাজিয়াৎ [কাজী দ্রঃ] বি, কাজীর কার্য্য; কাজিয়তি।

কাজী১, জী [আং—ক়াজ়ী। "Kazi, Qazee corruptly Cazi, Cauzy, Cauzee, Kazy, Kaji—A Muhammadan Judge, an officer formerly appointed by the government to administer both civil and criminal law, chiefly in towns, according to the principles of the koran; under the British authorities the judicial functions of the Kazis in that capacity ceased, and with the exception of their employment as the legal advisers of the Court in cases of Muhammadan land, the duties of those stationed in the cities or districts were confined to the preparation and attestation of deeds of conveyance and other legal instruments, and the general superintendence and legalization of the ceremonies of marriage, funerals, and other domestic occurrences among the Muhammadans." —*Wilson*] বি, মুসলমান বিচারপতি: মুসলমান ধর্ম্ম ও রীতিনীতির অনুমোদিত ব্যবস্থা-প্রদাতা। "রমণী এমনি করে কাজীর বিচার।"—কুঙ্কুমং। "শুনিয়া বলেন রায় দোঁহে যদি রাজি। কি করিতে পারে তবে মীর মিঞা কাজী॥"—ঘং। কাজীর বিচার—যুক্তিহীন বিচার; একদেশদর্শী বিচার (মুসলমানের অনুকূল ও হিন্দুর প্রতিকূল); অপরাধীকে আগে ফাঁসী দিয়া পরে তার বিচাররূপ বিভ্রাট।

কাজী২—বিণ, কর্ম্মী: কর্ম্মদক্ষ: কাজের লোক। "কাজের বেলা কাজী কাজ ফুরালে পাজী।"—প্রবাদ।

কাজেই [কাজ, কাজেকাজে দ্রঃ] অ, সুতরাং। 'শাস্ত্রে আছে, কাং এ কাজটা করিতে হইবে; ওকাজটা নিষেধ আছে, কাং সে কাজটা করা হইবে না।"—সনাতনী।

কাঞ্চন [কন্‌চ্ (দীপ্তি পাওয়া)+অ(র্ত্তৃ) যে বর্ণ দ্বারা ধাতুর মধ্যে দীপ্তি পায়] বি, সুবর্ণ; স্বর্ণ। ২ [হিং—কচনার; মঃ—কর্ণাটী, কাংচনু। তেলুং—দেব-কাংচন] কাঞ্চনফুল ও তার বৃক্ষ bauhinia variagata. শ্বেত ও রক্তবর্ণ ফুলভেদে শ্বেতকাঞ্চন ও রক্তকাঞ্চন; কোবিদার; নাগেশ্বর। ৩ চম্পকফুল; কনকচাঁপা; চম্পকবৃক্ষ। ৪ ধান্যবিঃ। ৫ ধন। "কামিনী-কাঞ্চন।" ৬ হরিতাল। ৭ বিণ, কাঞ্চনবর্ণ; সুবর্ণময়। স্ত্রীং ~নী—হরিদ্রা। ২ সোনাকীরুই গাছ; ৩ গোরোচনা। ~কদলী [কাঞ্চন বর্ণ কদলী—ধা] বি, চাঁপাকলা। ~কারিণী [বৈদ্যক] বি, শতমূলী। ~গিরি [কাঞ্চনের গিরি (পর্ব্বত) ৬তৎ; কিংবা কাঞ্চনময় যে গিরি—খা] বি, সুবর্ণগিরি; সুমেরু পর্ব্বত। ২ ব্রাহ্মণকে দান করিবার জন্য কল্পিত সুবর্ণ-পর্ব্বত। ~প্রভ [কাঞ্চনের প্রভার ন্যায় প্রভা যার—মং পং লোং, বহুং] বি, ঐলবংশীয় রাজবিঃ। ২ বিণ, কনকপ্রভা-যুক্ত; স্বর্ণ-কান্তিবিশিষ্ট। কাং থালা—কাঞ্চন-নগরের নির্ম্মিত থালা এজন্য ইহাকে 'কাঞ্চন-নগুরে থালা'ও বলে। কাং পুঁঠি—সোণার বর্ণ পুঁঠী মাছ। কাং—সন্ধি—উভয় পক্ষের সমান সর্ত্তে যে সন্ধি হয়; দুর্ভেদ্যসন্ধি। মণি-কাঞ্চনযোগ—যোগ্যের সহিত যোগ্যের সংযোগ: সুখসম্মিলন।

কাঞ্চনাক্ষ—বি, দানবিঃ। ২ [কাঞ্চনের মত অক্ষি (চক্ষুঃ) যার—বহুং। অক্ষি=অক্ষ] বিণ, সুবর্ণবর্ণ চক্ষুবিশিষ্ট।

কাঞ্চনীয়া—বি, হরিতাল। ২ গোরোচনা।

কাঞ্চি১, কাঞ্চী [কন্‌চ্ (বন্ধন করা, দীপ্তি পাওয়া)+ই (ণে—জ্ঞাং যদ্দ্বারা কটিদেশ শোভা পায়)] বি, ধাতুনির্ম্মিত কটিবন্ধ: কটিভূষণ: মেখলা; গোট ইং [দ্রঃ—কটিহার একগুণ হইলে কাঞ্চী, দুইগুণ বা সাতগুণ বা আটগুণ হইলে 'মেখলা', কুড়িগুণ হইলে 'সপ্তকী'। পুরুষের কটিমেখলার নাম 'শৃঙ্খল'] ~পদ [কাঞ্চি দ্রঃ] বি, কটিপ্রোথ (দ্রঃ); পাছা।

কাঞ্চি২ [ময়মনসিংহ প্রাদেং] বি, হেঁশে; কাস্তে scythe, sickle. ~ক—বি, কাঞ্জী, কাঞ্জিক দ্রঃ।

কাঞ্চী৩ [বৈদ্যকং] বি, গুঞ্জা।

কাঞ্চী৪—বি, দাক্ষিণাপথস্থিত দ্রাবিড় রাজ্যের রাজধানী: কাঞ্চীনগরী; কাঞ্চীপুর। "শেষে শুনি সবিশেষ কাঞ্চী নামে আছে দেশ তাহে রাজা গুণসিন্ধু রায়।"—ভারতং।

কাঞ্জি [কাঞ্জী দ্রঃ] বি, পান্তাভাতের জল; আমানি। "পাঁচ মাসে নিদয়ার না রুচে ওদন। ছয় মাসে কাঞ্জি করঞ্জায় মন॥" —কবিকং।

কাঞ্জিক, কাঞ্জীক [সং] বি, কাঁজি; আমানি; বাসি ভিজা ভাতের অম্লজল। স্ত্রীং, কাঞ্জিকা—কাঁজি। ২ লঘু-জীবন্তী। ৩ পলাশীলতা।

কাঞ্জী [কাঞ্জিক দ্রঃ] বি, আমানি; পর্য্যুষিতান্নের অম্লজল; পান্তাভাতের জল। "হরিদ্রা-রঞ্জিত কাঞ্জী উদর পুরিয়া ভুঞ্জি প্রাণ

পাই পাইলে পাকাল।"-কবিক°। ২ সাধারণ সৈন্য ও গ্রামবলসংঘবাচক উপাধিবিঃ।

কাট,-ঠ [সং-কাষ্ঠ ; প্রাকৃ°-কট্ট, কট্ঠ ও° ; প্রা° বাং-কাট, কাঠ। "অগোরি চন্দন কাটে লথাই পুড়িমু।"-পদ্মাপু° (বিজয়গুপ্ত)] বি, কাষ্ঠ ; দারু ; কাঠ। ২ [রংপুর প্রাদে°] গাছের গুঁড়ি trunk of a tree. ৩ তৈলমল। প্র-তেলকিটে। ৪ অস্ত্রবিঃ। "বিপক্ষ মারিতে বীর জুড়িলেক কাট।" -কবিক°। ৫ বিণ, কাষ্ঠবৎ কঠিন; কাষ্ঠবৎ জীর্ণ ও শুষ্ক ; নীরস। ৬ আড়ষ্ট ; স্তম্ভিত : কিংকর্তব্যবিমূঢ়। "মাটির দিকে চেয়ে গিরীশ কাঠ হয়ে বসে রইল।"-মেজ বৌ (আ° শক্তি)। ৭ মরিয়া শক্ত ; মড়া। "নিজে হই কাট চক্ষু তুলে।"-ঈ° গুপ্ত।

কাট-কাট১ [সং-কাষ্ঠ > । সাদৃশ্যার্থে দ্বিত্ব] বিণ, কাটবৎ শুষ্ক ও লাবণ্যহীন। "গড়নটা বড় কা°।"-বিষবৃক্ষ।

কাটকাট২ [সং-কটু >, আধিক্যার্থে দ্বিত্ব] বিণ, কর্কশ ; কড়কড়া। "ধন বৃত্তি লহ আর বল কা°॥"-কবিক°।

কাটকাট৩ [কাটা দ্রঃ] বি, ঔদ্ধত্য-ব্যঞ্জক শব্দ ; কাটিতে উদ্যত হবার ভাবপ্রকাশক শব্দ। "ঘরে না থাকিলে কাট, করি কা° নিজে হই কাট চক্ষু তুলে।" -ঈ° গুপ্ত। ২ প্রায় কাটিবার মত ; কাটে আর কি : মারমুখী। কাট কাট মার মার-কাটিব মারিব বা কাট মার এই রব ; কাটিতে মারিতে উদ্যত হওয়ার ভাব ; অতিশয় ঔদ্ধত্য-প্রকাশ।

`কাটকুট [কাটা দ্রঃ] বি, ছেদন ও পেষণ বা মর্দন। ২ অল্পাধিক কর্তন। ৩ ছোট বড় ভুলচুক সংশোধন ; ভুলভ্রান্তি স্থানে স্থানে সংশোধন। ৪ কমবম ; সংক্ষেপ।

কাটকুয়া১ [কাটকুয়া 'কাষ্ঠকূপ' > ভ্রং। কাষ্ঠময় নৌকার কূপবৎ গহ্বর বা তলদেশ হতে কূপাকৃতি ও কাষ্ঠময় সেচনী দ্বারা জল উত্তোলন করা হয় বলিয়া] বি, কাটকুয়া দ্রঃ : কেটো।

`কাটকুয়া২ [বৈদিক নিরুক্তে কাট অর্থে কূপ। সুতরাং এ দুইটী সহচর শব্দ] বি, পাতকুয়া দ্রঃ।

`কাটখোট্টা [সং-কক্খট-কঠিন, দৃঢ় (শব্দসার)। তুল-হি°-কট্খন] বিণ, গোঁয়ার ; শুষ্ক-হৃদয় ; নির্দয় (তুল-জাহাজী গোরা)। "ছেলেরা সব চসমা পোরে বসে আছে কা°।"-দ্বি° রায়।

`কাটছাঁট [কাট (পোষাক কাটার কায়দা) ছাঁট (কাটের সহচর শব্দ। ছাঁটিয়া বা ছাঁটু বাদ দিয়া যে ধরণ বা ঢপ (fashion) হয়)] বি, পোষাকের কাটন ও ছাঁটন। প্র-জামার কা° মন্দ নয়। এ দোকানের কা° ভাল। ২ কাটিয়া ছাঁটিয়া যা বাদ দেওয়া হয়। ৩ কাটা পোষাকের পরিত্যক্ত টুকরা। ৪ ডৌল ; ছাঁদ ; গড়ন পিটন। ~কঁরা-ক্রি, কাটা ও বাদ দেওয়া ; নক্‌সা বা আদর্শানুযায়ী আকারে কাটা এবং অতিরিক্ত অংশ ছাঁটিয়া ফেলা।

`কাটছাতা [প্রাদে°] বি, কোঁড়ক।

কাটতি [কাটা দ্রঃ] বি, বিক্রয়াধিক্য।

কাটন [সং-কর্তন ; হি°-কাট্না] বি, ছেদন ; ছিন্ন করণ। ২ বিদারণ ; খনন। ৩ হনন ; বধ।

কাটনা [সং-কর্তন; প্রাকৃ°-কট্টন; হি°-কাতনা] বি, সূত্র কর্তন ; তুলা হতে সুতা প্রস্তুত করণ। ২ সুতাকাটাযন্ত্র ; চরকা।

কাটনার কঁড়ি-কাটনা কাটিবার পারিশ্রমিক ; সুতা কাটার পয়সা। "কাটনার কড়ি কত জোগাব ওঝারে।"-কবিক°।

কা°-কাটা-চরকায় সুতা-কাটা। "কা° কাটিয়া রাঁড়ি করে নিত্য ভাত।"-মাণিক°। ২ [লক্ষ°] ক্রমাগত গল্প বা কথা বলিয়া যাওয়া ; কাঁদুনি গাওয়া ; চরকার মত বিরক্তিকর এক ঘেয়ে ঘ্যান ঘ্যান করা।

কা° কাটা সুরু কঁরা-আত্মপরিচয় বা অন্য কথা আরম্ভ করা ; যার সূত্র শেষই হয় না ; পর্চ্চে পাড়া।

কাটনী [সং-কর্তনী ; বাং-কাটুনীও°] বি, যে নারী চরকায় সুতা কাটে। ২ চরকায় সুতা কাটার মজুরী।

কাটব [হি°, ব্রজ°] ক্রি, কাটিবে। ২ দংশিবে। "তুয়া হার নাগিনী কা° মোয়।"-বি° প°।

কাটব্য [কটু+য (ভা°)] বি, কার্কশ্য ; কটুত্ব বা কটুতা। কটু কাটব্য [প্রকারবাহুল্য অর্থে, 'কাটব্য' কটু শব্দের সহচর] বি, বিবিধ কটু বাক্য ; শক্ত শক্ত কথা ; কড়া কড়া গালি ; দুর্বাক্যাবলী।

`কাটমোল্লা [আকাট > কাট] বি, মূর্খমোল্লা : কুসংস্কারাচ্ছন্ন বা ধর্মোন্মত্ত ব্যক্তি; গোঁয়ার গোবিন্দ। "এই নাদান পীর ও কাটমোল্লাদের কবল হতে।" "এই কাটমোল্লা শ্রেণীর সম্পাদক।" "কাটমোল্লাদিগকে দমন করিতে না পারিলে ইস্লামের ভাস্বর মহিমা এবং উজ্জ্বল গরিমা দিন দিন অন্ধ কুসংস্কারে এবং সাম্প্রদায়িক বিদ্বেষে ডুবিয়া যাইবে।" -এম, সেরাজুল হক্ (আ° শক্তি, ১৩৩৩)।

কাটরা, কাঠ্রা [হি°-কট্ঘরা, কটহরা বা কাঠরা] বি, কাষ্ঠময় গৃহ ; কাষ্ঠবেষ্টনী ; কাষ্ঠ দ্বারা বেষ্টিত স্থান। "কমলাকান্তকে সাক্ষীর কাটরায় পুরিয়া দিল।"-বঙ্কিম°।

কাট্রামাল-শস্য লবণাদি বিক্রেয় দ্রব্য।

`কাটলেট [ইং-cutletএর লিপ্যন্তর] বি, মৃগ, মেষ, ছাগাদির পঞ্জরাস্থির অংশসংলগ্ন ক্ষুদ্র মাংস-ভাজা ; ভাজা-মাংস।

কাটা১ [কণ্টক > কাঁটা, প্রাদে°] বি, লৌহ কণ্টকিত কাষ্ঠফলক। "বিষ খায়্যা মরিব কাটা কর্‌য়া ভর।"-গী° (গিরি°)। ২ [কাঠা দ্রঃ। কাঠা-কাঠার উচ্চারণ-ভেদ] ভূমিপরিমাণ ; জমির মাপকাটি measurement rod ; এক বিঘার কুড়ি ভাগের এক ভাগ ; ৭২০ বর্গফুট জমি। ৩ ধান্যাদি শস্য পরিমাপক পাত্রবিঃ ; রেক ; চার কুনকে পরিমাণ a bushel. ৪ ৩২ সের পরিমাণ; ৮ গ্যালন।

কাটা২ [তুল-ইং-cut. সুইডিশ্-kotla=to sveer, ছেদন করা, আ°-কৃৎল, ওয়েলশ্°-cateia. cwtan=to shorten, কমান, ছাঁটা ; সং-কৃৎ=ছেদন করা, তা হতে কর্তন ; প্রাকৃ°-কটন ; হি°-কাট্না। কাটি, কাট, কাটে ; কাটিয়াছি (ক্ষে°-কাটছি) কাটিয়াছ (ক্ষে°-কাটছ) ; কাটিয়াছে (ক্ষে°-কাটছে) ; কাটিতে (ক্ষে°-কাটতে) ; কাটিয়া (ক্ষে°-

কেটে) ই°। ণিজন্ত-কাটান=অন্যকে দিয়া কাটা-কাটাই, কাটাও, কাটায় ; কাটাইতে (কো°-কাটাতে), কাটাইয়া (কো°-কাটায়ে) ই°] ক্রি, ছেদন করা ; কর্ত্তন করা। ২ বিণ, কর্ত্তিত ; ছিন্ন ; বিভক্ত। ৩ বি, কর্ত্তন। কাটাকাটা-আককাটা দ্রঃ। স্পষ্ট স্পষ্ট (কথা)। ২ যা কাটিয়া দেয় ; মর্ম্মচ্ছেদক ; চোখা ; তীক্ষ্ণ। প্র-কাটা কাটা কথা। কাটাকাপ [হি° কাট-ঢং+া=ঢঙ্গী যে ঢং করে+কাপ=কাপট্য-ছল-নকল-কৌতুক (যে করে) কিন্তু তা থেকে নয়। ইং-cup ভাঁড় বা বিদূষকের কাজ (cap & bells) > কাপ ; cut capers-নাচা কোঁদা, লম্ফঝম্ফ করা, আজগুবী কাণ্ড করা > যে তা করে > কাটা কাপ] বি, বিদূষক ; ভাঁড় ; সঙ্। কাটা-কুটা-বি, বিভিন্ন কর্ত্তিত টুকরা ; কাটছাঁট ; ক্রি, কাটাকুটি। কাটা ঘায়ে নুনের ছিটে-অঙ্গ কাটিয়া যে ক্ষত তার যন্ত্রণা ত আছেই তাতে আবার লবণ স্পর্শ করাইলে যন্ত্রণার অতিশয় বৃদ্ধি হয় ; তা হতে এক কষ্টের উপর অন্য কষ্ট। তুল-মড়ার উপর খাঁড়ার ঘা। কাটা পোষাক [ইং-cut (বস্ত্রাদি কাটিয়া অঙ্গের গড়ন অনুযায়ী ও ফ্যাসান (style) অনুরূপ তৈয়ার করা > কাটা+পোষাক] বি, কাপড় কাটিয়া তৈয়ার করা পরিচ্ছদ। এই অর্থে চ°-কাটা কাপড়। "কাটা কাপড়ের দোকান।" আক কাটা-আকের টিক্‌লির মত গোটা গোটা ; নিরেট ও রসাল। প্র-আক কাটা বা আখের টিকলি কাটা কথা। ২ আকাট ; আছোলা ; অমার্জ্জিত। ৩ আকাট দ্রঃ। গোঁয়ার ; মূর্খ। আঁক কাটা-রেখা টানা ; আঁচড় কাটা ; দাগ করা। এক কাটে ভারে আর কাটে ধারে-কর্ত্তনীর ধারে ত কাটেই আবার তার ভারেও অনেকটা কোপ বসে, এই দুই উপায়ে দ্রব্যাদি সহজে কাটা যায়। ২ [লক্ষ°] লোক কর্ত্তব্যের গুরুভার মাথায় পড়িলে কতকটা এবং আর কতকটা তীক্ষ্ণ বুদ্ধির জোরে সংসার-যাত্রা নির্ব্বাহ করে। ৩ লোকের দুই রকমে কাজ চলে, কিছু নিজের তীক্ষ্ণ বুদ্ধি বলে কিছু বা তার ভারি ভুরিতে অর্থাৎ মান সম্ভ্রম ও ধনবত্তায়। কঁথা কাটা-বিপরীত উক্তি বা যুক্তি দ্বারা কথার খণ্ডন করা। কঁথা কাটাকাটি-উক্তি প্রত্যুক্তি দ্বারা বিতণ্ডা। কাট কাটা-গাছ কাটিয়া জ্বালানী কাঠ তৈয়ার করা। প্র-বনে কাট কাটতে যাওয়া। ২ কাঠ কাটিয়া নষ্ট করা। "কাট কাটে বস্ত্র কাটে কাটে সমুদয়।" কাটাকাটি-পরস্পরে আঘাত দ্বারা কাটিয়া ফেলা ; অস্ত্রাঘাত সহ মারামারি। ২ [প্রাদে° বর্দ্ধমান] দেনা পাওনা ; জমা খরচ। ৩ পরস্পর হত্যাকরণ ; পরস্পর কর্ত্তৃক পরস্পরকে কাটা ; এ কাটে ওকে ও কাটে একে। কাটাকাটি করি কত কোটি কোটি মৈল।" -শি°। কাটাকাটি মারামারি-তুমুল ঝগড়া ও খুনোখুনি। কাটাকুটি-কর্ত্তিত বা ক্ষুদ্র তৃণাদি। ২ বারংবার কাটা। কাটাকুটি কঁরা-হিসাবপত্রে বাদসাদ দিয়া বাকী কাটা। উপর্য্যুপরি কাটা বা হ্রাস করা। কাটকুট দ্রঃ। কাটা পঁড়া-তরবারি খড়্গাদি অস্ত্রে নিহত হওয়া। "অনেক সৈন্য কাটা পড়েছে।" কাণ কাটা-কাণ কাটিয়া দেওয়া। ২ হারাইয়া দেওয়া ; জব্দ করা। ৩ ছিন্নকর্ণ। ৪ নির্লজ্জ ; বেহায়া। > স্ত্রীং ~টী। কোষ্ঠী কাটা-দ্বাদশ রাশির গৃহ-সম্বলিত পতাকীচক্র ই° আঁকিয়া জন্ম-পত্রিকা প্রস্তুত করা। খানা কাটা-মাটি কাটিয়া গর্ত্ত করা। খালকাটা-মাটি কাটিয়া খাল তৈয়ার করা। খাপ্‌চিকাটা -খাপ্‌চি দ্রঃ। গঁলা কাটা-কণ্ঠচ্ছেদ করা। ২ প্রবঞ্চনা করা। ৩ অল্প মূল্যের দ্রব্য অত্যধিক মূল্যে বিক্রয় করা। বিণ, যে দস্যু গলা কাটিয়া লুণ্ঠন করে cut-throat. গাঁট কাটা-যে গাঁট (গ্রন্থি-কটিবস্ত্রের বস্ত্র কাটিয়া টাকা কড়ি চুরি করে) cut-purse. ঘঁর কাটা-ঘর দ্রঃ। ঘাস কাটা -ঘোড়ার ঘেসেড়ার কাজ করা। ২ বৃথা কাজ করা ; লাভ শূন্য কাজে ব্যাপৃত হওয়া। ঘুড়ি কাটা-উড়ন্ত ঘুড়ির সূতা কাটা। ঘোর কাটা-আবেশ দূর হওয়া ; নেশা, তন্দ্রা, অজ্ঞানতা ই° যাতে লোকের জ্ঞান বুদ্ধি আচ্ছন্ন করে তার প্রভাব বা ঝোঁক চলিয়া যাওয়া বা দূর হওয়া। চঁরকা কাটা -চরকা ঘুরাইয়া তুলা হতে সূতা করা ; কাটনা কাটা। চিম্‌টি কাটা-চিমটি দ্রঃ। দুই আঙ্গুলে গায়ের চামড়া জোরে চাপিয়া ধরিয়া টানা। চুল কাটা-মাথার চুল কপ্‌চান বা ছাঁটা। চেক কাটা-ব্যাঙ্ক হতে টাকা তুলিবার জন্য ব্যাঙ্কের আদেশ পত্রের বহি বা চেকবহিতে স্বাক্ষর করা। ছঁককাটা-নক্সা তৈরী করা ; দাবা-পাশা খেলার ঘর তৈরী করা। ছানা-কাটা-অম্লরস যোগে দুধ হতে তার সর বা স্নেহভাগ কাটিয়া বা ছিঁড়িয়া পিণ্ডাকারে পরিণত হওয়া। (ণিজন্ত) ছানা-কাটান। জঁল কাটা-জল বাহির হইয়া যাওয়া। জল কাটানি-জল-মিশ্রিত বস্তু হতে জল-ভাগ বাহির করিয়া দেওয়া। প্র-ছানার জল কাটান। জাওর কাটা-জাওর দ্রঃ। জামা কাটা-শরীরের পরিমাণ ও প্রথা অনুযায়ী জামার কাপড় কাটা। জিব কাটা, জিভ্ কাটা-অপ্রতিভ হবার নিদর্শন স্বরূপ লোকে জিহ্বা বাহির করিয়া দুই পাটি দাঁতের মধ্যে চাপিয়া ধরে ; লজ্জায় লোকে জিভ কাটে। টেরি কাটা, টেড়ি কাটা-মাথার চুলে টেড়া বা বাঁকা সিঁথি রচনা করা ; বাঁকাইয়া চুল ফেরান। টেরি দ্রঃ। ঠোঁট কাটা-যার ওষ্ঠাগ্রে কিছুই বাধে না ; মুখর। ২ দুর্ম্মুখ ; নির্লজ্জ। ডানা কাটা-অক্ষম ; নিঃশক্তি ; উপায়-হীন করা। প্র-ডানাকাটা পরী [বিদ্রূপে ছিন্ন পক্ষ বলিয়া উড়িতে পারে এই যা প্রভেদ অন্যথা পরীরই মত] অতিশয় সুন্দরী। ২ অতি কুরূপা নারী। ডায়মন কাটা [ইং-diamond + বাং-কাটা] হীরা কাটিয়া তাতে যেরূপ পল তোলা হয় সেইরূপ সোণা রূপা ই° ধাতু বা রত্ন কাটিয়া তাতে পল বা টোপ তোলা। ডোরা কাটা-ডোরা দ্রঃ। ঢেরা কাটা-ঢেরা দ্রঃ। তাল কাটা -গাছ হতে তালের কাঁদি কাটা ও তালের মুখ কাটিয়া তা হতে তালশাঁস বাহির করা।

২ সঙ্গীতের তাল কাটা ; বেতালা হওয়া। ৩ বিণ, যারা তাল ও তালশাঁস কাটে ও বিক্রয় করে। প্র-তালকাটা হাড়ী। ৪ এই জাতি অত্যন্ত কৃষ্ণবর্ণ বলিয়া 'তালকাটা হাড়ী' বলিতে ঘোর কৃষ্ণবর্ণ, কুরূপ ও সৌষ্ঠবহীন। তিলক কাটা-তিলক রচনা করা। দড়ি কাট -সুতা কাটিয়া বা সুতায় সুতায় জড়াইয়া দড়ি তৈয়ার করা: দড়ী পাকান। দর কাটা-মূল্য হ্রাস হওয়া। দরে কাটা-অধিক মূল্যে বা অন্ততঃ প্রকৃত মূল্যে বিক্রয় হওয়া। দা-কাটা-দা বা কাটারী দিয়া কাটা ; যে তামাক ঢেঁকীতে কোটা নয় দা দিয়া কাটা ; খুব কড়া তামাক। দাগ কাটা-চিহ্ন করা ; রেখাপাত করা। দিন কাটা-দিন অতিবাহিত হওয়া ; নির্বিঘ্নে জীবনের দিন যাপন হওয়া। দিন কাটানি-দিন যাপন করা ; জীবন যাপন করা। দিন কাটে তি রাত কাটে ন'-দিবসের গোলমালে ও নানা বিষয় ব্যাপার দেখিয়া মন ভুলিয়া থাকে সুতরাং সময় কোন রকমে কাটিয়া যায় কিন্তু রাত্রির নিস্তব্ধতা নির্জ্জনতা ও অন্ধকারে দেহ মনের কষ্টে সময় অতিশয় দীর্ঘ বলিয়া মনে হয় সুতরাং তা যেন আর শেষ হয় না। দুধ কাটা-জল কেটে দুধ জমে যাওয়া curdle ধান কাট -ক্ষেত্রে ধান পাকিলে ধানগাছ কাটা। "রাশি রাশি ভারা ভারা, ধান কাটা হ'ল সারা, ভরা নদী ক্ষুরধারা খর পরশা। কাটিতে কাটিতে ধান এল বরষা।"-সোনার তরী। নকসা কাটা-রেখাঙ্কন করা ; ফুল পাতা ই॰র রেখাপাত করা। নাক কাটা -নাসিকা ছেদন করা। ২ লজ্জা দেওয়া। ৩ ছিন্ননাসিক। ৪ নির্লজ্জ ; বেহায়া। > স্ত্রীং, ~ী। নাড়ী কাটা-আঁতুড়ে সদ্যঃ-প্রসূত সন্তানের নাড়ী ছেদন করা। নাম কাটা-নাম দ্রঃ। নেশা কাটা -নেশার ঝোঁক চলিয়া যাওয়া ; মাদকতা আর না থাকা: নেশা ছুটিয়া যাওয়া। পথ কাটা -বন, জঙ্গল, মৃৎস্তূপ ই॰ কাটিয়া গমনাগমনের পথ করিয়া দেওয়া। ২ ভিড়ের মধ্যে ঠেলিয়া প্রবেশ করিয়া গমনাগমনের পথ করা।

পাঁটা বা পাঁঠা কাটা-ছাগবলি দেওয়া। ২ মাংস আহারের জন্য ছাগ কাটিয়া খণ্ড খণ্ড করা। পুকুর কাটা-পুষ্করিণী খনন করা। পেট কাটা-পোষাকের মধ্যে যে অংশ পেটের উপর পড়ে সেই অংশ খোলা ; পেট বাহির করা। ২ মধ্যভাগ কর্ত্তিত। পোকায় কাটা-worm-eaten. ফাঁড়া কাটা-প্রাণ সঙ্কট হতে উদ্ধার পাওয়া। ফোড়া কাটা-ফোড়ায় অস্ত্র-চিকিৎসা করা। ফুল কাটা-বস্ত্রাদিতে সুতা রেশম ই॰র ফুল রচনা করা ; ফুল তোলা। বই কাটা-বাজারে বই বিক্রী হওয়া। বছর কাটা-বি, বৎসর অতীত হওয়া। বন কাটা-বৃক্ষলতা-গুল্মাদি কাটিয়া বন পরিষ্কার করা। প্র-বন কাটিয়া সহর বসান। বিনেদ কাটা-গৃহনির্ম্মাণকালে তার ভিত্তির ভূমি খনন করা। ২ কোন কার্য্যের সূত্রপাত করা। বয়স কাটা-বয়স ছেড়ে যাওয়া। বুক কাটা-পেট কাটা দ্রঃ। ঐরূপ বুক খোলা। ভেংচি কাটা-জিভ কাটিয়া বা দাঁত খিঁচাইয়া ব্যঙ্গ বিদ্রূপ করা। মাত কাটা-গুড়ের তরল ভাগ বাহির হইয়া শুষ্ক বা সারভাগ থাকা। মাত কাটানি-সার রাখিয়া তরল ভাগ বাহির করিয়া দেওয়া। মাথা কাটা-বিণ, কবন্ধ। ২ চূড়াহীন। মাথা যাওয়া-ক্রি, অপমানে বা লজ্জায় মরিয়া যাওয়া। মাল কাটা-বিক্রেয় দ্রব্যজাতের কাটতি হওয়া ; মালপত্র বাজারে বিক্রীত হওয়া। মেঘ কাটা-মেঘ অপসারিত হওয়া ; মেঘ বাতাসে উড়িয়া যাওয়া। ২ [লক্ষ॰] সন্দেহ দূর হওয়া। তুল-"আকাশ কাটালকরা।" ৩ মেঘ কাটিয়া আকাশ পরিষ্কার হওয়া ; আকাশ মেঘমুক্ত হওয়া। যুক্তি কাটা-যুক্তি খণ্ডন করা। রাত কাটা-রাত্রি অতিবাহিত হওয়া ; ভোর হওয়া। রাত কাটানি -রাত্রি যাপন করা। লাল কাটা-লালা নির্গত হইয়া যাওয়া ; লাল পড়া ; শ্লেষ্মা বাহির হওয়া ; লোহিতত্ব দূর হওয়া। শিল কাটা-মসলা বা বাটনা বাটিবার শিলা

ক্রমাগত ঘর্ষণে মসৃণ হইলে পুনরায় তার উপর ছেনি ঠুকিয়া অমসৃণ করা। সময় কাটা -সময় ক্ষেপণ করা ; সময় অতিবাহিত করা। সাঁতার কাটা-সাঁতার দেওয়া ; সন্তরণ করা [দুই হাতে ও পায়ে জল কাটিয়া যাইতে হয় বলিয়া 'কাটা'] সিঁদ কাটা, সিঁধ কাটা-সিঁদকাটি নামক লৌহযন্ত্র দ্বারা প্রাচীরাদিতে সন্ধি খনন করতঃ গৃহে প্রবেশ করিয়া চুরি করা। সুতা কাটা-চরকায় সুতা তৈয়ার করা ; তুলা হতে সুতা করা। হাত-কাটা-ছিন্ন হস্ত। ২ কাঁধ হতে কনুই পর্য্যন্ত হাতা। প্র-হাত-কাটা জামা। হাত কাটিয়া বসা-প্রতিকার করিবার উপায় স্বহস্তে নষ্ট করা।

কাটা$_2$-ক্রি, কোন ব্যক্তি বা বস্তু বা বিষয়ে এড়াইয়া যাওয়া ; পাশ দিয়া যাওয়া ; বাধা অতিক্রম করা। ২ কাটনা কা॰ ; সুতা কাটা। ৩ ভাসা ও জল কাটিয়া চলা। "নৌকাখানা এক হাত জলে কাটে।"

কাটাই [কাটা দ্রঃ] বি, কাটানী ; কর্ত্তনমূল্য।

কাটাইল্ [প্রা॰ বাং। কর্ত্তরী >] বি, কাটারি। "বাঙ্গলা গুয়া কা॰ দিয়া করে দুই-খান।"-মাণিক॰ গান।

কাটাখাল-বি, (বাণিজ্যাদির সুবিধার জন্য খনিত) কুল্যা ; খাত irrigation canal.

কাটাজমি [বাখরগঞ্জ প্রাদে॰] বি, জঙ্গল কাটিয়া যে জমিতে ধানের চাষ করা হইয়াছে।

কাটানি$_1$ [কাটা দ্রঃ। কাটাই, কাটাও, কাটায় ; কাটাইতে (ক্ষে॰-কাটাতে) ; কাটাইয়া (ক্ষে॰-কাটিইয়ে, কাটিয়ে) ই॰] ক্রি-বি, অতিবাহন ; ক্ষেপণ করা ; যাপন করা। ২ [কাটার ণিজন্তরূপ] কর্ত্তন করান ; কাটাইয়া লওয়া। ৩ জলের পথ করিয়া লওয়া। ৪ কোন কিছুর পর বা বিঘ্নবিপত্তি উত্তীর্ণ হইয়া বাঁচা বা জীবিত থাকা survive. "সকলেই জানিত কাশীনাথ এই আঘাত কাটাইয়া উঠিতে পারিবে না।"-শ॰ চট্টো॰।

কাটানি$_2$-বি, বশীকরণাদি মন্ত্রের প্রতিষেধক মন্ত্র। ২ ঋণ বা দেয় পরিশোধ।

কাটান৩ [প্রাদে° বর্দ্ধমান] বি, যে জায়গা কাটিয়া জল বাহির করা হয়। "গড়ের কাটান।"

কাটান-ছেঁড়ান,-ছিঁড়েন [গ্রা°] সম্বন্ধ কর্ত্তন ও মায়াপাশ ছেদন ; সকল সংস্রব ছিন্ন করণ : সম্পর্ক রাহিত্য। প্র-তার সঙ্গে কাটান ছেঁড়ান হয়ে গেছে আর মুখ-দেখা-দেখি নাই। ২ বাদ বিবাদের নিষ্পত্তি ; প্রাপ্য পাইয়া দেয় দিয়া হিসাব চুকান বা মিটমাট করা।

কাটানদার [সাজবাজানো, পাঁচালি ও হাফ আকড়াই দ্র:] বি, যে পাঁচালি, হাফ-আখড়াই ই°-তে ছড়া কাটায়। "সাজ বাজনার পর 'ঠাকুরুণ বিষয়' বা 'শ্যামা বিষয়'। প্রথমেই শ্যামা-বিষয়ক একটি গান সকলে মিলিয়া গাইবার পর কা° উক্ত বিষয়ের ছড়া কাটাইতেন-অর্থাৎ ঐ কার্য্যের উপযুক্ত কোনো এক ব্যক্তি উপযুক্ত অঙ্গভঙ্গীর সহিত কথনো বা সহজ গলায়, কথনো বা এক প্রকার সুরের সাহায্যে, কথনো বা পদ্যে, কথনো বা গদ্যের ছুট কথায় উচ্চ সুরে ছড়া বিন্যাস করিতেন-কাটাইতে জানিলে তাহা শুনিয়া শ্রোতৃবর্গের লোমাঞ্চ হইত। ফলতঃ সুকবির রচনা ও সু-কাটানদার কর্ত্তৃক যোজনা হইলে নানা রস উদ্দীপনায় সম্পূর্ণ সম্ভাবনা। ছড়া কাটানো হইলে সকলে মিলিয়া আবার গান।"-মনোমোহন গীতাবলী পৃঃ ১৬২]।

কাটানী [কর্ত্তনী >] বি, কর্ত্তনের মূল্য; কাটানের বেতন ; কাটাই।

কাটাম[প্রাদে°] বি,প্রতিমা। "দেখিতে সুন্দর বড় রূপের কা°।"-মৈ° গী°। ২ কাঠাম দ্র:।

কাটারি, -রী [কর্ত্তরী দ্র:। কট্টার দ্র:] বি, কান্দা ; দা ; কাটিবার অস্ত্র। "গলায় কাটারি দিয়া মরিব পরাণে।" -কৃত্তি°। ২ কাটারি পোকা ; ইহারা বেগুন আলু ই° গাছের অনিষ্ট করে।

'কাটি১, **'কাটী** [কাষ্ঠ-ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, কাঠের সরু ও ছোট খণ্ড : শিক : কুচি : ক্ষুদ্র তৃণাদির খণ্ড। "কাহিল হোলাম যেন একটি কাটি।"-দ্বি° রায়। "ধর্ম্ম কাটি দেন ঢাকে, গোপনে কভু না থাকে।"-গোপাল উড়ে। ২ খড়কে। প্র-দাঁতে কাটি দেওয়া বা করা। **'কাটি করা, 'কাঠি করা**-ক্রি, উসকাইয়া দেওয়া ; খোঁচা দেওয়া। ২ উত্তেজিত করা। ৩ ব্যস্ত বা অস্থির করা। ৪ বিরক্ত করা। **'কাটিখাল**-মাটি কাটিয়া নির্ম্মিত খাল ; খনিত দীর্ঘ জলাশয়।

কাটি২ [প্রাদে° বাখরগঞ্জ] বি, পথ ; রাস্তা road.

কাটঘা [কাটি-বা (ক্ষত) দাঁতে কাটা বা দংশন-জাত ক্ষত] বি, সর্পাঘাত ; সর্প-দংশনের ক্ষত।

কাটিয়া [কাটা দ্র:] ক্রি, কর্ত্তন করিয়া। ২ [গ্রা°-কেটে] বি, তসর-কাটা ছোট কাপড ; হাঁটুর নীচেও পড়ে না এত ছোট ওসারের মোটা সুতার (সাধাঃ তসরের) কাপড (পরিধেয়)।

কাটিয়'র [হি°-কাটিয়াবাড] বি, ভারতের পশ্চিম প্রান্তস্থ প্রদেশ, প্রা° রাজপুতানার পশ্চিম দক্ষিণ প্রান্তস্থ ও গুজরাটের অন্তর্গত প্রদেশ। কাটিয়াবাড প্রদেশের প্রসিদ্ধ ঘোটক। "কা° আসোয়ার তরবার হস্তে।"-পদ্মিনী উপাখ্যান।

কাটুন [ই°-cartoon] বি, ব্যঙ্গ চিত্র ; রঙ্গ চিত্র। "কা° চিত্রে বিভূষিত হইল।"

কাটুনী-কাটনী দ্র:। **~ছাঁটুনী**-কাট ছাঁট, ডৌল ; ছাঁদ। ২ যে চরকায় সুতা কাটে : কর্ত্তনকারিণী।

কাটুরকুটুর [অনু°] বি, কর্ত্তনশব্দবি: ; দন্তর জন্তুদিগের দন্তদ্বারা কর্ত্তনের শব্দ। "ইন্দুরে করে কা°।"-ভারত°।

কাট্য [কাটা দ্র:] বিণ, কর্ত্তনযোগ্য। ২ উলঙ্ঘ্য ; খণ্ডনীয়। অকাট্য-অখণ্ডনীয়।

কাঠ [সং-কাষ্ঠ। কাট দ্র:] বি, ইন্ধন ; দারু ; কাষ্ঠ। "কাঠ কাটে বস্ত্র কাটে কাটে সমুদয়।" ২ [বৃক্ষের ভিতরের বা ছালের নিম্নে কঠিন অংশ হতে লক্ষণায়] হাড় ; অস্থি-পঞ্জর। প্র-দেহে আর আছে কি, কাঠ বাহির হ'য়ে পড়েছে। তুল-দেহ ত নয় একখানা তক্তা। ৩ বিণ, কাঠবৎ নিস্পন্দ ও শুষ্ক। ৪ অবাক্ ; নিস্তব্ধ। "নারায়ণী কাঠ হইয়া দাঁড়াইয়া রহিলেন।"-শ° চট্টো°। **'কাঠ কাটা** [কাটা দ্র:] বি, কাঠচ্ছেদন ; গাছ কাটিয়া জ্বালানী কাঠ করা। **কাঠকুয়া** [সং-কাষ্ঠকূপ। কাটকুয়া দ্র:] বি, কাঠনির্ম্মিত জলসেচনী ; কেঠো ; নৌকাগর্ভস্থ জল তুলিয়া ফেলিবার কেটো। **'কাঠখড়**-কাঠ ও তৃণ বা খড। প্র-কাঠখড়ে পোড়ান। ২ জ্বালাইবার কাঠ, শুষ্ক তৃণ ই° উপকরণ সংগ্রহ : জোগাড যন্ত্র ; চেষ্টা ও শ্রম। প্র-ওতে অনেক কাঠখড় আছে ; কত কাঠখড় ক'রে তবে কাজটা ক'রতে হয়েচে। **'কাঠখড়ে হওয়া, কাঠেখড়ে হওয়া**-মরিয়া কাঠ ও খড যোগে পুড়িবার মত হওয়া ; মরা। **'কাঠখড়ি** [সং-কক্খটী] বি, দৃঢ়খড়িবি: ; কঠিন খড়িমাটি। **'কাঠখোলা**-বালিখোলা নহে ; বালিশূন্য ভাজনা খোলা। **'কাঠগড়** [কাঠ-গড, গর্ত্ত-গাড়া=গড়া-গড়] বি, উদূখল। **'কাঠগড়া** [হি°-কঠঘরা-কঠহরা-কঠড়া] বি, কাষ্ঠ-নির্ম্মিত বেড়া : কাঠের গরাদে যুক্ত মঞ্চ। "চারিদিকে কাঠগড়া মত্ত-হাতী মাঝে।" -ঘ°। ২ কাঠদ্বারা বেষ্টিত স্থান ; কাঠরা। **'কাঠগোলা** [কাঠ (ব্যবসায়ার্থ কাষ্ঠ রাখিবার) গোলা (আডত)] বি, কাঠের গোলা বা আড়ত। **'কাঠগোলাপ**-বি, পুষ্পবি: ; যে গোলাপ দেখিতে পুষ্পের ন্যায় কিন্তু তাদৃশ গন্ধ নাই ; গন্ধহীন গোলাপ। **'কাঠ ছাতা** [কাঠ দ্র:। পচা কাঠে যে ছাতা জন্মে] বি,কৌড়ক polyporus. **'কাঠ জালি**-বি, বিটলবণ। ২ বৃক্ষের অস্থায়ী ফল। **'কাঠঠোকরা** [তুল-ই°-woodpecker. কাঠে ঠোকর মারে বলিয়া এই নাম] বি, স্বনামপ্রসিদ্ধ পক্ষী। সচরাচর যে কাঠঠোকরা দেখা যায় তারা ৬।৭ ইঞ্চির বেশী বড় হয় না, দেশ ও জাতিভেদে বহু প্রকার, গায়ের বেশীভাগ পালক কালো, মাঝে মাঝে শাদা ডোরা ও লেজের পালক ছিটযুক্ত, ঠোঁট সরু, লম্বা ও শক্ত। **'কাঠনেকার** [কাঠ-কাষ্ঠ > নেকার শুকার >] বি, নীরস কাষ্ঠবৎ নেকার ; শুষ্কবমন ; উকি ; যে বমনে উদর হতে শ্লেষ্মা পিত্তাদি বহির্গত হয় না। **কাঠ-পিঁপড়ে** [কৃষ্ণ পিপীলিকা] বি, কাল রঙের

বড় পিঁপড়ে। কাঠফিড়িং-কাঠির মত সরু ফড়িং ; পতঙ্গবিঃ। কাঠবমি-বি, শুষ্ক বমনের বেগ। ˋকাঠবিষ-অতি-বিষজাতীয় বিষবিঃ ; তীব্রবিষ ; মিঠাবিষ ; এই বিষ বৃক্ষবিশেষের (aconitum spicatum) কৃষ্ণ (উচ্চারণ-বিকারে কাঠ বা কটু হতে?) মূল হতে পাওয়া যায়। ˋকাঠবিড়াল [কাঠ (কাষ্ঠ আরোহী বিডাল (মার্জ্জার)] বি, কাষ্ঠ মার্জ্জার; বৃক্ষমার্জ্জার। ˋকাঠমল্লিকা-বি, বনজাত মল্লিকা পুষ্প ; বন-মল্লিকা। ˋকাঠ-মূরিতি [কাষ্ঠমূর্ত্তি] বি, কাঠের ন্যায় প্রাণহীন অসাড় বা স্পন্দনহীন মূর্ত্তি; আকাট বা জড়মূর্ত্তি। তুল-হিং-"কাটকা উল্লু।" প্র-কাং ঐছন আছয়ে কবি বিদ্যাপতি ভাণ।"-বিং পং।)

ˋকাঠরা [কাঠ+রা (নির্ম্মিত অর্থে) কাঠগড়া দ্রঃ। হিং-কঠড়া ; কঠহরা] বি, কাষ্ঠবেষ্টিত স্থান ; দারুময় গৃহ। ২ [হিং-কাঠড়া ; কঠৌতা] কাষ্ঠনির্ম্মিত দ্রব্যাদি ; কাঠের খোরা। প্র-কাঠ কাঠরা গুলা ঘরে তুলিয়া ফেল ; কাঠ কাঠরার জিনিস ফেলিয়া গিয়াছে।

ˋকাঠরিয়া, ˋকাঠুরিয়া [কাষ্ঠ-ইয়া-উয়া-র আগম, উচ্চারণে] বি, কাষ্ঠ-চ্ছেদক ; কাঠকাটা জাতিবিঃ।

ˋকাঠলা [প্রাদেং] বি, যে কাঠ হতে লাঙ্গল তৈয়ার করা যাইতে পারে।

কাঠলাড়িকা [প্রাং বাং] বি, কাঠ-মল্লিকা (শ্রীং কীং)। কাঠে-কাঠে-ক্রি-বিণ, মুখে মুখে ; জোড়ে জোড়ে। ২ সমানে সমানে : সেয়ানে সেয়ানে।

ˋকাঠা [সং-কাষ্ঠা] বি, ভূমি-পরিমাণ-বিঃ ; ৮০ হাত দীর্ঘ ও ৪ হাত প্রস্থ পরিমিত ভূমি। ২ ধান্যাদির পরিমাণ পাত্র ; রেক। "ফুল্লরা দুকাঠা চাল মাঙ্গিল উধার।" -কবিকং। ৩ [ফরিদপুর প্রাদেং] ১৮ৎ সের ধানের মাপ। ~কালি [কাঠা দ্রঃ] বি, কাঠার পরিমাণ অঙ্ক। ~কিয়া [কাঠা দ্রঃ] বি, শতাবধিকাঠা গণনা ; কাঠার সংখ্যা ঘটিত গণনা বা হিসাব।

ˋকাঠাম [কাষ্ঠ-কাম (ক লোপ)] বি, কাষ্ঠ কিংবা বংশাদি-রচিত আধার : ঠাট। "কোন খানায় দুর্গা ঠাকরুণের কাঠাম,কোন খানায় হাড়ির ঝুড়ি।"-নীলদর্পণ। "হায় কি দৈবের দোষে কাঠামো হতে নির্দ্দয় রাক্ষসমূর্ত্তি হইল বাহির।"-অশোকং।

ˋকাঠি,-ঠী[কাষ্ঠ-কাঠ+ই,ঈ(ক্ষুদ্রার্থে)] বি, কাষ্ঠের সরু ছোট খণ্ড ; কাঠের শিক। ২ ক্ষুদ্র শলাকা। প্র-চাবিকাঠি। ˋকাঠি পোকা-কাঠির মত সরু পতঙ্গ stick insect

কাঠিহার-বি, কাঠির মত করিয়া কতকগুলি ছোট ছোট আলুর তৈয়ারী মালা যা সাঁওতালরা গলায় পরে। মাদুর ˋকাঠি -মাদুর যে ঘাসে নির্ম্মিত হয়। খিড়কে ˋকাঠি-দাঁত খুঁটিবার শলাকা tooth pick ˋকাঠি করা-কাটি করা দ্রঃ।

ˋকাঠিকাটা [যশোং, খুলনা, জঙ্গলা ভাষা] বি, সর্ব্বপ্রথম বাদা কাটিয়া বসতি নির্ম্মাণকারী অধিবাসী। এইরূপ জমিতে যাদের স্বত্বস্বামিত্ব থাকে এই অর্থে এরূপ কোন অধিবাসীর জমিকে "কাঠিকাটা বাস" বলে।

ˋকাঠিনী [কঠিন+অণ (স্বার্থে) ঈ (স্ত্রীং] বি, খড়ি ; কঠিনী (দ্রঃ)।

ˋকাঠিন্য [কঠিন (দৃঢ়)+য (ভাং)] বি, দৃঢ়তা ; কঠিনতা। ২ নিষ্ঠুরতা ; নির্দ্দয়তা।

ˋকাঠিম-বি, সুতা জড়াইবার কাঠের খাদ করা টুকরা : সুতা গুটাইবার চরকি reel.

ˋকাঠুয়া [হিং-কটৌতি] বি, কাঠের পাত্র ; কেঠো।

কাঠে-কাঠে-কাঠ দ্রঃ।

ˋকাঠোয়াল-কাঁটাল দ্রঃ।

কাড়১ [কাড়া দ্রঃ] বি, কাড়া নামক বাদ্য ; ঢোল। ২ ঢেঁড়া। কাড় দাবী-ঘোষণাপত্র জারীর জন্য ঢুলীর মেহনৎআনা।

কাড়২ [প্রাদেং] বি, মাচা। "বড় ঘরে সাঙ্গাই কাড়েতে উঠিল।"-পুং বং গীং।

কাড়, কাড়ি [কাটি >, ট=ড়] বি, কাটি। ২ শর। "ধনু কাড়ি লইয়া।" -মৈং গীং।

ˋকাড়ন [কাড়া দ্রঃ] বি, বহিষ্করণ ; ব্যবহার করণ। ২ পরিষ্করণ। ৩ বল দ্বারা গ্রহণ ; বল পূর্ব্বক লওয়া ; লুঠ।

ˋকাড়া১ [সং-কর্ষণ ; প্রাকৃং-কড্‌ঢণ ; হিং-কাঢ়না। কাড়ি, কাড়, কাড়ুন, কাড়্ ; কাড়ে, কাড়েন। অস-ক্রি-কাড়িতে ; কাড়িয়া ; কেড়ে (গ্রাং)। ণিজন্ত-কাড়ান] ক্রি, বলপূর্ব্বক গ্রহণ করা ; ছিনাইয়া লওয়া। ২ আকর্ষণ করা ; টানা। "কাড়িয়া চালের খড় জ্বালিল আউড়ি।"-কবিকং। ৩ [প্রাং বাং-কাঢ়া ("আমা কাঢ় কুঞ্জ হতে।" -চৈং চং)। হিং-কাড়না] বাহির করা। প্র-হাঁড়ি কাড়া। ৪ প্রকাশ করা ; ব্যক্ত করা। ৫ ডাকা। "কোকিল রে কত ডাক সুললিত রা। * * আর যদি কাড় রা বসন্তের মাথা খা, মদনের শতেক দোহাই।" -কবিকং। ৬ বিণ, বলপূর্ব্বক গৃহীত ; লুণ্ঠিত। ৭ কাঁড়া ; কণ্ডন করা। পোষ কাড়া-কুড়েমি করা। মন কাড়া -চিত্ত আকর্ষণ করা। রা কাড়া-ডাকা ; শব্দ করা। ২ উত্তর দেওয়া। ৩ [প্রাদেং] তত্ত্ব লওয়া ; ডাকিয়া জিজ্ঞাসাবাদ করা ; সংস্রব রাখা।

কাড়া২ [কুলিপ >, ভং প্রাদেং] বি, বজ্র (মৈং গীং)।

ˋকাড়া৩, কাঢ়া [সং-কটাহ] বি, বাদ্য-যন্ত্র বিঃ ; ঢক্কা। (ইহার একমুখে চর্ম্মাচ্ছাদনী। ইহা গলায় ঝুলাইয়া বাজাইতে হয়)। "বাজিল বৃটিশ দামামা কাড়া।"-হেমং।

ˋকাড়াকাড়ি [কাড়া দ্রঃ] অ, উভয়ে উভয়কে আকর্ষণ ; পরস্পর বল দ্বারা গ্রহণ। "প্রাণ নিয়া করিয়াছি কত কাং।" -কুঙ্কুমং। ২ টানাটানি। "পোড়া হাড় ছড়াছড়ি, মড়া নিয়ে কাং।"-বন্ধু।

ˋকাড়ানি১ [কাড়া (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উং পুং-কাড়াই ; মং পুং-কাড়াও, কাড়ান্, কাড় ; প্রং পুং-কাড়ায়, কাড়ান্। অস-ক্রি, কাড়াইতে ; কাড়াইয়া] কাড়িতে বাধ্য করা। ২ স্বীকার করান ; মুখের কথা বাহির করিয়া লওয়া। প্র-কথা কাড়ান। ৩ দেবতার মাথায় ফুল রাখিয়া শুভাশুভ ফল নির্ণয় করান। প্র-তাহারা ঠাকুরের মাথায় ফুল কাড়াইতে গিয়াছে। ৪ কাঁড়ানো ;

ধান্যাদির কণ্ডন করান। "আবাদের যোগ্য যথা কাং বলি তায়। বৃষ্টিপাতে ভূমিতে সে কাং আনায়।" আষাঢ়ে কাং নাম্ কে। শ্রাবণের কাং ধান কে।"-খনার-বচন।

ˊকাড়ানি [প্রাদেং-কর্ত্তন >] বি, ক্ষেতের ধান গাছ একটু বড় হইলে কাদা মাটি কোদালে কোপাইয়া উল্টাইয়া দেওয়া।" -কেং রায় (প্রবাসী, ১৩৩৪)।

কাড়ান [মেঘ গর্জ্জন শব্দ >] বি, বৃষ্টি বাদল বা যদ্দ্বারা কাড়ান আনায়।

ˊকাড়া-নাকড়া, ˊকাড়া-নাগড়া [আং-নকারা > হিং-নগাড়া,-রা=বৃহৎঢক্কা] বি, কাড়া ও নাগাড়ার মাঝামাঝি আকারের ঢক্কা।"অমনি কতকগুলি বন্যলোক টিকারা ও কাড়ানাগড়া বাজাইয়া গান করিতে লাগিল।" -টেকচাঁদ।

কাঢ় [কাড়া দ্রঃ] ক্রি, বাহির কর। -চৈং চং।

কাঢ়া-কাড়া দ্রঃ।

কাণ [সং-কর্ণ ; প্রাকৃং-কন্ন ; বাং-কাণ, কান। অধুনা 'ন' অধিক চলিত হইয়াছে] বি, শ্রবণেন্দ্রিয় ; শ্রুতি ; শ্রবণ। "পুরুষের কাণ কাটে ধরে শক্তি হীরা।"-ভারতং। ২ মন্ত্রণা। ৩ [কাণি (নয়ন মুদ্রিত করা) + অ (র্ত্তৃ-জ্ঞাং)] বি, কাক। ৪ বিণ, এক চক্ষুহীন ; কাণা। ~কথা-কান কথা দ্রঃ।

ˊকাণ৴কাটা [কাণ (কর্ণ >) কাটা (কর্ত্তন >)] বিণ, যে কাণ কাটে (এতদ্দেশীয় স্ত্রীলোকেরা শিশুদিগকে শান্ত করিবার জন্য কাণ কাটার ভয় দেখাইয়া থাকে) ; জুজু। "অতএব সন্তানদিগকে ঐ জুজু ঐ কাণ-কাটা বলিয়া ভয় দেখান কুশিক্ষা তাহাতে সন্দেহ নাই।"-টেকচাঁদ। ২ যার কাণ কাটা গিয়াছে ; বোঁচা। ৩ নির্লজ্জ ; বেহায়া। ৪ যে ব্যক্তি কর্ণচ্ছেদ করে ; নাপিতের ন্যায় এক সম্প্রদায় কর্ণচ্ছেদ করা যাদের বৃত্তি। তাদের 'কাণফাড়া'ও বলে। "পাঁচ ভাই পাণ্ডা নামিল ঠাঁই ঠাঁই। কাণকাটা হাড়ি সিদ্ধা লেখা যোখা নাই।" "নাপিতের হস্তের ক্ষুর লইল কাড়িয়া। ঐ ক্ষুর কাণফাড়ার হস্তে দিল তুলিয়া।"-মাণিকং [পূর্ব্বে বৌদ্ধ যুগের বাং-য় যোগী বা যোগিনী অর্থাৎ সন্ন্যাস গ্রহণ-কালে কর্ণচ্ছেদ করিয়া কুণ্ডল পরিবার উল্লেখ বহুল দৃষ্ট হয়]~ওড়পা-বি,কর্ণভূষণবিঃ। ~কামড়ানি [কাণ কামড়ানি-কামড়ের ন্যায় যন্ত্রণাদায়ক অনুভূতি] বি, কর্ণরোগবিঃ ; এই রোগে কাণের ভিতর কট্‌কট্ করে ও অসহ্য যাতনা হয়। ~কুয়া [কর্ণকূপ-কান দ্রঃ] বি, মৎস্যের মাথার দুইধারে অবস্থিত শক্ত আবরণ-নিম্নস্থ গর্ত্ত। ২ উক্ত আবরণ : মাছের ফুল্‌কো ; কান্‌কো। ৩ [প্রাদেং] কর্ণমল। ~কোটারী, -রী [কর্ণকীট ; ওড়িং-কাণকোটলী। কাণে প্রবেশ করিয়া পটহ কাটে ও অশেষ কষ্ট দেয় বলিয়া এই নাম] বি, কীটবিঃ। "কাণকোটারিতে মোর কাণ কৈল কালা।" "কোটি কোটি কাণকোটারির কিলিকিলি।"-ঐ।~খঁড়্‌কিয়া [কাণ খড়ক + ইয়া > গ্রাং-কাণখোড়কে। হিং-খটক খড়ক ভয়-খট্‌কা চকিত-চৌকন্না-সামান্য খট্‌কা-খড়্ শব্দে কাণ খাড়া করিয়া শুনিবার অভ্যাস যার] বিণ, সামান্য শব্দে যে উৎকর্ণ হয়। ২ অতি অল্প আওয়াজও যার কাণে যায় ; শ্রবণে সতর্ক। ~চটা ও চাটা-বি, কাণের ঘাবিঃ। ~ডলা-কাণমলা। ~পাটা-বি, কর্ণপার্শ্বস্থ কুণ্ডল ; জুলপি। ২ কাণের নিম্নের কোমল অংশ। ~মলা-বি, কর্ণমর্দ্দন। ২ [লক্ষং] অপমান। ৩ পরাজয়। ~মাগুর -বি, মাগুর মাছের মত কিন্তু আরও বড়, মাথা মোটা, দীর্ঘ কাণশুয়া যুক্ত মাছ। ~মুতা [সং-কর্ণমূলা >] বি, কর্ণমূল। ~মোচড়, ~মোচড়া-বি, কর্ণমর্দ্দন ; কাণ পাকাইয়া দেওয়া। ~মোচড়ানি-ক্রি, কাণ মলিয়া দেওয়া। বি, ~মোচড়ানি।

কাণ্ট [প্রাদেং-ঢাকা] বি,কোণ corner. "দক্ষিণ পশ্চিম কাণটে বাতাস বহিতেছিল।"

কাণঠুটি, -ঠুটি [কাণ-ঠোঁট-ই (বির্থেং)-যার ঠোঁট কাণের মত] বি, দীর্ঘজঙ্ঘ জলচর পক্ষী, ইহাদের ঘাড় লম্বা ও সাপের মত। বর্ণ লাল, গোলাপী, ঠোঁটের গোড়া হরিদ্রাবর্ণ, আগা কাল flamingo.

কাণপাতা [কর্ণপাত দ্রঃ। কাণ-পাতা (শ্রবণার্থে শব্দাভিমুখে স্থাপন করা)] ক্রি, কর্ণপাত করা ; শুনা। "কাণ পাতা ভার।" -টেকচাঁদ।

কাণা [সং-কাণ। বাং-কাণা, কানা উভয় চলিত ; অধুনা 'ন' অধিক চং। তুলস্বর্ণ হতে সোণা, সোনা] বিণ, একচক্ষুহীন। কিন্তু বাং-য় দুই চক্ষুহীন অর্থেও ব্যবহৃত হয়। প্র-কাণা অন্ধ "কাণার হাতের লাঠি।" -ছড়া। ২ ভয়ে অন্ধপ্রায় ; দৃষ্টিহারা। "সন্ধানেতে দিল হানা, নিজ গৃহে যাইতে কাণা, তোমার আঁচলে কৈল স্থিতি।" -কবিকং। ৩ পাত্রাদির ধার ; কিনারা। "মেরেছ মেরেছ কলসীর কাণা, তাই বলে কি প্রেম দিব না।"-বাং-গান।

কাণাকাণি [কর্ণাকর্ণি >] বি, কাণের কাছে কথা বলা ; গোপনে পরামর্শ করণ ; কর্ণে গুপ্ত কথা বলা ; পরস্পর বলাবলি। "প্রথম মাসের গর্ভ জানি বা না জানি, দোয়জ মাসের বেলা লোকে কাং।"-কবিকং। ২ প্রায় পাত্র পরিপূর্ণ হওন; ছাপাছাপি। "যমুনা হইল কাং।"

কাণাঘুষা [কানাঘুষা দ্রঃ। কর্ণ > কাণা ; ঘোষণা > ঘুষা] বি, কর্ণে কর্ণে ঘোষণা ; গোপনে গোপনে এক কাণ হতে অন্য কাণে সংবাদ চালনা ও আলোচনা। "আমাকে একথা বলেন নাই, আমি কাণা ঘুষায় কথাটা জানিতাম।"-অং সরকার।

কাণাচ-কানাচ দ্রঃ।

কাণামেঘ [কাণা (যে আঁধারে দেখা যায় না, ঘন কৃষ্ণ) তুল-হিং-কালামেঘা)। -মেঘং] বি, ঘনকৃষ্ণ মেঘ। "আকাশে স্থানে স্থানে কাণা মেঘ আছে-রাস্তা ঘাট সেঁত সেঁত করিতেছে।"-টেকচাঁদ।

কাণী-কানি দ্রঃ।২ [ময়মনসিং প্রাদেং] বি, খাতার কোণ। "খাতায় কাণীতে টোকা।"

কাণীরা [ময়মনসিং প্রাদেং। কাণট দ্রঃ] বি, কোণ। "গাছের দক্ষিণ পশ্চিম কাণীরায় ৫০ হাত তফাৎ আমার বাড়ী ছিল।"-দলিল।

কাণুক-বি, কাক।

কাণ্টা, কাণ্ঠা [কণ্ঠ-কণ্ঠা। গ্রাং-কাণ্ঠা] বি, হাঁড়ি কলসী ইং পাত্রের কানা বা কিনারা।

কাণ্টি [কানটি দ্রঃ] বি, কানমোড়া।

কাণ্টী, কাণ্ঠী [প্রাদে°। কান্টী দ্রঃ] বিণ, কলহকারিণী।

কাণ্ড [কন্ (শোভা পাওয়া)+অ=আ (র্তৃ-জ্ঞা°) যে শাখাদ্বারা শোভিত হয়] বি, বৃক্ষের যে স্থান হতে প্রথম শাখা নির্গত হয়; গুঁড়ি। "গণ্ডকে বিন্ধিয়া কাণ্ডে গড়া বলে ছিণ্ডে।"-কবিক°। ২ বৃন্ত; বোঁটা। ৩ পর্ব্ব; পাব। ৪ গুচ্ছ; ঝাড়। ৫ তৃণগুচ্ছ। ৬ শরগাছ; খাগড়া। ৭ বাণ; কাঁড়। ৮ প্রকরণ; সামাজিক বিষয় ও নায়ক-নায়িকার প্রেমঘটিত নাটক (মৃচ্ছকটিকাদি)। ৯ গ্রন্থ-বিভাগ; গ্রন্থের পরিচ্ছেদ বা অধ্যায়। প্র-বেদের কর্ম্মকাণ্ড; জ্ঞানকাণ্ড। প্র-সাতকাণ্ড রামায়ণ। ১০ ব্যাপার; ঘটনা। প্র-প্রলয় কাণ্ড করে বসেছে। প্র-সে এক অদ্ভুত কাণ্ড। প্র-ভয়ানক কাণ্ড। অকাণ্ডকাণ্ড-অকস্মাৎ ঘটনা। ২ [প্রাদে°] বিপরীত কাণ্ড। ~কারখানা [কারখানা দ্রঃ। কাণ্ড(ঘটনা)-কারখানা (সহচর শব্দ কাণ্ডের বহুবচনে) সংঘটন কার্য্যের কাহিনী বা বৃত্তান্ত] বি বিষয় ব্যাপার; ঘটনাসমূহ; সংঘটনকারীর আচরণ বা কার্য্যপ্রণালী। প্র-তাহার কাণ্ডকারখানা দেখিয়া তিনি অবাক হইয়া রহিলেন। ~খানা-(খানা=খান=খণ্ড-নির্দ্দেশ বা নির্ণয়ার্থক) ব্যাপারখানা; বিষয়টা; ঘটনাটা। "এত বড় কাণ্ডখানা বিশ্বরহস্য বুদ্ধিতে না যায় জানা।"-বি° চক্রবর্ত্তী (সাধের আসন)। লঙ্কাকাণ্ড-হনুমান লঙ্কার ঘরে ঘরে আগুন দিয়া স্বর্ণলঙ্কা ছারখার করায় লঙ্কাকাণ্ড বলিতে (১) অগ্নিকাণ্ড বুঝায়। (২) তা হতে লঙ্কাকাণ্ডের ন্যায় সর্ব্বনাশকর কাণ্ড। ২ কৃত্তিবাসী রামায়ণে লঙ্কাকাণ্ডে রাম-রাবণের যুদ্ধ এবং তাতে সবংশে রাবণ-নিধন বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। তা হতে 'যুদ্ধকাণ্ড' (মূল রামায়ণের); কাটাকাটি মারামারি ব্যাপার। তুল-কুরুক্ষেত্র।

কাণ্ডকণ্টক [বৈদ্যক] বি, উচ্ছে। ২ শ্বেত আপাং।

কাণ্ডকার [কাণ্ড (বাণ) কার (যে করে) কৃ-করা+অ (র্তৃ জ্ঞা°)] বিণ, বাণপ্রস্তুত-কারী; বাণকারক; যে শর নির্ম্মাণ করে। ২ বি, গুবাক বৃক্ষ; সুপারিগাছ।

কাণ্ডকীলক [বৈদ্যক] বি, লোধ symplocos racemosa

কাণ্ডগ্রন্থি [কাণ্ডের (অধ্যায়ের, প্রকরণের) গ্রহ (গ্রহণ-জ্ঞান)-৬ তৎ] বি, উপস্থিত বিষয় জ্ঞান; বা বর্ত্তমান অবস্থার উপলব্ধি: কাণ্ডজ্ঞান।

কাণ্ডচারী [কাণ্ড-চর্ (গমন করা, আরোহণ করা) + ইন র্তৃ-ণিন্=কাণ্ডচারিন্ ১মা ১ব°] বিণ, যারা বৃক্ষকাণ্ডে বিচরণ করে; কাকাতুয়া, টিয়া ই° পাখী।

কাণ্ডজ্ঞান [কাণ্ড (ঘটনা-অবস্থা) জ্ঞান (বোধ)] বি, অবস্থা জ্ঞান; কোন্ অবস্থায় কি কর্ত্তব্য তার বোধ; সময় বা অবস্থানুযায়ী কর্ত্তব্যাকর্ত্তব্য জ্ঞান; হিতাহিত বোধ: বিবেচনা; বিচার-বুদ্ধি। ২ [কাণ্ডের (অধ্যায়ের, প্রকরণের) জ্ঞান (বোধ)-৬ তৎ] প্রকরণ-জ্ঞান। ৩ [কাণ্ড=বৃক্ষের স্থূলভাগ] স্থূল বা মোটামুটি জ্ঞান। ~হীন, -শূন্য, -রহিত-বিণ, হিতাহিত বোধরহিত; গোঁয়ার মূঢ়।

কাণ্ডতিক্ত [কাণ্ড-তিক্ত (তিত) যার -বহু°] বি, চিরেতা; ভূনিম্ব gentiana chirayta.

কাণ্ডনীল-বি, লোধ গাছ।

কাণ্ডপট [কাণ্ড (নির্জ্জন স্থান)-পট (বস্ত্র)। তুল-তুর্কী কানাত্] বি, পটগৃহ। ২ তাঁবু। ৩ যবনিকা; পর্দ্দা; কানাৎ।

কাণ্ডপৃষ্ঠ [কাণ্ড (বাণ) পৃষ্ঠে (পিঠে) যার-বহু°] বিণ, যুদ্ধব্যবসায়ী। ২ ব্যাধ। ৩ কুচরিত্র ৪ কর্ণশত্রু (মহা°)।

কাণ্ডবান [কাণ্ড+বতু (স্ত্য) মৃ°-কাণ্ডবৎ ১মা ১ব°] বিণ, তীরন্দাজ।

কাণ্ডবারিণী [কাণ্ড (বাণ) বারিণী (বৃ+ণিচ্=বারি (নিবারণ করা)+ইন্ (র্তৃ=বারিন্)+ঈ (স্ত্রী°)] বি, দুর্গা।

কাণ্ডবীণা [বীণা দ্রঃ] বি, কেঁদড়ো; চাণ্ডালবীণা।

কাণ্ডর্ষি [কাণ্ডের (বেদের বিভাগ-বিশেষের)-ঋষি (প্রকাশক মুনি)-৬ তৎ] বি, বেদাংশ-প্রকাশক ঋষি; যথা-বেদে কর্ম্মকাণ্ড ভাগের বিচারক জৈমিনি; ভক্তিকাণ্ডের বিচারক শাণ্ডিল্য; ব্রহ্মকাণ্ডের বিচারক বেদব্যাস।

কাণ্ডসন্ধি [কাণ্ডের (বৃন্তের) সন্ধি (মিলন-স্থান)-৬ তৎ] বি, কাণ্ডের মিলন-স্থান: পর্ব্ব; গ্রন্থি; গাইট।

কাণ্ডাই [প্রাদে°] বি, কেন্নাই।

কাণ্ডাকাণ্ড [কাণ্ড এবং অকাণ্ড-দ্বন্দ্ব°] বিণ, বিষয় এবং অবিষয়: ভালমন্দ; ন্যায় অন্যায়। ~জ্ঞান-হিতাহিত বোধ।

কাণ্ডার১ [সং-স্কন্ধাবার; কাণ্ডপট (দশ-কুমারচরিতে)] বি, বস্ত্রগৃহ; তাম্বু; কানাৎ; পর্দ্দা। "শিশুরে আনিয়া রাখ কা° ভিতরে।"-রাধিকা মঙ্গল (উদ্ধব)। "ততক্ষণে করিলেক কাপড়ের কা°।"-গি° গীত-গোবিন্দ। "বৃষভেতে আরোহণ কৈলা ত্রিলোচন। মধ্যে কা° বস্ত্র ধরে কোন জন॥"-কবিক°। "কাপড় কা° আড়ে কানড়া রূপসী।"-ঐ।

কাণ্ডার২ [কাণ্ড-কাঁড়, কাঁড়ার] বি, নৌকার হাল। "আপুনি নিরঞ্জন ধরেছ কা°।"-শূ° পু°। ২ [কাণ্ড+আর। কাণ্ডারী অর্থে] মাঝি। "কাণ্ডারের বচন করিয়া অবগতি, ত্রিবেণীতে স্নান করে সাধু ধন-পতি॥"-কবিক°।

কাণ্ডারী [সং-কর্ণধার > প্রাকৃ° কণ্ণার > কাণ্ডার, কাণ্ডারী (শ্রী° কী°); (২) কাণ্ডার (দ্রঃ)+ঈ (ধারী-অর্থে)] বি, নৌকার কর্ণধারী; কর্ণধার; মাঝি; নাবিক। "বাহ বাহ বলি ঘন ডাকিছে কাণ্ডারী।" -মনসা° ম°। "যাহারে কা° করি সাজাইয়া দিনু তরী সে কভু দিল না পদ তরণীর অঙ্গে।" -বঙ্কিম°।

কাণ্ডীর-বি, তীরন্দাজ।

কাঢ়া-কাড়া ৭ দ্রঃ।

কাঢ়ি, কাঢ়িআঁ, কাঢ়ী [কাড়া ৭ দ্রঃ] ক্রি, কুট্টিত করিয়া। ২ ছিনাইয়া।

কাণ্ঢার [কাণ্ডার > (প্রা° বাং) কাণ্ঢার > কাঁঢ়ার] বি, নৌকার কর্ণ বা হাইল। "পঞ্চ পাটে না থানী আন্ধার আপনেই ধরিল কাঁঢ়ার।"-শ্রী° কী°। ~নী-কর্ণধার; মাঝি।

কাণ্ব [কণ্+অ (অপত্যার্থে)] বিণ, কণ্

মুনির সন্তান। ২ (সম্বন্ধার্থে-অ) কণ্ সম্বন্ধীয়। ৩ বি, যজুর্ব্বেদীয় শাখাবিঃ।

কাণ্ব্যায়ন [কাণ্ব্য (কণ্বের অপত্য) অয়ন (আধার) যার-বহুং] বিণ, কণ্বমুনির বংশজাত।

কাৎ, কাত১ [সং-কাষ্ঠা-বাং-কাট, কাত] বি, দিক্; পার্শ্ব। ২ [প্রাদেং মালদহ] কিনারা; ধার border. ৩ [বাঁকুড়া-প্রাদেং] প্রাচীর; দেয়াল। ৪ আড়; বক্র; একপেশে। "তার পায়ে হবে বাত উঠ্‌তে হবে কাৎ॥"-দ্বিং রায়। "ঘাড় বাঁকাইয়া গাল কাত করিয়া দাঁড়াইয়াছিল।" ৫ পরিমাণ। ৬ মূল্য। ৭ তাস পাশা ইং খেলার একদল বা একদিকের খেলওয়াড়। ~কোম্পানি-সিক্কা টাকার সহিত কোম্পানী টাকার কমিবেশী নির্ণয়। ~দেওয়া-পাশ দেওয়া; কাত বা এক পাশ হইয়া স্থান ছাড়িয়া দেওয়া। ~হওয়া-আড় হওয়া। কুপোকাত [গ্রাং] কুপক বা কুপার কাত হতে তার ভিতরের তৈলাদি বাহির হইয়া যায় সুতরাং কুপায় পদার্থ থাকে না। লক্ষণায় কুপার ন্যায় দেহ শক্তি শূন্য বা প্রাণ শূন্য হইলে কাত হইয়া পড়ে। কুপাকাৎ করে দেওয়া-মারিয়া ফেলা বা প্রহারে ধরাশায়ী করা। কুপাকাৎ করিয়া শুইয়া থাকা-আড় হইয়া বা পাশ ফিরিয়া শুইয়া থাকা।

কাত২ [কায়স্থ > 'কাইত', 'কায়েত', 'কাত', 'কাত'] বি, কায়স্থ; (লেখা পড়াতে আদর্শ বা সুদক্ষ) কায়স্থ। "মুহুরী যে আছে এক গোবর্দ্ধন নাম। * * লেখাতে পড়াতে সেই অতি বড় কা'ত।"-পূং বং গীং।

কাত৩ [সং-কুত্র; বাং-কুথা, কোথা, কথি, কাত] বি, কোনস্থানে; কোথায়। "না কর কপট প্রভু সংসারের নাথ। বিদিত হইলা আর লুকাইবা কাত॥"-চৈং ভাং।

কাত৪ [কিতা দ্রঃ] বি, অর্দ্ধ মণাধিক নূতন বীজ বপনোপযোগী ক্ষেত্রখণ্ডবিঃ "a piece of field capable of receiving $51\frac{1}{2}$ lbs. avoirdupois weight of new seed. ২ কসলোপযোগী ক্ষেত্রখণ্ড।

কাতনা [প্রাদেং পূং বঙ্গ] বি, হাড়ি-কাঠ; যূপ।

কাতর [কু (ঈষৎ-মন্দরূপে) তর (তৃ-পার হওয়া+অ-র্ত্তৃ) কু=কা। বৌং বাং-প্রাকৃং 'কাঅর'। তুল-হিং-কায়র (ভীরু)] বিণ, অধীর; ব্যাকুল। ২ চঞ্চল। ৩ ভীত। ৪ দুঃখিত। ৫ অভিভূত; বিহ্বল; বিবশ। ৬ [গ্রাং-বাং] দরিদ্র: অভাবগ্রস্ত; কাঙ্গাল। "সাধু নহে ধনেতে কাং।"-শ্রীং কীং। "এত বড় রাজা ভৈল ধনের কাং।"-ঐ। ৭ প্রতি-যোগিতায় প্রাণভয়ে ভীত ব্যক্তি। "পথ বন্ধ করি আমি রহিলাম এই। রণে যুদ্ধ করি যাবে বীর বংশ যেই॥ নতুবা কাতর বলি করিব ঘোষণ। ক্ষত্রিয় সমাজে আর না পাবে আসন॥"-কর্ম্মদেবী। ৮ বি, কাতলামাছ। কাতল দ্রঃ। ~তা (র্)-বি,কাতর্য্য; দুঃখ। ২ ভীরুতা। ~কণ্ঠ, ~স্বর-বি, আর্ত্তরব; যন্ত্রণা-প্রকাশক ধ্বনি।

কাতরা১ [কর্ত্তনী] বি, আকমাড়া কলের অংশবিঃ; কাষ্ঠনির্ম্মিত ডসলা যার মধ্যে ৫।৬ খানি ইক্ষু এক সঙ্গে দিয়া টুকরা টুকরা করিয়া কাটা হয়।

কাতরা২, কাৎরা [আ -কৎরা] বি, বিন্দু; ফোঁটা।

কাতরানি [কাতর+আন (ক্রি, বিভক্তি)। কাতরাই,-কাতরাও, কাতরায়। অস-ক্রি-কাতরাইতে; কাতরাইয়া; কাতরে] ক্রি, কাতরতা বা যন্ত্রণা প্রকাশ করা; যন্ত্রণায় ছটফট করা ও ব্যাকুলতা প্রকাশ করা। বি, কাতরানি।

কাতরানি [কাতর দ্রঃ] বি, কাতরতা-ব্যঞ্জক ধ্বনি; যন্ত্রণার শব্দ; কোঁকানি; ক্লেশযুক্ত বাক্য কথন। "ক্ষণপরে প্রফুল্ল কোন বুড়া মানুষের কাং শুনিতে পাইল।" -দেবীচৌধুরাণী। ২ ক্লিষ্ট ভাব প্রদর্শন। "এক চক্ষু কাতরায়ে ছোট ঘরে যায়। আর চক্ষু রাঙ্গা হয়ে বড় জনে চায়॥"-ভারতং।

কাতরী-বি, আকমাড়া কলের ৪।৫ হাত লম্বা কাষ্ঠখণ্ড যার উপর বসিয়া গরুকে চালান হয়। ২ [কর্ত্তরী] বি. কাঁচী: সোণা রূপা ইং ধাতুকাটা কাচী।

কাতরোক্তি [কাতর+উক্তি] বি, শোক দুঃখ যন্ত্রণাদি ব্যঞ্জক বাক্য।

কাতর্য্য [কাতর+য (ভাং)] বি, কাতরতা।

কাতল [সং-কাতল,-র] বি, কাতলা-মাছ catla buchanani. ২ করাতী-দিগের ব্যবহার্য্য একদিক্ পাতলা একদিক্ মোটা কাঠের টুকরা wedge (ইহা তক্তা চিরিবার সময় চিরের মুখে দিয়া করাত চালান হয়)। কাতলা দ্রঃ।

কাতলা [সং-কাতল; ওড়িং-কাতি=শল্ক, (কাতিলা=বৃহৎ শল্কযুক্ত)] বি, বৃহৎশল্ক মৎস্যবিঃ। এই মৎস্যের দেহের পরিমাণ অনুপাতে মস্তক রোহিতাদি মৎস্য অপেক্ষা বড় ও ভারি catla buchanani. ২ [কাতলার সহিত ক্ষুদ্র মৎস্যের তুলনার ভাব হতে] বৃহৎ; বড়; চুনাপুঁটীর বিপরীত; ছোটখাট নয়। (২) বড়লোক; বৃহৎ ব্যাপার; মস্ত দাঁও। "* * তুমি কিছু ভেব না, আমি যে জাল ফেলে এসেছি, চুনোপুঁটী নয়, একেবারে দেড়মণি কাৎলা গ্রেপ্তার হবে। * * কি রকম, কি রকম? * * মফস্বল থেকে এক জমীদার আমদানী হয়েছে। তাঁর সঙ্গে জুটে তাঁকে রাজা খেতাব দেওয়াব * * একেবারে কিছু মাল কোরে বস্‌ছি।"-অং বসু। ৩ [কাঠ (কাষ্ঠ) লা (চেলা, চক্‌লা splinter. দ্রুত উচ্চারণে কাতলা, কাতালা)] বি, করাতীদিগের ব্যবহার্য্য কাঠের একদিক্ মোটা একদিক্ পাতলা ঠেকবিঃ (কাতলা দ্রঃ)। ৪ [প্রাদেং] দস্যুহস্তে নিহত পথিক; শিকার। ~পড়া [প্রাদেং পং বঙ্গে] ক্রি, শিকার পড়া। ২ আহত হওয়া। ৩ দস্যুদিগের পলাইবার সঙ্কেত শব্দ। ডাকাতি করিবার কালে কোন ডাকাত হত বা আহত হলে "কাতলা পড়েছে জাল গুটাও" বলে; তাতেই সকলে বিপদ বুঝিয়া পলায়ন করে। ~মারার দেশ-যে দেশে পথিককে ঠেঙ্গাইয়া মারে।

কাতা [সং-কৃৎ (কর্ত্তন) > । হিং-কাতা; ওড়িং-কতা (সুতা)। কাতান, কাতি দ্রঃ] বি, সুতা; দড়ী; নারিকেল ছোপার দড়ী। ২ [কর্ত্তা, দ্রং কত্তা-কাতা (গ্রাং)] কর্ত্তা। "ধাতা কাতা বিধাতার কপালে দিয়াছি ছাই।"-চণ্ডীং। ৩ কাঁচি, ক্ষুর ইং ক্ষৌরাস্ত্র রাখিবার চর্ম্মাধার; ভাঁড়।

"নাপিত নিবসে তথা কক্ষতলে করি কাতা।" -কবিক০ [ক্ষুদ্রার্থে কাতি (কবিক০)] ৪ কস্থাশব্দের প্রাদেশিক উচ্চারণ। ৫ কিতা দ্রঃ।

কাতান [সং-কর্ত্তন ; প্রাকৃ০-কত্তন] বি, যদ্দারা কর্ত্তন করে ; দাত্র ; দা ; কাটারী। "কা০ ভাগ্যক্রমে পাওয়া গেল, তাহাতে গুণ কাটিয়া দেওয়া হইল।"-আত্মচরিত (রাজনারায়ণ বসু) [দ্রঃ-প্রা০ বাং-'কাতান' স্থলে 'কালতন'। ধ০ ম০-মাণিক০]।

কাতার [আ০-কৃতার্=পংক্তি ; শ্রেণী ; তুল-ইং-gather ; অ্যাং-স্যা০-gadar ; ডে০-gader ; প্রা০-হাই-জর্ম্ম-Kataro (railing)] বি, রাশি ; সমূহ। ২ শ্রেণী ; পংক্তি ; সারি সারি ; লাইন। "সম্মুখে সেপাই সব কা০ কা০।"-ভারত০। ক্রি-বিণ, কাতারে ; শ্রেণীবদ্ধ হইয়া ; দল বাঁধিয়া। "কাতারে কাতারে সেনা চলে রাজপথে।" -মেঘ০।

কাতারি১ [প্রাদে০। হি০-পাতীলী, পতেলী=তিজেল] বি, তিজেল ; নীচু কাণার হাঁড়ি। ২ ঘানি গাছের যে কাষ্ঠে প্রস্তরাদি ভার চাপান হয় ; ঘানিগাছের ভার কাঠ।

কাতারি২, কাতারী [সং-কর্ত্তরী-প্রাকৃ০-কত্তরী] বি, স্বর্ণ রৌপ্যাদি ছেদনের কাঁচী।

কাতি [সং-কর্ত্তরী ; প্রাকৃ০-কত্তরী ; হি০-কাতী ; বাং-কাত্তি] বি, শঙ্খচ্ছেদনের অস্ত্র ; শাঁকের করাত। ২ জাঁতী। প্র-গুয়া-কাতি (ওড়ি০)। ৩ ক্ষুর। "কাতি দিব গলে প্রবেশিব জলে অনলে ত্যজিব প্রাণ॥" -ভারত০। ৪ কাতান ; খড়্গ। "শত শত সেনাপতি হাতে করি ঢাল কাতি॥ আছে তার অঙ্গন বেষ্টিত।"-কবিক০। "কাতি খর্পর হাতে লোহিত লোচনা।"-ঐ। ৫ [প্রাদে০-মেদিনী০] কাস্তে। ৬ [কাতলা দ্রঃ] আঁইষ ; মৎস্যের শল্ক (ওড়ি০)। ৭ [সং-কার্ত্তিক, ত্রং-কাত্তি] কার্ত্তিক মাস।

কাতিয়ারি [প্রাদে০। কার্ত্তিক-ওয়ারী। কার্ত্তিক মাসের শেষে পাকে বলিয়া এই নাম] বি, কার্ত্তিকশালী ধান্য।

কাতুকুতু-কুতুকুতু দ্রঃ।

কাতুর [কাতারী দ্রঃ] বি, স্বর্ণরৌপ্যাদি ধাতু কর্ত্তনের কাঁচী। ২ ঘানি গাছের ভারকাঠ।

কাতুর কুতুর [অনু০ ; হাস্যের শব্দ >] বি, গুড়গুড়ি ; কুতুকুতু। ২ ভ্রমরাখেলার বোল।

কাতুরি,-রী-কাতারী দ্রঃ।

কাতৃণ [কু (কুৎসিত) যে তৃণ-ধা। কু=কা] বি, কত্তৃণ ; গন্ধতৃণ ; রামকর্পূর fragrant grass. ২ কুৎসিত তৃণ।

কাতে [কাত দ্রঃ] বি, দিকে ; পাশে। ২ [কা > , কাহতে (ক্ষে০)] ক্রি-বিণ, কি হতে ; কি নিমিত্ত ; কিসে। ৩ [কাহাতে -ক্ষে০] ক্রি-বিণ, কার মধ্যে। প্র-এ সাহস আর কাতে সম্ভবে। ৪ কার সহিত ; কার সাথে। প্র-কাতে কাতে গিয়াছিল। কাতে আর কাতে বচসা হয়েছে।

কাতেকাতে, কুতে কাতে [কাত দ্রঃ] ক্রি-বিণ. ছলে ; গোপনে ; টগে টগে।

কাতেন [প্রা০ বাং] বি, কার্ত্তিক মাস (খনা)।

কাত্তা-কিত্তা দ্রঃ। ~ণী-কর্ত্তা দ্রঃ।

কাত্তিক-কার্ত্তিক দ্রঃ।

কাত্য [কত (মুনিবিঃ) + য (অপত্যার্থে)] বি, কাত্যায়নমুনি।

কাত্যায়ন [কাত্য (কাত্যায়ন মুনি) + আয়ন (স্বার্থে)] বি, ধর্ম্ম শাস্ত্রোপদেষ্টা মুনিবিঃ ; বররুচি ; ধর্ম্মসংহিতাকারক মুনি। ২ বার্ত্তিককার। স্ত্রীং কাত্যায়নী, কাত্যায়নিকা। কা০ বীণা-কাত্যায়ন মুনিসৃষ্ট শততন্ত্রীযুক্ত বীণা।

কাত্যায়নিকা [কাত্যায়ন দ্রঃ] বি, পঞ্চাশ-বর্ষবয়স্কা কাষায়-বস্ত্র-পরিধানা বিধবা। ২ ভৈরবী।

কাত্যায়নী [কাত্যায়ন দ্রঃ] বি, দুর্গা ; সর্ব্বাগ্রে কাত্যায়ন মুনি কর্ত্তৃক পূজিতা বলিয়া দুর্গার এই নাম। ~তন্ত্র-শিবপ্রোক্ত কাত্যায়নীপূজা-পদ্ধতিঘটিত তন্ত্রশাস্ত্র। ~পুত্র, ~সুত-বি, কার্ত্তিকেয়। ~ব্রত-কাত্যায়নী দেবীর তুষ্টিসাধক ব্রতবিঃ।

কাথিক [কথা + ইক (কুশলার্থে)] বিণ, কথাকুশল ; বাক্‌পটু ; বাগ্মী।

কাদড়া, কাদড়াটিয়া, কাদড়াটে [কাদা দ্রঃ] বিণ, কর্দ্দমাক্ত ঘোলা।

কাদড়ানি [কাদড়া-পানি (জল)। উচ্চারণভেদে 'কেদরানি'] বি, কাদাজল ; ঘোলানি ; পাঁকজল।

কাদম্ব [কদম্ব + অ (সম্বন্ধার্থে) কিংবা কদ্ + ণিচ্=কাদি + অম্ব (জ্ঞা০)] বি, কদম্ব পুষ্পের বৃক্ষ ; কদম গাছ। ২ কদম ফুল। ৩ ইক্ষু ; আক। ৪ বাণ। ৫ রাজহংস ; শ্যামপক্ষ কলহংস। "কালকণ্ঠ কুরলাক্ষী, ডাকে কা০ পাখী, কারণ্ডব খঞ্জন করকট॥" -কবিক০। ৬ কদম্বসমূহ। ৭ বিণ, কদম্ব-সম্বন্ধীয়। স্ত্রীং ~া-কলহংসী। "উত্তরিলা প্রিয়ংবদা কা০ যেমনি. মধুস্বরা।"-মেঘ০। ২ কদম্বপুষ্পী বৃক্ষ ; মুণ্ডিরী।

কাদম্বর [কাদম্ব (কদম্ব ফুল) + র (রা-দান করা) + অ (র্কৃ-জ্ঞা০)] বি, মদ্যবিঃ। ২ দধির সর। ৩ আকের গুড়। স্ত্রীং ~ী।

কাদম্বরী [সং] মদ্যবিঃ ; সুরা ; গৌড়ী ; মদিরা। "সর্ব্বজন দেই জল প্রভু করে পান। সত্য যেন কা০ পীয়ে হেন ভাণ॥" -চৈ০ ভা০। ২ সরস্বতী। ৩ শারিকা পক্ষী। ৪ কোকিলা। ৫ পুস্তকবিঃ। এই সংস্কৃত গদ্যকাব্য কবিবর বাণভট্ট কিয়দংশ প্রণয়ন করিয়া মৃত্যুমুখে পতিত হন, পরে তাঁর পুত্র ভূষণভট্ট ঐ গ্রন্থ সমাপন করেন।

কাদম্বিনী [কাদম্ব (কদম্ব ফুল) + ইন্ (সমূহার্থে) মু০-কাদম্বিন্-ঈ (স্ত্রীং)] বি, মেঘমালা ; মেঘশ্রেণী। মেঘসমূহ শুক্লবর্ণ কদম্ব পুষ্পের ন্যায় কবি-বর্ণিত বলিয়া কাদম্বিনী নামে প্রসিদ্ধ।

কাদা [সং-কর্দ্দ, কর্দম ; পা০-কদ্দমো, কদ্দ-কাদা] বি, পঙ্ক ; পাঁক। "থাক্‌তে হয় লো কাদায় জলে গুণ ফেলে ধনি।"-গোপাল উড়ে। ২ নববধূর প্রথম রজোদর্শনে স্ত্রী-আচার-জনিত যে উৎসব হয় তাতে কাদা লইয়া কুৎসিত আমোদ বা খেলা হয় বলিয়া এই নাম। অধু০ ভদ্র সমাজ হতে প্রায় লোপ পাইয়াছে। ৩ বিণ, কাদাযুক্ত ; পঙ্কিল ; কর্দ্দমাক্ত। "আড়ে দীঘে শত কোশ রক্তে

হৈল কাদা।"-মহা০(কাশী)। কাদা করা-মাটির সহিত জল মিশাইয়া দলদলে করা; দেওয়ালাদি গাঁথিবার জন্য জল মাটির ভাগাড় তৈয়ার করা। ২ পুষ্করিণী ই০-র জল নাড়িয়া কর্দ্দমাক্ত করা বা ঘুলান। কাদাকিচেল [কর্দ্দম ও কচ্চর] পাঁক ও কাঁকরযুক্ত কাদা। কাদামারা-ধানগাছের রোগবিঃ; ধানগাছের গোড়ায় পাঁক জমিয়া পচ ধরিলে কা০ রোগ বলে। কেদো দ্রঃ।

কাদাখেঁড়ু [কাদা দ্রঃ] বি, স্ত্রীরজো জনিত উৎসব। স্ত্রীলোকের পুনর্ব্বিবাহের সময় কাদা মাখিয়া যে খেউড়, পাঁচালি ই০ গান হয়, তাহার নাম কাদাখেঁড়ু। "খুদমাগা কা০ নারিনু রচিতে। কি করি বাড়িছে পুঁথি বিষাদ তাহাতে॥"-কৌতুক-বিলাস।

কাদাখোঁচা [কাদা (কর্দ্দম)+খোঁচা (খোজ্ ধাতু গমনার্থে-কর্দ্দমে যে গমনাগমন করে বা খনন করে) যে চঞ্চুদ্বারা কর্দ্দম খনন করিয়া বা খুচাইয়া আহার অন্বেষণ করে। প্রা০ বাং 'কাদখঞ্চি' (গোবিন্দ০ গীত ১১-১২শ শতাব্দী)] বি, খঞ্জনজাতীয় পক্ষিবিঃ; চাহা (হিং) snipe. "হংস বক কা০ বালুচরে চরে।"-ফুলরেণু।

কাদাটিয়া [কাদা দ্রঃ। চ০-কাদাটে। কাদা-আটিয়া (অক্ত-আত্ত-আট)] বিণ, কর্দ্দমযুক্ত; ঘোলা।

কাদানি [কাদা দ্রঃ] ক্রি, জলমগ্ন ক্ষেত্রের মাটি চষা। ২ বিণ, ঘোলা; অস্বচ্ছ।

কাদ্দা [কাঠদা-দ্রুত উচ্চারণে] বি, কাঠদা; কাটারি; দা।

কাদ্রবেয় [কদ্রু (কশ্যপভার্য্যা,সর্পমাতা) +এয় (অপত্যার্থে)] বি, কদ্রুর তনয়; সর্পগণ।

কান১, কানু [কিন্নর >] বি সঙ্গীত-ব্যবসায়ী জাতিবিঃ। ২ জাতীয় পদবীবিঃ। যথা,-মধুকান। ৩ পক্ষিবিঃ।

কান২ [পা০-কণ্হ; হিং-কন্হা; প্রা০-বাং-কান্; বৈ০ প০ সা০-কাহ্ন, কানাই, কানু, কান] কানাই; কৃষ্ণ। "সই এমন সুন্দর বর কান।"-চণ্ডী০। "তো বিনে উনমত কান।"-বি০ প০।

কান৩ [কাণ >] বিণ,কাণা(দ্রঃ); অন্ধ।

কান৪, কনি [প্রাদে০। সং-কফোণি >, তুল-হিং কোহ্নী] বি, কনুই। ২ কনুএর আঘাত। "অনাহত আমি কেন কিল কনি খাইব।"-পূ০ ব০ গী০। "হোতাইয়া ফেলাইল চান্দায় তিন কান দি।"-ঐ।

কান৫ [সং-কর্ণ-প্রাকৃ০-কণ্ণ-কাণ, (দ্রঃ) কান। বাং-তে-'ন' অধিক চ০] বি, কর্ণ; শ্রবণেন্দ্রিয়। ২ [কানের আকৃতি বলিয়া] কানের গহনা; কর্ণালঙ্কারবিঃ। ৩ বেহালা, তানপুরা, সেতার ই০ তত যন্ত্রের তার বাঁধিবার কাঠি বা খুঁটা। ৪ অস্ত্রাদি রাখিবার আলনার দুই ধারের খুঁটা। ৫ কানা; ধার; প্রান্ত। ৬ [প্রাদে০] নিকট (মৈ০গী০)। ~কটকট করা-কানের ভিতর ফোড়া পাকিলে কটকট করিয়া কামড় দিবার মত যন্ত্রণা বোধ হওয়া। ~কথা-মন্ত্রণা। "সঘনে নাড়িয়া শিরে, চাতুরী প্রবন্ধে, ধীরে ভাঁড় দত্ত কহে কানকথা।"-কবিক০। ~কাটা-কাণকাটা দ্রঃ। ~কুআ,-য়া [প্রা০-কানকো] কাণকুয়া দ্রঃ।~কোটারি কাণকোটারি দ্রঃ। ~খড়কিয়া [প্রা০-কান্খোড়্কে। কান-হিং-খট্কা=সতর্ক 'কাণখড়খড়ি, (বিরল)] বিণ, শ্রবণে সতর্ক; খুব মৃদু শব্দও যে শুনিতে পায়। ~খাড়া [কান (হিং)-খাড়া=দণ্ডায়মান। অশ্বাদির সাদৃশ্যে] বিণ, শুনিতে সতর্ক; কোন বিষয় শুনিতে কর্ণকে অধিকতর নিয়োজিত রাখা। ~খুস্কী [কানের-খুস্কী (শলাকা) ৬তৎ] বি, কর্ণমল নির্গত করণের যন্ত্র; কর্ণশোধনী। ~চটা-বি, বৃক্ষছালের উপর জন্মে যে কর্ণাকার ছাতা। ২ কাণের শুক্‌না ছাল। ~ঝাঁঝাঁ করা,ঝাঁইঝাঁই করা-কানের ভিতর ঝিঁঝিঁ পোকার ডাকের মত শব্দ অনুভব করা। ~ঝাঁপ দেওয়া-কাহার উদরে কান পাতিয়া পেটের ভিতরের শব্দ শোনা। ~ঝাঁপটা-কানের অলঙ্কারবিঃ। ২ কাকপক্ষ; জুলফি। ~ঝাড়া দেওয়া-আলস্য ত্যাগ করা; সতর্ক হওয়া (জীবজন্তুর দেখিয়া)। ~ঝালাপালা, ঝালাফালা করা-কানের ভিতর নানা প্রকার শব্দ একসঙ্গে প্রবেশ করিয়া কর্ণপীড়া জন্মান। ~ভঁড়পা-বি, কর্ণভূষণবিঃ। ~দেওয়া-কর্ণপাত করা; শোনা। (তুল-ইং-lending one's ear) দেখানি-কানের খলি বাহির করাইবার জন্য কান দেখান। ~ধরা-ভর্ৎসনাচ্ছলে পরের কান স্পর্শ করা; অপমান করা। ২ ভবিষ্যতে সাবধান হবার প্রতিজ্ঞাচ্ছলে নিজের কান স্পর্শ করা। ~পাকা-কর্ণরোগবিঃ। এই রোগের প্রথম অবস্থায় কাণের ভিতর ফোলে, কট্‌কট্ করে ও শেষে পুঁয হয়। ~পাটা [কান (কর্ণ) পাট্য (পট্ট >) হিং-কানপট্টী] বি, কর্ণের নিকটস্থিত লম্বিত চুল; জুল্পী। ২ কানের নিম্নস্থ কোমল অংশ; যেখানে ফুল, ইয়ারিং ই০ ধারণ করে। ~পাতলা-বিণ, কোন কথা সহজেই যার কানে প্রবেশ করে; যার কান কথার ভার সহ্য করিতে পারে না; যে বিচার না করিয়াই পরের কথা ও লাগালাগি শুনে। ~পাতা-ক্রি, কোন কিছু শুনিবার জন্য শব্দাভিমুখে কান রাখা; মনোযোগের সহিত শোনা। "তখন চারিদিকের কোলাহল হতে ক্ষণকালের জন্য মনটাকে টানিয়া সেইদিকে, আমরাও কান পাতিয়া দাঁড়াই।"-চারিত্র পূজা। কানের পাতা-কর্ণপত্র; পত্রাকার কানের চর্ম্ম lobe of the ear. ~ফিলি [প্রাদে০ প্রা০। ফলি-ফলা] বি, গরুর গাড়ীর সম্মুখের শেষ ভাগ যেখানে গাড়ীর দুই পাশের ফড় মিলিত হয়। ~ফাটা [হিং-কনফটা] বি, এক সম্প্রদায় যোগী যার কানের পাতা চেরা হয়; কানফাটা যোগী। ~ফাটানি-চীৎকার করিয়া কানে তালা ধরান; কর্ণ বিদীর্ণ করা। তুল-হিং কান ফোড়না। ~বালা [কর্ণবলয়] বি, কানের অলঙ্কার; কনককুণ্ডল। ~বেধা-মাকড়ী ই০ পরিবার জন্য কানে ছিদ্র করা। ২ [কর্ণবেধ] সংস্কারার্থ কর্ণবেধ করা; ণিজন্ত, -কান বেঁধান। কানের বিঁধ-কানের ছিদ্রপথ; কর্ণরন্ধ্র; মাকড়ী ই০ পরিবার মত কানের পাতায় ছিদ্র। ~ভাঙ্গানি-বি, গোপনে নানা বিরুদ্ধ কথা বলিয়া অসন্তোষ জন্মান; কুমন্ত্রণা দান করা। ~ভারা [কান-ভারা (মন্ত্র দ্বারা স্তম্ভন)] ক্রি, কানে এমন সকল মন্ত্রণা দেওয়া যাহাতে পরে কাহার ভালমন্দ কোন কথাই কানে

প্রবেশ না করে। ~ভারি করা-ক্রি, কান নানা বিরুদ্ধ কথায় ভারাক্রান্ত করা ; কুমন্ত্রণা দ্বারা অসন্তোষ জন্মান। ~ভোঁ ভোঁ করা -কানের ভিতর ভোঁ ভোঁ শব্দ হওয়া ; অত্যন্ত দুর্ব্বলতা-জনিত কানে ঐরূপ শব্দ অনুভব করা যায়। ~মলা [কর্ণমল >] বি, কর্ণ বিবরস্থিত মল ; কানের মলা ; খলি। ২ কর্ণ মর্দ্দন ; কান মোচড়া ; কানুটি। ৩ ক্রি, কানে পাক দেওয়া ; কান মলিয়া অপমান করা। ~মলা খাওয়া-অপমানিত হওয়া। (২) ঠকিয়া রীতিমত শিক্ষা পাওয়া। ~মুথা, -মুতা [সং-কর্ণমূল] বি, কর্ণমূল ; কর্ণের নিকটবর্ত্তী স্থান। ~মোচড়া [কর্ণ-মর্দ্দন] কানমলা ; কান পাকাইয়া দেওন ; তামাসা ; পরিহাসসূচক কর্ণমর্দ্দন। (২) তিরস্কার সূচক। (৩) ভবিষ্যতে সতর্ক বা সাবধান-সূচক বা অনুতাপজ্ঞাপক স্বহস্তে মর্দ্দন ; এই অর্থে প্রায় নাকখত্তা, কান মোচড়া। কানে আঙ্গুল দেওয়া -অশ্রাব্য বিষয় কানে প্রবেশ করিতে না পারে এজন্য শ্রবণবিবর আঙ্গুল দিয়া বন্ধ করা ; কোন কিছু না শোনা। কানে উঠা-কর্ণ-গোচর হওয়া। কানে কাণ, কানে কান [সং-কর্ণ ; ফা°-কিনার (ধার, প্রান্ত) ; হিং-কিনারা ; বাং-কানা] ক্রি-বিণ, কানায় কানায় ; মুখে মুখে ; ছাপাছাপি। "কানায় কানায় পূর্ণ আমার পরাণ।" -রবী°। কানে-কানে-ক্রি-বিণ, কর্ণ-কুহরের সমীপে। ২ পাত্রের ধার পর্য্যন্ত ; কানায় কানায়। কানে কথা বলা, কানে কানে কথা কওয়া-পরস্পর কানের অতি নিকটে মুখ রাখিয়া অন্যের কর্ণগোচর না হয়, এমন চুপি চুপি কথা বলা। কানে খাট হওয়া [কানে-খাট (অল্প-দূর হতেও শুনিবার মত শক্তি না থাকা)। তুল-ইং-short of hearing] ক্রি, উচ্চৈঃস্বরে না বলিলে শুনিতে না পাওয়া ; মৃদুশব্দ শুনিবার শক্তি হতে বঞ্চিত হওয়া ; কানে কম শুনিতে পাওয়া। কানে তালা ধরা, তালী ধরা, -লাগা-শ্রবণ-দ্বার বন্ধ হওয়া ; শুনিতে না পাওয়া। ভয়ানক শব্দ বা গোলমাল বা দৌর্ব্বল্য হেতু কানে শুনিতে না পাওয়া। কানে তোলা [কানে-তোলা=উথাপন করা ; উল্লেখ করা] কর্ণগোচর করা ; শুনান। কানে ধরা [কান ধরা দ্রঃ] কৃত অপরাধ বা ভুল চুকের জন্য কর্ণ স্পর্শ করিয়া সাবধান হওয়া ; ভবিষ্যতে আর সেরূপ না করিবার জন্য প্রতিজ্ঞারূঢ় হওয়া। কানে ধরিয়া বলা-বিশেষ-ভাবে বা তিরস্কার-পূর্ব্বক মনোযোগ আকর্ষণ করিয়া কিছু বলা বা উপদেশ দেওয়া। "তাহাকে কানে ধরে বলে না দিলে শুনবে না।" ২ সনির্ব্বন্ধ অনুরোধ করিয়া বলা। প্র-সে কি তাহার কানে ধরিয়া বলিতে গিয়াছিল? কানে লাগা-কানে ভাল লাগা ; শ্রবণ-সুখকর হওয়া। কানে লেগে থাকা-যা শুনা গিয়াছে তার স্মৃতি পূর্ব্ববৎ বজায় থাকা ; শ্রুত বিষয়ের মধুরধ্বনি মনে থাকা। কান সারা-কান খাড়া করা ; (তা হতে) সতর্ক হওয়া ; সাবধান হওয়া। "উভলেজ করিয়া সারিল দুই কাণ। এক লাফে আকাশে উঠিল হনুমান॥"-কৃত্তি°। হাঁড়ীকান-কানের পাতার শঙ্খ ; কর্ণ-বেষ্টনীর কানের যে স্থান হাঁড়ীর মত গভীর [স্ত্রীলোকে হাঁড়ীকানে চৌদানী ইং মাকড়ী-জাতীয় অলঙ্কার পরিয়া থাকে]।

কানক [কনক+অ বিকারার্থে] বিণ, সুবর্ণরচিত ; কনকনির্ম্মিত। ২ সুবর্ণ-সম্বন্ধীয়। ৩ বি, জয়পালের বীচি।

কানকুয়া, কানকো-বি, মৎস্যের শ্বাসেন্দ্রিয় বা কর্ণকূপ ; মাছের ফুলকো sills.

কানছা [কচ্ছ >। প্রাদে°] বি, কিনারা। "উঠানের কানছায় দেখে মেন্দি গাছের চারা রে।"-পূ° ব° গী°।

কানটি-কানুটি দ্রঃ।

কানড়১, কানোড়-বিষধর সর্পবিঃ ; কাঁদোড় সাপ।

কানড়২ [সং-কর্ণাট] বি, স্ত্রীলোকের কেশবিন্যাসবিঃ ; (কন্নড়) কর্ণাটপ্রদেশপ্রসিদ্ধ খোঁপা (ইহাতে প্রথম চুল ১৬ গুচ্ছ করিয়া পরে চার চার গুচ্ছে এক একটি বিননী পাকাইয়া চার বিননী দ্বারা কুণ্ডলাকৃতি খোঁপা বাঁধা হয়)। কানড় খোঁপা ও°। "কা° খোপায়, কনকচাঁপা পাটের খোপা দোলে।"-কবিক°।

কানড়৩, কানড়া [মঃ-কণৈর (কৃষ্ণ করবীর?) ইহার উচ্চারণ অনেকটা কনেরু ও কনেড়ুর মত বা কন্দোট (নীলোৎ-পল) হইতে কন্নোর-কানড়। কবিপ্রসিদ্ধ হেতু কন্দোট সম্ভব] বি, নীলপদ্ম। "কানড়া কুসুম জিনি শ্যামচাঁদের বদনখানি।" -চণ্ডী°। ২ সর্পবিঃ। ৩ সর্পের কুণ্ডলীর মত খোঁপা বাঁধিবার ধারা (কানড় দ্রঃ)। "কানড়া ছাঁদে কবরী বান্ধে, নবমল্লিকার মালে॥"-চণ্ডী°। ৪ [সং-কর্ণাট] কর্ণাট-দেশীয়। "কাপড়কাণ্ডার আড়ে কানড়া রূপসী।"-ঘ°। ৫ [সঙ্গীতে কর্ণাট রাগ ; হিং-কাহ্নড়] রাগবিঃ ; মেঘরাগের পুত্ররূপে কল্পিত। ৬ বিণ, কর্ণাটী। স্ত্রীং ~ী [কর্ণাটী। রাগিণী, হিং-কাহ্নড়ী (২) প্রা°-বাং-'কানড়ি' ও°] কানড় পুষ্প বা সর্পের কুণ্ডলী-কৃত ও স্তনাকৃতি খোঁপা। "কানড়ি খোঁপা বড়ায়ি মোর দুই তন।"-শ্রী° কী°।

কানন [কানি (দীপ্তি পাওয়া)+অন (ধি, জ্ঞা°) যেথানে বৃক্ষসমূহ শোভা পায়] বি, বন ; গহন ; অরণ্য। নন্দন কানন -স্বর্গের বন ; যথায় দেবপুষ্প পারিজাতাদির বৃক্ষ বিরাজিত। ২ সুসজ্জিত বৃহৎ উপবন ; বিলাস উদ্যান। ~কুন্তলা [কানন কুন্তল স্বরূপ যার] বিণ, প্রান্তস্থ কাননশোভিতা (নারী। দেশ, পর্ব্বত ই°)। ~কুসুম-বি, বনফুল। ~বাসী-বিণ, বনবাসী। > স্ত্রীং ~বাসিনী।

কাননারি [কাননে (র) অরি-৬ তৎ] বি, শমীবৃক্ষ। এই বৃক্ষ হতে অগ্নি নির্গত হইয়া বন দগ্ধ করে বলিয়া এই নাম।

কানপিনা [প্রাদে°] বি, এক জাতীয় ক্ষুদ্র মৎস্য। "কা° না পাইলাম আজি নদীর জলে।"-মৈ° গী°।

কানা১ [সং-কাণ (একচক্ষু হীন) ; হিং-কাণা। বাং 'কাণা' ও°] বিণ, চক্ষুহীন। প্র-একচোখ কাণা ; দু'চোখ কাণা। ২ একচক্ষুহীন। ৩ ফুটা ; সচ্ছিদ্র। প্র-কাণা হাঁড়ী, কাণাকড়ি। ৪ পোকা ধরা। স্ত্রীং কানী (হিং-কানী=এক চক্ষুহীনা।

"অন্ধী কানী লংড়ী লুলী।"-হিং গান)। কানা কড়ি-ফুটা কড়ি যা বাজারে চলে না। ২ ক্রমাগত ব্যবহারে ফুটা কড়ি। যে খেলে সে কানা কড়িতেও খেলে-আস্ত কড়িতেই খেলা যায় কারণ তা গড়াইয়া দিলে হাতের কৌশলে চিত উপুড় করা চলে কিন্তু কানা কড়িতে তা চলে না; তবে যদি দক্ষ খেলোয়াড় হয়, তা হলে সে কানা কড়িও ইচ্ছামত চালিতে পারে। (তা হতে) আসলে বা মূলে প্রকৃত খেলোয়াড় বা ক্রীড়াকুশল হওয়া চাই। কানা করে দেওয়া-অন্ধকারে অন্তরালে ফেলিয়া দেওয়া যাতে সে প্রতিযোগিতায় অনুকূল পথ দেখিতে না পায়। চেষ্টা ব্যর্থ করা; পরাস্ত করা। কানা খোঁড়ার একগুণ বাড়া [প্রবচন] অন্ধ ও খঞ্জ ব্যক্তি চক্ষু ও চরণের অভাব কর্ণ, ত্বক্ আদি ইন্দ্রিয় দ্বারা মোচন করিবার চেষ্টা করায় ক্রমে সেগুলি সাধারণ অপেক্ষা সমধিক পরিস্ফুট হয় এবং তাহাদের অনুভূতি, বুদ্ধিশক্তি ইং বৃদ্ধিপ্রাপ্ত হয়। কানা ছেলের নাম পদ্মলোচন-[প্রবচন] চোখই নাই তার পদ্মচক্ষু হইবে কি? সুতরাং লোচনহীনের পদ্মলোচন নাম রাখা যেমন নিরর্থক বা হাস্যাস্পদ তদ্রূপ নিরর্থক নামকরণ উপহাসাস্পদ। এই প্রবচন একটু বিকৃত হইয়া কোন কোন স্থলে দাঁড়াইয়াছে-"খাঁদা ছেলের নাম পদ্মলোচন।" কানার মা [গর্ভস্থ সন্তান অন্ধ বলিয়া এই নাম] প্রথম অন্তঃসত্ত্বা নারী। (নব-গর্ভিণী যে জননীত্ব প্রাপ্ত হইয়াছেন তা জানাইবার জন্য পুত্রবতী পুরন্ধ্রীগণ তাঁকে 'কানার মা' বলিয়া সম্বোধন করেন)। চকরা-কানা [চ'ক-রা (তুচ্ছার্থে) কানা] বিণ, চক্ষু থাকিতে কানা। কানামাছি [কানা (চোখ বাঁধিয়া) মাছি (মাছির মত ঘুরিতে থাকে বলিয়া)] বি, ছেলেদের খেলা; যে খেলায় একজন চোখ বাঁধিয়া কানামাছি সাজে ও আর সকলে তাকে চতুর্দিক্ হতে স্পর্শ করে, সে ঘুরিয়া ঘুরিয়া যে স্পর্শ করিতে থাকে তাকে ধরিতে চেষ্টা করে। খেলার বোল-'কানামাছি ভোঁ ভোঁ' ইং।

কানা₂ [সং-কর্ণ; ফাং-কিনার্; হিং-কিনারা] বি, কিনারা; ধার; প্রান্ত। ২ পাত্রাদির মুখের বেড়, ঘের বা গলা; হাঁড়ীর ভাঙ্গা ধার। "মেরেছ মেরেছ কলসীর কানা।" কানায় কানায় (পাত্রের) -মুখে মুখে; গলায় গলায়; কিনারা পর্যন্ত; ছাপাছাপি। "কাং কাং পূর্ণ আমার পরাণ ভরা ভাদরে।"-রবীং। কানা ভাঙ্গা হাঁড়ী অর্থে-কানায়ে। কানায়ে দ্রঃ।

কানাই [সং-কৃষ্ণ: হিং-কহ্নাই; পাং-প্রাকৃ -কণ্হো। "বাসুদেবো হরিঃকণ্হো কেসবো চক্কপাণ্যপ-অভিধানপ্পদীপিকা। প্রাং বাং-প্রাদেং কান্হা] বি, শ্রীকৃষ্ণ। "তার মুখে ছাই দিয়া সে কানাই আসিবে তোমা নিকটে।"-চণ্ডীং। কানাই বলাই-কৃষ্ণ বলরাম। "কানাই বলাই দু'টি ভাই।"-গান। না বিয়িয়ে কানায়ের মা-যশোদা কৃষ্ণকে উদরে ধারণ না করিয়াও তাঁর জননী হইয়াছিলেন। সেইরূপ পরের ছেলের মা হওয়া; ছেলে না হইলেও ছেলের 'ঝক্কি পোয়ান' অর্থাৎ মায়ের কর্তব্যপালনের কষ্ট স্বীকার করা।

কানাইয়া-বি, কৃষ্ণ দ্রঃ।

কানাকানি, -নী [কর্ণাকর্ণি। কাণাকাণি দ্রঃ] বি, এক কাণ হতে অন্যের কাণ; পরস্পর চুপেচুপে বলাবলি। "দু'টি সোহাগের বাণী, যদি হত কাণাকাণি, যদি ওই মালাখানি পরাতে গলে। এখন ফিরাবে আর কিসের ছলে।"-রবীং।

কানাঘুষা [কানা (কাণে কাণে) ঘুষা (ঘোষণা, উক্তি)। দ্রং গানাঘুষা। 'কাণাঘুষা' ওং। তুল-হিং-কানাফুসী] বি, গোপনে গোপনে ঘোষণা। "দিয়া শঙ্খ জয়ধ্বনি, স্নিত্য পূজে একাকিনী, বন্ধুজন করে কানাং।"-কবিকং।

কানাচ, কানাচি [তুর্কীং-কনাত্-তা > কানাচ বা চালের কিনারা বা কানা তার নিম্নস্থান = কানা-স্থান = কানাস, - সি (ক্কেং); স=চ] বি, গৃহের পশ্চাদ্ভাগ; ছাঁচতলা; ঘাঁটি। কানাচিপাতা-আড়িপাতিয়া শুনা; অন্তরালে লুকাইয়া পরের কথায় কাণপাতা। আনাচ-কানাচ [আঁদাড়পাঁদাড় দ্রঃ] বি, আড়াল-বিড়াল: অলিতলা; ছাঁইচতলা। "আনাচ-কানাচ ঘুরে বেড়াই চল।"-ম্যাকবেথ।

কানাট [প্রাদেং] বি, ভিজা মাটিতে গাড়ীর চাকার দাগ।

কানাড়া, কানেড়া [ন স্থলে ণ ওং। সং-কর্ণাটক বা কর্ণাট; কানড়া দ্রঃ] বি, রাগিণীবিঃ: কর্ণাটরাগিণী।

কানাড়া [কানড়া দ্রঃ] বি, প্রাচীনকালের স্ত্রীলোকের কেশবিন্যাসবিঃ; ১৬টা গুচ্ছের বিননী ৪টীতে পরিণত করিয়া বাঁধিবার রীতি ছিল। কানড সাপ যেরূপ কুণ্ডলী পাকাইয়া থাকে, ইহা দেখিতে সেইরূপ বলিয়া কানাড়া নামে খ্যাত। "ধনী কাং ছাঁদে বাঁধে কবরী। মন মালতীমাল তাহি উপরি॥"-গোবিন্দং।

কানাৎ,-ত [তুর্কীং-কনাত্। সং-কাণ্ডপট] বি, বস্ত্রগৃহ; তাঁবু। "ঝড়ে উড়ে কাং দেখিয়া উড়ে প্রাণ।"-অং মং। "কানাত তাম্বু।"-অনং। ২ [মুর্শিং প্রাদেং] বি, পর্দা screen, curtain.

কানামাছি-বি, ছেলেদের যে খেলায় একজন চোখে কাপড় বাঁধিয়া কানা সাজে ও দলের কাহাকেও ছুঁইবার জন্য হাত বাড়ায়; যাকে ছোঁয় সেই ছুঁইবার অন্ধ বা আঁধি বলিয়া উক্ত হয়। তার চোখে কাপড় বাঁধিয়া আবার খেলা আরম্ভ হয়। খেলার মন্ত্র "কাণামাছি ভোঁ ভোঁ যাকে পাবি তাকে ছোঁ।" অন্যেরা কানাকে ঘিরিয়া বলিতে থাকে ও কানার স্পর্শ বাঁচাইয়া ঘুরে।

কানায়ে [কানা আছে যার] বি, রন্ধনপাত্র; পাকস্থালী; হাঁড়ি। কানায়ে ঠেলা [গ্রাং] হাঁড়ি ঠেলা; কষ্ট করিয়া রান্না করা।

কানাসী [কর্ণাস্থি] বি, মৎস্যের ফুলকার কাঁটা।

কানাসোঁআ [প্রাং বাং। কানা₂ (দ্রঃ) হিং-কহী < সম-সমান > সোঁআ] বিণ, কানাসই; ছাপাছাপি।" সা (শা)কে দিন কাং পানী।"-শ্রীং কীং।

কানি₁ [সং-কর্ণ; খণ্ড। ওড়িং-কণা] বি, বস্ত্রখণ্ড; ন্যাকড়া। "পরাতে মড়ার কানি

বিষহরি চলে।"—মনসার ভাসান। ২ কর্ণ-কূপ ; কানকুয়া ; কান। "উজানের কই যেমন কানি বেয়ে যায়।"—কবিক°।

কানি₂, -নী [হি°—কনী—ছোটো টুকরা (হি° শ° সা°) তা হতে কাপড়ের ছোট টুকরা ; কর্পট। দ্রঃ—হি°তে 'কানি' শব্দ আছে তার অর্থ 'লোকলজ্জা'] বি, জীর্ণ বস্ত্রখণ্ড ; টেনা ; নেকড়া-কানি—সহচর শব্দ প্রায় সমানার্থের (নেকড়া কানি অপেক্ষাও ক্ষুদ্র ও ছিন্ন)। ২ আনদ্ধ বাদ্যযন্ত্রের পুরু চর্ম্মাবৃত কিনারা। ৩ [পরিঃ দ্রঃ] ২৮৩।৵ বিঘা পরিমাণ জমি ; ১২ নল × ১০ নল (পূ° বঙ্গে)। ৪ (কানি) [কর্ণ] কর্ণ ; কাণ ; কাণকুআ। ৫ [সং—কাণ (অন্ধ, একচক্ষুহীন) শব্দের স্ত্রীলিঙ্গে] বি, একচক্ষু-হীনা। পুং, কানা বা কাণা।

কানীত [কানীন দ্রঃ। প্রাদে°] বি, কুমারী কন্যার পুত্র।

কানীন [কন্যা (অবিবাহিতা) + অ (অপত্যার্থে, নিপাত) কিংবা কন্যা + ঈন] বি, অবিবাহিতা কন্যার গর্ভোৎপন্ন সন্তান ; ব্যাস ; কর্ণ ; স্ত্রীং ~ী।

কানিপাবদা—বি, মৎস্যবিঃ ; কান-পাব্‌দা।

কানিমাগুর [সাধারণ মাগুর মাছ অপেক্ষা বড় এক জাতের মাগুর মাছ] বি, কানমাগুর।

কানু [হি°—কন্‌হাই, বৈ° পদ° সা°—কাহ্নু—কানু, কান] বি, শ্রীকৃষ্ণ। "জলদ বরণ কানু দলিত অঞ্জন জনু।"—চণ্ডী°। "সব জন কানু কানু করি ঝুরয়ে।"—বি° প°।

কানুটি, -টী, কানঁটি [হি°—কনেঠী >] বি, কাণমলা ; কার্ণমোচড়া ; কাণে পাক দেওয়া। ২ সতর্কীকরণ ; শিক্ষা দেওয়া warning.

কানুড়, কানোড়—বি, লতাবিঃ।

কানুন₁, কানূন [কাত্যায়নী বীণার দ্রং] ইহা একপ্রকার বাদ্যযন্ত্র ; ইহা দৈর্ঘ্যে প্রায় দুই হাত, প্রস্থে ১ হাত, বেধ আধ হাত ; ভূমিতে রাখিয়া ইহা বাজাইতে হয়।

কানুন₂ [আ°—কানূন্] বি, বিধিব্যবস্থা ; রাজনিয়ম ; আইন। আইন-কানুন (সহচর শব্দদ্বয়। আইন দ্রঃ)—বিধিব্যবস্থা। "বাহিরে যা পাই সমাজে নেব তারি আইন-কানুন।"—রবী°।

কানুনগো, কানুনগোই [ফা°—কানূনগো,-গোয়্। আ°—কানুন্=আইন + গো। তুল—জ্ঞ—আইনজ্ঞ] বি, রাজস্ববিভাগীয় খাতাপত্রপরীক্ষক ; ভূমিপরিমাণ ও তাহার আয় সম্বন্ধীয় হিসাব-কিতাবকারী কর্ম্মচারী registrar of village parganas : a revenue officer [দ্রঃ—"An expounder of the laws, but applied specially to village and district revenue officers, who under former Governments recorded all circumstances within their sphere which concerned landed property and the realization of the revenue ; keeping registers of the value tenure, extent, and transfers of lands ; assisting in the measurement and survey of lands ; reporting deaths and successions of revenue payers ; and explaining, where required, local practices and public regulations. They were paid by rent-free lands, and various allowances and perquisites.—*Wilson*.]

কানুপা, -ফা [কানু (< কৃষ্ণ)—উপা (> উপাধ্যায়—আচার্য্য)—কৃষ্ণাচার্য্য। প্রা° বৌ° বাং গ্রন্থাদিতে ভূরি উল্লেখ। পা=ফা] বি, সিদ্ধ বালপাদ ওরফে 'হাড়িপা'র শিষ্য ব্রাহ্মণকুমার কৃষ্ণাচার্য্য নামক বৌদ্ধ তান্ত্রিক (প্রকৃত নাম 'শিশুপাদ')। "হাড়িপা কা° বন্দিলাম জ্ঞানবিন্দ। গুরুর্য্যরাজ বন্দো আর রাজা গোবিন্দচন্দ॥"—গোবিন্দ° গীত ; পৃঃ ২৩। সিদ্ধ বালপাদ মালবদেশে অবস্থান-কালে ইঁহাকে পবিত্র সম্প্রদায় বা সঙ্ঘে গ্রহণ করেন, এবং এই ব্রাহ্মণকুমার তন্ত্রে নিপুণতা লাভ করিয়া কৃষ্ণাচার্য্য নামে অভিহিত হন (রায় বাহাদুর শরচ্চন্দ্র দাস। গোবিন্দ° গীত, টীকা, পৃঃ ৪৫)।

কানেট [প্রা° বাং। কর্ণ—আংটী বা কড়া] বি, কর্ণভূষণ বিঃ ; মাকড়ি। "কা° চৌরি নিল অধরাতী।"—চ° পদ, ২।২।

কানেস্তারা, ক্যানেস্তারা [ইং—canister] বি, ঘৃত, তৈল ই° রাখিবার টিন-নির্ম্মিত আধারবিঃ।

কান্ত [কম্ (কামনা করা) + ত (র্ম্ম) যাকে পাইতে কামনা করা হয়] বি, স্বামী ; পতি ; বল্লভ। ২ [কান্তি ও°] লৌহ। প্র-কান্ত কড়া। ৩ কুঙ্কম। ৪ বিণ, কমনীয় ; প্রিয়। ৫ শোভন ; মনোরম। ৬ বসন্ত-কাল। ৭ কৃষ্ণ। ৮ চন্দ্র। স্ত্রীং ~া—ভার্য্যা। "শ্মশানশায়ী কান্ত হেরি কান্তা যাবে ভুলে।"—হেম°। ২ সুন্দরী স্ত্রী। ৩ প্রিয়ঙ্গু-লতা। ৪ নাগরমুথা। ৫ সূর্য্য, চন্দ্র ও অয়স্ ই° শব্দের পর বসিলে উৎকৃষ্ট মণি বা প্রস্তর বুঝায়। যথা—সূর্য্যকান্ত, চন্দ্রকান্ত, অয়স্কান্ত ই°। **~কঁড়া, কান্তিকঁড়া**—বি, কান্ত লৌহনির্ম্মিত কটাহবিঃ ; পেটা বা পাত লোহার কড়া (ঢালা-লোহা wrought-iron নয়, যা গলান লোহার গাদ (refine) হতে ছাঁচে ঢালিয়া তৈয়ার হয়)। **~পক্ষী** [কান্ত (মনোজ্ঞ) পক্ষ (পাখা) + ইন্ (স্ত্য) মূ°—কান্তপক্ষিন্ ১মা ১ব°] বি, ময়ূর। **~পাষাণ** [রাসা° পরিঃ] বি, অয়স্কান্ত ; চুম্বক পাথর ; চপলালয় (দ্রঃ) loadstone. **~লোহঁ, ~লৌহঁ**—বি, অয়স্কান্ত ; চুম্বক magnet. ২ বিশুদ্ধ লৌহ ; পেটা লোহা (যা মাজিলে উজ্জ্বল বা ভাস্বর হয় ; পাত লোহা ; ইস্পাত refined iron. (ঢালা লোহা দ্রঃ। পেটা ও ঢালাই লোহার প্রভেদ না জানিয়া কেহ কান্ত লৌহ অর্থে পেটা, কেহ ঢালাই বুঝেন)।

কান্তায়স [কান্ত—অয়স্ + অ (সম্বন্ধার্থে)] বি, অয়স্কান্তমণি ; কান্তলৌহ।

কান্তার ["কান্তারো বর্ত্ম দুর্গমম্।"—অমর°। "যৎ বর্ত্ম ব্যাঘ্রাদ্যুপদ্রুতত্বাৎ দুঃখেন গম্যতে স কান্তারঃ।"—অ° টীকা] বি, দুর্গম-পথ ; ব্যাঘ্রাদি শ্বাপদসঙ্কুল বর্ত্ম। ২ গহন ; অরণ্য ; নিবিড় বন। "কেমনে কহিব সে কান্তার-কান্তি আমি।"—মেঘ°। ৩ লোকা-লয়শূন্য স্থান। ৪ গহ্বর। ৫ [কান্ (কাহাকেও, কিম্ শব্দ ২য়া বহুব°) তার (তৃ + ণিচ্ =তারি—যে গমন করায়) + অ (র্তৃ-জ্ঞা°)—যে অতি কষ্টে কাহাকেও গমন করায়] বি, বাঁশ ; আক ; কাজলা আক।

কান্তি [(কম্, কামনা করা) + তি (ভা°)] বি, দীপ্তি ; শোভা। ২ কমনীয়া স্ত্রী। ৩ ইচ্ছা। ৪ কামনা। ৫ লাবণ্য ; ঔজ্জ্বল্য।

৬ সৌন্দর্য্য। ৭ চন্দ্রকলা। ৮ কামশক্তি বিঃ।[বৈ০ সা-তে-কাতি, কাঁতি]।

কান্তিক [কান্ত দ্রঃ] বি, কান্তিলোহ ; মসৃণ, কঠিন লোহ ; পাত লোহা refined iron, steel.

কান্তিদ [কান্তি (দীপ্তি) দ (দা-দান করা) + অ (র্ত্তৃ)] বি, পিত্ত। ২ ঘৃত। ৩ বিণ, শোভাপ্রদ।

কান্তিদায়ক [কান্তি (লাবণ্য) দায়ক (যে দান করে) দা (দান করা) + অক-র্ত্তৃ] বি, কালীয়ক নামক গন্ধদ্রব্য (ইহা মাখিলে লাবণ্য বৃদ্ধি হয় বলিয়া এই নাম)। ২ বিণ, শোভাদায়ক ; লাবণ্যবর্দ্ধক।

কান্তিভৃৎ [কান্তি (শোভা) ভৃ (ধারণ করা) + ক্বিপ্, র্ত্তৃ] বি, চন্দ্র (কান্তি নামক কলা ধারণ করেন বলিয়া চন্দ্রের এই নাম)। ২ বিণ, কান্তিযুক্ত ; যার দেহে কান্তি আছে।

কান্তি/মান্ কান্তি + মতু (স্ত্য) মুং-কান্তিমৎ ১মা ১ব০] বিণ, কান্তিবিশিষ্ট দীপ্তি-মান্ ; শোভাযুক্ত। ২ বি, চন্দ্র। ৩ কামদেব। স্ত্রীং ~মতী-চন্দ্রকলা। ২ অপ্সরোবিঃ।

কান্দ [কন্দ + অ (ভবার্থে)] বিণ, কন্দোৎপন্ন ; কন্দজাত। ২ কন্দ-সম্বন্ধীয়।

কান্দড়-বি, কানড় সাপ। ২ কান্ধার ; কিনারা ; তট।

কান্দন [ক্রন্দন-কান্দন-কাঁদন। গ্রা০] বি, ক্রন্দন ; অশ্রুমোচন। ~া-বি, কান্না। "কান্দনা শুনিয়া বাহির হয়।"-ডাক০।

কান্দর্প [কন্দর্প (কাম) + অ (অপত্যার্থে)] বি, কন্দর্পের পুত্র। ২ বিণ, কন্দর্পসম্বন্ধীয়।

কান্দা$_{১}$ [কান্ধা >, প্রাদে০-রংপুর] বি, কিনারা ; কানা ; তীর bank.

কান্দা$_{২}$ [ক্রন্দন > । কান্দি, কান্দ, কান্দে ; কান্দিতে (ক্ষে০ গ্রা০ কাঁদিতে কান্‌তে) ; কান্দিয়া (ক্ষে০ গ্রা০ কেঁদে) ই০। প্রা০-বাং কান্দন্তি,-কাঁদিতে লাগিলেন। 'কাদিলোঁ,-কাঁদিলাম। কান্দো-কাঁদি] ক্রি, ক্রন্দন করা।

কান্দাল, কাঁদাল, কেঁদেল দ্রুদ্ধান্নবিঃ।

কান্দী [ফরিদপুর প্রাদে০] বি, প্রধান। "গ্রামের কান্দী।" ২ [মুর্শি০, রংপুর প্রাদে০] নদীতট ; কিনারা।

কান্ধার [কাঁধার দ্রঃ] বি, কিনারা ; ধার। "জলের কান্ধারে, কেশের আন্ধারে সাপিনী লাগায়ে যোয়।"-চণ্ডী০।

কান্না [সং-ক্রন্দন ; হিং-কান্দ্‌না ; বাং-কান্না] বি, ক্রন্দম ; রোদন ; কাঁদা। "সে হাসিতে সে কান্নাতে কত সুখ মাখা তাতে।" -প্রেম ও ফুল। অস-ক্রি, কান্‌তে-ক্রন্দন করিতে ; কাঁদিতে (কাঁদা দ্রঃ)। "তোমায় ডেকে দেখা পাইনে তাইতে, আমার জনম গেল কান্‌তে।" -কাঙ্গাল হরিনাথ। কান্নাকাটি [গ্রা০-কাঁদাকাটি। কাঁদা ও হাত-পা আছড়ান, মাথা কুটা বা খোঁড়া] বি, শোক-তাপ। ২ আবদার। ৩ অনুনয়-বিনয়। কান্না জুড়ে দেওয়া [বচসার সহিত কাঁদনের ভাব] কাঁদিতে আরম্ভ করা। কান্না পায়-ক্রি, ক্রন্দনের বেগ আইসে ; রোদন করিতে ইচ্ছা বা প্রবৃত্তি জন্মে। ২ দুঃখ হয়। প্র-আহা সে বেচারী খেতে না পেয়ে এত রোগা হয়ে গেছে যে, তাকে দেখ্‌লে কান্না পায়। কান্নাহাটি,-টী [কান্না-হাটি (হাটের গণ্ডগোল বৎ)] বি, দুঃখ প্রকাশ ; করুণা করা। ২ উচ্চৈঃস্বরে রোদন ; হাহাকার। "হল রান্নাঘরে কান্নাহাটি।"-ঈ০ গুপ্ত। "তাহা হইলেই তো বোম্বাই সহরে কান্না-হাটী পড়িয়া যাইবে।"-বঙ্গবাসী। মঁরা-কান্না-আত্মীয়-স্বজন মরিলে স্ত্রীলোকে যেরূপ উচ্চরোলে ও বিনাইয়া বিনাইয়া কাঁদে। মায়া-কান্না-কপট ক্রন্দন ; যে কান্না আন্তরিক শোকজনিত নহে, কেবল মায়া দেখাইয়া কাঁদে ফেলিবার জন্য।

কান্যকুব্জ [কন্যা কুব্জ + অ (সম্বন্ধার্থে) গ্রা০-'কনৌজ', 'কনোজ' (বর্ত্তমান ফতেগড় জেলার অন্তর্গত] বি, কনোজদেশ। ২ (কান্যকুব্জ + অণ (তত্রত্য ব্রাহ্মণ অর্থে) কনোজব্রাহ্মণ।

কান্‌হা, কাহ্না-কানাই দ্রঃ।

কাপ$_{১}$ [সং-কপট-কাপট্য] বি, ছলনা ; কপটতা। "লোকে বলে পাপ, কাপ ক'দিন লুকায়।"-ভারত০। প্র-কাপ করিয়া পড়িয়া থাকা। ২ কৌতুক ; বাজী ; তামাসা ; ঠাট্টা। ৩ অসুবিধা difficulty. ৪ ব্রাহ্মণের সমাজবন্ধনবিঃ ; ভঙ্গকুলীন [দ্রঃ-"কুলীন ব্রাহ্মণের মধ্যে বহু দোষাশ্রিত ব্যক্তি এক সম্প্রদায়ভুক্ত হওয়ায় তাঁরা 'কাপ' বা 'কপট' নামে অভিহিত হন। ইঁহারা পরে কুলীন ও শ্রোত্রিয়ের মধ্যবর্ত্তী আসন প্রাপ্ত হন।"-বিপ্রদাস মুখো০ (শুভ-বিবাহ)] বারেন্দ্র শ্রেণীর কুলীন [রাঢ়ী শ্রেণীতে 'বংশ'জ =বারেন্দ্র শ্রেণীর 'কাপ'] ৫ বিণ, কপটা-চারী ; ছলকারী ; কৌতুককারী ; বাজীকর। "কেহ বলে ঐ এল শিব বুড়া কাপ। কেহ বলে বুড়াটী খেলাও দেখি সাপ॥"-অ০ ম০। ৬ বি, দ্বেষ ; হিংসা। "তাঁহারা প্রতিবাসী হইয়াও আমাদের প্রতি কাপ করেন।"

কাপ$_{২}$ [সং-কল্প ; বাং-কাঁপ ও০] বি, কলমের মুখ ; নিব্ the nib of a pen. ২ কলম ; লেখনী। "মৃগমদ মসি নখ কাপ।" -বি০ প০।

কাপ$_{৩}$ [ফরিদপুর প্রাদে০] বি, নদীর খাড়া তীর।

কাপ$_{৪}$-বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

কাপ$_{৫}$ [সাঁওতালী ভাষা] বি, সাঁওতালদের কাণে দুলের মত ছোট কাটির মত সরু শিকল লাগান কানের গহনা।

কাপ$_{৬}$ [ইং-cup] বি, বাটি ; চায়ের বাটি। "এক কাপ চা নিয়ে এস।"

কাপটিক [কপট (শঠতা) + ইক সম্বন্ধার্থে] বিণ, কপটাচারী ; কপট ব্যবহারী ; শঠ।

কাপটিয়া, কাপ্‌টে [সং-কাপট্য] বি, শঠ ; ধূর্ত্ত ; কপট। ২ [সং-কৃপণ] কৃপণ ; কিপ্‌টে।

কাপটী, কাপ্‌টি-বি, থামটি ; কামড়ে ধরা ; দৃঢ়তা ; দৃঢ়ধারণ। ২ কপট [কাপড়ি দ্রঃ]।

কাপড় [সং-কর্পটঃ (কার্পাস জাত বলিয়া ?)=জীর্ণ মলিন বস্ত্রখণ্ড, "পটচ্চরং জীর্ণবস্ত্রং সমৌ নক্তক-কর্পটৌ।"-অমর০।]

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র)। ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্ঘ=ঙ্ঘঁ ঞ্চ=ন্চ ঞ্জ=ন্‌জ হ্ন=হ্ন হ্ন হ্ল হ্ম হ্ব=ন্হ ণ্হ ল্হ ভ্‌ ঝ্যা, জ ফ ব ভ=zfwv ও চ্চা০ দ্রঃ

পা৽-কপ্পটো (ছিন্নবস্ত্র); ওড়ি৽-কব্‌টা (দীর্ঘছিন্নবস্ত্র); মঃ-কাপড়; হি৽-কাপ্‌ড়া (বস্ত্র)। চ৽ ক৽ ভা৽-'কাঅড়'] বি, বস্ত্র; বসন [দ্রঃ-পূঃ-বঙ্গে স্থানবিশেষে কাপড়ের সহচররূপে লেতা বা লতা (উচ্চারণভেদে ল্যাতা, ন্যাতা-"নক্তকঃ" (অমর৽), "লত্তক" (ভরত) শব্দ ব্যবহৃত হয়। তুল-কাপড়-চোপড়] ~কাচা-বস্ত্রধৌত করা বা ধোয়া। ~চোপড় [কাপড় (দ্রঃ) চোপড় (সহচর শব্দ, ই৽ অর্থে; তুল-হি৽-কাপড়্-ওপড়্। চোপড়-কাপড় অপেক্ষা ক্ষুদ্রার্থে-যথা চাদর। তুল-পূ৽বঙ্গের স্থানবিশেষে ব্যবহৃত বস্ত্রাদি অর্থে কাপড় লেতা] বি, বস্ত্রাদি; কাপড় ও জামা, চাদর ই৽; পোষাক। ~ছাড়া-এক বস্ত্র ত্যাগ করিয়া অন্য বস্ত্র পরিধান করা। ~ছোবানি-বস্ত্র রঙ্গ করা। ~তোলা-যে ভিজা কাপড় রৌদ্রে বা হাওয়ায় শুকাইতে দেওয়া হইয়াছে তাহা যথাস্থানে উঠাইয়া রাখা; পরিহিত বস্ত্র উপরে আকর্ষণ বা গুটান। ~পরা-বস্ত্রপরিধান করা; পোষাক পরিধান করা। আট-পৌরে কাপড়-নিত্য পরিধানের বস্ত্র। আধ ময়লা কাপড়-ঘরে পরা চলে এমন মলিন বস্ত্র। এড়া-কাপড়-উচ্ছিষ্ট-স্পৃষ্ট কাপড়; সকড়ি-ছোঁয়া কাপড়। কাপড়-তো করা, তয় করা, কাপড় পাট করা-কাপড় ভাঁজ করা। (তা, তো দ্রঃ)। কাপড়ের খিতি-কাপড়ের পাড়ের ঠিক নীচে যে জমির মধ্যে ডোবা বুনন থাকে। কাপড়ের জমি-টানা পড়েন; বুনন। কাঁচা পাটের কাপড় [কোষ্টা পাট >; তুল-গাছপাট] গরদ; রেশমী কাপড়। তোলা কাপড়-আট প্রহরীয়া বা আট পৌরের বিপরীত; যে কাপড় তোলা থাকে, কখন কখন আবশ্যকমত পরা হয়; মূল্যবান্ পোষাকী কাপড়। থান-কাপড়-পাড়হীন বা কোন বর্ণের পাড়হীন বস্ত্র, পুরুষ ও বিধবাদিগের ব্যবহার্য্য সাদা পাড়যুক্ত বা পাড়হীন কাপড়। পঁচা কাপড়-গলিত বস্ত্র। পাছা পেড়ে কাপড়-তিন-পাড়যুক্ত কাপড়; সধবা স্ত্রীলোকের পরিধেয় সাড়ী যার দুই কিনারা ও মধ্যভাগে পাড় থাকে (তিন পেড়ে কাপড়ের ব্যবহার ক্রমে হ্রাস পাইতেছে)। বাসি কাপড়-যে কাপড় পরিয়া রাত্রিবাস করা হইয়াছে। বাসি করা কাপড়-ভালরকম ধোয়া ও সুবাসিত কাপড়। গন্ধদ্রব্য দ্বারা সুবাসিত করিবার প্রথা এখনও আছে। কাচা ও ইস্ত্রী করা কাপড়। ময়লা কাপড়-পরিধেয় মলিন বস্ত্র। সাজ করা কাপড়-সদ্য কাচা বা ধোয়া কাপড়।

কাপড়ি, কাপড়ী [সং-কর্পট+ই=কপড়ি=কপালী] বি, কাপালিক সন্ন্যাসী; বৌদ্ধ সন্ন্যাসী। "আজানুলম্বিত জটা কাপড়ী সন্ন্যাসী-ঘটা অন্ন মাঙ্গে ফিরিয়া বাজার।"-কবিক৽। ২ [তুল-কাপটিয়া; ক্ষে৽-কাপড়ি; ট=ড়] কপট।

কাপড়িয়া, কাপুড়িয়া, কাপুড়ে [কাপড় দ্রঃ] বিণ, বস্ত্রবিক্রেতা; কাপড়-প্রিয়। প্র-কাপুড়ে বাবু।

কাপড়্যা [সং-কাপালী] বি, কাপালিক। "হাটে বাঘছাল বেচে ফুলরা রূপসী। যতনে কিনয়ে তাহা কা৽ সন্ন্যাসী॥"-কবিক৽। ২ [কাপড়িয়া দ্রঃ] কাপড় ব্যবসায়ী (বিক্রমপুর অঞ্চলে)।

কাপা [কাপড় >] বি, উ৽ বঙ্গের পল্লী-রমণীদিগের বক্ষ-আবরণ বস্ত্র।

কাপাল-বি, রামায়ণোক্ত বিশ্বামিত্রের মন্ত্রাত্মক অস্ত্রবিঃ।

কাপালি-বি; শূদ্রজাতিবিঃ; কপালী। ~ক [কপাল (নরকপাল)+ইক (-সম্বন্ধে) যারা নরকপাল ব্যবহার করে। বৌ৽ বাং প্রাকৃ৽-'কপালী,' 'কাপালি,' 'কাপালী,' 'কবালী'] বি, বামাচারী তান্ত্রিক; ইহারা হস্তে নরকপালের অর্দ্ধাংশ ধারণ করে (উহাই তাদের পান ও ভোজন পাত্র) এবং গলায় অস্থিমালা, কপালে চিতাভস্ম ও অঙ্গারের তিলক রচনা করে। ২ কাপালি জাতিবিঃ। ৩ বিণ, কপাল-সংক্রান্ত; কপাল-সম্বন্ধীয়।

কাপা/লী [কপাল (নরকপাল)+অন্ (স্বার্থে)=কাপাল+ইন্ (অস্ত্য) মৃ৽-কাপালিন্ ১মা ১ব৽] বি, শিব (ইনি নরকপালমালা ধারণ করায় এই নাম); কপালমালী। ২ বিণ, ব্রতার্থ ব্রহ্মকপালধারী। স্ত্রীং-~লিনী।

কাপাস [সং-কার্পাস; পা৽-কপ্পাস; হি৽-কপাস।] দ্রঃ 'কাবাস'। বৌ৽ বাং প্রাকৃ৽ -'কাপাসু' (চ৽ ৫০।৩)] বি, তুলা; কার্পাস cotton. বন-কাপাস -বন্য ও নিকৃষ্ট জাতীয় কার্পাস; ইহার নামান্তর 'বদরা।' বিণ, কাপাসিয়া, কাপাসি,-সী, -সে-কাপাসের বর্ণ ও গুণবিশিষ্ট। ২ টিপিলে ছোট হয় আবার ফাঁপিয়া উঠে। ৩ দেখিতে ফিকে লাল বা রক্তাভ। ৪ [হি৽-ফেফ্‌ড়া] বি, ফুল্‌কা; ফুস্‌ফুস্। কাপাসী-বি, রক্তকাপাস gossipium, harbacium.

কাপি/ল [কপিল+অণ্-অপত্যার্থে] বি, কপিলমুনির সন্তান। ২ [কৃতার্থে-অণ্] কপিলপ্রণীত সাংখ্যদর্শনশাস্ত্র। ৩ [সম্বন্ধার্থে -অণ্] সাংখ্যবাদী; সাংখ্যমতাবলম্বী। ৪ বিণ, পিঙ্গলবর্ণ। ~লেয়-[কপিলা+এয় (অপত্যার্থে)] বি, কপিলানাম্নী ব্রাহ্মণীর সন্তান। ২ কপিল কর্ত্তৃক পুত্রভাবে পালিত পঞ্চশিখ নামক ঋষি।

কাপিশ [কপিশা (মাধবীলতা)+অ (উৎপন্নার্থে)] বি, মাধবীলতাজাত মদ্য। স্ত্রীং ~ী-দেশবিঃ।

কাপুড়িয়া-কাপড়িয়া দ্রঃ।

কাপুর-কর্পূর দ্রঃ।

কাপুরুষ [কু (কুৎসিত) যে পুরুষ-ধা, কু=কা (পুরুষ শব্দ পরে থাকিলে কু স্থানে বিকল্পে কা হয়) কিম্পুরুষ দ্রঃ। তুল-ইং-coward; ইতা৽-codardo (short tailed) from o. Fr. coe. coue (কু), dancue -to depress] বি, কুৎসিত পুরুষ; কদর্য্য পুরুষ। ২ অসার ব্যক্তি; নিন্দিত ব্যক্তি। ৩ ভীরুস্বভাব; সাহসহীন। ৪ যে নারীর মর্য্যাদা রক্ষা করিতে পারে না।

কাপুরুষ/ত্ব,-তা [কাপুরুষ+ত্ব-তা (ভা৽)] বি, ভীরু-স্বভাবতা; ভয়শীলতা; সাহসহীনতা; তিরস্কার বা অবমাননা সহ্য করিয়া থাকা; ভয়ে অপমানকে অপমান জ্ঞান না করা।

কাপেকাপ [হিং—খপ্‌না] ক্রি-বিণ, নিশ্ছিদ্রভাবে; ফাঁক না রাখিয়া।

কাপেয় [কপি (বানর)+এয় (অপত্যার্থে)] বিণ, বানরবংশীয়। ২ [সমূহার্থে -এয়] কপিসমূহ। ৩ [সম্বন্ধার্থে-এয়] কপি-সম্বন্ধীয়। ৪ কপির অপত্য। ৫ বানুরে কর্ম্ম।

কাপোত [কপোত (পারাবত)+অ সমূহার্থে] বি, পারাবতসমূহ; কপোতের দল; পায়রার ঝাঁক। ২ [বৈদ্যকে] ক্ষারবিঃ। ৩ সৌবীরাঞ্জন। ৪ বিণ, বিচিত্রবর্ণ; কর্ব্বুরবর্ণ। ৫ [সম্বন্ধার্থে] কপোত-সম্বন্ধীয়। ৬ কপোতবৃত্তি; আকাশবৃত্তি দ্রঃ; দৈনিক আহারীয় সংগ্রহ; অনিশ্চিত জীবিকা। (২) উঞ্ছবৃত্তি। ~ক (-র্ত্ত্ব) [কাপোত+ক (সাদৃশ্যার্থে)] বি, পারাবতসদৃশ পক্ষী; ঘুঘু ইং।

কাপ্তেন [ইং—captain; হিং—কাপ্তান] বি, জাহাজের অধ্যক্ষ; প্রধান নাবিক। ২ সেনাধ্যক্ষ। ৩ ধনী; বিলাসী; যে নীচ আমোদ-প্রমোদের সহায় হয়। কাং ধরা-ইয়ার দলের অর্থ সহায়ক "ধনী বিলাসী ব্যক্তিকে সংগ্রহ করা বা প্রাপ্ত হওয়া। প্র—আর খরচ যোগাতে পাচ্ছে না; এখন তাহারা একজন কাপ্তেন ধরবার যোগাড়ে আছে। কাং ভাসানি-নীচ আমোদ-প্রমোদের অর্থ-সহায়ক ধনীর সর্ব্বনাশ করা, তাহাকে পথে বসান।

কাপ্যকর [কু (কুৎসিত) আপ্য (প্রাপ্য) =কাপ্য (পাপ) কর (যে করে) কু=কা] বি, যে পাপ করিয়া প্রকাশ করে; যে স্বকৃত পাপ প্রকাশ করিয়া পাপমুক্ত হইল বলিয়া মনে করে। ২ বিণ, পাপকারী; পাপাচারী।

কা/ফর, -ফির, -ফের [আং—কাফ্‌র্‌-যে ঈশ্বরকে মানে না; মুসলমানেরা ভিন্ন ধর্ম্মাবলম্বীদিগকে কাফর বা কাফের বলে] বিণ, নাস্তিক; অবিশ্বাসী। ২ অ-মুসলমান [দ্রঃ—ওয়ার্সী-সম্প্রদায় প্রবর্ত্তক হাজী ওয়ারিস আলী শাহের শিষ্য ফকীর আলফশাহের ব্যাখ্যা—"কেরাফ্‌র্‌ বা কাফর যাহারা না দেখিয়া বিশ্বাস করে না," হিন্দু-যারা ভগবদ্দর্শন করিয়া বিশ্বাস করে। মুসলমানরা কাফর নহে কারণ তারা না দেখিয়া অর্থাৎ প্যাগম্বর হজরত মহম্মদের নিকট শুনিয়াই খোদাকে বিশ্বাস করে]।

কাফরি, কাফ্রি [পর্তু—Cafre. আং—কাফ্রি] বি, আফ্রিকার নিগ্রোজাতি।

কাফল [কু (কুৎসিত) যে ফল—খা] বি, কটফল; কায়ফল। ২ [কুৎসিত ফল যার -বহুং] কট্‌ফলের গাছ।

কাফি১ [ইং—Coffee] বি, বৃক্ষবিঃ; কাওয়া। ২ আরব ও আমেরিকার কোন কোন উষ্ণপ্রধান দেশজাত বৃক্ষবিশেষের ফলের বীজ; ইহা মটরাকৃতি, বিশেষ প্রক্রিয়া দ্বারা এই বীজ হতে প্রস্তুত চূর্ণবিঃ। ইহা চা'র মত উষ্ণ জলে অল্প সিদ্ধ করিয়া পান করা হয়।

কাফি২ [আং—কাফী=পর্য্যাপ্ত] রাগিণীবিঃ; আশাবরী, গুর্জ্জরী ও ভৈরবীযোগে উৎপন্ন রাগিণী। কাফির সহিত অন্য রাগিণী-যোগে, -কাফি-কানাড়া, কাফি-টোড়ী ইং।

কাফিলা [আং—কাফিলা] বি, তীর্থ-যাত্রীর দল; পথিকের দল caravan.

কাফের [আং—কাফির] বি, সত্যধর্ম্মে অবিশ্বাসী অমুসলমান infidel ২ ইসলাম-ধর্ম্মত্যাগী renegade. কাফিরানা-কাফির-পনা।

কাফেলাবন্দী [আং—কাফিলা বন্দী] বিণ, দলবদ্ধ।

কাবচিক [কবচ (বর্ম্ম)+ইক ধারণার্থে] বিণ, কবচধারী যোদ্ধৃগণ; যারা কবচ ধারণ করিয়া যুদ্ধ করে। ২ কবচ-ধারিসমূহ।

কাবলিওয়ালা, কাবুলী [কাবুল (আফগানিস্তানের রাজধানী) > আফগানিস্তান-বালা > ঈ (নিবাসী অর্থে)। কাবুল-ওয়ালা স্থলে গ্রাং—কাবলিওয়ালা] বি, আফগানিস্তানের অধিবাসী; আগা (দ্রঃ)। ২ [প্রাদেং যশোং, খুলনা অঞ্চলের নিম্ন কথ্য] বি, বাঘ।

কাবা [আং—ক্‌বা] বি, অঙ্গাবরণবিঃ; হাঁটুর নীচে পর্য্যন্ত লম্বা, ঢিলা ঘের, ঢিলা আস্তীন, সম্মুখখোলা অঙ্গরাখা। ২ [আং] মক্কাস্থ চতুষ্কোণ মন্দির; মুসলমানদিগের প্রধান তীর্থ। "কাবার মন্দির মধ্যে ফিরিস্তা আব্রাহাম কর্ত্তৃক প্রদত্ত কৃষ্ণ-প্রস্তর রক্ষিত আছে এবং যথায় মুসলমানেরা হজ করিতে যায়।" ৩ [কাপ হতে?] জুল; ব্যাজ [*Haughton.*] ~ই [কাবা দ্রঃ] বি, বুক-কাটা ঢিলা জামাবিঃ; ছোট কাবা।

কাবা/ড়ী [সং—কর্ব্বট; হিং—কবাড়িয়া: কবাড়ী; কাবারি দ্রঃ] বি, মৎস্যজীবী জাতিবিঃ; কারবারী; কাবারি। ২ যারা নীলামে পুরাতন জিনিসপত্র ক্রয় করিয়া বিক্রয় করে; ভাঙ্গা ফুটা কাঠ-কাঠরার জিনিসের ব্যাপারী। স্ত্রীং ~ড়নী (হিং—কবাড়িন)।

কাবানি১ [গাবান দ্রঃ] ক্রি, আওটান; আলোড়ন করা।

কাবানি২ [যশোং, খুলনা অঞ্চলের নিম্ন কথ্য] বি, জঙ্গলে কাঠ কাটিয়া আনিয়া রাখিবার জন্য পরিষ্কৃত প্রশস্ত স্থান।

কাবাব [আং—কবাব্‌] বি, শূলবিদ্ধ ভর্জ্জিত মাংস; মাংস খুব কুটিয়া গুলি পাকাইয়া লোহ-শলাকায় বিঁধিয়া আগুনের আঁচে ভাজা।

কাবাবচিনি [আং—কবাবা+হিং—চিনি; সং—চণক > চনার দানা পরে চিনি; ইং—cubebs] বি, সুমাত্রা, যব আদি দ্বীপজাত ক্ষুদ্র বৃন্তযুক্ত মরিচাকার ফলবিঃ; ইহা চিবাইবার পর জিহ্বা বায়ুস্পর্শে শীতল হয়। ২ কাবাব চিনির গাছ piper cubeba.

কাবার [আং—কুব্র; গ্রাং-বাং—কাবার—হিন্দী কবর শব্দের উচ্চারণের অনুকরণে] বি, শেষ; সমাপ্তি; খতম। ২ শেষদিন। প্র—মাস কাবার হলে একবার ডাকে আসিতে বলিও; এমাস কবে কাবার হবে? ৩ যাপন; অতিবাহন। "ঘুমটি ভেঙ্গে ভয়ে রাত কাং।"—রজনী সেন। ৪ [তাস খেলায়] সংখ্যাপূর্ণ; গণনা-বিশেষের সম্পূরণ। পঞ্চাশ-কাবার—পঞ্চাশ বর্ধ পূর্ণ। ২ তাস খেলায়। "প্রায় হ'ল পঞ্চাশ কাং। তবু ছাড়্‌লিনে পঞ্চাশ কাবার!"—রসিক চক্রং। ক্রি কাবরানো-কাবার হওয়া; শেষ হওয়া।

কাবারি, -রী [সং—কর্বট অর্থে গ্রামের যে স্থানে লোকে ক্রয়-বিক্রয় দ্বারা জীবিকা-নির্ব্বাহ করে (বাচস্পত্যে); হাট। তা > হাটে মৎস্যবিক্রয়কারী, পরে মৎস্যজীবী জাতি-

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ...

বিঃ; তুল-কৈবর্ত্ত-কেবট্ট (প্রাকৃ০); হি০-কাবাড়ী] বি, মৎস্যবিক্রেতা জাতিবিঃ; নিকারী। "মৎস্য বেচিয়া নাম ধরিলা কাবারী।"-কবিক০। ২ যারা ফলের বাগান জমা লইয়া ফল বিক্রয় করিয়া জীবিকানির্ব্বাহ করে। ৩ যারা পুরাতন কাটকাটরা ই০র জিনিস ক্রয়-বিক্রয় দ্বারা জীবিকা-নির্ব্বাহ করে। ৪ বাঁশের শলাকা; বাখারী। ৫ [প্রাদে০] বাঁশ ও গোলপাতা-নির্ম্মিত ছত্র; টোকা [কায়বার দ্রঃ] ৬ [প্রাদে০] বংশখণ্ডবিঃ; বাখারি।

কাবাল [আ০-কৌআলী=গায়ক] বি, এক শ্রেণীর মুসলমান গায়ক যারা কেবল খেয়াল, তেলেনা ই০ গান করে, যারা কাওয়ালী গায়।

কাবালী, কাওয়ালী [আ০-কৌআলী] বি, এক শ্রেণীর গীত যা মুসলমান পীরের দরগা বা সুফী-সম্প্রদায়ের মজলিশে গাওয়া হয়; মুসলমান ধর্ম্ম-সম্বন্ধীয় গীত। ২ [বাদ্যে] তেতালা বাদ্যের প্রকার-ভেদ; মধ্যমান অপেক্ষা দ্বিগুণ জলদ তাল। ৩ কাবালের পেশা।

কাবাষ্টিয়া, কাবাষ্টে [সং-কাপাস-আটিয়া (সাদৃশ্যার্থে) >] বিণ, নীরস ও সীটা সীটা।

কাবাস [সং-কার্পাস। তা > কাপাস-কাবাস। কার্পাসের ন্যায় রসহীন] বিণ, রসহীন চোপ্‌সা; সীটা। তুল-কাবাস মূলা। ২ পাংশুবর্ণ; রক্তহীন ফ্যাকাসে। প্র-ভয়ে ছেলেটার মুখ কাবাস হ'য়ে গেছে।

কাবাসি, -সী-বি, পক্ষিবিঃ। ২ [প্রাদে০] কাপাসি (দ্রঃ); ফুস্‌ফুস্‌। ৩ বিণ, কাপাসের মত গুণ বা বর্ণবিশিষ্ট। **কাঠ-কাবাসি**-কাঠের ন্যায় নীরস; শুষ্ক। ২ অত্যন্ত কৃপণ।

কাবিল [আ০-ক়াবিল্‌] বিণ, উপযুক্ত; যোগ্য; লায়েক। ~া [আ০-কবীলা] বি, পত্নী [আদা০]।

কাবু [তুর্কী০-ক়াবু (আক্রমণ)। চ০ ক০ ভা০-'কাউ'] বি, অধীন; বশ; বশীভূত; আয়ত্ত। ২ দুর্ব্বল; কৃশ। "বাবুগণ কাবু নন নাহি যার ফ্যালা।"-ঈ০ গুপ্ত। ৩ [ফা০-কাবুক] বিটঙ্ক; পায়রার খোপ। **কাবু করা**-ক্রি, আয়ত্ত করা; অধীন করা; বশীভূত করা। ২ নিঃশক্তি বা দুর্ব্বল করা। ৩ পরাস্ত করা। **কাবু ক'রে ফেলা**-অনেক যুঝাযুঝি করিবার পর সম্পূর্ণ নিঃশক্তি ও অভিভূত করা।

কাবুলী [ফা০, হি০-কাবুল+ই (ভবার্থে)] বি, কাবুলের লোক। ২ বিণ, কাবুল দেশোৎপন্ন। প্র-কাবুলী ঘোড়া; কাবুলী বেদানা; কাবুলী ভাষা। ৩ কাবুল-সম্বন্ধীয়। ৪ কাবুল দেশজাত মটর; কাবলী মটর। ~ওয়ালা-কাবলিওয়ালা দ্রঃ।

কাবেজ [আ০-ক়ব্‌জ্‌ > ক়াবিজ্‌ পরে বাং-কাবেজ] বিণ, আয়ত্ত; করতলগত। কা০ **করা**-আয়ত্ত করা; কবজা করা; অধিকারে আনা।

কাবের-বি, কুঙ্কুম।

কাবেরী [ক (জল) বের (শরীর) (জলরূপ শরীর যার-বহু০)] বি, দক্ষিণাপথের একটী প্রধান ও পুণ্যতোয়া নদী ইহা কুর্গ-রাজ্য হতে উৎপন্ন হইয়া মান্দ্রাজ-প্রদেশের মধ্য দিয়া বঙ্গোপসাগরে মিলিত হইয়াছে। ২ [কু (কুৎসিত) বের (শরীর) যার (বহু০) কু=ক] বেশ্যা; কায়বারী দ্রঃ।

কাব্বা/লা [কাবাল, -লী দ্রঃ। আ০-কৌআল] বি, ভজন গায়ক ও বাদক; ধর্ম্ম-সম্বন্ধীয় গীতবাদ্যসহ অভিনয়কারী। ~লী-দরগার সঙ্গীত।

কাব্য [কবি (শুক্র)+য (স্বার্থে)] বি, শুক্রাচার্য্য। ২ [কবি (পণ্ডিত)+য (র্ম্ম-কৃতার্থে)] পদ্যে কিংবা গদ্যে কবি-প্রণীত গ্রন্থবিঃ; রসযুক্ত বাক্য; যা পাঠ করিলে অনির্ব্বচনীয় প্রীতি জন্মে। যে অনির্ব্বচনীয় আনন্দজনক রচনা লোকের হৃদয় ও মনের মধ্যে শোক, বিস্ময়, উৎসাহ, ক্রোধ, ভয়, ভক্তি, স্নেহ, অনুরাগ ই০ ভিন্ন ভিন্ন ভাবের তরঙ্গ তুলিয়া দেয়, যা পাঠ করিতে করিতে পাঠক আত্মবিস্মৃত হইয়া যেন বর্ণিত ঘটনা-স্থলে উপস্থিত হইয়া সমস্ত বিষয় ব্যাপার মানসনেত্রে দর্শন করিতে থাকে, এমন কি কবির চরিত্র-রচনা-কৌশল গুণে আত্মবিস্মৃত পাঠক, যে রচনার মধ্য দিয়া নায়ক নায়িকাদির হৃদয় ও মনের মধ্যে প্রবেশ করে এবং অন্তরের ভাব ও ভাবসমূহের ঘাত-প্রতিঘাত পর্য্যন্ত যেন প্রত্যক্ষ করিয়া তাদের সুখ দুঃখের ভাগী হয়, সেইরূপ ভাবসম্বলিত রসাল প্রবন্ধের নাম কাব্য। কাব্য কবির কীর্ত্তি বলিয়া উক্ত হইয়াছে। মহাকাব্য, খণ্ডকাব্য, কোষকাব্য, গদ্যকাব্য ই০ ভেদে কাব্য নানাপ্রকার। সমস্ত কাব্য দৃশ্য ও শ্রাব্য এই দুই প্রধান ভাগে বিভক্ত। দৃশ্যকাব্য পরে নাটক আখ্যা প্রাপ্ত হয়। রঘুবংশ, কুমার-সম্ভব, নৈষধ, মাঘ, মহাভারত, রামায়ণ, মেঘনাদবধ ই০ কাব্য। ৩ [কাব্যালঙ্কারে-"বাক্যং রসাত্মকং কাব্যম্‌।"-সাহিত্য-দর্পণ। "কাব্যগুণালঙ্কারাদিযুক্ত বাঙ্‌নির্ম্মিতিবিঃ।" -কবিকর্ণপূর। "রসাত্মক যে কবিকৃত প্রবন্ধ তাহার নাম কাব্য।"-কাব্য-দর্পণ] বি, রস, ভাব, গুণ, অলঙ্কার, রীতি ই০ দ্বারা সুরচিত চমৎকার-জনক বা অলৌকিক আনন্দপ্রদ রচনার নাম কাব্য poetry. কাব্য একটী পুরুষরূপে কল্পিত, শব্দার্থ এই পুরুষের দেহ, রীতি ইহার হস্তপদাদি অবয়ব, ধ্বনি ইহার জীবন, রস আত্মা ও মাধুর্য্যাদি গুণ, উপমা রূপকাদি ইহার অলঙ্কার। শ্রুতি-কটুতা, অর্থক্লিষ্টতা, গ্রাম্যতা, বিরুদ্ধ রস বিভাব পরিগ্রহাদি দোষ ইহাতে লক্ষিত না হইলে কাব্য নির্দ্দোষ ও পরম সুন্দর পুরুষ বলিয়া বিবেচিত হয়। উত্তম, মধ্যম, অধম বা নিকৃষ্ট ভেদে কাব্য ত্রিবিধ। যে কাব্যে বাচ্যার্থ অপেক্ষা ব্যঙ্গ্যার্থের চমৎকারিত্ব অধিক তাহা উত্তম কাব্য, বাচ্যার্থের চমৎকারিত্ব মুখ্যরূপে এবং ব্যঙ্গ্যার্থ গৌণ ভাবে পরিলক্ষিত হইলে মধ্যম কাব্য ও বাচ্যার্থ বা ব্যঙ্গ্যার্থ-হীন শব্দাড়ম্বর-বিশিষ্ট কাব্য অধম নামে কথিত] ৪ রহস্য-কথা। ৫ কবিসম্বন্ধীয়। স্ত্রীং ~া-বুদ্ধি। ~কলা-কাব্যরচনার কৌশল; কবিত্ব [বিদ্রূপে অধুনা-বাং-সাহিত্যে 'কাব্যি' শব্দ চলিয়াছে] ~কানন-কাব্যরূপ পুষ্পোদ্যান। ~কার-কবি, কাব্য-রচয়িতা। ~কুঞ্জ-বি, কাব্যরূপ কুঞ্জকানন বা নিকুঞ্জ কাব্যরসিকগণ যার কোকিলস্বরূপ। ~কুসুম-বি, কাব্যরূপ পুষ্প, রসভাবাদি যার মধুস্বরূপ। ~চন্দ্রিকা-বি, অলঙ্কার-

গ্রন্থ-বিঃ ; এই গ্রন্থ কাব্যলক্ষণ প্রকাশ-বিষয়ে চন্দ্রিকা-স্বরূপ বলিয়া এই নাম হইয়াছে। ~চৌর-বি, পরের কাব্য কবিতা বা রচনা হতে যে চুরি করিয়া নিজের বলিয়া প্রচার করে। ~জগৎ-বি, কাব্যলোক ; নিখিল কাব্যকারদিগের মণ্ডলী কবিকুল-সমাজ। ~প্রকাশ-মম্মট ভট্ট-বিরচিত অলঙ্কার গ্রন্থবিঃ। ~বিশারদ-বিণ, কাব্যে মহাপণ্ডিত ; কাব্যসম্রাট্। ~রস-কাব্যরূপ কুসুম-নিহিত মধু ; কাব্য-পাঠের আনন্দ ; কবিতার মাধুর্য্য।

কাব্যরসিক-বিণ, কাব্যরসগ্রাহী ; কাব্যরসজ্ঞ।

কাব্যলিঙ্গ-বি, কাব্যের অর্থালঙ্কার-বিঃ Implied causality. বাক্যার্থ বা পদের অর্থ অপর অর্থের প্রতি কারণরূপে প্রতিপাদিত হইলে যে চমৎকারিত্ব জন্মে ; পূর্ব্ববর্ত্তী পাদদ্বয়ের অর্থ পরবর্ত্তী পাদদ্বয়ের প্রতি হেতু হইলে এই অলঙ্কার হয়। "সহজে প্রতাপী এই দানব নিকর, পাইল ব্রহ্মার স্থানে পুনঃ ইষ্টবর। থাকুক অন্যের কথা ইন্দ্রেও না ডরে, তৃণজ্ঞানে গণ্য করে ক্ষীণজীবি নরে।" -নিঃ কঃ। "পীতাম্বর ভক্তি-রস প্রফুল্ল-হৃদয়, কাননে ভ্রমিছে ধ্রুব হইয়া নির্ভয়।" -উপাসনাতত্ত্ব [দ্রঃ-হেতুবাচক শব্দের উল্লেখ থাকিলে চমৎকারিত্ব নষ্ট হয়, সুতরাং কাব্যলিঙ্গ হয় না]।

কাব্যাংশ [কাব্য+অংশ] বি, কাব্যের অংশ ; স্থলবিশেষ।

কাব্যানুশীলন, কাব্যালোচনা [কাব্য+অনুশীলন] বি, কাব্য বিষয়ে আলোচনা বা চর্চ্চা।

কাভাত [প্রাদেঃ। তুল-হিঃ-কহৎ বা কহেত] বি, দুর্ভিক্ষ।

কাম১ [কম্ (ইচ্ছা করা)+ণিচ্=কামি (ইচ্ছা করান)+অ (র্ত্তৃ-জ্ঞাঃ)] বি, কন্দর্প ; অনঙ্গ। ২ বলরাম [বিরল] ৩ রেতঃ। ৪ [কম্ (ইচ্ছা করা)+অ (ভাঃ)] বাঞ্ছা ; অভিলাষ ; কামনা ; লালসা। ৫ অনুরাগ। ৬ স্ত্রীপুরুষের সম্ভোগেচ্ছা ; মনের যে বিকার-ধর্ম্মবশতঃ স্ত্রী ও পুরুষের পরস্পর সম্ভোগাভিলাষ জন্মে। ৭ [তন্ত্রে] মুদ্রাবিঃ ; বিষ্ণু মুদ্রা। ৮ তন্ত্রবিঃ ; কামতন্ত্র ; রতিশাস্ত্র। ৯ বৌদ্ধ মতে পঞ্চবহিরিন্দ্রিয় ও মন এই ষট্‌স্থানজাত বা ষড়্‌বিধ কামনা। "ষড়্‌বিধ কামের উপর প্রভুত্ব করা দুষ্কর নহে।"-জাতক, ৫ম খণ্ড। ~কলা, ~কেলি-যথাস্থানে দ্রঃ। ~চাগা [অশ্লীল] কামের উত্তেজনা হওয়া ; বলবতী রমণেচ্ছা হওয়া। ~তাল-কামোদ্দীপক তাল-লয়যুক্ত সঙ্গীতবিঃ। (২) কোকিল, যার গান কবি কর্ত্তৃক কামোদ্দীপক বলিয়া বর্ণিত। ~তিথি-মদন ত্রয়োদশী। ~বাই [অশ্লীল] কামোন্মাদ ; সম্ভোগেচ্ছার আতিশয্য। ~সেনাপতি -বসন্ত।

কাম২ [সং-কর্ম্ম ; প্রাকৃঃ-কম্ম ; হিঃ, বাং -কাম] বি, কার্য্য কর্ম্ম। প্র-তার কাম কাজ নাই এখন বসিয়া আছে। ২ প্রয়োজন ; আবশ্যক। "উর গো কবির কামে কৃপাকর শিবরামে।"-কবিকঃ। "উৎপত্তি বণিক-কূলে, নিবেদি চরণতলে, যেই কামে আমার প্রয়াণ।"-ঐ। ৩ ব্যাপার ; ঘটনা ; কাণ্ড। "কহয়ে রজনী বিলাস কাম।"-বিঃ পঃ। ~কাজ [সহচর শব্দ। পুঃ বঃ প্রাদেঃ 'কাম কিরগা'=ক্রিয়া কর্ম্ম (পুঃ বঃ গীঃ)] কাজকর্ম্ম। ~দার-কারিন্দা ; আমলা (রাজপুতনায়)।

কামকলা [কাম-কলা (অংশ)] বি, রতি ; কামপত্নী। ২ [কাম-কলা (বিদ্যা)] রতিশাস্ত্র।

কামকার [কাম-কার (কারী)] বিণ, যথেচ্ছাচারী ; ইচ্ছামত কার্য্যকারী। ২ বি, ইচ্ছার গতি ; ইচ্ছার প্রসর।

কামকূট [কাম (রতি) কূট (প্রধান) যার-বহুঃ] বি, উপপতি। ২ স্ত্রী-বিদ্যার মন্ত্র-বিঃ। ৩ বেশ্যার হাবভাব বা বিলাস।

কামকূপ-বি, যোনি।

কামকেলি [কাম (সুরত) কেলি (ক্রীড়া) ৪র্থী তৎ] বি, রতি-ক্রীড়া ; সুরত। ২ [কাম (কামার্থক) কেলি (ক্রীড়া) যার -বহুঃ] বিণ, লম্পট ; কামুক। ৩ উপপতি ; জার।

কামগন্ধ-বি, কামের আভাস বা লেশ।

কামগ, কামগম, কামগামী [কাম (ইচ্ছা পূর্ব্বক) গ, গম, গামী (গম্-গমন করা)+অ ই, (র্ত্তৃ)] ইচ্ছানুরূপ শীঘ্র এবং সর্ব্বত্র গমনে সমর্থ ; যে ইচ্ছামত যেখানে-সেখানে অতি দ্রুত যাইতে পারে।

কামগিরি [কাম (কাম প্রধান) যে গিরি (পর্ব্বত)-খা] বি, কামরূপস্থ পর্ব্বতবিঃ।

কামচর [কাম (ইচ্ছা পূর্ব্বক) চর (যে গমন করে)] বিণ, যে ইচ্ছাপূর্ব্বক সকল স্থানে যাইতে পারে ; সর্ব্বত্রগামী। ২ স্বেচ্ছাচারী। ~চার [কাম (ইচ্ছাপূর্ব্বক) চার (চর্=গমন করা)+অ (ভাঃ)] বি, আপন ইচ্ছানুরূপ চলা ; স্বেচ্ছাবিহার ; যথেচ্ছ গমন। ২ [চর্+অ (র্ত্তৃ-অণ)] বিণ, স্বেচ্ছাচারী ; যথেচ্ছাগামী ; স্বেচ্ছাবিহারী। ~চারী [কাম (ইচ্ছাপূর্ব্বক) চর্ (গমন করা)+ইন্ (র্ত্তৃ)। মূঃ-কামচারিন্ (১মা ১বঃ)] বিণ, যে ব্যক্তি আপন ইচ্ছানুরূপ যাইতে পারে ; স্বেচ্ছাচারী। ২ কামাধীন গতি ; যে কামের বশীভূত হইয়া চলে ; লম্পট-প্রকৃতি। ৩ বি, গরুড়। স্ত্রীঃ~চারিণী-স্বেচ্ছাচারিণী।

কামজ [কাম-জ (র্ত্তৃ-ড প্রত্যয়ান্ত জন >] বিণ, বাসনা জন্য ; কামজাত ; ব্যসন। মৃগয়া, অক্ষক্রীড়া, দিবাস্বপ্ন, পরনিন্দা, স্ত্রীসঙ্গ, মদ্য, নৃত্য, গীত, বাদ্য, বৃথাভ্রমণ এই দশবিধ কামজ বা ব্যসন।

কামজান [কামজ (ব্যসন) আন (প্রাপক)-৬ তৎ] বিণ, কামোদ্দীপক (মাল্য, চন্দন, বনিতা, কোকিলরব ইঃ)। ২ কোকিল।

কামজারি [বাখরগঞ্জ প্রাদেঃ] বি, কার্য্যপরিচালন carrying on business. "কামজারির উপলক্ষে।"

কামজিৎ [কাম=জিৎ (জি (জয় করা) +কিপ্-র্ত্তৃ] বি, যিনি রূপে কামদেবকে জয় করিয়াছেন ; কার্ত্তিকেয়। ২ [যিনি কাম-দেবকে নয়নানলে ভস্ম করিয়া জয়ী হইয়াছিলেন] মহাদেব ; মদনারি ; কামরিপু। ৩ বুদ্ধদেব (স্ত্রীসংসর্গ বর্জ্জনহেতু)।

কামজ্বর-বি, কামাগ্নি ; দুর্দ্দমনীয় কাম-প্রবৃত্তি ; অতিরিক্ত শৃঙ্গারেচ্ছা।

কামটা [প্রাদেঃ বর্দ্ধঃ মুর্শিঃ] বি, ধনুক।

কামঠ [কমঠ (কচ্ছপ)+অ (সম্বন্ধার্থে)] বি, কচ্ছপসম্বন্ধীয়। ২ কচ্ছপের মাংস।

কামঁড় [শব্দাত্মক পদ। দন্ত দ্বারা হাড় ভাঙ্গিবার কড়মড় শব্দ >। উচ্চারণে কর্পট > যেমন কাপড়, কড়্মড় বা কর্মর > কামড়। কঁড়্মঁড়-কামড়। কঁড়্মঁড়ানি -কামড়ান। কঁড়্মঁড়ানি-কামড়ানি। তা > যা কিছু দন্তদ্বারা আঘাতিত, ধৃত, কর্ত্তিত, চর্ব্বিত হয়। কড়মড় দ্রঃ] বি, দন্তাঘাত; দন্তদ্বারা প্রহার; দন্তক্ষত; দন্তাঘাত-জনিত ক্লেশ। "এ নীল কাপড় হানিছে কামড়, যেমন কাল সাপিনী।"-ভারত০। ২ বেগ; চাপ; দাওয়া; দাবী; নির্দ্দয়ভাবে পণ প্রার্থনা demand ; pressure. প্র-অল্প টাকায় এ বিবাহ হবে না, ছেলের বাপের ভারি কামড়। ~**করা**-অধিক (ধন) চাহিয়া বসা। ~**কাটা**-দন্তাঘাত করা (হিং০-কাট-মারনা, কাটখানা) দংশনের দাগ বসান; দন্তদ্বারা ক্ষত করা। ~**বঁসান**-দন্তাঘাতের দাগ বসান; দাঁত বসান। ~**দেওয়া**-বেগ দেওয়া; অধিক অর্থাদি দিবার জন্য চাপ দেওয়া বা চাহিয়া বসা। ~**মারা** [হিং০-কাটমারনা] দন্তদ্বারা প্রহার করা; দাঁত বসান। **কামড়ে ধঁরা**-দন্তদ্বারা ধৃত করা। ২ আঠার মত চাপিয়া বা আঁকড়িয়া ধরা; সংলগ্ন বা লিপ্ত হইয়া যাওয়া। প্র-কাপড়ে তেল কামড়ে ধরেছে। **তেল-কামড়া** -বিণ, কাপড়ে তেলের মত লাগিয়া থাকার ন্যায় এঁটেল চিমড়ি, এঁয়ে নেকড়া; যে আঁকড়িয়া থাকে, সহজে ছাড়িতে চায় না। প্র-ন্যাড়া তেল কামড়া, স্ত্রীং তেল-কামড়ি।

কামড়া [কামড়, কামড়ান দ্রঃ] ক্রি, (ম০-পুং, অনুজ্ঞা, তুচ্ছার্থে) দাঁতে কাট্, দংশন কর্। প্র-তুই কামড়া। সমানার্থে-কামড়াও (তুমি)। সম্ভ্রমার্থে-কামড়ান্ (আপনি)। ১ম পুং, কামড়ায় (সে)। "রহিয়া রহিয়া পড়ি কামড়ায় তারে।"-মেঘ০। উ০ পুং, কামড়াই (আমি বা আমরা)। অস-ক্রি -কামড়াইতে; কামড়াতে; কামড়িতে।

কামড়া-কামড়ি [কামড় দ্রঃ] বি, পরস্পর দন্তাঘাত করণ।

কামড়ানি [কামড়া দ্রঃ। কড়মড়ান ক্ষেং কামড়ান। তুল-হিং০-কুতরনা কাটমারনা; কাটনা] ক্রি, দংশন করা; দন্তাঘাত করা; দন্তক্ষত করা। প্র-সাপে কামড়ান; বাঁদরে কামড়ান; বিছায় কামড়ান। ২ দন্তে কাটা বা চর্ব্বণ করা। "নিজের শরীর নিজে কামড়াইয়া খাই।"-কস্তুরী০। ৩ কামড়ের ন্যায় বেদনা বা যন্ত্রণা বোধ করা। প্র-গা কামড়ান; পেট কামড়ান; হাত বা মাথা কামড়ান (কামড়ানি দ্রঃ) ৪ (কাম্ড়ান) বি, দংশন। বি, কামড়ানি। বিণ, কামড়ানে। **কামড়ান্তে**-কামড়ান যার অভ্যাস। প্র-ছেলেটা ভারি কামড়ান্তে।

কামড়ানি [কামড়, কামড়ান দ্রঃ] বি, শরীরের মধ্যে কামড়জনিত বেদনার ন্যায় অনুভূতি। **পেট কামড়ানি**-পেটের ভিতর অস্ত্রাদিতে কামড় বা তা হতে চিবাইবার মত যন্ত্রণাদায়ক অনুভূতি। ২ [বিশেষার্থে গ্রাম্য প্রয়োগ। মলত্যাগের পূর্ব্বে পেট কামড়ানর ভাব >] যে গোপনীয় কথা জানা আছে পেটের ভিতর হইতে বাহির হইবার জন্য কামড় দিতেছে-তা হতে পেটের কথা বাহির করিবার বা গুপ্ত কথা ব্যক্ত করিবার জন্য অস্থিরতা। প্র-এতক্ষণ বুঝি পেট কামড়ানি হচ্ছিল, কথাটা না বলে বুঝি আর চলিত না। **হাতকামড়ানি** [ব্যর্থ মনোরথ হইয়া ক্ষোভে ও ক্রোধে নিজের হাত কামড়ানর ভাব >] আফসানি; আপশোস; ক্ষোভ; মনস্তাপ।

কামড়ি ['কামড়িয়া'র ক্ষেং] ক্রি, দন্তাঘাত করিয়া; কামড়াইয়া। "আঁচড়ি কামড়ি।"-মেঘ০। ২ বি, কামড়। **তেল-কামড়ি**-তেল কামড়িয়া ধরে যে; নেড়া মাথায় তেল দিলে জবজব করে যেন কামড়িয়া ধরে এজন্য বলে-"নেড়ি তেল-কামড়ি।" "নেড়া তেল-কামড়া" (শিশুগণ নেড়া হইলে এই বলিয়া ক্ষেপায়)।

কামর্তন্ত্র-বিণ, কাম বা রতি পরতন্ত্র। "কুলবধূ কামতন্ত্র, বেজক মুরল যন্ত্র, বালুকা সহিত জল পূরে।"-কবিক০। ২ রতিশাস্ত্র।

কামতিথি-বি, মদন ত্রয়োদশী।

কামদ [কাম (কামনা) দ (র্কৃ, ড প্রত্যয়ান্ত দা >)] বিণ, বাসনাপূরক; অভীষ্টদ; কামনাপ্রদ। যে অন্যের অভিলাষ পূর্ণ করে; যে প্রার্থিত বস্তু দান করে। ২ সঙ্গীতের রাগ। "ভৈরবী না দিয়ে বাদ, কামদে কেদারে সাধ উদয় হবেরে আপনি কল্যাণ।"-গোবিন্দ ব্রহ্মচারী। ~া [কামদ +আ (স্ত্রীং)] বিণ, বাসনা-সিদ্ধিদাত্রী; কামনাদায়িনী; যিনি সাধকের সমস্ত বিষয়ে কামনা সিদ্ধ করেন; অভীষ্টদাত্রী, মহীরাবণ পাতালে ইঁহার পূজা করিতেন। ২ বি, কামধেনু। ৩ চৈত্র মাসের শুক্লা একাদশী। ৪ ছন্দোবিঃ।

কাম/দানী [হিং০] বি, কাপড়ে ফুলতোলার কাজ। ২ সল্মা চুমকীর কাজ করা কাপড়; তুলার বস্ত্রের উপর জরি বসান কাজ। ~**দার** [হিং০] বিণ, কারুকার্য্য-বিশিষ্ট। "তাহার উপর জরির কামদার বিছানায় জরির কামদার মখমলের বালিশ।"-রাজসিংহ (বঙ্কিম০)। ২ কলাবত্তু বা কারচুপী কাজ করা। প্র-কামদার টুপী, কামদার জুতা।

কামদুঘা,-ধুক্-বি, কামধেনু।

কামদেব [সং] বি, ব্রহ্মার মানস-পুত্র ইনি মহাদেবের তপোভঙ্গের জন্য শিব-কোপে অনঙ্গ হন পরে কৃষ্ণের ঔরসে রুক্মিণীর গর্ভে জন্মগ্রহণ করেন।

কামধঁর-বি, কামরূপের মৎস্যধ্বজ পর্ব্বতস্থ সরোবরবিঃ।

কামধেনু [কাম (কামনাদায়িনী) ধেনু (ধা)] বি, অভীষ্টদায়িকা ধেনু; সমুদ্র-মন্থনোত্থিত চতুর্দ্দশ রত্নের অন্যতম; সুরভী। (২) বশিষ্ঠের ধেনু, নন্দিনী। (৩) দানার্থ স্বর্ণ-গাভী। ২ শিবপ্রোক্ত তন্ত্রবিঃ।

কামধ্বংসী [কাম (কন্দর্প) ধ্বংস্ (নাশ করা)+ইন্(র্কৃ)। মূ০-কামধ্বংসিন্ ১মা ১ব০] বি, যিনি কামদেবকে ধ্বংস করিয়াছেন; মহাদেব।

কামনা [কম্ (ইচ্ছা করা)+অন (ভা০)] বি, বাঞ্ছা; বাসনা; ইচ্ছা; মনোরথ। পুং, কামন-বি, বাসনা। ২ বিণ, কামুক [প্রা০ অ০]।

কামপত্নী [কামের পত্নী-৬ তৎ] বি, কামকান্তা; রতি।

কামপাল-বি, বলরাম; হলায়ুধ; শ্রীকৃষ্ণের অগ্রজ।

কামপীঠ-বি, কূপাদির মুখে প্রাচীরাদির ঘেরা বা বেড় বা পাড়।

কামপূর [কাম (অভিলাষ) পূর (পূরণ করা)+অ (র্তৃ)] বিণ, যে অভিলাষ পূর্ণ করে; অভীষ্টদাতা; অভীষ্টপূরক। ২ বি, পরমেশ্বর।

কামপ্রদ [কাম-প্র-দা (দান করা)+অ (র্তৃ)] বিণ, বাসনাপূরক; অভীষ্টদাতা। ২ পরমেশ্বর।

কামবতী-কামবান্ দ্রঃ।

কামবাই-বি, সঙ্গমেচ্ছারোগ; অত্যন্ত কামাসক্তি, কামোন্মাদ।

কামবাইয়া, কামবেয়ে [কাম দ্রঃ] কাম-বাই (বাতিক-বায়ুরোগ-উন্মাদ) +আ (বির্থে০) অশ্লীল। বিণ, কামোন্মাদ-গ্রস্ত; কামোন্মত্ত; কামুক; কামাসক্ত।

কামবাণ-কামের পঞ্চ বাণ; পঞ্চশর দ্রঃ।

কাম/বান্ [কাম+বৎ (স্ত্য) মূং-কামবৎ ১মা ১ব০] অভিলাষযুক্ত; বাসনা-শালী। ২ মৈথুনানুরাগী। স্ত্রীং ~বতী ~বল্লভ-বি, আম্রবৃক্ষ; > স্ত্রীং ~া-জ্যোৎস্না।-কামুকা; কামুকী। ২ দারু-হরিদ্রা।

কামবৃত্ত [কাম (যথেষ্ট) বৃত্তি যার-বহু০] বিণ, যে ইচ্ছানুরূপ ব্যবহার করে; যথেচ্ছাচারী। স্ত্রীং ~া-পারুল গাছ।

কামমহ-বি, চৈত্র-পূর্ণিমার মদনোৎসব।

কামমোহিত-বি, কামবিহ্বল।

কামরা [ল্যা০-Camera (a vaulted room); পর্ত্তু০-Camara] বি,প্রকোষ্ঠ; গৃহ।

কামরাঙ্গা,-ঙা [সং-কর্ম্মরঙ্গ (শব্দ-কল্প:); পা০-কম্মরঙ্গ; হিং-কমরথ। কাম-রঙ্গা-রঙ্গকর্ম্ম-সাধকফল বলিয়া এই নাম। কাঁচা ফল লোহার মরিচা ধরা রঙ্গ পরিষ্কার করে] বি, পঞ্চশির অম্লফলবিঃ। (২) কাম-রাঙ্গার গাছ averrhoa carambola.

কামরু (-রুঁ-) [সং-কুত্র >, বৌ০ বাং প্রাকৃ০] অ, কোথায়। "রাতি ভইলে কা০ জাঅ।"-চ০ পদ০ ২।৪।

কামরূপ [কাম (মনোজ্ঞ) যে রূপ-ধা] বি, মনোজ্ঞরূপ; সুন্দর। ২ [কাম (মনোজ্ঞ) রূপ যার-বহু০] বিণ, মনোহর কান্তি; সুন্দর; মনোজ্ঞরূপ। ৩ বি, ভারতের প্রাচ্য দেশবিঃ; ইহা আসাম অঞ্চলে স্থিত। কামাখ্যা প্রদেশ (পরিঃ-দ্রঃ)। ৪ বিণ, যথেচ্ছ বেশ ধারণ-কারী। ৫ রামায়ণোক্ত বিশ্বামিত্রের মন্ত্রাত্মক অস্ত্রবিঃ [বালকাণ্ড ২৮]।

কামরূপী [কাম (ইচ্ছা) রূপ (আকৃতি) +ইন্ (স্ত্য), মূং-কামরূপিন্ ১মা ১ব০] বি, যে ইচ্ছানুরূপ আকৃতি ধারণ করিতে পারে: বিদ্যাধর। ২ বিণ, স্বেচ্ছাপূর্ব্বক রূপ-ধারণে সমর্থ। "কা০ হয়ে আমি, যদি হই বিহঙ্গমী, উড়ে যাই গউড় নগরে।" "কা০ তবাগ্রজ।"-মেঘ০। ৩ মদনের মত যার রূপ। "কা০ মোর গৃহে বাড়ে কোনজন।"-কবিক০। ৪ কামরূপ কামাখ্যা দেশ জাত বা সম্বন্ধীয় [এই অর্থে প্রাদে০ উচ্চারণ কাঁউরূপী ও০]।

কামরেখা,-লেখা-বি, বেশ্যা।

কামল [কাম (ইচ্ছা) ল (যে দান করে) (র্তৃ-ড প্রত্যয়ান্ত লা বা লস্ >)] বি, বসন্তকাল; এই সময় ইচ্ছানুরূপ ভোগ্যবস্তু পাওয়া যায় বলিয়া। ২ মরুভূমি। ৩ [কাম +ল (স্ত্য)] কামী: কামুক [প্র০ অ০] ৪ রোগবিঃ; কাঁওল [কামলা দ্রঃ]।

কামলতা-বি, কামিনী। ২ শিশ্ন। ৩ তরুলতা।

কামলা১ [সং। কমলা লেবুর বর্ণ >] বি, পিত্তের আধিক্যহেতু যে রোগে চক্ষু আদি অঙ্গ হরিদ্রাবর্ণ হয়; কাঁওল।

কামলা২ [কামিলা দ্রঃ] বি, জন মজুর (মৈ০ গী০)।

কামশক্তি [কামের (মদনের) শক্তি (পত্নী) ৬ তৎ] বি, রতি; কামপত্নী। ২ পঞ্চাশৎ প্রকার কামনায়িকা।

কামশর [কামের (কন্দর্পের)-শর (বাণ) ৬ তৎ] বি, মদনের বাণ; মদনায়ুধ। ২ [আম্রমুকুল কাম শর বলিয়া কবিপ্রসিদ্ধি হেতু] আম্রবৃক্ষ।

কামশাস্ত্র-বি, স্বর্গাদিকামনা প্রতি-পাদক শাস্ত্র। ২ রতিশাস্ত্র।

কামসখ [কামের (কন্দর্পের) সখা -৬ তৎ। সখি=সখ] বি, কন্দর্প-সহচর; কামদেবের সখা; বসন্ত ঋতু। ২ আম্রবৃক্ষ।

কামসুত [কামের (কন্দর্পের)-সুত (পুত্র) ৬ তৎ] বি, উষাপতি অনিরুদ্ধ।

কামসূত্র [কামের-সূত্র (৬ তৎ)] বি, রতিশাস্ত্র; কামকলাদিবোধক শাস্ত্র।

কামস্তুতি [কামের স্তুতি-৬ তৎ] বি, তন্ত্রোক্ত মন্ত্রবিঃ; প্রতিগ্রহ দোষশান্তিকর মন্ত্রবিঃ। ২ কামদেবের উদ্দেশে স্তব।

কামাই১ (ফা০-কম্ (অল্প) +হিং-আই (ভা০)-অল্পতা-হ্রাস > অবসান-কার্য্যের অবসান] বি, অবসর; ফাঁক; বিশ্রাম। প্র-সে ক্রমাগত বকিতেছে, তার মুখের কামাই নাই। ২ অনুপস্থিতি absence. প্র-কাজে তার একদিনও কামাই নাই। "পরীক্ষায় ফেল হবি করিলে কা০।" -কস্তুরী০। ক্রি, কা০ করা-লঙ্ঘন করা। ২ ছুটী করা; অনুপস্থিত হওয়া। প্র-কাজে যে কয়দিন কামাই করিয়াছে সে কয়দিনের বেতন পায় নাই। **কাটনা কামাই যাওয়া**-ঘ্যানর ঘ্যানর করিয়া বকুনি থামা। প্র-দিন রাত কেবল ঘ্যানর ঘ্যানর কচ্চে তার আর কাটনা কামাই যায় না। **কাজও নাই কামাইও নাই**-যার কর্ম্ম নাই তার পক্ষে কর্ম্মে অবসর সম্ভবে না; সুতরাং কামাইও নাই। ২ কাজ না থাকিলেও বিশ্রাম নাই।

কামাই২ [কাম (কর্ম্ম) +আই। কামান দ্রঃ] বি, উপার্জ্জন; কর্ম্মলব্ধ ধন।

কামাক্ষী [কাম (শোভন) অক্ষি (চক্ষু) যার-বহু০] বি, কামাখ্যাদেবী। ২ তন্ত্রোক্ত মন্ত্রবিঃ।

কামাখ্যা [গ্রা০-কামিখ্যে। কামা (কামদায়িনী) আখ্যা (নাম) যার-বহু০] বি, যে পীঠস্থানে সতীদেবীর মহামুদ্রা পতিত হয়; সতীর যোনিপীঠরূপ স্থানের অধিষ্ঠাত্রী দেবীবিঃ।

কামাগ্নি-কামানল দ্রঃ।

কামাচী, কামাচা-বি,কাকমাছি।

কামাঞী [কামাই দ্রঃ] বি, কামাই; অনুপস্থিতি। ২ চাষের উপযোগী মাটি প্রস্তুত করণ। ৩ উপার্জ্জন। "হেল্যার দেখিয়া দুঃখ হরে হৈল মো; কালে কালে কৈল হাল কামাঞের যো॥"-শি০।

কামাতুর [কামে-আতুর] বিণ, কামার্ত্ত; কামবিহ্বল; কামপীড়িত। স্ত্রীং ~া।

কামাত্মা [কাম (কামাধীন) আত্মা যার-বহুং] বিণ, কামাধীন চিত্ত; কামাকুল চিত্ত; যে কামের একান্ত বশীভূত। ২ যে ফলকামনা করে; ফলকামী।

কামান১ [প্রাং বাং-'কামান'। ইং-cannon; ফ্রেং-canon। তুল-বেদে-কর্ণকাবতী, কর্ণী; মনুং-কর্ণি; ল্যাং-canna. কর্ণ=কর্ন্নি=গন্নি-gun; শতঘ্নী, আগ্নেয়াস্ত্র, বজ্র দ্রঃ] বি, বৃহৎ আগ্নেয়াস্ত্র: বৃহন্নালিক; শতঘ্নী। ২ [ফাং-কামান্ a cross-bow -*Haughton*. সং-কামধনু। তুল-"ভুরু-অণু, কামধনু, হেমতনু সাজে।"-কবি কৃষ্ণরাম (বিং মুং)] বি, কাণ্ড; ধনু। "কামের কাং জিনি ভুরুর ভঙ্গিমাখানি।"-চণ্ডীং। ৩ [প্রাং বাং] তুলাদণ্ড; কাঁটা।

কামানি২ [হিং-কাম-কর্ম্ম] বি, উপার্জ্জন। ২ ক্ষৌরকর্ম্ম। ৩(নি) [হিং-কমানা-কর্ম্মের দ্বারা উপায় করা] ক্রি, কাজকর্ম্ম করিয়া উপার্জ্জন করা; মেহনতের দ্বারা অর্থোপার্জ্জন করা। ৪ বিণ, উপার্জ্জিত; মেহনতের দ্বারা অর্জ্জিত। "বাপের কামানো টাকা বিলাতি চাটুকে। দিয়া নিজে জুজু হয়ে ঢোকেন ফাটকে॥" -হেমং।

কামানিত [কামাই, কামাও, কামায়; কামাইতে (কেং-কামাতে)। কামাইয়া (কেং-কামিয়ে); ইং] ক্রি, ক্ষৌরকর্ম্ম-সম্পাদন করা বা করান। ২ সাপের বিষদাঁত ভাঙ্গিয়া দেওয়া; সর্পকে নির্বিষ করা। "বিষদাঁত ভাঙ্গিয়া দিলে সাপ নির্জীব হইয়া পড়ে এবং অধিক দিন বাঁচে না; এই জন্য অনেক মাল বৈদ্য সাপকে না কামাইয়াই খেলাইয়া থাকে।"-দ্রব্য-গুণ শিক্ষা।

কামানল [কামরূপ যে অনল-ধা] বি, মদনানল; কামাগ্নি; অতি প্রবল কাম।

কামানিয়া [কামান-ইয়া (সম্বন্ধার্থে)] বি, যে কামানের কাজ করে; গোলন্দাজ। "কাং কামান পাতিল থরে থর।"-কবিকং।

কামানী১ [কামান দ্রঃ] ক্ষৌরকর্ম্মের বেতন। ২ কর্ম্মের বেতন।

কামানী২, -নি [ফাং-কমান (ধনুক-কামানের আকৃতি বলিয়া > ফাং-কমানী (ঘড়ি বা গাড়ীর স্প্রিং)] বি, গাড়ীর চাকা ঘড়ী ইংর স্প্রীং; ধনুকাকৃতি স্থিতিস্থাপক লৌহাদি। এই অর্থে ছাতার কামানী, চসমার কামানী ইং। ~দার [ফাং] বিণ, যাতে কামানী লাগান আছে; কামানীযুক্ত; স্প্রীং দেওয়া। প্র-কামানীদার একা।

কামান্ধ [কাম দ্বারা অন্ধ (জ্ঞানহীন) ৩ তৎ] বিণ, কামপ্রভাবে বিবেকদৃষ্টিহীন; কামাতুর; কামমুগ্ধ; কামবশতঃ ধর্ম্ম ও কর্ত্তব্যজ্ঞানশূন্য। ২ বি, কোকিল। স্ত্রীং ~া-বিণ, কামমুগ্ধা। ২ বি, কস্তুরী।

কামাবশায়িতা, কামাবসায়িতা [কাম (ইচ্ছা) অব-শী (শয়ন করা) সো (নাশ করা+ইন্ (র্ত্তৃ), মূং-কামাবশায়িন্-কামাবসায়িন্+তা (ভাং) বা কামান্ (আপন বাসনা সকল) অবসায়য়িতুং (সমাপ্ত করিতে) শীলং যস্য (স্বভাব যার) তস্য ভাবঃ (তার ধর্ম্ম)] বি, মহেশ্বরের ঐশ্বর্য্যবিঃ; বাসনা-সমাপন-শক্তি; আপনার কামনা সকল সফল করিবার ক্ষমতা; যা ইচ্ছা তাই করিবার শক্তি। ২ ইন্দ্রিয়নিগ্রহ-শক্তি।

কামায়ুঃ [কাম অনুরূপ আয়ু যার -বহুং] গরুড়।

কামায়ুধ [কামের আয়ুধ (অস্ত্র) ৬ তৎ] বি, আম্রমুকুল (ইহা কবিপ্রসিদ্ধি বলিয়া)। ২ আম্রবৃক্ষ। ৩ কামদেবের অস্ত্র।

কামার [সং-কর্ম্মকার, প্রাকৃং-কর্ম্মআর > কর্ম্মার, কার্ম্মার > কামার (কর্ম্ম=কাম, কার=আর)] বি, লৌহাদি ধাতুর কর্ম্মকারক জাতিবিঃ; লৌহকর্ম্মকার। স্ত্রীং ~নী (হিং-কমারিন্)।

কামারণ্য [কাম (মনোহর) যে অরণ্য (ধা)] বি, মনোহর কানন; সুন্দরবন।

কামারি [কামের (মদনের) অরি (শত্রু) ৬ তৎ] বি, মদনভস্মকারী; মহাদেব।

কামার্ত্ত [কাম দ্বারা আর্ত্ত (পীড়িত) ৩ তৎ] বিণ, কামমোহিত; কামপীড়িত; কামাতুর; কামের একান্ত বশীভূত।

কামাল [আং-কমাল্] বি, নৈপুণ্য। ২ অভাবনীয় ব্যাপার; অদ্ভুত কর্ম্ম; বিস্ময়কর কার্য্য। প্র-কামাল করা। ৩ হদ্দ।

কামাসক্ত-বিণ, সম্ভোগপ্রিয়, কামনা-যুক্ত।

কামিজ [আং-(কুমিস্-shirt)। কামিজ্; ল্যাং-camisa (a nightgown); পর্ত্তুং-camisa] বি, জামাবিঃ; অঙ্গাচ্ছাদক-বিঃ; শার্ট জামা। "যার বেণী প্রেম স্নেহ, নূতন প্রেমিক কেহ, সেমিজে কামিজে রুচি তার।"-চন্দনং।

কামিত [কম্+ণিচ্=কামি (ইচ্ছা করা)+ত (র্ম্ম)] বিণ, ঈপ্সিত; বাঞ্ছিত। ২ প্রার্থিত; যাচিত।

কামিনা [কামিলা দ্রঃ] বি, কর্ম্মকার। ২ শিল্পী; কারিগর। "চিত্রগড়র কাং বিসাস্তর।"-শূং পুং।

কামিনী-কামী দ্রঃ।

কামিনীসুলভ-যা স্ত্রীজাতির মধ্যে সাধারণ।

কামিন্যা [কামিলা, কামিনা দ্রঃ] বি, কর্ম্মকার; কারিকর; শিল্পী; কারু; ভাস্কর; স্থপতি; চিত্রকর। "কাং সত্বর গড়ে ধর্ম্মঘর চিরিয়া রেএটা পাথর॥ পাসান চিরিআ ধরিল সুত্রের ধার। মধ্য চাল পরে দর্পণ শোভা করে বিচিত্র করিল সার॥"-শূং পুং।

কামিল [পাং-কামিল্] বি, পণ্ডিত; ওস্তাদ; কারিগর; কর্ম্মদক্ষ। "কাং না পাইয়া তথা আমাকে পাঠাল্যে তথা আত্ম-ভাব করিয়া তোমারে।"-কবিকং। ২ স্বর্ণকার; সেকরা। ৩ বিণ, কলহকারী; ঝগড়াটে। কামিলা ও কামিন্যা দ্রঃ।

কামিলা, কামলা [সং-কর্ম্মকার, কর্ম্মার; হিং-কামেরা=কারিগর; মজুর workman (a Trilingual Dictionary by Mathura Prosad Misra, Benares.) তুল-ফাং-কামিল=শিক্ষিত, ওস্তাদ; উং ফাং-কাম্=কর্ম্ম] বি, কারু; শিল্পী; কারিগর। "কামিলা বিসাই।"-শূং পুং। "কেমন করিয়া কৈলা কামিলার বেটা। শঙ্খের উপরে এত নির্ম্মাণের ঘটা॥"-শিং।

"কামিলা বাসর গড়ি আইলা সাধুর বাড়ী।" -ম০ ভাসান। ২ কর্ম্মকার; কামার। "কর্ম্ম করি কামিলা করিল হাঁই ফাঁই।" -শি০। ৩ [ময়মনসিং অঞ্চলে 'কামেলা'] কুলী; মজুর। ৪ [পাবনা, বগুড়া অঞ্চলে] ঠিকে চাকর।

কামী [কাম+ইন্ (স্ত্য), মূ০-কামিন্ (১মা ১ব০)] বিণ, যার অধিক কাম আছে; কামুক; কামবিশিষ্ট। ২ বি, চক্রবাক (অতিশয় কামুক বলিয়া); চক্রবাকী। "লুব্ধ ভক্ষণের আশে, ঝাঁকে ঝাঁকে জালে বৈসে, নানা বিহঙ্গম বন্দী পড়ে॥ * * * * * কুরব কুক্কট কঙ্ক, কামী কোক, কলবিঙ্ক কলরব কলিঙ্গ ককট।" ৩ কপোত। ৪ চটক। ৫ সারস। ৬ চন্দ্র। স্ত্রীং কামিনী-অতিশয় কামযুক্তা নারী। ২ ভীরু স্ত্রী। ৩ স্ত্রী-জাতি-মাত্র। ৪ স্ত্রী; পত্নী। "কামের কামিনী", "কাহার কামিনী।" ৫ মদিরা। ৬ দারুহরিদ্রা। ৭ স্বনামপ্রসিদ্ধ ফুলের গাছ murruya exotica.

কামীন [কাম+ঈন (স্ত্য)] বিণ, কামাতুর; কামাধীন; কামানুগত; কামুক;

কামু/ক [কম্ (ইচ্ছা করা)+উক (র্ত্তৃ)] বিণ, কামাভিলাষী; রমণেচ্ছুক। ২ যে ভোগ্যবস্তু কামনা করে; বিলাসী; অভিলাষী। ৩ বি, অশোকবৃক্ষ। ৪ মাধবীলতা। ৫ চটক পক্ষী। স্ত্রীং ~কা-কী-কামাভিলাষিণী; ভোগাভিলাষিণী; ইচ্ছাবতী: রমণেচ্ছুক।

কামেজ্ [ল্যা০-camisa. কামিজ দ্রঃ] বি, জামাবিঃ। "ছেঁড়া পচা কা০ তাহার নাই হাতা।"-ঈ০ গুপ্ত।

কামেশ্বর [কামের (বাসনার) ঈশ্বর (প্রভু) ৬ তৎ, যিনি কামনা পূরণ করেন] বি, কামনার ঈশ্বর বা অভীষ্টদাতা; পরমেশ্বর। স্ত্রীং ~ী-ভৈরবীবিঃ।

কামোদ-বি, সঙ্গীতের রাগবিঃ। কামদ দ্রঃ। স্ত্রীং ~া-বি, রাগিণীবিঃ। ~ক (-দঁ-) [কাম (ইচ্ছাপূর্ব্বক-দত্ত) যে উদক (জল)-ধা] বি, মৃত ব্যক্তির উদ্দেশে স্বেচ্ছাপ্রদত্ত জল; তর্পণাদি করিয়া মৃতের উদ্দেশে যে জল দেওয়া হয়।

কামোপহঁত [কাম দ্বারা উপহত (বিনষ্টপ্রায়) ৩ তৎ] বিণ, কামান্ধ; কামাতুর; কাম প্রবল হইয়া যার বুদ্ধি আচ্ছন্ন করে। ২ [কাম (মদন) উপহত (বিনষ্ট) হইয়াছে যৎকর্ত্তৃক-বহু০] বি, মহাদেব।

কাম্পিল, কাম্পীল, কাম্পিল্য, কাম্পিল্ল [কম্প্ (কাঁপা)+ইল, ঈল, ইল্য, ইল্ল (জ্ঞা০)] বি, স্বনামপ্রসিদ্ধ দেশ। ২ সুগন্ধি দ্রব্যবিঃ। ৩ লতাবিঃ।

কাম্বল [কম্বল+অ (আচ্ছাদনার্থে)] বি, কম্বলাবৃত রথ। ২ বিণ, কম্বলদ্বারা আবৃত।

কাম্বোজ [কম্বোজ (দেশবিঃ)+অ (উৎপন্নার্থে)] বি, কম্বোজ-দেশজাত অশ্ব। ২ যবনজাতি-বিঃ (সগর রাজা ইহাদের শিরোমুণ্ডন করিয়াছিলেন)। ৩ পুন্নাগবৃক্ষ। ৪ (স্বার্থে-অ) দেশবিঃ। ৫ শ্বেতখদির: পাপড়ি খয়ের।

কাম্য [কম্+ণিচ্=কামি (ইচ্ছা করা) +য (র্ম্ম)] বিণ, যা কামনার যোগ্য; ভোগ্য। ২ অভিলষণীয়; বাঞ্ছনীয়। ৩ ঐচ্ছিক: যা ইচ্ছা হইলে করা যায়: যা না করিলে নয় এরূপ নহে। ৪ সুন্দর; কমনীয়। ৫ বি, অভীষ্টকর্ম্ম।

কাম্যকবন [কাম্য (সুন্দর)+ক (স্বার্থে)=কাম্যক (রম্য) যে বন-ধা] বি, সরস্বতী নদীর তীরস্থিত বনবিঃ; পাণ্ডবগণ বনবাসকালে এই বনে বহুদিন বাস করিয়াছিলেন।

কাম্যিকর্ম্ম-বি, যা না করিলে পাপ নাই কিন্তু করিলে বিশেষ সুফল হয় যথা ব্রতাদি।

কাম্যদান [কাম্যের (অভীষ্ট বস্তুর) দান-৬ তৎ] বি, ঈপ্সিত বস্তুর দান; অভিলষিত দ্রব্যের দান। ২ [কাম্য (কামনা-হেতু) যে দান-৪ তৎ] ফলকামনাবশতঃ দান; কামনা করিয়া দান।

কাম্যফল [কাম্যের (কাম্য কর্ম্মের) ফল-৬ তৎ] বি, কামনা করিয়া যে কার্য্য করা হয় তার ফল বা পরিণতি; কাম্যকর্ম্মের ফল।

কাম্যমান [কম্+ণিচ্=কামি (কামনা করা)+আন (র্ম্ম) য-ম আগম] বিণ, যাচ্যমান; প্রার্থ্যমান; যা কামনা করা যায়।

কাম্যব্রত [কাম্য (অভীষ্ট) ব্রত (মানত)] বি, অভীষ্টব্রত; কোন বিশিষ্ট উদ্দেশ্য লইয়া যে মানসিক বা মানত করা হয় voluntary vow(with special aims.)

কাম্ল [কু (ঈষৎ) যে অম্ল-ধা (কু=কা)] বি, ঈষদম্ল; অল্প অম্লরস। ২ বিণ, সামান্য অম্লরসযুক্ত।

কায়১ [ক (ব্রহ্মা)-অয়্ (গমন করা)+অ (র্ত্তৃ) যা ব্রহ্মা হতে গমন করে অর্থাৎ উৎপন্ন হয়] বি, দেহ; শরীর। ২ ব্রহ্মা। ৩ সমূহ। ৪ গৃহ। ৫ কনিষ্ঠাঙ্গুলির অধঃস্থান। ৬ স্বাভাবিক অবস্থা।

কায়২ [হিং-কাহু=কাহাকে = কাহায় (ক্ষে০-কায়)] স. কাহাকে; কাকে। "কহিতে কহিতে, দেখিতে দেখিতে অশ্ব প্রবেশিল তায় রে। সুখ সমুদয়, হইল উদয়, কহিব কি তায় কায় রে॥"-বা০ দত্ত। ২ [হিং-কহি, কাহে] কেন; কিহেতু। "তব তুঁহুঁ ছাপলি কায়।"-জ্ঞান০।

কায়/ক্লেশ [কায়ের (শরীরের) ক্লেশ (কষ্ট) ৬ তৎ] বি, শারীরিক শ্রম; কায়িক কষ্ট। ~ক্লেশে-ক্রি-বিণ, কষ্টে-সৃষ্টে; অতি-ক্লেশে; কোনপ্রকারে। "কায়ক্লেশে জীবন-ধারণ করা।"

কায়গঁতা-স্মৃতি [বৌ০ সা০] বি, দেহ অনিত্য ই০ চিন্তা। "কা০ স্মৃ০ যত্ন-সহকারে অভ্যাস ও আয়ত্ত করা আবশ্যক।"-জাতক ১।৯৬।

কায় চিকিৎসা [সুশ্রুত] বি, চিকিৎসা শা০, ভৈষজ্য শা০ practice of medicine

কায়দা [আ০-কায়্দা] বি, অধীনতা; আয়ত্তি। ২ কৌশল। ৩ বাধ্যতা compulsion. ৪ [প্রাদে০ময়মনসিং। আ০-কাওয়া-ঈদ] ব্যাকরণের নিয়ম। **কায়দায় পাওয়া**-আয়ত্তির মধ্যে পাওয়া; আপনার অধিকারের মধ্যে পাওয়া; কাহাকেও জব্দ করিবার উপায় বা অবসর প্রাপ্ত হওয়া।

কায়ফল [কাফল দ্রঃ] বি, কট্ফল fragaria vesca.

কায়/বার [কীর্ত্তি (কার্য্য) বার্ত্তা। হিং-কবার। "মাগধ সূত ভাট নট যাচক জঁহ তঁহ করহিঁ কবার।"-তুলসী০] বি, স্তুতি-গান; গুণ-কীর্ত্তন। "ব্রাহ্মণেতে বেদ পঠে ভাটে কা০।"-চৈ০ ম০। ~বারী [কাবাড়ী

দ্রঃ] বি, মৎস্যজীবী জাতিবিঃ। ২ নীচ স্ত্রীলোক; কলহকারিণী। (কাবেরী দ্রঃ)। ~বারে [কায়বারিয়া-দ্রুত উচ্চারণে, কায়বেরে। কায়বারীদিগের প্রকৃতি বা অভ্যাস >] বিণ, ঝগড়াটিয়া; বিবাদকারী; গণ্ডগোলকারী। ২ নীচ।

কায়মনোবাক্যে-ক্রি-বিণ, দেহ মন ও কথায়; সর্ব্বতোভাবে। "কাং হিত-সাধন।"

কায়মী-কায়েমী দ্রঃ।

কায়সাক্ষী [বৌ০ বাং] বি, প্রত্যক্ষদর্শী সাক্ষী personal witness. "যাহা প্রত্যক্ষ করিয়াছিলেন, পূর্ণমুখকে কাং করিয়া তাহা বলিতে লাগিলেন।"-জাতক ৫ম খণ্ড।

কায়/স্থ [কায় (শরীর)-স্থ (স্থা (থাকা) +অ (র্ত্তৃ) যে শরীর আশ্রয় করিয়া থাকে)] বি, আত্মা; দেহী। ২ জাতিবিঃ। ৩ জজের কেরাণী clerk of the crown "রাজবিচারালয়ে রাজনিযুক্ত কাং লিখিত বিচারালয়াধ্যক্ষের হস্ত ইং দ্বারা চিহ্নিত লেখ্য, রাজসাক্ষী।"-বিষ্ণুসংহিতা। ৪ মুহুরী; লেখক writer "বিচারিয়া কেহ দেখে, ভাণ্ডারে কাং লেখে, সায় করি বেণে দেয় টঙ্কা॥"-কবিকং। ~স্থা [কায়স্থ+আ (স্ত্রীং)] বি, কায়স্থ নারী। ২ [আয়ুং দ্রব্যাভিধানে] হরীতকী। ৩ আমলকী। ৪ তুলসী। ৫ সিন্ধুবার। ৬ নিসিন্দ্যা গাছ। ৭ কাকোলী। ৮ স্থূলৈলা। ৯ সূক্ষ্মৈলা। ~স্থালী-বি, রক্তপাটলা। ~স্থিকা-বি, কাকোলী।

কায়া [সং-কায় >। মাণিকং গানে-'কায়য়া'। "সরিবার রূপ হইল কায়য়া বদলাইয়া।" (১১-১২শ শতাব্দীর বাং] বি, দেহ।

কায়িক [কায় (শরীর)+ইক (কৃতার্থে)] বিণ, যা শরীর দ্বারা সম্পন্ন হয়; শরীরকৃত; শরীর দ্বারা নির্ব্বাহিত। ২ শারীরিক; শরীরসংক্রান্ত; শরীর-সম্বন্ধীয়; দৈহিক। ৩ পরিশ্রমসাধ্য। স্ত্রীং ~া-কায় অর্থাৎ মূলধনের বৃদ্ধিবিঃ।

কায়েত, কায়্ত,-থ-বি, সাধুভাষায় ব্যবহৃত কায়স্থ শব্দের গ্রাম্য আকার। "সে কায়েত পাড়ার দিকে গিয়াছে।"-বাং বসুমতী, ১৩৩৪।

কায়েম [আং-কয়্‌ম্] বিণ, দৃঢ়; স্থির; মজবুত। ২ [ময়মনং প্রাদেং] যেমন ছিল তেমনি; যথাবৎ in tact. ৩ খাড়া; প্রতিষ্ঠা। "একটা পরিষৎ কাং করা দরকার।"-বিং সরকার।

কায়েমী [আং-কয়্‌ম্] বিণ, চিরস্থায়ী; মজবুত। "সে বুড়ী ব্রাহ্মণ ঠাকুরাণী মনে করিলেন, তিনি গেলে আর চাকরিটি পাইবেন না, আমি কাং হইব।"-ইন্দিরা (বঙ্কিমং)। ~দার [প্রাং-ফরিদপুর, (আদাং দলিল)] স্থায়ী প্রজা permanent tenure holder.

কার$_1$ [সং-কৃ-করা। ফাং-কার] বি, কার্য্য; কর্ম্ম। প্র-কারখানা; কারবার; বেকার। ২ শিল্পকর্ম্ম; কারুকার্য্য; কলা। প্র-কারচুপি; মীনেকার; গুলকার। ৩ [প্রাকৃং 'আর'। তুল-সোনাকার=সোনার; কর্ম্ম (কাম) কার=কামার] বিণ,কার্য্যকারক; কর্ম্মসম্পাদক; নির্ম্মাতা · প্রস্তুতকারী। প্র-স্বর্ণকার; কর্ম্মকার; কুম্ভকার। ৪ [কৃ-কৃতি] বি, করণ-শব্দকরণ-উচ্চারণ। প্র-জয় জয়কার; শকার; বকার; আকার; ইকার। ৫ পৌর; কার্য্যের বন্ধন; কর্ম্মবিপাক; দায়; ফের। প্র-লোকটা এখন কারে পড়েছে। ৬ [কার্য্য >] চেষ্টা; যত্ন। ~বার [ফাং-কার-ও-বার] বি, কাজকর্ম্ম; ব্যবসায় বাণিজ্য; দোকান পাট; লেন দেন; বিষয় কর্ম্ম। ২ সম্বন্ধ; সংস্রব। ~কুন (দ্রঃ)। ~খানা (দ্রঃ)। ~গুজার [ফাং-কার-গুজার] বিণ, দক্ষ। ~গুজারী (দ্রঃ)। ~চোর,~চোরি-কারচুপি দ্রঃ। ~তূস -কারতুজ দ্রঃ। ~দানি (দ্রঃ)। ~নামা-বি, ইতিবৃত্ত; জীবন-স্মৃতি; স্মারক লিপি memories. ~পরদাজ (দ্রঃ)। ~ফরমা -রাজচক্রবর্ত্তী। ২ মন্ত্রী। ৩ সেনানায়ক। ৪ তত্ত্বাবধায়ক। ~বরদারী-বি, কর্ম্মভার গ্রহণ। ~বার,-বারি (দ্রঃ)। ~রওয়াই (দ্রঃ)। ~সাজ, ~সাজী (দ্রঃ)।

কার$_2$ [সং-কৃত। প্রাকৃতে উচ্চারণ-বিকারে রূপভেদ-'কার'; 'কের', 'কর' এবং 'র'। প্র-আজিকার, আজকের, তাকর, যত্নর। প্রাং-ক=গ-গার, গের, গোর, গর। প্র-সেদিনগার; আমাদিগের; আমাগর; আমাগোর ইং] সম্বন্ধ বিভক্তি। প্র-সকল-কার কথা। ২ [কাহার শব্দের ক্ষেং] স, কোন ব্যক্তির। ৩ স্থিত, ভব, বিদ্যমান ইং অর্থে। প্র-এদিককার জিনিসগুলি ওদিককার সহিত মিলাইও না। আগেকার চারাগুলি বেশ তেজাল হয়ে উঠেছে পিছন-কারগুলি শুকাইয়া গেছে।

কার$_3$ [ইং-cord; হিং-উচ্চারণ কার্ড, বাং-কার] বি, পাকান সূতা; পকেট বা টেঁক-ঘড়ি বাঁধা সূতা; বুকে বা গলায় ঝুলাইবার টেঁক-ঘড়ি বাঁধা সূতা; রেশমি ঘুনসি।

কার$_4$ [কারা >, ক্ষেং, প্রাদেং] বি, কারাগার; কারাবাস। "চোরে দিয়া মিয়া সাউদেরে দেয় কার।"-মৈং গীং।

কারক [কৃ (করা)+র্ত্তৃ] বিণ, যে কর্ম্ম করে; কর্ম্মকারক। ২ ক্রিয়া নিমিত্ত; ইহা কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধি-করণ ভেদে ছয় প্রকার। স্ত্রীং কারিকা [দ্রঃ-"কাং সম্বন্ধ বুঝায়। সম্বন্ধ বুঝাইলে সে ব্যাকরণের সীমা অতিক্রম করিয়া যায়। যে শাস্ত্রে গিয়া পড়ে তাহার নাম বাদার্থ, ন্যায়-শাস্ত্র বা ন্যায়-শাস্ত্রের শব্দখণ্ড।" -হং প্রং শাস্ত্রী]

কারকির্ত,-কুত [কার (কার্য্য)+কিত (র্থ। সহচর শব্দ)] বি, কার্য্য-নৈপুণ্য; কারিগরী; তদ্বির; (জমির) পাট। "ধানের জমিতে যে কাং করিতে হয়, তার চার গুণ কাং নীলের জমিতে দরকার।"-নীলদর্পণ। কাং করা [কালনা অঞ্চলে] চাষ করা।

কারকুন,-ণ [ফাং-কারকুন] বি, জমিদারী কাজকর্ম্মের তত্ত্বাবধারক; বিষয় সম্পত্তির তত্ত্বাবধানকারী a zemindar's agent.—*Glossary*. ২ রাজস্ব আদায় উশুলের কাগজপত্র প্রস্তুতকারী কর্ম্মচারী, রাজস্ববিভাগীয় কেরাণী a vernacular writer, a native clerk, a registrar. —*Glossary*. [দ্রঃ-"used also generally among the Marattas for an agent or manager in financial and revenue collections, an inferior revenue officer in charge of a taraf or division under the Mamlatdar or district collector. —*Wilson*."]

কারখানা [ফা॰-কার্‌খানা] বি, কর্ম্মশালা factory. ২ কাণ্ড; ব্যাপার। ~দার-যার কারখানা আছে।

কারগুজারী [ফা॰-কার্‌গুজারী] বি, কার্য্যসম্পাদন; কর্ম্মদক্ষতা; কার্য্যকারিতা। ২ চাকরি।

কারচুপি, -চুবি, -চোপি [ফা॰-কার্-চোব-চোবী] বি, কাপড়ে ফুলতোলা, পাতাকাটা ইং কার্য্য; গুলকারী; কসীদা; রেশমী কাপড়ে উঁচু জরি বসান কাজ। "কার্পেটে কারচুপি কাজ কারু নব্য চাল।" -হেম॰। ২ কৌশল; চালাকি; চাতুরী; ধূর্ত্ততা। "মুখুয্যের কারচুপিতে মুখ হৈল ভোঁতা।"-হেম॰। "এর ভিতর কারচুপি আছে।"

কারণ [কৃ+ণিচ=কারি (করান)+অন (ণে)] বি, যাকে গ্রহণ করিয়া কর্ত্তা কোন কর্ম্ম বা পদার্থ-নির্ম্মাণ করিতে সমর্থ হন। কারণ তিন প্রকার;-(১) উপাদান, (২) নিমিত্ত, (৩) সাধারণ। ঘট এই পদার্থের, মৃত্তিকা-উপাদান, কুম্ভকার-নিমিত্ত এবং আকাশ, আলোক, দিক্ ও দণ্ড ই॰ সাধারণ কারণ। ২ হেতু; জন্য; নিমিত্ত। ৩ প্রয়োজন। ৪ উদ্দেশ্য। ৫ মূল; বীজ। ৬ [প্রাদে॰] তন্ত্র-সাধনার উপকরণ, মদ্য। ৭ [ণে-অন] যদ্দ্বারা কার্য্য করা যায়; ইন্দ্রিয়; দেহ। ৮ গীতবিঃ। ৯ বাদ্যবিঃ [অপ্র॰] ১০ যেহেতু। ১১ [ত॰ বি॰ পরিঃ] "কোন কার্য্যের নিয়ত পূর্ব্ববর্ত্তী ব্যাপার কিংবা ঘটনা কিংবা অবস্থা সকলের সমাবেশ ঐ কার্য্যের কা॰।"-সিংহ। কারণাভাস false cause. স্ত্রীং ~া-বি, নরকযন্ত্রণা।

কারণজল, -বারি [কারণ (কারণী-ভূত) যে বারি (জল)-ধা। সৃষ্টির নিদান বা কারণস্বরূপ বারি। জল হইতেই যে জীব প্রথম উদ্ভূত হয়, তা প্রাচীন মানব জাতি মাত্রেরই বিশ্বাস; হিন্দুর ন্যায় মিশরীয় পুরাণে "অজ্ঞতমসাচ্ছন্ন কারণবারি হইতে আদি দেবতাগণের গোষ্ঠী জন্মগ্রহণ করিয়াছেন।" এরূপ উক্ত হইয়াছে। ব্যাবিলোনীয় পুরাণে 'তিয়ামত' অর্থে সৃষ্টির পূর্ব্বের "একার্ণব ঘোর।" আধু॰ য়ুরোপীয় বিজ্ঞানও স্বীকার করিতেছে "Life had its beginning in water."—*the Story of Creation by Edward Clodd. chap. VIII*] বি, ব্রহ্মাণ্ডসৃষ্টির হেতুভূত জল। "কারণবারি' পরে হরি কমলাসন ঘৃণা করি যে ক্ষণ হেলে। নির্গুণ ত্রিনয়ন আহ্লাদে সেই ক্ষণ, শবপরি আসন মেলে॥"-দশমহাবিদ্যা (হেম॰)। ২ তন্ত্র-সাধনায়] মদ্য।

কারণমালা [কারণের মালা রহিয়াছে যেখানে-বহু॰] বি, অর্থালঙ্কার-বিঃ; পূর্ব্ব-পূর্ব্ব পদার্থসমূহ পরপর পদার্থসকলের প্রতি-কারণস্বরূপ বর্ণনা করিলে এই অলঙ্কার হয়। "কারণ হইতে কার্য্যের উৎপত্তি হইয়া যদি সেই কার্য্য আবার অন্য কার্য্যের কারণ হয়-অর্থাৎ উৎপন্ন কার্য্যগুলি যদি উত্তরোত্তর এই-রূপে অন্য কার্য্যের কারণ হইয়া থাকে, তাহা হইলে কা॰ হয়।"-কাব্যদর্পণ (জয়গোপাল গোস্বামী)। "রণে যদি মর ঘুঝিবে যশ, যশ যার তার দেবতা বশ। বশ হলে দেব যাইবে দিবে, দিবে গেলে সদা সুখ ভুঞ্জিবে॥" -নি॰ ক॰।

কারণশরীর [সং। বেদান্তের পারি-ভাষিক শব্দ] বি, যে সূক্ষ্ম শরীর সুষুপ্ত অবস্থায় ইন্দ্রিয়াদি বিষয় ব্যাপার হতে মুক্ত হয় এবং যাতে অহঙ্কারাদি সংস্কারমাত্র আশ্রয় করে; আনন্দময় কোষ।

কারণিক [কারণ+ইক (কৃতাদ্যর্থে) তুল-ইং-coroner] বিণ, যে কারণ অনু-সন্ধান করে; পরীক্ষক। ২ কারণসম্বন্ধীয়। ৩ বিচারক; পক্ষ-বিপক্ষের যুক্তি শুনিয়া যিনি বিচার করেন।

কারণিস, কারনিস, কার্ণিস, কার্নিস [ইং-cornice] প্রাচীর-গাত্রের উপরিস্থিতাংশ বা ধার। ছাদের ও স্তম্ভের বহির্গতাংশ; কাঙ্গনী; প্রাকারশীর্ষ।

কারণীভূত [কারণ-ভূত-ভূ (বিদ্য-মানতা)+ত (র্ত্ত) মধ্যে-ই (চ্বি) অভূত-তদ্ভাবে] বিণ, বীজস্বরূপ; কারণরূপে কল্পিত; কারণরূপে উপস্থিত।

কারণোত্তর [কারণ প্রদর্শন দ্বারা উত্তর-৩ তৎ] বি, কোন বিষয় প্রথমে স্বীকার করিয়া পরে তার প্রতিকূল কারণ দেখাইয়া উক্ত কথার খণ্ডন করাকে কারণোত্তর বলে। প্র-এ বস্ত্রখানি আমার ছিল বটে কিন্তু আমি তাকে দান করিয়াছি। সে না আসিলে ভাবনার বিষয় ছিল সন্দেহ নাই, কিন্তু সে আসিতেছে।

কারণ্ডব [কারণ্ড+অণ্ (চরত্যর্থে) কিংবা ক (জল) ঋ (গমন করা)+অণ্ডু (র্ত্তৃ)-ঋ=অর্, ক+অর্+অণ্ডু=কারণ্ডু+অ (স্বার্থে) উ=অব, যারা জলে বিচরণ করে] বি, পদ্ম-সমাকুল সরোবর-প্রিয় জলচর পক্ষিবিঃ; বালিহংস; খড়হাঁস। "কালকণ্ঠ কুরলাক্ষী, তাবক কাদম্ব পাখী, কা॰ খঞ্জন করকট।" -কবিক॰।

কারতুজ, কার্ত্তুজ, -তুশ, -তুষ, -তুস, -তূস [ফ্রেং-cartoucha. পর্ত্তু॰-কার্‌টুশ্; ইং-cartridge. > বাং-কার্টিজ] বি, গুলি বারুদ ভরা ছোট নল যা বন্দুকে ভরিয়া ছুঁড়িতে হয়; টোটা।

কারদানি, কৈরদানি [ফা॰-কার্‌দানী (কৃতিসাধ্য, সম্ভাব্য practicable. কিন্তু বাং-য়-বিশেষ্য শব্দ] বি, কৃতিত্ব; কর্ম্ম-কৌশল।

কারধানী [ওরাওঁ শব্দ। তুল-হিং-করধনী রূপার মেখলা] বি, চামড়ার দড়ির কোমরবন্ধ।

কারপরদাজ, কারপরদার [ফা॰-কার্‌পরদাজ্] বিণ, কাজকর্ম্ম-নির্ব্বাহক; কর্ম্মচারী agent. ২ বি, ভৃত্য; চাকর। ~ী-বি, কাজকর্ম্ম; কারবার; কার্য্যালয়।

কারপেট [ইং-carpet] বি, পাতিয়া বসিবার পুরু আসন; উল, পাট ই॰-র গালিচা; গৃহতলে বিছাইবার মোটা কাপড়।

কারবলিক [ইং- carbolic] বিণ, অঙ্গার বা আলকাতরা-জাত অম্লসম্বন্ধীয়। কা॰ অয়েল [ইং-carbolic oil] আল-কাতরা বা কয়লা হতে প্রাপ্ত তেল।

কারবন [ইং-carbon] বি, অঙ্গার হীরক ও কৃষ্ণ সীসকাদিরূপে পরিণত অমিশ্র পদার্থ। বিণ, কারবনিক [ইং-carbonic] অঙ্গারিক। কারবনিক এসিড [ইং-carbonic acid] অঙ্গারাম্ল।

কারবল্লী, কারবেল্লী, কারিবেল্ল-বি, করলা গাছ।

কারবা-বি, নৃত্য-বিঃ। "বাইজীদের কা॰ নাচ।"-বসন্তক।

কারবাইড [ইং-carbide] বি, ধাতু (প্রায়ই চূণের মূল উপাদানস্বরূপ পীতবর্ণ ধাতুবিঃ calcium) মিশ্রিত অঙ্গারক। (এই কারবাইডে জল মিশ্রিত করিলে এসিটিলিন গ্যাস হয়)।

কারবা/র [ফা॰-কার্-ও-বার্] বি, কর্ম্ম; কাৰ্য্য। ২ ব্যবসায়; পেশা। ৩ আদানপ্রদান; ব্যবহার। বিণ, ~রী, ~রি-ব্যবসায়ী।

কারবী [ক (জল)-আ-রু (গমন করা) +(অ-ভা॰)+ঈ (স্ত্রীং) জল হইলে যা পুলকে উদ্ধগত হয়] বি, ময়ূরশিখা। ২ শিব-জটার মধ্য দিয়া গঙ্গার গতি-এইরূপ পুরাণ-প্রসিদ্ধি হেতু] রুদ্রজটা। ৩ [বৈদ্যকে] কেলেজিরে। (২) মৌরী। (৩) হিঙ্গের পাত। (৪) ছোট করলা।

কারবেল্ল, -ক-বি, করলাগাছ। স্ত্রীং ~ী-উচ্ছে।

কারয়ি/তা [কৃ+ণিচ্=কারি (করান) +তৃ (র্ত্তৃ), মূ॰-কারয়িতৃ ১মা ১ব॰] বিণ, যে অন্য দ্বারা কোন কর্ম্ম করায় বা অন্যকে কাৰ্য্য করিতে বাধ্য করে। স্ত্রীং ~ত্রী।

কারর্(রা)ওয়াই [ফা॰-কর্‌রবাঈ] বি, কর্ম্মকৌশল; কপট কাৰ্য্য; কোন কিছুর উদ্দেশ্যে যা করা যায়। ২ [বাং-কদর্থে] কারসাজি।

কারসাজ [ফা॰-কার্‌সাজ্] বিণ, মূল অর্থ-স্থষ্টিকর্ত্তা। তা > যে "ভাঙ্গাকে গড়ে গড়াকে ভাঙ্গে।" ২ তা > কদর্থে] চালবাজ; চালাক। বি, কারসাজি, -জী।

কারসাজি, কারসাজী [ফা॰-কার্‌সাজী] বি, চালাকি; চতুরতা; কপটতা; প্রবঞ্চনা cheating; কূটকৌশল। "সেই হরা পাজীর কা॰।"-কৃষ্ণকান্তের উইল। "কা॰ বলি কর্ণবেধে বল বাজী। ভেবে দেখ সুন্নত বিষম কা॰॥"-ভারত॰। ২ কুহক; কৌশল। "সব মায়ার কা॰ ছায়াবাজী।" -মতিলাল রায়।

কারা১ [সং। "কারা স্যাদ্বন্ধনালয়ে।" -অমর॰। কৃ (বিক্ষেপ করা)+অ(ধি, স্ত্রী॰) যথায় অপরাধীকে দণ্ড পাইবার জন্য বিক্ষেপ বা নিক্ষেপ করা হয়] বি, বন্ধনালয়; বন্ধনাগার; কারাগার। ২ বন্ধন। প্র-কারামোচন। ৩ [যথায় তারগুলি বিক্ষিপ্ত] বীণার অধঃস্থিত কাষ্ঠময় ভাণ্ড। ৪ পীড়া। ৫ [কু (কুৎসিত) ঋ (ইচ্ছা করা)+অ (র্ত্তৃ)] দূতী; কুট্টিনী [প্র॰ অ॰]।

কারা২ [কাহারা শব্দের ক্ষে॰] স, কাহারা; কোন কোন ব্যক্তি; কে কে। ~গার [কারার (বন্ধনের) আগার (গৃহ) ৬ তৎ] বি, যেখানে অপরাধীদিগকে রাজাদেশে রুদ্ধ করিয়া রাখে; গারদ; জেলখানা; বন্ধনশালা। ~গৃহ-কারাগার দ্রঃ।

কারাঙ্গী [কামরঙ্গ দ্রঃ। প্রাদে॰ উ॰ বঙ্গে] বি, কামরাঙ্গাফল।

কারাপথ-বি, লক্ষ্মণের পুত্র অঙ্গদ ও চন্দ্রকেতুর রাজ্য।

কারাবা, কাব্বা [ফা॰-কারাবা] বি, রৌপ্যাদি-নির্ম্মিত পাত্রবিঃ; গোলাপ-পাশ। "আতর দিব শিশি ভ'রে, গোলাপ দিব কা॰ করে।"-বিষবৃক্ষ। "কে যেন খুলিয়া দেছে গোলাপ কা॰।"-অশোক॰।

কারাবাস [কারাতে (কারাগৃহে) বাস (বসতি) ৭ তৎ] বি, কারাগারে রুদ্ধাবস্থায় বাস; বন্দিভাবে অবস্থিতি; কয়েদ। ২ [কারা-রূপ আবাস (গৃহ)-ধা] বন্দিশালা; কারাগার। ~ী-কয়েদি; বন্দী।

কারাবেশ্ম [কারা-রূপ-বেশ্ম (বেশ্মন্) আবাস-ধা] বি, কারাগৃহ; কারাগার।

কারি১ [কৃ (করা)+ই (র্ম্ম-ণি)] বি, কর্ম্ম। ২ শিল্পকাৰ্য্য; কারিকুরি দ্রঃ। ৩ কারু; শিল্পী। ৪ [জমিদারী পরিঃ] সাজ্যাতিক। ৫ [কারী দ্রঃ] মাংসাদির ব্যঞ্জনবিঃ।

কারি২ [হিং-কারী, লী, ল=র। প্রা॰ বৈ॰ প॰ সা॰] বিণ, কাল; কৃষ্ণবর্ণ; মলিন। "কাঞ্চন কাঁতি বরণ ভেল কারি।"-জ্ঞান॰।

কারিকর [কারি (শিল্প) কর যে করে)] বি, কারু; শিল্পকর; শিল্পী। "এ বড় কারিকরে, কুঁদিলে তাহারে।"-চণ্ডী॰।

কারিকরি, -কুরি [কারিকর দ্রঃ। গ্রা॰-কারিকুরি,-রী] বি, কারুকাৰ্য্য; শিল্প-নৈপুণ্য। "কিবা কারিকরের আজব কা॰।"-চণ্ডী॰।

কারিকা [সং] বি, স্বল্পাক্ষর বৃত্তিদ্বারা অনেকার্থ-জ্ঞাপিকা কবিতা; বিবরণ-শ্লোক। ২ [সঙ্গীতে] রাগভেদ। ৩ কাৰ্য্য। ৪ কর্ত্রী। ৫ নটকারিকা; নটী। ৬ শিল্প-কাৰ্য্য; কারুকাৰ্য্য। ৭ বৃদ্ধি; সুদ।

কারিগ/র [ফা॰-কারীগর] বি, শিল্প; কারিকর; কারু। "কে এমন কা॰ বনাইলে ঘর, দেখিতে নারিনু তারে।"-চণ্ডী॰। ~রি [ফা॰-কারীগরী। বাং-কারিগরি, কারিগিরি, কারিগুরি,-রী] বি, শিল্পনৈপুণ্য; কারুকাৰ্য্য; কারিকরি। "উপমার কারিগরি বর্ণের যোজনা।"-অশোক॰।

কারিত [কৃ+ণিচ্=কারি (করান)+ত (র্ম্ম)] বিণ, যা করান হইয়াছে; অন্যের দ্বারা কৃত।

কারি/ন্দা [ফা॰] বি, কর্ম্মচারী; গমস্তা। "কেরাণী, কারিন্দা, ক্লাক মুচ্ছুদ্দি দেওয়ান।" -হেম॰। বিণ, ~ন্দিয়া, ~ন্দে-কারিন্দা-সম্বন্ধীয়। ২ কেজো; কর্ম্মণ্য।

কারী১ [ব্যা॰। মূ॰-কারিন্] শব্দের উত্তর কর্ত্তা অর্থবোধক প্রত্যয়; কর (দ্রঃ)। হিতকারী। স্ত্রীং কারিণী।

কারী২ [আ॰] বি, কোরাণ-পাঠকারী। "কাজী ছাড়ে কলমা কোরাণ ছাড়ে কারী। হুলাহুলি দেই যত যবনের নারী॥"-ভারত॰। "কাজী হাজী কারী আদি যবন যাবত। সর্ব্বশুদ্ধ পাতশাহ হইল দণ্ডবত॥"-ঐ।

কারী৩, -রি [তামিল-কারি (মাংসের সূপ) > ইং curry > ইংরেজ প্রথমে দক্ষিণ-ভারতে বাস করিবার কালে এইশব্দ ইংরেজীতে গৃহীত হয়, পরে বঙ্গে আসিলে ইহা কথ্য বাং-য় চ॰ হয়, পরে ইহা সাহিত্যে প্রবেশ করে] বি, মাংস, মাছ বা ডিমের ডাল্‌না, আমিষ তরকারী। "কারি-ভাত।" ২ সাহেবপসন্দ মসলাদার তরকারী; আমিষব্যঞ্জনবিঃ; কালিয়া। চপ-কারী, কারী-কাট্‌লেট্-চপ (দ্রঃ) ও কারী; কারী এবং কাট্‌লেট্ (দ্রঃ)।

কারীষ [করীষ (শুষ্ক গোময়)+অ (সমূহার্থে)] বি, শুষ্ক গোময়-পুঞ্জ ; ঘুঁটের রাশি।

কারু১ [বৈদিক নিরুক্তে কারু অর্থে কবি, কর্ম্মকর্ত্তা, দেবগুণ-গায়ক। কৃ (করা)+উ (র্তৃ—জ্ঞা০)] বি, দেবশিল্পী ; বিশ্বকর্ম্মা। ২ বিণ, যে শিল্পবিদ্যা-নিপুণ ; শিল্পকায়ক ; শিল্পকারী artisan. ৩ কর্ত্তা ; নির্ম্মাতা। ~কার্য্য [এই অর্থে প্রাদে০ কারুয়া (মৈ০ গী০)] শিল্পকর্ম্ম ; শিল্পনৈপুণ্য। ~শিক্ষালয়-যেখানে শিল্প-কার্য্যাদি শেখানো হয়। Industrial School, ~সমবায়-যেখানে শিল্পীরা মিলিত হইয়া শিল্প-সম্বন্ধীয় বিষয়ের আলোচনা করেন ; গবেষণাস্থল Guild organisation.

কারু২ ['কাহারও' শব্দ দ্রুত উচ্চারণে 'কারো' দ্রঃ] স, কাহারও ; কোনও ব্যক্তির। "ভক্তগণ বলে কারু ঘরে নাহি ফল।"—ঘ০।

কারুক [কারু১ দ্রঃ] বি, শিল্পী ; শ্রমশিল্পী Industrialist ; manufacturer; artisan.

কারুজ [কারু (শিল্প বা শিল্পীজ-র্তৃ, ড প্রত্যয়ান্ত জন >)] বি, শিল্পজাত বস্তু ; শিল্পিগণ যে সকল বস্তু প্রস্তুত করে। ২ করিশাবক।

কারুণিক [করুণা+ইক (স্ত্য)] বিণ, পরদুঃখ দর্শনে যার করুণার উদয় হয় ; দয়ালু ; কৃপাপরতন্ত্র।

কারুণ্য [করুণা+য (স্বার্থে) অ=আ] বি, করুণা ; দয়া ; অনুকম্পা।

কারুষ্য [করুষ+য (পালকার্থে)] বি, করুষ দেশের অধিপতি ; রাজা দন্তবক্র।

কারে [ফা০—কার > দ্রঃ] ক্রি-বিণ, কর্ম্ম-বন্ধনে। ২ ফেরে ; দায়ে ; ফ্যাসাদে, মুস্কিলে। "কেওটের পো এইবার কারে পড়েছেন।" —ধোঁকার টাটি (চা০ বন্দ্যো০)।

কারেন্সীনোট [ইং—currency note] বি, নগদ মুদ্রার স্থলাভিষিক্ত কোম্পানীর কাগজ ; (কে০) নোট।

কারো [কাহার,(কে০) কার+ও 'কারু' দ্রঃ] কাহারও ; কোন ব্যক্তিরও। "দোষ কারো নয় গো মা। আমি স্বখাদ সলিলে ডুবে মরি শ্যামা॥"—দাশরথি০। "সখি বল, আমি আঁখি তুলে কারো পানে চাব কি!"—রবী০।

কারোয়া [আ০। ইং—caraway উচ্চারণ-বিকারে কাওরা, কেওরা, পরে কেওড়া] বি, সুগন্ধ বীজ লতা ও তার ফল। কেওড়া দ্রঃ।

কার্কশ্য [কর্কশ+য (ভা০)] বি, কর্কশতা ; কাঠিন্য ; কঠিনতা। ২ নির্দয়তা।

কার্খরা—কারোয়া দ্রঃ।

কার্টিজ—কারতুজ দ্রঃ।

কার্ড [ইং—card] বি, পুরু কাগজখণ্ড। ২ নাম ও ঠিকানা লিখিত মোটা কাগজের খণ্ড। ৩ পোষ্টকার্ড (Post-Card) ; চিঠির কাগজবিঃ ; চতুষ্কোণ পুরু কাগজখণ্ড।

কার্ণিস—কারণিস দ্রঃ।

কার্ত্তবীর্য্য, কার্ত্তবীর্য্যার্জ্জুন [কৃতবীর্য্য (কোন রাজা)+অ (অপত্যার্থে) বা (কৃত+অ (ভা০)=কার্ত্ত (সম্যক্ কীর্ত্তিত) বীর্য্য (বীরত্ব) যার—ব২০] বি, রাজা কৃতবীর্য্যের পুত্র অর্জ্জুন। ইঁহার সহস্র বাহু ছিল। রাবণও ইঁহার বাহুবলে পরাজিত হইয়াছিলেন। কার্ত্তবীর্য্যারি [কার্ত্তবীর্য্যের অরি (শত্রু) ৬ তৎ বা কার্ত্তবীর্য্য অরি যার —ব২০] বি, পরশুরাম ; কার্ত্তবীর্য্য পরশুরাম কর্ত্তৃক নিহত হন বসিয়া এই নাম।

কার্ত্তান্তিক [কৃতান্ত (শুভাশুভ) দৈব) +ইক (জ্ঞাতার্থে) যিনি ভাবী শুভাশুভ জানেন] বি, জ্যোতিঃশাস্ত্রবিদ্ ; গ্রহাচার্য্য ;

কার্ত্তিক [কৃত্তিকা (চন্দ্রভার্য্যা)+অ (অপত্যার্থে) প্রা০—কাত্তিক। কৃত্তিকার পালিত পার্ব্বতীর পুত্র] বি,শক্তিধর ; ষড়ানন। ২ [কৃত্তিকা+অ (নক্ষত্র যুক্তার্থে)=কার্ত্তিকী, কিংবা (কৃত্তিকা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী)+অ (তদ্যুক্ত মাসার্থে)] কৃত্তিকা নক্ষত্রযুক্ত পৌর্ণমাসীবিশিষ্ট মাস ; কার্ত্তিক মাস। ৩ বিণ, কার্ত্তিকমাস-সম্বন্ধীয়। ৪ কার্ত্তিকের মত ; কার্ত্তিকবৎ ; সুন্দর ; সুশ্রী। "এমন কার্ত্তিক চেহারা।"—অ০ বসু। নবকার্ত্তিক [বিদ্রূপে] কুরূপ। লোহার কাত্তিক [বিদ্রূপে] কদাকার ; কৃষ্ণকায় ও কঠিনাঙ্গ। ~ী—বিণ, কার্ত্তিক মাসের।

কার্ত্তিকেয় [কৃত্তিকা (নক্ষত্রবিঃ)+এয় (অপত্যার্থে) কৃত্তিকার পালিত বলিয়া] বি, কার্ত্তিক ; সেনানী ; দেবসেনাপতি।

কার্ত্তিকোৎসব [কার্ত্তিক (মাসবিঃ) তাতে উৎসব (আনন্দদিবস) ৭তৎ] বি, কাত্তিকী পূর্ণিমা-উৎসব।

কার্ত্তুজ,—কারতুজ দ্রঃ।

কার্ৎস্ন্য [কৃৎস্ন+ষ্য (ভা০)] বি, সম্পূর্ণতা, সাফল্য totality ; entireness

কার্নিস—কারণিস দ্রঃ।

কার্পট [কর্পট (ছিন্ন বস্ত্র)+অ (সম্বন্ধার্থে)] বি, বস্ত্রের খণ্ড ; কানি। ২ জতু ; জৌ। ৩ উমেদার। ~টিক—বিণ, তীর্থযাত্রী। ২ উমেদার। ৩ চীরধারী। > স্ত্রী০ ~টিকী।

কার্পণ্য [কৃপণ—য (ভা০)] বি,কৃপণতা ; অদাতৃত্ব ; ব্যয়কুণ্ঠতা। ২ দারিদ্র্য। ৩ দীনতা ; দৈন্য। ৪ কাতরতা।

কার্পাস [সং। প্রাকৃ০—কাপাস, গ্রা০—কাবাস। হি০—কপাস্] বি স্বনামপ্রসিদ্ধ কাপাস তুলা। ২ [সং—কার্পাসী] কাপাসের গাছ। ৩ বিণ, কার্পাসজাত ; কার্পাসের সুতায় নির্ম্মিত। ~ধেনু [কার্পাস (কার্পাস সূত্র-নির্ম্মিত) যে ধেনু-ধা] বি, বরাহ-পুরাণোক্ত কার্পাস-সূত্রের বসনদ্বারা রচিত ব্রাহ্মণকে দান করিবার ধেনু।

কার্পাসিক [কার্পাস+ইক (কৃতার্থে)] বিণ, কার্পাসসূত্রনির্ম্মিত। ২ [সংসৃষ্টার্থে-ইক] কার্পাস-সংক্রান্ত ; কার্পাস-সম্বন্ধীয়। ৩ কার্পাস-সূত্রনির্ম্মাণকারী।

কার্পাসী [কার্পাস+ঈ (স্ত্রী০)] বি, কার্পাসবৃক্ষ ; কাপাসগাছ।

কার্পেট [ইং—carpet.] বি, কারপেট দ্রঃ।

কার্ব্বা [কারাবা দ্রঃ] বি, গোলাবপাশ ; রোপ্যাদিনির্ম্মিত সুগন্ধ জলপাত্র। "আতর দিব শিশি ভরে গোলাব দিব কার্ব্বা করে।" —বঙ্কিম০।

কার্ম্ম [কর্ম্মন্—কর্ম্ম+অ (শীলার্থে)] বিণ,

যার কর্ম্ম করিবার স্বভাব আছে ; কর্ম্মশীল ; পরিশ্রমী।

কার্ম্মণ [কর্ম্মন্+অ (হিতার্থে)] বি, মন্ত্রতন্ত্রাদিদ্বারা বশীকরণাদি ; যাদুকরণ।

কার্ম্মার-কামার দ্রঃ।

কার্ম্মিক [কর্ম্ম (কার্য্য)+ইক (সম্বন্ধার্থে)] বিণ, কর্ম্মসম্বন্ধীয়। যে বস্ত্রের উপর সূচীকর্ম্ম করা হইয়াছে ; সূচীকর্ম্মদ্বারা চিত্রবিচিত্র। ২ কর্ম্মশীল। ৩ কৃত ; প্রস্তুত।

কার্ম্মুক [সং] বি, ধনুঃ ; ধনুক ; ইন্দ্রধনু। ২ ধনুরাশি। ৩ তুলা ধুনিবার ধনুরাকৃতি যন্ত্র। ৪ বাঁশ। ৫ কার্ম্মুকাসন ; যোগের আসনবিঃ ; পদ্মাসন যাতে বসিয়া দক্ষিণহস্তে বামপদের অঙ্গুলিদ্বয় এবং বামহস্তে দক্ষিণপদের অঙ্গুলিদ্বয় ধারণ করিতে হয়। ৬ [বৈদ্যকে] শ্বেতখদির। (২) হিজলগাছ। (৩) মহানিম্ব। (৪) তোপচিনি। (৫) মাধবীলতা। ~**ধারী**-বিণ, ধনুর্দ্ধর। > স্ত্রী, ~**ধারিণী**।

কার্ম্মুকাসন [কার্ম্মুক-রূপ যে আসন -ধা] বি, রুদ্রযামলোক্ত তন্ত্রসাধনের আসন-বিঃ; যোগাসনবিঃ। কার্ম্মুক দ্রঃ। ২ [কার্ম্মুক (ধনুঃ) আসন যার-বহুং] বাণ ; শর।

কার্য্য [প্রাকৃং-কজ্জ (কৃ-করা)+য (র্য্য) যা করা যায়] বি, কর্ম্ম ; কাজ work. ২ কৃত্য ; শাস্ত্রবিহিত কর্ম্ম ; শ্রাদ্ধাদি ক্রিয়া ; দোল দুর্গোৎসবাদি যে কোন উৎসব। প্র-কার্য্যবাড়ী। ৩ প্রয়োজন ; নিমিত্ত ; হেতু। ৪ উপকার ; ফল; ৫ বিণ, করণীয় ; কর্ত্তব্য। প্র-কি কি কার্য্য এবং কি কি অকার্য্য তাহা বুঝিয়া কার্য্য করিতে হয়। ~**কর**-বিণ, উপযোগী ; কাজের মত ; ফলদায়ক। > স্ত্রীং ~**করী**। বি, ~**করতা**, ~**করত্ব**, ~**কলাপ**-কর্ম্মপ্রবাহ; কার্য্যসমূহ; কার্য্যাদি; কাজকর্ম্ম।

কার্য্যকারণভাব, -**সম্বন্ধ**-বি, কার্য্য-গতিক ; কার্য্যের ক্রম ; কার্য্যের সহিত কারণের ও কারণের সহিত কার্য্যের সম্বন্ধ ; কর্ম্মবাধ্যতা। প্র-কার্য্যগতিকে এদিকে আসিয়া পড়িয়াছে।

কার্য্য/কারী-বিণ, উপযোগী। ২ ফলদায়ী ; কাজের মত। স্ত্রীং ~**কারিণী**। বি, ~**কারিতা**।

কার্য্যকাল [কার্য্যের কাল-৬ তৎ] বি, কর্ম্মকাল ; কার্য্যের সময়, যে সময়ে যে কার্য্য কর্ত্তব্য। ২ প্রয়োজনের সময়।

কার্য্যকুশল [কার্য্যের বা কার্য্যেতে কুশল, ৬/৭ তৎ] বিণ, কর্ম্মনিপুণ ; কার্য্যক্ষম। ~**ক্ষম**-বিণ, কর্ম্ম করিতে সমর্থ ; কর্ম্মদক্ষ। ~**ক্রম**-কার্য্য-তালিকা programme. ~**চিন্তক**-বিণ, কর্ত্তব্য-চিন্তাকারী ; সাবধানী। ~**চিন্তা**-বি, কর্ত্তব্য-বিষয়ে চিন্তা ; সাবধানতা ; কাজের ধাপ্পা।

কার্য্যঞ্চ [সং-কার্য্যংচ। গ্রাং বিকারে কার্য্যনংচ-কার্য্যনঞ্চ। প্রাং বাং-গদ্যে পত্রাদি লিখনে ও দলীল দস্তাবেজে ভূরি ব্যবহার। 'কায্যঞ্চ' শব্দের সহিত 'আগে', 'আদৌ' তাহার পর 'বিশেষ' অর্থাৎ কার্য্যবশতঃ এই পত্র তার আদি বিশেষ (বিশেষতঃ) বা অগ্রে বক্তব্য এই যে, এবং সর্ব্বশেষে 'পরে' (অতঃপর) লিখিবার প্রথাও ছিল যথা,- "কার্য্যঞ্চাদৌ বিশেষ, পরে মহাশয়ের ইং। এই সকল বিকৃত বরং অশুদ্ধ পাঠের মধ্যে "পত্রমিদং কার্য্যঞ্চাগে" আদালতের কাগজ-পত্রে আজিও চলিত আছে। "কস্য হেবানামা পত্রমিদং কার্য্যঞ্চাগে।" "কস্য পত্তনী বন্দোবস্ত পত্রমিদং কায্যঞ্চাগে আমি আপনার জমিদারী * * * পত্তনী লইবার প্রার্থনা করায়" ইত্যাদি।-নূতন পত্র-কৌমুদী। এইরূপ নিবেদনঞ্চ, বিজ্ঞাপনঞ্চ বিশেষঃ ইত্যাদি।

কার্য্যঞ্চাগে [কাযাং-চ-আগে। প্রাং দলিলাদির ভাষায়, মধ্য বাং চিঠিপত্রে অধুং অপ্রং] অ, লিপির প্রারম্ভিক পাঠ।

কার্য্য/তঃ [কার্য্য+তস্] অ, ফলতঃ ; প্রকৃতপ্রস্তাবে ; কার্য্যকালে। ~**তৎপর**-বিণ, কর্ম্মপটু। ২ ক্ষিপ্রকারী, > স্ত্রীং ~া। ~**দক্ষ**-বিণ, কর্ম্মকুশল। > স্ত্রীং ~া। বি, ~**তা**।

কার্য্য/দর্শন [কার্য্যের দর্শন (দৃষ্টি) ৬তৎ] বি, কর্ম্মদৃষ্টি। ২ কার্য্য-পরীক্ষা ; কার্য্যের পরিদর্শন বা তত্ত্বাবধান। ৩ কার্য্য-নির্ব্বাহ ; কর্ম্মসমাধান। ~**দর্শী** [কার্য্য-দৃশ্ (দেখা)+ইন্ (র্ত্তৃ), মুং-দর্শিন্ ১মা ১বং] বিণ, কর্ম্মদ্রষ্টা ; কার্য্যের তত্ত্বাবধায়ক।

কার্য্যনির্ব্বাহ [কার্য্যের নির্ব্বাহ-৬তৎ] বি, কর্ম্ম-নিষ্পত্তি ; কার্য্যসাধন ; কর্ম্মসমাধা। ~**ক** [কার্য্যের নির্ব্বাহক (সম্পাদক) ৬তৎ] বিণ, কার্য্যসম্পাদক ; কর্ম্মসমাধানকারী।

কার্য্যনিষ্পত্তি [কার্য্যের নিষ্পত্তি -৬ তৎ] বি, কর্ম্মসম্পাদন ; কর্ম্মের মীমাংসা ; কার্য্য-সমাধান ; কর্ম্মের শেষ।

কার্য্যপটু [কার্য্যেতে পটু (দক্ষ) ৭তৎ] বিণ, কর্ম্মকুশল। বি, ~**তা**।

কার্য্য/পরম্পরা-বি, ক্রমানুযায়ী কর্ম্ম ; পরে পরে কর্ম্মসমূহ। ~**পদ্ধতি**-বি, কার্য্যধারা ; কর্ম্মপ্রণালী ; কাজের রীতি। ~**ফল**-বি, কর্ম্মের পরিণাম।

কার্য্যপ্রণালী-বি, কর্ম্মের ধারা ; কাজের রীতি।

কার্য্যবশ [কার্য্যের বশ-৬ তৎ] বি, কার্য্যের অধীন ; কর্ম্মের অনুরোধ। ২ বিণ, কর্ম্মের বশীভূত। ক্রি বিণ, কার্য্যবশে ; কার্য্যবশতঃ।

কার্য্য/বশতঃ [কার্য্যবশ + তস্ (সপ্তম্যর্থে)] অ, কর্ম্মনিবন্ধন ; কার্য্যের অনুরোধে। ~**বিশেষ**-বি, নির্দ্দিষ্টকার্য্য। ২ প্রয়োজন। ~**রত**-বিণ ; কর্ম্মে নিযুক্ত ; কাজে ব্যস্ত।

কার্য্যশেষ [কার্য্যের শেষ (সমাধান) ৬ তৎ] বি, কৃতকার্য্যের সমাপন ; যে কার্য্য আরম্ভ করা হইয়াছে তার সমাপ্তি। ২ [কার্য্যের শেষ] কর্ম্মের অবশিষ্ট অংশ ; কর্ম্মের অকৃত বা অসম্পাদিত অংশ।

কার্য্যসমাধা [কার্য্যের সমাধা (নির্ব্বাহ) ৬ তৎ] বি, কর্ম্মনির্ব্বাহ। ~**ন** [কার্য্যের সমাধান (নির্ব্বাহ) ৬ তৎ] বি, কর্ম্মসাধন ; কর্ম্মনিষ্পাদন ; কর্ম্মসমাপ্তি।

কার্য্য/সমাধায়ক [কার্য্যের সমাধায়ক (নির্ব্বাহক) ৬তৎ। সং+আ-ধা+ণিচ্=সমাধায়ি (সম্পাদন করান)+অক (র্ত্তৃ)] বিণ, কার্য্যসম্পাদনকারক ; যে অস্ত্র দ্বারা কার্য্য সমাধান করে। ~**সম্পাদক** [কার্য্যের সম্পাদক (সং-পদ্+ণিচ্)= সম্পাদি (সম্পাদন করা, সমাধা করা)+অক (র্ত্তৃ)] বিণ ; কার্য্যনির্ব্বাহক ; যে কর্ম্ম স্বয়ং বা

অস্ক দ্বারা সমাধান করে। ~সম্পাদন-বি, কর্ম্মসমাধা ; কার্য্যনির্ব্বাহ।

কার্য্য/সাধক [কার্য্যের সাধক (সাধ্=সাধনা করা+অক-র্ত্তৃ)] বিণ, কার্য্য-নির্ব্বাহক ; কর্ম্মসম্পাদনকারী। ~সাধন [কার্য্যের সাধন-৬ তৎ] বি, কর্ম্মনির্ব্বাহ : কর্ম্মসম্পাদন।

কার্য্যসিদ্ধি [কার্য্যের সিদ্ধি-৬ তৎ] বি, অভীষ্টলাভ। ২ বাঞ্ছিত কার্য্যের ফললাভ : কৃতকার্য্যতা।

কার্য্যাকার্য্য-বি, বিধেয় এবং অবিধেয় কর্ম্ম ; সুকর্ম্ম এবং কুকর্ম্ম।

কার্য্যাঙ্ক [কার্য্য-অঙ্ক (চিহ্ন)] বি, চাপরাশ, কার্য্যের পরিচায়ক চিহ্ন badge "যে ভৃত্য যে কার্য্যে নিযুক্ত তাহা দূর হইতে পরিজ্ঞানের নিমিত্ত লৌহ, তাম্র, পিত্তল, রজত, স্বর্ণ ও রত্নাদি নির্ম্মিত কার্য্যাঙ্ক দ্বারা চিহ্নিত করিবে।"-শুক্রনীতি, ২ অধ্যায় (রত্নমালা)।

কার্য্যা/ত্মক [কার্য্য+আত্মক] বিণ, কর্ম্মপ্রাণ ; কর্ম্মপ্রধান ; কর্ম্মময়। স্ত্রীং ~ত্মিকা।

কার্য্যাধিপ [কার্য্যের অধিপ (অধ্যক্ষ) -৬ তৎ] বি, কার্য্যাধ্যক্ষ। ২ [জ্যো°] লগ্নস্থান হতে দশম স্থানের অধিপতি গ্রহ।

কার্য্যাধ্যক্ষ-বি, প্রধান কর্ম্মনিয়ন্তা : কার্য্যের তত্ত্বাবধায়ক।

কার্য্যা/র্থী-বিণ, কর্ম্মপ্রার্থী; উমেদার। স্ত্রীং ~র্থিনী।

কার্য্যানুরো/ধ [কার্য্যের অনুরোধ (প্রয়োজন)-৬ তৎ] বি, কর্ম্মবশ ; কর্ম্মের প্রয়োজন বা হেতু। ক্রি-বিণ, ~ধে-কার্য্যবশে।

কার্য্যান্তর [কার্য্যের অন্তর (অন্য) কিংবা কার্য্য হইয়াছে অন্তর (ব্যবধান) যদ্দারা] বি, অন্যকর্ম্ম ; কর্ম্মান্তর।

কার্য্যান্বিত [কার্য্য দ্বারা অন্বিত (যুক্ত) -৩ তৎ] বিণ, কার্য্যযুক্ত ; কর্ম্মরত ; কার্য্যে লিপ্ত।

কার্য্যারম্ভ [কার্য্যের আরম্ভ (অনুষ্ঠান) -৬ তৎ] বি, কর্ম্মের সূত্রপাত ; কর্ম্মের প্রথম অনুষ্ঠান।

কার্য্যী [কার্য্য+ইন্(ণ্য), মৃং-কার্য্যিন্ ১মা ১ব০] বিণ, কর্ম্মপ্রার্থী ; উমেদার। ২ [ব্যা°] যার স্থানে কার্য্য বা কোন আদেশ হয় তাকে কার্য্যী বলে।

কার্য্যোৎসুক [কার্য্যে উৎসুক (যত্নশীল)-৭ তৎ] বিণ, কার্য্যসাধনে উদ্যোগী ; কার্য্য-তৎপর।

কার্য্যোদ্ধার [কার্য্যের উদ্ধার (সাধন) -৬ তৎ] বি, কার্য্যসিদ্ধি; কর্ম্মে সফলতা লাভ।

কার্শ্য [কৃশ (ক্ষীণ)+য (ভা°)] বি, ক্ষীণতা ; কৃশতা। ২ গান্তারি। ৩ [বৈদ্যকে] একাঙ্গী বা কর্চুর ; শটী। ৪ লকুচ বা মান্দার বা ডেয়ো।

কার্ষাপণ, কর্ষাপণ [কর্ষ (তোলক পরিমাণ)+অ=কার্ষ, কর্ষ+আপন (আ-পন (ব্যবহার করা)+অ-(ধি-জ্ঞা°)। পা°-কহাপণ] বি, ১৬ পণ ; ১ কাহন। কা°=১ কর্ষ=১৬ মাষা=৮০ কিংবা ১২৮ রতি, স্বর্ণ। রৌপ্য কার্ষাপণ=১২৮০ কড়া, তাম্র কা°=৮০ কড়া।

কার্ষিক [কর্ষ (তোলক পরিমাণ)+ইক (সম্বন্ধার্থে)] বি, একবুড়ি বা পাঁচগণ্ডা। ২ একতোলা। ৩ [কৃতার্থে-ইক] কৃষক ; কর্ষণকর্ত্তা।

কার্ষ্ণ [কৃষ্ণ+অ (সম্বন্ধার্থে)] বিণ, কৃষ্ণসম্বন্ধীয় ; কৃষ্ণ-সংক্রান্ত। ২ কৃষ্ণমৃগ-সম্বন্ধীয়। ৩ কৃষ্ণদ্বৈপায়নসম্বন্ধীয়। ৪ কৃষ্ণসার মৃগ। স্ত্রীং কৃষ্ণসার মৃগী।

কার্ষ্ণায়ন [কৃষ্ণ (কৃষ্ণদ্বৈপায়ন)+আয়ন (অপত্যার্থে)] বি, ব্যাসের বংশজাত পুরুষ ; রাজা ধৃতরাষ্ট্র ই°।

কার্ষ্ণি [কৃষ্ণ+ই (অপত্যার্থে)] বি, কৃষ্ণের পুত্র। ২ কামদেব। স্ত্রীং কার্ষ্ণী-শতাবরী।

কাল, [কল্ (গণনা করা)+অ (র্ত্তৃ,জ্ঞা°) যে বৎসর, মাস, দিন, ক্ষণ ই° রূপে সময়াবধারণ করে] বি, সময়। ২ অবসর। ৩ রাগ-রাগিণী আলাপের সময়। ৪ [গ্রা°-'কালকে'] অ, অদ্যপূর্ব্ব দিবস ; গত দিন ; পর দিন। "কাল এসেছিল, আবার কাল আসিবে।" ৫ জ্যোতিষ গণনার কাল। এই কাল দ্বিবিধ-"কালখণ্ড (মানব-জ্ঞানের বিষয়) অখণ্ড (জীবন্তকৃৎ) খণ্ড > মূর্ত্ত (স্থূল) এইরূপ কালের আদি বিভাগের নাম 'প্রাণ'=৪ সেকেণ্ড। অমূর্ত্ত (সূক্ষ্ম) এই কালের আদি বিভাগের নাম 'ত্রুটি', জ্যোতিষ শাস্ত্রে মূর্ত্তকাল ব্যবহৃত এবং সাধাঃ ৬০ দিয়া সকলকে ভাগ করিতে হয়।"-মানসী, ১৩১৯। ~কবলে বা ~গ্রাসে পতিত হওয়া-মরা। ~কাটান-সময় ক্ষেপণ করা ; জীবন যাপন করা। ~ঘাম-মৃত্যুকালীন ঘর্ম্ম ২ সর্ব্বাঙ্গ সিক্তকারী প্রচুর ঘর্ম্ম। "দাঁড় টানতে ঝিঁকি মারতে মাঝিদের কালঘাম ছুটছে।"-টেকচাঁদ। ~পড়া-দিনকাল দ্রঃ। ২ [জ্যো°] যাত্রার পক্ষে অশুভ যোগ। ~বেলা-দিবসের অর্দ্ধ প্রহর পরিমিত অশুভ কাল। কালবেলা দ্রঃ। ~বৈশাখী-বৈশাখ মাসের বৈকালিক নিত্য-নৈমিত্তিক ঝড়। কালরাত্রি -দ্রঃ। আজকাল, আজনয় কাল-আজ কাল করিয়া বৃথা সময় অতিবাহন ; দীর্ঘসূত্রিতা করণ ; অথবা বিলম্বকরণ। দিনকাল-সময়ের প্রভাব; কালের গতিক। প্র-যে রকম দিনকাল পড়েছে তাতে হিসাব করিয়া না চলিলে সংসারযাত্রা সুনির্ব্বাহ করা কঠিন। অন্তিমকাল-মরণ-সময় ; মৃত্যু। কালের হাতে পড়া-যমের বা সাক্ষাৎ মৃত্যুর দ্বারা আক্রান্ত হওয়া। কালে ধরা -মৃত্যু আক্রমণ করা। কালপুরুষ দ্রঃ। কন্যাকাল-হিন্দুকন্যার বিবাহের কাল প্রায় উত্তীর্ণ হয় এমন বয়স। তিন কাল গিয়ে এক কালে ঠেকা-জীবনের তিন অবস্থা অতীত হইবার পর অর্থাৎ শৈশব, যৌবন,প্রৌঢ় কাল কাটাইয়া বার্দ্ধক্যে আসিয়া উপস্থিত হওয়া ;মৃত্যুকালের সন্নিকটস্থ হওয়া। কালে কালে-সময়ক্রমে ; সময়ান্তরে ; সময় উত্তরোত্তর যতই অগ্রসর হইবে। কালকার,-কের, কালিকার [কা°+কার (সম্বন্ধার্থে)] বিণ, গত বা আগামী কল্যের ;পূর্ব্ব বা পর দিনের। কালিকে, কালকে-গত বা আগামী কল্য ; কাল। কালক্রমে-অ, কালে কালে ; কালের গতি অনুসারে ; কিছুকাল পরে। ক্রিয়া-কাল-ক্রিয়ানুষ্ঠান কাল-জ্ঞাপক ধাতুরূপ tenses ক্রিয়া দ্রঃ। বর্ত্তমানকাল (present

tense), **ভূত বা অতীত কাল** (past tense), **ভবিষ্যৎকাল** (future tense)। এই তিন ক্রিয়াকালের অবস্থাভেদে নাম ও শ্রেণীভেদ –১ **সরল বা মৌলিক কাল** simple tense- (ক) **বর্ত্তমান বা সাধারণবর্ত্তমান বা নিত্য-বর্ত্তমান** simple present, Indefinite present–সে করে he does. (খ) **সাধারণ অতীত বা নিত্য অতীত** simple past, indefinite past–সে করিল he did. (গ) **সাধারণ ভবিষ্যৎ** simple future–সে করিবে he will do. এই অর্থে বর্ত্তমানের প্রয়োগ বাং-য় ৮০। যাইব অর্থে যাইতেছি। সংশয়ে ভবিষ্যৎ অর্থে বর্ত্তমানের প্রয়োগ– "তিনি আসেন ত বলি।" এখুনি থাকিব (=যাইব)। (ঘ) **পুরানিত্যবৃত্ত বা নিত্যবৃত্ত অতীত** habitual past সে করিত he used to do. (ঙ) 'যদি' যোগে **নিত্যবৃত্ত অতীত, কারণাত্মক অতীত** (conditional past) ও **সম্ভাব্য অতীত** (potential past)। যদি ইহা করিতাম (কারণাত্মক অতীত) তাহা হইলে কিছু হইত (সম্ভাব্য অতীত) if I had done it something would have happened. ২ **মিশ্র বা যৌগিক কাল** compound tense—(১) **ঘটমান** progressive— (ক) **ঘটমান বর্ত্তমান** present progressive or continuous. সে করিতেছে he is doing. (খ) **ঘটমান অতীত** past progressive. সে করিতেছিল he was doing. (গ) **ঘটমান ভবিষ্যৎ** future progressive. সে করিতে থাকিবে he will be doing. (২) **সমাপ্ত বা পুরাঘটিত** perfect– (ক) **পুরাঘটিত বর্ত্তমান** present perfect সে করিয়াছে he has done. (খ) **পুরাঘটিত অতীত** past perfect. সে করিয়াছিল he had done. এই অর্থে নিত্য বর্ত্তমানের প্রয়োগ বাং ভাষার বিশেষত্ব। তিনি সেদিন বাড়ী যান (=গিয়াছিলেন); "মুলতানের অধঃপতনের পূর্ব্বে ১৮৪৮ অব্দের ২২ নবেম্বর রামনগরে যে যুদ্ধ হয়, তাহাতে ব্রিটিশ সৈন্য পরাজিতপ্রায় হইয়া যথেষ্ট ক্ষতি সহ্য করে।" –রজনীকান্ত গুপ্ত। (গ) **পুরাঘটিত ভবিষ্যৎ বা সম্ভাব্য ভবিষ্যৎ** future perfect or future potential. সে করিয়া থাকিবে he will have done. ৩ **অনুজ্ঞাবাচক** imperative.—(ক) **বর্ত্তমান বা সামান্য অনুজ্ঞা** present imperative. (তুমি) কর do (খ) **ভবিষ্যৎ বা অনুরোধাত্মক অনুজ্ঞা** future or precative imperative. (তুমি) করিও shall do.–চলন্তিকা ও ডাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম. এ, ডি, লিট।

কালি$_{২}$ [কল্ (গণনা করা) ধাতু >। নির্দ্দিষ্ট সময়ে আবির্ভূত হয় বলিয়া বা কৃষ্ণবর্ণ বলিয়া] বি, বসন্ত-সখা; কোকিল **~জাম**° [সং-জম্বু > জাম, কৃষ্ণবর্ণ-হেতু কাল] বি, স্বনাম-প্রসিদ্ধ ফল Eugenia Jambalana blackberry.

কাল$_{৩}$ [সং] বি, যম। ২ মৃত্যু। ৩ শনি। ৪ সর্ব্ব-সংহারক রুদ্র; শিব। স্ত্রীং কালী। ৫ বিণ, যমসম ভীষণ। ৬ (তা হতে) ভীষণ বা বিষম প্রতিবন্ধক। "সুখ রাজ্য করিতে আপেটী হৈল কা০।" –কবিক০। ৭ সর্ব্বনাশ। "কাল কল্লে এঁড়ে গরু কিনে।"–প্রবাদ। **~ক̐রা**–সর্ব্বনাশ করা: বিপদ বাধান; বিষম জঞ্জাল বাধান। **~ফণী, ~সর্প, ~সাপ**–কৃষ্ণবর্ণ বিষধর সর্প; কেউটিয়া সাপ। স্ত্রীং **~সাপিনী, ~নাগিনী**–বিষধর কৃষ্ণসর্পিণী।

কাল$_{৪}$ [প্রাদে০] বি, মুসলমান ভিক্ষুক-সম্প্রদায়। "নিশাকালে ভিক্ষা মাগে নাম ধরে কা০।"–কবিক০।

কাল$_{৫}$ [সং–কালঃ। "কালঃ কৃষ্ণবর্ণঃ" –হে০। দেহের বর্ণ শ্যাম বা কৃষ্ণ বলিয়া শ্রীকৃষ্ণের নাম। তুল–"পাসরিতে নারি কালা কানুর পিরীতি।"–জ্ঞান০। "আমি অপনি চিকণ কালো। আমার রাইয়ের রূপে ভুবন আলো।"–গিরিশ০। আদরার্থে কৃষ্ণের–**কাল, কালিশশী, কালা, কালাচাঁদ, চিক̐ণ-কালা, কালিয়া** ই০ নাম] বি, শ্রীকৃষ্ণ। "কা০ ভালবেসে হ'ল এই যাতনা।" ঈ০ গুপ্ত। "বাসি হলো বনমালা, দেখ ওলো প্রাণ সই। ধূসর গগনে শশী, কালশশী এলো কই॥" –গিরিশ০। "ওগো চিনেছি চিনেছি, চরণ দেখে, ঐ বটে সেই কালিয়ে।"–হরু ঠাকুর। ২ কৃষ্ণবর্ণ। ৩ [বৈদ্যকে] রক্তচিতা; (২) কালকাসুন্দা; কাক্লা (কক্কোল); (৩) লৌহ। ৪ বিণ, কৃষ্ণবর্ণ-বিশিষ্ট (এই অর্থে গ্রা০–কেলে। প্র–কেলে হাঁড়ী; কালিয়া দ্রঃ); মলিন। "গোরা ছিনু ভাবিতে ভাবিতে হৈনু কা০।"–ভারত০। ঈষদর্থে–কাল্চে (হিং– কালাসা–কালিসী)। বিবিধ শব্দযোগে কালবর্ণের প্রকারভেদ বুঝায়। সাদৃশ্যার্থে– কুচ্‌কুচে কাল, চিক্কণ কাল, কালকৃষ্টি (একার্থক) আধিক্যার্থে দ্বিত্ব বা কৃষ্ণ সদৃশ কাল। **মীশ কালি, মিশ কালি, মিশ্‌মিশে কালি**–**মিশি** (কৃষ্ণাঞ্জন) বা মসীসদৃশ কাল, **মুষ্কিকালি**–মুষ্ক বা মৃগনাভির মত কাল। **কালি ঝুল**–ধোঁয়ায় কৃষ্ণবর্ণ ঝুলের মত কাল। **কালি আঁচড়**– লেখাপড়ার চিহ্ন। "পেটেতে কড়িটী ভোর কা০ আঁচড় নাই।"–হেম০। **কালিহাঁড়ি**–বি, রন্ধন করা সুতরাং পোড়া ও অশুচ হাড়ী, ছুতোহাঁড়ি। "পুরের বাহির করি মারে বেড়া বাড়ি। কা০ হাঁড়ি ফেলে মারে কুলের বহুড়ি॥–কবিক০।

কালক$_{১}$ [কল্ (গণনা করা) + অক (র্তৃ জ্ঞা০)] বি, জতুক বা জড়ুল। (ইহা দ্বারা শুভাশুভ নিরূপণ করা যায়)। ২ কাল-কাশন্দার শাক। ৩ ঢোঁড়াসাপ। ৪ [কল্ (প্রেরণ করা) + অক (জ্ঞা০) যে সমস্ত শরীরে রক্ত প্রেরণ করে] যকৃৎ; কালখণ্ড। ৫ [কাল + ক (যুক্তার্থে)] বিণ, কৃষ্ণবর্ণযুক্ত; কাল রঙ-বিশিষ্ট।

কালক$_{২}$ [প্রা০ বাং। কাল (মৃত্যু)–ক (র্তৃ)] বি, মহাকাল। "মার মার করি ডাকে কা০ দুর্জ্জয়।"–শি০ (রামকৃষ্ণ, ১৭শ শতাব্দী)।

কালকচু–বি, কৃষ্ণবর্ণ কচুবিঃ।

কালকঞ্জ [কাল (নীলবর্ণ) যে কঞ্জ (পদ্ম)–ধা] নীলকমল। ২ দানববিঃ।

কালকট্‌কিটে [কাল–কট্‌কটিয়া < সং–কটরাটুক] বি, কাঠঠোকরা-জাতীয় কালবর্ণ পক্ষিবিঃ, (কট্‌কট্ করিয়া শব্দ করে বলিয়া নাম)।

কালকণ্ঠ [কাল (কৃষ্ণবর্ণ) কণ্ঠ (গলা) যার–বহু০] বি, শিতিকণ্ঠ; নীলকণ্ঠ; মহাদেব। "কা০ কুরলাক্ষী।"–কবিক০। ২ ময়ূর। ৩ দাত্যুহপক্ষী (ডাহুক)।

৪ চটক; চড়ুই। ৫ খঞ্জন। ৬ সহস্রস্কন্ধ রাবণের পুত্র (অদ্ভুত রামায়ণ)।

কালকর্ণী-বি, অলক্ষ্মী। ২ লক্ষ্মীছাড়া। "দূর হ কা°।"-জাতক।

কালকল্প [কাল+কল্প (সদৃশার্থে)] বিণ, মৃত্যুতুল্য।

কালকা-বি, কালকেয় অসুরগণের মাতা।

কালকাসুন্দা [সং-কাসমর্দ্দ] বি, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিঃ।

কালকিষ্টি [কাল-কৃষ্ণ (কাল) আধিক্যার্থে দ্বিরুক্ত-ই (যুক্তার্থে)] বিণ, অতিশয় কৃষ্ণবর্ণবিশিষ্ট; অত্যন্ত ময়লা। কাল দ্রঃ।

কালকুণ্ঠ [কাল (সময়) কুণ্ঠ্ (চুরি করা)+অ (র্ত্তৃ, জ্ঞা°-যিনি সকলের জীবনকাল হরণ করেন)] বি, সর্ব্বসংহারক; যম।

কালকূট [কাল (জীবনকাল) কূট্ (নষ্ট করা)+অ (র্ত্তৃ-জ্ঞা°) যে জীবনকাল নষ্ট করে অর্থাৎ যা সেবন করিলে জীবনীশক্তি নষ্ট হয়] বি, তীব্র বিষ; গরল। ২ স্থাবর বিষবিঃ। "কাল পঞ্চবটী বনে কালকূটে ভরা এ ভুজগে।"-মেঘ°।

কালকূটি [কালকূট+ই (ভবার্থে) বিণ, যা কালকূট হতে জন্মে; তীব্র বিষজাত।

কালকৃৎ [কাল (সময়) কৃৎ কৃ (করা) ক্বিপ্+র্ত্তৃ] বি, যিনি সূর্য্য চন্দ্রাদি দ্বারা কালের বিভাগ করেন; পরমেশ্বর। ২ [আপন ক্রিয়া দ্বারা কাল বিভাগ করেন বলিয়া] সূর্য্য; চন্দ্র।

কালকৃত [কাল (সময়ে) কৃত (কৃ-করা +ত, র্ম্ম)-৭ তৎ] বিণ, সময়ে যা করা হইয়াছে। ২ যথাসময়ে সম্পাদিত; সময়ে যা করে। ৩ যথাকালে কৃত। ৪ [কাল দ্বারা কৃত-৩ তৎ] কালকর্ত্তৃক কৃত। ৫ [কাল (দিবারাত্রি রূপ সময়) কৃত (বিহিত) হইয়াছে যৎকর্ত্তৃক-বহু°] বি, পরমেশ্বর। (কাল শব্দে যখন দিবা সময় বুঝায় তখন) সূর্য্য। (আর যখন রাত্রি সময় বুঝায় তখন উক্ত বহুব্রীহি সমাসে) চন্দ্র।

কালকেতু-বি, জনৈক ব্যাধপুত্র (ইনি ইন্দ্রপুত্র নীলাম্বর মহাদেবের শাপে ব্যাধরূপে জন্মগ্রহণ করেন)।

কালকেয় [কালকা+এয়(অপত্যার্থে)] বি, কালকা-গর্ভসম্ভূত মহাপরাক্রমশালী ৬০ হাজার অসুর।

কাল/ক্ষেপ [কালের-ক্ষেপ (কাটান) -৬ তৎ] বি, সময়াতিপাত; কর্ত্তব্য কর্ম্মের কাল উল্লঙ্ঘন করা; ছল করিয়া সময় বহাইয়া দেওয়া; কালকাটান। ~**ক্ষেপণ** [কালের -ক্ষেপণ-৬ তৎ] বি, সময় অতিবাহিত করা; কালকাটান।

কালখণ্ড [কাল (কৃষ্ণবর্ণ) খণ্ড] বি, যকৃৎ নামক রোগবিঃ; কালেয়।

কালগঙ্গা-বি, কালিন্দী নদী; যমুনা।

কালগন্ধ [কালের-গন্ধ (লেশ) ৬ তৎ] বি, কালের আভাস; কালের লেশ; অল্প সময়। ২ [কাল (কৃষ্ণবর্ণ) যে গন্ধ (গন্ধদ্রব্য চন্দন ই°)-ধা] কালাগুরু; কৃষ্ণচন্দন।

কালগ্রন্থি [কালের (সময়ের) গ্রন্থি (সন্ধি স্থান) ৬ তৎ] বি, কালসন্ধি। ২ বৎসর।

কালগ্রাস [কালের-গ্রাস(৬ তৎ)] বি, মৃত্যু-মুখ; কালকবল। **কালগ্রাসে পতিত হওয়া**-মরা।

কালঘট-বি, রাজা জনমেজয়ের সর্পযজ্ঞের ঋত্বিক্ ব্রাহ্মণবিঃ।

কালঘাম [কাল-ঘাম (ঘর্ম্ম)] বি, বিষম ঘর্ম্ম; অতিরিক্ত পরিশ্রম-জনিত দেহে যে ঘর্ম্ম বহির্গত হয়; মৃত্যুকালীন ঘর্ম্ম। "ঘনশ্বাস বহে মুখে গায়ে কা°।"-কবিক°।

কালঘুম-বি, যে ঘুম সহজে ভাঙ্গে না। ২ চিরনিদ্রা।

কালচক্র [কালরূপ যে চক্র-ধা] বি, চক্রবৎ ভ্রাম্যমাণ কাল; সময়ের অনন্ত আবর্ত্তন। পুরাণে এইরূপ কল্পিত হইয়াছে যে, ত্রিসন্ধ্যা কালচক্রের নাভি, বর্ষপঞ্চক তার চক্রশলাকা এবং ষড়্ঋতু চক্রনেমি।

কালচিটা [কাল (কৃষ্ণ) চিটা < হিং চিত্তী (দাগ, ধ্বজা) < প্রাকৃ°-চিত্ত < সং-চিত্র] বি, কাল দাগ; কালশিটা। ২ কালশিরা (দ্রঃ)।

কালচিন্তক [কাল-চিন্ত্+ণিচ্=চিন্তি (চিন্তা করা)+অক (র্ত্তৃ)] বিণ, যে কালের শুভাশুভ চিন্তা করে; দৈবজ্ঞ; জ্যোতির্ব্বিৎ।

কালচিহ্ন [কালের-চিহ্ন (৬ তৎ)] বি, মৃত্যুর লক্ষণ; মরণের চিহ্ন।

কালচে, কালচিয়া, কাল্টা, কালটিয়া, কাল্‌টে, কাল্‌ট্যে [কাল ৫ দ্রঃ। হিং-কালা সা (বাং-তে 'কালাচে' ও°) বা কালীসী কাল বর্ণের স্থায়। বাং-কালসিটা বা টে। উচ্চারণ-ভেদে 'কালসিটা', 'কাসিটে' ও°। (ল=র) তুল-হিং-কালী বা কারী=কাল] বি, প্রায় কালদাগ; রক্ত জমিয়া যেরূপ কাল চিহ্ন হয়। (কালসিটে দ্রঃ)। **কা° ধরা, কা° পড়া, কা° মারা**-কালদাগ বা কস ধরা।

কালজ্ঞ [কাল-জ্ঞ (জ্ঞা (জানা)+অ (র্ত্তৃ)] বিণ, যে সময়ের মূল্য বুঝিয়া কর্ম্ম করে। ২ যে কার্য্যের সময়াসময় জানে। ৩ যে বৃথা সময়ক্ষেপ করে না। ৪ বি, কুক্কুট।

কালজ্ঞান [কাল-জ্ঞা (জানা)+অন (ণে) যদ্দারা কালের জ্ঞান হয়] বি, কালনির্ণায়ক বিজ্ঞান; জ্যোতিষশাস্ত্র। ২ [ভা°-অন-৬ তৎ] যথাযোগ্য সময়ের বোধ।

কালঞ্জর [কাল-(সময়-মৃত্যু) জর (জৄ-জীর্ণ করা+অ, র্ত্তৃ) ঞ্ আগম, যে মৃত্যুকে ক্ষয় করে] বি, কালজিৎ; মৃত্যুঞ্জয়; শিব। ২ বুন্দেলখণ্ডস্থ কালিঞ্জর পাহাড় ও প্রদেশ। স্ত্রীং ~**রী**-দুর্গা; চণ্ডী।

কালতুল্য-বিণ যমসদৃশ। ২ মৃত্যুবৎ; মারাত্মক।

কালত্রয় [কালের ত্রয় (তিন সংখ্যা)-৬ তৎ] বি, অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ; ত্রিকাল।

কালত্রয়জ্ঞ [কালত্রয়-জ্ঞা (জানা)+অ (র্ত্তৃ)] বিণ, ত্রিকালজ্ঞ, যিনি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান কালের যাবতীয় বিষয় জানেন।

কালত্রয়/দর্শন [কালত্রয়ের দর্শন (দৃষ্টি) -৬ তৎ] বি, ত্রিকালজ্ঞান; ভূত ভবিষ্যৎ বর্ত্তমান প্রত্যক্ষবৎ দর্শন। ~**দর্শী** [কালত্রয়-দৃশ্ (দর্শন করা)+ইন্ (র্ত্তৃ), মৃ°-দর্শিন্ ১মা ১ব°] বিণ, ত্রিকালদর্শী; যিনি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান প্রত্যক্ষবৎ দর্শন করেন।

কালত্রয়বেদী [কালত্রয়-বিদ্ (জানা) +ইন-র্ত্তৃ, মৃ°-কালত্রয়বেদিন্ ১মা. ১ব°] বিণ, ত্রিকালজ্ঞ।

কালদণ্ড [কালের (যমের) দণ্ড–৬ তৎ বা কাল (কালকর্তৃক দত্ত) যে দণ্ড (শাসন) -ধা] বি, কালপ্রাপ্ত দণ্ড; যমদণ্ড। ২ জ্যোতিষোক্ত যোগবিঃ।

কালধর্ম্ম [কালের ধর্ম্ম–৬ তৎ] বি, মৃত্যু। ২ সময়ের স্বভাব; যে সময়ে যা ঘটনা বা উৎপত্তি হওয়া নির্দ্দিষ্ট আছে; গ্রীষ্মে উত্তাপ, বর্ষায় বৃষ্টি ইং ইহাই কালধর্ম্ম।

কাল/নাগিনী-বি, কালরঙের ছোট অত্যন্ত বিষাক্ত সাপ; কালসাপ। ~নাথ, ~নিধি-বি, শিব। ~নিরূপণ, ~নির্ণয়-বি, সময়-নির্দ্ধারণ। ~নির্ব্বাহ -বি, সময়ক্ষেপ। ~নির্য্যাস-বি, গুগ্‌গুল।

কালনিয়ো/গ [কালের নিয়োগ–৬ তৎ] বি, কালের আদেশ। ~জিত-বিণ, কাল দ্বারা নিযুক্ত; কাল-প্রেরিত।

কালনেমি-বি, রাক্ষসবিঃ; রাবণের মাতুল। ২ দানববিঃ; হিরণ্যকশিপুর পুত্র। কালনেমির লঙ্কাভাগ-শক্তিশেলে হতচেতন লক্ষ্মণকে বাঁচাইবার জন্য হনুমান গন্ধমাদন পর্ব্বত হইতে ঔষধ আনিবার কালে রাবণের মাতুল কালনেমি হনুমানকে নিহত করিবার জন্য প্রেরিত হন এবং তার পুরস্কার-স্বরূপ অর্দ্ধেক লঙ্কারাজ্য পাইবেন বলিয়া রাবণ অঙ্গীকার করেন। কালনেমি হনুমানকে হত করিবার পূর্ব্বেই যাত্রাকালে লঙ্কার কোন্ অর্দ্ধভাগ লইবেন, তা মনে মনে স্থির করেন। ফলে কালনেমিই হনুমানের হস্তে হত হওয়ায় মনে মনে লঙ্কাভাগ মাত্র সার হয়। কালনেমির ন্যায় মনে মনে লঙ্কাভাগ অর্থাৎ কর্ম্মানুষ্ঠানের পূর্ব্বেই কর্ম্মের ফলাকাঙ্ক্ষা।

কালন্দর [আ°] বি, সংসারবিরক্ত মুসলমান সাধু; ভ্রমণকারী মুসলমানবিঃ। "কা° হয়্যা কেহ ফিরে দিবারাতি।" -কবিক°। ২ পশ্চিমাঞ্চলে যারা বাঁদর ভালুক নাচাইয়া ফেরে। (ইহারা প্রায়ই মুসলমান) কলন্দর দ্রঃ। ~পক্ক-বিণ, যথাসময়ে যা পাকিয়াছে; কালসিদ্ধ।

কালপর্ণ [বৈদ্যকে] বি, তগরবৃক্ষ।

কালপর্য্যায় [কালের পর্য্যায়–৬ তৎ] বি, কালের গতি-বৈপরীত্য; যে কালের যেরূপ ফল হওয়া স্বাভাবিক তার বিপরীত ফলোদয়।

কালপাশ-বি, যমের পাশ নামক অস্ত্র। ২ সময়ের অপরিহার্য্য নিয়তি। ৩ মৃত্যু-জাল।

কালপুরুষ [কাল (যম) তার পুরুষ (সহকারী)–৬ তৎ] বি, যমকিঙ্কর; যমের ভৃত্য। ২ পুরুষাকৃতি নক্ষত্রপুঞ্জ; কাল-(বর্ষাদি ঋতু) পরিমাপক নক্ষত্রপুঞ্জ; ইহার নামান্তর অগ্রহায়ণী the constellation Orion [দ্রঃ–"one of the constellations containing seven very bright stars, three of which in a straight line, form Orion's belt *Orion*, a hunter placed among the stars at his death."] ৩ শুভাশুভ জ্ঞাতার্থে জন্মলগ্নাদি কল্পিত দ্বাদশ রাশি।

কালপূত [প্রা° বাং। কালবিন্দু >, হি°–কালবুঁদ > কালপূত] বি, জটুল; জড়ুর। "কপালেতে কা° জিহ্বা নীল রেখ।" -মনসা-ম° (বংশী)।

কালপূর্ণ-বিণ, যার আয়ুষ্কাল পূর্ণ বা শেষ হইয়াছে; আসন্ন মৃত্যু। কা° হওয়া-মৃত্যু নিকটবর্ত্তী হওয়া। ২ যথাকালে পরিণতি প্রাপ্ত।

কালপৃষ্ঠ [কাল (কৃষ্ণবর্ণ) পৃষ্ঠ (পিঠ) যার–বহু°] বি, কর্ণের ধনু। "যবে কর্ণ কালপৃষ্ঠধারী এড়িলা একাঘ্নীবাণ রক্ষিতে কৌরবে।"–মেঘ°। ২ মৃগবিঃ। ৩ কঙ্কপক্ষী।

কালপেচক, কালপেঁচা-সর্ব্বাঙ্গ কটাবর্ণ কেবল মস্তক ধূসরবর্ণ পেচক; ইহার চীৎকার অশুভসূচক।

কাল/প্রভাত [কালের (বর্ষা-কালের) প্রভাত (অবসান) হয় যে সময়ে–বহু°] বি, শরৎকাল। ২ অশুভসূচক প্রভাত। ~প্রভাব-বি, সময়ের শক্তি, কাল-মাহাত্ম্য। ~প্রবাহ-বি, কালের স্রোত; সময়ের একটানা গতি। ২ কালের প্রগতি; যুগপ্রবাহ।

কালফণী-বি, কালসাপ। "ডমরু ধ্বনি শুনি কা° কভু কি নিবসে বিবরে?"–মেঘ°।

কালবর্ত্তন-বি, সাঁজোয়া; বর্ম্ম।

কালবসি-কালবসু দ্রঃ।

কালবসু, কালবোস [পূ°-বঙ্গে-কালীবাউশ, ছোট হইলে কালকিনি ও°। ব° শব্দকোষে–কালবসি labeo c[illegible]basu] বি, কাল কাল আঁইসযুক্ত রোহিতজাতীয় মৎস্য-বিঃ। "কালবোস পাণা।" (অ° ম° কালবসু)।

কালবুদ [ইং–culvert. ফা°–কালবুদ; হি°–কালবুত] খিলান করা; জল-নির্গমের পথ; সাঁকো। ২ [হি°–কালবুত] জুতার চামড়া যে কাঠের সাঁচায় পরাইয়া জুতা নির্ম্মাণ করে; জুতা তৈয়ার করিবার জন্য কাঠের ফর্ম্মা; জুতার লাস shoe-maker's last ৩ সূতা সমানভাবে পাকাইবার যন্ত্র। ~বৃদ্ধি-বি, সুদবৃদ্ধি।

কালবেলা [কাল (শনির) যে বেলা–৬ তৎ] বি, অশুভ সময়বিঃ; যে সময়ে যাত্রা বা অন্য কোন শুভকর্ম্ম করিতে নাই।

রবিবারে	দিবা	পঞ্চম যামার্দ্ধ	রাত্রি	ষষ্ঠ যামার্দ্ধ	
সোমে	"	দ্বিতীয় "	"	চতুর্থ	"
মঙ্গলে	"	ষষ্ঠ "	"	দ্বিতীয়	"
বুধে	"	তৃতীয় "	"	সপ্তম	"
বৃহস্পতিতে	"	সপ্তম "	"	পঞ্চম	"
শুক্রে	"	চতুর্থ "	"	তৃতীয়	"
শনিতে	"	প্রথম ও অষ্টম "		প্রথম	"

উক্ত ৭টী বারের মধ্যে দিবা ও রাত্রিতে উল্লিখিত মত কালবেলা হয়।

কালবৈশাখী [গ্রা°–কালবোশেকি] বি, বৈশাখের অপরাহ্নকালীন প্রায় প্রাত্যহিক প্রবল বাত্যা বা ঝঞ্ঝা; nor-wester. ২ [লক্ষ°] উক্ত ঝড়ের অসময়ের যা কিছু; সময়ের বা যুগের ওলট-পালট ব্যাপার; বিক্ষোভময় ঘটনা পরম্পরা। ~ব্যাপী-বিণ, দীর্ঘকালস্থায়ী। ২ অনন্ত।

কাল/ভুজঙ্গ-বি, সাক্ষাৎ যম স্বরূপ বিষধর। ২ [লক্ষ°] ক্ষতি। স্ত্রীং ~ভুজঙ্গিনী-কালনাগিনী (দ্রঃ); ক্রূর ব্যক্তি। ২ [লক্ষ°] অতি ক্রূর নারী।

কালভৈরব [কাল (কালরূপী) যে ভৈরব (ভয় হয় যা হতে)-ধা] বি, শিবের অংশজাত ভৈরববিঃ।

কালম [প্রাদে°] বি, পঙ্গপাল। "কালমে খাইল ধান।"–পূ° ব° গী°।

কাল/মান [কালের মান–৬ তৎ] বি, কালের পরিমাণ। ~মহিমা, ~মাহাত্ম্য -বি, কালের ঐশ্বর্য্য বা প্রভাব।

বল বল বলুন বেলা বাথা অতি এ তি ক্ষ ক্ষয়, ে =ী =া=এ =a(t), ণ=ন ব=জ স=শ=ষ সশ=S (শ্ব স্ত স্থ স্ম স্র স্‌ শৃ...), অনাদ্য ... অব্যক্ত

কালমুখ-বি, কৃষ্ণবর্ণমুখ বা মুখপোড়া বানর।

কালমেঘ-বি, তিক্ত-আস্বাদ বৃক্ষবিঃ ; ভুঁইনিম ; যবতিক্তা ; শঙ্খিনী ; মহাতিক্তা andrographis paniculata.

কালযবন-বি, শূলপাণির বরে মহা-পরাক্রমশালী যবন রাজবিঃ। শ্রীকৃষ্ণের কৌশলে রাজা মুচুকুন্দের কোপে ভস্মীভূত হন।

কালযাপন [কালের যাপন-৬ তৎ] বি, কালক্ষেপণ ; কালকর্ত্তন ; কালকাটান। ২ দিনপাত করা ; জীবনযাত্রা নির্ব্বাহ করা।

কালযুক্ত [কাল দ্বারা যুক্ত-৩ তৎ] বিণ, কালধর্ম্মানুসারে নিযুক্ত ; কালপ্রেরিত।

কালরাত্রি [কাল (মৃত্যু) তার রাত্রি -৬ তৎ। প্রা০-বাং প্রাদে০'-কালরাও'। "হায় হায় স্বামীধন কাড়িলু কালরাও।" -মাণিক০ গান (১১-১২শ শতাব্দী)] বি, মৃত্যুসূচক রাত্রি। ২ কাল অর্থাৎ মৃত্যু হয় যে রাত্রিতে। ৩ ভয়ানক রাত্রি ; যে রাত্রিতে বিপদ ঘটে। ৪ কল্পান্ত রাত্রি। ৫ ভগবতীর শক্তিবিঃ। "মহাযোগ কা০ গায়ত্রী ভুবন-ধাত্রী।"-কবিক০। ৬ বিবাহ-রাত্রি হতে তৃতীয় রাত্রি।

কালরুদ্র [কাল (কালাগ্নি) রূপ রুদ্র -ধা] বি, মহারুদ্র ; মহাকাল।

কাললবণ [কাল (ঈষৎ কালবর্ণ) যে লবণ-ধা] বি, বিটলবণ।

কালশশী-বি, কৃষ্ণচন্দ্র (তুল-কেলে সোনা, কাল মাণিক০ ই০ কৃষ্ণের আদরের নাম)। ২ অমাবস্যার চাঁদ।

কালশার-কালসার দ্রঃ।

কালশিরা [গ্রা০-কালশিট-টে-শিরার রক্ত জমিয়া কাল হয় বলিয়া] বি, আঘাত-জনিত কৃষ্ণ চিহ্ন ; কড়া শিরার মত সরু সরু কাল দাগ। "সমস্ত কা০ দাগটা একটা পাঁচশিরা পাতার আদরার মত দেখাচ্ছে।" -চা০ বন্দ্যো০। **কালশিরা বা কাল-শিরে পড়া**-আঘাত বা অতিশয় ঘর্ষণ-জনিত রক্ত জমিয়া কাল দাগ পড়া বা ধরা ; কড়া পড়া।

কালশুদ্ধি [কালের-শুদ্ধি (৬ তৎ)] বি, অকাল দোষরহিত কাল ; ক্রিয়া কর্ম্মের পক্ষে শুদ্ধ বা পবিত্র কিংবা শাস্ত্রবিহিত কাল।

কাল/শেয়, ~সেয় [কলশী-সী+এয় (তত্র ভবার্থে) যা কলসীমধ্যে মন্থন দ্বারা উৎপন্ন হয়] বি, ঘোল। ২ বিণ, কলসীর। **~সম**-বিণ, মৃত্যুতুল্য।

কাল/সমুদ্র, ~সাগর-বি, অপার অগাধ জলরাশি সদৃশ কালের অনন্ত বিস্তার ; অনাদি অনন্তকাল।

কালসম্পন্ন-বিণ, কালকৃত ১ সময়ে নিষ্পাদিত।

কালসর্প [কাল (কৃষ্ণবর্ণ) যে সর্প (সাপ)-ধা] বি, কেউটে সাপ।

কালসহ [কাল-সহ্ (সহ্য করা)+অ (ধি)] বিণ, কালবিলম্ব সহনশীল ; বিলম্ব ঘটিলে যে উদ্ধত বা বিরক্ত হয় না। ২ দীর্ঘ-কালস্থায়ী ; কালের প্রভাবে যে শীঘ্র নষ্ট হয় না durable.

কালসার [কাল (কৃষ্ণবর্ণ) সার (স্থিরাংশ) যার-বহু০। শিরদাঁড়ার চামড়া ঘনকৃষ্ণবর্ণ বলিয়া। গ্রা০-কালসাড়] বি, কৃষ্ণসার মৃগ the Indian antelope ২ পীতচন্দন।

কালসিটা, -টে [কালচিটা, কাল দ্রঃ। কাল, কাল্‌চে দ্রঃ।] বি, রক্ত জমিয়া যে কাল দাগ পড়ে ; কালশিরা। প্র-এমন মেরেচে যে স্থানে স্থানে কালসিটে পড়ে গেছে।

কালসূত্র [কালের সূত্র (সুতা, শাসন) হয় যেথানে] বি, কালক্রম ; কালনিবন্ধন। ২ নরকবিঃ। ৩ ফাঁসীর দড়ি।

কালস্কন্ধ-বি, তমাল গাছ।

কালস্রোত-বি, সময়ের প্রবাহ ; কালগতি।

কালস্বরূপ-বি, সাক্ষাৎ যম ; মৃত্যু-তুল্য।

কালা১ [সং-কল্ল ; অস০-কলা ; ওড়ি০-কালুআ ; বাং-কালা] বিণ, শ্রবণ-শক্তিহীন ; বধির deaf. **হাবা কালা**-মূক ও বধির। যে কথা বলিতে পারে না ও শুনিতে পায় না। ২ জড়বৎ। ৩ খল। কালা জঙ্গল।

কালা২ [কাল, কৃষ্ণবর্ণ হতে বৈদ্যকে] বি, লোমশ ওষধিলতা-বিঃ, নীলকলমীলতা। ইহার বীজ 'কালাদানা' নামে পরিচিত ipomœa hederacea. "কিংবা যেন দগ্ধ-ক্ষেত্রে নবজাতা 'কালালতা' দুলে যবে বায়ু ভরে।" -জাতক। ২ পিপ্পলী। ৩ ত্রিবৃৎ; তেউড়ী। ৪ নাগবলা। ৫ মঞ্জিষ্ঠা। ৬ ক্ষুদ্র কৃষ্ণ জীরক। ৭ কালিয়া কড়া। ৮ অশ্বগন্ধা। ৯ পারুল।

কালা৩ [অত্যন্ত শীতে রক্ত জমিয়া কাল বা কাল্‌চে বা অসাড় হয় বলিয়া] বিণ, অতিশয় শীতল ; খুব ঠাণ্ডা ; কন্‌কনে শীত। ক্রি, **কালাইয়া যাওয়া, কালিয়ে যাওয়া**-শীতে অসাড় হওয়া। প্র-শীতে হাত পা কালিয়ে যাচ্চে।

কালা৪ [হিং-সং-কাল] বিণ, কৃষ্ণবর্ণ-যুক্ত। প্র-কালাপেড়ে। ২ কলঙ্কিত। প্র-কালামুখ। ৩ [সঙ্গীতে, বৈ০ প০ সা০] বি, শ্রীকৃষ্ণ। "বড়ু চণ্ডীদাসে কয়, না হইল পরিচয়, রসের নাগর বড় কালা।"-চণ্ডী০। "সই লো সাধের কালাচাঁদে, প্রাণ-মন দিছি সাধে, আমার চিকণকালা ভালবাসি কালা রাধার প্রাণাধার॥"-গিরিশ০। **কালা-চাঁদ, চিকণকালা**-আদরার্থে শ্রীকৃষ্ণের নামান্তর (কাল দ্রঃ)। "চিকণকালা গলায় মালা বাজন নূপুর পায়, চূড়ার ফুলে ভ্রমর বুলে তেরছ নয়ানে চায়॥"-গোবিন্দ০। **কালাবাওনা, কালাবাম্‌না**-যে ঘুড়ি বাম ভাগের অর্দ্ধাংশ কাল কাগজে ও বাকী সাদা কাগজে প্রস্তুত।

কালা৫ [সং-কালাগ্র-কালস্বরূপ তীক্ষ্ণ-ধার বাণবিঃ] বি, মৎস্য বিঁধিয়া ধরিবার বর্শা ; টেটাঁ।

কালাংড়া-বি, প্রাতঃকালে গান করি-বার রাগবিঃ ; ইহা রামকিরি ও পরাজিকা যোগে উৎপন্ন।

কালাগুরু [কাল (কৃষ্ণবর্ণ) অগুরু -ধা] বি, কৃষ্ণচন্দন ; কালবর্ণ সুগন্ধযুক্ত চন্দন।

কালাগ্নি [কাল (সর্ব্ব-বিনাশক) যে অগ্নি-ধা] বি, প্রলয়াগ্নি ; সর্ব্বসংহারক বহ্নি। ২ পঞ্চমুখরুদ্রাক্ষ।

কালাজ্বর [Kala Azar > কালা-

জ্বর >] বি, আসামের জ্বর প্লীহা, রক্তাল্পতা ইং লক্ষণযুক্ত আসামের দেহচর্ম্ম কৃষ্ণকারী প্রাণান্তকর জ্বর। দীর্ঘকালের ম্যালেরিয়া প্রায় কালাজ্বরে পরিণত হয়।

কালাতিক্রম [কালের অতিক্রম –৬ তৎ] বি, কালক্ষেপ ; কাললঙ্ঘন ; সময়াতিবাহন।

কালাতিপাত [কালের অতিপাত –৬ তৎ] বি, কালক্ষেপ।

কালাত্যয় [কালের অত্যয় (বিনাশ) –৬ তৎ] বি, সময় নষ্ট ; সময়াতিপাত ; কালক্ষয়।

কালাদানা-বি, একজাতীয় নীলপুষ্পী লতা ও তার শুষ্কীকৃত কৃষ্ণ বীজ ; ভারতবর্ষের অনেক স্থানেই ইহা পাওয়া যায় ; নীলকলম্বী গাছ ipomœa hederacea.

কালানি [কাণা দ্রঃ] রক্ত জমিলে কাল দেখায়, কালশিরা পড়ে ; রক্ত জমাট বাঁধা অঙ্গের সাড় থাকে না, তাই অতিরিক্ত শীতে হাত পা ইং অঙ্গ ঐরূপ হইলে বলে কালান ; অবশ হওয়া ; শীতে কাল হওয়া ; অত্যন্ত ঠাণ্ডা হওয়া। প্র–শীতে হাত পা কালিয়ে গেল। অনেকক্ষণ বরফখণ্ড ধরে থাকিলে হাত কালিয়ে যায় ; বরফের উপর দিয়ে চলে যেতে যেতে পা কালিয়ে যায়।

কালানল [কাল (প্রলয়কাল) + অনল] বি, প্রলয়াগ্নি ; সৃষ্টিনাশকারী অনল।

কালানুনাদী [কালে (বসন্তাদি সময়ে) অনুনাদী (অনু–নদ্=শব্দ করা, গান করা + ইন্ (র্ত্তৃ), মূং–অনুনাদিন্ ১মা ১বং] বি, যে কালবিশেষে শব্দ করে ; ভ্রমর। ২ কোকিল। ৩ চটক ; চড়াইপাখী। ৪ চাতকপক্ষী। ৫ ময়ূর।

কালানুবর্ত্তী [কাল + অনুবর্ত্তী] বিণ, সময়ের অনুযায়ী। ২ যুগানুযায়ী।

কালানুভাবকতা [কালের অনুভাবক + তা (ভাং)] বি, কালের অনুভাবক শক্তি ; যে বৃত্তিদ্বারা কালের বোধ জন্মে।

কালানুসারী [কাল (কৃষ্ণবর্ণ) অনু–সৃ (সদৃশ হওয়া) + ইন্ (র্ত্তৃ), মূং–অনুসারিন্ ১মা ১বং] বি, শৈলজ। ২ শিশুগাছ। ৩ তগরবৃক্ষ। ৪ কৃষ্ণচন্দন।

[কাল (সময়) অনুসারী] বিণ, সময়ানুযায়ী ; কালক্রমিক।

কালান্তক [কাল + অন্তক] বিণ, সর্ব্বনাশক বিশ্বসংহারক। ২ বি, যম।

কালান্তর [কালের অন্তর (মধ্য বা অন্য) ৬ তৎ] বি অন্যসময় ; সময়ান্তর। ২ কোন অতীত বা আগামী কাল।

কালান্তরবিষ [কালান্তরে (কিছু দিন পরে) বিষ (গরল) প্রকাশ পায় যাদের –বহুং], বি, বহুকাল পরে যে সকল জন্তুর দংশনজনিত বিষ প্রকাশ পায়।

কালাপ [কলাপ + অ (ভবার্থে)] বি, সাপের চক্র বা ফণা। ২ বিণ, কলাপ-ব্যাকরণাধীত ; কলাপ-ব্যাকরণবেত্তা ; যে কলাপ-ব্যাকরণ জানে। ৩ [কলাপ (ময়ূরপুচ্ছ) + অ (সমূহার্থে] ময়ূরপুচ্ছসমূহ।

কালাপাণি, -নি [হিং–কালাপানী। কালা (নীল–কাল) পাণি,–নি (জল)–নির্ব্বাসন-দণ্ডে দণ্ডিত অপরাধীদিগকে ভারতবষ হতে আণ্ডামান নিকোবার ইং দ্বীপে যাইতে হইলে ভারতসাগরের ঘন নীল বা কাল জল অতিক্রম করিতে হয় এবং কালাপাণি-বেষ্টিত বলিয়া ব্যবহারে দণ্ডস্থান এবং দণ্ডেরই এই নাম হইয়াছে] বি, কালাপাণিপারে বাসরূপ দণ্ড ; নির্ব্বাসন ; দ্বীপান্তররূপ দণ্ড। ২ আণ্ডামান ও নিকোবার আদি দ্বীপ ; পোর্ট ব্লেয়ার নামক বন্দর (গ্রাং–পুলি-পোলাও)।

কালাপাতি, -তী [কালা (বধির–অর্থ সম্প্রসারণে ছিদ্রহীন) পাতি (পাটি–পাটা –পাটাতন) পাটাতন কালাকরণ] বি, দুই বস্তু (বিতং তক্তা বা পাটা) অন্য কোন বস্তু দ্বারা এমনভাবে যুক্ত করা যাতে ফাঁক না থাকে। ২ নৌকার তলা বা পাটার নিশ্ছিদ্রতা ; নৌকার তলায় রন্ধ্র রোধ।

নৌকার কালাপাতি করা-নৌকার তলায় জল প্রবেশ না করে তজ্জন্য শণসূত্র বা গাছের ছাল দিয়া নৌকার পাটার ছিদ্র বন্ধ করা।

কালা/পাহাড় [হিং–কালাপাহাড়। কালা (কৃষ্ণবর্ণ বা বধির–বিবেকবাণী, ধর্ম্মকথা যার কর্ণে প্রবেশ করে না) পাহাড় (তদ্বৎ কঠিন–পাষাণ, হৃদয়হীন)] বি, বিরাট্-কায় ও ভীষণ ; আকৃতি ও প্রকৃতিতে ভয়ানক। প্র–নড়েও না চড়েও না ; কথায় কানও দেয় না, কালাপাহাড়ের মত পথজুড়ে পড়ে আছে। ২ দুস্তর ; দীর্ঘ ও ক্লেশকর [এই অর্থে হিং–তে প্রং চং। "দুঃখকী রাত নহী কটতী, কালাপাহাড় হো জাতী হৈ।"–হিং শং সাং] ৩ [তৎসনাম–পাহাড়বৎ কালা] উপদেশ আদেশ বা কোন কথায় যে কর্ণপাত করে না ; অত্যন্ত অবাধ্য। প্র–ছেলে কালাপাহাড়–কাকে যেন বলা হচ্ছে। ৪ স্বনামপ্রসিদ্ধ হিন্দুদেবদ্বেষী মুসলমান ; ১৫৬০ হতে ১৫৮০ খ্রীঃ অব্দ পর্য্যন্ত পূর্ব্বে আসাম, পশ্চিমে কাশী ও দক্ষিণে উড়িষ্যার মধ্যে যাবতীয় বিখ্যাত দেবমূর্ত্তি ও মন্দির কালাপাহাড়-কর্ত্তৃক বিনষ্ট হয়। নিষ্ঠুরতা ও ভীষণ অত্যাচার হেতু ইনি কালাপাহাড় নামে প্রসিদ্ধ হন। ৫ লোদী-বংশীয় সম্রাট্ সিকন্দর লোদীর প্রতিদ্বন্দ্বী ও বুলোল লোদীর ভাগিনেয়।

~পাহাড়ি-বি, কালাপাহাড়ের মত আচরণ ; ধ্বংসলীলা। "পিতামহের কীর্ত্তির প্রতি কালাপাহাড়ি করা।"–রবীং।

কালাবৎ-বি, কলাবৎ দ্রঃ।

কালাবতুন-বি, কলাবতু দ্রঃ।

কালাম [আং] বি, বাক্য। ২ কোরাণের বাণী ; হুকুম। ৩ কথাবাক্য। "এসব কালাম অত্যন্ত ভক্তির সহিতই মুখে আনিতে হয়।"

~উল্লা-বি, কোরাণ।

কালামুখ, -মুখো [গ্রাং–কালামুকো। প্রাদেং–কালাকুআ। তুল–হিং কালামুঁহ্–কালমুঁহা। কালা (বদনাম বা কলঙ্কের কালী মাথা) মুখ, মুখো (মুখ–উআ=ও (বির্থেং) তুল–পোড়ামুখ। ধিক্কারে] বিণ, নিন্দা বা বদনামরূপ কলঙ্কলিপ্ত মুখ। প্র–কালামুখ দেখাবে কোথায় কালামুখ নিয়ে যাবার কি তার স্থান আছে ইং। ২ নির্লজ্জ ; বেহায়া। "আমারে মিলিল পতি কালা কাং।" –ভারতং। স্ত্রীং ~ী।

কালায়স [কাল (ঢালাই করা) যে আয়স (লৌহ) + অ (স্বার্থে)] বি, ঘনকৃষ্ণ ঢালাই করা লৌহবিঃ ; কাস্তি-লোহা।

কালাশুদ্ধি [কাল (কালের) + অশুদ্ধি

-৬ তৎ] বি, অকাল ; ব্রতনিয়মাদি কর্ম্মের যোগ্য কাল না থাকা ; অশুদ্ধ যোগ; যে কালে অনুষ্ঠান করিলে কর্ম্মশুদ্ধি হয় না।

কালাশৌচ [কাল (কালব্যাপী)+অশৌচ (অপবিত্রতা) ধা] বি,পিতা ও মাতার মৃত্যুতে অর্থাৎ মহাগুরু নিপাত হইলে বর্ষব্যাপী অশৌচ।

কালি$_{১}$ [কালী দ্রঃ। কাল (কৃষ্ণবর্ণ)+ই (স্বার্থে)[বি, কয়লাবর্ণ ; কৃষ্ণবর্ণ ; কাল রং। ২ মসী ; কজ্জল বা ভুষা-মিশ্রিত জল ; বা লিখিবার জন্য রঙ্গ-মিশ্রিত জল হ'তে লিখন-সাধন যে কোন বর্ণের তরল পদার্থ। প্র-লালকালি, নীলকালি, কালকালি। "কালি কলম মন, লিখে তিন জন।"-প্রবাদ। ৩ মলিনতা ; মালিন্য। "দূরে যাবে মনের কালি ছোঁবেনা কাল শমন॥"-বাং গান। ৪ দগ্ধাঙ্গার ; কয়লা ; পোড়া কাষ্ঠ। স্ত্রীং কালিনী (দ্রঃ)। "বড় জ্বালায় জ্বলছি যে মা যেতে দে জয় কালী বলে। কাঁদতে ভাল পাঠাইয়েছিলি, কেঁদে কালী হলাম কালি॥" -অতুল মিত্র। হাড় কালি হঁওয়া-অত্যন্ত দুঃখের জ্বালায় জ্বলিয়া অঙ্গারবৎ হওয়া ; জ্বালাতন হওয়া।

কালি$_{২}$ [সং-কল্য। চ০ কং ভা০ ও পূ০ বঙ্গে-কাইল, ওড়ি০,আসা০-কালি; হি০-কল (ক আকারান্ত উচ্চারণ)। প্রাদে০ 'কালিকে' (দ্রুত) 'কাল্কে' 'কালুকা' "কালু বা বিহানে" (=গতকল্য প্রভাতে)-মৈ০গী০] বি, পরদিবস ; আগামী দিবস। ২ গত দিবস ; পূর্ব্বদিন। "কালি বলে কালা গেল মধুপুরে।"-চণ্ডী০। আজিকালি করা-আজি প্রতিশ্রুতি ভঙ্গ করিয়া কাল করিব বা হইবে বলিয়া পুনরায় প্রতিশ্রুতি দান করা ; ক্রমাগত ভাঁড়ান।

কালি$_{৩}$, -লী [প্রা০ বাং। সং-কাহল, -লা ; হি০-কাহল, কাহলী, ওড়ি০-কাহালি, পিতলের শিঙ্গাবিঃ ; আসা০-কালি। তুল-ইং-clarion] বি, শুষির যন্ত্রবিঃ ; রণশিঙ্গা। "জোড়া শিঙ্গা বাজে কালি।"-শূ০ পূ০। ২ [হি০-কাহলী] বৃহৎ ঢক্কা ; জয়ঢাক।

কালি$_{৪}$ [বৌ০ বাং প্রাকৃ০-আলি দ্রঃ] বি, ব্যঞ্জনবর্ণ।

কালি$_{৫}$, -লী [সং-কল্ (গণনা করা) >] বি, সঙ্কলন ; একত্রীকরণ ; বর্গ ও ঘন করণ; দৈর্ঘ্য ও প্রস্থের গুণন; মাপ; পরিমিত। সারা দ্রঃ ; পরিমাণ-হিসাব (এই অর্থে প্রাদে০ 'কালিক'। "সাড়ে বাইশ দোরণ জমী কালিকের হইল, কালিক করিল।" -মৈ০ গী০)। কাঠাকালি-কাটা পরিমাণ দ্বারা ক্ষেত্রফল ; ঐরূপ, বিঘা কালি। ক্রি, কালি কঁরা-ক্ষেত্রফল কষিয়া বাহির করা। কিলিকঁপঁট [মৈমন০ প্রাদে০] জমির ক্ষেত্রফল কষা বা কালিকরণ calculation of area, কালির কাঠ [পাবনা, প্রাদে০] সীমা-নির্দ্দেশক খুঁটি (তুল-খুঁটি গাড়ি)।

কালিক [কাল (সময়) কৃষ্ণবর্ণ+ইক (ভবার্থে)] বিণ, কালে উৎপন্ন ; কাল-সংক্রান্ত ; সাময়িক; কালীন। ২ সময়োচিত [সং-তে-কৃষ্ণচন্দন ও (২) ক্রৌঞ্চ বক অর্থে প্রয়োগ আছে]।

কালিকা [কালপত্নী। কালী দ্রঃ] বি, চণ্ডিকার রূপ-ভেদ [সং-তে-কলঙ্ক ; কৃষ্ণবর্ণ ; কুয়াসা ; মেঘালো ; কাকী ; শৃগালী ; মসী ই০ অর্থে ব্যবহৃত] ২ [বাং প্রাদে০ ব্যবহারে] টাকার কিস্তিবন্দী। ৩ [প্রাদে০-উচ্চারণ-ভেদে] কল্য ; কাল্‌কে। ~পুরাণ-বি, কালিকাদেবীর মাহাত্ম্যাদি-প্রতিপাদক শাস্ত্রবিঃ ; ইহা অষ্টাদশ উপ-পুরাণের অন্যতম। ~শ্রম-বি, বিপাশানদীর তীরে স্থিত কালিকা-দেবীর মন্দির ও তীর্থ। ~মুখ-বি, সুমালী রাক্ষসের পুত্র ; রাবণের মাতুল।

কালিকে, কাল্কে-কালি$_{২}$ দ্রঃ।

কালিঙ্গ [কলিঙ্গ (দেশ)+অ (ভবার্থে)] বি, কলিঙ্গাধিপতি ; কলিঙ্গবাসী। ২ [কলিঙ্গ (কলিঙ্গ দেশের রাজা)+অ (অপত্যার্থে)] বি, কলিঙ্গ রাজপুত্র। ৩ বিণ, কলিঙ্গদেশীয় ; কলিঙ্গে উৎপন্ন বা জাত।

কালিচা, কালচে [হি০-কালিসা, -সী (কৃষ্ণবৎ) প্রায় কাল। কালশিরা দ্রঃ] বি, ঈষৎ কৃষ্ণ ; কাল আভাযুক্ত। ২ কালশিরা। কালচেমারা বা কালচে মেরে যাওয়া-কালশিরা পড়া।

কালিজুলি, কালিঝুলি [কালী (মসী) ঝুলি (ঝুল) কালীর সহচর শব্দ] বি, মসী ও ঝুল। "কালিজুলি মেখে ? সে যে বিশ্রী দেখাবে।"-অ০ বসু।

কালিঞ্চ, -ঞ্চে [ময়লা ধরিয়া কাল-ছাউনি বা চালি প্রাদে০] বি, পুরাতন ও জীর্ণ চালা।

কালিঞ্জর-বি, বুন্দেলখণ্ডস্থ পাহাড় ও তত্রস্থ নগরবিঃ। কালঞ্জর দ্রঃ।

কালিদঁহ [কালি (কালিয় নাগের) দহ (গর্ত্ত) দহ দ্রঃ] বি, যমুনার গর্ভস্থ গর্ত্ত যথায় কৃষ্ণকর্ত্তৃক দমিত কালিয় নাগ বাস করিত।

কালিদাস [কালী (দুর্গা-তাঁর) দাস (সেবক)-দাস শব্দ পরে থাকায় ঈ=ই] বি, স্বনামধন্য রাজা বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন ; জগদ্বিখ্যাত কবি ; রঘুবংশ, শকুন্তলা ই০ সংস্কৃত কাব্য-নাটকাদির রচয়িতা।

কালিনী [কালি (শোক দুঃখে কৃষ্ণবর্ণ) +নী (যুক্তা-অর্থে)-শোকে কালীবর্ণা] বিণ, অতি দুঃখিনী। "মা বাপে ডাকিয়া বল ব্যাটা কেটে দে। কা০ মায়ের প্রাণে ইহা সহে কি।"-ঘ০। ২ [শ্রী০ কী০ সম্পাদক ব০ বিদ্বদ্বল্লভ মহাশয়ের টীকাধৃত] কন্যকা-জাত, বে-জন্মা। "পাছে না ডাক দিল কা০ মাএ।"-শ্রী০ কী০। ৩ কালিন্দী ; যমুনা। "কে বাঁশী বাএ কা০ নই কূলে।"-শ্রী০ কী০। ৪ কৃষ্ণবক্ষ। "কা০ রাতি মোঁ প্রদীপ জালিআঁ পোহাওঁ।"-শ্রী০ কী০।

কালিন্দর [কালিন্দী দ্রঃ] বিণ, কৃষ্ণ-বর্ণ। "কা০ হৈছে অঙ্গ খাইয়াছে কাল নাগে।"-মনসা ম০ (নারায়ণ দেব ১৩শ শতাব্দী)।

কালিন্দী [কলিন্দ (পর্ব্বতবিঃ)+অ (জাতার্থে)=কালিন্দ, ঈ (স্ত্রীং) কলিন্দ পর্ব্বত হতে উদ্ভূতা বলিয়া] বি, যমুনা নদী। "কা০ কূল-বিলাসী।"-গোবিন্দ০। ২ কৃষ্ণের পত্নী। ৩ জনৈক অসুরকন্যা। ৪ অযোধ্যারাজ অসিতের পত্নী ও সগরের জননী। ৫ উৎকলের বৈষ্ণবসম্প্রদায়বিঃ। ৬ [সঙ্গীতে] রাগিণীবিঃ। ৭ [বৈদ্যকে] লাল তেউড়ী। ৮ [বিদ্রূপে] কৃষ্ণবর্ণা স্ত্রী। কালী দ্রঃ।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্যঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ইঁ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্‌হু ম্‌হু ল্‌হ্‌ ক্ষ্ ক্ষ্য, জ্‌ ক্‌ ব্‌ ঝ্=z(wv ও চ্চা০ দ্রঃ

~কর্ষণ [কালিন্দী (যমুনা) কর্ষণ (আকর্ষণ) যিনি লাঙ্গল দ্বারা কালিন্দীর গতিরোধ করিয়া বৃন্দাবনে টানিয়া আনিয়াছিলেন] বি, বলরাম। ~ভেদন [কালিন্দী (যমুনা নদী) ভেদন (ভেদকারী) ৬তৎ] হলদ্বারা মাটি ভেদ করিয়া কালিন্দীকে বৃন্দাবনে টানিয়া আনিয়াছিলেন বলিয়া] বি, বলরাম। ~সোদর [কালিন্দীর (যমুনার) সোদর (সহোদর) ৬তৎ] বি, যমুনা-ভ্রাতা ; যম।

কালিমময় [মৃং-কালিমন্ + ময় (ট্ যুক্তার্থে] বিণ, কৃষ্ণবর্ণযুক্ত ; কালী মাড়া। ২ মলিন। ৩ কলঙ্কিত। স্ত্রীং-ী।

কালিমা [কাল+ইমন্ (ভাং) মৃং-কালিমন্ ১মা ১বং] বি, মলিনতা। ২ কলঙ্ক। "শ্রদ্ধার কিরণে সে কাং ঘুচাইতে হইবে।"-ভারতী, ১৩১৯। ~ময় [অশুদ্ধ কিন্তু বাং চং। > স্ত্রীং ~ময়ী] কালিমময় দ্রঃ।

কালিয় [কাল (কৃষ্ণবর্ণ) +ইয় (জ্ঞাং)] বি, পুরাণ-প্রসিদ্ধ নাগবিঃ। এই মহাবল সর্প যমুনানদীর গর্ভস্থ গভীর গর্ত্তে বাস করিত। কৃষ্ণ এই নাগকে দমন করায় কালিয়দমন নামে প্রসিদ্ধ হ'ন। ২ বিণ, কালিময় ; কৃষ্ণবর্ণ। "লুকাইয়া দশমূর্ত্তি সতী হৈলা সতী। গৌরবর্ণ ছাড়ি হৈলা কাং মূরতি॥"-অং মং। (পাঠান্তরে কালীর)। ~দমন [কালিয়-দম্ (দমন করা)+অন (র্ত্তৃ-জ্ঞাং)। কালিয়ের দমন (পরাজয়) যৎকর্ত্তৃক-বহুং] বি, শ্রীকৃষ্ণ। ২ [ভাং অন (৬ তৎ)] কালিয়নাগের পরাজয়, এবং তৎসম্বন্ধীয় অভিনয় সঙ্গীতাদি ; কালিয়দমন-ঘটিত কৃষ্ণযাত্রা ; কৃষ্ণযাত্রা।

কালিয়া১ [কাল৫ দ্রঃ] বি, শ্রীকৃষ্ণ ; কালা। "অখিলের নাথ তুমি হে! কাং যোগীর আরাধ্য ধন॥"-চণ্ডীং। উচ্চারণ-বিকারে 'কালিয়ে'। "ওগো চিনেছি চিনেছি চরণ দেখে ঐ বটে সেই কালিয়ে।" -হরুঠাকুর। ২ [আং-কলিআ (ভর্জ্জিত মাংস)] বি, মাছ বা মাংসের ডালনা। কারী দ্রঃ। প্র-মাছের কালিয়া ; মাংসের কালিয়া; সহচরশব্দ-কালিয়া-পোলাও ; কালিয়া কোপ্তা ; কালিয়া-কাবাব।

কালিয়া২ [কাল (সময়)+ইয়া > (ক্ষেং) > কাল্যা > কেলে] বিণ, কাল-সম্বন্ধীয় ; সাময়িক ; কালীন। গ্রাং-উচ্চারণ-বিকারে 'কেলে'। প্র-আদ্যিকেলে। কেলে দ্রঃ। বাপ-কালিয়া [গ্রাং বাবাকেলে] বিণ, বাবার কালের ; বাপের আমলের ; বাপের দ্বারা নিযুক্ত বা রক্ষিত বা কৃত। "বাপ কাং পণ্ডিতক জাহির করিনু।" -মাণিকং গান।

কালী১ [কাল (রুদ্র-শিব-সংহারক)-ঈ, স্ত্রীং-সংহারকর্ত্রী (ততঃ কোপং চকারোচ্চৈরম্বিকা তানরীন্ প্রতি। কোপেন চাস্যা বদনং মসীবর্ণমভূত্তদা॥ ভ্রূকুটীকুটিলাত্তস্যা ললাটফলকাদ্দ্রুতং। কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিধারিণী॥"-মার্কণ্ডেয় পুং)] বি, অম্বিকার ললাট হতে উৎপন্না কৃষ্ণবর্ণা দেবী ; কালিকা। ২ শিবের স্ত্রী সতী দক্ষযজ্ঞে গমন-কালে কালী হইয়াছিলেন ; দশমহাবিদ্যার প্রথম বিদ্যা। "কালের কামিনী কাং করুণাসাগরা গো।"-ভারতং। তন্ত্রে-উগ্রকালী ; গুহ্যকালী ; চামুণ্ডাকালী ; দক্ষিণাকালী ; ভদ্রকালী ; মহাকালী ; শ্মশানকালী ও সিদ্ধকালী এই অষ্টবিধ কালী-মূর্ত্তির পূজাবিধি আছে। এতদ্ব্যতীত জয়কালী, মনস্কামনা কালী ইং বহু কালীমূর্ত্তি কল্পিত হইয়াছে। কালীতনয় [দেবীর প্রিয় বলিয়া তনয়] বি, মহিষ। কালীতলা-কালীদেবীর পূজাস্থল বা স্থান ; কালিকাক্ষেত্র। তুল-ষষ্ঠীতলা। আন্নাকালী ["আর না কালী" ক্ষেং] উপর্য্যুপরি কন্যা সন্তান হইলে কালীর কাছে কন্যা আর না হয় এরূপ মানত করিয়া নবজাত কন্যার এই নাম রাখা হয়। ডাকাতে কালী-ডাকাতের দল যে কালীমূর্ত্তির পূজা করিয়া ডাকাতি করিতে যায়। রক্ষাকালী-মহামারী নিবারণার্থ গ্রামের অধিবাসিগণ মিলিত হইয়া যে কালীমূর্ত্তি স্থাপনা করিয়া পূজা করে।

কালী২-বি, কালীয় সর্প, "একশত ফণাশালী দারুময় দেখি কাং।"-কবিকং।

কালী৩ [কাল (কৃষ্ণবর্ণ) ঈ (স্ত্রীং)] বি, কৃষ্ণবর্ণা স্ত্রী। (বিদ্রূপে 'কালিন্দী')। "তাহে সতিনের জ্বালা, কত বা সহিবে বালা, পরিতাপে হয়ে গেনু কাং।"-কবিকং। ২ কৃষ্ণবর্ণ ; কাল রং। ৩ মসী ; লিখনের উপাদানবিঃ ; কালি দ্রঃ। ৪ অপযশ ; কলঙ্ক ; নিন্দা। ৫ অন্ধকার ; কৃষ্ণপক্ষীয়া রাত্রি। ৬ মলিনতা ; মালিন্য। "সে কালীতে ও ভোলামন, ঘুচবে মনের কাং।" -দুর্গাদাস লাহিড়ী। ৭ ৭টী অগ্নিজিহ্বার একটী। ৮ নবমেঘমালা। ৯ কালীয়নাগ। "এক শত ফণাশালী, দারুমুখ দেখি কাং মাথে আরোহিল মালাধর।" -কবিকং। ১০ মৎস্যগন্ধা। ১১ বিণ, বিবর্ণ ; ম্লান। ~মাখা-কলঙ্কিত হওয়া। ২ [লক্ষং] অকৃতকার্য্য হওয়া। ৩ অপ্রশংসিত কার্য্য করা। "আ মরি কি ছবি এঁকেছ। তুলিতে ললিতে মরি, শুধু কাং মেখেছ।" -সাহিত্য ১৩২১। ~মাখানি-কলঙ্কিত করা। কুলে কালী দেওয়া-অপকর্ম্মদ্বারা বংশ কলঙ্কিত করা। চূণ-কালী, কালীচূর্ণ-কলঙ্ক ; ধিক্কার। মুখে চূণকালী দেওয়া-সম্মুখে ধিক্কার দেওয়া ; লজ্জা দেওয়া। "বেহায়া বেল্লিক তোর মুখে কালীচুণ।"-কস্তুরীং।

কালীচা [ফাং-কলীচা] বি, ছোট কারপেট।

কালীঝাঁপ [প্রাদেং] বি, কাল তারের মত শিরাযুক্ত পর্ণাঙ্গ (fern) বিঃ।

কালীন১ [কাল+ঈন (ভবার্থে)] বিণ, কালোৎপন্ন ; সাময়িক ; যা কালে সম্ভাবিত হয়। এই শব্দ অন্য শব্দের সহযোগে প্রযুক্ত হয়। প্র-তৎকালীন ; সায়ংকালীন উপাসনা।

কালীন২ [ফা-কালীন] বি, তুর্কী কারপেট ; উলের কারপেট।

কালীময়-বি, কালীমাখান বা মাখা। মসীবৎ। ২ বিণ, মলিন ; কলঙ্কিত।

কালীয় [কাল (কৃষ্ণবর্ণ) + ঈয়(ভবার্থে)] বি, কালিয়নাগ (ভাগবতে)। ২ কৃষ্ণাগৌর ; পীতচন্দন। ৩ [কাল=সময়] বিণ, কালসম্বন্ধীয় ; কালীন ; সাময়িক। উচ্চারণ-বিকারে 'কেলে' (দ্রঃ)। ~ক [কাল (কৃষ্ণবর্ণ) + ঈয় (ভবার্থে)+ক (জ্ঞাং)] বি, কুঙ্কুম। ২ দারু-হরিদ্রা। ৩ শৈলজ।
~দমন-বি, কালীয়নামক নাগের দমন বা

শাসন। ২ কৃষ্ণ (যিনি দমন করিয়াছিলেন)। ~হর্ [কালীয়+হর (হরণকারী-বহনকারী) যিনি কালীয় কঠোর হস্তে গ্রহণ করিয়াছিলেন। (২) কালীয় যাঁকে বহন অর্থাৎ মস্তকে ধারণ করিয়াছিল] বি, কৃষ্ণ।

কালুআ, -য়া [ওড়ি০-কালুআ, সং-কল্ল >] বিণ, বধির ; কালা। ২ [উচ্চারণ-ভেদে 'কেলুয়া'। মুখে কালী মাখিয়া সঙ্ সাজে বলিয়া] বি, সঙ্। **কালুয়া ভুলুয়া** -যারা মুখে চূণকালি মাখিয়া ভূত সাজে ; সঙ্।

কালুষ, কালুষ্য [কলুষ+য (ভা০)] বি, আবিলতা ; কলুষতা।

কালে [কাল দ্রঃ] ক্রি-বিণ, সময়ে। ২ যুগে। প্র-কলিকালে। ৩ ভবিষ্যতে : উত্তরকালে। প্র-ছেলেটি কালে মানুষের মত হইবে। **কালে-কালে**-কালক্রমে ; কাল-পরিবর্ত্তনে। **কালে-ভদ্রে** [কালে (সময়ে -দিনক্ষণে, সুযোগক্রমে) এবং ভদ্রে (ভদ্র-কালে বা শুভমুহূর্ত্তে) অশুভযোগাদিরূপ বিঘ্ন অনুপস্থিতিকালে। তুল-অভদ্র বা অভদ্রা পড়া] কদাচিৎ ; বিশেষ কোন উপলক্ষে ; কখন কখন। "সমবয়স্কদের অনুরোধে দুই একবার সে পচাই পান করিয়াছিল বটে, কিন্তু সে কালে-ভদ্রে।"-বা০ বসুমতী ১৩১৪।

কালেক্টর [ইং- Collector] . বি, জেলার রাজস্ব-আদায়ের প্রধান কর্ম্মচারী। **ডেপুটী কালেক্টর** [Deputy-Collector] কালেক্টরের অধীনে রাজস্ব-আদায়ের কর্ম্মচারী।

কালেক্টরী [ইং-Collectorate] বি, কালেক্টরের কাছারী বা দপ্তর। ২ [ইং-Collector + বাং-ঈ-বৃত্তি অর্থে] বি, কালেক্টরের কর্ম্ম বা বৃত্তি ; কালেক্টরের পদ।

কালেজ [ইং-College] বি, কলেজ দ্রঃ।

কালেয় [সং] বি, কালখণ্ড ; যকৃৎ। ২ কৃষ্ণচন্দন ; (মতান্তরে) পীতচন্দন। ৩ [অপত্যার্থে-এয়] দৈত্যবিঃ। ৪ বিণ, কাল-সম্বন্ধীয় ; কলিকালসম্বন্ধীয়।

কালেশ [কালের ঈশ-৬ তৎ] বি, মহাকাল ; শিব। ২ কালনিয়ামক সূর্য্য।

কালোচিত [কাল+উচিত] বিণ, সময়ের উপযোগী।

কালোদক-বি, ভারতপ্রসিদ্ধ তীর্থবিঃ

কালোয়াৎ [সং-কলাবৎ] বি, ৬৪ কলা, বিতঃ গীতবাদ্যাদি বিদ্যায় বিশেষ পারদর্শী ; ওস্তাদ। ২ ধ্রুপদ খেয়ালাদি উচ্চাঙ্গের সঙ্গীতজ্ঞ। "নটী কা০ গান গায় নানা রঙ্গে।"-ভারত০। বিণ, **কালোয়াতী**-ওস্তাদী। কলাবতী দ্রঃ।

কাল্পনিক [কল্পনা+ইক (কৃতার্থে)] বিণ, কল্পনাপ্রসূত ; অবাস্তব ; আরোপিত ; অমূলক ; মিথ্যা।

কাল্য [কাল (সময়)+য (ভবার্থে)] বিণ, সাময়িক ; কালিক। ২ প্রত্যুষ। স্ত্রীং ~া-গর্ভগ্রহণযোগ্যা গাভী।

কাশ১ [কাশ্ (প্রকাশ পাওয়া, দীপ্তি পাওয়া)+অ (র্ক্ত্)] যে শুভ্র পুষ্প দ্বারা প্রকাশ পায়] বি, কাশতৃণ saccharum spontaneum. বড় জাতীয় কাশ (দীর্ঘ ও স্থূলপর্ব্ব) তৃণকে **কঁশাড়, কঁশার, কাশাড়** বলে। গ্রা০-কেশে। ২ [উপসর্গ বা শব্দান্তর যোগে] গতি ; প্রকাশ। ৩ বিণ, প্রকাশমান।

কাশ২ [সং] বি, কাশরোগ ; কাশি দ্রঃ। ইং-cough. **ক্ষয় বা যক্ষ্মা কাশ**-ফুসফুসের ক্ষয় রোগ-consumption. **রাজযক্ষ্মা কাশ**-দ্রুতক্ষয়কারী যক্ষ্মা phthisis.

কাশন্দি, কাসুন্দি [হিং-কাসৌদী-কাশমৃদি ; সং-কাশমর্দ্দ] বি, আম্রের আচার-ভেদ। "কাশন্দি আচার।" -চৈ০ চ০। **পুরাণো কাসুন্দি বাহির করা** [পুরাতন, সুতরাং বর্ষায় ছাতাপড়া পচা দুর্গন্ধময়] বি, বহুকালের পুরাতন অরুচি-কর প্রসঙ্গ করা ; ঘৃণ্য বিষয়ের অবতারণা করা।

কাশমর্দ্দ-বি, কাশন্দি (দ্রঃ)। ২ কালকাশন্দা গাছ cassia sophora Lin.

কাশা [কাশ দ্রঃ। উ০-পু০-কাশি। ম০-পু০ -কাশ ; কাশুন্ ; কাশ্। প্র০-পু০-কাশে। অস্-ক্রি, কাশিতে ; কাশিয়া, কেশে। পিজন্ত -কাশান্ ; উ০পু০-কাশাই। ম০পু০-কাশাও ; কাশান্ ; কাশা। প্র০-পু০-কাশায়। অস-ক্রি, কাশাইতে ; কাশাইয়া, কাশিয়ে] ক্রি, শ্লেষ্মাধিকারে নিঃশ্বাস-ত্যাগে বাধা হেতু বা শ্লেষ্মা বহির্গমনের বেগজনিত গলশব্দ করা ; কণ্ঠ হতে শ্লেষ্মা তুলিবার জন্য বেগ দেওয়া ; কাশির শব্দ করা। ২ কণ্ঠ হতে খক্‌খক্ শব্দ করা। **ঝেড়ে কাশা** [গ্রা০] সমস্ত খুলে বলা ; কিছু গোপন না করিয়া উদ্দেশ্য ব্যক্ত করা।

কাশাল্মলী-বি, কুশিমুল ; কূটশাল্মলী Bombax heptaphyllum, a species of silk-cotton tree.

কাশি,-সি [কাশ দ্রঃ। শব্দাত্মক। তুল-গলা খুশ্‌খুশ্ করা] কাশরোগ ; শ্লেষ্মা বহির্গমন বেগে কণ্ঠ-শব্দ cough. **কাঠ-কাশি**-শ্লেষ্মা উঠে না অথচ তুলিবার বেগ। **ঘুংরি বা ঘুংড়ি-কাশি**-ঘং ঘং শব্দে কাশি croup. **~করা, ~হওয়া**-কাশ রোগে আক্রান্ত হওয়া। **হাঁপানি কাশি**-হাঁপ-জনিত কাশি, শ্বাসরোধজনিত কাশি asthma. **হুপোকাশি**-কাশিতে হুপ্ হুপ্ শব্দ হয় whooping cough. **সর্দ্দি কাশি**-শ্লেষ্মা এবং তজ্জনিত কাশি। ক্রি, কাশা।

কাশিকা-বি, কাশি দ্রঃ।

কাশিরাজ, কাশীরাজ [কাশির রাজা (শাসন-কর্ত্তা) ৬ তৎ-রাজা=রাজ] বি, রাজা দিবোদাস। ২ ধন্বন্তরি [বর্ত্তমান কাশিরাজগণ 'কাশীনরেশ' নামে প্রসিদ্ধ]।

কাশী [কাশ্ (দীপ্তি পাওয়া)+অ (র্ক্ত্) ঈ (স্ত্রীং), যে মাহাত্ম্য ও পবিত্রতাদি গুণ দ্বারা দীপ্তি পায়] বি, বারাণসী। চীনপর্য্যটক য়ুয়ানচোয়াং-প্রদত্ত নাম "পো-লো-নি-সি।" হিন্দুর প্রাচীনতম মহাতীর্থ ; বেদ-বেদাঙ্গ-চর্চ্চার পীঠস্থান। **~করা**-বারাণসী-তীর্থে গিয়া কৃত্য সম্পাদন করা ; কাশীতীর্থ দর্শন করা। **~ধাম**-কাশী নগরী ; বারাণসী তীর্থ। **~প্রাপ্তি, ~বাস**-স্বর্গবাস ; সৎসঙ্গে বাস। প্র-সৎসঙ্গে কাশীবাস। ২ বারাণসীতীর্থে বাস। **~লাভ**-কাশীতে মৃত্যু ; (তা হতে) পরলোকপ্রাপ্তি ; স্বর্গলাভ। **~য়াল**-কেশেল দ্রঃ।

কাশীনাথ [কাশীর (বারাণসীর) নাথ (প্রভু) ৬তৎ] বি, বিশ্বনাথ ; শিব। ২ কাশীরাজ।

কাশীমূলা [গ্রা°—কাশীমোল্লা] বি, জিওলগাছ।

কাশীশ [কাশীর-ঈশ (প্রভু) ৬তৎ] বি, শিব। ২ রাজা দিবোদাস। ৩ [সং-কাসীস green sulphate of iron] হীরাকস ; তুঁতে।

কাশীশ্বর [কাশী+ঈশ্বর] বি, শিব। ২ কাশীনরেশ।

কাশ্মীর১ [কাশ্ (দীপ্তি পাওয়া)+মীর (জ্ঞা°)] বি, পদ্মের মূল। ২ কুঙ্কুম ; জাফরান। ৩ টঙ্ক ; সোহাগা। স্ত্রীং ~রী-গাম্ভারী। ২ কাশ্মীরী ; অতিবিষা। ৩ কপিলদ্রাক্ষা।

কাশ্মীর২-বি, ভারতের উত্তরস্থিত প্রসিদ্ধ দেশ ; নৈসর্গিক সৌন্দর্য্যশালী এবং স্বাস্থ্যপ্রদ বলিয়া ইহার নামান্তর 'ভূস্বর্গ'। বিণ, ~রী-কাশ্মীর দেশোৎপন্ন। কাশ্মীরী শাল। ২ কাশ্মীরের অধিবাসী।

কাশ্মীর৩, ~রা-বি, কাশ্মীরজাত শীতবস্ত্রবিঃ।

কাশ্মীরজ, কাশ্মীরজন্ম-বি, কুঙ্কুম ; জাফ্‌রান।

কাশ্য [কশা (কশায়)+য (বিকারার্থে) ক=কা] বি, কশায়জাত মদিরা।

কাশ্য/প [কশ্যপ (মুনি)+অ (অপত্যার্থে)] বি, কশ্যপমুনির সন্তান ; কশ্যপ-মুনিবংশীয়। ২ গোত্রবিঃ কাশ্যপগোত্র। ৩ [সং-তে] কণাদমুনি। ৪ মৃগবিঃ। ৫ অরুণ। ৬ মাংস। বাং-য় অপ্রসিদ্ধ। ~পি [কশ্যপ +ই (অপত্যার্থে)] বি, কশ্যপ-তনয়। ২ অরুণ ; সূর্য্যের সারথি। ৩ গরুড়। ৪ [পরশুরাম একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়া গুরু কশ্যপকে পৃথিবী দান করিয়াছিলেন বলিয়া] পৃথিবী ; ধরণী। ~পেয় [কশ্যপ (মুনি)+এয় (অপত্যার্থে)] বি, কশ্যপমুনি-পুত্র। ২ সূর্য্য। ৩ গরুড়। ৪ জটায়ু।

কাষ [কষ (কর্ষণ করা)+অ (ণে-জ্ঞা°) যদ্দ্বারা সুবর্ণ কর্ষণ (পরীক্ষা) করা হয়] বি, কষ্টি পাথর।

কাষায় [কষায়+অ (সম্বন্ধার্থে)] বিণ, কষায়-রঞ্জিত ; খয়ের বর্ণ বা অনুজ্জ্বল রক্তবর্ণ দ্বারা রঞ্জিত। প্র-কাষায় বস্ত্র।

কাষ্ঠ [কাশ্ (দীপ্তি পাওয়া)+থ (ণে-জ্ঞা°) ; শ্=ষ্, থ=ঠ। যদ্দ্বারা অগ্নি দীপ্ত হয়] বি, কাঠ ; আগুন জ্বালানি। ~ক [কাষ্ঠ+ক (জ্ঞা°)] বিণ, কাষ্ঠযুক্ত ; কাষ্ঠ-বিশিষ্ট। ২ বি, অগুরু নামক সুগন্ধি কাষ্ঠবিঃ।

কাষ্ঠকীট [কাষ্ঠের কীট (পোকা) ৬তৎ] বি, কাষ্ঠছেদনকারী কীট ; ঘুণ।

কাষ্ঠকুট্ট [কাষ্ঠের কুট্ট (ছেদক) ৬তৎ] বি, যে চঞ্চুদ্বারা কাষ্ঠ কুট্টন (ছেদন) করে ; কাঠ্‌ঠোকরা পক্ষী।

কাষ্ঠকুড্য [কাষ্ঠের কুড্য (ভিত্তি) ৬তৎ] কাষ্ঠনির্ম্মিত ভিত্তি।

কাষ্ঠকুদ্দাল [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত) যে কুদ্দাল (কোদাইলের মত বস্তু) ধা কিংবা ৬তৎ] বি, নৌকার জল ফেলিবার জন্য কাঠের পাত্র ; নৌকাদির জল-সেচনার্থ কাষ্ঠ-নির্ম্মিত পাত্র ; কেঠো।

কাষ্ঠতক্ষ, কাষ্ঠতক্ষক [কাষ্ঠ (কাঠ) তক্ষ্ (ছেদন করা)+অ (র্তৃ, অক, জ্ঞা°) যারা কাঠ চাঁচে] বি, কাষ্ঠ-শিল্পী ; সূত্রধর ; ছুতার।

কাষ্ঠতন্তু [কাষ্ঠে (কাঠেতে) তন্তু (তন্+তু, জ্ঞা°) ছিদ্রকারক] বি, কাষ্ঠ-ছেদনকারী কীট ; ঘুণ।

কাষ্ঠদারু [কাষ্ঠ (কাষ্ঠ-প্রচুর) যে দারু (বৃক্ষ)-ধা] বি, দেবদারুবৃক্ষ the tree pinus deodar ; uvaria congifolia.

কাষ্ঠপাদুকা-বি, খড়ম।

কাষ্ঠপুষ্প [কাষ্ঠ (তদ্বৎ) পুষ্প যার -বহু°] বি, কেতকী বৃক্ষ।

কাষ্ঠফলক [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত) যে ফলক-ধা] বি, কাষ্ঠময় ফলক ; বোর্ড (board) ; তক্তি।

কাষ্ঠবৎ-বিণ, কাষ্ঠের মত নীরস ও কঠিন।

কাষ্ঠভার-বি, কাঠের বোঝা।

কাষ্ঠময় [কাষ্ঠ+ময় (প্রস্তুতার্থে] বিণ, কাষ্ঠনির্ম্মিত ; কাষ্ঠ দ্বারা প্রস্তুত। ২ [কাষ্ঠের মত রসহীন বলিয়া] নির্দ্দয় ; নির্ম্মম।

কাষ্ঠমঞ্চ-বি, কাষ্ঠের মঞ্চ বা মাচান। ২ কাঠের বেদী। ৩ কাষ্ঠাসন।

কাষ্ঠমঠী-বি, চিতা।

কাষ্ঠ/মল্ল [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত) যে মল্ল (আসনবিঃ)-ধা কিংবা ৬তৎ] বি, শবাধার ; শবযান : যে গাড়ীতে বা খাটে তুলিয়া শব লইয়া যায় coffin. ~মল্লিকা-বি, স্বনাম-প্রসিদ্ধ পুষ্প ও গাছ ; কাঠমল্লিকে।

কাষ্ঠমার্জ্জা/র-বি, কাঠবিড়াল। স্ত্রীং ~রিকা-কাষ্ঠবিড়ালিকা নামক ঔষধবিঃ।

কাষ্ঠলেখক [কাষ্ঠে (কাষ্ঠের উপরে) লেখক-যে লিখে-অক্ষর খোদে-৬তৎ] বি, কাষ্ঠ-কীট ; ঘুণ। ২ যে কাঠে খুদিয়া লেখে।

কাষ্ঠলৌকতা, কাষ্টলৌকতা-বি, কাষ্ঠবৎ নীরস অর্থাৎ লোক-দেখান লৌকিকতা ; হৃদয়হীন ভদ্রতা ; মৌখিক শিষ্টাচার। কাষ্ঠহাসি দ্রঃ।

কাষ্ঠহাসি [কাষ্ঠ (কাষ্ঠের ন্যায় শুষ্ক, ভিতরে রসহীন, আন্তরিকতাশূন্য) হাসি] বি, যে হাসি আন্তরিক হর্ষাদিজনিত নহে ; কপট হাস্য ; বাহিরে লোকদেখান হাসি ; যে হাসি মুখের, প্রাণের নয়। "বুক ফাটে তো মুখ ফোটেনা, কেবল কা° হাসি॥"-বাং-গান।

কাষ্ঠা [কাষ্ঠ+আ (স্ত্রীং)] বি, পূর্ব্বাদি দিক্। ২ অষ্টাদশবার উপর্য্যুপরি চক্ষুর পলকপাতপরিমাণ সময় ; অষ্টাদশনিমেষাত্মক-কাল ; সূক্ষ্মকালপরিমাণ। ৩ সীমা।

কাষ্ঠাম্বুবাহিনী [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত যে অম্বুবাহিনী (জলসেচনী)-ধা] বি, জল-সেচনী ; দ্রোণী ; নৌকাদির জল ফেলিবার পাত্র।

কাষ্ঠাসন [কাষ্ঠ+আসন] বি, চেয়ার ; পিঁড়ে ; চোকি ই°।

কাষ্ঠিকা [কাষ্ঠ+ইক (অল্পার্থে আ (স্ত্রীং)] বি, কাঠের টুকরা ; কাষ্ঠশলাকা ; কাঠি।

কাষ্ঠিল-বি, শ্বেত আকন্দ। ~া [কু=ক (ক্ষুদ্র, অকিঞ্চিৎকর) অস্থি=অষ্ঠি (হাড়-কাণ্ড)

লা (পাওয়া)+আ (জ্ঞা০) অকিঞ্চিৎকর কাণ্ডযুক্ত অর্থাৎ যার কাণ্ড দ্বারা কোন বিশেষ কার্য্য হয় না] বি,কদলীবৃক্ষ; কলাগাছ।

কাস-কাশ দ্রঃ।

কাসর্কন্দ-বি, কাসালু; কোঙ্কণ দেশজাত আলু; থাম আলু an esculent-root ; a sort of yam.

কাসজিৎ [কাস (রোগ) জিৎ (জি-জয় করা+ক্বিপ্ র্ত্তৃ-ত্ আগম)। যে কাস রোগ পরাভব করিয়াছে; কাসনাশক] বি, ভার্গী; বামনহাটী clerodendron siphonanthus

কাসঁন, কাসিন্দি [পূ০ বঙ্গ প্রাদে-কৃষ্ণসর্ষপ পানক > কাসন্?] বি, রৌদ্রতপ্ত জলে গোলা সরিষার গুঁড়া, শাকাদির সহিত মাখিয়া খাওয়া যায় বা তেঁতুল বা আমের আচারে মাখা হয়। তুল-mustard,

কাসুন্দি, কাসিন্দি-বি, সরিষার গুঁড়া মাখা আমের আচার।

কাসনী [ফা০ > হিং০ >] বি, প্রায় দেড় হাত উচ্চ নীলবর্ণ পুষ্পদ গাছ, দেখিতে পালং শাকের মত। শাক য়ূরোপে খাদ্যস্বরূপ মূল পানীয়স্বরূপ ব্যবহার হয়।

কাসর্মর্দ্দ [কাস (রোগ) মর্দ্দ (নাশ করা)+অ (র্ত্তৃ-জ্ঞা০) যে কাস-রোগ বিনাশ করে] বি, কালকাসন্দার গাছ cassia. ২ কাসন্দি; সরিষাদিমিশ্রিত আমের আচার। ~ন-বি,কালকাসন্দা cassia sophra Lin.

কাসঁর [ক (জল) আ-সৃ (গমন করা)+অ (র্ত্তৃ-জ্ঞা০) যে সর্ব্বদা জলে গমন করিতে বা থাকিতে ভালবাসে] বি, মহিষ। ২ [কাংস্য > কাঁসর-উচ্চারণভেদে কাসর] কাংস্যনির্ম্মিত বাদ্যবিঃ; বড় কাঁসী। ৩ কাঁসরের আকারের কঠিন ও বৃহৎ প্লীহা।

কাসাভা [ইং-cassava] বি, মার্কিণ দেশজাত গুল্মবিঃ। ইহার মূলকাণ্ড হতে শ্বেতসার পাওয়া যায় ও তা'তে একপ্রকার ময়দা প্রস্তুত হয় Brazilian arrowroot or tapioca. পূ০-বঙ্গে-শিমুল আলু; মেদিনী-পুরে-শকরকন্দ।

কাসা/র [ক (জল) আ-সৃ (গমন করা) +অ (ধি, জ্ঞা০) জল যেখানে গমন করিয়া অবস্থান করে] বি, জলাশয়; জলাধার; সরোবর; পুষ্করিণী। ২ কৃসর দ্রঃ। পক্কান্নবিঃ। ~রি-বি, কাসমর্দ্দ।

কাসি-কাশি দ্রঃ।

কাসিদ [আ০-ক়াসিদ্] বি, পত্রবাহক, হরকরা; ডাকপীয়ন্।

কাসীস [সং] বি, হীরাকশ green sulphate of iron. ~সঁত্ত্ব [রাসা০ পরিঃ] বি, দাহজল; সৌরাষ্ট্রীসত্ত্ব; তুবরীসত্ত্ব sulphuric acid.

কাসু [সং-কস্য > ব্রজ০] স, কাহাকে। ২ কস্য; কার।

কাস্ত [কাস্তিয়া, কাস্তে দ্রঃ। প্রা০ বাং-রূপ] বি, শস্যকর্ত্তনী; দাত্র। "সত পল সুনার কাস্ত গঠিআ জুগাঅ।"-শূ০ পূঃ।

কাস্তকার,-গার [ফ়া০-কাশ্‌ৎকার্] বি, কৃষক; চাষা; যে চাষের জন্য জমিজমা লয়; জমিদার। ~দেহী-যে প্রজা জমিতে বাস করিয়া চাষ করে। ~পাহি-যে প্রজা জমা লইয়া জমিতে বাস করে না। ~মৌরুসী-মৌরুসী খাজনা করা জমির দখলকার প্রজা।

কাস্তগীর, খাস্তগিরি [ফ়া০] বি, জমীদারীসংক্রান্ত পদবীবিঃ।

কাস্তিয়া [সং-কর্ত্তরিকা। দ্রুতউচ্চারণে -কাস্তে। গ্রা০-কেস্তে] বি, শস্যকর্ত্তরী; ধান্যচ্ছেদক অস্ত্রবিঃ; দাত্রভেদ; দা।

কাস্তে [কাচি দ্রঃ] বি, শস্যকর্ত্তরী। ২ বাগানের কাঁচি।

কাহঁণ, কাহঁন [সং-কার্ষাপণ,-পা০ কাহাপণ > ক্ষে০] বি, ষোড়শ বা ষোল পণ; ১২৮০ গণ্ডা।

কাহিরি [প্রা০ বাং-] সং কাহার (চ০১০।৪)।

কাহল [সং] বি, বৃহৎ ঢোল; ঢাক। ২ অব্যক্ত শব্দ; কোলাহল। ৩ কুক্কুট। ৪ বিড়াল। ৫ বিণ, অতিশয়। ৬ খল। ৭ শুষ্ক। স্ত্রীং ~া-শর বা তৃণ দ্বারা বাজাইবার বাদ্যযন্ত্রবিঃ। ২ বরুণের স্ত্রী। ৩ অপ্সরোবিঃ। ৪ বাদ্যভাণ্ডবিঃ। ৫ কাহলা পুষ্প; ~ী-অপ্সরোবিঃ। ২ যুবতী।

কাহা [পদ্যে। 'কাহাকে' ক্ষে০। প্রাদে০ গ্রা০-'কাহাকু'] বি, কাহারে; কাহাকে; কোন জনকে। "সকল রমণী ধাইল অমনি কেহ কা০ নাহি মানে।"-চণ্ডী০। সম্বন্ধে-কাহার-কোন জনের।

কাহাতঁক-কাঁহাতক দ্রঃ।

কাহার [সং-স্কন্ধাবার; হিং০-কহার, বাং-কাহারঁক ও০] বি, যারা স্কন্ধে করিয়া শিবিকা বহন করে; যানবাহক; বেহারা। "কা০ প্রভৃতি যারা ছুটিয়া পলায়। তাহা দেখে দাসু বাসু কাঁদে উভরায়॥"-ভারত০। ২ [কাহা দ্রঃ] কোন জনের।

কাহার্‌বা [হিং০] বি, দুইটী তাল ও পাঁচটী মাত্রাবিশিষ্ট তালবিঃ। হিন্দুস্থানে কাহারদিগের নৃত্যগীতের সুরতাল হতে উৎপন্ন রাগিণী।

কাহাল [কাহল দ্রঃ] বি, বাদ্যবিঃ: "জয়ঢাক বীরঢাক মৃদঙ্গ কা০।"- চৈ০ ভা০।

কাহি [হিং০-কাহে-ব্রজ০] অ, কেন। "কি করহ এ সখি আওল কা০।"-বি০ প০। ২ [হিং০-কাহি। সং-কঃ। ব্রজ০] স, কাহাকে বা কাহার। "দোখ দেয়ব অব কা০।" -বি০ প০। ৩ [প্রা০ বৌ০ বাং] কিই, কিইবা (চ০ ১।১৩)। ৪ কেহও (চ০ ৪৩।২)। ৫ কোথা (দো০ ১২৮)।

কাহিউ [প্রা০ বৌ০ বাং] কোন প্রকারে (দো০ ১০২)।

কাহিনী [সং-কথন; প্রাকৃ০-কহনী; হিং০-কহন (গ্রা০-উচ্চারণে বা ঠেঁট হিং০তে কহানী, কাহিন্) মিথিলায়-কহনী, কহনা, কহাবত] বি, কথন; বৃত্তান্ত; কথা; বিবরণ; প্রস্তাব; গল্প। "অবধিক আশ ভেল সব কাহিনী।"-বি০ প০।

কাহিলু [সং-কাহল (শুষ্ক, কৃশ) আ০-কাহিল্ (অলস; নিস্তেজ)] বিণ, ক্ষীণ; কৃশ। "কা০ হোলাম যেন একটী কাটি।"-দ্বি০ রায়। ২ দুর্ব্বল। ৩ [আ০-ক়ায়েল] তর্কে হারিয়া যাওয়া। ৪ [বীরভূম প্রাদে০] পীড়িত।

কাহিঁর [প্রাদে০ হাবড়া, রাজসাহী] বি, কাশ তৃণাচ্ছাদিত ঘর; খোড়ো ঘর; কুঁড়েঘর।

কাহী-বি, কুড়চীগাছ।

কাহু [হিং০-কাহু। সং-কঃ=কো (ব্রজ-

ভাষায়) কা+হু (নিশ্চয়ার্থে)] বি, কাহারও। "কত বিদগধ জন রস অনুমগন অনুভব কাহু ন পেখ।"-বি° প°।

কাহু [ফা°] বি, কপির মত সুখাদ্য ফুল ও শাক, হিন্দুস্থানে ইহার পাতা ও ফুল প্রচুর ব্যবহৃত হয়। ২ কাহুর বীজ। ৩ অর্জ্জুন বৃক্ষ tarminalia arjuna.

কাহে [সং-কথং। প্রাকৃ°-কহং ; হি° -কাহে] অ, কেন ; কি কারণ ; কি নিমিত্ত। "খুড়া কা° ছাড়িব ঘর বাড়ী।"-কবিক°। "কনক কমল নাহি কা° মনোলোভা।" -বি° প°। ২ [ব্রজ°] কাহাকে। "গোপত মদনশর কা° না লাগে।"-ঐ

কাহেরি, কাহেরে, কাহৈরি [প্রা° বৌ° বাং] স, কাহার (চ° ৩৭।১ : চ° ২৯।৪, চ° ৬।১১)।

কাহ্ন, কাহ্না, কাহ্নাআঁ, কাহ্নাই, কাহ্নাঞি, -ঞিঁ, -ঞী, -ঞীঁ, ~য়ি, কাহ্নু, কাহ্নে-কৃষ্ণ দ্রঃ।

কাহ্নো [প্রা° বাং] স, কাহার ; কাহারও।

কি [সং-কিম্ > বৌ° বাং প্রাকৃ°-কিঅ < সং কৃত্বা=করিয়া। কিআ, কীঅই, কিজ্জই < সং ক্রিয়তে=করে। কিঅউ < সং করোতু=কর। কিঅট < সং-কৃত। কিঅত =করত। কিউ < সং কৃত্তম্=কৃত। কিং=কি (চ° ৩৪।৩)। কিংপি, কিপ্পি, কিম্পি < সং-কিমপি=কিঞ্চিৎও (দো°১২৯)। কিয় < সং কৃতং (দো° ১২৯)] স, জিজ্ঞাসা-বাচক শব্দ ; প্রশ্নার্থে। ২ কষ্টে : যন্ত্রণায় ; খেদে। প্র-কি জ্বালা ; কি যন্ত্রণা। ৩ আশ্চর্য্য বা বিস্ময়ার্থে। প্র-°মা কি হবে! ৪ [প্রা° বাং-সম্বন্ধবাচক। তুল-ক] ৬ষ্ঠী বিভক্তির চিহ্ন ; এবং তাহার। "চন্দন কি মাল।" [অপ্র°] ৫ সন্দেহ ; অনিশ্চয়। "এখনো এ পাপ প্রাণ রবে কি না রবে।" -হরুঠাকুর। ৬ বিরক্তিতে। প্র-কি বিপদ ; কি পাপ ; কি গ্রহ (গেরো)। ৭ নিষেধসূচক ; তাড়না বা ভয় প্রদর্শনে। প্র-তুমি বলবে কি (অর্থাৎ বললেই দণ্ড পেতে হবে)। ৮ অভাব অর্থে ; নাই ; নহে ; না। প্র-তাহার সাধ্য কি ; কি জানি। ৯ কিংবা ; কিবা ; বিকল্পে। প্র-কি মনুষ্য, কি পশু, কি পক্ষী বা সরীসৃপ। "দেব কি দানব, নাগ কি মানব।"-অ° ম°। ১০ সংস্রব-রাহিত্যে। তুচ্ছকরণে ; উপেক্ষায়। প্র-তাতে আর কি ; তাহাতে তোমারই কি আর আমারই বা কি ; বেল পাকিলে কাকের কি। **কি বঁলে, কি বঁলে গিয়ে**-বিস্মৃত নাম বা বিষয় স্মরণ-পথে আনিবার সময় কথার মাত্রা। "ঐযে কি বলে।" "বিষয়টি একটু কি বলে গিয়ে, ডেলিকেট।"-মা° ও ম° বাণী, ১৩৩৩। **কি যেঁনি**-ঠিক স্মরণ হইতেছে না এমন অবস্থায় কথার মাত্রা। "মনে পড়ে কি যেন তাহার ছিল, কে যেন হারাইয়া গিয়াছে।" -উত্তরা, ১৩৩৯।

কিঅ, কিএ, কিয়ে [ব্রজ°। প্রা° -বৈ° পদ° সা°] অ, কি। কিয়ে দ্রঃ। ২ বিস্ময়ে ; একি। ৩ প্রশংসায় ; কিবা। ৪ কেন। কিয় দ্রঃ।

কিংকর্ত্তব্য, কিঙ্কর্ত্তব্য [কিম্ (কি) কর্ত্তব্য (করণীয়)] বিণ, কি করা উচিত বা প্রয়োজনীয় : কি করিতে হইবে। **~বিমূঢ়** [কিং তদ্বিষয়ে বিমূঢ় (অভিজ্ঞ) -৭ তৎ] বিণ, কি করিতে হইবে তা স্থির করিতে অসমর্থ ; কর্ত্তব্য-নির্ণয়ে অক্ষম।

কিকে [হি°-র অনুকরণে প্রা° বাং-য়] অ, কেন ; কি জন্য। "কি° পাতকি মায়া।" -শ্রী°কী°।" "কি° পরিহর রাধা শ্রীমধুসূদন।" -ঐ।

কিংখাপ, কিংখাব [ফা°-কম্খাব্] বি, ঘন রেশমী বস্ত্র যাতে সোনার তারের ফুল কলকা ই° কাটা থাকে ; কাশীর প্রসিদ্ধ মূল্যবান রেশমী ফুলদার বস্ত্রবিঃ। ২ যে বস্ত্রে সোনার জরি অধিক ব্যবহৃত হয়।

কিংবঁদন্তি, কিংবঁদন্তী [কিম্-বদ্ (বলা)+অন্তি, অন্ত (ভা°)] বি, লোক-পরম্পরায় কথিত ও শ্রুত বিষয় ; জনরব ; জনশ্রুতি ; গুজব। ২ লোকাপবাদ।

কিংবা [কিম্ (শব্দ)=কিং+বা ; এই ব বর্গীয় না হওয়ায় ং স্থলে ম্ হইল না। কিন্তু বা°-য় 'কিম্বা' এই অশুদ্ধ শব্দের ভূরি প্রচলন আছে। হি°-কিংবা] অ, বিকল্প বা পক্ষান্তর-বোধক ; বা ; অথবা ; পক্ষান্তরে।

কিংশারু-বি, (যব ধান্যাদির মত) শুয়া, শূক। ২ কঙ্ক পক্ষী।

কিংশুক [কিং (বিতর্ক) শুকপক্ষিবিঃ ; শুক চঞ্চুর সম্যক্ সাদৃশ্য হেতু এই সংশয় হয় যে, "অয়ং কিংশুক" এই জন্যই এই পুষ্পের নাম কিংশুক] বি, পলাশ বৃক্ষ। ২ পলাশ পুষ্প। ৩ নন্দিবৃক্ষ।

কিঁ কিঁ-বি, অনুকার শব্দ ; পক্ষী, মূষিক ই° জীবজন্তুর রব।

কিকি [প্রকার ভেদে দ্বিত্ব] অ, কত প্রকার। "ভেবে দেখহ গোকুলে, হলো কি কি লীলে, তাকি তোমার মনে পড়ে না।" -হরুঠাকুর। ২ নির্দ্দেশার্থে। প্র-কি কি দ্রব্য চাই।

কিখি [শব্দাত্মক] বি, খেঁকশিয়ালি। ২ বানর।

কিঙ্কর [কিং (কিঞ্চিৎ) কর (কৃ-করা+অ, র্ত্তৃ] বিণ যে কর্ম্মমূল্য লইয়া কাজ করে ; অনুচর : কর্ম্মকর ; ভৃত্য। ২ বিশ্বামিত্রের অনুগত একজন রাক্ষস। স্ত্রীং **~ী** [প্রাদে°-নোয়াখালি কিঁকরী। "হইল কিঁকরী তারি।"-পূ° ব° গী°] দাসী।

কিঙ্কর্ত্তব্য, কিঙ্কর্ত্তব্য-বিমূঢ়-কিং-কর্ত্তব্য দ্রঃ।

কিঙ্কিণি,১-ণী [কিং(অনুকরণ শব্দ) কিণ্ +ণিচ্=কিণি (শব্দ করা)+অ (র্ত্তৃ-জ্ঞা°) ঈ (স্ত্রীং) ; যে কিং কিং এইরূপ অনুকরণ শব্দ করে] বি, কটিভূষণ। "ক্ষীণ কটি ঘেরি বাজে কি°।"-রবী°। "কঙ্কণ কি° ধ্বনি বাজিবে লো সঘনে।"-ব্রজাঙ্গনা। ২ ক্ষুদ্র ঘণ্টিকা বা ঘুঙুর। ৩ দেবতার স্তুতিবিঃ। ৪ তামা বা রূপার জোড়া জোড়া কড়াই বাদে গাঁট দেওয়া পায়ের গোছে পরিতে হয়। দক্ষিণ পদে ১০০ ও বাম পদে ২০০ ঘুঙুর বাঁধিবার নিয়ম। ৫ [বৈদ্যকে] বিকঙ্কত বৃক্ষ ; জল-জম্বুবৃক্ষ ; দ্রাক্ষাফল।

কিঙ্কিণী২-বি, রামায়ণোক্ত বাদ্যবিঃ [রামা-সুন্দর-৯]।

কিঙ্কিণী৩-বি, বিশ্বামিত্রের মন্ত্রাত্মক অস্ত্রবিঃ [রামা°-বালকাণ্ড-২৭] **~কা** [কিঙ্কিণী দ্রঃ] বি, ঘুঙুর।

কিঙ্কির [সং। বাং-য় বিরল] বি,

গজকুম্ভ। ২ কন্দর্প। ৩ অশ্ব। ৪ ভ্রমর। ৫ কোকিল।

কিঙ্কিরাত [সং। বাং-য় বিরল] কোকিল। ২ কন্দর্প। ৩ শুকপক্ষী। ৪ [বৈদ্যকে] ঝাঁটী ফুলের গাছ; রক্তাশোক বৃক্ষ।

কিচ/ড় [সং-কচ্চর (মলদূষিত) বাং-কিচল, কিচেল, তুল-কাদা কিচেল। হিং-কিচড়] বি, সকঙ্কর কর্দম; পঙ্ক; কাঁকরযুক্ত কাদা।

কিচ্কিচ্ [অনু°] বি, বানর গন্ধ-মূষিকাদির মুখশব্দাত্মক শব্দ। ২ ক্রোধ পূর্ব্বক দন্তে দন্তে ঘর্ষণশব্দ। ৩ ঝগড়া। কিচ-কিচানি-ক্রি, কিচ্কিচ্ শব্দ করা। ২ ঝগড়া-ঝগড়ি করা। কিচিরকিচির (করা), ক্রমাগত কিচ্কিচ্ শব্দ (করা)। কিচিকিচি-বি, ঐরূপ শব্দ। ২ তিরস্কার; গালিগালাজ। কিচ-কিচিনি-ঝগড়াঝাঁটি। ২ বকাবকি; গালিগালাজ। ক্যাচাকেচি [কচকচি দ্রঃ] ক্রি, ঝগড়াঝগড়ি; পরস্পর বকাবকি; বচসা।

কিচ্মিচ্ [বহু পাখীর একসঙ্গে ডাকের শব্দ। ব্যাপ্তি অর্থে কিচিমিচির, কিচির-মিচির] বি, অব্যক্তশব্দ; পাখীর কলরব। কিচ্কিচ্ দ্রঃ। ২ কিসমিস ফল। বীজশূন্য শুষ্ক আঙ্গুর raisins, (সবীজ বড় কিসমিসের নাম মনাক্কা)।

কিছু [সং-কিঞ্চিৎ। বৌ° বাং প্রাকৃ° 'কুচ্ছ'। হিং-কুছ্-গ্রাং হিং-কছু, কিছু উ°-বিহারী-হিং-কচ্ছু; প্রা° বাং-'কিছ'। বাং-প্রা° কিচ্ছু। ওড়ি°-কিছি] বিণ, কিয়ৎ; অল্প। "কিছুদিন গত হইলে।" ২ বি, কোন বস্তু something. একটা কিছু-যে কোন একটা কাজ। "একটা কিছু কর।"-দ্বি° রায়। কিছু-কিছু [প্রতিবারে কিছু অর্থে দ্বিত্ব] বিণ, কিঞ্চিৎ কিঞ্চিৎ; অল্প স্বল্প। কিছুতে-অ, কোনমতে; কোন কারণ বা যুক্তি দেখাইয়া। "তাকে কিছুতে ফেরান গেল না।" ২ কোন প্রকারে বা চেষ্টায়। ৩ কোন কাজে। প্র-সে কিছুতে হাত দেয় না, বাড়ীতে বসেই থাকে। ৪ কোন বিষয়ে বা ব্যাপারে। প্র-সে কিছুতেই নেই। ৫ অজ্ঞাত ব্যাপার; রহস্যজনক বিষয়; এমন উদ্দেশ্য বা অভিপ্রায় বা ঠিক অনুমান করা যায় না, কিন্তু তা যে আছে তা বুঝা যায়। এই অর্থে-'বড় কিছু' 'বেশ কিছু' 'ভয়ানক কিছু'। "বাপকে বড় কিছু দেয় থোয় না।"-পিতা-পুত্র। "তা ছাড়া সুদেও সে কোন কিছু টাকা খাটায়।"-ঐ। "সে যে একটা ভয়ানক কিছু কাণ্ড করিবে সে বিষয়ে।"-ঐ। "প্রতিদিন মাঠে লোকারণ্য। * * * জিজ্ঞাসা করিলে অধিকাংশ লোকই বলিয়া থাকেন 'আছে কিছু'। কিন্তু কিসের কিছু? যা পকেটে কোরে নিয়ে গিয়েছিলেন তার? আর বাইরের কিছু?"-আ° শক্তি, পৌষ, ১৩৩৩।

কি জানি [কি দ্রঃ। তুল-না জানি] অ, অনিশ্চয় জ্ঞানাত্মক বা সন্দেহসূচক অব্যয়; জানি না এইরূপ জ্ঞানের অভাব-বোধক; বুঝি; পাছে। "কি জানি চোরের ধন বাটপাড়ে লয়।"-ভারত°। "আপনার রূপ দেখি অপরূপ, অধীনে ভুল কি জানি।" -নিধু°। ২ উপেক্ষাসূচক অব্যয়। প্র-কি জানি কোথা আছে খুঁজিয়া লও।

কিঞ্চ [কিং+চ] বিণ, আরও কিছু।

কিঞ্চন [কিং+চন (অসাকল্যার্থে)] অ, কিঞ্চিমাত্র; অল্প; কিছু। ২ ["কিঞ্চনো ধনিনি স্মৃতঃ।"-ধরণিঃ] বিণ, ধনী। "বরণ আশ্রম, কি° অকিঞ্চন কারো কোন দোষ নাহি মানে।"-পদকল্পতরু (সা° প° প° ১৩২৩)।

কিঞ্চিৎ [কিং+চিৎ কিঞ্চিৎ (অসা-কল্যার্থে) অধু° অপ্র°] কিছুমাত্র; সামান্য; দ্রব্য। ২ কোনবস্তু। ~কর্‌-অ, কিছু কাজের মত।

কিঞ্চিদধিক [কিঞ্চিৎ+অধিক] বিণ, কিছু বেশী।

কিঞ্চিদুষ্ণ [কিঞ্চিৎ (কিছু)-উষ্ণ (উত্তপ্ত)-ধা] বিণ, কিয়ৎপরিমাণে উষ্ণ; কদুষ্ণ; কিছু উষ্ণ।

কিঞ্চিদূন [কিঞ্চিৎ (কিছু)-উন (কম) -ধা] বিণ, ঈষৎ ন্যূন; কিছু কম।

কিঞ্চিন্মাত্র [কিঞ্চিৎ (কিছু)+মাত্র পরিমাণার্থে] বিণ, অল্প পরিমাণ। অল্পমাত্র; কিছুমাত্র।

কিঞ্চুলক [সং] বি, কেঁচো নামক কীট earth worm.

কিঞ্জল [সং] বি, পুষ্পের পরাগ; পুষ্প-রেণু; কেশর। ২ পদ্মের মধ্যস্থিত কেশের মত সূক্ষ্ম অংশ। ৩ নাগকেশর পুষ্প।

কিঞ্জল্ক [সং] বি, কিঞ্জল (দ্রঃ) পুষ্প-কেশর। ২ "পাতার মত যে অংশগুলি জুড়িয়া বীজাধার প্রস্তুত হয় বৈজ্ঞানিকগণ তাহাকে কি° বলেন।"-গাছপালা (জগদানন্দ)।

কিট্কিট্ [সং-কিট্ট] বি, মলমূত্রাদি অপবিত্র বস্তু। [সাধা: খিট্খিট্ বা টিক্-টিক্] প্রতিরোধার্থ বারংবার বাক্যপ্রয়োগ। ২ গলার ভিতর একপ্রকার অনুভূতি; তীব্র বা অত্যন্ত মিষ্টাস্বাদ খাদ্যে গলার ভিতর কির্‌কির্ করার ন্যায় একপ্রকার অনুভূতি। বিণ, কিটকিটিয়া, কিট্কিটে-কিটময়। প্র-গলা কিটকিটে মিষ্টি। ক্রি, কিটকিটান-(গলা) কিটকিট করা।

কিট্কিটা [সং-কিট্ট, কিট্ কিট্ (আধিক্যার্থে-দ্বিত্ব)+আ (যুক্তার্থে)] বিণ, কিটময়; অতিশয় ময়লা; মলিন। তেল-কিটকিটা-তৈলের কিট্ট-লিপ্ত; তৈলের ময়লায় অতিশয় মলিন।

কিটি-বি, শূকর।

কিটিভ [কিটির আভাস যাতে] ক্রি, উকুন নামক কেশকীট।

কিটকিরা [স্বর্ণকার কাংস্যকারাদির ভাষায়] বি, লোহা বা কাঁসার ছাঁচ যার উপর সোণা বা রূপার পাত পিটিয়া নক্সার আকার দেয় die.

কিট্ট [সং] বি, তৈলাদির কাইট। ২ ধাতুর মল; মরিচা। ~বর্জ্জিত-বিণ, কাইটশূন্য; বিমল।

কিট্টাল [সং। তুল-ইং-kettle] বি, তাম্রকলস; কেট্‌লি।

কিড়মিড়, কিড়মিড়ি, কিড়ি-মিড়ি [শব্দাত্মক। কড়মড় অপেক্ষা লঘু] বি, দন্তে দন্তে ঘর্ষণের শব্দ। অব্যক্তধ্বনি। "কিড়ি-মিড়ি করে দন্ত খিটিমিটি চায়।" কিড়ির-মিড়ির-বারংবার কিড়মিড় শব্দ।

কিড়া, কীড়া [কীট >] বি. কীট। **কি° কাটা** [চট্ট° প্রাদে°] বিণ. কীটদষ্ট worm-eaten.

কিণ১ [কণ্ (প্রাপ্ত হওয়া)+অ(র্ম্ম) ক=কি। যা পুনঃপুনঃ জ্যাঘাত কিংবা ভার বহনাদি দ্বারা প্রাপ্ত হওয়া যায়] বি. ঘর্ষণজনিত চিহ্ন; কড়া। ২ শুষ্ক ব্রণ। ৩ কীটবিঃ। **কিণ**২ [অনু°] বি. ততযন্ত্রের তারে অঙ্গুলিচালন-ধ্বনি।

কিণন [কিনন দ্রঃ। সং-ক্রী=দ্রব্য পরিবর্ত্তে। পা°-কিন ধাতু-তুল-সং -ক্রীণাতি= পা°-কিণাতি] বি. ক্রয় করণ; মূল্য-বিনিময়ে প্রাপণ।

কিণাঙ্ক [কিণ (ঘর্ষণ-জনিত) যে অঙ্ক (চিহ্ন) ধা)] বি. কড়া; রক্ত জমিয়া যাওয়ার চিহ্ন। "কাটিটা তাহার কি° কঠিন কৃষ্ণবর্ণ পরিপুষ্ট করতলের অন্তরালে ধরিয়া নারিকেলের ছোবড়ার একটা ভাঁটা ধরাইয়া লইল।"-শরতে বঙ্গ-পল্লী।

কিৰ্তক [কি-তক্; হি°-কাঁহাতক্-কিতক; সং-কিয়ৎ] ক্রি-বিণ. কি পর্য্যন্ত।

কিৰ্তব [সং] দ্যূতকার; দ্যূতক্রীড়াকারী; জুয়াড়ী। "দ্রৌপদী কহিলেন, হে সূতপুত্র, তুমি একবার যাও, সভামধ্যে সেই কিতবের নিকট গিয়া জিজ্ঞাসা কর, তিনি কি অগ্রে আপনাকে হারিয়াছেন, না আমাকে?"-মহা° (বর্দ্ধ)। ২ বঞ্চক; প্রতারক। ৩ মত্ত; পাগল। ৪ ধুস্তুর। ৫ রোচন নামক গন্ধদ্রব্য। বি. কৈতব।

কিতা, কেতা [আ°-কিতা, কৃতা। নোয়াখালি অঞ্চলে 'কাতা' 'কাত্তা' কাতাচিহ্নিত মতে-by demarcation of plots বি. খণ্ড; ভাগ; ক্ষেত্রখণ্ড; ভূমিখণ্ড plot. ২ গোছা; পংক্তি; সারি। "কিতা করিয়া বান্ধা, উপরে টাঙ্গায় চান্দা, প্রতি চালে মুকুতার ঝার।"-কবিক°। ৩ ধরণ; ঢং; চাল। কেতা দ্রঃ। ৪ [ত্রিপুরা প্রাদে°] কি।

কিতাদোরস্ত [আ°-কিতা+ফা°-দুরস্ত্] বিণ. সুপ্রণালী মত; সুবন্দোবস্ত।

কিতাব [আ°-কিতাব্] বি. পুস্তক। "দশবিশ বেরাদরে বসিয়া বিচার করে অনুদিন কি° কোরাণ।"-কবিক°। ২ খাতা। বিণ. কিতাবী; কেতাব সম্বন্ধীয় bookish.

কিতাবৎ, কেতাবৎ [আ°] বি. লেখাপড়া। বিণ. কিতাবতী-পুস্তকের লেখাপড়া সম্বন্ধীয় bookish. প্র-কিতাবতী ভাষা। খঁৎকিতাবৎ-চিঠিপত্র; লিখিত হিসাব পত্র।

কিতাবিতী, কেতাবিতী, কেতাবী-বিণ. পুস্তকস্থ; পুঁথিগত; বইপড়া সিদ্ধান্তাত্মক theoretical (যা ব্যাবহারিক বা ক্রিয়াসিদ্ধ practical নয়)।

কিতাবিরী, কিতাওয়ারী-বিণ. কিতা কিতা করিয়া; খণ্ডে খণ্ডে; খণ্ডশঃ। কিতাবিরী মাপ-খণ্ড খণ্ড করিয়া পরিমাপ।

কিতার [প্রাদে° শ্রীহট্ট] কিসের। কি° লাগি-কিসের জন্য; কি কারণে।

কিত্তি [কীর্ত্তি দ্রঃ] বি. কীর্ত্তি। ২ [কদর্থে, বিদ্রূপে] বি. কুকীর্ত্তি; নিন্দিত, ঘৃণিত, লজ্জাজনক ই° কার্য্য। প্র-মাতাল ছাড়া এমন কিত্তি আর কে করবে। ৩ অঘটন; অনিষ্টপাত; অকাজ; অকাণ্ড। প্র-এ আর কারও নয়, ওই ছেলেটার কিত্তি।

কিন্নন [সং-ক্রয়ণ। কিনা দ্রঃ] বি. বিনিময়করণ; মূল্য-পরিবর্ত্তে বস্ত্রগ্রহণ; ক্রয়করণ; কেনা।

কিনা [সং-ক্রী (ক্র্যাদিগণীয়)-দ্রব্য বিনিময় করা; ক্রয় করা; ক্রীণাতি; পা°-কিণাতি; বাং-কিনে। কিনন দ্রঃ। গ্রা°-কেনা। কিনি। কিন; কিনুন; কেন্। কেনে; কেনেন্। অস-ক্রি-কিনিতে; কিনিয়া, কিনে (গ্রা°) প্রাদে° উচ্চারণ-কিন্যা। ণিজন্ত কিনান] ক্রি. ক্রয় করা। "অঙ্গদ কঙ্কণ হার লম্বমান মতিবার কিনে বীর কনক সাঁপুড়া।" -কবিক°। "বলদ শকটে, তৈল পুরি ঘটে, সদাগর এনেছে কিন্যা॥"-কবিক°।

কিনা [সং-কিংনু; নু=প্রাকৃ°, মো। কি (সম্মতি) না (নিষেধে; প্রশ্নে)] অ. বিতর্ক; সন্দেহ। কি দ্রঃ। প্র-সে সেখানে যাবে কিনা তাই জিজ্ঞাসা কচ্ছে। ২ [সং-কিল (সম্ভাব্যে ঐতিহ্যে) > বৌ° বাং কিণ > বাং কিনা। সান্তি ভণই কিণ সভাবি অই।"-চ° ২৬৷২] নিঃসন্দেহে; নিশ্চয়ে। প্র-সে সেখানে যাবে কিনা তাই প্রস্তুত হচ্ছে, অর্থাৎ কিনা। ৩ প্রশ্নে। প্র-কেমন কিনা; ঠিক কিনা।

কিনার, কিনারা [ফা°-কিনারা; হি°-কিনার,-রা; গ্রা° বাং-কেনারা] বি. কূল; তীর। "আমি তরী নিয়ে বসে আছি নদী কিনারে।"-রবী°। "জানি হে যবে প্রভাত হবে তোমার কৃপাতরণী লইবে মোরে ভবসাগর কিনারে।"-ঐ। ২ পার্শ্ব; সীমা; ধার; পাড়; প্রান্ত; শেষ। প্র-রাস্তার কিনারা দিয়া চল। কাপড়ের কিনারা। ৩ উপায়। প্র-সে হঠাৎ মারা যাওয়ায় ছেলেপুলেদের কোন কিনারা করে যেতে পারে নাই। ৪ উদ্ধার। প্র-সে ত অধঃপাতে গিয়াছে জানি, কিন্তু তার কি আর কিনারা নাই। ৫ নিষ্পত্তি। কিনারা করা-তদন্ত করা। ২ নিষ্পত্তি করা। ৩ উপায় করা; ব্যবস্থা করা। কূল-কিনারা [কূল (তীর)-কিনারা (শেষ) অন্ত] শেষ; পার। কূলকিনারা নাই-অনন্ত; অপার।

কিন্তু [কিং-তু (বিয়োজক)। প্রা° বাং-'কীন্ত' (১১৬৫ সালের দলিল)] অ. পরন্তু; অথচ; পূর্ব্বোক্তির বৈপরীত্য কথনে পূর্ব্বপ্রস্তাব বা যুক্তির খণ্ডন অর্থে। ২ [প্রাদে°] ক্রি-বিণ. সঙ্কুচিত; জড়সড়। "মা তুমি 'কিন্তু' হয়ে বলছ কেন? যাকে সঙ্গে নিতে হয় নাও যা ইচ্ছা হয় বল। বাবার কিছু করতে পারিনি তুমিও এখন কিছু ভার দেওনি, তুমি 'কিন্তু' হলে আমার মনে দুঃখ হয়।"-প্রফুল্ল (গি° ঘোষ) "তার সঙ্গে অন্য কেহ বলে কিন্তু হয়ে।"-হেম°। ~ঘ্ন [সং] বি, জ্যোতিষ শা° একাদশ করণের অন্যতম।

কিন্দম [সং] বি প্রসিদ্ধ কৃপতীর্থবিঃ। ২ ঋষিপুত্র বিনি মৃগরূপে রমণকালে পাণ্ডু রাজা কর্ত্তৃক ধৃত হইয়াছিলেন।

কিন্ন [তুল-সং-কিণ্ব=মদ্যবীজ] বি. মদের তলানি sediment of wine.

কিন্নর [কিং (কুৎসিত) নর (মনুষ্য) -ধা] বি. কিম্পুরুষ; দেবলোকের গায়ক।

ইহাদের অশ্বের ন্যায় মুখ ও নরের ন্যায় শরীর এইজন্যই ইহাদের এই নাম। 'কিন্নর' ভ্রং বাং-তে, কান। যথা,-মধুসূদন কিন্নর স্থলে মধুকান। স্ত্রীং ~ী।

কিন্নরী [কিন্নর দ্রঃ] বি, কিন্নর-জাতীয় স্ত্রীং। ২ বীণাবিঃ ; কিন্নরী বীণা ; তানপূরা-বিঃ। ৩ সারঙ্গী।

কিন্নরেশ [কিন্নরের ঈশ (প্রভু) ৬ তৎ] বি; কিন্নরগণের রাজা ; যক্ষরাজ ; কুবের।

কিপ্‌টে [কাপটিয়া দ্রঃ। সং-কৃপণ >] বিণ, কৃপণ। "কিপ্‌টে ভাতার, কেয়া কাঁটা, কুম্‌ড়ো বলিদান। মুখ মিষ্টি মধুপর্ক, সকলি সমান॥"-হেম০।

কিফাইত, কিফাত, কিফায়ৎ [আ০-কিফ্‌ায়ত্] বি, কম খর্চ্চা ; অল্পব্যয় ; অল্পমূল্য ; সস্তা।· ২ লাভ। ৩ [মুর্শি০ আদা০ দলিলে] গবর্ণমেণ্ট কর্ত্তৃক আদায় করা বর্দ্ধিত রাজস্ব।

কিবলা [আ০-কিব্‌লা] বি, মুসলমানগণ যেদিকে মুখ ফিরিয়া নমাজ পাঠ করেন ; পশ্চিমদিক্। কিবলানুমা-মক্কা। ২ পূজ্য ব্যক্তি। ৩ পিতা।

কিবা [সং-কিংবা। গ্রা০-কিবে। অ, কিংবা ; অথবা। "এথাক্রি মরিবোঁ কিবা খাইবোঁ গরলে।"-শ্রী০ কী০। ২ পক্ষান্তরে। "তার জলে বা স্থলে বা অন্তরীক্ষে কিবা সন্দেহ নাহি মরিবার॥"-হরু ঠাকুর। ৩ [তুল-হি০-কেয়াবাত] প্রশংসার্থে ; কি সুন্দর ; কেমন। "কিবা সে বচন অমিয়া মিঠ। ভাঙর ভঙ্গিম কুটিল দিঠ॥"-বি০ প০। ৪ [সং-কিম্ > । কি+বা (অনিশ্চয়ে)] কি ; কিযে ; না জানি কি। "সুবলে করিয়া কোলে, প্রেমে গদগদ বোলে না জানি মরমে কিবা আছে।"-বলরাম। "কিবা লীলা করে এহ বুঝিতে না পারে কেহ।"-ঐ। ৫ [কি+বা (বিশেষ অর্থে)] বিশেষ করিয়া কি ; অধিক কি। প্র-তুমি তাহাকে কিবা জানাবে, তার সব জানা আছে।

কিম্ [সং] অ, বাং-য় স্বতন্ত্র ব্যবহার নাই, কিন্তু অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া প্রশ্ন, সন্দেহ, বিতর্ক, প্রয়োজনাভাব, নিষেধ, নিন্দা ই০ অর্থ জ্ঞাপন করে ; কি ; কে ; কুৎসিত।

কিমতে [কি-মত (প্রকার) + এ (দ্বারা)। প্রা০বাং-কেমতি। প্রাদে০-কিমনে। আধু০-কেমনে] ক্রি-বিণ, কি প্রকারে ; কেমন করিয়া ; কেমনে। "ইথে যদি দুখ হয়, হইবে সহিতে, দিয়ে ফিরে লওয়া এবে হয় কি মতেতে।"-নিধু বাবু।

কিমধিকমিতি [কিম্+অধিকম্+ইতি। অধু০-বিরল। পণ্ডিতী বাং-র ধারা। তুল-সং-অলং। আ০-ফকৎ। সং-অলমিতি বিস্তরেণ] বি, পত্র- সমাপ্তির পাঠ ; ইতি ; অধিক আর কি লিখিব।

কিমাকার [কিম্ (কি প্রকার) আকার (আকৃতি)] বিণ, কিরূপ আকারের ; কিরূপ ; কি রকম।

'কিমিতি [ইং-chemistry > বাং পরিঃ] বি, আধু০ রসায়ন বিদ্যা ; কিমিয়া দ্রঃ। বিণ, কৈমিতিক - রাসায়নিক chemical.

কিমিয়া, কিমিয়াবিদ্যা [আ০-কিমিয়া, অল্-কিমিয়া। ইং-alchemy (the infant stage or principles of chemistry) > বাং-য় কিমিয়া বিদ্যা] বি, রসায়ন ; কিমিতি দ্রঃ chemistry [দ্রঃ-শ্রীরামপুর কলেজের শ্রীযুক্ত জন ম্যাক্ সাহেব কর্ত্তৃক রচিত ও গৌড়ীয় ভাষায় অনুবাদিত কিমিয়া বিদ্যার সার (principles of chemistry by John Mac of Serampur College, pt. i. Serampur Press, 1834) পুস্তকে রসায়ন সম্বন্ধে কয়েকটী পারিঃ শব্দ প্রথম প্রবর্ত্তিত হয় ; যথা,-heat অর্থে তাপক temperature, তাপ gas, আকাশ gaseous, আকাশীয় Vapour, বাষ্প barometer, বারেমেতর thermometer, তেরেমোমেতর experiment, পরীক্ষা, ether, ইতর radiation, কিরণত্ব pump, বোমা violet, বিওলা handle, হাণ্ডোল furnace, অগ্নিকুণ্ড]।

কিম্পাক-বি, মাকাল লতা ও ফল।

কিম্পরিমাণ [কিম্ (কি) পরিমাণ] বিণ, কিয়ৎপরিমাণ ; কত পরিমাণ।

কিম্পুরুষ [কিম্ (কুৎসিত) যে পুরুষ -ধা] বি, কিন্নর ; কুবেরানুচর। ইহারা কেহ কেহ মনুষ্যদেহ, অশ্বমুখ আকার, কেহ কেহ অশ্বদেহ মনুষ্যমুখ। ২ হিমালয় ও হেমকূটের অন্তর্ব্বর্ত্তী বর্ষবিঃ। কিম্পুরুষেশ্বর-কিম্পুরুষদিগের রাজা ; কুবের।

কিম্বদন্তী [কিং-বদন্তী 'ম্ব' অশুদ্ধ কিন্তু চ০ কথ্য। শুদ্ধ প্রয়োগ-কিংবদন্তী] বি, জনশ্রুতি।

কিম্বা [কিংবা-'ম্বা' অশুদ্ধ, শুদ্ধ কিংবা] অ, অথবা।

কিম্ভূত [কিম্ (কি) ভূত (যা হইয়াছে] বিণ, কিরূপ ; কি প্রকার ; কীদৃশ। ২ বাং-তে অর্থ-সম্প্রসারণে] অদ্ভুত ; যার বর্ণনা করা যায় না কারণ পূর্ব্বে কখন সেরূপ দেখা যায় নাই। ~কিমাকার [কিম্ভূত (দ্রঃ) কিম্ আকার (অর্থ-সম্প্রসারণে-বিকৃতাকার; কদাকর)] বিণ, কুৎসিত আকৃতিবিশিষ্ট ; কদাকার ; বিকৃতাকার ; অদ্ভুত এবং কুৎসিত "আপাদমস্তক ঢাকিয়া এক কিম্ভূত-কিমাকার জীব সাজা।"-মতিচুর।

কিমৎ, কিম্মৎ [আ০-কীমৎ-বিণ, কীমতী] বি, মূল্য ; দাম। "তার কি০ ও লাখ টাকা।"-বি০ সরকার। "ইহার কি০ মাদরাজী ৭৲ সাততঙ্কা পাইয়া।"-দলিল, ১৭৩৫। বিণ, কিম্মতি-দামী [উ০ বঙ্গে কথ্য ভাষায়, অন্যত্র বিরল]।

কিয় [কি দ্রঃ। ব্রজ০। প্রা০ বৈ০ পদ০ সা০] স, কি [কিঅ দ্রঃ] ২ কেন। "কিয় মঝু দিঠি পড়লি শশিবয়না। নিমিখি নিবারি রহল দুহু নয়না॥"-বি০ প০।

কিয়ৎ [কিম্+ইয়ৎ, পরিমাণার্থে (ইম্ ভাগ লোপ) ১মা ১ব০। পুং-কিয়ান্ (বাং-য় ব্যবহার নাই)। স্ত্রীং কিয়তী] বিণ, কি পরিমাণ ; কত অল্প পরিমাণ ; কিঞ্চিৎ ; কিছু। "কি০ দিন পরে অচ্ছোদ সরোবরের তীরে উপস্থিত হইলেন।"-কাদ০। ~পরিমিত-বি, কিঞ্চিৎ পরিমাণ ; কিছু।

কিয়দ্দিন [কিয়ৎ-দিন] বি, কিছুদিন ; অল্প কয়েকদিন।

কিয়দ্দূর [কিয়ৎ-দূর] বি, কিছু দূর।

কিয়া১ [সং-ক্রিয়া ; হি০-কিয়া=কৃত > কৃতকর্ম্মের ফল] বি, কর্ম্মফল ; প্রতিফল ;

উপযুক্ত শাস্তি। 'আমারে যেমন মারিলি তেমন পাইবি তাহার কিয়া।"-ভারত০ [অপ্র০]।

কিয়া₂ [ওরাউঁ শব্দ] বি, ওরাউঁ-দিগের নস্যদানী।

কিয়ামত [আ০-কিয়ামত] বি, সমাধি হতে পুনরুত্থান; মৃতোত্থান; অন্তিম বিচারের দিন। ২ মহাপ্রলয়ের দিন।

কিয়ারি [সং-কেদার] বি, কেয়ারী দ্রঃ। ২ [প্রাদে০] গবাদির ক্ষতস্থানে কীট-নিবারণের জন্য প্রক্রিয়াবিঃ।

কিয়ারী [হি০-কিয়ারী; সং-কেদার] গ্রা০-কেয়ারী] বি, ক্ষেত্র বা উদ্যানের ভূমি খণ্ডে খণ্ডে বিভক্ত করিয়া এবং খণ্ডগুলি আলিবিশিষ্ট করিয়া তার মধ্যে বীজ বপন বা পুষ্পবৃক্ষ রোপণ। ২ ক্ষেত্রখণ্ড; ক্ষেত্র-বিভাগ। ক্রি, কি০ করা-কৃষিক্ষেত্র বা উদ্যান-ভূমি আলিবেষ্টনে খণ্ডশঃ বিভক্ত করা। ২ মানানসহি আলি-বেষ্টনের মধ্যে পুষ্প বৃক্ষাদি কাটিয়া ছাঁটিয়া সুদৃশ্য আকারে পরিণত করা।

কিয়াল,-লা [আ০-কমাল (পরিপূর্ণতা, সম্পূরণ) ভ্রং-কআঁল পরে কিয়াল। গ্রা০-কেয়ালো] বিণ, সম্পূর্ণ; সুসম্পন্ন; ধার্য্য। প্র-কাজ কিয়াল করা। ২ [অর্থসম্প্রসারণে] সুবন্দোবস্ত। প্র-বিষয় কিয়াল করা।

কিয়ে [কিঅ দ্রঃ। হি০-কিয়ে=করনেসে করা হেতু] কি; করায়: করা হেতু; কিনা; বলিয়া। "মদন কৌতুকী কিয়ে হঠ তাহি মান॥"-"মধু মাতল কিয়ে উড়ই না পার।"-বি০ প০। ২ [তুল-কিবা-কিরে; আধু০-কি যে। প্রা০ বাং] কিবা; কেমন। "করিবর কর কিয়ে বাহু বিশালা।"-জ্ঞান০। "কি কহব কিয়ে করল রসকেলী।"-বি০ প০।

কির [কৃ (বিক্ষেপ করা) + অ (র্ক্তৃ-জ্ঞা০) যে (থুথ্‌নি দ্বারা) ভূমি কর্ষণ করে] বি, বরাহ; শূকর। ২ বিণ, ক্ষেপণকারক; ক্ষেপণকারী। ৩ [ধি-অ, যে স্থানে বিক্ষেপ করা হয়] প্রান্তভাগ। ৪ কিরণ; জ্যোতি। "তাপর কির থির করু বাস।"-বি০ প০।

কিরক [কির (শূকর) + ক (অল্পার্থে)] বি, শূকর-শাবক। ২ লেখক।

কিরকির [করকর (দ্রঃ) অপেক্ষা লঘু] বি, কাঁকরের স্পর্শানুভূতি। ২ অধিক মিষ্টাস্বাদ দ্রব্য গলাধঃকরণে গলায় যে অনু-ভূতি হয়। ৩ করকর অপেক্ষা সূক্ষ্ম ও লঘু এবং কুরকুর অপেক্ষা খর শব্দ। বিণ, কির-কিরা, কিরকিরে বালুকাময়। ~া [কিরকির দ্রঃ] বি, নাসিকার অলঙ্কারবিঃ।

কিরণ [কৃ (বিক্ষেপ করা) + অন (র্ম্ম, জ্ঞা০] কৃ=কির্ যা চন্দ্র সূর্য্য হতে বিক্ষিপ্ত হয়] বি, চন্দ্র ও সূর্য্যের রশ্মি; অংশু। ২ [র্ক্তৃ (অ) যে ক্ষেপণ করে] সূর্য্য। ~পাত,-সম্পাত-বি, রশ্মি পতন; কিরণ বর্ষণ। ~ময় [কিরণ + ময়] বিণ, কিরণ-বিশিষ্ট। স্ত্রীং ~ময়ী [কিরণময় দ্রঃ] বিণ, কিরণ-বিশিষ্টা। ২ [এই শব্দের অশুদ্ধ রূপ কিরণ্ময়ী। হিরণ্ শব্দের অনুকরণে বাং-য় কিরণ শব্দকে 'কিরণ্' স্বরূপ উচ্চারণ করায় 'হিরণ্ময়ীর' ন্যায় 'কিরণ্ময়ী' ও চলিয়া গিয়াছে] বি, স্ত্রীলোকের নামবিঃ। "দুর্গা, কালী, শিবনাম শিকেয় তুলে রাখি। সিদ্ধ হ'ল ফুল-কুমারী, কিরণ্ময়ী ডাকি॥"-হেম০।

কিরণমালী [কিরণের মালা + ইন্ (স্ত্য) মূ০-কিরণমালিন্ ১মা ১ব০] বি, সূর্য্য।

কিরমিস্, কিরমিজ, কিমিজ [সং-কৃমিজ > হি০] বি, কৃমিজ দ্রঃ। ২ মোটা বস্ত্রবিঃ।

কিরণাননা [কিরণ - আনন + আ (যুক্তার্থে)-কিরণ আছে আননে যার-বহু০] বিণ, "তরুণ কি০ জাগে সব দিগঙ্গনা।" -সারদা ম০।

কিরা [সং-গিয়া; হি০-গ্রা০-কিরিয়া > কিরে (ক্ষ০)। কিরীয়া] বি, শপথ; দিব্য। "আপনার কিরা যদি তায় মানা করি।"-ঘ০। "কহ ওলো হীরা তোরে মোর কিরা।"-ভারত০।

কিরাইত [সং-কিরাত] বি, বিষধর সর্পবিঃ; ধুমনচিতি bungarus cærulens.

কিরাট, কীরাট, [গ্রা০-কেরেট। সং-কিরাত] বি, ব্যাপারী। ২ বিণ; কৃপণ; লোভী।

কিরাটিকা [কির (পর্ব্বতভূমি)-আটিকা (ভ্রমণকারিণী) ৭তৎ] বি, শারিকা-পক্ষিণী।

কিরা/ত [কির-অত (অৎ-গমন করা) + অ (র্ক্তৃ-জ্ঞা০)] বি, প্রাচীন বন্য জাতিবিঃ; ব্যাধ; চুয়াড়; "বনের হরিণী থাকে কিরাতের সাতে।"-চণ্ডী০। ২ অশ্বপাল: সহিস। ৩ অল্পতনু। ৪ ভুনিম্ব। ৫ দেশবিঃ; পূর্ব্ব হিমালয়স্থ প্রদেশ; ভুটান, সিকিম, মণিপুর ই০ ভূভাগ। স্ত্রীং ~তিনী, ~তী, ~তক-বি, ভুনিম্ব। ২ চিরাতা। ~তাশী [কিরাত + অংশ] বি, গরুড়। ~তি-বি, গঙ্গা।

কিরাততিক্ত-বি, কিরেতা (দ্রঃ)।

কিরাতিনী [কিরাত + ইন মূ০-কিরাতিন্ + ঈ (স্ত্রীং)] বি, জটামাংসী (কিরাত দেশোৎপন্ন বলিয়া)। ২ কিরাত-রমণী।

কিরাতী [কিরাত + ঈ (স্ত্রীং)] বি, কিরাত-জাতীয় রমণী। ২ ব্যাধপত্নী। ৩ চামরধারিণী। ৪ দুর্গা। ৫ গঙ্গা। ৬ কুট্টিনী।

কিরিয়া-কিরা দ্রঃ।

কিরসাদ, কিরাসুদ [কিরা (< ক্রিয়া)-সুদ, সাদ (< শুদ্ধি)-শুদ্ধি ক্রিয়া (র অঙ্গ ক্ষৌরকর্ম্ম)। প্রা০ বাং] বি, ক্ষৌরী। "নাপিতক আনিল ডাকিয়া। রাজা কি০ করিবার লাগিল।"-মাণিক০ গান।

কিরিচ, কিরীচ [মালয় উপদ্বীপের 'ক্রীস্' >। ই০-crease, creese, kreese. kris (Malay dagger with wavy blade)] বি, বক্রমুখ ছোরা; ঢেউখেলান আকৃতির তরবারি।

কিরীট [কৃ (বিক্ষেপ করা) + ঈট (র্ক্তৃ, জ্ঞা০) যা সুবর্ণনির্ম্মিত কিংবা রত্ন-জড়িত থাকা হেতু রশ্মি ক্ষেপণ করে] বি, শিরোভূষণ; মুকুট। বিণ, ~ী।

কিরীটিনী [কিরীট + ইন (স্ত্য) + ঈ (স্ত্রীং)] বিণ, কিরীটধারিণী। "কাঞ্চনসৌধ-কিরীটিনী লঙ্কা।"-মেঘ০। "শুভ্রতুষার-কিরীটিনী।"-রবী০।

কিরীটী [কিরীট (শিরোভূষণ) + ইন্ (স্ত্য) মূ০-কিরীটিন্ ১মা ১ব০] বি, অর্জ্জুন। "পূর্ব্বে যৎকালে দানবেন্দ্রদিগের সহিত যুদ্ধে

প্রবৃত্ত হইয়াছিলাম,তখন দেবরাজ ইন্দ্র আমার মস্তকে সূর্য্যসম সমুজ্জ্বল কিরীট প্রদান করিয়াছিলেন; সেই নিমিত্তই সকলে আমাকে কিরীটী বলিয়া থাকে।"-মহা° (বর্দ্ধ°)। ২ বিষ্ণু। ৩ বিণ, কিরীটধারী; যে মস্তকে কিরীট ধারণ করিয়াছে।

কিরূপ-বিণ, কি প্রকার; কি রকম।

কিরে, [কিরা দ্রঃ] বি, দিব্য; শপথ। "যেওনা গো আর তাঁর কাছে মোর কিরে প্রাণেশ্বর।"-মেঘ°। "আমার মাথার কিরে ব'লো গুণধরে।"-গোপাল উড়ে। "তুই শক্ত কিরে দিয়ে গেলি।"-বা° বসুমতী, ১৩৩৪।

কিরে, [কি-রে (তুচ্ছার্থক সম্বোধন)] অ, প্রশ্নে,সম্বোধনে। প্র-কিরে কোথা যাবি।

কির্ম্মী-বি, ফলহীন বৃক্ষকাণ্ড। ২ ধাতু পুত্তল; স্বর্ণ বা লৌহ পুত্তল।

কির্ম্মীর [কৃ (বিক্ষেপ করা)+মীর (র্ত্তৃ-জ্ঞা°)] বি, বকরাক্ষসের ভ্রাতা। ২ বিণ, বিচিত্রবর্ণ। তুল-হিং কির্মিজ। ~জিৎ -বি,ভীম।

কিল, কীল [কিল (প্রেরণ করা)+অ (র্ত্তৃ, জ্ঞা°)] বদ্ধমুষ্টি। "কার নাম শুনিয়া সে কিল ওছাইয়া হাসে।"-কুঙ্কুম। ২ কীলক; প্রেক। ক্রি, কিলন, কিলান; কিল মারা। **~খেয়ে কিল চুরি করা**-আঘাত পাইয়া বা অপমানিত হইয়া তা প্রকাশ না করা। কিলদগড়া দ্রঃ। **~মারা**-ক্রি, মুষ্ট্যাঘাত করা; মুষ্টি দ্বারা প্রহার করা। "চাপড় চোপড় মারে আরো মারে কীল।"-বিজয় গুপ্ত। **কিলাইয়া দেওয়া**-কিল প্রয়োগ করা; উপরি উপরি কিল মারা।

কিলকিল, -লা, -লি [সং-কিলকিলা] বি, কিল কিল শব্দ, অব্যক্ত ধ্বনি। ২ বানরের হাস্যধ্বনি। ৩ হর্ষধ্বনি; কল কল শব্দ। ৪ [বহুজন বা প্রাণীর গতি-জনিত শব্দ >] বহুসংখ্যক মানুষ বা জীবজন্তুর একস্থানে চলা ফেরা। প্র-মাঠে ঘাটে হাটে বাজারে লোক কিলকিল কচ্চে। সাপ কিলকিল করা; ভূত কিলকিল করা [দ্রঃ-সাধাঃ মনুষ্যাদি পক্ষে কিলকিল শব্দের ব্যবহার। নিকৃষ্ট জীব যথা পশু সরীসৃপাদি পক্ষে কিলবিল শব্দ একার্থে ব্যবহৃত হয়]।

কিলদগড়া [কিল দ্রঃ। কিল-দগড়া (হিং-তে পথে গাড়ীর চাকা বা হাঁটা হাঁটিতে যে দড়ার মত দাগ পড়ে) কিল খাইতে খাইতে যার অঙ্গে দাগ পড়িয়া গিয়াছে] বিণ, অঙ্গ যার সারি সারি কিলের দাগ-পড়া; হিজলদাগা; মারবেঁচড়া।

কিলকিঞ্চিত [সং-নাট্যশা° (নন্দিকেশ্বর)] বি, অঙ্গাভিনয়ে হাস্য, ক্রন্দন, শ্বাসরোধানুভবাদি লক্ষণ, ক্ষোভোন্মাদ ই° উৎকট ভাব প্রদর্শন hysterics.

কিলাকিলি-বি, কিল মারামারি।

কি-লাগি [কি-লাগি (হেতু)। প্রাদে°-বাং-প্রাকৃ°, কিলাই] কি জন্য, কি হেতু। "কেন গো প্রিয়ে কি লাগি মানিনী।"-নিধু°।

কিলাট-বি, দুগ্ধবিকার; ছানা; পনির।

কিলাটী-বি, বংশ; বাঁশ।

কিলাস [কিল্ (ক্রীড়া)-অস্ (ক্ষেপণ করা বা হওয়া)+অ (ভা°)] বি, স্পর্শাক্রামক রোগবিঃ; ছুলি। ~ঘ্ন কিলাসরোগনাশক। ২ কাঁকরোল গাছ।

কিলানি [কিল্ (মুষ্টি)-আন (প্রয়োগ করণার্থে কিলোনো ও°) উ°-পূ°-কিলাই। ম°-পূ-কিলাও। প্র°-পূ°-কিলায়। অস-ক্রি-কিলাইতে; কিলাইয়া; কিলইয়ে] ক্রি, মুষ্ট্যাঘাত করা। **কিলাইয়া কাঁটাল পাকানি**-ফল পাকিলে নরম হয়, কিন্তু জোর করিয়া নরম করিতে পারিলে যে কাঁচা ফলও পাকিয়া উঠিবে তা হয় না, সুতরাং অসম্ভব সম্ভব করা। প্র-কিলাইয়া কাঁটাল পাকান যায় না।

কিলিঞ্জক [সং] বি, মাদুর। "এক প্রান্ত হতে অন্য প্রান্ত পর্য্যন্ত একখানি হিরণ্ময় কি° বিস্তৃত হইয়াছে।"-জাতক°।

কিলেস [ব্রজ°। হিং-প্রা°-'কলেস'। প্রা°-বৈ° পদ° সা°। প্রা° বাং] বি, ক্লেশ দ্রঃ।

কিল্লা, কেল্লা [আ°-কিলা] বি, দুর্গ; গড়। ২ [পারিঃ] স্বর্ণকারের যন্ত্রবিঃ; সোনারূপার পাতে টোপের মত খোল করিতে খোল-করা কাঁসার পাত; কাঁসলা (দ্রঃ)।

কিল্বিষ [সং] বি, কলুষ; পাপ। ২ রোগ; ব্যাধি। ৩ অপরাধ; দোষ।

কিশল, কিসল [কিং (কিঞ্চিৎ-কিছু) শল্ (গমন করা)+অ (র্ত্তৃ-জ্ঞা°) যারা কিছু গমন করিয়াছে অর্থাৎ বৃক্ষ হতে অল্পদিনমাত্র অঙ্কুরিত হইয়াছে] বি, নবীনপল্লব; নূতনপত্র; কচিপাতা। ২ নবীন পত্রবিশিষ্ট ক্ষুদ্র শাখা [বিরল]।

কিশলয়, কিসলয় [বৈদিক সং-কিসলয়; পরে 'স' স্থলে 'শ'। কিং=কি (কিঞ্চিৎ-কিছু) শল্ (গমন করা)+অয় (র্ত্তৃ, জ্ঞা°) যারা কিছু গমন করিয়াছে অর্থাৎ অল্পদিন হইল বৃক্ষ হতে অঙ্কুরিত হইয়াছে] বি, কচিপাতা; নবপত্র; নূতন পাতা। ২ নবপল্লব; নূতন পত্রযুক্ত ক্ষুদ্র শাখা।

কিশোর [কিম্=কি (কুৎসিতরূপে কিংবা অল্পমাত্র) শৃ (গমন করা)+ওর(র্ত্তৃ) ঋ লোপ -যে কুৎসিতভাবে কিংবা অল্পপরিমাণে গমন করিতে পারে] বিণ, অপ্রাপ্তবয়স্ক; ১১ বৎসর হতে ১৫ বৎসর পর্য্যন্ত যার বয়স হইয়াছে। ২ বি, বালক; শিশু। স্ত্রীং ~রী। "বামে লয়ে রাই কিশোরী, দাঁড়াও ওহে বংশীধারী।"-বাং গান। ৩ নবযুবা। ৪ বি, সূর্য্য। ৫ অশ্বশাবক।

কিশমিশ [ফা°-কিশ্ মিষ্। প্রা°-কিচ্মিচ, কিচ্মিচি] বি, সুমিষ্ট ফলবিঃ; মধুপক্ব আঙ্গুরফল; বীজশূন্য শুষ্ক আঙ্গুর raisins. (বড় ও সবীজ শুষ্ক আঙ্গুরকে মনাক্কা বলে)।

কিষাণ [সং-কৃষাণ >, হিং-কিসন। প্রা° বাং-কিসান (শূ° পু°] বি, কৃষক।

কিষ্কিন্ধ, কিষ্কিন্ধ্য [কিখি (বানর)-ইন্ধ+শিচ্=ইন্ধি (দীপ্তি পাওয়ান)+অ (ধি-জ্ঞা°)-যে স্থান বানর কর্ত্তৃক শোভা পায়] বি,ওড্রদেশস্থিত পর্ব্বতবিঃ। স্ত্রীং কিষ্কিন্ধা, কিষ্কিন্ধ্যা-বালী রাজার রাজধানী; বর্ত্তমান বেল্লারীর উত্তরে পর্ব্বতশ্রেণীমধ্যে কিষ্কিন্ধ্যা নগরী অবস্থিতা ছিল, বর্ত্তমান মহীশূররাজ্য কিষ্কিন্ধ্যার অন্তর্গত ছিল।

কিষ্কিন্ধ্যাধিপ [কিষ্কিন্ধ্যার অধিপ (রাজা)-৬ তৎ] বি, ২ কিষ্কিন্ধ্যা দেশের রাজা বালী। ৩ সুগ্রীব।

কিষ্কু [সং] বি, কনুই হতে মণিবন্ধ পর্য্যন্ত

এক হাত। ২ দ্বাদশ অঙ্গুলি পরিমাণ; এক বিঘৎ।

কিসকে, কিসর্ক, কিসে, কিযে [হি৽-র অনুকরণে। প্রা৽ বাং] অ, কি কারণে; কেন। "কিসকে হরিল ঘোড়া কারণ কি তার।"-মহা৽ (শ্রীকর)। "কিসক যৌবন রাখা করহ নিফল।"-শ্রী৽ কী৽। "দূতী পাঠাইলোঁ মোএঁ কিযে।"-ঐ।

কিস্‌ম [আ৽-কিস্‌ম্‌। বিকারে, কিসম, কসম, কছম, কিছিম] বি, প্রকার; রকম; ভেদ। প্রা৽-মুসলমানী বাং-কছম।~ওয়ারি হি৽-র অনুকরণে] বিণ, থাক বা শ্রেণী অনুসারে; রকমারি।

কিস্‌ম, কিসিম, কিস্‌ম [আ৽-কিস্‌ম্‌] বি, প্রকার; রকম; প্রকৃতি।

কিসমৎ, কিসমিৎ [আ৽-কস্‌মৎ] বি, ভাগ্য; কপাল। "আদ্দেক বাড়ী সহর মাঝে হ'চ্চে মেরামৎ,-শুনতে ভালো "একজিবিসন্‌"-একজনার কিস্‌মৎ।"-হেম৽। ২ খণ্ড; মৌজার অংশকে কিসমৎ বা কিসমিৎ কহে; উভয় জমিদারের জমি পরস্পরের জমিদারীর মধ্যে থাকিলে তাকেও কিসমিৎ বলে। উভয় তালুকের অধীন জমি। ৩ ['কিসমত'-মানভূম অঞ্চলে Hunter's Bengal Records] অংশ সরিকানি share.

কিসল, কিসলয়-কিশল দ্রঃ।

কিস্‌মিস্‌ [ফা৽-কিশ্‌মিশ্‌] বি, শুষ্ক আঙুর raisins.

কিসে [হি৽-কিস্‌সে: সং-কস্মাৎ] অ, কি >; কেন; কি জন্য। প্র-এ কথা কিসে উঠিল। ২ কোন বস্তু দ্বারা। ৩ কি উপায়ে; কিরূপে। প্র-কিসে ভুলালে। ৪ কাহাতে; কাহার মধ্যে। প্র-কিসে মিশাইয়া দিলে; সেটা কিসে আছে। ~র [নঞর্থক প্রশ্নে] অ, কেন হতে যাবে? "ন বছরের ছেলে কিসের ছেলেমানুষ গো। ওর বয়সী কত ছেলে পরের ঘরে খেটে খাচ্ছে।"-বাং, বসুমতী ১৩৩৪।

কিস্তি [আ৽-কিস্‌ত্‌] বি, ঋণ-পরিশোধের অবধারিত সময়। ২ মাল বোঝাই বৃহৎ নৌকা। ৩ খাজনা আদায় করিবার বা দিবার নির্দিষ্ট সময়। ৪ দাবা খেলায় কোন বলের দ্বারা বিপক্ষ রাজাকে ধরা। "পীলের কিস্তি মাত হল।"-রা৽ প্র৽। ৫ দফা; বার; ক্ষেপ। "ঐ কিস্তিতে।"

কিস্তিবন্দী,-ন্দি [কিস্তি দ্রঃ।ফা] বি, ঋণপরিশোধের সময় অবধারণপূর্ব্বক সম্পাদিত দলিল: অবধারিত সময়-নিরূপক পত্র। ২ অল্পে অল্পে প্রাপ্য বা দেয় টাকা আদায় বা শোধ করিবার ধারা। ~খত-বি, যে খতে একেবারে টাকা না দিয়া কিস্তি-কিস্তি টাকা দিবার কড়ার থাকে।

কিস্তিমাত-বি, দাবা খেলায় বিপক্ষ রাজাকে চতুর্দ্দিক্‌ হতে এরূপ ভাবে আক্রমণ যে তার পলাইবার পথ না থাকে। কি৽ করা-রাজাকে সর্ব্বতোভাবে বন্দী করা।

কী [সং-কিম্‌। কি দ্রঃ। তুল-সং-কীদৃক্‌। মৈ৽ বা উত্তরবিহারী ভাষায় 'কি' ও 'কী'র প্রভেদ নাই (Grierson's Maithili Dialect, Pt I. Grammar, 2nd Edition, pp. 99-101), তার অনুকরণে প্রা৽-বাং-য় 'কি' ও 'কী' নির্ব্বিশেষে প্রচলিত হয়। বি৽ প৽ পদাবলীতে ভূরি ব্যবহার। গোবিন্দদাসের পদাবলীতে-"কী ফল অম্বরে হিম-ঋতু-রাতি।" প্রা৽-বাং-পদ্যে -"তারা সব কী করিতে পারে," "রসাদ্য বরগির তবে কি করিতে পারে," "এতেক মিনতি কর কীসের কারণ।"-মহারাষ্ট্র পুরাণ (১৮শ শতাব্দীর মধ্যকালের বাং)। "কী রূপে ভাবিব।"-শূ৽ পু৽। পদ্মাপুরাণে 'কি' ও 'কী' দুই ব্যবহৃত, যথা-"গন্ধ পাই কি কারণে," "কৃষ্ণ এথা আইল কী কারণে," "কি কারণে আইলা কৃষ্ণ।" মধ্য-বাং-সাহিত্যে অপ্র৽। অধু৽ কোন কোন লেখক কর্ত্তৃক পুনঃপ্রচলিত] অ, কেন। "কী কুচ অঞ্চলে রাখহ গোএ।"-বি৽ প৽। "সামরি হে ঝামরি তোর দেহ। কী কহ কইসে উপজিল নেহ॥"-বি৽ প৽। ২ বিতর্কে; কিংবা; কিবা। "কী পহু পিশুন বচন দেল কান। কী পর কামিনী হরল গেআন॥ কী পহু বিসরল পুরুষক নেহ। কী জীবন দহ পরল সন্দেহ॥"-বি৽ প৽। ৩ [সাধু বাং-গদ্যে। ব্যবহার এখনও সীমাবদ্ধ] ভয়প্রদর্শনে; তর্জ্জনে; (ক্রোধে)। প্র-কী এত বড় স্পর্দ্ধা। (২) বিস্ময়ে। প্র-কী সর্ব্বনাশ। (৩) বিরক্তিতে। প্র-আঃ কী কর, চুপ করে থাক। (৪) ঘৃণা; লজ্জা। প্র-কী ঘেন্না। কী লজ্জা। ৪ প্রয়োজনবিঃ, "মোর রূপ যৌবনে তোহ্মাতে কী।" "কাহ্নু যিনি মোর রূপ যৌবনে কী।"-ঐ।

কীকট [সং] বি, ঘোটক; অশ্ব। ২ প্রাচীন মগধ; বেহারদেশ। ৩ বেহার-দেশবাসী লোক। ৪ বিণ, কিপ্‌টে; কৃপণ;

কীকশ [কিম্‌=কী-কশ্‌ (শব্দ করা) +অ (র্ত্তৃ, জ্ঞা৽) যারা শিকারের কালে কুৎসিত শব্দ করে) বি, চণ্ডাল।

কীকস [কম্‌=কী-কস্‌ (গমন করা)+ অ (র্ত্তৃ, জ্ঞা৽) যারা অল্পমাত্র গমন করে] বি, কীটবিঃ। ২ অস্থি; হাড়; ৩ বিণ, কঠোর; কর্কশ; কঠিন।

কীকি [কী (অনুকরণ শব্দ) কি (কৈ-শব্দ করা+ই (র্ত্তৃ, জ্ঞা৽) যারা 'কী' এইরূপ শব্দ করে] বি, নীলকণ্ঠ পক্ষী; চাষপাখী। ২ [কী দ্রঃ] কোন্‌ কোন্‌।

কীচক [চীক্‌ (শব্দ করা)+অক (র্ত্তৃ-জ্ঞা৽-চীক্‌=কীচ্‌)] বি, যে বাঁশ বায়ুপ্রবাহে শব্দ করিতে থাকে; বংশবিঃ। "কী৽ কণ্টকবনে লুকাল শজারু।"-কবি। ২ নলখাগড়া। ৩ দৈত্যবিঃ। ৪ কেকয় রাজার পুত্র, বিরাট রাজার শ্যালক, ভীম যাকে বধ করিয়াছিলেন। ৫ [প্রাদে৽-মৈমনসিং] কক্কড় লোক।

কীট [অপ্রাচীন সং। অমরে কীট শব্দ নাই। হেমচন্দ্রে-"নীলঙ্গুঃ কৃমিরন্তর্জ্জঃ ক্ষুদ্রঃ কীটো বহির্ভবঃ।" অন্তর্জ্জাত কীটের নাম কৃমি, বহির্জ্জাত কীট। কীট্‌ ধাতু গমনে। দেহীর অন্তরে ও বহির্জগতে যাদের গমনাগমন] বি, কৃমি; কীট worm. ২ [কাটিয়া ভিতরে প্রবেশ করে বলিয়া] পোকা insect. ৩ নিষ্ঠুর; নির্দ্দয়। ৪ অনিষ্টকারী। ৫ নীচ; নিতান্ত অবজ্ঞার পাত্র ~পতঙ্গ-পক্ষহীন ও সপক্ষ কীট; পোকামাকড়।

কীটঘ্ন [কীট (কৃমি-পোকা) হন্‌ (বধ করা)+ অ (র্ত্তৃ) হন্‌=ঘ্ন্‌ যে কৃমি নষ্ট করে] বি, গন্ধক। ২ বিণ, কীটনাশক।

কীটজ [কীট (কৃমি, পোকা)-জ (র্ত্তৃ)

প্রত্যয়ান্ত জন >, যা কীট হতে উৎপন্ন হয়] বি, কোষকৃমিজ ; রেশম। ২ বিণ, রেশমী। স্ত্রীং ~া-লাক্ষা ; লা।

কীটমণি [কীটের মধ্যে মণি। ইহাদের পশ্চাদ্‌ভাগে জ্যোতিঃ আছে বলিয়া] বি, জোনাকি পোকা ; খদ্যোত অপেক্ষা বৃহদাকার কীটবিঃ ; যাদের পশ্চাদ্‌ভাগ অন্ধকারে মণির ন্যায় জ্বলিতে থাকে।

কীটাণু [কীটের মধ্যে অণু-৭ তৎ] বি, চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট animalcule.

কীটার্দ, কীটাশী [কীট (পোকা) অদ্ (ভক্ষণ করা) + অ (র্ত্তৃ-জ্ঞা০) ;-অশ্-ণিন (র্ত্তৃ)] বি, কীটভক্ষক।

কীটি [পাবনা প্রাদে০] বি, জলপ্লাবন deluge. "কীটির আগে।"

কীড়া [হি০] বি, কৃমি ; কীট ; পোকা। "কোটি জন্ম গ্রেছে তোরে কীড়ায় খাওয়াইমু।" "বিষয়-বিষ্ঠাগর্ত্তের কীড়া।"-চৈ০ চ০।

কীদৃক্, কীদৃশ [কিম্=কী (কিরূপ)= দৃশ্ (দেখা) + ক্বিপ (র্ম্ম)=কীদৃক্ ; দৃশ্ + অ (র্ম্ম)=কীদৃশ, ইহা কার ন্যায় দৃষ্ট হয়] বিণ, কিরূপ ; কিপ্রকার ; কেমন ; কি রকম। স্ত্রীং কীদৃশী। [আধু০-বাং-বিরল]।

কীনাশ [কীম্=কী (কুৎসিত)-নশ্ + ণিচ্=নাশি (ধ্বংস করা) + অ (র্ত্তৃ-জ্ঞা০) যে কুৎসিতকেও বিনাশ করে অর্থাৎ যে সকলকেই বিনাশ করে] বি, সংহারকর্ত্তা ; যম। ২ একজাতীয় বানর। ৩ বিণ, নীচ ; ক্ষুদ্র। ৪ কৃষিজীবী ; কৃষিকর্ম্মকারী ; কৃষক। ৫ লোভী। ৬ পশুঘাতক ; পশুবধ-কর্ত্তা। ৭ গুপ্ত হত্যাকারী ; যে গোপনে হত্যা করে।

কীর [কী (অনুকরণ শব্দ) ঈর্ (প্রেরণ করা) + অ (র্ত্তৃ-জ্ঞা০) 'কী' এইরূপ শব্দ যে বারংবার উচ্চারণ করে] বি, শুকজাতীয় পক্ষী। "তাপর কীর থির কর বাস।" -বি০ প০। ২ কাশ্মীর দেশ। ৩ মাংস।

কীরাট-কিরাট দ্রঃ।

কীর্ণ [কৄ (বিক্ষেপ করা) + ত (র্ম্ম) কৄ= কীর্, ত=ন, যা বিক্ষিপ্ত হইয়াছে] বিণ, ইতস্ততঃ নিক্ষিপ্ত ; বিক্ষিপ্ত ; বিছান। ২ ব্যাপ্ত ; আচ্ছন্ন।

কীর্ত্তক [কৄত্ (কীর্ত্তন করা) + অক (র্ত্তৃ, কৄত্=কীর্ত্ত্)] বিণ, যে গুণ কীর্ত্তন করে; যে বর্ণনা করে ; গুণানুবাদক ; গুণ-প্রকাশক। ২ নির্দ্দেশক। ৩ উল্লেখক।

কীর্ত্ত/ন [কৄত্ (কীর্ত্তন করা) + অন (ভা০)। গ্রা০-কেত্তন] বি, গুণকথন ; যশঃ-খ্যাপন। ২ কৃষ্ণলীলা-বিষয়ক সংগীত। ৩ কথন ; বর্ণন। ~না-বি, খ্যাতি ; যশঃ। ~নাঙ্গ-বি, কীর্ত্তন-শ্রেণীর গানের সুর। ~নিয়া, ~নে [গ্রা০ কীর্ত্তুনে, কিত্তুনে] বি, বিণ, যে বা যারা কীর্ত্তন গায়। স্ত্রীং ~নী [গ্রা০-কিত্তুনী] বি, যে নারী কীর্ত্তন গায় ; কীর্ত্তন-গায়িকা।

কীর্ত্তনীয় [কৄত (কীর্ত্তন-প্রশংসা করা) + অনীয় র্ম্ম] বিণ, কীর্ত্তনযোগ্য ; কথনীয় ; বর্ণনীয়। ২ গণনীয়। ~া [কীর্ত্তন দ্রঃ। গ্রা০-কিত্তুনে] বিণ, যারা সংকীর্ত্তন করে ; কীর্ত্তনগায়ক।

কীর্ত্তি [কৄত্ (প্রশংসা করা) + তি (ভা০) কৄত্=কীর্ত্ত্। প্রাকৃ০-কিত্তি] বি, সুখ্যাতি ; যশঃ ; সুনাম। ২ প্রসাদ। ৩ মৃত লোকের প্রশংসা ; খ্যাতি [দ্রঃ-দানাদির জন্য খ্যাতির নাম কীর্ত্তি আর শৌর্য্যাদি জন্য খ্যাতির নাম যশঃ (মাধবী-শ০ ক০ দ্রুমে)] ৪ (কদর্থে) কুকীর্ত্তি ; অকাণ্ড। ~কর-বিণ, প্রশংসনীয় ; যশস্কর ; খ্যাতিজনক। ~কলাপ-বি, যশোরাশি ; কীর্ত্তিসমূহ। ~জনক-বিণ, কীর্ত্তিকর। ~ধ্বজা-বি, যশোনিশান ; গৌরব পতাকা। ~মন্দির-বি, যশের মন্দির ; কীর্ত্তিখ্যাপক বা যশের স্মারক মন্দির বা গৃহ। ~মেখলা-বিণ, যশোবেষ্টিত ; যার কীর্ত্তি চতুর্দ্দিকে কটিভূষণের ন্যায় বেষ্টন করিয়া অর্থাৎ বিঘোষিত ও প্রতিষ্ঠিত হইয়া আছে। ২ বি, কীর্ত্তিরূপ কটিভূষণ : চতুর্দ্দিগ্‌ব্যাপী যশ। ~ত [কৄত্ + ত (র্ম্ম) ই-আগম। কৄত্ =কীর্ত্ত্] বিণ, বর্ণিত ; বিবৃত। ২ খ্যাত ; কথিত ; উক্ত। ৩ নির্দ্দিষ্ট।

কীর্ত্তি/বাস [মাইকেল ইহা ব্যুৎপত্তি গত অর্থে এবং 'কৃত্তিবাস' অর্থে ব্যবহার করিয়া গিয়াছেন। কীর্ত্তি (যশঃ) হইয়াছে বাস (পরিধেয় স্বরূপ) যার-বহু০ বা যাতে কীর্ত্তি সর্ব্বদা বাস করে] বিণ, পরম যশস্বী অতিশয় খ্যাতিসম্পন্ন। "* * * কীর্ত্তিবাস কীর্ত্তিবাস কবি, এ বঙ্গের অলঙ্কার।"-মেঘ০। ২ বি, বাংলা ভাষায় রামায়ণ-রচয়িতা স্বনামধন্য কবি কৃত্তিবাস। শান্তিপুর ফুলিয়াতে ইঁহার জন্ম। ইঁহার পিতার নাম বনমালী ওঝা, মাতা মালিনী দেবী. ইনি গৌড়েশ্বরের আজ্ঞাক্রমে সরল বঙ্গভাষায় সাতকাণ্ড রামায়ণ রচনা করিয়া অমর হইয়া গিয়াছেন। "কৃ০ নাম তোমা !-কীর্ত্তির বসতি সতত তোমার নামে সুবঙ্গ-ভবনে, কোকিলের কণ্ঠে যথা স্বর, কবিপতি।" -চতুর্দ্দশপদী কবিতাবলী। ~ভাক্ [কীর্ত্তি (যশঃ) ভজ্ (ভজন করা) + ক্বিপ্, (র্ত্তৃ), মৃ০-কীর্ত্তিভাজ্ ১মা ১ব০] বিণ, কীর্ত্তিমান্ ; কীর্ত্তি-শালী ; যশস্বী ; কীর্ত্তিবিশিষ্ট। ২ বি, দ্রোণাচার্য্য। ~মান্ [কীর্ত্তি (যশঃ) + মৎ (স্ত্য) মৃ০-কীর্ত্তিমৎ ১মা ১ব০] বিণ, কীর্ত্তি-বিশিষ্ট ; যার কীর্ত্তি বিরাজিত আছে। ২ বসুদেবের প্রথম বা জ্যেষ্ঠ পুত্র। ~শেষ [কীর্ত্তির শেষ-৬ তৎ] বি, প্রাণান্ত ; প্রাণ-ত্যাগ ; মৃত্যু ; মরণ। ২ [কীর্ত্তির শেষ যার -বহু০] বিণ, মৃত। ~স্তম্ভ [কীর্ত্তি (যশঃ) স্মরণার্থ স্তম্ভ-ধা] বি, কার ও কীর্ত্তি চির-স্মরণীয় বা সকলের চিত্তে জাগরূক রাখিবার জন্য নির্ম্মিত বা প্রতিষ্ঠিত স্তম্ভ ; স্মারক স্তম্ভ monument.

কীর্য্যমাণ [কৄ (বিক্ষেপ করা) + আন (র্ম্ম) য-ম্ আগম] বিণ, ক্ষিপ্যমাণ ; যা ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে।

কীল [কীল্ (বন্ধন করা) + অ (গে-জ্ঞা০) যদ্দ্বারা দ্বার বন্ধন বা অবরোধ করে] বি, দ্বারবন্ধনী ; হুড়কো ; খিল ; তস্‌লা। ২ শঙ্কু ; গোঁজ ; খোঁটা। ৩ শল্য ; প্রেক। ৪ [সং-কীল] কনুই। ৫ মুষ্টি ; ঘুষি ; মুকুট দ্রঃ। প্র-কীল দেখান। ৬ মুষ্ট্যাঘাত ; মুষ্টি প্রহার। প্র-কীল খেয়ে কীল চুরি। স্ত্রীং ~া-অগ্নির শিখা। ২ কাঁটা ; প্রেক [দ্রঃ-কীল-মুষ্টির নিম্নভাগ ; ঘুষি-মুষ্টির সম্মুখ-ভাগ] কী০ খাওয়া-আঘাত পাওয়া। কী০ খেয়ে কী০ চুরি-অপমানিত হইয়া অপমান প্রকাশ না করিয়া গোপন করা। ~হজম করা-মুষ্ট্যাঘাত সহ্য করা।

কীলক [কীল+ক (স্বার্থে)] বি, কীল (দ্রঃ)। ২ গাভী ইং দোহনার্থ বন্ধনস্তম্ভ। ৩ পশ্বাদির গাত্র কণ্ডূয়নের জন্য প্রোথিত কাষ্ঠখণ্ড। ৪ তন্ত্রশাস্ত্রে কথিত দেবীবিঃ। ৫ মন্ত্রবিঃ। ৬ স্তববিঃ। ৭ বর্ষবিঃ।

কীলিনি, কীলানি [কীল দ্রঃ] ক্রি, ক্রমাগত কীল মারা ; উপর্য্যুপরি কীল প্রয়োগ করা।

কীলা [২৪ পরগণা প্রাদেং। খিল₂ (১) (২) দ্রঃ] বিণ, অনাবিষ্কৃত ; জঙ্গলপূর্ণ uncleaned (jungle). "কীলা জঙ্গল।" ২ [মেদিনীং নদীয়া অঞ্চলে] ধান জমি। paddy land. ~কীলি [কীল দ্রঃ] বি, ঘুষাঘুষি ; পরস্পর কীল মারামারি।

কীলানি-কিলান দ্রঃ।

কীলায়িত [সং] বিণ, দৃঢ়ীকৃত।

কীলাল [কীল (অগ্নির শিখা) অল (নিবারণ করা)+অ (র্তৃ-জ্ঞাং) যে অগ্নি-শিখা নির্ব্বাপিত করে] বি, অম্বু ; জল ; পানীয়। ২ মধু। ৩ অমৃত। ৪ রক্ত। ৫ পশু।

কীলিত [কীল্ (বন্ধন করা)+ত (র্ম্ম) ই-আগম। যাকে বন্ধন করা হইয়াছে] বিণ, সম্বদ্ধ ; কৃতবন্ধন, ; রুদ্ধ ; আবদ্ধ ; খিলবদ্ধ।

কীশ [ক (বায়ু)+ই (অপত্যার্থে=কি (পবনপুত্র হনুমান্) হইয়াছে ঈশ (স্বামী) যাদের-বহুং] বি, বানর ; মর্কটজাতি। ২ পক্ষী। ৩ সূর্য্য। ৪ বিণ, পরিধানবস্ত্রহীন ; বিবস্ত্র ; নগ্ন ; উলঙ্গ। ৫ [বিদ্রূপোক্তি] দরিদ্র ; ন্যাংটা। "কীশ তেঁই হেন হাতে পরায়েছে মেঠো।"-শিং।

কীশপর্ণ [কীশ (বানর)+পর্ণ (পত্র) (কীশের তুল্য লোমযুক্ত পত্র যার-বহুং)] বি, আপাং গাছ। স্ত্রীং ~ী।

কীষ [সং-কিং > বৌং বাং প্রাকৃং অ, কিং। "লুই ভণই ভাইব (ভাষ্যং-ভাবা যায়) কীষ।"-চং পদং ২৯।৫।

কীস [সং-দৃশ] অ, কিরূপ। "আচ্ছহ কীস।"-চং পদং ৬।১।

কু₁ [সং। "কুঃ পৃথিবী।"-অমরং। কু (শব্দ করা)+উ (ঝি) নানাবিধ শব্দের স্থান ; গ্রহ উপগ্রহ সমস্তই নিয়ত ঘূর্ণ্যমান বলিয়া শব্দের আগার] বি, পৃথিবী। ২ ভূমি ; ভূতল ; ভূভাগ। ৩ ["পাপকুৎসেষদর্থে কু।" -অমরং] পাপ। ৪ কুৎসা ; নিন্দা। ৫ বেদ-বেদাঙ্গ ; নিগমাগমাদি শাস্ত্র। "কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ।"-ভারতং। ৬ বিণ, মন্দ ; কুৎসিত ; নিন্দিত ; দুষ্ট ; কলুষিত ; ধর্ম্ম ও নীতিবিগর্হিত। প্র-কুঅভিসন্ধি ; কুঅভ্যাস ; কুশিক্ষা ; কুপ্রবৃত্তি ; কুবুদ্ধি ; কুচিন্তা ; কুকাজ ; কুকথা ; কুসঙ্গ ; কুরীতি ; কুনীতি ; কুপথ ; কুপরামর্শ ; কুদৃষ্টান্ত। ৭ অমঙ্গলজনক ; অকল্যাণকর ; অশুভ। প্র-কুলক্ষণ ; কুদৃষ্টি ; কুগ্রহ ; কুদিন। ৮ কূট ; কুটিল। প্র-কুপরামর্শ ; কুমন্ত্রণা ; কুতন্ত্র ; কুতর্ক। ৯ অহিতকর ; অপকারজনক। প্র-কুপথ্য। ১০ দুর্লভ। "সারাটী জীবন কু-আশা পুষিনু।"-সত্যেন্দ্র বসু। সম্বন্ধে-কর, কুএর, কুইয়ের, কুয়ের-মন্দের ; অনিষ্টের ; অহিতের। কুয়ের গোড়া-অনিষ্টের মূল ; অমঙ্গলের নিদান। ২ কুপরামর্শ বা কুমন্ত্রণাদাতা। "ঐত কুয়ের গোড়া।" -অং বসু।

কু₂ [দ্রবিড় কর্ত্তৃ ও কর্ম্মকারক বিভক্তি= কু (ওড়িং)=কে, ক (প্রাং বাং) রঙ্গপুর প্রাদেং ক (তাক=তাহাকে, মোক মোকে= আমাকে) হুগলী ইং অঞ্চলে 'ঢেক'= কলিকাতা অঞ্চলে 'ঢের' ; ক=র (কর্ত্তৃ-কারকে) ঢেক হয়েচে। অ, কর্ত্তৃ ও কর্ম্মকারক বিভক্তির প্রাদেং রূপ।

কুআ, কূয়া [প্রাং-কোয়া। সং-কূপ। প্রাকৃং-কূয় ; কূঅ। হিং-কুঁআ, ছোট-কুপ কুঁইয়াঁ। কুয়া দ্রঃ] বি, কূপ ; পাতকুয়া ; ইঁদারা। কাঠকূয়া-কাঠের বাঁধান কূপ। পাতকূয়া-পাটা বা পাড় দিয়া বাঁধান কূপ।

কুআশা [কু (মন্দ, দুর্লভ)+আশা] বি, দুরাশা ; দুরাকাঙ্ক্ষা। "সারাটী জীবন কু-আশা পুষিনু (শেষে) কু-আসায় আশা-মুকুল ঝরে যে পড়িল।"-বাং-গান।

কুই [সং-কিং > বৌং বাং-প্রাকৃং] অ, কি। "কুই সুজই।"-সং বং দোং।

কুইতি [প্রাদেং] বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধি-বিঃ।

কুইনাইন, কুইনীন, কুইনেন [ইং-quinine] বি, সিন্কোনা (cinchona) ; বৃক্ষের বল্কলজাত অতি তিক্তরস জরঘ্ন ঔষধবিঃ। "ডাক্তার যতই কুইনাইন দেয়, বাধাপ্রাপ্ত প্রবল স্রোতের ন্যায় জ্বরও তত উর্দ্ধে চড়িতে থাকে।"-গল্প-গুচ্ছ (রবীং)।

কুইনাইনধরা-অধিক কুইনাইন খাইয়া মাথা ঘোরা ; কান ভোঁ ভোঁ করা।

কুইল₁ [ইং-quill] বি, ময়ূর, হংস ইং পক্ষীর বড় পালক যাতে সাধাং লিখিবার কলম করা হয়। ~পেন [ইং-quill pen] কুইলের কলম।

কুইল₂ [প্রাদেং গ্রাং] বি, কোকিল (মৈং গীং)।

কুউ [সং কু (কূজনে)] বি, কোকিলের কূজন।

কুঁ-অনুকার শব্দ। কুঁকুঁ-অনুকার শব্দ ; কুকুরের ছানার ডাক।

কুঁঅড়া [কুমড়া >, কোঁঅড়া ও। চং কং ভাং] বি, কুমড়া।

কুঁঅর, কুঁয়র [হিং-কুঁঅর। সং-কুমার। স্ত্রীং-কুঁঅরি। প্রাং-বাং-কোঅঁর ; কোঙর (দ্রঃ)। চং কং ভাং-কুঁআর] বি, কুমার।

কুঁইকুঁই-কুকুরের ছানার ডাক।

কুঁইলা [চং কং ভাং] বি, কোকিলা।

কুঁউর [চং কং ভাং] বি, কুকুর।

কুঁকড়ন [কুঁকড়া দ্রঃ] ক্রি, সঙ্কুচিত হওয়া ; জড়সড় হওয়া। ২ বি, সঙ্কোচন।

কুঁক/ড়া₁, কুঁকু/ড়া [সং-কুক্কুট। প্রাং বাং-কুঁকড়ো] বি, কুক্কুট ; মোরগ। "করে ধরি খর ছুরী কুঁকড়া জবাই করি।" -কবিকং। স্ত্রীং ~ড়ী-মুরগী।

কুঁকড়া₂ [প্রাং বাং কোঁকড়া ; প্রাং-বাং-কোঁকড় (চৈং চং) ; হিং-কুঁকড় ; কুঁড়রা (কুণ্ডলাকার ; মণ্ডলাকার)। হিং-ক্রি, কুঁকড়না। সং-কুঞ্চিত] বিণ, কুঞ্চিত ; কুণ্ডলিত ; গুটান। স্ত্রীং কুঁকড়ি-বি, কুঞ্চন।

কুঁকড়িমুকড়ি, কুঁকড়িসুঁকড়ি [হিং-কুঁকড়সুঁকড়। কুঁকড়ি-কুকুরী ; হিং-

প্রা০-'কুঁকড়ী'+সুঁকড়ি, হিং-সিকুড়া (সঙ্কুচিত) কুকুরীর ন্যায় ছানাদের কোলের ভিতর করিয়া লইয়া কুণ্ডলিত হইয়া শুইবার ভাব বা কুঁকড়ি (কুঞ্চিত, কুণ্ডলীকৃত, কোঁকড়া) সুঁকড়ি (সহচর শব্দ। হিং-সিকোড়না; সুকুড়না; তুল-ইং-shrink) তুল-কুকুরকুণ্ডলী] বিণ, হাত-পা গুটাইয়া শরীর ধনুকের মত কুণ্ডলীকৃত; কুঞ্চিত; কুণ্ঠিত; জড়সড়। প্র-শীতে কুঁকড়িসুঁকড়ি হয়ে শুয়ে আছে।

কুঁথ [সং-কুক্ষি-কুঁথ। চ০-কোঁথ; কাঁথ] বি, কুক্ষি; কক্ষ; উদর; পেট। "প্রসব বেদনা এসে আকর্ষিল কুঁথ।"-ঘ০।

কুঁচ [সং-কনীচি, কুঞ্চিকা, গুঞ্জা, কাঞ্চী, কাকচিঞ্চিকা; হিং-শোন কাঁইচ; ওড়িং-কাঁইচ; রুঞ্জ] বি, গুঞ্জাফল; পাকা শুঁটীর ভিতরের বীজ abrus precatorius. ইহা লাল, কাল ও সাদাভেদে ৩ প্রকার, সাধা০ লাল ও বোঁটার কাছে কাল। ২ গুঞ্জাপরিমাণ; রতি পরিমাণ; ৩ যবে বা ৪ ধানে ১ কুঁচ বা রতি; ১৮০ গ্রেণ। ৩ বিণ, গুঞ্জাকৃতি; ছোট ছোট গোল গোল ও উজ্জ্বল। প্র-কুঁচনয়ন; কুঁচচক্ষু। তুল-কুতকুতে চোখ।

কুঁচকনি, কুঁচকিনি, কোঁচকানি [কুঞ্চন>। কুঁচকাই, কুঁচকাও, কুঁচকায়, কুঁচকাইতে (ক্ষে০ কুঁচকাতে), কুঁচকাইয়া (ক্ষে০ কুঁচকে) ই০] ক্রি, কুঞ্চিত করা; কোঁকড়ান।

কুঁচকি, কুচকি [সং-কুন্চ্ (বক্র করা; কুঞ্চিত বা কুণ্ডলিত করা)>দেহ কুঞ্চিত করিবার প্রধান সন্ধিস্থান] বি, উরু ও কটীর সন্ধিস্থান hip-joint. প্র-কুঁচকি আউরে উঠা। ২ কুঁচকিতে আঘাত বা রক্তদোষাদিজনিত স্ফীতি। প্র-কুঁচকি হওয়া। **কুঁচকিকণ্ঠা** [কুক্ষি-কণ্ঠা>কুঁ০। গ্রা০, ভ্রঃ] কুক্ষি হতে কণ্ঠ পর্য্যন্ত। কুঁচকিকণ্ঠা ঠেসে খাওয়া।

কুঁচনি, কুঁচানি, কুঁচুনি, কোঁচানি [কুঁচাই, কুঁচাও, কুঁচায়; কুঁচাইতে (কুঁচাতে) কুঁচাইয়া (ক্ষে০-কুঁচিয়ে)] কুচন দ্রঃ।

কুঁচবক [সং-ক্রৌঞ্চ] বি, বকবিঃ; কুণোবক। কোঁচবক দ্রঃ।

কুঁচা [কুঁচি দ্রঃ] বি, অতি ক্ষুদ্রকাষ্ঠখণ্ড। ২ সম্মার্জ্জনী; ঝাঁটাবিঃ; সাধা০ কুঁচি। ৩ খণ্ড; গুঁড়া; ছোট; ক্ষুদ্র। প্র-কুঁচা জিনিষগুলা একত্র রাখ। **~গহনা, ~চিংড়ি**-ছোট চিংড়ি মাছ। **~নৈবেদ্য**-ফল কুঁচাইয়া তৈয়ার করা ছোট ছোট নৈবেদ্য। **~মাচ**-চুনা মাছ; ছোট ছোট মাছ। **~সোণার গহনা**-ক্ষুদ্র ক্ষুদ্র স্বর্ণালঙ্কার; সাট বা সুট (তুল-বাউটী, সুট) মিলাইয়া পরিবার এক একখানি গহনা।

কুঁচি, -চী [সং-কূর্চ্চিকা; কূচী। কুঁচা দ্রঃ। ক্ষুদ্রার্থে-ই, ঈ] বি, মুড়া ঝাঁটা। ২ ভাজনা খোলা হতে চাল ভাজিয়া তুলিবার জন্য বংশ, নারিকেলকাটি ই০-র কুঁচি। ৩ মোটা পশুলোম; সাধা০ শূকরের লোম। তুল-শূয়ার কুঁচি। ৪ শূকরাদির লোমে প্রস্তুত অলঙ্কার, মার্জ্জনী বা বুরুশ (brush)। ৫ অতি ক্ষুদ্র খণ্ড; কুটি বা কুটা। **~করা**-কুঁচির ব্যবহার করা; মার্জ্জনা করা; ঝাড়া। **~কুঁচি করা**-ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে কাটা; ঘন-কুঁচি করা। **~কাটা**-কুঁচির আকারে খণ্ড খণ্ড করিয়া কাটা। **~মারা**-কুঁচি দ্বারা ঝাড়া। ২ কুঁচি প্রহার করা; খেংরা মারা।

কুঁচিয়া [সং-কুচিকা। বৈদ্যকে, কুচিক] বি, সাপের মত আকৃতি মাছবিঃ; কুঁচলা বা কুঁচে মাছ unibranchapertura cuclinja

কুঁচিলা, কুচিলা [গ্রা০-কুঁচলে, কুচলে। সং-নাম, কুপীলু। বৈদ্যকে-কুচেলক। হিং-কুচলা, কুচিলা। হাটনে-"corrupt of কুপীলু?"] বি, সাধারণ বন্যবৃক্ষ, লাল ও হরিদ্রাবর্ণ ফল হয়-ফলের বীজ আধুলির আকারের অল্প ন্যুব্জপৃষ্ঠ। পত্র পাণের আকৃতি কিন্তু চিক্কণ; ফল ঔষধে ব্যবহৃত, পক্কফল বিষক্রিয়াপ্রদ nux vomica.

কুঁচে [সং-কুচিক] বি, সর্পাকার মাছ; কুচিয়া মাছ unibranchapertura cuchiya.

কুঁজ, কুঁজা, কুঁজো [সং-কুব্জ; প্রাকৃ০-খুজ্জো] বি, বক্রপৃষ্ঠ; পৃষ্ঠের বক্রস্থান। "বাতে বাঁকা সর্ব্ব অঙ্গ পিঠে কুঁজভরা।" ২ বিণ, যার পৃষ্ঠদেশ বক্র। [ফা০-কূজা। হিং-'কুজ্জা'] জলপাত্রবিঃ; কুঁজা; সুরাহি।

কুঁজড়া [কুজড়া দ্রঃ] বি, ফলমূলবিক্রেতা। স্ত্রীং **~নী** (তুল-হিং-কুঁজড়ী, কুঁজড়ন)-যে স্ত্রী ফল ও মূল বিক্রয় করে। "কুঁজড়ানী কোলে করি ভাসিল কুঁজড়া।"-ভারত০। ২ বিণ, কলহকারী; ঝগড়াটে। বি, **~মি, ~পনা, ~বৃত্তি**-কুঁজড়ার মত ব্যবহার বা প্রকৃতি; ঝগড়া। ২ কুঁজড়ার কার্য্য বা ব্যবসায় (কেনা-বেচা সম্বন্ধে) দরকষাকষি করিয়া কেনাবেচা।

কুঁজি, কুঁজী [কুব্জী] বিণ, যে নারীর পৃষ্ঠে কুঁজ আছে; কুব্জা। ২ [হিং-কুঞ্জী। প্রা০ বাং] বি, চাবি। "নগরভ্রমণে যায় দ্বারে কুঁজি দিয়া।"-ভারত০। কোন কোন স্থানে কুঁজি স্থলে 'কুঁজিকাটি' শব্দেরও প্রয়োগ আছে।

কুঁড় [সং-কণ বা কণাশব্দের হিং উচ্চারণ>। কুঁড়া দ্রঃ] তুষের কণা; তুষের অতি ক্ষুদ্রাংশ। ২ [সং-কুণ্ড; হিং-কুণ্ডা] পেষণের ভাণ্ড; যার উপরে পেষণ করা যায়। "নূতন ঘোটনা কুঁড় দিয়াছে বিশাই।"-ভারত০। স্ত্রীং কুঁড়ি-ক্ষুদ্র কুঁড়।

কুঁড়ন [সং-খনন-বাং-খোঁড়ন-খুঁড়ন] বি, খনন; ভূমিবিদারণ। ২ (কুঁড়োনো) খনন করা; খোঁড়ন; কোদলান। কুঁড়া দ্রঃ।

কুঁড়া১ [সং-কণা] বি, তুষ। **খুদ কুঁড়া**-চাউলের কণা এবং তুষ। ২ [কুঁড়িয়া দ্রঃ] কুঁড়ে; কুটীর। "লঘু বৃষ্টি হইলে কুঁড়ায় আইসে বান।"-কবিক০।

কুঁড়া২ [কুঁড়ন দ্রঃ। কুট্-ছেদন করা, কুটা বা সং-খনন> খোঁড়ন-কুঁড়ন-কুঁড়া] ক্রি, খোঁড়া; খনন করা; মাটিকাটা। **কুঁড়িয়া, কুঁড়ি**-অস-ক্রি, খুঁড়িয়া; খনন করিয়া; "বসন্ত স্বামীর সখা, মোরে আসি দেহ দেখা, কুন্দ কুঁড়ি জ্বালহ অনল।"-কবিক০।

কুঁড়া৩ [প্রাদে০ কোড়া দ্রঃ] বি, চাবুক (ঘোড়াকে মারিতে বেশী ব্যবহার।)

কুঁড়াজাল, কুঁড়াজালি [কুঁড়া(তুষ)-জালি (ক্ষুদ্রজাল)-কুঁড়ার চার করিয়া মাছ ধরিবার ছোট জাল] বি, মাছ ধরিবার কাপড়ের ছোট জাল। ২ বৈষ্ণবের জপমালার থলি (প্রায়ই বিদ্রূপে ব্যবহৃত)। "বাছিয়া পাঁঠার হাড় গেঁথে তার মালা। বানাইব কুঁড়াজালি দিয়া ছাগছালা।"-ঈ০গুপ্ত। "কিবা কুঁড়াজালি, কিবা রসকলি।"-বাং-গান।

কুঁড়ি, -ড়ী [সং-কুট্মল-কুড্মল] বি,

মুকুল ; কোরক ; কলিকা। "কুঁড়ির ভিতরে কাঁদিছে গন্ধ অন্ধ হয়ে।"-চয়নিকা। ২ [বিদ্রূপে] কুঁড়ির মত মুদ্রিত ; ঘোমটায় আবৃতমুখী ; লজ্জাশীলা। "হাট-বাজারে লজ্জাহীনা, ঘরে কুং ফুল।"-হেমং।

কুঁড়িয়া১ [গ্রাং-কুঁড়্যা, কুঁড়ে। সং-কুটীর ; হিং-কুরিয়া (কুটীকা)-মঁড়ই-মঢ়িয়া; ঝোপড়ী] বি, পর্ণগৃহ ; ক্ষুদ্র পর্ণকুটীর ; ছোট ঘর যার মাটিনির্ম্মিত নীচু দেওয়াল ও ঘাস-পাতার চাল।

কুঁড়িয়া২ [হিং-কোঢ়িয়া ; কুড়িয়া দ্রঃ। গ্রাং-কুঁড়ে] বিণ, অলস।

কুঁড়ে১ [কুঁড়িয়া দ্রঃ। সং-কুটীর > কুটিঅ > কুড়িয়া > কুড়ে। প্রাদেং উচ্চারণে ঁ যোগ] বি, কুটীর। ঘাস কুটী বা বৃক্ষশাখা-পত্রাদি নির্ম্মিত বাসগৃহ।

কুঁড়ে২ [কুঁড়িয়া দ্রঃ] বিণ, অলস। বি, কুঁড়েমি। ~**পাথর**-পাথরের কুঁড়ি (পাত্র -অন্নপাত্র) ইহার সহিত কুড়ে (অলস) শব্দের অর্থ মিশ্রিত হইয়া দাঁড়াইয়াছে-অলসের জন্য এক পাথর ভাত বা অন্ন। প্র-রোজ রোজ কুঁড়ে পাথর যোগান ভার। **কাজে কুঁড়ে ভোজনে ডেড়ে বচনে মারে পুড়িয়ে ঝুড়িয়ে** [কার্য্যকালে কুড়ে (অলস), ভোজনকালে ডেড়ে (দেড় জনের অন্নাহারী বা দেড়গুণ অন্নভোজী) কিন্তু বচনে অর্থাৎ বাক্যপ্রয়োগ-কালে বচন-জ্বালায় দগ্ধ করে। বিদ্রূপাত্মক প্রবচন] নির্গুণ ; যার সকলই দোষ। **কুঁড়ে গরু অমাবিস্যা খোঁজে** [গ্রাং] অমাবস্যায় ক্ষেত্রে হলচালনা নিষিদ্ধ বলিয়া সে দিন গরুর বিশ্রাম। (তা হতে) অলস ব্যক্তি বিশ্রামদিনের অনুসন্ধান করে।

কুঁড়েমি [কুঁড়ে দ্রঃ] বি, আলস্য ; অলসের ধর্ম্ম বা কর্ম্ম।

কুঁতানি [কোঁতান দ্রঃ] ক্রি, ক্লেশ-প্রকাশক আর্ত্তনাদ করা। ২ অতিরিক্ত বল-প্রকাশক শব্দ করা ; শারীরিক শক্তিনিয়োগে কষ্ট করা। "চারিজন মাঝিতে কুঁতিয়া ধরা-ধরি করিয়া উপরে তুলিয়া দিল।"-টেক-চাঁদ। ৩ মলত্যাগের বেগ দেওয়া।

কুঁদ১ [সং-কুন্দ। "কুন্দ চক্রভ্রমৌ।" -বিশ্বং] বি, সূত্রধরের অস্ত্রবিঃ ; ঘর্ষণযন্ত্র ; খাটের পায়া ইং খরাদ করিবার যন্ত্র। ~**বাটালি**-খরাদ করিবার বাটালি।

কুঁদ২ [সং-কুন্দ। "পুষ্পে কুন্দঃ"-ত্রিকাণ্ড] বি, কুন্দপুষ্প ; শ্বেতবর্ণ কোমল গন্ধহীন বা অতি সামান্য গন্ধ-প্রসিদ্ধ পুষ্প jasminum pubescenns.

কুঁদন [সং-কুর্দ্দন। গ্রাং-কোঁদোন] বি, লম্ফ ; লম্ফন ; লাফান। **নাচন কুঁদন**-নৃত্য ও লম্ফ ; অত্যন্ত স্ফূর্ত্তি। ২ [সং-কুন্দন] কুঁদযন্ত্রদ্বারা কাষ্ঠছেদন ; কাঠে গোলাই করা।

কুঁদল [কুন্দল, গ্রাং-কোঁদল] বি বিসংবাদ ; বিবাদ ; ঝগড়া ; কোন্দল ; কলহ।

কুঁদুলী [সং-কন্দলী, কুঁদলি, কুঁদুলি ওং] বি, বিবাদকারিণী। "রূপসী বলিল দিদি তুই বড় কুঁং।"-চন্দ্রশেখর (বঙ্কিমং)। **পাড়াকুঁদুলী**-পাড়ার লোকের সহিত যে কোন্দল করিয়া সকলকে পরাস্ত করে ; কোন্দলে যে পাড়া মাথায় করে। "এক যে ছিল পাড়াকুঁদুলী মাগী, নাক্‌টা নেড়ে দিলে তেড়ে বল্লে দূরহ ঘাগী।"-ম্যাকবেথ (গিরিশং)।

কুঁদা১ [সং-কুন্দ > কুঁদ, ক্রিয়ায়-কুঁদা। গ্রাং-কোঁদা-কুন্দন করা। উং পুং-কুদি। মং পুং-কুঁদ, কোঁদ ; কুঁদুন ; কোঁদ্। প্রং পুং -কুঁদে, কোঁদে। অস-ক্রি-কুঁদিতে ; কুঁদিয়া, কুঁদে। ণিজন্ত-কুঁদান, কোঁদান] ক্রি, কুন্দন করা ; সুগঠিত করা ভ্রমি যন্ত্রে চাঁচিয়া সুগোল করা। "এ বড় কারিকরে কুঁদিলে তাহারে।" -চণ্ডীং। বি, **কুঁদাই, কোঁদাই**।

কুঁদা২ [কুদা দ্রঃ] ক্রি, লম্ফ দেওয়া ; লাফান। "কুঁদিতে কুঁদিতে যায় আকাশ ছুইতে চায়।"-চণ্ডীকাব্য (মাধবাচার্য্য)।

কুঁদা৩, কুঁদো [ফাং-কুন্দা। তুল-সং-স্কন্ধ] বি, বন্দুকাদির কাঠের বাঁট। ২ বৃক্ষাদির গুঁড়ি ; কাঠের গুঁড়ি। ৩ স্থূল বৃহৎ কাষ্ঠখণ্ড। "এই মঠের একটী কুঠারী মধ্যে একটা বড় কুঁদো জ্বলিতেছিল।"-আনন্দমঠ (বঙ্কিমং)। ৪ [ফাং-কুন্দ্=জমাট, জড়। তুল-কুন্দ্ জেহেন্] চাঙ্গড় ; চাপ। প্র-মিছরির কুঁদো। ৫ বিণ, গুঁড়ির মত মোটা। গ্রাং-প্রয়োগভেদে 'কেঁদো।' তুল-কেঁদো লাঠি। 'কোঁৎকা' ইহারই বিকার হইতে। কেঁদো দ্রঃ।

কুঁপো-কুপা দ্রঃ।

কুইলপেন [ইং-quill-pen] বি, হাঁস বা ময়ূরের পালকের কলম।

কুউ, কুউকুউ [সং-কুহু >] বি, কোকিলের ডাক।

কুক১ [সং-কুক্ষি-ভ্রং কোখ, কুখ, কুক, কাঁখ] বি, কুক্ষিদেশ ; উদর ; কোল।

কুক২, কূক [সং-কুহু। "কুহু রণোদ্যমে।" -মেদিনীং] বি, রণশব্দ হুঙ্কার শব্দ ; ডাকাইত-দিগের হুঙ্কার বা সঙ্কেতধ্বনি। ~**দেওয়া** -হুঙ্কার ছাড়া ; দস্যু কর্ত্তৃক সঙ্কেত-ধ্বনি করা। ২ [কূ-"আর্ত্তস্বরে"-কবিকল্পদ্রুমঃ। প্রায়ই পরিহাসে] আর্ত্তনাদ করা ; কষ্টে ডাক ছাড়া। > প্রাণবায়ু বহির্গত হওয়া ; মরা এই অর্থে 'কুক দেওয়া'=মরা। তুল-শিঙা ফুঁকা)।" "পৈতৃক প্রাণ ওখানি আবার কুং দেবে?" ৩ চক্রবাক।

কুকড়া, কুক্‌ড়া [সং-কুক্কুট। প্রাং-হিং-কোকড়া] বি, কুক্কুট ; মোরগ। "বকরী বকরা মরে কুঁকড়ী কুঁকড়া।"-ভারতং

কুকথা [কু (কুৎসিত) যে কথা (বাক্য)-ধা] বি, দুর্ব্বাক্য "স্বামী হায়াতে মারে বাড়ি, তার আগে কুং কয় দারুণ শাশুড়ী।"-চণ্ডীং। ২ [কু (পৃথিবী বা তন্ত্র) তার কথা, ৬ তৎ] পৃথিবী-সম্বন্ধীয় কথা বা তন্ত্রের ব্যাখ্যা। "কু-কথায় পঞ্চমুখ কণ্ঠে ভরা বিষ।"-ভারতং।

ভ [সং] বি, মদ্য বিঃ।

[সং] বি, চোর নামক গন্ধদ্রব্য ; গেঁটেলা। ২ বিণ, কুকর্ম্মকারী। ৩ কুৎসিত হস্তবিশিষ্ট।

কুকর্ম্ম [কু (কুৎসিত) কর্ম্ম] বি, কুকাজ ; নিন্দনীয় কার্য্য ইং অসাধু বা পাপকর্ম্ম। ~**কারী** [কুকর্ম্ম (কুৎসিত কর্ম্ম) কারী-কৃ (করা) + ইন্ (র্ত্তৃ), মূং-কুকর্ম্মকারিন্ ১মা ১বং] বিণ, যে কুৎসিত কর্ম্ম করে ; কুকার্য্য-কারক ; নিন্দিত কর্ম্মকারী। ~**শালী** [কুকর্ম্ম (কুৎসিত কর্ম্ম)-শাল্ (শোভা পাওয়া) + ইন্ (র্ত্তৃ), মূং-শালিন্ ১মা ১বং] বিণ, যে ব্যক্তি কুকর্ম্ম করিয়াই শোভিত হইব এইরূপ

মনে করিয়া কুকর্ম করে; নিন্দিত কর্মকারী। কুকর্মশীল; কুকর্মান্বিত। ~শীল-বিণ, কুক্রিয়াসক্ত; দুষ্কর্মরত; কুকাজে অভ্যস্ত।

কুকর্ম্মা [কু (কুৎসিত) কর্ম (অনুষ্ঠান) যার-বহুং। মূং-কুকর্ম্মন্ ১মা ১বং] বিণ, অসদনুষ্ঠানকারী; কুকর্ম করা যার স্বভাব। ~ন্বিত [কুকর্ম (নিন্দিত কর্ম) দ্বারা অন্বিত (যুক্ত) ৩তৎ] বিণ, কুক্রিয়াশীল; দুষ্ক্রিয়ারত। ~সক্ত-বিণ, যার মন্দকাজে অনুরাগ বা আসক্তি আছে; দুষ্কর্মান্বিত।

কুকর্ম্মী [কুকর্ম+ইন্ (স্ত্য)। মূং-কুকর্ম্মিন্ ১মা ১বং] বিণ, কুৎসিত কর্মকারী, দুষ্ক্রিয়াকারী। স্ত্রীং কুকর্ম্মিনী।

কুকশিমা, -শিমে, -সিমা, -সিমে, [সং-কুক্কুর দ্রঃ। তা > কুকুর-শোঁকা-শোঙা-শোমা-ক্ষেং কুকশিমা] বি, কুকুর শোঁকা গাছ blumea lacera. [দ্রঃ-কাটা স্থানে ইহা ছেঁচিয়া দিলে রক্ত বন্ধ হয়]।

কুকা [শব্দাত্মক পদ। কুক্-কুকো-কুক্ এইরূপ শব্দ >। উকো ওং। তুল-ইং-coucal] বি, কুকো পাখী; উকো পাখী।

কুকার্য্য-বি, মন্দকর্ম; দুষ্কর্ম।

কুকুট-বি, শুষুনি শাক marsilia quadrifolia.

কুকুড়া [সং-কুক্কুট। কুঁকড়া দ্রঃ] বি, মোরগ cock. স্ত্রীং কুকুড়ী।

কুকুর্ন্দক [সুশ্রুত] বি, শিশুর চক্ষুর পাতার ভিতরের পর্দা বা ঝিল্লি।

কুকুন্দর [কু (নিতম্ব দেশ) কুন্দ্ (গমন করা, ব্যাপ্ত করা+অর (জ্ঞাং)] বি, নিতম্বের দুই পার্শ্বস্থ বা মধ্যস্থলের আবর্তাকার কূপকদ্বয়; নিতম্বদেশে কূপাকার চিহ্নদ্বয়।

কুকুভা [সং। ককুভ দ্রঃ] বি, রাগিণীবিঃ।

কুকুর১ [কুক্কুর দ্রঃ। চং কং ভাং-'কুঁউর'। কুরুকুর এই রূপ শব্দ করে বলিয়া এই নাম। কুকুরছানাকে 'কুর কুর' বলিয়া ডাকিলে কাছে আসে বা সঙ্গে সঙ্গে যায়] বি, সুপ্রসিদ্ধ শিকারী জন্তু; কুক্কুর; সারমেয় গ্রাম্যমৃগ; কুত্তা। স্ত্রীং ~রী, কুর্করী [দ্রঃ-কুকুরবংশীয় জন্তুর আকৃতি প্রায় একরূপ। ইহাদের চোয়াল লম্বা, মুখ সরু, পা বিড়াল-জাতীয় জন্তু অপেক্ষা দীর্ঘ; থাবার নখ মোটা ও বাহির হইয়াই থাকে ও চলিবার সময় নখের শব্দ শুনা যায়। ইহারা দলবদ্ধ হইয়া শিকার করে। পালিত কুকুর শতাধিক প্রকার আছে। ইহারা মানুষের বিবিধ কার্য্যে অদ্বিতীয় সহায়; প্রহরীর কার্য্যে, প্রভুভক্তিতে ও কর্তব্যপরায়ণতায় কুকুর চির-প্রসিদ্ধ, নেকড়ে বাঘ, শিয়াল ও খেঁকশিয়াল কুকুরবংশের অন্তর্গত] ২ [কুকুরের নীচ প্রকৃতির তুলনায়। তুল-ইং--a sly dog; a dead dog; a dog hole ইং] নীচ প্রকৃতির লোক; নরাধম; পামর; জঘন্য বা ঘৃণিত ব্যক্তি। ~ছিড়ি [প্রাদেং] বি, ছোট গাছ যার ফুল কুকুরের লেজের মত, তাই অন্য নাম "কুকুর লেজা।" ~মুখ, -মুখো [গ্রাং-মুকো] কুকুরের মত মুখ যার; গালিবিঃ। স্ত্রীং ~ী। খেঁকি কুকুর-যে কুকুর খেঁক্-খেঁক্ শব্দে কামড়াইবার জন্য তাড়া করে। তুল-হিং-কট্‌খাউয়া। ২ [লক্ষং] অত্যন্ত ক্রোধপরবশ এবং অল্পে উত্তেজিত হয় এরূপ ব্যক্তি। ~কুণ্ডলী-কুকুরের শয়নের মত। কুণ্ডলিত; কুঁকড়িমুকড়ি; কুঁকড়িশুকড়ি; পৃষ্ঠদণ্ড ধনুকের মত বাঁকাইয়া পায়ে-মুখে হইয়া শয়ন। কুকুরে গোঁ [ইং-doggedness শব্দের অর্থানুবাদ] একগুঁয়েমি; নাছোড়বান্দার রোক। কুকুরে ঘুম-কুকুরের ন্যায় স্বল্পনিদ্রা; অল্প শব্দে এমন কি পদশব্দে যে ঘুম ভাঙ্গিয়া যায়। কুকুরে দাঁত-কুকুর-জাতীয় জন্তুর উপর ও নীচের মাঢ়ীতে ২টা করিয়া ৪টা সূক্ষ্মমুখ অগ্রদন্ত; শ্বদন্ত canine teeth. ২ ঐ চারিটী দন্তের মত ও গুণবিশিষ্ট অগ্রদন্ত। যেমন কুকুর তেমনি মুগুর-দুষ্টের উপযুক্ত শাসক। মাথার ঘায়ে কুকুর পাগল-মাথায় ঘা হইলে কুকুর যেমন পাগল হইয়া যায় এবং চারিদিকে দৌড়িয়া বেড়ায় কিন্তু কোথাও সুস্থির হতে পারে না, তদ্বৎ হওয়া; নানা বিষয়ের দুর্ভাবনায় ব্যতিব্যস্ত হইয়া পড়া।

কুকুর২ [কুক্কুর দ্রঃ। কু (গোত্র, কুল, বংশ) কুর্ (ত্যাগ করা)+অ (র্তৃ)-যযাতির শাপে যিনি কুল ত্যাগ করিয়া গিয়াছিলেন; বর্জ্জিত কুল। তুল-জর্ম্মং-koter, kother; ইং-cur, a worthless dog] বি, যদুবংশীয় অন্ধক রাজপুত্র এবং তাঁর বংশীয় ক্ষত্রিয়গণ। ২ দশার্হ দেশের অধিবাসী; দশার্হ। ৩ রাজপুতানার অন্তর্গত দেশবিঃ। যথায় কুকুর-বংশীয় ক্ষত্রিয়গণের বাস; কুকুরা। ৪ নাগ-বিঃ। ৫ গ্রন্থিপর্ণ। ৬ গাঁঠিয়ালা নামক গন্ধদ্রব্য। ~আলু-বি, বুনো আলুবিঃ। ~চিতা, -চিত্তো-বি, বনগাছ tetranthera monopetala. ~চূড়া-বি, বন্য পুষ্পবৃক্ষবিঃ; চূড়ার মত গুচ্ছাকার ফুল হয় বলিয়া এই নাম। ~ছিট্‌কী-বি, বন্য ক্ষুপ-বিঃ; কুকুরচিতা leea staphylea. ~জিহ্বা-বি, কুকুরছিট্‌কী দ্রঃ leea staphylea. ~নৈজা, -লেজা-বি, বন্য পুষ্পবৃক্ষবিঃ gloriosa superba. ~মাছি [কুকুর-মাছি (মক্ষিকা)] বি, যে মাছি গরু বাছুরের গায়ে বসিয়া তাদের কামড়ায়; নীলাভ কটা বর্ণের রক্তশোষক মক্ষিকাবিঃ a dog-tick. ~মুখ-কুকুর দ্রঃ। ~মুতা [হিং-কুকুরমুত্তা-কুকুরের মূত্রের গন্ধযুক্ত] বি, দুর্গন্ধ যুক্ত ছোট বনগাছ। ~শোকা, -শৃঙ্গা, -শোঙ্গা [কুকুর যে গাছ শুঁকিতে ভালবাসে। কুকশিমা দ্রঃ] বি, বনগাছ; পাতা লোমশ ফুল কৃষ্ণাভলাল ও পীতবর্ণ conyza lacera; blumea lacera.

কুকুরা [কুকুর দ্রঃ। ত্রিকাণ্ড-শেষে] বি, কুকুর-বংশীয় ক্ষত্রিয়দিগের রাজ্য ও নিবাসস্থান।

কুক্কুট [কু (পৃথিবী) কুট্ (খনন করা) +অ (র্তৃ-জ্ঞাং; মধ্যে ক্ আগম) যে পদ-নখ দ্বারা ভূমি বিদারণ করে] বি, কুকুড়া; মোরগ। ২ তৃণোল্কা। ৩ স্ফুলিঙ্গ। স্ত্রীং ~ী-মুরগী। ২ টিক্‌টিকী। ৩ অনৃতাচরণ। ~ক (-টং) [কুক্কুট+ক (জ্ঞাং)] বি, মোরগ; কুকুড়া। ২ শূদ্রের ঔরসে নিষাদীর গর্ভে উৎপন্ন জাতিবিঃ। ~ব্রত [কুক্কুট-ব্রত-যে ব্রত (কথায়) স্বভাবতঃ বন্ধ্যাত্বহীনা কুক্কুটীর কাহিনী আছে] বি, ভাদ্র শুক্লা সপ্তমী তিথিতে সন্তানকামা স্ত্রীর অনুষ্ঠিত ব্রত; ললিতা-সপ্তমী ব্রত; কুক্কুটীব্রত। ২ কপট ব্রত। ~মণ্ডপ-বি, কাশীর মুক্তিমণ্ডপ নামক স্থানের নামান্তর। ~শিখ [কুক্কুট (মোরগ)

শিখ (শিখার বা চূড়ার ন্যায় শিখা) যার-বহু০। তুল-হি০-মুর্গ্‌কেশ। ইং-cockscomb] বি, মোরগফুল গাছ; কুসুম্ভ বৃক্ষ। কলগী দ্রঃ।

কুক্কুটাসন [কুক্কুটের মত আসন-৬ তৎ] বি, রুদ্রযামল তন্ত্রে কথিত ইষ্টসাধন-বিষয়ে প্রশস্ত আসনবিঃ।

কুক্কুটীব্রত-কুক্কুটব্রত দ্রঃ।

কুক্কুভ [কুক্ (অনুকার শব্দ) কু (রব করা) + ভ (র্ত্তৃ-জ্ঞা০) বা কুক্কু (কুক্কুটের মত) ভ (ভা০ >) যে শোভা পায়] বি, বন্যকুক্কুট; বনমোরগ।

কুক্কুর [সং। কুকুর দ্রঃ] বি, সারমেয়। স্ত্রীং ~ী। ২ [কুকুর দ্রঃ] বি, যদুবংশীয় প্রশাখাবিঃ; দাশার্হ। "কর মহাপ্রস্থান এখন পঞ্চভ্রাতা, সহ ভোজ অন্ধক কুকুর হত শেষ যদুকুল।"-নবীন০ (প্রভাস)। ~রব [কুয়কর্‌ শব্দ হতে] বি, কুক্কুটধ্বনি; পায়রার শব্দ; ঘুঘুর ডাক।

কুক্রিয় [কু (কুৎসিত) ক্রিয়া (কার্য্য) যার-বহু০] বিণ, কুকর্ম্মা; দুষ্ক্রিয়ান্বিত; মন্দকর্ম্মকারী।

কুক্ষ-বি, কুক্ষি; উদর; কোঁক।

কুক্ষণ [কু (অশুভ) ক্ষণ (মুহূর্ত্তকাল)] বি, অশুভক্ষণ।

কুক্ষি [কুষ্‌ (নির্গমনে) + সি (সিক্-অপা০, যা হতে সন্তান নির্গত হয়) ষ্‌=ক্‌] বি, গর্ভাশয়; উদরগহ্বর; কোঁক। ২ [শরীর-বিঃ পরিঃ] জঠরের দক্ষিণ ও বামভাগ। ৩ মধ্যদেশ; অভ্যন্তর স্থান। ৪ গুহা। ~কণ্ঠা [গ্রা০-কুঁচকিকণ্ঠা] বি, উদর হতে কণ্ঠ পর্য্যন্ত। "প্লীহা ও যকৃতে কু০এক হইয়া পড়িল।" -দেবকুমার (দ্বি০ রায়)। ~গত [কুক্ষি (উদর) গত (প্রাপ্ত) ২ তৎ] বিণ, গর্ভাশয়-স্থিত; উদর-প্রবিষ্ট; উদরসাৎ। ~জ [কুক্ষি (উদর) জ (র্ত্তৃ প্রত্যয়ান্ত জন্ >) ৭ তৎ] কুক্ষি হতে উৎপন্ন। ২ বি, গর্ভোৎপন্ন সন্তান। স্ত্রীং ~া-কন্যা। ~ম্ভরি [কুক্ষি (উদর) ভৃ (ভরণ করা) + ই (র্ত্তৃ-জ্ঞা০) ম্ আগম] বিণ, উদরম্ভরি; ঔদরিক; পেটুক। ২ স্বার্থপর। ৩ কৃপণ। ~রন্ধ্র [কুক্ষিতে (উদরে বা মধ্যভাগে) রন্ধ্র (ছিদ্র) যার -বহু০। ফাঁপা বলিয়া] বি, নল নামক তৃণ; খাক phragmites karka. ~শূল [কুক্ষি (কুক্ষিগত) যে শূল (রোগ)-ধা] বি, কুক্ষিস্থিত শূলরোগ; পেটের মধ্যে শূল বিঁধিবার মত বেদনা।

কুখ-কোঁক দ্রঃ।

কুখ্যা/ত [কু (মন্দ, বিপরীত খ্যাত, খ্যাতিযুক্ত] বিণ, কুপ্রসিদ্ধ; অযশস্বী; অযশস্কর। ~তি-বি, নিন্দা; অপযশ।

কুগ্রহ-বি, মন্দগ্রহ; দুঃসময়। দুর্বিপাক।

কুঙরী [সং-কুমারী। কুঙারী; বৈ০ পদ০ সা০; হি০-কুঁঅরী] বি, কুমারী। কোঙর দ্রঃ।

কুঙুরী [হি০-কুকরী। প্রাদে০। উচ্চারণ বিকারে কুঙরী] বি, মুরগী।

কুঙ্কুম, কুম্‌কুম্ [সং। "কুঙ্কুমম্ কাশ্মীর-জন্মন্।"-অমর০। কুন্‌ক্‌ (পাওয়া) + উম (র্ম্ম-জ্ঞা০)-যাকে বহু যত্নে ও মূল্যে পাওয়া যায়। কাশ্মীরজাত একপ্রকার সুগন্ধ ফুল শুষ্ক করিয়া তার কেশরগুলি মাত্র লইতে হয়। তন্মধ্যে স্ত্রীকেশরগুলিই অধিক সুগন্ধ-যুক্ত ও উৎকৃষ্ট। তাই বহুমূল্য 'শাহী জাফ্রান' নামে অভিহিত] বি, কেশর; জাফ্রান saffron (গাছের নাম) crocus sativus)। স্ত্রীলোকগণ মাথায় ও কপালে এবং ধনিগণ চন্দনসহ গাত্রে লেপন করেন। ২ কুসুম্ভ পুষ্প; কুসুমফুল (ইহাও শুকাইয়া জাফরাণের সহিত মিশ্রিত করা হয়)। ইহার বর্ণ কাশ্মীর-জাত পুষ্পবৎ লাল। ৩ কুঙ্কুম-সদৃশ চূর্ণবিঃ; যা স্ত্রীলোকগণ কপালে, পরিধেয় বস্ত্রে ব্যবহার করেন। কুমকুম; রুলী (হি০-রোলী)।

কুঙ্গী, কুংগী [সং-করঙ্ক। খুঙ্গী দ্রঃ] বি, ক্ষুদ্রপেটিকা; বংশনির্ম্মিত ক্ষুদ্র আধার। "পরিধান শ্বেতবস্ত্র কুঙ্গী পুথি মসিপাত্র শ্বেত-বীণা হস্তে সুধারিণী।"

কুচ্ [অনু] অ, কদলীবৎ কোমল বস্তু তীক্ষ্ণধার অস্ত্রাঘাতে কর্ত্তনশব্দ, কুচকুচ্ -ঐরূপ করিয়া উপর্য্যুপরি বা ক্রমাগত কাটা।

কুচ১, কুচ [কুচ্ (সংকুচিত হওয়া) + অ (র্ত্তৃ-জ্ঞা০) যে চরমে সংকুচিত হয় বা যা স্ত্রীজাতিকে ব্রীড়াসংকুচিত করে] বি, পয়োধর; স্ত্রীজাতির স্তন।

কুচ২ [তুর্কী০, কূচ্; হি০-কূচ] বি, রণযাত্রা; সৈন্যদিগের একস্থান হতে অন্য স্থানের উদ্দেশে গমন; দলবদ্ধ হইয়া গমন; রওয়ানা। ক্রি, ~করা।

কুচকলিকা, -কলী-বি, নবোদ্গত স্তন।

কুচকাওয়াজ [ফা০-কূচ; আ০-কাবাইদ ('কায়দা' র-বহুব০, দ=জ > কাওয়াজ (parade, drill)] সৈনিকদের মার্চ্চ ও ড্রিল করিতে শিক্ষা দেওয়া।

কুচকাচা [কুচা দ্রঃ। প্রাদে০] বি, কাঠাদির কুচি; কুচা। ২ টুকরাটাকরা।

কুচকি-কুঁচকি দ্রঃ।

কুচকুচে [কুচ্ (চিক্কণতায়) >] অ, (কৃষ্ণবর্ণের বিশেষণে রূপে চ০) চিক্কণ কাল (তুল-ধপ্‌ধপে সাদা, টুক্‌টুকে রাঙা বা লাল টুক্‌টুকে, মিশ্‌মিশে কাল, রগরগে হলুদে।

কুচকুম্ভ [কুম্ভাকৃতি বলিয়া] বি, স্তন।

কুচক্করে [সং-কুচক্রী। ভং, কুচক্কর + ইয়া বা উয়া] বিণ, কুটিল; কুচক্রী। ২ হিংসক।

কুচক্র [কু (কুৎসিত) যে চক্র (মন্ত্রণা) ধা] বি, কুপরামর্শ; কুমন্ত্রণা; চক্রান্ত; ষড়যন্ত্র। ২ কুগ্রহ; দুর্ভাগ্য; দুর্ঘটনা।

কুচক্রী [কু (মন্দ) চক্রী (সংঘটক) বা কুচক্র (কুমন্ত্রণা) + ইন্ (স্ত্য) মূ০-কুচক্রিন্ ১মা ১ব০। যার মনে সর্ব্বদাই কুমন্ত্রণা আছে] বিণ, যে অন্যকে কুপরামর্শ দেয়; চক্রান্ত-কারী; ষড়যন্ত্রকারী।

কুচটিয়া, কুচুটিয়া, কুচুটে [কু (কুৎসিত, কুটিল) চটিয়া, চুটিয়া-অপপ্রয়োগে (চরিত্র-চরিত্রিয়া-বিকারে, চরিট্যা-চুট্যা-চুটিয়া, চুটে, তুল-কুচগুটীয়া বা কুচুণ্ডে)] বিণ, কুৎসিত। ২ কুটিল; কুচিন্তক; কুচক্রী। প্র-কুচুটে লোক। ৩ ঝঞ্ঝাটিয়া; খুঁটিনাটি-যুক্ত। প্র-কুচুটে কাজ। ৪ [তুল-কুচইকাটা বা কুচকাঁটা] বিণ, কণ্টকাকীর্ণ; কষ্টদায়ক; খানা খন্দ ঝোপঝাপ ও কাঁটাবনসঙ্কুল। প্র-কোথাকার কুচুটে পথ দিয়ে নিয়ে যাচ্ছ।

কুচণ্ডী-বি, মূর্ব্বালতা।

কুচনি, কুচানি, কুচুনি, কুচোনো

[সং-কুঞ্চন। সবরূপই যুক্ত হয়। কুঁচন দ্রঃ] ক্রি, কুঁকড়ান ; সংকোচকরা। ২ [সং-কুট্টন] খণ্ড খণ্ড করা ; ছোট ছোট করিয়া খণ্ড করা; কুচি কুচি করা [তুল-কুটিকাটা ; কুচিকাটা; কেটে কুটি কুটি করা ; ঘুনকুচি (ঘনকুচি বা কুটি) করা]।

কুচনী [কুচবিহার রাজ্যের অধিবাসী-দিগকে কোচ বা কোঁচ বলে। কোচ-স্ত্রী= কোচনী, উচ্চারণ-সঙ্কোচে কুচনী। কোঁচনী দ্রঃ] বি, কোচ-পত্নী। ২ [কুচ শোভা বা তার ঐশ্বর্য্য যাদের অবলম্বন] বেশ্যা। "কুচনীর বাড়ী তবে কেমনে যাইবে।"-ভারত°। ~পাড়া-কোচনারীদিগের পল্লী।

কুচন্দন [কু (কুৎসিত, গন্ধহীন বলিয়া কু) যে চন্দন-ধা] বি, রক্তাঙ্গ ; অর্কচন্দন ; রক্তচন্দন red sandal-wood. ২ বকম-কাঠ। ৩ কুঙ্কুম।

কুচফল [কুচতুল্য বলিয়া] বি, দাড়িম্ব।

কুচরিত্র [কু (কুৎসিত) যে চরিত্র, (স্বভাব)-ধা] বি, মন্দস্বভাব ; অসদাচরণ। ২ [কু (কুৎসিত) চরিত্র যার-বহু°] বিণ, মন্দস্বভাবান্বিত ; অসদাচরণকারী ; অসাধু। তুল-কুচটিয়া।

কুচর্য্যা [কু (কুৎসিত) যে চর্য্যা (আচরণ) -ধা] বি, কুচাল ; গর্হিত আচরণ ; অন্যায় ব্যবহার। ২ কুনীতি ; কুপ্রথা।

কুচিল [সং-কচ্চর ; হিং-কিচড়] বিণ, পঙ্কিল ; দুর্গম।

কুচাগ্র-বি, স্তনের অগ্রভাগ বা বোঁটা ; চুচুক।

কুচা, কুচি, -চী, কুঁচি [ফা°-কুচক্ (ক্ষুদ্র তা হতে ক্ষুদ্রাংশ, টুকরা। তুল-কুঁচি-কাটা করা; কুঁচিকুঁচি করা)। কচা দ্রঃ] বি, খণ্ডিতাংশ ; ক্ষুদ্রখণ্ড। "প্রাণের থলে পুরলি পাথর কুচি দিয়ে।"-রজনী সেন। ২ [হিং] বুরুশ brush. ৩ মুড়া খেংরা। ৪ মুড়ি ভাজিবার সময় ভাজনা খোলায় চাউল নাড়িয়া দিবার মত নারিকেলাদি কাঠির গুচ্ছ। ক্রি, কুচি-কঁরা, কুচানি-ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে কাটা ; টুকরা টুকরা করা ; কুঁচির মত করিয়া সূক্ষ্মাংশে কাটা ; সংখ্যাধিক্য স্থলে কুচিকুচি করিয়া কাটা। কুচি কুচি কঁরা [ব্যাপ্তি অর্থে দ্বিত্ব] উপর্য্যুপরি বা ক্রমাগত কাটিয়া খণ্ড খণ্ড করা। কুচি-কাটা কঁরা-খেংরা কাটি বা বুরুশের চুলের মত করিয়া কাটা। কুচী মারা-খেংরা মারা। ২ চুণকামাদি কালে কুঁচি দ্বারা প্রাচীরাদি মার্জ্জন করা।

কুচানি-কুচন দ্রঃ।

কুচাল-বি, মন্দ চালচলন ; অসদাচরণ ; বেচাল। ২ কূটকৌশল। ৩ অসদনুষ্ঠান। ৪ বিণ, অসচ্চরিত্র।

কুচি [ফা°-কুচি (street) সরু রাস্তা। উচ্চারণ-ভেদে ও ভাব-সাদৃশ্যে হিং-ঘিঞ্জীর অনুকরণে বাং-তে ঘুঁজি হইয়াছে] বি, অপ্রশস্ত রাজপথ ; 'গলি'র সহচর শব্দ। প্র-গলি কুচি (পরে 'গলিঘুঁজি')।

কুচিক [সং] বি, কুঁচে নামক মৎস্য। ~া-বি, কুঁচে (মাছ)।

কুচিকিৎসক-বি, চিকিৎসায় অদক্ষ বা অনভিজ্ঞ ; কুবৈদ্য ; হাতুড়ে।

কুচিকিৎসা-বি, হাতুড়িয়াগিরি।

কুচিন্তা-বি, দুর্ভাবনা। ২ মন্দ বা অসাধুচিন্তা ; কুৎসিত বিষয়ের ধ্যান বা কল্পনা।

কুচিলা [সং কুচেলক, কুচিল, কুচেল অন্যনাম বিষতিন্দুক] বি, কুঁচেলে ; বিষতরু diospyros montana, nux-vomica.

কুচুৎ [শব্দাত্মক পদ] বি, কচ্ শব্দ অপেক্ষা লঘু কুচ্ ; জাঁতি, কর্ত্তরি ই° দ্বারা শক্তদ্রব্য এককালে জোরে দুইখণ্ড করিবার শব্দ কচাৎ তা হতে লঘু কুচুৎ।

কুচুর [কুচ্ এই শব্দের অল্পতা বা লঘুতা-ব্যঞ্জক] বি, কচর শব্দ অপেক্ষা লঘু। কুচুর-কুচুর-ব্যাপ্তি অর্থের। কুচুরমুচুর কচর-মচর শব্দ অপেক্ষা লঘু ; কচকচে ও মচমচে খাদ্যচর্ব্বণের শব্দের অল্পতার্থক।

কুচেল [কু (কুৎসিত) চেল (বস্ত্র) যার -বহু°] বিণ, যার পরিধান-বস্ত্র অতি মলিন বা জীর্ণ। ২ কুক্রিয়াকারী। ৩ [কু (কুৎসিত) যে চেল-ধা] বি, কুৎসিত বস্ত্র ; মলিন বা জীর্ণবস্ত্র।

কুচুটিয়া, কুচুটে, কুচুণ্ডে [কু-কুচক্রান্তে বা চিন্তিয়া, (চিন্তাকারী) > কুচন্তে পরে শুদ্ধ করিয়া কচণ্ডে] বিণ, হিংসুক ; কুটিল ; মন্দ ; কুচক্রী।

কুচেষ্টা-দুষ্ট মতলবে অপরের মন্দ করি-বার ফিকির ; মন্দ অভিসন্ধি।

কুচ্ছ$_{১}$ [সং] বি, শ্বেতপদ্ম ; কুমুদ।

কুচ্ছ$_{২}$, **কুচ্ছা** [সং]-কুৎসা ; প্রাকৃ°-কুচ্ছা] বি, কুৎসিত কার্য্যজন্য লোকাপবাদ ; নিন্দা ; দুর্নাম। "মিছা কথা কহিয়া পরের মন ভারি করে গো। পর কুচ্ছা অধর্ম্ম বিনা কেমন করে রহে গো॥"-চণ্ডী°। ক্রি,~কঁরা -কুৎসা রটান ; নিন্দা করা।

কুচ্ছিত [সং-কুৎসিত ; পা°-কুচ্ছিত] বিণ, অপকৃষ্ট ; কদর্য্য ; জঘন্য। ২ কুশ্রী ; কুরূপ ; অসুন্দর ; কদাকার। ৩ [প্রাদে°] মলিন ; কালবর্ণ ; ফরসার বিপরীত।

কুছ [সং-কিঞ্চ, কিঞ্চিৎ। হিং-কুছ (বর্ণ বিপর্য্যয়ে) কছু, কিছু, কেছু। বাং-কিছু ; উত্তরবিহারী ও বাং-কিচ্ছু] বিণ, কিঞ্চিৎ ; কিছু ; অল্প।

কুজ [কু (পৃথিবী) জ (জাত-√জন্‌-ড প্রত্যয়ান্ত জন >) কু হতে যে জন্মে-৫ তৎ] বি, ভৌম ; মঙ্গলগ্রহ। "শনি কু° বারেতে করিহ মোর জাত। গুজরাট নগরেতে হৈবে তুমি নাথ॥"-কবিক°। ২ নরকাসুর। ৩ উদ্ভিদ ; বৃক্ষাদি। ৪ [কুব্জ >। প্রা°-কুজ্জো] বিণ, বক্র। ৫ বি, জলপাত্র ; কুঁজা দ্রঃ।

কুজঙ্গল [মৈমন° প্রাদে°] বি, ঝোপ-ঝাড়ি ; ক্ষুদ্র ক্ষুদ্র বন-জঙ্গল।

কুজঁড়, -কু [সং-কন্দল-কোঁদল (দ=জ, ল-ড়)। তুল-হিং-ঝগড়, ঝকড়। প্রাদে°-উচ্চারণ-ভেদে কোঁজড়] কোঁদল ; ঝগড়া ; বিবাদ। ক্রি, ~কঁরা, কোর্জঁড় কঁরা-ঝগড়া করা।

কুজঁড়কু [কুজড়া দ্রঃ] বিণ, বিবাদকারী ; ঝগড়াটে।

কুজড়া [কুঁজড়া দ্রঃ। কুঁজড়াদিগের স্বভাব হতে শব্দের অর্থ বা শব্দের মূল অর্থ হতে কুঁজড়া এই জাতীয় নাম প্রাপ্তি] বি, যারা ফলমূলাদি বিক্রয় করে ; কড়িয়া ; যে জাতি তরকারী ক্ষেতে উৎপন্ন করে ও বাজারে বিক্রয় করে। ২ [ইহারা এক্ষণে

প্রায়ই মুসলমান-ধর্ম্ম গ্রহণ করিয়াছে। কেনা-বেচার ব্যাপারে ইহারা প্রায়ই ঝগড়া বিবাদ গণ্ডগোল করে বলিয়া 'কুজড়া' অর্থে ঝগড়াটে বুঝায়। হিং-কুঁজড়ে কী দুকান; বাং-মেচো হাটা, এক্ষণে এক অর্থেই ব্যবহৃত হয়] বিণ, কলহকারী; ঝগড়াটে। স্ত্রীং ~নী (হিং-কুঁজড়ী, কুঁজড়িন। বি, ~মি, ~পনা, ~বৃত্তি।

কুজ্জন১-বি, মন্দব্যক্তি: দুষ্ট লোক।

কুজ্জন২ [কূজ্ (অব্যক্ত শব্দে) >] বি, চীৎকার। ২ [অশুদ্ধ] কূজন।

কুজ্জপ [কু (কুৎসিত) জপ (মানসকর্ম্ম) যার-বহুং] বিণ, যে, সকল সময়ে কুবিষয় মনে ধারণা করে। ২ কুৎসিত জপকারী।

কুজা, কুজো-কুঁজ দ্রঃ।

কুজাষ্টম [কুজ (মঙ্গল) অষ্টম (অষ্টম স্থানাধিপতি) যার-বহুং] বিণ, যার মঙ্গল অষ্টম স্থানে স্থিতি করে। ২ বি, যে যোগে মঙ্গলগ্রহ জন্মলগ্ন হইতে অষ্টম গৃহগত হয়।

কুজ্ঝটি,-টী [ক (জল) উৎ (উর্দ্ধ) ঝট্ (মিলিত হওয়া) + ই (ভ্রাং)। যে জলকণা বাষ্পাকারে উর্দ্ধে উত্থিত হয়] বি, কুহেলিকা; কুয়াসা। ক প্রত্যয় যোগে কুজ্ঝটিকা।

কুঞ্চন [কুঞ্চ্ (বক্রভাবে গমন করা) + অন (ভাং)] বি, কুঞ্চিত করণ। ২ বক্রীকরণ; বাঁকা করা। ৩ চক্ষুর রোগবিঃ; কনীনিকার সঙ্কোচন।

কুঞ্চি১, কুঞ্চী [কুঞ্চ্ (সঙ্কুচিত হওয়া) + ই-ঈ (র্ত্তৃ-ভ্রাং)] বি, পরিমাণবিঃ; আট-মুষ্টিতে ১ কুঞ্চি; খুঁচি।

কুঞ্চি২-বি, সরু বা পাতলা বংশদণ্ড; কঞ্চি।

কুঞ্চিকা [কুঞ্চ্ (বক্র গমন করা) + অক (র্ত্তৃ) আ (স্ত্রীং)] বি, গুঞ্জা ফল; কুঁচ। ২ বেণু-শাখা; কঞ্চী। ৩ চাবি। ৪ [লক্ষং] সঙ্কেতাদির অর্থ; বোধিনী; সূচী; অনুক্রমণিকা; নির্ঘণ্ট index. ৫ কুঁচে মাছ। উচ্চারণকুঞ্চিকা-বি, বর্ণ বা শব্দ উচ্চারণ করিবার সঙ্কেত বা চিহ্নাদির ব্যাখ্যা key to pronunciation.

কুঞ্চিত [কুঞ্চ্ (বক্র করা) + ত (র্ম্ম) যা বক্র করা হইয়াছে] বিণ, ন্যুব্জীকৃত; বক্রীকৃত; নম্রীকৃত; কোঁকড়ান। ২ সঙ্কুচিত; জড়সড় ভাবাপন্ন; লজ্জিত। ৩ [নাট্য শাং] ঈর্ষা বা ঘৃণা প্রকাশের অভিনয়ে ভ্রূর লোমের সংকোচন সহ নেত্র তারায় অল্পমগ্ন অবস্থা। ~া [সুশ্রুত, পারিঃ] সঙ্কুচিত ছিন্নশিরা incised vein crooked or contracted [দ্রঃ-পিচ্ছিতা-পিষ্ঠিত ছিন্নশির incised vein thrashed. ২ কাটিয়া ছিন্ন ভিন্ন হওয়া শিরা lacerated vein.

কুঞ্জ [কুজ্ অব্যক্ত শব্দ করা) + অ (ধি, ভ্রাং) ঞ্ আগম, যেখানে লতাপুষ্পগন্ধলোভে ভ্রমর অব্যক্ত মধুর শব্দ করে] বি, লতানির্ম্মিত গৃহ: লতাগৃহ; উপবন: বৃক্ষবাটিকা। ২ বৈষ্ণবদিগের আশ্রম। ৩ [বিকারে 'কুঞ্জি'। ময়ূরভঞ্জ অঞ্চলে-"চাউল কুঞ্জি"] বাড়ী। ৪ সাটীর অঞ্চলে খচিত ফুলের গুচ্ছ। ৫ ঋষিবিঃ। ৬ হাতীর দাঁত। ~কানন [কুঞ্জ-কানন] বি, কুঞ্জময় কানন; যে বনে বহুস্থানে লতা-গুল্মাদিদ্বারা স্বভাবে রচিত লতাগৃহ বিদ্যমান; কুঞ্জবন। "কেশব কুরু করুণা দীনে কুঞ্জকানন-চারী।"-বাং গান (গিরিশং)।

কুঞ্জদার [ফা-কুঞ্জ্ কোণ-বস্ত্রের কোণ, আঁচলা-ফুলের গুচ্ছ-তোলা কোণ) দার (বিশিষ্ট-সকল বস্ত্রেরই আঁচলের প্রান্তভাগকে আঁচলা বলে কিন্তু এখানে বিশেষ অর্থে যে আঁচলায় ফুলতোলা বা ফুলকাটা আছে)] বিণ, (কাপড়ের আঁচলায়) গুলকারীযুক্ত; গুলদার; কল্কাতোলা; কুঞ্জ-করাও। ~সাড়ী-আঁচলায় ফুলতোলা বা ফুলের কাজ করা শাড়ী; কল্কাদার কাপড়।

কুঞ্জবন [কুঞ্জ-বন] বি, কুঞ্জকানন দ্রঃ। "কুঞ্জবনমে আবলো।"-রবী।

কুঞ্জবাটিকা, -বাটী [কুঞ্জ-বাটিকা, বাটী (গৃহ, আশ্রম)] বি, বৈষ্ণবদিগের সাধনাশ্রম; কুঞ্জবাড়ী।

কুঞ্জর [কুঞ্জ (হস্তীর দন্ত) + র (স্ত্য)] বি, করী; হস্তী। ২ কোন শব্দের পরে প্রয়োগ করিলে শ্রেষ্ঠ বুঝায় যথা-নরকুঞ্জর; বীরকুঞ্জর। ৩ [বৈদ্যকে] অশ্বত্থবৃক্ষ। ৪ কেশ। ৫ দেশবিঃ। ৬ পৃথিবীর দক্ষিণদিগ্বর্ত্তী পর্ব্বতবিঃ। স্ত্রীং ~ী-হস্তিনী। ২ ধাই-ফুলের গাছ। ~বর্দ্দন-গণেশ (কবিকং)। ~াশন [কুঞ্জর + অশন] বি, অশ্বত্থ বৃক্ষ।

কুঞ্জরাসন [কুঞ্জরের আসনের মত আসন] বি, রুদ্রযামলোক্ত তন্ত্রসাধনের আসনবিঃ।

কুঞ্জরাস্য [কুঞ্জরের আস্য মুখ-৬ তৎ] বি, হস্তিশুণ্ড। ২ হস্তিতুণ্ড। ৩ [কুঞ্জরের আস্যের মতন আস্য যার-বহুং] দক্ষিণ সাগরস্থিত একপ্রকার মকরবিঃ। ইহাদের মধ্যে পুংজাতির ওষ্ঠ কিঞ্চিৎ লম্বা, দেখিতে হস্তীর শুণ্ডের মত।

কুঞ্জল [কু (কুৎসিত) জল-ধা। ঞ্ আগম] বি, কাঁজী, আমানি।

কুঞ্জলতা [সং] বি, কুঞ্জনির্ম্মাণকারী পুষ্পলতাবিঃ quamoclit pinnata. এই লতা গাছে চড়িয়া গাছ ঢাকিয়া কুঞ্জগৃহের মত করিয়া ফেলে বলিয়া ইহার নামান্তর 'তরুলতা'।

কুঞ্জি [সং কুঞ্চিকা > হিং-কুঞ্জী] বি, চাবি। ~কা-বি, কৃষ্ণজীরক। ২ নিকুঞ্জাম্র-বৃক্ষ।

কুট১ (কুট্ (বক্র গমন করা) + অ (ধি, ভ্রাং) যাতে কিঞ্চিৎ বক্রভাবে গমন করিতে হয়] বি, দুর্গ; গড়। ২ বৃক্ষ। ৩ [সং-কুট্ট >] পাথরভাঙ্গা হাতুড়ী। ৪ পর্ব্বত; পর্ব্বতশৃঙ্গ। ৫ ঘট; কলসী; স্ত্রীং কুটি, কুটী-বাটী; বাড়ী। ২ ব্যবসায়বাণিজ্যের কার্য্যালয়; গদী। ৩ ক্ষুদ্র পর্ণকুটীর; কুঁড়ে। ৪ [র্ত্তৃ অ] কুট্টনী। ৫ [ভাং অ] কুটিলতা।

কুট২ [কুটা দ্রঃ] বি, তৃণ; খড়ের ক্ষুদ্র খণ্ড।

কুট৩ [সং-কুট্, কুট্ (ছেদনে-তা হতে দংশনে)] বি, দংশনের প্রকারভেদ; সরু দাঁতের কামড়। মোটা দাঁতের তীব্র কামড় হলে-কট; তীব্রতর হলে কটাৎ বা কটাস্। কম তীব্রস্থলে 'কুটুৎ', 'কুটুস্'। প্র-বড় ইঁদুর কট করে কামড়ে দেয়, পোকা, পিঁপড়ে কুট করে কামড়ায়। ক্রমাগত কুট করিয়া কামড়াইলে-'কুটকুট'। প্র-ছারপোকা কুটকুট করিয়া কামড়ায়। ২ দূষণ; গালিদান। গাল কুট করা-গালি দেওয়া ও নিন্দা করা। কুটন দ্রঃ।

কুট৪ [কুষ্ঠ দ্রঃ। সং-কুষ্ঠের গ্রাম্য উচ্চারণ] বি, কুষ্ঠ।

কুট৫ [কুট৩ দ্রঃ] বিণ, তীক্ষ্ণ। ২ [কুট১ দ্রঃ] বিপরীত।

কুটকুট১ [আবৃত্তি অর্থে দ্বিত্ব। কুট দ্রঃ] বি, ক্রমাগত কুট করিয়া কামড় ; অল্পদংশন। "কামড়ায়ে কু॰ ফুলাবেক অঙ্গ। চঞ্চল হইয়া চন্দ্রচূড় দিবে ভঙ্গ॥"-শি॰। ২ অল্পদংশনজনিত বেদনা।

কুটকুট২ [সং-কুণ্ড্-বিকলীকরণে] বি, কণ্ডূতি ; কণ্ডূয়নের জন্য অস্বস্তি বোধ। বিণ, কুটকুটিয়া, কুটকুটে। ক্রি, কুটকুটানি কুটকুট করা ; কণ্ডূয়নের জন্য সড়সড় করা। প্র-গা কুটকুট করা ; মুখ কুটকুট করা। কুটকুটান হতে-বি, কুটকুটানি, কুটকুটুনি-কণ্ডূয়ন ; কামড়ানি ; অস্থিরতা। পয়সার কুটকুটানি, -টুনি-ধূলায় কুটকুট করিলে গা ঝাড়িয়া ফেলিলে কুটকুটানি ভাল হয়। তা হতে-টাকা পয়সা অর্থাৎ অর্থ থাকিতে তা খরচ করিয়া ফেলিবার জন্য অস্বস্তি। কুটকুট কামড় খাওয়া [কীটাদির ক্রমাগত দংশনের ভাব হতে] ধীরভাবে অথচ হৃদয় বিদ্ধ করে এমন শক্ত শক্ত কথা শুনাইয়া দেওয়া ; বিঁধাইয়া বিঁধাইয়া বলা।

কুটঙ্ক [কু (গৃহভূমি) টঙ্ক্ (আচ্ছাদনকরা) +অ (ণে, জ্ঞা॰। যদ্দ্বারা গৃহের আচ্ছাদন করা হয়)] বি, গৃহের আচ্ছাদন ; চাল।

কুটঙ্গক [কুট-অঙ্গ+ক(জ্ঞা॰-নিপাতনে সিদ্ধ) বা কুট (বক্র) অঙ্গ (অবয়ব) যার -বহু॰, নিপাতনে অঙ্গের 'অ' লোপ] বি, যে ছাদ বা চাল বক্রভাবে রচিত হয়। ২ লতানির্ম্মিত গৃহ ; নিকুঞ্জ। ৩ নল বা বংশ-রচিত পাত্রবিঃ ; ডোল ; ইহাতে ধান্যাদি শস্য রাখা হয়।

কুটজ [কুট (পর্ব্বতের শৃঙ্গ) জ (জন্‌-ড প্রত্যয়ান্ত জন >) ৭তৎ। কু=কু] বি, গিরিমল্লিকা ফুলের গাছ ; কুড়চীগাছ holarrhena antidysenterica. ২ [কুট (কুম্ভ)-জ (জাত)] কুম্ভে জাত ; দ্রোণাচার্য্য ; অগস্ত্য। ~পুটপাক-কুটজরস কুড়চী-ঘটিত আয়ুর্ব্বেদীয় ঔষধবিঃ।

কুটজগতি [সং] বি, সংস্কৃত ছন্দোবিঃ।

কুটজবীজ-বি, ইন্দ্রযব।

কুটজা [সং] বি, সংস্কৃত ছন্দোবিঃ।

কুটন [সং-কুট্টন। হি॰-কুট্না গ্রা॰-কোটোন। প্র-কুট্নো কোটোন্ বাট্না বাটোন] বি, কুট্টিত করণ ; খণ্ড খণ্ড করণ। কুট্না কুটা। ২ চূর্ণন ; গুঁড়ন ; পিষ্ট করণ। ণিজন্ত-কুটান।

কুটনা [সং-কুট্টন, গ্রা॰-কুট্নো] বি, রন্ধনার্থ ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে কর্ত্তিত তরকারী ; যা কর্ত্তন করা হয়। ~কুটা,-কোটা-রন্ধনের জন্য শাক-শব্জী-খণ্ড খণ্ড করিয়া কাটা ; রন্ধনের উপযোগী করিয়া তরকারী ছেদন করা। "তোমরা স্বয়ং কুট্‌নো কোটো বাটনা বাটো দাও লক্ষ্মীপূজার আলপনা"-অ॰ বসু।

কুটনী [সং-কুট্টনী। বাং-তে 'কুটিনী' ও॰ (অ॰ ম॰)] বি, (কদর্থে) যে নায়ক-নায়িকার মিলন ঘটায় ; কুচরিত্র পুরুষের সহিত যে কুচরিত্রা নারীর সংঘটন করাইয়া দেয় ; সম্ভটিকা ; দূতী। "কু॰ গস্তানী বড় যে মস্তানী উভে উভে দিব শূলে।" -ভারত॰। পুং-কোট্‌না। কুটনীপনা,-গিরি-নীচ দূতীর দৌত্যকার্য্য ; কুটনীর ব্যবসায় বা আচরণ।

কুটন্নট-বি, শোণাক গাছ। ২ কেশুর। ৩ নাগরমুতা। ৪ পালমশাক।

কুটপ-বি, গৃহসংলগ্ন বা সন্নিহিত উপবন। ২ পদ্ম। ৩ মুনিবিঃ।

কুটপাট, কুটিপাটি [সং-প্রাকৃ॰ কুট্টিত-পাটিত ; সং-কুট্ট (ছেদন) পট্ট (ছেদন) তা হতে, খণ্ড খণ্ড এই ভাব। তুল-আহ্লাদে আটখানা (রূপকার্থে)] ক্রি, বিণ, অত্যন্ত আহ্লাদ ; অট্টহাস্য। "হারাণী হাসিয়া কু॰।"-বঙ্কিম॰ (ইন্দিরা)।

কুটর [সং] বি, বন্ধন-স্তম্ভ। ২ মন্থনদণ্ডস্থিত রজ্জু। ৩ তেউড়ী।

কুটরু [সং-কুটীর। গ্রা॰] বি, তাঁবু ; বস্ত্রনির্ম্মিত ক্ষুদ্র গৃহ ; কুটুরি দ্রঃ।

কুটল [কুট (গৃহ) লা (গ্রহণ করা, আচ্ছাদন করা)+অ (ণে, জ্ঞা॰)] বি, যদ্দ্বারা গৃহের উপরিভাগ আচ্ছাদন করে ; গৃহের চাল বা ছাদ।

কুটা১ [কুট, কুটি দ্রঃ। গ্রা॰-কুটো বা কুট] বি, খড়ের টুক্‌রা, তৃণাদির খণ্ড। "পরাণে কাতর যম পড়িল ভূমেতে। শিবের কিঙ্কর বলি কু॰ নিল দাঁতে॥"-কবিক॰। কাটকুটা-কাঠ ও তৃণাদি। খড়-কুটা -খড় এবং তৃণ। দাঁতে কুটা করা বা লওয়া-আত্যন্তিক বিনয় প্রকাশ করা ; একান্ত হীনতা ও বশ্যতা স্বীকার করা [দ্রঃ-কাষ্ঠ > কাঠ=কাট। কাটের শলাকা বা সরু খণ্ড-কাটি=কাটি। খড়ের কাটি=খড়কাটি =খড়কিয়া=খড়কে। খড়কিয়ার ক্ষুদ্র খণ্ড= কুটা। কুটার কর্ত্তিত বা কুট্টিতখণ্ড=কুটি ; কুটি অর্থাৎ কুটা বা তৃণের কুঁচি]।

কুটা২ [গ্রা॰-কোটা ; সং-কুট্ট্ (ছেদনে= কাটা ছেঁচা-চূর্ণ করা) ; হি॰-কুটনা। উ॰ পু॰ -কুটি। ম॰পু॰-কুট ; কুটুন ; কুট্, কোট্। প্র॰ পু॰-কুটে, কোটে। অস-ক্রি, কুটিতে ; কুটিয়া ; কুটে। ণিজন্ত-কুটান] ক্রি, ছেঁচিয়া চূর্ণ করা। প্র-হলুদ কুটা ; চিঁড়া কুটা ; ঔষধ কুটা ; দোক্তা কুটা। ২ [লক্ষ॰] ঘর্ষণ দ্বারা দ্রব্যাদি চূর্ণ করিবার বা মশলাদি বাটিবার উপযোগী করিবার জন্য শিল যাঁতা ই॰ পাষাণ পট্ট ছেনি দিয়া কাটিয়া আবুড়াখাবুড়া ও ধারাল করা। "শিল কুটান।" কাটাকুটা-ছেদন এবং চূর্ণ-করণ ; কাটা এবং থেঁৎলান। মাথাকুটা-মাথা খোঁড়া ; মাথা ঠোকা। মাথা কুটাকুটি করা-নির্ব্বন্ধাতিশয়ে অনুরোধ উপরোধ করা ; জিদ করা ; সাধ্যসাধনা করা ; ঝুলোঝুলি করা। চাউল কুটা-চাউল চূর্ণ করা ; চাল গুঁড়ান। কুটা-চাউল (কুট্টিত চাউল) বিণ, চালের গুঁড়ি। মাছ কুটা, কোটা-রন্ধনের জন্য মাছ খণ্ড খণ্ড করিয়া কাটা এবং আঁশ পোঁটা ই॰ বাছিয়া ফেলিয়া দেওয়া। মেরে কুটে দেওয়া-গুরুতর আঘাতে সর্ব্বাঙ্গ ক্ষতবিক্ষত করা ; প্রহারে অস্থি চূর্ণ করা। ছেঁচে কুটে যাওয়া -আহত এবং ছিন্ন হওয়া ; ছেঁচা ও কুটা

প্রায় একার্থক। ছেঁচিতে ছেঁচিতে ছিন্ন করাকেও কুটা বলে। "কি জানি কি শেল বাণ, ছেঁচেকুটে ছিঁড়ে প্রাণ।"-কস্তুরী°।

কুটাঘাত [কুট (হাতুড়ি) দ্বারা আঘাত (প্রহার) ৩তৎ] বি, হাতুড়ি দ্বারা আঘাত ; হাতুড়ির ঘা।

কুটান-কুটা দ্রঃ।

কুটি১ [সং-কুটীর] বি, ক্ষুদ্র এবং অনুন্নত পর্ণগৃহ ; কুঁড়ে ঘর ; মৃন্ময়গৃহ। কোঠা ; পাকাঘর। ২ [হিং-কোঠী, কুঠী দ্রঃ] বড় পাকাবাড়ী। ৩ মহাজনদিগের কার্য্যস্থান ; বাণিজ্যালয় ; হৌস বা হাউস (ইং-house) "নামেতে নীলের কু°।"-ঈ° গুপ্ত।

কুটি২ [হিং-কুট্টী। কুটা দ্রঃ] বি, কুটিয়া বা কাটিয়া ছোট করা খড় বা তৃণ ; পোয়াল। ক্রি, ~করা-কাটিয়া কুটি প্রস্তুত করা। ~কুটি করা-ক্রমাগত কাটিয়া খুব ছোট ছোট খণ্ড করা ; ঘুনকুচি করা ; কুঁচি কুঁচি করা ; টুকরা টুকরা করা। "কুসুম একটী দুটী তরু হ'তে পড়ে টুটি। সে করিছে কুটিকুটি নখেতে ধরি।"-সোণার তরী। হেঁসে কুটিকুটি-আহ্লাদে আটখানা। ~পাটি-কুটপাট দ্রঃ।

কুটিনাটি, খুটিনাটি [কুটি খুটি (কুট্ ছেদনে, খট্, খুণ্ড্ খণ্ডনে ভেদনে) নাটি (নট্-হিংসনে)] বি, খণ্ড খণ্ড বা সামান্য বিষয় লইয়া বিবাদ বা বাদানুবাদ। "অতএব গৃহে তুমি কৃষ্ণ ভজ গিয়া। কুটিনাটি পরিহর একান্ত হইয়া॥"-চৈ° ভা°। ২ ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় ; পুঙ্খানুপুঙ্খ বিষয়। প্র-ব্যবসায়ের প্রত্যেক খুটিনাটির প্রতি লক্ষ্য রাখা আবশ্যক।

কুটিনী [কুটনী দ্রঃ] বি, নায়ক-নায়িকার মিলনসংঘটিকা ; দূতী। "সাপের বাসায় ভেকেরে নাচায়, কেমন কু° সে বা।" -ভারত°।

কুটিয়া, কুঠিয়া [গ্রা°-কুটে,-ঠে। কুট-কুঠ (কুষ্ঠব্যাধি)+ইয়া (যুক্তার্থে)] বিণ, যার কুষ্ঠব্যাধি আছে ; মহাব্যাধিগ্রস্ত। প্র-কানাকুটে।

কুটির, কুটীর [কোট=কুট+ইর-ঈর অল্পার্থে। বৃহদর্থে কোটা। কুটির অপেক্ষা ক্ষুদ্র কুটী] বি, তৃণ বা পত্রনির্ম্মিত গৃহ ; পর্ণশালা ; ক্ষুদ্র গৃহ ; ছোট ঘর ; কুঁড়ে ঘর। ২ বাসভবন ; বাসস্থান। ~শিল্প-যে শিল্পকর্ম্ম অন্তঃপুরে পরিচারিকাদের শিল্পকৌশলে ও পরিশ্রমে সম্পাদিত হয়। (চরকায় সুতাকাটা, কাটিতে মোজা গেঞ্জি ই° বোনা, তাঁতে কাপড় বোনা ই°) (কলকারখানায় নয়) গৃহশিল্প ; হস্তনির্ম্মিত শিল্প cottage industry.

কুটিল [কুটি (বক্রতা)+ল (স্ত্য) কিংবা কুট্ (বন্ধনে)+ইল (স্ত্য)] বিণ, যার কুটিলতা আছে ; বক্র ; যা ঋজু বা সোজা নহে। ২ কুঞ্চিত ; কোঁকড়া। ৩ খল ; চক্রী ; শঠ ; কপট। প্র-কুটিল স্বভাব। ৪ বি, কুটিলতা ; কৌটিল্য। ৫ পিণ্ডীতগর পুষ্প। ৬ বেতো শাক। ৭ ৮ম হইতে ১১শ শতাব্দীর ভারতীয় লিপিবিঃ। স্ত্রীং ~া-সরস্বতী নদী। ২ আয়ানের ভগিনী ; রাধিকার ননদিনী। প্র-জটিলা, কুটিলা। ৩ অসবর্গ নামক গন্ধ-তৃণ। ৪ সংস্কৃত ছন্দোবিঃ ; কুটিলা ছন্দ। ~তা-বি অসরলতা, বক্রতা, খলতা। ~রেখা-বাঁদ কখি curved line.

কুটিলগ, -গামী [কুটিল (বক্র) গ, গামী (যে গমন করে) গম্ ধাতু র্ত্তৃ-ড প্রত্যয়ান্ত] বিণ, যে বক্র ভাবে গমন করে ; বক্রগামী। ২ বি, সপ। স্ত্রীং ~া-বক্রগামিনী নদী।

কুটিলগামী-বিণ, যে বাঁকা পথে যায় : বন্ধ্যা। ২ খল ; ক্রুর।

কুটিলপ্রশ্ন-বি, জটিল প্রাণ ; যার উত্তর দেওয়া কঠিন। ২ বিণ, কূট প্রশ্নকারী ;

কুটি, কুটী, কুঠী (কুটি) [সং-কুটীর। হিং-কোঠি। ক্ষুদ্রার্থে-ই, ঈ। বৃহদর্থে কোটা, হিং-কোঠা। "অফিসকোটা"] বি, কর্ম্মস্থান। অপিস ; গদি। কুটীয়াল-যারা অপিসে কাজ করে। ২ যাদের কুটী আছে ; মহাজন ; গদিয়ান। ৩ ভাণ্ডার ; আগার। "এই সংসার সুখের কুটী যার যেমন মন তেন্নি ধন, মনকে কর পরিপাটী॥"-আজু গোঁসাই। খড়কুটি, খড়কুটী-খড়ের পালা। ২ খড়ের ক্ষুদ্র খণ্ড। কুটীপাটী, কুটিপাটি -কুটিকুটি ; খণ্ড খণ্ড। তুল-আহ্লাদে আটখানা।

কুটী [কুটীর (দ্রঃ)] বি, (মৌলিক অর্থ) ক্ষুদ্রতর কুটীর। ২ (পরে কুঠি অর্থে) মহাজনের গদী ; কর্ম্মস্থান ; বাণিজ্যালয়। কুঠি দ্রঃ। বৃহদর্থে কোটা। কুটীআল-কুঠিয়াল দ্রঃ।

কুটুম-কুটুম্ব দ্রঃ। বঁড় কুটুম [প্রাদে° উপহাসে] সম্বন্ধী, শ্যালক। ~সাক্ষাৎ [সঙ্গী-স্যাঙাৎ-সাক্ষাৎ] কুটুম্ব এবং বন্ধু ; আত্মীয় বান্ধব। ২ [সাক্ষাৎ মূল অর্থে] নিমন্ত্রিত এবং অনাহুত। ~তলা [প্রাদে° গ্রা°] বি, কুটুম্বিতা। লোক-কুটুম-জ্ঞাতি এবং প্রতিবেশী।

কুটুম্ব [গ্রা°-কুটুম্ব ; কুটুম্। কুটুম্ব্ (পালন করা, পোষণ করা)+অ (র্ম্ম-জ্ঞা°) যাকে পালন বা পোষণ করা হয়] বি, স্বগোত্রজ ; আত্মীয় ; জ্ঞাতি ; যার সহিত বংশগত সম্বন্ধ আছে। ২ বিবাহাদি সম্বন্ধে আপনার জন। ৩ পরিজন ; পোষ্যবর্গ। ৪ বান্ধব। ~সাক্ষাৎ-আহুত এবং অনাহুত। ৫ কুটুম্ব সাক্ষাৎ ঘরে আসিলে যথারীতি আদর যত্ন করা কর্ত্তব্য। আত্মীয়কুটুম্ব-আত্মীয়।

কুটুম্বিতা [গ্রা°-কুটুম্বিতে। সং, শব্দ-কুটুম্ব+তা (ভা°)] বি, আত্মীয়তা ; আদান-প্রদানের দ্বারা সম্বন্ধ-স্থাপন বা ঘনিষ্ঠতা। "চোরে চোরে কুটুম্বিতে আসা যাওয়া রেতে রেতে।"-গোপাল উড়ে। কুটুম কুটুম্বিতা-কুটুম্বের সহিত কুটুম্বিতা বা লৌকিকতা ; কুটুম্বের সহিত তদ্বৎ ব্যবহার।

কুটুম্বী [কুটম্ব+ইন্ (স্ত্য, মূ°-কুটম্বিন্ ১মা ১ব°] বি, যার কুটুম্ব আছে ; গৃহস্থ। ২ [বৌ° বাং সা°। পা° সা° স্থবির তিষ্য সম্বন্ধে উক্ত। তুল পা° 'কুটুম্বির পুত্ত=ভূম্যধিকারী পুত্র)] বি, সম্পন্ন গৃহস্থ ভূম্যধিকারী। স্ত্রীং কুটুম্বিনী-কুটুম্ববিশিষ্টা স্ত্রী ; যার পতি, পুত্র, দুহিতা, দৌহিত্র ই° আছে ; গৃহিণী। ২ স্ত্রীকুটুম্ব। "কুটুম্ব কামিনী যত কু°। করিতে লাগিল উমাদেহ প্রসাধন।"-কুমার-সম্ভব (রঙ্গলাল)। ৩ ক্ষীরিণী বৃক্ষ।

কুটুর [কুট এই রব। 'কটর' অপেক্ষা লঘু] বি, কাষ্ঠাদির ন্যায় কঠিন বস্তু ইন্দুরাদির

সূক্ষ্ম দন্তদ্বারা কর্ত্তন-শব্দ। কুটুর কুটুর-ক্রমাগত ঐ শব্দ। কুটুর কাটুর [ব্যাপ্তি অর্থে বা প্রকারভেদে দ্ব।] স্থানে স্থানে কুটুর কুটুর করিয়া কাটিবার শব্দ বা লঘু এবং কঠোর চর্ব্বণে কর্ত্তন-শব্দ। "কাটুর কুটুর"ও০। ইন্দুরে মাটি কাটিয়া ফেলিবার শব্দ।

কুটে-কুটা₂ দ্রঃ। 'কুটে'-কুষ্ঠরোগী কুঠে দ্রঃ।

কুটেল [হিং-কোঠী (কুটি) বালা (ওয়াল)-কোঠীবাল। বাং-কুটিয়াল-কুটেল] বি, যার কুটি আছে; কুঠেল দ্রঃ। ২ নীলকুঠির অধিকারী। "একে ত মাগ্‌গি গণ্ডা লুটে তায় কু০ ষণ্ডা।"-ঈ০ গুপ্ত।

কুট্টক [কুট্‌ (কোটা)+অক (র্ত্তৃ-জ্ঞা০)] বিণ, যে ছেদন করে; কর্ত্তক; ছেদক। "অশ্মকুট্টক।" ২ বি, লীলাবতী-প্রোক্ত গুণকাঙ্কবিঃ।

কুট্টন [গ্রা০-কোটন। কুট্ট (কর্ত্তন করা+অ, ভা০)] বি, কর্ত্তন; ছেদন; কাটন। ২ খনন; খোঁড়ন। ৩ পিষ্টকরণ; থেঁৎলান; ছেঁচা। ৪ গালি দেওয়া; নিন্দন; দূষণ। স্ত্রীং -নী-দূতী। কুট্টনীপনা-বি, দূতীপনা; ঘটকতা। ২ যে নারী কুচরিত্র পুরুষ ও কুচরিত্রা নারীর যোজকতার কার্য্য করে।

কুট্টমির্ত [কুট্‌+অ (ভা০-কুট্ট-অম্‌ (সেবা করা)+ইত] বি, স্ত্রীলোকের বিলাসবিঃ; নায়কের সংস্পর্শে মনস্তুষ্টি হইলেও এরূপ করিও না ইহা বুঝাইবার নিমিত্ত হস্ত ও মস্তক সঞ্চালনের নাম কুট্টমিত।

কুট্টাক-বিণ, যে কুটে; কণ্ডন বা কর্ত্তনকারী। বি, মাছরাঙা পাখী।

কুট্টার-বি, পর্ব্বত। ২ কম্বল। ৩ রতি। ৪ ক্রি-বিণ, কেবল; মাত্র।

কুট্টির্ত [কুট্ট+ত (র্ম্ম) যাকে ছেদন করা হয়] বিণ, কর্ত্তিত; খণ্ডিত; ছিন্ন। ২ পিষ্ট; চূর্ণীকৃত।

কুট্টিম [কুট্ট+ইম (জ্ঞা০)] বি, রত্নের আকর। ২ মসৃণ ভূমি। ৩ চাতাল। ৪ বদ্ধভূমি; পাকা মেজে। প্র-গৃহ-কুট্টিম। ৫ দাড়িম্ববৃক্ষ। ৬ ক্ষুদ্রগৃহ; কুটীর; কুঁড়েঘর। -র,-ট্টীর [সং] বি, ক্ষুদ্র পাহাড়।

কুট্মল, কড্মল [কুট্‌, কুড্‌ (কর্ত্তন করা, বিকাশ পাওয়া)+মল (র্ত্তৃ-জ্ঞা০) যে বিকাশ পায়] বি, কিঞ্চিৎ প্রকাশিত পুষ্পের মুকুল; কলিকা; ফুলের কুঁড়ি। ২ [খি-মল (পাপ ভোগ হয় যেখানে)] নরকবিঃ; এই নরকে পাপী রজ্জুবন্ধনের যন্ত্রণা ভোগ করে বলিয়া উক্ত হইয়াছে।

কুট্মলির্ত [কুট্মল+ইত (যুক্তার্থে)] বিণ, কলিকাবিশিষ্ট; মুকুলিত। যার মুকুল বহির্গত হইয়াছে।

কুঠ₁ [সং-কুষ্ঠ; পা০-কুট্ঠ ঠং। বাং-'কুড়' ও০] বি, রোগবিঃ leprosy. কুঠে [কুষ্ঠ + ইয়া (যুক্তার্থে) > ক্ষে০। গ্রা০-কুটে] বিণ, কুষ্ঠরোগী।

কুঠ₂ [কু (শব্দ করা)+ঠ (খি) যেখানে থাকিয়া পক্ষীরা শব্দ করে। অথবা কু (পৃথিবী) স্থা (থাকা)+অ (র্ত্তৃ), আ লোপ, স্থ=ঠ (যারা পৃথিবীতে সংলগ্ন হইয়া থাকে) কিংবা কুঠ্‌ (ছেদন করা)+অ (র্ম্ম-জ্ঞা০) যাকে কাষ্ঠচ্ছেদকেরা ছেদন করে] বি, কাষ্ঠ; কাঠ; মহীরুহ; পাদপ; বৃক্ষ [বিরল] ২ কুড়গাছ।

কুঠ্র [সং] বি, বন্ধনস্তম্ভ; যে খুঁটীতে মন্থনের দণ্ড বা মউনি বাঁধে।

কুঠরি, কুঠরী [সং-কুটীর; হিং-কোঠরী] বি, ছোট ঘর; কুঠীর অন্তর্গত গৃহ। ২ কোঠা ঘর; পাকা ঘর।

কুঠাটঙ্ক [কুঠ (বৃক্ষ) টন্‌ক্‌ (কর্ত্তন করা কাটা)+অ (গে-জ্ঞা০) যদ্দ্বারা বৃক্ষ কাটা হয়] বি, কাষ্ঠকর্ত্তরী; কুড়ালি। ২ বাইস; টাঙ্গি।

কুঠার [কুঠ্‌ (বৃক্ষ) ঋ (প্রাপ্ত হওয়া)+অ (র্ত্তৃ-জ্ঞা০) কিংবা কুঠ্‌ (ছেদন করা)+আর (গে-জ্ঞা০) যদ্দ্বারা ছেদন করা যায়] বি, কাষ্ঠচ্ছেদক; কুড়ালি; বাইস; টাঙ্গী।

কুঠারি, কুঠারী₁ [বৌ০ বাং প্রাকৃ০-কুরাড়ী (চ০ পদ ৫০।১] বি, কুঠার। কুঠারিকা-অস্ত্রোপচারের ক্ষুদ্র কুঠার যন্ত্র small surgical axe.

কুঠারী₂-বি, মালদহের 'কুড়ল' জাতি, কুঠার দ্বারা কাঠচ্ছেদন করা যাদের ব্যবসায়।

কুঠারু [কুঠ (বৃক্ষ) ঋ (গমন করা)+উ (র্ত্তৃ, জ্ঞা০) যে বৃক্ষে আরোহণ করে] বি, বানর। ২ [কুঠার (কুড়ালি)+উ (গে-জ্ঞা০) যদ্দ্বারা কুড়ালি ইং প্রস্তুত হয়] অস্ত্রনির্ম্মাণকারী। ৩ [কুঠ্‌ (ছেদন করা)+আরু (র্ম্ম-জ্ঞা০) যাকে ছেদন করা হয়] বৃক্ষ [প্রা০ অ০]।

কুঠি, -ঠী [হিং-কোঠী (কুটি দ্রঃ)] বি, কার্য্যালয়; বাণিজ্যালয়। ২ অট্টালিকা; বাংলা (bungalow) "কুঠি নিলে বাড়ী ছেড়ে সাহেব পাড়ায়।"-হেম০।

কুঠিয়াল [হিং-কোঠী] বি, নীলকুঠির কার্য্যকারী লোক। "কু০ বিচারকারী লাঠিয়াল সহকারী॥" ২ বণিক্‌; সওদাগর।

কুঠীবালা, -ওয়ালা [হিং] বিণ, বণিক্‌; সওদাগর। ২ যারা ধরাট বা কমিশন লইয়া হুণ্ডী ইং দ্বারা টাকার চালানী কারবার করেন।

কুঠে-কুঠ দ্রঃ।

কুঠেল [হিং-কোঠীবাল। বাং-কুঠিয়াল-কুঠেল] বিণ, কুঠির লোক; নীল কুঠির অধিকারী। ২ সওদাগর; বণিক্‌। "তাঁর টাকা তাঁর কড়ি তাঁরি লোকজন। মাঝে থেকে লুটে খায় কু০ যবন॥"-হেম০।

কুড়₁ [আ০-কুল্‌ (তমাম, সমুদয়) ল=ড়] বিণ, সমস্ত; বেবাক। উড়কুড়-সমস্ত উড়া; সর্ব্বনাশ, নিঃশেষ। তুল-পাট উঠা।

কুড়₂ [সং-কুল] বি, রাশি; স্তূপ। প্র-কাঁটার কুড়, পাঁশ কুড়। ২ [কুণ্ড-কুঁড়] বি, কুণ্ড; পাত্র। ৩ [সং-কুট; কুষ্ঠ। পা০-কুট্ঠ। হিং-কুড়] বি, কুড় নামক ঔষধ। প্র-কুড় বাবুইয়ের পাচন। ৪ [কুষ্ঠ-কুঠ-কুড়; হিং-কোড়ী] বিণ, কুষ্ঠরোগগ্রস্ত। "কুড়ের বাথান বৈদ্যনাথ।"-প্রবাদ।

কুড়₃ [কুড়্‌ এই শব্দ] বি, অনুকার শব্দ। ~কুড়-কড়কড় শব্দের কোমল বা স্বল্পার্থক। শুষ্ক বা উষ্ণ চর্ব্ব্য যথা-পাঁপর ভাজা, বড়ী ভাজা, পাতখোলা ইং চর্ব্বণের শব্দ। ২ (ঐরূপ শব্দে) আঁচড়ান। ৩ (ঐরূপ কোমল শব্দে) চুলকান। ক্রি, ~কুড়ানি-ঐরূপ শব্দ হওয়া বা করা। "আবার কুড়কুড়ায় তাতে।" -বাং-গান। ~মুড়-[কুড়কুড় অপেক্ষাও লঘু শব্দ। গরম গরম কড়াই মুড়ি চিবাইবার শব্দ। কুড়+মুড় (মড়মড় অপেক্ষা লঘু শব্দ। মর্ম্মর

হস্তে মুর্মু র)] ক্রি, ~মুড়ানি-কুড়মুড় শব্দ হওয়া বা করা। বি, ~মুড়ানি।

কুড়চি [সং-কুটজ,-চ > কুড়চ >] বি কুটজ বৃক্ষ echites antidysentesica.

কুড়ন [কুড় দ্রঃ। কুড় করণ=কুড়ন] বি, সংগ্রহ ; রাশি করণ ; চয়ন ; আহরণ। ২ [খণ্ডন-খুঁড়ন-কুড়ন] বিদারণ ; খনন। ৩ কুড়(ড়ু)ই, কুড়োও, কুড়োয় ; কুড়াইতে (কেঃ কুড়ুতে)। কুড়ইয়া (কেঃ কুড়য়ে), ণিজন্ত **কুড়ানি**-কুড়াই, কুড়াও, কুড়ায় ; কুড়াইতে (কেঃ কুড়াতে), কুড়াইয়া (কেঃ কুড়িয়ে) ইং] ক্রি, বিক্ষিপ্ত বস্তু তুলিয়া লওয়া ; রাশীকৃত করা ; জড় করা। ৪ পতিত বস্তু উঠাইয়া লওয়া। "গাছেরও পাড়বে তলারও কুড়াবে।"-প্রবচন। ৫ [কুড়নিয়া, কুড়নে, কুড়ুনে] বিণ, যা কুড়াইয়া লওয়া হইয়াছে ; সংগৃহীত ; যা পড়িয়াছিল তা তুলিয়া লওয়া হইয়াছে। হাট-কুড়নে-হাটের পরিত্যক্ত এবং যা ক্রীত নহে ; কুড়াইয়া পাওয়া। ২ (অর্থ-সম্প্রসারণে) যা যম কর্তৃক পরিত্যক্ত বা অযত্নের বস্তু স্বরূপ পতিত ছিল এবং কুড়াইয়া লওয়া হইয়াছে, এই ভাব হতে, সন্তান হইয়া না বাঁচিলে কয়েকটীর মৃত্যুর পর পিতামাতা পুত্রের নাম রাখে কুড়নিয়া, কুড়নে, কুড় এবং কন্যার নাম রাখে কুড়নী। তুল-হারান, হারানী ; ফেলা, ফেলী ইং।

কুড়প, কুড়ব [সং-কুড়ব] বি, প্রস্থের চতুর্থ ভাগরূপ পরিমাণবিঃ। ২ চার আঙ্গুল চওড়া ও চার আঙ্গুল গভীর চাউল মাপিবার কাঠের কুনিকা। ৩ কুনিকা পরিমাণে এক রেক ; কেটে। ৪ শাস্ত্র। ৫ ১২ মুষ্টিতে এক কুড়বা এবং ৪ কুড়বায় এক প্রস্থ। ৬ [বৈদ্যকে] ৩২ তোলা পরিমাণ। ৭ বিঘা পরিমাণ। কুড়বা দ্রঃ।

কুড়বা [সং-কুড়ব। কুড়প দ্রঃ] বি, ভূমির পরিমাণবিঃ। ২০ কাঠায় এক কুড়বা ; বিঘা। "কুড়বা কুড়বা কুড়বা লিজ্যে কাঠায় কুড়বা কাঠা লিজ্যো।"-শুভঙ্করী। "লিজ্যে" =হিং-লিজিয়ে=গ্রহণ করুন ; হিসাবে ধরুন।

কুড়মুড়-কড়মড় দ্রঃ।

কুড়ল [সং-কুরর] বি, মৎস্যভোজী পক্ষিবিঃ ; মাছরাঙা পাখী। ২ [কুণ্ডল -কুঁড়ল-কুড়ল প্রাদেং] সর্পের কুণ্ডল ; কোঁড়ল (গ্রাং)। ৩ খোড়ল ; গর্ত। ৪ [মালদহ প্রাদেং] কুড়ল দিয়া কাঠ কাটা যাদের জাতীয় ব্যবসায় ; কুঠারী।

কুড়া১ [প্রাদেং-উচ্চারণে কুলা ও। সং-কুল=স্তূপ, রাশি ; মং, ওড়িং-কুড় ("ড়" ও "ল"র মধ্যবর্ত্তী উচ্চারণ)] বি, ভূমির পরিমাণ ; বিঘা। "মাপে কোণে দিয়া দড়া, পনর কাঠায় কুড়া, নাহি শুনে প্রজার গোহারি।" কবিকং [জরিপে, আকবরী পরিমাণ] ইং-22½ ইঞ্চি=এক হাত,১০০ হাত প্রস্থ ভূমি=১ কুলা বা কুড়া বা বিঘা। দীর্ঘে বেশী প্রস্থে কম হইলেও মোট ১০০০০ বর্গ হস্ত পরিমাণ হইলেই এক কুড়া বলিয়া গণ্য হইত। ১ কুড়ার বিশ ভাগের একভাগ বা ৫০০ বর্গ হস্তে এক বিশ্ব। ২ [কাণ্ড (ক্ষুদ্রার্থে) কুড়ি, যা হতে গুঁড়ি] কাষ্ঠখণ্ড ; তক্তা। "হীরামুখী পানে যার চন্দনের কুড়া॥"

কুড়া২ [কুড়া দ্রঃ] বি, কুটীর। "লঘু বৃষ্টি হইলে কুড়ায় আইসে বলে।"-কবিকং।

কুড়া৩ [সং-কট্ট্ ছেদনে। কুটা গ্রাং-কোড়া-খোঁড়া দ্রঃ, উং পুং-কুড়ি। মং পুং-কুড়, কোড়। প্রং পুং-কুড়ে, কোড়ে। অস্-ক্রি-কুড়িতে ; কুড়িয়া, কুড়ে] ক্রি, মাটি কাটা ; খনন করা। "কুড়িতে কুড়িতে ঠেকিল কুর্ম্মের পিঠি।"-শূং পুং।

কুড়ানি-কুড়ন দ্রঃ।

কুড়ানি,-নী [কুড়ন দ্রঃ। যে কুড় করে] বি, আহরণকারিণী ; যে স্ত্রী কুড়াইয়া সংগ্রহ করে। প্র-কাঠকুড়ানী। ২ অত্যন্ত দরিদ্রা স্ত্রী। যার অর্থ বিনিময়ে দ্রব্যাদি ক্রয় করিবার ক্ষমতা নাই। পথে ঘাটে পতিত কাঠ ঘুঁটে ইং কুড়াইয়া আনে। সুতরাং কাঠকুড়ানী, ঘষীকুড়ানী, ঘুঁটেকুড়ানী, পাতাকুড়ানী ইং অতিশয় দীন-দুঃখী স্ত্রীলোককে বুঝায়। পাতা-কুড়ানী-যে স্ত্রীলোক পরের এঁটোপাত কুড়াইয়া অন্নসংস্থান করে। কাঠ-কুড়ানি-যে গাছের শুষ্ক ডালপালা কুড়াইয়া আনিয়া ইন্ধনের সংস্থান করে। ২ সন্তান উপর্য্যুপরি মরিয়া যাইবার পর কন্যা হইলে সে জীবিতা থাকিবে বলিয়া জননী তার নাম রাখেন কুড়ানী (গ্রাং-কুড়নী)। তুল-হারানী, ফেলী।

কুড়াপন্থী [বিদ্রূপার্থে] বি, বিণ, আগ্রার অন্তর্গত হাথরাস নগরবাসী তুলসীদাস নামক জনৈক গন্ধবণিক্-প্রবর্ত্তিত-উপাসক সম্প্রদায়, এক কুণ্ডা বা কুড়ায় সমুদয় আহারীয় একত্র করিয়া সকলে মিলিয়া ভোজন করে বলিয়া এই নাম ; ঐ সম্প্রদায়ভুক্ত।

কুড়ারী [কুঠারী] বি, কুঠার। "যষ্টি অবলম্ব নাহি তব দন্ত কুং বাশি পীড়ন।" -কবিকং।

কুড়াল, কুড়ুল [সং-কুঠার (র=ল)] বি, কুঠার ; পরশু ; কুড়ালি ; কুঠারী।

কুড়ালি [সং-কুঠার, -রী। হিং-কুড়ালী -কুহ্লাড়ী] বি, কাষ্ঠচ্ছেদক অস্ত্র ; পরশু ; কুঠার। "প্রজা হইল ব্যাকুলি বেচে ঘরের কুং টাকার দ্রব্য বেচে দশ আনা॥"-কবিকং।

কুড়ি [সং-কোটী-হিং-ক্রোরী=কোড়ী বহু গুণিত কুড়ি। তুল-ইং-score] বিণ, ২০ সংখ্যা ; বিংশতি ; বিশ। "বুড়ী যে হয়েছে ধুড়ী কাছা কাছি তিন কুড়ি।"-কুক্কুমং। ২ [কুষ্ঠ >] কুষ্ঠরোগ। প্র-কুড়িকিষ্টি। ৩ কুষ্ঠরোগগ্রস্ত। "কার বহু বেটী কারে দিমু ভেটী যে বলে সে হবে কুড়ি।"-ভারতং।

কুড়িয়া, কুড়ে [কুঁড়ে দ্রঃ] বিণ, অলস।

কুড়িশ [সং] বি, কুড্চি নামক মৎস্য।

কুড়ুতা, কুড়ূতা [প্রাদেং] বি, রাঙতা। "হলুদ বদলে গোরচনা দিতে কুং বদলে সোনা।"-কবিকং। কুরুতা দ্রঃ।

কুড়ো-কুড়া (দ্রঃ) ; বিঘা।

কুড্মল-কুট্মল দ্রঃ।

কুড্য, কুড্যি [কুড্ (রাশীকৃত করা) + য (র্ম-জ্ঞাং)] বি, গৃহভিত্তি ; দেওয়াল ; ভিৎ ; কাঁথ। ২ ছিটা বেড়া। ৩ ব্যস্ততা বা ব্যগ্রতা। ৪ [ভাং য] বিলেপন। ৫ কৌতুক ; কৌতূহল।

কুড্যক-বি, কুড্য ; গৃহভিত্তি। ~চ্ছেদী-কুড্যচ্ছেদী দ্রঃ।

কুড়ে [কুড়া দ্রঃ] ক্রি- খোঁড়ে ; খোঁটে ; উৎপাটন করে ; উপড়ায়। "কোন নারী

খেদে কুড়িছে নয়নদ্বয়।”-মেঘ০। ২ ঠোকে ; আঘাত করে। “মহারাণী মাথা কুড়ে মনস্তাপ করি।”-শি০।

কুড়েমি, কুড়্যামি-কুঁড়েমি দ্রঃ।

কুড্যচ্ছেদী [কুড্য (দেয়াল) ছেদী-ছিদ্ (ছেদন করা)+ইন্ (র্তৃ), মূ০-ছেদিন্ ১মা ১ব০] বি, যারা অস্ত্র দ্বারা গৃহভিত্তি খনন করিয়া চুরি করে ; সিঁদেল চোর burglar.

কুণ [কুণ্ (শব্দ করা)+অ (ভা০)] বি, বীণাদির শব্দ। **~কুণ**-ক্রমাগত ঐরূপ শব্দ। ২ [গ্রা০ উচ্চারণে কুন্‌কুন্] পেটের ভিতরে ছুঁচ ফুটাইবার মত বেদনা। বেদনা তীব্রতর হলে কন্‌কন্। ক্রি, **~কুণান, কুনকুণান**। ক্রি-বি, **কুনকুণানি**।

কুণন [কুণ্ (শব্দ করা)+অন (ভা০)] বি, কণন ; ধ্বনি ; শব্দ। ২ [প্রাদে০] শূলন ; বেধন ; বেদনা।

কুণপ [সং] বি, বেধনাস্ত্রবিঃ ; বড়সা। ২ শব। কুণপ-কর্ণিকা-কালী।

কুণানি [কুণ দ্রঃ] ক্রি, কুণকুণ করা ; বেদনা করা। প্র-পেট কুণান। বি, কুণানি।

কুণাল-বি. সম্রাট্ অশোকের জ্যেষ্ঠপুত্র।

কুণি, কুণি [কুণ্ (শব্দ করা, সঙ্কুচিত হওয়া)+ই (র্তৃ)] বিণ, যে কার্য্য করিয়া সঙ্কুচিত হয় ; কুকর্ম্মকারী। ২ রোগবশতঃ বিকৃতহস্ত। ৩ বি, তুঁদগাছ। ৪ [হিং-কোহ্‌নী ; সং-কফোণি] কণুই। **কুণি-মারা**-কণুই প্রহার করা। “কীল কুণি কুঞ্জরে কুপিয়া মারে যেন।”-ঘ০।

কুণিয়া [সং-কফোণি > ; প্রা০ বাং] বি, কণুই।

কুণী [কুণি দ্রঃ। কোণ >]বি, নখরোগ। ইহা নখের প্রান্তভাগে হইয়া ক্রমশঃ নখকে বিবর্ণ ও নষ্ট করে।

কুণো [সং-কোণ+উয়া=কোণুয়া-ক্ষে০-কুণো] বিণ, কোণসম্বন্ধীয়। ২ কোণ-প্রিয় ; যে কোণে থাকে ; যে ঘরের কোণে স্ত্রীলোকের ন্যায় বা অন্তঃপুরে অবস্থান করে, কিন্তু বাহিরে বড় যায় না। ৩ [ঘরের কোণে সর্ব্বদা থাকা হেতু] মুখচোরা ; লজ্জাশীল ; লাজুক।

কুণোবেঙ্, -ব্যাঙ্ [সং-কূপমণ্ডূক] বি, এক জাতীয় মণ্ডূক ; যারা গৃহকোণে বাসা করিয়া থাকে এবং গৃহেরই চতুঃসীমার মধ্যে বিচরণ করে। ২ [তদ্রূপ প্রকৃতি হতে] মুখ-চোরা ; মেয়েমুখো। পুরুষপ্রকৃতিবিহীন ব্যক্তি ; ভীরুস্বভাব ব্যক্তি। “সে রকম কু০ হওয়া কি হুজুরের মত লোকের শোভা পায়।”-যোগেশ্বরী (দামোদর)।

কুণ্ঠ [কুণ্ঠ্ (আলস্য করা)+অ (র্তৃ) যে আলস্য করে] বিণ, আলস্যযুক্ত ; অলস ; জড় ; কুঁড়ে। ২ অকর্ম্মণ্য ; অক্ষম। বি, কুণ্ঠা। ৩ সঙ্কুচিত। ৪ কাতর। প্র-ব্যয়কুণ্ঠ। ৫ প্রতিবদ্ধ ; ব্যাহত। ৬ ভোঁতা (তুল-বিপরীত অর্থে, অকুণ্ঠধার কুঠার)।

কুণ্ঠক [কুণ্ঠ+ক (জ্ঞা০)] বিণ, কুকর্ম্ম-কারী ; কুৎসিত কার্য্যতৎপর ; মূর্খ। ২ সসঙ্কোচ ; সঙ্কোচকারী।

কুণ্ঠা [কুণ্ঠ দ্রঃ] বি, সঙ্কোচ ; জড়তা। ২ লজ্জা। ৩ ভয়।

কুণ্ঠিত [কুণ্ঠ্+ত (র্তৃ)] বিণ, অপ্রতিভ ; অপ্রস্তুত ; লজ্জিত ; সঙ্কুচিত। ২ কাতর। বি, কুণ্ঠা।

কুণ্ড [কুন্‌ড় (দাহ করা বা রক্ষা করা) +অ (র্ম্ম-জ্ঞা০) যে রক্ষিত হয়] বি, সধবা স্ত্রীর উপপতিজাত সন্তান ; পতি বিদ্যমান থাকিতে স্ত্রীর জারজ পুত্র। ২ [ধি, অ] অগ্নি রাখিবার জন্য ভূগর্ভে খনিত গর্ত্ত। ৩ যজ্ঞ-কুণ্ড। “কু০ কাটিয়াছি মাসি তোমার মন্দিরে। একটি সাধন আছে সাধিব কালীরে॥”-ভারত০। ৪ জলপাত্র। ৫ কূপ। ৬ জলাশয়তীর্থ ; দেবজলাশয়। প্র-রামকুণ্ড ; সীতাকুণ্ড। ৭ চৌবাচ্চা। ৮ বৃত্তাকার (গোলাকার) পরিমাণ পাত্র। ৯ আধার ; যাতে কোন কিছু রাখা যায়। প্র-তাম্রকুণ্ড, ঘৃতকুণ্ড, মধুকুণ্ড ই০। স্ত্রীং ~ী -কলসী ; ঘটী। ২ স্থালী ; পাকপাত্র। ৩ কমণ্ডলু।

কুণ্ডকীট [সং] বি, পতিতা ব্রাহ্মণীর সন্তান।

কুণ্ডভেদী [কুণ্ড-ভিদ্ (ভেদ্ করা)+ইন্ (র্তৃ) মূ০-ভেদিন্ ১মা ১ব০] বিণ, যে কুণ্ড ভেদ করে। ২ বি, ধৃতরাষ্ট্রের এক পুত্র।

কুণ্ডল [“কুণ্ডলং কর্ণবেষ্টনম্।”-অমর০] বি, কর্ণাভরণ ; কর্ণভূষণ ; মাকড়ীবিঃ। “কণ্ঠী আনিয়া কণ্ঠে জড়ায়, অঙ্গদ দু'টি বাহুতে পরায়, কুণ্ডল দেয় কানে।”-রবী০। ২ [কুণ্ডলাকৃতি বলিয়া] করভূষণ ; বলয়। ৩ কণ্ঠভূষণ ; হাঁসুলি। ৪ চরণালঙ্কার ; মল [বাং-য় বিরল] ৫ সমূহ।

কুণ্ডলিনী [কুণ্ডলী দ্রঃ] বি, জীবের মূলাশক্তি। “ইহজন্মে এবং পূর্ব্বপূর্ব্বজন্মজন্মা-ন্তরে যত মানসিক পরিবর্ত্তন বা ভাব জীবের উপস্থিত হইতেছে ও হইয়াছিল তৎসমূহের সূক্ষ্ম শারীরিক প্রতিকৃতি অবলম্বনে অবস্থিত মহা ওজস্বিনী প্রেরণাশক্তিকেই পতঞ্জলি-প্রমুখ ঋষিগণ ঐ আখ্যা প্রদান করিয়াছেন। যোগী বলেন উহা বদ্ধ জীবে প্রায় সম্পূর্ণ সুপ্ত বা অপ্রকাশিত অবস্থায় থাকে। উহার ঐরূপ সুপ্তাবস্থাতেই জীবের স্মৃতি, কল্পনা ই০ বৃত্তির উদয়। উহা যদি কোনরূপে সম্পূর্ণ জাগরিত বা প্রকাশাবস্থা প্রাপ্ত হয় তবেই জীবকে পূর্ণজ্ঞান লাভে প্রেরণ করিয়া শ্রীভগবানের সাক্ষাৎকার করাইয়া দেয়।”-শ্রীশ্রীরামকৃষ্ণ-লীলাপ্রসঙ্গ। **কুলি-কুণ্ডলিনী** [কুল (কুলাচারীদের উপাস্য কুণ্ডলিনী (কুলাচার-তন্ত্রোক্ত শক্তি)] মূলাধারস্থ সর্পীতুল্য শক্তি-বিঃ। মূলাধারস্থ পদ্মমৃণাল মধ্যবর্ত্তী সূক্ষ্মতন্তুবৎ প্রকাশমানা ও মূলাধারে শঙ্খাবর্ত্তবৎ বিদ্যুৎপ্রভা মধুর অস্ফুট কূজন-কারিণী নিঃশ্বাস প্রশ্বাসরূপে বিরাজিতা জীবগণের জীবনদায়িনী শক্তি।

কুণ্ডলী[গ্রা০-কুণ্ডুলি। কুণ্ডল (কর্ণভূষণ) +ইন্ (স্ত্য) মূ০-কুণ্ডলিন্ ১মা ১ব০] বিণ, যার কুণ্ডল আছে ; কর্ণভূষণধারী। ২ [ইহার পুচ্ছদেশে কুণ্ডলাকার চিহ্ন আছে বলিয়া এই নাম] ময়ূর। ৩ বরুণ। ৪ চিত্রমৃগ। ৫ [ইহারা কুণ্ডলাকারে অবস্থান করে বলিয়া এই নাম] সর্প। ৬ গুড়চী। ৭ সর্পিণী-বৃক্ষ। ৮ কপিকচ্ছু। ৯ কাঞ্চন-বৃক্ষ। ১০ [কুণ্ডলাকৃতি বলিয়া] জিলেপীনামক মিষ্টান্ন। স্ত্রীং কুণ্ডলিনী। **~কৃত**-বিণ,গুটান; কুণ্ডলের আকারে পাকান। **~পাকানি**-অঙ্গকে পাকাইয়া কুণ্ডলে পরিণত করা। **জন্মকুণ্ডলী** [সুদীর্ঘ কাগজে জন্মকোষ্ঠী

প্রস্তুত করা হয় এবং তা কুণ্ডলী করিয়া অর্থাৎ বলয়াকারে গুটাইয়া রাখা হয় বলিয়া] জন্মকোষ্ঠী।

কুণ্ডশায়ী [কুণ্ড-শী (শয়ন করা)+ইন্ (র্ত্তৃ) মূ০-শায়িন্ ১মা ১ব০] বিণ, কুণ্ডে শয়নকারী। ২ বি, ধৃতরাষ্ট্রের এক পুত্র।

কুণ্ডা [সং-কুণ্ডল। হিং০-কুণ্ডা। বাং-প্রাং০-কোঁড়া] বি, লোহার কড়া, দ্বারের বা সিন্দুক আদির ডালার শিকল পরাইবার জন্য কড়া; গুর্বো।

কুণ্ডাশী [কুণ্ড (জারজ)+অশ্ (ভোজন করা)+ইন্ (র্ত্তৃ) মূ০-কুণ্ডাশিন্ ১মা ১ব০] বিণ, কুণ্ডের (জারজের) ও গোলকের (বিধবা-দশায় জাত পুত্রের) অন্নভোজনকারী। ২ কোট্‌না। ৩ ধৃতরাষ্ট্রের এক পুত্র।

কুণ্ডিক [কুণ্ড (জলপাত্র)+ইক (স্বার্থে)] বি, জলাধার। ২ স্থালী; পাকপাত্র। ৩ তাম্রকুণ্ড। ৪ কমণ্ডলু। ৫ কুঁড়ি। স্ত্রীং-~া।

কুণ্ডিন [কুণ্ড+ইন্ (ধি-জ্ঞা০)] বি, নগরবিঃ, বিদর্ভনগর। ২ মুনিবিঃ।

কুণ্ডী [কুণ্ড+ইন্(স্ত্য) মূ০-কুণ্ডিন্ ১মা ১ব০] বিণ, কুণ্ডবিশিষ্ট; কুণ্ডযুক্ত। ২ রত্ন-ভাণ্ডার। ৩ স্থালী। ~ন-বি. রত্নভাণ্ডার।

কুণ্ডীর-বি, মনুষ্য। ২ বিণ, বলিষ্ঠ।

কুণ্ডোদর [কুণ্ডের ন্যায় উদর যার-বহু০] বিণ, অপ্রশস্ত উদরযুক্ত। ২ বি, নাগবিঃ।

কুত, কূত [হিং০-কূত্ (সং-আকূত-তাৎপর্য্য, মনের ভাব) আন্দাজী বা ঠাউকা গণনা বা হিসাব করা] বি, অনুমান; আন্দাজ। ২ আনুমানিক পরিমাপ। ~কাত [সহচর শব্দদ্বয়] আন্দাজী মাপ জোক; আনুমানিক পরিমাণ-নির্ণয়। "ক্ষেতে দেখে খন্দ যদি খেতে নাহি পায়। কুতকাতে কায়েত কিষ্কাতি করে তায়॥"-শি০। ~কাত করা-আন্দাজী মাপ জোক করা।

কুতঃ [কিম্+তস্] অ, কোথা হতে। ২ কোথায়। ৩ কিহেতু অধু০ অপ্র০]।

কুতঘাট [হিং০-কূত্] বি, কুত করিবার ঘাট; যে স্থানে বোঝাই নৌকার মালের পরিমাণ নির্ণয় করিয়া শুল্ক গ্রহণ করা হয়। কুত দ্রঃ। "ষোলশত কু০ মোর মহাদান। -শ্রী০ কী০।

কুতন্ত্র [কু (কুৎসিত) যে তন্ত্র (পরামর্শ) -ধা] বি, কু-পরামর্শ। ২ [কু হইয়াছে তন্ত্র (মন্ত্রণা) যার-বহু০] বিণ, কুপরামর্শদাতা।

কুতন্ত্রী-বি, কুমন্ত্রণাদাতা; চক্রান্তকারী। ২ কুৎসিত বীণা।

~তিনু-বি, কুৎসিত। ২ কুবের।

কুতপ [কু (ঈষৎ) তপ (রৌদ্রের তাপ) হয় যে সময়ে-বহু০] বি, কালপরিমাণ; দিবসের ১৫ ভাগের ৮ ভাগ; ৩০ দণ্ড পরিমিত দিনমানের দ্বিতীয় প্রহরের শেষ দণ্ড অবধি ৩য় প্রহরের ১ম দণ্ড পর্য্যন্ত কুতপ মুহূর্ত্ত। ঐ সময় একোদ্দিষ্টশ্রাদ্ধের প্রশস্তকাল। ২ বাদ্যবিঃ। ৩ ছাগলোমের কম্বল।

~তর্ক-বি, কূটতর্ক; ন্যায়বিরুদ্ধ তর্ক; বিতণ্ডা।

~তুক [কুতু (শব্দ) কৈ (শব্দ করা)+অ (ভা০)] বি, ঔৎসুক্য; কুতূহল। ২ আনন্দ।

কুতুকুতু, কুতুরকুতুর, কাতু-কুতু, কুতিকুতি [সং-কুতু-কুতুক। হিং০-গুদ্‌গুদি] বি, হাসাইবার জন্য অঙ্গ স্পর্শ; অঙ্গস্পর্শে রোমাঞ্চ; বগলে সুড়সুড়ি। ক্রি, কুতুকুতু, কাতুকুতু দেওয়া-অঙ্গে সুড়সুড়ি দিয়া হাসান।

কুতূ-বি, কুপো। ২ মসক।

কুতূপ [কুতু (তৈলাধার)+উপ-জ্ঞা০] বি, কুতূপ নামক তৈল-পাত্র। ২ চামড়ার তৈয়ারী তৈল-পাত্র; ছোটকূপা; কূপী।

কুতূহল [সং] বি, ঔৎসুক্য; কোন কিছু দেখিবার, শুনিবার বা শিখিবার জন্য ব্যগ্রতা। ২ বিণ, আশ্চর্য্যজনক; অদ্ভুত। ৩ নায়ক-নায়িকার ভাববিঃ। ৪ আনন্দ; সুখ। "কন্যা পাবে কুতুহল, তুমি পাবে দানফল লোকে গাবে অতুল সম্মান॥" -কবিক০। বিণ, ~হলী [কুতূহল+ইন (স্ত্য) মূ০-কতুহলিন্ ১মা ১ব০] কৌতুকী; কুতূহলাবিষ্ট; যার কৌতূহল জন্মিয়াছে। ২ আনন্দিত। ক্রি-বিণ, ~হলে-কুতূহল চরিতার্থ করিবার জন্য; আমোদ হেতু। "রচিয়া ত্রিপদীছন্দ, গান করি শ্রীমুকুন্দ, ব্রাহ্মণ রাজার কুতূহলে।"-কবিক০।

কুতৃণ [কু (কুৎসিত) তৃণ] বি, জলের পানা।

কুত্ত, কুত্তা, কুত্তো [হিং০-কুত্তা। বাং-প্রা০ কুত্তো] বি, কুকুর। স্ত্রীং কুত্তী [হিং০-কুত্তী, কুত্তিয়া] কুকুরী। ডালকুত্তা-দীর্ঘ-পদ, লম্বামুখ, কৃশোদর শিকারী কুকুরবিঃ।

কুত্র [সং-কিম্ শব্দ, ৭মী স্থলে ত্র] ক্রি-বিণ, কোন স্থান। ~চিৎ [সং] অ, কোথাও। ~ত্য-বিণ, কোথাকার; কুত্রজাত।

কুত্রাপি [কুত্র (কোথা) অপি (ও)] অ, কোথাও; কোনও স্থানে। "সর্ব্বত্র অন্বেষণ করিলাম কু০ দেখিতে পাইলাম না।"-কাদ০।

কুৎস [সং] বি, কৌৎস ঋষির পিতা; ঋষিবিঃ। ~ন-বি, কুৎসাকরণ; নিন্দন। ~নীয়-বিণ, নিন্দার্হ; নিন্দনীয়।

কুৎসা [কুৎস্ (নিন্দা করা)+অ (ভা০) প্রা০-কুচ্ছা; কুচ্ছ] বি, নিন্দা; দোষকীর্ত্তন; কলঙ্ক। ক্রি, কু০ করা। ~কারী-বি, নিন্দক। ~জনক-কলঙ্ককর; নিন্দাজনক।

কুৎসিত [সং। প্রাকৃ০-কুচ্ছিত (দ্রঃ)] বিণ, অপকৃষ্ট; কদর্য্য; জঘন্য। প্র-কুৎসিত আমোদ। ২ নিন্দিত; ঘৃণিত। ৩ অসুন্দর; বিশ্রী; কুরূপ। প্র-কুৎসিত দেহ। ~াচরণ-বি, দুর্ব্যবহার; ঘৃণিত আচরণ।

কুথ [কুথ্ (সংলগ্ন করা) >। যা হস্তিপৃষ্ঠে লাগান হয়] বি, হস্তীর পৃষ্ঠে সংলগ্ন করিবার চিত্রিত কম্বলবিঃ; ঝুল। "ছিন্নকুথ।"-মহা০। ২ কাঁথা। ৩ কুশতৃণ। ৪ কীট। ৫ যে ব্রাহ্মণ প্রত্যহ প্রাতঃস্নান করেন।

কুথম-বি, সামবেদের শাখাবিঃ।

কুথলী (-থ্-) [সং-কোষ্ঠ বা কুণ্ডস্থালী "পিঠরঃ স্থাল্যুখা কুণ্ডং।"-অমর০। হিং০-কুঠলী-পরে, কোথলী] বি, বড় থলী বা ঝুলী। ২ বৈষ্ণবের ভিক্ষার ঝুলী।-চৈ০ চ০।

কুথা [সং-কুত্র। প্রা০-বাং-কুথা; আধু০ বাং-কোথা] বি, কোথা; কোন স্থান। "কুথা থাকি আইলেক তুহ্মি কুথা তুহ্মার ঘর।"-শূ০ পু০ [অপ্র] ~অ [কুথা দ্রঃ। প্রা০ বাং। অপ্র০] ক্রি-বিণ, কোথায়; কোন স্থানে। "কেবা জনম দিআ আইল কুথাঅ থাকিএ।"-শূ০ পু০।

কুদরত [আ০-কুদ্‌রৎ] বি, মহিমা; গৌরব। ২ শক্তি; সামর্থ্য। ৩ রচনা কারি-গরী। বিণ, ~ী।

কুদা, কুঁদা [হিং-কুদ্‌না (লম্ফ দেওয়া) ন লোপে বাং-তে ঁ আসিয়াছে] ক্রি, লাফান; ডিঙ্গান। অস-ক্রি-**কুঁদিয়া, কুঁদে।** "হেসে খেলে নেচে কুঁদে নাও রে যাদু।" -বাং গান। বি, **কুর্দন** [প্রাং-কোঁদোন। তুল-নাচন কোঁদন]-উল্লম্ফন।

কুদাঁড়া [কু (মন্দ) দাঁড়া ('ধারা'র (ভ্রং)] বি, কুরীতি ; কুপদ্ধতি।

কুদাল, কুদালি, কোদাল [কু (ভূমি) দল্ (বিদারণ করা) + অ (ণে) যদ্দ্বারা ভূমি বিদারণ করা হয়। প্রাং বাং কুদার (গোবিন্দ গীং)] বি, মাটি কাটিবার লৌহাস্ত্র-বিঃ ; ভূমি-খননের অস্ত্রবিঃ ; কোদালি।

কুদিন-বি, সূর্য্যের উদয় হতে পুনরুদয় কাল পর্য্যন্ত ; সাবনদিন (দ্রঃ)। ২ তিথি বার ও নক্ষত্রাদি-দুষ্ট দিন ; মন্দদিন ; দুর্দ্দিন ; অশুভ দিন। বিপরীত-সুদিন।

কুদ্দার, কুদ্দাল [সং > প্রাং-কুদাল, কোদাল] বি, মাটি কোপাইবার যন্ত্র, লৌহ-যন্ত্র। "হল কুং।"-অং দত্ত।

কুদৃষ্টি [কু-দৃষ্টি] বি, অমঙ্গল বা অশুভ দৃষ্টি। ২ মিথ্যাদর্শন ; ভ্রান্ত দৃষ্টি। ৩ অজ্ঞানতা।

কুন [প্রাদেং] বিণ, কোন। কন দ্রঃ। "কুং মুখে কৃষ্ণ স্থানে যাব আমি আর।" ভাগবত (রাজারাম)।

কুনকুন [কন্‌কন্ দ্রঃ। তা অপেক্ষা কম তীব্র কিন্তু সূচীবিদ্ধনবৎ বেদনা] বি, সূচী-বিদ্ধকরণের ন্যায় অন্তর্ভেদী অথচ অপেক্ষা-কৃত কম তীব্র বেদনা ; পেটের ভিতরের বেদনার প্রকার ভেদ। ক্রি, **কুনকুনানি** (পেট) কুন্‌কুন্ করা। বি, **কুনকুনানি**-তীব্রতর রূপ কনকনানি।

কুনকি, -কে, -কো১ [তুর্কীং-কুমক্ (> আং) > হিং-কুমক্ (সহায়তা) > হিং কুমকী (হাথিয়োঁকে পকড়নে মেঁ সহায়তা করনেকে লিয়ে খিলাঈ হুঈ হথনী।-হিং শং সাং) >] বি, পালিত ও শিক্ষিত হস্তিনী যার সাহায্যে বন্য হস্তী ধৃত হয় (কুন্‌কি বুনো হাতীর সঙ্গে বা দলে মিশিয়া তাকে বা তাদের সঙ্গে করিয়া হাতী ধরা ফাঁদ বা খেদার ভিতর লইয়া যায়)। ২ [প্রাদেং] হস্তিনী (মৈং গীং)। ৩ [লক্ষং] যার কুহকে, কৌশলে,সাহায্যে বা প্ররোচনায় কোন দুরন্ত বা অবশীভূত ব্যক্তিকে বশে আনা যায়, বা অপরাধ করিতে প্ররোচনা বা সুযোগ দিয়া অপরাধীকে ধরা যায়। "মামী মামার কুন্‌কী হাতী।"-দীনবন্ধু মিত্র। **কুনকি-অপরাধী**-অপরাধ বা বিদ্রোহ উত্তেজক জীব agent provocateur.

কুনকো২ [তুর্কীং-কুমক্ >] বি, বাচ্চা [দ্রঃ-জীবজন্তুর শিশুকে ধরিয়া রাখিলে তার জননী যেখানেই থাক বা যা'ক বৎস-স্নেহে তার কাছে আসে বা ধরা দেয়, যেমন ঘরে বাছুর বাঁধিয়া রাখিয়া গরুকে চরিতে পাঠাইলে, সে যেখানেই থাক না বৎস-স্নেহে আবার বাড়ী আসে। তুল-'কান টানলে মাথা আসে' 'তোমার ঘরে আমার বাছুর (ছেলে) বাঁধা (থাকে)। আমি কি না এসে পারি?' ইং প্রবচন]।

কুনখ-বিণ, কুৎসিত নখবিশিষ্ট। **~ী** (নী)-বিণ, কুৎসিত নখযুক্ত; বিকৃত নখবিশিষ্ট। ২ নখরোগাক্রান্ত।

কুনানি [কু-কণকণ দ্রঃ] ক্রি, কনকনান অপেক্ষা মৃদুঃ; কুনকুন (দ্রঃ) করা। বি, **কুনানি।**

কুনাভি-বি, ঘূর্ণীবায়ু whirlwind.

কুনাম-বি, দুর্ণাম ; বদনাম ; অপযশ।

কুনি, কেনি [কোণ >] বি, মাংসে প্রবিষ্ট নখের কোণ। ২ তজ্জনিত স্ফীত প্রদাহ বা যন্ত্রণা।

কুনামা [কু (কুৎসিত) নামন্ (নাম) যার -বহুং] বিণ, কুৎসিত নামধারী ; মন্দনামযুক্ত। ২ প্রাতঃকালে যার নাম স্মরণ করিলে অমঙ্গল ঘটে ; অতিকৃপণ।

কুনিকা [সং-কুঞ্চিকা। প্রাং-কুন্‌কে] বি, পরিমাণবিঃ ;ছটাক ; শস্য মাপিবার রেক বা কাটার চতুর্থাংশ।

কুনীতি [কু (মন্দ) নীতি (আচরণ) যার -বহুং] বিণ, মন্দ ব্যবহারকারী ; অসদাচরণ-কারী। ২ [কু-নীতি, (ধা)] বি, কুৎসিত ব্যবহার ; দুর্নীতি।

কুনুই, কুনো১ [প্রাদেং প্রাং] বি, কনুই দ্রঃ।

কুনুয়া, কুনো২ [কোণ-উয়া > কোনুআ >] বিণ, যে গৃহকোণে থাকিতেই ভালবাসে ; যে বাহিরে যাইতে লোকের সহিত দেখা সাক্ষাৎ করিতে অনভ্যস্ত। এই অর্থে **ঘরকুণো, -নো** ওং। **~ব্যাঙ্**-যে ব্যাঙ ঘরের কোণে বাসা করিয়া থাকে এবং ঘরের মধ্যেই চলা-ফেরা করে এমন কি আহারান্বেষণে বাহির হইলেও পুনরায় ঘরের মধ্যে প্রবেশ করে। ২ [লক্ষং] ঐরূপ প্রকৃতির লোক।

কুন্ত১ [ক (পক্ষী, শরীর) + অন্ত (বন্ধনে) -অ (র্ত্তৃ) যা পক্ষী শরীর রক্ষা করে] বি, পক্ষ ; ডানা। ২ পক্ষী। "পশুগণ আদি কুন্ত আর, কান্দে দুঃখ দেখিয়া সীতার।" -রামাং (দয়ারাম)।

কুন্ত২ [কু (কুৎসিত) অন্ত (শেষ-মৃত্যু) যা হতে-বহুং] বি, পক্ষযুক্ত বাণ। "কেতকী কুসুম কামের কুন্ত।"-কবিকং। ২ প্রাস নামক অস্ত্রবিঃ ; ইহার আকৃতি অনেকটা বর্শার মত। এই অস্ত্র লৌহময়, অগ্রভাগ অত্যন্ত তীক্ষ্ণ, ছয়পল, ৫ হাত লম্বা, পাদদেশ গোল, দেখিতে ভীষণ। উড্ডীন, অবডীন, নিডীন, ভূমিলীন, তির্য্যক্‌লীন ও নিখাত অর্থাৎ খনন এই ৬ প্রকার ক্রিয়া ইহার আশ্রিত [উড্ডীনাদি অস্ত্র প্রয়োগকালে সঞ্চরণ ভেদের নাম। এতদ্দ্বারা পক্ষীর মত বিবিধ গতি অবলম্বন করিতে হয় বলিয়া "কুন্ত" (পক্ষ ; তুল-শকুন্ত) এই নাম হতে পরে-বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদ (রত্নমালাধৃত অনুবাদ হতে)]।

কুন্তল-বি, শিরোরুহ ; কচ ; কেশ ; চুল। "ত্যজি শয্যাতল, ডাকি উচ্চৈঃস্বরে নিবিড় কুং সরায়ে অন্তরে, গভীর পাণ্ডুর বদন-মণ্ডল আলোকে প্রকাশি, নেত্রে অশ্রু-জল।"-হেমং। ২ লাঙ্গল। ৩ পান-পাত্র। ৪ যব। ৫ দেশবিঃ। ৬ ক্রবকবিঃ। **~া** [কুন্তল + আ (বির্থেং স্ত্রীং)] বিণ, কেশযুক্তা। "কুসুম-কুন্তলা মহী হাসিলা কৌতুকে।"-মেঘং। **~পেড়ী** [হিং-পেটারী] বি, চুল বাঁধিবার দ্রব্যাদি রাখিবার বাক্স। "সারিকা কুন্তলপেড়ী, পাছে ল'য়ে যার চেড়ী, কেহ লয় বিম্বনী দর্পণ।"-কবিকং। **~বর্দ্ধন** [কুন্তল-বৃধ্ + ণিচ্ =বর্দ্ধি (বর্দ্ধিত

করান)+অন (র্তৃ-জ্ঞা০)] বি, ভৃঙ্গরাজ বা ভীমরাজ বৃক্ষ (চুল বৃদ্ধিকারক বলিয়া এই নাম)।

কুন্তলীন-বি, সুগন্ধ কেশতৈলবিঃ।

কুন্তি, কুন্তী [কুন্ত+ই-ঈ-স্ত্রী০ কিংবা কুন্তি (কুন্তি ভোজরাজা)+অ (দেয়ার্থে) ই] বি, পাণ্ডুরাজার স্ত্রী; শূরসেনের কন্যা; শূরসেন অনপত্য কুন্তিভোজকে এই কন্যা দান করিয়াছিলেন, শৈশবাবধি পৃথা কুন্তিভোজ দ্বারা পালিত হইয়াছেন বলিয়া কুন্তি নামে খ্যাত। ২ দেশবিঃ। ~ভোজ -বি, যাদব-বংশীয় রাজা শূরসেনের কন্যা কুন্তির পালক পিতা। কুরুক্ষেত্র যুদ্ধে পাণ্ডব পক্ষে হত হন।

কুন্থন [সং-কুন্থনম্। কুন্থ্ (সংক্লেশনে)] বি, কোঁথান; কাতরানি; দেহাভ্যন্তরস্থ যন্ত্রণার প্রকাশ করণ।

কুন্দ১ [কু (ভূমি) উন্দ্ (আর্দ্র করা)+অ (জ্ঞা০)] বি, শ্বেতবর্ণ। রোমশ গন্ধহীন প্রসিদ্ধ পুষ্প; কুঁদফুল jasminum multiflorum. "কুন্দ কৃষ্ণকেলি দনার পাঁতি গুলাব সেউতি দেশী বিলাতি।"-ভারত০। ২ কুন্দফুলের গাছ। "কুন্দ কুসুমের মালা।" ৩ বর্ষ-পর্ব্বতবিঃ। ৪ কুবেরের নিধিবিঃ। ~কলি -বি, কুঁদফুলের মুকুল বা কুঁড়ি। "দন্ত অলি কুন্দকলি।"-অ০ ম০। ~দন্ত-বি, কুন্দ পুষ্পবৎ শুভ্র সুন্দর। ~মালা-বি, কুঁদ-ফুলের মালা।

কুন্দ২ [কু-দো (ছেদন করা)+অ (র্তৃ-জ্ঞা০। প্রা০-কুঁদ, কুঁদো] বি, ভ্রমিযন্ত্র; কাট কুঁদিবার যন্ত্রবিঃ। "নাক মুখ চক্ষু কাণ কুন্দে যেন নিরমাণ দুইবাহু লোহার সাবল।" -কবিক০। ২ অপরাধীকে দণ্ড দিবার যন্ত্র-বিঃ।

কুন্দন [সং-কূর্দ্দন। বাং-কুঁদন; কোঁদোন্। তুল-"নাচন কোঁদন।" হিং-কুদনা=লাফান] বি, লম্ফন; উল্লম্ফন; আস্ফালন।

কুন্দর [কু (পৃথিবী) দৃ (বিদারণ করা)। +অ (র্তৃ-জ্ঞা০)] বি, বিষ্ণুর নামান্তর, ইহা বিষ্ণুর সহস্র নামের অন্যতম। -মহা০-অনুশা০ ১৪৯।১০০। যিনি বরাহমূর্ত্তি ধারণ করিয়া পৃথিবী বিদারণ করিয়াছিলেন। ২ তৃণ-বিঃ। ~কী-কুন্দুরু দ্রঃ।

কুন্দার [হিং-কুঁদেরা। গ্রা০-কুনেরা। কুন্দ-কার=কুন্দার। তুল-কর্ম্মকার-কর্ম্মার -কামার] বি, যে কুঁদাই কর্ম্ম করে; খরাদী; কারিগর; শিল্পী। "বদন চান্দ কোন কুন্দারে কুন্দিল গো।"-শ্রীনিবাস।

কুন্দিনী [কুন্দ (কুন্দ ফুল)+ইন্ (সমূহার্থে) মুং-কুন্দিন্+ঈ (স্ত্রীং)] বি, পদ্ম-পুষ্প-সমূহ (শুক্লত্বে কুন্দ পদ্মসদৃশ বলিয়া)।

কুন্দু, কুন্দুরু, কুন্দুরুকী, কুঁন্দরকী [সং-কুন্দুরু, কুন্দুরুকী; হিং-কুন্দর। গ্রা০-বাং-কুঁদরুকী,] বি, তেলা-কুঁচা, পটোল ই০-র মত লতাগাছ (ইহার ফল পাকিলে তেলাকুচার মতই লাল হয়) the olibanum tree. ২ [আ০-কুন্দুর] বি, এক প্রকার সুগন্ধি হরিদ্রাবর্ণ আঠা gum olibanum or frankincense; ইহা যে গাছের আঠা তা দুই হাত উচ্চ হয়, ফল কাঁকরোলের মত কাঁটা কাঁটা।

কুপ [উচ্চারণভেদে কুপো দ্রঃ। প্র-কুপোকাত] বি, কুপা দ্রঃ।

কুপকাপ [অনু। কপ্ (মুহূর্ত্তে কবলিত করিবার শব্দ) লব্ শব্দে কুপ্+কাপ্ (উপর্য্যুপরি ঐরূপ; আধিক্যার্থে)] বি, তাড়াতাড়ি মুখে দিবার ও গিলিবার শব্দ। "কলা পড়ে টুপটাপ্ বুড়ি খায় কু০।"-ছড়া।

কুপতি [কু (ধরণী, মন্দ)+পতি] বি, ভূপতি। ২ কুৎসিত স্বামী। ৩ [পথ্য ও পতিত পতি] কুপথ্য।

কুপত্তি-কুপথ্য দ্রঃ।

কুপথ [কু (কুৎসিত) যে পথ (যা) পথিন্-পথ। বিপরীত, সুপথ] বি, কুৎসিত পথ জঘন্য পথ; উচুনীচু পথ। ২ যে পথে চলা উচিত নয়; অসৎ পথ। ৩ কুনীতি; অসদাচরণ। ৪ দক্ষ-কন্যা দনুর পুত্র। -মহা০ ৬৭।২৯। ~গামী [কুপথ-মু০ গামিন্ ১মা ১ব০] বিণ, যে কুপথে গমন করে; উন্মার্গগামী; কদাচারী। "আপনার কর্ম্মদোষে সে হ'ল কুপথগামী।"-বাং-গান।

কুপথ্য [কু (কুৎসিত=অনিষ্টকর) পথ্য (ভোজ্য) যা। গ্রা০-বাং-কুপত্তি, কুপুত্তি] বি, যা ভোজনে রোগ জন্মে বা বৃদ্ধি হয়; অনিষ্ট-কর খাদ্য; কুভোজ্য; অহিতকর আহারীয়। বিণ, কুপথ্যিয়া-কুপথ্যে (তুল-হিং -কুপথ্যী) কুপথ্যকারী। কু০ করা [গ্রা০ -কুপত্তি করা] রোগবর্দ্ধক বা অহিতকর খাদ্য ভোজন করা।

কুপন১-বি, অসুরবিঃ। ২ কশ্যপ-পত্নী দনুর পুত্র (হরিবংশ ৪১)।

কুপন২ [ইং-coupon] বি, "মণি-অর্ডার (money order)" পত্রে সংযুক্ত অংশ যাতে টাকা-প্রেরক ইচ্ছামত সংবাদ লিপিবদ্ধ করিতে পারে, এবং যে অংশ টাকা গ্রহণকারী কাটিয়া লয়। ২ কুপন খেলা; দ্যূতক্রীড়াবিঃ; ফড় খেলা। ~া [প্রাদে০] বি, মাছের থালুই।

কুপা [সং-কূপক। হিং-কুপ্পা। প০ বঙ্গ প্রাদে০-গ্রা০-কুঁপা, কুঁপো। প্রা-বাং-কোপা স্ত্রীং-কুপি, কুপী (দ্রঃ)] বি, তৈল বা ঘৃত রাখিবার মৃন্ময় বা চর্ম্মনির্ম্মিত স্ফীতোদর, সরু গলা ও সরুমুখ পাত্রবিঃ; বাঁশের চোঙ্গার তৈলাধার বা ঘৃতাধার। ২ [কুপার আকৃতি >] স্ফীতদেহ; অতি স্থূলাকৃতি দেহ। ৩ [কুবা দ্রঃ] পিট্‌নে। ~হওয়া-খুব মোটা হওয়া। কুপা (কুপো, কুঁপো) কাত [বিদ্রূপে] বি, মোটা দেহের > দেহের পতন। ২ পড়িয়া যাওয়া। ৩পরাজয়। ৪ মৃত্যু। ৫ সর্ব্বনাশ। কুপা-(কুপো) কাত হওয়া-মরিয়া যাওয়া। তুল-হিং "কুপ্পা লুড়কনা।" ২ দেহ সামলাইতে না পারিয়া আছাড় খাওয়া।

কুপাত্র [কু (মন্দ, অযোগ্য পাত্র)] বি, অপাত্র; অযোগ্য ব্যক্তি; অভাজন। ২ অসৎ লোক। ৩ (বধূর) অনুপযুক্ত বর; কুরূপ ও গুণহীন বর। ৪ যে আধার বা ভাজন ভাল নয়।

কুপানি [সং-চপ্ (চূর্ণীকরণে। প্র-চপয়তি) ধাতু > চোপ, চোপান-চুপাইয়া ফেলা, চুপাইয়া কাটা ই০ চ=ক। চোপ-কোপ।-কাটিবার জন্য আঘাত। তুল-হিং -চোট। ইং-chop. উ০ পু,-কুপাই। ম০ পু০-কুপাও। প্র০ পু০-কুপায়। অস-ক্রি-কুপাইতে; কুপাইয়া, কুপিয়ে] ক্রি, কোপ

বা চোপ বা চোট দেওয়া ; কাটিবার জন্য ক্রমাগত অস্ত্রাঘাত করা ; খোঁড়া ; কোপান। চোপান দ্রঃ।

কুপি, [সং-কুপিকা] বি, কুপী দ্রঃ। ঘৃত তৈলাদির পাত্রবিঃ ; বাঁশের চোঙ্গ, যাতে পার্ব্বত প্রদেশ এবং বঙ্গের অনেক পল্লীগৃহে তৈলাদি রাখিয়া থাকে। "কু০ ভরি তৈল দেয় তেলি।"-কবিক০।

কুপি২ [সং-কুর্পর > ?] বি, হাথল ; মুষ্টি। "শুণ্ডে যার কু০-ভাগে মণি চুনি ভাগে ভাগে।"-রায়মঙ্গল।

কুপি৩ [কোপ >। কুপিয়া-ক্ষে০-পদ্যে] ক্রি, কোপ করিয়া ; রুষ্ট হইয়া ; কুপিত হইয়া। মাইকেল মধুসূদন কুপি স্থলে 'কোপি' ব্যবহার করিয়াছেন।

কুপিকা, কুপীকা [কুপিঠ দ্রঃ] বি, কাঁচের বোতল।

কুপিত [কুপ্ (রোষ করা)+ত (র্ত্তৃ) বিণ, ক্রুদ্ধ ; রোষান্বিত ; ক্রোধী ; যার কোপ জন্মিয়াছে। ২ অসন্তুষ্ট ; বিরক্ত। ৩ [আয়ু০] বৃদ্ধিপ্রাপ্ত ; উত্তেজিত ; দূষিত। প্র০-বায়ু কুপিত হওয়া ; পিত্ত কুপিত হওয়া।

কুপিনী [সং-কুবেণী। "মৎস্যাধানী কুবেণী"] বি, মৎস্যাধানী ; মাছের খালুই। ২ [মৃ০-কুপিন্ ১মা ১ব০] কৈবর্ত্ত।

কুপিণ্ড [গ্রা০-কুপিণ্ডে। শব্দ সং, অর্থ প্রাদে০] বিণ, কুপরামর্শদাতা।

কুপী [সং-কুপী। হি০-কুপ্পী। কুপা দ্রঃ] বি, তৈল পূরিবার বাঁশের চোঙ্গ বা মৃন্ময় বা চর্ম্মনির্ম্মিত ক্ষুদ্র পাত্রবিঃ। "ময়রা ঘরে পায় খণ্ড গোপ ঘরে দধি ভাণ্ড তেলি ঘরে তৈল কুপী ভরি।"-কবিক০। বৃহদর্থে কুপা।

কুপুত,-তো [সং-কুপুত্র। গ্রা০-কুপুত। স্ত্রীং কুপুতী (কুপুত্রী)। গ্রা-বাং-প্রাদে০-কুপুতো (পুত্র=পুতো)] বি, কুপুত্র (দ্রঃ)। "কোলে বসে কেবল কু০ হয়ে রই।"-ঘ০।

কুপুত্র [কু(মন্দ) পুত্র (আত্মজ)-ধা] বি, অসৎপুত্র ; পিতামাতার অবাধ্য এবং তাঁদের সহিত অসদাচারী পুত্র ; কুসন্তান। "কু০ যদ্যপি হয় কুমাতা কদাপি নয়।" ২ [কু (কুৎসিত) পুত্র (আত্মজ) যার-বহু০] যার পুত্র মন্দ ; কুসন্তানের পিতা।

কুপুরুষ [কু (কুৎসিত) যে পুরুষ ধা] বি, পুরুষের লক্ষণ বা পুরুষোচিত গুণবিহীন ; কাপুরুষ।

কুপুষ্যি-কুপোষ্য দ্রঃ।

কুপেঁচ [সং-কু+হি০-পেচ] বি, কুচক্র ; কুমন্ত্র ; কুপাক। বিণ, কুপেঁচে ; কুপেচে। কুপেকে দ্রঃ। ২ [প্রাদে০] বিণ, কদাকার ; কুৎসিত।

কুপেকে [কু+পাক+ইয়া। দ্রুত উচ্চারণে কুপেকে] বিণ, যে কুপাক দেয় ; যে পেঁচ বা গোলের কাজ করে বা কথা বলে ; যে পাকাইয়া কথা বলে অর্থাৎ সরলভাবে বলে না ; কপটিয়া। ২ কার্য্যের বিঘ্নকারী।

কুপো, কুপোকাত [কুপা দ্রঃ] বি, মৃত্যু।

কুপোষ্য [কু (মন্দ) যে পোষ্য (পরিজন) ধা। গ্রা০-কুপুষ্যি] বিণ, যাদের পোষণে বার্দ্ধক্য দশায় উপকারিতা নাই ; যারা প্রতিপালিত হইয়া শেষে প্রতিপালকের প্রতিপালন করে না। ২ যারা নিজ পরিবার-ভুক্ত নয় অথচ উপায় নাই বলিয়া যাদের পোষণ করিতে হয় ; নিকট জ্ঞাতি বা কুটুম্বের অনাথা বিধবা ই০।

কুপ্না [সং-কুবেণী, কুপিনী দ্রঃ। গ্রা০] বি, মাছের খালুই।

কুপ্য [সং] বি, স্বর্ণ ও রৌপ্য ব্যতীত অন্য সকল রকমের ধাতু। ২ [সং-কোপ্য] কোপযোগ্য ; যার প্রতি কোপ করা উচিত। ~**শালা** [কুপ্যের (স্বর্ণ রৌপ্য ভিন্ন ধাতুর) শালা (গৃহ) ৬ তৎ)] বি, স্বর্ণ রৌপ্য ব্যতীত ধাতুপাত্র-নির্ম্মাণাগার ; কাঁসারির দোকান।

কুপ্রসিদ্ধ [সুপ্রসিদ্ধের বিপরীত। ই০-notorious. শব্দে ভাবানুবাদে] বিণ, কুকীর্ত্তিতে প্রখ্যাত।

কুফল [সং-কু-ফল (বৃক্ষের ফল ও পরিণাম)] বি, মন্দ ফল ; অহিতকর ফল। ২ কুপরিণাম।

কুব্ [শব্দাত্মক] কব্ অপেক্ষা লঘু শব্দ। ~**কুব্**-সরু মুখ ঘড়া বা কুজোয় জল ভরিবার শব্দ। অধিক শব্দে-কব্ কব্।

কুবক্তা [কু-বক্তা] বি, যে ব্যক্তি সুন্দর বক্তৃতা করিতে পারে না।

কুবঙ্গ [সং] বি, সীসক।

কুবচন [কু (মন্দ) বচন (বাক্য)] বি, নিন্দাবাক্য ; কুৎসিত কথা ; দুর্ব্বাক্য ; ভর্ৎসনা।

কুবল [কু (পৃথিবী) বল্ (বৃদ্ধি পাওয়া) +অ (র্ত্তৃ-স্তা০)] বি, উৎপল। ২ বদরী ফল। ৩ দাড়িম্ব ফল। ৪ মুক্তাফল। স্ত্রীং ~**ী**-কুলগাছ।

কুবল/য় [কু (পৃথিবী-বলয়। বলয়াকৃতি বলিয়া)-যা পৃথিবীর অলঙ্কারস্বরূপ] বি, উৎপল। ২ নীলপদ্ম। ৩ ধুবনাশ্বের পৌত্র। ৪ কুবলয়াশ্বের অশ্বের নাম। স্ত্রীং ~**য়িনী**-পদ্মিনী।

কুবলয়ানন্দ-বি, অপ্পয়দীক্ষিত-রচিত অলঙ্কারগ্রন্থের নাম। **কুবলয়াপীড়** [কুবলয় (নীলোৎপল) আপীড় (শিরোভূষণ) যার-বহু০] বি, হস্তিরূপী দৈত্য ও কংস রাজার অনুচরবিঃ। ২ বিণ, নীলোৎপল যার ভূষণ। **কুবলয়াশ্ব** [সং] বি, রাজা ধুন্ধুমারের নামান্তর (ভাগবত ৯।৬)। ২ ঋতুধ্বজ রাজার নামান্তর (ভাগবত ৯।১৭)। ৩ কাশীরাজ দিবোদাসের পুত্র প্রতর্দ্দনের নামান্তর (বিষ্ণু পু০ ৪।৮)। **কুবলাশ্ব** [কুবল (দুর্ব্বল) অশ্ব (ঘোটক) যার-বহু০] বিণ, দুর্ব্বলাশ্বযুক্ত ; দুর্ব্বলাশ্ববাহী। ২ বি, এক সূর্য্যবংশীয় রাজা বৃহদশ্বের পুত্র (হরিবংশ)।

কুবা [কুব্জ >। তুল-হি০-কুবড়া] বিণ, কুঁজা। ২ কুঁজের মত স্ফীত। ৩ কুপা দ্রঃ ; হাত, মেঝে পিটিবার পিটনে।

কুবাদ [কু (কুৎসিত) যে বাদ (বাক্য) -ধা] বি, কটূক্তি ; কুকথা। ২ [কু (কুৎসিত) বাদ (বাক্য) যার-বহু০] বিণ, যে কুকথা বলে ; কটুভাষী। ৩ [প্রাদে০-সুবাদের বিপরীত] অনাত্মীয়তা।

কুবা/স [সং-কু-বাস (গন্ধ)] বি, দুর্গন্ধ। বিপরীত-সুবাস। ~**সনা** [কু-বাসনা (ইচ্ছা)] বি, মন্দ অভিলাষ ; অসদভিপ্রায়। "কুবাসনা খল হৃদয়ে সদা রহে।"-ছন্দঃকুসুম।

কুবিচার [কু-বিচার ; সুবিচারের বিপরীত] বি, অবিচার ; অন্যায়।

কুবিধা [সং-কু-বিধা (প্রকার-যোগ)] বি, অসুবিধা ; সুযোগের অভাব ; বিঘ্ন।

"সুবিধা হউক, কু° হউক, যাহার চাকরাণী নাই, তার ঘরে ঠকামি, মিথ্যাসংবাদ, কোন্দল এবং ময়লা এই চারিটা বস্তু নাই।" -কৃষ্ণকান্তের উইল।

কুবিন্দ [সং] বি, তন্তুবায়। ২ এক পৌরাণিক বৈষ্ণব (ইঁহার গৃহে শ্রীকৃষ্ণ, বলরাম, নন্দ ও গোপগণ কংস-যজ্ঞে যাইবার সময় অবস্থান করেন-ব্রহ্ম বৈ°)।

কুবুদ্ধি (কু (মন্দ) বুদ্ধি] বি, দুর্বুদ্ধি; মন্দবুদ্ধি। ২ বিণ, মন্দবুদ্ধিবিশিষ্ট; দুষ্টমতি।

কুবৃত্তি [কু (কুৎসিত) যে বৃত্তি (আচরণ) -খা] বি, মন্দব্যবহার; নিন্দিত আচরণ। ২ [কুৎসিত বৃত্তি যার-বহু°] বিণ, অসদাচারী; নিন্দিত ব্যবহারকারী।

কুবেণি, কুবেণী [কু (কুৎসিত) বেণ্ (গমন করা)+ই-ঈ (ধি-স্ত্রা°)। মৎস্যেরা একবার উহার মধ্যে গিয়া ইচ্ছামত বাহির হতে পারে না বলিয়াই-যাতে গমন কুৎসিত] বি, কুপিনী দ্রঃ; থালুই; মাছের চুব্ড়ি। ২ [কুৎসিত বেণী যার-বহু°] বিণ, কুৎসিত বেণীবিশিষ্টা (স্ত্রী)।

কুবের [কু (কুৎসিত) বের (শরীর: তিনপদ ও অষ্টদন্ত থাকা হেতু কুৎসিত) যার -বহু°। বা কুণ্ব্ (আচ্ছাদন বা রক্ষা করা)+এর (র্তৃ, স্তা°)) যে ধন রক্ষা করে] বি, যক্ষপতি; ধনাধিপতি; ধনেশ। ২ ধনিশ্রেষ্ঠ। প্র-ধনকুবের। ৩ বিণ, অলস। ৪ কুৎসিত দেহধারী। ৫ বর্তমান (অবসর্পিনী) উনবিংশ অর্হতের অনুচরবিঃ। ৬ নন্দীবৃক্ষ cedrela toona. কাদম্বরীকার বাণভট্টের প্রপিতামহ। **কুবেরাচল, কুবেরাদ্রি** [কুবেরের অচল অদ্রি (পর্ব্বত) -৬ তৎ] বি, কৈলাস পর্ব্বত।

কুবেল [কু (পৃথিবী) বেল্ (চঞ্চল হওয়া) +অ (স্তা°-যার সৌন্দর্য্য দেখিয়া পৃথিবী পর্য্যন্ত চঞ্চল হয়)] বি, শ্বেতপদ্ম; কুবলয়।

কুব্জ [কু (ঈষৎ) উব্জ্ (ঋজু হওয়া)+অ (ভা°)=উব্জ (ঋজুতা) কু (ঈষৎ) উব্জ (ঋজুতা) যার-বহু°] বিণ, বক্রপৃষ্ঠ; উচ্চপৃষ্ঠ; কুঁজো। ২ [সং] বক্রপৃষ্ঠ মৎস্যবিঃ bola cuja. ৩ [হি°-কুব্জা] শ্বেত গোলাপ। ৪ পীতঝিণ্টী; হলদে ঝাঁটি ফুল। ৫ অপামার্গ; আপাং-গাছ achyranthes aspera. স্ত্রীং **কুব্জা**-বক্রপৃষ্ঠা। ২ কৃষ্ণ-সহচরী। **~প্রসারিণী তৈল**-বাতব্যাধিনাশক কবিরাজী তৈল।

কুব্জক [সং] বি, শ্বেত গোলাপের গাছ। স্ত্রীং ~া।

কুব্জকণ্টক [সং] বি, শ্বেতখদির white

া [কুব্জ+আ (স্ত্রীং)। হি°-কুবড়ী, কুবরী] কংসের এক দাসীর নাম। কৃষ্ণ ইঁহার প্রতি প্রসন্ন হইয়া ইঁহার কুব্জতা দূর করিয়া কুব্জাকে সুন্দরী করিয়া দেন (হরিবংশ)। ২ কাশীস্থ ৬৪ যোগিনীর অন্যতমা। স্ত্রীং কুব্জী।

কুব্জিকা [সং] বি, অষ্টবর্ষা কন্যা। ২ দেবীবিঃ। ৩ তন্ত্রবিঃ।

কুব্জেশ্বর-বি, কাশীস্থ লিঙ্গবিঃ।

কুব্রহ্ম [কু (কুৎসিত) যে ব্রহ্মণ্-খা] বি, অপকৃষ্ট ব্রাহ্মণ; নিন্দিত ব্রাহ্মণ।

কুভোজন [কু (কুৎসিত) যে ভোজন (আহার) খা] বি, কদর্য্য আহার; কুৎসিত ভোজন। "নিরবধি হবে কু°।"-কবিক°।

কুমকুম [আ°-কুমকুমা] বি, গালানির্ম্মিত গোলক যা আবীর ও সুগন্ধী জলে পূর্ণ করিয়া হোলী খেলার সময় একজন অপরকে ছুঁড়িয়া মারে। ২ কুঙ্কুম দ্রঃ। "কু° চন্দন করি আরোপণ সুগন্ধি আর পুষ্পমালা।"-শূ° পু°।

কুমড়া [সং-কুষ্মাণ্ড; পা°-কুম্মণ্ড; প্রাকৃ° -কুমণ্ড-পরে কুঁমড়; হি°-কুহ্মড়া, গ্রা°-কুঁহ্ড়া; তেলু-গুম্মড়ি; প্রাদে° বাং-কুমুড়া। চট্ট° প্রাদে°-কোঁঅড়া] বি, কাশীফল; কুষ্মাণ্ড। "দায়ে কাটে কুমড়া যেমন।" -ভারত°। **কু° গড়াগড়ি**-ক্ষেত্রে যেমন কুমড়া পড়িয়া থাকে তদ্রূপ মাটিতে পড়িয়া গড়ান। **~গিড়ি** [প্রাদে°] বি, স্থূল ধান্যবিঃ। **~বিড়ি** [কুম্ড়া (ঘটিত) বড়ি (বৃড়ার ক্ষুদ্রতা-বাচক)] বি, কুষ্মাণ্ড-মিশ্রিত মাষাদি বটিকা; এই বড়ি তিল বা ভাজাবড়ি, ফুলবড়ি, মটরবড়ি, বীচেবড়ি ই° অপেক্ষা বড় বড়ি। **গুড় কুমড়া, মিঠা কুমড়া, বিলাতী কুমড়া**-মিষ্টস্বাদ বলিয়া গুড় ও মিঠা এবং বিদেশজাত বলিয়া বিলাতী (উ° ব° সকরী)। এই কুমড়াই ব্যঞ্জনে অধিক ব্যবহৃত হয় gourd. **চাল কুমড়া**-মাচা বা চালে কুষ্মাণ্ডের গাছ তুলিয়া দিবার প্রথা হতে চাল কুমড়া; ছাঁচি কুমড়ার নামান্তর। **চালকুমড়ি করা**-চালের কুমড়ার মত বৃদ্ধ বা বৃদ্ধাকে চালের উপর তুলিয়া তথা হতে গড়াইয়া নীচে ফেলিয়া হত্যা করা। কোন কোন অসভ্য জাতির মধ্যে এই উপায়ে বৃদ্ধ বৃদ্ধার সদ্গতি বা সৎকার করার প্রথা ইতিহাসে লিপিবদ্ধ আছে। ইহা উপহাসস্থলে উক্ত হয়। **ছাঁচি কুমড়া, দেশী কুমড়া**-এদেশজাত বলিয়া দেশী এবং ইহাই আসল কুষ্মাণ্ড বলিয়া ছাঁচি (হি°-সচ্চী=খাঁটি বা আসল) pumpkin. **নারিকেল কুমড়ি**-নারিকেল ঘটিত কুমড়ার তরকারী। **ভূঁই কুমড়া** [সং-ভূমিকুষ্মাণ্ড; হি°-বিতাইকন্দ; বোম্বাই প্রদেশে ভূমি কোহলে] ইহা কুমড়া নহে-ফল ও নহে এক প্রকার লতাগাছের কন্দ কুষ্মাণ্ডের গুণ-বিশিষ্ট রক্তপিত্তাদি রোগে কুষ্মাণ্ডের ন্যায় হিতকর বলিয়া কুষ্মাণ্ড এই নাম ipomœa digitata; batata paniculata.

কুমতি-বি, দুর্বুদ্ধি (বিপরীত-সুমতি)।

কুমন্ত্রণা-বি, মন্দ বা অসৎ পরামর্শ।

কুমন্ত্রী-বি, কুপরামর্শ দাতা; দুষ্টমন্ত্রী।

কুমরিচ-বি, লাল মরিচ; লঙ্কা capsicum.

কুমাতা-বি, যে মাতা সন্তান-বৎসলা নয়; মাতার কর্ত্তব্য বা দায়িত্বহীনা জননী। "কুপুত্র যদি বা হয় কু° কদাপি নয়।"-প্রবচন।

কুমার১ [কু (কুৎসিত) মার (কন্দর্প) হইয়াছে যা হতে, যার সৌন্দর্য্য দেখিলে কন্দর্পকে পর্য্যন্ত কুৎসিত মনে হয়] বি, স্কন্দ, কার্ত্তিকেয়। ২ [কুমার (ক্রীড়া করা)+ণিচ্ (স্বার্থে) কুমারি+অ (র্তৃ) যে ক্রীড়া করে] পঞ্চম হতে দশমবর্ষীয় বালক। ৩ [আয়ু°] সপ্তদশ হতে ত্রিশবর্ষ পর্য্যন্ত পুরুষ। ৪ পুত্র [এই অর্থে প্রা° বাং-কোঙর, কোঁঅর, কঁঅর শব্দের ব্যবহার আছে। কোঙর দ্রঃ] "সুকুমার কুমার-মুখ।"-স্কন্দ°। ৫ যুবরাজ [এই অর্থে কুমার শব্দের প্রাকৃতরূপ 'কুআঁর, 'কুঅঁর' হি°-তে অধিক এবং বাং-তে ও°] ৬ শুকপক্ষী। ৭ বর্ত্তমান (অবসর্পিনী) দ্বাদশ অর্হতের অনুচরবিঃ।

৮ সিন্ধুনদ। ৯ অম্ববায়ক বৃক্ষ capparis trifoliata. ১০ প্রজাপতি। ১১ মঞ্জুশ্রী। ১২ অগ্নিপুত্র বৈদিক মন্ত্রদ্রষ্টা ঋষি। ১৩ অগ্নি। ১৪ অত্রিপুত্র ঋগ্বেদের মন্ত্রদ্রষ্টা ঋষি। ১৫ বিশুদ্ধ স্বর্ণ; খাঁটি সোনা। স্ত্রীং কুমারী। ~জীব-বি, পুত্রঞ্জীবক বৃক্ষ। ~তন্ত্র-বি, ধাত্রী বিদ্যা ও শিশুচিকিৎসা। ২ তৎসম্বন্ধীয় পুস্তক।

কুমার, [সং-কুম্ভকার-প্রাকৃং কুম্ভ-আর-কুম্ভার-কুম্হার-কুমার] বি, জাতিবিঃ; যারা মৃত্তিকা দ্বারা ঘট কলসী ইং নির্ম্মাণ করে। ~ক (রঁ)-বি, কুমার; বালক। ২ বরুণ বৃক্ষ cratæva religiosa. ~গুপ্ত-বি, নৃপতিবিঃ। ~দত্ত-বি, নিধিপতির পুত্র। ~পাল-বি, রাজা শালিবাহন। ~ভৃত্যা [বৈদ্যক পতিঃ] বি, গর্ভিণী-সেবা। ২ বাল-তন্ত্র; শিশুচিকিৎসা। ~ভোগ-কোঙর ভোগ দ্রঃ। ~ললিতা [সং] বি, সংস্কৃত ছন্দোবিঃ। ~সম্ভব [কুমারের সম্ভব (উৎপত্তি) বর্ণিত হইয়াছে যাতে-বহুং] বি, কার্ত্তিকেয়ের জন্ম ও তারকাসুর বধসম্বন্ধীয় মহাকবি কালিদাস-প্রণীত মহাকাব্যবিঃ।

কুমারিকা [কুমারী+ক(স্বার্থে)আ(স্ত্রীং)] বি, দশম হতে দ্বাদশবর্ষীয়া কন্যা; কুমারী। ২ ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপবিঃ cape Comorin. ৩ স্থূলৈলা; বড়এলাচ amomum subulatum. ৪ নবমল্লিকা; সেঁউতি; বাসন্তী zambac floribus muchipliætis. ৫ ঘৃতকুমারী aloe vera India. ৬ সূর্য্য-বংশীয় শতশৃঙ্গরাজের কন্যা (ইঁহার মুখ ছাগের মত ছিল)-স্কন্দ পুং।

কুমারী [সং-কুমার দ্রঃ। প্রাং বাং-কুঙারী; হিং-কুঁঅরী] বি, অবিবাহিতা কন্যা। ২ দশম হতে দ্বাদশবর্ষীয়া অনূঢ়া কন্যা; (অন্য মতে) ষোড়শবর্ষীয়া বালিকা পর্য্যন্ত কুমারী। ৩ পুত্রী; কন্যা। প্র-রাজ-কুমারী। ৪ রাজকন্যা। ৫ দুর্গা। ৬ কণ্টক-ময় লতাবিঃ; কুমারীলতা smilax macrophylla. ৭ ঘৃতকুমারী aloe perfolita. ৮ ছন্দোবিঃ। ৯ রাগিণীবিঃ। ১০ তন্ত্র-বিঃ। ১১ ভদ্রকালীর নামান্তর। ১২ মায়া-পুরীতে পার্ব্বতীর নামান্তর। ~ত্ব [সং] বি, অনূঢ়াত্ব; কন্যকাদশা।

কুমীর [সং-কুম্ভীর] বি, হিংস্র জলচর জন্তুবিঃ; ইহারা মানুষ, গো, মহিষ ইং-কে অনায়াসে উদরসাৎ করে; নক্র। জলে বাস করিয়া কুমীরের সহিত বাদ [প্রবচন] প্রবলের রাজ্যে বা অধিকারে থাকিয়া তাহার সহিত বিবাদ করা আত্ম-নাশের হেতু বা গৃহশত্রুর সহিত বাস বিপজ্জনক। তুল-"সসর্পে চ গৃহে বাসঃ মৃত্যুরেব ন সংশয়ঃ।" মেছো কুমীর-যে কুমীর মাছ খায়, ইহারা বেশী বড় হয় না। পুষ্করিণী, ঝিল ইং-তে দেখা যায়।

কুমীরকে,-কো, কুমীরেপোকা [কুম্ভকার-কুমার-ইআ, ইকা (সাদৃশ্যার্থে) পোকা (কীট)] এই পোকা মুখে মাটি আনিয়া গৃহ নির্ম্মাণ করে এবং তার মধ্যে ডিম ছাড়িয়া সরিয়া যায়। কুমারের মত মাটির কাজ করে বলিয়া এই নাম।

কুমুড়া [কুমড়া দ্রঃ] বি, কুষ্মাণ্ড; কুমড়া। "সুকুতা শীতের কালে বড়ই মধুর। কুং বার্ত্তাকী কচু দিবেক প্রচুর॥"-কবিকং।

কুমুদ [কু (পৃথিবী) মুদ্ (হৃষ্ট হওয়া)+অ (র্ত্তৃ-জ্ঞাং)-যাকে দেখিয়া পৃথিবীর সকলে হৃষ্ট হয়] বি, সুঁদি; শালুক; হেলাফুল nymphæa lotus. ২ রক্তোৎপল; রক্তবর্ণ পদ্ম। ৩ রৌপ্য; রূপা। ৪ কর্পূর। ৫ রামচন্দ্রের বানরসেনাপতিবিঃ। ৬ গরুড়নন্দন। ৭ দৈত্যবিঃ। ৮ সর্পবিঃ। ৯ কার্ত্তিকমাস; ১০ নৈর্ঋত কোণের হস্তী। স্ত্রীং ~া-জলের পানা। ২ কট্‌ফল; জায়ফল। ৩ শালপর্ণী বৃক্ষ। ৪ গাম্ভারী বৃক্ষ। ৫ ধাতকী বৃক্ষ। ~নাথ, -নায়ক, -পতি [কুমুদের নাথ ইং ৬-তৎ; চন্দ্রের উদয়কালে, কুমুদের প্রকাশ হয় বলিয়া এই নাম] বি, চন্দ্র। ~বান্ধব [কুমুদের বান্ধব (বন্ধু) ৬ তৎ] বি, চন্দ্র। ২ কর্পূর। ~বতী, কুমুদ্বতী [কুমুদ-কুমুদ+বৎ (সমূহার্থে) +ঈ(স্ত্রীং), কুমুদিনী; সুঁদীর ঝাড়। ২ বিন্ধ্য-পর্ব্বত হতে নিঃসৃত নদীবিঃ। পুং কুমুদ্বান্।

কুমুদাকর [কুমুদের আকর (উৎপত্তি স্থান) ৬ তৎ] বি, হ্রদাদি জলাশয়। তুল-পদ্মাকর। কুমুদানন্দ-বি, চন্দ্র।

কুমুদিনী [কুমুদ+ইন্ (সমূহার্থে)+ঈ (স্ত্রীং)] বি, উৎপলিনী। "কুমুদিনী কমলিনী নায়ক দ্বিপক্ষ।"-প্রভাকর। "যথা কুমুদিনী প্রমুদিনী হিমাংশুমিলনে।"-বাসবদত্তা। ২ সুঁদীর ঝাড়; শালুকের দল। ৩ জ্যোৎস্না। কুমুদিনী-কান্ত-চন্দ্র; নিশাপতি। কুমুদী [কুমুদ দ্রঃ] বি, গাম্ভারী বৃক্ষ; গামার গাছ। ২ কট্‌ফলের গাছ myrica sapida. ৩ কুমুদ অর্থে (শ্রুতিমাধুর্য্য হেতু) বাং-ব্যবহৃত। সুঁদী; শালুক; উৎপলিনী nymphæa lotus. "কুমুদী মুদিত হত শশী যেত নিজ স্থান।"-গোপাল উড়ে। কুমুদ্বতী, কুমুদ্বান্ (-দ্বা-) [কুমুদ+বৎ (মতু) মুং-কুমুদ্বৎ ১মা ১বং] বিণ, সরোবর হ্রদ ইং কুমুদবহুল স্থান।

কুমেদ [তুর্কীং-কুম্মৈত > হিং-কুম্মৈদ] বি, কালচে লাল বর্ণ অশ্ব (এইরূপ ঘোড়া খুব দ্রুতগামী ও মজবুত হয়)। ২ লাক্ষা বর্ণ।

কুমেরু [সং। সুমেরুর বিপরীত] বি, দক্ষিণ ধ্রুবতারার নিম্নপ্রদেশ; পৃথিবীর দক্ষিণ প্রান্ত স্থান; দক্ষিণকেন্দ্র। ~বৃত্ত-দক্ষিণমেরুর ২৩ অংশ উত্তরে যে অক্ষরেখা আছে।

কুমোর [যশোহর, খুলনা প্রাদেং-নিম্ন কথ্য] বি, নদী বা খালের মধ্যে গাছের কাঁচা ডাল পাতা দিয়া যে স্থানে মাছ আটকাইয়া রাখে।

কুম্‌কুম্, কুমকুম [আং-কমকুম্‌হ্] বি, হোলী পর্ব্বে ব্যবহারের জন্য সুরভিত আবীরপূর্ণ গোলক বা আধার।

কুম্ভ [ক (জল) উন্‌ভ্ (পূরণ করা)+অ (র্ত্তৃ-জ্ঞাং অচ্; যে নিজ দেহে জল পূর্ণ করিয়া লয়)] বি, জলাধার; কলস; ঘট। ২ [কুম্ভা-কৃতি বলিয়া] গজকুম্ভ। ৩ কুম্ভকর্ণের পুত্র। (অন্য পুত্রের নাম নিকুম্ভ)। ৪ বেশ্যার পুত্র [প্রং অং] ৫ বেশ্যার উপপতি [প্রং অং] ৬ মেষাদি দ্বাদশরাশির মধ্যে একাদশ-রাশি; ইহার অধিষ্ঠাতা কলসধারী পুরুষ। ৭ বাদ্যবিঃ [রামাং লঙ্কাং ৬০] ৮ সরস্বতী ও ধানশ্রী যোগে উৎপন্ন রাগিণী। ৯ পরি-মাণবিঃ। স্ত্রীং~া-বেশ্যা। ~মেলা-মাঘ

ফাল্গুনের মধ্যে তিথিবিশেষে সূর্য্য যখন কুম্ভ রাশিতে সংক্রমণ বা প্রবেশ করেন সেই সময় কুম্ভরাশি যে দেশে অবস্থিতি করে, সেই দেশেই এ মেলা হয়। এক স্থান হতে দ্বাদশ বর্ষান্তরে কুম্ভরাশি পুনরায় সেই স্থানে ফিরিয়া আসে। সকল স্থানে মেলা হয় না। প্রয়াগ, হরিদ্বার, দ্বারকা ইং০তে ধুম বেশী। ~ক [কুম্ভ+ক (স্বা০) পূর্ণ কুম্ভের ন্যায় উদরে বায়ু ধারণ করা] বি, দক্ষিণ হস্ত দ্বারা নাসাপুটদ্বয় ধারণ করতঃ প্রাণায়ামাঙ্গ বায়ু-স্তম্ভনরূপ কার্য্য। ইহার দ্বারা বহিরিন্দ্রিয় সমুদয় প্রশান্ত হয়। নিঃশ্বাসরোধঘটিত যোগ-ক্রিয়া। ~কর্ণ [কুম্ভের ন্যায় বৃহৎ কর্ণ (কাণ) যার-বহু০] বি, রাক্ষসরাজ রাবণের মধ্যম ভ্রাতা; বিশ্রবা মুনির ঔরসে নিকষার দ্বিতীয় পুত্র। ~কার [কুম্ভ-কৃ (করা)+অ (কর্তৃ-বা০) যারা কুম্ভ প্রস্তুত করে। প্রাকৃ০ কুম্ভআর -কুমার] বি, কুলাল; যারা মৃত্তিকা দ্বারা ঘট কলসী ইং০ নির্ম্মাণ করে: জাতিবিঃ। ~কৃত [সুপ্রকৃত] বি, কুম্ভে রক্ষিত একশত বৎসরের পুরাতন ঘৃত। ~র্জ-বি, কুম্ভজন্মা অগস্ত্য ঋষি। ~র্জন্মা [কুম্ভে (কলসের মধ্যে) জন্মন্ (জন্ম) উৎপত্তি যার-বহু০] বি, উর্ব্বশী-দর্শনে মিত্রা-বরুণের বীর্য্য কুম্ভে পতিত ও তন্মধ্যে অগস্ত্যের জন্ম হয় বলিয়া এই নাম; অগস্ত্য। ২ বশিষ্ট। ৩ দ্রোণাচার্য্য। ~দাসী [সং] বি, দূতী। ~দেশ-বি, হস্তীর মস্তকোপরি মাংস-পিণ্ডাকার স্থান; গজকুম্ভ। ~যোনি [কুম্ভ (কলস) (যোনি) (উৎপত্তি-স্থান) যার-বহু০] বি, কুম্ভজন্মা দ্রঃ। ~শালা, -শাল [কুম্ভের শালা (গৃহ) ৬তৎ। গ্রা০-কুমার-শাল, কুমোরশাল। তুল-কামারশাল] বি, কুম্ভাদি নির্ম্মাণের গৃহ; কুমারের পোয়ান ঘর। ~সন্ধি [কুম্ভের-সন্ধি (মিলন বা মধ্য স্থান) ৬তৎ] বি, গজকুম্ভদ্বয়ের মধ্যস্থিত স্থান। ~সম্ভব [কুম্ভ (ঘট) সম্ভব (উৎপত্তি) যার -বহু০] বি, কুম্ভজন্মা দ্রঃ। ২ অগস্ত্য মুনি।

কুম্ভা-কুম্ভ দ্রঃ।

কুম্ভাধিপ [কুম্ভের অধিপ (অধিপতি) -৬তৎ] বি, শনিগ্রহ। ২ কুম্ভের স্বত্বাধি-কারী।

কুম্ভিকা [কুম্ভ+ক (স্বার্থে) আ-অ=ই] বি, ক্ষুদ্রকলসী। ২ শৈবাল; জলের পানা। ৩ নেত্ররোগবিঃ।

কুম্ভিল, কুম্ভিলক [সং] বি, অপহারক; চোর। ২ যে ব্যক্তি পরের গ্রন্থের ভাব বা অভিপ্রায় কিংবা রচনার কোন অংশ লইয়া আপন রচিত গ্রন্থ বলিয়া প্রকাশ করে। ৩ শালগাছ। ৪ শাল মাছ। ৫ শ্যালক।

কুম্ভী [কুম্ভ+ইন্ (স্ত্য) মৃ০-কুম্ভিন্ ১মা ৩ব০] বি, কুম্ভীর। ২ মৎস্যবিঃ। ৩ গুগ্গুলু। ৪ হস্তী। ৫ কুমীরকে পোকা। ৬ [কুম্ভ+ঈ-অল্পার্থে] বি, ক্ষুদ্রকলসী; ঘটী। ৭ পাকস্থালী। ৮ আধা বা উনন। ৯ [বৈদ্যকে] পর্পটদ্রুম; কঙ্কণদেশ-প্রসিদ্ধ পুষ্পবৃক্ষ বিঃ careya arborea [দ্রঃ-ফল কুম্ভাকৃতি] (২) পাটলি-বৃক্ষ বা পারুল গাছ stereospermum, bignonia suaveolens. (৩) কট্ফল myrica nagi. (৪) বারিপর্ণী বা জলকুম্ভী; টোকাপানা। (৫) পৃশ্নিপর্ণী বা চাকুলে hemionitis cordifolia. ১০ বেশ্যা। ~নস [কুম্ভী (ক্ষুদ্রকলস) তার ন্যায় নাসা (নাসিকা) যার-বহু০; বহুব্রীহি সমাসে নাসা=নস] বি, ক্রূরসর্প। ২ কীটবিঃ। > স্ত্রীং ~ী-রাবণের ভগিনী ও লবণ রাক্ষসের জননী। কৃত্তিবাসে "কুম্ভনসী।" ~নিসি [সং] বি, দানবরাজ বলির নামান্তর। ~পাক [কুম্ভী (কুম্ভীনামক) যে পাক (পচ্-পাক করা+অ, ধি) অপরাধীকে যথায় তপ্ত তৈলে ভাজা বা পাক করা হয় (পাত্র)] বি, নরকবিঃ। "জন্ম জন্ম যদি জ্বলি কুম্ভীপাকে পচি গলি সে ত শ্লাঘা! সে ত সুখ! স্বর্গ কেবা চায়।"-চন্দন০।

কুম্ভীর [কুম্ভী (মৎস্যাদি)+র=ল ('কুম্ভীল' শব্দও আছে) রা-লা (গ্রহণ করা)+অ (কর্তৃ-বা০) যে জলচর প্রাণী মৎস্যাদি ভক্ষণার্থ গ্রহণ করে] বি, মৎস্য ও মাংসাশী জলজন্তুবিঃ; কুমীর crocodile. ~মক্ষিকা [কুম্ভীর (কুমীর) মক্ষিকা (মাছি) কুম্ভীর সদৃশ যে মক্ষিকা-ধা] বি, কুমীর পোকা।

কুম্ভীরাসন [সং] বি, রুদ্রযামলোক্ত তন্ত্রসাধনের আসনবিঃ।

কুয়ৎ [আ০-ক্বৎ >] বি, শক্তি; বল। ২ ক্ষমতা; সামর্থ্য।

কুয়া [সং-কূপ; হিং-কুআঁ, ক্ষুদ্রার্থে -কুইয়া] বি, কূপ; পাতকো [প্রাদে০ কোষ > কোয়া >] বি, কৃমিকোষ; গুটি cocoon. কুয়া কাটাই সূতা জড়ান-reeling. ~তি-বি, কূপখননকারী।

কুযাত্রা-বি, অশুভ ক্ষণে বা লগ্নে যাত্রা বা গমন।

কুয়ানী [প্রাদে০ গ্রা০ কূপখনিক বা খনক >] বি, যে কূপ খনন করে।

কুয়াশা, -সা [হিং-কুহ্রা; কুহাসা; সং-কুহেলিকা, কুহেড়িকা (শ০ ক০ ক্রমঃ)। প্রা০ বাং-'কুয়ার' (দুর্লভমল্লিক-গোবিন্দ গানে 'কুয়ারের পানী যেন......)] বি, হিম; কুজ্ঝটিকা; কুহেলিকা। "কুআঁসায় আশা-মুকুল ঝরে যে পড়িল।"-সত্যেন্দ্র বসু। রেশমের কুয়াশায় ঢাকা দিও উষা গায়।" -অবসর।

কুয়িলী [কোকিল >, প্রাদে০ গ্রা০] -বি, কোকিল (স্ত্রী০ কী০)।

কুযুক্তি-বি, কুমন্ত্রণা; কুতর্ক।

কুরকুচি [করকচি অপেক্ষা কোমল] বি, কচি ডাবের কোমল অংশ।

কুরকুট, কুরকুটিয়া [সং-ক্রূর (কঠিন, কর্কশ)-কক্খট) এবং কুটিল (বক্র, কুঁজো)-ভ্রং কুরকুট। কুরকুটেও বলে; স্থানভেদে-কুরকুন্দো] বিণ, শক্ত এবং কুঁজো। করকটিয়া দ্রঃ।

কুরকুর [সং-কুর্ (শব্দকরা); ডাকে কুর্কুর্ শব্দ হয় বলিয়া। সং-কুক্কুর, কুকুর; ইং-cur; ডচ্-kurre (to whir); কুকুর -কুকুর শব্দের ক্ষেং কুরকুর, কুর্কুর ৩০] বি, কুকুর-ছানাকে ডাকিবার শব্দ (তুল-"আয় মেনি পুষ পুষ")। ২ দাঁতে কাঁটা বা দাঁত আছে এমন কোন কিছুর দ্বারা আঁচড়াইবার শব্দ; কুরুণীতে নারিকেলাদি কুরিবার শব্দ; নখাদি দ্বারা আঁচড়াইবার বা কুকুর-ছানার মত নখ বিঁধিয়া চলিবার শব্দ। প্র-মূং করে যাওয়া ('খুর খুর করে' ঙ০)। ~ী [হিং] বি, ঘোড়ার রোগবিঃ; এই রোগে ঘোড়া পেট কুলিয়া মরে। ২ মুড়মুড়ী।

কুরকুরিয়া, কুরকুরে [কুরকুর দ্রঃ] বিণ, কুরকুর শব্দজনক ; খুরখুরে। ২ ক্রি, কুরকুর করিয়া ; কুরিয়া ; সূক্ষ্ম দন্ত বা নখ দ্বারা চাঁচিয়া বা আঁচড়াইয়া। কোরা দ্রঃ।

কুরঙ্কর [শব্দাত্মক। কুর (অব্যক্ত শব্দ) কর (কৃ+অ, র্ত্তৃ) যে করে] বি, সারসপক্ষী।

কুরঙ্গ, -ক [কু (পৃথিবী)-রনগ্ (গমন করা)+অ (র্ত্তৃ-জ্ঞা৹) কিংবা কুর্ (শব্দ করা)+অঙ্গ (জ্ঞা৹) ক যোগ] বি, মৃগ ; হরিণ। স্ত্রীং ~ী-হরিণী। ২ তীর্থবিঃ। বাং-য়, স্ত্রীং 'কুরঙ্গিণী'ও হয়। "কুরঙ্গিণী সঙ্গে রঙ্গে নাচিতাম বনে।"-মেঘ৹। ~গঞ্জন [কুরঙ্গের (হরিণের) গঞ্জন (নিন্দা) হয় যা হতে-বহু৹] বিণ, হরিণ হতেও উৎকৃষ্ট। "অধর বন্ধুক বন্ধু বদন শারদ ইন্দু কুরঙ্গগঞ্জন বিলোচন।"-কবিক৹। ~নয়ন [কুরঙ্গের ন্যায় নয়ন যার-বহু৹] বি, মৃগনয়ন ; সুন্দর-লোচন। > স্ত্রীং ~া-মৃগলোচনা ; যে স্ত্রীর নয়নদ্বয় কুরঙ্গের নয়নের মত বড় বড় ও ভাসা ভাসা সুতরাং মনোহর। বাং-য় 'কুরঙ্গ-নয়নী'ও৹। ~নাভি-মৃগনাভি ; কস্তুরী।

কুরঙ্গম [সং] বি, কুরঙ্গ দ্রঃ।

কুরঙ্গী [কুরঙ্গ দ্রঃ] বি, হরিণী ; মৃগী।

কুরচি-বি, বৃক্ষবিঃ ; কুড়চি ; কুটজ। ২ অতি ক্ষুদ্র আঁইষের পোনাজাতীয় মৎস্যবিঃ lobeo gonius. ~বাটা-ছোট আঁইষের বাটা মাছ।

কুরচিনামা, কুরছিনামা [ফা৹-কুর্সীনামা। সী=চি, ছি] বি, বংশতালিকা ; বংশবৃক্ষ ; পুশ্‌ৎনামা।

কুরট [কুৎসিত) রট্ (বলা)+অ (র্ম্ম-জ্ঞা৹) যাকে কুকর্ম্মকারী বলিয়া রটনা করা হয়] বি, চামার ; মুচী।

কুরণ [সং-কর্ষণ ; গ্রা৹-কোরোণ। কোরা দ্রঃ] বি, চাঁচন ; আঁচড়ন।

কুরণী, কুরুণী, -নি, -নী [কুরণ দ্রঃ] বি, কুরিবার যন্ত্র ; নারিকেল কুরিবার বা তার শাঁস চাঁচিবার দন্ত বা দাঁড়াযুক্ত বঁটির আকৃতির শস্ত্রবিঃ।

কুরণ্ট [সং] বি, পীত ঝিণ্টীবৃক্ষ yellow amaranth, berlia cristata.

কুরণ্ড [গ্রা৹-কোরন্দ (কোরোন্দো)। কুরন্দ দ্রঃ। কু (মন্দ) রম্ (ক্রীড়া করা)+ড (গে-জ্ঞা৹) যদ্দ্বারা ক্রীড়া মন্দ হয়, ইহাদ্বারা বীর্য্য নষ্ট হয় বলিয়াই কুরণ্ড নামে খ্যাত] বি, মুষ্কবৃদ্ধিরোগ ; কোরণ্ড hydrocele ; কুরঁদ, কুরঁদিয়া, কুরঁন্তে scrotal tumour. বিণ, কুরিণ্ডিয়া, কুরুণ্ডে (গ্রা৹-কুরুন্দে)-যার কোরণ্ড আছে।

কুরনিশ, কুরনিস [ফা৹-কোর্‌নিশ্ =প্রণিপাত] বি, ঝুঁকিয়া সেলাম ; প্রণাম। "একজন জীর্ণশীর্ণ প্রাচীন সাহেব আসিলেন-সারজনেরা অমনি টুপি খুলিয়া কুরনিশ করিতে লাগিল।"-টেকচাঁদ [দ্রঃ-সম্মুখে হাজির হইয়া প্রথমে মস্তক অবনত করিয়া নতজানু হইয়া বসিতে হয়। ইহার নাম হিন্দুর কুরনিস্। (২) দক্ষিণ হস্ত প্রসারিত করিয়া তার উপর মস্তক ন্যস্ত করিয়া কোমর হইতে মাথা পর্য্যন্ত দেহটাকে অবনত করিলে যে অবস্থা হয় তাকে "সাহী কুরনিস" বলে। -অইন-ই-অকবরী]।

কুরব [কু (কুৎসিত) রু (শব্দ করা)+অ (র্ত্তৃ)] বিণ, যে কুৎসিত শব্দ করে ; মন্দ রবযুক্ত ; কুৎসিত শব্দবিশিষ্ট। ২ [কু (কুৎসিত) যে রব-ধা] বি, কুৎসিত শব্দ ; কর্কশ স্বর। "যদি এ দাসীর রব, কু৹ ভেবে মাধব না শুনেন, শুনিবেন তোমার বচন॥" -ব্রজাঙ্গনা। ৩ নিন্দাবাদ : কলঙ্ক ; দুর্নাম ; অপবাদ। ৪ কুবাক্য : কুকথা। "কু৹ শ্রবণে রায় নীরব বদন॥"-ভাগবত (রাধাকৃষ্ণ দাস)। ৫ রক্তঝিণ্টী। ৬ কুরুরাজ্যের একটী জনপদ। ৭ কুরুবক বৃক্ষ।

কুরবক, কুরুবক [কুরব+ক (জ্ঞা৹)] বি, ঝাঁটী ফুলের গাছ ; রক্তঝিণ্টী পুষ্পবৃক্ষ crimson amaranth.

কুরর [কুর্ (ছেদন করা)+অর (র্ত্তৃ, জ্ঞা৹) যে আপন করুণ স্বরে অন্যের স্থিরতা ছেদন বা অপহরণ করে] বি, উৎক্রোশ পক্ষী ; কুরলপাখী ; ঈগলপক্ষী। "কু৹ কুক্কুট কঙ্ক।" -কবিক৹। স্ত্রীং ~ী-ভেড়ী ; মেষী। ২ উৎক্রোশ পক্ষিণী। "ছাড়িলে অমর লোক মাতা তোর করে শোক, মৃত-সুতা যেমন কুররী।"-কবিক৹।

কুরল-বি, চূর্ণকুন্তল : অলক। ২ কুরর পক্ষী।

কুরস [কু (কুৎসিত) রস (আস্বাদন) যার -বহু৹] বিণ, কটুরসবিশিষ্ট। ২ বি, মদ্যবিঃ ; আসব। ৩ [কু (কুৎসিত) যে রস-ধা] বি, কুৎসিত রস।

কুরসি, কুরসী-কুর্শী দ্রঃ। ~নামা-কুর্সি ও কুরচিনামা দ্রঃ।

কুরা [কুরণ দ্রঃ] কুরি, কুর, কুরে ; কুরিতে (ক্ষে৹ কুরতে) ; কুরিয়া (ক্ষে৹ কুরে) ই৹] ক্রি, কুরকুর শব্দে আঁচড়ান ; চাঁচা ; মাজা ; ঘষা। ২ বি, ঘর্ষণ ; কর্ষণ : উল্লেখন scraping. "হাড়মাস কুরিয়া ও রক্ত চুষিয়া খাওয়া।"-ঠাকুরদাস মুখো৹। ৩ [লক্ষ৹] মর্ম্মন্তুদ যাতনা দেওয়া। "নারিকেল যেমন করিয়া কুরুণী দিয়া কুরায়-কে যেন তেমন করিয়াই তাহার হাড় পাঁজরা মায় হৃৎপিণ্ড কুরাইয়া বাহির করিয়া আনিতে-ছিল।"-ব৹ বাণী, ১৩৩৪, মাঘ।

কুরি-কুরী দ্রঃ।

কুরী [হি৹-কোরী] বি, হিন্দুদিগের এক জাতিবিঃ। ২ কুরি, নারিকেলাদির চাঁচা বা কোরা শাঁস। প্র-নারিকেল-কুরি ; কুমড়ার কুরি।

কুরীত-কুরীতি দ্রঃ।

কুরীতি [কু (কুৎসিত) যে রীতি (নিয়ম) -ধা। গ্রা৹-কুরীত] বি, মন্দ ব্যবহার ; কুধারা। ২ [কুৎসিত রীতি যার-বহু৹] বিণ, কুনিয়ম-শালী ; বদচলন বা বেচাল।

কুরীর [কুরা, কুরুণী দ্রঃ] বি, মাথায় পরিবার চিরুণীর মত অলঙ্কার। "কেশ রচনা করিয়া মাথায় ফুল পরিবার প্রথা ছিল, এবং কবরী যাতে শিথিল না হয়, তাহার জন্য কু৹ নামক এক শ্রেণীর অলঙ্কার পরিহিত হইত (কু৹ না জুটিলে শজারু কাঁটা ব্যবহৃত হইত)।"

কুরু [কুর (ছেদন করা)+উ (র্ত্তৃ, জ্ঞা৹) যিনি সমস্ত রাজমণ্ডলের গর্ব্ব উচ্ছেদ করিয়া-ছেন] বি, চন্দ্রবংশীয় প্রসিদ্ধ রাজা। সূর্য্যকন্যা তপতীর গর্ভে সম্বরণের ঔরসে ইঁহার জন্ম হয়। ২ [কৃ (করা)+উ (ধি)] কুরুবর্ষ। ৩ কুরুদেশ। ৪ [বৈদ্যক] কণ্টকারি। ৫ [কৃ (করা) + হি (লোট স্ম৹ পু৹ ১ব৹)

মধ্যে উঃ=কুরু হি লোপ)] কর। "কেশব কুঃ করুণা দীনে।"-গিঃ ঘোষ। "দীনে কুঃ কৃপা কালি, কালী কলুষনাশিনী।"-বাং গান [দ্রঃ পদ্যে। আধুঃ-বাং বিরল] ~কুল, ~বংশ [কুরুর কুল, বংশ-৬ তৎ] বি, চন্দ্র-বংশের এই শাখা কুরুরাজের নামানুসারে কুরুবংশরূপে খ্যাত। ২ দুর্য্যোধনাদি যে বংশে জাত। ~বৃদ্ধ [কুরুর মধ্যে বৃদ্ধ-৭ তৎ] বি, কুরুপিতামহ ভীষ্ম। ~রাজ [কুরুর রাজা-৬ তৎ, রাজা=রাজ] বি, দুর্য্যোধন।

কুরুই [সং-কঙ্কর, বাং-কুলুই ও। প্র-কাঁকর কুল্ ই] বি, কাঁকর; ঘুটিং। ২ [সং-কুড়ব। হিঃ-কুরুঈ] বাঁশ বা মুঞ্জ ঘাসের ডালা।

কুরুক্ষেত্র [কুরুর ক্ষেত্র (ভূমি) ৬ তৎ] বি, কুরুপাণ্ডবের রণভূমি; স্থানেশ্বর; দিল্লীর নিকটবর্ত্তী দেশবিঃ। মহারাজ কুরু সাধারণের উপকারের জন্য যে ব্যক্তি সেই স্থানে কলেবর ত্যাগ করিবে সেই স্বর্গলাভ করিবে এই অভিপ্রায়ে এই স্থান কর্ষণ করিয়া যজ্ঞ করিয়াছিলেন বলিয়া ইহা কুঃ নামে প্রসিদ্ধ হইয়াছে। ২ [লক্ষঃ] তুমুল ঝগড়া [গ্রাঃ-কুলুক্ষেত্তর] ~কাণ্ড, ~ব্যাপার-কুরুক্ষেত্রের ন্যায় কলহ। তুল-লঙ্কাকাণ্ড [কুঃযুদ্ধ-খৃঃপূঃ ২৪৪৮ অব্দে সংঘটিত] কুরুক্ষেত্রী-যোগ-বি, সূর্য্যের উদয় হতে পরদিন সূর্য্যোদয় পর্য্যন্ত সময় মধ্যে যদি ৩ তিথি ৩ নক্ষত্র এবং ৩ যোগের স্পর্শ হয়,তবেই কুরুক্ষেত্রী যোগ হয়।

কুরুচি-বি, কুৎসিত প্রবৃত্তি। ২ অভদ্র বা অশ্লীল বা অমার্জ্জিত বিষয়ে রতি, মতি, স্পৃহা বা অনুরাগ।

কুরুজাঙ্গল [সং] বি, গঙ্গা-যমুনার অন্তর্বেদীর উত্তর ভাগস্থিত জঙ্গলভূমি। প্রত্নতাত্ত্বিকগণ বর্ত্তমান 'বেলুচিস্থান'কে কুরুজাঙ্গল বলিয়া অনুমান করেন। "দিল্লি ও মীরাট বিভাগ কুরুবংশীয়দের বাসস্থান।"-প্রবাসী, পৌষ, ১৩২৬।

কুরুণী [কুরুণী দ্রঃ] বি, কুরিবার বা চাঁচিবার উপযোগী দাঁত বা দাড়াযুক্ত বঁটির আকৃতির শস্ত্রবিঃ। "কুরুণীতে কুরিয়া আনিবে নারিকেল।"-কবিকঃ।

কুরুণ্ট [কু (কুৎসিত) রুন্ট্ (দীপ্তি পাওয়া)+অ (র্ত্তৃ, জ্ঞাঃ) যে কণ্টকময় বলিয়া কুৎসিতভাবে শোভা অর্থাৎ প্রকাশ পায়] বি, ঝিণ্টী বৃক্ষ; ঝাঁটি ফুলের গাছ। স্বার্থে ক যোগে কুরুণ্টক। স্ত্রীং ~ী-কাঠের পুত্তলী; কাঠের পুতুল।

কুরুণ্ড [কুরণ্ড দ্রঃ। কু (কুৎসিত) রুণ্ড (অণ্ডকোষ) যার-বহুঃ] বিণ, কুরন্ড; বর্দ্ধিত অণ্ডকোষ। "গোদা কুঁজো কুরুণ্ডে প্রভৃতি আর যত সকলের রমণী সকলে নিন্দে কত।" -ভারতঃ। বিণ, কুরুণ্ডিয়া, কুরুণ্ডে।

কুরুতা [সং-কুড়ব। হিঃ-কুরুই (ছোট ঝুড়ি)] বি, বাঁশের বড় ঝুড়ি; ঝোড়া; ওড়া। "কুরুতার বদলে সোনা।"-কবিকঃ। পাঠান্তরে, "কুড়্তা বদলে সোনা।" ২ [কুড়্তা দ্রঃ] রাঙ্তা।

কুরুতীর্থ-বি, ভারতের প্রসিদ্ধ তীর্থবিঃ।

কুরুবক-বি, ঝিণ্টী পুষ্পের বৃক্ষ; ঝাঁটী ফুলের গাছ। ২ ঝাঁটী ফুল crimson amaranth. "সপ্তদল মল্লিকা যূথী কুন্দ কুঃ।"-কবিকঃ। "কুঃ করুণ্টক, কুন্দ তোলে মরুবক, কদম্ব কনক করবীর।"-কবিকঃ।

কুরুবর্ষ [সং] বি, জম্বুদ্বীপে উত্তরকুরু নামক বর্ষ বা প্রদেশ।

কুরুবিন্দ [কুরু (কুরুদেশ)-বিন্দ্ (লাভ করা)+অ (র্ম-জ্ঞাঃ) যা কুরুদেশে পাওয়া যায়] বি, পদ্মরাগ মণি। ২ মুস্তা; মুতা cyperus rotundus. ৩ মাষকলাই। ৪ হিঙ্গুল cinnabar; terminalia catappa.

কুরুরএ [প্রাঃ বাং। কু-রবয়ে (রব করে) অনুঃ। নাম ধাতু করকয়ান দ্রঃ] ক্রি, কর কর করে; কাক যেরূপ মৃদু শব্দ করে কলকলায়।

কুরুল-বি, ললাটস্থ চূর্ণ কুন্তল। ২ রোগবিঃ; কুরণ্ড।

কুরূপ্য [কু-রূপ্য (রৌপ্য সদৃশ)] বি রঙ্গ।

কুর্কুর-কুরকুর দ্রঃ।

কুর্ণিশ, কুর্ণিস [ফাঃ-কোর্নিষ্] বি অভিবাদন; সেলাম; পশ্চাৎ দিকে হটিয়া হটিয়া সেলাম। "বাঙলার যৌবনশক্তিও ক্ষিথ্ টেকে কুর্ণিশ করিয়া কাজের আজ্ঞায় খাড়া হউক।"-বিঃ সরকার।

কুর্ত্তা, কুর্তা [তুর্কীঃ] বি, পুরুষের ছোট জামা; মাথা গলাইয়া পরিবার মত জামা shirt. ক্ষুদ্রার্থে-কুর্ত্তি।

কুর্ত্তি, কুর্ত্তি [তুর্কীঃ-কুর্তা স্ত্রীং, ক্ষুদ্রার্থে-কুরতী; হিঃ-কুর্ত্তি] বি, স্ত্রীলোকদিগের পরিধেয় জামাবিঃ। এই জামা মাথা গলাইয়া পরিতে হয়। লালকুর্ত্তি [গোরা সৈন্যের পরিধেয় লাল কাপড়ের পোষাক বা উর্দী >] গোরা সেনা-নিবাস; গোরা সৈন্যের ছাউনী।

কুর্দ্দন, কূর্দ্দন [কুর্দ্-কূর্দ্ (ক্রীড়া করা)+অন (ভাঃ) গ্রাঃ-কোঁদন। তুল-নাচন কোঁদন] বি, ক্রীড়াবিঃ। ২ আস্ফালন; কুঁদুনি; উল্লম্ফন।

কুর্পর, কূর্পর [সং] বি, জানু। ২ কফোণি; কণুই। ৩ বিণ, অধীন। "স্বতন্ত্র না হও তুমি নারীর কুর্পর।"-মহাঃ (কাশী)। "নীচ সেবা না করে, নহে নীচের কুর্পর।" -চৈঃ চঃ। ~সন্ধি-কণুইয়ের গাঁট বা জোড় elbow joint. ২ হাঁটুর জোড় knee joint.

কুর্ব্বানি [আঃ-কুর্বানী। বাং-"কোরবানি।" প্রঃ চঃ] বি, মুসলমানের ধর্ম্মশাস্ত্রমতে পশুবলি; দেবোদ্দেশে বলি।

কুর্ম্মী [মহারাষ্ট্র ও গুজরাটের 'কুলবী', হিন্দুস্থানে বিহারে ও আধুঃ বাং কুর্মী বা কুর্ম্মী] বি, হিন্দু জাতিবিঃ।

কুর্শী-কুর্সি দ্রঃ। ২ [ক্ষেত্রকর্ম্মে; প্রাদেঃ-রঙ্গপুর] কঠিন মৃৎখণ্ড ভাঙ্গিবার কাষ্ঠময় হাতুড়ী।

কুর্সি [আঃ-কর্সী] বি, পা ঝুলাইয়া বসিবার কাষ্ঠাসনবিঃ; চৌকী; কেদারা chair. ২ চাতাল বা চৌতারা বা মেজে যার উপর বাড়ী ঘর ইঃ নির্ম্মাণ করা হয়। ৩ বংশ। প্র-কুর্সিনামা (কুরচিনামা দ্রঃ)। ৪ [নৌবিভাগীয় পরিঃ] জাহাজের সিঁড়ে পাল বাঁধিবার তক্তা। (২) জাহাজের কিনারার পাটা বা তক্তাবন্দী। (৩) মাস্তুলের উপরের আড় করা তক্তা যার উপর বসিয়া নাবিকগণ পালের দড়ি টানে। ~নামা-বংশতালিকা; কুরচিনামা দ্রঃ।

— ¹, [সং। "সন্ততির্গোত্রজননকুলা-ন্যভিজনান্বয়ৌ। বংশোঽন্ববায়ঃ সন্তানঃ।" -অমর০] বি, সন্তান ; সন্ততি। প্র০—তার কুল আছে না ধ্বংস পাইয়াছে। ২ বংশ ; গোত্র ; গোষ্ঠী। প্র-তিন কুলে তার কেহ নাই। কুলের বাতি, কুলের কলঙ্ক, কুলক্ষয়, কুলপতি, কুলপঞ্জিকা, কুলজী। ৩ কৌলীন্য ; আভিজাত্য ; বংশ-মর্য্যাদা। প্র-কুলমান ; কুলেশীলে শ্রেষ্ঠ। ৪ [গার্হস্থ্য-আশ্রম অর্থে] গৃহ ; ঘর ; ভদ্রসমাজ ; কুল-ধর্ম্ম। ৫ [স্ত্রীপক্ষে] পিতা, স্বামী, পুত্র বা বৈধ অভিভাবকের আশ্রয়। "নাথ হে! গোকুলের মাঝে কুলকন্যা হয়ে কুলত্যজে অকূলের কাণ্ডারী ভজে রাই হলোনা কুলোজ্জ্বলা।"-দাশরথি। ৬ [সং-তে 'দেহ' অর্থে কুল শব্দের ব্যবহার আছে] চরিত্র ; সতীত্ব। "সে গরিবের মেয়ে, গরিবের বধূ, তবু আপনার কু০ খানি অনেক প্রলোভনেও যত্নে নির্ম্মল রাখিয়াছিল।"-শৈলেশ মজুমদার (কলিকাল)। "তুমি কু০ মজাবার নটের গুরু।"-বা;-গান। ৭ জাতি ; বর্ণ। "ক্ষত্র-কুলে জন্ম মম, রক্ষঃকুলপতি, নাহি ডরি যমে আমি ; কেন ডরাইব তোমায়?"-মেঘ০। 'বিহঙ্গম-কুলে বৈনতেয় যথা বলজ্যেষ্ঠ, রক্ষঃ-কুলশ্রেষ্ঠ শূরমণি।"-ঐ। "মানবকুলে দেবী সীতা দানবকুলে দেবী প্রমীলা।"-ঐ। ৮ [পা০ 'কোল'] স্থল ; আশ্রয়। তুল-"স্থল-কুল"-সহচর শব্দদ্বয়। ৯ ভদ্রাসন ; গৃহ ; ঘর। প্র-কুলে বাতি। ১০ [বংশ বা জাতি >] স্বজাতীয় দল ; পাল ; যূথ ; এক-জাতীয় সমূহ। "শিবাকুল, গৃধিনী, শকুনি, কুক্কুর পিশাচদল ফেরে কোলাহলে।"-মেঘ০। ১১ সমূহ ; গণ। "জীবকুল কুলক্ষণে।" -মেঘ০। "বরষিল পুষ্পাসার দেবকুল মিলি।" -ঐ। ১২ [সং-তে] জনপদ ; দেশ ; ক্ষেত্র। ~কণ্টক [কুলের কণ্টক (কলঙ্ক)-৬ তৎ] বি, বংশের বা গোষ্ঠীর কলঙ্ক স্বরূপ ব্যক্তি। ২ কুলের কাঁটা। ৩ [লক্ষ০] বিণ, বংশের কাছে ক্লেশদায়ক (বংশধর) ; কুলপাংসন। ~কন্যা [কুলের কন্যা-৬ তৎ। এই অর্থে 'কুলবধূ' (রাসবিহারী মুখো০)] বি, সৎকুলজাতা নারী ; কুলধর্ম্মে স্থিতা সতীনারী ; দ্রঃ। পুং ~পুত্র। ~কর্ম্ম [কুলের -কর্ম্ম (কর্ম্মন্) ৬ তৎ] বি, কুলোচিত ক্রিয়া ; বংশের উপযোগী ক্রিয়াকলাপ। ২ কুলীন-পাত্রে অকুলীনের কন্যাদান। ৩ কুলপ্রথানু-সারে পুত্র কিংবা কন্যাদির বিবাহ দেওয়া। ~কলঙ্ক [কুলের-কলঙ্ক (অপবাদ) ৬ তৎ] বি, বংশের অপবাদ ; বংশের অগৌরব। ২ [কুলের-কলঙ্ক (অপবাদ) হয় যা হতে -বহু০] বিণ, যার চরিত্রদোষে কুলে কলঙ্ক জন্মে। ~কলঙ্কী [কুলকলঙ্ক + ইন্ (স্ত্য), মূ০-কুলকলঙ্কিন্ ১মা ১ব০] বিণ, যে পুরুষের চরিত্রদোষে কুলে কলঙ্ক জন্মে। > স্ত্রীং ~কলঙ্কিনী-কুলের কলঙ্ককারিণী ; যে কুলবধূর বা কুলকন্যার চরিত্রদোষে বংশের অপযশ হয়। ~কামিনী-বি, কুলনারী ; কুলকন্যা (দ্রঃ)। ~ক্রমাগত (-ল-) [কুলক্রম দ্বারা আগত, -৩ তৎ] বিণ, বংশপরম্পরায় উপস্থিত। বংশানুক্রমে সমাগত ; পুরুষানুক্রমে যেরূপ হইয়া আসিতেছে। ~ক্রিয়া [কুলের ক্রিয়া-৬ তৎ] বি, কুলাচার ; কুলধর্ম্ম। ২ কুলীনে আদান-প্রদান। ~ক্ষয় (-ল-) [কুলের-ক্ষয় (নাশ) ৬ তৎ] বি, বংশলোপ ; বংশধ্বংস ; কুলনাশ। ২ বংশের মর্য্যাদা-হানি। > স্ত্রীং ~া-শুকশিম্বী। ~ক্ষয়-কর, ~ক্ষয়কারী-যা হতে বংশনাশ হয় ; সর্ব্বনাশকর ; সর্ব্বনেশে। ~গর্ব্ব-(-ল-)-বি, বংশের গর্ব্ব বা গৌরবস্বরূপ। ২ আভিজাত্যাভিমান। ~গুরু (-ল-)-বি, বংশের পরম্পরাগত শিষ্য, পরিবারের বংশ-পরম্পরাগত গুরু। ~গৌরব (-ল-)-বি, বংশ-মর্য্যাদা ; বংশের মান। ~ঘ্ন (-ল-) [কুল-হন্ (নাশ করা) + অ (র্তৃ) হ=ঘ] বিণ, কুলক্ষয়কারী ; বংশলোপকারী ; বংশ-নাশক। ~চণ্ডী [কুলের (বিপত্তিসমূহের প্রতি) চণ্ডী (কুপিতা) যিনি বিপদ রাশিকে উন্মূলন করেন। গ্রা০-'কুলইচণ্ডী', 'কুলুই-চণ্ডী'] বি, মঙ্গলকারিণী দেবীবিঃ। যিনি কুলের শত্রুনাশ করেন। ~চ্যুত (-ল-) -বিণ, কুলভ্রষ্ট। ২ জাতিচ্যুত। ~জ (-ল-) [কুলে (বংশে) জ (জাত, র্তৃ-ড প্রত্যয়ান্ত জন >) ৭ তৎ] বিণ, সদ্বংশজাত ; বিশিষ্ট-বংশোৎপন্ন; কুলীন। > স্ত্রীং ~া-কুলজাতা ; কুলকন্যা ; কুলকামিনী। "কুলজারীতি ছোড়ল যদু লাগি।"-বি০ প০। "হেন বুঝি কত কুলজাকুল নাশ।"-জ্ঞান০। ~জি, -জী (-ল-) [গ্রা০-'কুলুজি', কুলুচী ও০। সং -কুলপঞ্জী দ্রঃ] বি, কুলপঞ্জী ; বংশাবলী ; কুলের পরিচয় genealogy. ~জ্ঞ (-ল-) -বি, যার কুলের বিষয় জানা আছে herald. ~জ্ঞ(-ল-)-কুলিঙ্গ দ্রঃ। ~ট(-ল-) [কুল-অট্ (গমন করা) + অ (র্তৃ-অা০) যে এক কুল হতে অন্য কুলে গমন করে] বি, অন্য কুলগামী পুত্র ; দত্তকাদি পুত্র। ২ ক্ষেত্রজ পুত্র ; ক্রীতপুত্র। > স্ত্রীং ~া-বি, যে স্ত্রী নিজ-স্বামিকুল হতে গমন করে ; অসতী ; ভ্রষ্টা। ২ বিণ, কুলত্যাগ-কারিণী ; কুলত্যক্তা। "ভুলিনু পরের বোলে, কুলটা হইনু কালে।"-চণ্ডী০। ৩ ভিক্ষুকী সতীনারী। ~তন্তু (-ল-) [কুলের তন্তু (সূক্ষ্মাংশ) ৬ তৎ ; কিংবা কুলের তন্তুর ন্যায় (উপমান)] বি, পুত্র ; অপত্য ; সন্তান। ~তত্ত্ব-বি, কুলজ্ঞান heraldry. ~তত্ত্ব-বিৎ-বিণ, কুলতত্ত্বজ্ঞ herald. ~তিলক (-ল-) [কুলের তিলক স্বরূপ-৬ তৎ। কুল দ্রঃ] বিণ, তিলক যেরূপ ললাটের শোভা-জনক সেইরূপ যে পুত্র দ্বারা কুলের শোভা হয় তাকেই কুলতিলক বলে ; কুলভূষণ ; যার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধি হয়। ~ত্যাগ (-ল-)-বি, বংশের আচার ধর্ম্ম বা আত্মীয় কুটুম্ব ত্যাগ করিয়া স্বতন্ত্র থাকা, স্ত্রী পক্ষে স্বামিগৃহত্যাগ ; বংশের আশ্রয় ত্যাগ করিয়া অর্থাৎ কুলধর্ম্ম ছাড়িয়া কুপথগামী বা কুলটা হওয়া। ~ত্যাগী-বিণ, যে কুল ত্যাগ করে। > স্ত্রীং ~ত্যাগিনী। ~দূষক, দূষণ (-ল-) [কুলের (বংশের) দূষক, দূষণ (যে দোষ জন্মায়) ৬ তৎ] বি, যে পুত্র জন্মিলে কুলের নানা দোষ প্রকাশ পায় ; কুলকলঙ্ক ; কুলাঙ্গার। ~দেবতা (-ল-) [কুলের দেবতা-৬ তৎ] বি, বংশপরম্পরায় পূজিত দেবতা ; যে বংশের প্রত্যেক পুরুষ যে দেবতাকে পূজা করে সেই দেবতা সেই বংশের কুলদেবতা। ২ গৌরী, পদ্মা, শচী, মেধাদি ষোড়শ মাতৃকার মধ্যে মাতৃকাবিঃ। ~ধর্ম্ম (-ল-) [কুলের ধর্ম্ম-৬ তৎ] বি, বংশগত আচার বা অনুষ্ঠান ; পূর্ব্ব পূর্ব্ব পুরুষানুষ্ঠিত

ধর্ম্ম; স্বজাতীয় ধর্ম্ম ; কুলাচার। ~ধারক (-লঁ-) [কুলের (বংশের) ধারক (রক্ষক) ৬ তৎ] বি, যে জন্মিলে কুলধ্বংস হয় না ; বংশধর ; পুত্র। ~ধুর্য্য (-লঁ-) [কুলের ধুর্য্য (প্রধান) ৬ তৎ) বিণ, কুলভূষণ ; কুলের প্রধান ; বংশের শ্রেষ্ঠ। ~ধ্বংস (-লঁ-)-বি, বংশলোপ। ~নক্ষত্র [সং] বি, ভরণী, রোহিণী, পুষ্যা, মঘা, উত্তরফল্গুনী, চিত্রা, বিশাখা, জ্যেষ্ঠা, পূর্ব্বাষাঢ়া, শ্রবণা ও উত্তরভাদ্রপদ নক্ষত্রের নাম কুলনক্ষত্র। ~নায়িকা [সং] বি, তন্ত্রোক্ত পঞ্চ মকার-সাধনে পূজনীয়া স্ত্রী (কৌলিকগণের মাতা, গুরুপত্নী, ভগিনী, কন্যা ও পুত্রবধূ কুং হইবার পাত্রী)। ~নারী (-লঁ-) [কুলের নারী-স্ত্রীলোক-৬ তৎ] বি, কুলকামিনী ; কুলস্ত্রী ; কুলবধূ ; কুলবালা। "কুঞ্জরগতি গঞ্জি-গমন মঞ্জুল কুলনারী।"-জগদানন্দের পদাবলী। ~নাশ (-লঁ-) [কুলের নাশ (ধ্বংস) ৬ তৎ] বি, কুলোচ্ছেদ ; বংশধ্বংস। ২ বংশের মর্য্যাদালোপ। ৩ উষ্ট্র ; উট। ৪ [কুল নাশ (যে নষ্ট করে) উপং] বিণ কুলনাশক বংশনাশকারী। ৫ পতিত। ~নাশক -বি, বংশনাশকারী। ~নাশন [কুল-নশ্ + ণিচ্=নাশি (নষ্ট করা) + অন (ণে)] বিণ, কুলক্ষয়কর ; কুলপাংসন। ~ন্ধর (-লঁ-) [কুল (বংশ) ধৃ (ধারণ করা) + অ (র্তৃ)] বি, বংশধর। ~পতি (-লঁ-) [কুলের পতি-৬ তৎ] বি, বংশপ্রধান ; কুলশ্রেষ্ঠ। ২ আশ্রমের প্রধান মুনি। ৩ "যিনি দশসহস্র শিষ্যকে অন্ন-বস্ত্র দান করিয়া স্বগৃহে শাস্ত্র অধ্যয়ন করান শাস্ত্রে তাঁকে কুলপতি কহে।" ~পাংশুক, ~পাংশুল, ~পাংসন (-লঁ-) [কুলের পাংশুল পাংসন-৬ তৎ। পান্স্ (নাশ করা) + অন (র্তৃ-জ্ঞা০)] বিণ, কুলকলঙ্ক ; কুলদূষক ; যে বংশের মর্য্যাদা নাশ করে। > স্ত্রীং~া-কুলকলঙ্কিনী। "কুলপাংশুলার গর্ভে জনম যাহার সেই দাসীপুত্র হবে মেবারের রাণা ?"-ধাত্রী পান্না (পদ্যপাঠ)। ~পালক (-লঁ-) [কুলের (বংশের) পালক (রক্ষক) ৬ তৎ] বিণ, গোত্রবর্দ্ধক ; বংশ-রক্ষক ; যে নিজ জাতিবর্গের প্রতিপালন করে। > স্ত্রীং ~পালিকা। ~পালি, ~পালিকা (-লঁ-) [কুলের পালি পালিকা (রক্ষিকা) ৬ তৎ, যে নারী আপন বংশাবলীর পরিপালন করে] বি, কুলকামিনী ; পতিব্রতা ; কুলবধূ ; সতী ; সাধ্বী স্ত্রী। ~পুত্র (-লঁ-) [কুলের পুত্র] বি, সৎ বা উচ্চ কুলজাত সন্তান ; সদ্বংশধর। "এই স্থানই কুলপুত্রগণের সাধনের উপযুক্ত।"-মহেশচন্দ্র ঘোষ (প্রবাসী, ১৩৩১। ~পুরোহিত (-লঁ-)-বি, বংশ-পরম্পরাগত যজমানের বংশপরম্পরাগত পুরোহিত। ~পুরুষ (-লঁ-)-বি, পূর্ব্বপুরুষ ; কুলপ্রবর্ত্তক বা কুলের আদিপুরুষ। ~প্রদীপ (-লঁ-) [কুলের প্রদীপ স্বরূপ -৬ তৎ] বিণ, যে আপন সুকীর্ত্তি দ্বারা বংশের শ্রীবৃদ্ধি করে ; বংশোজ্জ্বলকারী ; কুলভূষণ ; কুলমর্য্যাদাবর্দ্ধক। ~বতী (-লঁ-) [কুল + বৎ (স্ত্র্য)] বি, কুলকামিনী : সাধ্বী স্ত্রী ; যে স্ত্রী কুলব্রতানুসারে চলে। "সব কুলবতী করয়ে পিরীতি। এমত না হয় কারে।"-চণ্ডী০। ~বধূ (-লঁ-) [কুলের বধূ (স্ত্রী) ৬ তৎ] বি, কুলকামিনী ; কুলস্ত্রী ; কুলধর্ম্মে স্থিতা সতী নারী। ~বালা (-লঁ-) [কুলের বালা (স্ত্রী) ৬ তৎ) বি, কুলস্ত্রী ; কুলনারী ; কুলবধূ। "উহ সুপুরুষবর বিদগ্ধশেখর, এ অবিচল কুল-বালা।"-গোবিন্দ০। "অনঙ্গ কেবল আমাকেই এইরূপ করিতেছে এমন নহে, কত শত কুলবালাকে এইরূপ অপথে পদার্পণ করায়।"-কাদ০। ~বিদ্যা (-লঁ-) [কুলের বিদ্যা-৬ তৎ] বি, বংশগত বিদ্যা ; কুলক্রমাগত বিদ্যা ; যে বিদ্যা বংশপরম্পরায় শিক্ষা করা হয়। ~বিপ্র (-লঁ-) [কুলের বিপ্র (ব্রাহ্মণ) ৬ তৎ] বি, কুলগুরু। ২ কুলপুরোহিত। ~ব্রত (-লঁ-) [কুলের ব্রত -৬ তৎ] বি, বংশপরম্পরায় অনুষ্ঠিত ব্রত ; যে নিয়ম বংশের প্রত্যেক পুরুষ অনুষ্ঠান করে। ২ কুলক্রমাগত বা পরম্পরাগত ঐতিহ্য family tradition. ~ভঙ্গ (-লঁ-)-বি, কৌলীন্য-নাশ ; কুললাঘব। -করা-বি, স্বকুল হতে নিম্ন কুলে বিবাহ দিয়া কুলমর্য্যাদার হীন হওয়া। ~ভূষণ (-লঁ-)-বি, বিণ, বংশের অলঙ্কারস্বরূপ। ~ভৃত্যা-বি, গর্ভিণীর সেবা বা তুষ্টি সম্পাদন। ~ভ্রষ্ট (-লঁ-) [কুল হতে ভ্রষ্ট (পতিত) ৫ তৎ] বিণ, যে ব্যক্তি নিকৃষ্ট কর্ম্ম দ্বারা কুল হতে পতিত হইয়াছে। ২ যাহার কুলমর্য্যাদা লোপ পাইয়াছে। ~মর্য্যাদা (-লঁ-) [কুলের (বংশের) মর্য্যাদা (গৌরব) ৬ তৎ] বি, বংশের গৌরব ; কুলের সম্মান। ~মিত্র (-লঁ-)-বি, বংশের সুহৃৎ। ~মান (-লঁ-)-বি, বংশের সম্মান ; মর্য্যাদা বা গৌরব। ২ আভিজাত্য। ~লক্ষণ (-লঁ-) [কুলের লক্ষণ (চিহ্ন) ৬ তৎ] বি, আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি, তপঃ ও দান এই নয় প্রকার আদর্শ কুলচিহ্ন। ~লক্ষ্মী (-লঁ-) [কুল (বংশ পরিবার গৃহস্থালী-সংসার-গৃহ তার) লক্ষ্মী (সমা)] বি, গৃহস্থিতা সাধ্বী নারী ; বংশের কল্যাণ-স্বরূপিণী গৃহিণী। বা গৃহলক্ষ্মী। ২ বংশের অধিষ্ঠাত্রী ও কুলের হিতকারিণী দেবী। "স্বপ্নে এব কুললক্ষ্মী কয়ে দিলা পরে।"-মাইকেল। ~শীল (-লঁ-) কুল (বংশ) এবং শীল (স্বভাব দ্বন্দ্ব] বি, বংশ ও চরিত্র ; জন্ম এবং স্বভাব-চরিত্র। "কুলশীল রূপবান্ নিজবংশ সমান।"-কবিক০। ~মান-বি, কুলমান ও মর্য্যাদা বা প্রতিষ্ঠা। ~সম্ভব (-লঁ-) [কুল (বংশ) হতে সম্ভব (উৎপন্ন) ৫ তৎ] বিণ, বংশোৎপন্ন ; কুলজাত। > স্ত্রীং ~সম্ভবা। ~সন্ততি (-লঁ-)-বি, বংশাবলী ; বংশবৃদ্ধি progeny, descendants. ~স্ত্রী-কুলের স্ত্রী-৬ তৎ] বি, কুলকুমারী ; কুলনারী ; কুলবধূ ; কুলাঙ্গনা। ~করা-কুলীনের সন্তানের কুলীনের ঘরে বিবাহ দিয়া কৌলীন্য রক্ষা করা। ~ত্যাগ করা-কুলধর্ম্মকে অতিক্রম করা ; কুল-ব্রতানুসারে না চলা ; গৃহবধূর কর্ত্তব্য পালন না করিয়া এবং স্বামিগৃহ ত্যাগ করিয়া অবৈধ আশ্রয়ে গমন করা। ~রাখা-কুলাচার রক্ষা করা ; চরিত্র বিশুদ্ধ রাখা ; কৌলীন্য বজায় রাখা। ~রাখা কি শ্যাম রাখা-কুলধর্ম্ম রাখিলে শ্যামকে ছাড়িতে হয় এবং শ্যামেপ্রেম রাখিলে ধর্ম্ম নষ্ট হয়। রাধিকার এই উভয় সঙ্কট অবস্থার ন্যায় অবস্থায় পড়া। কুলে কালি দেওয়া-অকীর্ত্তি দ্বারা বংশে কলঙ্কিত করা। কুলে কাঁটা দেওয়া

-বংশের মান সম্ভ্রম লাভের বা গৌরব বৃদ্ধির পথে কণ্টক রোপণ করা বা বিঘ্ন উৎপাদন করা। কুলে থাকা-স্বামীর ঘর করা; গার্হস্থ্য পালন করা। কুলের কলঙ্ক-কুল-কলঙ্ক দ্রঃ। কুলের ধ্বজা [লক্ষ°] কুলের গৌরব; কুলের শ্রেষ্ঠ। কুলের বাতি [কুল-বর্ত্তিকা] বি, যার কীর্ত্তি ও যশে বংশের মুখ উজ্জ্বল হয়; কুলগৌরব। কুলের বৌ -গৃহবধূ; উচ্চঘর বা বংশের স্বধর্ম্মনিরতা সুচরিত্রা বধূ; ভদ্রগৃহের বধূ; কুলবধূ দ্রঃ। কুলের বাহির হওয়া-সতীধর্ম্ম ত্যাগ করিয়া স্বামী, পুত্র বা বৈধ অভিভাবকের আশ্রয় ত্যাগ করিয়া কুপথে যাওয়া। একুল ওকুল দুকুল যাওয়া-কৃষ্ণকে পাইবার জন্য রাধা কুল ত্যাগ করিয়াছিলেন, কিন্তু শেষে কৃষ্ণ হতেও বঞ্চিত হওয়ায় তাঁর দুই কুলই গেল। তুল-"ইতোনষ্টস্ততো ভ্রষ্টঃ।" [লক্ষ°] নিরাশ্রয় হওয়া।

কুল$_2$ [বৈদিক সং-'কুডী', 'কুলী' পরবর্ত্তী সং-কোলি, কোলং, কুবলং (বদরী)। প্রা° বাং-কুলি (চৈ° চ°)] বি, অম্লরস ফলবিঃ; বদরীফল (হি°-বৈর) jujube. ২ কোলি বৃক্ষ; কুলনামক কণ্টকী বৃক্ষ; কুলগাছ। কুলকাটের আগুন-কুল কাষ্ঠের আগুন খুব তেজাল। (তা হতে) খর আগুন। (২) তীব্র জ্বালা। প্র-প্রাণের ভিতর কুল-কাঠের আগুন জ্বলা। নারিকেলিয়া কুল [প্রা°-নারকুলে কুল। নারিকেলের মত দেখিতে বলিয়া] অণ্ডাকার কুলবিঃ। কুল-কাসুন্দি-কুলের আচার। "কুলকাসুন্দিতে দিবে জম্বীরের রস।"-কবিক°।

কুল$_3$ [আ°-কুল্] বিণ, সমস্ত; সমুদয়; তামাম। বিলকুল্-বেবাক; সমস্ত।

কুলক [সং] বি, এক কর্ত্তা কিংবা এক ক্রিয়াপদ দ্বারা চতুরধিক শ্লোকের অর্থ-সমাপ্তি হইলে ঐ শ্লোক সমুদয়কে কুলক বলে। ২ পটোলের লতা; পলতা। ৩ বল্মীক। ৪ কুলের শ্রেষ্ঠ। ৫ শ্রেষ্ঠ শিল্পী। ৬ হরিদ্বর্ণ সর্পবিঃ।

কুলকুল [শব্দাত্মক। আদরার্থে-কুলুকুলু। হি°-কুলকুলানা (কুলকুল শব্দ করা); সং-কল্লোল, কুল শব্দের ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। তুল-কুল্যা=ক্ষুদ্র নদী। কলকল অপেক্ষা চাপা শব্দ] বি, জলের কল্লোলসহ গতি প্র-কুল-কুল করিয়া জল বাহির হইয়া যাইতেছে; কুলকুল করিয়া ভেদ হওয়া। ২ কুলকুল্ শব্দ করা; সাড় করা। প্র-পেট কুলকুল করা। ৩ [সং-কুল-রাশি, আধিক্যার্থে দ্বিত্ব] অজস্র; প্রচুর। প্র-কুলকুল করিয়া ঘাম হইতেছে।

কুলকুচা,-কুচো [শব্দাত্মক। প্রা° বাং-কুল্লোল। হি°-কুল্লা, কুল্লী। সং-কবল। কবলস্থ জলের কল্লোল বা কুলকুল শব্দ > (হি°-কুলকুলানা-কুলকুল শব্দ করা) এবং তা ত্যাগ করিবার কালে কুচ্ এই শব্দ >] বি, মুখে জল পুরিয়া কলকল বা কুলকুল্ শব্দে আলোড়ন ও তদ্দ্বারা মুখের ভিতর পরিষ্কার করিয়া ত্যাগ। কুল্লোল দ্রঃ। ক্রি, কুলকুচা করা।

কুলকুণ্ডলিনী,-নী [কুলের (কুলা-চারীদের) উপাস্যা যে কুণ্ডলিনী (শক্তিবিঃ) -ধা] বি, মূলাধার পদ্মে সর্পের মত মণ্ডলাকারে স্থিতা সার্দ্ধত্রিবৃত্তবিশিষ্টা শিবশক্তিবিঃ। এই শক্তি নিঃশ্বাসপ্রশ্বাসরূপে জগৎস্থিত জীবগণের জীবনদায়িনী শক্তিরূপে বিরাজিতা। "কুল-কুণ্ডলিনী যার জাগে ব্রহ্মা বিষ্ণু শিবপদ পেলেও কি তার মনে লাগে।"-বাং-গান।

কুলক্ষণ [কু (মন্দ) যে লক্ষণ (চিহ্ন) ধা] বি, মন্দলক্ষণ; অশুভ চিহ্ন। "জীবকুল-কুলক্ষণ।"-মেঘ°। ২ [কু (মন্দ) লক্ষণ যার -বহু] বিণ, কুলক্ষণাক্রান্ত; কুলক্ষণবিশিষ্ট। স্ত্রীং ~া-অলক্ষণা; অশুভলক্ষণাক্রান্তা; যে স্ত্রীর লক্ষণসমূহ অশুভসূচক; দুর্ভাগা।

কুলগ্ন [কু-লগ্ন (যোগ)] বি, অশুভ রাশি-সংক্রান্ত মুহূর্ত্ত; কুক্ষণ।

কুলঙ্গী, কুলিঙ্গা, কুলিঙ্গী [প্রাদে°-উচ্চারণ ভেদে কুলুঙ্গি; কলুঙ্গি; কোলঙ্গা। সং-কুড্য=কাঁথ=দেওয়াল তার অরুস্থ বা অঙ্গস্থ স্থান] বি, গৃহের দেওয়ালের গায়ে দ্রব্যাদি রাখিবার ক্ষুদ্র স্থানবিঃ। "লোহার দেওয়ালময় বিষম অস্ত্রের ঘায় চারিভিতে কাটিল কুলঙ্গী।"-মনসা°।

কুলচর [কুল (বদরী), চুর (চুর্ণ)] বি-কুলের আচার।

কুলটুর [জর্ম্ম°-Kultur > ইং culture] বি, জর্ম্মণ ধারণানুযায়ী মনুষ্যত্বের অনুশীলন ও সভ্যতা; যুদ্ধ দ্বারা জর্ম্মণসভ্যতা বিস্তার (ইহাই Kultur-Kauft নামে অভিহিত)। "হূনের নৃশংসতা, তাহার কু°, বর্ব্বরতা * * ই°।"-আ° শক্তি°, ১৩৩০।

কুলতিথি [সং] বি, চতুর্থী, অষ্টমী,

কুলত্থ-বি, কুলথি কড়াই। বঙ্গ হইলে কুলত্থা।

কুলন, কুলানি [কুল্ (রাশি করণ) >] বি; প্রয়োজনমত সংস্থান করণ; আঁটন; অভাব না হওন; নির্ব্বাহ হওন; সম্পোষ্য হওন। "কালী কুলাইবেন কুল।"-ভারত°। "এত অধিক ব্যয় করিয়া ফেলিলে শেষে কুলাইতে পারিবেন না।"

কুলপত্র-বি, দমনক বৃক্ষ; দনা গাছ tirte-misia scoparia (or indica).

কুলপর্ব্বত [কুল (প্রধান) যে পর্ব্বত -ধা] বি, কুলাচল; কুলগিরি; কুলশৈল। মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য ও পারিযাত্র এই সপ্ত কুলপর্ব্বত নামে খ্যাত। কেহ কেহ বলেন হিমালয়েরও কুলপর্ব্বত সংজ্ঞা আছে সুতরাং ৮টী কুলপর্ব্বত।

কুলপি,-ফি-কুল্পি দ্রঃ।

কুলবার [কুল (কুলসংজ্ঞক) যে বার (দিন) ধা] বি, মঙ্গল ও শুক্রবার, তন্ত্রে মঙ্গল ও শুক্রের কুলসংজ্ঞা উক্ত হইয়াছে।

কুলস্তর-বি, চোর; সিঁদেল চোর [প্র° অ°]।

কুলা$_1$, **কুলো** সং-কুল্য (মে°)] বি, সূর্প। "ছাইফেলা ভাঙ্গা কুলা।"-কুসুম°। ঝি, ঝি, ভাঙ্গা কুলো বাদ্য বাজাইয়া। বিধবা মাগীরে খাট দেরে তাড়াইয়া।" -অশোক°। ছাই ফেলিতে ভাঙ্গা কুলা-ঘরের ওঁচলা বা ছাইপাঁশ ফেলিয়া দিবার জন্য, যা চাল ডাল ঝাড়িবার মত কোন আবশ্যক কাজে লাগে না এমন ভাঙ্গা কুলার ব্যবহার। (তা হতে) সংসারে যে ব্যক্তি অকিঞ্চিৎকর এবং অপ্রীতিকর কাজে নিয়োজিত হয়। বিষ নাই কুলা পানা চক্র-বিষয় সর্পেরাই ফণা ধরে

সুতরাং তাদের ফণা দেখিয়াই ভয় হয় এবং ফণা কুলার মত বৃহৎ হইলে অত্যন্ত ভয় হয়। কিন্তু কুলার মত চক্র থাকিয়াও যদি বিষ না থাকে তা হইলে তাহা বন্দুকের ফাঁকা আওয়াজের মত কেবল ভয় প্রদর্শনের নিমিত্তই হয়। (তা হতে) যে পুরুষের শাসন করিবার ক্ষমতা নাই কেবল ভয় দেখাইবার জন্য তার তর্জ্জন মাত্র।

কুলা$_2$ [ফা॰–কুলাহ্। ইং culla cap] বি, ঠোঙ্গা উপুড় করা বা উল্টা ঠোঙ্গার মত কোণ উঁচু করা টুপী; পশ্চিমাঞ্চলের পুলিশের ইন্‌স্পেক্টর, পল্টনের হাবিলদার ই॰-র পাগড়ীর মাঝখানে যা উঁচু হইয়া থাকে।

কুলাকুল [সং। "বিষমাশ্চাকুলাঃ সর্ব্বে শেষাশ্চ তিথয়ঃ কুলাঃ!"–তন্ত্র। কুল (যুগ্ম) +অকুল (বিষম)] বি, তন্ত্রোক্ত তিথি, নক্ষত্র ও বার-বিশেষের পারিঃ শব্দ। দ্বিতীয়া, ষষ্ঠী, দশমীতিথি, আর্দ্রা, মূলা, অভিজিৎ ও শতভিষা নক্ষত্র এবং বুধবার। ২ সৎকুল এবং অসৎকুল।

কুলাঙ্কুর [গ্রা॰ বাং মহা॰ (কাশী) কুল +অঙ্কুর] বি, বংশধর।

কুলাঙ্গার [কুলের অঙ্গার স্বরূপ–৬ তৎ] বি, অঙ্গার যেরূপ যে স্থান স্পর্শ করে তাহাই মলিন করে সেরূপ কুলের অকীর্ত্তিরূপ মালিন্য যার সংসর্গে জন্মে তাকেই কুলাঙ্গার বলে; যার কর্ম্ম-দোষে কুলের কলঙ্ক হয়; কুলের কালি; কুলকলঙ্ক।

কুলাচল [কুল (দেশ–ভারতবর্ষস্থ) অচল (পর্ব্বত) কুলপর্ব্বত। "সপ্তৈতে কুলপর্ব্বতাঃ"] বি, মহেন্দ্র, মলয়; সহ্য; শক্তিমান্; ঋক্ষবান্; বিন্ধ্য ও পারিযাত্র (মতান্তরে, হিমালয় লইয়া আট) এই সপ্ত কুলপর্ব্বত (বৌদ্ধ শা॰ মতে) মেরু পর্ব্বত বেষ্টন করিয়া একে একে বৃত্তাকারে স্থিত যুগন্ধর, ঈশধর, করবিক, সুদর্শন, নেমিন্ধর, বিনত, অসংসকর্ণ এই সাতটি পর্ব্বতশ্রেণী। "অরুণোদয়ের পূর্ব্বেই যুগন্ধর পর্ব্বতের শিখরোপরি গিয়া উপবেশন করিল।"–জাতক, ৫ম খণ্ড।

কুলাচার [কুলের (বংশের)–আচার (আচরণ) ৬ তৎ] বি, কুলধর্ম্ম; কুলানুষ্ঠিত ধর্ম্ম; বংশপরম্পরায় অনুষ্ঠিত আচরণ।

কুলাচার্য্য [কুলের আচার্য্য (শিক্ষা-গুরু)] বি; বংশপরম্পরায় উপদেষ্টা; কুল-ক্রমাগত শিক্ষক; কৌলিক আচার্য্য; কুল-গুরু; কুলপুরোহিত। ২ কুলের পরিচয় প্রদান করা যাহার ব্যবসায়; ঘটক।

কুলাদর্শ [কুলের আদর্শ–৬ তৎ] বি, কুলদর্পণ; বংশাবলী ও বংশপরিচায়ক চিহ্ন-বিষয়ক শাস্ত্র।

কুলাদ্রি [কুল+অদ্রি] বি, কুলাচল দ্রঃ।

কুলানি$_1$ [কুল=পার; কুলান=পারপ্রাপ্তি; উদ্ধার] বি, সংকুলান; সংস্থান; যোগান; পর্য্যাপ্তি। "বনিতাকে বস্ত্র নাই বেদে বলে বিভু। ক্লেশ বিনা কুশলে কু॰ নাহি কভু॥"–শি॰।

কুলানি$_2$ [কুলাই: কুলাও, কুলায়; কুলা-ইতে ক্ষে॰ গ্রা॰–কুলাতে)। কুলাইয়া (গ্রা॰ কুলাইয়ে) ই॰] ক্রি, যোগান; সংস্থান করা; অভাব মোচন করা। "কত কাল কুলাবে কেবল বৃদ্ধ বাপ।"–ধ॰। ২ উপায় করা; বন্দোবস্ত করা। "ওরে অনায়াসে ভবনদীর কালী কুলাইবেন কূল।"–রা॰ প্র॰।

কুলানি, কুলানী [প্রাদে॰। কোলানি দ্রঃ] বি, আলিঙ্গন; সমাদর; যত্ন।

কুলাভিমান–বি, উচ্চ বা সদ্বংশে জন্মের অহঙ্কার; আভিজাত্য-গর্ব্ব। বিণ, ~ী।

কুলায় [কুলের (পক্ষিকুলের) আয় (আগমন বা বৃদ্ধি) হয় যেখানে–বহু॰; কুল-অয়্ (বৃদ্ধি পাওয়া বা গমন করা)+অ (ধি-জ্ঞা॰)] বি, নীড়; পাখীর বাসা। ২ বাসস্থান। ~স্থ (-য়ঁ-) [কুলায়ে (পক্ষীর বাসাতে) স্থ (যে থাকে; স্থা–থাকা+অ, র্ত্তৃ)] বি, পক্ষী। ২ বিণ, নীড়স্থ; বাসাস্থিত।

কুলায়িকা [কুলায়+ক (জ্ঞা॰) আ (স্ত্রীং)] বি, চিড়িয়াখানা।

কুলাল [কু (পৃথিবী মৃত্তিকা) লাল (ইচ্ছা করা)+অ (র্ত্তৃ–জ্ঞা॰) যে মৃন্ময় দ্রব্য প্রস্তুত করিবার জন্য মৃত্তিকা ইচ্ছা করে] বি, কুম্ভকার জাতি; কুমার। ২ [কুল (রাশি করা)+ আল (র্ত্তৃ–জ্ঞা॰)] পক্ষিবিঃ। ~চক্র-[কুলালের চক্র–৬ তৎ] বি, কুমারের চাক। "তাতে কুলালচক্র ভ্রমাইল, চিন্তারাম চাপ-রাশী এসে।–"–রা॰ প্র॰।

কুলাহঁক [সং] বি, কৃকলাস। ২ শাকবিঃ; কুলিকা; রাঙ্গা কুলেখাড়া hygrophila spinosa.

কুলি$_1$ [সং–কুল্যা–সরণি, পথ। হিং–কুলিয়া=গলি] বি, অপ্রশস্ত পথ; গলি। "কুলি কুলি নৈয়া বেড়াও চাতরে চাতরে।"–কৃত্তি॰। ২ ["কুল্যা পয়ঃপ্রণাল্যাম্।"–মে॰] বর্ষার জল যাইবার পথ; নালী; নর্দ্দমা। ৩ [মানভূম প্রাদে॰] গ্রাম; গলি।

কুলিকুলি–গলিতে গলিতে। ২ পথে পথে। "পাতিখেলে বাঘ চালি, জুয়া খেলে কুলিকুলি, সামরুল শুনাইতে কথা।"–কবিক॰।

কুলি$_2$–কুল্লি দ্রঃ।

ˋকুলি$_3$, **ˋকুলী** [শ্রীহট্ট প্রাদে॰ কু (অশুভ) 'কু, কু' রব গৃহস্থের অমঙ্গলসূচক এই ধারণা হতে] বি, অলক্ষণা বা অপয়া পক্ষিবিঃ।

ˋকুলি$_4$, **ˋকুলী** [তুর্কী॰–কূলী (মজুর, ভৃত্য) মধ্য প্রদেশে গ্রামের ভৃত্যশ্রেণীর লোক –তারা চৌকি দেয় ও ধানের গোলা রক্ষা করে; বোম্বাই প্রদেশে–কুলি, যারা জল তুলে, মাছ ধরে ও এইরূপ মজুরী করে। ফা॰-তে–কুলী (ভৃত্য, মজুর)। তামিল ভাষায় ভাড়া (মুটে ভাড়া cooly hire ?) অর্থে কুলি শব্দের প্রয়োগ আছে। ইংরেজ প্রথমে ভারতের যে প্রদেশে আগমন করেন, তথায় কুলী শব্দের ব্যবহার আছে। তখন হইতে ব্যবহার করিতে করিতে এই শব্দ ইংরেজী অভিধানের অন্তর্গত হইয়াছে। "An Indian or Chinese labourer who has emigrated under contract to a foreign land; a European name for a hired native labourer in India and China." —*Twentieth Century Dictionary.*)] বি, মজুর; মোটবাহক; মুটে। "আমরা চাকরকে ডাকি 'বেয়ারা' আর মুটেদের ডাকি 'কুলি'।"–দ্বি॰ রায়। স্ত্রীং ~নী–কুলিনারী; মজুরণী। ২ ভৃত্য; সেবক [দ্রঃ–এই অর্থে মুসলমানদিগের মধ্যে ঈশ্বর বা পীর প্যাগম্ব-রাদির অর্থবাচক শব্দের সহিত যুক্ত করিয়া নামকরণ করা হয়, সে স্থলে ইহা বিনয়বাচক। প্র–মুর্শীদকুলী অর্থাৎ মুর্শীদের কুলী (সেবক বা ভৃত্য)। তুল–হিং–গোলাম; বাং–

দুর্গাদাস (এইরূপ রাইচরণ, শিবপদ ই°)]। ~ধাওড়া [ধাওড়া দ্রঃ] বি, কুলিবস্তি।

কুলিক [কুলি+ক (শ্রেষ্ঠার্থে)] বিণ, শিল্পিকুল-শ্রেষ্ঠ ; কুলপ্রধান। ২ বি, শাকবিঃ ; কুলেখাড়া ; কুলিকা দ্রঃ। ৩ অষ্ট মহানাগের এক নাগ। ৪ [জ্যো°] নির্দ্দিষ্ট দিবা ও রাত্রির যাম। ~রাত্রি-রাত্রি যামে ত্যাজ্যদণ্ড। সোমবারে ৪।৭ : মঙ্গলে ২ ; বুধে ৭.৫ ; বৃহস্পতিতে ৫।৮ ; শুক্রে ৩ ; শনিতে ১৬.৮ ; এবং রবিবারে ৪।৬ দণ্ড।

কুলিকা [সং-কুলিক। ওড়ি°-কোইলিখিআ (কোকিলাক্ষী)] বি, কোকিলের চক্ষুর মত রক্তাভ কুলিয়াখাড়া-নামক কাঁটা শাক ; তালমাখনা hygrophila spinosa caparis spinosa—*Carey*

কুলিঙ্গ [কু (কুৎসিত) লিন্গ্ (গমন করা)+অ (কৃ-জ্ঞা°) যে অল্পমাত্রা এককালীন গমন করিতে পারে] বি, ফিঙ্গা ; ফিঙে পাখী। "কুলিঙ্গা বারিকা ভেটা টিটারী কোকিল।"-কবিক°। ২ চটক : চড়াই পাখী। ৩ ['কুলুঙ্ক' ও° বৌ° সা°] বৌদ্ধ জাতকোক্ত ক্ষুদ্র পক্ষিবিঃ। "কু° শকুল।"-জাতক। ~ক [কুলিঙ্গ+ক (স্বার্থে)] বি, চটক ; চড়ুইপাখী।

কুলিঞ্জ, কুলীঞ্জ, কুলিঞ্জন [সং] বি, হরিদ্রাবর্ণ উদ্যান শাকবিঃ alpinia galanga গন্ধমূলক ; কুড়।

কুলিতা [কুলতি দ্রঃ। সং-কুলথ] বি, কলাই জাতীয় শাকবিঃ dolichos biflorus. "কু° চালিতা, কাটিল মারাটী।"-কবিক°।

কুলিনী-কুলি৩ ও কুলী দ্রঃ।

কুলিন্দ [সং] বি, প্রসিদ্ধ দেশ। ২ [কুলিন্দ+অ (অত্র নিবাসার্থে)] বিণ, কুলিন্দ দেশের অধিবাসী ; যারা কুলিন্দ দেশে বসতি করে।

কুলিয়া-বি, কুলেখাড়া দ্রঃ।

কুলিয়াকাঁড়া, কুলেখাড়া [কুলিকা দ্রঃ] বি, বৃক্ষবিঃ ; বৈদ্যক নাম তালমাখনা ; ইহার পত্র কণ্টকযুক্ত, মূল সূক্ষ্মাগ্র ও বহু উপমূলবিশিষ্ট।

কুলির, কুলির্ক, কুলীর [কুল+ইর-ঈর (কৃ- চ্চা°)] বি, কাঁকুড়া। ২ কর্কটরাশি।

কুলিশ, কুলীশ [কুল (পর্ব্বত) শো (বিদারণ করা)+অ (কৃ) মধ্যে ই-ঈ-আগম, যে পর্ব্বত সকলের পক্ষচ্ছেদ করিয়াছে] বি: অশনি : ইন্দ্রের বজ্র। ২ মৎস্যবিঃ। ৩ অগ্রভাগ। **কুলিশধর** [কুলিশ (বজ্র) ধৃ (ধারণ করা)+অ (কৃ) যিনি বজ্র ধারণ করেন] বি, ইন্দ্র ; বজ্র। ২ বিণ, বজ্রধারী।

কুলিশপাত-বি, বজ্রপাত।

কুলী [সং] জ্যেষ্ঠাশ্যালী। ২ কণ্টকারী। ৩ [কুল+ইন্ (স্ত্য) মূ°-কুলিন্ ১মা ১ব°] বি, পর্ব্বত। ৪ বিণ, সৎকুলোদ্ভব। স্ত্রীং কুলিনী।

কুলীন [কুল (বংশ)+ঈন (জাতার্থে) কিংবা কুল (নববাগুণবিশিষ্ট বংশ)+ঈন (অপত্যার্থে)] বিণ, সদ্বংশোদ্ভব : উত্তম-বংশজ। ২ যার বল্লালসেন-প্রবর্ত্তিত কুল-গৌরব আছে। ৩ [কু (পৃথিবী) লীন-৭৩৭] ভূমিলগ্ন। ৪ বি, শ্রেষ্ঠ অশ্ব, প্রধান ঘোটক। -কুলীনতা, ন-ত্ব।

কুলীর-বি, কুলির দ্রঃ। ২ [সুশ্রুত (কুঞ্জ° ভিষগ্‌রত্নঅনুবাদিত)-টীকা] গৃহচটক।

কুলুইচণ্ডী-কুলচণ্ডী দ্রঃ।

কুলুক [সং] বি, রসনা-মল : জিভের ময়লা।

কুলুঙ্গি [কুলঙ্গী দ্রঃ] বি, দেওয়ালের গায়ে দ্রব্যাদি রাখিবার মত গর্ত্ত। "কর্ত্তৃজনের ভয়ে কাব্য কুলুঙ্গিতে তোলা।"-রবী°।

কুলুজি-কুলজি দ্রঃ।

কুলুপ [আ°-কুফ্‌ল্। তুল-সং 'কুড়ুয়া' (তালা)] বি, তালা ; কুঞ্চী ; চাবিতালা। "এত বলি মাহামায়া ঘুচাল কু°।"-ধ°। ২ [প্রাদে°] খামের উপরকার মোহর seal. "কু° খুলিয়া পত্র পড়িতে লাগিল।" -পূ° ব° গী°। ৩ বন্ধন ; আবদ্ধকরণ ; আটক। "তারিখ লিখিয়া তায় করিল কু°।"-ধ°। ~কাটী-বি, চাবি।

কুলুপা, কুলুপানো [কুলুপ+আ আলো (ক্রিয়ায়) প্রা°-বাং। কুলুপি-প,-পে, কুলুপিতে, কলুপিয়া ই°] ক্রি, তালা বন্ধ করা ; কুলুপ দেওয়া ; আবদ্ধ করা ; বন্ধ করা। "কুলুপিল কুলুপ কপাটে।"-ভারত°।

কুলুপিয়া [কুলুপ দ্রঃ] ক্রি, তালা বন্ধ করিয়া ; আবদ্ধ করিয়া। "পরি দিব্য পাট-শাড়ী, কনক রচিত চুড়ি, দুই করে কু° শঙ্খ।"-কবিক°। বিণ, **কুলুপিত**-বন্ধ। ২ খিলান করা ; খিলানিয়া।

কুলুফে [আ°-কুফ্‌ল্ > কলুফ্ (বর্ণ বিপর্য্যয়ে) কুলুপ দ্রঃ] ক্রি, কুলুপিত হয়, বন্ধ হয় ; আটক পড়ে। "দেখিয়া জুলুকে মদন কু° মন যে হৈল লোভা।"-চণ্ডী°।

কুলেখাড়া [সং-কোকিলাক্ষ] বি, কাকেক্ষু কুলিয়া ; তালমাখনা ; আদ্র ভূমি বা জলময় স্থানে জাত ভেষজ কণ্টকগুল্ম ক্রিয়ার বীজকে তালমাখনা বলে।

কুলেশ্বর [কুলের (বংশের) ঈশ্বর (প্রভু) ৬ তৎ] বি, কুলপালক ; কুলপতি। ২ শিব।

কুলো [সং-কুল্য (মে°)] বি, কুলা দ্রঃ ; সূপ।

কুলোজ্জ্বল [কুল-উজ্জ্বল (হয় যা হতে) বহু°] বিণ, কুলপ্রদীপ ; বংশ-গৌরব ; বংশ উজ্জ্বলকারী। স্ত্রীং ~া-বংশোজ্জ্বলকারিণী। "অকূলের কাণ্ডারী ভ'জে, রাই হলো না কুলোজ্জ্বলা॥"-দাশরথি।

কুলোদ্বহ [কুল-উৎ-বহ্ (বহন করা, পালন করা)+অ (কৃ)] বিণ, কুলরক্ষক ; কুলপালক ; বংশের শ্রেষ্ঠ।

কুলোপগ [বৌ° বাং] বি, যিনি গৃহে নিয়ত ভিক্ষা করিতে আসেন ও সকলকে উপদেশ দেন। "রাজা বলিলেন আমার কোন কু° তাপস নাই। ঐ তাপসকে আনয়ন কর ; উনিই আমার কু° হইবেন।"-জাতক, ১।১৪৯।

কুলোপাধি [কুল+উপাধি] বি, বংশের পদবী ; কুলপরিচায়ক উপনাম।

কুল্‌তি [সং-কুলথ। হি°-কুল্‌থ] বি, কলাই-জাতীয় শাকবিঃ (ইহাতে সরু সরু গুটী ধরে) ; কুলতি কলাই দাল করিয়া গরীবেরা খায় এবং গরু বাছুরকে খাওয়ায়।

কুল্‌ফি, -পি, -ফী [হি°-কুলফী, হি° কুলফ=(আ°-কুফ্‌ল্ তালা) টিনের ঠুলি যাতে বরফ জমায়] বি, বরফ জমাইবার টিনের ঠুলি

বা নল। ~বঁরফ-কুল্‌ফিতে জমান বরফ। ~মালাই-দুধের সঙ্গে জমান কুল্‌ফি বরফ ; মালাই বরফ।

কুল্মাষ, কুল্মাস [সং-বাং-কলাঁচ ও০] বি, আমানী ; কাঁজী। ২ বনকুলথ। ৩ বোরধান। ৪ অপাক্‌লো যব। ৫ রোগবিঃ।

কুল্য [কুল্ (রাশি করা) + য (র্ম্ম) যা রাশি করা যায়] বি, পরিমাণ। ২ সূর্প ; কুলা। ৩ [কুল (বংশ) + য (ভবার্থে)] বিণ, সদ্বংশোদ্ভব। ৪ মাণ্য।

কুল্যা [সং। "কুল্যাল্পা কৃত্রিমা সরিৎ।" -অমর০] বি, কৃত্রিম ক্ষুদ্রনদী ; কাটান ছোট নদী ; খাল canal. ২ ক্ষুদ্র নদী মাত্র। ৩ গড়খাই। ৪ জলনির্গম-পথ ; পয়ঃপ্রণালী ; নর্দ্দমা।

কুল্লা, কুল্লি, কুল্লী [হিং। কুলকুচা দ্রঃ] বি, কুলকুচা gargle.

কুল্লুই [কাঁকরের সহচর শব্দ, বোধ হয় কুলের মত গোল যে কাঁকর] বি, কঙ্কর ; ক্ষুদ্র গোলাকৃতি কাঁকর।

কুল্লূক-বি, মন্বর্থ-মুক্তাবলীর টীকাকার, খ্যাতনামা পণ্ডিত ; দিবাকর ভট্টের পুত্র কুল্লূক ভট্ট।

কুল্লে [কুল দ্রঃ] ক্রি-বিণ, সমুদয়ে ; সর্ব্বতোভাবে ; মোটে। ২ কেবল ; মাত্র। ~কর্ত্তা [ব্যঙ্গার্থে] বি, এক মাত্র কর্ত্তা ; সর্ব্বময় কর্ত্তা।

কুল্লোল [কুল্লী, কুলকুচা দ্রঃ] বি, কুলকুচা ; কুলকুচার জল। "কারে ছুঁয়ে কারো অঙ্গে কু০ প্রদান।"-চৈ০ ভা০। "কেহ বলে মোর মুখে দিলেক কু০।"-ঐ।

কুশ [কু (পৃথিবী) শী (শয়ন করা) + অ (র্ত্তৃ-জ্ঞা০) যজ্ঞাদি কর্ম্মকালে যারা মাটিতে অবস্থান করে] বি, তৃণবিঃ poa cynosuroides ; sacrificial grass. এই তৃণ দ্বারা যজ্ঞাদি কর্ম্মে ভূমিতে আস্তরণ করিতে হয় এবং শ্রাদ্ধাদি ক্রিয়ায় ব্যবহৃত হয়। প্র-কুশাসন ; কুশপুতুল ; কুশবটু। ২ কুশদ্বীপ। ৩ রামের জ্যেষ্ঠপুত্র ; লবের দাদা। ৪ [কুশ্ (যোগ করা) + অ (র্ত্তৃ) যে পরস্পর যোগ করিয়া দেয়] যোত-দড়ি। ৫ অস্ত্রবিঃ ; অঙ্কুশ। "পরিধান দ্বীপিচর্ম্ম নিরন্তর জপকর্ম্ম দুই করে কু০ সুশোভন।"-কবিক০। ৬ জল। প্র-কুশেশয় (জলনীলী পদ্ম)। স্ত্রীং কুশা-রজ্জু ; লাগাম। (২) স্ত্রীং কুশী-লাঙ্গলের ফাল।

কুশণ্ডিকা [বাং প্রাকৃ০-কুসুনডিঙ্গে, কুসুমডিঙে। কুশ + অণ্ড (র্ত্তৃ)=কুশণ্ড + ক (জ্ঞা০) আ(স্ত্রীং)অ=ই] বি, কুণ্ডে বেদ-বিধিমত অগ্নিস্থাপনের আনুষ্ঠানিক ক্রিয়া ; বিবাহাদি-কালে বিহিত হোম ; বৈদিক অগ্নিসংস্কার (বাচস্পত্য) ; বিবাহের পর (প্রথম দশ দিনের মধ্যে যে কোন দিন, সাধাঃ পরদিন প্রাতে অনুষ্ঠিত যজ্ঞবিঃ। ইহাতে বর কন্যাকে সম্বোধন করিয়া বলেন-"আমি তোমার ভরণ পোষণ এবং ঐহিক পারত্রিক মঙ্গলের ভার গ্রহণ করিলাম।" বধূ স্বামীকে বলেন-"আমি পতি ও পতিকুলের হিতৈষিণী হইয়া সকল কার্য্য করিব" ইং।

কুশঘর-বি, কুশতৃণের আচ্ছাদিত গৃহ ; খড়ো চালের মাটির ঘর।

কুশধারা-বি, নদীবিঃ।

কুশধ্বজ-বি, হ্রস্বরোমার পুত্র, জনক-রাজার কনিষ্ঠ ভ্রাতা, সীতার পিতৃব্য এবং মাণ্ডবী ও শ্রুতকীর্ত্তির পিতা। ২ বেদবতীর পিতা জনৈক ঋষি। "কু০ পিতা আমার পিতামহ বৃহস্পতি। কুশধ্বজের কন্যা আমি নাম বেদবতী॥"-রামা০ (গুপ্তপ্রেস)।

কুশনাভ-বি, রাজর্ষি কুশের পুত্র। "মহোদয় নামে পুর অতি মনোহর, স্থাপিল ধর্ম্মাত্মা কু০ বীরবর।"-রামা০ (রাজ০)।

কুশপত্রক [সং। কুশ-পত্রক ;-কুশের তীক্ষ্মমুখ সরু পত্র সদৃশ বলিয়া] বি, ফোড়া অস্ত্র করিবার অস্ত্রবিঃ।

কুশপুত্তলি, কুশপুত্তলিকা-বি, কুশনির্ম্মিত পুত্তলিকা ; কোন মৃত ব্যক্তির উদ্দেশে নির্ম্মিত তার স্বরূপ বা স্থলাভিষিক্ত কুশনির্ম্মিত নরনারী। "অনিশ্চিত মৃত্যু তব সরলাসুন্দরী কুশপুত্তলিকা প্রাণে তাই দাহ করি॥"-ফুলরেণু।

কুশপেয়ে [কুশ-পা + ইয়া-কুশের মত বক্র ও সরু পদবিশিষ্ট] বিণ, বিকৃতপদ।

কুশপ্লব, কুশপ্লবন [সং] বি,ভারতের পূর্ব্বাংশে অবস্থিত তপোবন। এখানে দিতি তপস্যা করিয়া পতি কশ্যপ হতে মরুদ্গণকে পুত্ররূপে প্রাপ্ত হন ; পূর্ব্বে এই স্থানের সন্নিকটে বিশালা নামে রাজ্য ছিল।

কুশবটু১ [কুশ + বটু (ব্রাহ্মণকুমার) শ্রাদ্ধ-কালে ব্যবহৃত] বি, কুশ বা দর্ভময় ব্রাহ্মণ। "তিল তুলসী গঙ্গাজল, কু০ রম্ভাফল, যব দূর্ব্বা কুসুম চন্দন। ধূপ দীপ ঘৃত দধি, আয়োজন নানা বিধি, শ্রাদ্ধ করে বেণের নন্দন॥"-কবিক০।

কুশবটু২-বি. কুশ-নির্ম্মিত ব্রাহ্মণ [শ্রাদ্ধ-কালে শ্রাদ্ধক্রিয়ায় তত্ত্বাবধায়ক ও সাক্ষিস্বরূপ ব্রাহ্মণের আসনে চাণক্যই শেষ বসিয়া-ছিলেন। নন্দ-বংশ ধ্বংসের পর হতে ঐ আসনে কোন ব্রাহ্মণকে না বসাইয়া কুশবটু স্থাপনের প্রথা হয়]।

কুশম-কোশাম্র২ দ্রঃ।

কুশমুদ্রা, -মুদ্রিকা [সং] বি, কুশের অঙ্গুরী।

কুশর [কু (কুৎসিত) যে শর (বাণ) ধা] বি. কুৎসিত বাণ। ২ শরসদৃশ তীক্ষ্মমুখ তৃণবিঃ। ৩ ইক্ষু ; আক। "মুলার ভূঁই তুলা কুশরের ভুঁই ধূলা॥"-(খনা)। উত্তর বঙ্গে লাল ইক্ষু বুঝাইতে 'কুশর,' সাদা ইক্ষু বুঝাইতে 'কুশুই' শব্দ ব্যবহৃত হয়।

কুশল [সং। কুশ + অল্ (র্ত্তৃ)] বি, মঙ্গল ; কল্যাণ। ২ শক্তি ; সামর্থ্য। ৩ মোক্ষ। ৪ ধর্ম্ম ও পুণ্য। ৫ নিরাপদ। প্র-তাঁহারা সকলে কুশলে আছেন। ৬ বিণ, কুশলী ; কুশলযুক্ত। ৭ নিপুণ ; দক্ষ। প্র-রণকুশল। ৮ সমর্থ। স্ত্রীং কুশলা। ~সংবাদ-বি, মঙ্গলবার্ত্তা ; সুসংবাদ।

কুশলব-কুশীলব দ্রঃ।

কুশলী [কুশল + ইন্ (স্ত্য) মূ০-কুশলিন্ ১মা ১ব০] বিণ, মঙ্গলময় ; কল্যাণবিশিষ্ট ; ক্ষেমবান্ ; কুশলযুক্ত।

কুশস্তম্ব [কুশের-স্তম্ব (ঝাড়, গুচ্ছ] বি, কুশপুঞ্জ ; কুশ তৃণের গুচ্ছ ; কুশের থোপা।

কুশস্থল [কুশ দ্বারা আবৃত, স্থল (স্থান) ৩তৎ] বি, কান্যকুব্জ দেশ বা কনোজ। স্ত্রীং ~ী-দ্বারকাপুরী ; আনর্ত্তের রাজধানী। ২ রাজা কুশ কর্ত্তৃক স্থাপিত নগরীবিঃ।

কুশহস্ত-বি, বিণ, কুশধারী।

কুশাকর [কুশ (তৃণবিঃ) আকর (খনি, উৎপত্তি-স্থান) যার-বহু০] কুশের আগুনে যজ্ঞাগ্নি প্রজ্বালিত হয় বলিয়া] বি, যজ্ঞাগ্নি।

কুশাক্ষ [কুশ (কুশ সদৃশ) অক্ষি (চক্ষুঃ) যার-বহু০] বি, বানর।

কুশাগ্র [কুশের অগ্র-৬ তৎ] বি, কুশ-তৃণের অগ্রভাগ। ২ কুরুক্ষেত্রাধীশ্বর। ৩ বিণ, অতিসূক্ষ্ম ; তীক্ষ্ণ। প্র-কুশাগ্র বুদ্ধি। **~ধী, ~বুদ্ধি** [কুশের অগ্রভাগের ন্যায় সূক্ষ্ম ধী, বুদ্ধি যার-বহু০] বিণ, সূক্ষ্মবুদ্ধি। "সংসারে স্বার্থহানির আশঙ্কা কোন কোন বিষয়ী লোককে যে কিরূপ কুশাগ্রবুদ্ধি ও দূরদর্শী করিয়া তুলে।"-শং চট্টো০।

কুশাগ্রীয় [কুশাগ্র+ঈয় (সাদৃশ্যার্থে)] বিণ, কুশতৃণের অগ্রভাগের ন্যায় তীক্ষ্ণ ; অতি সূক্ষ্ম। ~মতি-কুবুদ্ধি।

কুশাঙ্কুর [কুশ-অঙ্কুর] বি, কুশতৃণের নবজাত তীক্ষ্ণমুখ পত্র।

কুশাঙ্গুরী-বি, কুশতৃণনির্ম্মিত অঙ্গুরী (পূজা, তর্পণ, শ্রাদ্ধাদি ক্রিয়ায় ধারণার্থ)।

কুশাবতী [কুশ (রাজা) +বৎ (স্ত্য) মূ০-কুশাবৎ+ঈ (স্ত্রীং)] বি, মহারাজ কুশের রাজধানী ; কুশস্থলীর নামান্তর।

কুশাবর্ত্ত [সং] বি, হরিদ্বারের তীর্থবিঃ। ২ ঋষিবিঃ।

কুশাম্ব [সং] বি, কুশের পুত্র ও কুশনাভের ভ্রাতা ; ইঁহার স্থাপিত পুরী কৌশাম্বী। ২ কুশাগ্রের পিতৃব্য ও বৃহদ্রথের ভ্রাতা।

কুশারণি [কুশ (জল) হইয়াছে অরণি (অগ্ন্যুৎপাদক কাষ্ঠ) তুল্য যার-বহু০। অর্থাৎ অভিশাপ প্রদানার্থ সজল কুশ উত্তোলন করিলে যার হস্তে জল অরণি তুল্য অনলোৎপাদক হ'ত] বি, দুর্ব্বাসা মুনি।

কুশাশ্ব-বি, কুশাম্বের নামান্তর। ২ কিংবা কুশ দ্বারা আস্তরণ-৩ তৎ] বি, হোম করিবার পূর্ব্বে যে স্থান কুশ তৃণ দ্বারা আচ্ছাদিত করা হয় ; কুশতৃণের আচ্ছাদন।

কুশি১-বলাকাশ্বের পুত্র ও গাধির পিতা [মহা০]।

কুশি২, কুশী [সং-কোশ, -ষ। বাং -কোশা (বৃহদর্থে) ; কুশি,-শী (ক্ষুদ্রার্থে)] বি, পূজার তাম্রপাত্রবিঃ ; ক্ষুদ্র কোশা ; কোশা হতে জল তুলিবার পাত্র। ২ [সং-কোষবীজ বাং-ই, ঈ যোগ, অপক অর্থে] আম্র ইং০র কচি ফল। ৩ বিণ, কচি ; যার আঁটি কচি। প্র-কুশী কুশী আম।

কুশিক-বি, মুনি জমদগ্নির পিতা। ২ মুনি বিশ্বামিত্রের পিতা। ৩ অশ্বকর্ণবৃক্ষ। ৪ বিভীতক বৃক্ষ ; বয়ড়া গাছ। ৫ শাল গাছ।

কুশিয়ারি [সং-কুশর দ্রঃ। প্রা০ বাং] বি, ইক্ষু। "কু০ খান খান।"-মনসা০ (বংশী)।

কুশী [কুশ+ঈ (স্ত্রীং)] বি, লাঙ্গলের ফাল। ২ রজ্জু ; লাগাম।

কুশীদ [সং-কুসীদ কুষীদ ও০] সুদ। কুসীদ দ্রঃ। ২ রক্তচন্দন।

কুশীল [কু (কুৎসিত) (স্বভাব) যার-বহু০] বিণ অসৎস্বভাব ; দুঃশীল ; দুশ্চরিত্র। বি, ~তা, ~ত্ব।

কুশীলব [কুশ ও লব সর্ব্বপ্রথমে রামায়ণ গান করায় এই শব্দ সঙ্গীত-ব্যবসায়ী অর্থে ব্যবহৃত হতে থাকে] বি, গায়ক ; সঙ্গীত-ব্যবসায়ী ; চারণ। ২ নট ; নর্ত্তক ; নাটকাভিনয়কারী ; নাটকের পাত্রপাত্রীগণ। ৩ [সঙ্গীতশাস্ত্র-প্রণেতা বলিয়া] ভরতমুনি। ৪ রামের পুত্রদ্বয়-কুশ ও লব।

কুশুই-বি, এক জাতীয় শক্ত সরু আক : ইকড়ি আক ; উক্।

কুশুটে [শুষ্কাটিয়া > শুকুটে >] বিণ, শুষ্কপ্রায় ও সঙ্কুচিত। ২ [কষাটে > কুষকটে >] কষাকষা স্বাদযুক্ত।

কুশূল, কুসূল [সং] বি, ধান্যাদি শস্য রাখিবার ঘর ; মরাই ; ধানের গোলা। ২ তুষানল।

কুশেশয়-বি, সারস পাখী। ২ পদ্ম।

কুশোদক [কুশ (কুশসহিত) যে উদক (জল) ধা] বি, দানের নিমিত্ত কুশসহিত জল। ২ কুশ এবং গঙ্গাজল।

কুষম-কুসম দ্রঃ।

কুষীদ-কুসীদ দ্রঃ।

কুষ্ঠ [সং। কু (কুৎসিত ভাবে) স্থা (থাকা+অ) র্ত্ত, স্থ=ষ্ঠ। প্রা০ কুড়, কুট, কোঠ] বি, রক্তবিকৃত হইয়া যে রোগ জন্মে ; মহারোগ কুঠ। চিকিৎসা-বিজ্ঞানে ১৮ প্রকার কুষ্ঠের বিবরণ আছে তন্মধ্যে ৭ প্রকার মহা-কুষ্ঠ ও ১১ প্রকার ক্ষুদ্র কুষ্ঠ। ২ বিষবিঃ। ৩ কুড়গাছ।

কুষ্ঠঘ্ন [কুষ্ঠ (রোগ)-হন্ (নষ্ট করা)+অ (র্ত্ত-যে কুষ্ঠরোগ উপশম করে] বিণ, কুষ্ঠরোগনাশক ঔষধ।

কুষ্ঠারি [কুষ্ঠের-অরি (নাশক) ৬ তৎ] বি, বিট্খদির।

কুষ্টি-কোষ্ঠী দ্রঃ।

কুষ্ঠী [কুষ্ঠ+ইন্ (স্ত্য) মূ০-কুষ্ঠিন্ ১মা ১ব০, প্রা০-বাং কুড়ি] বিণ, কুষ্ঠরোগযুক্ত ; যার কুষ্ঠরোগ হইয়াছে ; কুষ্ঠরোগী ; কুটে। ২ [সং-কোষ্ঠী] জন্মপত্রিকা।

কুষ্মাণ্ড, কুষ্মাণ্ড [সং] বি, দিশি কুমড়া। ২ কাঁকুড় [বিরল] ৩ শিবের অনুচর ; প্রমথ। "কৌতুকে কুষ্মাণ্ডগণ গড়াগড়ি যায়।"-শি০। ৪ জরায়ু ; গর্ভিণীর গর্ভাশয়। প্র-অকালকুষ্মাণ্ড। স্ত্রীং কুষ্মাণ্ডী-দুর্গা। অকালকুষ্মাণ্ড-অসময়ের গর্ভ ; তাতে সন্তান জন্মিলেও বিকলাঙ্গ ও অপুষ্ট হয় সুতরাং বৃথা গর্ভ। ২ অকালজাত-কুষ্মাণ্ড যা বলিদানাদি কার্য্যে লাগে না ; বৃথা ; অকর্ম্মণ্য। (লক্ষণায়) অকর্ম্মণ্য ব্যক্তি ; নিষ্কর্ম্মা। (অকাল দ্রঃ)।

কুসংসর্গ-বি, অসৎ সংস্রব ; কুসঙ্গ।

কুসংস্কার [কু (কুৎসিত) সংস্কার-ধা] বি, বিপরীত সংস্কার ; অসৎকে সৎ বলিয়া গ্রহণ করিবার অভ্যাস ; ভ্রান্ত ধারণা ; না জানিয়া শুনিয়া না বুঝিয়া সিদ্ধান্ত prejudice. ২ অযৌক্তিক ধর্ম্মবিশ্বাস ; ধর্ম্মান্ধতা ; গোঁড়ামি superstition. **~মূলক**-বিণ, যার মূলে কুসংস্কার আছে; ভ্রান্ত বিশ্বাসাত্মক।

কুসংস্কারাচ্ছন্ন, কুসংস্কারাপন্ন, কুসংস্কারাবিষ্ট [কুসংস্কার (দ্বারা, কে)

আচ্ছন্ন, আবিষ্ট, আপন্ন (যুক্ত, প্রাপ্ত) ৩, ২ তৎ] বিণ, কুৎসিত ধারণায় যার বুদ্ধিকে আচ্ছন্ন করিয়াছে; ভুল ধারণার বশীভূত।

কুসঙ্গ-বি, কুসংসর্গ।

কুসম [সং-"কোষ্ণং কবোষ্ণং কদুষ্ণম্।" -অমর০। কদুষ্ণং-কদুষ্ণম্-কউষম্-কুষম্, কুসম্। প্রাকৃ০-কোশিণ; বাং-য় কুশন শব্দও ব্যবহৃত হয়। কুসম, কুসুম কুসম, কুশন কুশন (উচ্চারণ-বিকারে কুসুম, কুশুন) সাদৃশ্য বা তুল্যার্থে দ্বিত্ব] বিণ, ঈষদুষ্ণ: অল্প অল্প গরম। ২ ঈষদুষ্ণবৎ। প্র-কু০ কু০ গরম।

কুসিম্বী-বি, সীমগাছ বা সীমের লতা।

কুসীদ (কু শী-,-ষী-) [কুশীদ দ্রঃ। "কুসীদং বৃদ্ধিজীবিকা।"-অমর০] বি, বৃদ্ধিজীবিকা: সুদ। ~**জীবী** [কুসীদ (সুদ)-জীব (বাঁচা) +ইন (র্তৃ) মূ০-জীবিন্ ১মা ১ব০] বিণ, যে কুসীদ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে: যে টাকা ধার দিয়া সুদ লইয়া জীবিকা অর্জ্জন করে: বৃদ্ধিজীবী: সুদখোর। ~**ব্যবহার**-বি, সুদকসা। ২ সুদ লইয়া টাকা কর্জ্জ দেওয়া।

কুসি(সী, দায়ী-বি, সুদখোরের স্ত্রী। ২ কুসীদজীবিনী; যে স্ত্রী টাকা সুদে খাটায়।

কুসীদিক [কুসীদ+ইক (কৃতার্থে)] বিণ, যে সুদ লইয়া টাকা কর্জ্জ দেয়, যে কুসীদ সম্বন্ধীয় কার্য্য করে; কুসীদ-ব্যবসায়ী; সুদখোর।

কুসুম, কুসুম [কুস (দীপ্তি পাওয়া)+উম (র্তৃ-জ্ঞা০)] বি, পুষ্প: ফুল। ২ স্ত্রীরজঃ। ৩ চক্ষুর রোগবিঃ। ৪ ডিম্বের মধ্যস্থিত লোহিতাংশ। ৫ কুসুম্ভ: কুসুমফুল the safflower. "ফুটিছে কুসুমফুল মঞ্জু কুঞ্জবনে রে, যথা গুণমণি!"-ব্রজাঙ্গনা। ৬ বিণ, ফুলের মত হালকা; অতিশয় লঘু। "কুসুমলঘু বসন আনি তব।"-শান্তিনিকেতন, শ্রাবণ, ১৩৩২। ~**কলি**-বিণ, ফুলের কুঁড়ি। ~**কানন**-ফুলবাগান। "যে কালে ফুটে লো ফুল, কোকিল কুহরে, সই, কুসুম-কাননে।"-ব্রজ০। ~**কার্ম্মুক** [কুসুম (পুষ্প) কার্ম্মুক (ধনুঃ) যার-বহু০] বি, কন্দর্প; কুসুমায়ুধ। ~**কোমল**-বিণ, ফুলের মত নরম। ~**কোরক**-বি, ফুলের কুঁড়ি।

~**চাপ** [কুসুম-চাপ (ধনুঃ) যার-বহু০] বি, পুষ্পধন্বা; কাম; মদন। "আপনি দুরাত্মা কুসুমচাপের চাপল্যে প্রতারিত হইয়াছেন।" -কাদ০। ~**দাম**-বি, ফুলের মালা। ২ ফুল-রাশি। ~**ধনু**-ফুলধনু; মদন: কুসুমকার্ম্মুক দ্রঃ। ~**ধন্বা**-বি, ফুলধনু মদন। ~**পেলব** -বিণ, কুসুমের মত কোমল। ~**বড়ি** -ফুলবড়ি; ভাজা খাইবার ছোট বড়ি। ~**মধ্যা** [যার মধ্যে কুসুম] বি, চালতা। ~**ময়**-বিণ, পুষ্পময়: ফুলের রচিত। ~**মালিকা**-বি, ফুলের ক্ষুদ্র মাল্য। ২ ছন্দোবিঃ। ~**শয্যা** -বি, ফুলের বিছানা: ফুলশয্যা। ~**স্তবক** -ফুলের তোড়া: ফুলের গুচ্ছ। ২ সংস্কৃত ছন্দোবিঃ।

কুসুমপুর-বি, পাটলিপুত্রনগর; পাটনা।

কুসুমাকর [কুসুমের আকর (খনি) অর্থাৎ উৎপত্তিকাল-৬ তৎ] বি, বসন্তকাল: যে ঋতুতে নানাবিধ পুষ্প জন্মে। ২ উদ্যান।

কুসুমাগম [কুসুমের-আগম (উৎপত্তি) হয় যে সময়ে-বহু০] বসন্তকাল।

কুসুমাঞ্জলি [কুসুমের অঞ্জলি-৬ তৎ বি, পুষ্পাঞ্জলি। ২ উদয়নাচার্য্য-প্রণী পরমাত্মনিরূপক গ্রন্থবিঃ।

কুসুমায়ুধ, কুসুমাস্ত্র, কুসুমেষু [কুসুম (পুষ্প) আয়ুধ, অস্ত্র ইষু (বাণ) যার -বহু০] বি, পুষ্পবাণ: কন্দর্প, মদন। "কুসুমেষু বসি কুতূহলে, হানিলা কুসুম-ধনুঃ টঙ্কারি কৌতুকে শরজাল।"-মেঘ০।

কুসুমাসব [কুসুমের আসব (মধু) ৬ তৎ] বি, মকরন্দ; পুষ্পরস; ফুলের মধু।

কুসুমিত [কুসুম+ইত (যুক্তার্থে)] বিণ, কুসুমযুক্ত; পুষ্পিত; যার কুসুম হইয়াছে। ২ যথায় পুষ্পবৃক্ষে পুষ্প সকল প্রফুটিত হইয়াছে। "কু০ উপবন।"

কুসুমেষু-বি, কাম; মদন।

কুসুম্ভ [কুস্ (দীপ্তি পাওয়া)+উম্ভ (র্তৃ -জ্ঞা০)] বি, কুসুম ফুল। ২ কুসুম্ভ পুষ্পের রং। ৩ সুবর্ণ। ৪ কমণ্ডলু। ~া-বি, সিদ্ধি দ্বারা প্রস্তুত একরূপ খাদ্য সামগ্রী। "দুগ্ধ দিয়া ঘন করি ঘুরাও ঘোটনা। দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা॥"-ভারত০। ২ কুসুম ফুল safflower. ঐ ফুলের রং। ৩ আষাঢ়ীয় শুক্লা ষষ্ঠী।

কুসৃতি [কু (নিন্দনীয়)-সৃ (গমন করা) +তি (ভা০)] বি, ধূর্ত্ততা; শঠতা: বঞ্চকতা। ২ ইন্দ্রজাল: কুহক। ৩ ছল; ভাণ।

কুসৃষ্টি [কু-সৃষ্টি] বি, কুঅভিসন্ধি: কু-বাসনা: অসদভিলাষ; অসদাশয়। ২ অদ্ভুত কাণ্ড: অনাসৃষ্টি।

কুস্তি, কুস্তী [আ০-কস্রৎ; ফা০-কুশ্তী] বি, মল্লযুদ্ধ। ২ ব্যায়াম। **কুস্তা-কুস্তী** [হি০-কুস্তমকুস্তা] দুই ব্যক্তির মধ্যে ঠেলাঠেলি ও একজনের অপরকে বশীভূত করিবার জন্য চেষ্টা; ধস্তাধস্তি। **কুস্তীগীর** -যে কুস্তী লড়ে: মল্ল। **কুস্তিবাজ**-মল্ল: পালোয়ান।

কুস্তুভ-বি, সাগর।

কুস্বপ্ন-বি, অশুভসূচক স্বপ্ন: দুঃস্বপ্ন।

কুস্বভাব [কু (কুৎসিত) যে স্বভাব (চরিত্র)-ধা] বি, মন্দচরিত্র। ২ [কুৎসিত স্বভাব যার-বহু০] বিণ, দুঃশীল: যার মন্দ স্বভাব: দুশ্চরিত্র। বি, কুস্বভাবতা।

কুহক [কুহ (বিস্ময়াপন্ন করা)+অক (র্তৃ-জ্ঞা০)] বি, মায়া; ইন্দ্রজাল; ভেলকী। ২ বঞ্চনা; প্রতারণা; ছল; ধোঁকা। ৩ সর্পবিঃ। ৪ আচ্ছাদন; অন্ধকার। "বাণের কুহকে নাহি জানি রাত্রি দিন।"-কৃত্তি০। ৫ [বৌ০ সা০] বিণ, ভণ্ড। "কু০ ভিক্খু।" -জাতক। ~**জীবী**-মায়াবী; বাজীকর: ঐন্দ্রজালিক। ২ বঞ্চক; প্রতারক।

কুহকী [কুহক+ইন্ (স্ত্য) মূ০-কুহকিন্ ১মা ১ব০] বিণ, যে মায়া দ্বারা মুগ্ধ করে: মায়াবী; মুগ্ধকারী। "কু০ ভেলি বর নারী।"-বি০ প০। ২ যে ইন্দ্রজাল বিদ্যা প্রদর্শন করে: ঐন্দ্রজালিক; বাজীকর। ৩ প্রতারক: প্রবঞ্চক। স্ত্রীং কুহকিনী।

কুহন-বি, কাচপাত্র। ২ মৃৎপাত্র। ৩ সর্প। ৪ মূষিক। ৫ বিণ, ঈর্ষাযুক্ত।

কুহনা, কুহনিকা-বি, প্রতারণা; ধনলোভে বকধার্ম্মিকতা।

কুহর [কু (পৃথিবী) হৃ (হরণ করা)+অ (অপা০) যে স্থান হতে পৃথিবীর অংশ

অপহরণ করে] বি. গর্ত; গহ্বর; ছিদ্র; বিবর। ২ কর্ণ; কর্ণবিবর। ৩ কণ্ঠ বা গলার ছিদ্র। ৪ কণ্ঠধ্বনি। ৫ কোকিলের স্বর। ৬ নাগবিঃ। ক্রি, কুহরান। বিণ, কুহরিত।

কুহরই [কুহর দ্রঃ। হি°-গুহরায়; কুহরান দ্রঃ। বৈ° পদ° সা°। ব্রজ°] ক্রি, কুহরে: "কুহু কুহু করি কোকিল কুহরই।"-বি° প°।

কুহরণ-বি, কূজন; কুহুধ্বনি। ২ কুহুরব করণ।

কুহরয় [পদ্যে। কুহরা₃ দ্রঃ] ক্রি, কুহুরব করে। "পিক কু° অলি করে গুঞ্জরণ।" -দুর্গাদাস লাহিড়ী।

কুহরা₁ [হি°। সং-কুহা, কুহেড়ী, কুহেলী। বৈ° পদ সা°] বি, কুয়াসা।

কুহরা₂ [সং-কুহর>। প্রা° বাং] বি, গহ্বর; গুহা।" মাঝা দেখি সিংহ গেলা পর্ব্বত কু°।"-শ্রী° কী°।

কুহরা₃, কুহরানি [কুহলা কুহলানি কুহ্লা ও। কুহর দ্রঃ] ভুল-হি°-গুহরানা (ডাকা)] বি, কুহরণ। ২ ক্রি, কুহুরব করা; কুহুধ্বনি করা। "* * * গাইছে ভ্রমরী; কুহরিছে পিকবর।"-মেঘ°।

কুহরিত [কুহর+ইত (যুক্তার্থে)] বি, পিকরব; কোকিলের ধ্বনি। ২ শব্দ: রব; ধ্বনি। ৩ [কুহর+ণিচ্=কুহরি+ত (র্ম্ম)] বিণ, ধ্বনিত; কূজিত।

কুহা [সং-কুহা। বাং°-প্রাদে°, কুয়া-কুয়াসা দ্রঃ] বি, কুজ্ঝটিকা।

কুহার [হি°-কুহরা] বি, কুয়াসা।

কুহু₁, কুহূ₁ [সং] বি, অমাবস্যা। "অভিলাষে দেখাইলা অভয়ার অসি। কিরণে পূর্ণিমা ভ্রম কুহুর তামসী।"-ঘ°। ~তান-বি, পিকধ্বনি।

কুহু₂, কুহূ₂ [সং। শব্দাত্মক] বি, কোকিলের রব। "কোকিল ডাকে না কুহু সদা করে উহু উহু।"-চন্দন°।

কুহুকণ্ঠ, কুহূকণ্ঠ [কুহু এইরূপ শব্দ হইয়াছে কণ্ঠে (গলায়) যার-বহু°] বি, পিক; কোকিল।

কুহুরব, কুহূরব [কুহু এইরূপ রব (শব্দ) যার-বহু°] বি, কোকিল। ২ [কুহু যে রব-ধা] কুহুধ্বনি।

কুহেলিকা, কুহেড়িকা [কু (পৃথিবী) হেড়্ (বেষ্টন করা)+ইক (র্তৃ-জ্ঞা°) ড়=ল। হি°-কুহরা] বি, কুজ্ঝটিকা; কুয়াসা। ~চ্ছন্ন, ~ময়-বিণ, কুজ্ঝটিকায় আবৃত; অন্ধকারময়। ২ দুর্ব্বোধ্য।

কুহোর [সং-কুহু (অমাবস্যা); হি°-কুহবা, কুহরা] বি, অন্ধকার; ঘোর। "কু° তামসী যায় পূর্ণিমার ভ্রম।"-ঘ°।

কূ [সং] বি, শব্দ; কূক। ২ পিশাচী।

কূক-কুক দ্রঃ।

কূকুদ-বি. সালঙ্কারা কন্যা সম্প্রদাতা।

কূচ-কুচ দ্রঃ।

কূচিকা [সং। হে°] বি, তুলিকা; তুলি।

কূজন [কূজ্ (শব্দ করা)+অন (ভা°)] বি. পক্ষিরব: বিহঙ্গের ধ্বনি; পাখীর ডাক। ২ অব্যক্ত শব্দ। ক্রি, কূজয়ে -কূজন করে; পায়রা কোকিল ই°-র ন্যায় কু কু এইরূপ ধ্বনি করে। ২ কুহুরব করে। "গুঞ্জরে মধুকর পুঞ্জে কোকিল কূজয়ে কুঞ্জবন গহনে।"-হেম°। বিণ, কূজিত।

কূট [কূট্ (বক্র হওয়া) অ+(র্তৃ)] বি, পর্ব্বতশৃঙ্গ। প্র-হেমকূট; চিত্রকূট। ২ চূড়া।" দিল্লি-প্রাসাদে-কূটে।"-কথা (রবী°)। ৩ লাঙ্গলের বক্রাংশ। ৪ নগরের দ্বার। ৫ মৃগাদি ধৃত করিবার ফাঁদ; জাল। ৬ বন্ধন। ৭ মায়া। ৮ দুর্ব্বোধ। প্র-কূটপ্রশ্ন। কূটার্থ। ৯ কপট; মিথ্যা; জাল। প্র-কূটসাক্ষী। ১০ শস্যরাশি। ১১ স্তূপ: রাশি; সমূহ। ১২ তুচ্ছ। ১৩ বিণ, কুটিল; কৌশলময়। প্র-কূটপ্রশ্ন।

কূটক-বি, কবরী; খোঁপা। ২ ফাল (বিঃ লাঙ্গলের)। ৩ মিথ্যা। ৪ মায়ার ছলনা। ৫ গন্ধকুটী; মুরামাংসী।

কূটক/চাল [কূট-কণ্টকবৎ-সূক্ষ্মমুখ-কর্ত্তাল (কীলক)] বি, খিচখাচ; কাঁটাখোঁচা; হতে বাধা-বিঘ্ন। প্র-কার্য্য খুব সহজে সম্পন্ন হবে, ওর ভিতর কূ° কিছু নাই। বিণ, ~চালিয়া, ~চালে-কাঁটা-খোঁচাযুক্ত; বিঘ্নসঙ্কুল। ২ জটিল; দুর্ব্বোধ্য। ৩ কুটিল; অসরল; কপট; কলহপ্রিয়। প্র-কূটকচালে লোক।

কূটকর্ম্ম [কূট (ছল) যে কর্ম্ম-ধা] বি, ছলনা; জাল; প্রতারণা ই°। ২ কূট কর্ম্ম যার -বহু°] বিণ, জালকারী; প্রতারণাকারী।

কূটকৃৎ (কূট (বঞ্চনা) কৃ (করা)+ক্বিপ (র্তৃ-জ্ঞা°) যে বঞ্চনা করে] বিণ, জালকারক: প্রবঞ্চক; কপটচারী। [ত্রিকাণ্ডশেষে] বি, শিব। ৩ কায়স্থ; লিপিকর।

কূটজ [কূট-জ (জন্-র্তৃ-ড-প্রত্যয়ান্ত >)] বি, কুড়চীবৃক্ষ।

কূটতর্ক-বি, কুতর্ক দ্রঃ।

কূটতুলা [কূট (কপট) তুলা (ওজন)] বি, কৃত্রিম ওজন; ওজনে শঠতা।

কূটনীতি-বি, কুটিলতাপূর্ণ নীতি; কপটতা; ফন্দী।

কূটপাকল, কূটপালক-বি, কুম্ভকারের পোয়ান। ২ কুম্ভকার।

কূটপ্রশ্ন [কূট (ছল) প্রশ্ন ধা] বি, ছলনা করিবার জন্য জিজ্ঞাসা; জেরা। ২ কঠিন প্রশ্ন; যার উত্তর দেওয়া বা যার সমাধান করা দুরূহ।

কূটবন্ধ [কূট (জটিল) বন্ধ (বন্ধন) যার -বহু°] বি, ফাঁদ; জাল।

কূটবুদ্ধি-বি, কুটিলমতি; ফন্দীবাজী।

কূটভাষী [কূট (কল্পিত)-ভাষ (বলা) +ইন্ (র্তৃ) মূ°-ভাষিন্ ১মা ১ব°] বিণ, যে ছলপূর্ব্বক কথা বলে; মিথ্যাবাদী; প্রতারক।

কূটমুদ্রা [কূট (কৃত্রিম) মুদ্রা] বি, কৃত্রিম-টাকা; জাল টাকা counterfeit coin.

কূটযন্ত্র-বি, জাল; ফাঁদ।

কূটযুদ্ধ-বি, অন্যায় যুদ্ধ।

কূটযোদ্ধা-বি, যে যুদ্ধকারী শত্রুর অজ্ঞাত কৌশলে যুদ্ধ করে; কপট যোদ্ধা।

কূট/শাল্মলি [কূট (কল্পিত) যে শাল্মলি (শিমূলগাছ) ধা] বি, রক্ত রোহিতক বৃক্ষ। ২ কৃষ্ণশাল্মলি বা কাশিমালা গাছ। ২ অস্ত্রবিঃ। স্ত্রীঃ ~শাল্মলী।

কূটসংক্রান্তি-বি, যে সংক্রান্তিতে সূর্য্য অর্দ্ধরাত্রের পর অন্য রাশিতে গমন করে।

কূটসাক্ষী [কূট (কল্পিত) যে সাক্ষী (ধা)] বিণ, কৃত্রিম সাক্ষী; মিথ্যাসাক্ষী; জালসাক্ষী।

কূটস্থ [কূট (দৃঢ়) স্থ (স্থিত)] বিণ,

চিরস্থায়ী ; চিরস্থির ; সর্ব্বাবস্থায় একভাবে স্থিত ; নিত্য নির্ব্বিকার : পরমাত্মা ; আকাশ ; কাল ; দিক্। ২ অন্তর্ব্যাপ্ত : গূঢ় ; গুপ্ত। প্র—কূ° চৈতন্য। ৩ [ন্যায়দর্শনে] স্বয়ম্ভু ; পরমেশ্বর ; পরমাত্মা ; অনাদি পুরুষ। ৪ [সাংখ্য-দর্শনে] পরিণামরহিত ; জাগ্রৎ স্বপ্ন সুষুপ্ত অবস্থায় সমভাব। ৫ জীব। ৬ শৈলচূড়াস্থ।

কূটাগার [কূট (শৃঙ্গ, শীর্ষ—উচ্চ) আগার (গৃহ) ধা] বি, সর্ব্বোচ্চ গৃহ ; প্রাসাদের সর্ব্বোপরিস্থিত গৃহ ; অট্টালক ; চিলাকোঠা। ২ নারীদিগের কেলিভবন। "প্রহরীদিগের জন্য দুর্গপ্রাকারোপরিস্থ কূটাগারবিঃ watch tower.

কূটায়ুধ [কূট (গুপ্ত) যে আয়ুধ (অস্ত্র) ধা] বি, কাষ্ঠাদির আবরণ মধ্যে লুক্কায়িত তীক্ষ্ণাগ্র : গুপ্তি।

কূটার্থ [কূট (দুর্ব্বোধ) যে অর্থ (বিষয়) ধা] বি, দুরূহার্থ ; কঠিনার্থ ; আপাততঃ যে অর্থের বোধ হয় না। ২ গূঢ়ার্থ ; গুপ্তার্থ। ৩ প্রতিকূল অর্থ ; বিপরীত অর্থ। ৪ [কূট অর্থ (অভিধেয়)যার—বহু°] গুপ্তবাক্য। **কূটী**—বি, গৃহ। ~**বাসী**—বিণ, ঘরবাসী ; গৃহস্থ।

কূড়১ [সং—কূল (কিনারা অর্থে)=কূর (দ্রঃ)=কূড় (র=ড়, ল=ড়)] বি, সূত্রের শেষাংশ বা অগ্রভাগ ; খুঁট ; থাই। প্র—কুড় ধরে যাওয়া। ২ কুড়গাছ saussurea auriculata. 'কুড়-বাবুই'এর পাঁচন।

কূড়২ [সং—কূট (ধান্যাদির রাশি বা স্তূপ) কাঁড়ী দ্রঃ] বি, রাশি ; ঢের ; কাঁড়ী ; স্তূপ। প্র—কাঁটার কূড় : এঁটো কূড়।

কূড়চী, কুড়চি [সং—কূটজ ; হিং—কুড়া ; ওড়ি°—কুড়িয়া] বি, তিক্ত ঔষধি-বৃক্ষবিঃ wrightia antidysenterica.

কূড্য—কুড্য দ্রঃ।

কূণি, কূণী [কূণ্ (সঙ্কুচিত হওয়া) + ই-র্ত্তৃ] বিণ, নখরোগী ; কুনখী। ২ বি, নখের কোণে ক্ষতরোগ। স্ত্রীং কূণিকা।

কূণিকা [সং] বি, বীণার মূলস্থিত বংশ-শলাকা। ২ শস্যাদির পরিমাণবিঃ ; কুন্‌কে ; ৪ কুণিকায় এক রেক।

কূণির্ত্ত—বিণ, সঙ্কুচিত।

কূত, কূৎ—কুত দ্রঃ।

কূর্তঘর—বি, নৌকার মাশুল আদায়ের স্থান বা দপ্তর।

কূদর [কু (কুৎসিত) উদরে জাত অর্থে কূদর] বি, জাতিবিঃ ঋষিবীর্য্যে ব্রাহ্মণীর ঋতুর প্রথম দিবসে ইহাদের জন্ম হয়, ঋতুর প্রথম দিবসে নারীর উদর কুৎসিত থাকে সুতরাং কু উদরে জন্ম হইয়াছে বলিয়া কূদর।

কূপ [কু (শব্দ করা) + উপ (ধি, জ্ঞা°) হিং—কূআ ; বাং—কূয়া, কো। ভেকগণ যেখানে থাকিয়া শব্দ করে] বি, কূয়া ; পাতকূয়া। ২ বিবর : গর্ত্ত ; ছিদ্র। ৩ (কূপো) তৈল ঘৃতাদির পাত্র ; আধার ; কুঁপো। ৪ ["কূপ গুণ-বৃক্ষকে।"—মে°] গুণবৃক্ষ ; মাস্তুল। স্ত্রীং **কূপী**, ~**তা**—নদীগর্ভস্থ গাছ বা পাহাড়। ২ কুপি ; তৈলপাত্র : কুঁপো হতে ক্ষুদ্র। ৩ ক্ষুদ্র গর্ত্ত।

কূপক [সং] বি, গুণবৃক্ষ ; নৌকা ই°-র মাস্তুল। যাতে গুণ-রজ্জু বন্ধন করিতে হয়। ২ কূপ-সন্নিহিত ক্ষুদ্র জলাধার বা চৌবাচ্চা। ৩ কূঁপো।

কূপজ [কূপ (কূপের ন্যায়)—জ (জাত) যা কূপের মত দেখায়] বি, রোমকূপ। ২ [কূপ হইতে জ (জাত) কূপে যার জন্ম] ভেক ; বেঙ্।

কূপদণ্ড [সং] বি, কূপক ; গুণবৃক্ষ ; নৌকাদিব মাস্তুল।

কূপদর্দ্দুর [কূপ (কূপস্থিত) যে দর্দ্দুর, (মণ্ডূক—বেঙ) ধা কিংবা কূপের দর্দ্দুর —৬ তৎ, সংকীর্ণ পরিসব কূপের ভিতর বদ্ধ থাকে যে বেঙ্] বি, কুপমণ্ডূক ; কূয়ার বেঙ্। ২ কূয়ার বেঙের মত যে আপনার সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে বদ্ধ থাকে। বাহিরের খবর রাখে না। কুণো ; সংকীর্ণজ্ঞান ; অল্পজ্ঞ। ৩ অদূর-দর্শী।

কূপমণ্ডূক [সং] বি, কূপ দর্দ্দুর দ্রঃ। কূয়ার বেঙ্। ২ সীমাবদ্ধজ্ঞান ; সংকীর্ণ-চেতা স্বল্পদর্শী। "মহিলা কয়টি অতিশয় শান্ত-শিষ্ট মিষ্টভাষিণী যদিও কূ°।"—মতিচুর। "এইরূপ সংস্কার বা কুসংস্কারের বশীভূত হয়ে আমরা এমন কূ° হয়ে পড়েছি এবং আমাদের স্বাধীন বিচারশক্তি এমন বিলুপ্ত হয়েছে যে * *।"—স্যর পি, সি, রায়।

কূপমাণ্ডূক [কূপ (কূপস্থিত) মণ্ডূক (ভেক) + অ (অপত্যার্থে)] বি, কূপমণ্ডূক সন্তান। স্ত্রীং ~**ী**—কূপমণ্ডূককন্যা।

কূপাঙ্ক, কূপাঙ্গ [কূপ (রোমকূপ) হইয়াছে অঙ্গ (দেহে) যার—বহু°] বি, রোমাঞ্চ।

কূপি, -পী [সং—কূপক (কূপবৎ বলিয়া) ; হিং—কুপ্পী] বি, তৈলাধার, তৈল রাখিবার চামড়ার থলি ; সরুমুখ ও কূপের মত লম্বা আধার ; তেলের ভাঁড় [দ্রঃ বৃহদাকার হইলে কূপা বা কুঁপো।] "কুপি ভরি তৈল দেয় তেলি।" ~**কা**—বি, ক্ষুদ্রকূপি।

কূপোদক—বি, ইঁদারা বা পাতকূয়ার জল।

কূবর [সং। হিং—কুবড়] বি, কুব্জ : কুঁজো। ২ রথের উপর বসিবার মুখ্যস্থান। ৩ যুগন্ধর ; রথের অবয়ববিঃ ; যেস্থানে যুগ-কাষ্ঠ সংলগ্ন থাকে। স্ত্রীং ~**ী**—কম্বল দ্বারা আবৃত রথ। ২ কুব্জী (হিং—কুবড়ী)।

কূয়া [সং—কূপ। প্রাকৃ° উচ্চারণে কূঅ, তুল—হিং, কূঁআ, বাং গ্রা°, কূঁয়া ; কূয়া কো] বি, কূপ ; পাতকূয়া (গ্রা°—পাতকো)। কুয়া দ্রঃ।

কূর [সং—কূল (কিনারা, তীর)। কূড় দ্রঃ। হিং-র অনুকরণে, ল=র] বি, নদী সমুদ্র ই°-র কূল ; তীর। "উদঅ কর গোঁসাঞি খচরা সমুদ্দর কূ°।"—শূ°পু°।

কূর্চ্চ [সং] বি, ভ্রূমধ্য ; ভ্রূদ্বয়ের মধ্যস্থল। ২ ভ্রূমধ্যস্থিত রোমরাজি। ৩ হং এই বীজ-মন্ত্র। ৪ অঙ্গুলির মধ্যভাগের উপরিভাগ। ৫ পশুলোমের তূলি (কুচি দ্রঃ)। ৬ তৃণগুচ্ছ।

কূর্চ্চিকা [সং] বি, তূলি। ২ কুচি। ৩ সূঁচ ; শলাকা। ৪ মুকুল ; কুড়ি। ৫ ক্ষীর ; গাঢ়দুগ্ধ। ৬ তক্র (ঘোল)।

কূর্ণিত্ত—বিণ, আকুঞ্চিত ; সঙ্কুচিত contracted.

কূর্ত্তি [কুর্ত্তি দ্রঃ] বি, ছোট জামা। "কোঁচানো চাদরে বাঁধা কালো কূ° গায়ে।" —দ্বি° রায়।

কূর্দ্দন [কুদ্দন দ্রঃ] বি, কোঁদা।

কূর্প, কূর্ব্ব [সং] বি, ভ্রূদ্বয়ের মধ্যস্থান।

কূর্পর [সং] বি, কণুই। ২ হাঁটু।

কূর্পাস [সং] বি, স্ত্রীলোকের বক্ষের আবরণবিঃ ; কাঁচুলি।

কূর্ম, কূর্ম্ম [সং] বি, শরীরস্থিত বায়ুবিঃ। ২ কচ্ছপ। "কূ০ কমঠি কুট উর্ম্মীতে লটপট।" -হেম০। ৩ বিষ্ণুর দ্বিতীয় অবতার : কূর্ম্মাবতার। ৪ [নাট্য০ শা০] অভিনয়ে কূর্মাকৃতি কর [চক্রহস্তদ্বয়ের অঙ্গুলিগুলির (বৃদ্ধাঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা ব্যতীত) অগ্রভাগ বক্র-করণ] **~কায়**-বিণ, কচ্ছপের দেহসদৃশ দেহ-বিশিষ্ট। **~চক্র** [কূর্ম্ম (কূর্ম্মাকার) চক্র] মন্ত্রের শুভাশুভ-নিরূপক কূর্ম্মাকৃতি চক্রবিঃ। **~পুরাণ**-কূর্ম্ম নামক পুরাণ ; কূর্ম্মাবতার-প্রোক্ত পুরাণ। **~পৃষ্ঠক**-কূর্ম্মের পৃষ্টবৎ পৃষ্ঠবিশিষ্ট জীব। ২ ন্যুব্জপৃষ্ঠ মৃৎপাত্র ; শরা। **~মুদ্রা** [কূর্ম্ম (কূর্ম্মপৃষ্ঠাকৃতি) মুদ্রা (অঙ্গুলি ন্যাসবিধি)-ধা] বি, কূর্ম্মপৃষ্ঠাকার মুদ্রা ; দক্ষিণ করের কনিষ্ঠার সহিত বাম করের তর্জ্জনীর ও বাম করের অঙ্গুষ্ঠের সহিত দক্ষিণ করের তর্জ্জনীর সংযোগ সহকারে দক্ষিণ করে বাম করের মধ্যমা ও অনামিকার উপর রাখিতে হয় এবং দক্ষিণ করের মধ্যমা ও অনামা বাম করের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগে অধোমুখ করিয়া রাখিতে হয়।

কূর্ম্মাকার-বিণ, কচ্ছপাকৃতি।

কূর্ম্মী-বি, স্ত্রী-কচ্ছপী। ২ কূর্ম্মী দ্রঃ।

কূল [সং। "কূলং তটে স্তূপে সৈন্যপৃষ্ঠ তড়াগয়োঃ।"-মে০] বি, তট ; তীর ; কিনারা। ২ স্তূপ ; রাশি। **~কিনারা**-মুক্তির পথ ; গতি ; উদ্ধারের উপায়। "মিছে কেন বিবাদ করা, কূলের কর কূ০ কিনারা।" -বাং-গান। **স্থলকূল**-আশ্রয়। প্র-সেখানে সে স্থলকূল না পাইয়া চলিয়া গেল।

কূলঙ্কষ [কূল (তট) কষ্ (বধে)। অ (কৃ)] বি, সমুদ্র। স্ত্রীং **~া**-নদী।

কূলপ্লাবী-বিণ, তটবিধৌতকারী। স্ত্রীং **-প্লাবিনী**।

কূলভূ-বি, তটভূমি ; পাড়।

কূলবতী-বি, নদী।

কূলেচর-বিণ, তটচারী। ২ যে সকল পশু নদ্যাদির কূলে বিচরণ করে।

কূষ্মাণ্ড-বি, শিবের অনুচরবিঃ।

কৃক [সং] বি, কণ্ঠনালী ; গলা the larynx; the throat. ২ গ্রীবা ঘাড় the neck প্র-কৃকলাস।

কৃকবাকু [কৃক (দ্রঃ) বচ্ (=বাক্)+উ (কৃ) রবকালে গ্রীবার বিশিষ্টতা হেতু] বি, কৃকলাস। ২ ময়ূর। ৩ কুক্কুট।

কৃকর [সং] বি, শরীরস্থ পঞ্চ বায়ুর একটী। ২ [সং-কৃকণ, ক্রকর] কয়ার পাখী ; perdix sylvatica খৈরী (দ্রঃ)।

কৃকলা [সং] বি, পিঁপুল।

কৃকলাস, -শ [কৃক (গ্রীবা) লস্ (ক্রীড়া করা, খেলান)-অ (কৃ)-যে গ্রীবা কাঁপায়। "কৃকং শিরোগ্রীবং কণ্ঠং বা লাসয়তি কম্পয়তি।" -অ০ টীকা-চন্দ্র-মো ভট্ট] বি, কাঁকলাস নামক সরীসৃপবিঃ ; গির-গিটি ; বহুরূপী a chameleon ; a lizard. [দ্রঃ-"কাঁকলাস বর্ণ পরিবর্ত্তন করিতে পারে কিন্তু বহুরূপী (chameleon)র মত নয়। বঙ্গে বহুরূপী নাই, কৃকলাস আছে। টিকটিকি জাতীয় জীব। বহুরূপ,-রূপী দক্ষিণ ভারতের জঙ্গ প্রদেশের সরট।"-ব০ শ০ কোষ।

কৃকাটিকা [কৃক (কণ্ঠ) অট্ (গমন করা) অক (কৃ)-আ (স্ত্রীং)-কণ্ঠ যেখানে গিয়া মিলিত হয়] বি, ঘাড় the back of the neck.

কৃচ্ছ্র [সং। "কষ্টং কৃচ্ছ্রম্।"-অমর০] বি, ক্লেশ ; কষ্ট। ২ ["সান্তপন-চান্দ্রায়ণ প্রাজা-পত্যাদিকং ব্রতং, কৃচ্ছ্রাভিধেয়ম্।"-অ০ টীকা] সান্তপন, চান্দ্রায়ণ ও প্রাজাপত্যাদি-ব্রত। ৩ বিপদ। ৪ প্রায়শ্চিত্ত। ৫ বিণ, কষ্ট-সাধ্য। **~চান্দ্রায়ণব্রত**-বি, চন্দ্রের গতি অর্থাৎ বৃদ্ধি ও হ্রাস অনুসারে মাসেকের হ্রাস-বৃদ্ধিমূলক পক্ষব্যাপী ব্রত। **~ব্রত**-কষ্টসাধ্য ব্রত ; যে ব্রত বহুকষ্ট স্বীকার করিয়া উদ্‌যাপন করিতে হয়। **~সাধনা**-যে সাধনায় বহু কষ্ট স্বীকার করিতে হয়। **~সাধ্য**-বিণ, কষ্টসাধ্য ; যা কষ্টে সম্পাদিত হয়। ২ [সুশ্রুত] যে রোগের অতি কষ্টে বা বহুদিনের বহুব্যয়ে, অতি সতর্ক চিকিৎসায় শান্তি হয়।

কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র [কৃচ্ছ্র+অতিকৃচ্ছ্র] বি, কঠোর হতেও অতি কঠোর ; অতিশয় কষ্টসাধ্য ব্রত। কৃচ্ছ্রার্দ্ধ-বি, অর্দ্ধ কৃচ্ছ্র : অর্দ্ধ-পক্ষসাধ্য ব্রত।

কৃণু-বি, পটুয়া জাতি।

কৃৎ [সং। কৃ (করা)+ক্বিপ্ (কৃ) যে প্রত্যয় সকল অর্থের প্রকাশ করে] বি, সং-তে ধাতুর উত্তর তব্য অনীয় ই০ যে সকল প্রত্যয় বিহিত হয় ; কৃৎ প্রত্যয়। ২ যে করে এই অর্থে বাং-তে ইহা বিশেষ্যবাচক শব্দের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। প্র-কর্ম্মকৃৎ। "তাহা হইলে গ্রন্থকৃৎ পরমোপকৃত হইবে।"-কাব্য-দর্পণ (জয় গোস্বামী)।

কৃত [কৃ (করা)+ত (র্ম্ম) যা পূর্ব্বে করা হইয়াছে] বি, সৃষ্টির আদিযুগ, অর্থাৎ যে যুগ চারি যুগের প্রথমে নির্দ্দিষ্ট করা হইয়াছে ; সত্যযুগ। প্র-কৃতযুগ। ২ বিণ, যা করা হইয়াছে ; সম্পাদিত ; সাধিত। ৩ রচিত ; গঠিত। ৪ শিক্ষিত ; অভ্যস্ত। প্র-কৃতবিদ্য ; কৃতশিল্প ; কৃতাস্ত্র। ৫ নিযুক্ত ; নির্দ্ধারিত। প্র-কৃতকাল ; কৃতদাস ; কৃতবেতন।

কৃতক-বিণ, যা প্রকৃত নয় কিন্তু করা হইয়াছে ; কল্পিত ; অপ্রকৃত ; কৃত্রিম। ২ বি, কৃত্রিম লবণ। ৩ বসুদেবের পুত্র (ভাগবত) ; কৃতকপুত্র। **~পুত্র** [কৃতক (কল্পিত) যে পুত্র-ধা] বি, কল্পিত পুত্র ; জনক-জননী কর্ত্তৃক গোপনে পরিত্যক্ত এবং অন্য দ্বারা পরিপালিত পুত্র।

কৃতকর্ম্ম, -কর্ম্মা [কৃত (সাধিত) হইয়াছে কর্ম্ম (কর্ম্মন্) যৎ কর্ত্তৃক-বহু০] বিণ, যে কর্ম্ম সমাধা করিয়াছে ; যে ব্যক্তি হাতে কলমে কাজ করিয়াছে ; বহুদর্শী। ২ কার্য্য-কুশল ; কার্য্যক্ষম।

কৃতকাম [কৃত (সম্পাদিত) হইয়াছে কাম (মনোরথ) যৎ কর্ত্তৃক-বহু০] বিণ, যার অভীষ্ট সিদ্ধ হইয়াছে ; পূর্ণমনোরথ ; কৃতা-ভীষ্ট ; সিদ্ধকাম। স্ত্রীং **~া**।

কৃতকার্য্য [কৃত (সম্পাদিত) কার্য্য যৎ-কর্ত্তৃক-বহু০] বিণ, সাধিত কার্য্য ; যে কার্য্য সুসম্পন্ন করিয়াছে ; সফল ; সিদ্ধকাম। ২ বি, যে কার্য্য করা হইয়াছে ; সম্পাদিত কর্ম্ম। **~তা**-বি, সাফল্য ; সাধনায় সিদ্ধ।

কৃতকীর্ত্তি [কৃত (অনুষ্ঠিত) কীর্ত্তি যার -বহু০] বিণ, কৃতার্থ। "দেখিয়া কন্যার মূর্ত্তি হিমালয় কৃ০।"-শি০।

কৃতকৃত্য [কৃত (বিহিত) কৃত্য (ক্রিয়া,

্র যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্‌খ হ্ন=হ্‌ন হ্ল হ্ম হ্ন=ন্‌হ হ্ল লহ ত্ত ঋ্য, জ্ ক্ ব্ ত=…… ও চ্চা০ দ্রঃ

কর্ম্ম) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, সাধিতকর্ম্মা ; কৃতকার্য্য। ২ চরিতার্থ ; কৃতার্থ। ৩ কৃতবিদ্য। স্ত্রীং ~া। "কিরূপ করিলেই বা কৃতকৃত্যা হতে পারি।"-(জরিতাপক্ষিণীর উক্তি)-মহা০ (সিংহ)। বি, ~তা-কৃতকার্য্যতা ; সফলতা।

কৃতক্রিয়-বি, কর্ম্মকৃৎ : কৃতকর্ম্ম।

কৃতঘ্ন [কৃত (অন্যকৃত উপকারাদি)-ঘ্ন (হন্ বধ করা, নষ্ট করা+অ র্তৃ) হন্=ঘ্ন (ঘাতক)] বিণ, যে পরকৃত উপকার অস্বীকার করে ; উপকারের অপকারচিন্তক ; অকৃতজ্ঞ ; নিমকহারাম। ~তা [কৃতঘ্ন+তা (ভা০)] বি, অকৃতজ্ঞতা ; নিমকহারামী।

কৃতজ্ঞ [কৃত (পরোপকার) জ্ঞ (যে জানে) -জ্ঞা (জানা)+অ (র্তৃ)] বিণ, যে পরকীয় উপকার চিরদিন জ্ঞান করে বা মনে রাখে ; যে উপকার স্মরণ করিয়া উপকারকের নিকট বাধ্য থাকে। ~তা [কৃতজ্ঞ+তা ভা০] বি, উপকারী জনের কৃত উপকার স্মরণ ও স্বীকার ; উপকারকের নিকট বাধ্যতার ভাব।

কৃতজ্ঞ/চিত্ত, ~হৃদয়-বি, বিণ, যার মনে কৃতজ্ঞতা আছে ; যে অন্যের নিকট প্রাপ্ত উপকার স্মরণ রাখে।

কৃতজ্ঞতা/পূর্ণ-বিণ, যার মন কৃতজ্ঞতায় পরিপূর্ণ ; যে সম্পূর্ণ কৃতজ্ঞ। ~ভাজন-বি, কৃতজ্ঞতা লাভের পাত্র ; ধন্যবাদার্হ।

কৃতজ্বর [কৃত (সৃষ্ট) হইয়াছে জ্বর যৎকর্ত্তৃক-বহু০] বি, শিব। "জয় শিবা মনোহর সতী সতীশ্বর গিরীশ শঙ্কর কৃ০।"-ভারত০।

কৃততীর্থ [কৃত (অনুষ্ঠিত) হইয়াছে তীর্থ যৎকর্ত্তৃক-বহু০] বিণ, কৃতাবতরণ। ২ যে কার্য্যের উপায় চিন্তা করিয়াছে। ৩ যে গয়া কাশী ই০ তীর্থ করিয়া আসিয়াছে।

কৃতদার [কৃত (পরিগৃহীত) দার (স্ত্রী) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, বিবাহিত।

কৃতদাস [কৃত (মূল্যাদির দ্বারা নিয়মিত) যে দাস (ভৃত্য) ধা, নির্দ্দিষ্ট সময় পর্য্যন্ত পরিচর্য্যা করিবার নিয়মে নিযুক্ত ভৃত্য] বি, ঋণ পরিশোধের জন্য এত বৎসরকাল আমি দাসত্ব করিব এই অঙ্গীকারে আবদ্ধ থাকিয়া যে কার্য্য করে। স্ত্রীং ~ী।

কৃতধী [কৃত (নিশ্চিত) ধী (বুদ্ধি) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, স্থিরচিত্ত ; অচঞ্চল মতি ; স্থির বুদ্ধি ; শাস্ত্রীয় অর্থ গ্রহণে সংযতমনা ; যে শাস্ত্রীয় উপদেশ স্থিরবুদ্ধিতে শ্রবণ করে।

কৃতধ্বজ-মহারাজ ধর্ম্মধ্বজের পুত্র (বিষ্ণু পু০)।

কৃতনিশ্চয় [কৃত (অবধারিত) নিশ্চয় (সন্দেহরাহিত্য) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, যে কর্ত্তব্যাবধারণ করিয়াছে ; যে কর্ত্তব্য নির্দ্ধারণ করিয়াছে ; দৃঢ়সঙ্কল্প। ২ যার মনে কার্য্যসিদ্ধির কিছুমাত্র সংশয় নাই। বি, ~তা-কর্ত্তব্যাবধারণ ; সঙ্কল্পের স্থিরতা।

কৃতপুঙ্খ [কৃত (অভ্যস্ত) পুঙ্খ (বাণনিক্ষেপ) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, শরসন্ধানপটু ; শরপ্রহার-বিদ্যায় সুপণ্ডিত।

কৃত/পূর্ব্ব [পূর্ব্বে (পূর্ব্বকালে) যে কৃত (অনুষ্ঠিত) ধা, কৃত শব্দের পূর্ব্ব নিপাত] বিণ, পূর্ব্বানুষ্ঠিত ; যা পূর্ব্বে করা হইয়াছে। **~পূর্ব্বী** [কৃতপূর্ব্ব+ইন্ (স্ত্য) মু০-কৃতপূর্ব্বিন্ ১মা ১ব০] বিণ, পূর্ব্বানুষ্ঠিত কর্ম্মা।

কৃতপৌরুষ [কৃত (অনুষ্ঠিত) পৌরুষ (পুরুষত্ব) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, যে পুরুষোচিত কর্ম্ম করিয়াছে ; যে পুরুষোচিত সাহস দেখাইয়াছে ; যে পুরুষকারের পরিচয় দিয়াছে।

কৃতফলা-বি, আলকুশী।

কৃতবন্ধন [সং] বি, যাকে বন্ধন করা হইয়াছে। ২ কোষাতকী ফল।

কৃতবর্ম্মা [কৃত (ধারণ করা হইয়াছে) বর্ম্মন্ (কবচ) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, যে বর্ম্ম পরিধান করিয়াছে ; বর্ম্মধারী ; কবচী। ২ বি, যদুবংশীয় হৃদিকের পুত্র : প্রভাসক্ষেত্রে সাত্যকীর হস্তে নিহত হন।

কৃতবিদ্য [কৃত (উপার্জ্জিত) বিদ্যা (জ্ঞান) যৎকর্ত্তৃক-বহু০] বিণ, অভ্যস্তবিদ্য ; লব্ধজ্ঞান ; যে ব্যক্তি নানা বিদ্যায় সম্পূর্ণ প্রবীণ হইয়াছে ; সুশিক্ষিত cultured. বি, কৃতবিদ্যতা। ~তা [কৃতবিদ্য (দ্রঃ)-তা (ভা০-তা)] বি, নানা বিদ্যায় পারদর্শিতা ; সকল বিদ্যার অনুশীলন দ্বারা সুশিক্ষিত ও সুসভ্য হওয়ার ভাব ; দেহ মন ও আত্মা সম্বন্ধে লব্ধোৎকর্ষতা : সর্ব্বাঙ্গীণ শিক্ষা। "জাতীয় সাহিত্য একদিকে ব্যুৎপত্তির পথ-পরিষ্কারক,-অপরদিকে কৃতবিদ্যতারও সংস্কারক। জাতীয় সাহিত্যের অনুশীলন ব্যতীত কৃতবিদ্যতার উৎপত্তি অসম্ভব।" -সা০ প০ প০ ১৩০১ [দ্রঃ- "ইংরাজি ভাষায় যাহাকে culture বলে, বাঙ্গালা ভাষায় আমি তাহাকেই কৃতবিদ্যতা নামে অভিহিত করিতেছি।"-দেবেন্দ্রনাথ মুখো০-সা০ প০ প০ ১৩০১। অনুশীলন দ্রঃ]।

কৃতবীর্য্য [কৃত (লোকমুখে কীর্ত্তিত) বীর্য্য (বীরত্ব) যার-বহু০] বি, কার্ত্তবীর্য্যার্জ্জুনের পিতা : মাহিষ্মতী ইঁহার রাজধানী, ইনি পরশুরামের পিতা জমদগ্নিকে নিহত করেন। ২ বিণ, বীর্য্যে বা বীরত্ব বিষয়ে প্রখ্যাত : বিশ্রুতবীর্য্য।

কৃতবুদ্ধি [কৃত (স্থিরীকৃত) বুদ্ধি যৎকর্ত্তৃক-বহু০] বিণ, যার বুদ্ধি কোনরূপে বিচলিত হয় না : স্থিরমতি : কৃতধী। বি, কৃতবুদ্ধিতা। ~তা [কৃতবুদ্ধি+তা (ভা০)] বি, সংশয়স্থলে অনায়াসে কর্ত্তব্যাবধারণ-শক্তি : স্থিরমতিত্ব।

কৃতবেতন [স্ব০ পারিঃ] বিণ, যাদিগকে কর্ম্মমূল্য দ্বারা নিযুক্ত করা যায়। ২ যার বেতন নির্দ্দিষ্ট আছে।

কৃতবোধ-বি, তপোদেব নামক ব্রাহ্মণের পুত্র। ইনি পিতামাতার বিনা অনুমতিতে তপস্যা করিতে যাওয়ায় দ্বাদশ বৎসর কঠোর তপ করিয়াও সিদ্ধ হইতে পারেন নাই। পরে বারাণসীর তুলাধার নামক ব্যাধের নিকট অনেক উপদেশ পাইয়া পিতামাতার সেবানিরত হইয়া কৃতবোধ নাম প্রাপ্ত হন।

কৃতমাল-বি, সোঁদাল। ২ মলয় পর্ব্বত হতে বহির্গতা নদী। স্ত্রীং ~া-বি, কৃতমাল দ্রঃ ; নদীবিঃ।

কৃতমুখ-বি, কৃতী। ২ কৃতবিদ্য। সিদ্ধকাম।

কৃতযুগ [কৃতঃ যুগ দ্রঃ] বি, সত্যযুগ।

কৃতলক্ষণ ["গুণৈঃ প্রতীতে তু কৃতলক্ষণাহত লক্ষণৌ।"-অমর০] বি, শৌর্য্যাদি গুণ দ্বারা বিখ্যাত ব্যক্তি ; লব্ধপ্রতিষ্ঠ।

কৃতশিল্প [কৃত (অভ্যস্ত) শিল্প (কারুকার্য্য) যৎ কর্ত্তৃক-বহু০] বিণ, যিনি শিল্পকার্য্য শিখিয়াছেন ; শিল্পনিপুণ ; শিল্পদক্ষ।

কৃতশ্রম [কৃত (অনুষ্ঠিত) শ্রম (পরিশ্রম) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে পরিশ্রম করিয়াছে। ২ মহোৎসাহী ; মহা উদ্যমশীল।

কৃতসংকল্প-বিণ, স্থিরনিশ্চয়।

কৃতসংজ্ঞ [কৃত হইয়াছে সংজ্ঞা (সংকেত) যদুদ্দেশে-বহু॰] বিণ, যার প্রতি সঙ্কেত করা হইয়াছে ; সঙ্কেত-বিষয়। ২ সঙ্কেতাভিজ্ঞ ; সঙ্কেতানুসারে কার্য্যক্ষম।

কৃতসাপত্নী, কৃতসাপত্নিকা [কৃত সাপত্ন (সপত্নীভাব) যার-বহু॰, ঈ (স্ত্রীং) ক প্রত্যয় যোগে সাপত্নিক-আ (স্ত্রীং)] বি, যে স্ত্রীর সপত্নী হইয়াছে ; যে স্ত্রীর স্বামী পুনর্ব্বার অন্য পত্নী গ্রহণ করিয়াছে : অধিবিন্না।

কৃতহস্ত [কৃত (কার্য্যকরণে অভ্যস্ত) হস্ত (হাত) যার-বহু॰] বিণ, লঘুহস্ত ; ক্ষিপ্রহস্ত। ২ অস্ত্রপ্রয়োগ-কুশল। ৩ সিদ্ধহস্ত ; কর্ম্মজ্ঞ ; কর্ম্মকুশল।

কৃতাকৃত [কিয়দংশ কৃত কিয়দংশ অকৃত] বিণ, আরব্ধ কিন্তু অসমাপ্ত। ২ বি, কার্য্য কারণ। ৩ অনুষ্ঠিত এবং অননুষ্ঠিত বিষয়।

কৃতাগম-বি, বেদকর্ত্তা। ২ ঈশ্বর।

কৃতাঞ্জলি [কৃত (রচিত) অঞ্জলি (করপুট) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে যুক্তকর বা যোড়হাত করিয়াছে। ২ [কৃত-অঞ্জলি (ধা)] বি, যুক্তকর : যোড়হাত : বদ্ধাঞ্জলি। ৩ [বৈদ্যক] লজ্জালু লতা ; লাজুক লতা ; লজ্জাবতী লতা mimosa pudica ; the sensitive plant ~পুট [কৃতাঞ্জলিপুট (পত্রাদির পাত্র ঠোঙ্গা তদ্বৎ)] বি, পুটাকৃতি যুক্তকর : বদ্ধাঞ্জলি। ২ [কৃত অঞ্জলি পুট, যৎকর্ত্তৃক-বহু॰] বিণ, যে অঞ্জলি ধরিয়াছে বা পাতিয়াছে। ক্রি-বিণ,~পুটে। প্র-সে অশ্রুপূর্ণ লোচনে ও কৃতাঞ্জলিপুটে প্রার্থনা করিতে লাগিল।

কৃতাত্মা [কৃত (সং, শোধিত) আত্মা যার-বহু॰] বিণ, যে আত্মার শিক্ষাদিদ্বারা সংস্কার করা হইয়াছে ; সংস্কারবান্ ; বিশুদ্ধান্তঃকরণ। ২ শুদ্ধচিত্ত।

কৃতাধিষ্ঠান [কৃত অধিষ্ঠান (অবস্থিতি) যার-বহু॰] বিণ, যিনি অবস্থিতি করিয়াছেন।

কৃতান্ত, -ক [কৃত+অন্ত ; অন্তক। কৃত (অনুষ্ঠিত) অন্ত (নাশ বা শেষ) যৎ কর্ত্তৃক-বহু॰] বি, যম। "বলিলা কৃতান্ত ডাকি অনুচরে মুখেতে প্রীতির ভার।"-হেম॰। ২ দৈব। ৩ শনিবার। ৪ বিণ, উপপাদিত ; সিদ্ধান্ত।

কৃতান্ন [কৃত (সম্পন্ন) যে অন্ন-ধা] বি, সিদ্ধান্ন ; পক্ক অন্ন ; প্রস্তুত অন্ন।

কৃতাপকার [কৃত অপকার (ক্ষতি) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে অপকার করিয়াছে ; যৎ কর্ত্তৃক অপকার কৃত হইয়াছে ; অপকারী। ২ [কৃত অপকার যার-বহু॰] যার অপকার করা হইয়াছে ; যাকে ক্ষতিগ্রস্ত করা হইয়াছে, অপকৃত।

কৃতাপরাধ [কৃত (অনুষ্ঠিত) অপরাধ (দোষ) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে দোষ করিয়াছে : দোষী : অপরাধী ; অন্যায় কার্য্যকারী।

কৃতাভিষেক [কৃত (অনুষ্ঠিত) অভিষেক (স্নানাদি) যার-বহু॰] বিণ, অন্য কর্ত্তৃক যার অভিষেক-ক্রিয়া সম্পন্ন হইয়াছে ; অভিষিক্ত। ২ যে স্বয়ং অভিষেক-ক্রিয়া সম্পন্ন করিয়াছে।

কৃতার্থ [কৃত (সাধিত) অর্থ (প্রয়োজন) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, সাধিত-প্রয়োজন ; চরিতার্থ ; কৃতকার্য্য : সিদ্ধমনোরথ। বি, ~তা।

কৃতার্থম্মন্য [কৃতার্থ (কৃতকার্য্য)-মন (মনে করা)+খ (র্ত্তৃ) য্ আগম] বিণ, চরিতার্থম্মন্য ; যে নিজেকে কৃতার্থ বলিয়া জানে। ২ আত্মাকে ধন্য বলিয়া জানা।

কৃতার্থিক [কৃত-অর্থ্ (যাচ্ঞা করা) +ত (র্ম্ম) ই-আগম] বিণ, যাকে যাচ্ঞা করা হইয়াছে। ২ যাকে চরিতার্থ বা কৃতার্থ করা গিয়াছে ; কৃতার্থীকৃত। ৩ [র্ত্তৃ-ত] যে যাচ্ঞা করিয়াছে। ৪ [কৃতার্থ (চরিতার্থ) +ইত (যুক্তার্থে)] বিণ, কৃতার্থতা-বিশিষ্ট।

কৃতালয় [কৃত+আলয় (বসতি) যৎকর্ত্তৃক] বি, কুনো ব্যাং। ২ ভেক।

কৃতাস্ত্র [কৃত (শিক্ষিত) অস্ত্র যৎ কর্ত্তৃক, -বহু॰] বিণ, যে অস্ত্র শিক্ষা করিয়াছে ; শিক্ষিতাস্ত্র ; অস্ত্রে সুশিক্ষিত ; অস্ত্র-প্রয়োগে নিপুণ। "তিনি কৃতাস্ত্র হইয়া শীঘ্র পৃথিবীতে আগমন করেন।" ২ অস্ত্রসিদ্ধ। "দ্রুপদ ও তাঁহার পুত্রগণ সকলেই এক একজন মহারথী, মহাধনুর্দ্ধর, কৃতাস্ত্র ও যুদ্ধকুশল।"-মহা॰ (সিংহ), (বর্দ্ধ॰)।

কৃতাহ্নিক [কৃত (করা হইয়াছে) আহ্নিক (দৈনিক সন্ধ্যা বন্দনাদি) যৎ কর্ত্তৃক -বহু॰] বিণ, যে দৈনিক সন্ধ্যা বন্দনাদি নিত্যকর্ম্ম সম্পাদন করিয়াছে। ২ সাধিত দিনকার্য্য ; যে দৈনিক কার্য্য শেষ করিয়াছে।

কৃতি [কৃ (করা)+তি (ভা॰)] বি, করণ ; অনুষ্ঠান ; কার্য্য ; কর্ম্ম। "আর নহে কার কর্ম্ম বিধাতার কৃতি।"-কবিক॰। ২ রচনা। ৩ চেষ্টা ; যত্ন ; অধ্যবসায়। ৪ সং ছন্দোবিঃ। ~ত্ব [কৃতিন্+ত্ব (ভা॰)] বি, কার্য্যদক্ষতা ; উপযুক্ততা ; ক্ষমতা। ২ কার্য্যনির্ব্বাহকতা ; সাধন। ~সাধ্য-বি, কর্ম্মচেষ্টা বা পুরুষকার দ্বারা সম্পাদ্য ; যত্নসাধ্য।

কৃতী [কৃত (কার্য্য+ইন্ (স্ত্য) মূ॰-কৃতিন্ ১মা ১ব॰] বিণ, যার কার্য্য আছে, যে কার্য্য সাধন করিয়াছে, কার্য্যক্ষম : ক্রিয়া-নির্ব্বাহে দক্ষ ; ক্ষমতা-সম্পন্ন ; কুশল। ২ সদ্গুণ-সম্পন্ন ; সিদ্ধ। ৩ ধার্ম্মিক ; পুণ্যবান্। ৪ পণ্ডিত। ৫ সমর্থ। বি, কৃতিত্ব।

কৃতোদক [কৃত (সম্পাদিত) উদক (উদকক্রিয়া-স্নানাদি) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে উদকক্রিয়া করিয়াছে ; কৃতজলাবগাহ-স্নানতর্পণ ; স্নান ও তর্পণাদি নির্ব্বাহক ; যে স্নান তর্পণাদি সমাধা করিয়াছে।

কৃতোদ্বাহ [কৃত (করা হইয়াছে) উদ্বাহ (বিবাহ) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে বিবাহ করিয়াছে ; কৃতবিবাহ ; পরিণীত ; বিবাহিত; কৃতপরিণয়।

কৃতোপকার [কৃত (করা হইয়াছে) উপকার (ইষ্ট সাধন) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে উপকার করিয়াছে ; যে ইষ্ট সাধন করিয়াছে ; উপকারী ; কৃতেষ্টসিদ্ধি। ২ উপকৃত ; যার উপকার করা হইয়াছে।

কৃতৌজস্ [কৃত (করা হইয়াছে) ওজস্ (তেজঃ) যৎ কর্ত্তৃক-বহু॰] বিণ, যে তেজঃ প্রকাশ করিয়াছে ; কৃততেজস্ক ; যে পরাক্রম প্রকাশ করিয়াছে ; কৃতবিক্রম।

কৃত্ত [কৃত্ (ছেদন করা)+ত (র্ম্ম)] বিণ,

যা ছেদ বা দ্বিখণ্ড করা হইয়াছে ; দ্বিখণ্ডিত ; ছিন্ন। "কৃত্ত করবাল নৃকপাল করকারিণী।" -বাসবদত্তা। ২ পরিবেষ্টিত।

কৃত্তি [কৃত্ (ছেদন করা)+তি (স্ত্রী-জ্ঞা৹)] বি, হস্তী, ব্যাঘ্র বা মৃগাদির চর্ম্ম ; "কৃত্তিবাস"। ২ ত্বক্। ৩ কৃত্তিকা নক্ষত্র। ৪ বুদ্ধদেবের জনৈকা উপাসনাকারিণী। ৫ ভূর্জ্জপত্র ; ভোজপাতা।

কৃত্তিকা [সং] বি, নাগবীথিস্থিত নক্ষত্র, অশ্বিন্যাদি ২৭শ নক্ষত্রের ৩য় নক্ষত্র। ইহা অগ্নিশিখাকৃতি ৬টী নক্ষত্রময় ; অগ্নি ইহার অধিদেবতা। ২ [পু৹] কার্ত্তিকেয়ের ছয়জন ধাত্রীর একজন ; কার্ত্তিকপালিকা ; চন্দ্র পত্নী। ৩ বুদ্ধের উপাসকজাতিবিঃ।

কৃত্তিকাসুত [কৃত্তিকার-সুত (পুত্র) ৬তৎ-কৃত্তিকা কর্ত্তৃক প্রতিপালিত বলিয়া] বি, ষড়ানন ; কার্ত্তিকেয়।

কৃত্তি/বাস [কৃত্তি (ব্যাঘ্র চর্ম্ম, মতান্তরে, গজাসুর-চর্ম্ম) বাস (বস্ত্র) যার-বহু৹] বি, যার বস্ত্র চর্ম্মময়, চর্ম্মাম্বর চর্ম্মাবৃত কটি ; মহাদেব, শিব। কবিকঙ্কণে কৃত্তিবাসা। "নাচে তুষ্ট কৃত্তিবাসা, দিল কণ্ঠ ভূষা, হাড়মাল চিত্র বিভূষণ।" ২ বঙ্গের প্রসিদ্ধ প্রাচীন কবি, নদীয়া জেলার অন্তর্গত রাণাঘাট ষ্টেশনের ৭ মাইল দক্ষিণ পশ্চিমে অবস্থিত ফুলিয়া গ্রামে মুখটি ব্রাহ্মণবংশে ১৪৩২ খৃঃঅব্দে ৩০এ মাঘ রবিবারে শুক্লাপঞ্চমী দিনে কৃত্তিবাস জন্মগ্রহণ করেন, ইঁহার পিতা বনমালী ওঝা, মাতা মালিনী দেবী ; পিতামহ মুরারি, ইনিও সুপণ্ডিত ছিলেন ; কৃত্তিবাস তাহেরপুরের রাজা কংসনারায়ণের সভাপতি ছিলেন। যোগাদ্যার বন্দনা, শিব-রামের যুদ্ধ, রুক্মাঙ্গদ রাজার একাদশী ই৹ কয়েকখানি গ্রন্থে কৃত্তিবাসের ভণিতা আছে ; কিন্তু বঙ্গ-ভাষায় রামায়ণ রচনা করিয়া কৃত্তিবাস অমর হইয়াছেন। কবির প্রপিতামহ নৃসিংহ নবাব-দত্ত ওঝা উপাধি প্রাপ্ত হন। তদবধি বংশ-পরম্পরায় ইঁহাদের ওঝা উপাধি হয় (বঙ্গ-ভাষা ও সাহিত্য)। কথিত আছে কৃত্তিবাস গৌড়েশ্বরের আজ্ঞাক্রমে সরল বঙ্গভাষায় সাতকাণ্ড রামায়ণ রচনা করেন। "কৃ৹ নাম তোমা! কীর্ত্তিব বসতি সতত তোমার নামে সুবঙ্গ ভবনে।"-চতুর্দ্দশপদী কবিতাবলী। **~বাসী**-বিণ, কৃত্তিবাস রচিত। "কৃত্তিবাসী রামায়ণ।"

কৃত্য [কৃ (করা)+য (র্ম্ম) ত আগম] বি, কার্য্য, কর্ম্ম ; কাজ। "একলা ঘরের কৃত্য, আপনি যে করি নিত্য, খুল্লনার দুর্ব্বলা কিঙ্করী।"-কবিক৹। ২ প্রয়োজন। ৩ নিমিত্ত ; হেতু ; কারণ। ৪ ব্যা৹ কৃৎ-প্রত্যয়ের মধ্যে তব্য, অনীয়, ক্যপ, ঘ্যণ, য, এই ৫টী প্রত্যয়ের কৃত্যসংজ্ঞা। ৫ বিণ, কর্ত্তব্য, করণীয়। স্ত্রীং **কৃত্যা** [প্রা৹-বাং। তুল-হিং কর্ত্তব (জাদু)] বি, মিথ্যা ; অসত্য ; কারসাজি। "কৃত্যা করি যবে, জিনিল মূঢ় তবে কৃত্যাতে পুত্র নহেন নিপুণ।"-মহা৹ (বিজয়)। **কৃত্যাএ**-ক্রি-বিণ, মিথ্যাচারে ; কপটতা দ্বারা। "কৃত্যাএ জিনিল রাজ্য রাজা দুর্যোধন।"-মহা (বিজয়৹)। **কৃত্যা**-ক্রিয়া কার্য্য। ২ বিধান। ৩ আভি-চারিক ব্যাপার। ৪ জ্বালাময়ী যজ্ঞ-দেবতাবিঃ।

কৃত্যবিদ্ [কৃত্য-বিদ্ (জানা)+ক্বিপ্ (র্তৃ)] বিণ যে কার্য্য জানে ; কর্ত্তব্য যে বুঝে ; বিধানজ্ঞ ; বিধিজ্ঞ।

কৃত্রিম [কৃ (করা)+ত্রিম (ক্রিয়া নিবৃত্তার্থে)। গ্রা৹-কিত্তিমা বিণ, ক্রিয়া দ্বারা নিষ্পন্ন, ক্রিয়া-কল্পিত ; ক্রিয়া-সিদ্ধ। কেমিক্যাল chemical, কলে তৈয়ারী শিল্প কৌশলে নির্ম্মিত artificial ২ কল্পনা প্রসূত ; কাল্পনিক ; ছলমূলক ; যা স্বাভাবিক নহে ; অস্বাভাবিক। ৩ অযথার্থ ; জাল ; নকল ; ঝুটা। প্র-কৃ৹ মুক্তা ; কৃ৹ দন্ত। ৪ অবিমিশ্রিত ; অবিশুদ্ধ ; যা খাঁটি নয় ; ভেজাল। ৫ যা কেবল পরকে দেখাইবার জন্য করা যায় কিন্তু আন্তরিক নহে ; মৌখিক insincere. ৬ [স্মৃ৹] পুত্রবিঃ। ৭ বিট্-লবণ। **~তা**-(-র্ম-) বি, অস্বাভাবিকতা ; কপটতা। **~পুত্র** [স্মৃ৹] বি, পুত্ররূপে গৃহীত বালক ; পালিত পুত্র। ২ বস্ত্রাদি-রচিত পুত্তলিকা ; নির্ম্মিত পুত্তলি। **~রাশি** [জ্যো৹] বি, অন্য দুই রাশির গুণন দ্বারা উৎপন্ন রাশি।

কৃৎস্ন-বিণ, সর্ব্ব। ২ বি, রাশি ; স্তূপ। ৩ জল। **~বিৎ**-বিণ, সর্ব্বজ্ঞ।

কৃদন্ত [কৃৎ (কৃৎপ্রত্যয়) অন্তে যার-বহু৹] বি কৃৎপ্রত্যয়ান্ত শব্দ ; যে সকল শব্দ কৃৎ-প্রত্যয় দ্বারা সাধিত হইয়াছে ; কৃদন্ত ধাতুর নামশব্দ।

কৃন্তন [কৃৎ (ছেদন করা)+অন (ভা৹)] বি, ছেদন ; কর্ত্তন। ২ সঙ্গীত বিষয়ে বীণা-বাদনের প্রকার ভেদ ; বীণা বাদনকালে তার অঙ্গুলি দ্বারা আকর্ষণ করিয়া (যেন কর্ত্তিত করিয়া লইয়া) বাদন। স্ত্রীং **~ী**, **কৃন্তনিকা**-ছেদনাস্ত্র ; যদ্দ্বারা কর্ত্তন করা যায় ; কর্ত্তরিকা। **~কারী**-বিণ, ছেদক।

কৃপ [মহারাজ শান্তনুর কৃপায় পালিত বলিয়া] বি, কৃপাচার্য্য ; শরদ্বান্ মুনির পুত্র। স্ত্রীং **~ী**-কৃপাচার্য্যের সহোদরা ; দ্রোণা-চার্য্যের পত্নী ও অশ্বত্থামার জননী।

কৃপণ [সং। গ্রা৹-কিরপোন ; কেরপোন ; কিপ্পন, কিপ্পিন ; কেপ্পোন] বিণ, যে অর্থ ব্যয় না করিয়া রক্ষা করিতে পারে ; ব্যয়কুণ্ঠ ; অর্থব্যয়ে কাতর ; অর্থকাতর। ২ কাতর, দীন। ৩ ক্ষুদ্র ; নীচ ; লঘুপ্রবৃত্তি ; অনুদার। **~তা** (-র্ণ-)-বি, ব্যয়কুণ্ঠতা ; খরচে কাতরতা। ২ অনুদারতা। **দৃষ্টিকৃপণ**-চোখের সামনে কিছু হাত তুলিয়া দিতে বা ব্যয় করিতে বা ব্যবহার করিতে যে কুণ্ঠিত ; ছোট নজর-বিশিষ্ট ; অনুদার দৃষ্টি। "দোক্তা খোরের পান সাজা এমন দৃষ্টিকৃপণের কাজ নহে।" -অ৹ দেবী।

কৃপা [সং] বি, অনুকম্পা ; করুণা ; দয়া, অনুগ্রহ। ২ আজ্ঞা। "শ্রীশ্যামানন্দেরে কৃপা হইল ব্রজেতে যাইতে।"-শ্রীশ্যামানন্দপ্রকাশ। **~দৃষ্টি**-বি, সদয় দৃষ্টি ; দয়া। **~নিধি**-দয়ার সাগর। **~পাত্র**-বি, কৃপা পাইবার উপযুক্ত ব্যক্তি। **~ময়**-বিণ, কৃপাবান্ ; দয়ালু। **~লেশ**-বি, করুণাকণা। **~সিন্ধু**-বিণ, অসীম দয়ালু। **কৃপী**-বি, ঋষি গৌতমের কন্যা কৃপাচার্য্যের ভগিনী ও দ্রোণাচার্য্যের পত্নী। শান্তনুরাজের কৃপায় পালিত বলিয়া ভ্রাতা ও ভগিনীর নাম কৃপ ও কৃপী। **~কটাক্ষ**-বি, কিঞ্চিৎ দয়া বা অনুগ্রহ।

কৃপাণ-বি, অসি ; খড়্গ। "তূণীর কৃপাণে করয়ে পূজা।"-হেম৹। স্ত্রীং **~ী**, **কৃপাণিকা**-ছোরা ; ছুরিকা। **~পাণি** [কৃপাণ (খড়্গ) পাণিতে (হস্তে) যার-বহু৹]

বিণ, অসিকর ; খড়্গহস্ত ; যার হস্তে খড়্গ রহিয়াছে।

কৃপাবলোকন [কৃপা দ্বারা অবলোকন (দৃষ্টি) ৩ তৎ] বি, করুণা করিয়া দেখা ; কৃপাদৃষ্টি ; করুণা-কটাক্ষ। "কব মোবে কৃ।"-কবিক০।

কৃপালু [কৃপা+(স্ত্য)] বিণ, কৃপাময় ; করুণান্বিত ; দয়ালু ; যার দয়া আছে।

কৃপীটযোনি [কৃপীট (কাষ্ঠ) যোনি (উৎপত্তিস্থান) যার-বহু০] বি, অনল : অগ্নি : বহ্নি।

কৃমি, ক্রিমি [ক্রম্ (গমন করা)+ই (র্তৃ-জ্ঞা) তুল-আ০-qermazi ; ইতা০-cremisi (a cochineal insect) ; ফা-কিরম। কৃমিরন্তর্ভঃ-হে০। ইং-worms] বি, কীট ; পোকা ; কেঁচোর মত কৃমি ; খুব ছোট ও সূতার মত সরু কৃমি thread worm ফিতাকৃমি tape worm, ~**কণ্টক** [কৃমি (রোগ) তার কণ্টকস্বরূপ-৬ তৎ] বিণ, কৃমিরোগ-নাশক ; কৃমি-রোগের উৎপাটনকারী। ২ বি, বিড়ঙ্গ। ৩ উড়ুম্বর ; যজ্ঞডুমুর। ৪ চিত্রাঙ্গ ; চিতা। ~**কোশ, কোষ**-বি, কীটগুটি, রেশমগুটিকা। ~**কোশোত্থ, কোষোত্থ**-বিণ, কৃমিকোষজ ; রেশমী। ~**ঘ্ন** [কৃমি-হন্ (নষ্ট করা)+অ (র্তৃ-জ্ঞা) হন্=ঘ্ন্] বি, বিড়ঙ্গ। (কৃমিনাশক অন্যান্য দ্রব্য-পালিতা মাদার, ভল্লাতক বা ভেলা ও পিয়াজ অর্থেও ব্যবহৃত হয়)। ২ [সুশ্রুত] কৃমিনাশক চিকিৎসা-ব্যবস্থা vermifugal measures. ৩ বিণ, কৃমিনাশক। ~**জ, ক্রিমিজ** [কৃমি-ক্রিমি-জন (জন্মান)+অ (র্তৃ)] বিণ, কৃমি হতে জাত ; লাক্ষাকীট ; রক্ত বর্ণ কীট coccus cacti ; the cochineal insect ২ বি, অগুরু চন্দন। ৩ [গ্রা০-কিরমিক্। তুর্কী০-কিৰ্মিজ্ উক্ত কীটজাত লালরঙ্ ; ক্রিমিজ রঙ্ crimson, carmine. > স্ত্রী০ ~া-লাক্ষা ; লা (দ্রঃ)।

কৃমিদানা, কৃমিদ্রবি-বি, শুষ্ক লাক্ষাকীট, যা হতে লাল রং প্রস্তুত হয় cochineal

কৃমিল [কৃমি-লা (গ্রহণ করা)+অ (র্তৃ)] বিণ, কৃমিময় ; কৃমিযুক্ত ; কৃমিবিশিষ্ট। স্ত্রীং ~া-বহু সন্তান-প্রসবকারিণী স্ত্রী।

কৃমিশৈল [কৃমি (কীট) তন্নির্ম্মিত শৈল (পর্ব্বত-উচ্চভূমি) ধা] বি, বল্মীক ; উই ঢিপি।

কৃশ [কৃশ্ (সূক্ষ্ম করা)+অ (র্তৃ)] বিণ, দুর্ব্বল ; ক্ষীণ ; কাহিল। ২ সরু ; পাতলা ; শীর্ণ। ৩ বিরল। বি, ~তা। কৃশিত-বিণ যা শীর্ণ হইয়া গিয়াছে emaciated.

কৃশর, কৃসর [কৄ (বিক্ষেপ করা)+শর, সর (র্ম্ম-জ্ঞা০)] বি, তণ্ডুল, দাল, আদা ও হিঙ্গু (হিং) একত্র করিয়া জলদ্বারা পাক করা অন্ন। স্ত্রীং ~া-তিল মিশ্রিতান্ন। ২ দ্বিদলান্ন ; খিচড়ী। **কৃশ(স)রান্ন**-বি, খিচড়ী।

কৃশলা [কৃশ (সূক্ষ্ম) লা (গ্রহণ করা)+অ (র্তৃ) যে অতি কৃশ দেহ ধারণ করে] বি, চুল ; কেশ।

কৃশাঙ্গ [কৃশ (ক্ষীণ) অঙ্গ (দেহ) যার -বহু০] বিণ, কৃশকায় ; ক্ষীণকায়, কাহিল শরীর। স্ত্রীং ~ী-তন্বী। ২ প্রিয়ঙ্গুলতা। ৩ বিণ, সূক্ষ্মদেহবিশিষ্টা।

কৃশানু,-ষাণু [কৃষানু দ্রঃ। কৃশ্ (কৃশ করা, জীর্ণ করা)+আনু (র্তৃ) যে সমস্ত জীর্ণ করে। "কৃশানুঃ পাবকোঽনলঃ।"-অমর০] বি, বহ্নি ; অগ্নি ; অনল। "জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ॥"-কবিক০। ২ চিতাগাছ।

কৃশানুরেতা [কৃশানু (অগ্নি) রেতস্ (রেতঃ-শুক্র) যার, কিংবা অগ্নিতে রেতস্ যার-বহু০] বি, শিব।

কৃশাশ্ব-বি, মহর্ষিবিঃ ; ইনি জয়া ও সুপ্রভানাম্নী দুইটি দক্ষকন্যার পাণিগ্রহণ করেন। ~ী [কৃশাশ্ব (কৃশাশ্বমুনি-প্রণীত নৃত্য-গীতাদি শাস্ত্র)+ইন্ (জ্ঞাতার্থে) মূ০-কৃশাশ্বিন্ ১মা ১ব০। যে কৃশাশ্ব মুনিকৃত নৃত্য-গীতাদি শাস্ত্র জানে] বি, নর্ত্তক ; নট।

কৃশোদর [কৃশ+উদর] বিণ, ক্ষীণোদর।

কৃশ্চান-খৃষ্টান দ্রঃ।

কৃষক [সং-"কৃষকঃ কর্ষকঃ।"-হে০ (মে০)। কৃষ্ (ভূমি কর্ষণ করা)+অক (র্তৃ)] বিণ, যে ভূমি কর্ষণ করে ; কৃষিকর্ম্মকারী ; কর্ষক ; কৃষাণ ; চাষা। ২ [ণে-অক, যদ্দ্বারা ভূমি কর্ষণ করা হয়] লাঙ্গলের ফাল ; হল। ৩ বৃষ [বিরল]।

কৃষাণ [কৃষ (কর্ষণ করা)+আন (র্তৃ-জ্ঞা০)] বিণ, যে ভূমি কর্ষণ করে ; কৃষক, চাষা। ২ [প্রাদে০] বি, কৃষিকর্ম্মে সাহায্য-কারী। "হাসি হাসি হরে বলে শুনি ত্রিনয়ন। কতকর কাঁচাচালু কৃষাণের প্রাণ॥"-শি০।

কৃষাণি [কৃষাণ দ্রঃ] বি, কৃষকের কর্ম্ম ; কৃষিকর্ম্ম ; চাষবাস।

কৃষাণী [কৃষাণ দ্রঃ] বিণ, কৃষাণ-সম্বন্ধীয ; কৃষাণের উপযোগী।

কৃষাণু [কৃশানু (বিরল)। কৃশানু দ্রঃ] বি, আগুন। "রবির সমান সোম কুসুম কৃষাণুসম চন্দনেরে ত্রিগুণে বাখানি।"-নিধুবাবু।

কৃষি [সং। কৃষ্ (কর্ষণ করা)+ই (ভা০)] বি, কৃষিকর্ম্ম ; চাষবাস। ২ কর্ষণোপযোগী ভূমি। ৩ [গ্রা০। এই অর্থে **কৃষক** শব্দের প্রাদে০ ব্যবহার আছে] কৃষক ; চাষী। "আমরা প্রজা কৃষি জমি চষি সুফল ফলাই তায়।"-কৃষকের পত্র [দ্রঃ-'চর্ষণী' বা 'কৃষ্টী' এই শব্দদ্বয়ের অর্থ মনুষ্য। চর্ষণী অর্থ চাষা এবং কৃষ্টী অর্থ কৃষক। * * * ঋগ্বেদে 'বিশ্ব-চর্ষণী' অর্থে সমুদয় মানব। অনেক স্থলে দেবতাদিগকে 'চর্ষণীধৃৎ' 'চর্ষণীনাং রাজা' বলিয়া সম্বোধন করা হইয়াছে। 'চর্ষণীধৃৎ' অর্থ মনুষ্যদিগের ধারণকর্ত্তা। অগ্নি মনুষ্যদিগের হোতা এই অর্থে "চর্ষণীনাং হোতা"র উল্লেখ আছে। পঞ্চদেশের লোক কিংবা পঞ্চশ্রেণীর লোক এই অর্থে 'পঞ্চজনা' কিংবা 'পঞ্চকৃষ্টয়' ব্যবহৃত হইয়াছে।"-প্রবাসী, ১৩১০] নিম্ন কথ্য 'কিষ্টি, ক্ষেতে কিষ্টি ভরাইয়া দিল না কইল সম্বল।"-মৈ০ গী০। ~**কর্ম্ম**-বি, চাষ। ~**জাত**-বিণ, ক্ষেত্রকর্ষণোৎপন্ন।

কৃষিজীবী [কৃষি (চাষ)-জীব্ (বাঁচা)+ইন (র্তৃ) মূ০-জীবিন্ ১মা ১ব০] বিণ, যে কৃষিকর্ম্মদ্বারা জীবিকা নির্ব্বাহ করে ; কৃষক ; কৃষীবল।

কৃষীবল [কৃষি (চাষ)+বল (স্ত্য) ষি=ষী] বিণ, যার কৃষিকর্ম্ম আছে ; কৃষক ; চাষা। "লুঠে নিল সরবস্ব, ক্ষেতের সুপক্ক শস্য দেখনা কিহে লাঙ্গলী কৃষীবলগণ।"-গোবিন্দ০।

কৃষ্ট [কৃষ্ (কর্ষণ করা)+(র্ম্ম)] বিণ, যা কর্ষণ করা হইয়াছে ; কর্ষিত ; চষা ক্ষেত্র। ২ আকৃষ্ট।

কৃষ্টপচ্য [কৃষ্ট (চষা ক্ষেত) পচ্ (পাক করা) য (র্ম্ম, জ্ঞা০) যা চষা ক্ষেতে পাক করা হইয়াছে বা উৎপাদন করা হইয়াছে] বিণ, কর্ষিত ক্ষেত্রজাত ধান্যাদি শস্য ; কৃষিজ।

কৃষ্টি [কৃষ্ (কর্ষণ করা)+তি (ভা০)] বি, ভূমি কর্ষণ ; হাল চাষ। ২ চাষ; কৃষিকর্ম্ম। ৩ [কৃষ্+তি (র্ত্ত)] বি, বিধিজ্ঞ : পণ্ডিত ; বিদ্বান্। ৪ [লক্ষ০ তুল-ইং culture] অনুশীলন ; মানবতার সর্ব্বাঙ্গীণ উৎকর্ষের সাধনা ; (তার ফলস্বরূপ) সভ্যতা। "ভারতের প্রাচীন কৃষ্টি ও সভ্যতা।"-বাং-কথা, ১৩২৮।

কৃষ্ণ [কৃষ্ (আকর্ষণ করা)+ন (র্ত্ত) যিনি সকলকে আকর্ষণ করেন বা পাপকর্ষণ করেন (ভক্তজন-পাপাদি-দোষাকর্ষণাৎ কৃষ্ণঃ) বা কৃষ্ (কৃৎস্ন) ন (আত্মা)-যিনি জীববৃন্দের আত্মা স্বরূপ, বা ক (ব্রহ্ম) ঋ (অনন্ত : শিব) ন (নির্বৃতিবাচক) যিনি ব্রহ্মরূপে সৃষ্টি করেন, যিনি অনন্ত, যিনি শিবরূপে সংহার করিয়া থাকেন। প্রা০-কেষ্টা। অনাদরে কেষ্টা প্রা-বাং-য় কাহ্ন, কাহ্না, কাহ্নাঞি (কাহ্নাঞি পাঠাইঞা দিল মোরে। -শ্রী০ কী০)। কাহ্নাই, কাহ্নাঞি,-ঞি, -ঞী,-ঞৗ,-য়ি, কাহ্নু, কাহ্নে, পরে কান (তোর রূপ যৌবনে মোহিল দেবকাল-শ্রী০ কী০)। হি০-কাহ্নাইয়া > কানাইয়া, কানাই, কানু, বর্ণের অর্থগত অনুবাদে-কালা] বি, বিষ্ণুর অবতারবিঃ ; যদুপতি। বৈষ্ণব-সম্প্রদায়ের ইষ্ট-দেবতা [বেদব্যাস, অর্জ্জুন, কাক, কোকিল, লৌহ এ সকল অর্থে সং ভাষায় ব্যবহৃত হইয়াছে] ২ নীলবর্ণ : কালবর্ণ। ৩ বিণ, নীল ; কাল। প্র-কৃষ্ণতিল ; কৃষ্ণপক্ষ। স্ত্রীং ~া-দ্রৌপদী। ২ নীলীবৃক্ষ। ৩ দক্ষিণাপথের প্রসিদ্ধা নদী। ৪ কৃষ্ণবেণী। ৫ বিণ, কৃষ্ণবর্ণা স্ত্রী : কালী। ~তা, ~ত্ব-বি, কৃষ্ণের ভাব। ২ কালিমা। ~কথা-শ্রীকৃষ্ণ-প্রচারিত ধর্ম্ম কথা। ২ কৃষ্ণ-সম্বন্ধীয় কথা ; কৃষ্ণলীলা ; কৃষ্ণের চরিত্র-কথা। "কহ কহ কৃষ্ণকথা অমৃত সমান।" ~প্রাপ্তি-মৃত্যু ; স্বর্গ বা বৈকুণ্ঠলাভ। ~ভজা-কৃষ্ণের ভজনাকারী ; বৈষ্ণব (অসম্ভ্রমার্থে)। গ্রা০-কেষ্টভজা।

কৃষ্ণক [কৃষ্ণ+ক (জ্ঞা০)] বি, কৃষ্ণসর্ষপ : কাল সরিষা।

কৃষ্ণকর্ম্ম-বি, কলঙ্কিতকর্ম্ম ; জুগুপ্সিত কার্য্য ; পাপ। ২ কালির কাজ করা। ৩ [লক্ষ০] কাহারও পশ্চাতে বা অসাক্ষাতে নিন্দা ; বকুনি খাওয়া ; বিশ্বাসঘাতকতা ই০।

কৃষ্ণকর্ম্মা [কৃষ্ণ (মলিন) কর্ম্মন্ (কর্ম্ম) পাপাচার হেতু মলিন কর্ম্ম যার-বহু০] বিণ, যে পাপ কর্ম্ম করে ; পাপী ; দোষী। ২ কৃষ্ণে অর্থাৎ ভগবানে যার কর্ম্ম অর্পিত হইয়াছে [বিরল]।

কৃষ্ণকেলি, কৃষ্ণকেলি [কৃষ্ণের চূড়ার এবং কলিকার মত আকৃতি বলিয়া। এই পুষ্প ঠিক সন্ধ্যার সময় ফোটে বা এই ফুল ফুটিলেই সন্ধ্যাসমাগম বুঝা যায়, সুতরাং লক্ষণায় ঐ নাম। অন্যনাম 'সন্ধ্যামণি'] বি, শ্বেত, লোহিত ও পীতবর্ণের প্রসিদ্ধ পুষ্পবৃক্ষ mirabilis jalapa ২ [প্রাদে০। চৈ০ ম০] কৃষ্ণকলি রঙ্গের কাপড়।

কৃষ্ণকাক [কৃষ্ণ (ঘোরকৃষ্ণবর্ণ) কাক -ধা] বি, দাঁড়কাক।

কৃষ্ণকান্ত-বিণ, কৃষ্ণভক্ত। স্ত্রীং ~া -কৃষ্ণভক্তা। ২ বি, রাধা।

কৃষ্ণকায় [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) কায়=কায়া, (দেহ) যার-বহু০] বিণ, যার দেহের বর্ণ কাল ; কৃষ্ণাঙ্গ। ২ বি, মহিষ।

কৃষ্ণকীর্ত্তন-বি, শ্রীকৃষ্ণের নাম কীর্ত্তন ; কৃষ্ণ-বিষয়ক কীর্ত্তনাঙ্গ গীত ; কৃষ্ণলীলা বর্ণন।

কৃষ্ণকোহল-বি, দ্যূতক্রীড়ক।

কৃষ্ণগতি-বি, অগ্নি।

কৃষ্ণগীতি, কৃষ্ণগুণগান-বি, কৃষ্ণ-বিষয়ক গান ; কৃষ্ণকীর্ত্তন।

কৃষ্ণচতুর্দ্দশী [কৃষ্ণ (কৃষ্ণপক্ষীয়) চতুর্দ্দশী-ধা] বি, কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী তিথি।

কৃষ্ণচন্দন-বি, পীতচন্দন ; হরিচন্দন।

কৃষ্ণচূড়া [গ্রা০-কেষ্টচূড়ো। কৃষ্ণের চূড়াকৃতি >] বি, প্রসিদ্ধ পুষ্পবৃক্ষ (ইহার ফুল লাল ও হলদে রঙ্গের হয়) the plant cæsalpina pulcherrima.

কৃষ্ণচূড়িকা-বি, কুঁচ।

কৃষ্ণজীরক [কৃষ্ণ (কাল বর্ণ) জীরক -ধা] বি, কালজিরা ; কেলেজিরে nigella sativa judica তুল-হি০ কলোঁজী।

কৃষ্ণঝাঁটি-বি, নীলীবৃক্ষ।

কৃষ্ণতিথি-বি, কৃষ্ণপক্ষীয় প্রতিপদ হতে অমাবস্যা পর্য্যন্ত তিথি।

কৃষ্ণদ্বাদশী-বি, কৃষ্ণপক্ষীয় অমাবস্যার দুই দিবস পূর্ব্ববর্ত্তী দ্বাদশী তিথি।

কৃষ্ণদ্বেষী-বিণ, কৃষ্ণবিরোধী।

কৃষ্ণদ্বৈপায়ন [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) যে দ্বৈপায়ন (দ্বীপ হইয়াছে অয়ন-আশ্রয়, বিশ্রামস্থান যার) দ্বীপে জন্মবশতঃ এই নাম] বি, বেদব্যাস ; ইনি পরাশরের ঔরসে মৎস্যগন্ধাগর্ভে যমুনা-দ্বীপে জন্মগ্রহণ করেন। ইনি বেদবিভাগকর্ত্তা, বেদান্ত, পুরাণ ও মহাভারত-রচয়িতা এবং শুকদেবের পিতা, জৈমিনি বৈশম্পায়নাদির গুরু।

কৃষ্ণধন-বি, নীলমণি ; শ্রীকৃষ্ণ।

কৃষ্ণনবমী-বি, কৃষ্ণপক্ষীয় নবমী তিথি।

কৃষ্ণনাম-বি, কৃষ্ণ এই নাম (জপ) ; হরিনাম।

কৃষ্ণপক্ষ [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ পক্ষ-ধা)] বি, যে পক্ষের রাত্রি কৃষ্ণবর্ণ থাকে ; মাসের যে ভাগে চন্দ্রের ক্ষয় হতে থাকে ; প্রতিপদ হতে অমাবস্যা পর্য্যন্ত। ~পক্ষীয়-বিণ, কৃষ্ণপক্ষের ; ঐ সময়ের। ~বর্ণ-বি, কাল রং।

কৃষ্ণপদছায়া-বি, কৃষ্ণচরণের ছায়া। ২ কৃষ্ণ-চরণাশ্রয় বা কৃষ্ণশরণ।

কৃষ্ণবর্ত্মা [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ-অন্ধকার) বর্ত্ম (বর্ত্মন্-পথ) যৎ কর্ত্তৃক-বহু০] বি, অগ্নি (প্রজ্বলিত হলেই ধূমদ্বারা কৃষ্ণবর্ণ হয় বলিয়া এই নাম)। ২ রাহু। ৩ চিতের গাছ plumbago zeylanica ৪ বিণ, কৃষ্ণকর্ম্মা ; কুপথগামী।

কৃষ্ণভক্ত-বি, কৃষ্ণোপাসক ; বৈষ্ণব। ~ভক্তি-বি, কৃষ্ণের প্রতি ভক্তি, অনুরাগ ও বিশ্বাস। ~মণ্ডল-বি, চক্ষুর তারকার চতুর্দ্দিকের রঞ্জিতমণ্ডল ; কনীনিকাপরিধি ; চক্ষুর কাল ভাগ।

কৃষ্ণমুগ [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) মুগ (মুদ্গ)-ধা] বি, কালমুগ ; যে মুগের আবরণ কাল। ~যাত্রা-যে যাত্রায় কৃষ্ণের ব্রজলীলাদির অভিনয় হয়।

কৃষ্ণলোহ, -লৌহ [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) লৌহ-ধা] বি, যে লোহ অন্য লৌহকে আকর্ষণ করে ; অয়স্কান্তমণি : চুম্বক।

কৃষ্ণশার-কৃষ্ণসার দ্রঃ।

কৃষ্ণশারিবা-বি, শ্যামালতা hemidesmus indicus

কৃষ্ণশালি-বি, কাল হেমন্ত ধান্য।

কৃষ্ণশৃঙ্গ [কৃষ্ণ (কাল) শৃঙ্গ যার-বহু০] বি, মহিষ।

কৃষ্ণসখ [কৃষ্ণের সখা-৬ তৎ সখা=সখ] বি, অর্জ্জুন।

কৃষ্ণসর্প [কৃষ্ণ (কাল) সর্প] বি, কাল সাপ, কেউটিয়া the black cobra

কৃষ্ণসার,-শার [কৃষ্ণ (কাল) সার (স্থিরাংশ-পৃষ্ঠদণ্ড) যার-বহু০] বি, মৃগবিঃ : কালসার · the Indian (spotted) antelope. ২ শিংশপা বৃক্ষ dalbergia sisoo.

কৃষ্ণসারথি [কৃষ্ণ সারথি (রথচালক) যার-বহু০] বি, অর্জ্জুন। ২ অর্জ্জুন বৃক্ষ terminalia Arjuna

কৃষ্ণসুন্দর-বি, সৌন্দর্য্যের আধার শ্রীকৃষ্ণ।

কৃষ্ণস্কন্ধ [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) স্কন্ধ যার-বহু০] বি, তমালগাছ।

কৃষ্ণা-কৃষ্ণ দ্রঃ।

কৃষ্ণাগুরু [কৃষ্ণ-অগুরু-ধা। হিং-কালাগর] বি, কৃষ্ণচন্দন ; কাল অগুরু।

কৃষ্ণাচল [কৃষ্ণ অচল (পর্ব্বত)-ধা] বি, রৈবতক পর্ব্বত। ২ কৃষ্ণাধিষ্ঠিত গিরি।

কৃষ্ণাচার্য্য [কানপা দ্রঃ। "কৃষ্ণ ইন্দ্রজাল বিদ্যা the black art, আচার্য্য the performer of black magic"] -শরচ্চন্দ্র দাস, সি, আই, ই। ২ বৌদ্ধযোগী সিদ্ধকালপাদ ওরফে 'হাড়িপা'র শিষ্য কৃষ্ণাচার্য্য ওরফে কানুপা ইন্দ্রজাল বিদ্যায় পারদর্শী ছিলেন বলিয়া-লক্ষ০] বি, ঐন্দ্রজালিক (গোবিন্দ গীত, টীকা) ;

কৃষ্ণাজিন [কৃষ্ণের (কৃষ্ণ মৃগের) অজিন (চর্ম্ম)] বি, কৃষ্ণসার মৃগের চর্ম্ম।

কৃষ্ণাদিগণ [বৈদ্যকে] বি, পিপ্পল্যাদিগণ (কৃষ্ণা, চিত্রক, বচ, বাসক, বিকসা, ঘন, গন্থিক, এলা, অতিবিষা, রেণুক, কটুত্রয়, যমানী, গোস্তনী, ব্যাঘ্রী, ভূনিম্ব, বিল্ব, চন্দন, বামনহাটী, শ্যামা, শিবা, ধাত্রী, স্থিরা, মূর্ব্বা, জীরক, সর্ষপ, হিঙ্গু, কণ্টকী, বিড়ঙ্গ)।

কৃষ্ণানন্দ-বি, তন্ত্রশাস্ত্র-সংগ্রহকর্ত্তা ; তন্ত্রসার নিবন্ধকার ; রাজা কৃষ্ণচন্দ্র রায়ের সময় (১৭১০—১৭৮৩) কৃষ্ণানন্দ সার্ব্বভৌম নামে এক মহাপণ্ডিত প্রাদুর্ভূত হইয়াছিলেন। তন্ত্রশাস্ত্রে তাঁর অসাধারণ ব্যুৎপত্তি ছিল বলিয়া আগম-বাগীশ নামে ইনি প্রসিদ্ধ ছিলেন। কথিত আছে ইনি কালীপূজা ও দীপাবলী-প্রথা বঙ্গদেশে প্রচলিত করেন। ২ কৃষ্ণে প্রীতিযুক্ত।

কৃষ্ণাভ-বিণ, কৃষ্ণ আভাযুক্ত। ~া [কৃষ্ণ-আভা] বি, কাল ছটা। ২ কালাঞ্জনী ; কালকার্পাস বৃক্ষ।

কৃষ্ণাভ্র-বি, কাল অভ্র ; নীলাভ্র।

কৃষ্ণামিষ [কৃষ্ণ (কাল) আমিষ (আমিষ গন্ধ বলিয়া)=লোহ] বি, কৃষ্ণায়স ; চুম্বক-লোহ।

কৃষ্ণায়স [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) অয়স্ (লোহ) ধা] বি, চুম্বকলোহ।

কৃষ্ণারাধ/ক-বিণ, কৃষ্ণের উপাসক ; কৃষ্ণভক্ত। ~ন-বি, কৃষ্ণের উপাসনা।

কৃষ্ণার্চ্চিঃ [কৃষ্ণ+অর্চ্চিস্ (শিখা)] বি, অগ্নি।

কৃষ্ণার্জ্জক-বি, কাল তুলসী।

কৃষ্ণাশ্রিত-বি, কৃষ্ণ কর্ত্তৃক রক্ষিত ; কৃষ্ণভক্ত।

কৃষ্ণালু [কৃষ্ণ+আলু] বি, আলুবিঃ। ২ কেঁউগাছ।

কৃষ্ণাষ্টমী [কৃষ্ণ (কৃষ্ণপক্ষীয়) অষ্টমী-ধা] বি, ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী ; শ্রীকৃষ্ণের জন্মতিথি।

কৃষ্ণেক্ষু [কৃষ্ণ (কাল) ইক্ষু] বি, কাজ্‌লা আক।

কৃষ্য [কৃষ্ (কর্ষণ করা) য (র্ম্ম)] বিণ, কর্ষণোপযোগী।

কৃসর, কৃসরা-কৃশর দ্রঃ।

কৢপ্ত [সং] বিণ, কল্পিত। ২ নির্ম্মিত ; রচিত। ৩ ধার্য্য। ৪ ছিন্ন। ৫ প্রত্যক্ষ-প্রমাণযুক্ত। প্র-কৢপ্ত শ্রুতি চারিভাগে বিভক্ত। বি, কৢপ্তি।

কে [কিম্ > হিং-(অবধী) কৌন, কে, মাগধী-কেউ (হিং-কেহু-হু=উ বল প্রয়োগার্থে) > বাং-কেহ > কেউ (আধু-বাং) গ্রা০), ওড়ি০-কেহি। প্রা০ বৌ০ বাং-প্রাকৃ০-কে, কেঁ, কেহো, কেহ, কোই (সং-কোঽপি =কেহই ; কেহ ও ; শ্রী০ কী০-'কেহো' কেনা=কোন)। "কেনা বিধি লেখিল কপালে।"] স, কেহ ; কোন ব্যক্তি কোন বিশেষ জানা নাই, এমন। প্র-কএক, কে যেন, কে বটে, কে ভাল যদুনাথ কি নাকি দেখা করতে এসেছিল ই০। কে দু'জন বসিয়া আছে। ২ [কিম্ শব্দ (র্ত্তৃ) ১মা বহুব০] কাহারা (ক্ষে০) কারা। ৩ [ব্যা০] কর্ম্ম-কারকের বিভক্তি রে, এরে, এ স্থলে কে। যথা,-হরিকে স্থলে হরিরে ই০। ৪ বিশেষ কোন অর্থে। "ডাক্তারকে ডাক" (call the doctor) কিন্তু উক্ত বিভক্তি না থাকিলে যে কোন হইবে, যথা-ডাক্তার ডাক [call a (any) doctor] ৫ ২য়া বিভক্তি 'কে' স্থলে স্বার্থে 'ক'ও হয়। "বিহিক ডারলি।"-বি০ প০। ৭মী বিভক্তি (কে=তে)। "গুরুকে দক্ষিণা দিয়া ঘরকে গমন।"-কৃত্তি০। ব্রজ০ ও প্রা০বৈ০ সা০ ২য়া বিভক্তি 'কে' স্থলে 'ক' এবং কর্ম্ম-কারকে দ্বিতীয়ায় 'কে' স্থলে সপ্তমীর 'ত' দৃষ্ট হয়। ৬ [গ্রা০ প্রাদে০ বর্দ্ধমান, বাঁকুড়া, বিষ্ণুপুর] প্রতি ; দিকে ; উদ্দেশে। যথা-ঘরকে যাই, জলকে যাব। "ছোট বউগো জলকে যা।" ৭ প্রতি ; প্রত্যেক। প্র-মণকে টাকা বাদ। বছরকে একদিন। ৮ [প্রা০ বাং-দ্বারা অর্থে ৩য়া বিভক্তি চিহ্ন] "তিন পুখুরীর জল চাই গণ্ডু থেকে। সাত পুখুরীর জল চাই এক নিসাসেকে॥"-শূ০ পু০। ৯ কি সম্বন্ধ অর্থে। "ওই মোটা লোকটা ওর কে?" "কে আমার আমি কার।" "কে সে কার জন্য এত করম" ই০। কে জানে [কি জানি দ্রঃ] কেউ জানে না ; আমি জানি না। "কে জানে কবেকার কথা।" -রবী০।

কেঅট,-কৈওট,-কৈয়ট [সং-কৈবর্ত্ত, প্রাকৃ০-কেবট্ট, হিং-কেবট। প্রা০ বাং কেঅট,-য়ট। গ্রা০-কেওট, ক্যাওট] বি, হিন্দু জাতি-বিঃ, ধীবরজাতি। ২ [কদর্থে গ্রা০ ব্যবহারে] বিণ, হীন স্ত্রীং ~নী।

কেঅরা [সং-কিরাত] বি, কিরাত

(দ্রঃ) জাতি: হিন্দুজাতিবিঃ: কাওব। স্ত্রীং ~ণী।

কেঅল [চং ক· ভাং] অ, কেবল।

কেআ, কেয়া [সং-কেতক। হিং-কেআ] বি, কেতকীকুসুম বৃক্ষ: কেয়াফুলের গাছ।

কেআরী (কেয়ারি) [সং-কেদার-কেদারিকা] বি, কেয়াবী দ্রঃ।

কেউ [হিং-কেহ, প্রাং বাং-কেহ] স, কেহ: কোন ব্যক্তি। "ঢেউ দিওনা কে এ জলে বলে কিশোবী।"-হরুঠাকুর। ২ কেয়াফুল।

কেউটিয়া, কেউটে [কৃষ্ণ-গ্রাং-কেষ্‌টো > কেউটে] বি, কৃষ্ণবর্ণ তীক্ষ্ণ বিষধর সর্প: কেউটে সাপ। ২ তৃণবিঃ।

কেওকেটা, কেউকেটা [কে+ও+কে+টা। বিপরীত-কেষ্টবিষ্টু (দ্রঃ)] বিণ, সামান্য: নগণ্য: কোথাকার কে: কে-সে। "ও যে একটা কেং নয় তা ভাল করেই জানাবে।" "তাকে কি একটা কেং পেয়েছিস্?" কেঁওট-কেঅট দ্রঃ।

কেঁওড়া [সং-কেবিকা > হিং-কেবড়া >] বি, কেয়াফুল ও তার গাছ; বড় কেতকী pandanus odoratissimus ২ ঐ ফুলফলের আসব; কেওড়ার সুগন্ধ জল।

কেঁওরা-কাওরা দ্রঃ।

কেঁ [অনুং] বি, পক্ষীর আর্ত্তনাদশব্দ।

কেঁইয়া-কাইয়াঁ দ্রঃ।

কেঁউ [অনুং] বি, কেউ শব্দ। ~কেঁউ-কুকুরের ডাক। ২ [সং-কেমুক, হিং-কেমুআ] উত্তরদেশজাত বৃক্ষবিঃ: কেঁউগাছ costus speciosus.

কেঁক [অনুং] বি, স্বার্থে আঘাত পড়িলে তৎক্ষণাৎ তার প্রতিবাদ বা বিস্ময়-প্রকাশ। ~কেঁক-ঐরূপ ডাক। কেঁকঁর কেঁকঁর-ক্রমাগত ঐরূপ শব্দ। ~কঁরে উঠা-অপ্রীতিকর বিষয়ের তৎক্ষণাৎ প্রতিবাদ করা: আক্রমণে উদ্যত হওয়া। তুল-ফোঁস্ করা। ~কেঁক কঁরা-গলার কর্ক্কশ শব্দ করা। বিণ, ~কেঁকিয়া, ~কেঁকে-কর্ক্কশকণ্ঠ। ক্রি, ~কেঁকানি। বি, ~কেঁকানি-কেঁক কেঁক শব্দ।

কেঁকলাসে [কৃকলাস (দ্রঃ) + ইয়া > কাকলাসে > কেঁকলাসে, ক্যাঁকলাসে] বিণ, কাকলাসের মত সরুদেহ, পার্শ্ব চ্যাপটা লিকলিকে: চোক্কেসে: শীর্ণোদর কৃশকায়।

কেঁচ [অনুং] বি, কোন কোমল জলীয় বস্তুর উপর কঠিন বস্তুর আঘাতজাত শব্দ। ২ কচুর ন্যায় কোমল দ্রব্য এক কোপে কাটার শব্দ। ক্রি, ~কেঁচানি। বি, ~কেঁচানি। বিণ, ~কেঁচিয়া, ~কেঁচে-কেঁচকেঁচ শব্দকারী। ২ কাঁচা যা চিবাইলে কেচকেচ করে, কোমল বস্তুর ন্যায় চর্ব্বণকালে নিঃশব্দে মুখে মিলাইয়া যায় না।

কেঁচা [চট্ট· প্রাদে কাঁচা] বি, বিঁধিবার মত সূক্ষ্মমুখ লৌহাগ্র: শূল।

কেঁচে [গ্রাং-কাঁচা দ্রঃ] ক্রি, কাঁচিয়া। ~গণ্ডূষ [কাঁচা দ্রঃ] কাঁচিয়া-গ্রাং-কেঁচে। আহারের প্রারম্ভেই গণ্ডূষ বিধি হতে লক্ষণায় আরম্ভ] বি, পুনরায় আরম্ভ।

কেঁচুআ, কেঁচো [সং-কিঞ্চুলক] বি, মহীলতা: মাটির মধ্যস্থিত কৃমি: কীটবিঃ। ইহা কাল বা শাদা লম্বাকৃতি হয়। কাল কেঁচোকে ঢেমনা ও শাদাকে দুধে বলে। ২ কেঁচোর মত কৃশকায়। কেঁচো খুঁড়তে সাপ বাহির হওয়া [লক্ষং] সামান্য কারণ হতে ব্যাপার গুরুতর আকার ধারণ করা।

কেঁড়ে [সং-কুণ্ড >] বি, মৃৎপাত্রবিঃ: ভাঁড়। ২ হাঁড়ি। "দুধের কেঁড়ে।" ৩ কড়া দ্রঃ।

কেঁড়েলি [কাঁড়ান, কাঁড়ন দ্রঃ] ছাঁটা ছাঁটা কথা। ২ ছেলের মুখে বৃদ্ধের ন্যায় বচন, অকালপক্কতা; বৃথা বাহাদুরী। "বালকের কেঁং দেখিলে তাহাকে গুরুজনেরা চড়টা চাপড়টা দিয়া থাকেন।" -যোগেন্দ্র চট্টোং (প্রবাসী ১৩১০)। ৩ কাঁড়া বা খোসা ছাড়ান ডাল (রাঢ় অঞ্চলে)। "এতক্ষণ কেঁড়েলির ডাল বার কর্ত্তে পাল্লি না।" ওমা তুই কেঁং কচ্ছিলি? * * এই বলিয়া ডালগুলি পরীক্ষা করিয়া বলিল হয়েছে।"-যোগেন্দ্র চট্টোং। ৪ বিউলি।

কেঁদে [কাঁদা দ্রঃ] অস-ক্রি, কাঁদিয়া। ~কঁকইয়ে [কাঁদিয়া-ককাইয়া অত্যন্ত কান্নার বেগে কণ্ঠ রুদ্ধ অবস্থায় কক শব্দে কাঁদিবার ভাব হতে] ফুকারিয়া বা ডুকারিয়া কাঁদিয়া। ২ [লক্ষং] খেদ বা বিলাপ করিয়া কাঁদিয়া > অনুনয়-বিনয় করিয়া। ~কুঁদে [সহ শব্দ। কাঁদিয়া-কুঁদিয়া (লাফান > অঙ্গ-বিক্ষেপে > আক্ষেপে)] আক্ষেপ সহকারে কাঁদিয়া। ২ [লক্ষং] অনুনয়-বিনয় করিয়া। ~কেটে [সহ শব্দ। কাঁদিয়া-কাটিয়া (কপাল মাথা বুক ইং-তে আঘাত করিয়া-মাথা খুঁড়িয়া বুক চাপড়াইয়া ইং-র ভাব হতে] ২ [লক্ষং] অনুনয়-বিনয় দ্বারা। উচ্চ ক্রন্দন ও অত্যন্ত আক্ষেপ প্রকাশ করিয়া। "কেঁদে কেটে মাথা খুঁড়ে তার কথা নড়ানো যায় না।"-রবীং। ~বেঁদে [সহ শব্দ। ভিজা কাটে রন্ধনকালে চোখের জলে ক্রন্দনেরও অধিক বিসর্জ্জনের ভাব হতে তদ্দ্বারা দৃষ্টি-বোধের ভাব জড়িত-বেঁধে > বেঁদে (গ্রাং)] অজস্র অশ্রু-বিসর্জ্জনসহ কাতরতা প্রকাশ করিয়া। "সে দিন মেয়ে কেঁদে বেঁদে একসা করলে।" ~সেঁধে, -সেঁদে-কান্নার সুরে সাধ্য-সাধনা করিয়া।

কেঁদো [সং-স্কন্ধ: কাঁধ + উআ বিশেষার্থে বা স্থ্য)-কাঁধুয়া-কেঁধো; হিং-তেঁদুআ (উন্নত স্কন্ধ)। প্রাং বাং-প্রাদেং ভেদে কেন্দআ, কেউন্দা, কেওয়া ("কেওদা বাঘর ছড়।" -রমাই পণ্ডিত)] বিণ, উন্নত স্কন্ধ। ২ [কুন্দ-কুঁদো (কাঠের গুড়ি-তা হতে স্থূল)] অতি-কায়: স্থূলকায়। ~বাঘ [প্রাদেং বরিশাল] ক্ষুদ্র জাতীয় উন্নত স্কন্ধ ব্যাঘ্রবিঃ: হিং-তেঁ-তেঁদুআ। ২ [পশ্চিম ও দক্ষিণ বঙ্গে] অতি-কায় বা স্থূলকায় ব্যাঘ্র Bengal tiger "চারি পায়ে বান্ধিল ঘাঘর উরুমাল। পালান ভিড়িয়া বান্ধে কেং বাঘছাল॥"-কবিকং।

কেঁয়ে [হিং-কাঁইয়া কাইয়াঁ দ্রঃ] বি, সাধাঃ মাড়বারী জৈনগণ কেঁয়ে বা কেঁয়ে-মহাজন নামে বিখ্যাত। ২ [কাঁইয়াদের প্রকৃতি >] বিণ, কলহকারী; ঝগড়াটে। "খেলায় দিগ্‌গজ কেঁং চোরের সর্দ্দার।" -হেমং। ৩ স্বার্থপর। ৪ কৃপণ। ৫

আপনার জেদ বজায়কারী ; জিদ্দী। ~কঁরা (কাইয়া করা)-কোন খেলায় জিতিবার জন্য ব্যগ্র হইয়া সত্যের অপলাপ করা ; মিথ্যা জেদ করা।

কেক [ইং-cake] বি, বিলাতী পিঠা-বিঃ ; ময়দা চিনি ডিম ইং যোগে প্রস্তুত পূপ।

কেকঁয়-বি, ভারতের উত্তর-পশ্চিমস্থ দেশবিঃ ; পঞ্জাবের উত্তরপশ্চিমাংশ ; বিপাশা নদীর পশ্চিমতীরস্থিত পর্ব্বতময়দেশ। ২ সূর্য্যবংশীয় নৃপবিঃ।

কেকয়ী, কৈকেয়ী [কেকয় (রাজা-বিঃ) + ও (অপত্যার্থে) ঈ (স্ত্রীং)] বি, কেকয়রাজকন্যা ; দশরথ রাজার মধ্যমা পত্নী (মতান্তরে কনিষ্ঠা পত্নী) ও ভরতের মাতা।

কেকর [কে (মস্তকে) কর (যে করে কৃ+অ) যে নেত্রদ্বয় মস্তকের দিকে অর্থাৎ উপর দিকে করে] বিণ যার নেত্রদ্বয় উপর দিকে থাকে, বক্রাক্ষি ; টেরা। ২ বক্রদৃষ্টি।

কেকরাক্ষ [কেকর (টেরা) অক্ষি (চক্ষুঃ) যার-বহুং ; অক্ষি=অক্ষ] বিণ, টেরা-চোখ ; বক্রনয়ন।

কেকা [কে (অমু)-কে (শব্দ করা) + অ (জ্ঞাং) আ (স্ত্রীং)] বি শিখি-ধ্বনি, ময়ূরের ডাক। "না শুনি শিখির কেকা শিখিনী কাঁদিছে একা।"-চন্দন (গোবিন্দ)।

কেকারব [কেকা (ময়ূর শব্দ) + রব (শব্দ)] বি, যে কেকারব করে ; ময়ূর।

কেকী [কেকা (ময়ূর শব্দ) + ইন্ (শব্দ)], মূং কেকিন্ ১মা-১ব] বি, কেকারবকারী ; ময়ূর ; শিখী। কেওনাই-কেননা দ্রঃ।

কেঁঙ্গারু, কেঁঙ্গারু [ইং-Kangaroo] বি, অষ্ট্রেলিয়ার তৃণভোজী জন্তুবিঃ। ইঁহাদের সামনের দু পা ছোট, পেছনের পা দুটী লম্বা, পেটের নীচে পেছনের দুই পায়ের মধ্যে এক চামড়ার থলি আছে। ইহাদের শাবক ঐ থলিতে বিশ্রাম করে কোনরূপ ভয় পাইলে উক্ত থলিতে লুক্কায়িত হয়। ২ অষ্ট্রেলিয়াজাত গবাদি পশুর খাদ্য ঘাসবিঃ।

কেঁচকেঁচ [কিচকিচ দ্রঃ] বি, বচসা ; বাগযুদ্ধ ; কলহ ; কচকচি। ক্রি, কেঁচ-কেঁচানি। বি, কেঁচকেঁচানি। বিণ, কেঁচকেচিয়া, কেঁচকেচে। কেঁচির-ক্রমাগত কেচ কেচ করা। কেঁচা-কেঁচি-পরস্পর বাগযুদ্ধ ; বচসা। কিচ-কিচ দ্রঃ।

কেঁচা [কুচার প্রাদেং উচ্চারণ-ভেদ] বি, কুচা, টুকরা ; খণ্ড। কেঁচা কেঁচা। "কোমল বাথুয়া শাখ করিয়া কেং কেং।" -মনসাং (বিজয়ং)।

কেচুক-বি, কচু।

কেচো [কাচিয়া-কাচ দ্রঃ] বিণ, ছদ্ম-বেশী ; কপট।

কেচ্ছা [আং-কিস্‌সা] বি, কাহিনী ; গল্প। "এ হেন হি মহাযজ্ঞে হইল বক্তৃতা সুরু ইংরাজের মহাকেচ্ছা ইংরেজী রেজল্যুসনে।"-দ্বিং রায়। ২ [কদর্থে (সং-কুৎসা > কুচ্ছা। ইহার সহিত কেচ্ছা শব্দের ভাব জড়িত হইয়া)] নিন্দাজনক কাহিনী ; কলঙ্কের কথা।

কেজুয়া, কেজো [কাজ+উ আ] বিণ, কার্য্য করিবার যোগ্য ; যারা কাজ করিতে পারে ; কার্য্যোপযুক্ত ; কার্য্যদক্ষ। ২ যাতে কাজ চলে ; প্রয়োজনীয়, দরকারী।

কেটলি, কেট্‌লি, কেৎলি [ইং-kettle.] বি, কটাহ ; রন্ধনপাত্রবিঃ। ২ চা সিদ্ধ করিবার বা জল গরম করিবার লৌহপাত্র।

কেটা [কে (দ্রঃ) টা (দম্ভে বা অবজ্ঞার্থে ব্যক্তিনির্বিশেষে) পূং বঙ্গে-কেডা] বি, কোন জন ; কে। "নিমকহারাম বেটা, আজি বাঁচাইবে কেটা।"-ভারতং।

কেটে [গুটিকাটা-ক্ষেং কেটে] বি, খাটো তসর কাপড ; কাটা তসরে নির্ম্মিত ওসারে খাটো কাপড়।

কেটো, -ঠো [সং-কমঠ] বি, কচ্ছপ জাতীয় জন্তুবিঃ। ২ কাঠাধারবিঃ ; কাঠের খোরা ; কাঠের বালতি। ৩ নারিকেল মালা। ৪ [কাঠকুদ্দাল] নৌকার জল ছাঁচিবার কাঠের সেচনী।

কেঠুয়া, কেঠো [কাষ্ঠ=কাঠ+উ আ] বি, কাষ্ঠময় পাত্র। ২ কাঠের জল-সেচনী। ৩ কীটবিঃ ; কেঠো পোকা ; এই পোকা আমের মধ্যে থাকে।

কেড়কি-বি, ময়মনসিংহ অঞ্চলের কার্পাস তূলা হতে বিচি বাহির করিবার এক প্রকার কাঠের যন্ত্রবিঃ।

কেড়া পোকা, -পুক [শ্রীহট্ট প্রাদেং] বি, বহুপদী লোহিত বর্ণ নিরীহ কীটবিঃ ; শতপদী। "এই কীট কেহ স্পর্শ করিলেই সঙ্কুচিত হইয়া বা কুণ্ডলী পাকাইয়া পড়িয়া থাকে ও কিছুক্ষণ নিস্তব্ধ ও অস্পৃষ্ট হইলে পুনরায় চলিতে আরম্ভ করে। এক প্রকার পাহাড়িয়া কেড়াপুক আছে তাহারা আকারে অনেক বড়, বর্ণ কালচে, বড়ই ভীষণ।"-চং কুং ভট্ট।

কেড়ি [কীড়া শব্দের ভ্রং] বি, কীটবিঃ ; কেড়ি পোকা ; ইহারা সঞ্চিত চাউল, গম নষ্ট করে।

কেণিকা [সৌত্র ধাতু-কিণ্ (আচ্ছাদন করা) + অক (ণে) যদ্দারা অনাবৃত স্থান আচ্ছাদন করে] বি, কাণাৎ ; তাঁবুর আচ্ছাদন বস্ত্র ; তাঁবু।

কেতক [সং] বি, কেয়াফুলের গাছ ও ফুল। স্ত্রীং ~কী।

কেতন [কিত্ (বাস করা) + অন (জ্ঞাং)] বি, কেতু ; ধ্বজ ; পতাকা। "মকর-কেতন।" "কপি-কেতন।" ২ চিহ্ন। ৩ [কৃ-অন] কর্ম্ম ; কৃত্য ; কার্য্য। ৪ [ধি-অন] স্থান। ৫ গৃহ, নিকেতন। ৬ কুঞ্জ। "নিভৃত কেং হরল চেতন।"-বিং প।

কেৎলি-কেটলি দ্রঃ।

কেতা [আং-কৃতা] বি, শৃঙ্খলা ; বন্দোবস্ত। ২ কায়দা ; ধরণ। "বলিহারি সুবেদারি সুসভ্য কেতায়।"-হেমং। ৩ সাট, গোছা। ৪ [ফাং-কিতা] খণ্ড। প্র-নোটের কেতা। এক কেতা জমি। "উইলের এক কেতা নকল।"-দীং রায় (মহিমময়ী)। ~দুরস্ত-বিণ, কায়দামত ; সুনিয়ন্ত্রিত ; সুব্যবস্থাবদ্ধ।

কেতাব [আং-কিতাব্] বি, পুঁথী ; পুস্তক ; গ্রন্থ ; বই।

কেতাবকীট [বি, এক প্রকার শ্বেতবর্ণ ক্ষুদ্র কীট ; যারা কাগজ পত্র ও পুস্তকের মধ্যে থাকিয়া কাগজ কাটিয়া নষ্ট করে ; পুস্তকনষ্টকারী কীটবিঃ। ২ [কেতাব কীটের

মত সর্ব্বদা পুস্তক লইয়া থাকে বা "বইয়ে মুখে" থাকে বলিয়া] অত্যন্তপাঠক ; অনবরত যে পুস্তক পাঠ করে ; যে সর্ব্বদা বই লইয়া থাকে ও পাঠেই যে আনন্দ পায়।

কেতাবৎ, কেতাবিতী-খঃ দ্রঃ। ২ কিতাবৎ দ্রঃ।

কেতাবি, কেতাবী [কেতাব+ই (সম্বন্ধে)] বিণ, গ্রন্থের মধ্যেই প্রাপ্তব্য, বাস্তব জগতে বিরল। ২ কেতাবসম্বন্ধীয়। ৩ কেতাবের আকৃতি। ৪ যার পড়া বিদ্যা আছে অর্থাৎ যে হাতে-কলমে করে নাই unpractical "মকদ্দমা করা কে॰ লোকের কাম নয়।"-টেকচাঁদ।

কেতু [চায়্ (=কে-পূজাকরা)+তু (র্ম)। রাহু দ্রঃ] বি, কেতুগ্রহ : নবমগ্রহ। ২ ধ্বজ ; পতাকা। "কেতু ভঙ্গ হবেক তোমার যেই দিনে। ইহা শুনি চাহিয়া রহিল কেতু পানে॥"-শি॰। ৩ ধূমকেতু। ৪ উৎপাত-চিহ্ন। ৫ চিহ্ন। ৬ রোগ। ৭ রিপু।

কেতুমান্ [কেতু (চিহ্নাদি)+মৎ (স্ত্য) মু॰-কেতুমৎ ১মা ১ব॰)] বিণ, চিহ্নবিশিষ্ট : চিহ্নাদিযুক্ত। ২ প্রজ্ঞা-যুক্ত ; প্রজ্ঞ। ৩ বি, দিবোদাসবংশীয় নৃপতিবিঃ। ৪ প্রাসাদবিঃ।

কেতুমাল-বি, বর্ষবিঃ ; জম্বুদ্বীপের নববর্ষের অন্যতম। স্ত্রীং ~া-অবন্তীদেশস্থ নদী।

কেতুযষ্টি-বি, ধ্বজদণ্ড।

কেতুরত্ন [কেতু+রত্ন (মণি) কেতু নামক রত্ন-ধা] বি, প্রবালজাতীয় মণিবিঃ ; বৈদূর্য্যমণি।

কেৎরা [শ্রীহট্ট প্রাদে॰] বি, ঢেঁকীর কোমরের ছিদ্রে ঢুকানো গোলাকার কাঠের দুই দিকের অবলম্বন দুইটী বাঁশের বা কাঠের খুঁটি।

কেদার [কে (জলে) দৃ (বিদারণ করা)+অ (র্ম, জ্ঞা॰) জল যাকে বিদারণ করে] বি, সীমা-চিহ্নিত ক্ষুদ্র ক্ষুদ্র ভূখণ্ড ; ক্ষেত্র : জমি। ২ কৃষিক্ষেত্র ; ক্ষেত। "নীরদ অমৃত বর্ষে, কৃষিকুল মহাহর্ষে গীত গায় কেদারে কেদারে।"-কাক্ষী॰। ৩ হিমালয়স্থ প্রসিদ্ধ শৈল-শৃঙ্গ। ৪ কাশীর প্রসিদ্ধ শিব ; কেদারেশ্বর। প্র-ব্যোম কেদার। ৫ ক্ষেতের আল। ৬ উদ্যানে বৃক্ষাদির আলবাল এই অর্থে গ্রা॰-কেয়ারী। ~খণ্ড-বি, ক্ষেত্রের আলি ; আলবাল। ২ ক্ষেত্র খণ্ড। ~নট-কোরা ও নট সংযোগে উৎপন্ন রাগ ; ঋ-ধ বর্জ্জিত স্বরগ্রাম। ~নাথ-বি, শিবলিঙ্গভেদ। ~বাহিনী, -নী-বিণ, ক্ষেত্রমধ্য দিয়া প্রবাহিনী। পুং ~বাহী। ২ বিণ, ঐরূপ ক্ষুদ্র নদী। ~শালি-আমন ধান : যেটে ধান।

কেদারজ [কেদার (ক্ষেত্র)-জ তাতে যে জন্মে] বিণ ক্ষেত্রোৎপন্ন। ২ বি, পদ্মকাষ্ঠ।

কেদারা, কেদেরা [পর্তু॰-cathedra] বি, বেত্র ও কাষ্ঠনির্ম্মিত উচ্চ আসনবিঃ।

কেদারিকা [কেদার দ্রঃ] বি, ক্ষেত্র। ২ ক্ষেতের আলি। ৩ [গ্রা॰-কেয়ারী] উদ্যানে বৃক্ষাদির আলবাল।

কেদারেশ, কেদারেশ্বর-বি, কাশীর শিবলিঙ্গবিঃ।

কেদে [প্রাদে॰ তুল-দা, কাদা] বি, ধান কাটিবার কাস্তে [কেদের মুখ-কাস্তের মুখের দিকের দাঁতির মত কাটা কাটা অংশ। কেদের বাঁট-কেদের গোড়ার ধারের পিছনের অংশ বা হাত দিয়া ধরিবার। কেদের পাত-কেদের চ্যাপ্টা অংশ] ২ আগাছা কাটিবার যন্ত্র।

কেনি [প্রা॰ বাং-কেছে ; কেহেন। কিম্ শব্দের হেত্বর্থে ওয়া বিভক্তির রূপ, 'কেন কারণেন' কিংবা তৃতীয়ান্ত কিম্ শব্দের স্বরূপ। হিং-ক্যোঁও ; ওড়ি॰-কাঁই] অ, কি কারণে ; কি হেতু : কি জন্য ; কি নিমিত্ত। ২ আহ্বান বা ডাকের উত্তর ; ডাকের কারণ কি? প্রা॰ বাং-'কেনে' ও 'কেনি।' মাইকেলও ব্যবহার করিয়া গিয়াছেন। "কেনে এত ফুল তুলিলি সজনি যতন করিয়ে ভরিয়ে ডালা।"-ব্রজাঙ্গনা। "কতেক আছে বর, ভুবন মনোহর ইচ্ছিলে বুড়াবর কেনি।" -কবিক॰। ~মনে, -মতে, -মনে [প্রা॰ বাং কেমনে দ্রঃ] কেমন করিয়া (শ্রী॰ কী॰)।

কেনি-না [হিং-ক্যোঁও-কি] অ, কারণ : যেহেতু। ২ [হিং-ক্যোঁও-নহি। প্রা-বাং-ক্যোঁও না=কেঙনা। "এই আগে দেখহ কেঙ নাই নামে গ্রাম। ** কেঙ না আই শ্রীকৃষ্ণ দূতীরে পুছয়। এহেতু কেঙনাই এবে কোনাই কহয়ে॥"-ব্রজ-পরিক্রমা। পূ॰-বঙ্গে, -কেন নাই=ক্যান্নাই ; প্র-যাউক ক্যান নাই, খাউক ক্যান নাই। ২৪পরগণা অঞ্চলে -না কেন। আধু॰-বাং-তে যাউক না কেন, খাউক না কেন] কেন নয় ; কি জন্য নহে : অবশ্য ; নিশ্চয়। প্র-যাবে না কেন : খাবে না কেন (যাবে, খাবে এই অর্থে)।

কেনা১ [পা, কিন ধাতু > কিনা। তার উচ্চারণ-বিকারে। কিনা দ্রঃ] ক্রি, ক্রয় করা। ২ বিণ, ক্রীত। প্র-কেনা দরে মাল বেচা। ~দর-যে মূল্যে জিনিস পাওয়া যায়। ~বেচা, বেচা কেনা-ক্রয় বিক্রয় বা বিনিময় করা ; হাট বাজার করা। ২ বি, পত্রশাক ; কেনী শাক।

কেনা২ [কিম্ > প্রা॰বাং] বিণ, কেমন, কোন। "কেনা বিধি আগ বড়ায়ি লেখিল কপালে।"-শ্রী॰ কী॰।

কেনি [কেন দ্রঃ] প্রশ্ন, কেন : কি জন্য। "সোনার নাতিনী এমন যে কেনি হইলা বাউরী পারা।"-চণ্ডী॰।

কেনিপাত [কে (জলে) নিপাত (যাকে ফেলান হয়)+নি-পত্ (পতন হওয়া)+অ (র্ম, জ্ঞা॰)] বি, নৌকার হা'ল। ২ নৌকাদণ্ড বা দাঁড়।

কেন্দু, কেন্দুক, কেন্দুর [সং-তিন্দুক, কাকতিন্দুক (হিং-কেন্দু, তেন্দু, মাকড়া কেঁদ] বি, তিন্দুক ; গাব ; মাকড়া কেঁদু dissyprus glutinosa

কেন্দ্র [সং] বি, পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত ; মেরু। ২ [জ্যো॰] ৩ [জ্যো॰] লগ্ন ; লগ্ন হতে সপ্তম, দশম ও চতুর্থ স্থান ; সূর্য্য হতে গ্রহ উপগ্রহাদির ব্যবধান। ৪ [জ্যামিতিতে] গোল বস্তুর মধ্যবিন্দু : বৃত্তের আভ্যন্তরীণ যে বিন্দু হতে পরিধি পর্য্যন্ত অঙ্কিত যাবতীয় সরল রেখা পরস্পর সমান centre. ৫ প্রধান ও মূল স্থান : যা হতে শাখা চতুর্দ্দিকে বিস্তৃত হয়। ~গত-বিণ, মধ্যগত ; মধ্যস্থ। ~বিমুখ-কেন্দ্র হতে দূর গমনশীল centrifugal. ~বিমুখ বল-যে বল দ্বারা বস্তু সকল কেন্দ্রাভিমুখ হতে দূরবর্ত্তী হয়। ~স্রোত-মেরুর নিকট হতে আগত স্রোত। কেন্দ্রাতিগ-বিণ,

কেন্দ্রবিমুখ দ্রঃ। কেন্দ্রাতিগক্রিয়া-centrifugal action কেন্দ্রাতিগাকর্ষণ-centrifugal attraction কেন্দ্রাপিসারী বল, কেন্দ্রাপিসারিণী শক্তি-যে শক্তি দ্বারা দ্রব্য সকল কেন্দ্র ত্যাগ করিয়া যায় centrifugal force. কেন্দ্রাভিকর্ষী বল, কেন্দ্রাভিকর্ষী-centripetal. কেন্দ্রাভিকর্ষণী শক্তি, কেন্দ্রাভিমুখ বল-যে শক্তির প্রভাবে দ্রব্যসকল কেন্দ্রাভিমুখে যায় centripetal force

কেন্দ্রী-বিণ. কেন্দ্রযুক্ত। ২ কেন্দ্রস্থ। ~ভূত-বিণ. কেন্দ্রে পরিণত। ২ কেন্দ্রগত।

কেন্ন, কেন্নাই, কেণ্ডাই, কেন্নুই, কেন্নো, কেঁদরাই [সং-কর্ণকীট > কন্নঈঅ > প্রাদে. পূংবঙ্গ-ক্যারা. হিং-কনখজুর, ইং-centipede] বি. কীটবিঃ; কর্ণকীট, কাণকোটাবিঃ। "বামাকুল ভোজে প্রবৃত্ত হইলেন। কোন যুবতী বাম হস্তে বৃহৎ নতখানি ঈষৎ সরাইয়া প্রকাণ্ড অন্নপিণ্ড কবলিত করিতেছেন, কেহ বা কোন পুরুষ দেবাং পরিবেশন স্থলে আসিবামাত্র অবগুণ্ঠনাবৃত ও কেন্নাইয়ের মত গুটাইয়া যাইতেছেন।" -মেজ বউ (শিবনাথ শাস্ত্রী)।

কেপ [ইং-Cap] বি. টোটা ইং বিস্ফোরক পদার্থের বিস্ফোরণ জন্য তামার ক্ষুদ্র চোঙ বা টুপি percussion cap. ২ মাথায় দিবার ছোট টুপী।

কেবট-বি. কূপ। ২ [কে অট দ্রঃ] ধীবর জাতি।

কেবর্ত্ত [কৈবর্ত্ত দ্রঃ। কে (জলে) বর্ত্ত (যে বিদ্যমান থাকে)-বৃৎ (বিদ্যমান থাকা) +অ (কর্তৃ-জ্ঞা)] বি. কৈবর্ত্ত; জেলিয়া; ধীবর। ২ জাতিবিঃ।

কেবল [সং। পূং বং গ্রাং উচ্চারণে ক্যাবোল। [চট্টং প্রাদেং 'কেঅল'] বিণ. অদ্বিতীয়; একমাত্র। প্র-এ সঙ্কটে কেবল ঈশ্বরই পরিত্রাতা। ২ অনন্ত বিষয়; আর কিছু নয়। প্র-কেবল এই কথাই ত বলা হয়েছে। ৩ এই মাত্র; সবেমাত্র; এইক্ষণ। প্র-কেবল এসে পৌঁচেছে। ৪ ক্রমাগত: নিরবচ্ছিন্ন। প্র-কেবল ঐ এক কথা। ৫ অমিশ্র; শুদ্ধ। ৬ শূন্য; রিক্ত। ৭ সমগ্র; সমস্ত। ৮ ["কেবলো জ্ঞানভেদে।"-মেং] বি, তত্ত্বজ্ঞান [দর্শনে] প্রকৃতির আলিঙ্গনযুক্ত: জগতের সাধারণ বিষয় বা যে কোনও বিষয়ে লিপ্ততা অতি হেয় জ্ঞান করিয়া নির্লিপ্ত। বি, কৈবল্য। ৯ ["নির্ণীতে কেবলমিতি।"-অমরং] নির্ণয়, অবধারণ; নিশ্চয়। ~জ্ঞানী-শুদ্ধজ্ঞানবান্, তত্ত্বজ্ঞান-সম্পন্ন। ২ বি. অর্হদ্বিঃ। ~রাম -কেবলা দ্রঃ। ~হার [ইং-cable] কেবল্ আকৃতির কণ্ঠভূষণ।

কেবলা (কৈ) [আং-কিব্লা (যা কিছু উচা, (২) যে কোন সম্মানিত ব্যক্তি, (৩) মহাশয়, হুজুর, (৪) মক্কাস্থ কাবার মন্দির) > বাং হাব্লা ছেলের আদরের নাম-পরম আদর যত্নের ধন-বিকারে 'ব্যাব্লা', বিদ্রূপে 'কেবল রাম'] বি, পরম যত্ন ও আদরের ধন (শিশু)। ছেলের আদরের নাম। ২ (ক্যাবলা) বিণ, অব্যবস্থিত-চিত্ত ব্যক্তি। কেং হাকিম [একজন মোক্তার মকদ্দমায় হারিয়া এক ডেপুটি বাবুকে বলেন-"কেবলা হাকিম যা খুসি তাই কত্তে পারেন।" এই কথায় কেবলা অর্থে অনভিজ্ঞ ডেপুটি আদালতের অপমান করার অপরাধে মোক্তারের জরিমানা করেন। পেস্কার শেষে তাঁহাকে মানে বুঝাইয়া দেন কিন্তু সেদিন হতে ডেপুটিবাবুর উক্ত নাম হয়। ইঁহারই অন্য এক মূর্খতার জন্য "ঘটিরাম ডেপুটী" নাম হইয়াছিল (ঘটিরাম দ্রঃ)] বি, মূর্খ ও স্থূলবুদ্ধি হাকিম।

কেবার[হিং-কেবাড়,-ডা < সং-কবাট] বি, দ্বার। "কোটার কেং খুলি গেলারে চলিয়া।"-পূং বং গীং।

কেমন [ভং কেমত; কেমতি, কিমুতি। প্রাকৃং-কেমন, সং-কস্মিন্= কহ্মিন=কেম্মিন > বাং কেমন, কেমণ। "না জান কেমণ করে আন্ধার গা।"-শ্রীংকীং, চং কং ভাং-'কৈমন' (হিন্দুর কথ্য), কেএন (মুং-কথ্য); প্রাং বাং-কেহ্ন: কিমিন; কমন; কমুন। "না জানি কমুনপুণ্যে আসিয়াছি হেথা।"-দুর্গা মং। ব্রজং-কেহন। "কেজান কেহন মন ভোলা।"-বিং পং। প্রাং বাং-কেহেন। "কি নাম তাহার কেহেন তার রূপ।"-শ্রীংকীং। কেনা(দ্রঃ)। হিং কিমি] বিণ. কি প্রকার; কিরূপ; কিসের মত। ২ অবৈধ কার্য্যের উপযুক্ত শাস্তি বা পরিবর্ত্ত দেখিয়া, বিদ্রূপাত্মক, তিরস্কারসূচক বা হর্ষসূচক প্রশ্ন। যেমন তেমনি; যথোপযুক্ত। "কেং হয়েছে, আর অমন কাজ করবে?" ৩ কি সুন্দর; বেশ। প্র-আজ কেমন মজা হবে, আমরা কেমন দেখতে যাব। ৪ এক-প্রকার; অনেকটা; প্রায়। প্র-সে কেমন মিথ্যাবাদী হয়ে পড়েছে। কেমন জড়সড় হয়ে গেল। ৫ প্রাণ মন কেমন করা; চিত্ত চঞ্চল হওয়া; হৃদয় ব্যাকুল হওয়া; মন না বসা মন উড়ু উড়ু করা। "যাই গো ওই বাজায় বাঁশী প্রাণ কেমন করে।"-গিরিং। ৬ সন্দেহ-জনক; বড় ভাল নয়। ৭ এমন অপরিবর্তনীয়; এরূপ বদ্ধমূল। প্র-কেমন যে তার স্বভাব, কিছুতেই আর যায় না। ৮ যেমন; যেরূপ। (এই অর্থ পুষ্ট করিতেই যুক্ত হয়)। প্র-যেমনই হোক না তাহার কিছুতে আর মন উঠে না। ৯ [সম্মতি আছে কি না প্রশ্নে] আচ্ছা? রাজী; সেই মত হইবে ত? প্র-যেমন বল্লুম করবে? কেমন? ~কেমিন [দ্বৈতভাব হেতু দ্বিত্ব] বিণ, ভাল কি মন্দ ঠিক বুঝিবার মত নয়; সন্দেহজনক। প্র-তার ভাবগতিকে কেমন কেমন বোধ হচ্চে। ~কেমিন ঠেকা-ভাল বোধ না হওয়া; মন্দ বা আশঙ্কাজনক বা সন্দেহজনক বা কুঅভিপ্রায়যুক্ত বলিয়া মনে হওয়া। "এই সব কথা যেন একটু কেমন কেমন ঠেকে মনে হয়।"-আং শক্তি, ১৩৩৪।

কেমতে [প্রাং বাং] অ, কিরূপে, কেমনে (দ্রঃ)।

কেমনে [প্রাং বাং-(শ্রীং কীং) কমনে, কমনে, কেমণে, কেমর্তে, কেহ্ন মতে, কেহ্ন মনে, কেহ্নে, কেহ্নে মণে, -নে, কেন মর্তে। প্রাদেং গ্রাং কেনমেনে। মধ্যং বাং প্রাদেং কেমতি, কিমতি, (ওড়িং)] ক্রি-বিণ, কি প্রকারে; কিরূপে; কেমন করিয়া।

কেমবিশ, -ব, -স [ইং-canvas] বি, শণের চট। ২ কাণাৎ, পাইলের কাপড়। ৩ চিত্রপট।

কেমিকেল [ইং-chemical; বাং-তে chemical gold অর্থে ব্যবহৃত chemical

অর্থাৎ 'রাসায়নিক পদার্থ' অর্থে বিরল ব্যবহার] বি, নকল সোণা।

কেয়া [সং-কেতক-কেতকা ; হিং-কেবড়া, কেঅা] বি, প্রসিদ্ধ পুষ্প : কেয়াফুল pandanus odoratissimus.

কেয়াকাঁদি [কেয়া-কেতক এবং কাঁদি -কান্দি >] বি, কেতকী পুষ্পের গুচ্ছ : কেয়াফুলের ছড়া ; ফুলের গায়ে হাত দিলে ধূলার ন্যায় রেণুসমূহ উড়িয়া থাকে। "ঝাঁকড মাকড় চুল নাহি আঁদি সাঁদি। হাত দিলে ধূলা উড়ে যেন কেং॥"-ভারতং।

কেয়া/পাত [সং-কেতকী-পত্র] বি, কেয়াফুল গাছের পাতা। ২ [প্রাদেং] কেয়া-পাতার আকারের অলঙ্কারবিঃ : প্রাচীন বঙ্গে নারীদিগের কণ্ঠভূষণবিঃ। "কেয়াপাতা গলায় গরব করে অতি।"-ঘং। ~ফুল-বি, কেওড়ার ফুল। কেয়া দ্রঃ।

কেয়াবাত, কেয়াবাৎ [হিং-কেয়া (কি) বাত (বার্ত্তা, কথা) ; তুল-কথা কি : কথায় কাজ কি] অ, প্রশংসাসূচক অব্যয় : বাহবা ; বেশ। ২ প্রশংসাচ্ছলে বিদ্রূপ বা উপহাস। "মাছ কাতুরে ভেকো হ'ল কেয়া-বাৎ কেয়াবাৎ।"-হেমং।

কেয়ামত-কিয়ামত দ্রঃ।

কেয়ার [ইং-care] বি, অবধান। ২ দৃষ্টি : মনোযোগ ; ভ্রূক্ষেপ ; যত্ন। প্র-তাহার শরীরের প্রতি কোনই কেয়ার নেই। ৩ গ্রাহ্য ; সমীহ। "তাতে বড় কাহাকেও করিত না কেং।"-দ্বিং রায়। "আমরা করিনে কাউরে কেং।"-ঐ। ৪ তত্ত্বাবধান। প্র-ছেলেটাকে তাহার কেয়ারে রেখে গেল। ৫ ঠিকানায় ; নিকটে। প্র-চিঠিখানা কার কেয়ারে পাঠাইবে? কেং না/করা-ক্রি, ভ্রূক্ষেপ না করা : মনোযোগ না দেওয়া। ২ অগ্রাহ্য করা : ভয় না করা : সমীহ না করা। "তাতে বড় কাহাকেও করে না ক কেং।"-দ্বিং রায়।

কেয়ারী [সং-কেদারিকা] বি, কেদার দ্রঃ। উদ্যানে বৃক্ষাদির আলিবদ্ধ ক্ষেত্রখণ্ড : ঐরূপ ফুলগাছের হইলে "ফুলের কেং।" ক্রি, ~করা। বিণ, ~করা। চুলের কেং-মাথা সাজাইয়া কাটা। চুলের থাক। ২ টেরি।

কেয়ালি [কিয়াল দ্রঃ] বিণ, সিদ্ধ ; সম্পন্ন ; সমাপ্ত ; হাসিল। "মনে করিতেছে এতক্ষণের পর কর্ম্ম কেং হইল।"-টেকচাঁদ।

কেয়াস [আং-কিয়াস] বি, অনুমান।

কেয়ূর [কে (মস্তকে, বাহুভাগে) যু (যোগ করা) + উর (জ্ঞাং)] বি, কণুই অবধি বাহুর অলঙ্কার ; অঙ্গদ ; বাহুভূষণবিঃ ; বাজু ; তাড। "কেং শোভিত ভুজ সঘনে দোলায়।"-জ্ঞানং। ~বন্ধ [কেয়ূর (অঙ্গদ) বন্ধ (বন্ধন করা) + অ (ধি)] বি, বাহুর যে স্থানে অঙ্গদ পরিধান করিতে হয় ; বাহু।

কের [ক, কে দ্রঃ] বি, ৬ষ্ঠী বিভক্তিতে প্রাকৃং প্রত্যয়, প্রাং বাং 'কেরক'-ক্ষেং কের > অতি ক্ষেং র। "লক্ষকের বৃন্দাবন মোর ফুলবাড়ী।"-শ্রীং কীং। কতকের=কত মূল্যের।

কেরদানি-কারদানি দ্রঃ।

কেরবাল [তুর্কীং-করাবল্ : হিং-কিরাবল্] বি, যে সেনাদল যুদ্ধযাত্রার পথ পরিষ্কার করিবার জন্য অগ্রে গমন করে। ২ বন্দুকধারী ; শিকারী। ৩ নৌকার হা'ল।

কেরল-বি মালাবার দেশ ; ইহার উত্তরে সহ্য পর্ব্বত ও দক্ষিণে কন্যাকুমারী। ২ বিণ, কেরল-দেশবাসী : কেরলদেশে যারা বাস করে। স্ত্রীং ~লী-"সজল জলদরুচি কেং চুল।"-দীনবন্ধু। ২ জ্যোতিষের একখানি গ্রন্থের নাম। ৩ [জ্যোং] এক ঘণ্টা ; হোরা।

কেরয়াল [প্রাং বাং। করবাল সদৃশ আকার > । শূং পুং-"সুনার নৌকা," "রূপার কেরয়াল।" ক্ষেং-কেরাল (কৃত্তিং)] বি, নৌকার হা'লের আকারের দাঁড়। কেরোয়াল দ্রঃ।

কেরাঞ্চি [হিং-কিরাচি, আং-কেরোচ >] বি, দুই বা চার চাকার গরুর গাড়ি ; যাতে মালপত্র, শস্যাদির বোঝা বাহিত হয়। "কেহ চড়ে ঘুড়ি ফেটিন কেহ আপীস্যানে, কেং কাহারো ভাগ্যে কারো বা ঠন-ঠনে।"-হেমং। "কেরাঞ্চিতে ঠকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন।"-টেকচাঁদ।

কেরাণী [কেরাণি ওং। তুল-প্রাং বাং 'কর্ণি' (লেখক) শূং পুং। মং-কর্ণিক, কার-কুন। সং-করণ। কিন্তু 'কেরাণী' শব্দ মুসলমান ভারতে য়ুরোপীয়দিগের আবির্ভাব-কাল হতে বাং-তে য়ুরেশীয়ান ও ফিরিঙ্গি অর্থে ব্যবহৃত। পর্তুং-escrevente শব্দের ভ্রং "কিরনটা" 'টা' তা হতে কিরাণী, কেরাণী Doyle' "early Europeans" নামক গ্রন্থে "cranny (clerk) শব্দ ব্যবহৃত হইয়াছে] বি, ইংরেজী দপ্তরের কর্ম্মচারী ; লেখক। ~খানা-দপ্তরখানা ; কেরাণীদিগের কাজ করিবার স্থান ; অফিস। ~গিরি-কেরাণীর কাজ ; মসীবৃত্তি। মাছিমারা কেরাণী -কোন সময় এক দপ্তরে নকল করিবার কাগজের মধ্যে একটী শব্দের উপর মাছি মরিয়া লাগিয়া ছিল। জনৈক নকলনবীশ ঐ চিঠি নকল করিবার কালে যথাস্থানে একটী মাছি মারিয়া রাখিয়া দেয়। তা হতে-যে কেরাণী অর্থগ্রহ না করিয়া বা অর্থ সামঞ্জস্য না রাখিয়া যা দেখে ঠিক তার অনুরূপ নকল করে।

কেরামত [আং-করামৎ] বি, কর্ত্তৃত্ব। ২ দৈবশক্তি ; বিভূতি ; মহিমা ; প্রতাপ ; ক্ষমতা। "রামজীর কুদরতে মহিম হইল ফতে, কেবল তোমারি কেং।"-ভারতং। "আমি দেখিয়াছি বামনের কেং।"-ঐ। "অন্নপূর্ণা নামে দেবী তাঁহার চরণ সেবি কেং কামাল ইহার।"-ঐ। ৩ বুজরুগী গুপ্তবিদ্যা, ইন্দ্রজাল। প্র-ওতে কত কেং আছে সহজে কি ধরা যায়? ৪ বাহাদুরী। প্র-লোকটার কেং দেখ।

কেরায়া, কেরেয়া [আং-কিরায়া। তুল-সং-ক্রয়] বি, কিরায়াদার -ভাড়াটিয়া।

কেরাসিন [ইং-kerosine. প্রাং -কেরাচিন] বি, জ্বালাইবার উপযোগী খনিজ তৈলবিঃ ; মাটির তেল।

কেরিয়াল, কেরোয়াল [কেরয়াল দ্রঃ। ক্ষেং কেরাল, কেরুয়া] বি, হালের আকার নৌকার হাতা বা দাঁড়। "হাতে কেরোয়াল বৈসে নায়ের গাবর।" -কবিকং।

কেরী [প্রাং বাং] বি, কেলি দ্রঃ।

কেরুল [প্রাদেং। কেরিয়াল দ্রঃ। কেরলে আকৃতি হতে?] বি, অঙ্কুর ; ফোঁড় ; "বাঁশের কেরুল।"-মৈং গীং।

কের্দ্দানি [ফা॰-কার্দানি] বি. কৌশল : কস্তু ; কবুতব। ২ বাহাদুরী।

কেলি [সং-কেলি] বি. কেলি। "না বুঝনু কৈছন কে॰।"-বি॰ প॰। ২ [করিল -কইল-কৈল-কয়ল-কেল] ক্রি, করিল। "শ্যাম দরশ ধনী কে॰।"-বি॰ প॰।

কেলা [হি॰ > বাং প্রাদে॰] বি, কলা।

কেলানি [হি॰-খিলানা=প্রস্ফুটিত করা; প্রকাশ করা ; খোলা। গ্রা॰-অশিষ্ট] ক্রি, প্রকাশ করা ; আবরণ মুক্ত করা ; (তা হ'তে) ছাল ছাড়ান। **দাঁতকেলানি**-দাঁত বাহির করা ; দাঁত খিচান।

কেলা/স [ইং-class] বি. শ্রেণী। প্র-সে কোন্ কেলাসে পড়ে? ২ শ্রেণী; থাক্। ৩ [সং] স্ফটিকমণি। ~**সিত**-বিণ, স্ফটিকীভূত দানা-বাঁধা crystallised.

কেলি [কিল্ (ক্রীড়া করা) + ই (ভা॰)। প্রা॰ বাং-কেরি] বি, খেলা : ক্রীড়া। ২ কান্তের সহিত কান্তার-বিহার-ক্রীড়ার নাম কেলি বিহার ; নর্ম্ম। ৩ কৌতুক ; পরিহাস; হাসিতামাসা। ৪ স্ত্রী-প্রসঙ্গ। স্ত্রীং কেলি, কেলী-পৃথিবী। ~**ক**-বি, অশোকবৃক্ষ (কবিক॰)।

কেলিকদম্ব [দ্রুত উচ্চারণে কেল-কদম্ব। সাঁওতাল-পরগণায় "খেল কদম্ব।" কেলির (ক্রীড়ার) কদম্ব বৃক্ষ-৬ তৎ] বি, কদম্ববিঃ : নীপ ; কেলিবৃক্ষ ; ধারা-কদম্ব adina cordifolia

কেলিকলা [কেলি (কৌতুক) কল্ (শব্দ করা) + অ (র্ত্তৃ-জ্ঞা॰) আ (স্ত্রীং)] বি, সরস্বতীর বীণা : কচ্ছপী। ২ কামকেলি ; রতিক্রীড়া।

কেলিকিল-বি, বিদূষক। স্ত্রীং ~া -কামপত্নী রতি।

কেলিকুঞ্চিকা [কেলি (কৌতুক) কুন্চ্ (সঙ্কুচিত হওয়া, বক্র হওয়া) + অক (র্ত্তৃ-জ্ঞা॰-যে সলজ্জভাবে সম্ভ্রমের সহিত কৌতুক করে)] বি, শ্যালিকা ; স্ত্রীর ছোট ভগিনী।

কেলিকোষ-বি, নর্ত্তক। ২ নট ; অভিনেতা।

কেলিগৃহ [কেলির গৃহ-৬ তৎ] বি, কৌতুকাগার ; ক্রীড়াগৃহ : বিলাসভবন ; বিহারালয়।

কেলিভূমি [কেলির (ক্রীড়ার) ভূমি (স্থান) ৬ তৎ] বি. বিহারভূমি ; ক্রীড়াস্থান। ২ [কেলি (পরিহাস) ভূমি (পাত্র) ৬ তৎ] বিণ, পরিহাস-পাত্র ; কৌতুকস্থানীয় ; যার সহিত হাস্য পরিহাস করা যায়। ৩ বিণ, পরিহাসের পাত্রী।

কেলিমুখ [কেলি (শৃঙ্গার) মুখ প্রারম্ভিক অনুষ্ঠান] বি, পরিহাস ; কৌতুক ; হাবভাব।

কেলিসচিব [কেলির সচিব (মন্ত্রী) ৬ তৎ] বি, বিহার-বিষয়ক পরামর্শদাতা : বিদূষক ; ক্রীড়া-মন্ত্রী sports minister

কেলু-বি, একপ্রকার পর্ব্বতীয় দ্রুম : পাইন বৃক্ষ ; দেবদারু গাছ।

কেলে [কালি-অনাদরে, কালিয়া, কালিয়ে, গ্রা॰ দ্রুত উচ্চারণে কেলে] বি, কালি। প্র-কেলে কোথা গেলি। ২ বিণ, কাল : কৃষ্ণবর্ণ। ~**কিষ্টি**-কৃষ্ণবৎ কাল ; খুব কাল। ~**কোঁড়া**-বি, সর্পবিষ-প্রতিষেধক উদ্ভিদ্বিঃ। ~**গোপালি, -লী** [নন্দদুলাল শিশু কৃষ্ণকে শান্ত শিষ্ট করিবার জন্য আদর মিষ্ট কথা ও ননী ছানা খাওয়াইয়া ভুলাইবার চেষ্টা হ'তে] বি, আদর আপ্যায়নে ভুলান। ২ স্বার্থ সিদ্ধির জন্য তোষামোদ। ~**গোলা** -বি, কাল রঙের গোলা পায়রা। ~**জীরে** -বি, কৃষ্ণজীর cuminum cyminum ~**পুত**, ~**ভূত**-ভূতের মত কাল ; আঁধার কাল। ~**মাণিক**-কাল ছেলে। ~**সোণা-না** (কাল, কৃষ্ণ) [মাণিক সোণা (ধন রত্নার্থে)] বি, কৃষ্ণধন ; কালমাণিক ; কালাচাঁদ। "হায়! একি দায়। কেবল জঠরে যন্ত্রণা, দিলি কেলেসোণা, আমার ক্লেশ না হ'লো নিবারণ॥"-দাশরথি। ~**হাঁড়ী**-কাল-দ্রঃ।

কেলেঙ্কার [সং-কলঙ্ককর >। গ্রা॰] বি, কলঙ্ককর ; নিন্দা, ঘৃণা ও লজ্জাজনক। বি, **কেলেঙ্কারী**-নিন্দার কাজ ; ঢলাঢলি।

কেলেন [গ্রা॰ প্রাদে॰] বি, কেলেন গাই ; যে গাভীর প্রতি বৎসর না হইয়া বহুদিন অন্তর অন্তর বাছুর হয় ; যে গাই বছর বিউনি নয়।

কেল্লা [আ॰-কিলা] বি, সৈন্য থাকিবার স্থান : সেনানিবাস : দুর্গ। "বুঁদির কে চিতোর হ'তে যোজন তিনেক দূর।"-কথা (রবী॰)। ~**ফতে**-দুর্গজয়। ২ জয়লাভ কৃতকার্য্যতা বা সিদ্ধিলাভ। ~**ফতে করা** -দুর্গজয় করা। ২ কোন কঠিন বিষয়ে কৃতকার্য্য হওয়া। ~**মাত করা**-দুর্গ এমন অবরোধ করিয়া বসা যাতে দুর্গস্বামী বাহির হইতে না পারিয়া পরাজয় স্বীকার করে। ~**মারা**-দুর্গজয় করা। ২ কৃতকার্য্য হওয়া।

কেশ [কে (মস্তকে) শ (যে শয়ন অর্থাৎ অবস্থান করে-শী=শয়ন করা + অ, র্ত্তৃ জ্ঞা॰)] বি, শিরোরুহ ; চুল [দ্রঃ-কেশ-বরুণ (ক= জল + ঈশ), বিষ্ণু ও দৈত্যবিঃ অর্থে বিরল ব্যবহার] ~**কর্ম্ম**-কেশসংস্কার ; বেণী বা কবরী রচনা। ~**কলাপ** [কেশের (চুলের) কলাপ (সমূহ) ৬ তৎ] বি, কেশসমূহ কেশরাশি ; কেশপাশ। ~**কার** [কেশ-কৃ (করা) + অ (র্ত্তৃ) জ্ঞা॰] বিণ, যে কেশের সংস্কারাদি কার্য্য করে; কেশসংস্কারক ; কেশবিন্যাসকারী। ২ বি, ইক্ষুবিঃ। ~**কারী** [কেশ (কেশরচনা) কারী (যে করে) কৃ (করা) + ইন্ (র্ত্তৃ) মূ॰-কারিন্ ১মা ১ব॰] বিণ, যে কেশ-বন্ধনাদি কার্য্য করে ; কেশরচনাকারক ; কেশবিন্যাসী। ~**কীট** [কেশের কীট, ৬ তৎ] বি, কেশে উৎপন্ন যে কীট ; উকুন। ~**গর্ভক** [কেশ হইয়াছে গর্ভে (অভ্যন্তরে) যার-বহু॰] বি, কবরী-ফুলের গুচ্ছ। ~**গ্রহ** [কেশের গ্রহ (গ্রহণ) ৬ তৎ] বি, কেশগ্রহণ ; চুলে ধরা। ~**গুচ্ছ** [কেশের গুচ্ছ-৬ তৎ] বি, কেশদাম ; চুলের গোছা।

কেশ/ঘ্ন [কেশ (চুল) ঘ্ন (যে নাশ করে) হন্ (নাশ করা) + অ (র্ত্তৃ)] বি, কেশনাশক রোগ ; ইন্দ্রলুপ্ত ; টাক। ~**তৈল** -বি, কেশে মর্দ্দন করিবার তৈল (কেশরঞ্জন, কুন্তলীন, কুন্তলবৃষ্য, জবাকুসুম ই॰)। ~**দাম** -বি, চুলের গোছা। ~**দামা**-চুল বাঁধিবার দড়ি, ফিতা, চুলের গুছি দিবার দড়ী। ~**ধর** [কেশ (চুল) ধর (যে ধারণ করে) ধৃ (ধারণ করা) + (র্ত্তৃ)] বিণ, যে কেশ গ্রহণ করে ; কেশগ্রাহক ; কেশধারী। ~**নিভ** [খনিজ পরিঃ] বি, আকরিক রেখা জাল ; খনিগর্ভস্থ কৈশিক রন্ধ্র পথ capillary.

~পক্ষ [কেশের-পক্ষ (রাশি) ৬তৎ] বি. কেশপাশ; চুলের গোছা। ~পাশ [কেশের-পাশ (রাশি) ৬তৎ] বি. কেশগুচ্ছ; কেশকলাপ; কেশদাম; চুলের গোছা। ২ ভূষিত কেশগুচ্ছ। "কেতকী কেশরে কেশপাশ কর সুরভি।"-রবী০। ~পাশী [কেশপাশ+ঈ (স্ত্রী০)] বি. চূড়া; শিখা। ~পুঞ্জ-বি. ফুলের রাশি। ~প্রসাধন-বি. কেশসংস্কার-বন্ধন, সুরভিত-করণ ও অলঙ্করণ। ~বপন [কেশের বপন (ছেদন) ৬তৎ] বি. কেশ মুণ্ডন করা; চুল ছেদন করা; চুল কাটা। ~বিন্যাস [কেশের বিন্যাস (রচনা) ৬তৎ] বি. কেশসংস্কার; কেশরচনা; কবরীবন্ধন; চুলবাঁধা। ২ চুল আঁচড়ান; প্রসাধন। ~বিলাস, ~বিলাসি, ~বিলাসী, ~বেশ [কেশের বেশ (সজ্জা) ৬তৎ] বি. চুলের ভূষণ; কবরী; বেণীবন্ধন; খোঁপা। ২ চুল-বাঁধা ও সাজ সজ্জা করা। ~মার্জ্জক [(কেশের মার্জ্জক যদ্দ্বারা কেশ পরিষ্কার করে) -মৃজ্=পরিষ্কার করা+অক (নে-জ্ঞা০)] বি. কেশবিন্যাস-দ্রব্য; কঙ্কতিকা; চিরুণী। ~মার্জ্জন [কেশের মার্জ্জন। মৃজ্ (পরিষ্কার করা)+অন (নে-জ্ঞা০)] বি. চিরুণী। যদ্দ্বারা কেশের মার্জ্জনা করে। ২ [ভা০-অন] কেশ-সংস্কার; চুল আঁচড়ান। ~মার্জ্জনা-চুল ধোয়া ও আঁচড়ান। ~মুণ্ডন-বি. মাথা মুড়ান। ~রচনা-বি. কেশবিন্যাস; কবরী বন্ধন; চুল বাঁধা। ~রঞ্জন-বি. নীলঝিণ্টী, ভৃঙ্গরাজ, ভীমরাজ। ২ কেশতৈলবিঃ। ~রাগ-বি. ভৃঙ্গরাজ; নীলঝিণ্টী। ~রাজ-বি. কেশরঞ্জন। ২ নীলকৃষ্ণবর্ণ পক্ষিবিঃ chibia hottentotta. ৩ শাকবিঃ; কেশুরে। ~রাশি-বি. কেশ সমূহ। ~স্পর্শ-বি. চুল ছোঁয়া। ২ চুল ধরা। ৩ কোনরূপ অনিষ্ট এমন কি চুল পর্য্যন্ত স্পর্শ। ~স্পর্শ করা-কেশাগ্র স্পর্শ করা-(লক্ষ০) সামান্যমাত্র অনিষ্ট করা। "কিন্তু বিপদ কখনও তাহার কেশাগ্র স্পর্শ করে নাই।"-মা০ ও ম০ বাণী, ১৩৩৯। স্ত্রী০ কেশী-শিখা; টিকী। ~সংস্কার-বি. মাটি, সোডা, বেশম ই০ ঘষিয়া চুল ধোয়া; আঁচড়ান; জোট ছাড়ান; বাঁধা।

কেশব [ক (ব্রহ্মা)-অ (বিষ্ণু) ঈশ (শিব) ব (গমনার্থ বা ধাতুজ) অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র যার অধীন বা যার প্রভাব জানেন, কিংবা কে (জলে) শব (শব তুল্য) অর্থাৎ প্রলয়-জলধি-জলে যিনি অনন্ত শয়নে শবাকারে ভাসমান ছিলেন] বি. বিষ্ণু; বিষ্ণুর অবতার কৃষ্ণ। ২ [কে (জলে) শব] জলস্থিত মৃত দেহ [প্র০-অ] ৩ [কেশ (চুল) +ব (স্ত্য)] বিণ. প্রশস্তকেশবিশিষ্ট।

কেশবাদিত্য-বি. কাশীস্থ আদিত্যবিঃ।

কেশবায়ুধ [কেশবের (বিষ্ণুর) আয়ুধ (অস্ত্র) ৬তৎ] বি. বিষ্ণুর অস্ত্র; সুদর্শনচক্র।

কেশর, কেসর-বি. পুষ্পের মধ্যস্থিত কেশাকার নাড়ী। ফুলের পাপ্ড়ি মধ্যস্থ কেশাকার সূক্ষ্ম পদার্থ। ২ সিংহ বা অশ্বাদির স্কন্ধস্থ কেশ। ৩ নাগকেশর নামক গন্ধদ্রব্য। "কেশর, যাবক, কস্তুরী দ্রাবক, আনিল বেণার জড়॥"-চণ্ডী০। ৪ বকুল ফুল। ৫ বকুল গাছ। ৬ পুন্নাগবৃক্ষ। ৭ হিঙ্গুবৃক্ষ।

কেশরকুলি-বি. বঙ্গদেশীয় ব্রাহ্মণের শ্রেণী-ভেদ।

কেশরাম্ল-বি. টাবানেবুর গাছ।

কেশরিসুত-বি. কেশরী বানর-পুত্র; হনুমান।

কেশরী, কেসরী [কেশর + ইন (স্ত্য) মূ-কেশরিন্ ১মা ১ব০। প্রা০ বাং রূপ কেহ রি-রী] বি. সিংহ। ২ অশ্ব; ঘোড়া। ৩ বানরবিঃ। ৪ নাগকেশরবৃক্ষ। ৫ পুন্নাগ বৃক্ষ। ৬ [অন্য শব্দের পরে থাকিলে] প্রধান। প্র-বারেন্দ্রকেশরী।

কেশাকর্ষণ [কেশ+আকর্ষণ] বি. চুল ধরিয়া টানা।

কেশাকেশি [কেশ-কেশ+ই-মধ্যে আ আগম] ক্রি. বিণ. পরস্পর কেশ গ্রহণ-পূর্ব্বক যুদ্ধ; চুলাচুলি।

কেশান্ত [কেশের অন্ত (শেষ) ৬তৎ] বি. কেশকর্ত্তনরূপ সংস্কারবিঃ। ২ কেশদাম; কেশগুচ্ছ।

কেশাবমর্ষণ [কেশের অবমর্ষণ (আকর্ষণ) ৬তৎ] বি. কেশাকর্ষণ। ২ কেশস্পর্শ।

কেশিকা-বি. শতাবরী নামক ভৈষজ লতা।

কেশিনী [কেশিন্+ঈ (স্ত্রী০)] বি. দময়ন্তীর সখী। ইঁহার গর্ভে অসমঞ্জার জন্ম হয়। ২ সগর রাজার অন্যতমা পত্নী; রাজা অসমঞ্জের জননী। ৩ জটামাংসী। ৪ বন্ধ্যা।

কেশিমথন [কেশিন্=কেশী (অসুর) তার মথন (মর্দ্দক, বিনাশক)-যিনি কেশী দানবকে বধ করিয়াছেন] বি. বিষ্ণু; কৃষ্ণ।

কেশিয়া-বি. কাশতৃণ; কেশে।

কেশিসূদন [কেশিন্-সূদন(বিনাশক)] বি. বিষ্ণু; কৃষ্ণ।

কেশিহা [কেশিন্ (অসুর) হন্ (বধ করা) + কিপ্ (কর্ত্তৃ) মূ-কেশিহন্ ১মা ১ব] বি বিষ্ণু; কেশিসূদন; কৃষ্ণ।

কেশী [কেশ (চুল) + ইন (স্ত্য) মূ-কেশিন্ ১মা ১ব] বিণ প্রশস্ত কেশবিশিষ্ট বহুল কেশযুক্ত। ২ বি. দৈত্যরাজ কংসের মল্ল। ৩ বিষ্ণু। ৪ সিংহ।

কেশুর [সং-কশেরু] হি। কসেরু বি. মুথা জাতীয় কন্দ তৃণ।

কেশে [কাশ-গ্রা০ উচ্চারণে] বি. কাশতৃণ।

কেশেল [কাশীয়াল শব্দের দ্রুত উচ্চারণ। কাশী-আল-ওয়াল (হি০-বাল, বালা; তুল-আগরবাল] বিণ. কাশীবাসী [বিরল]। ১ [নিন্দার্থে সাধা০ ব্যবহৃত। পূর্ব্বে বহু চরিত্রহীন দুষ্ক্রিয়ান্বিত ব্যক্তি কলঙ্ক গোপনার্থ, সমাজ আদির শাসন হতে অব্যাহতি লাভের জন্য বা তীর্থবাসে পরিত্রাণ প্রাপ্তির মানসে বঙ্গদেশ হতে আসিয়া কাশীবাস করিতে করিতে ঐ আখ্যা প্রাপ্ত হয়। কাশীর সজ্জন হতে তাদের পৃথক্ পরিচয়ার্থ নিন্দা-সূচক 'কেশেল' শব্দের উৎপত্তি হয়। পরে এই শব্দ গালিতে পরিণত হইয়াছে] গালিবিঃ; যার জন্ম ও বংশঘটিত কোন কলঙ্ক আছে। যার চরিত্র বা বংশশুদ্ধি পক্ষে সন্দেহ আছে। "কাশীর কেশেল তব বেয়াই কি goose"-বিংশ শতাব্দীর বর (দেবেন্দ্র সেন)। ৩ তীর্থব্রাহ্মণ। "কাশীর 'কেশেল' ও গঙ্গাপুত্রের ন্যায় গয়ার 'গয়ালীর' ন্যায় এবং মথুরায় 'চৌবে'দিগের ন্যায় প্রয়াগী

পাণ্ডারা তীর্থব্রাহ্মণ নহেন। ইঁহারা শুদ্ধ স্বচ্ছ কনৌজিয়া ব্রাহ্মণ।"-ভারতভ্রমণ।

কেষ্ট বিষ্টু [কৃষ্ণ বিষ্ণু >, কেওকেটার বিপরীত] বি, উচ্চদরের : গণ্যমান্য অসামান্য ; হোমরা চোমরা (দ্রঃ)। "হবেও বা কে০ একজন।"-দ্বি০ রায়।

কেষো-কোষো দ্রঃ।

কেস [ইং-case] বি, নালিশ ; মোকদ্দমা a law suit ২ ঘটনা। ৩ রোগের অবস্থা। ৪ রোগী।

কেসর-কেশর দ্রঃ।

কেস্‌সা [আ০-কিস্‌সা] বি, বিবরণ : কাহিনী। ২ ইতিবৃত্ত।

কেহ [কে দ্র। প্রা-কেউ] স, কোন ব্যক্তি। ২ কোন আত্মীয়, কোন সম্বন্ধে আপনার জন। "মহাশয় আপনি যে মোর দায় হতে এ দাসের প্রাণ রক্ষা করিলেন, ইহাতে বোধ হয় আপনি জন্মান্তরে এ দীনের কেহ ছিলেন।"-কামিনীকুমার। কেহ কে কাহাকে ; কাউকে (চট্ট০ প্রাদে০)।

কেহন, -নি [ব্রজ০। বৈ০ প০ সা০। সং-কস্মিন্-প্রাকৃ০ উচ্চারণে কেহ্‌মিন পরে হিং-তে কেহন, কেহনি ; বাং-তে কেমন, কেমনি (প্রা০-বাং কৈমনি) বা 'কিম্' > কি, এবং 'অনেন' > হেন-কিহেন পরে বর্ণ-বিপর্যয়ে কেহনি, কেহন, কেহেন (শ্রী০ কী০)। ণ, কি প্রকার ; কিংবিধ ; কেমন। "কে জান কেহন মন ভোল।"-বি০ প০।

কেহরি, -রী [সং-'কেশরী'র প্রাকৃ০ রূপ। ব্রজ০ প্রা০ বাং] বি, সিংহ (বি০ প০)।

কেহু [হিং-কেহু। প্রা০-বাং, আধু-বাং -কেউ] কেহ ; কেউ। "কেহু করত কাহু কোর, জ্ঞানদাস কহত রাস, জৈছন জলদ বিজুরী জোর।"-জ্ঞান০। "শ্যামের মোহন গুণের কারণ লখিতে নারিবে কেহু।"-চণ্ডী০।

কেহো [কে, কেহ দ্রঃ] স, কেউ ; কোন ব্যক্তি। "কেহো কেহো এ শাস্ত্রে প্রবৃত্ত হইবার উৎসাহের ভঙ্গের নিমিত্ত কহেন যে।"-বেদান্ত (রামমোহন রায়)।

কেহ্ন, কেহ্নে-কেন দ্রঃ।

কেহ্নো [হিং-কেহি (কি, কোন) কেহুঁ (কেন)-হিং গ্রা০-কেহ্‌মে=কিসেতে, কি কারণে >। প্রা০ বাং] অ, কেমনে। "হেন যুক্তি কেহ্নে তোর মনে লয়।"-মহা০ (শ্রীকর)।

কৈ (কোই) [সং-কিম্ > ক (কস্মিন্ অর্থে) শব্দের প্রাকৃ০ ; কই দ্রঃ] অ, ক্রি-বিণ, কুত্র : কোথায়। ২ [হিং-কই, কোউ (কশ্চিৎ অর্থে) কেহই ; কোন ব্যক্তি] "এহেন সম্পদ বনে পাঠাইতে তিলে কৈ না করে বাধা।"-চণ্ডী০।

কৈকিয়ী [কৈকেয়ীও০। কেকয় (রাজা) + অ (অপত্যার্থে)=কৈকয়-ঈ (স্ত্রীং)] বি, কেকয়রাজসুতা ; ভরতের মাতা।

কৈকসী-বি, সুমালী রাক্ষসের কন্যা বিশ্রবা মুনির পত্নী, রাবণাদির মাতা, নিকষা।

কৈকেয় [কেকয় (দেশ) + অ (অধিপতি অর্থে)] বি, কেকয় দেশের রাজা; কেকয়-দেশাধিপতি।

কৈকেয়ী [কৈকেয় + ঈ (স্ত্রীং)] বি, কেকয় রাজকন্যা ; কেকয়া দ্রঃ।

কৈঙ্কর্য্য [কিঙ্কর + ষ্ণ (ভা০)] বি, কিঙ্করত্ব ; দাসত্ব।

কৈছন [হিং-কৈসন। কৈছে দ্রঃ] বিণ, কিরূপ। ক্রি-বিণ, কৈছনে-কিরূপে ; কেমনে। "কৈছনে যায়ব যমুনা তীর।" -বি০ প০।

কৈছে, কৈসে [হিং-কৈসে ; স=ছ। ব্রজ০-বৈ০ প০, সা০] কেমন করিয়া ; কিরূপে; কি প্রকারে। "যখন বসতি তার নয়নে দেখিয়া গো। যুবতী ধরম কৈছে রয়।"-চণ্ডী০। "সখীরে পুছহ কৈছে সুরতবিহার।"-বি০ প০] ২ [কহিছে দ্রুত উচ্চারণে কইছে, কৈছে] ক্রি, কহিতেছে ; বলিতেছে ; কহে ; বলে।

কৈটভ [কীট (কর্ণমল) ভা০ (দীপ্তি পাওয়া, প্রকাশিত হওয়া) + অ (র্তৃ, জ্ঞা০-নিপাতনে) যে বিষ্ণুর কর্ণমল হতে প্রকাশিত হইয়াছে] বি, বিষ্ণুর কর্ণমল-সম্ভূত দানববিঃ।

কৈটভজিৎ, কৈটভারি, কৈটভদ্বিট্ [কৈটভ (অসুর) জিৎ (জয়ী) উপ০, অরি (শত্রু)-দ্বিট্ (দ্বেষ্টা) ৬তৎ] বি, বিষ্ণু ; নারায়ণ।

কৈটভী-বি, কৈটভ-বধের সময়ে আরাধ্যা দেবী ; যোগনিদ্রা।

কৈতক [কেতক + অ (সম্বন্ধার্থে)] বিণ, কেতকসম্বন্ধীয়।

কৈতব [কিতব (বঞ্চক, জুয়াড়ি) + অ] বি, কপটতা ; ছল। "কলাবতি কৈ০ ন করহ আজ।"-বি০ প০। "সুন্দর শরীরে হয় কৈতবের বিন্দু।"-চণ্ডী০। ২ দ্যুতক্রীড়া : পাশ-ক্রীড়া। ~বাদ-বি, মিথ্যাকথা, অনৃতবাদ। ~বাদী-বিণ, মিথ্যাবাদী।

কৈতর [প্রাদে০ বিতঃ শ্রীহট্টে। 'কউতর' ও০। কবুতর >] বি, পারাবত ; কপোত।

কৈদার [কেদার (ক্ষেত্র) + অ (সমূহার্থে)] বি, ক্ষেত্রসমূহ। ২ বিণ, কেদারসম্বন্ধীয়।

কৈদারিক [কেদার + ইক (সমূহার্থে)] বি, কেদার দ্রঃ।

কৈনু [করিলাম-করিলাঙ-করিলুঁ-করিনু-কইলুঁ-কইনু-কৈনু-কনু। তুল-মারিলাম-মারিনু-মাইনু-মানু (শি০)] ক্রি, করিলাম। "তৈল বিনা কৈনু স্নান করিনু উদকপান।"-কবিক০।

কৈন্দ্রিক [কেন্দ্র + ইক] বিণ, কেন্দ্রাভিমুখ ; কেন্দ্রোপসর্পী centripetal.

কৈন্দ্রিকাকর্ষণ-কেন্দ্রাভিমুখী শক্তি centripetal force.

কৈফিয়ৎ [আ০-কইফিয়ৎ] বি, বিস্তারিত বিবরণ ; হিসাবনিকাশ ; হিসাব। "বজেটে এই বৃদ্ধির কোন কৈ০ দেওয়া হয়নি।" ২ কারণপ্রদর্শন ; জবাব। ৩ মন্তব্য remarks. কৈ০ কাটা, -মিলানি [মহাজনী পরিঃ] ক্রি, তহবিল মিলাইবার জন্য যে বাকী কাটিতে হয় ; "নগদ টাকার বাকী (balance) ঠিক করাকে কৈফিয়ৎ কাটা বলে।"-মহাজনবন্ধু, ১৩১১।

কৈফিয়তী [আ০-কৈফিয়ৎ দ্রঃ] বি, কৈফিয়ৎ-সম্বন্ধীয় ; যাতে কৈফিয়ৎ লেখা আছে। "কৈ০ পাঞ্জিখানা নিল সাবধানে।" -কবিক০।

কৈবর্ত্ত [কেবর্ত্ত + অ (স্বার্থে)] বি, ধীবর; জেলে। ২ দাস। ৩ জাতিবিঃ।

কৈবল্য [কেবল + য (ভা০) কেবলের ভাব অর্থাৎ আত্মার কেবলত্ব] বি, জ্ঞানী-দিগের ক্রমশঃ নিখিল ব্রহ্মাণ্ডজ্ঞানের পর

ব্রহ্মজ্ঞান হইয়া জ্ঞানানন্দময় পরমাত্মাতে বিলীন হওয়ার নাম কৈবল্য। ২ আত্যন্তিক দুঃখনিবৃত্তি। ৩ সংসার-মুক্তি : মোক্ষ। "শ্রীকবিকঙ্কণে গায় শুনিলে কৈবল্য পায়।" -কবিক০। ৪ বিড়ঙ্গ। ~দাতা-বিণ, মুক্তিদাতা ; মোক্ষদাতা। ~দায়ী-মোক্ষের হেতু।

কৈমিতিক-কিমিতি দ্রঃ।

কৈমুতিক [কিম্-উত=কিমুত+ইক] বি, ন্যায়-বিঃ ; যেখানে তাৎপর্য্য দ্বারা প্রকৃতার্থ বোধ হয় তথায় এই ন্যায় হয়। যখন এটা হইতে পারিয়াছে তখন ইহারই অবশ্যম্ভাবী ফল যে ফলিবে তাতে সন্দেহ কি? -এইরূপ ন্যায়। কৈ০ ন্যায়-argument *a fortiori.*

কৈয়াছে [প্রা০ বাং গ্রা০। সং কয়েছে < কহিয়াছে। কওয়া দ্রঃ] ক্রি, কহিয়াছে ; বলিয়াছে।

কৈরব [কে (জলে) রব যার-কেরব(হংস) +অ (শোভার্থে)] বি, কুমুদ ; শ্বেতপদ্ম। "ক্ষণেক কৈরবে বসে ক্ষণে মত্ত মধুরসে বিরহী জনার চিত্তশূল।"-কবিক০। ২ কিতব। ৩ রিপু ; শত্রু। স্ত্রীং ~ী।

কৈরবিণী [কৈরব (কুমুদ)+ইন্ (সমূহার্থে-ঈ (স্ত্রীং)] বি, কুমুদিনী ; কুমুদের ঝাড়।

কৈরবী [কৈরব-ঈ (স্ত্রীং)] চন্দ্রকিরণ : জ্যোৎস্না। ২ মেথি।

কৈরলেয় [কেরল (দেশ)+এয় (অধিপতি অর্থে)] বি, কেরল দেশের রাজা।

কৈরাত [কিরাত (ব্যাধ)+অ (সম্বন্ধার্থে তুল্যার্থে, জাতার্থে)] বিণ, কিরাত সদৃশ : ব্যাধতুল্য বলবান্। ২ কিরাত-সম্বন্ধীয়। ৩ কিরাত-দেশোৎপন্ন। ৪ বি, সম্বরচন্দন। ৫ ভূনিম্ব।

কৈল১ [কহিল >। প্রা০ বাং। কৈল কৈলুঁ (প্রাদে০ আধু০ গ্রা০-কৈনু)। কৈলে, কৈলি, (আধু০ কৈল)] ক্রি, কহিলাম। "এই মত শেষ লীলা ত্রিবিধানে কৈল।" ২ করিল।

কৈল২ ['করিল' প্রাকৃতরূপ ; পদ্যে] ক্রি, করিল। "একাই ভুবনজয়ী স্মর অতি খল। তনুহীন কৈল তারে না হরিল বল॥" "কৈল ব্রত গিরিসুতা তিন উপবাস।"-কবিক০। "হেন কাম কৈল রাধা।"-শ্রী কী০। ২ [প্রা০ বাং ব্রজ০] করিব। ৩ করিলে (শ্রী০ কী০)। ৪ করিলাম। "রস আস্বাদিতে আমি কৈল অবতার।"-চৈ০ চ০ (১৬১৫ অব্দের পুঁথি। কৈলা [পদ্যে] ক্রি-করিলা। "অবনীর অজ্ঞান-তিমির কৈলা নাশ।"-শি০। "যুক্তি কৈলা মুনীর থাঁ'র সনে।"-কবিক০। কৈলী -করিলি। কৈলু-লুঁ (তুল-করিনু)-লো, -লোঁ-করিলাম (শ্রী০ কী০)। কৈলে, কৈলে-করিল (শ্রী০ কী০)।

কৈলা [প্রাদে০] বি, গোবৎস ; বাছুর। কইলা দ্রঃ।

কৈলাস [কেলি+অ (সমূহার্থে)=কৈল (ক্রীড়াসমূহ)-সুখ, তার আস (আবাসভূমি) -৬ তৎ বা কেলাস (স্ফটিক) বর্ণ বিশিষ্ট বলিয়া] বি, শিবের বাসস্থান : কৈলাসপর্ব্বত। ইহা হিমালয়ের উত্তরে তিব্বতদেশে অবস্থিত। ~নাথ [কৈলাসপর্ব্বতের] নাথ (প্রভু) শিব। ২ কুবের। কৈলাসেশ্বর-বি, শিব। ২ কুবের।

কৈশিক [কেশ+ইক (সম্বন্ধার্থে)= কৈশিক] বিণ, কেশসম্বন্ধীয় : ২ [কেশ+ইক (সমূহার্থে)] বি, কেশসমূহ : কেশপাশ। ৩ আদি রস বা শৃঙ্গার রস। ৪ রাজবিঃ। স্ত্রীং ~ী-নাটকের প্রসিদ্ধ রচনাবিঃ ; কৈশিকীবৃত্তি।

কৈশিকিতা [রাসা০ পরিঃ। কৈশিক+ তা (ভা০) কেশের মত অতি সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলে যে প্রক্রিয়া দৃষ্ট হয়।

কৈশিকাকর্ষণ [রাসা০ পরিঃ] বি, যে শক্তি দ্বারা সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলে জলাদি উর্দ্ধদিকে উঠে।

কৈশিকানাড়ী [কৈশিকা(কেশতুল্য) সূক্ষ্ম যে নাড়ী] বি, চুলের মত অতি সূক্ষ্মনাড়ী (এই নাড়ী প্রবাহিত হইয়া রক্ত সঞ্চালিত হয়)।

কৈশিকাবনিত [রাসা০ পরিঃ। কৈশিক (নল) তার মধ্যে যে অবনতি] বি, নলের মধ্যে কোন তরল পদার্থের অবনতি।

কৈশিকোন্নতি [রাসা০ পরিঃ। কৈশিক (নল) তন্মধ্যে উন্নতি] নলের মধ্যে কোন তরল পদার্থের উন্নতি।

কৈশোর [কিশোর (বালক)+অ (ভা০)] বি, বালকভাব : বাল্যদশা : নবীন বয়স ; বাল্যাবস্থা। দশ বৎসর হতে পনর বৎসর পর্য্যন্ত কিশোর দশা বলে।

কৈশ্য [কেশ+য (সমূহার্থে)] বি, কেশরাশি ; কেশসমূহ।

কৈসর [ল্যা০-Caesar > আ০-কৃইসর্] বি, রোমান সম্রাট্ ; জর্ম্মনির সম্রাট্। ২ সম্রাট্। ৩ রাজার উপাধি। কৈসর-ই-হিন্দ্ [হিন্দুস্থানের সম্রাট্] ব্রিটিশ রাজদত্ত সম্মান-জনক খেতাববিঃ। কৈসর বাগ-লক্ষ্ণৌয়ের নবাবের স্বনামপ্রসিদ্ধ প্রমোদ উদ্যানের নাম। ঐ উদ্যান বেগমদিগের বাসের নিমিত্ত সৌধ-মালায় পরিবেষ্টিত। তুল-বাদশাহ্ বাগ (উহাও লক্ষ্ণৌয়ে অবস্থিত)।

কৈসে [হিং০ > ব্রজ০ কইসে দ্রঃ] ক্রি-বিণ, কিরূপে। কৈসে মে য়াওব যমুনা-তীর। কৈসে নিহার কুঞ্জ-কুটীর।"-বি০ প০।

কো১ [সং-কূপ, হিং০-কুআ, গ্রা০] বি, কূপ : পাৎকো (দ্রঃ)। ২ [হিং০-কোহর্] কুয়াসা ; কুজ্ঝটিকা। ৩ [কোষ ক্ষে০] অণ্ড ; বীজ ; গুটী।

কো২ [প্রাদে০] অ, বিবক্তিব্যঞ্জক অব্যয়। "ঘরের কর্ত্রী রূক্ষমূর্ত্তি বলে-আর পারিনাকো।"-চয়নিকা। ২ [প্রশ্নে] নিশ্চয়ার্থক অব্যয়। "তবে তুমি কি সজনি জাগিবে নাকো?"-রবী০।

কো৩ [হিং০। সং-কিম্ >] স, কোন জন ; কে। "কি কহব রে সখি কানুক রূপ। কো পতিয়ায়ব স্বপন স্বরূপ॥"-বি০ প০। ২ কেহ ; কোন জন। "কো কহে বালা কো কহে তরুণী।"-বি০ প০। ৩ [হিন্দীর অনুকরণে প্রা০-বাং-য়] ২য়া বাচক প্রত্যয়। "কুচ কাঁচলকো।"-বি০ প০।

কোআ, কোয়া [সং, কোষ-কোবা প্রাকৃ০] বি, কোষ ; বীজ। প্র-কাঁঠাল কোয়া। ২ গুটী। ৩ [কূপ > কুয়া, কোয়া, কো] কূপ। কোয়া-জ্বর [কোঁয়া-জ্বর দ্রঃ] কোষ-জ্বর ; অণ্ডস্ফীতি হেতু জ্বর।

কোই [হিং০-ব্রজ০] স, কেহ। "হরি হবি পীরিতি করয়ে জনি কোই।"-বি০ প০। "নাচত গায়ত কোই, কোই বাওত, বিলসিতে বিগলিত বেশ।"-জ্ঞান০। ২ কাহাকেও। "আন যুবতী কোই না করবি

কোয়।"-বি॰ প॰। ৩ কোন। "যব কোই।" -বি॰ প॰।

কোইলী [পুং-কোইল। সং-কোকিল (দ্রঃ) > প্রাকৃ॰-কোইল, কোয়েল (পুং বঙ্গে)। স্ত্রী-কোইলা, কোয়েলা; মৈ॰-কোইলী] বি, স্ত্রী-কোকিল : কোকিলা। দ্রঃ-সুস্বরের ও ঝঙ্কারের জন্য কোকিল প্রসিদ্ধ কিন্তু কোকিলার কণ্ঠে সুস্বরও নাই ঝঙ্কারও নাই। সং-তে "কোকিল-কূজিত কুঞ্জকুটীরে" ই॰ পাওয়া যায় কিন্তু বাং-কবিতায় ও গানে 'কোকিলা'র কুহুরব, কূজন, গুঞ্জন, ঝঙ্কার ইং-র ভূরি প্রচলন। মৈ॰ কবি বিদ্যাপতির কাব্যেও দেখা যায় ;-"কো॰ পঞ্চম রাগে রমণ গুন সুমরাঞো কুসলে আওত মোর নাহ লো।"-বি॰ প॰।

কোং [ইং-company > বাং-কোম্পানী হতে সং॰ কোং] বি, কোম্পানী, বণিক্‌দল বা সঙ্ঘ।

কোঁ-অনুকার শব্দ। **কোঁক্**-হঠাৎ আঘাত পাইলে বায়ুতে স্ফীত কোন বস্তু হতে ঐরূপ শব্দ হয়। ফাঁপা বলিয়া রবারের ফুটবলে পদাঘাত (kick) করিলে কোঁক্ করিয়া শব্দ হয়। ২ কুঁকড়ার ডাক। **কোঁ-কোঁ করা**-ঐরূপ শব্দ করা। ২ অত্যন্ত শীতবোধ হইলে কম্পের সহিত ঐরূপ শব্দ করা। ৩ শীতে কাঁপা। প্র-শীতে কো-কো করা। ৪ অত্যন্ত ক্ষুধা পাইলে শূন্য উদরের মধ্যে ঐরূপ ডাক বা সাড়া হওয়া। প্র-খিদেয় তাহার পেট কো কো করিতেছে।

কোঁকোর-কোঁ [অনু॰] কুক্কুটের বা কুঁকড়ার ডাক। ঐরূপ ডাকের জন্যই এই নাম। ২ ভয় বা কম্পজনিত মুখশব্দ। "শেষে সামাল দিতি নারবা ডিঙ্গা করবে বুড়া কোঁকোর কোঁ।"-দীনবন্ধু মিত্র।

কোঁঅড়া [চ॰ক॰ভা॰] বি, কুমড়া(দ্রঃ)।

কোঁঅর ['কুমার' > প্রাকৃ॰ রূপ কোঁ॰। চ॰ক॰ভা॰ 'কোমার' ও॰। প্রা॰ ধাং] বি, কুমার। স্ত্রীং ~ী, **কোঁয়রী**-কুমারী।

কোঁঅল ['কোমল' > প্রাকৃ॰, কোঁ, 'কোঁয়ল'ও॰] বিণ, কোমল। স্ত্রীং ~ী, **কোঁয়লী**-বিণ, কোমলাঙ্গী। "সিরিস কুসুম কোঁঅলী। অদভুত কোয় কনক পুতলী।"-বৈ॰ প॰।

কোঁঅলী [সং-কোমল+ঈ (স্ত্রীং)] বিণ, কোমলাঙ্গী। ২ বি, কোমলাঙ্গী নারী : সুন্দরী। "সিরিসি কুসুম কোঁ॰। অদভুত কনক পুতলী॥"-শ্রী॰ কী॰।

কোঁক,-খ [সং-কুক্ষ বা কুক্ষি। প্রাদে॰ কুক, কুখ ও॰] বি, উদর : পেট। "দশ মাস দশ দিন ধরেছিনু কোঁখে।"-ধ॰ম॰(মাণিক)। ২ ক্রোড : অঙ্ক। ৩ [(কোঁক্) অনু॰ (কোঁ দ্রঃ)] হঠাৎ গিলিবার শব্দ।

কোঁকড়, কোঁকড়া [সং-কুঞ্চিত] বিণ, কুটিল ; কুঞ্চিত : তোবড়া।

কোঁকড়ানি [সং-কুঞ্চন] বিণ, কুটিল : কুঞ্চিত হওন : বক্র হওন। ২ ক্রি, কুঞ্চিত করা ; গুটান।

কোঁকানি [সং-কুন্থন] ক্রি, কোথান ; অব্যক্ত ক্রন্দন করা, কোঁ কোঁ করা।

কোঁকালা, কোঁকাল্য [কোকান দ্রঃ] কোঁক+আনা, আল্য=আলিয়া] বিণ, যে কোঁ কোঁ করে, কুকুরের ছানার মত কুঁ কুঁ বা কুঁই কুঁই শব্দকারী। "কোঁকাল্য কুরও যেন কুকুরের ছাঁ।"-শি॰।

কোঁচ১ [সং-কুন্ত (সূক্ষ্মমুখ লৌহাস্ত্র)। গ্রা॰-কোঁচ] বি, মৎস্যবেধনাস্ত্রবিঃ ; ইহা ৮ হতে ১৬ টা বাঁশের শলা দ্বারা নির্মিত হয় এই সকল শলাকার অগ্রভাগে সুতীক্ষ্ণ লৌহ-ফলক যুক্ত থাকে ; কেঁচা।

কোঁচ২ [কোচ দ্রঃ] বি, জাতিবিঃ; কুচবিহারের লোক। "কোঁচের নগরে হর করিয়া প্রবেশ। ধরিলা মন্মথ-অরি মন্মথের বেশ॥"-শি॰। "সিঙ্গা ডাকে দ্রুত আয়, আয় কোঁচবধূ॥" ঐ। স্ত্রীং ~নী [কুঁচনী দ্রঃ] কোঁচনারী ; কোঁচবধূ। "বিকল হইয়া ছুটে সকল কোঁচনী। শিব এল শিব এলো হৈল মহাধ্বনি॥"-শি॰।

কোঁচ৩ [সং-ক্রৌঞ্চ] বি, কোঁচ-বক ; কোঁচন দ্রঃ।

কোঁচকা [কুঞ্চিত >] বিণ, কুঞ্চিত ; কোঁকড়া ; বলিরেখান্বিত ; চুনট্-করা।

কোঁচকানি [গ্রা॰ > সং-কুঞ্চন, কুঁচকানি ও॰] ক্রি, কোঁকড়ান ; কুঞ্চিত হওয়া।

কোঁচড় [ক্রোড় > কোঁ॰। প্রাদে॰ গ্রা॰ ক্ষে॰ 'কোঁচ' "কোঁচের চাউল=কোঁচড়ের চাউল] বি, ক্রোড়দেশস্থ বস্ত্রাংশ দ্বারা থলির আকারে পরিণত করিলে উহাকে কোঁচড় বলে ; টোপর। ২ ক্রোড়দেশস্থ বস্ত্রাংশ। ৩ [মেয়েলী॰] কোল। ৪ বহু সন্তানের মাতার উদর (বহুবার গর্ভধারণ ও প্রসবহেতু উদরের মাংস শিথিল হয় বলিয়া)।

কোঁচন [সং-কুঞ্চন। সঙ্কোচ-বাচক কুচ্ ধাতুজ] বি, বস্ত্রাদির ভাঁজ ; সঙ্কোচন : চুনট।

কোঁচা [কোঁচড় দ্রঃ ; কচ্ছ দ্রঃ] বি, বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ। "ফোঁটা কাটা মহাদম্ভ, ছিঁড়া ধুতি কোঁ॰ লম্ব শ্রবণে কলম পরশাণ।"-কবিক॰। **~দোলাইয়া বেড়ানি**-দায়িত্বজ্ঞান শূন্য হইয়া আলস্যে দিন কাটান। **বাহিরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচার কীর্ত্তন** [প্রবাদ] গৃহে অর্থাভাবে কলহ কচ্‌কচি, কিন্তু গৃহের বাহিরে স্বচ্ছলতা-নিদর্শক লম্বা কোঁচা ঝুলান, অর্থাৎ প্রমাণ কাপড় পরিধান করিয়া বাবুগিরি দেখান (খাটো কাপড় অনটনের লক্ষণ)। **লম্বা কোঁচা**-স্বচ্ছলতার নিদর্শন।

কোঁচানি [সং-কুঞ্চন] বিণ, কুঞ্চিত। "কোঁ॰ চাদর বাঁধা কালো কুর্ত্তি গায়ে।" -দ্বি॰ রায়।

কোঁট-কাঁট দ্রঃ।

কোঁড়, কোঁড়ক [সং-অঙ্কুর-আঁকোড়-কোঁড়। কোরক-কোড়ক। ওড়ি॰ -করড়ি] বি, ছত্র ; ভুঁই ছাতা ; ব্যাঙের ছাতা। ২ নব উদ্‌গত বংশ।

কোঁড়ল-বি, কুণ্ডল।

কোঁড়া [কোঁড় দ্রঃ] বি, বংশাদির নব অঙ্কুর। "কাল করেছে হৃদে বাস বাড়চে যেন শালের কোঁ॰।"-রা॰ প্র॰। ২ বেত্র ; চাবুক। ৩ দীর্ঘ বংশদণ্ড ; বাঁশের কোঁড়া। ৪ [বিদ্রূপে] যার বাড় খুব বেশী। "ছেলে মন্ত যেন কোঁ॰।"-প্রবচন।

কোঁং, কোঁত,-থ [সং-কুন্থ্ (ক্লেশ-দ্যোতনে)] বি, মলাদি ত্যাগকরণের বেগ ; বেগ। ২ কাতরতাপ্রকাশক ধ্বনি। ৩ চর্ব্বণ না করিয়া মুখে দিবামাত্র গলাধঃকরণ-শব্দ। ক্রি, কোঁতানি। ~কোঁৎ-কোৎ দ্রঃ। বারংবার ও ব্যস্ততা অর্থে দ্বিত্ব। প্র-সে এক পাথর ভাত কোৎ কোৎ করিয়া গিলিল। ~দেওয়া, ~পাড়া, ~মারা-বেগ দিয়া মলমূত্রাদি ত্যাগের চেষ্টা করা। ২ যাতনায় গোঙান, ক্লেশ প্রকাশ করা। "ছড নাহি গেল শূলে পড় করি ছাড়ে। কর দিয়া কাকলে কামিলা কোঁৎপাড়ে॥-শি০।

কোঁৎকা [ফা০-কুতক (মুষল)] বি, মুদ্গর ; মুষল, মোটা লাঠি। "এখন পালাও রঙ্গ দেখে শুনে হোঁৎকা দলের কোঁ০ খেয়ে।"-কাব্যবিশারদ। "সিন্নি খেয়ে এগিয়ে কেন কো০ দেখে পেছোয় প্রাণ।"-অমর দত্ত। ক্রি, কোঁৎকানি-যষ্টি প্রহার করা।

কোঁতানি, কোঁথানি [সং-কুন্থন] বি, কষ্টে আর্ত্তনাদকরণ। ২ যন্ত্রণায় কোৎ-পাড়া, কাতরতা প্রকাশ করা।

কোঁথলী [কন্থা ⁄, গ্রা০ উচ্চারণ-ভেদে 'কেঁথলা'] বি, ছোট পাতলা কাঁথা। "আর সব বস্তু ভবে বস্ত্রের কো০।"-চৈ০ চ০।

কোঁদিল [কুন্দল দ্রঃ] বি, বিবাদ ; ঝগড়া। "কোঁদলে ঝড়ের আগে কথায় তুফান।"-হেম০। বি, কোঁদলিয়া ; কঁদুলে। স্ত্রীং কুঁদুলী।

কোঁদা [হি০-কুদনা] ক্রি, লাফান। প্র-নাচা কোঁদা। ২ ভ্রমিযন্ত্র বা ভ্রমর দ্বারা গোল করা।

কোঁদালিয়া, কোঁদলিয়া [গ্রা০ কঁদুলে (দ্রঃ)] বিণ, ঝগড়াটে।

কোঁয়াজ্বর, কোআজ্বর (কোঁ-আজ্জ্বর্) [কোষ-কোয়া-কোঁয়া (অণ্ড) + জ্বর। গ্রা০ কথ্য ভাষায় এখনও চলিত] বি, কোনজ্বর ; বাতশিরা জ্বর ; অণ্ডস্ফীতিজনিত জ্বর। "আর যুবতি বলে সই মোর গোদা-পতি। কোঁয়া জ্বরের ঔষধ সদাই পাব কতি॥"-কবিক০।

কোঁস্তা [কাশ বা কুশ তৃণ >] বি, তৃণ-নির্ম্মিত মার্জ্জনীবিঃ ; ঝাঁটা ; ঝাড়ন।

কোক১ [ইং-coke ("not before 17th century," সুতরাং ইং-তে কোথা হতে আসিল?) তুল-সং-কোকিল-জ্বলন্ত অঙ্গার] বি, খনিজ বা কাঁচা কয়লাকে পোড়াইয়া পারিবারিক ব্যবহার্য্য কয়লায় পরিণত কয়লা ; বিশেষ নিয়মে পোড়ান পাথুরে কয়লা।

কোক২ [কণ্ঠবব >] বি, চক্রবাক। প্র-কোকবন্ধু দ্রঃ। ভেক। ২ [তুল-তেলু০-কোকা (কুকুর)] বৃক, নেকড়িয়া বাঘ ; বন্য কুকুর। "সমরে পড়িল ব্যাঘ্র হেন বড় শোক। রাজস্থানে বার্ত্তা দিতে চলিলেক কো০।"-কবিক০। "দূর কর নিজ শোক, শার্দ্দূল ভল্লুক কো০, বরাহ গণ্ডার মহাবীর।"-কবিক০। ৩ জ্যেষ্ঠা। ৪ খর্জ্জুর বৃক্ষ।

কোকঁড় [হি০-কাকড ও০] বি, ক্ষুদ্র জাতীয় মৃগবিঃ।

কোকদেব [কোক২ (দ্রঃ)-দিব্ (ক্রীড়া পরিকূজনে) + অ (তৃ)] বি, পায়রা। ২ ঘুঘু।

কোকনদ [কোক (চক্রবাক) নদ্ + ণিচ্=নাদি (শব্দ করান) + অ (তৃ-স্ত্রা) চক্রবাককে যে চক্রবাকীর ভ্রম জন্মাইয়া শব্দ করায়। রাত্রিতে চক্রবাকের বিরহদশা কবিকালপ্রসিদ্ধ, রক্তোৎপল-দর্শনে কোক (চক্রবাক) মনে করে এই বুঝি আমার প্রিয়া আসিতেছে এই উৎসাহে-নদ (শব্দ করে) এই অর্থ করিয়াই রক্তোৎপলের নাম কোকনদ] বি, রক্তোৎপল। ২ রাঙ্গা সুঁদী।

কোকনদচ্ছবি [কোকনদের (রক্ত-পদ্মের) ছবি (দীপ্তি=কান্তি) ৬ তৎ] বি, রক্তবর্ণ ; লাল রং। ২ [কোকনদের ন্যায় ছবি (কান্তি) যার-বহু০] বিণ, রক্তবর্ণবিশিষ্ট।

কোকবন্ধু [কোকের (চক্রবাকের বন্ধু (মিত্র) ৬ তৎ] বি, দিননাথ ; সূর্য্য ; দিবাকর (সূর্য্যের উদয়ে চক্রবাক ও চক্রবাকীর মিলন হয় বলিয়া এই কবি-প্রয়োগ)।

কোকশিমা [গ্রা০-কুকশিমে। সং-কুকুর দ্রঃ] বি, কুকুর শুঁয়া গাছ blumea lacera

কোকাল্য, কোকাল্যা, কোকাল্যে [গ্রা০-'কোকলা' < কৃকলাস ("কৃকং কণ্ঠে তথোদরে"-অনেকার্থধ্বনি-মঞ্জরী। কৃকং শিরোগ্রীবং কণ্ঠং বা লাসয়তি কম্পয়তি-অ০ টীকা-চন্দ্র০ মো০ ভট্ট) + ইয়া অতিবার্দ্ধক্যের লক্ষণস্বরূপ যার পেট খোলের ভিতর ঢুকিয়া গিয়াছে ও কাকলাসের মত ঘাড় বা মাথা কাঁপে)] বিণ, কাঁকলাসে, ঢোক্কেসে। "কোকলা বুড়ো মাথায় হোগলা বন।"

কোকিল [কুক্ (গ্রহণ করা) + ইল (তৃ) যে কুহু শব্দ করে। তুল-ল্যা০-cuculus গ্রে-গ্ -coggul ; ইং- cuckoo, প্রাদে -কুইল, কোইল। কোহিলি, কোয়েল। "সর্ব্বক্ষণ মধুর না কুরুলে কোহিলি॥"-ভাগবত (দে সিংহ-১৭শ শতাব্দী)] বি, স্বনামপ্রসিদ্ধ পক্ষী ; পিক। স্ত্রীং ~া [প্রাদে০, গ্রা০-কুইলা, কোহিলি, কোয়েলা] ২ সুস্বর। "ঋতুপতি সরোষ অন্তরে কেড়ে নিলা বসুধার কবরী কুসুম, হস্তের বলয়লতা ; কণ্ঠের কোকিল।"-রঙ্গমতী (নবীন)। ৩ জ্বলন্ত অঙ্গার। ~কণ্ঠ [কোকিলের কণ্ঠের ন্যায় মধুর কণ্ঠ হইয়াছে যার-ম০ প০ লো০ ধা, বহু০] বিণ, যার কণ্ঠধ্বনি কোকিলের ন্যায় শ্রুতি-মধুর। ⁄ স্ত্রীং ~ী।

কোকিলাসন-বি রুদ্রযামলোক্ত তন্ত্র-সাধনার আসনবিঃ।

কোকিলেক্ষু [কোকি (কোকিলের ন্যায় কাল) যে ইক্ষু (আক) বা] বি, কাজলা আক ; কৃষ্ণবর্ণ ইক্ষুবিঃ।

কোকেন [ইং-cocaine] বি, আমেরিকার কোলম্বিয়া নামক স্থানে উৎপন্ন কোকা গাছের (ক্ষুপ) পাতা হতে প্রস্তুত মাদক দ্রব্য-বিঃ এবং ঔষধ। ~খাওয়া-নেশার জন্য পানের সহিত কো০ সেবন।

কোঙর, কোঙার [সং-কুমার ; হি০-কুঁঅর, কুঁয়র, কুঁয়ার ; প্রা০ বাং কোঙর, কোঙার। প্রা০ বাং- 'কোঞর' ও০] বি, পুত্র ; সন্তান। "ত্রৈলোক্যবিজয়ী হবে তোমার কোঙর।"-কৃত্তি০। "যদি মহী ইচ্ছা করে ইন্দ্রের কোঙার।"-কবিক০। ২ কুমার ; রাজপুত্র। ৩ সম্ভ্রান্ত কুলজ্ঞাপক উপাধিবিঃ। স্ত্রীং কোঙারী ; কুঙরী।

কোঙর-ভোগ-কুমার ভোগ ; প্রাচীন কালের ব্যঞ্জনবিঃ। "মাগুর মৎস্য সহ রান্ধে কো০ ভোগ।"-মনসা০ (বংশী)।

কোঙা, কোঙ্গা [হিং-কুআঁ (কূপ); তুল-"কুআঁ টুটনা" অবসাদগ্রস্ত হওয়া; ভাঙ্গিয়া পড়া-তার ভাব >] বিণ, কুঁজো; যা ধনুকের মত সম্মুখে ঝুঁকিয়া পড়িয়াছে। ২ দুমড়ান; নত।

কোঙ্কণ [কোম্ (অনুং)-কণ্ (শব্দ করা)+অ (র্তৃ)] বি, অস্ত্রবিঃ। ২ ভারতের দক্ষিণস্থ কোকনদ দেশ; পশ্চিমঘাট পর্ব্বত ও আরব সমুদ্রতটের মধ্যবর্ত্তী ভূভাগ। ইং-কোকনাডা। স্ত্রীং ~া-কোঙ্কণদেশীয়া স্ত্রী। ২ পরশুরামের জননী রেণুকা। ~স্থ ব্রাহ্মণ-পরশুরামকর্ত্তৃক সৃষ্ট ব্রাহ্মণশ্রেণী-বিঃ [স্কন্দপুং] দক্ষিণী ব্রাহ্মণশ্রেণীবিঃ। ইঁহারা 'চিৎপাবন' নামে প্রসিদ্ধ।

কোঙ্কণাসুত [কোঙ্কণা (কোঙ্কণ-দেশীয় স্ত্রী বা পরশুরামের মাতা রেণুকা) তার সুত (পুত্র)-৬ তৎ] বি, পরশুরাম। ২ কোঙ্কণদেশীয় স্ত্রীর পুত্র।

কোঙ্গা-কোঙা দ্রঃ।

কোচ-বি, তীবরের ঔরসে মাংসচ্ছেদির গর্ভে জাত জাতিবিঃ; তিওর; কোঁচ। "মাছুয়া নিবসে পুরে জাল বুনে মৎস্য মারে কোচগণ বৈসে নানারঙ্গে।"-কবিকং। ২ কোচবিহারের অধিবাসী। ৩ [কুচ্ (সঙ্কুচিত হওয়া) +অ (ভাং)] সঙ্কোচ; কোঁচ দ্রঃ।

কোচওয়ান-কোচমান দ্রঃ।

কোচড়া, [সং-কুচর। গ্রাং ব্যবহারে। তুল-কুচটে বা ট্যা। কোড়ো দ্রঃ] বিণ, কুৎসিত; নোংরা।

কোচড়া, [প্রাদেং বাং। কচ >] বি, বেণীর মত পাকান দড়ী। "বাওয়ান্ন কুটি কোং পাকাও তে পখিত বসিয়া।"-মাণিকং গান।

কোচমান, কোচম্যান, কোচোয়ান, কৌচম্যান, কঁউচ-ম্যান [ইং-coachman, কোচবান ওং, সাধাঃ কোচোয়ান্। গ্রাং-কোচুয়ান] বি, শকটচালক; গাড়োয়ান্। "সাজিয়া কউচম্যান উপরে উঠিয়া। ঘোড়া ঘুড়ে উড়ে যাই জুড়ি হাঁকাইয়া।"-ঈং গুপ্ত।

কোচবাক্স [ইং-coachbox] বি, যেখানে বসিয়া কোচওয়ান গাড়ি হাঁকায়।

কোচল-কচাল দ্রঃ।

কোচা [প্রাদেং] বি, দড়ি-নির্ম্মিত জিনিস রাখিবার খুব ছোট থলে।

কোচ্ছ [বৌং বাং] বি, মোড়ার মত এক প্রকার আসন; ভদ্রপীঠ। "সর্ব্বাংশে স্বর্ণনির্ম্মিত, ব্যাঘ্র-চর্ম্মে আচ্ছাদিত মনোহর কোচ্ছের ভিতর, প্রবেশি, প্রভুর পাশে হইলে সমাসীন সেনানী সুমুখ হংসবর।"-জাতক।

কোজাগর [কঃ (কে) জাগর (জাগ্রৎ) জাগৃ (জাগ্রৎ থাকা)+অ (র্তৃ) যে তিথিতে লক্ষ্মী বলেন আজি নারিকেলের জল পান করিয়া কে জাগিয়া আছ, এস তাকে সম্পত্তি দান করিব] বি, আশ্বিন মাসের পূর্ণিমা তিথি; কোজাগর পূর্ণিমা।

কোঙর-কোঙর দ্রঃ। ~ভোগ-বি, কুমারভোগ নামক আমিষ ব্যঞ্জনবিঃ। "বাগুণ দ্বিখণ্ড করি ভাত লাউ লাগে। মাগুর মৎস্য সহ রান্ধে কোং ভোগ॥"-মনসা মং (বংশী)।

কোট, [সং-কোট্ট] বি, দুর্গ; কেল্লা। ২ গৃহ; কুটীর [তুল-কোটরি, হিং-কোঠরী] ৩ নগর। প্র-শিয়ালকোট; ফরিদকোট। ৪ আয়ত্তি; অধিকার। "আপনার কোটে পাওয়া।" ৫ প্রতিজ্ঞা; গোঁ; পণ; জেদ। প্র-কোট বজায় রাখা। এই অর্থে কোট করা, -করে বসা, -প্রতিজ্ঞাবদ্ধ হওয়া। ৬ সীমানা; সরহদ্দ। প্র-কোটের বাহিরে যাওয়া। ৭ কুটিলতা; কপট। প্র-কোট ক'রে ব'সে থাকা।

কোট, [ইং-coat] বি, জামাবিঃ; পারসী কোট; চায়না কোট। ২ বিদেশী পোষাক। "বৃথা অই হ্যাট্ কোং বিজাতী কথার চোট্ হৃদয়ে নাহিক মোটে জ্ঞানের উদয়।"-চন্দনং (গোবিন্দ)। "হ্যাট বুট কোং পরে সন্না ভাবে জগতেরে।"-কাব্য-কুসুমাঞ্জলি।

কোট, কোর্ট [ইং-court >] বি, বিচারালয়; আদালত। প্র-জজকোর্ট। হাইকোর্ট-সর্ব্বোচ্চ বিচারালয় High Court. ডিষ্ট্রীক্ট কোর্ট-জেলা আদালত District Court. কোর্টফি-বিচারশুল্ক; মকদ্দমা পেশ করিবার খরচ court fee. কোর্টষ্ট্যাম্প-আদালতের নির্দ্ধারিত দলিলাদিতে অগ্রিম প্রদত্ত শুল্কের নিদর্শনস্বরূপ সংযুক্ত করিবার রাজচিহ্নবিঃ court-stamp.

কোর্টমার্শাল [ইং-court-martial] বি, সৈন্যদিগের অপরাধের বিচার করিবার আদালত।

কোটক [কোট (গৃহ)+ক (কারক অর্থে)] বি, গৃহ-নির্ম্মাণকারক জাতি; ঘরামি।

কোটচক্র [কোটের (দুর্গের) চক্র (চিহ্ন-বিঃ)-৬ তৎ] বি, দুর্গের শুভাশুভ সূচনার্থ আটপ্রকার চক্র।

কোটন [সং-কুট্ ধাতুজ] বি, চূর্ণন। ২ খণ্ড খণ্ড করণ। "কুট্না কোটন, বাট্না বাটন।" ৩ গুরুতর প্রহার।

কোটনা [সং-কুট্টনী (স্ত্রীং) বাং-য় তার পুংরূপ] বি, যে পুরুষ মধ্যবর্ত্তী হইয়া স্ত্রী-পুরুষের অসামাজিক প্রণয় সংঘটন করিয়া দেয়। স্ত্রীং কোট্নী, কুটনী, কুটিনী।

কোটনাগিরি, কোটনাপনা, কোটনামি [কোটনা দ্রঃ] বি, কোটনা-বৃত্তি; কোটনার কার্য্য।

কোটর [সং-কোট্টরী। তুল-ইং-quarter; ইতাং-quartiere; ডেং-kwartier; ল্যাং-quatuor] বি, বৃক্ষস্থিত গহ্বর, বৃক্ষের ছিদ্র; খোঁড়ল। ২ একান্তবাস, ডের। ৩ আগার; মহল; কক্ষ; কুটরী। ~গর্ত্ত-বিণ, কোটরস্থ; কোটরে প্রবিষ্ট।

কোটরী, কোটবী [সং] বি, নারী। ২ বিবস্ত্রা নারী। ৩ দিগ্বসনা; দুর্গা; কালী।

কোটশাল [প্রাদেং-বীরভূম] বি, যে স্থানে দেশী লৌহ প্রস্তুত হয়। বিণ, ~শালিয়া-দেশী লৌহ প্রস্তুতকারী।

কোর্টশিপ [ইং-courtship. বাং-তে 'কোর্টশিফ' ওং] বি, অনুগ্রহ প্রার্থনা। ২ বিবাহার্থ প্রেমালাপ বা পূর্ব্বরাগ প্রণয়েচ্ছা বা আসক্তি প্রকাশ এবং পাণিগ্রহণ প্রার্থনা। "কোটশিফে নাহি করে অঙ্গুরী গণনা।"-চন্দনং।

কোটা, [কুটা দ্রঃ] ক্রি, কাটিয়া খণ্ড খণ্ড করা; কুটিকুটি করা। প্র-তরকারি কোটা, কুটনা কুটা। ২ ছেঁচা; লৌহ প্রস্তুরাদির দ্বারা

ঠুকিয়া ঠুকিয়া গুঁড়া করা বা আঘাত দ্বারা চূর্ণ করা। প্র-ওষধ কোটা ; মসলা কোটা। ৩ আঘাত করা। মাথাকোটা-ধন্না দেওয়া, ক্রমাগত কোন বিষয় পশ্চাতে মাথা ঘামান, মাথাখোঁড়া। মেরে কুটে ফেলা-প্রহারে ক্ষত বিক্ষত করা।

কোটা২, কোঠা [সং-কুট্টিম, কোষ্ঠ, পা০-কোট্‌ঠো ; হি-কোট, কোঠা (প্রকোষ্ঠ) কোঠী (পাকাবাড়ী) কোঠি, -ঠী, কুটি, -ঠি, -ঠী ও০] বি, অট্টালিকা ; ইষ্টক-নির্ম্মিত গৃহ ; পাকাবাড়ী। "মঠ কোঠা মন্দিরে সহব শোভা পায়।" -ধ০। ২ তলা ; মঞ্জিল storey ৩ প্রকোষ্ঠ ঘর room ৪ ঘর ; খানা ; স্তম্ভ column ৫ তালিকা ; পর্য্যায়। "দুর্ভাবনার কোটায় স্থান পাইবার যোগ্য।" -দ্বি০ ঠা০। ৬ [মৈমন০ প্রাদে০] ভূখণ্ড, কেতা (দ্রঃ) plot of land

কোটাওয়ারি [ফরিদপুর অঞ্চলে] বি, মাপের পর প্রজাকে যে পরচা বা চিট দেওয়া হয়। কোঁধর-বি, ইট বা পাথর গাঁথা পাকা ঘর, ঐরূপ কো০ বাড়ী, দালান। দালান কো০-পাকা ঘর বাড়ী, অট্টালিকা, "দালান কো০ রইল পড়ে।" মাট, -ঠ, কো০-মাটি দ্রঃ।

কোটাল, [সং-কোট্টপাল ; বাং প্রাকৃ-কোটআল। ফা০-কোতবাল প্রা০ বাং কোটালিয়া (অ০ ম০)] বি, নগরপাল ; নগররক্ষক ; প্রহরী ; চৌকীদার ; পাহারা-ওয়ালা। "ধন নিল চুরি করি কো০ আনিল ধরি।"-ভারত০।

কোটাল২ [কটাল শব্দের উচ্চারণ-ভেদ] বি, অমাবস্যা পূর্ণিমায় নদী সমুদ্রাদির জলোচ্ছ্বাস। ২ সাধারণ সৈন্য ও গ্রামবল-সংখ্যাসূচক উপাধিবিঃ। ~লিয়া-বি, কোটাল দ্রঃ।

কোটালী [কোটাল দ্রঃ] বি, কোটালের কার্য্য ; পাহারা।

কোটি,-টী [কুট্ (বক্র হওয়া, ছেদন করা)+ই (কৃ-জ্ঞা০)] বি, খড়্গ ই০ অস্ত্রের প্রান্ত, ধার। ২ ধনুকের অগ্রভাগ। ৩ অগ্রভাগ। ৪ পক্ষ। প্র-ন্যায়ের কোটি। ৫ [ভা-ই] ১০০০০০০০ ; শত লক্ষ সংখ্যা ক্রোর। ৬ অসংখ্য। "কোটিকে গুটিক নাই।"-বি০ প০। ৭ উৎকর্ষ। ৮ ত্রিভুজ-ক্ষেত্রের ভূমি ও কর্ণ-রেখা ভিন্ন রেখা ; ভূমি হতে উত্থিত রেখা। ৯ কটি, মধ্য।

কোটি (টী) কল্প [কোটি-কল্প (ব্রহ্মার একদিন=মানবের ৪৩২০০০০০০০ বৎসর)] বি, ব্রহ্মার এক কোটি দিন, মানবের ৪৩২০০০০০০০,০০০০০০০ বৎসর ; অনন্ত-কাল। ২ ক্রি-বিণ, অনন্তকাল ধরিয়া, চিরদিনের জন্য। "কো০ দাস থাকা নরকের প্রায় হে!"-রঙ্গলাল।

কোটি (টী) পতি-বি, কোটীশ্বর মহাধনী।

কোটি (টী)র-বি, জট। ২ মুকুট।

কোটিজ্যা [ত্রিকোণমিতি বা রেখা-গণিত পরিঃ। গোলাধ্যায়] বি প্রতিশিঞ্জিনী প্রতিজ্যা cosine

কোটিশ, কোটীশ [কোটি (খড়্গাদির প্রান্ত) শো (তীক্ষ্ণ করা ছেদন করা)+অ (কৃ-জ্ঞা০)] বি, লোষ্ট্রের ভেদক বা ছেদক অস্ত্র বিদেকাটি। ২ মই। ৩ নাগবিঃ। ৪ কোটিপতি।

কোটিশঃ [কোটি+শস্ (বারার্থে)] অ, কোটিবার, কোটি সংখ্যক। ২ কোটি কোটি পরিমাণে ; অসংখ্য পরিমাণে।

কোটিস্পর্শিনী-বি, কোটিস্পর্শ রেখা cotangent

কোটীশ্বর-বি, কোটিপতি

কোটে, কোনটে [প্রা০ বাং। সং-কুত্র > । কো০ কোন-টে (ঠে < ঠাই < ঠান < স্থান)] ক্রি-বিণ, কোথা। "কোটে আছে তোমার পিতা আইস তল্লাস করিয়া॥" -মাণিক০ গান।

কোটেকার, কোনটেকার [অবজ্ঞার্থে] কোথাকার। "কোটেকার মহারাজা চলিয়া আসিল" "কোনটেকার অতিথি আইছে বিদায় করি দাও॥" -মাণিক০ গান।

কোটেশন, কোটিস্পর্শিনী [ইং-quotation] বি, উদ্ধার। ২ উদ্ধার-চিহ্ন ; " quotation mark

কোট্ট [সং-কুট্ (বিভাগ করা) (যা সেনানিবেশের জন্য বিভাগ করা হয়)] বি, দুর্গ ; গড়। ২ প্রসিদ্ধ রাজধানী। ~পাল -বি, দুর্গরক্ষক।

কোট্টবী [সং] বি, বিবস্ত্রা স্ত্রী ; বিবসনা রমণী। ২ নগ্না ; মুক্তকেশী নারী। ৩ দিগম্বরী, কালী। ~পুর-বি, বাণাসুরপুর।

কোট্টার-বি, পাতকুয়া ; কূপ। ২ পুষ্করিণীর পাড়। ৩ সোপান, সিঁড়ি।

কোঠ [কুঠ (বেষ্টন করা) যা শরীরের স্থানবিশেষ মণ্ডলাকারে বেষ্টন করে] বি, চক্রাকার কুষ্ঠরোগ।

কোঠরী [হি০। কুঠরী দ্রঃ] বি, ক্ষুদ্র-প্রকোষ্ঠ।

কোঠা, কোঠি [কোটা দ্রঃ] বি, প্রকোষ্ঠ। ২ ধাপ। ৩ পদবী ; অবস্থা, স্তর। "জীবনের এক কোঠা হতে ভিন্ন কোঠায় আসিয়া পড়িয়াছি, আমার পদবী বৃদ্ধি হইয়াছে।"-প্রবাসী, ১৩৩৩।

কোড়া, [হি-কোড়া। প্রাদে০ 'কুড়া'] বি কশা ; চাবুক, বেত। "পিটেতে মাচ্ছে খুব কো০।"-ঈ০ গুপ্ত। ২ [কোল-কোলা-কোলি-লগুড়] কুলি ; সাঁওতালপরগণার ধাঙ্গড়। ৩ মূল। "বিধি নিরমিল কুল কলঙ্কের কো০।" ক্রি, ~ন-কোড়া মারা।

কোড়া২, কোঁড়া [সং-খনন >- খোঁড়া পরে কোড়া] ক্রি, খনন করা ; গর্ত্ত করা ; খোঁড়া। "কালকেতু বড় বাড় নিত্য কোঁড়ে ডোবা গাড় পড়িলে উঠিতে না পারি।" -কবিক০। "সুবর্ণ বণিক বেসে রজত কাঞ্চন কসে গোড়ে কোড়ে হইলে সংশয়।"-ঐ।

কোণ [সং-কোণঃ=অস্ত্রাদির অগ্রভাগ। কোটি, বিদিক্ (শ০ ক০ দ্রুম)। গ্রী০-gonia ; ইং-corner] "কোণে গৃহৈকদেশঃ স্যাৎ।" -নানার্থধ্বনিমঞ্জরী] বি, গৃহাদির বিদিক্, গৃহের ভিতর ; অন্তঃপুর। "দেখ, ঐ বাড়ীর বাবুটী সন্ধ্যা না হইতেই কোণে ঢোকেন আর দিনের বেলাও প্রায় কাছ ছাড়া হন না। -* * *।"-অমৃত বসু। ২ বি, হস্তকোষ প্রমাণ। "আচলে বান্ধিল তুয়া চালু অন্ধ-

কোণ।"-কবিক°। ৩ [প্রাকৃ -কণো] কণা : ধানের কণা। "পুরাণ খুদের জাউ তাহে আছে কো°।"-কবিক। ৪ অস্ত্রের ধার। ৫ বীণাদির বাদন-দণ্ড : বীণাদি বাজাইবার কাঠি, সেতারে মেজরাফ নামে খ্যাত। ৬ [গ°] সমতলস্থ বিভিন্ন মুখীন দুই সরল রেখা সংলগ্নজাত রেখাদ্বয়ের পরস্পর অবনতি বা সংযোগ-স্থান। **~ঠাসা, ঠেঁসা** ['কোণঠাসা'র প্রাদে° ভেদ 'কোণগাদা'] বিণ. এক কোণে অপর সকলের চাপে জড়সড়। ২ উপেক্ষিত। > **~করা**-ক্রি. কোণে বা একান্তে ঠাসিয়া ধরা যাতে কিছু বলিবার বা করিবার শক্তি না থাকে। ২ কোন বিষয় ব্যাপারে অগ্রসর হতে না পারে এমন ভাবে পশ্চাতে পড়িয়া থাকিতে বাধ্য করা। **~বীক্ষণ** [গণিতঃ পরিঃ] বি. কোণ-নির্দ্ধারক যন্ত্র conoscope. **সন্নিহিতকোণ**-এক সরল রেখার কোন এক বিন্দু হতে যদি অপর এক সরল রেখা টানা যায় তবে উহার উভয় পার্শ্বে যে কোণদ্বয় উৎপন্ন হয় তাহাদের পরস্পরকে সন্নিহিত কোণ বলে। **সমকোণ**-এক সরলরেখা অপর এক সরল রেখার উপর দণ্ডায়মান হলে যদি সন্নিহিত কোণদ্বয় পরস্পর সমান হয় তবে তাদের প্রত্যেককে সমকোণ বলে। **সূক্ষ্মকোণ**-সমকোণ অপেক্ষা ক্ষুদ্রকোণ। **স্থূলকোণ**-সমকোণ অপেক্ষা বৃহৎকোণ। **কৌণিকবিন্দু**-কোণের শৃঙ্গ : কোণোৎপাদক সরল রেখাদ্বয়ের সম্পাতবিন্দু।

কোণকুণ [কোণ (কোণে থাকিয়া) কুণ্ (ভেদ করা) + অ (কৃ) যে শয্যা বস্ত্রাদির কোণে লুকাইয়া কামড়ায়] বি. কেশকীট ; উকুন।

কোণা১ [প্রাদে°] বি. পানের সংখ্যা পরিমাণ, ৩০০ সংখ্যায় এক কোণা। ২ পোয়া, সেরের এক চতুর্থাংশ অর্থাৎ এক কুণিকা। "আঁচলে বান্ধিয়া দিল চালু আদ-কো°॥"-কবিক°। ৩ কাঁসার বা পিত্তলের বাসন ; সীপ ; ধানের কণা। "পুরাণ খুদের জাউ তাহে আছে কো°।"-কবিক°।

কোণা২ [কোণ দ্রঃ। মৈমন° প্রাদে°-'কুণা'] বি. কোণ। ২ প্রান্ত। "চিত্রিয়া নয়ন যেন বিধাতার তুলি, প্রেমপদ্মরাগে দুই নয়ন কোণায় করিছে বিশ্রাম।"-বঙ্গমতী। ৩ বিণ. কোণযুক্ত। **~কাঞ্চি, ~কাঁচি** [কোণ-কাণাচ,-চি > ক্ষে°] অ. কোণ কানাচ, অক্ষিসন্ধি। **~মারা**-বি. কোণ না রাখা। **চৌকোণা**-বিণ. চতুষ্কোণ। **তেকোণা**-বিণ. ত্রিকোণ।

কোণাকুণি, -কোণি, -কোনি, -নী-ক্রি-বিণ. এক কোণ হতে অন্য কোণ : কোণে কোণে মিলাইয়া। ২ [প্রাদে°] সোজা। "হাটে যাবে নদ্যার চাঁদ কোণাকুণি পথ।"-মৈ° গী°।

কোণাঘাত-বি. যেখানে একলক্ষ ঢাক এবং দশহাজার ভেরী একদা বাদিত হয় তাকে কো° বলে।

কোণি [সং] বিণ. গ্রহণশক্তিহীন হস্তবিশিষ্ট : গ্রহণ করিবার শক্তি নাই এরূপ হস্ত যার আছে।

কোতরা [সং-কুৎস-ল : তুল-আল-কাৎরা : ওড়ি -কোতরা কোচড়া দ্রঃ] বি ঝোলা কাল গুড়।

কোতোয়াল, কোতওয়াল [ফা°-কোৎবাল্। কোটাল দ্রঃ] বি. দুর্গ-রক্ষক : এক্ষণে নগরের প্রধান শান্তিরক্ষককে বুঝায় ; থানাদার। "বসিয়াছে কোতোয়াল ধূমকেতু নাম।"-অ° ম°। "কোতয়াল যেন কাল খাঁড়া ঢাল ঝাঁকে।"-ঐ। **~ি, ~ী** [হি°] বি. থানা।

কোথা [সং-কুত্র : প্রাকৃ°-কেথ ; প্রাদে°-উচ্চারণ-বিকারে কেথা : তুল-হেথা (অত্র)] অ কোন স্থানে ; কোথায়। "কো° তুমি, কো° তুমি হেথা পড়ে আমি অকূল বিশ্বের মাঝে,-নিয়ত নিরয়-গামী।"-বি° সরকার। ২ কখনও, কভু। "শশী বিনা নিশি কো°, বল শোভা করে।"-নিধুবাবু।

কোথাকার [কোথা + কার (সম্বন্ধে কার বিভক্তি)=কোথার। প্রা° বাং প্রাদে° **কোটেকার**] অ. কোন্ স্থানের। দেখা যাক কো° জল কোথায় মরে। ২ [তুচ্ছার্থে, ঘৃণার্থে, ক্রোধার্থে] কোন্ কুস্থানের। (গালি দিবার সময়)। ৩ কোন্ বিরক্তিকর বা অপ্রীতিকর বিষয়ের বা ঘটনার। প্র-কো° পাপ এসে জুটলো : পাজী শূয়ার কো°। অকারণ কো° কথা এখানে টেনে আনলে।

কোথাকে [গ্রা°-প্রাদে°, ময়না অঞ্চলে প্রচর। গ্রা°, উচ্চারণ-ভেদে-কুথাক] অ. কোন্ স্থানে : কোন্ দেশে। "মহাশয় পরিচয় কর অতঃপর কি কাজে কো° যাবে কোনদেশে ঘর।"-ঘ°।

কোথাথিকা, কোথিকা [প্রা° বাং কুত্র > কোথা-থিকা (থিকা দ্রঃ)। আধু-বাং, গ্রা°-'কোথেকে'] ক্রি-বিণ. কোথা হতে "কোথাথিকা আইছ রে।" "স্বর্গেথিকা আইছিরে আমি।"-প্রাচীন সূর্য্যের গান (ব° সা° প°)।

কোথায় [সং-কুত্র : প্রাকৃ°-কেথ] কোন্‌স্থানে : কোন্‌খানে। "কো° আনিলে, আমায় কো° আনিলে, আনিয়ে জলধি মাঝে তরঙ্গে তরী ডুবালে॥"-বাং-গান। ২ বৈপরীত্যসূচক তুলনায় একপক্ষে-পক্ষান্তরে। কো° রাম রাজা হবেন কো° তিনি বনে গেলেন।"

কোথিলী [প্রা° বাং প্রাদে°] বি. নূতন বস্ত্রের বড় থলী। "আর সব বস্তু ভরে বস্ত্রের কো°।"-চৈ° চ°।

কোদণ্ড [কুণ্ (শব্দ করা) + অণ্ড (কৃ জ্ঞা°) ণ=দ। যে বাণ মোক্ষণ সময়ে শব্দ করে] বি. শরাসন ; ধনুক [ধনুক সদৃশ বলিয়া] ২ ভ্রূ। ৩ দেশবিঃ। ৪ ধনুরাশি। ৫ [প্রাদে°] কোদালি। "ষড়রিপু হৈল : কো° স্বরূপ। পুণ্যক্ষেত্র মাঝে কাটিলাম কূপ॥" -দাশরথি। **~টঙ্কার**-বি. ধনুকের ছিলা আস্ফালনের শব্দ ; ধনুষ্টঙ্কার **~টঙ্কারি**-ধনুর ছিলা আস্ফালন দ্বারা শব্দ করিয়া। "কো° টঙ্কারি রোষে কহিল হুঙ্কারে।" -মেঘ°।

কোদা [যশোহর প্রাদে° (ফা°-কোদক্ খোকা > ; রাজসাহী অঞ্চলে-কোকল-২৪ পরগণা অঞ্চলে, খোকন] বি. খোকা। স্ত্রী°, কুদী-খুকী।

কোদাল [সং-কুদ্দাল] বি. কুদাইল ভূমিখননাস্ত্রবিঃ। "শালপাতি শূলভাঙ্গি সজ্জা কর বসি। জোয়ালি কোদাল ফাল দা

উথুন পানী॥"-শি॰। ক্রি. ~কোদলান-কোদাল দিয়া কোপান বা মাটি কাটা· কোদাল পাড়া। ~পাড়া [কোদাল-পাড়া (পাতিত করা, ফেলা) ক্ষেত-খোলা বাড়ী-ঘর বাগান-পুকুর ই॰ নির্ম্মাণ করিতে হলে মাটি কাটিতে হয়] কোদাল দিয়া মাটি কাটা; কোপান; নগরাদি পত্তন বা প্রতিষ্ঠার সূত্রপাত করা। "এখনও কো॰ পড়ে নাই, গাঁতী চলে নাই-ইতিমধ্যেই এই।"-বসুমতী ১৩১৮।

কোদালিয়া [কোদাল+ইয়া] বিণ. যে কোদাল পাড়িয়া মাটি কোপায়; ভূমি-খনক। ২ কোদাল দিয়া মাটি কোপানর মত। প্র-কো॰ মেঘ। ৩ বি. ত্রিপত্র ক্ষুদ্র লতা বিঃ desmodium triflorum

কোদো [সং-কোদ্রোব: হি॰-কোদো প্রাদে॰ বিকারে ওদো। ওড়ি॰-কদুঅ] বি. কোদো নামক ঘাস; তার বীজ; কো॰ ধান।

কোদ্রব-বি, কোদো দ্রঃ।

কোধ [প্রা॰ বাং প্রাকৃ। "কাম কো॰।" -শূ॰ পু॰] বি. ক্রোধ দ্রঃ।

কোন, [প্রাদে॰ পরিমাণবাচক] বি. তোলা (২ পানে-১ কোন)।

কোনি₂ (প্রশ্নে-ন) [সং-কিম্; হি॰-কৌনো; মৈ॰ ব্রজ॰-কবন, কওন (বি॰ প॰)] স. কে, কেহ কেউ। ২ প্রা॰ বাং কমণ, কমন] কি। ৩ প্রা॰ বাং 'কোমণ' নির্দ্দেশার্থে কোন [সং কেনচিৎ=প্রাকৃ॰-কোণকি। হি॰-কৌন (তুলসী॰), মৈ॰ বৈ॰ পদ॰ কওোন (বি॰ প॰)-কবন (তুলসী॰) -কওন (বি॰ প॰)] (এই অর্থে কোনি কিছু। "আমার কো॰ কিছুরই অভাব হবে না।"-উত্তরা)। ২ সুতরাং; কোন না। কে: কোনটী। কোনি একটী বা একটি, কোন একটা-অনির্দ্দিষ্ট বস্তু। "তাহারা কোনো একটা ধর্ম্মমত, ধর্ম্ম-গ্রন্থ বা ধর্ম্মসম্প্রদায়ে আসিয়া ঠেকিয়াছেন।" -চারিত্র্যপূজা। কোন্ না-নিশ্চয়: অবশ্য। "বোম্বাই সহরে কান্নাহাটী পড়িয়া যাইবে কলিকাতায় কোন্না।"-বঙ্গবাসী (তুল-হি॰-কৌন নহি)।

কোনও, কোনো [হি॰-কৌনো। বির্থে॰, বাক্যে বল-প্রয়োগার্থে 'ও' প্রা॰ বাং-কোণোহো,-হোঁ, কোহো=কোনও] স, বিণ, অনির্দ্দিষ্ট (ব্যক্তি, বস্তু, বিষয়)।

কোনাচ [কোণ >] বি, কোণের দিকের অংশ মাত্র। ২ কোণযুক্ত পাত (লোহার বা পিত্তলাদি ধাতুর) যা বাক্স সিন্দুক ই॰-র কোণে আঁটা হয়। বিণ. কোণাচিয়া, ক্ষে॰ কোনাচে।

কোনো [কোন (দ্রঃ)+ও (বির্থে॰ ও নির্দ্দেশার্থে)] স. কেহই। ২ এক বস্তু বা বিষয়ও।

কোন্দল, কোঁদিল [সং-কন্দল] বি, বিবাদ,; ঝগড়া। "যেথানে কুলীনজাতি সেথানে কোন্দল।"-ভারত॰।

কোন্দলিয়া [প্রা॰ কোঁদলিয়া,কুঁদুলে] বিণ, ঝগড়াটিয়া; কোন্দলপ্রিয়; বিবাদপ্রিয়: যে কলহ করে। "মনে ভাবি সেই বামুন বড় কো॰।"-ভারত॰। স্ত্রীং কোন্দলী, কুঁদুলী। "পাড়াকুঁদুলী মাগী।"-ম্যাক্‌বেথ (গিরিশ॰)।

কোন্সুলি [ইং-counsel] বি. উচ্চ আদালতের উকীল।

কোপ [কুপ্ (ক্রোধ করা)+অ (ভা॰)] বি, রাগ; রোষ; ক্রোধ; অমর্ষ। ২ অসন্তোষ; বিরাগ। ৩ আঘাত। "কোপে বাস খসল।"-বি॰ প॰। ৪ অস্ত্রের আঘাত। "পাঁটা হাড়িকাটে ফেলিয়াছি একবার বাবা পঞ্চানন্দের নাম করিয়া এক কোপে সাবাড় কর।"-কমলাকান্তের দপ্তর। ~কটাক্ষ-বি, রোষকষায়িত বক্রদৃষ্টি। ~কাপ-বি, একটু আধটু বা এখানে সেখানে আঘাত। ~জ্বলিত-বিণ, ক্রোধে অগ্নিশর্ম্মা। ~বশ-ক্রি-বিণ, রাগের বশীভূত হইয়া। ~বান্-বিণ, ক্রোধী। >স্ত্রীং ~বতী-কোপনা। ~যুক্ত-বিণ, রুষ্ট।

কোপ(প্)টে [প্রাদে॰] বি, কটোরা: বাটী।

কোপন [কুপ্ (রাগ করা)+অন (র্ত্তৃ)] বিণ, রাগান্বিত; ক্রোধন-স্বভাব; সহজেই যার কোপ জন্মে; ক্রোধী। ২ অসুরবিঃ। বিণ. কোপনীয়। স্ত্রীং ~া-যে স্ত্রী সহজেই ক্রোধের বশীভূত হয়; ক্রুদ্ধা। ~প্রকৃতি, ~স্বভাব-বি বিণ, যে সহজে রুষ্ট হয়; রাগী।

কোপনীয় [কুপ্ (রাগ করা)+অনীয় (র্ম্ম)] বিণ, ক্রোধযোগ্য; কোপের বিষয়ীভূত; যার প্রতি কোপ করা হয়।

কোপরা, কোপ্রা [সং-কর্পর। পর্ত্তু॰ > ইং-copra] বি. নারিকেলের শুকনা সুতরাং কঠিন শস্য; খড় লি।

কোপরাল-খোবরাল দ্রঃ।

কোপল [হি॰-কোঁপল, নবাঙ্কুর] নারিকেলের কোঁপল বা কোমল শস্য।

কোপা, কুপা [হি॰-কুপ্পা] বি. তৈলাদির পাত্রবিঃ।

কোপানি [কোপ+আন (আনা-ব্যবহারার্থে)-ক্রমাগত কোপ দেওয়া; কোপাই, কোপাও, কোপায়; কোপাইতে (ক্ষে॰ কোপাও), কোপাইয়া (ক্ষে॰ কোপায়ে, কুপইয়ে) ই॰] ক্রি, কর্ত্তন বা ছেদন-যোগ্য আঘাত দেওয়া; কোপ দেওয়া। ২ ছেদন করা। ৩ মাটিতে কোদালের আঘাত করা; মাটি কাটা।

কোপা করা-কোপান।

কোপানল [কোপ+অনল] বি, ক্রোধাগ্নি।

কোপাবিষ্ট [কোপ+আবিষ্ট] বিণ. রুষ্ট।

কোপি-কপি দ্রঃ।

কোপিত [কুপ্+ণিচ্=কোপি (ক্রোধ করান)+ত (র্ম্ম) যে অন্যকে রাগায়] বিণ, রোষিত; ক্রুদ্ধ; যার ক্রোধ জন্মাইয়াছে।

কোপী [কোপ (ক্রোধ)+ইন্ (স্ত্য) মূ॰-কোপিন্] বিণ, ক্রোধী; রাগী; ক্রুদ্ধ; কোপান্বিত; রাগ-বিশিষ্ট; যার সহজে কোপ হয়। ২ পানকৌড়ী।

কোপ্তা [ফা॰-কোফ্‌তা] বি, ভর্জ্জিত পিষ্ট মাংস।

কোপ্রা-কোপরা দ্রঃ।

কোব [কোপ-উচ্চারণবিকারে] বি, কোপ; ক্রোধ রাগ। "সাপিনীরে দেয় থোব সাপিনী বাঢ়য়ে কো॰।"-চণ্ডী॰ [অ॰ প্র॰]।

কোবালা [কবালা] বি, বিক্রয়দলিল।

কোবিদ [কো (বেদ)-বিদ (যে জানে) বিদ্ (জানা) + অ (কর্তৃ)] বিণ, পণ্ডিত; বেদবিৎ; বেদজ্ঞ। ২ দক্ষ; নিপুণ; কার্য্য-কুশল। ~বৈদ্য-বি, পণ্ডিত-সমাজের মধ্যে বেদবিৎ।

কোবিদার [কু (পৃথিবী) বি-দৃ (বিদারণ করা) + অ (কর্তৃ-জ্ঞা॰) যে মৃত্তিকা ভেদ করিয়া জন্মে] বি, রক্তকাঞ্চনের গাছ। ২ মন্দার ও পারিজাত বৃক্ষ। ৩ আবলুশ। "তিনি পূর্ব্বজন্মে কো॰ শূলে একটি মক্ষিকা বিদ্ধ করিয়াছিলেন * * অতএব যদি * * শূলে আরোপিত করিতে চাও, তবে আবলুশ কাঠের শূল আন।" -জাতক।

কোমতার [গ্রা॰ প্রাদে॰ রাঢ় অঞ্চলে পাল্কীবেহারাদের ভাষায়] বি, গর্ত্ত [ব॰ শ॰ কোষ]।

কোমর [ফা॰-কমর্] বি, কটি; মধ্য-দেশ; মাজা। "বিবসনা সমরে নরকর কোমরে অসিবর বাম করে ধরে।" -কমলাকান্ত। ~পাট্টা, ~পাটা [ফা॰-কমর্ + সং-পট্ট] বি, শিশুর কটিদেশের অলঙ্কারবিঃ। ~বন্দ [ফা॰-কমর্বন্দ্] বি, কটিবেষ্টনী; পেটি।

কোমরী [দ্রুত উচ্চারণে 'কুমরী'। ফা॰-কমরী] বি, অশ্ব উষ্ট্রাদির কটি-দৌর্ব্বল্য বা কোমরের শক্তিহীনতা।

কোমল [কম্ (ইচ্ছা করা) + অল (কর্ম্ম-জ্ঞা॰) ক=কো] বিণ মৃদু; নরম; যা কঠিন নহে। ২ সুন্দর; সুকুমার; মনোহর। ৩ ললিত; মধুর। ৪ বি, জল। > স্ত্রীং ~া। ব্রজ॰, কোমলিনী (দ্রঃ)। বি, কোমলতা। ~কায়-বিণ, কোমলাঙ্গ। > স্ত্রীং ~া-বিণ, কোমলাঙ্গী। ~প্রাণ, ~স্বভাব, ~হৃদয়-বিণ, করুণ হৃদয়; যে সহজে বিগলিত হয়।

কোমলতা, কোমলত্ব [কোমল + তা, ত্ব (ভা॰)] বি, মৃদুত্ব। ২ সৌকুমার্য্য; লালিত্য; মাধুর্য্য।

কোমলাঙ্গ [কোমল অঙ্গ (শরীর) যার -বহু॰] বিণ, মৃদু শরীর; অকঠিন দেহ। ২ জীবের শরীর শম্বুকাদির ন্যায় নরম। স্ত্রীং ~ী-যে রমণীর অঙ্গ অতি কোমল; মৃদু শরীরা। ২ মনোহরাঙ্গী; যে স্ত্রীর দেহ নয়নাভিরাম।

কোমলাসন [কোমল (নরম) যে আসন-কর্ম্ম] বি, মৃগচর্ম্ম-বিনির্ম্মিত আসন।

কোমলিনী [ব্রজ॰। প্রা॰ বৈ॰ সা॰। কোমল দ্রঃ] কোমলতাবিশিষ্ট। "তনু অতি কো॰।" -বি॰ প॰।

কোম্পানী, -নি [ইং-Company, স্কে॰-কোং (ইং-Co.)] বি, বণিক্-সম্প্রদায়; ব্যবসায়িদল। ২ [ইং- East India Company বাং-স্কে॰ 'কোম্পানী'] ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী নামে ইংরেজ-বণিক্-দল ইংলণ্ড হইতে ভারতবর্ষে বাণিজ্য করিতে আসিয়া ক্রমে এদেশে ইংরেজ-রাজত্ব প্রতিষ্ঠিত করেন। তখন হইতে কোম্পানী বলিলে ইংরেজ-রাজত্ব বুঝাইয়া থাকে। পরে কোম্পানীর হস্ত হইতে রাজ্যভার মহারাণী ভিক্টোরিয়া স্বয়ং গ্রহণ করিলেও কোম্পানীর পূর্ব্ব সংজ্ঞাই প্রচলিত হইয়া আসিতেছে। কোম্পানীর আমিল-ইংরেজ বণিক-সম্প্রদায়শাসিত যুগ। ২ ইংরেজ-রাজত্ব। কোম্পানীর কাগিজ-ইংরেজ রাজা-কর্ত্তৃক গৃহীত ঋণনির্দশক বা স্বীকারপত্র। এণ্ড কোঃ, এণ্ড কোং [ইং-and Company, স্কে॰ & Co র অনুকরণে] এবং অপরাপর; এবং অন্যের সহযোগে। প্র-বসু, মল্লিক এণ্ড কোং।

কোয় [হি॰-কোঈ] স, কাহাকেও। "হাম যদি পরশ করি কো॰।" -বি॰ প॰।

কোয়েলা [সং-কোকিল-হি॰-কোয়েল। অনাদরার্থে-আ। পূ॰ বঙ্গে কথ্য] বি, কোকিল।

কোয়া [সং-কোষ-কোষা। কোআ দ্রঃ] বি, বীজ; কাঁটালের কোয়া। ২ গুটী; রেশমের কোয়া।

কোয়ালি [গোয়াল (গোশালা) > গোয়ালি। গ=ক] বি, গোহালিয়া গীতগায়ক; গোশালায় গীতগায়ক। "গোহাল্যা গাইয়া গীত কো॰ ফিরয়ে নিত একভিতে বসিল মারাটা।" -কবিক॰।

কোয়াসা [হি॰-কুহাসা] বি, হিম। ২ অন্ধকার। "কামনাকোয়াসামাপা মোহ আবরণ।" -কুঙ্কুম॰।

কোয়ে [গ্রা॰। কহ দ্রঃ। কহিয়া-ক'হে-কয়ে, কোয়ে] ক্রি, অস, কহিয়া; ব্যক্ত করিয়া। "একমুখে তব গুণ কো॰ না ফুরায়।" -হরু ঠাকুর। ব'লে কোয়ে-বলিয়া কহিয়া; সুপারিশ করিয়া; অনুরোধ উপরোধ করিয়া।

কোয়েলা [কোকিল দ্রঃ] বি, কোকিলা। পুং, কোয়েল।

কোর১ [সং-ক্রোড়। ব্রজ॰; প্রা॰ বৈ॰ সা॰] বি, ক্রোড়; কোল। "সে দশা দেখিয়া ব্যথিত হইয়া তুলিয়া লইল কোরে।" -চণ্ডী॰। "পুন হেরি সখি করি কো॰।" -বি॰ প॰। "কেহ করত কাহু কো॰।" -জ্ঞান॰।

কোর২ [কোরা দ্রঃ] বি, কলপ্; মাড়। প্র-কোর দেওয়া কাপড। কাপড়ের কোর উঠে যাওয়া।

কোর৩ [সং-ক্রূর। তুল-হি॰-কোর=দোষ, প্র-কোর-কসুর্=দোষ ও ত্রুটি] বি, ক্রূরতা; কৌটিল্য; কাপট্য। এই অর্থে প্রায়ই 'কার' এই সহচর শব্দের সহিত ব্যবহার হয়। প্র-তাহার মনে কোর-কার নাই।

কোর৪ [সং-কোণ; হি॰-কোর] বি, কোণ; বক্রতা; বাঁক; ঋজুতা। ২ গোলাই। কোর কাটা-বাটালি ইং যন্ত্রদ্বারা কিনারা বা কোণ অর্দ্ধ গোলাকৃতি বা প্রায় গোল করিয়া কাটা।

কোর৫ [ব্রজ॰। কোরা ৩।৪। দ্রঃ] অস-ক্রি, পরিষ্কার করিয়া; খুলিয়া; "সুকবি বিদ্যাপতি, কহ পুন কো॰।" -বি॰ প॰।

কোরক [কুর্ (ছেদন করা) + অক (কর্তৃ-জ্ঞা॰) যা আবরণ ভেদ করিয়া বহির্গত হয়] বি, কলিকা; মুকুল; অপ্রস্ফুটিত পুষ্প; কুঁড়ি। ২ কলিকার মত; পুষ্পের মুকুল সদৃশ; প্রথমাবস্থা। ৩ মৃণাল। ৪ গন্ধ-দ্রব্যবিঃ; কক্কোল।

কোরকাপ [কোর (ফা॰-কোর=অন্ধ; কোর-নমকী=অকৃতজ্ঞতা=বেইমানী) > সক্রূর > কোর(খলতা হি॰)কাপ(কাপট্য)] বি, ছল বা খল, কপটতা; ধোঁকা বেইমানী; হিংসা শঠতা। প্র-তাদের, কথা বা আচরণে কোন কো॰ আছে বলে মনে হয় না।

কোরকার-বি. যে ধেনো জমির সম্প্রতি উদ্ধারসাধন করা হইয়াছে। ২ কোর দ্রঃ।

কোরঙ্গী [সং] বি. ক্ষুদ্রাকৃতি এলা সূক্ষ্মেলা : ছোট এলাচ্। ২ পিপ্পলী।

কোরণ [কোরা এবং করণ দ্রঃ] বি ঘর্ষণ : আঁচড়ান। ক্রি কোরা।

কোরণী [সং-করণী > । প্রা -বাং] বি. স্ত্রী-বিবাহঘটনকারিণী : ঘটকী। "জানিঞা আদেশ কর পাঠাও কো°।" -মনসা°ম (ষষ্ঠীবর)।

কোরণ্ড, কোরিন্দ [সং-কুরণ্ড] বি. কোষবৃদ্ধি রোগ : জলদোষ। বিণ. কোরিন্দিয়া। গ্রা -কুরুণ্ডে।

কোরফা, কোরফাপ্রজা [ফা -কোর্ফ্] বি. যে সকল প্রজা অন্য প্রজাদিগের নিকট হতে জমি লইয়া চাষ করে। ২ রাইয়তের অধীন রাইয়ত : ইহাদের জমির স্বত্ব থাকে না। "A cultivator who has no right in the land, but holds as a tenant at will, in Western Bengal a tenant holding under a *Khud Kasht* cultivator, and not recognized by the Zamindar" —*Gloss Revenue terms*

কোরবান [আ -কুরবান] বি. উৎসর্গ : বলি।

কোরবাণি, কুরবাণি, -ণী [আ -কুরবাণী] বি. মুসলমানদিগের রোজার এক মাস পরে বিঃ পর্ব্বদিনে শাস্ত্রীয় পশুবলি।

কোরমা [তুর্কী-কোরমা] বি. কোর্মা দ্রঃ।

কোরস [ইং-chorus] বি. ধুয়া। ২ একতান সঙ্গীত। ৩ নৃত্যগীতকারীর দল।

কোরা১ [সং-কৃষ্ (বিলেখন, কর্ষণ করা)। কুরি, কোরো, কোরে ; কুরিতে (ক্ষে°) ; কুরতে (ক্ষে° কুরে) ই°] ক্রি. আঁচড়ান ; চাঁচা। ২ ভিতরের কথা বা সংবাদ বিশেষভাবে প্রশ্ন করিয়া বাহির করা। প্র-সমস্ত কথা কুরিয়া কুরিয়া জিজ্ঞাসা করিবে। ৩ বি. চাঁচিয়া বা আঁচড়াইয়া যা বাহির করা হয় ; নারিকেল, কুষ্মাণ্ড ই°র কোরা ; কুরী। প্র-কুমড়া কো° বা কুরী। এই কো° রসে পাক করিয়া যে মিষ্টান্ন প্রস্তুত হয় তার নাম 'রসকোরা' সাধাঃ রসকরা'।

কোরা২ [হি°-কোরা এই অর্থে "আনকোরা" দ্রঃ] বিণ. সম্পূর্ণ নূতন : অব্যবহৃত, যাতে হাত পড়ে নাই। ২ কোর (মাড়) + আ (যুক্তার্থে)] নূতন (বস্ত্র) : তাঁত বা কলে সদ্যঃ প্রস্তুত (বস্ত্র) ; আধোয়া। প্র-কোরা কাপড়। ৩ যাতে কলমের আঁচড় পড়ে নাই : বেদাগ। প্র-কোরা কাগজ। ৪ [লক্ষ°] সাদা : সাফ ; স্পষ্ট।

কোরা৩ [হি-কোড়া। সং-কবর (কেশপাশ) প্রাদে° বরিশাল] বি. নৌকার দাঁড়-বন্ধনের রজ্জু।

কোরাণ [আ-কোরান্। প্রাদে°-কুরাণ (মৈ° গী°)] বি. মুসলমানদিগের সর্ব্বপ্রধান ধর্ম্মগ্রন্থ। "দশবিশ বেরাদরে বসিয়া বিচার করে অনুদিন কেতাব কো°।" -কবিক ।

কোরাল [প্রাদে°] বি বড় ভেটকী মাছ।

কোরি [প্রা -বাং] বি. কলিকা : কুঁড়ি।

কোরেন্তা [পর্তু-puranta (jov >] বি. প্রমারা খেলার দানবিঃ।

কোরোক-কোক দ্রঃ।

কোর্টশিপ, কোটশিপ্ [ইং-courtship এর লিপ্যন্তর] বি. য়ুরোপীয় প্রথায় বিবাহার্থ ভজনা বা পূর্ব্বরাগ ; কোর্টশিপ্ : প্রেমানুরঞ্জন : প্রেমার্চ্চন।

কোর্ত্তা-কুর্ত্তা দ্রঃ।

কোর্ফা [জমিদারী পরিঃ] বি. এক প্রজার অধীন প্রজা।

কোর্ব্বাণি-কুর্ব্বানি দ্রঃ।

কোর্ম্মা [তুর্কী-কোরমা] বি. ভাজা মাংস। ২ [ভারতে] বিনা জলে এবং কেবল দধিতে কিসমিস ও অন্যান্য মসলার সহিত পক্ক মাংস।

কোল১ [কুল (রাশি করা) + অ (কর্ত্তৃ-জ্ঞা°) যারা দলবদ্ধ হইয়া ভ্রমণ করে] বি. বরাহ : শূকর। ২ পার্ব্বতীয় অসভ্য জাতিবিঃ ; বাঙ্গালার আদিম অধিবাসী। ছোটনাগপুর ও বীরভূম অঞ্চলে অধিকাংশের বাস। ইহারা প্রধানতঃ কোল, দ্রাবিড় ও মঙ্গল এই তিন ভাগে বিভক্ত। ইহাদের দেবতার নাম "বোঙ্গা" ও দেবীর নাম "বোঙ্গী"। ৩ কলিঙ্গ দেশের নামান্তর।

কোল২ [সং-ক্রোড : প্রা° বৈ° সা°-কোর প্রা°-বাং কোল ("পাছে কোল না পাইবে নন্দের নন্দনে।"-শ্রী° কী°)] বি. ক্রোড় অঙ্ক। ২ সম্মুখ। প্র-কোল আধার। ৩ মাছের পেটী। "ভাজে চিথলের কো°, বোহিত মৎস্যের ঝোল মানবড়ি মরিচে ভূষিত।"-কবিক°। ৪ আলিঙ্গন। ৫ ভেলা। ৬ তট : তীর : কিনারা। ৭ পার্শ্ব, ধার। "বাঁকার কোলে সোজা।" -ব° বাণী, ১৩৩৩। ৮ সন্নিকট।

~আঁধার-সম্মুখ অন্ধকার। ২ সন্ধ্যার অব্যবহিত পরবর্ত্তী অন্ধকার। **~দেওয়া**-আলিঙ্গন করা। **~পাওয়া**-মায়ের আদর-যত্ন পাওয়া। প্র-এঁড়ে ছেলে কো° পায় না। **~পোঁছা, ~মোছা**-বিণ. সর্ব্বকনিষ্ঠ সন্তান যার পর আর সন্তান হয় নাই)। প্র-ঐটী তার মায়ের কো° পোঁছা ছেলে। **~জুড়ানি**-কোলে বসিয়া মায়ের মনে আনন্দ ও শান্তি দেওয়া। **~জোড়া হয়ে থাকা**-মায়ের কোল পূর্ণ করিয়া থাকা : না মরা। **কোলে কাঁখে করা**-বসিয়া অঙ্কে ধারণ করা এবং দাঁড়াইয়া কক্ষে বা কাঁকালে তুলিয়া লওয়া : সর্ব্বদা যত্নপূর্ব্বক লইয়া থাকা। **কোলে পিঠে করিয়া মানুষ করা**-অতি শৈশব হইতে যত্নের সহিত লালন পালন করা। **কাহার কোলে মরা**-যার কল্যাণ ও দীর্ঘজীবন প্রার্থনীয় তাহাকে রাখিয়া বা বর্ত্তমান থাকিতে মরা। প্র-স্বামীর কোলে বা সন্তানের কোলে মরা ই°। **~বালিস**-যে বালিশ ক্রোড়দেশে রাখিয়া শয়ন করে : পাশবালিশ। **কোলের ছেলে**-মাই খেকো ছেলে sucking child.

কোল৩ [ফা -কোল। কোলা দ্রঃ] বি. নির্ব্বাতস্থান। ২ অত্যন্ত অন্ধকার স্থান। ৩ [প্রাদে পূ°-বঙ্গে] নদীর চড়া পড়িয়া স্রোত বন্ধ হলে যে ,কল স্থানের উৎপত্তি হয়।

কোল৪ [সং] বি. কুল ফল। ২ চিত্রক : চিতা। স্ত্রীং ~া-কোলিবৃক্ষ। ২ দেশবিঃ। ৩ পিপ্পলী।

কোল, [কোল২ দ্রঃ] বিণ, অধীন sub, under. "হাওলাদারের কোলে রাইয়ত আছে।" (ফরিদপুর-আদা০)।

কোলক [কোল+ক (জ্ঞা০)] বি, বহুবার বৃক্ষ। ২ অক্ষোট বৃক্ষ ; আখরোট গাছ। ৩ মরিচ। ৪ কাকলা। ৫ গন্ধদ্রব্যবিঃ।

কোলকষা [কোল-কষা] বি, দর কোরফা প্রজাস্বত্ব subtenancy under a karsa tenancy. কোলষ্ককষা [ত্রিপুরা প্রাদে] বি, দর প্রজা subtenant.

কোলকুঁজো [কোল (ক্রোড়) -কুঁজো (কুব্জ)] বিণ যার কোল হতে কুব্জভাব, কোলের দিকে ঈষৎ অবনত।

কোলজমা [ফা০। জমীদারী পারিঃ] বি, অধীন প্রজা a tenant at will

কোলনচিহ্ন [ইং-sign of colon এর অনুবাদ] বি, ইংরেজী যতি চিহ্নবিঃ : সেমিকোলন (semi colon) ও পূর্ণযতি (full stop =বাং-র দাঁড়ি '।') র মধ্যবর্ত্তী যতি চিহ্ন, :।

কোলপুচ্ছ [কোলের (শূকরের) পুচ্ছের ন্যায় পুচ্ছ যার-বহু০] বি, কঙ্কপক্ষী : কাক পাখী।

কোলপাতলা-বিণ, পরস্পর দূরবর্ত্তী: কিছু অন্তরে অন্তরে সন্নিবিষ্ট। "কো০ ডাগর গুছি। লক্ষ্মী বলেন ঐখানে আছি॥"-খনার বচন।

কোলপাতি [সং-ক্রোড়পত্র শব্দের ভ্রং] বি, ক্রোড়পত্র ; অতিরিক্ত পত্র।

কোলম্বক-বি, বীণার তন্ত্রী ভিন্ন অন্যান্য সমুদায় অবয়ব। "কেহ ধরে করে দ্বিরদ-রদ-নির্ম্মিত মুকুতাখচিত কো০।"-মেঘ০।

কোলসরা-বি, হরিদ্রাবর্ণে চিত্রিত দুইখানি সরা, লাল সূতায় বেষ্টিত এবং মুখামুখি করিয়া বাঁধা। দাড়িম, হরীতকী, বহেড়া সুপারী, সশিষ নারিকেল মুচি এই পঞ্চ ফল তন্মধ্যে আবরিত থাকে। এই সরা স্ত্রী-আচারে প্রসিদ্ধ। "সর্ব্বস্ব পুতলী ভরা বান্ধি নিল কো০ সূতা নিল নাটাই সহিত।" -কবিক০। ~সরিক [ঢাকা প্রাদে০] বি, অংশীদারের অধীন অংশগ্রাহীদের সরিক sub-co-sharer.

কোলা১ [ফা০-কোল (কূপের ভিতর দেওয়ালের গায়ে বা মাঠে ডোবার ধারে যে গর্ত্ত থাকে) তাতে যে থাকে এই অর্থে "আ"] বি, কোলা ব্যাঙ্। এই ব্যাঙের গলা ফুলা হয়। ইহারা ঘ্যাঁ ঘোঁ শব্দে ডাকে। ইহারা আকারেও খুব বড়। ২ [কোলা ব্যাঙের গলার মত স্ফীত] বি, গো-গল-কম্বলের স্ফীতি রোগ ; কুক্কুরাদির গলা ফোলা রোগ a large swelling on the dewlap of a cow : swollen throat.-- *Carey.* ৩ [প্রাদে০] পেট মোটা জালা। তুল-কোলা-পেটা, নাদা-পেটা।

কোলা২ [যশোহর, খুলনা প্রাদে০। কোল৩ (৩) দ্রঃ] বি, নদী বা খালের কূলে প্রাপ্ত স্থান। ~নি [প্রাদে০] বি, নদীর কোল বা তীর ; নদীর কিনারা।

কোলাকোলি, কোলাকুলি [কোল-আ-কোল-ই] বি, পরস্পর পরস্পরকে ক্রোড়দেশে গ্রহণ ; পরস্পর আলিঙ্গন। "শিব বিষ্ণু কোলাকুলি বাণ নিল পদধূলি শঙ্কর সঁপিল হাতে হাত।"-শি০।

কোলাঙ্গ [কোল+অঙ্গ] বি, প্রাচীরাদির গাত্রস্থ, ভিত্তির উপরিস্থ দ্রব্যাধার ; তাক।

কোলাচ [সং-ক্রোডস্থ] বি, অতি শিশু ; দুগ্ধপোষ্য বালক। ২ অতি অল্পবয়স্ক।

কোলাঞ্চ-বি, কলিঙ্গ দেশ।

কোলাৎ, কোলাত [প্রাদে০] বি, তালগাছের বাইল হতে বাহির করা ছোটা বা সূত্র।

কোলানী-বি, আলিঙ্গন। ২ অভ্যর্থনা ; সাদর আহ্বান। ৩ আশ্বাস। "শেষে ফাঁকি আগে দিয়া কথায় কো০।" -ভারত০। ৪ [সঙ্গীতে] সুরবিঃ।

কোলাবা [আ০-কলাবেহ্ (দুইদিকে সমুদ্র-বেষ্টিত ভূমি) ভ্রং-কোলাবা। সং-কচ্ছ -সমুদ্রকূলের ভূমি] বি, বোম্বাই প্রদেশে সমুদ্রতীরবর্ত্তী জেলাবিঃ।

কোলাবেঙ্,-ব্যাঙ্-বি, কোলা দ্রঃ।

কোলাহল [অর্ব্বাচীন সং শব্দ। প্রা-বাং-য় এই অর্থে 'কোলাকুলি' "নয় ক্রোশ কাঁউর লোকের কোলাকুলি-ধর্ম্মরাজের গীত (সীতারাম, ১৫৯৭ খ০)] বি, বহুলোকের অব্যক্ত শব্দ : অনেক লোকের অস্ফুট অথচ একত্র মিশ্রিত উচ্চরব : কলকল ধ্বনি : গোলমাল। ২ পর্ব্বতবিঃ।

কোলি, কোলী-বি, কুলগাছ। ২ কুল ফল। ৩ কুলি : মজুর।

কোলিসর্প-বি, রাজা সগর কর্ত্তৃক যবন বলিয়া পৃথক্ কৃত ক্ষত্রিয়বর্গ।

কোলে [কোল দ্রঃ] বিণ, কনিষ্ঠ। "ছয় ভাএর কো০ তুমি দুলাল বহিনী।" -মনসা০ ম০ (কেতকী০)।

কোশ, কোষ [বৈদিক সং-কোষ, পরবর্ত্তী সময়ে 'ষ' স্থানে 'শ'। কুশ্, কুষ্ (নির্গত হওয়া)+অ (জ্ঞা-অপা০) যা হতে সুগন্ধাদি নির্গত হয়] বি, কলিকা ; মুকুল, কোরক ; কুঁড়ি। ২ অণ্ড ; ডিম্ব। ৩ অণ্ড-কোষ ; মুষ্ক। ৪ [শুষ-অ] খনি হতে উত্তোলিত কিংবা অগ্নিতে তরলীকৃত স্বর্ণ ও রৌপ্য। ৫ (ণে-অ) আবরণ। ৬ খড়্গাদির খাপ্। ৭ [কষ্ (আকর্ষণ করা)+অ (ধি-অ)-যে স্থানে সংগৃহীত ধন রাখা হয়] ধনাগার ; রাজভাণ্ডার। প্র-কোষাধ্যক্ষ। ৮ পোকার গুটি। ৯ মঞ্জুষা। ১০ মাংসপেশী। ১১ বীজ ; কোয়া। "পীরিতি তুল্য কাঠাল কোষ ; বিচ্ছেদ আটায় লেগেছে দোষ।" -দীনবন্ধু মিত্র। ১২ শব্দসংগ্রহ ; অভিধান। প্র-অমরকোষ। ১৩ কোষকাব্য।

কোশ-ক্রোশ দ্রঃ।

কোশকার, কোষকার [কোশ, ষ-কার (যে কোশ তৈয়ার করে)] বি, গুটিপোকা। ২ অভিধান-কর্ত্তা ; কোষ-কারক। ৩ ইক্ষু।

কোশচঞ্চু [কোশ (কোশাকার) চঞ্চু (ঠোঁট) যার-বহু০] বি, সারসপক্ষী।

কোশপাল [কোশ (ধনাগার) পাল (রক্ষক)-৬ তৎ] বিণ, কোশাধ্যক্ষ ; কোশ-রক্ষক ; ভাণ্ডাররক্ষক ; ধনাধ্যক্ষ ; ভাণ্ডারী।

কোসবান্ [কোশ+বৎ (স্ত্য) কোশবৎ ১মা ১ব০] বিণ, কোশবিশিষ্ট, কোশযুক্ত, যার ধনাগার আছে। স্ত্রী, ~বতী-কোশাতকীবৃক্ষ।

কোশমীনার, কোস [কোশ (ক্রোশ) মীনার (স্তম্ভ)] বি, পথের দূরত্ব-

নির্দর্শক স্তম্ভ। "গ্রাণ্ড ট্রাঙ্ক রোডে বরাবর পঞ্জাব অবধি আট দশ মাইল অন্তর প্রত্যেক চটিতেই প্রায় পনেরো ফিট উঁচু দুটী স্তম্ভ থাকে। এই গুলিই চটীর নিদর্শন ও এদের নাম 'কো০'। এই সমস্তই সের শার অমর কীর্ত্তির সাক্ষ্য দিচ্ছে।"-প্রবাসী, ১৩৩৩।

কোশল, কোশল,কোসল,-লা [কুশ্ (দীপ্তি পাওয়া)+অল (জ্ঞা০)] কাশীর উত্তরে অযোধ্যা প্রদেশের সহিত সমস্ত ভূভাগ। ঐ কোশলরাজ্য 'উত্তর' ও 'দক্ষিণ' নামে দুই ভাগে বিভক্ত, রামের রাজধানী অযোধ্যার নাম "দক্ষিণ-কোশল" এবং অযোধ্যার উত্তর প্রদেশের নাম "উত্তর-কোশল।"

কোশলাত্মজা [কোশল (উত্তর কোশলের রাজা) তার আত্মজা (কন্যা) -৬ তৎ] বি, স্ত্রী কৌশল্যা: দশরথ-মহিষী: রামের মাতা।

কোশলিক, কোষলিক [কোশ-ষ (ধন) ল (ড প্রত্যয়ান্ত লা ধাতুজ) যে গ্রহণ করে)+ইক (স্বা, অন্যের নিকট হতে অবৈধরূপে যা গ্রহণ করা হয়)] বি, উৎকোচ, ঘুষ।

কোশা১ [সং-কোশ] বি, পূজার তাম্রময় জলপাত্রবিঃ। ক্ষুদ্রার্থে কোশী, চ০-কুশী। ২ হস্তকুণ্ড। ~কুশি-বি, পূজা তর্পণাদির জন্য জল রাখিবার বৃহৎ তাম্রপাত্র তা হতে জল তুলিবার ক্ষুদ্র তাম্রপাত্র।

কোশা২, কোষা [কোশা (দ্রঃ) আকার >] বি, নৌকা; ডিঙ্গী। "ভাদ্র মাসে দেখিবে জলের পরিপাটি। কোশা চড়ি বেড়াবে উজান আর ভাটি॥"-ভারত০।

কোশাম্র [সং-হিং০-কোশংভ্র] বি, বনাম্র-বৃক্ষ। ২ জলপাই। ৩ কেওড়া। ৪ [হিং০-গোসম, গৌসম, ওড়ি০-কুসুম, কোশাম -ব০ শ০ কোষ] লাক্ষাবৃক্ষ; ঘনস্কন্ধ; কুশম schleicheria trijuga.

কোশী, কোষী [কোশ-কোষ+ঈ। অল্পার্থে, কুশী দ্রঃ)] বি, ক্ষুদ্র কোষা; কোশা হতে যদ্দ্বারা জল উত্তোলন করে। ২ শিম্বিকা। ৩ শস্যের শুঁয়া। ৪ পাদুকা: জুতা।

কোষ১ [সং] বি, অণ্ড: মুষ্ক। ২ গুটী cocoon. ৩ আবরণ; খাপ। ৪ জীবদেহস্থ সূক্ষ্মাংশ cell. ৫ [গ০ পরিঃ, সা০ প০ প০] বন্ধনী bracket. [দ্রঃ-কোষ পর্য্যায় উদ্ভিদ-বিদ্যাবিষয়ক পারিঃ শব্দসমূহ-অনু-মাতৃকোষ-special mother cell অণুরেণুকোষ - microsporangium কণ্ঠকোষ-neck cell কুটীর্জনক-কোষ-carpogenous cell. কোর্ষ-কিরীট-crown. কোষ-শুণ্ড-rostellum কোষছত্রিকা-ascomycetes, কোর্ষরেণু-ascospore, কোষ-নির্ম্মোক-rejuvenescence, কোষ-প্রাচীর-cell wall. কোষফলক-ligule কোষরস-cellsap কোষাত্মক -thalogen জালকোষ-trabecula. ঢালকোষ-shield ত্বিস্তুৎপাদক-কোষ-liber cell তর্কুকোষ-tracheid ধারণকোষ-suspensor নালীকোষ -ventral canal cell; canal cell. নিষেককোষ-spermatium পত্রকোষ-sheath. পাদকোষ-vaginula. পার্শ্বকোষ-companion cell. পৃথুকোষ-auxospore পৃথুরেণুকোষ - macrosporangium যোজনকোষ-passage cell বিষম-কোষ-heterocyst. শিরঃস্থকোষ-cap cell শিলাকোষ-lithocyst সমজালাঙ্কিত কোষ-lattice cell. সমষ্টিকোষ-spongiole. সভুজকোষ -basidium. সহকারীকোষ-synergida. স্বোদ্ভূতকোষ-idioblast -সা০ প০ প০, ১৩১৭]

কোষ২ [কোশ দ্রঃ] বি, অভিধান; শব্দ সংজ্ঞা। কোষকার-কোশকার দ্রঃ।

কোষ৩-বি, ধনাগার। ~শূন্য-বিণ, রিক্তধন-ভাণ্ডার; নির্ধন। ২ মুষ্কহীন; খাসি। ~াগার-বি, ধনভাণ্ডার।

কোষ-কাব্য-বি, যে কাব্যের শ্লোক-সমূহের মধ্যে একের সহিত অন্যের কোন অপেক্ষা নাই তাদৃশ কাব্যের নাম কো০, পরস্পর নিরপেক্ষ শ্লোকসমূহ। প্র-অমরু-শতক; সদ্ভাবশতক; চন্দ্রিকা ই০।

কোষবৃদ্ধি [কোষের (মুষ্কের) বৃদ্ধি, -৬ তৎ] বি, অণ্ডকোষের স্ফীতি রোগ: মুষ্কের বৃদ্ধি hydrocele. ২ [কোষের (ধনের) বৃদ্ধি-৬ তৎ] ধনের বৃদ্ধি; অর্থের উন্নতি। ৩ [কোষের (মুকুলের) বৃদ্ধি হয় যাতে-ব২০] কুরণ্ডক বৃক্ষ।

কোষা (কোশা দ্রঃ) [স০-কোষ+আ (বৃহদর্থে)। ক্ষুদ্রার্থে কোষী, কুষী] বি, তাম্রময় পূজার জলপাত্রবিঃ: পূজাহ্নিকের গঙ্গাজল রাখিবার পাত্র। ২ ডোঙ্গা। ৩ পূর্ব্বকালের রণতরীবিঃ। কোষাতে আগ্নেয়াস্ত্রও রক্ষিত হত। তখন শ্রীপুরে উৎকৃষ্ট কোষা নির্ম্মিত হত। ৪ লেবু জাতীয় ফলের এক এক খণ্ড।

কোষাধ্যক্ষ [কোষের (ভাণ্ডারের) অধ্যক্ষ (কর্ত্তা)-৬ তৎ] বি, ধনাগারের কর্ত্তা, ধনরক্ষক; যার উপর ধনাগারের কর্তৃত্ব ভার থাকে। ২ ধনাধিপতি কুবের।

কোষিক-বি, কষ্টিপাথর, যে প্রস্তরে স্বর্ণ পরীক্ষা করা হয়। "কো০ পাথরে তেজল কনক রেহা।"-বি প।

কোষী [কোষ+ইন্ (স্ত্য) মৃ -কোষিন ১মা ১ব০] বি, ফলের কড়েয়ার পরবর্ত্তী অবস্থা; নবোদ্গত ফল। প্র-কোষী আম (এই অর্থে কুষীও০)। ২ আম্রবৃক্ষ (শ০ক০)। ৩ শস্যের শুঁয়া। ৪ চর্ম্মপাদুকা; জুতা।

কোষেশ [জীব বিঃ পরিঃ] বি, বর্ণ ও আকারহীন জীব-দেহের সারপদার্থবিঃ nucleus বিণ, ~ক (-র্শ-)-কোষেশ-বিশিষ্ট nucleolus. ~রস [উদ্ভিদ বিঃ পরিঃ] নাভিরস nucleoplasm

কোষো, কোষা [কষায় > কষা কষুয়া-ক (কো) ষো, কেষো] বিণ, কষায়-স্বাদযুক্ত। ২ ডাঁসান; পূর্ব্বাবস্থায় অপক্ক (ফল)। প্র-কোষো পেয়ারা।

কোষ্ঠ [সং-কোষ্ঠ] বি, মল; পুরীষ; বাহ্যে। ২ মল-নির্গম; পুরীষ-ত্যাগ। "এক ছিলিম অন্ততঃ ভোরে উঠেই চাই, নইলে হয় না কো০; কত কষ্ট পাই।"-রজনী সেন। ~পরিষ্কার, ~সাফ হওয়া-কোষ্ঠ-শুদ্ধি হওয়া; উত্তমরূপে মল বহির্গত হইয়া উদরস্থ মলভাণ্ড বা মলনাড়ী পরিষ্কার হওয়া। ~বদ্ধ হওয়া-মলভাণ্ড হতে মল নিঃসৃত না হওয়া।

কোষ্টা [প্রাদে°] বি. পাট। "গত সনে কোষ্টার দর ছিল–২৪ টাকা।" "রামা দাবায় বসিয়া কো° কাটিতেছিল।"

কোষ্ঠ [কুষ্ (নির্গত) + থ (অপা°) থ=ঠ। যা হতে শস্যাদি বিক্রয়ার্থ নির্গত হয়] বি. শস্যশালা ; শস্যাগার : গোলা। ২ গৃহমধ্য ; ঘরের মধ্যস্থান। ৩ প্রকোষ্ঠ ; কোটা। ৪ উদরমধ্য ; পেটের মধ্যস্থল। ৫ উদরের মধ্যস্থিত মলাশয় বা মলভাণ্ড : বৃহদন্ত্রের নিম্নভাগ abdomen, colon. ৬ [কোষ্ঠস্থ বলিয়া] পুরীষ : বিষ্ঠা : মল। ৭ [আয়ু°] মধ্যশরীর ; "হৃদয় হতে অপান বায়ুর স্থান পর্যন্ত অংশ ; আমাশয়, পিত্তাশয়, পক্বাশয়, মূত্রাশয়, রক্তাশয়। হৃদয় উণ্ডুক ও ফুস্‌ফুস্ ইহাদের সাধারণ নাম কো°।"–দুর্গানারায়ণ সেন শাস্ত্রী (সা° প° প°)। সুশ্রুত-মতে শরীর ৬ ভাগে বিভক্ত :–হস্তপদাদি ৪ অংশ, কোষ্ঠ বা মধ্যশরীর ৫ম অংশ ও মস্তক ৬ষ্ঠ অংশ। ~কাঠিন্য–বি. উদরস্থ মলভাণ্ডের আবদ্ধ বা বদ্ধাবস্থা ; মলবদ্ধতা costiveness. ~বদ্ধ –বি. কোষ্ঠাশ্রিত মলের অনিঃসরণরূপ রোগ : কোষ্ঠবদ্ধতা রোগ ; যে রোগে কোষ্ঠাশ্রিত মল দৃঢ় হইয়া নির্গত হয় না constipation. ২ বিণ. মলভাণ্ডে আবদ্ধ। বি. ~বদ্ধতা –costiveness. ~বন্ধ–বি. মলবদ্ধ : মলরোধ ~শুদ্ধি [কোষ্ঠের (মলভাণ্ডের) শুদ্ধি (নির্মলতা)–৬ তৎ] বি. মলভাণ্ডের নির্মলতা ; মলশুদ্ধি : উত্তমরূপে মলনির্গম : মলাশয় বা মলভাণ্ড পরিষ্কার থাকা।

কোষ্ঠা/গার [কোষ্ঠ (গোলা) আগার (গৃহ)] বি. ধান্যাদি শস্য রাখিবার গৃহ : গোলাঘর। স্ত্রী° ~গারিকা–কুমীরে মাটী ; কুমীরে পোকা যে মাটীতে গৃহ নির্মাণ করে। ~গ্নি–বি. জঠরাগ্নি ; পাচকাগ্নি।

কোষ্ঠাঙ্গ [কোষ্ঠ দ্রঃ] বি. নাভি হৃদয়াদি পঞ্চদশ অঙ্গ।

কোষ্ঠিকযন্ত্র–বি. কামারের যাঁতা : হাপর।

কোষ্ঠী, কোষ্ঠিকা [কোষ্ঠ + ঈ (স্ত্রীং –ঈ) আ (স্ত্রীং)। প্রা°–কুষ্টি] বি. জন্মপত্রিকা ; যে পত্রে জন্ম-সময়ের গ্রহ রাশি ও নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চারাদি গণনা করা থাকে। উহা দ্বারা মানবের যাবজ্জীবনের শুভাশুভ ফল নিরূপিত হয়। ~কাটা (কোষ্ঠীতে যা আছে তাহা কাটা > লক্ষ° নিন্দা করা ; গালি পাড়া।

কোষ্ঠ্যা [কষ্ট >] বি. যে কষ্ট পায়। "অন্নকোষ্ঠ্যা বন্দী কাড়ে বিপরীত রা।"

কোষ্ণ [কু (ঈষৎ)–উষ্ণ] বিণ. ঈষদুষ্ণ : কুসম কুসম গরম।

কোহ [সং–কোক] বি. চক্রবাক : চকাচকি পক্ষী।

কোহল [কু–হল্ (আকর্ষণ করা) + অ (র্তৃ, জ্ঞা°) যে ভাবাদি প্রকটন দ্বারা পাঠক ও শ্রোতার চিত্ত আকর্ষণ করে] বি. নাট্যকার। ২ বাদ্যযন্ত্রবিঃ। ৩ মদ্যবিঃ। ৪ নাট্যশাস্ত্রে উল্লিখিত–নাট্যশাস্ত্রকারবিঃ।

কোহাড়া [প্রাদে°। কোয়াসা দ্রঃ] বি. কুজ্‌ঝটিকা : কোয়াসা।

কোহিনূর [ফা°–কোহ্ (পর্ব্বত)–ই –নূর (আলোক) পর্ব্বতীয় আলোক] বি. স্বনামপ্রসিদ্ধ হীরক।

কোহিল [কোকিল, প্রাকৃ°–কোহিল, কোইল] বি. কোকিল পক্ষী।

কৌকুর [কুকুর (তন্নামক বংশ) + অ (ভবার্থে)] বি. নৃপতিবিঃ। ২ দেশবিঃ।

কৌক্কুটিক [কুক্কুট + ইক (ভবার্থে)] বিণ. অভিমানী ; দাম্ভিক। ২ বি. এক সম্প্রদায় সন্ন্যাসী যারা জীবহত্যার ভয়ে সাবধানে পাদক্ষেপ করে।

কৌক্ষ [কুক্ষি + অ (সম্বন্ধার্থে)] বিণ. কুক্ষিসংলগ্ন ; কুক্ষিগত। ~ক [কুক্ষি (উদর) + অক (ভবার্থে)] বিণ. কুক্ষিদেশোৎপন্ন ; কুক্ষিজ।

কৌক্ষেয়,–ক [কুক্ষি (উদর) + এয় (সম্বন্ধার্থে) পক্ষে ক যোগ] বি. কুক্ষিতে যা বদ্ধ থাকে ; অসি।

কৌচ [ইং–couch] বি. পালঙ্ক ; বসিবার আসন। "নিশ্বাস ফেলে বস্‌লেন গিয়ে একখান লম্বা কৌচে।"–দ্বিং রায়।

কৌঞ্জায়নী [কুঞ্জ + আয়ন (অপত্যার্থে) =কৌঞ্জায়ন + ঈ (স্ত্রীং)] বি. মান্যা ব্রাহ্মণী [বিরল] ২ কুঞ্জ নামক ব্রাহ্মণের কন্যা। পুং. কৌঞ্জায়ন।

কৌট ['কৌটা'র কথ্যরূপ] বি. কৌটা দ্রঃ। ২ [সং–কুট >] বিণ. কুটিল ; মিথ্যা। প্র–কৌট-সাক্ষী।

কৌটা [সং–কট–আবরণে। গ্রা°–কৌটো, কোটো। হিং–কটুয়া। তুল–হি–কটোর দান] বি. তৃণ ; কাষ্ঠাদি-নির্ম্মিত আবরণযুক্ত ক্ষুদ্র পাত্রবিঃ। "সিন্দুরের কৌটা নাও।"–অশোক°।

কৌটিক [কুট (ফাঁদ) + ইক (কৃতার্থে) যারা পশু-পক্ষী বধের জন্য ষড়যন্ত্র করে] বিণ. ব্যাধ। ২ মাংসবিক্রয়কারী : কসাই।

কৌটতক্ষ [কুটি (গৃহ) + অ (স্থিতার্থে) –তক্ষ] বি. যে সূত্রধর গৃহে থাকিয়া স্বাধীনভাবে তক্ষণ-কর্ম্ম দ্বারা জীবিকানির্ব্বাহ করে।

কৌটিলিক [কুটিল (বক্র) + ইক (ভবার্থে) যারা মৃগয়াকালে বক্রভাবে গমন করে] বি. ব্যাধ। ২ কর্ম্মকার।

কৌটিল্য [কুটিল + য (ভা°)] বি. কুটিলতা ; বক্রতা। ২ ক্রূরতা। ৩ [১৯২৫ খৃঃ অব্দের "Indian Historical Quarterly (pp. 569-786) পত্রে প্রমাণিত হইয়াছে প্রকৃত নাম কৌটল্য] চাণক্য নামক প্রসিদ্ধ পণ্ডিত ব্রাহ্মণ। ইনি কুটিলতার আধার বলিয়া কৌটিল্য নামে বিখ্যাত হন।

কৌটুম্বিক [কুটুম্ব + ইক (পালনার্থে)] বিণ. কুটুম্ব-পোষণকারী। ২ কুটুম্ব-সম্বন্ধীয়।

কৌড়ী [সং–কপর্দ্দক > প্রাকৃ°–কবড়ী > কওড়ী,–ড়ি > ; হিং–কৌড়ী] বি. কপর্দ্দক ; কড়ি। ২ বিক্রয়লব্ধ অর্থ। "দধি দুধ বিকলিআঁ রাধা আইসে ঘরে। কৌড়ী আনিআঁ দেএ সাসুড়ীর থানে॥"–শ্রী° কী°। ৩ মূল্য। "পার কইলেঁ কৌড়ী নীলেঁ তাহার।"–শ্রী°কী°।

কৌণপ [সং। কুণপা (রাক্ষসী) + অ (অপত্যার্থে)] বি. রাক্ষস।

কৌণী–বি. জরিপে ব্যবহৃত জমির পরিমাণবিঃ ; ১ হাত দীর্ঘ ও ১ হাত প্রস্থ অর্থাৎ ১ বর্গ হস্তকে ১ কৌণী বলে।

কৌতর [হিং–কবুতর] বি. কপোত, পায়রা।

[ ] যুক্ত চিহ্নবৎ (অগ্র=অগ্‌গ্র)। ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্য ঞ্চ=ন্চ ...

কৌতুক,১ [কুতুক (আনন্দ)+অ (স্বার্থে)] বি, কৌতূহল ; ঔৎসুক্য ; কোন বিষয় জানিবার একান্ত ইচ্ছা। ২ আমোদ ; আনন্দ ; মজা। "এ বড় কৌতুক।"–অ° ম°। ৩ উৎসব। ৪ নৃত্যগীতাদি-বিষয়ক তামাসা। ৫ পরিহাস। ৬ পরম্পরাগত মঙ্গল। ৭ ভোগকাল।~কারী, ~প্রিয়-বিণ, যে পরিহাস করে। ২ পরিহাস-রসিক ; তামাসা-বাজ।

কৌতুক,২ [কুতুক (আনন্দ)+অ (স্বার্থে জ্ঞা°)। কাতা দ্রঃ] বি, হস্তসূত্র। ২ [আনন্দ-সূত্র অর্থে] বিবাহসূত্র। "আসিয়া উমার ধাত্রী কৌতুক অন্তরে। যথাস্থানে কৌ° বান্ধিল তার পরে।"–কুমার-সম্ভব (রঙ্গলাল)।

কৌতুকান্বিত-বিণ, কৌতূহলযুক্ত। ২ হৃষ্ট। ৩ পরিহাসরত।

কৌতুকাবহ [কৌতুক–আবহ (জনক)] বিণ, কৌতূহলজনক। ২ আনন্দজনক।

কৌতুকী [কৌতুক (আনন্দ)+ইন্ (স্ত্য) মূ°–কৌতুকিন্ ১মা, ১ব°] বিণ, কুতূহলাক্রান্ত ; আমোদী। ২ যার কৌতুক জন্মিয়াছে ; কৌতূহলী। ৩ যে কৌতুক করে ; আনন্দকারী। স্ত্রীং কৌতুকিনী-নায়িকাবিঃ।

কৌতূহল [কুতূহল+অ (স্বার্থে)] বি, কৌতুক ; কুতূহল ; অভিনব বিষয় জানিতে বা শুনিতে একান্ত আগ্রহ। ২ অভিলাষ ; ঔৎসুক্য।~জনক-বিণ, কৌ° উৎপাদক। ২ আগ্রহ বা ঔৎসুক্য বর্দ্ধক। ~পর, ~পরবশ,~াক্রান্ত,~াবিষ্ট,~ী-বিণ, কৌ° যুক্ত ; অত্যন্ত আগ্রহান্বিত বা উৎসুক।

কৌতূহলোদ্দীপক-বিণ, জানিবার আগ্রহবর্দ্ধক।

কৌৎস্য [কুৎস (মুনি)+অ (অপত্যার্থে)] বি, কুৎসমুনির পুত্র।

কৌথুম [কুথুম (বেদের শাখাবিঃ)+অ জ্ঞাতার্থে) যিনি কুথুম নামক বেদশাখা জানেন] বিণ, কুথুমশাখাধ্যায়ী ; কুথুম-শাখাভিজ্ঞ ; কুথুমশাখাবেত্তা।

কৌদালিক, কৌদালীক [কুদাল +ইক, ঈক (জ্ঞা°) কোদালিয়া] বি, যারা কোদাল অস্ত্রদ্বারা জীবিকা নির্ব্বাহ করে। গ্রা°–কোদালে।

কৌন্তিক [কুন্ত (প্রাস অস্ত্র)+ইক (আয়ুধার্থে)] বি, কুন্ত যাদের অস্ত্র ; কুন্তধারী ; প্রাস-অস্ত্রধারী ; যোদ্ধা। "দুরন্ত কৌন্তিককুল কুন্ত আস্ফালিল।"–মেঘ°।

কৌন্তেয় [কুন্তি (কুন্তিভোজনন্দিনী) +এয় (অপত্যার্থে)] বি, কুন্তির পুত্র ; যুধিষ্টিরাদি পঞ্চভ্রাতা। ২ যুধিষ্ঠির। ৩ অর্জ্জুনবৃক্ষ।

কৌন্দর্য্য [কু (কুৎসিত) > বৈপরীত্য-বোধক সৌন্দর্য্য শব্দের অনুকরণে অধ্যাপক বিনয়কুমার সরকার কর্ত্তৃক উদ্ভাবিত] বি, কুরূপতা ; অসুন্দরতা। "কিন্তু আর্থিক অবস্থার শোচনীয়তা সকল ক্ষেত্রে আবার স্বাস্থ্য অস্বাস্থ্য আর সৌন্দর্য্য কৌন্দর্য্যের এক মাত্র কারণ হয়।"–বি° কু° সরকার (বঙ্গবাণী, কার্ত্তিক, ১৩৩৪)।

কৌন্সিলি,-লী, কৌন্সুলি-লী, কৌঁসিলি,-লী, কৌঁসুলি [ইং–Counsel,-sellor] বি, মকদ্দমা পরি-চালক সম্মিলিত ব্যবহারাজীবগণ। "আপীলের বিচারে তাঁহার পক্ষে কৌঁসুলী সওয়াল জবাবে বলেন।"–বাং কথা। কৌঁশুলি দ্রঃ।

কৌপ [কূপ+অ (সম্বন্ধার্থে)] বি, কূপ জল। ২ বিণ, কূপসম্বন্ধীয়। ৩কূপোৎপন্ন।

কৌপীন [কূপ+ঈন্ (জ্ঞা°) ভ্রং, কপ্নী কপ্‌নি] বি, মেখলাবদ্ধ উদাসীনগণের পরিধেয় বস্ত্রখণ্ড ; ভগবদুপাসকদিগের পরিধেয় ছিন্ন-বস্ত্রখণ্ড ; চীরবসন ; তেনা।

কৌবের [কুবের (ধনপতি)+অ (সম্বন্ধার্থে)] বিণ, কুবের-সম্বন্ধীয়। ২ বি, কুড়গাছ। স্ত্রীং ~ী–কুবের-অধিষ্ঠিত দিক্ ; উত্তর দিক্। ২ মাতৃকাবিঃ ; কুবেরশক্তি। কৌমারী দ্রঃ।

কৌমার [কুমার (বালক)+অ (ভা°)] বি, কুমারদশা ; বাল্যাবস্থা ; পঞ্চম বর্ষ হতে দশ বর্ষ পর্য্যন্ত ; তন্ত্রমতে ষোড়শবর্ষ পর্য্যন্ত। ২ [কুমার (কার্ত্তিকেয়)+অ (স্বার্থে)] কার্ত্তিকেয়। ৩ বিণ, কুমার সম্বন্ধীয়। ৪ অবিবাহিত পুত্র ; যে পুত্রের বিবাহ হয় নাই। স্ত্রীং~ী–অবিবাহিতা কন্যা। ২ প্রথমা স্ত্রী। ৩ মাতৃকাবিঃ ; কার্ত্তিকের শক্তি।

কৌমার ভৃত্য-তন্ত্র-বি, শিশুব্যাধি ও সূতিকা রোগের চিকিৎসা শাস্ত্র।

কৌমারিকেয় [কুমারিকা+এয় (অপত্যার্থে)] বি, কুমারীর অর্থাৎ অবিবাহিত কন্যার গর্ভজাত পুত্র ; কানীন পুত্র।

কৌমুদ [কুমুদ+অ (বিকাশার্থে) যে সময় কুমুদসকল বিকসিত হয়] বি, শরৎকাল. আশ্বিন, কার্ত্তিকমাস।

কৌমুদী [কুমুদ (শ্বেতোৎপল)+অ (বিকাশার্থে)ঈ(স্ত্রীং)। যে শ্বেতোৎপল (সুঁদী) বিকসিত করে] বি, চন্দ্রিকা ; জ্যোৎস্না ; চন্দ্রের কিরণ। চন্দ্রের কিরণ-স্পর্শে কুমুদ প্রস্ফুটিত হয় ইহাই কবিপ্রসিদ্ধি। ২ [কুমুদ (কার্ত্তিকমাস)+অ (সম্বন্ধার্থে) ঈ (স্ত্রীং)] কার্ত্তিকী পূর্ণিমা। ৩ কার্ত্তিকী পূর্ণিমাতে কৃত রাসযাত্রা নামক মহোৎসব। ৪ আশ্বিন মাসের পূর্ণিমা। ~পতি [কৌমুদীর (জ্যোৎস্নার) পতি (প্রভু)–৬ তৎ] বি, চন্দ্র। ~প্রফুল্ল-বিণ, চন্দ্রকরোদ্ভাসিত। ২ জ্যোৎস্নাতৃপ্ত > স্ত্রীং ~া। ~বসন-বিণ, জ্যোৎস্নাবরণ ; শুভ্রবেশ। > স্ত্রীং ~া। ~বিধৌত-চন্দ্রালোক আলোকিত ; জ্যোৎস্না-প্লাবিত।

কৌমোদকী [কু (পৃথিবী) তার মোদক (আনন্দদায়ক)=কুমোদক (বিষ্ণু) (ইনি পৃথিবীপালক বলিয়াই আনন্দদায়ক) +অ (সম্বন্ধার্থে)] বি, কৃষ্ণের গদা।

কৌম্ভীর [কুম্ভীর+অ (স্বার্থে)] বি, কুম্ভীরজাতীয় হিংস্র জলজন্তুবিঃ loricatai.

কৌরব [কুরু (রাজা)+অ (অপত্যার্থে)] বি, কুরুরাজবংশীয় ; কুরুরাজবংশে জাত দুর্য্যোধনাদি। ~প্রধান-বি, ভীষ্ম।

কৌরবেয় [কুরু (কুরু রাজা)+এয় (অপত্যার্থে)] বিণ, কুরুরাজবংশীয় ; কুরু-কুলে জাত ; কুরুরাজবংশে যাদের জন্ম।

কৌরব্য [কুরু+য (অপত্যার্থে)] বিণ, কুরুবংশে জাত ; কুরুকুলোৎপন্ন।

কৌর্ম্ম [কূর্ম্ম+অ (সম্বন্ধার্থে)] বি,

বিষ্ণুর একাদশ অবতার কূর্ম্মদেবের মাহাত্ম্য যে পুরাণে বর্ণিত হইয়াছে : কূর্ম্মপুরাণ। ২ [স্বার্থে-অ০] কূর্ম্মাদি। ৩ বিণ, কূর্ম্ম সম্বন্ধীয়।

কৌল [কুল (বংশ)+অ (সম্বন্ধার্থে)] বিণ, সদ্বংশে যাদের জন্ম। ২ কুলক্রমাগত ; কৌলিক। ৩ বামাচারী ; বীরভাবাক্রান্ত তান্ত্রিক। ৪ তন্ত্রোক্ত আচার।

কৌলটিনেয়, কৌলটেয় [কুলটা (বেশ্যা)+এয় (অপত্যার্থে) ১ম পদের মধ্যে ইন্ আগম] বি, কুলটার পুত্র : জারজ।

কৌলব [জ্যো০] বি, "বব" আদি একাদশ করণান্তর্গত করণবিঃ।

কৌলিক [কুল (বংশ)+ইক সম্বন্ধার্থে)] বিণ, পুর্ব্বপুরুষানুগত ; বংশ-পরম্পরাগত ; যে কুলের সকল পুরুষ যে কার্য্যের অনুষ্ঠান করে সেই কার্য্যই ঐ কুলের কৌলিক কার্য্য। ২ কুলাচার বা কুলধর্ম্ম অনুষ্ঠানকারী। ৩ যিনি কুলোচিত ধর্ম্মের প্রবর্ত্তন করেন। ৪ বি, কুলধর্ম্ম। প্র-উহা তাহার কৌলিকে লেখে নাই। ৫ বামাচারী ; তান্ত্রিক। ৬ বি, তন্তুবায় ; তাঁতি।

কৌলীন [কুলীন (সদ্বংশোৎপন্ন)+অ (ভাবার্থে)] বি, উচ্চবংশে জন্ম। ২ বংশের নিন্দা বা অপবাদ। ৩ গুহ্যদেশ।

কৌলীন্য [কুলীন+য (ভাবে)] বি, কুলমর্য্যাদা : বংশপ্রতিষ্ঠা ; কুলগৌরবে প্রাধান্য। ২ গৌড়রাজ বল্লালসেন-প্রবর্ত্তিত বংশমর্য্যাদা। "কৌলীন্যশ্মশানকালী-হৃদয় তুষিতে, দিবেন দুহিতা বলি অপাত্র-অসিতে।"-দীনবন্ধু মিত্র।

কৌলেয় [কুল+এয় (জাতার্থে)] বিণ, শ্রেষ্ঠ কুলোদ্ভব ; সদ্বংশজাত। ২ কৌলেয়ক। ৩ সৎকুলজাত কুকুর pedigree dog or thorough-bred dog. ~ক [কুল (বংশ)+এয় (জাতার্থে)=কৌলেয়+ক (স্বার্থে)] বিণ, সদ্বংশোৎপন্ন ; কুলীন। ২ [কুল (গৃহ)+এয় (পাল্যার্থে+ক (স্বার্থে) যে গৃহে পালিত হয়] বি, কুকুর।

কৌল্য [কুল+ষ্ণ্য] বিণ, উচ্চ বা সৎবংশীয়।

কৌশ [কুশ+অ (উৎপত্ত্যর্থে) কুশ যে স্থানে জন্মে-ঐ স্থান কুশের জন্মভূমি বলিয়া এই নাম] বি, কান্যকুব্জ ; কনৌজ।

কৌশল [কুশল (নিপুণ)+অ (ভা০)] বি, নিপুণতা ; দক্ষতা ; কুশলতা। প্র-কার্য্য-কৌশল। শিল্পকৌশল। কলাকৌশল। ২ উপায় ; ফন্দি। প্র-কৌশল উদ্ভাবন করা। ৩ ছল ; চাতুর্য্য। প্র-কৌশলপূর্ব্বক কার্য্য উদ্ধার করা। বিণ, ~ী। ~কলা [কলা$_2$ (৬২) দ্রঃ] বি, ক্রিয়াবিকল্প কলা। ২ কর্ম্ম-সম্পাদনের উপায়-চাতুর্য্য ; কলা-কৌশল।

কৌশলিকা [কুশল (মঙ্গল)+ইক (সম্বন্ধার্থে) আ (স্ত্রীং)] বি, মঙ্গল-জিজ্ঞাসা ; কুশল প্রশ্ন। ২ উপহার ; ভেট।

কৌশলেয় [কৌশল্যা (দশরথপত্নী)+এয় (অপত্যার্থে)] বি, কৌশল্যাত্মজ শ্রীরাম।

কৌশল্যা, কৌসল্যা [কোশল (কোশলদেশের রাজা)+য (অপত্যার্থে) আ (স্ত্রীং)] বি, কোশলরাজপুত্রী ; দশরথের পট্ট-মহিষী ও রামজননী।

কৌশল্যায়ন [কৌশল্যা+আয়ন (অপত্যার্থে)] বি, কৌশল্যা-নন্দন : রামচন্দ্র।

কৌশাম্বী [কুশাম্ব (বৎসরাজা)+অ (সম্বন্ধার্থে)=কৌশাম্ব+ঈ (স্ত্রীং)] বি, বৎস রাজার রাজধানী ; প্রয়াগের সন্নিহিত নগরবিঃ।

কৌশিক, কৌষিক [কুশিক-কুষিক (মুনি)+অ (অপত্যার্থে) কু=কৌ] বি, কুশিক মুনির পুত্র ; বিশ্বামিত্র। ২ [কোশ-কোষ (ধনাগার)+ইক (সম্বন্ধার্থে)] বি, ইন্দ্র। ৩ [কোশ-কোষ (অভিধান)+ইক (জ্ঞাতার্থে)] কোষপ্রণেতা ; অভি-ধানজ্ঞ। ৪ কোষাধ্যক্ষ। ৫ বিষবৈদ্য ; সাপুড়ে [নকুল (বেঁজী), পেচক, গুগ্গুল্ মজ্জা ইং অর্থে ও সং-তে ব্যবহার আছে। বাং-প্রং অং] ৬ বিণ, রেশমী বস্ত্র ; কৌশিকবস্ত্র। স্ত্রীং ~া-পানপাত্রবিঃ।

কৌশিকাত্মজ [কৌশিকের (ইন্দ্রের) আত্মজ (পুত্র)-৬তৎ] বি, ইন্দ্রের পুত্র ; জয়ন্ত। (২) অর্জ্জুন। ২ অশ্বকর্ণ বৃক্ষ।

কৌশিকায়ুধ [কৌশিকের (ইন্দ্রের) আয়ুধ (শরাসন) ৬তৎ] বি, ইন্দ্রের ধনু। ২ বিশ্বামিত্রের ধনু।

কৌশিকী, কৌষিকী [কৌশিক+ঈ (স্ত্রীং)] বি, আদ্যাশক্তি : দুর্গা, জগদ্ধাত্রী মূর্ত্তি ; নিশুম্ভবধের জন্য কালিকার কোষ বা কায়-সম্ভবা দেবী (দেবীপু০)। "জয় চণ্ডি দিগম্বরি ঈশ্বরি শঙ্করি কৌষিকি ভারত-ভীতিহরে।"-ভারত০। ২ বেহারের অন্তর্গত নদীবিঃ [পুং মতে এই নদী কৌষিকা-ত্মজ বিশ্বামিত্রের জ্যেষ্ঠা ভগিনী বলিয়া এই নাম]। ৩ [নাট্যে] রচনা-ভেদ।

কৌশিলব্য [কুশীলব (নট)+য সম্বন্ধার্থে)] বি, নাচ-গানের ব্যবসায়। (কুশীলব দ্রঃ)।

কৌশেয়, কৌষেয় [কোশ-কোষ (কৃমিকোশ)+এয় (জাতার্থে)] বিণ, কৃমি-কোষজাত ; রেশমকীটকোষোৎপন্ন।

কৌসীদ [কুসীদ (সুদ)+ষ্ণ)] বিণ, কুসীদজীবী ; সুদখোর।

কৌঁশুলি, কৌন্সিলি, কৌন্সুলি, কৌম্সুলি, কৌঁম্সুলি [ইং-council] বি, উচ্চ আদালতের উকীল। (কৌন্সিলি দ্রঃ)।

কৌসুম্ভ [কুসুম্ভ+অ (স্বার্থে)] বি, কুসুম্ভফুল। ২ কুসুম্ভফুলের রঙ্। ৩ বিণ, কুসুম্ভফুলের রঙ্গে ছোবান।

কৌস্তুভ [কু (পৃথিবী) স্তুভ্ (ব্যাপ্ত করা)+অ (র্ত্তৃ, জ্ঞা০)=কুস্তুভ (যে পৃথিবী-ব্যাপী ; বিষ্ণু)+অ (সম্বন্ধার্থে)-কিংবা কুস্তুভ (সমুদ্র)+অ (জাতার্থে)-যা সমুদ্রে জন্মিয়াছে] বি, কৃষ্ণের বক্ষোভূষণ ; প্রসিদ্ধ মণি। ২ আরাধনার্থ অঙ্গুলিঘটিত মুদ্রাবিঃ।

কৌঁসিলি-কৌন্সিলি দ্রঃ।

ক্যাঁ-অনুকার শব্দ। ক্যাঁ ক্যাঁ ক্রমাগত কষ্টের চীৎকার অর্থে দ্বিত্ব হয়। প্র-পাখীটা রাত দিন ক্যাঁ ক্যাঁ করিতেছে।

ক্যাঁক্-বি, অনুকার শব্দ। ২ অ, বিস্ময় ক্রোধান্বিত অব্যক্ত শব্দে প্রকার। প্রতিবাদ, প্রশ্ন ইং। ক্যাঁক করা, ক্যাঁক করিয়া উঠা-কথার মধ্যে বা কোন প্রসঙ্গ উত্থাপনেই বাধা দেওয়া বা প্রতিবাদ

করা। প্র–আগে শুন কি, বলে একেবারেই ক্যাঁ০ করিয়া উঠ কেন? ২ আঁৎকে উঠা : আঁৎকান। ক্যাঁক্‌ক্যাঁক্‌–কর্কশ কণ্ঠরব। বিণ, ক্যাঁক-কেঁকে, ক্যাঁক-কেঁকিয়া–কর্কশ। ক্যাঁকির ক্যাঁক–পশ্বাদির ক্রোধ বা বিরক্তি-ব্যঞ্জক মুখশব্দ। শৃগাল কুক্কুরাদির পক্ষে খ্যাঁকির খ্যাঁক।

ক্যাঁচ ক্যাঁচ–উপর্য্যুপরি (ঐরূপ শব্দে) কর্ত্তন। ২ [এই অর্থে–ক্যাঁ ক্যাঁ] ৩ অনুকার শব্দ। "কলমের ক্যাঁ০ শব্দে।"–উত্তরা।

ক্যাঁচর ক্যাঁচর–ক্রমাগত ঐরূপ কর্ত্তন-শব্দ।

ক্যাঁচর ম্যাচর–বহু পক্ষীর মিলিত কলরব; পাখীর দল পরস্পর ঝগড়া করিতে করিতে যে শব্দে চীৎকার করে। ২ [মনুষ্য-পক্ষে] ছেলেদের মিলিত উচ্চ কলরব। ৩ পরস্পর কথা কাটাকাটি বা বকাবকি-জনিত গোলমাল।

ক্যাঁক (ক্যাঁখ) বিড়ালী–কাঁক দ্রঃ।

ক্যাঁকম্যাক [অনু০। খ্যাঁকম্যাকও০] বি, কর্কশ কণ্ঠে ও দাঁত খিঁচাইয়া তাড়না। ২ অসন্তোষ বা অস্বীকারসূচক কর্কশোক্তি; রূঢ় প্রতিবাদ।

ক্যাঁটক্যাঁট [তুল–প্যাঁট প্যাঁট। কণ্টক বিদ্ধ করিবার শব্দসূচক] বি, মর্ম্মচ্ছেদ। বিণ, ক্যাঁটকেঁটে–মর্ম্মভেদী; মর্ম্মন্তুদ; হৃদয়-বিদ্ধকারী; কর্কশ; কঠোর। ক্যাঁট-কেঁটে কঁথা–কর্কশ বচন। ক্যাঁট ক্যাঁট করিয়া শুনাইয়া দেওয়া–কড়া কড়া কথায় মুখের উপর জবাব করা বা ভর্ৎসনা করা। "অত ক্যাঁ০ করে খোঁটা আমি খাব না।"–উত্তরা।

ক্যাঁচাকেচি–কিচিমিচি; কেচাকেচি দ্রঃ।

ক্যাঁকলাসে–কেঁকলাসে দ্রঃ।

ক্যাটালগ, ক্যাটলগ [ইং–Catalogue] বি, তালিকা; ক্রমানুযায়ী বা বর্ণানুক্রমিক নির্ঘণ্ট।

ক্যাদড়ানি [কাদা (ধোয়া)–পানি (জল)] বি, কাদা ধোয়ানি; কাদাধোয়া জল। ২ শরীরের বা কোন বস্তুর ময়লা-ধোয়া জল।

ক্যানা(নে)স্তারা [ইং–Canister] বি, ধাতুনির্ম্মিত টিনের আধার বা বাক্স। "ঘীয়ের ও তেলের ক্যানেস্তারা।"–মেজ বৌ (আ০ শক্তি)।

ক্যাবলা [কেবলা দ্রঃ] বি, অব্যবস্থিত-চিত্ত ব্যক্তি। ২ মূর্খ ও স্থূলবুদ্ধি।

ক্যাবাৎ [হি–কেয়া (কি) বাৎ (বার্ত্তা, কথা) প্রশ্নে, বিস্ময়ে, প্রশংসায়] অ, বিস্ময়। ২ প্রশংসা : বাহবা; বেশ। ৩ [বিদ্রূপে] সাবাস। "মাছকাতুরে ভেকো হ'ল কেয়াবাৎ কেয়াবাৎ।"–হেম০।

ক্যাবিন [ইং–Cabin] বি, জাহাজ, রেলপথের টিন, কাঠ, ইট ই০-র কামরা; ঘর; কক্ষ। "হাঁসপাতালে কটা ক্যাঁ০ ভাড়া করে রেখেছে।"

ক্যামবিস, ক্যাম্বিস [ইং–canvas, গ্রী–cannabis] বি, মোটা বস্ত্রবিঃ; তৈল-চিত্রাদি অঙ্কিত করিবার বস্ত্রবিঃ; তাঁবু, নৌকা, জাহাজ ই০-র পালের কাপড়। ২ জাহাজের পাল।

ক্যাম্বেল–বি, কলিকাতায় তন্নামক সরকারী হাঁসপাতাল। প্র–রোগীকে এখন ক্যাম্বেলে পাঠাও।

ক্যারদানি–কারদানি দ্রঃ।

ক্যারা, ক্যারাবাঙ্গালী–বি, উৎকলে বহুকাল হইতে বাস করিতে করিতে ওড়িয়াভাবাপন্ন বাঙ্গালী। "উড়িষ্যার পরগাছা 'ক্যারা' অগণন।"–দীনবন্ধু মিত্র (দ্বাদশ কবিতা)।

ক্যারাচে,–টে [তির্য্যক্‌–ত্যারচা > ও কোণাকের উচ্চারণ ও ভাবমিশ্রণে] বিণ, তির্য্যক্‌; কোণাকোণি; বক্র; তেরছা; বাঁকাটে।

ক্যাষ্টর অয়েল [ইং–castor oil] বি, রেড়ির তৈল। ২ জোলাপের ঔষধরূপে ব্যবহৃত রেড়ির তেল।

ক্রকচ [ক্র (অনুকরণ শব্দ)–কচ্‌ (অনুকরণ শব্দ)+অ (কর্তৃ,–জ্ঞা০)–যাহা ক্র ও কচ্‌ এইরূপ শব্দ করে; কাঠ চিরিবার সময় এইরূপ শব্দ হয়] বি, করাৎ। ২ [আয়ু০] গেঁটেলা। (২) বঁইচ গাছ। (৩) কাঁটা-নটে। (৪) বাঁশের কোঁড। ৩ [জ্যো০] যোগবিঃ।

ক্রকচচ্ছদ [ক্রকচ্‌ (করপত্র) তত্তুল্য ছদ (পত্র) যার–বহু০। যার পাতায় করাতের ন্যায় কাটা কাটা আছে] বি, কেতকীবৃক্ষ।

ক্রকচপাদ [ক্রকচের ন্যায় পাদ (পা) যার–বহু০। যার পায়ে করাতের মত কাটা কাটা আছে] বি, কৃকলাস; কাঁকলাস।

ক্রতু [কৃ (করা)+অতু (র্ম–জ্ঞা০) কৃ=ক্র। যা যাজ্ঞিকগণ কর্ত্তৃক কৃত হয়] বি, যজ্ঞ; ইজ্যা; যাগ। "পুত্রজনমের হেতু, দ্বিজ আনি করে ক্র০, অগ্নি তারে দিল কন্যাবর।"–কবিক০। ২ দেবপূজা। ৩ বশিষ্ঠাদি সপ্তর্ষির মধ্যে একজন ঋষি। ৪ [সর্ব্বযজ্ঞেশ্বর ও যজ্ঞস্বরূপ বলিয়া] বিষ্ণু। ৫ [অতু (ণে) যদ্দ্বারা যজ্ঞ করা হয়] ইন্দ্রিয়। ~ধ্বংসী [ক্রতু (সাধারণ যজ্ঞ বুঝাইলেও এখানে তাৎপর্য্যবশতঃ–দক্ষযজ্ঞ) ধ্বন্‌স্‌ (নষ্ট করা)+ইন্‌ (কর্তৃ)–মূ–ক্রতুধ্বংসিন ১মা ১ব–যিনি দুষ্টের দমনার্থ দক্ষের যজ্ঞ ধ্বংস করেন] বি, শিব। ~পুরুষ–বি, বিষ্ণু। ~ভুক্‌ [ক্রতু (যজ্ঞে দেয় বস্তু)–ভুজ্‌ (ভোজন করা)+ক্বিপ্‌ (কর্তৃ) জ=ক্‌) যে যজ্ঞীয় দ্রব্য ভোজন করে] বি, দেবতা। ~রাজ [ক্রতুর (যজ্ঞের) রাজা (সর্ব্বপ্রধান) ৬তৎ, রাজা=রাজ] বি, যজ্ঞ-শ্রেষ্ঠ, রাজসূয়। (২) অশ্বমেধ যজ্ঞ। ~স্থলী [পু০] বি, সূর্য্যের রথে অবস্থান-কারিণী অপ্সরোবিঃ।

ক্রতূত্তম [ক্রতুর মধ্যে উত্তম (প্রধান) ৭তৎ] বি, শ্রেষ্ঠ যজ্ঞ; রাজসূয় যজ্ঞ।

ক্রনোমিটার [ইং–Chronometer] বি, দিবসের বিভাগ নির্দ্দেশক, সমুদ্রাদিতে দেশান্তর নিরূপক ও স্থানকালভেদে সময় নিরূপণে সূক্ষ্ম পার্থক্য না জন্মে তাহার উপায়সংযুক্ত ঘটিকা-যন্ত্র।

ক্রন্দন [ক্রন্দ্‌ (আহ্বান করা, রোদন করা)+অন (ভা০)] বি, আহ্বান; ডেকে আনা (অপ্র০)। ২ অশ্রুত্যাগ; রোদন; কান্না। ৩ [আহ্বান অর্থ > বাং-তে 'কাঁদাকাটা' শব্দের উৎপত্তি] অনুনয়-বিনয়। ৪ অনুযোগ; কাঁদুনি। ~ধ্বনি, –রোল–বি, কান্নার শব্দ। ~পরায়ণ,

-**শীল**-বিণ, কাঁদিতেছে এরূপ। ২ কাঁদা যার স্বভাব।

ক্রন্দসী [ক্রন্দ্ (রোদনে)+অস্ (অসুন্) > ক্রন্দস্+ঈপ্। সং অভিধানে পাই নাই, কিন্তু রোদসী পাইয়াছি (দিবি ভূমৌ পৃথক্ চ স্যাৎ সহোক্ত্যাপ্যেনয়োস্তথা।" -মে০। "রোদশ্চ রোদসী কাপি দিবিভুব্যুভয়োশ্চাপি।"-হেম০। ভূদ্যাবৌ রোদস্যৌ রোদসী চ তে।"-অমর০)-তার অনুকরণে অনুপ্রাসানুরোধে 'রোদসী স্থলে 'ক্রন্দসী'। কবিবর রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক উদ্ভাবিত এবং বাংলায় প্রথম ব্যবহৃত] বি, আকাশ ও পৃথিবী; স্বর্গ মর্ত্ত্য। "ওই শুন, দিশে দিশে তোমা লাগি কাঁদিছে ক্র০।"-রবী০।

ক্রন্দিত [ক্রন্দ্ (কাঁদা)+ত (ক্ত)] বিণ, যে রোদন করিতেছে। ২ (ভা০) বি, ক্রন্দন; কান্না। ৩ আহ্বান।

ক্রব্যাদ্, **-দ** [ক্রব্য (মাংস) অদ্ (ভোজন করা)+ক্বিপ্ (কর্তৃ) অ (কর্তৃ) যে কেবল মাংস ভোজন করে] বি, রাক্ষস। ২ সিংহ, ব্যাঘ্রাদি মাংসভোজী জন্তু। ৩ গৃধ্রাদি মাংসাশী পক্ষী। ৪ শ্মশানবহ্নি। ৫ বিণ, মাংসাশী; মাংসভোজী।

ক্রম্ [ক্রম (গমন করা)+অ (ভা০)] বি, গমন; পাদক্ষেপ। ২ অনুক্রম; একের পর অন্য এই নিয়ম; পর্য্যায়। ৩ বৈদিক পদ্ধতি; বেদবিধি। ৪ বিধি; নিয়ম। ৫ প্রণালী। ৬ অবিচ্ছেদ। ৭ সঙ্কল্প। ৮ ব্যবহার। ৯ অতিক্রম। ১০ আক্রমণ। ১১ অনুষ্ঠান। ১২ শক্তি। "ক্রমেতে ক্রমের হ্রাস পশ্চিমেতে গতি।"-ঈ০ গুপ্ত।

ক্রমণ [ক্রম্ (গমন করা)+অন (ভা০)] বি, পাদচারণ। ২ গমন। ৩ [ণে-অন, যদ্দ্বারা গমন করা যায়] বি, চরণ; পাদ [প্র০ অ]। ৪ [জ্ঞা০-অন] যদুবংশীয় রাজা।

ক্রমদীশ্বর-বি, সংক্ষিপ্তসার ব্যাকরণ-প্রণেতা [জনশ্রুতি এইরূপ-ক্রমদীশ্বর ১০।১২ বৎসর ব্যা০ পড়িয়াও ব্যাকরণে ব্যুৎপত্তিলাভ করিতে পারেন নাই; তখন অধ্যাপক "তোমার কিছু হবে না" বলিয়া তাঁকে বিদায় দিলেন। ক্রমদীশ্বর মনঃক্ষোভে দেহত্যাগ করিবেন এই স্থির করিয়া বনমধ্যে প্রবেশ করিলেন। সেখানে একটী বৃহৎ সরোবর দেখিয়া তার জলে ডুবিবার জন্য প্রস্তরনির্ম্মিত সোপানাবলীর সর্ব্বশেষ সোপানে উপস্থিত হইলেন এবং সোপানশিলায় একটী গহ্বর দেখিতে পাইলেন। স্ত্রীলোকেরা জলপূর্ণ কুম্ভ সেখানে রাখিত, এইরূপ রাখিতে রাখিতে বহুবৎসরে ঐরূপ গহ্বর হইয়াছে। ক্রমদীশ্বর তা বুঝিলেন এবং ভাবিলেন তবে আমিও বহুদিনব্যাপী চেষ্টা ও অধ্যবসায়ে শব্দশাস্ত্রে জ্ঞানলাভ করিতে পারিব, এই স্থির করিয়া তিনি দ্বিগুণিত উৎসাহে ও অধ্যবসায়ের সহিত ব্যাকরণ পাঠ করিয়া শব্দশাস্ত্রে সবিশেষ ব্যুৎপন্ন হইয়াছিলেন এবং সংক্ষিপ্তসার নামক একখানি উৎকৃষ্ট ব্যাকরণ প্রণয়ন করিয়াছিলেন]।

ক্রমনিম্ন [ক্রম (ক্রমশঃ; ক্রমাগত) নিম্ন] বিণ, ক্রমশঃ গড়ানিয়া; ঢালু।

ক্রমবর্দ্ধমান-বি, ক্রমে ক্রমে বৃদ্ধিশীল; যা ক্রমশঃ বাড়ে। > স্ত্রীং ~।।

ক্রমবিকাশ [ক্রম (ক্রমে, ক্রমশঃ) বিকাশ (উদ্ভেদ, প্রকট, প্রকাশ)] বি, ক্রমোন্নতি; অভিব্যক্তি; বিবর্ত্তন evolution.

ক্রমভঙ্গ-বি, পর্য্যায়-চ্যুতি; বিশৃঙ্খলা interruption.

ক্রমমাণ [ক্রম্ (গমন করা)+আন (কর্তৃ) ম্ আগম] বিণ, চলনশীল; গমনশীল।

ক্রমশঃ [ক্রম+শস (বীপ্সার্থে)] ক্রি-বিণ, ক্রমে ক্রমে; পর্য্যায়ক্রমে; পরে পরে; ক্রমাগত; শনৈঃ শনৈঃ।

ক্রমসংগ্রহ [ক্রমে (পর্য্যায়ক্রমে) সংগ্রহ করা হইয়াছে যাতে-বহু০] বি, দায়াধিকারের পর্য্যায়জ্ঞাপক গ্রন্থ। ইহার প্রণেতা শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার।

ক্রমসন্দর্ভ [ক্রমের সন্দর্ভ যাতে-বহু০] বি, অনুষ্ঠান-জ্ঞান-বিজ্ঞাপক গ্রন্থবিঃ।

ক্রমসূক্ষ্ম-বিণ, স্থূলপ্রান্ত হতে ক্রমশঃ সরু বা সূচীসূক্ষ্ম হইয়াছে এরূপ।

ক্রমাগত [ক্রম-আগত-৩ তৎ] বিণ, ক্রমানুসারে আগত; পরম্পরাগত; ক্রমশঃ। ২ পূর্ব্বপুরুষানুক্রমে আগত; বংশপরম্পরাগত। ৩ ধারাবাহিক। ৪ অনবরত; অবিশ্রান্ত; সর্ব্বদা; কেবলই।

ক্রমানু/গত, **~যায়ী**, **~সার**, **~সারে**-বিণ, অনুক্রম।

ক্রমানুভাবিকতা [ক্রম-অনুভাবক (উৎপাদক: ভাবি=চিন্তা করা, হওযা)+তা (ভা০)] বি, যে বৃত্তি দ্বারা পর্য্যায়-জ্ঞান জন্মে; ক্রমিক জ্ঞানোৎপাদকতা।

ক্রমান্ব/য় [ক্রম-অনু-অয়্ (গমন করা, পাওয়া)+(ভা০)] বি, ক্রমে পাওয়ার ভাব; পর্য্যায়; যার পর যা এই নিয়মে সংঘটন। ২ ক্রি-বিণ, ক্রমান্বয়ে। **~য়ে** [ক্রমান্বয় দ্রঃ] ক্রি-বিণ, যার পর যা এই নিয়মে; পরে পরে; একে একে; অনুক্রমে; পর্য্যায়ক্রমে।

ক্রমায়াত [ক্রম-আয়াত (আগত) -৩ তৎ] বিণ, পুরুষানুক্রমে আগত। ২ যা ক্রমে ক্রমে বা পরে পরে আসিতেছে।

ক্রমিক [ক্রম+ইক (ভবার্থে)] বিণ, ক্রমশঃ; ক্রমাগত; ধারাবাহিক। ২ ক্রমে ক্রমে বৃদ্ধিশীল; ক্রমশঃ বর্দ্ধমান। "ক্রমিক আয়-বৃদ্ধি।"-(increasing return)। ৩ ক্রি-বিণ, অবাধে; ক্রমান্বয়ে।

ক্রমেক্রমে-অ, ক্রমিক; ক্রমানুসারে। ২ পরে পরে। ৩ ধীরে ধীরে। ৪ একটু একটু করিয়া।

ক্রমেল, **ক্রমেলক** [ক্রম্ (গমন করা)+এল (জ্ঞা০) ক (স্বার্থে) কিংবা ক্রম-ইল্ (গমন করা)+অ (কর্তৃ-জ্ঞা০, ক) যারা ধারাবাহিকভাবে অর্থাৎ শ্রেণীবদ্ধ হইয়া গমন করে] বি, উষ্ট্র; উট camel

ক্রমোৎকর্ষ [ক্রম+উৎকর্ষ] বি, ক্রমোন্নতি; ক্রমবিকাশ; বিবর্ত্তন evolution.

ক্রমোন্নত [ক্রম+উন্নত] বিণ, ক্রমশঃ উর্দ্ধগত; ক্রমে ক্রমে উন্নতিপ্রাপ্ত।

ক্রয় [ক্রী (ক্রয় করা)+অ (ভা০)] বি, মূল্য বা দ্রব্য-বিনিময়ে দ্রব্য গ্রহণ; কেনা; বিক্রয়ের বিপরীত।

ক্রয়/বিক্রয় [ক্রয় (কেনা) বিক্রয় (বেচা)-দ্বন্দ্ব] বি, খরিদ-বিক্রী; কেনা-বেচা। গ্রা০-বিকিকিনি। ২ ব্যবসায়; বাণিজ্য। প্র-ক্রয়বিক্রয়ের বাজার এককালে বন্ধ হইয়া গিয়াছে। বিণ, ক্রয়বিক্রয়ক; বাণিজ্য-সম্বন্ধীয়; খরিদ-বিক্রী সংক্রান্ত। **~বিক্রয়িক** [ক্রয়

বিক্রয় (কেনাবেচা)+ইক (করে অর্থে) যে ক্রয় করিয়া বিক্রয় করে] বি, ক্রয়বিক্রয়কারী ; বণিক্ ; ব্যবসাদার। ~বিক্রয়ী [ক্রয়বিক্রয় (কেনাবেচা)+ইন্ (স্ত্য) মূ°-ক্রয়বিক্রয়িন ১মা ১ব°, যার দ্রব্য ক্রয় ও বিক্রয়ের ব্যবসায় আছে] বি, ক্রয়বিক্রয়কারী ; বণিক্ ; ব্যবসায়ী।

ক্রয়লেখ্য [স্মৃ° পারিঃ। ক্রয়ের জন্য লেখ্য (লিপি)-৪ তৎ] বি, বিষয়াদি ক্রয়-বিজ্ঞাপক পত্র ; কবালা।

ক্রয়িক [ক্রয় (কেনা)+ইক (যে করে এই অর্থে)] বি, যে দ্রব্য ক্রয় করে ; ক্রয়কারী ; খরিদ্দার। ২ বণিক্।

ক্রয়ী-বিণ, ক্রয়কারী : ক্রেতা। স্ত্রীং ক্রয়িণী।

ক্রয্য [ক্রী (ক্রয় করা)+য (র্ম্ম)] বিণ, ক্রয়করণার্থ উপস্থিত ; পণ্য ; কিনিবার মত।

ক্রশিমা [কৃশ+ইমন্ (ভা°) মূ°-ক্রশিমন্ ১মা ১ব°] বি, কৃশতা ; শুষ্কতা [বিরল]।

ক্রশিষ্ঠ [কৃশ+ইষ্ঠ (ত্য) অ লোপ] বিণ, যে অতিশয় কৃশ।

ক্রশীয়ান্ [কৃশ+ইয়স্ (স্ত্য) মূ°-ক্রশীয়স্ ১মা ১ব°] বিণ, যার শরীর অতিশয় কৃশ।

ক্রস্ [ইং-Cross] বি, ঢেরা। ২ যীশু-খ্রীষ্টকে যাতে বিদ্ধ করিয়া হত্যা করা হইয়াছিল সেই ক্রুশ কাষ্ঠের চিহ্ন।

ক্রাকিচিক [ক্রকচ (করাত)+ইক (জীবিকার্থে) যারা ক্রকচ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে] বিণ, করাতি।

ক্রাথ [ক্রথ্ (বধ করা)+অ (র্তৃ, জ্ঞা°)] বি, রামের সেনানায়ক বানরবিঃ। ২ নাগবিঃ।

ক্রান্ত [ক্রম্ (গমন করা)+ত (র্ম্ম) যেখানে গমন হইয়াছে] বিণ, ব্যাপ্ত : সঞ্চারিত ; বাং-য় আ, অতি, সম্ ই° উপসর্গযোগে ব্যবহৃত হয়। যথা-সংক্রান্ত ; আক্রান্ত ; অতিক্রান্ত ; নিষ্ক্রান্ত : পরাক্রান্ত।

ক্রান্তি১ [ক্রম্ (গমন করা)+তি (ভা°)। গমন ; আক্রমণ আদি অর্থে সং-তে ব্যবহার আছে। বাং-য় উপসর্গযোগে ব্যবহৃত হয়। যথা-সংক্রান্তি ; অতিক্রান্তি] বি, অয়ন-বৃত্ত : অয়নমণ্ডল ; খগোলের মধ্যস্থ সূর্য্যাদিগ্রহের ভ্রমণকক্ষ। ২ উত্তরে কর্কটক্রান্তি পর্য্যন্ত এবং দক্ষিণে মকরক্রান্তি পর্য্যন্ত বিষুবরেখা হতে কোন জ্যোতিষ্কমণ্ডলীর দূরতা declination. ["Ecliptic=ক্রান্তিবৃত্ত। এই বৃত্তস্থিত নক্ষত্রদিগের declinationকেই ক্রান্তি বলে।"-অপূর্ব্ব দত্ত-সা° প° প°]।

ক্রান্তি২ [সং] বি, কড়ার তৃতীয়াংশ। কঁড়াক্রান্তি-হিসাবের অতি সূক্ষ্মভাগ ; অকিঞ্চিৎকর মুদ্রা।

ক্রান্তি/পাত [পরিঃ, জ্যো°] বি, বিষুবরেখা ও অয়নমণ্ডলের যে সন্ধিস্থল, যে স্থলে পৃথিবী আসিলে দিন ও রাত্রির পরিমাণ সমান হয় equinox. (বাসন্ত ক্রান্তিপাত-vernal equinox. শারদ ক্রা° autumnal equinox. ~বিন্দু-বি, ক্রান্তি হতে উৎপন্ন বিন্দুদ্বয় points of the equinoxes

ক্রান্তিবলয়-বি, অয়ন মণ্ডলের চতুর্ব্বিংশতি ভাগ উত্তর ও দক্ষিণে অবস্থিত কাল্পনিক বলয়াকৃতি পরিধি the ecliptic.

ক্রান্তিবৃত্ত-বি, অয়ন-বৃত্ত ; রাশিচক্র the ecliptic

ক্রান্তিমণ্ডল-বি, রবিমার্গ the ecliptic

ক্রায়ক-বিণ, ক্রেতা।

ক্রিকেট্১ [ইং-cricket] বি, দণ্ড-কন্দুক ক্রীড়া ; ব্যাটবল খেলা।

ক্রিকেট্২ [ইং-cricket] বি, পাশ্চাত্য ক্রীড়াবিশেষের নাম ; ক্রিকেট্ খেলা। ইহা প্রধানতঃ ইংলণ্ড ও আমেরিকার খেলা। ব্যাট (bat) বল (ball) উইকেট (wicket) এই ক্রীড়ার সরঞ্জাম। দুই পক্ষ হইয়া ইহা খেলিতে হয়।

ক্রিমি [কৃমি দ্রঃ। ক্রম (গমন করা)+ই (র্তৃ-জ্ঞা°) ই-আগম=ক্রি। আ°-কিরমীজ Qermaz—a cochineal insect, and liquid expressed from it-যা হতে crimson (deep red tinged with blue) সং-কৃমিজ। ফা°-কিরম্ ; হিং°-কিরিআ] বি, কীট ; পোকা। ২ মলকীট [ক্রমিও হয় কিন্তু বাং-য় ব্যবহার নাই] ৩ জীবাণু ; রোগজীবাণু bacilli. রক্তজ ক্রিমি।-"কেশাদ রোমাদ, নখাদ, দন্তাদ, কিক্কিশ, কষ্টদ ও পরীসর্পা (তুল-parasite) এই সপ্তবিধ ক্রিমি রক্তে জন্মে। ইহারা রক্তবর্ণ, কৃষ্ণবর্ণ, স্নিগ্ধ এবং স্থূল। এই ক্রিমিসমূহ দ্বারা রক্তাধিষ্ঠানগত রোগসমূহ জন্মিয়া থাকে।" -সুশ্রুতের অনুবাদ (শরচ্চন্দ্র শাস্ত্রী, সা° প° প° ১৩১৭)।-ক্রিমিজ-কৃমিজ দ্রঃ। ~দানা-কৃমিদানা দ্রঃ। ~শৈল-বি, বল্মীকস্তূপ : উইঢিবি ant hill.

ক্রিয় [জ্যো° পরিঃ] বি, মেষরাশি।

ক্রিয়মাণ [কৃ (করা)+আন (র্ম্ম) ই-র ও য্ আগম] বিণ, সম্পাদ্যমান, যা করা হইতেছে ; করণশীল।

ক্রিয়া [কৃ (করা)+অ (ভা°) ই-য় আগম-আ (স্ত্রীং) ; গ্রা°-কিরিয়া, কিরিয়ে, তুল-পা°-কিরিয়ং] বি, কার্য্য কর্ম্ম। ২ শাস্ত্রীয় অনুষ্ঠান : বৈধকর্ম্ম ; যজ্ঞাদি, পুণ্য-কর্ম্ম ; কৃত্য। ৩ সাম দান ভেদ ও দণ্ড এই চতুর্ব্বিধ রাজনৈতিক উপায়প্রয়োগ। ৪ গর্ভাধানাদি সংস্কার। ৫ আশ্রমানুযায়ী আচার। ৬ পূজা। ৭ শ্রাদ্ধ। ৮ অভ্যাস ; শিক্ষা। ~কর্ম্ম [সহচর শব্দ] কৃত্যাদি। ~কলাপ [ক্রিয়া-কলাপ (সমূহ) সহচর শব্দ] কার্য্যাদি, কাণ্ডকারখানা ; আচার-ব্যবহার। ~কাণ্ড [ক্রিয়া-কাণ্ড (সমূহার্থে) সহচর শব্দদ্বয়] কার্য্যাদি ; কার্য্যাবলী। ২ শাস্ত্রের ক্রিয়াবিষয়ক বিভাগ। ৩ শাস্ত্রীয় কর্ম্মানুষ্ঠানাদি ; ধর্ম্মবিধিবদ্ধ কাজ কর্ম্ম। ৪ আচার ব্যবহার। ~কার, ~কারী-বিণ, কর্ম্মকর্ত্তা। ~কাল-কাল দ্রঃ। ~কুশল-বিণ, কর্ম্মদক্ষ।

ক্রিয়া [ব্যা°] বি, ধাতুর অর্থ-প্রকাশক পদ verb. প্র-কর্ত্তা, কর্ম্ম, ক্রিয়া।

ক্রিয়াঙ্গ [ক্রিয়া (র) অঙ্গ-৬ তৎ] বি, কোন প্রধান অনুষ্ঠানের অঙ্গ। ২ করক্রিয়া-সাধন যন্ত্রাদি ; তানপুরা সেতারাদি যন্ত্র যা করসঞ্চালনে বাদিত হয়।

ক্রিয়াদ্বিট্, ক্রিয়াদ্বেষী [ক্রিয়া-দ্বিষ্ (দ্বেষ করা)+ইন্ (র্তৃ) মূ°-ক্রিয়াদ্বেষিন্ ১মা ১ব°] বিণ, ক্রিয়াবিরোধী। ২ বিবাদক্ষেত্রে লিখিত দলিল এবং সাক্ষীকে যে দ্বেষ করে।

ক্রিয়ান্ধ-বিণ, কর্ত্তব্যাকর্ত্তব্য বা বৈধাবৈধ বিচার নির্ব্বিশেষে ক্রিয়ানুরক্ত ; আনুষ্ঠানিক।

ক্রিশ্চান [ইং-christian > কৃ (ক্রি) শ্চান, 'ক্রিস্তাও' ('দাসথৎ' দ্রঃ), (অশিক্ষিত ও মেয়েলি) 'কেশ্চান', 'কেস্তান', 'কিচ্চান', 'কেচ্চান'; রূপান্তরে-'খৃষ্টান' 'খ্রীষ্টান', খিশ্চান', খেরেস্তান' ও০] বি, খ্রীষ্টধর্ম্মে দীক্ষিত ব্যক্তি; খ্রীষ্টধর্ম্মাবলম্বী ব্যক্তি। ২ বিণ, খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী।

ক্রীড়-বি, ক্রীড়া; কেলি।

ক্রীড়ক [ক্রীড় (খেলা করা) + অক (র্তৃ)] বিণ, যে ক্রীড়া করে; ক্রীড়া-প্রদর্শক।

ক্রীড়ৎ, ক্রীড়ন [ক্রীড় (খেলা করা) + অৎ (র্তৃ)। তুল হিং খেলৎ] বিণ, যে খেলিতেছে; ক্রীড়মান। ২ ক্রি-বিণ, ক্রীড়া করিতে করিতে।

ক্রীড়/ন [ক্রীড (খেলা করা) + অন (ভা০)] বি, খেলন। ~**নক** [ক্রীড় (খেলা করা) + অন (ণ) + ক (স্বার্থে)] বি, খেলার সামগ্রী: খেলনা; পুতুল। ২ পরিহাস বা অবজ্ঞার বিষয় বা বস্তু। ~**নীয়** [ক্রীড় + অনীয় (ণে)] বিণ, ক্রীড়াসামগ্রী; খেলার উপকরণ। ২ খেলিবার উপযুক্ত। ~**মান** [ক্রীড়া দ্রঃ। ক্রীড + শান (র্ত্ত)] বিণ, খেলৎ; ক্রীড়াশীল।

ক্রীড়য়ে [ক্রীড়া দ্রঃ। পদ্যে আকারান্ত শব্দের উত্তর 'য়ে' যোগে ক্রিয়াপদসাধন। মেঘনাদবধ কাব্যাদি দ্রঃ] ক্রি, ক্রীড়া করে; খেলা করে। "চন্দ্র উদিলে চকোর যেমন ক্রীড়য়ে মনহরষে, আমরাও নাথ তেমনি করে মাতিব তব প্রকাশে।"-পুণ্ডরীক মুখো০।

ক্রীড়া [ক্রীড় (খেলা করা) + অ (ভা০) আ (স্ত্রীং)] বি, খেলা; তামাসা। ২ পরিহাস। ক্রি, ক্রীড়য়ে। ~**কন্দুক**-বি, খেলিবার গোলা; গেঁদ; বল ball ~**কৌতুক**-খেলাধূলা; আমোদ-আহ্লাদ; হাস্য পরিহাস। ~**চ্ছল** [ক্রীড়ার ছল] বি, ক্রীড়াব্যাজ; ক্রীড়া-ব্যপদেশ। ক্রি-বিণ, ~**চ্ছলে**-খেলার ছলে; ক্রীড়াব্যপদেশে। ~**তাল** [ক্রীড়ার তাল-৬ তৎ] বি, সঙ্গীতশাস্ত্রোক্ত তালবিঃ; যে তালে একমাত্র প্লুত থাকে। ~**ভূমি** [ক্রীড়া (সাধক) ভূমি-মং পং লো০ ধা] বি, যে ভূমিতে ক্রীড়া হয়: রঙ্গভূমি; মল্লভূমি। ~**ময়** -বিণ, ক্রীড়াপূর্ণ; খেলায় মত্ত: ক্রীড়াসক্ত। ~**যান** [ক্রীড়ার নিমিত্ত যান (রথ)-৪ তৎ] বি, পুষ্পরথ [বিরল] ~**রথ** [ক্রীড়ার নিমিত্ত রথ)-৪ তৎ] বি, পুষ্পরথ। ২ ছেলেদের খেলিবার রথ। ~**শীল** [ক্রীড়া -শীল (স্বভাব) যার-বহু০] বিণ, নিয়ত ক্রীড়ারত; খেলায় মত্ত। ২ যে ক্রীড়া করিতেছে। বি, ~**শীলতা**। ~**সক্ত** [ক্রীড়া (তে) আসক্ত-৭মী তৎ] বিণ, ক্রীড়ামত্ত; খেলার অনুরক্ত। সতত ক্রীড়ারত। বি, ~**শক্তি**।

ক্রীত [ক্রী (ক্রয় করা) + ত (র্ম্ম)] বিণ, মূল্য-বিনিময়ে গৃহীত বা প্রাপ্ত; যা ক্রয় করা হইয়াছে; কেনা। ২ [স্মৃ০] বি, পুত্রবিঃ।

ক্রীতক [ক্রীত + ক (জ্ঞা০)] [স্মৃ০] বি, ক্রীত পুত্র; যে পুত্রকে মাতাপিতার নিকট হতে মূল্য দিয়া লওয়া হয়।

ক্রীতদাস [ক্রীত যে দাস (ভৃত্য)-ধা] বি, কেনা ভৃত্য; কেনা গোলাম। মূল্য দিয়া যে ভৃত্যকে যাবজ্জীবনের জন্য লওয়া হয়।

ক্রুঙ্ [ক্রুন্চ (বক্র গমন করা, হিংসা করা) + ক্বিপ্ (র্তৃ-জ্ঞা০)] বি, কৃষ্ণবর্ণ বক; কোঁচবক।

ক্রুঞ্চ [ক্রুন্চ (বক্র গমন করা, বক্র হওয়া) + অ (র্তৃ, জ্ঞা০)] বি, ক্রৌঞ্চবক; কোঁচবক। ২ ক্রৌঞ্চ পর্ব্বত। স্ত্রীং ~া-বীণাবিঃ।

ক্রুদ্ধ [ক্রুধ্ (কোপ করা) + ত (র্তৃ), ত =ধ, ধ=দ্] বিণ, ক্রোধী; রাগান্বিত; রুষ্ট; ক্রোধান্বিত।

ক্রুশ [ইং-cross] বি, † এইরূপ কাষ্ঠ; যে কাষ্ঠে যীশুখৃষ্টকে বিদ্ধ করিয়া হত্যা করা হইয়াছিল। ২ ক্রুশের মত চিহ্ন। ৩ ঢেরা (+)।

ক্রুশ, ক্রুশী [গ্রা০-কুরুশ। ইং-crochet] বি, চিকণের কাজ; পশম ও সূতা বোনার বক্রমুখ কাঠিদ্বারা বোনা কাপড়।

ক্রুশীর (ক্রুশের) **কাঠী**-ক্রুশ বুনিবার সূচী বা বক্র-মুখ শলাকা।

ক্রুষ্ট [ক্রুশ্ (ক্রন্দন করা) + ত (ভা০)] বি, রোদন; ক্রন্দন। ২ শব্দ; রব; নাদ।

ক্রিয়ান্বিত-বিণ, ক্রিয়া দ্বারা অন্বয়যুক্ত। ২ কর্ম্মরত। ৩ সৎকর্ম্মহীন। ৪ আনুষ্ঠানিক: শাস্ত্রীয় ক্রিয়াকর্ম্মসাধক।

ক্রিয়াফল [ক্রিয়ার ফল-৬ তৎ] বি, কর্ম্মের ফল: পুণ্য বা পাপ কর্ম্মহেতু যথাবিহিত পরিণাম।

ক্রিয়াবসন্ন [স্মৃ০ পরি০। ক্রিয়া দ্বারা অবসন্ন-৩ তৎ] বিণ, সাক্ষী ই০ দ্বারা পরাজিত হওয়া।

ক্রিয়া/বাদী [স্মৃ০ পরি০। ক্রিয়া-বদ্ (বলা) + ইন্ (র্তৃ) মূ০-বাদিন্ ১মা ১ব০=বাদী (যে বলে)] বিণ, ফরিয়াদী। ~**বান্** [ক্রিয়া + বৎ (স্ত্য) মূ০-ক্রিয়াবৎ ১মা ১ব০] বিণ, কার্য্যে উদ্যোগী। ক্রিয়াশীল। ২ যিনি অনেক ক্রিয়া কর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন।

ক্রিয়াবিশেষণ [ক্রিয়ার বিশেষণ (গুণ দোষ বা অবস্থা প্রকাশক)] বি, যে পদ দ্বারা ক্রিয়ার গুণ, দোষ বা অবস্থা প্রকাশ করে adverb [দ্রঃ-বিশেষণ পদ ক্রিয়ার বিশেষণ হলে "সমানাধিকরণ" নামে অভিহিত হয়; বিশেষ্য পদ ক্রিয়ার বিশেষণ হলে, "ব্যাধিকরণ ক্রিয়া-বিশেষণ" পদবাচ্য হয়]।

ক্রিয়াযোগ [ক্রিয়ার যোগ-৬ তৎ] বি, ক্রিয়াসম্বন্ধ। ২ দেবপূজাদি ক্রিয়া।

ক্রিয়ালোপ-বি, শাস্ত্রীয় কর্ম্মরহিত। ২ কর্ম্মের বিনাশ। ৩ বিণ, লুপ্ত বা নষ্টক্রিয়।

ক্রিয়াশক্তি [ক্রিয়ার শক্তি-৬ তৎ] বি, সৃষ্টি-ক্রিয়াবিষয়কশক্তি; জগদুৎপত্তি বিষয়ে পরমেশ্বরের ক্ষমতা। ২ কর্ম্মক্ষমতা energy.

ক্রিয়া/শীল [ক্রিয়া-শীল (স্বভাব) যার -বহু০] বিণ, নিয়ত কর্ম্মরত। বি, ~**শীলতা**।

ক্রিয়া/সক্ত [ক্রিয়া + আসক্ত] বিণ, কর্ম্মে অনুরক্ত; কার্য্যে আসক্ত। বি, ~**সক্তি**-কর্ম্মানুরক্তি। ~**সমভিহার** [ক্রিয়ার সমভিহার (পৌনঃপুন্য)] বি, পুনঃ-পুনঃ একই কর্ম্মের অনুষ্ঠান বা সাধন।

ক্রিয়াসিদ্ধ [ক্রিয়ার দ্বারা সিদ্ধ] বিণ, সিদ্ধহস্ত; ব্যবহারের অনুযায়ী কার্য্যসম্পাদন-কুশল practical. ২ পুনঃপুনঃ ক্রিয়া দ্বারা যিনি সিদ্ধিলাভ করিয়াছেন।

ক্রিয়েন্দ্রিয় [ক্রিয়ার সাধক যে ইন্দ্রিয়] বি, কর্ম্মেন্দ্রিয়।

৩ [র্ম্ম] বিণ, আহূত ; যাকে আহ্বান করা হইয়াছে। ৪ ধ্বনিত। ৫ অভিশপ্ত।

ক্রূর [কৃৎ (ছেদন করা) + র (র্তৃ, জ্ঞা॰) কৃৎ=ক্রূ] বিণ, নৃশংস ; নির্দ্দয় ; নিষ্ঠুর : কঠিন-হৃদয়। ২ পরদ্রোহী। ৩। উগ্র ; তীব্র। প্র- ক্রূর গন্ধ। ৪ [জ্যো॰] মেষাদি দ্বাদশ রাশির মধ্যে ১।৩।৫।৭।৯।১১ সংখ্যক ক্রূর ও বিষম রাশি। ৫ গ্রহবিঃ। ৬ [বৈদ্যকে] রক্ত করবী। (২) ভূতাঙ্কুশবৃক্ষ। (৩) কৃষ্ণধুতুরা। (৪) শ্বেতপুনর্নবা। (৫) চেঁচেতা গাছ। ৭ [লক্ষণা] কঙ্কপক্ষী। (২) শ্যেনপক্ষী (৩) পেচক। ~তা-বি, খলতা। ~কর্ম্মা [মূ॰-ক্রূরকর্ম্মন-১মা ১ব॰। ক্রূর (নির্দ্দয়) কর্ম্ম-যার (বহু)] বিণ, নিষ্ঠুর ; নৃশংস কর্ম্মচারী। ২ ঘাতক। ৩ [আয়ু] কটুতুম্বিনী বৃক্ষ, তিৎলাউর গাছ। ~গন্ধ [ক্রূর (তীব্র, উগ্র) গন্ধ যার-বহু॰] বি, গন্ধক। ~দৃক্ [ক্রূর-দৃশ্ (দেখা)-ক্বিপ্ (র্তৃ) শ্=ক্] বি, শনিগ্রহ ; শনৈশ্চর। ২ মঙ্গল গ্রহ। ৩ খল ; পিশুন। ~মতি-বিণ, খল ; নিষ্ঠুর। ~রব [ক্রূর (উগ্র, কর্কশ) রব (শব্দ) যার-বহু॰] বি, দাঁড়কাক বা দ্রোণ কাক। ~স্বর-বিণ, কর্কশকণ্ঠ। ~লোচন [ক্রূর লোচন (চক্ষুঃ) যার-বহু॰] বি, শনিগ্রহ। শনৈশ্চর। **ক্রূরাকৃতি** [ক্রূর (ভীষণ) আকৃতি (শরীর) যার-বহু॰] বিণ, ভীমমূর্ত্তি ; যার আকৃতি দেখিলে ভয় হয়। ২ বি, রাবণ। **ক্রূরাচার** [ক্রূর + আচার] বি, নিষ্ঠুর ব্যবহার ও নির্দ্দয়তা ; খলতা।

ক্রেতব্য [ক্রী (কেনা) + তব্য (র্ম্ম)] বিণ, ক্রয়যোগ্য ; যা মূল্য দ্বারা ক্রয় করা যায় ; কিনিবার যোগ্য ; যা কেনা উচিত ; ক্রেয়।

ক্রেতা [ক্রী (ক্রয় করা) + তৃ (র্তৃ) মূ॰- ক্রেতৃ ১মা ১ব॰] বিণ, যে ক্রয় করে ; খরিদ্দার।

ক্রেয় [ক্রী (কেনা) + য (র্ম্ম)] বিণ, কিনিবার যোগ্য। ২ যা ক্রয় করিতে হইবে।

ক্রোক [আইন পারিঃ। আ॰-কুক্ > প্রা॰ কোরোক, কুরুক] বি, আটক ; ২ ভূম্যধিকারী বা রাজাকর্তৃক প্রজার ফসল ইং আটক করাকে ক্রোক বলে। ক্রোক সহায়তায় মকদ্দমা-distraint case

ক্রোটন [ইং-croton] বি, পাতা-বাহার গাছ : বৈদেশিক বৃক্ষ-যার ফুল হয় না, ডাল পুঁতিলে গাছ হয়।

ক্রোড়₁ [ক্রুড্ (ঘন হওয়া) + অ (র্তৃ, জ্ঞা॰)] বি, কোল ; উৎসঙ্গ। ২ বক্ষ। ৩ [শরীরবিঃ পরিঃ] বক্ষোমধ্যভাগ ; বক্ষঃ এবং ভুজদ্বয়ের অন্তর। ৪ বৃক্ষকোটর। "ক্রোড়-নীড়ে রাখয়ে যেমতি পক্ষী।"-মেঘ॰। স্ত্রীং ~া -বাহুর মধ্যভাগ। ~চ্যুত-বি, ক্রোড় হতে পতিত বা ত্যক্ত। ২ কোল ছাড়া ; হাত-ছাড়া ; অধিকার হতে বহির্গত। ~পত্র [ক্রোড়-পত্র-প্রধান পত্রের ক্রোড়স্থ ক্ষুদ্র পত্র] বি, অতিরিক্ত পত্র ; পুস্তক বা পত্র মুদ্রাঙ্কনের পর যে মুদ্রিতাংশ সংযুক্ত হয় supplement ২ [আদা॰] ক্রোড় উইল codicile

ক্রোড়₂ [সং-কোটি > হিং করোড় >] বি, ক্রোর ; কোটি সংখ্যা : ১,০০০০০০০ ; শত লক্ষ। ~পতি ক্রোড় (বহুধন) পতি] বি, কোটিমুদ্রার অধিকারী : বহু ধনশালী।

ক্রোড়াঙ্ক [ক্রোড় + অঙ্ক] বি, নাটকীয় মঙ্গল বিশেষ উজ্জ্বল দৃশ্য।

ক্রোড়ীকরণ-বি, অঙ্কে ধারণ ; আলিঙ্গন ; কোলে করা। ~কৃত-বি, কৃতালিঙ্গন ; অঙ্কে ধৃত।

ক্রোধ [ক্রুধ্ (রাগ করা) + অ(ভা॰)] বি, রোষ : কোপ ; রাগ ; দ্বেষ। ২ [পু॰] লোভের পুত্র : স্বীয় ভগিনী হিংসার পতি এবং পুত্র কলি ও কন্যা দুরুক্তির পিতা। ~জ (-র্ধ-) [ক্রোধ (রাগ)-জন্ (জন্মান) + অ (র্তৃ) ক্রোধ > যে জন্মে] বি, মোহ। ২ ক্রোধ হতে জাত অষ্টবিধ ব্যসন ; পৈশুন্য, সাহস, দ্রোহ, ঈর্ষা, অসূয়া, অর্থদোষ, বাক্‌কলহ ও পারুষ্য। ~কর, ~জনক-বিণ, ক্রোধ উদ্রেককারী। ~ঘর [ক্রোধ ভরে সকলের সংস্রব ত্যাগ করিয়া ভামিনীরা যে গৃহে আশ্রয় লইতেন। প্রাচীন প্রথার জ্ঞাপক] বি, ক্রোধাগার, গোসাঘর (দ্রঃ)। "কুবজীর বাক্যে কৈকেয়ী ক্রোধঘরে গেলা। আঁচল পাতিয়া ভূমে শয়ন করিলা॥ ক্রোধ-মন্দিরে রাজা গেলেন তখন। দেখিল কৈকেয়ী ভূমে করেছে শয়ন॥"-রামশঙ্কর দত্তের রামায়ণ, ১৬৬৫ খৃঃ (বঙ্গ-সাহিত্য-পরিচয়, ২য় ভাগ)।

ক্রোধন [ক্রুধ্ (কোপ করা) + অন (ভা॰)] বি, রাগ : ক্রোধ। ২ [র্তৃ-অন] বিণ, ক্রুদ্ধস্বভাব ; হঠাৎ যার ক্রোধ জন্মে : যে সহসা রাগান্বিত হয়। ৩ বি, ভৈরববিঃ। ~পর, ~পরবশ, ~পরায়ণ, ~বশ -বিণ, ক্রুদ্ধ, রোষান্বিত। ~বহ্নি-বি, রোষাগ্নি।

ক্রোধাঙ্গ-বি, ক্রোধের লক্ষণাদি।

ক্রোধাগার [ক্রোধ + আগার] বি, গোসাঘর (দ্রঃ)।

ক্রোধাগ্নি, ~নল-বি কোপানল।

ক্রোধান্ধ [ক্রোধ (দ্বারা) অন্ধ] বিণ, ক্রোধে হিতাহিত জ্ঞান শূন্য বা কর্ত্তব্যাকর্ত্তব্য দৃষ্টিহীন।

ক্রোধান্বিত-বিণ, রুষ্ট।

ক্রোধালু [ক্রোধ (রাগ) আলু] বিণ, কোপনস্বভাব : রাগী।

ক্রোধী [ক্রোধ + ইন্ (স্ত্য) মূ॰- ক্রোধিন্ ১মা ১ব॰] বিণ, সহজে যার ক্রোধ জন্মে : যে সহসা রাগান্বিত হয় : রাগী। ২ বিনা কারণে যে রাগ করে। ৩ সকল সময়ে যার ক্রোধ দেখা যায়।

ক্রোধোদ্দীপক-বিণ, ক্রোধের উত্তেজক। বি, ক্রোধোদ্দীপন, -না।

ক্রোধোন্মত্ত [ক্রোধ + উন্মত্ত] বিণ, ক্রোধে উন্মত্ত ; ক্রোধান্ধ। **ক্রোধোপশম** [ক্রোধ + উপশম] বিণ, ক্রোধশান্তি।

ক্রোর [সং-কোটি > ; হি -ক্রোর, -ড(হিং-'করোড'] বি, একশতলক্ষ ১,০০,০০,০০০। ২ কুররপক্ষী। ~পতি-ক্রোড়পতি (দ্রঃ), ক্রোরিয়াল, ক্রোরীয়ান -কোটিপতি ; মহাধনী।

ক্রোশ₁ [ক্রুশ্ (রোষ করা) + অ (ভা॰)] বি, আক্রোশ। ২ ক্রন্দন [প্র॰, অ॰]।

ক্রোশ₂ [সং। প্রা॰-ক্রোশ] বি, পথের পরিমাণবিঃ, ৮০০০ হাত দীর্ঘ পথ। ইংরেজী মাইলের দ্বিগুণেরও কিছু অধিক। স্থানভেদে প্রায় ইংরেজী দুই মাইল পথ "Kos, commonly written coss—a measure of distance varying in different parts of India, from one to two miles, but most usually about the latter"—*Wilson.* ডালভাঙ্গা-ক্রোশ-গাছের ডাল ভাঙ্গিয়া তাকে যষ্টিস্বরূপ হাতে লইয়া

চলিতে চলিতে বৃক্ষশাখা শুকাইয়া যায়, তথাপি এক ক্রোশ আর পূর্ণ হয় না ; অতি দীর্ঘপথ।

ক্রোশন [ক্রুশ্ (ক্রন্দন করা-আহ্বান করা) + অন (ভা°)] বি, রোদন ; ক্রন্দন ; করুণ শব্দ ; কাতর বিলাপ। ২ ক্রোধপ্রকাশ।

ক্রোষ্টা [মূ°-ক্রোষ্টৃ :মা :ব° < ক্রুশ্ (রোদনে, চীৎকারে)] বি, শৃগাল।

ক্রোষ্টু [ক্রুশ্ (রোদন করা) তু (র্তৃ) শ্=ষ, তু=টু] বি, জম্বুক ; ফেরু ; শৃগাল। স্ত্রী: ক্রোষ্ট্রী।

ক্রৌঞ্চ [ক্রুঞ্চ্ + অ (স্বার্থে)] বি, পর্ব্বত-বিঃ ; হিমালয়ের অংশবিঃ। ২ দ্বীপবিঃ। ৩ বৌদ্ধসাম্প্রদায়িক ধ্বজাবিঃ। ৪ দৈত্য-বিঃ। ৫ রাক্ষসবিঃ। ৬ বকপক্ষী, কোচ-বক। স্ত্রীং ~ী-স্ত্রীবক। ২ উৎক্রোশ পক্ষিণী। ~দারক, ~দারণ [ক্রৌঞ্চ (পর্ব্বত) দারক-দারণ (যে বিদারণ করে)] বি, পরশুরাম। ২ [ক্রৌঞ্চ (দৈত্যবিঃ) দারক (ঘাতক)। "কুমারঃ ক্রৌঞ্চদারণঃ।"-অমর°] বি, কুমার ; কার্ত্তিকেয়।

ক্রৌঞ্চ/মিথুন-বি, ক্রৌঞ্চ (দ্বঃ) দম্পতি, কোঁচবক ও বকবধূ। ~পদা (সং) বি, ২৫ অক্ষরাবৃত্তি ছন্দোবিঃ। যথা-"নাগর কৃষ্ণে না কর নিন্দা, তিনি নিখিল ভুবনপতি গতি চরমে।" ~বধূ [ক্রৌঞ্চের (বকের) বধূ (স্ত্রী)-৬ তৎ] বি, বকের স্ত্রী। "ক্রৌঞ্চবধূ-সহ ক্রৌঞ্চে নিষাদ বিঁধিলা।"-মেঘ°।

ক্রৌঞ্চা/দন [ক্রৌঞ্চের (কোঁচবকের) অদন (ভক্ষ্য)-৬ তৎ] বি, মৃণাল ; পদ্মের নাল। ২ পিপ্পলী। স্ত্রীং ~দনী-পদ্মবীজ। ~রণ্য [ক্রৌঞ্চ নামক যে অরণ্য-ধা] বি, দক্ষিণাপথস্থ জনস্থানের ৩ ক্রোশ দূরে অবস্থিত সেই অরণ্যবিঃ। ~রাতি [ক্রৌঞ্চের (ক্রৌঞ্চ নামক অসুরের) অরাতি (শত্রু)-৬ তৎ] বি, কার্ত্তিকেয়। ২ [ক্রৌঞ্চের (ক্রৌঞ্চ নামক পর্ব্বতের) অরাতি] -বি, পরশুরাম। ~রুণ [ক্রৌঞ্চ (ক্রৌঞ্চ তুল্য যে অরুণ (রক্তবর্ণ)-ধা)] বি, কোঁচ-বকের আকারের ন্যায় রচিত ব্যূহবিঃ।

ক্রৌর্য্য [ক্রূর + য (ভা°)] বি, ক্রূরের ভাব ; খলতা ; ক্রূরতা।

ক্রোশশতিক [ক্রোশ-শত + ইক (গমনকারী অর্থে)] বিণ, যে একশত ক্রোশ পথ গমন করিতে পারে ; শতক্রোশ গমনক্ষম।

ক্লব, ক্লাব [ইং-club] বি, (ক্রীড়ার, কৌতুকের) আড্ডা ; সম্মেলন-স্থান ; সঙ্ঘ ; সমিতি।

ক্লম [ক্লম্ (ক্লান্ত হওয়া) + অ (ভা°)] বি, শ্রম ; আয়াস। ২ অবসন্নতা ; ক্লান্তি ; শ্রান্তি ; অতিরিক্ত পরিশ্রম করিয়া গ্লানি-বোধ। "বারি-শীকর-সম্পৃক্ত সুশীতল সমীরণ-স্পর্শে বিগতক্লম হইলেন।"-কাদ°। ৩ [সুশ্রুত] দ্রুত শ্বাসপ্রশ্বাস hurried respiration.

ক্লান্ত [ক্লম (ক্লান্ত হওয়া) + ত (র্তৃ)] বিণ, অতিশয় পরিশ্রান্ত ; যে ব্যক্তি উৎকট পরিশ্রম করিয়া দুর্ব্বল হইয়াছে ; শারীরিক শ্রম দ্বারা পরিশ্রান্ত ; অবসন্ন। "কিন্তু ক্লান্ত যদি তুমি এ দুরন্ত রণে।"-মেঘ°। বি, ক্লান্তি।

ক্লান্তি [ক্লম্ (ক্লান্ত হওয়া) + তি (ভা°)] বি, পরিশ্রম ; গ্লানি ; অবসাদ। ২ খেদ ; অতিরিক্ত পরিশ্রম করিয়া দুর্ব্বল হওয়া। বিণ, ক্লান্ত। ~নাশ-বি, শ্রান্তি দূর ; শ্রম-ক্লেশ অপনোদন। ~নাশক-বিণ, পরিশ্রম-জনিত ক্লেশ দূরকারী।

ক্লাস [ইং-class, গ্রা°-কেলাস] বি, শ্রেণী (স্কুলাদিতে পাঠের)। ২ বিভাগ। ৩ উচ্চ নিম্ন কক্ষ (রেলগাড়ী, জাহাজ ই°-র)।

ক্লাসিক [ইং-classic] বি, উচ্চ-সাহিত্য ; প্রা° গ্রী° ও রোমীয় উচ্চ সাহিত্য ; বিশ্বসাহিত্য ; সকল দেশের সকল যুগের সাহিত্য।

ক্লিন্ন [ক্লিদ্ (আর্দ্র হওয়া) + ত (র্তৃ) দ্-ন=ত] বিণ, ক্লেদযুক্ত ; ঘর্ম্মাদি দ্বারা সিক্ত। ২ আর্দ্র।

ক্লিশিত [ক্লিশ্ (কষ্ট পাওয়া) + ত (র্তৃ) ই আগম] বিণ, ক্লেশযুক্ত ; কষ্টপ্রাপ্ত ; যে ক্লেশভোগ করিয়াছে ; যে দুঃখ পাইয়াছে। ২ ক্লান্ত। ৩ কৃশ ; ক্ষীণ ; শুকনো।

ক্লিশ্যমান [ক্লিশ্ (কষ্ট পাওয়া) + আন (র্ম্ম) য-ম্ আগম] বিণ, যে ক্লেশ ভোগ করিতেছে ; যে কষ্ট পাইতেছে।

ক্লিষ্ট [ক্লিশ্ (ক্লেশ পাওয়া) + ত (র্তৃ), শ=ষ, ত=ট] বিণ, ক্লেশপ্রাপ্ত। ২ ক্লান্ত ; পরিশ্রান্ত। ৩ কৃশতা-প্রাপ্ত।

ক্লীব [ক্লীব্ (কুণ্ঠিত হওয়া) + অ (র্তৃ)] বি, যে পুরুষ কার্য্যে কুণ্ঠিত হয় ; যার পুরুষত্ব নাই। ২ নপুংসক ; যে স্ত্রী ও পুরুষ ইহার কোন লক্ষণাক্রান্তই নয়। (যার মূত্র ফেনাযুক্ত হয় না, বিষ্ঠা জলে মগ্ন হয় এবং মেঢ্রের উত্তেজনা ও শুক্র নাই এইরূপ ব্যক্তিকেই শাস্ত্রকারগণ ক্লীব বলিয়াছেন)। ৩ বিণ, অক্ষম। ৪ পরাক্রমহীন। ৫ কাপুরুষ। ৬ নিষ্ফল ; ব্যর্থ ; নিরর্থক।

ক্লীবত্ব, -তা [ক্লীব + ত্ব, তা (ভা°)] বি, নপুংসকত্ব ; ক্লীবের ভাব ; পুরুষত্বহীনতা। ২ কাপুরুষতা।

ক্লীবলিঙ্গ [ব্যা°। ক্লীবের লিঙ্গ (চিহ্ন) ব্যঞ্জক যাহা-বহু°] বি, স্ত্রী-পুরুষ ভিন্ন বাচক neuter gender.

ক্লেদ [ক্লিদ্ (আর্দ্র হওয়া) + অ (ভা°)] বি, ক্লিন্নতা ; কাদা জল। ২ আর্দ্রতা। ৩ [র্তৃ, জ্ঞা°] মলযুক্ত জল। ৪ পূঁজ।

ক্লেদাক্ত [ক্লেদ + অক্ত (লিপ্ত)] বিণ, ক্লিন্ন।

ক্লেদিত [ক্লিদ (ক্লেশ পাওয়া) + ণিচ্ (স্বার্থে)=ক্লেদি + ত (র্ম্ম)] বিণ, ঘর্ম্ম বা জলাদি দ্বারা আর্দ্র ; ক্লিন্ন ; মলযুক্ত, জলপূর্ণ।

ক্লেশ [ক্লিশ্ (কষ্ট পাওয়া) + অ (ভা°) প্রাকৃ-রূপ-কিলেস] বি, দৈন্য ; কষ্ট ; দুঃখ। ২ যন্ত্রণা। ৩ পরিশ্রম। প্র-ক্লেশ স্বীকার করিয়া একাজ করিতে হইবে। ৪ [বৌ° সা° পা°-'কিলেস'] যাতে নৈতিক অবনতি ঘটে ও লোকে পাপ করে। ইহা দশবিধ-লোভ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি (মিথ্যাধর্ম্মে আস্থা), বিচিকিৎসা (সংশয়), স্ত্যান (জাড্য), ঔদ্ধত্য, নির্লজ্জতা এবং অনৌত্রাপ্য (নিষ্ঠুরতা)। ক্লেশিত [ক্লিশ্ + ণিচ্ = ক্লেশি + ত (র্ম্ম)] বিণ, যাকে কষ্ট দেওয়া হইয়াছে ; প্রাপ্তক্লেশ ; ক্লিষ্ট।

ক্লৈব্য [ক্লীব + য (ভা°)] বি, ক্লীব ভাব, ক্লীবত্ব ; কাপুরুষতা। ২ কাতরতা। ৩ বিফলত্ব ; নিরর্থকত্ব ; নিষ্ফলত্ব।

ক্লোম [সং। পা°-'কিলোমকং'। "হৃদয়স্য দক্ষিণে ক্লোমা বামে প্লীহা।"-ক্ষীরস্বামী] বি,

পিত্তকোষ ; যকৃৎ liver ২ উদরস্থ জলাধার ; গলনাড়িকা মূত্রাশয় the bladder ৩ ফুসফুস the lungs ৪ পিপাসা স্থান, তিল (হিং-তিলী) ; ইহা হৃৎপিণ্ডের দক্ষিণভাগে আমাশয়ের নীচে এবং অগ্ন্যাশয়ের উপরে অবস্থিত। হৃদয়ের দক্ষিণদিকে ক্লোম এবং উহা যকৃৎ ও ফুসফুসকে আশ্রয় করিয়া আছে। ক্লোম শরীরের জলবাহী শিরা সকলের মূল। ৫ বহিস্থকের নিম্নে এবং মাংসের উপরে যে পর্দা থাকে। ৬ [সুশ্রুত] পক্বাশয়ের নিম্নস্থিত গ্রন্থির আকার যে যন্ত্র হইতে রস ক্ষরিত হইয়া ভুক্তদ্রব্য পরিপাকের সহায়তা করে pancreas ; ক্লোমরস pancreatic juice

ক্লোমা [ক্লোম দ্রঃ। শরীর-বি° পরি°] বি হৃদয়পার্শ্বস্থ মাংসখণ্ড left lobe ২ উদরস্থ জলাধার ; গলনাড়ী। ৩ গ্রীবা।

ক্বচিৎ [ক (কোথা) + চিৎ (অনা-কল্যার্থে)] অ. কোথাও ; কুত্রাপি। ২ কোন অংশে। ৩ কোন সময় ; কখন।

ক্বণ [কণ্ (শব্দ করা) + অ (ভা°)] বি বীণাদি যন্ত্রের ধ্বনি। ২ শব্দ ; নাদ। ৩ ছোট হাঁড়ি [দ্রঃ-বাং-য় ইহা হতে কানায়ে কথার উৎপত্তি হয় নাই ত? তুল-কানায়ে ঠেলা, অর্থাৎ হাঁড়ী ঠেলা ; রন্ধন করা] ~কণ-অনুকার শব্দ। ~কণে-কাংস্যাদির বাদ্যকারী। প্র-কণ কণে আওয়াজ।

ক্বণন [কণ্ (শব্দ করা) + অন (ভা°)] বি, কণ দ্রঃ।

ক্বণিত [কণ্ (শব্দ করা) + ত (ভা°)] বি, শব্দ ; ধ্বনি। ২ [স্ম] শব্দিত ; ধ্বনিত ; যাকে শব্দ করান হইয়াছে ; শব্দায়মান।

ক্বথ, ক্বথ [রাসা° পরি°] বি, ক্বাথ decoction বিণ, ক্বথিত, ক্বথিত-ক্বাথ করা। ক্বথিত জল- decocted water ক্বাথ [কথ্ (পাক করিয়া ক্বাথ বাহির করা) + অ (ভা°)] বি, নির্য্যাস ; জলে ভিজাইয়া জ্বাল দিলে বস্তুর যে সারাংশ নির্গত হয়।

ক্ষ (খণ্ডিত) [ক্ + ষ=ক্ষ। "ক্ষঃ ক্ষেত্রে রক্ষসি প্রোক্তো নিয়তং শব্দবেদিভিঃ।"- একাক্ষর কোষ। "ক্ষিঃ ক্ষেত্রে ক্ষত্ররক্ষে চ নৃসিংহে চ প্রকীর্ত্তিতঃ।" "ক্ষঃ ক্ষেত্রে ক্ষপণে ক্ষান্তৌ তথা রক্ষসি শূলিনি"] বি, ক্ষেত্র। ২ রাক্ষস। ৩ ক্ষত্রিয়। ৪ নৃসিংহ। ৫ শূলপাণি। ৬ ত্যাগ। ৭ ক্ষমা। ~ওয়া [ক্ষি (ক্ষয়, গতি, হিংসা) + অ (ধি-ড)] ~আ, ~ওয়া [ক্ষি (গতি, হিংসা, ক্ষয়) + অ (ভা° ড)=ক্ষ + আ, ওয়া] বি, ক্ষয়প্রাপ্তি। ২ ঘর্ষণ। ৩ [ক্ষ-ই, ক্ষও, ক্ষয়, ক্ষইতে, ক্ষইয়া (কথা ক্ষয়ে) ই°] ক্রি, ক্ষয় হওয়া। ৪ বিণ, ক্ষয়প্রাপ্ত। ৫ ঘষা। ~এত, ~য়েত-বিণ, ক্ষয়প্রাপ্ত। ক্ষয় দ্রঃ।

ক্ষণ [ক্ষণ্ (ক্ষয় হওয়া) + অ (র্ত্তৃ) যে ক্ষয় প্রাপ্ত হয়] বি, কালের সূক্ষ্ম অংশ ; কালের ক্ষুদ্র ভাগ। ১৮ নিমেষে এক কাষ্ঠা, ৩০ কাষ্ঠায় এক কলা, ৩০ কলায় এক ক্ষণ, ১২ ক্ষণে এক মুহূর্ত্ত ; ৩০ মুহূর্ত্তে এক অহোরাত্র। ২ অতি অল্পকাল। প্র-ক্ষণমাত্র অপেক্ষা কর। ৩ অবকাশ ; অবসর। প্র-শুভক্ষণে একার্য্য সিদ্ধ হইবে। "কি কুক্ষণে দেখেছিলি তুইরে অভাগী।"-মেঘ°। ৪ ব্যাপার, পর্ব্ব ; উৎসব। ৫ শুভমুহূর্ত্ত। ৬ সুযোগ। ~কাল-বি, মুহূর্ত্তকাল ; অতি অল্প সময়। ~দ্যুতি [ক্ষণ (অল্পকালমাত্র) স্থায়ী দ্যুতি (দীপ্তি) যার-বহু°] বি, বিজলী ; বিদ্যুৎ ; চপলা। ~ধ্বংসী [ক্ষণে (মুহূর্ত্ত পরে) ধ্বনস্ (নষ্ট হওয়া) + ইন্ (র্ত্তৃ), মূ-ধ্বংসিন্ ১মা ১ব°] বিণ, যা ক্ষণকাল পরে আর থাকে না ; ক্ষণিক ; অল্পস্থায়ী ; ক্ষণভঙ্গুর। ~প্রকাশ-বি, বিদ্যুৎ। ~প্রভা [ক্ষণ (অল্প সময় মাত্র) প্রভা (দীপ্তি) থাকে যার-বহু°] বি, তড়িৎ ; বিদ্যুৎ। "ক্ষণপ্রভা প্রভাদানে, বাড়ায় মাত্র আঁধার, পথিকে ধাঁধিতে।"-মাইকেল। ২ যার দীপ্তি ক্ষণস্থায়ী। ~বিধ্বংসী-বিণ, ক্ষণধ্বংসী দ্রঃ। ~বিলম্ব-বি. একটু দেরী। ~ভঙ্গুর [ক্ষণে (অল্প সময়ের মধ্যে) ভঙ্গুর (ভঙ্গশীল) যা অতি অল্পকাল মধ্যে ভাঙ্গিয়া যায়] বিণ, ক্ষণমাত্র স্থায়ী ; যা অল্পকাল স্থায়ী হয় ; ক্ষণিক। > স্ত্রীঃ ~া-বিজলী ; চপলা। ~ভোগ্য-বিণ, অচিরস্থায়ী ভোগযোগ্য, যার ভোগকাল অতি অল্প। ~মাত্র-বি, এক মুহূর্ত্ত ; অল্পকাল। ~স্থায়ী-বিণ, অচিরস্থায়ী ; ক্ষণিক।

ক্ষণজন্মা [ক্ষণে (শুভ মুহূর্ত্তে) জন্ম (উৎপত্তি) যার-বহু°] বিণ, যার শুভক্ষণে জন্ম হইয়াছে ; যে শুভমুহূর্ত্তে জন্মগ্রহণ করিয়াছে। ২ অদৃষ্টবান্ ; ভাগ্যবান্। ৩ অলৌকিক শক্তিশালী ; অসাধারণ ক্ষমতাপন্ন। ৪ নানা শুভাবহ চিহ্নযুক্ত, সর্ব্বসুলক্ষণাক্রান্ত। ৫ ক্ষণিক।

ক্ষণদ [ক্ষণ (যাত্রাদির শুভ সময়) দা (দান করা) + অ (র্ত্তৃ)] বি, যে যাত্রাদি কার্য্যের শুভ সময় নির্ণয় করিয়া দেয়, গণক ; দৈবজ্ঞ। ২ জল ; বারি। স্ত্রীং ~া।

ক্ষণদা [ক্ষণ (বিশ্রামের সময়) দা (যে দান করে)] বি, রাত্রি ; যামিনী। ২ [আয়ু°] হরিদ্রা। ~কর [ক্ষণদা (রাত্রিতে) কর (কিরণ) যার-বহু°] বি, নিশাচর ; চন্দ্র। ~চর-বি, নিশাচর।

ক্ষণন [ক্ষণ্ (হিংসা, বধ করা) + অন (ভা°)] বি, হনন, বধ, হত্যা [প্র অ]।

ক্ষণিক [ক্ষণ (অল্প সময়) + ইক (স্থায়ী অর্থে)] বিণ যা অল্পকাল মাত্র অবস্থান করে ; ক্ষণমাত্র স্থায়ী, অতি অল্প সময়ের মধ্যে যা নষ্ট হইয়া যায় ; কিছুকাল পরে যার অস্তিত্ব থাকে না। বি, ~তা (-ত্ব)-ক্ষণস্থায়িত্ব। "দলগত প্রবল উত্তেজনা যুদ্ধবিগ্রহে এবং প্রমোদ উৎসবে উপযোগী হইতে পারে, কারণ ক্ষণিকতাই তাহার প্রকৃতি-কিন্তু ভক্তির পক্ষে সংযত সমাহিত শান্তিই শোভন এবং অনুকূল, কারণ তাহা অকৃত্রিমতা এবং ধ্রুবতা চাহে, উন্মত্ততায় তাহা আপনাকে নিঃশেষিত করিতে চাহে না।"-চারিত্রপূজা।

ক্ষণে [ক্ষণ দ্রঃ প্রা° ক্ষেণে] ক্রি-বিণ, মুহূর্ত্তে। ২ কালে। ৩ লগ্নে। ~ক্ষণে-সময়ে সময়ে ; মুহুর্মুহুঃ। ২ থাকিয়া থাকিয়া, মধ্যে মধ্যে। ~ক [ক্ষণ + এক=ক্ষণৈক > বা° ক্ষণেক] অ, এক মুহূর্ত্তের জন্য ; অত্যল্প কাল।

ক্ষণেক্ষণে-অ, মুহূর্ত্তে মুহূর্ত্তে ; অল্পকাল থামিয়া আবার ; প্রতিক্ষণ। ২ ঘনঘন।

ক্ষত [ক্ষণ্ (আঘাত করা) + ত (র্ম্ম) আঘাত হতে উৎপন্ন হয় বলিয়া] বি, ব্রণ ;

না। ২ আঘাত বা প্রহার দ্বারা বিদীর্ণ · কর্ত্তিত বা ছিন্ন স্থান। ৩ শরীরের যে স্থানে অস্ত্র প্রয়োগ করা হইয়াছে। ৪ বিণ. ভগ্ন; কর্ত্তিত; বিদারিত; বিদ্ধ। ৫ আঘাতপ্রাপ্ত। ৬ দষ্ট; যে স্থানে সর্পাদিতে দংশন করিয়াছে। ৭ ব্যথাপ্রাপ্ত। ~চিহ্ন-বি. আরোগ্যান্তে ক্ষতের যে দাগ থাকে cicatrix. ~জ [ক্ষত (ক্ষতস্থান) জ (যে জন্মে) ক্ষতস্থান > উৎপন্ন অর্থাৎ যে ক্ষতস্থান > বহির্গত হয়] বি. শোণিত; রক্ত; রুধির। ২ পূঁয; পূঁজ। ৩ ক্ষয়কাশ। ~বিক্ষত [ক্ষত-বিক্ষত (বিশেষভাবে ক্ষত)] বিণ. যার সর্ব্বশরীরে ক্ষত হইয়াছে; যে শরীরে এরূপ স্থান নাই যে সেস্থান ক্ষত হয় নাই। প্র-প্রহারে তাহার শরীর ক্ষত-বিক্ষত করিয়া দিয়াছে। ~ব্রত ['ক্ষত (ভঙ্গ) হইয়াছে ব্রত (নিয়ম) যার-বহু°] বিণ যার ব্রত ভঙ্গ হইয়াছে; নষ্টব্রত; যে সঙ্কল্পিত নিয়ম ভঙ্গ করিয়াছে।

ক্ষতাশৌচ [ক্ষত জন্য যে অশৌচ-৪ তৎ] বি. ক্ষত জন্য দেহাশুদ্ধি; কোনরূপ আঘাতে শরীরের রক্তপাত হইলে তজ্জন্য দেহাশুদ্ধি; ক্ষত জন্য অশৌচ।

ক্ষতি [ক্ষণ (আঘাত করা) + তি (ভা°)] বি. অপকার; হানি; অনিষ্ট। ২ অপচয়। ৩ নাশ; ধ্বংস। ৪ অস্ত্রাদির চিহ্ন; অস্ত্রাঘাত। ৫ ক্ষয়। ~গ্রস্ত-বি. যার ক্ষতি হইয়াছে; অপকৃত। ~ঢালা [বীরভূম প্রাদে°] থলি bag. ~জনক-বিণ. হানিকর; অনিষ্টকর। ~নিষ্কৃতিপত্র [ঢাকা চট্ট°] deed of release ~পূরণ-বি. হানির মূল্যস্বরূপ প্রদত্ত বস্তু, খেসারৎ compensation ~বৃদ্ধি [ক্ষতি+বৃদ্ধি (উপেক্ষা-ব্যঞ্জক সহচর শব্দ)] বি. লাভ-লোকসান। ২ কম-বেশী।

ক্ষত্তা [ক্ষদ্ (সংবরণ করা)+তৃ (র্তৃ), মূ°-ক্ষত্তৃ ১মা ১ব°) যে দ্বার অবরোধ করে] বি. দ্বারবান; দৌবারিক। ২ সারথি; রথ-চালক। ৩ দাসীপুত্র; বিদুর। ৪ বৈশ্যা কিংবা ক্ষত্রিয়ার গর্ভে শূদ্রের ঔরসজাত পুত্র। ৫ ধনাধ্যক্ষ।

ক্ষত্র, ক্ষত্র [ক্ষদ্ (ক্ষতি) + কিপ্ (র্তৃ)= ক্ষৎ-ত্রৈ (ত্রাণ করা) + অ (র্তৃ)=ক্ষত্র, ক্ষৎ-ৎ লোপ হইয়া ক্ষত্র এরূপ প্রয়োগও আছে। ক্ষত হইতে ত্রাণকারী। পৃথু রাজা প্রাণিগণকে ক্ষত হইতে পরিত্রাণ করিয়া ক্ষত্র বা ক্ষত্রিয় সংজ্ঞা প্রাপ্ত হন] বি. ক্ষত্রিয়জাতি। ২ [ঋগ্বেদে] বল। ৩ ধন। ৪ তেজঃ। বিণ. ক্ষত্রিয়-বলবান্। ~কর্ম্ম [ক্ষত্রের (ক্ষত্রিয়ের) কর্ম্ম (কার্য্য)-৬ তৎ] বি. ক্ষত্রিয়ের কার্য্য, ক্ষত্রিয়োচিত কর্ম্ম যথা-"শৌর্য্য, তেজঃ, ধৈর্য্য; দক্ষতা, যুদ্ধে পরাঙ্মুখ না হওয়া, দান; আধিপত্য।"-মনু°। ~কুলগ্লানি-বি. ক্ষত্রিয়বংশের বা ক্ষত্রিয়দিগের কলঙ্কস্বরূপ। "ক্ষত্রকুলগ্লানি, শত ধিক্ তোরে।"-মেঘ°। ~ধর্ম্ম [ক্ষত্রের (ক্ষত্রিয়ের) ধর্ম্ম (সাহস পুরুষকার ই°)] বি. ক্ষত্রিয়ের ধর্ম্ম; ক্ষত্রকর্ম্ম দ্রঃ। ~বিণ. ~া। ২ দৃষ্টদ্যুম্নের পুত্র। ~প [ইং-satrap] বি. যবন রাজা নহপান ১১৯ খৃঃ অব্দে ভারত সম্রাট উপাধি লইয়া 'ক্ষত্রপ রাজ্য' সুপ্রতিষ্ঠিত করেন [খৃঃ ২য় শতাব্দীর প্রারম্ভে যবনদিগের একটী শাখা সৌরাষ্ট্র গুজরাট ই° প্রদেশে রাজত্ব স্থাপন করেন। অন্যান্য ভারতাগত যবনদিগের মত ইঁহারাও প্রথমতঃ ব্রাত্যক্ষত্রিয় এবং পরে কুলীন ক্ষত্রিয় বলিয়া সম্পূর্ণরূপে এদেশের লোক হইয়া গিয়াছিলেন। ইঁহারা ক্ষত্রপ বংশ বলিয়া বিখ্যাত।"--প্রবাসী ৪র্থ ভাগ, ৭ম সংখ্যা]। ~বন্ধু [ক্ষত্র+বন্ধু (হীনার্থে)] বিণ. হীন ক্ষত্রিয়। ~বিদ্যা [ক্ষত্রের বিদ্যা-৬ তৎ] বি. যুদ্ধবিদ্যা; ধনুর্ব্বেদ। ক্ষত্রান্তক [ক্ষত্রের (ক্ষত্রিয় জাতির) অন্তক (নাশক)-৬ তৎ] বি. ২১ বার পৃথিবীকে নিঃক্ষত্রিয়কারী পরশুরাম।

ক্ষত্রিয়১, ক্ষত্রিয়১ [ক্ষত্র (আপদত্রাণ-কর্ত্তা)+ইয় (স্বার্থে) যে প্রজাদিগকে আপদ হতে ত্রাণ (রক্ষা) করে। ক্ষত্র দ্রঃ] বি. ক্ষত্র; ক্ষত্রিয়জাতি; দ্বিতীয় বর্ণ; যারা অধ্যয়ন, যজন, দান, যুদ্ধ, প্রজাপালন এবং ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য ও বানপ্রস্থ এই তিন আশ্রমের অধিকারী। > স্ত্রীং ~া, ~াণী-ক্ষত্রিয় নারী (হিন্দীতে ক্ষত্রাণী)। ২ ~ী-ক্ষত্রিয়ের পত্নী; ক্ষত্রিয়ভার্য্যা।

ক্ষত্রিয়২ [বৌ° শা°। ক্ষেত্রসমূহের স্বামী বলিয়া] বি. রাজা [তথাগত-বশিষ্ঠসংবাদ, সাহিত্য, ১৩২০]।

ক্ষত্রী [ক্ষত্র+ইন্ (স্ত্য)=ক্ষত্রিন্ ১মা ১ব। শব্দের ক্ষেং। ইহার অপভ্রং হিন্দুস্থানে ক্ষেত্রী এবং ছত্রীও°] বি. ক্ষত্রিয় জাতি। স্ত্রী ক্ষত্রিণী।

ক্ষন্তব্য [ক্ষম্ (সহ্য করা)+তব্য (র্ম্ম)] বিণ. ক্ষমার উপযুক্ত; ক্ষমার পাত্র, ক্ষমার্হ। ২ যে বিষয়ে ক্ষমা করা উচিত। ৩ যে বিষয়ে ক্ষমা করিতে হইবে।

ক্ষন্তা [মূ°-ক্ষন্তৃ] বিণ. যে ক্ষমা করে ক্ষমাশীল। স্ত্রীং, ক্ষন্ত্রী।

ক্ষপণ [ক্ষপ্ (লজ্জাক্ষেপণ করা, দূর করা)+অন (র্তৃ)] বিণ, যে লজ্জা দূর করিয়াছে লজ্জাহীন; নির্লজ্জ; বেহায়া। ২ নিক্ষেপ পরিত্যাগ [প্র° অ°] ~ক [ক্ষপ্ (লজ্জা না থাকা)+অন, কর্ত্তৃ=ক্ষপণ+ক (স্বার্থে)] বি. বৌদ্ধ সন্ন্যাসী; ইহারা উলঙ্গ থাকে এবং নাস্তিক মত প্রচার করে। ২ পণ্ডিতবিং; মহারাজ বিক্রমাদিত্যের নবরত্নসভার দ্বিতীয় রত্ন। ৩ নির্লজ্জ। ৪ উলঙ্গ।

ক্ষপণী [ক্ষপ্ (ক্ষেপ করা)+অন (র্ম্ম, জ্ঞা°) ঈ (স্ত্রীং)। নৌকা চালাইতে যাকে জলে ক্ষেপ করিতে হয়] বি. নৌকাদণ্ড; ক্ষেপণী, দাঁড়।

ক্ষপা [ক্ষপ্ (ক্ষেপণ করা)+অ (জ্ঞা°) আ (স্ত্রীং)] বি. রজনী। ২ হরিদ্রা। ~কর [ক্ষপা (রাত্রি) কর (যে করে)-উপ°; অর্থাৎ যার উদয় কালকে লোকে রাত্রি বলিয়া জানে] বি. নিশাপতি; চন্দ্র। ২ কর্পূর। ~চর-বি. নিশাচর। ~নাথ [ক্ষপার (রাত্রির) নাথ (প্রভু)-৬ তৎ] বি. (ক্ষপাকর দ্রঃ)।

ক্ষপিত [ক্ষপ্ + ণিচ্ = ক্ষপি + ত (র্ম্ম) যা ক্ষয় পাওয়ান হইয়াছে] বিণ. বিনষ্ট, কৃতধ্বংস; যা বিনাশ করা হইয়াছে। ২ দগ্ধ, ভস্মীকৃত। ৩ অতিবাহিত।

ক্ষম [ক্ষম্ (সহ্য করা)+অ (ভা°)] বি. উপযোগিতা; যোগ্যতা। ২ [র্তৃ] বিণ. সমর্থ; শক্ত। "যে রাজা দুষ্টপ্রকৃতিদিগকে নিগ্রহ করিতে ক্ষম।"-মনু° [দ্রঃ-এই অর্থে ক্ষমবান্ শব্দের ব্যবহার আছে। "আজি ক্ষমবান্ সহায় মিলিল।"-নলদময়ন্তী (গিরিশ)। বাং°য় 'সক্ষম' শব্দ প্র° চ°। তৎপূর্ব্বে 'ক্ষমযুক্ত' শব্দের ব্যবহার ছিল। "এখানে

ত্রিরাত্রি বাস করিতে কেহ ক্ষমযুক্ত হয় না।" -৺যদুনাথ সর্ব্বাধিকারীর দিনলিপি, ১২৬৯ সাল। ৩ কুশল ; নিপুণ। ৪ সহিষ্ণু। ৫ যোগ্য ; উপযুক্ত।

ক্ষমতা [ক্ষম+তা (ভা॰)] বি, শক্তি ; সামর্থ্য। ২ ধনবত্তা। ৩ উপযুক্ততা : যোগ্যতা ; উপযোগিতা। **~পন্ন** [ক্ষমতা-আপন্ন (প্রাপ্ত)-২য়া তৎ] বি, ক্ষমতাপ্রাপ্ত ; শক্তিশালী। ২ প্রতিপত্তিশালী। > স্ত্রীং **~পন্না**। **~বান্** [ক্ষমতা+বৎ (স্ত্য) মূ॰-ক্ষমতাবৎ ১মা ১ব॰] বিণ, ক্ষমতাশালী ; সমর্থ। ২ বলবান্ ; শক্তিশালী। > স্ত্রীং, **~বতী**। **~শালী** [ক্ষমতা+শালিন (স্ত্য), মূ॰-ক্ষমতা-শালিন ১মা ১ব॰] বিণ, শক্তি-বিশিষ্ট ; ক্ষমতাপন্ন ; বলবান্। ২ প্রতিপত্তি-শালী influential > স্ত্রীং **~শালিনী**। **~শীল**-বি, ক্ষমতাবান্।

ক্ষমা১ [ক্ষম্ (সহ্য করা) + অ (ভা॰) আ-(স্ত্রীং) অপকার সহ্য করা। প্রা॰ বাং ক্ষেমা (গ্রা॰-ক্ষ্যামা) "ক্ষেমা করু কাহ্নু মণে।" -শ্রী॰ কী॰] বি, সহিষ্ণুতা ; তিতিক্ষা। ২ শক্তি থাকিতে অপকারীর প্রত্যুপকার সহ্য করা ; মার্জ্জনা ; অপরাধীর প্রতি কোপ না করা। ৩ নিবৃত্তি ; শান্তি [সং-তে-পৃথিবী ("পীতগুণে চন্দ্র যেন ক্ষমাগুণে ক্ষ॰।"-মহা॰ (কাশী)। (২) রাত্রি, (৩) দুর্গা ই॰ অর্থের প্রয়োগ আছে। বাং-য় (বিরল)] **~করা**-ক্রি, অপরাধ মার্জ্জনা করা ; মাপ করা ; অন্যের দোষ উপেক্ষা করা। **~গুণ** [ক্ষমা এই গুণ (ম॰ প॰ লো॰ ধা)] বি, তিতিক্ষা ; সহিষ্ণুতা। **~দেওয়া**-ক্ষান্ত হওয়া ; নিরস্ত হওয়া। **~পর**, **~পরায়ণ** [ক্ষমা-পর (শ্রেষ্ঠ), -অয়ন (আশ্রয়) যার-ব২॰] বিণ, ক্ষমাশীল। **~প্রার্থনা** [ক্ষমা-প্রার্থনা (যাচ্ঞা)] বি, মাপ চাওয়া, অপরাধের দণ্ড হতে অব্যাহতি পাইবার প্রার্থনা। **~প্রার্থী** [ক্ষমার প্রার্থী (মূ॰-প্রার্থিন্ ১মা ১ব॰)-৬ তৎ] বিণ, যে ক্ষমা প্রার্থনা করে ; ক্ষমা প্রার্থনাকারী। > স্ত্রীং **~প্রার্থিনী**। **~বান্** [ক্ষমা+বৎ (স্ত্য), মূ॰-ক্ষমাবৎ ১মা ১ব॰, ক্ষমা যার আছে] বিণ, ।। > স্ত্রীং **~বতী**। **~শীল** [ক্ষমা-শীল (স্বভাব) যার-ব২॰] বিণ, ক্ষমাবান্ ; সহিষ্ণু। > স্ত্রীং **~া**।

ক্ষমা২ [ক্ষম্ (সহ্য করা) ধাতু >। উ॰ পু॰ -ক্ষমি। ম॰ পু॰-ক্ষম (প্রা॰ বাং অনুজ্ঞায় ক্ষমিহ-আধু॰ ক্ষমিও=ক্ষমা করিও), প্র॰ পু॰-ক্ষমে। অস-ক্রি, ক্ষমিতে, ক্ষমিয়া, ক্ষমি (পদ্যে)। ণিজন্ত-ক্ষমান] ক্রি, ক্ষমা করা। "পাষণ্ডী নিন্দুক আসি পড়িল চরণে ; অপরাধ ক্ষমি তারে দিল কৃষ্ণপ্রেমে।"-চৈ॰ চ॰।

ক্ষমানি [ক্ষমা (দ্রঃ) + আন (ক্রিয়ায়)। উ॰ পু॰-ক্ষমাই। ম॰ পু॰-ক্ষমাও। প্র॰ পু॰-ক্ষমায়। অস-ক্রি, ক্ষমাইতে, ক্ষমাইয়া] ক্রি, ক্ষমা করান। "গোপাল বিপ্রেব ক্ষমাইল শ্রীবাস অপরাধ।"-চৈ॰ চ॰।

ক্ষমিতা [ক্ষম্ (সহ্য করা) + তৃ (র্ত্তৃ) ই আগম। মূ॰-ক্ষমিতৃ ১মা ১ব॰] বিণ, যে সহ্য করিতে পারে ; সহনশীল। ২ ক্ষমাবান্ ; ক্ষমাশীল।

ক্ষমী [ক্ষম্ (সহ্য কবা) + ইন্ (র্ত্তৃ)। মূ॰-ক্ষমিন্ ১মা ১ব॰] বিণ, যে অন্যের দোষ সহ্য করিতে পারে ; ক্ষমাবান্।

ক্ষম্য [ক্ষম্ (সহ্য করা) + য (র্ম্ম)] বিণ, ক্ষমার্হ ; যে দোষ করিলেও সহ্য করিতে হইবে ; যাকে ক্ষমা করা কর্ত্তব্য ; ক্ষমার উপযুক্ত, ক্ষমাপাত্র। ২ উপেক্ষার যোগ্য।

ক্ষয়১ [ক্ষি (ক্ষয় হওয়া) + অ (ভা॰)। প্রা॰-বাং খএ (শ্রী॰ কী॰)] বি, নাশ ; ধ্বংস। ২ পরাজয়। "ধর্ম্মের জয় অধর্ম্মের ক্ষয়।" -প্রবাদ। ৩ অপচয় waste. ৪ ক্ষতি loss. ৫ হ্রাস। ৬ ক্রমে ক্রমে ক্ষীণ হওয়া। ৭ অন্ত ; অবসান। ৮ [ণে-অ] যদ্দ্বারা ক্ষীণ হয় ; ক্ষয়-রোগ ; ক্ষয়কাশ consumption. ৯ [ধি-অ (ক্ষয় হয় যে সময়ে)] প্রলয় ; কল্পান্ত। ১০ দ্বিসংক্রমণযুক্ত চান্দ্রমাস। ১১ কৃষ্ণপক্ষ। **~করা**-ক্রি নষ্ট করা। ২ হারাইয়া ফেলা। **~পাওয়া** (গ্রা॰-ক্ষ্যায় পাওয়া)-ক্রি, ক্রমে ক্রমে ক্ষীণ হইয়া মরা বা লোপ পাওয়া। **শরীর ক্ষয় করা**-দেহ পাত করা ; অত্যাচারে বা অতিরিক্ত শ্রমে বা দুর্ভাবনায় দেহ নষ্ট করা। **~কর**, **~কাশ**-বি, যে কাশের সহিত রক্ত উঠিতে উঠিতে দেহ ও আয়ু ক্ষয় হয় ; যক্ষ্মা কাশ। **~ঙ্কর** (-য়ঁ-) [ক্ষয়-কৃ (করা) + অ (র্ত্তৃ-ম্ আগম) যে বিপক্ষ-দিগকে ক্ষয় করে] বিণ, ক্ষয়কারক corrosive. ২ বিনাশ ; প্রলয়ঙ্কর। > স্ত্রীং **~ঙ্করী**। **~জনক**-বি, ক্ষয়কর দ্রঃ। **~তা** -বি, ক্ষতি ; হ্রাস। ২ বিণ, ক্ষয়প্রাপ্ত। ৩ ঘষা। প্র-ক্ষয়তা পয়সা। ৪ পাতলা। প্র-ক্ষয়তা চেহারা। ক্ষয়তা-ক্ষয়তা-বিণ, পাতলাটে ; ঘষা-ঘষা ; ঘৃষ্টপ্রায়। **~পক্ষ** [ক্ষয় (ক্ষয়-প্রাপ্ত) যে পক্ষ-ধা, কিংবা ক্ষয় (চন্দ্রকলার হ্রাস) হয় যে পক্ষে-ব২॰] বি, কৃষ্ণপক্ষ। **~মাস** [ক্ষয় (ক্ষয়প্রাপ্ত) যে মাস-ধা] বি, মলমাস। **~রোগ** [ক্ষয় (ক্ষীণকারক) যে রোগ (ব্যাধি) ধা] বি, যক্ষ্মারোগ phthysis ; consumption **~শীল** [ক্ষয় (ক্ষীণ হওয়া) শীল (স্বভাব) যার-ব২॰] বিণ, যা ক্রমশঃ ক্ষয়-প্রাপ্ত হয়।

ক্ষয়২ [ক্ষি (বাস করা) + অ (ধি)] বি, গৃহ ; বাসস্থান [প্র॰ অ॰]।

ক্ষয়া-বি।, ক্ষয়প্রাপ্ত, ক্ষয়ে যাওয়া। ২ ঘষা ; পাতলা।

ক্ষয়িত [ক্ষি + ণিচ্=ক্ষয়ি (ক্ষীণ হওয়ান) + ত (র্ম্ম)] বিণ, যা ক্ষয় পাওয়ান হইয়াছে, নাশিত। ২ হ্রাসপ্রাপ্ত ; হ্রাসিত। ৩ [ক্ষয় + ইত (যুক্তার্থে)-ক্ষয়প্রাপ্ত]।

ক্ষয়িষ্ণু [ক্ষয়-ইষ্ণু (র্ত্তৃ-শীলার্থে)] বিণ, ক্ষয়শীল ; বিনাশশীল perishable (রবীন্দ্র-নাথ প্রবর্ত্তিত)।

ক্ষয়ী [ক্ষয় + ইন্ (স্ত্য), মূ॰-ক্ষয়িন্ ১মা ১ব॰। যার ক্ষয় আছে] বিণ, ভঙ্গুর ; নশ্বর ;

ক্ষয্য [ক্ষি (ক্ষয় হওয়া) + য (র্ম্ম) যাকে ক্ষয় করিতে হইবে] বিণ, ক্ষয়ের উপযুক্ত ; বিনাশ্য ; বিনাশযোগ্য।

ক্ষর [ক্ষর্ (ক্ষরিত হওয়া-ফোঁটা ফোঁটা পড়া) + অ (ভা॰)] বি, চুয়ান ; ক্ষরণ ; গলন। ২ ছেদন। ৩ বিনাশ ; ক্ষয়। ৪ [অপা-অ, ক্ষরিত হয় যা হতে] মেঘ। ৫ [র্ত্তৃ-অ] যে ক্ষরিত হয় ; জল। ৬ [যার ক্ষয় হয়] বিণ, নশ্বর ; ভঙ্গুব (বিপরীত 'অক্ষর')।

ক্ষরণ [ক্ষর্ (ক্ষরিত হওয়া) + অন (ভা॰)] বি, বিন্দু বিন্দু করিয়া পতন ; চুয়ান। ২ নিঃসরণ। ৩ মদস্রবণ। ৪ [রসায়ন শা॰]

স্যন্দন exudation ৫ নিঃসৃত বস্তু। বিণ, ক্ষরিত।

ক্ষরিত [ক্ষর্ (ক্ষরিত হওয়া)+ত (র্ত্তৃ) ই আগম] বিণ, যা অল্প অল্প ধারা বাহিয়া পড়িতেছে বা পড়িয়াছে। ২ নিঃসৃত। ৩ চুয়াইয়া পতিত।

ক্ষরী-বিণ, ক্ষরণশীল।

ক্ষাত্র [ক্ষত্র+অ (সম্বন্ধার্থে)] বি, ক্ষত্রিয়ের কর্ম্ম ; ক্ষত্রিয়োচিত কার্য্য। প্র-ক্ষাত্র শক্তি। ২ বিণ, ক্ষত্রিয় সম্বন্ধীয় ; ক্ষত্রিয়-সংক্রান্ত। ৩ [ভা০-অ] ক্ষত্রিয়ত্ব।

ক্ষান্ত [ক্ষম্ (সহ্য করা)+ত (র্ত্তৃ)] বিণ, সহিষ্ণু। ২ সহনশীল ; ক্ষমাবান, যে ক্ষমা করে। ৩ নিরস্ত ; নিবৃত্ত ; বিরত ; পরিত্যক্ত। বি, ক্ষান্তি।

ক্ষান্তি [ক্ষম্ (সহ্য করা)+তি (ভা০) অ=আ] বি, তিতিক্ষা ; ক্ষমা। "শ্রান্তি ক্লান্তি ক্ষান্তি তুমি ভ্রান্তি সর্ব্বভূতে।"-ধ০। ২ বিরতি ; নিবৃত্তি। ৩ অপেক্ষা। বিণ, ক্ষান্ত।

ক্ষাম [ক্ষৈ (ক্ষীণ হওয়া)+ত (র্ত্তৃ) ত=ম] বিণ, দুর্ব্বল, বলহীন। ২ ক্ষীণ ; কৃশ। ৩ শুষ্ক ; রুক্ষ। বি, ক্ষামতা-ক্ষীণতা।

ক্ষার ["ভস্মকাচ বসাঃ ক্ষারাঃ।" -ত্রিকাণ্ড] বি, শুষ্ক লতা-পত্র-ভস্ম ; সাজিমাটি alkali ২ যবক্ষার, সোরা nitrate of potash ৩ লবণ ; ক্ষারী নুন। ৪ [ক্ষারজ বলিয়া] কাচ। ৫ ["ক্ষারঃ কাচে রসে গুড়ে।" -হে০] গুড় ; খাঁড়। ৬ সোহাগা। বিণ, ~রী। ~কর্ম্ম [সুশ্রুত] বি, কাষ্টিক প্রয়োগ application of caustic. ~জল -ক্ষার-মিশ্রিত জল ; লোণাজল। ~নদী-বি, যে নদীর জল ক্ষারযুক্ত। ২ [পু০] নরক-বিশেষে অবস্থিত ক্ষারের নদী। ৩ [বৌ০ সা০] বৈতরণী। "নরকের মহা-ঘোর ক্ষার নদী জলে।"-জাতক [দ্রঃ-তীক্ষ্ণক্ষার=caustic alkali মৃদু-ক্ষার=mild alkali বৃক্ষক্ষার=vegetable alkali -রাসা০ পরিঃ (সা০ প০ প০)। ~ভূমি [ক্ষারযুক্ত যে ভূমি-ধা] বি, যে ভূমিতে ক্ষার থাকে উষর প্রদেশ ; লোণাদেশ। ~মৃত্তিকা [ক্ষার (লবণযুক্ত) যে মৃত্তিকা-ধা] বি লোণা-মাটী, ক্ষারময় ভূমি। ২ সাজিমাটী। ~মেহ -বি, পিত্তজনিত মেহরোগবিঃ। ~সমুদ্র [ক্ষারের সমুদ্র-৬ তৎ] বি,লবণাম্বুরাশি ; লবণ-সমুদ্র।

ক্ষারক [ক্ষার+ক (র্ত্তৃ) বস্ত্র পরিষ্কার করিবার জন্য যে ক্ষার প্রস্তুত করে] বি,রজক ; ধোবা। ২ মাছ রাখিবার খালুই। ৩ মুকুল ; জালি ; কুঁড়ি। স্ত্রীং ক্ষারিকা।

ক্ষারাত্মক-বিণ, ক্ষারগুণ ; ক্ষারী alkaline পদার্থ alkaloid

ক্ষারাণী [ক্ষার-পাণি > ক্ষে০-ক্ষারাণী] বি, ক্ষার জল। ২ ছাই। (তুল-"মরে তো ক্ষা০" অর্থাৎ মরিলে ভস্মাবশেষ) -ভুটিয়া গান।

ক্ষারিক [ক্ষারক দ্রঃ] বি, রজকী।

ক্ষারিত [ক্ষর্+ণিচ্=ক্ষারি (গমন করান)+ত (র্ম্ম)] বিণ, স্রাবিত ; গলান। ২ প্রাপ্তাপরাধ ; দোষযুক্ত।

ক্ষারিয়া, ক্ষারী, ক্ষারীয় [ক্ষার +ইয়া, ঈ (বির্থে০)] বিণ, ক্ষারযুক্ত alkaline. ২ ক্ষার স্বাদযুক্ত। ৩ ক্ষার-সম্বন্ধীয়।

ক্ষারোদ [রাসা০ পরিঃ] বি, উপক্ষার alkaloid

ক্ষারোদক [ক্ষারযুক্ত উদক (জল) যার-বহু০] বি, যার জল লবণময় ; লবণ-সমুদ্র। ২ [ক্ষারযুক্ত যে উদক (জল) ধা] বি, লবণাক্ত জল ; লোণাজল।

ক্ষালন [ক্ষাল্ (ধৌত করণ)+অন (ভা০)] বি, ধৌতকরণ ; জলদ্বারা শোধন। ২ শোধন ; শুদ্ধি। ৩ দোষ কাটান। স্ত্রীং ~নী।

ক্ষালিত [ক্ষল্+ণিচ্=ক্ষালি (ধৌত করান)+ত (র্ম্ম)] বিণ, যা ধৌত করা হইয়াছে ; ধৌত ; পরিমার্জ্জিত। ২ শোধিত ; বিশুদ্ধীকৃত। ৩ দূরীকৃত, নিবাকৃত।

ক্ষিত [ক্ষি (ক্ষীণ হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, যা ক্ষয় করা হইয়াছে ; ক্ষয়প্রাপ্ত।

ক্ষিতি [ক্ষি (ক্ষয় পাওয়া, বাস করা) +তি (ধি) যথায় ক্ষয় পায় (মাটির দেহ মাটি হওয়ার ভাব ; তুল-" * * * returns to earth " Byron বা বাস করা হয় যেখানে)] বি, পৃথিবী। ২ বাস ; গৃহ। ৩ [ক্ষি (ক্ষয় হওয়া)+তি (ধি) সমস্ত ক্ষয়প্রাপ্ত হয় যে কালে] প্রলয়কাল [প্র০অ০] ৪ রোচনা নামক গন্ধদ্রব্য। ৫ [বেদ] ক্ষয়শীল প্রাকৃত বস্তু। ~ক্ষিৎ [ক্ষিতি (পৃথিবী) ক্ষি (ঐশ্বর্য্য পাওয়া)+ক্বিপ্ (র্ত্তৃ) পৃথিবীর ঐশ্বর্য্য যে প্রাপ্ত হয়] বি, ক্ষিতিপতি ; রাজা। ~জ [ক্ষিতিতে (পৃথিবীতে জ (যে জন্মে)] বিণ, ভূমিজাত ; ভূমি হতে উৎপন্ন। ২ বি, বৃক্ষবিঃ। ৩ মঙ্গলগ্রহ। ৪ ভৌম। ৫ নরকাসুর। ৬ [ভূগোলে] দিগন্ত horizon. ~রেখা -দিগন্ত রেখা horizontal line. ২ দিগ্বলয় চিহ্ন line of horizon. স্ত্রীং ~জা -সীতা। ~ধর, ~ভৃৎ [ক্ষিতি (পৃথিবী) ধর (ধৃ-ধারণ করা)+অ (র্ত্তৃ) ভৃৎ (ভৃ-ভরণ-ধারণ করা)+ ক্বিপ্ (র্ত্তৃ) ৎ-আগম পর্ব্বত সকল পৃথিবীকে ধারণ করিয়া আছে এই বিশ্বাসে পর্ব্বতের নাম ভূধর, ক্ষিতিধর ইং] বি, ভূধর ; পর্ব্বত। ২ অনন্ত ; বাসুকি। ৩ রাজা (প্রজাপালন করেন বলিয়া রাজা ক্ষিতিধর নাম পাইয়া-ছেন)। ~নাথ [ক্ষিতির নাথ (প্রভু) ৬ তৎ] বি, ক্ষিতিপতি ; ক্ষিতিপাল ; রাজা। ~প [ক্ষিতি (পৃথিবী) প (পালক) -পতি, যে পৃথিবী পালন করে] বি, পৃথিবীপতি ; ভূপ। ~রুহ [ক্ষিতি (ভূমি) রুহ (যে জন্মে) রুহ্ (জন্মান)+অ (র্ত্তৃ) যে ভূমিতে জন্মে-উপ০] বি, মহীরুহ ; বৃক্ষ ; গাছ।

ক্ষিতীশ [ক্ষিতির-ঈশ (ঈশ্বর)-৬ তৎ] বি, ক্ষিতীশ্বর ; ভূপাল ; ক্ষিতিপতি ; রাজা।

ক্ষিপ্ত [ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ত (র্ম্ম) যা ক্ষেপণ করা হইয়াছে] বিণ, নিক্ষিপ্ত ; প্রক্ষিপ্ত ; ত্যক্ত। ২ বিক্ষিপ্ত ; বিকীর্ণ ; বিস্তীর্ণ। ৩ চালিত ; প্রেরিত। ৪ [র্ত্তৃ] অত্যাসক্ত ; ৫ বায়ু রোগগ্রস্ত ; উন্মত্ত ; বাতুল ; ক্ষেপা ; যার বুদ্ধি বিচলিত হইয়াছে। স্ত্রীং ~া-উন্মাদিনী। ২ রাত্রি। ~নিবাস, ~াবাস [ক্ষিপ্তের (বাতুলের) নিবাস, আবাস (বাসস্থান)-৬ তৎ] বি, উন্মাদাশ্রম ; পাগলা গারদ lunatic assylum.

ক্ষিপ্যমাণ [ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ আন (র্ম্ম) য, ম্ আগম] বিণ, যা নিক্ষিপ্ত করা হইতেছে।

ক্ষিপ্র [ক্ষিপ্‌ (প্রেরণ করা) + র (র্ত্ত)] বিণ. দ্রুত, শীঘ্র, তূর্ণ, সত্বর। ২ [যা ক্ষিপ্র প্রস্তুত হয় বা যাতে সমস্ত প্রেরণ করা হয়] পেচরান্ন, খিচুড়ী। **~কর্ম্মণ**-বি. ত্বরা করা ; শীঘ্র প্রস্তুত করা বা হওয়া। **~কারিতা**-বি. সত্বরতা। **~কারী** [ক্ষিপ্র (শীঘ্র) কারী-কৃ (করা) + ইন্‌ (র্ত্ত), মূং-কারিন্‌ : ১মা-১বং। যে শীঘ্র কার্য্য করে] বিণ. দ্রুতহস্ত ; লঘুহস্ত, শীঘ্রকারী, যে শীঘ্র শীঘ্র কর্ম্ম সমাপন করে। বিপরীত-চিরকারী। ২ চতুর : চালাক। **~গতি** [ক্ষিপ্র (শীঘ্র) গতি (বেগ, গমন) যার-বহু০] বি. দ্রুতগামী ; বেগবান্‌। ২ অতি শীঘ্র। **~গামী**-বিণ. বেগবান্‌। > স্ত্রীং **~গামিনী**। **~বেগে**-ক্রি-বিণ. দ্রুতগতিতে। **~হস্ত** [ক্ষিপ্র (শীঘ্রকারী) হস্ত (কর) যার-বহু০] বিণ. লঘুহস্ত ; দ্রুত কার্য্যকারী ; কার্য্যকালে যার হাত শীঘ্র চলে : যে ব্যক্তি করকৌশল প্রদর্শন করে। **~হস্ততা**-বি. হস্তলাঘব।

ক্ষিরাণী [প্রাদেং শ্রীহট্ট] বি. গাভী দোহনের পাত্র, কেঁড়ে। গাই ক্ষিরাণী-গাভী দোহন।

ক্ষীণ [ক্ষি (ক্ষীণ হওয়া) + ত (র্ত্ত-ত=ণ)। বাং-প্রাকৃ০-খীন ; তার স্ত্রীলিঙ্গে 'খীনি' (বৈং প০ সা০) "খীনি ধনি।"-বিং প০] বিণ. যে ক্ষয়প্রাপ্ত হইয়াছে ; সূক্ষ্ম। ২ জীর্ণ ; শীর্ণ ; কৃশ। ৩ শুষ্ক [বিরল] স্ত্রীং ~া। বি. ক্ষীণতা। **~কণ্ঠ**-বি. বিণ. যার কণ্ঠ ক্ষীণ ; দুর্ব্বলতাজনিত মৃদুস্বর। **~কায়**-বিণ. কৃশ। ২ জীর্ণ দেহ। **~চন্দ্র**-বি. কৃষ্ণপক্ষীয় বা ক্ষয়প্রাপ্ত চন্দ্র। **~জীবী** [ক্ষীণ-জীব্‌ (বাঁচা) + ইন্‌ (র্ত্ত), মূং-ক্ষীণ-জীবিন্‌ ১মা ১বং] বিণ. ক্ষুদ্রজীবন ; অল্পপ্রাণ ; যাঁর প্রাণ অনায়াসে বিনষ্ট হতে পারে। **~তম**-বিণ. অত্যন্ত বা সর্ব্বাপেক্ষা ক্ষীণ। **~তর**-বিণ. উভয়ের মধ্যে অধিকক্ষীণ। **~তা** (-ণ্‌-) [ক্ষীণ + তা (ভা০)] বি. দুর্ব্বলতা ; দৌর্ব্বল্য ; কৃশতা। ২ সূক্ষ্মতা। বিণ. ক্ষীণ। **~দৃষ্টি**-বিণ. অল্পদৃষ্টি shortsight **~প্রকৃতি**-বি. মৃদুস্বভাব। **~বল** [ক্ষীণ (ক্ষয়প্রাপ্ত) হইয়াছে বল (বীর্য্য) যার-বহু০] বিণ. বলহীন ; শক্তিহীন ; হীনবীর্য্য ; যার বল বা শক্তি ক্ষয়প্রাপ্ত হইয়াছে। **~বুদ্ধি, মতি**-বিণ. অল্পবুদ্ধি নির্ব্বোধ : স্থূলবুদ্ধি। **~শক্তি** [ক্ষীণ-শক্তি, যার] বিণ. বলহীন : শক্তিশূন্য ; দুর্ব্বল। **~শ্বাস**-বি. বিণ. যার শ্বাস ক্ষীণ হইয়া আসিয়াছে ; মুমূর্ষু। **~হৃদয়**-বি. বিণ. অল্পপ্রাণ।

ক্ষীণালোক [ক্ষীণ + আলোক] বি. মৃদু বা অস্পষ্ট আলোক।

ক্ষীয়মাণ [ক্ষি (ক্ষয় হওয়া) + আন (র্ম্ম) যক্‌ আগম] বিণ. যা ক্ষয় হইতেছে। ২ [অর্থ শা০] যার মূল্য হ্রাস করান বা দর কমান হইয়াছে এমন ; মূল্যাপকর্ষিত depreciated (নরেন্দ্র রায়)।

ক্ষীর ["ক্ষীরং দুগ্ধে জলে।"-মেং। ঘস্‌ (ভোজন করা) + ঈর (র্ম্ম)-নিপাতনে ঘস্‌=ক্ষ্‌ + ঈর। বাং প্রাকৃ০ খীর (বৈং পং সা০)] বি. দুগ্ধ। প্র-নীর ত্যাগী ক্ষীরগ্রাহী হংস। ২ চিনির সহিত পাক করা ঘন দুগ্ধ। প্র-দই ক্ষীর। ৩ নির্য্যাস : বৃক্ষাদির দুগ্ধবৎ রস বা আটা। ৪। জল। **~কণ্ঠ** [ক্ষীর (দুগ্ধ) রহিয়াছে কণ্ঠে (গলায়) যার-বহু০] বি. মাতৃস্তন্যপায়ী শিশু : দুধের ছেলে : কচি ছেলে, নিয়ত দুধপান হেতু যার গলা টিপিলে দুধ বাহির হয়। **~খণ্ড** [প্রা০ বৈং সা০। প্রা০-বাং-য় প্র০ চ০] বি. ক্ষীরঘটিত মিষ্টান্নবিঃ। **~খেলাই** [প্রাদেং রাজসাহী] বি. (মুসলমানদের মধ্যে) নবান্ন-উৎসব। **~জ** [ক্ষীর (দুগ্ধ) > জ (যে জন্মে)-জন্‌ (জন্মান) + অ (র্ত্ত)] বি. দুগ্ধবিকার : দধি। ২ বিণ. ক্ষীরোৎপন্ন বস্তু : যে সকল দ্রব্য ক্ষীর হতে উৎপন্ন হয়। **~ঘৃত** [জল + দুধ] বি. ক্ষীর জল [চক্রদত্ত মতে ক্ষীরোদক ইহার পরিবর্ত্ত] ঘৃত (milk & clarified butter). ২ মাংসোদক।

ক্ষীর/ণী [হিং-খিন্নী] বি. দেশী খেঁজুর অপেক্ষা ছোট ফল বকুলাদিবর্গের তরু : খিন্নী, খিরিনি (চৈং চ০)। mimusops hexandra **~দল** [ক্ষীর (দুগ্ধের মত দ্রব্য) রহিয়াছে দলে (পত্রে) যার-বহু০] বি. যার পাতা ভাঙ্গিলে দুগ্ধের মত তরল পদার্থ নির্গত হয় : আকন্দ গাছ, মনসাসিজ ইং। **~দ্রুম** [ক্ষীরযুক্ত যে দ্রুম (বৃক্ষ) ধা] বি. ক্ষীরপ্রধানবৃক্ষ : অশ্বত্থবৃক্ষ। **~ধেনু** [ক্ষীরনির্ম্মিত যে ধেনু-ধা] বি. ব্রাহ্মণকে দানের জন্য ক্ষীরনির্ম্মিত ধেনু। **~নীর** [ক্ষীর (দুগ্ধ) নীর (জল) দুগ্ধ এবং জল-মিশ্রিতের ন্যায়] বি. জল ও দুগ্ধের মিলন যেরূপ অভিন্ন তদ্রূপ মিলন। ২ আলিঙ্গন। **~প** (-র্‌-) [ক্ষীর (দুগ্ধ)-পা (পান করা) + অ (র্ত্ত), যে ক্ষীর পান করে] বি. স্তন্যপায়ী বালক দুগ্ধপায়ী শিশু। > স্ত্রীং ~া। **~পলাণ্ডু** [ক্ষীর (ক্ষীরের মত সাদা) যে পলাণ্ডু-ধা] বি. শ্বেতপলাণ্ডু : সাদা পেঁয়াজ। **~পুলি** [পুলি দ্রঃ] বি. ক্ষীরের পুর দেওয়া পুলিপিঠা। **~মোহিন**-বি ক্ষীরের পুর দেওয়া উপরে মিছরির বুকনি দেওয়া রসগোল্লা। কবিকঙ্কণে ক্ষীরমোননা। "ক্ষীরমোননা ক্ষীরপুলি, নানা পিঠা রান্ধে অবশেষে।" **~শর,-সর** [ক্ষীরের (দুগ্ধের) শর (যা উপরে থাকে)] বি. দধি বা অম্লমিশ্রিত দুগ্ধের সারভাগ ছানা। **~শর্করা**-বি. দুগ্ধের ছানা হতে প্রাপ্ত দানাময় শর্করাবিঃ ; দুগ্ধ হতে ছানা প্রস্তুত করিয়া লইলে যে তক্র (ঘোল) পড়িয়া থাকে, তাহাকে গাঢ় করিয়া তাহাতে একখণ্ড কাষ্ঠ বা রজ্জু ফেলিয়া রাখিলে তদুপরি শর্করার ন্যায় যে দানা পড়ে তার নাম ক্ষীরশর্করা। **~সমুদ্র,-সাগর**-বি. ক্ষীরোদ (দ্রঃ)। **সর**-বি. দুধের সর। **~সর্পিঃ** [ক্ষীর দ্বারা পক্ব যে সর্পিঃ (ঘৃত) ধা] বি. ঘৃতপক্ব ক্ষীর। ২ [ক্ষীর এবং সর্পিঃ-দ্বন্দ্ব] দুগ্ধ এবং ঘৃত। **~সা,-শা** [প্রাদেং। রাজপুতানা ও উৎকলে প্রসিদ্ধ] বি. ক্ষীরঘটিত মিষ্টান্ন : (রাজপুতানায়) মোচার আকৃতি ক্ষীরের মিঠাই। **~সার** [ক্ষীরের (দুগ্ধের) সার (সারাংশ)-৬ তৎ] বি. নবনীত : ননী। ২ ছানা। **~স্বামী**-বি. অমরকোষের টীকাকার।

ক্ষীরা [সং-ক্ষীরিকা] বি. ফলবিঃ ; শসা। ~ই-ক্ষীরী দ্রঃ।

ক্ষীরাব্ধি [ক্ষীরের (দুগ্ধের) অব্ধি (সমুদ্র)-৬ তৎ] বি. ক্ষীরসাগর। **~জ** [ক্ষীরাব্ধি (ক্ষীর-সমুদ্র) হতে জ (যে জন্মিয়াছে ; র্ত্ত-ড প্রত্যয়ান্ত জন্‌ ধাতুজ)

-উপ০] বি, চন্দ্র। ২ মুক্তা। > স্ত্রীং ~া-লক্ষ্মী। ~তনয়া ["ক্ষীরাব্ধিতনয়া রমা।" -অমর০। ক্ষীরাব্ধির (ক্ষীর সমুদ্রের) তনয়া (কন্যা)-৬ তৎ] বি, লক্ষ্মী। ক্ষীরিকা-বি, শসা ফল ; ক্ষীরা।

ক্ষীরী [ক্ষীব (ক্ষীরের মত রস) + ইন্ (স্ত্য), মু০-ক্ষীরিন্ : মা :ব০] বি, বট, অশ্বথ, ডুমুর, আকন্দ ইং বৃক্ষ ; যাদের মধ্যে দুগ্ধবৎ রস আছে। ২ ক্ষীরাই শাক euphorbia pilulifera স্ত্রীং ক্ষীরিণী-দুগ্ধবতী গাভী।

ক্ষীরেয়ী [ক্ষীর + ঈয় (সম্বন্ধার্থে) ঈ-(স্ত্রীং) বি, দুগ্ধপক্ক অন্ন : পায়স , পরমান্ন।

ক্ষীরোদ, ক্ষীরোদক [ক্ষীর (দুগ্ধ) হইয়াছে, উদ, উদক (জল) যার-বহু০। ক্ষীরাব্ধি, ক্ষীরসমুদ্র,-সাগর। ক্ষীরাব্ধি, ক্ষীরোদধি ও০-যে সমুদ্রে বিষ্ণু অনন্তশয্যায় শয়ান-পু০] বি, ক্ষীরসমুদ্র [দ্রঃ-পুরুষের নাম. স্ত্রীং ক্ষীরোদা। প্র-ক্ষীরোদ-চন্দ্র, ক্ষীরোদাসুন্দরী] ক্ষীরোদক-বাস -ক্ষীরসাগরে যাঁর বাস ; নারায়ণ। "পারিজাত মালা দিল ক্ষীরোদক-বাস। বিদায় হয় আইল কৈলাস॥"-কবিক০। ~তনয়া [ক্ষীরোদের (ক্ষীরসমুদ্রের) তনয়া (কন্যা) ৬ তৎ] বি, রমা ; লক্ষ্মী।

ক্ষীরোদধি [ক্ষীর + উদধি] বি, ক্ষীরোদ (দ্রঃ)।

ক্ষুঁয়া [ক্ষুমা, খুঞা দ্রঃ] বি, রেশম ; পাট। ২ রেশমী কাপড় ; পাটের কাপড়। ~জাল [ক্ষুমা দ্রঃ] বি, ছোট মাছ ধরিবার জালবিঃ : ইহা সূক্ষ্ম সুতার জাল। ~তাঁতি [ক্ষুঁয়া-ক্ষুমা (পাট, শণ) তাঁতি (তন্তুবায়) যে তাঁতি মোটা সূতার কাপড় বুনে] বি, চট ইং মোটা সূতার কাপড় বোনা তাঁতি। "অযোগ্য হইয়া কেন বাড়াও উৎপাত। ক্ষুঁয়াতাঁতি হয়ে-দেও তসরেতে হাত॥"-ভারত০।

ক্ষুণি, ক্ষুণী [ক্ষু (শব্দ করা) + ণি, ণী (খি-জ্ঞা০) যেখানে অবস্থান করিয়া প্রাণিগণ শব্দ করে] বি, ক্ষৌণী : পৃথিবী [প্রা০ অ০ ২ ক্ষুনী দ্রঃ।

ক্ষুণ্ণ [ক্ষুদ্ (চূর্ণ করা) + ত (ক্ত) ত=ন] বিণ, যা চূর্ণ করা হইয়াছে ; চূর্ণীকৃত ; যা গুঁড়ান হইয়াছে। ২ মনোভঙ্গ ; হতাশ। ৩ আঘাতপ্রাপ্ত ; আহত। ৪ ক্ষুব্ধ ; দুঃখিত। ৫ [গ০] গুণিত।

ক্ষুৎ [ক্ষু (হাঁচি দেওয়া) + ক্বিপ্ (ভা০) ৎ আগম] বি, হাঁচি [অপ্র০] ২ ক্ষুধ্ (ক্ষুধা) সন্ধিস্থলে ক্ষুৎ। প্র-ক্ষুৎ পিপাসা। ~ক্ষাম [ক্ষুধ্ (ক্ষুধা দ্বারা) ক্ষাম (ক্ষীণ)-৩ তৎ] বিণ, ক্ষুধায় ক্ষীণ ; ক্ষুধায় কাতর। ~ক্ষামকণ্ঠ [ক্ষুধা দ্বারা ক্ষাম (শুষ্ক) হইয়াছে কণ্ঠ যার -বহু০] বিণ, যার ক্ষুধায় কণ্ঠ শুকাইয়াছে ; ক্ষুধার জন্য কণ্ঠদেশ শুষ্ক হইয়াছে। ~পিপাসা [ক্ষুধ্ (ক্ষুধা) এবং পিপাসা (তৃষ্ণা)-দ্বন্দ্ব০] বি, ক্ষুধা ও তৃষ্ণা। ~পিপাসাতুর, ~পিপাসাপীড়িত, ~পিপাসিত [ক্ষুৎপিপাসা দ্বারা আতুর] বিণ, ক্ষুধা-তৃষ্ণায় আর্ত্ত। ~পীড়িত-বিণ, ক্ষুধার্ত্ত।

ক্ষুদ্বোধ-বি, ক্ষুধার উদ্রেক ; ক্ষুধার অনুভূতি।

ক্ষুদ [ক্ষুদ্র শব্দের কো০] বি, তণ্ডুলকণা। ২ সামান্য বা ছোট ; অকিঞ্চিৎকর। প্র-ক্ষুদের কথা। বিণ, ক্ষুদিয়া, ক্ষুদে [দ্রঃ-বাং-য়-পুরুষের নাম ক্ষুদো : ক্ষুদে। স্ত্রীং ~ী]।

ক্ষুদি, ক্ষুদিয়া [ক্ষুদ্র >, গ্রা০-খুদে] বিণ, ক্ষুদ্র ; ছোট। প্র-ক্ষুদি পিঁপড়ে ; ক্ষুদি জাম।

ক্ষুদ্র [ক্ষুদ্ (চূর্ণ করা) + র (র্তৃ-জ্ঞা০)] বিণ, ক্ষুদ্রাকৃতি ; অল্পকায় ; ছোট ; হ্রস্ব ; খর্ব্ব। ২ অনুদার। প্র-ক্ষুদ্রপ্রাণ। ৩ অধম ; নিকৃষ্ট ; নীচ। প্র-ক্ষুদ্র আশয়। ৪ কৃপণ। ৫ যশঃ, প্রভুত্ব, ঐশ্বর্য্যহীন ; সামান্য। প্র-ক্ষুদ্র ব্যক্তি। ৬ অল্প। প্র-শীতের ক্ষুদ্র বেলা। ৭ অল্প পরিসর ; অপ্রশস্ত। প্র-ক্ষুদ্রস্থান। ৮ শূদ্র (দ্রঃ)। "চন্দ্রনাম মোর হই ক্ষুদ্র জাতি। ভরদ্বাজ গোত্র গন্ধবণিক্য পদ্ধতি।"-পদ্মা পু০ (বংশী)। স্ত্রীং~া-নটী ; বেশ্যা। ২ মধুমক্ষিকা। ৩ [আয়ু০] রক্তপুনর্নবা ; কণ্টকারী ; ডহু ; তণ্ডুলকণা। ৪ নৌ দ্রঃ। ~ক [ক্ষুদ্র + ক (জ্ঞা০)] বি, অস্ত্রবিঃ। ২ অধুনা পঞ্জাবের অন্তর্গত প্রাচীন দেশবিঃ। ৩ তোলা পরিমাণ। ~কম্বু [ক্ষুদ্র যে কম্বু,-ধা] বি, শম্বুক ; শামুক। ~কায়,-য়া [ক্ষুদ্র-কায়, কায়া (শরীর) যার-বহু০)] বিণ, ক্ষুদ্র দেহ-বিশিষ্ট ; খর্ব্বদেহ। ২ বি, ক্ষুদ্রদেহ। ~ঘণ্টিকা [ক্ষুদ্র (ছোট) যে ঘণ্টিকা-ধা। "কিঙ্কিণী ক্ষু০ ঘণ্টিকা।"-অমর০] বি, কিঙ্কিণী ; ঘুঙুর। ~জীরক-বি, সা-জীরে। ~চন্দন-বি, রক্তচন্দন। ~চেতা-বিণ, নীচমনা। ~তম-বিণ, সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র ; সর্ব্বাল্প (সংখ্যা, পরিমাণ ইং) minimu(s)m. ~তর-বিণ, দুইয়ের মধ্যে অধিক ক্ষুদ্র। ~তা, ~ত্ব-বি, ক্ষুদ্রের ভাব (সকল অর্থে)। ~নাসিক, -কা [ক্ষুদ্র (ছোট) নাসিকা (নাক) যার-বহু০] বিণ, অনুন্নত নাসিকাবিশিষ্ট ; খাঁদা। ~পাটলা-বি, ঘণ্টাপারুল। ~প্রাণ [ক্ষুদ্র (অল্প) হইয়াছে প্রাণ যার-বহু০] বিণ, অল্পপ্রাণ ; যার প্রাণ অল্প ; যে অনায়াসে মারা পড়ে। ২ যার সামর্থ্য বা ক্ষমতা অল্প। ৩ কৃপণ ; অদাতা। ৪ পরশ্রীকাতর। ~বজ্রক-বি, বৈক্রান্তমণি। ~বৃহৎ [ক্ষুদ্র ও বৃহৎ-দ্বন্দ্ব০] বিণ, ক্ষুদ্র এবং বৃহৎ ; ক্ষুদ্র হতে বৃহৎ পর্য্যন্ত সকল শ্রেণী ; ছোটবড়। ~সুবর্ণ [ক্ষুদ্র (অল্প) যে সুবর্ণ (স্বর্ণ)-ধা। সুবর্ণের মত কথঞ্চিৎ উজ্জ্বলবর্ণ বলিয়া ইহার নাম ক্ষুদ্র সুবর্ণ] বি, পিত্তল।

ক্ষুদ্রা-বি, ক্ষুদ্র দ্রঃ। ২ নৌ দ্রঃ।

ক্ষুদ্রাক্ষ [ক্ষুদ্র (ছোট) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যার-বহু০। অক্ষি=অক্ষ] বিণ, ক্ষুদ্র-চক্ষুঃ ; যার চক্ষু ছোট। ২ বি, হস্তী।

ক্ষুদ্রামলক [ক্ষুদ্র (ছোট) যে আমলক (আমলকী ফল)-ধা] বি, কাঠআমলা।

ক্ষুদ্রাম্লিকা-বি, শুষুনি শাকের মত চারপাতা শাক ; আমরুল-বিঃ oxalis corniculata.

ক্ষুদ্রায়তন [ক্ষুদ্র + আয়তন] বি, বিণ, হ্রস্বাকৃতি ; অল্পবিস্তার বা বিস্তৃত।

ক্ষুদ্রাশয় [ক্ষুদ্র (অল্প) হইয়াছে আশয় (অভিলাষ বা মন) যার-বহু০] বিণ, অল্পাশয় ; নীচাশয় ; নীচপ্রবৃত্তি ; ক্ষুদ্রান্তঃকরণ। স্ত্রীং ~া। বি, ক্ষুদ্রাশয়তা। ~তা (-য়) [ক্ষুদ্রাশয় + তা (ভা০)] বি, নীচপ্রকৃতি, ক্ষুদ্রস্বভাবতা ; লঘুচরিত্র।

ক্ষুদ্রিকা [সুশ্রুত] বি. হিক্কা. [ইহা হৃদয়, ক্লোম, কণ্ঠাদিস্থান হতে উত্থিত হয়-দলন, পয়াদান]।

ক্ষুদ্রৈলা-বি. ছোট এলাচ elettaria cardamomum

ক্ষুদ্বোধ [ক্ষুধ্ (ক্ষুধার) বোধ (জ্ঞান) ৬তৎ] বি, ক্ষুধাবোধ : ক্ষুধাজ্ঞান . ক্ষুধা পাওয়া।

ক্ষুধ্ [ক্ষুধ্ (ভোজনের ইচ্ছা) + ক্বিপ্ (ভা০)] বি, ভোজনের ইচ্ছা : ক্ষুধা। ২ লালসা। বাং-য় অন্য শব্দযোগে ব্যবহার হয়।

ক্ষুধা [ক্ষুধ্ (দ্রঃ) + আ (স্ত্রীং)] বি, ভোজনের ইচ্ছা ; খাইবার প্রবৃত্তি। ২ ইচ্ছা ; লালসা। প্র-প্রেমক্ষুধা। বিণ, ক্ষুধিত। **~কর, ~র্জনক**-বিণ, খাইবার প্রবৃত্তিবর্দ্ধক। **দুষ্ট ক্ষুধা**-রোগজনিত বা রোগের নিদানস্বরূপ ক্ষুধা। **দৃষ্টি ক্ষুধা**-ক্ষুধা না থাকিলেও খাদ্যদ্রব্য দেখিলেই খাইবার ইচ্ছা। **~তুর**-বিণ, ক্ষুধার্ত্ত। > স্ত্রীং ~া। **~তৃষ্ণা**-বি, ক্ষুৎপিপাসা। **~নিবৃত্তি**-বি, তৃপ্তিপূর্ব্বক আহার ; ক্ষুধার শান্তি। **~ন্বিত**-বিণ, ক্ষুধিত। **~মান্দ্য**-বি, আহারে অনিচ্ছা ; ক্ষুধার হ্রাস। **~ভিজর্নন** [ক্ষুধার অভিজনন (উৎপাদক)-৬তৎ] বিণ, ক্ষুধার উদ্রেককারী ; অগ্নিবর্দ্ধক। **~র্ত্ত** [ক্ষুধা-দ্বারা ঋত=আর্ত্ত (পীড়িত)-৩তৎ] বিণ, ক্ষুধার্ত্ত ; ক্ষুধায় কাতর ; যার অতিশয় ক্ষুধা হইয়াছে ; ক্ষুধাতুর ; ক্ষুধিত। > স্ত্রীং ~া। **~ব্যাঘ্র**-যে ব্যাঘ্র ক্ষুধায় কাতর হইয়া খাই খাই করে। [লক্ষণা >] অতি ভয়ঙ্কর বা ভীষণ। **~শান্তি**-বি, আহার দ্বারা খাইবার ইচ্ছা-নিবৃত্তি। **~সন্ধুক্ষার**-বি, আহারেচ্ছার উদ্রেক।

ক্ষুধিত [ক্ষুধ্ (ভোজনের ইচ্ছা) + ত (র্ত্ত) যার ভোজনের ইচ্ছা হইয়াছে] বিণ, ক্ষুধাতুর ; বুভুক্ষিত ; ক্ষুধান্বিত। বি, ক্ষুধা। স্ত্রীং ~া-ক্ষুধায় কাতরা। **~ব্যাঘ্র**-ক্ষুধার্ত্ত ব্যাঘ্র দ্রঃ।

ক্ষুন্নিবারণ, ক্ষুন্নিবৃত্তি [ক্ষুৎ (ক্ষুধার) নিবারণ, নিবৃত্তি (উপশম)-৬তৎ] বি, ক্ষুধার শান্তি ; ক্ষুধার উপশম ; ভোজনেচ্ছার বিরতি। বিণ ক্ষুন্নিবৃত্ত।

ক্ষুপ [ক্ষু (শব্দ করা) + প (ধি-জ্ঞা০ পক্) যার শাখায় বসিয়া পক্ষিগণ শব্দ করে] বি, অনুচ্চ বহুশাখাযুক্ত ঝাড়বিশিষ্ট গাছ ; গুল্ম underShrub ২ গুজরাটস্থ প্রসিদ্ধ পর্ব্বত। ৩ সত্যভামার গর্ভজ শ্রীকৃষ্ণের ওরস-পুত্র। ৪ রাজা ইক্ষ্বাকুর পিতা।

ক্ষুব্ধ [ক্ষুভ্ (চঞ্চল হওয়া, কাতর হওয়া) + (র্ত্ত) যে চাঞ্চল্য প্রাপ্ত হয়, ত=ট] বিণ, বিচলিত ; চঞ্চলতা-প্রাপ্ত। ২ ক্ষুণ্ণ ; ক্ষোভ-প্রাপ্ত। ৩ দুঃখিত ; কাতর ; ব্যাকুল। ৪ ভীত ; ত্রস্ত [বিরল] ৫ বি, মন্থনদণ্ড। বি, ক্ষোভ। স্ত্রীং ~া।

ক্ষুভিত [ক্ষুভ্ (চঞ্চল ও কাতর হওয়া) + ত (র্ত্ত) ই-আগম, (যে চঞ্চল বা কাতর হয়)] বিণ, বিচলিত ; সঞ্চালিত। ২ আলোড়িত ; মথিত। ৩ ব্যাকুল।

ক্ষুমা [ক্ষুঁয়া ও০। ক্ষুম্রা দ্রঃ। ক্ষু (হাঁচা) + ম(জ্ঞা০-আ)। যার সূক্ষ্ম তন্তু বাতাসে উড়িতে থাকে ও নাসিকায় প্রবেশ করিয়া হাঁচির উদ্রেক করে। (২) ক্ষুমাংতসীনীলিকয়োঃ।-মে০, বিশ্ব০-'ক্ষুমা স্যান্নীলিকাং-তসী।"-হে০] বি, রেশম। ২ পাট। ৩ শণ। ৪ তিসি, মসিনা। ৫ [বৈদ্যক] অতসী-বৃক্ষ। (২) নীলগাছ। বিণ, ক্ষৌম।

ক্ষুর [খুর ও০। ক্ষুর্ (ছেদন করা) + র (পে-জ্ঞা০ রক্) যদ্দ্বারা ছেদন করা যায়। প্রাকৃ০-খুর] বি, কেশমুণ্ডনের অস্ত্র ; ক্ষৌর-কারাস্ত্র। ২ ক্ষুরনামক তীক্ষ্ণধার সদ্যঃপ্রাণ-হারক অস্ত্রবিঃ ; ক্ষুরাস্ত্র [দ্রঃ-ইহা হতে ক্ষুদ্রাকার-ক্ষুরী, প্রাকৃ০-ছুরী ; তা হতে ক্ষুদ্র, ক্ষুরিক, প্রাকৃ০-ছুরিকা] ৩ গবাদি জন্তুর অস্থিময় পদতল। ৪ পালঙ্ক খাট ই০-র পায়ার শেষ ভাগ। স্ত্রীং ~ী। **~কর্ম্ম** [ক্ষুর দ্বারা কর্ম্ম-৩তৎ] বি, ক্ষৌর ; মুণ্ডন। **~চক্র** [বৌ০ সা০] বি, ক্ষুরের ন্যায় তীক্ষ্ণধার চক্র। "এক পাপী মস্তকে ক্ষুর বহন করিয়া নরক যন্ত্রণা ভোগ করিতেছে।"-জাতক। **~ধান, ~ধানী**-নাপিত ভাণ্ড। **~ধার**-তীক্ষ্ণধার। **~পত্র**-বি, শর। **~পত্রিকা**-বি, পালঙ্গশাক। **~পা, খুরপো**-বি, ক্ষুরপ্র।

ক্ষুরপ্র [ক্ষুর (অস্ত্র) + প্র(জ্ঞা০)] বি, অর্দ্ধ-চন্দ্রাকৃতি প্রাণহারক অস্ত্র। ২ তৃণাদি ছেদনের অস্ত্র : খুরপা।

ক্ষুরা [ক্ষুর দ্রঃ। গ্রা০-উচ্চারণে আ যোগ, যোগ, রূপান্তর-খুরা, উচ্চারণে-ভেদে খুরো। প্র-খাটের খুরো] বি, পদ ; পায়া। **~বসান**-বাসন বা কাষ্ঠাসনাদি ব্যবহার জন্য ঘর্ষণে ক্ষয়প্রাপ্ত না হয় তজ্জন্য তাদের তলায় ধাতু বা কাষ্ঠখণ্ড সংযুক্ত করা। **ক্ষুরা দেওয়া**-বিণ, ক্ষুরা বসান। প্র-ক্ষুরা দেওয়া বাটি।

ক্ষুরী [ক্ষুরী + ইন্ (স্ত্য)=ক্ষুরিন্ ১মা ১ব০] বি, ক্ষৌরকার। স্ত্রীং, ক্ষুরিণী। ২ ক্ষুরযুক্ত পশু।

ক্ষুল্ল [ক্ষুদ্ (চূর্ণ করা) + ক্বিপ্, র্ত্ত=ক্ষুৎ (ধুলা গুঁড়া) লা (গ্রহণ করা)-অ (র্ত্ত-জ্ঞা০)] বিণ, ক্ষুদ্র ; অল্প ; লঘু [বিরল] ২ কনিষ্ঠ। প্র-ক্ষুল্লতাত। স্ত্রীং ~া। **~ক**-বি, ক্ষুদ্র। > স্ত্রীং ~া। ২ দরিদ্র। ৩ দুষ্ট। ৪ দুঃখিত। **~তাত** [ক্ষুল্ল (কনিষ্ঠ) যে তাত (পিতা. এখানে পিতৃব্য) ধা] বি, পিতার কনিষ্ঠ-ভ্রাতা . খুড়া . কাকা।

ক্ষেণ-ক্ষণ দ্রঃ।

ক্ষেত-ক্ষেত্র দ্রঃ। **~খোলা**-বি. ক্ষেত্র এবং খামার। **~খামার** ও০। ২ চাষবাস (খোলা এখানে ক্ষেত সংক্রান্ত অন্যান্য বিষয় ব্যাপার বোধক)। **~পাপড়া** [সং-ক্ষেত্রপপটী। ধান্যক্ষেত্রে অধিক জন্মে বলিয়া] বি, ক্ষুদ্র ভেষজবিঃ oldenlandia corymbosa

ক্ষেতি-বি. ক্ষেত্রকর্ম্ম . চাষ-আবাদ। ২ জায়গীর (কবিক০)।

ক্ষেত্র [ক্ষি (বাস করা) + ত্র (ধি, জ্ঞা০) যাতে বাস করা যায়] বি, ভূমিখণ্ড ; মৃত্তিকা-খণ্ড field. ২ শস্যের আবাস . মাঠ ; ময়দান। ৩ স্থান ; স্থল। প্র-যুদ্ধক্ষেত্র . কর্ম্ম-ক্ষেত্র। ৪ সিদ্ধভূমি। প্র-কুরুক্ষেত্র। ৫ তীর্থস্থান। প্র-জগন্নাথক্ষেত্র। ৬ সভা . সমিতি ; বৈঠক। ৭ [গ০] রেখাদ্বারা সীমা-বদ্ধ, ত্রিভুজ, চতুর্ভুজ, অষ্টভুজাদি স্থান figure. ৮ [দর্শনে] দেহ (২) মন। (৩) ইন্দ্রিয়। ৯ স্ত্রী ; পত্নী ; ভার্য্যা। ১০ অবস্থা। প্র-কোন ক্ষেত্রে কি কথা বলিতে হইবে তা জানা উচিত। **~কর্ম্ম**-বি, চাষ আবাদ।

~জ্ঞ [ক্ষেত্রে-জ (জাত) ড প্রত্যয়ান্ত জন ধাতুজ)] বিণ, যে ক্ষেত্রে জন্মে : ক্ষেত্রোৎপন্ন। ২ [স্মৃতি০] বি, আপনার স্ত্রীতে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত পুত্র। > স্ত্রীং, ~জা-অন্য পুরুষোৎপাদিতা কন্যা। ~জ্ঞ [ক্ষেত্র (শরীর ই০) জ্ঞ (যে জানে) জ্ঞা (জানা) +অ (র্ত্তৃ, জ্ঞা০) যে শরীরের বিশেষ বিবরণ জানে] বি, পরমাত্মা বা অন্তর্যামী পুরুষ। ২ বিণ, যিনি দেহ মন ই০র গুণাগুণ জানেন ; পণ্ডিত। ৩ নিপুণ ; কার্য্যকুশল। ৪ স্বেচ্ছাচারী ; কামী ; কামুক। ৫ যে ভূমির দোষগুণ জানে ; কৃষিকর্ম্মবেত্তা ; কৃষক। ৬ কোন অবস্থায় কি কর্ত্তব্য তা যে জানে। ~তত্ত্ব [ক্ষেত্রের তত্ত্ব (যথার্থ নিরূপণ) করা হইয়াছে যে শাস্ত্রে-বহু০] বি, ত্রিভুজ চতুর্ভুজ ই০ রেখাদ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র ; ক্ষেত্র সমুদয়ের প্রতিকৃতি ও পরিমাণনিরূপক শাস্ত্র ; জ্যামিতি geometry. ~পতি [ক্ষেত্রের পতি (স্বামী)-৬ তৎ] বি, ক্ষেত্র-স্বামী ; ক্ষেত্রের অধিকারী। ২ কৃষাণ ; চাষী ; যে আপন ক্ষেতে চাষ করে। ৩ দেহের অধিষ্ঠাতা ; রুদ্র। ~পর্পট, -পর্পটী-বি, ক্ষেতপাপড়া ; শাকবিঃ। ~পাল [ক্ষেত্র পাল (পালক)] বি, ক্ষেত্র-রক্ষক ; যে ক্ষেত্রে শস্য রক্ষা করে। ২ মহাদেব [বন্ধ্যা বা মৃতবৎসা নারীকে বঙ্গের অনেকস্থানে ক্ষেত্রপালের ঔষধ খাওয়ান হয়। এই ঔষধ খাওয়াইবার পর সন্তান হইলে তাহাদিগের 'ক্ষেত্রপদ' 'ক্ষেত্রদাসী' ই০ নাম রাখার প্রথা আছে] ~ফল [ক্ষেত্রের ফল-৬ তৎ] বি, শস্য ; ক্ষেত্রের ফল। ২ ভূমিকালী ; ভূমির পরিমাণ-ফল, ক্ষেত্রের মধ্যস্থ ভূমির পরিমাণ area. ~বিদ্ [ক্ষেত্র (শরীর) বিদ্+ক্বিপ্ (র্ত্তৃ), যিনি শরীর ইন্দ্রিয় ও মন ই০-র সমস্ত জানেন] বি, জীবাত্মা। ~ভূমি-বি, কৃষিক্ষেত্র। ২ [জ্যা০] যে বাহুর উপর ত্রিভুজাদি দণ্ডায়মান হয়। ৩ ক্ষেত্রের আধারভূত ভূমি। ~মিতি [গ০] বি, রেখাগণিত ; পরিমিতি mensuration. ~যমানিকা বি, বনজোয়ান। ~যাল [প্রাদে০ পাবনা, চাউল] বি, সীমাবদ্ধ স্থানের পরিমাণ area.

~সম্ভব [ক্ষেত্র (ভূমি) হতে সম্ভব (উৎপত্তি) যার-বহু০] বিণ, ভূমি হতে উৎপন্ন ; ভূমি-সম্ভূত ; ক্ষেত্রোৎপন্ন। ~সীমা [ক্ষেত্রের (ভূমির) সীমা (অবধি)-৬ তৎ] বি, বৃক্ষাদি দ্বারা চিহ্নিত ভূমি ; এই অবধি এই ভূমি এইরূপ চিহ্নের নাম সীমা। ২ জমির শেষ সীমা ; জমির অবধি।

ক্ষেত্রা/জীব [ক্ষেত্র (জমি) আজীব (জীবিকা) যার-বহু০] বিণ, কৃষিজীবী ; ইহারা জমির কার্য্য করিয়া তদুৎপন্ন শস্যদ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ~ধিকারী-বিণ, ক্ষেত্রস্বামী। ~ধিদেবতা [ক্ষেত্রের অধিদেবতা-৬ তৎ] বি, পরমাত্মা। ২ জীবাত্মা। ৩ তীর্থস্থানের অধিষ্ঠাত্রী দেবতা। ~ধিপ [ক্ষেত্রের অধিপ (অধিপতি)-৬ তৎ] বি, মেষাদি দ্বাদশ রাশির অধিপতি গ্রহগণ। ~মলকী-বি, ভূম্যামলকী।

ক্ষেত্রিক [ক্ষেত্র+ইক (স্ত্য)] বি, যার ক্ষেত্র আছে ; ক্ষেত্রস্বামী ; ক্ষেত্রাধিপতি।

ক্ষেত্রিয় [ক্ষেত্র (ক্ষেত) শরীর+ইয় (তদুৎপন্নার্থে)] বি, ক্ষেত্রোৎপন্ন তৃণ ; ঘাস। ২ শরীরোৎপন্ন অসাধ্য ব্যাধি। ৩ পরদেহ-চিকিৎসা। ৪ পরদার। ৫ পরদাররত ব্যক্তি। ৬ বিণ, ক্ষেত্রসম্বন্ধীয়। ৭ ক্ষেত্র-জাত ; ক্ষেত্রোৎপন্ন। ৮ এদেহে চিকিৎসার অসাধ্য কিন্তু দেহান্তরে চিকিৎস্য।

ক্ষেত্রী [ক্ষেত্র+ইন্ স্ত্য=ক্ষেত্রিন্ ১মা ১ব] বিণ, যার ক্ষেত্র আছে ; ক্ষেত্রস্বামী ; হলী। ২ বি, পতি ; স্বামী।

ক্ষেনী-বি, বৈদিক কালে প্রচলিত বীণা-বিঃ ; বৈদিক সমাজের কর্করি বাদ্যবিঃ।

ক্ষেপ [ক্ষিপ্ (ক্ষেপণ করা)+অ (ভা০)] বি, নিক্ষেপ ; ছুঁড়িয়া ফেলা ; ত্যাগ। প্র-শরক্ষেপ, অস্ত্রক্ষেপ। ২ বিন্যাস। প্র-পদক্ষেপ। ৩ প্রেরণ ; চালান। প্র-নৌকার ক্ষেপ। ৪ বার ; পর্য্যায় ; দফা। প্র-প্রতিক্ষেপে তার সহিত দেখা হবে। এবার গেলে চার ক্ষেপ হবে। ৫ অতিবাহন ; যাপন। প্র-কালক্ষেপ। ৬ বিলম্ব। প্র-সময়ক্ষেপ। ৭ [সং-তে ব্যবহার আছে। বাং-য় প্র০ অ০] অহঙ্কার ; নিন্দা ; বঞ্চনা ; লঙ্ঘন। ~ক (-পং-)-বিণ, ক্ষেপণকারী।

ক্ষেপণ [ক্ষিপ্ (ক্ষেপণ করা)+অন (ভা০)] বি, বিক্ষেপ ; দূরে ক্ষেপ ; দূরে ফেলিয়া দেওয়া। ২ পরিত্যাগ। ৩ অপসারণ। ৪ প্রেষণ ; প্রেরণ ; পাঠান। ৫ যাপন ; অতিবাহন। ~ক (-ণং-) [ক্ষেপণ+ক (র্ত্তৃ)] বিণ, যে ক্ষেপণ করে ; ক্ষেপক ; ক্ষেপণকারী।

ক্ষেপণি [ক্ষিপ্ (ক্ষেপণ করা)+অনি (জ্ঞা০)] বি, দাঁড় ; যা জলে ক্ষেপণ করিয়া নৌকা চালায়। ২ ধ্বজি। ৩ ক্ষেপলা জাল। ৪ যে অস্ত্র নিক্ষেপ করিতে হয় ; ক্ষেপণাস্ত্র। ৫ [ঘুরাইয়া ক্ষেপলা জালের মত নিক্ষেপ্য] ফাঁদবিঃ। ~ক [ক্ষেপণি+ইক (যে করে)] বি, যে ক্ষেপণি ক্ষেপণ করে ; দাঁড়ি।

ক্ষেপণী [ক্ষেপণ+ঈ (স্ত্রীং)] বি, যে বক্ররেখার প্রান্তভাগদ্বয় বিপ্রকৃষ্ট হইয়া যায় parabola. ২ [ক্ষেপণি দ্রঃ] দাঁড়। "লহর কাটিছে ক্ষে০।"-মর্ম্মবাণী, ১৩২২। ~য় [ক্ষিপ্+অনীয় (র্ম্ম)] বিণ, ক্ষেপণ-যোগ্য ; যা ক্ষেপণ করে। ২ বি, যে সকল অস্ত্র ক্ষেপণ করা যায় ; ক্ষেপণ করিবার অস্ত্রাদি।

ক্ষেপলা [ক্ষেপ (নিক্ষেপ)-লা (যা মাথার উপর দুই হাতে ঘুরাইয়া জলে ফেলিয়া দেয়] বি, মাছ ধরিবার গোলাকৃতি ঘুরণ জাল [দ্রঃ-টানা জালে একাধিক লোকের আবশ্যক। ক্ষেপলা জাল একজনেই ফেলে। জাল দ্রঃ]।

ক্ষেপিহি [বৈ০ ; বৈ০ প০ সা০। ক্ষেপইও হয়] ক্রি, ক্ষেপণ করে ; কাটায়। "ক্ষে০ নিশি নিশি জাগি।"-বি০ প০।

ক্ষেপা১ [ক্ষেপ (দ্রঃ)+আ (ক্রিয়ায়) ক্ষেপি, ক্ষেপ, ক্ষেপে, ক্ষেপিতে, ক্ষেপিয়া ই০] ক্রি, ক্ষেপণ করা। ২ নিক্ষেপ করা।

ক্ষেপা২ [সং-ক্ষিপ্ত। খেপা দ্রঃ] বিণ, উন্মত্ত ; বাতুল ; পাগল। ২ [বাং-য় বির্থে০। স্নেহসূচক] বি, অবোধ ; অবুঝ। ৩ পাগলা। ৪ আবদারে। প্র-এমন ক্ষে০ আর কোথায় আছে। দুর্ ক্ষে০ ছেলে। স্ত্রীং ক্ষেপী। "সাধ কি আমার হয় না ক্ষেপী।"-পিতাপুত্র।

ক্ষেপানি [ক্ষেপাই, ক্ষেপাও, ক্ষেপায় ; ক্ষেপাইতে (ক্ষে০-ক্ষেপাতে) ই০] ক্রি, পাগল করা।

ক্ষেপিষ্ঠ-বিণ, অতি ক্ষিপ্রগামী। স্ত্রীং ~া।

ক্ষেপ্তা [ক্ষিপ্ (ক্ষেপণ করা) + তৃ (র্তৃ) =ক্ষেপ্তৃ ১মা ১ব০] বিণ, ক্ষেপণকারী : ক্ষেপণকর্ত্তা : যে কোন বস্তু নিক্ষেপ করে।

ক্ষেম [ক্ষি (ক্ষয় করা) + ম (র্তৃ-জ্ঞা০) যে দুঃখ নাশ করে] বি, কল্যাণ ; মঙ্গল ; কুশল। "কানে তোর দিব হেম, চিন্তহ আমার ক্ষে০, যেমতে সম্বন্ধ ভাঙ্গা যায়॥"-কবিক০। ২ [ম-ভা০] লব্ধ বস্তুর রক্ষা ; যে বস্তু প্রাপ্ত হইয়াছে তা যত্ন করিয়া রাখা। ৩ চোর নামক গন্ধদ্রব্য। ৪ মুক্তি। ৫ নক্ষত্রবিঃ। ৬ কলিঙ্গ দেশের রাজা। ৭ বিণ, মঙ্গলদায়ক : শুভকর। ৮ (খ্যামো) [মেয়েলি কথায় 'ক্ষ্যামো' ক্ষ্যামা দাও, এরূপ শব্দ ব্যবহৃত হয়] ক্রি, ক্ষমা কর। "রামা হে ক্ষে০ অপরাধ মোর।"-জ্ঞান০। ৯ [প্রা০ বাং প্রাদে০] খয়রাত, দান। "ময়না কাঞ্চনপুরী বস্যা ক্ষে০ খায়।"-ধর্ম্মরাজের গীত (নরসিংহ বসু-১৭৩৭ খৃঃ)। স্ত্রীং ~া-কাত্যায়নী। ~**কর, ~কার, ~কৃৎ** [ক্ষেম (মঙ্গল) কর, কার, কৃৎ (যে করে)] বিণ, শুভজনক : কল্যাণ-বিধায়ক ; হিতৈষী ; শুভকারী : মঙ্গলজনক ; কল্যাণপ্রদ। ২ সুখপ্রদ : সুখদায়ক।

ক্ষেমঙ্কর [ক্ষেম (মঙ্গল)-কৃ (করা) +অ (র্তৃ) ম্ আগম] বিণ, মঙ্গলবিধায়ক ; শুভদায়ক : মঙ্গলকারী। স্ত্রীং ~ী-মঙ্গল-দায়িকা দেবীবিঃ।

ক্ষেম/দর্শী [ক্ষেম (মঙ্গল) দৃশ্ (দর্শন করা) + ইন্ (র্তৃ)=ক্ষেমদর্শিন্ ১মা ১ব০] বি, কোশলের অধিপতিবিঃ। ২ বিণ, মঙ্গলদর্শী : শুভদর্শী ; যে আপনার মঙ্গল দর্শন করে। স্ত্রীং ~**দর্শিনী**। ~**বান্** [ক্ষেম (মঙ্গল) + বতু (স্ত্য)=ক্ষেমবৎ ১মা ১ব০] বিণ, কুশলযুক্ত ; মঙ্গলশালী।

ক্ষেমা [ক্ষমা > গ্রা০ বিকারে] বি, ক্ষমা। ক্ষে০ **দেওয়া**-সংযত করা ; নিবৃত্ত হওয়া। "আজিকার রাত্রিরে বন্ধু চিত্তে ক্ষেমা দিও।"-(পূ০ ব০ গী০)।

ক্ষেয়া [ক্ষিপ্ (ক্ষেপণে) > ক্ষেপণ > ক্ষেঅঅ > ক্ষেয়া] বি, ক্ষেপ : নদ্যাদির পারাপার ; প্রেরণ।

ক্ষৈত্র [ক্ষেত্র (ক্ষেত) + অ (সমূহার্থে)] বি, ক্ষেত্রসমূহ ; ক্ষেত সকল। ২ [ক্ষেত্র + অ (সম্বন্ধার্থে)] ক্ষেত্র সম্বন্ধীয় [প্র০ অ০]।

ক্ষৈরেয় [ক্ষীর + এয় (সম্বন্ধার্থে-এয়ণ্)] বিণ, ক্ষীর-সম্বন্ধীয়, ক্ষীর-সংক্রান্ত। ২ ক্ষীর দ্বারা পক্ব।

ক্ষোড় [ক্ষুড়্ (বন্ধন করা) + অ (ণে) যদ্দ্বারা বন্ধন করা হয়] বি, গজবন্ধনী ; হাতী বাঁধিবার শৃঙ্খলাদি। ২ আলান। ৩ [গ্রা০-খোঁড়, খোঁয়াড] গবাদি পশু বন্ধন করিয়া রাখিবার গৃহ।

ক্ষোণি, -ণী-ক্ষৌণি দ্রঃ।

ক্ষোদ [ক্ষুদ্ (চূর্ণ করা) + অ (র্ম্ম, জ্ঞা০) যা চূর্ণ করা হইয়াছে] বি, ক্ষুদ্র : ক্ষুদ। ২ চূর্ণ : গুঁড়া। ৩ [ধি-অল্-ঘাতে চূর্ণ করা হয়] যে প্রস্তরে তণ্ডুলাদি চূর্ণ করে ; পেষণ-শিলা।

ক্ষোদন [ক্ষুদ (চূর্ণ করা) + অন (ভা০)] বি, চূর্ণন ; চূর্ণ করা ; পেষণ করা ; গুঁড়া করা। ২ খনন ; খোঁড়ন। ৩ প্রস্তরাদিতে অক্ষর-বিন্যাস ; অক্ষরাঙ্কন [দ্রঃ-পুরুষের নাম 'খোদন' (তুচ্ছার্থে, খোদ্‌না) স্ত্রী নাম 'খুদনী']।

ক্ষোদিত [ক্ষুদ্ (চূর্ণ করা) + ণিচ্= ক্ষোদি + ত (র্ম্ম)-যা চূর্ণ করান হইয়াছে] বিণ, চূর্ণীকৃত। ২ চূর্ণিত, পিষ্ট। ৩ খোদিত ; উৎকীর্ণ ; যা খোদা হইয়াছে ; খনিত।

ক্ষোভ [ক্ষুভ্ (চঞ্চল হওয়া) + অ (ভা০)] বি, চাঞ্চল্য ; উদ্বেগ। ২ আন্দোলন ; বিলোড়ন। ৩ মনঃকষ্ট ; মনস্তাপ ; দুঃখ। ৪ আঘাত। বিণ, ক্ষোভিত (দ্রঃ)।

ক্ষোভণ [ক্ষুভ্ + ণিচ্ =ক্ষোভি (চঞ্চল করা) + অন (ণে, জ্ঞা০)] বি, কন্দর্পের বাণ দ্বারা লোকের মন চঞ্চলীকৃত হয় বলিয়া, কামবাণ ; কন্দর্পবাণবিঃ। ২ [সাঙ্খ্যে] পুরুষ। ৩ শিব ; বিষ্ণু। ৪ বিণ, ক্ষুব্ধ ; ক্ষোভকারী।

ক্ষোভিত [ক্ষুভ্ + ণিচ্ =ক্ষোভি + ত (র্ম্ম) যাকে চঞ্চল করা হইয়াছে] বিণ, সঞ্চালিত ; আলোড়িত। ২ ত্রাসিত। ৩ ধর্ষিত। স্ত্রীং ~া।

ক্ষৌণি, **-ণী** [ক্ষু (শব্দ করা) + ণি-ণী (ধি)-যা শব্দময়] বি, ক্ষিতি ; পৃথিবী। "ক্ষৌণীর হরিলে ভার দৈত্য কৈলে ক্ষীণ।" -কবিক০।

ক্ষৌণী/প্রাচীর [ক্ষৌণী (পৃথিবী) হইয়াছে প্রাচীর (প্রাচীর সদৃশ) যার-বহু০] বি, জলরাশি ; অম্বুধি ; সমুদ্র। ~**বিদ্যা** [ক্ষৌণীর (পৃথিবীর) বিদ্যা (জ্ঞান)-৬ তৎ] বি, ভূতত্ত্ববিদ্যা geology ~**ভুক্** [ক্ষৌণী (পৃথিবী) ভুজ্ (পালন করা, ভোগ করা) + ক্বিপ্ (র্তৃ) যে পৃথিবী পালন করে] বি, নৃপতি। ~**শ** [ক্ষৌণী (দ্রঃ) + ঈশ] বি, রাজা।

ক্ষৌদ্র [ক্ষুদ্রা (মক্ষিকা) + অ (গৃহীতার্থে) মক্ষিকাগণ যা গ্রহণ করে] বি, মধু। ২ জল। ৩ চম্পকবৃক্ষ। ৪ মগধ-দেশের বর্ণসঙ্কর জাতি। ৫ [সম্বন্ধার্থে-অ] বিণ, ক্ষুদ্র সম্বন্ধীয়। ~**জ** [ক্ষৌদ্র (মধু) > জ (যা জন্মে)] বি, মোম : শিক্থ। ২ বিণ, মধূৎপন্ন ; মধুজাত। ~**পটল** [ক্ষৌদ্রের (মধুর) পটল (আধার] ৬ তৎ] বি, মধুর আধার : মৌচাক। ~**মেহ** [ক্ষৌদ্র (মধু) যে মেহ (শুক্র)-ধা] বি, মধু মেহ ; মধুরূপে পরিণত ; মেহ রোগবিঃ।

ক্ষৌদ্রেয় [ক্ষৌদ্র (মধু) + এয় (সম্বন্ধার্থে +)] বি, মোম। ২ বিণ, মধু-সংক্রান্ত ; মধুসম্বন্ধীয়।

ক্ষৌম [সং। "ক্ষৌম অট্টে দুকূলে।" -মে০)] বি, প্রাসাদ ; অট্টালিকা। ২ চিলে ঘর। ৩ ["ক্ষৌমং পট্টভবং কোষেয়ং 'তসর' ইতি খ্যাতম্।"-অ০ টীকা। ক্ষুমা (রেশম) + অ (ভবার্থে)] পট্টবস্ত্র ; দুকূল ; রেশমী কাপড়। ৪ শণ। ৫ বিণ, রেশমী ; শণ-নির্ম্মিত ["রাঙ্কঃ ক্ষৌমাদি" "ক্ষৌমং স্যাদতসী বসনেহি চ০।"-বিশ্ব০। ক্ষৌমং স্যাদতসী বস্ত্রে দুকূলে।"-হে০]।

ক্ষৌ/র, -রি, -রী [ক্ষুর + অ (সম্বন্ধার্থে)] বিণ, ক্ষুর-সম্বন্ধীয় ; ক্ষুর-সংক্রান্ত। ২ বি, ক্ষুরকর্ম্ম ; মুণ্ডন। ~**রিক** [ক্ষুর + ইক (স্ত্য)] বি, ক্ষুরকর্ম্মকারী ; ক্ষুরী : নাপিত।

ক্ষ্মা [ক্ষম্ (সহ্য করা) + অ (র্তৃ, জ্ঞা০) আ স্ত্রীং-যে সকলের ভার সহ্য করে] বি, পৃথিবী।

~ধর-ভূপতি। ২ অনন্তদেব। ৩ পর্ব্বত; ধরাধর। ~পিতি, ~ভৃৎ বি, পৃথিবীপতি; রাজা।

ক্ষিপ্ত [ক্ষিদ্ (মোচন করা)+ত (র্ম্ম) দ-ত=প্ত] যাকে মোচন করা হইয়াছে; মুক্ত।

ক্ষেড় [ক্ষিদ্ (শব্দ করা)+অ (র্ত্তৃ) দ=ড] বি, হলাহল; গরল; বিষ। ২ বিণ, কুটিল; ক্রূর। ৩ নিষ্ঠুর। ৪ সিংহনাদ। ৫ কুৎসিত। ৬ [খেড়ও০] অশ্লীল গান; খেউড়। ~া-বি, অশ্লীল গীত; খেউড়। ২ সিংহনাদ।

ক্ষেড়িত [ক্ষেড়্ (শব্দ করা) ত(ভা০)] বি, সিংহনাদ। ২ বীরগণের যুদ্ধনাদ; হুঙ্কার।

ক্ষেলন [ক্ষেল্ (খেলা করা)+অন (ভা০)] বি, খেলন; ক্রীড়ন। ২ সঞ্চালন, কম্পন।

ক্ষেলা [ক্ষেল্ (কাঁপা)+অ (ভা০)-আ(স্ত্রী০)] বি, কম্পন। ২ ক্রীড়া; খেলা; লীলা।

ক্ষেলিত [ক্ষেল্ (খেলা করা)+ত (র্ম্ম)] বিণ, ক্রীড়িত। ২ আন্দোলিত; সঞ্চালিত।

খ

খ-ব্যঞ্জন-বর্ণমালার ও কবর্গের দ্বিতীয় মহাপ্রাণ অঘোষ বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণ-স্থান বলিয়া ইহা জিহ্বামূলীয় বর্ণ এবং ক অপেক্ষা খ উচ্চারণে মুখ হতে অধিক বায়ু বহির্গমন ও অধিক জোরের প্রয়োজন হেতু ইহা মহাপ্রাণ। আঘাত বা শব্দের জোর ও ক্ষিপ্রতা অর্থে অন্য বর্ণসহ খ যুক্ত হয়। প্র-খট্, খচ্, খপ্। ২ [খদ্ (স্থৈর্য্যে)+অ (র্ত্তৃ) অদ্ লোপ, খ্+অ=খ] বি, ব্যোম; আকাশ; শূন্য; নভঃ [দ্রঃ-এই অর্থেই চ০। সূর্য্য, ইন্দ্রিয়, দেহ, নগর, স্বর্গ, সুখ, মুখ, ব্রহ্মা ই০ অর্থের প্রয়োগ বাং-ভাষায় দৃষ্ট হয় না। কিন্তু খলিন, খদ্যোতন, খপুর ই০-র ন্যায় পদে খ উক্ত অর্থের দ্যোতনা করে। ক-খ-বর্ণ পরিচয়। প্র-তাহার ক খ শেখা হয়েছে এখন বানান শিখবে। ক দ্রঃ।

খই [সং-খদিকা] বি, লাজ; ভাজাধান; ভৃষ্টধান্য। ~চড়া, ~ছড়া-খই ভাজিবার সময় যে-খই ভাল ফুটে না। ~চুর [খদিকা-চূর্ণ >] বি, চিনিতে পাক করা খইচূর্ণের মোদক। ~ঢেঁকুর-বি, অজীর্ণ-জনিত খদি-গন্ধময় উদ্গার; চোঁয়া ঢেঁকুর। ~ফুটা-ধান ভাজিবার সময় খোলার উপর ধান ফুটিয়া চড়বড় করিয়া লাফাইতে থাকা বা খোলায় খই ফুটিতে থাকা। মুখে খই ফুটা [খই ফুটার ভাব >] মুখ হতে তাড়াতাড়ি ও অনর্গল কথা বাহির হওয়া; তড়বড় তড়বড় করিয়া কথা বলা। "আমার কাছে সয়ের মুখে খ০ ফুটতে থাকে।"-দীনবন্ধু মিত্র।

খইন, খএন [গহীন (গভীর) >] বিণ, গভীর; অগাধ। ~ধান্য, ~ধান [খই+আন (যোগ্যার্থে)=খইআন-ধান] বি, যে ধানে খই হয়; (বরিশালে খইয়াধান)।

খইনি [গ্রা০-হিং০] বি, চূণ মাখানো দোক্তা তামাক।

খইয়া [ক্ষে০ খিয়ে, খিএ] বিণ, খদিময়। ২ খয়ের আকার। ~খোলা-যে ভাজনা খোলায় খই ভাজা হয়। ~গোখুরা, -গোখরো-বি, বিষধর সর্পবিঃ; গোখুরা সর্পের প্রকারভেদ the gray variety of the cobra de capello. [প্রাকৃ০-খলী-হেম০। ~বন্ধনে পড়া -জনৈক তাঁতী ঘরের খুঁটি ধরিয়া দাঁড়াইয়া-ছিল। এই সময় তাকে খই খাইতে দিলে সে খুঁটি মধ্যে রাখিয়া দুই হাত পাতিয়া খই গ্রহণ করে। তখন সে ভাবে হাত সরাইলে খই পড়িয়া যাইবে ও খুঁটি কাটিয়া হাত বাহির করিলে ঘরের চাল পড়িয়া যাইবে, সুতরাং উভয় সঙ্কটে পড়িয়া তাঁতী যেমন আবদ্ধ হইয়াছিল সেইরূপ বন্ধনে পড়া; কিং-কর্ত্তব্যবিমূঢ় হওয়া; এমন বাধা-বিঘ্নের মধ্যে পড়া বা চতুর্দ্দিকে এমন বাঁধাবাঁধির মধ্যে পড়া যে সহসা তা হতে নিষ্কৃতিলাভের উপায় স্থির করা কঠিন।

খইয়েনো [খইয়া (খইয়ের আকৃতি ফুল কাটা) নো (লোহা)। প্রাচীনকালের গহনা] বি, সধবার হস্তাভরণবিঃ; সধবার বামহস্তে পরিবার খাহারে লোহা।

খইর [শ্রীহট্ট প্রাদে০ য়ের=র] বি, খইল (দ্রঃ); কর্ণমল।

খইরী, খইরীবক, খএরী [খৈরি দ্রঃ। খয়ের সদৃশ বর্ণের বক ardea cinnamomea.

খইল [সং-খলি] বি, কাণের মল। ২ তিল, সরিষা ই০-র তেল নিঃসৃত হইলে যে অসারভাগ থাকে তাকে খইল বলে; তেলের কাট; খোল।

খএ [প্রা০ বাং-ক্ষয় >] বি, ক্ষয়।

খএর, খয়ের [খদির >] বি, খদির বৃক্ষের নির্য্যাস mimosa catechu.

খওয়া [ক্ষয় >] বিণ, ক্ষয় পাওয়া; ঘষা।

খক্ [শব্দাত্মক] বি, কাশির শব্দ; অব্যক্ত গলশব্দ। প্র-সে খক্ করিয়া কাশিল। ২ হাসির শব্দ। ~খক্ [শব্দাত্মক। অল্পার্থে ও আদরে-খুক্খুক্ (কাশে); অল্পার্থে ও নিন্দায়-খিক্খিক্ (হাস্যে); আধিক্যার্থে ও অনাদরে-খেক্খেক্; শিশুর এক নিঃশ্বাসে

উপর্য্যুপরি হাস্যে-খকরখক] বি. অব্যক্ত গলশব্দ ; কাশির শব্দ ; উচ্চ হাস্যশব্দ।
~খঁকানি-বি. কাশির খক্‌খক্ শব্দকরণ।

খকক্ষা [জ্যো° পরিঃ] বি. দৃশ্যমান নভোমণ্ডলের পরিধি ; আকাশ-পরিধি ; (ভাস্করাচার্য্যের মতে) গ্রহগণ পূর্ব্বগতিতে যত যোজন এক কল্পে গমন করে।

খকানি [গ্রা°-খেঁকানি। শব্দাত্মক] বি. কর্ক্কশ শব্দে তাড়না।

খকার-বি. খ এই বর্ণ।

খকুন্তল [খ-কুন্তল (যাঁর)। শাস্ত্রে আকাশ শিবের কেশ বলিয়া বর্ণিত] বি. শিব।

খগ [খ (আকাশ) গ (গম্=গমন করা +অ, র্ত্তৃ) যে আকাশে গমন করে-উপ°] বি. পক্ষী ; পাখী। ২ বায়ু। ৩ সূর্য্য ; গ্রহগণ। ৪ বাণ। ৫ দেবতা। ৬ পতঙ্গ। ৭ পঙ্গপাল। ৮ বিণ. ব্যোমচারী; আকাশবিহারী; শূন্যগামী [দ্রঃ-পক্ষী অর্থেই বঙ্গভাষায় সাধাঃ ব্যবহৃত হয়] ~গতি (খগ-) [খগ (পক্ষী) তার গতি (গমন)-৬ তৎ] বি. পক্ষীর শূন্য গমনের প্রকার-ভেদ ; অবডীন ; অনুডীন ; অভিডীন ; উড্ডীন ; প্রোড্ডীন ; সংডীন ; নিডীন ; তির্য্যগ্‌ডীন ই° ১০১ পক্ষিগতি তন্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে। ~পতি (খগ) [খগের (পক্ষীর) পতি (প্রভু বা শ্রেষ্ঠ)-৬ তৎ] বি. গরুড়। ~রাজ [খগের রাজা-৬ তৎ, তৎপুরুষ সমাসে রাজা=রাজ] বি. খগেশ্বর ; গরুড়। ~স্থান [খগ (পক্ষী)-স্থান] বি. বৃক্ষকোটর।

খগঙ্গা-বি. আকাশ-গঙ্গা ; মন্দাকিনী।

খগম [খ-গম্ (গমন করা) +অ (র্ত্তৃ)] বিণ. ব্যোমচারী। বি. পক্ষী। ২ জনৈক মুনি।

খগান্তক [খগের অন্তক (নাশক)-৬ তৎ] বি. শ্যেন, বাজ ই° হিংস্রক পক্ষী। ২ ব্যাধ ; পাখমারা। "খ° মৃগান্তক দুই ভাই কালান্তক উজ্জয়িনী-নগরনিবাসী।"-কবিক°।

খগাধিপ [খগ+অধিপ] বি. গরুড়।

খগাবগা [খগা-বগা (তুচ্ছার্থে-আ)। পক্ষীদিগের আঁকাবাঁকা চলন বা ফেলা ছড়া করিয়া আহারের ভাব >] বিণ. বিশৃঙ্খল ; বিশ্রী। ২ সুশিক্ষারহিত। প্র-খগাবগা গোছ লেখাপড়া শেখা। ৩ নোংরা ; ফেলাছড়া ; বিক্ষিপ্ত। প্র-খগাবগা করিয়া খাওয়া।

খগাসন [খগ (গরুড) আসন (বসিবার স্থান) যার] বি. গরুড়বাহন ; বিষ্ণু। ২ [খগ (সূর্য্য)] উদয়াচল।

খগুণ [গ° পরিঃ] বি. বীজগণিতে শূন্য যে রাশির গুণক।

খগেন্দ্র [খগ-ইন্দ্র (শ্রেষ্ঠ)-৬ তৎ] বি. গরুড়। ২ বিণ. খগশ্রেষ্ঠ।

খগেশ্বর [খগ-ঈশ্বর (প্রভু)-৬ তৎ] বি. খগপতি গরুড়।

খগোল [খ (আকাশ) গোল গ্রহ-নক্ষত্রাদি-সংস্থিত মণ্ডল] বি. নভোমণ্ডল। ২ গ্রহ-নক্ষত্রাদি-সমন্বিত খ প্রতিরূপক কৃত্রিম গোলক the celestial sphere ~বিদ্যা [খগোল (সম্বন্ধীয়) বিদ্যা] বি. যে বিদ্যা দ্বারা আকাশমণ্ডল ও গ্রহনক্ষত্র ধূমকেতু ই° নভঃস্থ যাবতীয় পদার্থের দূরত্ব, স্বরূপ, অবস্থান, গতিবিধি ই° জানা যায় ; নভোবিজ্ঞান astronomy.

খগ্গড় [হি°] বি. খাগড়া ; শর ; উশীর saccharum spontaneum

খঙ্কর-বি. চূর্ণকুন্তল।

খঙ্গ১ [প্রা° বাং। হে° কোষে-খং=খঙ্ (ক্রোধ)-ব্রহ্মপুত্র উপত্যকাঞ্চলে চ°] বি. ক্রোধ ; কোপ। "নাগর কাহ্নাঞি পথে বিবোধে কি করিব তোর খঙ্গে।"-শ্রী° কী°। "সবংশে নাশিবে পুনঃ মোর ভৈলে খঙ্গ॥" -রামা° (মাধবদেব)। ক্রি. খঁঙ্গানি-ক্রোধ প্রকাশ করা। ২ তিরস্কার করা। খঁঙ্গাইবে-তিরস্কার করিবে (শ্রী° কী°)।

খঙ্গ২, খঙ্খ-বি. মৃগবিঃ। ২ কৃষ্ণবর্ণ গর্দ্দভ।

খচ [খট্ এই অনু° শব্দের কোমলরূপ] বি. হঠাৎ আঘাতের শব্দ ; দেহে কণ্টকাদি হঠাৎ বিদ্ধ হইবার শব্দ। ~খঁচ [শব্দাত্মক শব্দ ; ইহা কোমল শব্দ, কঠিন হইলে খটখট্] অ. বারংবার কোমল বস্তুতে তীক্ষ্ণ পদার্থ বিদ্ধ হইবার শব্দ। ২ অঙ্গে কণ্টকাদি বিদ্ধ হইয়া থাকিলে তাতে সামান্য আঘাত বা স্পর্শমাত্রে ক্লেশকর অনুভূতি উৎপাদন করে, তাকে খচ্‌খচ্ করা বলা হয়। বিণ. ~খঁচে, ~খোচে। ক্রি. ~খঁচানি-খচ্‌খচ্ করা। বি. ~খঁচানি। ~মঁচ [শব্দাত্মক, অবজ্ঞার্থে-খেচামেচি] বি. করতাল, খঞ্জনী ই°-র বাদন-শব্দ। ২ গণ্ডগোল ; গোলমাল ; গোলোযোগ। ৩ জঞ্জাল ; বিরক্তিকর ব্যাপার ; ঝঞ্ঝাট। "রাজসেবা কত খচমচ।"-ভারত°। বি. ~মিচে, ~মোচে। ক্রি. ~মঁচানি। বি. ~মঁচানি।

খচর [খ (আকাশে) চর (গমন করে)-চর্-গমন করা+অ-র্ত্তৃ, খে চরতীতি খচর বা খেচর-উপ°] বিণ. আকাশচারী। ২ বি. বায়ু। ৩ বারিদ ; জলদ ; মেঘ। ৪ রাক্ষস। ৫ গ্রহ। ৬ সূর্য্য। ৭ পক্ষী। ৮ অশ্বতর ; ঘোটকের ঔরসে গর্দ্দভীর গর্ভে বা গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভে জাত পশু। ৯ রূপক-তালবিঃ। ১০ বিণ. শঠ ; প্রবঞ্চক। ১১ নীচ বা কুপ্রবৃত্তিশালী [এই অর্থে তুচ্ছার্থে খঁচরা১ ও প্রাদে° ভেদে 'খাচড়া', 'খাচরা' শব্দের ব্যবহার আছে] স্ত্রীং ~ী-রাক্ষসী। ২ অশ্বতরী।

খচ/রা [প্রা° বাং। খ (আকাশ) চরা (যে চরে)] বিণ. আকাশচারী ; শূন্যগামী ; "দস গিরিথর কেহ বলএ নিকট কেহ বলএ দূর। উদঅ কর গোঁসাঞি খ° সমুদ্দর কূর॥" -শূ° পু°। স্ত্রীং ~রী-আকাশচারিণী।

খচাখঁচ্ [খচ্+আ (ব্যাপ্তি. নিরবচ্ছিন্নতা ই° অর্থে-খচ্] বি. ক্রমাগত চারিদিকে খচ্‌খচ্ করিয়া আঘাত বা বিদ্ধকরণের ভাববোধক।

খচা/রী [খ(আকাশ) চর্ (বিচরণ করা) +ইন্ (র্ত্তৃ) খেচরতীতি-খচারী-(উপ°)] বিণ. আকাশে বিচরণকারী। ২ বি. সূর্য্য ; গ্রহ-নক্ষত্রাদি। ৩ পক্ষী। ৪ কার্ত্তিকেয়। স্ত্রীং ~রিণী-রাক্ষসী।

খচিত [খচ্ (যুক্ত করা, জোড়া)+ত (র্ম্ম) ই আগম] বিণ. নির্ম্মিত ; রচিত। ২ গ্রথিত ; জড়িত। "রতনে খ° চামর যতনে ধরি, ঢুলায় কিঙ্করী।"-মেঘ°। ৩ মিশ্রিত। ৪ পরিব্যাপ্ত। ৫ বদ্ধ। ৬ যুক্তকৃত ; যোজিত। ৭ নিহিত ; অন্তর্নিবিষ্ট। ৮ শোভিত ; অলঙ্কৃত।

খচ্চর [ইতর] বি. অশ্বতর। ২ জারজ-পুত্র। ৩ বিণ. দুর্ব্বৃত্ত ; দুষ্ট ; নষ্ট। তিলে-

খচ্চর [ইতর] বি, চিত্রবিচিত্র দেহ বা তিলের ন্যায় দাগযুক্ত অশ্বতর। ২ দাগী বদমায়েস ; অতিশয় নষ্ট লোক।

খঁজ [খজ্‌=মন্থন করা, নাড়া] বি, তাড়ু : হাতা।

খজল [খ (আকাশ) জল-৬ তৎ] বি, হিম ; নীহার ; শিশির। ২ বৃষ্টিজল।

খজা, খজাকা, খজিকা [খজ্ (মন্থন করা) + অ, আক (ণে) যদ্দ্বারা মন্থন করে] বি, দর্ব্বি ; তাড়ু ; উখ্‌ড়ি ; হাতা। ২ ক্রি, মন্থন করা।

খজিৎ [বৌ॰ শা॰] বিণ, শূন্যবাদী। ২ বি, বৌদ্ধবিঃ।

খজ্যোতিঃ [খ-জ্যোতিস্] বি, জোনাকি পোকা।

খঞ্চা [হি॰-খা। ক্ষুদ্রার্থে, খুঞ্চী] বি, বড় থালা : বারকোশ।

খঞ্চিল [প্রা॰ বাং] বিণ, খচিত। "মাণিকে খ॰ দুই পাশে।"-শ্রী॰ কী॰। "মাণিকে খ॰ তথি সোণার পাতা।"-ঐ।

খঞ্জ, খঞ্জক [খনজ্ (বিকল গমন) + অ, অক (র্ত্তৃ)] বিণ, ভগ্নপদ ; বিকলপদ ; খোঁড়া। ২ বি, ঐরূপ অবস্থা ; খঞ্জতা lameness. স্ত্রী: ~া। ~তা, ~ত্ব-বি, পদের বিকলতা।

খঞ্জখেট, খঞ্জখেল-বি, খঞ্জনপক্ষী।

খঞ্জন [খনজ (বিকল গমন) + অন (জ্ঞা॰) খঞ্জের ন্যায় গমন যে পক্ষীর] বি, ক্ষুদ্রজাতীয় পক্ষী the wag-tail খঞ্জন দেখিতে ছিপ্‌ছিপে, ইহাদের ঠোঁট সরু, পা সরু ও লম্বা, ডানা মাঝারী, পুচ্ছ বড়, ইহারা স্বভাবতঃ চঞ্চল, ইহারা ক্রমাগত পুচ্ছ নাচাইতে থাকে। ইহাদের স্বর অনুচ্চ কিন্তু মিষ্ট। খঞ্জন নানা জাতীয়, তন্মধ্যে সাধাঃ একজাতীয় দেখা যায়, তার মাথার সম্মুখ ভাগ ও দুই পাশ সাদা, মাথার পিছন দিক্, গলা ও বুকের উপর দিক্‌টা কাল; পালক ধূসর বর্ণ, অন্যান্য জাতির সমুদয় মাথা, ঘাড় ও দেহের নিম্ন ভাগ হল্‌দে এবং উপরিভাগ নীলাভ ধূসর। সুন্দরীদিগের নয়নের উপমাস্থল বলিয়া খঞ্জন-আঁখি কবিপ্রসিদ্ধি আছে। "তিল ফুল জিনি নাসা, বসন্ত কোকিল ভাষা, ভ্রূযুগল চাপ সহোদর। খ॰-গঞ্জন আঁখি অকলঙ্ক শশিমুখী, শিরোরুহ অসিত চামর॥"-কবিক॰। "খ॰-গঞ্জন আঁখি অঞ্জনরঞ্জিত।"-শি॰। ~রত [খঞ্জন (খঞ্জন পক্ষীর ন্যায়) রত (রমণ)-যাদের] বি, যতিদিগের প্রচ্ছন্ন মৈথুন।

খঞ্জনা, -নিকা-বি, খঞ্জনের ন্যায় পক্ষিণীবিঃ ; সম্পী ; (চঞ্চু লম্বা, কর্দ্দমপ্রিয় বলিয়া নাম) কাদাখোঁচা ; (নামান্তরে) 'হাপুত্রিকা'। ~কৃতি-বি, কাদাখোঁচা পাখী। ২ খঞ্জনের আকার। ~সন [খঞ্জন + আসন] বি, যোগের আসনবিঃ ; পৃষ্ঠে দুই পদ, ভূমিতে দুই হাত রাখিবার পর হাত পাতিয়া পৃষ্ঠে দুই পদ বক্র করিয়া বায়ুপান করাকে খ॰ বলে। এই আসন করিয়া উপাসনায় জয়লাভ হয় বলিয়া উক্ত হইয়াছে। -রুদ্রযামল।

খঞ্জনি, -নী, -রী [বাদ্যধ্বনি > এই নাম] বি, ক্ষুদ্র চক্রাকার আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ।

খঞ্জনিকা-খঞ্জনা দ্রঃ।

খঞ্জর, খঞ্জড় [হি॰] বি, গোলা। "খঞ্জা চর্ম্ম লেজা তীর কামান খ॰।"-অ॰ ম॰। ২ [আ॰-খঞ্জর] ভগ্ন তরবারি হতে নির্ম্মিত ছোরা a dagger

খঞ্জরি, -রী-খঞ্জনি দ্রঃ।

খঞ্জরীট, -টক, -টী-বি, খঞ্জন পাখী।

খঞ্জা [খঞ্জ (দ্রঃ) + আ (ক্রিয়ায়) নাম ধাতু] ক্রি, খঞ্জের মত হওয়া বা করা। খঞ্জিয়া (খঞ্জ + ইয়া (বাং নামধাতু পঠনার্থে)] অস-ক্রি, খোঁড়াইয়া। "খঞ্জিয়া খঞ্জিয়া আসি কার্ত্তিকের আগে।"-মনসা॰ (বংশী)।

খট্ট [সং-ষট্। ষ=খ (হি॰-তে)। প্রবাদ ইহা ষড়ানন কার্ত্তিকেয়ের ছয় মুখনিঃসৃত বলিয়া এই নাম] বি, রাগবিঃ। মতান্তরে-বরাটী, আশাবরী, তোড়ী ললিত বহুলী, গান্ধার, মতান্তরে-ভৈরবী, মল্লার, তোড়ী, রামকিরি, ধানসী ও সিন্ধুবী এই ছয়ের মিশ্রণে উৎপন্ন। মতান্তরে ইহা দীপক রাগের পুত্র। প্রাতে এক দণ্ড হতে পাঁচ দণ্ড মধ্যে গেয়। ~তালী-ঘনযন্ত্রবিঃ। ~তোড়ী-খট্ এবং তোড়ী মিশ্রণজাত। ~যোগিআ-খট্ এবং যোগিআ মিশ্রণে উৎপন্ন।

খট১ [খড় দ্রঃ] বি, তৃণ ; খড় ; কুটী।

খট২ [খট্বাঙ্গ (দ্রঃ)=খাটের খুরার মত বা নরকপালাগ্র মুদ্গর (তৎ সাদৃশ্যে)] বি, কুঠার। ২ লাঙ্গল। ৩ ঘুসি প্রহার।

খট৩ [খাত > ? খড় দ্রঃ] বি, অন্ধকূপ।

খট৪ [শব্দাত্মক] বি, অনু॰। কাঠ, অস্থি ই॰ কঠিন পদার্থের পরস্পর আঘাত-শব্দ। ক্রি, ~খটানি-খটখট শব্দ করা। ২ দ্বারে শব্দ করিয়া ডাকা। বি, ~খটানি।

খট৫ [অখট্টি, আখটি দ্রঃ] বি, বায়না : আবদার।

খটক ['শব্দমালা'য়] বি, যার হাত বাঁকা ; বক্রহস্ত।

খটকা [হি॰-খুট্‌কা] বি, সন্দেহ। "অনেক স্থলে মনে খ॰ থাকিয়া যায়।"-সা॰ প॰ প॰, ১৩০২। ২ ভয়। ৩ [সন্দেহ > মনের অমিল। মানভূম প্রাদে॰] মনোমালিন্য। ~খটকি ভাব-মন কষাকষি ; মনোমালিন্য misunderstanding. ~মুখ-বি, তীর ছুঁড়িবার সময় হস্তের বক্রতা। ২ ঐরূপ হস্ত ব্যক্তি।

খটক্কিকা-বি, খিড়কীদ্বার।

খটখট-বি, খড়ম, বা গোড়তোলা জুতা পায়ে দিয়া তাড়াতাড়ি চলার শব্দ। বিণ, খটখটিয়া, খটখটে। ~করা-দ্বারে শিকল বা লাঠি ই॰ কঠিন বস্তুর আঘাতে শব্দ করা। ২ খটখট শব্দ করা। প্র-খড়ম পায়ে দিয়া খটখট করিয়া চলা।

খটখটানি [খটখটাই, -খটাও, -খটায়, -খটাইতে (ক্ষে॰ খটাতে), -খটাইয়া (ক্ষে॰ খটিয়ে) ই॰] ক্রি, খটখট শব্দ করা] বি, খটখটানি-খটখট শব্দ করা বা হওন।

খটখোট [হি॰] বিণ, শক্ত ; কঠিন।

খটখটিয়া, খটখটে [শব্দাত্মক। খট্‌খট্-ই-য়া। শুষ্ক কাঠাদিবৎ কঠিন ও শুষ্ক পদার্থের আঘাত শব্দ >] বিণ, অতিশয় শুষ্ক ও কঠিন ; ঝনা। ২ এত তেজাল বা খর যায় ঝাঁঝে পদার্থ শুক্‌না খট্‌খটে হইয়া যায়। প্র-খটখটে রৌদ্র। ৩ খটখট শব্দকারী। ৪ পরিচ্ছন্ন ; ঝরঝরে।

খট/মট [শব্দাত্মক। খট্ (কঠিন ভূমির

উপর জুতার গোড়ালি ঠুকিবার শব্দ) মট (গর্ব্বিতভাবে পা ফেলিবার সময় হাড়ের মটমট শব্দ)] বি, গোড়তোলা বা কঠিন গোড়ালিযুক্ত জুতা পায়ে দিয়া গর্ব্বিতভাবে চলিবার শব্দ। বিণ, ~মটে-ক্রি, বি, ~মটানি।

খট রখট র [খট শব্দের পৌনঃপুনিকতার্থে দ্বিত্ব। 'র' খট শব্দ করিবার পর থামিয়া আবার ঐরূপ করণের অর্থে প্রযুক্ত] বি, ক্রমাগত মৃদুগতিতে খটখট করিয়া চলিবার ভাব ; ঐরূপ শব্দ। ২ কাষ্ঠাদি শুষ্ক ও কঠিন বস্তুর উপর দিয়া কঠিন পাদুকাসহ চলাফেরা করার শব্দ।

খটাখট [খটখট অপেক্ষা উচ্চ ও ব্যাপক শব্দে] বি, কাষ্ঠাদি কঠিন বস্তুতে কঠিন বস্তুর ক্রমাগত আঘাত-শব্দ ; হাতুড়ী পিটিবার শব্দ।

খটাৎ [শব্দাত্মক] বি, হঠাৎ খট্ করিয়া শব্দ ; খট্ অপেক্ষা জোরে বহুদূর ব্যাপী শব্দ।

খটাশ, -স [খট্টাশ >] বি, জন্তুবিঃ : ভাম। ২ শব্দাত্মক শুষ্ক কঠিন বস্তুর আঘাত-শব্দ] বি, খট্ শব্দের ব্যাপ্তিবোধক।

খটি [অখটি >] বি, শিশুদিগের বায়না বা আবদার। ২ [খটী দ্রঃ] স্তূপ। ৩ পরামর্শ। ৪ আড়ত।

খটিক১ [খট্ (আকাঙ্ক্ষা করা) + অক (র্ত্তৃ) ই-আগম] বি, বিকৃত হস্ত। ২ মুষ্টি। ৩ [সং-খট্টিক] উত্তর-পশ্চিম ভারতের জাতিবিঃ। ইহারা হাঁস, মুরগী, পারাবত ই০ পক্ষিপালন ও ক্রয়বিক্রয় দ্বারা জীবিকানির্ব্বাহ করে।

খটিক২ [রাসা০ পরিঃ। বা০ ত্রিবেদী প্রবর্ত্তিত] বি, চূণের মূল উপাদানস্বরূপ পীতবর্ণ ধাতুবিঃ calcium

খটিকা-বি, খটী২ দ্রঃ।

খটিনী [কঠিনী >] বি, খড়ী।

খটী১ [সং-খনি (অর্থ-সম্প্রসারণে) ; হিং-খান] বি, স্তূপ ; রাশি। ২ বাণিজ্যস্থান ; আড়ত। ৩ ধান্য বা চাউল বিক্রয়ের স্থান।

খটী২, খটিকা, কঠিকা [সং-কঠিনী] বি, খড়িমাটী।

খটেল [খুট (খুঁত দ্রঃ) + আল-ওয়াল] বিণ, খুঁত ধরিতে পটু ; দোষ ধরাই যার স্বভাব। ২ [সং-খেটিন্ (কামুক)] কামুক : লম্পট।

খটো [শ্রীহট্ট প্রাদে০] বি, আঁকশী।

খট্টা [খট্ (আচ্ছাদন করা) + অ (র্ম্ম) আ (স্ত্রীং)] বি, পর্য্যঙ্ক : শয়ন করিবার খাট। ২ শববহনের খাট।

খট্টাঙ্গ [খট্টার অঙ্গ-৬ তৎ] বি, খাটের খুরার আকৃতির মুদ্গর : নরকপালাগ্র অস্ত্র। ২ লগুড়।

খট্টাশ [খট্ + অ (র্ত্তৃ)=খট্ট-অশ্ (ভোজন করা) + অ (র্ত্তৃ)] বি, খটাশ ; বন্য জন্তুবিঃ। ২ গন্ধগোকুলা the pole cat ~শি-বি, গন্ধগোকুলের কোষস্থ গন্ধদ্রব্য civet.

খট্টি, -ট্টী-বি, মড়ার খাট।

খট্টিক [খট্ট্ (আবরণ করা) + ইক (জ্ঞা০) -যে জালাদি আবরণ দ্বারা পক্ষী ই০ ধৃত করে] বি, শাকুনিক ; ব্যাধ ; লুব্ধক ; পাখীমারা (খটিক দ্রঃ)।

খট্টেরক [খট্ট্ (আচ্ছাদনে) + এরক(র্ম্ম)] বিণ, খর্ব্বাকৃতি খাট। স্ত্রীং ~া।

খট্ব-বি, খাট ; খট্বা (দ্রঃ)। ২ [নাট্য শা০] শয্যাদির অভিনয়ে দুই চতুব হাতের বৃদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জ্জনী মুক্ত রাখিয়া রচিত মুদ্রা।

খট্বা [সং] বি, পর্য্যঙ্ক ; খাট।

খট্বাকা, খটি্বকা-বি, খাটিয়া।

খট্বাঙ্গ [খট্টাঙ্গ দ্রঃ। খট্বার + অঙ্গ-৬ তৎ] বি, খাটের পায়া। ২ খাটের পায়ার ন্যায় মুগুর। ৩ নরকপালাগ্র লগুড়। ৪ নরপঞ্জর। ৫ পৃষ্ঠবংশ ; শিরদাঁড়া। ৬ শিবের অস্ত্রবিঃ। ৭ সূর্য্যবংশীয় রাজবিঃ। ~ধর, ~ভৃৎ -বি, শিব। স্ত্রীং ~ী, ~ধারিণী। "ত্রিনয়নি! ও মা! খট্টাঙ্গধারিণি! নিশুম্ভদলনি! মায়া-প্রবর্দ্ধিনি!"-বাং-গান (দাশরথি)। ~মুদ্রা [তন্ত্রে] বি, দক্ষিণ হস্তের পঞ্চাঙ্গুলী একত্র করিয়া উর্দ্ধভাগে উন্নত করিলে যে মুদ্রা হয় (রুদ্রযামল)।

খট্বারূঢ় [খট্বা + আরূঢ়। নিন্দার্থক শব্দ] বিণ, জাল্ম ; দুর্ব্বৃত্ত ; কাটগোঁয়ার। স্ত্রীং ~া।

খটি্বকা, খট্টিকা [খট্বা + ক (অল্পার্থে-আ) আ=ই] বি, ছোটখাট।

খড [হিং-খড্] বি, দুই পাহাড়ের মধ্যস্থ বৃহৎ ব্যবধান, অতিশয় নিম্ন উপত্যকা : অত্যুচ্চ পর্ব্বতমালার মধ্যে মধ্যে সুগভীর নিম্ন-ভূমি ; খো ; খোএন।

খড়১ [প্রাকৃ০-খড (হে০-নামমালা) খড় (ভেদ করা) + অ (ভা০)] বি, ভঙ্গ।

খড়২ [র্ম-অ। সং-খেট্ (তৃণ) > । বাং খেঁড় ও০] শুষ্ক তৃণ ; শুক্‌না ঘাস। ২ বিচালি। ~কুটা, -কুটো [সহচর শব্দ] শুষ্ক তৃণ ও তদ্বৎ ক্ষুদ্র বা অকিঞ্চিৎকর বস্তু। ~কুটি-খড়েত কুটি ; কুট্টির খড়। ২ ['খড়-কুটা'ও] ঘাস ফুলের কুঁড়ে। খড়ের আগুন-খড়ে অগ্নি স্পর্শ হলে যেমন দপ্ করিয়া জ্বলিয়া উঠে সেইরূপ অতি সামান্য উত্তেজনায যার ক্রোধ উদ্দীপ্ত হয় : কোপন-স্বভাব ; উগ্রপ্রকৃতি।

খড়কি১ [খড়ক্কী > । খিড়কী দ্রঃ] বি, খিড়কী ; ৬প্তদ্বার। "ধায় বেগে খড়কীব পথে।"-কবিক০। ২ খড়খড়ী।

খড়কি২-বি, খড়ক্কিকা (দ্রঃ)। ২ ধান্যভেদ। "সনা-প০ দুগ্‌গা-ভোগ আস-আঙ্গ কল। আস মুক্তাহার বুলেন দ্বিগুন জার ফল॥"-শূ০ পু০।

খড়কিয়া, খিড়কে [খড়িকা দ্রঃ] বি, খড় বা তৃণখণ্ডের ক্ষুদ্র শলাকা ; দন্ত-পরিষ্কারক তৃণখণ্ড। ২ বাটা মৎস্যের প্রকার-ভেদ ; খড়কে বাটা। ~খাওয়া, -লওয়া-খড়্‌কে কাঠি দিয়া আহারের পর দাঁতের ফাঁকে সংলগ্ন অন্নব্যঞ্জনাদি বাহির করা। ~ডুরে-সরু আঁজির ডুরে কাপড়। ~বাটা-সরু ও ছোট জাতীয় বাটা মাছ। কানখিড়্‌কে [কাণ খট্কা >] তীক্ষ্ণ শ্রবণশক্তিযুক্ত।

খড়্ক্কিকা, খড়্‌ক্কী-বি, খিড়কীদ্বার : অন্তঃপুরবাসিনীদিগের গমনাগমনের গুপ্ত-দ্বার। ২ খড়খড়ি।

খড/খড় [শব্দাত্মক] বি, শুষ্ক তৃণ-পত্রাদির মধ্যে নড়া বা চলাফেরার শব্দ। বিণ, ~খড়ে। ক্রি-বি, ~খড়ানি।

খড়খড়ি [শব্দাত্মক। খুলিবার ও বন্ধ করিবার সময় খড় খড় শব্দ করে বলিয়া] বি,

জানালা দরজার কাঠাবরণ বি: venetian blinds ; ঝিলিমিলি।

খড়ম [হিং-খড়োঙ্] বি, কাষ্ঠপাদুকা। "করেতে ত্রিশূল শোভে চরণে খ°।" -ভারত°। ~চরণ, ~পা-যে পদতল খড়মের মত মধ্যভাগ শূন্যে থাকে অর্থাৎ চলিতে মৃত্তিকাস্পর্শ করে না ও শব্দ হয়। ইহা অশুভ চিহ্ন। "হংস গমন নহে খড়মচরণ।" -মনসা° (নারায়ণ দেব-১৩শ শতাব্দী)।

~পাইয়া, ~পায়া, ~পেয়ে-বিণ, যার পা খড়মের মত অগ্রপশ্চাদ্‌ভাগ মাত্র ভূমি স্পর্শ করে ও মধ্যস্থল উর্দ্ধে থাকে ও চলিতে শব্দ হয়। (অশুভ লক্ষণযুক্ত)। অলক্ষণাক্রান্ত। স্ত্রী: ~পায়ী। ~পেটা -বিণ, খড়মের দ্বারা প্রহৃত। "এইবার খড়মপেটা করবো।" (তুল-জুতাপেটা করা)।

খড়্‌মড় [খড় খড় শব্দের ক্ষে°'খড়'-মড়্ মড়্ শব্দের ক্ষে° 'মড়'] শুষ্ক তৃণ-পত্র মধ্যে নড়াচড়ার শব্দ; অধিক মাড় দেওয়া বস্ত্র, কাগজ ই°-র পাট ভাঙ্গা বা নাড়াচাড়া করিবার শব্দ। বিণ, ~মড়ে। ক্রি-বি, ~মড়ানি।

খড়মালি, -লী [প্রাদে°] বি, অগ্নিসিদ্ধ লবণ।

খড়রা [হিং-খর্‌রা] বি, ঘোড়ার গা মাজা যন্ত্র।

'খড়া-বি, ইষ্টকাদির জোড়ের মুখ। ~কাটা-দাগ করা।~কাটা,~দেওয়া, ~মারা-গৃহাদির ইষ্টক প্রস্তর ই°-র জোড়ের মুখ বা কাটলের মুখ চূণ সুরকি ই°-র প্রলেপ বা প্ল্যাষ্টার দ্বারা বন্ধ করিয়া দেওয়া। ২ দাগরাজি করা।

খড়ি১ [খটী, খড়ী দ্র:] বি, শ্বেতবর্ণ মৃত্তিকাবি: (chalk)। ২ তিলকমাটী। ৩ কৌশল; শিল্পচাতুর্য্য; নৈপুণ্য। "স্থির চোকে ধীর মনে যে দেখিবে ঘড়ি। সে বলিবে ঠিক যেন ঈশ্বরের খ°॥"-পদ্যপাঠ। ৪ উপদেশ; পরামর্শ; মন্ত্রণা। ৫ কার্য্য; কর্ম্ম। "এমন যাত্রাতে গেলে লোক হয় বন্দী। কহিনু পঞ্জিকা সাধু শুন খ° সন্ধি। ৬ গণনা; অঙ্ক। "খ° পাতিয়া জন্ম, শক, দিন, বার, তিথি, দণ্ড, পল সকল নিরূপণ করিলেন।"-সীতারাম (বঙ্কিম°)। ৭ শুষ্ক কাষ্ঠ; ইন্ধন। ৮ একজাতীয় মোটামোটা লম্বা লম্বা ঘাস। ৯ খুস্‌কি; শরীরে তেলজল না পড়িলে চর্ম্ম শুষ্ক হয় এবং তাহাতে আঁচড় লাগিলে বা চুলকাইলে যে খড়ির বা শ্বেতবর্ণ ধূলার মত ঝরিয়া পড়ে তাহাকে খড়ি উঠা বলে। "শত শিরা গায়, কেশ উড়ে যায়, গায়ে উঠে তব খ°।" ১০ চিহ্ন; খড়ির দাগ। ১১ একজাতীয় ইক্ষু; খড় বা খড়ি আক।

~উঠা, -উড়া-খড়ির মত, শ্বেতবর্ণ শুষ্ক চর্ম্ম উঠা; খুস্কি উঠা। "তৈল বিনা তনু ক্ষীণা খ° উড়ে যায়।"-শি°। ~করা-অঙ্ক কষা। চকখড়ি, চাখড়ি, চুনাখড়ি, ফুলখড়ি-শ্বেত ও মোলায়ম খড়ি carbonate of lime ~পাতা-জ্যোতিষের গণনা করা। ২ অঙ্কপাত করা; অঙ্করেখা। "মন্ত্র পড়ি খ° পাতি গণিয়া গগনে; নিবেদিলা হাসি সখী।"-মেঘ°। বি,~পাত,-পাতী -অঙ্কপাত। হাতেখড়ি-শিশুর সর্ব্বপ্রথম বাঙ্গালা বর্ণমালা ভূমির উপর লিখিতে শিখা-রূপ সংস্কার। ২ কোন ব্যবসায় বা কোন কার্য্যে শিক্ষানবীশী বা প্রথম হস্তক্ষেপ।

খড়ি২ [প্রাদে° খড়ী (দ্র:)র আকার <] বি, লাঠি। "আইল সন্ন্যাসী এক হাতে লইয়া খ°।"-চৈ° গী°। ~কাটা [খড়ি ৮ দ্র:] বি, নলকাঠি reeds.

খড়িকা [প্রা°-খড়িকে < খড় (দ্র:)] বি, উলুখড়ের মূলভাগ। ২ খড়কে কাঠি। ৩ খড়ীমাটি। ~মুঠি [প্রাদে°] বি, একমুষ্টি খড়িকার মত গায়ে ডুরে আঁজিযুক্ত। প্র-খড়িকামুঠি মাছ; খড়িকামুঠি কাপড়।

খড়িকার [খুট (খুঁত) কার। তুল-খুঁত কাড়া] বি, কুৎসা।

খড়িঞ্চী, খড়িটি, খড়ুটি,-টী-বি, খড়-মিশ্রিত মৃত্তিকা দ্বারা গৃহাদির ভিত্তি লেপন; মেটে দেওয়াল মসৃণ করিবার জন্য তাতে লাগাইবার প্রলেপ; মেটে বাড়ীর দেওয়ালে যে লেপ দেওয়া হয়। খড়িটি করা-মেটেবাড়ীর দেওয়ালে লেপ দেওয়া বা প্লাষ্টার করা।

খড়িমাটী-বি, শ্বেতমৃত্তিকাবি:; খটী; চকখড়ি chalk.

খড়িয়া, 'খড়ে-বিণ, খড়িযুক্ত। ২ পাণ্ডুবর্ণ। ৩ বি, শাকবি:। ৪ জলাঙ্গীনদীর নামান্তর। ৫ জ্বালানী কাষ্ঠবিক্রেতা।

খড়ী [খটী ৪ দ্র:] বি, খড়ীমাটী। 'মন্ত্রপড়ি খ° পাতি গণিয়া গগনে; নিবেদিলা হাসি সখী।"-মেঘ°। ২ অঙ্ক (শুভঙ্করী); গণিত। ৩ ইক্ষুর ন্যায় একপ্রকার গাছ। ~ন [খ-ডীন (নভোগতি)] বি, বিহঙ্গগতিভেদ।

খড়ুটি-খড়িঞ্চী দ্র:।

'খড়ুয়া১, খড়ো [খড়্ + উ আ:=খড়ুআ (ক্ষে°) খড়ো] বিণ, খড়যুক্ত; খড়নির্ম্মিত। ২ খড় দ্বারা আচ্ছাদিত।

'খড়ুয়া২ [সাঁওতালী শব্দ] বি, রূপার হাতের অলঙ্কার; মাটির বালা।

খড়ুর, খড়ুলি [প্রাদে°] বি, খড়েল।

খড়েল [খট-জল] বি, যে নারিকেলের জল সম্পূর্ণ শুষ্ক হইয়া শাঁস মালা হতে পৃথক্ হইয়া গোলার মত হয়; ঝুঁদী নারিকেল।

খড়্গ [খড় (ভেদ করা)+গ (র্ত্তৃ)] বি, গণ্ডারের শৃঙ্গ। ২ [+গ গে যদ্দ্বারা ছেদন করে] খাঁড়া, তরবারি ই° ছেদনাস্ত্র। ৩ সুগন্ধি দ্রব্যবি:। ৪ লৌহ। ৫ [খড়্গ (গণ্ডারের নাসিকাস্থিত খড়্গ)+অ (স্ত্য) অ লোপ] বি, গণ্ডার। ~কোষ [খড়্গের (অস্ত্রের) কোষ (আবরণ)-৬ তৎ] বি, খড়্গাবরণ, তরোয়ালের খাপ। ~ধেনু, -ধেনুকা-বি, ছোরা; ছুরিকা; গাঁওাসা বা গাঁড়াসা নামক কর্ত্তরী। ~পত্র-বি, অসিপত্র; অসিফলক; ঢাল। ২ ইক্ষু। ~পাণি [খড়্গ-পাণিতে যার-বহু°] বিণ, যার হস্তে খড়্গ আছে; কৃপাণকর; অসিধর। ~পিধান-বি, খড়্গকোষ দ্র:। ~পুত্র,-পুত্রিকা-বি, অসিধেনু। ধরিবার মুঠযুক্ত শ্যামবর্ণ, ত্রিধার সূক্ষ্মমুখ অস্ত্র বা মেখলায় গ্রথিত হইলে খ° নামে অভিহিত হয়। ইহা বিদারণ ও বিদ্ধকরণে ব্যবহৃত হয়। ~ফল, -ফলক-বি, তরবারির খাপ। ~মাংস-বি, গণ্ডারের মাংস। ~মুদ্রা [তন্ত্রে] বি, অঙ্গুষ্ঠ দ্বারা কনিষ্ঠা ও অনামিকা বন্ধ

করিয়া অন্য অঙ্গুলি মিলিত করিয়া বিস্তার করিলে যে মুদ্রা হয়। ~হঁস্ত [খড়্গ হস্তে যার-বহু°] বিণ, কৃপাণধারী। ২ খড়্গাঘাতে উদ্যত। ৩ সাতিশয় ক্রুদ্ধ। ৪ প্রতিকূল।

খড়্গী [খড়্গ + ইন্ (স্ত্য) মূ°-খড়্গিন্ ১মা ১ব°] বি, গণ্ডার। ২ মহাদেব। ৩ বিণ, খড়্গধারী। ~ক [খড়্গ + ঈক (পটুতার্থে) খড়্গের কাধ্য সমাধা হয় বলিয়া] বি,দাত্র; দা।

খঁণ [ক্ষণ শব্দের কোমল রূপ (ব্রজ°)] বি, ক্ষণ ; মুহূর্ত ; অনুক্ষণ। "খণে গোই রোই খণে হসই।"-গোবিন্দ°।

খণে, খণেকে-ক্ষণে দ্রঃ।

খঁণ্ড১-খাঁড়গুড়। "রান্ধিবে ছোলার শাক তাতে দিবে খ°।"-কবিক°।

খণ্ড২ [খন্ড্ (ভগ্ন করা) + অ (ভা°)] বি, অংশ ; ভাগ : টুকরা। ২ গ্রন্থের ভাগ volume. ৩ দেশাংশ।

খঁণ্ড৩ ['খণ্ডা'ও°। প্রা° বাং-খাঁট। অতি প্রা° বৌ° বাং-খলচ, খালট-হে° দেশীনামমালায়-'খংড' "অসঙ্গই (অসতী) খংডঈ"] চোর ; ছেঁচড়। "খণ্ট চোর মছল যতেক দুরাচার।"-রামা° (মাধব কন্দলী) ; দস্যু ; ডাকাত। "চোর খ° লম্পট পাইল কিবা লাগ।"-কবিক°। "চোর খণ্ডাইতে তুমি নাহি কর ভয়।"-ঐ। ২ খাঁড়া (অ° ম°)। ৩ খান ; টা ; টী ; প্রস্থ। প্র-একখণ্ড কাপড়। ৪ ক্রি, খণ্ডা১ দ্রঃ। বিণ, খঁণ্ডিত। স্ত্রীং ~ী-খণ্ডনকারিণী। ~কঁথা-বি, ছোট গল্প ; স্বল্প কথা। ~কঁপালিয়া [প্রাদে°] বিণ, ভাঙ্গা-কপাল: যার অদৃষ্ট মন্দ ; দুর্ভাগ্য। ~কঁর্ণ-বি, সকরকন্দ আলু ; মৌ আলু। ~কাব্য-বি, মহাকাব্যের সকল লক্ষণাক্রান্ত নহে এমন অনতিদীর্ঘ কাব্যকে খণ্ডকাব্য বলে। খণ্ডকাব্যে আট সর্গের অধিক থাকে না। ~খঁণ্ড [খণ্ড + খণ্ড (সংখ্যাধিক্য অর্থে-দ্বিত্ব)] ক্রি-বিণ, ভাগভাগ ; খণ্ড বিখণ্ড : টুকরা টুকরা ; খণ্ডশঃ। ২ বি, ক্ষুদ্র ক্ষুদ্র অংশ। ~খর্জ্জুর-বি, খাঁড় গুড়ে পাক করা খেজুর। ~গিরি-বি, পুরী জেলার অন্তর্গত পাহাড়বিঃ। ~জঁ [খণ্ড-জন্ (জন্মান) + অ (র্তৃ)] বি, বিভাগজ ; অংশজ। ২ গুড়। ~তাল-বি, সঙ্গীতের তালবিঃ। ~ধারা -বি, কর্ত্তরী ; কাঁচি। ~পঁরশু, ~পশুঁ [খণ্ড (টুকরা) পরশু (কুঠার) যার-বহু°-যিনি শত্রুগণকে পরশু দ্বারা খণ্ড খণ্ড করিয়া ছিলেন] বি, মহাদেব। ২ রাহু। ৩ পরশুরাম। ~প্রলঁয় [খণ্ড (অংশ) প্রলয় (ধ্বংস) -৬ তৎ, বা ধা] বি, ক্ষুদ্রপ্রলয় ; প্রজাপতি ব্রহ্মা প্রাতে সৃষ্টি করিয়া সায়ংকালে সৃষ্টির অবসান রূপ যে লয় করেন তাই দৈনন্দিন প্রলয় বা খণ্ডপ্রলয়। ২ তুমুলকাণ্ড। ৩ খুনোখুনি ব্যাপার। ~পাল [খণ্ড (ইক্ষু গুড়, খাঁড়) পাল (যে রক্ষা করে, যে ব্যবহার রাখে) -উপ°] বি, ময়রা। ~বিটনী-বিণ, খাঁড়, বীরখণ্ডী বা মোদক বিক্রয়কারিণী। ~ব্রঁতি -বি, অঙ্গহীন ব্রত।

খঁণ্ডন [খন্ড্ (ভগ্ন করা) + অন (ভা°)] বি, অংশকরণ ; খণ্ডকরণ। ২ ছেদন। ৩ [মনোবিজ্ঞান] যুক্তিদ্বারা অপ্রকৃত প্রমাণ-করণ ; ভঞ্জন ; নিরাকরণ conputation ~কঁরা-অপ্রমাণ করা। ২ প্রতিবিধান করা ; হইতে না দেওয়া। প্র-বিধি-লিপি খ° করা কাহার সাধ্য। ৩ ছেদন করা : ভগ্ন করা। ৪ বিভাগ করা। ~মঁণ্ডন [খণ্ডন (ছেদন, পৃথক্করণ)-মণ্ডন (অলঙ্করণ, সংযোজন)] বি, কাটা-জোড়া ; ভাঙ্গযোড় করা। ~ীয়ঁ [খন্ড্ (ভগ্ন করা) + অনীয় (র্ম্ম)] নিরাকরণীয় ; খণ্ডন-যোগ্য ; ভঞ্জনীয়।

খঁণ্ড (-া) [মোক্তারনামা (আমমোক্তার নামার বিপরীত)] বি, বিশেষ মোক্তারনামা।

খঁণ্ডশঃ [-শক্ >] অ, খণ্ড খণ্ড করিয়া ; টুকরা টুকরা ভাবে।

খঁণ্ডা১ [খন্ড্(ভগ্ন করা) + অ (র্ম্ম) স্ত্রীং-আ] বি, খণ্ডিত ; অংশ। ২ [খন্ (বিদারণ করা) + ড (ণে) স্ত্রীং আ=খণ্ডা] খড়্গ ; খাঁড়া। "প্রচণ্ডা খর্পর খ° হাতে, মুণ্ডমালী।"-মেঘ°। ৩ [জ্যো°] গণনার সুবিধার্থ গণিতিক অঙ্কাবলী table.

খঁণ্ডা২ [খণ্ডিত >] বিণ, বিচ্ছিন্ন detached. প্র-খণ্ডা তালুক।

খঁণ্ডা৩, খঁণ্ডান [উ° পু°-খণ্ডাই ; খণ্ডি। ম° পু°-খণ্ড ; খণ্ডাও ; খণ্ডান ; খণ্ডা। প্র° পু°-খণ্ডে ; খণ্ডায় ; খণ্ডান। অস-ক্রি, খণ্ডিতে ; খণ্ডাইতে ; খণ্ডিয়া ; খণ্ডাইয়া' খণ্ডি (পদ্যে), খণ্ডে ; খণ্ডিবার, খণ্ডাইবার, খণ্ডাবার। খঁণ্ডিল-খণ্ডন করিল। খঁণ্ডিবে-খণ্ডন করিবে। প্রা° বাং খঁণ্ডউ-খণ্ডিত হউক। খঁণ্ডএ-খণ্ডিত হয়] ক্রি, খণ্ডন করা। ২ বর্জ্জন করা ; ত্যাগ করা। "লজ্জা খণ্ডি কহি আমি আপন মরম।"-কবিক°।

খঁণ্ডাতি [খণ্ডা (খাঁডা) + তি] বি, খড়্গ-ধারী (ঘ°)।

খঁণ্ডানি [খণ্ড দ্রঃ। উ° পু°-খণ্ডাই। ম° পু° -খণ্ডাও, খণ্ডান, খণ্ডা। প্র° পু°-খণ্ডায়, খণ্ডান। অস-ক্রি, খণ্ডাইতে : খণ্ডাইয়া ; খণ্ডি (পদ্যে), খণ্ডে ; খণ্ডাইবার। প্রা° বাং খণ্ডাইবোঁ, খণ্ডায়িবোঁ-খালন করিব (শ্রী° কী°)। খঁণ্ডিব-খণ্ডিত হইবে। খণ্ডিবোঁ-খণ্ডিত করিব] ক্রি, খণ্ডন করা ; বিচ্ছিন্ন করা ; ছেদন করা ; খালন করা। ২ অতিক্রম করা। ৩ সংশোধন করা ; বিপরীত করা : যা হবার তা না ঘটিবার উপায় করা। "এ কলঙ্ক কেবা খণ্ডাইবে।"-রামা° (জগৎ-রাম)। "কপালের ফল কে খণ্ডিবে বল।"

খঁণ্ডাখিণ্ডি-বি, পরস্পর কলহ : পরস্পর বিপক্ষতা।

খঁণ্ডাভ্র [খণ্ড (অংশীভূত) যে-অভ্র (মেঘ°) -ধা] বি, খণ্ড মেঘ।

খঁণ্ডামঁলক-বি, আমলকীর মোরব্বা।

খণ্ডিক [খণ্ড + ইক (স্ত্য)] বি,ক্রোধান্বিত, রুষ্ট। ২ মুনিবিঃ। ৩ বগল ; কক্ষ ; কাখ। ৪ খেঁসারি কলায়।

খণ্ডিত [খণ্ড + ত (র্ম্ম)] বিণ, যা খণ্ড করা হইয়াছে ; কীর্ত্তিত , ছিন্ন ; দ্বিখণ্ডিত। ২ পৃথক্-কৃত ; ভিন্ন। ৩ অংশিত , বিভক্ত। ৪ অঙ্গহীন ; অসম্পূর্ণ। ৫ ভীত ; শঙ্কিত। স্ত্রীং ~া-বিণ, দ্বিধাকৃতা। ২ নিরাকৃতা। ৩ বি, নায়িকাভেদ ; স্বামীর পরনারী সহবাস-চিহ্নাদি-দর্শনে কুপিতা ও ঈর্ষান্বিতা স্ত্রী। ~ক্ষুর-বি, বিণ, দ্বিশফ ; গবাদি পশু।

খণ্ডী-বিণ, খণ্ডনকারিণী। "খুল্লনা পূজেন চণ্ডী শোক-দুঃখ-খ°।"-কবিক°। ২ খণ্ড-যুক্ত। ৩ বি, বনমুখ।

খঁণ্ডুল-বি, পালিতা মাদার জাতীয় বৃক্ষ stercula wrens.

খণ্ড্য-বিণ, খণ্ডনযোগ্য ; খণ্ডনীয়।

খত, খৎ [আ০-খৎ=রেখা, আঁচড় তা হতে কলমের আঁচড়-পরে তমসুক] বি, চিঠি ; লিপি। ২ কর্জ্জ লওয়া টাকার জামিনস্বরূপ দস্তুরমত ষ্ট্যাম্প কাগজে লিখিত প্রতিজ্ঞাপত্র ; ঋণলেখ্য ; তমসুক। ৩ চিঠা। ৪ চিহ্ন ; সরলরেখা ; কষি। ৫ ঘষণ বা আঘাতচিহ্ন। "ভূমে হাঁটুপাতি কেহ নাকে দেয় খত বেঁচে গেলে এবার বিষয়ে দণ্ডবত॥"-ঘ০। "আছে খৎ নে পথে বোসে কে রমণী সে, শ্যাম কি ধার কিছু তার।"-রামবসু। দাসখৎ-দাসত্বস্বীকার পত্র। "ওহে গোবিন্দ মনে সন্দ হোতেছে। দিয়েছ দাসখৎ তুমি কোন রমণীর কাছে॥"-রামবসু। নাকেখৎ-অপরাধের দণ্ডস্বরূপ ভূমিতে নাসিকা-ঘষণ। ২ ভবিষ্যতে সাবধান হইবার জন্য উক্ত দণ্ড গ্রহণ। ফারখৎ-ছাড়পত্র। বন্ধকী খৎ-কোন কিছু বন্ধক রাখিবার নিদর্শন-পত্র।

খতনা [আ০-খৎনা] বি, সুন্নৎ ; ত্বকচ্ছেদ ; মুসলমানী করণ circumcision.

খতবা [আ০-খৎবা] বি, হজরৎ মুহম্মদ, তাঁহার উত্তরাধিকারী ও রাজার মঙ্গলোদ্দেশ্যে সমবেত হইয়া পঠিত নমাজ ; রাজার কল্যাণ-প্রার্থনা।

খতম [আ০-খতম্] বি, শেষ ; সমাপ্তি। ২ মৃত্যু। বিণ, সমাপ্ত। ~করা-শেষ করা ; সমাপ্ত করা। "কমিশন ভারতের অনুসন্ধান খ০ করে ইংরেজ সমাজে যায়।"-বি০ সরকার। ২ সাবাড় করা ; মারিয়া ফেলা। ~া (-ত-)-বি, খতম ; শেষ ; চরম।

খতরা [আ০-খৎরহ্ (বিপদ)] বি, ভয় ; বিপদ।

খতানি [খৎ দ্রঃ। উ০ পু০-খতাই। ম০ পু০-খতাও। প্র০ পু০-খতায়। অস-ক্রি, খতাইতে ; খতাইয়া, খতিয়ে] ক্রি, গণনা করা ; হিসাব-নিকাস করা॥ বি, খতেন। [খতিয়ান দ্রঃ]।

খতি [আ০-খৎ (রেখা) >] বি, কাপড়ের জমি। ২ উৎকোচ। "বিনা উপকারে খায় খ০।"-কবিক০।

খতিব [আ০-খতীব] বি, খুৎবা বা খৎবা পাঠকারী মুসলমান যাজক।

খতিয়ান, খতেন [হি০] বি, নির্দ্ধারিত খাজনা ও আদায় উসুলের হিসাব-পত্র ও প্রজাদির জমি-জমা-সম্বন্ধীয় বিশেষ তথ্য-নিরূপক কাগজ বা বহি। ২ যে হিসাব-পুস্তকে ক্রয়-বিক্রয় বা আমদানী-রপ্তানীর হিসাব স্বতন্ত্র করিয়া লিখিত থাকে। প্রত্যেক ক্রেতা বা বিক্রেতার নামে প্রত্যেক জিনিসের ক্রয়-বিক্রয় বা আমদানী-রপ্তানীর হিসাব স্বতন্ত্র করিয়া যাতে লিখিত থাকে ; যদ্দারা প্রত্যেকের সহিত দেনা-পাওনা কিরূপ চলিতেছে কোন জিনিসে কিরূপ লাভ লোকসান ই০ জানিতে পারা যায় ledger book. ~করা-প্রত্যেক প্রজার দখলী ভূমির বিশেষ ও বিস্তারিত বিবরণ অর্থাৎ কোন প্রজার চিঠার দাগের কি পরিমাণ ও কি প্রকার জমি দখল করে তার পৃথক্ পৃথক্ ফর্দ্দ লেখা।

খতিরি [প্রাদে০] বি, নদীর বালুময় কম খাজনার তটভূমি যা সার দিয়া ও জলসেচন করিয়া শস্য উৎপাদনের উপযোগী করা হয়।

খতো, খতুয়া [ক্ষত >] বিণ, ভগ্ন ; জীর্ণ। ২ বি, চোখের কোণে ও পাতায় ঘা। ~ধরা, ~মারা-ক্রি, ক্ষতপ্রাপ্ত হওয়া। ২ ক্ষতদুষ্ট। ৩ ছাতাধরা।

খত্তাল [সং-করতাল] বি, কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্রবিঃ।

খদ্-বি, অনুকার শব্দ। ~খদ্-অল্প তরল পদার্থের ফুটিবার বা মাতিয়া উঠিবার ধ্বনি বা ভাবব্যঞ্জক।

খদি, খদিকা [প্রা০ বাং খধি ও০। "দধি খধি দূর্ব্বা ধান।"-মহা০ (অভিরাম)] বি, খই ; লাজ। "গোপনারী দেয় দধি, সূত্রধর চিড়া খদি মোদক সন্দেশ খণ্ড চিনি।"

খদিম-খাদিম দ্রঃ।

খদির [খদ্ (হিংসা করা) + ইর (র্ত্তৃ)] বি, খয়ের গাছ। ২ ইন্দ্র। ৩ চন্দ্র। ৪ [খদির্ + ক ও০] খয়ের। ~কষায়, ~কাথ-খদিরের নির্য্যাস। ~পত্র, ~পত্রিকা-গুয়েবাবলা। ~ময়-খয়ের কাঠে নির্ম্মিত। ~সার [খদিরের (খদির বৃক্ষের) সার -৬ তৎ] বি, খয়ের।

খদিরা-বি, লজ্জালুলতা। ~দ্যি-খদির ও ত্রিফলার কাথ। ~ষ্টক [বৈদ্যক] বি, অষ্ট-খদির অর্থাৎ খদির, ত্রিফলা, নিম, পলতা, গুলঞ্চ, বাসক, এই আটটার সমষ্টি।

খদ্দর [গুজরাটি-খদ্দর] বি, হাতে কাটা কার্পাস সুতায় নির্ম্মিত মোটা কাপড় ; খাদি (দ্রঃ)।

খদিরিকা-বি, লাক্ষা ; গালা। ২ লজ্জাবতীলতা।

খদ্দের, খদ্দের [ফা০-খরীদার্ শব্দের ভ্রং] বি, খরিদ্দার ; ক্রয়কারী ; ক্রেতা।

খদ্যোত [খ (আকাশ) দ্যুৎ (দীপ্তি পাওয়া) + অ (র্ত্তৃ)-যে আকাশে দীপ্তি পায়] বি, জোনাকি পোকা। ২ যে আকাশে বা স্বর্গে দীপ্তি পায় এই অর্থে (খদ্যোত বা খদ্যোতন)=সূর্য্য। ~মালা-বি, জোনাকির দল। খদ্যোতিকা [খদ্যোত দ্রঃ] বি, জোনাকি পোকা। "খদ্যোতিকাদ্যুতি যথা পূর্ণ শশিতেজে।"-মেঘ০।

খধূপ [খ (আকাশ) ধূপ (গন্ধদ্রব্য)-৬ তৎ] বি, তারাবাজী ; হাউইবাজী। ২ তোপ।

খন১ [ক্ষণ শব্দের কোমলরূপ। ব্রজ০] বি, ক্ষণ ; মুহূর্ত্ত। "বুঝি এতক্ষণে আমাদের চিনিল মাতা।"-রবী০। "অব অনুখন দেই আঁচরে হাত।"-বি০ প০। ~খন-খন্ এই ধ্বনির অনুকরণ-শব্দ ; ধাতুনির্ম্মিত দ্রব্যাদির আঘাত-শব্দ ; ধাতুপাত্র বা ধাতুময় যন্ত্রাদির শব্দ। প্র-খন্ করিয়া শব্দ হইল।

খন২ ['এখন' বা 'অখন' এর সংক্ষিপ্ত রূপ (কবিক০)। আধু০ গল্প-উপন্যাসাদিতে প্র০ চ০] অ, এখন। "করবে খন", "হবে খন" ই০।

খনক [খন (খোঁড়া) + অক (র্ত্তৃ)] বিণ, খননকারী। বি, খনি হতে যারা ধাতু উত্তোলন করে ; খনিকার্য্যকারক miner. ২ সিঁধাল চোর। ৩ মূষিক।

খনৎকার-বি, খননকারী ; খনক।

খনন [খন্ (খোঁড়া) + অন (ভা০)] বি, গর্ত্ত বা খাত করা ; খোঁড়া। ২ খনি হতে ধাতু-রত্নাদি খুঁড়িয়া বাহির করা। বিণ, খাত ; খনিত-যা খনন করা হইয়াছে। বিণ, খননীয়-খননযোগ্য।

খনয়িত্রী [খন্+ণিচ্=খনি (খনন করান)+তৃ (র্তৃ) ই॰ আগম, স্ত্রীং (ঈ)= খনয়িত্রী] বি, যে খনন করায়। ২ [ণে-তৃ] যদ্দ্বারা খনন করা হয় খন্তা। ৩ খুন্তী।

খনা১ [খনন দ্রঃ] ক্রি, খোঁড়া, খনন করা। খনিয়া, খন্যে-খনন করিয়া খুঁড়িয়া (কবিক॰)।

খনা২-বিণ, অনুনাসিক স্বরে যে কথা কহে ; যে নাকে কথা কহে। ~খনা-বিণ, ঈষৎ অনুনাসিক।

খনা৩-বি জ্যোতির্ব্বিদ্যায় পারদর্শিনী জনৈকা বঙ্গনারী। খনার বচন-সূত্রাকারে লিখিত এবং সুপ্রচলিত কতকগুলি প্রবচন খনার লিখিত বলিয়া প্রসিদ্ধ। ইহাতে পুষ্করিণীখনন, বর্ত্ম নির্ম্মাণ, বৃক্ষরোপণ ই॰ সাধারণের হিতকর এবং কৃষক ও গ্রহাচার্য্যের জ্ঞাতব্য ও পালনীয় ক্ষেত্রতত্ত্ব ও জ্যোতিষ-বিষয়ক বহু উপদেশ আছে। "খ ডেকে বলে যান। রোদে ধান ছায়ায় পান॥" ঊষা-লক্ষণ সম্বন্ধে আছে ;-"ডাকয়ে পক্ষী না ছাড়ে বাসা। উড়িয়ে বৈসে খাবে করি আশা॥ ফিরে যায় নিজালয় না পায় দিশা। খ॰ ডেকে বলে সেই সে ঊষা॥"

খনি, খনী [খন্ (খোঁড়া)+ই (ণ্ম) স্বর্ণাদি উত্তোলন জন্য যা খনন করা হয়] বি, ধাতুরত্নাদির উৎপত্তিস্থান ; আকর। ২ গর্ত্ত। ৩ ক্রি, খনন করি ; খুঁড়ি। ৪ বস্ত্র-বিঃ : পাটের পাছড়া। "মনসা জমিলরে গায়েনে দেও খনি।"-পদ্মাপু॰ (বিজয়) [এই বস্ত্র বয়ন করিতে বহুদিন লাগিত ও ইহা খুব মজবুত হইত। যথা-"মোর দেশে এক-জাতি, জন কত আছে তাঁতি বুনিতে অনেক দিন লাগে। কেবল ধীরের কাম, বস্ত্র বড় অনুপাম, প্রাণশক্তি টানিলে না ভাঙ্গে।" -বি, গুপ্ত] ~জ [খনি-জ (জন্-জন্মান+ড (র্তৃ)-উপ॰] বিণ, যা খনিতে জন্মে : খনি হতে উৎপন্ন : খনিজাত : আকরিক : আকরজ। ২ [রাসা॰ শা॰] আকরবা দ্রব্য : রস mineral

খনিত [খনন দ্রঃ] বিণ, যা খনন করা হইয়াছে : খাত।

খনিত্র,-ক [খন্ (খোঁড়া)+ইত্র (ণে) যদ্দ্বারা খনন করে। প্রা॰-খন্তা, খোন্তা] বি, মৃত্তিকা খনন করিবার পাতলা মাথা ও সরু দাণ্ডার লোহার অস্ত্র ; খন্তা।

খনে [প্রা॰ বাং। ক্ষণ-খন] অ, ক্ষণে। "এই যে অপূর্ব্ব বটবৃক্ষের তলায় খ॰ বৈসে খ॰ উঠে লোটায় ধূলায়।"-ব্রজপরিক্রমা। ~ক-বি, একমুহূর্ত্ত। ২ অ, ক্ষণকালের জন্য। ~কে [প্রাদে॰] অ, ক্ষণমধ্যে ~খনে-অ, প্রতি মুহূর্ত্তে ; মধ্যে মধ্যে।

খন্তা [খনিত্র >] বি, খননাস্ত্র ; খনিত্র ; খুরপায়। "বাম দিগে কাচস্তি পরভুর তিধার খ॰।"-শূ॰ পু॰। ২ রন্ধনকার্য্যে ব্যবহৃত বড় খুন্তি।

খন্তি-খুন্তি দ্রঃ।

খন্তিক-বি, খন্তা। "খ॰ পুতিয়া মুকুতা ঝুলায়া কহয়ে গাহকী আগে।"-চণ্ডী॰।

খন্দ [সং-কন্দ] বি শস্যাদি : ফসল। প্র-রবিখন্দ। "খন্দে নাহি নিব বাড়ী।"-কবিক॰। ২ ধান্যাদির অধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবী। প্র-খন্দ পূজা। ৩ [ফা॰-খনদক্, কনদহ্ (গর্ত্ত, খানা)] নিম্নভূমি : খানা। ~কুট,-টা, -টো [খন্দ (শস্য)-কুট (তৃণ-খড় অর্থ হতে ঐ শ্রেণীর দ্রব্যাদি, সহচর শব্দ] শস্য ইত্যাদি। "গাড়ীতে মাল বও, খন্দকুটো বও তাতে ইজ্জত নষ্ট হবে না।"-দী॰ রায়।

খন্দক [ফা॰-খনদক্ (গর্ত্ত)] বি, খানা ; গর্ত্ত : নর্দ্দমা। "পগার খ॰ খানা উলু কেশে নল বেণা নাহি সাধ্য করে অব্যাহতি।" -কবিক॰।

খন্দকার [খন্দ (শস্য)-কার (কারক-উৎপাদক)] বি, শস্যোৎপাদক। ২ মুসল-মানের উপাধি।

খন্দপালা [খন্দ (শস্যের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী) পালা-পূজা] বি, পর্য্যায়ক্রমে, শস্য-সম্বন্ধীয় উৎসব : ভাদ্র, চৈত্র ও পৌষ মাসে শস্যোৎপত্তির পর এতদ্দেশীয় হিন্দুগণ শস্যা-ধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবীর পূজা করিয়া থাকে।

খন্য [খন্ (খনন করা)+য (র্ম্ম)] বিণ, যা খনন করে : খননীয় ; খননের উপযুক্ত। খন্যে [খনিয়া শব্দের প্রাচীন বানান] ক্রি, খনন করিয়া। "সর্ব্ব ধন সম্বরিয়া রাখিলেন খ॰।"-কবিক॰।

খপ [সং-ক্ষিপ্র। লঘু অর্থে 'খুপ্'] ক্রি, বিণ, আচম্বিত, হঠাৎ ; দ্রুত ; শীঘ্র। ~খপ [খপ্ দ্রঃ। উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব। অবিরামার্থে-খপাখপ্] ক্রি-বিণ, শীঘ্র শীঘ্র। ~খপানি [প্রাদে॰ গ্রা॰। অনু॰। হৃৎপিণ্ডে অতি বেগে রক্তসঞ্চালন-জনিত অব্যক্তধ্বনি ; বুক ঢিপ্ ঢিপ্ করা] বি, বুকের মধ্যে ধড়ফড়ানি : ব্যাকুলতা। ২ [ঐ ভাব >] ধুক্পুকুনি ; খুঁতখুতুনি ; অসন্তোষ ; অতৃপ্তি ; উদ্বেগ। "শাস্ত্রে নিষিদ্ধও নহে, অনাচারও নহে, অথচ কার্য্যটা করিবার সময় হইতেই তোমার মনে কেমন একটা খপ্খপানি হইতে লাগিল। নিশ্চয় জানিও তুমি সেই কার্য্যে অধর্ম্ম করিলে।"-সনাতনী।

খপর-খবর দ্রঃ।

খপরা, খাপরা [খর্পর >] বি, খোলা : (মেটে ঘরের চাল ছাইবার) ; টালি বা খোলার টুকরা, খোলামকুচি। ২ প্রদীপ রাখিবার মৃৎপাত্র। "অতগুটি প্রদীপ হাড়ির খপরার ভিতরে।"-মাণিক॰। ৩ কুটীর (মাণিক॰ গান)।

খপরেল [হি-খপরেল] বি, খর্পর। ২ খোলা দ্বারা আচ্ছাদিত কুটীর ; টালি, খোলার ঘর। ৩ খোলার চাল।

খপাৎ [খপ্ (দ্রঃ)+আৎ (কোমল পদার্থের শীঘ্র পতনার্থে বা আঘাত অর্থে)] অ, পতনবেগসহ অনুকার শব্দবোধক।

খপাস্ [খপ্ (দ্রঃ)+আস্ (শুষ্ক পদার্থের শীঘ্র পতনার্থে)] অ, পতন-বেগ সহ অনুকার শব্দবোধক।

খপুর [সং-খর্পর-খপ্পর-খপুর] বি, খর্পর। ২ মৃৎকলস। ৩ ডাবর ; তাম্বূলকরঙ্ক। "কর্পূর তাম্বূল গুয়া খ॰ পূরিল সই।"-নরোত্তম॰। "তাম্বূল কর্পূর খপুরে পুন রাখরে।"-জ্ঞান॰। ৪ গুবাক বৃক্ষ। ৫ (-খ-) শূন্যে অট্টালিকা castle in the sky

খপুষ্প [খ (আকাশ)-পুষ্প (ফুল)] বি, আকাশ-কুসুম। ২ অস্তিত্বহীন পদার্থ। ৩ অবাস্তবিক। ৪ অপ্রসিদ্ধ বস্তু।

খপোত-বি, ব্যোমযান ; শূন্যপথে গমনা-গমনের পোত বা যান aeroplane

ঁবল ঁবল বিলুন বৈলা ঁবাথা অতি এঁতি ঁবুদ্ধ ক্ষয় ে=া =া=এঁ =c(t) ণ=ন ব=জ স=শ=ষ সণ=S (স্ন স্ত ষ্ণ র স্র সৃ শৃ...), অনাদা ‹ ‒ ‒] অবাক্

"ভারতীয় খ° ভারতে তৈয়ার হইবার সময় আসিয়াছে।"-আ° শক্তি, ১৩৩৩।

খপ্পর [খর্পর >] বি, খোলা ; খোলার চাল বা ছাদ। ২ চাতুরী , ফাঁদ। "সাহেবের খপ্পরে পড়লে ছাড়ান ভার।"-নীলদর্পণ।

খপ্পা, খাপ্পা [খফা দ্রঃ] বিণ, কুপিত।

খপ্সুরৎ-খুবসুরৎ দ্রঃ।

খফা [ফা°-খফাহ্] বিণ, ক্ষিপ্ত : ক্রুদ্ধ।

খবর, খপর [আ°-খবর্] বি, সংবাদ : বার্ত্তা। ২ তত্ত্ব ; উদ্দেশ। ৩ সন্ধান। ৪ তত্ত্বাবধান ; যত্ন। ৫ মনোযোগ ; হুঁস্। খবরের কাগজ-সংবাদ-পত্র a newspaper ম্যাগেজিন দ্রঃ-Any printed publication issued in numbers, consisting of not more than two sheets and published at short stated intervals of not more than one month, conveying intelligence of passing events --*American Encyclopedia of Printing, 1871*]

খবর/গীর [আ°-খবর্+ফা°-গীর্] যারা সংবাদ বহন করে বা চর messenger অর্থে বাং প্রাদে° বিকারে খবুরগা (পূ° ব° গী°) বি, সংবাদদাতা। ২ তত্ত্বাবধায়ক। ৩ গোয়েন্দা। ~গীরী [ফা°] বি, খবরগীরের কার্য্য। ২ তত্ত্বাবধান। ৩ গোয়েন্দাগিরি। ~দার [ফা°-খবর্দার্] অ, সাবধান : হুসিয়ার। বিণ, সতক ; সাবধান ; সযত্ন। বি, ~দারী-সতর্কতা। ২ তত্ত্বাবধান। ~াখবর-বি, তত্ত্বাবধান ; দেখাশুনা।

খবারি [খ (আকাশ) বারি (জল) আকাশের জল] বি, বৃষ্টি। ২ শিশির ; নীহার ; হিম।

খবাষ্প [খ-বাষ্প] বি, হিম।

খবিশ্, খবিস্, খবীশ্ [আ°-খবীশ্] বিণ, অপরিষ্কৃত ; নোংরা। ২ কুচিন্তক ; বিদ্বেষবুদ্ধিবিশিষ্ট ; দুষ্ট ; নষ্ট। ৩ অপবিত্র-হৃদয় ; অশুদ্ধমন। ৪ কুটিল : হিংস্র। ৫ [মুসলমানদিগের ভাষায়] ভূত। "খবিশ্ পাইল বলি ডাকি আনি ওঝা। লিখি দিনু গলায় তাবিজ বোঝা বোঝা।"-ভারত°।

খম [প্রাদে° মালদহ, রাজসাহী] বি, লক্ষ্য ; দৃষ্টি। "এত খ° করি নাই।" ~ক (-ম-) [ফা°-খমক্] বি, বাদ্যযন্ত্রবিঃ। "রবাব খমক বীণা সুমিল করিয়া প্রবেশিল বৃন্দাবনে জয় জয় দিয়া।"-জ্ঞান°। "বন্দে দিগম্বরে খমক ডমরু করে বৃষে আরোহণ পঞ্চানন।" -কবিক°।

খমধ্য-বি মস্তকের উপবস্থ কল্পিত নভোবিন্দু , খস্বস্তিক ; খাদ্ধবিন্দু zenith

খমণি [খ (আকাশ)-মণি (প্রধান রত্ন)] বি, দ্যুমণি , সূর্য্য।

খমীর-বি, খাম্বিরা দ্রঃ।

খমূলিকা, খমূলী [খ (শস্য) মূলিকা ই°] বি, জলের পানা।

খম্বা [হি°-খম্বা। সং-স্তম্ভ=খম্ভ] বি, স্তম্ভ ; থাম ; খুঁটী।

খয়না [প্রাদে°-গ্রা°] বি, খই বাছার পর ধান্যসহ যে ছোট ছোট আফোটা খই থাকে।

খয়র [আ°-খএর্] বি, মঙ্গল ; সুখ : স্বাস্থ্য। ২ অ, বেশ ; আচ্ছা।

খয়রখা-খয়ের খাঁ (দ্রঃ)।

খয়রা [খদির বা খয়েরের মত রং বলিয়া] বি, ফিকা কটা রং ; পিঙ্গল। ২ নৃত্য ও গীতের তালবিঃ। খরতাও বলে। ইহার

+ । । ।১ । ।

বোল-ধাক্ বিধা ধিধি, ধাক্ তিৎ (সঙ্গীত-রত্নাকর)। ৩ মৎস্যবিঃ। "দেখ জলে দলে দলে মাছে করে খেলা। বাণ বুয়াল আর পাব্দা বাটা খ° খোরষোলা॥"-ব্রজ রায়। ৪ পাখী।

খয়রা/ত,-ৎ [আ°-খয়্রাৎ (দান)] বি, ভিক্ষা ; দান ; বিতরণ। "খয়রাতে বীর দিল বাড়ি।"-কবিক°। "রাজ কর খরচ খয়রাৎ হেন জানি।"-ঘ°। ~তী [আ°-খয়্রাতি] বি, দান-করা বস্তু ; ভিক্ষা। ২ বিণ, দানস্বরূপ প্রাপ্ত। ৩ দাতব্য।

খয়া [ক্ষয় >] বিণ, ক্ষয়প্রাপ্ত : ঘসা।

খয়েবন্ধন-খই দ্রঃ।

খয়ের [খদির >] বি, খদির mimosa catechu. ~খাঁ [আ°-খয়্রখোআঁ] বিণ, হিতাকাঙ্ক্ষী ; মঙ্গলকামী। ২ স্তাবক ; খোসামুদে। "এখনও জনকয়েক খয়ের খাঁ সাহেবের ধামাধরা।"-ব° বাণী, ১৩২৭। বি, ~খাঁই। ~শালি-বি, ধান্যবিঃ। "খেজুরথুপী খয়েরশালি ক্ষেম গঙ্গাজল।"-শি°।

খর [খুর শব্দ > ; খর্খর্ করিয়া চলন >। "রাসভাঃ গর্দ্দভাঃ খরাঃ।"-অমর°] বি, যার মুখ-বিবর বৃহৎ। ২ গর্দ্দভ ; গাধা। ৩ অশ্বতর। ৪ কাক। ৫ কঠিন : কড়া। ৬ কর্কশ ; রূঢ়। ৭ লঙ্কাপতি রাবণের বৈমাত্রেয় ভ্রাতা। ৮ [বৈদিক] অগ্নি জ্বালিবার স্থান। ৯ উষ্ণতা : উত্তাপ। ১০ কণ্টকী বৃক্ষবিঃ। ১১ বিণ, উষ্ণ। ১২ প্রবল। "গগনে গবজে ঘন বহে খ° সমীরণ, কুল ত্যজি এলাম কেন মরিতে আতঙ্কে।"-বঙ্কিম°। ১৩ অতি উৎকৃষ্ট। ১৪ শীঘ্র। ১৫ তীব্র। ১৬ (-র) তীক্ষ্ণ : খুব ধারাল। "খ° টাঙ্গি দিয়া বীর কাটে করিশুণ্ড। বালকেতে যেমন কাটয়ে ইক্ষুদণ্ড॥"-কবিক°। ১৭ অতিরিক্ত লবণাক্ত। স্ত্রীং ~া-গর্দ্দভী। ২ ঘরগোশ [গ্রা°] ৩ রৌদ্র। খর-পোড়-খুব বেশী ভাজা। টিক-খর-তীব্র (মেজাজ)। নুন-খর-অধিক লবণাক্ত।

খর/কর-বি, তীব্র কিরণ। ২ সূর্য্য। ~খর(-র-)-বিণ, অতিরিক্ত ভাজা ; দগ্ধপ্রায়। ২ বেশী লবণ দেওয়া। ৩ বিণ, শীঘ্র ; তাড়াতাড়ি ; তিরবিরে। ৪ অস্থির ; চঞ্চল। ৫ প্রগল্ভ। ~খরে-বিণ, কর্কশ , আবড়োখাবড়ো ; তীক্ষ্ণস্পর্শ। ২ তীক্ষ্ণবুদ্ধি : চতুর ও চঞ্চল। ৩ বিশুদ্ধ। ৪ বেশী ভাজা। ৫ যার মুখ দিয়া বাক্য বাহির হতে তিলমাত্র বিলম্ব হয় না। ৬ প্রখর।

খরগোস [পা°-খর্গোশ্] বি, শশ ; শশক a rabbit ; a hare সজারু ই° জাতীয় এক-প্রকার তীক্ষ্ণদন্ত নিরামিষাশী, দ্রুতগামী পশু।

খরচ, খরচা [ফা°-খর্চ >] বি, ব্যয়। "খরচ করিলে দ্বিগুণ বাড়ায়ে উছলিয়া বহি যায়।"-চণ্ডী°। ২ অর্থ। ৩ দেনা ; ঋণ। খরচি [ফা°] বিণ, অতিরিক্ত খরচকারী। ২ [প্রাদে°] বি, জাল বুনিবার কাঠি বা কাঠের সূচী। ৩ ঘন-যন্ত্রবিঃ। খরচিয়া, খরচে-বিণ, যে অকুণ্ঠিতভাবে খরচ করে , ব্যয়শৌণ্ড। খরচখরচা, খরচপত্র-সাংসারিক প্রয়োজন মত বিবিধ বিষয়ে ব্যয়। খরচাবরদারী [শ্রীহট্ট আদা° দলিল-পত্রে] বি, খরচখরচা ; ব্যয়বাবত। খরচান্ত-আয় নিঃশেষে খরচ ; খরচে রিক্তহস্ত।

খরচের অঙ্ক-বি, হিসাবে ঋণস্তম্ভ : ব্যয়ের খাত debit. নিখরচিয়া-যার খরচ নাই : যাকে ব্যয় করিতে হয় না। ২ কৃপণ। বেখরচা-বিনা ব্যয় : বিনামূল্য। সাখরচিয়া, সাখরচে-যে সমস্ত খরচ করে। হাত-খরচ-প্রাত্যহিক প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী ক্রয় করিবার জন্য মজুদ অর্থ।

খরজ [সং-ষড়জ] বি, সঙ্গীতের সপ্তস্বরের অন্যতম : সা এই খাদস্বর।

খরজালি-বি, রৌদ্রের উত্তাপে জ্বাল দিয়া জল শুকাইয়া প্রস্তুত লবণ।

খর্‌ড়া [ঘর্ষণ শব্দ > হিং-খর্রা] বি, অশ্বাদির গাত্র ঘর্ষণ যন্ত্র : খুরচা।

খরণস [খর (তীক্ষ্ণ, সূক্ষ্মাগ্র) নস (নাসিকা-বিশিষ্ট)] বিণ, তীক্ষ্ণনাসিক। ২ সূক্ষ্মাগ্র-নাসিক। ৩ [খর (গর্দ্দভ)] গর্দ্দভের মত নাসিকাযুক্ত।

খর/তর [খর (তীব্র) + তর (তুলনার্থে, আধিক্যার্থে)। প্রাদে°। গ্রা°-'খরদর' (পূ° ব° গী°)] বিণ, অধিক খর ; বেশী ঝাঁঝাল : প্রচণ্ড ; তীক্ষ্ণতর। ~তম [চরমার্থে তম] বি, অত্যন্ত খর।

খর্‌তা-বি, খয়রা তাল।

খরতাল, -লী [গ্রা°-কত্তাল, খত্তাল] বি, করতাল cymbal ইহা কাংস কিংবা ইস্পাৎ দ্বারা নির্ম্মিত হয়। ইহা সভ্য যন্ত্র ও ইহার বাদ্য মধুর।

খরদর্শন-বি-বিণ, তীক্ষ্ণদন্ত। স্ত্রীং ~া।

খরদূষণ [খর এবং দূষণ-দ্বন্দ্ব°] বি, স্বনাম-প্রসিদ্ধ রাক্ষস-ভ্রাতৃদ্বয়। ২ [খর (উগ্র) দূষণ (দোষ) যার-বহু°] ধুস্তুর : ধুতুরা।

খরধার [খর (তীক্ষ্ণ) ধার যার-বহু°] বিণ, তীক্ষ্ণধার : অতিশয় ধারাল (অস্ত্র)।

খর/নাদী [খর-নদ্ (শব্দ করা) + ইন (র্ত্তৃ)] বিণ, তীব্র শব্দকারক। ২ গর্দ্দভবৎ চীৎকার শব্দকারক। স্ত্রীং ~নাদিনী-ঘোর-নাদিনী : রেণুকা নামক গন্ধদ্রব্য।

খরপা [প্রাদে° মৈমন°] বি, অতিশয় গ্রীষ্মঋতু।

খরপুষ্পা-বি, নাগদানা। স্ত্রীং ~া, ~ী-বাবুই তুলসী।

খর/বাহিনী-বিণ, বেগে প্রবাহিতা : খরস্রোতা। পুং ~বাহী।

খরবুজ, খরবুজা, খরমুজ [ফা°-খর্‌বুজ্ >] বি, তরমুজ জাতীয় অপেক্ষাকৃত ক্ষুদ্র ফলবিঃ।

খররোমা [খর (তীক্ষ্ণ) রোমন্ (রোম) যার-বহু°, মূ°-খররোমন্ ১মা ১ব°] বিণ, কঠিন রোমযুক্ত। ২ নাগবিঃ।

খরল [প্রাদে° চট্টল। গ্রা°-গ=খ] বি, গরল : বিষ।

খরশ [প্রাদে°] বি, সূতা পাকাইবার কালে টাকু, যে ঝিনুক খোলার উপর রাখিয়া ঘুরান হয়। ২ [কর্ক্কশ-ভ্রং] বিণ, বি, কটুভাষী (লোক)।

খরশাণ [খর-শাণ] বিণ, তীক্ষ্ণধার ; খুব ধারাল। "শিলীমুখী সূচীমুখী বাণ খ°।" "যৌতুক ধনুকখান, তিন তীর খ°।" -কবিক° [মৈ° গীতিকায়-শান]।

খরশাল [খর + শাল] বি, গর্দ্দভের বাস-স্থান। ২ [খর (তীব্র) + শাল (শালী)] বিণ, উচ্চ, উগ্র ; তীব্র। "ধাঁউ ধাঁউ ধামসা ধ্বনি উঠে খ°।"-ঘ° [অপ্র°]।

খরশুলা, খরসুলা, খর্সুলা-বি, খোরষোলামাছ ; ক্ষুদ্র ভাঙ্গন মৎস্যের মত। "খরশুলা কিনে কই, কিনিল মহিষা দই, কামরাঙ্গা কিনে কুড়ি দুই।"-কবিক°।

খর/সান [প্রাদে°] বি, শুকনা তামাক পাতা ; দোক্তা। ~সানি [অনু°] বি, খর্‌খর্ শব্দ ; ঘোড়া ই°-র খুরের ঘর্ষণ-শব্দ। "সরগ মরত পাতাল ঘোড়ার খরসানি।"-শূ° পু°।

খরস্রো/তঃ-বিণ, যার প্রবাহ অতি খর : বেগবান্। স্ত্রীং ~তা-বেগবতী।

খরা-বি, শশক। ২ গর্দ্দভী। ৩ [সং ভাষায়, গ্রা° বাং। প্রাদে°] রৌদ্র। "বৈশাখে অনল সম খরতর খ°।"-কবিক°। ৪ [শ্রীহট্ট প্রাদে°] দীর্ঘকাল ধরিয়া বৃষ্টি না হইয়া যে অবস্থায় অত্যন্ত গ্রীষ্ম অনুভূত হয়। বিণ, অতি খরভাজা : অতিভর্জ্জিত। ৫ [প্রাদে°] সন্ধান। "গরুটার খ° পাওয়া গেল না।" ~ই [প্রাদে°] বি, চাল ডাল ধুইবার ধুচনীবিঃ।

খরাংশু [খর + অংশু (কিরণ) যার-বহু°] বি সূর্য্য।

খরাজ [ফা°-খিরাজ] বি, যে জমীর কর দিতে হয়।

খরাণি-ক্রি, আগুনে ঝলসান ; তীব্র উত্তাপ-যোগে দগ্ধপ্রায় করা ; খরাইয়া ফেলা।

খরাদ [আ°-খরাদ] বি, কাষ্ঠাদি চাঁচিয়া মসৃণ বা গোল করার কাজ। ~ী-যারা ঐ কাজ করে turner.

খরানি [খর (দ্রঃ) + আন ক্রিয়ায়। খরাই, খরাও, খরায় ; খরাইতে (ক্ষে° খরাতে) ; খরাইয়া (ক্ষে° খরিয়ে) ; ই°] ক্রি, অধিক উত্তাপে বা আঁচে জ্বালান বা পোড়ান ; চোঁয়ান। ২ অধিক রোদপোড়া করা। বি, খরানি-খরাইয়া ফেলন বা চোঁয়া অবস্থা। ২ যে ঋতুতে শুষ্কতাই প্রধান ; রুক্ষকাল, রুকো শুকো কাল dry season

খরালি [প্রাদে° (বর্দ্ধ°)] বি, শুকো সময় dry season

খরিতা [আ°-খরীতা] বি, পত্র।

খরিদ [ফা°-খরীদ্] বি, ক্রয়। ~খাতা-বি, যে খাতায় ক্রয়ের হিসাব থাকে। ~া [ফা°-খরীদা] বিণ, ক্রীত : কেনা।

খরিদানি [আদা°] বি, প্রথম ক্রয় করিবার মূল্য, খরিদ মূল্য। "অতএব বাড়ীর প্রকৃত মূল্য খ° দেন।"-দলিল, ১১৬৫।

খরিদদার, খরিদার, খরিদ্দার [ফা°-খরীদদার >। গ্রা°-খদ্দের] বি, যে ক্রয় করে ; ক্রেতা ; খদ্দের customer. "দোকানে দোকানে কুলবালাগণে খরিদ্দার ডাকে হাসিয়া ছলে।"-গদ্যপদ্য (বঙ্কিম)।

খরিফ [আ°-খরীফ্। গ্রা° 'খরিয়া'] বি, হৈমন্তিক শস্য।

খরী [প্রাদে°] বি, ইক্ষুভেদ saccharum semidecum bens.

খরু [খন্ (খনন করা) + উ (নিপাতনে, ন=র্)] বি, অশ্ব ; ঘোড়া। ২ শিব। ৩ কামদেব। ৪ দন্ত। ৫ দর্প। ৬ বিণ, শুক্লবর্ণ। ৭ তীক্ষ্ণ। ৮ নির্ব্বোধ। ৯ ক্রূর ; খলস্বভাব। ১০ পতিম্বরা কন্যা ; যে কন্যা ইচ্ছানুরূপ পতিকে বরণ করে।

খরোষ্ঠী, খারিস্থি [ভাষা বৈ°] বি,

ভারতের উত্তর-পশ্চিম-সীমান্ত প্রদেশের নিকট প্রচলিত 'আরামেক' ভাষায় অংশ বিশেষ ('আরামেক' প্যালেষ্টাইনের উত্তর-পূর্ব্বাংশস্থ দেশের ভাষা)।

খর্চ্চা [আ০--খরুচ্] বি, খরচ ; ব্যয় ; মোকদ্দমার ব্যয়। "দেওয়ানি বিচার বিক্রী পেতে ডিক্রী খর্চ্চাতেই খায় সর্ব্বস্ব ধন।" -মনোমোহন বসু।

খর্জ্জন [খর্জ্জ্ (চুলকিয়া দেওয়া) + অন (ভা০)] বি, গাত্রকণ্ডূয়ন ; চুলকান।

খর্জ্জু, -খর্জ্জূ [খর্জ্জ্ (চুলকিয়া দেওয়া) + উ-ঊ (র্ত্তৃ)] বি, কীটবিঃ। ২ খেজুর গাছ। ৩ [ভা০-উ] গাত্র-কণ্ডূয়ন।

খর্জ্জূর [খর্জ্জ্ + উর (র্ত্তৃ)] বি, খেজুর ফল। ২ কীটবিঃ। বৃশ্চিক ; শূয়াপোকা। স্ত্রীং ~রী-খেজুরগাছ। ~রিকা [তুল-হিং 'খজুর'] বি, গজাব পাক মিষ্টান্নবিঃ ; মিঠা গজা।

খর্পর-বি, ধূর্ত্ত। ২ চোর। ৩ মৃন্ময় ভগ্ন-পাত্রের অংশ। ৪ ভিক্ষাপাত্র। ৫ মড়ার মাথার খুলি ; কপাল ; খাপরা। "করালবদনা কালী অসিখর্পরধারিণী।" ৬ স্বনাম-প্রসিদ্ধ উপধাতুবিঃ। "সুবাসিত কুঙ্কুম সুগন্ধি চন্দন, কপূর খ০ কর সাজ।"-গোবিন্দ০। ৭ [রামা০ পরিঃ] মৃৎপাত্র ; জলপাত্র basin "কালরূপিণী মহামায়ার নিকট জীব-শোণিতের স্রোত তাঁহার মহাখর্পরে আসিয়া গড়াইয়া পড়িতেছে।"-রাজর্ষি (রবী০)। স্ত্রীং ~রী-কজ্জল ; কাজল। মহাখর্পর-মহা-মায়ার খর্পর।

খর্ব্ব [গ্রা০-খবর। খর্ব্ব্ (দর্প করা, গমন করা) + অ (র্ত্তৃ, সং ভাষায়)] বিণ, হ্রস্ব ; ছোট ; হীন। "বন্ধুর নিকট আপনাকে বড়ই খ০ অনুভব করিত।"-উত্তরা। ২ বামন ; বেঁটে। ৩ বি, সহস্র কোটি সংখ্যা ; ১,০০,০,০০,০০,০০০ সংখ্যা। ৪ কুবেরের নিধিবিঃ। ৫ কুব্জবৃক্ষ। ~র্ক-বিণ, বামন ; হ্রস্ব। ~কায়-বিণ, বেঁটে ; বামন।

খর্ব্বট [খর্ব্ব + অট (জ্ঞা০)] বি, পর্ব্বত প্রান্তবর্ত্তী গ্রাম। ২ গ্রামের মধ্যস্থ গ্রাম।

খর্ব্বশাখ [খর্ব্ব (ছোট) শাখা (বাহু) যার-বহু০] বি, খর্ব্ববাহু ; বামন ; খর্ব্ব ; বেঁটে। ২ ক্ষুদ্র শাখাবিশিষ্ট বৃক্ষ।

খর্ব্বাকার, খর্ব্বাকৃতি-বিণ, বেঁটে ; বামন।

খর্ব্বিত [খর্ব্ব + ইত] বিণ, কৃতখর্ব্ব ; হ্রস্বীকৃত ; হ্রস্ব।

খরবূজ-খরমুজ দ্রঃ।

খল [খল্ (সঞ্চয় করা) + অ (ধি)] বি, ধান্যাদির মর্দ্দন-স্থান ; খামার। "যাহারা * * * গ্রাম, বিবীত অথবা খ০ দগ্ধ করে।" -রত্নমালা। ২ ঔষধ-মর্দ্দনের পাত্রবিঃ ; উদূখল mortar. ৩ তৈলের সিটা। ৪ মল ; জঞ্জাল। ৫ [র্ত্তৃ] বিণ, দুর্জ্জন ; হিংসক ; কুটিল ; নীচ ; কপট।

খলই১ ['স্খলিত হয়' স্থলে স্খলনের কোমল-রূপ। ব্রজ০] ক্রি, স্খলিত হয় ; খসে। "চলইতে খ০ লখই না পার।"-বি০ প০।

খলই২**, খলৈ** [শ্রীহট্ট প্রাদে০] বি, খালুই ; ধুচুনীর মুখে বেতের কড়া লাগাইলে যেরূপ হয়, সেইরূপ মাছ মাংস রাখিবার কড়াযুক্ত বাঁশ, বেতাদি নির্ম্মিত আধার।

খলকানি [সং-খল্ (চলনে) বা স্খল (স্খলনে) >] ক্রি, খুলা, খসা। ২ মুক্ত হওয়া ; বাহির হওয়া। "বসনে না ঢাকে অংগ পড়ে খলকিয়া।"-পূ০ ব০ গী০।

খলখল [অনু০] অ, হাস্যের শব্দ। ২ [প্রাদে০] অস্থিরতা বা চাঞ্চল্য প্রকাশক অব্যয়। ক্রি, বিণ, খলখল শব্দ করিয়া। "কি যে সে বিকট হাসি হাসে খ০।" -প্রেম ও ফুল। ~করা-অল্প জলের মধ্যে মৎস্য যেমন শব্দ করিয়া বেড়ায় সেইরূপ শব্দে নড়া বা চলা ফেরা করা বা ক্রীড়া করা।

খল/খলা-বি, খলখল শব্দ। ~খলি-বি, চরণালঙ্কারবিঃ; ঝাঁঝর-মল।

খলট [ফরিদপুর প্রাদে০] বি, উঠান।

খলতা [খল + তা (ভা০)] বি, খলের ব্যবহার ; হিংসাপ্রবৃত্তি। ২ কুটিলতা ; কৌটিল্য। ৩ নীচতা।

খলতি [স্খল (স্খলিত হওয়া) + অতি (জ্ঞা০) স লোপ] বি, ইন্দ্রলুপ্ত রোগ ; মাথার টাক। ২ বিণ, টাকযুক্ত ; যার টাক আছে।

খলধান [খড্-ধা (ধারণ করা) + অন (ধি) ড=ল] বি, খামার।

খলন [স্খল + অন (ভা০) স লোপ] বি, খলতা ; হিংসা কুটিলতা। "খলের খলনে জারে সেই জনে কলঙ্ক ঘোষয়ে লোকে।" -চণ্ডী০। ২ স্খলিত হওন ; স্খলন।

খলপা [খল দ্রঃ] বি, শস্যের গোলাবিঃ। ২ ভঙ্গপ্রবণ বৃক্ষশাখা ; পল্‌কা ডাল। ৩ [প্রাদে০ চট্টল] দরমা mat.

খলপূ [খল (মলন স্থান) পূ (মার্জ্জন করা) + কিপ্ (র্ত্তৃ)] বি, মার্জ্জনকারী ; ফরাস ; মেথর [প্র০ অ০]।

খলবল [অনু০] অ, অল্প জলে মাছ লাফাইবার শব্দ।

খলল [আ০-খলল্] বি, গোলযোগ ; ব্যাঘাত ; বিঘ্ন।

খলা-বি, খোলা (দ্রঃ) ; ক্ষেত্র। ২ [শ্রীহট্ট প্রাদে০] বি, গোময়লিপ্ত বিস্তৃত স্থান যাতে ধান শুকান হয়। "এক কাঠা ভুঁই নাই খলা পাতিবারে।"-মৈ০ গী০। ইটখলা-যে স্থানে ইট কাটিয়া পোড়ান হয় ; পাঁজা পোড়াইবার স্থান।

খলাট [প্রাদে০ যশো০, নড়াইল] বি, উঠান খলট (দ্রঃ) courtyard

খলি [প্রাকৃ০-খলী। খল (সংগ্রহ করা) + ই (র্ম্ম)] বি, তৈলাদির সিটা ; কাইট।

খলিন, খলীন [খ (মুখ) তাতে লীন (যে সংলগ্ন হয়)] বি, লাগাম ; অশ্বের মুখরজ্জু। ২ অশ্বাদির মুখস্থিত কড়িয়ালির লৌহবিঃ।

খলিফা [আ০-খলীফা] বি, ওস্তাদ। ২ সুশিল্পী। ৩ দরজি। ৪ পারস্যের সম্রাট্‌বিঃ।

খলিয়ান, খলেন [তুল-খামার] বি, ধান্য কাটিয়া যেখানে রাখা হয়।

খলিশ, খলিশা [সং-খলেশয়] বি, খলিশা মাছ।

খলূরিকা-বি, ব্যায়ামাগার। ২ অস্ত্র-শস্ত্রের ব্যবহার-শিক্ষাস্থান ; শস্ত্রাভ্যাস-ভূমি।

খলেকপোত, -কপোতিকান্যায় -বি, ন্যায়বিঃ। খলে অর্থাৎ খামারে যেমন ভিন্ন ভিন্ন জাতীয় অল্প ও অধিকবয়স্ক সমুদয় কপোত এককালে পতিত হয় সেইরূপ বিভিন্ন-

প্রকৃতির সমুদায় পদার্থ একবিষয়ের সহিত অন্বিত হইলে 'খলে কপোত' ন্যায় বলা হয়।

খঁলেধানী, খঁলেবালী-বি, খামারে ধান্যাদি মাড়িবার সময় যে স্তম্ভে গরু মহিষাদি বাঁধা হয়।

খলেশ-বি, খলিশা মৎস্য। ২ (-র্খ-) বিণ, খলের প্রধান, মহাখল। ~য় (-শ-)-বি, খলিশা মাছ।

খঁলোক্তি [খল (ভার) উক্তি-৬ তৎ] বি, কুবাক্য ; গালিমন্দ।

খল্যা [খল (খামার) + য (সমূহার্থে)] বি, খামারসমূহ।

খঁল্ল [খল্ (সংগ্রহ করা) + ক্বিপ্ (র্তৃ)=খল্ -লা (গ্রহণ করা) + অ (র্ম্ম) আ লোপ=খল্ল] বি, ঔষধ মাড়িবার পাত্রবিঃ ; খল্। ২ গর্ত্ত। ৩ চর্ম্ম। ৪ বস্ত্রবিঃ। ৫ মশক। ৬ চাতক। স্ত্রীং ~ী (র্খ-)-বি, হস্তপদাদিতে খাল ধরা।

খল্লিকা [খল্ল + ক (স্বার্থে) স্ত্রীং-আ, ই (আগম)] বি, পিটে-ভাজার খোলা ; মুচি-খোলা।

খল্লিট, খল্লাট [সং] বিণ, যার মাথায় টাক পড়িয়াছে।

খঁশ, খঁস১-বি, দেশবিঃ। ২ খশ দেশের অধিবাসী। স্ত্রীং ~া-মুরানামক গন্ধ দ্রব্য। ২ কশ্যপপত্নী ; দক্ষরাজার কন্যা।

খস২ [খ (শরীরাংশ, ইন্দ্রিয়) সো (অবশ বা অবসন্ন করা) + অ (র্তৃ)] বি, চুলকনা, পাঁচড়া। ২ [খশ্ (খ-)] স্বনামখ্যাতখস জাতি। ৩ [পা-খস্] খসখস-নামক তৃণ। ৪ [অনু°] শুষ্ক ঘাস, নূতন বস্ত্র ই°-র ঘর্ষণ শব্দ ; অট্টালিকা ই°-র অংশ (ইষ্টক, প্ল্যাসটার ই°) খুলিয়া বা খসিয়া পড়িবার শব্দ। প্র-কার্ণিশ হইতে খানিকটা বালির চাঙড় খস করিয়া খুলিয়া পড়িল। ৫ বিণ, তীক্ষ্ণ-স্পর্শ ; খরখরে [দ্রঃ-শুষ্ক কঠিন বস্তুর টুকরা খস করিয়া খুলিয়া পড়ে কিন্তু কোমল ও সজল বস্তুর অংশ যেমন কাদার তাল খস করিয়া পড়ে] ~তিল-বি, পোস্তদানা।

খঁসই [ব্রজ°] বি, খসা দ্রঃ।

`খসকা, `খঁস্কা-খসখসিয়া।

খঁসখঁস১ [অনু°] অ, শুষ্ক বস্ত্রাদির ঘর্ষণ-শব্দ-বোধক। ২ শুষ্ক ঘাস বা পাতার মধ্যে চলাফেরার শব্দ। ক্রি, খসখসান, খসখস করা। বি, **খঁসখঁসানি**-শুষ্ক বস্ত্রাদির ঘর্ষণ-জাত শব্দ। "বারাণসীর খসখসানি উঠলো মহা ধূমে।"-হেম°। বিণ, **খঁসখসিয়া, খঁসখঁসে**-বিণ, অমসৃণ ; কর্কশ ; খরখরিয়া। ২ শুষ্ক। ৩ শুষ্ক তৃণ, পত্রাদির ঘর্ষণজাত শব্দকারী বা শব্দযুক্ত।

খঁসখঁস২ [হি°] বি, বেণার মূল ; খসতৃণ। **খঁসখঁসের টাট্টি**-গ্রীষ্মের রৌদ্র ও তীব্র আলোক-নিবারক বেণার মূলে আচ্ছাদিত আগড়বিঃ। উহা জলে ভিজাইলে সুগন্ধ বিস্তার করে ও স্নিগ্ধকর হয়।

`খঁসড়া [আ°-খস্‌রা। প্রাদে° গ্রা°-খোসড়া] বি, পাণ্ডুলিপি ; পাণ্ডুলেখ্য ; অসংস্কৃত লেখ্য ; মুসাবিদা rough draft ২ করনির্দ্ধারণ করিবার মোটামুটি হিসাব। ৩ জমির পরিমাণ ও প্রজার নাম ধাম যে কাগজে লিখিত হয়। ৪ গ্রাম জরিপ করিবার সময় যে সূচীপত্র প্রস্তুত হয়। ৫ যে পত্রে বা বহিতে দৈনিক ক্রয়-বিক্রয় উপস্থিতমত লিখিত হয় ; দৈনিক হিসাব লেখার খাতা : খস্‌ড়া বহি।

খঁসঁত [ব্রজ°। খসা দ্রঃ] ক্রি, খসিয়া যায়। ২ বিণ, স্খলিত। "রোয়ত হসত খ° মণি যোজত পন্থহি নয়ন পসারি।"-জ্ঞান°।

খঁসঁম [আ°-খসম্] বি, স্বামী ; পতি। "আর দেখ নারীর খ° মরি যায়। নিকা নাহি দিয়া রাঁড় করি রাখে তায়॥"-অ° ম°। "মা বাপেরে পুছ না কৈরে নিজে খ° লয়।" -পূ° ব° গী°।

খঁসয়ে [ব্রজ°] খসা দ্রঃ।

খঁসঁল [ব্রজ°] ক্রি, খসা দ্রঃ।

খঁসা [সং-স্খল্ (স্খলনে)। হি°-খস্‌না। প্র° পূ°-খসে। অস-ক্রি, খসিতে ; খসিয়া, খসি (পদ্যে), খঁসে (পূ° ব° প্রাদে° 'খৈস্যা')। ণিজন্ত-খসান] ক্রি, খসিয়া যাওয়া : খুলিয়া যাওয়া ; ভগ্ন হইয়া পড়া ; ধ্বসা। প্র-ছাদের টালি খসিয়া পড়িয়াছে। ২ নির্গত হওয়া ; বাহির হওয়া। প্র-মুখ হতে কথা খসা। ৩ সরিয়া পড়া। প্র-দল হতে একজন লোক খসিল। ৪ ঝরা। "খসি খসি পড়লোর।"-কবিশেখর। ৫ খরচ করা ; ব্যয় করা। প্র-তাহার টেক হতে একটা পয়সাও খসে না। ~ওল [ব্রজ°] খসাইল : খুলিল। "নীবিবন্ধ খসাওল কান।"-বি° প°। **খঁসঁই**-খসিয়া পড়ে ; ঝরে। "দশনক জ্যোতি মতি নাহি সমতুল হসইতে খসই জানি।" -গোবিন্দ°। **খঁসঁল**-খসিল। "খসল কুসুম কেশ ঢুং অতি ভোর।" -জ্ঞান°। **খঁসয়ে**-খসে। "শুনইত মধুর মুরলীরব থোর, খসয়ে কাঁখের কুম্ভ নীবি নিচোর॥"-জ্ঞান°। **গা খঁসা, পেট খঁসা**-গর্ভস্রাব : অসময়ে অপুষ্টদেহ বা অগঠিত-দেহ মৃত সন্তান প্রসূত হওয়া।

খঁসানি [হি°-খসানা। খসা দ্রঃ। উ° পূ°-খসাই। ম° পূ°-খসাও ; খসান্ ; খসা। প্র° পূ°-খসায় ; খসান্। অস-ক্রি, খসাইতে। খসা-ইয়া, খসিয়ে। প্রা° বাং খসাঁআ] ক্রি, খুলিয়া ফেলা। "বসি পাকি থাকি, উঠয়ে চমকি ; ভূষণ খসায়ে পরে।"-চণ্ডী°। ২ ভগ্ন করা। "মধ্যখানে খামিক খসায়ে দিল চালা।" -শি°। ৩ সরান ; পৃথক্ করা। ৪ ব্যয় করান ; খরচ করান। প্র-সে কৃপণের একটা পয়সা খসান ভার। ৫ বাহির করা ; ব্যক্ত করা। "যা হয় একটা মুখের কথাই খসাও।" -প্রফুল্ল।

খঁস্বস্তিক [জ্যো° পরিঃ] বি, মস্তকো-পরি কল্পিত নভোবিন্দু ; খমধ্য zenith

খা [প্রাদে°] বি, নদী।

খাঅই [সং-খাদক >। হি°-খাওইয়া যে খায়। ওড়ি°-কপাখাই (ব° শ° কোষ)। যে যন্ত্র কার্পাস খায় লক্ষ°] বি, কার্পাস হতে বীজ ও তুলা পৃথক্ করিবার যন্ত্র grinning machine

খাঅন-খাওন দ্রঃ।

খাআ [খাওয়া দ্রঃ। হি°-খানা। উ°পূ°-খাই। ম° পূ°-খাও (হি°-খাও)। প্র° পূ°-খায়। অস-ক্রি, খাইতে ; খাইয়া, খেয়ে। ণিজন্ত, খাআন, খাওয়ান, খাইতাম, (তুম,-তম)=(কো°) খেতাম, খেতুম, খেতেম। প্রা° বাং 'খাঅ', 'খাআর', 'খাহ', 'খাহা' =খাও। খাই=খাইবে। 'খাআঁ', 'খাই', খাইআঁ=খাইয়া। খাইলি,-লে, লেঁ। খাইলোঁ -লোঁ=খাইলাম। খাইব=খাইবে। খাইবোঁ,

=খাইয়বোঁ=খাইব। খাউ=খাউক। খাইল, খাএ=খায়। খাওঁ=খাই] ক্রি, ভোজন করা; আহার করা। ২ [গ্রা॰] প্রাণ লওয়া : মারিয়া ফেলা। প্র-ওকে খা তাহলেই আপদ চুকে যায়। ৩ প্রাপ্ত হওয়া। প্র-ভয় খায়। ৪ ভোগ করা; সহ্য করা। "আর রাস্তায় দাঁড়াইয়া হিম খাইতে পারি না।"-আলাল॰।

খাই [খাত >] বি, গর্ত; খাত; গভীরতা। ২ পরিখা; গড়খাই। "চতুর্দ্দিকে কৈল খাই সমুদ্রসমান।"-মহা॰ (কাশী)। ৩ লাগ : সূত্র : সন্ধান। "শব্দ বুঝাইতে যাই অর্থের না পাই খাই।"-অশোক॰। ৪ সূত্রের ছিন্নমুখ, সূত্রের অবধি। প্র-সূতার খাই হারাইয়া গিয়াছে। ৫ আকাঙ্ক্ষা; অভিলাষ। **~কুড়ি** [প্রাদে॰] বিণ, ঔদরিক। খাউকী দ্রঃ। স্ত্রীং **~কুড়ী**-ঔদরিকী। ২ [গালি অর্থে] ছেলেখাকী; ডাইনী। **~খাই**-একান্ত খাবার অভিলাষ : লোভ। প্র-কিছুতেই খাই খাই কমে না? ২ খাই এইরূপ শব্দ। **~খঁরিচ**-বি, খাইবার খরচ; খোরাকি। **~খালাসী**-বি, জমীর উপস্বত্ব হতে ঋণপরিশোধের সর্ত্তবিশিষ্ট। **~খালাসী বঁন্ধক** [মানভূম প্রাদে॰] usufructuary mortgage.

খাইয়া যাওয়া, খেয়ে যাওয়া [ক্ষয় > ক্ষয়িয়া > খাইয়া > কে॰ খেয়ে] ক্রি, ক্ষয় হওয়া; অদৃশ্য হওয়া; বিলুপ্ত হওয়া be used up, be eaten up.

খাইট [প্রাদে॰ রংপুর] বি, ক্ষুদ্র ভূমিখণ্ড ['ছিট খাইট'] detached small pieces of land.

খাইদ, খাদ [প্রাদে॰] বি, কাইট; মলা। ২ পাইন। (খাদ দ্রঃ)।

খাইয়ে [হি॰-খরইয়া] বিণ, যে খুব খাইতে পারে; ভোজনপটু।

খাইস [গ্রা॰ ফা॰-খোয়াহিশ্ ~] বি, ইচ্ছা; বাসনা; সখ।

খাইল, খাল, খালি [সং-খাত] বি, কৃত্রিম নদী; নহর; খাত। **খাল কাটিয়া কুমীর আনা**-স্বহস্তে বিপদ বা শত্রু আসিবার পথ করিয়া দেওয়া; নিজে পথ করিয়া শত্রুকে ডাকিয়া আনা।

খাইল, খাল [সং-খল্ল=চর্ম্ম] বি, চামড়া। **খাইল (বা খাল) ধঁরা**-পেশীর সঙ্কোচ ও রক্ত চলাচল বন্ধ হইয়া যন্ত্রণা হওয়া : হাতে পায়ের আক্ষেপ হওয়া; খিল ধরা।

খাউকী [খাদক > খাঅক > খাউক + ঈ (স্ত্রীং) নিন্দার্থে] বিণ, যে নারী অধিক খায়; ঔদরিকী। পুং **খাউকো** (তুল-পেট্‌কী, পেট্‌কো)।

খাও/ন [খাদন > খাঅন > ,অ=ও] বি, আহার; ভক্ষণ। **~নিয়া** [গ্রা॰-খাউনে] বিণ, ভোজনপটু; খাইয়ে। ২ ভোজনকারী। স্ত্রীং **~নী**।

খাওয়া [খা, খাআ। খাই; খাও, খাউন (কে॰ খনে); খায় : খায়েন (কে॰ খান); খাইতে (কে॰ খেতে); খাইয়া (কে খেয়ে), ভবিষ্যতে উ॰পু॰-খাব; ম॰ ও প্র॰পু॰-খাবে; খাইবেন (কে॰ খাবেন) ই॰। প্রা॰ বাং প্রাদে-**খাইমু, খাইবু, খাউঁ, খাওঁ খাইবাম, খাম, খামু** [খাইব, +ম, মু ই॰ (আমি)]-খাইব। "সাপ খাম বিষ পেম চারি যুগে মুক্তি জীম।"-মনসা॰ (বিজয়)। খাহ, খাহা=খাও (শ্রী॰ কী॰) দ্রঃ] ক্রি, ভক্ষণ করা। ২ [বাং-গ্রা॰] পান করা। ক্রি, জল খাওয়া : সরবত খাওয়া। "চা খাইয়া পরেশ ভবানীপুর যাত্রা করিল।"-মা॰ ও ম॰ বাণী, ১৩৩৩। ৩ পাওয়া; লওয়া; সহ্য করা; অধীন বা বশীভূত হওয়া। **কিল খাওয়া**-ক্রি, মুষ্ট্যাঘাত প্রাপ্ত হওয়া। **কিল খেয়ে কিল চুরি করা**-মুষ্ট্যাঘাত পাইয়া তাহার প্রতিশোধ না লইয়া সহ্য করা। **ঘুরপাক খাওয়া**-ঘোরা। **চাকরী খাওয়া**-চাকরী না থাকার উপায় করা; বরখাস্ত করা বা করান। **টাকা খাওয়া**-তহ্বিল ভাঙ্গিয়া বা অন্য উপায়ে টাকা আত্মসাৎ করা embezzle ২ ঘুষ খাওয়া। **নূন বা নিমঁক খাওয়া**-ভরণ-পোষণের জন্য টাকা, বেতন, অন্ন, দান গ্রহণ বা ভোগ করা; উপকার পাওয়া। **পাক খাওয়া**-পাকাইয়া যাওয়া। **মিশ খাওয়া**-সমঞ্জসীভূত হওয়া। ২ মিশে যাওয়া। **হাওয়া খাওয়া**-বায়ু সেবন করা; নিঃশ্বাসের সহিত বিশুদ্ধ বায়ু গ্রহণ করা। প্র-ভয় খাওয়া; বকুনি খাওয়া; মার খাওয়া। ২ বি, ভক্ষণ। প্র-তাহার খাওয়া হইয়াছে। ৩ ভোগ করা। প্র-হিম খাওয়া। ৪ বিণ, ভক্ষিত [গ্রা॰-খেও]।

খাওয়াইয়া [হি॰-খবাইয়া; খাইয়ে] বিণ, ভোজনপটু; খাইয়ে। ২ [নিন্দার্থে, খাইকুড়, খাউকী, খাউড়ঁলী, খাউওলে] পেটুক। ৩ খাওয়াই, খাওয়াও, খাওয়ায়, খাওয়াইতে (কে॰ খাওয়াতে); খাওয়াইয়া (কে॰ খাইয়ে) ই॰] অস-ক্রি, আহার করাইয়া।

খাওয়া দাওয়া [খাওয়া + দাওয়া (দান)-প্রা॰ বাং-'খাবাদিবা'র ব্যবহার দৃষ্ট হয়] ক্রি, খাওয়া ও খাদ্য দান করা; ভক্ষণ করা ও ভোজন করান। ২ আহারাদি করা। "একদিন খেয়ে দেয়ে।"-চন্দন॰। "রান্ধা বাড়া খাবা দিবা করে নিরন্তর।"-শি॰।

খাওয়ান১ [খাদনা ~ । খাআ দ্রঃ] বি, আহার করান, ভোজন করান [প্রা॰ বাং হি॰-র অনুকরণে-খাবাই=খাওয়াই। খাওলাক্রি=খাওয়াইলাম। "এতকাল তো সভারে খাওলাক্রি রাজ-ভোগে।"-রামা॰ (কবিচন্দ্র)।

খাওয়ান২ [আ॰-খাওয়ান (পরিচারিকা)] বি, ভোগিনী (দ্রঃ); ভোগ্যা স্ত্রী [কুমায়ুঁ গড়বালাদি অঞ্চলে যে সকল কুমারী বিধি অনুসারে প্রদত্তা কন্যার সহিত তাহার স্বামিগৃহে আসিয়া সেবা ও গৃহকর্ম্ম করে]।

খাঁ [ফা॰-খাঁদা=শিক্ষিত] বিণ, অভিজ্ঞ; শিক্ষিত; জ্ঞানী। "দেবেন্দ্র বাবু আমায় ইংরাজী খাঁ বলিয়া জানিতেন।"-আত্মচরিত (রাজনারায়ণ বসু)। ২ [ফা॰-খান্ শব্দের কে॰] মুসলমানদিগের মধ্যে উচ্চ উপাধিবিঃ। প্র-খাঁ বাহাদুর, খাঁ সাহেব। ৩ [বাং] নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। **~ই** [প্রাদে॰] বি, খাই দ্রঃ। গভীরতা।

খাঁই [তুল-ফা॰ খাইনা (ইচ্ছা)। সং-কাঙ্ক্ষা-আকাঙ্ক্ষা শব্দের ভ্রং আহিক্ষে-আইক্ষে-ক্রমে খাঁই] বি, আকাঙ্ক্ষা; স্পৃহা। ২ লোভ; আহিক্ষে (গ্রা॰), পাইবার জন্য

প্রবল আশা। ৩ ইচ্ছা। ~করা-দাওয়া করা; প্রার্থনা করা; চাওয়া। ~খাঁই করা-পাইবার জন্য লালায়িত হওয়া: লোলুপ হওয়া; দেহি দেহি রব করা।

খাঁও [হিং-খাঁউ। প্রাং-বাং। খাওয়া দ্রঃ] ক্রি, খাই। "তোর বাপর খাং না তোর রাজার বাপর খাং।"-মাণিকং গান।

খাংরা-খাঙরা দ্রঃ।

খাঁকতি [খাঁ খাঁ (দ্রঃ)। খাঁক-ফাঁক (অভাব)+তি (ভাং)] বি, অপ্রতুল; অনাটন। "কারণ হরির শ্বশুর রমাকান্ত বসুর টাকার ছিলনাক খাং।"-দ্বিং রায়।

খাঁকরি [হিং-অঙ্গার-অঙ্কার-আঁকার (পূংবঙ্গে-আকার)-খাঁকার+ই (ক্ষুদ্রার্থে)] বি, পাংশুকণা; অঙ্গারকণা; কিরকিরা; বালি। ২ দ্রব্যাদির গাত্রে কিছু লাগিয়া থাকিলে যা চাঁছিয়া চাঁছিয়া তোলা হয়; চাঁচি।

খাঁকার, খাঁকারি, খাঁখার [হিং-খঙ্কার, খঁখার] বি, গলায় অস্ফুট কফণ শব্দ; কৃত্রিম কাশির শব্দ। প্র-গলা খাঁকারি। ২ নিন্দা; অপযশ। "রন্ধন করিতে ছুঁড়ী আনিবে খাং।"-কবিকং। "শুন শুন সই গৌরাঙ্গ চাঁদের কথা-না কহিলে মরি, কহিলে খাঁকারি এ বড় মরমে ব্যথা।"-গোবিন্দং। ৩ [কলঙ্ককর বা কলঙ্ক আকার (কেলেঙ্কার) >] বি, কলঙ্ক। "কি যশ অপযশ, না ভায় গৃহবাস, হইলা কুলের খাঁখার।"-জ্ঞানং।

খাঁক্তি [খাঁকতি দ্রঃ] বি, অভাব; শূন্য; ফাঁক। "তত্ত্বের ভারী ওজনে যেখানে খাং ধরা পড়িতেছে।"-বং বাণী, ১৩৩৪।

খাঁখরা-দেওল দ্রঃ।

খাঁখারী [ব্রজং] বিণ, কলঙ্কিনী। "পিরীতি লাগিয়া এ তিন লোয়ানু হইনু কুল খাং।"-বলরামং।

খাঁ-খাঁ [অনুং, ফাঁকা স্থানের শব্দ। গৃহাদি শূন্য পড়িয়া থাকিলে তার শূন্যতা বা নির্জনতার কাল্পনিক শব্দ] বি, বায়ুপূর্ণ শূন্য স্থানের প্রতিধ্বনির শব্দ; শূন্যতার অব্যক্ত ধ্বনি। ২ ব্যাকুলতার অস্ফুট ধ্বনি; হু হু। প্র-মনের মধ্যে খাঁ খাঁ করিতেছে। বাড়ীটা যেন খাঁ খাঁ করিতেছে [তুল-Born of the very sigh that silence heaves."—*Keats.*]

খাঁচ [মানভূম প্রাদেং] বি, খেঁচুনি; আক্ষেপ spasm.

খাঁচা [সং-কঙ্কিকা > হিং-খাঁচা, খাঁচি খাঞ্চা ওং] বি, পিঞ্জর; কঞ্চি বা চেঁচাড়ির পিঁজরা; পিঁজরা।

খাঁচি [প্রাদেং ব্যবহার। খাঁচা দ্রঃ] বি, শাক সবজী তরকারি রাখিয়া জলে ধৌত করিবার সুবিধাজনক পাত্র।

খাঁজ-বি, রেখা। ২ বহির্গত অংশ। ৩ ইষ্টকাদির জোড়ের মুখের অবকাশ।

খাঁট [দেশীনামমালায়-খণ্ড-খণ্ডা-খানট > প্রা বাং খাঁট] বিণ, ধূর্ত্ত; শঠ।

খাঁটি, খাঁটী [হিং-খরা-খড়া] বিণ, অকৃত্রিম; বিশুদ্ধ।

খাঁড় [খড় বা খড়ি ইক্ষু > উৎপন্ন বলিয়া 'খণ্ড' তার ভ্রং খাঁড়] বি, দানাদার গুড়। "দধি দুগ্ধ খাং পুরি আত ভাঁড় ধর্ম্মপূজা এ সুব বেলা॥"-শূং পুং।

খাঁড়া [খাণ্ডা শব্দের ভ্রং] বি, খাণ্ডা দ্রঃ। খড়্গ; ছেদনাস্ত্র। "সুনার খেড় মন্দির সুনার নাটসাল। চন্দ্রহাস খাঁড়া হাথত চন্দ্র কোটাল॥"-শূং পুং। ২ সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘসূচক উপাধিবিঃ।

খাঁড়াতী [খাঁড়া (খড়্গ)+তী] বিণ, যে খাঁড়া বা খড়্গ দ্বারা পশু ছেদন করে।

খাঁড়ি [খাল-খাইল-খালি-খাড়ি] বি, খড়িয়া; সরু শাখা নদী। ২ [অখণ্ডিত-হিং খুরি] বিণ, আস্ত; অভঙ্গ; অখণ্ড।

খাঁদা, খেঁদা [ক্ষুদ্রনাসিকা] বিণ, যার নাসিকা-উচ্চ নয়; নতনাসিকা। স্ত্রীং খাঁদী, খেঁদী [আদরার্থে খাঁদু] যে স্ত্রীর নাক বসা বা অনুন্নত। খাঁদা নাকী [গ্রাং খেঁদা নাকী] যে মেয়ের নাক বেশ উঁচু নহে। খাঁদা বোঁচা-যার নাক কাণ উভয় কাটা গিয়াছে। প্র-খাঁদা বোঁচা হৈল কার গেল নাক কাণ।"-শিং।

খাক [ফাং-খাক্] বি, ছাই; ভস্ম।

খাকড়ানি, খাঁকড়ানি [খাঁকারি দ্রঃ। তুল-হিং খঁকারনা, খুরচনা] ক্রি, কড় কড় বা খরখর করিয়া চাঁচা। বি, খাকড়ি খাঁকড়ি। কোন কিছু রন্ধনের পর পাত্রে যে অংশ চুঁইয়া অঙ্গারবৎ হইয়া লাগিয়া থাকে। প্র-দুধের কড়া খাঁকড়াইয়া খাঁকড়ি তোলা। ঘিয়ের খাঁকড়ি।

খাকসী পেটা [প্রাদেং গ্রাং] ক্রি, গ্রীষ্মে ও পরিশ্রমে ঘন ঘন দীর্ঘনিঃশ্বাস ফেলা।

খাকার [কলঙ্ক আকার (কেলেঙ্কার) >] বি, নিন্দা। ২ কাণ্ড। "কাহা নাহি শুনিয়ে এমতি খাং।"-বিং পং।

খাকি, খাকী [খাদিকা >] বিণ, যে খায়। 'গতর খাকি' 'হাঁড়ি খাকি' ইং। ২ [খাক দ্রঃ] বি, ছাই রং: বাদামী রং; পাংশুবর্ণ। পুং, খেকো। চোখ খাকী-চোখ দ্রঃ। গতর-খাকি-গতর দ্রঃ।

খাকুই [সং-কঙ্কতিকা > কাঁকুই >] বি, তুলার বীজ ছড়াইবার যন্ত্র।

খাগড়া-বি, নল; খাঁক reed ২ রাঙ্গ ও তাম্র মিশ্রণে প্রস্তুত উৎকৃষ্ট কাঁসার বাসনের জন্য প্রসিদ্ধ মুর্শিদাবাদ বহরমপুরের অন্তর্গত স্থানবিঃ। বিণ, ~ই-খাগড়ায় নির্ম্মিত। ২ রাঙ্ ও তামায় প্রস্তুত উজ্জ্বল কাঁসায় নির্ম্মিত। (ভরুণে দ্রঃ)।

খাগী (খাকী দ্রঃ)-বিণ, যে নারী কিছু খায়। পুং, খেগো।

খাঙরা [প্রাদেং] বি, সম্মার্জ্জনী, শোধনী; ঝাঁটা। সাধাঃ নারিকেল পাতার কাঠিতে এই সম্মার্জ্জনী প্রস্তুত হয়।

খাঙ্গা [কাঙ্গাল শব্দের ভ্রং] বিণ, কাঙ্গাল; দরিদ্র। "কি করিব কাত্যায়নী কৃষ্ণ কৈল খাং। কর্ণধার ভাল বটি নৌকাখানি ভাঙ্গা॥"-শিং।

খাচরা,-ড়া [খচর, খচরা দ্রঃ। খচ্চর >। প্রাদেং মুর্শিং, বগড়ী, পুং রাঢ়] বিণ, দুশ্চরিত্র; কুচক্রী; দুষ্ট।

খাজনা-বি, খাজনা দ্রঃ।

খাজা [খাদ্য > খজ্জ > খাজা (বৌং সাং] বি, পক্ব মিষ্টান্নবিঃ। ২ আঁটাল, নিরেট, কঠিন। "কতকগুলি খাং কাঁটাল, কতকগুলির বড় আটা।"-কমলাকান্তের দপ্তর। ৩ নিরেট মুর্খ; খাজা গোঁয়ার; কাটগোঁয়ার।

খাজাঞ্চী [আং-খাজানাঃ+তুর্কীং-চী] বি, খাজনার কর্ত্তা; ধনাধ্যক্ষ। ২ সদর

কাছারীর তহবিলরক্ষক ; যে কর্ম্মচারী মফস্বলের খাজনার চালান ইং বুঝিয়া লয় এবং জমা-খরচ ইং-র হিসাব রাখে ; তহবিলদার a treasurer.

খাজানা, খাজনা [আং-খজ়ানাঃ] বি, রাজস্ব। ২ অন্যের ভূমি ভোগ করিবার জন্য স্বত্বাধিকারীকে যা কিছু দিতে হয় ; কর। ৩ ধনাগার ; ট্রেজারি the treasury. ৪ ধন। নগদান খাজনা-জমিভোগের জন্য জমীদারকে প্রতি বৎসর দেয় নগদ টাকা। ফসলী খাজনা, ভাওলী খাজনা -জমি ভোগের জন্য জমীদারকে নগদ টাকার পরিবর্ত্তে সেই জমিতে উৎপন্ন ফসলের দেয় অংশ। ~খানা-বি, কোষাগার treasury.

খাজারি [স্থাপত্য-বিদ্যা পরিঃ প্রাদেং] বি, ইট না পাতিয়া খাড়াভাবে রাখিয়া খাদরি করার মত গাঁথনি।

খাজিক-বি, খই।

খাজুয়ানি [শ্রীহট্ট প্রাদেং, হিং-খুজলানা, গ্রাং হিং খাজুআনা] ক্রি, চুলকান ; কণ্ডূয়ন করা। "সে তার পা খাজুয়াইতেছে।" বি, ~নী-চুলকানি।

খাজুর [প্রাদেং] বি, খেজুর দ্রঃ।

খাএগা [প্রা-বাং] অস-ক্রি, খাইয়া ; খেয়ে। "আগুনে পুড়িয়া মরোঁ জলে পরবেশ করোঁ বিষ খাং মরোঁ মো পাপিয়া।" -গোবিন্দং।

খাঞ্চা১ [খাঁচা দ্রঃ] বি, খাঁচা ; পিঞ্জর। "হাঁস কৈতর সেন খাং ভরিয়া॥"-মাণিকং গান।

খাঞ্চা২ [শ্রীহট্ট প্রাদেং (ফাং-খ্বান (তসতরী)-পরাত,-ক্ষুদ্রার্থে-উর্দ্দু-খাঞ্চা] বি, কাঠের বড় থালা ; বারকোস। বি, কাষ্ঠ-নির্ম্মিত বৃহৎপাত্র। ~পোষ [ফাং] বি, কাষ্ঠনির্ম্মিত বৃহৎ পাত্রের আচ্ছাদন।

খাঞ্জ [খঞ্জ শব্দের বিশেষ্যরূপ] বি, খঞ্জতা lameness. ২ খাঁজ।

খাঞ্জাখাঁ [ফাং-খান্‌খানান্ >] বি, উচ্চ উপাধি। ২ [নবাব খান্‌জহান্ খাঁ নামক অত্যন্ত বিলাসী ও মুক্তহস্ত নবাব >] অত্যন্ত উচ্চ বা নবাবী চালে যে চলে। প্র-বেন নবাব খানজা খাঁ। পরিঃ দ্রঃ।

খাট১ [ক্ষুদ্র বা খর্ব্ব >] বি, খর্ব্ব ; বেঁটে। ২ ক্ষুদ্র ; ছোট। প্রাদেং উচ্চারণ খাডো। "খাডো খাডো নাইর কেনে গাছটী পির ছাইয়া ফলে।"-প্রাচীন সূর্য্যের গান (বং সাং পং)।

খাট২ [সং-খট্বা >] বি, ছাপোর খাট ; পালঙ্ক ; খট্টা ; পর্য্যঙ্ক। "শিব বলে রাজ-রাজেশ্বরী হয়ে বসে থাক খাটে।"-শিং। ২ [ক্ষুদ্রার্থে খাটিয়া (খাটো)] [প্রাদেং] খর্ব্ব ; ক্ষুদ্র ; ছোট। ৩ কম ; হীন ; নিম্ন। "কুলেশীলে রূপে গুণে দক্ষ কিসে খাং। যে তুমি জামাতা হয়ে সম্ভ্রমে না উঠ।"-শিং।

খাটনা, খাট্‌না [খাটুনি (দ্রঃ) >, গ্রাং] বি, পরিশ্রম। ২ পরিশ্রমের কাজ ; মজুরি। ~খাটা-ক্রি, পরিশ্রমের কাজ করা ; মজুরি করা। ২ চড়ক পূজায় ঢাকের তালে তালে গাজনের সন্ন্যাসীদের নানা তাণ্ডব নৃত্য করা। ৩ [গৌণার্থে] খাটা-খাটুনির কাজ করা।

খাটনি, খাটুনি-বি, মেহনত ; শ্রম। খাটনীয়া -বি, শ্রমিক ; মজুর।

খাটলা-বি, চালনী।

খাটলি-খাটুলি দ্রঃ।

খাটা [বাং-প্রাকৃং। তুল-সং, খট্ (আকাঙ্ক্ষায়), কট্ (কৃচ্ছ্র জীবনে), বিকারে খট-খাট। উং পুং-খাটি। মং পুং খাট ; খাটুন ; খাট্। প্রং পুং-খাটে ; খাটেন্। অস-ক্রি খাটিতে, খাটতে ; খাটিয়া, খেটে। নিজন্তে-খাটান] ক্রি, চেষ্টা করা ; কর্ম্ম করা। ২ পরিশ্রম করা। ৩ যথা প্রযুক্ত হওয়া ; উপযুক্ত হওয়া। ৪ [সং-খাট্ (আচ্ছাদনে)] টাঙ্গাইল দেওয়া। ৫ বিণ, শ্রমলব্ধ। বি, পরিশ্রম [খাটুনি দ্রঃ] ~ই [হিং] বি, অম্ল ; খাট্টা।

খাটানি১ [দেশী প্রাকৃং >। তুল-পণ্ডিত বিধুশেখর শাস্ত্রী প্রদর্শিত সং-তে পরিণত 'খট্ট' ধাতু ("বিত্তার্থ খট্টয়েৎ"-হেমচন্দ্রের যোগশাস্ত্র, ১ম প্রকাশ)-প্রবাসী ১০ম ভাগ ২য় খণ্ড, ৫ম সংখ্যা] বি, ব্যবসায়ে টাকা খাটান ; অর্থ বৃদ্ধিহেতু ব্যবসায়ে নিয়োগ। ২ কর্ম্মে নিয়োগ। ৩ যথাস্থানে বা উপযুক্ত ক্ষেত্রে প্রয়োগ।

খাটানি২ [খাটা দ্রঃ] মেহনত বা শ্রম করান। ২ [সং-খট্ট (আচ্ছাদনে)] টাঙ্গান। "খাটায়ে তাম্বুঘর, বসিল সদাগর।"-কবিকং।

খাটা-পায়খানা-বি, যে মেদখানার ময়লা মেথরে পরিষ্কার করে।

খাটাল-বি, অন্তর ; মধ্যস্থল। ২ খিলান vault. ৩ ঘরের মেজে। ৪ [মানভূম প্রাদেং] ঘর ; কামরা compartment

খাটাশি [খট্টাশ দ্রঃ] বি, ক্ষুদ্র খট্টাশ।

খাটি১,-টী [খট্টা >। ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, মড়ার খাট।

খাটি২, -টী [কাষ্ঠ > কাটি >] বি, কাঠি ; দণ্ড ; শিক। "পিঞ্জরার খাটী ফেলিল ভাঙ্গিয়া।"-মাণিকং গান।

খাটি৩,-টী [খাঁটি দ্রঃ] বিণ, বিশুদ্ধ ; অমিশ্রিত ; অকৃত্রিম। "তোমার গো-রস খাটী কিম্বা নীর ভরা।"-রঙ্গলাল (কাঞ্চীং)।

খাটিয়া [সং-খট্বা] বি, ছোট খাট ; দড়ীর খাট।

খাটুনি [খাটা দ্রঃ] বি, পরিশ্রম, মেহনত। খাটা-খাটুনি [একার্থক সহচর শব্দদ্বয়] নানা কাজে শ্রম ; ক্রমাগত মেহনত।

খাটুয়া [গ্রাং-খাটিয়ে। খাটা দ্রঃ] বিণ, যে খাটে ; পরিশ্রমী। ২ যে দিনমজুরী করে। ~লোক-দিনমজুর।

খাটুলি, খাটলি [খাট+উলি (ক্ষুদ্রার্থে)] বি, ছোট-খাট। ২ মড়ার বাঁশের খাট। "যত শিশু মেলি, রাখিল খাটুলি, জাঠার মাকড়া বলে।"-মনসাং।

খাটো [খাট দ্রঃ] বিণ, খর্ব্ব। ~করা-ক্রি, হ্রস্ব করা। ২ হীন করা। ৩ অপদস্থ করা ; অপমানিত করা। ~দৃষ্টি-বি, অদূর দর্শন। ২ ছোট নজর। ৩ কৃপণতা। ~নজর,-দর্শন (রজনী সেন)-বি, নিকট দৃষ্টি short sight. ২ বিণ, যে দূরে দেখিতে পায় না short sighted. ~হওয়া-অপদস্থ হওয়া ; ছোট বা হীন হওয়া।

খাট্টা [হিং-খট্টা] বি, খাটাই ; অম্ল ; টক।

খাড়ব১ [বৈদ্যক] বি, আয়ুর্ব্বেদীয় মুখ-পরিষ্কারক চূর্ণবিঃ।

। যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

খাড়ব২ [ষট্ >। ষড্ (ছয়) > ষাড়ব। ষ=খ (হিং উচ্চারণ)] বি, যে রাগে ছয় স্বরের বিকাশ হয়। [দ্রঃ-যাতে সপ্তস্বরের বিকাশ তার নাম সম্পূর্ণ, এবং যাতে পাঁচ স্বরের বিকাশ-তাহার নাম ঔড়ব]।

খাড়া১ [সং-স্থির > হিং-খড়া] বিণ ঊর্দ্ধাধঃভাবে অবস্থিত বা দণ্ডায়মান। "খাং করে রাখ।" ২ সোজা। "দুপুরের রোদে তরুতলে এসে, ছায়া হয়ে থাকে খাং।" -কস্তুরীং। ৩ [প্রাদেং রাজসাহী] প্রশস্ত; চওড়া। খাং রাস্তা broad road. বি, ~ই [হিং] বি. উচ্চতা : উচাই। খাড়া-দম. স্থির বা ঠিক সোজা।

খাড়া২ [সংস্কৃতেতর ভাষায়] বি, ডাঁটা। "খাং বড়ী শাক পাতাতে বিলক্ষণ টান।" -হেমং। "পুঁই খাং চিংড়ীর করে ভুষ্টি নাশ।"-ঈং গুপ্ত।

খাড়াখাড়া, খাড়াক্‌খাড়া [গ্রাং] দাঁড়াইয়া দাঁড়াইয়া। ২ শীঘ্র। "তুমি বড় লক্ষ্মী ছাড়া ছেড়ে দেওনা খাড়াক্‌খাড়া।" -কস্তুরীং।

খাড়াহুণ্ডি,-ণ্ডী [মহাজনী ভাষায়] বি, যে হুণ্ডি দেখান মাত্র টাকা শোধ দিতে হয়; দর্শনী হুণ্ডী bill payable at sight. ২ [লক্ষং] কাজের তাড়া বা তাগাদা যাতে আর সব কাজ ছাড়িয়া ঐ কাজ করিতে হয়।

খাড়ি১, **খাড়ী**-বি. নদীর মোহানা; সাগর-সঙ্গম estuary.

খাড়ি২ [প্রাদেং পুং বং গীং] বি. কাঠি বাঁশের কুচি কাঠি; ঠোঙা শেলাই, দাঁত খোটা. মুড়ি ভাজা ইং-র জন্য ব্যবহৃত হয়।

খাড়ু, খাড়ুয়া [প্রাদেং। খাদি (বৈদিক শব্দ) > প্রাকৃং-খাডি > খাঁড়ি > খাড়ু-বিং মজুমদার] বি, হস্তালঙ্কারবিঃ। "সবে মাত্র দুই গাছা খাড়ু ছিল হাতে।" -ঈং গুপ্ত। ২ [ঢাকা অঞ্চলে পায়ের গহনা মলের নামান্তর-সাং পং পং, ১৩১৬] বাঁকমল। "দুইটী বাওনের কন্যা মলখাড়ুয়া পায়।" -প্রাচীন সূর্য্যের গান (বং সাং পরিচয়)। "শায়ন মাসেতে মণুষ্যা পায়ের খাড়ু বেচে।" -পুং বং গীং]।

খাড়ুমুড়া [প্রাদেং] বি, ব্যবহারে ক্ষয়-প্রাপ্ত খাঙ্গরা; মুড়ো খেংরা। "ধন্য মামী তুমি অন্য মেয়ে যদি হৈতে। খাং মারি তারে দূর করি দিতে।"-শিং।

খাড়্গিক-বিণ, খড়্গধারী: খড়্গসম্বন্ধীয়।

খাণিক [প্রাং বাং 'খাণিএক'। খাণি কেহো (ক্ষণেকের জন্য) শ্রীং কীং] অ, ক্ষণেক; একটু। খানিক দ্রঃ।

খাণ্ডব [খণ্ড+অ (ণ্), ব আগম] বি, যমুনাতীরস্থিত প্রদেশবিঃ। ২ ইন্দ্রপ্রস্থের সন্নিহিত, দেশবিশেষে এক অরণ্য ছিল উহাই খাণ্ডবারণ্য নামে খ্যাত ছিল। ~দাহ, -দাহন-অগ্নিকে পরিতুষ্ট করিবার জন্য কৃষ্ণার্জ্জুন কর্ত্তৃক খাণ্ডব বন ও বনবাসী জীবজন্তুর দাহ। ~প্রস্থ-বি, ইন্দ্রপ্রস্থ: আধুং নাম দিল্লী। ~বন, ~রণ্য-বি, ইন্দ্রপ্রস্থসন্নিহিত স্বনামপ্রসিদ্ধ অরণ্য।

খাণ্ডবায়ন-বি, ঋষিবিঃ।

খাণ্ডবিক [খাণ্ডব (খণ্ডজাত মোদকাদি) +ইক (প্রস্তুত করে অর্থে)] বি, যে মোদক ইং প্রস্তুত করে: ময়রা।

খাণ্ডা-বি. খড়্গ. খাঁড়া। "বাম হাতে খপর দক্ষিণ হাতে খাং।"-কৃত্তিং। "বিকট দশন গুলা, মাঘ মাসে যেন মূলা, জিভি খান খাণ্ডার সমান।"-কবিকং। ২ সূর্য্যবংশীয় রাজা ভুধরের পুত্র এবং দণ্ডকারণ্যের রাজা দণ্ডের পিতা।

খাণ্ডার [প্রাদেং। বরিশাল 'খান্দার'] বি, কোন্দল; কলহ; ঝগড়া। ২ বিণ, কলহ-প্রিয়া; রণচণ্ডী। "খাং বৌ।" স্ত্রীং ~নী-বিণ, কলহপ্রিয়া। "স্ত্রীটি যেমন খাণ্ডারী।" -সৌরীন্দ্রমোহন। 'খাণ্ডার বৌ' একরূপও চং।

খাণ্ডিক [খণ্ড (ইক্ষু গুড়)+ইক] বি, যারা গুড় খণ্ড বা মোদকাদি প্রস্তুত করে; মোদক; ময়রা।

খাত, খাদ [খন্ (খনন করা: খোঁড়া) +ত (ক্ত)] বি, তড়াগ; দীর্ঘিকা; পুষ্করিণী। ২ কূপ। ৩ গর্ত্ত: খাই। ৪ বিণ, যা খনন করা হইয়াছে: খনিত। ৫ [ভাং] খনন: খোঁড়া।

খাতক [খাত+ক (জ্ঞাং)] বি, জলাশয়; দীর্ঘিকা; পরিখা, খানা। ২ [খাদক >] অধমর্ণ: ঋণী। ৩ মহাজনের নিকট কর্জ্জকারী। "ভূষণা নগরে সীতারামের অনুগত বাধ্য প্রজা বা খাং বিস্তর লোক ছিল।" -সীতারাম (বঙ্কিমং)। "খতে লেখা রোয়েছে ওহে শ্রীহরি। খাং ত্রিভঙ্গ শ্যাম, মহাজন শ্রীরাধা প্যারি॥"-বাং গান, রামবসু। ৪ খনির কার্য্যকারক; খনক।

খাতা [খাতক দ্রঃ] বি, একত্রবদ্ধ পত্রাদি; বহি। ২ হিসাবের পুস্তক: দেনা-পাওনার বহি। ৩ ভূমিখণ্ড। ৪ দল; থাক; স্তবক। ৫ কৃষকদিগের উর্ব্বরা ও অনুর্ব্বরা জমির অনুপাত অনুযায়ী রাজস্ব দিবার জন্য দায়ী হওয়া। ~বন্দী-খাতা অনুসারে কর নির্দ্ধারণ। ~বহি-যে পুস্তকে আয়ব্যয়ের হিসাব লেখা হয়; আয়ব্যয়ের হিসাব বহি। ~লেখা-মহাজনের কারবারের হিসাব মাল ও টাকা জমা-খরচের হিসাব; লাভ ও লোকসানের হিসাব লেখাকে খাতা লেখা বলে।

খাতির [আং-খাতর্] বি, সমাদর; সম্মান। ২ যত্ন। ৩ অনুরোধ; উপরোধ। ৪ প্রাণ; অন্তঃকরণ; মন। ৫ বাসনা; অভিলাষ [অপ্রং] ৬ কারণ; জন্য; নিমিত্ত। "পরাণ হারায়েছিনু পেটের খাতিরে।"-ঘং। ~জমা [ফাং-খাতর্‌জমা] বি. নিশ্চয়তা। ২ বিণ. নিশ্চিন্ত [এই শব্দ ক্রমে বঙ্গভাষায় ব্যবহারে আসিতেছে] ~দারী [ফাং] বি, সম্মান রক্ষা: সম্মাননা। ~নাদারদ [ফাংখাতর্ নদারদ] বি, উপেক্ষা। ২ অবহেলা; অবজ্ঞা। ৩ বিণ. অপক্ষপাত সমালোচক; যার নিকট খাতিরের আশা নাই; যে ব্যক্তি উপরোধ অনুরোধ বা বন্ধুত্বের খাতির না রাখিয়া হক কথা বলে; যথার্থবাদী [এই অর্থে আধুং বঙ্গসাহিত্যে এই শব্দ প্রবেশ-লাভ করিতেছে]।

খাতুন [তুর্কীং. আং-খাতুন] বি, মহিলা-বাচক শব্দ (মুসলমান মহিলাদের নামান্তে যুক্ত হয়)।

খাত্তাই [ফাং-খাতা (দোষ)] বি, অপরাধ: দোষ: অপ্রতিভতা। "কথাটা বলে ফেলে আমি শেষে খাত্তায়ে পড়ব না কি?" -রাং কৃং লীলা প্রসঙ্গ।

খাদ [সং-ক্ষয়ন >. হিং-খাদ-যা ক্ষয়

করে] বি, পান। "সেই পিতলে আবার আধা আধি খা°।"-রজনী সেন। ২ খনিত বা খোদিত স্থান ; খাই ; খাত। "পশ্চিমের সীমা গঙ্গা ভাগীরথী খা°।"-অ° ম°। ~ক (-দ-) [খাদ্ (খাওয়া) + অক (র্তৃ)] বিণ, যে ভক্ষণ করে ; ভক্ষক ; ভোক্তা। ২ ঋণী ; অধমর্ণ। ৩ [অর্থশা°] উৎপন্ন জিনিসের ব্যবহারকারী consumer ~ন (-দ-) [খাদ্(খাওয়া) + অন (ভা°)] বি, আহার ; ভোজন। ২ [র্ম-অন] যা খাওয়া হয় ; খাদ্য। ৩[করণ-অন] যদ্দ্বারা খাওয়া যায় ; দন্ত। ৪ [অর্থশা°] উৎপন্ন দ্রব্যের ব্যবহার consumption

খাদা [প্রাদে°-যশোহর] বি, জমীর মাপের পরিমাণ ; ১৬ বিঘা। "এক খা° জমী বন্দোবস্ত করিয়া লইল।"-নী° রায়। ২ প্রস্তরনির্ম্মিত অন্নপাত্রবিঃ।

খাদাড়ী [যশো° খুলনা প্রাদে° কথ্য] বি, লবণের কারখানা ; খালাড়ী দ্রঃ।

খাদি, [খড় দ্রঃ বৈদিক (ঋগ্বেদে হিরণ্যখাদির উল্লেখ) খাদি > খাড়ি > (পরে) খাড়ু-(বি° মজুমদার)] বি, মণিবন্ধের বলয়াকৃতি অলঙ্কার।

খাদি, [খণ্ড >] বি, ক্ষুদ্র ক্ষুদ্র অংশ ; ছোট টুক্‌রা। "খা° খা° করে কাটা।" ২ ছোট সাড়ী। "শত শত এক জায়, গুজরাটে তন্তুবায় ভূণী ধুতি খা° বুনে গড়া।" -কবিক°। "খা° পরে থাকে।"

খাদিত [খাদ্ + ত (র্ম) যার খাওয়া হইয়াছে] বিণ, ভুক্ত ; ভক্ষিত। ২ খণ্ড খণ্ড করা ; খাদি খাদি করা ; খণ্ডে বিভক্ত।

খাদিম, খিদিম [আ°-খাদিম্] বি, ভৃত্য ; সেবক (মুসলমানি বাং-য়)। ২ [প্রাদে°] পাণ্ডা। ৩ (ভারতে) যাদের জিম্মায় মসজিদাদি থাকে।

খাদির [খদির + অ (সম্বন্ধার্থে)] বিণ, খদিরকাষ্ঠ-নির্ম্মিত। ২ খদিরসংক্রান্ত। ৩ বি, খয়ের।

খাদী [খাদ্ (ভক্ষণ করা) + ইন্ (র্তৃ), মূ-খাদিন্ ১মা ১ব°] বিণ, খাদক ; ভক্ষক। প্র-মাংসখাদী ; নরখাদী।

খাদুক [খাদ্ + উক (র্তৃ)] বিণ, খাদক ; ভক্ষক ; হিংসক।

খাদ্য [খাদ্ + য (র্ম)] বিণ, খাইবার যোগ্য ; যা খাওয়া উচিত বা আবশ্যক। ২ ভক্ষ্য বস্তু ; ভোজ্য দ্রব্য ; খাবার। খাদ্যাভাব-বি, ভক্ষ্য বস্তুর অভাব ; দুর্ভিক্ষ।

খান [খণ্ড >] বিণ, খণ্ড। "একখান কাপড়।" ২ বস্তু-নির্দ্দেশ ; দ্রব্যের সংখ্যা মাত্র। প্র-কয়খান কাপড়ের দরকার। ~খান [খণ্ড খণ্ড >] বি, খণ্ডখণ্ড ; টুকরা-টুকরা। "সুদর্শনে কাটিয়া করিল খান খান।"-শি°।

খান, [স্থান >] স্থান। "এখানে কিছু নাই।" খানেখানে-স্থানে স্থানে। "খানে খানে তাম্বুক সব ছল হইয়া গেল।" -মাণিক° গান।

খান, [খনি দ্রঃ। হি°] বি, খনি ; আকর। ২ গর্ত্ত।

খান, [ফা°-খান > ক্ষে° খাঁ (দ্রঃ)] বি, মুসলমানদিগের মধ্যে উচ্চ উপাধি-বিঃ। > খান বাহাদুর (ক্ষে° খাঁবাহাদুর)। ২ পাঠানদিগের জাতীয় উপাধি। ৩ মুসলমান রাজদত্ত উপাধি। ব২ হিন্দু সৎকার্য্যের জন্য মুসলমান রাজাদিগের সময় খান বা খাঁ-যুক্ত বা কেবল খাঁ উপাধি প্রাপ্ত হইতেন। যথা-গুণরাজ খাঁ, যশোরাজ খাঁ, পুরন্দর খাঁ, বুদ্ধিমন্ত খাঁ।

খানকা, খান্‌কা [খামকা দ্রঃ] ক্রি-বিণ, আচম্‌কা, হঠাৎ। "আপনি তাহাকে খা° কোন দিন আনাইয়া দেখিবেন।" -রাজসিংহ (বঙ্কিম°)।

খানকী [ফা°-খান্‌কি] বি, বারাঙ্গনা ; বেশ্যা।~খোর-বিণ,বেশ্যাসক্ত।~টোলা -বেশ্যাপল্লী। ~পিন,-বেশ্যার মত আচরণ। ~বাজ-বেশ্যাসক্ত ; লম্পট ; বি, ~বাজী। ~মি, ~মো-বেশ্যাপনা।

খানখানা [ফা°-খান] বি, খাঁ উপাধিকদের প্রধান।

খানদান [ফা°] বি, বংশ। বিণ, ~ী।

খানপান [হি°-খানাপীনা >] বি, পানাহার ; ভোজনপান।

খানসামা [ফা°-খানসামা] বি,ভৃত্যবিঃ; রন্ধনাগারের পরিদর্শক ও মদ, বাসন ই°-র রক্ষক। ~গিরী-খানসামার পদ ও কার্য্য।

খানা, [খাত >] বি, গর্ত্ত ; খাত ; হ্রদ। "বয়স তাহার বছর ষোল, দেখতে শুনতে কালোকোলো ; পিলে অগ্রমাসে মলো, আমি তখন খানায় পড়ে।"-বিষবৃক্ষ। ২ [ফা°-খানা] স্থান। প্র-দেওয়ান-খানা ; ডাক্তারখানা ; গোসলখানা, তোসাখানা ; জেলখানা ; বৈঠকখানা ; কসাইখানা ; পায়খানা।

খানা, [ফা°-খানা] বি, ভোজ। "বেলগেছেতে খা° দিয়ে খেটে হ লে খুন।"-হেম°।

খানা, [খণ্ড >] বি, সংখ্যাবাচক শব্দে বিশেষার্থক প্রত্যয়। একখানা ; দশখানা। ২ অসম্ভ্রমার্থে বস্তু নির্দ্দেশ। প্র-ঘরখানা ; মুখখানা [সম্ভ্রম, আদর ই° অর্থে 'খানি'] "সুচরিতা হাসিয়া সত্যেনের মুখখানা দুই হাত দিয়া বেষ্টন করিয়া ধরিয়া বলিল।" -পিতাপুত্র (গোলাম-সপ্ততি)।

খানাখা [খামকা দ্রঃ। ভ্রং] অ, অকারণ ; অনাবশ্যক unnecessarily

খানাজাদ [ফা°-খানাজাদ] বি, যা বা যাকে গৃহে আনিয়া রাখা হইয়াছে। ২ ভৃত্য ; গোলাম।

খানাতল্লাস, -তল্লাসী [ফা°-খানা (বাড়ী), আ°-তালাসা (সন্ধান search)] বি, আসামী বা অপরাধজনক দ্রব্য বা প্রমাণাদির জন্য গৃহ অনুসন্ধান house-search-"কতকগুলি বাড়ীতে খা° হইয়াছে * * কোথাও অপরাধজনক কিছু পাওয়া যায় নাই বা কেহ গ্রেপ্তার হয় নাই।"-ব° বাণী।

খানাখারাব, খানেখারাব [ফা°-খান-এ-খরাব্] বিণ, ধ্বংস বা সর্ব্বনাশ-প্রাপ্ত ; উৎসন্ন ; সর্ব্বস্বান্ত ; বিনষ্ট। ২ নির্ব্বংশ।

খানাপিনা [ফা°] বি, পান ভোজন। "পান পানা খা° আয়েব না করে।"-অ° ম°।

খানাবাড়ী [ফা°-খানা-বার্=বাড়ী] বি, আবাসবাটী ; বসতবাড়ী। ২ [Wilson's Glossary—"a house with the grounds and outhouses attached to it ; dwelling of a Zamindar and the ground about it which was held free of revenue."] বহির্বাটী ও জমিসহ বাড়ী বা জমিদারের বসতবাটী ও তৎসংলগ্ন নিষ্কর জমি।

খানারি [নিমকমহলের ভাষায়] বি, নুন প্রস্তুতকারী।

খানাসুমারি [ফা॰-খান্-এ-শুমার্] বি, বাড়ীর সংখ্যা নির্দ্ধারণ। খানে সুমারী দ্রঃ।

খানি১ [খানা৩ দ্রঃ] অ, আদরার্থক প্রত্যয় -টির' অনুরূপ প্রত্যয়। দেহখানি, ঘরখানি, থালাখানি, মুখখানি, গলা, কাপড়, ধুতি, ই॰-র নির্দ্দেশার্থে যুক্ত হয়। প্রা॰ বাং-প্রচর। "নাতিনিখানী" (শ্রী॰ কী॰); "কন্যাখানি" (মনসা ম॰-ষষ্ঠীবর);

খানি২ [খান দ্রঃ] বি, খনি; আকর। "না জানি কি গুণ ধরে মুখখানি তোমার।" -জ্যো॰ ঠাকুর।

খানিক১ [খন্ (খনন করা) + ইক (স্ত্য)] বি, দেওয়ালের গর্ত্ত বা ফাটল। ২ বিণ, খনির কর্ম্মকারী। ৩ কিয়দংশ; কতক। "বুড়া নয় খা॰ বয়সে বটে বাড়া।"-ধ॰ ম॰ (ঘ॰)।

খানিক২ [ক্ষণেক ভ্রং] বি, কিয়ৎক্ষণ; ক্ষণেক। "কই গো বৃন্দে সই, বৃন্দাবনচন্দ্র কই। বল্‌লে এই আসি আসি, গেল অর্দ্ধ নিশি, শশী স্বস্থানে যাবে খা॰ বই।"-রামবসু।

খানিক৩, খানেক [খান (খণ্ডার্থে)-এক। প্রা॰ বাং-'খানি এক' (শ্রী॰ কী॰)] বিণ, অল্প সময় short time. ২ অল্প একটু। ৩ [নির্দ্দিষ্টার্থে 'টা' যোগে টাক্ দ্রঃ] খানিকটা-কিয়ৎপরিমাণ। ২ প্রায়। প্র-সের খানেক। মাস বছর খা॰ হাত, রসি, গজ, গুচ্চির, ঝুড়ি, মণ, পোয়া, কাঁচ্চা, মুটো ই॰-খা॰।

খানিল [খন্ (খনন করা) + ইল (স্ত্য)] বি, সিঁধাল চোর [প্র॰অ॰]।

খানুম [তুর্কী॰ > ফা॰ খালম মোস্থা (স্ত্রী)] বি, মহিলাবাচক শব্দ।

খানেজাদ [ফা॰-খান-এ জাদ্] বিণ, ঘরোয়া। ২ বি, ভৃত্য; চাকর-নফর।

খানেসুমারি-বি, যে হিসাবে গ্রাম, বাড়ী, দোকান, জনসংখ্যা ই॰ নির্দ্দিষ্ট থাকে। ২ জনসংখ্যা।

খাপ [ফা॰-খাম্] বি, অসিকোষ; অস্ত্রাধার। ২ যে কোন কোষ বা খোল। ৩ [প্রাদে॰, ঢাকা] মলাট। ৪ মিল। প্র-ও জিনিস ইহার সঙ্গে খা॰ খাবে না। ৫ ঘনত্ব; বস্ত্রাদির ঠাস বা ঘন বুনন। ~খাওয়া-ক্রি, মিল হওয়া। ২ উপযোগী বা যোগ্য হওয়া। ৩ মানিয়ে যাওয়া; মানানসই হওয়া। ~খাওয়ানি-ক্রি, সামঞ্জস্য রক্ষা করিয়া যুড়িয়া দেওয়া বা ব্যবহার করা। "যে সকল সং শব্দকে কোন লেখক জোর করে বাং ভাষার ভিতর প্রবেশ করিয়ে দেন, অথচ খা॰ খাওয়াইতে পারেন নি,"-সাহিত্য, ১৩১৯।

খাপচি [খামচা দ্রঃ তুল॰ হি॰-খাপ্‌চি] বি, খামচি; খাবলা। ২ চিমটি; খিমচি। ৩ খাবি। ৪ সংকোচন ও প্রসারণ। ৫ টুকরা; খণ্ড; যে পরিমাণ এক খামচায় উঠে। ~কাটা-ক্রি, খাবি খাওয়া। ২ খামচান। ৩ সংকুচিত ও প্রসারিত হওয়া। ৪ টুকরা কাটা। ৫ সংকোচের সহিত বা লজ্জায় স্পষ্ট না বলা; পেটে কতকটা রাখিয়া বা আংশিক গোপন করিয়া বলা; খুলিয়া না বলা mince matters

খাপছাড়া [খাপ + ছাড়া] বিণ, গরমিল। ২ বেমানান। ৩ অপ্রাসঙ্গিক; অসম্বন্ধ।

খাপিস্তি [সং-স্থাপন > স্থাপয়ন্তি-প্রা॰ বাং-ভ্রং খাপন্তি] ক্রি, প্রতিষ্ঠা করেন। ২ স্থাপন করেন। "সেত বন্নের তাম্র অঙ্গেতে চড়ায় লোহ মোহ কাম ক্রোধ ধরন্তি জিউ খা॰ কায়॥"-শূ॰ পু॰।

খাপরা [খর্পর >] বি, কলসী ভাঙ্গা; খোলা। ২ খাবরা; খোরা।

খাপরেল [খাপরা দ্রঃ] বি, খোলা। ২ খোলার ঘর।

খাপা১, খাপ্পা [ফা॰-খফা] বিণ, কুপিত, বিরক্ত, রুষ্ট। "মোর ঝাপটা দেখে মোর ভাশুর খাপা।"-নীলদর্পণ।

খাপা২ [হি॰-খপ্‌না; খাপি, খাপ, খাপে; খাপিতে (ক্ষে॰ খাপতে); খাপিয়া (ক্ষে॰ খেপে) ই॰] ক্রি, খাপ খাওয়া; মিলিত, মিশ্রিত, উপযোগী বা সমঞ্জসীভূত হওয়া। "কীর্ত্তিকলাপের সঙ্গে সেটা খুব খাপিত।" -ঠাকুরদাস মুখো॰। ণিজন্ত রূপ ~নি-খাটান: কার্য্যে লাগান।

খাপি, খাপী [খাপ (ঠাস বুনন) + ঈ যুক্ত] বিণ, মোটা; ঘন বুনন-যুক্ত; ঠাস বুননের; ঘন জমিবিশিষ্ট (বস্ত্র)।

খাপুরি [প্রাদে॰] বি, আক মাড়িয়া তার রস রাখিবার অর্দ্ধ গোলাকৃতি বৃহৎ পাত্র।

খাপ্পা [সং-ক্ষিপ্ত। ফা॰-খাফা] বিণ, ক্ষিপ্ত; ক্রুদ্ধ। "মহারাজা হবে খা॰, সারবে দফা হব রফা, এই দুইজনা॥"-বাং-গান।

খাবরা [খর্পর >] বি, খাপ্‌রা; খোলা; টালি। ২ কাঠ মাটি বা পাথরের আবখোরা। "সম্ভ্রমে ফুল্লরা দিল মাটিয়া পাথরা, ব্যঞ্জনের তরে দিল নূতন খা॰।"-কবিক॰।

খাবল [সং-কবল-ভ্রং] বি, গ্রাস।

খাবলা [শ্রীহট্ট প্রাদে॰-'খাউব্‌লা] বি, পাঞ্জা পরিমাণ; থাবায় যত ধরে। খা॰ খাব্‌লা-খাবা খাবা।

খাবলানি [খাবল (দ্রঃ) + আন (ক্রিয়ায়) উ॰ পু॰-খাবলাই। ম॰ পু॰-খাবলাও; খাবলান, খাব্‌লা। অস-ক্রি-খাবলাইতে; খাবলাইয়া; খাব্‌লে। খুবলানও এইরূপ] ক্রি, খাবল বা কবলপরিমিত বস্তু খাবা দিয়া লওয়া; কামড় বসাইয়া অংশ তুলিয়া লওয়া [এই অর্থে 'খুবলান' অধিক চ]; চোবলান। "ছেলে গুলি হাত ডুবাইয়া খাব্‌লাইয়া ভাত তরকারী খাইতেছে।"-ব॰ বাণী, ১৩৩১।

খাবা [প্রাদে॰ খাওয়া দ্রঃ। অন্তঃস্থ 'ব' বাঙ্গালায় বর্গীয় 'ব' এ পরিণত] খাওয়া দ্রঃ। খাবা-দিবা-খাওয়া দাওয়া দ্রঃ। "রান্ধা বাড়া খা॰ দিবা করে নিরন্তর।"-শি॰। "মন যদি মোর ঔষধ খা॰।"-রা॰ প্র॰।

খাবার [খাওয়ার বা লইবার (দ্রব্য)] বি, খাদ্যদ্রব্য। ২ মিষ্টান্ন। ৩ খাইবার (ভোজন করিবার) শব্দের ক্ষে॰ জল-খাবার-জল ও মিষ্টান্ন খাদ্য; স্বল্পাহার।

খাবি [খাওয়া >] বি, মাছ ভাসিতে ভাসিতে যে জল খায় বা মৃত্যুকালে লোকে মধ্যে মধ্যে অনিচ্ছাসত্ত্বেও যে মুখব্যাদান করিয়া জল বা বায়ু গলাধঃকরণ করে। নাভিশ্বাসের সঙ্গে মুমূর্ষুর মধ্যে মধ্যে মুখব্যাদান করণ; খাইবার অনুকরণে মুখব্যাদান। "খা॰ খেয়ে মরে লোক হাজার হাজার।" -অ॰ ম॰। ~খাওয়া-অন্তিমকালে জল বা শ্বাস গ্রহণের জন্য মুখব্যাদান করা ও জল বা বায়ু গলাধঃকরণ করা। "বৈদ্যেতে পাবেনা নাড়ী এমন অন্তিম দশায় খা॰ খাব।"-দ্বি॰ রায়।

খাম১ [সং-স্তম্ভ। বৈদিক সং-স্তম্ভ,

প্রাকৃ॰-খম্ভ। হি॰-খম্বা] বি, গৃহের দারুস্তম্ভ; ঘরের খুঁটি। "চারিভিতে রুএ কলা ভিতর হেমগিরি। ছাওআ মণ্ডপের থামে বান্ধএ বনমালা।"-শূ॰ পু॰।

খাম২ [অনু॰] হুঙ্কার; ভয়ানক শব্দ। "হুম হাম খুম খা॰ ভীমশব্দ ভাষিছে।" -অ॰ ম॰।

খাম৩ [ফা-খাম্] বি, পত্রের আবরণ; লেফাফা। ২ পত্রের অঙ্গবিঃ। ৩ কোষ। "শ্রীমুখ খা॰ করিলেন ইতি।"-কবিক॰

খাম৪ [ফা॰-খাম্] কাঁচা। ২ অপরিণত; অপুষ্ট।

খাম৫-খাওয়া দ্রঃ।

খামআলু [রাঙ-'খাম আরু'। তুল-ফা॰-খুম্ (কোঁক্‌ড়া, বড় গোলাকার)] বি, চুপড়ী আলু।

`খামকা, `খামখা, খামোকা [ফা॰-খাম্‌খোআ] সহসা; অকস্মাৎ; হঠাৎ; দৈবাৎ। "খামকা এসেই গাল দিলে।" -নিরুপমা দেবী। ২ অকারণ; অনর্থক; বিনা কারণে। "খামখা সে ভালবাসে, আমি কি বাসিতে কই।"-চন্দন॰।

খাম-খাম [সং-খণ্ড-খান-খাম+উআ=খামুয়া-গ্রা॰ খেমো] চাপ্ চাপ্, খান্ খান্।

খামখেয়াল [ফা॰-খামখেআল্] বি, চিত্তের অস্থিরতা; মনমর্জ্জির ভাব। ২ বৃথা কল্পনা। বিণ্, ~ী-অস্থিরচিত্ত; মনমর্জ্জি।

খামচ, খামচি [প্রাদে॰ গ্রা॰ 'খমচা' ও॰। আ॰-খান্‌সা। অল্পার্থে, চি] বি, টিপ। ২ নখাঘাত। ৩ খাবলা; থাবা।

খামচানি [খামচা দ্রঃ] ক্রি, নখাঘাত করা; পাঞ্জার আঘাত করা [দুই আঙ্গুলের দ্বারা পিষ্ট করিলে বা অঙ্গুলিদ্বয়ের নখাঘাতকে চিম্‌টিকাটা বলে কিন্তু তদধিক অঙ্গুলি-প্রয়োগকে খামচান বলে। খামচানো এবং চিমটি কাটার মধ্যবর্ত্তী 'খিমচি' কাটা]।

খামটি-খামাটি দ্রঃ।

খামিরিই-বি, যে খামার রাখে।

খামটি, খামাটি, খামুটি-বি, মল্লবেশ; মালকোঁচা। "যেন অসুর খামাটি এঁটে রয়েছে।"-লীলাবতী (দীনবন্ধু)। ২ ক্রোধে দন্ত দ্বারা অধর দংশন; দন্তে দন্ত বদ্ধ-অবস্থা। খা॰ আঁটা, -ধরা, -বাঁধা, -মারা।

খামার [হি॰-খামার্] বি, যেখানে ধান মাঠ থেকে এনে আটি বেঁধে রাখা হয় ও ঝাড়া হয়; শস্যমর্দ্দনস্থান; শস্য-প্রাঙ্গণ। "আর একটু তালুক, দুবিঘে খা॰ তাতেও দুদশ টাকা।"-রজনী সেন। খাস-খামার-জমিদার যে জমি প্রজাকে বিলি করিয়া না দিয়া নিজ দখলে রাখিয়া তার খাজনা কালেক্টরীতে দাখিল করেন। হাসিল খামার-জমিদারের নিজ দখলে রক্ষিত আবাদী জমি। খামারিয়া-বি, খামার সম্বন্ধীয়।

খামালু [খাম (ক্ষেম)-আলু] বি, চুবড়ি আলু। খামারপতিত-কোন জমীদারী-ভুক্ত কর অনির্দ্ধারিত অনাবাদী জমি; রাজজঙ্গল। আগর্তখামার-খাসখামার হতে দাখিল করা খামার। গর্তখামার-খাসখামার হতে খারিজ করা খামার।

খামির [খাম্বিরা দ্রঃ] বি, জিলিপি ই॰ প্রস্তুত করিবার গাঁজ।

খামি [প্রাদে॰] বি, অলঙ্কারের অংশবিঃ; অলঙ্কারের মধ্যমণি। ২ মিঠাই প্রস্তুত করিবার উপকরণ। ~রা-খাম্বিরা দ্রঃ।

`খামোকা-খামকা দ্রঃ।

খামোশ [ফা॰-খামোশ] বিণ, নীরব; নির্ব্বাক্।

খাম্বা [সং-স্তম্ভ > প্রাকৃ॰-খণ্ড > । হি॰-খম্বা] বি, স্তম্ভ; থাম।

খাম্বাজ-বি, রাগিণীবিঃ।

খাম্বাবিতী [সংগীতে] বি, মালকোষ রাগের পত্নী মালসী ও বেহাগড়া মিলনে উৎপন্ন।

খাম্বিরা [আ॰-খমীর্] বি, পচন; গাঁজ। ২ মসলাযুক্ত তামাক।

খায় [খা দ্রঃ। হি॰-খানা] ক্রি, ১ম পু॰ ভক্ষণ করে; আহার করে ২ [প্রাদে॰] পান করে। প্র-জল খায়। ৩ ভোগ করে। "উট গাধা ক্ষেতি খাবে, রাজার নফর হবে, বিপদে সম্পদে তোর ভার।"-কবিক॰। "কার ধন কেবা খা॰।" ৪ লাগে; ঠিক হয়। প্র-খাপ খায়। ৫ (-য়ঁ) [প্রা॰-বাং] ক্রি, ম॰ পু॰; খাও। "সুন বাছা বিশ্বকর্ম্মা ভোগের গুআ খা॰।"-শূ॰ পু॰।

খার-বি, শস্য পরিমাণ করিবার পাত্রবিঃ। ১৬ দ্রোণ পরিমাণ about 3 bushels.

খারিই-খামুই দ্রঃ।

খারওয়া [প্রাদে॰] বি, নৌকর্ম্মচারী-বিঃ; সাধারণ খালাসী। "জাল টাঙ্গান, নঙ্গর তোলা ফেলা ই॰ ইহাদের কার্য্য।" -মধ্যযুগের বাঙ্গালা।

খারিস্থি-খরোপী দ্রঃ।

খারা [হি॰-খরা >] বিণ, সরল; অকপট; ন্যায়নিষ্ঠ; সৎসাহসী। ২ [প্রাদে॰] বেগুনের বোঁটা ও ফলের মধ্যবর্ত্তী অপেক্ষাকৃত শক্ত অংশ।

খারানি [ক্ষার > খার এবং পানি > আনি] বি, ক্ষারজল।

`খারাপ [চ॰ ক॰ ভা॰-খরাপ] খারাব দ্রঃ।

`খারাব [আ॰-খ্‌রাব্] বিণ, কু; মন্দ; ভাল নহে। ২ খেলো; নিরেশ। প্র-তাহারা খারাব মাল চালান দিয়াছিল। ৩ দুষ্ট; নষ্ট। প্র-ছেলেটা খারাব হয়ে গেছে। খারাব লোকের সঙ্গে বেড়াইতে নাই। ৪ অভদ্র; অশ্লীল। প্র-খারাব কথা মুখে আনিতে নাই। ৫ রূক্ষ; কঠোর উগ্র; রাগী। প্র-তার মেজাজটা বড়ই খারাব (অর্থাৎ সে রগচটা (লোক)। ৬ অশুদ্ধ; সন্দিগ্ধ। প্র-লোকটার হৃদয় বা মনটা বড়ই খারাব। ৭ দুঃখার্ত্ত; শোকার্ত্ত; সন্তপ্ত। প্র-পিতার মৃত্যুতে তার মনের অবস্থা বড়ই খারাব আছে। ৮ ব্যবহারের অযোগ্য; অব্যবহার্য্য। প্র-জিনিসগুলা বহুদিন ফেলিয়া রাখায় একেবারে খারাব হইয়া গিয়াছে। ৯ হীনদশাপন্ন; দুর্দ্দশাগ্রস্ত; উৎসন্ন। প্র-কর্ত্তারা মরিয়া যাইবার পর সংসারটা খারাব হয়ে গেল। ১০ অশুভ; অমঙ্গলকর; অকল্যাণকর। প্র-খারাব দিন; যাত্রা খারাব; খারাব লগ্ন। ১১ দূষিত। প্র-তাহার রক্ত খারাব হইয়া গিয়াছে। ১২ শ্রীহীন; বিশ্রী; সৌন্দর্য্যহীন; লাবণ্যহীন।

প্র-তাহার চেহারা খারাব হইয়া গিয়াছে। ১৩ বিকৃত। প্র-তাহার মস্তিষ্ক খারাব হইয়া গিয়াছে। ১৪ অপরিষ্কৃত ; নোংরা ; ময়লা। প্র-কাদায় পড়িয়া যাওয়ায় পোষাকটা খারাব হইয়া গেল। পুষ্করিণীর জল খারাব করা উচিত নহে। বি, ~ী, ~করা-অনিষ্ট করা ; মন্দ করা। ২ বিগড়াইয়া দেওয়া ; কুপথে লইয়া যাওয়া। প্র-সেই ত' কুপরামর্শ দিতে দিতে লোকটাকে খারাব করিল। ~কথা-মন্দ কথা, কুকথা ; অশ্লীল কথা। ২ গুরুতর ব্যাপার ; অমঙ্গলের সম্ভাবনা ; আশঙ্কাজনক ব্যাপার ; ভয়ের বিষয়। প্র-ইহা ত বড় খারাব কথা হইল। পেট-খারাব-অজীর্ণ ; উদরাময়। মন খারাব করা-মনে দুঃখ হওয়া ; দুঃখ করা বা দুঃখ পোষণ করা ; ক্ষুণ্ণ হওয়া ; দমিয়া যাওয়া। মাথা খারাব করা-বিরক্ত হওয়া ; কুপিত হওয়া ; চটিয়া যাওয়া। মাথা খারাব হওয়া-মস্তিষ্ক বিকৃত হওয়া ; অব্যবস্থিতচিত্ত হওয়া। মুখ খারাব করা-অশ্লীল ভাষায় গালি দেওয়া ; অশ্লীল ভাষা ব্যবহার করা।

খারাবি, খারাবী [আ০-খারাব্] বি, অহিত ; অনিষ্ট। ২ সর্ব্বনাশ। ৩ দুষ্টামি ; নষ্টামি। খুনখারাবী-খুনোখুনি ; রক্তারক্তি ; হত্যাকাণ্ড। ২ কাট-কাঠরার আসবাব। পত্রে যে পালিশ ধরান হয় তার উপকরণবিঃ ইহা গাঢ় লালবর্ণ।

খারি [পা০, তুল-অ-খারিফ (শারদীয় ও হৈমন্তিক শস্য)] বি, শস্য ; হৈমন্তিক শস্য ; শারদীয় শস্য autumnal crops.

খারিজ [আ০-খারিজ্] বিণ, বাতিল ; পরিত্যক্ত ; অগ্রাহ্য। ~করা-কাটিয়া দেওয়া ; বাতিল করা। প্র-পুস্তক হতে তার নাম খারিজ করিয়া দিল। ২ কর্ম্মচ্যুত করা ; ছাড়াইয়া দেওয়া। ৩ ত্যাগ করা। "শিয়রে কলিঙ্গ রায়, গোহারি করিব তায়, খা০ করিব বাড়ী ঘর।"-কবিক০। খা০ দাখিল [আ০-খারিজ্-দাখিল্ (দেওয়া, পেশ করা)] বি, পরিত্যাগপত্র দান করা ; কর্ম্মত্যাগের চিঠি দেওয়া। ২ এক প্রজার জমীর জমা অপর প্রজা গ্রহণ করিলে পর, একের জমা খারিজ হইয়া অন্যের নামে দাখিল হইলে তাহাকে খারিজ দাখিল বলে। খারিজা-বিণ, খারিজ করা ; দাখিলী, হুজুরী। খা০ তালুক-যে তালুকের রাজস্ব সাক্ষাৎ সম্বন্ধে (directly) কালেক্টরের কাছারিতে দাখিল হয় ; হুজুরী ; স্বাধীন [দ্রঃ-এইরূপ তালুক ক্ষুদ্র জমিদারী বলিয়া গণ্য]।

খারিন্ধম-বি, কয়াল।

খারিফ [ফা০-খারিফ autumn, autumnal crops] বি, শরৎকাল। ২ শরতের ফসল ; যে শস্য বীজ বর্ষার পূর্ব্বে বপন ও পরে রোপণ করা হয়।

খারী-বি, শস্য-পরিমাপক পাত্রবিঃ ; ১৬ দ্রোণ-পরিমাপক (কোন কোন স্থানে ৪ দ্রোণী) খার দ্রঃ। ~ক-বি, খারীক্ষেত্র। ২ বিণ, খারী পরিমাণ শস্য বিনিময়ে ক্রীত।

খারুয়া, খাড়ুয়া-খেরুয়া দ্রঃ।

খাল, খাইল-বি, আক্ষেপ ; অঙ্গগ্রহ। ২ খানা ; নিম্নভূমি। ৩ খাত ; প্রণালী। প্র-খাল কেটে জল আনা। ~ভেড়ীবান্ধি [২৪ পরগণা প্রাদে০] বি, খালের উপর দিয়া নির্ম্মিত বাঁধ।

খালগস্তী [খাল-গস্তী-যারা খালে গস্ত করে] বি, আড়তদার কর্ত্তৃক নিযুক্ত হইয়া যারা জলপথে ঘুরিয়া ব্যাপারী সংগ্রহ করে।

খালপি সেরেস্তা [ময়মনসিং প্রাদে০] বি, অন্নবস্ত্রের জন্য সরকারী বন্দোবস্ত বিভাগ।

খালসা১ [আ০-খালিস গুরুমুখী ভাষায়] বি, গুরু গোবিন্দের মতাবলম্বী শিখ-সম্প্রদায়। বিশুদ্ধ, খাঁটি > খালিস (পবিত্র ; নির্ব্বাচিত)।

খালসা২, খালিসা [আ০-খাল্সা] বি, গবর্ণমেন্টের রাজস্ববিভাগীয় দপ্তর। ২ খাস-মহল। ৩ [চট্ট০ প্রাদে০] প্রধান রাজস্ব আদালত Chief Revenue Court (Hunter's Bengal Records)

খালা, খালু [মুসলমানী বাং] বি, মেসো। স্ত্রীং খালা-মাসী। বিণ, খালাতি-মাসতুতো। প্র-খালাতভাই।

খালাড়ী, খালারী [ক্ষারীখাল, ক্ষে০] বি, যথায় লবণ প্রস্তুত করা হয়।

খালাস [আ০-আথ্লস্ (ছাড়িয়া যাওয়া)] বি, মুক্তি ; রেহাই ; অব্যাহতি। "ভাইপো সৌদদ জঙ্গে খা০ করিয়া। উড়িষ্যার কবিল ছার লুঠিয়া পুড়িয়া।" -অ০ ম০। ২ শান্তি ; তৃপ্তি ; আরাম ; সংসারবন্ধন হতে মুক্তিলাভ ; সংসার বা জীবনের জ্বালা-যন্ত্রণার হস্ত হতে মুক্তি বা উদ্ধার। "বাঁচিবার সাধ নাই মলেই খা০।" -ঈ০ গুপ্ত। ৩ প্রসব। প্র-তাহাকে খা০ করাইবার জন্য ডাক্তার আনিতে হইয়াছিল। ৪ বিণ, দায়শূন্য ; ভারশূন্য, নির্দ্দোষ। "দেখিয়া তোমায় তার রূপের প্রকাশ ; ভুলিয়া ভুলাবে দাদা, বলিয়া খা০॥"-ঘ০। ~পত্র-বি, মুক্তিদানের হুকুম ; ছাড়পত্র। ~ী [আ০-খালাস্ >] বি, জাহাজ কিংবা সৈন্য-বিভাগে নিযুক্ত নিম্ন কর্ম্মচারিবিঃ। ২ ভারী বস্তু উত্তোলন ; তাঁবু খাটান ; বাড়ী-ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ইং কার্য্যে নিযুক্ত ভৃত্য। ৩ মুক্তি।

খালি১, খালী [আ০-খালী] বিণ, শূন্য। ২ শেষ ; নিঃশেষ। "দেখিয়া কলসী খালি কেহ দেয় করতালি।"-কুঙ্কুম। ৩ কেবল। ৪ বৃথা ; অনর্থক। খালি-খালি-(গ্রা০) কেবলই ; ক্রমাগত ; সর্ব্বদা। ২ শূন্যপ্রায়। ৩ খেঁচা-রোগ। ~হাত-রিক্তহস্ত penniless

খালি২, খাইল, খাল-বি, spasm. ~ধরা-অঙ্গগ্রহ হওয়া।

খালিজুলি [খালি (খাল canal) + জুলি (জলস্রোতঃ ; পয়োনালী)] বি, ক্ষুদ্র জলস্রোতঃ। "সাগর যোজন শত দেখি খা০।"-কৃত্তি০।

খালিত্য [খলিত + ষ্ণ (ভা০)] বি, টাক।

খালিসা [আ০-খালিসা] বি, কর-সংক্রান্ত কার্য্য নির্ব্বাহের রাজকার্য্যালয়। ২ সরকারী খাস করা জমি।

খালী-খালি দ্রঃ। ২ শ্রাদ্ধপাত্র করিবার কলার খোলা। ৩ খাইল দ্রঃ। ৪ খালা দ্রঃ।

খালুই [প্রাদে০ ভেদ 'খারুই'] বি, বাঁশ বা ঘাসনির্ম্মিত পাত্র ; যাতে জেলেরা মাছ রাখে ; মৎস্যাধান।

খাস [আ০-খাস্] বিণ, বিশেষ ; অসাধারণ [ইহার বিপরীত আ০-আম্-সাধারণ public -আম দরবার ও খাস দরবার] ২ নিজস্ব।

৩ নির্ব্বাচিত। ৪ বিশুদ্ধ। ~কঁরা-অধিকৃত ভূসম্পত্তি বা ভূখণ্ড স্বীয় কর্ত্তৃত্বাধীন করা। "এমন সোণার ভারত খা° করেছ বাস করে মা থাকো থাকো।"-ঈ° গুপ্ত। ~আপীল-আপীলের উপর আপীল। ~কামরা-স্বতন্ত্র ও নির্জ্জন গৃহ। ~গেলাস-গেলাসের আকারে অভ্রনির্ম্মিত বাতিদান: বিবাহাদি উৎসবে আলোকের জন্য ব্যবহৃত হয়। ~দখল-বি, জোর-জবরদস্তি অধিকার। ২ মালিকের নিজস্ব অধিকার।

খাস/খামার-বি, জমিদার যে জমি প্রজার নিকট বিলি না করিয়া নিজ দখলে রাখিয়া নিজেই তাহার রাজস্ব কালেক্টরীতে দাখিল করেন। ~তালুক-খাস-মহল, -মহাল-বি, যে সকল জমি প্রজার নিকট বিলি না করিয়া জমিদার আপন অধীনে রাখে।

খাসবরদার-বিণ, আশাশোঁটাধারী।

খাসা [আ°-খাসা] বিণ, উৎকৃষ্ট; উত্তম; উপাদেয়। "ওরে মনের মতন কর যতন রতন পাবে অতি খা°॥"-রা° প্র°। ২ বেশ। "কৃষ্ণ তোমার খা° মিষ্ট কথা যেন সুধা ঝরে।"-দ্বি° রায়। ৩ গোধূমচূর্ণবিঃ। ৪ উৎকৃষ্ট মলমল (২০ গজ×১-১॥ গজ, ওজন ১০॥ আউন্স হইতে-)। "মলমল খাসা।"

খাসি [খোস (দ্রঃ) > প্রাদে° উচ্চারণ বিকারে] বি, খোস: চুলকণা: পাঁচড়া। "খা° দাউদ খণ্ডিবেকই বস্ত্রের গুণে।" -মনসা° ম° (বংশী)।

খাসী [আ°-খসি] বিণ, ছিন্নাণ্ড। ২ বি, ছিন্নমুষ্ক ছাগ।

খাস্ত-বিণ, মন্দ: নষ্ট। ২ লুপ্ত। "পাঁচ নকলে আসল খা°।"

খাস্তা [ফা°-খস্তা] বিণ, অবশিষ্ট। ২ উৎকৃষ্ট। খাস্তার কচুরী, গজা ই°। ৩ নষ্ট; বিকৃত।

খি [খাই দ্রঃ] বি. খে, খাই; খেই। প্র-এক খি সুতায় হবে না।

খিআতি [সং-খ্যাতি। প্রা°-বাং, দ্রঃ] বি, খ্যাতি। "বসুমতী রাখিল খি°॥"-শূ°পু°।

খিঁচ [খুঁত (দ্রঃ) > খোঁচ-খিঁচ] বি. অল্প ত্রুটি। ২ [হি°-খিঁচ্=টান] টান।

খিঁচা [হি°-খিঁচ্না] ক্রি, টানা: আকর্ষণ করা।

খিঁচানি [খিঁচা+আন (ণিজন্তে)] ক্রি, টানান। ২ [হি°-খিসিয়ানা-খিসানা] খিচান: দাঁত বাহির করা।

খিক [খক্ অপেক্ষা মৃদু শব্দ] বি, তরল হাস্য শব্দ। ~খিক [খিক্ দ্রঃ] বি, ক্রমাগত ঐরূপ শব্দে হাস্য।

খিখি [খু (শব্দ করা)+ইখি (র্তৃ) জ্ঞা°] বি, শিবা; খ্যাকশিয়ালী। ২ খেঁক্শিয়ালী। ৩ বানর।

খিখ্খির-বি, শিবের অস্ত্রবিঃ।

খিচ, খিঁচ-বি, মতভেদ। ২ মনান্তর। ৩ বিবাদ। ৪ বচসা; বাদানুবাদ। ৫ ক্ষুদ্র কণ্টক। ৬ কাঁকর। ৭ অসম্পূর্ণতা; অবশিষ্ট; বাকী।

খিচখিচ [অনু°] অ, কঙ্কর মিশ্রিতবৎ; খাদ্যে বালি কাঁকর থাকিলে ও দাঁতে ঠেকিলে যে অস্বস্তি বোধ হয় তাহার ভাব। ২ ক্রমাগত বকাবকি বা তিরস্কার।

খিচকানি [প্রাদে°-ময়মনসিং] বি, বিবাদ। ২ [খিঁচকানে-গ্রা° 'খ্যাচকান'] ক্রি কলহ করা; ঝগড়া করা; খেচাখেচি বা খিচিখিচি করা।

খিচড়ানি, খিঁচড়ানি-ক্রি, খারাব হইয়া যাওয়া; বিগড়ান। ২ বাধা বা বিঘ্ন পাওয়া।

খিঁচড়ী [খেচর >। হি°-খিচ্ড়ী] বি, চাল ডাল মিশ্রিত ঘৃতপক্ব অন্নবিঃ; খেচরান্ন। খিচুড়ি দ্রঃ। ~খিচুড়ি পাকানি-পাঁচ রকম বিসদৃশ বস্তুর একত্র সমাবেশ করা। ২ গণ্ডগোল বাধান; গোল বাধান। জগা খিচড়ী বা খিচুড়ী-বহু দ্রব্যের সংমিশ্রণ; হাবজা গোবজা hodgepodge. ২ অনেক বিষয় একত্র করিয়া সম্পূর্ণ গুলাইয়া ফেলা।

খিঁচন-বি, শরীরের বিকৃত করণ; অঙ্গ-ভঙ্গিকরণ; ঝাঁকন: আক্ষেপ। ক্রি, খিচোনো।

খিচমিচ-খিচিমিচি দ্রঃ।

খিচনি, খিচুনি-বি, দাঁত বাহির করণ; ভেংচানি।

খিচানি-ক্রি, মুখভঙ্গী করা। ২ দাঁত দেখান। দাঁত খিচানি-দাঁত দেখান; ভেংচান।

খিচিখিচি১ [অনু°] বি, ক্রমাগত খিচখি° করণ: কিচিকিচি: চেঁচাচেচি: ঝগড়া: কলহ।

খিচিমিচি২, খিচমিচ-বি, সামান্য বিষয় লইয়া বকাবকি: ঝগড়া petty quarrel

খিচুড়ি [খেচর >। খিচড়ী দ্রঃ] বি, দ্বিদলান্ন; খেচরান্ন; ডাইল, চাউল ও ঘৃত মসলাযোগে একত্র পক্বান্ন। ২ দুই বিপরীত বর্ণের মিশ্রণ। ৩ বিশৃঙ্খলতার সংমিশ্রণ।

খিজুর [ওরাওঁ শব্দ] বি, বন্য খেজুর পাতার বালিস।

খিঞ্চিল [প্রা°-বাং খঞ্চিল দ্রঃ] বিণ, খচিত। "খি° মাণিকে হিরামণী।"-শ্রী°কী°।

খিঞ্জির [আ°-খিলজীর] বি, শূকর।

খিট-বি, খিচ; ধুলা।

খিটকাল [প্রাদে°-ময়মনসিং] বি. বিবাদ। ২ বিঘ্ন।

খিটখিট-বি, দ্বারে শিকলের আঘাত শব্দ। ২ তিরস্কার; সর্ব্বদা ভর্ৎসনা বা বকুনি। ৩ সর্ব্বদা অসন্তোষ বা রাগ-প্রকাশ।

খিটখিটা, খিটখিটে-বিণ, সর্ব্বদা তিরস্কারকারী। ২ যে সর্ব্বদা পরের ছল বা দোষ ধরে ও তজ্জন্য বকাবকি করিয়া সকলের বিরক্তি ও ক্লেশ উৎপাদন করে; কোপন-স্বভাব ও সদা বিরক্ত। বি, খিট্খিটনি।

খিটমিট-বি, কোন না কোন বিষয় লইয়া অন্যের সহিত কলহ করা; সদা অসন্তোষ প্রকাশ ও তিরস্কার। বিণ, খিটমিটে।

খিটিমিটি-বি, সামান্য কারণে বিরক্তি প্রকাশ ও ছলধরা। ২ সদাসর্ব্বদা পরস্পরের মধ্যে বিবাদ; বচসা। "মুন্সেফ নবগোপাল-বাবুর সহিত তাহার ভারি খিটিমিটি বাধিয়াছিল।" বিণ, খিটমিটে। বি, খিট-মিটিনি।

খিড়কী, খঁড়কী [সং-খড়কী > হি°,

পুং বং-খেরকি] বি, বাড়ীর পশ্চাদ্দিকের দ্বার ; অন্তঃপুর-দ্বার : গুপ্ত-দ্বার। ২ বাড়ীর পশ্চাদ্‌ভাগ। "ধায় বেগে খিড়কির পথে।" -কবিক°। "পারুলদের খিড়কীর কতকটা দেখা যায়।" ৩ বাতায়ন : জানালা ; খড়খড়ি ; ঝরকা। খি° পুকুর-অন্তঃপুরের দ্বার-সংলগ্ন পুকুর।

খিণ, খিণি [সং-ক্ষীণ শব্দের কোমল-রূপ। বৈ° পদাবলীতে] বিণ, ক্ষীণ। "সিংহ হতে মাজারি খিণি।"-পদাবলী।

খিতাব-বি, খেতাব দ্রঃ।

খিতি [সং-ক্ষিতি > প্রা° বাং-ভ্রং] বি, ক্ষিতি ; মৃত্তিকা। "লোটাইআ খি° ধর্ম্মেত মিনতি প্রদখিন সাতবার।"-শূ° পু°।

খিদমৎ [আ°-খিদমৎ > বিকারে-'খেদমত', 'খিজমত', 'খেজমত', 'কিজমত'] বি, সেবা।

খিদমদ্‌/গার [ফা°] বি,ভৃত্য ; সেবক। ২ খানা খাইবার সময় যে পরিবেষণাদি করে। ~গারি, -গারী-বি, খিদমদ-গারের পেশা বা পদ বা কার্য্য।

খিদা-খিদে দ্রঃ।

খিদে [ক্ষুধা > গ্রা°] বি, ক্ষুধা ; আহারেচ্ছা। ~ধরা, ~পাওয়া, ~লাগা-ক্ষুধার উদ্রেক হওয়া। দুষ্টু খিদে -রোগোৎপাদক ক্ষুধা ; অপ্রকৃত ক্ষুধা।

খিদ্যমান [খিদ্ (খেদ বা দুঃখ করা) + আন (র্তৃ)-য, ম্ আগম] বিণ, যে খেদ করিতেছে ; শোককারী।

খিন, খিনি, -নী, খীণ [ক্ষীণ শব্দের কোমল রূপ। ব্রজ° প্রা° বাং] বিণ, ক্ষীণ ; কৃশ। "কেশরী জিনিয়া মাঝারি খিনি।" -বি° প° (পাঠান্তরে, 'খিখি')। "যত সখি খীণ দেখি।"-গি° (গিরী°)।

খিন্ন [খিদ্ (দুঃখিত হওয়া) + ত (ক্ত) দ-ত =ন্ন] বিণ, খেদযুক্ত : দুঃখিত। ২ শ্রান্ত. ক্লান্ত। ৩ অলস ; অবসাদগ্রস্ত।

খিপন [সং-ক্ষিপ্ > হি°-খিপনা বা খোদন >] বিণ, খচিত ; জড়িত। "সুবর্ণ মুদ্রিকা রত্নে করিয়া খি°।"-চৈ° ভা°।

খিমচি ['খামচা' অপেক্ষা ক্ষুদ্রাকার ও লঘু] বি, নখাঘাত ; চিমটি।

খিয়ানত [হি°] বি, ক্ষতি। ২ ক্ষতির দণ্ড ; দাঁড়।

খির [সং-ক্ষীর শব্দের কোমল রূপ। প্রা° বাং] বি, ক্ষীর ; দুগ্ধ। "লঙ্কার দুআরে চরিত্রা আমিনি গতি নিলা জগানে খি° বাটী। সে খির বাটী তথা বরদা হইআ। চরিত্রা আমিনি আইল জঅ জঅ দিয়া॥"-শূ° পু°।

খিরকিচ [প্রাদে°] বি,বিবিধ বস্তুর একত্র মিশ্রণ ; পাঁচ রকম জিনিসে একটা তাল-পাকান ; জগা-খিচুড়ি। ২ গোলমাল ; বিঘ্ন। ৩ দৈন্য ; দারিদ্র্য (বরিশাল-প্র)। বে-খিরকিচ-বিশুদ্ধ ; ভেজালহীন।

খিরা [হি°] বি, শসা।

খিরাজ [আ°-খিরাজ্] বি, কর ; রাজস্ব।

খিরিত্-খৃত দ্রঃ।

খিল১ [সং] বিষ্ণু ; পরব্রহ্ম। "আগম নিগমাতীতা, খি° মাতা, খি° পিতা, পুরুষ প্রকৃতিরূপিণী।"-রা° প্র°।

খিল২ [খ (শূন্য) ল (লা-পাওয়া) + অ (অপা) নিপাতনে খ=খি, যা হতে কোনরূপ শস্য পাওয়া যায় না] বিণ, অনুর্ব্বর ; পতিত। "সরকার হৈল কাল, খিলভূমি লিখে মাল।" -কবিক°। ২ অকর্ষণীয় ভূমি। ৩ দুর্গম। ৪ পরিশিষ্ট। "খি° হরিবংশ।" ৫ উৎপন্ন। ৬ অর্গল ; হুড়কা ; কীলক। ৭ অনিচ্ছায় মাংসপেশীর খেঁচুনি ; টান ; খাইল ; খাল। "উহু মরি ছাড় ছাড় বুকে পিঠে লাগলো খি°।"-মতি রায় (বাং-গান)। ~ভাঙ্গা -পতিত জমিতে হলচালনা করা।

খিলকা [খেলকা দ্রঃ] বি, আলখাল্লা। "দুনিয়ায় ফকির হব গলে খি° ডেলে।"-ঘ°।

খিলখিল [অনু°। খলখল অপেক্ষা মৃদু ও চাপা শব্দ] বি, হাস্যধ্বনি : শিশু ও নারী-দিগের হাস্যশব্দ।

খিলজমী-বি, উপস্থিত পতিত জমি যা আবাদ করিলে ফসল জন্মিতে পারে।

খিলনি, -নী [খিল (দ্রঃ)-বন্ধনী] বি, খিল ; অর্গল। "শণ জউ ঘৃত বাঁশ পুঞ্জে বিরচিত। যন্ত্রের খিলনি অস্ত্র গৃহ চতুর্ভিত॥" -মহা° (কাশী)। "তিন দিন বহির্ভূতে ঘুচাবে খিলনী।"-মহা° (কাশী)।

খিললাগা, খিলধরা-ক্রি, অঙ্গগ্রহ হওয়া : খাইল ধরা। প্র-হাতে পায়ে খিল ধরা। ২ দাঁতে দাঁতে লাগা ; দাঁতি লাগা ; চুয়াল ধরিয়া যাওয়া। "খিল লাগবে হাস্‌তে. বিষম লাগবে কাশ্‌তে।"-দ্বি° রায়।

খিলা১ [হি°-কীলা। খিল দ্রঃ] বি, অর্গল . খিল। "কত নিধি পাবকে পোড়ায়ে করে খি°।"-ধ°।

খিলা২ [মৈমন° প্রাদে°] বিণ,অকর্ষিত. পতিত (জমি)।

খিলাৎ, খেলাৎ, -ত [আ°-খিলাৎ] বি, রাজদত্ত সম্মানসূচক পরিচ্ছদ। "নাইবা পেলেম রাজার খিলাত।"-রবী°।

খিলান [প্রা°] বি, ইষ্টকাদির গ্রন্থনবিঃ arch ২ [খিলানো] ক্রি, খিলাননির্ম্মাণ করা।

খিলি, খিলী [হি°-ঠিলি > । খোল দ্রঃ। ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, পানের বীড়া। "মিঠা পান মিঠা গুয়া চূণ পাথুরিয়া। রাখে ছুটা বিড়া বান্ধি খিলি সাজাইয়া॥"-অ° ম°। ~দানী-বি, পানের ডিবা : পানদান।

খিসারৎ-খেসারৎ দ্রঃ।

খীণ, খীন [প্রা° বাং] বিণ, ক্ষীণ।

খীর [ক্ষীর > প্রা° বাং] বি, ক্ষীর ; দুগ্ধ (শ্রী° কী°)।

খীরকম্বা [প্রা° বাং] বি. ধান্যবিঃ। "খী° বুলেন পরভু পছাল রন জঅ।"-শূ° পু°।

খীল [খিল দ্রঃ] বি, হুড়কা।

খুঁআড় [প্রা°-বাং] বি, খোঁ।

খুঁইয়া, খুঞিয়া, খুঁঞে [প্রাদে°] বিণ, ক্ষুদ্র ; ছোট : খুঞা দ্রঃ।

খুঁকি-কী, খুকি, -কী [আদরে খুঁকু, খুকু] বি, ছোট মেয়ে : শিশুকন্যা।

খুঁচ১ [প্রাদে° গ্রা° ; তং চ°] বি, খুঁত।

খুঁচ২ [অনু°] বি, সরু খোঁচা বিদ্ধ হবার শব্দ বা ভাব। খুঁচখুঁচ (করিয়া)-অ, ঐরূপ শব্দে। ২ সহজে ; অনায়াসে।

খুঁচন [প্রাদে°] বি, বেঁধন ; বিদ্ধকরণ।

খুঁচা [প্র° পু°-খুঁচে। অস-ক্রি, খুঁচিতে, খুঁচিয়া, খুঁচে। ণিজন্ত-খুঁচান] ক্রি, খোঁচা-মারার মত ব্যথা করা ; বেঁধা।

খুঁচানি [খুঁচাই, খুঁচাও,খুঁচায় :খুঁচাইতে (কে° খুঁচাতে), খুঁচাইয়া (কে° খুঁচিয়ে) ই] ক্রি, খোঁচান ; বেঁধা, খোঁচা দেওয়া। ২ চুয়ান, উস্কান, উত্তেজিত করা। ৩ উত্ত্যক্ত করা ; ব্যতিব্যস্ত করা। বি, খুঁচানি-খুঁচন, বিদ্ধকরণ, উত্ত্যক্তকরণ। বেউড্‌ খুঁচানি-নিরীহ বা নির্দোষীকে অকারণ প্রহার, মনঃকষ্ট বা গঞ্জনা দান।

খুঁচি১ [সং-কুঞ্চি] চাউল মাপিবার কুনিকা। লক্ষ্মীর খুঁচি-লক্ষ্মীর হস্তে যে ধান্যাধার থাকে। ২ চঞ্চলা বালিকাকে বিদ্রূপকালে ঐ নামে অভিহিত করা হইয়া থাকে।

খুঁচি২ [প্রাদে° খোঁচা (দ্রঃ) অপেক্ষা ক্ষুদ্রার্থে] বি, ছোট খোঁচা। ২ খড়ের চালের গুঁজি। খুঁচি দেওয়া-পুরাতন খড়ো চালের খড় নূতন করিয়া না ছাইয়া পুরাতনের মধ্যে মধ্যে নূতন খড়ের গুঁজি দেওয়া।

খুঁজতল্লাসী [সহচর শব্দদ্বয়] বি, অন্বেষণ।

খুঁজা, খুজা, খোঁজা [হি°-খোজনা। উ° পু°-খুঁজি। ম° পু°-খুঁজ, খোঁজ, খুঁজুন ; খোঁজ্‌। প্র° পু°-খুঁজে, খোঁজে। অস-ক্রি, খুঁজিতে, খুঁজিয়া, খুঁজে। ণিজন্ত-খুঁজান] ক্রি, অনুসন্ধান করা ; তল্লাস করা ; অন্বেষণ করা। "খুঁজি বেদ বেদান্ত, তন্ত্র মন্ত্র, পাইনা মা তোর অন্ত কোথা।"-বাং-গান। "খুঁজি খুঁজি নারি যে পায় তারই।"-খেলার কথা। বি, খুঁজ, খুজ=খোঁজ, সন্ধান। ২ প্রার্থনা করা ; চাহা। "দান খুঁজিতে মোক্ষ দেখায়সী কহী।"-শ্রী° কী°।

খুঁঞা-খুঞা দ্রঃ।

খুঁঞিয়া [হি°-খাচিয়া] বি, চুবড়ী।

খুঁট১ [সং-কুট > ; হি°-খুঁট] বস্ত্রের প্রান্তভাগ ; কাপড়ের কোণ। ২ সূত্র, সূতা। ~ঝাড়া (লক্ষ°)-সম্পূর্ণরূপে।

খুঁট২ [প্রাদে° বর্দ্ধমান, মৈমন°] বি, খাজনা। আদায়ী খুঁট-সম্পূর্ণ দেয় খাজনা total the rots

খুঁট৩ [সং-খণ্ড=ভগ্ন-অসম্পূর্ণ] বি, ত্রুটি ; খুঁত, দোষ। ~আখিরিয়া [চ° খুঁট-আখরে] বি, যে অল্প লেখাপড়া জানে ; অল্প শিক্ষিত। ২ যে প্রত্যেক অক্ষর খুঁটিয়া অর্থাৎ বিশেষ অনুসন্ধান করিয়া পাঠ করে। ৩ যে অতি-সামান্য বিষয় লইয়া বিষম বাদানুবাদ করে। স্ত্রীং ~আখিরী।

খুঁটন [খুঁটা দ্রঃ] বি, কুড়াইয়া লওন। ২ নির্ব্বাচন। ৩ নখাঘাত করণ।

খুঁটনি-বি, খুঁটন। ২ বিন্দু। ৩ চিহ্ন। ৪ যে কাঠি বা যা দিয়া খুঁটা যায় [খুটুনি ও°] খুঁটরানি-ক্রি, একটু একটু করিয়া খুঁটা। ২ গভীর বস্তুর মধ্য হতে সরু কিছুর সাহায্যে অল্পে অল্পে কিছু বাহির করা।

খুঁটা১, খোঁটা [সং-খুণ্ড্‌ (খোটনে) উ° পু°-খুঁটি। ম° পু°-খুঁট, খোঁট। প্র° পু° খুঁটে, খোঁটে। অস-ক্রি, খুঁটিতে ; খুঁটিয়া, খুঁটে। ণিজন্ত-খুঁটান] ক্রি, কুড়িয়া লওয়া। ২ চঞ্চুদ্বারা তুলিয়া খাওয়া। ৩ নির্ব্বাচন করা। ৪ নখাঘাত করা ; ক্রমাগত চিমটি-কাটার মত নখাঘাত দ্বারা অতি ক্ষুদ্র ক্ষুদ্র অংশ তুলিয়া ফেলা ও তাতে গর্ত্ত করা বা সেই স্থান গলাইয়া দেওয়া। প্র-আপেলটী অমন করিয়া খুঁটিওনা, নষ্ট হইয়া যাইবে। খুঁটে খাওয়া-বি, কুড়াইয়া খাওয়া। ২ উপার্জ্জন করা ; অন্নসংস্থান করা। "খুঁটে খেতে দুটা নাই টুটা মনস্তাপ।"-শি°।

খুঁটা২, খোঁটা [হি°-খুঁটা। সং-কূট =বৃক্ষ, > বৃক্ষ কাণ্ড, বা কাষ্ঠ >] বি, কাষ্ঠস্তম্ভ ; খুঁটি ; মেক ; গোঁজ। ২ পায়া (এই অর্থে পূ° ব° প্রাদে°) খুড়া (পূ° ব° গী°)।

খুঁটা৩, খোঁটা [খুঁট দ্রঃ] দোষ ; কলঙ্ক ; অপযশ, নিন্দা ; খোঁট। "আমার লাগিয়া দেশ বিদেশে তোমার থাকা খুঁ°।"-পূ° ব° গী°। ২ গঞ্জনা। খোঁটা দেওয়া-দোষ দেওয়া ; গঞ্জনা দেওয়া।

খুঁটানি-বি, খুঁটার সকল ণিজন্ত অর্থে। ২ [প্রাদে°] তুলনা করা।

খুঁটি, খুটী১ [কাষ্ঠ >] বি, স্তম্ভ ; বাঁশ বা কাষ্ঠের থাম। শ্যামের খুঁটি-হৃষ্টপুষ্ট বলিষ্ঠ ও দৃঢ়কায়। "খেয়ে খেয়ে যেন শ্যামের খুঁটি হচ্চে।"

খুঁটিনাটি [প্রাদে°। ক্ষতি বা ত্রুটি > খুঁটি এবং নাস্তি (অভাবার্থে) > নাটি] বি, এটা নাই ওটা ভাল হয় নাই এইরূপ ভাব, দোষ ত্রুটি ; সামান্য সামান্য দোষ।

খুঁটীগাড়ি-বি, নৌকা বাঁধিবার কিংবা মৎস্য ধরিবার জন্য নদীতে খুঁটীগাড়িতে হইলে জমিদারকে যে কর দিতে হয়।

খুঁটী২ [খুঁটী দ্রঃ। ক্ষুদ্রার্থে ঈ] বি, কাষ্ঠ-শলাকা ; গোঁজ। ২ তানপুরা সেতারাদি বাদ্যের তার জড়াইবার কাষ্ঠশলাকা বা কান।

খুঁড়া১ [খনন >] ক্রি, খনন করা। ২ বি, খনন। ৩ বিণ, খনিত।

খুঁড়া২-খুড়া দ্রঃ।

খুঁড়া৩ [সং-খঞ্জ >] বিণ, খঞ্জ, খোড়া। খুঁড়াইয়া বঁড়-পদাঙ্গুলির উপর ভর দিয়া উঁচু, যে প্রকৃত বড় বা মহৎ নহে কিন্তু গর্ব্বভরে বা গায়ের জোরে বড় হয়।

খুঁড়ানি-খোঁড়ান দ্রঃ।

খুঁড়িয়া, খুঁড়ে-বি, ক্ষুদ্রাকৃতি কলাই বিঃ ; খেঁসারি।

খুঁত [ক্ষত >] বি, ক্ষতচিহ্ন। ২ দোষ ছল ; ত্রুটি। ৩ কলঙ্ক। ৪ বিণ, ক্ষতচিহ্ন-যুক্ত। "খুঁ° ফল দেখি রাজা নখে বিদারল।" -মহা° (কাশী°)। খুঁ° ধরা-ক্রি, ছল ধরা ; দোষ দেখান। খুঁ° কাড়া-ক্রি, খুঁত ধরা ; দোষ বাহির করা। খুঁত, খুঁৎখুঁৎ [ক্ষুন্ন >] বি, খপ্‌খপানি, অসন্তোষ প্রকাশ ; অনিচ্ছা প্রকাশ। খুঁ° খুঁ° করা-ক্রি, মনে তৃপ্তি বা শান্তি না পাওয়া, সন্তুষ্ট না হওয়া ; অসন্তোষ প্রকাশ করা। বিণ, ~খুঁতে -অসন্তুষ্ট ; অতৃপ্ত। ২ সন্দিগ্ধ। ~মুত-বি খুঁৎখুঁৎ ; অসন্তোষ প্রকাশ। ~মুত করা-ক্রি, অসন্তোষ প্রকাশ করা ; কোন কিছু পছন্দ করিতে ইতস্ততঃ করা ; মনে না ধরায় বা মন না উঠায় বিরক্তি ও অতৃপ্তি

প্রকাশ করা। বি. ~মুতুনি। বিণ, ~মুতিয়া, ~মুতে-যার কিছুতে সহজে মনে ধরে না বা মন উঠে না যে কোন কিছু পছন্দ করিতে ইতস্তত: করে।

খুঁতি [প্রাদে॰] বি, চালা বহিবার দড়ি নির্ম্মিত জিনিস রাখিবার ছোট থলে।

খুঁয়া, খুঁএ্যা-খুএ্যা দ্রঃ।

খুঁয়েতাঁতি-বি. যারা হাতে কাচা মোটা সুতার বস্ত্র বয়ন করে; জোলা। "অযোগ্য হইয়া কেন বাড়াও উৎপাত। খুঁ॰ হয়ে দেহ তসরেতে হাত।"-অ॰ ম॰।

খুক [খুক অপেক্ষা উচ্চ শব্দ 'খক'] বি. অনুচ্চ কাশির শব্দ। ~খুক-বি, ক্রমাগত অনুচ্চ শব্দে কাশি; শিশু ও দুর্ব্বল ব্যক্তির কাশির শব্দ। গলা চাপিয়া আস্তে আস্তে কাশির শব্দ। ~খুকুনি-বি. খুকখুক শব্দকরণ। ২ ক্ষীণ শব্দে কাশিতেথাকার কার্য্য বা অবস্থা।

খুকি, খুকী [কুক্ষি >] বি, দুগ্ধপোষ্যা বালিকা; শিশুকন্যা। ২ মেয়ের আদরের নাম। প্র-বড় খুকী, ছোট খুকী, খুকী-রাণী ই॰।

খুঙ্গি, খুঙ্গী [সং-করঙ্গ। মঃ-খোঙ্গা] বেত বা বাঁশ নির্ম্মিত ক্ষুদ্র পেটিকা। "নিরন্তর আছে সঙ্গী মসীপত্র পুঁথি খুঙ্গী।"-কবিক॰।

খুঙ্গীপুঁথি-বি. পুঁথি রাখিবার খুঙ্গী এবং তাতে রক্ষিত পুঁথি। "মাথায় ধবল ছাতি, খুঙ্গি পুঁথি কাঁখে।"-ঘ॰।

খুচরা [সং-ক্ষুদ্র >] বিণ, ছোট ছোট; অল্প, ক্ষুদ্র; অল্পসংখ্যা; অল্প পরিমাণ। ~কাজ-ছোট ছোট কাজ, অল্পে সমাধা হয় এরূপ কাজ। ~খরচ-অল্প মূল্যের দ্রব্য-ক্রয়ে ব্যয়। ~বিক্রয়-অল্প পরিমাণে বিক্রয় retail.

খুচনি [পূ॰ ব॰ প্রাদে॰। প॰ বঙ্গে 'ফেটী জাল'। জাল দ্রঃ] বি, মাছ ধরিবার জাল বিঃ। ইহা ত্রিভুজের আকার, ২ ২½ হাত প্রমাণ, দুই দিকে ২ খানা ও নীচের দিকে : খানা অপেক্ষাকৃত ছোট বংশদণ্ড সহ জাল বাঁধা থাকে। স্থল বিশেষে ত্রিকোণ না হইয়া গোল করিয়া বাঁখারির সহিত জাল বাঁধা হয়।

খুচুৎ [অনু॰] বি, অতি তীক্ষ্ণ ক্ষুদ্র অস্ত্রমুখে সহজে কিছু বেধন বা কর্ত্তন শব্দ।

খুচুরখুচুর-অ, ছোট জিনিসের নড়িবার বা নাড়িবার শব্দবোধক। ২ খুচরা খুচরা অল্প অল্প।

খুজ-খুঁজ দ্রঃ।

খুজিন, খোঁজিন [হি॰-খোজ্‌না] বি. অন্বেষণ।

খুজরা [উ॰-খুজরা] বিণ, সামান্য; অল্প; খুচরা।,

খুজলি [হি॰] বি, খোস; চুলকনা, পাঁচড়া।

খুএ্যা, খুঁএ্যা, খুঁয়া [ক্ষুমা (রেশম) >] বি, রেশম। ২ পাট; শণ। (ক্ষোম দ্রঃ)। ৩ রেশমজাত বস্ত্র; ক্ষোম বস্ত্র; পট্ট-বস্ত্র; দুকূল। "ছ'মাসের খুএ্যা খানি হৈল মোর গুঁড়া। লহনা প্রসাদ কৈল একখানি মূড়া॥" -কবিক॰। ৪ মোটা বুননের ছোট কাপড়। "পরিবারে দিবা খুএ্যা উড়িতে খোসলা।" -কবিক॰। "শিরে দিতে নাহি আঁটে খুঁয়ার বসন॥" কবিক॰। খুএ্যে [খুক্রিয়া > ক্ষে॰] খুএ্যাবস্ত্র বয়নকারী। খুএ্যে তাঁতি-খুঁয়ে তাঁতি দ্রঃ।

খুট-বি. কাষ্ঠাদি কঠিন বস্তুর উপর কঠিন বস্তুর অতি মৃদু আঘাত শব্দ। ~খাট [খুট +খাট (খুট অপেক্ষা উচ্চ)-ব্যাপ্তি অর্থে দ্বিত্ব] বি, একস্থানে খুট, অন্যত্র খাট্ শব্দ হইবার ভাব। ধীরে ধীরে নড়াচড়ার শব্দ। ~খুট [খট্‌খট্ অপেক্ষা মৃদু "খিট্‌খিট্," তদপেক্ষাও মৃদু শব্দ-খুট্‌খুট। পুনঃপুনঃ ঐ শব্দ হওয়া অর্থে দ্বিত্ব] বি, কাষ্ঠের উপর কোন কঠিন বস্তুর মৃদু আঘাত শব্দ; ধীরে ধীরে দ্বারের শিকলের আঘাত শব্দ। কঠিন জমির উপর দিয়া চলিবার কালে পাদুকাঘাতের মৃদু শব্দ।

খুটুরখুটুর [খুটুর+খুটুর (স্থান ও মৃদু-পদক্ষেপে কালব্যাপকতা অর্থে দ্বিত্ব)] বি, চলিবার শব্দ; শ্রান্ত পথিকের দীর্ঘ পথ চলিবার কালে চরণ যেন আর উঠে না এমন অবস্থায় ধীরে ধীরে গমনের মৃদু পদশব্দ বা অবলম্বন যষ্টির মৃদু আঘাত শব্দ। ২ ইন্দুর ই ত্যাদি কর্ত্তৃক বস্ত্র শস্য ই॰ কাটিবার শব্দ।

খুটুসখুটুস-বি, খুটুর খুটুর অপেক্ষা লঘু শব্দ।

খুড়ি-খুড়া দ্রঃ।

খুড়তিতি,-তুতি,-তুতা, খুড়াতি [সং -খুল্লতাত] বিণ, খুল্লতাত; খুল্লতাতপুত্র সম্বন্ধে। প্র-খুড়াত শ্বশুর, খুড়াত ভাই।

খুড়ন, খোড়ন [খনন >] বি. খনন।

খুড়শ্বশুর-বি, শ্বশুরের কনিষ্ঠ ভ্রাতা। স্ত্রীং ~শাশুড়ী।

খুড়া₁, খুড়ো [সং-ক্ষুদ্র > খুল্ল। (পা॰-চুল্ল)। ল=ড। সং-খুল্লতাত > ক্ষে॰ খুল্ল > খুড] খুল্লতাত] বি, পিতৃব্য; পিতার কনিষ্ঠ ভ্রাতা; কাকা। "খুড়া খুড়া করে দণ্ডবৎ হয়ে কহিছে নারদ হাসি।"-অ॰ ম॰। স্ত্রীং, খুড়ী-পিতৃব্যপত্নী। হরির খুড়ো-দূর-সম্পর্কীয়। ২ যার সহিত কোন সম্বন্ধ নাই। "মন তুমি তার, হরির খুড়ো।"-রসিক চক্রবর্ত্তী (বাং-গান)।

খুড়া₂, -খুঁড়া, -খোঁড়া [ক্ষুন্ন >। তুল-হি॰ টোকনা] ক্রি. খুন্ন করা; নজর দেওয়া; অমঙ্গল বা কুদৃষ্টি দেওয়া। "অমন ক রে ছেলেকে আমার খুড়োনা বলছি।"

খুতবা-খতবা দ্রঃ।

খুতি [নোয়াখালি প্রাদে॰] বি. ছোট থলি; ব্যাগ bag; purse

খুদ [ক্ষোদ (ক্ষুদ্র=চূর্ণ করা) >] বি, তণ্ডুলের কণা; চাউলের ক্ষুদ্রাংশ। "ভিক্ষা মাগি খু॰ কণা যা পান ঠাকুর।"-অ॰ ম॰।

খুদকস্তা [ফা॰-খুদকাশ্‌ত্] বিণ, বসত গ্রামের জমি চাষকারী (রাইয়ত)।

খুদকুঁড়া [খুদ (তণ্ডুলকণা) কুঁড়া (তুঁষের ক্ষুদ্র অংশ)] বি, তণ্ডুলকণাতে মিশ্রিত তুষের ক্ষুদ্র অংশ। "গুমান হইল গুঁড়া না মিলিল খু॰।"-অ॰ ম॰।

খুদমাগা [প্রাদে॰] বি. পুনর্ব্বিবাহে স্ত্রী-আচরিত অনুষ্ঠানবিঃ। "খু॰ কাদা খেড় নারিনু রচিতে।"-ভারত॰।

খুদা, খোদা [হি॰-খোদ্‌না] ক্রি, খনন করা। ২ উৎকীর্ণ করা। ৩ বি. উৎকৃতি। ৪ বিণ, উৎকীর্ণ।

খুদিয়া, খুদে [ক্ষুদ্র >. গ্রা°] বিণ. ক্ষুদ্র ; খুব ছোট। খুদে ওকড়া-বনলতাবিঃ। **~জাম**-ছোট বনজাম। **~পিঁপড়ে**-ছোট পিপীলিকা। **~রাক্ষস**-ছোট আকারের আদি মনুষ্যাকারে রাক্ষস। ২ (লক্ষ°) ঔদরিক।

খুদ্দ [প্রা° বাং। ক্ষুদ্র শব্দের ভ্রং] বিণ. ক্ষুদ্র। "খু° ছুছুরাজ বুনেন ভজনা বাঁকই।" -শূ°পু°।

খুধা [সং-ক্ষুধা শব্দের ভ্রং। প্রা. বাং] বি. ক্ষুধা। "খুধায় তৃসায় পঞ্চর দহেন্ত কলেবর। উল্লুক বলেন্ত পর ভুর সহিতে নারি ভয়॥"-শূ° পু°।

খুন, খূন [আ°-খূন্] বি, রক্ত। ২ হত্যা। ৩ বিণ. আকুল। "শুনিয়া গোবু ভাবিয়া হল খু°।"-রবী°। ক্রি. **~করা**। **~চড়া**-ক্রোধে বা হত্যা করিবার উত্তেজনায় রক্ত মাথায় উঠা বা গরম হওয়া। **~চাপা**-ঐ। **~হওয়া**-হত্যা সংঘটিত হওয়া।

খুনখারাপি, খুনখারাব, খুনখারাবী [ফা°-খূন খরাবী] বি, হত্যাকাণ্ড। ২ রক্তপাত ; রক্তারক্তি। "একটা খুনখারাপি হত একটা খুনখারাপি হত।" -দ্বি° রায়। ৩ গাঢ় লাল রং।

খুনখুনারোজ [ফা°-খূন] বি, রক্তমহোৎসব ঢেল-(ন° ইস্লাম)।

খুনখুনি,-নী, খুনাখুনি, খুনোখুনি [ফা°-খূন্] বি, রক্তারক্তি ; কাটাকাটি ; হত্যাকাণ্ড। ২ তুমুল ঝগড়া ও মারামারি। "ধূলাখেলা ঢেলাবৃষ্টি, মেলিলে না রহে দৃষ্টি, দুই দলে খুনাখুনি পড়ে।" -কবিক°।

খুনখুবী [ফা°-খূনগোআরি blood-thirstiness] বি, রক্তোন্মত্ততা (ন°ইস্লাম)।

খুনজোশী [ফা°] বিণ, রক্তপাগল।

খুনশী [ফা°-খূন+সী (সাদৃশ্যার্থে) >] বি, খুনসড়ি ; কলহ। "বধশী আমার পতি সদাই খু°।"-অ° ম°।

খুনসিড়ি, খুনসুটি (খুনশোড়ি,-শুডি) -বি, বিবাদ-বিসম্বাদ ; ঝগড়া। ২ প্রেমের কলহ। "প্রিয়ার সাথে 'খুলাখুলি' খেলিনা। কিন্তু 'খুনসুডি' হয়ত করি।"-ন° ইস্লাম।

খুনিয়া-ক্রি, খনন করিয়া ; খুঁড়িয়া। "দন্তেতে খু° মাটি বান্ধে লৈয়া ফেলে।" -মহা° (কাশী°)।

খুনী, খুনীয়া, খুনে [ফা°-খূন >], বিণ, যে খুন করে : হত্যাকারী : প্রাণহন্তা ; ঘাতক। ২ লাঠিয়াল : দাঙ্গাবাজ। ৩ অতিশয় নিষ্ঠুর।

খুন্তি, খুন্তী [খনিত্র >। *বৃহদর্থে 'খুন্তা' 'খোন্তা'] বি, খননাস্ত্র : খনিত্র। ২ রন্ধন-কার্য্যে ব্যবহৃত ছোট খন্তা।

খুপ্ [অনু। মুহূর্ত্তে লঘু শব্দে পতিত হইবার শব্দ ; ঐরূপ উপর্য্যুপরি হইলে 'খুপ্-খুপ্'] বি. ধীরে অলক্ষিতভাবে মৃদু পতন শব্দ। 'বইটা খুপ্ ক'রে কোথা প'ড়ে গেল।' 'লোকটা খুপ্ ক'রে পালিয়ে গেল।'

খুপরী-বি, খুবরী দ্রঃ।

খুপসুরৎ-খুবসুরৎ দ্রঃ।

খুপী [ক্ষুপ+ঈ, সাদৃশ্যে] বিণ. খোপের মত।

খুব [ফা°-খূব] ক্রি-বিণ, উত্তম ; বেশ। ২ প্রশংসার্হ। ৩ [ব্যঙ্গার্থে] নিন্দায়। ৪ বিণ, অত্যন্ত। **~করা**-বেশ করা দ্রঃ।

খুবরি, খুবরী [ক্ষুপ >। খোবর অপেক্ষা ক্ষুদ্র : খোবর দ্রঃ] ক্ষুদ্র গৃহ ; কুটীর ঝুপড়ী। ২ দেওয়ালের ফাটল বা গর্ত্ত। ৩ [প্রাদে°-ঢাকা, গ্রা°] কুলুঙ্গি। **খুবরি-খাবরি**-ছোট ছোট ঘর ; ছোট ছোট ঝুপড়ী। ২ দেওয়ালের ছোট ছোট গর্ত্ত বা কোটর।

খুবসুরৎ [ফা°-খূবসূরৎ। বাং গ্রা°, 'খপসুরৎ', 'খাপসুরৎ'] বিণ, পরম সুন্দর ; পরমা সুন্দরী। ২ সুশ্রী। "শুনিলাম রূপনগরওয়ালী আরও খু°।"-রাজসিংহ (বঙ্কিম°)। বি, খুবসুরতি।

খুবানি, খোবানি [ফা°-খূবানী] বি, ফলবিঃ an apricot

খুবি [খুবরি দ্রঃ] বি, শস্যের বীজবপন-যোগ্য ছোট ছোট গর্ত্ত। ২ ছোট ছোট গর্ত্ত করিয়া শস্যের বীজ বপন।

খুমখুমুনি-বি, বিদ্বেষভাব, আন্তরিক ক্রোধ।

খুমারি [প্রাদে°] বি, ভৎর্সনা। "সেবি স্বামী অন্ধ সদা করে দ্বন্দ্ব ভোজনকালে খু°।"-ঘ°। ২ খোঁয়ারি : নেশা কাটিবার পর অবসন্নতা বা অবসাদ।

খুয়ানি [ক্ষয় >। খুয়াইয়া, উ° পু -খুয়াই, ম° পু°-খুয়াও। প্র° পু°-খুয়ায়। অস-ক্রি খুয়াইতে : খুয়াইয়া ; খুইয়ে] ক্রি, ক্ষয় করা, নষ্ট করা ; হারান বা হারাইয়া ফেলা। "হারালেম তোমায় হরি, আমি হায় কি তৃষায়। আমি খুয়ালেম অমূল্য নিধি, হায় কি খেলায়।"-রায় কা° প্র° ঘোষ।

খুয়ার [খোয়ার দ্রঃ] বি, অপযশ : নিন্দা।

খুর [ক্ষুর দ্রঃ। খুর্ (ছেদন করা)+অ (ণে) যদ্দারা চুল ছেদন করা হয়] বি, ক্ষৌরাস্ত্র। ২ অশ্বাদির পায়ের সর্ব্ব নিম্নভাগ। ৩ খাটের পায়া। ৪ নখীনামক গন্ধদ্রব্য।

খুরখুর [খর্খর্ অপেক্ষা লঘু শব্দ] বি, ক্ষুদ্রাকার জীবজন্তুর শীঘ্র গমন-ভঙ্গিসহ ভূমিতে তাদের নখরস্পর্শ শব্দ। ছোট ছেলের লঘু পদক্ষেপে চলনভঙ্গি। বিণ, **খুর্খুরিয়া**-চঞ্চল : অস্থির। ২ কর্কশ ; অমসৃণ।

খুরটি [হি°-খুরাঁটে=কুটিল, ঝানু] আখুটি ; দুষ্টামি।

খুর্ণস্, খুর্ণস [খুর (অশ্বাদির খুর। নস (তার ন্যায় নাসিকা যার) নাসিকা স্থানে নস্. নস] বিণ, যার চেপ্টা নাক ; খাঁদা।

খুরপা, খুরপো [খুরপ্র শব্দের ভ্রং] বি খুরপ্র ; খননাস্ত্র-বিঃ।

খুরপি [খুরপা অপেক্ষা ক্ষুদ্র] বি, খুরপা দ্রঃ।

খুরপ্র [খুর-প্রথ্ (প্রোথিত করা)+অ (র্ত্তৃ)] বি, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিঃ। ২ খুরপাস্ত্র।

খুরলি,-লী [খুরোলি ; চ-খুরুলি] বি, অস্ত্রপ্রয়োগ শিক্ষা ; সংগ্রামকৌশল শিক্ষা ; বিপক্ষের আক্রমণ হইতে আত্মরক্ষা ই° শিক্ষা, ব্যায়াম। ২ বংশীর অভ্যাস ; স্বরাভ্যাস ; বংশীবাদনের অভ্যাস বা শিক্ষা এই অর্থে-'মুরলী খুরলী'। "ঈষৎ হসিত বয়ান-চন্দ তরুণী-নয়ন নয়ন-কন্দ বিম্ব-অধরে মুরলী খুরলী, ত্রিভুবন-মন-মোহিনী।"

-গোবিন্দ। ৩ দুষ্টামি রঙ্গ। "শিব পর চাঁদ অধর পর মুরলী। চলয়িতে পন্থে কণ্টক কর খুরলি॥"-গোবিন্দ।

খুরশী [ফা -কুর্‌সি] বি. কাষ্ঠাসনবিশেষ: টুল।

খুরসানি [পাং-বাং। খুরঘর্ষণ >] বি পশুরব। ১ খুরাঘাত। "অনেক হাথ নেথে কৈল ঘোড়ার নিচনি। সবগ মরণ পাণালেন লোগেছে খু।"-শূ পু।

খুরা [হি বা গা খুরো] বি. পায়া। "খাটের খুর ধরিয়া সে বসিয়া পড়িল।" -গল্পগুচ্ছ (রবীন্দ্র)।

খুরাক-খোরাক দ্রঃ।

খুরাটি [খুর-মাটি ক্ষেণ] বি. খুরাঘাত দ্বারা উত্থিত মাটি।

খুরালিক [খুর+আলি+ক=খুরালিক] বি. নারাচাস্ত্র। ২ ক্ষৌরকারের খুরাধার। ৩ উপাধান বালিশ।

খুরি,, **খরী** [মূ -দ্রাবিড় ভাষায় খুরি= ছোট বাটী। তুল-হি -খোরী] বি. কটোরা মাটীর ছোট পাত্র। ১ কাসার ছোট বাটী। "কাসারী পাতিয়া শালগড়ে ঝারী খুরি থাল ঘটী বাটী বড় হাড়ি সীপ।"-কবিকং। ৩ মালদ্বীপা নৌকাবিঃ।

খুরী২ [প্রাণিবিদ্যা] বি. সশফ জন্তু, ক্ষুর-বিশিষ্ট প্রাণিবর্গ ungulata

খুর্পা [খুরপ্র >] বি. ক্ষুরপ্র দ্রঃ।

খুর্মা [ফা] বি. পাচপাকা খর্জুর।

খুলন [হি -খোলনা] বি. মুক্তকরণ; বন্ধন মোচন। ১ শিথিল করণ। ৩ প্রসারণ।

খুলা,, **খোলা** [হি -খুলনা, খোলনা। উৎপু -খুলি। ম পু -খুল, খোল, খুলুন; খোল। প্র পু -খুলে খোলে। অস-ক্রি-খুলিতে; খুলিয়া, খুলে। ণিজন্ত-খুলান, খোলান] ক্রি, বন্ধন মোচন করা, মুক্ত করা। ২ শিথিল করা। ৩ যা বন্ধ আছে তার কার্য্যারম্ভ হওয়া। "ইস্কুল খুলবে আরো দশ দিন পরে।"-উত্তর। ৪ খনন করা; খোঁড়া (চণ্ডীকাব্য ২বিরাম)।

খুলা২ [শ্রীহট্ট প্রাদে] বি. গুহা; গহ্বর, নিম্নস্থান; উৎরাই।

খুলাসা-খোলসা দ্রঃ।

খুলি, খুলী [খর্পর >] বি. মাথার খুলি; কপাল। "মড়ার মাথার খুলি বিকাশিয়া দন্তগুলি।"-প্রেম ও ফুল। ২ পাত্রবিঃ; বৃহৎ কটাহ। ৩ মৃন্ময় কটাহ।

খুল্ল [সং] বিণ, ছোট; ক্ষুদ্র। ২ কনিষ্ঠ। প্র-খুল্লতাত খুল্ল পিতামহ। ৩ দরিদ্র অল্প। ৪ নীচ। ৫ নদী নামক গন্ধদ্রব্য। **~তাত** [খুল্ল (কনিষ্ঠ) যে তাত (পিতৃ-ভ্রাতা)-যা] বি. পিতৃব্য; খুড়া।

খুল্লনা বি. ধনপতি বণিকের পত্নী; লক্ষপতি বণিকের কন্যা। রত্নমালানাম্নী অপ্সরা দুর্গার অভিশাপে মানবজন্মগ্রহণ করিয়া খুল্লনা নামে অভিহিতা হন। শ্রীমন্ত ইঁহার পুত্র।

খুল্লম-বি. বর্ত্ম; পথ।

খুশ [ফা-খুশ্‌] বিণ, আনন্দজনক; প্রীতিকর।

খুশকী, খুস্কি [ফা -খুশকী] বিণ, পায়ে হাঁটা; স্থল; পদব্রজ। ২ স্থলপথ। ৩ মরামাস, শুষ্ক চর্ম্ম। ৪ [প্রাদে -ত্রিপুরা] অনাবৃষ্টি drought.

খুশখৎ [ফা-খুশ খৎ] বি. পরিপাটী হস্তাক্ষর, সুন্দর লিপি। ২ আনন্দের চিঠি।

খুশখবর [ফা-খুশ খবর] বি সুসংবাদ; খোশখবর।

খুশ-খোরাক, খোশ-খোরাক [ফা -খুশ্‌খোরাক] বি উপাদেয় আহার্য্য। ২ অত্যাহার। বিণ, ~ী।

খুশগল্প, খোশগল্প [ফা -খুশ্‌+ হিং-গপ্] বি, আমোদজনক কথাবার্ত্তা; মজার কাহিনী।

খুশনবীস [ফা -খুশ্‌নবীস] বিণ, যার হস্তাক্ষর অতি সুন্দর; সুলেখক; উৎকৃষ্ট লিপিকর।

খুশনমা [ফা -খুশ্‌নমা] বিণ, সুন্দর। ২ পরিপাটী।

খুশনাম, খোশনাম [ফা-খুশ্‌নাম] বি. সুনাম; খ্যাতি। **~নামী, খোশনামী** [ফা -খুশ্‌নামী] বি. সুখ্যাতি; প্রসিদ্ধি।

খুশমিজাজ, খোশমেজাজ [ফা -খুশ্‌মিজাজ] বিণ, প্রফুল্লচিত্ত। ২ সুখী।

খুশামদ, খোশামোদ [ফা -খুশ্‌আমদ। পাং-বাং-খোসামুদি] বি, তোষামোদ চাটুবৃত্তি। বিণ, **খুশামুদিয়া, খুশামুদে, খোসামুদে**-তোষামোদকারী চাটুকার।

খুশী, খুসি, খুসী [ফা -খুশী] বি. আনন্দ আমোদ প্রীতি। "তার হাসি খুসি খুশখুশী খুসি ফোটে চেহারায়।" -বিঃ চক্রবর্ত্তী। ২ ইচ্ছা। ৩ সন্তোষ। "যারে খুসি তারে দাও।"-সোণার তরী। ৪ বিণ আনন্দিত প্রীত। **হাসিখুসি**-আমোদ আহ্লাদ। "রাত পোহাল, প্রভাত হল, কুরিয়ে গেল হাসিখুসি।"-বাংগান।

খুশ্ক, খুস্ক [ফা-খুশ্‌ক] বিণ, শুষ্ক।

খুশ্কী [ফা খুশ্‌কী] বি. শুষ্কতা। ১ মরামাস। ৩ শুষ্কপথ স্থলপথ ডাঙ্গাপথ।

খুস্-ক্রি-বিণ ত্বরায়, অবিলম্বে। "সে তথা হইতে খুস্ করিয়া সরিয়া পড়িল।"

খুসা-বি খাড়া নাড়িয়া শব্দ হইতে ভুমি ভুষি বা খোসা বাহির করিয়া ফেলা; ঝাড়া।

খুসি, খুসী-খুশী দ্রঃ।

খুস্থুর খুস্থুর, -মুস্থুর [অনু] বি. অব্যক্ত শব্দ, শুষ্ক পত্র, বস্ত্র ইত্যাদির ঘর্ষণশব্দ। ১ ক্রি-বিণ ঐরূপ শব্দ করিতে করিতে গোপনে ও সন্তর্পণে চলাফেরা। "কলাবনে চাঁদবেনে খুস্থুর-খুস্থুর নড়ে।"-মনসাং।

খুসুর ফুসুর-কানে কথা কওয়ার শব্দ ও ভাব।

খুস্কি-খুশকী দ্রঃ।

খ্রীষ্ট [গ্ বানান আং ইং-Christ] বি. যীশুখৃষ্ট, খ্রীষ্টান ধর্ম্মের প্রবর্ত্তক।

খ্রীষ্টধর্ম্ম-যীশুখৃষ্ট প্রবর্ত্তিত ধর্ম্ম Christianity

খ্রীষ্টান [ইং-Christian কৃশ্চান, গ্রাং নিম্ন-খেষ্টান, খেরেষ্টান, কিরেস্তান, কিরিষ্টান, কিরিচান ও] বিণ, খ্রীষ্টধর্ম্ম-সম্বন্ধীয়। ২ বি. খ্রীষ্টধর্ম্মাবলম্বী। "আমি দেখি ঈশ্বরের নিজহস্তে লিখা, জীবন্ত ও বাইবেল খৃ বালিকা।"-ফুলরেণু।

জিহ্বা ও চিত্ত আকাশে অবস্থিত হয় বলিয়া এই নাম। কালীগণ্ড। ২ বামবাহু দক্ষিণে এবং দক্ষিণ বাহু বামে রাখিয়া হস্তদ্বয় পরিবর্ত্তন করিয়া কনিষ্ঠার সহিত অনামিকা যুক্ত করিয়া তর্জ্জনী দ্বারা বদ্ধ করিয়া মধ্যমা ঊর্দ্ধে রাখিয়া বা সরলভাবে অঙ্গুষ্ঠের উপর রাখিলে যে মুদ্রা হয়।-তন্ত্রসার।

খেচাখেচি-বি, বকাবকি : কলহ।

খেচামেচি [খচখচ দ্রঃ] বি, চেঁচামেচি : বকাবকি, চীৎকার, গোলমাল : গণ্ডগোল।

খেচি [প্রাদে] বি, নৌকার জল ফেলিবার পাত্র।

খেজাড়ি, খাজাড়ী-বি, মুড়ি। "প্রভাতে খে মাঙ্গে কার্ত্তিক গণাই।" -কবিক।

খেজালত [ফা০-খিজালৎ ফরিদপুর মুর্শি প্রাদে০] বি, যন্ত্রণা ; ঝঞ্ঝাট ; বিরক্তি ; কষ্ট। "বন্ধু খেজালতে মরি।"-পূ০ ব০ গী০।

খেজুর [সং-খর্জ্জূর। গ্রা০ খেজুর মূ বাং পূ০ বঙ্গ-খাজুর] বি, প্রসিদ্ধ ফলগাছ the date palm. ২ খর্জ্জূর ফল the date. **~গুড়, খেজুরেগুড়**-খেজুর রসে প্রস্তুত গুড়। **~ছড়ি**-ধান্যবিঃ। "লতামৌ মৌকলস আর খে০-ছড়ি, পর্ব্বত-জিরা গন্ধতুলসী আর দলাগুড়ি।" -শূ০ পু০। ২ খেজুর পাতার মত রেখাযুক্ত রঙ্ করা সাড়ী। **~থুপী**-ধান্যবিঃ। "খে০-থুপী খয়েরশালি ক্ষেম গঙ্গাজল।"-শি০। **~মাথি, ~মেথি, -তি**-খেজুর গাছের মাথার কোমল শস্য। **~রস**-খেজুর গাছের রস যা জ্বাল দিয়া গুড় হয়। **খেজুরিয়া** [গ্রা০-খেজুরে] বিণ, খেজুর সম্বন্ধীয়। ২ খেজুর হতে জাত ; খেজুরের (রসজাত)। "খেজুরে গুড়।" **কলসী খেজুর**-কলসীতে পুরিয়া রপ্তানি করায় এই নাম ; উৎকৃষ্ট জাতীয় খর্জ্জূর। **পিণ্ডখেজুর**-পিণ্ডাকারে প্রেরিত বিদেশী খর্জ্জূর।

খেট [খে (আকাশে, শূন্যে)+অট (ভ্রমণকারী)-যে আকাশে ভ্রমণ করে] বি, সূর্য্য চন্দ্রাদি গ্রহ নক্ষত্র। ২ ঢাল। ৩ পল্লীগ্রাম। ৪ ঘোটক। ৫ মৃগয়া। ৬ তৃণ। ৭ অধম ; নীচ [আধু০-বাং-অপ্র০]।

খেঁট, খৈঁট [খিট (ভোজন করা)+অ (ভা] বি, ভোজন ; ভোজ।

খেটক [খেট্ (ত্রাসিত করা)+ক (জ্ঞা০)] বি, চাল ; ফলক ; দণ্ড ; মুদ্গর। "পাশাঙ্কুশঘণ্টা খে০ শরাসন। বাম পাঁচ করে শোভে পাঁচ প্রহরণ॥"-কবিক০। "বারাহী খে০ ধরা আইলা দেবী চন্দ্রচূড়া চক্রলাঙ্গা০ মুষলধারিণী।"-কবিক০। ২ বলরামের মুদ্গর। ৩ পল্লীগ্রাম ; পাড়াগাঁ।

খেটী [খেট (ক্রীড়া, কামক্রীড়া)+ইন্ (স্ত্য) মূ০-খেটিন্ ১মা ১ব] বি, কামুক ; লম্পট [প্র০ অ০]।

খেটে১, -খেঁটে [খর্ব্ব > খাট >] বি, ক্ষুদ্রাকার স্থূল যষ্টি ; মোটা ছোট লাঠি ; ছোট মুদ্গর। **বেঁটে খেঁটে** [বেঁটে (বামন)-খেঁটে (খর্ব্ব, খাট)] বিণ, ছোট-খাট ; খর্ব্বাকৃতি।

খেটে২ [খাটিয়া শব্দের গ্রাম্য উচ্চারণ। হিং০-খাট্না। (অসমাপিকা)] পরিশ্রম করিয়া ; মেহনত করিয়া। "কোমর বাঁধিয়া এঁটে সারাদিন খে০ খুটে মধু আসি লও লুটে।"-পদ্যপাঠ, ১ম ভাগ। ২ কর্ম্মে নিযুক্ত হইয়া। ৩ কর্ম্ম করিয়া। "সারাটী দিন খে০ খে০ করছে কেমন গা, একটুখানি না জিরুলে আর ত বাঁচি না।"-শিশুপাঠ্য গ্রন্থাবলী। **~খুটে**-কাজকর্ম্ম সম্পাদনজনিত পরিশ্রমের পর। ২ দৈহিক পরিশ্রমের পর। ৩ মেহনত করিয়া : শারীরিক পরিশ্রম দ্বারা।

খেটে-জাল [পূ০ ব০ প্রাদে০] বি, ইলিশ মাছ ধরিবার জালবিঃ। দু'খানা বাঁশের লম্বা চটায় জালের দু'দিক্ বাঁধিয়া ছোট নৌকায় বসিয়া দুইজনে ইলিশ মাছ ধরে। একটী মাছ উহার মধ্যে পড়িলেই জালে টান পড়ে। দুধারের বদ্ধ চটা একসঙ্গে বাঁধিয়া রাখিলেই আর মাছ বাহির হইতে পারে না।

খেটেল-বি, শ্রমিক ; মজুর। ২ সামান্য ভৃত্য। "কখন খেটেল কখন কাঁড়ারী, কখন খে০ কখন ভাঁড়ারী।"-অ০ ম০।

খেঁড় [প্রা-বাং। আধু০-প্রাদে০। খড় দ্রঃ] বি, শুষ্ক তৃণ : খড়। "রূপার খে০ মন্দির হইল তখন রূপার হৈল কপাট।"-শূ০ পু০।

খেড়া, খেরা [হিং০] বি, গ্রাম-সন্নিহিত ভূমি। ২ পুরাতন নগরের ধ্বংসের উপর স্থাপিত নগর।

খৈড়ানি জমি [বাখরগঞ্জ প্রাদে০] বি খড়েব জমি।

খেড়ি-বিণ, খর্ব্ব ; পাগল।

খেড়ী-বি খেলন।

খেত [গ্রা০। ক্ষেত্র >] বি, ক্ষেত্র, চাষের জমী। **~খোল** -সহচর শব্দদ্বয়। **~বাঁট**-জমি ভাগ : জমির ভাগ-বাঁটোয়ারা। **~বাঁটমিহল**-একের জমির সহিত অপরের জমি মিশ্রিত জমিদারী। **খেতবার** [হিং০] বি, ক্ষেত্রের উৎপন্ন অনুসারে কর নির্দ্ধারণ বা বন্দোবস্ত।

খেতরী খেতুরী-বি, রামপুর বোয়ালিয়ার ছয় ক্রোশ দূরে গড়ের হাট পরগণায় খেতরী গ্রাম অবস্থিত। সাড়ে তিন শত বৎসর পূর্ব্বে ইহা একটী ক্ষুদ্র রাজ্যের রাজধানী ছিল। ১৪৫৩-৪ শকে এখানে স্থানীয় জমীদার রাজা কৃষ্ণানন্দ দত্তের নারায়ণী নাম্নী স্ত্রীর গর্ভে নরোত্তম ঠাকুর জন্মগ্রহণ করেন। এই খেতরীতে নরোত্তম ঠাকুর বিগ্রহ স্থাপনোদ্দেশ্যে দেশের যাবতীয় চৈতন্য-ভক্তকে নিমন্ত্রণ করিয়া একত্র করিয়াছিলেন। ইহাই খেতরীর প্রসিদ্ধ মেলা বা মহোৎসব। বৈষ্ণব-সাহিত্যে ও ইতিহাসে খেতরীর মেলা বিশিষ্ট স্থান অধিকার করিয়াছে।

খেতাব [আ০-খেতাব্] বি, নাম, উপাধি। "বড সাপ্টাদরে সাত কল্লে খে০ সি. এস. আই।"-হেম০। "মহাবদ জঙ্গে দিলা পাতসা খে০।"-অ০ ম০। **~ধারী** -যে খেতাব পাইয়াছে। "রায়বাহাদুর খে০ধারী এক ভদ্রলোক।"-মা০ ও ম০ বাণী, ১৩৩৩।

খেতালী-বি, ক্ষেত্রকর্ম্ম ; চাষ-আবাদ।

খেতি১ [ক্ষেত্র > খেত+ই] বি, কর্ষণ : চাষ-আবাদ।

খেতি২, খেতী [ক্ষেতি >] বি, ক্ষতি : লোকসান।

খেতুম [খাইতাম > ক্ষে°, খাওয়া দ্রঃ] ক্রি, খাইতাম। "নইলে খে° কি?" -উত্তরা।

খেত্তিক, খেত্রী [ক্ষত্রিয় >] বি, পশ্চিমের ক্ষত্রিয়াখ্য হিন্দু জাতিবিঃ ; ছেত্রী। "ভীম খেত্তিক।"-শূ° পু°।

খেদ [খিদ্ (শোক করা) + অ (ভা°)] বি, আক্ষেপ ; দুঃখ। "এখন আমার আর কোন খে° নাই ম'লে।"-সারদা ম°। ২ শোক। ৩ শ্রম। ৪ ক্লান্তি ; অবসন্নতা। খের্দন-খেদ।

খেদমত [খিদমৎ, ও 'দাসখৎ' দ্রঃ] বি, সেবা। ২ দাসত্ব। "তুমী ইহারে ... ... খোরাক পোষাক দিয়া আপন খেদমতে রাখহ।"-দলিল, ২৮এ মে, ১৭৩৫।

খেদা১-বি, হাতী ধরিবার ফাঁদ, ঘেরাও, বেড়া (যার ভিতর হাতী তাড়াইয়া আনা হয়), বন্য হস্তী ধরিবার স্থান। "দশ দশ যোজন চৌদিকে হৈল খে°।" ২ তাড়া। "উজীর হলো বায়জাদা, বেপারিরে দেয় খে°, ব্রাহ্মণ বৈষ্ণব হল অরি।"-কবিক°। ~করা-হাতী ধরিবার কল পাতা ও হাতী ধরা। "ভোলানাথ চাকলাদার ভাওয়ালের জঙ্গলে একবার খে° করিয়াছিলেন। সে খেদার চিহ্ন অদ্যাপি বর্ত্তমান আছে। এখন গবর্ণমেন্ট খে° করিয়া থাকেন।"-ময়মনসিংহের বিবরণ।

খেদা২ [খেদা১ দ্রঃ। খেদি, খেদ ; খেদে ; খেদিতে ; খেদিয়া ই°] ক্রি, দূর করা ; তাড়ান।

খেদাড়ানি [খেদিত দ্রঃ] ক্রি, তাড়াইয়া দেওয়া। ২ তাড়া করা। "অসুর সম্বর তার নামে আমি হারি। খেদাড়িয়া দেবগণে নিল স্বর্গপুরী॥"-কৃত্তি°। "মহাক্রোধে কেহ নাহি যায় খেদাড়িয়া।"-চৈ° ভা°।

খেদাড়িআ [প্রা° বাং] অস-ক্রি, তাড়াইয়া ; তাড়া করিয়া। "জনমিআ মণ্ডুক জলে লাফা লাফি জাএ। অনন্ত বাসুকি তারে খে° খাএ॥"-শূ° পু°।

খেদানি [সং-খিদ্ (উপতপ্তীভাবে দেস্থে) ধাতু > । খেদাই ; খেদাও ; খেদায় ; খেদাইতে (ক্ষে° খেদাতে) ; খেদাইয়া (ক্ষে° খেদিয়ে)ই°] ক্রি, দূর করিয়া দেওয়া ; তাড়াইয়া দেওয়া। "কটকে মুরসিদকুলি খাঁ নবাব ছিল। তারে গিয়া আলিবর্দ্দি খেদাইয়া দিল।"-অ° ম°। ২ কাটিয়া তুলা। "মাটী খেদাইয়া খাল বানাইয়া উপরে দেওল চাপ।" -চণ্ডী°। ৩ বিণ, বিতাড়িত ; দূরীকৃত। "মায়ে খে° বাপে তাড়ান।" বিণ, খেদানিয়া, খেদানে-তাড়নাকারী। ২ তাড়িত।

খেদি [খেদিয়া ক্ষে° পদ্যে। খেদান দ্রঃ] অস-ক্রি, তাড়াইয়া। "লুকাইলে খে° খুঁজি ধরে সব ঠাঁই বুড়ীকে না ছুঁলে কার পরিত্রাণ নাই॥"-শি°।

খেদিত [খিদ্ (শোক করা) + ণিচ্ = খেদি + ত (র্ত্তৃ)] বিণ, দুঃখিত ; খিন্ন। "তাহাতে নহি খে°, শুন ওহে ব্রজনাথ, ও বংশীর যে গুণ কত, বিশেষে শুনাও।" -বাং-গান (হরুঠাকুর)। ~তব্য-বিণ, তাড়াইবার যোগ্য।

খেদিব [ইং- khediv এর লিপ্যন্তর] বি, ইজিপ্টের পূর্ব্বতন বংশপরম্পরাগত রাজাদের উপাধি।

খেদে-ক্রি, তাড়ায় ; দূর করে : অপসারিত করে। "অন্ধকার খে°।" ২ আক্রমণ করে। "দণ্ড করি লম্ফ মারি খে° লাউসেনে।"-ঘ°। ৩ [খেদে] ক্রি-বিণ, দুঃখে ; আক্ষেপে। "বিচ্ছেদে মনের খে°, ঘুরি দিবা যামিনী॥"-বিষাদ (গি°)।

খেদেল [খাদ + বালা > খাদাল >] বিণ, খাদযুক্ত।

খেন [ক্ষণ >] বি, মুহূর্ত্ত। "খেনে খেনে ধুলায় লুঠায় ভগবতী।"-কবিক°।

খেপ১ [খেয়া দ্রঃ] বি, পাড়ি। খেপের নৌকা-মালবাহী নৌকা (বাখরগঞ্জ প্রাদে°)।

খেপ২ [সংক্ষেপ শব্দের ভ্রং] বি, বার ; দফা।

খেপলা-খ্যাপলা দ্রঃ।

খেপা১ [ক্ষেপা (দ্রঃ) > ; দ্রং। পদ° সা°] ক্রি, নিক্ষেপ করা। "খেপিল বাণ।" -প° কল্প (সা° প° প° ১৩২৩)। প্রা°-বাং খেপিলোঁ-প্রক্ষিপ্ত করিলাম।

খেপা২ [খেপি, খেপ, খেপে, খেপিতে (ক্ষে° খেপতে) ; খেপিয়া (ক্ষে° ক্ষেপে)] ক্রি, ক্ষিপ্ত হওয়া। ২ মত্ত হওয়া।

খেপা৩ [সং-ক্ষিপ্ত ; ক্ষেপা দ্রঃ] বিণ ক্ষিপ্ত ; পাগল ; অস্থিরচিত্ত। ২ [স্নেহসূচক] পাগলা। (২) আবদারে। (৩) অবুঝ। প্র-খেপা ছেলে। স্ত্রীং, খেপী।

খেপানি [ক্ষিপ্ত >] ক্রি, ক্ষিপ্ত করা : পাগল করা। ২ মাতান ; মত্ত করা। ৩ রাগান। "বড় বউ তোমায় কে খেপিয়েছে।" জামাইবারিক (দীনবন্ধু)। ৪ বি, "তাকে এমন খেপানটা খেপিয়েছে।" খেপানি -বি, উত্তেজনা।

খেপামি,-মি,-মো-বি, পাগলামি। "নরহরি পরাণ নিমাই এইরূপে গো খেপামো করিতে ভাল জানে।"-নরহরি।

খেম [ক্ষমা >] ক্রি, ক্ষমা কর ; মার্জ্জনা কর। "চরণে ধরিয়া হরে কুমার মিনতি করে অপরাধ খে° মহাশয়।"-কবিক°।

খেমরাজ [প্রা°-বাং] বি, ধান্যবিঃ। "পাঙ্গুসিআ ভাদ্দমুখি বুনেন খে°। তুলন ধান বুনেন বিরিঞ্চি দুদুরাজ॥"-শূ° পু°।

খেমচা-বি, বাদ্যযন্ত্রবিঃ। ২ [খাম্‌চার উচ্চারণ ভেদ] একমুষ্টি পরিমাণ ; খাব্‌লা।

খেমটা-বি, সঙ্গীতের তালবিঃ : ছয় মাত্রার, মতান্তরে চারি মাত্রার তাল। যথা-

।		১		১
।		।	।	।

"ধাটে ধেঁ, না-তে নেঁ, তাটে দেঁ, না ধেনেঁ" অথবা

+	২	০	১
।	।	।	।

"ধাগেধি, নাতিন্, নাক্‌ধি নাতিন্।" ২ ঐ তাল অনুযায়ী নৃত্য, খেম্‌টা নাচ। -ভারতকোষ।

খেমটি [প্রাদে° গ্রা°] বি, দাঁতে দাঁতে বন্ধ। দাঁত-খেমটি-দাঁত-কপাটি।

খেমটী [খ্যামটা দ্রঃ] বি, নর্ত্তকী খেমটাওয়ালী।

খেমা [প্রা° । প্রা°-বাং। সং-ক্ষমা শব্দের ভ্রং] বি, ক্ষমা। "আমার বিসেস দোস খে° কর মোরে সঙ্কটে তারিবে মোরে সমন দুস্করে॥"-শূ° পু°।

"রাজাকে * * * খেলোয়াত দিয়া বিদায় করিলেন।"-দুর্গেশনন্দিনী।

খেলানি-বি, খেলা করান ; কাহার বা কোন কিছুর খেলা দেখান। প্র-সাপ খেলান। ২ স্বচ্ছন্দভাবে বিহার করা ; অবাধ গতিবিধি করা। ৩ কৌতুক দেখান ; রঙ্গ দেখান।

খেলানা, খেলেনা-খেলনা দ্রঃ।

খেলানিয়া, খেলানে-বিণ, যে খেলা করে ; ক্রীড়ক। ২ খেলুড়ে ; খেলা-প্রিয়। স্ত্রীং, খেলানী।

খেলাপ [আং-খেলাফ্, খিলাফ্] বিণ, প্রতিকূল ; বিপরীত। ২ মিথ্যা false. "খেং এজাহার।" বি, খেলাপি,-পী-বৈপরীত্য ; অন্যথাচরণ।

খেলারি, খেলারী-বি, খেলনা-নির্ম্মাতা।

খেলি১ [প্রাং-বাং-ব্রজং] ক্রি, খেলা। "আমার জীবন সঞে করতহি খেং।" -গোবিন্দং।

খেলি২ [খেল+ই (স্ত্র)। প্রাং-বাং] বি, খেলার সাথী। "আর খেং এই গেড়ু লুফিতে নারিবে।"-ভাগবত (নরহরি)।

খেলু/ড়িয়া, ~ড়ে-বি, খেলাপ্রিয়। ২ খেলার সাথী ; ক্রীড়াসঙ্গী ; ক্রীড়াসহচর। স্ত্রীং, ~ড়ী।

খেলুনিয়া, খেলুনে-বি, খেলার সঙ্গী। স্ত্রীং, খেলুনী।

খেলুয়া, খেলো-বিণ, অনুত্তম ; নিরেশ ; খারাপ ; মন্দ।

খেলে [খাইল > গ্রাং] ক্রি, খাইল। ~কচু [কচুপোড়া ভক্ষণ করিল বা বকুনি বা গালি ইং খাইবার মত কাজ করিয়া বসিল এই অর্থে] অ, মেয়েলিং গালি। ২ বিরক্তি-ব্যঞ্জক শব্দ। ক্ষেং খেলে যা-ঐ যা কচু-পোড়া খাইল। অর্থাৎ অনিষ্টপাত করিল।

খেলোয়াড় [হিং-খেলবাড়] বিণ, ক্রীড়াদক্ষ ; উৎকৃষ্ট ক্রীড়া প্রদর্শক। ২ চালাক ; কৌশলী। ৩ প্রবঞ্চক ; চাতুরীপূর্ণ। ৪ দুষ্ট ; কুচরিত্র।

খেশ-বি, গাত্রবস্ত্রবিঃ।

খেশ্‌টামারা [মালদহ প্রাদেং] বিণ, অসুন্দর ; বিশ্রী।

খেসা/রৎ [আং-খসারা > খিসারা (damage) > খিসারৎ] বি, হানি ; ক্ষতি। ২ ক্ষতিপূরণ। প্র-সে খেসারতের দাবী করিয়া নালিশ করিয়াছে। ~রতি [আং] বিণ, ক্ষতিজনক ; হানিকর। ২ বি, ক্ষতি-পূরণের মোকদ্দমা।

খেসারী [গ্রাং-খেঁসারি, খ্যাঁসারি। হিং-খেসারী। সং-"খঞ্জকারী" ≻ কারণ বৈদ্যকমতে ইহা দীর্ঘকাল অধিক সেবনে খঞ্জত্ব ও পঙ্গুত্বকারী। খোঁড়া করে বলিয়া বাং-য়, খোঁড় বা খুঁড়িয়ার ডাল] বি, তেওড়া কলায় ; ত্রিপুট ; খুঁড়ের ডাল lathyrus sativus.

খৈ১ [খদিকা >] বি, লাজ ; খই। ~চুর-খদিচূর্ণ নির্ম্মিত মিঠাই।

খৈ২ [খোজ >] বি, সন্ধান। "এই ৩৭টা হয়ে গেল তার খৈ খবর কি আছে।"

খৈঁয়া, খৈয়া [প্রাদেং খুঞা (দ্রঃ) >] বিণ, (বি), ক্ষৌম (খণ্ড)। খৈঁয়াবাস-বি, অল্প মূল্যের মোটা কাপড়।

খৈরি-বি, দীর্ঘজঙ্ঘ ও কাদাখোঁচা-জাতীয় পক্ষিবিঃ ইহারা নল, খাগড়া ইং-র জঙ্গলে অধিক থাকে।

খৈল [প্রাকৃং-খলী] বি, খলী ; তৈলমল। "ধুইয়া দিয়াছে চুল খৈং গিলা দিয়া।" -ফুলরেণু।

খৈলিক [খিল >] বিণ, খিল বা পরি-শিষ্ট সম্বন্ধীয়।

খো-বি, খোয়া পাথর বা ইটের ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড। ২ [হিং-খোআ] জমাট ক্ষীর ; খোয়া। ৩ মেছিতা ; মেচেতা। "দর্পণে নিহালি দেখ পড়িয়াছে খো।"-কবিকং। ৪ আকমাড়া কলে রস বাহির করিয়া লওয়া আক।

খোআ১ [ক্ষয় >] বি, ক্ষতি। ২ বিণ, ক্ষয়প্রাপ্ত।

খোআ২-খো (২) দ্রঃ।

খোঁকা-খোকা দ্রঃ।

খোঁখর [প্রাদেং। কঠোর >] বিণ, কঠোর ; কঠিন। "রাঙ্গা দুই আঁখি তার খোঁং হৃদয়।"-রামাং (কৃত্তিং)।

খোঁচ [সং-কণ্টক বা সূচী > পূং-বঙ্গে কোঁচ। খচ্ দ্রঃ। হিং-খোঁচ্] বি, কণ্টক ; সূচীবৎ মুখ। ২ বেধনাস্ত্রবিঃ।

খোঁচা [খোঁচ (দ্রঃ)+আ (স্ত্য)] বি, সূক্ষ্মাগ্র দণ্ডের অগ্রভাগ দ্বারা আঘাত, বংশ বা কাষ্ঠদণ্ড বা সূক্ষ্মমুখ যন্ত্র দ্বারা বিদ্ধ-করণ। "কেউ মারে খোঁং টেবিলের নীচে।"-দ্বিং রায়। "মৌচাকের মধু মিষ্ট কি হৈত মৌমাচি খোঁং যদি না রৈত।" -লীলাবতী (দীনবন্ধু)। ২ কীলক। ৩ বিঘ্ন। ৪ সন্দেহ। ~খাঁচি, ~খুঁচি -বেধনাস্ত্র দ্বারা পরস্পর আঘাত। ২ চতুর্দ্দিকে খোঁচার প্রয়োগ। ৩ বিরক্ত করণ ; উত্ত্যক্ত করণ। ৪ প্রতিকূলাচরণ ; বিরুদ্ধাচরণ। ৫ কোন অপ্রিয় বিষয় লইয়া আলোচনা বা ঘাঁটাঘাঁটি। "সমালোচনা করতে হবে, খোঁচা-খাঁচি দিতে হবে, গালাগালি দিতে হবে-এসব মাসিক পত্রে থাক।"-রবীং (আং শক্তি, ১৩২৮)। ক্রি, খোঁচানি, -নো।

খোঁচে-ক্রি, খোঁচা দেয় ; আঘাত করে। "উলটিয়া শুণ্ডে মোর খোঁং।" -কবিকং।

খোঁজ [হিং-খোজ। সং-খুজ্ (চৌর্য্যে) বা খজ্ (বিলোড়নে) >] বি, অন্বেষণ। ২ সন্ধান। ৩ খবর ; তত্ত্ব। ৪ চিহ্ন। ৫ পদ-চিহ্ন। ~খবর-বি,সন্ধান। খোঁজ তোলা -কাদার মধ্যে চলিবার সময় চিহ্ন রাখিয়া পা তুলিয়া যাওয়া। "হরিণের খোঁং তোলার শব্দ।"-যশোহর-খুলনার ইতিহাস।

খোঁজন [হিং-খোজনা] বি, ঢূঁড়ন, সন্ধান করন।

খোঁজা [খুঁজা দ্রঃ। ণিজন্ত-খোঁজান] ক্রি, সন্ধান করা ; তল্লাস করা। ~খুঁজি-চতুর্দ্দিকে এবং ক্রমাগত অন্বেষণ[ব্রজং]খোঁজব-খুঁজব। "দশদিক খোঁজব।"-গোবিন্দং।

খোঁট, খোট [খুঁট দ্রঃ] বি, কাপড়ের যে অংশ কোমরে আটকাইয়া রাখা হয় ; বস্ত্রের কোণ ; কসি।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্গঁ ঞ্চ=ন্চ ক্ষ=ক্ষ্ ... ও চ্ছা· দ্রঃ

খোঁটা [খুঁটা দ্রঃ] বি, দোষ। "পাছে বল বুনিপোরে মাসী দেই খোঁ॰।"-অ॰ ম॰। ২ গঞ্জনা ; লাঞ্ছনা। "খোঁ॰ খেয়ে অধোমুখে পতি তার চায়। এইরূপে গঞ্জনায় সারানিশি যায়॥"-হেম॰। ৩ কৃতকার্য্যের উল্লেখ করিয়া লজ্জাদান বা তিরস্কার। "বিনা নিমন্ত্রণে গেলে হবে মাথা কাটা। আমার প্রসঙ্গে সতী পাবে বড় খোঁ॰॥"-কবিক॰। ৪ মেকি ; ভেজাল ; দোষযুক্ত। "যটি টাকা দিয়াছিলে সবগুলি খোঁ॰।"-অ॰ ম॰। ৫ স্তম্ভ ; গোঁজ। ৬ [>] অবলম্বন। "ধৈর্য্য খোঁ॰, ধর্ম্ম বেড়া।"-রা॰ প্র॰। ৭ কীলক। "জাঁতা ছাইআ তথা খোঁ॰ জে পুতিল। বিস কন্মাক হর অনুমতি দিল।"-শূ॰ পু॰।

খোঁটা, খুঁটা [খনন > খনা-খোঁড়া-খোঁচা। উ॰ পু॰-খুঁটি। ম॰ পু॰-খোঁট ; খুঁটন, খোঁট্। প্র॰ পু॰-খোঁটে ; খোঁটেন্। অস-ক্রি-খুঁটিতে, খুঁটিয়া, খুঁটে। ণিজন্তে-খোঁটান] ক্রি, নখদ্বারা গর্ত্ত করা ; চিমটী কাটিয়া টানিয়া বাহির করা। ২ এক একটী করিয়া সংগ্রহ করা বা তুলিয়া লওয়া। দাতখোঁটা-খড়কে দিয়া দাঁতের ফাঁক হতে ভুক্তদ্রব্যের কণা বাহির করিয়া ফেলা।

খোঁট্টা-বি. খোট্টা দ্রঃ। ~ই [খোঁট্টা+ই (আচরণার্থে)] বি, খোঁট্টার ব্যবহার। ২ খোঁট্টাদিগের ব্যবহৃত।

খোঁড়-বি, খোঁয়াড় দ্রঃ।

খোঁড়ল (-ড-) [হি॰-খণ্ডলা। তুল-ফা॰-খন্দক্। গ্রা॰-বাং-খোঁদোল] বি, গর্ত্ত। ২ কোটর।

খোঁড়া$_1$ [খঞ্জ > বা খোঁড়=খুঁড়িয়া যাওয়া] বিণ, খঞ্জ ; পঙ্গু। স্ত্রীং, খুঁড়ী। ২ [খনন > বা খোঁড়্=খুঁড়িয়া যাওয়া] ক্রি, খনন করা। ৩ ঢোকা।

খোঁড়া$_2$-খুঁড়া দ্রঃ।

খোঁড়ানি, খুঁড়ানি [খঞ্জ >] ক্রি, খঞ্জের ন্যায় গমন করা, খোঁড়াইয়া চলা। বিণ, খোঁড়ানিয়া, খোঁড়ানে-যে খুঁড়াইয়া চলে। স্ত্রীং, খোঁড়ানি।

খোঁদল [খোঁড়ল দ্রঃ। হি॰-খণ্ডলা] বি, গর্ত্ত। ২ কোটর। খোঁদোলো-গর্ত্ত করা, কোটরিত ; খোবরাল।

খোঁদা [খন্দক >] বি, গর্ত্ত। ২ বিণ, গর্ত্তবিশিষ্ট।

খোঁনা-খোনা দ্রঃ।

খোঁপা, খোপা [কুপ > । খোম্পা ও॰। খোম্পাত, খোঁপাত=খোঁপায় ; কবরীতে] বি, বদ্ধকেশ, কবরী। "কপালে টিপের ফোঁটা খোপা বাঁধা চুল।"-হেম॰। ২ কেশবিন্যাস। ৩ বৃক্ষশাখা, কাষ্ঠ বা বংশাদির কীলক বা গোঁজ ; খুঁটী।

খোঁয়াড় [প্রা॰ বাং-'খুঁআড়' 'খোঁআড়' কথ্য আধু॰ বাং-খোঁড। খোড়=খুঁড়িয়া যাওয়া। শূকরাদি যথায় থাকে তথাকার ভূমি খুর ও দন্তদ্বারা খুঁড়িয়া গর্ত্ত করিয়া থাকে ; বা কুটীর-কুঁড়ে হতে তুচ্ছার্থে খোঁড-খোঁয়াড়] বি, ইতস্ততঃ ভ্রাম্যমান গৃহপালিত পশুকে আটক করিয়া রাখিবার স্থান pound ২ শূকরশাল ; শোরকুঁড়ে। ৩ শোরকুঁড়ের ন্যায় নোংরা এবং অপবিত্র বাসস্থান। "এই শূয়রের খোঁ॰ আগুনে পোড়াইয়া মাতা বসুমতীকে আবার পবিত্র করিব।" -আনন্দমঠ।

খোঁয়াড়ি, খোয়ারি-বি, মদ্যাদির নেশা কাটিবার পর অবসাদ ; গ্লানি। ~ভাঙ্গা-নেশা ছুটিলে অবসাদ দূর করিবার জন্য অল্প মাত্রায় মাদক সেবন।

খোঁসড়ানি [প্রাদে॰] ক্রি, খোসা খোলা ; খোসা।

খোক, খোকন-বি, শিশুর আদরের নাম। "খোকন যাবে মাছ ধরতে খীর নদীর কূলে।"-ছেলে ভুলান ছড়া।

খোকসা [প্রাদে॰] বি, কুরর পক্ষী falco haliaeetus. ২ মৎস্যবিঃ। ৩ ডুমুর।

খোকসো [প্রাদে॰] বিণ, খোলসা, পৃথক্।

খোকা [কুক্ষি > কোক্ > । কুক্ষিয়া-পূ -বঙ্গে-কোকা, কোকা-যে কোলে থাকিয়া লালিত পালিত হয়, সং-তোক > ওড়ি॰-টোকা (শিশু) টুকী (শিশু কন্যা) > খোকা (বিধুশেখর শাস্ত্রী)] দুগ্ধপোষ্য শিশু ; কোলের ছেলে। ২ পুত্রসন্তান। ৩ ছেলের আদরের নাম। ৪ বিণ, বি, দুগ্ধপোষ্য শিশুর ন্যায় বুদ্ধিশূন্য বা আদুরে। প্র-সে দিনকেরদিন যেন খোকা হয়ে যাচ্ছে। ৫ ক্ষুদ্র জাতীয় ; ছোট। প্র-খোকা ইলিশ [তুল-ইং baby "Baby Austin (motor car) Baby Offset (printing machine) স্ত্রী, খুকি খুকী। ছোট খোকা-কচি খোকা। ২ সর্ব্বকনিষ্ঠ পুত্র। বুড়ো খোকা -শিশুর আচরণকারী বয়স্ক ব্যক্তির প্রতি বিদ্রূপোক্তি।

খোকামি-বি, শিশুর ন্যায় আচরণ, ছেলেমানুষী। ২ আদুরেপনা।

খোক্কশ$_1$, -স [বাক্ষসের অনুকরণে। তুল-রাক্ষস-খোক্কস। বোক্কস দ্রঃ। আ॰-খন্নাস্] বি, কাল্পনিক পিশাচ-যোনি।

খোক্ক [ফা॰-খুশ্ক >] বিণ, শুষ্ক চাপ "খোঁ॰ দরিয়া।"

খোখর [পকখর গোক্কর। 'গখর' স্বতন্ত্র জাতি] বি, সিন্ধুদেশের মুসলমান জাট জাতির শাখা-বিঃ।

খোঙ্গা [ক্ষুদ্রার্থে খোঙ্গী] খুঙ্গী দ্রঃ।

খোচা [কঞ্চী (দ্রঃ) > খোঁচা > (প্রাদে॰) খো] বি, কঞ্চীকাঠী। "এক মুট খো॰ লইল হস্তে করিয়া।"-মাণিক॰ গান।

খোর্জন্তি [প্রা॰ বাং] ক্রি, চাহিতেছেন, প্রার্থনা করিতেছেন। "সামীর নিজ ধন খো॰ কাহ্নাঞিঃ।"-শ্রী॰ কী॰। খুঁজা দ্রঃ।

খোর্জসি-খুঁজিতেছ।

খোজা$_1$ [ফা॰-খ্বাজাঃ] বি ক্লীব, পুরুষত্বহীন ; নপুংসক।

খোজা$_2$ [হি॰-খোজনা] ক্রি, খোঁজা ; অন্বেষণ করা।

খোজুয়া [সং-খর্জু। হি॰-খজুয়া] বি, চুলকনা ; পাঁচড়া। "রস পড়ে খো॰ হৈতে।" -চৈ॰ চ॰।

খোজো-খুঁজি (শ্রী॰ কী॰)।

খোট$_1$-খোট দ্রঃ। ২ [প্রাদে॰ মৈমনসিং] চিটা। "জরিপের খো॰।"

খোট$_2$ [প্রাদে॰] বি, ইলিশমাছ ধরিবার জাল, লম্বায় নৌকাপ্রমাণ, দুই লম্বা দিকে

বাঁখারি বাঁধা থাকে ও নৌকার সঙ্গে সঙ্গে যায়। মাছ পড়িলে দুই দিকের বাঁখারি ধরিয়া জাল তুলিতে হয়।

খোট৩-বি, জিদ। "সে পড়িবেনা বলিয়া খো০ ধরিয়া বসিল।"-কল্লতরু গ্রন্থাবলী, ১৭।

খোটা১-খোঁট্টা দ্র০।

খোটা২-খোঁটা দ্রঃ। -নিন্দা (পূ- ব০ গী০)।

খোটানি [পাবনা, বগুড়া, মৈমন০ প্রাদে০] বি, ছোট খোঁটা post.

খোটি, -টী [খোটা দ্রঃ] বি, ধূর্ত্তা: চতুরা স্ত্রী। ২ পালম শাক।

খোটেল [খুঁট (দোষ) আল (যুক্তার্থে)]-বিণ, দুষ্ট। ২ ধূর্ত্ত। ৩ খল।

খোট্টা, 'খোঁট্টা-বিণ, হিন্দুস্থান-বাসী ; পশ্চিমদেশীয়। "ভুট্টাপ্রিয় খোট্টাকবি শচীন্দ্র দেবেন্দ্র।"-শেফালীগুচ্ছ (দেবেন্দ্র সেন)। স্ত্রীং, খোট্টানী। "আমব খো০।" কাটখোট্টা [সং খড়্গাকড় (দ্রঃ)। গোঁয়ার : রূক্ষস্বভাব।

খোড় [সং] বি, খঞ্জ ; খোঁড়া।

খোড়্‌ল [প্রাদে০] বি, বৃক্ষকোটর।

খোংবা [আ০-খুৎবাহ্‌] বি, ধর্ম্মের নামে বিজয় ঘোষণা বা মঙ্গল প্রার্থনা। শুক্রবারের নমাজ। "সে আপন পিতা হোসেনের নামে খো০ পাঠ করিল।" -ইসলামের জয় (কা০ রায়)।

খোদ [আ০-খুদ্‌] স্বয়ং ; নিজে, খাস। "জেব উন্নিশা মোগলরাজ্যে সর্ব্বে-সর্ব্বা খো০ ঔরঙ্গজেব তাঁহার আজ্ঞাকারী।" -রাজসিংহ (বঙ্কিম)। ~জিমি-বাস্তুভূমি।

খোদকস্তা [ফা০] বি, কুদকস্তা দ্রঃ।

খোদহাকিমী-বি, যার যে ক্ষমতা নাই তার সেই ক্ষমতা আপনাতে আরোপের চেষ্টাকরণ।

খোদা১ [আ০-খুদা-তাআলা (কোর-আনে উক্ত)] বি, ঈশ্বর। "চাপিআ উত্তম হয় ত্রিভুবনে লাগে ভয় খোদার বলিয়া এক নাম।"-শূ০ পু০। খোদার খাসী-খুব হৃষ্টপুষ্ট ব্যক্তি ; যার সংসারের কোন চিন্তা নাই এবং যে স্বচ্ছন্দে বিচরণ করে (ধর্ম্মের ষাঁড় দ্রঃ)। ২ স্থূল দেহ ব্যক্তির প্রতি বিদ্রূপোক্তি।

খোদা২ [সং-ক্ষুদ্‌ (সম্পেষণে) ধাতু > ফা০-কন্দহ্‌=উৎকীর্ণ engraved. ক্রি, অঙ্কিত করা ; মুদ্রিত করা। বি, ~ই খোদন মুদ্রাদিতে অঙ্কপাত। ২ কাষ্ঠাদিতে যন্ত্র নির্ম্মাণ। ৩ [খন্‌ ধাতু >] খনন করা।

খোদানি১ [খোদা দ্রঃ। ণিজন্তরূপ] ক্রি, অঙ্কিত করান ; কাষ্ঠাদি ফলকে অস্ত্রে কাটিয়া চিত্র বা অক্ষর গঠিত করান।

খোদানি২ [খন্‌ ধাতু >] ক্রি, খনন করান ; খোঁড়ান। "শীঘ্র কুণ্ডদ্বয় খোদাইল যত্নমতে শ্যামকুণ্ড বক্র যৈছে শুন সবিহিতে।" -ব্রজপরিক্রমা।

খোদাবন্দ [ফা০-খুদাবন্দ্‌] বি, মালিক ; প্রভু। ২ রাজা বা মান্য ব্যক্তিকে সম্বোধন করিবার শব্দ your lordship

খোনা [ক্ষত ঘোণা বা ক্ষুণ্ণ নাসিকা। তুল-খোণা=নাসিকা। 'ঘোণা নাসা চ নাসিকা।"-অমর০] বিণ, যে নাকে কথা বলে ; অনুনাসিক স্বরভাষী ; যার সকল কথাতেই চন্দ্রবিন্দু যুক্তের ন্যায় শুনায়। স্ত্রীং, খুনি।

খোন্তা-খনিত্র দ্রঃ।

খোন্দকার [খন্দকার >] বি, কৃষক চাষা।

খোন্দ্‌ল [খোঁড়ল দ্রঃ] বি, কোটর ; কোণ। "বরের খোন্দলে কায়কুল ভাবে মনে মনে।"-মৈ০ গী০।

খোপ [সং-ক্ষুপ > বা গহ্বর-খোবর -খোব-খোপ] বি, পাবাবতের ঘর, বিটঙ্ক ; খুপরি। "খোপের ভিতর পায়রা যেমন করতেছি বকবকম্‌।"-কড়ি ও কোমল। ২ ইষ্টকালয়াদিতে পাখী থাকিবার খোপর। "সালিখ লাখে লাখে খোপের মধ্যে থাকে।" -রবী০। ৩ ক্ষুদ্র কুঠরী। ৪ গৃহের পার্শ্বভাগ।

খোপরা [খর্পর >, হি০ খোপড়া (হি০ শ০ সা০)] বি, নারিকেলের শাঁস :

খোপা-খোঁপা দ্রঃ।

খোবর [গহ্বর >] বি, গর্ত্ত : গহ্বর। ২ দেয়ালের ফাটল। ৩ কোটর। ৪ ঝুপড়ি ; কুঁড়ে ; খুবরি।

খোবরাল [খোবর (গহ্বর, গর্ত্ত)-আল (বির্থে০)। প্রাদে০-কোপরালো] বিণ, গর্ত্তবিশিষ্ট : খোন্দল ; ক্রোড়িত concave [তুল-হি০-গহরিলা (গহ্বরাল)]।

খোবা [প্রাদে০ গ্রা০, প০ বঙ্গ] বি, গাছের ডাল ; সরু গুঁড়ি ই-র খুঁটি : কচা।

খোবানি [ফা০-খুবানি] বি সুস্বাদ ফলবিঃ।

খোয়ঁনু, খোয়ঁলু [ক্ষয় >। ব্রজ০] ক্রি, হারাইলাম। ২ ত্যাগ করিলাম। "খোয়নু এ তনুক আশা।"-বি০ প০।

খোয়া [ক্ষয় >] বিণ, অপব্যয়িত : নষ্ট ; হারাণ। ২ ইষ্টকাদির খণ্ড।

খোয়া, খোয়া ক্ষীর [হি০] বি, জমাট ক্ষীর। "কাশীতে খোয়া ক্ষীর বেশী হয়।"

খোয়া/ইনু, -য়নু -য়িলুঁ -ক্রি, ক্ষয় করিলাম। "দিবস লিখি নগর খোয়াইনু।" -বি০ প০। "আসিবার আশে লিখিনু দিবসে খোয়াইনু নখের ছন্দ।"-চণ্ডী০।

খোয়ানি, খুয়ানি [ক্ষয় >] ক্রি, হারাইয়া ফেলা ; নষ্ট করা ; ক্ষয় করা। বিণ খোয়ানিয়া, খোয়ানে-ক্ষয়কারী ; স্ত্রীং, খোয়ানী।

খোয়ার-বি, ক্ষতি অনিষ্ট। ২ অপমান। ৩ নিন্দা ; কুৎসা ; কলঙ্ক। ৪ ক্লেশ ; দুর্দ্দশা। "শতেক খোয়ারে মরবি।" ক্রি, ~করা। স্ত্রীং, ~ী। শতেক খোয়ারী-যৎপরোনাস্তি অপমানিতা ও দুর্দ্দশাগ্রস্তা ; সর্ব্বনাশী [দীনবন্ধু মিত্র]।

খোর [ফা০-খোর্‌=যে খায়] বিণ, যে খায় ; খাদক। প্র-নেশাখোর। ~পোষ [খোরাক পোষাক শব্দের সং০] বি, অশন-বসন ; অন্নবস্ত্র ; খোরাক পোষাক ; গ্রাসাচ্ছাদন।

খোর্‌ল [খোড়ল দ্রঃ] বি, কোটর (মৈ০ গী০)।

খোরযোলা-বি, ক্ষুদ্রজাতীয় মৎস্য-বিঃ। "দেখ জলে দলে দলে মাছে করে খেলা। * * * বাণ বুয়াল আর পাঙ্গা বাটা খয়রা খো০॥"-মতিরায় (বাং-গান)।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীনযুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্য ঞ্চ=ন্‌চ ষ্ট=ষ্‌ট হ্ন=হ্‌ হ্ল হ্ল হ্ব হ্ন=ন্‌হ হৃ লৃ ভ্‌ ঝ্য, জ্‌ ফ্‌ ব্‌ ভ্‌-zfwv ও চ্চা০ দ্রঃ

খোরা-বি, বড় বাটী ; পাত্রবিঃ ; মৃত্তিকা বা প্রস্তর-নির্ম্মিত পাত্রবিঃ।

খোরা/ক [ফাং-খুরাক্] বি, খাদ্য-দ্রব্য। ২ আহার। "সপ্তাহ খোং দিল সকলেরে বাঁচাইল।"-অ মং। ~কি [ফা-খুরাকী] বি, খাদ্যদ্রব্যের মূল্য। ২ ভরণপোষণের ব্যয়। ~কী [খোরাক+ঈ (স্ত্র)] বিণ, খোরাক আছে যার অর্থাৎ ভূরিভোজক ; যে প্রচুর আহার করিতে পারে ; যার প্রচুর ভোজন-শক্তি আছে।

খোরাসা/নী-বিণ, খোরাসান দেশের লোক বা দেশজ বা দেশীয়।

খোরি, খোলি [হিং-খুল্না। খোরি= খোলি ব্রজং] ক্রি, খুলিয়া ; আবরণ উন্মোচন করিয়া। "আলিঙ্গনে নীবিবন্ধ বিনি খোবি।"-বিং পং। "খোলি বয়ান যব চুম্বই মুখে।"-ঐ।

খোল [খোড় দ্রঃ। ড=ল] বিণ, খঞ্জ ; খোঁড়া ; যারা দুই পা সমান ভর করিয়া চলিতে পারে না। বি, একপ্রকার আনদ্ধ যন্ত্র, ইহা প্রায়ই মৃত্তিকা দ্বারা নির্ম্মিত ; হরিসংকীর্ত্তনাদিতে এই যন্ত্র ব্যবহৃত হয় ; মৃদঙ্গ। ২ আবরণ ; ওয়াড়। ৩ যে কাপড়ের ভিতর তুলা ভরিয়া বালিশ হয়। ৪ খলি ; তৈলপিণ্ডিকা ; তৈলমল ; সরিষা বা রেড়ীর খোল। ৫ খন্দ ; গর্ত্ত। প্র-চোখ খোলে বসে গেছে। ৬ বস্ত্রাদির জমি ; সূত্রের সূক্ষ্মতা ও স্থূলতার তারতম্য এবং তরল বা ঘন বয়ন জনিত বস্ত্রের বিশেষত্ব। ৭ [প্রাদেং-বরিশাল] সুপারী গাছের পাতার যে প্রশস্ত অংশ বৃক্ষের সহিত সম্বদ্ধ থাকে। ৮ কলা-গাছের পাতার নীচের ভাগ যদ্দারা ঐ গাছ গুলি আবৃত থাকে ; খোলা ; বাক্লা ; ভেলা। "সম্মুখে কলার খোলে কাকে ভাত খায়।"-ফুলরেণু। ৯ [মৈমনং প্রাদেং] বাইদ ; নিম্নভূমি low lands. ১০ বিণ, নিম্ন জলাভূমিবিশিষ্ট।

খোলক [খোল+ক (জ্ঞাং)] বি, পাগড়ী। ২ টোপর। ৩ সর্ব্বাঙ্গের আবরক বস্ত্রবিঃ। ৪ পাত্র ; হাঁড়ী। ৫ অভ্যন্তর। ৬ মৃদঙ্গ। ৭ সুপারির খোসা। ৮ বল্মীক। ~ী [প্রাণিবিদ্যা পরিঃ] বি, খোলধারী প্রাণিবর্গ ; বর্ম্মধর crustacea.

খোলতা [হিং] বিণ, ভাস্বর ; প্রভান্বিত ; উজ্জ্বল। বি, ~ই।

খোলস [খলিত কোশ >, (দ্বিঠাং)] বি, সর্পের ত্বক্ ; কঞ্চুক। ২ আবরণ ; আচ্ছাদন। "স্কন্ধে ঝুলে পড়ে আছে শুধু পৈতেখানা তেজহীন ব্রহ্মণ্যের নির্বিষ খোং।"-রাজা ও রাণী। "রাখ রাগ তুলে ঢাকাই গাড়ীটি সাপের খোং তার।" -অশোকং।

খোলসা-বি, পরিষ্কার ; চকসা। ২ অব্যাহতি ; মুক্তি। বিণ, মুক্ত ; জড়তাশূন্য। ৩ মেঘমুক্ত। ৪ সরল ; অকপট। ৫ খালি ; শূন্য ; আজাড়। ৬ খোলা। "দরওয়াজা খোং পাইয়া।"-নায়ক, ১৩২৬। ৭ তাৎপর্য্য। ৮ সংক্ষেপ ; সারসংগ্রহ।

খোলা১ [খর্পর >] বি, খাপ্রা। ২ খোসা ; ফলাদির ত্বক্। ৩ পাক করিবার পাত্রবিঃ। ৪ চাউল, খই ইং ভাজিবার পাত্র ; ভাজ্না খোলা। "অগ্নিময় তপ্তখোলা তপ্ত বালু তায়।"-ফুলরেণু। "খোলায় পিটুলি দেন হয়ে অতি শুচি।"-ঈং গুপ্ত। ৫ খর্পর ; ভিক্ষাপাত্র। "প্রথমত প্রীত করি খোং দিব হাতে। সেঁচাইব জল মাছ বংহাইব মাথে॥" -শিং। ৬ ক্ষেত ; কর্ষণভূমি ; জমি। "ও পারেতে ধানের খোং এ পারেতে হাট।" -রবীং। ৭ উন্মোচন ; ৮ বিণ, অনাবৃত ; উন্মুক্ত ; অবদ্ধ। উদার ; সরল ; অকপট। ৯ ক্রি, উন্মুক্ত করা ; অনাবৃত করা ; অবদ্ধ করা। ~কাটা-শ্রাদ্ধের জন্য কলাগাছের খোলা কাটা। ২ গালি। ~ভাঁটী-মদ-চুয়াইবার কারখানা ; যা কোন আইন-কানুনে বদ্ধ নহে। ইটখোলা-পাঁজা পোড়াইবার স্থান।

খোলা২ [খুলা দ্রঃ] ক্রি, উন্মুক্ত করা। প্র-দ্বার খোলা। দোকান খোলা-দোকান ক্রয় বিক্রয় আরম্ভ করা। ২ [পরার বিপরীত] ত্যাগ করা। প্র-জুতা খোলা, জামা খোলা। ৩ নঙ্গর উঠান ; ছাড়া, যাত্রা করা। "জাহাজ খোং"। ৪ প্রবর্ত্তন করা ; প্রতিষ্ঠা করা। ৫ সরল বা অকপটভাবে বলা। ৬ বলা। "মুখ খোং"। খোং হাঁড়ী-বি, পাকপাত্র বিঃ ; যে পাত্রে খৈ, মুড়ি ইং ভাজা হয় ; ভাজনা খোলা।

খোলাকুচি, খোলামকুচি-বি, খর্পর বা খোলার টুকরা। ২ অকিঞ্চিৎকর পদার্থ ; যার কোন মূল্য নাই ; অপদার্থ। "বুক ভাঙ্গা হেলে শাখা খোং হয়।"-শি।

খোলাখুলি [হিং-খুল্লমখুল্লা] বি, পরস্পরের প্রতি পরস্পরের অকপট ভাব ; সরল ব্যবহার ; কোন বিষয় গোপন না রাখা।

খোলাসা [আং-খুলাসা] বি, চুম্বক ; সার। ২ মুক্ত ; খালি। ৩ সরল। ৪ সুস্পষ্ট। ৫ পরিষ্কার ; চকসা।

খোলে [হিং-খোলনা ; খুলা দ্রঃ] ক্রি, অনাবৃত করে ; উন্মুক্ত করে। "খোলেনি কখন সেই রুদ্ধদ্বার এই দ্বাদশ বৎসর।" -কুরুক্ষেত্র (নবীনং)।

খোলো [খল্ >। খল+উয়া=খলুয়া-ক্ষেং] বিণ, খল ; হিংসক। ২ গর্ত্ত করা ; কোটরে প্রবিষ্ট। ৩ ক্রি, অনাবৃত কর, মুক্ত কর। "খোল খোল দ্বার খোল শীঘ্র-গতি।"-হেমং।

খোল্লো, খোলো [খোল দ্রঃ] বিণ, খোলের ভিতর বসা ; কোটরে প্রবিষ্ট। "চক্ষু দুটি যেমন ছোট তেমনি খোল্লো।"-নবীন তপস্বিনী।

খোশ, খোস-খুশ্ দ্রঃ। ~খত, -খৎ ~নবীশ, -নাম, -মেজাজ, -খুসখত, -খুশনবীস, -নাম-মিজাজ দ্রঃ।

খোস১ [খস দ্রঃ] বি, পাঁচড়া।

খোস২-খুশ, খোশ দ্রঃ। খোসরেজা-ইচ্ছায় voluntarily. ~কবালা [ফাং-খুশ্+আং-কবালা] বি, স্বেচ্ছাকৃত দান-বিক্রয়পত্র ; যে দলিল বা প্রমাণ-পত্র দ্বারা বিনা কড়ারে (unconditional) চিরকালের জন্য স্বত্ব স্ব-ইচ্ছায় হস্তান্তরিত হয়। ~খবর [ফাং-খুশ্খবর্] বি, সুসংবাদ। ২ আনন্দের সংবাদ। ~খেয়াল [ফাং-খুশ্খয়াল] বি, খামখেয়াল ; মর্জ্জি। "ছোকরার দলের খোস-খেয়ালের উপর আমাদের জানমাল নির্ভর করবে।"-নায়ক, ১৩২৬। ~খোরাক [ফাং] বি, উত্তম ভোজন ; সৌখীন

আহাব। ~খোরাকী-বি. ভোজন-বিলাসী। ২ উত্তম আহারে অভ্যস্ত। ~গল্প [ফা৹-খুশ্ গপ্] বি, আমোদজনক কথোপকথন। ~ড়া-পসড়া দ্রঃ। ~পোষাক [ফা৹] বি. সুন্দর ও উত্তম পবিচ্ছদ। ~পোষাকী [ফা৹] বিণ. যে সুন্দর সুন্দর ও উৎকৃষ্ট পোষাক পবিধান করে। ২ যাব ভাল ভাল পরিচ্ছদ ব্যবহার করিবার সখ বা ঝোঁক আছে। ~বয়, বাই, বায় [আ৹-খুশ্বু] বি, সুগন্ধ। মেজাজ-খুস-মিজাজ দ্রঃ।

খোসলা, খোসালা [হিং-খেস-খেস্ড়া। ড=ল] বি. কম্বলাদি উর্ণাবস্ত্র: শরীরের পাতিবার ও গায়ে দিবার বস্ত্র। "হরিণ বদলে পাইনু পুরাণ খোসলা। উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধূলা॥"-কবিক৹। ২ [প্রাদে৹] তিল।

খোসা [কোষ > । ফা৹-খোসা] বি. ফলাদির ত্বক্: ছাল: খোলা। ২ বিণ. শ্মশ্রু-গুম্ফহীন ব্যক্তি।

খোসা/মদ, ~মোদ, ~মুদ [ফা৹-খুশ্আমদ] বি. চাটুক্তি; স্তুতি। ~মদিয়া, ~মুদে [ফা৹-খুশামদ্+হি-ইয়া, ঈ] বিণ. চাটুকার; স্তাবক। ~মদি, ~মুদি [ফা৹] বি, স্তুতি, চাটুক্তি। ক্রি. খো৹ ~করা-চাটুবৃত্তি অবলম্বন করা; তোষামোদ করা।

খোসাল [ফা৹-খোশাল] বিণ. খুশী. আনন্দিত; তুষ্ট। "মদ দেখে বীর কাল পরম খো৹।"-ঘ৹।

খ্যাঁক্-বি. শৃগাল কুকুরাদির গলশব্দ। ২ কর্কশ স্বরে-তাড়নার শব্দ। ~খ্যাঁক-বি. বারংবার ঐরূপ শব্দ করা: ধমকানি। ~ম্যাক-বি.কর্কশশব্দে ক্রোধ বা অসন্তোষ-প্রকাশ। ২ গণ্ডগোল।

খ্যাঁচখেঁচি, খ্যাঁচাখেচি-বি. সর্ব্বদা বকাবকি; ক্রমাগত কলহ করা।

খ্যাঁচ্ম্যাচ্-বি. সর্ব্বদা বিবক্তি জনক তাগাদা।

খ্যাঁট-খেট দ্রঃ। ~খাওয়া-মারা।

খ্যাঁৎ খ্যাঁৎ [ক্ষুৎ (হাঁচি) অনবরত হাঁচি সর্দ্দি ও স্বরভাবের লক্ষণ। তা হতে, ক্ষুৎ ক্ষুৎ প্রা৹-খ্যাঁৎ খ্যাঁৎ। মনে না ধরিলে বা কোন কিছু মনের মত না হইলে মন খুঁত খুঁত করে। এই খুঁৎ খুঁতের বাহ্য প্রকাশ খ্যাঁৎ খ্যাঁৎ] শিশুদিগের শরীর অসুস্থ হইলে সামান্য কারণে এবং অকারণে তারা অসন্তোষ প্রকাশসূচক ক্রন্দন করে বা বায়না ধরে। সে ক্রন্দনের ধ্বনি অনেকটা এইরূপ। বিণ. খ্যাঁৎ খেঁতে।

খ্যাত [খ্যা (বলা)+ত (র্ম্ম)] বিণ. উক্ত; কথিত। ২ প্রসিদ্ধ: বিশ্রুত: বিখ্যাত। বি. খ্যাতি। ~নামা-বিণ. স্বনামপ্রসিদ্ধ: প্রখ্যাত।

খ্যাতব্য-বিণ. খ্যাতির উপযুক্ত।

খ্যাত্যাপন্ন-বিণ. প্রখ্যাত, বিখ্যাত; প্রসিদ্ধ।

খ্যাতি [খ্যাত দ্রঃ+তি (ভা৹)। প্রা৹-বাং প্রাকৃ৹ খিআতি, খিয়াতি, প্রা৹ খেয়াতি রাখিল খিআতি-শূ৹ পু৹। "রাম অবতারে তুমি রাখিলে খিয়াতি।"-ধ৹ ম৹ (মাণিক)] বি, সুনাম: যশ। ২ প্রতিপত্তি। ৩ প্রসিদ্ধি। ৪ ঘোষণা: প্রচার। ৫ কথন। ৬ জ্ঞান [বিরল] বিণ, খ্যাত। ~কর-বিণ, প্রসিদ্ধি জনক।~প্রতিপত্তি-বি. যশ > প্রতাপ: সুনাম ও প্রভাব।

খ্যান্/খ্যান্-খ্যাংখ্যাং দ্রঃ। বিণ. ~খেনে।

খ্যাপ/ক [খ্যা (বলা)+ণিচ্=খ্যাপি-প আগম=বলান+অক (র্ত্তৃ)] বিণ, প্রচারক; ঘোষক। ২ কীর্ত্তনকারী। বি, খ্যাপন। ~ন [খ্যাপক দ্রঃ। খ্যাপি+অন ভা৹] বি ঘোষণা: প্রচার। ২ কীর্ত্তন। ৩ কথন। > স্ত্রীং ~না।

খ্যাপলা-বি, যে জাল গুটাইয়া ধরিয়া কৌশলে মাথায় উপর দিয়া দুই হাতে ঘুরাইয়া পুকুর বা অন্য জলাশয়ে নিক্ষেপ করিয়া মাছ ধরা হয়।

খ্রিষ্ট, খ্রীষ্ট [খৃষ্ট দ্রঃ বাং-ঋ খ্, খ্রি, খ্রী চ৹ অবু৹ খ প্রাধান্য লাভ করিতেছে] বি, যীশু-খৃষ্ট Christ

খ্রিষ্টাব্দ, খ্রীষ্টাব্দ-খৃষ্টাব্দ দ্রঃ।

খ্রীষ্টান [খৃষ্টান দ্রঃ] বিণ, খৃষ্ট-ধর্ম্ম-সম্প্রদায়-ভুক্ত christian. খ্রীষ্টানি,-নী -বি, খৃষ্টধর্ম্ম christianity.

খ্রীষ্টাব্দ-বি, যিশুখ্রীষ্টের জন্ম-তারিখ হতে গণিত বৎসর A. D. (=বাং সন ৫৯৩-৪)।

খ্রীষ্টপূর্ব্বাব্দ-বি, যীশুখ্রীষ্টের জন্ম-তারিখের পূর্ব্ববর্ত্তী বৎসর B. C.

খ্রীষ্টীয়-বিণ.যীশুখ্রীষ্ট-সম্বন্ধীয়। ২ খ্রীষ্টধর্ম্ম-সম্বন্ধীয়; ঐ ধর্ম্মের।

গ

গ-ব্যঞ্জনবর্ণমালার ও ক-বর্গের তৃতীয়, অল্পপ্রাণ, ঘোষ বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণস্থান বলিয়া ইহাকে জিহ্বামূলীয় বর্ণ বলে। সাধাঃ গ ধ্বনি গাম্ভীর্য্য, ভাবের গুরুত্ব ও গতির গর্ব্বিতভঙ্গীভেদার্থে প্রযুক্ত হয়। ইহা প্রধানতঃ কবর্গীয় বর্ণযোগে অব্যক্ত কণ্ঠস্বরের উগ্রতা বা উচ্চতা, চবর্গীয় বর্ণযোগে ঘনত্ব, টবর্গীয় বর্ণযোগে কাঠিন্য, তবর্গীয় বর্ণযোগে কোমলতা বা কোমলবস্তুর সংস্পর্শ, পবর্গীয় বর্ণযোগে তরল পদার্থে ঘটাদি ভরণশব্দ, র যোগে ঘর্ষণধ্বনি, ল যোগে তারল্য, উষ্মবর্ণ-যোগে উষ্মার প্রকোপ এবং অনুনাসিক বর্ণ-যোগে অগ্নিজ্বলন গুরুভারপতনাদির শব্দ-গাম্ভীর্য্য প্রকাশ করে। যথা-গকগক, গাঁক-গাঁক, গজগজ, গিজগিজ, গটগট, গদগদ, গপ্-গপ্, গবগব, গরগর্, গলগল, গস্গস্, গনগন্, গমগম ই৹। চট্টল, মৈমনসিং,ঢাকা ই৹ অঞ্চলে কথ্য ভাষায় প্রায়ই ক, খ স্থলে 'গ' উচ্চারিত

হয়। যথা–খান=গান। চাবিখান=চাইর গান। এক=এগ।

গ২ [গো দ্রঃ] সম্বোধন-সূচক অব্যয়। "এহা দুখ বড়ায়ি গ সহিতে না পারি।"–শ্রী° কী°।

গ৩ [গৈ (গান করা) + অ (র্ত্তৃ)] বি, গন্ধর্ব্ব। ২ গীত। ৩ গণেশ। ৪ গুরু। ৫ [গৈ (শব্দ করা)–শব্দের আশ্রয় বলিয়া] আকাশ; গগন। ৬ স্বর্গ। ৭ সুমেরুপর্ব্বত। ৮ বিণ, গায়ক [একাক্ষরকোষে]।

গঅ [প্রা° বাং গ=অ, জ=অ] বি, গজ (দ্রঃ)। **গঅণ**–গগন। **গঅণন্ত**–গগনের শেষ। **গঅবর** [তুল–হিং গৈ–বর=গঅবর= গজবর ('নদী নদ মদ গৈবরনকে বলত হৈ।' –শিবাবারনী)] =গজশ্রেষ্ঠ (বৌ° গা ও দো° পৃঃ ৩০)।

গআ, গা [সং–গম্ (গমনে) > গমা > গআ পা (গতি অর্থে): প্রা° বাং-য়–গআ, গমা ই°। আধু° বাং-য় এই ধাতুজ–গেল, গেলি, গেলে, গেলাম, গিয়ে, গত, গলান (গয়ান)–রন্ধ্রাদি পথ দিয়া গমন করান বা যাওয়ান। হিং–গয়া, গয়ো, গয়্, গও, গয়ল, গই, গইলি ই° অতীতার্থে ব্যবহার আছে। বৈ° প° সা°–গেও, গেলি রূপই সাধাঃ দৃষ্ট হয়। আরও প্রা° বাং-য় গাঅ (যায়), গউ (গত, তুল হিং–গয়্), গই (গিয়া) ই°] ক্রি, গমন করা; যাওয়া। "স গাঅ", "গউ গিবাণে", "কা গই"।–বৌ° গা° ও দো°।

গইচ [প্রাদে° পূ° বং] বি, গর্ত্ত। "পন্থ থুইয়া কেন ভাইরে গইচে দেও পারা"(=পা)। –পূ° বং গী°।

গইড়, গোড় [হিং] বি, গোড়ালি। ২ পদ: চরণ। ৩ পদাঙ্ক। ৪ মত। প্র:–গোড়ে গোড় দেওয়া।

গইন [গহন > গমন >] বিণ, গভীর। "গ° গম্ভীরা নদী সাঁতার না জানি।"–মৈ° গী°।

গইন্দা–বি, গোয়েন্দা দ্রঃ।

গইবি, গয়বী, গৈবি [আ°–গায়েব্ >] বিণ, গুপ্ত। প্র–গৈবি খুন। ২ [শতরঞ্জ খেলায়] ছক না দেখিয়া দূর হতে চাল চালা সম্বন্ধীয়। প্র–গৈবি খেলা। ৩ দৈব। "গ° আদেশ গগ শুনিলা শ্রবণে।"–মৈ° গী°।

গইরা, গহিরা [প্রা°–গহির, হিং– গহিরা, গহরা, ভ=হ] বিণ, গভীর।

গইল [সং–গোশালা=গোআল; গোহাল– গবল] বি, গোশালা; গোগৃহ। **গইলে**– গোয়াল ঘরে। গৈলে দ্রঃ।

গঁএর, গঁয়ের [আ°–বলগম্। শব্দাত্মক, গাঢ় শ্লেষ্মা তুলিয়া ফেলিবার সময় যে শব্দ হয় তা হতে] বি, গাঢ় শ্লেষ্মা।

গঁওভঁর–গহ্বর দ্রঃ।

গঁদ১ [হিং–গোঁদ; ইং–gum arabic] বি, জিওল, বাবলা ই° বৃক্ষের নির্য্যাস; বাব্‌লা গাছের আটা। **~দানি** [হিং] যে কাচ পাত্রে গঁদ ভিজান থাকে। **~দেওয়া**–বিণ, গঁদের আঠা মাখান বা যুক্ত।

গঁদ২ [গন্ধ ভ্রং] বি, দূর সম্পর্ক; গঁদান দ্রঃ।

গঁদলা [হিং–গন্দ্‌লা > মাল্‌টা গুণ্ডলারে =to be duty I. M. L.] বিণ, পঙ্কিল; কর্দ্দমময়।

গঁদানি [গন্ধ + আন (ক্রিয়ার)] ক্রি, গন্ধ বিস্তার করা; গন্ধযুক্ত হওয়া। ২ [গন্ধ হতে সম্বন্ধ অর্থে] সম্বন্ধ পাতান; আত্মীয় স্বজনের বিবাহ, উত্তরাধিকার ই° ক্রম নির্দ্দেশ দ্বারা বা তার সূত্র ধরিয়া ঘনিষ্ঠতা বা আত্মীয়তা স্থাপন করা। **গঁদের গঁদ**–গন্ধের গন্ধ। সম্বন্ধের গন্ধমাত্র যার সহিত আছে, সে–গঁদ। গঁদের সহিত আবার দূর সম্পর্কিত যে সে– গঁদের গঁদ: সাক্ষাৎ সূত্রে যার সহিত সম্বন্ধ নাই; দূর কুটুম্বের দূর কুটুম্ব: অতিদূর সম্পর্কিত ব্যক্তি।

গঁকগঁক [অনু°। আধিক্যার্থে গাঁক্‌গাঁক্] অ, উচ্চকণ্ঠশব্দ: বৃষ, ভল্লুক ই°–র ডাক।

গকার–বি, গ এই অক্ষর।

গগ [(গলশব্দ) + গ (ব্যাপ্তি অর্থে)] অ, বহু লোকের উচ্চ গলশব্দ। ২ গগানি; রুদ্ধ-প্রায় গলশব্দ। **~করিয়া ধরা**–চতুর্দ্দিক্ হতে আসিয়া উচ্চকণ্ঠে তিরস্কার বা প্রতিবাদ করিতে করিতে ঘিরিয়া ফেলা।

গগন [গম্ (গমন করা) + অন (র্ত্তৃ) ম=গ। সর্ব্বত্র যার গতি, যে বিশ্ব ব্যাপিয়া আছে] বি, আকাশ। "গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে।"–স্ক° [দ্রঃ–অলঙ্কার শা°–হৃদয়, মন, চিত্ত, ভাগ্য অদৃষ্ট ই° শব্দ গগনার্থে প্রযুক্ত হয়। "তুমি প্রকাশিত হলে, মোহ আঁধার যায় চলে, হৃদয়গগনমণ্ডলে, হয় দিব্য জ্ঞান-চন্দ্রোদয়।"–স্ক°। "সে দেশের রাজনৈতিক গ° তমসাবৃত না হইয়াই পারে না।"–ব° বাণী, ১৩১৩। **~ক** (-ন-) [গগন + ক (হিং–৬ষ্ঠী বিভক্তি চিহ্ন) প্রা° বাং] বি, আকাশের। "গগনক চাঁদ হাতে ধবি দেয়লু।"–জ্ঞান°। **~গতি** [গগনে (আকাশে) গতি (গমন) যার–বহু°] বি, গ্রহ উপগ্রহাদি। ২ দেবতা। ৩ খেচর; পক্ষী। ৪ বিণ, গগনবিহারী: আকাশগামী। **~চর, -চারী** [গগনে (আকাশে) চর (বিচরণ করে) চর (গমন করা) + অ (র্ত্তৃ)] যে আকাশে গমনাগমন করে; বিহঙ্গম। ২ সূর্য্যাদি গ্রহ উপগ্রহ। ৩ দেবতা। ৪ বিণ, খেচর; শূন্যগামী: আকাশগামী। **~চুম্বিত, ~চুম্বি** [গগন-চুম্ব + ইত, ইন, মূ–চুম্বিন্ :মা :ব°। যে চুম্বন করে–স্পর্শ করে] আকাশস্পর্শী; অতি উচ্চ। **~তল**–বি, আকাশপট। ২ আকাশের তলদেশ অর্থাৎ ধরাতল। **~ধ্বজ** [গগনের (আকাশের) ধ্বজ (পতাকা)–৬ তৎ] বি, সূর্য্য ২ মেঘ। **~পট**–বি, আকাশ। **~পথ**–বি, শূন্যমার্গ; আকাশপথ (দ্রঃ)। **~প্রান্ত**–বি, দিগন্ত; দিক্‌চক্রবাল। **~ভ্রষ্ট**–বি, আকাশ হতে পতিত। **~বিহারী**–বিণ, গগন-চারী, খেচর। **~মণ্ডল** [গগনের (আকাশের) মণ্ডল (পরিধি) কিংবা গগনরূপ মণ্ডল (বিভাগ-স্থান) –ধা] বি, নভোমণ্ডল; মণ্ডলাকার আকাশ। **~স্পর্শী**–বিণ, আকাশস্পর্শকারী: আকাশচুম্বী; অত্যুচ্চ।

গগনাঙ্গন [গগন (আকাশ) অঙ্গন (উঠান স্বরূপ)–ধা] গগনতল: নভঃস্থল। **~া** [গগন-বিহারিণী যে অঙ্গনা–ম°প°লো°] বি, কাম-গামিনী দিব্যাঙ্গনা; অপ্সরা; সুরনায়িকা।

গগনাম্বু [গগনের–অম্বু (জল)–৬ তৎ] বি, আকাশ হতে পতিত জল; মেঘনিঃসৃত জল; বৃষ্টিজল।

গগনেচর [গগনে (আকাশে) চর (যে

বিচরণ করে) অলুক্‌-৭মী তৎ] বি. সূর্য্যাদি গ্রহ নক্ষত্র। ২ রাশিচক্র। ৩ দেবতা ও দেবযোনি সকল। ৪ পক্ষী।

গগঁনোল্মুক [গগনে (আকাশে) উল্মুক (জ্বলন্ত অঙ্গারস্বরূপ), ৭তৎ] বি. মঙ্গলগ্রহ।

গঁগানি১ [অনু· প্রাদে· গ্রা· গ্যাঙানো] ক্রি, শিশুর ক্রন্দনশব্দ : ক্রন্দন করিতে করিতে যেন দম বন্ধ হইবার উপক্রম হইতেছে একরূপ ভাবের ক্রন্দন শব্দ। ২ মুমূর্ষু ব্যক্তির যন্ত্রণাব্যঞ্জক গলশব্দ।

গঁগানি২ [গগ (দ্রঃ) + আন (ক্রিয়া বিভক্তি)। গগাই, গগাও, গগায়, গগাইতে গগাইয়া (গ্রা· প্রশিবো)] ক্রি, গগ শব্দ করা। ২ শারীরিক যন্ত্রণাপ্রকাশক শব্দ করা ; কাতরতা প্রকাশ করা। ৩ শিশুদিগের রুদ্ধশ্বাসে উচ্চ ক্রন্দন করা : রুদ্ধ গলায় ককান। বি গঁগানি। বিণ, গঁগানিয়া, গঁগানে।

গঁঙ্গ [ব্রজ·] বি. গঙ্গা। "যামুনে মিলল গঙ্গ তরঙ্গ।"-বি· প·।

গঁঙ্গকা, গঁঙ্গিকা-বি. গঙ্গা।

গাঙ্গজঁ-বিণ, গঙ্গাজাত ; গঙ্গা হতে উৎপন্ন : যা গঙ্গায় জন্মে।

গঁঙ্গা [গম্ (গমন করা) + অ (র্তৃ), ম্ লোপ=গ, গাং (পৃথিবী অভিমুখে), গ (যে গমন করে) নিপাতনে-আ লোপ, আ(স্ত্রীং)। যিনি ব্রহ্মলোক হতে পৃথিবীতে গমন করিয়াছেন] বি, ভগীরথানীত জলপ্রবাহ, ভাগীরথী, গঙ্গা নদী। এই নদী হিমালয়স্থ গঢ়বাল প্রদেশে উত্থিত ও বহু নদীর সহিত মিলিত হইয়া আর্য্যাবর্ত্তের মধ্য দিয়া আসিয়া বঙ্গোপসাগরে পতিত হইতেছে। ২[প্রসিদ্ধি হেতু] নদী ; গাঙ দ্রঃ। ৩ গঙ্গার অধিষ্ঠাত্রী দেবী ; ভীষ্ম-জননী। ৪ [গঙ্গার ন্যায় বিশাল ও গভীর-বিদ্রূপে] অজ্ঞ ; আনাড়ী। এই অর্থে মা গঙ্গা' ও ব্যবহৃত হয়। প্র-তাঁর বিদ্যার কথায় আর কাজ কি। তিনি বিজ্ঞানে একেবারে 'মা গঙ্গা'। ~**কোটি** [গঙ্গা (গঙ্গাস্নান) + কোটি (শতলক্ষ বার)] বি, কোটি বার গঙ্গাস্নান। "এই দেখ কোটি তীর্থ পরম মঙ্গল। এথা স্নানমাত্রে মিলে গঙ্গাকোটিফল॥" -ব্রজপরিক্রমা। ~**গঁর্ভ** -বি, গঙ্গার তলদেশ বা অভ্যন্তর। ২ তীর। প্র-গঙ্গাগর্ভে বাস। ~**চিল, ~চিল্লী**-বি, গাংচিল দ্রঃ। ~**জঁল** [গঙ্গা (নদী) তার জল, ৬তৎ] বি, গঙ্গানদীর জল। "স্বর্ণথালে গঙ্গাজলে শঙ্খ তুলে থুয়ে। গাছি গাছি গুছাইল চক্ষে চক্ষে থুয়ে॥"-শি। ২ স্ত্রীলোকের সই সাঙ্গাতি পাতাইবার নাম। "মকর গঙ্গাজল।"-বঙ্কিম· ৩ [বীরভূম প্রাদে·] বন্ধু friends "দু পুরুষ গ· ছিল।" ৪ স্নিগ্ধ ; নম্র ; বিগলিত। "বুঝাইয়া বলিতে সেই উগ্রচণ্ডা মূর্ত্তি একেবারে গ· হয়ে গেল।" ~**জঁল স্পর্শ কঁরা**-গঙ্গার পবিত্র জল স্পর্শ করিয়া শপথ করা। ২ মাথায় বা বস্ত্রাদিতে গঙ্গাজল ছড়া দিয়া অস্পৃশ্য দ্রব্য স্পর্শজনিত দোষ ক্ষালন করা। ৩ রাজা প্রতাপাদিত্যের খুল্লতাত বিক্রমাদিত্যের খড়্গের নাম। ~**জঁলি** [গঙ্গা -জল + ই(সম্বন্ধে) প্রাদে·] বি অঞ্জলি। ২ মুমূর্ষুর মুখে গঙ্গাজল দান। ৩ গঙ্গাজল স্পর্শ দ্বারা শপথ। ~**জঁলিয়া, ~জঁলে** [গঙ্গাজল + ইআ (তদ্বর্ণ এই বিশে·)] বিণ, গঙ্গাজলের বর্ণবৎ বা বর্ণবিশিষ্ট। "গঙ্গাজলে শাল।" ~**তঁরঁঙ্গ** [গঙ্গার তরঙ্গ, ৬তৎ] বি, গঙ্গার ঢেউ। ~**তীর** [গঙ্গার তীর (পুলিন), ৬তৎ] বি, গঙ্গানদীর তীরভূমি। ২ নারায়ণক্ষেত্র। ~**দঁত্ত**-বিণ, গঙ্গার দেওয়া। ২ বি, ভীষ্ম। ~-**দিকে পা, ~বাগে পা**-মরণের পথে অগ্রসর ; বার্দ্ধক্য ; শেষ দশা। ~**দ্বার** [গঙ্গার দ্বার (প্রবেশ পথ), ৬তৎ] বি, হরিদ্বার (গঙ্গা এই স্থান হতেই ভারতবর্ষে প্রবেশ করে এই প্রসিদ্ধি >) এখানে দক্ষযজ্ঞ হইয়াছিল। ইহার নামান্তর মোক্ষদ্বার ; মায়া-পুরী। ~**ধঁর** [গঙ্গা-ধর (ধৃ-ধারণ করা) + অ (র্তৃ)-যিনি জলময়ী গঙ্গাকে শিরে ধারণ করিয়াছেন] বি, শিব। ২ [নদী মাত্রকেই গঙ্গা বলে ও প্রায় সকল নদীই সমুদ্রে পতিত হইতেছে তা হতে] সমুদ্র। ৩ স্বনামখ্যাত আলঙ্কারিক। (২) স্বনামখ্যাত দর্শনের টীকাকার। (৩) স্বনাম-খ্যাত বাঙ্গালী কবিরাজ। ~**ধঁর চূর্ণ**-বি, অতিসার-নাশক চূর্ণ ঔষধবিঃ। ~-**নারায়ঁণ -ব্রহ্ম বঁল**-মৃত্যুকালে গঙ্গা নারায়ণ ও ব্রহ্ম এই তিন নাম উচ্চারণ, শ্রবণ ও স্মরণ করা। ~**পুত্র** [গঙ্গার পুত্র, ৬তৎ] বি, ভীষ্ম ইং অষ্টবসু। ২ শবদাহকারী জাতিবিঃ ; মুদ্দফরাস। ৩ কাশীর একশ্রেণীর ব্রাহ্মণ। ~**প্রবাহঁ**-বি, গঙ্গা নদীর স্রোত। ~**প্রাপ্তি** [গঙ্গাকে প্রাপ্তি (লাভ), ২তৎ। গঙ্গার গর্ভে জ্ঞানপূর্ব্বক প্রাণত্যাগ করা, মুমূর্ষুর অন্তর্জলি করা এবং গঙ্গা-তীরে শবদাহ করিয়া দেহাবশেষ গঙ্গাগর্ভে নিক্ষেপ করার প্রথা হতে] বি, মৃত্যু। বিণ, গঁঙ্গাপ্রাপ্ত-মৃত। ~**ফঁড়িঙ্গ, ফঁড়িং**-বি, ঘাসের বর্ণ পতঙ্গবিঃ; ইহারা ঘাসের উপর লাফাইয়া যায় grasshopper. ~**বঁতার** [গঙ্গার অবতার (অবতরণ-স্থান), ৬তৎ] বি, গঙ্গা পৃথিবীতে যে স্থানে অবতরণ করিয়াছেন; হরিদ্বার। ২ [গঙ্গার অবতার (অবতরণ), ৬তৎ] ব্রহ্মলোক হতে গঙ্গার অবতরণ ; পৃথিবীতে আগমন। ~-**গঁঙ্গা, ~গঁঙ্গা বঁলঁ**-ক্রি, অশ্রাব্য বা অসাধু কথা শ্রবণে যে পাপ-স্পর্শের সম্ভাবনা তা হতে উদ্ধারের জন্য 'দুর্গা বল' 'নারায়ণ' 'শ্রীবিষ্ণু' 'রাম বল' 'মহাভারত' ইং উক্তির তুল্য 'গঙ্গা' নামোচ্চারণ। ~**বাসী** [সং-গঙ্গাবাসিন্ ১মা, ১বং] বি, যে ব্যক্তি গঙ্গার ধারে বাস করে। ২ বিণ, গঙ্গাতীরে বাসকারী ; গঙ্গা-তীরস্থ। ~**মাটি, ~মৃত্তিকা**-বি, গঙ্গানদী গর্ভস্থ বা তলদেশের মাটি। ~**মাহাত্ম্য**-বি, গঙ্গার মহিমা : গঙ্গা-স্নান, গঙ্গাজল স্পর্শ, গঙ্গা দর্শন, গঙ্গানাম উচ্চারণ, গঙ্গা স্মরণ ইং-তে যে ফল হয় তার কীর্ত্তন। ~**যঁমুনা**-বি, গঙ্গার শুভ্র ও যমুনার কালো জলের মিশ্রণ। তা হতে দুই বিভিন্ন বর্ণের সংযোগজাত মিশ্র-বর্ণ। ~**যঁমুনা ঘটী বা ঘঁড়া**-বি, কিয়দংশ তামা ও কিয়দংশ পিতলের ঘটী বা ঘড়া। ~**যঁমুনা চুড়ী**-বি, স্বর্ণ ও রৌপ্যময় চুড়ী। ~**যঁমুনা শাল**-বি, গঙ্গাজলের বর্ণ সহ কাল বা অন্য বর্ণ মিশ্রিত শাল। ~**যাত্রা** [গঙ্গাতে যাত্রা, ৭তৎ] বি, মুমূর্ষুর গঙ্গা-লাভের জন্য যাত্রা ; গঙ্গাতীরে প্রাণত্যাগে স্বর্গলাভার্থ গমন। ~**যাত্রা কঁরানো**-ক্রি, মুমূর্ষুকে গঙ্গায় লইয়া যাওয়া।

~যাত্রিক [গঙ্গা-যাত্রা+ইক (র্ত্তৃ)] বিণ, যারা যোগাদি উপলক্ষে গঙ্গাস্নানার্থ যাত্রা করে। ২ যে রোগী অন্তর্জলি করাইবার উপযুক্ত। ~যাত্রী-বি, গঙ্গাস্নানের যাত্রী। ২ আসন্ন মৃত্যুকালে হিন্দুশাস্ত্রবিহিত শ্মশান-বাসকারী। ৩ গঙ্গার উদ্দেশ্যে শববহনকারী ও মৃতসৎকারকারী। ~লহরী [গঙ্গার লহরী (তরঙ্গ), ৬তৎ] বি, গঙ্গোর্মি, গঙ্গার তরঙ্গ। ২ জগন্নাথ মিশ্র-প্রণীত গঙ্গার স্তোত্র। ~লাভ [গঙ্গাকে লাভ, ২য়া তৎ] বি, গঙ্গাপ্রাপ্তি; গঙ্গাতীরে মৃত্যু। ~সাগর [গঙ্গার সহিত মিলিত যে সাগর, ম প০ লো০। সাগরের যে স্থানে গঙ্গা আসিয়া মিলিত।] বি, সাগরসঙ্গম স্থান, ইহা একটী প্রসিদ্ধ তীর্থ। ২ [লক্ষ০] বড়দর। ~সুত [গঙ্গার সুত (পুত্র), ৬তৎ] বি, ভীষ্ম। ২ কার্তিকেয়। ~স্নান [প্রা গঙ্গাচ্চান] বি, গঙ্গার জলে অবগাহন। ~স্রোতোন্যায়-বি, গঙ্গার স্রোত যেমন ক্রমাগত বহিতেছে তদ্রূপ।

গঙ্গী [গঙ্গা+ঈ (ক্ষুদ্রার্থে)। পুং০বঃ গীঃ] বি, গাঙ্গ, নদী।

গঙ্গোত্রী-বি, হিমালয়স্থ গঢ়বাল প্রদেশের যে স্থান হতে গঙ্গা অবতরণ করিয়াছে। এই স্থান পবিত্র তীর্থ বলিয়া প্রসিদ্ধ।

গঙ্গোদক [গঙ্গা+উদক] বি, গঙ্গাজল।

গঙ্গোদ্ভেদ [গঙ্গার উদ্ভেদ (প্রথম প্রকাশ) হইয়াছে যে স্থান হতে, বহু০] বি, হরিদ্বার তীর্থ।

গচ, গছ [সং-গুচ্ছ-গোছ-গোচ-বা গাঢ় >] বি, বুনট, ঘনত্ব। প্র-কাপড়ের জমির বেশ গচ আছে।

গচা(ছা)লি [গচ দ্রঃ] বিণ, মোটা, পুরু। ~কাপড়-বি, পুরু জমির কাপড়; ঘন বুননের কাপড়।

গচ্চা [হিং ঘাটা >] বি, ক্ষতিপূরণ; দণ্ড [তুল-হিং ডাঁড় বা দাঁড় < সং-দণ্ড]।

গচ্ছিত [গচ্ছ+ইত। হিং গিরাত, গিরৃগি, বায়না, গহনে ধরনা] বিণ, ন্যস্ত; রক্ষিত; গচ্ছান। এই অর্থে 'গচ্ছিতী'ও হয়। প্র-গচ্ছিতী ধন।

গছ-গচ দ্রঃ।

গছা১ [প্রা০ বাং। সং-গুচ্ছ] বি, গুচ্ছ; গোছ। "সাবণ মাসেতে দান হইলেন গছা। ধান দেখিআ পরভুর মনে বোড় ইচ্ছা॥" -শূ০ পু০ (অপ্র০)। ২ [শ্রীহট্ট০ প্রাদে০] কাঁটা; গছাল।

গছা২ [গচ্ছিত দ্রঃ] ক্রি, গ্রহণ করা; গছে-গ্রহণ করে। "জন্মিলে না গছে মোরে নদীতে নাই ঠাই।"-মৈ০ গী০। গছিয়া লওয়া-নিজেদের উপর ভার লওয়া taking upon themselves. নিজন্ত-গছান[গছাই, গছাও, গছায়; (প্রা০ গছাইতে; গছাইয়া, গছিয়ে)] ক্রি,জোগা দেওয়া। ২ গ্রহণ করান। "বাপ হাতে পায়ে ধরিয়া তার মেয়ে গছাইয়া গিয়াছিলেন।"-পিতাপুত্র; ৩ গচ্ছিত করা। "শোক রাখি কৌটা ঢাকি হীরারে গছায়।" -অ ম০। ৪ অর্পণ করান। "যদি কারাগার ঘোরে বান্ধিয়া মনের ডোরে গছাইব পরাণে এখনি।"-বাং গান (ভারত০)। গছাইয়া (গিছিয়ে) দেওয়া-ভারার্পণ করা; গ্রহণ করিয়া লওয়ান। গছানি-বিণ, গচ্ছিত। ফল-গছান ব্রত-যে ব্রতে ব্রাহ্মণকে ডাব, আম্র ই ফলদান করিতে হয়। এই বিশ্বাস হতে এ ব্রতের উৎপত্তি হইয়াছে যে, ব্রতী এজন্মে ফল গচ্ছিত রাখিয়া দিলে পরজন্মে শুফল লাভ করিবে। ধন গছানি ব্রত-ফল গছানর মত ধনদানরূপ ব্রত।

গজ [গজ্‌ (শব্দ করা)+অ (র্ত্তৃ), যে গভীর শব্দ করে] বি, হস্তী। ২ নাগবিঃ। ৩ বানরবিঃ। ৪ ঔষধ-পাকার্থ গর্তবিঃ। ৫ দুইহস্ত পরিমাণ a yard. "প্রথমে করিল সজ্জ দীর্ঘে ডিঙ্গা শত গজ আড়ে পড়ে বিংশতি প্রমাণ।"-কবিক০ [ইলাহীগজ-আকবর বাদশাহ প্রবর্তিত ৪১ ইঞ্চির গজ (আধু ও সাধারণ গজ ৩৬ ইঞ্চি পরিমাণ)]। ৬ [অষ্টনাগ বা গজ >] সংখ্যার দ্যোতক। "সমাপ্ত করি গজ ইষু-রস সোমে।" (অর্থাৎ ১৬৫৮ শক)-গী০ (গিরিধর)। ৭ অঙ্কুর; কল। প্র-তালের আঁটির গজ। ৮ [আয়ু০] নাগকেশর; গজপিপ্পলী; গজপুট। ৯ [সন্ধা ভাষায়] চিত্ত। গঅ দ্রঃ। "গঅবর" (চিত্ত গজেন্দ্র)। ১০ ["কপিথান্তর্গতকীটো গজ" ইতি জটাধর] কয়েতবেলের অন্তর্গত কীটবিঃ; গজকীট। "গজভুক্ত কপিথ-বৎ।"-প্রবাদ। ~কচ্ছপ [গজ (মহা০-উক্ত মুনিকুমার বিভাবসু কর্তৃক অভিশপ্ত কনিষ্ঠ সহোদর সুপ্রতীক)+কচ্ছপ (সুপ্রতীক কর্তৃক অভিশপ্ত জ্যেষ্ঠ সহোদর বিভাবসু)] বি, পৈতৃক সম্পত্তির ভাগ লইয়া নিত্য কলহ ও যুদ্ধকারী শাপদুষ্ট সহোদরদ্বয়-গজ (কচ্ছপের দ্বিগুণ দেহধারী) ও দশযোজন-ব্যাপী কলেবর কচ্ছপ। ২ [লক্ষ] গজকচ্ছপ-তুল্য অতিকায় ব্যক্তি। ৩ প্রতিদ্বন্দ্বী ব্যক্তিদ্বয়। > গজকচ্ছপের যুদ্ধ-দুই বলকায় ব্যক্তির দস্তাধস্তি বা মল্লযুদ্ধ। ২ ভায়ে ভায়ে লড়াই। ~কন্দ-বি, হাতিকাঁদা শাক। ~কর্ণিকার-বি, হাতিশুঁড়ো; নাগদন্তী। ~কা [হি০ গজগা] বি, গজস্কন্ধ তোল কেশ-গুচ্ছ। ২ পালকগুচ্ছের চূড়া; টোপর (ঢাকীরা ঢাকের মাথায় যা বাঁধিয়া দেয়, কেহ কেহ নিজের মাথায়ও বাঁধে)। "গাত্রে চিত্র বসন গজকা বান্ধা শিরে।"-ঘ০। গজ কাঠি -বি, দুই হস্ত পরিমিত মাপ কাঠি; কাষ্ঠ বা লৌহনির্মিত গজ পরিমাণ দণ্ড। ২ বারুদ ঠাসিবার লৌহদণ্ড। ৩ হুঁকার নল পরিষ্কার করিবার শিক। ~কুম্ভ [গজের কুম্ভ, ৬তৎ] বি করিকুম্ভ; হস্তীর মস্তকস্থ কুম্ভ। ~কেশর-বি, নাগকেশর। ~গজ [সং-গর্জন; হি০ গজরানা] বি, গজ্‌গজ্‌ রব, বিরক্তি ও ক্রোধব্যঞ্জক রব, ক্রমাগত আপন মনে বক্‌বক্‌ করিয়া অসন্তোষ প্রকাশ করা বা ভর্ৎসনা করা। ক্রি ~গজ করা, ~গজানি [গজা দ্রঃ] ক্রি, শব্দ করা। প্র-তার পেটের ভিতর কথা গজগজ করছে। > বি, ~গজানি [ক্রমাগত গজ্‌গজ্‌ অর্থে "গজর্‌ গজর্‌"]। ~গিড়ি [প্রা বাং] বি, গজগতি। "কলসী লইআ জাএ গজগড়ি ছান্দে।"-শ্রী০ কী০। ~গতি [গজের ন্যায় গতি যার, বহু০] বিণ, মন্দগমনকারিণী। ২ বি, চতুর্থ ও অষ্টম অক্ষর গুরু একরূপ অষ্টাক্ষরাবৃত্তি (সং) ছন্দোবিঃ। ৩ গজের গমন। ~গামী [গজে (গজ আরোহণে) গম্‌ (গমন করা)+ইন্‌ (র্ত্তৃ),

মূ°-গামিন্‌১মা, ১ব°= গামী (উপ°)] বিণ, হস্ত্যারোহী ; যে হাতী চড়িয়া যায়। ২ [গজ (গজের ন্যায়) গামী যে গমন করে (উপমিত বা)] যে গজের ন্যায় মন্দ মন্দ গমন করে : গজের ন্যায় সুন্দর গতিশীল। > স্ত্রী: ~গামিনী [ব্রজ° গজহ(ং) গামিনী দ্রঃ]। ~গিরি-গজগীর দ্রঃ। ~গীর [হি°] বি কূপাদি জলাশয়ের চতুর্দ্দিকে উচ্চ শান-বাঁধান পাড়। > বি, ~গীরি, গজগিরি-গজগীরের কাজ : পুষ্করিণী কূপাদি জলাশয়ের চতুর্দ্দিকের শান-বাঁধান চাতালের কাজ। ২ পাচীর বা ঘরের মেজে চূণ দিয়া মাজার কাজ, পঙ্খের কাজ। ~ঘণ্টা [গজের ঘণ্টা, ৬তৎ] বি, হাতীর গলার ঘণ্টা। (দূর হতে সকলকে সাবধান করার জন্য গজের গলদেশে ঘণ্টা দেওয়া হয়)। ২ [হস্তী যেরূপ দীর্ঘাকার তার গলার ঘণ্টাও তদ্রূপ বৃহৎ, তার সাদৃশ্যে] বি, যে গলবেষ্টনী বা কণ্ঠভূষণ এত বৃহৎ ফাঁদাল, যে তা' একেবারেই মানানসই নহে। তুল-হাতীর গলায় ঘণ্টা। ~চক্ষু [গজ (বৎ) চক্ষু] বি ক্ষুদ্র চক্ষু। ২ ঈষৎ বক্র চক্ষু। ~চ্ছায়া (-র্জ-)-বি, তিথি ও নক্ষত্র ঘটিত যোগবিঃ : কৃষ্ণপক্ষীয় ত্রয়োদশী তিথিতে যদি চন্দ্র মঘানক্ষত্রাশিত হয় এবং রবি হস্তানক্ষত্রাশ্রিত হয় তবেই গজচ্ছায়া যোগ হয়। ~দঘ্ন-বিণ, হস্তিপরিমাণ। ~দন্ত [গজের দন্ত (দাঁত), ৬তৎ] বি, হাতীর দাঁত ivory. ২ [গজের দন্ত হইয়াছে যার, বহু] বি, গণেশ। ৩ দাঁতের উপরে যে দাঁত হয় ; গজদাঁত। ৪ বিণ, যার দাঁতের উপর দাঁত উঠিয়াছে ; যার গজদাঁত আছে। ~দন্তবৎ [গজদন্তের সাদৃশ্য হেতু] বি, মূলা। ~নল [গজ (বাহিত) নল (নালাস্ত্র), ম°প° লো°] বি, এক প্রকার বৃহদাকার গুরুভার কামান। ইহার ভিন্ন ভিন্ন অংশ হাতীর পৃষ্ঠে চাপাইয়া একস্থান হতে অন্য স্থানে লইয়া যাওয়া হইত। বার মণ ওজনের গোলা এই কামান হইতে ছোঁড়া হইত। ~ন্দম (-র্জ-) [প্রাদে°। গজগমন >] বি, গজগমন ; গজগতি। "সেই মত পাও দুখানি গজন্দমে হাটে।"-মৈ° গী°। ~ন্দর [সং-গজেন্দ্র > ভং] বিণ, হাতীবৎ মহাকায় ; অতিশয় স্থূল। > পেট-গজন্দর -যার পেট হাতীর পেটের মত ; স্থূলোদর। "হাত নলি নলি পা সরুয়া পেট গজন্দর গাল ফুলুয়া"-গ্রা° ছড়া। ~পতি (র্জ-) [গজের পতি (স্বামী), ৬তৎ] বি, গজশ্রেষ্ঠ : গজরাজ ; গজপ্রধান। ১ ওড়িষ্যাধিপতির উপাধিবিঃ। > গজপতি বিদ্যাদিগ্‌গজ [দুর্গেশনন্দিনী উপন্যাসের সহজবুদ্ধি ও বিদ্যাহীন, কিন্তু, পণ্ডিতম্মন্য গজপতির চরিত্র >] পণ্ডিত-মূর্খ। পরিশি° দ্রঃ। ~পিপ্পলী [সং] বি, গজপিপুল ; চবিকা ফল বা চই ফল scindapsus officinalis ; pothos officinalis. ~পুট-বি, ঔষধপাকার্থ ১° হস্ত ঊর্দ্ধ ১° হস্ত পত্র গর্ত। মতান্তরে ২ হস্ত বা গজ পরিমিত গর্ত। ~পুর [গজনামক যে পুর (পুরী), ম° প° লো°] বি, যুধিষ্ঠিরের রাজধানী হস্তিনাপুর। ~পুষ্পী (-র্জ-) -বি, চইফুল। ২ নাগকেশর। ~প্রিয়া (র্জ)-বি, শল্লকী বৃক্ষ ; শালবিঃ। ~বক্ত্র (র্জ) [গজের (হস্তীর) বক্ত্র (মুখ), ৬তৎ] বি, হস্তীর মুখ। ২ [গজের বক্ত্রের (মুখের) ন্যায় বক্ত্র (মুখ) যার, বহু°] বি, গণেশ ; গজানন। "গজবক্ত্র গৌরীপুত্র সবে মুখ নাই মাত্র সাবিত্রীর শাপের কারণ।"-শি°। ~বন্ধনী [গজ (হস্তী) বন্ধ্‌ (বন্ধন করা) + অন (ধি) ঈ (স্ত্রীঃ)] বি, যে স্থানে হাতী বাঁধা থাকে ; হাতিশালা। ২ যাতে হাতী বাঁধা হয় ; আলান। ৩ [অন+(ণে)] যদ্দারা গজ বন্ধন করা হয় ; গজবন্ধন শৃঙ্খল বা রজ্জু। ~বীথি (-র্জ-) [গজের বীথি (শ্রেণী), ৬তৎ] বি, গজশ্রেণী। ২ ঐরাবত অবস্থানের দ্বিতীয় বীথি (স্থান), যথায় রোহিণী, মৃগশিরা ও আর্দ্রা এই তিন নক্ষত্র অবস্থিত। ~ভুক্ত (-র্জ-) [গজ কর্ত্তৃক ভুক্ত, ৩তৎ] বিণ, হাতী যা খাইয়াছে। > ~ভুক্ত কপিত্থবৎ-গজকীট কর্ত্তৃক ভক্ষিত অন্তঃসারশূন্য কয়েতবেল স্বরূপ। এই কীট যেমন অজ্ঞাতসারে কয়েতবেলের মধ্যে শস্য ভক্ষণার্থ সকলের অজ্ঞাতসারে প্রবেশ করে ও বেলকে শস্যশূন্য করিয়া সকলের অজ্ঞাতসারে বাহির হইয়া যায় তদ্রূপ। ~মতি [প্রা° ও প্রা° বা° সং-গজমতী (স্ত্রী° কী°)]। গজের-মতি (মুক্তা), ৬তৎ। ব্রজ°। পা°, বৈ সা° তো ~মোতিম। "গলে গজমোতিম মাল।"-জ্ঞান°] বি, গজমুক্তা। "হৃদয়ে কাচলি গলে গজমতি হার।"-জ্ঞান°। ~মাণিক (-র্জ-) [গজ-মাণিক, ৬তৎ] বি, হাতীর কাণের উপর দুইটী শ্বেতবর্ণের বড় মুক্তার ন্যায় আঁচীল : গজমুক্তা। ~মুক্তা (র্জ-) [গজের মুক্তা, ৬তৎ] বি, হাতীর কুম্ভদেশে যে মুক্তা জন্মে : গজমাণিক। ~মুখ [গজের মুখ যার, কিংবা গজের মুখের ন্যায় মুখ যার, বহু°] বিণ, গণেশ, গজানন। ২ [৬তৎ] হস্তীর মুখ। ~মুখী-বি, যে ঘরের দ্বার প্রস্থের দিকে থাকে ; গজদ্বারী। "গজমুখী ঘর সে ছাউনী সব নাই।"-কৃত্তি°। ~যূথ (র্জ-) [গজের যূথ, ৬তৎ] বি, হাতীর পাল। ~রাজ (র্জ) [গজের রাজা, ৬তৎ, রাজা=রাজ] বি, গজশ্রেষ্ঠ ; গজেন্দ্র ; উৎকৃষ্ট হস্তী : ঐরাবত। ~শিক্ষা [গজের শিক্ষা, ৬তৎ] বি, গজচালনের কৌশল অভ্যাস।

গজব [আ° গজ্‌ব্‌ (জুলুম, জোরজবরদস্তি, লুট)] বি, সর্ব্বনাশ ; জুলুম : অন্যায় ; অভিসম্পাত। "গজব করিলে তুমি আজব কথায়।"-ভারত°।

গজর,-ল, [হি° গজর্‌। সং-গজঘণ্টা >] বি, প্রতি প্রহর বাজিবার কালে যত প্রহর কাল হয় পেটা ঘড়িতে ততবার দ্রুত আঘাত। ২ [সং-গর্জ্জন]। এই অর্থে দ্বিত] বি, বিরক্তি ব্যঞ্জনা। গজর গজর করা-ক্রমাগত গজগজ (দ্রঃ) করা ও অনবরত বিরক্তি বা ক্রোধ প্রকাশক শব্দ বা ভর্ৎসনা।

গজরা-গজরান দ্রঃ। ২ [হি° গজ্‌রা] বি, গোড়ে ; ধন ফুলে গাঁথা দীর্ঘ মালা।

গজরানি [গর্জ্জন শব্দের বর্ণবিপর্য্যয় ; গর্জ্জান দ্রঃ [গজরাই, -রাও, -রায় ; গজরাইতে ; গজরাইয়া (কো° গোজরে)] ক্রি, গর্জ্জন করা। ২ ক্রোধে গরগর করা।

গজল, [আ° গজল্‌] বি, প্রেমসঙ্গীত। ২ গীতিকবিতা বা কাব্য ; গাথা ode. ~পাঠ-বি, গীতি কাব্য পাঠ।

যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গাঁ ঞ্চ=নচ ক্ষ=ই হু=হ্‌ঊ হ্ম হ্ন হ্ব=ন্‌হ ব্‌হ ল্‌হ ভ ঝ, জ্ব ক্ব ত্ব=zfwv ও চ্চা° দ্রঃ

গজেন্দ্রগামিনী, গজেন্দ্রগামিনী [ব্রজ০] গজগামিনী দ্রঃ।

গজা, [হিং উগনা, উপ্‌জানা। সং গম্ ধাতু উর্দ্ধগতি অর্থে উগা। গজাও, গজায় ; গজাইতে (ক্ষেং গজাতে)। বি. সরকার 'গজিতে' শব্দ ব্যবহার করিয়াছেন, "সর্ব্বত্র নয়নরা জাগ্র চিন্তা গজিতেছে আর তাজা তাজা প্রাণ ভরা প্রতিষ্ঠা যে মূর্ত্তি পাইতেছে।") ; গজাইয়া (ক্ষেং গজিয়ে) : গজাবার (ক্ষেং গজাবার) ; গিজন্ত-গজান (নাং)] কি, অঙ্কুরিত হওয়া : উদ্গত হওয়া। ২ বৃদ্ধি পাওয়া।

গজা, [হিং গোঝা। রাজপুতানায় 'গুঝা'। ক্ষুদ্রার্থে-গুঝিয়া] বি, ঘৃত, শর্করা ও ময়দা-মিশ্রিত মিঠাই। আকার অনুসারে-গোল গজা। (২) চৌকা গজা। (৩) জিবে গজা (জিহ্বাকৃতি বলিয়া)। ছানার গজা। আবং -এপ্লেস্‌ গজা, কুবিলি গজা।

গজা, [সং-গর্জ্জন >] বি, গর্জ্জন করা : গজ্‌-গজ্ করা ; শব্দিত হওয়া ; ঝঙ্কৃত হওয়া ; মুখরিত হওয়া। "পেটের ভিতরে গজে দাশুরায়ী ছড়া।"-হেমং।

গজা, [গজ(দুই হস্ত পরিমাণ) >] বিণ, গজ পরিমিত। প্র-৫ গজা ধুতি (এই অর্থে 'গজী' শব্দও ব্যবহৃত হয়)।

গজাগ্রণী [গজের অগ্রণী (শ্রেষ্ঠ), ৬তৎ] বি, গজপ্রধান ; ঐরাবত।

গজাজীব [গজ দ্বারা আজীব (যে জীবন-ধারণ করে, ৩তৎ)] বি, মাহুত।

গজাধ্যক্ষ-বি, হস্তিশালার প্রধান তত্ত্বাবধায়ক।

গজানি [সং-জন্ >] কি, অঙ্কুরিত হওয়া। প্র-পাতা গজান। ২ বৃদ্ধি পাওয়া। প্র-বুদ্ধি গজান : আক্কেল গজান।

গজানন [গজের আনন (বদন, মুখ) যার, কিংবা গজের মুখের ন্যায় মুখ যার, বহুং] বি, গণেশ ; গজাস্য। ২ [৬তৎ] গজের মুখ।

গজানীক [গজ রূপ যে অনীক (সৈন্য), রূপক ধা] বি, চতুরঙ্গ সেনার মধ্যে হস্ত্যারোহী সৈন্যবিভাগ। ২ [গজের অনীক (যুদ্ধ), ৬তৎ] হস্তীর যুদ্ধ।

গজারি [গজ (হস্তীর) + অরি (শত্রু, নাশক), ৬তৎ] বি, সিংহ। ২ শিব (গজাসুরকে বধ করায়)। ৩ গজারি নামক বৃক্ষ।

গজারূঢ় [গজ + আরূঢ়, ৭তৎ] বিণ, হস্তিপৃষ্ঠে উপবিষ্ট। ২ গজারোহী সৈন্য।

গজাল [ফাং গজ (লোহার শিক) + আল (প্রঃ)] বি মৎস্যবিঃ। ২ বড় প্রেক। "নানারূপ বন্দ করি বাঁশের গং মারি সাজাইল কলার মান্দাসে।"-কেতকাং।

গজাসুর [গজ (রূপ) অসুর, ধা] বি, গজাকৃতি অসুরবিঃ। মহেশ নামক এক নরপতি, মহর্ষি নারদ কর্ত্তৃক অভিশপ্ত হইয়া গজযোনি প্রাপ্ত ও অসুরবৎ দেবদ্বেষী হওয়াতে তাঁহার গজাসুর এই নাম হয়।

গজাস্য [গজ + আস্য] বি হস্তিমুখ, গজানন।

গজী [ফাং গজী] বি, মোটা সুতার কাপড়বিঃ। ২ বিণ, গজ পরিমাণ। "পাঁচ গ ধুতী।"

গজেন্দ্র [গজের ইন্দ্র (রাজা), ৬তৎ] বি, গজশ্রেষ্ঠ ; গজরাজ। ২ ঐরাবত হস্তী।

~গমন-বি, গজরাজের ন্যায় মন্দ মন্দ গমন ; স্ত্রীং ~া, ~গামিনী। পুং ~গামী।

~হাপাত্র [ওড়িং] বি, হস্তীর ন্যায় বলশালী প্রধান রাজমন্ত্রীর উপাধিবিঃ।

গঞ্জ [সং-গনজ্‌ (শব্দ করা) + অ (ধি)] বি, শস্যাদি প্রচুর পরিমাণে ক্রয়-বিক্রয়ের স্থান : গোলা : হাট। ২ রত্নাদির খনি। ৩ ভাণ্ডার। ৪ গোয়ালঘর। স্ত্রীং ~া-মদিরা গৃহ : শুঁড়ির দোকান। ২ মদ্যপাত্র। ৩ খনি। ৪ পাতার ঘর ; কুঁড়ে। গং করা-ক্রি, হাট করা।

গঞ্জন [গনজ্ + অন (ভাং)] বি, তিরস্কার। "অস্থি মোর জর জর লোকের গঞ্জনে।"-বাং গান (নিধুং)। ২ গঞ্জনার বিষয় ; কলঙ্ক। "অকুলীনে দিলে সুতা লাজে হবে হেঁট মাথা, বংশে বর থাকিবে গং।" ৩ [+ অন (ত্ত)] বিণ, তিরস্কারক ; তুচ্ছকারক, মর্দ্দনকারী। ~া-যাতনা ; দুঃখ, লাঞ্ছনা। ২ তিরস্কার ; নিন্দা ; খোঁটা ; কটূক্তি। ৩ বিদ্রূপ। "গঞ্জনা দেয় তরবারী।"-মানসী।

গঞ্জা [সং-গনজ্ (শব্দে, তিরস্কারে)। গঞ্জি, গঞ্জ, গঞ্জে, গঞ্জিতে, গঞ্জিয়া (ক্ষেং) পদে] ক্রি গঞ্জনা করা ; তিরস্কার করা ; ভর্ৎসনা করা ; বাক্য যন্ত্রণা দেওয়া। "গুরুজন বলে গঞ্জয়ে আমারে তোমারে কহিব কত।"-চণ্ডী। ২ দোষ দেওয়া। "বৃথা গং দশাননে ... বিধুমুখী।"-মেঘ। ৩ অবমাননা করা, লাঞ্ছনা করা। ৪ পরাভব করা ; বাধা করা, বাধিত হয় ; বাজা। "চরণ কমল-পাশে নাবিক বসে নূপুর মঞ্জীর গঞ্জে।"-বি পং।

গঞ্জাবী-বি, পাঞ্জাবী জামা, ... ঢিলা আস্তিনের কামিজবিঃ।

গঞ্জি, গেঞ্জি, গেঞ্জিফ্রক [ইং ...] বি, জালবোনার মত বুনন-যুক্ত নানাবিধ টাইট বা আঁট ছোট জামাবিঃ।

গঞ্জিকা [হিং গাঁজা। সং-গঞ্জিকা অর্থে মদিরা গৃহ] বি গাঁজা, সিদ্ধি গাছের ফুল। ২ মদিরাগৃহ ; শুঁড়িখানা। ~সেবী-বিণ, গাঁজাখোর।

গঞ্জীফা [ফাং গনজ্‌ফা] বি, তাস। [তুরস্কদেশে প্রথম প্রবর্ত্তিত। ভারতে যবন-শাসন সময়ে মোগলেরা তাস খেলায় খুব উন্নতি করিয়াছিল। মুসলমানজাতি কর্ত্তৃক ভারতে তাস খেলা প্রবর্ত্তিত হয়। তার অনুকরণে কতকগুলি প্রতিভাশালী হিন্দু নরপতি নবপ্রথানুসারে অভিনব তাসখেলা প্রবর্ত্তন করেন, তার নাম গঞ্জীফা। পারস্য গনজ্ অর্থে ধন-এই স্থলে ধনী বণিক্ মহাজন শেঠ ইং ঐশ্বর্য্যশালী লোকের ক্রীড়া, বড়লোক কর্ত্তৃক কৌতুক বা হস্তকৌশল হাতের চাতুরি কিংবা ক্রীড়া প্রদর্শনের উপায় তাসগুলি লাক্ষাদ্বারা প্রস্তুত এখন প্রায় উঠিয়া গিয়াছে, কিন্তু মুসলমানিভাষায় তাসমাত্রের নাম এখন গঞ্জীফা হইয়াছে। প্রাচীন গঞ্জীফায় ১৪৮খানা তাস থাকিত তাতে সমুদয় রামায়ণ গ্রন্থখানি চিত্রিত থাকিত, যথা-গন্ধমাদন পর্ব্বত পঞ্চবটী, রামলক্ষ্মণাদি, রাবণাদি, অশ্বরথাদি কল্পতরু, বিশল্যকরণি ইং অর্থাৎ রামায়ণে যে সমস্ত পর্ব্বত নদনদী ইং।-ঐতিহাসিক চিত্র, ১৩১৫]।

গট, গ্যাট [সং-ঘট (শ্বাসরুদ্ধ অবস্থা)

সং প্রাদে. ভেদে, গ্যাট, গ্যাঁট। তুল-হিং গট্টা (ছিপি)] বিণ, রুদ্ধশ্বাস, ঘটবৎ নিশ্চল; জড় (গট দ্রঃ)। "ছিপি আঁটা কর্পূরের শিশির মত গ্যাট হইয়া বসিয়া আছেন, পাছে বুদ্ধি-শুদ্ধি উবিয়া যায়॥"-টেকচাঁদ।

গাট২ [অনুং তুল-গট্ট, মট্ট। সং-গ্রন্থি-গাঁট] বি, মুষ্টিপ্রহার কালে হাড়ের আঘাত-শব্দ। ২ চলিয়া যাইবার কালে পায়ের হাড় বা গাঁটের শব্দ। ইহা হইতে 'গাঁট্টা'=মুঠা করিয়া অঙ্গুলির গ্রন্থি, অস্থি বা গাঁটের দ্বারা প্রহার। প্র-গাঁট্টা মারা। গ্যটগ্যট করিয়া চলা-পায়ের গাঁটের শব্দ করিয়া গমন করা। ২ দর্পভরে চলা।

গাটরা-গাঁটরা দ্রঃ।

গাটা [প্রাং বাং; গোটা দ্রঃ] বিণ, একটা; আস্ত। ২ সংখ্যাপূরক 'টা'। "সকল সাজ হইল পরতুর আর সাজ চাই। গটাদস গুআ দিআ সাজাইল মই॥"-শূঃ পুঃ।

গঠন [গঠ (নির্ম্মাণ করা) + অন (ভাং)] বি, নির্ম্মাণ; রচনা; গড়া। ২ বিন্যাস, সংস্থান composition. ক্রি, গঠা (প্রঃ অং) -গড়া। > গঠিল-গড়িল, নির্ম্মাণ করিল; গঠিব-প্রাং, গড়িব। গঠিতে-প্রাং, গড়িতে। বিণ, গঠিত (প্রাং বাং-গড়িত)। গঠিয়া (প্রাং বাং;প্রাং-গড়িয়া। "সতপল সুনার কাণ্ড গঠিআ জগাএ।" -শূঃ পুঃ। ~প্রণালী-বি, নির্ম্মাণ করিবার ধারা বা নিয়ম।

গঠিত [গঠ্ (নির্ম্মাণে) + ত (ক্ত)] বিণ, যা গঠন করা হইয়াছে, নির্ম্মিত।

গড়১ [প্রাকৃং গড়ো=দুর্গ (হেং, দেশী-নামমালা)] বি, প্রতিবন্ধক; বাধা; আটক। ২ [মুণ্ডারি শব্দ] দুর্গ। "আজমীর গড় দিলা যবে মোরে, পণ করিলাম মনে, প্রভুর দুর্গ শত্রুর করে ছাড়িব না এ জীবনে।" -রবীং। ~নায়ক-বি, দুর্গাধিপতি। গড়ের বাদ্যি [দুর্গ > ফৌজ] ফৌজের বাজনা। ২ গোরার বাজনা। গড়ের মাঠ-বি, কেল্লার সংলগ্ন ময়দান; যুদ্ধক্ষেত্র। ২ পরদা। ৩ পরিখা; গর্ত্ত। ৪ স্থানবিঃ। ৫ ঢেঁকির মুখযন্ত্র দ্বারা ধান্যাদি কুটিবার গহ্বর, স্থান বা গর্ত্ত।

গড়২ [গল্ (পতনে, ভূলুণ্ঠনে-মাটিতে মাথা দিয়া পড়ার ভাব) >, অথবা গোড় (পদ)। তুল-হিং পাওঁ লাগি (পায়ের আগে মাথা ঠেকি,গড় করি। হিংমুড় মারনা)। ওড়ি-মুণ্ড মারিবা (মুড় মারা), বাং ঘ-মাথা কোটা,-কোড়া,-খোঁড়া, -ঠোকা] বি, ভূমিষ্ঠ হইয়া নমস্কার; প্রণাম। "সম্মুখে আসিয়া ঢিপ করিয়া গড় করিল।"-টেকচাঁদ। "অষ্টাঙ্গেতে কৈল গড় মনসার পায়।"-মনসার ভাসান। ২ বিণ, ভূমিষ্ঠ। "গড় হইয়া পরণাম করেন যার গলত মালা।"-মাণিকং গান। গড় করা-ক্রি, মাটিতে মাথা ঠেকাইয়া নমস্কার করা; প্রণাম করা। "গড় করি গৌরীর নন্দন গণনাথে।"-শিং। গড় হওয়া-ভূমিষ্ঠ হওয়া; প্রণত হওয়া।

গড়৩ [গড়ই দ্রঃ] বি, গড়ই মাছ।

গড়৪ [সং-গণ (সংখ্যানে,গণনায়) >] বি, গড় হিসাব; মাঝামাঝি গণনা বা নিদ্ধারণ average. "কয়েক বৎসরের গড় লইয়া দেখা গেল।"-ঢাকা প্রকাশ, ১৩৩২।

গড়৫ [সং-গড, গর্ত্ত >। হিং গড়চা, গচহ্] বি, গর্ত্ত; খাত। ২ (দুর্গ) পরিখা।

গড়৬ [গড়া দ্রঃ] ক্রি, মঃ পুঃ, অনুজ্ঞা. গঠন কর; নির্ম্মাণ কর।

গড়ই [গল্ বা গড় (ক্ষরণে, স্রবণে) > গার (কাদা, পাঁক) > গর > গড় + ই (যে কাদা জলে থাকে)] বি, চ্যাঙ জাতীয় মাছ; (বাঁকুড়া অঞ্চলে) ল্যাটা মাছ।

গড়(ঢ়)ওয়াল-বি,যুক্তপ্রদেশস্থ কুমায়ুন বিভাগের জেলাবিঃ। 'দেবপ্রয়াগ' বলিয়া এই স্থান হিন্দুর তীর্থস্থান।

গড়ক [গড + ক (স্বার্থে)] বি, গড়ই মাছ; ল্যাটা; চ্যাঙজাতীয় মাছ।

গড়খাই [গড়খাত >] বি, দুর্গ বা প্রাসাদাদির চতুঃপার্শ্বস্থ পরিখা। "অরূপ আমায় ভাই ভয়েনা এ গং।"-কস্তুরীং।

গড়খাত-বি,গড়খাই দ্রঃ।

গড়খানা [গড়খাত >] বি, গড়খাই দ্রঃ।

গড়গড় [অনুং। লঘু শব্দে "গুড়্গুড়্"। প্রাকৃং গডগড়ি=বজ্রধ্বনি (হেং, নামমালা)] স, বজ্রনির্ঘোষ। ২ ঘড়া হইতে জল ঢালিবার শব্দ। ৩ উপর হতে লাফ দিয়া গড়াইয়া পড়িবার শব্দ ও পতনভঙ্গী। ৪ জলপ্রবাহের শব্দ। গং করা-ক্রি, গড় গড় শব্দ করা। পেট গং করা-অজীর্ণজনিত পেট সাড় করা।

গড়গড়া [অনুং শব্দ >] বি, তামাক খাইবার ছোট আলবোলা। ২ উলুখড়ের মত ঘাসবিঃ, ইহার ধানগাছের ন্যায় শীষ হয়; ফুল শাদা মটরের মত।

গড়ণহাটী [সঙ্গীতং] বি, বেনোটী ও মনোহর সাঁই কীর্ত্তনের সুর।

গড়ন [গঠন >] বি, প্রস্তুত করণ; গঠন; নির্ম্মাণ। ২ নির্ম্মিতি। ৩ সৌষ্ঠব। "সাবাস সাবাস নাক চোখের গং।" -হেমং। ৪ বি, গহনার গঠন; অলঙ্কারের নির্ম্মিতি। "গং ভাঙ্গিতে সই আছে কত খল। ভাঙ্গিয়া গড়িতে পারে সে বড় বিরল।" -চণ্ডীং। ~পিটন-বি, গঠন ও সৌষ্ঠব; নির্ম্মিতি ও ডৌল; আকারপ্রকার (তুল-হিং ডিলডৌল)। ~দার [গড়ন (গঠন) ফাং দার (কর্ত্তা অর্থে)] বি, যে গড়ে; যে স্বর্ণ রৌপ্য তাম্রাদি ধাতু পিটিয়া বিশেষ কোন দ্রব্যের আকারে পরিণত করে।

গড়পড়তা [গড়-হিং গব্ (মোট হিসাব) পড়তা (হিং)-হিসাবে যা পড়ে] বি,মোটামুটি হিসাব average. "৩৬ বৎসর ও ৯ বৎসরের গং ২২।২৩ বৎসর।"-সনাতনী।

গড়মিল [গরমিল শব্দের প্রাদেশিক উচ্চারণ বিকার] বি, বেমানান; পরস্পরের মধ্যে সাদৃশ্যের অভাব। "লিখিতে বসলেই অক্ষরগুলো গং হয় যে সবই।"-দ্বিং রায়। ২ মতভেদ; পরস্পর মনের মিল না হওয়া।

গড়া১-বি, মোটা ধুতি; গাঢ় বোনা সাদা থান ফাড়া ধুতি। ২ [গড়১ দ্রঃ] দুর্গের ন্যায় চতুর্দ্দিক পরিবেষ্টিত স্থান। প্র-কাঠগড়া। ৩ মাছ ধরিবার জন্য খাল ইং জলাশয়ের পারাপার বেড়া। "শত শত এক জায় গুজরাটে তন্তুবায়। ভুর্ণী-ধুতি আদি বুনে গং।"-কবিকং।

গড়া২ [সং-গঠন-গঠা; হিং গঢ়না।

গড়ি, গড় (গড়েন, গড়িস), গড়ে (গড়েন); গড়িতে; গড়িয়া। ণিজন্ত-গড়ানি। গড়াই, গড়াও (গড়ান, গড়াস), গড়ায় (গড়ান); গড়াইতে (কথ্য গড়াতে); গড়াইয়া (কথ্য গড়িয়ে)] ক্রি, গঠন করা; নির্মাণ করা। প্র-পুতুল গড়া; গহনা গড়া। ২ শিক্ষা, মন্ত্রণাদি দ্বারা প্রস্তুত করা। প্র-তাহাকে খুব গড়ে পিঠে রেখেছে। ৩ ভাঙ্গার বিপরীত। প্র-ভাঙ্গা সহজ কিন্তু গড়া শক্ত। ৪ বিণ, সাজান; কাল্পনিক; জাল। প্র-ওসব গড়া মামলা বা কথা বা সাক্ষ্য। ৫ গঠিত। **শিব গড়িতে বানর**-ভাল করিতে মন্দ; এক করিতে আর। "শিব গড়িতে বানর হল এই কি বিধির বিড়ম্বনা॥"-বাং গান।

গ'ড়া৩ [প্রা বাং। গড়২ দ্রঃ। গড়ি, গড় ই°] ক্রি, পড়া; গড়ান; নামা। "বেলা একটু গড়িলে।" ২ গত হওয়া। "যৌবন গড়িলে তোর তনু হইবে লাউ॥"-শ্রী°কী°।

গ'ড়াই, গড়ুই [সং-গড়ক (অমরে)। গড় (বৈদ্যকে)] বি, চেঙ্গ মাছ সদৃশ মৎস্যবিঃ।

গড়াগড়া, গ'ড়ায়গ'ড়ায় [গড়ানর ভাব-গড়া (সাদৃশ্যার্থে দ্বিত্ব)-প্রায় গড়াইবার মত] বিণ, সারি সারি; পাশাপাশি। প্র-গড়াগড়া পড়ে আছে দেখা গেল।

গ'ড়াগড়ি [গড়ান দ্রঃ। প্রাং বাং-গড়াহলি=গড়াগড়ি দাও। "ভৈরব পতনে গাঅ গড়াইলি গিআঁ।"-শ্রী° কী°] বি, অবলুণ্ঠন। "এত বলি কান্দে রামা গ° দিয়া।"-ঘ°। ২ [কাত হইয়া ইতস্তত: পতনের ভাব] ছড়াছড়ি। "গোটা কত ভগ্ন ঘট যায় গ°।"-নবীন°।

গ'ড়ানি১ [গড়া দ্রঃ] ক্রি, গঠন করান; নির্মাণ করান। "গাছ কাটি গড়াইব লাঙ্গল জোয়ালি।"-শি°। [ব্রজ°] **গ'ড়াইতে**-গঠন করাইতে। **গ'ড়ায়ত্ত**-গড়ায়। **গ'ড়ায়ব**-গড়াইব। "ভাঙ্গি গড়ায়ব বুঝি কত বেরি।" -বি° প°। **গ'ড়ল**-গঠন করিল। "কাহে কুলবতী করি গড়ল মোর দেহ।"-বি° প°।

গড়ান২-গড়ান৩ গোড়ান দ্রঃ।

গ'ড়ানি৩ [অনু°] ঘড়ার জল ঢালিবার সময় বা চক্রাদির আবর্তনকালে যে গড়গড় শব্দ হয় তা হতে গড়গড়ান > গড়ান। উত্তমাদি পুরুষে রূপান্তর 'গড়া' শব্দে দ্রঃ] ক্রি, গড়াইয়া যাওয়া: আবর্তিত হইয়া পড়া। ২ গড়াইয়া দেওয়া; ঢালুস্থানে ছাড়িয়া দেওয়া; আবর্তিত করা। ৩ ঢালা। প্র-কুঁজা হতে জল গড়ান। ৪ অঙ্গ ঢালিয়া শয়ন করা। প্র-একটুখানি গড়াইয়া লওয়া। ৫ অতি বিনীত হওয়া; অমায়িকতা দেখান। প্র-গড়াইয়া পড়া। ৬ অবলুণ্ঠন করা; গড়াগড়ি দেওয়া। ৭ [লক্ষ°] পৌছান; পরিণত হওয়া। প্র-শ্রাদ্ধ অনেক দূর গড়াইল। ৮ বি, **গ'ড়ান**। প্র-খুব গড়ানটা গড়িয়েছে। বিণ, **গ'ড়ানিয়া, গ'ড়ানে**-যে গড়ায়। ২ অত্যন্ত বিনয়ী ও অমায়িক। ৩ ঢালু [এই অর্থে **গড়িয়ান, গড়েন** ও°] ৪ অতি-ক্রান্ত। "গ° দুপুর বেলা তৃষ্ণায় শুকায় গলা।" -কবিক°।

গড়িমষি [সং-গতি ("গলি দুষ্টবৃষঃ শক্তোহপ্যধূর্বহঃ।"-হেম°। সমর্থ হইয়াও ভারবহনে অনিচ্ছুক দুষ্ট বৃষ)=গড়ি < গড় < গরু + মষি < মহিষ < মহিষ অলস, গো-মহিষের প্রকৃতি >] বি, দীর্ঘসূত্রতা।

গড়িয়া, গড়ে, গোড়ে [গেড়ু যা দ্রঃ। গণ্ড, গণ্ডু, গড়ু (গ্রন্থি)=গণ্ডমালা= কণ্ঠমালা (তৎসদৃশ বলিয়া)। প্রবাদ এই যে ২৪ পরগণার অন্তর্গত ও কলিকাতা সন্নিহিত গড়িয়া বা গ'ড়ে নামক গ্রামে উদ্ভাবিত ও রচিত পুষ্পমাল্য যা পূর্বে স্থানীয় হাটে (গড়িয়া হাটে?) ই° পাওয়া যাইত। পরে ঐরূপ গুম্ফনের মালার গ'ড়ে নাম প্রাপ্ত হয়। "গ'ড়ে মালা"] বি, পুষ্পের গণ্ডমালা; ঘন গুম্ফিত পুষ্পস্তবক।

গড়ু [গড্ডুক >। পু°] বিণ, কুব্জ। ২ বি, পৃষ্ঠের স্ফীত স্থান; কুঁজ; গাড়ু (পু° ব° গী°)। ৩ গলগণ্ড ই° রোগ। ৪ গ্রন্থি। ৫ কেঁচো। ৬ শল্য।

গড়ুর (ল) [গরুড় > বর্ণবিপর্যয়ে-গড়ুর। র=ল] বিণ, যার পৃষ্ঠে গড়ু (কুঁজ) আছে: কুব্জ। ২ পক্ষিরাজ বিনতানন্দন।

গ'ড়ে [গড়িমষি দ্রঃ। গড়ি + ইয়া > ক্ষে°] বিণ, অলস; গেঁতো।

গ'ড়েনহাটী [প্রবর্তক নরোত্তম ঠাকুরের জন্মস্থান রামপুর বোয়ালিয়া সন্নিহিত খেতুর গ্রাম গড়েনহাট পরগণায় অবস্থিত বলিয়া নাম] বি, নরোত্তম ঠাকুরের গীত। ইহা 'গড়েনহাটী কীর্তন' নামে অভিহিত।

গ'ড়ের [সং-গড্ডর > হিং গড়েরা >] বি, ভেড়া; মেষ।

গ'ড়োল-বি, গুড়। ২ গ্রাস: কবল।

গ'ড্ডর, গ'ড্ডল [সং] বি, গাড়ল, ভেড়া। ২ মেষ। স্ত্রীং গড্ডরিকা, গড্ডলিকা।

গড্ডরিকা, গ'ড্ডলিকা [গড্ডর দ্রঃ] বি, দলের মধ্যে অগ্রগামিনী মেষী। **~প্রবাহ**-বি, নিজে বিবেচনা না করিয়া মেষবৎ দেখাদেখি পূর্ব্ব প্রচলিত মতের অনুগমন। "গ° প্রবাহে গা ঢেলে চলে যাচ্ছেন।"-আ° শক্তি, ১৩৩৪।

গড্ডা (ড্ডী) [হিং] বি, তাড়া; আঁটি।

গড্ডুক-বি, গাড়ু।

গ'ঢ় [গড় দ্রঃ। প্রাকৃ° গঢ়ো] বি, দুর্গ।

গ'ঢ়া [প্রা° বাং। হি° গঢ়না। আধু° গড়া] ক্রি, গঠন করা। **গঢ়ল, গঢ়িল**-নির্মাণ করিল। **গঢ়িলেঁ**-নির্মাণ করিলে। **গঢ়ায়িবোঁ**-গঠিত করাইব। **গঢ়ায়িল**-নির্মাণ করাইল-করিল (শ্রী° কী°)।

গ'ণ [গণ (গণনা করা) + ণিচ্=গণি + অ (র্ম)] বি, সমষ্টি, বর্গ। ২ শ্রেণী; জাতীয় বিভাগ, থাক group. ৩ [গ°] সংখ্যা; গণনা। ৪ [ব্যবহার শা°] গোষ্ঠীবর্গ। ৫ মকদ্দমায় কোন পক্ষের লোক। ৬ তিন গুল্ম অর্থাৎ যে সৈন্য-দলে ১৩৫ জন পদাতিক, ৮১ অশ্ব, ২৭ রথ ও ২৭ হস্তী থাকে। ৭ [গঙ্গার পশ্চিমে] পথের দূরত্ব পরিমাণ। ৮ [পু°] শিবানুচরগণ: প্রমথ, গণ; ভূত, ভৈরবগণ। ৯ [শিবানুচর-গণ >] অনুচরবর্গ। (১) সম্প্রদায়; দল। প্র-বৈষ্ণবগণ; বৌদ্ধগণ। (৩) সাঙ্গোপাঙ্গ, ভক্তগণ। "গাইল চণ্ডীদাস বাসলীগণ।" -শ্রী° কী°; পার্শ্বচরগণ। "তাঁরে ভয় নাহি কিছু, বিষম তাঁর গণ।"-চৈ° চ°। ১০ সহপাঠী (কবিক°)। ১১ [জ্যো°] ২৭ নক্ষত্রের বিভাগত্রয়, প্রত্যেক ভাগে ৯টী করিয়া নক্ষত্রের অধিকারে জন্মানুসারে দেবগণ, মনুষ্যগণ বা রাক্ষসগণ এই সংজ্ঞা। ১২ [ছন্দোশা°] ত্রিশ কাষ্ঠা (প্রায় ৮ সেকেণ্ড) পরিমাণ কাল বিভাগ। ১৩ [ব্যা°]

সং ধাতু সমূহের দশটী শ্রেণী-বিভাগ যথা, -ভ্বাদিগণ (ভূ আদি ধাতু সমূহ), অদাদিগণ (অদ্ আদি), জুহোত্যাদিগণ (হু আদি), দিবাদিগণ (দিব্ আদি), স্বাদিগণ (সু আদি), তুদাদিগণ (তুদ্ আদি), রুধাদিগণ (রুধ্ আদি), তনাদিগণ (তন্ আদি), ক্র্যাদিগণ (ক্রী আদি) ও চুরাদিগণ (চুর্ আদি ধাতুগণ)। ১৪ পথ ; রাস্তা। "তুমি করি দিলে গং পাব্যাবে রাক্ষসগণ জনপদ হবে প্রেতপুর।"-কবিকং। ১৫ [যশোং খুলনা প্রাদেং] নদীর অনুকূল প্রবাহ ; জোয়ার। ১৬ ব্রাহ্মণেতর ; জনসাধারণ ; অব্রাহ্মণ। "ব্রাহ্মণেরা স্তব এবং গং সকল জয় শব্দ দ্বারা শ্রীকৃষ্ণের পূজা করিতে লাগিল।"-চিত্রে শ্রীকৃষ্ণ। গঁং-গর্ব্বিত-শুভক্ষণে পুত্র জন্মিয়াছে বলিয়া অহঙ্কৃত। "গং-গর্ব্বিত হেঁট মাথা করে লাজে।"-কবিকং।

গণিতে [ব্রজং প্রাং বাং কাব্যে] ক্রি, গণনা করিতে।

গণক [গণ + ণিচ্=গণি + অক-র্ত্তৃ] বি, তিথি নক্ষত্রানুসারে গ্রহগণের গতিদ্বারা শুভাশুভ নিরূপণকারী ব্রাহ্মণজাতিবিঃ। গ্রহাচার্য্য ; দৈবজ্ঞ। ২ জ্যোতির্ব্বিদ্। ৩ বিণ, যে গণনা করে। "গ-ঠাকুর গং-ঠাকুর করি নমস্কার, হাতটী দেখে ভাগ্যলিপি বলত আমার।" স্ত্রীং, ~ী।

গণকার [গণ (সৈন্য সমূহ) কার-কৃ (করা) + অ (র্ত্তৃ,) যে সৈন্য গঠন করে] বি, সেনাপতি ; সেনাধ্যক্ষ ; সেনানায়ক। ২ ভ্বাদ্যদাদিগণভুক্ত ধাতুসমূহের অর্থ-নির্ণায়ক পণ্ডিত। ৩ গণক ; তিথি নক্ষত্র মিলনে শুভাশুভ গণনাকারী ; জ্যোতিষে গণৎকার।

গণিকার [সং-গণকার-পরে, গণৎকার] বি, গ্রহাচার্য্য ; গণক। ২ বিণ, গণনাকারী।

গণচক্রক [গণ (দল, পক্ষ)-চক্র (চক্রাকারে মিলন, উপবেশনাদি)] বি, সাধুলোকের একত্র বসিয়া ভোজন ব্যাপার।

গণ/তন্ত্র [গণ (জন সাধারণ)-তন্ত্র (বাক্য শাসন) বি, প্রজা বা জন সাধারণ প্রতিনিধি-দ্বারা রাজ্য শাসন। সাধারণ তন্ত্র republic, democracy. ~তান্ত্রিক-প্রজাশাসনমূলক democratic.

গণশক্তি-জন-সংঘশক্তি ; প্রজাবল।

গণতা [গণ + তা (ভাং)] বি, ন্যায়ান্যায় বিচার না করিয়া নিজগণ বা পক্ষীয় ব্যক্তির সহায়তা ; পক্ষপাত ; একদেশদর্শিতা। ~মূলক-বা কার্য্য করণ উদ্দেশ্যে সংঘবদ্ধতা-ত্মক collusive.

গণতি, গুণতি [গণা দ্রঃ] বি, গণনা ; সংখ্যা।

গণতোষিণী [গণের (প্রাণিগণের) তোষিণী (তুষ্টিদায়িনী)] বিণ, যিনি প্রাণি-গণের তুষ্টি সাধন করেন ; অন্নদা। "শিবমোহিনী শিবসোহিনি গো॥ গং ঘনঘোষিণি * * * গিরিবাসিনি ভারতাশিনি গো॥"-অং মং।

গণৎকার [গণকার দ্রঃ] বি, গণক ; গ্রহাচার্য্য ; জ্যোতিষী।

গণদেব-বি, গণেশ। ~তা-(-ব-) বি, শিবাদি পঞ্চ, ইন্দ্রাদি দশদিক্‌পাল ; আদিত্যাদি নবগ্রহ ; বিশ্ব ১০, বসু ৮, তুষিত ৩৬, আভাস্বর ৬৪, বায়ু ৪৯, সাধ্য ১২, রুদ্র ১১, আদিত্য ১২, মহারাজিক ২২০ ইং দেবগণ।

গণদ্রব্য [গণের (সাধারণের) দ্রব্য (বস্তু)-৬ তৎ] বি, সাধারণের অধিকার-যোগ্য দ্রব্য। ২ [গণ (সাধারণ) যে দ্রব্য-ধা] ৩ বস্তুসমূহ।

গণন [গণ্ (সংখ্যা করা) + অন (ভাং)] বি, গণনা করা ; সংখ্যা করা ; ঠিক দেওয়া। বি, অবধারণ। ২ গ্রাহ্য করা। ৩ উল্লেখ। ৪ রাশি নক্ষত্র দ্বারা শুভাশুভ নিরূপণ। স্ত্রীং, ~া।

গণনাথ [গণের নাথ-৬ তৎ] বি, গণেশ। "গড় করি গৌরীর নন্দন গণনাথে।"-শিং। ২ শিব। গণ শব্দের পর পতি ; নায়ক অধি-পতি ; ঈশ ইং শব্দ থাকিলে গণেশ অর্থ বুঝায়। ৩ বহুজনের কর্ত্তা ; অনেক দ্রব্যের অধিপতি।

গণ/নায়ক [গণ (জনগণ-সর্ব্বসাধারণ) -নায়ক (চালক, নেতা) বি, জননায়ক নেতা ; দেশনায়ক leader. ~নায়িকা [গণের নায়িকা, (অধিষ্ঠাত্রী)-৬ তৎ] বি, দুর্গা।

~নার্হ-বিণ, গণনার যোগ্য। ২ উল্লেখ্য।

গণনীয় [গণ (সংখ্যা করা) + ণিচ=গণি + অনীয় (র্ম্ম)] বিণ, গণনাহ ; গণনার যোগ্য ; সংখ্যেয় ; যা সংখ্যা করা যায়। ২ উল্লেখযোগ্য ; গণ্য। ৩ গ্রাহ্য।

গণপতি [গণের (প্রমথগণের) পতি (প্রভু)-৬ তৎ] বি, গণনাথ ; গণেশ। ২ শিব। ৩ বহুজনের পতি।

গণপর্ব্বত [গণের-শিবের অনুচরগণের পর্ব্বত, (অচল)-৬ তৎ] বি, শিবের অনুচর-গণ এবং অন্যান্য যক্ষ ও কিন্নরগণ যে পর্ব্বতে বাস করে ; কৈলাস পর্ব্বত।

গণবৎ, গণবন্ত [গণ + বৎ-স্ত্য যাদের গণ (সমূহ) আছে] বিণ, গণযুক্ত ; গণের সহিত ; একত্র ; শ্রেণীবদ্ধ।

গণবি [প্রাং-বাং-কাব্যে ; ব্রজং। আধুং 'গণিবে'] ক্রি, গণনা করিবে।

গণভর্ত্তা [গণের (প্রমথগণের) ভর্ত্তা ভৃ (ভরণ করা) + তৃ (র্ত্তৃ) মং-ভর্ত্তৃ ১মা ১বং ভর্ত্তা (ধারণকর্ত্তা, প্রভু)-৬ তৎ] বি, শিব ; মহেশ্বর। ২ গজানন।

গণলা [ব্রজং, বৈং পদং সাং] ক্রি, গণিলাম। গণনু দ্রঃ।

গণশক্তি [গণ (প্রজাসমূহ ; জনসঙ্ঘ)-শক্তি] বি, জনসঙ্ঘের শক্তি ; জনবল।

গণা (-র্গ-) [গুণা, গোনাও হয়। গণ=গণনা করা] উং-পুং-গণি, গুণি। মং-পুং-গণ, গোণো ; গণ্‌ন্, গুণ্‌ন্ ; গণ্, গোণ্। প্রং-পুং -গণে, গোণে ; গণেন্, গোণেন্। অস-ক্রি-গণিতে, গুণ্‌তে ; গণিয়া, গুণিয়া [ণিজন্ত-গণানি] ক্রি, গণনা করা ; সংখ্যা করা। ২ গণ্য করা। "শমনে সামান্য গণে।"-দাশরথি। ৩ বিচার করা ; মনে করা ; বোধ করা। "আমি করি নিবেদন আর না করিহ রণ হেতু কিছু আমি মনে গুণি।"-কবিকং। ৪ স্মরণ করা। "মনে গুণি পূরব সুনেহ।"-বিং পং। ৫ মান্য করা। ৬ বিণ, গণিত ; সংখ্যাত। ৭ গণনায় নির্দ্ধারিত ; কমও নহে ; বেশীও নহে ; ঠিক ঠিক। "তাঁহাদিগের বর্ষীয়সী গ্রীকজাতির বয়ঃক্রম গণা সাতাইশ শত বৎসর।"-উপাসনা,

৬ষ্ঠ বর্ষ [ব্রজ০]-গঁণইতে-গণনা করিতে। "গণইতে দোষগুণলেশ না পাওবি।"-বি০ প০। গঁণবি-গণ্য করিবে; গণিবে। "চিতে নাহি গণবি আনে।"-বি০ প০। গঁণলা-গণনা করিলাম; গণ্য করিলাম। "পিয়াক গরবে হাম কাহুক না গণলা।"-বি০ প০। গঁণলু,-লুঁ-গণ্য করিলাম, গণিলাম। বি, গণ্‌তি, গুণ্‌তি। গঁণা গাঁথা-সংখ্যাত ও গ্রথিত; গণনায় নির্দ্ধারিত। ২ যা সংখ্যা করা ও মনে গাঁথিয়া রাখা হইয়াছে সুতরাং ভুল হতে পারে না। "গণা গাঁথা জিনিস হতে একটী সরিলেই জানিতে পারিবে।"

গঁণা-গোষ্ঠী-গণ ও গোষ্ঠী: জাতিকুল: পরিবারবর্গ; গোষ্ঠীবর্গ; পরিজনসমূহ।

গঁণাই [গণেশ-গণেই-গণাই (অনাদরে অতি পরিচয় বা স্নেহার্থে)] বি, গণাইঠাকুর; গণপতি।

গঁণাক্রান্ত [গণ দ্বারা আক্রান্ত-৩ তৎ কিংবা গণকে আক্রান্ত (প্রাপ্ত)-২ তৎ] বিণ, যে-কোন পক্ষে স্থিত, দলভুক্ত; দলবদ্ধ, দলপ্রাপ্ত।

গঁণাগিন্তি, গঁণাগুন্তি-নিখুঁতভাবে গণিত। "মোটে কম হইলে চলিবে না গণাগুন্তি বামুন।"

গঁণাগ্রণী [গণের (দেবগণের) অগ্রণী (অগ্রগামী, অধ্যক্ষ)-৬ তৎ] বি, গণেশ। ২ মহাদেব।

গঁণাধিপ-বি, গণপতি।

গঁণানি [গণা দ্রঃ। উ০ পু০-গণাই। ম০ পু০-গনাও; গণান্; গণা। প্র০ পু০-গণায়; গণান। অস-ক্রি-গণাইতে; গণাইয়া, গণিয়ে, গুণিয়ে] ক্রি, সংখ্যা করান। ২ গণৎকার দ্বারা ভাগ্য গণনা করান। ৩ বর-কন্যার ভবিষ্যৎ শুভাশুভ জানিবার জন্য পঞ্জিকা কোষ্ঠী ই০-র সাহায্যে জ্যোতিষী পণ্ডিত দ্বারা বিবাহের ফলাফল নির্দ্ধারণ করা। "গণান গাঁথান হয়ে গিয়েছে, দেনা-পাওনার গোলটা মিটলেই বিবাহের দিন স্থির হয়।"

গঁণান্ন [গণের অন্ন (৬ তৎ, কিংবা গণের জন্য অন্ন-৪ তৎ)] বি, বহু লোকের জন্য একত্রে যে অন্ন (ভোজনীয় দ্রব্য প্রস্তুত হয়। ~ভোজী [গণান্ন-ভোজিন্ ১মা ১ব০] বিণ, যে বহুবিধ গণের সংশ্লিষ্ট অন্ন ভোজন করে: গণান্নভক্ষক: যে সাধারণের অন্ন ভোজন করে।

গঁণি-ক্রি, গণ্য করি। ২ মনে করি: ভাবি; বোধ করি। ৩ গণনা করি। ৪ গণিকা বুঝিয়া (কবিক০)।

গঁণিকা [গণ+ণিচ্=গণি+অক স্ত্রীং-আ। -ই আগম] যাকে কামুকেরা কামুকী বলিয়া গণনা করে [কিংবা গণ (কামুকসমূহ)+ইক (স্ত্য)) যার পতিরূপে অনেক কামুকগণ আছে-আ (স্ত্রীং)] বি, বারস্ত্রী; বেশ্যা। ২ হস্তিনী। ৩ যূঁইফুল। ~রিকা-বি, ওষধিবিঃ।

গঁণিত [গণ (সংখ্যা কর)+ণিচ্=গণি+ত (র্ম্ম) ই আগম] বিণ, যা গণনা করা হইয়াছে: সংখ্যাত। ২ [ণে-যদ্দ্বারা অর্থাৎ যে শাস্ত্রদ্বারা গণনা করা যায়] বি, অঙ্কশাস্ত্র mathematics. ~জ্ঞ (-র্ত-) [গণিত (অঙ্ক-শাস্ত্র) জ্ঞ (যে জানে) জ্ঞা (জানা)+অ (র্ত্তৃ) যে জানে] বি, যে গণিতশাস্ত্র জানে: গণিতশাস্ত্রবেত্তা। ~বিজ্ঞান-the science of mathematics ~বিদ্যা-গণিত শাস্ত্র। শ্রেণী-arithmetical progression উচ্চগণিত-higher mathematics. পাটীগণিত-arithmetic. বীজ-গণিত-algebra, মিশ্রগণিত-mixed mathematics রেখাগণিত-পরিমিতি mensuration

গঁণীভূত [গণ-চ্বি-গণী+ভূত (ভূ+ত, র্ত্তৃ)] বিণ, বংশগত; জাতিগত। ২ গণান্তর্গত: সম্প্রদায়ভুক্ত।

গঁণেয় [গণ+এয় (স্বার্থে নিপাতনে সিদ্ধ)। বিণ, গণ্য; গণনীয়।

গঁণেরু [গণ (কামুকগণ)+ঈর্ (গমন করা)=গণের+উ (র্ত্তৃ)=গণেরু, কামুকগণ কাম-নিবৃত্তির জন্য যেখানে গমন করে] বি, বি, বারাঙ্গনা: বেশ্যা। ২ হস্তিনী। ৩ কর্ণিকার বৃক্ষ। ~কা-বি, দূতী; কুট্টনী: কুটনী।

গঁণেশ [গণের-দেবগণের ঈশ (প্রভু) -৬ তৎ] বি, শিব ও পার্ব্বতীর জ্যেষ্ঠপুত্র; গণপতি। ইনি গণের অধিপতি। ~কুসুম [গণেশের মত রক্তবর্ণ যে কুসুম-ধা] বি, রক্ত করবীর পুষ্প। ২ বি, রক্ত করবীর গাছ। ~খণ্ড-বি, স্কন্দ পুরাণান্তর্গত গণেশের উৎপত্তি-বিষয়ক গ্রন্থবিঃ। ~প্রিয় [বৈদ্যক] বি, রক্তকরবীর। ~ভূষণ [বৈদ্যক] বি, সিন্দুর। ~শৈশব [গণেশ (গজানন) হইয়াছে শৈশব (শিশু) যার-বহু০] বি, শিব। "গ০-শৈশব বিভূতি-বৈভব ভবেশ-ভৈরব দিগম্বর।" -ভারত০।

গঁণ্ড [গণ্ড্ (গণ্ড ব্যাপার হওয়া)+অ (র্ম্ম)] বি, কপোলদেশ; গাল cheek. ২ ঘোড়ার গণ্ডদেশের সাজ: অশ্বভূষণবিঃ। ৩ গণ্ডার। ৪ হাতীর গাল। ৫ গজের কুম্ভ। ৬ চিহ্ন। ৭ বৃহৎ স্ফোটক; ফোড়া; গাঁড tumour. ৮ গ্রন্থি। ৯ বুদ্বুদ। ১০ যোগবিঃ। বিণ প্রধান। গঁণ্ডে পিণ্ডে, গাণ্ডে পিণ্ডে [গণ্ডে (গ্রা০ গাণ্ডে কণ্ঠ অর্থে, গলে) পিণ্ডে (কুঁচকির বা কুক্ষি নিম্নের পিণ্ডিকা হতে)] কুঁচকিকণ্ঠা ঠাসিয়া, অপরিমিতরূপে।

গঁণ্ডক [গণ্ড+ক (স্বার্থে)] বি গণ্ডার। ২ অন্তরায়; বিঘ্ন। ৩ গণ্ডা। গণ্ডাকিয়ার সংখ্যাবিঃ। স্ত্রীং, ~কী-নদীবিঃ [পবিঃ দ্রঃ]।

গঁণ্ডকারী-বি, বৃক্ষবিঃ। ২ লজ্জাবতী লতা। ৩ খয়ের গাছ। ৪ কেওয়াঠুঁটী। ৫ বনচালিতা।

গঁণ্ডকীশিলা-বি, গণ্ডকী নদীর তীরস্থ শালগ্রামদেশোৎপন্ন শালগ্রাম শিলা।

গঁণ্ডকূপ-বি, গণ্ডস্থলের কূপ। ২ শৈল-শিখরস্থ সমতলভূমি: অধিত্যকা a table land.

গঁণ্ডগাত্র [গণ্ড (স্ফোটক) গাত্রে (শরীরে) যার-বহু০] বি, ডেয়ো মান্দার, আতা ও নোনা ফল। ২ বিণ, যার গায়ে আতার মত গণ্ড সমাকীর্ণ।

গঁণ্ডগোল [গণ্ড (প্রধান, অত্যধিক) গোল] বি, গোলমাল, অতিশয় কোলাহল, বহুলোকের কলরব। ২ বিবাদ।

গঁণ্ডগ্রাম [গণ্ড (প্রধান) গ্রাম-ধা]

বি, বৃহৎ গ্রাম ; বহুজনবাসযোগ্য গ্রাম [মানভূমে] যে গ্রাম মিউনিসিপ্যালিটীর অধীন municipal village

গণ্ডদেশ-বি, কপোল ; গণ্ডস্থল ; গাল।

গণ্ডফলক-বি, গণ্ডস্থল ; কপোল ; গাল। ২ বিণ, বিস্তীর্ণ কল্লোলযুক্ত।

গণ্ডবাক্ [প্রাদে°] বি, গুবাক ; সুপারি।

গণ্ডবিন্দু-বি, কুবেরের সেনাপতি।

গণ্ডমণ্ডল [গণ্ড-মণ্ডল, ৬ তৎ] বি, গণ্ডদেশ। "গ° বলিত কুণ্ডল উড়ে চূড়ে শিখণ্ড।" -গোবিন্দ°।

গণ্ডমালা [গণ্ড (স্ফোটক) মালা (শ্রেণী)-৬ তৎ] বি, গলদেশে মণ্ডলাকার ফোড়াসমূহ। ২ গণ্ডের ন্যায় গোলাকার স্বর্ণগুটিকার মাল্য ; বালকের কণ্ঠভূষণবি°।

গণ্ডমূর্খ [গণ্ড (প্রধান)=মূর্খ-যা] বিণ, অতিশয় নির্ব্বোধ, ঘোর মূর্খ, নিরেট বোকা।

গণ্ডযোগ-বি, রাশিচক্রের একসপ্তবিংশতিতম অংশ অর্থাৎ ২৭ যোগের মধ্যে দশম যোগ। এই যোগে জন্ম হইলে পিতামাতার মৃত্যু হয়। "গণ্ডযোগে জন্ম হলে, সে হয় যে মা-খেকো ছেলে।" -রা° প্র°।

গণ্ডলেখা [গণ্ড-লেখা=রেখা (সীমা)] বি কপোলদেশ ; গাল ; কপোল॥

গণ্ডশৈল [গণ্ড (প্রকাণ্ড) শৈল (গোলাকার খণ্ড)] বি, অগ্নুৎপাত ভূমিকম্প ই° দ্বারা উৎক্ষিপ্ত গোলাকার সুবৃহৎ প্রস্তর বা পর্ব্বতাংশ boulder ২ ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড়। ৩ ললাটদেশ ; কপাল।

গণ্ডস্থল [গণ্ড (গাল) স্থল (স্থান) ধা] বি, কপোলদেশ ; গণ্ডদেশ ; সমুদয় গাল। স্ত্রী°, **~লী** (-স্থ°-)।

গণ্ডা-বি, গণ্ডায়। "গ° বলিদান, অভয়া কৈল পান জবার মালা গলে দোলএ।" -শূ° পু°। ২ সংখ্যাবি°; ৪ কড়ায় এক গণ্ডা। "অঙ্কশাস্ত্রে বররুচি, গ্যালিলিয়ো, নিউটান। গ° কড়ি গুণ্তে হ'লে জানের বাড়ী যান॥" -হেম°। ৩ পাওনা হিসাব; প্রাপ্য অংশ। **আপন গণ্ডা**-স্বার্থ; নিজের প্রাপ্য। **গণ্ডা গণ্ডা**-বহুসংখ্যক; অনেক ; যথেষ্ট পরিমাণ। **গণ্ডায় আণ্ডা বা এন্দা দেওয়া**-গণ্ডাকিয়া শেখাইবার সময় পাঠশালের সদ্দার পড়ুয়া যখন যত কড়ায় যত গণ্ডা বলে অপর পড়ুয়ারা তাই সমস্বরে পুনরাবৃত্তি করে কিন্তু যে ফাঁকি দেয় সে গণ্ডার সুরে সুর মিলাইয়া শেষে বলে আণ্ডা বা ণ্ডা (তাহতে) ফাঁকি দেওয়া। **~কিয়া**-বি, গণ্ডা হিসাবে সংখ্যা করিবার ধারা।

গণ্ডাঙ্গ [গণ্ড+অঙ্গ] বি, গণ্ডার।

গণ্ডার [যশো°, খুলনা প্রাদে°-"গ্যাড়া"] বি, স্থলচরী প্রসিদ্ধ পশু; খড়্গী rhinoceros

গণ্ডি [গণ্ড+ই (জ্ঞা°)] বি, গাছের গুঁড়ি। ২ বেষ্টন-রেখা। প্র-গণ্ডির মধ্যে থাকা। গণ্ডির বাহিরে পা দেওয়া। ৩ মন্ত্রবেষ্টনী, (যে মন্ত্রপূত স্থান হতে ভূতাদি অপদেবতা বা মনুষ্যাদি জীবগণ বাহিরে যাইতে, বাহির হতে ও তন্মধ্যে আসিতে পারে না)। মায়ামৃগ ধরিতে যাইবার সময় লক্ষ্মণ ভ্রাতৃজায়া সীতাদেবীকে গণ্ডির মধ্যে রাখিয়া এবং গণ্ডির বাহিরে যাইতে নিষেধ করিয়া গিয়াছিলেন।

গণ্ডীরিকা-বি মঞ্জিষ্ঠা ; তেওটাসিজ ; মনসাসিজ।

গণ্ডু [গন্ড্+উ-উ (জ্ঞা°)] বি, মস্তকাধান ; উপাধান ; বালিশ। ২ গ্রন্থি : গাঁট।

গণ্ডূপদ [গণ্ডু (গ্রন্থি) পদে (সর্ব্ব শরীরে) যার-বহু°] বি, কিঞ্চুলুক ; কেঁচো। স্ত্রী°, **~দী** (-পী-)-ছোট কেঁচো।

গণ্ডূষ [প্রা-বাং, 'গণ্ডুস' (শূ° পু°) -অপ্র°। গন্ড্ (বদনের এক দেশ)+উষ (জ্ঞা°)] বি, মুখপূর্ণ জল। ২ এককোষ জল। ৩ গোকর্ণাকৃতি করতল। ৪ হিন্দু শাস্ত্রমতে ভোজনের প্রথমে ও শেষে মন্ত্র-পাঠ পূর্ব্বক মুখে যে জল গ্রহণ করা হয়। "জহ্নুমুনি গঙ্গাকে গ° করি গিলে।"-শি°। ৫ হস্তিশুণ্ডের অগ্রভাগ। **এক গণ্ডূষ জল দেওয়া**-পিতৃপুরুষের তর্পণ করা।

গণ্ডেরী [হি°] বি, আকের টুকরা।

গণ্ডোপধান [গণ্ড (গোল) উপধা (ধারণ করা)+অন (ধি) গণ্ড রাখা হয় যাতে] বি, গণ্ডস্থল রাখিবার বালিশ ; গালবালিশ।

গণ্ডোপল [গণ্ড (গণ্ডবৎ) যে উপল, ম° প° লো°] বি, শিল ; করকা।

গণ্ডোল [গণ্ড্ (বদনের একদেশ)+ওল (র্ত্তৃ) যে মুখবিবর পূর্ণ করে] বি, গ্রাস, কবল। ২ গুড়। ৩ চিনি। **~পাদ** [গণ্ডোলের ন্যায় যে পাদ-যা] বি, করকার ন্যায় বর্ত্তুলাকার চরণ।

গণ্য [গণ্ (গণনা করা)+ণিচ্+গণি +য (র্ম্ম)] বিণ, গণনার যোগ্য ; গণনীয়। ২ গ্রাহ্য। ৩ বিবেচ্য। **~করা**-গণনা করা, বোধ করা ; মনে করা। **~মান্য**-বিশিষ্ট : সম্ভ্রান্ত। **অগণ্য**-অসংখ্য ; অগণিত। **অগ্রগণ্য**-প্রধান ; অগ্রবর্ত্তী। **নগণ্য** -যে গণ্য নয় ; যাকে গণ্য করা হয় না গণনার অনুপযুক্ত। ২ তুচ্ছ।

গৎ [হি°-গৎ] বি, গানের নিৰ্দ্ধারিত সুর ; বাজনার নির্দ্দিষ্ট বোল। ২ অপরিবর্ত্তনীয় ধারা। ৩ গতি। **বাঁধাগৎ, বাঁধিগৎ**-যে গতের পরিবর্ত্তন নাই।

গত [গম্ (গমন করা)+ত (র্ত্তৃ) ম-লোপ] বিণ, যে গিয়াছে ; প্রস্থিত। ২ অতীত ; যা হইয়াছে। ৩ সমাপ্ত। ৪ নষ্ট। ৫ উৎসন্ন ; পতিত ; যার ফিরিবার বা ভাল হইবার আশা নাই। ৬ গত প্রাণ ; মৃত। ৭ সঞ্চারিত ; পরিব্যাপ্ত। ৮ [গম্-ত] প্রাপ্ত ; জ্ঞাত। ৯ [ভা°-ত] বি, গতে বিষয়।

গতকল্য-বি, বিগত কাল ; যে দিন শেষ গত হইয়াছে ; অদ্যকার অব্যবহিত পূর্ব্বদিবস yesterday.

গতক্লম [গত (অতীত) হইয়াছে ক্লম (ক্লান্তি, শ্রম) যার-বহু°] বি, যার শ্রান্তি দূরীভূত হইয়াছে ; যে কায়ক্লেশ দূর করিয়াছে ; অবসাদহীন ; বিশ্রান্ত।

গতখামার [জমী° পরিঃ] বি, যে জমী পূর্ব্বে খাসখামার ছিল পরে খাসখামার হতে খারিজ হইয়াছে।

গতঘৃণ [গত (অতীত) হইয়াছে-ঘৃণা যার-বহু°] বিণ, ঘৃণাবিহীন ; নির্ঘৃণ ; যার ঘৃণা নাই ; ঘৃণারহিত।

গতচেতন [গত হইয়াছে চেতন (জ্ঞান) যার-বহু°] বিণ, অচৈতন্য ; যার চৈতন্য নাই ; চেতনাবিহীন ; হতচেতন ; অজ্ঞান ; সংজ্ঞাহীন।

গতজীব [গত (প্রস্থিত) হইয়াছে জীব (প্রাণ) যার-বহু°] বিণ, বিগত প্রাণ ; গত-জীবন ; মৃত [দ্রঃ-মাইকেল মধুসূদন দত্ত "হতজীব" শব্দ ব্যবহার করিয়াছেন]।

গতজ্যোতিঃ [গত (নষ্ট)-জ্যোতিঃ (তেজ, দীপ্তি) যার-বহু°] বিণ, বিগত তেজঃ দীপ্তিহীন। "গ° আঁখি।"-মেঘ°।

গতত্রপ [গত হইয়াছে ত্রপা (লজ্জা) যার-বহু°] বিণ, নির্লজ্জ, লজ্জাহীন, বিগত-লজ্জা ; বে-সরম। স্ত্রীং, ~া।

গতনাসিক [গত হইয়াছে নাসিকা যার-বহু°] বিণ, নাসিকাবিহীন ; খাঁদা।

গতনিদ্র-বিণ, বিগত নিদ্রা ; যার ঘুম ভাঙ্গিয়াছে ; বিনিদ্র ; তন্দ্রাহীন।

গতপ্রত্যাগত [পূর্ব্বে যে গত সেই পশ্চাৎ প্রত্যাগত (প্রতিনিবৃত্ত)-ধা] বিণ, যে পূর্ব্বে গিয়াছিল সে এখন ফিরিয়া আসিয়াছে।

গতপ্রাণ [গত হইয়াছে প্রাণ যার-বহু°] বিণ, যার প্রাণ ত্যাগ হইয়াছে ; মৃত ; গত-জীবন ; প্রাণহীন।

গতবুদ্ধি [গত (লুপ্ত) হইয়াছে বুদ্ধি (জ্ঞান) যার-বহু°] বিণ, নষ্টবুদ্ধি ; লোপপ্রাপ্ত বুদ্ধি ; হতজ্ঞান ; বুদ্ধিহীন।

গতব্যথ [গত (দূরীভূত) হইয়াছে ব্যথা (দুঃখ) যার-বহু°] বিণ, বেদনাশূন্য, ব্যথাহীন।

গতভর্ত্তৃকা [গত-(প্রস্থিত বা নষ্ট) হইয়াছে ভর্ত্তা (স্বামী) যার-বহু°, ভর্ত্তৃ+ক-আ (স্ত্রীং)। ঋকারান্ত শব্দের বহু° সমাসে অন্তে ক-যোগ হয়] বিণ, যে স্ত্রীর স্বামী বিদেশে গিয়াছে ; প্রোষিত ভর্ত্তৃকা। ২ পতিহীনা ; বিধবা। ~ভূষণা-বি, নিরাভরণা।

গতযৌবন-বিণ, প্রৌঢ় ; বৃদ্ধ।

গতর [গাত্র-গাতর-গতর। প্রা°-বাং 'গতা', 'গাত' "ক্ষীণ পয়োধর দুর্ব্বার গতা"] বি, গাত্র ; শরীর। ২ শরীরের স্থূলতা। ৩ স্বাস্থ্য। ৪ শরীরের বল। "বলে, গ° আছে, খেটে খেগে।"-ঈ° গুপ্ত। "খুব গ° বার ক'রলে।"-উত্তরা। **~খাকী, ~খাগী**-[গ্রা°] যে স্ত্রী স্বীয় শরীরের সকল শক্তি খাইয়াছে অর্থাৎ যার গতরের অহঙ্কার বা দর্প নিজ দোষে চূর্ণ হইয়াছে ; যার নড়িবার চড়িবার শক্তি পর্য্যন্ত লোপ পাইয়াছে। ২ অত্যন্ত অলস বা কুঁড়ে স্ত্রীলোকের প্রতি গালী স্বরূপ প্রযুক্ত হয়। পুং, ~খেকো। **~খাটানি**-শারীরিক পরিশ্রম করা। **~জমা**-আলস্য ; কুঁড়েমি। **গতুয়া**-গেঁতো দ্রঃ। **গ° নাড়া**-দেহ সঞ্চালন করা ; কর্ম্মে ব্যাপৃত থাকা। "গ° নাড়তে চায় না।" **গ° পোষা**-শ্রম বাঁচাইয়া চলা ; পরিশ্রম-সাধ্য কার্য্য হতে বিরত থাকা ; মেহনত না করা ; দেহকে না খাটান। ২ শরীরের শক্তি ব্যয় না করিয়া দেহ যাহাতে পুষ্ট হয় তাই করা। **গতরে মাওড়া পোকা ধরা**-অকর্ম্মণ্য হইয়া যাওয়া ; আলস্যে কাল কাটাইতে কাটাইতে কর্ম্মের শক্তি হারাইয়া ফেলা। **গতরের মাথা খাওয়া**-কর্ম্মের শক্তি হারান ; স্বাস্থ্যহীন হওয়া ; নিষ্কর্ম্মা হইয়া থাকা। **গা-গতর** [একার্থক সহচর শব্দ] সর্ব্বাঙ্গ ; অঙ্গ প্রত্যঙ্গ।

গতরস [গত হইয়াছে রস যার-বহু°] বিণ রসশূন্য ; নীরস ; রসহীন।

গতরায়িতী [জমী° পরিঃ] বি, কোন প্রজার নামে জমা হতে খারিজ করা জমী।

গতরিয়া, গতুরে [গতর (দ্রঃ)+ইয়া। ক্ষে°-গতুরে] বিণ, যার গতর আছে ; পরিশ্রমী ; কর্ম্মঠ।

গতলজ্জ-বিণ, যার লজ্জা গত হইয়াছে ; যার লজ্জা নাই ; নির্লজ্জ।

গতশোক-বি, বিগত-শোক। ২ অশোক গাছ।

গতশোচন [গত (গত বিষয়ের) শোচন (শোক)-৬ তৎ] বি, পশ্চাত্তাপ ; গতানু-শোচন ; অনুতাপ। ২ [গত হইয়াছে শোচন (শোক) পশ্চাত্তাপ যার-বহু°] যার শোক দূর হইয়াছে। স্ত্রীং, ~া-গত বিষয়ের অনুশোচনা।

গতসঙ্গ [গত (পরিত্যক্ত) সঙ্গ (সংসর্গ) যৎ কর্ত্তৃক-বহু°] বিণ, ত্যক্তসঙ্গ ; নিঃসঙ্গ। ২ ফলকামনাহীন। ৩ [গত হইয়াছে সঙ্গ (বিষয় বাসনারূপ সংসর্গ) যার-বহু°] যার বিষয়বাসনা নাই ; বিষয়বাসনাবিহীন। ৪ [গত (প্রাপ্ত) হইয়াছে সঙ্গ যৎকর্ত্তৃক] যে সঙ্গ পাইয়াছে ; ফল কামনাবিশিষ্ট ; প্রাপ্ত-সংসর্গ।

গতসন্নক [গত (অতীত) হইয়াছে সন্ন (অবসন্নতা) যার-বহু°, ক যোগ-অবসাদ হেতু যার মদক্ষরণ রহিত হইয়াছে] বি, মদশূন্যহস্তী।

গতস্পৃহ [গত (দূরীভূত) স্পৃহা (বাসনা) যার-বহু° (বহু° সমাসে আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের আকার অকার হয় যদি সমাসে পুংলিঙ্গকে বুঝায়)] বিণ, বিগতস্পৃহ ; বীতরাগ ; যার আর কোন বিষয়ে বাসনা নাই ; কামনাশূন্য, কামনাবিহীন।

গতাক্ষ [গত (নষ্ট) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যার বহু°, (বহু° সমাসে অক্ষি শব্দে চক্ষুঃ বুঝাইলে 'অক্ষ' এইরূপ হয়] বিণ, গতচক্ষুঃ ; নেত্রহীন ; শূন্যলোচন ; অন্ধ।

গতাগত [গত এবং আগত-দ্বন্দ্ব] বি, গমনাগমন ; যাতায়াত ; যাওয়া আসা। ২ পক্ষীর গমনবিঃ। **~গতি** [গত ও আগতি (আগমন)-দ্বন্দ্ব] বি, স্ত্রী, গমনাগমন। "লোক-গতাগতি বার্ত্তা পাব নিরন্তর।"-চৈ° চ°। ২ জন্ম মৃত্যু। "হরগৌরী পদতলে দ্বিজ-রামেশ্বর বলে দূর কর গ° দোষ।"-শি°।

গতানি [গম্ ধাতুজ। গম=প্রাপ্ত হওে] ক্রি, হস্তগত করান ; গছান। "আগে থেকে টাকা গ° ছিল।"

গতানুগতিক [গত (যে গিয়াছে) তার অনুগতিক (অনু=পশ্চাৎ-গতিক=গমনকারী) -৬ তৎ] বিণ, পূর্ব্ব দৃষ্টান্ত অনুসরণ করিয়া যারা গমন করে ; অন্যকে যাইতে দেখিয়া যারা পশ্চাৎ পশ্চাৎ গমন করে ; অনুকারী ; লোকদৃষ্টান্তানুবর্ত্তী। ২ বি, গতানুগতিক ন্যায়।

গতানুশোচন [গত (গত বিষয়ের) অনুশোচন (পশ্চাৎ তাপ)-৬ তৎ] বি, গত বিষয়ের অনুতাপ ; পশ্চাত্তাপ।

গতায়তি [গত (গমন) এবং আয়তি (আগমন)-দ্বন্দ্ব°] বি, যাতায়াত ; যাওয়া আসা ; গমনাগমন। "এ পথে নিয়তি কর

গ° নূপুরের ধ্বনি শুনি।"-চণ্ডী°। ~য়াত [গত (গমন) এবং আয়াত (আগমন)-দ্বন্দ্ব°] বি, যাওয়া-আসা ; যাতায়াত। "হইল মঙ্গলময় পণ্ডিত ভবন চতুর্দ্দিকে গতায়াত করে লোক-গণ।"-নবদ্বীপ পরিক্রমা।

গতায়ু [গত হইয়াছে আয়ুস্ (জীবন কাল) যার-বহু°] বিণ, যার পরমায়ুঃ ক্ষয় হইয়াছে ; যার মৃত্যুসময় আগত হইয়াছে ; আগতমৃত্যু ; আসন্ন মরণ।

গতার্ত্তবা [গত (অতীত) হইয়াছে আর্ত্তব (ঋতু সম্বন্ধীয় ফল বা ঋতু) যাব-বহু°] বি, যার ঋতু বন্ধ হইয়াছে ; বৃদ্ধা স্ত্রী। ২ বন্ধ্যা ; বাঁঝা স্ত্রী ; ইহাদের ঋতু ফল নাই।

গতার্থ [গত (অতীত, সমাপ্ত) হইয়াছে অর্থ (অভিধেয়, প্রয়োজন) যাব-বহু°] বিণ, যার প্রয়োজন শেষ বা সমাধা হইয়াছে ; যাব প্রয়োজন নাই ; সিদ্ধপ্রয়োজন।

গতাসু [গত (বহির্নিঃসৃত) হইয়াছে অসু (প্রাণাদি পঞ্চ বায়ু) যার-বহু°] বিণ, যার প্রাণ দেহত্যাগ করিয়াছে ; গতপ্রাণ, মৃত। "স্ত্রী হলেন গ°।"-দ্বি° রায়।

গতি [গম্ (গমন করা) + তি (ভা°)। প্রা°-বাং-গতী] বি, গমন ; প্রস্থান ; যাওয়া. ("সব সর্থাজন মোকে ছাড়ি কৈল গতী।" -শ্রী° কী°) গতিবিধি। "ভাল মতে কহ বড়ায়ি তার থান গতী।"-শ্রী° কী°। ২ আগমন। "কি হেতু মাতঃ। গ° তব আজি এ ভবনে?"-মেঘ°। ৩ অবস্থা ; ভাব ; দশা। "মাথ তুলিয়া দেখহ আহ্মার গতী।" -শ্রী° কী°। "আকাশের গ° ; কালের গ°।" ৪ যাত্রা। ৫ জীবনযাত্রা। ৬ অবলম্বন ; শরণ ; আশ্রয়। প্র-তোমা বিনা গ° নাই। "তোহ্মা ছাড়ি নাহি গতী।" -শ্রী° কী° ; ৭ উপায়। "গৌরী বিনা গ° নাই গড় করি সাধে।"-শি°। ৮ জ্ঞান। ৯ পরিণাম। "নান্দ গোপ ঘুণিগে উহবের কোন গতী।"-শ্রী° কী°। ১০ সঞ্চার। ১১ স্বরূপ ; প্রকার। "কেবা জানে তব গ°।" "নাচএ নারদ। ভক্তের গতী।"-শ্রী° কী°। ১২ নির্ব্বাহ। ১৩ প্রাপ্তি। ১৪ [তি-ধি, গমন করে যাতে] পথ। ১৫ গম্যস্থান। ১৬ প্রমাণ। ১৭ ভাগ্য। ১৮ নাড়ীব্রণ। ১৯ যে গুণ থাকাতে জড় পদার্থের একস্থান হতে স্থানান্তর প্রাপ্তি হয় ; চলৎশক্তি ; বেগ motion. ২০ [প্রা° বাং] সেবক ; ভক্ত। ২১ ধর্ম্মানুচর ; গণ দ্রঃ। "মদনা জুবতী সঙ্গে সোলস অগতি, গাজন দুআরে উপনীত।"-শূ° পু°। ২২ উদ্ধার। প্র-ওর গ° হবে না। ২৩ সংকাব ; শবদাহ। প্র-গ° করে ফিরে এসেছে। ২৪ পথ। ২৫ [প্রাদে গাত্র হতে গত্তি-গতি] গতর। প্র-ছেলেটির গ° লাগে নি। ২৬ বিণ, ভক্ত "গাই বড়ু চণ্ডীদাস বাসলী গতি।" ~ক্রিয়া-সংকার করা। ২ ব্যবস্থা করা। ৩ উদ্ধার করা। ~গণিত-kinetics. ~দান-গতিশক্তি দান ; চালন। ~মুক্তি-দান-উদ্ধার সাধন। অগতির গতি-যার গমন-ক্ষমতা নাই তার পক্ষে চলৎশক্তি স্বরূপ। ২ অনন্যোপায়ের উপায় ; পতিতের উদ্ধারক ; বদ্ধজনের মুক্তিস্বরূপ। ৩ নিরা-শ্রয়ের আশ্রয়।

গতিক$_{1}$ [গতি + ক] বি, অবস্থা ; দশা। প্র-আজকের গ° ভাল নয়। "আজিকে গ° মন্দ।"-রবী°। ২ প্রকার ; কৌশল ; উপায়। প্র-কোন গতিকে এ-কাজটা যদি হয়ে যায়। কোন গতিকে একবার দেখা করিয়ে দিতে পার? ~করা [বাঁকুড়া প্রাদে°] ক্রি, ওয়াদা করা ; ক্রমাগত ওজর বা ছল করিয়া ঋণ পরিশোধ বা এড়ান, ক্রমাগত মিথ্যা প্রতিশ্রুতি দান করা evading payment by false pnetences. কার্য্যগতিক-কর্ম্মের ধারা ; কার্য্যের প্রয়োজন। প্রাণগতিক-জীবনের অবস্থা। বেগতিক-সঙ্কট ; অসুবিধা ; দুর্য্যোগ। প্র-বেগতিক দেখে পালিয়েছে। শরীর-গতিক-শরীরের অবস্থা। গতিকে-ক্রি-বিণ, প্রকারে। "কোন গতিকে তাকে উদ্ধার করাই চাই।" ২ জন্যে (পূ° ব° গী°)।

গতিক$_{2}$, **গতিকারক** [গ° পরিঃ] বিণ, গতি বিদ্যা বিষয়ক ; গতিশীল kinetic

গতিক্রিয়া-বি, দীর্ঘসূত্রতা procrastination

গতি/দায়ী [গতি (মুক্তি) দায়ী (যে দান করে) ; গতি-দা + ইন্-দায়িন ১মা ১ব°] বিণ, যিনি মুক্তিদান করেন। স্ত্রীং, ~দায়িনী-মোক্ষদাত্রী। "কিঙ্করে কর দয়া দয়াময়ি! দাক্ষায়ণি! গতিস্ত্বংহি গতি-স্ত্বংহি, অগতির গতিদায়িনি।"-বাং-গান।

গতিবিজ্ঞান-বি, গতি-বিষয়ক বিজ্ঞান kinetics.

গতিবিদ্যা-বি, বলবিজ্ঞান dynamics

গতিবিধি [গতি (গমন) তাহার বিধি (বিধান)-৬ তৎ] বি, গমনের বিধান। ২ মুক্তির উপায়। "মুক্ত কর মোরে মুক্তকেশি! আমি মুক্তি অভিলাষী ওমা, কর গ° হর গ° এ ভবে, ভবপ্রেয়সি।"-রা° প্র°। ৩ গমনাগমন ; যাওয়া-আসা। প্র-এ দিকে তার গতিবিধি বড নাই। ৪ চালচলন ; রীতি-নীতি ; কার্য্যকলাপ। "কিছুদিন তার গ° খুব ভাল করিয়া লক্ষ্য করিবে।"

গতিভঙ্গ-বি, গতিতে বিঘ্ন ; গতিকার্য্যে প্রতিবন্ধ ; গতি-প্রতিরোধ।

গতিরোধ-বি, গমনে প্রতিবন্ধ ; যাত্রায় বিঘ্ন বা বাধা ; চলচ্ছক্তিরাহিত্য।

গতিশক্তি [গতির (গমনের) শক্তি (ক্ষমতা)-৬ তৎ] বি, গমনাগমনের সামর্থ্য. যাতায়াতের ক্ষমতা ; চলৎশক্তি। ~রহিত [গতি-শক্তি (গমন-ক্ষমতা) তাতে রহিত -৭ তৎ, কিংবা তদ্দারা রহিত-৩ তৎ] বিণ, যার গমন করিবার শক্তি নাই ; গতিশক্তি-বর্জ্জিত ; গতিশক্তিহীন ; চলচ্ছক্তিরহিত।

গতিশূন্য-বিণ, যার গতি নাই ; অচল।

গতিসত্তম [গতিতে সত্তম (সর্ব্বোৎকৃষ্ট) -৭ তৎ] বি, যাঁর সর্ব্বত্র গতি ; ঈশ্বর।

গতিহীন [গতি দ্বারা হীন-৩ তৎ] বিণ, গমনশক্তি-হীন ; চলৎশক্তি-রহিত ; পঙ্গু। ২ যার উপায় নাই ; নিরুপায় ; যার সংসার-যাত্রা চলিবার বিশেষ ব্যবস্থা নাই ; অনন্যগতি।

গতুয়া [প্রাদে° ভেদে] বিণ, গেঁতো. দীর্ঘসূত্রী।

গত্যন্তর [গতি (উপায়ের) অন্তর (অন্য) -৬ তৎ] বি, অন্য উপায় ; উপায়ান্তর ; অন্যগতি।

গত্বর [গম্ + বর (কৃ-শীলার্থে-ত আগম)]

বিণ. গতিশীল। ২ অস্থায়ী। স্ত্রীং, ~া-বি, নৌ দ্রঃ।

গদ [গদ্ (বলা)+অ (কর্ত্তৃ)] বি. গদাধরের (কৃষ্ণের) কনিষ্ঠ ভ্রাতা। ২ ব্যাধি: রোগ। ৩ [ভাং] কথন। ৪ হলাহল, বিষ। ৫ গুল্ম ইং সর্প বিষের ঔষধ। ৬ সর্পবিষনিবারক মন্ত্র। "সর্পের যতেক গং ঔষধি সংসারে।"-মন্সাং (কালীং)। "নানা গং ঔষধি করিল আরোপণ।"-ঐ। ৭ [প্রাদেং] ভার: গুরু ভোজনের ভার।

গদগদ, গদগদ [সং-গদ (ভাষণে)। গদ্গদঃ-শব্দ, ক, দ্রঃ] অ. অব্যক্ত কণ্ঠধ্বনিবাচক। (২) হর্ষ, বিষাদ, রোষ, ভয়, লজ্জা, সঙ্কোচ, স্নেহ, করুণা ইং ভাববোধক, অব্যক্ত বা জড়িত কণ্ঠস্বর ভেদ। "রস ভরে গদ্গদ বোল।"-গোবিন্দ। ২ বিণ. ভাবে বিহ্বল: বিমোহিত বা ভোর হইয়া অস্ফুট কণ্ঠস্বরযুক্ত: "গায়িল নারদ, ভাবে গদ্গদ, এমন ভজন নাহিরে আর।"-হেমং। ৩ কাতরতাপূর্ণ বা ব্যাকুলতা-ব্যঞ্জক অদ্ধোচ্চারিত স্বরযুক্ত, জড়িত বচন। "রাম অশ্রুপূর্ণ লোচনে গদ্গদ বচনে কহিতে লাগিলেন।" -বিং সাং (সীং বং)। ৪ উল্লাসে বা আনন্দে রুদ্ধকণ্ঠ। "আনন্দে গদ্গদ নারদ মাতিল। তম্বী তুলিয়া তার মার্জ্জিত করিল॥"-হেমং। ৫ বিহ্বল, ভাবাবিষ্ট। "গদ্গদ চিত্ত। ~কণ্ঠ-রুদ্ধস্বর, রুদ্ধকণ্ঠে। ~বচন-শোক: অভিমান, ক্রোধ ইং হেতু অস্ফুট বাক্। গদগদনাদ-অব্যক্ত শব্দ। গদগদনাদী-অব্যক্ত গম্ভীর নিনাদকারী। "গদ্গদনাদী গোদাবরী।" বিণ. গদগদে-অতি কোমল, তলতলে। "আমড়া পেকে গদ্গদে হয়ে গেছে।"

গদড়া [হিং-গদলা-ময়লা জল; কাদা জল। ফাং-গন্দা] বি. ময়লা: মলিনতা। কোন কিছুর ময়লা ঘোরাট: কাদড়ানি।

গদলা [হিং-গদলা] বি. কাদা জল অতিশয় ঘোলা।

গদা [গদ্ (মেঘশব্দ)+অ (ণ্য) স্ত্রীং-আ। বা আঘাত কালে গুরুভার হেতু গদ্ করিয়া শব্দ হয় বলিয়া] বি, লৌহাদি-নির্ম্মিত প্রহরণ; গদা অস্ত্র: লৌহমুদ্গার। ২ মুগুর। ৩ মোটা লাঠি। ৪ পারুল গাছ। [সম।-গদা-মুদ্গার অপেক্ষা লম্বা। সাধারণ গদা অষ্টপল, মুষ্টিস্থান স্থূল এবং পদতল হতে বক্ষ পরিমাণ লম্বা। বৈশম্পায়নোক্ত গদা লৌহনির্ম্মিত। তাহার শীর্ষদেশ স্থূল, অঙ্গ শতপল বিশিষ্ট এবং ক্ষুদ্র ক্ষুদ্র লৌহ কণ্টকে সর্ব্বাঙ্গ খচিত। এই গদা লম্বায় চারি হাত। ইহার স্থূলতা রথচক্রের নাভির তুল্য ও ভয়ঙ্কর দর্শন) গদার মস্তকে কিরীট অর্থাৎ পাগড়ির মত বেড় থাকে। ইহা সুবর্ণ শৃঙ্খলে রক্ষিত বা গ্রথিত। ইহা গজ ও পর্ব্বত চূর্ণ বিচূর্ণ করিতে সমর্থ। ভীমের গদা এইরূপ গদা বলিয়া অনুমিত। মুদ্গর-গদার মতই লৌহময় কিন্তু অপেক্ষাকৃত হ্রস্ব। ইহা তিন হাতের অধিক হয় না। ব্যবহার ও কার্য্য উভয়েরই সমান অর্থাৎ ঘূর্ণন ও নিপাতন। গদার মুঠ স্থূল, মুদ্গারের কৃশ, মুদ্গারের অঙ্গ বর্ত্তুলাকার গদার মত পল থাকে না। মুদ্গার দ্রঃ। শতঘ্নীও এক প্রকার মুদ্গার। ইহা গদার ন্যায় কণ্টকিত লৌহসার-নির্ম্মিত, মুদ্গারের ন্যায় সুদৃঢ়, বর্ত্তুল এবং গদা ও মুদ্গারের ন্যায় মুঠযুক্ত, দৈর্ঘ্যে গদার মত চারিহস্ত প্রমাণ। ব্যবহার ও কার্য্যে তিনই সমতুল্য। শতঘ্নী দ্রঃ।-ধনুর্ব্বেদ (রত্নমালা)] ~ই [গদাধর শব্দের গ্রাং ও অতি-পরিচয়-সূচক রূপ। যথা-মাধব > মাধাই] বি. গদাধর: বিষ্ণু: কৃষ্ণ। ~ইস্কুরি চাল-গদা অর্থাৎ ভারবাহী নৌকা, ইহার অন্য নাম 'গাধাবোট'। ইহা গাধার মত বোঝাই লইয়া অতি মন্থর গতিতে যায়। গাধাই হতে গদাই এই পোতের লস্করগণ দ্রুতগমনে অনভ্যস্ত সুতরাং দীর্ঘসূত্রী। > দীর্ঘসূত্রতা; কুঁড়েমি, গেঁতোমি; 'হচ্চে হবে করছি করব' এই ভাব: সকল কার্য্য সাধনে বিলম্ব। মতান্তরে গদাধর লস্কর নামক কোন অলস ব্যক্তির স্বভাব হতে। ~গ্রজ [গদ (কৃষ্ণের কনিষ্ঠ ভ্রাতা) তার অগ্রজ (জ্যেষ্ঠ ভ্রাতা)-৬তৎ] বি, কৃষ্ণ: বিষ্ণু। ~ঘাত [গদা (দ্বারা) আঘাত -৩ তৎ] বি, গদা প্রহার; গদা দ্বারা আঘাত। ~ধর [গদা (লৌহ মুদ্গার) ধর (যে ধারণ করে)-উপং] বি. শ্রীকৃষ্ণ: বিষ্ণু। ২ গদাভৃৎ; গদাধারী। ~পাণি [গদা -পাণিতে যার-বহুং] বি. গদাধর; বিষ্ণু। ২ ভীম। ~যুদ্ধ [গদা (দ্বারা) যুদ্ধ-৩তৎ] বি, যে যুদ্ধে গদাই প্রহরণ। গদা যুদ্ধ করিতে হলে বিবিধ গতি শিক্ষা করিতে হয়, যুদ্ধশাস্ত্রে সেই সকল গতির অর্থাৎ সঞ্চরণের ও গদাপরিচালনার বিংশতি প্রকার কৌশল বর্ণিত হইয়াছে। ~সন [গদা নামক যে আসন-খা] বি, তন্ত্রোক্ত আসনবিঃ।

গদি [হিং-গদ্দা-গদ্দী] বি. তূলাদি পূর্ণ কোমল শয্যা বা আসনবিঃ। ২ [হিং-গদ্দী] মহাজনদিগের কারবারের স্থান। ৩ সিংহাসন। প্র-রাজগদি। ৪ মহান্তের পদ ও অধিকার।

গদিত [গদ্ (বলা)+ত (ণ্ম)] বিণ, যা বলা হইয়াছে ভাষিত; কথিত, উক্ত। ২ বাক্য। ৩ [ভাং] ভাষণ; কথন।

গদিয়ান [হিং-গদিবান] বি. আড়তের প্রধান কর্ম্মচারী। ২ সর্ব্বেসর্ব্বা: প্রধান। "পিতার মৃত্যু হইলে মতিলাল বাটীতে গং হইয়া বসিল।"-টেকচাঁদ।

গদী [গদা (লৌহ মুদ্গার)+ইন্ (স্ত্য) মুং-গদিন্ ১মা ১বঃ যার হাতে গদা আছে] বি. বিষ্ণু। ২ বিণ. গদাধারী; গদাধর।

গদগদ-গদগদ দ্রঃ।

গদ্দি [প্রাদেং] কৌতুক, পরিহাস, তামাসা। "চাষার গদ্দি কাস্তের ঠোকর।"

গদ্য [গদ্ (বলা)+য (ণ্ম) সচরাচর কথা বলার ভাষা] বি, যে বাক্য পদ্যের ন্যায় ছন্দোবন্ধে রচিত নহে; সদা সর্ব্বদা কথোপকথনের ভাষা [দ্রঃ-গদ্য পদ্যের ন্যায় মাত্রাগত বা পরিমিত অক্ষরগত না হইলেও গদ্য রচনার বিশেষ বিশেষ রীতি বা ধারা আছে: তাকে গদ্যের ছন্দঃ বলা যাইতে পারে prose style] ২ সঙ্কেত। "হেন বুঝি গং মোরে করিল যুবতী।"-কবিকং। ৩ পরিহাস; কৌতুক; ঠাট্টা। "গোপীনাথ গং করে পৌত্রবধূ হেরি। পদ্মিনী প্রদ্যুম্ন বধূ পরম সুন্দরী।"-শিং। "হেন বুঝি গং মোরে করিল যুবতী।"-কবিকং। ৪ বিণ. কথনীয়, কথন-যোগ্য।

গদ্যার্নক-বি, ৪৮ রতি পরিমাণ। ২ [বৈদ্যকে] ৬৪ গুঞ্জা পরিমাণ।

গন [প্রা°-বাং। গণ দ্র°] বি, পথ। "বিলম্ব না সহে মোরে ছেড়ে দাও গ°।"-ঘ°।

গনগন [অনু°। আগুন যখন খুব জ্বলিতে থাকে তখন তাহার শিখাসমূহ সর্পের মত ফণা উন্নত করিয়া বায়ুতে কাঁপিতে থাকে ও তা হতে গন্‌গন্ শব্দ উত্থিত হয়] অ, অগ্নি-জ্বলন শব্দ। প্র-এখনও উনানে আগুন গ° করিতেছে। বিণ, **গন্‌গনে**-দীপ্তিশালী; তেজাল। প্র-আগুন বেশ গনগনে হয়ে উঠেছে।

গন/গনানি [গনগন দ্র°] ক্রি, গনগন করা; প্রদীপ্ত ও জ্বলন শব্দে শব্দিত হওয়া। ২ ক্রোধাগ্নি জ্বলিতে থাকা; ক্রোধে অস্পষ্ট-ভাবে গর্জন করা; বিরক্তি প্রকাশ করিতে না পারিয়া আপন মনে অব্যক্ত ধ্বনি করিতে থাকা। বি, গনগনানি। প্র-দিনরাত তার কিসের এত গনগনানি। **~গিনিয়া** [প্রা° ক্ষে° গনগনে] বিণ, প্রদীপ্ত; খুবজ্বলন্ত। ২ [লক্ষ°] জলন্ত আগুনের মত ক্রুদ্ধ বা উত্তপ্ত।

গন্তব্য [গম্ (গমন করা)+তব্য (র্ম্ম)-ম্=ন্] বিণ, গমনীয়; গম্য; যেখানে যাইতে হইবে বা যাওয়া উচিত। ২ গম্য, প্রাপ্য। ৩ জ্ঞাতব্য।

গন্তা [গম্ (গমন করা)+তৃ (র্তৃ), ম্-গন্ত্, ১মা ১ব°] বিণ, গম্যমান; গমনশীল; যে যায়; যে যাইতে উদ্যত।

গন্তু [গম্+তুন্ (র্তৃ)] বিণ, গমনশীল; গমনকারী। ২ পথিক। **~কাম** [গমনকারী হইতে কামনা যার] বিণ, গমনোৎসুক। "স্বামী গন্তুকাম জানি, ভক্তি করে কহে বাণী।"-মহা° (শ্রীকরণ)। স্ত্রীং, **~কামা**-গমনোদ্যতা। "সুমিত্রাকে গন্তুকামা দেখেই উপবিষ্ট অনেকে উঠে পড়েছিল।"-বার্ষিক বসুমতী, ১৩৩৪।

গন্ত্রী [গম্+ত্র (ণে)ম্(ন-ঈ-স্ত্রীং)] বি, গরুর গাড়ী; যদ্দ্বারা গমন করে। ২ [গম্+তৃ (র্তৃ) স্ত্রীং-ঈ] বিণ, গমনশীলা; যে গমন করে।

গন্ধ [গন্ধ্ (হসনে)+অ (র্তৃ)-যা হাসায় (তুল-ই°-laughing gas; nitrous oxide) অর্থাৎ হর্ষ উৎপাদন ও স্মিতমুখ করে। সুতরাং মূলে সুগন্ধ জ্ঞাপক (তুল-গন্ধপুষ্প)] বি, চেতন অচেতন, জাগতিক সমুদয় পদার্থ হতে নিত্য বিকীরিত অতিসূক্ষ্ম পরমাণু-রাশি, যা অন্যান্য বহিরিন্দ্রিয়ের অনুভূতির অতীত হইয়া কেবল-মাত্র ঘ্রাণেন্দ্রিয়ের গ্রাহ্য হয়, পার্থিব গুণবিঃ; ঘ্রাণ [দ্রঃ-ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চভূতের মধ্যে গন্ধ একমাত্র ক্ষিতি ও ক্ষিতিজের এবং তা কেবলমাত্র ঘ্রাণেন্দ্রিয় দ্বারা গৃহীত হইয়া বস্তু-বিশেষের অস্তিত্ব বোধ করায়। প্রত্যেক বস্তুরই গন্ধ স্বতন্ত্র প্রকার, তথাপি গন্ধের উগ্রতা বিরক্তি ও ক্লেশকর অনুভূতির উদ্রেক করে এবং মৃদুতা সুখ ও হর্ষোৎপাদন করে। সাধাঃ উগ্রগন্ধ দুর্গন্ধ এবং মৃদুগন্ধ সুগন্ধ-বাচ্য হয়। বিভিন্ন অনুভূতি অনুসারে গন্ধের ভিন্ন ভিন্ন শ্রেণী-বিভাগ করা যাইতে পারে। যথা-পচাগন্ধ, টকগন্ধ, চামসাগন্ধ, মিষ্টগন্ধ ই°। ২ গন্ধক দ্রব্য। ৩ গন্ধক। ৪ কৃষ্ণ অগুরু। ৫ গর্ব্ব; অহঙ্কার। ৬ অল্প; লেশ। ৭ [প্রা° গঁদ (দ্রঃ)] সম্বন্ধ; সম্পর্ক; (সাধাঃ) দূর-সম্পর্ক। ৮ আমোদ। ৯ নৃত্য। > স্ত্রীং, **~া**-স্বর্ণচাঁপার কলি। ২ বনতুলসী। ৩ বংশ-লোচন। **~কঁওয়া** [প্রা°] গন্ধ বিকিরণ করা। **~ছাড়া**-গন্ধ বিস্তার করা। **~দেওয়া**-গন্ধ বিস্তার বা বিতরণ করা। ২ ইঙ্গিত করা। **গন্ধেগন্ধে**-সংস্রব ক্রমানুসারে; সূত্র ধরিয়া। **গন্ধে টের পাওয়া**-অনুমানে জানা। **নাম গন্ধ**-নাম বা গন্ধ হতে বস্তু নির্ণয়; কোন নিদর্শন।

গন্ধক [গন্ধ+ক, জ্ঞা°। চ° ক° ভা°-'গন্ধক'] বি, উৎকট গন্ধযুক্ত পীতবর্ণ প্রসিদ্ধ ধাতু; উপধাতুবিঃ। গন্ধক বর্ণভেদে শ্বেত, রক্ত, পীত ও নীল এই চারি প্রকার। **~কাঠী**-গন্ধকের দেশলাই; দেশী দেশলাইঃ পাট কাঠীর মুখে গন্ধক দেওয়া দেশলাই। **~দ্রাবক, গন্ধকাম্ল**-sulphuric acid

গন্ধকচূর্ণ [গন্ধক (প্রধান) চূর্ণ-ম° প° লো°। যে চূর্ণে গন্ধকই প্রধান] বি, বারুদ।

গন্ধকারিকা [গন্ধ (গন্ধদ্রব্যযুক্ত বেশাদি)-কারিকা (যে করে) যে প্রভুর বেশ-বিন্যাসের জন্য সুগন্ধ চন্দনাদি প্রস্তুত করে] বি, সৈরিন্ধ্রী।

গন্ধকালিকা [গন্ধ-কল্ (শব্দ করা, বিস্তার করা)+অ (র্তৃ-জ্ঞা°)=কাল+ক (স্বার্থে)-আ (স্ত্রীং)। ই আগম। যিনি স্বীয় গাত্রগন্ধ প্রসারিত করেন] বি, মৎস্যগন্ধা ব্যাসজননী।

গন্ধকালী [গন্ধ-কাল+ঈ (স্ত্রীং)] বি, গন্ধকালিকা দ্রঃ।

গন্ধকাষ্ঠ [গন্ধযুক্ত কাষ্ঠ-ধা] বি, চন্দন কাষ্ঠ; কৃষ্ণ অগুরু। ২ সরল কাষ্ঠ।

গন্ধকুটী-বি, মুরা নামক গন্ধদ্রব্য।

গন্ধকেলিকা, গন্ধচেলিকা [গন্ধ-কেলিকা, চেলিকা (বস্ত্র)-বস্ত্র সুগন্ধকারী দ্রব্য] বি, মৃগনাভি; কস্তুরী।

গন্ধগোকুল, -গোকুলা [সং-নকুল > গোকুলা ইহাদের নাভির নিকট এক প্রকার গন্ধদ্রব্য থাকায় এবং ইহারা নকুল-বংশীয় বলিয়া এই নাম] বি, নকুলবংশীয় জন্তু-বিঃ; গন্ধমার্জ্জার; খট্টাশ civet cat

গন্ধজল [গন্ধ (সুগন্ধি মিশ্রিত) জল-ধা] বি, সুবাসিত জল।

গন্ধজটিলা [গন্ধ-জট+লা (দানে)-যার জট (মূল) গন্ধ দান করে] বি, বচা; বচ।

গন্ধজাত [গন্ধ (সুগন্ধ)-জাত (উৎপন্ন) হয় যা হতে-বহু°] বি, তেজপত্র; তেজপাতা। ২ [জাত (সমূহ)] গন্ধসমূহ। ৩ গন্ধদ্রব্য-সমূহ। ৪ বিণ, [গন্ধ হতে জাত (উৎপন্ন)] গন্ধোৎপন্ন।

গন্ধতণ্ডুল [গন্ধ (সুগন্ধবিশিষ্ট) তণ্ডুল যে ধান্যের-বহু°] বি, বাসমতি ধান। ২ বাসমতি চাল।

গন্ধতুলসী-বি, ধান্যবিঃ। "লতামৌ মৌকলস আর খেজুর ছড়ি। পর্ব্বত জিরা গ° আর দলা গুড়ি।"-শূ° পু°। ২ গোলাপ তুলসী; বাবুই তুলসী।

গন্ধ/তূর্য্য [গন্ধের (রণের) তূর্য্য (বাদ্যযন্ত্র)] বি, যুদ্ধের বাজনা; দগড়। **~তৃণ** [গন্ধ (সুগন্ধ) তৃণ] বি, নেবুর তেলের মত কিন্তু তা অপেক্ষা উগ্র গন্ধযুক্ত ঘাসবিঃ andropogon schoe-

nanthus ~ তৈল [গন্ধযুক্ত যে তৈল -ধা] বি, ফুলেল তৈল। ২ চন্দনের আতর। ~ত্বক্ [গন্ধ ত্বচ্ (বল্কল) শব্দ-গন্ধযুক্ত বলিয়া] বি, এলবালুক। ~দারু [গন্ধযুক্ত যে দারু-ধা] বি, গন্ধদ্রুম। ২ চন্দন বৃক্ষ। ~দ্রব্য [গন্ধযুক্ত যে দ্রব্য-ধা] বি, নাগকেশর। ২ সুগন্ধি দ্রব্য aromatic ~দ্বিপ [গন্ধ (মদগন্ধযুক্ত) দ্বিপ (হস্তী) -ধা] বি, মদগন্ধযুক্ত হস্তী। ~নকুল, ~মূষিক [গন্ধ (গন্ধযুক্ত বলিয়া)-নকুল, মূষিক (তৎসদৃশ বলিয়া)] বি, ছুচুন্দরী : ছুঁচা। ~পিশাচিকা-বি, ধূপ। ২ গন্ধমূষিক; ছুঁচা। ~পুষ্প [গন্ধযুক্ত পুষ্প হইয়াছে যার -বহু০] বি, সুগন্ধি বৃক্ষ। ২ বেতস বৃক্ষ। ৩ আঁকোড় গাছ। ৪ সুগন্ধি কুসুম। ৫ গন্ধ এবং পুষ্প। > স্ত্রীং, ~া-কেতকী। ২ নীলগাছ : নীলিনী ; নীলপত্রী ; নীলপুষ্পী ৩ বাসন্তী-ফুল : কাঞ্চনপুষ্পী। ~বণিক্ [গন্ধের (গন্ধ দ্রব্যের) বণিক (ব্যবসায়ী)-৬ তৎ। গন্ধ-দ্রব্যের ব্যবসায়ী] বি, মতবিঃ নবশায়েকের অন্তর্গত জাতিবিঃ : গন্ধবেণিয়া। ~বতী [গন্ধ+বৎ (মতু)-ঈ (স্ত্রীং)] বি, গন্ধযুক্ত ক্ষিতি। ২ ব্যাসজননী ; মৎস্য- গন্ধা। ৩ সেঁউতীফুল। ৪ নবমল্লিকা। ৫ মুরামাংসী। ৬ বায়ু ও বরুণদেবের পুরীবিঃ। ~বল্কল [গন্ধ (গন্ধযুক্ত) যে বল্কল (বৃক্ষের ত্বক্)-ধা] বি, দারুচিনি ; গুড়ত্বক। ~বহ্ [গন্ধ (বস্তুর ঘ্রাণ) বহ (যে বহন করে) বহ্ (বহন করা)+অ (র্ত্তৃ) -উপ০, যে গন্ধ বহন করিয়া একস্থান হতে স্থানান্তরে লইয়া যায়] বি, বায়ু। "সুগন্ধবহ বহিল চৌদিকে, সুস্বনে সবার কাছে কহিয়া বিলাসী, কোন্ কোন্ ফুল চুম্বি' কি ধন পাইলা।"-মেঘ০। ২ বিণ, গন্ধবিশিষ্ট ; সুগন্ধদ্রব্য ; যে বস্তু সুন্দর গন্ধ ধারণ করে : চন্দন। > স্ত্রীং, ~বহা-নাসিকা। ~বান্ [গন্ধ+বৎ (মতু) শব্দ ১মা ১ব০] বিণ, গন্ধযুক্ত। ~বারি [গন্ধযুক্ত বারি-ধা] বি, সুগন্ধযুক্ত জল ; গোলাপজল। ~বাহ [গন্ধ-বহ্ (বহন করা)+অ-(র্ত্তৃ)] বি, যে গন্ধ বহন করে ; বায়ু। ২ কস্তুরী মৃগ। ৩ বিণ, গন্ধযুক্ত দ্রব্য। > স্ত্রীং, ~বাহা-নাসিকা। ~বিরজা-বি, পর্ব্বতীয় বৃক্ষবিশেষের নির্য্যাস : সরল (pine) নামক দেবদারু গাছের আটা। ~বিহ্বল [গন্ধ (দ্বারা) বিহ্বল-৩ তৎ] বিণ, ঘ্রাণ দ্বারা মূর্চ্ছিত ; গন্ধে বিবশ। ~বীজা [গন্ধ (গন্ধযুক্ত) বীজ যার-বহু০ স্ত্রীং-আ] বি, মেথি। ২ বংগাছ : কুলঞ্জন বৃক্ষ। ~ব্যাকুল [গন্ধে ব্যাকুল-৩ তৎ] বিণ, গন্ধ-বিহ্বল ; আঘ্রাণে মত্ত। "গন্ধব্যাকুল বাতাসে।" -রবী০। ~ভাদাল, ~ভাদুলী [সং-গন্ধভদ্রা] বি, প্রসারিণী নামক একপ্রকার দুর্গন্ধযুক্ত লতা ; গাঁধাল ; গন্ধশটী paberia foetida ~মাদন [গন্ধ-মদ্+ণিচ্=মাদি (মত্ততা জন্মান)+অন-র্ত্তৃ, জ্ঞা- গন্ধ দ্বারা মত্ততা জন্মায়] বি, ইলাবৃত ও ভদ্রাশ্ব বর্ষের মধ্যে অবস্থিত পর্ব্বতবিঃ। মতান্তরে ইহা মানস-সরোবরের নিকট তিব্বতে অবস্থিত (সিদ্ধান্তশিরোমণি, ভাস্করাচার্য্য) মতান্তরে ইহা সুমেরুর দক্ষিণ দিকে অবস্থিত (বিষ্ণুপু০)। লক্ষ্মণ শক্তিশেলে পতিত হইলে, হনুমান এই পর্ব্বত হইতে বিশল্যকরণী নামক ঔষধ আনিয়া লক্ষ্মণকে পুনর্ব্বার জীবিত করেন। ২ গন্ধমাদনবাসী। ৩ বানরবিঃ। ৪ ভ্রমর। ৫ গন্ধক। ৬ [বিদ্রূপে] সামান্য ও লঘু বস্তু স্থলে বৃহদাকার ও ভারি দ্রব্য। স্ত্রীং, ~মাদনী বা মাদিনী [গন্ধদ্বারা মাদনী-৩ তৎ] মদিরা ; সুরা। ২ লাক্ষা : জৌ। ৩ তরুরুহা : পরগাছা। ৪ পঞ্জাবদেশীয় দেবদারুবিঃ : চীড়গাছ। ~মার্জ্জার [গন্ধযুক্ত মার্জ্জার-ধা] বি, খট্টাস ; গন্ধ-গোকুল। ~মালতী-বি, ধান্যবিঃ। "যুথি-আজান লক্ষ্মী বুলেন বাঁসমতী। সাল ছাটী পসি কাঁওদ গন্ধমালতী॥"-শূ০ পু০। ২ সুগন্ধ লতাপুষ্পী echites caryophyllata. ৩ গন্ধকোকিলা নামক গন্ধদ্রব্য। "গন্ধমালতী গুয়া থুপী গুণাকর।"-শি০। ~মালিনী-বি, গন্ধদ্রব্যবিঃ : মুরামাংসী। ~মুখা [গন্ধযুক্ত মুখ যার-বহু০] বি, গন্ধমূষিক : ছুছুন্দরী। ~মূল [গন্ধ (যুক্ত) মূল যার] বি, আদাজাতীয় সুগন্ধ মূলবিঃ alpina galanga, a species of cucurina. ~মূলা [বৈদ্যকে] বি, রাস্না। ২ শটী। ৩ স্থলপদ্ম। ~মূষিক [গন্ধ (দুর্গন্ধযুক্ত) মূষিক] বি, ছুছুন্দরী। ~মৃগ [গন্ধযুক্ত যে মৃগ (হরিণ)-ধা] বি, যে মৃগের নাভিদেশে কস্তুরী নামক সুগন্ধি দ্রব্য জন্মে ; কস্তুরীমৃগ। ~মোহিনী [গন্ধ-মুহ্+ণিচ্=মোহি (মুগ্ধ করান)+অন (র্ত্তৃ-জ্ঞা-)] স্ত্রীং-ঈ। বিণ, যে গন্ধ দ্বারা মুগ্ধ করে। ২ বি, চম্পক-কোরক, চাপার কলি। ~রস [গন্ধযুক্ত রস-ধা] বি, উপ-ধাতুবিঃ। ২ পুষ্পসার। ৩ গন্ধ ও রস-দ্বন্দ্ব০। ৪ আরবাদি দেশজাত একরূপ গুল্মের নির্য্যাস। ৫ [গন্ধ (গন্ধযুক্ত) রস (স্বাদ) যার] বিণ, যে বস্তুর রস হতে গন্ধ পাওয়া যায় ; আতর। ৬ মুরামাংসী। ৭ ধূপ। "পুড়ি ধূপদানে, হায়, গন্ধরস যথা সুগন্ধে আমোদে দেশ।"-মেঘ০। ~রাজ [গন্ধের (গন্ধযুক্তের) রাজা-৬ তৎ, রাজা=রাজ] বি, স্বনামপ্রসিদ্ধ পুষ্পবিঃ। ২ কৃষ্ণ অগুরু। ৩ শ্বেতচন্দন। ৪ উত্তম গন্ধযুক্ত দ্রব্য : প্রধান গন্ধদ্রব্য। ৫ গুগ্গুল্।

গন্ধর্ব্ব [গান ধর্ম্ম যাদের এই অর্থে গন্ধর্ব্ব নিপাতনসিদ্ধ] বি, দেবযোনিবিঃ। ইঁহারা স্বর্গীয় গায়ক। ২ গায়ক ; যাদের সংগীত-শাস্ত্রে সম্যক্ অধিকার নাই অথচ মধুর গান করে তাদৃশ গায়ক ; গন্ধর্ব্বশ্রেণীর গায়ক। ৩ কোকিল। ৪ [গন্ধ-অর্ব্ব (প্রবাহিত হয়)] যাদের গন্ধ প্রবাহিত হয় ; গন্ধমৃগ। ৫ [গন্ধ (হিংসা)-অর্ব্ব-(গমন করা)] যারা যুদ্ধাদি সময়ে হিংসার্থ গমন করে : যুদ্ধের ঘোটক। ৬ শ্বেত-এরণ্ড। ৭ শ্বেত-করবীর। ~কন্যা-গন্ধর্ব্ব নারী ; গন্ধর্ব্ব কুমারী। ~ছুটানি [গন্ধর্ব্ব (দ্রঃ) ছুটান (বাহির করিয়া দেওয়া ; তাড়ান) -ব্যঙ্গোক্তি] ক্রি, এমন প্রহার করা যে সুর বদল হইয়া যায় অর্থাৎ সঙ্গীতের স্থলে আর্ত্তনাদ করিতে হয় বা মারের চোটে গন্ধর্ব্ব অর্থাৎ ঘোড়ার মত ছুটিয়া বেড়াইতে হয়। ~নগর [গন্ধর্ব্বের (গন্ধর্ব্বগণের) নগর (বাসস্থান)-৬ তৎ] বি, গন্ধর্ব্বগণের বাসস্থান। ~পূজা [গন্ধর্ব্ব ছুটান দ্রঃ। প্রাদে০-ব্যবহার] বি, প্রথমে আদর করিয়া পরে প্রহার করিয়া বিদায় দেওয়া। ~বধূ-বি, গন্ধর্ব্বকামিনী ; গন্ধর্ব্ব-পত্নী। ~বিদ্যা-

[গন্ধর্ব্বের বিদ্যা-৬ তৎ] বি. সঙ্গীতবিদ্যা। ~বিবাহ [গন্ধর্ব্ব (বিধানে) বিবাহ-৩ তৎ বা গন্ধর্ব্ববিধানারূপ যে বিবাহ-ধা] কেবল নায়ক-নায়িকার অভিমতানুসারে যে বিবাহ সম্পন্ন হয়। ~বেদ [গন্ধর্ব্ব (গানসম্বন্ধীয়) যে বেদ (শাস্ত্র)-ধা] বি. সঙ্গীতশাস্ত্র। ~ভূষণ- বি. সিন্দূর। ~লোক [গন্ধর্ব্বের লোক (বাসস্থান)-৬ তৎ] বি. গন্ধর্ব্বগণের বাসভূমি।

`গাঁন্ধি/লি-বি. গাঁদাফুল marigold "কাননে কুসুম তুলিলা বঙ্গন আর ঝাটি। চামলী গ০ তুলিলা শ্রীফল দুইবটী॥"-শূ০ পু০। ~লোলুপ [গন্ধেতে লোলুপ (লুব্ধ) -৭ তৎ] বিণ. গন্ধলুব্ধ. গন্ধ পাইলেই তৎপ্রতি যাদের চিত্ত আকৃষ্ট হয় : গন্ধমুগ্ধ। > স্ত্রীং. ~লোলুপা-গন্ধমুগ্ধা। ২ বি. মক্ষিকা ; মাছি। ~শালি [গন্ধযুক্ত যে শালি-ধা] বি. সুগন্ধি ধান্যবিঃ, কলমশালি। ~সার [গন্ধযুক্ত হইয়াছে সার (স্থিরাংশ)যার-বহু০] বি. চন্দনবৃক্ষ। ~হস্তী [গন্ধযুক্ত যে হস্তী-ধা] বি. মদগন্ধ গজ। ~হারিকা [গন্ধের হারিকা-৬ তৎ] বি. গন্ধযুক্ত বেশকারিকা ; যে কলানিপুণা রমণী পরগৃহে কর্ম্ম করে। ~হীন [গন্ধ (দ্বারা) হীন -৩ তৎ] গন্ধশূন্য ; যাতে গন্ধ পাওয়া যায় না।

গাঁন্ধা-বি, বনতুলসী। ২ শটী। ৩ প্রিয়ঙ্গু। ৪ বংশলোচন। ~খু [গন্ধযুক্ত যে আখু-ধা] বি, ছুঁচা : গন্ধমূষিক। ~জীব [গন্ধ (গন্ধদ্রব্য) হইয়াছে আজীব জীবিকা যার-বহু০] বি. গন্ধবণিক্ ; গন্ধবেণে। ~ঢ্য [গন্ধ দ্বারা আঢ্য (যুক্ত)-৩ তৎ] বি. চন্দন ; শ্বেতচন্দন। ২ গন্ধরাজ। ৩ বকুল। বিণ, গন্ধযুক্ত দ্রব্য ; সুগন্ধি বস্তু ; সুগন্ধযুক্ত। > স্ত্রীং, ~ঢ্যা-নারাঙ্গী নেবু। ২ কস্তুরী। ৩ গন্ধভাদাল। ৪ কেতকী। ৫ নবমল্লিকা। ৬ আরামশীতলানামক সুগন্ধ পত্রশাক। ~ধিবাস,-সন [গন্ধ (গন্ধদ্রব্য) দ্বারা অধিবাস.-বোধন (সংস্কার)-৩ তৎ] বি, দুর্গোৎসবে গন্ধমাল্যাদি দ্বারা প্রতিমার সংস্কার। (আভ্যুদয়িকাদি কার্য্যেও ঐরূপ গন্ধাদি দ্বারা অধিবাস করা হয়)। ~নি [গন্ধ +আন (ক্রিয়ায়)] ক্রি, গন্ধ ছাড়া ; গন্ধ বিস্তার করে। ২ গন্ধ পাওয়া। প্রাদে০ উচ্চারণভেদে 'গোন্ধান'। গোন্ধায় -গন্ধ ছাড়ে। "আষ্টানি গোন্দায়।"-মাণিক০। ~র-বি. গান্ধার নামক দেশ। ২ স্বরবিঃ। ৩ সিন্দূর। ~লী [গন্ধের আলী (সমূহ) যাতে-বহু০] বি. গন্ধভাদালি লতা. গাঁদাল। ২ জাতিফল। ৩ কুমিরেপোকা।

`গান্ধিক [গন্ধ + ইক (যুক্তার্থে)] বি. গন্ধ-যুক্ত : গন্ধক।

`গান্ধিরস-বি, নিশাদল।

`গান্ধী [গন্ধ আছে ইহার এই অর্থে গন্ধ + ইন্, মূ-গন্ধিন্ ১মা ১ব০] বিণ, উৎকৃষ্ট গন্ধযুক্ত ; সুগন্ধবিশিষ্ট। ২ [দুর্গন্ধযুক্ত] গাঁধি পিঁপড়া। ৩ ছারপোকা।

`গান্ধেন্দ্রিয় [গন্ধগ্রাহক যে ইন্দ্রিয় (ম০ প০ লো০)] বি, ঘ্রাণেন্দ্রিয় : নাসিকা ; নাক।

`গান্ধেশ্বরী-গন্ধবণিক্‌দিগের কুল-দেবতা। ২ নদীবিঃ।

`গান্ধোত্তমা [গন্ধদ্বারা উত্তমা-৩ তৎ] বি, মদিরা ; সুরা।

`গান্ধোপজীবী [গন্ধ (গন্ধদ্রব্য) দ্বারা উপজীবী, উপ-জীব্ (জীবন ধারণ করা) + ইন্ (র্তৃ) মূ-উপজীবিন্ ১মা ১ব০-যে গন্ধদ্রব্য দ্বারা জীবিকানির্ব্বাহ করে-৩ তৎ] বি, গন্ধবণিক্।

`গান্ধোলী [গন্ধ্ (পীড়া দেওয়া কিংবা ঘ্রাণ লওয়া) + ওল (র্তৃ) ঈ (স্ত্রীং) যে দংশন দ্বারা পীড়া দেয়] বি, বোল্‌তা।

`গান্নাকাটা [গন্না (ঘোণা=নাক-"ঘোণা নাসা চ নাসিকা।"-অমর০। তুল-গন্দা খাঁদা। সাধাঃ ঘোণা অর্থে নাকের নিম্নাংশ হতে ওষ্ঠ পর্য্যন্ত যেমন অশ্বাদির, আবার. ঘোণার সহিত সংলগ্ন বলিয়া উপর ঠোঁট) + কাটা (কর্ত্তিত, খণ্ডিত)। তুল-ওড়ি০ গ্রহণ-খণ্ডিয়া (সূর্য্যচন্দ্রগ্রহণকালে গর্ভিণী প্রাচীরাদিতে দাগ কাটিলে বা কিছু খণ্ডিত করিলে ওষ্ঠ-কাটা সন্তান জন্মে এই বিশ্বাস হতে) ; হি০-ওট্‌-কাটা] বিণ, উপর ঠোঁট কাটার জন্য যার কণ্ঠস্বর অনুনাসিক ; খোনা ; গন্দা-খাঁদা। ২ [গন্না (সং-ঘোণা-নাসিকা) খাঁদা (বসা) গন্নাকাটা। গ্রা০-গন্দাখাঁদাও০] বিণ. কর্ত্তিত নাসিকা বা পিনেস ই০ রোগহেতু যে নাসিকা সাহায্যে (সম্পূর্ণ অনুনাসিক স্বরে) কথা কহে : যার নাক বসা বা চাপা, সুতরাং কণ্ঠস্বরহীন ; গতনাসিক। তুল হি০-নাক্‌টা। "বিয়ের ব্যাপার সব দেশে। * * * * কানায় খোঁড়ায় গন্না খাঁদায়. হাঁদায় গোদায় হারামজাদায়, বিয়ের হাটে হাট করে যায় সবাই ক'নের বরবেশে।" -অতুলকৃষ্ণমিত্র (বাং-গান) [দ্রঃ-গন্নাকাটা ও গন্নাখাঁদা প্রায় এক অর্থেই প্রযুক্ত হইয়া থাকে]।

গাঁপ্[1] [গল্প > গপ্প > স্কে০ গপ্] বি, গল্প।

গাঁপ্[2] [অনু০] অ, অবিলম্বে গলাধঃকরণ শব্দ। "গ০ করে গিলে ফেললে।"

গাঁপ্‌গাঁপ্ [অনু০। শব্দাধিক্যে-গাপ্ গাপ্। মৃদুশব্দে গুপ্ গুপ্, গুপ্ গাপ্। ব্যাপ্তি ও ক্ষিপ্রতার আধিক্য অর্থে গাঁপাগাঁপ্] বি, বড় বড় গ্রাস চর্ব্বণে সময়ক্ষেপ না করিয়া ক্ষিপ্রতাসহ গলাধঃকরণ শব্দ। ২ ক্ষুধার্ত্তের লক্ষণসূচক। প্র-এক পাথর ভাত গপ্ করে খেয়ে ফেললে। ক্রি, গাঁপ্ গাঁপানি-গপ্ গপ্ করিয়া খাওয়া ; অতি ক্ষুধায় দ্রুত গলাধঃ-করণ করা।

গাঁফ [গপ্, গপ্‌শও০ বলে (হি০-গপ্‌সা) ফা০-গফ্=ঘন close woven] বিণ, ঠাস বুনানির। ২ পুরু।

গাঁবগাব [অনু০] বি, কুঁজা ঘড়া ই০ সরু গলার জলপাত্র হতে জল পতনের শব্দ। 'বুক্‌বুক্' শব্দও০। ২ [গপ্ গপ্ দ্রঃ] ক্রমাগত ক্ষিপ্রহস্তে গ্রাস লইয়া অবিলম্বে গলাধঃকরণ করিবার শব্দ। প্র-সে গবগব করিয়া সমস্ত খাইয়া ফেলিল।

`গাবদা-বিণ, অশোভনভাবে স্থূলদেহ। মাংসল।

গাঁবয় [গো (গোরু)-অয়্ (গমন করা) + অ (র্তৃ)=অয়-গো + অয়=গবয়, যে গো সদৃশ গমন করে] বি, গলকম্বলবিহীন গোতুল্য পশু। ২ একপ্রকার বানর।

গাঁবর [গাবর দ্রঃ] বি, নৌকার মাঝি ; মাল্লা। গটিয়া গাবর, গাঁইঠা গাবর -নৌকার গলুয়ের মাঝি। ৩ বলিষ্ঠ মাঝি।

"গটিয়া গ০ নায়ক নফর, নাহিক দেখে নিস্তার।"—ক্ষেমানন্দ (মনসা০ ভাসান)।

গবরাজ [গো (গোরু) + অ (সম্বন্ধার্থে)= গব—গরুর যে রাজা (ধা) রাজা=রাজ, কিংবা গব (গোসমূহ) তাদের রাজা—৬ তৎ] বি. বৃষ; ষাঁড়।

গবল [গু (শব্দ করা) + অল (র্ত্তৃ)] বি. বন্যমহিষ। ২ [পে—অল, শব্দ করা হয় যদ্দ্বারা] মহিষ-শৃঙ্গ।

গবিচন্দ্র, গবারাম, গবুচন্দ্র—গবা শব্দের শ্লিষ্টপ্রয়োগ। "হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী।"

গবা [গবী (গাভী) >। প্রাদে০ ব্যবহার—গবা, গবারাম=ষণ্ডবৎ] বিণ. গোবুদ্ধিবিশিষ্ট; বোধশক্তিহীন; নির্বোধ; বোকা।

গবাক্ষ [গো (কিরণ) অক্ষ (বিস্তৃত করা) + অ (র্ত্তৃ) যে গৃহাদির মধ্যে কিরণ বিস্তার করে, বা গো—গোরু অক্ষি (চক্ষু) যে গরুর চক্ষুর ন্যায় গোলাকার। তুল—গ্রা০ গোখুবরি। (উপমীত ধা)] বি. বাতায়ন; গৃহমধ্যে উত্তাপ এবং বায়ুপ্রবেশের নিমিত্ত যে ক্ষুদ্রপথ থাকে; পূর্ব্ব সময়ে ইহা গোলাকার ছিল বলিয়াই ইহার নাম গবাক্ষ হইয়াছে। ২ বানরবি:। > স্ত্রীং, ~ী—গোমুক। ২ অপরাজিতা। ৩ রাখাল শশা। ৪ শেওড়া।

গবাচী—বি. পাঁকাল মাছ।

গবাদন—বি. [গো (রুর) অদন (ভক্ষণ) যা] বি. ঘাস।

গবাম্পতি [গবাং (গো সকলের) পতি] বি. গোস্বামী; বৃষ। ২ গোপালক। ৩ সূর্য্য। ৪ অগ্নি। ৫ রুদ্র।

গবারাম—গবা দ্রঃ।

গবালি [গো—গো—আলি] বি. গোয়ালা। **~খান**—গোয়ালঘর। "দেখিলা গবালিখান।"—চণ্ডীকাব্য (হরিরাম)।

গবাশন [গো (গোরু) অশন (যে ভোজন করে) অশ্ (ভোজন করা) + অন (র্ত্তৃ) যে গোমাংস ভক্ষণ করে] বি. গোমাংসভক্ষক; গোখাদক; মুচী; চামার।

গবাশ্ব [গো এবং অশ্ব—দ্বন্দ্ব০] বি. গোরু এবং অশ্ব।

গবী [গো (গোরু) + ঈ (স্ত্রী০)] বি. স্ত্রী-গরু; গাভী [বৌ০ বাং-প্রাকৃ০—গবিআ। "বলদ বিআ এল গবিআ ঝাঁকে।"—বৌ০-গা০ ও দো০] ২ বাক্য; বাণী।

গবুচন্দ্র—গবা দ্রঃ। "হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী।"

গবুত, গব্যূতি [গো (পৃথিবী) যু (যোগ করা) + ত, তি (র্ম্ম) ক্তা০] বি. দুইক্রোশ পথ পরিমাণ ২ [বৌ০ সা০] $\frac{১}{২}$ ক্রোশ। ৩ [গব্যূতি৪০] এক ক্রোশ।

গবেষণ [গো + এষণ—ইম্ (অন্বেষণ করা) + অন (ভা০)] বি. অন্বেষণ; কোন বিষয়ের তত্ত্ব নিরূপণার্থ অনুসন্ধান। ২ গো (জল) এষণ জলান্বেষণ। ৩ বি. নৃপতিবি:।

~বৃত্তি, গবেষণাবৃত্তি—বি. অনুশীলন-বৃত্তি research scholarship. **~বৃত্তিভুক্**—অনুশীলন বা গবেষণার ব্যয়-নির্ব্বাহার্থ অর্থ-সাহায্য বা বৃত্তিগ্রাহী research scholar বিদ্যাসাগর মহাশয় উদ্ভাবিত গবেষণা।

গবেষিত [গো—ইষ্ (ইচ্ছা করা) + ত (র্ম্ম)] বিণ. যে বিষয়ের অনুসন্ধান করা হইয়াছে; অন্বেষিত।

গব্য [গো + য (ভবার্থে)] বিণ. গাভী-সম্বন্ধীয়। ২। গোদুগ্ধ; গোদুগ্ধজাত দধি ঘৃতাদি। স্ত্রীং, ~া—গাভীসকল। ২ গোরোচনা। **পঞ্চগব্য**—গোদুগ্ধজাত ক্ষীর, দধি, ঘৃত এবং গোমূত্র ও গোময়।

গব্দা [হি০—গব্দা] বিণ. অশোভনীয় স্থূল; স্ফীত; মোটা; পুরু। ২ স্থূলবুদ্ধি।

গভর্ণমেণ্ট [ইং—Government] বি. রাজশক্তি; রাষ্ট্রতন্ত্র, শাসন-বিভাগ; শাসক-সম্প্রদায়।

গভর্ণর [ইং—Governor] বি. প্রাদেশিক শাসনকর্ত্তা। **~জেনারেল** [ইং—Governor General] বি. সর্ব্বপ্রধান শাসনকর্ত্তা।

গভস্তি [গ (পৃথিবীবাচক গো >) ভস্ (দীপ্তি পাওয়া) + তি (র্ত্তৃ, ক্তা০) যে পৃথিবীকে দীপ্ত করে] বি. সূর্য্য ও চন্দ্রের তেজ; কিরণ। স্ত্রীং, গভস্তি বা গভস্তী—অগ্নিপত্নী; স্বাহা। **~পাণি** [গভস্তি (কিরণ) হইয়াছে পাণি (কর) স্বরূপ যার—বহু০] বি. সূর্য্য; দিবাকর। **~মান্** [গভস্তি (কিরণ) + মৎ (স্ত্য) গভস্তিমৎ ১মা ১ব০ গভস্তিমান] বি. প্রখর কিরণধারী; সূর্য্য। ২ সপ্ত পাতালের এক পাতাল; তলাতল।

গভীর [গম্ (গমন করা + ঈর (র্ম্ম) নিপাতনে (ম্=ভ)] বিণ. অতলস্পর্শ; অগাধ। "গ০ অতলস্পর্শ তোমার প্রেমসাগরে ডুবিলে একবার কেহ আর কি উঠিতে পারে।"—স্ক০। ২ প্রগাঢ়। প্র—গভীর জ্ঞান। ৩ দুরবগাহ; যার মধ্যে সহজে প্রবেশ করিতে পারা যায় না। ৪ স্থির; অচঞ্চল। ৫ গহন; নিবিড়। "তিনি গ০ বনমধ্যে প্রবেশ করিলেন।" ৬ দুর্গম। ৭ বহুদূর বিস্তৃত। ৮ গম্ভীর। "সেই গ০ স্বরে উদাস করে আর কে কারে ধরে রাখে।"—স্ক০। ৯ অতি নিম্ন। **~জলের মীন**—যে-সকল বৃহৎ মৎস্য জলের উপরে না ভাসিয়া জলাশয়ের গভীর প্রদেশে থাকে। ২ অগাধ জলের মাছের মত যে-সকল ব্যক্তি লঘু বিষয়ের আলোচনা না করিয়া গভীর বিষয় লইয়া থাকে। যারা বিষয়ের উপর উপর অর্থাৎ ভাসা ভাসা ভাবে চিন্তা না করিয়া গভীরতম প্রদেশে প্রবেশ করিয়া সাব মীমাংসায় উপনীত হয়। "গ০ জলের মীনের মত আমি সাঁতার ভুলে ডবে রব।"—স্ক০। **~তম**—অত্যন্ত গভীর। **~তর**—বেশী গভীর আরও গভীর। বি, তা, ~ত্ব। ~তা (-র্-) [গভীর + তা (ভা০)] বি. নিবিড়তা। ২ গম্ভীরতা; স্থিরতা। ৩ দুর্গমতা। ৪ [তং বি০ পরি০] পদবোধ্য গুণগুলি intension

গভীরাত্মা [গভীর (দুর্লক্ষ্য) আত্মা (স্বরূপ) যার—বহু০] বি. জগৎপতি; পরমেশ্বর।

গম১ [গম্ (গমন করা) + অ (ভা০)] বি. গমন। প্র—নির্গম, আগম। ইহার স্বতন্ত্র ব্যবহার দৃষ্ট হয় না। ২ [গমন করা যায় যদ্দ্বারা এই অর্থে পে, অ] পথ।

গম২ [সং—গোধূম। হি০—গেহুঁ] বি. গোধূম; গমনামক শস্য।

গম৩ [অনু০। হি০—ঘম্] অ. গুরু ভার পতন বা গুরুভার প্রহরণ দ্বারা আঘাত শব্দ;

মুদ্গরের আঘাত শব্দ। গ°‌ গম্-গম্ভীর ধ্বনি; পৃষ্ঠে মুষ্টি প্রহার শব্দ। বিণ, গ°‌ গমে। মৃদুধ্বনিতে গুম্‌গুম্-বিণ, গুমগুমে। শব্দের ব্যাপ্তি ও উপর্য্যুপরি মুষ্ট্যাঘাতে গমাগম্।

গমক [গম্+ণিচ্=গমি (গমন করান)+অক, র্ত্তৃ] বিণ, বোধক। ২ জ্ঞাপয়িতা [প্র°অ°] ৩ যে প্রেরণ করে; প্রেরক [প্র°অ°] ৪ স্বরকম্পন: যে স্বর মূর্চ্ছনা প্রাপ্ত হয়। সুরের মাথায় এক এক বিন্দু গমকের চিহ্ন। যথা-সা-া-া-া। সুরে অধিকতর মনোহারিত্ব সম্পাদন করিবার জন্য, গমক (কম্পনের সামান্য নাম), কম্পন (সুরবিশেষের দ্রুত আন্দোলন)। আশ (বর্ণান্তর্বর্ত্তী স্বরের দুই বা ততোধিক সুরের বিকাশ) মীড় (আশের ঘনত্ব) এবং গিট্‌কিরী (একাধিক সুরের আশ সহকৃত দ্রুতোচ্চারণ) ব্যবহৃত হয়। "গাওত গমকে গীতকীরি গুজ্জরী গৌরী গোল গোপী গান্ধার।"-গোবিন্দ°।

গমন [গম্ (গমন করা)+অন (ভা°)। বৌ° বাং প্রাকৃ°-গঅন, গঅণা] বি, গতি; পাদক্ষেপণ; চলন। ২ প্রস্থান। ৩ [গমন করা যায় যদ্দ্বারা এই অর্থে (ণে-অন)] রথ, শকটাদি যান। ৪ আগমন। "পুন বলে কহ কহ রামাত্রি পণ্ডিত। কি কারণে তোমার গ° আচম্বিত ॥"-চৈ° ভা°। "কি কারণে মোর স্থানে করেচ গ°।"-শীতলা-ম° (কবিবল্লভ) [অপ্র°]।

গমনাগমন [গমন এবং আগমন-দ্বন্দ্ব°] বি, যাতায়াত; গতায়াত; আনাগোনা।

গমনার্হ [গমনের অর্হ (যোগ্য)-৬ তৎ] বিণ, গমনের যোগ্য; যাইবার উপযুক্ত; যে দেশে বা কালে যাওয়া যাইতে পারে। ~নীয় [গম+অনীয় (র্ম্ম)] বিণ, গম্য; গমনের যোগ্য। ~নোদ্যত-বিণ, গমনোন্মুখ। ~নোন্মুখ-বিণ, গমন করিবার জন্য প্রস্তুত, বা উদ্যত।

গমাঅল, -ওল -য়ল [প্রা° বাং ব্রজ°] ক্রি, গোয়াইল; অতিবাহিত করিল।

গমাওল [ব্রজ° গোঁয়া দ্র:] ক্রি, গোয়াইলাম; কাটাইলাম; অতিবাহিত করিলাম। ২ কাটিল; অতিবাহিত হইল। "এখন তখন করি দিবস গ° দিবস দিবস করি মাসা। মাস মাস করি বরষ গ° ছোড়লু জীবনক আশা।"

গমাগম [গমনাগমন শব্দের স্ক°] বি, গমনাগমন; যাতায়াত; বসবাস। "মনুষ্যের গমাগম দেখে কত দূরে।" ২ [গম্‌গম্ দ্র:] উপর্য্যুপরি মুষ্ট্যাঘাতে শব্দ। ৩ পুনঃ পুনঃ আঘাত শব্দ।

গমাগমিক [প্রা° বাং] বি, সাধারণ দূত।

গমানি [পূ° বং, শ্রীহট্ট প্রাদে°-গোময় পানি >] বি, গোময় জলদ্বারা গৃহ মার্জ্জন; ঘরধোয়া।

গমিত [গম্+ণিচ্=গামি (গমন করান) +ত (র্ম্ম)] বিণ, প্রাপিত। ২ অতিবাহিত। ৩ জ্ঞাপিত।

গম্ভীর১ [গম্ (গমন করা)+ঈর (র্ত্তৃ)] বিণ, অগাধ; গভীর। "কেমন তাহার গভীর গ° উপরে শেহালাদল।"-চণ্ডী°। বি, ~তা (-র্ঁ-) [গম্ভীর+তা (ভা°)] বি, গভীরতা। ২ নিবিড়তা। ৩ স্থিরতা। ৪ ধীরতা; গাম্ভীর্য্য। ~নাদী-বিণ, গম্ভীর শব্দকারী। স্ত্রীং, ~নাদিনী। ~প্রকৃতি-বিণ, গম্ভীর-স্বভাব; রাশভারী; অলঘুস্বভাব। ~মুখ-যার মুখমণ্ডল ভারী ও যে স্বল্পবাক্। ২ বি, ঘোরাল মুখ। ~স্বর-যার কণ্ঠস্বর ভারী। ~জ্বর [আয়ু°] বি, গায়ে ফুটে না কিন্তু নাড়ীতে জ্বর বেগ ও অন্তর্দ্দাহ এবং শ্বাসকষ্ট, কাশি, কোষ্ঠবদ্ধাদি লক্ষণযুক্ত জ্বর। ~বেদী [গম্ভীর-বেদী বিদ্ (জানা)+ইন্ (র্ত্তৃ), মৃ°-গম্ভীর বেদিন্ ১মা ১ব°] বি, মত্তহস্তী; যার রক্তক্ষরণ ও মাংসচ্ছেদনেও চৈতন্য নাই; যে হস্তী চির অভ্যস্ত শিক্ষা পর্য্যন্ত ভুলিয়া যায়।

গম্ভীর২ [গম্ভীরা দ্র:] বি, মধ্য গৃহ; গর্ভ-গৃহ; মন্দির। "ধ্যানে বৈসে ময়না মন্ত্রি আপন গম্ভীরে।"-গোবিন্দগীত।

গম্ভীরা [সং-গম্ভীর। গম্ভী=(শিব)র (সম্বন্ধে)+আ (আলয়ার্থে) [মালদহ। প্রাদে°। যখন দ্বিতীয় ধর্ম্মপালদেব ও গোবিন্দচন্দ্র-দেব প্রবল প্রতাপের সহিত রাজত্ব করিতে-ছিলেন, সেই সময় রাজ্য মধ্যে চণ্ডিমণ্ডপের ন্যায় এক প্রকার পূজাগৃহ বহুল পরিমাণে দৃষ্ট হইত। শিব-সংহিতায় শিবের অসংখ্য নামের মধ্যে একটী নাম 'গম্ভীর'] বি, দেবালয় গৃহ। ২ মন্দিরের মধ্যস্থল; অন্ধকার-ময় ভিতরের গৃহ (উৎকলে)। ৩ শিবালয়। ৪ গাজনের উৎসব-মহাদেবের উৎসব ও শিবপূজোপলক্ষে চৈত্রসংক্রান্তিতে সেনরাজ-কৃত পর্ব্ববিঃ। ৫ [ডাকের সাজে] বস্ত্রের উপর নানা চিত্র-বিচিত্র ছাঁচে রাঙ্গের পাত বসান। ৬ মশারী; পর্দ্দা। "গ° ভিতরে রাত্রি নাহি নিদ্রা লব। ভিতে মুখ শির ঘষে ক্ষত হয় সব।"-চৈ° চ°।

গম্য [গম্ (গমন করা)+য (র্ম্ম)] বিণ, গন্তব্য; গমনীয়; গমন-যোগ্য। ২ প্রাপ্য। ৩ জ্ঞেয়, বোধ্য। ৪ অনুমেয়। ৫ সাধ্য। ৬ ভোগ্য। > স্ত্রীং, ~া-উপভোগ্যা। ~মান [গম্+আন (র্ম্ম)-য-ম আগম] বিণ, জ্ঞায়মান। ২ অনুমান-যোগ্য।

গয় [পরিঃ দ্রঃ। গৈ (গান করা)+অয় (র্ত্তৃ) ঐ-লোপ] বি, অসুরবিঃ। এই অসুর গয়াক্ষেত্রে নিহত হয়। ২ বানরবিঃ। ইনি গয়াধাম স্থাপন করেন।

গয়ংগচ্ছ-'যাচ্চি যাব' এইরূপ ভাব; দীর্ঘসূত্রতা; কুঁড়েমি।

গয়না [হিং-গহ্‌না >] বি, অলঙ্কার; গহনা।

গয়বি-গইবি-দ্রঃ।

গয়বুল্যা [মৈমন° প্রাদে°] বি, ভব-ঘুরে vagabond.

গয়রহ [আ-গয়র্ (অন্য): ফা°-গয়র্ রহ্ (বাকী আর আর; ই°। আদা° পরিঃ। স্ক° 'গং' 'গৈঃ'] অ, ইত্যাদি ইত্যাদি। ২ বাকী অপরাপর ব্যক্তি। ৩ আর সমস্ত, সমুদয়।

গয়লা [সং-গোপাল; প্রাকৃ°-গোঅল] বি, গোপ; গোপালক; গোয়াল। স্ত্রীং, গয়লানী।

গয়সাল, গরসাল-বি, যে হিন্দু ধর্ম্মা-বলম্বী পরে মুসলমান হয়। "হিন্দু হয়ে মুসলমান বৈসে গয়সাল।"-কবিক°।

গয়া [গয় (গয় নামক রাজা)+অ

(কৃতার্থে) আ (স্ত্রীং)] বি, গয় নামক রাজর্ষি-নির্ম্মিত পুরী ; বিহারের অন্তর্গত জেলা এবং তার প্রধান শহর ; প্রসিদ্ধ তীর্থস্থান। এই স্থানে আসিয়া হিন্দুগণ মৃতের উদ্দেশে পিণ্ড-দান করিয়া থাকে। এই স্থানে গয় নামক প্রসিদ্ধ অসুর বিষ্ণুর হস্তে নিহত হয়। ২ [প্রাদে॰-ঢাকা] ফড়িংবিঃ।

গয়াংগচ্ছ-বি, গয়াপ্রাপ্তি : মৃত্যু ; মরণ। "কোটা বাসে মাল কচ্ছ সে বুঝি গ॰।" **~ধাম**-বি, গয়াতীর্থ : গয়া শহর। গয়া দ্রঃ। **~বলি** [প্রা-বাং] বি, ধান্যবিঃ। "গয়াবলি, গোপাল ভোগ, গৌরীকাজল।"-শি॰।

গয়ার [গয়র দ্রঃ] বি, কণ্ঠস্থিত শ্লেষ্মা ; কফ। "পয়ারে বয়ারদের পয়ার গয়ারের মত, কিন্তু সরল গ॰ নয়, গলা আঁচড়ে তোলা।"-লীলাবতী। **গয়ার পাপ, -ভূত**-গয়ায় পিণ্ডদানে পাপপুরুষ বা প্রেত-পুরুষ উদ্ধার লাভ করে, কিন্তু গয়াতে মরিয়া যে ভূত হয় তাহাকে তাড়ান কঠিন।

গয়াল-বি, এক জাতীয় বৃষ the gayal. ২ ধান্যবিঃ ; ইহার চাউল শ্বেতবর্ণ হয়।

গয়ালি,-লী [হি॰-গয়াবাল্] বি, গয়া-ক্ষেত্রের পাণ্ডা ব্রাহ্মণ। ২ গয়াক্ষেত্রবাসী।

গয়াসুর-পরিশি॰ দ্রঃ।

গয়েশ্বরী [গয়া নগরে নির্ম্মিত বলিয়া। গয়া-কাঁসোরী (হি॰-কাঁসার পাত্র অর্থে) ক্ষে॰ গয়েশ্বরী। তুল-রাণাশ্বরী : কংসেশ্বরী : চিত্তেশ্বরী ই॰ ভিন্ন ভিন্ন স্থানের কাঁসার থালা] বি, গয়ার নির্ম্মিত কানা উঁচু কাঁসার থালা। ২ কাঁসার থালার আকারের অনু-করণে গয়ার পাথরের থালা।

গর$_1$ [সং] বি, গরল ; উপবিষ। ২ রোগ। ৩ করণের মধ্যে পঞ্চম ; গরকরণ। ৪ গ্রাস-কারী। "অজগর।"

গর$_2$ [আ॰-গয়র্ (অন্য)] অ, স্বতন্ত্র ; ভিন্ন : অন্য। প্র-গরজেলা। ২ অভাবাত্মক অব্যয় ; নঞর্থক : বিপরীতার্থক। প্র-গর্‌মিল গর্‌হাজির ; গর্‌রাজি। **~আদর** অনাদর। **~আমালি**- অধিকারচ্যুত (জমি)। **~জমাই ভূমি** নিষ্কর জমি rentfree land, **~কবুল**-অস্বীকার **~পছন্দ** - অপছন্দ ; অমনোনীত। **~বিবেচক**-অবিবেচক। **~বিবেচনা**-অবিবেচনা। **~বিলি**-অবন্দোবস্ত ; অব্যবস্থা। **~মিল** -অমিল। ২ হিসাবে জমা খরচে বৈষম্য। "আদায় করিয়া শেষ তহবিল গরমিল হইলে শূলে যাব নাকি?"-বঙ্কিম (সীতারাম)। ৩ মনান্তর। **~রাজি**-অপ্রস্তুত; অনিচ্ছুক। **~সময়**-অসময় : অনুপযুক্ত সময় : বেটাইম। **~হাজির**-অনুপস্থিত। **~হিসাবী** -বেহিসাবী : আয় ব্যয় বা জমাখরচের হিসাব যার নাই। ২ অমিতব্যয়ী।

গরকায়েম [আ॰-গয়র্-কা- এম] বিণ, অস্থায়ী।

গরগর [সং-গদ্গদ > । ব্রজ॰] বিণ গদ্গদ; বিহ্বল : আনন্দপূর্ণ। "স্বপ্নাবেশে প্রেমে প্রভু গ॰ মন।"-চৈ॰ চ॰। ২ ব্যাকুল। ৩ উল্লসিত। "রাইরূপ হেরি গ॰ অন্তর।" -বি॰ প॰। "শ্যাম সুনাগর রসের সাগর গ॰ রাই দরশন আশে।"ব্রজপরিক্রমা। ৪ [বর্ণ বিপর্য্যয়ে-রগ্‌রগ্] ঘোর গেরুয়াবর্ণ। প্র-তরকারিতে হলুদ গরগরে করে দেওয়া। ৫ [ফা॰-গুর্‌রানা] ক্রোধে গরগর করা : আপন মনে রাগ প্রকাশ করা। "ধাক্কা দিয়ে গরবিণী গর্‌গরিয়ে যায়, ফাঁপরে পড়িয়া কবি ফ্যাল্ ফ্যাল্ চায়।"-হেম॰। বিণ, গরগরে।

গরচি [শ্রীহট্ট প্রাদে॰] বি, বাঁশ : বেড়ার জন্য খণ্ড খণ্ড করিয়া চেরা বাঁশ।

গরজ [আ॰-গরজ্] বি, আবশ্যক। ২ যত্ন। "তোমার মেয়ের বিয়ে গ॰ তোমার।" বিণ, ~ী।

গরজনি [সং-গর্জ্জন শব্দের কোমল রূপ। ব্রজ॰] বি, গর্জ্জন। "ঘেটিতা ঘেটিতা ধিনি মৃদঙ্গ গ॰।"-বি॰ প॰।

গরজানি, গর্জ্জানি [সং-গর্জ্জন : ব্রজ॰ পদ্যে কোমল রূপ-গরজন ; গরজ+আন (ক্রিয়ায়)। উ॰ পু॰-গরজাই। ম॰ পু॰ গরজাও। প্র॰ পু॰-গরজে, গর্জ্জায়, গরজায়। অস-ক্রি, গরজিতে, গর্জাইতে ; গরজিয়া, গর্জাইয়া, গর্জিয়া, গর্জে] ক্রি, গর্জ্জন করা। "গগনে গরজে মেঘ ঘন বরষা।"-সোনার তরী। ২ উচ্চৈঃস্বরে ডাকা। গরজত-গর্জ্জন করে ; গর্জ্জন করিতেছে। "গোধন গরজত বড়ই গভীর।"-গোবিন্দ॰। ঐ অর্থে প্রা॰ বাং-গরজন্তি।

গরজিয়া,-গরজী [গ্রা॰-গরজে গরুজে। আ॰-গরজী >] বি, যার গরজ আছে স্বার্থপর . আত্ম প্রয়োজন সাধক।

গরঞ্জালী [প্রা-বাং] বিণ, কলহপ্রিয়া। "গ॰বুঢী আছে তোহ্মার পাশে।"-শ্রী কী॰।

গরদ [গর (বিষ) দ (দান করা) + অ (তৃ)-উপ॰। যে বিষ দান করে] বিণ, বিষ-প্রদায়ী : যে অন্যকে বিষ খাওয়ায়। ২ ক্ষৌম-বস্ত্র। "পরণেতে ধুতি গ॰ কিম্বা সুতি।" -দ্বি॰ রায়।

গরদিশ [গর্দ্দিশ দ্রঃ] বি, দুরদৃষ্ট ; ভাগ-বিপর্য্যয়। "তাহা নসিরের গ॰ নহিলে অমন গরু দুটোও মরে যায়।"

গরব [সং-গর্ব্ব পদ্যে] বি, অহংকার গর্ব্ব। "তোমায় চিনি বলে আমি করেছি গ॰ লোকের মাঝে।"-রবী॰। "গরবে না কর হঠ প্রবধ মুবারি।"-বি॰ প॰। বিণ, গরবী ; গরবিত। গুরু গরবিত বোলে অবিরত এ বড়ি বিষম বাধা।"-জ্ঞান॰। গোবিন্দদাসে -গরবায়িত। ২ গৌরব : মহিমা (পদ্যে)। "শেষে ফুটিল রে কবে এমন গরবে শতেক শোভন দলে গো!"-বি॰ মজুমদার।

গরবখাকি [প্রাদে॰] গালিবিঃ। যার গর্ব্ব বা দর্প চূর্ণ হইয়াছে : যে গরবের মাথা খাইয়াছে। তুল-গতরখাকি, চোখখাকি ই॰। "গর্ব্বিণী সে গ॰খাকি তিন ছেলের মা। পরের পুরুষ দেখে ধরিতে নারে গা।"-ঘ॰।

গরবা-বি, গুজরাটী নৃত্যগীত বিঃ।

গরবিণী [গর্ব্বিণী >] বি গৌরব-বতী। ২ অহঙ্কারবতী ; দর্পিতা : গর্ব্বিতা। "ধীরে যায় রাই গ॰ শ্যাম-প্রেম-সোহাগিনী।"-সা॰ প॰ প॰।

গরবী [গর্ব্বী > । ব্রজ॰] বিণ, গর্ব্ব-কারী ; গর্ব্বী ; দর্পী ; গর্ব্বিত ; অহঙ্কৃত। "হরি বড় গ॰ গোপী মাঝে বসই।"-বি॰প॰।

গরব্রতি [গর (সর্পবিষ ভক্ষণ) ব্রত

(নিয়ম-স্বভাব) যার-বহু°] বি, শিখী; ময়ূর।

গর্/ভ [সং-গর্ভ। পদ্যে কোমল রূপ] বি, গর্ভ। বিণ, ~ভির্ত-গর্ভযুক্ত। ২ গর্ভেস্থিত: অন্তর্নিহিত। "গুঞ্জা গৈরিক গোরস-গরভিত গোরোচনা রুচিরধারী॥"-গোবিন্দ°।

গর্ম [সং-ঘর্ম > হি°-গরম্] বি, ঔদ্ধত্য। ২ অহঙ্কার; গর্ব। ৩ গ্রীষ্ম। ৪ বিণ, উষ্ণ। ৫ [যশো°, খুলনা প্রাদে°] হিংস্র জন্তুর ভয়যুক্ত; বাঘ আছে এমন (স্থান)। প্র-ও জায়গাটা গরম (অর্থাৎ ওখানে বাঘ আছে)। গ° কথা-কড়া কথা; ক্রোধোক্তি। গ° কাপড়-শরীর গরম রাখিবার উপযোগী বস্ত্র; শীতকালে ব্যবহার্য পশুলোম, তুলা ই° নির্মিত বস্ত্র। গ° কাল-গ্রীষ্মকাল। গ° খবর -টাটকা খবর, নিতান্ত আধুনিক সংবাদ। ~গর্ম, গরমাগরম-ভাজা; খোলা হতে সদ্য নামান। ~পোষ [ফা°-গরম্ পোষ] কাণঢাকা গরম লাল কাপড়ের টুপি। ~মসলা-দারুচিনি, লবঙ্গ, এলাচী ই উষ্ণবীর্য মসলা। ~মেজাজ-উগ্রপ্রকৃতি। ~হাওয়া-উত্তপ্ত বায়ু; লূ। কুসম কুসম গর্ম-অল্প অল্প গরম; ঈষদুষ্ণ; কদুষ্ণ। গা গর্ম-দেহ উত্তপ্ত। ২ জ্বর। টাকার গর্ম-ধনবত্তার অহঙ্কার; ধন-গর্ব। নরম গরম-ব্যবহারে কখন মৃদুতা কখন উগ্রতা প্রদর্শন; মধ্যম শাসন। পচা গর্ম-যে গ্রীষ্মে শরীর অবিরত ঘর্মে পচিয়া যায়; ফল পাকড যে গরমে পচিয়া যায়; নির্বাত গ্রীষ্ম। পেট গর্ম-উদরের উষ্মা; অজীর্ণ। বাজার গর্ম-বাজারে পণ্য-দ্রব্যের মূল্য-বৃদ্ধি। মাথা গর্ম-উষ্ণ মস্তিষ্ক; কোপন বা উগ্র-স্বভাব।

গরমাই-গরমি দ্রঃ।

গরমানি [গরম+আন] ক্রি, গরম বা উষ্ণ হওয়া। ২ উত্তেজিত হওয়া। ৩ ক্রুদ্ধ হওয়া।

গরমি [গরম দ্রঃ। গ্রা°। হি°-র অনুকরণে -গরমাই। তুল-গরমাই কাল, গরমাই হওয়া] বি, গ্রীষ্মকাল। প্র-গ° পড়লে আর গায়ে গরম জামা চলবে না। ২ গ্রীষ্ম; উষ্মা; উত্তাপ। প্র-গ° বোধ হওয়া। ৩ [হি°-গর্মী] উপদংশরোগ। ৪ বিণ, উষ্ণ; উত্তপ্ত। সর্দ্দি-গরমি-সর্দ্দী, সর্দ্দীগর্ম্মী দ্রঃ। রোগবিঃ sun-stroke; heat-stroke.

গরমিল [গর (নঞর্থক) দ্রঃ। প্রাদে° ভেদে 'গড়মিল'] বি, মিলনের অভাব; অমিল; অনৈক্য।

গররা-গর্রা দ্রঃ।

গররাজি [আ°-গয়্র্ রাজী] বিণ, নারাজ; অসম্মত।

গরল [গর (বিষ)+ল (স্বার্থে)] বি, বিষ। ২ সর্পের বিষ। ৩ পরিমাণবিঃ। ৪ ঘাসের আঁটি। স্ত্রীং ~লী-গড়ুই মাছ।

গরলারি [গরল-অরি (নাশক)] বি, গরুড়মণি; মরকতমণি। ২ বিষহর।

গরলায়েক [জমী° পরিঃ] বি, যে জমিতে শস্য জন্মে না। ২ অনুপযুক্ত।

গরসাল [আ°-গয়্র্ (foreigner), আ°-সালিক (devotee) >] বি, মুসলমান সম্প্রদায়বিঃ; হিন্দু হতে মুসলমান; নও-মুসলিম্।

গরহাজির [আ°-গয়্র্ হাজির] বিণ, অনুপস্থিত।

গরা [প্রাদে° ঢাকা অঞ্চলে] বি, গড়া; মৎস্য ধরিবার জন্য খালের এক পাব হতে অপর পার পর্য্যন্ত যে বেড়া দেওয়া হয়।

গরাদিয়া, গরাদে [পর্তু°-grade (গ্রাদে°) >] বি, রেল; কাঠরা; ঝরকা; জানালা দরজা ই°-র লৌহ বা কাঠময় দণ্ড।

গরান, গরাণ-বি, চামড়ায় কষ লাগাইবার জন্য যে গাছের ছাল ব্যবহৃত হয়, কাঠ জ্বালান হয় এবং সরলাংশ খুঁটির কাজে লাগে the mangrove

গরা/স [ব্রজ° গ্রাস >] বি, গ্রাস; কবল। ২ আহার; ভক্ষণ। "তেঁই না করয়ে গ°।"-বি° প°। ক্রি, ~সা-গ্রাস করা। ~সিল [গরাস (গ্রাস)+ইল (বাং ক্রিয়া-বিভক্তি)। ব্রজ° -~সল] ক্রি, গ্রাস করিল। "তিমিরে গরাসিল মোরে।"-জ্ঞান°।

গরি-গিরি দ্রঃ।

গরিব, গরীব [আ°-গরীব] বি, অর্থহীন; দরিদ্র। "গরিবে বিমুখ সবে, নিদ্রা আর আসে না।"-অশোক°। ~খানা-[শিক্ষিত মুসলমান ভদ্রসমাজে বিনয় ও সৌজন্যার্থে ব্যবহৃত শব্দ] বি, বাড়ী (আত্মপক্ষে। তুল-অন্যের বাড়ীর উল্লেখে -দৌলতখানা)।

গরিবানা, গরীবানা, গরীবী [আ°] বি, বিণ, দরিদ্রের ভাব; গরীবসুলভ। "মহতের কার্য্য কর গরিবানা চেলে।" -ঈ° গুপ্ত।

গরিমা [গুরু+ইমন্ (ভা°), মূ°-গরিমন্ ১মা ১ব° গরিমা] বি, গৌরব। ২ যোগের অষ্টসিদ্ধির অন্যতম; ভারি হওয়া; গুরুত্ব। ৩ মাহাত্ম্য। ৪ ভার। ৫ গর্ব; আত্মশ্লাঘা; দর্প; অহঙ্কার। ৬ মহিমা majesty

গরিষ্ট [গরিষ্ঠ > ভং। গ্রা°-গরিষ্টি] বি, অতি ভোজনহেতু বদহজম।

গরিষ্ঠ [গুরু+ইষ্ঠ (অত্যর্থে) গুরু=গর] বিণ, গরীয়ান্ (দ্রঃ)। ২ সর্বাধিক; সর্বোচ্চ maximum. ৩ জ্যেষ্ঠ senior "গ° উইলিয়ম কেরী।"

গরিহ্ [প্রাদে° গ্রা°] বি, গ্রহের ফের; অদৃষ্ট-বৈগুণ্য। "গর্ভ কথা গ° কেবল লোকরব।"-কৃষ্ণলীলা (বৃহৎ সারাবলি)।

গরীব-গরিব দ্রঃ। ~পরোয়ার, পরওয়ার [আ°, ফা°] বিণ, দরিদ্রপালক।

গরীয়ান্ [গুরু+ঈয়স্ (অত্যর্থে) গুরু=গর] বিণ, মর্য্যাদাশালী; মর্য্যাদাপন্ন। ২ গুরুতর; অতিশয় গুরু; বড় ভারী। ৩ অতি গৌরবান্বিত। "য়ুরোপ বাহুবলে বলীয়ান্, যন্ত্র-কৌশলে° গ°, নবোৎসাহে তেজীয়ান্।" -সনাতনী। ৪ অর্থবান্। ৫ অতি মহৎ। ৬ বি, নরপতিবিঃ। স্ত্রীং গরীয়সী-মহতী; গৌরবান্বিতা; মাননীয়া। "জননী ও জন্মভূমি স্বর্গাদপি গরীয়সী।"

গরু [সং-গো; হি°-গোরু। বাং-য় গোরু ও°] বি, গো; গাভী; বৃষ। ২ মূর্খ; নির্বোধ। [গরুর বিভিন্ন প্রকার ও অঙ্গের নাম-গোমুণ্ড, গোমস্তক-গরুর মাথা। গোমুখ-গরুর মুখ। সাস্না,

গো-গল-কম্বল-গরুর গলার লোল মাংস। গোক্ষুর-গরুর পায়ের খুর ; শফ। মোড়-গোস্তন ; উধস ; আপীন। বাঁট-মোড়ের বর্ত্তিকা। বঁট-স্কন্ধ প্রদেশ। বিভিন্ন শ্রেণীর গরু। নস্তিত, নস্যোত-নাক ফোঁড়া গরু। যুগ্য-বিদাবহা গরু। প্রাসঙ্গ-ঘানিটানা গরু। হালিক-হেলে গরু, লাঙ্গলটানা গরু। ধুরীণ, ধুরন্ধর-গাড়িটানা গরু। একধুর-এক পিঠা বা এক-ভার বহনযোগ্য গরু। সর্ব্বধুরীণ-দুই পিঠা গরু। বশা-বন্ধ্যা গো। অচিণ্ডী-ছাঁদিয়া দোহনযোগ্যা গো। বেহৎ-গর্ভঘাতিনী। সন্ধিনী-বৃষভাক্রান্তা ঋতুমতী গো। সুব্রতা-সুখে দোহনযোগ্যা। ধেনু-নবপ্রসূতা। শবলী-শবলবর্ণা গাভী। শ্যামলী-শ্যামলবর্ণা গাভী। ধবলী-শুক্লবর্ণা গাভী]।

গরুঅ, গরুয়া [গুরু > =হিং-গরু, গরুয়া (ভারি)। ব্রজং] বিণ, গুরু ; ভারি। "গিরি সম গরুঅ মান নাহি মুঞ্চনি।" -বিংপং। ২ স্থূল ; গুরুভার। "গরুঅ জঘন।" -শ্রীং কীং। ৩ গুরুতর ; অতিশয়। "মাঘ মাসেতে কন্যা গরুয়া লাগে শীত।"-চণ্ডীকাব্য (মাধবাচার্য্য)।

গরুখোর-বিণ, গোখাদক ; গবাশন।

গরুচোর [প্রাদেং] বি, যে গরু চুরি করিয়াছে ; অতিশয় ভীরু। "ভয়ে ভয়ে সদা আছি হয়ে গং।"-কস্তুরীং।

গরুজে-গরজিয়া দ্রঃ।

গরুড় [গর (বিষ)+উড় (যে নাশ করে অর্থাৎ যে সর্প ভক্ষণ করে); কিংবা গুরু (মহৎ) ডী (উড়িয়া যাওয়া)+অ (র্ত্তৃ) ই লোপ, ড=ড়। গুরু=গরু (নিপাতনে) যে গুরুভার লইয়া উড়িতে পারে] বি, পক্ষিরাজ : বৈনতেয়। "বীরবর খগপতি নখদ্বারা দৃঢ়রূপে গজকচ্ছপ ধারণ করিয়া ঋষিগণের বিনাশ-ভয়ে সেই শাখা চঞ্চুপুটে গ্রহণ করিলেন। মহর্ষিগণ গরুড়ের এই অলৌকিক কর্ম্ম দেখিয়া বিস্ময়াকুলিত-চিত্তে তাঁহার 'গরুড়' এই নাম রাখিলেন। যেহেতু ঐ পন্নগভোজী বিহঙ্গরাজ গুরুভার বহন করিয়া উড্ডীন হইয়াছেন।" -মহাং (বর্দ্ধং)। ২ সৈন্যনিবেশরূপ ব্যূহ-বিঃ। ৩ বিণ, গরুড়-সদৃশ বলধর। "পড়ে ছিল যথা-হিড়িম্বার স্নেহনীড়ে পালিত গং ঘটোৎকচ।"-মেঘং। ৪ [নাট্য শাং] অঙ্গুলির সহিত অঙ্গুলিবদ্ধ অর্দ্ধচন্দ্র করদ্বয়। ~ধ্বজ [গরুড় (পক্ষিরাজ)-হইয়াছে ধ্বজ (রথচিহ্ন) যার-বহুং] বি, বিষ্ণু ; কৃষ্ণ। ২ বিণ, গরুড় মূর্ত্তি অঙ্কিত ধ্বজা-বিশিষ্ট। ~পুরাণ [গরুড় কর্ত্তৃক উক্ত যে পুরাণ-ধা] বি, অষ্টাদশ পুরাণের অন্তর্গত পুরাণ-বিঃ। ~বাহিন-বি, বিষ্ণু। ~মূর্ত্তি [প্রাদেং-বরিশাল] বিণ, গরুড় যেমন বিষ্ণুর নিকট যুক্তকরে অবস্থিত তদ্রূপ ; অতি ভয়ে ভীত। "সে ভয়ে গরুড়মূর্ত্তি হয়ে গেছে।" ~শয়ন [কশ্যপপত্নী বিনতা যে অণ্ডদ্বয় প্রসব করিয়াছিলেন তার একটীকে অকালে ভগ্ন করায় নিম্নাঙ্গহীন অরুণের জন্ম হয়, অপর ডিম্ব অসময়ে ভগ্ন না করিয়া যথা-সময়ে সন্তান জন্মগ্রহণের অপেক্ষা করায় বহুশত বৎসর পরে সেই অণ্ড হতে গরুড়ের জন্ম হয়-সুতরাং বহুকাল গরুড় অণ্ডমধ্যে সুপ্ত ছিলেন। তা হতে] বি, দীর্ঘনিদ্রা ; অচৈতন্য অবস্থায় বহুকাল অবস্থান। তুল-অনন্ত-শয়ন। "ঠারে ঠোরে কথা কই দিনে পতির সনে। রাত্রি হইলে নিদ্রা যাই গরুড়-শয়নে॥" -কবিকং।

গরুড়াগ্রজ [গরুড়ের-অগ্রজ (জ্যেষ্ঠ) -৬ তৎ] বি, গরুড়ের জ্যেষ্ঠ ভ্রাতা ; সূর্য্য-সারথি ; অরুণ।

গরুড়াঙ্কিত-বি, মরকত মণি।

গরুড়াসন [গরুড় (গরুড়বৎ) যে আসন] বি, রুদ্রযামলোক্ত যোগাসনবিঃ।

গরুৎ [গৃ (শব্দ করা)+উৎ (র্ত্তৃ) গৃ=গর্] বি, পক্ষ ; পালক।

গরুত্মতী-গরুত্মান্ দ্রঃ।

গরুত্মান্ [গরুৎ (পক্ষ) আছে যার এই অর্থে+মৎ-গরুত্মৎ-১মা ১বং] বি, গরুড়। ২ পক্ষী। স্ত্রীং ~ত্মতী-পক্ষবিশিষ্টা। ২ পক্ষ-সদৃশ পালযুক্ত নৌকাদি। "চলিলা যথা গরুত্মতী তরি, তরঙ্গনিকরে রঙ্গে করি অবহেলা।"-মেঘং।

গর্গ [পরিঃ দ্রঃ] । গৃ (ভোজন করা)+গ (র্ত্তৃ)] বি, স্বনামপ্রসিদ্ধ মুনিবিঃ।

গর্গর [গর্গ (অনুকরণ শব্দ)+র(যে করে। -রা=দান করা+অ, র্ত্তৃ) যে জলপূরণ-সময়ে শব্দ করে] বি, কলস ; ঘট ; ঘড়া। ২ মন্থনী ; দধিমন্থনপাত্র। ৩ ঘূর্ণিজল জলাবর্ত্ত whirlpool (র)। স্ত্রীং ~রী-গাগরী ; ছোট ঘড়া। "গৌরী সে গর্গরী হৈতে ঢাইল জল।"-শিং।

গর্চা, গরচা-বি, আড়জাতীয় মৎস্য।

গর্জ্জ [গর্জ্জ (শব্দ করা)+অ (ভাং)] বি, শব্দ, মেঘধ্বনি। স্ত্রীং ~া-মেঘ ও হস্তী ইং-র শব্দ। ~ক [গর্জ্জ+অক-র্ত্তৃ] বিণ, যে গর্জ্জন করে, গর্জ্জনকারী।

গর্জ্জন [গর্জ্জ (শব্দ করা)+অন (ভাং)] বি, শব্দ ; ধ্বনি। ২ উদ্ধত শব্দ ; স্পর্দ্ধা। ৩ কোন জন্তু কোপ করিয়া যে শব্দ করে। ৪ মেঘধ্বনি। ৫ সিংহাদির ডাক। ~তৈল-বি, বাত বেদনা কষ্টাদিনাশক প্রসিদ্ধ কবিরাজী তৈল।

গর্জ্জমান [গর্জ্জ (শব্দ করা)+আন (র্ত্তৃ)] বিণ, গর্জ্জনশীল যে গর্জ্জন করিতেছে; গর্জ্জনকারী।

গর্জ্জর [গ্রাং গাজর] বি, মূলবিঃ carrot

গর্জ্জানি [গর্জ্জন দ্রঃ। উংপুং-গর্জ্জাই। মংপুং-গর্জ্জায়। অস-ক্রি, গর্জ্জাইতে; গর্জ্জাইয়া। গ্রাং-গজরান] ক্রি, গর্জ্জন করা। বি,গর্জ্জানি।

গর্জ্জিত [গর্জ্জ্ (শব্দ করা)+ত (ভাং) ই-আগম] বি, গর্জ্জন দ্রঃ। ২। [র্ম্ম] বিণ, শব্দিত ; নাদিত ; ধ্বনিত। ৩ [র্ত্তৃ-ত] বি, মত্তহস্তী।

গর্ত্ত [গ্রাং-গত্ত। গৃ (ভোজন করা)+ত(র্ত্তৃ)] বি, গহ্বর ; রন্ধ্র ; ছিদ্র ; বিবর। ২। রোগবিঃ। ৩ ত্রিগর্ত্ত দেশ। তাঁতগর্ত্ত-তাঁত বুনিবার সময় যে গর্ত্তে পা ঝুলান হয়।

গর্ত্তিকা [গ্রাং-গাত। গর্ত্ত (গহ্বর)+ইক (স্ব্য) আ (স্ত্রীং) যে গৃহে গর্ত্ত থাকে] বি, তাঁতগর্ত্ত ; তাঁতঘর।

গর্দ্দভ [গ্রাং-গদ্ধোব্। গর্দ্দ্ (শব্দ করা) + অভ (র্ত্তৃ) জ্ঞা] বি, যে উৎকট শব্দ করে ; রাসভ ; গাধা। স্ত্রীং ~ী।

গর্দ্দা [ফাং-গর্দ্দ্] বি, ধুলা, মাটি ; ময়লা।

গর্দ্দান [ফাং-গরদান] বি, ঘাড় ; গলা।

২ মাথা। "যায় বুঝি এসিয়ার এবার গ°।"-কস্তুরী°।

গর্দ্দানি [গর্দ্দান দ্রঃ] বি, ঘাড়ধাক্কা (দ্রঃ) গলাধাক্কা। "তাহাকে গ° দিয়া বাহির করিয়া দিল।"

গর্দ্দিশ [ফা°-গর্দ্দিশ্] বি, ভাগ্য-বিপর্য্যয়; অদৃষ্টের ফের; অবস্থা-বৈগুণ্য। গোলাম গর্দ্দিশ-গোলাম দ্রঃ।

গর্ব্ব [গর্ব্ব্ (দর্প করা) + অ (ভা°)] বি, অহঙ্কার; আত্মশ্লাঘা; দর্প। ২ বিদ্যাবল, রূপ ও ধনাদিলাভবশতঃ অন্যকে অবহেলা বা অবজ্ঞা বি. গর্ব্বী।

গর্ব্বাট [গর্ব্ব (দর্প দ্বারা) অট (যে গমন করে)] বি, দ্বারপাল। ২ বিণ, যে গর্ব্বভরে চলে।

গর্ব্বিত [গর্ব্ব্ (দর্প করা) + ত (র্তৃ) যে গর্ব্ব করে] বিণ, যার গর্ব্ব হইয়াছে; উদ্ধত; অহঙ্কৃত। ২ [গর্ব্ব (দর্প + ইত (স্ত্য)] গর্ব্বযুক্ত; গর্ব্বকারী। স্ত্রীং ~া।

গর্ব্বী [গর্ব্বিন্ শব্দ। পদ্যে গরবি (দ্রঃ)] বিণ, গর্ব্বিত; গর্ব্বকারী। স্ত্রীং গর্ব্বিণী।

গর্ব্বোজ্জ্বল [গর্ব্ব (দ্বারা) উজ্জ্বল-৩ তৎ] বিণ, অভিমানদীপ্ত। স্ত্রীং ~া।

গর্ব্বোদ্ধত [গর্ব্ব (দ্বারা) উদ্ধত-৩ তৎ] বিণ, অহঙ্কারমত্ত; দাম্ভিক। স্ত্রীং ~া।

ˋ**গর্ভ, গর্ব্ভ** [প্রা°-গব্ভো, গব্ভো। গৃ (গ্রাস করা) + ভ (র্ম্ম) যাকে গ্রাস অর্থাৎ আবরণ করিয়া রাখে] বি, গর্ভাশয়স্থিত শুক্রশোণিতময় পিণ্ড; ভ্রূণ। ২ গর্ভস্থ শিশু। ৩ অগ্নি (বাং-য় বিরল)। ৪ [ধি-ভ, যে স্থানে শুক্র শোণিতময় পিণ্ড সন্তানরূপে পরিণত হয়] কুক্ষি; পেট; উদর। ৫ অভ্যন্তর; মধ্য। প্র-ভূগর্ভ, নদীগর্ভ। ৬ ভাদ্র মাসের কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী তিথিতে নদীর যতদূর জলে ভরিয়া উঠে তাহার নাম গর্ভ (গর্ভের উপরভাগকে তীর বলে)। ৭ [নাট্যে] সন্ধিবিঃ। ৮ পুত্র। ৯ অন্ন [বাং-য় বিরল]।

ˋ**গর্ভ/ক** [গর্ভ (অভ্যন্তর) + ক (কৈ= প্রকাশ পাওয়া + অ (র্তৃ, জ্ঞা°) গর্ভে অর্থাৎ কেশের অভ্যন্তরে যে প্রকাশ পায় (শোভা পায়)] বি, কেশমধ্যপরিশোভিত পুষ্পমালা; খোঁপার মাল্য। ২ খোঁপার ফুল। ৩ দুই রাত্রি এক দিন। **~কণ্টক**-বি, পনস-বৃক্ষ; কাঁটাল গাছ। **~কেশর** [গর্ভের কেশর-৬ তৎ] বি, (উদ্ভিদ্বিদ্যায়) পুষ্প-বৃন্তের অগ্রভাগ অধিকার করিয়া পুং-কেশরসমূহের মধ্যে অবস্থিত রূপান্তরিত পত্রবিঃ; কেশরের মধ্যে যে সূত্রটী সর্ব্বাপেক্ষা স্থূল এবং যার শিরোভাগ একপ্রকার স্নেহ-পদার্থযুক্ত থাকে; পুষ্পযোনি pistil. **~কোষ** [গর্ভের কোষ-৬ তৎ] বি, গর্ভাশয়। **~গৃহ** [গর্ভের (অভ্যন্তরের) গৃহ -৬ তৎ] বি, অভ্যন্তর গৃহ; ভিতরের ঘর। ২ সূতিকাগৃহ; প্রসবগৃহ। **~চ্যুত** [গর্ভ হতে চ্যুত (পতিত)-৫ তৎ] বিণ, গর্ভ হতে নিঃসৃত; গর্ভ হতে পতিত। **~জ** [গর্ভ-জ (জন-জন্মান) + অ (র্তৃ) যে জন্মায় (উপ°)] বিণ, গর্ভে জাত; গর্ভে উৎপন্ন। **~ণ্ড** [গর্ভ (উদর) অণ্ড (ডিম) নিপাতনে গর্ভাণ্ড না হইয়া গর্ভণ্ড] বি, নাভির গোড়। **~তন্তু** [গর্ভ (গর্ভের) তন্তু-৬ তৎ। (গর্ভস্থ) তন্তু, তন্তুবৎ অংশ] বি, (উদ্ভিদ্ বিদ্যায়) গর্ভকেশরের উপরিস্থিত দীর্ঘ সূত্রবৎ অংশ। **~দাত্রী**-বি, একপ্রকার গুল্মজাতীয় গাছ; পুত্রদাত্রীনামক ক্ষুপ। **~দাস** [গর্ভ-দাস] বি, মাতৃগর্ভে থাকিতেই যে দাস; ক্রীত-দাসীপুত্র। > স্ত্রীং **~দাসী**। **~দোহদ** [গর্ভের (গর্ভিনীর) দোহদ অভিলাষ-৬ তৎ] বি, গর্ভ হলে গর্ভবিশিষ্টার (গর্ভবতীর) যে সকল বস্তু খাইতে ইচ্ছা হয়; গর্ভিণীর বাঞ্ছিত বস্তু। **~ধারণ** [গর্ভ-ধৃ (ধারণ করা) + অন (ভা°)] বি, শুক্র শোণিত সংযোগরূপ গর্ভ-গ্রহণ; গর্ভে সন্তানগ্রহণ; অন্তঃসত্ত্বা হওয়া। **~ধারিণী** [প্রা°-গবভোধারিণী। গর্ভ -ধৃ (ধারণ করা) + ইন্ (র্তৃ) মৃ°-গর্ভধারিন্ স্ত্রীং-ঈ] বি, যিনি গর্ভ গ্রহণ করেন; জননী; মাতা। **~নাড়ী**-বি, গর্ভস্থ শিশুর নাভি হতে যে নাড়ী ফুলের সহিত সংযুক্ত থাকে; নাভিরজ্জু; umbilical cord. **~নিঃসৃত** [গর্ভ হতে নিঃসৃত-৫ তৎ] বিণ, গর্ভচ্যুত; গর্ভ হতে নির্গত। **~পরিস্রব** [গর্ভ (গর্ভস্থ শিশু) তার পরি (পরক্ষণে) স্রব (ক্ষরণ) হয় যার-বহু°] বি, গর্ভের ফুল, যার সহিত গর্ভস্থ সন্তানের নাভিরজ্জু সংযুক্ত থাকে the placenta. **~পাত** [গর্ভের (গর্ভস্থ শিশুর) পাত (পতন)-৬ তৎ] বি, অসময়ে গর্ভস্থ সন্তানের পতন; গর্ভস্রাব। **~পাতক** [গর্ভ (ভ্রূণ) পত্ + ণিচ=পাতি (পাতিত করা) + অক-র্তৃ] বিণ, তীব্র ঔষধাদি দ্বারা গর্ভ নষ্টকারী। গর্ভ-ঘাতক; ভ্রূণঘাতী। ২ বি, রক্ত শোভাঞ্জন। **~পাতন** [গর্ভের পাতন (পত্ + ণিচ্=পাতি-পতিত করান) + অন (ভা° অনট্)-৬ তৎ] বি, ঔষধাদি প্রয়োগে গর্ভনাশ; ভ্রূণ-হত্যা। ২ রীঠাকরঞ্জ। **~পোষণ** [গর্ভের পোষণ, -৬ তৎ] বি, গর্ভস্থ সন্তানের সংরক্ষা; গর্ভরক্ষা। **~বতী** [গর্ভ + বৎ (স্ত্য) মৃ°-গর্ভবৎ -ঈ (স্ত্রীং)] বি, গর্ভিণী; অন্তঃসত্ত্বা; যে নারী গর্ভধারণ করিয়াছে। **~বাস** [গর্ভের (গর্ভস্থ শিশুর) বাস (বাসস্থান) -৬ তৎ] বি, যেখানে গর্ভস্থ শিশু বাস করে; কুক্ষি। **~ব্যূহ** [গর্ভরূপ ব্যূহ (রূপক ধা)] বি, গর্ভের ন্যায় গুপ্তভাবে সৈন্য সমাবেশ। **~মাস** [গর্ভের (গর্ভোৎপত্তির) মাস-৬ তৎ] বি, গর্ভারম্ভের মাস; যে মাসে গর্ভ উৎপন্ন হয়। **~যন্ত্রণা** [প্রা°-গভ্ভোজন্তোন্না। -৬ তৎ] বি, গর্ভাবস্থার ক্লেশ; সাধারণতঃ দশ মাস দশ দিন সন্তান উদরে থাকায় ও প্রসবকালে জননীর যে যাতনা। ২ দীর্ঘকাল-ব্যাপী উৎকট যাতনা। ৩ অত্যন্ত উদ্বেগ ও সন্দেহাকুলতা। **~রা**-বি, নৌকা দ্রঃ। **~লক্ষণ** [গর্ভের (সন্তানোৎপত্তির) লক্ষণ (চিহ্ন)-৬ তৎ] বি, গর্ভ হইয়াছে এইরূপ চিহ্ন। যে চিহ্ন দ্বারা গর্ভ হইয়াছে এইপ্রকার জ্ঞান হয়। **~শয্যা** [গর্ভ (কুক্ষি) রূপ শয্যা (ধা) কিংবা গর্ভের (গর্ভস্থ শিশুর) শয্যা (শয়নস্থান)-৬ তৎ] বি, জরায়ু; গর্ভাশয়। **~সংক্রমণ** [গর্ভে (উদরে) দেহান্তর ধারণার্থ সংক্রমণ (গমন)-৭ তৎ] বি, জীবের গর্ভে প্রবেশ। **~সময়, ~কাল** [গর্ভের (গর্ভোৎপত্তির) সময় (কাল)। ঋতু-স্নানের পর পুরুষ-সঙ্গম-কাল; গর্ভধারণ কাল। **~সাৎ**-বিণ, গর্ভগত; উদরস্থ। **~স্থ** [গর্ভে-স্থ-স্থা (থাকা) + অ (র্তৃ)-আ লোপ] বিণ, যে গর্ভে থাকে; গর্ভস্থিত; কুক্ষিস্থিত।

২ অভ্যন্তরস্থ; মধ্যস্থিত। প্র-ভূগর্ভস্থ। ~স্রাব [গর্ভের (গর্ভস্থ শিশুর) স্রাব (অকাল পতন)-৬ তৎ] বি, অসময়ে গর্ভপতন গর্ভপাত miscarriage ২ তীব্র ঔষধাদি প্রয়োগে গর্ভনাশ। ৩ [গালি] বৃথাজন্ম, অকালকুষ্মাণ্ড।

গর্ভা/গার [গর্ভের (গর্ভপ্রসবের) আগার (গৃহ)-৬ তৎ] বি, আঁতুড়-ঘর; সূতিকাগৃহ; প্রসব-গৃহ। ২ গৃহের মধ্যস্থ গৃহ; অভ্যন্তর গৃহ। ~ঙ্ক [গর্ভের (অভ্যন্তরের) অঙ্ক-৬ তৎ] বি, নাটকের এক অঙ্কের অন্তর্গত ক্ষুদ্র অঙ্কবিঃ। ~ধান [গর্ভের আধান (উৎপাদন)-৬ তৎ] বি, স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহরূপ সংস্কার; স্ত্রীর প্রথম রজোদর্শন হলে ষোড়শ দিনের মধ্যে ভর্ত্তা পবিত্র হইয়া সায়ংকালে সূর্য্যার্ঘ্য প্রদান-পূর্ব্বক যথাবিধি বহ্নিস্থাপনান্তর পঞ্চগব্য দ্বারা স্ত্রীকে শোধন করিয়া সন্তান উৎপাদনার্থ গ্রহণ। ~শয় [গর্ভের (গর্ভস্থ সন্তানের)-আশয় (শয়নের স্থান)-৬ তৎ] বি, যেখানে শুক্র-শোণিতময় সন্তান অবস্থান করে; গর্ভাধার; জরায়ু; কুক্ষি uterus ~ষ্টম-বি, গর্ভ গ্রহণ হতে অষ্টম মাস।

গর্ভিণী [গ্রা-গর্ভিনী। গর্ভ (ভ্রূণ) হইয়াছে যার-এই অর্থে+ইন্=গর্ভিন্-স্ত্রীং -ঈ] বি, গর্ভবতী; অন্তঃসত্ত্বা; (প্রাদেং)-পোয়াতি। ২ ক্ষীরাই বৃক্ষ।

গর্ভিত [গর্ভ+ইত (যুক্তার্থে)] বিণ, গর্ভযুক্ত। ২ অন্তর্গত।

গর্ভোপ/ঘাত [গর্ভ+উপঘাত] বি, গর্ভপাত। ~ঘাতিনী [গর্ভ-উপ-হন (বধ করা)+ইন্ (র্ত্তৃ) মূং-গর্ভোপঘাতিন্-ঈ(স্ত্রীং)] বি, যে গাভীর অসময়ে বৃষ-গমন-জন্য গর্ভপাত হয়; গাবড়া ফেলা গাই। ২ তৃণ ধান্য; গড়গড়।

গার্ম্মিকাল [গরম দ্রঃ। গ্রাং] বি, গ্রীষ্ম-কাল; গ্রীষ্মঋতু।

গর্রা [আং-তে-গর্গরহ্ (গলার ঘড়ঘড় শব্দ, কুলকুচা) এবং গর্রা (উজ্জ্বল, মহাপ্রাণ ও শ্বেত) শব্দ আছে; কিন্তু বাং-য় গব্‌রা সম্ভবতঃ শব্দাত্মক, অনেকের উচ্চহাস্যের মিলিত ধ্বনি, অনেকটা গব্‌গব্‌ গর্‌গর্‌ বা গট্‌গট্ গট্‌গট্ স্বরূপ। তা হতে গব্‌রা শব্দ ও০।] তুল-গিটকারী] বি, উচ্চ হাস্যধ্বনি। "হাসির গব্‌রা ছেয়ে ফেলিল।"-টেকচাঁদ।

গর্হ/ণ [গর্হ (নিন্দা করা)+অন (ভা০)] বি, দোষারোপ; কুৎসা; নিন্দা। ২ তিরস্কার; ভর্ৎসনা। স্ত্রীং ~ণা। বিণ, ~ণীয়।

গর্হা [গর্হ্ (নিন্দায়) >] বি, নিন্দা। [পদ্যে] ক্রি, নিন্দা করা। গর্হিল-নিন্দা করিল; তিরস্কার করিল।

গর্হিত [গর্হ (নিন্দা করা)+ত (র্ম্ম) ই আগম] বিণ, যাকে লোকে নিন্দা করে; দূষ্য; নিন্দিত। ২ কুৎসিত; মন্দ; জঘন্য; প্রতিষিদ্ধ।

গর্হ্য (গর্‌হ্‌য়) [গর্হ+য (র্ম্ম)] বিণ, গর্হণ-যোগ্য; নিন্দাভাজন; নিন্দনীয়। ২ জঘন্য; অধম। ~বাদী (-গর্হ-) [গর্হ্য (কুৎসিত) বদ্ (বলা)+ইন (র্ত্তৃ)। মূ-গর্হ্যবাদিন ১মা ১ব০] বিণ, যে গর্হিত কথা বলে; মন্দভাষী; অশিষ্ট-বাদী।

গল [গল (ভোজন করা)+অ (গে, জ্ঞা০) ভোজন করা হয় যদ্দ্বারা] বি, কণ্ঠদেশ; গলা। ২ গ্রীবা। ৩ কণ্ঠস্বর। ৪ [দর্জী ভাষায়] গ্রীবার ঘের। ৫ ধুনা। ৬ বাদ্যবিঃ। ৭ [প্রাদেং] নদীর জোয়ার।

গলুই [গলে, চ-গোলুই। প্রাদেং। গলি দ্রঃ বি, নৌকার প্রান্তভাগ (সাধাঃ) অগ্রভাগ। ২ অঙ্গুলিদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান।

গলকক্ষ-বি, অন্ননালীর উপরিভাগে মুখের ঠিক পশ্চাদ্ভাগ (তার ঠিক নিম্নভাগ-'গলনালী')।

গলকম্বল [গলের কম্বল-৬ তৎ] বি, গরুর গলদেশে কম্বলাকৃতি লম্বমান মাংস; সাস্না।

গলগণ্ড [গলে-গণ্ড (গোঁড)-৭ তৎ] বি, গলদেশে স্থূলাকার মাংসপিণ্ড; রোগবিঃ goitre. ২ হাড়গিলা পাখী।

গল/গল [অনুং। মৃদু শব্দার্থে-গুল্‌-গুল্] অ, অবলীলাক্রমে তরল পদার্থের গলাধঃকরণ শব্দ। ২ ক্রমাগত কথা কহা। তুল-ফাং-গলগলা=গোলমাল। ~গিলি, -স্ত্রী [গ্রাং কথ্যং] যে নারী বেশী কথা বলে।

গলগ্রন্থি-বি, গলার বিচি tonsil. ২ [ডাং একেন্দ্র ঘোষ ব্যবহৃত] thyroid

গলগ্রহ [গ্রাং-গলার গেরো। গল (গলদেশ) গ্রহ (যে গ্রহণ করে) উপং] বি, অনিচ্ছায় ও অকারণে যার ভার গ্রহণ করিতে হয়। "শিখিব পড়িব বড় লোক হব, পর গলগ্রহ হয়ে কেন রব, এরূপ প্রবল প্রতিজ্ঞা যার মন ভগবান্ সহায় তাহার।"-চিরঞ্জীব শর্ম্মা। ২ অকারণে যে দায় উপস্থিত হয়। ৩ যার কোন ক্ষমতা নাই কেবল বসিয়া বসিয়া পরের অন্ন ধ্বংস করে। ৪ অসমাপ্ত কর্ম্ম। ৫ গলার বোঝা। ৬ কৃষ্ণপক্ষীয় চতুর্থী, সপ্তমী, অষ্টমী, নবমী ও ত্রয়োদশী তিথি।

গলঘণ্টা [গল (গলার) ঘণ্টা] বি, পশুর গলায় বাঁধিবার ঘণ্টা।

গলদিদিয়া, গলবস্ত্রে-গলবস্ত্র দ্রঃ।

গলৎ [গল্ (ক্ষরিত হওয়া)+অৎ (র্ত্তৃ) গলৎ] বিণ, যা গলিতেছে। প্র-গলৎকুষ্ঠ। স্ত্রীং গলন্তী। ~কুষ্ঠ [গলৎ যে কুষ্ঠ-বং] বি, যে মহাব্যাধিতে অঙ্গ হতে পূয-রক্তস্রাব হয়, যে রোগ দ্বারা ক্রমে হস্তপদাদির অঙ্গুলী খসিয়া পড়ে।

গলিত১-গলদ দ্রঃ।

গলত২-গলা দ্রঃ।

গলদ [আং-গলৎ > বাং গলত,-দ] বি, ভুল; দোষ। প্র-গোড়ায় গং

গলদশ্রু [গলৎ (গলিতেছে) অশ্রু (নয়নজল) যার-বং] বিণ, যার চক্ষু হতে জল পড়িতেছে; বিগলিত অশ্রু। "বিমলা গং লোচনে কহিলেন।"-বিমলা (দামোদর)।

গলদেশ-বি, গলা; গণ্ড।

গলন [গল্ (ক্ষরিত হওয়া)+অন (ভাং)] বি, দ্রব হওয়া; গলিয়া যাওয়া। ২ নির্গত হওয়া। ৩ [পদার্থ-বিজ্ঞান] দ্রবীভবন fusion

গলনালী-গলকক্ষ দ্রঃ।

গলন্তিকা-বি, গাড়ু; ঝারী।

গলয়-ক্রি, বিগলিত হইতেছে।

গলরজ্জু-বি, গলার রজ্জু বা দড়ি ; ফাঁসি।

গলরন্ধ্র [গলের রন্ধ্র (ছিদ্র)-৬ তৎ] বি, গলার ছিদ্র, কণ্ঠনালী।

গললগ্নীকৃত-বিণ, গলায় লাগান হইয়াছে এমন।

গললগ্নীকৃতবাসা [গলে-লগ্নীকৃত বাস (বস্ত্র) যার] বিণ, গলবস্ত্র ; বিনয়, হীনতা, দৈন্য ইং প্রকাশার্থে গলায় কাপড় ন্যস্তকারী। "গং হইয়া সরোদনে কহিলেন।"-বিমলা (দামোদর)। পুং ~বাস। ক্রি-বিণ, ~বাসে-গলায় কাপড় দিয়া।

গলশুণ্ডিকা [গলের (কণ্ঠের) শুণ্ডিকা (শুঁড়)-৬ তৎ, হাতীর শুঁড়ের ন্যায় লম্বমান মাংসখণ্ড আছে বলিয়া] বি, আলজিভ, অলিজিহ্বিকা ; ঘণ্টিকা ; লম্বিকা tonsil.

গলস্তনী [গলে (গলদেশে) স্তন (স্তনাকার মাংসখণ্ড) যার-বহু°] বি, অজা ; ছাগী।

গলহস্ত [গলে হস্ত-৭ তৎ] বি, অবমাননা-পূর্বক বহিষ্কৃত করিয়া দিবার জন্য গলায় হস্ত দান ; অপমানিত করার জন্য গলে হস্তার্পণ ; গলাধাক্কা ; গলাটিপি ; অর্দ্ধচন্দ্র। ২ তর্জনী ও অঙ্গুষ্ঠের বিস্তার।

গলা১ [সং-গল ; হিং-গলা। তুল-ল্যাং-gula the throat] বি, কণ্ঠ ; গলদেশ। গং কাটা-বি, ক্রি, দেহ হতে মুণ্ড বিচ্ছিন্ন করা ; কণ্ঠচ্ছেদ করা। ২ [কণ্ঠচ্ছেদের ভাব হতে] ডাকাতি করা ; লুণ্ঠন করা ; প্রবঞ্চনা করা ; ঠকান। ~কাটা-বি, স্কন্ধকাটা ; কবন্ধ। ২ যে গলা কাটে ; ডাকাত। "গলাভরা মালা তোমার কপাল জুড়ি ফোঁটা। দিনে হও ব্রহ্মচারী রাত্রে গলাকাটা।" ৩ বিণ, কণ্ঠচ্ছেদকারী। ৪ লুণ্ঠনকারী। ~খুস্‌খুস্-শ্লেষ্মার প্রকোপ হেতু গলার মধ্যে এরূপ অনুভূতি যাতে কাশির উদ্রেক হয়। ~খাঁকারি দেওয়া-স্বীয় উপস্থিতি বিজ্ঞাপিত করিবার জন্য গলশব্দ করা ; গয়াব তুলিবার সময়মত 'খকর' এই শব্দ করা। ~ঘঙ্ ঘঙ্-সর্দ্দি-কাশির জন্য গলার ঘঙ্ ঘঙ্ শব্দ। ~ঘড় ঘড়-গলায় শ্লেষ্মা জমিয়া ঘড় ঘড় শব্দ ; ঘুংড়ি। গং চাপা-শ্বাসরোধ করা। গং ছাড়া-সঙ্গীতের স্বর-উচ্চ করা। গং টিপিলে দুধ বাহির হওয়া [লক্ষ° অতি শিশু যার দুধ ব্যতীত অন্যরূপ আহার সম্ভব নয়। তুচ্ছার্থে] অজ্ঞতা প্রকাশ করা। "কোথাকার একটা ছোঁড়া যার গং টিপিলে আজও দুধ বাহির হয়, সে না জানে শাস্ত্রার্থ, না সে পূজাপদ্ধতিতে অভ্যস্ত ; এত বড় একটা গুরুভার যে তাহাকে দেওয়া হইল।"-মন্ত্র-শক্তি। ~টিপি-দূরীকরণার্থ গলহস্ত ; অর্দ্ধচন্দ্র ; অপমান। "ঝুঁটি ধরে ঝাঁটা মেরে দূর করে দিব। গং টিপি দিয়া গাঁথা গুণাগার লেব।"-শিং। গং ধরা-স্বর বন্ধ হওয়া। ~ধাক্কা-ঘাড়-ধাক্কা দ্রঃ। ~ফোলা-গলদেশের স্ফীতিরোগ। ~বসা-গলার আওয়াজ বাহির না হওয়া। ~বাজি, -জী-চেঁচামেচি ; চীৎকার ; হাঁকডাক। "উত্তর হোক না হোক গলাবাজীতে মাত করি।"-নবীন তপস্বিনী। ~ভাঙ্গা-স্বরভঙ্গ হওয়া। ~ভারি-গম্ভীর স্বর। ভালি গং-সুকণ্ঠ। গলায় কাপড়-অতি দৈন্য বা অতি বিনয়ের লক্ষণ, গলবস্ত্র। গলায় গলায়-আকণ্ঠ। গলায় দড়ি-বিকার। "গলায় দড়ি তোমার অমন নেকা পড়ায়।"-অনুরূপা দেবী। গলায় গাঁথা-হার করিয়া কণ্ঠে ধারণ করা। ২ [লক্ষ°] অত্যন্ত আদর করা ; মায়াডোরে বাঁধা। গলায় পড়া-ভারস্বরূপ স্কন্ধে চাপা ; নিজের ভরণ-পোষণের ভার নিতে বাধ্য করা। গলায় গলায়-অতি ঘনিষ্ঠ। আসতে যেতে গলা কাটা-আদান-প্রদান উভয় ক্ষেত্রে অর্থাৎ সকল ব্যবহারেই বঞ্চনা করা ; শাঁখের করাত হওয়া

গলা২-বি, লজ্জালু লতা।

গলা৩ [গম্ (গমনে) গা, গেল দ্রঃ] ক্রি, গেল ; যাইল। "কুমার লেউটী গং পথ।"-গোবিন্দ গীত (বং সাং পং)।

গলা৪ [গল্ >। গলি, গল (গলুন, গল), গলে (গলেন) ; গলিতে ; গলিয়া (ক্ষেং গলে)। ণিজন্ত-গলান, গালা, গালান] ক্রি, গলিত হওয়া ; তরল হওয়া ; দ্রব হওয়া। ২ ছিদ্র বা দ্বারের মধ্য দিয়া গমন করা। ৩ বিণ, গলিত ; দ্রবীভূত। ৪ জীর্ণ। ৫ পচা [ব্রজং] গলত, গলতহি-গলে। "নয়নে গলতহি লোর।"-বি পং। গলয়ে-গলে। "চামরে গলয়ে জনু মোতিম হারা।"-বিং পং। বি, গলন।

গলাগলা [প্রাদেং] বিণ, পরিপূর্ণ ; গলায় গলায় ; আকণ্ঠ। "মধুভরা গং ছুঁইতে উন্মুনে তাহা উঠে পরিমল।"-প্রেম ও ফুল। ২ নরম নরম। ৩ পিণ্ডবৎ।

গলাগলি [গলা-গলা-ই (স্বার্থে)] ক্রি-বিণ, পরস্পরের স্কন্ধে হস্ত প্রসারিত করিয়া। "তাহারা গং বান্ধিয়া যাইতেছে।" ২ বিণ, ঘনিষ্ঠ আত্মীয়। "ওদের গং ভাব।"

গলাঙ্গে [প্রাদেং গ্রাং] বি, গলাসি (দ্রঃ) ; গরু ছাগলের গলায় যে দড়ি বাঁধা হয়।

গলাধঃকরণ [গলা (র) অধঃ-করণ] বি, গিলন ; পান বা ভোজন।

গলানি [গলা দ্রঃ। -গলাই, গলাও (গলান, গলা), গলায় (গলান) ; গলাইতে ; গলাইয়া (ক্ষেং গলিয়ে)] ক্রি, দ্রবীভূত করা ; দ্রব করা ; তরল করা ; গলিত করা। এই অর্থে গ্রাং-গালানি (ণিজন্ত রূপ)। ২ অঙ্গুলির খোঁচা দিয়া ক্ষত করা ; টেপা ; নখ দ্বারা খোঁটা। ৩ রন্ধ্রপথ দিয়া বাহির করা। "ছুঁচে সূতা গং।" মাথা গং-প্রবেশ করা।

গলানী-বি, (গরুর) গলবন্ধনী ; গলাসি।

গলাবন্দ, -ন্ধ১, **গলাবঁদ** [ফাং-গুলু-বন্দ] বি, গলা গরম রাখিবার জন্য পশমাদির লম্বা পটি ; কম্ফর্টার।

গলাবন্ধ-বি, কণ্ঠরোধ ; গলাবঁন্দ।

গলাসি, গলাসী [গলান্ ও°। গল-রসি (হিং-রস্সী=রজ্জু)] বি, গবাদির গলবন্ধন রজ্জু।

গলি [হিং-গলি, কুলিয়া] বি, অল্প-পরিসর পথ ; ক্ষুদ্র পথ lane. "আট হাট ষোল গং বত্রিশ বাজার।"-ভারতং। ২ নৌকার দুই প্রান্তভাগ ; গলুই। প্র-আগা-গলি বা পাছা গলি (ঢাকা অঞ্চলে)। ~কুচা,

-কুচি-গলি এবং গলির বাঁক বা সন্ধিস্থান : গলিঘুঁজি। "চৌদিকে প্রাচীর উচা কাছে নাহি গ০ কুচা : পুষ্প বনে ঢাকে শস্য রবি।" -ভারত০। **~গলি** [গ্রা০ 'গলিগালি'] বি. প্রতিগলি ; সকল পথ : সর্বত্র ; অন্ধি সন্ধি। "আজ্ঞা কর আগে আমি আসি একবার। জ্ঞাত হয়ে গলিগলি গড়ের দুয়ার।"-ভা০। **~ঘুঁজি** [গলি দ্রঃ। 'গলি ঘোঁচ' (বি সরকার)] বি. গলি ও ঘুঁজি (ক্ষেত্রের আইল যথায় বক্র হয় সেই স্থানকে ঘুঁজি বলে) : গলি ও গলির সন্ধি : গলির বাঁক। "শুনেছিনু প্রেমের কুঞ্জে অনেক বাঁকা গলি ঘুঁজি।"-রবী০। **~পথ**-বি, সংকীর্ণ রাস্তা। "সংকীর্ণ গ০ পথের দুধারে।"-উত্তরা।

গলিজ [আ০-গলীজ্] বিণ, নোংরা। দুর্গন্ধময় : পচা।

গলিত [গল্ (রক্ষিত হওয়া) + ত (র্ত্ত)] বিণ, যা ক্ষরিত অর্থাৎ গলিত হইয়া গিয়াছে ; দ্রবীভূত। ২ জীর্ণ ; শীর্ণ। ৩ লুপ্ত ; নষ্ট। ৪ স্খলিত : পতিত ; ক্ষরিত। ৫ শিথিল। "গ০ করহ দুর্গা গলার জিঞ্জির।" -কবিক০। ৬ বিণ, গলৎ-কুষ্ঠ-রোগাক্রান্ত। "একদিন মার্কণ্ডমুনি ধর্ম্মনিন্দা করেছিল। সেই অপরাধে মুনি গ০ হইল॥"-শূ০ পু০। **~কুষ্ঠ** [গলিত যে কুষ্ঠ] বি, গলৎকুষ্ঠ (দ্রঃ)।

'গলুই [গলি দ্রঃ] বি, নৌকাপ্রদেশ। ২ নৌকার দুই প্রান্তের সঙ্কীর্ণ স্থান। ৩ [নৌ০] নৌকার সম্মুখভাগের সঙ্কীর্ণ স্থান prow "কেহ বা গলুয়ে বসিল।"-টেকচাঁদ।

গলেগণ্ড [গলে-গণ্ড (মাংসপিণ্ড) যার -বহু০] বি, হাড়গিলা পাখী। ২ বিণ, যার গলগণ্ড আছে।

গল্‌দা-বি, গলদাচিংড়ি : মোচা চিংড়ি।

গল্প [সং-জল্প > প্রা০-গপ্প : ইং-gup] বি, উপকথা ; উপন্যাস। বিণ, গিল্পে, গপ্পে -গল্পকারী ; অপ্রকৃত কথার অবতারণাকারী। **~গুজব**-বি, কথা ও কিংবদন্তি ; গল্পস্বল্প। **~প্রিয়**-বিণ, যে গল্প করিতে ও শুনিতে ভালবাসে ; গপ্পে। **~সল্প** -কথোপকথন : ছোট ছোট গল্প।

গল্পিয়া [গ্রা০-'গপ্পে'] বিণ, গল্পকারী : গল্পপ্রিয়।

গল্লা [আ-গল্লা] বি, শস্য ; আনাজ। ২ শস্যের আটি : বিচালির তড়পা। ক্রি, গল্লানি-গুচ্ছ করা। আটি বাঁধা। **~চিংড়ী**-বি, বড় চিংড়ী : মোচা চিংড়ী lobster

গল্‌ভ-বিণ, ধৃষ্ট। বাং-য় 'প্রগল্‌ভ' চ০।

গল্ল-বি, গলা।

গসগস [অনু০। ঘর্ষণ শব্দ ; মৃদু শব্দ গিসগিস, মৃদুতর শব্দে গুস্‌গুস্] অ, বহু লোকের সমাগম-জনিত শব্দ। "পুলিস গ০ করিতেছে-সাক্ষাৎ যমালয়।"-টেকচাঁদ। "মতিলালের নিকট লোক গ০ করিতে লাগিল।"-ঐ। ২ গরগর (ক্রোধে)।

গস্ত [ফা০-গশ্‌ৎ-পাহারায় ভ্রমণ] বি, ভ্রমণ। ২ [বাং-য়] হাটে ঘোরা। গ০ করা-হাটবাজার করা ; মাল খরিদ করা। "বলে যারা জবরদস্ত তাদের ঘরে লাভের গ০, মাগো।"-ঈ০ গুপ্ত। বি, গস্তি।

গস্তানী [হি০-গস্তান=কুলটা, স্ত্রী-ঈ (অতিরিক্ত)] বি, যে রমণী ইচ্ছাপূর্ব্বক পরপুরুষসংসর্গ করে ; বেশ্যা। "কুটিনী গ০ বড় যে মস্তানী, উভে উভে দিব শূলে"।-ভারত০।

গস্তিদার [ফা০-গস্ত্-ই-দার] বি, যে দ্রব্যাদির অনুসন্ধান করিয়া বেড়ায় ; কোন্ স্থানে কোন্ জিনিষ সুবিধা দরে বিক্রী হয় ইহা যে অনুসন্ধান করে।

গহ, গাহ [সং-গৃহ। প্রা০ বাং, গহ, গাহ, গেহ] বি, গৃহ ; ঘর। "জাঅ জাউ ধন, পতি, গহ, জন গাহ মিলি নাগরী জহুমণি পাহ।"-রসমঞ্জরী (পীতাম্বর)।

গহন [গহ্ (নিবিড় হওয়া) + অন (র্ম্ম)] বিণ, দুষ্প্রবেশ্য ; যেথানে সহজে প্রবেশ করা যায় না ; দুর্গম। "গ০ কুসুম কুঞ্জমাঝে, মৃদুল মধুর বংশী বাজে।"-রবী০। "পন্থ গ০ অতি দূর।"-বি০ প০। ২ গভীর ; গম্ভীর (শ্রী০ কী০)। যন্ত্রণাদায়ক : কঠোর। "গ০ নিগড়ে মাতা দগধি শরীর। গলিত করহ মাতা গলার জিঞ্জির।"-কবিক০। ৩ দুর্বোধ ; দুরূহ। ৪ চেষ্টা দ্বারা যাকে দেখিতে পাওয়া যায় না। ৫ পরমেশ্বর। ৬ গহ্বর।

'গহনা১ [হি০-গহ্‌না। প্রা০-গয়না] বি, অলঙ্কার : ভূষণ। "সোণা যে বলিয়া পিতল আনিয়া গড়ি দিল যে গ০।"-চণ্ডী০। **~গাঁটি**-বিবিধ অলঙ্কার আদি। গ০ পত্র-অলঙ্কার ও টাকাকড়ি সম্বন্ধীয় কাগজ-পত্র। ২ অলঙ্কারাদি।

গহনা২ [গ্রহণ > । হি০-গহনা (ধারণ করা)-মালপত্র গ্রহণ বা ধারণ করে বলিয়া, বা ফা০-গাহ্ (সময়) > হি০-গহরনা (বিলম্ব করা) > ক্ষে০ গহনা=যে ধীরে ধীরে অর্থাৎ বিলম্ব করিয়া যায়] গহনার নৌকা-পণ্যবাহী লঘুগতি নৌকা। "গহনার নৌকায় গেলে দুই চার পয়সায় হতে পারে।" -টেকচাঁদ। ২ কদাচ কোন যাত্রী লইয়া যায় যে নৌকা। ৩ [মৈমন০ প্রাদে০] যাত্রিবাহী নৌকা passenger boat

গহিন, গহীন [ব্রজ০। সং-গহন] বিণ, গভীর। ২ দুরবগাহ (শ্রী০ কী০)।

গহীর [ব্রজ০। সং-গভীর > পা০ গহীর > হি০-গহির > গইর (প্রা০-বাং-প্রাকৃ০)] বিণ, গভীর : গহন।

'গহীরা, গইরা [হি০ গহরা, গহিরা, গহিরো] বিণ, গভীরতাযুক্ত।

গহু [ব্রজ০। সং-গৃহ্ণ > হি০ গহনা (ধরা), মরাঠী-গেহ্‌=গ্রহণ করা] ক্রি, গ্রহণ করুক। ২ গ্রহণ করে। "আগে গ০ বাস।"-বি০ প০।

গহ্বর [গো (পৃথিবী)-হ্বৃ (কুটিল হওয়া) + অ (র্ম্ম) জ্ঞা০ প্রা০-বাং-য় উচ্চারণ মত বানান 'গওভর'] "জোগেতে রহিল বসি গওভর ভিতরে।"-গোবিন্দ০ গীত। আধু০ ইংরেজী-শিক্ষিতের মুখে উচ্চারণ-গভ্ভর। গ্রা০-গভর] বি, গর্ত্ত, দেবখাত। ২ গিরি-গুহা ; গহন।

গা১ [সং-গুচ্ছ > গোছ, গোছা > গাছা -ক্ষে০ গা। তুল-পানের গুচ্ছ হতে গোছা পরে 'গোছ' (৩২টা, স্থানবিশেষে ৫০টা পান)] বি, গুপারির পরিমাণ (গুপারির ১০টাতে এক 'গা' হয়) ; বরিশালাদি অঞ্চলের উচ্চারণে 'ঘা'।

গা২ [সং-গৈ=গান করা। হি০-গানা। উ০-পু০-গাই। ম০-পু০-গাও, গাহ (হি০-গাব,

গাও), গান, গাউন, গাহুন, প্র॰পু॰-গায়, গাহে, গান, গাহেন। অস-ক্রি-গাইতে, গাহিতে ; গাইয়া, গাহিয়া, গেয়ে ; গাইবার, গাহিবার, (ক্ষে॰গাবার-"গাবার মত হয়নি কোনো গান।"-রবী॰)। ণিজন্ত, গাওয়ান। গাওয়া দ্রঃ] বি, গান ; গাওনা ; গীত (হি॰-গানা)। গান বাজনা-গীতবাদ্য (হি॰-গানা বাজানা)। গান দ্রঃ।

গা৩ [সং-গাত্র-গাত-গাঅ। হি॰-গাও ; ব্রজ॰-গা ; বাং-গা] বি, গাত্র ; দেহ ; শরীর : অঙ্গ। প্র-তার গা গয়নায় ঢাকা। গায়ে জোর নাই।"বাজে আপন গার উপরে।"-রা॰প্র॰। ২ কোন বস্তুর উপরিভাগ বা বহিরঙ্গ বা পৃষ্ঠ। ৩ চামড়া skin. প্র-গায়ে সাদা সাদা দাগ পড়া। ৪ বোধ : অনুভব feeling. "তিন মাসে কেমন কেমন করে গা।"-ঘ॰। "এ খবচ তার গায়ে লাগবে না।" ৫ মন ; ইচ্ছা। প্র-এ কাজে তার গা নেই। সে বড় গা করে না। গা ক॑রা-মনোযোগ করা : মন দেওয়া। গা ক॑শ ক॑শ ক॑রা-ক্রোধে বা প্রতিশোধ লইবার জন্য উৎসুক হওয়া : আক্রোশযুক্ত হওয়া। গায়ে কাঁটা দেওয়া-শরীর কণ্টকিত হওয়া ; ভয়ে রোমাঞ্চ হওয়া। গা কাঁপা-অতিশয় ভয়ে দেহ কম্পিত হওয়া। গা কৈম॑ন ক॑রা-গা বমি বমি করা-বমনোদ্বেগ হওয়া, বমন হবার পূর্ব্বে অসুস্থতা বা অস্থিরতা বোধ করা। গা খ॑সা-গর্ভস্রাব হওয়া ; পেট খসা। গা খ॑সানি-গর্ভপাত করা। গা গ॑তির-শরীরের অঙ্গ প্রত্যঙ্গাদি এবং তার সমষ্টিভূত সর্ব্বাঙ্গ ; দেহ। প্র-গা গতর বয় না। গা গ॰ খাটান। গা গ॑ত॑র পোষা-ক্রি, শরীরকে না খাটাইয়া তাকে কেবল আরাম দেওয়া। ২ [লক্ষ॰] আলস্যের প্রশ্রয় দেওয়া ; কুড়েমি করা। গা গ॑ষ॑গ॑ষ ক॑রা-গা কশকশ করা দ্রঃ। ২ জ্বর বোধ হওয়া। গা ঘ॑সা-গাত্র-ঘষণ; অঙ্গ-মার্জ্জনা। গা ঘৈঁসা-অঙ্গে অঙ্গে সংলগ্ন বা স্পর্শ করা। প্র-গা ঘেঁসিয়া বসা। গা ঘৈঁসা হ॑ওয়া-নিকটে থাকিতে থাকিতে সঙ্কোচশূন্য বা নির্ভয় ও পরিচিত হওয়া। গা ঘামানি-পরিশ্রম করা। গা ঘোরা-সর্ব্বাঙ্গ ঘূর্ণিত বোধ করা। ২ গা ঝিম ঝিম করিয়া পড়িবার মত হওয়া। গা চাটা-গাত্র লেহন। ২ [গবাদির পরস্পর গাত্র লেহনের ভাব >] পরস্পর স্বার্থ উদ্দেশ্যে সদ্ভাব স্থাপন। গায়ের চামড়া তোলা-অতিশয় প্রহার করা . নির্দ্দয়ভাবে বেত্রাঘাত করা। গায়ের জ॑ল-স্বাস্থ্য। প্র-ছেলেটির গায়ের জল ভাল, সেই জন্যই ৮।৯ বৎসর বয়সেই ১১।১২ বৎসরের বলিয়া মনে হইতেছে। গা জুড়ানি-জ্বরের উপশম হওয়া ; দেহের উত্তাপ স্বাভাবিক হওয়া। ২ কোন সুসংবাদ আদি প্রাপ্তিজনিত শরীর শীতল হওয়া অর্থাৎ উৎকণ্ঠা ক্রোধ ই॰র উপশমে শান্তি ও আরাম জন্মান। ৩ [বিদ্রূপোক্তিতে বিপরীতার্থে। তুল-অঙ্গ জল হওয়া] মনে ক্রোধাদির উদ্রেক হওয়া। গা জোরি, জুরি [গা-জোর (ফা॰-জোর্=বল)-ই (স্বার্থে)] দৈহিক শক্তি প্রয়োগ। গা জুরি ক॑রে, গায়ের জোরে-বল প্রয়োগে, যুক্তি বিচার দ্বারা নহে। গা ঝাড়া দিয়ে উঠা [অশ্বাদি ভূতলে লুণ্ঠিত হইয়া গাত্র-কণ্ডূয়ন নিবারণ করে এবং তাতে অঙ্গ ধূলায় ধূসরিত হয় : পরে তারা গা নাড়া দিয়া সেই ধূলা ঝাড়িয়া ফেলে। এই ভাব হতে] আলস্য যেন ধূলার মত সর্ব্বাঙ্গে ছড়াইয়া পড়িয়া দেহীকে অভিভূত ও জড় ভাবাপন্ন করিয়া একস্থানে বসাইয়া রাখে তাই গা নাড়া দিয়া অঙ্গ হতে আলস্যকে যেন ঝাড়িয়া ফেলিয়া উঠা ; জড়তার ঘোর কাটাইয়া সজাগ ও চেষ্টান্বিত হওয়া। প্র-তখনই সে গা ঝাড়া দিয়া ছুট দিল।" ভ্রমণ। গা জ্বালা, গা'র জ্বালা, গায়ের জ্বালা-গাত্রদাহ ; দ্বেষ ; হিংসা ; ঈর্ষ্যা। গা জ্বালা ক॑রা-ক্রোধের উদ্রেক হওয়া। ২ ঘৃণার উদয় হওয়া। গায়ের ঝাল ঝাড়া, -মেটানি-অন্তরস্থ ক্রোধ, তর্জ্জন গর্জ্জন, তিরস্কার, বিদ্রূপ, প্রহার, অনিষ্ট সাধনাদি দ্বারা শরীর হ'তে যেন বাহির করিয়া দেওয়া ; দাদ তোলা। "নন্দাকে বকে ধমকে গায়ের ঝাল মিটিয়ে ছিলেন।" গা ঝিম্‌ঝিম্ ক॑রা [ঝিমাইবার ভাব] রক্তহীনতাদি কারণে অত্যন্ত দুর্ব্বলতা বোধ করা ; অঙ্গ অবশ, শিথিল হওয়া। গা টেপা -শরীরে চাপ দেওয়া। গায়ে ঠৈকা -স্পৃষ্ট হওয়া ; গাত্র স্পর্শ করা, ছোঁয়া। ২ অনুভূত হওয়া। গা ড॑লা-অঙ্গ দলন বা মর্দ্দন করা। গা ডুলিমেরে ওঠা, গা ডুলিডুলি ক॑রা-অঙ্গ শিহরিত হওয়া : শিহরিয়া উঠা। গা ঢাকা-অঙ্গ আবৃত করা ; অঙ্গকে লোকচক্ষু হতে আবরণ করা। ~ঢাকা বিণ, অদৃশ্য ; লুক্কায়িত। "বিষয়-আশয় বেনামি করিয়া গা-ঢাকা হয়।" -টেকচাঁদ। গা-ঢাকা হ॑ওয়া-লুক্কায়িত হওয়া। "রাজচন্দ্র তোমায় এতদিন দেখি নাই কেন?" "একটু গা ঢাকা হইয়াছিলাম।" -রজনী॰। গা ঢাকা দেওয়া-লুকাইয়া পড়া। গা ঢালা-শয়ন করা। "চন্দন তরুর তলে রাজা ঢালে গা।"-কবিক॰। গা ঢিসঢিস ক॑রা-শিথিল অঙ্গ হওয়া ; শারীরিক অসুখ বোধ করা। গা তোলা-উঠা ; গাত্রোত্থান করা ; জাগা। "গা তোলো পুরবাসী, রজনী পোহাইল, দয়াময় নাম কর গান।"-ক্ষ॰। গায়ে থাকা,-রঁহা-অঙ্গ হতে খসিয়া বা খুলিয়া না পড়া। ২ মনে থাকা। ৩ [বিদ্রূপে] এখন মানিয়া লওয়া হইল বা অঙ্গীকার করা গেল পরে দেখা যাবে অর্থাৎ আর ও বিষয় কিছু করা হবে না ; এখানেই শেষ হওয়া। গায়ে থুথু দেওয়া-অত্যন্ত লজ্জা দেওয়া; ছি ছি করা ; অবজ্ঞা করা ; ঘৃণা করা ; নিন্দা করা। গা দেওয়া [গা-অঙ্গ (তা হতে) শরীরের শক্তি (তা হতে) মন লাগান। প্র-সে আর কোন কথায় গা দেয় না। গায়ে দেওয়া-অঙ্গাবৃত করা ; পরিধান করা। গা ধ॑সা-চর্ম্মরোগ বা রক্তদূষণ জন্য মাংস গলিত হইয়া পড়া। গা ধোয়া-অঙ্গ মার্জ্জনা করা। গায়ে নাম লেখা থাকা [কোন কিছুর উপর তাহার অধিকারীর পরিচয় বা নাম লিখিয়া থাকিলে তাহার অধিকার লইয়া বিবাদ হয় না এইরূপ মালিকের নাম আইন-সঙ্গত রেজেষ্ট্রী করার ভাব হতেও লক্ষ॰] অধিকার সাব্যস্ত হওয়া ; সত্ব সম্বন্ধে অবিসম্বাদিত্বের পরিচয় থাকা। গা নাড়া

দেওয়া-অঙ্গচালনা করা ; চলিয়া ফিরিয়া বেড়ান। প্র-অত গা নাড়া দিও না, শ্রম জ্বর হইতে পারে। গায়ে পড়া-বিণ, সেধো (দ্রঃ) ; অমায়িকতার আতিশয্য প্রদর্শনকারী। গা পাতিয়া লওয়া-বিনা আপত্তিতে সহ্য করা ; প্রতিবাদ না করিয়া মৌনভাবে স্বীকার করা। গায়ে পায়ে-শরীরের গঠন বা অঙ্গপ্রত্যঙ্গ বিষয়ে। গা ফুলানি-অঙ্গ স্ফীত করা ; ক্রোধে ঘন ঘন শ্বাস প্রশ্বাস-ক্রিয়াজনিত স্ফীত হওয়া। গায়ে ফুঁ দিয়া বেড়ানি-ফুঁ দিয়া উড়াইবার মত লঘু দ্রব্যও অঙ্গে স্পর্শ না করে এরূপভাবে বিচরণ করা, কোন ঝুঁকি অর্থাৎ দায়িত্ব না লইয়া স্বচ্ছন্দে বেড়ান। গায়ে ফোস্কা পড়া-গা পুড়ে যাওয়া ; গা দগ্ধ হইয়া বিস্ফোটকের মত যন্ত্রণাদায়ক হওয়া বা গা জ্বালা করা, মর্মে আঘাত লাগা ; ক্ষতি হওয়া। "দিক না গালাগাল গায়েত আমার তাতে ফোস্কা পড়বে না।" গা বসা-অঙ্গ (অর্থ সম্প্রসারণে) মন সংলগ্ন হওয়া ; মন লাগা। গা বমি বমি করা-বমনের উদ্রেক হওয়া। গায়ে বিষ ছড়ান, -ঢালা-ক্রি, অঙ্গ জ্বালান ; ক্রোধ, হিংসা বা বিদ্বেষের হেতু হওয়া। গা-ভাগা অংশ [ফরিদপুর প্রাদে°] পারিশ্রমিক স্বরূপ অংশ share for service. গা ভাঙ্গা-হাই উঠা ; আলস্যে অঙ্গপরিচালনশক্তিহীন হওয়া। গা-ভারী-বিণ, গর্ভবতী। ২ বি, শরীর ভার বোধ। গা মদরানি-অঙ্গ মদালস হওয়া। গা মলা-গা ডলা দ্রঃ। অঙ্গ মর্দ্দন করা। গায়ে মাখা-আমল দেওয়া ; স্বীকার করা। গা মাটি মাটি করা-গা মাটিতে ঢালিয়া দিবার ইচ্ছা করা ; গা ঢিস্ ঢিস্ করা। গা মোড়া দেওয়া-এ পাশ ও পাশ করিয়া শরীরে পাক দেওয়া ; আলস্য ভঙ্গ করার চেষ্টা করা। গা ম্যাজ ম্যাজ করা-আলস্য বোধ করা ; গা ঢিস্ ঢিস্ করা। গায়ে মাস লাগা-মাংস বৃদ্ধি হইয়া হাড় ঢাকিয়া যাওয়া ; মোটা হওয়া। গা লাগা-প্রকৃতপক্ষে অঙ্গ সংলগ্ন হওয়া তা হতে মন আকৃষ্ট হওয়া ; প্রবৃত্তি জন্মান। গা শোঁকাশুঁকি [জীবজন্তুর প্রকৃতি হতে] ক্রি, মুখ শোঁকাশুঁকি দ্রঃ। পরস্পর পরস্পরের পরিচয় গ্রহণে আত্মপর অবধারণ করা। গা শিড় শিড় করা-অঙ্গে শিহরণ বোধ করা ; শীত-কণ্টকিত এবং শীতে কম্পিত হওয়া। গা সহা [গা-সহ-উআ] সহ্য হয় এমন ; অভ্যস্ত। গায়ে সওয়া-অঙ্গে সহ্য হওয়া ; অস্বস্তি বোধ না করা। গা সড়সড় করা-চর্ম্ম ও ত্বকের রস শুষ্ক হইবার কালে যে অনুভূতি হয় ; গায়ের উপর দিয়া লঘুভাবে কীটাদি চলিয়া বেড়াইবার অনুভূতি জন্মান। গায়ে হলুদ-গাত্রহরিদ্রা দ্রঃ। বিবাহকালীন সংস্কারবিঃ। গায়ে হাত তোলা-ক্রি, প্রহার করা ; মারধর করা। "তাহার স্বামী কখন তাহার গায়ে হাত তোলা ছেড়ে উঁচু 'রা' টিও করে নাই।" -অ° দেবী।

গা$_4$ [গা (গমনে) > ; গেল, গেলি, গেলাম, গিয়া, গত ই° রূপ] ক্রি, যাওয়া। ২ [প্রাদে°। আধু গ্রা° কথ্য-গে] গিয়া, যাইয়া। "জিজ্ঞাসা করুন গা।" প্রা°-বাং-গাঅ-গমন করে ; যায় (বৌ° গা° ও দো°)।

গাঅন [গান দ্রঃ। প্রা বাং] বি, গান, গীত। ২ ক্রি, গান করেন। "পণ্ডিত রামাই গাঅন।-শূ° পু°। ৩ বিণ, গায়ক।

গাআনা-গাওনা দ্রঃ।

গাই$_1$ [সং-গাভী > গ্রা°] বি, গাভী, গবী। "আমতলে ডাকে গা°, নিকটে বাছুর নাই।"-কুঙ্কুম°।

গাই$_2$ [গাওয়া দ্রঃ] ক্রি, গান করি। ২ প্রচার করি ; স্তুতি করি ; কীর্ত্তন করি। ৩ গাইতেছে ; কীর্ত্তন করিতেছে। "নন্দসুত যারে ভাগবতে গা°।"-চৈ° চ°।

গাইগিল্লা [গাত্র > গাঅ > গাই গিল্লা =গিলা ফল [প্রাদে°] বি, গাত্র মার্জ্জনোপযোগী ফলবিঃ (পূর্ব্ববঙ্গের রমণীরা ইহা প্রচুর ব্যবহার করেন)-পূ° ব° গী°।

গাইন$_1$-বি, গায়েন দ্রঃ।

গাইন$_2$ [প্রা°-বাং প্রাদে°] বি, মুষল। "কলোই কাড়া গা° নিয়া যে আইল।" -মাণিক°।

গাইয়ে [গাওয়া দ্রঃ। গাহিয়া ক্ষে°। গাওয়া দ্রঃ] অস-ক্রি, গান করিয়া। ২ [হি°-গবৈয়া] বিণ, গীতকারী ; সংগীতজ্ঞ। প্র-তিনি একজন পাকা গা°। গা° বাজিয়ে লোক।

গাইল-গালি দ্রঃ।

গাইল$_1$ [শ্রীহট্ট প্রাদে°] বি যে কাষ্ঠপাত্রে ধান্যাদি রাখিয়া মুগুর বা মুষল দিয়া পরিষ্কার করা হয় ; উদূখল। গাইল ছিয়া-বি, উদূখল মুষল ; উচা দ্রঃ।

গাইল$_3$-গাওয়া দ্রঃ। "গা যে গান সেই তা জানে।"-রবী°।

গাউন, গাউন [ই°-gown] বি "গাউনে সাজিয়া মেম বলিলা নিগার ডেম, দরিদ্র স্বামীরে কত করে বিড়ম্বনা।"-চন্দন।

গাএন [প্রা°-বাং। গায়েন দ্রঃ] বি, গাইন (দ্রঃ), গায়ক। "গায়েন বাএন ভুআনি" -শূ° পু°।

গাও [প্রাদে°। তুল-হি°-গাব ফা°-গাব্। গাওয়া$_2$ দ্রঃ] বি, গরু। "গাদ্মন্দ হইয়া কেন ভাই গা গোবে আশা।"-পূ° ব° গী°।

গাওই [ব্রজ। হি°-"গাবে" শব্দের কোমল রূপ] ক্রি, গাহে ; গান করে। "কোকিল পঞ্চম গাওইবে।"-বি° প°।

গাওন [গান দ্রঃ] বি, গানকরণ ; গীত গাওয়া।

গাওনা [গান দ্রঃ] বি, গান ; সঙ্গীত। প্র-ওখানে বেশ গা° হচ্ছে।

গাওয়া$_1$ [ফা°-গবা] বি, যে সাক্ষাতে দেখিয়াছে ; সাক্ষী।

গাওয়া$_2$ [সং-গব্য। হি°-গাবা] বিণ, গব্য ; গোদুগ্ধে প্রস্তুত ; গোদুগ্ধজাত। প্র-গাওয়া ঘি।

গাওয়া$_3$ [সং-গৈ ; বাং-গায়। উ°-পূ°-গাই। ম°-পূ°-গাও, গান, গাউন, গা। প্র°-পূ°-গায়, গায়েন, গান। অস-ক্রি-গাইতে ; গাইয়া ; গাইয়ে ; (ক্ষে° গাই, গেয়ে)। গাহিবার (ক্ষ°, গাবার)। ণিজন্ত-গাওয়ানি] ক্রি, গান করা। ২ কীর্ত্তন করা। "গাইয়ে তব গুণ কাঁদিবে।" -দীনেশ°। "যে গান গাইতে আসা আমার হয়নি সে গা°"-রবী°। ৩ জাহির করা ; গাবান ; প্রচার করা। ৪ বিণ, গীত [ব্রজ°]

গাওই, গাওর্ত-ক্রি, গান করে। "গাওত নব নব তান।"-জ্ঞান०। গাওর্ব-ক্রি, গান করিব (গোবিন্দ०)। গাওয়ে [হিং গাবৈ] ক্রি, গান করে। গার্ব-ক্রি, গাহিবে। "কেহ অপযশ গাব।"-বি० প०। গার্বয়-ক্রি, গান করে। গায়িবি, গার্বই-ক্রি, গান করিবে। "কোকিল পঞ্চম গাবইরে।"-জ্ঞান। গার্বয়ে-ক্রি, গান করে। গাবে-ক্রি, গাবে। বি, গাওন, গাওনা। বিণ, গাইয়া, গাইয়ে [হিং গাবৈয়া] গায়ক। ২ সুগায়ক। প্র-গাইয়ে লোক।

গাং [গঙ্গা > সং-গাঙ্গ > গাং > গাং] বি, গঙ্গা। ২ নদী। প্র-গাং-চিল। গাং জল ই०। ~চিল [গাং (গঙ্গা, নদী-সমুদ্রচর) চিল সদৃশ] বি, সমুদ্রকবর্গের পক্ষিবিঃ a sea-gull. ~জলা [গাং-জল+আ (স্থা०)] বি, নদীর জল ঢুকিয়া যে স্থান জলময় হয়] বি, ক্ষুদ্র বিল। ~দাড়া-বি, বক্ টো মাছ। লম্বা ঠোঁট বা ~শালিক-বি, নদীতটবাসী শালিক জাতীয় পাখীবিঃ।

গাঁ১ [গ্রাম > গাম > গাঁও] বি, নগর অপেক্ষা ক্ষুদ্র; গ্রাম village "কি নাম তোমার কহ কোন গাঁয়ে ঘর।"-শি०। গাঁ বড় তার মাঝের পাড়া-ক্ষুদ্র গ্রামে কয়েক ঘর লোকের মাত্র বসতি, তন্মধ্যে পল্লীর সংখ্যাধিক্য সম্ভবে না। ২ যে বস্তুর অস্তিত্ব মাত্র নাই তার উল্লেখ বা কল্পনা। গাঁয়ে মানে না আপনি মোড়ল-গ্রাম-শুদ্ধ লোক যাকে অগ্রাহ্য করে তার আবার আত্মশ্লাঘা।

গাঁ২, গাঁ-গাঁ [অনু] বি, বৃষের ডাক। ২ তদ্বৎ উচ্চরব; গভীর আর্তনাদ।

গাঁ৩, গাঁও [গ্রাম >] বি, গ্রাম। ২ [পরিশি० দ্রঃ] ভূমি পরিমাণবিঃ।

গাঁই, গাঞী [সং-গ্রামিন্ > গ্রামী >] বি, ব্রাহ্মণের শ্রেণী। "শ্রোত্রিয় কেশরি গাঁই রাঢ়ীয় ব্রাহ্মণ।"-ভারত०।

গাঁইট, গাঁট, -ঠ [সং-গ্রন্থি-গণ্ঠি-গাঁইট] বি, গিরা; গিট। "আঁচলের গাঁট খুলে পড়েছিল তার,"-প্রেম ও ফুল। ২ বস্তা।

গাঁইয়া, -গেঁয়ে, গেঁয়ো [সং-গ্রাম্য] বিণ, গ্রাম্য। ২ গোঁয়ার।

গাঁও-গাঁ৩ দ্রঃ।

গাঁক্-গাঁক্ [অনু] অ, বৃষ-রব। "ডাকিছে * * বৃষ গাঁ० গাঁ० গাঁ०"-ঈ० গুপ্ত। ২ উৎকট চীৎকার। ৩ আর্তনাদ।

গাঁজ [হিং গাঁজ] বি, মাতন, পচন; খামীর ferment. ২ গাঁজলা ডুব। "কাল গকর গাঁ० আন ঔষধের সার।"-কবিক०। ৩ ফেনা।

গাঁজন [গাঁজ দ্রঃ] বি, পচিয়া ফেনাযুক্ত হওয়া; মাতন; সন্ধান fermentation

গাঁজলা [গাঁ० গেঁজলা। গাঁজ (দ্রঃ)+লা (যুক্তার্থে)] বিণ, গাঁজিয়াছে এমন fermented ২ বি, ফেনা। গাঁ० দুধ-প্রথম কতিপয় দিবসের বা সদ্যঃপ্রসূতা গাভীর দুগ্ধ।

গাঁজা১ [হিং গাঞ্জা] বি, গাঞ্জা, গঞ্জিকা; সিদ্ধি জাতীয় বৃক্ষের জটাজাত মাদক দ্রব্যবিঃ cannabis sativa; hemp গাঁ० খাওয়া -গাঁজার ধূমপান করা; গাঁজার নেশা করা। গাঁ० টেপা-গাঁজা সাজিবার পূর্বে হাতের তালুতে টিপিয়া টিপিয়া গুলি পাকান। বিণ গেঁজেড়ী, গেজেল, গাঁজিয়াল।

গাঁজা২ [গাঁজ দ্রঃ] ক্রি, গাঁজিয়া যাওয়া, মাতিয়া যাওয়া; পচিয়া ফেণাযুক্ত হওয়া ferment ~খোর [হিং গাঞ্জা+ফা० খোর] বিণ, গাঁজা খাইতে অভ্যস্ত; গেঁজেল। "গাঁজাখোর রাজপুত আফিঙ্গেতে মজবুত।" -ভারত०। ~খুরি [হিং গাঞ্জা-ফা० খোরী (খাদকের বা সেবীর কর্ম)] বিণ, গাঁজাখোর যে আজগুবী বা অলীক কথার অবতারণা করে, অকেজো কথা। "উপন্যাসে অধিকাংশ গাঁ० জেনো।"-দ্বি० রায়।

গাঁজানি [গাঁজ (দ্রঃ)+আন] ক্রি, গাঁজযুক্ত হতে দেওয়া; পচান; মাতান। "নীল গেঁজেছো কই"-নী० দর্পণ।

গাঁজি [=গাজী (দ্রঃ) >] বি, মুসলমান বীর। "যে ভজে সে মত্ত গাঁ०।"-রা০ প্র০।

গাঁজিয়া, গেঁজিয়া-গেঁজে দ্রঃ।

গাঁজিয়াল-গেঁজেল দ্রঃ।

গাঁট, গাঁটি, গাঁঠি [সং-গ্রন্থি। হিং গিঠা, গিরা। প্রাকৃ० গেণ্ড বা গেণ্ট অং=বস্ত্রগ্রন্থি (হে०, দেশী নামমালা)] বি, গেরো; ফাঁস। ২ [টেঁক >, লক্ষ০] সঞ্চয়; জমা। গাঁটের-বিণ, সঞ্চিত; জমা। "গাঁটের পয়সা খরচ করিতে হইল।"-কায়স্থ সমাজ, ১৩৩১। ক্রি, গাঁটান।

গাঁটকাটা [গ্রন্থিকর্তক বা কট্টক >] বি, যে অলক্ষিতভাবে গাঁট কাটিয়া লয় (ইং পকেট-মার); তস্কর pickpocket.

গাঁটছড়া, -ছলা [গ্রন্থিছড়া > গাঁইট ছড়া, গাঁটছলা >। গ্রা০ গাঁট ছাড়া, -ছালা] বি, বিবাহের সময় যে বস্ত্রখণ্ডে হরীতকী, বহেড়া, সুপারী, হলুদ ও কড়ি বাঁধিয়া তার একপ্রান্ত বরের উত্তরীয় এবং অন্য প্রান্ত বস্ত্রাঞ্চলের সহিত গ্রন্থিবদ্ধ করা হয়। "বেদের বিধানে বিপ্র বাঁধে গাঁটছলা।"-কবিক०।

গাঁট(ঠ)রি [গ্রন্থি > গাঁঠ+রী (ক্ষুদ্রার্থে), গ্রন্থিদ্বারা যা বদ্ধ। প্রাকৃ० গেণ্ড, গেণ্ট অং=বস্ত্রগ্রন্থি (হে০, নামমালা)] বি, ছোট বস্তা, পুটুলি (নানা বা একবিধ বহু দ্রব্য একখানি বস্ত্রে বন্ধন করিয়া রাখিলে তাকে গাঁটরি বা পুটুলি বলে)। "আমাদের এ জন্মের সঞ্চিত পাপগুলি আমরা গাঁটরি বাঁধিয়া বৈতরণীর সেই খেয়ায় বোঝাই দিয়া বিনা কড়িতে পার করিয়া লইয়া যাই।"-সীতারাম (বঙ্কিম०)।

গাঁটি, -গাঁঠি [গ্রন্থি >। হিং গাঠি বা গিটা] গ্রন্থি; গাঁট; ফাঁস, বন্ধন। "শত গাঁটি ছিড়া টেনা করি পরিধান।"-ভারত०। "বাহিরে রতন গাঁচরে দেই গাঁঠি।" -বি० প०। গাঁটিয়া, গাঁঠিয়া [গ্রা० ক্ষে० গেঁটে, গেঁঠে] বিণ, গাঁটযুক্ত; গ্রন্থিল। ২ দৃঢ়; শক্ত।

গাঁড় [হিং। বাং, অশ্লীল] বি, পায়ু। ২ যোনি। ৩ [গণ্ড >] স্ফোটক। রাজ-গাঁড়-বি, উদরাভ্যন্তরস্থ স্ফোটক।

গাঁত১ [গাত্র >] বি, গাত্র। "শুনিতে

ডাগরি বাত, পুলকে ফুরয়ে গাঁ০।" -চণ্ডি০।

গাঁত$_2$ [গ্রন্থি গাঁইট > গাঁট > গাঁত। যার। গাঁইট বাঁধে বা কাটে] বি, গাঁইট-কাটা, চোর। **গাঁতের মাল**-বি, চোরাই মাল। "গাঁতের মাল লইয়া হজম করিত।"-টেকচাঁদ।

`গাঁতন [সং-গ্রন্থন > ।] বি, গুম্ফন। ২ গাঁথন।

গাঁতা$_1$ [গর্দ্দন (ঘাড সহ গ্রন্থিত বা গাঁথা মাছের গাত্রাংশ) >] বি, মাছের ঘাড বা ঘেডো এবং কোল বা পেটির মাঝের অংশ; মাছের পৃ।। প্র-গাঁতার মাছ।

`গাঁতা$_2$ [সং-গ্রন্থ > । গাঁতি, গাঁত (গাঁতেন, গাঁতিস), গাঁতে (গাতেন); গাঁতিতে, গাঁতিয়া (ক্ষে০ গেঁতে)। ণিজন্ত-গাঁতানি$_1$] ক্রি, গুম্ফন করা; গ্রন্থিত করা। ২ প্রাচীরাদি নির্ম্মাণ করা।

গাঁতা$_3$ [প্রাদে০] বি, কৃষকদের মধ্যে পরস্পর পরস্পরের লাঙ্গল দিয়া ভূমি কর্ষণ। ২ ক্রি, ঐরূপ কর্ষণ করা।

`গাঁতান$_2$ [সং-গ্রন্থন > ভ্রং] বি,গাঁতি; পর্য্যায়, পালা। ২ বিণ, শঠ; ধূর্ত্ত।

গাঁতি$_1$ [সং-গ্রন্থন] বি, সামান্য জোত-জমা: ক্ষুদ্র জমা জমি। ২ এক কর্ম্ম সম্পাদনে বহু লোকের সম্মিলন guild. ৩ শ্রেণী; দল। ৪ দস্যুদল; চোরের দল। ৫ পর্য্যায়; পালা। **~দার**-যে জমি জমা লয়; জোতদার; কৃষক। "অনেক গাঁতিদারও জাল ও জুলুমে ভাজা ভাজা।"-টেকচাঁদ।

গাঁতি$_2$ [হিং গাঁয়ৎ। গঙ্গার উ০ 'গৈঁতা' ও দক্ষিণে 'গৈঁতী'] বি দাঁড়া কোদাল, গর্ত্তে মাটি ফেলিবার কোদাল a pick-axe. "নাহি গাঁ০ খার, বিশাই না ধরে সেউনি।" -কবিক০। "এখনও কোদাল পড়ে নাই, গাঁ০ চলে নাই,"-বসুমতী, ১৩১৮।২৭ মাঘ। ২ জালবি:।

`গাঁথন [সং গ্রন্থন; গুম্ফন, মাল্যরচনা। "চিকন গাঁথনে বাড়িল বেলা।"-অ০ ম০। ২ গঠন: নির্ম্মাণ। ৩ মৃত্তিকা, ইষ্টকাদি উপর্য্যুপরি সাজাইয়া প্রাচীরাদি উত্তোলন।

গাঁথনি, `গাঁথনী, `গাঁথুনি [ব্রজ০ প্রা০ বৈ০ সা০ গাঁথন+ই, ঈ (ইত-যুক্ত অর্থে)] বিণ, গ্রন্থিত; গ্রথিত: গাঁথা। "জনু গাঁথনি পুহপমালা।"-বি০ প০ [অপ্র০]। ২ গ্রন্থন। ৩ ইষ্টক প্রস্তর, মৃত্তিকাদি দ্বারা নির্ম্মাণ-কার্য্য। "গাঁথনি গাঁটনি কত।"-চণ্ডি০। **পাকা গাঁথনি**-বি,ইট-পাথরের নির্ম্মাণ। **কাঁচা গাঁথনি**-বি, কাদার দেওয়ালাদি।

গাঁথা$_1$ [সং-গ্রন্থ > গাঁথা। গাঁথি, গাঁথ (গাঁথেন, গাঁথিস), গাঁথে (গাঁথেন), গাঁথিতে; গাঁথিয়া (ক্ষে০ গেঁথে)। ণিজন্ত-গাঁথানি] ক্রি, গ্রন্থন করা, গুম্ফন করা। প্র-মালা গাঁথা। ২ সংলগ্ন করা। ৩ দৃঢ়বদ্ধ করিয়া রাখা; চিরদিন স্মরণে রাখা। প্র-মনে গাঁথিয়া রাখা। ৪ প্রাচীরাদি নির্ম্মাণ করা। প্র-ইট গাঁথা; পাঁচিল গাঁথা। ৫ বিণ, গ্রন্থিত। "মিনি সুতায় গাথা মালা"-গান। ৬ বি, গুম্ফন। প্র-এ মালাটি বেশ গাঁথা হয়েছে। "তোমারি তরে নয়নের জলে মোর মালাটী গাঁথা।"-বাং গান। [ব্রজ০] গাঁথই-গাঁথে; গ্রন্থন করে। "কুসুম তোড়ি কোই গাঁথই হার।"-গোবিন্দ০। গাঁথইতে, গাঁথইতে-গাঁথিতে। "একলি আছিনু হাম গাঁথইতে হার।"-বি০ প০। গাঁথল-গ্রন্থন করিল। ২ মিলিত করিল। ৩ বাঁধিল। "অপরূপ প্রেমপাশে তনু গাঁথল।"-বি০ প০।

`গাঁথ$_2$ [সং-গাথা] বি, সঙ্গীত; গান। "অমিয় অধিক গাঁ০।"-চণ্ডি০।

গাঁথানি-ক্রি, গাঁথা দ্র:।

গাঁদা, গেঁদা [পর্ত্ত০ শব্দ] বি, গাঁদা ফুল calendula; marigold.

`গাঁদি, গাঁধি [সং-গন্ধ > গন্ধকীটের বহুল সমাবেশজনিত স্থান গন্ধময় হইবার ভাব। > বহুর সমাবেশ। (২) মাল০-গাঙ্গডি > গাঁড়ি > গাঁদি (বেড়ি গাংড়ি= ভেডার গাঁদি বা পাল- T. M. L.)। হিং গাড্ডী > গাদী। (৩) সং-গণ্ঠ > হিং গড্ড (ঢের) > বাং গাদি। মাল০-গাংড়ি multitude] বি, রাশি; ঢের। প্র-ছারপোকার গাঁদি লাগা। ২ ভিড়। "মানুষের গাঁদি যেন ঠেকাঠেকি কোল।"-হেম০। ৩ গাঁধি-পোকা। **~লাগা**-ক্রি, ভিড় হওয়া; বহু-সংখ্যার একত্র সমাবেশ হওয়া। প্র-ওখানে পিঁপড়ার গাঁদি লেগেছে।

**`গাঁধাল** [কথ্য-`গাঁদাল। সং-গন্ধ-ভদ্রা, গন্ধালী > গন্ধাল, গন্ধভাদাল (দ্র:)] বি, দুর্গন্ধ ঔষধি লতাবি:।

গাঁহক-গ্রাহক দ্র:।

গাগর-বি, মৎস্যবি:।

গাগরা-বি, মাটির কলস: বড় কলসী ক্ষুদ্রার্থে গাগরি (দ্র:)।

গাগরি,-রী[গর্গরী > মৈ০প্রাদে০বাং ও হিং গগরী] বি, ক্ষুদ্র কলস; ছোট কলসী: ঘট। "কনক গাগরী"-চণ্ডি০।

গাঙ, গাঙ্গ$_1$ [গঙ্গা-বর্ণ বিপর্য্যয়ে গাঙ্গ > প্রা০ গাঙ] বি, গঙ্গানদী। ২ নদী; গাঙ। "আমার শুষ্ক গাঙ্গে জোয়ার এসেছে।"-রবী০। "গাঙ শালিক," "গাঙ্গ বা গঙ্গা চিংড়ি।"

গাঙাড়ি, গাঙ্গাড়ি [গঙ্গা > গাঙ্গ + আড়ি (আইট > আহড > আড+ই-শব্দ, ধ্বনি)] বি, গঙ্গার তরঙ্গ শব্দ। ২ গড় গড বা গুড গুড শব্দ। ৩ গাঁ গাঁ শব্দ; গজ্জন।

গাঙ্গ$_2$ [গঙ্গা + অ (ণ, অপত্যার্থে)] বি, ভীষ্ম। ২ অষ্টবসু। ৩ কার্ত্তিকেয়। ৪ গঙ্গা-জল। ৫ বিণ, গাঙ্গেয়; গঙ্গা সম্বন্ধীয়। ৬ গঙ্গানদীজাত। **~দাড়া**-বি, মৎস্যবি:; গাঙ্গটের; বকঠুঁটো-মাছ।

গাঙ্গট, গঙ্গাট [গঙ্গা (গঙ্গানদী) তাতে অট (যারা গমন করে) + অ নিপাতনে গাঙ্গট] বি, গঙ্গা চিঙ্গড়ী। ২ নদীতীর। **~টেয়ঁ** [গাঙ্গট + এয় (সম্বন্ধে)] বি, গাঙ্গট (দ্র:); গাঙ্গদাড়া মাছ।

গাঙ্গরী [গাঙ্গ + রি, ী] অ, গঙ্গায়। ২ গাঙ্গের উপরি; নদীতে। "প্রভু লয়ে ভাসিব গাঁ০।"-মনসা ম০ (বিজয়০)।

গাঙ্গলি, গাঙ্গুলি,-লী-বি, ব্রাহ্মণের জাতীয় উপাধিবি:; গঙ্গোপাধ্যায়।

গাঙ্গায়নি [গঙ্গা + আয়নি (অপ-ত্যার্থে)] বি, ভীষ্ম। ২ অষ্টবসু।

গাঙ্গিনী-বি, গঙ্গানদীর একটী শাখা যা মুর্শিদাবাদের উত্তর হতে প্রবাহিত হইয়া ব্রহ্মপুত্রের সহিত মিলিত হইয়াছে। "পশ্চিমে আপনি গঙ্গা পূর্ব্বেতে গাং০।"-ভারত০।

গাঙ্গেয় [গঙ্গা + এয় (অপত্যার্থে, আদি-স্বর দীর্ঘ)] বি, গঙ্গানন্দন ; ভীষ্ম [গঙ্গায় উৎপত্তি বলিয়া]। ২ কার্ত্তিকেয়। ৩ ইলিশমাছ [বাং-য় বিরল]। ৪ [এয় (সম্বন্ধার্থে)] বিণ, গঙ্গা সম্বন্ধীয় ; গঙ্গার। "পূত অম্ভোরাশি গাং।"-মেঘ০। ৫ [বৃক্ষায়ু০] বি,ভদ্রমুস্তা ; মুতা ; ধুতুরা ; কেশুর। ৬ সুবর্ণ gold.

গাছ১ [সং-গচ্ছ (বৃক্ষ) >। প্রাকৃ বাং-গাছ। হি০ গাছ=বাগান, কিন্তু বঙ্গ ও বিহারে 'বৃক্ষ'] বি, বৃক্ষ ; পাদপ ; তরু। ২ তৈলকারের যন্ত্র ; ঘানিগাছ। "গাছের তেল ও কলের তেল। কলুর গাছের উপর অতিরিক্ত টেক্স বসাইয়া * * * ."-সঞ্জীবনী। ৩ মদ বা চিনি যে বৃহৎ মৃৎপাত্র বা জালায় রক্ষিত হয়। প্র-একগাছ মদ। ৪ কোন লম্বা জিনিসের বোধক। প্র-একগাছ দড়ি। এক-গাছ চুল। ৫ [গাছা, গাছি দ্রঃ] বিণ, বৃহৎ ; বড়। প্র-গাছ প্রদীপ। ৬ লম্বা ; ঢেঙ্গা। "মেয়ে ত দেখ্‌তে দেখ্‌তে গাছ হয়ে উঠলো।" ~**কোমর বাঁধা** [গাছে উঠিবার সময় কোমর বাঁধিয়া কাপড় পরা হতে] বিণ, মেয়েদের ছুটাছুটি, পরিবেশনাদি হেতু পরিধেয় বস্ত্রের এক অংশ দৃঢ়রূপে কটিতে বেষ্টন করা বা বাঁধা। ~**কৌটা**-বি, কাঠ বা ধাতু নির্ম্মিত উচ্চ গঠনের কৌটাবিঃ। ~**গাছড়া** - বি, বৃক্ষ-লতা-গুল্মাদি ; ভেষজলতাদি ; শাকপাতা। ~**গাড়ু**-বি, বড় গাড়ু ; বৃহদাকার জল-পাত্রবিঃ। "বুড়া গরু লড়া দাঁত ভাঙ্গা গাছ গাড়ু।"-শি০। ~**গেঁড়ি**-বি, বড় আকারের গেঁড়ি ; ইহারা গাছের পাতা খায়। এ গেঁড়ি গাছে ধরিলে গাছ নষ্ট হইয়া যায়। ~**দা**-কাটারিবিঃ ; নারিকেল তাল ই০ গাছ চাঁচা দা ; চাঁচ দা। ~**পান**-বি, যে পান প্রায় বরজের পানেরই মত হয় ও কোন বৃক্ষ অবলম্বন করিয়া উঠে। ~**পালা**-বি, বৃক্ষ-লতা-গুল্মাদি। ~**প্রদীপ**-বি, গাছের শাখায় আকারে সাজান দীপাধার। ইহার এক একটি শাখায় পাঁচ পাঁচটী ক্ষুদ্র প্রদীপ সজ্জিত থাকে ও একটী গাছে অনেকগুলি দীপ থাকায় আরতিকালে ইহার বড় শোভা হয়। ~**বেঙ্গ, গেছো বেঙ্গ** [গাছে থাকে ও ওঠে বলিয়া নাম] বি, আসাপা বেঙ্গ। ~**বেড়া**-বি, সারি সারি ঘন-সন্নিবিষ্ট বৃক্ষের বেড়া বা ঘেরাও ; বৃক্ষের বেষ্টনী। ~**মরিচ**-বি, লাল মরিচ ; লঙ্কা। ~**মোণ্ডা**-বি, মহানৈবেদ্যের উপর যে উঁচু সন্দেশ দেওয়া হয়। ~**সিন্দুক**-বি, পূর্ব্বকালের খুব উচ্চ সিন্দুক। এ সিন্দুক এত বড় করা হইত যে মই দিয়া তার ভিতরে নাবিতে হইত। **গাছে কাঁটাল গোঁপে(ফে) তেল**-কোন কিছুর আশা বা প্রত্যাশায় পূর্ব্ব হ'তে তার ব্যবস্থা বা আয়োজন করা। "গাছে কাঁঠাল গোঁফেতে তেল, তাতে কি আশা পোরে॥"-গোপাল উড়ে। "আপত্তি উঠিতে পারে যে এরূপ 'গাছে কাঁটাল গোঁপে তেল' আলোচনায় সার্থকতা কি?" -আ০ শক্তি। **গাছে চড়ানি**-ক্রি, গাছে তুলে দেওয়া ; গাছের উপর উঠাইয়া দেওয়া। ২ অযথা প্রশংসা করিয়া, বাহবা দিয়া কিংবা চাটুবাক্যে কাকেও গর্ব্বিত করিয়া তুলা। ৩ অতিরিক্ত আশা দেওয়া। ৪ কোন বিষয়ে উৎসাহ দেওয়া। **গাছে তুলে মই কাড়**-আশা দিয়া নিরাশ করা। ''গাছে তুলে দিয়ে বঁধু কেড়ে নিল মই।"-দী০ মিত্র। ২ কোন কার্য্যে প্রবৃত্ত বা উৎসাহিত করিয়া পরে কর্ম্মস্থল হ'তে সরিয়া পড়া ; সাহায্য দানের আশা দিয়া সাহায্য না করা। **গাছে না উঠিতেই এক কাঁদি**-কার্য্যে হস্ত-ক্ষেপ করিবার পূর্ব্বেই ফলের আশা। ২ কার্য্যে প্রবৃত্ত হবার মুখে বা সূত্রপাতেই ফল-প্রাপ্তি। **গাছেরও খাওয়া তলারও কুড়ানি**-নিতান্ত স্বার্থপর ব্যক্তির মত কাজ করা ; সমুদয় আত্মসাৎ করা। **কলমের গাছ**-গাছের ডাল বিশেষ প্রক্রিয়া দ্বারা সন্ধিস্থান হ'তে কাটিয়া রোপণ করিলে যে বৃক্ষ জন্মে graft. **বুড়িগাছ** [প্রাদে০ মৈমন০] বি, আকমাড়া কলের অংশবিঃ। গাছের গুঁড়ি তিন হাত উচ্চ রাখিয়া পুঁতিয়া তাতে কাটা গর্ত্ত।

গাছ২ [প্রাদে০] বি, টা ; খানি। "পথ গাছ"=পথটা (পূ০ ব০ গী০)।

`গাছড়া [গাছ + ডা(তুচ্ছার্থে, ক্ষুদ্রার্থে)] বি, অকেজো ছোট গাছ ; ক্ষুপ। **গাছ-গাছড়া**-বি, ছোট বড় গাছ।

গাছ্‌ল [প্রাদে০] বিণ, অতি বড় সত্য। "গাং কথা পরীক্ষা যে কর।"-মৈ০ গী০।

গাছলা [প্রা০ বাং, গ্রা০। গাছ + লা (=ড়া-স্বার্থে, তজ্জাতীয় অর্থে। তুল-গাছ-গাছড়া-ছোট বড় গাছ)] বি, বৃক্ষলতা-গুল্মাদি। "মানুষ মরে যাতে। গাং সারে তাতে। পচলা সারায় গাং সারে॥ গোঁধলা দিয়ে মানুষ মারে॥"-খনার বচন [পচলা সারা=পচা সড়া। গোঁধলা=পচা গোময়। যার দুর্গন্ধে মানুষের স্বাস্থ্য নষ্ট হয়. সেই পচা গলা গোময়ে গাছ গাছড়া পুষ্ট হয়]।

`গাছা [গাছ দ্রঃ। আদরার্থে আ] বি, বৃক্ষ ; গাছ। "পেটের বাছা ও বাড়ীর গাং দুই প্রায় সমান উপকারী।" ২ কোন লম্বাকৃতি দ্রব্য-বোধক সংখ্যা। প্র-এক গাছা খাড়া। দশ গাছা চুল। তিন গাছা দড়ি। ৩ কাষ্ঠনির্ম্মিত দীপাধার বা পিলসুজ ; দেরকো। "গাছার উপর কেরোসিনের ডিবা।"-উত্তরা।

`গাছান [গাছ + আন] ক্রি, গাছ করা ; গাছ জন্মান ; চাষ করা। ২ গাছে চড়া।

`গাছাল [যশো০ খুলনা প্রাদে০] বি, গাছে বসিয়া শিকার।

`গাছালি, -লী [গাছ (দ্রঃ) + আলি (তুচ্ছার্থে)। খনার বচনে] বি, ছোট অকেজো গাছ ; গাছড়া।

`গাছি, -ছী [গাছ দ্রঃ। আদরার্থে ই, ঈ] বি, গাছা দ্রঃ। ২ অ, সংখ্যাবোধক ; টা'। "দুই হাতে চারি গাছি চুড়ি বেলোয়ারি।"-অশোক০। ৩ বিণ, যে গাছে চড়ে ; গেছো। ৪ যারা তাল, খেজুর ই০ গাছে ক্ষত করিয়া রস সংগ্রহ করে ; সিউলি। ৫ ছড়া। "ফুলের মালা গাছি বিকাতে আসিয়াছি, পরখ করে কেহ করে না স্নেহ।" [দ্রঃ-যা গাছের মত লম্বা টানা সরু আকৃতিযুক্ত তার সহিত গাছ শব্দ সাধা০ ব্যবহৃত হয়. অধিক সরু ও আদরার্থে 'গাছি',-ছী]।

`গাছুড়িয়া, `গাছুড়ে, `গাছুয়া [গাছ দ্রঃ] বি, যে গাছে চড়িতে পটু ; বৃক্ষারোহণে পটু . গেছো।

গাছে যাওয়া [বাঙে দ্রঃ। বক্তের নানা স্থানে বৃক্ষশাখায় বসিয়া মলত্যাগের প্রথা হতে। প্রাদে०] ক্রি, বাঙে যাওয়া, মলত্যাগ করিতে যাওয়া। "কেউ বা গেলেন রান্না ঘরে কেউ বা গেলেন গাছে।"-গোবিন্দচন্দ্র দাস।

গাজ [গাজা দ্রঃ] বি গর্জন।

গাজন১ [গর্জন —] বি, শিবের উৎসব; শিবসম্বন্ধীয় গান। ২ চড়ক পূজার সময় চৈত্র মাসের ধর্মোৎসব [মালদহে এই উৎসবের নাম 'গম্ভীরা' (দ্রঃ)]; শিবের প্রীতি-কামনায় সন্ন্যাস গ্রহণ। অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট-নানা জনের নানা মত, ভিন্ন ভিন্ন কর্মধারা হেতু বহু লোক জুটিয়া কিছু করিতে গেলে প্রায়ই সে কাজ খারাপ হয় (তুল-too many cooks spoil the broth.

গাজন২-গাজন দ্রঃ।

গাজর [বৈদ্যকে-গর্জর] বি শাকমূলবিঃ গাজোর carrot

গাজা [সং-গর্জন-গাজ, গাজ + আ (ক্রিযাগ)] ক্রি, গর্জন করা। "ফণাফণ ঘণাফণ ফণীফন্ন গাজে।"-ভারত०। বি, গাজ।

গাজি [প্রাদে० য শো० খুলনা] বি, ব্যাঘ্রের দেবতা। ২ যারা বাঘ মারিয়া বীরত্ব দেখায় তাদের উপাধি।

গাজী [আ-গাজী (যুদ্ধগামী)। ম, বাং গাজি] বি, মুসলমান যোদ্ধা ; বীর। "গণেশ হইলা গা० কার্ত্তিক হৈল কাজি ফকির হইল্যা জত মুনি॥"-শূ० পু०। গাজী(জি)র গান-বি, মুসলমানদিগের ধর্মযুদ্ধ-সঙ্গীতবিঃ।

গাঞি (গাঁই) [সং-গ্রামিন্ উপাধ্যায় দ্রঃ] বি, গ্রামোপাধি। ২ বিণ, গ্রামোপাধিক, গ্রামীণ। বঙ্গেশ্বর বল্লাল সেনের সময় ব্রাহ্মণগণের বাসের জন্য এক একখানি গ্রাম প্রদান করেন। সেই সকল গ্রামের নামানুসারে তাৎকালিক ব্রাহ্মণগণের উপাধি নির্দ্দিষ্ট হইত। যথা-চট্টগ্রামীণ > চট্টোপাধ্যায়; লাহিড়ীগ্রামীণ > লাহিড়ী; সন্ন্যামিনগ্রামীণ > সান্যাল ই०।

গাট, -টী [গ্রন্থি >] বি, গ্রন্থি। ২ দড়ি; রজ্জু। "বেরাল পাটের গাটি সুনার কড়ি লাগে।"-শূ० পু०।

গাট্টা [হি० গট্টা। সং-গ্রন্থি > প্রা० গণ্ঠি > গাট্টা-গাট্টা] বি, গাঁটি; গাঁড়া। ২ বদ্ধমুষ্টিতে অঙ্গুলির অস্থিসন্ধি।

গাঠন [ফরিদপুর প্রাদে०] বি, যৌথ রূপে; সংযোগে jointly. "এক গাঠনে।"

গাড়, গাড়া, গেড়ে [আ० গার, সং-গর্ত্ত গহ্বর —, হি० গাড্ঢা] বি, গর্ত্ত। ২ ছোট ডোবা। "নিত্য বোড়ে ডোবা গাড়ে" -কবিক०। "ভূঁয়েশের গাড়"-ভারত०।

গাড়ওয়ান-গাড়োয়ান দ্রঃ।

গাড়ন [হি० গাড়্না] বি, প্রোথন; পোঁতন; গর্ত্ত খুঁড়িয়া তাতে স্থাপন।

গাড়র, গাড়ল [সং-গড্ডর,গড্ডল] বি, মেষ, ভেড়া। ২ স্ত্রীর পরামর্শ মত যে চলে; স্ত্রীর বশীভূত ব্যক্তি। "গাড়রের গালের গুয়া বকুলের পাত।"-কবিক०। ৩ [ভেড়ার প্রকৃতি —] যে পরের বুদ্ধিতে বা নির্দ্দেশে চলে, অন্যের দেখাদেখি যে কাজ করে, নিজের বুদ্ধি খাটাইতে পারে না; বোকা।

গাড়া১-গাড় দ্রঃ।

গাড়া২ [হি० গাড়্না। গাড়ি, গাড়, গাড়ে, গাড়িতে (ক্ষে গাড়িয়া, গেড়ে)। শিজন্ত-গাড়ান] ক্রি, বেঁধা; ভিতরে প্রবেশ করা। ২ পোঁতা। ৩ [প্রাদে०] ধন অপহরণ করা। ৪ বাগা, পাতিত করা। গাড়িয়া বসা-ক্রি, চাপিয়া বসা। "খাটু গাড়িয়া বসিয়া।"-সা० প০ প০, ১৩১৯। ২ পুতিয়া যাওয়া। "গাড়িয়া বসিল পথে।"-শি०।

গাড়ী [সং-গন্ত্রী] বি, রথ; শকট; যান। গা० করা-ক্রি,গাড়ী ভাড়া করা। ২ গাড়ীতে যাওয়া। ৩ গাড়ী নির্ম্মাণ করা। গা० ঘোড়া চড়া-বাবুগিরি করা; সুখ ঐশ্বর্য্য ভোগ করা। গা० চড়া-গাড়ীতে বসিয়া যাওয়া। গা०জোতা-ক্রি, ঘোড়াকে গাড়ী টানিবার মত করিয়া রজ্জু বদ্ধ করা। -ডাকা-ক্রি,গাড়ী ভাড়া করিয়া আনা। ~বারান্দা-বি,যে বারান্দার ভিতর গাড়ী দাড়ায়। উটগাড়ী-বি, উষ্ট্রবাহিত গাড়ী। একাগাড়ী-বি, রথযাত্রায় খেলনার রথাকৃতি পশ্চিম ভারতের একঘোড়ায়-টানা গাড়ীবিঃ। কলের গাড়ী-বি, বাষ্পযান; রেলগাড়ী। গরুর গাড়ী -বি, গোযান। ঘোড়ার গাড়ী -বি, অশ্ববাহিত যান। চেরেট গাড়ী [ইং chariot >] বি, হেলান দিয়া বসিয়া যাইবার চার চাকার হালকা গাড়ী; রথ car used in ancient warfare ছ্যাকরা গাড়ী [সং-শকট, শকটিকা। হি० শক্ড়া। বাং-ছাকড়া >। তুল-ফা०শিক্বন্, শিগ্রম্] বি,ব্রাউন বেরী (Brownberry) আকারের চারি চাকার অশ্ববাহিত ভাড়াটিয়া গাড়ী। টানাগাড়ী-বি, মানুষে টানা গাড়ী; রিক্শা। ট্রামগাড়ী-বি, অশ্ব অথবা তাড়িৎ চালিত ট্রামকার। ঠেলা-গাড়ী -বি, গরুর গাড়ীর আকৃতির গাড়ী, যা সম্মুখের লোক টানিয়া ও পশ্চাতের লোক ঠেলিয়া লইয়া যায়। ডাক- গাড়ী-বি, ডাকবাহী শকট বা দ্রুতগামী রেলগাড়ী mail train. তিন চাকার গাড়ী - বি, ত্রিচক্রযান; ট্রাই-সাইকেল। পা-গাড়ী - বি, পদ-চালিত দ্বিচক্রযান। পাল্কী গাড়ী-বি, পাল্কীর আকারে চারিচাকার অশ্বযানবিঃ Brownberry বগীগাড়ী [ইং buggy esp in U S বগী দ্রঃ] বি সহজে ঘুরাইবার ফিরাইবার ও দুই একজন বসিবার মত চারিচাকার হাল্কা গাড়ী। মটর গাড়ী -বি,হাওয়া গাড়ী দ্রঃ। মাল গাড়ী-বি, যে গাড়ী মাল বোঝাই করিয়া যায় goods train; waggon মোষের গাড়ী-বি, মহিষবাহিত ইট-কাঠ-প্রস্তরাদি ভারী দ্রব্য বহনের গাড়ীবিঃ। রেল গাড়ী-বি,লৌহ-বর্ত্মের উপর দিয়া বাষ্পচালিত যান; কলের গাড়ী। হাত গাড়ী-বি, ছোট ছেলে মেয়েদের জন্য ক্ষুদ্রাকার ঠেলাগাড়ী; হাতে টানা গাড়ী। হাওয়া গাড়ী-বি,বাষ্প বা তাড়িৎ- চালিত যান motor car

গাড়ান [গাড়া দ্রঃ। গ্রা०] ক্রি, পোঁতান। ২ রোপণ করা। গাড়াইল-রোপণ করিল; পুঁতিল। "কলাগাছ তখনই গাড়াইল"-পূ० ব० গী০।

গাড়ীবান-বি, গাড়োয়ান দ্রঃ।

গাড়ু [গড্ডুক >] বি, জলপাত্রবিঃ;

ঝারী (ঝর্ঝর দ্রঃ)। "গাড়ুতে নাই জল"-দ্বিং রায়। ২ [সং-গড়ু >] পৃষ্ঠগ্রন্থি, কুব্জ।

গাড়োয়ান [হিং গাড়ীবান্। বাং উচ্চারণে ব=ওয়া। দ্রুত উচ্চারণে গাড়ওয়ান্, গাড়ুয়ান] বি, শকটচালক coachman.

গাঢ় [গাহ্ (বিলোড়ন করা) + ত (ক্ত)। হ=ত=ঢ়, প্রাং বাং পদ্যে, ব্রজং গাঢ়ি] বিণ, যে অবগাহন করিয়াছে। ২ দৃঢ়; ঘন। প্র-গাড় দুধ। ৩ অত্যন্ত; অনেক। ৪ [ত (র্ম্ম)] অতি গভীর। ৫ নিমগ্ন। ৬ সেবিত। ৭ ভারি। ৮ সঙ্গীতশাস্ত্রে যে স্বরকে ইচ্ছানুরূপ স্থানে উচ্চ ও নীচ করিতে পারে। অধিকার্থে-'গাঢ়তর', অত্যন্ত বা চরমার্থে 'গাঢ়তম'। বি, ~তা, -ত্ব।

গাঢ়মুষ্টি [গাঢ় যে মুষ্টি, ধা] বি, বদ্ধমুঠ, সঙ্কুচিত ও দৃঢবদ্ধ করতল। ২ [গাঢ় (দৃঢ়) হইয়াছে মুষ্টি যার, বহুং] বি, খড়্গ। ৩ বিণ, যে অর্থব্যয়ে কাতর, কৃপণ।

গাঢ়তাপত্তি [রসাং পরিঃ (যোং বায়)] বি, ঘনীভবন concentration.

গাঢ়া১ [হিং গাড্ঢা] বি, গর্ত্ত, গাড়া।

গাঢ়া২-বি, গড়া; খাদি।

গাঢ়ি-গাঢ় দ্রঃ।

গাণপত্য [গণপতি (গণেশ) + য(গণপতি ইহাদের দেবতা এই অর্থে), ই লোপ] বিণ, গণপতি সম্বন্ধীয়। ২ বি, গণেশোপাসক সম্প্রদায়। ৩গণাধিপত্য, দলের অধিনায়কত্ব।

গাণিক্য [গণিকা + য (সমূহে, সম্বন্ধে)] বি, গণিকাসমূহ। ২ বিণ, গণিকা সম্বন্ধীয়।

গাণিতিক [গণিত + ইক (জ্ঞাতার্থে)] বিণ, যিনি গণিতশাস্ত্র জানেন, গণিতজ্ঞ। ২ [ইক (সম্বন্ধার্থে)] গণিত সম্বন্ধীয় mathematical ৩ গণিত ঘটিত।

গাণ্ঠি [গ্রন্থি > গণ্টি >] বি, গাঁট।

গাণ্ডিব, গাণ্ডীব [সং] বি, অর্জ্জুনের ধনুক। ব্রহ্মা নির্ম্মিত এই ধনু চন্দ্র, হ'তে বরুণ এবং অগ্নির প্রার্থনায় বরুণ হ'তে অর্জ্জুন প্রাপ্ত হইয়াছিলেন। ~ধন্বা (-ন্না) [গাণ্ডীব (নামক) ধনু যার, বহুং। বহুং সমাসে ধনু=ধন্বন্ ১মা, ১বং ধন্বা] বি, অর্জ্জুন।

গাণ্ডী [গাণ্ডীব >] ধনু। "হাতে গাণ্ডী ফেরে কালকেতু।"-কবিকং।

গাণ্ডেপি(পু)ণ্ডে-গণ্ড দ্রঃ।

গাণ্ডীবী [গাণ্ডীব (ধনুক-বিঃ) + ইন্ (স্ত্যং)=গাণ্ডীবিন্ ১মা, ১বং] বি, যার গাণ্ডীব ধনুক আছে, অর্জ্জুন।

গাত [গাত্র > গাতর ~ প্রাং বা, গাথ, গাঅ। গাঅথানী=দেহযষ্টি (শ্রীং কীং)] বি, গাত্র; গা। "পুলকে ভরয়ে গাত।"-পদাবলী। ২ অ, গাত্রে; দেহে।

গাতব্য [গৈ (গানে) + তব্য (র্ম্ম)] বিণ, গানের যোগ্য। ২ উচ্চৈঃস্বরে বক্তব্য।

গাতর [গাত দ্রঃ] বি, গাত্র, গা। "গাং ভরা রাধা পেলা আভরণে।"-শ্রীং কীং।

গাতা [গৈ (গান করা) + তৃ (ক্তৃ), গৈ=গা + তৃ=গাতৃ ১মা, ১ব] বিণ, যে গান করে; গায়ক; গাথক। স্ত্রীং গাত্রী (দ্রঃ)।

গাতার [মানভূম প্রাদেং] বি, গুদাম-ঘর store house.

গাত্র [গম্ (গমন করা) + ত্র (ক্তৃ, জ্ঞাং)-ম্ লোপ, যে গমন করে] বি, দেহ, অঙ্গ, গা। ২ হস্তিজঙ্ঘার অগ্রভাগ। ~কণ্ডূয়ন-বি, গা চুলকান। ~মার্জ্জনী [গাত্রের মার্জ্জনী (৬তৎ), যদ্দ্বারা গাত্র মার্জ্জন করে] বি, গামছা। ~দাহ-বি, গায়ের জ্বালা। ~রুহ [গাত্রে (শরীরে) রুহ্ (যে উৎপন্ন হয়), ৭তৎ] বি, লোম; রোম। ~শূল-বি, অঙ্গে শূল বিঁধিবার মত যন্ত্রণা বা বেদনা। ২ [লক্ষং] অসহ্য কষ্টদায়ক ব্যক্তি যার সংস্রবে অঙ্গ জ্বলে। তুল-'চক্ষুশূল'। ~সম্মিত [গাত্র-সম্মিত (পূর্ণ) হয় যার বহুং] বিণ, যার অঙ্গপ্রত্যঙ্গ সম্পূর্ণ হইয়াছে; সর্ব্বাবয়বসম্পন্ন। ~হরিদ্রা বি, গায়ে হলুদ। গা দ্রঃ।

গাত্রানুলেপনী [গাত্র + অনু + লিপ্ (লেপন করা) + অন (ণে) + স্ত্রীং ঈ] বি, অঙ্গরাগ করিবার তুলিকা। ২ সাবান।

গাত্রাবরণ [গাত্র-আ-বৃ (আচ্ছাদন করা) + অন (ণে)] বি, গাত্রাচ্ছাদনী; অঙ্গরাখা। ২ বর্ম্ম, কবচ ইং।

গাত্রী [গাতা দ্রঃ] বি, গায়িকা।

গাত্রোত্থান [গাত্র + উত্থান] বি, উত্থান; গা তোলন; দাঁড়ান।

গাথক [গৈ (গান করা) + থক (ক্তৃ)] বি, গায়ক; সঙ্গীতকারী। স্ত্রীং গাথিকা।

গাথা [গৈ + থ (র্ম্ম), গৈ=গা, স্ত্রীং আ] বি, কবিতা, শ্লোক, পদ্য। ২ আর্য্যা ছন্দঃ। ৩ ছন্দোবদ্ধ রচনা, গীত। ৪ প্রাকৃত ভাষায় গীতিচ্ছন্দ। ৫ গীতিকাব্য; কীর্ত্তন।

গাদ [সং-কর্দ্দঃ > হিং গন্দা > গাদড়া > গাদ্‌লা > গাদ] বি, কাইট; মলা। ~কাটা-ক্রি, ময়লা দূর করা। প্র-চিনির গাদ কাটান।

গাদন [গ্রাং] বি, পূর্ণ করণ; ঠাসন। ২ প্রহার। "নীলের দাদন ঠেঙ্গার গাং, বাঁধন চমৎকার।"-ঈং গুপ্ত। ৩ [ব্যঙ্গ্যে] ভূরিভোজন। গোপাল গাদন [বাল-গোপালকে আদরে ভোজন করাইবার ভাব হতে] বি, অতিভোজন।

গাদা১ [সং-গাধ্ (প্রতিষ্ঠায়) হিং গাদ্‌না। গাদি, গাব (গাদেন, গাদিস), গাদে (গাদেন); গাদিতে (ক্ষেং গাদতে); গাদিয়া (ক্ষেং গেদে)। ণিজন্ত-গাবান-অন্যের দ্বারা ভরাইয়া লওয়া] ক্রি, ভর্ত্তি করা; ভরা; ঠাসা; ঠাস করিয়া ভরা। প্র-বন্দুকে বা কামানে বারুদ গাদা।

গাদা২ [সং-গাধ (প্রতিষ্ঠা, গ্রন্থন, ইং) > অশোভন আধিক্য অর্থে গাদা। অল্পার্থে ও আদরার্থে গাদি] বি, স্তূপ; রাশি। "দর্শন শাস্ত্রের গাং কেবল বাড়ায় বাঁধা।"-বিং চক্রবর্ত্তী। ২ বিণ, পূর্ণ; ঠাস; ভরা। ৩ রাশিকৃত। ~গাদা-অ, রাশি-রাশি। ~গাদি-অ, ঠাসাঠাসি, ঘেঁষাঘেঁষি; ঘনবদ্ধ। গাং বন্দুক-বি, বারুদ ভরিয়া বা ঠাসিয়া গুলি ছুঁড়িবার বন্দুক।

গাদা৩ [প্রাদেং গাতা দ্রঃ] বি, পিঠ। "গাদার মাছ।" ২ মাছের পৃষ্ঠভাগ। ৩ স্তূপ; রাশি; গাদি২। গাদার মাছ -বি, চাপানী মাছ; গাড়ীর মাছ।

গাদি১ [গদ (কৃষ্ণের কনিষ্ঠ ভ্রাতা) + ই অপত্যার্থে] বি, গদের পুত্র।

গাদি২ [গাদা২ দ্রঃ] বি, স্তূপ; রাশি; বহু একত্র। প্র-খড়ের গাদি, কাপড়ের গাদি ইং। ~গাদি- অ, রাশিরাশি। "ঠাই ঠাই কটক পড়িল গাদিগাদি।"-কৃত্তিং।

গাদি৩ [হিং গদ্দী > গাদী >] বি, জমিদারী। "হাজারীবাগ জেলার অন্তর্গত ডোরাণ্ডা নামে একটী গাদী আছে, * *। এই জমিদারী * *"-মং গুহঠাকুরতা (প্রবাসী)।

গাধ [সং-গাধ্ =প্রতিষ্ঠা, গ্রন্থন, রচনা। বাং-য় প্রং অং] বি, তলা ; স্থান। ২ বিণ, অগভীর ; তলস্পর্শযোগ্য (বিপরীত-অগাধ)। ৩ লোভ।

`গাধা [সং-গর্দ্দভ। প্রাকৃ· গদ্ধবা ; বাং -গদ্ধোব, হিং গধাহ্। গাদ্ধা, গাদ্ধা (ঘৃণা বিক্রপাদি অর্থে-বাং-য় হিং-র অনুকরণে] বি, খর ; গর্দ্দভ। স্ত্রীং **গাধী**-গর্দ্দভী। **~খাটুনি**-বি, স্বভাবত: অতিপরিশ্রমী ভারবাহী পশু গর্দ্দভের মেহনতের মত মেহনৎ ; ভীষণ পরিশ্রম। "উত্তেজনায় আরো কিছুক্ষণ গাধা-খাটুনি সুসহ হবে।"-পথে প্রবাসে, পৃঃ ৯৯। **গাং পিটে ঘোড়া**-গাধাকে পিটিয়া অর্থাৎ প্রহার করিয়া ঘোড়ায় পরিণত করা ; (লক্ষং) গর্দ্দভ-প্রকৃতি বালককে শিক্ষা, তিরস্কার বা প্রহার দ্বারা বুদ্ধিমান ও চতুর করা। **~বোট**-বি, গাধার ন্যায় মন্থর গতি ভারবাহী নৌকাবিঃ। **~মি**-বি, বোকামি।

`গাধি-বি, ঋষি বিশ্বামিত্রের পিতা চন্দ্রবংশীয় রাজাবিঃ। **~জঁ, ~সুতঁ, গাধির নঁন্দন** [গাধি (বিশ্বামিত্রের পিতা) + জ, জন (জন্মান) + অ (র্ত্তৃ) গাধি হতে যে জন্মিয়াছে, + সুত, নন্দন (পুত্র)] বি, বিশ্বামিত্র মুনি। **~পুর** [গাধির পুর, ৬তৎ] বি, কান্যকুব্জ। রাজা গাধির রাজ্য।

গাধেয়ঁ [গাধি + এয় (অপত্যার্থে)] বি, গাধির নন্দন বিশ্বামিত্র।

গান১ [গৈ (গান করা) + অন (ভাং)] বি, সঙ্গীত ; গীতি। ২ সামবেদধ্বনি। ৩ সঙ্গীতে অভিনয় opera ৪ [+ অন (র্ম্ম)] যা গান করা যায় ; গানযোগ্য রচনা। **গাং কঁরা**-ক্রি, গাওয়া। **গাং বাজনা**-বি, গীতবাদ্য। **~শুনানি**-ক্রি, অপরকে শুনাইয়া গান করা। **গানের কলি**-বি, গানের পদ। **ওস্তাদী গান**-বি, সঙ্গীত-বিজ্ঞান-নির্দ্দিষ্ট নিয়মে গীতালাপ। **গুণ গান** [গান গুণের সহচর] বি, কোন গুণ ; গুণের লেশ। প্র-গুণ গান নাই ধ্যানে দড়। ২ গুণকীর্ত্তন। **চুটকী গান**-বি, টপ্পা, খেমটা ইং লঘু প্রকৃতির ও নাচের গান ; ক্ষুদ্র রসসঙ্গীত।

গান২ [গাওয়া দ্রঃ। গাউন (পূং বঙ্গে-গাহেন, গায়েন) > ক্ষেং গান] ক্রি, গান করুন ; গান গাউন। প্র-আপনি একটি গান গান। ২ গাহিয়া থাকেন ; গায়েন। প্র-গান তিনি প্রত্যহ এই সময়েই গান।

গানাঘুষা [গানা > কানা > ঘোষা (কর্ণে ঘোষণা)] বি, কর্ণে কর্ণে ঘোষণা ; কানা-কানি ; গোপনে গোপনে রটনা।

`গান্থি, গান্থিআঁ [সং-গ্রন্থন >। প্রাং বাং। গাথা দ্রঃ] ক্রি, গ্রথিত করিয়া। **গান্থিল**-গ্রথিত করিল ; গাঁথিল।

গান্দিনী [গাং (পৃথিবীকে) দা (শুদ্ধ করা) + ইন্ (র্ত্তৃ)-ঈ (স্ত্রীং)] বি, যিনি পৃথিবীকে পবিত্রা করেন, সুরধুনী ; গঙ্গানদী। ২ যদুবংশীয় শফল্কের পত্নী ; অক্রূর-জননী। **~সুতঁ** [গাং-র সুত, ৬তৎ] বি, ভীষ্মদেব। ২ অক্রূর। ৩ কার্ত্তিক।

`গান্ধর্ব্ব [গন্ধর্ব্ব + অ (সম্বন্ধার্থে)] বিণ, গন্ধর্ব্বসম্বন্ধীয়। ২ বি, পাত্রপাত্রীর ইচ্ছানু-ক্রমে বিবাহ। ৩ ঘোটক। ৪ গান।

`গান্ধার [গান্ধার (নৃপতিবিঃ) + অ (নিবাসার্থে)] বি, গান্ধার রাজার রাজ্য ; কান্দাহার। "কাঁপিত যাহাতে স্থাবর জঙ্গম ; গাং অবধি জলধিসীমা॥"-হেমং। ২ বি, স্বরবিঃ। ৩ রাগবিঃ। ৪ গন্ধক। ৫ সিন্দূর। ৬ বিণ, গান্ধারদেশবাসী। **~রাজ**-বি, গান্ধার দেশের রাজা সুবলের পুত্র ও দুর্য্যোধনের মাতুল, শকুনি। **গান্ধারী**-বি, গান্ধার-রাজপুত্রী, ধৃতরাষ্ট্র-মহিষী।

`গান্ধারেয়ঁ [গান্ধারী + এয় (অপত্যার্থে)] বি, দুর্য্যোধনাদি শত সহোদর। ২ গান্ধার রাজপুত্রগণ।

`গান্ধি [চং গাঁধিপোকা] বি, ক্ষেত্রের অনিষ্টকারী কীটবিঃ। **গাং চুষা ধান**-গান্ধিপোকা দ্বারা সারশূন্য করা ধান।

গান্ধিক [গন্ধ + ইক (পণ্যার্থে)] বি, গন্ধবণিক্। ২ গাঁন্ধিপোকা। ৩ বিণ, গন্ধদ্রব্যবাহিক। ৪ লেখক।

গাপ [সং-গোপন > গোপ > গাপ] বি, গোপন। ২ বিণ, গুপ্ত ; লুক্কায়িত। "সে টাকাটা একেবারে গাং হইবে।"-টেকচাঁদ। **গাং কঁরা**-ক্রি, গোপন করা।

`গাফিল [আং গাফিল্] বিণ, অবহেলাকারী ; অমনোযোগী। বি, **গাফিলঁতি**।

`গাফিলি [আং গফ্লৎ] বি, অমনোযোগ। ২ কুঁড়েমি।

`গাফুর [গাবর১ (দ্রঃ) > গাবুর >। ব=ফ। প্রাদেং। পূ·ব· গীং] বি, চাকর। ২ যারা কৃষিকার্য্য করে।

গাব১ [সং-গালব। হিং গাব] বি, কষায়-রস বৃহৎ ফলবৃক্ষবিঃ ; তিন্দুক বৃক্ষ ; কেঁদ গাছ diospyros glutinosa. ২ গাব ফল। ৩ গাবজাতীয় কষায়-রস বৃক্ষবিঃ ; লোধ্রবৃক্ষ ; লোধ (তুল-গুজরাতী-লোদর ; হিং লোধ) symplocos racemosa. ৪ কাঁচা গাব ফলের আঠা ও কষ। প্র-গাবরাট (দ্রঃ)। ৫ মৃদঙ্গাদি আনদ্ধ যন্ত্রের যে স্থানে করতলের আঘাত বা চাটি পড়ে সেই স্থানে যে গোলাকার খদিরবর্ণ আঠা জমান থাকে। "কেহ বা বাঁয়ার গাং আছে কিনা তাহা ধপ্ ধপ্ করিয়া পিটে দেখে।"-টেকচাঁদ। ৬ তৈজসপাত্রে যে গাবের কষবৎ কলঙ্ক ধরে। **~ভেরেণ্ডা** [গাবের আঠার মত পিচ্ছিল তৈলাক্ত বলিয়া] এরণ্ড ; রেড়ীগাছ।

গাব২, **গাবা** [সং-গর্ভ > গব্ভ > গাব] বি, গর্ভ। "ভয়ে গাবিনী গাব ছাড়ে।" ২ পুষ্করিণী ইং জলাশয়ের ঢালু এবং গর্ভদেশ।

গাবঁ৩ [ব্রজং] ক্রি, গাওয়া দ্রঃ। ২ রব ; গান। "পিক কুহু কুহু করত গাং।"-বলরামং।

গাবগুবাগুব [অনুং] বি, একতারা জাতীয় বাদ্যযন্ত্র ; আনন্দলহরী।

গাবড়া [গর্ভ >] বি, ভ্রূণ। ২ যে গাভীর গর্ভপাত হইয়াছে।

গাবঁয়ে-গাওয়া দ্রঃ।

গাবর১ [সং-কর্ণধার (প্রাদেং উচ্চারণ বিকারে), অথবা গর্ভ > নৌকার গর্ভ > নৌকাগর্ভে বসিয়া যারা দাঁড় টানে] বি, ডিঙ্গার কর্ণধার ; নৌকা-চালক ; সর্দ্দার মাঝি ; যে নৌকার হাল ধরিয়া থাকে। "গড়ে ডিঙ্গা মধুকর, মাঝখানে রইঘর, পাশে

গুড়া বসিতে গা°।"-কবিক°। "গাঠ্যার গা° বাহে বাজে রণশিক্ষা।"-ক্ষেমানন্দ। "হাতে কেরোয়াল বৈসে নায়ের গা°।"-কবিক°। ২ নৌকাজীবী; মাল্লাজাতি; মাল্লা। ৩ সারিগায়ক; দাঁড়ী; মাঝি। "সারি গায় দুই সারি গাবরে।"-রামেশ্বর [পূর্ব্বে গাবরগণ সারি সারি বৈঠার সাহায্যে নৌকা চালাইত]। ৪ [প্রাদে° ঢাকা] কৈবর্ত্ত; হালিক; গোয়ালা ই° (ঢাকা প্রকাশ, ব° শ° সিন্ধু)। ৫ [প্রা° বাং, প্রাদে° পূ° ব°] মজুরের সর্দ্দার। "গা° পাইক লইয়া যায় হাজার হাজার।"-মনসা ম° (বিজয়)। "তের শত গা° পাইক মাথায় সবার বোঝা।"-ঐ। ৬ জেলে (ডা° দী° সেন-ব° সা° পরিচয়)।

গাবর২ [মূলে হি° গঁবার > । প্রাদে° শ্রীহট্ট°] বি, গালি অর্থে দাস জাতীয় লোকের প্রতি ইহার প্রয়োগ করা হইত। ২ [পূ° ব° প্রাদে°] নির্ব্বোধ; গোঁয়ার। "সাল্লর থুইয়া কুয়ার পাণি কোন্ গাবরে খায়।"-পূ° ব° গী°। বিণ, গাবরিয়া-অসভ্য। "সহজে গাবরিয়া জাতি অতি কদাচন (=কদাচার)।"-ঐ।

গাবল [প্রাদে° গা°। কবল > খাবল >] বি, গ্রাস। ২ মুখগহ্বর।

গাবলগনি-বি, গবলগণের পুত্র; সঞ্জয়।

গাবা [গর্ভ >] বি, গর্ভ। ২ গাভা দ্রঃ।

গাবানি [গর্ব্ব >। গাবাই, গাবাও, গাবায়; গাবাইতে, গাবাইয়া (ক্ষে° গাবিয়ে)] ক্রি, গর্ব্ব করা; গর্ব্বচ্ছলে ঘোষণা করা বা বলিয়া বেড়ান। ২ [গাব (পুষ্করিণী ই° জলাশয়ের গর্ভ)] আলোড়ন দ্বারা (পুষ্করিণী ই°-র) জল ঘোলা করা; ঘোঁটান। "পুখুর গাবালে যেন চিলে তুলে মীন।"-কবিক°।

গাবী-বি, গাভী [বাং-য় বিরল]।

গাবুব১ [প্রা° বাং। গাবর দ্রঃ] বি, মাঝিদিগের তত্ত্বাবধায়ক; ইহারা সারি গাহিয়া মাঝিদিগকে কার্য্যে আকৃষ্ট রাখিত ও মাঝিরা কার্য্যে শ্লথ হলে ডাঙ্গস দিয়া প্রহার করিত। ২ গাভুর দ্রঃ।

গাবুর২ [প্রাদে° চট্ট°] বি, ভেট।

গাবুরাণী [প্রা° বাং-গাবুর+আনী (অবস্থা)। প্রাদে° গাভুর (দ্রঃ) >] বি, যৌবন। "এমন বয়সে ছাড়ি যাও আমার বৃথা গা°।"-মাণিক° গান।

গাবীন, গাভীন [গর্ভিণী >] বি, গর্ভবতী; অন্তঃসত্ত্বা। "গাভীন হইলে তুমি রস তার কত।"-ঈ° গুপ্ত [সাধা° অন্তঃসত্ত্বা গাভীকেই বাং-য় গাভীন (চ° উচ্চারণে গাবিন্) বলে]।

গাভা [সং-গর্ভ > ভং। গ্রা° গাবা। হি° গভুআর্=গর্ভকেশর (কোমল কেশের গুচ্ছ বা থুপি)] বি, গর্ভ। ২ ফুলের গর্ভ-কেশর। ৩ পুষ্পমঞ্জরী। ৪ কেশগুচ্ছ। ৫ গুচ্ছ; থুপি। "কবরী বান্ধিয়া দিল কুসুমের গা°।"-কবিক°। "চম্পকের গা।"-চৈ°ম°।

গাভিন্, গাভীন-গাবিন দ্রঃ।

গাভী [সং-গো > গবী >। হি° ও গ্রা° বাং-গাই। বৌ° সা° গাবী, গবী] বি, ধেনু, গবী।

গাভূর [প্রা° বাং। প্রাদে° চট্টগ্রাম, বিক্রমপুর অঞ্চলে] বিণ, যুবক; জোয়ান। ২ [ডাকের বচনে] বলবান্। ৩ বি, যৌবন। "গা° বয়সে যাতে কাশ।"-ডাক (৮ম-১২শ শতাব্দী, ব° সা° প°) [গাবুরাণী দ্রঃ]। ~ডলন-বিণ, অতি বলবান্ [দ্রঃ-দেবী জয়দুর্গার কতকগুলি অনুচর আছে গাভুর-ডলন ই°]।

গামছা, গামোছা [গাত্রমুঞ্চন বা মুঞ্চন >। তুল-হি° আঙ্গোছা (অঙ্গমোছা)] বি, গাত্রমার্জ্জনী।

গামড়া, -ড়ো [গ্রা° হি° গুমড়া (স্থূল, গুমো, চাঙ্গড় বৎ) >] বি, তাল নারিকেলাদির পত্রের স্থূল বৃন্তভাগ।

গামলা [পর্ত্তু° gamella (কাঠের বড় খোরা >] বি, পিত্তলনির্ম্মিত বৃহৎ পাত্রবিঃ; মৃণ্ময় পাত্রবিঃ; মাটির বড় নাদা।

গামার [হি° গও আর > গ্রা° উচ্চারণে] বিণ, গোঁয়ার; গ্রাম্য।

গামারি [সং-গাম্ভারি দ্রঃ] বি, গাম্ভারী-বৃক্ষ; গাজনের সন্ন্যাসীদিগের নিকট ইহা পবিত্র। "গা° মঙ্গলে চলিল ভকতাগণে শুনিআ থাএ সর্ব্বজনা।"-শূ° পু°।

গামিনী-নৌ দ্রঃ।

গামী [গম্ (গমন করা)+ইন্ (র্ত্তৃ) ভবিষ্যৎকাল বুঝাইতে। মূ° গামিন্ ১মা, ১ব°] বিণ, যে গমন করিবে। ২ গমনশীল। [দ্রঃ -গামী শব্দের স্বতন্ত্র প্রয়োগ দেখা যায় না, কিন্তু অন্য শব্দসহ যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে যথা,-গ্রামগামী: দ্রুতগামী: অগ্রগামী ই°]। স্ত্রী° গামিনী। প্র-গজগামিনী।

গামুক [গম্ (গমনে)+উক (র্ত্তৃ)। মূ° গামুক্] বিণ, যে গমন করে, গমনশীল।

গা-মোড়া [প্রাদে°] বি, ঠগীর দল thugs.

গাম্ভারি [সং-গাম্ভারিকা > প্রা° গামারি (শূ° পু°)] বি, বৃক্ষবিঃ; উক্ত বৃক্ষজাত কাঠ। "মদনদবতি সাধু ধনপতি বসিলা গা° পীঠে।"-কবিক°।

গাম্ভীর্য্য [গম্ভীর+য(ষ্ণ্য, ভা°)] বি, অল্পে অধৈর্য্য না হওয়া; গম্ভীরতা। ২ প্রগাঢ়তা। ৩ অচাপল্য; অচাঞ্চল্য। ৪ বিকারহীনতা।

গায়১ [গৈ (গান করা)+অ (ভা°) গৈ= গা, য় আগম] বি, গান করে; গাহে। "বলিহারী তোমারি চরিত মনোহর গায় সকল জগতবাসী।"-সত্যেন্দ্র ঠাকুর।

গায়২ [সং-গাত্র-গাঅ] বিণ, অঙ্গ। ২ [এই অর্থে-গায়ে] অ, অঙ্গে; গায়ে। "মানের দায়ে সেজে যোগী মেখেছি গায় ভস্মরাশি।"-গিরিশ°। গায়ে গায়ে-পাশাপাশি; ঘেঁষাঘেঁষি। ২ পরস্পর আদান-প্রদান না করার ভাব; অর্থাৎ দেয় এবং প্রাপ্য কিছু থাকিলে তা না দেওয়া না লওয়া। প্র-গায়ে গায়ে শোধ। গায়ে পঁড়া-ক্রি, যাচিয়া বা সাধিয়া আলাপ করা। "আজ এই গায়ে পড়িয়া সাধিয়া ভাব করিতে আসার উদ্দেশ্য মালতী বেশ বুঝিতে পারিয়াছিল।" গায়ে-পঁড়া-বিণ, সেধো। গায়ে লাগা-বি, অঙ্গে আঘাত প্রাপ্ত হওয়া। ২ মর্ম্মে বিদ্ধ হওয়া। "কথাটা * * তার গায়ে লাগিল।" গায়ে ফুঁ দিয়া বেড়ানি-বেড়াইবার কালে গায়ে ধূলা লাগিলে তা ফুৎকার দ্বারা অপসারিত করা। ২ যাতে অঙ্গে ধূলা লাগে এমন কাজ না করা; মেহনত না করা; কোন কার্য্যের ভার না লইয়া ফাঁকে ফাঁকে বেড়ান। গায়েমাখা-ক্রি, আপনার গায়ে পাতিয়া লওয়া; অঙ্গীকার করা। প্র-অনুযোগ গায়ে না মাখিয়া।

২ স্পর্শ করা ; মনোযোগ দেওয়া। গায়ে হাত তোলা-প্রহার করা। গায়ে হাত দিয়া-বুকে হাত দিয়া ; অনুভব করিয়া। প্র-অন্যের দোষই দেখ নিজের গায়ে হাত দিয়ে কথা বল না।

গায়ক [গৈ (গান করা) + অক (কর্তৃ), গৈ=গায়] বিণ. গায়ক, সঙ্গীতকারী। "নাচিছে নর্তক গাইছে গা° বাদ্য তালমান লয়ে।"-ভারত। স্ত্রী ~ী, গায়িকা -সঙ্গীতকারিণী। "গাইছে গায়কী।"-মেঘ°।

গায়কোয়ার [বাং গাইকোয়াড় গুইকুমার ও] বি. বরোদাপতির উপাধি।

গায়ৎ [গৈ (গান করা) + অৎ (শতৃ)] বিণ, গান করিছে এমন।

গায়ত্রী, -ত্রী [গ্রা গায়েত্রী, গাইত্রী। গায়ৎ (গানে) ত্রৈ (পালনে) + অ (কর্তৃ)=গায়ত্র + ঈ (স্ত্রী°), এই বেদমন্ত্র যে গান করে তাকে যে ত্রাণ করে] বি. বেদমাতা ; ত্রিপাদ মন্ত্রবিঃ। ২ বৈদিক ষড়ক্ষর ছন্দোবিঃ।

গায়ন [গৈ (গানে) + অৎ (শতৃ, কর্তৃ)= গায়ৎ ১মা, ১বঃ] বিণ. গায়ক গান বা সঙ্গীত ব্যবসায়ী। স্ত্রী: গায়ন্তী।

গায়ন [গৈ (গানে)। অন (কৃ, শিল্পী অর্থে)] বিণ. গায়ক (সাধা° পুং), সঙ্গীতকারী। "গায়নে বাযনে মা মাগি এই বর।"-শি°। স্ত্রী: ~ী [সং-গায়ন্তী] সঙ্গীতকারিণী।

গায়বি, গায়িবি [ব্রজ°। গাওয়া দ্রঃ] ক্রি, গাহিবে। "গুণ গায়বি মোর।"-বি°প°।

গায়ে-গায় দ্রঃ।

গায়েন, গাইন [গান+ই, ইয়া > গানি > গাইন। হি° গাবইয়া] বি. বিণ, যে গান করে : গায়ক, সাধা° যারা ভাগবত, চণ্ডী, রামায়ণ ই° গান করিয়া থাকে। ২ প্রধান গায়ক বা গাথক। (মনসা ম°, বিজয়°)। প্র-গায়েন ঠাকুর। "তাল মান গানে উরগো গায়েনে বলি বেদস্তুতিমতে।"-কবিক°।

গায়েব, গায়েবী, গায়বী [আ° গায়েব। বাং গ্রা° গৈবী ও] বিণ. অদৃশ্য গুপ্ত ; গোপনীয়। প্র-গায়েবী খুন।

গার, [আ° গার, গাঢা দ্রঃ] বি, গর্ত। "গুরুর বচন বাবু পাষাণের গা°।"-গোবিন্দ গীত (১১শ শতাব্দী)।

গার, [ফা° গার। গর (দ্রঃ)=সং-কর, kar and doing for or agent] বিণ. করা এই অর্থক প্রত্যয়। প্র-খিদমৎগার, মদদগার, কারিকর (গর)। বি, গারি (তুল-গরি, গিরি)। বৃত্তি অর্থক প্রত্যয়। প্র-মদদগারি।

গার,-গারি দ্রঃ।

গারড় [গাড়র (দ্রঃ) >] বি, গাড়ল মেষ। "সিংহাসনে কিবা যুদ্ধ করিবে গা°।" -কবিক°।

গারড়ী [গারুড়ি (দ্রঃ) >। প্রা° বাং] বি, বিষবৈদ্য (স্ত্রী- কী°)।

গারদ [ই° guard এর লিপ্যন্তর] বি প্রহরিদল। ২ কারাগার। "কাছারির গারদে কয়েদ আছে।"-কৃষ্ণকান্তের উইল। "হারা কোন অপরাধে * * * সংসার গারদে থাকি বল।"-নীলাম্বর মুখো°। ৩ [আ° গারৎ ~] লুণ্ঠন ; নাশ।

গারস্থ [সং-গৃহস্থ … আবু-বাং -গেরস্থ] বি, গৃহস্থ। "গারস্থের মহাপাপ তুরন্ত পলান॥"-শূ পু°।

গারা [হি°] বি, কাদা।

গারি,-রী, [হি° গারী। র=ল] বি, গালি। "হাসি দেই গা°।"-বি°প°। "তুমি আমি দুই সতিনে সাধুর বটি নারী। সাধুর বিহনে হয় দোঁহাকার গারী॥"-কবিক°।

গারী, [অগার (দ্রঃ) > ক্ষে°] বি, আগার : ঘর ; সংসার, গৃহস্থালী। "দুটি হৈল ধন লণ্ডভণ্ড হৈল গা°।"-কবিক°। ২ ঘরণী ; গৃহিণী। "অপুত্র যাহার গারী, তার ধনে রাজা ভারী."-কবিক।

গারুটি-বি, দুই দলে সঙ্গীতের লড়ায়ে গানের শ্রেণীভেদ। "সখী সম্বাদের মহড়া গা° গাহিয়া ছড়া কাটাইতেন।"-মনোমোহন বসু।

গারু/ড় [গরুড-অ (সম্বন্ধার্থে)] বিণ. গরুড সম্বন্ধীয়। ২ বি, সবুজবর্ণ রত্ন ; মরকত মণি। ৩ স্বর্ণ। ৪ অস্ত্রবিঃ। ৫ ব্যূহবিঃ। ৬ পুরাণবিঃ। ৭ সাপের বিষঝাড়া মন্ত্র। ~ড়ি-বিণ, সর্পমন্ত্রজ্ঞ। ২ বি, সর্প বশীকরণ মন্ত্র। ৩ বিষবৈদ্য [মহা° (কাশী°)]। ~ড়িক, ~ড়িয়া [গরুড (বিষমন্ত্র) +ইক, ইয়া (তৎ জ্ঞাতার্থে)] বি, যারা বিষমন্ত্র জানে : বিষবৈদ্য ; সাপুড়ে।

গারুত্মত (-ৎউৎ, -ৎমৎ) [গরুৎ+মৎ (স্ত্যা°)=গরুত্মৎ (গরুড়)+অ (ভবার্থে)] বি, মরকতমণি। ২ গরুড়াস্ত্র।

গারো-বি, আসামের দক্ষিণ-পশ্চিম-দিকস্থ গারো পর্ব্বতশ্রেণীর উপত্যকাবাসী আদিম জাতিবিঃ।

গার্/গি [গর্গ+ই (অপত্যার্থে)] বি, গর্গমুনির পুত্র। স্ত্রীঃ ~র্গী-গর্গতনয়া।

গার্গ্য [গর্গ+য (অপত্যার্থে)] বি, গর্গতনয়। ২ বিণ. গর্গমুনিবংশীয়।

গার্জেন [ই° guardian এর লিপ্যন্তর] বি, আদালতগ্রাহ্য নাবালকের অভিভাবক।

গার্টার [ই° garter এর লিপ্যন্তর। এই শব্দ বাঙ্গালায় অবিকল চলিয়া গিয়াছে] বি, যে তার বন্ধনী : মোজাবন্ধনী।

গার্দ্দভ [গ্রা° গদ্ধব, গদ্ধোব, গর্দ্দোব। গর্দ্দভ + অ (সম্বন্ধার্থে)] বিণ, গর্দ্দভসম্বন্ধীয় ; গর্দ্দভ-সুলভ। ২ বি, গর্দ্দভের শব্দ।

গার্ধ্রপক্ষ [গৃধ্র (শকুনি) + অ (সম্বন্ধার্থে)=গার্ধ্র (গৃধ্রসম্বন্ধীয়)-পক্ষ (পালক) আছে যাতে, বহু°] বি, গৃধ পক্ষবৎ পক্ষযুক্ত বাণ।

গার্ভ [গর্ভ+অ (সম্বন্ধার্থে)] বিণ. গর্ভসম্বন্ধীয়। ২ গর্ভসম্বন্ধীয় সংস্কার ; গর্ভাধান।

গার্ভিক [গর্ভ+ইক (সম্বন্ধে)] বিণ, গর্ভসম্বন্ধীয়।

গার্হপত্য [বৈদিক। গৃহপতি+য (সম্বন্ধার্থে), গৃহ=গার্হ-পতি, 'ই' লোপ] বি, শ্রৌত অগ্নি ; যে যজ্ঞাগ্নি সাগ্নিক গৃহস্থ আজীবন দিবারাত্র প্রজ্বলিত রাখে। ২ বিণ, গৃহপতি সম্বন্ধীয়।

গার্হমেধ [গৃহমেধ (গৃহী) + অ (সম্বন্ধার্থে)] বিণ, গৃহস্থোচিত ; গৃহস্থের অনুষ্ঠেয়। ২ বি, গৃহস্থদিগের কর্ত্তব্য বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি ও অতিথিপূজা এই পাঁচ প্রকার যজ্ঞরূপ কর্ম্ম।

গার্হস্থ, গার্হস্থ্য [গৃহস্থ+অ, য (সম্বন্ধার্থে), গৃহ=গার্হ] বি, গৃহস্থাশ্রম ; দ্বিতীয় আশ্রম ; গৃহীর কর্ত্তব্যকার্য্য ; গৃহী ধর্ম্ম। ২ বিণ, গৃহীসম্বন্ধীয়।

গাল১ [সং গল, গল্ল >] বি, কপোল ; গণ্ডদেশ। "গা° কাত করিয়া"-অনু° দেবী। ২ মুখ। প্র-এক গা° হেসে বল্লেন। ~পাট্টা-বি, দুইগালের উপর মাত্র রক্ষিত দাড়ী। "গালপাট্টা দাড়ী।" **গালে চড়ানি**-দুই করতলদ্বারা দুই গালে আঘাত করা। ইহা অতিশয় ক্রোধ, আক্ষেপ, ক্ষোভ ই° ব্যঞ্জক। **গালে হাত দেওয়া**-বিস্ময় প্রকাশ করা। প্র-অবাক্ হইয়া গিয়া গালে হাত দিল।

গাল২ [হি° গাল] বিণ মিথ্যা ; কপোলকল্পিত, অসত্য। "জোচ্চোর বেটার সকল কথা গা°।"-ব। ~গল্প, ~গপ্প [গ্রা°। হি° গালগুল, গপশপ] কথাবার্ত্তা, অলীক গল্প ; খোসগল্প। "কর্ত্তাদের গালগল্প গুড়ুক টানিয়া।"-ঈ° গুপ্ত। "হয়ত মিথ্যা গালগল্প কিম্বা দলাদলির গোঁড়।"-টেকচাঁদ। বিণ, **গালুয়া, গেলো** [গাল+উআ >। "কুলপীযূষ প্রবাহে"-গাল্যা] বিণ, মিথ্যাবাদী।

গাল৩ [সং গলন্ত (ভৎসনে) >] বি গালি ; গালাগাল ; কটুবাক্য, কটূক্তি। গি, **গালানো** [গ্রা° সাধা: গালান-শালোনো] গালি দেওয়া ; কটূক্তি করা। "তাকে গালিয়ে শালিয়ে এক কল্লে।"

গালচে-গালিচা দ্রঃ।

গালন [গালি (ক্ষরান) + অন (ভা)] বি, ছাঁকা ; ক্ষরণ করান। ২ গলান। ৩ [রাসা° পরিঃ] চুয়ান filtration ; filter; বিণ, গালিত দ্রঃ।

গালব১-বি, লোধ্রবৃক্ষ ; শ্বেত লোধ। ২ গাব গাছ ; তিন্দুক। ৩ মণিবিঃ [পরিঃ দ্রঃ]।

গালব২-বি, স্বনামপ্রসিদ্ধ ঋষি।

গালবাদ্য [গাল দ্বারা বাদ্য-৩ তৎ, কিংবা গালের বাদ্য-৬ তৎ] বি, মুখদ্বারা বম্ বম্ শব্দ করার নাম গালবাদ্য ; এই বাদ্য মহাদেবের অতি প্রিয়। "শৌনকাদি ঋষিগণ পূজা করে ত্রিলোচন গালবাদ্যে বিল্বপত্র দিয়া।"-মহা°

গালা১ [সং গল (গলনে) > । লাক্ষা-কীটের দেহ হইতে গলিত বা নিঃসৃত হয় বলিয়া নাম] বি, লাক্ষা ; লা।

গালা২ [গল্ (স্রবণে) > গলা ☛ ণিজন্তে গালা। গালি গাল, গালে ; গালিতে ; গালিয়া (ক্ষে গেলে)। ণিজন্ত গালান] ক্রি, গলাইয়া ফেলা। ২ শু° করা। ৩ বাহির করিয়া দেওয়া। প্র-জল গালা। ভাতের ফেন গালা। ফোড়া গালা (অর্থাৎ স্ফোটকের ভিতরস্থ রস-রক্ত পূযাদি নিঃসারিত করা)। ৪ বিদ্ধ করা ; অঙ্গুলির অগ্রভাগ বা সূক্ষ্মমুখ দণ্ডাদি প্রবিষ্ট করা। প্র-মাছের চোক গালা। **ডুব গালা** [জল নিমজ্জ বা ক্ষত বা আঘাত করিয়া ভিতরে দেহ বা মাথা প্রবেশ করানর ভাব] ডুব দেওয়া, ক্রমাগত ডুবিয়া জল হতে উঠা বা মাথা তোলা।

গালানি [গালাই, গালাও, গালায় ; গালাইতে, গালাইয়া (ক্ষে° গালিয়ে)] কি, তরল করা ; দ্রব করা। প্র-সোণা গালান। ২ গালি দেওয়া। ৩ বিণ, যা দ্রব করা হইয়াছে। ৪ [ণিজন্তে] গলাইয়া ফেলান। ৫ ক্ষত করান। ৬ (জল ই°) নিষ্কাশিত।

গালালিথ্ [ইং-galalith এর লিপ্যন্তর] বি, ছানা থেকে প্রস্তুত একপ্রকার নকল হাতির দাঁত।

গালি, গালী পূ° বঙ্গ, চ° ক° ভা° 'গাইল'। গাল৩ দ্রঃ। হি° গালী] বি, কটুবাক্য। ২ শাপ ; অভিসম্পাত। ~গালাজ -গালাগালি ; কটুকাটব্য। **গালাগালি**-বি, কটুবাক্য প্রয়োগ। ২ অশ্লীল কথা।

গালিচা [ফা°-কলীচা। বাং গ্রা° গালচে] বি, মেষাদি লোম-নির্ম্মিত আসন ; কম্বলবিঃ। ২ শয্যাবিঃ ; কালিন।

গালিত [গল্+ণিচ=গালি (ক্ষরান) + ত (ক্ত)] বিণ, যা গলান হইয়াছে ; তরলীকৃত ; দ্রবীকৃত। ২ [রাসা° পরিঃ] চুয়ান filtered **বস্ত্র-গালিত**-বস্ত্রমধ্য দিয়া পরিস্রুত filtered through cloths

গালিনী [সং-তন্ত্রে] বি, মুদ্রাবিঃ।

গালিব, গালিব [আ°-গালিব (প্রধান, পরাজয়কারী)] বি, শত্রু ; অরি। ২ জেতা ; বিজয়ী।

গালোড়িত-বিণ, উন্মত্ত। ২ নির্ব্বোধ ; ৩ রোগপীড়িত।

গার্হ-গং দ্রঃ।

গাহক১ [গ্রাহক > । হি° গা (গাঁ) হক] বি, গ্রাহক ; গ্রহীতা। ২ বিণ, বোদ্ধা ; সমঝদার ; চিত্তে গ্রহণকারী ; প্রেমী। "বিদ্যাপতি-পতি ওরস গা°।"-বি° প। ৩ ক্রেতা ; খরিদার। স্ত্রীং ~ী। "দোকানে দোকান মেলিল তখন দেখিয়া গাহকীগণ।" -চণ্ডি°।

গাহক২ [সং গায়ক (দ্রঃ) >] বিণ, গায়ক। স্ত্রীং ~ী, **গাহকিনী** (প্রা° বে-পদ-সা°)।

গাহন১ [গাহ্ (বিলোড়ন করা) + অন ভা°] বি, বিলোড়ন। ২ [গাহ্=স্নান করা] মজ্জন ; জল প্রবেশ ; স্নান ; অবগাহন। "যদি গা° করিতে চাহ এস নেমে এস হেথা গহন তলে।"-রবী°।

গাহন২ [গাওয়া দ্রঃ] বি, গান করণ।

গাহনা-গাওনা দ্রঃ।

গাহা১ [পাদে°। হি° গাহী (ফল আদি গণনায় পাঁচ দ্রব্যের সমূহ)] বি, সুপারির সংখ্যা (১০৮টা সুপারিতে এক গাহা হয়)। "গা° দুইগুয়া নিল আপনার তরে।"-কবিক° [দ্রঃ-স্থানভেদে গাহা স্থলে 'ঘা' ও°]।

গাহা২ [গ্রন্থন > গাঁঠন > গাঁহন (হি° গহনী) > নৌ° পরিঃ] ক্রি, পলাশের শিকড়াদি কুটিয়া নৌকার ছিদ্রসমূহ বন্ধ করা ; নৌকার বান মেরামত করা। প্র-নৌকা গাহিল।

গাহা৩ [সং গৈ (গানে) > বাং গা আ > গাহা। গাহি, গাহ, গাহে, গাহিতে ; গাহিয়া ই°] ক্রি, গান করা ; গাওয়া। "মৃদু বহিল সমীর, গাহিল অধীর কোকিল, অখিল মোহিয়া।"-বি° মজুমদার।

গাহিত [গাহ্ (বিলোড়ন করা) + ত (ক্ত)] বিণ, যে জলে প্রবেশ করিয়াছে, স্নাত, বিলোড়িত ; নিমগ্ন।

গিআন [গেআন দ্রঃ। প্রা° বাং। সং-জ্ঞান শব্দের প্রাকৃ° উচ্চারণে] বি, জ্ঞান বোধ। "হাসিয়া জেদিকে চাঅ ত্রিভুবন মোহে তায় সুরপতি হবয়ে গি°।"-শূ° পু°।

গিঅ, গীঅ [প্রা° বাং প্রাকৃ°] ক্রি-বিণ গ্রীবাতে (স্ত্রী- কী)।

[যুক্ত দ্বিত্বৎ (অগ্র= অগগ্র)। ˘ হীনযুক্তাক্ষর অকারান্তবৎ, অন্য সংকেত অস্পষ্ট] [illegible]

গিঠা [সং-গ্রন্থি > । হি-গিঠা, বাং গ্রাং গিঁ] বি, গ্রন্থি ; গাঁইট , গাঁট। "স্থলে জলে আমি হাজার বাঁধনে বাঁধা যে গিঁঠাতে গিঁঠাতে।"-রবী । ২ ফাঁস . গেরো : বন্ধনী।

গিঠানি,-টানি [গিঁট. ঠ-আন] ক্রি, গিঁঠ বা গ্রন্থি দেওয়া , গেরো বাঁধা।

গিজগিজ, গিজিগিজি [অনু । বহুলোকের সমাবেশে ঘেঁষাঘেঁসি হেতু গুঞ্জন। আধিক্যে-গজ্‌গজ্‌। মৃদু অর্থে-গিজগিজ, মৃদুতর এবং বিরলতা অর্থে-গুজগুজ (অল্প লোকের মৃদুগুঞ্জন)] অ, জনতা। ২ বহু প্রাণীর একত্র সমাবেশ। [দ্রঃ-জীবজন্তুর সমাবেশে সাধাঃ গিজ-গিজ। মনুষ্যের জনতা অর্থে গিস্‌গিস্‌]।

গিঞ্জি [ক্রা -গুঞ্জান=ঘনতা। গ্রা -ঘেঞ্জি] বিণ, ঘন ; ঘেঁষঘেঁষ। ২ সংকীর্ণ।

গিট, গিঁটে [সং-গ্রন্থি > গিঁঠা. গিঁটে, গাঁইট] বি, গ্রন্থি : অস্থি-সংযোগস্থান . গাঁট। "লিখে লিখে ব্যথা হলো আঙুল গুলার গিঁটে।"-দ্বিং রায়। ২ বিণ, গাঁইটা গাঁটযুক্ত।

গিটকিরি, -রী [হি -গিট্‌কারী, গিট্‌কিরী : গলার খ খ বা গির্‌গির্‌ (হি-গির্‌গিরী) শব্দের অনুকরণে] বি, সুরে মনোহারিত্ব সম্পাদনার্থে একাধিক সুরের আশ সহকৃত দ্রুতোচ্চারণ ; সুরের কম্পন মাধুর্য্য। "রাগরাগিণীর সুরের কর্ত্তব্ ছিল না। -গিটকিরি-কাঁপানো টান ছিল না, কিন্তু তাঁর তানে একটা প্রাণের স্পন্দন ছিল * * যা কোনও ওস্তাদের গানের কসরতে নেই-গিটকিরির অঙ্গভঙ্গীতে নেই-সুরের মূর্চ্ছনা গমকে নেই।"-বঙ্গবাণী, ১৩৩৪ সাল। গিটকিরি দ্বিবিধ-সাদা ও সগমক।

গিধঁড়, গিদ্‌ধঁড়, গির্দ্ধাড় [হিং] বি, শৃগাল।

গিধিনী [সং-গৃধিনী'র কোমলরূপ। গ্রা০] বি, গৃধিনী। "গি শ্রবণ।"-বি প। গৃধ্র (দ্রঃ)। তুল-হিং, গিধ।

গিনি [ইং-guinea এর লিপ্যন্তর] বি, ইংলণ্ডে প্রচলিত ২১ শিলিং মূল্যের স্বর্ণমুদ্রা ; বর্ত্তমান ভারতে প্রচলিত ১৫ টাকা মূল্যের স্বর্ণমুদ্রা। ~সোণা-প্রচলিত গিনিমুদ্রার যেরূপ সোণা ; যে মুদ্রার ধাতুতে ২২ ভাগ সোণার সহিত ২ ভাগ তামা মিশান থাকে।

গিন্নিমি ['গৃহিণীর মত-ক্ষেং গিন্নম। প্রাদেং] বি, পাকাম : অল্পবয়স্ক বালিকার বৃদ্ধার মতন কথা ও আচরণ ।

গিন্নি,-ন্নী [সং-গৃহিণী > গ্রা০] বি, ভার্য্যা ; কর্ত্রী : গৃহিণী। "হইবি গিন্নি ব্যঞ্জন বাঁটিবি না ছুঁইবি হাঁড়ী।"-চণ্ডিং। "গিন্নীর হারিয়ে গেছে চাবি।"-দ্বিং রায়। ~পণা, -পনা [সং-গৃহিণী + পনা (শীলার্থে)। চং, গিন্নেপনা. গিন্নম.গিন্নীত্ব ও] বি, কর্ত্রীর ব্যবহার। ২ পাকামী। ~বান্নি,-ন্নী [গিন্নী (গৃহিণী) + বান্নি ("বাণি" + বর্ণিনী= ব্রহ্মচারিণী তা হ'তে মান্যা 'মান্নি ও) এই অর্থে সহচর শব্দ] বি বয়োগণের মান্যা গৃহিণী। ১ বয়স্থা নারী। ~শকুনি-বড় গৃধিনী যারা খুব উঁচু আকাশে উড়িয়া বেড়ায়। "বড় বড় গিন্নী শকুনিকে পোষ মানাই শালিক পাখীর মত ছোট দেখায়।"-বিজ্ঞানের গল্প।

গিম, গীম [প্রা বাং পদ্যে . ব্রজ । গ্রীবা ->] বি, গ্রীবা ; গলা . কণ্ঠ। "গীমক হার।"-বি প।

গিমটি [ইং-dimity > হি ->] বি, ডোরাদার বা ছককাটা মোটা সূতার কাপড়।

গিমা [বৈদ্যকে-গ্রীষ্মসুন্দরক > গ্রাম্য > বি, ক্ষুদ্র তিক্তাস্বাদ শাকবিঃ erythraea roxburghii

গিয়া [গঅা দ্রঃ। সং-গম্‌(গমন করা)। বাংয় এই ধাতুর কোন কোন বিভক্তি প্রচলিত। উং পুং-গেলাম, গেলুম, গেনু, গিয়াছি, গিয়াছিলাম, গিয়াছিনু ; মং পুং-গেলে, গেলেন, গেলি. গিয়াছিলে, গিয়াছিলেন, গিয়াছিলি এবং ক্ষেং-গেছলে, গেছলেন. গেছলি : প্রং পুং-গেল, গেলা (ব্রজং-গেলি), গেলেন, গিয়াছে, গেছে, গিয়াছিল, গেছিল. গিয়াছেন. গেছেন, গিয়াছিলেন, গেছলেন। অস-ক্রি, গিয়া : গে] ক্রি, গমন করা ; যাওয়া। "সবে উপায়ন দিয়া উমাপুত্রে দেখেগি শনিমাত্র আসে নাই ডরে।"-শি।

গিয়ে [গঅা, গিয়া দ্রঃ। ক্ষেং গে] ক্রি, গিয়া; গমন করিয়া। ২ অ, কথার মাত্রাবিঃ। ক্ষেং-'গে। আমার-, তোমার-, তার ই গিয়ে। তোমার গে। তার গে।

গিরি [গৃহ > ভ্রং, গ্রা] বি, গৃহ। "দুতী লো গিরে চল্যা যাও।"-পূং বং গীং। ~কর্ম্ম -ঘরের কাজ : গৃহস্থালীর কাজকর্ম্ম। ~স্ত-গৃহস্থ। ~স্তি, গেরিস্তি [মৈমনং প্রাদেং] কৃষিকর্ম্ম husbandry ২ গৃহস্থালী।

গিরগিটী [হিং-গির্‌গিট্‌] টিক্‌টিকী অপেক্ষা বড় জন্তুবিঃ , দেহের বর্ণ ক্ষণে ক্ষণে পরিবর্ত্তন হয় বলিয়া ইহাকে বহুরূপীও বলে।

গিরবি, -বী [ফাং > হিং > গিরবী > গিরো। গ্রাং গিরুই] বি, বন্ধক; রেহন। ২ কটকোবালা mortgage deed

গিরস্ত, -স্থ [গৃহস্থ > ভ্রং। প্রাং বাং। গ্রাং গেরিস্তি] বি, গৃহস্থ। "দশ গিরস্ত বলিবে অতিথ নারী চোরা।"-মাণিকং গান।

গিরা, গিরে [সং-গ্রন্থি -] বি, গ্রন্থি গাঁইট। "মনের গিরা দেরে কেটে।" -রা প্র । "গাড়িয়া বসিল শংখ গলে নাই গিরা।"-শি । ২ [ফাং] একগজ কাপড়ের ষোড়শাংশের এক অংশ।

গিরি [গৃ (গ্রাস করা + ই (র্‌)গ্গ=ইর্‌ =গির্‌ + ই=গিরি। যে পৃথিবীকে গ্রাস করিয়াছে] বি, পর্ব্বত। ২ পার্ব্বতীর পিতা। "গি তুমি যে অগতি বুঝে না পার্ব্বতী, প্রস্তির অখ্যাতি জগময়॥"-রাম বসু (বাং- গান)। পরিব্রাজকদিগের উপাধিবিঃ : দশনামী সম্প্রদায়ের সন্ন্যাসিবিঃ। দ্রঃ-"যে সর্ব্বদা উর্দ্ধবাহু উন্মুক্তকেশ ও উলঙ্গ অবস্থায় থাকে, যার সকল প্রাণীতেই সমভাব এবং নারীগণকে ইষ্টদেবীজ্ঞানে সমাদর করে, তারাই সন্ন্যাসীর মধ্যে গিরি।" ৩ সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘসূচক উপাধিবিঃ। ৪ পারদ দোষবিঃ। ৫ ভাঁটা। ৬ গেণ্ডুক। ৭ বালমূষিক। ৮ চক্ষুরোগবিঃ। ৯ [ই (ভাং)] ভক্ষণ ; ভোজন। [অপ্রং]। ~কদম্ব-বি, কেলিকদম্ব; ধারাকদম্ব adina cordifolia ~কদলী-বি, বনকদল; ডগরে বা ডউরে কলা। ২ পার্ব্বত্য কদলী বৃক্ষ। ৩ পাহাড়ী কলা। ~কর্ণিকা [গিরি (পর্ব্বত)

কর্ণ+ক (স্ব্য) আ (স্ত্রীং) ই আগম, গিরি (পর্ব্বত) হইয়াছে কর্ণ সদৃশ যার-বহু] বি পৃথিবী। ২ শাদা অপরাজিতা ফুল ও লতা। **~কন্দর, -গহ্বর, -গুহা**-বি, পর্ব্বতের গুহা। **~কর্ণী** [গিরি (বালমূষিক) +কর্ণ-ঈ, স্ত্রীং-মূষিককর্ণের মত যার পাতা] বি, কৃষ্ণ অপরাজিতা। ২ রাখালশশা। **~কুমারী** [গিরি (পর্ব্বতরাজ হিমালয় তাঁর) কুমারী] বি, উমা ; পার্ব্বতী। "শ্মশানে কেন মা গিরিকুমারী।"-গান। **~চর** [গিরি (পর্ব্বত) চর্ (বিচরণ করা) +অ(কৃ)] বিণ, যারা গিরিতে বিচরণ করে পর্ব্বতভ্রমণকারী। ২ রুদ্রবিঃ। ৩ তস্কর। **~জ** [গিরি (পর্ব্বত) জ (জাত)] বি শিলাজতু। ২ লৌহ। ৩ গৈরিক। ৪ অভ্র। ৫ রক্তকাঞ্চন বৃক্ষ। ৬ বিণ, যা গিরিতে জন্মে ; পর্ব্বতজাত ; শৈলজ। > স্ত্রীং **~জা** [গিরি (হিমালয় পর্ব্বত)-আ (স্ত্রীং) হিমালয়ে জাতা-উপ০] বি, গৌরী ; পার্ব্বতী, উমা।-'শিব পাবকযুত ভাল বাম-বিভাগে গিরিজা তব রূপ অতি ললিত।" -হেম০। ২ শিলাজতু। ৩ হরীতকী। ৪ পাষাণভেদী লতা ; শিলফোড়। ৫ কাঠ বা গিরিমল্লিকা। ৬ গিরিকর্ণী। **~জাকুমার, ~জাতনয়, ~জানন্দন** [গিরিজা (পার্ব্বতী) তার-কুমার, তনয়, নন্দন (পুত্র) -৬ তৎ] বি পার্ব্বতীসুত ; গণেশ ; কার্ত্তিকেয়। **~জানাথ, ~জাপতি** [গিরিজার পতি-৬ তৎ] বি, শিব। "জয় দেব জয় দেব জয় গিরিজা-পতি শিব, গিরিজাপতি দাসে পালহ নিত্য।" -হেম০। **~জায়া** [গিরি (র) জায়া] বি হিমালয়-পত্নী, মেনকা ; উমাজননী। "'এলি কিরে উমা! হৃদয় রতন-' বলি গিরি-জায়া ডাকে ঘন ঘন।"-মানসকানন০। **~তরঙ্গিনী**-বি, পার্ব্বত্য নদী। **~তল**-বি, শৈলপৃষ্ঠ। ২ পর্ব্বতের নিম্নদেশ। **~দরী** [গি০+দরী (দ্রঃ)] বি, পর্ব্বতগুহা। "মারাঠার যত গি-দ০ হতে বীরগণ যেন শ্রাবণের স্রোতে ছুটিয়া আসে অজস্র"-কথা ও কাহিনী। **~দুর্গ** [গিরি রূপ দুর্গ (ধা)] বি, পর্ব্বতের উপর নির্ম্মিত দুর্গ ; শৈলগড়। **~ধাতু** [গিরিজাত উপধাতু] বি, গিরিমাটী: গৈরিক। **~নদী**-বি, পার্ব্বত্য নদী। **~নন্দিনী** [গিরির (হিমালয়ের) নন্দিনী (সমৃদ্ধি বা আনন্দদায়িনী)-৬ তৎ] বি, গঙ্গা। ২ নদী। ৩ গিরিতনয়া পার্ব্বতী। **~পথ**-বি, পর্ব্বতের মধ্যস্থ পথ ; পর্ব্বত ভেদ করিয়া বহির্গত পথ, গিরিবর্ত্ম। **~প্রিয়া** [গিরির (পর্ব্বতের) প্রিয়া,৬ তৎ কিংবা গিরি (পর্ব্বত) হইয়াছে প্রিয় (মনোজ্ঞ বাসস্থান) যাদের-বহু] বি, চমরী মৃগী। ২ মেনকা। **~বর** [গিরির বর (প্রধান)-৬ তৎ] বি, হিমালয় পর্ব্বত। ২ পার্ব্বতীর পিতা হিমালয়। "গৌরীর গন্ধাধিবাস করে গিরিবর।"-শি০। **~বর্ত্ম**-বি, গিরিসঙ্কট pass ; পর্ব্বত-মধ্যবর্ত্তী পথ। **~বালা** [গিরি (হিমালয়-তার) বালা (কন্যা)-৬ তৎ] বি, হিমালয়-কন্যা উমা, পার্ব্বতী। "লও তুমি মাগো বরণের ডালা ; গিরিবালা আজি আসিছে ঘরে।'-মানসকানন০। **~বাসী** [গিরি (পর্ব্বত) তাতে-বস্ (বাস করা)+ইন (কৃ) মূ -গিরিবাসিন্-১মা :ব] বিণ, পর্ব্বতবাসী, পাহাড়ী। > স্ত্রীং **~বাসিনী**। **~ব্রজ**-বি, বেহারের অন্তর্গত প্রাচীন প্রসিদ্ধ নগরবি" (পরিঃ দ্রঃ)। **~ভূ** [গিরি (হিমালয়) > ভূ (উৎপন্ন) কিংবা (ভূ+ক্বিপ্-অপা) গিরি হইয়াছে ভূ (উৎপত্তিস্থান) যাদের-বহু০] বি, পর্ব্বতজাত ; গঙ্গা ই০ নদী। ২ পার্ব্বতী। ৩ উপলখণ্ড। **~মল্লিকা** [গিরি (পর্ব্বত) তথায় জাত মল্লী (বেলফুল) ক (সাদৃশ্যে) আ (স্ত্রীং)] বি, কুড়চি গাছ। **~মাটী** [গ্রা০ 'গেরিমাটি', 'গেরুমাটি] বি, গৈরিক। **~মৃৎ** [গিরি + মৃৎ (মৃত্তিকা)-৬ তৎ] গিরিমাটি ; গৈরিক মাটী। **~য়াল, -য়ালা, -লী** [গিরি-বাল (হিং০) > আলা, আলী। তুল-ঠাকুরাল, ঠাকুরালী] বি, পর্ব্বতস্থ ; পর্ব্বতের আধিপত্য। "তোমা বিনা হৈতে মোর মজিল গিরিয়াল। ঘরে জামাই রাখিয়া পুষিব কত কাল॥"-কবিক০। **~রাজ** [গিরির রাজা (প্রধান)-৬ তৎ] বি, পর্ব্বতপতি ; হিমালয়। "গা তোল মেনকা! উঠ গিরিরাজ। ঘরে এল তারা,-হারা নিধি আজ।"-মানসকানন০। "আজো গিরিরাজ রয়েছে, ঘেরি তিনদিক।"-অতুল সেন। **~রাণী** [গিরি (তার) রাণী] বি, হিমালয়-পত্নী মেনকা ; উমাজননী। "হের নগেশ্বর।-উঠ গিরিরাণি! কোলে এল তব কোলের ঈশানী."-মানসকানন০। **~শ** [গিরি (কৈলাস পর্ব্বত) তাতে-শ-শী (শয়ন করা) + অ (কৃ) ঈ-লোপ। যে কৈলাস পর্ব্বতে শয়ন করে, কিংবা, গিরি-শ (স্ব্য) কৈলাস রূপ বাসস্থান আছে যার] বি, মহাদেব ; শিব। **~শৃঙ্গ** [গিরির (পর্ব্বতের)-শৃঙ্গ (চূড়া)-৬ তৎ] বি, পর্ব্বতশিখর ; শৈলচূড়া। **~শ্রেণী**-বি, শৈলমালা। **~সঙ্কট** [গিরির সঙ্কট (নিম্নভূমি)-৬ তৎ] বি পর্ব্বতমধ্যস্থ সঙ্কীর্ণ নিম্নভূমি mountain pass **~সার** [গিরির (পর্ব্বতের) সার (শ্রেষ্ঠ)-৬ তৎ] বি, মলয়পর্ব্বত। ২ [সার-সারাংশ] লৌহ। ৩ রঙ্গ ; রাঙ। ৪ টিন। **~সুত** [গিরির (হিমালয়ের) সুত (পুত্র)-৬ তৎ] বি, মৈনাক পর্ব্বত। > স্ত্রীং **~সুতা**-পর্ব্বতকন্যা ; উমা।

গিরি₂ [গৃহ > প্রা০ বাং প্রাকৃ০] বি, গৃহ ; ঘর। "দশ গিরির নাও বইন রবে স্বামী লইবে কোলে।"-মাণিক০ গান। ২ [গৃহী >] গৃহী ; গৃহস্থ। "গি০ লোকের বাড়ী গেলে গুরু স্বামী বলিনু।"-মাণিক০ গান।

গিরি₃ [ফা০-গর্ (কর্ত্তা অর্থে) > গরী শীলার্থে)। তুল-কারীগর, কারীগরী। গরী > গিরি। > গ্রা০ গুরি, কুরি (কারীগুরি। কুরি দ্রঃ)। ফা০-গিরিফ্ তন=ধারণ করা, অবলম্বন করা] বি, বাং প্রত্যয়বিঃ ; ব্যবসায় বা কার্য্য অবলম্বন করা অর্থে যুক্ত হয়। প্র-বাবুগিরি ; কেরাণীগিরি ; মুটেগিরি।

গিরিকা [গিরি + ক (স্বার্থে) আ (স্ত্রীং)] বি, বালমূষিক ; নেংটি ইঁদুর। ২ বসু রাজার পত্নী। পুং **গিরিক**-মহানিম্ব।

গিরিজা₂ [পর্ত্তু০-egreja > বাং গির্জ্জা > পদ্যে-গিরিজা। gie (গ্রি) > বাং 'গিরি'] বি, খৃষ্টান উপাসনা মন্দির ; গির্জ্জা (দ্রঃ) church, "সঙ্গে সঙ্গে ছুটে যাই গিরিজার ঘরে।"-ঈ০ গুপ্ত।

গিরিন [ইং-green এর লিপ্যন্তর। gree (গ্রী) > বাং 'গিরি'] বি, সবুজরঙ্গ।

গিরিফ্‌তার [ফা০] বিণ, রাজদ্বারে

বিচার বা দণ্ডপ্রাপ্তিহেতু পুলিশ-কর্তৃক ধৃত। ~তারি [ফা-গিরফ্‌তারী] বি রাজদ্বারে বিচার বা দণ্ডপ্রাপ্তির জন্য পুলিশ কর্তৃক অপরাধীকে ধৃত-করণ। ~তারি পরো-য়ানা-অপরাধীকে ধৃত করিবার জন্য আদালতের হুকুম বা আদেশপত্র।

`গিরিমেন্ট [ইং-agreement এর লিপ্যন্তর। greet (গ্রী) > বাং গিরি। আবার পবিঃ] বি, রাজীনামা। ২ অঙ্গীকারপত্র।

গিরিম্মি, গিরীমি, গিরিসি, গিরীসি [গ্রা-কথ্য ও প্রা বৈ পদ সা। গ্রীষ্ম শব্দের কোমলরূপ] বি. গ্রীষ্ম ঋতু: গরমি কাল। "শীতের ওঢনী পিয়া গিরীষির বা"-বি প।

`গিরিসি, গিরীসি-গিরিম্মি দ্রঃ।

`গিরীন্দ্র [গিরির (পর্ব্বতের) ইন্দ্র (শ্রেষ্ঠ) -৬ তৎ] বি. পর্ব্বতপ্রধান: হিমালয়। "যেথানে যা সাজে যত ভাঙ্গিয়া ভাণ্ডার। গি গৌরীর গায়ে দিল অলঙ্কার।"-শি।

`গিরীশ [গিরির (পর্ব্বতের) ঈশ (স্বামী) -৬ তৎ] শিব: মহাদেব। ২ পর্ব্বতপ্রধান: হিমালয়। ৩ [গির্ (বাক্য) তার ঈশ। (৬)] বাচস্পতি: বৃহস্পতি।

গির্জা [পো-igreja। পর্তু-igreja, গ্রীক ekklesia গিরিজা২ দ্রঃ] বি, খৃষ্টোপাসকদিগের উপাসনা-মন্দির বা ভজনালয়। "মসজিদে গির্জায় গেলে কভু নাহি মুক্তি মেলে।"-গোবিন্দ।

গির্দা [ফা-গির্দ বালিশ (গোলগাল বালিশ) >। গির্দা (গোল কার্পেট) যা হুঁকা বসাইবার আধারের মুখে পাতা হয়। গির্দ (গোল) মুর্শি প্রাদে গেবদা] বি, ঠেসান দিয়া বসিবার বড় গোল বালিশ।

গিল [সং-গল্ (ভক্ষণে) বা সৌত্র ধাতু গিল > অথবা গৄ (গ্রাস করা) + অ (কর্তৃ) র=ইব্=গির-র=ল] বিণ, গ্রাসক, গ্রাসকারী। বাং য় অন্য শব্দে যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে। প্র-তিমিঙ্গিল।

গিলন [গ্রা গেলোন। গৄ + অন (ভা) নিপাতনে র=ইব্-র=ল। গিল দ্রঃ] বি গ্রাসকরণ; গলাধঃকরণ।

গিলা১, গেলা [গিল দ্রঃ। গিলি, গিল (গিলেন গেলেন), গিলে, গেলে (গিলেন, গেলেন), গিলিতে (কে গিলতে), গিলিয়া, (কে গিলে গিলে) ই। গিলন্ত-গিলানি, গেলানো] ক্রি, গলাধঃকরণ করা, না চিবাইয়া উদরস্থ করণ: গ্রাস করা। "সকল বালিকা পেলে না ত গিলে খায়।"-কুঙ্কুম। ২ [অনাদরে] আহার করা।

গিলা২-গিলে দ্রঃ।

গিলাফ, গেলাপ [ফা-গিলাফ্ > শ্রীহট্টে প্রচর] বি, আস্তরণ: পুরু তুলির গাত্র বস্ত্র। ২ ওয়াড়।

গিলটি, গিল্টি [ইং-gilt এর লিপ্যন্তর। হি-গিলট্; গিল্টী] বিণ, দোধী। ১ গিল্টিকরা: সোনার হল্‌ করা: অলঙ্কৃত। "মারবেল মারা গিলটি হলে একবার দেখ চেয়ে।"-হেম। ৩ [গ্রন্থি] বি, গ্রন্থিস্ফীতি। ৪ ফোড়ায় পুঁজ বসিয়া কঠিন হ-প্রাপ্ত স্থান।

গিলিত [গিল (গ্রাস করা) + ত (কর্ম্ম) ই আগম] বিণ ভক্ষিত গলাধঃকৃত।

`গিলে-বি লতা-ফলবিঃ (বীজ ৫ পেটা মসৃণ)। `গিলে করা-গিলের দ্বারা কুঞ্চিত করা বা গোল করা বা কোঁচ করা। "ঐতাহার পরণে বোপ দুরস্ত গি করা পাঞ্জাবি।" -অবতার।

গিস্‌গিস্ [গস্‌গস্ দ্রঃ। অনু] বি, বহু লোকের সমাগমজনিত বস্ত্রাদির ঘর্ষণ ও চলাফেরার শব্দ। বিণ, গিসগিসা, গিসগিসে।

গীঃ, গী [সং-গির্] বি, বাণী: বাক্য ভাষা। গী-দেবী-সরস্বতী।

গীঃপতি-গীষ্পতি (দ্রঃ)।

গীর্ত১ [গৈ + ত (কর্ম্ম)] বিণ, যা গান করা হইয়াছে। ২ কথিত: বর্ণিত। ৩ উচ্চারিত।

গীত২ [গৈ (গান করা) + ত (ভা)] বি, স্বর তাল লয়যুক্ত কণ্ঠধ্বনি: গান, সঙ্গীত। ~গোবিন্দ-বি, কবি জয়দেবকৃত সুললিত ছন্দে রচিত কৃষ্ণলীলাবিষয়ক গীতিকাব্য। ~প্রিয় [গীত (গান) প্রিয় যার-বহু] বিণ, যে গান শুনিতে বা গাহিতে ভালবাসে; সঙ্গীতাসক্ত: গীতানুরক্ত। ~বাদ্য [গীত ও বাদ্য] বি. গানবাজনা। ~শাস্ত্র-বি, সঙ্গীতবিদ্যা: সঙ্গীতবিজ্ঞান।

গীতজ্ঞ [গীত-জ্ঞ (যে জানে)] বিণ, সঙ্গীতবিদ্যায় যার অধিকার আছে; গাইয়ে। ১ সঙ্গীতের মর্ম্মজ্ঞ।

গীতা১ [গীত দ্রঃ] বি, গীত; গাথা।

গীতা২ [গৈ (গান করা) + ত (কর্ম্ম) আ (স্ত্রীং)] বি, ভগবান ও ভক্ত বা গুরু-শিষ্যের প্রশ্নোত্তরচ্ছলে আত্মবিদ্যায় উপদেশ সম্বলিত গ্রন্থ। ভগবদ্গীতা, রামগীতা, শিবগীতা, গুরুগীতা, ভীষ্মগীতা ইং বহুবিধ গীতা আছে। ২ কুরুক্ষেত্র সমরস্থলে অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণোক্ত যোগোপদেশমূলক গ্রন্থ; শ্রীমদ্ভগবদ্গীতা।

গীতায়ন-বি, গীতসাধন বেণু মৃদঙ্গাদি, অর্থাৎ যদ্দারা গীতের বিস্তার হয় [বিরল]।

গীতি [গৈ (গান করা) + তি (ভা)] বি সঙ্গীত। ১ গীতিনামক ছন্দ। ~কবিতা [গীতির (গানের) কবিতা কিংবা গানরূপ কবিতা] বি গীতিচ্ছন্দে রচিত পদ্য: বিদ্যাপতি চণ্ডীদাস ইং র পদাবলী [এই শ্রেণীর কবিতা, বাঙ্গালার নানা স্থানের লোকসঙ্গীতের অন্তর্গত ও বিভিন্ন নামে অভিহিত -যথা গান, গম্ভীরাগান, গাজীর গান, ঘাটুগান, ভাসান জারি গান, বাউল গান, বারমাস্যা, ভাওয়াইয়া গান, শারি গান ইং] ~কা [গীতি -ক (তুল্যার্থে)-আ (স্ত্রীং)] বি. গীতিতুল্য গাথা। ২ গান। ৩ বিংশতি অক্ষরাত্মক বৃত্তি। ~কাব্য-বি, গীতি-কবিতা; সুর সংযোগে গেয় কাব্য lyric ~নাট্য-বি, গানে রচিত নাটক opera

গীতী [গীতি + ইন্ (জ্ঞাতার্থে) মূ-গীতিন ম্যা ব] বিণ, গায়ক। "সকরুণ গীতে গী গাইছে কাঁদিয়া রক্ষোদুঃখে।"-মেঘ।

গীম [গ্রীবা >। মৈ-বাং] বি, গ্রীবা; ঘাড়; গলা। বঙ্কিম গী অমিয় ঠিম বোল। -গোবিন্দ। "গীমক হার।"-বি প।

গীরই [সং-গল্ (পতনে) > হিং গলনা > গরনা > হিং গিরনা > ব্রজ] ক্রি, পড়ে।

গীর্ণ [গৄ (শব্দ করা-গ্রাস করা)+ত (র্ণ-)-ঋ=ঈর্=গীর্ণ] বিণ. কথিত ; বর্ণিত। ২ কীর্তিত ; স্তুত। ৩ ভক্ষিত ; গিলিত, গলধঃকৃত। বি.গীর্ণি-গলাধঃকরণ। ২স্তুতি।

গীর্পতি [গীঃ+পতি] বি. বৃহস্পতি। ২ মহাপণ্ডিত ; বাচস্পতি।

গীর্ব্বাণ [গীঃ (বাক্য) বাণ (শর) যার-বহু০. যাঁদের বাক্যই কার্য্য সমাধানের অস্ত্র] বি. দেবতা। "জ্ঞানদাতা গঙ্গাধর গীর্ব্বাণের গুরু। বিশ্ববীজ বিশ্বনাথ বাঞ্ছাকল্পতরু॥"-শি০। ~বাণী-দৈববাণী। ২ দেবভাষা, সংস্কৃত ভাষা। ~কুসুম-লবঙ্গ।

গীষ্পতি [গীর্পতি, গীঃপতি শব্দ সংস্কৃতে চ০, বাংলায় বিরল। গির্=গীস্ (তার) পতি ৬তৎ] বি. দেবতাদিগের গুরু বৃহস্পতি। ২ মহাপণ্ডিত।

গু, গূ [সং-গৃ (মলত্যাগ করা)] বি. পুরীষ ; বিষ্ঠা ; মল। গু-কপাল-অত্যন্ত দুরদৃষ্ট। >স্ত্রীং গু-কপালী-যে নারীর কপাল অতি মন্দ ; স্বামীপুত্রহীনা নারীর খেদোক্তি। ~গু করা, ~গু ক'রে দেওয়া-মলত্যাগ করা। ২ [লক্ষ] কাহার দোষ কীর্তন এবং তাহার অপমান ও লজ্জার কথা প্রকাশ করিয়া লোক চক্ষে ঘৃণিত করা ; হীন করা। ~কাটা-মল ধৌত করা ; গু মুক্ত করা। গু-কুড়-বিষ্ঠাকুণ্ড ; যেস্থানে বিষ্ঠার ছড়াছড়ি। গু-খেকো, গু-খোর [হিং-গু-খানা] বিষ্ঠাখাদক। স্ত্রীং গু-খাকী, গু-খোরণী] গালি। গু-খেকোর বা গু-খোর বেটা [ক্ষেং গুখোর, গুওর, গোর] গুখাদকের পুত্র ; পিতাপুত্রকে যুগপৎ গালি। >স্ত্রীং-বেটী। গু-খোরি, গু-খুরি [গু-খোর+ই (ভাবে)] বিষ্ঠা ভোজনের ন্যায় জঘন্য কার্য্য ; ক্ষোভের কার্য্য ; ঝকমারি। ~ঘাঁটা-বিষ্ঠা হাত দিয়া নাড়া ; পাগলের কার্য্য। গু-মূত ঘাঁটা-শিশুর মল-মূত্র পরিষ্কার করা। ২ [>] পালন করা ; মানুষ করা ; ৩ রোগীর সেবা করা। গুয়ে-দ্রঃ। গুয়েগোবরে [সহচর শব্দদ্বয়] অত্যন্ত অপরিষ্কার অবস্থায়। গুয়ে বসাইয়া দেওয়া, গুয়ে বসানো-অত্যন্ত অপ্রস্তুত ও হীন করা ; অধম করা। গুয়ে মাছি-চন্ চন্ শব্দকারী বিষ্ঠাপ্রিয় নীলবর্ণ বড় মাছি ; চনচনে মাছি। গুয়ে মুখে হয়ে থাকা-সেবা করিবার লোকাভাবে অসময়ে শয্যায় মলমূত্র ত্যাগ করিয়া সেই স্থানেই পড়িয়া থাকা। গুয়ে মূতে এক করা-মল-মূত্র এককালে ত্যাগ করায় তা বহুদূর বিস্তৃত হইয়া সমস্ত স্পর্শ করিয়া এক শ্রেণীভুক্ত অর্থাৎ অপবিত্র করা। গুয়ে সালিক-গুয়ে দ্রঃ। গুয়ে হাত দেওয়া, -পড়া-অভিলাষার্থেও অন্ধ ও মতিচ্ছন্ন হওয়ার ইঙ্গিত ও শাপ। গুয়ের অধম করে দেওয়া-অত্যন্ত বিনীত করা ; লজ্জায় নির্ব্বাক করা ও লোকের কাছে মাথা হেঁট করান। গুয়ের এ পিঠও যা' ও পিঠও তা'-যা মন্দ, তার এদিক্ যেমন ওদিক্ও সেইরূপ অর্থাৎ দুই পিঠই সমান ; মন্দের সবই মন্দ। গুয়ের কপাল-গু-কপাল দ্রঃ। গুয়ের গোগ্লা-অতি শিশু ; যে গু মাখিয়া থাকিলেও বুঝিতে পারে না। গুয়ের পোকা-বিষ্ঠাকীট। ২ [লক্ষ০। নিম্ন কথ্য] একনিষ্ঠ অতি কৃতজ্ঞ সেবক ; গোলামের গোলাম। গায়ে গু মাখলে যমে ছাড়ে না-শরীর অপবিত্র বস্তুতে ঢাকিলে মৃত্যু বা যমের হাত এড়ান যায় না। তদ্রূপ অপরাধ করিয়া রাজদ্বারে দণ্ডলাভের হাত হতে এড়ান শক্ত ; ওজর আপত্তি খাটে না। ২ অদৃষ্টফল অখণ্ডনীয়। ভাতে হাত দিতে গুয়ে হাত দেওয়া, -পড়া-ভাল লইতে হস্ত প্রসারণ করিয়া মন্দ গ্রহণ করা ; অদৃষ্টদোষজ্ঞাপক।

গুআ [সং-গুবাক। ক্ষে০] বি. গুবাক ; সুপারি। "কার হাথে চাউল গুং, চলিল একত্র পুআ, রামাগণ চলে জুথে জুথে।" -শূ০ পু০।

গুই-গুয়ে দ্রঃ।

গুইলপিডনি, গুলপিডনি [গোয়াল পিটুনী>। প্রাদে০] বি. ভীষণ প্রহার ; গোবেড়েন। "গুইলপিডনি পিডন দিল বাঁশের জিঙ্গল দি।"-পূ০ বং গী০।

গুঁইয়া [হিং গুইঁয়া < গোহন (সাথ) >] বি. সাথী ; সখা সখী। ২ [প্রাদে০] গুপ্তচর। "এগ্নিকালে আইলা একজন ডাঙ্গলের গুং।-পূ০ ব০ গী০।

গুঁগা [গুং(অনু০)+আ। হিং। 'গোঙা' ও০] বিণ, বি. গুঁ-গাঁ মাত্র শব্দকারী ; মূক।

গুঁজা-গোঁজা দ্রঃ।

গুঁজামিল-গোঁজামিল দ্রঃ।

গুঁজি-গোঁজা দ্রঃ। ২ গুড় রাখিবার হাঁড়ি।

গুঁজিকাটি [গুঁজি (গোঁজ দ্রঃ)-কাঠি (শলাকা)] বি. গোঁপায় গুঁজিয়া খোঁপা দৃঢ় রাখিবার শলাকা ; মাথার কাঁটা। "রাখ বোন ফুল, তেল, গুঁং তোর।"-অশোক০।

গুঁড়, -গুঁড়া [চূর্ণার্থক গুণ্ড >] বি. চূর্ণ ; রেণু। ২ বিণ. পিষ্ট ; চূর্ণীকৃত। "তুমি নহ শূল ভিন্ন আমি নহি বুড়া। বজ্র আন বাপারে ভাঙ্গিয়া করি গুঁড়া।"-শি০। ৩ কণা ; অবশিষ্টাংশ ; অবশেষ। "আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে। এবে বুড়া তবু কিছু গুঁড়া আছে শেষে।"-ভারত০।

গুঁড়ানি১ [সং-গুণ্ড (চূর্ণকরণে)। গুঁড়াই, গুঁড়াও, গুঁড়োও (গুঁড়ান্ গুঁড়া, গুঁড়ো), গুঁড়ায়, (গুঁড়ান্), গুঁড়াইতে (ক্ষে০ গুঁড়তে, গুঁড়াতে, গুঁড়ুতে) ; গুঁড়াইয়া (ক্ষে০ গুঁড়িয়ে) ; গুঁড়াইবার (ক্ষে০ গুড়াবার, গুঁড়বার)] ক্রি. চূর্ণ করা ; পেষণ করা। ২ প্রহারে অস্থি চূর্ণ করা ; পেষণে ক্লিষ্ট করা ; দর্পচূর্ণ করা ; বিনীত করা। বি. গুঁড়ানি। বিণ. গুঁড়ানি২-গুণ্ডিত গুং চাল।

গুঁড়ি১ [গুড়২ দ্রঃ]।

গুঁড়ি২ [সং-গুণ্ডক] বি. চূর্ণ। ২ [বিশে০] আতপ তণ্ডুল চূর্ণ। ৩ ক্ষুদ্র বিন্দু। ইলশা গুঁড়ি-যে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পতনকালে ইলিশ মাছ জালে অধিক পড়ে। কাঁচা গুঁড়ি-পিষ্টকাদি পরিণত হবার পূর্ব্বে চূর্ণ করা মাত্র চাউল। "(ছোট ছেলে ডানপিটে কাঁচা গুঁড়ি খেয়েছে"-ঈ০ গুপ্ত। গুঁড়ি গুঁড়ি বৃষ্টি-ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দুবর্ষণ। চা'লের গুঁড়ি-চাউল কুটিয়া চূর্ণ করা।

নুনগুঁড়ি-চূর্ণিত লবণের কণাসমূহ। ২ [>] তদ্রূপ ক্ষুদ্র ক্ষুদ্র বারিবিন্দু। ৩ তদ্রূপ ক্ষুদ্র ক্ষুদ্র চর্ম্মস্ফিকা বা ঘামাচি।

গুঁড়ি, [সং-গণ্ডি। "মলাঙ্গাগ্র-বর্ণিগণ্ডিঃ প্রকাণ্ডঃ।"-হে] বি বৃক্ষের গোড়ার স্থূলভাগ যার উপর হ'তে ডালপালা বাহির হয়, কাণ্ড। ~কাষ্ঠ-গাছের গুঁড়ির দিকের স্থূল ও কঠিন কাষ্ঠ। "গুঁড়িকাঠ নুড়িশিলা, ভক্তিপথে নেয়ে।"-হেম।

গুঁতা, গুঁতো [গুতান দ্রঃ] বি, কফোণি বা কনুয়ের ঠেলা। ২ প্রহার। ৩ দণ্ড বা লাঠির ঠেলা : খোঁচা। গুঁ° মারা -কনুইয়ের আঘাত করা। ~গুঁতি-ঠাসা-ঠাসি স্বল্পস্থানে বহু লোকের অবস্থানহেতু পরস্পরের কনুইয়ের সংঘর্ষণজনিত কষ্ট। "ছোট্ট ঘরটার মধ্যে ছেলেপুলে নিয়ে গুঁতো-গুঁতি করে থাকা, কষ্টের একশেষ।"

গুঁতানে, গুঁতুনে [গুঁতানিয়া > । গ্রাং] বিণ, শিংএর আঘাত করা যার অভ্যাস। "গুঁ° গরু।"

গুঁতানি, গুঁতুনো গুঁতোনো, [গুঁতা (দ্রঃ) । আন (নিষাদ)। গুঁতাই গুঁতাও, গুঁতায় গুঁতাইতে (ক্ষে° গুঁতাতে) গুঁতাইয়া (ক্ষে° গুঁতিয়ে) ই°] ক্রি, -গবাদি পশুর শৃঙ্গদ্বারা আঘাত; ঢু মারা। ২ কনুইয়ের ঠেলা দেওয়া।

গুগ্‌গুল, গুগ্‌গুলু [সং] বি গুগ্‌গুল নামক বৃক্ষ; গুগ্‌গুল বৃক্ষের সুগন্ধি নির্য্যাস। ইহা দেব-পূজায় ধূপ ধূনার স্থায় ব্যবহৃত হয়।

গুগলি, গুগলি [প্রাদে° গ্রাং'গগুলি' ও°] বি, শামুকজাতীয় ক্ষুদ্র দৃঢ়বর্ম্মী প্রাণী, দেখিতে খুব ছোট গেঁড়ির মত, পুকুরের পাঁকে ও জলের ধারে ধারে বেড়ায়।

গুচানি-গুছান দ্রঃ।

গুচি-গুছি দ্রঃ।

গুচ্চার, গুচ্চির [গুচ্ছচারি > । গ্রাং গোচার] বি, চারিগুচ্ছ; গোছা চারেক। ২ বহু; অনেক; মেলা।

গুছা,-গোছা দ্রঃ।

গুছানি, গোছানি [গুচ্ছ > গুচ্ছন, 'গুচন' > গ্রাং 'গুচান'-বিক্ষিপ্তগুলিকে লইয়া গুচ্ছে বাঁধা। গুছাই, গুছাও (গুছান, গুছো), গুছায় (গুছান); গুছাইতে (ক্ষে° গুছাতে) গুছাইয়া (ক্ষে° গুছিয়ে)] ক্রি, গোছা-গোছায় বদ্ধ করা; কেতা করিয়া রাখা; সাজান। বিণ, গুছানিয়া, গুছানে।

গুছি, গুছী [গুঁজী (দ্রঃ) যা গুঁজিয়া দেওয়া হয়] বি, চুল বাঁধিবার সময় খোঁপার উপযুক্ত বিননী না হলে তা দীর্ঘ ও পুষ্ট করিবার জন্য যে ছেঁড়া চুলের গোছা মাথার চুলের ভিতর গুঁজিয়া বা যোগ দিয়া বিনান হয়। ২ যোগান। কথায় গুছি দেওয়া-কাহার কথার সঙ্গে অন্যের কথা যোগাইয়া দেওয়া।

গুচ্ছ [গু (শব্দ করা) + ছ (ধি, জ্ঞাং) -(যেখানে ভ্রমরগণ গুণ্ গুণ্ শব্দ করে) গু + ছ=গুচ্ছ-স্বরবর্ণের পর ছ থাকিলে দ্বিত্ব হয় এবং প্রথম ছ=চ হয়] বি, পুষ্পস্তবক। ২ থোলো; থোকা; আটি; গোছা। ৩ বত্রিশ-নরী হার; কণ্ঠভূষণবিঃ। ৪ মুক্তার মালা। ৫ শিখিপুচ্ছ। ৬ মল্লিকাদি গাছ (যে সকল গাছের মূল হতে ঝাড় বাঁধে; ক্ষুপ)। ~ক [গুচ্ছ। ক (স্বার্থে)] বি, গুচ্ছ। ~পত্র [গুচ্ছাকৃতি পত্র যার-বহু°] বি, যে সকল গাছের পাতা গুচ্ছাকার। ২ তালগাছ। ~পুষ্প [গুচ্ছাকৃতি পুষ্প (ফুল) যার-বহু°] বি, যে সকল গাছের ফুল গোছা গোছা হয়। ২ সপ্তপর্ণ বৃক্ষ; ছাতিম গাছ। ৩ অশোক গাছ, ইহার ফুল স্বভাবতঃই গোছা বাঁধা থাকে বলিয়া ইহার নাম গুচ্ছপুষ্প। ~ফলা [গুচ্ছাকৃতি ফল যার-বহু°] বি, দ্রাক্ষালতা। ২ কদলীবৃক্ষ।

গুজ [শ্রীহট্ট প্রাদে°। সং-ককুদ > কুঁজ >] বি, কুঁজ; ককুদ; ঝুঁটি। ২ [সং-কুব্জ > কুজ >] বিণ, কুব্জ। ~গুজ [মূলে অনু° সং-গুজ্ (কুজনে) + গুজ্ (একাধিক জনের অব্যক্ত শব্দে)] অ, গোপনে ও চাপাগলায় পরস্পর কথা; চুপি চুপি কথা। ২ গোপনে পরামর্শ। বিণ, ~গুজিয়া, ~গুজে-যার পেটের কথা স্পষ্ট পাওয়া যায় না; ভিদ্‌ভিদে। ২ অপ্রসন্ন। বি, ~গুজানি-অস্পষ্ট কথাবার্ত্তা; অপ্রকাশ্য পরামর্শ। "অত গুজ্‌গুজানি ফুস্‌-ফুসানি কিসের গা, কি হয়েছে?"

গুজব [হি°-গুজফ] বি, জনরব; রটনা। বহু লোকের মুখে যা শুনা যায়। ~ওঠা-ক্রি, জনরবের সৃষ্টি হওয়া। ~কথা-বি, জনরব; কিংবদন্তি। ~রটা-জনরব প্রচারিত হওয়া। ~রটানি-জনশ্রুতি প্রচার করা।

গুজর [গুজারা দ্রঃ > হি° >] বি, অতিবাহন; নির্ব্বাহ।

গুজরৎ, গুজরাৎ [ফা-গুজাবদা (প্রদত্ত) > । মহাজনী পরিঃ] বি, যার দ্বারা প্রেরিত; মার্ফৎ, হস্তে; যার দ্বারা টাকা পাওয়া যায় বা যার নিকট মাল দেওয়া যায়, তার নাম খাতায় 'গুজরৎ' লিখা হয়-ইহা সংক্ষিপ্ত ভাষায় "গুঃ"-মহাজনবন্ধু-১৩১১। গুজরৎ খোদ, গুজরাৎ খোদ [ক্ষে°-গুঃ খোদ (ফা-খুদ্=স্বয়ং); গুঃ; গুঃ খোঃ] নিজের মার্ফৎ; স্বহস্তে দত্ত।

গুজরাট [গুর্জ্জর-রাষ্ট্র(> রাট)] বি, গুর্জ্জর জাতির দেশ। ভারতবর্ষের পশ্চিমস্থ সাগরকূলবর্ত্তী দেশ। হিন্দুর প্রসিদ্ধ তীর্থবিঃ। সমুদ্র-তীরবর্ত্তী দ্বারকা ইহার অন্তর্গত। ~রাটী, ~রাতী-বি, গুজরাটের দেশভাষা। ২ গুজরাটের অধিবাসী। ৩ বিণ গুর্জ্জর দেশোৎপন্ন।

গুজরাণ, -ন [ফা -গুজ্‌রান্] বি, জীবিকা। ২ জীবনযাপন, দিনকর্ত্তন। "কেবল কোন গতিকে দিন গুজরাণ হয়।" -নায়ক, ১৩২৬। ৩ অবস্থা। "কেমন কইর‍্যা কাটবে দিন এমন গুজরাণে।"-মৈ° গী।

গুজরানি [ফা- গুজর, গুজার (পথ, গতি, অতিবাহন) > হি°-গুজ্‌রানা। মৈমন° প্রাদে° 'গোজারা।' গোজারিয়া=কাটিয়া; অতি-বাহিত করিয়া (মৈ° গী°)। গুজরি, গুজর, গুজরে; গুজরিতে; গুজরিয়া (ক্ষে° গুজরি)] ক্রি, যাপন করা; অতিবাহিত করা। ২ দাখিল করা। "জানাইব কেমন ছেলে মোকদ্দমায় দাঁড়াইলে। যখন গুরুদত্ত দস্তাবিজ গুজরাইব মিছিলকালে॥"-রা° প্র°। ৩ উত্তীর্ণ হওয়া। গুজরিল-উত্তীর্ণ হইল (মৈ° গী°)।

গুজরি১, গুজরী, গুঁজরি [অনু০। গুঞ্জরণ >] বি. পাদাভরণবিঃ; ইহা পঞ্চম নামক আর একটী পাদাভরণের সহিত একত্রে পরিহিত হয় বলিয়া সচরাচর 'গুজরীপঞ্চম'ও বলা হয়। ২ বৃক্ষকীটবিঃ: ইহা তাল নারিকেল খর্জ্জুর ই০ বৃক্ষের বিষম শত্রু; গাছর্গেঁড়ি গাছে লাগিলে যেমন আর তা বাড়ে না, এই গুজরী-পোকা ধরিলেও গাছ মরিয়া যায়। ~**পঞ্চম**-বি. প্রা০ বঙ্গের নারীচরণালঙ্কারবিঃ।

গুজরি২ [গুজরি (ক্রঃ)] ক্রি. গুমরিয়া; হুঙ্কারিয়া। "ভিতরে গু- তায় উঠিল আগুন।" -পূ০ ব০ গী।

গুজস্তা [ফা -গুজস্তা] বিণ. সাবেক: পুরাতন। "গু জমা,-ঢিটা,-জমি -প্রজা ই।" ~**জমী** [জমী০ পবিঃ] বি. পুরাতন প্রজার বাসযুক্ত জমী: যে জমীতে প্রজাবিলি আছে।

গুজারা [ফা -গুজারা] বি. যাপন; নির্ব্বাহ।

গুজিয়া-বি. ছোট গজা। ২ ক্ষীরের মিষ্টান্নবিঃ।

গুজরা-বি, ধান্যবি০। "গু০ বোআলি দাড হাতি-পঞ্জর। বুড়া মাতাধান বুনেন দেখিতে সুন্দর॥"-শূ০ পু০।

গুর্জ্জরী-বি. রাত্রিকালে ও শৃঙ্গার রসে গেয় রাগিণীবিঃ।

গুঞ্জ [গুনজ্ (অব্যক্ত ধ্বনি করা)+অ (বি)-যাতে ভ্রমরগণ গুঞ্জন করে] বি. স্তবক; থোপা; গুচ্ছ। ২ পুষ্পস্তবক; গোড়ে। ~**মালা**-পুষ্পমাল্য। "গলে পরাইয়া দিল বর গুঞ্জমালা।"-দেবেন্দ্র সেন। ২ কুঁচ; গুঞ্জা (দ্রঃ)। ৩ [+অ (ভা০)] গুঞ্জন।

গুঞ্জৎ-বিণ, গুঞ্জনরত humming

গুঞ্জন [গুঞ্জ্ +অন (ভা০)] বি, গুনগুন্ শব্দ: ঝঙ্কার; গুনগুনানি। "কর্ণ নাহি চাহি শুনি ভ্রমর গু০।"-স০ শ০। ~**ধ্বনি**-গুনগুন্ শব্দ।

গুঞ্জমালা, গুঞ্জহার, গুঞ্জাহার [গুঞ্জ (কুঁচফল)-হার (মাল্য)-৬ তৎ] বি, কুঁচফলের মালা। "অঞ্জন আঁখি যুগলে গুঞ্জহার পররে গলে।"-দাশরথি০। "শ্রীকুণ্ড শ্রীগোবর্দ্ধন শিলা গুঞ্জাহার শ্রীরঘুনাথের এই সেবা সুপ্রচার।"-ব্রজপরিক্রমা।

গুঞ্জর, গুঞ্জার [গুঞ্জ্ ধাতু] বি, গুঞ্জন: ভ্রমরঝঙ্কার। "বৈজয়ন্তী মালা গলে দোলে অনিবার। ভ্রময়ে ভ্রমর যাতে করএ গুঞ্জার॥" -ব্রজপরিক্রমা।

গুঞ্জরণ-বি. গুনগুন্ শব্দকরণ।

গুঞ্জরা [গুঞ্জর+আ (ক্রিয়া বিভক্তি)। গুঞ্জরি, গুঞ্জর, গুঞ্জরে; গুঞ্জরিতে; গুঞ্জরিয়া (পদ্যে, ক্ষে০ গুঞ্জরি)] ক্রি, গুঞ্জন করা: গুনগুন করা: ভ্রমরের ন্যায় ঝঙ্কার করা। "কত গুঞ্জরে অলি, কুঞ্জের তলে বিহগেরা গায় নাচিয়া।"-বি০ মজুমদার। "গুঞ্জরে মধুকর পুঞ্জে, কোকিল কুজয়ে।"-হেম০। "তালে বনমালে অলি ভ্রমিছে গুঞ্জরি।"-জ্ঞান০। বিণ, **গুঞ্জরিত**-ঝঙ্কৃত। **গোঞ্জরী** [প্রা০-বাং প্রাদে০]=গুঞ্জরি। "চৌদ্দ ডিঙ্গা বাইয়া যায়......তোলপাড় গোঞ্জরী সাগর।" -মনসা০ (বংশী)।

গুঞ্জহার-বি. কুঁচের মালা।

গুঞ্জা১ [সং] বি, কুঁচফল। "গুঞ্জা রতন করই সমতুল।"-বি০ প০। "কিবা মনোহর তরুবর গুঞ্জা ফুলে।"-অ০ ম০। ২ পরিমাণ বিঃ: কুঁচের ওজন। ৩ গুনগুনানি। ৪ মদের দোকান বা ভাঁটি: তাড়িখানা।

গুঞ্জা২ [সং-গুঞ্জ্ (কূজনে, অব্যক্ত শব্দে) গুঞ্জি, গুঞ্জ, গুঞ্জে; গুঞ্জিতে; গুঞ্জিয়া (পদ্যে, ক্ষে০ গুঞ্জি)] ক্রি, গুঞ্জন করা; ভ্রমরের ন্যায় ঝঙ্কার করা; গুনগুন রব করা। "গুঞ্জে অলি চুম্বে ফুল হয়ে দিশে হারা।"-দামোদর মুখো০। [ব্রজ০] **গুঞ্জই**-গুঞ্জন করে। "তঁহি অলি গুঞ্জই শবদ রসাল।"-গোবিন্দ০। **গুঞ্জত**-গুঞ্জন করে। "গুঞ্জত ভ্রমরীভ্রমর উতরোল।"-গোবিন্দ০।

গুঞ্জাইস [ফা০ গুঞ্জাইশ] বি, স্থান। ২ অবকাশ। "গু০ জমি" [চট্ট০ প্রাদে০] প্রচ্ছন্ন বা লুকান জমি।

গুঞ্জার-বি, ভ্রমর গুঞ্জর; ঝঙ্কার।

গুঞ্জিকা [গুঞ্জা+ক (স্বার্থে)-আ (স্ত্রী০) গুঞ্জা=গুঞ্জি] বি, গুঞ্জা: কুঁচ। ২ তিনটী যবোদর পরিমাণ।

গুঞ্জিত-বিণ. ঝঙ্কৃত; গুনগুনরবে মুখরিত।

গুটলী, গুট্‌লে-বি. গুটি: ছোট ডেলা। ২ গুটি আকৃতি মল।

গুটান [গুড্=বেষ্টনে, জড়ান] ক্রি. আকর্ষণ করা; গুড়ান। ২ যা ছড়াইয়া আছে তাকে জড় করিয়া ক্ষুদ্রাকার করা: সঙ্কুচিত করা। ৩ সূত্রাদি কাষ্ঠফলকাদিতে জড়ান।

গুটি১ [গুড্ (বেষ্টন করা)+ই (ণ) জ্ঞা০। ড্=ট্] বি. বটিকা। ২ গুলি; নুটি। "ধূলি গুটি পায় মাত্র যে সুকৃতি জন।"-চৈ০ ভা০। ৩ ঘুঁটি। ৪ [দাসা পরিঃ] বটী; বড়ী pill.

গুটি২ [গোটা, টা, টী দ্রঃ] বি, নির্দ্দেশার্থে টি; খানি। "দন্দবাদ না করিবি দুই গুটি ভাই।"-অনন্তরামা। ২ খানি। "গুটি চারি ফুল।"-শ্রী০ কী০। "পাক্ গুটা পাটনা অ গঠন আন্ধার।"-ঐ। "বাঁশী গুটী।"-ঐ।

গুটি৩ [সং] বি. রেশম কোষ cocoon. ~**পোকা**-বি, রেশম কীট silkworm

গুটিকত, -কতিক-বিণ. কয়েকটি a few ২ অল্প সংখ্যক।

গুটিক, গুটেক [গুটি=গোটা+এক] বি, রাশি। বিণ, একপেঃ। ২ অল্প। ৩ একমাত্র, একটি। "হৃদয় মুকুরেতে এক সমতুল কোটিকে গুটিক পাই। -বি প০।

গুটিকা [গুটি+ক (স্বার্থে) আ (স্ত্রী০)] বি, গুলি; গুটি; গুটী (দ্রঃ)। ~**পাত** [গুটিকার পাত-৬ তৎ] বি, স্মৃতি খেলায় গুলি নিক্ষেপ; গুলি বাঁট। ২ শিলাবৃষ্টি। "যেবার গুটিকা পড়ে সাগর তীরেতে সর্ব্বদা মঙ্গল হয় কহে জ্যোতিষেতে।"-খনা।

গুটি/গুটি, গুটীগুটী [গুটী দ্রঃ] ক্রি-বিণ সঙ্কুচিত আকারে, চুপেচুপে; অলক্ষিত ভাবে। আস্তে আস্তে; পদশব্দ না হয় এরূপ ভাবে; গুড়ি গুড়ি। ~**সুটি**-দেহের সঙ্কুচিত অবস্থা; হাত পা গুটাইয়া পৃষ্ঠদণ্ড ধনুকের মত বক্র করার ভাব। ~**মারা**-ঐ ভাবে থাকা। "এবা একটু গরম সহ্য করিতে পারে না; রৌদ্র উঠিলে গুটিসুটি মারিয়া

বরফের মধ্যে ঢুকিয়া লুকাইয়া থাকে, বেলা পড়িলে বাহিরে আসে।"-প্রবাসী, ১৩২০।

গুটিপোকা-গুটি৩ দ্রঃ।

গুটিয়া [সং-গেণ্ডুক, গোণ্ডুক। গুটি+আ (সাদৃশ্যে) গোলাকৃতি ক্রীড়নক · কন্দুক] বি গুটী : গোলক . কন্দুক : গোলা . গেঁদ। "দুইটী গুং খেলাগ্রা গুঝিয়া বুকেব উপর ধরে।"-চণ্ডিং।

গুটিল [গুটি, গুটিকা দ্রঃ] বিণ, গুটিকা-যুক্ত : গ্রন্থিল : দানাদার tubercular "চণ্ডোদ্ভেদক গুটিল।"

গুটিলা [গ্রাং-গুটলে] বিণ, পিণ্ডাকৃতি। কঠিনতা প্রাপ্ত।

গুটী [সং-গুটিকা] বি, কোষকীট। ২ গুটী পোকার মত মন্থর গমন। প্র-গুটী গুটী যাওয়া। ৩ বড়ী। ৪ গোবসন্ত small pox ৫ অষ্টী, ফলেব আঁটি। ৬ নুড়ি।

গুঠী [প্রাং বাং] বি, গুটিকা ; গুলি ; গাঁট্টা। "স্ফটাছে টাঙ্গিল তার দুই মুঠী। দুই পাশে নিরমিল শুশোভন গুঠী।"-শ্রীং কীং।

গুড়১ [সং-গুড়-"ইক্ষুপাক।"-অমরং। "ইক্ষুরস ক্বাথ।"-বৈদ্যক। "ইক্ষুসার : মধুর, রসপাকজ, খণ্ডজ, মোদক।"-রাজনির্ঘণ্ট। তুলং-মালং গুড়ে] বি, ইক্ষু, তাল, নারিকেল, খর্জ্জুর ইং গাছের রস হতে প্রস্তুত মধুর রস খাদ্য বিঃ। ২ গুড় মিষ্টরসের উপমা-স্থল। প্র-ও গাছের আম একেবারে মিষ্টি গুড়। [দ্রঃ-রসের পাক অনুসারে ইহার বিভিন্ন অবস্থায়-'তাতরসি,' 'মাত' বা 'ঝোলা,' 'ভেলি', 'খাঁড়,' ও 'চিটা' বলে] ~অম্বল-গুড় মিশ্রিত অম্ল ব্যঞ্জন : অম্লমধুরাস্বাদ ব্যঞ্জন। ~চাউলী-চিটা গুড় মাখান চাউল ; বরের গায়ে (গুড় চাউল ছুঁড়িয়া মারিবার প্রথা বঙ্গের প্রায় সর্ব্বত্রই বহুকাল হ'তে প্রচলিত)। ~পিঠা-গুড়মিশ্রিত পিষ্টক। ~যন্ত্র-বি, গুড় থেকে চিনি তৈয়ার করিবার কল sugar mill গুড়ে বালি-গুড়ে বালি পড়িলে আর খাওয়া যায় না কিন্তু খাইবার পূর্ব্বে বালি পড়িয়াছে কি না দেখা বা জানাও যায় না সুতরাং মুখে দিয়া জানা যায় ও তখন ফেলিয়া দিতে হয়। তা হতে আশায় নৈরাশ্য। "মনে করিয়াছিলাম হলা ও গদা এক গণ্ডূষ জল দিবে এখন সেগুড়ে বালি।"-টেকচাঁদ। আকুয়া বা একো গুড়-আকের রস জ্বাল দিয়া প্রস্তুত গুড়। খেজুরিয়া বা খেজুরে গুড়-খর্জ্জুর গাছের রসে প্রস্তুত গুড়। পাটালি গুড়-পাটায় জমান গুড়। ভূরো গুড়-গুড়ের রস ঝরাইয়া শুষ্ক করা গুড় ; দোলো। লাভের গুড় পিঁপড়ায় খাওয়া-কোন সামান্য পুঁজির গুড় বিক্রেতা যে পরিমাণ গুড় খরিদের উপর লাভ স্বরূপ বাঁচাইয়া ছিল তা পিপীলিকায় শেষ করিয়া দেওয়ায় তার লাভ করা আর হইল না। (তা হতে) এক দিকে যেমন লাভ হওয়া অন্য দিকে তেমনি ক্ষতি হওয়া।

গুড়২ গুড়া-গুঁড় দ্রঃ।

গুড়৩ [নৌং। গুঢ়া দ্রঃ। গুঁড়ি ওং] বি, নৌকার (জেলেডিঙ্গী ইং যার পাটাতন নাই) উপরে আড়াআড়ি ভাবে ন্যস্ত সমান্তরাল কাষ্ঠখণ্ডসমূহ।

গুড়ক [গুড+ক (জ্ঞাং)] বি, গুড়দ্বারা পক্ক ঔষধবিঃ ; মোদক।

গুড়কাঁউলি, গুড়কোঙালি, গুড়কামাই [সং-কাকাদনী, কাকপিলু, কাকমাচিকা (বৈদ্যকে)] বি, কণ্টকাকীর্ণ ছোট গাছ ; কাকজঙ্ঘা ; কাকনাসা : solanum indicum.

গুড়্‌গুড় [অনুং শব্দ] বি, গম্ভীর শব্দ। ২ মেঘগর্জ্জন। ৩ হুঁকা বা গুড়গুড়িতে ধূম টানিবার শব্দ। ৪ ভাঁটা গড়াইবার শব্দ ; কাষ্ঠের উপর কাষ্ঠগোলক গড়াইয়া দিবার শব্দ। ~গুড়ি [অনুং। ধূমপানের সময় গুড় গুড় শব্দ >] বি, হুঁকার প্রকার ভেদ : ধূমপানের যন্ত্র ; আলবলা। "সংসার হয় অসহ্য প্রায় গুড়গুড়ি বিনা।"-দ্বিং রায়।

গুড়গুড়িয়া১, গুড়গুড়ে১ [গুটিকা >। অনুং] বিণ, গুড়্ গুড়্ শব্দকারী ; গম্ভীর শব্দকারী।

গুড়গুড়িয়া২, গুড়গুড়ে২ [গুটিকা >] বিণ, গোলকবৎ ; ভাঁটার মত। ২ বেঁটে ; খর্ব্বাকৃতি।

গুড়তৃণ [তৃণ জাতীয় এবং রসে গুড় হয় বলিয়া নাম।] বি, ইক্ষু ; আক।

গুড়ত্বক [গুড় (মধুরাস্বাদ) ত্বক্ (ছাল) যার-বহুং] বি, জয়ত্রী। ২ দারুচিনি।

গুড়দারু [গুড়-দারু (বৃক্ষ)] বি, যে দারু বা তৃণ হতে গুড় উৎপন্ন হয় ; ইক্ষু।

গুড়ধেনু [গুড়নির্ম্মিত ধেনু-ম প লোং] বি ফল কামনায় ব্রাহ্মণকে গুড়নির্ম্মিত ধেনুদানরূপ ব্রত।

গুড়নি [গুড়ান দ্রঃ। গুড়ই (গুড়্ ই), গুড়ও (গুড়োও), গুড়য় ; গুড়তে (গুড়্ তে) ; গুড়য়ে (গুড়িয়ে) ইং] ক্রি, গুটান ; জড়ান।

গুড়পুষ্প [গুড় (মধুর) হইয়াছে পুষ্প যার, বহুং] বি মহুয়া ফুলের গাছ ও মহুয়া ফুল।

গুড়মুড়া, -মুড়ি [সং-গুলফ > হিং গোড় > গুড়, মুণ্ড > মুড়] গুলফ, গোড়ালি।

গুড়মূল [গুড় (মধুর) মূল যার-বহুং] বি, বাঁটা নটে। ২ কনক নটে।

গুড়শর্করা গুড় হতে উৎপন্ন শর্করা (চিনি)-৫ তৎ] বি, দোবরা চিনি।

গুড়া১-গুঁড়া দ্রঃ। ২ উশীরী ; ক্ষুদ্র কাশতৃণ। ৩ মনসা গাছ।

গুড়া২-গুঢা দ্রঃ।

গুড়াকা-বি, আলস্য। ২ তন্দ্রা।

গুড়াকু-বি, গুড়ুক তামাক।

গুড়াকেশ [গুড়া (উশীরী) সদৃশ কেশ বলিয়া] বি, শিব। ২ অর্জ্জুন।

গুড়ানি১ [সং-গুণ্ঠ্ (বেষ্টনে)। গুটান দ্রঃ। গুড়াই, গুড়াও (গুড়ান্), গুড়া। গুড়ায় (গুড়ান) ; গুড়াইতে (গুড়াতে) : গুড়াইয়া (ক্ষং গুড়িয়ে)] ক্রি, গুটান ; পাকান ; ঘুরাইয়া ঘুরাইয়া মোড়া ; কুণ্ডলিত করা। ২ সঙ্কুচিত করা।

গুড়ানি২ [সং-গূর্ (গতিঃ) বা ঘোর্ (গতিচাতুর্য্যে) >। গু=গো > গোড়ান। গুড়াই, গুড়াও, গুড়ায় ; গুড়াইতে (ক্ষেং-গুড়াতে) ; গুড়াইয়া (ক্ষেং গুড়িয়ে) ইং] ক্রি, "পঁছরে গুড়াইলু কন্দইরে কো কুমারো।" (=কুমার কান্দিয়া পাছে পাছে চলিল) -গোবিন্দ গীত ১১-১২শ শতাব্দী।

গুড়ানি৩ [গড়ান দ্রঃ। ১ম পুং-বিরল

ব্যবহার, উং পুং-গুড়ই, গুড়াই, মং পুং-গুড়াও, (গুড়োন, গুড়ো), ১ম পুং-গুড়ায়, গুড়ল, গুড়াল, গুড়্‌ল, গুড়োলো ; ভূতকালে-গুড়াইয়াছিল, ভবিষ্যৎকালে-গুড়াইবে ইং। গুটান দ্রঃ। চারিদিকের অবস্থা কেন্দ্রিভূত হওয়ার ভাব হ'তে] ক্রি. পরিণতি প্রাপ্ত হওয়া : আসিয়া দাঁড়ান।" প্র-"যে অবস্থায় এখন গুড়ল।"

গুড়ানি₈ [মৈমনং প্রাদে -'গুড়ান'। গুটিয়া=চূর্ণ করিয়া (মৈং গীং); সং-গুড়্ (চূর্ণকরণে, পেষণে)] ক্রি. গুঁড়ান।

গুড়াপূপ [গুড় (গুড় মিশ্রিত) + অপূপ (পিষ্টক)] বি গুড়পিঠা . আঁদশা।

গুড়ি [সং-গুটি বা গূঢ় > গূঢ়ি-গুড়ি। তুল-গূঢ়পাদ] বি. গূঢ়পাদের ন্যায় হাত পা গুড়াইয়া চলার ভাব . কচ্ছপের ন্যায় শরীর বর্তুলাকার ও হস্তপদের সঙ্কোচ। **গুড়ি মারা ; গুড়িগুড়ি মারা, গুঁড়িগুঁড়ি মারা**-গূঢ়পাদবৎ আকার ধারণ করা : হাত পা গুড়াইয়া থাকা। "ভাব্তে ভাব্তে লেপের মধ্যে গুঁড়িশুঁড়ি মেরে কখন ঘুমিয়ে পড়্লুম জানিনা।"-জাপান (মল্লিক)। **গুড়ি মারিয়া চলা**-শিকারের জন্য শিকারী জীব যেরূপ শরীর সং হস্ত পদ সঙ্কুচিত করিয়া ধীরে ধীরে এবং অলক্ষিতভাবে চলে তদ্রূপ গমন করা।

গুড়ুক [হিং-গুড়াকু। গুড়-তামাকু= তাম্বুক-ক্ষে- গুড়ুক-গুড়মিশ্রিত তামাক] বি. মিঠা তামাক। ২ তামাক। "কর্ত্তাদের গাল-গল্প গুড়ুক টানিয়া।"-ঈংগুপ্ত। **~তামাক**-গুড়মিশ্রিত তামাক ; মিঠা তামাক। **গুং ফুঁকা**-তামাক খাওয়া। "কাছে থেকে কাটে সুখে, গল্প ও গুড়ুক ফুঁকে।-মানসী (রবীং)।

গুড়ুচ, গুড়চী, গুড়ুচী, গুড়ূচী সং-গুলঞ্চ] বি, গুলঞ্চ লতা।

গুড়ুম [সং-গুড়্ (শব্দে) শব্দের ব্যাপ্তি ও গাম্ভীর্য্য অর্থে ম যোগ] বি, মেঘগর্জ্জন। ২ তোপধ্বনি ; কামানে গোলা দাগিবার শব্দ। **আক্কেল গুড়ুম**-বুদ্ধি (তোপে উড়াইবার মত) লোপ। আক্কেল দ্রঃ।

গুড়োদক-বি, গুড়ের সরবৎ।

গুঢ়া, গুড়া [নৌং শিল্পং পরিঃ। গুঁড়ি কাষ্ঠ হ'তে নির্ম্মিত বলিয়া] বি. নৌকার এক ডালি হ'তে অপর ডালি পর্য্যন্ত বিস্তৃত কাষ্ঠখণ্ড (যুগ্ম বা জোড়া গুড়া দিবার রীতিও আছে। নৌকার পার্শ্বস্থিত বসিবার তক্তা। "পড়ে ডিঙ্গা মধুকর মধ্যে তার ছই ঘর পাশে গুঢ়া বসিতে কাণ্ডার।"-কবিকং।

গুণ১ [গুণ্ [অভ্যাস করা) + অ (র্ম্ম)-যা অভ্যাস করা হয়। যা অভ্যস্ত বা অভ্যাসে প্রকৃতিগত] বি. ধর্ম্ম : বস্তুধর্ম্ম attribute ; জীবধর্ম্ম। ২ দেহ ধর্ম্ম ; রূপ ; লাবণ্য : অঙ্গ-সৌষ্ঠবাদি। ৩ মন ও আত্মার ধর্ম্ম ; স্নেহ, প্রেম, ভক্তি, দয়া, দাক্ষিণ্য, সৌজন্য, বিনয় শৌর্য্য, বীর্য্য, ধৈর্য্য, গাম্ভীর্য্য, বিদ্যা, বুদ্ধি, বিবেকাদি। ৪ [জড়বিজ্ঞানে] পদার্থের স্বাভাবিক ধর্ম্ম ; জড়পদার্থের পরস্পর ভেদ-বাচক ধর্ম্ম ; শুক্লত্ব, কৃষ্ণত্বাদি বর্ণ ; অম্লত্ব, মধুরত্বাদি রস ; কাঠিন্য, মার্দ্দব তারল্যাদি স্পর্শ . হ্রস্ব, দীর্ঘ, চতুষ্কোণাদি আকার . ক্ষার, মধু, মীন, অম্লাদি গন্ধ। ৫ [দর্শনে] প্রকৃতির ধর্ম্ম ; সত্ব, রজঃ, তমঃ। ৬ [ন্যায় দর্শনে] রূপ, রস, গন্ধ, স্পর্শ শব্দ, সংখ্যা, পরিমাণ, পার্থক্য, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম, অধর্ম্ম [তুল-adhesion, cohesion and disintegration in the physical plane, affection, love & hate in the moral ; emancipation, spiritual affinity & sin in the psychic] ৭ [তন্ত্রে] মন্ত্র ; যাদু ; বশীকরণ। "ওরে তোরে দেখিতে নয়ন পাগল কেন। এই বোধ হয় মোর, জান কি গুণ।"-নিধুবাবু। "না জানি কি গুণ ধরে মুখানি তোমার।"-স্বপ্নময়ী। ৮ [আয়ুং] কফ, পিত্ত, বায়ু ইং। ৯ [নীতিঃ শাং] ষড়্‌বিধ রাজনীতি-সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়। ১০ [ব্যাং] স্বরের রূপান্তর ; ই-ঈ স্থানে এ, উ-ঊ স্থানে ও, ঋ স্থানে অর্, ৯ স্থানে অল্ ইং স্বরাদেশ। ১১ [অলঙ্কার শাং] রচনার উৎকর্ষ প্রতি-পাদক ধর্ম্ম : প্রসাদ, মাধুর্য্য, ওজঃ। ১২ [গং] রাশির বৃদ্ধি ; পূরণ multiplication (২) [বীজগং] কোন রাশি কতবার লওয়া হইয়াছে তার নির্দেশক সংখ্যা বা বর্ণ coefficient ১৩ আবৃত্তি ; বার। প্র-দুইগুণ ; তিনগুণ। ১৪ স্বভাব ; প্রকৃতি (ব্যঙ্গ্যে, মন্দ অর্থে-দোষ)। প্র-তার ঐ গুণের জন্যই ত তাকে ত্যাগ করিল। (সদর্থে) রূপ অপেক্ষা লোকে গুণেই অধিক বশ হয়। ১৫ উপকার ; সুফল ; শুভপরিণাম। প্র-জিতেন্দ্রিয়তার অনেক গুণ, লেখাপড়া শেখার অশেষ গুণ। ১৬ শক্তি ; প্রভাব। প্র-ঔষধের গুণে তিনি দু'দিনেই আরোগ্যলাভ করেছেন। "যে গুণে নলের মন করিলে হরণ।" ১৭ সুলক্ষণ ; উৎকর্ষ। "কোন গুণ নাই তার কপালে আগুন।"-অং মং। ১৮ হেতু, কারণ। প্র-ঐ গুণেই তাকে কেহ দেখিতে পারে না। **গুণকরা**-বশীকরণ মন্ত্রে বা বশীকরণ ঔষধ খাওয়াইয়া বশ করা। **গুণে ঘাট নাই**-গুণ বিষয়ে কোন অংশে কম নাই ; সকল গুণের আধার। (> বিদ্রূপে) কোন গুণ নাই। **গুণে নুন দিতে নাই**-লবণ দিয়া সকল ব্যঞ্জন স্বাদু করা হয়, কিন্তু লবণ না দিয়াই স্বাদু (> বিদ্রূপে) নির্গুণ। **গুণের নিধি, গুণের সাগর**-সর্ব্বগুণসম্পন্ন। "প্রভু মোর গুণের সাগর রসময় রূপের নাগর রসিকের শিরোমণি, বিলাসধনের ধনী, নৃত্য গীত বাদ্যের আকর।"-অং মং। ২ [বিদ্রূপে] নির্গুণ। **গুণের বালাই লয়ে মরি** [ব্যঙ্গ্যে] অপগুণ বা দোষ দেখিয়া আক্ষেপোক্তি। **সকল গুণের গুণমণি**-সর্ব্বগুণশালী। ৩ [বিদ্রূপে] নির্গুণ।

গুণ২ [ফাং গুনাহ্ > হিং গুণা। মানভূম প্রাদেং গুণা (ত্রুটি) < পৈশাচী প্রাকৃং 'গুন' (অপরাধ)] বি, অপরাধ ; দোষ ; ত্রুটি। "খণ্ডী সব দোষ গুণ"-শ্রীং কীং। **~সামান্য**-সমান গুণ ; ধর্ম্মসামান্য। "দেবতার সঙ্গে মানুষের সমান ধর্ম্ম বা সমান গুণ আছে বলিয়াই মানুষ দেবতাকে জানিবার অধিকারী।" "এইখানেই মানুষের সঙ্গে দেবতার গুণসামান্য প্রতিষ্ঠিত ও প্রকাশিত।" -প্রবাসী, বৈশাখ, ১৩৩০। **দোষ-গুণ**-ত্রুটি ; অপরাধ।

গুণ৩ [সং-গুণ্ (আবৃত্তি-তা হ'তে পুনঃ পুনঃ পাক) + অ (র্ম্ম)-যাকে ক্রমাগত পাক

দেওয়া যায়] বি, রজ্জু ; কাছি cord ; rope. ২ সূত্র ; সুতা। "কি এ মনোহর দেখিতে সুন্দর গাঁথয়ে সুন্দর মালিকা, গাঁথে বিনা গুণে, শোভে নানা গুণে কামমধুব্রত পালিকা।"-অ০ ম০। ৩ [মাল০-গুংড়ে] ধনুকের ছিলা ; জ্যা। "ইথে কাম মহাশয়, জগৎ করিতে জয়, তব হাতে গুণযুক্ত ফুলধনু দিয়েছে।"-রসতরঙ্গিণী। ৪ তন্ত্র ; তার। নারদ গায়েন গীত, বীণাগুণে তরল অঙ্গুলি।"-কবিক০। ৫ [সং-গোণী=ছিদ্রবস্ত্র এই অর্থে গুন ও০] বি, শণের মোটা সূতার ছিদ্রবস্ত্র ; শাণী (দ্রঃ) ; চট ; থলিয়া। ~টানা-নৌকার মাস্তুলে রজ্জু বাঁধিয়া নদ্যাদির ধার দিয়া টানিয়া লইয়া যাওয়া। ~বাস-বি, সূতার কাপড় (কবিক০)। কাদায় গুণ ফেলা-কষ্টকে কষ্ট, অপমানকে অপমান, অসুবিধাকে অসুবিধা জ্ঞান না করিয়া ও সমস্ত চাপা দিয়া স্বীয় উদ্দেশ্য সাধন করা ; ধৈর্য্য ধরা। "সবুরেতে মেওয়া ফলে উতলায় কি ফল ফলে। থাকতে হয় লো কাদায় জলে গুণ ফেলে।"-গোপাল উড়ে।

গুণক [গুণ্ (পূরণ করা)+অক (কৃ)] বি, যে অঙ্কের দ্বারা অন্য অঙ্কের পূরণ করা যায় multiplier ২ কোন রাশি কতবার লওয়া হইয়াছে তার নির্দেশক সংখ্যা বা বর্ণ coefficient

গুণকথন [গুণের কথন-৬ তৎ] বি, গুণানুকীর্ত্তন।

গুণকর্ম্ম-বি, গুণ ও কর্ম্ম। ২ গুণন। ৩ সদ্‌গুণসাধ্য ক্রিয়া ; গুণের কর্ম্ম।

গুণ/কার [গুণ (হিত) কার (যে করে)] বিণ, গুণকারক দ্রঃ। ২ [সঙ্গীতশা০] বি, যার দেশীয় প্রথামত তৌর্য্যত্রিক অর্থাৎ নৃত্য গীত-বাদ্য উত্তমরূপ এবং মার্গ মতানুযায়ী সঙ্গীত সামান্যমাত্র জানা আছে। ~কারক [গুণ (উপকার) কৃ (করা)+অক (কৃ)] বিণ, যাতে উপকার দর্শে ; উপকারজনক, আরোগ্যপ্রদ। প্র-গুণকারক ঔষধ। ~কারী [গুণকার দ্রঃ] বিণ, যে গুণ করে। ~কীর্ত্তক [গুণের কীর্ত্তক যে কীর্ত্তন করে-৬ তৎ] বিণ, যে গুণগান করে ; গুণপ্রচারক ; গুণানুবাদক। ~কীর্ত্তন [গুণের কীর্ত্তন (বর্ণন) -৬ তৎ] বি, গুণানুবাদ ; গুণগান, গুণের প্রশংসা।

গুণক্রিয়া-গুণকর্ম্ম দ্রঃ।

গুণক্ষয় [মনোবিজ্ঞান পরিঃ] বি, গুণাপকর্ষ ; মূল্যের হ্রাস depreciation

গুণগরিমা-বি, গুণগৌরব। সদ্‌গুণের মহিমা।

গুণ্‌/গুণ্ [অনু০। > সং-গুঞ্জ্ (গুঞ্জনে)] বি, ভ্রমরাদির অব্যক্ত মধুর ধ্বনি। "কেন অলি ঘুরে মর মিছে ফুলে ফুলে। কেন কর 'গুণ গুণ' গুণ কেবা চায়?"-গোবিন্দ০। ~গুণানি-গুণ্‌গুণ্ এই ধ্বনি ; গুঞ্জন।

গুণগৃহ্য [গুণ দ্বারা গৃহ্য (গ্রস্ত, আক্রান্ত) -৩ তৎ] বিণ, গুণের পক্ষপাতী, গুণাক্রান্ত।

গুণগৌরব [গুণ হেতু গৌরব-৫ তৎ] বি, গুণবত্তার জন্য মহিমা বা প্রশংসা।

গুণগ্রহণ [গুণের গ্রহণ-৬ তৎ] বি, গুণজ্ঞান ; অন্যের গুণ স্বীকার, গুণীর গুণ বুঝিয়া তদনুসারে সমাদর ও মান দান, গুণোপলব্ধি, সম্যক্ মূল্য-নির্দ্ধারণ ; গুণের আদর appreciation

গুণগ্রাম [গুণ-গ্রাম (সমূহার্থে)] গুণসমূহ ; গুণাবলী।

গুণ/গ্রাহক [গুণ-গ্রহ্ (গ্রহণ করা) +অক (কৃ)] বিণ, গুণজ্ঞ ; গুণগ্রাহী, যে অন্যের গুণ অনুসারে তার গৌরব রক্ষা করে। স্ত্রীং ~গ্রাহিকা। বি, ~গ্রাহিতা। [গুণ-গ্রহ্+ইন্ (কৃ), মূ-গুণগ্রাহিন্+তা (ভা০)] বি, গুণপ্রিয়তা, গুণানুরাগিতা ; গুণগ্রহণ শক্তি ; গুণজ্ঞতা। ২ গুণমুগ্ধতা। ~গ্রাহী [গুণ-গ্রহ্ (গ্রহণ করা)+ইন্ (কৃ) মূ-গুণগ্রাহিন্ ১মা ১ব০] বিণ, যে অন্যের গুণ গ্রহণ করিতে পারে ; যে অন্যের গুণের আদর করে ; গুণাবধারক ; মূল্য-নির্দ্ধারক appreciative > স্ত্রীং ~গ্রাহিণী।

গুণচট-শণসূতার চট বা থলে। গুণ দ্রঃ।

গুণজ্ঞ [গুণ-জ্ঞা (জানা)+অ (কৃ) আ লোপ] বিণ, গুণগ্রাহী ; যে অন্যের গুণ বুঝিয়া আদর করে। স্ত্রীং ~ী। বি, ~তা।

গুণতহি [ব্রজ০] ক্রি, গণ্য করে ; গণনা করে ; তুলনা করে। "রাধা সঙ্গে যব গু০ মাধব।"-বি০ প০।

গুণতি-গণতি দ্রঃ।

গুণত্রয় [গুণের ত্রয় (তিন)-৬ তৎ] বি, সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি প্রাকৃতিক গুণ।

গুণধর [গুণ-ধর (যে ধরে)] বি, গুণী ব্যক্তি ; গুণশালী, গুণসম্পন্ন। ২ [ব্যঙ্গার্থে] গুণহীন। স্ত্রীং ~া, ~ী।

গুণধর্ম্ম-বি, গুণ ও ধর্ম্ম ; সদ্‌গুণশালিতা রূপ ধর্ম্ম।

গুণধাম [গুণের ধাম (আলয়, আগার) -৬ তৎ] বি, গুণাকর ; গুণনিধি। "পরম উদার করুণাময় বিগ্রহ ভুবনমঙ্গল গু০।" -জ্ঞান০।

গুণন [গুণ্ (গুণ করা ই০)+অন (ভা০)] বি, পূরণ, গুণ করণ ইং০ multiplication ২ আবৃত্তি। ৩ অভ্যাস। ৪ মন্ত্রণা। ৫ সংখ্যা করা, গণিয়া দেখা।

গুণনিকা [গুণ্+অন (পে)=গুণন+ক (সংখ্যার্থে) আ (স্ত্রীং) ই-আগম] বি, যা বৃদ্ধি করে ; গুণসাধন, শূন্য অঙ্ক cypher ২ অভ্যাস ; পুনরাবৃত্তি। ৩ শূন্য।

গুণনিধি [গুণের নিধি, গুণ-নি-ধা (ধারণ করা)+ই (কি)] বিণ, গুণসাগর ; গুণাধার ; গুণাকর ; গুণসিন্ধু ; অশেষ গুণেমণ্ডিত ; সর্ব্বগুণালঙ্কৃত। "তবে কেন গু০ ত্যজ কিঙ্করীবে আজি।"-মেঘ০।

গুণনীয় [গুণ (পূরণ করা)+অনীয় (র্ম্ম)] বিণ, যাকে পূরণ করিতে হইবে ; গুণ করিবার যোগ্য, গুণ্য। ~ক [গুণনীয়+ক (জ্ঞা০)] বি, অপবর্ত্তক যে রাশি অপর রাশিকে এমন ভাবে ভাগ করে যাতে কিছুই অবশিষ্ট থাকে না measure ; যে রাশি অপর রাশির সহিত গুণিত হইয়া গুণফল উৎপাদন করে factor

গুণপক্ষপাতী-বিণ, গুণের অনুরাগী।

গুণপণা, -না [গুণ (গুণী, তার) পণা, -না] বি, গুণবত্তা ; নৈপুণ্য।

গুণপন্থ [গুণ (ধর্ম্ম)-পন্থ (পথিন্ শব্দ)] বি, ধর্ম্মপথপ্রদর্শক শাস্ত্র। "বেদ বিদ্যা তন্ত্র মন্ত্র বেণু বীণা আদি যন্ত্র * * * * আগমের

নানা গ্রন্থ আর যত গু॰ চারি বেদ আঠার পুরাণ।”-ভারত॰।

গুণপূর্ণ [গুণ দ্বারা পূর্ণ-৩ তৎ] বিণ, যাতে যাবতীয় গুণ আছে; যে নানাগুণে পরিপূর্ণ; গুণমণ্ডিত, গুণান্বিত।

গুণফল-গুণ করিয়া যে রাশি পাওয়া যায় product

গুণবত্তা [গুণ+বৎ (স্তু), মূ॰ গুণবৎ+তা (ভা॰)] বি, গুণের অস্তিত্ব; গুণশালিতা; গুণের বিদ্যমানতা।

গুণবাচক [গুণের বাচক-৬ তৎ] বিণ, গুণপ্রকাশক; গুণবোধক; বিশেষণে বিশেষিত।

গুণবাদ [গুণ-তার বাদ(কীর্ত্তন)-৬ তৎ] বি, গুণকীর্ত্তন; গুণানুবাদ।

গুণবান্ [গুণ+বৎ (স্তু) মূ॰-গুণবৎ ১মা ১ব॰] বিণ, যার গুণ আছে, গুণশালী; গুণবিশিষ্ট। স্ত্রী॰ ~বতী-গুণশালিনী; গুণময়ী।

গুণবাস-গুণ দ্রঃ।

গুণবি [ব্রজ] বি, গনিবে। “চিতে নাহি গুণবি আনে।”-বি প॰।

গুণবৃক্ষ [গুণের (গুণ বন্ধনের) বৃক্ষ, -৬ তৎ] বি, নৌকার যে মাস্তুলে রজ্জু বাঁধিয়া নৌকা চালান হয়; গুণস্তম্ভ; মাস্তুল।

গুণবৈষম্য [গুণ-বৈষম্য-৬ তৎ] বি, বিরুদ্ধ গুণের সমাবেশ; গুণের অসামঞ্জস্য।

গুণভূষণ-বি, গুণরূপ অলঙ্কার; গুণালঙ্কার।

গুণভৃৎ [গুণ-ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, যে গুণধারণ করে গুণধারী; গুণবান্; গুণী। ২ বি, সর্ব্বগুণাকর, পরমেশ্বর।

গুণমণি [গুণ রূপ মণি (রত্ন)। প্রা॰-বাং -গুণমণি (শূ॰ পু॰)] বি, গুণালঙ্কার; গুণনিধি। “কোথা মম শ্যাম গু॰? মণিহারা আমি গো ফণিনী!”-ব্রজাঙ্গনা॰। ২ [গুণী-মণি-গুণীদিগের মধ্যে মণি (শ্রেষ্ঠ)] গুণধর সর্ব্বগুণান্বিত।

গুণময় [গুণ+ময় (প্রাচুর্য্যার্থে)] বিণ, সর্ব্বগুণযুক্ত; গুণশালী; প্রচুর গুণসম্পন্ন। স্ত্রী॰~য়ী(-মি) সর্ব্বগুণ-সম্পন্না; গুণান্বিতা।

গুণমুগ্ধ-বিণ, গুণে মোহিত।

গুণরত্ন [গুণ রূপ যে রত্ন (ধা)] বি, গুণমণি।

গুণরাজ$_1$ [গুণ+রাজ (রাজি বা শ্রেষ্ঠার্থে রাজা >] বি, প্রা-বাং রাজদত্ত উপাধি বিঃ। ভাগবতের শ্রীকৃষ্ণবিজয় নামক অনুবাদ গ্রন্থ-কর্ত্তা কবি মালাধর বসু বঙ্গাধিপ হোসেন শাহ কর্ত্তৃক পঞ্চদশ শতাব্দীর শেষার্দ্ধে ‘গুণরাজ খাঁ’ উপাধিতে ভূষিত হইয়াছিলেন।

গুণরাজ$_2$ [রাজ দ্রঃ। গুণ (গুণী) রাজ (রাজমিস্ত্রী)] বি, স্থাপত্য শিল্পদক্ষ রাজমিস্ত্রী; শ্রেষ্ঠ থৈকর। প্র-মন্দিরটি ভাল গুণরাজের হাতে তৈয়ারি।

গুণলুব্ধ [গুণেতে লুব্ধ-৭ তৎ] বিণ, গুণমুগ্ধ; গুণগ্রহণে আগ্রহান্বিত; গুণগ্রাহী।

গুণশালিতা [গুণ-শালিন্+তা (ভা॰)] বি, গুণবত্তা; গুণসম্বন্ধ; গুণের বিদ্যমানতা; গুণ থাকা। **~শালী** [গুণ+শালিন্ ১মা ১ব॰] বিণ, গুণবিশিষ্ট; গুণযুক্ত, গুণী, গুণবান। > স্ত্রী॰ **~শালিনী**-গুণবতী, গুণসম্পন্না।

গুণশূন্য [গুণদ্বারা শূন্য-৩তৎ] বিণ গুণহীন, গুণবর্জ্জিত; নির্গুণ।

গুণসংমূঢ় [গুণদ্বারা সংমূঢ়-৩ তৎ] বিণ, আত্মাভিমানী।

গুণসঙ্গ [গুণেতে সঙ্গ (আসক্তি)-৭ তৎ] বি, সুখদুঃখানুরাগ।

গুণসম্পন্ন [গুণ দ্বারা সম্পন্ন-৩ তৎ] বিণ, গুণবিশিষ্ট; গুণান্বিত; গুণযুক্ত।

গুণসাগর [গুণের সাগর-৬ তৎ] বিণ, গুণসিন্ধু; গুণাশ্রয়; বহু গুণের আকর। ২ বি, প্রজাপতি; কমলযোনি। ৩ বুদ্ধ বিঃ।

গুণস্তম্ভ -গুণবৃক্ষ দ্রঃ।

গুণহীন [গুণ দ্বারা হীন-৩ তৎ] বিণ, যার কোন গুণ নাই; গুণবর্জ্জিত; নির্গুণ; গুণশূন্য।

গুণা$_1$ >, -না [ফা॰-গুনাহ্=পাপ, অপরাধ] বি, দোষ; অপরাধ; পাপ। “জন্মাবধির গুণা আল্লা তুমি কর মাপ।”-মৈ॰গী। “মুন্নতের গুণা তবে কত গুণ তার।” -অ॰ ম॰।

গুণা$_2$,-না [গুণ দ্রঃ] বি, তার; ধাতুসূত্র। “জাঁতিয়া গাঁথিয়া সোণা সাঁড়াশীতে টানে গুণা, নিরূপণ সূতার সঞ্চার”-কবিক॰। ২ দূর্ব্বা। ৩ সুরা।

গুণা$_3$ [প্রাদে॰ মৈমন॰] বি, আকমাড়া কলের অংশবিঃ: বুড়ীগাছের গর্ত্তে আকপেষণ জন্য আট দশ হা'ত লম্বা কাঠদণ্ড।

গুণা$_4$-ক্রি, গণ ১ঃ।

গুণাকর [গুণ+আকর (খনি)-৬ তৎ] বি, গুণাধার; গুণনিধি। ২ উপাধিবিঃ। -ভারত॰। ৩ বুদ্ধ। ৪ ধাতুবিঃ। “গন্ধমালতী গুয়াথুপী গু॰।”-শি॰। ৫ পরমেশ্বর। “গুঞ্জরি ভ্রমরা করি গুন্ গুন্, গাহিছ কি সেই গু॰ গুণ।”-বাং গান।

গুণাগার [-কার গু॰। চ॰-গুণোগার। ফা॰-গুনাহ্‌গারী (অপরাধীর জরিমানা আদায়ের টাকা) অর্থে বাং-য় গুণাগার] বি, অর্থদণ্ড; লোকসানীর মূল্য। “ঝুঁটি ধ'রে ঝাঁটা মেরে দূর ক'রে দিব। গলাটিপি দিয়া গাঁথা গুণাগার লব॥”-শি॰। ২ [ফা॰-গুনাহ্‌গার্=পাপী, অপরাধী] বিণ, অপরাধী। “কর্ণবেধে যদি হয় হিন্দু গু॰।”-ভারত॰।

গুণাগীর [ফা॰-গুনাহ্‌গার্ >] বিণ, দোষী; অপরাধী। “মহানন্দে জাহাঙ্গীর গু॰ হয়ে। চলিলেন ভবানন্দ মজুন্দারে লয়ে॥” -ভারত॰।

গুণাগুণ [গুণ+অগুণ] বি, গুণ এবং দোষ; দোষগুণ; ভালমন্দ; উৎকর্ষাপকর্ষ।

গুণাতীত [গুণের অতীত-৬ তৎ] বিণ, যে সত্ত্ব, রজঃ ও তম এই তিন গুণের মধ্যে কোন গুণে লিপ্ত নয়; নির্গুণ; পরমেশ্বর।

গুণাধার [গুণ+আধার-৬ তৎ] বি, গুণাকর; সর্ব্বগুণমণ্ডিত।

গুণানুকরণ [গুণ-অনুকরণ-৬ তৎ] বি, সদৃশ গুণলাভের প্রয়াস।

গুণানুকীর্ত্তন [গুণ+অনুকীর্ত্তন-৬ তৎ] বি, গুণানুবাদ; বার বার কোন গুণের উল্লেখ করিয়া প্রশংসা করা।

গুণানুবাদ [গুণ+অনুবাদ-৬ তৎ] বি, পুনঃ পুনঃ কাহারও কোন গুণের উল্লেখ দ্বারা প্রশংসাবাদ; গুণকীর্ত্তন।

গুণানুরাগ [গুণ+অনুরাগ-৬তৎ] বি, গুণাসক্তি; গুণের প্রতি আকর্ষণ; গুণপ্রীতি। বিণ, ~গী-গুণাসক্ত; গুণের প্রতি

প্রীতিবিশিষ্ট ; গুণানুরক্ত। স্ত্রীং ~গিণী-গুণানুরক্তা। বি, ~গিতা।

গুণান্তর [গুণের অন্তর-৬ তৎ] বি, গুণভেদ ; ভাবান্তর ; অন্যগুণ।

গুণান্বিত [গুণ (দ্বারা) অন্বিত-৩ তৎ] বিণ, গুণমণ্ডিত ; গুণযুক্ত। স্ত্রীং ~া।

গুণাপকর্ষ [মনোবিজ্ঞান পরিঃ] বি, গুণ ক্ষয় ; গুণের হীনতা ; মূল্যের হ্রাস depreciation ~ক-বিণ, গুণক্ষয়কর depreciative

গুণাবয়ব [গণিত পরিঃ] বি, গুণনীয়ক factor

গুণাবলী [গুণ+আবলী] বি, গুণসমূহ। ২ নামতা table of multiplication

গুণাভরণ [গুণ (রূপ) আভরণ, ধা] বি, গুণালঙ্কার ; গুণভূষণ।

গুণাভাস [গুণ+আভাস-৬ তৎ] বি, গুণসাদৃশ্য। ২ গুণ বলিয়া ভ্রম।

গুণার্ণব [গুণ+অর্ণব-৬ তৎ] বি, গুণসাগর ; গুণাধার ; গুণনিধি।

গুণালঙ্কার [গুণ(রূপ) অলঙ্কার-ধা] বি, গুণাভরণ। বিণ, ~ঙ্কৃত [গুণ দ্বারা অলঙ্কৃত-৩ তৎ] যার নানা গুণ আছে, গুণবত্ত্বভূষিত ; গুণমণ্ডিত। স্ত্রীং ~ঙ্কৃতা।

গুণি [গণি দ্রঃ] ক্রি, বুঝিয়া ; চিন্তা করিয়া (কবিকং)।

গুণিজন [গুণী দ্রঃ। সমাসে ী=ি] বশীকরণ বিদ্যা জানা লোক (কবিকং) ; তন্ত্রমন্ত্রে নিপুণ ব্যক্তি।

গুণিত [গুণ্ (অভ্যাসে, পূরণে) + ত (র্ম্ম) ই আগম] বিণ, অন্য রাশি দ্বারা গুণ করা ; পূরিত। ২ গণিত ; সংখ্যাত। ৩ (`গু-) [প্রাং গুনতো] ক্রি, গণনা করিত। গুণা দ্রঃ।

গুণিতক [গুণিত+ক (জ্ঞাং)] বি, গুণনীয়ক multiple.

গুণিন [গুণ (মন্ত্র)ইন্ (স্ত্য, সিদ্ধ অর্থে)] বিণ, মন্ত্রসিদ্ধ ; তন্ত্রমন্ত্রে নিপুণ, যে গুণ করিতে জানে। প্র-লোকটী ভাবি গুণিন। ২ জ্যোতিষী। ৩ রোজা।

গুণিবাচক [তং বিং পরিঃ] বিণ, "কোন একটা বিষয়ের নামবাচক (কোন একটা গুণের নাম বাচক হইলে 'গুণবাচক', তাহা গুণিবাচক নাম, ভ্রাতৃত্ব গুণবাচক নাম ; কৃতজ্ঞ গুণিবাচক নাম, কৃতজ্ঞতা গুণবাচক নাম। -প্রং সিংহ) concrete

গুণী [গুণ+ইন্-(স্ত্য)। মূং গুণিন ১মা ১বং] বিণ, যার গুণ আছে ; গুণযুক্ত ; গুণবিশিষ্ট ; গুণবান্। "* * * অখিল জগতে, নাহি হেন গুণী আর, কহিনু তোমারে।" -বীরাঙ্গনা। ২ ধার্মিক। ৩ [মালং-গুনি= sorcery ; witchcraft -I. M. L.] তন্ত্রমন্ত্রসিদ্ধ ; বশীকরণমন্ত্রসিদ্ধ ; যে গুণ করিতে জানে ; বশ করিবার বা মুগ্ধ ও স্তম্ভিত করিবার বিদ্যা যার আছে। "তুমি কেমন করে গান কর যে গুণী, অবাক্ হয়ে শুনি, কেবল শুনি।" -গীতাঞ্জলী।

গুণীভূত [গুণ+ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি) =গুণী+ভূত] অপ্রবল ; অপ্রধানভাবে স্থিত ; অপ্রধানীভূত। ২ অদৃশ্য ; লক্ষ্যের বহির্ভূত।

গুণীভূতব্যঙ্গ [অলং শাং পরিঃ] বি, কাব্যাংশের যেখানে ব্যঙ্গ্যার্থ হ'তে বাচ্যার্থ চমৎকারজনক হয় [বাঙ্গ্যার্থ অধিক চমৎকারজনক হলে তাকে ধ্বনিকাব্য বলা হয় ধ্বনি দ্রঃ]।

গুণোৎকর্ষ [গুণ (গুণের) উৎকর্ষ-৬ তৎ] বি, গুণপ্রাচুর্য ; গুণের বৃদ্ধি ; গুণাধিক্য।

গুণোত্তর [গং পরিঃ, লীলাবতী] বি, সমগুণ শ্রেঢী (শ্রেঢী দ্রঃ) geometrical progression

গুণোপেত [গুণ (দ্বারা) উপেত (যুক্ত)] বিণ, গুণপ্রাপ্ত ; গুণমণ্ডিত ; গুণযুক্ত ; গুণী।

গুণ্ঠ [সং] বি, গাঁট ; দণ্ড ; ডাঁটা। "কেন গোলাপ গুণ্ঠে কণ্টক ঘন" -মন্দির (দরবেশ)।

গুণ্ঠন [গুণ্ঠ্ (বেষ্টন করা) + অন (ভাং)] বি, আচ্ছাদন ; আবরণ ; বেষ্টন। ২ অবগুণ্ঠন ; ঘোমটা।

গুণ্ঠিত [গুনঠ্ (বেষ্টন করা) + ত (র্ম্ম)] বিণ, যা বেষ্টন করা হইয়াছে ; বেষ্টিত ; আচ্ছাদিত ; গুণ্ঠনাবৃত। ২ গুটানো। "অহঙ্কারের পুচ্ছ গুণ্ঠিত করিয়া" -বঙ্গভাষা ও সাহিত্য। ৩ ভস্মাচ্ছাদিত ; ছাইচাপা।

গুণ্ড, গুণ্ডা [সং-গুণ্ড্ (চূর্ণীকরণে, পেষণে) > ; হিং-গুণ্ডা (বদমাস, দস্যু)] বি, বদমাস ; দুর্বৃত্ত ; দুর্জন ; দস্যু। "গুন দেখি ওরে গুণ্ডা, যদি বা হানিলি গণ্ডা কোন লাজে নিলি বরমালা।" -ঘং। গুণ্ডামি, গুণ্ডামি-গুণ্ডার ন্যায় আচরণ। গুণ্ডাগিরি-বদমায়েসী ; দস্যুবৃত্তি ; দুর্বৃত্তাচার। ২ গুপ্তহত্যাকারী ; গুপ্তঘাতক।

গুণ্ডা, [গুণ্ড্ (চূর্ণকরণে) >। তুল-গুণ্ডি (ধূল dust- I. M. L.)] বি, গুঁড়া। 'শ্রীঅঙ্গে করিতে গুণ্ডা" -কবিকং।

গুণ্ডিক [গুনড (চূর্ণ করা) + অক (ই আগম)] বি, গুঁড়ি ; চাউলাদি চূর্ণ। স্ত্রীং ~া।

গুণ্ডিচা-বি, জগন্নাথ দেব রথারোহণের পর সপ্তাহ কাল যে বেদীতে অবস্থান করেন ; ইন্দ্রদ্যুম্ন মহিষী গুণ্ডিচা দেবী প্রতিষ্ঠিত শ্রীক্ষেত্রস্থ মণ্ডপবিঃ। ~যাত্রা-বি, জগন্নাথ দেবের শ্বশুরালয় যাত্রারূপ উৎসব। "কিছু দিনান্তরে মহা আড়ম্বরে শ্রীগুণ্ডিচা যাত্রা হয়।" -কাঞ্চী।

গুণ্ডিত [গুনড্ (চূর্ণ করা) + ত (র্ম্ম)] বিণ, চূর্ণিত ; গুঁড়ান। ২ গুঁড়ি নিশান ; চূর্ণযুক্ত।

গুণ্য [গুণ্ + য (র্ম্ম)] বিণ, যাকে গুণ করিতে হইবে ; গুণনীয় multiplicand ২ বিশিষ্টগুণশালী।

গুত,-তা-গুঁতা দ্রঃ।

গুতানি [প্রা-বাং-ঢুষান, 'গুতান'র ব্যবহার দৃষ্ট হয় না। তুল-হিং-গূথ্না (গাঁথা)। সম্ভবতঃ আ-গোতা (জলে ঢু মারিবার মত করিয়া ডুব > হিং-গোতা মার্না=ডুব পালা)। গুতাই, গুতাও, গুতায়, গুতাইতে ; গুতাইয়া (ক্ষেং গুতিয়ে)] ক্রি, ঢু মারা ; শৃঙ্গ-দ্বারা গাঁথা বা আঘাত করা। বি গুতনি, গুতানি, গুতুনি। বিণ, গুতানিয়া, গুতুনে, গুতিস্তে, গুতুস্তে।

গুৎস [গুধ্ (ক্রীড়া করা, বেষ্টন করা) + স (বি, জ্ঞাং) ভ্রমরগণ যেখানে ক্রীড়া করে] বি, তোড়া ; গোছা ; থোকা। ২ গাছের গুঁড়ি। ৩ তৃণগুচ্ছ ; পুষ্পস্তবক। ৪ গ্রন্থের অধ্যায় বা পরিচ্ছেদ। ৫ বত্রিশনরি হার। ~ক-বি, স্তবক। ২ গ্রন্থ-পরিচ্ছেদ।

গুদ [গু (মল ত্যাগ করা) + দ (পে-জ্ঞাং) যদ্দারা মল ত্যাগ করা হয়] বি, গুহ্যদেশ ;

মলদ্বার : পায়ু। ২ [প্রাদে°] স্ত্রী-চিহ্ন : যোনি pudendum muliebre

গুদড়, গুদড়ী, গুধড়ী [পর্তু° godrim >] বি. ভিখারীর কাঁথা : সন্ন্যাসী ফকীরদিগের গাত্রাবরণ : কন্থা।

গুদম, গুদাম [Malay-'godong' (warehouse) > হি° গোদাম, গুদাম > বাং গুদম, গুদাম। তুল- Anglo Ind —godown] বি. মালখানা : ভাণ্ডার।

গুদার, গুদার ঘাটা, গুদারা [ফা°-গুদার্] বি. খেয়াঘাট।

গুন১-গুণ দ্রঃ।

গুনি২, **গুনো** [গুলা দ্রঃ। ল=ন। গ্রা°] বি. সংখ্যাবাচক প্রত্যয়। ১ বিণ. কতিপয় ; কয়টি : অধিক সংখ্যক। প্র-দুই গুন্। এত গুনো।

গুন৩ [gunny >] বি. চট। কাদায় গুণ ফেলে-অপ্রীতিকর বিষয় বা কষ্ট-দায়ক বিষয় চাপা দিয়া।

গুন্‌গুন্ [গুণ গুণ দ্রঃ। অনু°] বি. গুঞ্জন : ভ্রমর ঝঙ্কার। "গুনগুন্ রবে তারা মধুপান করে।"-পদ্যপাঠ। ২ অস্ফুটস্বরে সঙ্গীতের আলাপ। ক্রি. গুনগুনানি-গুনগুন্ শব্দ করা : ঐ শব্দে গান করা। "অমনি করে গুনগুনিয়ে গাও না মা গো।"-প্রবাসী,১৩৩০।

গুনী [গুণী দ্রঃ] বি. বিণ. সঙ্গীতজ্ঞ (কবিক°)।

গুন্দল-বি. মর্দ্দল : মাদল নামক বাদ্য।

গুন্দ্র-বি. শরতৃণ ; শরের গাছ। ২ মুথাতৃণ।

গুপি[গুপ্ত >] বি. গুপ্ত আঘাত। "অন্তরে মরম ব্যথা কাহারে কহিব কথা গুপতে গুমরি মরি মরি।"-চণ্ডি°।

গুপত[গুপ্ত শব্দের মৃদুরূপ, পদ্যে] বিণ. গুপ্ত। "চারি বেদ নাহি ছিল সাস্তর বিচার। গুপত বেদ করিলেন্ত পরভু করতার॥" -শূ° পু°।

গুপ্ত [গুপ্ (রক্ষা করা, গোপন করা)+ত (র্ম্ম)] বিণ. লুক্কায়িত ; গূঢ়। ২ অপরিজ্ঞাত ; অদৃশ্য : অলক্ষিত। ৩ সংবৃত : আচ্ছাদিত। ৪ রক্ষিত। ৫ বি. উপাধিবিঃ। স্ত্রীঃ ~া -লুক্কায়িতা। ২। অলক্ষিতা। ৩। রক্ষিতা। ৪ [প্রা-বাং] বি. রক্ষা, উদ্ধার। "দশ বিশ বীরবর লইয়া যমঘর শ্রীমন্তে করিতে গুপ্তা"-কবিক°। ৫ চুয়া। **~কথা** [গুপ্ত (গোপনীয়) কথা] বি গোপনীয় বিষয় : গূঢ়বিষয় : অজ্ঞাত-কাহিনী, অপ্রকাশিত বৃত্তান্ত। **~গতি** [গুপ্ত হইয়াছে গতি (গমন) যার, বহু] বি. যে গোপনে গমন করে, গুপ্তচর। **~চর** [গুপ্ত (চর, ধা)] বি. গোপনে ভ্রমণকারী দূত ; গুপ্ত সংবাদদাতা। **~ধন**-বিণ. যে ধনের সন্ধান কেহ জানে না : লুকান ধন। **~বেশ** [গুপ্ত-বেশ] বি. ছদ্মবেশ। **~মন্ত্র** [গুপ্ত-হইয়াছে মন্ত্র (মন্ত্রণা) যার, বহু] বিণ. যে রাজার মন্ত্রণা কেহই জানিতে পারে না। "গুপ্তমন্ত্র রাজার বিপৎপাতের সম্ভাবনা নাই।"-রত্নমালা। **~রহস্য**-বি গোপনীয় বিষয়ের গূঢ়তত্ত্ব।

গুপ্তি [গুপ্ (রক্ষা করা)+তি (ভা°-)] বি. রক্ষণ : রক্ষা। ২ পাহারা। ৩ সংবরণ। ৪ গোপন। ৫ [বি] গুপ্তস্থান : ভূগর্ভ। ৬ কারাগার। ৭ ময়লাদি ফেলিবার ভূমি। ৮ নৌকা কিম্বা জাহাজাদির খোল। ৯ [তৃ°, ক্তি] যে প্রাণিগণকে ইহলোক হইতে গোপন করে : যম। ১০ তরবারি অপেক্ষা কিছু ছোট ও সরু অস্ত্র। ইহা যষ্টির অভ্যন্তরে গুপ্ত থাকে বলিয়া ইহার নাম গুপ্তি।

গুফা [সং-গুহা > ভং অথবা গুপ্ত > হি°-গুফা=গুপ্তস্থান (২) কন্দর। প্রা°-বাং-গোফা] বি. গহ্বর ; পর্ব্বতকন্দর।

গুব্/ গুব [অনু°] অ। জলে ডুব দিবার বা কলসাদি ডুবাইয়া জল ভরিবার শব্দ। ২ গোপীযন্ত্র। **~গুবা/গুব**-উক্ত যন্ত্রে উপর্য্যু-পরি উত্থিত ধ্বনি।

গুবরানি-ক্রি, ডাঁসান ; আধপাকা হওয়া। ২ অস্পষ্ট ও নোংরা করিয়া লেখা (গাঙ্গুলী।)

গুবাক, গূবাক [গু (ত্যাগ করা)+ আক (র্ত্তৃ-জ্ঞা) যে পক্বতাবস্থায় ফল সকল ত্যাগ করে] বি. সুপারি গাছ। ২ সুপারি।

গুম১ [অনু° : ঘোষে গ এবং গম্ভীর অর্থে, ম] বি. গম্ভীর শব্দ : পৃষ্ঠে কিল পড়িবার শব্দ ; উচ্চস্থান হইতে গুরুভার বস্তুর পতন শব্দ ; তোপ দাগিবার শব্দ। **~গুম** [অনু°। গুম্১ দ্রঃ। ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] অ. কিল প্রহার শব্দ ; ছাদে গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। ক্রি, **~গুমানি**-গুমগুম শব্দে কিল মারা। অস-ক্রি., **~গুমাইয়া, ~গুমিয়া**১ (গ্রা° গুমগুমিয়ে)। বি. **~গুমানি**। বিণ. **~গুমিয়া**২, **~গুমে**। প্র-পিঠের উপর গোটাকতক বেশ গুমগুমে কিল প'ড়েছে।

গুম২ [হি° -গুম্=গুপ্ত] বিণ. গুপ্ত ; লুক্কা-য়িত : অপ্রকাশিত। প্র-মালপত্র গুম করে ফেলেছে। ২ আপনাতে আপনি বদ্ধ ; নিস্বাক এবং নিশ্চল ভাব। প্র-গুম হইয়া বসিয়া থাকা। **~খুন** [হি°-গুম+ফ:খুন] বি. গোপন হত্যা : গুপ্তহত্যা।

গুম৩ [অপ্রকাশিত বা বদ্ধ অবস্থার বোধক] বিণ. গুমসা ; বদ্ধ বায়ুতে থাকায় দুর্গন্ধময়। প্র-গুম গন্ধ।

গুমগুম-গুম১ দ্রঃ।

গুমট, গুমঠ [তুল-মাল° -গুমসত্রে (to be sultry I.M.L.)] বি. উত্তাপ : গ্রীষ্ম ; গরম। ২ নির্ব্বাত গ্রীষ্ম : মেঘে চতু-র্দ্দিক ঘিরিয়া ও বায়ুরোধ করিয়া থাকিলে যে পচা গরম পড়ে। "হঠাৎ গুমঠ্ ভাঙ্গিয়া একটা বাতাস হু হু করিয়া অন্ধ বনানীর শিরোদেশ কাঁপাইয়া স্তব্ধ আকাশের ঘনপুঞ্জ আলোড়িত করিয়া তুলিল।"-মানসী। ৩ [লক্ষ°] স্তব্ধ-ভাব ; পরস্পর ভাবের আদান-প্রদান-রহিত অন্তরে গুমরিয়া থাকার ভাব। "রং নেই রস নেই এমন একটা কাজে প'ড়ে রয়েছে, আমরা এর ভিতরে বাঁচব কি করে, এটা ভয়ঙ্কর সামাজিক গুমট। হাওয়া খেলা দরকার। -রবী° (আ-শক্তি ১৩২৮)।

গুমটি, -টী [হি] বি. প্রহরীদের থাকিবার সঙ্কীর্ণদ্বার তিনদিক বদ্ধ গুম্বজাকৃতি গৃহ : প্রহরীদের বাস গৃহ। ২ যে জাহা-জের খোলের জল সেঁচিয়া ফেলে : নৌকা বা জাহাজের জল সেঁচিবার খালাসী।

গুমর১, **গুমার** [ফা-গুমান=গর্ব্ব। হি° গুমর। গ্রা°। তুল-আ-গর্বা : সং-গর্ব্ব। গুমোরও লিখিত হয়] বি. গর্ব্ব : দম্ভ, মাৎসর্য্য ; দেমাক্। গু° করা-গর্ব্ব করা : দাম্ভিকতা দেখান। গু° ভাঙ্গা-গর্ব্ব চূর্ণ করা। ২ অহঙ্কার দূর হওয়া।

গুমর২ [প্রাদে°] বি. মূল্য। ২ চাহিদা। "জমির গুমর"।

গুমরানি [গুম (দ্রঃ) + আন (ক্রিয়ায়)-গুমান, পরে গুমরান। হি° গুমরানা। গুমরাই,গুমরাও, গুমরায় ; গুমরিতে, গুমরাইতে (কথ্য° গুমরাতে) ; গুমরিয়া গুমরাইয়া (পদ্যে গুমরি। কথ্য° গুমরে)] ক্রি আপনাতে আপনি প্রায় বদ্ধশ্বাস হইয়া থাকা ; হৃদয়াবেগ রুদ্ধ করা। "মনে হলে চুপ, ফাটে মোর বুক, গুমরে গুমরে মরি।"-হ°ভি°। "এযে বুক ফাটা দুখে গুমরিছে বুকে, গভীর মরম বেদনা।-রবী°।

গুমসিনি,গুমসানি [হি-গুমসা(ভাপ্সা, ছাতাপড়া)। গ্রা° 'গোমসান' ও°] ক্রি, বদ্ধবায়ু বা নির্ব্বাত স্থানে থাকায় ছাতা ধরা বা ভাপ্সিয়া যাওয়া। ২ গুমট করা। বি, গুমসানি-গুমট। বিণ, গুমসা, গুমসি -গুমা : ভাপ্সা।

গুমা১ [গুম দ্রঃ] ক্রি, গুমিয়া যাওয়া ; ছাতা পড়া ; ভাপ্সান বা গরমে পচিয়া দুর্গন্ধ-যুক্ত হওয়া। ২ বিণ, গুমসা। প্র-গুমা গন্ধ।

গুমা২, গুমো (তুল-ডুমা,-মো(দ্রঃ)। তুল-মাল°-গুমো(post or pillar of wood) I M L] বি. স্থূল খণ্ড।

গুমান [ফা°-গুমান্] বি, গর্ব্ব ; অহঙ্কার। "গুমান হইল গুঁড়া না মিলিল খুদ কুঁড়া।" "কোথা বা সে বেণরাজা কোথা বা সে বাণ। কোথা গেল দুর্যোধন করিয়া গু°।"-শিঃ।

গুমার-গুমর দ্রঃ।

গুমি [গুম২ দ্রঃ] বি, গোপন। ২ [এই অর্থে 'গুমী' ও°] বিণ, গুপ্ত। ৩ অপরাধ-জনকভাবে লুক্কায়িতকরণ সম্বন্ধীয়। প্র-গু° মামলা।

গুমো-গুমা দ্রঃ।

গুম্ফ [গুন্‌ফ্ (গাঁথা) + অ(ভা°)] বি, গ্রন্থন ; গাঁথনি ; গাঁথা। ২ [র্ম্ম] গুচ্ছ। ৩ প্রবন্ধ। ৪ শ্মশ্রু : গোঁপ।

গুম্ফন [গুন্‌ফ্ (গ্রন্থন করা) + অন (ভা°)] বি, গাঁথন ; রচনা। ২ গ্রথিত করণ ; দলবন্ধন grouping.

গুম্ফবন্ধনী [এই পারিভাষিক শব্দ জ্যো° ঠাকুর মহাশয় প্রবর্তন করিয়াছেন] বি. গণিতে মিশ্ররাশি একত্র বা স্বতন্ত্র করিবার বন্ধনী ; ডবল ব্র্যাকেট ; { } এই চিহ্ন। প্রমুখী গুম্ফ বন্ধনী-গুম্ফ-বন্ধনীর প্রথম বা বামার্দ্ধ ; { এই চিহ্ন। বিমুখী গুম্ফ বন্ধনী-গুম্ফবন্ধনীর দক্ষিণ বা শেষার্দ্ধ ; } এই চিহ্ন।

গুম্ফিত [গুন্‌ফ্ (গাঁথা) + ত (র্ম্ম)] বিণ যা গাঁথা হইয়াছে ; গ্রথিত ; বদ্ধ ; রচিত।

গুম্বজ [ফা°-গুম্বদ্, উ°-গুম্বজ্] বি. গোল ছাদ ; মন্দির মসজিদ ই°র শীর্ষস্থ কলস dome, cupola

গুয়া [সং-গুবাক > কথ্য°। মৈমন-প্রাদে-'গোয়া'। "খায় গোয়া পান"-মৈ° গী] বি, সুপারি। "মুখে মুখ দিয়া পান গুয়া নিয়া ঘুরিয়া বেড়ায় সুখে।"-চণ্ডি°। ~থুপী-বি, ধান্যবিঃ। "গন্ধমালতী গুয়াথুপী গুণাকর।"-শি°। ~রেখী [সুপারির গায়ের রেখা-যুক্ত বলিয়া।

গুয়ে [গু + ইয়া-গুইয়া > কথ্য° গুই > অনাদরে গুয়ে] বিণ, বিষ্ঠাযুক্ত। ২ বি. গু ঘৃণ্য ও অস্পৃশ্য বলিয়া শিশুকে যমে স্পর্শ করিবে না এই বিশ্বাসে তাহার গুইয়া বা গুয়ে এই নাম রাখা হয়। ~বাবলা [সং-বিষ্ঠা খদির (বিট খদির দ্রঃ)। বিষ্ঠার ন্যায় দুর্গন্ধময় বলিয়া এই নাম] বি. বিটখদির ; বিট। ~সালিক [সং-গুহা-সরিকা] বি, সারিকা পাখীর জাতিবিঃ The pied myna

গুরগুটে,-ট্টে [গুড়গুড়ে (দ্রঃ)] বিণ, গোলগাল ; ভাঁটার মত। "লোকটার চেহারা বেঁটে খেটে গুরগুট্টে।"-কালিকারহস্য।

গুরবাঁক [সাঁওতালি শব্দ] বি. রূপার চরণালঙ্কার-বিঃ (নূপুরের মত ও বাঁকা)।

গুরি-গিবি৩ দ্রঃ।

গুরু [সং-গৃ (স্তুতি উক্তি অর্থে)=গুর্ + উ (র্তৃ) যিনি দেবতাকে স্তব করিতে শিক্ষা দেন -যিনি শিষ্যের মঙ্গলার্থ দেবতার স্তব করেন] বি, ধর্ম্মপ্রচারক ; আচার্য্য। ২ উপদেশক ; অধ্যাপক ; শিক্ষাদাতা। ৩ মন্ত্রোপদেষ্টা ; যিনি তান্ত্রিক বিধানে মন্ত্র দেন [তন্ত্রশা°-গু শব্দের অর্থ যিনি সিদ্ধি দান করেন, র অর্থে পাপনাশক, উ অর্থে শম্ভু > যিনি সাধকগণের সিদ্ধি প্রদানের জন্য উপদেশ দ্বারা পাপরাশি নাশ করিয়া স্বয়ং শম্ভু রূপে আত্মাকে দর্শন করান]। ৪ ধর্ম্মোপদেশক ; পুরোহিত। ৫ দেবগুরু বৃহস্পতি। ৬ দৈত্য গুরু শুক্রাচার্য্য। ৭ রঘুবংশে বশিষ্ঠ ও বিশ্বামিত্র। ৮ চন্দ্রবংশে দ্রোণাচার্য্য। ৯ দীর্ঘস্বর। ১০ [র্ম্ম-উ] বিণ, ভারী ; অলঘু। ১১ মহৎ। ১২ কঠিন। ১৩ অত্যন্ত ; অধিক। ১৪ পূজনীয়। ১৫ দুর্গম। ১৬ বিষম। ১৭ দুষ্কর। ১৮ অত্যুত্তম ; উৎকৃষ্ট। ১৯ প্রয়োজনীয়। ২০ প্রশংসনীয়। ২১ পিণ্ডালু ; চুবড়ী আলু। ২২ জন্মদাতা ; পিতা। ২৩ দুর্জ্জয়। স্ত্রীঃ গুর্ব্বী-গুরুতরা। ~কন্যা-গুরুর কন্যা। ~করা-গুরুস্থানে বরণ করিয়া তাঁর নিকট মন্ত্র গ্রহণ করা। ~কুল-গুরুর বংশ। ~ক্রম [গুরু (উপদেশক) হইয়াছে ক্রম (পর্য্যায়) যাতে (উপদেশে)-বহু°] বি, গুরুপরম্পরাগত যে উপদেশ। বিণ, গুরুক্রমিক। ~গত-বিণ, গুরুর অনুগত ; গুরুঘটিত। ~গম্ভীর [গুরু (ও) গম্ভীর] বিণ, ওজোগুণসম্পন্ন ও মহত্ত্বপূর্ণ ; অর্থ গৌরব ও শব্দাড়ম্বরযুক্ত। "বিষয়-গৌরবের সহিত ভাষা-গৌরবের সম্বন্ধ আছে। কবিতার জন্য নির্ব্বাচিত বা আখ্যান বস্তু যদি গুরু গম্ভীর হয়, তা হলে কবিকে সামঞ্জস্য-রক্ষার জন্য গুরুগম্ভীর শব্দ ব্যবহার করিতে হয়।"-আত্মশক্তি বৈশাখ,১৩৩৪। ২ উচ্চ ও গভীর। "গুরুগম্ভীর শব্দ করিতে কবিতে।" -উত্তরা। ~গিরি-অধ্যাপনা ; মন্ত্রদানাদি কর্ম্ম-সম্পাদন ; গুরুর পদোচিত কর্ম্ম। ~গৃহ-গুরুর গৃহ। ~ঘাতক-বিণ, গুরু-হন্তা ; ~ঘাতী-গুরুহত্যাকারী। ~ঘ্ন [গুরু-হন (বধ করা) + অ (র্তৃ) হ-অ-লোপ, হ্=ঘ্ + ন্=ঘ্ন] ২ বিণ, গুরুহন্তা। ~চাণ্ডালী [অলঙ্কার শাস্ত্রে পতৎ-প্রকর্ষতা দোষ দ্রঃ] বি, সাধু ভাষার সহিত অপভাষা ব্যবহাররূপ ভাষা দোষ-বিঃ। "সংস্কৃত শব্দের সহিত দেশজ শব্দে মিলাইয়া গুরুচাণ্ডালী দোষের সৃষ্টি করিব কেন।"-গৃহস্থ, ১৩২০। "এক সম্প্রদায় বলেন. সাধু-ভাষা ও চলিত ভাষার এরূপ সংমিশ্রণে গুরু-চাণ্ডালী দোষ হয়।"-ললিতকুমার বন্দ্যো°।

~র্জন-গুরুর ন্যায় মান্য ব্যক্তি। ~র্জল -বি, ধাতুমিশ্রিত জল hard water. ~ঠাকুর-গুরুদেব। ~র্তনয়-বি, গুরুপুত্র। ~র্তম [গুরু+তম (বহুর মধ্যে একের উৎকর্ষার্থে)] বিণ, অত্যধিক ভারী ; সর্ব্বাপেক্ষা গুরু। ২ সকলের পূজনীয়। ~র্তর [গুরু+তর (দুয়ের মধ্যে একের উৎকর্ষার্থে] বিণ, গরীয়ান্ ; অপেক্ষাকৃত অধিক গুরু। প্র-গুরুতর অপরাধ। ~র্তল্প [গুরু (বিমাতা) হইয়াছে তল্প(ভার্য্যা)যার-বহুং] বিণ, বিমাতৃগামী। ২ [গুরুর তল্প (শয্যা)-৬ তৎ] বি, গুরুর শয্যা। ৩ গুরুপত্নী। ~র্তল্পগ [গুরুর তল্প (ভার্য্যা)-গ-গম্ (গমন করা)+অ (র্তৃ) ম্-লোপ] বিণ,বিমাতৃগামী। ২ গুরুপত্নীগামী। ~তা, ~ত্ব [গুরু+তা, ত্ব (ভা॰)] বি, গুরুগিরি। ২ মহত্ত্ব। ৩ ভারত্ব gravity ; weight. ৪ আতিশয্য ; আধিক্য। ৫ গাম্ভীর্য্য ; অলঘুত্ব। ৬ কাঠিন্য। ৭ পূজ-নীয়ত্ব। ৮ পিণ্ড, স্তূপ mass ~দক্ষিণা-গুরু বিদায় : গুরুর যা প্রাপ্য। ~র্দশা-বৃহস্পতির দশা। ২ পিতৃমাতৃবিয়োগ জন্য অবস্থা। প্র-গুরুদশার বৎসর। ~দেব-গুরুরূপ দেবতা : সম্মানিত গুরু। ~নির্তম্ব-বিণ, যার নিতম্বদেশ স্থূল ; পাছাভারী steatopygous. স্ত্রীং ~নির্তম্বা, ~নিতম্বিনী। ২ [গুরু যে নিতম্ব-ধা] বি, ভারি পাছা। "গুরু নিতম্ব উরু পয়োধর ভারে ভূমে ঢলিয়ে পড়ি।"-বাং-গান। ~নির্তম্বতা [জাতি॰পরিঃ] বি, নিতম্বদেশ বা পাছা ভারি হওয়া steatopyga. ~নিন্দা-গুরুর নিন্দা। ~পত্নী-গুরুর সহধর্ম্মিণী। ~পরিচর্য্যা [গুরুর পরিচর্য্যা-৬ তৎ] বি, গুরুসেবা। ~পাক-যা সহজে পরিপাক হয় না। ~পাট, ~র পাট-গুরুর স্থান। ~পুত্র-গুরুর পুত্র। ~পুরুত-মন্ত্রগুরু ও পুরোহিত। ~পূজা-গুরুকে পূজা ; গুরুর সেবা ও সম্মান। ~র্বধ-বি, গুরুহত্যা। ~র্বরণ-গুরুর বরণ। ~র্বর্ণ-উচ্চবর্ণ। ~র্বল-গুরুর কৃপাবল ; গুরুর আশীর্ব্বাদ রূপ বল। "আমার বড় গুরুবল যে অদ্যাপিও সরকারগিরি কর্ম্মটী বজায় আছে।"-টেকচাঁদ। ~বার-বৃহস্পতিবার (বৃহস্পতি দেবগুরু বলিয়া)। ~র্ভক্ত-বি, গুরুর প্রতি ভক্তিভাব। ~ভক্তি-গুরুর প্রতি ভক্তি। ~ভাই-এক গুরুর শিষ্য সম্পর্কে ভাই। ~ভার-বি, অধিক ভার। ২ দায়িত্বের আধিক্য। ৩ বিণ, যার ভার অধিক ; খুব ভারী। ৪ যাতে দায়িত্ব অত্যন্ত অধিক : অত্যধিক দায়িত্বযুক্ত। ~র্মর্দ্দল [গুরু (বৃহৎ) যে মর্দ্দল-ধা।] বি, বৃহদাকার মাদল বাদ্য। ~র্মহাশয়, ~র্মশাই-শিক্ষাগুরু : পাঠশালার শিক্ষাগুরু। ২ [বিদ্রূপে] জ্যাঠামশায় : অকাল পক্ক ; ডেঁপো উপদেষ্টা। "এই বইখানি কোন গুরুমহাশয় বা জ্যাঠামহাশয়ের লেখা নয়।"-সম্মিলনী। ~মা-ইষ্টমন্ত্রদাত্রী। ২ গুরুপত্নী। ৩ আধু॰-বাং-য় বালিকা বিদ্যালয়ের শিক্ষয়িত্রীকে ছাত্রীগণ কর্ত্তৃক সম্বোধন। ~মারা বিদ্যা-যে মারণ বিদ্যা গুরুর নিকট শিক্ষা সেই বিদ্যার বলে গুরুকেই মারা। উপমাস্থল-অর্জ্জুন দ্রোণাচার্য্য। "অতঃপর গৌড় হতে এল হেন বেলা। যবন পণ্ডিতদের গুরুমারা চেলা।"-সোনার তরী। ~মুখী, গুরমুখী-বি, শিখজাতির বর্ণমালা। ~ র্রত্ন [বৈদ্যক] বি পুষ্পরাগ মণি। ~য়া [গুরু+আ (স্বার্থে)। ব্রজ॰] বিণ, গুরু : ভারী। ২ স্থূল ; পীন। "গিরিবর গুরুয়া পয়োধর।"-বি॰ প॰। ৩ অধিক ; অতিশয়। "গুরুয়া গরব কুল নাশয়িতে কুলবতী কলঙ্ক আগে আগে চলে।"-জ্ঞান॰। ~শিষ্য-বি, দীক্ষাদাতা ও দীক্ষিত : শিক্ষক ও ছাত্র। ~শুশ্রূষা [গুরুর শুশ্রূষা (সেবা)-৬ তৎ], বি, গুরুসেবা। ~সেবা-গুরুর সেবা। ~স্থানীয় -বিণ, গুরুর পদবীস্থ ; গুরুতুল্য। ~হত্যা [গুরুকে হত্যা-২ তৎ] বি, গুরুকে হত্যা করা রূপ মহাপাতক। ~হন্তা [গুরুর হন্তা-৬ তৎ] বিণ, গুরুহত্যাকারী ; গুরুঘ্ন। ~হা [গুরু-হন্ (বধ করা)+ক্বিপ্ (র্তৃ), মূ॰-গুরুহন, ১মা ১ব॰=গুরুহা] বিণ, গুরুহন্তা।

গুরুত্বাকর্ষণ [পদার্থ-বিজ্ঞা॰ পরিঃ] বি, অধিক গুরু বা ভারী পদার্থ তদপেক্ষা অল্পভার পদার্থকে আকর্ষণ ধর্ম্ম gravitation

গুরুত্বানুভাবিকতা [গুরুত্বের অনুভাবকতা,-৬ তৎ] বি, গুরুত্ববোধক শক্তি।

গুরূত্তম [গুরুদিগের মধ্যে উত্তম-৭তৎ] বিণ, পূজ্যতম ; গুরুশ্রেষ্ঠ ; সর্ব্বাপেক্ষা পূজনীয়। ২ বি, জগদীশ্বর।

গুরূপদেশ [গুরু (র) + উপদেশ -৬ তৎ] বি, কর্ত্তব্যাকর্ত্তব্য সম্বন্ধে গুরুর পরামর্শ ও আদেশ।

গুরূপাসনা [গুরু+উপাসনা] বি, গুরুপূজা ; গুরুসেবা।

গুর্জ্জর বি, গুজরাট দেশ। ২ গুর্জ্জরদেশের অধিবাসী। স্ত্রীং ~রী-বি, গুর্জ্জররাগিণী। ২ গুজরাটবাসিনী। ৩ বিণ, গুর্জ্জরসম্বন্ধীয়।

গুর্ব্বঙ্গনা [গুরু (র) + অঙ্গনা (স্ত্রী) -৬ তৎ] বি, গুরুভার্য্যা : গুর্ব্বী। ২ [গুরুর (পিতার) অঙ্গনা (ভার্য্যা)] বিমাতা।

গুর্ব্বর্থ [গুরু (মহৎ) অর্থ (অভিধা) যার-বহুং] বিণ, দুরবগাহ অর্থযুক্ত। ২ বিশেষ আবশ্যক। ৩ [৬ তৎ] গুরুর ধন।

গুর্ব্বিণী [গুরু (গর্ভস্থ সত্ত্ব) + ইন (স্ত্য), মূ॰-গুর্ব্বিন-স্ত্রীং (ঈ॰)] বি, গর্ভবতী ; গর্ভিণী। "সহেন গুর্ব্বিণী এই যাতনা সকল, পুত্রের কমল মুখ দেখিতে কেবল"।-পদ্যপাঠ, ২য় ভাগ। গুর্ব্বিণী সকল গিরিরাজে গালি পেড়ে। কলস্বরে কান্দেন কন্যার মাকে বেড়ে।"-শি॰।

গুর্ব্বী [গুরু+ঈ (স্ত্রীং)] বিণ, মহতী : প্রধানা। "উক্ত বিন্দু সরোবরের গুর্ব্বী, ভারসহ, অতিদৃঢ় স্বর্ণ বিন্দু বিরাজিত এক গদা নিহিত আছে।"-মহা॰ (সিংহ)। ২ গর্ভবতী। ৩ গৌরববতী। ৪ বি, গুরুভার্য্যা।

গুল১ [ফা॰-গুল] বি, পোড়া তামাক। ২ তামাক খাইবার জন্য অঙ্গার চূর্ণ-নির্ম্মিত গোলাকার বটিকা বা গুটিকা। "রমণ বাবুর আলবোলাটা সেখানে ছিল, তাহাতে কল্কে বসান ; গুলের ছাই ছিল মাত্র।"-ইন্দিরা (বঙ্কিম)। ৩ গোবর ও কয়লার গুঁড়ায় পাকান গুলি ; জ্বালাইবার গুল।

গুল২ [ফা-গুল=গোলাপফুল, ফুল] বি,

ফুল। বাং-য় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই। অন্য শব্দযোগে এই অর্থ প্রকাশ করে। প্র-গুলবাহার ঢাকাই। ~কন্দ [ফা-গুল্ (গোলাপ)] বি, গোলাপ-দেওয়া মিষ্টান্ন।

গুল৩ [গুড় শব্দের উচ্চারণ বিকার। ড=ল] বি, ইক্ষুবিকার, গুড়।

গুল্‌গুলা, গুল্‌গুলে [অনু-। পক্ব ফলের ভিতরকার অংশ গলিত হলে উপর হ'তে টিপিলে ভিতরে গুল্‌গুল শব্দ হয়। হি-গুলগুলা] বিণ, ফলাদি পাকিয়া অতিশয় নরম হওয়া, গলিতবৎ; গলগলে। ২ নদিয়ার পাক, কিন্তু বড় বড় টোপাকুলের আকার মিষ্টান্ন; রসবড়া।

গুলজার [ফা-গুল্=ফুল+জার্=কেয়ারী ফুলের কেয়ারী। বাং-য় অর্থ সম্প্রসারণ] বিণ, সুশোভন, শোভাময়, জাঁকাল। "নগরের মধ্যে বড় বড় গুলজার চাঁদনী চৌক।" -রাজসিংহ (বঙ্কিম)। ২ মুখরিত; কোলাহলময়। "রাজপুরী মাঝে লেগেছে বাজার বড় গুল সরস ঠাট।"-বঙ্কিম (গদ্যপদ্য)। ৩ বি, ফুলবাগান। ~রক গুং (বিদ্রূপোক্তি)- বিবিধ-পাপীর একস্থানে উপস্থিতি বা সমাগমজনিত আসর জমজমে।

গুলঞ্চ [গোলঞ্চও] বি, গুড়ূচী দ্রঃ।

গুলতিন-গুলতান দ্রঃ।

গুলতরাস [ফা] বি, যারা কাগজ কাটিয়া ফুল তৈয়ার করে।

গুলতাই-গুলতি দ্রঃ।

গুলতান [ফা-গলতান্=পেঁচদার; পাকান] বি, পেঁচ; কুচক্র। ২ কোন বিষয় বা কথা লইয়া দশজনের আলোচনা (প্রায়ই প্রতিকূল); জটলা।

গুলতি [গুলেল দ্রঃ। হি-প্রা-বাং-গুলতাই] বি, বাঁটুল; গুলী নিক্ষেপের ধনু। "হাতে হেম গুলতাই বাঁটুল।"-ধ. ম.।

গুলদস্তা [ফা] বি, ফুলদান; যে পাত্রে ফুলের তোড়া রাখা হয় bouquet

গুলদান [ফা] বি, পুষ্পপাত্র; ফুলদান।

গুলদার [ফা] বিণ, ফুলদার; ফুলকাটা। ২ বুটিদার; গুল-বসান spotted.

গুলনকসি [ফা-গুল্ (ফুল)+আ-নক্‌শ=চিকনের কাজ embroidery] বি, ফুলপাতা তোলা রেশমীকাপড়। ২ চিকনের ফুলতোলা কাজ।

গুলনার, গুলেনার [ফা-গুলে আনার] বি, ডালিমফুল-তোলা শাড়ী।

গুলপিড়নি-গুইলপিড়নি দ্রঃ।

গুলবদন [ফা-গুলবদন্] বি, রেশমী ডুরিদার শাড়ী। ২ বিণ, অতিশয় কোমল। স্ত্রীং ~নী-যার অঙ্গ অতি পেলব; কোমলাঙ্গী।

গুলবন্ধী [গোড় (পা) বন্ধী (ফা-পা-বন্দি অনুকরণে। ফা-বন্দি > বন্ধী (বন্ধনের ভাব হতে)। প্রা-বাং] বি, জামিন; প্রতিভূ। "গুল-রাখ্যা থাক জনকজননী।"

গুলবাহার [ফা] বি, শাদা জমির উপর প্রায় লাল বা কাল ফুল তোলা শাড়ী। প্র-গুলবাহার ঢাকাই।

গুলা১, গুলি, গুলিন [প্রা-রূপান্তর -গুলাক, গুচ্ছিক (প. রাঢ় অঞ্চলে), গুলো, গুনো, গুনি। তুচ্ছার্থে আকার যোগ; এবং আদর অর্থে ইকার যোগ। ওড়ি-'গুল' আসাম প্রান্তে-গিলা'; আসামের স্থানে স্থানে-'গিলাক' (মু. অস-বিলাক'), তুলনা-গা-'কুল', আ. বদ্ধ ভাষায় 'গুল' (সকল)। তামিল-'কল' (গুল্?-বহুব. বোধক প্রত্যয)] অ, বহুত্ব-বোধক প্রত্যয়। প্র-পাখীগুলা, মানুষগুলি, পুস্তকগুলিন। ২ বিশেষ কতিপয়। প্র-বাড়ীগুলি বেশ পরিষ্কার বা বাড়ীগুলা বড় নোংরা [এখানে বাড়ীমাত্রেই পরিষ্কার বা নোংরা নহে কিন্তু বিশেষ কয়েকটী বাড়ী] "শৈশবের খেলা ধুলা সে বকুল গাছগুলা আসে রে নয়নজল সেদিন স্মরিয়া।"-প্রেম ও ফুল। ৩ [বাং। তুল-ইং all the অনুকরণে] কয়টি। "সবগুলি ছেলেপিলে বাড়ীতে আসিয়া জুটিয়াছে।"-পিতাপুত্র।

গুলা২,-লো [প্রাদে. খুলনা] বি, উৎপন্ন দ্রব্যে দেয় খাজনা rent payable in kind. গুলা ধান্য [২৪ পরগণা] ধান্যে খাজনা rent in paddy.

গুলানি [গোল (চক্র)। গুলাই, গুলাও গুলায়; গুলাইতে; গুলাইয়া (কথ্য-গুলিয়ে)] ক্রি, গোল পাকান; সূত্র বা খেই হারান; বিশৃঙ্খল করা; জটিল করা। ২ [হি-ঘুলান।] গোলা; মিশান। ৩ ঘুলান; গাবান; মথন করা; আলোড়ন করা। গুলিয়ে উঠা-গা বমি বমি করা; বমনেচ্ছা হওয়া। "ঘোলা জল পড়লে পেটে, গাটা অমনি গুলিয়ে উঠে পেট ফাঁপে আর ঢেঁকুর উঠে, হেউ হেউ হেউ।"-বাং-গান।

গুলাব [ফা-গুলাব্ (গুল-এ-আব)] বি, গোলাপজল। "বামহস্তে গুলাব ভরা ঝারী"-কথা। ২ গোলাপফুল। ~পাশ-গোলাব-পাশ দ্রঃ।

গুলাবী [ফা-গোলাব] বিণ, মিশ্রিত; গোলাপের সৌগন্ধযুক্ত। ২ মৃদু; অল্প অল্প।

গুলাল [হি] বি, সুগন্ধি তুলসি গাছ; বাবুই তুলসি। ২ [ফা গুল-লালা > গুলালা ও চম্পকবর্ণ-পুষ্প-বৃক্ষভেদ। "ফুটিল গুলাল মাহলী মালতীমাধবী লতা।"-শ্রী. কী.। ৩ [ফা গুলালা (লাল চূর্ণবিঃ] আবীর; দোল পর্ব্বে ব্যবহৃত ফাগ। "পরিমলে মিলিত ভ্রমরাকুল আকুল সুন্দর বকুলগু।"-গোবিন্দ।

গুলি১, গুলী১ [সং] বি, গুটিকা। ২ হাত পায়ের পিণ্ডাকার মাংসপেশী। ৪ আফিমের-বিকারবিঃ; আফিমের গুলি। চণ্ডু দ্রঃ। ~খোর-যে গুলি খায়; যে গুলির নেশা করে। ~খোরি, খুরী-গুলির নেশা; গুলিখোরদিগের প্রকৃতিসুলভ কল্পনা; মিথ্যা; আজগুবি।

গুলি২ [হি-গোলী >] বি, বন্দুকাদির গুটিকা বা ক্ষুদ্র বাঁটুল। "গুলিভরা পিস্তল।" ২ [গুলির মত নিক্ষিপ্ত হয় বলিয়া] দণ্ডাঘাতে নিক্ষিপ্ত হইবার জন্য খেলিবার পুলি-পিঠার আকৃতি কাষ্ঠ খণ্ড।

গুলি৩-গুলা দ্রঃ।

গুলিকা [গুটিকা দ্রঃ। গুড় (বেষ্টন করা)+অক (ণ্বু)-স্ত্রীং-আ-ই আগম। ড়=ল] বি, গুলি; গুটিকা।

গুলিডাঙ্গ, গুলিডাণ্ডা [হি-গুলি-ডাণ্ডা; বাং-য়, ড্যাং গুলি, গুলডাঙাও] বি, গুটিকা ও দণ্ড; পুলিপিঠার আকারে কাটা কাঠ ও তার সরুমুখে আঘাত করিবার জন্য প্রায় এক হস্ত প্রমাণ দণ্ড ঘটিত খেলা।

গুলিবাগুণ [পু. ব. প্রাদে.। গুলি-

ডাণ্ডা খেলার গুলির আকৃতি অথবা গোলা-কৃতি বলিয়া >] বি, কুলি বা লম্বা বেগুণ solanum longess. ২ গোল বেগুন : ডিম্বাকৃতি বেগুন egg-fruit.

গুলবাটি,-বাটি-গুটিকাপাত দ্রঃ।

গুলী₂ [গুটী দ্রঃ : গুল+ঈ (স্ত্রীং)] বি, বসন্তরোগ। ২ গুটিকা : গুলি : গুলতি : বাঁটুল : ছোট লোহার গোলা। ৩ [গুলি দ্রঃ] আফিমের বিকারজ মাদক দ্রব্য বিঃ।

গুলেল [ওরাওঁ ভাষায়] বি, ক্ষুদ্র প্রস্তর-খণ্ড নিক্ষেপের জন্য ধনু : গুলতি দ্রঃ।

গুলেল [হিং] বি, গুলতি গুলি বা গুটিকা ছুঁড়িবার ক্ষুদ্র ধনুক। ২ বর্তুলাকার কাদার শুকনা গুলি যা ধনুকে ছুঁড়িয়া মারিতে হয়।

গুলো [গোলা দ্রঃ] বি, পায়ের বর্তুলাকার মাংসপিণ্ড : ডিমার বলন। ২ বাহুর বর্তুলাকার মাংসপেশী : হাতের গুলো। ৩ ঢেঁকির গুলা।

গুল্ফ [গুল্ (গমন করা)+ফ (কৃ)] বি, পাদগ্রন্থি : গোড়ালি ankle. "গুল্ফের উপরেতে শোভিল গোচামর।"-শি।~সন্ধি ankle joint

গুল্ম₁ [গুড্ (বেষ্টনে)+ম (কৃ) ড্=ল্] বি, প্রকাণ্ডরহিত বহুপত্র বৃক্ষ, কিণ্টিকা। ইং স্বল্পপ্রকাণ্ডযুক্ত বৃক্ষ যথা বংশ কুরার ইং ডাল-পালা হীন ছোট ছোট গাছের ঝাড়। ২ সৈন্য-দিগের ঘাটি বা থানা। ৩ সৈন্যের দল-ইহাতে ৯ হস্তী, ৯ রথ, ২৭ অশ্ব ও ৪৫ পদাতি থাকে। "স্থানে স্থানে গুল্মপাতি দৃঢ় কর সেনা"-মহাং (কাশী)। ৪ প্লীহা। স্ত্রীং~ী-তাবু। ২ বল্লী। ৩ আমলকী গাছ। ৪ গুড়কাউনী। ৫ এলাচগাছ।

গুল্ম₂ [হিং কাষ্ট গোলা। গোলক >] বি, উদরজ রোগবিঃ; পেটের ভিতর গোলার মত হওয়া internal tumour. (নিদানভেদে,-বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, দ্বন্দ্বজ ও রক্তজ গুল্ম)। "কি করি বাঁচিয়া ভাবিয়া ভাবিয়া গুল্ম হইল বুঝি পেটে।" -ভারতচং।

গুল্মিনী [গুল্ম+ইন্ (স্ত্য) মুং-গুল্মিন্+ঈ (স্ত্রীং)] বি, ঝাঁকড়া ও বহুদূর বিস্তৃত লতা।

গুষ্টি [সং-গোষ্ঠী : কুল ; বংশ, ঝাড়। ~ বর্গ-বংশের ছেলে বুড়া সমস্ত। গুষ্টির পিণ্ডী-কুলনাশ বা নির্বংশ এই অর্থে গালি। গুষ্টির মাথা,-বংশের মাথা খাওয়ার ইঙ্গিত (গালি)।

গুহ [গুহ্ (সংবরণ করা)+অ (কৃ) যিনি সুরেকাসুরের বলবীর্য সংবরণ করেন] বি মড়ানন কার্তিক। "প্রদ্যুম্নের বাণে গুহ হতমান হয়ে। ভঙ্গ দিল রণে শিখী শোণিতাক্ত হয়ে।"-শিং। "প্রমথগণের নাথ গুহ গণেশের সাথ সুরাসুর নরের জীবন।" -কবিকং। ২ বিষ্ণু। ৩ রামায়ণোক্ত স্বনাম-প্রসিদ্ধ গুহক চণ্ডাল। ৪ কায়স্থ জাতির পদবী-বিঃ। ৫ বেগগামী অশ্ব।

গুহক, গুহ-বি, রামায়ণোক্ত নিষাধ-রাজ রামচন্দ্রের মিত্র।

গুহষষ্ঠী-বি, গুহ বা কার্তিকের প্রিয় অগ্রহায়ণী শুক্লা ষষ্ঠী।

গুহা [গুহ্ (সংবরণ করা)+অ (বি) আ (স্ত্রীং)] বি, গুফা (দ্রঃ), গহ্বর ; গর্ত। ২ পর্বতকন্দর ; শৈলগহ্বর। ৩ অভ্যন্তর দেশ। ৪ নিভৃতস্থান। ~চর [গুহা (গহ্বর) চর (বিচরণকারী)।] বিণ, পর্বতকন্দরে বিচরণ-কারী ; গুহাচারী। ২ অন্তর্বস্থিত। ৩ পরব্রহ্ম, পরমেশ্বর।~লীন-বিণ, গুহাগত : গুহাস্থিত। ~শয় [গুহা (গহ্বর) আশয় (বাসস্থান) যার-বহুং] বি, সিংহাদি পশু-গণ ; যে সকল জন্তু গর্ত বা গহ্বরে বাস করে। ২ জ্ঞানহীন। ৩ জীবাত্মা ওপর-মাত্মা। বিণ, গুহাস্থিত। ~হিত [গুহাতে আহিত (স্থিত)-৭তৎ] বিণ গুহাতে আবদ্ধ : গুহায় নিহিত। ২ অন্তঃস্থিত পরব্রহ্ম।

গুহ্য [গুহ্+য (কৃ)] বিণ, যাকে গোপন করিতে হয় ; গোপনযোগ্য ; অপ্রকাশ্য। ২ নিগূঢ় abstruse ৩ নিভৃত ; বিজন : নির্জন। ৪ দুর্বোধ্য। ৫ বি, মলদ্বার। ৬ উপস্থ। ৭ [ভাং-য] দম্ভ ; অহঙ্কার। ৮ [কৃ-য। যে আপনাকে গোপনে রাখে] বি, কচ্ছপ। ৯ পরমেশ্বর। ~ক [গুহ্ (রক্ষা করা)+ক (জ্ঞাং), নিপাতনে য-আগম। যারা ধন রক্ষা করে] বি, কুবেরানুচর দেবযোনিবিঃ : যক্ষ। ~ক লোক-গন্ধর্বলোকের নিম্নে ও পিশাচলোকের ঊর্দ্ধে অবস্থিত লোক (কাশী-খণ্ড)। ~কেশ্বর [গুহ্যকের-ঈশ্বর, ৬তৎ] বি, যক্ষরাজ কুবের। ~গুরু [গুহ্য (তন্ত্র) গুরু] বি শিব। ~দীপক [গুহ্য (গুহ্য-দেশে) দীপক আছে যার] বি, জোনাকী পোকা, খদ্যোত। ~দেশ, ~দ্বার-বি, সবলান্ত্রের সর্ব্ব নিম্নাংশ : মলদ্বার। ২ জঘন। ~পুষ্প [বৈদ্যকে] বি, অশ্বত্থ বৃক্ষ। ~ভাষিত [গুহ্য (অপ্রকাশ্য) যে ভাষিত (ভাষ্-বলা+ত, শ্ম) যা অপ্রকাশ্যে কথিত] বি, গুপ্তকথা ; গোপন মন্ত্রণা : মন্ত্র।

গূ [গূ (বিষ্ঠা ত্যাগ করা) কিপ্ (র্ম, জ্ঞা)] বি, বিষ্ঠা ; গু (দ্রঃ)। ~কুণ্ড-বি, বিষ্ঠা কুণ্ড।

গূঢ় [গুহ্ (গোপন করা, আচ্ছাদন করা) +ত (র্ম) : হ=ঢ, ত=ঢ (ঢ লোপ)] বিণ, গুপ্ত; অপ্রকাশিত ; অপ্রকাশ্য ; অলক্ষিত। প্র-গূঢ় পথ। ২ নিগূঢ় ; দুর্জ্ঞেয়। প্র-ধর্মের গূঢ় তত্ত্ব। ৩ দুর্বোধ্য ; জটিল। ৪ গহন ; দুষ্প্রবেশ্য ; দুর্গম। ৫ আবৃত ; আচ্ছাদিত ; সংবৃত। ৬ হৃদয় নিহিত ; মর্ম্মগত ; আন্তরিক। প্র-গূঢ় অভিসন্ধি। ৭ নির্জন। প্র-গূঢ় স্থান। ~চারী [গূঢ়-চর্ (গমন করা)+ইন্ (কৃ)। মূ-গূঢ়চারিন্ ১মা ১বং] বিণ, গুপ্তভাবে বিচরণকারী : গুপ্তসন্ধানী, স্বাভিপ্রায় গোপন করিয়া অন্যের অভিপ্রায় সন্ধানকারী। স্ত্রীং~চারিণী। ~জ [গূঢ় (লুক্কায়িত) জ (জাত)] বি, জারজ শিশু। ~পত্র [গূঢ় হইয়াছে পত্র (পাতা) যার-বহুং] বি, করবীর বৃক্ষ। ২ অক্ষোঠ বৃক্ষ ; আঁকোড় গাছ। ~পথ [গূঢ় (গুপ্ত) যে পথ-ধা] বি, গোপন পথ। ২ গূঢ় (অজ্ঞাত) হইয়াছে পথ যার, বহু]° অন্তঃকরণ ; হৃদয়। ~পাদ [গূঢ় (গুপ্ত) হইয়াছে পাদ (চরণ) যার-বহুং] বিণ, যাদের পা ঢাকা থাকে এবং লক্ষিত হয় না, গুপ্তপদবিশিষ্ট। ২ কচ্ছপ। ৩ সর্প। ~পুরুষ [গূঢ় (লুক্কায়িত) যে পুরুষ -ধা] বি, ছদ্মবেশী দূত ; গুপ্তচর spy. ~পুষ্পক [গূঢ় (সংবৃত) হইয়াছে পুষ্প যার-বহুং] বি, বকুল ফুলের গাছ। ~মার্গ [গূঢ় (গুপ্ত) যে মার্গ (পথ)-ধা] বি, গূঢ়পথ ; গুপ্তপথ ; সুড়ঙ্গ। ~সাক্ষী [গূঢ় (গুপ্ত) যে

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ́ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, গ্ন=গ্‌ন জ্ঞ=গ্যঁ ক্ষ=ক্‌খ ...

গেঁজলা-বি, গাঁজা ; ফেনা ; গাঁজলা froth ২ গরুর প্রসবের প্রথম কয়েকদিনের দুধ যা ফেনা-ফেনা থাকে। ৩ বিণ ফেনাযুক্ত frothy. ~ ভাঙা-মুখ দিয়া ফেনা বাহির হওয়া।

গেঁজা-[গাঁজ দ্রঃ] ক্রি. গাঁজান ; পচাইয়া মাতান বা ফেনাযুক্ত করা ferment ২ পুষ্করিণী ইং-র জল পচিয়া উঠা। বি. ~নি।

গেঁজিয়া, গেঁজে [সংগঞ্জ (ভাণ্ডাগার) > । গেঁজের ব্যবহার যদি অপ্রাচীন হয়, তাহা হইলে ইং guernsey > গেঞ্জি > গেঁজে হওয়া সম্ভব কারণ গেঞ্জির কাপড় মূলতঃ গেঞ্জির জালি কাপড়েরই মত] বি. জালী কাপড়ের বগলী ; লম্বা থলী।

গেঁজেল [গাঁজা-ইয়াল বা য়াল] বিণ. গাঁজাখোর। ২ নেশাখোর। ৩ মিথ্যা প্রস্তাবকারী ; যাদের কথার ঠিক থাকে না ও যারা যা বলে তাও ভিত্তিহীন।

গেঁটা [গ্রন্থি (গাঁট অর্থাৎ অস্থি-কাঠিন্যব্যঞ্জক) + আ (তদ্ভাবার্থে)] বিণ. খর্ব্ব ও দৃঢ়কায় ; বেঁটে। গেঁটাগোঁটা, গেঁট্টাগোঁট্টা। [ইহাতে দেহের গঠনের খর্ব্বতা ও দৃঢ়তার সহিত শারীরিক ক্ষমতার ভাবও জড়িত] বিণ. খর্ব্ব, স্থূল ও দৃঢ়কায় ; দৃঢ় অস্থিগ্রন্থিযুক্ত ; স্থূল অথচ বলিষ্ঠ। ২ বি. উক্ত রূপ ব্যক্তি।

গেঁটে১ [গাঁট (গ্রন্থি) + ইআ (বিশিষ্টার্থে, তদ্ভাবার্থে, সম্বন্ধার্থে)-গাঁটিয়া=গেঁটে] বিণ. গাঁটযুক্ত ; গ্রন্থিল। "গেঁটে কলকেটা ডাবায় বসাইয়া"। ২ গ্রন্থিজাত, গ্রন্থিস্থিত ; গ্রন্থিসম্বন্ধীয়। ~কড়ী-গাঁট-পড়া কড়ি ; ঘেঁচি বা খিঁচি কড়ী। ~বাত -গ্রন্থি-প্রদাহ gout.

গেঁটে২, গেঁঠে [সং-গ্রন্থি > হি - গঁঠি-গাঁট-গাঁটে] অ, বস্ত্রগ্রন্থিতে ; আঁচলের খুঁটে। ২ কোমরের বস্ত্রগ্রন্থিতে ; ট্যাঁকে। "কেহ দিনান্তরে পায়না খেতে, কাক পেতে ভাত গেঁটে সোণা।"-রা-প্র। ৩ অস্থি-পর্ব্বে ; দেহগ্রন্থিতে। "বেঁটের বুদ্ধি গেঁটে গেঁটে"-প্রবাদ।

গেঁটেলা [সং-গ্রন্থিপর্ণ >] বি চোর নামক গন্ধ দ্রব্য বিঃ।

গেঁট্টাগোঁট্টা-গেঁটা দ্রঃ।

গেঁঠ্যালা, গেঠ্যালা [গাইট > গাঁঠ + ইয়ালা = গাঁঠিয়ালা -> গেঠ্যালা (প্রাদে), গেঁঠেল] বিণ গ্রন্থি-যুক্ত। ২ বি গ্রন্থি। "ব্রাহ্মণে গেঠ্যালে বান্ধে বেদের বিধান।"-ধ-মঙ্গল (রাম: বাঁড়ুয্যা)।

গেঁড় [গ্রন্থি >] বি, হলুদ, কচু, পদ্ম ইং জাতীয় উদ্ভিদের গ্রন্থিল মূল।

গেঁড়া১ [গ্রন্থি >। ইহার বিপরীত 'ঢেঙ্গা'] বিণ, বেঁটে ; খর্ব্বাকার ; হ্রস্ব। 'মামীর বয়স বাড়া, মামী ঢেঙ্গা এযে গেঁড়া তবে কেন ডরালে গোঁসাই।"-শিঃ। ২ ক্রীড়াকন্দুক ; খেলার গোলা। ৩ গ্রন্থি ; টাকার থলি ; গেঁজে ; গাঁট ; ট্যাঁক।

গেঁড়া২ [গ্রন্থি > গাঁঠ >] বি, গাঁট ; ট্যাঁক। গেঁড়া করা, গেঁড়া দেওয়া [প্রাদে] কোন দ্রব্য ভুলাইয়া লওয়া ; ভোগা দেওয়া ; আত্মসাৎ করা, ঠকাইয়া লওয়া, চুরি করা। ছেলের হাতে গেঁদ বা মোদক দিয়া তাহার গহনা ইং ভুলাইয়া লওয়া। গেঁড়া মারা [গেঁড়া (গ্রন্থি, গাঁট) মারা (লুণ্ঠন করা, চুরি করা)। তুল-পকেট মারা] ক্রি. ঠকাইয়া লওয়া, চুরি করা।

গেঁড়ি-বি. ছোট ছোট শামুক।

গেঁড়িগোপাল [প্রা-বাং] বি, ধান্যবিঃ। "বাঁকচুর পুআন-বিড়ি গেঁড়ি-গোপাল।"-শূ: পু:।

গেঁড়িয়া, গেঁড়ে, গেড়ে [গাড়া দ্রঃ] বি, গাড় বা বৃহৎ গর্ত্ত মধ্যে বৃষ্টির জল জমিয়া যে ছোট পুকুর হয় ; ডোবা। ২ [অশ্লীল গালি হি- গাণ্ডু] বিণ, যে পায়ু মৈথুন করায়

গেঁড়ু, গেঁড়ো [গ্রন্থি >] বি. গাঁট ; কন্দ এঁঠে। ২ [সং-গেণ্ডুক ; হি-গেঁদ] গোলা ভাঁটা।

গেঁতো [হি-গাওদী] বিণ. দীর্ঘসূত্রী।

গেঁথে [গাঁথা দ্রঃ] অস-ক্রি, গ্রন্থন করিয়া ; গাঁথিয়া। ২ রচনা করিয়া। "এসেছি কি হেথা যশের কাঙালি কথা গেঁথে গেঁথে নিতে করতালি।"-রবী০।

গেঁদা [হি-গেঁদা] বি, প্রসিদ্ধ ফুলগাছ ও ফুল ; গাঁদা marigold ; calendula.

গেঁয়ে, গেঁয়ো [সং-গ্রাম্য > গাম-ইয়া-গাঁইয়া-গেঁয়ে] বিণ, গ্রাম্য ; গ্রাম সম্বন্ধীয়। ২ অশিক্ষিত ; অসভ্য। গেঙান, গোঙ্গান দ্রঃ।

গেঙ্গানি [অনু। গোঁ গোঁ শব্দ >। গেঙ্গাই, গেঙ্গাও (গেঙ্গান, গেঙ্গা), গেঙ্গায় (গেঙ্গান) ; গেঙ্গাইতে ; গেঙ্গাইয়া (প্রা০-ক্ষে০ গেঙ্গিয়ে)] ক্রি, গোঁ গোঁ শব্দে কাতরতা প্রকাশ করা ; শরীরের অভ্যন্তরস্থ অব্যক্ত যন্ত্রণা প্রকাশক শব্দ করা। বি, গেঙ্গানি-কাতরোক্তি।

গেঙ্গারি [গেঙ্গান দ্রঃ] বি. গেঙ্গানি।

গেঞ্জিটিঙ্গরা [ঘেনি দ্রঃ। প্রা-গেনি ঠেঙ্গরা বেনিঠেংরা] বি ক্ষুদ্র চিংড়ীমাছ।

গেছো [গাছ + ইয়া-গাছুয়া-ক্ষে] বিণ, গাছ সম্বন্ধীয়। ২ যে গাছে থাকে বা গাছে গাছে বেড়ায়। প্র-গেছো ইঁদুর। ৩ যারা তাল, খেজুরাদি গাছে চড়িয়া রসের কলসী বাঁধে ও নামায়। ৪ পুরুষভাবাপন্না স্ত্রী। 'আমাদের বাবু যে একটা গেছো মেয়ের হাতে পড়েছেন দেখতে পাই।"-লোকরহস্য (বঙ্কিম)। ৫ দজ্জাল, ডানপিটে।

গেজেট [ইং-Gazette এর লিপ্যন্তর] বি, নিয়মিত সময়ে প্রকাশ্য সংবাদপত্র। ২ সরকারী দপ্তরের সংবাদ, আদেশ, আইনকানুন ইং সম্বলিত পত্র [দ্রঃ-"A newspaper published at short stated intervals (in America). In Great-Britain, the official newspaper, which contains the authorised legal and state announcements and proclamation."-American Encyclopedia of Printing, 1871. গেজেটীয়ার [ইং-Gazetteer—"a geographical dictionary"] বি ভৌগোলিক পরিভাষা, সংস্থান, বিবরণ ইং সম্বলিত অভিধান।

গেট [ইং-gate এর লিপ্যন্তর] বি, ফটক ; বহির্দ্বার, উদ্যান বা অট্টালিকার বৃহৎ প্রবেশ-দ্বার। "ফাটকে আটক রব না।

* * * * এখন গেটের বাইরে পা দিয়েছি। দখল কর জেনানা।"-অমৃত বসু।

গেড়ু [সং-গেণ্ডুক। হিং-গেঁদ] বি, খেলিবার গোলক ; ভাঁটা ; গেন্দুক। "এই গেড়ু খোরে গেড়ু লইয়া উল্লাসে। সখাসহ রামকৃষ্ণ মত্ত খেলা-রসে॥"-ব্রজপবিক্রমা।

গেড়ুয়া [গেণ্ডুক >, গড়িয়া দ্রঃ] বি, ফুলের গোলা বা বল খেলা। "খেলি গেং আজি কহে নন্দবালা"-ভাগবত (নরহরিং)। ২ স্তবক, গুচ্ছ ; গোড়ে। "ফুলের গেড়ুয়া লুফিয়া ধরয়ে সঘনে দেখায়ে পাশ।"-চণ্ডিং।

গেণ্ডু, গেণ্ডুক, গেণ্ডুয়া, গেন্দুক [সং-গেণ্ডু (কন্দুক) >। হিং-গেন্দয়া=গোলা। কন্দুক দ্রঃ] বি, কন্দুক, ভাঁটা, বল ball.

গেণ্ডুলীলা [হিং-গেঁদ ; গেণ্ডু (কন্দুক) + লীলা (ক্রীড়া)] বি, বল খেলা ; গোলা লইয়া খেলা।

গেনু [ব্রজ। প্রা-বাং রূপ-গেলাঙ, -এও, -এওঁ, গেনু, গেলোঁ, আধু-বাং গেলাম, গেলুম, গেলেম - ক্ষেং, গ্রাং গেনু। লন=ন। গিয়া দ্রঃ] ক্রি, গেলাম। "মনমথ মথন অরুণনয়নাকুল চাহনি ভৈগেনু গোরা।"-গোবিন্দং। "নিদ্রা গেনু সেই ধামে" -কবিকং।

গেন্দুক-গেণ্ডু দ্রঃ।

গেবে [গর্ভ >] বি, বাক্স, আলমারি, দেরাজ ইংর ভিতরের কক্ষ।

গেয় [গৈ (গান করা) + য (র্য)] বিণ, যা গান করা হয় ; গান করিবার উপযুক্ত।

গেয়ান [সং-জ্ঞান ; গিআন দ্রঃ] বি, জ্ঞান ; বোধ ; বুদ্ধি ; চৈতন্য। "পুন হেরইতে কাহে হরল গেয়ান"-বিং পং। "রাধা সে ধেয়ান, রাধা সে গেয়ান, রাধা সে মনের সাধা।"-ভারতং।

গেয়ে [হিং-গরিয়া > বাং গাইয়ে > ক্ষেং] বিণ, গাইয়ে ; গায়ক (এই অর্থে গ্রাং-গেইয়ে-গেইয়ে বেজিয়ে লোক)। ২ [গাওয়া দ্রঃ। গাহিয়া > গাইয়া > ক্ষেং] ক্রি, গাহিয়া ; গাইয়া ; গান করিয়া।

গেরি [গ্রন্থি > গ্রা-ফং-গিরা >] বি, গ্রন্থি ; গাঁট। ২ [গ্রহ >] কুগ্রহ।

গেরণ [গ্রহণ > ভং] বি, সূর্য্য বা চন্দ্রগ্রহণ।

গেরস্ত [গিরস্থ দ্রঃ] বি, গৃহস্থ।

গেরি [সং-গৈরিক। হি-গেরু] বাং গেরি, গিরি (গিরি-মাটি) বি, গিরি-মাটি red ochre. ২ গেরুরঙ্গ।

গেরুয়া [গৈরিক >] বি, গৈরিক। ২ গেরু মাটি ; ঐ মাটি দ্বারা রঞ্জিত বস্ত্র ; গেরুয়া বসন। "প্যান্ট ও কোট রেখে শ্রীহরি নিলেন গেরুয়া"-দ্বিং রায়। ৩ বিণ, গৈরিক বর্ণবিশিষ্ট, গৈরিক বর্ণে রঞ্জিত। "গেরুয়া বসন অঙ্গেতে পরিব শঙ্খের কুণ্ডল পরি।"-জ্ঞান।

গেরেফ্‌তার-গিরিফ্‌তার দ্রঃ।

গেরেফ্‌তারী-গিরিফ্‌তারী দ্রঃ।

গেরো [ফাং-গিরা (গ্রন্থি >)] বি, গাঁট ; গ্রন্থি। ২ আঁচল [বিরল]। ৩ [গ্রহ >] কুগ্রহ ; দুর্নিয়তি ; দুর্ভাগ্য। "কপালেরই গেরো গো, এ কপালেরই গেরো" -দ্বিং রায়।

গেরোস্তো-গারস্ত দ্রঃ।

গের্দ [ফাং-গির্দ=বেষ্টন] বি, চতুর্দিক বিরণ বা বেষ্টন। ২ আয়ত্ত ; ৩ সুবন্দোবস্ত।

গেলি১ [সং-গত >] বিণ, যা বা যে চলিয়া গেল ; বিগত ; গত। "ঠাকরুণ গেল হাটে মহাশয়কে আনতে বলেছিলেন"-নীলদর্পণ। ২ প্রস্থিত।

গেলি২ [প্রা-বাং গৈল। সং গত >] ক্রি, গমন করিল ; যাইল। প্র-সে গেল আর এল না। ২ প্রবেশ করিল। প্র-সে ভিতরে গেল। শলাটা কত দূর গেল? ৩ মরিল ; জীবনান্ত হইল ; সারা হইল। প্র-সে খেটে-খেটেই গেল। ৪ বাহির হইল। প্র-তার প্রাণ এতক্ষণে গেল। ৫ পার হইল ; গলিল। প্র-গরাদে দিয়া হাতটা গেল, মাথাটা গেল না। ৬ নষ্ট হইল ; উৎসন্ন হইল। প্র-বদ খেয়ালিতে এবার সে গেল, আর তার উদ্ধার নাই। যে রকম লহনা পড়েছে তাতে তার ব্যবসায় এবার গেল। ৭ খরচ হইল ; শেষ হইল। প্র-হাতে টাকা কড়ি যা-কিছু ছিল সবই ত গেল। ৮ অতিবাহিত হইল। প্র-"জন্ম গেল ছেলে খেয়ে আজ বলে ডান" -প্রবাদ।

গেলি৩-ক্রিয়া সমাপ্তিসূচক ক্রিয়াঙ্গ। প্র-হয়ে গেল ; মরে গেল ; উড়ে গেল ; এসে গেল ; দেখা গেল ; যাওয়া গেল ; পড়ে গেল ইং।

গেলি৪-অ, বিস্ময়সূচক। 'আ গেল!'

গেলি৫-ক্রি, বসিল (বসা, দ্রঃ) ; লাগিল ; আসক্ত হইল। প্র-মন গেল। মন কিছুতেই গেল না।

গেল-গেল-অ, আসন্ন বিপদ, আশঙ্কা স্থলে পুনঃপুনঃ দ্রুত উচ্চারিত খেদোক্তি। "আহাহা গেল গেল-গেল।"

গেলা১ [অবজ্ঞায়। হি-নিগলনা। সং নিগরণ (ভোজন)। গিলি, গিল (গেলো-গেল), গেলে ; গিলিতে (ক্ষেং গিলতে) ; গিলিয়া (ক্ষে গিলে) ইং। ক্রি, গলাধঃকরণ করা ; খাওয়া ; ভক্ষণ করা, আহার করা। ২ গ্রাস করা ; ঢাকিয়া ফেলা ; কবলিত করা ; আত্মসাৎ করা। ৩ বি, গিলন ; গলাধঃকরণ ; আহার। প্র-গেলাকুটা ভাল হয় না বলিয়া পলাইয়াছে।

গেলা২ [বিহারী হি-গয়ল > পদ্যে। প্রা-বাং-গেলাহু, গেলাহুঁ= গমন করিলেন। গেলাহা=গমন করিলে, গেলি গমন করিল। "গেলাহা মোক দুখ দিআঁ"-শ্রীং কীং। "ব্রহ্ম সব দেব লআঁ গেলাহুঁ সাগরে।"-ঐ। "গেলি কামিনী গজবরগামিনী।"-বিং পং। ক্রি, গমন করিল [পদ্যে। ব্রজ-গেলি] গেল ; যাইল ; গমন করিল। ২ [প্রা-বাং, মং পুং] গমন করিলে ; যাইলে। "নিতি নিতি গোয়ালিনী গেলা দধি বিকে।"-শ্রীং কীং।

গেলাঙ [ব্রজ] ক্রি, গেলাম ; যাইলাম। "কেন গেলুঙ জল ভরিবারে। যাইতে যমুনার ঘাটে সেখানে ভুলিনু বাটে তিমিরে গরাসিল মোরে॥"-জ্ঞানং।

গেলানি [গিলা দ্রঃ-অনাদরে] ক্রি, খাওয়ান।

গেলাপ, গেলেপ [আং-গিলাফ্‌] বি, ওয়াড় ; আবরণ।

গেলাস, গ্লাস [ইং- glass এর লিপ্যান্তর >] বি, পানপাত্রবিঃ। "আধ গ্লাস জল যেন নিদাঘের কালে"-অশোকং।

খাসগেলাস-খাস দ্রঃ।

গেলি, গেলী [পদ্যে। ব্রজ । প্রা-বাং ম° পু° । গেলা₂ দ্রঃ] ক্রি. গেল , চলিল , গমন করিল। "গেহে প্রবেশ করল সব ধেনুগণ সখা-সব মন্দিরে গেলি।"-গোবিন্দ° । "গেলি কামিনী গজহগামিনী" বি°, প । আগু গেলি সত্বর গমনে"-শ্রী° কী । "থেড আগুলী এক করিয়া বডায়ি গেলী এক ভিতে।"-ঐ। ২ [আধু° বাং ম পু°] গমন করিলি।

গেলির [প্রা-বাং । গেলি (দ্রঃ) + র প্রাদে· ক্রিয়া পদে কথার মাত্রা বিঃ)] ক্রি. গেল। "গ° বাখি তো : কাহ্ন গেলির জরমে" (অর্থাৎ রাখালি করিতে করিতে তোর জন্ম গেল)-শ্রী কী ।

গেলে [গেলা₂ দ্রঃ] ক্রি. যাইলে। ২ হইলে। "একটা কিছু ভুল গেলে"-চোবকাটা।

গেলো₁ [ফা°-গাল + উআ > । গালগল্প দ্রঃ] বিণ. যে গালগল্প করিতে ভালবাসে : গল্পে : মিথ্যাবাদী। প্র-গেলো লোকের কথার ঠিক নাই।

গেলো₂-গেল. দ্রঃ।

গেস-বি, গ্যাস ...

গেহ [সং-"গৃহগেহোদবসিতং বেশ্ম সদ্ম নিকেতনং" অমর° । অথবা গ (গণেশ) ঈহ, (ইচ্ছা করা) + অ (ধি) যথায় লোকে গণেশাদি দেবগণের মূর্তি চিত্রিত করিতে ইচ্ছা করে] বি. আলয় : গৃহ ; ঘর ; নিলয় : বাসস্থান। "আজু মজু গেহ গেহ করি মানলু" -বি° প°। "কহলো. নাগরি. গেহ পরিহরি, কাহে বিবা- সিনী রে।"-বঙ্কিম।

গেহা [ব্রজ। গেহ + আ (এই আকার হিন্দী উচ্চারণে অন্ত অকারের টান মাত্র। ক্রমে এই 'অ' 'আ'-তে এবং 'বা' 'ওয়া'তে পরিণত। যথা.-ঘরবা=ঘরওয়া)] বি. গেহ , ঘর। "চলল সঙ্কেত গেহা"-বি° প°।

গেহী [গেহ + ইন (স্ত্য) মূ° গেহিন্-১মা, ১ব] বি. গৃহস্থ : গৃহী। স্ত্রীং গেহিনী-গৃহিণী। 'হরষিত মনে ব্যাধ গদগদ বাণী। উচ্চ-স্বরে পুনঃপুনঃ ডাকিল গেহিনী॥"-মঙ্গলচণ্ডী (জনার্দ্দন)। ২ কর্ত্রী। "তাঁহাকে দেখিয়া বাটীর গেহিনী জিজ্ঞাসা করিলেন-'তুমি কেগা? কি নিমিত্তে এখানে আগমন?"'-টেকচাঁদ।

গৈছা [গাছ > , প্রাদে·] বি. গাছের ডাল। "গুলপিডনি পিডন দিল ভাদির গৈছা দি।" (ভাদি=গাছ বিঃ)।-পূ° ব° গী।

গৈবী [আ°-গয়েব] বিণ, গইবি দ্রঃ।

গৈরিক [গিরি (পর্ব্বত) + ইক (জাত অর্থে)] বি. গিরিমাটি। ২ স্বর্ণ। ৩ শিলা-জতু। ৪ বিণ, গিরিজাত , গিরিসম্ভূত।
~**ধারী**-বিণ, গেরুয়া-বসন পরিহিত।
~**বসন**, -**বাস**-বি, গেরুয়া কাপড় : গেরিমাটিতে ছোবান পরিধেয় বস্ত্র।

গৈরেয় [গিরি (পর্ব্বত) + এয় (জাতার্থে)] বি. যা পর্ব্বতে জন্মে ; গিরিমাটি। ২ শিলাজতু। ৩ পর্ব্বতজাত বস্তু।

গৈল [হি°-গয়ল > ব্রজ° প্রা°-বাং, বৈ° পদ সা°] ক্রি, গেল ; গমন করিল : লগ্ন হইল ; আসক্ত হইল। "ব্রাহ্মণীর প্রতি কেক্সে মোর গৈল চিত।"-মহা° (রাজেন্দ্র°)।

গো [গম্ (গমন করা) + ও (র্তৃ-জ্ঞা) যে যথেচ্ছ বিচরণ করে] বি. ধেনু : গাভী। ২ বৃষ। ৩ পশু। ৪ পৃথিবী। ৫ মাতা। ৬ গায়ত্রী। ৭ বাণী ; বাক্য। ৮ স্বর্গ। ৯ চক্ষু। ১০ ইন্দ্রিয়। ১১ দষ্টি। ১২ দিক্। ১৩ কেশ। ১৪ কিরণ। ১৫ জল। ১৬ বাণ। ১৭ সূর্য্য। ১৮ চন্দ্র। ১৯ যাগবিঃ। ২০ ঋষিবিঃ [দ্রঃ-সকল অর্থ বাঙ্গালায় প্রচলিত নাই, কিন্তু সংস্কৃতের অনুবাদ গ্রন্থে এবং অন্য শব্দ সহযোগে ইহার অধিকাংশ অর্থের বিরল প্রয়োগ দৃষ্ট হয়]।

গো₂ [প্রাদে° গুবাক > গুয়া > ক্ষে°] বি.সুপারি। ২ সুপারি গাছ। "গোয়ে গোবর বাঁশে মাটি"-খনা।

গো₃ [ওগো, গে দ্রঃ। আদরার্থে। অল্লা-দরে-গা, অনাদরে রে] অ, সম্বোধন শব্দ।

গোআর [প্রা-বাং গোশাল > গোয়াল > গোয়ার] বি.গোপ। ২ [গোঁয়ার (দ্রঃ) এই ভাব মিশ্রণে] অবিবেচক গোপ। "মিছাই ঝগড কর কাহ্নাঞি গোআরে-শ্রী°কী। স্ত্রীং গোআরী₁, গোআরিণী, গো-আরণী।

গোআরী₂ [প্রা°-বাং। হি°-গোহরাণা (ডাকা) > গোহারি > প্রাকৃ° গোয়ারি >] বি. ডাক। ২ কাতর প্রার্থনা : অভিযোগ। "রাজা কংসে করিবোঁ গোআরী"-শ্রী° কী°।

গোআল₁ (।), **গোয়ালা** [সং-গোপাল। প্রাকৃ°-গোঅল] বি. গোরক্ষক : গোপ ; গোয়ালা ; দুগ্ধবিক্রেতা : গয়লা। স্ত্রীং গোআলিনী, গোআলী, গোয়া-লিনী [গ্রা° গয়লানী] গোপী : গোপাঙ্গনা। ২ দুগ্ধ বিক্রেত্রী। ৩ বুদ্ধিহীনা গোপকুমারী। "প্রথম বএসে মোঁ রাধিকা গোআলী"-শ্রী° কী°। ৪ পত্নী। "হইএ আইহন গোআলী"-শ্রী° কী । ৫ গোযুগ , জোয়াল।-"গোআলী বান্ধিলোঁ বাসুকী দডী"-শ্রী° কী°।

গোআল₂ [গোশালা > ।] বি. গোয়াল।

গোই [ব্রজ°-গোপই > ক্ষে°] ক্রি, গোপন করিয়া : ঢাকিয়া। "যাওবি বসনে অঙ্গ সব গোই।"-বি° প°। "ধবলিম এক বসনে তনু গোই।"-গোবিন্দ°।

গোঁ₁ [সং-গম্ (গত্যর্থে) > গম্ভীর, গুম্ দ্রঃ। অনন্যলক্ষ্য-গতির ভাব। গুম হইয়া বসা আর গোঁ ধরিয়া বসা : "গো"র (ষাঁডের) শিং বাঁকাইয়া দাঁড়ান আর শূকরের ঘাড গুঁজিয়া চোঁচা দৌড গোঁ শব্দের অর্থ ব্যাখ্যা করে। তুল-ইং headstrong, headlong, to make head against ইং : ফা°-সরকশী : গর্দ্দনকশী ই°] বি, এক বিষয় ধরিয়া বসার ভাব : অনন্যলক্ষ্য গতির ভাব : জিদ : এক রোকামি।

গোঁ₂ [অনুকার শব্দ] বি. গোঁ এই শব্দ।
~**গোঁ**-রুদ্ধশ্বাস-অনুনাসিক স্বরে যন্ত্রণা-ব্যঞ্জক শব্দ।

গোঁআই [চ° ক° ভা°] বি. গোঁসাই।

গোঁআন-গোঁয়ান দ্রঃ।

গোঁগা, গোঙা [হি°-গুঁগো=বোবা] বি, যে গোঁ গাঁ করিয়া শব্দ করে : বোবা ; মূক। গোঁগা (গোঁঙা, গোঙ্গা) ছেলের নাম তর্কবাগীশ-যা সম্ভব নহে : অসম্ভব কথা ; অসঙ্গত কথা।

গোঁগানি [অনু°। গোঁ দ্রঃ] ক্রি,গোঁ গোঁ শব্দ করা। ২ বোবার মত গোঁ গোঁ শব্দে কথা বলিতে চেষ্টা করা। ৩ যন্ত্রণাসূচক শ্বাসরোধক অনুনাসিক শব্দ।

গোঁগাণ্য [গোঁগানিয়া >, গোঁগা, (ণ্য) ও°] বিণ, গোঁ গাঁ শব্দকারী। "গোঁগাণ্য বুড়া।"-শি°।

গোঁজ [সং-গম্ >। যা ভিতরে গমন করান বা গোঁজা যায়] বি. কীলক; খোঁটা। ২ খুঁটার মত স্থির ভাবে ঘাড় গুঁজিয়া থাকার ভাব; নির্ব্বাক্ ও ভার। "মুখর্টা গোঁজ করিয়া বসিয়া থাকে।"-টেকচাঁদ। ~গোঁজ করা-মুখ বুজিয়া বা স্পষ্টবাক্যে প্রকাশ না করিয়া উঁ, আঁ, হুঁ, হাঁ শব্দে বিরক্তি প্রকাশ করা।

গোঁজলা [প্রাদে°] বি, প্রাচীর গাত্রে গোলাকার ছিদ্র; গবাক্ষ। ২ [গঞ্জ >] চালের ছাঁইচের তলা দিয়া গৃহ পশ্চাতের সরু গলি পথ।

গোঁজা, গুঁজা [সং-গম্ > গোঁজ দ্রঃ। গুঁজি, গোঁজ (গুঁজন, গোঁজ), গোঁজে (গোঁজেন); গুঁজিতে। (ক্ষে° গুঁজতে); গুঁজিয়া (ক্ষে° গুঁজে)। ণিজন্ত-গোঁজানি] ক্রি, প্রবেশ করান; ঢুকান; পোঁতা। ২ বি, যা অভাব পড়ে তা যোগ করা, হিসাবে যাতে জমা খরচে মিল হয় এরূপ মনগড়া রাশি জমা বা খরচের দিকে যোগদান। "গোঁজা বিদ্যা না জানে হিসাবে দেয় গোঁজা।" -ভারত°। ~মিল-বি, হিসাবে মিল দেখাইবার জন্য কোন কল্পিত সংখ্যা গোঁজা দিয়া যোগ বা বিয়োগ। গোঁজা দেওয়া-ঐরূপ করা। ২ ঢুকান; গুঁজিয়া দেওয়া।

গোঁড় [সং-গোণ্ড] বি, উচ্চনাভি।

গোঁড়া১ -গোঁড়যুক্ত। ২ [গোঁড় আছে বলিয়া] শিশুর নাম। ~নেবু, -লেবু-বি, পাতি বা কাগজীলেবু অপেক্ষা বড় এবং অত্যল্প গোঁড়যুক্ত লেবু।

গোঁড়া২ [গোঁড় (গুল্ফ বা পদমূল > মূল) + আ] বিণ, যে মূল ধর্ম্মমত বা অন্ধ বিশ্বাস হইতে একপদও বিচলিত হয় না; যে প্রাচীন ধর্ম্মের মূল আঁকড়াইয়া থাকে; প্রাচীন-ধর্ম্ম-মতাবলম্বী। ২ ধর্ম্ম সম্বন্ধে যুক্তিহীন অন্ধ-বিশ্বাসী orthodox. ৩ অতিরিক্ত পক্ষ-পাতী। ৪ ভক্ত; অতিশয় অনুরক্ত admirer "গোঁড়া হয়ে মাতে সব দেখে নাক গোঁড়া।"-ঈ° গুপ্ত। ৫ চাটুকার; স্তাবক; খোসামোদকারী; তোষামুদে। ~মি, ~মি-বি, অতিরিক্ত প্রশংসা করণ; ২ পক্ষ-পাতিতা। ৩ ধর্ম্মান্ধতা। "ঘুচাব গোঁড়ামি রোগ দিয়া ছাগনাদী।"-ঈ° গুপ্ত।

গোঁৎ [অনু-গোৎ-জলে ঢুমারিয়া প্রবেশ, ডুব] বি, মাথা নীচু করিয়া জলের মধ্যে বেগে প্রবেশ; মাথা হেঁট করিয়া ডুব। ২ ডুবের অনুকরণ শব্দ। "গোঁৎ করে সোঁৎ ঠেলে ভাটি গাং ছেড়ে।"-ঈ° গুপ্ত। ~মারা-গোঁৎ দেওয়া; ডুব গাল; মাথা হেঁট করিয়া ডুবা। ২ ঐরূপে নামা। প্র-ঘুঁড়ির গোঁৎ মারা। ৩ [অনু°] গোঁৎ এই শব্দ করিয়া গলাধঃকরণ করা।

গোঁধলা [বৌ° যুগের বাং] বি, গোময়; গোবর; দুর্গন্ধযুক্ত পচা গোবর। প্র-"গোঁ দিয়ে মানুষ মারে"-খনা।

গোঁপ, গোঁফ [সং-গুম্ফ > বাং-গোঁপ; গোঁফ] বি, উপর ঠোঁটে রোমরাজি; মোচ। ~তোলা-বি, গোঁফের প্রান্ত পাকাইয়া উপর দিকে উঠান। "গোঁফ তোলা দিয়া তজ্জে"-কবিক°।

গোঁপখেজুরে, গোঁফখেজুরে [খেজুরগাছের তলায় এক ব্যক্তি শয়ন করিয়া-ছিল। সেই অবস্থায় একটি খেজুর তাহার গোঁফের উপর পতিত হয়, কিন্তু সে এতই অলস যে স্বহস্তে খেজুরটি গোঁফ হইতে তুলিয়া মুখে দিবার কষ্টস্বীকার না করিয়া কোন পথিকের অপেক্ষায় গোঁফের উপর খেজুর লইয়াই শয়ন করিয়া থাকে। তদবধি "গোঁফখেজুরে" অলসের আদর্শ অর্থে ব্যবহৃত হইয়া থাকে] বিণ, নিতান্ত অলস। "কিন্তু গোঁফখেজুরে হয়ে থাকা কি যায়। খেজুরটি গোঁফে আছে আছেই কেহ না মুখের ভিতর দিলে খাওয়া হইবে না।"-টেকচাঁদ। "অচ্যুত আপনি কিছু করে না আর ইয়ারদের কিছু করিতে দেয় না। সেই পোষমানা বাঁদরগুলা শাক পাতা ফল মূল, যাহা আনিয়া দেয়, গোঁফখেজুরের মত তাহাই খায় দায় আর পড়িয়া থাকে।"

গোঁয়া [সং-গম্ (গমন করা) >। গোঁয়াই, গোঁয়াও, গোঁয়ায় (গোঁয়্); গোঁয়াইতে (ক্ষে° গোঁয়াতে); গোঁয়াইয়া (ক্ষে° গোঁয়ায়ে)। ণিজন্ত-গোঁয়ান] ক্রি, অতি-বাহিত করা; কাটান। "দিন গোঁয়াও মিথ্যা কাযে।"-কবিক°। ২ গত হওয়া। "মিছে খেলায় দিন গোঁয়ালো।"-রা° প্র°। ৩ অনু-সরণ করা। "ধনুক তুলিতে যত রাজপুত্র যায়। দেখিয়া সকল লোক পশ্চাতে গোঁয়ায়।" -কৃত্তি°। ব্রজ-গোঁয়াওবি-কাটাইবে।

গোঁয়ানি১ [অনু°। গেঙান, গোঙান, গোঙ্গান ও] ক্রি, গোঁ গোঁ শব্দ করা; অব্যক্ত স্বরে শারীরিক যন্ত্রণা প্রকাশ করা।

গোঁয়ানি২ [গোঁয়া দ্রঃ। গমান >। ব্রজ গয়াওল=গোঁযাইল] ক্রি. কাটান; অতি-বাহিত করা।

গোঁয়ার [হি°-গমার। গ্রাম+বার-আর (সম্বন্ধার্থে)-গ্রামে যে বাস করে। তুল-নাগর=নগরে যে বাস করে। "গামক বসলে বালিঅ গমার। নগবহু নাগব বোলিঅ সঁসার।" -বি° প°। প্রা°-বাং 'গোঁওর', গোঙার] বিণ, গ্রাম্য; গেঁও। ২ অশিক্ষিত; অমার্জ্জিত। "গড়েতে গোঁয়ার পুত্র হয়েছে দুর্জ্জন।"-ধ ম। ৩ কাণ্ডজ্ঞানহীন; গোঁয়া [illegible] "তাদের মধ্যে অনেকেই গোঁয়ার; তাহারা সামান্য কারণে প্রলয় কাণ্ড ঘটায়, তাহারা রাগপ্রভৃতি রিপু দমনে অসমর্থ।"-সাবিত্রী তত্ত্ব। ৪ অর-সিক। "রতিরস না জানয়ে কানু সে গোঙার।" -বি° প°। ৫ লম্পট। ৬ দস্যু; চোর। "অমূল্য রতন সাথে গোঁয়ারের ভয় পথে, লাগি পাইলে লইবে কাড়িয়া।" -পদকল্পতরু। ৭ [গোঁ (জেদ) আর (আছে যার এই অর্থে)] এক গুঁয়ে; জিদ্দী। স্ত্রীং গোঁয়ারী, [ব্রজ] গোঁয়ারিণী "কে করিল হেন কায কেমন গোঁয়ারী"-চণ্ডি°। "তুঁহু গোঁয়ারিণী সহজে আহীরিণী।"-বি° প° [তুল-হি°-গমারিন] ~গোবিন্দ-কাণ্ড-জ্ঞান-শূন্য ব্যক্তি; যে মূর্খ দুঃসাহসিক কার্য্য করিতে ইতস্ততঃ করে না। ~তমি, -তুমি, -নী [এই অর্থে প্রা°-বাং-'গোঁয়ারকি', গোঁয়ারিপণা। "গোয়ালাব গুণজ্ঞান গোঁয়ারিপণা"-ঢেকুর বিজয়। বি, গোঁয়ারের আচরণ বা ব্যবহার; হঠকারিতা।"

গোঁয়ারা, গোমরা [ফা°-গোর (কবর) হি°-বারা (রক্ষা), বা ফা°-গহ্বারা (cradle) অর্থাৎ যাতে করিয়া

কোন কিছু বহিয়া লইয়া যাওয়া হয়) > ব়= ও=ও] বি, তাজিয়া : হাসেন হোসেনের শবাধার। ২ মহরম উৎসব।

গোঁসাই [গোস্বামী। > প্রা০-বাং গোসাঞি] বি, প্রসিদ্ধ বৈষ্ণববংশীয়গণের উপাধি। ২ প্রভু। জাতগোঁসাই-বি, জাতি-গোস্বামী যারা শ্রীরূপসনাতনাদি জিতেন্দ্রিয় স্বার্থত্যাগী বৈষ্ণবগুরুগণের ন্যায় গুণগত গোস্বামী নহেন কেবল বংশধারায় গোস্বামী উপাধিধারী ও শিষ্য, মন্ত্র, ভাগবত ব্যবসায়ী মাত্র। "আউল বাউল কর্তাভজা নেড়া দরবেশ সাঁই। সহজিয়া সখী ভেকী স্মার্ত্ত জাত গোঁসাই।"-গৌড়ীয়, ৫ম বর্ষ।

গোঁহাই [গোস্বামী >। স=হ, ম=] বি, অসমীয়া উপাধি। ২ রাজপ্রতিনিধি-স্থানীয় শাসক।

গোকবল-বি, গরুর গ্রাস, গোগ্রাস দ্রঃ।

গোকর্ণ [গো (গরু) তার কর্ণ (কাণ) তৎসদৃশ যে (বহু)] বি, অনামিকার নিম্ন পর্ব্বে অঙ্গুষ্ঠযুক্ত করিলে গোকর্ণ সদৃশ হয় : অঙ্গুলি পরিমাণ : অঙ্গুষ্ঠ ও অনামিকা প্রসারিত করিলে তাহার মধ্যস্থ ব্যবধান। ২ গণ্ডূষ। ৩ রুদ্রবিঃ। ৪ মৃগবিঃ। ৫ সর্প ; ৬ অশ্বতর। ৭ কাশীস্থ শিবলিঙ্গবিঃ।

গোকল [গো-কল (কবল >)-৬তৎ] বি, গোরুকে যে ঘাস খাইতে দেওয়া হয় ; গোগ্রাস। ২ গোকলব্রত : গরুকে ঘাস খাওয়ান ও গোপূজা ব্রত (মন্ত্র-"গোকুল গোকুলে বাস গরুর মুখে দিয়ে ঘাস আমার যেন হয় স্বর্গে বাস।"-ব্রতকথা)।

গোকীল [গোর (পৃথিবীর) কীল (শঙ্কু)-৬তৎ] বি, লাঙ্গল। ২ মুষল।

গোকুল [গো (গরু) তাহার কুল (সমূহ) -৬তৎ] বি, গোপাল : গোসমূহ। ২ [গো-কুল (সমূহ) যে স্থানে থাকে-বহু] গোষ্ঠ : গোস্থান। ৩ যমুনাতীরস্থ মথুরামণ্ডলস্থ গ্রাম ; কৃষ্ণ বলরাম যথায় নন্দালয়ে পালিত হইয়াছিলেন। "শ্রীমুখপঙ্কজ দেখবো বলে হে, তাই এসেছিলাম এ গোকুলে। আমায় স্থান দিও রাই চরণতলে।"-বঙ্কিম। ~নাথ, ~পতি, গোকুলেশ্বর-বি, শ্রীকৃষ্ণ। গোকুলের ষাঁড় [লক্ষ০] স্বেচ্ছাচারী ব্যক্তি ; অনিষ্টকারী ব্যক্তি। "প্র-হলধর, গদাধর ও মতিলাল গোকুলের ষাঁড়ের ন্যায় বেড়ায়।"-টেকচাঁদ।

গোকুলি [গো+কুলি (কেন্দ্র, পথ) মেদিনী০] বি, গোচারণে যাইবার পথ।

গোকৃত-বি, গোময়।

গোক্ষীর [গো-ক্ষীর (দুগ্ধ)] বি, গোদুগ্ধ।

গোক্ষুর [গো (গোরুর) ক্ষুরের ন্যায় ক্ষুর (কণ্টক) যার অথবা গোক্ষুর আকৃতি বলিয়া] বি, স্বনামপ্রসিদ্ধ কণ্টকাকীর্ণ ক্ষুদ্র বৃক্ষবিঃ ; গোখুরা। ২ গরুর ক্ষুর।

গোক্ষুরা [সং-গোক্ষুর] বি, মস্তকে গোরুর ক্ষুর চিহ্নযুক্ত স্বনাম-প্রসিদ্ধ সর্প ; গোখ্‌রো সাপ cobra de capello.

গোক্ষুরী, গোখুরী-বি, গোক্ষুর আকৃতি কর্ণাভরণ-বিঃ।

গোখরি, গোখরু [গোক্ষুরবৎ টোপ তোলা বলিয়া] বি, গোখরি চুড়ি ; হস্তাভরণ বিঃ। ২ ডাকের সাজে সূতার ফিতা-বিঃ।

গোখাদক [গো-খাদক (যে খায়)] বিণ, যে গরুর মাংস খায় ; গোমাংসাশী।

গোখুর [গোর খুর, ৬তৎ] বি, গরুর খুর। "গোখুর ধূলি উছলি ভরু গম্বর ঘন ঘন হাম্বারব হৈ হৈ রাব।" গোবিন্দ০।

গোগৃহ-বি, গোশালা।

গোগোল-বি, গুহ্যদ্বার নির্গমনরূপ রোগ-বিঃ hemorrhoidal tumour. গুয়ের গোগোল [তুচ্ছার্থে-গোগ্‌লা] বি, অতি শিশু।

গোগ্রন্থি [গো (গোময়) গ্রন্থ্ (গাঁথা) +ই] বি, ঘুঁটে। ২। গোষ্ঠ। ৩ গোজিহ্বিকা নামক ওষধি।

গোগ্রহ [গো-গ্রহ] বি, গাভীহরণ, গোধন হরণ।

গোগ্রাস [গোর গ্রাস, ৬তৎ] বি, প্রায়শ্চিত্তান্তে গরুকে মন্ত্রপূত ঘাস দান। ২ অন্ন হস্তদ্বারা না উঠাইয়া গরুর মত মুখ দিয়া গ্রহণ করিয়া বিনা চর্ব্বনে গলাধঃকরণ।

গোঘাতক [গো-ঘাতক (যে গরু হনন করে)] বিণ, গোহন্তা ; গোহত্যাকারী।

গোঘৃত [গো-জাত ঘৃত (ঘী)] বি, গোদুগ্ধোৎপন্ন ঘৃত ; গব্যঘৃত ; গাওয়া-ঘি।

গোঘ্ন [গো-হন (বধ করা)+অ (র্ত্তৃ)-যে গোহত্যা করে] বিণ গো-হননকারী : গোঘাতক। ২ [গো হনন করে যদুদ্দেশে (উপ০) অর্থাৎ যার আগমনে গো হনন করা হইত, প্রাচীন প্রথার আভাস] বি, অতিথি।

গোঙ-গোঙ্গা দ্রঃ।

গোঙান-গোঙ্গান দ্রঃ।

গোঙানি [প্রা০-বাং। গোঁঙান ও০ গোঁয়া দ্রঃ। গম্ (গমনে) > হি০-ক্রি, গমানা > বি, গমারা=অতিবাহন। ম=ঙ। গোঙাই, গোঙাও (গোঙান, গোঙা), গোঙায় (গোঙান) ; গোয়াইতে (ক্ষে০ গোঁআতে) ; গোঙাইয়া (ক্ষে০ গুঙিয়ে)] ক্রি, অনুসরণ করা ; গমন করা। "সকল বানর তার পাছে গোঙাইল।"-কৃত্তি। ২ ক্ষেপণ করা ; যাপন করা : অতিবাহন করা। "কোথা কম্বল লাঠি, গলায় তুলসী কাঠি সদাই গোঙায় গীত নাটে।" -কবিকং। "কি কাযে গোঙাও কাল তুমি বিদ্যা ভোলে" ।-চৈ০-ভা০।-"কেমনে রজনী গোঙাব"-নরোত্তম০। [ব্রজ] গোঙায়নু-যাপন করিলাম।-"কত মধু যামিনী রভসে গোঙায়নু।"-বি প০। "বহুদুঃখে গোঙায়নু মাধব সাথ"-বি০ প০। গোঙায়ব-কাটাইব। "ইহ নবযৌবন বিরহে গোঙায়ব।" -ঐ। গোঙায়বি-কাটাইবে। "জনম গোঙায়বি রোই একান্ত"-ঐ। গোঙায়লি -যাপন করিল। গোঙায়লি-কাটাইলি, কাটাইল। "জনম গোয়ায়লি রোই"-ঐ।

গোঙার [সং-গ্রাম্য ; হি০-গমার্-গঙার। গোঁয়ার দ্রঃ। ব্রজ০, প্রা০-বাং] বিণ, গ্রাম্য ; গেঁয়ো। ২ অবিমৃষ্যকারী ; বিবেচনাহীন ; মূঢ়। "বুঝনু এ সখি কানু গোঙার।"-বি০ প০। ৩ লম্পট। ৪ চোর ; দস্যু॥ "অমূল্য রতন সাথে, গোঙাবের ভয় পথে, লাগি পাইলে লইবে কাড়িয়া।"-পদকল্পতরু। স্ত্রীং গোঙারিনী (বৈ০-পদাবলী) গোঁআরিনী দ্রঃ।

গোঙ্গা [অনু০। গোঁ গোঁ বা গাঁই গুঁই >। হি -গুঙ্গা, গুঙা] বিণ, মূক ; বোবা ; অস্ফুটবাক্।

গোঙানি [অনু°। গোঁ গোঁ শব্দ > । গ্রা°-গেঙান, গোঙান। গোঙাই, গোঙাও, গোঙায় ; গোঙাইতে (গোঙাতে) ; গোঙাইয়া (কৈং গুঙিয়ে)] ক্রি, গোঁ গোঁ শব্দে যন্ত্রণা প্রকাশ করা ; কণ্ঠ ও নাসিকাযোগে অনুনাসিক শব্দ করা ; গলা চাপিয়া ধরিলে বাক্‌রোধ হইবার মত অব্যক্ত কাতরোক্তি করা। বি, গোঙানি, গেঙানি। বিণ, গোঙানিয়া, গেঙানিয়া, গেঙানে, গোঙানে।

গোচ-বি, গোছ দ্রঃ।

গোচন্দন-বি, গোরোচনা।

গোচর [গো (ইন্দ্রিয়গণ) চর (বিচরণ করে) যেখানে, বহু°] বি, যেখানে ইন্দ্রিয়গণ বিচরণ করে ; ইন্দ্রিয়ের বিষয় ; ইন্দ্রিয়গ্রাহ্য-বস্তু। ২ আশ্রয়। ৩ সাক্ষাৎকার ; প্রত্যক্ষ : জ্ঞাতসার। ৪ গো (গরু) চর (বিচরণ করে) যেখানে] গোচারণের মাঠ ; ক্ষেত্র।

গোচরা [প্রা°-বাং গোচর > নামধাতু] ক্রি, গোচর করা। গোচারিঅঁ -গোচর করিয়া। গোচরিল-গোচর করিল। গোচরী-গোচরিয়া (শ্রী° কী°)।

গোচর্ম্ম [গোর চর্ম্ম] বি, গরুর চামড়া।

গোচা, গোছা [সং-গুচ্ছ] বি, গুচ্ছ ; আটি ; পূলা ; স্তবক।

গোচারক [গো-চর্ + ণিচ্=চারি (গমন করান + অক (র্তৃ)-যে গরু চরায়] বি, বিণ, রাখাল ; গোপাল ; গোরক্ষক।

গোচারণ [গোর চারণ-৬ তৎ] বি, গরু চরাণ ; গোরুকে ঘাস খাওয়ান।

গোচারী [গো-চর্ + ইন্ (র্তৃ), মূ°-গোচারিন্ ১মা ১ব°] বি, বিণ, গোচারক।

গোচিকিৎসক-বি, বিণ, গরুর রোগের চিকিৎসাকারী : গোবৈদ্য ; গরুর ডাক্তার veterinary surgeon.

গোচ্চার [গুচ্ছার (গুচ্ছ) > প্রা°-বাং -ঘৃণাবাচক বা অপ্রীতিকর বহুত্ববাচক] বিণ, অনেক ; বহু ; বিস্তর ; মেলা।

গোছ১ [সং-গুচ্ছ >] বি, পানের গুচ্ছ। সাধারণতঃ ৮ গণ্ডা পান। ২ ধানের আটি বা হালি। ৩ সুবন্দোবস্ত ; শৃঙ্খলা ; সুবিধা : সুযোগ। ৪ ধরণ ; রূপ ; প্রকার। ৫ গঠন (মৈং গী°)।

গোছ২ [গুচ্ছ >] বি, হালা ; আটি। প্র-ধানের গোছ। পানের গোছ। ২ সুবিধা ; সুযোগ : বিল। প্র-কাজের গোছ জানে না। ৩ অবস্থা : উপায় : প্রকার। প্র-সেই গোছের লোক কি যে, বললেই শুনবে। ৪ পায়ের গোড়ালি ও ডিমার মধ্যভাগ। গোছগাছ-গুচ্ছগুচ্ছ ; থোপা থোপা। ক্রি, গোছানি-গুচ্ছ করা ; সাজান। বিণ, গোছানে-সুবন্দোবস্তকারী।

গোছা১, গোচ্ছা [সং-গুচ্ছ। হিং-গুচ্ছা। প্রাকৃ-গেচ্ছা=মঞ্জরী -হেং নামমালা] বি, গুচ্ছ ; থোলো।

গোছা২ [প্রাদে° যশো°, খুলনা] বি, নৌকার ভিতর তলদেশে দুই পার্শ্বে যে 'বাগ' অর্থাৎ ছোট ছোট কাঠ মাঝে মাঝে লাগান থাকে।

গোছানি [গোছ (দ্রঃ) + আন (ক্রিয়ার্থ)। গোছাই, গোছাও (গোছান্), গোছা, গোছায় (গোছান) · গোছাইতে (কৈং গোছাতে) ; গোছাইয়া (কৈং গুছিয়ে)] ক্রি, গোছ করা ; সাজান : যথাস্থানে যথা দ্রব্য সজ্জিত করা। ২ ব্যবস্থা করা ; উপায় করা ; সংস্থান করা। "নিজের ভাত কাপড় নিজেই গোছাবে।"

গোছালি১ [গুচ্ছ > গোছ + বালা > আল] বিণ, যা বিশৃঙ্খল নহে ; সংযত ; শৃঙ্খলযুক্ত। ২ সুবিন্যস্ত। ৩ হিসাবী ; মিতব্যয়ী। ৪ দক্ষ ; পটু ; চতুর। ৫ উন্নতিশীল ; ঋদ্ধ। গো° সংসার-যে সংসারে গৃহস্থগণ আয়ব্যয়ের প্রতি লক্ষ রাখিয়া মিতব্যয়িতার সহিত ও সুশৃঙ্খল রক্ষা করিয়া চলে।

গোছাল২ [গো + ছাল] বি, গরুর ছাল ; গোচর্ম্ম।

গোছের [গ্রা° গোছ দ্রঃ] বিণ, ধরণের : সদৃশ ; প্রকারের ; মতন। "কিন্তু আমি ভাবুক গোছের মেয়ে নই আর সকলের মতন তোমারও আদর্শমত মেয়ে হওয়া চাই।"-প্রবাসী, ১৩১৭।

গোজাত [গো > জাত (উৎপন্ন)] বিণ, গব্য। ২ বি, গব্য দধি, ঘৃত, ছানা, মাখন ইং খাদ্য দ্রব্য।

গোজাতি-বি, গো-মহিষাদিজাতীয় পশু ; গবয় : গয়াল। ২ বিণ, গোজাতীয় ; গবাদি সম্বন্ধীয়।

গোজাতী [প্রাকৃ° গোপ > গো, জাতীয়া > জাতী] বি, বিমূঢ়া গোপবালা। "গোকুলে গোজাতী দেহ আন্ধারে সুরতী।" -শ্রী° কী°।

গোট১ [গুড্ (বেষ্টন করা) > । ড=ট। সং-গুটিকা। হিং-গোট=ফিতার বেষ্টনী, কিনারা, ঝালর বা হাঁসিয়া] বি, বস্ত্রাদির প্রান্তে লাগান ফিতা বা ঝালর ; হাঁসিয়া। ২ অলঙ্কারবিঃ ; স্ত্রীলোকের কটিভূষণ : মেখলা।

গোট২ [গোষ্ঠ > গোঠ, গোট] বি, গোষ্ঠ ; গোচারণ মাঠ।

গোট৩ [গোটা১ দ্রঃ] বি, আস্ত। ~গোটগোট-অ, গোটা গোটা ; আস্ত আস্ত। ২ গুটি গুটি ; একে একে। "গোট গোট সখি সভ গেলি"-পদাবলী।

গোটা১ [অখণ্ড-এগটা-একটা-এক-গোটা (প্রা°-বাং) > । মাল°-গোটা (a numeral affix ; the whole), গোটে= all (I. M. L.)] বিণ, আস্ত ; অখণ্ড। "কোথা থাকে দালান কোঠা কোনও জিনিষ রয়না গোটা॥"-রজনী সেন। ২ [মাল°-গোটা =seed (I. M. L.)] আস্ত মাষকলাই। প্র-গোটা-সিদ্ধ। ৩ [বস্তু নির্দ্দেশার্থে] টা। "এড়িলেক গাছগোটা করিয়া হুঙ্কার।" -কৃত্তি°। "উপাড়িয়া চাকাগোটা তুলি নিল হাতে।"-ঐ। ৪ [সংখ্যানির্দ্দেশার্থে] টা বা টি। "যৌতুক ধনুকখান খর গোটা তিন বাণ দিয়া জামাতার কৈল মান।"-কবিক°। ৫ [অনধিকার্থে] মাত্র। প্র-একগোটা। ৬ অনির্দ্দিষ্ট কতিপয় ; প্রায় ; কাছাকাছি a few. প্র-গোটা দশ পনের। গোটা কতক। গোটা দুই পয়সা বলুম ব'লে গোনা দুটোই দিলে? গোটা পঞ্চাশেক। ৭ সমুদয় ; সমস্ত। ~গোটাকতক-অল্প কতকগুলা। ~কয়েক-কয়েকটা মাত্র। ~গোটাগোটা-আস্ত আস্ত।

~সিদ্ধ-বি, আ-কাটা তরকারি সহ সিদ্ধ আস্ত মাষকলাই (শ্রীপঞ্চমীর রন্ধন)। এঁক গোটা [প্রা০-বাং। প্রাদে] একটা; একমাত্র।

গোটা$_{২}$ [গুণ্ড >] বি, গুঁড়া বিতঃ বিবিধ মসলার চূর্ণ। ২ চাউলের গুঁড়া। গোটার মঁস্‌লা বিবিধ বেণে-মস্‌লার মিশ্রণ যাহা ভাজিয়া ও গুঁড়াইয়া ব্যঞ্জনাদিতে ব্যবহার করা হয়।

গোটা$_{৩}$ [প্রাদে০] বি, বিষফল। "সাধ করিয়া খাই পিরীত গাছের গোটা।" -পূ০ ব০ গী০। ~নাল, ~লাল-বিষফল, ওল, লঙ্কাদি মুখে দিলে বা খাইলে যে লালা স্রাব হয়: ফেনা; গাঁজলা।

গোটা$_{৪}$, হাড়গোটা [প্রাদে০। তুল-হাড় গোড়] বি, কঙ্কাল। "গজমুতি ছাড়িয়া পর হাড় গোটার মালা।"-পূ০ ব০ গী০।

গোটা$_{৫}$ [হিং] বি, সোণা বা রূপার জরি।

গোটিক [গুটিক দ্রঃ] বিণ, একটি "কোটিতে গোটিক হয়।"-চণ্ডি০।

গোটে, -ঠে [প্রা০-বাং। গোটিক দ্রঃ] বিণ, একটি। "অষ্টমী পূজার দিনে পাটা গোঠে লয়।"-মাণিক০ গান।

গোঠ [গোষ্ঠ >] বি. গোবিচরণের মাঠ; গবাদির ঘাস খাইবার স্থান। ২ [সং -গুণ্ঠ (বেষ্টনে)] কটিত্র; কটিবেষ্টনী; কটি-দেশের শিকলাকৃতি অলঙ্কারবিঃ।

গোড়$_{১}$ [প্রাকৃ০ ও হিং০-গোড়=পদ =গোড়ালি। > পদানুসরণ] বি, রায়; মত। "মেজ বউ মন্দ নয় সেই গোড়ে গোড়।" -ঈ০ গুপ্ত। ২ [প্রাদে০-ঢাকা] গুঁড়ি: মূল-দেশ; গোড়া। প্র-গাছের গোড়ে জল দেওয়া। ২ শিকড়; জড়। প্র-ঘেসো জমিতে ঘাসের গোড় সহজে মরে না। ~মুড়া [গুল্ফ > গোড়, মূল > মুড় > মুড়া] বি, গুল্ফমূল। গোড়ে গোড় দেওয়া-পদাঙ্ক অনুসরণ করা; মতে মত দেওয়া।

গোড়$_{২}$ [প্রাদে০ মৈমন০, নোয়াখালি] বি, মোট; গড়। "গোড়জমি"; "গোড়ে আধ কাঠা।"

গোড়বালা [(সং-গুল্ফ > গোড়+ (সং-বলয় >) বালা] বি, চরণালঙ্কার-বিঃ; মল। "আঙ্গুলে অঙ্গুরী আর, পদে গোড়বালা।"-রঙ্গলাল (কাঞ্চী০)।

গোড়হর [সং গোষ্ঠ > হিং-গোট > (গ্রাম) গোড় (তুল-হিং গোঁইড়=গ্রাম সীমা) +হর (হিং হর="লে জানেবালা, পৌছানে-বালা"-হিং শ০ সাগর)] বি, গ্রামপথ। ২ গোপথ cowpath.

গোড়া [গোড়$_{১}$ দ্রঃ] বি, মূল; শিকড়। প্র-ও গাছের গোড়াশুদ্ধ তুলিয়া ফেল। "গোড়ায় কাটিয়া আগায় জল।"-অ০ ম০। ২ নিকট; কাছে। প্র-হাতের গোড়ায় আছে। ৩ ভিত্তি; ভিত; দেওয়াল বা স্তম্ভের গোড়া। ৪ আদি; প্রথম; সূত্রপাত; আরম্ভ। প্র-গোড়াতে সাবধান হওয়া উচিত ছিল। ~গুড়ি [গোড়া+গুড়ি] অ, সর্ব্ব প্রথমে; গোড়াতে। ২ প্রথমাবধি। আগা-গোড়া-অ, আদি-অন্ত।

গোড়াইল [গোড়ান দ্রঃ] ক্রি, গমন করিল। "গো০ গিরিশ গৌরীর পিছু পিছু" -শি০। ২ পশ্চাদ্ধাবন করিল। "দেখি দুঃশাসন ক্রোধে পাছে গো০"-মহা০ (কাশী)। ৩ সঙ্গ লইল; পাছু ধরিল: পেছনে চলিল। "যেইক্ষণ হতে কুণ্ডল দ্বিজ পাইল। সেইক্ষণ হৈতে তক্ষক গো০।"-মহা০ (কাশী)। ৪ নিকটবর্ত্তী হইল। ৫ পরিণতি প্রাপ্ত হইল। ৬ [লক্ষ০] অনুসরণ করিল; মতে মত দিল।

গোড়ানি [গুড়ান$_{৪}$ দ্রঃ। ঘোর (গতি চাতুর্য্যে)। গোড়াই, গোড়াও, গোড়ায়; গোড়াইতে (ক্ষে০ গোড়াতে); গোড়াইয়া (ক্ষে০ গোড়ায়ে, গোড়িয়ে) ই০] ক্রি, নিকটবর্ত্তী হওয়া। ২ অনুসরণ করা; পাছু পাছু যাওয়া; গমন করা। "কুমার তার পশ্চাতে গোড়ায়" -গীত০ (গিরিধর)। "চট পট চন্দ্রচূড় চলে তার ঘরে। গঙ্গাধরে গিরিরাজ গোড়াইতে নারে।"-শি০।

গোড়ায় গলদ-বি, মূলেই ভুল: ভ্রমাত্মক আরম্ভ।

গোড়ারী-গোড়ালি দ্রঃ।

গোড়ালি [প্রাকৃ০-গোড়+বালী > আলি, আরি (স্বার্থে)। গোড়ারি, -রী ও০। প্রাদে০-ঢাকা-গুরমুড়া] বি, গুল্ফ; পাদমূল। "মনসার গায়ে পড়ে গোড়ালির পানি।"-কেতকা০।

গো-ডিম [গু-ডিম] বি, পক্ষীদিগের ডিম হতে বাহির হইবার পর যে অবস্থা। ২ শিশুর জন্ম হইতে ছয় মাস বয়সকাল। ৩ [ব্যঙ্গ্যে] অতি অল্প বয়স্কের ফাজলামি বা বয়স্কের মত ব্যবহার দেখিয়া, বিদ্রূপোক্তি। প্র-ছেলের এখনও 'গো০' ভাঙ্গে নাই তবু ই০।

গোড়ে-গড়িয়া দ্রঃ।

গোড়েন [গড়ান+ইয়া > গড়ানিয়া > ক্ষে০ গড়ানে > বর্ণবিপর্য্যয়ে-গোড়েন] বিণ, গড়ানিয়া; ঢালু। ২ বি, ঢালু দেশ। "গোড়েনে গোড়েনে উঠে নীর কেটে তীর ছুটে"-ঈ০ গুপ্ত।

গোণা, গোনা [গণিত দ্রঃ] বিণ, সংখ্যাত; গণিত; যা গণনা বা সংখ্যা করা আছে: নির্দ্দিষ্ট। ~কড়ি-বি, হিসাব করা বা সংখ্যাত টাকা পয়সা বা বস্তু। প্র-গোণা কড়ি বাঘে খায় না। (পূ০ ব০)। তুল-হিসাবের কড়ি বাঘে খায় না (২৪ পরগণা অঞ্চলে)। "গো০ দিন ত যায় মা বয়ে কাঁদছি ভবে শমনভয়ে।" -দ্বারকানাথ গাঙ্গুলি-বাং-গান। ~গাঁথা [গণিত-গ্রন্থিত >] বিণ, যা গণিয়া একত্র করা হইয়াছে; সংখ্যাত ও পৃথক্ রক্ষিত।

গোণী$_{১}$ [সং-গুণ্‌ (গণনা করা)] বি. পরিমাণবিঃ।

গোণী$_{২}$ [সং। সং-গুণ (রজ্জু)] বি, শণ সূতার ছিদ্র বস্ত্র; গুন; থলিয়া; বস্তা।

গোণ্ড [গুনড্‌ (বেষ্টন করা)+অ (র্তৃ, জ্ঞা০), গু=গো] বি, জাতিবিঃ। ২ [গো-অণ্ড] নাভিদেশের উন্নত মাংসপিণ্ড; গোঁড়।

গোতম, গৌতম-বি, ন্যায় দর্শন-প্রণেতা মুনি। ২ গৌতমবুদ্ধ। ৩ [গো+তম (শ্রেষ্ঠার্থে)] গো-শ্রেষ্ঠ। স্ত্রীং ~মী, গৌতমী। দুর্গা। ২ রাক্ষসীবিঃ। ৩ কণ্ব মুনির ভগিনী।

গোতমপলাল [প্রা০-বাং] বি, ধান্য-বিঃ। "ধান মাঝে ধান বুনেন বক কড়ি। গো০ বুনেন পাতল জায় ছড়ি।"-শূ০ পু০।

গোতা [রূপান্তর-গোপতা, গোপ্তা দ্রঃ)। আং-গোতা=ডুব] বি, হেঁট মাথায় ডুব ; ঘাড় গুঁজিয়া বা মাথা নীচু করিয়া জলমধ্যে প্রবেশ করা। ~**মারা**,~**খাওয়া** -মাথা নীচু করিয়া ডুব গালা।

গোতীর্থ-বি, গোষ্ঠ। ২ পিণ্ডদানার্থ প্রয়াগস্থ তীর্থ বিঃ।

গোত্র [গো (শব্দ করা)+ত্র (ণে-জ্ঞাং) যদ্দ্বারা আদি পুরুষের নাম উক্ত হয়] বি, অন্বয়; কুল: বংশ clan "প্রথমেই বলিলেন শ্রীবাস উদার। গোত্র বাঢ়াউক বৃক্ষ আমা সবাকার॥" -চৈং ভাং। "কেবল ব্রাহ্মণেরই গোং প্রথা ছিল ; ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ আপন আপন পুরোহিতের গোত্রভাগী হইয়াছেন।" ২ পুরুষ। "মাতৃপক্ষে পঞ্চ গোং ত্যজিবেক নারী।" -মনসা মং (বংশী)। ৩ নাম। ৪ আদি পুরুষ ; কুলপ্রবর্ত্তক ঋষি। ৫ বংশপ্রবর্ত্তক ঋষির সন্তান-পরম্পরা। ৬ ক্ষেত্র। ৭ পথ। ৮ গো-গৃহ। ৯ অরণ্য। ১০ ছত্র। ১১ [গো =পৃথিবী-ত্রৈ (পালন করা)+অ (র্ত্তৃ) ত্রৈ-লোপ। যে পৃথিবীকে রক্ষা করে] পর্ব্বত। ১২ বিণ, কুৎসিত। ~**জ** [গোত্র-জন্+অ (র্ত্তৃ) ন্ লোপ] বিণ, সগোত্র ; এক-গোত্রেজাত ; এক বংশীয় ; সমানগোত্রীয়। ~**পট**-বি. বংশলতা genealogical table. ~**প্রধান** [গোত্রের (পর্ব্বতের) মধ্যে প্রধান-৬ তৎ] বি, হিমালয়। ২ [গোত্রের (বংশের) প্রধান (শ্রেষ্ঠ)] কুলপতি ; বংশ-শ্রেষ্ঠ ; গোষ্ঠীপতি। "গোত্রের প্রধান পিতা মুখ বংশ জাত"-ভারতং। ~**ভিৎ**,-**ভিদ্** [গোত্র (পর্ব্বত) ভিদ্+ক্বিপ্ (র্ত্তৃ) উপং। যে বজ্র দ্বারা গোত্র ভেদ করিয়াছে] বি, ইন্দ্র। ~**ভূ**-বি, যে অবস্থায় আসিলে লোকের পবিত্রতা আরম্ভ হয় ; তদবস্থ লোক (এই পবিত্র পন্থা লাভ করিতে হইলে যে জ্ঞানের আবশ্যকতা তা 'গোত্রভূ-জ্ঞান')।

গোত্রা [গোত্র (পর্ব্বত)+অ (স্ত্য)+আ (স্ত্রীং)] বি, ধরা ; পৃথিবী ২ [গো+ত্র (সমূহার্থে)-আ (স্ত্রীং)] গো-সমূহ।

গোদ১ [সং-গোদ-মস্তিষ্ক > রস ও মেদ বৃদ্ধি] বি, শ্লীপদ ; শোথ ; পদস্ফীতি রোগ। "ছোট ভাইয়ে সাম্য বাক্যে নিবারিল ক্রোধ। বিভা হয় নাই তার দুই পায়ে গোং॥" -কবিকং। **গোদের উপর বিষ-ফোড়া**-কষ্টের উপর কষ্ট ; যন্ত্রণার উপর যন্ত্রণা [দুঃখের উপর টনকের ঘা দ্রঃ]। ২ বোঝার উপর চাপান বোঝা।

গোদ২, গোধ [মুর্শিং প্রাদেং] হিং -গোদ] বি, কোল lap

গোদড়া [হিং গুদড়ী (মোটা সূতায় বস্ত্রবিঃ) >]। বাং-'গোদ্ধোড়' ওং] বিণ, মোটা ; অশোভন স্থূল।

গোদনা [হিং গোদনি দ্রঃ] বি, উল্কী।

গোদন্ত [গোর (গরুর) দন্ত (দাঁত) -৬ তৎ] বি, গোরুর দাঁত। ২ [বর্ণের তৎ সাদৃশ্য হেতু] বি, হরিতাল।

গোদা [গো (জল) দা দান করা)+ক্বিপ্ (র্ত্তৃ)+আ (স্ত্রীং) যে জল দান করে] বি, নদী। প্র-গোদাবরী। ২ [গোদ (স্থায়ী শোথ রোগ)+আ (স্ত্য)] বিণ, পদস্ফীত রোগী। "গোং কুঁজো কুষ্ঠে প্রভৃতি আর যত। সকলের রমণী সকলে নিন্দে কত॥"-অং মং। ৩ [তুচ্ছার্থে] অশোভনীয় স্থূল ; মোটা। ৪ [বিদ্রূপার্থে বা হীনার্থে। গোদ (মস্তিষ্ক > মস্তক) > ,অসদর্থে] মাথা বা প্রধান ; দলপতি ringleader প্র-পালের গোদা। ৫ বানর দলপতি। ৬ মোটা ; অতি স্থূলকায়।

গোদান১ [গো (গোরু) দা+অন (ভাং)] বি, গোরুদানরূপ পুণ্যকর্ম্ম।

গোদান২ [গো (কেশ)+দান। দো (ছেদন করা)+অন (ধি) কেশ ছেদন করা হয় যে সংস্কারে] বি. কেশ ছেদনরূপ সংস্কারবিঃ ; কেশান্ত সংস্কার।

গোদানি৩ [সং-মুড়, মুদ্ (ভেদনে) > হিং খু (গো) দানা > গোদানা > ; প্রাদেং ঢাকা] ক্রি, উল্কী পরান।

গোদা/নি [হিং গোদ্‌না >] বি. উল্কী। ~**নী** [হি-] উল্কী পরাইবার ছুঁচ।

গোদাবরী [গো (জল) দা (যে দান করে)=গোদা (নদী)+বর (প্রধানার্থে) ঈ (স্ত্রীং)] বি, দক্ষিণ ভারতের নদীবিঃ। "সুভগে হে গোদাবরি পুণ্য বারি তোর, সুধাংশুবদনী সীতা দেখেছ কি মোর।"-রামাং।

গোদাম-গুদাম দ্রঃ।

গোদারণ [গো (পৃথিবী)+দারণ-যে করে] বি, লাঙ্গল।

গোদালে [ক=গ। কোদাল (দ্রঃ)+ইয়া > এ (সাদৃশ্যে)। তুল-কোদালে মেঘ] বিণ, কোদালের ন্যায় ধারাল। "গোদালে গরুর খুরে মাটি উঠে যায়"-অং মং।

গোদুগ্ধ [গোর দুগ্ধ-৬ তৎ] বি গোক্ষীর ; গোরুর দুধ।

গোদুহ [গো-দুহ্ (দোহন করা)+অ (র্ত্তৃ)] বিণ, যে গো দোহন করে, গোদোহক ; গোদোয়াল। ২ গোপ।

গোদোহ-বি, গরুর দুগ্ধ দোহন ; দুধ দোয়া। ~**ন**-বি, গরুর দুধ দোয়া। ~**নী**, **গোদোহিনী** [গো-দুহ্ (দোহন করা) +অন (ধি)-যাতে গো দোহন করে] বি, গোদোহনপাত্র ; দুধের কেঁড়ে।

গোদ্রব-বি, চোনা।

গোধন [গো-ধন (সমূহ) ৬তৎ] বি, গাভীসমূহ ; গোসকল। ২ [গো রূপ ধন ধা] গো সম্পদ্। "গোং চালায়ে শিশুগণ লয়ে গমন করিল ব্রজে।"-চণ্ডিং।

গোধর-বি, ভূধর ; পর্ব্বত।

গোধা, গোধিকা [প্রাদেং পাবনা। -গোমা। গুধ্ (বেষ্টন করা)+অ (র্ত্তৃ)-আ (স্ত্রীং), আকারের পূর্ব্বে-ক (স্বার্থে)-ই আগম। সিংহলীতে গোধি] বি, গোসাপ। ২ [ণে] বাম প্রকোষ্ঠের চর্ম্মাবরণ ; যোদ্ধ্-গণের বাম হস্তের চর্ম্মরক্ষণী।

গোধাঙ্গুলিত্র [গোধা (গোধা-চর্ম্ম-নির্ম্মিত যে অঙ্গুলিত্র (মং পং লোং ধা))] বি, গোসাপের চর্ম্মদ্বারা নির্ম্মিত দস্তানা ; যোদ্ধ্-গণের অঙ্গুলি-রক্ষণী-বিঃ।

গোধি১ [গুধ্ (বেষ্টন করা)+ই-জ্ঞাং কিম্বা, গো (চক্ষুঃ) ধা (ধারণ করা)+ই (র্ত্তৃ-জ্ঞাং) যে চক্ষু ধারণ করে] বি, ললাটদেশ, কপাল।

গোধি২ [গোধা দ্রঃ] বি, গোসাপ।

গোধূম, গোধুম [সং। হিং-গেহুঁ। বাং -গম ; গোম] বি, গম নামক শস্য। ২ যব। ~**চূর্ণ** [গোধূমের চূর্ণ, ৬তৎ] বি, ময়দা।

আটা। ~সার [গোধূমের সার (সারাংশ)-৬তৎ] বি. গমের পালো।

গোধূলি, গোধুলি [গোর (গোরুর) ধূলি (ক্ষুরাঘাতে উত্থিত রজঃ) হয় যে সময়ে, বহু০] বি. সূর্য্যের অস্তগমন কাল বা বেলা। সূর্য্যাস্তগমন কালে পশ্চিমদিক যখন আরক্তবর্ণ হয় এবং আকাশে একটী দুইটী করিয়া নক্ষত্র দৃষ্ট হয়, যখন গরুর পাল মাঠ হইতে গৃহাভিমুখে গমন করে এবং তাহাদের ক্ষুরোত্থিত ধূলি আকাশ আচ্ছন্ন করে সেই সময়ের নাম। "গোধূলির ছায়াতলে"-মানসী। [দ্রঃ- বিবাহাদি শুভকর্ম্ম অনুষ্ঠান কল্পে শাস্ত্রে গোধূলির ত্রিবিধ লক্ষণ নির্দ্দিষ্ট আছে। (১) হেমন্ত ও শিশিরে-যখন সূর্য্যের কিরণ মৃদু হইয়া (লোহিত) পিণ্ডের (গোল) আকার ধারণ করে। (২) গ্রীষ্মে ও বসন্তে-যখন ভানু অস্তগমন ক'লে অর্দ্ধেক মাত্র দৃষ্ট হয়। (৩) বর্ষা ও শরতে-যখন সূর্য্য অস্তগমন করায় অদৃশ্য হয়]। ~লগ্ন-বিবাহের জন্য প্রশস্ত-কাল: গোধূলি সময়।

গোধেনু [গো ধেনু (দুগ্ধবতী)-ধা] বি. দুগ্ধবতী গাভী: যে গাভীর দুগ্ধ হয়।

গোধ্র [সং] বি. ভূধর: পর্ব্বত।

গোন১ [গমন > । প্রাদে০-বরিশাল] বি. নদীর অনু-কূল-দিকে স্রোত। [বিপরীত অগোন বা স্রোতের উল্টা দিক্]।

গোন২ [গণনা >] ক্রি. গণনা কর্ (সমানার্থে গোনো, সম্ভ্রমার্থে গুণুন্)।

গোনন্দ-বি. কাশ্মীরের পূর্ব্বতন নরপতি, রাজা জরাসন্ধের মিত্র। শকারম্ভের ২০,২৬ বৎসর পূর্ব্বে ইঁহার রাজত্ব ছিল।

গোনর্দ্দ [গো (জল) নর্দ্দ্ (শব্দ করা) + অ (ণ্ড)] বি. সারস পক্ষী। ২ ময়ুর। ৩ যুধিষ্ঠিরের সমসাময়িক কাশ্মীরপতি। ৪ দেশবিঃ।

গোনস, গোনাস [গো-নস্ নাসা (নাসিকা) গরুর নাসিকার ন্যায় নাসিকা যার-বহু০ (নাসা স্থানে নস)] বি বৃহৎ সর্প বোড়া ই০ প্রকাণ্ড সাপ।

গোনা-গোণা দ্রঃ।

গোনাথ [গো (র) নাথ, ৬তৎ] বি. ষাঁড়। ২ রাখাল। ৩ শ্রীকৃষ্ণ।

গোপ১ [গো (পৃথিবী, গোরু)-প (পালক। পা-পালন করা + অ-র্ত্তৃ) যে পৃথিবী পালন করে। উপ০] বি. রাজা; ভূমিপ। ২ গোপালক; গোয়ালাজাতি। ৩ গোরক্ষক। স্ত্রীং ~ী [বাং গানে-গোপিনী ও০]- গোয়ালিনী। ২ রক্ষাকর্ত্রী। ~কন্যা, ~বালা [গোপের কন্যা, বালা-৬তৎ] বি. গোপকুমারী: গোপজাতির কন্যা; গোপ-বালিকা। ~নারী-বি. গোপকুমারী। ২ গোয়ালিনী। ~বধূ [গোপের বধূ (স্ত্রী)-৬তৎ] বি. গোপপত্নী: গোপজাতীয়া স্ত্রী: গোপনারী: গোপী; গোয়ালিনী। ~বল্লভ [গোপগণের বল্লভ (প্রিয়)-৬তৎ] বি. কৃষ্ণ। ২ বিণ. গোপীদিগের প্রিয়।

গোপ২ [রাষ্ট্রতন্ত্রে] বি. প্রাচীন ভারতের রাজ-কর্ম্মচারীবিঃ। যিনি গ্রামের আয়-ব্যয় হিসাব, জন্মমৃত্যুর হিসাব, চাষী, গোয়ালা, বণিক্, শিল্পী, শ্রমিক, ভৃত্য ও পশুর হিসাব এবং বর্ত্তমানের সেন্সস রিপোর্টে যে সকল সংবাদ থাকে তার সম্পূর্ণ সংবাদ ও পতিত জমি কৃষিক্ষেত্র, উদ্যান, গোঠ, তীর্থ, পথঘাট, ক্রয়-বিক্রয়, ভূমিকর ই০র হিসাব রক্ষা করিতেন: গ্রাম সম্বন্ধে স্বীয় কর্ত্তব্য পালনের জন্য স্থানিকের নিকট দায়ী কর্ম্মচারী: কয়েকটি গ্রামের উপরকার পঞ্চায়েতী কর্ম্মচারী।

গোপক [গুপ্ (গোপন করা) + অক (র্ত্তৃ-জ্ঞা০)-যে গোপন করে] বিণ. গোপনকারী। ২ রক্ষক। স্ত্রীং গোপিকা।

গোপত [গুপ্ত > । ব্রজ০] বিণ. গুপ্ত; লুক্কায়িত: অদৃশ্য। "হাস গোপত বোল উপজল লাজ"-বি০ প০।

গোপতি [গো (স্বর্গ, দিক্, পৃথিবী ই০) পতি] বি. ইন্দ্র। ২ বৃষ। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ সূর্য্য। ৬ ভূপতি।

গোপথ [গো (র) পথ] বি. গরু গমনাগমনে যে পথের সৃষ্টি হয়। "বাঁধা পথ নাই, কেবল এক সঙ্কীর্ণ গো০ দিয়া পাল্কী চলিতে লাগিল"-পালামৌ।

গোপন [গুপ্ (গোপন করা, রক্ষা করা) + অন (ভা০)] বি. লুক্কায়িত করণ; অদৃশ্য করণ। ২ রক্ষণ।

গোপনীয় [গুপ্ + অনীয় (র্ম্ম)] বিণ. গোপ্য; অপ্রকাশ্য। ২ রক্ষণীয়।

গোপরিচর্য্যা [গোর পরিচর্য্যা (সেবা)-৬তৎ] বি. গোসেবা; গোপালন।

গোপসি [ব্রজ০ গোপ (গোপন) + সি-ব্রজভাষায় বর্ত্তমানে মধ্যম পুরুষের ক্রিয়াবাচক বিভক্তি] ক্রি. গোপন করিতেছ। "কত না যতনে কত না গোপসি"-বি০ প০।

গোপহার ["গোঁফহার"ও বলে। গুম্ফাকৃতি বলিয়া] বি. কণ্ঠাভরণ-বিঃ।

গোপা-বি. শাক্যসিংহের সহধর্ম্মিণী।

গোপাঙ্গনা [গোপ + অঙ্গনা] বি. গোপনারী; গোপবধূ দ্রঃ।

গোপাধ্যক্ষ [গোপের অধ্যক্ষ, ৬তৎ] বি. গোপদিগের অধিপতি।

গোপানসী [গুপ্ (রক্ষা করা) + নস (র্ত্তৃ) + আ আগম, ঈ-স্ত্রীং-যে গৃহ রক্ষা করে] বি. খড়ো ঘরের চালের পাইড়; মুদনী; চালের বাতা; কুটীরাদির পাড়্কা। "কত্ব দৃষ্টিপাত সেই নারী পানে: গোপানসীবৎ হয়েছে বাঁকিয়া"-জাতক, ২য় ভাগ।

গোপায়িত [গুপ্ (রক্ষা করা) + আয় (স্বার্থে)=গোপায় + ত (র্ম্ম)] বিণ. রক্ষিত; পালিত। ২ লুক্কায়িত। স্ত্রীং ~া।

গোপাল [গো (পৃথিবী, গরু) পাল (যে পালন করে) উপ০] বি. পৃথিবীপাল; রাজা। ২ গোপালক; রাখাল। ৩ কৃষ্ণের শৈশবের আদরের নাম। ৪ [কৃষ্ণের মত] আদরের ধন; সোহাগের সন্তান। "তারেও 'গোপাল' জানি। স্নেহমাখা কোলে টানি। চুমো দাও মুখে"-মানকুমারী০।

গোপালক [গোপাল + ক (স্বার্থে)] বি. গোপাল দ্রঃ। স্ত্রীং গোপালিকা।

গোপালচম্পু [গোপাল (কৃষ্ণলীলা বর্ণনহেতু) চম্পু (গদ্য-পদ্যময় কাব্য)] বি. কবি জীবরাজ-প্রণীত গোপাললীলা বর্ণন বিষয়ক গ্রন্থ বিঃ।

গোপালন [গো-পালন,-৬তৎ] বি. গো রক্ষা: গো-সেবা।

গোপালভোগ-বি. ধান্য-বিঃ। "লাল কামিনী সোলপনা বুনে পচ্ছা ভোগ। আন্ধার কুলি ঘুমলে উলি আর গো০।"-

পুং পুং। ২ আম্র-বিঃ। ৩ কদলী-বিঃ। ৪ [গোপাল (শ্রীকৃষ্ণ তাঁর) ভোগ-৬ তৎ] শ্রীকৃষ্ণের বা বিষ্ণুঠাকুরের অন্নাদি ভোজ্য বা আমান্ন নৈবেদ্য।

গোপালী-বি, অপ্সরা-বিঃ যার গর্ভে গার্গ্যমুনির ঔরসে কালযবনের জন্ম।

গোপাষ্টমী [গোপ+অষ্টমী] বি, কার্ত্তিকী শুক্লাষ্টমী যেদিন শ্রীকৃষ্ণ গোপালনে প্রথম প্রবৃত্ত হন।

গোপিকা [গোপ+ক (স্বার্থে)-আ (স্ত্রীঃ)। ক প্রত্যয়ের পূর্ব্ব অকার স্থানে ইকার] বি, গোপনারী; গোয়ালিনী। ২ রক্ষাকর্ত্রী। ৩ গোপনকারিণী। পুং-গোপক। ~মোহন,-রমণ-বি, শ্রীকৃষ্ণ।

গোপিত [গোপ (গোপন করা)+ইত >গুপ্ত ও০] বিণ, গুপ্ত; লুক্কায়িত। ২ রক্ষিত।

গোপিত্ত [গোর পিত্ত-৬ তৎ] বি, গোরোচনা। ২ সুগন্ধি-বিঃ।

গোপিনী [সং-গোপ > স্ত্রীং গোপী; কিন্তু বাং-য় (বিতঃ গানে) গোপী অপেক্ষা, অতিরিক্ত স্ত্রী প্রত্যয়যুক্ত গোপিনী অধিক চ০] বি, গোপাঙ্গনা; গোপবধূ। "বৃন্দাবন-ধন, গোপিনীমোহন, কাহে তু তেয়াগি রে।" -বঙ্কিম। ~বল্লভ-বি, শ্রীকৃষ্ণ।

গোপী [গোপ শব্দের স্ত্রীলিঙ্গে বাং-গানে অশুদ্ধরূপ 'গোপিনী' চ০] বি, গোপনারী। ২ [যিনি পরব্রহ্মকে গোপন বা আবরণ করিয়া রাখেন] বি, মায়া; প্রকৃতি। ~কামোদী-বি, কামোদ এবং কেদারী হ'তে উৎপন্ন মিশ্র রাগিণী-বিঃ। ~চন্দন-বি, বৈষ্ণবদিগের ব্যবহার্য্য তিলকমাটি। ~জনবল্লভ, ~নাথ, ~মোহন [গোপী+জন (সমূহার্থে)= গোপীজন তাদের বল্লভ (প্রিয়), +নাথ, +মোহন-৬ তৎ] বি, মায়ার স্বামী অর্থাৎ পরমাত্মা। ২ গোপীনাথ; শ্রীকৃষ্ণ। ~যন্ত্র [এই যন্ত্রযোগে রাজ-সন্ন্যাসী গোপীচন্দ্রের পুণ্যকাহিনীর গান হইত অথবা ইহা গোপীচন্দ্র কর্ত্তৃক আবিষ্কৃত বলিয়া] বি, একতারবিশিষ্ট তন্তযন্ত্র-বিঃ; বাউলদিগের ব্যবহার্য্য একতারা। ~সাখ [বৈষ্ণব সাং পরিঃ] বি, ললিতা, বিশাখা, বৃন্দা, চম্পকলতা ই০ রাধিকার অষ্টসখী। ২ [আধ্যাত্মিক অর্থে] শমদমাদি অষ্টবিধ ধর্ম্মবৃত্তি: অষ্টসিদ্ধি।

গোপুচ্ছ [গো (গোরু) পুচ্ছ (লাঙ্গুল) -৬ তৎ] বি, গাভির পুচ্ছ: গোলাঙ্গুল। ২ হার-বিঃ। ৩ বানর-বিঃ: মুখপোড়া হনুমান।

গোপুর [গুপ্‌ (রক্ষা করা)+উর (র্ম-জ্ঞা০)] বি, যাকে দৌবারিকগণ রক্ষা করে: পুরদ্বার; নগরদ্বার। ২ তোরণ।

গোপুরীষ [গোর পুরীষ (মল)-৬ তৎ] বি, গোবর।

গোপেন্দ্র [গোপের (গোপগণের) ইন্দ্র (প্রভু)-৬ তৎ] বি, কৃষ্ণ। ২ গোকুলের গোপদিগের অধিপতি; নন্দ।

গোপেশ [গোপ+ঈশ] বি, শ্রীকৃষ্ণ।

গোপ্তব্য [গুপ্‌ (রক্ষা করা)+তব্য (যোগ্যার্থে, র্ম)] বিণ, গোপনযোগ্য; অপ্রকাশ্য। ২ রক্ষণযোগ্য।

গোপ্তা১ [গুপ্‌ (রক্ষা করা)+তৃ (র্ত্তৃ) মূ০ গোপ্তৃ-১মা ১ব০] বিণ, যে রক্ষা করে; রক্ষক। ২ পাতা; পালক; প্রতিপালনকর্ত্তা। ৩ প্রভু। স্ত্রীং গোপ্ত্রী-রক্ষয়িত্রী। ২ পালিকা। ৩ স্বামিনী।

গোপ্তা২ [গোতা দ্রঃ] বি, গোতা। ২ জলে অধোমস্তকে বেগে প্রবেশ করার মত আকাশে ঘুড়ির বাতাসে পাক খাইয়া ধরার দিকে বেগে গমন; ঊর্দ্ধমুখ ঘুড়ির বেগে অধোগমন। "শ্যামাপদ-আকাশেতে মন-ঘুড়ি আমার উড়তেছিল। কলুষ-কুবাতাস পেয়ে গো০ খেয়ে পড়ে মন।"-নীলাম্বর মুখোপাধ্যায়।

গোপ্তে [প্রাদে০] ক্রি-বিণ, গোপনে। "তুমি ত গো০ কাজ কর"-পূ০ ব০ গী০।

গোপ্য [গুপ্‌ (রক্ষা করা)+য (র্ম)] বিণ, রক্ষণযোগ্য। ২ গোপনযোগ্য। ৩ বি, দাসীপুত্র।

গোপ্রচার [গোর (গাভীর) প্রচার (বিচরণ স্থান)। প্র-চর্‌ (গমন করা+অ (ধি) গোসকল যেস্থানে বিচরণ করে-৬ তৎ] বি, গোচারণার্থ রক্ষিত বা নির্দ্দিষ্ট ভূমিভাগ; গোষ্ঠ। "রাজার ইচ্ছানুসারে গো০ করিবে" -রত্নমালা।

গোপ্রতর,-তার-বি, গরু পার হওয়ার ঘাট oxford।

গোপ্রদ [গো (ধেনু) প্রদ (যে দান করে), প্র-দা=দান করা+অ, র্ত্তৃ,আ-লোপ) উপ০] বিণ, গোদানকারী। ২ ভূমিদানকারী।

গোফা [সং-গুহা; হিং-গুফা] বি, গুহা; ভজনার্থ নির্জ্জন গহ্বর। "গঙ্গাতীরে থাক গিয়া নির্জ্জন গোফায়"-চৈ০ ভা০। ২ গর্ত্ত; গাড়া hole.

গোবৎস [গোরুর বৎস-৬ তৎ] বি, বাছুর।

গোবদা-গোদা দ্রঃ।

গোবধ [গো-বধ (হনন)] বি, গোহত্যা।

গোবর (-ব-) [সং গোমল, -ময় >, ম=ব, ল=র, বা গোবিট্‌-বিড় > বড় > বর) >। তুল-হিং-গোইঁঠা (< গো-বিষ্ঠা, শুষ্ক গোবর)। সাধা০ অশুদ্ধ গোময়। পূজ্যব্যক্তিগণের অনেকের নাম গোবর্দ্ধন থাকায় বধূগণের উচ্চারণ নিষেধহেতু গোবরকে "সার" বলিতে বলিতে প্রায় সর্ব্বত্রই সার এই অর্থে চলিয়াছে] বি, গোমল; গোময়। ~গণেশ-গোময় নির্ম্মিত গণেশমূর্ত্তি। ২ তদ্বৎ স্থূল-দেহ অথচ অচল, জীবনীশক্তিশূন্য এবং অকর্ম্মণ্য; জড়-বুদ্ধি। ~গাদা-বি, গোবরের স্তূপ। ২ [উপমায়] কুৎসিৎ স্থূল দেহ ও অলস ব্যক্তি। ~গাদায় পদ্মফুল-কুৎসিত পরিবারের মধ্যে সুন্দর বালক বা বালিকা। ২ নীচকুলে মহৎ ব্যক্তি। ~ছড়া-গোবর গোলা জলের ছিটা। "মোলে দণ্ড দু-চার কান্নাকাটি শেষে দিবে গোবরছড়া।"-রা০ প্র০। ~ভরা মাথা-অসার বস্তুপূর্ণ মস্তিষ্ক; যার ঘটে বুদ্ধি নাই unintelligent. ষাঁড়ের গোবর-যা হিন্দুর কোন সংস্কারকার্য্যে লাগে না; অকেজো; অকর্ম্মণ্য worthless.

গোবরাট [গবরাট দ্রঃ] বি, দ্বারের চৌকাটের নিম্নস্থ কাট sill, ২ গাবরাট দ্রঃ। ধাতুপাত্রাদিতে গাব-বর্ণ বা গোবর বর্ণ কলঙ্কের দাগ।

গোবরানি [গুবরান দ্রঃ] ক্রি, গোবরের

মত বর্ণ হওয়া ; ফলের পাক ধরিবার বর্ণ হওয়া। ২ বদখত লেখা ; খাবড়ান।

গোবরিয়া পোকা, গুবরে পোকা [গোবরে জন্মে বলিয়া] বি. দৃঢ়-পক্ষাবরকযুক্ত কীট-বি: beetle

গোবর্দ্ধন [গ্রা॰ গোবোদ্ধোন। গো (গাভী) বর্দ্ধন-বৃধ্ (বৃদ্ধি পাওয়া) + অন (কর্তৃ, জ্ঞা॰)-উপ॰। যে স্বোৎপন্ন তৃণ শস্যাদি দ্বারা গোকুল বর্দ্ধিত করে] বি, বৃন্দাবনস্থ প্রসিদ্ধ পাহাড। ~ধর [গোবর্দ্ধন (পর্ব্বত) ধর (যে ধরে)-যিনি গোবর্দ্ধন ধারণ করিয়াছিলেন] বি, শ্রীকৃষ্ণ। ~ধারণ [গোবর্দ্ধন-ধারণ-২ তৎ, বহু॰] বি. গোবর্দ্ধন গিরিধারী ; শ্রীকৃষ্ণ। ~ধারী [গো॰-ধৃ (ধরা) + ইন্ (কর্তৃ)। মূ॰-ধারিন্ ১মা ১ব॰] বি, শ্রীকৃষ্ণ।

গোবলীবর্দ্দন্যায় [গো-বলীবর্দ্দন্যায়] বি, বলীবর্দ্দ শব্দ বৃষবোধক হইলেও অধিক শীঘ্র বোধগম্য হইবে বলিয়া গো শব্দের (অতিরিক্ত) ব্যবহার রূপ ন্যায়।

গোবশা [বশা (বন্ধ্যা) যে গো, ধা। বশা শব্দের পর নিপাত] বি. যে গাভী প্রসব করে না এবং দুগ্ধও দেয় না ; বন্ধ্যা গাভী।

গো-বাঘ, গো-বাঘা [গো (ঘাতক) বাঘ-ম॰ প॰ লো॰, ধা] বি, যে ব্যাঘ্র প্রধানতঃ গরুকে আক্রমণ করে ; তরক্ষু hyæna.

গোবাট [গো-বাট (আবৃত স্থান. গৃহ] বি, গোষ্ঠ। ২ গোগৃহ।

গোবালি [গো-বাল (কেশ) ই] গরুর ল্যাজের চুল ; গোপুচ্ছ।

গোবালী [প্রা॰-বাং গো-আলী দ্রঃ] বি, গোপী ; মুগ্ধা বালিকা। "গিরি করিলোঁ মোথডা গো॰"-শ্রী॰ কী॰। পুং গোবালা [সং গোপাল > প্রাকৃ॰ গোবলে > গোবালা (ধনপালকৃত প্রাকৃত-লক্ষ্মী-ধৃত, শ্রী॰ কী॰ টীকা)]।

গোবাস [গো-বস্ (বাস করা) + অ (ধি-জ্ঞা॰)] বি, গোশালা। ২ গোষ্ঠ।

গোবিট [গো (গোরু) বিট্ (বিষ্ঠা >)-৬ তৎ] বি. গোবর (দ্রঃ)।

গোবিন [সং-গহন (গভীর) > গহীন > । বৌ॰ যুগের বাং] বিণ, গভীর (মাণিক চাঁদের গানে)।

গোবিন্দ [গো(জ্ঞান) + বিদ্ (লাভে. প্রাপ্তিতে, জ্ঞানে, স্ত্যা॰, সত্তায়) + অ-"যদ্দ্বারা স্বর্গ লাভ হয় ; যাঁহাকে জানিলে স্বর্গ হয় ; যিনি বিশ্ব-ব্রহ্মাণ্ডের সমস্ত জানেন ; যিনি সর্ব্বত্র বিদ্যমান। ইন্দ্রিয়গণকে প্রকাশ করায় গোবিন্দ নামে যিনি খ্যাত হইয়াছেন"-মহা॰ ; জ্ঞানের দ্বারা যাঁকে জানা যায়] বি, বিষ্ণু ; শ্রীকৃষ্ণ। ২ চৈতন্যদেব। "জয় জয় গৌর গো॰ সর্ব্বেশ্বর। জয় জয় নিত্যানন্দ দেব হলধর॥" -ব্রজপরিক্রমা। ৩ বিণ, যে গো সম্বন্ধে সমস্ত জানে ; গোপালক। ৪ বেদজ্ঞ। ~দ্বাদশী [বৈষ্ণবতন্ত্রে] বি, গোবিন্দার্চ্চনায় সর্ব্বপাপঘ্ন পুষ্যা নক্ষত্রযুক্ত ফাল্গুনমাসের শুক্লা-দ্বাদশী।

গোবিষাণ [গোরুর বিষাণ-৬ তৎ] বি. গো-শৃঙ্গ। গো॰ ন্যায়-দুরন্ত গরুর যেমন কৌশলে একটী শিং ধরিয়া অপর শিঙ্‌টী ধরিতে হয় তদ্রূপ।

গোবী [গোপী > ভ্রং। ব্রজ॰] বি, গোপী। ব্রজাঙ্গনা। "গো॰ সঞে কুঞ্জহি রাস বিহারিব"-বি॰ প॰।

গোবৃন্দ [গো (গোরু) বৃন্দ (সমূহ)-৬ত ৎ] বি, গোসমূহ ; গরুর পাল।

গোবেচারা, ~চারী [সং-গো-ফা-বেচারা=নিরীহ] বিণ, নিরীহ ; ভাল মানুষ।

গোবেড়েন [গো (গরু) বেডেন (বাড়ী =লাঠি)] বি, রাখাল বা গাড়োয়ান গরুকে যেমন নির্দ্দয়ভাবে প্রহার করে সেইরূপ ভাবে গুরুতর প্রহার।

গোবৈদ্য [গো (গরুর) বৈদ্য (চিকিৎসক)। গ্রা॰ 'গোবদ্দী'] বি, গোরুর চিকিৎসক। ২ (মানুষের রোগ সম্বন্ধে) আনাড়ী চিকিৎসক quack.

গোব্দা [হি॰-গব্‌দা। গব্দা দ্রঃ] বিণ, অপ্রীতিকর বা সৌন্দর্য্যের হানিকর মোটা বা পুরু ; গোদা ; ফুলা। ~গাব্দা-অশোভন ভাবে মোটা-সোটা ; শিথিল-মাংসবহুল স্থূল। তুল-(দৃঢ় মাংসপেশী বহুল অর্থে) গেঁটাগোঁটা।

গোব্রজ (-জ) [গো-ব্রজ্ (গমন করা) + অ (ধি, জ্ঞা॰)] বি, গো সকল যথায় বিচরণ করে বা আহারার্থ গমন করে ; গোষ্ঠ।

গোভাগাড় [গো॰-ভাগাড় দ্রঃ] বি. মরা গরু ফেলিবার স্থান ; গো-মশান।

গোভৃৎ [গো (পৃথিবী) ভৃৎ (ধারী)] বি, ভূধর ; পর্ব্বত।

গোমক্ষিকা [গো-মক্ষিকা-ম॰প॰লো] বি. যে মক্ষিকা গোকে দংশন করে ; কুকুরে মাছি।

গোমটা, গোমড়া [ফা॰ গুমান > হি॰ গুমর (অভিমান, ক্রোধ, দ্বেষাদি মনে গুম করিয়া বা লুকাইয়া রাখার ভাব অথবা গোমসা (দ্রঃ) >] বিণ. অপ্রফুল্ল ; গম্ভীর। ~মুখ-বি. চাপা ক্রোধ বা বিরাগযুক্ত বা অপ্রসন্ন মুখ। > বিণ, ~মুখা, ~মুখো [গ্রা॰ মুখো] উক্তরূপ মুখ-বিশিষ্ট। > স্ত্রী: ~মুখী। ক্রি-বিণ, ~মুখে।

গোমণ্ডল [গোর (গরুর) মণ্ডল (সমূহ)-৬ তৎ] বি, গোবৃন্দ ; গোরুর পাল ; গোসমূহ। ২ কিরণসমূহ। ৩ ভূমণ্ডল ; পৃথিবীমণ্ডল।

গোমতী [গোমৎ + ঈ (স্ত্রীং)] বি, নদীবিঃ। পরিশি॰ দ্রঃ। ২ যে নারীর অনেক গরু আছে ; বহু গোশালিনী। > পুং গোমান।

গোমন্ত [গোমান দ্রঃ। গোমৎ-১মা বহুব॰] বিণ, বহু গো-বিশিষ্ট। ২ বি, পশ্চিম ঘাটের সন্নিহিত ও বিন্ধ্য পর্ব্বতের প্রত্যন্ত-দেশস্থ প্রসিদ্ধ পৌরাণিক পর্ব্বত, যথায় কৃষ্ণ-জরাসন্ধে সংগ্রাম হইয়াছিল।

গোময় [গো + ময় (মল অর্থে), ৬তৎ] বি, গো-মল ; গোবর।

গোমরা-গোঁয়ারা দ্রঃ।

গোমসা [হি॰ গুম্ (দ্রঃ)-সা (সদৃশ)। গোমটা দ্রঃ] বিণ, গুমসা দ্রঃ ; গম্ভীর ; নির্ব্বাক্ ও অপ্রফুল্ল ; বিষন্ন-গম্ভীর। "গোমসা মুখে এদিক ওদিক করছে।"-ভারতী, ১৩২৭। ২ মেঘাচ্ছন্ন। প্র-আকাশ গোম্‌সা করে রেখেছে।

গোমসূরিকা-বি, গোবসন্ত।

গোমসূর্য্যাধান [গো + মসূরী + আধান-৬ তৎ] বি, গো-বীজের টীকা দান vaccination > বিণ, গোমসূর্য্যাহিত-যাকে গো-বীজের টীকা দেওয়া হইয়াছে vaccinated.

গোমাংস-বি, গরুর মাংস beef.

গোমাতা [গো (সকলের) মাতা, ৬তৎ] বি, সুরভি। ২ মাতৃস্থানীয়া গাভীজাতি। ৩ কশ্যপমুনির এক পত্নী।

গোমান্ [গো+মৎ (স্ত্যং) > গোমৎ-১মা ১বং] বিণ, যার অনেক গাভী আছে। ২ ভূসম্পত্তিশালী। ৩ নেত্রবান্; চক্ষুষ্মান্। ৪ জ্যোতিষ্মান্; কিরণবিশিষ্ট। স্ত্রীং গোমতী-অযোধ্যায় প্রবাহিতা প্রসিদ্ধা নদী। ২ গোরোচনা।

গোমায়ু [গো-মা (পরিমাণ করা)+উ (র্কৃ) গ-আগম] বি, যারা শব্দ করিয়া স্বজাতি পরিমাণ বুঝিতে পারে; শৃগাল। "অনন্তর রাজা ধৃতরাষ্ট্রের ভবনে একটা গোমায়ু অগ্নিহোত্র-গৃহে উচ্চৈঃশব্দে চীৎকার করিয়া উঠিল এবং গর্দ্দভ ও বিকটাকার পক্ষি-সকল তাহার সেই রবে প্রত্যুত্তর করিতে লাগিল।"-মহা০ (বর্দ্ধ০)।

গোমাস্তা, গোমস্তা [ফা০-গোমাশ্‌তা। প্রা০-গমোস্তা] বি, তহশীলদার; খাজনা আদায়কারী revenue collector. ২ মহাজনের গদির কর্ম্মচারী। "পাটা পাড়ি হাটে বসে মাছ বেচিব আমি। গোমস্তা হইয়া কড়ি গণ্যা লবে তুমি॥"-শি০। রসদ বিভাগের রসদ সরবরাহকারী ও হিসাব রক্ষক commissariat agent

গোমী [সং] বিণ, বহুগোশালী।

গোমুখ [গো (গো সদৃশ) মুখ যার-বহু০] বি, গরুর মুখ। ২ গোমুখবৎ বাদ্য-ভাণ্ড trumpet. ৩ জপমালার ঝুলি। ৪ গৃহ। ৫ সিঁধ। ৬ বিলেপন। ৭ কুম্ভীর। ৮ প্রমথবিঃ। ৯ যক্ষবিঃ। স্ত্রীং ~ী।

গোমুখী [গো-মুখী (মুখাঙ্কিত)] বিণ, গোমুখাঙ্কিত। ২ বি, হিমালয়স্থ গোমুখাকৃতি প্রসিদ্ধ গহ্বর যার ভিতর দিয়া গঙ্গা নদী প্রবাহিতা। ৩ গোমুখাকৃতি জপমালার থলী। ৪ গরুর মুখযুক্ত।

গোমূত্র [গো (র) মূত্র] বি, চোনা।

গোমূত্রিকা [গোমূত্র+ক (স্বার্থে) -আ (স্ত্রীং), ইকার আগম] বি, গোমূত্রিকা-বন্ধ; চিত্রকাব্যের অন্তর্গত বন্ধভেদ। ইহাতে শ্লোকের বর্ণ ও পদ গোমূত্রপতনের কল্পিত চিত্রাকারে সজ্জিত হয়। ২ গাভীদিগের বলবর্দ্ধক তৃণবিঃ (হিং গোড়ারী, গোঢ়বি)।

গোমূর্খ [গো (সদৃশ) মূর্খ। প্রা০-গো-মুথ্‌খু] বিণ, বর্ণ-জ্ঞান-হীন; নিরেট মূর্খ; নির্ব্বোধ; গণ্ডমূর্খ। "চণ্ডাল চুয়াড় চাষা গোমূর্খ গুঁয়ার."-লীলাবতী (দী০ মিত্র)।

গোমেদ [গো (চক্ষু)-মিদ্ (স্নিগ্ধ হওয়া) +অ (ণে, জ্ঞা০) যদ্দ্বারা চক্ষুর স্নিগ্ধতা জন্মে] বি, (পীতবর্ণ বলিয়া) পীতমণি। ঐ প্রকার রত্নের মধ্যে এক রত্ন; বৈদুর্য্য মণি topaz; : gat (রাসা-পরিঃ)।

গোমেধ [গো+মেধ (যজ্ঞ, বলি)] বি, গোবধ নামক যজ্ঞ; গো-বলি-ঘটিত যজ্ঞ। ২ ["অন্নং হি গোঃ।" শতপথ-৪।৩।১।২৫] অন্ন, ইন্দ্রিয়সকল, কিরণ ও পৃথিবী আদিকে পবিত্র রাখার নাম গোমেধ।-দয়ানন্দ সরস্বতী (সত্যার্থ-প্রকাশ)।

গোয় [গোপয়ে দ্রঃ] ক্রি, গোপন করে। "আঁচরে মুখশশী গোয়"-গোবিন্দ০। ২ কাটায়; অতিবাহিত করে: গোঁয়ায়। "জনম চরণ পর গোয়"-রবী০।

গোয়া-গুয়া দ্রঃ।

গোযান [গো-যান (বাহন) গোরূপ যান-ধা, কিম্বা গোর যান (শকট), ৬তৎ] বি, গরুর গাড়ী; গোশকট।

গোয়ারী [প্রা০ বাং। ব্রজ০] বি, গোপনারী।

গোয়াল [সং-গোশালা-গোশাল; প্রাকৃ০-গোহাল, গোআল, গোহাইল] বি, গোশালা; গোগৃহ। "সবারি আছিল হাল; গোয়ালে গরুর পাল।"-কস্তুরী। ২ [গোপাল > গোহাল >] গোয়ালা; গয়লা। ৩ গোয়ালিয়া দ্রঃ। গো০, কাড়া-ঝাঁটা দ্বারা গো০ পরিষ্কার করা।

গোয়ালা$_১$ [গোপাল > প্রাকৃ০-গোঅল। প্রাদে০ সপ্তগ্রাম অঞ্চলে 'গুআলা'] বি, গোরক্ষক; গোপালক। ২ গয়লা; আভীর। স্ত্রীং গোয়ালানি, গোয়ালিনী [প্রা০ গয়লানী]। নামে গোয়ালা কাঁজি ভিক্ষণ-নাম মাত্র গোয়ালা কিন্তু দুধ খাইতে পায় না, খায় আমানি। ২ [লক্ষ০] নাম মাত্র সার, কাজে কিছু নয়।

গোয়ালা$_২$ [শ্রীহট্ট প্রাদে০। গোশালা >। গোয়াল বা গোহাল দ্রঃ] বি, যথায় দিনের বেলা গরুদিগকে বাঁধিয়া রাখিয়া প্রত্যহ ঘাস খড় ইং খাইতে দেওয়া হয় (গরুর উপর সামান্য আচ্ছাদন থাকে মাত্র)।

গোয়ালিয়া, গোয়ালে [সং-গোধাপদী। ইহার মূল গোসাপের মত বলিয়া, অথবা হংসের পদ সদৃশ বলিয়া অন্য নাম হংসপদী] বি, লতাবিঃ: (ক্ষুদ্র বৃহৎ ত্রিপর্ণ ও সপ্তপর্ণ ভেদে) বড় গোয়ালে; ছোট গোয়ালে Vitis pedata.

গোয়েন্দা [ফা০-গোইন্দা] বি, গুপ্তচর; অজ্ঞাত থাকিয়া যারা অপরের গৃহসন্ধান করে। ~গিরি-বি, গুপ্তচরের কাজ।

গোর$_১$ [ফা০। তুল-ইং grave] বি, সমাধি; কবর। ~দেওয়া-সমাধিস্থ করা; মৃতদেহ প্রোথিত করা। ~স্থান, গোরোস্থান [ফা০-গো (গু) রিস্তান দ্রঃ >] বি, (-বঁ,-রঁ-) কারবালা; যে ভূমিতে মৃত ব্যক্তি সমাধিস্থ হয়। গোরে যাওয়া-মরা।

গোর$_২$ [গৌর >] বি, গৌরবর্ণ; হরিদ্রাবর্ণ; লাল আভা। "কমল পরাগে গো০ আমার লোচন লোর ফিরি ফিরি বুলে অলিকুল।"-কবিক০।

গোর$_৩$ [প্রা০ বাং] বিণ, গৌর। "গোর শরীর"-শ্রী০ কী০)।

গোরক্ত [গো (গরুর) রক্ত] বি, গরুর রক্ত। ২ [হিন্দুর দৃষ্টিতে] অত্যন্ত নিষিদ্ধ বস্তু; অব্যবহার্য্য; অস্পৃশ্য। "তিনি শপথ করিয়াছেন যে সতীশের টাকা তাঁর কাছে গো০, তাঁর দুই স্ত্রী ও সমস্ত পরিবারের পক্ষে গো০।"

গোরক্ষক [গো (গাভী, পৃথিবী)+রক্ষ (রক্ষা করা)+অক (র্কৃ)] বি, রাখাল। ২ বিণ, গোগণের রক্ষাকারী।

গোরক্ষ/পুর প্রা০ (গোরকপুর)] বি, আগ্রা-অযোধ্যা যুক্তপ্রদেশস্থ একটা বিভাগ ও প্রধান নগর। গুরখাজাতির উপাস্য গোরক্ষ-নাথের সমাধি স্থান। বিণ, ~পুরী-গো০ নিবাসী। ২ গো০ সম্বন্ধীয় বা তজ্জাত।

গোরচনা [গোরোচনা দ্রঃ] বি, গোপিত্তজ উজ্জ্বল পীত রঙ। "গো০ সিদ্ধার্থ

বর্ণ রৌপ্য তাম্র আদি। চামর দর্পণ আদি দিল যথাবিধি॥"-শি০।

গোরস [গো-রস (ক্ষীর)-৬ তৎ] বি, দুগ্ধ। "নিরবধি ডাকেন কে কিনিবে গো০।" -চৈ০ ভা০। "গোপেতে গো০ লোয়ে দেশ দেশ ভ্রমণ করে যেমন"-রাম বসু। "হেথা আছে ছায়া জল গো০ প্রচুর।"-কাকী০। ২ [দুগ্ধজাত বলিয়া] দধি, নবনীত ই০ [বিরল]।

গোরস্থান-গোর দ্রঃ।

গোরা [সং-গৌর >] বি, শুভ্রবর্ণ; গৌরবর্ণ। ২ [আদরার্থে] গৌরাঙ্গদেব; চৈতন্যদেব। "অরুণ বসন-ছবি, জিনি প্রভাতের রবি, গো০ অঙ্গে লহরী খেলায়॥ এহেন সম্পদকালে, গো০ মা ভজিনু হেলে, তুয়া পদে না করিনু আশ।"-বৃন্দাবনদাস। ৩ বিণ, গৌরবর্ণ-বিশিষ্ট। "কভু না জানিনু কভু না শুনিনু শ্যাম কাল কি গো০"-চণ্ডি০। ৪ য়ুরোপীয়। ৫ য়ুরোপীয় সৈন্য। ~পল্টন-য়ুরোপীয়, বিশেষতঃ ইংরেজ সৈন্যদল। গোরারবাদ্য-য়ুরোপীয় সৈনিক বিভাগীয় বাদকদল musical band. জাহাজী গোরা-যে জাহাজ চড়িয়া সমুদ্র পার হ'তে সদ্য আসিয়া নামিয়াছে। ২ দেশ-প্রচলিত রীতিনীতি সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ ও উদ্ধত প্রকৃতি। ৩ [লক্ষ০, ব্যঙ্গার্থে] আনাড়ী গোঁয়ার বা হঠকারী। প্র-একেবারে জাহাজী গোরা এলেন আর কি। ন্যাংটা গোরা-যে গোরা-সৈন্যদল আপাদ-মস্তক বস্ত্র ব্যবহার করে না ; হাঁটু খোলা পাজামা-পরা য়ুরোপীয় সৈন্য Highlander.

গোরাচাঁদ [গৌরচন্দ্র >] বি, অকলঙ্ক-চন্দ্র ; গৌরচন্দ্র। ২ গৌরবর্ণ ব্যক্তিদিগের মধ্যে চন্দ্র অর্থাৎ শ্রেষ্ঠ। ৩ শ্রীচৈতন্যদেবের নামান্তর। "নবদ্বীপে শচীর উদরে অধিষ্ঠান। শুভক্ষণে গো০ পাইয়া প্রকাশ"-শি০।

গোরায়েত [হি০ গোড়াইত, বাং-প্রা০ 'গুড়ৈত, উ০ বিহারে 'গোড়ৈ'ত' gorait] বি, গ্রামচৌকিদার। ২ বি, জমিদারের নিযুক্ত নিম্নশ্রেণীর কর্মচারী। ৩ গ্রাম-হরকরা।

গোরি, গোরী [গৌরী >। হি০-গোরী] বিণ, গৌরবর্ণা। "গোরীকলেবর"-বি০ প০। ২ সুন্দরী। ৩ [গৌরবর্ণা বলিয়া] বি, রাধিকা। "এত শুনি গোরী, দুবাহু পসারি বঁধুয়া করিল কোলে।"-চণ্ডি০। পুং গোরা।

গোরু [গরু, গো দ্রঃ] বি, গবী ; গাভী ; গাই। ২ বৃষ। ~বাছুর [গোরু এবং গোবৎস >] বি, গোরু এবং গোশাবক। ২ গো ও গোসদৃশ গৃহপালিত পশু ; গো, মহিষ, ছাগ ই০ ; গরু-টরু। গো০ মেরে জুতা দান-বিলক্ষণ পাপকর্ম দ্বারা সামান্য পুণ্যকর্মের অনুষ্ঠান ; অতিশয় গর্হিত কার্য্য করিয়া নামমাত্র ভাল কাজ করা।

গোরুত [সং-গবুত (দ্রঃ) > ভ্রং] বি, দুই ক্রোশ পরিমাণ।

গোরো [গৌর > হি০-র অনুকরণে। গোরা শব্দের প্রাদে০ উচ্চারণ ভেদ। তুল-ধলা > ধোলো ; কালা > কালো (কালো-কোলো); মোটা > মোটো] বিণ, শ্বেত-বর্ণবিশিষ্ট ; গৌরকান্তি ; ফরসা ; গোরা দ্রঃ।

গোরোচনা [গো-রুচ্ + ণিচ=রোচি (দীপ্তি পাওয়া)+অন (ভা০)] বি, গরুর পিত্তকোষস্থ শুষ্ক উজ্জ্বল পীতবর্ণ পিত্ত ; গোমূত্র হতে কৃত্রিম গোরচনা প্রস্তুত হয় ; রোচনা। "গোরচনা জন্মে দেখ গাভীর ভাণ্ডারে।"

গোরোস্থান-গোর দ্রঃ।

গোর্দ্দ, গির্দ, গের্দ, গের্দ [দর্জ্জী ভাষার। ফা০-গির্দ >] বি, ঘের ; বেড়।

গোর্দ্দা [ফা০ গুর্দা >] বি, সাহস ; বিক্রম (কাজী-নজরুল-ই০)।

গোল [গুড় (বেষ্টন করা, গোল হওয়া) +অ (র্ত্তৃ)ড়=ল] বি, যে গোল আকারবিশিষ্ট হয় ; বর্ত্তুলাকার বস্তু। ২ কন্দুক ; বালকের ক্রীড়নক ; গেঁদ। ৩ চক্র ; প্যাঁচ ; ফ্যাসাদ intricacy. "ওর ভেতর গোল আছে : পৈলেন শ্রীধন বলে পরিবারকে দিয়ে বাড়ী বেচাচ্ছে কিন্তু তা নয় বাড়ী বেনামী।"-গিরিশ। ৪ কাপট্য ; অশুদ্ধতা ; সরলতার অভাব। প্র-তার মনের গোলে সব নষ্ট হল। ৫ বিণ, গোলাকার। ৬ চক্রাকার round. ৭ বিশৃঙ্খল। গোলে হরি-বোল দেওয়া-তাৎপর্য্য গ্রহণ না করিয়া কেবল আবৃত্তি মাত্র করা ; উচ্ছৃঙ্খলতা ; বিশৃঙ্খল কার্য্য। হট্টগোল-হট্ট দ্রঃ।

গোলক১ [গোল+ক (স্বার্থে)] বি, ভাঁটা ; বাঁটুল। ২ গোলা। ৩ মণ্ডল। ~ধাঁধা [হি০-গোরকধন্ধা। প্রা০ গোলোক-ধাঁদা] বি, ধাঁধার গোলক ; যে বাড়ী বা গোল বেষ্টনীর মধ্যে প্রবেশ করিলে শতপাক খাইয়াও বাহির হইবার পথ পাওয়া যায় না, একই পথে পুনঃপুনঃ আসিতে হয় ; ঘুরপাক খাইবার স্থল maze. "মেদীর গোলকধাঁধা তাহাতে পড়িল বাঁধা চপলার চঞ্চল চরণ।"-অশোক০। ২ দুর্বোধ্য বা দুর্গম বিষয় ; জটিল বিষয়। ৩ কর্ণকুহর। ৪ [লক্ষ০] সংসার।

গোলক২ [স্মৃ০] বি, বিধবা-গর্ভজ জারজ-পুত্র।

গোলক৩ [তন্ত্র ; ব্রহ্মবৈবর্ত্ত পু০] বি, গোলোকের মধ্যদেশে গোলকাখ্য শ্রীকৃষ্ণের নিত্যধাম ; বৈকুণ্ঠ। ~ধাম-গোলোক দ্রঃ।

গোলকুণ্ড-বি, হিরকের জন্য প্রসিদ্ধ দক্ষিণভারতের নগরবিঃ।

গোলক্ষণ [গোর লক্ষণ-৬ তৎ] বি, গরুর শারীরিক শুভ চিহ্ন।

গোলগাল [গোল+গাল (সহচর শব্দ, আদরার্থে)। তুল-কালকোল] বি, প্রায় গোল ; অনেকটা গোল ; গোলাল।

গোল/দার [গোলা-দার, দ্রুত উচ্চারণে] বিণ, গোলার অধিকারী ; যার অনেক গোলা আছে ; আড়তদার। বি, ~দারি-গোলাদারের ব্যবসায় ; আড়ত-দারী। বিণ, ~দারী-আড়ত সম্বন্ধীয়। ২ আড়তদার সম্বন্ধীয়।

গোলন্দা/জ [হি০-গোল (গোলা-সমাসে আ লোপ)+ফা০ আন্দাজ্ (নিক্ষে-পক) বি, গোলা নিক্ষেপক সৈন্য artillery man. ~জি [গোলন্দাজ (দ্রঃ)+ই (কর্ম্ম বা ব্যবসায় অর্থে)] বি, গোলন্দাজের কর্ম্ম। ~জী [-+ঈ (সম্বন্ধে)] বিণ, গো০ সম্বন্ধীয়।

গোলপাতা-বি, নারিকেল পাতার মত সরু পাতার গাছ ; ক্ষুপবিঃ ; ইহার পাতায় ছাতা নির্ম্মাণ, চাল ছাওয়া ই০ হয় nipa fruticans. প্র-গোলপাতার ছাতা ; গোল-পাতার ঘর।

গোলমরিচ [গোলাকার যে মরিচ,-(কা)] বি, কালমরিচ black pepper.

গোলমাল [হিং-গোলমাল, গোলমোল] বি, গোলযোগ ; গণ্ডগোল ; বহু লোকের একত্র চীৎকার ; হট্টগোল। বিণ, গোলমালে, গোলমালিয়া, গোলমেলে-অসরল ; পরস্পর বিরোধী ; বিসংবাদী ; অসঙ্গত। "তিনি গৃহিণীর এই গোলমেলে কথায় অপ্রসন্ন হয়ে বলিলেন।"-শরৎ চট্টো° (পরিণীতা)। গোলেমালে চণ্ডীপাঠ-শৃঙ্খলাহীন কার্য্য।

গোলযোগ-বি, গোলমাল ; অপরাধজনক গণ্ডগোল। ২ বিশৃঙ্খলা। ৩ বিঘ্ন ; ফ্যাসাদ। ৪ বিপত্তি।

গোলা১ [সং-গোল। হিং-গোলা] বি, ধান্যাদি রাখিবার স্থান ; ধান্যাদির আগার ; মরাই। "কোন গোলাতে রাখ্‌তে যাবে একটি আঁটি ধান? -রবী°। ২ বন্দর। ৩ চটি ; পান্থনিবাস। ৪ বাজার ; দোকান। ~বাড়ী-দ্রঃ।

গোলা২ [সং গরণ > গলন (হিং-গলনা, গীলা ই° বা ঘুলনা, ঘোল্‌না-তরলীকরণ ও আবর্ত্তন দ্বারা মিশ্রণ) >]। গুলি, গোল (গুলুন, গোল্‌), গোলে (গোলেন) ; গুলিতে (ক্ষে° গুলতে) ; গুলিয়া (ক্ষে° গুলে)। ণিজন্ত-গোলানি ক্রি, মিশ্রিত করা ; জলে কচলাইয়া তরল করা। "গঙ্গাজলে গুলে ফেলে কুঙ্কুমচন্দন।" ২ বি, মিশ্রিত তরল বস্তু। ৩ প্রলেপ ; গোবর গোলা ; চূণগোলা ; নিকাইবার গোবরমাটি গোলা। ৪ বিণ, তরলীকৃত ও মিশ্রিত। ~হাঁড়ী-যে হাঁড়িতে ছড়া দিবার ও নিকাইবার গোবর মাটি গোলা থাকে।

গোলা৩ [গুল্ম >] বি, শুষ্ক কড়াই মটরের গাছ ; লতা গাছের শুষ্ক ঝোপ।

গোলা৪ [ফা°-গোল (দল, ভীড়, জনতা) > বাজে লোকের ঐ] বিণ, বাজে ; বিশেষত্বহীন ; অশিক্ষিত সাধারণ (যারা কেবল দল বাড়াবার মত। "যারা এসেছিল তারা কিছুই জানে না, সব গোলা লোক। ২ বি, বঙ্গের এক সম্প্রদায়ের ধর্ম্মান্তরিত মুসলমান। "রোজ নেমাজ করি কেহ হইল গোলা"-কবিক°।

গোলা৫ গোলাপায়রা-বি, সাধারণ পায়রা ; বিশেষ নামহীন পায়রা যাকে লোকে পোষে না।

গোলা৬ [সং গোলক >] বি, কাষ্ঠাদি নির্ম্মিত ক্রীড়নক ; গেঁদ ; কন্দুক ball. ২ বর্ত্তুলাকার লৌহ-নির্ম্মিত পিণ্ড ; কামানের গোলা। ~কার, ~কৃতি-বিণ, বর্ত্তুলাকার ; চক্রাকার। ~গুলি-বি, বন্দুক ও কামানের সরঞ্জামবিঃ ; ~খেলা গোলা৬ দ্রঃ বি, অশ্বারোহণে কাষ্ঠ কন্দুক ক্রীড়া polo. [প্রাচীন ভারতে এই খেলা প্রচলিত ছিল। ভারত হ'তে উহা সমগ্র যুরোপে বিস্তার লাভ করে। বাদশাহ একবার রাত্রিতেও এই ক্রীড়া করিবার জন্য পলাশ কাষ্ঠের গোলা নির্ম্মাণ করিয়া তাহাতে আগুন ধরাইয়া খেলিতেন (পলাশ কাষ্ঠের আগুন বহুক্ষণ স্থায়ী হয়)]।

গোলাগ্নিচূর্ণ [অগ্নিচূর্ণ দ্রঃ] বি, বারুদ ; যে চূর্ণ হ'তে অগ্নি উৎপন্ন হইয়া গোলা নিক্ষিপ্ত হয়। "সচিব, গজ, অশ্ব, রথ, পদাতির * * * * * কার্য্যক্ষম অশ্বারোহীর সংখ্যা শাস্ত্র ও গোলাগ্নিচূর্ণযুক্ত অস্ত্র সম্ভারের সংখ্যা ই° সমস্ত অবগত হইয়া রাজাকে নিবেদন করিবে।"-শুক্রনীতি (রত্নমালা)।

গোলাঘর [গোলা১ দ্রঃ] বি, গোলাবাড়ী দ্রঃ granary.

গোলাঙ্গুল [গোরুর লাঙ্গুল-৬ তৎ] বি, গোরুর লেজ। ২ কৃষ্ণবর্ণ মুখবিশিষ্ট বানর-বিঃ। ৩ গোলাঙ্গুল ন্যায়। অন্ধ গো° ন্যায়-অন্ধ যেমন গরুর লাঙ্গুল ধরিয়া শ্বশুরবাড়ীতে অচেনা পথ দিয়া গিয়াছিল তদ্রূপ।

গোলাজাত-বিণ, শস্যাগারে সংগৃহীত বা সঞ্চিত। ক্রি, গো° করা-গোলা বা শস্যাগারে সঞ্চয় করা। "শস্য ঝাড়িতেছে, ঝাড়িতেছে এবং গোলাজাত করিতেছে।"

গোলানি [গোলা২ দ্রঃ] ক্রি, বর্ত্তুল বা গোলাকৃতি নির্ম্মাণ করা। ২ জলে মিশান। ৩ ঘোলা করা।

গোলাপ, গোলাব [ফা°-গুলাব্‌। "গুল" অর্থে সাধারণতঃ ফুল, বিশেষ° গোলাপ ফুল এবং 'আব' অর্থে জল। "গুল-এ-আব"-গোলাপফুলের জল, গোলাপজল] বি, গোলাপফুল। ~জল-বি, গোলাপ দ্বারা সুবাসিত জল rosewater. ~পাশ [ফা°-গুলাব্‌পাশ্‌ (ফা°-পাশীদন্‌=ছড়ান, ছিটান) ছিটাইবার পাত্র] বি, গোলাব জল ছড়াইবার পাত্র ; গোলাপ জল ছিটাইবার পিচকারী।

গোলাবাড়ী [গোলা (দ্রঃ) বাড়ী] বি, শস্যাদি রাখিবার স্থান ; শস্যাগার granary ; store-house ২ ধান্যাদি বিক্রয়ের প্রধান স্থান ; আড়ত। "গো° মাঠ আর ঘর ভরি গেছে ফসলে ফসলে"।-অশোক°।

গোলাবী, -পী [ফা°-গুলাবী] বিণ, গোলাপ ফুলের বর্ণযুক্ত। "আলাপী চাহনি কোথা গোলাপী উষায়।"-অশোক°। ২ গোলাপফুলের গন্ধযুক্ত। ৩ তরল ; অল্প অল্প ; মৃদু। প্র-গোলাবী নেশা।

গোলাম [আ-গোলাম] বি, ক্রীতদাস ; ভৃত্য ; দাস ; চাকর। ~খানা-বি, গোলাম নিবাস ; ক্রীতদাসদের আড্ডা। ২ [বিদ্রূপে] তদ্বৎ-মনোবৃত্তি যথায় তৈয়ার হয় ; দাস-মনোবৃত্তি জন্মাইবার কারখানা বা স্থান। ~গর্দ্দিশ [আ-গোলাম্‌-গরদিশ্‌] বি, ভৃত্যদিগের বসিবার ঘেরা বারাণ্ডা ; আজ্ঞার অপেক্ষায় উপস্থিত থাকিবার জন্য প্রভুর গৃহের সম্মুখস্থ দালানের ঘেরা স্থান। "গোলাম গর্দ্দিশে খাড়া গোলাম সকল।"-ভারত°।

গোলামি [গোলাম দ্রঃ] বি, গোলামের কর্ম্ম ; দাস্যবৃত্তি ; চাকরি। "কারে বা উচ্চে ডাকিতেছি আমি, গোলামের জাতি শিখেছে গোলামি।"-হেম°।

গোলালো। [গোল+আল (সাদৃশ্যে)] বিণ, প্রায় গোল ; গোলগাল। "নমামি গন্ধক গন্ধ মুণ্ডটি গোলালো।"-হেম°।

গোলাহাঁড়ি-গোলা২ দ্রঃ।

গোলীয় [গোল (দ্রঃ)-ঈয়] বিণ, গোলাকৃতি spherical.

গোলোক [গো (স্বর্গ) লোক (ভুবন) -ধা] বি, বৈকুণ্ঠ। ~ধাঁধা-গোলকধাঁধা দ্রঃ। ~ধাম-বি, বিষ্ণুলোক ; বৈকুণ্ঠ। ২ স্বনাম প্রসিদ্ধ খেলাবিঃ। ~নাথ-বি, বিষ্ণু। ~পতি [গোলকের পতি] বি, বিষ্ণু ; বৈকুণ্ঠপতি ; বিশ্বপতি। "যদি দানের এ গতি

ভুমিত গোলোকপতি, দাম সাধহ ঘরে ঘরে।"-জ্ঞান°। ~বা/স-বি. স্বর্গবাস। > বিণ. ~সী-বৈকুণ্ঠে বাসকারী। > স্ত্রীং ~সিনী। ~বিহা/রী-বিণ, যিনি স্বর্গে বাস বা বিহার করেন : বৈকুণ্ঠবাসী।" গো° বি° হরি।" > স্ত্রীং ~রিণী।

গোলোমী [যে গোলোমের সদৃশ] বি, শ্বেতদূর্ব্বা।

গোল্লা₁ [গোল ~] বি. গোলাকৃতি মিষ্টান্নবিঃ ; সন্দেশ। কাঁচাগোল্লা-ছানার ভাগ অধিক দিয়া নরম পাকে যে সন্দেশ প্রস্তুত হয়। রসগোল্লা-ছানায় প্রস্তুত ও রসে পাক করা মিষ্টান্নবিঃ।

ˋ**গোল্লা**₂ [গোলোক (বৈকুণ্ঠ) >। মৃত্যু না হইলে তথায় যাওয়া যায় না সুতরাং তাহা হইতে পরলোক, প্রেতলোক বা যমের বাড়ী অথবা ইহা শূন্যের মত গোল > শূন্য অর্থাৎ নির্ব্বাণ > বৌদ্ধবিদ্বেষ হেতু ক্রমে অপকৃষ্ট অর্থে নরক] বি. নরক : অধোগতি। "আমি যদি হারামজাদী বলে থাকি, তবে যেন গোল্লায় যাই।"-ইন্দিরা (বঙ্কিম)। ˋগোল্লায় যাওয়া-এমন স্থানে যাওয়া যেখান থেকে কেহ আর ফেরে না বা যেখান থেকে আর কোন সংবাদ বা দর্শন পাওয়া যায় না, যমের বাড়ী যাওয়া। তুল-"Let them all go to Jericho and he're be seen again." "to go to Jericho, Bath, Hong-kong, Putney etc used imperatively to imply that one desires to see no more of a person, or does not care what becomes of him" (Murray's N. E Dictionary). ২ নরকে যাওয়া।

গোশাল,-লা [গোর শালা (গৃহ) -৬ তৎ। আ=অ] বি, গোগৃহ : গোরুর ঘর : গোয়াইল।

গোশীর্ষ [গোর শীর্ষ (মস্তক) -৬ তৎ] বি, গোমস্তক। ২ হরিচন্দন। ৩ চন্দন। ৪ গোমস্তক তুল্য অস্ত্রবিঃ। ইহার দুইটি পদ, নীচে কাষ্ঠ নির্ম্মিত যন্ত্র সংলগ্ন থাকে এবং উহার উর্দ্ধকায় লৌহফলকে আবদ্ধ থাকে, মধ্যাঙ্গ নতশিরা এবং তাহার মুঠ অতি সুন্দর, বর্ণ কৃষ্ণরক্ত ও উচ্চতা ১৬ আঙ্গুল অর্থাৎ প্রায় ১ হাত। মুঠা ধরা ও পরিক্ষেপ ইহার ব্যবহার এবং বিদ্ধকরণ ও ছেদন করা ইহার কার্য্য।

গোশৃঙ্গ [গোর শৃঙ্গ-৬ তৎ] বি, গোরুর শিঙ। ২ পর্ব্বতবিঃ। ৩ গরুর শিঙে নির্ম্মিত শুষির রণবাদ্য।

গোষ্ঠ [গ্রা-গোঠ। গো (গোরু)-স্থ-স্থা (থাকা) + অ (ধি,জ্ঞা°) আ-লোপ স্থ=ষ্ঠ] বি, গোচর ; পশুচারণের মাঠ। ২ মিলন স্থান ; সভা। প্র-পাঠ-গোষ্ঠ। ৩ মিলন ; সাথ : সঙ্গ ; জোট। "সিংহিনী সমীপে হৈল শৃগালের গোষ্ঠ।"-শি°। ~লীলা-বি, বৃন্দাবনে শ্রীকৃষ্ণের গোচারণ লীলা।

গোষ্ঠা/গার [গোষ্ঠের (সভার) আগার (গৃহ)-৬ তৎ] বি, যে গৃহে সভা হয় : সভাগৃহ ; সম্মিলন স্থান। ২ গো-প্রচার স্থান। ৩ গঞ্জ। ~ধ্যক্ষ [গোষ্ঠের (সভার) অধ্যক্ষ (নায়ক)-৬ তৎ] বি, সভানায়ক, সভাপতি। ~ষ্টমী-বি, গোপাষ্টমী দ্রঃ।

গোষ্ঠী [গ্রা, গুষ্টি। গোষ্ঠ্ (সমারোহ করা,একত্র করা) + অ (ধি,জ্ঞা°) ঈ-স্ত্রীং] বি, বহুলোকের সমাগম স্থান : সভা। ২ [স্থ + অ যারা সমবেত হয়] সমূহ ; দল ; গণ।"চলিলেন নীলাচলে ভক্তগোষ্ঠী সঙ্গে।"-চৈ°-ভা°। ৩ পরিবারবর্গ : পোষ্যবর্গ। "তোমার গোষ্ঠীকে বাপু মোর পরিহার। ভাল মেয়ে ভুবনে রহিল নাহি আর॥"-শি°। ৪ জ্ঞাতি। ৫ দৃশ্য-কাব্যবিঃ। ইহা এক অঙ্কে নিবদ্ধ ও ৯।১০ জন পুরুষ ও ৫।৬ জন স্ত্রীলোক দ্বারা অভিনীত হয়। ৬ [জ্ঞাতিঃ পরিঃ] বংশ ; কুল sept ; clan ~নির্ব্বর [জ্ঞাতিঃ পরি°-phratry ~পতি [গোষ্ঠীর (সভার) পতি (স্বামী)-৬ তৎ] বি, কুলপতি ; বংশের প্রধান। ২ সভার অধিনায়ক ; সভাপতি। ৩ দলপতি। ~বর্গ [গ্রা° গুষ্টিবর্গ] বংশাবলী ; জ্ঞাতি ও পরিবারবর্গ।

গোষ্পদ [গোর পদ (পা থাকে যে স্থানে) বহু° স্ আগম] বি, গাভীর পদচিহ্নিত স্থান। ২ গোক্ষুর-চিহ্ন। ৩ গাভীর যাতায়াত স্থান। ৪ সামান্য বিষয় : অকিঞ্চিৎকর বিষয় [দামোদর মুখো°-বিমলা]।

গোষ্পদীকৃত [গোষ্পদ-কৃ + ত (র্ম্ম)= কৃত, কৃতের পূর্ব্বে 'ঈ' (অভূততদ্ভাবার্থে চ্বি আগম, 'দ' র অকার লোপ)] বিণ. প্রকৃত গোপদচিহ্ন তুল্য নয় অথচ যাকে গোর পদ-চিহ্নের তুল্য করা হইয়াছে : বৃহৎ জলাশয়কে বুজাইয়া ক্রমে অত্যন্ত ক্ষুদ্রায়তন করা।

গোসংখ্য [গো (গোরু) সম্-খ্যা (বলা) + অ (র্ত্ত)-যে গোরুদিগের সহিত কথা বলে] বি, গোপালক। ২ যে গাভী গণনা করে ; গোসংখ্যাকারী।

গোসঙ্গ [গোর (গোরুর) সঙ্গ (মিলন) হয় যে সময়ে-বহু°] বি, গাভীসম্মিলন-ক্ষণ : প্রভাত ; সকাল বেলা।

গোসব [গো + সব (সত্র)] বি, গোমেধ যজ্ঞ। ২ [গো + সর্ব্ব >] গরুসকল।

গোসর্প [সং-গোধা। গ্রা°-'গোসাপ'] বি, গোধিকা ; গোসাপ।

গোসর্পিকা [গো-সর্পিকা-সৃপ্ (গমন করা) + অক (র্ত্ত) আ-স্ত্রীং,সৃপ্=সর্প,ই আগম -যে ইচ্ছামত গমন করে] বি, স্বেচ্ছাচারিণী : বেশ্যা। ২ গোসর্পিণী।

ˋ**গোসল** [আ° গ্সুল্ (স্নান) : মু° বাং-গ্রা° গোছল, স=ছ) বি, স্নান। ~খানা-বি, স্নানের ঘর।

গোসা, গোস্সা [আ°-গ্সা। 'গোস্সা' (কাজী নজরুল ই°)] বি, কোপ : রোষ ; রাগ ; ক্রোধ। "গোসা করি পুষাকে ক্ষুরের মারে বাড়ি। চড়ায়ে উডাল দাঁত উপাড়িল দংষ্ট্রি"-শি°। ২ অভিমান। "গোসা করো না প্রাণ আমার কি দোষ। গুরুজন ভয়ে মরি তুমি কর রোষ॥"-নিধুবাবু। ~ঘর [গোসা দ্রঃ] বি, ক্রোধাগার : রোষাগার [দ্রঃ-প্রাচীনকালে সম্ভ্রান্ত গৃহের অন্তঃপুরে একটী গৃহনির্দ্দিষ্টথাকিত যথায় মহিলাগণ ক্রোধ বা অভিমান কালে আশ্রয় গ্রহণ করিতেন। "তথা প্রোৎসাহিতা দেবী গত্বা মন্থরয়া সহ। ক্রোধাগারং বিশালাক্ষী সৌভাগ্য-মদগর্ব্বিতা॥"-রামা° অযোধ্যা-কাণ্ড]।

গোসাঁই, গোঁসাই, গোসাঞী [গোস্বামী >] বি, প্রভু, ঈশ্বর। "অভাগীর এই দুঃখ ঘুচাও গোঁসাই"-ঘন°। ২ গোস্বামী। "সাধু নাহি ছিল ঘরে তেঁই ডুবাইনু তোরে না জানিয়া বলিনু গোসাঞী।"-কবিক°। ৩ মহাশয়।

গোসাপ-গোসর্প দ্রঃ।

গোসোয়ারা [ফাং-গোশ্‌বারা= হিসাবের সংক্ষেপ] বি, সংক্ষিপ্ত হিসাব abstract of account. "কাহাকে বলে ঠিঠা, কাহাকে বলে গোসোয়ারা-"টেকচাঁদ।

গোস্ত [ফাং-গোশ্‌ৎ] বি, মাংস। [দ্রঃ-বাংলায় বহুস্থানে ইহার গ্রাম্য উচ্চারণ 'গোশ' এবং অর্থ গোমাংস কিন্তু তাহা ভুল। উর্দ্দূতে গোমাংসকে 'বড়া গোশ্ত্‌' বলে। তুল-সংতে, মহামাংস=নরমাংস]।

গোস্তন, গোস্তন। [গো-স্তন-গোরুর স্তনের ন্যায় গুচ্ছ করা] বি, চারি নর হার। ২ [গো-স্তন,-৬ তৎ] গোরুর স্তন। স্ত্রীং~নী-গোস্তনের মত যে ফল দেখা যায়. দ্রাক্ষাফল; আঙ্গুর।

গোস্তাকি [ফাং-গুস্‌তাখ্‌ (ধৃষ্ট)। গুস্‌তাখী=ধৃষ্টতা] বিঃ ঔদ্ধত্য। ২ প্রগল্‌ভতা; ধৃষ্টতা। ৩ অবজ্ঞাপ্রদর্শন। ৪ অশিষ্টতা; বেআদবি।

গোস্বামী [গো (গোরু-পৃথিবী-জল-স্বর্গ) তার স্বামী (প্রভু)-৬তৎ] বি, গোরুর অধিপতি; গোরুর রক্ষক। ২ সংসার ত্যাগ করিয়া যে ধর্ম্মচিন্তায় মনোনিবেশ করিয়াছে। ৩ যিনি ধর্ম্মোপদেশ দেন; ধর্ম্মোপদেষ্টা। ৪ নিত্যানন্দবংশীয় ব্রাহ্মণগণের উপাধি। ৫ জগৎপতি; ভগবান্‌। ৬ রাজা। ৭ জলস্বামী; জলাধিপতি; বরুণ। ৮ দৈবরাজ ইন্দ্র। ৯ বাচস্পতি।

গোহত্যা [গোর হত্যা (বিনাশ) হন্‌ (বধ করা)+য (ভাং) ন্‌=ত্‌-আ, স্ত্রীং-৬ তৎ] বি, গোবধ।

গোহাইল [গোশালা > গোহাল > গোহাইল] বি, গো-গৃহ; গোয়ালঘর।

গোহাড় [গোর (গরুর) হাড় (অস্থি)-৬ তৎ] বি, গোরুর অস্থি।

গোহারি, গোহিরি [হিং-গোহারী= কান্নাকাটী (অনার্য্যশব্দ) > আবেদন। তুল-সং-গোচর > গোহর >] বি, দুঃখ জানান ও তার প্রতিকার প্রার্থনা; দোহাই দেওয়া; সুবিচার প্রার্থনা। "স্বামীর কারণে বাপে গোহারি করিল"-মহাং-কাশীং। "তোমা সভাস্থানে দুঃখে করিল গোহারি"-চৈংভাং। "ব্রহ্মার সদনে গিয়া করিল গোহারি"-মহাং কাশীং। ২ সাক্ষাৎ নিবেদন। "ছোট বড় পশু গেলা করিতে গোহারি"-কবিকং। ৩ [হিং গোহরানা (ডাকা)] ডাক; ডাকাডাকি। "খুড়ী খুড়ী করি টেগা করিল গোহারি"-কবিকং।

গোহাল, গোহাইল [গোশালা >] বি, গোশালা; গোয়াল-গোগৃহ। বিণ,

গোহালট [মৈমনং-প্রাদেং] বি, গোপথ cattlepath

গোহালিয়া-গোগৃহ সম্বন্ধীয়।

গোহাল্যা [গোহাল (গোপাল্যা, গো-শালা)+ইআ (সম্বন্ধার্থে)] বিণ, গোশালা সম্বন্ধীয়; গোহাল বিষয়ক; গোয়াল সম্বন্ধীয়; গরুর। ~গীত-বি, গরুর গান; গোশালার গীত। "গোহাল্যা গাইয়া গীত কোয়ালি ফিরায় নিত এক ভিতে বসিল মারাটা"-কবিকং।

গোহ্য [গুহ্‌ (আচ্ছাদন করা)+য (র্ম্ম)] বিণ, সংবৃত। ২ গোপনীয়। ৩ বি গুহ্যদেশ।

গৌ [সং] বি, গরু; গো।

গৌড় [গুড় (ইক্ষুরসজ মিষ্ট)+অ (তস্য ইদমর্থে) অর্থাৎ গুড়ের জন্মস্থান এই, অথবা গৌড় (রাজা)+অ (তস্য ইদমর্থে-অণ্‌)। মতান্তরে সূর্য্যবংশীয় রাজা মান্ধাতার দৌহিত্র, গৌড় হ'তে এই নাম] বি, গৌড়দেশ; বাঙ্গালাদেশের প্রাচীন নাম। ২ উত্তর ভারতীয় পঞ্চপ্রদেশ- বাঙ্গালা, হিন্দুস্থান, পঞ্জাব, সিন্ধু, গুজরাট, মহারাষ্ট্র [তন্মধ্যে বাঙ্গালাই আদি ও খাস গৌড় বলিয়া প্রসিদ্ধ। এই গৌড়রাজ অন্য চারিটী দেশ জয় করিয়া সাম্রাজ্যের পঞ্চবিভাগকে পঞ্চগৌড় নামে অভিহিত করিয়া থাকিবেন, কিন্তু তার ঐতিহাসিক প্রমাণ পাওয়া যায় নাই। ইতিহাসে যা পাওয়া গিয়াছে তাহা এই যে, বঙ্গদেশই যে পঞ্চবিভাগে বিভক্ত ছিল-তার নাম- বরেন্দ্র, বঙ্গ, মিথিলা, রাঢ়, বকদ্বীপ। ইহাই পঞ্চগৌড়। পরিঃ দ্রঃ। মহারাজ আদিত্যসেনের স্তম্ভলিপিতে গৌড়ের প্রথম উল্লেখ। গুরব মিশ্রের বুদল স্তম্ভলিপিতে সর্ব্বপ্রথম 'গৌড়েশ্বর' আখ্যা। ইহার রাজ-ধানী বিক্রমপুর (দ্রঃ)।] ৩ গৌড়দেশীয় লোক। স্ত্রীং ~ী-রাগিণী-বিঃ। ২ গুড় দ্বারা প্রস্তুত সুরা। ৩ কাব্যের ওজোগুণবিশিষ্ট রচনারীতি।

গৌড়িয়া [গৌড়+ইয়া (নিবাসার্থে)] বিণ, গৌড়বাসী। "মাধবেন্দ্র কৃপাতে গৌড়িয়া বিপ্রদ্বয়। বৈরাগ্যে প্রবল প্রেমভক্তি রসময়॥" -ব্রজপরিক্রমা।

গৌড়ীয় [গৌড+ঈয় (নিবাসার্থে)] বিণ, গৌড়নিবাসী। ২ গৌড়সম্বন্ধীয়। ~দেউল-দেউল দ্রঃ। ~ভাষা-গৌড় দেশের ভাষা; বাঙ্গালা ভাষা; উত্তর বঙ্গে প্রচলিত ভাষা। ২ উত্তর ভারতের পঞ্চ-গৌড়ের ভাষাই আধুং বাঙ্গালা, হিন্দুস্থানী, পঞ্জাবী, সৈন্ধবী, গুজরাটী ও মহারাষ্ট্র ইহার অন্তর্গত তন্মধ্যে বাঙ্গালা বা খাস গৌড়ীয় সর্ব্বপ্রধান।

গৌণ [গুণ+অ (অপ্রধানার্থে), গুণ=গৌ] বিণ, যার উদ্দেশ্য প্রধান নহে; অপ্রধান secondary. ২ কূট; অপ্রকৃত; কাল্পনিক। "এই মত প্রতি সূত্রে সহজার্থ ছাড়িয়া, গৌণ অর্থ ব্যাখ্যা করে কল্পনা করিয়া।"-চৈংচং। ৩ গুণসম্বন্ধীয়। [বিরল] ৪ বি, কালবিলম্ব। ৫ অপেক্ষা। স্ত্রীং ~ী-শব্দের বৃত্তিবিঃ।

গৌণিক [গুণ+ইক] বিণ, গুণজ্ঞ। ২ গুণসম্বন্ধীয়। স্ত্রীং ~ী।

গৌণী, গৌণীবৃত্তি [বৈষ্ণব সাং] বি, প্রকৃতার্থ ত্যাগ পূর্ব্বক কষ্টার্থ বোধ। "গৌণী-বৃত্তি যেবা ভাষ্য করিল আচার্য্য।" চৈং চং।

গৌতম [গোতম (মুনিবিশেষ)+অ (অপত্যার্থে)] বি, গৌতম পুত্র; শতানন্দ-ঋষি। ২ বুদ্ধ। ৩ বিণ, গোতমসম্বন্ধীয়। স্ত্রীং ~ী-গোতমসম্বন্ধীয়া। ২ গোতমবংশীয়া স্ত্রী। ৩ গোদাবরী নদী। ৪ রাক্ষস-বিঃ। ৫ দুর্গা। ৬ দ্রোণাচার্য্যের পত্নী; কৃপী।

গৌর [গুড়্‌ (বেষ্টনকরা)+অ (ধি-জ্ঞাং), ড়=র] বিণ, ধবল; শ্বেত। ২ পীত। ৩ লোহিত। ৪ পরিষ্কৃত। ৫ চন্দ্র। ৬ চৈতন্যদেব, গোরা। ~চন্দ্র-বি, মহাপ্রভু; চৈতন্যদেব। ~বর্ণ-বিণ, শুভ্র বর্ণ; ফর্সা। ~মুখ-বি, শমীকমুনির শিষ্য বিঃ। ২ [গৌর-বর্ণ মুখ যাহার, বহুং] বি, চন্দ্র। ~সর্ষপ

[গৌরবর্ণ যে সর্ষপ, ধা] বি, সাদা সরিষা : রাইসরিষা।

গৌরব [গুরু + অ,(ভা॰)] বি, গুরুত্ব, ভার। ২ স্থূলতা। "কটিক গৌরব পাওল নিতম্ব"-বি॰ প॰। ৩ যত্ন : আদর ; সম্মান। ৪ মহিমা। ৫ মর্য্যাদা। ৬উৎকর্ষ।~করা, -দেখানি, -প্রকাশ, -প্রয়াসী, -প্রার্থী, -মণ্ডিত, -রবি, -শালী, -সূর্য্য।

গৌর/বান্বিত [গৌরব (দ্বারা) + অন্বিত-৩ তৎ] বিণ, গৌরবযুক্ত; মহিমান্বিত। স্ত্রীং ~া। ~বিণী [গর্ব্ব > ; পুং, গর্ব্বী। বাং-য় স্ত্রীং গরবিণী-রূপান্তরে গৌরবিণী] বি, গর্ব্বিতা। "আমি যে সই গৌরবিণী তারি গৌরবে।"-হরুঠাকুর। ~বিত [গৌরব (মর্য্যাদা) + ইত (স্ত্য) যার গৌরব আছে] বিণ, মর্য্যাদাশালী ; গৌরবযুক্ত ; গৌরবান্বিত ; মান্য ; সম্মানবিশিষ্ট।

গৌরাং [গৌরাঙ্গ > ভ্রং। গ্রা॰] বি, গৌরচন্দ্র ; চৈতন্যদেব।-"গৌরাং একা যদি আসিতে নার তবে নিতাইচাঁদকে সঙ্গে কর। গৌরাং, নদে ছাড়া যদি রইতে নার তবে আমার হৃদয় নদে কর।"-বাং-গান।

গৌরাঙ্গ [গৌর (শ্বেত বা পীতবর্ণবিশিষ্ট অঙ্গ যার, বহু॰] বি, চৈতন্যদেব। ২ বিণ, শুভ্রদেহ। স্ত্রীং ~ী।

গৌরাস্য [গৌর (ধবল) আস্য (মুখ) যার, বহু॰] বি, যে জাতীয় বানরের মুখমাত্র গৌর, অবশিষ্টাঙ্গ কৃষ্ণবর্ণ।

গৌরিকা-গৌরী দ্রঃ।

গৌরী [গৌর + ঈ-স্ত্রীং] বি গৌরবর্ণা স্ত্রী। ২ দুর্গা। ৩ অবিবাহিতা অষ্টমবর্ষীয়া কন্যা ; পূর্ণ আট বৎসর হইতে ৮ বৎসর ১১ মাস ২৯ দিন পর্য্যন্ত গৌরীকাল। ৪ বসুন্ধরা ; পৃথিবী। ৫ বরুণের পত্নী। ৬ হরিদ্রা। ৭ গোরচনা। ৮ রাগিণীবিঃ। ৯ নদীর নাম। ~কাজল-বি, ধান্যবিঃ। "গয়া বলি, গোপালভোগ, গৌরীকাজল।" -শি॰। ~কান্ত [গৌরীর(পার্ব্বতীর) কান্ত(পতি), ৬তৎ] বি, উমাপতি; শিব।~কাল[গৌরীর কাল (অবস্থা), ৬তৎ] বি, অবিবাহিতা অষ্টমবর্ষীয়া কন্যাবস্থা। ~দান-৮ম কন্যা সম্প্রদান। ~পট্ট [গৌরীরূপ পট্ট, ধা] বি, শিবলিঙ্গের পেনেট। ~শঙ্কর-শিব-দুর্গা। ২ হিমালয়ের চূড়া-বিঃ। ~শিখর-বি, যে শিখরে গৌরী পতিলাভার্থ কৃচ্ছ্র তপস্যা করিয়াছিলেন।

গৌল্মিক [গুল্ম, দ্রঃ] বি, গুল্মপতি।

গ্যালি, গেলি, -ী [ইং galleyর লিপ্যন্তর] বি, সাজান (কম্পোজ করা) অক্ষর পঙ্‌ক্তি রাখিবার লম্বা ধাতু বা কাষ্ঠফলক। ~প্রুফ-উক্ত ফলকের উপর চাপ দিয়া তোলা মুদ্রণ-পত্র galley proof

গ্যাস [ইং gas এর লিপ্যন্তর] বি,বাষ্পীয় পদার্থ ; বায়ব্য পদার্থ।

গ্রথন-বি, ষট্‌কর্ম্মসাধ্য শান্তি কর্ম্মে ব্যক্তির নামের অক্ষরগুলি মন্ত্রপুটিত করিয়া লিখন।

গ্রথিত [গ্রথ্‌-গ্রন্থ্‌ (গাঁথা) + ত(র্ম্ম) ই-আগম] বিণ, যা গ্রন্থন করা হইয়াছে ; গুম্ফিত। রচিত। ২ খচিত। ৩ আক্রান্ত। স্ত্রীং ~া।

গ্রন্থ [গ্রন্থ্‌ (গাঁথা, একত্র সমাবেশ করা) + অ (র্ম্ম)-যাকে গাঁথা হয়, পূর্ব্বে তাল-পত্রাদিতে লিখিয়া তা সূত্রবদ্ধ করিয়া বা গাঁথিয়া রাখার প্রথা হতে অথবা অক্ষর, পদ, বাক্য, পত্র, অধ্যায় ই॰-র একত্র সমাবেশ করণের ভাব হ'তে। তুল-জর্ম্ম॰ band=গ্রন্থ (বন্ধন করা হয় বলিয়া)] বি, পুস্তক ; পুঁথি। ২ সন্দর্ভ। ৩ ধর্ম্মগ্রন্থ ; শাস্ত্রগ্রন্থ। ~কর্ত্তা, -কার [গ্রন্থ (শাস্ত্র) কৃ-করা + তৃ (র্ত্তৃ), মূ॰ গ্রন্থকর্ত্তৃ-১মা, ১ব॰, ৬তৎ, গ্রন্থ কৃ + অ (কর্ত্তৃ-অন্) গ্রন্থকে (প্রণয়ন) করে-উপ॰] বি, যিনি গ্রন্থ প্রণয়ন করেন : গ্রন্থ-প্রণেতা। ~কীট [গ্রন্থ (কর্ত্তনকারী - বা খাদক) কীট] বি, গ্রন্থে যে পোকা থাকে, চুলচুলে পোকা। ২ [লক্ষ॰] অতিশয় গ্রন্থ-পাঠ নিরত ব্যক্তি ; যে সর্ব্বদা ব'য়ে মুখে হ'য়ে থাকে ; কেতাবকীট book-worm ~কুটী -বি, গ্রন্থগৃহ ; গ্রন্থাগার library.

গ্রন্থন [গ্রন্থ্‌ (একত্র করা) + অন (ভা॰)] বি, বিভিন্ন বস্তুকে একত্র সম্বদ্ধ করণ : গুম্ফন : গাঁথন। ২ রচনা। ~া-বি, গ্রন্থন।

গ্রন্থা/গার [গ্রন্থ + আগার"] বি, গ্রন্থালয় : লাইব্রেরী library. ~গারিক-বিণ, গ্রন্থরক্ষক ; লাইব্রেরিয়ান। "কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক"-প্রবাসী।

গ্রন্থানুরাগ [গ্রন্থ + অনুরাগ] বি, পুস্তকপ্রীতি ; অধ্যয়নানুরক্তি। ~ী-বিণ, পুস্তকপ্রিয় ; পাঠাসক্ত।

গ্রন্থি [গ্রন্থ্‌ + ই (ভা॰)] বি, দেহের সন্ধিস্থান ; গাঁইট ; গিরা। ২ বংশদণ্ডাদির সন্ধি। ৩ বন্ধন। ৪ বাতরোগ। ৫ বক্রতা। ~ক [গ্রন্থ (সন্দর্ভ) + ইক (জ্ঞাতার্থে)] বি, যিনি সন্দর্ভ জ্ঞাত আছেন : যিনি নানাবিষয়ক গ্রন্থ পাঠ করিয়া জ্ঞাত আছেন। ২ দৈবজ্ঞ : গণক। ৩ পাণ্ডুপুত্র সহদেব বিরাট দেশে এই নামে পরিচিত ছিলেন। ৪ গ্রন্থিপর্ণ। ৫ পিপ্পলীবৃক্ষ। ৬ গুগ্‌গুল। ~ছড়া [ছড়া দ্রঃ] বি, গাঁটছড়া। "দ্বিজে বান্ধে গ্রন্থি ছড়া, বরকন্যা দেখে অরুন্ধতী"-কবিক॰। ~চ্ছেদন। ~ছেদক-বিণ, গাঁটকাটা, ~ত [গ্রন্থ দ্রঃ] বিণ, কৃতগ্রন্থন ; গুম্ফিত ; গ্রথিত। ~দূর্ব্বা [বৈদ্যকে] বি, বল্লীদূর্ব্বা ; মালাদূর্ব্বা। ~বদ্ধ-বিণ, গাঁটবাঁধা ; গেরো দেওয়া। ~বন্ধন [গ্রন্থি-দ্বারা বন্ধন-৩তৎ, গ্রন্থি রূপ বন্ধন-ধা] বি, বিবাহ-কালে বরকন্যার বস্ত্রে বস্ত্রে বন্ধন। ২ গাঁটী বন্ধন ; গের দেওয়া। ~ভেদ [গ্রন্থি-ভিদ্‌ (ভেদ করা) + অ(র্ত্তৃ + উপ॰।'গ্রন্থিং ভিনত্তি'] বি, গ্রন্থিচ্ছেদনকারী ; গাঁটকাটা ; চোর। ~ময় দেহ, গ্রং দেহ্‌-বহু॰ গ্রন্থিযুক্ত-দেহ জীব articulata [মাংসগ্রন্থি glands শিরাগ্রন্থি varicose veins.] ~মান্‌ [গ্রন্থি + মৎ (স্ত্য), মূ॰ গ্রন্থিমৎ ১মা, ১ব॰] বিণ, যাতে গ্রন্থি আছে : গ্রন্থিযুক্ত >। স্ত্রীং ~মতী-গ্রন্থিযুক্তা। ~ল [গ্রন্থি + ল (যুক্তার্থে) যাতে অনেক গ্রন্থি আছে] বিণ, বহুগ্রন্থিযুক্ত ; গাঁটগাঁট। ২ যে সকল জন্তুর শরীর গাঁটগাঁট articulated animals. ~হর [গ্রন্থি (গাঁইট) হর যে হরণ করে (হৃ + অ, র্ত্তৃ) যে মন্ত্রণাদ্বারা বিষয়গ্রন্থি অর্থাৎ

জটিল বিষয় সরল করিয়া দেয়] বি. গ্রন্থিহারক : মন্ত্রী।

গ্রন্থী [গ্রন্থ (সন্দর্ভ) + ইন্ (স্ত্যং মৃং গ্রন্থিন্ ১মা ১বং)] বিণ. বহুগ্রন্থ রচয়িতা। ২ বহুবিধ গ্রন্থাধিকারী।

গ্রসন [গ্রস্ (ভক্ষণ করা) + অন (ভাং)] বি. গ্রাসকরণ।

গ্রসমান [গ্রস্ (গ্রাস করা) + আন (র্তৃ), ম্ আগম] বিণ. গ্রাসকারী : যে গ্রাস করিতেছে।

গ্রস্ত [গ্রস্ (গ্রাস করা) + ত (র্ম্ম)] বিণ. কৃতগ্রাস : গলাধঃকৃত। ২ আবৃত : আচ্ছাদিত। ৩ অভিভূত। ৪ আক্রান্ত।

গ্রস্তোদয় [গ্রস্তের-উদয় (পুনঃপ্রকাশ)] বি. চন্দ্র সূর্য্যের গ্রহণান্তে পুনরুদয়। বিপরীত গ্রস্তাস্ত-গ্রস্ত হইবার পর চন্দ্র-সূর্য্যের অস্ত বা অপ্রকাশ।

গ্রহ১ [প্রাং-গেব। গ্রহ্ (গ্রহণ করা) + অ (র্তৃ)-প্রত্যেকে প্রত্যেককে গ্রহণ বা আকর্ষণ করে বলিয়া এই নাম] বি, সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু এই নয়টি জ্যোতিষ্ক planet ২ গ্রহণ। প্র-দারগ্রহ। ৩ ধারণ। প্র-মূর্ত্তিগ্রহ। ৪ বোধ। প্র-অর্থগ্রহ ; ভাবগ্রহ। ৫ নৈকট্য ; সন্নিকর্ষ। ৬ উৎসাহ ; রণোদ্যম। ৭ সঙ্গীতে প্রারম্ভিক আলাপের সুর। ৮ গ্রহবৈগুণ্য ; কুগ্রহ। ৯ দুর্ভাগ্য ; বিপদ ; গ্রহের ফের ; গ্রহ-বিপাক। **~কঙ্কাল** [গ্রহগণের মধ্যে কঙ্কাল-৭তৎ] বি, রাহুগ্রহ। **~কোপ**-বি, গ্রহের অশুভ দৃষ্টি। **~গোচর** [গ্রহের গোচর, ৬তৎ] বি, জন্মরাশি হইতে গ্রহগণের শুভাশুভ গতি। **~চিন্তক** [গ্রহ-চিন্ত্ (চিন্তা করা) + অক (র্তৃ)] বি, গ্রহাচার্য্য ; দৈবজ্ঞ। **~জগৎ**-বি, গ্রহমণ্ডল দ্রঃ। **~তত্ত্ব**-বি, গ্রহগণের অবস্থান ও গতিবিধির প্রকৃত বৃত্তান্ত। **~দেবতা** [গ্রহের দেবতা-৬তৎ] বি, গ্রহের অধিষ্ঠাতা দেবতা। **~দোষ** [গ্রহ-দোষ] বি, গ্রহের দুষ্ট বা প্রতিকূল দৃষ্টি : গ্রহের বৈগুণ্য ; কুগ্রহের প্রভাবদোষ। "গ্রহ-দোষে দোষী জনে কে নিন্দে সুন্দরী।"- মেঘং। **~ধূপ** [গ্রহের ধূপ-৬তৎ] বি, গ্রহপূজায় ব্যবহৃত গুগ্গুল্ ই। **~নায়ক** [গ্রহের নায়ক (প্রধান), ৬তৎ] বি, সূর্য্য। ২ শনি। **~নীহারিকা**-বি, নীহারিকা দ্রঃ। **~পতি** [গ্রহের-পতি (প্রধান), ৬তৎ] বি, সূর্য্য। ২ শনি। **~পীড়া** [গ্রহকৃত যে পীড়া-ধা] বি, গ্রহের অশুভ দৃষ্টিবশতঃ আধি-ব্যাধি। **~পূজা** [গ্রহের-পূজা (অর্চ্চনা), ৬তৎ] বি, গ্রহশান্তির জন্য পূজা **~বশতঃ**-ক্রি-বিণ. গ্রহের প্রভাব হেতু ; গ্রহদুষ্টি জনিত। **~বহ্নি** [গ্রহের-বহ্নি-৬তৎ] বি, কপিলা পিঙ্গলাদি নামক নবগ্রহের নবপ্রকার বহ্নি। **~বিদ্যা**-জ্যোতির্বিদ্যা ; জ্যোতিঃ শাস্ত্র। **~বিপাক**-বি, গ্রহবৈগুণ্য। **~বিপ্র** [গ্রহের শুভাশুভ দর্শক যে বিপ্র-মঃ পং লোং] বি, গ্রহাচার্য্য ; দৈবজ্ঞব্রাহ্মণ। "গুজরাট একপাশে গ্রহবিপ্রগণ বৈসে।"-কবিকং। **~বৈগুণ্য** [বিগুণ-(প্রতিকূল) + য (ভাং= বৈগুণ্য (প্রতিকূলতা), গ্রহের বৈগুণ্য-৬তৎ] বি, গ্রহের বিরূপতা ; গ্রহগণের প্রতিকূল-প্রভাব ; গ্রহের অশুভ ফলদায়কত্ব ; গ্রহের ফের। "কোন্ গ্রহবৈগুণ্যে মন তার প্রথম হইতেই বিরূপ হইয়া রহিল"-উত্তরা। **~মণ্ডল** [গ্রহ-মণ্ডল, ৬তৎ] গ্রহ উপ-গ্রহাদির ভ্রমণ পথ ; গ্রহজগৎ the planetary world. **~যাগ** [গ্রহের যাগ (যজ্ঞ), ৬তৎ] শান্তির জন্য যজ্ঞ ; গ্রহদোষ নিবৃত্তির জন্য নবগ্রহের হোম। **~রাজ** [গ্রহের রাজা (প্রধান)-৬তৎ, রাজা=রাজ] বি, সূর্য্য। ২ চন্দ্র। ৩ বৃহস্পতি। ৪ শনি। **~স্ফুট**-বি, গ্রহস্ফুট স্থান ; গ্রহের স্থিতি জ্ঞাপক রাশি।

গ্রহ২ [নবগ্রহ >] বি, নয় সংখ্যা ; ৯। ২ বিণ, সংখ্যক। **~পণ**- ৯ পণ। "বস্ত্রপণ মাগে নায়্যা গ্রহপণ দি।"-ভাগবত (জীবন চক্রবর্ত্তী), ১১০৩ সালের পুঁথি (বং সাং পরিচয়)।

গ্রহ৩ [বৈদিক] বি, সোমরসের যে অংশ পাত্র বা স্থালীতে আহুতির জন্য গৃহীত হইয়া আহবনীয় অগ্নিতে দেবোদ্দেশে অর্পিত হয়।

গ্রহণ [গ্রহ্ (গ্রহণ করা) + অন (ভাং)] বি, প্রাপন ; আদান। ২ ধারণ। প্র-নাম-গ্রহণ : করগ্রহণ। ৩ স্বীকার। ৪ অঙ্গী-কার : মানিয়া লওন। ৫ অনুভব। ৬ অবলম্বন। প্র-আশ্রয় গ্রহণ। ৭ বরণ : আদর। ৮ বন্ধন : ধৃতকরণ : বশে আনয়ন। ৯ ত্যাগের বিপরীত। প্র-তাকে প্রথমে ত্যাগ করিয়াছিল কিন্তু এক্ষণে পুনরায় গ্রহণ করিয়াছে। ১০ [প্রাং গেরন] সূর্য্য ও চন্দ্র গ্রহণ ; গ্রহের অদর্শন : অন্য গ্রহের ছায়া দ্বারা আচ্ছাদন eclipse ১১ ইন্দ্রিয়। **~ক্ষম**-বিণ. ধারণ করিতে সমর্থ। **~ক্ষমতা**, **~শক্তি**-বি, ধারণ করিবার শক্তি বা সামর্থ capacity

গ্রহণি, -ণী [গ্রহ্ (গ্রহণ করা) + অনি (র্তৃ) ঈ-স্ত্রীং] বি, নাড়ীবিঃ। ২ উদরাময়, উদরভঙ্গ রোগ।

গ্রহণীয় [গহ্ (গ্রহণ করা) + অনীয় (র্ম্ম)] বিণ, গ্রাহ্য ; গ্রহণযোগ্য।

গ্রহাচার্য্য [গ্রহ + আচার্য্য] বি, দৈবজ্ঞ।

গ্রহাধীশ [গ্রহের অধীশ (অধিপতি), ৬তৎ] বি, সূর্য্য।

গ্রহাবমর্দ্দন [গ্রহের অবমর্দ্দন (পীড়া), ৬তৎ] বি, সূর্য্যগ্রহণ ; চন্দ্রগ্রহণ। ২ [গ্রহের (সূর্য্য ও চন্দ্ররূপ গ্রহদ্বয়ের) মর্দ্দন (পীড়া) হয় যৎকর্ত্তৃক বা যা হ'তে, বহুং] বি. রাহু।

গ্রহাবিষ্ট [গ্রহ (দ্বারা) আবিষ্ট] বিণ. গ্রহের প্রভাবে অভিভূত ; গ্রহদশাগ্রস্ত।

গ্রহীতা [গ্রহ্ (গ্রহণ করা) + তৃ (র্তৃ) -ঈ-আগম, মৃং গ্রহীতৃ ১মাং ১বং, ঋ=আ] বিণ, যে গ্রহণ করে : গ্রাহক। স্ত্রীং গ্রহীত্রী।

গ্রাব [বৈদিক] বি, সোমলতা থেঁতলাই-বার জন্য ব্যবহৃত চারিখানি পাষাণ।

গ্রাবু [প্রাং গেরাপু] বি, তাস খেলার প্রণালী ভেদ। যে খেলা চারিজনে খেলে ও যাতে ছক্কা, বোম ধরা হয় [ইহারই অনুরূপ খেলা যা দুইজনে খেলিবার এবং যাতে পঞ্জা ধরা হয় তার নাম 'বিন্তি']।

গ্রাম [হিং গাম ; গাঁও ; বাং-প্রাং-গাঁ, গাঁই, গাঞি, গেরাম। গ্রাম (অদন্ত চুরা-দিগণীয়) + ণিচ্ (স্বার্থে)=গ্রামি (আমন্ত্রণ করা) + অ (ধি) ভ্রাং-যেখানে মনুষ্যগণকে

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=ন্চ ক্ষ=ক্ষ্ হ্ন=হ্ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্হ বৃহ লহ ড় ঢ়, জ ক ব ভ=zfwv ও চাং ঋ:

আমন্ত্রণ (আহ্বান) করা হয়] বি, লোকালয় ; পল্লীগ্রাম ; পাড়াগাঁ। ২ বি, সঙ্গীতে মূর্চ্ছনা ও তানের পর্দা। ৩ ষড্‌জ, মধ্যম ও গান্ধার এই তিন স্বরশ্রেণী। ৪ সমূহ (গুণবাচক শব্দের পর যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে)। প্র-গুণগ্রাম। **~কুক্কুট** [গ্রামের কুক্কুট, ৬তৎ] বি, গৃহপালিত কুক্কুট। **~কূট** [সমাজতত্ত্বে। গ্রাম (গ্রামে) কূট (অবজ্ঞাত)] বি শূদ্র। **~খরচা**-গ্রাম ভাটি দ্রঃ। **~ঘাতী** [গ্রাম-হন + ইন্ (কর্তৃ) হ=ঘ, পুং ঘাতিন্-১মা ১ব০] বিণ, গ্রামের মধ্যে যে পাঁঠা কাটে। **~চর্য্যা** [গ্রামের চর্য্যা -চর্+(য), স্ত্রীং-আ, ৬তৎ] বি, গ্রাম্য ধর্ম্ম। ২ দাম্পত্য ধর্ম্ম, স্ত্রীসঙ্গ। **~জ** (-র্ম-) [গ্রাম-জন্ (জন্মান) + অ (কর্তৃ)-ন্ লোপ, উপ] বিণ, গ্রামোৎপন্ন ; গ্রাম জাত। **~জিৎ** [গ্রাম-জি (জয় করা) + ক্বিপ্ (কর্তৃ), ক্বিপ্-লোপ, উপ] বিণ, গ্রামজয়ী। **~টি,-টী**-বি, ক্ষুদ্র গ্রাম। **~ণী** (-র্ম-) [গ্রাম-নী (লওয়া) + ক্বিপ (কর্তৃ)-গ্রামং নয়তি, উপ] বিণ, যে গ্রামকে উন্নতির পথে লইয়া যায়, গ্রামের উন্নতি বর্দ্ধক। ২ বি, গ্রামের মণ্ডল বা অধিনায়ক। ৩ নাপিত। ৪ বিষ্ণু। ৫ যক্ষ। ৬ নটী। ৭ নালিকা। **~দেবতা** [গ্রামের অধিষ্ঠাতা দেবতা, ৬তৎ] বি, গ্রামের জনসাধারণ কর্তৃক প্রতিষ্ঠিত দেবতা। **~দৌত্য** [গ্রামের দৌত্য (দূত)+য (ভা)-৬তৎ] বি, গ্রামের সংবাদ-বহন কর্ম্ম। **~ধর্ম্ম** [গ্রামের (সত্ত্ব=জন্তু সমূহের) ধর্ম্ম,-৬ তৎ] বি, সঙ্গ ; মৈথুন। **~বধূ**-বি, পল্লীবধূ : পাড়াগেঁয়ে বৌ। **~বাসী** [গ্রাম-বস্ (বাস করা) + ইন (কর্তৃ) পুং বাসিন্ ১মা, ১ব০] বিণ, গ্রামে বাসকারী : যে গ্রামের বাহির হয় নাই : গ্রামীণ : গেঁয়ো। **~ভাটি, ভেটি**-গ্রামবৃত্তি ; গ্রামের সাধারণ অনুষ্ঠানের ভাণ্ডারে দেয় এবং বিবাহকালে বর পক্ষীয়ের নিকট হইতে প্রাপ্য অর্থ। **~মুখ**-বি, হট্ট ; হাট। **~মৃগ** [গ্রাম্-মৃগ (পশু)] বি, কুকুর। **~যাজক** [গ্রাম-যজ্ + ণিচ্=যাজি (যাগ করান) + অক (কর্তৃ)] বি, গ্রামের পুরোহিত ; গ্রামদেবতার পূজারী। **~যাজী** [গ্রাম-যজ্ (দেবপূজা) + ইন্ (কর্তৃ,) পুং যাজিন-১মা০ ১ব০] বিণ, গ্রামযাজক। **~সম্পর্কে** [তুল-ইং country cousin, হিং গাঁবইতী সম্বন্ধ। এক গ্রামে সদ্ভাবে বাস করিতে করিতে আত্মীয়তা সূত্রে। গ্রাম সম্পর্কে দাদা, কাকা, মামা, পিসে ইং। **~সিংহ**-বি, কুক্কুর। **~স্থ** [গ্রাম-স্থা (থাকা) + অ (কর্তৃ)-আ লোপ] বিণ, গ্রামে স্থিত। ২ সহগ্রামী ; এক গ্রামবাসী। গণ্ডগ্রাম-বড় গ্রাম : বহুলোকের বাসগ্রাম। পল্লী-গ্রাম-বৃহৎ নগরের পল্লীস্বরূপ ক্ষুদ্র গ্রাম।

গ্রামান্ত [গ্রামের অন্ত (সীমা), ৬তৎ] বি, গ্রামের বহির্ভাগ ; গ্রামপ্রান্ত।

গ্রামান্তর [গ্রাম+অন্তর] বি, গ্রামের ভিতর। ২ অন্যগ্রাম।

গ্রামাভিমুখে [গ্রাম+অভিমুখে] ক্রি-বিণ, গ্রামের প্রতি ; গ্রামের দিকে।

গ্রামার [ইং-grammar এর লিপ্যন্তর। ল্যা gramma অক্ষর বা বর্ণ >] বি, যে শাস্ত্র, ভাষা শুদ্ধরূপে বলিতে লিখিতে ও পড়িতে শিক্ষা দেয় ; ভাষাবিজ্ঞান ; ভাষাতত্ত্ব : ভাষাবোধ। ইহা সাধারণতঃ ৪ ভাগে বিভক্ত -অর্থোগ্র্যাফি (orthography শিক্ষা-শাস্ত্র), ইটিমলোজি (etymology ব্যাকরণ), সিন্‌ট্যাক্স (syntax বাদার্থ) এবং প্রসোডি (prosody ছন্দঃশাস্ত্র)। অধুনা পাংচুয়েশন (punctuation বিরাম চিহ্ন সন্নিবেশের নিয়ম নির্দ্দেশক শাস্ত্র), কম্পোজিশান্ (composition রচনাশিক্ষাপ্রণালী) এবং ফিগার্স্ অফ্ স্পীচ্ ও রেটরিক্ figures of speech and rhetoric অলঙ্কার শাস্ত্র) ও ইহার অন্তর্ভুক্ত করা হয়। সুতরাং ব্যাকরণ গ্রামারের একাংশ মাত্র। অভিধান ও ব্যাকরণ দ্রঃ।

গ্রামিক [গ্রাম+ইক (রক্ষণার্থে)] বিণ, গ্রামরক্ষক। ২ গ্রামের অধিকারী ; রাজা। ৩ (পঞ্চায়েৎ পালনী, গ্রামের প্রধান কর্ম্মচারী)।

গ্রামী [গ্রাম+ইন (স্ত্য০), পুং গ্রামিন্-১মা০ ১ব০] বিণ, গ্রামের অধিপতি ; গ্রামপতি ; মণ্ডল। ২ গ্রামস্থ ; গ্রামের অধিবাসী। ৩ গ্রামধর্ম্মী। ৪ [গাঁই দ্রঃ] গ্রামীণ। ৫ গ্রাম্য।

গ্রামীণ [গ্রাম+ঈন (বাসার্থে) 'Anglo Sax. 'gaman, old Frisian 'gaman, a villager : ga, a village Ger. gam, a district] বিণ, গ্রামবাসী ; গ্রামস্থ। ২ গ্রামের বাহিরে যে কখনও যায় নাই। ৩ বি, গেঁয়ো (লোক)।

গ্রাম্য [গ্রাম+য (ভবার্থে)] বিণ, গ্রামোৎপন্ন ; গ্রামজাত ; গেঁয়ো। ২ অবর ; ইতর। ৩ অশ্লীল। ৪ অমার্জ্জিত ; অসভ্য। ৫ অশিক্ষিত ; মূর্খ। ৬ প্রাকৃত। ৭ কাব্যালঙ্কার দোষ : গ্রাম্যতা দ্রঃ। **~কর্কটী** [গ্রাম্য-কর্কটী (কাঁকুড়)-ধা] বি, কুমড়া। **~জীবন**-বি, পল্লীজীবন গ্রামে থাকিয়া জীবনযাত্রানির্ব্বাহ। **~তা** [গ্রাম্য+তা (ভা০)] বি, অশিষ্টতা ; অভদ্রতা ; ইতরজনোচিত আচরণ, ইতরমি। ২ অশ্লীলতা। ৩ [অলঙ্কার শা০] কাব্যের অলঙ্কার দোষ ; রচনার মধ্যে ইতর ভাষার প্রযোগ। **~দেবতা**-গ্রামের অধিষ্ঠাতা দেবতা। **~ধর্ম্ম** [গ্রাম্য (প্রাকৃতের) ধর্ম্ম, ৬তৎ] বি, গ্রামধর্ম্ম দ্রঃ। **~পথ**-বি, পাড়াগাঁয়ের রাস্তা। **~পশু** [গ্রাম্য (গ্রামজাত ও গ্রামে পালিত) যে পশু-ধা] বি, গ্রামে পালিত পশু ; গৃহপালিত পশু ; মনুষ্য, গো, মেষ, ছাগ, অশ্ব, অশ্বতর, গর্দ্দভ এই সাত গ্রাম্যপশু বলিয়া শাস্ত্রে প্রসিদ্ধ। বোধায়ন মতে-অজ, অশ্ব, গো, মহিষ, বরাহ, হস্তী, অশ্বতরী। আপস্তম্ব মতে-অজ, অবি (মেষ), গো, অশ্ব, গর্দ্দভ, উষ্ট্র। কিন্তু কুক্কুর, বিড়ালও প্রকৃতপক্ষে গ্রাম্যপশু পদবাচ্য ও এই পর্য্যায়ের অন্তর্ভুক্ত হইবার যোগ্য। **~মৃগ** [গ্রাম্য (গ্রামজাত) যে মৃগ (পশু)-ধা] বি, কুক্কুর। **~সিংহ**-বি, কুকুর। **গ্রাম্যাশ্ব** [গ্রাম্য+অশ্ব] বি, গর্দ্দভ।

গ্রাস [গ্রস্ (ভোজন করা) + অ(র্ম্ম)-প্রা০ 'গরাস', 'গরোস'] বি, ভোজনকালে যা মুখে দেওয়া হয় ; কবল ; থাবল ; মুখ পূর্ণ হয় এত বড় অন্নপিণ্ড mouthful ২ [+অ (ভা০)] ভক্ষণ ; গলাধঃকরণ। ৩ আচ্ছাদন ; ছায়া-

দ্বারা সূর্য্য চন্দ্রাদির আচ্ছাদন। প্র-পূর্ণগ্রাস। অর্দ্ধগ্রাস। ~কারী-বিণ, ভক্ষক।

গ্রাসাচ্ছাদন [গ্রাস (অশন) ও আচ্ছাদন (বসন)-দ্বন্দ্ব] বি, আহার ও পরিধান ; অশন-বসন ; খাওয়া-পরা। ২ অন্নবস্ত্র।

গ্রাহ [গ্রহ্ +অ (ভা°)] বি, আদান: গ্রহণ। ২ জ্ঞান ; বোধ। ৩ নির্ব্বন্ধ। ৪ আগ্রহ। ৫ [র্ত্তৃ, জ্ঞা°-অ] হাঙ্গর, কুম্ভীর ই°। ৬ শুশুক। ৭ জলহস্তী।

গ্রাহক [গ্রহ্ (দ্র:) +অক (র্ত্তৃ) অ=আ] বিণ, গ্রহণকারী। ২ [হি°-গাহক। বাং-গ্রা°] ক্রেতা ; খরিদ্দার। "সুন্দরীগণে বুঝিলে মনে ইহার গ্রাহক তুমি"-চণ্ডি°। স্ত্রী: গ্রাহিকা। বিণ, গ্রাহিত-যা গ্রহণ করান হইয়াছে। ~সম্বন্ধ [ধনবিজ্ঞান পরি:] বি, ব্যবসায়ে বা বাণিজ্যে প্রতিষ্ঠা বা পসার ; বাণিজ্যিক সুনাম goodwill

গ্রাহী [গ্রহ্ (গ্রহণ করা) +ইন (র্ত্তৃ)। মূ: গ্রাহিন-:মা° :ব°] বিণ, যে গ্রহণ করে : গ্রহণকর্ত্তা। অন্যশব্দের পরে যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে। যথা-ধনগ্রাহী, গুণগ্রাহী, ছলগ্রাহী ই°। ২ যে আকর্ষণ করে: আকর্ষক। ৩ মলবন্ধ-কারক : ধারক। স্ত্রী: গ্রাহিণী-গ্রহণকর্ত্রী। ২ [বৈদ্যকে] ক্ষীরি ; ক্ষুদ্র দুরালভা।

গ্রাহ্য [গ্রহ্ +য [illegible]] বিণ, যা গ্রহণ করা যায় ; গ্রহণযোগ্য ; স্বীকার্য্য ; গ্রহণীয়। ২ গণনীয়। ৩ আদরণীয়।

গ্রিদা [ফা°-গির্দা (গোল) > গ্রা-গিরদে] বি, ঠেসান দিবার মোটা গোল বালিশ ; তাকিয়া।

গ্রীক [ই° Greek এর লিপ্যন্তর] বিণ, গ্রীস দেশীয়। ২ বি, গ্রীসদেশের লোক। ৩ গ্রীস দেশের ভাষা।

গ্রীবা [গৃ (ভোজন করা) +ব (বে) আ, স্ত্রী°, যা দ্বারা ভোজন করা যায়] বি, গলদেশ। ২ ঘাড় neck ~দেশ-বি, ঘাড়। ~ভঙ্গ,-ভঙ্গি,-ভঙ্গী-বি, ঘাড়ভাঙ্গা। ২ ঘাড় বাঁকান ; ঘাড় নাড়া।

গ্রীবী [গ্রীবা +ইন্ (স্ত্য°, প্রশস্তার্থে)। =মূ গ্রীবিন্ :মা° :ব°] বিণ, দীর্ঘগ্রীব, গ্রীবা-বিশিষ্ট।

গ্রীশ, গ্রীস [গিরিশ দ্র:] বি, য়ুরোপ খণ্ডের মধ্যে স্বনাম-প্রসিদ্ধ প্রাচীন ও আদি সভ্যদেশ। মহাকবি হোমর, মহাবীর এলেকজাণ্ডার এই দেশে জন্মগ্রহণ করিয়াছিলেন।

গ্রীষ্ম (-ষ্) [ব্রজ°-গিরিখি : গ্রা°-গিরিম্মি] বি, গ্রীষ্মকাল ; গরমি কাল। ২ উষ্মা; উত্তাপ। ৩ বিণ, উষ্ণ। ~কাল-বি, গ্রীষ্মঋতু ; বৈশাখ ও জ্যৈষ্ঠমাস। > বিণ, ~কালীন। ~ধান্য-বি, গ্রীষ্মকালোৎপন্ন ধান্য; বোরো ধান। ~পীড়িত-বিণ, নিদাঘতাপিত ; গ্রীষ্মের উত্তাপে সন্তপ্ত। ~প্রধান-গ্রীষ্ম যথায় দীর্ঘকাল স্থায়ী। ~মণ্ডল-বি, কর্কট ক্রান্তি ও মকর ক্রান্তির অন্তর্ব্বর্ত্তী ভূভাগ the torrid zone.

গ্রীষ্মাতিশয় [গ্রীষ্ম+অতিশয়] বিণ, গ্রীষ্মপ্রধান। গ্রীষ্মাতিশয্য [গ্রীষ্ম+আতিশয্য] বি, গ্রীষ্মাধিক্য। গ্রীষ্মা-বিকাশ-বি, গ্রীষ্মের আধিক্য হেতু কর্ম্মাবসর ; গরমের ছুটী summer vacation

গ্রীসীয়-বিণ, গ্রীস দেশের; গ্রীসসম্বন্ধীয়।

গ্রেণ [ই°-grain এর লিপ্যন্তর।] বি, ইংরেজী পরিমাণবি: : এক ভরির ১৮০ তম ভাগ : এক যবোদর পরিমাণ।

গ্রেপ্তার [ফা°-গিরিফ্‌তার্। গ্রা° 'গেরেপতার', 'গেরেবদার'] বিণ, পুলিশ কর্ত্তৃক ধৃত। বি, গ্রেপ্তারি। গ্রেপ্তারি পরওয়ানা-পুলিশ কর্ত্তৃক ধৃত করিবার আদেশ-পত্র। গিরিফ্‌তার দ্র:।

গ্রৈব, গ্রৈবেয় [গ্রীবা +অ, এয় (সম্বন্ধে)] বিণ, গ্রীবাসম্বন্ধীয়।

গ্রৈষ্মিক [গ্রীষ্ম+ইক (সম্বন্ধে, জাতার্থে, জ্ঞাতার্থে)] বিণ, গ্রীষ্মসম্বন্ধীয়। ২ গ্রীষ্মকালীন। ৩ গ্রীষ্মধর্ম্মজ্ঞ।

গ্লাটন [ই° glutton এর লিপ্যন্তর।] বি, অতিশয় ঔদরিক জন্তুবি:।

গ্লান [গ্লৈ (মলিন হওয়া) +ত (র্ম্ম) ত=ন] বিণ, ম্লান। ২ অবসন্ন ; ক্লান্ত।

গ্লানি [গ্লৈ(মলিন হওয়া) + তি (ভা°), তি=নি] বি, পরিশ্রম, অবসাদ ; ক্লান্তি langour ২ রোগ ; অসুখ ; অস্বাস্থ্য। ৩ হানি। ৪ কল্পিত দোষপ্রদর্শন ; মিথ্যাপবাদ।

গ্লাস [ই° glass এর লিপ্যন্তর। গ্রা° 'গেলাস'] বি, পানীয় জলের আধার বি: ; চোঙাকার জলপাত্র বি:।

গ্লেয় [গ্লৈ (ম্লান হওয়া) +য (র্ম্ম)] বিণ, গ্লানিকর ; গ্লানির উপযুক্ত।

গ্লৌ [গ্লৈ (ক্ষয় পাওয়া) +ঔ (র্ত্তৃ)-যে সময়ে ক্ষয় প্রাপ্ত হয়] বি, চন্দ্র, মৃগাঙ্ক। ২ কর্পূর (চন্দ্রবাচক শব্দে কর্পূর বুঝায়, যেমন অর্কবাচক শব্দে সূর্য্য বুঝায়)।

ঘ

ঘ-ব্যঞ্জনবর্ণমালার ও কবর্গের চতুর্থ এবং মহাপ্রাণ ও ঘোষবান্ বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহাকে জিহ্বামূলীয় বর্ণ বলে। ২ ইহা ক, চ, ট, ত, দ, প, র, ল, ঙ, ঞ, ণ, ন, ম এই বর্ণগুলির পূর্ব্বে যুক্ত হইয়া বিবিধ বাদ্য, কণ্ঠধ্বনি, আঘাত এবং চক্র ঘূর্ণনের শব্দ জ্ঞাপন করে। ৩ সং-তে-ঘর্ঘর শব্দ, ঘণ্টা-ধ্বনি, ঘণ্টা, গুজ্জর এবং বৎসর বুঝায়।

ঘকার-বি ঘ এই বর্ণ।

ঘগরি [ব্রজ° হি° >] বি, ঘাগরা।

ঘট [ঘট্ (চেষ্টা করা, উৎপন্ন করা) +অ (র্ম্ম)-যা চেষ্টা দ্বারা বা উপকরণাদি সংগ্রহ করিয়া নির্ম্মাণ করিতে হয়, যা স্বভাবজাত নহে] বি, চেষ্টাকৃত বস্তু ; উপকরণ যোগে নির্ম্মিত বস্তু। ২ কুম্ভ ; কলস। ৩ কুম্ভাকৃতি

বলিয়া] গজকুম্ভ। ৪ মস্তক ; মস্তিস্ক ; বুদ্ধি-স্থান। প্র-তাহার ঘটে বুদ্ধি থাক্‌লে ত সে বুঝবে। ৫ ["প্রাণাপান নাদবিন্দু জীবাত্ম পরমাত্মনঃ। মিলিত্বা ঘটতে যস্মাৎ তস্মাদ্বৈ ঘট উচ্যতে॥"-মধুসূদন সংহিতা, ১৩।২৭] যে আধারে প্রাণ, অপাণ, নাদবিন্দু, জীবাত্মা ও পরমাত্মার মিলন ঘটে, তাহাই শরীর ; দেহ ; মূর্ত্তি। "তিনি ঘটে ঘটে বিরাজ করেন ইচ্ছা-ময়ীর ইচ্ছা যেমন।"-রা০ প্র০। ৬ কুম্ভক যোগ ; শ্বাসকালে শ্বাসরোধ (গট দ্রঃ)। ৭ কুম্ভরাশি। ৮ পরিমাণ বিঃ ; ২০ দ্রোণ ; ৬৪ সের। গনেশ'ঘট-গণেশমূর্ত্তি (তা হতে) হৃষ্টপুষ্ট (ব্যঙ্গার্থে)। প্র-ছেলেটি যেন গণেশঘট।

ঘটক [ঘট্ (চেষ্টা করা)+অক (র্ত্তৃ)-যে চেষ্টা করে] বি, যে চেষ্টা করিয়া ঘটনা করে ; যোজক। ২ যে (পুরুষ) বিবাহের সম্বন্ধ ঘটায় (স্ত্রী, ঘটকী)। ৩ ব্রাহ্মণের উপাধি-বিঃ ; বল্লাল সেন প্রতিষ্ঠিত কুলমর্য্যাদাভিজ্ঞ। ৪ বনস্পতি, যে বৃক্ষের ফুল না হইয়া ফল হয়। ৫ যজ্ঞডুমুরের গাছ ; যজ্ঞডুমুরের কাঠ। "মগন হইয়া প্রমথ নাথ, ঘ০ ডমরু লইয়া হাত, কোটি কোটি কোটি দানব সাথ, শ্মশানে ফিরিছে গাইয়া ;" -রা০ প্র০। ৬ [ন্যায়০] যার জ্ঞান পূর্ব্ব হ'তে না থাকিলে তৎসম্বন্ধীয় জ্ঞান হ'তে পারে না। যথা 'বহ্নিমান পর্ব্বত'-এই জ্ঞান বহ্নি ও পর্ব্বত এই দুয়ের জ্ঞান না হইলে হয় না। এখানে "বহ্নিমান পর্ব্বত"এর ঘটক বহ্নি ও পর্ব্বত।

ঘটকতা-বি, ঘটকের কর্ম্ম বা স্বভাব ; ঘটকালি।

ঘটকর্পর-বি, রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম রত্ন। ২ ভাঙ্গা খাপরা ; ঘটের টুকরা।

ঘটকার [ঘট (কুম্ভ)-কার (যে করে)-উপ০] বি, ঘটনির্ম্মাতা ; কুম্ভকার ; কুমার।

ঘটকালি [প্রাদে০। ঘট (ঘটনা)+কালি (হি০-কারী, করণ), র=ল] বি, বিবাহ সম্বন্ধ। ২ বিবাহ-সংঘটন-কৌশল। "আয় না লো সব একে একে গোলাপী কাঞ্চন, দেখি তোদের রূপের ছটা ঘটকালি কেমন।" -বাজিমাৎ (হেম০)।

ঘটকী [ঘটক দ্রঃ] বি, ঘটকের স্ত্রী ; যে স্ত্রীলোক ঘটকালি করে।

ঘটকৃৎ-বি, ঘট নির্ম্মাতা ; কুম্ভকার।

ঘটঘট [অনু০] বি, কাঠাদি-নির্ম্মিত শূন্যপাত্রে কাষ্ঠদণ্ড গোলকাদি সঞ্চালন শব্দ। ২ উদ্দেশ্যহীন ঘুরিয়া বেড়ান। ক্রি, ঘটঘটানি।

ঘটজ [ঘট+জ-জন্ (জন্মগ্রহণ করা)+অ (র্ত্তৃ)] বিণ, ঘট হতে উৎপন্ন বা জাত। ২ [ঘটে বা কুম্ভে জন্ম বলিয়া] বি, অগস্ত্য ঋষি।

ঘটতি [হি০] বি, ঘাট দ্রঃ ; কমতি ; ~বাড়তি-বি, অল্পাধিক্য ; কমি-বেশী।

ঘটদাসী [ঘট (চেষ্টা বা যোগাড় করা)-দাসী] বি, দূতী ; উদ্যোগকারিণী ; সংঘটন-কারিণী ; কুট্‌নী। ২ ধর্ম্মের অনুচরী। "চন্দ্র কটাল আইল বসুআ ঘটদাসী॥"-শূ০ পু০।

ঘটন [ঘট্ (চেষ্টা করা)+অন (ভা০)] বি, সঙ্ঘটন ; মেলন। ২ যোজনা। ৩ দৈবগতি ; বিধির নির্ব্বন্ধ। ৪ আকস্মিক ব্যাপার।

ঘটনা [ঘট্+ণিচ্=ঘটি+অন (ভা০)] বি, ব্যাপার। ২ রচনা ; নির্ম্মাণ। "চাঁদ সার লএ মুখ ঘটনা করু লোচন চকিত চকোরে।" -বি০ প০ (গুপ্ত)। ৩ হস্তীসৈন্য। ৪ দৈবগতি। ৫ যোজনা। ৬ আকস্মিক ব্যাপার। ৭ [পদার্থ বিজ্ঞান] প্রপঞ্চ ; দৃশ্য phenomenon ৮ [দর্শন] প্রত্যক্ষানুভূতিবিষয় ; প্রমেয়। ৯ বিবাহ। "এ কন্যা আমার পুত্রে হউক ঘটনা।" -চৈ০ ভা০। ~ক্রমে [ঘটনার ক্রম (৬তৎ) আছে যাতে (বহু০)] ক্রি-বিণ, দৈবক্রমে ; দৈবাৎ। ~চক্র [ঘটনা (র) চক্র, ৬৭] বি, ঘটনাক্রম ; ঘটনাপরম্পরা ; ঘটনা জাল। >ক্রি-বিণ, ~চক্রে। ~ধীন [ঘটনার অধীন (৬তৎ)] বিণ, দৈবাধীন। ~নুভাবিকতা [ঘটনার অনুভাবকতা, ৬ তৎ] বি, ব্যাপারবোধিকা-শক্তি ; যে বৃত্তি বা শক্তিদ্বারা ঘটনার অনুভব করিতে পারা যায়। ~পূর্ণ [৩ তৎ] বিণ, ব্যাপারপূর্ণ ; বিষয়পূর্ণ ; ঘটনাময়। ~বলী [ঘটনার আবলী-৬ তৎ] বি, বিষয়সমূহ ; সকল ব্যাপার। ~বহ [ঘটনার আবহ (বহনকারী), ৬ তৎ] বিণ, সঙ্ঘটক। ~স্রোতঃ, ~ত [ঘটনার স্রোত, ৬ তৎ] বি, ঘটনাপ্রবাহ ; ধারাবাহিক ঘটনা। ~স্থল-বি, যেখানে কিছু ঘটে ; অকুস্থল।

ঘটনীয় [ঘটন-ঈয়] বিণ, ঘটনযোগ্য ; যোজনীয়। ২ যাহা ঘটিবে ; সম্ভাব্য।

ঘটপট [ঘট ও পট, দ্বন্দ্ব০] বি, কলস ও চিত্রপট ; পূজার জন্য চিত্রিত মৃৎভাণ্ড এবং বস্ত্রোপরি প্রতিমার চিত্র। "এবার প্রতিমা আনতে পারেনি মায়ের ঘটে পটে পূজা হয়েছে।"

ঘটপর্য্যসন [ঘট(তার) পর্য্যসন (পতন) -স্মৃতি০ পরিঃ] বি, জীবিতকালেই ধর্ম্মে পতিত ব্যক্তিকে তাহার জ্ঞাতিগণ কর্ত্তৃক অনুষ্ঠেয় প্রেতকার্য্য। পাপের প্রায়শ্চিত্ত যে করে না তাহার সপিণ্ড জ্ঞাতি ও মাতৃপক্ষীয় বান্ধবগণ গ্রামের বাহিরে ঘ০ সমাপন করিতেন। এই অনুষ্ঠানে ব্যবহৃত জলপূর্ণ কুম্ভ পদাঘাতে ফেলিয়া দিয়া জলশূন্য করিবার নাম ঘ০।

ঘটপ্রক্ষেপ [ঘটের প্রক্ষেপ-স্মৃতি০ পরিঃ] বি, পতিত ব্যক্তি কর্ত্তৃক প্রায়শ্চিত্তের পর পুণ্যপ্রদ জলাশয়ে স্নান করিয়া সেই জলাশয় হইতে এক কলসী জল আনিয়া সপিণ্ডগণের সম্মুখে তাহার অপবর্জ্জন রূপ অনুষ্ঠান।

ঘটয়িতব্য [ঘট্+ণিচ+তব্য] বিণ, ঘটনীয়। ২ যার 'ঘটন' করা কর্ত্তব্য।

ঘটযোনি [ঘট (কুম্ভ) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যার-বহু] বি, যে কুম্ভের মধ্যে জন্মিয়াছে ; অগস্ত্য মুনি।

ঘটরাজ [ঘট+রাজ (বৃহদর্থে)] বি, ঘড়া।

ঘটস্থাপন [ঘটে স্থাপন-৭মী তৎ] বি, কোন দেব প্রতিমূর্ত্তি না করিয়া কেবল ঘটে সেই দেবতার আহ্বান। ২ [ঘটের স্থাপন (স্থিতি করান), ৬ তৎ] কোন স্থানে ঘট রাখিয়া দেওয়া।

ঘটা [ঘট্ (চেষ্টা করা)+অ (ভা০)+(স্ত্রীং) আ] বি, ঘটনা। ২ সভা। ৩ রণহস্তী সমূহের রণক্ষেত্রে সংমিলন। ৪ সমারোহ ; জাঁকজমক ; আড়ম্বর। "দৈবাৎ দক্ষের বরে ঘটা হৈল বড়।" শি০। "ঘটা করি ভূপতি চলিলা" -ঘ০। ৫ শোভা। "কালো চুলে কিবা ঘটা

চোখে কালো তারা"—হেম০। ৬ আচ্ছাদন; অন্ধকার; ঘোর। প্র—ঘন ঘটা; "ঘটা করে মেঘ আস্‌চে"। ৭ সমূহ। "আমন্ত্রণ করি আন অমরের ঘটা"—শি০। ৮ বহর; বিস্তার; উচ্চতা; আধিক্য। "আর সে হাজিরই বা ঘটা কি?"—অনুরূপা দেবী।

ঘটা₂ [ঘট্ (চেষ্টা করা, সংঘটন)+অ—কর্ত্তা অর্থে। প্র০-পু০—ঘটে। অস-ক্রি, ঘটিতে (কো০ ঘটতে); ঘটিয়া (কো০ ঘটে)। ণিজন্ত—ঘটান,—নো] ক্রি, হওয়া; সংঘটিত হওয়া; পরিণতি প্রাপ্ত হওয়া। "দেব রক্ষোরণে, (দুর্জ্জয় উভয় কুল) কি জানি কি ঘটে।"—মেঘ০। ২ জোটা; উপস্থিত হওয়া।

ঘটাঘট [অনু০] অ, জিনিষপত্র নাড়াচাড়ার শব্দ। ২ [ঘট (ঘটন)+অঘট (অঘটন)] যোগাযোগ।

ঘটাটোপ [ঘটের আটোপ, ৬ তৎ] বি, আড়ম্বর। ২ আসবাব পত্র বা শকটাদির ঢাকন; ঘেরাটোপ।

ঘটানি [ঘটা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। ঘটাই, ঘটাও (ঘটান, ঘটা), ঘটায় (ঘটান); ঘটাইতে (কো০ ঘটাতে); ঘটাইয়া (কো০ ঘটিয়ে)] ক্রি, ঘটিতে বাধ্য করা; যাতে ঘটে তা করা; সম্ভব করা। ২ মিলন করা; সংমিলিত করা।

ঘটালি—বিণ, নিশ্ছিদ্র ঘটনাযুক্ত।

ঘটালাউ [ঘট+আ (বৃহদর্থে)] বি, কুম্ভতুম্ব; ঘড়াকার বৃহৎ লাউ।

ঘটালিকা—বি, মিষ্ট নেবু।

ঘটি₁ [ঘট+ই (ক্ষুদ্রার্থে)] বি, মুহূর্ত্ত। "সাত ঘটি গেল হএ দুআ প্রহর"—শ্রী০ কী০।

ঘটি₂, ঘটী₁ [সং] বি, মুখ দিয়া বাজাইবার ঘটি যন্ত্র।

ঘটিক₁ [ঘট্ (চেষ্টা করা)+ইক (জ্ঞা০)] বি, নিতম্ব দেশ। ২ পাদগ্রন্থি (তু—হি০ বুটনা)।

ঘটিক₂—বি, ঘটিযন্ত্রবাদক।

ঘটিকা [ঘটিক+আ—স্ত্রী] বি, দিবাভাগের কিম্বা রাত্রির দ্বাদশ ভাগ; আড়াই দণ্ড; ঘণ্টা। ২ দণ্ডাত্মককাল। ৩ মুহূর্ত্ত। ৪ ক্ষুদ্র ঘট। ৫ ঘটী; কলসী। ৬ গুলফ; পাদ-গ্রন্থি। ৭ [ঘট্+ণিচ=ঘটি (যে চেষ্টা করে তাহাকে চেষ্টা করান)+অক (র্ত্তৃ)—আ—স্ত্রীং] সঙ্ঘটনকারিণী; যোজনকারিণী। ~যন্ত্র—বি, সময় নিরূপক যন্ত্র; ঘড়ী। ~লবণ—বি, বিট্‌লবণ।

ঘটিত [ঘট্+ত (র্ম্ম)] বিণ, যে সম্বন্ধে চেষ্টা করা হইয়াছে; রচিত। ২ যোজিত। ৩ সঙ্ঘটিত। ৪ সংক্রান্ত।

ঘটিতব্য [ঘট্+তব্য, ই আগম] বিণ, যা ঘটিবে।

ঘটিন্ধম [ঘটীং ধমতি ইতি] বি, যে মুখ দিয়া ঘটী বাজায়।

ঘটিরাম [পরিঃ দ্রঃ] বি, আনাড়ী হাকিম; অযোগ্য, মূর্খ ও অনভিজ্ঞ কর্ম্মচারী। "কত ঘ০ তৈল ব্রক্ষণ দক্ষতায় রায় বাহাদুরি হ'তে .. উচ্চাসনে অধিষ্ঠিত"—সাহিত্য, ১৩২০।

ঘটী₂ [ঘট+ঈ (ক্ষুদ্রার্থে) স্ত্রীং (জলপাত্র অর্থে ঘটী শব্দের ব্যবহার সংস্কৃতে আছে)] বি, ঘটাকৃতি; কাংস্য বা পিত্তলাদি ধাতু-নির্ম্মিত ক্ষুদ্র জলপাত্র; ছোট ঘট। "খুলিল কনক বাটী আনিয়া জলের ঘটী ঢালিলেক সুবাসিত বারি।"—চণ্ডী০। ২ যে চক্রাকার কাংস্যখণ্ডে আঘাত করিয়া সময় জ্ঞাপন করা হয়; ঘণ্টা gong. ৩ সময়-নিরূপক যন্ত্র; ঘড়ী; তামী; তাম্রী। ৪ মুহূর্ত্ত (২ দণ্ড) কাল; ৪৮ মিনিট। ৫ দণ্ড-পরিমাণ কাল; ২৪ মিনিট। ~যন্ত্র [ঘটী (ঘড়ী) রূপ যে যন্ত্র, ধা] বি, কালনিরূপণের যন্ত্র; ঘড়ী। ২ [ঘটী (ঘট) তাহার যন্ত্র—৬ তৎ] ঘটী উত্তোলনার্থ যন্ত্র; কূপাদি হ'তে জলপূর্ণ ঘট তুলিবার যন্ত্র; জল-তোলা কল।

ঘটোৎকচ [ঘট (করিকুম্ভ) তৎসদৃশ যে উৎকচ (কেশশূন্য)—ধা] মস্তকে কেশ না থাকায় ঘটসদৃশ সুতরাং ঘটোৎকচ এই নাম। বি, হিড়িম্বা রাক্ষসীগর্ভজাত ভীমের পুত্র। ঘটোৎকচান্তক [ঘটোৎকচ+অন্তক] বি, অঙ্গদেশাধিপতি কর্ণ।

ঘটোদ্ভব [ঘট+উদ্ভব] বি, কুম্ভজাত; অগস্ত্যমুনি।

ঘট্ট [ঘট্ট্ (চলা)+অ (ধি)] বি, পুষ্করিণী ইং জলাশয়ের ঘাট। ২ যেস্থানে নৌকার মাসুল গ্রহণ করে; কুতঘাট; শুল্ক আদায়ের স্থান। ৩ গিরিসঙ্কট (mountain pass); পর্ব্বতের মধ্যস্থ সঙ্কীর্ণ পথ। ৪ চৌকি; থানা [এই অর্থে ঘাটি (দ্রঃ) শব্দের ব্যবহার আছে] ~জীবী [ঘট্ট (পার ঘাট, খেয়াঘাট) তদ্দারা জীবী (যে জীবন ধারণ করে), জীব্ (প্রাণধারণ করা)+ইন (র্ত্তৃ) মূ০—জীবিন্—১মা ১ব০] বি, যারা পারঘাটে লোক পার করিয়া তদর্থ দ্বারা জীবিকানির্ব্বাহ করে; পাটুনি জাতি।

ঘট্টন [ঘট্ট (চলন)+অন (ভা০)] বি, সঞ্চালন; জোরে নাড়া; সম্যক্ আন্দোলন; ঘোটন। ২ ঘষণ। ৩ সংঘটন; নির্ম্মাণ; গঠন। স্ত্রীং ~া [ঘট্ট+অন (ভা০)—আ, স্ত্রীং] চালনা; ইতস্ততঃ নাড়াচাড়া। (২) ~ী [+অন (ণে)+ঈ, স্ত্রীং—যদ্দারা ঘোঁটে] ঘোটনা।

ঘট্টা—বি, ঘাট। ২ তীর্থ (প্র০ অ০)

ঘট্টিত [ঘট্ট+ত (র্ম্ম)] বিণ, চালিত। ২ সংঘটিত; যা ঘোঁটা হইয়াছে। ৩ গঠিত; নির্ম্মিত।

ঘড়ঘড় [ঘুঙ্গড়ি দ্রঃ] বি, শ্লেষ্মাজনিত কণ্ঠ-ধ্বনি। ২ শকটাদির শ্লথ চক্রশব্দ।

ঘড়া [ঘট+আ (বৃহদর্থে)] বি, বৃহদাকৃতি বা শ্রেষ্ঠ কলস; পিত্তলের কলস।

ঘড়াঞ্চি,—ঞ্চে [ত্রিপুরায়—'ঘুড়ঙ্ক'] বি, খুব উচ্চ টুলের মত কাষ্ঠ নির্ম্মিত উচ্চ সিঁড়ি যা দেওয়ালে না ঠেকাইয়া, দাঁড় করান যায়, ও যার উপরে দাঁড়াইবার জন্য পাটাতনের মত তক্তা থাকে rack.

ঘড়ি [ঘটী —] বি, ঘটিকা। ঘড়ী দ্রঃ। ২ আড়াই দণ্ড। ৩ সিকি প্রহর [৪ ঘড়ি=১ প্রহর; ১৬ ঘড়ি=১ দিবা; ৩২ ঘড়ি=দিবারাত্র]। ~য়াল—ঘড়ীয়াল দ্রঃ।

ঘড়ী₁, ঘড়ি [সং—ঘটীযন্ত্র] বি, সময়-নিরূপক যন্ত্র। ঘড়িঘর—clock house ক্লকঘড়ী—ক্লক নামক সময় নিরূপক বড় ঘড়ী; বাজা ঘড়ী clock. ঘুম ভাঙ্গানি ঘড়ী—যে ঘড়ীতে এমন স্প্রীং দেওয়া থাকে যাতে নির্দ্দিষ্ট সময়ের জন্য দম দিয়া রাখিলে সেই সময়ে উচ্চ শব্দে বাজিয়া ঘুম ভাঙ্গাইয়া দেয়। জলঘড়ী—বালুঘড়ির

মত ডমরুর উপরাংশে এক বিন্দু জল পড়নের মত ছিদ্র থাকে। তাহা দিয়া নিম্নের শূন্য আধারে জল বিন্দু বিন্দু পতিত হয়। পতিত জলের নির্দ্দিষ্ট অংশ সময় নির্দ্ধারিত করে clepsydra. টাইম্‌পিস্ ঘিড়ী-ক্লক অপেক্ষা ছোট ঘড়ী। সাধারণতঃ যে ঘড়ী বাজে না timepiece. টেঁকঘিড়ী-ক্ষুদ্র ঘড়ী watch. পেটাঘিড়ী-কাংস্যময় চক্রাকার পুরু পাত যা হাতুড়ী দ্বারা পিটিয়া বাজাইতে হয়। বালিঘিড়ী, বালুঘিড়ী-ডমরু আকৃতি কাচনির্ম্মিত ঘটিকা যন্ত্র। ইহার উপরাংশ বালুকণায় পূর্ণ থাকে, সেই বালুকা নিম্নভাগে ক্রমশঃ পতিত হইয়া সময় নির্দ্দেশ করে sand glass. "ঘড়ীয়াল দুই পাশে হাতে বাড়ী ঘড়ী"-অ০ ম০। সূর্য্যঘিড়ী-সূর্য্যকিরণে ছায়া দেখিয়া সময় নিরূপণ করিবার যন্ত্র ; রবিচক্র sun-dial.

ঘিড়ী২ [প্রা-বাং] বি, ভাণ্ড ; ক্ষুদ্র ঘট। "সোণার চুপড়ী ঘড়ায়ি রূপার ঘড়ী" -শ্রী০ কী০।

ঘড়ীয়াল, ঘড়িয়াল [হিং০। বাং-দ্রুত উচ্চারণে ঘড়েল] বি, যে ঘড়ী বাজায় : ঘণ্টাবাদক। "ঘড়ীয়াল দুইপাশে হাতে বাড়ী ঘড়ী।"-ভারত০। ২ মৎস্যবিঃ। ৩ [হিং] কুম্ভীর ভেদ। ৪ পক্ষিবিঃ।

ঘণ্ট [সং] বি, যা প্রথমে সিদ্ধ করিয়া লইয়া মসলা ও মিষ্ট দ্রব্যের সহিত মাখিয়া তেজপত্র ও ঘৃতের সহিত সাঁতলাইয়া সেই সঙ্গে নারিকেল কোরা ময়দা ও দুধ দিয়া ঘুঁটিয়া লয় : পাঁচ রকম দ্রব্য মিলিত ব্যঞ্জনকে ঘণ্ট বলে। "লড়শড়ি ঘণ্ট ভাজা নানা মত শাক।"-ভারত০। ২ পাঁচটা জিনিষের অযথা মিশ্রণ। ৩ অপব্যয়। প্র-ঢাকার ঘণ্ট। ৪ মৌমাছি।

ঘণ্টক-বি, ঘেঁটকোল। ঘণ্টাপারুলবৃক্ষ।

ঘণ্টা [ঘণ্+ট (র্ম্ম-জ্ঞা০), আ-স্ত্রীং] বি, কাংসাদি ধাতু-নির্ম্মিত বাদ্যযন্ত্রবিঃ। ২ সার্দ্ধদ্বিদণ্ডাত্মককাল ; আড়াই দণ্ডকাল ঘটিকা; হোরা hour. ৩ পেটাঘড়ির উপর সময় নির্দ্দেশক হাতুড়ি পড়ায় শব্দ। "ঘণ্টা পড়ার পর"-উত্তরা০। ৪ [ব্যঙ্গার্থে] কিছুই নয় ; কলা দ্রঃ)। হাতীর গলায় ঘণ্টা-অসামঞ্জস্য প্রকাশক ব্যঙ্গ। যেমন রোগা হাতে কাঁদাল বালা। গলা দ্রঃ। ৫ জবা ফুলের গাছ।

ঘণ্টাক-বি, ঝিঙে ; ঘণ্টাপারুল।

ঘণ্টাকর্ণ [ঘণ্টা-কর্ণ, ঘণ্টার সদৃশ কর্ণ (কাণ) যার, বহু০] বি, শিবগণবিঃ। ঘেঁটু-ঠাকুর। ২ পণ্ডিতবিঃ।

ঘণ্টাগরুড় [হিং০-গরুড়ঘণ্টা ; ঘণ্টায় অঙ্কিত গরুড় মূর্ত্তি (পদ্মপুরাণে-"শঙ্খো যস্য গৃহে নাস্তি ঘণ্টা বা গরুড়ান্বিতা"-গরুড় মূর্ত্তি মাত্র, কাজে নয়] বি, ঘণ্টার গরুড়। ২ [লক্ষণায় বিদ্রূপোক্তি] অকর্ম্মণ্য ব্যক্তি-যে কেবল বাসদেবী (দ্রঃ) করিতে পারে। "ঘণ্টাগরুড় খাড়া থাকেন কাচেন কাপের কাচ।"-ঈ০ গুপ্ত।

ঘণ্টানাদ [ঘণ্টার নাদ (শব্দ,) ৬তৎ] বি, ঘণ্টাধ্বনি ; ঘণ্টার শব্দ। ২ কুবেরমন্ত্রিবিঃ।

ঘণ্টাপথ-বি, প্রশস্ত রাজপথ ; (চাণক্য মতে) দশ ধনু বিস্তৃত হস্ত্যাদি গমনাগমন যোগ্য রাজপথ বা গ্রামমার্গ।

ঘণ্টাপাটলি-বি, ঘণ্টাপারুল, বক্সবৃক্ষবিঃ। ইহার ফুল সুগন্ধ, ফল দেখিতে ঘণ্টার মত।

ঘণ্টাবীজ [ঘণ্টাকৃতি বীজ যার] বি, জয়পাল বৃক্ষ ; জামাল-গোটার গাছ। ২ বি, জামাল-গোটার বীজ।

ঘণ্টারবা-বি, বনশণের গাছ; ঝনঝনিয়া।

ঘণ্টালী,-লিকা-বি, ঘণ্টাশ্রেণী। ২ কোষাতকী।

ঘণ্টিক-বি, পাদযুক্ত জলজন্তুবিঃ।

ঘণ্টিকা [ঘণ্টী+কণ্+আ] বি, ছোট ঘণ্টা ; ঘণ্টী। ২ শণফুল। ৩ আলজিভ। ৪ গলায় ঘণ্টাবৎ ঝোলে যে মাংসপিণ্ড ; গলগণ্ড রোগ। ৫ [বৈজ্ঞা০ পরি০] আলজিহ্বিকা tonsilitis.

ঘণ্টী [ঘণ্টা+ঈ০-স্ত্রীং] বি, ঘণ্টিকা।

ঘণ্টু [ঘণ্ (দীপ্তি পাওয়া)+টু (জ্ঞা০)] বি, হাতীর গলার ঘণ্টা। ২ উগ্রতা ; উষ্ণতা ; আত্মম্ভরিতা (তুল-হিং০ ঘমণ্ড)।

ঘণ্টেশ্বর [ঘণ্টার ঈশ্বর-প্রভু ৬তৎ] বি, মঙ্গলের পুত্র ; ঘণ্টাকর্ণ। ২ মহাদেবের অনুচর-নাম। ৩ ঘেঁটুঠাকুর।

ঘন [হন (বধ করা-আঘাত করা+অ (র্ম্ম,)] বি, মন্দিরা (যা পরস্পর আঘাত করিলে বাদ্য হয়) ; করতাল ; ঘুঙুর : ঘণ্টী ই০ ধাতুনির্ম্মিত বাদ্যযন্ত্র। ২ মধ্যম নৃত্য। ৩ চর্ম্ম ; ত্বক্। ৪ লৌহ। ৫ লৌহমুদ্গর। ৬ কাঠিন্য ; দৃঢ়তা। ৭ জমাট। ৮ নিরেট। ৯ বিস্তার। ১০ গাঢ়। প্র-ঘন দুগ্ধ। ১১ নিবিড় : গহন বন। ১২ দুর্ভেদ্য। প্র-ঘন বেড়া। ১৩ অধিক বর্ষা। "গগনে গরজে মেঘ ঘন বরষা।"-রবী০। ১৪ পুরু। প্র-ঘন কাপড়। ১৫ সমান রাশির ত্রিঘাত ; সমান তিন অঙ্কের গুণ ; কোন রাশিকে সেই রাশিদ্বারা দুইবার গুণন ; যেমন ২ এর ঘন ৮ (২×২×২)। ১৬ অবিচ্ছিন্ন ; অনবরত। ১৭ ছয়টি সম চতুষ্কোণ সমান পার্শ্ববিশিষ্ট ঘন পদার্থ ; ষড়শ্রক্ষেত্র cube ১৮ মেঘ ; জলদ। "গগনে গরজে ঘন, বহে খর সমীরণ কুল ত্যজি এলাম কেন মরিতে আতঙ্গে!"-বঙ্কিম০। ১৯ [জ্যামিতি] লম্বা চওড়া পুরু বস্তু solid. ২০ বৃন্দ (মাণিক০ গান)। ~কফ [ঘনের (মেঘের) কফ (শরীরস্থ ধাতু-বিশেষের ন্যায়)-৬তৎ] বি, শিলা ; করকা। ২ গাঢ় শ্লেষ্মা। ~কাল [ঘনের (মেঘের) কাল (সময়), ৬তৎ] বি, যে কালে মেঘ হয় ; মেঘের সময় ; বর্ষাকাল ; বর্ষাঋতু। ~কৃষ্ণ [ম০ প০ লো০ ধা] বিণ, মেঘের মত কাল ; গাঢ়কৃষ্ণ। ~ক্ষেত্র [ঘন যে ক্ষেত্র-ধা] বি, যে ক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থ,বেধ বা উচ্চতা পরস্পর সমান। ~গোলক [রাসাঃ পরিঃ] বি, সংশ্লিষ্ট রজতসুবর্ণ ; মিশ্রিত স্বর্ণরৌপ্য পিণ্ড। ~ঘটা-বি, মেঘাড়ম্বর। ~ঘন [গ্রা০-ঘোনোঘোনো। উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, অল্প সময়ের মধ্যে বেশীবার। "ঘন ঘন তুমি বাহিরে যাও, আন ছলে কত কথা বুঝাও।"-জ্ঞান০। ২ অতরল ; প্রায় গাঢ়। প্র-দুধ একটু ঘন ঘন করে জ্বাল দাও। ৩ অতি নিকটে ; কাছাকাছি ; ঘেঁষঘেঁষ। প্র-অতি ঘন ঘন গাছ লাগালে ফল ভাল ধরে না।

৪ খোলো খোলো : থোকা থোকা। ~ঘোর [ঘন (মেঘ) ঘোর (আচ্ছন্ন)] বিণ. মেঘাচ্ছন্ন। ২ [ঘন বৎ ঘোর] মেঘভীষণ। ৩ জলদ গম্ভীর। > স্ত্রীঃ ~া। "সেই ঘনঘোরা নিশি"-সোনার তরী। ~চতুষ্কোণ [ঘন যে চতুষ্কোণ-ধা] বি দৈর্ঘ্য, প্রস্থ বেধ বা উচ্চতাবিশিষ্ট চতুষ্কোণ cube ~চ্ছদ-বি, সজিনাগাছ। ২ তালিসপত্র। ~জ্বালা [ঘনের (মেঘের) জ্বালা (অগ্নিশিখা)-৬ তৎ] বি, মেঘাগ্নি : বজ্রাগ্নি : সৌদামিনী : বিদ্যুৎ। ~তা, ~ত্ব [density অর্থে ঘনিমা। রা° শে° বসু প্রবর্ত্তিত] বি, দৈর্ঘ্য, প্রস্থ ও বেধবিশিষ্টতা; ঘনতা solidity. ২ দৃঢ়ত্ব। ৩ নিবিড়তা। ৪ গাঢ়তা। ৫ [পদার্থবিদ্যা] মাত্রা ও আয়তনের অনুপাত density. ~তাপত্তি [পদার্থ বিঃ পরিঃ যো° রায় প্রবর্ত্তিত] বি, ঘনী ভবন : সংহতি condensation ~তাল -বি, বাদ্যাদির তাল বিঃ। ২ সারস পক্ষী ~তোল [ঘন (মেঘ) তোল (তৌল, ওজন)-যা মেঘ তুল্য] বি, সঙ্গীতের তাল পরিমাণ বা ধ্বনি। ২ [যে উড়িয়া মেঘ পর্য্যন্ত যায়] চাতকপক্ষী। ~ত্ব,- ~তা দ্রঃ। ~পত্র [ঘন-পত্র যার, বহু°] বি, পুনর্নবা। ~পদবী [ঘনের পদবী (পথ)-৬ তৎ] বি, মেঘের সঞ্চার পথ : আকাশ। ~পল্লব-বি, শজিনা শাক। ২ বিণ, ঘন পত্র বিশিষ্ট। ~প্রিয়া-বি, তরমুজ। ২ বনজাম। ~ফল [গঃ] বি, দীর্ঘ, প্রস্থ, বেধ ও উচ্চতাবিশিষ্ট ক্ষেত্রের গুণফল: আয়তন cubic, solid, contents ; volume. ~বর -বি, মুখ ; আস্য : আনন। ~বর্ণ [পদ্যে-ঘনবরণ, স্ত্রীঃ ঘণবরণী] বি, মেঘরঙ্ ; ধূম্রবর্ণ। ~বর্ত্ম [ঘনের বর্ত্ম (বৃৎ+মন্ >) পথ-৬ তৎ] বি, মেঘ-পথ ; আকাশ। ~বল্লিকা, ~বল্লী [ঘন (মেঘ) তাতে যে বল্লিকা, বল্লী (লতা)-৭ তৎ] ~বিস্তু-ঘন ১৭ দ্রঃ। বি, বিদ্যুৎ ; ক্ষণপ্রভা ; অমৃতস্রবানামক লতা। ~বাত-বি, নরকবিঃ। ২ ঝড়। ~বাস [ঘন (দীর্ঘকাল) বাস (অবস্থান) যার, বহু°] বি, যে অনেক দিন থাকে ; কুষ্মাণ্ড। ২ বিণ, ঘন বসতি-পূর্ণ স্থান। ~বাহন [ঘন (মেঘ) হইয়াছে, বাহন যার-বহু°] বি, যিনি মেঘে আরোহণ করেন ; মেঘ-বাহন দেবরাজ ইন্দ্র। বিণ, ~বিন্যস্ত-বিণ, ঘেঁষ ঘেঁষ করিয়া সজ্জিত। ~বিন্যাস-বি.অবিরলভাবে সন্নিবেশ : ফাঁক না রাখিয়া পাশাপাশি সাজান। ~বীথি-বি, মেঘপথ : আকাশপথ। ~মান [রা° সু° ত্রিবেদী প্রবর্ত্তিত] বি, জড়মান ; মাত্রা (হি° বৈজ্ঞা° কোষ)mass ; ঘনফল volume ~মূল -বি, যে রাশি আপনার দ্বারা দুইবার গুণিত হয় সে সেই গুণফলের ঘনমূল। যে সমান রাশির ত্রিঘাতে ঘন হয় সেই সমান রাশিই উক্ত ঘনরাশির ঘনমূল। (২এর ঘন ৮,৮এর ঘনমূল ২)। কোন রাশির ঘন সংক্ষেপে বুঝাইতে ঘনমূলের মাথায় ক্ষুদ্রাকার ৩ লিখা যায় যথা ২³=২ এর ঘন cube root. ২ [বৈদ্যকে] লতাকড়ার। ~মূল-চিহ্ন-ঘনমূল রাশির সাঙ্কেতিক চিহ্ন : $\sqrt[3]{}$ এই চিহ্ন।~যন্ত্র-বি, করতাল, মন্দিরা, কাঁসর, ঘণ্টা, ঘড়ি, ঘুঙুর নূপুর, ঝাঁঝ, ঝাঁঝর ই° -কাংস্যাদি নির্ম্মিত বাদ্যযন্ত্র। ~রব-বি, শিখী ; ময়ূর। ২ মেঘধ্বনি। ~রস [ঘনের (মেঘের) রস (জল) ৬ তৎ] বি,বৃষ্টি।২ ঘন আঠা।৩ কর্পূর।৪ মুগরা। ৫ মূর্ব্বা। ~রাশি-বি, সমান রাশির ত্রিঘাত দ্বারা প্রাপ্ত রাশি।~বদ্ধ-বিণ, ঠাস বা ফাঁকহীন সারবাঁধা বা সজ্জিত। ২ মেঘমালাবদ্ধ। ~শ্যাম [ঘন (নিবিড়) শ্যাম (শ্যামবর্ণ) যার, অথবা ঘন (মেঘ) তাহার ন্যায় শ্যামবর্ণ যার, বহু°] বিণ, যার গায়ের বর্ণ মেঘের মত শ্যামল ; গাঢ় শ্যামল বর্ণ। ~শ্রেণী-বি, মেঘমালা।২ অবিরল সারি। ~সার [ঘন (মেঘ) সার (নির্য্যাস)-৬ তৎ। (২) ঘন (গাঢ়) সার (স্থিরাংশ)-যার বহু°]বি, বৃষ্টি ; জল।২ পারদ।৩ চন্দন।৪ কর্পূর। ~স্কন্ধ [বৈদ্যকে] বি, ক্যাওড়া ; জলপাই। ~স্বন [ঘনের (মেঘের) স্বন (শব্দ)-৬ তৎ] বি, মেঘধ্বনি ; জলদ নির্ঘোষ ; মেঘগর্জ্জন। ২ [মেঘের ন্যায় স্বন (শব্দ) যার-বহু°] বিণ, মেঘের গর্জ্জনের ন্যায় গম্ভীর শব্দকারী ; গম্ভীর ধ্বনিযুক্ত ; গম্ভীর কণ্ঠস্বরবিশিষ্ট। > স্ত্রীঃ ~া।

ঘনা [বৈদ্যকে] বি, মধুপর্ণী লতা।

ঘনাকর [ঘন+আকর ; ঘন আকর (আশ্রয় স্থান) যার-বহু] বি, বৃষ্টি।২ [ঘন আ-কর (যে করে)] বর্ষাকাল ; ঘনাগম। ৩ [ঘন (তার) আকর] আকাশ।

ঘনাগম [ঘনের (মেঘের) আগম(আগমনকাল), আ-গম্ (গমন করা)+অ (ধি), মেঘের আগমন হয় যে কালে-৬তৎ] বি, বর্ষাকাল ; প্রাবৃট্কাল ; জলদাগম সময়।

ঘনাঘন [হন্ (বধ করা)+অ (র্ত্তৃ. জ্ঞা°) হ=ঘ, দ্বিত্ব-অ=আ] বি, যিনি বারম্বার দৈত্যকুল বিনাশ করেন : ইন্দ্র।২ ঘাতপ্রতিঘাত। ৩ উপর্য্যুপরি আঘাত। ৪ মত্তবারণ ; মদমত্ত হস্তী ; দুরন্ত হাতী। ৫ বিণ, নিয়ত হননকারী। ৬ ক্রি-বিণ, নিরন্তর : নিয়ত। ৭ [গ্রা° যোনাযোন্] কাছাকাছি। প্র-সংক্রান্তি-ঘনাঘন আস্‌বে বলেচে।

ঘনাত্যয় [ঘনের (মেঘের) অত্যয় (অপগম) হয় যে সময়,-বহু°] বি, যে কালে মেঘ অপসৃত হয় ; শরৎকাল ; মেঘাপগম।

ঘনানি [ঘন (নিকট, গাঢ়) আন (ক্রিয়া বিভক্তি)। ঘনাই, ঘনাও (ঘনান্, ঘনা), ঘনায় (ঘনান্) ; ঘনাইতে (ক্ষে° ঘনাতে) ঘনাইয়া (ক্ষে° ঘনিয়ে)] ক্রি, ঘন হইয়া আসা ; নিকটবর্ত্তী হওয়া : কাছাকাছি হওয়া। প্র-মরণ ঘনাইয়া আসা। ২ গাঢ় করা ; আওটাইয়া ঘন করা।

ঘনান্ত [ঘনের (মেঘের) অন্ত (অবসান) হয় যে কালে, বহু°] বি, যে কালে মেঘ জলবর্ষণ করিয়া জলাভাবে নাশপ্রাপ্ত অর্থাৎ নিঃশেষিত হয় ; শরৎকাল।

ঘনান্ধকার [ঘন+অন্ধকার] বি, গাঢ় অন্ধকার।২ মেঘাচ্ছন্নতা হেতু অন্ধকার।

ঘনাবৃত [ঘন (দ্বারা) আবৃত] বি, মেঘাচ্ছন্ন।

ঘনাম্ল [রাসাঃ পরিঃ। ঘন+অম্ল] বি, মহাদ্রাবী strong acid.

ঘনাশ্রয় [ঘনের (মেঘের) আশ্রয় (অবলম্বন)-৬ তৎ] বি, যাকে আশ্রয় করিয়া মেঘ থাকে ; আকাশ।

ঘনিমা-ঘনতা দ্রঃ।

ঘনিষ্ঠ [ঘন+ইষ্ঠ (অত্যধিক অর্থে)] বিণ, অত্যধিক ঘন ; অতিশয় ঘন। ২ [অতি ঘন অর্থাৎ নিকট] আসন্ন ; অতি নিকটস্থ ; অব্যবহিত। প্র-ঘনিষ্ঠ সম্পর্ক। ৩ নিকটাত্মীয়। ৪ যে ঘন ঘন দেখা সাক্ষাৎ ও আসা-যাওয়া করে। স্ত্রী° ~া। **~তম**-অত্যন্ত নিকট। **~তর**-অধিক ঘনিষ্ঠ। **~তা** [ঘনিষ্ঠ+তা (ভা°)] বি, নিকটাত্মীয়তা ; নিকট সম্বন্ধ। ২ ঘন ঘন সংশ্রব জনিত বন্ধুত্ব। **~সম্পর্ক, ~সম্বন্ধ**-বি, নিকট সম্বন্ধ। ২ পরমাত্মীয় বা আত্মীয়তা।

ঘনীভূত [ঘন-ভূত (মধ্যে ঈ-অভূত-তদ্ভাবার্থে চ্বি)-যা পূর্ব্বে ঘন (দৃঢ়) ছিল না পরে ঘন হইয়াছে] বিণ, যা এক স্থানে আসিয়া কেন্দ্রীভূত হইয়াছে। ২ দৃঢ়ীভূত। ৩ জমাট ; সান্দ্রীভূত। বি, ঘনীভাব, ঘনীভবন।

ঘনোপল [ঘন (মেঘ) তা হতে জন্মে যে উপল (প্রস্তর)-৫ তৎ] বি, করকা ; শিলা।

ঘবড়ানি-গাবড়ান দ্রঃ।

ঘয়লা-ঘূড়ী দ্রঃ।

ঘর [সং-গৃহ। প্রাকৃ°-ঘর] বি, গৃহ ; বাড়ী ; ভবন। প্র-ঘরে ফিরিয়া যাওয়া। ২ আশ্রয়। ৩ মন্দির। ৪ প্রকোষ্ঠ ; কুঠরী। প্র-শয়ন ঘর। ৫ সংসার। প্র-ঘরের কথা। ঘর খরচ। ৬ বংশ ; কুল। প্র-ভাল ঘরে বিবাহ। ৭ পরিবার। প্র-দশ ঘর ব্রাহ্মণের বাস। ৮ স্থান। প্র-হজমের ঘর। ৯ নিবাস। "কথা না বললি কথা তোর ঘর" -শ্রী° কী°। ১০ মূল ; নিদান ; হেতু। প্র-ঐ ত রোগের ঘর। ১১ খুবরী ; সূত্রাদির গ্রন্থি ; বুননের মধ্যস্থ রন্ধ্র। ১২ খানা column. ১৩ [বৌ° সন্ধা ভাষায়] শরীর ; দেহ। ['ঘরণি'=গৃহিণী। 'ঘরবই'= গৃহপতি (দো° ১১৩)। 'ঘরহি'=ঘরে। 'ঘরিণি', ঘরিণী=গৃহিণী। ঘারে=ঘর (চ° ৬৭।৪)] বিণ, ঘরুয়া ; ঘরো। **~উজ্জ্বল, ঘরোজ্জ্বল**-বংশের গৌরব। > স্ত্রী° ~া-কুলোজ্জ্বলা। **~ওয়া**-ঘরোয়া দ্রঃ।

~কন্না, ~করণা [ঘর করণ, ঘর করণা (প্রাদে°)] বি, গৃহস্থালী ; সংসার। "একদিন সুখ নাই ঘর-কন্না নিয়ে" -ঈ° গুপ্ত। "ভাবে মনে মনে সাধিছে আপন ঘর করণের কাজ"-খেয়া। ২ সংসারধর্ম্ম ; গৃহধর্ম্ম। ৩ গৃহিণীপনা। **~করণী, -করুণী**-বি, বিণ, যে স্ত্রী ঘর বা সংসার করে। ২ ঘরণী। **~করা**-সংসারের কর্ত্তব্যসমূহ নির্ব্বাহ করা ; পরিবার পালন করা ; সংসারধর্ম্ম করা ; গৃহস্থ বা গৃহিণীর কর্ত্তব্য সাধন করা। ২ সংসারের পত্তন করা। **~করিতে যাওয়া**-বয়ঃপ্রাপ্ত হইয়া পতি গৃহে সংসার ধর্ম্ম করিতে যাওয়া। **~করে**-ক্রি-বিণ, সংসারের আশ্রয় হেতু বা হিতার্থে। প্র-ঘর ঘরে কিছু রাখিবার যো নাই। **~কাটা**-খুপরি, খানা বা খোপ কাগজে আঁকা বা কাপড়ে বুনা বা চৌখুপ্পি নক্সা তোলা। **~কুটলী, -টুলি**-বি, গৃহকার্য্য-সম্বন্ধীয় ; গৃহস্থালীর। **~কুনো**-বিণ, গৃহকোণপ্রিয় ; বাহিরে যাওয়া ও মেলামেশায় অপ্রবৃত্তিযুক্ত। "আমাদের মধ্যে যে ঘরকুনো ভাব বর্ত্তমান তাহার নিন্দা করিতে যাইয়া।"-আ° শক্তি। **~খরচ**-বি, সংসারের নিত্য-নৈমিত্তিক ব্যয়। "আমি বেটা লক্ষ্মীছাড়া, আমার ঘরে লক্ষ্মী থাড়া ঘরে হ'তে খাই তাড়া, ঘর খরচ নাই"-বঙ্কিম° (গদ্যপদ্য)। **~খোঁজা**-বি, আদান প্রদানের উপযোগী কুল অন্বেষণ করা। **~গারা** [প্রা° বাং। ঘর-গারী (আগার) সহচর শব্দ] বি, গৃহস্থালী ; ঘরসংসার। "এই শেল রহিল মনে সাক্ষী দিব আন জনে, সঞ্চয় করিয়া ঘরগারী"-কবিক°। **~ঘর**-অ, প্রতি ঘর। এই অর্থে ঘরে-ঘরে ও°। ২ সকল ঘর ; সকলের ঘর। **~চলা**-সংসারের ব্যয় নির্ব্বাহিত হওয়া। ২ গৃহের কাজকর্ম্ম নির্ব্বাহিত হওয়া। ৩ গৃহে গমন করা ; বাড়ী যাওয়া। ৪ গৃহে প্রত্যাবর্ত্তন করা। **~চালানি**-সংসারের ব্যয় নির্ব্বাহ করা। **~ছাড়া**-গৃহত্যাগ করা ; বৈরাগ্য অবলম্বন করা ; **~ছাড়ানি**-গৃহত্যাগ করিতে বাধ্য করা। গৃহে থাকিতে না দেওয়া উদ্বাস্তু করা।

~জাত করা-ঘরে আনা ; বাহির হইতে ঘরে আনিয়া ফেলা ; ঘরলাগ করা। **~জামাই**-বি, যে জামাই বারমাস শ্বশুর-ভবনে বাস করে। **~জামায়ে করা**-শ্বশুর বাড়ী বাস করিবে এমন পাত্রে কন্যাকে অর্পণ করিয়া কন্যা জামাতাকে নিজের ঘরে রাখা। "মেয়েকে ঘর জামায়ে করে ঘরে রাখা হয়।"-অনুরূপা দেবী। **~জোড়া**-শূন্যগৃহ পূর্ণ করা। ২ জমকাল। **~জ্বালানে পরভুলানে**-পরিবারবর্গের কষ্টদায়ক কিন্তু বাহিরের লোকের প্রিয়। **~ঠেঙ্গানি** [লাঠির আঘাতে ভাঙ্গিয়া ঝাড়িয়া ঝুড়িয়া দেখার ভাব হ'তে] বি, ঘর তন্ন তন্ন করিয়া খুঁজিয়া দেখা। "ঘর ঠেঙ্গাইলে একটা পয়সা বাহির হয় না।" **~ঢোকা**-গৃহে প্রবেশ করা। **~তোলা**-ক্রি, ঘর গাঁথিয়া তোলা ; গৃহ নির্ম্মাণ করা। ২ [সূচীশিল্পে] সূতা, পশম ই°-তে বুনানির গ্রন্থি দেওয়া ; মোজা, ক্রুসি ই°-র কাঠিতে ঘর বুনিয়া তোলা। **~থাকিতে বাবুই ভেজা**-বি, বাবুই পাখী অতি সুন্দর বাসা নির্ম্মাণ করে, কিন্তু বৃষ্টির সময় বাসার ভিতর না থাকিয়া বাহিরে বসিয়া ভিজিতে থাকে। ২ [লক্ষ°] উপায় থাকিতে তাহার সদ্ব্যবহার না করা। **~দ্বার**-ঘর ও দ্বার ; আশ্রয়। ২ সংসার। প্র-ঘরদ্বার ছেড়ে পালান। **~নষ্ট করা**-ক্রি, কুলে কলঙ্ক দেওয়া ; পরিবারের অপমানজনক কাজ করা যাতে সে ঘর ঠেকা হইয়া থাকে। **~নিকানি**-ক্রি, গোময় মৃত্তিকাদি মিশ্রিত জল দিয়া বা প্রলেপ দিয়া গৃহ মার্জ্জন করা। **~পড়া**-কুল ভঙ্গ হওয়া ; কৌলীন্য হ'তে পতিত হওয়া। **~পর**-বি, আত্মপর। ২ [সূচীশিল্পে বুনানির ঘর ছাড় হওয়া। ঘর ফেলা দ্রঃ। **~পাওয়া**-ক্রি, স্বীয় মেলের ঘর খুঁজিয়া পাওয়া। ২ বিবাহযোগ্য পাত্র বা পাত্রী লাভ করা। **~পোড়া** [লঙ্কার ঘর পোড়াইয়া ছিল বলিয়া] হনুমান। (কৃত্তি° রামা°)। **~পোড়ার কাঠ**-অগ্নিদাহে গৃহ ধ্বংস হইলে যে জ্বালানি কাঠ পাওয়া যায় ; লোকসানের ভিতরেও লাভের বস্তু। **~পোড়ার গরু**-যে গরু একবার অগ্নি-

দাহ হতে রক্ষা পাইয়াছে, সে লালবর্ণ মেঘ দর্শনেও অগ্নিভ্রমে ভীত হয়। প্র-ঘর পোড়ার গরু সিঁদুরে মেঘ দেখে ডরায়। ২ লক্ষণা- সাদৃশ্যে বিপদাশঙ্কা করা। **~পোষা**- গৃহপালিত। **~ফেলা**-গৃহ ভগ্ন করা। ২ [সূচীশিল্পে] উল, সূতা ই°-র বুনানির ঘর খুলিয়া ফেলা বা ছাড দেওয়া। **~বর**- ঘর ও বরের কুল বা বংশ। **~বসত**- গৃহবাস : দ্বিরাগমন। "ঘর বসত করতে এই যা একবার পাঠিয়েছে আর তা বলে পাঠাচ্ছে না"-অনুরূপা দেবী। **~বসা** -ক্রি, প্রজা বসা। ২ বিণ, ঘরে বাসকারী, যে বারমুখী নয়। **~বসানি**-জমিদারীর মধ্যে প্রজা বসান বা বাস করান। **~বাঁধা**- খড়ো বা মেটে ঘর নির্ম্মাণ করা। ২ কুল বন্ধন করা : কুল করা। **~বার**-উৎকণ্ঠ প্রতীক্ষায় বারবার ঘরের ভিতরে যাওয়া ও ঘরের বাহিরে আসা। **~বাসী হওয়া**- ক্রি, গৃহবাসী হওয়া; ঘরে থাকা; গৃহত্যাগী না হওয়া। **~ভরা**-ধনধান্যে গৃহ পূর্ণ করা। "ঘর ভরি দিব সোণায় রূপায় বুদ্ধি যোগাও তুমি।"-রবী°। **~ভাঙ্গানি**-কুপরামর্শ দ্বারা কাহারও সংসারে বিবাদ বাধাইয়া একান্নবর্ত্তী পরিবারকে ছোড়ভঙ্গ করা। "ওমা এমন ঘরভাঙ্গা বেহায়া মেয়ে বাপের কালেও ত দেখিনি গো, কণ্ঠিত বলিতে গিন্নি একেবারে ক্ষিপ্রপদে কর্ত্তার নিকট উপস্থিত হইলেন।"-কলিকাল (শৈলেশ মজুমদার)। **~ভেদী**-বি, বিভীষণ। ২ বিণ, যে ঘর ভাঙ্গায় বা গৃহবিবাদ বাধায়। **~মঙ্গলানি** -বিবাহে সংস্কার বিশেষের অনুষ্ঠান করা : ঘরের মঙ্গল আচার করা। **~মজানি**-কুল বা বংশকে কলঙ্কিত করা। বিপথগামী করিয়া কোন সংসারকে ডুবানো। **~মাড়ানি**-গৃহে পদার্পণ করা বা প্রবেশ করা। **~মারা**-ক্রি, বুনানির মুখ বন্ধ করা। ২ মোজা টুপি ই° বুনানির ঘর ক্রমশঃ হ্রাস করা। ৩ বাড়ী লঠ করা। **~মুখো**- গৃহাভিমুখী : পরিবারের প্রতি অত্যধিক অনুরক্ত। **~যাওয়া**-ক্রি, বাড়ী ফেরা : দেশে ফেরা। ২ ঘর বা কুল নষ্ট হওয়া : সামাজিক পতন হওয়া। **~শত্রু**-বি, ঘরের শত্রু ; গৃহভেদী। ২ [লক্ষ°] বিভীষণ বিভীষণ প্রকৃতির লোক। প্র-ওকে ঘ° শ° বিভীষণ বলে জেনো ই°। **~সংসার**-বি, গৃহস্থালী : সংসার ধর্ম্ম। **সন্ধান** -গৃহের দোষানুসন্ধান : গৃহচ্ছিদ্রজ্ঞান : গৃহের ভেদ জ্ঞাত হওয়া। প্র-ঘরসন্ধানে রাবণ নষ্ট। **~সন্ধানী**-বিণ, গৃহের গোপনীয় বিষয়জ্ঞ : গৃহচ্ছিদ্রজ্ঞ। **~সরা**-ঘর ব্যবহার করা : ঘরে বাস করা। **~সর্ব্বস্ব**-গৃহের সারবস্তু : গৃহের সর্ব্বস্ব-ধন।" ঘরসর্ব্বস্ব ঘরেতে্যাকা আজুলি ভারে।"-উপকথা। **~সাজানি**-ক্রি, গৃহের শোভা সম্পাদন করা : ঘরের আসবাবপত্র যথাস্থানে সাজাইয়া রাখা। **ঘরাঘরি**-ক্রি, বি, গৃহসংক্রান্ত। ২ আপোসে। ৩ নিকট আত্মীয়ের মধ্যে। প্র-ঘরাঘরি কুটুম্বিতা। **ঘরে আগুন দেওয়া**-সংসারে বিবাদ বাধান। **ঘরে-ঘরে**-প্রতি ঘরে ; জন্মে জন্মে। "ঘরে ঘরে মোর ঘর আছে আমি সেই ঘর মরি খুঁজিয়া।" -রবী°। **ঘরে পরে**-গৃহে বাহিরে : শত্রু ও মিত্রে। "কারেই বা কই প্রাণে মোরে রই। ঘরে পরে আরো লাগে করয়ে লাঞ্ছন।" হরুঠাকুর (বা°-গান)। **ঘরের ঢেঁকী**-বি, ঘরের ঢেঁকির প্রকৃতিযুক্ত দীর্ঘ দৃঢ়কায় অথচ অলস বা কর্ম্ম- বিমুখ সন্তান যে ঢেঁকিতে যেমন পদাঘাত না করিলে উঠে না তদ্রূপ লাঞ্ছিত না হইলে কর্ম্মে প্রবৃত্ত বা অগ্রসর হয় না। **ঘরের ঢেঁকী কুমীর**-ভোজনে ও দেহায়তনে কুম্ভীরবৎ এবং আলস্যে ঢেঁকির মত, ঘরের ছেলে। **ঘরের ল্যাঠা**-সংসারের ঝঞ্ঝাট। **ঘরো জল**-গৃহসম্পত্তি : আপনার ধন : সঞ্চিত ধন। প্র-বেনো জল এসে ঘোরো জল বার করে নিয়ে গেল। **এঁঘর**-ঠেকো- ঘর : হীনকুল। **আঁতুড়-ঘর**-প্রসব-ঘর। **একঘরে**-আদান প্রদান সম্বন্ধে আপনার ঘরে বদ্ধ ; সমাজচ্যুত ; সমাজপরিত্যক্ত ; ঠেকো। **কেতাবঘর**-লাইব্রেরী ; পুস্তক- আগার। **কোটাঘর**-ইষ্টক প্রস্তরাদি নির্ম্মিত ঘর ; পাকা ঘর ; অট্টালিকা। **খেলাঘর**-ক্রীড়াগৃহ : ছোট ছেলেমেয়েদের খেলিবার ঘর। ২ অবাস্তব। প্র-সত্যিকার না খেলাঘরের। **গোয়ালঘর**-গোশালা। **গোলাঘর**-শস্যাদি সঞ্চিত করিয়া রাখিবার স্থান; শস্যাগার; মরাই granary। **গোসাঘর** [হি°-গুস্সা >] পূর্ব্বকালে সম্ভ্রান্তগৃহের অন্তঃপুর একটী গৃহ নির্দ্দিষ্ট থাকিত যথায় মহিলাগণ ক্রোধ বা অভিমান- কালে আশ্রয় গ্রহণ করিতেন। **চালা ঘর**- পাতা, ঘাস, খোলা ই° দ্বারা আচ্ছাদিত চাল বা ছাদযুক্ত মেটে ঘর। ২ কেবল মাত্র খুঁটির উপর খড়ের চাল দেওয়া চারিদিক্ খোলা ঘর। **ছইঘর**-ছৈ ঘর দ্রঃ। **ছিটে বেড়ার ঘর**-কঞ্চির বেড়ার গায়ে মাটির ছিটে (প্রলেপ) দেওয়া ঘর। **ছেঁচা বেড়ার ঘর**-যে ঘরের দেওয়াল ছেঁচা বাঁশের উপর মাটি ধরান। **নাচঘর**-নৃত্য- শালা। **পরঘর**-বি, অপরের গৃহ। ২ শত্রু গৃহ। **পরঘরী**-বিণ, পরাশ্রয়ী। **পরঘরী- পান্তামারী**-বিণ, পরাশ্রয়ী বা পর গৃহবাসকারী ও পরান্নভোজী ; হীন- জীবনযাপনকারী। **বৈঠকখানা ঘর**- বাহিরের লোকের বসিবার ও আলাপ করিবার গৃহ। **ভাঁড়ার ঘর**-রন্ধনোপ- যোগী ও আহারীয় দ্রব্যাদি রাখিবার গৃহ। **ভাঙ্গা ঘর ছেয়ে দেওয়া** [বিদ্রূপে] অসমর্থকে সাহায্য করা। অভাব মোচন করা (তুল-ছাতা দিয়া মাথা রাখা)। **ভাঙ্গা ঘর যোড়া দেওয়া** [আলং] সংসারের মধ্যে পরস্পরের মনোমালিন্য দূর করা। **মেটে ঘর**- মৃন্ময়; কুটীর। **রান্না ঘর**-রন্ধন গৃহ। **শয়ন ঘর**-শয়ন করিবার ঘর : বিশ্রাম গৃহ।

ঘরঘরানি [অনু°] ক্রি, ঘঘর শব্দ করা।

ঘরট্ট [ঘর্ (অনুকার শব্দে) অট্ট (অট্- ভ্রমণে)-যাহা ঘর্ ঘর্ শব্দে ঘোরে] বি, যাঁতা।

ঘরণী [সং-গৃহিণী >। প্রা° বাং-ঘরিণি, -ণী] বি, ভার্য্যা ; স্ত্রী ; সহধর্ম্মিণী। "শিবের ঘরণী ওই অপূর্ব্ব মোহিনী"-অশোক°। "হরের ঘরণী"-চণ্ডি°।

ঘরন্তী [ঘর-অন্ত-ঈ (স্ত্রী)। প্রা° ঘরন্তি ও°। যার ঘর বা সংসার-ধর্ম্মকর্ম্ম-অন্ত প্রাণ] বিণ, গৃহকর্ম্ম নিপুণা : ঘরসংসারসর্ব্বস্ব। **অতি-**

ঘঁরন্তী-বি, বিণ, যে বালিকা বিবাহের পূর্ব্বেই অতিশয় গৃহকর্ম্ম নিপুণা হয় তাহাকে তাহার জননী প্রভৃতি অতিঘরন্তী বলিয়া থাকে। "অ০ ঘ০ না পায় ঘর অতি-বরন্তী না পায় বর।"-প্রবাদ।

ঘঁরবারী দণ্ডী [মুণ্ডমালা তন্ত্রে] বি, দণ্ডী নামে পরিচিত গৃহস্থ সম্প্রদায়বিঃ (ইহারা সংসার ধর্ম্ম করে অথচ দশনামীদের মত তীর্থাদি উপাধি ও মধ্যে মধ্যে দণ্ডকমণ্ডলু গৈরিক ধারণ করিয়া তীর্থ ভ্রমণ ও ভিক্ষা করিয়া বেড়ায় : গৃহাবধূত।

ঘঁরমু [ঘর-মু (অভিমুখ-মুখ)। গ্রা০। পদ০ সা] অ, ঘরের প্রতি ; ঘরের দিকে। "ঘরমু চাইতে নারিনু সই আকুল করিল প্রাণ।"-গোবিন্দ০।

ঘঁরহি [ব্রজ] ক্রি বিণ, গৃহে। "ব্রজকুল নন্দন কহত যতনে পুন ঘরহি পাঠাওল ফেরি" -গোবিন্দ০।

ঘঁরা [হি০-ঘর দ্রঃ] বি, কামানে আগুন দিবার ছিদ্র। ২ ছিদ্র। ঘঁরা খেয়ে যাওয়া [গ্রা০] ঘর্ষণে ক্ষয় পাইয়া ছিদ্র হওয়া। প্র-ঘরা খেয়ে বালার ফাঁদ বেড়ে গেছে।

ঘঁরাউ, ঘঁরাও [ঘর+উআ (সম্বন্ধে)= আউ=আও] বিণ, গৃহসম্বন্ধীয় ; ঘরোয়া (দ্রঃ)।

ঘঁরাঘিরি-বিণ, একই ঘরের বা আপনা আপনির মধ্যে। ২ মেলামেশা বা মিসামিসি। ~ভাব-বি, বন্ধুত্ব, ভালবাসা।

ঘঁরাণা [প্রাদে০] বি, উচ্চবংশজাত ; বিখ্যাত বংশোৎপন্ন। "তোমার জন্য রাজসিংহ সর্ব্বস্ব পণ করিবে কেন ?, বিশেষ তুমি মাড়বারের ঘরাণা।"-রাজসিংহ (বঙ্কিম০)। ২ গৃহসম্বন্ধীয়। প্র-এ আমাদের ঘরাণা কথা।

ঘঁরামী [প্রাদে০] বি, গৃহনির্ম্মাণকারী ; গৃহকারক ; যারা গৃহ প্রস্তুত করে, সাধারণতঃ কাঁচা বাড়ী, খোড়ো বা খোলার ঘর যারা নির্ম্মাণ করে। ~গিরি-বি, ঘরামীর কাজ।

ঘঁরোয়া [হি০-ঘরউআ, ঘরাউ, ঘরৈয়া, বাং- ক্ষে০ ঘরো (ঘোরো), ঘর-উআ (সম্বন্ধে)=উয়া=আউ=ওআ=ও] বিণ, গৃহসম্বন্ধীয়। ২ পারিবারিক। ৩ অতি পরিচিত। ৪ আপস (দ্রঃ)।

ঘঁর্ঘট [ঘর্ (অনু০ শব্দ) ঘট (ঘটান, করা) +অ (র্ত্তৃ) ঘরঘর শব্দ হেতু নাম] বি, টেংরা মাছ pimelodus gogoru.

ঘঁর্ঘর [অনু০। মৃদুশব্দে ঘুরঘুর। আধিক্যে ধড়ঘড়] অ, গর্জন শব্দ ; চক্রাদির ঘর্ষণ শব্দ। ২ শ্লেষ্মাজনিত গলার ঘরঘর শব্দ। ৩ ঘোর শব্দ। ৪ পেঁচা। স্ত্রীং ~া, ~ী-ক্ষুদ্রঘণ্টিকা ; ঘুঙুর। ২ ঘর্ঘরানামক নদী ; সরযূ। ইহা অযোধ্যার নিকট হইতে প্রবাহিত হইয়া গঙ্গায় মিলিত হইয়াছে। ৩ একপ্রকার বীণা। ৪ তুষানল। ৫ বিণ, ঘর্ঘর শব্দবিশিষ্ট। ক্রি, ঘর্ঘরান।

ঘঁর্ঘরিকা [ঘর্ঘর+ক (স্বার্থে) আ-স্ত্রীং, ই আগম] বি, ঘুঙুর। ২ বাদ্যযন্ত্র। ৩ খই। ৪ নদীবিঃ।

ঘঁর্ঘরিত [ঘর্ঘর (এই শব্দ)+ইত (যুক্ত, কৃত)] বি, ঘর্ঘর এইরূপ শব্দে শব্দিত।

ঘঁর্ম্ম১ [বৈদিক শব্দ] বি, প্রধান হব্য : মহাবীর নামক মৃৎভাণ্ডে গোদুগ্ধ ও ছাগদুগ্ধ মিশাইয়া পাক করিয়া প্রস্তুত শান্তি কর্ম্মের উপকরণ (যাগান্তে সকলে ঘর্ম্ম শেষ ভক্ষণ করেন)। ~দুঘা [বৈদিক শব্দ] বি, যে গাভীর দুধ দোহা হইয়াছে।

ঘঁর্ম্ম২ [ঘৃ (ক্ষরণে)+ম (র্ত্তৃ)] বি, যে ক্ষরিত হয় ; ঘর্ম্ম জল ; ঘাম ; স্বেদ। ২ রৌদ্র। ৩ গ্রীষ্ম। ৪ বিণ, উষ্ণ। ~কঁর, ~জঁনক-বিণ, ঘর্ম্ম উৎপাদক ; শ্রমসাধ্য। ~চর্চ্চিকা [সং] বি, ঘর্ম্মজ (ঘামাচি দ্রঃ)। ~বারি-বি, স্বেদজল : ঘাম। ~বিচর্চ্চিকা [ঘর্ম্ম জন্য যে বিচর্চ্চিকা-ধা] বি, ঘামাচি। ~মাস-বি, গ্রীষ্মকাল ; বৈশাখ ও জ্যৈষ্ঠমাস।

ঘঁর্ম্মাক্ত [ঘর্ম্ম (দ্বারা) আক্ত (সিক্ত)-৩তৎ] বিণ, যা ঘর্ম্মে ভিজিয়া গিয়াছে ; স্বেদার্দ্র। স্ত্রীং ~া-স্বেদসিক্তা ; ঘর্ম্মাপ্লুতা। ~কঁলেবঁর-স্বেদসিক্ত দেহ। ২ বিণ, যার দেহ স্বেদ-স্নাত হইয়াছে। ঘর্ম্মে অভিষিক্ত কলেবর। > স্ত্রীং ~া-যে স্ত্রীর দেহ ঘামে ভিজিয়াছে ; স্বেদসিক্তদেহা।

ঘঁর্ম্মান্ত [ঘর্ম্মের (গ্রীষ্মের) অন্ত (শেষ) হয় যে সময়ে-বহু০] বি, বর্ষাকাল। ~কামুকী [ঘর্ম্মান্তে (বর্ষাকালে) যে কামুকী (কাম-পরতন্ত্রা হয়] বি, বলাকা ; বক। ২ কপোতশ্রেণী।

ঘঁর্ম্মার্ত্ত [ঘর্ম্ম (দ্বারা) আর্ত্ত (পীড়িত) -৩ তৎ] বিণ, যে অতিশয় ঘর্ম্ম নির্গত হওয়ায় কাতর হইয়াছে ; ঘর্ম্মবারিপীড়িত। ~কঁলেবঁর [ঘর্ম্ম (দ্বারা) আর্ত্ত ক্লিষ্ট) কলেবর (দেহ) যার-বহু০] বিণ, অতিশয় ঘর্ম্ম জন্য ক্লিষ্ট শরীর : স্বেদাভিষিক্ত-দেহ। স্ত্রীং ~া।

ঘঁর্ম্মার্দ্র [ঘর্ম্ম দ্বারা আর্দ্র-৩ তৎ] বিণ, স্বেদসিক্ত ; ঘামে-ভেজা ; ঘর্ম্ম-স্নাত।

ঘঁর্ম্মাপ্লুত [ঘর্ম্ম+আপ্লুত] বিণ, ঘর্ম্মাক্ত।

ঘঁর্ম্মাম্বু [ঘর্ম্ম+অম্বু] বি, স্বেদজল ; ঘাম।

ঘঁর্ম্মোদক [ঘর্ম্ম+উদক] বি, স্বেদজল।

ঘঁর্ম্ম্য-বি, ঘর্ম্ম সম্বন্ধীয়।

ঘঁর্ষ-বি, ঘর্ষণ দ্রঃ।

ঘর্ষক-বিণ, ঘর্ষণকারী।

ঘঁর্ষকপদী [ঘর্ষক (মৃত্তিকা কর্ষণকারী) পদ (পা) যার-বহু, ঈ-স্ত্রীং] বি, কষকবর্গের পক্ষিজাতি, যারা পদদ্বয়ের দৃঢ় নখর দ্বারা ভূমি কর্ষণ করিতে পারে ; ময়ূর, পেরু, তিত্তির, কুক্কুটাদি the rasores ; gallinaceous birds.

ঘঁর্ষ/ণ, ঘঁর্ষ [শ্রু: ঘঁসড়ঁন। ঘৃষ্ (ঘর্ষণ করা)+অন (ভা০)] বি, মার্জ্জন। ২ ঘর্ষণ করা ; ঘষা। ৩ ততযন্ত্রের তারে বিশেষ কৌশলে তার ঘর্ষণ ; আশ। ৪ [যন্ত্র বৈজ্ঞা০ পরিঃ] যন্ত্র সঞ্চালনে ভূমি বায়ু ই০র বাধা প্রাপ্তি ; সংঘষ friction. স্ত্রীং ~ণী-যা ঘর্ষণ করা হয় ; হরিদ্রা।

ঘঁর্ষণাল [ঘষণ-অল্ (সমর্থ হওয়া)+অ (ণে)-যা দ্বারা ঘর্ষণ করিতে পারা যায়] বি, ঘর্ষণসাধন ; শিলাপুত্র ; লোড়া।

ঘর্ষিত [ঘৃষ্ (ঘর্ষণ করা)+ত (র্ম্ম)] বিণ, যা ঘষা হইয়াছে ; ঘৃষ্ট ; যা পিষ্ট বা বাটা হইয়াছে। ২ যাতে ঘর্ষণের চিহ্ন পড়িয়াছে বা ঘেঁষড়ানি লাগিয়াছে।

ঘঁলঘঁসা, ঘঁলঘিষি(সি)য়া, ঘঁল-ঘঁসে, ঘঁলঘিষ্যে [হলঘসা ও০, কবিকঙ্কণে -গলঘষ্যে, খুলনা অঞ্চলে, হলকষা।

পুষ্পের আকৃতি হেতু 'দণ্ডকলস' ও°] বি, দ্রোণাকৃতি বলিয়া দ্রোণপুষ্পী ; তুলস্যাদি-বর্গের বর্ষায়ু ক্ষুপ বিঃ leucas linifolia (পারদ শোধনার্থ ব্যবহৃত হয়।)

ঘলিলি [বৌ° বাং প্রাকৃ°] ক্রি, লইলাম ; গলায় দিলাম। "তু লো ডোম্বী হাউ কপালী তোহোর অন্তরে মো এ ঘলিলি হাড়েরি মালী।"–চ, পদ° ১০।৬।

ঘঁষ-বি, অনুকার শব্দ ; ঘর্ষণ।

ঘষা [সং-ঘষ্ (ঘষা), প্রাকৃ°-বানানে ঘসা। ঘষি, ঘষ (ঘষুন্ ঘষ্), ঘষে (ঘষেন্) ; ঘষিতে (ক্ষে° ঘষ্‌তে) ; ঘষিয়া (ক্ষে° ঘষে)। ণিজন্ত-ঘঁষানি ক্রি, ঘষণ করা। ২ বিণ, ঘৃষ্ট ; ক্ষয়প্রাপ্ত ; ক্ষয়া। প্র-ঘষা পয়সা। ~ঘিষি-পরস্পর ঘষণ। ~মাজা-ঘর্ষণ ও মার্জ্জন করা। পরিষ্কার পরিচ্ছন্ন করা। ২ চক্‌চকে করা। ৩ চালাক চতুর করিয়া তোলা to brush up নাকমুখ ঘঁষা-শাস্তি স্বরূপ ভূমিতে নাক মুখ ঘষণ করা। মাথা-ঘঁষা-বি, স্ত্রীলোকদের কেশ মার্জ্জনের উপকরণ বিঃ। ২ ক্রি, মস্তক ঘষণ করা।

ঘঁষি,-ঘসি দ্রঃ।

ঘঁষ(স)টানি, ঘঁষ(স)ড়ানি, ঘঁষ্টান [সং ঘৃষ্ট+(বাং) আন (করা) >। হিং ঘসীটনা। ঘষটাই, ঘষ্টেঁও, ঘষটায় ; ঘষটাইতে (ক্ষে° ঘষ্টাতে) ; ঘষটাইয়া (ক্ষে° ঘষ্‌টে) ই°] ক্রি, এমন ভাবে টানা যাতে ঘষিতে ঘষিতে যায় ; ক্রমাগত ঘষা ; রগড়ান। ২ [লক্ষ°। প্রতিভাহীনের পক্ষে] ক্রমাগত অভ্যাস, আবৃত্তি বা চেষ্টা করা। ক্রি-বিণ, ঘিষটিয়া [প্রা° ঘষ্টে] রগড়াইয়া। ঘঁষ্টে ঘিষ্টে-দীর্ঘকালের চেষ্টায় ; ক্রমাগত রটিতে রটিতে ; রগড়াইতে রগড়াইতে। প্র-ঘষ্টে ঘষ্টে পাস করা। ঘষ্টে ঘষ্টে উচ্চ পদে উঠা। বি, ঘঁষটানি, ঘঁষড়ানি-ঘর্ষণ ; ঘেঁষড়া। >ঘঁ° লাগা-ঘষিয়া যাওয়া ; ঘর্ষণের চিহ্ন হওয়া।

ঘিষটিয়া [সং-ঘর্ষণ। হিং-ঘসিট] অস-ক্রি, ঘর্ষণ করিয়া ; ঘসড়াইয়া। ২ বিণ, ঘৃষ্ট। ~ঘিষটিয়া-রগড়াইতে রগড়াইতে।

ঘঁসা-ঘষা দ্রঃ।

ঘসি, ঘিষি [ঘস্ (খাওয়া)+ই (ভা°)। তুল-সং ঘট্ট, ঘাঁটা > বাং গ্রা° ঘঁাট, ঘ্যাট] বি, ভক্ষ্য দ্রব্য ; পিণ্ড ; অন্ন। ২ ভোজন। ৩ বিলঘুঁটে। ~ঘাঁটা [প্রা-বাং] ক্রি, আলোড়িত করা ; ভাতে ডালে ইংতে কাঠি দেওয়া। "তোর বাঁশী মোএ ঘসি না ঘাটো। তাক হাথে করী দুধ না আউটো॥"–শ্রী° কী°। ঘিসির ধুলা-বি, ঘুঁটের ছাই।

ঘা [সং-ঘাত ; হিং-ঘাও ; বাং ক্ষে° ঘা] বি, আঘাত ; প্রহার। "বন্ধুর পিরীতি শেলের ঘা"–চণ্ডি°। ২ চিহ্ন। ৩ ক্ষত। ৪ মনঃকষ্ট ; শোক। ৫ ক্ষতি। বিণ, ঘাইয়াল ; ঘায়েল। ঘা করা-ক্ষত উৎপাদন করা। প্র-নাক খুঁটে খুঁটে ঘা করেছে। ঘা খাওয়া-আঘাতপ্রাপ্ত হওয়া। ২ শোক পাওয়া। ঘা খেকো-আঘাতপ্রাপ্ত। ঘা দেওয়া-আঘাত দেওয়া ; পেটা। ২ মনে কষ্ট দেওয়া। দ্বারে ঘা দেওয়া-দ্বার খুলিয়া দিবার জন্য আঘাত করিয়া ডাকা। ঘা মারা-পেটা। ২ ধাক্কা দেওয়া। ঘা লাগানি-ক্রি, আঘাত করা ; ঠোকা। ২ চাপড়ান : আঘাত বা চাপড়ের শব্দ করা ; পেটা। "ওর দরজার কাছে এসেছি এবার খুব কসে দরজায় ঘা লাগা।"–রাজা (রবি°)। ঘা শুকানি-ক্ষত স্থান শুষ্ক হওয়া। ২ পুরাতন শোক বিস্মৃত হওয়া। ঘা সহা-বিণ, ঘাতসহ। ২ আঘাত বা শোক সহ্য করিয়াছে যে। ক্রি, ঘা সহা। ঘা হওয়া-ক্রি, ক্ষত উৎপন্ন হওয়া। ঘা কতক বসিয়ে দেওয়া-কয়েকবার চপেটাঘাত করা ; প্রহার দেওয়া। কাটা ঘায়ে নুনের ছিটা-যে স্থান কাটিয়া ঘা হইয়াছে তাই যন্ত্রণাদায়ক তার উপর নুন দিলে অসহ্য যন্ত্রণাদায়ক হয় ; (লক্ষণায়) যন্ত্রণার বৃদ্ধি। প্র-এক জ্বালায় মরচি আবার ওসব কথা তুলে কাটা ঘায়ে নুনের ছিটা দাও কেন। নালী ঘা-শোষ ঘা sinus মড়ার উপর খাঁড়ার ঘা-শবদেহে খড়্গাঘাত যেমন বৃথা তদ্রূপ নির্জ্জীব ও প্রতিশোধ লইতে অক্ষম জনের প্রতি কাপুরুষোচিত অত্যাচার-বোধক ২ কষ্টের উপর কষ্ট।

ঘাই, [সং-আঘাত-ঘাত-ঘাতি-ঘাই] বি, গভীর জল হইতে উঠিয়া লেজের ঝাপ্‌টা দিয়া মাছের গভীর জলে প্রবেশ। "কাত্‌লা মাছে দিচ্ছে ঘাই।" ২ ক্ষেত্রে জল নির্গমের পথ।

ঘাই₂ [স্থান > ঠাই > রেশম শিল্প পরিঃ] বি, রেশম সূত্র বাহির করিবার বা কোয়া কাটিবার স্থান।

ঘাইট, ঘাটি, ঘাট [সং ঘট্ট : হিং-ঘাট] বি, জলাশয়াদিতে অবতরণ স্থান। প্র-নদীর ঘাট ছেড়ে আঘাটায় গেলে কেন। ২ চৌকি ; থানা। প্র-ঘাটিতে ঘাটিতে পাহারা বসিয়াছে। ৩ পথ। প্র-ঘাটি আগুলিয়া থাকা। ৪ গিরিসঙ্কট : সঙ্কীর্ণ পার্ব্বত্য পথ mountain pass ৫ ত্রুটি। প্র-ঘাট হয়েছে। ~ওয়াল [হিং-ঘাট্‌বাল। বাং-গ্রা°-ঘেটেল। সং-ঘট্টপাল] বি, ঘাটরক্ষক। ২ ঘাটের শুল্ক আদায়কারক। ঘা° বসানি-জলাশয়ের অবতরণ স্থান নির্ম্মাণ করিয়া দেওয়া। ঘা° বাঁধানি-জলাশয়ের অবতরণ স্থান ইষ্টক প্রস্তরাদির দ্বারা গাঁথাইয়া দেওয়া ; পাকা ঘাট নির্ম্মাণ করান। ~বাট [বাট=বর্ত্ম-পথ] বি, পথঘাট। "ঘাট বাট মাঠ ফিরিনু বহুত দেশ, কাঁহা মোর কান্তবরণ কাঁহা রাজবেশ।" -বঙ্কিম°। ~মানা-ত্রুটি স্বীকার করা। ঘাটের কড়ি-শবদাহের খরচা। ২ পারানি। ঘাটের নেয়ে, ঘাটের মাঝী-যে পারাপার করে। খেয়াঘাটের শুল্ক আদায়কারক। ঘাটের মড়া [বিদ্রূপে, সাদৃশ্যার্থে] যে মরিতে বসিয়াছে ; যার জীবনের আর অল্পই অবশিষ্ট আছে ; অতি বৃদ্ধ ; রোগজীর্ণ। আটঘাট বাঁধা-সকল দিক সুরক্ষিত করা। কাঁচাঘাট-মৃত্তিকা ও বৃক্ষকাণ্ডে নির্ম্মিত মেটে ঘাট। খেয়াঘাট, পারঘাট-নৌকায় পারাপারের ঘাট।

ঘাইত, ঘাইত-ঘাত দ্রঃ।

ঘাইল, ঘাইয়াল, ঘায়েল

[ঘা-য়াল (বাল=যুক্ত)] বিণ. আঘাত-প্রাপ্ত ; আহত ; ক্ষত। ঘা° করা-চোটের দ্বারা জখম করা, ক্ষতবিক্ষত করা।

ঘাইল₂-বি. ঘালি দ্রঃ।

ঘাউয়া [ঘা+উআ(=আউ, হি°-ঘাউ), বাং-গ্রা°-ঘেও : ঘেয়ো] বিণ. ক্ষতযুক্ত ; যার ঘা আছে। ২ দুষ্ট।

ঘাঁট [ঘণ্ট বিকারে ঘাঁট বা ঘ্যাঁট] বি. একত্র মিশ্রিতব্যঞ্জন : পিণ্ডীকৃত। প্র-কুমড়োর ঘাঁট। ২ ঘেঁটুঠাকুর। ৩ বিসদৃশ বস্তুসমূহের মিশ্রণ।

ঘাঁটঘিলা [প্রাদে°] বি. স্ত্রীলোকদিগের গাত্রপরিষ্কারক ফল বিঃ। "ঘাঁ° দিয়া স্নান, করি বস্ত্র পরিধান, রাঁধিবারে যায় সুবদনী।" -মনসা° ম° (বংশী)।

ঘাঁটন [গ্রা°] বি. আবর্তন : আলোড়ন। ২ মিশ্রিতকরণ। ৩ চট্‌কান।

ঘাঁটা [সং-ঘট্ট (চলনে)। ঘাঁটি, ঘাট (ঘাঁটুন, ঘাঁট্‌), ঘাঁটে (ঘাঁটেন) : ঘাঁটিতে (কথ্য° ঘাঁটতে) ; ঘাঁটিয়া (কথ্য° ঘেঁটে)। ণিজন্ত-ঘাঁটানি] ক্রি. আঙুল দিয়া নাড়া ; আলোড়িত করা। ২ বিচলিত করা। ৩ উত্তেজিত করা : জাগ্রত করা। ৪ চালনা করা। ৫ আলোচনা করা। "ছি রাজেন্দ্র কাল কাটালে পুঁথি ঘেঁটে ঘেঁটে।"-হেম°। ~ঘাঁটি-নাড়ানাড়ি, হস্ত দ্বারা অধিক ব্যবহার। ২ অধিক আন্দোলন বা আলোচনা। "আধুনিক সাহিত্যের দোষগুণ লইয়া যথেষ্ট ঘাঁটাঘাঁটি চলিতেছে।"-আ° শক্তি।

ঘাঁটানি [ঘাঁটাই ঘাঁটাও: ঘাঁটায়: ঘাঁটাইতে (কথ্য° ঘাঁটাতে) : ঘাঁটাইয়া (কথ্য° ঘাঁটিয়ে) ই°] ক্রি. আওটান, নাড়ান ; উস্কান ; জাগান : রাগান। "মূঢ় যে ঘাঁটায় সখেহেন বাঘিনীরে।"-মেঘ°।

ঘাঁটি-ঘাটি দ্রঃ।

ঘাঁটু-ঘেঁটু দ্রঃ।

ঘাঁটুকাল-ঘাটুকাল দ্রঃ

ঘাঁড়া [ঘাঁটা-ঘাট ও°] বি. দরজা (পূ° ব° গী°)।

ঘাঁত [সং-আঘাত, ঘাত (দ্রঃ)] বি. আঘাত। ২ কৌশল ; ফন্দী ; সুযোগ। ৩ স্বার্থ। প্র-ঘাঁতের ভাই। ~ঘোঁত-ঘাত দ্রঃ।

ঘাগরা, ঘাগরি [হি° ঘাঘরা। সং ঘর্ঘরা] বি. স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রবিঃ। "পায়ে পায়ে ঘাগরা উঠে দুলে"-রবী°। "অনন্ত শাটীতে ঘেরা অদ্ভুত ঘাগরি।"-দেবেন্দ্র সেন (অশোক°)।

ঘাগী [হি°-ঘাঘ (পুং)। বাং-এ পুং ও স্ত্রী° ঘাগি] বিণ. ভুক্তভোগী ২ বারবার দণ্ডিত : পুনঃপুনঃ শাস্তিপ্রাপ্ত। ৩ বহুদর্শী : চতুর। ৪ দুষ্ট : শঠ। "ঘরে পোষে চোর আরো কহে জোর এ বড় কুটিনী ঘাগী"-ভারত°। "নাকটা নেড়ে দিলে তেড়ে বলে দূর হ ঘাগী"-ম্যাক্‌বেথ (গিরিশ°)। পুরাণ ঘাগী [ভুল-হি° পুরাণা ঘাঘ] বিণ. বহুকাল হ'তে ঠেকিয়া শিখিয়া যে অতিশয় চতুর ও ধূর্ত হইয়াছে। ২ [সদর্থে] পুরাতন : বহুদর্শী। ঘা° পোয়াতি-যে স্ত্রীলোকের অনেকগুলি ছেলেপুলে হইয়াছে। ২ অভ্যস্ত : পাকা। "ঘাগী চোর", 'ঘাগী বদমাস"।

ঘাগুরী, ঘাঘরী [সং-গগরী - ভং। প্রাদে°] বি. গাগরি : কলসী (মৈ° গী°, পূ° ব° গী°)।

ঘাঘর [সং-ঘর্ঘর] বি. বাদ্যবিঃ ; ঝাঁঝ। "তাল মৃদঙ্গ ঘাঘর বাজে।"-গ্রাম্য ছড়া। ২ [প্রাদে°] ঘুঙুর (কবিক°)।

ঘাঘরা-ঘাগরা দ্রঃ।

ঘাট [সং-ঘট্ট। ঘাইট দ্রঃ] বি. স্নানার্থ নদী ই°-তে অবতরণ স্থান। ২ পর্বত : প্র-পূর্বঘাট ; পশ্চিমঘাট। ৩ পর্বত মধ্যস্থ সংকীর্ণ পথ ; গিরিসঙ্কট pass. ৪ সেতার ই° বাদ্য যন্ত্রের বিভক্ত এক এক অংশের নাম ঘাট। ৫ ত্রুটি ; দোষ : অপরাধ ; অন্যায়। "অসময়ে পিত্রালয়ে গিয়াছিলাম-ঘাট হইয়াছে, শত সহস্র অপরাধ হইয়াছে-আমায় ক্ষমা কর।"-কৃষ্ণকান্তের উইল। ঘাট হয়েছে বাপ, সবাই মোদের কর মাপ।"-অমৃত বসু। ৬ ন্যূনতা ; কমতি। "তোমার গুণে ঘাট নেই"-শ° চট্টো°।

ঘাটওয়াল-ঘাটোয়াল দ্রঃ।

ঘাটওয়ালী,-লি [প্রাদে°। বাঁকুড়া অঞ্চলেও বীরভূমে চলিত] পার্বতীয় পথ। ২ পার ঘাট রক্ষককে যে জমী দেওয়া যায়। ৩ ঘাট-রক্ষয়িত্রী (ঘাটোয়াল দ্রঃ)।

ঘাটগিরি-বি. দক্ষিণ ভারতের পূর্ব-পশ্চিম দিকের পূর্বঘাট ও পশ্চিমঘাট নামক দুই শৈল শ্রেণী।

ঘাটতি [হি°-ঘটতি] বি. হ্রস্বতা, কমতি। "ঘাটতি বাড়তি কিছু বোঝা যায় না।" "তেত্রিশ কোটি টাকার ঘাটতি" -বঙ্গবাণী ১৩৩০।

ঘাটন [ঘাট দ্রঃ] বি. হ্রাস হওন, কম হওন।

ঘাট,মানা [ঘটে₆ দ্রঃ] ক্রি. অপরাধ স্বীকার করা। ~মানানি-ক্রি. দোষ বা ত্রুটি স্বীকার করিতে বাধ্য করা।

ঘাটমারা-ক্রি. ঘাটমাশুল না দিয়া গোপনে পারাপার করা। ২ [গ্রা° ঘাট-মারুনে (মারনিয়া - যে মারে)] বিণ. যে ঐরূপ করে।

ঘাটলা [গ্রা°। ঘাট+লা (ক্ষুদ্রার্থে, তুচ্ছার্থে)] বি. পাকা ঘাট।

ঘাট(টে)লি [প্রা°-বাং। হি°-ঘাটবাল, ঘাটবালা। - বাং গ্রা° ঘেটেল] বি. ঘাটোয়াল ; ঘাট-রক্ষক। "তরাতরি পার হএ জান দানপতি। ঘাটর ঘাটলি রাজা বিনে মুক্তা জাঅ।"-শূ° পু°।

ঘাটা₁ [হি°-ঘট্টা=কড়া] বি. কিণাঙ্ক ; কড়া ; ঘর্ষণজনিত কঠিন চর্ম। ২ ঘটিকা ; ঘাড় ; গ্রীবা।

ঘাটা₂ [প্রাদে°] বি. রাস্তা।

ঘাটা₃ [ঘাট (কম)+আ (ক্রিয়ায়)। হি° ঘট্‌না (কম হওয়া)। ঘাটি, ঘাট, ঘাটে ; ঘাটিতে (কথ্য° ঘাটতে) ; ঘাটিয়া (কথ্য° ঘেটে)। ণিজন্ত-ঘাটানি] ক্রি. হ্রাস পাওয়া ; কম হওয়া, ছোট হওয়া। "শেষে আইন পেসার পেক্কারিতে মানটা গেল ঘেটে।"-হেম°। "নিজে ঘাটে অন্যে দোষে মুখ সাপটে দড়।"-হেম°। "রাজার আদর আগে ঘাটে নাই কিছু। কু-মন্ত্রী মামুদা মন ভাঙাইল পিছু।"-ধ° ম° (ঘ°)। "ধর্মে নাহি ঘাটি আমি শুন ঠাকুরাণী।"-মহা° কাশী°।

২ দোষ কীর্ত্তন-করা। "জ্ঞাতি বন্ধুজনে তো পুয় সদাই ঘাটিবে"-মৈং গাং।

ঘাটাল [ঘাট (পাহাড়) আল্ (বিশিষ্ট বা সাদৃশ্যার্থে)-যা পার্ব্বত্যস্থানের মত উঁচু-নীচু। হিং বেহড়] বিণ, বন্ধুর; আবুড়া খাবুড়া। ২ নদ্যাদির ঘাট সদৃশ উচ্চ।

ঘাটি১, ঘাঁটি-বি, সীমা। ২ প্রবেশ পথ: পথসন্ধি; পথ। "ঘাটি আগ্‌লে পড়ে আছে"। ৩ প্রহরীর থাকিবার স্থান, চৌকি।

ঘাটি২ [প্রাদেং চট্টল] বি, ঘাটে নামিবার সিঁড়ি। ২ প্রবেশদ্বারের সোপান।

ঘাটি৩ [ঘাট (অল্প)+ই (স্বার্থে)] বি, অভাব; অল্পতা; ন্যূনতা। "শঙ্খের উপর যে এমন করে পাটি। তার নাকি কখন অর্থের আছে ঘাটি॥"-শিং। ২ ক্রি, ন্যূন হই: কম হই; ঘাটা দ্রঃ। ঘাটি মানা-অপরাধ স্বীকার করা। "ঘাটি মান তার ঠাঁই ইহা ভিন্ন গতি নাই।"-কৃত্তিং।

ঘাটিআল, ঘাটোআল, ঘাঠি-আল [প্রাং বাং। গ্রাং ঘেটেল] বি, পাটনী। ২ ঘাট-রক্ষক।

ঘাটিকা-বি, মস্তকের পশ্চাৎসন্ধি: ঘাড়ী; ঘাড়।

ঘাটিয়া [ঘাট+ইয়া] বিণ, দোষস্থ। ২ নীচ; নিরেশ। "ঘাং সম্বন্ধ করাইব কি কারণ"-মনসাং মং (বংশী)।

ঘাটিলু, ঘাটিলুঁ [আধুং-বাংয-ঘাটিলাম। প্রাং-বাং-ঘাটিলাঙ, ঘাটিলাঞ। ব্রজং। প্রাং, বৈং সাং] ক্রি, হার মানিলাম: ঘাট মানিলাম। "ঘাটিলু মাটিলু প্রভু বলিলুঁ তোমারে।"-চৈং ভাং।

ঘাটু১ [সং-ঘণ্টাক] বি, ক্ষুপবিঃ; ঘেঁটুগাছ। ২ ঘেঁটুফুল।

ঘাটু২, ঘাটুগান [ঘাটু(র) গান। প্রাদেং মৈমনং, শ্রীহট্টাদি অঞ্চলে] বি, গায়কগণ চক্রাকারে বসিয়া মধ্যে একটি বালককে রাধিকার বেশে সাজাইয়া গানের আসরে অভিনয় করিতে দেয়। সে নানাপ্রকার অঙ্গ-ভঙ্গী দ্বারা রাধার তৎকালোচিত ভাবের অভিনয় করে। এই বালক 'ঘাটু' নামে উক্ত হয়। বি, রাধাকৃষ্ণের মিলন ও কৃষ্ণবিরহাত্মক সনৃত্য গ্রাম্য গীত। হিন্দু-মুসলমান উভয় সমাজে ইহা চং।

ঘাটুকাল [সং-ঘণ্টকর্ণ, ঘণ্টাকর্ণ। > ভ্রং, ঘাঁটকল। প্রাদেং উচ্চারণ ভেদে-ঘাঁটুকাল, ঘাটুকাল, ঘেঁটকুল ঘেঁটকোল] বি, ঘেঁটুফুলের গাছ: ঘেঁটকল বা ঘেঁটুগাছ। "ঘাটুফুল ঘাটুকাল কাটিল কেয়া"-কবিকং।

ঘাটোয়াল,-আল [ঘাটওয়ালী বা ঘাটিআল দ্রঃ] বি, ঘাট ও পারাপারের নৌকা যাদের কর্ত্তৃত্বে থাকে; পাটনী। "আছে ঘাটোআল লঞা নাওখানী"-শ্রীং কীং। "ঘাটোয়াল পার করে"-সত্যপীরের ব্রতকথা। যে ঘাটোয়ালী জমী অধিকার করে। স্ত্রীং ~নী।

ঘাড় [সং-ঘাটা পুং বং প্রাদেং-ঘেঁড়ি। চৌদ্দবুড়ি মাইরছে কিল ঘেঁড়ির উপর"-পূং বং গীং] বি, গ্রীবা; গলা: মস্তকের নিম্ন ও কণ্ঠের পশ্চাৎভাগ। ২ স্কন্ধ। প্র-দায়িত্ব ঘাড়ে করা। সে সকল ভার ঘাড়ে লইল। ~কাতা [প্রাং বাং] বি, ঘাড়ধাক্কা (দ্রঃ)। "চোপাড়চাপড় মারে দেয় ঘাড়কাতা।" -মনসা মং (বিজয়)। ~ধরে-গলাটিপে; জোর জবরদস্তি ক'রে বাধ্য করে।~ ধাক্কা-বি, বহিষ্করণার্থ ঘাড়ে হাত দিয়া বল প্রয়োগ; গলাধাক্কা। "গোষা ছিল গৌরীর গুমানে গেল ভরি। ঘরে হ'তে ঘুচাইল ঘাড়ধাক্কা মারি।" -শিং। ~নাড়া-ঘাড় নাড়িয়া ইঙ্গিত করা। ২ উভয় পার্শ্বে ঘাড় নাড়িয়া অসম্মতি বা এক পার্শ্বে ঘাড় কাত করিয়া সম্মতি জ্ঞাপন করা। ~পাতা [সম্মতি-জ্ঞাপক, স্কন্ধের দিকে মাথা ঝুকানর ভাব হ'তে] ক্রি, সম্মত হওয়া; সম্মতি দেওয়া; রাজী হওয়া। ~পাতানি-ক্রি, সম্মত করান; রাজী করান। ~ভাঙ্গা-ঘাড় মট্‌কাইয়া দেওয়া; কণ্ঠাস্থি ভগ্ন করা। ২ জব্দ করা। ৩ আত্মস্বার্থে অন্যকে ব্যয় বহন করিতে বাধ্য করা। ঘাড়ে করা-মাথায় বা স্কন্ধের উপর কোন ভার তুলিয়া লওয়া। ২ বহন করা। ৩ কোন কিছুর ভার বা দায়িত্ব গ্রহণ করা। ঘাড়ে গর্দ্দানে-গলস্কন্ধ, স্কন্ধ হইতে মস্তক পৃথক বলিয়া বোধ হয় না এমন স্থূল।

ঘাড়ানি [গ্রাং 'ঘ্যাড়ানো' 'ঘেড়োনো, ঘাড়+আন (বাড়াম-বাড়াইয়া দেওয়া)] ক্রি, অগ্রসর হওয়া; গলা বাড়াইয়া দেওয়া। ২ ঘাড়পাতা: সম্মত হওয়া। ৩ দায়িত্ব বা ভার গ্রহণ করা।

ঘাড়ি [ঘাড়+ই (তুচ্ছার্থে, ক্ষুদ্রার্থে) গ্রাং ঘেড়ো] বি, মৎস্যাদির ঘাড়ভাগ: ঘাড়। ২ [+ই সাদৃশ্যার্থে বা প্রয়োজনার্থে)] ঘাড় সদৃশ অংশ। ৩ ঘাড় রাখিবার উপযোগী বস্তু, বস্তুর অংশবিঃ, চেয়ার বেঞ্চি ইং-তে হেলান দিয়া বসিবার জন্য যে অবলম্বন। "বেঞ্চগুলো সিঁড়ির মত করে সাজান * * ও হেলান দেবার জন্য ঘাড়িও ছিল।"-বঙ্গলক্ষ্মী, জ্যৈষ্ঠ; ১৩৩৫।

ঘাণ্টিক [ঘণ্টা+ইক (বাদনার্থে)] বি, যারা অনেকে মিলিত হইয়া ঘণ্টাবাদন পূর্ব্বক দেবতার উপাসনা করে। ২ বিণ, স্তুতি-পাঠক। ৩ ঘণ্টাবাদক। ৪ ধুতুরা গাছ।

ঘাত [হন্ (হনন্ করা)+অ (ভাং)। হ=ঘ, অ=আ, ন=ত। ঘাঁত দ্রঃ] বি, হিংসা; বধ: হত্যা। ২ আঘাত। ৩ প্রহার। ৪ ক্ষত: ঘা। ৫ [ণ, অ-যদ্দ্বারা হনন করে] বধ যোগ্য অস্ত্র: প্রহারক অস্ত্র। ৬ [গং] গুণন কোন সংখ্যা বা রাশির তৎসংখ্যা বা রাশি দ্বারা পুনঃপুনঃ পূরণ। ৭ স্বার্থ; স্বাভি-প্রায়; মতলব। ৮ কৌশল। ৯ সুযোগ। ~কর্ম্ম, ~ক্রিয়া-ঘাতাবেশ দ্রঃ। ~ঘোত, -ঘাঁত-ঘোঁত-কৌশলাদি: সন্ধানমূলক। ~চিহ্ন [বীজগণিতে] বর্গঘন প্রভৃতিসূচক অঙ্ক index; power. ~প্রতিঘাত-বি, ঘাত-প্রতিঘাত দ্রঃ। ঘা (ঘাঁ)তের ভাই-যে মতলব বা স্বার্থহেতু ভাই সম্বন্ধ পাতায়: অত্যন্ত স্বার্থপর।

ঘাতক, ঘাতুক [হন্ (বধ করা)+অক (র্ত্তৃ)। হ=ঘ, অ=আ, ন্=ত্। যে হিংসা করে] বিণ, আঘাতকারী: প্রহারক। ২ হত্যাকারী: হননকারী: বধকর্ত্তা: ৩ জল্লাদ; যে মৃত্যুদণ্ডে দণ্ডিত লোকের

যুক্ত বিত্তবৎ (অগ্র=অগ্‌র)। হীন যুক্তাক্ষর অকারান্তবৎ। ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্‌জ ঞ্চ=নচ ক্ষ=ক্‌ষ ...

মুণ্ডচ্ছেদ করিবার জন্য নিযুক্ত। ৪ গুণ্ডা; গুপ্ত হত্যাকারী; ঘাতুক। ৫ [মনু স্মৃতি, ৮।৫১] যার অনুমতিতে, পশুহনন করা যায়, যে পশুবধ করে; যে মাংসের ক্রয়-বিক্রয় করে; যে মাংস পাক করে, পরিবেশন করে এবং মাংস ভক্ষণ করে। স্ত্রীং ঘাতিকা।

ঘাতর্কর,১-বিণ, আঘাতকারী।

ঘাতর্কর,২ [বৌ শা] বি, জাতকের অমঙ্গলজনক বার-বিঃ (মকর রাশিতে জন্ম হইলে মঙ্গলবার, বৃষ, সিংহ, কন্যায় শনিবার; মেষ রাশিতে রবিবার; মিথুনে সোমবার; কর্কটে বুধবার; ধনু বৃশ্চিক ও মীনে শুক্রবার; কুম্ভ ও তুলারাশিতে জন্মিলে বৃহস্পতিবার)।

ঘার্তন [হন্+ণিচ্=ঘাতি (বধ করান)+অন (ভা) ই লোপ] বি, অপর দ্বারা বধ করান; হত্যাসম্পাদন। ২ যজ্ঞার্থে পশু বধ। ৩ আঘাত করান। ৪ [ণে-অন] বধসাধক অস্ত্র; যদ্দ্বারা বধ করা হয়। ৫ [সমাসে] বিণ, ঘাতক।

ঘাতপ্রতিঘাত [ঘাত (আঘাত)-প্রতিঘাত (আঘাত)] বি, আঘাত-প্রত্যাঘাত; আঘাত-সংঘাত (রবী): ক্রিয়া-প্রতিক্রিয়া action & reaction.

ঘাতিব্য-বিণ, আঘাত বা হিংসা যোগ্য।

ঘাতসহ-বিণ, যা আঘাত সহিতে পারে; যা অল্প আঘাতে ভাঙ্গে না; পিটিলে যা না ভাঙ্গিয়া বিস্তৃত হয়; আঘাত-সহনক্ষম malleable বি, ঘাতসহত্ব।

ঘাতস্থান [ঘাতের স্থান-৬তৎ] বি, শ্মশান। ২ মশান। ৩ বলি দিবার স্থান।

ঘাতাঙ্ক [গ পরি] বি, কোন রাশির ঘাত (দ্রঃ) চিহ্ন exponent : index

ঘাতাবেশ [ঘাত-আবেশ (সমাবেশ)। ঘতকর্ম-ক্রিয়া ও] বি, কোন সংখ্যা বা রাশি ধারাবাহিকরূপে তৎসংখ্যা বা রাশি দ্বারা ক্রমান্বয়ে গুণিত হইয়া একটী রাশি উৎপন্ন করিবার প্রক্রিয়া involution

ঘাতি-বি, পক্ষিবন্ধন।

ঘাতী [সং-ঘাতিন শব্দ ১ম ১ব] বিণ, বধকারী। স্ত্রীং ঘাতিনী-হননকারিণী।

ঘাতুক [হন্ (বধ করা)+উক (তৃ-শীলার্থে)] বিণ, হননকারী; বধকারী; ঘাতক। ২ ক্রূর। ৩ নিষ্ঠুর। ৪ হিংস্র।

ঘাত্য [হন+য (র্ম্ম), হ-ঘ, অ=আ, ন=ত] বিণ, বধার্হ: বিনাশ্য; বিনাশযোগ্য : বধ্য। ২ ঘাতযোগ্য : গুণনীয়। ৩ ঘাতসহ।

ঘানি, ঘানী [মুদ্রারার্থক, সং-ঘন >] বি, তৈল নিষ্কাশন যন্ত্র। "মৎস্য বেচে করে চাষ, বৈসে দুই জাতি দাস, কলুরা নগরে পাতে ঘানি"-কবিক। ~গাছ-বি, যে স্থূল কাষ্ঠস্তম্ভের গাত্র-সংলগ্ন করিয়া ঐ স্তম্ভের চতুর্দ্দিকে ঘানি ঘুরান হয়। ~টানা-অপরাধের দণ্ডস্বরূপ ঘানি টানিয়া তৈল নিষ্কাশন করা। বিষমঘানি, শক্ত ঘানি-অতিশয় পরিশ্রমের কার্য্য; কঠিন কর্ম্ম। ২ [আলং] যে ঘানির মত পেষণ করিয়া কাজ আদায় করে ও যাকে ফাঁকি দেওয়া কঠিন: যার কাছে সহজে কাজ হাসিল করা যায় না; শক্ত পাল্লা বা ঠেলা কঠিন ঠাঁই।

ঘাপ্‌টি [ঘাটি দ্রঃ। 'ঘুপটি'ও বলে] বি, ওত: লুকায়িতভাবে অপেক্ষা। ২ অন্ধকার। ঘা মারা-লুকাইয়া ওত করিয়া থাকা। "ঘাপ্‌টি মেরে এক কোণে।"-ম্যাকবেথ। "উকিলদিগের দালাল ঘাপ্‌টি মেরে জাল ফেলিতেছে।"-টেকচাঁদ।

ঘাবড়ানি [হিং-ঘবড়ানা। ঘাবড়াই, ঘাবড়াও, ঘাবড়ায়, ঘাবড়াইতে (ঘাবড়াতে), ঘাবড়াইয়া, ঘাবড়িয়া (গ্রা ক্ষে) ঘাবড়ে। উভয়-সকর্ম্মক ও অকর্ম্মক] ক্রি, বিচলিত হওয়া; থতমত খাওয়া: ভেব্‌ড়ে যাওয়া; ভীত হওয়া। "কিন্তু ব্লাকিয়র সাহেবের খিচুনিতে এক একবার ঘাবড়িয়া যাইতে লাগিল।"-টেকচাঁদ। ২ ভয় দেখান: ভেব্‌ড়ে দেওয়া; থতমত খাওয়ান। বি, ঘাবড়ানি।

ঘাম [সং-ঘর্ম্ম=রৌদ্র: গ্রীষ্ম-তার ফল স্বেদ। হিং-ঘাম অর্থে রৌদ্র] বি, স্বেদ, ধর্ম্ম: শরীরের ক্লেদ: শ্রমজল। "পৃথিবী ভরমিআ দুহে পরিসরম হই আ। অঙ্ক অঙ্গের ঘাম পবভু ফেলিল মুছিএ।"-শূ পু। ঘামহি-ঘামেতে। "ঘামহি অলকা তিলক বহি যাওত।"-জ্ঞান। ক্রি, ঘামা। বিণ, ঘামুয়া, ঘেমো-ঘর্ম্মাক্ত। ২ যে বেশী ঘামে। ~তেল-বার্ণিশ-মিশ্রিত তার্পিণ-তৈল। ঘাম দিয়া জ্বর ছাড়া-ঘামের পর জ্বর ছাড়ার মত, উদ্বেগ বা সঙ্কট কাটিয়া যাওয়া। কাল ঘাম-যে ঘাম মৃত্যু ঘটায়: মৃত্যু কালীন ঘাম।

ঘামা [সং-ঘর্ম্ম-ঘাম+আ (ক্রিয়ার)। ঘামি, ঘাম, ঘামে; ঘামিতে, ঘামিয়া (ক্ষে ঘেমে)। ণিজন্ত-ঘামান] ক্রি, ঘর্ম্মাক্ত হওয়া।

ঘামাচি [সং-ঘর্ম্মচর্চ্চিকা] বি, ঘর্ম্মজনিত ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণবিঃ।

ঘামানি [ঘামা দ্রঃ। ঘামাই, ঘামাও, ঘামায়; ঘামাইতে (ক্ষে ঘামাতে); ঘামাইয়া (ক্ষে ঘামিয়ে)] ক্রি, ঘর্ম্মাক্ত কলেবর করা। ২ চালনা করা। প্র-মাথা ঘামান। বি, ঘামানি। বিণ, ঘামানিয়া, ঘামানে।

ঘাল, ঘালি, ঘায়েল [সং-ঘাত > ঘাল > (প্রাদে ঘাইল > ঘালি। হিং-ঘায়েল্=আঘাত প্রাপ্ত wounded; চোট প্রাপ্ত হইতে বাং-য়-চোট অর্থে ব্যবহার] বি, আঘাত; চোট। ২ বিণ, ক্ষত: আহত। ঘালি খাওয়া-আহত হওয়া: ঘায়েল হওয়া; চোট পাওয়া। "ঘালি খেয়ে তায় ঘায়ের জ্বালায় ঘুরে ঘুরে পড়ে ধোঁকে।"-ঘ।

ঘালুয়া [প্রাদে শ্রীহট্ট] বি, ঝুল।

ঘাস [ঘস্ (ভক্ষণ করা)+অ (র্ম্ম-জ্ঞা) গবাদি পশু যা ভক্ষণ করে] বি, তৃণ দূর্ব্বাদি। ~কাটা-ঘেসেড়া। ২ [ঘা কাটা] ক্রি, ঘাস কর্ত্তন করা। (২) [বিদ্রূপার্থে] সামান্য কাজ করা, > বৃথা কর্ম্ম করা (তুল-নেই কাজ ত খই ভাজ)। ~কূট-বি, তৃণাদির স্তূপ বা পালা। ~জল-গবাদি পশুর খাদ্য। ২ বিশেষত্বহীন একই প্রকার আহারীয়। প্র-এখানেও ঘাস জল, সেখানেও ঘাস জল।

ঘাসি [ঘস্ (গ্রাস করা)+ই (র্ত্তৃ-জ্ঞা-যে সকল গ্রাস করে] বি, বহ্নি, অগ্নি [প্র অ]। ২ বিণ, ঘাসযুক্ত, ঘেসো। ~য়াড়া, ঘাস্‌ড়িয়া [গ্রা-ঘেসেড়া। ঘাস+বালা, বারা] বি, যে ঘাস কাটে; যে ঘাস যোগায়।

ঘাসী [ঘাস দ্রঃ] বি, ঘেসেড়া। ২ বিণ, ঘাস কর্ত্তনকারী। ৩ ঘাস সম্বন্ধীয় ; ঘেসো।

ঘি [সং-ঘৃত। প্রাকৃ০-ঘিঅ। হি০-ঘিউ] বি, আজ্য ; ঘৃত ; হবিঃ ; দুগ্ধজাত স্নেহ। ২ মস্তিষ্ক। প্র-মাথার ঘি। ~আ-ঘিয়া দ্রঃ। ~ঘি-বিণ, ঘৃতবৎ।

ঘিওর, ঘিয়োর [প্রাদে০ ঘিওড়া। সং ঘৃতপূর > ঘৃতউর > ঘিউর > ঘিওর] বি, ঘৃত মিশ্রিত ও ঘৃতপক্ক পিষ্টক বা মিষ্টান্ন বিঃ।

ঘিঁষ-বি, ঘেঁষ দ্রঃ।

ঘিকুমারা-ঘৃতকুমারী দ্রঃ।

ঘিচ্‌পিচ [ঘন > বিণ, নিবিড় : ফাঁকহীন ; ঘন সন্নিবিষ্ট।

ঘিচি [সং-কুঞ্চিত >] বি, কুঞ্চিত পৃষ্ঠ কপর্দ্দক ; ঘেচিকড়ি। ২ বিণ, ঘন ; ঘিঞ্জি দ্রঃ। ~ঘিচি [গিজগিজ দ্রঃ] ঘনত্বের বিস্তার : গিজ্‌ গিজ্‌ (তুল-হি-ঘিচ্‌-পিচ্‌)।

ঘিজঘিজ-ঘ্যাজঘ্যাজ দ্রঃ।

ঘিঞ্জি [ফা০-গুনজান্‌=ঘন : নিবিড় dense ; close এই অর্থে হি০-গঝিন] বিণ, নিবিড় ; গাঢ় ; ঘন। ২ সঙ্কীর্ণ। ৩ লোক বহুল। ৪ এঁদো।

ˋ**ঘিটা** [ঘট্‌ঘট্‌ করিয়া লাগিবার শব্দ >। তুল-হি০-ঘূট (ঢোক্‌)] ক্রি, ঘট্‌ঘট্‌ করিয়া গেলা। "ঘন ঘন গিলে জল ঘিটে ঘট্‌ঘট্‌।"-ধ০ ম০ (মা০)।

ঘিন [সং-ঘৃণা > গ্রা০] বি, ঘৃণা।

ঘিন্‌ঘিন্‌₁ [সং-ঘৃণা : বাং-প্রাকৃ০ ঘেন্না : তার ভাব অর্থে দ্বিত্ব "ঘেন্না ঘেন্না"] বি, ঘৃণাবোধ। প্র০-গা০ ঘিন্‌ঘিন্‌ করা। ক্রি, ঘিন ঘিন্‌ করা-ঘৃণা করা। বিণ, ঘিন্‌ঘিনা, ঘিন্‌ঘিনিয়া, ঘিন্‌ঘিনে-ঘৃণাকারী ; যার সহজে ঘৃণার উদ্রেক হয়। (২) আহারীয় প্রায় সকল বস্তুতে যার ঘৃণা ; যার কিছুই রুচিকর হয় না।

ঘিন্‌ঘিন্‌₂ [অনু০] বি, ঘেনঘেন্‌ দ্রঃ। বিণ, ঘিনঘিনা, ঘিনঘিনে-মুহুর্মুহু। ঝিন-ঝিন্‌ দ্রঃ। প্র-ঘিন্‌ঘিনে ব্যথা।

ঘিনে [ঘৃণায় > গ্রা০] ক্রি-বিণ, ঘৃণায়। "ঘিনে বান্দী নাহি পিন্দে পাটের পাছড়" -মাণিক০। ২ ক্রি, ঘৃণা করে।

ঘিয়া [গ্রা০ ঘিয়ে। ঘৃত > ঘি + ইয়া (যুক্ত)] বিণ, ঘৃতসম্বন্ধীয়। ২ ঘৃত মিশ্রিত।

ঘিয়াকড়ি-বি, মসৃণ উজ্জ্বলবর্ণ কড়ি।

ঘিয়োর-ঘিওর দ্রঃ।

ঘির-বি ঘের দ্রঃ।

ঘিরা [সং-ঘৃ (আচ্ছাদনে)=ঘির্‌ + আ (ক্রিয়া বিভক্তি)। ঘিরি, ঘির (ঘিরুন, ঘির্‌), ঘিরে (ঘিরেন) ; ঘিরিতে, (ক্ষে০ (ঘিরতে) ; ঘিরিয়া (ক্ষে ঘিরে)। ণিজন্ত-ঘিরানো] ক্রি, ঘেরা দ্রঃ।

ঘিলু [প্রাদে০ গ্রা০ ঘৃতালু-যা ঘৃতাক্ত বা যাতে ঘি আছে] বি, মস্তিষ্ক : মগজ। "পুষ্টিকর খাদ্যের অভাবে তোমার মাথায় ঘিলু একেবারে শুকিয়ে গেছে"-বিবেকানন্দ প্রসঙ্গ।

ˋ**ঘিষ্টা** [হি০-ঘসীটা] বিণ, ঘৃষ্ট ; ঘষিত।

ˋ**ঘিষ্টানি** [হি০-ঘসীট্‌না] ক্রি, ঘষড়ান। ২ বিণ, ঘষণে ক্ষয় প্রাপ্ত।

ঘিসকাপ, ঘিসক্যাপ [ঘর্ষণ > ছুতারের ভাষায়] বি, সুত্রধর যে অস্ত্র ঘর্ষণ করিয়া কাষ্ঠ মসৃণ ও সমতল করে, র‍্যাঁদা।

ঘুংড়ি (রি) কাশি-বি, হুপ হুপ শব্দ-কারী কষ্টকর কাশ রোগ (সাধাঃ শিশুদের) hooping cough

ঘুংনি-ঘুগনি দ্রঃ।

ˋ**ঘুঁজি** [ঘোঁজ দ্রঃ] বি, সঙ্কীর্ণ গলি। ২ গলির মধ্যে একান্তে অবস্থিত যে বক্র ও সঙ্কীর্ণ স্থানে আলোক প্রবেশ করে না ; অন্ধকার কোণ ; এঁদো স্থান। ৩ শিং বাঁকা গরু। "চিনিস বা না চিনিস ঘুঁজি দেখে দেখে গাই কিনিস্‌"-প্রবাদ। গলি-ঘুঁজি-সঙ্কীর্ণ পথ ; এঁদো কোণ। ৪ ঘোঁজ দ্রঃ।

ঘুঁট [হি০ > সং-গণ্ডূষ] বি, গণ্ডূষ ; ঢোক।

ঘুটনি [সং-ঘোটনী >] বি, ঘোটন কাটি। ২ [প্রাদে০ শ্রীহট্ট] ধাতুনির্ম্মিত দণ্ড বিঃ (যা সিদ্ধি ভাঙ ইং মথিত করিয়া জলের সহিত মিলাইবার জন্য ব্যবহৃত হয়)। ৩ কাষ্ঠ নির্ম্মিত (সাধাঃ গাছের ডাল) সিদ্ধি ঘোঁটন দণ্ড।

ঘুঁটা, ঘোঁটা [সং-ঘট্টা > হি০-ঘুঁট্‌না বা ঘোঁট্‌না। ঘুঁটি, ঘুঁট, ঘুঁটে ; ঘুঁটিতে (ক্ষে০ ঘুঁটতে) ; ঘুঁটিয়া (ক্ষে০ ঘুঁটে)] ক্রি, সঞ্চালন করা ; আলোড়ন করা ; আবর্ত্তন করা ; বাটা ; পেষণ করা। ২ অন্বেষণ করা : খুঁজে বেড়ান।

ঘুঁটানি, ঘোটানি-আলোড়ন করান : বাটান। 'দেশ বিদেশে লয়ে যাবে, ভাঙ সিদ্ধি ঘুঁটাইবে।"-ভারত০। ঘুঁটে দেওয়া₁-ঘোঁটা, আলোড়ন করা। বি, ঘুঁটন, ঘোঁটন।

ˋ**ঘুঁটি** [সং-ঘুণ্টিকা] বি, ইষ্টকাদি খণ্ড, ঢিল। ২ সতরঞ্চ পাশা ইং খেলিবার গুটিকা। প্র-ঘুঁটি চালা। ~খেলা-বি, ঘুঁটি লইয়া খেলা ; অষ্টাকষ্টিয়া, দাবা, মোগল-পাঠান, বাঘবন্দী ইং খেলা। ~চালা-খেলার দানে ঘুঁটি ফেলা। ২ ঘুঁটি চালিয়া অদৃষ্ট পরীক্ষা করা।

ˋ**ঘুঁটিয়া, ˋঘুঁটে** [সং-ঘুণ্টিক "বনস্থ করীষ"-শব্দ০ ক০ দ্র] বি, শুষ্ক গোময় : ঘুঁটে পোড়ে গোবর হাসে।"-প্রবচন। ~কুড়ানী, ~কুড়ুনী, ~কুড়োনী-যে দরিদ্রা গোচারণের মাঠ বা পথ হইতে ঘসি সংগ্রহ করিয়া বিক্রয় করিয়া জীবিকা-নির্ব্বাহ করে। ২ দরিদ্রা নারী : সম্বলহীনা। "আসামীর আর কি বলবার আছে? বলবেন তো এই যে আপনার মা ছিল একটা ঘুঁটেকুড়ানী বাপ ছিল একটা বেণে।"-পিতা-পুত্র। ঘুঁটে দেওয়া-গোময় দ্বারা ঘুঁটে প্রস্তুত করা।

ঘুঁড়ী-ঘুড়ী দ্রঃ।

ঘুঁৎঘুঁতে-ঘোৎ ঘোৎ দ্রঃ।

ˋ**ঘুগনি, ঘুঘনি ˋঘুংনি, ঘুঙ্গনি** [হি০ ঘুঁঘনী] বি, আলু নারিকেল ইং-র ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডের সহিত মসলা যোগে সিদ্ধ মটর বা বরবটি কলাই। জলে ভিজান মসলা যোগে ঘি বা তেলে ভাজা মটর বা ছোলা : চিনির রসে পাক করা কলাই। ইহাকে কলিকাতায় "নকলদানা" বলে। ~দানা

-ঘুগনি-করা দানা। ইহাতে আলু ও নারিকেলের কুঁচিও মিশায়।

ঘুঘু [সং-ঘূ (শব্দে), ঘুঘুঘু এইরূপ শব্দ করে বলিয়া] বি, ঘুঘু রবকারী কপোত জাতীয় পক্ষিবিঃ dove স্ত্রীং প্রাদে ব্যবহারে-"ঘুঘী" "ঘুগ্নী"। ঘুঘু-ছোট, বড়, মাঝারী নানা আকারের ও নানা বর্ণের হয়। জাতি অনুসারে ঘুঘুর নামও ভিন্ন ভিন্ন। চূড়াধারী ঘুঘু-যাদের মাথায় বুলবুলির ন্যায় ঝুঁটি ও ডানায় শাদা কালো ডোরা হয়। তিলিয়া ঘুঘু বা পাঁড় ঘুঘু-যাদের গায়ে ফুটকি ফুটকি দাগ হয় spotted dove রাজঘুঘু বা রামঘুঘু-লালাভ হরিদ্বর্ণ অথবা টুকটুকে লালবর্ণ ঘুঘু red turtle dove শ্যামঘুঘু-ঘাড়ে কাল বেড় খয়েরি বর্ণের ঘুঘু turtle dove স্বর্ণঘুঘু-সোণার বর্ণের ঘুঘু। "ধরি নানা বর্ণ, তিলে, হস্তেল, স্বর্ণ"-কেং বন্দো (বাং বসুমতী)। হরিয়াল ঘুঘু-গাছের পাতার মত সবুজ বর্ণের ঘুঘু; কিন্তু 'হরিয়াল' স্থলে 'হরিতাল' শব্দের অপপ্রয়োগবশতঃ গ্রাং বাং-র-"হস্তেল ঘুঘু" বলে। ২ [খৃষ্টান মিশনরিগণের আবির্ভাবের পর হইতে, পবিত্র আত্মা স্থলে বিদ্রূপে "পবিত্র ঘুঘু" sacred dove. অর্ব্বাচীন অর্থ] বিণ, অত্যন্ত কৌশলী; চতুর; মতলবী; স্বার্থ সাধন বা স্বকার্য্য উদ্ধারপটু। ঘুঘু দেখেছ ফাঁদ দেখ নাই-ঘুঘু পাখীকেই আনন্দে চরিতে দেখিয়াছ কিন্তু সে যে ফাঁদে ধরা পড়ে ও মারা যায় তাহা দেখ নাই। (>) সুখের মুখ দেখেছ দুঃখের পরিচয় পাও নাই। ২ [ঘুঘু দেখিয়া তাহা ধরিতে যাওয়া এবং ঘুঘু ধরা ফাঁদে পড়িয়া কষ্ট পাওয়ার ভাব হইতে] লোভে পড়িয়া অগ্রসর হয়েছ কিন্তু ফাঁদে পড়িবে যে, তাহা ভাব নাই। ভিটায় ঘুঘু চরা [ঘুঘু জনশূন্য স্থানেই থাকিতে ভাল বাসে। >] অভিশাপবিঃ; সর্ব্বনাশ হওয়া; উজাড় হওয়া। ভিটায় ঘুঘু চরানি-সর্ব্বনাশ করা।

ঘুঘুর [গ্রাং প্রাদেং] বি, ঘুঘুর পোকা। ২ পদতলের দূষিত ক্ষত রোগ।

ঘুঙট, ঘুঙ্গট, ঘুজ্ঘট-ঘোম্‌টা দ্রঃ।

ঘুঙুর, ঘুঙ্গুর, ঘুজ্ঘুর [সং-ঘুজ্ঘুর। প্রাং ঘুমুর (বৈং কবি জ্ঞানদাসে), ঘুমুর, ঘুঙুর]। তুল-মাল- 'গুঙ্গোরি' L.M.L.] বি, চরণালঙ্কার বিঃ: যে পাদাভরণ ঘুঙ্ ঘুঙ্ বা ঘুঙ্‌ঘুর্‌ রবে বাদ্য করে। "রাধার পায়ের কনক ঘুঙ্গুর।"-অশোকং। "ঘন ঘণ্টা বাজে ঘোর ঘুজ্ঘুরের রব,"-ঘং।

ঘুঙ্গড়ি [হিং-ঘুঙ্গরু শব্দ >] বি, সর্দ্দি বসিয়া গেলে কাশিবার সময় যে ঘুঙ্ ঘুঙ্ শব্দ হয়। ২ ঘুঙ্গরি বাল্‌সা; শিশুদের বুকে সর্দ্দি বসিয়া গলা ঘড়্‌-ঘড় করা রোগ; বালরোগ। ৩ মৃত্যুর পূর্ব্বকালীন কণ্ঠধ্বনি; গলা ঘড়-ঘড়ানি।

ঘুচ [ঘুচ্ দ্রঃ। অনুং] অ, এক আঘাতে লঘু কর্ত্তন শব্দ।

ঘুচন [প্রাদেং। ঘুচা দ্রঃ] বি, নাশ; ধ্বংস। ২ সমাপ্তি। ৩ ত্যাগ। ৪ মোচন। ৫ [প্রাদেং] গোবর দিয়া উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করণ; এঁটো পাড়ন।

ঘুচা [গ্রাং ঘোচা। তুল-সং ঘুষ্ বা ঘট্ (বধে), ঘট্ (চলনে), ঘুট্ (পরিবর্ত্তনে) অথবা মূলে সং-গম্ (গচ্ছ) ধাতু থাকা সম্ভব। কোন কিছু গত হওয়ার ভাবই ইহাতে প্রবল। হিং-চুক্‌না। অকর্ম্মক। ঘুচি, ঘুচ, ঘুচে; ঘুচিতে (কেং ঘুচতে); ঘুচিয়া (কেং ঘুচে)। ণিজন্ত-ঘুচান] ক্রি, সমাপ্ত হওয়া; শেষ হওয়া। প্র-তার সংসার করা এইবার ঘুচে গেল। ২ নাশ হওয়া; ধ্বংস পাওয়া। প্র-সুখ ঐশ্বর্য্য সমস্ত ঘুচিয়া গিয়াছে। ৩ অদৃশ্য হওয়া; লোপ পাওয়া। "মান অপমান গেছে ঘুচে নয়নের জল গেছে মুছে।"-রবীং। ৪ গত হওয়া; অতিবাহিত হওয়া। "আর কি ভারত সজীব আছে * * * * হায় রে সে দিন ঘুচিয়া গেছে।"-হেমং। ৫ অপনীত হওয়া; সরিয়া যাওয়া; ছাড়া, চলিয়া যাওয়া। "এহা জানী ঝাট ঘুচ আন্ধার পাশ" -শ্রীং কীং।

ঘুচানি [ঘুচা (দ্রঃ)। ণিজন্ত রূপ। ঘুচাই, ঘুচাও (ঘুচান, ঘুচা), ঘুচায় (ঘুচান): ঘুচাইতে (কেং ঘুচাতে); ঘুচাইয়া (কেং ঘুচিয়ে)] ক্রি, ধ্বংস করা; শেষ করা; নাশ করা। ২ মিটান; পরিসমাপ্তি করা। "ঘুচাহ কচাল"-শ্রীং কীং। ৩ দূর করা; অভাব মোচন করা; মুছিয়া ফেলা; বিলোপ করা। প্র-কলঙ্ক ঘুচান। দুঃখ ঘুচান। "ঘুচাইব যত মনের তাপ।" ৪ বিচ্ছিন্ন করা; রহিত করা। প্র-সম্বন্ধ ঘুচান। "নইলে তার দেওয়ানী ঘুচিয়ে দেব।" -যোগেশ্বরী (দামোদর)। ৫ ত্যাগ করা; সরান। "কাঁচুলি ঘুচাঞা রাধা"-শ্রীং কীং। ৬ হত্যা করা; জীবন শেষ করা। ৭ প্রতিবন্ধকতা করা; বাধা প্রদান করা; প্র-তার ঘর সংসার করা এইবার ঘুচাইয়া দিবে। ৮ [প্রাদেং] গোবর জল দিয়া উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করা; নিকান; এঁটো পাড়া। ৯ কোন কিছুর বিপরীত বা উল্টা করা। ১০ [> গ্রাং] যা বদ্ধ আছে বা বাঁধা আছে তাকে মুক্ত করা; খোলা। প্র-দুয়ার ঘুচাও। গেরটা ঘুচিয়ে দাও।

ঘুট [তুল-হিং-ঘুট্‌না। ঘুটি, ঘুটিক, 'ঘুটী' ওং] বি, গোড়ালি; গুল্ফ।

ঘুট/ঘুট, ঘুটঘুটিয়া, ঘুটঘুটে [ঘুট্ (ব্যাঘাত করা) বা ঘট (সংঘাতে নিবিড়তায়)। আধিক্যার্থে দ্বিত্ব। পূং বং প্রাদেং গুটগুট্যা (গুটগুট্যা আঁধার-পূং বং গীং)] বিণ, গাঢ় কৃষ্ণবর্ণ; মিশ্‌মিশে কাল; ঘনান্ধকার। "তবে হাত পা দেখে বোধ হয় ঘুট ঘুটে কালো।"-দ্বিং রায়। "ঘুটঘুটে অন্ধকারে সামনের মানুষ চেনা যায় না।" ~ঘুট করা-আঁধার পরিব্যাপ্ত হওয়া বা ঘনীভূত হওয়া বা প্রকটভাবে বিরাজ করা। ২ [গুটগুট (দ্রঃ) >। আদরার্থে] লঘু পদ ক্ষেপে গৃহমধ্যে বা অল্পপরিসরের মধ্যে ইতস্ততঃ গমনাগমন করা [আধিক্যার্থে ঘটঘট। ব্যাপ্তি অর্থে 'ঘটর ঘটর'। আদরার্থে 'ঘুটুর ঘুটুর']।

ঘুটি, ঘুটিক-ঘুট দ্রঃ। স্ত্রীং ঘুটিকা।

ঘুটিং [প্রাদেং-ঘষিম। হিং] বি, কাঁকর, নুড়ি প্রভৃতি যা দগ্ধ করিয়া চূণ

তৈয়ারী হয়। প্র-ঘুটিং চূণ। ২ গুটকচূ। ঘুটি। "খেলি ফুল ঘুটিং পুখুর দেই গায় বেনা গাছে ঝুঁটি বেঁধে গড়াগড়ি যায়।"-শি

ঘুটী-ঘুট দ্রঃ।

ঘুটমিণ্ডল-গোঁটমণ্ডল দ্রঃ।

ঘুটমুট [অনু॰] অ, বায়ু বা অপবিপাক হেতু উদরের মধ্যে ঐরূপ শব্দ।

ঘুড়ী [হি॰-গুড্ডী। সং-ঘূর্ণ] বি, বায়ুভরে যা ঘুরিতে ঘুরিতে চলে, আকাশে উড়াইবার চতুষ্কোণ কাগজখণ্ড-নির্ম্মিত ক্রীড়নক। ঘুড়ীর প্যাঁচ-ঘুড়ীর লড়াই। একজনের ঘুড়ীর সূতার দ্বারা অন্যের ঘুড়ীর সূতা কাটা। ঘুড়ীর সূতায় মাঞ্জা দেওয়া-কাঁচের গুঁড়া আটার সহিত মিশাইয়া তাতে সূতা মাজা। ঐ সূতায় সূতা সহজে কাটে। ভোঁমারা ঘুড়ী [ভ্রাম্যমাণ > ভোঁমারা] সূতা কাটিয়া যে ঘুড়ী ঘুরিতে ঘুরিতে পতিত হয়। ঘুড়ীর প্রকার ভেদে বিভিন্ন নাম আছে যথা-ঘঁয়লা-সমস্ত শাদা কেবল এক পার্শ্বে ভিন্ন বর্ণের পটি বা পটির মত রঙ্গ করা থাকে। দো ঘঁয়লা-সতরঞ্চি চেক কাটা। ঢাউস [ঢাপুস (পূ॰ বঙ্গে)] খুব প্রকাণ্ড ঘুড়ী। অনেকটা দবমার মত: চওড়া বাঁকারি কাপড় ও কাগজ দিয়া তৈয়ার করিতে হয় এবং সূতার পরিবর্ত্তে দড়ী বাঁধিয়া উড়াইতে হয়। চিলে-মাঝারি আকারের ঘুড়ী। পতঙ্গ-ক্ষুদ্রাকৃতি ঘুড়ী। হিন্দীতে ঘুড়ী মাত্রকে পতঙ্গ বলে। তেলাঙ্গ-ঘুড়িভেদ। মানুষ ঘুড়ী-মানবাকৃতি বলিয়া এই নাম। বামনা-কাল, লাল ই॰ রঙ্গের ধারি বা পটি বসান বা তদ্রূপ রঙ্গ করা। ধারি বা পটির বর্ণ অনুসারে কালা বাম্‌না, লাল-বাম্‌না ই॰ নাম হয়। ঘুড়ীর বিভিন্ন অংশের নাম-শঁলা (মুণ্ডশলা-পূ॰ বঙ্গে)-ঘুড়ীর পৃষ্ঠদণ্ড-বৎ সরলভাবে থাকে যে কাঠি। কাঁপ বা পেটী-যে কাঠি ধনুকের আকারে লগ্ন থাকে।

ঘুড়ী-ঘোড়া দ্রঃ।

ঘুণ [ঘুণ্‌ (ভ্রমণ করা) + অ (র্ত্তৃ)] বি, কীটবিঃ। কাষ্ঠাদি ধ্বংসকারী একপ্রকার ক্ষুদ্র কীট; কাষ্ঠকৃমি। ২ চিন্তা। "ভাবিতে রসের তনু জারিলেক ঘুণে"-চণ্ডি॰। কাঁচা বাঁশে ঘুণ ধঁরা-অল্প বয়সে শোক অথবা চিন্তাদিতে জীর্ণ দেহ হওয়া। ঘুণ হঁওয়া [ঘুণ কীটের ন্যায় অভ্যন্তরে প্রবেশ করার ভাব >] নিপুণতা লাভ করা: পরিপক্ক হওয়া: অভিজ্ঞতা লাভ করা। প্র-লোকটা ঐ কাজে ঘুণ হয়ে গেছে।

ঘুণাক্ষর [ঘুণ (দ্বারা কৃত) অক্ষর-ধা] বি, ঘুণ পোকা ইচ্ছামত কাটিতে থাকে দৈবাৎ সেই কাটের মুখে এক আধটা অক্ষর সদৃশ হইয়া পড়ে; তা হ'তে দৈবাৎ: অজ্ঞাতসার। ২ আশ্চয্য ঘটনা। ৩ সৌভাগ্য। ৪ স্মৃতি খেলা। ৫ ইঙ্গিতমাত্র: কিছুমাত্র: সামান্য। "আমি ত এ বিষয়ের ঘুণাক্ষর জানি না।" ক্রি-বিণ, ঘুণাক্ষরে-ইঙ্গিতে: ইসারাতে। "সাবধান এ বিষয় যেন কেউ ঘুণাক্ষরে না জানতে পারে।"

ঘুণি, ঘুণী [প্রাদে॰। কঠিন ঘন সন্নিবেশ আছে বলিয়া। 'ঘুনি' ও॰] বি, বংশশলাকা-নির্ম্মিত মাছ ধরিবার এক প্রকার পিঞ্জর। ছোট বড় নানা আকারের হয়। কোন কোন ঘুণীর দুই দিকে মাছপ্রবেশের পথ থাকে।

ঘুণ্ট, ঘুণ্টক [ঘুট্‌ (ব্যাঘাত করা) + অ-ন্‌ আগম + ক যোগে ঘুণ্টক] বি, গোড়ালি; ঘুটিক।

ঘুণ্টি [হি॰ তুল-মাল॰ 'গুণ্ডি knob—I M L.] বি, বোতাম বিঃ; সূতায় গোল বোতাম। ২ অতিক্ষুদ্র ঘণ্টা। প্র-ঘুণ্টি দেওয়া জুতা (শিশুদের)। ~ঘঁর বোতামের ঘর; বোতাম পরাইবার ছিদ্র।

ঘুণ্টিক বি, বিলঘুঁটে। ঘষি (দ্রঃ)।

ঘুনসি, ঘুনসী [প্রাদে॰] বি, কোমরে পরিবার সূতা। "জীবন ভাণ্ডারীর বয়স কিছু বেশী, কতকগুলো চাবি ঘুন্‌সিতে ঝোলান।" -সীতারাম (বঙ্কিম॰)।

ঘুনি-ঘুণি দ্রঃ।

ঘুপসী [ঘোপ (দ্রঃ) + সী (সাদৃশ্যার্থে -হি॰-র অনুকরণে)] বিণ, খুবরির ন্যায় অর্থাৎ ক্ষুদ্র; খোপ বা ঘোপের মত। ২ অন্ধকারময়। প্র-ঘুপসী ঘরে ঢকে প্রাণ হাঁপিয়ে উঠেছে॥

ঘুম [ঝুম দ্রঃ। হি॰-অজ্বাই-উঙ্‌ঘনি। 'ঘুমই'-ঘুমায় (চ॰ পদ॰) 'ঘুমাওল', 'ঘুমল', 'ঘুমায়ত', 'ঘুমাইয়া' ই॰ প্রা॰-বাং-য় প্রচর] বি, নিদ্রা; সুপ্তি। "ঘুমাৎ আলোকে" -বি॰ প॰। ২ "ঘুমে অচেতন"-পদ্মা পু॰ (বংশী)। শয়ন। ৩ দার্জ্জিলিং সন্নিহিত পর্ব্বত চূড়াবিঃ। ~আজুলি-বিণ, ঘুমের ভাণকারী। "ওগো আমার ডালিমফুলি ঘু আ॰ সই"-উত্তরা। ~কাতর-নিদ্রাক্লিষ্ট; নিদ্রাভাবে কাতর। ~কাতুরে-যে খুব ঘুমায়; ঘুমাইতে না পাইলে যার কষ্ট হয়; যে অধিকক্ষণ জাগিয়া থাকিতে পারে না। ~গিড়িয়া [হি॰-ঘুমাক্কড়] বিণ, অলস: নিদ্রালু। ~ঘোর-নিদ্রার গাঢ় অবস্থা। "সাধের ঘুমঘোর কভু কি ভাঙ্গিবে না"। ২ নিদ্রার আবেশ। ~চটে যাওয়া-ব্যাঘাত জনিত নিদ্রাবেশ কাটিয়া যাওয়া ও পুনরায় ঘুম না আসা। ~চোখ-নিদ্রাবেশে নিমীলিত-প্রায় চক্ষু; ঘুমে ঢুলুঢুলু চোখ। ~দেওয়া, ~মারা-প্রায়ই অলসের বৃথা সময় ক্ষেপণের প্রতি কটাক্ষচ্ছলে উক্ত হয়; নিদ্রা যাওয়া। ~ধঁরা, ~পাওয়া-বি, ঘুমাইতে ইচ্ছা হওয়া; নিদ্রালু হওয়া। ~পাড়ানি-যাতে কাহার নিদ্রাকর্ষণ হয় তার উপায় করা; নিদ্রা যাইতে বাধ্য করা। ~পাড়ানিয়া-বিণ, নিদ্রাকর্ষণকারী: যাতে ঘুম আসে এমন। "মৃদুল গুঞ্জন করি শুনাইত ঘুমপাড়ানিয়া সুমধুর সুরে" -বঙ্গবাণী, ৩৪। ~ভাঙ্গা-নিদ্রার ঘোর কাটা; নিদ্রা শেষ হওয়া। ~ভাঙ্গানি-নিদ্রিত ব্যক্তিকে জাগান। ~হারা-বিণ, নিদ্রাহীন। কাঁচা ঘুম-যতক্ষণ ঘুমাইলে নিদ্রাপূর্ণ হয় তাহা অপেক্ষা অল্প ঘুম: অপূর্ণ নিদ্রা; প্রয়োজনাপেক্ষা অল্প নিদ্রা।

ঘুমন্ত [ঘুম-অন্ত (প্রত্যয়)। ঘুমানো দ্রঃ] বিণ, নিদ্রিত; সুপ্ত; নিদ্রামগ্ন। "ওই কে অমরবালা দাঁড়ায়ে উদয়াচলে, ঘুমন্ত প্রকৃতি পানে চেয়ে আছে কুতূহলে।"-বি॰ চক্রবর্ত্তী (সারদামঙ্গল)।

ঘুমঁন-বি, নিদ্রাগমন। বিণ, ঘুমঁনিয়া।

ঘুমা, ঘুমানি [গ্রা॰-ঘুমোনো; ঘুমুনো। ঘুম (দ্রঃ) + আ, আন (ক্রিয়া বিভক্তি)। ঘুমাই, ঘুমাও (ঘুমান, ঘুমা, ঘুমো), ঘুমায়

(ঘুমান) ; ঘুমাইতে (ক্ষে ঘুমাতে), ঘুমাইয়া (ক্ষে০ ঘুমিয়া, ঘুমিয়ে)। অকর্ম্মক] ক্রি, নিদ্রা যাওয়া ; নিদ্রিত হওয়া। "ছেলে ঘুমাল পাড়া জুড়াল।"-ছড়া। ২ [ঘুমাইয়া থাকার ভাব >] অসতর্ক থাকা ; খোঁজ খবর না রাখা : অজ্ঞাত থাকা। ৩ অচেতন থাকা। "আর ঘুমাও না মন, মায়া ঘোরে কতদিন রবে অচেতন।"-গিরিশ০। ৪ [লক্ষণায়] মৃত হওয়া। "হেথা আসি কলকণ্ঠ পড়িয়াছে ঘুমিয়া।"-কাব্য-কুসুমাঞ্জলি। ৫ বিণ, ঘুমন্ত: সুপ্ত। "ঘুমানো বীণা তারে জাগায় গান।"-অবসর। [ব্রজ০] ঘুমল-ঘুমাইল। ২ ঘুমন্ত। "ঘুমল দুহুঁ জন হিয়ে হিয়ে জোর।"-জ্ঞান০। ঘুমায়ব-ঘুমাইব। "শুনি কহে সব সখী, শুন মো সবার বোল, সবহুঁ ঘুমায়ব নহ উতরোল।"-জ্ঞান০। ঘুমিতে-ঘুমাইতে। "নিশি দিশি অবিরত জাগিতে ঘুমিতে কত প্রাণনাথ সোঙরি সদাই।"-জ্ঞান০।

ঘুমানিয়া, ঘুমানে, ঘুমুনে-বিণ, নিদ্রাপ্রবণ, নিদ্রালু। ২ ঘুমন্ত।

ঘুর [সং-ঘূর্ণ। হিং-ঘূরণ] বি, ঘূর্ণন ; পাক ; চক্র। ২ ঘূর্ণী রোগ ; মাথা ও গা ঘোরা। প্র-ঘুর লাগিয়াছে। ৩ বিণ, বহুপথ ঘুরিয়া যাইবার মত ; দীর্ঘ। প্র-এ পথে অনেক ঘুর হবে। ~ঘুট, -টি [গ্রা০-'ঘুরঘুটি'] ঘন অন্ধকার ; ঘুটঘুট অন্ধকারে তাল পাকাইয়া ঘুরিয়া বেড়াইবার ভাব। ~ঘুটি, ~ঘুটিয়া, ~ঘুটে-ঘন অন্ধকারময়। ~চক্র [গ্রা০ ঘুচ্চকর] ঘুরপাক : চক্রবৎ ঘূর্ণন। ~পথ-যে পথে অনেক ঘুরিয়া বা ঘুরিয়া ঘুরিয়া যাইতে হয়। ২ জটিল পন্থা। ~পাক খাওয়া-চক্রাকারে ঘুরিতে থাকা। ~কি [হিং ঘুরচা-চরখী] বি, ঘুরচক্র। ২ [লক্ষ০] পাক চক্র ; কৌশল। ৩ [হিং ঘুরকি-ঘুড়কি (ধমক) অর্থ সম্প্রসারণে] ধাপ্পা ; ধোঁকা। ~লাগা -মাথা ও শরীর ঘূর্ণিত হওয়া : ঝিম ঝিম করা ; ঘুর্ণী হওয়া।

ঘুরঘুর [সং-ঘুর্ঘুর। ঘুরঘুর শব্দ করে বলিয়া] বি, ঘুরঘুরিয়া পোকা। ২ ভ্রমণ। বিণ, ঘুরঘুরিয়া ; ঘুরঘুরে। ঘুরঘুর করা বা করিয়া বেড়ান-চারিদিকে ঘুরিয়া বেড়ান। "ঐ জানালাটি খোলার অপেক্ষায় ঘুরঘুর করছেই"-মেজবৌ (আ০ শক্তি)। ঘুরঘুরে ঘা-যে ঘা শীঘ্র আরোগ্য হয় না ; পুরাতন ক্ষত ; শোষযুক্ত ঘা।

ঘুরণ-বি, ঘূর্ণন, ঘুরান দ্রঃ।

ঘুরপেচ [ঘুর-পেচ] বি, পাকচক্র ঘুরপাক। ২ জটিলতা ; গোলকধাঁধা। "অর্থাৎ ভাষার ঘুরপেঁচ কম"-মা০ ম০ ৫ বার্ষী, ১৩৩৩।

ঘুরা, ঘোরা [ঘুর (ঘূর্ণ) আ (ক্রিয়া বিভক্তি)। গ্রা০-ঘোরা। ঘুরি, ঘুর, ঘোর (ঘুরুন, ঘুর্ ঘোর্), ঘুরে, ঘোরে (ঘুরেন, ঘোরেন) ; ঘুরিতে (ক্ষে০ ঘুরতে) ; ঘুরিয়া (ক্ষে০ ঘুরে। ণিজন্ত-ঘুরান, ঘোরান]ক্রি, ঘূর্ণিত হওয়া ; ভ্রাম্য-মাণ হওয়া। প্র-মাথা ঘুরা। ২ ভ্রমণ করা। ৩ বিষয়ে ব্যাপৃত থাকা। ৪ প্রকৃত পন্থা না পাইয়া পুনঃপুনঃ ভ্রমে পতিত হওয়া। ৫ লক্ষ্যহীন হইয়া বিচরণ করা। ৬ অনর্থক হাঁটাহাঁটি করা। ঘুরাঘুরি-ক্রমাগত ঘুরা : পুনঃ পুনঃ হাঁটাহাঁটি।

ঘুরান, ঘুরন [গ্রা০-ঘোরান। ঘুর (ঘূর্ণ)+আন (ণিজন্ত ক্রিয়া বিভক্তি)। ঘুরই, ঘুরাই, ঘুরুই, ঘোরাই : ঘুরও, ঘুরাও, ঘুরোও, ঘোরাও, (ঘুরান, ঘোরান, ঘুরা, ঘোরা) ; ঘুরায়, ঘোরায় (ঘোরান) ; ঘুরাইতে, ঘোরাইতে (ক্ষে০ ঘুরাতে, ঘোরাতে) ; ঘুরাইয়া, ঘোরাইয়া (ক্ষে০ ঘুরিয়ে)] ক্রি, ঘূর্ণিত করা। ২ পাক দেওয়া ; পাকান। ৩ চারিদিকের পথ দিয়া বেড়াইয়া আনা। ৪ কোন বিষয়ে ব্যাপৃত করা। প্র-আজকাল ঐ বিষয়ে মাথা ঘুরাইতেছে। ৫ হাঁটাহাঁটি করান : পুনঃপুনঃ ফিরান, ফেরাফেরি করা। ৬ অজ্ঞান অন্ধকার বা মায়া ঘোরে পথভ্রষ্টের মত ঘুরিতে বাধ্য করা ; উদ্ধারের বা মুক্তির পথ না দেখান। "মা আমায় ঘুরাবি কত, নাক ফোড়া বলদের মত।"-রা০ প্র০। বি, ঘুরানি, ঘুরুনি। বিণ, ঘুরানিয়া, ঘুরুনে-ঘূর্ণিত। ২ যে ঘুরায়।

ঘুরুণি, -ণী-বি, ঘুরুলী। ২ ঘূর্ণী রোগ : মাথাঘুরা রোগ। ৩ ভ্রমিযন্ত্র।

ঘুরুণে [সং-ঘূর্ণ] বি, ঘূর্ণীবায়ু। ২ জলস্তম্ভ।

ঘুরুলী, ঘুরুলে, ঘুর্লো, ঘুর্ল্লো [সং-ঘূর্ণী] বি, ঘূর্ণাবায়ু। ২ জলের ঘূর্ণীপাক। "কুল কুল কুরব কমল কাণে কাণ। ঘোররবে ঘুরলী ঘুরিছে ঘনে ঘন॥"-প০। "ঘুরুলে বাতাস ল'য়ে জলের ঘুরুলে।"-ভারত০।

ঘুর্ঘর [অনু০। ঘুর্ (শব্দ করা)। গ্রা০-ঘুগ্‌রো। যে ঘুর্ ঘুর্ শব্দ করে] বি, ঘুরঘুরিয়া পোকা। ২ ঘুরঘুর দ্রঃ।

ঘুর্ঘুরিকা [ঘুর্ঘর (শব্দবিঃ)+ইক+স্ত্র্য)] বি, একপ্রকার রোগ ; গলা ঘড়্‌ঘড়। ~রী-ভ্রমরী। ২ গলার ভিতর ঘড়্‌ঘড়্ শব্দ হওয়া। ভারোত্তোলক চক্র যন্ত্র pully.

ঘুর্ঘুণ্ড-বি, গড়গড়ে ধান।

ঘুলা [হিং-ঘুলনা। সং-ঘুট্ ধাতু (পরিবর্ত্তনে-আবর্ত্তনে)=ঘুড়্=ঘুল্। ঘুলি, ঘুল, ঘোল (ঘুলুন, ঘুল, ঘোল্), ঘুলে (ঘোলে, ঘোলেন) : ঘুলিতে (ক্ষে০ ঘুলতে) : ঘুলিয়া (ক্ষে০ ঘুলে)। ণিজন্ত-ঘুলান, ঘোলান] ক্রি, মিশ্রিত করা : গোলা। "আর ভুলালে ভুলব না গো। রাম-প্রসাদ বলে দুধ খেয়েছি ঘোলে মিশে ঘুলব না গো॥"-রা০ প্র০। ২ ঘূর্ণিত হওয়া : ধারণা করিতে বা বুঝিতে অসমর্থ হওয়া। প্র-দেখে শুনে মাথাটা কেমন ঘুলিয়ে গেছে।

ঘুলানি [ঘুলা (দ্রঃ)। ঘুলাই, ঘুলাও, (ঘুলান, ঘুলা, ঘোলা), ঘুলে, ঘোলে, (ঘোলেন) : ঘুলাইতে, ঘোলাইতে (ক্ষে০ ঘুলাতে, ঘোলাতে) : ঘুলাইয়া, ঘোলাইয়া (ক্ষে০ ঘুলিয়ে)] ক্রি, আলোড়ন করা। ২ মিশ্রিত করা : মিলান। ৩ ঘোলা করা ; আবিল করা। প্র-জল ঘুলিও না। ৪ খেই হারান : জটিল করিয়া ফেলা : দুর্ব্বোধ্য করা। বিণ, ঘুলানিয়া।

-ঘুঙ্কী দ্রঃ।

ঘুষ, ঘুস, ঘুঁস [সং-ঘুষ্=বধ করা। যা সত্য ও ন্যায়কে বধ করিয়া প্রতিবন্ধকতা নাশ করে। অথবা ঘুষ্=শব্দ করা। অর্থ বিপর্য্যয়ে-যা নিঃশব্দে বা গোপনে দেয়, প্রতিকূল শব্দ করিতে দেয় না। ঘুষ্ ধাতুর আর এক অর্থ প্রতিজ্ঞান করা। যার প্রাপ্তিতে উপকারের

প্রতিজ্ঞা করে] বি, স্বার্থসাধনার্থ গোপনে প্রদত্ত বা দেয় ধন ; উৎকোচ : অন্যায় পুরস্কার bribe. ~খাওয়া-ঘুষ গ্রহণ করা। ~খাওয়ান, ~দেওয়া-ঘুষ দান করা। ~খেকো, ~খোর [ঘুষ (দ্রঃ) খোর (আ°-খোর্‌= যে খায়)] বি, যে উৎকোচ গ্রহণ করে ; যে ঘুষ লইয়া সহায়তা করে ; উৎকোচগ্রাহী।

ঘুসঘাস [একার্থক সহচর শব্দ] বি. অল্পাধিক ঘুষ। "এ কালের মত উকীল মোক্তার ছিল না, তবে আদালত করিতে সামান্য ঘুসঘাস ছিল"-কা° প্র° বন্দ্যো° (মধ্যযুগের বাঙ্গালা)।

ঘুষঘুষে [সং-ঘুষ্‌ শব্দে, অর্থবিপর্য্যয়ে নিঃশব্দে। ঘুষ দ্রঃ। প্রা°-বাং ঘুসঘুসা্যা] বিণ, চাপা : অপ্রকাশিত : ভিতরে ভিতরে। অল্প অল্প, মৃদু : ধিকিধিকি। প্র-ঘুষঘুষে জ্বর,

ঘুষড়ান [সং ঘর্ষণ >] ক্রি, ১ ঘষড়ান। ৩ [হি°] প্রবেশ করান।

ঘুসিং [ঘুসান দ্রঃ] ক্রি. ঘুষি বা কীল মারা।

ঘুষা, [হি°-ঘুসনা। ঘুষি দ্রঃ] বি. কীল মুষ্টি। ~ঘুষি-বি. মুষ্টামুষ্টি : কীল মারা ও কীল খাওয়া। ঘুষা মারা-মুষ্ট্যাঘাত করা ; পাণিতল সঙ্কুচিত করিয়া প্রহার করা, পরস্পর পরস্পরকে ঘুষা মারা।

ঘুষা২ [সং-ঘুষ্‌=শব্দ করা-ঘোষণা করা। ঘুষি, ঘুষ (ঘুষুন, ঘুষ্‌), ঘুষে ; ঘুষিতে (ক্ষে ঘুষতে) ; ঘুষিয়া (ক্ষে° ঘুষে)। ণিজন্ত-ঘুষান] ক্রি, ঘোষণা করা ; প্রচার করা। ঘোষা দ্রঃ। ২ ঘুষা চিংড়ী ; একপ্রকার ক্ষুদ্র চিংড়ী।

ঘুষানি-ঘোষান দ্রঃ।

ঘুষি, ঘুসি [সং ঘুষ্‌ (সংঘর্ষে, ঘর্ষণে, হিংসায়) > ঘুষ্টি >] বি, মুষ্টি ; ~ধরা-কিল মারিতে আরম্ভ করা। ~মারা-মুষ্ট্যাঘাত করা। ~লড়া-মুষ্টিযুদ্ধ করা boxing

ঘুষিত, ঘুষ্ট [ঘুষ্‌ (শব্দ করা) + ত (র্ম্ম)] বিণ, যা শব্দিত হইয়াছে ; ধ্বনিত ; নাদিত ; বাদিত। ২ [ভা°] ঘোষণা ; শব্দ।

ঘুষ্টান্ন [ঘুষ্টি°] বি, ভোক্তা কে আছ এস বলিয়া ঘোষণা করিয়া যে অন্ন দেওয়া হয়।

ঘুষ্য-বিণ, ঘোষনীয়।

ঘুস-ঘুষ দ্রঃ।

ঘুসি-ঘুষি দ্রঃ।

ঘুস্কী [ঘুষ্‌, ঘুষ্‌ ঘুষে দ্রঃ। প্রাদে° ঘুসী] বি, গুপ্তবেশ্যা ; লোকাপবাদ ভয়ে গোপনে ব্যভিচারকারিণী।

ঘূক [ঘূ=অনু° শব্দ। ক-কৈ (শব্দ করা) + (র্ত্তৃ, জ্ঞা°) যে ঘূক্‌ঘূক্‌ এইরূপ ঘোর শব্দ করে] বি, পেচক ; পেঁচা। ~নাদিনী-ঘূৎকারকারিণী ; ঘর ঘর শব্দকারিণী ; ঘোর নিনাদিনী। ২ গঙ্গা।

ঘূণ [বৈদ্যক] বি, গীমাশাক। ২ [ঘুণ দ্রঃ। লক্ষ°] বি: ব্যাধি ; ক্ষয়কারী রোগ ; মারাত্মক দোষ। "তাই ভাবিতেছি স্বভাব চরিত্রে কোথায় যেন ঘূণ ধরিয়াছে"-আ° শক্তি।

ঘূৎকার [সং-ঘূকার, ঘূকার] বি পেচকের কর্কশ রব। "পেচক ঘূৎকার" -ম্যাক্‌বেথ।

ঘূর [ঘুর-দ্রঃ] বি, ঘূর্ণন ; পাক। ~পাক-চক্রবৎ ঘুরণ বা ভ্রমণ ; চক্রবেষ্টন। ~পাক খাওয়া-ঘূর্ণাবর্ত্তে পড়া ; ঘূর্ণিত হওয়া ; পুনঃপুনঃ ঘুরিয়া পড়া। ঘূর লাগা-গা ঘোরা। প্র-কাঁচা সুপারি খেয়ে ঘূর লেগেছে।

ঘূরণ [সং-ঘূর্ণন] বি, চক্রের ন্যায় ভ্রমণ ; চক্রবৎ ফিরণ। ~জাল-সচরাচর জেলেরা যে জালে মাছ ধরে। মস্তকের উপর তুলিয়া ঘুরাইয়া ফেলিয়া দেয় বলিয়া ইহাকে ঘূরণ জাল বলা হয়।

ঘূর্ত্ত [ঘুরা দ্রঃ] ক্রি, ঘুরিতেছে। "খরতর পবনে তরণী ঘন ঘূরত পৈঠত জল অনিবার।" -গোবিন্দ°।

ঘূরা-ঘুরা দ্রঃ।

ঘূরণিয়া-ঘুরান দ্রঃ।

ঘূর্ণ [ঘূর্ণ্‌ (ভ্রমণ করা) + অ (ভা°)] বি. ভ্রমণ ; ঘূর্ণন। ২ ঘূর্ণী ; আবর্ত্ত ; ভ্রমি। ৩ বিণ, ঘূর্ণিত। ৪ [বৈদ্যকে] গীমাশাক। ~নীয়-ঘূরণ যোগ্য ; ঘূর্ণ্য।

ঘূর্ণন [ঘূর্ণ্‌ (ঘোরা) + অন (ভা°)। প্রা° 'ঘূরণ] বি, পুনঃপুনঃ পরিভ্রমণ ; ক্রমাগত ঘুরা rotation ২ আবর্ত্তন revolution "প্রত্যেক গোলকেরই দুইটি করিয়া গতি উৎপন্ন হয়-একটি ঘূর্ণন, অপরটি আবর্ত্তন" -প্রবাসী, ১৩৩৪।

ঘূর্ণবায়ু-ঘূর্ণিবায়ু দ্রঃ।

ঘূর্ণাবর্ত্ত [ঘূর্ণ + আবর্ত্ত] বি, ঘূর্ণিজল ; আবর্ত্ত ; জলের পাক। ২ ঘুরান সিঁড়ি spiral

ঘূর্ণায়মান [ঘূর্ণ্‌ (ঘোরা) + ণিজন্ত, আন (র্ত্তৃ) য, ম-আগম] বিণ, যা ক্রমাগত আবর্ত্তিত হইতেছে ; যা চক্রাকারে ঘুরিতেছে ; ভ্রাম্যমাণ ; যাকে ঘুরাইয়া দেওয়া হইয়াছে।

ঘূর্ণি, ঘূর্ণিকা [ঘূর্ণ্‌ (ঘোরা) + অক (র্ত্তৃ) + আ-স্ত্রী°-ই আগম] বি, যে ঘূর্ণন করে ; ঘুরুলি। ২ [-কা] শুক্রাচার্য্য তনয়া দেবযানীর সখী।

ঘূর্ণিজল-বি জলাবর্ত্ত।

ঘূর্ণিত [ঘূর্ণ্‌ + ত (র্ম্ম) ই আগম] বিণ, আবর্ত্তিত। ~নয়ন,-নেত্রে [নেত্র তারকার ঘূর্ণন ক্রোধ ব্যঞ্জক] ক্রি-বিণ, চোখ পাকাইয়া ; অতি ক্রোধভরে।

ঘূর্ণিবাত, ঘূর্ণিবায়ু [ঘূর্ণি (ঘূর্ণিত)-বাত, বায়ু। ঘূর্ণীবাত,-বায়ু ও°]-বি, যে বাতাস আবর্ত্তিত হইয়া ও তৎসহ ধূলা শুষ্ক পত্রাদি ঘূর্ণিত করিয়া উত্থিত বা প্রবাহিত হয়।

ঘূর্ণী [ঘূর্ণ্‌ (ঘোরা) + ইন (র্ত্তৃ-শীলার্থে] মূ° ঘূর্ণিন্‌ ১মা, ১ব° যার ঘূর্ণা আছে] বিণ, ঘূর্ণিবিশিষ্ট ; ভ্রাম্যমাণ ; আবর্ত্তনশীল। "ঘূর্ণীজলে নৌকা যেমন ঝড়ের কুটো জলন্ত আগুনের কাঠ"-পদ্য-পদ্য (বঙ্কিম)। ২ জলভ্রমি ; জলাবর্ত্ত। ৩ [গ্রা-ঘুন্নী] মাথা-ঘোরা রোগ।

ঘূর্ণ্যমান [ঘূর্ণ্‌ (ঘোরা) + আন (র্ত্তৃ) য-ম আগম] বিণ, যা ঘুরিতেছে।

ঘৃণা [গ্রা°-ঘেন্না প্রাদে°,চট্টল-ঘিন (হি°র অনুকরণে)। ঘৃ (সেচন করা,, আর্দ্র করা) + অ (র্ত্তৃ)-স্ত্রী, আ। হৃদয় আর্দ্র করার ভাব। "কারুণ্যং করুণা ঘৃণা। কৃপা দয়ানুকম্পা স্যাৎ"-অমর] বি, অনুকম্পা ; দয়া ;

কৃপা (এই অর্থে বাং-র প্রং অং)। ২ [কৃপা হ'তে অবজ্ঞা। তুল-কৃপাপাত্র (প্রাদেং ব্যবহার)] অবজ্ঞা ; অবহেলা ; অশ্রদ্ধা। ৩ [অশ্রদ্ধা হ'তে বিদ্বেষ] বিদ্বেষ ; বিতৃষ্ণা repulsion. ৪ [বাং-বিশেষার্থে] লজ্জা। ~কর,~জনক-বিণ, ঘৃণার উদ্রেককারী ; ঘৃণা উৎপাদক। ~র্হ-বিণ, ঘৃণার যোগ্য বা উপযুক্ত পাত্র। ~স্পদ-ঘৃণার আধার ; ঘৃণা-ভাজন। বিণ, ঘৃণ্য-ঘৃণা যোগ্য।

ঘৃণিত [ঘৃণ্+ত (র্ম্ম)] বিণ, ঘৃণাকর ; ঘৃণ্য ; হেয় ; ঘৃণার পাত্র ; ঘৃণার যোগ্য। ২ নিন্দিত ; অবজ্ঞাত। ৩ জঘণ্য ; ঘৃণার উদ্রেককর ; বিতৃষ্ণা বা অরুচিকর।

ঘৃণী [ঘৃণা+ইন্ (স্ত্য) মুং=ঘৃণিন্-১মা, ১বং] বিণ, যে অন্যকে অবহেলা বা নিন্দা করে ; ঘৃণাকারী। ২ [ঘৃণা=দয়া] দয়ালু [প্রং অং]।

ঘৃণ্য-ঘৃণা দ্রঃ।

ঘৃত [ঘৃ (ক্ষরণে)+ত (র্ম্ম)-যা উত্তাপ পাইলে ক্ষরিত হয়। চং কং ভাং 'ঘিরিত'] বি, সর্পিঃ ; ঘৃত ; আজ্য ; হবিঃ ; ঘি। ২ জল (বাং-প্রং অং)। ৩ [+ত (ভাং)] ক্ষরণ ; গলন। ৪ দীপ্তি। ৫ বিণ, ক্ষরিত। ৬ যে দীপ্তি পাইয়াছে ; দীপ্ত। ~করঞ্জ-বি, ঘীকরম্চা। ~কুমারী [হিং-ঘিউকুআর। সং। ঘৃত (ঘৃতের সাদৃশ্য হেতু) কুমারী (বালা, কোমলতা বশতঃ), সং-তে ইহার অন্য নাম কুমারী] বি, স্বনামপ্রসিদ্ধ ক্ষুপ। আনারসের পাতার মত কাঁটা কাঁটা পত্রবিশিষ্ট গুল্ম indian aloe ~কূল্যা-নদীবিঃ। ~কেশ-বি, অগ্নি ; বহ্নি। ~কৌশিক [ঘৃত (প্রদীপ্ত) যে "কৌশিক (কুশিক গোত্র সম্বন্ধীয়)-ধা] বি, গোত্রবিঃ ; গোত্রকারক মুনিবিঃ। ~ধারা [ঘৃত (ঘৃততুল্য) ধারা যার-বহুং] বি, নদীবিঃ। ইহার জল ঘৃততুল্য বলিয়া এই নাম। ২ ঘৃতসমুদ্র। ৩ [ঘৃতের ধারা-৬তৎ] ঘৃতপ্রবাহ। ৪ বসুধারা। ~প [ঘৃত (আজ্য) প (যে পান করে)=পা (পান করা) +অ (র্ত্তৃ, জ্ঞাং)] বি, যারা যজ্ঞীয় ঘৃত পান করে ; আজ্যপ নামক পিতৃগণ। ২ বিণ, যে ঘৃত পান করে ; ঘৃতপানকারী ; ঘৃতপায়ী। ~পূর [ঘৃত দ্বারা পুর (পূর্ণ)= পৃ (পূরণ করা)+অ (র্ম্ম)] বি, ঘৃত দ্বারা পক্ব অন্নবিঃ ; ঘিওর। ~বতী [ঘৃত (জল, আজ্য)+বৎ (স্ত্য)+ঈ, স্ত্রীং] বি, দ্যাবা-পৃথিবী। ২ বিণ, ঘৃতাক্ত। ৩ ঘৃতবিশিষ্ট। ~বর্ত্তি-বি, ঘৃতে জ্বলিবার প্রদীপ ; ঘৃতের বাতি। ~ভোজী-বি, দেবতা। ২ বিণ, যে ঘি খায়।

ঘৃতাক্ত [ঘৃতদ্বারা অক্ত (সিক্ত)-৩ তৎ] বিণ, যে সর্ব্বাঙ্গে ঘৃত মাখিয়াছে ; ঘৃতলেপিত ; ঘৃতসিক্ত ; ঘৃতার্দ্র ; ঘিয়ে ভিজা ; ঘি-মাখা।

ঘৃতাচী-অপ্সরাবিঃ।

ঘৃতান্ন [ঘৃতসংসৃষ্ট যে অন্ন (অদনীয়)-ধা] বি, ঘৃত পক্ব অন্ন ; ঘৃত যুক্ত অন্ন। ২ [ঘৃত হইয়াছে অন্ন (ভক্ষ্য বস্তু) যার, বহুং] বি, হব্যবাহন ; বহ্নি।

ঘৃতার্চ্চিঃ [ঘৃত+আর্চ্চিস্ (শিখা কিরণ) যার] বি, অগ্নি।

ঘৃতাহুতি [ঘৃত (দ্বারা) আহুতি-৩তৎ] বি, বহ্নিতে মন্ত্রপূত ঘৃতদান ; মন্ত্র পাঠ করিয়া অগ্নিতে ঘৃতার্পণ।

ঘৃতেলী [ঘৃত-ইর্ (গমন করা) +অ (র্ত্তৃ-জ্ঞাং)=ঘৃতের, র=ল, ঈ, স্ত্রীং (ঘৃত দেখিলে যারা তৎপ্রতি গমন করে)] বি, তৈলপায়ী ; তেলাপোকা।

ঘৃতোদ [ঘৃত (হইয়াছে) উদ (উদক-জল) যার, বহুং] বি, ঘৃতসমুদ্র ; ঘি-সাগর।

ঘৃত্য-বিণ, ঘৃতসম্বন্ধীয়। ২ ঘৃতজাত।

ঘৃষ্ট [ঘৃষ্ (ঘষণ করা)+ত (র্ম্ম)] বিণ, যা ঘর্ষণ করা হইয়াছে ; ঘর্ষিত। ২ মার্জিত, যা পরিষ্কৃত করা হইয়াছে ; যা ঘষা হইয়াছে ; ঘষা। ৩ বি, ঘর্ষণযোগ্য গন্ধদ্রব্যবিঃ ; অগুরু ইং। "এ যেন সে যেন নয়, এযে শুধু কথা, এযে ঘৃষ্ট পিষ্ট পুষ্প নহে পরিমল।"-ফুলরেণু। ~তাড়িত [বৈঃ পরিঃ] বি, ঘষণ দ্বারা যে তাড়িত শক্তি জন্মে।

ঘৃষ্টি₁ [ঘৃষ্ (ঘষণ করা)+তি (ভাং)] বি, ঘষণ ; ঘষণ ; ঘষা। ২ স্পর্দ্ধা ; মাৎসর্য্য প্রকাশ। ৩ শুয়ার আলু ; চামার আলু। ৪ অপরাজিতা। ৫ [র্ত্তৃ-জ্ঞাং-তি যারা মুখ-দ্বারা ভূমি ঘষণ করে] শূকর। ৬ শূকরী।

ঘৃষ্টি₂ [ঘৃষ্টি (দ্রঃ)+আ > ঘৃষ্টিয়া > ক্ষেং ঘৃষ্টি] অস-ক্রি, ঘর্ষণ করিয়া ; দন্তঘৃষ্টি-দন্তে-দন্তে ঘর্ষণ করিয়া। ২ রোমন্থন করিতে করিতে। "দন্তঘৃষ্টি তৃণ উর্দ্ধ শ্রবণে" -ভাগবত (মাধবাচার্য্য)।

ঘেউয়া, ঘেও [ঘা, ঘাউয়া দ্রঃ] বিণ, ক্ষতবিশিষ্ট ; ঘা যুক্ত। ২ পক্ষী বা কোন জন্তুদ্বারা ফলাদি দষ্ট হইলে তাকে ঘেও না বলিয়া ঘেও বলা হয়।

ঘেঁচড় [ঘেচড়া দ্রঃ] বিণ, কুরূপ।

ঘেঁচড়া [সং-ঘৃষ্ট] বিণ, পুনঃপুনঃ ঘষণ দ্বারা কিণাঙ্কিত ; দগডাপড়া। ২ কঠিন। ৩ ঢ্যাটা ; অবাধ্য। প্র-কথা-ঘেঁচড়া। ৪ অনুভবহীন। প্র-মার-ঘেঁচড়া। স্ত্রীং ঘেঁচড়ী।

ঘেঁচিকিড়ি-ঘেচিকডি দ্রঃ।

ঘেঁচু [সং-ঘেঙ্কুলিকা। হিং-ঘুঁইআ] বি, কচুজাতীয় মূলবিঃ ; ক্ষুদ্র কচু arum orissensa.

ঘেঁটু, ঘাটু [সর্ব্বব্যাধিবিনাশন মহাবীর বিগ্রহ ; ঘণ্টাকর্ণ দ্রঃ] বি, খোসাদি চর্ম্ম-রোগের অধিদেব ; ঘেঁটুঠাকুর। ২ ঘেঁটুফুল ; ঘেঁটুগাছ ; ঘেঁটকোল। ৩ [বিদ্রূপে] খোসপাঁচড়ায় পঙ্গু ব্যক্তি। ঘেঁটু-ভাঙ্গা সংক্রান্তি-বি, ফাল্গুনী সংক্রান্তি যে দিন ঘণ্টাকর্ণের পূজা করিয়া ঘেঁটুর হাঁড়ি ভাঙ্গিতে হয়।

ঘেঁষ [অনুং। মধ্যম শব্দে ঘষ্ ; মৃদুতর শব্দে ঘিষ্ ; মৃদুতম শব্দে ঘুষ্] বি, ঘর্ষণ শব্দ। ঘ্যাঁষ দ্রঃ।

ঘেঁষা, -সা [অনাদরে-ঘেঁষড়া। ঘৃষ্ (ঘষণ করা)। ঘেঁষি, ঘেঁষো (ঘেঁষুন, ঘেঁষ্), ঘেঁষে (ঘেঁষেন্) ; ঘেঁষিতে (ক্ষেং ঘেঁষ্তে) ; ঘেঁষিয়া (ক্ষেং ঘেঁষে)। নিজন্ত-ঘেঁষানি। ঘেঁষাই, ঘেষাও (ঘেঁষান্, ঘেঁষা), ঘেঁষায় (ঘেঁষান্) ; ঘেঁষাইতে (ক্ষেং ঘেঁষাতে) ; ঘেঁষাইয়া (ক্ষেং ঘেঁষিয়ে)] ক্রি, গাত্র ঘর্ষণ বা স্পর্শ করিয়া অবস্থান করা ; অতি নিকটবর্ত্তী হওয়া। প্র-গা ঘেঁষে বসা। ২ সংস্রবে যাওয়া ; সঙ্গে থাকা ; কাছে

যাওয়া। প্র-সে সেখানে ঘেঁষতে পায় না। ~ঘেঁষি-ঘেঁসাঘেঁসি দ্রঃ।

ঘেঁস১-বি, ঘেঁষ দ্রঃ।

ঘেঁস২ [সং-ঘর্ষণ। প্রা°-ঘেঁষ দ্রঃ] বি, ঘষণ ; গাত্র ঘষণ। প্র-ঘেঁষ লাগা। ২ স্পর্শ। প্র-তার ঘেঁষটুকু সহ্য হয় না। ৩ সান্নিধ্য ; নৈকট্য। ৪ নিবিড়তা ; ঘনত্ব। ৫ ঠেস। প্র-ঘেঁস দিয়া বসা। ৬ প্রশ্রয়, আমল। প্র-সে আর বড় তাকে ঘেঁস দেয় না। ৭ বিণ, ঘন ; ঠাস। প্র-কম্বলখানার ঘেঁস বুনন। ঘেঁস-ঘেঁস-ক্রি-বিণ, কাছাকাছি। ঘেঁস দেওয়া-ঠেস দেওয়া। ২ প্রশ্রয় দেওয়া ; আমল দেওয়া।

ঘেঁস৩ [সং-ঘষণ] বি, ঘষণজাত চূর্ণ : করাতের গুড়া। ২ পোড়া পাথুরে কয়লার গুঁড়া ; পাথুরে কয়লার আধপোড়া ছাই।

ঘেঁসড়া [ঘেঁষা দ্রঃ] বি, ঘষণ ; ঘসড়।

ঘেঁসড়ানি-ক্রি, ঘষ্টান (দ্রঃ)।

ঘেঁসা [ঘেঁষা দ্রঃ] ক্রি, ঘষণ করা। ২ নিকটস্থ হওয়া ; অগ্রসর হওয়া। "এখন দেখছি 'চূষ্য' লেহ্য, পেয়, ছেড়ে (বড়) ঘেঁস না চর্ব্ব্যের কাছে।"-রজনী সেন। ৩ [ঘনিষ্ঠ দ্রঃ] ঘনিষ্ঠ হওয়া ; আত্মীয়তা ঘনান। "হেসে হেসে ঘেঁসে ঘেঁসে ছুঁতে যান অঙ্গ।"-শি°।

ঘেঁসাঘেঁসি, ঘেঁষাঘেঁষি [ঘেঁস দ্রঃ] ক্রি-বিণ, পাশাপাশি ও মধ্যে ফাঁক না রাখিয়া ; ঘন হইয়া। ২ বি, পরস্পর গাত্রঘষণোৎপাদক ঘন অবস্থিতি। "আর বার আমার অধর্ম্ম পাছে হয়। ঘেঁসাঘেঁসি ঘরের ভিতর ভাল নয়।"-শি°।

ঘেঁঙ্ ঘেঁঙ্ [অনু°। গভীর শব্দে ঘঙ্ ঘঙ্, ভাঙ্গা আওয়াজে ঘেঙ্ ঘেঙ্, মৃদু শব্দে ঘুঙ্ ঘুঙ্] অ, শ্লেষ্মা গাঢ় হইলে কাশের শব্দ। প্র-সর্দ্দি বসে গলা ঘেঙ্ ঘেঙ্ করেচে। ক্রি, ঘেঁঙঘেঁঙানি। বি, ঘেঁঙঘেঁঙানি।

ঘেঙা, ঘেঁঙ্গা [ঘ্যান ঘ্যান দ্রঃ] বি, ঋণ ; তাগাদা। "ওর ঘেঙা এবার মিটাতেই হবে"। ২ ঝঞ্ঝাট। ক্রি, ঘেঁঙ্গানি [ঘেঙ্গাই, ঘেঙ্গাও, ঘেঙ্গায় ; ঘেঙ্গাইতে (কথ্য°-ঘেঙ্গাতে) ; ঘেঙ্গাইয়া (কথ্য° ঘেঙ্গিয়ে) ই°] ক্রি, অনবরত বিরক্তিকর তাগাদা বা প্রার্থনা করা। বি, ঘেঙানি, ঘেঙ্গানি -অনবরত অসঙ্গত যাচ্ঞা ; নির্ব্বন্ধাতিশয়ের সহিত পুনঃপুনঃ প্রার্থনা। ঘেঙিয়ে ঘেঙিয়ে-পুনঃপুনঃ জেদ করিয়া ; বারবার যাচ্ঞা করিয়া।

ঘেঁচিকিড়ি, ঘেঁচিকিড়ি [কুঞ্চিত > ঘেঁচি + কপর্দ্দক > কড়ি] বি, গেঁঠে কড়ি। "শতেক কাহন নিল বাছা ঘেচি কড়ি।"-কবিক°।

ঘেঞ্চুলিকা [সং। হিং-ঘুঁইঞা] বি, কচুজাতীয় মূলবিঃ : ঘেঁচু ; ছোট জাতীয় কচু।

ঘেঁটকচু-বি, ঘেঁচু।

ঘেঁটকল, -কুল, -কেল, -কোল [ঘেঁটু দ্রঃ] কচুজাতীয় গাছ বিঃ।

ঘেটে//ল-বি, ঘাটিআল দ্রঃ। ~লি-বি, ঘেটেলের বৃত্তি বা পারিশ্রমিক।

ঘেটো [ঘাট + উয়া >] বিণ, ঘাটের। ২ একঘাটে অশৌচান্ত হয় এমন আত্মীয় কুটুম্ব।

ঘেড়ো [ঘাড় + উআ > গ্রা°] বি, ঘাড সদৃশ ভাগ ; ঘাড়। ~মুড়ো-ঘাড় ও মুণ্ড (বিতঃ মৎস্যাদির)। ক্রি, ঘেড়োনি-ঘাড়ান দ্রঃ।

ঘেঁনঘেন-ঘ্যান ঘ্যান দ্রঃ।

ঘেণি১, -নি [ঘুণ >] বি, ক্ষুদ্র tiny ~ট্যাংরা-খুব ছোট ছোট ট্যাংরা মাছ। ~ঘেনি-ছোট ছোট।

ঘেণি২ [গ্রহণ > গহন > ঘেন + ই (করি)=ঘেনই > ঘেনি। প্রা°-বাং প্রাদে°] ক্রি,-বিণ, গ্রহণ করিয়া। "ফল ঘেনি কুমার লেউটি গলা পথ"-গোবিন্দ গীত। "ঘেণই শরীর"-ঐ।

ঘেন্না [গ্রা°-মেয়েলী। সং-ঘৃণা] বি, ঘৃণা ; ধিক্কার। "মনের ঘেন্নায় মানুষ সব করিতে পারে।"-শরৎ চট্টো°। বিণ, ঘিন্নিয়া, ঘিন্ন্যে [বিপরীত-নিঘিন্নিয়া, নিঘিন্ন্যে (সং-নির্ঘৃণ)-যার ঘৃণা নাই]।

ঘেয়ো-ঘাউয়া দ্রঃ।

ঘের [সং-বৃ (আচ্ছাদন করা)=ঘির=ঘের] বি, চতুর্দ্দিকের বিস্তার ; পরিধি : বেড় ; বেষ্টনী। "ঘের কতটা মাপিয়া তার পর কাপড় কাটিও।" ২ বেষ্টিত স্থান। প্র-ঐ ঘেরটার মধ্যে আছে। ঘের-ঘার-ঘের ও ঘার (ঘোর) একার্থক সহচর শব্দদ্বয়।

ঘেরণ [ঘেরা দ্রঃ] বি, বেষ্টন, বেড়ন : আবরণ।

ঘেরণ্ডসংহিতা-বি, ঘেরণ্ড ঋষি দ্বারা শাক্ত উপাসনায় যোগশিক্ষার্থ প্রণীত শাস্ত্র।

ঘেরা, ঘিরা [গ্রা°-উচ্চারণ ভেদে-ঘ্যারা। ঘিরা দ্রঃ। ঘেরি, ঘের (ঘেরুন, ঘের্), ঘেরে (ঘেরেন) ; ঘেরিতে (কথ্য° ঘেরতে, ঘিরতে) ; ঘেরিয়া (কথ্য° ঘিরে, ঘেরে)। ণিজন্ত-ঘেরানি। ক্রি, আচ্ছাদন করা ; ছাওয়া ; আবৃত করা। "ঘেরিল যামিনী নিভিল আলো।" -রবী°। ২ বেষ্টন করা। ৩ চতুর্দ্দিকে প্রাচীরাদি দ্বারা বাহির হতে অদর্শনীয় করা। ৪ বি, বেষ্টিত স্থান ; ঘের ; বেড়। ৫ বিণ, বেষ্টিত। প্র-ঘেরা স্থান। ~ঘিরি, ~ও [হিং-ঘিরাও। ঘির + উআ=আউ] বিণ, আবৃত ; আচ্ছাদিত ; বেষ্টিত। ২ বেষ্টন। প্র-কোম্পানির লোক তার বাড়ী ঘেরাও করেচে। ৩ বেষ্টনী। ~টোপ-বি, সর্ব্বাঙ্গ বেষ্টনকারী পরিচ্ছদ ; বোরকা। ২ সম্পূর্ণভাবে ঢাকা বা চাপা দিবার মত আচ্ছাদন ; ঢাকনা। ~ঘিরি-পরস্পর স্বাধিকারবেষ্টিত করণ।

ঘেরানি [ঘেরা দ্রঃ। ঘেরাই, ঘেরাও ঘেরায় ; ঘেরাইতে (কথ্য° ঘেরাতে) ; ঘেরাইয়া (কথ্য°, ঘেরিয়ে) ই°] ক্রি, বেষ্টন করান।

ঘের্ষণ [ঘর্ষণ >। ২৪ পরগণা প্রাদে° ঘেঁষণ] বি, ঘর্ষণ। ২ ঘন সন্নিবেশ বা উপবেশন।

ঘেসেড়া [ঘাসিয়াড়া দ্রঃ] বিণ, যে ঘোড়ার ঘাস কাটে ; যে ঘাস যোগায়। "ঘেসেড়া মরিল ডুবে তাহার হাভাসে"-অ° ম°। স্ত্রীং ~নী। "ঘাসের বোঝায় বসি ঘেসেড়ানী ভাসে"-অ° ম°।

ঘেসো [ঘাস + উআ°=ঘাসুয়া-ঘেসো] বিণ, তৃণযুক্ত ; ঘাসে পূর্ণ। প্র-ঘেসো মাঠ। ২ যাতে ঘাসের মত গন্ধ ; ঘাসগন্ধ। প্র-

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র)। ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌্য ঞ্চ=নচ ঞ্জ=ন্জ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্ন=নহ বৃহ লহ ভৃ ঋ্য, জ় ফ় ব ড়=/\\ ও চ্যা° দ্রঃ

ঘেসো দুধ। ৩ অসার। ঘেসো ভুঁড়ি -শক্তিহীন অথচ মোটা ভুঁড়ি; চোসা লোক; উদরের অসার স্থূলতা।

ঘেরা [প্রাদেং। হিং গহরা,গহীরা >] বি, গভীর; অগাধ।

ঘোঁঅটা,-ডা [প্রাদেং চটল। বি, ঘোমটা।

ঘোঁঙা, ঘোগা [হিং-খোখা (অসার, জড়, মূর্খ >] বি, অসার; যাতে সারভাগ খুব কম। ~মিণ্ডা-অল্প ছানায় অধিক চিনির সন্দেশ। "নৈবিদ্যিতে ঘোঙা মণ্ডা লণ্ঠনেতে বাতি করিওলার শাল দোশালা পুরুতে পাঁচ হাতি"-নীলকণ্ঠ মুখোং।

ঘোঙ্গট [ঘোমটা দ্রঃ। গ্রাং ঘোঙোট। হিং-ঘুঙ্গট্ ঘুঙ্ঘট] বি, অবগুণ্ঠন; ঘোমটা। "ঘোং কাড়িতে রূপ নয়ানে লাগিয়া গেল"-পং কং তরু (সাং পং প)।

ঘোঁজ [গঞ্জ (গোগৃহ,গোয়াল) শব্দজ >]। গরুর শিঙের নিম্নদিকে বক্রতার নাম ঘোঁজ। নিম্নদিকে বক্র শিঙ্ বিশিষ্ট গরুকে "ঘোঁজা শিঙে" বলে] বিণ বক্র। ২ বি, যে স্থানে ক্ষেত্রের আইল বাঁকিয়া যায়; জমির বাঁক: ঘুঁজী। ঘোঁজে-ঘাঁজে-এখান ওখানকার গুপ্ত, অন্ধকার, সঙ্কীর্ণ স্থানে: আড়ালে বিড়ালে।

ঘোঁট [ঘুট্ (পরিবর্ত্তনে, আবর্ত্তনে)] বি, জটলা; আন্দোলন। "ভদ্রলোকেরাও বারোইয়ারির আটচালায়, শিবের মন্দিরের রকে, শ্যায়কচ্ কচি ঠাকুরের টোলে এবং অন্যান্য তথাবিধ স্থানে বসিয়া ঘোঁট করিতে লাগিলেন"-বিষবৃক্ষ। ২ [হিং-ঘুঁট। সম্বু-। জল গলাধঃকরণের শব্দ ঘুঁট হইতে] একবারে গিলিবার মত জল। ৩ গণ্ডূষ।

ঘোঁটন-ঘোটন দ্রঃ।

ঘোটনা-ঘোটনা দ্রঃ।

ঘোঁটমিণ্ডল, ঘুটমিণ্ডল [ঘোট দ্রঃ] বি, হট্টগোল: গোলমাল।

ঘোঁটা [ঘোঁটন দ্রঃ। ঘুট্ >। ঘুঁটি, ঘোঁট, (ঘুটুন, ঘোঁটু), ঘোঁটে (ঘোঁটেন)। ঘুঁটিতে (ক্ষেং ঘুঁটতে); ঘুঁটিয়া (ক্ষেং ঘুঁটে। পিতৃন্ত-ঘোঁটানি। ঘোঁটাই, ঘোঁটাও (ঘোঁটান, ঘোঁটা), ঘোঁটে (ঘোঁটেন); ঘোঁটাইতে (ক্ষেং ঘোঁটাতে); ঘোঁটাইয়া (ক্ষেং ঘুঁটিয়ে)] ক্রি, আলোড়ন করা। ২ পরিভ্রমণ করা। ৩ তোলপাড়া করা; তন্ন তন্ন করিয়া অন্বেষণ করা। বি, ঘোঁটন। বিণ, ঘোঁটা। প্র-সংর-ঘোঁটা ছেলে।

ঘোঁৎঘোঁৎ-ঘোত্ঘোত্ দ্রঃ।

ঘোগ [সং-কোক্-বন্য কুক্কুর। তুল -তেলুং "কোকা"] বি, বাঘ এবং কুকুরের মাঝামাঝি একপ্রকার জন্তু [কোক্ দ্রঃ] lemur tradigradus "তুমি তার কোথায় লাগ যাদুমণি * * * * * মনেতে করেছ আসা বাঘের ঘরে ঘোগের বাসা, আস্‌কে খেয়েছ যাদু ফোড়তো গণনি।"-গোপাল উড়ে। বাঘের ঘরে ঘোগের বাসা -ব্যাঘ্র অপেক্ষা দুর্ব্বল হইলেও ঘোগ বাঘের ভয়ানক শত্রু, কারণ ঘোগেরা ব্যাঘ্র-শিশুদের একাকী পাইলেই খাইয়া ফেলে, এইজন্য তাহারা বাঘের বাসায় লুকাইয়া বাসা বাঁধিয়া থাকে, অনেক সময় তাহারা বাঘের হাতে পড়িয়া প্রাণ হারাইলেও তাহার সহিত শত্রুতা করিতে ছাড়ে না। ইহা হতে দুর্ব্বল শত্রুর প্রতি ক্রোধোত্তেজিত বাঘের ঘরে ঘোগের বাসা পেয়েছ বলা হয়।

ঘোঙ্গট [অবগুণ্ঠিকা > হিং ঘুঁঘট > উচ্চারণ বিকারে ঘোঁঘট, ঘোঁগট > বাং ঘোঙ্গট, গ্রাং ঘোঁঙোট] বি, ঘোমটা। ঘোং কাড়া-বি, ঘোমটা দেওয়া বা টানা। "ঘোং কাড়িতে রূপ, নয়ানে লাগিয়া গেল"-পদং কং তরু (সাং পং পং)।

ঘোট, ঘোটক [ঘুট্ (প্রত্যাবর্ত্তন করা)+অ, ক (র্ত্তৃ)-যে ভূমিতে প্রত্যাবৃত্ত হইয়া লুঠে] বি, অশ্ব; বাজি; ঘোড়া।

ঘোটকারূঢ় [ঘোটক+আরূঢ়] বিণ, যে ঘোড়ার পিঠে চড়িয়া বসিয়াছে। স্ত্রীং ~া। ~রোহী [ঘোং+আরোহী] বিণ, অশ্বারোহণকারী; সওয়ার।

ঘোটন [ঘোঁটা দ্রঃ] বি, অন্বেষণ; তল্লাসকরণ। ২ পেষণ। ৩ আলোড়ন।

ঘোটনা [ঘোটন+আ (ণ)] যদ্দারা আবর্ত্তন করে; যদ্দারা ঘোঁটা যায়; পেষণদণ্ড। "ঘরে ছিল ঘোটনা ঘর্ষণে গেল ফেটে। দিন দুই দানবদলনী দেও বেটে॥" -শিং। "নূতন ঘোটনা কুঁড়া দিয়াছে বিশাই"-অং মং।

ঘোড় [ঘোড়া দ্রঃ। হিং-ঘোড়্] বি, ঘোড়া; অশ্ব। ~গাড়ি,-ড়ী-ঘোড়ায় টানা গাড়ী; অশ্বশকট। ~দৌড়-জুয়া খেলাবিঃ: হার জিতের বাজী রাখিয়া ঘোড়াকে দৌড় করান। ~দৌড় করান-নাকাল করা। ~তোলা-উচ্চ গোড়ালীযুক্ত; উঁচু গোড়ালীর। ~সওয়ার-অশ্বারোহী। প্র-আগে পিছে ঘোড়সওয়ার।

ঘোড়া, ঘোঁড়া [সং-ঘোটক। হিং -ঘোড়া] বি, ঘোটক; অশ্ব (দ্রঃ); তুরঙ্গ। ২ [দাবা খেলায়] প্রধান বলবিঃ the knight ৩ বন্দুকের হাতুড়ি অর্থাৎ যে অংশ আকর্ষণ করিলে হাতুড়ির মত বারুদের মুখে আঘাত করিয়া অগ্নি উৎপাদন করে hammer of a gun স্ত্রীং ঘোড়ী, ঘুড়ী। ~ঘোড়া-খেলুড়েদিগের মধ্যে পরস্পর ঘোড়া হইয়া অপরকে পিঠে করিয়া হাতে পায়ে ভর দিয়া বেড়ান রূপ খেলা। ২ ঘোড়ার মত। ঘোড়ার ডিম-অলীক পদার্থ [কোন ক্রিয়ার সহিত যুক্ত হইয়া অসম্মতি, অস্বীকার, অভাব, শূন্যতা ইং জ্ঞাপন করে। "ঘোড়ার ডিম যাবে" (মাং ও মং বাণী, ১৩৩২)=যাবে না, যাব না, যেওনা, ঘোং ডিং আছে=নাই। ঘোং ডিং দেব= দেব না] "জানিনা নিষ্কাম কর্ম্ম বুঝিনা নিষ্কাম ধর্ম্ম বুঝি না ঘোড়ার ডিম তোমরা কি কহ"-কস্তুরী। লালচাঁদ সিং নাচে তিড়িং তিড়িং ডালরুটীর যম কিন্তু কাজে ঘোড়ার ডিম্।"-বিষবৃক্ষ। ঘোড়া ডিঙ্গাইয়া ঘাস খাওয়া-গৃহপালিত ও বঙ্গদেশে সচরাচর দৃষ্ট ঘাসখোর জন্তুর মধ্যে ঘোড়াই উচ্চতম, সুতরাং তাকে অতিক্রম বা লঙ্ঘন করিয়া গরু, মেষ, ছাগলাদি ঘাস খাইতে পারে না, > উচ্চতন কর্ম্মচারীকে লঙ্ঘন বা অতিক্রম করিয়া স্বার্থ সাধন করিতে পারে না; বৃথা বা নিষ্ফল চেষ্টা করা।

ঘোড়ারোগ-অবস্থার অতিরিক্ত বিষয়ে সাধ বা উৎকট বাসনারূপ বাতিক। আটে কাটে দঁড় তি ঘোড়ার উপর চড় -অশ্বারোহণ করিতে গেলে প্রায়ই পতিত হইতে হয়, সুতরাং আটপিটে লোক ভিন্ন অপরে পারে না। কষ্ট সহিতে দক্ষতা থাকে তবে কঠিন কাজে হাত দাও। ঘোড়ায় চড়া-অশ্বারোহণ করা ; অশ্বপৃষ্ঠে গমনাগমন করা। ঘোড়ামাছি-ঘোড়ার গায়ে বসিয়া রক্ত শোষণ করে একপ্রকার বড় মাছি horse-fly. ঘোড়ামুখ, মুখো -ঘোঁড়ার মত লম্বা মুখ। স্ত্রীং ~ী (গালিতে)। ঘোড়ানিম-অধিক লম্বা পাতা অত্যধিক তিক্ত বন্য নিম্ববৃক্ষ। ঘোড়ামুগ-সোনা-মুগ অপেক্ষা লম্বা অপকৃষ্ট মুগ কলাই। ঘোড়াশাল-অশ্বশালা ; আস্তাবল। ঘোড়া দেখে খোঁড়া হওয়া-চলিতে চলিতে ঘোড়ায় চড়িবার সুযোগ পাইয়া আরাম করিবার লোভ সামলাইতে না পারিয়া খোঁড়ার ভাব দেখান বা চলিতে না পারা।

ঘোড়ারু [ঘোড়া + রু (রূপ >)। (২) রু-রুরু (মৃগ) > মৃগজাতি কিন্তু ঘোড়ার ন্যায় অঙ্গ বলিয়া, ওড়ি-ঘোড়াঙ্গ। আফ্রিকার বন্য চিত্রাশ্ব (zebra) তুল্য ঘাড় হইতে পুচ্ছ পর্য্যন্ত ডোরা কাটা, অশ্ববৎ-খুরবিশিষ্ট ও অতি দ্রুতগামী পশু কবিকঙ্কনের বর্ণনায় রুরু জাতীয় বলিয়াই বোধ হয়। আধু-বাং-ঘোড়ারু বা ঘোড়ারুরু (*Haughton*) শব্দের ব্যবহার নাই] বি, ঘোড়ার মত দেখিতে এবং মৃগের মত দ্রুতগামী পশু। "বার শিঙ্গা তুলারু ঘোড়ারু ঢোলকান।"-কবিক০। "তুলারু ঘোড়ারু মৃগ, পবন জিনিয়া বেগ, কালসার বীর মহাশয়।" -ঐ। "বায়ুভর করি যায় তুলারু ঘোড়ারু। উভকান করি ধায় আহত শশারু॥"-ঐ।

ঘোড়ারুরু [ঘোড়া-রুরু (মৃগ)] বি, বৃহদাকার হরিণ ; গোড়ারু দ্রঃ an elk. [*Haughton.*]।

ঘোড়াসিজ-বি, মনসা সিজ-জাতীয় গাছ। "ঘো০, পাতাসিজ গুড়কাওলী।" -কবিক০।

ঘোণা১ ["ঘোণা নাসা চ নাসিকা" -অমর০] বি, নাসিকা। ২ অশ্বের নাসিকা। ৩ মুখাগ্রভাগ। ঘোণাকাটা-গন্নাকাটা দ্রঃ। বিদ্ধ ঘোণ-বিণ, ঘোণা (নাক-ফোড়া)। "তাহাতে মনুষ্যও বিদ্ধঘোণ বলীবর্দ্দের ন্যায় দৈবের অভিপ্রায়ানুসারেই পরিচালিত হইয়া থাকে"-মহা০ (সিং২)।

ঘোণা২ [প্রাদে০] বি, বড় ঘূর্ণী। "নদীর ধারে বেঁধে ঘোণা সকাল সন্ধ্যে আনাগোনা" -মন্দির।

ঘোণী [ঘোণা (নাসিকার অগ্রভাগ) ঈ (বিশিষ্টার্থে) যার নাসিকাগ্রাংশ অধিক লম্বিত, অথবা ঘোঁত ঘাঁত শব্দ করে বলিয়া] বি, শূকর।

ঘোত্ ঘোত্, ঘোঁৎ ঘোঁৎ [অনু০] বি শূকরের কণ্ঠস্বর। ২ অসন্তোষের অস্পষ্ট অভিব্যক্তি ; গোঁজ গোঁজ। ঘোঁত ঘোঁত করিয়া খাওয়া [শূকরের বিষ্ঠা ভোজনের ন্যায়] খাদ্য অখাদ্য যথা ইচ্ছা ভোজনে উদর পূর্ণ করা (অবজ্ঞার্থে উক্ত হয়)। বিণ, ঘোঁৎ ঘূতে-অসন্তুষ্ট ও স্বল্পবাক্ বা অস্পষ্টবাক্।

ঘোপ [খোপ >] বি, খুবরি ; খোপ। "ঘোপের ভিতর বসে আছে।" ~ঘাপ-ঘোপ ও তৎসদৃশ আড়াল। ~বঁদর-বি, বন্দর ; উপকূল।

ঘোপাল-বিণ, ঘোপযুক্ত।

ঘোমটা [সং অবগুণ্ঠন > গুণ্ঠন > গুণ্টা > ঘুমটা। হিং ঘুম (ঘের, আবরণ) + বৃন্ট (টানা) > ঘুঁঘুঁট > হিং-ঘুঙ্গট্-ঘোঙট্। চ০ ক০ ভা০-'ঘোঁওটা,'-ডা। বাং ঘুমুট, ঘোমট, ঘোমটা] বি, বস্ত্রদ্বারা মুখাবরণ ; অবগুণ্ঠন ; মুখাচ্ছাদন। স্থানভেদে উহাকে 'মাথায় কাপড়' বলে। "আবরি বদন আমি ঘোমটায় সখি করপুটে কহিনু-" মেঘ০। "ঘোমটার জলদ আঁধারে। তোমারও মুখশশী কাঁদিছে কাতরে।"-অশোক০। ঘোমটা খোলা-অবগুণ্ঠন উন্মোচন করা। ২ অবরোধ প্রথা ভাঙ্গা। "আর কেন লো ঘোমটা খোল কবির কথা রাখ।"-হেম০ বন্দ্যো০। ৩ [ঘো০-খোলা] বিণ, অনাবৃত মুখ। ঘো০ টানা-মুখ ঢাকিবার জন্য মাথা হইতে নাকের নীচে ঘোমটার কাপড় টানিয়া আনা বা নাবান। ঘো০ তোলা, ঘো০ ফেলা-অবগুণ্ঠন মোচন করা ; মুখ খোলা। "চাঁদ উঠেছে ফুল ফুটেছে কদমতলায় কে? দাঁড়িয়ে আছেন কৃষ্ণঠাকুর ঘোমটা তুলে দে।" -মেয়েলী ছড়া। "আইমা লো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা।"-অ০ ম০। ২ মাথার কাপড় টানিয়া মুখ ঢাকা ; ঘোমটা দিবার জন্য ঘাড়ের কাপড় মাথায় তুলিয়া দেওয়া। নাচতে এসে ঘো০ কেন-বৃথা লজ্জা। ২ কপট লজ্জা। ঘোমটার ভিতর খেমটা নাচ-কুলবধূর বেশে অসতীর ব্যবহার।

ঘোর১-বি, অন্ধকার। ~করা-অন্ধকারে আচ্ছন্ন করা।

ঘোর২ [ঘুর (ভয়ঙ্কর হওয়া) + অ (কর্তৃ-জ্ঞা০) যিনি সংহারার্থ ভয়ঙ্কর মূর্ত্তি ধারণ করেন] বি, সর্ব্বসংহারক শিব। ২ ঘোর-নামক ঋষি-বিঃ। ৩ [ঘুর দ্রঃ] ঘুর ; চক্র ; ভ্রম। ৪ মত্ততা ; আবেশ ; আচ্ছন্নভাব। ৫ সঙ্কট। ৬ গভীর। ৭ অন্ধকার। "তোমা ঘর হৈল ঘোর, কি করিব রাজ্য ধনে।"-মহা০ (বংশী)। স্ত্রীং ~া-ভয়ঙ্করা রজনী। ২ ভীমা। ৩ বিণ, দুর্গম ; বিষম ; দারুণ। ৪ ঘন, নিবিড় ; গাঢ়। ৫ অতি উৎকট। ৬ অসদৃশ ; অনন্যসদৃশ ; বিসদৃশ। ৭ সঙ্কটম। ৮ মহৎ। ৯ বিকট ; ভয়ানক। ~ঘটা, ~ঘট্টা-বি, মহা আড়ম্বর। ২ আকাশ ঢাকা ঘনমেঘ ; মেঘাচ্ছন্নতা। ~ঘোর-অন্ধকার-অন্ধকার ; ঊষা ও সন্ধ্যাকাল। ২ বুদ্ধির অস্থিরতা ; বুদ্ধিচাঞ্চল্য। ~চক্কর,-প্যাঁচ,-ফের-প্যাঁচ ; ফাঁদ। ২ অতি ভীষণ। ~তর-বিণ, আরও বা অধিকতর ঘোর। ~দর্শন [ঘোর (ভয়ঙ্কর) দর্শন (দৃষ্টি)-যার বহু০] বি, পেচক। ২ বিণ, যাকে দেখিলে ভয় হয় ; বিকটাকৃতি। ~দংষ্ট্রা-বি ভীষণ দন্ত। ২ বিণ করাল। ~দৃশ্য-বি, বিণ, ভীষণ দর্শন। ~রূপ-বি, অতি ভয়ঙ্কর আকৃতি ; ঘনকৃষ্ণমূর্ত্তি। > স্ত্রীং ~রূপা-বি, দুর্গা ; চণ্ডী। ঘুমের ঘোর -নিদ্রাচ্ছন্নতা। নেশার ঘোর-মাদক দ্রব্য জনিত মত্ততা। রোগের ঘোর-পীড়াজনিত আচ্ছন্নতা ও চৈতন্যাভাব।

ঘোরা১-ঘোর দ্রঃ।

ঘোরা২-ক্রি, ঘুরা দ্রঃ। ~ঘুরি-বি, ইতস্ততঃ ভ্রমণ। ২ কোন বস্তুর বা বিষয়ের অন্বেষণে হাটাহাটি। ~ফেরা-ক্রি, ইতস্ততঃ পরিভ্রমণ করা, গমনাগমন করা পাদ চালনা করা, বায়ু সেবন করিয়া চলা ফেরা। ~বিদ্যা-বি, বৌ শা মতে মারণ উচাটনাদি ক্রিয়ার জন্য অথর্ব্ববেদোক্ত বীভৎস অনুষ্ঠানাদির জ্ঞান। মাথা ঘোরা-বি, শিরোঘূর্ণন। ২ ক্রি, ঐ রোগ হওয়া। ৩ বুদ্ধির অস্থিরতা হওয়া : বুদ্ধি চাঞ্চল্য ঘটা।

ঘোরালি [ঘোর (দ্রঃ) + আল (হিং-বালা-যুক্তার্থে)] বিণ, ঘনান্ধকারযুক্ত। "বর্ষা আসে হইয়া ঘোরালো"-সোনারতরী। ২ গাঢ়। ৩ অভিমান বা ক্রোধপূর্ণ (মুখ) ; ঘোরাল মুখ ; গাম্ভীর্য্যযুক্ত গোলমুখ।

ঘোরি [ব্রজ ও প্রাং বৈং সাং। হিং-ঘুলনা > ঘোলি (মিলাই), ল=র] ক্রি, অস, মিশ্রিত করিয়া ; গুলিয়া। "চন্দন ঘোরি কঙ্কুম তঁহি ডারল, কর্পূর তাম্বুল মুখবাস।"-গোবিন্দ।

ঘোল [সং-"সসরং নির্জ্জলং মথিতং দধি। -শং কং দ্রুং] বি, তক্র, মাখন-তোলা দই। ২ নদীর আবর্ত্ত : আওড। ৩ বিণ, ঘোলা ; আবিল : কর্দ্দমাক্ত। প্র-জলটা কাদায় ঘোলা হয়ে গেছে। ঘোলা জল। ~খাওয়া-ক্রি, তক্র বা ঘোল পান করা। ২ মন্থন দণ্ড দ্বারা চালিত হওয়ায় ঘোলের যে অবস্থা হয় অর্থাৎ ঘুরপাক খায় সেইরূপ ঘুরপাক খাওয়ার ভাব > মুণ্ড ঘুরিয়া যাওয়া, গ্রাং ভাষায় নাকানি চুবানি খাওয়া ; কষ্টের ফেরে পড়া। অথবা উৎকট রোগে বহুদিন ভুগিয়া রোগী বাঁধা নিয়মে পথ্য গ্রহণ করিতে বাধ্য হয় বলিয়া পথ্যের ব্যবস্থায় রোগের পূর্ব্ব সূচনা বুঝায় ; সুতরাং ভাবী কষ্টভোগ অর্থেই প্রযুক্ত হয়। তুল-ছমাসের ঘোল ভাত খাওয়া। ঘোল খাওয়ানি ভয় প্রদর্শন, শাসন প্রভৃতি অর্থে প্রযুক্ত] কষ্টে ফেলা ; জব্দ করা। মাথায় ঘোল ঢালা [এদেশে পূর্ব্বে অপরাধীর রাজদণ্ড স্বরূপ তার মাথা মুড়াইয়া মাথায় ঘোল ঢালিয়া দেশ হইতে বাহির করিয়া দিবার প্রথা হ'তে] ক্রি, অপমান করা : অপদস্থ করা। ২ ক্ষতিগ্রস্ত করা। ৩ জব্দ করা। দুধের সাধ ঘোলে না মেটা-উৎকৃষ্ট বস্তুর অভাব নিকৃষ্ট বস্তুর দ্বারা পূরণ করা যায় না ; আসলের স্থান নকলে পূর্ণ হয় না। দুধের স্বাদ ঘোলে মেটা অসম্ভব অর্থাৎ মেটে না। এই অর্থে প্রবচনটি ব্যবহৃত হয়। "দুধেরি পিপাসা কভু ঘোলে নাহি যায় রে"-বাং-গান।

ঘোলবটক [ঘোলে সিক্ত বটক] বি ঘোলবড়া।

ঘোলমিউনি, ঘোলমৌনী [সং-ঘোলমন্থনী। প্রাকৃং-ঘোলমঅনী] বি, ঘোল মন্থন করিবার দণ্ড। ২ ক্ষুপবিঃ। ইহার ছোট ছোট ফুল ও গোল গোল ছোট ফল হয়। (বং শং কোষ) peeringia celosioides—*Carey.*

ঘোলমওয়া [গ্রাং-ঘোল মউনী দ্রঃ] ক্রি, ঘোলমন্থন করা ; মাখন তোলা।

ঘোলা [ঘোল দ্রঃ] বিণ, আবিল, কর্দ্দমাক্ত ; অনির্ম্মল। "আমরা মাটির কণা জল-স্রোত ঘোলা করি অবিশ্রাম চলিয়াছি ভেসে"-রবীং। ২ স্বচ্ছতানাশক আবরণ : আচ্ছাদন। প্র-ঘোলা ধরা বা পড়া। ক্রি, ঘোলান। ঘোলা করা [গ্রাং-মারা] ক্রি, গোলান : কর্দ্দমাক্ত করা ; আবিল করা। ~টিয়া, ~টে [অল্পার্থে ইয়া > ক্ষেং এ] অল্প বা প্রায় ঘোলা ; ঘোলা-ঘোলা। ~পরা, -পড়া-ক্রি, অস্বচ্ছ হওয়া। প্র-কাঁচখানা ঘোলা পড়ে গেছে। ২ চক্ষের তারার উপর আবরণ বা আচ্ছাদন পতিত হওয়া ; ছানি পড়া। প্র-চখে ঘোলা পড়া। ৩ ডিম গাঁজিয়া বা পচিয়া নষ্ট হওয়া। প্র-একটা ডিম ফুটে বাচ্ছা হয়েছে আর একটা ডিম ঘোলা পড়ে গেছে।

ঘোলাটিয়া, -টে-ঘোলা দ্রঃ।

ঘোলান, ঘুলান [ঘোলা দ্রঃ। ঘুলান দ্রঃ। ক্রি, আবিল করা : জল আলোড়িত করিয়া নিম্নের কর্দ্দম উপরে তুলিয়া মলিন করা। ২ তরল পদার্থ আওটাইয়া গাঢ়তর করা। বি, ঘোলানী [ঘোলাপানি] কাদা জল ; কাদডানী। ২ ঘুলানী। বিণ, ঘোলানিয়া, ঘোলানে-আবিল। গা ঘোলান, গা ঘুলাইয়া উঠা-ক্রি, গা বমি বমি করা ; বমনোদ্রেক হওয়া।

ঘোষ [ঘুষ্ (শব্দে) + অ (ধি, জ্ঞা)] বি, যেখানে গরুর ডাকের, দুগ্ধ দোহন ও দধি মন্থনের শব্দ হয় ; গোপদিগের বাসস্থান। আভীরপল্লী : গোয়ালাপাড়া। ২ [র্তৃ, জ্ঞাং] গোপজাতী : গোয়ালা। ৩ বাঙ্গালী কায়স্থজাতির উপাধিবিঃ। ৪ [ভাং-অ] ধ্বনি : শব্দ : রব : গম্ভীর বা ঘোরাল শব্দ। ৫ মেঘনির্ঘোষ। ৬ [র্তৃ-অ-যারা শব্দ করে] কাঁসা। ৭ মশক ; মশা ; ডাঁশ।

ঘোষক [ঘুষ্ (শব্দ করা-ঘোষণা করা) + অক (র্তৃ)] বিণ, যে ঘোষণা করে : প্রচারক ; প্রকাশক। ২ নিনাদক : ধ্বনিকারক।

ঘোষড [প্রাদেং খুলনা যশো গ্রাং] বিণ, দুষ্প্রবেশ্য : নিবিড়। প্র-ঘোর বন।

ঘোষণ, ঘোষণা১ [ঘুষ্ + অন (ভাং, + আ)] বি, উচ্চৈঃ শব্দ। ২ রাজাদেশ প্রচার। ৩ চতুর্দ্দিকে বিজ্ঞাপন প্রচার। ৪ প্রকাশ্য আন্দোলন। ঘোষণ-ভীষণা-ভীমনাদিনী (কবিকং)।

ঘোষণা২ [প্রাং বাং] বি খ্যাতি : প্রসিদ্ধি। "গোং রাখিব বীরের অবনী-ভিতর।"-কবিকং। ~পত্র-বি, বিজ্ঞাপন public notice

ঘোষবান [ঘোষ (দ্রঃ) + বৎ (স্ত্য) ১মা, ১বং] বিণ, গম্ভীর শব্দায়মান। ২ [ব্যাং] ব্যঞ্জন বর্ণের উচ্চারণে ধ্বনির গাম্ভীর্য্য : গ, ঘ, জ, ঝ, ড, ঢ, দ, ধ, ব, ভ। এই কয়টি ঘোষবান বর্ণ। স্ত্রীং ঘোষবতী-বি, মহারাজ উদয়নের বীণা। ২ বিণ, শব্দশালিনী ; গম্ভীরনাদিনী।

ঘোষযাত্রা [ঘোষ (আভীর পল্লী) তথায় যাত্রা (গমন)-৭ তৎ] বি, পূর্ব্বতন রাজাদিগের গবাদি তত্ত্বাবধান জন্য আভীরপল্লীতে গমন রূপ পর্ব্ব।

ঘোষহীন [ঘোষবান দ্রঃ] বি, গম্ভীর রবশূন্য ; শব্দগাম্ভীর্য্যরহিত। ২ [ব্যাং] যে সকল বর্ণ উচ্চারণ কালে ধ্বনির গাম্ভীর্য্য

প্রকাশ পায় না : অঘোষবান। ক, খ, চ ছ, ট, ঠ, ত, থ, প, ফ, এই কয়টি ঘোষহীন বর্ণ।

ঘোষা১ [সং] বি, মৌরী। ২ বিড়ঙ্গ। ৩ শুলফা। ~**লতা**-বি, ঝিঙ্গাগাছ।

ঘোষা২ [ঘোষ (দ্রঃ) + আ। ঘুষি, ঘোষি, ঘোষ (ঘুষন ঘোষ) ঘোষে (ঘোষেন), ঘোষিতে, ঘুষিতে ; ঘোষিয়া, ঘুষিয়া (ক্ষে ঘুষি)। ণিজন্ত-ঘোষান] ক্রি শব্দ করা ; ঘোষণা করা ; প্রচার করা।

ঘোষানি [ঘোষা দ্রঃ। ঘোষাই, ঘোষাও (ঘোষান ঘোষা) (ঘোষায়, ঘোষান্) ঘোষাইতে (ক্ষে- ঘোষাতে), ঘোষাইয়া (ক্ষে- ঘুষিয়ে)] ক্রি, বিঘোষিত করান ; ঘোষণা করান। ২ পাঠশালে ছাত্রদিগকে এক সঙ্গে উচ্চৈঃস্বরে নামতা আবৃত্তি করান বা পড়ান। "ছেলেদের ঘোষাইবার একটু একটু গোল হইত।"-টেকচাঁদ।

ঘোষাল-বি, ব্রাহ্মণের জাতীয় উপাধি-বিঃ। ২ বিণ, বিখ্যাত (কবিক॰)।

ঘোষিত [ঘুষ্ (শব্দ করা) + ণিচ্ = ঘোষি + ত (র্ম)] বিণ, যার ঘোষণা করা হইয়াছে ;

ঘ্যাঁট-ঘাঁট দ্রঃ।

ঘ্যাঁষ [অনু॰] বি ঘষণ শব্দ।

ঘ্যাগ [তুল-ইং goitre] বি, গলগণ্ড।

ঘ্যাঙ্ঘ্যাঙ-ঘেঙ্ঘেঙ্ দ্রঃ।

ঘ্যানঘ্যান্ [অনু॰। ঘানির ক্রমাগত ঘর্ষণ শব্দ] বি, নাকে কান্না। ২ আবদার ; টানাস্বরে আবদার। বিণ, ঘ্যান-ঘেনিয়া, ঘ্যানঘেনে-যে অনবরত ঘ্যানঘ্যান করে বা নাকে কাঁদে সদাই অসন্তুষ্ট ; আবদারে।

ঘ্যানির-ঘ্যানির [ঘানি 'রব হ'তে ঘ্যানোর, ক্রমাগত অর্থে দ্বিত্ব] বি, অনুকরণ শব্দ। ২ ক্রমাগত আবদার বা নাকে কাঁদা ; একজাই অনুযোগ ; একটানা ক্রন্দন।

ঘ্রাণ [ঘ্রা (গন্ধ লওয়া) + অন (ণে-যদ্দ্বারা গন্ধ লওয়া হয়] বি, ঘ্রাণেন্দ্রিয় ; নাসিকা। ২ [ভা-অল] গন্ধ গ্রহণ ; গন্ধ পাওয়া ; আঘ্রাণ। ৩ গন্ধ smell ~**জ** (-র্ন) [ঘ্রাণ (ঘ্রাণেন্দ্রিয়) জ (জন+অ, র্তৃ) নাসিকাতে যার উপলব্ধি হয়] বিণ, ঘ্রাণেন্দ্রিয় হ'তে উৎপন্ন। ২ আঘ্রাণ-মূলক। ~**তর্পণ** [ঘ্রাণের (নাসি- কার) তর্পণ (তৃপ্তি) হয় যা হ'তে-বহু)] বি, ঘ্রাণেন্দ্রিয়ের তৃপ্তিসাধন। ২ সুরভি ; সৌগন্ধ। ~**মুখ** [সুশ্রুত] বি, নাসারন্ধ্র cavity of the nose ~**শক্তি**-বি, গন্ধ গ্রহণের শক্তি।

ঘ্রাণেন্দ্রিয় [ঘ্রাণ (রূপ যে) ইন্দ্রিয়-ধা] বি, যে ইন্দ্রিয়দ্বারা দ্রব্যের গন্ধ গ্রহণ করা যায় ; নাসিকা ; নাক।

ঘ্রাত [ঘ্রা॰ (গন্ধ লওয়া) + ত (র্ম)] বিণ যে বস্তুর গন্ধ লওয়া হইয়াছে ; কৃতঘ্রাণ ; গৃহীত গন্ধ ; আঘ্রাত।

ঘ্রাতব্য [ঘ্রা + তব্য (র্ম)] বিণ, ঘ্রেয়, যার ঘ্রাণ লওয়া যাইতে পারে ; যা আঘ্রাণ করা আবশ্যক বা কর্তব্য ; ঘ্রাণযোগ্য ; যা ঘ্রাণ করিতে হইবে।

ঘ্রাতা [ঘ্রা + তৃ (র্তৃ, মু॰ ঘ্রাতৃ, ১মা, ১ব॰] বিণ, গন্ধগ্রাহী ; আঘ্রাণকারী।

ঘ্রাতি-বি, ঘ্রাণেন্দ্রিয়। ২ ঘ্রাণ।

ঘ্রেয় [ঘ্রা (ঘ্রাণ লওয়া) + য (র্ম)] বিণ, ঘ্রাতব্য ; যার ঘ্রাণ লওয়া যায় ; ঘ্রাণার্হ। ২ বি, গন্ধদ্রব্য।

ঙ

ঙ১ (উঁঅাঁ) ব্যঞ্জনবর্ণমালার ও কবর্গের পঞ্চম বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহাকে জিহ্বামূলীয় এবং নাসিকা দ্বারা উচ্চারিত হয় বলিয়া অনুনাসিক বর্ণ বলে। প্রাচীন বাঙ্গালায় "ম" স্থানে 'ঙ'র ব্যবহার ছিল। যথা-অহম্ > অহং=হঙ। "মো যদি জানিতাঙ্, পাছে এপথে কণ্টক আছে, তবে ঘরের না হইতাঙ বাহির"-জ্ঞান॰। স্মরণ স্থলে সোঙরণ ('সুমরণ' শব্দেরও ব্যবহার ছিল)। "সে গুণ সোঙরি মোর পাঁজর খসি যায়"-চণ্ডি॰ ; কোঙর (কুমার)। "এহো কোন রাজার কোঙর" (চৈ॰ চ॰)। কোঙরী (কুমারী)-বলরাম॰। আইলাঙ (আইলাম) ই॰। প্রা॰ বাং-য় 'ও' স্থানে ঙোর ব্যবহার ছিল। জয়ানন্দের চৈ॰ মঙ্গলে 'হঙো'=হও। ঙ কবর্গের অন্য বর্ণ-চতুষ্টয়ের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। তখন ইহার উচ্চারণ 'ং' যথা অঙ্ক=অংক। বঙ্গ=বংগ, ই॰। চলিত বাং-য় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই ; সং একাক্ষর কোষধৃত অর্থে প্রাচীন বাং পদ্যে ঙের স্বতন্ত্র কিন্তু বিরল ব্যবহার দৃষ্ট হয়।

ঙ২ [সং-ঙু (শব্দে)] বি, শব্দ ; রব ; ধ্বনি। ২ উভরব। ৩ বিষয়। ৪ বিষয়াসক্তি। ৫ বিষয় রক্ষা। ৬ উভয়। ৭ [তন্ত্রে] পরম-কুণ্ডলী।

ঙকার-বি, ঙ এই বর্ণ। ২ ঙ দ্রঃ। "ঙকার ভৈরব আর বিষয় ঙকার। ঙকার স্বরূপা রাখ ঙপদ আমার।"-ভারত॰। "ঙকার বিষয় চণ্ড অভিধানে ধ্বনি। ঙকার না চাহি মাগো, ঙকারদমনী॥"-ম॰ মো॰ ত॰ (বাসবদত্তা)।

চ

চ-ব্যঞ্জন বর্ণমালার ৬ষ্ঠ, চবর্গের আদ্য এবং স্বল্পপ্রাণ অঘোষবান বর্ণ। ইহার উচ্চারণ স্থান তালু। সং-তে-এবং, ও, আরও, পক্ষান্তর, সমুচ্চয়, সমাহার, আনুষঙ্গিকতা, অবধারণ, পাদপূরণ ইং অর্থ প্রকাশ করে। ১ [সং অভিধানে] কূর্ম্ম, চন্দ্র, চণ্ডেশ্বর ; চোর। ৩ ক, ট, ন, প, ব, ম, র ও ল বর্ণের সহিত যুক্ত হইয়া কত্তন, চর্ব্বণ ইং-র অনুকরণ শব্দ, বেগ, ত্বরা ইং ভাব প্রকাশ করে। ৪ [চল > ক্ষেং-চ। গ্রাং ব্যবহারে-স্নেহার্থে বা অবজ্ঞার্থে বা অতি পরিচয়ে। অনুজ্ঞা ব্যতীত অন্যান্য পুরুষ বা কালে ব্যবহার নাই রূপান্তর ও হয় না ; চলা দ্রঃ] ক্রি, প্রস্থান কর্ ; গমন কর্। ৫ সঙ্গে যাইতে আহ্বান। প্র-এখান থেকে চ দেখি। আমার সঙ্গে চ।

চই, চঁই, চৈ [সং-চবিকা] বি, পিঁপুলমূল সদৃশ প্রসিদ্ধ ফল ও তার লতা। ইহার পাতা দেখিতে পানের মত। নূতন জামাই আসিলে পূর্ব্বে শ্যালিকারা ঠাট্টা করিয়া ঠকাইবার জন্য পানের পরিবর্ত্তে জামাইকে খাইতে দিত। ২ গজপিপ্পলী ; পিঁপুলমূল piper chaba ৩ রন্ধনের মসলার উপযোগী গুল্ম বা শাক বিঃ বাটিয়া রান্ধে রোহিতের অণ্ড"-মনসা মং (বংশী)।

চই-চই [প্রাদেং] অ, হাঁসের পালকে খাবার দিবার সময়ের ডাক ; কচ্ছপকে খাবার দিবার সময় ডাকের শব্দ।

চইট, চট [যশোং, খুলনা অঞ্চলের জঙ্গলি ভাষায়] বি, চলাচল ; গমনাগমন। "অমুক বনে খুব হরিণের চট আছে।"-যশোং খুলনার ইতিহাস।

চইড়, চৈড় [যশোং খুলনা প্রাদেং নৌং ভাষা] বি, নৌকা ঠেলিয়া সরাইবার বা চালাইবার জন্য ব্যবহৃত বংশদণ্ড বা সরু কাট।

চইত [হিং-চয়েৎ < সং-চৈত্র] বি, চৈত্রমাস। "ফাল্গুন চৈত্রের মাস"-মৈং গীং।

চউর্কস-চৌকস দ্রঃ।

চউকি, চঁউকি [চমকিত >। ব্রজং 'চঁকি']। ক্রি, চমকিত হইয়া ; চমকিয়া (বিং পং)।

চউকী [সং-চতুষ্ক > হিং-চউক >] বি, বসিবার চতুষ্কোণ কাষ্ঠাসন ; চৌকী দ্রঃ।

চউতোর [প্রাং-বাং। হিং-চবুত্রা < সং-চত্বর] বি, চৌতারা (দ্রঃ) ; চণ্ডীমণ্ডপ ; বসিবার চৌচালা বা দালান। "চউতোর সকল"-ব্রজপরিক্রমা।

চউহানী-চৌহানী দ্রঃ।

চওড়া [সং-চর্পটঃ=বিপুলঃ (মেদিনীং)। হিং-চওড়া, চৌড়া] বিণ, প্রশস্ত ; বিস্তৃত। প্র-চওড়া কাপড়। চওড়া বুক। ২ বি, বিস্তর ; আড়দিক্ ; প্রস্থের দিক্। প্র-ঘরের চওড়াটা মেপে দেখ। কম চওড়া-অপ্রশস্ত ; সরু ; সঙ্কীর্ণ। লম্বা চওড়া বিণ, সুদীর্ঘ ও সুপ্রশস্ত ; আড়ে দীর্ঘে বড়। ২ বিপুল দেহ। ৩ বড় মানুষী। ৪ অসঙ্গত।

চঁর্ধকি-চন্দ্রকী দ্রঃ।

চক১ [চতুষ্ক] বি, চৌকাক্ষেত্র ; চারি কোণা ভূমি। ২ গ্রামের মধ্যস্থ ভূমিখণ্ড। ৩ অট্টালিকাবেষ্টিত চতুষ্কোণ প্রাঙ্গণ। ৪ চতুঃশালার মধ্যস্থান। ৫ [চক=গ্রামের সমষ্টি] কতকগুলি গ্রামের সমষ্টি ; মণ্ডলী ; জমিদারীর অংশ। ৬ ময়দান। ৭ বাজার।

চক২ [ইং-chalk] বি, ফুলখড়ি ; খটী।

চকচক১ [অনুং। সং-চক্ (তৃপ্তি অর্থে)। চক্ + চক্ (উপর্যুপরি অর্থে দ্বিত্ব] অ, জলীয় পদার্থ জিহ্বার দ্বারা পান করিবার শব্দ। প্রা-বিড়াল কুকুর ইং জন্তু জল, দুগ্ধ ইং চক্‌চক্ করিয়া পান করে। (২) পাত্রে চুমুক দিবার কালে ওষ্ঠ চাপিয়া দুগ্ধাদি পান করিবার শব্দ ; চমুক না দিয়া চাকিয়া চাকিয়া পান করা (চুমুকের শব্দ চোঁ চোঁ)। "চুমুকে চকচক পেয় পিয়া।"-অং মং। ২ সরীসৃপ-বিশেষের ডাকের শব্দ ; তিতির জাতীয় পাখীর ডাক [দ্রঃ-মৃদু শব্দে চিক্‌চিক্, মৃদুতর শব্দে-চুক্‌চুক্, মৃদুতম-চুকুচুকু। "চুকু চুকু চুকু চূষ্য চুষিয়া।"-অং মং]।

চকচক২ [সং-চকাস্ (দীপ্তি পাওয়া) চাক্‌চক্য। দীপ্তি বা ঔজ্জ্বল্য অর্থে, স্বচ্ছতা অর্থে] বিণ, চকচকিয়া১ [গ্রাং চকচকে] মসৃণ ও উজ্জ্বল। ২ স্বচ্ছ। ৩ স্নেহ পদার্থে সিক্ত। প্র-তেলচকচকে। [দ্রঃ-চক্‌চক্ অপেক্ষা ক্ষীণ দীপ্তিতে-চিক্‌চিক্ ; ক্ষণতর দীপ্তিতে-চুকচুক (কুচ্‌কুচ্ দ্রঃ)। ক্রি, চকচকানি-চক্‌চক্ করিয়া দীপ্তি পাওয়া। চকচকিয়া [চকচক (দ্রঃ) + ইআ] অসং ক্রি, চকচক করিয়া। বি, চকচকানি ; চকচকি।

চকবন্দি, -বন্দী [নোয়াখালি অঞ্চলে-'চকবন্দ ; চক (দ্রঃ) + ফাং-বন্দ + ই (তৎকরণার্থে)] বি জমীর চৌহদ্দী বা সীমানির্দ্ধারণ boundaries গ্রামের সীমানিরূপণ। ২ খণ্ড খণ্ড করিয়া ভূমির ভাগ ; কয়েক খণ্ড ক্ষেত্রসম্বলিত বিভাগ ; লাট। ৩। ভূসম্পত্তি an estate ৪ রাজস্ব বা পুলিস অধিকৃত সীমা ; হালকাবন্দী the limits of a police or revenue jurisdiction - *Wilson* চতুষ্কোণ প্রাঙ্গনের চতুর্দ্দিক গৃহশ্রেণীবদ্ধ। "বাড়ীটি তিন মহল, প্রথম মহলে প্রকাণ্ড পূজার দালান, দালানের চারিদিক্ চং। ইহার পর অন্দর মহল। এই মহলটীও চকবন্দী। চারদিকে দ্বিতল গৃহ।"-অপূর্ব্ববাসর। বিণ, চকবন্দ।

চকমক [তুর্কী-চক্‌মক্ অর্থে আলো জ্বালা। "chak mak to strike a light; chakmmak to strike a light of itself ; (specially) to lighten (used of the lightning) P. 60 *A Sketch of Turki language, pt I. by R B Shaw, Lahore.* 1875.]অ, বিদ্যুতের ঝিলিক অর্থে ; চঞ্চল আলোক অর্থে চক্‌মক দ্রঃ। বিণ, চকমকিয়া, চকমকে-যা বিদ্যুতের ন্যায় ঝলকিত হয় ; তীব্র উজ্জ্বল। ক্রি, চক্‌মকানি [দ্রঃ-চকমক অপেক্ষা প্রবল দীপ্তিতে-ঝকমক ; ক্ষীণদীপ্তিতে চিকমিক]।

চকমকানি [তুর্কী-চকমক (দ্রঃ) + আন

(ক্রিয়ায়)] ক্রি, চকমক করা; বিদ্যুৎ চমকান; ঝলকিত হওয়া। অস-ক্রি, চক্-মকিয়া, চকমকি১ (পদ্যে)। বি, চক্-মকানি; চকমকি২।

চকমকি৩,-কী [চক্‌মক্ (দ্রঃ)+ই (স্ত্র)) -যাতে চকমক করিবার মত বস্তু আছে] বি, অগ্নি উৎপাদক কঠিন প্রস্তরবিশেষ flint ২ চকমকি পাথর ও তা ঠুকিবার ইস্পাত flint and steel. "আমি প্রদীপ, তেল, চকমকি, সোলা সকলই আনিয়া রাখিয়াছি" -মৃণালিনী। চকমকি ঝাড়া, -ঠোকা -চকমকি পাথরে ইস্পাতের আঘাত করিয়া যে আগুনের ফিন্‌কি বাহির হয় তা সোলায় ধরা। হাত ঝুলিয়া বা ঝাড়িয়া ইস্পাৎ ঠুকিতে হয় এবং পাথর হইতে ফিন্‌কি ঝরিয়া পড়িবার মত বাহির হয় বলিয়া ঝাড়া বলে (তুল-ফুলঝুরি=হিং-ফুলঝাড়ি)।

চকমা বি, পূর্ব্বহিমালয়স্থ পর্ব্বতবিঃ। ২ [হিং] চক্ষে ধুলাদান; প্রবঞ্চনা; ধোঁকা।

চকমিলন [চক (দ্রঃ)+মিলন] বিণ, চতুষ্কোণ মিলিত চতুর্দ্দিকে সম উচ্চ কক্ষ মধ্যে সমচতুষ্কোণ প্রাঙ্গণ; চকমিলান। প্র-চক-মিলন বাড়ী।

চকরা, চকরাকাণা [চক্র-কাণা (যে দৃষ্টি-অভাবে চক্রবৎ ঘুরিয়া বেড়ায়), অথবা চক্ষুর (চকুরা)+কাণ-যে চক্ষু থাকিতে কাণা। শেষার্থেই অধিক ব্যবহৃত হয়] বিণ, চোখ থাকিতে কাণা [দ্রঃ-চকরা কাণা শব্দসাদৃশ্যে গ্রাং-"চোখে কাণে হইয়াছে", অর্থ-"চোকে। প্রং-চোখেকাণে দেখ্‌তে পাওনা?]

চকল-বি, চোকর দ্রঃ।

চকলা [চকল (সং-শকল=ত্বক-বল্কল, খণ্ড)+আ (বৃহদর্থে)। গ্রাং-উচ্চারণভেদে চোক্‌লা] বি, ছাল; ত্বক (তুল-হিং ছিলকা)। ২ [চক্র ও শকল শব্দের মিশ্রণজাত অর্থ চক্রাকার খণ্ড] চাকা; চাক্‌লা।

চকসা [সং-চকাস্ (দীপ্তি পাওয়া) চকচক দ্রঃ)। চকস+আ (ভাব বা অবস্থা অর্থে)। আলো অর্থে মুর্শিং, বগড়ী, পুং ও পং রাঢ়ে-চিক্যাস্] বি, মেঘ কাটিয়া সূর্য্যালোকের প্রকাশ অর্থাৎ বৃষ্টি থামিয়া বা মেঘ কাটিয়া রৌদ্রের প্রকাশ। চং করা-মেঘ কাটিয়া রৌদ্র দেখা দেওয়া।

চকা১ [সং চক্রবাক > হিং চকরা > প্রাং বাং চকুআ, চকুয়া, চকেবা >] বি চক্রবাক। স্ত্রীং, চকী।

চকা২ [চকমক, চকমক দ্রঃ। চকে চকিতে; চকিয়া] ক্রি, চকচক করা, চকমক করা; চমকান। "চিকুর ঝিকিমিকে চকিয়া দিকে দিকে"-সোনার তরী।

চকাচকী [চক্রবাক্ চক্রবাকী (> ক্ষে)] বি, চক্রবাক ও চক্রবাকী; সপ্তরক বর্গের বন্য হংস-বিঃ। ইহারা সর্ব্বদা স্ত্রী-পুরুষে থাকে বলিয়া এই নাম। ইহাদের দাম্পত্যপ্রেম চিরপ্রসিদ্ধ the brahminy duck "চকা কন চকী প্রিয়ে! এ বড় কৌতুক। বিধি হতে ব্যাধ ভাল বড় দুঃখে সুখ"-"রসসাগর।

চকার-বি, চ এই বর্ণ।

চকাসিত [চকাস্ (দীপ্তি পাওয়া)+ত (ক্ত)-ই আগম] বিণ, আলোকিত; উজ্জ্বল। ২ প্রকাশিত।

চকিত১ [চক্ (ভীত হওয়া)+ত (ক্ত) -ই আগম] বিণ, ভয়-চকিত: চমকিত: ভয়জনিত সতর্ক ও চমকিত; ভীরু। "পড়ে মনে বরিষার বৃন্দাবন অভিসার একাকিনী রাধিকার চকিত চরণ"-রবীং। ২ কম্পিত। ৩ বি, নিমেষ; ক্ষণমাত্র।" চকিতের মধ্যে কাজটা করে ফেল্লে। স্ত্রীং ~া-ভয়ব্যাকুলা; ভীতা; চমকিতা। ২ ষোড়শাক্ষর ছন্দোবিঃ। ৩ [+ত (ভাং)] বি, ভয়। ক্রি, বিণ, চকিতে।

চকিত২ [চক্‌মক্ (দ্রঃ) > চক্ (বিদ্যুতের চমক্ বা ঝিলিক)+ইত (যুক্ত বা সদৃশ অর্থে)] বিণ, ক্ষণপ্রভান্বিত। ২ (তদ্বৎ) ক্ষণস্থায়ী; ক্ষণিক। বি, ক্ষণপ্রভার ক্ষণিক দীপ্তির মত অল্পক্ষণ; মুহূর্ত; নিমেষ। প্র-চকিতের মধ্যে অদৃশ্য হওয়া।

চকুই [সং চক্রবাকী > প্রা বা ও হিং চকরী >] বি, চক্রবাকী: চকী। পুং চকবা, চকেবা চকুয়া চকুই [চক্রবাক-চক্রবাকী > চকবাচকবী >] বি, চক্রবাক চক্রবাকী; চকাচকী (দ্রঃ)]। "চকুয়া চকুই বলি সঞ্চাল ভাইস।"-গোবিন্দচন্দ্রের গীত। (১১-১২ শতাব্দী)। [দ্রঃ বাং প্রাদেং ব্যবহারে "চকোর চকোরী অর্থেও ব্যবহার আছে। চক্রবাক দ্রঃ]।

চকুয়া,-য়া [চকুই দ্রঃ। হিং চকরা] বি, চক্রবাক।

চকেবা-চকা দ্রঃ।

চকো-চোখা দ্রঃ।

চকোর [চক্ (তৃপ্ত হওয়া)+ওর (তৃ-জ্ঞাং, যারা (চন্দ্রিকা পানে) তৃপ্ত হয়। প্রবাদ এই যে চকোর জ্যোৎস্না পান করিয়া জীবন ধারণ করে এবং অনবরত ঊর্দ্ধমুখে চাঁদের প্রতি চাহিয়া থাকে] বি, পারাবত জাতীয় পক্ষিবিঃ চন্দ্রলোক বা জ্যোৎস্না সেবনে তৃপ্ত হয় যে পাখী greek partridge [দ্রঃ-চকোর ইং হতে (চকোর যেমন চাঁদের পানে একদৃষ্টে চাহিয়া থাকে তদ্রূপ) অলঙ্কারিক প্রয়োগে আগ্রহের সহিত প্রতীক্ষাকারী বা অনন্যলক্ষ্য ইং অর্থে-"চিত্ত-চকোর", "হৃদয়-চকোর", "মন-চকোর" ইং শব্দের ব্যবহার আছে] স্ত্রীং ~ী [দ্রঃ-চকোরীর চক্ষু অতি সুন্দর বলিয়া সুনয়নাকে চকোরাক্ষি বলার কবিপ্রসিদ্ধি আছে]।

চক্কর [সং-চক্র (দ্রঃ)] বি, চাকা wheel ২ কুমারের চাক potter's wheel ৩ ভ্রমি; আবর্ত্ত, জলাবর্ত্ত whirlpool ৪ ঘানি oil mill. ৫ ঘানিগাছের চতুর্দ্দিকে ঘুরিবার চক্রাকার পথ। ৬ ঘোড়দৌড়ের চক্রাকার পথ race ground. ৭ চাকার গাড়ি; চক্রযান; চক্র দ্রঃ। ৮ দেহে গোল বা চক্রাকার চিহ্ন। ৯ শালগ্রাম শিলার চক্রাকার চিহ্ন। ১০ মণ্ডলী। ১১ চাক্‌লা; প্রদেশ; বিশেষ অধিকারের সীমা। ১২ ঘুরপাক; পাক; ফের। ১৩ ভ্রমি; আবর্ত্ত; জলাবর্ত্ত whirlpool. ১৪ ভ্রম; ধাঁধা। ১৫ মস্তকঘূর্ণন; মাথা ঘোরা। ১৬ ফণা। প্র-সাপের চক্কর। ১৭ ক্রোধে উদ্ধতমূর্ত্তি। প্র-ফোঁস চক্কর। একটুতেই অমনি চক্কর ধরে বসেন। বিণ, চক্করিয়া, [গ্রাং-চক্কুরে] চক্রী। ২ পাকান; কুটিল। চক্কর দেওয়া-চক্র দ্রঃ।

চর্ক্কবর্ত্তি, চক্কোবর্ত্তী, চক্কোত্তি, চক্কোবোর্ত্তি [গ্রা°-কথ্য, আধু° নাটক উপন্যাসাদিতে চ°] বি চক্রবর্ত্তী (দ্রঃ)।

চক্র [সং। পা°-চক্ক, প্রাকৃ°-চক্ক : হি - চাক্কা, বাং-চাকা] বি, রথাঙ্গ · চাকা। **২** চক্ররথ ; চক্রযান cycle. **৩** কালচক্র cycle **৪** ঘোড় দৌড়ের চক্রাকার পথ race circle. **৫** বেষ্টনী . চক্রাকার বেড়া। **৬** কুম্ভকারের যন্ত্র , কুমারের চাক potter's wheel. **৭** তেলনিষ্কাশন-যন্ত্র ; ঘানি oil mill. **৮** ঘানিগাছের চতুর্দ্দিকে ঘুরিবার পথ। **৯** জলাবর্ত্ত whirlpool. **১০** দেহে গোলাকার চিহ্ন। **১১** শালগ্রামশিলার চক্রাকার চিহ্ন। **১২** প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। "ইহা কুণ্ডলাকার, প্রান্তভাগ উত্তম কোণযুক্ত ও ধারাল, নীল জলের ন্যায় বর্ণ এবং মণ্ডল পরিমাণে দুই প্রাদেশ। চক্রের কার্য্য ছেদন, ভেদন, নিপাতন, ভ্রামণ ও শায়িত করণ।"–রত্নমালা। [সুদর্শনচক্র–সুন্দরদর্শন তীক্ষ্ণতম ও অব্যর্থ চক্রাস্ত্র, শ্রীকৃষ্ণ ইহা ব্যবহার করিতেন। "চক্রাস্ত্র করিল চক্রী চক্র আচ্ছাদনে]।" **১৩** চক্রাকার ছটা বা রশ্মিরেখা : মণ্ডল ; পরিধি ; গ্রহমণ্ডল : চন্দ্রমণ্ডল সূর্য্যমণ্ডল। **১৪** চক্রাকার খণ্ড : চাকা . চাক্‌লা : চক্কর দ্রঃ। **১৫** চক্রাকারে সৈন্য সমাবেশ . ব্যূহ। (২) ধনুর্দ্ধরদিগের মণ্ডল। **১৬** [তন্ত্রে] ষট্‌চক্র ; দেহাভ্যন্তরস্থ ছয় বিভাগ : মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধি ও আজ্ঞা এই ছয় পদ্ম বা চক্র। (২) মন্ত্রোদ্ধারার্থ ষট্‌চক্র (কুলাকুল, রাশি, নক্ষত্র, অকথহ, অকড়ম্ ও ঋণিধনি)। **১৭** সাধন চক্র : মণ্ডলী : বীরাদিচক্র। **১৮** গণ। **১৯** [জ্যো°] রাশিচক্র zodiac **২০** [ফলিত জ্যো°] জ্যোতিষিক যন্ত্র : পতাকী চক্র। **২১** মণ্ডলাকার কররেখা বা পদতলস্থ চক্ররেখা ; অঙ্গুলিপর্ব্বশীর্ষস্থ চক্রবৎ রেখা। **২২** চিত্রকাব্যে চক্রবন্ধ। **২৩** সমূহ [বিরল]। **২৪** গ্রাম সমূহ ; প্রদেশ ; চাক্‌লা। **২৫** শাসনতন্ত্র। **২৬** রাজ্য। **২৭** ফণা ; সাপের মাথার চক্রচিহ্ন। **২৮** ঘূরপাক ; পাক : ফের। **২৯** মস্তক ঘূর্ণন, মাথা-ঘোরা রোগ। **৩০** ইন্দ্রজাল। **৩১** চক্রান্ত ; কূট মন্ত্রণা : ফাঁদ ; কূট অভিসন্ধি। "চক্র করি চক্রপাণি চক্রেতে কাটিয়া।" **৩২** তগরপাদিকা পুষ্প। **৩৩** [গ°] বৃদ্ধি : সুদ interest [চক্রবৃদ্ধি–compound interest]। **৩৪** [নাট্য শা°] অর্দ্ধবক্র হস্তদ্বয়। বিণ. চক্রী। ক্রি, চ° কর।–ষড়যন্ত্র করা; কাহারও বিরুদ্ধে মন্ত্রণা করা। চ° কাটা–ক্রি চক্রের মত গোল রেখাঙ্কন করা।। চ° দেওয়া, চক্কর দেওয়া–ঘুরিয়া আসা ; বেড়াইয়া স্বস্থানে ফিরিয়া আসা। প্র°–দুই চক্র দিয়া আইস। দশচক্র–দশজনের চক্র ; একজনের প্রতিকূলে বহুর মিলন ও যুক্তি। প্র°–দশচক্রে পড়ে কাজটা করতে হয়েছিল। দশচক্রে ভগবান ভূত–ভগবান নামক এক দরিদ্র ব্রাহ্মণ কোন রাজার বিশেষ প্রিয় হওয়ায় রাজার পারিষদবর্গ ঈর্ষাবশে দ্বাররক্ষকগণকে আদেশ দেন, "রাজার হুকুম ভগবান ঠাকুরকে রাজবাড়ীতে প্রবেশ করিতে দিও না"। কয়েকদিন পরে ভগবানকে না দেখিয়া রাজা পারিষদবর্গকে তার কারণ জিজ্ঞাসা করিলে, তারা বলেন মহারাজ! আজ ১৬ দিবস হইল ভগবানের মৃত্যু হইয়াছে তা আপনি শুনেন নাই? রাজা শুনিয়া অতি ক্ষুব্ধ ও বিস্মিত হইয়া বলিলেন, কই না? তার পুত্রও ত আমার নিকট আসে নাই? চক্রকারীরা বলিল, ওরা ঐরকম। আপনাকে উহারা গ্রাহ্য করে না। কিছুদিন পরে ভগবান রাজার সহিত সাক্ষাতের উপায়ান্তর না দেখিয়া এই স্থির করিলেন যে, রাজা যেদিন অপরাহ্নে নদীতীরে পদব্রজে ভ্রমণ করিতে আসিবেন সেইদিন নদীতীরস্থ কোন উচ্চবৃক্ষে আরোহণ করিয়া রাজাকে দর্শন করিব। পরে রাজা একদিন দলবলসহ পদব্রজে নদীতীরে ভ্রমণ করিতে যাইতেছেন এমন সময় সম্মুখস্থ এক উচ্চ বৃক্ষের উপর হইতে ভগবানের "মহারাজ মহারাজ" এই আহ্বান শব্দ শুনিতে পাইয়া সেই বৃক্ষের দিকে দৃষ্টিপাত করিলেন। পারিষদগণ জানিতে পারিয়া সকলে একবাক্যে বলিয়া উঠিল মহারাজ পলায়ণ করুন, ভগবান মরিয়া ভূত হইয়াছে। এই বলিয়া সকলে রাজাকে ফেলিয়াই পলায়ন করিল। রাজাও তখন তাহাদের পশ্চাতে দ্রুত ধাবন করিলেন। (তা হতে) দশজনে অর্থাৎ বহুলোকে এক জোট হইয়া চেষ্টা করিলে জীবিতকে মৃত, হয়কে নয় ইহা প্রতিপন্ন করিতে পারে। [দ্রঃ–গ্রাম্য ব্যবহারে ভুলক্রমে ভগবান শব্দে ঈশ্বর অর্থ করিয়া দশচক্রের শক্তি বৃদ্ধি করে]। নক্ষত্র চক্র–ষষ্টিবার্ষিক কালচক্র lunar asterism ; a cycle of 60 years. পাকচক্র–সহচর শব্দ : পাক ও চক্র (পাক) অর্থাৎ পাকের উপর পাক। **২** পেঁচের ভিতর পেঁচ ; জটিল যুক্তি ; দুর্ভেদ্য মন্ত্রণাজাল। ক্রি-বিণ, পাকচক্রে, (সাধাঃ) পাকেচক্রে। বিষনাই কুলাপানা চক্র–কুলার মত মস্ত ফণা অথচ বিষহীন। **২** [লক্ষ°] নির্গুণের ক্রোধ, ঔদ্ধত্য বা অভিমান। বৃহস্পতি চক্র [বৃহস্পতি দ্রঃ। জ্যো° পরিঃ]। ~ক [তর্ক শা°] কুতর্ক : হেত্বাভাস্ ; যে তর্কের দ্বারা সিদ্ধান্ত করা হইবে তাহাই সিদ্ধান্ত দ্বারা সমর্থন করা arguing in a circle. ~কুল্যা [বৈদ্যকে] বি. চাকুলিয়া বৃক্ষ। ~কোর [অস্থিবিদ্যায় trochoid শব্দের পরি°। চক্র –কোর (অপর)] বি. চক্রাকার অস্থিসন্ধি : চল-সন্ধি শ্রেণীর চক্রবৎ সন্ধি diarthrosis movable joint ~গণ্ডু [চক্র (গোলাকার) গণ্ডু (উপাধান) ধা] বি, গোল বালিস। ~গতি [চক্র (বৎ) গতি] বি, আবর্ত্তন ; ঘূর্ণন , ঘূরপাক ; চক্রাকারে গমন। ~গুচ্ছ [চক্রের ন্যায় গোলাকার গুচ্ছ যার, বহু] বি. অশোক বৃক্ষ। ~গোপ্তা –বি, রথচক্ররক্ষক। **২** সেনাপতি। **৩** পল্লীরক্ষক। **৪** রাজ্যরক্ষক। ~চ্ছিদ্র–বি. চক্রমধ্যগত রন্ধ্র। ~জীবক–বি, কুম্ভকার। ~তীর্থ [চক্র (সুদর্শনচক্র) তদ্দ্বারা কৃত তীর্থ, ৩ তৎ] বি প্রভাসক্ষেত্রে কৃষ্ণকর্ত্তৃক সুদর্শন চক্রদ্বারা নির্ম্মিত তীর্থ-বিঃ। **২** বৃন্দাবনস্থ তীর্থ-বিঃ ; গোবর্দ্ধন-সন্নিহিত চক্রেশ্বর-শিবস্থান। ~তুণ্ডী–বিণ, চক্রবৎ বা মণ্ডলাকার তুণ্ডযুক্ত cyclostomous. **২** বি.

গোলমুখ জলজন্তু ; ঈল (eel) বা ল্যাম্প্রী (lamprey) মৎস্যজাতীয় জন্তু cyclostomata ~দন্তা, ~দন্তী-বি, দন্তীবৃক্ষ : জয়পাল গাছ। ~ধর [চক্র-ধর (ধৃ-ধারণ করা + অ (র্তৃ) যে চক্রকে ধারণ করে-উপ০] বি, বিষ্ণু ; কৃষ্ণ। ২ [রাজার করতলে চক্রাকৃতি রেখা থাকায়] রাজা। ৩ মণ্ডলাধিপ ; চাকলাদার। ৪ [সর্পের মস্তকে মণ্ডলাকার চক্র আছে বলিয়া] সর্প। ৫ চক্রধারী : যে চক্রনামক অস্ত্র ধারণ করে। ৬ যে চাকা ধরিয়া আছে বা ধরে। ~ধর্মা [চক্র (চক্রের মত মণ্ডলাকার) ধর্ম-মণ্ডলাকারে নৃত্য করা যাদের ধর্ম (গুণ)-বহু০। বহু০ সমাসে ধর্ম=ধর্মন্ ১মা, ১ব০, ন লোপ] বি, বিদ্যাধর-বিঃ। ~ধার -বি, অর্দ্ধধারাস্ত্র-বিঃ (৮ অঙ্গুলি পরিমাণ আয়ত, ফলক ২ অঙ্গুলি এবং মধ্যস্থল ১ অঙ্গুলি বিস্তৃত। ~ধারিণ বি, যে অংশ রথাদির চক্র ধারণ করিয়া থাকে ; অক্ষনাভি। ২ চক্র ধৃতকরণ। ~নদী-বি, গণ্ডকী নদী। ~নাভি-বি, চক্রের মধ্যবিন্দুস্থিত কীলক navel of a wheel ~নামা [চক্র (মক্ষিকাচক্র) নামা (নামন্ >)-নাম যার-বহু০, চক্রনামন্ ১মা, ১ব০, ন্ লোপ, অ=আ] বি, মাক্ষিক ধাতু। ২ বিণ, চক্রনামধারী। ~নায়ক [চক্র (চক্রবৎ) নী (পাওয়া) + অক (র্তৃ) নী=নায়্ যে চক্রের মতন গোলাকার ভাব প্রাপ্ত হয়] বি, ব্যাঘ্রনখ। ২ নখীনামক গন্ধদ্রব্য। ৩ [চক্র (সেনা) নায়ক (অধ্যক্ষ)] বি, সেনাপতি। ~নেমি-বি, চাকার বেড়। ~পথ [চক্র (চক্রাকার) পথ (পথিন > -ধা] বি, মণ্ডলাকার পথ। ~পাণি [চক্র (সুদর্শনচক্র) পাণিতে যার-বহু০] বি, বিষ্ণু ; কৃষ্ণ যিনি সুদর্শনচক্র ধারণ করেন। ২ বিণ, চক্রহস্ত ; চক্রযুক্ত হস্ত। ~পাদ [চক্র (চাকা) পাদ (স্বরূপ) যার-বহু০] বি, রথ ; গাড়ী। ২ [চক্রের মত গোলাকার পাদ যার] হস্তী ; উষ্ট্র। ~পাল [চক্র (রাজ্য) পাল (পা + ণিচ=পালি (পালন করে] বি, রাজ্যপালক, দেশপতি ; রাজা। ২ [চক্র (অধীন সেনা) পাল (যে রক্ষা করে)] সেনাপতি ; ব্যূহরক্ষক। ৩ চাকলাদার। ~ফল, ~ফলক [চক্র (চক্রবৎ) ফলক (অগ্রভাগ) যার, বহু০] বি, চক্রবৎ তীক্ষ্ণধার অস্ত্র বিঃ। ~বৎ [চক্রবৎ] বিণ, চক্রের ন্যায় ; মণ্ডলাকার। ~বন্ধু [চক্র (চক্রবাকপক্ষী) তাদের বন্ধু -৬ তৎ। সূর্য্যের অস্তগমনের সঙ্গে সঙ্গেই চক্রবাক ও চক্রবাকীর বিরহদশা ঘটে, আবার সূর্য্য উদিত হইলেই উভয় একত্র মিলিত হয়, উভয়ের মিলনকারী বলিয়াই সূর্য্য চক্রবন্ধু] বি, সূর্য্য। ~বর্ত্তী [চক্র (দেশসমূহ) বৃত্ (বর্ত্তমান থাকা) + ইন (র্তৃ, শীলার্থে) মু০ বর্ত্তিন্ ১মা, ১ব০=বর্ত্তী ; চক্রে বর্ত্তী-৭ তৎ, কিম্বা চক্রে (রাজ্যে স্বামীরূপে) অবস্থান করাই স্বভাব যার, উপ০। গ্রা০-চক্কবিত্তি-ত্তী, চক্কোবিত্তী চক্কত্তি] বি, বহুবিস্তৃত রাজ্যের রাজা : সম্রাট্ ; সার্ব্বভৌম। ২ বহুবিস্তৃত খ্যাতি বা প্রসিদ্ধিব্যঞ্জক উপাধি ; ব্রাহ্মণের উপাধিবিঃ। ৩ চার বা পাঁচ দর্শনের পণ্ডিতগণের উপাধি। ~বাক [চক্র-বাক (বচ্=বলা + অ-র্ম্ম, জ্ঞা০)-রব যার, বহু০। রথচক্রবৎ রব বলিয়া এই নাম। হি০-চকেবা] বি, হংসজাতীয় পক্ষি বিঃ ; চকা ruddy sheldrake "প্রদোষে বিহীন বাক্, তীরে ঘোরে চক্রবাক তাহারে আক্রমে যথা বিংশতি হংসিনী।"-অশোক০। > স্ত্রীং, ~বাকী [দ্রঃ-বাং০-তে চাতককেও চক্রবাক বা চকা বলে ; কিন্তু চাতক স্বতন্ত্র পক্ষী]। ~বাড়, ~বাল [চক্র (দেশসমূহ) বল্ (আবরণ করা) + অ (র্তৃ) যে দেশসমূহ আবরণ করে বা চক্র (চক্রাকার) বাড়, বাল (বেষ্টনী)-যা আকাশপ্রান্তে চক্রাকারে পৃথিবী বেষ্টন করিয়া আছে] বি, দৃষ্টিপরিচ্ছেদক রেখা ; দিঙ্মণ্ডল ; দিগন্তবৃত্ত ; আকাশকক্ষ horizon ; দ্রষ্টার সমতল ভূপৃষ্ঠে লম্বমান রেখার সহিত সমকোণ করিয়া এবং দর্শকের দৃষ্টিকেন্দ্র ভেদ করিয়া চক্রবাল স্পর্শ করে sensible horizon ; visible horizon. পারি০ শব্দ পর্য্যায়-অম্বরান্ত, চক্রবাল, চক্রপাল, মণ্ডল, দিগন্ত, ক্ষিতিজ, কুজবৃত্ত, ক্ষিতিবৃত্ত, কুবৃত্ত, হরিজ। (সা০ প০ প০ ১৩২১) sensible horizon নামক সমতলের সহিত সমান্তরাল ভাবে ভূকেন্দ্রভেদী সমতল rational horizon ; celestial horizon ; true horizon. ২ লোকালোক পর্ব্বত। ~বাত [চক্র (ঘূর্ণী) যে বাত (বায়ু), ধা] বি, ঝঞ্ঝাবায়ু ; ঘূর্ণিবায়ু ; বাত্যা ; তুফান। ~বান্-বিণ, চক্রযুক্ত। ২ চক্রধারী। ৩ চক্রাকার। ৪ ঘানিচালক। ~বাল-চক্রবাড় (দ্রঃ)। ~ব্যূহ [চক্র (চক্রাকার) ব্যূহ (সৈন্য রচনা), ধা] বি, যুদ্ধার্থে মণ্ডলাকারে সৈন্যস্থাপন : অভিমন্যুকে বধ করিবার কালে দ্রোণাচার্য্য কর্ত্তৃক রচিত চক্রাকার ব্যূহ। ~বৃদ্ধি [গঃ] বি, বৃদ্ধির গুণ বা বৃদ্ধি : সুদের সুদ compound interest. ~ভৃৎ-বিণ, চক্রধারী। ~ভ্রম [চক্র (বৎ) ভ্রম (ভ্রমণ-ঘূর্ণন) যার, বহু০] বি, যে, চক্রের মত ঘোরে কুন্দযন্ত্র। ২ শাণ। ~মর্দ্দ-বি, চাকুন্দিয়া গাছ। ~মুদ্রা [চক্র (চক্রাকার) যে মুদ্রা, ধা] বি, দেবপূজার করমুদ্রাবিঃ। ~যান [চক্র (চাকা) যান (গমন-সাধন) যার, বহু০] বি, দুই, তিন বা তদূর্দ্ধ-সংখ্যক চক্রযুক্ত যান ; রথ ; গাড়ী ; শকট ; সাইকেল। ~রক্ষক [চক্র (ব্যূহ) রক্ষ্ (রক্ষা করা) + অক (র্তৃ) যে ব্যূহাকারে রচিত সৈন্য রক্ষা করে] বিণ, ব্যূহরক্ষক। ~হস্ত-বি, চক্রপাণি দ্রঃ।

চক্রাকার [চক্র + আকার] বি, গোল।

চক্রাঙ্গ [চক্রের অঙ্গ-৬তৎ বা চক্র অঙ্গ (অবয়ব) যার, বহু০] বি, চক্রযান ; গাড়ী। ২ চক্রের অবয়ব ; চক্রাংশ। ৩ [চক্র (চিত্রবিচিত্র) অঙ্গ যার, বহু০] হংস। ৪ উদ্যান, বাগান। স্ত্রীং ~ঙ্গী-হংসী।

চক্রাট [চক্র (গ্রাম বা দেশ) অট (ভ্রমণকারী-যে দেশে দেশে বা গ্রামে গ্রামে ঘুরে বেড়ায়] বিণ, ভবঘুরে vagabond ২ সাপুড়ে। ৩ ঠগ।

চক্রান্ত [চক্রের অন্ত (শেষ, একশেষ) ৬তৎ] বি, কারও বিরুদ্ধে বহু লোকের কুপরামর্শ বা কুযুক্তি। ২ ফন্দি ; ছল ; কূট কৌশলজাল। "চক্রান্ত করিল চক্রী চক্র আচ্ছাদনে" -রসসাগর। ক্রি-বিণ, চক্রান্তে-ষড়যন্ত্র দ্বারা। ~কারী [চক্রান্ত-কৃ + ইন্ (র্তৃ-শীলার্থে) চক্রান্তকারিন্ ১মা ১ব০] বিণ, কুযুক্তিদাতা ; কুমন্ত্রণাকারী ; চক্রান্তে সংসৃষ্ট।

চক্রাবর্ত্ত [চক্র (চাকা, তার) আবর্ত্ত (ভ্রমণ-ঘূর্ণন), ৬তৎ] বি, চাকার ঘূর্ণন। ২

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র)। ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ক্ষ=খ্ খ স্ব=ই ঢ়=ড় হ্ন হ্ম হ্ম=ন্হ ব্হ ল্হ ভ ঝা, জ ফ ব ভ=/f\v ও ছা০ দ্রঃ

[চক্রবৎ আবর্ত্ত-উপ] মণ্ডলাকারে ভ্রমণ; ঘূর্ণপাক; আবর্ত্তন। "ক্ষণেক তাণ্ডব করে ক্ষণে চক্রাবর্ত্তে ফিরে মৃগ নহে দেবতার মায়া।"-কবিক॰।

চক্রায়ুধ [চক্র-আয়ুধ যার] বি বিষ্ণু।

চক্রাশ্ম (-শ্‌শ্‌) [চক্র+অশ্ম] বি বৃহৎ প্রস্তরখণ্ড অতিদূরে নিক্ষেপ করিতে পারে এমন কাষ্ঠযন্ত্র (মহা॰ আদি॰) catapulta & balista ভূষণ্ডী দ্রঃ।

চক্রিকা১-বি, হাঁটুর চক্রাকার হাড়: মালাইচাকি। ২ জানু; হাঁটু knee.

চক্রিকা২-বি, ট্যাবলেট, ঔষধের চ্যাপটা চক্রবৎ গুটিকা tablet "ক্রিমিঘ্ন চ॰"।

চক্রী [চক্র+ইন্ (স্ত্য)] বিণ, চক্রধারী। ২ চক্রান্তকারী, কুমন্ত্রী, খল। ৩ চক্রারূঢ়। ৪ ব্যূহরচনাকারী। ৫ চক্রবাক। ৬ বিষ্ণু, কৃষ্ণ। ৭ রাজা। ৮ কুম্ভকার। ৯ কলু। ১০ সর্প। ১১ কাক।

চক্রেশ্বর [চক্র (দেশসমূহ) তার ঈশ্বর (প্রভু), ৬ তৎ] বি, সম্রাট্। ২ [তন্ত্রে] সাধনচক্রের অধিপতি; তন্ত্রসাধকগণের মণ্ডলাকারে উপবেশন (চক্র) এবং উপাস্যদেব (শক্তিমণ্ডলীর ঈশ্বর বা অধিপতি)। স্ত্রীং ~রী-বিদ্যাদেবী।

চক্ষণ [চক্ষ্ (ভক্ষণে) >] বি, মদ্যপ যা চাখিয়া চাখিয়া ভক্ষণ করে; মদের চাট।

চক্ষু, চক্ষুঃ [চক্ষ্ (দর্শন)+উস্ (ণে) যদ্দ্বারা দর্শন করা যায়। প্রা॰-বাংয় চক্ষু] বি, দর্শনেন্দ্রিয়; অক্ষি; লোচন; চোখ। ২ দৃষ্টি; নজর। ৩ অন্তর্দৃষ্টি; বিবেচনা। ~কর্ণের বিবাদ মিটানি,-ভঞ্জন করা-শোনা বিষয় চক্ষুগোচর করিয়া সন্দেহ দূর করা। ~ক্ষত-চোখের ঘা eyesore ~খুলিয়া দেওয়া-অজ্ঞানতা দূর করা, প্রকৃত বিষয় বুঝাইয়া দেওয়া, যে দৃষ্টি অজ্ঞানতায় নিমীলিতবৎ বা আবৃত ছিল তা জ্ঞানদান করিয়া উন্মীলিত করা opening one's eyes ~মুদ্রিত বা নিমীলিত করা-চোখ বোজা, চোখ বন্ধ করা। ~শূল [বাং 'চক্ষুশূল' প্রচর, সং শূল (ব্যথা)] বি, সূচী বেধনবৎ যন্ত্রণাদায়ক রোগ eyesore চক্ষুর শূলস্বরূপ যন্ত্রণাকর, চখের পীড়াদায়ক an eyesore "ও যেন ওর চক্ষুশূল হয়েছে"-রবী॰। ~শ্রবা [চক্ষুস্ (নয়নই) শ্রবস্ (কর্ণ) যার-বহু॰ চক্ষুশ্রবস্ ১মা, ১ব॰-স্-লোপ, অ-আ। যাদের চক্ষুদ্বারা শ্রবণের কার্য্যও হয়] বি, সর্প। ~স্থির-বিণ, স্থির অবাকদৃষ্টি: বিস্মিত; হতবুদ্ধি; স্তম্ভিত "কাণ্ড দেখিয়া চ॰ হইয়া গেল।" চর্মচক্ষু-রক্ত, মাংস, শিরাদি সম্বলিত দর্শনেন্দ্রিয়। জ্ঞানচক্ষু, মনশ্চক্ষু-মানস বা চিত্তপটে দর্শন করিবার শক্তি, অন্তর্দৃষ্টি। সাধারণের চক্ষুতে-জনসাধারণের দৃষ্টিতে বা বিবেচনায়।

চক্ষুগোচর, চক্ষুর্গোচর [চক্ষুঃ (চক্ষুর) গোচর-৬তৎ। চ > ভ্রং চক্ষুগোচর] বি, দৃষ্টির বিষয়ীভূত চক্ষুবিষয়; চক্ষুগ্রাহ্য। নেত্রগোচর।

চক্ষুদান, চক্ষুর্দান [চক্ষুঃ+দান =চক্ষুর্দান > ভ্রং চক্ষুদান। চক্ষু (দৃষ্টি) দান] বি, প্রতিমার চক্ষে রঙ্ দিয়া পূজার উপযোগী করণ, প্রতিমার চক্ষে জ্যোতিঃ সম্পাদন দ্বারা প্রাণপ্রতিষ্ঠা। ২ স্বার্থ সম্বন্ধে যে চক্ষু বুজিয়া অর্থাৎ অসতর্ক আছে স্বার্থহানি করিয়া তৎপ্রতি তার চক্ষুরুন্মীলন বা সতর্কীকরণ। ৩ চুরি: অপহরণ

চক্ষুরুন্মীলন [চক্ষুঃ+উন্মীলন] বি, চোখ মেলা বা খোলা: চাওয়া।

চক্ষুর্বিষয় [চক্ষুঃ+বিষয়] বি, দর্শনীয় বস্তু; চক্ষুগ্রাহ্য ব্যাপার। ২ দৃশ্য।

চক্ষুর্লজ্জা,-লজ্জা [চক্ষুঃ+লজ্জা=চক্ষুর্লজ্জা > বাং-চক্ষুলজ্জা] বি, অভদ্র বা অশিষ্ট আচরণ-কুণ্ঠতা, চক্ষে যা লজ্জাজনক ঠেকে তার অনুষ্ঠানে কুণ্ঠা বা সঙ্কোচ।

চক্ষুষ্মত্তা (-ষ্‌ম) [চক্ষুস্+মৎ (স্ত্য) +তা (ভা॰)] বি, প্রখর দৃষ্টির বিদ্যমানতা। ২ সত্য দর্শনের শক্তি। ৩ সূক্ষ্মদৃষ্টি।

চক্ষুষ্মান (-ষ্‌মা-) [চক্ষুষ্মৎ (স্ত্য, মৎ) ১মা, ১ব॰] বিণ, দর্শনেন্দ্রিয় বিশিষ্ট। ২ সত্যদ্রষ্টা। স্ত্রীং চক্ষুষ্মতী।

চক্ষুষ্য [চক্ষুস্+য (হিতার্থে)] বিণ, নেত্রের হিতকর; দৃষ্টিশক্তি-বর্দ্ধক। ২ চক্ষের আরামদায়ক; নয়নাভিরাম: সুদৃশ্য; সুন্দর।

চক্ষুস্তারকা [চক্ষুস্+তারকা] বি, নয়নমণি।

চক্ষূরাগ [চক্ষুঃ+রাগ=চক্ষূরাগ] বি, নেত্রের রক্তিমা চক্ষুর রক্তিম আভা: অরুণদৃষ্টি। ২ নেত্ররঞ্জন।

চক্ষূরোগ [চক্ষুঃ+রোগ=চক্ষূরোগ। বাং-চক্ষুরোগ] বি, চোখের অসুখ; চোখ ওঠা ছানি পড়া, খোতো ধরা ইং নেত্রব্যাধি। ২ [ব্যঙ্গার্থে] প্রথম দর্শনে প্রণয় সঞ্চার। তুল-ঘোড়ারোগ।

চক্ষে চ' [বাং গ্রা॰] অ, চক্ষুতে; চ'ক্ষে।

চঙকি [সং চমৎ (আশ্চর্য্য) > হিং চমক্, চৌক। বাং নামধাতু-চমকিয়া > চঙকি। বৈ॰ পদ॰ সা-চঙকি, ব্রজ॰-ম=ঙ] অস ক্রি॰ চকিত বা চমকিত হইয়া, "চঙকি উঠিয়া তবে চৌদিকে হেরি!"-গোবিন্দ।

চঙ্কুর [চন্‌ক্ (সৌত্র ধাতু-গমনে)+উর (ভু) জ্ঞা॰] বি, শকট: রথ, বাহন। ২ [যে মৃত্তিকা ভেদ করিয়া ঊর্দ্ধে গমন করে] বৃক্ষ।

চঙ্ক্রমণ [ক্রম্ (যঙ্ লুগন্ত) > চঙ্ক্রম্ (পুনঃপুনঃ গমন করা)+অন (ভা॰)] বি বারংবার গমন, পাদচারণ। পদচঙ্ক্রমণ করা-পায়চারি করা; বেড়ান।

চঙ্গ [সং] বিণ, শোভন; সুন্দর। ২ দক্ষ; কষ্ঠ; নিপুণ। ৩ সুস্থ ও সবল: নীরোগ। ৪ পালোয়ান: মল্ল। ৫ সৈন্য; যোদ্ধা। "ভীড়নে চলিল চঙ্গ বাইশ হাজার"-কবিক॰। ৬ [প্রাদে॰] সিঁড়ি; মই।

চঙ্গল [ফা॰ চঙ্গুল (পাঞ্জা, থাবা) > শ্রী ট্রে চ॰] বি, ছোঁ। চ॰ মারা-ছোঁ মারা।

চঙ্গোটক [বৌ সা॰] বি, ছোট ঝুড়ী, চাঙারী করণ্ডক।

চচ্চড়-চড় চড় দ্রঃ।

চঞ্চরিকা-বি, ভ্রমরী; চঞ্চরী (দ্রঃ)। ~বলী [চঞ্চরীক-আবলী (শ্রেণী)-৬তৎ] বি, ভ্রমরপংক্তি: মধুকরশ্রেণী। ২ ত্রয়োদশাক্ষরা ছন্দোবিঃ (১, ৮, ১১ বর্ণ লঘু)।

চঞ্চরী [যঙ্ লুগন্ত চর্ (বারংবার গমন করা)+ঈ (র্তৃ)] বি, ভ্রমরী। "চঞ্চরীগণ

আবৃতে"-প০ ক০ তরু (সাং প০ প০)। ~ক [সং-চঞ্চরী(দ্রঃ)+ক (স্বার্থে)], বি, ভ্রমর ; মধুকর।

চঞ্চল [চল্ (যঙলুগন্ত)=চঞ্চল (পুনঃপুনঃ চলা)+অ (র্তৃ)-যে পুনঃপুনঃ চলে] বিণ, অস্থির ; চপল। ২ কম্পিত ; ব্যাকুল। ৩ বিচলিত। ৪ লম্পট। ৫ বি, বায়ু। স্ত্রীং ~া-বিদ্যুৎ : চপলা। ২ লক্ষ্মী। বি. ~তা,~ত্ব, চাঞ্চল্য-বি, অস্থিরতা। ২ চপলতা। ৩ কম্পন। ৪ ব্যাকুলতা। চঁ০ অধর-কিছু বলিবার জন্য উৎসুক বা স্ফুরিতাধর। "তপস্বীরে দেখে কিছু চঞ্চল-অধর।" -কবিক০। ~-চিত্ত-অস্থিরচিত্ত : ব্যাকুল-চিত্ত ; উদ্বিগ্নমন। "চঞ্চল চেতন আমি চপ্রিণ বন্ধনে।"-কবিক০। ~-নেত্র, ~-নয়ন-অস্থির দৃষ্টি ; ঘনঘন দৃষ্টি ; চতুর্দ্দিকে দৃষ্টিপাত। ~-প্রকৃতি, ~-স্বভাব-স্বভাবতঃ অস্থির।

চঞ্চলি [চঞ্চল+ইয়া=চঞ্চলিয়া > ক্ষে০] ক্রি-বিণ, চাঞ্চল্যের সহিত। ২ চঞ্চলপদে। "যাও কোথা চঞ্চলি"-রবী০।

চঞ্চলিত [চঞ্চল+ইত (যুক্তার্থে)] বিণ, চাঞ্চল্যযুক্ত : চঞ্চল ; উদ্বেলিত। "চিত অতি চঞ্চলিত।"-নিধুবাবু।

চঞ্চা [সং] বি, চাঁচ ; দরমা ; চ্যাটাই। ২ নলকাঠি-নির্ম্মিত ডমরু-আকার আসন ; মোড়া। ৩ ক্ষেত্রাদি হইতে শৃগাল, কাক ই০ দূর করিবার জন্য খড়ের মানুষ scare crow.

চঞ্চু, চঞ্চূ [চঞ্চ্ (খাওয়া)+উ, ঊ (ণ)] যদ্দ্বারা পক্ষীরা আহার করে] বি, পাখীর ঠোঁট। স্ত্রীং~কা। ~ক্ষত-বিণ, চ০ দ্বারা বিদ্ধ বা আহত। ~পুট-বি, পাখীর দুই ঠোঁটের ভিতর দুই চঞ্চু-রচিত আধার।

চঞ্চুরী-বি, চটকপক্ষী ; চড়াইপাখী।

চট১ [ছোট বা জঁট >] বি, পাটের দড়িতে প্রস্তুত খুব মোটা বস্ত্র ; গুণ ; থলিয়া।

চট২, চট্ [ঝাট (দ্রঃ) ঝট্ >] ক্রি-বিণ, শীঘ্র ; ঝটিতি। "মাথা ধরা ছেড়ে গেল চট্"-রবী০।

চট৩ [চতুষ্টয় > প্রা০-বাং গ্রা০। ছট দ্রঃ] বি, চার, ৪ এই সংখ্যা। "কি করে ছটে চটে"-খনা।

চটক, -কা১ [চট্ (ভেদ করা)+অক (র্তৃ)-যে ফাঁক পাইলেই তাহার ভিতর দিয়া প্রবেশ করে। প্রা০ বাং চটাই ("পক্ষী যে চটাই"-গোবিন্দ০ গীত)। হি০-চরুডৈয়া : গৌড়ইয়া] বি, চড়ুই পাখী sparrow. চটকের মাংস [তুল-"চটকস্য মাংসং ভাগ শতকং"] অকিঞ্চিৎকর বস্তু যা বহু ভাগে বিভক্ত করিলে কারও অংশে প্রায় কিছুই পড়ে না। আরণ্য বা বন্য চটক-বুনো চড়ুই : ইহারা গেছো, মেঠো ভেদে নানা প্রকার। কৃষ্ণ চটক-বি, শ্যামাপাখী। গৃহচটক-ঘোরো চড়ুই। ইহারা ঘর বাড়ীতে থাকে, দেওয়ালের ফাটলে, চালে, বরগার ফাঁকের মধ্যে বাসা বাঁধিয়া থাকে। ঘুলঘুলি, দরজা জানালার ফাঁক দিয়া ইহারা ঘরে ঢোকে। ইহারা খুব মানুষ-ঘেঁষা। স্ত্রীং~ী, ~া, চটিকা-মাদি চড়াই।

চটক২ [চট্ (ভেদ বা বিদীর্ণ করা)+অক (র্তৃ)-যা সৌন্দর্য্যে, বর্ণে বা ঔজ্জ্বল্যের তীব্রতায় চক্ষুর ঝিল্লী যেন বিদীর্ণ করে। বা চট্ (ঝট্, শীঘ্র)+অক। যা চট্ করিয়া লোকের মনে লাগে বা মন হরণ করে। হি০- চটক্ splendour, gaudiness)] বি, তীব্রদীপ্তি ; জেল্লা। প্র-তার চেহারা তত ভাল নয় কিন্তু রঙ্গের চটক্ খুব আছে। ২ জমক ; ভড়ক ; ভড়ঙ্গ ; আড়ম্বর। "বিজ্ঞাপনের চটক্ ভিন্ন ঔষধ কাটে কার।"-রজনী সেন। কথার চটকেই মাত করে দিয়েছে। ৩ হাবভাব যুক্ত চাল wanton gait. তুল-হি০-চট্‌ক-মটক্। বিণ, চটকিয়া, চটুকিয়া, চটুকে-জমকাল ; জ্বলজ্বলে ; জেল্লাদার ; চড়কো দ্রঃ। প্র-চটুকে রঙ্গ,-চাল। ~দার [চটক্+ফা০-দার (বিধে০) বিণ, যার বা যাতে চটক আছে ; চটুকে।

চটকল-বি, চট প্রস্তুতকারী যন্ত্র বা কারখানা ; পাটের কল।

চটকা২ [চট্ (আবরণে) ধাতু >। -আচ্ছন্নতা। তুল-হি০-ঝপ্‌কি=তন্দ্রা। চমক (দ্রঃ)-চম্‌কা। তুল-এক চমক ঘুমাইয়া লওয়া] বি, নিদ্রাবেশ ; তন্দ্রা। ২ মগ্নভাব ; বাহ্যজ্ঞানশূন্যতা। ~ভাঙ্গা-নিদ্রাবেশ দূর হওয়া ; তন্দ্রার ঘোর কাটা ; সজাগ হওয়া। ২ বাহ্যজ্ঞান হওয়া। ৩ সতর্ক হওয়া।

চটকানি [হি০-চট্‌কানা। সং-চট্ (ভেদ করা, বধ করা, মর্দ্দন করা) চটকাই, চটকাও, চটকায় ; (ক্ষে০ চটকাতে) চটকাইতে ; চটকাইয়া (ক্ষে০ চটকে)] ক্রি, করতল দ্বারা কচলান ; কচটান (দ্রঃ) : মর্দ্দন করা ; মলা : মাড়া। বি, চটকানি-মর্দ্দন ; কচলন্। ২ যাহা চটকাইয়া রাখা হইয়াছে ; পিষ্ট দ্রব্য।

চটকামুখ [চটকা (র) মুখ (চঞ্চু) সদৃশ] বি, চটকা-চঞ্চুবৎ ও তীক্ষ্ণাগ্র অস্ত্রবিঃ।

চটকিয়া [চটক > ,নামধাতু] ক্রি, চটক পক্ষী হইয়া। "চটকিয়া ধরিল"-মাণিক০।

চট-চট [অনু০] অ, করতলাঘাত শব্দ ; চপেটাঘাত ; চাপড়। প্র-তাহাকে চট্‌চট্ করিয়া খাকতক চড় বসাইয়া দিল। ২ আঠাল দ্রব্য চটকাইবার শব্দ। ৩ [জট্ (সংঘাতে, পরস্পর সংলগ্নীকৃতভাবে) > চট+চট (ঘনত্ব বা গাঢ়তা হেতু সংলগ্নতার আধিক্য অর্থে)] অ, স্পর্শমাত্র আঠার মত সংলগ্ন হওয়ার ভাববোধক। প্র-হাত চটচট করা। বিণ, চটচটিয়া, চটচটে-স্পর্শমাত্র লাগিয়া যায় এরূপ ; লগ্নশীল। প্র-আঠা বেশ চটচটে হয়েছে। ক্রি, চটচটানি [চটচট+আন (ক্রিয়ায়)] চট্‌চট্ শব্দ করা। ২ আঠার মত স্পর্শমাত্র সংলগ্ন হওয়া। > বি, চটচটানি।

চটৎকার [চট্ (দ্রঃ) ধাতু > চটৎ (অনু০) কার (করা)] বি, চটৎ এইরূপ শব্দ ; কোন কঠিন দ্রব্য চিড়াইবার বা হঠাৎ বিদীর্ণ হইবার শব্দ ; পাথুরে কয়লা বা চিড কাঠ ই০ পুড়িবার কালে যে শব্দ হয় ; চপেটাঘাত শব্দ।

চটপট [চট্ (ঝট্)+পট্ (গতি) ঝটিতি গমন] ক্রি-বিণ, ত্বরিত ; শীঘ্র। "চটপট চন্দ্রচূড় চলে তার ঘরে।"-শি০। > বিণ, চটপটিয়া, চটপটে বিণ, শীঘ্রকারী ; ক্ষিপ্র। ২ তৎপর ; চালাক ; দক্ষ ; চতুর।

"আমরা দেখতে ছোকরা বটে, কিন্তু কাজে ভারি চট্‌পটে॥"-রজনী সেন।

চটা, [চণ্ড্ (কোপে) চণ্ডা-চটা। চটি চট্, চটে : চটিতে (কো০ চটতে) চটিয়া (কো০ চটে) [ই০] ক্রি. কোপ করা ক্রোধ করা ; রাগা। যদি 'সাহেব' না বোলে 'বাবু' কেহ বলে মনে মনে ভারি চটি।"-দ্বি০ রায়। গিজন্ত-চটানি অপরকে ক্রুদ্ধ করা, রাগান। "আমাদের সাহেব যদিও দেবতা, তবু ঐ সাহেবগুলোই চটাই।"-দ্বি০ রায়। ২ বিণ, কোপনস্বভাব ; রাগী। "মেজাজ হলো চটা"-দ্বি০ রায়। ৩ [চণ্ড=উগ্র] বিণ, উগ্র : উদ্ধত। ৪ অত্যধিক : অতিশয় : চড়া। রগচটা- অল্পে যে ক্রুদ্ধ হয়, উগ্রমেজাজ : রাগী।

চট২ [চট্-ভেদে, বিদারণে,] ক্রি, বিদীর্ণ হওয়া : ফাটা : চৌড় খাওয়া।

চটানি-ফাটান : ফাড়া : চেরা।

চটা৩ [চট দ্রঃ] বি, ত্বক : চাক্‌লা : উপরের পাৎলা অংশ। প্র-চটা উঠিয়া যাওয়া। ২। চাটাই : দরমা। ৩ [প্রাদে০] বাঁকারি, বাঁশের কাবারি।

চটাই-চটক দ্রঃ।

চটাচট [চটা (অনু০) + আ (আধিক্যার্থে) +চট] অ, উপর্য্যুপরি চড় বা চাপড় মারার শব্দ; চড়া চড় (দ্রঃ)।

চটাচটি [চটাদ্রঃ। ব্যপ্তি অর্থে দ্বিত্ব] বি, পরস্পরের মধ্যে ক্রোধের ভাব ; রাগারাগি। ২ ফাটাফাটি। ৩ চট্‌চট্ শব্দের ব্যাপ্তি ; উপর্য্যুপরি ও চতুর্দ্দিকে চপেটাঘাত শব্দ।

চটান [হিং-চটান, চট্টান=বিস্তৃত পাষাণ খণ্ড, শৈলভূমি] বি, পাষাণে বাঁধান ভূমি : সমতল শৈল ভূমি : শান (দ্রঃ)। ২ সমতল বিস্তীর্ণ ক্ষেত্র। ৩ বিণ, চটাল : চওড়া ; সমতল ও বিস্তৃত। বিণ, চটানিয়া, চটানে [চটা, চটান দ্রঃ] বিণ, ক্রোধের উদ্রেককারী ; যার জন্য লোকে চটে। ২ প্রশস্ত ; চওড়া। ৩ পাষাণে বাঁধান।

চটাপট [চটপট > ব্যাপ্ত্যর্থে আ আগম] অ, অনুকার শব্দ। ২ অতিদ্রুত : তাড়াতাড়ি।

চটালি, চাটালি [গ্রাং-চ্যাটালি। হিং -চাটি আল level. চটাল দ্রঃ] বিণ, চওড়া : প্রশস্ত। "নদীর খোলা কত চ০, কত গহেরা, তাহার ব্যাখ্যা করিবার প্রয়োজন নাই" -বার্ষিক বসুমতী, ১৩৩৪।

চটি১ [ফা০-চৎরী=তাঁবু, ডেরা] বি, পান্থ-শালা ; ক্ষণিক বিশ্রামস্থান : আশ্রম। ২ [প্রাদে০] দোকান।

চটি২ [চর্ম্ম > চামড > চামট > চামাটি > চটি] বি, চামড়ার পাতলা জুতা। "এক পাট চটি বিছানায়"-দ্বি০ রায়।

চটিয়া-মটিয়া [কো০ চটেমটে। সহচর শব্দদ্বয়] ক্রি,-বিণ, রেগে মেগে ক্রোধপূর্ণ হইয়া। প্র-সে চ০ ম০ একেবারে লাল।

চটী [চট দ্রঃ। চটবৎ পাতলা] বি, পাতলা বই : কতিপয় পৃষ্ঠার পুস্তিকা pamphlet "একটা ক্ষুদ্র চটী প্রকাশ করাতে এই আন্দোলনের উৎপত্তি হয়।"-রাজনারায়ণ বসু (আত্ম-৫)।

চটু [চট্ (ভেদ করা বা সংলগ্ন হওয়া + উ০ (ণে) যা অন্তর স্পর্শ করে বা মনে লাগে [বি, চাটুবাক্য : তোষামোদ। বিণ, চটুকিয়া -চটক দ্রঃ।

চটুল [চট্ + উল (তৃ-জ্ঞা০) চঞ্চলতা অর্থে 'ল' যোগ। তুল-সং-চটুল্লোল (চটু=সুন্দর + লোল=চঞ্চল), কো০ চটুল] বিণ, অস্থির : চঞ্চল। মনোজ্ঞ : সুন্দর। ২ প্রিয়বাদী [বিরল]। স্ত্রীং ~া-বিদ্যুৎ। ২ বিণ, চঞ্চলা। "জলতল ত্যজি, যথা উঠয়ে চটুলা সফরী।"-মেঘ০। ৩ প্রিয়বাদিনী [বিরল]।

চটুরাজ-বি, ব্রাহ্মণের উপাধি-বিঃ।

চট্টল [সং] বি, চট্টগ্রামের পৌরাণিক নাম ; চাটগাঁ। "পূজিবারে চন্দ্রনাথে যাইবে চট্টলে।"-রঙ্গমতী।

চট্টোপাধ্যায় [চট্ট (হি০-চট্টা=ছাত্র, পড়ুয়া : চৎশালী=ছাত্রশালা : পাঠশালা : ওড়ি-চাটশালি) উপাধ্যায়] বি, ব্রহ্মণের উপাধিবিঃ।

চড় [চপেট-চাপড়-চড়] বি, চপেটাঘাত ; চাপড়। "ভীমসনে ভ্রূকুটি করিছে ভূতনাথ। চট্‌চট্ শুনি চড় চাপড় নির্ঘাত।"-শি০।

চড়ই-চড়ুই দ্রঃ।

চড়ক [সং-চক্র] বি, বর্ষ চক্র ঘুরিয়া বর্ষ-শেষ ও নববর্ষারম্ভের রূপক ; প্রতি চৈত্র সংক্রান্তিতে অনুষ্ঠিত উচ্চ বাঁশ বা খুঁটির মাথায় তরাজুর দাঁড়ির আকারে বাঁধা দণ্ডে ঘূর্ণন উৎসব : শিবের গাজন মহোৎসবে চড়ক গাছে ঝুলিয়া চক্রভ্রমণ। এই উৎসবে গাজনের সন্ন্যাসীদের মধ্যে যারা চড়কগাছে ঘোরে তাহাদের জিহ্বা, পার্শ্ব, নাক, কাণ, হাত ই০ ফোঁড়া হইত। এখন এপ্রথা প্রায় উঠিয়া গিয়াছে। ~গাছ-যে দীর্ঘ বাঁশ বা দারুস্তম্ভের উপর হইতে ঝুলিয়া ঘুরিতে হয়। ২ [লক্ষ০ -বিদ্রূপে] অতিরিক্ত দীর্ঘাকার ; রোগা ও ঢেঙ্গা। ~ডাঙ্গা-যে স্থানে চড়ক উৎসব হয়। ২ [চড়ক গাছ >] জলাদি প্রাপ্তির অসুবিধাজনক উচ্চভূমি। "জিহ্বা ফোড়ে জিহ্মা কাটে করয়ে চড়ক"-কবিক০।

চড়কে কাটি পড়া-গাজনের উৎসব আরম্ভ হইলে ঢাকে কাটি পড়ে অর্থাৎ ঢাক বাদ্য আরম্ভ হয়। ~তলা-চড়কডাঙ্গা দ্রঃ। যে মাঠে চড়ক উৎসব হয়। ~সংক্রান্তি-চৈত্র সংক্রান্তি। চড়কের বাদ্য-চড়চড় শব্দে ঢাক বাদ্য। চড়কিয়া, চিড়কে -চড়ক সংক্রান্ত। ২ চড়ক গাছের ন্যায় উচ্চ। ৩ চড়কের বৎসরে জাত। চড়কে হাসি উচ্চহাস্য ; অট্টহাস। ২ বাণ ফোড়ার যন্ত্রণা চাপা দিয়া লোক দেখান হাসি।

চড়কা, চড়কো [চড়ক + আ, চড়ক + উআ-চড়কুয়া, চড়কো] বিণ, উচ্চ ; উন্নত। ২ উগ্র। ৩ তীব্র ; তেজাল।

চড়কালি [চড়ক (দ্রঃ) + আল (সাদৃশ্যে)] বিণ, অনেকটা চড়া ; প্রায় চড়া। ২ চটকাল : চটকদার ; জমকাল।

চড়চড়, চচ্চড়[অনু০]অ, অনুকরণ শব্দ; বৃক্ষাদি উৎপাটন শব্দ। "চড় চড় শব্দে ছিঁড়ে লতার বন্ধন।"-কৃত্তি০। ২ রৌদ্রের ঝাঁজে বা আগুনের তেজে কাট ফাটিবার শব্দ ; বস্ত্রাদি বিদারণ শব্দ ; ভাজনা-খোলায় কড়াই মুড়ি ই০ ভাজিবার শব্দ ; চুল ছেঁড়ার শব্দ। ৩ চড়চড় শব্দে ফাটিবার অনুভূতি ; গায়ের চামড়া শুষ্ক হতে যে অনুভূতি জন্মে। ৪ চড় বা চাপড়ের শব্দ [দ্রঃ-অধিক বা চড়া শব্দে

চঁড়চঁড়: মৃদু শব্দে চিড়চিড়; মৃদুতর শব্দে চুড়চুড়, মৃদুতম শব্দে চুড়ুচুড়ু]। বিণ, চঁড়চিড়িয়া, চঁড়চিড়ে দ্রুত উচ্চারণে চঁচ্চিঁড়ে-চড়চড় শব্দকারী। প্র-চড়চড়ে বাজনা। ২ তীব্র; উগ্র; চড়কা। প্র-চড়চড়ে রোদ বা আগুন। ক্রি, চঁড়চঁড়ানি দ্রুত উচ্চারণে চঁচ্চড়ানো-চড়চড় শব্দ করা। ২ চচ্চড় করিয়া ফাটা। ৩ চড়ের উপর চড় বসাইয়া দেওয়া; চড়ান। ৪ চড়চড় শব্দে ঢাক বাজান। ৫ অতিরিক্ত স্ফীত হইয়া বিদারণ। ৬আধার অপেক্ষা আধেয়ের পরিসর অধিক হওয়ায় টান পড়া। বি, চঁড়চঁড়ানি, চঁচ্চড়ানি। বুক চঁচ্চড়ানি-হিংসায় হৃদয় বিদীর্ণ হওয়া: বুক ফেটে যাওয়া। পেট চঁচ্চড়ানি-অতিরিক্ত আহার বা গুরু ভোজনে পেট ফাটিবার মত যন্ত্রণাদায়ক হওয়া।

চঁড়চিড়ী, -ড়ি [প্রাদে°। দ্রুত উচ্চারণে চচ্চড়ি] বি, শুষ্ক ব্যঞ্জন। [সড়সড়ি দ্রঃ] "আম্র দিয়া শোলমাছে ঝোল চড়চড়ী"-অ° ম°। ২ [সং-চর্চ্চরী চড়চড় শব্দে বাজে বলিয়া] চর্চ্চরী নামক বাদ্য।

চড়তি [চড়া (দ্রঃ)] বি, চড়ন; ঊর্দ্ধগমন; আরোহণ। ২ মূল্যের বৃদ্ধি; বাড়তি [বিপরীত-পড়তি]।

চঁড়ন [চড়া দ্রঃ] বি, আরোহণ; উঠন। ২ পৃষ্ঠে আরোহণ: সওয়ার হওন। "চড়নের ঘোড়া জোড়া রাজ আভরণে।"-ঘ°। ৩ বর্দ্ধন। ৪ প্রসাধন; জড়ন; খচিত করণ mounting স্বর্ণকারদিগের ভাষায় রসান; অলঙ্কারে রং ধরাণ। ~দার [চড়ন (দ্রঃ) + ফা-দার (কর্ত্তা)] বিণ, যে চড়ে; আরোহী। "হাতিয়ার বোঝাই দুই একখানা কিস্তি ঘাটে আসিয়া লাগিয়াছে। তাহাতে একজন ইংরেজ চড়ন্দার।"-চন্দ্রশেখর। ২ যে অলঙ্কারাদিতে রঙ্গ চড়ায়; রসানকারী। > বি, চঁড়ন্দারি।

চঁড়বঁড় [অনু°] অ, অনুকরণ শব্দ, ভাজনা খোলায় ধান চাল ভাজিবার শব্দ; খই ফুটিবার শব্দ; অল্পজলে চুনা মাছ লাফাইবার শব্দ। ২ খই ফোটার মত কথা ফুটিবার শব্দ। প্র-ছেলেটা চড়বড় করে বকে গেল যেন মুখে খই ফুটতে লাগল। ৩ বৃষ্টির বড়বড় ফোঁটা পড়ার শব্দ। "চ° করিয়া মোটা বৃষ্টির ফোঁটা পড়িতে আরম্ভ * *"-অনুরূপা দেবী। [দ্রঃ-মৃদুশব্দে-চিড়বিড়, মৃদুতর শব্দে-চুড়বুড়, মৃদুতম-চুড়ুবুড়ু]।

চঁড়সিঁআঁ [প্রা-বাং, চড় + আসিয়া > ক্রি, আসিয়া উঠ।

চঁড়া₁ [চড় (চর দ্রঃ) + আ (স্ত্র)। প্রাদে° তড়া, তরা (জঙ্গিপুর)] বি, পুলিন; নদীগর্ভে পলি পড়িয়া দ্বীপের মত যে স্থান গঠিত হয়। নদী গর্ভস্থ নবগঠিত শুষ্কভূমি; নদী মধ্যে ভূভাগ। "সুরধুনী আদ-মরা বুকেতে পড়েছে চড়া।"-ঈ° গুপ্ত। ২ চিড় শব্দ >] গুণ; ধনুকের ছিলা। "যৌতুকের বাঁশে দিল মরুগার চড়া।"-কবিক°।

`চঁড়া₂ [হি°-চঢ়না। চড়ি, চড় (চড়ন), চড়ে (চড়েন); চড়িতে (ক্ষে° চঁড়তে); চঁড়িয়া (ক্ষে° চড়ে, পদ্যে-চঁড়ি)। ণিজন্ত-চড়ান (দ্রঃ)] ক্রি. উপরে উঠা; আরোহণ করা। "জজ্ঞে জজ্ঞে দিয়া পায়েতে ছান্দিয়া বাঁশের উপর চড়ে।"-চণ্ডি°। ২ উপরে পড়া; আক্রমণ করা। ৩ বৃদ্ধি পাওয়া। প্র-দাম চড়া। ৪ ক্রুদ্ধ হওয়া; রাগা। বি, চঁড়ানি-উদ্ধত হওয়া। মাথায় চঁড়া-অত্যন্ত আবদারে হওয়া; প্রশ্রয় পাওয়া। বুকে চঁড়া-আক্রমণ করা।

`চঁড়া₃ [সং-চণ্ড] বিণ, উদ্ধত; উগ্র। প্র-চড়া মেজাজ। ২ তীব্র; তীক্ষ্ণ; তেজাল। প্র-চড়া ঝাল। চড়া রৌদ্র। ৩ বর্দ্ধিত; অতিশয়; অত্যধিক। প্র-চড়া দাম। সন্দেশের বাজার বড় চড়া। ৪ তীব্রোজ্জ্বল; টকটকে। প্র-চড়া রং। ৫ উচ্চ।

`চঁড়া₄ [চাড়া দ্রঃ। চড়া-আরোহণ অর্থে] বি, টান; আকর্ষণ; ধনুকের গুণ বা ছিলা ধনুকের হুলে সংলগ্ন করিবার কালে আকর্ষণ। "চড়া দিতে এখনি হবেক চারিখান।"-ধ°ম (মা°)।

`চঁড়া₅ [প্রাদে°] বি, প্রশ্ন। প্র-চড়া উতার। `চঁড়া উতার,-উতোর-কবি বা গম্ভীরার গানের সওয়াল জবাব।

চঁড়া₆-বি, রন্ধন বা পাকের পর যে অতিরিক্ত চোঁয়া বা জ্বলা তেল, ঘি পড়িয়া থাকে।

চড়া₇ [প্রাদে°। চটক >] বি, চড়াই পাখী। "খঞ্জনা হইয়া কেন বন্ধু চড়ার নাচন"-পূ° ব° গী°।

`চঁড়াই [সং-চর্ (গমনে) এবং আ-রুহ্ (নিম্ন হইতে ঊর্দ্ধ গমনে) এই দুয়ের মিশ্রভাব > হি°-চঢ়্না (আরোহন করা)। হি°-চঢ়াই। বাং°-ঢ়=ড। বিপরীত-উৎরাই] বি, ঊর্দ্ধগমন; ঊর্দ্ধ। ২ উচ্চতা; উন্নতি। ৩ ঊর্দ্ধপথ uphill. প্র-এক এক পাহাড়ের চড়াই চড়িতেই প্রাণ যেন বাহির হইয়া যায়। ~উৎরাই-উন্নতি ও অবনতি; ঊর্দ্ধ-গমন পথ ও অধোগমন-পথ। উৎরাই দ্রঃ। "অনেকগুলি চড়াই ও উৎরাই অবলীলাক্রমে অতিক্রম করিয়া অপেক্ষাকৃত পরিসরক্ষেত্রে আসিয়া উপনীত হইল।"-মানসী।

চঁড়াইভাতি, চিঁড়িভাতি, চিঁড়ুই-ভাতি [সং-চটক > চড়াই ই° + ভৃতি > ভাতি (বৃত্তি) > চটকবৃত্তি > [বি, উদ্যান ভোজ; বনভোজন picnic

চঁড়াউল্ [ব্রজ° চঢ়াবল > প্রা°-বাং উচ্চারণ বিকারে] ক্রি, আরোহণ করাইল।

`চঁড়াও, `চঁড়াউ [গ্রা°-উচ্চারণ ভেদে -চড়োয়া] বি, আরোহণ। ২ আক্রমণ। বাড়ী চঁড়াও-বাড়ী আক্রমণ।

চঁড়াচঁড়, চঁড়াচিঁড়ি [চড় (দ্রঃ) + আ + চড়, + ই ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব। এই অর্থে 'চটাচট'ও°] ক্রি, চপেটাঘাত শব্দ। ২ পরস্পর চড় প্রহার।

`চঁড়াৎ-অ, অনুকার শব্দ।

`চঁড়ানি₁ [চড়া দ্রঃ] ক্রি, আরোহণ করিতে দেওয়া; উঠাইয়া দেওয়া; তুলিয়া দেওয়া। প্র-গাছে চড়ান। ২ আরোহণ করা। প্র-ধনুকের ছিলা চড়ান। ৩ স্থাপন করা। প্র-উনানে হাঁড়ি চড়ান। ৪ চাপান। প্র-আরও মাল চড়াও। ৫ উচ্চ করা (বিপরীত-নামান)। ৬ বাড়ান; বৃদ্ধি করা। প্র-গলা চড়ান।

চঁড়ানি₂ [চড় দ্রঃ] ক্রি, চপেটাঘাত করা। গালে চঁড়ানি-আত্মগ্লানি হেতু আপনার গালে আপনি চড় মারা।

ˈ**চড়ি** [হিং চুতড় > । প্রাং ইতর ভাষায়] বি, নিতম্ব : পোঁদ। "চড়ি উল্টে পড়ে আছে। ওখানে চালাকি করতে যেও না, চড়ি উল্টে যাবে।" ~উল্টানি-ক্রি, মরা।

ˈ**চড়িভাতি**-চড়াই ভাতি দ্রঃ।

ˈ**চড়ুই** [চটক দ্রঃ] বি, চটক পাখী। ~-পাখীর প্রাণ-ক্ষীণ প্রাণ। ২ ক্ষীণজীবী ব্যক্তি। ৩ অল্পাহারী। ~ভাতি-চড়াই ভাতি দ্রঃ।

ˈ**চড়ুকে**-চড়ক দ্রঃ।

চঢ়া [প্রা-বাং। হিং-চঢ়না] চড়া২ দ্রঃ।

চণক [সং-চর্ব্বণ, চর্ব্বণীয়ক। চণা দ্রঃ] বি, ছোলা : বুট। ২ বাৎস্যায়ন মুনির পিতা, মুনিবিঃ।

চণা [চর্ব্বণ > হিং-চবেনা > চনা-যা চর্ব্বণ করা হয়] বি, চণক : ছোলা।

চণ্ড [চণ্ড্ (ক্রোধ করা) + অ (র্ত্তৃ-জ্ঞাং)] বিণ, অতি কোপন : অতি ক্রুদ্ধ। ২ উষ্ণ। ৩ উগ্র ; তীক্ষ্ণ ; তীব্র। ৪ ভীষণ ; ভয়ানক : ভীম। প্র-চণ্ড বিক্রম। ৫ বি, ক্রোধ। ৬ উষ্মা ; উষ্ণতা। ৭ তীব্রতা। ৮ ঔদ্ধত্য। ৯ যমদূত। ১০ শুম্ভ-নিশুম্ভানুচর দৈত্যবিঃ। মুণ্ডদৈত্যের ভ্রাতা। "জয় চণ্ডবিনাশিনি, মুণ্ডনিপাতিনি দুর্গবিঘাতিনি মুগ্ধতরে।" -অং মং। ১১ ভূতবিঃ। স্ত্রীং ~ী। ~কৌশিক-বি, মহর্ষি কাক্ষীবান গৌতমের পুত্র। ২ কোপনস্বভাব বলিয়া কুশিকগোত্রীয় বিশ্বামিত্র। ৩ নাটক-বিঃ। ~চামুণ্ড [প্রাং চণ্ডচামুণ্ড] বি, শিবানুচরদ্বয়। ২ অনুচরবর্গ। ~নামানি-ভূত নামান ; মন্ত্রবলে চণ্ড ভূতকে আহ্বান করিয়া তাহার নিকট অভীষ্ট বিষয় জ্ঞাত হওয়া। ~নায়িকা [চণ্ড (দৈত্যবিঃ) তার নায়িকা (বধকর্ত্রী)-৬তৎ] অষ্টনায়িকার অন্যতমা ; দুর্গা। ~বতী [চণ্ড (ক্রোধ) + বৎ (স্ত্য) স্ত্রীং] বি, অষ্টনায়িকার অন্যতমা : চণ্ডী ; দুর্গা। ~বাত [প্রাং-বাং] বি, প্রবলবাত্যা। "যেন তৃন মাত্র চণ্ডীবাতে"-শ্রীং কীং। ~বিক্রম [চণ্ড বিক্রম যার-বহুং] বি, প্রচণ্ডপ্রতাপ। ২ বিণ, অতি পরাক্রমশালী ; অমিতবিক্রম : ~মুণ্ড-দৈত্য ভ্রাতৃদ্বয়। ২ [প্রাং 'চণ্ডমুণ্ড'] দুর্ব্বৃত্ত সহযোগী বা অনুচরবর্গ বা চেলাচাপাটি বা দলবল]। ~শক্তি [চণ্ড শক্তি যার-বহুং] বি, বলিসৈন্যস্থিত দানব-বিঃ। ২ বিণ, প্রচণ্ড-পরাক্রম।

চণ্ডা [চণ্ড + আ-স্ত্রীং] বি, অষ্টনায়িকার অন্যতমা। ২ বিণ, অতিকোপনা-স্ত্রী। ৩ তীক্ষ্ণা ; উগ্রচণ্ডা।

চণ্ডাংশু [চণ্ড (তীক্ষ্ণ) অংশু (কিরণ) যার-বহুং] বি, সূর্য্য।

চণ্ডাল, চাণ্ডাল [চণ্ড (ক্রুদ্ধ) + অল (সমর্থ হওয়া) + অ (র্ত্তৃ-জ্ঞাং) যে ক্রুদ্ধ হইয়া অনুচিত কর্ম্ম করিতে সমর্থ হয়] বিণ, ক্রূরকর্ম্মা। ২ ভীষণ কর্ম্মে উদ্যতকারী। প্র-রাগ চণ্ডাল। ৩ কঠিন প্রাণ ; নির্দ্দয় ; নিষ্ঠুর। ৪ জাতিবিঃ ; চাঁড়াল।

চণ্ডালবল্লকী [চণ্ডালের বল্লকী (বীণা)-৬তৎ] বি, চণ্ডাল জাতির বীণা ; কণ্ডোল বীণা।

চণ্ডিকা [চণ্ড + ক (স্বার্থে-আ স্ত্রীং-ই আগম] বি, পার্ব্বতীর মূর্ত্তিভেদ ; দুর্গা। ২ অতিকোপনা স্ত্রী।

চণ্ডিমা [চণ্ড + ইমন্ (ভাং) চণ্ডিমন্ ১মা, ১বং, ন লোপ, অ=আ] বি, চণ্ডত্ব।

চণ্ডী [চণ্ড + ঈ, স্ত্রীং] বি, পার্ব্বতীর মূর্ত্তিভেদ ; দুর্গা। ২ মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবী-মাহাত্ম্য কথা। ৩ অতিকোপনা স্ত্রী। ~দাস, চণ্ডিদাস [চণ্ডীর দাস (সেবক) -৬তৎ] বি, গীতচিন্তামণি গ্রন্থবিরচক কবি-বিঃ। ১৩৩৯ শকে নান্নুর গ্রামে বরেন্দ্র-ব্রাহ্মণ-বংশে জন্ম, ১৩৯৯ শকে মৃত্যু। ২ চণ্ডীর সেবক। ~পাঠ [চণ্ডী (দেবী মাহাত্ম্য) পাঠ (আবৃত্তি)-৬তৎ] বি, মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীমাহাত্ম্য পঠন। "যত ঋষি সবে আসি করে চণ্ডীপাঠ"-শিং। ~মণ্ডপ [চণ্ডী(র) মণ্ডপ-৬তৎ] বি, যে মণ্ডপে চণ্ডীপাঠ ও চণ্ডীপূজা হয়। ২ ঠাকুর দালান। ৩ পূর্ব্বকালের গ্রাম্য বৈঠকখানা ঘর বা দালান। মঙ্গল চণ্ডী-মঙ্গলকারিণী চণ্ডী ; দুর্গা। রণ-চণ্ডী- রণোন্মত্তা চণ্ডী। ২ বিণ, রণমত্তা ; অতিশয় কোপনা।

চণ্ডু [চণ্ড + উ (র্ত্তৃ)-যা চণ্ড করে। হিং-চণ্ডু] বি, আফিম্ ঘটিত মাদকদ্রব্যবিঃ। ~খোর, ~বাজ-বিণ, যে চণ্ডু খায়, চণ্ডু নামক মাদকাসক্ত।

চণ্ডুল-বি, ভরত-পক্ষী-ভেদ। ২ [হিং-চণ্ডুল] বিণ, চণ্ডু খোর।

চণ্ডেশ্বর-বি, শিবমূর্ত্তিবিঃ।

চতুঃ [সং-চতুর্, র=ঃ] চার। এই শব্দ অন্য শব্দসহ ব্যবহৃত হয়। প্র-চতুঃষষ্টি : চতুঃসীমা ইং। ~পঞ্চাশ [চতুঃ (৪ অধিক) পঞ্চাশ= পঞ্চাশৎ + ড (পূরণার্থে)] বিণ, ৫৪ সংখ্যার পূরক। > স্ত্রীং~ী। ~পঞ্চাশৎ-বি, বিণ, ৪ অধিক ৫০ : চুয়ান্ন। ~পঞ্চাশত্তম-বিণ, ৫৪ সংখ্যার পূরক। > স্ত্রীং ~পঞ্চাশত্তমী। ~পার্শ্ব-বি, চারিপাশ, চতুর্দ্দিক। ক্রি-বিণ, ~পার্শ্বে। ~শাখ [চতুঃ (চতুর্-চার) শাখ-শাখা যার, বহুং] বি, বেদ। ২ বিণ, চারিশাখাবিশিষ্ট। ~শাল [চতুঃ (চতুর্-চার) শাল-শালা-গৃহ (সমাহার দ্বিগু)] বি, চারি কক্ষ যুক্ত বৃহৎ গৃহ। ২ চকমিলান ঘর। > স্ত্রীং~া। ~ষষ্ট [চতুঃ (৪) অধিক ষষ্টি (৬০) + ড (পূরণার্থে)] বিণ, ৬৪ সংখ্যার পূরক। ~ষষ্টি [চতুঃ (চতুর্-চার) ষষ্ট (ষাইট) চার অধিক যে ষাইট সংখ্যাতে, বহুং] বি, চৌষট্টি : ৬৪। ~ষষ্টিতম-বিণ, ৬৪ সংখ্যার পূরক। > স্ত্রীং ~ষষ্টিতমী। ~সপ্তত [চতুঃ (চতুর্-চর) সপ্তত=সপ্ততি (সত্তর) + ড (পূরণার্থে)] বিণ, ৭৪ সংখ্যার পূরক। ~সপ্ততি-বি, বিণ, ৭৪ সংখ্যা : ৭৪ সংখ্যার পূরক। ~সপ্ততিতম-বিণ, ৭৪ সংখ্যার পূরক ; চুয়াত্তরেরটী > স্ত্রীং ~সপ্ততিতমী। ~সীমা (চোতুশ্‌শিমা) [চতুঃ (চতুর্- চার) সীমা] বি, চারদিকের পরিসর : চতুর্দ্দিকের কিনারা ; সকল দিকের শেষ সীমানা বা সরহদ্দ।

চতুর্ [চতুঃ দ্রঃ। বহুবচনান্ত শব্দ] বিণ, চারি ; ৪ সংখ্যক। চতুর্ব্বার্চক শব্দ-চার সংখ্যা জ্ঞাপক শব্দ ; যে শব্দে চার বুঝায়।

চতুর [সং] বিণ, বুদ্ধিজীবী ; চালাক। ২ কুশল ; কর্ম্মদক্ষ। ৩ ধূর্ত্ত ; ঠগ। ৪ হস্তিশালা। ৫ [নাট্য শাং] অভিনয় কালে কনিষ্ঠাঙ্গুলি স্বতন্ত্র ঋজু ভাব রাখিয়া অন্য তিন

অঙ্গুলি-মূল স্পর্শ করিবার মত অঙ্গুষ্ঠ বক্র করিয়া ধারণ। স্ত্রীং ~া-বি, চতুরতা ; চাতুরী। ২ বিণ, নিপুণা ; বুদ্ধিমতী [এই অর্থে হিং ব্রজং ও গ্রাং বাংয় চতুরী (সম্বোধনে চতুরি) "এ চতুরি না কর চতুরী"-পদং কল্প তং (সাং পং পং ১৩২৩)]।

চতুরংশ [চতুর্-অংশ] বি, চার ভাগ। ২ বিণ, চারি অংশে বিভক্ত।

চতুরংশিত [চতুর্ (চার্) অংশ (ভাগ) +ইত (যুক্ত)] বিণ, চার ভাগে বিভক্ত। ২ এক তা কাগজ চার পৃষ্ঠায় ভাঁজ করা ; চার পেজী quarto.

চতুরঙ্গ [চতুর্ (চার) অঙ্গ যার-বহুং] বিণ চারি অঙ্গবিশিষ্ট। ২ সর্ব্বাঙ্গসম্পন্ন। ৩ বি, চতুরঙ্গ বল ; হস্তী, অশ্ব, রথ ও পদাতি এই চারি অঙ্গে পরিপূর্ণ সেনা। ৪ [সঙ্গীতশাস্ত্রে] গীতের জাতিবিঃ ; ইহা চারি তুক্ সম্পন্ন, প্রথম তুক্ বর্ণনায় চতুরঙ্গ শব্দ উক্ত থাকে, দ্বিতীয় তুকে স্বরগ্রাম, তৃতীয় তুকে আলাপের বোল ও চতুর্থ তুকে বাদ্যের অনুকরণ থাকে। ৫ [ক্রীড়ায়] দাবা বা সতরঞ্চ। ৬ অক্ষক্রীড়াভেদ ; চৌপাড।

চতুরতা [চতুর+তা (ভাং)] বি, নিপুণতা ; কর্ম্মকুশলতা ; দক্ষতা ; চাতুর্য্য ; নৈপুণ্য। ২ বুদ্ধিজীবিতা। ৩ শঠতা ; ধূর্ত্ততা ; শাঠ্য।

চতুরন্ত [চতুর্-অন্ত (সীমা) যার-বহুং] বিণ, চারি প্রকার পদার্থ দ্বারা পরিবৃত। ২ চতুঃসীমা।

চতুরপণা [চতুর+পনা] বি, চতুরতা। "চণ্ডীদাস কয় তবে কেন নয়, জানিয়া চতুর-পণা।"-চণ্ডিং।

চতুরশীতি [চতুঃ (চতুর্) দ্বারা অধিক অশীতি, মং পং লো] বিণ, ৮৪ সংখ্যক। ২ বি, ৮৪ সংখ্যা। ~তম [চং+তম [পূরণার্থে -চৌরাশীর পূরণ হইয়াছে যাতে) [বি, চার অধিক আশীর পূরক। > স্ত্রীং ~তমী।

চতুরশ্ব [চতুঃ (চতুর্-চার) অশ্ব, সমাহার দ্বিগু] বি, চারি ঘোড়া ; অশ্বচতুষ্টয়। ২ [চতুর্-অশ্ব-যার] বিণ, চার ঘোড়াযুক্ত। প্র-চতুরশ্ব রথ।

চতুরস্র [চতুর্ (চার) অস্র (কোণ) যার, বহুং] বিণ, দৈর্ঘে প্রস্থে সমান ; চতুষ্কোণ। ২ প্রশস্ত ; সমতল ; চৌরস। ৩ নির্দ্দোষ ; ব্যভিচারশূন্য। ৪ চৌকোষ ; সকল বিষয়ে দক্ষ। ৫ [গং পরিঃ, লীলাবতী] চতুর্ভুজ ; চতুষ্কোণ ক্ষেত্র quadrilateral. সম-চতুরস্র-সমচতুর্ভুজ square. দ্বিসম চতুরস্র-দুইটি সমানবাহু চতুর্ভুজ quadrilateral having two equal sides. ত্রিসম চতুরস্র-তিনটী সমবাহু চতুর্ভুজ। quadrilateral having three equal sides.

চতুরা[2]-বি, চতুর্দ্দার (দ্র)। "যেন ঘড়ি ময়নামতী চতুরার বাহির হইল।"-মাণিকং।

চতুরাই [চতুর+আই (ভাং), বা চাতুরী >, বর্ণ বিপর্য্যায়ে] বি, চাতুর্য্য ; চতুরতা ; চতুরালি।

চতুরাক্ষ-বি, বরবধূর চারি চক্ষুতে এক-করা বা পরস্পর মুখাবলোকন করা ; ছাঁদলায় শুভদৃষ্টিরূপ অনুষ্ঠান। "সপ্তবার প্রদক্ষিণ চং হইলে।"-ঘনশ্যাম (১৬শ শতাব্দী)।

চতুরানন [চতুর্ (চারখানি) আনন (মুখ) যার, বহুং] বি, চতুর্ম্মুখ ; ব্রহ্মা। "কত চতুরানন মরি মরি যাওত ন তুয়া আদি অবসানা।"-বিং পং।

চতুরালি [হিং-চতুরাই। ব্রজং-চতুরালি] বি, ছল। ২ সেয়ানামি ; চালাকি ; চাতুরী। "দেখিয়া সে চং করিয়া উহাদের মাথায় জল ছিটাইয়া দিয়া একটু রসিকতা করিল।"-নরওয়ে ভ্রমণ।

চতুরাশ্রম [চতুর্ (চার) আশ্রম-ধা] বি, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, সন্ন্যাস এই চারি প্রকার আশ্রম।

চতুরিম [চতুর+ইম (যুক্তার্থে), অং লোপ] বিণ, চতুরতাযুক্ত ; চাতুর্য্যপূর্ণ।

চতুরী-চতুর দ্রঃ।

চতুর্গুণ [চতুর্ (চার) গুণ] বিণ, চারগুণ fourfold ; quadruple ২ অত্যধিক।

চতুর্গুণিত [চতুঃ (চারি) দ্বারা গুণিত] বিণ, যাকে চার দ্বারা গুণ করা হইয়াছে ; চারিগুণ করা হইয়াছে এমন।

চতুর্থ [চতুর্+থ (সংখ্যাপূরণার্থে)] বিণ, চারি সংখ্যার পূরক। স্ত্রীং ~ী। ~ভাক্-প্রজার আয়ের চতুর্থাংশ গ্রহণকারী রাজা। ২ বিণ, চতুর্থাংশভাগী।

চতুর্থাংশ [চতুর্থ+অংশ] বি, চার ভাগের একভাগ।

চতুর্থক [চিকিৎসা বিজ্ঞাং পরিঃ] বি, বিষমজ্বর বিঃ quartan.

চতুর্থী [চতুর্থ-ঈং, স্ত্রীং] বি, অমাবস্যা ও পূর্ণিমার পরবর্ত্তী চতুর্থ দিবসীয় তিথি [দ্রঃ-শুক্লা ও কৃষ্ণাভেদে দ্বিবিধ, শুক্লাচতুর্থী মুখ্যচান্দ্র মাসের চতুর্থ দিবস ; কৃষ্ণাচতুর্থী মুখ্যচান্দ্রমাসের উনবিংশ দিবস ও গৌণচান্দ্র-মাসের চতুর্থ দিবস]। ২ [ব্যাং] চতুর্থী বিভক্তি ~কর্ম্ম [চতুর্থী (চতুর্থদিবসে) কর্ম্ম (সম্পা-দনীয় কর্ম্ম-মং পং লো)] বি, বিবাহের চতুর্থ দিবসে করনীয় যজ্ঞ বা হোম। ~ক্রিয়া -পিতা-মাতার মৃত্যুর পর চতুর্থ দিবসে বিবাহিতা কন্যা কর্ত্তৃক করণীয় শ্রাদ্ধ। ~তৎ পুরুষ [সমাস দ্রঃ] বি, নিমিত্তার্থক চতুর্থী বিভক্ত্যন্ত পদপূর্ব্বক সমাসবিঃ।

চতুর্দ্দন্, -র্দ্দন্ত [চতুঃ (চতুর-চারি) দন্ত যার। বহুং সং দন্ত=দৎ ১মা ১বং] বিণ, যার চারিটি দাঁত আছে ; চতুর্দ্দন্তবিশিষ্ট। ২ বি, ঐরাবত হস্তী।

চতুর্দ্দশ [চতুর্ (চার, অধিক) দশ (দশন্ >)-মং পং লোং ধা। সং-চতুর্দ্দশ, প্রাকৃ-চোদ্দ, বাং-চৌদ্দ, চোদ্দো] বি, চৌদ্দ সংখ্যা ; ১৪। ২ বিণ, চৌদ্দসংখ্যক। স্ত্রীং ~ী। ~পুরুষ [চতুর্দ্দশ সংখ্যার পূরক পুরুষ, ধা] বি, পিতা, পিতামহ, প্রপিতামহ, বৃদ্ধপ্রপি-তামহ ইং ক্রমে গণিত ১৪ পুরুষ। ~বিদ্যা-বি, ঋক্, সাম, যজুঃ, অথর্ব্ব এই চারিবেদ এবং শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ জ্যোতিষ, এই ৬ বেদাঙ্গ, ধর্ম্মশাস্ত্র (মন্বাদি সংহিতা), পুরাণ, মীমাংসা ও তর্ক (ন্যায় দর্শন) এই চতুর্দ্দশবিদ্যা। ~ভুবন-বি, ভূঃ, ভুবঃ স্বঃ, মহঃ, জন, তপ, সত্য, এই সপ্তস্বর্গ (উর্দ্ধ ভুবন) এবং অতল, সুতল, বিতল তলাতল, মহাতল, রসাতল ও পাতাল এই সপ্তপাতাল (অধোভুবন)।

চতুর্দ্দশী-বি, তিথিবিঃ ; চৌদ্দ সংখ্যার

পূরক তিথি ; প্রতিপদ হ'তে আরম্ভ করিয়া ষোড়শকলাত্মক চন্দ্রের এক এক কলা এক এক তিথিতে ক্ষয় হইয়া অমাবস্যা এবং ঐ সকল কলা পুনর্ব্বার পূর্ণ হইয়া পূর্ণিমা হয়। এই পূর্ণিমা ও অমাবস্যার পূর্ব্ব তিথির নাম চতুর্দ্দশী, অর্থাৎ যে তিথিতে চতুর্দ্দশ কলার ক্ষয় অথবা পূর্ণতা প্রাপ্তি হয়। অঘোর-চতুর্দ্দশী-ভাদ্র কৃষ্ণপক্ষীয়া চতুর্দ্দশী। অঙ্গারচতুর্দ্দশী-চৈত্রশুক্লা চতুর্দ্দশী। অনন্ত চতুর্দ্দশী-ভাদ্রশুক্লা চতুর্দ্দশী। পাষাণচতুর্দ্দশী-অগ্রহায়ণ মাসের শুক্লা-চতুর্দ্দশী। ভূতচতুর্দ্দশী-কার্ত্তিকীচতুর্দ্দশী। মদনচতুর্দ্দশী-চৈত্রমাসের শুক্লাচতুর্দ্দশী। রটন্তীচতুর্দ্দশী--মাঘী কৃষ্ণা চ তুর্দ্দশী। শিবচতুর্দ্দশী-ফাল্গুনমাসের কৃষ্ণা-চতুর্দ্দশী; শিবরাত্রি। সাবিত্রীচতুর্দ্দশী-জ্যৈষ্ঠমাসের কৃষ্ণপক্ষীয়া চতুর্দ্দশী।

চতুর্দ্দিক্ [চতুর্ (চার) দিক্-ধা] বি, পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ। ২ [প্রাদে°] চারিদিক ; সকল বিষয়।

চতুর্দ্দোল [চতুর্ (চার) দোল (ডুলি)] বি, চারিজন বাহিত শিবিকা ; চৌদোলা ; রাজশিবিকা।

চতুর্দ্ধা [চতুর্+ধা (প্রকারার্থে)] অ, চতুর্ব্বিধ ; চার রকমে। ২ চারদিকে ; চার বিষয়ে। ৩ চারবারে। ৪ চারখণ্ডে।

চতুর্দ্বার [চতুর্ (চার) দ্বার (প্রবেশ পথ) যার, বহু°। প্রা° বাং 'চতুরা'] বি, চারি-দ্বার গৃহ ; চারদুয়ারি ঘর।

চতুর্ধাম [চতুর (চার) যে ধাম (বাস-স্থান)-ধা] বি, রামনাথ, বৈদ্যনাথ, জগন্নাথ ও দ্বারকানাথ, মথুরামণ্ডলস্থ এই চারি ধাম।-ভক্তমাল।

চতুর্নবতি [চতুঃ (চতুর্-চার) দ্বারা অধিক নবতি (৯০), ম° প° লো] বি, ৯৪ সংখ্যাবিশিষ্ট। ~তম [চতুর্ (চার অধিক) নবতি (৯০)+তম (পূর্ব্বার্থে-চুরানব্বইর পুরণ হইয়াছে যাতে)] বি, চার অধিক নব্বই : ৯৪ এর পূরক। এই অর্থে চতুর্নবত ও°।

চতুর্ব্বক্ত্র-চতুর্ম্মুখ দ্রঃ।

চতুর্ব্বর্গ [চতুর্ (চার) বর্গ (সমূহ) সমাহার দ্বিগু] বি, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ-এই পুরুষার্থ চতুষ্টয়। "শুনেছি শ্রীনাথের কথা বড় চতুর্ব্বর্ণ দাতা"-রা° প্র°।

চতুর্ব্বর্ণ [চতুর (চারি) বর্ণ (জাতি)] বি, জাতি চতুষ্টয় ; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র।

চতুর্ব্বাহু [চতুর্ (চার) বাহু যার, বহু°] বি, বিষ্ণু : নারায়ণ। ২ বি, চারহাত। ৩ বিণ, চার হাত বিশিষ্ট।

চতুর্ব্বিংশ [চতুর্+বিংশ=বিংশতি+ড, পূরণার্থে] বি, ৪ অধিক ২০ ; ২৪ ; চব্বিশ। ২ বিণ, ২৪ সংখ্যার পূরক। স্ত্রীং ~ী। ~তি [চতুর্ (চার অধিক) বিংশতি-ম° প° লো, ধা] বি, চব্বিশ ; ২৪। ~তিক [চতুর্ব্বিংশতি+ক] বিণ, ২৪ সংখ্যক। ~তিতম [চতুর্ (অধিক) বিংশতি+তম (সংখ্যা পূরণার্থে)] বিণ, ২৪ সংখ্যার পূরক ; চতুর্ব্বিংশ।

চতুর্বিদ্য-বিণ, চারিবেদজ্ঞ ; চতুর্ব্বেদী ; চোবে।

চতুর্ব্বিধ [চতুর (চার) + বিধা (প্রকারার্থে)] বিণ, চারিপ্রকার ; চার রকম। ~া।

চতুর্ব্বেদ [চতুর (চার) বেদ (দ্বিগু)] বি, ঋক্' যজুঃ, সাম, অথর্ব্ব এই চারিবেদ [দ্রঃ-প্রথম ঋক, যজুঃ ও সাম-বেদের এই তিন-ভাগই ছিল, সুতরাং পূর্ব্বে বেদের নাম ছিল "ত্রয়ী]। ~ী-বিণ, ঋগ্বেদাধি চারিবেদ পারগ। ২ ঐ বংশের সন্তানের উপাধি। হি° গ্রা° ক্ষে° চৌবে, চোবে। "চোবেজী"। এইরূপ দ্বিবেদী দুবে, দোবে।

চতুর্ব্যূহ [চতুর (চার) ব্যূহ (দেহ রচনা) যার, বহু°] বি, কৃষ্ণ, বলরাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ এই চতুর্দ্দেহাত্মক বিষ্ণু। ২ বিণ, চারি-প্রকার ব্যূহ দ্বারা ব্যূহিত।

চতুর্ভুজ [চতুর্ (চার) ভুজ (হস্ত) যার-বহু°] বি, নারায়ণ। ২ [জ্যামিতিতে] যে ক্ষেত্র চারি সরল রেখার দ্বারা বদ্ধ ; চারি বাহু দ্বারা বেষ্টিত ক্ষেত্র quadrilateral figure. সমচতুর্ভুজ-চারি বাহু পরস্পর সমান এবং চারিকোণ সমকোণ এরূপ চতুর্ভুজ ক্ষেত্র ; বর্গ ক্ষেত্র square- ২ চারি বাহুযুক্ত ; চতুর্বাহু। ৩ [নারায়ণত্ব বা মোক্ষ লাভ করা। তুল-চতুর্ভুজ হওয়া-স্বর্গ হাত বাড়াইয়া পাওয়া] অতিশয় আনন্দিত ; স্বর্গ সুখ লাভের আনন্দ। "চতুর্ভুজ হই বুঝি তাহারে দেখিলে"-নিধুবাবু।

চতুর্মাস-বি, আষাঢ়ের শুক্লদ্বাদশী বা পূর্ণিমাতে আরম্ভ করিয়া কার্ত্তিক মাসের শুক্ল-দ্বাদশীতে সমাপ্ত হয়।

চতুর্মাসিক, চাতুর্মাস-বিণ, চতুর্মাস ব্যাপী কৃত্য। ২ বি, শয়ন একাদশী হইতে উত্থান একাদশীব্যাপী ব্রত।

চতুর্ম্মুখ [চতুর্ (চারখান) মুখ (আনন)-যার-বহু°] বি, চতুরানন ; ব্রহ্মা। ২ বিণ, চার মুখবিশিষ্ট। ৩ কবিরাজী ঔষধবিঃ ; চতুর্ম্মুখ বড়ী। ৪ [ব্যঙ্গার্থে] অনর্গল বক্তা।

চতুর্যুগ [চতুর্ (চার) যুগ (দ্বিগু)] বি, সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি।

চতুশ্চত্বারিং/শৎ, চতুশ্চত্বারিং/শ [চতুর্ (চার অধিক) চত্বারিংশৎ (চল্লিশ)-ম-প-লো°, চত্বারিংশৎ+ড (পূরণার্থে)] বি, চার অধিক চল্লিশ ; চুয়াল্লিশ ; ৪৪। ~শত্তম [চতুশ্চত্বারিংশৎ+তম (পূরণার্থে)] বিণ, ৪৪ সংখ্যার পূরক, চতুশ্চত্বারিংশ। > স্ত্রীং-শত্তমী।

চতুষ্ক [চতুর্+ক (জ্ঞা°)] বি, চত্বর, চারিকোণ প্রাঙ্গণ। ২ চারিকোণে চারি-স্তম্ভযুক্ত মণ্ডপ। স্ত্রীং ~ী-চারিকোণা পুষ্করিণী। ২ চৌকি। ~ভবন-চক-মিলান বাড়ী। প্র-"কুসুম-রচিত কারু চতুষ্ক-ভবন"-কুমার সম্ভব (রঙ্গলাল)।

চতুষ্কর [চতুর্ (চার) কর (হস্ত) যার-বহু] বি, নারায়ণ ; বিষ্ণু। ২ শিব। "বরাভয়ান্বিত চতুষ্কর" শিবনামাবলী-অ° ম°। ৩ বিণ, চারি হস্তবিশিষ্ট ; চতুর্ভুজ quadrumanous চি° জিন্তু-যে সকল জন্তুর পদদ্বয় হস্তের মত অর্থাৎ দুই হস্ত ও দুই পদের অগ্রভাগ করের মত ; বানরাদি quadrumana

চতুষ্কোণ [চতুর্-চতুঃ+কোণ] বিণ, চারকোণযুক্ত ; চৌকা quadrangular

চতুষ্টয় [চতুর্+তয় (অবয়বার্থে)] বিণ, যার চারি অবয়ব। ২ চতুর্বিধ। ৩ বি, চারি সংখ্যা। ৪ চার সংখ্যার সমষ্টি। প্র-আশ্রমচতুষ্টয়।

চতুষ্পথ [চতুর্ (চার) পথ (পথিন > রাস্তা) তার সমাহার, সমা° দ্বিগু] বি, চৌরাস্তা ; চৌমাথা ; যেখানে চারটী পথ মিলিত হইয়াছে।

চতুষ্পদ [চতুর্ (চার) পদ, পদের সমাহার, সমা° দ্বিগু] বি, চারি চরণ-বিশিষ্ট শ্লোক (পদ্য)। ২ চার পদবিশিষ্ট জন্তু ; যে জীবের করদ্বয়ও পদের ন্যায় ; পশু quadruped. ৩ [জ্যো] মেষ, বৃষ, সিংহ এবং মকরের পূর্ব্বার্দ্ধ ও ধনুর পরার্দ্ধ। ৪ বিণ, চারি চরণবিশিষ্ট। ৫ [ব্যঙ্গার্থে। গ্রাম্য ব্যবহার] পশুর ন্যায় বুদ্ধিবিশিষ্ট। প্র-বুদ্ধি চতুষ্পদ আর কি। স্ত্রীং ~দী

চতুষ্পাঠী [চতুর্ (চার বেদ) পাঠ (অধ্যয়ন) হয় যেখানে, বহু° ; ঈ°-স্ত্রীং। চতুষ্পাটীও°] বি, বেদাধ্যয়নস্থান ; বেদ-বিদ্যালয় ; চারি দর্শন অধ্যয়নের বিদ্যালয় ; টোল ; চৌবাড়ী।

চতুষ্পাণি [চতুঃ+পাণি (হস্ত) যার, বহু°, ঃ=ষ] বি, বিণ, চতুর্ব্বাহু (দ্রঃ)।

চতুষ্পাৎ, চতুষ্পাদ [চতুর্ (চার) পাদ (পা) যার-বহু°] বি, পশু ; চতুষ্পদ। ২ শ্লোক। ৩ সর্ব্বাবয়বপূর্ণ ধর্ম্ম। ৪ বিণ, সম্পূর্ণ ; চারপোয়া। ৫ জ্যোতিষে করণবিঃ।

চতুষ্পার্শ্ব-চতুঃপার্শ্ব দ্রঃ।

চতুস্তল [চতুর্ (চার) তল যার, বহু°] বিণ, চারিতলা ; চৌতলা।

চতুস্ত্রিংশৎ, চতুস্ত্রিংশ [চতুর্ (চার-অধিক) ত্রিংশৎ (ত্রিশ)-ম, প, লো ; চতুস্ত্রিংশৎ+ড (পূরণার্থে)] বি, চৌত্রিশ, ৩৪। স্ত্রীং ~শী।~শত্তম-বিণ, [চতুস্ত্রিংশৎ +তম (সংখ্যাপূরণার্থে)] বিণ, ৩৪ সংখ্যার পূরক। > স্ত্রীং ~শত্তমী।

চত্বর [সং। চত্ (গমন করা)+বর (র্ম্ম)-গম্যস্থান] বি, প্রাঙ্গণ। ২ চাতাল ; চটান দ্রঃ। ৩ আবাস। "বিপাকে চত্বর ছাড়ি প্রজা দিল রড়।"-কবিক°। ৪ যজ্ঞভূমি। ৫ রঙ্গভূমি। ৬ পুর ; মহল apartment of a house.

চত্বার [সং] বি, চার।

চত্বারিংশৎ, চত্বারিংশ [পরিমাণার্থে নিপাতনে সিদ্ধ চত্বারিংশৎ+ড (পূরণার্থে)] বি, চল্লিশ ; ৪০। স্ত্রীং ~শৎ,-শী। ~শত্তম [চত্বারিংশৎ+তম (পূরণার্থে)] স্ত্রীং ~শত্তমী।

চত্বাল [সং] বি, চাতাল।

চনচন, চন্‌চন্ [সং-চন্ (শব্দে) চন্‌চন্ এই শব্দ। হিং-চন্‌চনানা, চনচনাহট্] অ, বেগ বা প্রবাহধ্বনিবাচক অব্যয়। প্র-জল বা রক্ত চন্‌চন্ ক'রে ব'য়ে যায়। ২ শিরা, স্নায়ু প্রভৃতির সঙ্কোচ জনিত ক্লেশানুভূতিবিঃ। ৩ স্ফোটকাদির রস শুষ্ক হইবার সময়ের অনুভূতি বোধক। ক্রি, চনচনানি। বি, চন-চনানি। বিণ, চনচনিয়া, চনচনে। [দ্রঃ-চন্‌চন-তীব্র অনুভূতি বা বেগ। মৃদুতার -চিনচিন্। মৃদুতর অর্থে চুনচুন্।

চনমন, চন্‌মন্ [চন্ (চঞ্চল)-মন] অ, চাঞ্চল্যের ভাববোধক অব্যয়। বিণ, চন-মনিয়া, চনমনে-চঞ্চল। ২ জড়তা-বর্জ্জিত ; জীবন্ত। ক্রি, চনমনানি। বি, চনচনানি।

চনা, চোনা-বি, গোমূত্র।

চন্দ, চন্দা [সং-চন্দ্র, প্রাকৃ-চন্দ। ব্রজ, প্রা-বৈ-সা-চন্দ, চন্দা] বি, চন্দ্র ; চাঁদ। "রজনী উজোরল গগনহি চন্দ॥"-জ্ঞান°। "আজু রজনী হাম ভাগ্যে পোহায়নু পেখনু পিয়া-মুখ-চন্দা"-বি° প°। ২ [রাসা° পরি°] রজত ; চন্দ্র silver. প্র-চন্দহেম।

চন্দক [চন্দ্ (দীপ্তি পাওয়া)+অক (র্ত্তৃ-জ্ঞা°)] বি, চাঁদামাছ।

চন্দন [চন্দ্ (আহ্লাদিত করা)+অন (র্ত্তৃ-জ্ঞা°)। প্রা°, চন্নন] বি, চন্দনবৃক্ষ ; যা সুগন্ধে মন আনন্দিত করে। ২ চন্দন-কাষ্ঠ। ৩ বাটা চন্দন। ~চর্চ্চিত [চন্দনের দ্বারা চর্চ্চিত-৩ তৎ] বিণ, চন্দনাঙ্কিত ; চন্দনবিলেপিত। ~ধেনু [চন্দন (দ্বারা অলঙ্কৃতা) যে ধেনু (গবী) যা] বি, পতি পুত্রবতী নারীর মৃত্যুর পর অশৌচান্ত দ্বিতীয় দিনে বৃষোৎসর্গের পরিবর্ত্তে চন্দনাঙ্কিতা সবৎসা ধেনু দান করা হয় ; ঐ প্রদেয়া ধেনুর নাম চন্দনধেনু। ~পঙ্ক-বি, ঘৃষ্টচন্দন। "সর্ব্বাঙ্গে চন্দনপঙ্ক অঙ্গদ বলয় শঙ্খ বাহু বিভূষণ সুশোভন।"-কবিক°।~পীড়ি -চন্দন ঘসিবার পীঠিকা ; চন্দনকুঁড়ি। ~পুষ্প [চন্দনবৎ সুগন্ধযুক্ত যে পুষ্প-ম, প, লো, ধা] বি, লবঙ্গ। ~সাল-বি, ধান্যভেদ : ধান দ্রঃ। "রক্তসাল চন্দনসাল বুনেন এক-ভিতে। রাজদল মৌকলস বুনেন তুরিতে॥" -শূ°। কুচন্দন-(বীজ রক্তবর্ণ বলিয়া রক্ত-চন্দন নামে অভিহিত) বকমকাঠ। রক্ত-চন্দন-গন্ধহীন রক্তবর্ণ চন্দন। শ্বেত-চন্দন-শ্বেতবর্ণ সুগন্ধ চন্দন। হরিচন্দন (পীতচন্দন)-পীতবর্ণ সুগন্ধ চন্দন ; শ্রীখণ্ড চন্দন।

চন্দনা [সং-চন্দন+আ, স্ত্রী°] বি, শুকপক্ষিবিঃ ; যে টিয়ার গলায় লালরেখার বেষ্টনী বা কাঁটি আছে। ২ নদীবিঃ। ৩ মৎস্যবিঃ।

চন্দনাচল [চন্দন-অচল (পর্ব্বত)] বি, মলয়পর্ব্বত ; মলয়াচল।

চন্দনী [চন্দন+ঈ (স্ত্রীং)] বি, চন্দনের নির্য্যাসবিঃ ; আতর। ২ নদীবিঃ।

চন্দরস-বি, বৃক্ষ-নির্য্যাস-বিঃ, ধুনা, রজন sandarac.

চন্দহেম [রাসা° পরি° (চন্দ=চন্দ্র= রৌপ্য)-হেম (স্বর্ণ)] বি, রজত ও স্বর্ণ-মিশ্রণজাত সঙ্কর ধাতু alloy of silver and gold.

চন্দির্ম-বি, কিরণ ; প্রভা।

চন্দ্র [সং-চন্দ্র, প্রাকৃ°-চন্দ্র, বাং-চাঁদ। চন্দ্ (দীপ্তি পাওয়া)+র (র্ত্তৃ-জ্ঞা°)] বি, শশধর ; মৃগাঙ্ক ; বিধু ; হিমাংশু ; ওষধিপতি ; নক্ষত্রেশ ; রজনীকর ; কুমুদবান্ধব ; চাঁদ। ২ ময়ূরচন্দ্রক। ৩ স্বর্ণ। ৪ হীরক। ৫ কর্পূর। ৬ জল। ৭ দ্বীপবিঃ ; চন্দ্রদ্বীপ। ৮ [অন্য শব্দের পর থাকিলে] শ্রেষ্ঠ। ৯ বিণ, আহ্লাদ-জনক। স্ত্রীং ~া-এলালতা। ২ চন্দ্রিকা। ৩ চাঁদোয়া। ~ক [চন্দ্র+ক (সাদৃশ্যার্থে)] বি, ময়ূরপুচ্ছস্থিত অর্দ্ধচন্দ্রাকৃতি চিহ্ন। ২ মণ্ডল। ৩ [চন্দ্র+ক (স্বার্থে)] চন্দ্র। ৪ [-ক

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র)। ' হীন যুক্তাক্ষর অকারান্তবৎ। ঙ্গ=ঙ্গ ঞ্জ=ঞ্জ ...

(জ্ঞা০)] চাঁদা মাছ। ৫ নগ। ~কর [চন্দ্রের কর (কিরণ)-৬ তৎ] বি, চন্দ্রিকা ; জ্যোৎস্না। ~কলা [চন্দ্রের কলা (অংশ)-৬ তৎ] বি, ১৬ কলায় পূর্ণচন্দ্রের এক অংশ ; চন্দ্র মণ্ডলের ষোড়শ ভাগ। চন্দ্রের ১৬ কলার নাম-(১) পূষা, (২) যশা, (৩) সুমনসা, (৪) রতি, (৫) প্রাপ্তি, (৬) ধৃতি, (৭) ঋদ্ধি, (৮) সৌম্যা, (৯) মরীচি, (১০) অংশুমালিনী, (১১) অঙ্গিরা, (১২) শশিনী, (১৩) ছায়া, (১৪) সম্পূর্ণমণ্ডলা, (১৫) তুষ্টি, (১৬) অমৃতা [কাম শা]। মতান্তরে-অমৃতা, মানদা, পূষা, পুষ্টি, তুষ্টি, রতি, ধৃতি, শশিনী, চন্দ্রিকা, কান্তি, জ্যোৎস্না, শ্রী, প্রীতি, রঙ্গদা, পূর্ণা, অপূর্ণা [তন্ত্রে]। ~কাইট [প্রা০-বাং প্রাদে০] বি, পিষ্টক বিঃ। "ঘৃতপোয়া চ০ খাব দুগ্ধপুলী।"-মনসা ম০ (বংশীবদন)। ~কান্ত [চন্দ্রবৎ কান্ত (প্রিয়) বা চন্দ্রকান্ত (কান্তিপ্রদ) যার বহু০] বি মণিবিঃ। এই মণি চন্দ্রকিরণস্পর্শে দ্রবীভূত হয় অর্থাৎ শিশির ধারণ করিয়া অধিক সৌন্দর্যশালী হয়। বৈদ্যমতে ইহা ঈষৎ পীতবর্ণ স্বচ্ছ এবং ইহা হইতে জল নিঃসৃত হয়। ২ চন্দন-কাষ্ঠ। ৩ কুমুদ। ৪ বিণ, চন্দ্রের মত সুন্দর ; চন্দ্রপ্রভা। > স্ত্রীং ~কান্তা-জ্যোৎস্না। ২ রাত্রি। ৩ তারকা। ৪ ওষধি। ~কান্তি [চন্দ্রের মত কান্তি যার-বহু০] বি, চন্দ্রের জ্যোতি। ২ রজত, রৌপ্য। ৩ শুক্তি। ৪ [প্রাদে০] চন্দ্রাকৃতি ফুলবড়িবিঃ। ~কিরণ [চন্দ্রের কিরণ (রশ্মি)-৬ তৎ] বি, জ্যোৎস্না। ~কী [চন্দ্রক (চন্দ্রাকৃতি চিহ্ন, চাঁদ) + ইন্ (ণ্য) মু০ চন্দ্রকিন্ ১মা, ১ব০ ন লোপ] বি, ময়ূর। ২ [এই অর্থে গ্রা০ চর্ধকি] বাঁশের মণ্ডলাকৃতি চাঁচ বা দরমা। পোলু পাকিয়া হরিদ্রাবর্ণ হইলে এই চাঁচে রাখা হয় ও এই চাঁচে গুটী বাঁধে। ৩ নেত্ররোগবিঃ। > স্ত্রীং ~কিনী -ময়ূরী। ~কুণ্ড [চন্দ্রকিরণ হইতে উৎপন্ন কুণ্ড (কূপ) ম লো০ বি, কামরূপের একটা সরোবর। জনশ্রুতি ইহা চন্দ্রকিরণ হইতে উৎপন্ন। ~কূট-বি, কামরূপস্থিত পর্ব্বতবিঃ। ~কেতু-বি, লক্ষ্মণের পুত্র। ২ রাজাবিঃ। ~কোটাল-বি, বৌদ্ধমঠের দ্বাররক্ষক। ~গুপ্ত-বি, গ্রীকমহাবীর এলেকজাণ্ডারের সমসাময়িক স্বনামপ্রসিদ্ধ ভারতসম্রাট্। ~গোলিকা [চন্দ্রগোল + ক (জাতার্থে)-আ (স্ত্রীং) (অ=ই)] বি, চন্দ্রের পরিধি হ'তে উৎপন্ন ; জ্যোৎস্না ; কৌমুদী। ~গ্রহণ-বি, পৃথিবীর ছায়াপাতে চন্দ্রকে আচ্ছাদন ; রাহু দ্বারা চন্দ্রকে আবৃত করণ। ~চঞ্চলা-বি, চাঁদামাছ। ~চূড় [চন্দ্র চূড (চূড়া-শিরোভূষণ) যার-বহু০] বি, চন্দ্রমৌলি ; মহাদেব, শিব। "চলিলা দুজনে চন্দ্রচূড়ালয়ে, যথা রক্ষ কুলেশ্বরী আরাধেন চন্দ্রচূড়ে রক্ষিতে নন্দনে" -মেঘ০। ২ পর্ব্বতবিঃ। ~জ, ~জন্ম-বি চন্দ্রপুত্র বুধ (কবিক০)। ~দারা [চন্দ্রের দারা (পত্নী)-৬ তৎ] বি, অশ্বিনী ই০ ২৭ নক্ষত্র। ~দেব-বি, শশী। ~দ্বীপ-বি, দেশবিঃ। আধু০ বরিশাল, ফরিদপুর ও খুলনার কতক অংশ লইয়া প্রাচীন চন্দ্রদ্বীপ রাজ্য ছিল। ~ধর-বি, মহাদেব। ~পুত্র [৬ তৎ] বি, বুধ। ~পুলি, ~পুলী [গ্রা০] বি, মিষ্টান্ন বিঃ ; ইহা নারিকেল কোরা, ক্ষীর ও চিনি দ্বারা অর্দ্ধচন্দ্রাকারে প্রস্তুত করা হয় বলিয়া এই নাম। ~প্রভ [চন্দ্রের ন্যায় প্রভা (কিরণ) যার-বহু০] বিণ, সৌম্যমূর্ত্তি ; সুন্দর। ~প্রভা-বি, চন্দ্রের কিরণ ; জ্যোৎস্না। ২ ওষধিবিঃ। ৩ বিণ, চন্দ্রের ন্যায় প্রভাসম্পন্না। ~বংশ [চন্দ্রের বংশ-৬ তৎ] বি, চন্দ্র হ'তে জাত পুরুষপরম্পরা। ২ চন্দ্রবংশীয় ; জনকবংশ ; যদুবংশ ; পুরুবংশ। ৩ বিণ, চন্দ্রবংশোদ্ভব। এই অর্থে চন্দ্রবংশীয়। ~বদন [চন্দ্র তুল্য আহ্লাদজনক বদন (মুখ) ম০ প০ লো০] বি, চাঁদবদন। ২ বিণ, [চন্দ্রের ন্যায় আহ্লাদজনক বদন যার-বহু০] চন্দ্রতুল্য মুখবিশিষ্ট। > স্ত্রীং ~া, ~ী। ~বল্লরী [চন্দ্র (চন্দ্র সদৃশ উজ্জ্বল) বল্লরী (লতা)-ম০ প০ লো০] বি, সোমলতা। ~বাণ-বি, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণ। ~বিন্দু [চন্দ্রে (অর্দ্ধচন্দ্রে) বিন্দু-৭ তৎ] অর্দ্ধচন্দ্রাকৃতি বর্ণে যুক্ত বিন্দু, অনুনাসিক বর্ণ (ঁ)। ~ব্রত-বি, চান্দ্রায়ণ ; চন্দ্রলোক প্রাপ্তিকামনা হেতু ব্রতবিঃ। ~ভস্ম-বি, কর্পূর। ~ভাগ-বি, পর্ব্বতবিঃ। পৌরাণিক প্রসিদ্ধি এই যে ব্রহ্মা এখানে চন্দ্রের হ্রাসবৃদ্ধিকর ভাগ করিয়াছিলেন বলিয়া এই নাম। > স্ত্রীং ~ভাগা-চন্দ্রভাগ পর্ব্বতোৎপন্ন পঞ্জাবদেশীয় নদীবিঃ। ইহার প্রাচীন নাম অসিক্নি, আধু০ "চেনাব"। ~ভানু-বি, কৃষ্ণসহচরী চন্দ্রাবলীর পিতা। ~ভূতি [চন্দ্রের সদৃশ ভূতি (কান্তি) যার-বহু০] বি, রজত ; রৌপ্য। ~মণি [চন্দ্র সদৃশ উজ্জ্বল মণি (রত্ন), ম০ প০ লো০] বি, চন্দ্রকান্তমণি। ~মণ্ডল [চন্দ্রের মণ্ডল-৬ তৎ] বি, চন্দ্রের পরিধি, যে মণ্ডলাকার প্রভা চন্দ্রকে বেষ্টন করিতে দেখা যায়। ~মল্লিকা [চন্দ্রমণ্ডলিকা-মণ্ডলাকৃতি বলিয়া বা চন্দ্রমৌলী হ'তে, বৃন্তে মৌলী (চূড়া) স্বরূপ এবং চন্দ্রাকার। 'চন্দ্রমল্লী' (স০ দত্ত)' বি, প্রসিদ্ধ পুষ্পবিঃ chrysanthemum ; ফা০ গুলদাউদী। "নিখিল প্রাণীর পাপড়ি মিলায়ে * * নিখিল প্রাণের চন্দ্রমল্লী এ হৃদয়ে ভায় চন্দ্রসম" -মলকুমারী (স০ দত্ত)। ~মা [চন্দ্র (কর্পূর বা আলোক) মস্ (তুল্য করা) + ক্বিপ্ (র্তৃ)-চন্দ্রমাঃ। যে কর্পূরবৎ শুভ্রালোক দান করে বা যে আহ্লাদিত করে] বি, চন্দ্র। "চন্দ্রমার কিরণপাতে কামিনীগণ ভ্রান্ত হইয়া কৈরবভ্রমে কুবলয় গ্রহণ করিয়া কর্ণোৎপল করিতেছে"-কাদম্বরী। "চন্দ্রমাশালিনী যা মধুযামিনী"-বঙ্কিম০। ২ বিষ্ণুপুরাণোক্ত নদীবিঃ। ~মুখ [দ্রঃ-চন্দ্রমুখ (চন্দ্রের সদৃশ) না হইয়া মুখচন্দ্র অর্থাৎ মুখেই চন্দ্রত্ব আরোপিত হইলে রূপকালঙ্কার হইত।' ~মুখী [চন্দ্র (সদৃশ) মুখ যার-বহু০-ঈ, স্ত্রীং, উপমালঙ্কার] বিণ, যে স্ত্রীর মুখ চন্দ্রের মত সুন্দর ; চন্দ্রবদনা ; চাঁদবদনী। পুং ~মৌলি [চন্দ্র মৌলি (চূড়া, কিরীট) যার] বি, চন্দ্রচূড ; শিব। ২ বিণ, চূড়ায় চন্দ্র ধারণকারী। ~রশ্মি (-রশ্মি) [৬ তৎ] বি, জ্যোৎস্না। ~রেখা, ~লেখা-বি, বাণরাজকন্যা উষার সখী। ২ চন্দ্রকলা। ৩ অপ্সরা বিঃ। ৪ সং ছন্দো বিঃ। ~রেণু-বি, গ্রন্থতস্কর, কাব্যচোর plagiarist ~লোক-বি, সৌরজগতের যেস্থানে চন্দ্র পৃথিবীকে পরিভ্রমণ করে ; স্বর্গের যে লোকের অধিষ্ঠাত্রীদেবতা চন্দ্র। ২ চন্দ্রের অভ্যন্তর স্থান ; স্বর্গবিঃ।

~শালা-বি, চিলেঘর ; প্রাসাদ-উপরিস্থিত গৃহ। **~শালিকা**-বি, চিলে কোঠা : চিলে ছাত। **~শেখর** [চন্দ্র-শেখর (শিরোভূষণ) যার-বহু০] বি, চন্দ্রচূড় ; শিব। ২ পর্ব্বতবিঃ। ৩ তালবিঃ। ৪ চট্টলের তীর্থবিঃ। **~সম্ভব** [চন্দ্র হ'তে সম্ভব (জন্ম) যার-বহু০] বি, বুধ : চন্দ্রের পুত্র। **~সরোবর**-বি, বৃন্দাবনস্থ প্রসিদ্ধ জলাশয়। **~সুধা** [৬ তৎ] বি, চন্দ্রিকা : জ্যোৎস্না। ২ চন্দ্রমণ্ডস্থ অমৃত। **~হার** [চন্দ্র (চিহ্নিত বা খচিত) হার (কণ্ঠভূষণ)-যে হারে চাঁদ বসান থাকে। অব্যু০ অপ্র০] বি, কণ্ঠহারবিঃ। "চন্দ্রহার গলায় চৌদিক করে আলো।" -ধ০ মং (মা০)। ২ স্ত্রীলোকের কটিভূষণবিঃ : মেখলা [দ্রঃ-পূর্ব্বের চন্দ্রহার স্থলে অধু০ "তারাহার" কণ্ঠভূষণ এবং চন্দ্রহারের ন্যায় "সূর্য্যহার" এক্ষণে অন্যতম কটিভূষণ]। **~হাস** [চন্দ্র-হস্ (হাস্য করা, উপহাস করা) + অ (কর্তৃ-জ্ঞা০) যে উজ্জ্বলতায় চন্দ্রকে উপহাস করে] বি, রাবণের খড়্গ। ২ রৌপ্য। ৩ খড়্গ বা খাঁড়া বিঃ ; এই খাঁড়ার গায়ে চন্দ্র-মূর্ত্তি অঙ্কিত থাকে। "সুনার খেড়মন্দির সুনার নাটশাল। চন্দ্রহাস খাঁড়া হাথত চন্দ্র কোটাল॥"-শূ০ পু০। ৪ গুড়ূচী > স্ত্রীঃ **~হাসা**-বি, যে উজ্জ্বলতায় চন্দ্রকে উপহাস করে। "প্রেমিকের নয়নে অমৃতলীলা মুখের প্রভা চন্দ্রহাসা।"-বি০ চক্রবর্ত্তী।

চন্দ্রা-বি, চন্দ্রাতপ : চাঁদোয়া। ২ এলাইচ। ৩ গুড়ূচী।

চন্দ্রাংশু [চন্দ্র (চন্দ্রের) + অংশু (কিরণ), ৬তৎ] বি, জ্যোৎস্না।

চন্দ্রাতপ [চন্দ্রের আতপ (কিরণ। আ-তপ্ (তাপ দেওয়া) + অ (অন, কর্তৃ) ৬তৎ] বি, জ্যোৎস্না। ২ [চন্দ্র আ-ত্ (গমন) পা (রক্ষা করা) + অ (কর্তৃ+ড) যা চন্দ্রকিরণ (অর্থ-সম্প্রসারণে)-সূর্য্যকিরণেরও গমন নিবারণ করে] চাঁদোয়া ; মণ্ডপ : সামিয়ানা canopy ; awning

চন্দ্রাত্মজ [চন্দ্র + আত্মজ (পুত্র), ৬তৎ] বি, বুধ।

চন্দ্রানন [চন্দ্র-আনন যার-বহু০] বিণ, চন্দ্রতুল্য সুন্দর মুখবিশিষ্ট। ২ বি, চন্দ্রের মত সুন্দর মুখ ; চাঁদমুখ ; চন্দ্রমুখ ; চন্দ্রবদন ; দ্রঃ। স্ত্রীঃ ~া, ~ী।

চন্দ্রাপীড় [চন্দ্র-আপীড় (শিরোভূষণ) যার, বহু০] বি, চন্দ্রচূড় : শিব। ২ কাদম্বরী-কাব্যোক্ত তারাপীড়ের পুত্র।

চন্দ্রাবলী-বি, গোপাঙ্গনা ; রাধিকার সখী। (শ্রী০ কী০ গ্রন্থে চণ্ডীদাস সর্ব্বত্রই চন্দ্রাবলী শব্দে রাধাকেই লক্ষ্য করিয়াছেন। সম্ভবতঃ রাধার সখী অর্থে চন্দ্রাবলী পরবর্ত্তী বৈষ্ণব কবিদিগের অভিনব সৃষ্টি-ব০ বিশ্বকোষ)। "সব কলা সংপুনী আইহনের রাণী। নাম তোর রাধা চ০॥ পুরুব কালতে তোর পতি চক্রপাণি"-শ্রী০ কী০ দানখণ্ড। "না এর আন্তরে গেলী চন্দ্রাবলী রাহী। তার পাছে আর যত গোয়ালিনী সহী॥"-ঐ নৌকাখণ্ড। "বিনয় করিআঁ বোলে চ০ রাহী"-ঐ ভারখণ্ড। ২ রাধা। ৩ রাবী নদী। ৪ বি, চন্দ্রকিরণ ; জ্যোৎস্না।

চন্দ্রালোক [চন্দ্রের-আলোক, ৬তৎ] বি, জ্যোৎস্না। বিণ, চন্দ্রালোকিত-জ্যোৎস্না উদ্ভাসিত। "স্নিগ্ধ চন্দ্রালোকিত সন্ধ্যায়-"উত্তরা, ১৩৩৩, **~সিক্ত**-বিণ, জ্যোৎস্নাস্নাত। "চন্দ্রালোকসিক্ত শুক্লা চতুর্দ্দশীর"-বা০ বসুমতী, ১৩৩৪।

চন্দ্রার্ক [রসায়নে] বি, রজত এবং তাম্র মিশ্রণে উৎপন্ন সঙ্কর alloy of silver and gold তুল-তারাক (১৬ ভাগ রৌপ্য ও ১২ ভাগ তাম্র।-সা০ প০ প০)।

চন্দ্রিকা [চন্দ্র + ইক (ইদমর্থে) আ-স্ত্রীং] বি, চন্দ্রকিরণ ; জ্যোৎস্না। ২ নয়নতারা। ৩ চন্দ্রভাগা নদী। ৪ ত্রয়োদশাক্ষরা ছন্দো-বিঃ ; ১০, ১১ ও ১৩ বর্ণ ইহার গুরু। ৫ চাঁদা-মাছ। ৬ কাণছিঁড়ার গাছ। ৭ শ্বেত কণ্টকারী। **~পায়ী** [চন্দ্রিকা (জ্যোৎস্না) পায়ী-পায়িন্-পা (পান করা) + ইন্ (কর্তৃ), উপ০ তৎ] বি, চকোর। (কবি-প্রসিদ্ধি-চকোর চন্দ্রিকা পান করে)।

চন্দ্রিমা [চন্দ্রমা >, পদ্যে-চাঁদিমা] বি, চন্দ্র ২ জ্যোৎস্না। "অনিলে চামর বলে চন্দ্রিমা-লহরী"-বি চক্রবর্ত্তী। শারদ চন্দ্রিমা যেন যোগীন্দ্রের শিরোপরে"-আনন্দ চ০ মিত্র।

চন্দ্রিল [চন্দ্র + ইল (স্ত্য)-যার (কপালে) চন্দ্র আছে] বি, চন্দ্রমৌলি : শিব। ২ নাপিত। ৩ বাস্তুক-শাক : বেতোশাক।

চন্দ্রেশ্বর-বি, কাশীস্থ শিবলিঙ্গবিঃ।

চন্দ্রোদয় [চন্দ্র-উদয়, ৬তৎ] বি, জ্যোৎস্নার আবির্ভাব।

চন্দ্রোপল [চন্দ্র (চন্দ্রপ্রিয়) যে উপল (প্রস্তর), ম০ প০ লোপী] বি, চন্দ্রকান্তমণি।

চন্নন [চন্দন >, গ্রা০] বি, চন্দন। "শিয়রে চন্ননের বাটী"-মাণিক০।

চপ [ইং-chop গ্রা০-উচ্চারণে চাঁপ-ছাপা-চাবা] বি, ভর্জ্জিত মাংসখণ্ড : মাংসের পিষ্টক ; য়ুরোপীয় খাদ্যবিঃ ; এক্ষণে এদেশে ইহার ভূরি প্রচলন হইয়াছে। প্র-মটনচপ। চপকটলেট।

চপচপ [অনু০। তুল-ইং-chop থুরা, চোপান। বাং-চোপাইবার বা চোপ বসাই-বার শব্দ] অ, অনুকরণ শব্দ। অতরল কিন্তু কোমল বস্তুর কর্ত্তনশব্দ। ২ জল কাদায় পা ফেলিবার ও পা তুলিবার শব্দ। ৩ চর্ব্বণ শব্দ ; এই অর্থে চব্‌চব ও বলে। চিবাইবার শব্দ হ'তে হি০-তে চপক। ক্রি, চপ্‌চপানি বি, চপচপানি। বিণ, চপচপিয়া, চপচপে।

চপট, চপেট, চপেটা, চপেটিকা, চপেটী [চপ্ (চূর্ণ করা) + অট-ইট (জ্ঞা০), হিং-চপৎ] বি, করতলাঘাত ; চড় ; চাপড়।

চপল [চপ্ (গমন করা) + অল (কর্তৃ, জ্ঞা০) বিণ, অস্থির ; চঞ্চল। ২ তরল। ৩ ধৃষ্ট ; প্রগল্ভ। ৪ অদৃঢ়। ৫ ক্ষণস্থায়ী। ৬ বি, পারদ [দ্রঃ চপলপ্রকৃতি হেতু (১) পারদ (২) মৎস্য (৩) চোর (বাং-য় বিরল ব্যবহার)] ক্রি-বিণ, ঝটিতি ; শীঘ্র। প্র-চপল গতি। স্ত্রীং **~া**-লক্ষ্মী। ২ বিদ্যুৎ। ৩ বেশ্যা। ৪ ছন্দোবিঃ। ৫ বিণ, চঞ্চলা। "চপলা লক্ষ্মী মোরে অচপল, ভারতী না থাকে থির এক পল, এত করি তাঁর সেবা।"-রবী০। ৬ নৌ দ্রঃ। **~তা** (ল০) [চ০ + তা (ভা০)] বি, অস্থিরতা ; চাঞ্চল্য। ২ প্রগল্ভতা ; ধৃষ্টতা।

চপলা-চপল দ্রঃ। চপলার হাসি [আলং] বি, বিদ্যুতের বিকাশ।

চপলাঙ্গ [চপল-অঙ্গ যার. বহু০] বি. শিশুমার ; শিশুক।
চপাং-চবাং দ্রঃ।
চপেট, চপেটা [সং। হি০-চপৎ। চপট দ্রঃ] বি, চড়। "চপেট চাপড়ে রণ করয়ে বানরগণ। যত সেনা ত্যজিল পরাণ॥"-কবিক০।
চপেটাঘাত [চপেট+আঘাত] বি, করতল-প্রহার। "একটি চপেটাঘাতে বধিতাম প্রাণ।"-কৃত্তি০।
চপেটি [চাপাতি দ্রঃ] বি, ভাদ্র শুক্লা ৬ষ্ঠী ; চাপড়া ৬ষ্ঠী।
চপেটিকা [চপেটা (দ্রঃ)+ক (স্বার্থে)] বি. চপেটা দ্রঃ।
চপেটী-চপেট দ্রঃ।
চবচব [অনু০] অ, অনুকার শব্দ। ২ চর্ব্বণ শব্দ ; চিবাইবার শব্দ। জাবর কাটার শব্দ। ৩ চাবুক মারিবার শব্দ। ৪ [চ্যবন দ্রঃ] চুয়াইয়া পড়িবার ভাব ; কোন তরল পদার্থে চুবাইলে সেই পদার্থ গা বহিয়া যেরূপ গড়াইয়া পড়ে তার ভাব ; জবজব দ্রঃ। ক্রি, চবচবানি। বি. চবচবানি। বিণ, চব-চবিয়া, চবচবে।
চবর্গ-বি. চ শ্রেণী ; চ, ছ, জ, ঝ, ঞ এই পাঁচটী বর্ণ।
চবাং, চপাং [অনু০] অ, জলে ছড়ির বা বৃক্ষ- শাখাদির আঘাত শব্দ। ২ চাবুকে আঘাত শব্দ। ৩ কর্ত্তন শব্দ।
চবুতর, -তরা, -তারা [সং-চত্বর ; হি০-চবুতর, দ্রুত উচ্চারণে, চৌতরা ; বাং, গ্রা০-চউতর ; চৌতারা] বি., দালান ; দাওয়া। ২ [প্রাদে০] কোতোয়ালের থানা।
চব্বিশ [চতুর্ব্বিংশ >] বি, ২৪ এই সংখ্যা ; চার অধিক বিশ। ২ বিণ, ২৪ সংখ্যক। ~ঘণ্টা-সমস্ত দিন সমস্ত রাত ; অবিরাম। বিণ, চব্বিশে-মাসের ২৪ তারিখ।
চম্, চম [চমক দ্রঃ] অ, আতঙ্কের ভাব বোধক। ছম্ দ্রঃ। ২ [সং চম্ ভক্ষণে] ভোজন শব্দ। ৩ দীপ্তি ; চমক (দ্রঃ)।
চমক [হি-চমক্] বি, প্রভা ; দীপ্তি। ২ [চমৎকার-ক্ষে০] বিস্ময় ; আশ্চর্য্য। ৩ ভয় ; আতঙ্ক। ৪ চৈতন্য ; জ্ঞান ; সজাগ-ভাব। প্র-এখন বুঝি তোমার চমক হ'ল। ৫ তন্দ্রা ; নিদ্রা। প্র-এক চমক ঘুম। ৬ মগ্ন বা আচ্ছন্নের ভাব। "অনেক সময় খরিদ্দার হাঁকাহাঁকি করিলে তবে চমক ভাঙ্গিত।"-ভারতী, ১৩২০। ~খাওয়া (রক্ত, প্রাণ ই০)-ভয় বিস্ময়াদিতে রক্ত চলাচলের ক্রিয়া মুহূর্ত্তের জন্য থামিয়া যাওয়া ; হৃদপিণ্ডের ক্রিয়া পলক মধ্যে রুদ্ধ হওয়া। "খবর শুনিয়া সতীশের বুকের রক্ত চমক খাইয়া গেল ?"-চরিত্রহীন।
চমকন [চমৎকরণ] বি, চমৎকৃত হওন ; কাঁপন ; কম্পন ; ডরন।
চমকা, চমকানি [চমক+আন। চমকি (ব্রজ০ চঁকি), চমকে, চমকে ; চমকিতে ; চমকিয়া ই০। ণিজন্ত-চমকাই, -কাও, -কায় ; -কাইতে (ক্ষে০ চম্কাতে) ; কাইয়া (ক্ষে০ চমকায়ে) ই০। বাং-য় ণিজন্ত অণিজন্ত ভেদ রাখা হয় না] ক্রি, চমকিয়া উঠা ; আতঙ্কে শিহরিয়া উঠা ; ভয়ে আঁৎকে উঠা। ২ বিস্মিত হওয়া ; আশ্চর্য্যান্বিত হওয়া। ৩ চমকিয়া উঠা ; ঝিলিক দেওয়া। ৪ সন্তলন করা। বি, চমকানি-ঝিলিক। "বিদ্যুতের চমকানিকালে।"-রবী০। ২ বিস্ময়ভাব। ৩ আঁৎকানি। বিণ, চমকিত। স্ত্রীং ~া।
চমকিলী [চমৎকৃত > চমকিত > (প্রা০ বাং ত=ল) চমকিল > স্ত্রীং চমকিলী] বি, চমৎকৃতা। "চমকিলী রাধা উঠিঞা দেখিল কাছে"-শ্রী০ কী০।
চমচম [ছমছম দ্রঃ] অ, ভয়ে শিহরণ। ২ অনুকার শব্দ। ৩ [চম্ (ভক্ষণে)] বি, রসে পাক করা ছানার মিষ্টান্ন। ৪ অ, চনচন ; তীব্র। বিণ, চমচমে-চনচনে ; তীব্র। প্র-চমচমে খিদে"।
চমৎকরণ [চমৎ (চমৎকার) কৃ+অন (ভা০)] বি, আশ্চর্য্য বোধ করান ; চমৎকৃত-করা ; বিস্মিত করা।
চমৎকার [চমৎ (আশ্চর্য্য-কার কৃ+অ (ভা০)] বি, আশ্চর্য্য ; বিস্ময়। ২ অনির্ব্বচনীয় আনন্দ। ৩ বিণ, বিস্ময়জনক। ~জনক-বিণ. যে চমৎকার জন্মায় ; বিস্ময় উৎপাদক।
চমৎকারক [চমৎ(আশ্চর্য্য)-কৃ+অক (কর্তৃ)] বিণ, বিস্ময়কর। ~কারিতা [চমৎ -কারিন্+তা (ভা), ন-লোপ] বি, আশ্চর্য্য-জনকতা ; বিস্ময় করণ ; চমৎকরণ। ~কারী [চমৎ-কৃ+ইন্ (কর্তৃ)। মূ০ চমৎকারিন ১মা ১ব০, ন্ লোপ] বিণ, যে বিস্ময় উৎপাদন করে ; বিস্ময়জনক ; আশ্চর্য্যজ্ঞাপক। > স্ত্রীং ~কারিণী-বিস্ময়োৎপাদিকা। ~কৃত [চমৎ-কৃ+ত (কর্ম্ম) গ্রা০ চমৎকিত (কৃত্তিবাসে)] বিণ, যার আশ্চর্য্য বোধ হইয়াছে ; বিস্ময়াবিষ্ট ; আশ্চর্য্যান্বিত।
চমর [চম্ (ভক্ষণ করা, গমন করা) +অর (কর্তৃ), জ্ঞা০] বি, চামর। ২ মৃগবিঃ। ইহাদের পুচ্ছলোমে চামর হয়। স্ত্রীং ~ী [চমর+ঈ (স্ত্রী)] বি, চমরী গাই।
চমস [চম্ (ভক্ষণ করা)+অস্ (সাহচর্য্যার্থে), ভোজনের সময় যার ব্যবহার হয়] বি, হাতা, চামচ। স্ত্রীং ~ী-পিষ্টক-বিঃ।
চামীকর [সং] বি, সুবর্ণের খনি।
চমূ [চম্ (ভক্ষণ করা, গমন করা)+উ (কর্তৃ-জ্ঞা০)] বি, সেনাদল। ~চর [চমূ (সেনা) চর্ (গমন করা)+অ (কর্তৃ), উপ০] বি, যিনি সেনাদিগকে পরিচালনা করেন ; সেনাপতি ; সেনানী। ~নাথ-বি, সেনাপতি।
চমূরু, চমূরূ [চম্ (ভক্ষণ করা)+উরু, রূ (কর্ম্ম)-যা ভক্ষিত হয়] বি, এক জাতীয় হরিণ।
চম্পক [চম্প্ (দীপ্তি পাওয়া)+অক (কর্তৃ-জ্ঞা০)] বি, চাঁপাগাছ। ২ চাঁপাফুল। ৩ চম্পানগর। ৪ চাঁপাকলা। ৫ [ন্যায় দর্শনে] সিদ্ধিভেদ। ~চতুর্দ্দশী [চম্পক-পুষ্পদ্বারা শিব পূজার বিধি >] বি, জ্যৈষ্ঠ মাসের শুক্লা চতুর্দ্দশী। ~দাম [চম্পকপুষ্পদ্বারা নির্ম্মিত দাম-দামন্ (মালা), ম০ প০ লো] বি, চাঁপা ফুলের মালা। ~মালা [চম্পক-মালা -৬ তৎ] বি, চাঁপা ফুলের মালা। ২ দশাক্ষর ছন্দোবিঃ, যার ২।৩।৭।৮ বর্ণ লঘু, অপর গুরু। ~রম্ভা [চম্পক নামক রম্ভা (কলা), ম০ প০ লো০] বি, চাঁপাকলা। ~লতা-বি, রাধিকার সখী।

চ॔ম্পকাবিলি, -বিলী-বি, অষ্টাদশ অক্ষরের ছন্দো-বিঃ। ইহার পঞ্চম, দশম ও পঞ্চদশ বর্ণে মিল থাকে, এবং প্রথম, তৃতীয়, ষষ্ঠ, অষ্টম একাদশ,ত্রয়োদশ ও ষোড়শ অক্ষর গুরু থাকে।

চ॔ম্পকারণ্য [চম্পক (চম্পক প্রধান)-অরণ্য] বি, তীর্থবিঃ। ২ চাঁপাফুলের বন।

চ॔ম্পকোপ॔ম [চম্পক-উপমা যাব-বহু॰] বিণ, চম্পক তুল্য। স্ত্রীং ~া।

চ॔ম্পট [হিং-চম্পৎ] বি.প্রস্থান: পলায়ন। "লক্ষ্মণ সেন ত দিলেন চম্পট কচুবনে এক দৌড়েতে।"-দ্বিং রায়।

চ॔ম্পৎ [সং সর্পণ > সর্‌পট্ > সপঠ > চপট > : ট্=ৎ] বি. তীব্রগতি: বেগ : দৌড়।

চ॔ম্পতি [চমূপতি >] বি, সেনাপতি।

চম্পা [চন্‌প্‌ (গমন করা) + অ (ধি) আ, স্ত্রীং] বি. চম্পানামক নরপতি কর্ত্তৃক স্থাপিত নগরী। ইহাই অঙ্গরাজ কর্ণের রাজধানী ছিল। ইহা ভাগলপুরের নিকটবর্ত্তী। ~ধিপ [চম্পার অধিপ-৬ তৎ] বি. চম্পা নগরের রাজা ; কর্ণ। ~বতী [চম্পা (চাঁপা ফুলগাছ) + বৎ (স্ত্য)-যেখানে অনেক পরিমাণে চাঁপা ফুলের গাছ আছে] বি. কর্ণের রাজধানী। ২ রাজকন্যা-বিঃ।

চ॔ম্পালু [চম্পক=চম্প + আলু (জ্ঞাং)] বি, কাঁটাল গাছ।

চম্পূ [চম্প্‌ (গমন করা) + উ (জ্ঞাং)] বি. গদ্যপদ্যময় কাব্যগ্রন্থ।

চ॔ম্বেলি [চামেলি দ্রঃ] বি, চামেলি ফুল।

চ॔য় [চি (একত্র করা) + অ (র্ম্ম)। যা একত্র করা হয়] বি, নিচয় : রাশি ; সমূহ ; পুঞ্জ ; এই অর্থে অন্য শব্দসহ যুক্ত হয়। ২ চয়ন ; আহরণ। ৩ সঞ্চয়।

চ॔য়॔/ন [চি (একত্র করা) + অন (ভাং)] বি, সঙ্কলন ; সংগ্রহ। ২ ফুল পাতা ইং তোলা। ৩ নির্ব্বাচন। ~॔নক [চয়ন দ্রঃ-অক (র্ত্তৃ)] বিণ, যে চয়ন করে ; সংগ্রহকর্ত্তা। ২ বি, সংগ্রহ। > স্ত্রীং ~নিকা [চয়ন + ইক (ক্ষুদ্রার্থে, অল্পার্থে) + আ (স্বার্থে)] বি, অনধিক সংগ্রহ বা চয়ন। ২ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কবিতা সংগ্রহ পুস্তক-বিঃ।

~নীয়॔ [চি (চয়ন করা) + অনীয় (র্ম্ম)] বিণ, যা চয়নের যোগ্য : যা চয়ন করা উচিত বা আবশ্যক।

চ॔য়াল [বৈদিক] বি."যুপের মাথায় একটা মুকুটাকার কাষ্ঠখণ্ড পরাইতে হয়। তাহার নাম চয়াল।"-রাং ত্রিবেদী।

চ॔য়িত॔ [চি (চয়ন করা) + ত (র্ত্তৃ)] বিণ, আহৃত ; সংগৃহীত : সঙ্কলিত।

চয়েন [হিং চৈন (< সং শয়ন)] বি, আরাম ; বিশ্রাম। ২ আনন্দ। ৩ [গ্রাং] বিণ, শিষ্টাচারী (প্রায়ই শ্লেষে-বঙ্গীয় শব্দ কোষ)।

চ॔র১ [চর্‌ (গমন করা) + অ (র্ত্তৃ)] বি, যে ব্যক্তি রাজা কিম্বা অন্য কোন ব্যক্তি দ্বারা প্রেরিত হইয়া গুপ্তভাবে লোকের অভিপ্রায় জানিয়া আপন প্রভুর নিকট সংবাদ দেয় ; দূত। ২ নদীকূলে ক্রমসঞ্চিত উচ্চ ভূভাগ ; চড়া : দ্বীপ ; নদীগর্ভে স্রোত দ্বারা উৎপন্ন যে বালুকাময় স্তর। ৩ গোচারণ ভূমি ; যেখানে পশু চরে। ৪ মেষ, কর্ক্কট, তুলা ও মকর রাশি। ৫ স্বাতি পুনর্বসু শ্রবণা এই তিন নক্ষত্র। ৬ বিণ, অস্থাবর ; গমনশীল ; জঙ্গম।

চ॔র২-বি, যে চরে এই অর্থক প্রত্যয়। অনুচর, উভচর, খেচর, চরাচর, জলচর, পার্শ্বচর, বনচর, ভূচর, সহচর, স্থলচর ইং।

চ॔র॔ই [ব্রজং। চরা দ্রঃ] ক্রি, চরে ; চলে।

চ॔র॔ক-বি, আয়ুর্ব্বেদ-বেত্তা ঋষি [ইনি ব্রহ্মা, প্রজাপতি, অশ্বিনীকুমার ধন্বন্তরি, ইন্দ্র, ভরদ্বাজ, আত্রেয় এবং অগ্নিবেশ্যের নিকট যথাক্রমে সূত্র, শরীরস্থান, ঐন্দ্রিয়, চিকিৎসা, নিদান, বিমান, বিকল্প ও সিদ্ধি এই অষ্ট স্থান শিক্ষা করিয়া চরকসংহিতানামে গ্রন্থ প্রস্তুত করেন]। ২ চরক মুনিকৃত গ্রন্থ। ৩ [পূং বং গীং] চর ; দূত। ৪ ভিক্ষু। ৫ ক্ষেতপাপড়া। ৬ চড়ক দ্রঃ।

চ॔রকা [সং-চক্র। মাণিকচন্দ্র রাজার গানে 'চোরখা'] বি, সূত্রকর্ত্তন যন্ত্র। সূতা কাটার যন্ত্র।

চরকি,-কী [চক্র] বি, চক্রাকার অগ্নি-ক্রীড়ার দ্রব্য। ২ নাটাই। ~বাজি-বি, চরকির মত ঘুরে যে আতসবাজি।

চরখি-বি, বাখারি দ্বারা নির্ম্মিত সূতা জড়াইবার দ্রব্যবিঃ : নাটাই। ২ অগ্নিক্রীড়া বিঃ; চরকীবাজি। "চরখি হইয়া চলে কেহো সাথে সাথে। হাউই হইয়া অন্য ধায় শূন্য পথে॥"-শি।

চ॔রচ॔য়ে [চর্চায় শব্দের পদ্যরূপ চরচায় >, পদ সাং ১৪শ শতাব্দী] ক্রি-বিণ, চর্চ্চাতে ; চর্চ্চায় ; আন্দোলন আলোচনার প্রতি। "লোক চং ফিরিয়া না চায়"-চণ্ডিং।

চ॔রচ॔র [অনুং] অ, অনুকার শব্দ ; বিদারণ শব্দ ; অপেক্ষাকৃত কঠিন বস্তু বিদারণ-চড়চড়। খাকের বা হাঁসের পালকের কলমে লিখিবার শব্দ। ২ [>] জোর কলমে লেখার ভাব। ইহা লেখকের রচনা-শক্তিরও জ্ঞাপক। প্র-চরচর করে লিখে দিলে। ক্রি, চর॔চরানি। বি, চরচরানি। বিণ, চ॔রচরিয়া, চরচরে।

চ॔র॔ণ [চর্‌ (গমন করা) + অন (ণে), যদ্দ্বারা গমন করা যায়] বি, পদ ; পা। ২ মূল। ৩ শ্লোকের চতুর্থাংশ। ৪ বেদের কঠ কৌথুম বহ্বৃচাদি শাখা। ৫ [(অন + ভাং)] চলন : ভ্রমণ। ৬ আহারান্বেষণ। ৭ অনুষ্ঠান। ৮ ব্যবহার ; আচরণ। ৯ স্বভাব ; শীল : চরিত্র। ১০ [বৌং সাং] ইন্দ্রিয় সংযম, মিতাচার ইং পঞ্চদশবিধ সদাচার। ~ক॔ম॔ল [চরণ রূপ কমল-ধা, বর্ণসাদৃশ্য ও সৌন্দর্য্যহেতু চরণে কমলত্বের আরোপ-রূপকালঙ্কার] বি, পাদপদ্ম। "ছায়া দিয়া রাখ তব চরণ-কমলে।"-কবিকং। শ্রীচ॔র॔ণক॔ম॔ল-মঙ্গলালয় স্বরূপ চরণপদ্ম : সকল ঐশ্বর্য্য সম্পদের আধার যে চরণপদ্ম। শ্রীচ॔র॔ণ-ক॔ম॔লেষু, চ॔র॔ণক॔ম॔লেষু [চরণ-কমল-(অধিং)-কমলেষু : পূজ্যব্যক্তির সকাশে পত্র লিখিবার এই সংস্কৃত পাঠ অবিকল বাং-য় চলিয়াছে] পাদপদ্মে। ~গ্র॔ন্থি [চরণ (পা) গ্রন্থি (গাঁইট)-৬ তৎ] বি, পায়ের গাঁট ; গুলফ ; গোড়ালি। ~চাপ [চরণ-চাপ-৬ তৎ] বি, চরণালঙ্কারবিঃ ; নূপুর। "আর এয়োগণ করবি বরণ পরে চরণচাপ" -হেমং। ~চা॔র॔ণ-বি, পাদচারণ : পায়চারি। "চরণ-চারণ করে যথা সিংহদ্বার॥" -কাশীং। ~চারী [চরণ (পা) চর্‌ (গমন

করা)+**ইন** (র্তৃ-শীলার্থে) চারিন্ ১মা, ১ব০ ঈ, ন্-লোপ] বি. যে চরণ-দ্বারা বিচরন করে ; পাদচারী ; যে পায়ে হাঁটিয়া যায়। **~তরী** [চরণরূপ তরী (উরণি), ধা] বি. পদাশ্রয় ; দয়া ; কৃপা ; আশীর্ব্বাদ। "তার কৃপা করি কিঙ্কর তোমার দিয়ে চরণতরী রাখ এইবার॥"-রা০ প্র০। **~তল** [৬ তৎ] বি. চরণের তলা ; পদতল। **~দাসী**-বি, পত্নী। ২ চরণদাস প্রবর্ত্তিত বৈষ্ণবধর্ম্মসম্প্রদায়বিঃ। **~পদ্ম**-বি, চরণকমল। "টেবিলের উপর চ০ রাখিয়া।"-উত্তরা০। **~পূজা** [চরণের পূজা -৬ তৎ] বি. পদসেবা : চরণবন্দনা। **~প্রান্ত** [চরণের-প্রান্ত (শেষ ভাগ)-৬ তৎ] বি, চরণতল : পায়ের তলা। **~বন্দনা** [৬ তৎ.চরণ পূজা দ্র] **~ব্যূহ**-বি, বেদব্যাস কর্ত্তৃক সঙ্কলিত চতুর্ব্বেদ-বিবরণ-শাস্ত্র। **~ভূষণ** [চরণের ভূষণ (অলঙ্কার)-৬ তৎ] বি. মল ই০ পায়ের অলঙ্কার বা গহনা। **~যুগল** [চরণের যুগল (দুই)-৬ তৎ] বি, চরণদ্বয় : দুই পা। **~রজঃ** [চরণের-রজঃ (ধূলি)-৬ তৎ] বি, পায়ের ধূলা। **~রেণু**-বি, পদধূলি। **~সেবক**-বিণ, পদসেবাকারী। ২ তোষামোদকারী। ৩ বি, ভৃত্য। ৪ অনুগত ব্যক্তি। > স্ত্রীং **~সেবিকা**। **~সেবা** [চরণের সেবা, ৬তৎ] বি, পদসেবা ; পা টেপা। **~স্পর্শী** [চরণ স্পর্শী+ইন্ (র্তৃ)= স্পর্শিন্ ১মা ১ব০ উপ০] বিণ,পাদস্পর্শকারী, যে পাদস্পর্শ করে।

চরণাঙ্কিত [চরণ+অঙ্কিত] বিণ, চরণ-চিহ্নিত ; পদচিহ্নযুক্ত : চরণের ছাপযুক্ত।

চরণাঙ্গুলি [চরণ+অঙ্গুলি, ৬তৎ] বি, পায়ের আঙুল।

চরণানুগ [চরণ+অনু-গম্ (গমন করা) +অ (র্তৃ) ম্-লোপ, উপ০] বিণ, পদ বা পদাঙ্ক অনুসরণকারী ; পশ্চাদ্‌গামী। ২ চরণ-সেবক ; শরণাগত।

চরণাবলুণ্ঠিত [চরণ (চরণে)+অব-লুণ্ঠিত, ৭তৎ] বিণ, পদে লুণ্ঠনকারী : যে পায়ে পড়িয়া গড়াগড়ি দেয়।

চরণাভরণ [চরণের আভরণ (অলঙ্কার), ৬তৎ] বি, নূপুর, মল ই০ চরণের অলঙ্কার : চরণ চাপ (দ্রঃ)।

চরণামৃত [চরণের অমৃত (জল), ৬তৎ। গ্রা০-চন্নমেবৃর্ত, -মেত্তর] বি, নারায়ণ বা কোন দেবমূর্ত্তি অথবা পূজ্য ব্যক্তির পাদ-প্রক্ষালন-করা জল : পাদোদক।

চরণাম্বুজ [চরণ (রূপ)+অম্বুজ, ধা] বি. চরণকমল (দ্রঃ) ; পাদপদ্ম।

চরণায়ুধ [চরণ+আয়ুধ] বি, যার চরণ তীক্ষ্ণধার ও সুকঠিন নখরযুক্ত বলিয়া আয়ুধের কার্য্য করে-এই অর্থে যাবতীয় শিকারী জীব-জন্তুকে বুঝাইতে পারে, কিন্তু ব্যবহারে কুক্কুটকে বুঝায়।

চরণারবিন্দ [চরণ (রূপ)+অরবিন্দ, ধা] বি, পাদপদ্ম। "চরণারবিন্দ নখ চন্দ্রমা সুন্দর রায়বসন্তচিত হেরই আনন্দে।"-রায়বসন্ত।

চরম [চর্ (গমন করা)+অম (র্তৃ-সমাপ্তি অর্থে)] বি, অবসান ; অন্ত ; শেষ। ২ অন্তিমকাল। শেষাবস্থা ; মৃত্যু। **~পত্র** লেখ্য [চরম (শেষ) পত্র, লেখ্য (লিপি), ধা] বি,মরণের পূর্ব্ব সময়ে লিখিত বিষয়, সম্পত্তির ব্যবস্থাপক পত্র ; উইল পত্র। **~লেখ** [চরম-লিখ্ (লেখা)+অ (র্ম্ম, জ্ঞা০)] বি, চরমকালে বা শেষদশায় যা লিখিত হয় ; উইল will.

চরমাচল [চরম (পশ্চিমদিক্), তাতে যে অচল (পর্ব্বত), ৭তৎ। কিম্বা পশ্চিমদিকের অচল, ৬তৎ] বি, অস্তগিরি ; যে পর্ব্বতে সূর্য্য অস্ত যায় ; চরমাদ্রি।

চরমোৎকর্ষ [চরম (শেষ) উৎকর্ষ (উন্নতি), ধা] বি, উন্নতির শেষ সীমা ; যতদূর উন্নতি হতে পারে এমন ; উন্নতির পরাকাষ্ঠা।

চরস [হি০-চরস্] বি, গাঁজার আঠা, যা সেবনে মত্ততা জন্মে।

চরা [চর্ (বিচরণে, ভক্ষণে) চরি, চর, চরে : চরিতে : চরিয়া। ণিজন্ত-চরান] ক্রি, বিচরণ করা। ২ আহার সংগ্রহ করিয়া বেড়ান ; চারা (দ্রঃ) খাওয়া।

চরাচর [চর (জঙ্গম) অচর (স্থাবর) দ্বন্দ্ব] বি, জঙ্গম ও স্থাবর। ২ জগৎ। **~গুরু** [চর (জঙ্গম) অচর (স্থাবর) তাদের গুরু (কর্ত্তা)] বি, পরমেশ্বর। ২ সৃষ্টিকর্ত্তা : ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব।

চরাট [প্রাদে০] বি. কোণাকার সঙ্কীর্ণ স্থান ; নৌকার সম্মুখ ও পশ্চাতে গলুইএর ঘরযুক্ত কাঠবিঃ : পাটাতন।

চরাণি [চারণ] বি, চরাইবার কাজ। ২ পশুচারণ স্থান : মাঠ : ময়দান।

চরানি [চরা দ্রঃ] বি, পশুচারণ করা ; গবাদি পশুর খাদ্য বা চারা খাওয়ান। ব্রজ০ "চরায় বাছুর বৃন্দাবনে"-শি০। ২ বিদ্রূপার্থে পরিচালন করা ; নেতৃত্ব করা।

চরি১ [চর্ (গমন করা)+ই(র্তৃ-জ্ঞা০)] বি, ভূচর। ২ পশু। ৩ প্রাণী : জীব [বিরল। তুল-হি০-চরিন্দা (ভূচর) পরিন্দা (পালকযুক্ত-খেচর)]।

চরি২ [চর্ (গমনে, আচরণে, চরি, চর, চরে ; চরিতে (ক্ষে০ চরতে), চরিয়া (ক্ষে০ চরে) ই০] ক্রি, আচরণ করি ; চর্য্যা করি। "তাই শান্তচিত্তে, শত্র, তপঃ হেথা চরি নিরন্তর"-জাতক।

চরিত [চর্ (আচরণ করা, গমন করা)+ত (ভা০)] বি, আচরণ ; ব্যবহার। ২ চরিত্র। "বলিহারি তোমারি চরিত মনোহর। গায় সকল জগতবাসী।"-সতেন্দ্র ঠাকুর। ৩ রীতি। ৪ কার্য্য। ৫ বিচরণ। ৬ সদ্ভাব ৭ চেষ্টা ; উপায়। ৮ নিদর্শন ; লক্ষণ। "কিছুই না দেখে অঙ্গে স্নানের চরিত।"-চৈ০ভা০। ৯ জীবনচরিত্র ; জীবনী। প্র-বাস-চরিত। ১০ [র্ম্ম-ত] বিণ. চেষ্টিত। ১১ অনুষ্ঠিত। ১২ বিহিত ; উচিত। ১৩ সম্পন্ন। ১৪ ফলিত। ১৫ ভক্ষিত। **~কার**-বি. জীবনী লেখক। **~ব্রত** [চরিত (আচরিত ব্রত-ধা] বি, অনুষ্ঠিতব্রত। ২ [আচরিত ব্রত যৎকর্ত্তৃক, বহু০] যে ব্রত অনুষ্ঠান করিয়াছে ; কৃতব্রত।

চরিতাখ্যান [চরিতের আখ্যান-৬তৎ] বি, চরিত্র কীর্ত্তন ; জীবনচরিত বর্ণন। **~খ্যায়ক** [চরিত (চরিত্র) আখ্যা (কথন)+অক (র্তৃ) যে চরিতের আখ্যান করে,৬তৎ] বিণ, চরিত্রকথক ; জীবনচরিত্র-বর্ণনকারী।

২ বি, জীবনীলেখক biographer > স্ত্রীং ~খ্যায়িকা।

চরিতাবলী [চরিত + আবলী (শ্রেণী), ৬তৎ] বি, যাতে অনেকের জীবনচরিত্র বর্ণিত হইয়াছে; চরিত গ্রন্থ। ২ চরিত্র সমূহ। ৩ আচরণসমূহ।

চরিতার্থ [চরিত (সিদ্ধ) অর্থ (প্রয়োজন) যৎকর্তৃক, বহ। যার অভীষ্ট সিদ্ধ হইয়াছে, যার অভিপ্রেত কার্য্য সাধিত হইয়াছে] বিণ, সিদ্ধকাম; কৃতকার্য্য; কৃতার্থ; কৃতকৃত্য। ২ আপ্যায়িত, পরিতুষ্ট। ~তা [চ০ + তা (ভা০)] বি, চরিতার্থের ভাব; সফল-কর্ম্মত্ব; কৃতকৃত্যতা; কৃতার্থতা।

চরিতার্থিত [চরিতার্থ + ইত (ভূত অর্থে, ষ্য)] বিণ, যে সফলকাম হইয়াছে; যে কৃতকৃত্যতা লাভ করিয়াছে; কৃতার্থীকৃত। ২ কৃতাপ্যায়ন, কৃত-পরিতোষ।

চরিত্র [চর্ (আচরণ করা-গমন করা) + ইত্র (ণে), জ্ঞা০] বি, আচরণ; চালচলন; ব্যবহার। ২ স্বভাব; প্রকৃতি। ৩ রীতি। ৪ মন; লোভ। "চঞ্চল চেতন আমি চল্লিশ বন্ধনে।" "চোরের চরিত্র হৈল চণ্ডিকার ধনে।" -কবিক০। ৫ চেষ্টা; উপায়। প্র-চেষ্টা চরিত্র করিয়া কোন কাজ করা। ৬ উন্নত বা আদর্শ জীবন; সদ্‌গুণ; ধর্ম্ম। প্র-যার চরিত্র আছে এমন ব্যক্তিকে বিশ্বাস করিবে, চরিত্রহীনকে বিশ্বাস নাই। ৭ নাটক উপন্যাসাদিতে বর্ণিত স্ত্রী বা পুরুষ; নায়ক; নায়িকা। ৮ বৌদ্ধধর্ম্মশাস্ত্র। ৯ বিণ, স্বভাববিশিষ্ট; চরিত্রযুক্ত। ইহা এই অর্থে অন্য শব্দসহযুক্ত হয়। প্র-দেব-চরিত্র ব্যক্তি; সাধু-চরিত্র। স্ত্রীং ~া-স্বভাবা; প্রকৃতি বা গুণ-যুক্তা; প্র-সুচরিত্রা। দ্রঃ-শিক্ষা, অভ্যাস ও কার্য্য দ্বারা আমরা প্রকৃতিকে যেরূপ গঠন করি তাকে চরিত্র বলে। চরিত্র কার্য্যে প্রকাশ পায়। যা অন্তর্নিহিত তাই স্বভাব। অলব্ধ অর্থাৎ শিক্ষা অভ্যাসাদি দ্বারা লাভ করা নয় যে প্রকৃতি তার নাম স্বভাব। ২ তেঁতুল গাছ। চি০ খোয়ানি, চ০ হারানি-কুচরিত্র হওয়া, চরিত্র নষ্ট করা। ~গুণ [চরিত্রের গুণ, ৬তৎ] বি, স্বভাবের উৎকর্ষ; আচরণের উন্নতি। ~দোষ [চরিত্র (তার) দোষ, ৬তৎ] বি, চরিত্রে কলঙ্ক। ২ লাম্পট্য। চি০ নষ্ট করা-কদভ্যাস দ্বারা স্বভাব দূষিত বা কলঙ্কিত করা; কুসঙ্গ করা। ২ লম্পটতা করা; ধর্ম্ম নষ্ট করা। ~নির্দ্দেশক বিণ, স্বভাব-প্রকৃতিবিজ্ঞাপক। ২ স্বভাব সম্বন্ধীয়; বিশিষ্ট গুণ, ধর্ম্ম বা লক্ষণাত্মক characteristic. ~বান্ [চরিত্র-বৎ (মৎ)-মা, ১ব০] বিণ, চরিত্রশালী; স্বভাববিশিষ্ট। ২ সৎস্বভাব; উন্নত-চরিত্র; সাধুচরিত্র। > স্ত্রীং ~বতী। ~হীন [চরিত্র (সম্বন্ধে বা বিষয়ে) হীন, ৩তৎ] বিণ, যার চরিত্র নাই; অসৎচরিত্র; কুচরিত্র characterless. > স্ত্রীং ~া। কুচরিত্র, দুশ্চরিত্র-দূষিত-চরিত; কলঙ্কিত স্বভাব। ২ লম্পট। নষ্ট চরিত্র-লম্পট; চরিত্রহীন।

চরিত্রাবলী [চরিত্র + আবলী (সমূহ), ৬তৎ] বি, স্বভাব সকল; আচরণ সমূহ।

চরিষ্ণু [চর্ (গমন করা) + ইষ্ণু (কৃ, শীলার্থে)] বিণ, চলনশীল; গমনশীল; জঙ্গম movable ২ বি, কীর্ত্তিমান রাজার পুত্র।

চরু [চর্ (ভক্ষণ করা + উ (র্ম্ম), জ্ঞা০) -দেবতারা যা ভোজন করেন] বি, যজ্ঞের পায়সান্ন। "হরি চারি অংশ লয়ে চরুভাগে ভাগ হয়ে তিন গর্ভে হৈলা চারি-জন।"-অ০ ম০। ~স্থালী [চরুর স্থালী (পাক পাত্র), ৬তৎ] বি, চরু-পাকার্থ স্থালী; চরুপাকের পাত্র। ~হোম বি, দেবতার উদ্দেশে নিবেদিত মাংস, মাংসবলি।

চর্চ্চ [ইং church এর লিপ্যন্তর] বি, খ্রীষ্টীয় ধর্ম্মমন্দির; গির্জ্জা।

চর্চ্চরী [চর্চ্চ্ (শব্দ করা) + অর (র্ম্ম, জ্ঞা০) ঈ০-স্ত্রীং] বি, আনন্দ বাদ্যযন্ত্রবিঃ; ঝর্ঝর। ২ সঙ্গীতবিঃ। ৩ উৎসববিঃ; চাঁচর।

চর্চ্চা [চর্চ্চ (বলা, আলোচনা করা) + অ (ভা০) + আ, স্ত্রীং] বি, আন্দোলন; অনুশীলন; আলোচনা। ২ পুনঃপুনঃ আবৃত্তি; জপ; চিন্তা। "চক্রপাণি চর্চ্চা যার চিত্তে রাত্রি দিন"-শি০। ৩ লেপন। ৪ ভ্রমণ। ৫ যাচাই; পরীক্ষা। ৬ [প্রা-বাং] অনুসন্ধান। এই অর্থে নাম ধাতু চর্চ্চানি। চর্চ্চিয়া-অনুসন্ধান করিয়া। "প্রতিজনে জগন্নাথ চর্চ্চিয়া বেড়ায়।"-মহা০ (কাশী)। ২ চর্য্যা দ্রঃ। চর্চ্চা পিঁপড়া [পালকের চর্‌চর্ শব্দ > অথবা যার বিষ তীব্র জ্বালাকর] বি, ক্ষুদ্র পালক-বিশিষ্ট পিপীলিকা। ইহার কামড়ে বিষ শরীরে প্রবিষ্ট হইয়া দষ্টস্থান স্ফীত আরক্ত এবং যন্ত্রণাদায়ক হয়।

চর্চ্চানি [সং-চর্চ্চ (ভর্ৎসনে, তর্জ্জনে) > চর্চ্চা দ্রঃ] ক্রি, চর্চ্চা করা। ২ আন্দোলন বা অনুশীলন করা। ৩ ভ্রমণ করা। ৪ অনুসন্ধান করা; পরীক্ষা করা; যাচাই করা। "সাবধানে চৌদিকে চর্চ্চিয়া আইস ভাই।"-ঘ০। ৫ রটান। ৬ ঘোঁট করা। ৭ [>] কুৎসা করা।

চর্চ্চিত [চর্চ্চা (আলোচনা) + ইত (কৃত, অর্থে)] বিণ, অনুশীলিত; আলোচিত। ২ চিন্তিত; অনুধ্যাত। ৩ অন্বিত। ৪ প্রলিপ্ত; মর্দ্দিত; লেপিত anointed প্র-চন্দন-চর্চ্চিত।

চর্পট [সং সৌত্র ধাতু-চর্প (বিস্তারে, পাতনে] বি, চপেট; চাপড়। ২ বিস্তার। স্ত্রীং ~া, ~ী।

চর্পটা [চর্পট (দ্রঃ)-স্ত্রীং আ] বি, চাপড়া ষষ্ঠী; ভাদ্র শুক্লাষষ্ঠীতে ক্ষীর পিটুলির চাপড়া বা চাপাতি ষষ্ঠীদেবীকে নিবেদন করিয়া দিবার প্রথা হ'তে এই নাম।

চর্পটী [চর্পট (দ্রঃ)-স্ত্রীং ঈ০। হিং০-চপাতী, -তি] বি, হাতে চাপড়ান রুটী; চাপাতি। ২ পাতলা বিস্কুট।

চর্ব্বণ [চর্ব্ব্ (চর্ব্বণ করা) + অ (ভা০)] বি, দন্তদ্বারা চূর্ণ করা; চিবান। ২ স্বাদ-গ্রহণ। বিণ, চর্ব্বণীয়-চর্ব্বণযোগ্য।

চর্ব্বি, চর্ব্বী [ফা-চর্ব্বী] বি, মেদ; বসা। চর্ব্বীর বাতি-বসায় প্রস্তুত বাতি। তুল-মোমবাতি (মোমে প্রস্তুত)। চর্ব্বি হওয়া-মেদ বৃদ্ধি হওয়া। ২ মোটা হওয়া। ৩ [চর্বিতে শরীর গরম রাখে-তা হ'তে, ব্যঙ্গ্যে] অহঙ্কার হওয়া।

চর্ব্বিত [চর্ব্ব্ + ত (র্ম্ম)] বিণ, কৃতচর্ব্বণ, যা চিবান হইয়াছে। ২ ভক্ষিত। ৩ পানের পিক্; চেব। "চর্ব্বিত চর্ব্বণে-পড়িছে বদনে

শোভিত পিদ্ধন ধার।"-চণ্ডিং। ~চর্ব্বণ -যা চিবান হইয়াছে তা পুনরায় চিবান ; চিবাইয়া যার রসপান করা হইয়াছে পুনরায় সেই নীরস বস্তুকে চর্ব্বন করা। ২ [> ব্যঙ্গ্যার্থে] উক্ত-বিষয়ের পুনরুল্লেখ : যে বিষয় আলোচিত হইয়া গিয়াছে তার পুনরালোচনা।

চর্ব্ব্য [চর্ব্ব (চর্ব্বণ করা) + য (র্ম্ম)] বিণ, যা চর্ব্বণ করিয়া (চিবাইয়া) খাইতে হয় : চর্ব্বন-যোগ্য ; চর্ব্বণীয়।

চর্ভট [চারু (মনোহর শব্দ) ভট (যে করে) -নিপাতনে] বি, কাকুড়। স্ত্রীং ~ী।

চর্ম্ম [চর্ (গমন করা, বোধ করা) + ম (ণে)-যদ্দ্বারা স্পর্শ বোধ হয়। কোচ ভাষায়, চম্‌রা] বি, ত্বক ; চামড়া। ২ বল্কল ; গাছের ত্বক ; ছাল। ৩ ঢাল। "ভাতিল অসি অগ্নি-শিখা সম ধূমপুঞ্জ সম চর্ম্মাবলীর মাঝারে"-মেঘং। ~কার [চর্ম্মন্ শব্দ হয়া ১ বচনান্ত) কার-কৃ (করা) + অ (র্ত্তৃ) উপং-যারা চর্ম্ম তৈয়ারি করে] বি, চামার ; মুচী। ~কীল বি, আঁচাল। ২ অশরোগ : হারিষ। ~গ্রন্থি [চর্ম্মের-গ্রন্থি, ৬তৎ] বি, চামড়ার গাঁইট। ~ঘটিকা-বি, জোঁক। ~চক্ষুঃ [চর্ম্ম (চর্ম্মনির্ম্মিত) চক্ষুঃ=চক্ষুস্, ম-প-লো] বি, দর্শনেন্দ্রিয় ; যা জ্ঞানচক্ষু নয়। ~চটক [চর্ম্ম (চামড়া) চটক-চট্ (আবরণ করা) + অক (জ্ঞাং)-যার পক্ষ চর্ম্মদ্বারা আবৃত থাকে] বি, চর্ম্মময় পক্ষযুক্ত জীববিঃ ; বাদুড়। > স্ত্রীং ~া। ~চটিকা [চর্ম্ম-চটক দ্রঃ] বি, চর্ম্মচটী ; চামচিকে। ~চটী [চর্ম্ম-চট্ (আবরণ করা) + ঈং (র্ত্তৃ), জ্ঞাং] বি, যার পক্ষ চর্ম্মদ্বারা আবৃত থাকে ; চামচিকা। ~চিত্র, ~চিত্রক [চর্ম্ম (চামড়া) চিত্র্ (নানা বর্ণের করা) + অক (র্ত্তৃ)] বি, যে বা যা শরীরের চর্ম্ম স্থানবিশেষে সাদা ও স্থানবিশেষে কাল করে ; শ্বেত কুষ্ঠ। ধবল রোগ ২ চিত্রমৃগ। ~র্জ-বিণ, চর্ম্ম হ'তে উৎপন্ন। > স্ত্রীং~জা। ~ণ্বতী [চর্ম্মন্ + বৎ (স্ত্য) + ঈং, স্ত্রীং। বহু চর্ম্ম আছে যাতে] বি, পূর্ব্বকালে রাজা রন্তিদেব অসংখ্য বৃষ ও অন্যান্য পশু বধ করিয়া দৈনিক ব্রাহ্মণ-ভোজন করাইতেন ; এ সকল বিনষ্ট পশু হ'তে যে রক্ত স্রোত প্রবাহিত হ'ত তা হতে উৎপন্না যে নদী। ইহা দশপুর নগর হতে প্রবাহিতা। বুন্দেলখণ্ডে চর্ম্মণ্বতীর নামান্তর "চম্বল"। ২ কলাগাছ। ~তরঙ্গ [চর্ম্মের তরঙ্গ-৬তৎ] বি, শিথিল চর্ম্ম ; বলি-অঙ্কিত শিথিল চর্ম্ম। ২ চর্ম্মের কুঞ্চন ; ত্বক-সঙ্কোচ। ৩ চর্ম্মকীল ; আঁচীল। ~দণ্ড [চর্ম্ম (নির্ম্মিত) দণ্ড-ধা] বি, চামড়ার চাবুক ; কোড়া। ~দল বি, ক্ষুদ্র কুষ্ঠবিঃ impetigo ~দূষিকা [চর্ম্ম (চাম) দুষ্ (দোষ জন্মান) + অক (র্ত্তৃ + আ (স্ত্রীং)] বি, যে চর্ম্মের দোষ জন্মায় ; চর্ম্মরোগ ; দদ্রু ইং। ~দ্রুম বি, ভূর্জ্জপত্রের বৃক্ষ। ~ধারী বিণ, (চর্ম্মনির্ম্মিত) ঢাল সহ যুদ্ধকারী ; ঢালী। ~পত্রা [চর্ম্ম (চর্ম্ম নির্ম্মিত) পত্র (পক্ষ) যার, বহু] বি, যাদের পক্ষ চর্ম্মনির্ম্মিত ; চামচিকা। ২ বাদুড়। ~পাদুকা [চর্ম্ম-নির্ম্মিত যে পাদুকা-ধা] বি, উপানৎ ; জুতা। ~পিড়কা [পারিঃ] বি, মসূরিকা রোগ ; বসন্ত রোগ। ~পুট, ~পুটক [চর্ম্ম (নির্ম্মিত) পুট + ক-যোগে পুটক-ধা] বি, চর্ম্মময় পাত্র ; চর্ম্মকুপী ; কুপা। ~পেটিকা, -পেটী-বি, চামড়ার কোমর-বন্ধ। ২ চামড়ার থলি। ~প্রভেদিকা, ~ভেদিকা [চর্ম্ম-প্র-ভিদ্ (ভেদ করা) + অক (র্ত্তৃ) + আ (স্ত্রীং)] বি, চর্ম্মভেদী অস্ত্র : শল্য lancet. ~প্রসেবক [চর্ম্ম-প্র-সিব্ (সেলাই করা) + অক (র্ম্ম)] বি, চর্ম্মনির্ম্মিত যন্ত্রবিঃ ; ভস্ত্রা ; হাপরের জাঁতা। ~বান্ [চর্ম্মন্ + বৎ (স্ত্য)=চর্ম্মবৎ ১মা, ১বং] বিণ, চর্ম্মবিশিষ্ট। > স্ত্রীং ~বতী। ~ব্যবসায় [চর্ম্মের ব্যবসায়-৬ তৎ] বি, চামড়ার কারবার। বিণ, ~ব্যবসায়ী-যে চামড়ার ব্যবসা করে। ~ময় [চর্ম্মন্ + ময় (প্রস্তুতার্থে) ন্ লোপ] বিণ, চর্ম্ম-নির্ম্মিত ; চর্ম্ম দ্বারা তৈয়ারী। > স্ত্রীং ~ী। ~রু [চর্ম্ম-রু (রব) + ক্বিপ্ (র্ত্তৃ-জ্ঞাং), যারা চামড়া নাড়া চাড়ার শব্দ করে। হিং-চম্‌রু : চাম্‌রুয়া] বি, চর্ম্মকার : চামার। ~স্থলী [চর্ম্ম দ্বারা প্রস্তুত স্থলী] বি, চামড়ার তৈয়ারী ব্যাগ। ২ [৬তৎ] চামড়া রাখার স্থান।

চর্ম্মাখ্য-বি, ক্ষুদ্র কুষ্ঠবিঃ scleroderma. ২ চামার ঘাস।

চর্ম্মানুরঞ্জন [চর্ম্ম + অনুরঞ্জন] বি, হিঙ্গুল। ২ চর্ম্মরঙ্গ করণ tanning

চর্ম্মাবরণ [চর্ম্মনির্ম্মিত আবরণ, মং পং লোং] বি, চামড়ায় তৈয়ারী আচ্ছাদন।

চর্ম্মার [চর্ম্মন্-ঋ (গমন করা, পাওয়া) + অ (র্ত্তৃ, জ্ঞাং), যে চর্ম্মের জন্য গমন করে বা প্রাপ্ত হয়] বি, মুচি ; চামারজাতিবিঃ।

চর্ম্মাসন [চর্ম্ম নির্ম্মিত আসন যার-বহুং] বি, শিব। ২ [চর্ম্ম নির্ম্মিত যে আসন মং প লোং] চামড়ার আসন।

চর্ম্মিক [চর্ম্ম + ইক (কৃতার্থে), যে চর্ম্ম-নির্ম্মিত ফলক লইয়া যুদ্ধ করে] বি, ঢালী। স্ত্রীং ~া-ভূর্জ্জপত্র। ২ পার্চমেন্ট কাগজ।

চর্ম্মী [চর্ম্ম (ঢাল) + ইন্ (স্ত্য)] বি, ঢালী।

চর্য্য [চর্ (আচরণ করা) + য (র্ম্ম)] বিণ, যা আচরণ করা যায় ; আচরণ-যোগ্য, আচরণীয়। স্ত্রীং ~া-আচরণ ; অনুষ্ঠান (যোগচর্য্যা=যোগানুষ্ঠান)। ২ গতি। ৩ [প্রাং-চচ্চা] পালন ; রক্ষা। প্র-আয়ুশ্চর্য্যা : দেহচর্য্যা। ৪ আহার : ভোজন। ৫ চরিত্র। ~গীতি-বি, চর্য্যা বিষয়ক গীতি। ~দোহা -চর্য্যা বিষয়ক দোহা-ছন্দে রচিত রচনা।

চল [চল্ (চলা) + অ (র্ত্তৃ)] বিণ, অস্থির, চঞ্চল। প্র-চলচিত্ত। ২ কম্পিত। ৩ জঙ্গম, গমনশীল। ৪ আচরিত। স্ত্রীং ~া [চঞ্চলা বলিয়া] লক্ষ্মী। ২ বিদ্যুৎ। ৩ [ভা -অ + আ] অস্থিরতা ; চঞ্চলতা। ৪ বায়ুরোগ। ৫ চল [অস্থি বিদ্যায়] শরীরের যে সকল অস্থিসন্ধি স্থির diarthrosis movable (সাংপংপং)।

চলই [আধুং চলিতে > প্রাং-বাং] ক্রি, চলে। ~তে [ব্রজং] চলিতে।

চলক [হিং ছলক্] বি, ঝলক (দ্রঃ)।

চলকানি [হিং ছলক্‌না, ছলকানা। চক্কান দ্র] ক্রি, উছলিয়া পড়া ; ঢলকান। "চলিতে ফিরিতে চলকি চলকি উঠে"-সোনার তরী।

চলচঞ্চু [চল (চঞ্চল) চঞ্চু ঠোঁট যার-বহু] বি, চকোর পক্ষী।

চলচিত্ত [চল (চঞ্চল) চিত্ত (মনঃ) যার-বহুং] বিণ, যার মন বিচল হইয়াছে ; চঞ্চল-

স্বভাব ; চপলচিত্ত। ২ যার মতের স্থিরতা নাই। ৩ উদ্বিগ্ন : ব্যাকুল। "তিনি তাহাতে ক্ষুব্ধ বা চলচিত্ত হইতেন না।"-চারিত্রপূজা।
চলচ্চিত্র [চলৎ+চিত্র] বি, যে চিত্রমালা যন্ত্রদ্বারা জীবন্তবৎ সচল bioscope.
চলচ্ছক্তি [চলৎ+শক্তি] বি, গতি-শক্তি : চলিবার ক্ষমতা। ~হীন [চলৎ-শক্তি দ্বারা হীন-৩ তৎ] বিণ, গমনশক্তি শূন্য ; যার চলিবার ক্ষমতা নাই।
চলৎ [চল্ (চলা)+অৎ (র্তৃ)] বিণ চলন-শীল : যে চলিতেছে : ধাবনশীল : গমন-তৎপর। ২ চঞ্চল ; চপল। ৩ কম্পমান ; যা কম্পিত হইতেছে। ৪ যার চলন আছে : চলিত। ~শক্তি-চলচ্ছক্তি দ্রঃ।
চলত [ব্রজ০। চলা দ্রঃ] ক্রি, চলে। "বঁধুর মঙ্গল মৃদঙ্গ বাজত। চলত কত কত ভাঁতিয়া।"-গোবিন্দ০।
চলতি, চল্‌তি [চলৎ দ্রঃ] বিণ, যা চলিতেছে। ২ প্রচলিত ; চলিত। প্র-চল্‌তি দর। ৩ যার চলন আছে ; যার সহিত সামাজিক ক্রিয়া কর্ম্ম হয়। প্র-চলতি ঘর। ~বিলতি [গ্রা০ সহচর শব্দদ্বয়] বি, শ্রীবৃদ্ধি ; উন্নতি। ২ সমাধা, নির্ব্বাহ।
চলদল [চল (চঞ্চল) দল (পত্র) যার-বহু০] বিণ, যার পত্র সদা বায়ুভরে কাঁপে। ২ বি, অশ্বথ বৃক্ষ। "যার গুণে চলদল, অপুষ্পেও অবিরল, অগ্নিময় পুষ্পের আকর।"-রঙ্গলাল।
চলন [চল্ (চলা)+অন (ভা০)] বি, ভ্রমণ ; গমন। ২ কম্পন। ৩ রেওয়াজ ; রীতি। ৪ চাল ; ধরণ। "বিলাতি চলন বিলাতি ধরণ। আমরা করিতেছি অনুকরণ॥" -দ্বিং রায়। ৫ অনুষ্ঠান। ৬ [ণে-অন, যদ্দ্বারা চলে, গমন করে] চরণ ; পদ ; পা। ৭ [র্তৃ-অন] হরিণ। ৮ বিণ, চলনশীল। ৯ কম্পমান। ১০ সচরাচর ব্যবহার ; চলিত থাকা। স্ত্রীং ~ী-পরিধেয় বস্ত্র ; ঘাঘ্‌রা। ২ গজবন্ধনী। ~ঘর-যে ঘরের মধ্য দিয়া গমনাগমন করা যায় ; চলিবার ঘর। ২ যে ঘরে বিবাহাদির কাজকর্ম্ম করা চলে। ~শিলা-বি, বৃন্দাবনস্থ শ্রীকৃষ্ণের লীলা-স্থানবিঃ। ~শীল [চলন (গতি) শীল (স্বভাব) যার-বহু০] বিণ, গমন স্বভাব ; গতিশীল ; সচল ; গমনকারী। ~সই-বিণ, যদ্দ্বারা কার্য্য নির্ব্বাহ হ'তে পারে ; চলিবার মত।
চলন্ত [সং চলৎ বং, বং] বিণ, চলিষ্ণু ; চলিতেছে এমন ; সচল।
চলপত্র [চল (চঞ্চল) পত্র (পাতা) যার-বহু০] বি, চলদল (দ্রঃ) ; অশ্বত্থবৃক্ষ।
চলবিচল-বি, এদিক ওদিক : নির্দ্ধারিত মাত্রার কম বেশী ; মাত্রা অতিক্রম। প্র-একটু চলবিচল হইলে আর রক্ষা নাই।"
চলম [প্রা০-বাং-চলব, চলিম,-মু, চলোঁ (হিং চলুঁ-চলুম)] ক্রি, চলিব। "বনে বনে খেলা খেলম, ক্ষণেক বাবেতে চলম। ক্ষণেক চলম মহিষের পৃষ্ঠে।"-মনসা মং (বিজয়০)।
চলা [চল্ (গমনে)। চলি, চল (চলুন, চল্), চলে (চলেন) ; চলিতে (কথ্য০ চলতে) ; চলিয়া (কথ্য০ চলে) ই০। ণিজন্ত-চলান, চালান] ক্রি, গমন করা। প্র-লোক চলা। ২ পদব্রজে গমন করা : হাঁটা। প্র-সে গাড়ী করে গেল না, চলে গেল। ৩ প্রস্থান করা। প্র-সে চলে গেছে। ৪ অতিবাহিত করা বা হওয়া ; কাটা। প্র-জীবন এক রকম করে চলিয়াই যাইবে : ভদ্রভাবে চলা। ৫ নির্ব্বাহ হওয়া। প্র-কাজকর্ম্ম চলা। ৬ গতিপ্রাপ্ত হওয়া। প্র-কল চলা। ৭ নির্গত হওয়া ; ছোটা ; বাহির হওয়া। প্র-রক্ত চলা। নল দিয়া জল চলা। ৮ উদ্যত হওয়া ; ছোটা ; উঠা। প্র-হাত চলা। পা চলা। ৯ প্রচলিত হওয়া। প্র-প্রথাটা এদেশে এখন চলিয়াছে। ১০ সামাজিক ক্রিয়াকর্ম্ম চলিত হওয়া ; ব্যবহৃত হওয়া ; জল আচরণীয় হওয়া ; সামাজিক আদান-প্রদানের উপযোগী হওয়া। প্র-সে প্রায়শ্চিত্ত করিয়া এখন হিন্দুসমাজে চলিয়া গিয়াছে। ১১ পোষানো ; খরচ কুলাইয়া লাভ থাকা ; ক্ষতি না হওয়া। প্র-অত খরচ করিয়া তাহার চলে? অবশ্যই চলে। ১২ সঙ্গত হওয়া : ঠিক্ বা উপযুক্ত হওয়া। "অত বিচার করতে গেলে চলবে কেন।" এইবার এক কাজ করিলে চলে। ১৩ উদ্দেশ্য বা প্রয়োজন সিদ্ধ হওয়া। প্র-যতদিন সে ভাল না হয়, ততদিন এই লোকের দ্বারাই চলিবে। এতে চলবে কি? ১৪ অবিচ্ছেদে বা ক্রমাগত ঘটিতে থাকা। প্র-এখন কথাটা চলুক। চলুক চলুক, নাচ থামিও না। ১৫ আরম্ভ হওয়া। প্র-গল্প চলিলে পড়াশুনা সব বন্ধ হইবে। ১৬ [দ্রুতত্ব-ব্যঞ্জক] পা দ্রুত চালান। প্র-বৃষ্টি আসিল, এখন একটু চলিয়া চল। ১৭ মহাযাত্রা করা ; মরা : প্র-সে ত চলিল, ছেলেদের উপায় কি হইবে? ১৮ প্রবাহিত হওয়া। "ভরা গাঙ চলে কানে কান"-গিরিশ। ১৯ অগ্রসর হওয়া ; প্র-চল, আমি যাচ্ছি। ২০ প্রযুক্ত হওয়া ; খাটা। প্র-ও শব্দ এখানে চলিবে না। ২১ গড়ায় ; গড়াগড়ি যায়। "চলে কপাল ধ-ধ-ধ-ধঃ, কার মাথা এটা হি-হি-হি-হঃ।" -হেম০। ২২ ধাবিত হওয়া। প্র-মন চলা ; বুদ্ধি চলা। ২৩ [তিরস্কারে] দূর হওয়া। প্র-চলে যাও। ব্রজ০ ও প্রা০ বৈ০ সা০-চলই-চলিতে। চলত-চলিল ; চলে। চলতহি, চলতহি-চলিল ; চলে। চলনু =চলিলাম। চলল, চললা-চলিল। চললি -চলিল। চললিহ-চলিল ; চলিলেন। চলয়িতে-চলিতে। চলব-চলিব। চলয়ে-চলে। চলিয়ে-চলি। চলু= চলে ; চল ; চলিয়া। চলুঁ-চলি ; চলিলাম। "চললি হরিণ নয়নী রাই"-জ্ঞান০] প্রা০-বাং-চলিহলি, চলিলেন ; যাত্রা করিলেন। "সখী সব সঙ্গে করি চলিহলি রাধা।"-শ্রীং কীং। চলী ভৈলী-গমন করিল। "চলী ভৈলী চন্দ্রাবলী যমুনার কুলে।"-শ্রীং কীং। চলাচিলি-চলাফেরা। চলাবুলা-চলাফেরা (দ্রঃ)। চলে আসা -ক্রি, দ্রুত পা চালাইয়া আসা : শীঘ্র আসা। চলেইছে [ক্রমাগত ঘটার ভাব ; নাগাড় ; না মরা] ক্রমাগত চলিয়াছে ; এস্তার চলিয়াছে। চলেচলা-ক্রি, দ্রুত চলা : অগ্রসর হওয়া ; এগোনো। চলে যাওয়া-ক্রি, হাঁটিয়া যাওয়া। ২ বিদায় লওয়া বা হওয়া। ৩ প্রস্থান করা ; ৪ মরা। কথা-মত চলা-কথা শুনা ; আদেশ বা উপদেশ পালন করা। পেট

চলা-অজীর্ণ হেতু ঘন ঘন ভেদ হওয়া। মুখ চলা-মধ্যে মধ্যে বা ঘন ঘন আহার হেতু মুখ নড়া। ২ মুখ ছোটা; গালি বকা; জবাব করা। হাত পা চলা-প্রহারে হাত ও পায়ের ব্যবহার হওয়া; কিল চড় লাথির ব্যবহার হওয়া।

চলাচল [চল-অচল-চলস্থানে নিপাতনে দ্বিত্ব] বিণ, অত্যন্ত চঞ্চল। ২ [চল+অচল] চলিত অচলিত; প্রচলিত অপ্রচলিত; ব্যবহৃত অব্যবহৃত। ৩ গমনাগমন। প্র-চলাচলের পথ। ৪ বি, বাক্য। ৫ চলা না চলা; ব্যবহার থাকা না থাকা। ৬ [অস্থি বিদ্যায়] অস্থিসন্ধির স্থিরতা ও চলন; যে সকল অস্থিসন্ধি আংশিক চলে আবার অচল থাকে amphearthrosis mixed joint; amphearthrodial. [প্রা° বাং রূ-ল] ৭ চরাচর; স্থাবর জঙ্গম। "নহিছিল দিষ্টি আর ন ছিল চলাচল"-শূ° পু° (রমাই পণ্ডিত)।

চলাচল সীবনী-সেলাই করা চলাচল অস্থিসন্ধি sacrum coccyx.

চলাতঙ্ক-বি, বাতরোগ।

চলান [চলা দ্রঃ] ক্রি, চলিতে বাধ্য করা।

চলাফেরা [চলা দ্রঃ] বি, গমনাগমন; চলিয়া বেড়ান; ঘোরাঘুরি করা।

চলিত (-ত) [চল্+ত (র্তৃ)] বিণ, বিকম্পিত; চঞ্চল; অস্থির। ২ প্রস্থিত। ৩ প্রচলিত।

চলিষ্ণু [চল্+ইষ্ণু (র্তৃ-শীলার্থে)] বিণ, চলনশীল; গমনশীল; জঙ্গম। ২ গমনোদ্যত।

চলু, চলুক [হিং-চুল্লু] বি, গণ্ডূষ; চুমুক।

চলুকীগিরী-চালুকিগিরি দ্রঃ।

চলেন্দ্রিয় [চল (চঞ্চল) ইন্দ্রিয় যার-বহু°] বিণ, সামান্য কারণ বশতঃ যার মন বিচলিত হয়। ২ অস্থিরচিত্ত। ৩ অজিতেন্দ্রিয়। স্ত্রীং ~া-অস্থির-চিত্তা। ~তা [চ°+তা (ভা°)] বি, চঞ্চলচিত্ততা। ২ অজিতেন্দ্রিয়তা।

চলো [চলা (দ্রঃ)-ম° পু°, সমানার্থে। "চল" প্রা° উচ্চারণে-চলো] ক্রি, গমন কর, যাও। "এখন সন্ধ্যা বেলায় কোলের ছেলে, ঘরে নিয়ে চলো।"-গ্রা° প্র°।

চলোর্ম্মি [চল (চঞ্চল) যে উর্ম্মি (তরঙ্গ)-ধা] বি, নর্ত্তনশীল বা লীলাময় তরঙ্গ। "চলোর্ম্মি আঘাতে"-মেঘ°।

চল্কন [চল্কান] বি, উথলন; উচ্ছলন।

চল্কা, চলকা [ঝলক দ্রঃ] খানিকটা; ঝলক। প্র-এক চল্কা দুধ।

চল্কানি, চলকানি [চল্কা (দ্রঃ)+আন। চলকান দ্রঃ। চল্কাই, চল্কাও, চল্কায়; চল্কাইতে (কো° চল্কাতে); চল্কাইয়া (কো° চল্কে) ই°] ক্রি, ধাক্কা পাইয়া টলটলে বা তরল বস্তুর খানিকটা অংশ ছটকিয়া পড়া; চল্কান। বি, চল্কানি। বিণ, চল্‌কানিয়া, চল্‌কানে।

চল্লিশ, চাল্লিশ [সং-চত্বারিংশ] বি, ৪০ এই সংখ্যা। ২ বিণ, চার গুণ দশ সংখ্যা বা ৪ সংখ্যার দশগুণ; ৪ সংখ্যক।

চল্লিশা [গ্রা° -চালশে] বি, চল্লিশ বৎসর বয়সে দৃষ্টির ক্ষীণতা; ৪০ বৎসর বয়স হেতু চক্ষের জ্যোতির্হ্রাস।

চল্লুম, চল্লেম, চল্লাম [চলিলামের প্রাদে° কো° উচ্চারণ ভেদ] ক্রি, চলিলাম। "আচ্ছা চল্লুম কিন্তু দেখো"-রবী°।

চশম১, চসম [ফা°-চশ্‌ম্-চক্ষু] বি, চক্ষু, চোখ; আঁখি। ~খোর [ফা°-চশ্‌ম্-খোর্ (খাদক)] বি, চক্ষুলজ্জাবিহীন। "চশম খোর চোকল খোর হয়। পাপিষ্ঠ দুরন্ত সেই পুণ্যবন্ত নয়॥"-ঘ°। ২ চোকখেকো।

চশম২ [রেশম-শিল্প পরি°] বি, রেশম কোআর উপরিভাগের আবরণ ও মোটা সুতা কোআ হইতে বাহির হইয়া এক সঙ্গে জড়াইয়া লম্বা আকারের হইলে সেগুলি চিমনির গায়ে লাগাইয়া শুকাইয়া লইলে যা হয় তা 'কুট'। কুট শুকাইয়া পরিষ্কার করা সুতার নাম চ°। এই সুতায় ঘুন্‌সী, গহনা গাঁথা ই° হয়।

চশমা [ফা°] বি, উপনেত্র। ~লওয়া, ~পরা-চশমা ধারণ বা ব্যবহার করা।

চষক [সং] বি, সুরাপানপাত্র। ২। মধু। ৩ সুরা। ৪ [প্রাদে° রংপুর] বিণ, চাষকারী, চাষা।

চষণ-বি, চাষ কর্ম্ম, চষুণি (চষা দ্রঃ)।

চষা [কর্ষণ=চর্ষণ-চষা কৃষি দ্রঃ। চষি, চষ (চষুন, চষ্), চষে (চষেন); চষিতে (কো° চষতে); চষিয়া (কো° চষে)] ক্রি, কৃষিকর্ম্ম করা; চাষ করা। "চষ ত্রিলোচন চাষ চষ ত্রিলোচন। নহে উদাসীন হও ছাড় পরিজন।"-শি°। "আমার নগরে বৈস, যত ভূমি চাহ চষ, তিন সন বই দিও কর।"-কবিক°। ২ মাটি খুঁড়িয়া ওলট পালট করা; সমভূম করা। ৩ বিণ, কর্ষিত; কৃষ্ট। বি, চাষ, চষুনি।

চষানি [চষ্ (চাষ করা)+আন (ক্রিয়ায়)] ক্রি, অন্যদ্বারা চাষ করান; ভূমিকর্ষণ করান।

চষাল [চষ্ (বধকরা)+আল (ণে)] বি, যজ্ঞীয় পশু বন্ধনের কাষ্ঠ বিঃ; যূপকটক।

চষিত [চষা দ্রঃ] বিণ, কৃত-চাষ; কৃষ্ট।

চষিপোকা [চষ্ (বধে) >] এক প্রকার চর্ম্মকীট; মাওড়া পোকা।

চহরম-চাহারম দ্রঃ।

চহল,-লা [হি° < সং (চিকিল পঙ্ক) -হে°] বি, নরম মাটি; কাদা; দলদলে মাটি।

চা১ [হি°-চাহ্=স্পৃহা। (২) প্রয়োজন; অভাব] বি, স্পৃহা; বাসনা; বাঞ্ছা।

চা২ চাআ [চাওয়া দ্রঃ। চাই, চাও (চান, চা), চায়, (চান, চাহেন); চাইতে; চাইয়া (কো° চেয়ে) ই°] ক্রি, ইচ্ছা করা; প্রার্থনা করা।

চা৩ [চীনা-"চা", ফা°-চায়] বি, পৃথিবীর প্রায় সর্বত্র প্রসিদ্ধ বৃক্ষ; চা-গাছ। ২ চা-গাছের রৌদ্রে শুকান ও ভাপান পাতা tea ~কর-চা-বৃক্ষের চাষকারী; চা-বাগানের অধিকারী। চা কুলী-যে মজুর চা-বাগানে কাজ করে। চা খাওয়া-চা-সিদ্ধ জল দুগ্ধাদি মিশ্রিত করিয়া পান করা। চা গরম করা-চা জলে সিদ্ধ করিয়া পান করিবার মত করা। ~দান, দানী-চায়ের পেয়ালা, চা পান করিবার পাত্র। ~-বাগান-যে ক্ষেত্রে চা-গাছের চাষ হয়; চা-ক্ষেত্র, tea garden নুন-চা-লবণ মাত্র মিশ্রিত করা চা-সিদ্ধ জল। চা'র চামচ-চা পান করিবার ক্ষুদ্র চামচ tea spoon.

চা৪ [চাওয়া দ্রঃ] ক্রি, ম° পু° (অবজ্ঞার্থে) চেয়ে দেখ্।

চা৫ [ফা°-চাহ্] ক্ষুদ্রার্থক প্রত্যয় বিঃ। প্র-'বাগ-বাগিচা' (বড ছোট বাগান) শিক্‌চা। প্রা° বাং (বর্ণ বিপর্য্যয়ে) শিচিকা > গ্রা ছিঁচকা-ছোট শিক।

চাই১ [চাওয়া দ্রঃ] অ, আবশ্যক ; প্রয়োজন ; কর্ত্তব্য (তুল-must)। "শিয়রে সবল শত্রু সাবধান চাই।"-ঘ°। ২ আবশ্যক কিনা ; লইবে কিনা এই জিজ্ঞাসা। প্র-আব কিছু চাই (তুল-want)। ৩ ক্রয় করিবে কিনা জিজ্ঞাসা ; ফেরিওয়ালার ডাক। প্র-চাই আম। ৪ [তুল-might, probably] হয়ত (এই অর্থে প্রায় চাইকি)। "চাইকি নাই দিলাম"। চাইকি খেলামই না।

চাই২ [প্রাদে°] অ, ময়মনসিংহ অঞ্চলে কোন কোন কথার পর, বিতঃ ক্রিয়ার পর ঠেকার মত ব্যবহৃত হয়।" রাণী বলে বাছা কৃষ্ণ নাচ দেখি চাই।"-মৈ· গী·।

চাইট-চাট দ্রঃ।

চাইড়, চাড়ি-চাড দ্রঃ।

চাইতে১ [চাহিতে দ্রঃ] অ, অপেক্ষা ; তুলনায় ; হইতে ; থেকে ; চেয়ে।

চাইতে২ [প্রাদে°] অস-ক্রি, দেখিতে। "জামাই চাইতে কইলে"-পূ° ব° গী°।

চাইন [শ্রীহট্ট° প্রাদে°] বি, চালুনী।

চাইর-বি, বিণ, চারি ; চার।

চাউনি [চাহনি দ্রঃ] বি, দৃষ্টি ; নজর ; নেত্রপাত। "চাউনি কর্ত্তার পানে কাঁদুনি কাঁদিয়া।"-ঈ° গুপ্ত।

চাউল, চাঁউল [সং=তণ্ডুল > প্রা°বাং -তাঁড়ুল তাঁউল > চাঁউল (ক্ষে° চাল দ্রঃ)। "আতপ তাঁউল নিল থালেতে পুরিয়া।" "ঘৃত মধুফল আতপ তাঁউল।"-শূ° পু°। হি°-তামল-চামল-চাঁবল্। বাং-চাউল > বর্ণ বিপর্য্যয়ে-চালু। "থাল হৈতে চালুগুলি ভরিয়া রাখেন ঝুলি।"-কবিক°] বি, ধান্যের শস্য ; তণ্ডুল rice. [আইন-ই-আকবরীতে তৎকাল-প্রচলিত প্রসিদ্ধ চাউলের নাম-সুখদোষ চাউল ; দেওয়ান প্রসাদ চাউল ; সংজেরা চাউল ; মিছরী চাউল ; দওজেরা চাউল ; খঞ্জন চাউল ; দেকের চাউল ; ষাঠী চাউল]। ~পঁড়া [পড়া চাউল > শব্দ বিপর্য্যয়ে] বি, মন্ত্র পঠিত তণ্ডুল ; যে চাউলের উপর মন্ত্র পাঠ করা হইয়াছে।

চাউল সুদ [রংপুর, দিনাজপুর অঞ্চলে] বি, প্রচলিত বেয়াইনী কর customary illegal cess

চাওন [চাওয়া ১, ২ দ্রঃ] বি, যাচ্ঞা ; প্রার্থনা। ২ অবলোকন।

চাওয়া১ [হি°-চাহ্ (স্পৃহা ; অভাব, প্রয়োজন) চাহ্‌না (স্পৃহা করা)। চাই, চাহি, চাও, চাহ (চা, চাস, চাহিস, চাউন, চাহুন, চাহেন) চায়, চাহে (চাহেন) চাইতে ; চাহিতে ; চাইয়া, চাহিয়া (প্রা-বাং-চাঞা-চেঞা ; আধু-বাং-চেয়ে)। ণিজন্ত-চাওয়ানি] ক্রি, ইচ্ছা করা ; বাসনা করা ; বাঞ্ছা করা। "চাহিনা সুখে থাকিতে হে।"-রবী° "আমি যেতে চাই তব পথ পানে।"-ঐ। ২ পাইতে ইচ্ছা করা ; ভালবাসা ; প্রেম করা। "সে অষ্ট প্রহর সেইখানেই থাক্‌তে চায়।" "চায় না সে মেশামিশি।"-গিরিশ। "একি দায় মন কেন তায় চায়।"-ঐ। ৩ প্রার্থনা করা ; যাচ্ঞা করা। "খুন হয়ে ছিনু বাছা চূণ চেয়ে চেয়ে।"-ভারত°। "কহ রায় কি চাহ ইনাম।"-অ°ম°। "আমি চাই মহতের মহৎ পরাণ, মুকুতা মাণিক নিধি আমারে দিও না বিধি।"-কাব্যকুসুমাঞ্জলি। ৪ ভিক্ষা করা ; বিনামূল্যে পাওয়া। "শেষে না কুলায় কড়ি আনিলাম চেয়ে।"-ভারত°। ৫ ধার চাওয়া। প্র-আজকাল টাকা চাহিলে কেহ ধার দেয় না। ৬ প্রয়োজন হওয়া ; আবশ্যক হওয়া। "সবাই বলে সকল চেয়ে তারেই পাওয়া চাই ;"-চয়নিকা। ৭ অভাব হওয়া ; কম পড়া ; অনটন হওয়া ; "আমার আরাম শয়ন প্রতিদিন স্তরে স্তরে রাশীকৃত হইয়া উঠিতেছে আমার আর কি চাই।"-চারিত্রপূজা। ৮ অপেক্ষা করা। প্র-সে তার পথ চেয়ে বসে আছে। ৯ সম্মত হওয়া ; রাজী হওয়া। প্র-সে কি সহজে বল্‌তে চায়। "কথন সোজা চায় না যেতে।" গিরিশ। বি, চাওন, চাইন। চাওয়া চাই, চাহাচাহি-পরস্পরে যাচিঞা।

চাওয়া২ [সং-চিৎ, চিত্তী (জাগরণে > চক্ষুরুন্মীলনে > চাই, চাও, চায় চাইতে, চাইয়া ই° চাওয়া১-বৎ] [দেখা ; নেত্রপাত করা। "ভরা পালে চলে যায় কোন দিকে নাহি চায়।"-চয়নিকা। ২ অনুকূল দৃষ্টি করা ; প্রসন্ন হওয়া। ৩ [কুদৃষ্টি অর্থে] নজর দেওয়া ; দৃষ্টি দেওয়া। ৪ কৃপা-দৃষ্টি করা ; অভয় দেওয়া। "অন্নে পূর্ণ করি দিল্লী সকলে বাঁচাও। পাতশা প্রণাম করে কটাক্ষেতে চাও।"-ভারত°। চোখ চাওয়া-চোখ খুলিয়া দেখা। ২ সজাগ হওয়া ; সতর্ক হওয়া। মুখ তুলে চাওয়া-প্রসন্ন হওয়া ; অনুগ্রহ দৃষ্টিতে দেখা। মাথা বা ঘাড় তুলিয়া দেখা ; লজ্জাদি কারণে অবনত মুখ উন্নত করিয়া দৃষ্টিপাত করা। ইহা দেখা ও মুখ দেখান দুই কারণে হতে পারে। ফিরে চাওয়া-পশ্চাতে দেখা ; পিছন ফিরিয়া দেখা। ২ পুনরায় দৃষ্টি করা। ৩ যাকে দেখিবে না বলিয়া চোক ফিরাইয়াছিল বা ঘৃণায় যার দিকে পশ্চাৎ ফিরিয়া ছিল পুনরায় তার অভিমুখ হওয়া ; অনুকুল দৃষ্টি করা ; প্রসন্ন হওয়া। "তুমি যদি না চাও ফিরে তবে যাব সেই যমুনার-তীরে।"-বঙ্কিম। বি, চাওন, চাউনি।

চাওয়ানি [চাওয়া দ্রঃ। চাওয়াই চাওয়াও (চাওয়ান, চাওয়া), চাওয়ায় (চাওয়ান) ; চাওয়াইতে (ক্ষে° চাওয়াতে) ; চাওয়াইয়া ই°] ক্রি, চক্ষু খোলান। ২ অন্যের দ্বারা যাচ্ঞা করা।

চাঁ, চাঁই-অ, অনুকার শব্দ। ~চাঁ-পাখীর চীৎকার। চাঁই চাঁই করা-অর্থহীন, বিরক্তিকর চীৎকার ; চেঁচামেচি। ২ প্রতিবাদ স্বরূপ আপত্তি জ্ঞাপক ; অসন্তোষ প্রকাশক অনবরত চীৎকার। চাঁই-চুঁই-পাক পাত্রে ব্যঞ্জনাদি সন্তলনাদির শব্দ।

চাঁই২ [হি°-চাঁই। সং-চঙ্গ=দক্ষ (মেদিনী)] বি, প্রধান ; মণ্ডল। মুসলমানসম্প্রদায়ের ধর্ম্মনেতা ; মুল্লা। "মৌলবী বলেন আমি মুসলমানের চাঁই"-হেম°। ২ কুজড়া (কুল-পিযূস প্রবাহ পৃ ১২৫)। ৩ চাঙ্গড় (দ্রঃ) ; ডেলা। ৪ মৎস্য ধরিবার বাঁশের শলাকা নির্ম্মিত যন্ত্রবিঃ। ৫ পদবীবিঃ। ৬ বিণ,

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇহীনযুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্গ্যা ঞ্চ=ন্‌চ ঞ্ছ=ন্ছ হ্ন=হ্‌ন হ্ল হ্ম হ্ণ=ন্‌হ হ্‌র লং ভ্‌ ঞ্য, জ্ঞ ক্ষ ব্‌ভ=zfwv ও চচা° দ্রঃ

ঝানু ; দক্ষ ; চালাক। ~চোর বি. যে চোর চুরিবিদ্যায় বিশেষ পারদর্শী।

চাঁওড় [চাড়, চাড়ি > চাইড > প্রাদে বিকারে] বি. চেষ্টা ; গরজ।

চাঁচ১ [সং-চঞ্চা] বি. চ্যাটাই ; দর্মা। ২ টাটী ; আগড়। ৩ জাফ্রী।

চাঁচ২ [চাঁদ (রজত) হতে] বি. চৌড়া কানা বা ধার-উঁচু কাঁসার পাত্রবিঃ। ২ [চাঁদ(চন্দ্রাকৃতি বলিয়া), দ=চ] পাতগালা।

চাঁচ-দা [চাঁচ (চাঁচিবার) দা (কান্দা-কর্ত্তরী)] বি. বক্রমুখ প্রশস্ত ফলক কর্ত্তরী ; যে দা বা কাটারী দ্বারা রস গ্রহণার্থ খেজুরাদি গাছ চাঁচা হয়।

চাঁচন [প্রাদে°] বি. ছোলন ; সূক্ষ্মকরণ।

চাঁচনি [চাঁচন+ই (উৎপন্নার্থে) চাঁচুনি ও] বি. যা চাঁচিয়া বাহির করে ; দুগ্ধ জ্বালের পাত্র হ'তে চাঁচা বস্তু।

চাঁচর [প্রাদে°। পূ° ব° 'চাচর', 'চাঁচ কেশ'-মৈ° গী°] বিণ. কুঞ্চিত ; কোঁকড়া। "চাঁচর চিকুর জাল জলধর জিনি"-রা° প্র°। "শ্যামল শরীর প্রভু চাঁচর কুন্তল।"-কৃত্তি°। ২ ['চাঁচরী' ও° ক্রীড়াভেদে] বি. দোলের পূর্ব্বদিনের বহ্ন্যুৎসব ; হোলী ; ফল্গুৎসব।

চাঁচা, চাঁছা [হি°-চাঁচনা, চরচরানা, খরোচনা, ছাঁশনা=scraping, scratching চাঁছি, চাঁছ, চাঁছে : চাঁচিতে ; চাঁচিয়া। ণিজন্ত-চাঁচান] ক্রি. অস্ত্রাদি দ্বারা পরিষ্কার করা ; ছোলা ; ছাল বা ত্বক ছেদন করিয়া মসৃণ করা। বি. চাঁচন, চাঁচুনি, চাঁছন।

চাঁচাড়ি-চেঁচাড়ি দ্রঃ।

চাঁচি, চাঁচী, চাঁছি [হি°-খুরচি; চাঁচা দ্রঃ] বি. দুধের যে গাঢ় অংশ পাত্রের গায়ে বসিয়া থাকে এবং যা চাঁচিয়া বা আঁচড়াইয়া লইতে হয়। ২ ব্যঞ্জনাদির ঘন অংশ যা পাত্রের গায়ে লাগিয়া থাকে। প্র-দুধের বা তরকারির চাঁচী। ৩ [চঞ্চা > চাঁচ দ্রঃ] দুধের সর ; জ্বাল দেওয়া দুধের উপর যে ঘন আবরণ পতিত হয়।

চাঁচুনি [চাঁচা দ্রঃ] বি. চাঁচা বা ছোলার কর্ম্ম। ২ কাষ্ঠ ধাতু ই° অস্ত্র দ্বারা ছেদন করিবার কালে যে পাতলা ও ক্ষুদ্র অংশ পতিত হয় ; ছিল্কা।

চাঁছা [প্রাকৃ° চচ্ছ (তক্ষণে)। চাঁছি, চাঁছ, চাঁছে ; চাঁছিতে (ক্ষে° চাঁচতে) ; চাঁছিয়া (ক্ষে° চেঁচে) ই°] ক্রি. পরিষ্কার করা ; চিকণ করা ; মসৃণ করা। ২ ছাল তোলা।

চাঁছি-চাঁচি দ্রঃ।

চাঁটী, চাটি [চাট দ্রঃ। চপেট] বি. চপেটাঘাত ; চাপড়। ২ হস্তদ্বারা বাদ্যযন্ত্রের উপর আঘাত। "তবলা নিয়ে ধাঁই কোরে দিলেম দুই তিন চাঁটী।"-দ্বি° রায়। "এগারটা রাত্রে যেই ঢোলে চাঁটী পড়িল অমনি"-ভারতী, ১৩২১। ৩ "চাটি চড় চাপড়ে কামড়ে পাড়ে হাতী ঘোড়া"-ঘ°।

চাঁড়া [প্রাদে°] বি. নখ। ২ খোলার কুচি ; টুকরা ; খোলামকুচি।

চাঁড়াল [সং-চণ্ডাল > প্রা°] বি. হিন্দু জাতিবিঃ। "চাঁড়াল বাগ্দী হাড়ী ডোম মুচী শুঁড়ী"-চণ্ডি°।

চাঁদ [সং-চন্দ্র] বি. চন্দ্র ; নিশাকর। ২ ময়ূর চন্দ্রক। ৩ [লক্ষ°] বিণ. সুন্দর ; চন্দ্রবৎ। প্র-চাঁদমুখ। ৪ [ব্যঙ্গার্থে] বি. অসুন্দর ; সকল রকমে মন্দ। ৫ বয়স্যের প্রতি ইয়ারকির সম্বোধন।

চাঁদওয়ারী-বি. দোচালা ঘরের প্রস্থ-দিকের দুই চালের মধ্যবর্ত্তী ত্রিকোণাকার চালা gable

চাঁদ-জো-চাঁচ২ দ্রঃ।

চাঁদড় [সং-চান্দ্র] বি. ওষধিবিঃ ; অতিবিষা। "চাঁ° ঈশার মূল"- অ° ম°।

চাঁদ/নি, চাঁদনী, চাঁদিনী [সং চন্দ্রাতপ >। হি°-চাঁদনী। মৈমন° প্রাদে° 'চান্নি, "চান্নী] বি. শামিয়ানা ; চাঁদোয়া। ২ চন্দ্রকিরণ ও জ্যোৎস্না। "শরতে চাঁদনি হাসে আঁকি সেই ছবি"-অশোক°। ৩ বিণ. চন্দ্রমাশালিনী। ~কপালিয়া, -কপালে-যার কপালে চাঁদ আছে। ২ ভগবান। ~বদনী-বিণ. যে স্ত্রীর মুখ চন্দ্রের ন্যায় সুন্দর ; সুন্দরী স্ত্রী। ~বন্ধন [বন্দনা > বন্ধন মেদিনীপুর পূ° প্রাদে°। সামাজিক] বি. বিবাহের পর বরকন্যা কর্ত্তৃক নূতন বস্ত্র পরিয়া চাঁদের পূজা। ~মালা [চাঁদ (চন্দ্রক) মালা (দ্রঃ)] বি. শোলা ও রাঙ্তা-নির্ম্মিত চন্দ্রের মাল্য। ইহা ডাকের গহনার অন্তর্গত।

চাঁদমারি,-রী [চাঁদ (চিহ্ন বিঃ) মারি (যাকে লক্ষ্য করিয়া বন্দুকের গুলি মারা হয়)-ই° target এর ভাবানুবাদ] বি. শরব্য। ২ [লক্ষ°] বিদ্রূপ, উপহাস বা আক্রমণের পাত্র।

চাঁদা১ [সং-চন্দ্র > প্রাকৃ°-চন্দ : হি°-চন্দা, চান্দা] বি. চাঁদ। ২ [প্রা-বাং প্রা° 'চেকামাছ'। "চেকামাছ হইয়া থাক জলের ভিতর"-মাণিক°] চাঁদামাছ। ৩ [সাধাঃ চাঁদি] কেশহীন মস্তকের মধ্যভাগ ; টাক-যুক্ত মাথা ; ব্রহ্মতালু। ৪ [বৌ° সা] ছন্দক।

চাঁদা২ [ফা-চন্দে=অল্প-যা পাঁচজনের নিকট হতে অল্প অল্প করিয়া সংগ্রহ করা হয় তা' চান্দা (হি)] বি. পাঁচজনের নিকট হ'তে সংগৃহীত অর্থ। "চাঁদা দিতে চাঁদি ফাটে মানের গুড়ে বালি"-হেম°। ২ [ইং-subscription শব্দের অনুবাদ] সাময়িক ও সংবাদ পত্রের মূল্য।

চাঁদাকুড়া, চাঁদকুড়া-[চাঁদ+কুড়া গুঁড়াও ক্ষুদ্র বলিয়া চন্দ্রকণাবৎ। সং-চন্দ্রক] বি. রজতশুভ্র ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্যবি ; চাঁদা মাছ। "ধরেন পাবদা পুঁঠী পাঁগাস পাঠীন। চিথল চিঙ্গুড়ি চেলা চাঁদাকুড়া মীন॥"-শি°।

চাঁদি, চাঁদী [চন্দ্র-চাঁদ+ই (সাদৃশ্যে)] বি. স্বচ্ছরৌপ্য। ২ মস্তকের উপরিভাগ ; ব্রহ্মতালু। "চাঁদা দিতে চাঁদি ফাটে মানের গুড়ে বালি।"-হেম°।

চাঁদিনী [চাঁদনী [চাঁদনী (দ্রঃ) স্থলে বাং পদ্যে ও] বি. চন্দ্রমাশালিনী জ্যোৎস্নাময়ী।"

চাঁদের কণা [চন্দ্রকণা শিশুর আদরে] বি. চাঁদের খণ্ড ; ছোট চাঁদ ; শিশুচাঁদ। 'আয়রে চাঁদের কণা তোরে খেতে দিব ফুলের মধু পরতে দিব সোণা।"-বঙ্কিম।

চাঁদোয়া [সং-চন্দ্রাতপ > চান্দোয়া,

চান্দুয়া (চটের চান্দুয়া খোলে-"মনসা ম°, বংশী), চাঁদোয়া] বি, চন্দ্রাতপ : পাইল।

চাঁন [প্রা-বাং। পূ° ব° প্রাদে° চান] বি, চন্দ্র। "পূরব ভানু আইলা পশ্চিমর চাঁন। উত্তরর গরুড় আইল দক্ষিনর হনুমান॥" -শূ° পু°।

চাপ-চাপ দ্রঃ।

চাঁপকলি [সং-চম্পমকলিকা >] বি, চাঁপা ফুলের মুকুলের মত কর্ণভূষণবিঃ : দুল : ইয়ারিং। ২ কণ্ঠভূষণবিঃ ; কলিহার।

চাঁপদাড়ি [হিং-চাঁপ=ধনুক, জমাট] বি, অর্দ্ধ-চন্দ্রাকার ঘন দাড়ি। "চাঁদ-মুখে চাঁপদাড়ি গালে নাই গোঁপ"-ঈ° গুপ্ত।

চাঁপা [সং-চম্পক > প্রাকৃ°-চম্পঅ > হি°-চম্পা >] বি, চম্পক বৃক্ষ। ২ চম্পকপুষ্প। "সুচারু চাঁপা পরায়া কাণে আপনা ধন্য করিয়া মানে।"-ব্রজ° পরিক্রমা। (কনক, কাঁটালী, দুলাল, ভুঁই, স্বর্ণ, জহুরী ই° চাঁপার ভেদ যথাস্থানে দ্রষ্টব্য) michelia champaca ৩ কদলী ভেদ ; চাঁপা কলা।

চাঁপি [প্রাদে° গ্রা°] বি, কাঁটালের কোয়ার গায়ে চাঁপাফুলের পাপড়ির মত যে সরস অংশ লাগিয়া থাকে : কাঁটালের ভোঁতা (গাছপালা, জগদানন্দ)।

চাক [চক্র >]বি, মধুচক্র ; মধুক্রম ; মৌচাক। ২ কুম্ভকারের চক্র। ৩ চক্রাকার ; গোল। "চাকুতে কাটিয়া চাক যে করিয়া তাহাতে বসাইল হেন।"-চণ্ডি°। সম্বন্ধে-চাকের (মৈমন° প্রাদে° চাকর। "চাকর মত ঘুরে"-মৈ° গী°)-চক্রের।

চাককরা [হিং-চিখনা ; চখ্‌না। বাং-চাখা] বি, ভক্ষণ ; গ্রাস। "পার্ব্বতী বলেন প্রভু তুমি কেন খাবে। চাক্ করিলে ভাঙ্গ এখন পাক করিতে হবে॥"-শি°।

চাকচিক্য, চাকচিক্য [চক্ (তৃপ্তি) দ্বিত্ব)=চক্‌চক্+য (ভা°)] বি, দীপ্তি ; উজ্জ্বলতা।

চাকণচিকণ [সহচর শব্দদ্বয়] বিণ, চিকণ ; মসৃণ ও উজ্জ্বল। ২ বি, পরিমার্জ্জন।

চাকতি১ [চক্রাকৃতি >। প্রাদে° গ্রা° চাকৎ]বি ছোট চাকা। প্র-ছোলার চাকতি।

চাকতি২ [চক্র-চাক+তি (পত্র=পাতি =ক্ষে°)] বি, চক্রাকার লোহাদির পাত।

চাকন [চাকা দ্রঃ] বি, স্বাদগ্রহণ ; আস্বাদন। ২ স্বাদ পরীক্ষা করণ। বিণ, চাকনিয়া, চাকুনী (স্ত্রীং) ; চাকুনে (পুং)-যে চাকে ; স্বাদপরীক্ষক। চাকনদার (গ্রা°)-যে স্বাদ পরীক্ষায় দক্ষ।

চাক্‌না-বি, টাক্‌না দ্রঃ।

চাকনি-বি, জাল (দ্রঃ) বিঃ।

চাকভাউরি, -ভাঁউরি, -রী [চাক (চক্র) ভাঁউরী (ভ্রমি)] বি, চক্রাবর্ত্ত ; চক্রভ্রমি ; ঘুরপাক। "চুলে ধরি সীতারে দিল চাক-ভাউরী"-কৃত্তি°।

চাকভাঙ্গা [মধুচক্র ভাঙ্গিয়া প্রাপ্ত এই অর্থের অনুসরণে গঠিত শব্দ] বি, মধু। [প্রাচীন মতাবলম্বী হিন্দু নারীর গুরুজনের নাম মধুসূদন ই° থাকিলে খাদ্য মধু বুঝাইতে চা° শব্দ ব্যবহৃত হয়]। চা°-মধু-সদ্য আহৃত অর্থাৎ টাট্‌কা মধু।

চাকমাছ [প্রাদে°। চক্রমৎস্য] বি, বৃহৎ কচ্ছপ : বারকোশ।

চাকর১ [ফা°-চাকর] বি, পরিচারক ; ভৃত্য; কর্ম্মচারী। > স্ত্রীং চাকরাণী, -নী। চাকর বাকর, চাকর নফর-ভৃত্য ও তৎসদৃশ ব্যক্তিবর্গ : পরিচারকবর্গ। অনাদরে 'চাকরা' ["চাকর পূর্ব্ববৎ অগৌরবসূচকই আছে, কিন্তু চাকরগিরি এই অর্থে চাকরি শব্দ গৌরবসূচক হইয়াছে"]।

চাকর২ [চা-কর (যে করে)] বি, চা-বাগানের অধিকারী ; চা প্রস্তুতকারী। "নীলকর চাকর"-হেম°।

চাকরাণী-চাকর দ্রঃ।

চাকরান [ফা°। জমীদারী পরিঃ] বি, ভৃত্যের ভরণ-পোষণার্থ দত্ত ভূম্যাদি ; চাকর বেতনের পরিবর্ত্তে যে জমি ভোগ করে।

চাকরি,-রী [ফা°] বি, দাসত্ব। ২ চাকরগিরি ; বেতন লইয়া অন্যের কর্ম্ম সম্পাদন।~বাকরি, বাকরী-বি, কাজকর্ম্ম। "চাকরী বাকরীর কোন চেষ্টা হইতেছে কি?"-স্বর্ণপ্রতিমা (হরিসাধন মুখো°)।

চাকরে [চাকরিয়া, চাকর, দ্রঃ] বিণ,যে চাকরি করে। ২ বি, বেতনভুক্ কর্ম্মচারি।

চাকলা, চাক্‌লা [সং-চক্র। ফা°-চক্‌লা] বি, কয়েকটী পরগণার সমষ্টি ; জেলা। ~দার [ফা°-চাক্‌লা-দার, চাক্‌লেদার] বি, চাকলার অধিকারী ; জিলাদার। ২ উপাধিবিঃ। ৩ জমিদারের কর্ম্মচারি যিনি জমির সীমানির্দ্দেশ, প্রজা বিলি, ও কর আদায়ে তহশীলদারকে সাহায্য করেন।

চাকা১,-খা [হিং-চিখ্‌না-চখ্‌না=স্বাদ লওয়া] ক্রি, স্বাদ গ্রহণ বা পরীক্ষা করা। "চাকিতে চাকিতে লাগিল জিহ্বাতে পহিল লাগিবে মীঠ।"-চণ্ডি°। ২ অনুভব করা ; ভোগ করা।

চাকা২ [সং-চক্র > প্রাকৃ°-চক্ক > হি°-চক্কা] বি, চক্র wheel. প্র-গাড়ীর চাকা। ২ রুটী, লুচি বেলিবার চাকী। ৩ বড় মাছের খণ্ড ; দাগা। ৪ বিণ, চক্রাকার : গোল। প্র-চাকা মুখ।

চা-কামান, চাবাগান [চা-কামান (বাগান), ৬তৎ] বি, চা জন্মিবার জমি : চায়ের বাগান।

চাকি [চক্র >। প্রা° বাং] বি, উপর কর্ণের অলঙ্কার বিঃ। "উপর কর্ণে চাকি পরে নাম্বা কর্ণে বালি"-মনসা° ম° (জগজ্জীবন)। ২ গাঁতার দুইটা পাটি। উপরের পাটি উপর চাকি ও নীচের চাকিকে 'নামু চাকি' বলে।

চাকী-বি, হিন্দুর জাতীয় পদবীবিঃ।

চাকু [তুর্কী-চাকু =ছুরি] বি, ছুরি knife "বুকেতে মারিয়া চাকুর ঘা তাহাতে লুণের ছিটে।"-চণ্ডি°।

চাকুন্দা, চাকন্দা [সং-চক্রমর্দ্দ। হি° চকবড়] বি, ক্ষুদ্র গুল্ম।

চাকুম-চাকুম [অনু°] বি, চর্ব্বণের শব্দ। "ভোর কোঁচড়ে ছেঁচা বাদাম চাকুম চাকুম খায়।"-ম্যাকবেথ।

চাকুরি [চাকরি দ্রঃ] বি, চাকরি ; বেতনের বিনিময়ে কর্ম্ম ; দাসত্ব। "চাকুরির মুখে ছাই ছাড়িতে না পারি ভাই"-ভারত°।

চাকুলে, চাকুল্যা [সং-চক্রকুল্যা]।

তেলু°-কোলাকুপোন্না] বি, ওষধি ; পৃশ্নিপর্ণী বৃক্ষ hemionites cordifolia

চাক্তি-বি, চাকতি দ্রঃ।

চাক্রিক [চক্র (সমূহ)+ইক (স্ত্য)] বি, চক্রাকারে দলবদ্ধ স্তুতিপাঠক। ১কণ্। ৩ গাড়োয়ান।

চাক্ষুষ [চক্ষুস্+অ (সম্বন্ধার্থে)] বিণ, চক্ষুরিন্দ্রিয় জন্য জ্ঞান ; প্রত্যক্ষ ; চক্ষুগোচর। ২ বি, ষষ্ঠ মনু, চক্ষুর পুত্র। "চাক্ষুষ বিহনে দুঃখ কহিতে বিদরে বুক"-নিধুবাবু (বাং গান)। স্ত্রীং ~ী। "চাক্ষুষী বিদ্যা"। ~প্রত্যক্ষ-প্রত্যক্ষ দ্রঃ।

চাখ-বি, চাক দ্রঃ।

চা-খড়ি-বি, খড়ি দ্রঃ ; চকখড়ি ; খড়ি মাটি ; ফুলখড়ি chalk.

চাখা [হি°-চখ্না] ক্রি, চাকা দ্রঃ।

চাগা [সং চঙ্গ > । চাগি, চাগ, চাগে ; চাগিতে (ক্ষে° চাগতে) ; চাগিয়া (ক্ষে° চেগে) ই°] ক্রি, সবল হইয়া উঠা ; উত্থিত হওয়া ; উদয় হওয়া ; উদ্রেক হওয়া।" খানা পিনার ফলে তাহাদের মনে স্ফূর্তি চাগিয়াছিল।"-আ° বাজার, ১৩৩৩। ণিজন্ত-চাগানি [চাগাই, চাগাও, চাগায়, চাগাইতে (ক্ষে° চাগাতে) ; চাগাইয়া (ক্ষে° চাগিয়ে) ই°] উত্তেজিত করা ; জাগান ; উঠান।

চাগাড়-বি, উত্থান ; উত্তেজনা ; বেগ। "বাত ও ক্রমশঃ চা° দিচ্চে"-উদ্বোধন (প্রবর্ত্তক পাবলিশিং)।

চাঙ্গ$_{১}$ [টঙ্গ, চঙ্গ দ্রঃ। গ্রা° চাঙ] বি, সাঙ্গা ; টঙ্গ ; মঞ্চ ; মাচান। "অধ্যয়ন উঠেছে চাঙ্গে রেতে যখন নিদ্রা ভাঙ্গে, লুপ্ত 'অ' কারের মত মরে থাকি জ্যান্ত।"-রজনী সেন। "চাঙ্গের উপর রাখে ছিক্যা টাঙ্গাইয়া"-পূ° ব° গী°। ২ চোঙ্গ দ্রঃ। ৩ চাঙ্গড় (দ্রঃ)।

চাঙ্গ$_{২}$, চ্যাঙ [সং-চন্দ্রদঙ্গ] বি, চ্যাং মাছ।

চাঙ্গট [চতুঃ-অঙ্গুষ্ঠ] বি, চারিঅঙ্গুষ্ঠ প্রমাণ। তুল-ফা-চঙ্গুল (পূর্ণমুষ্টি শুষ্ক সামগ্রী)

চাঙ্গড়, চাঙ্গড়া [ফা°-চাঙ্গ্=বিস্তৃত থাবা ; প্রসারিত করতল পরিমাণ। হি°-চঙ্গের, চঙ্গেরা=বড় ঝুড়ি ; বড় ঝোড়া, চাঙ্গড়+আ (বৃহদর্থে)। তুল-chunck] বি, মৃত্তিকাদির বৃহৎ বা স্থূল খণ্ড ; বড় চাপ ; এক চেঙ্গারি বা ঝুড়ি পরিমাণ।

চাঙ্গড়া [চাঙ্গড় দ্রঃ] বি, খণ্ড ; চাপ ; তাল। "ঝুলাইল শতপল সুবর্ণ চা°"-কবিকঃ। ২ মজবুত ; শক্ত ; সমর্থ।

চাঙ্গা [সং-চাঙ্গ (দ্রঃ)] বিণ, দক্ষ ; সমর্থ ; শক্ত ; মজবুত। প্র-মন চাঙ্গা ত কাঠুতিয়া গঙ্গা। ২ নীরোগ ; সুস্থ। ৩ [প্রাদে°] টাটকা ; তাজা। ~করা-সুস্থ করা ; সবল করা। ~হওয়া-আরোগ্য লাভ করা।

চাঙ্গাড়ি, -ড়ী [চঙ্গোটক (দ্রঃ) >] বি, এক প্রকার ঝুড়ি।

চাঙ্গারী, চ্যাঙারি [হি°-চঙ্গেরী। বৃহদর্থে-চাঙ্গড়া বা চ্যাঙ্গ্ড়া] বি, বংশদণ্ড (বাঁশ) নির্ম্মিত পাত্র বিঃ ; ঝুড়ি ; চেঙ্গারি।

চাচঁল [যঙলুগন্ত-চল্ (পুনঃ পুনঃ চলা) +ই (র্তৃ)] বিণ, বক্রগমন কারী ; যে বাঁকিয়া চলে ; অতি চঞ্চল।

চাচা [সং-তাত (পিতা-পিতৃব্য) > তাতা পরে, হি°-চাচা, চচা=কাকা=খুল্লতাত। পিতাকে অনেক স্থলে হি°-ভাষায় চাচা বলে আবার কোন কোন স্থানে জ্যেষ্ঠ ভ্রাতাকে বলিতে শুনা গিয়াছে। বাঙ্গালী মুসলমান দিগের ভাষায় খুড়া] বি, খুল্লতাত ; পিতৃব্য ; কাকা ; খুড়া। "গ্রাম সম্বন্ধে চক্রবর্ত্তী হয় মোর চাচা।"-চৈ° চ°। ২ [প্রাদে°] গ্রাম্য মুসলমানের প্রতি সম্বোধন [ঈ° গুপ্ত]। ৩ অব্যক্তিক (impersonal) অর্থে। তুল-শম্মা (শর্ম্মা)। "যে যার" অর্থে। "চাচা আপনা বাঁচা"-প্রবচন। ৪ [হি°] শ্লেষাত্মক সম্বোধন। তুল-বেটা, মামা, বাপু। স্ত্রীং চাচী (হি°-তে "চাচানী" ও হয়)। ~তো [মু° বাং] বিণ, খুড়তুতা।

চাঞা [চাহিয়া প্রা°-বাং-রূপ চাইঞা, চাঞা, চায়ঁা] অস-ক্রি, চাহিয়া ; দৃষ্টি নিক্ষেপ করিয়া। "গোপী রৈল চাঁদমুখ চাঞা"-গোবিন্দ। ২ অপেক্ষা করিয়া। ৩ প্রার্থনা করিয়া।

চাঞ্চল্য-চঞ্চল দ্রঃ।

চাট [হি°-চাট°স্বাদ] বি, লেহ্য ; আহারীয় দ্রব্য ; ভোজনের কালে যা লেহন করা হয়। তুল-চর্ব্ব্য, চূষ্য, লেহ্য, পেয়। ২ মুখরোচক খাদ্যদ্রব্য। ৩ মাদক দ্রব্য সেবনে বিকৃত স্বাদ বদল করিবার জন্য যা ভক্ষিত হয় (এই ভোজ্য প্রায়ই চাটিয়া চুষিয়া খাইবার মত বলিয়াও চাট)। ৪ [মুখরোচক হ'তে যা চিত্তরোচক] লালসা ; আগ্রহাতিশয়, ঝোঁক। ৫ অভ্যাস। ~ধরা, ~পঁড়া, ~লাগা [হি°-চাট পড়্না] বি, অভ্যাস জন্মান। ২ ঝোঁক হওয়া ; লালসা হওয়া।

চাটঁন [হি°-চাট্না] বি, জিহ্বাদ্বারা রসাস্বাদন।

চাটনি, চাট্‌নি [ফা°-চাটুনি (স্বাদ গ্রহণ)=হি°-চট্নী ; চাখিয়া চাখিয়া ও চাটিয়া খাইবার উপযোগী বলিয়া] বি, অম্লমধুর লেহ্য ব্যঞ্জন ; মধুর রসযুক্ত খাটাই। ২ স্বাদবর্দ্ধক ব্যঞ্জন। ৩ [চাট (দ্রঃ) করিবার মত। গ্রা°] গ্রাস। প্র-তাহাকে চাটনি করিয়া ফেলিবে।

চাটা$_{১}$ [হি°-চাট্না] ক্রি, জিহ্বা দ্বারা গ্রহণ করা ; লেহন করা। "আসি রোজ রোজই শ্বেত পাদযুগ চেটে।"-দ্বি° রায়। ~চাটি-পরস্পর পরস্পরকে লেহন। ~পোঁছা-লেহন ও মার্জ্জন ; এমনভাবে লেহন করা যে চিহ্নমাত্র না থাকে। গা চাটাচাটি-পরস্পরের মধ্যে গাত্র-লেহন ; (তাহা হ'তে) আত্মীয়তা। পা চাটা-পদ লেহন করা ; তোষামোদ করা। পাত চাটা-উচ্ছিষ্ট ভোজন করা, পরের অনুগ্রহ বা প্রসাদভোজী হওয়া।

চাটা$_{২}$ [শ্রীহট্ট প্রাদে°] বি, প্রদীপের চাটা ; যে মেটে বাসনে তৈল সলিতা দিয়া প্রদীপ জ্বালান হয়। ২ বাতা$_{২}$ (দ্রঃ)।

চাটাই-বি, চেটাই দ্রঃ।

চাটানি ['চাটা'র ণিজন্ত রূপ। চাটাই, চাটাও, চাটায় ; চাটাইতে (ক্ষে° চাটাতে) ; চাটাইয়া (ক্ষে° চাটিয়ে) ই°] ক্রি, চাটিতে বাধ্য করা ; লেহন করান।

চাটালি, চঁটালি [চপেট > চাপটা-চাটা। হি°-চাটা +আল (বাহুল্য-যুক্তার্থে) বা চাটা (চাটাই)+আল (সাদৃশ্যে)-চাটাইয়ের মত বিস্তৃত] বিণ, বিস্তৃত ; চওড়া।

চাটি$_{১}$ [হি°-চট্টী=নাশ ; চট্=ধ্বংস]

ধ্বংস ; উৎসন্ন। "করে ভিটে মাটি চাটি সার" -ঈ° গুপ্ত।

চাটি২, চাড়ি [প্রাদে°] বি, বড় গামলা ; নাদা। "অবশিষ্ট কাঞ্জিক একটা চাটিতে জলের সঙ্গে মিশাইয়া ব্রাহ্মণদিগের মুখে দিবে"-জাতক। "তিনি কেবল চাটি চাটি খাদ্য উদরস্ত করিতে জানেন"-জাতক। ২ মাটির গোল ও অতি বৃহৎ পাত্র যাতে চড়িয়া ছোট ছোট নদী বা বিল পার হওয়া যায় (রাজশাহী নাটোর ই° অঞ্চলে)। ৩ গরুর জাব দিবার মাটির গামলা।

চাটিম [চাটিগাম (চট্টগ্রাম) জাত। তুল-ঢাকাই মর্ত্তমান] বি, মর্ত্তমান কদলী ভেদ ; চা° কলা।

চাটু১ [সং-চাটু, প্রাকৃ°-চটু, বাং-চাটু, চট্ (ক্রোধ, ভেদ করা) + উ (ণে) যদ্দ্বারা ক্রোধ বা ভেদ জন্মায়] বি, স্তুতিবাক্য ; তোষামোদ। ২ মিথ্যা-প্রিয়বাক্য। ৩ স্তোকবাক্য ; আশার কথা। "পুনঃ দরশন লাগি কত চাটু বোলে"-চণ্ডি°। ~কার [চাটু (স্তুতিবাক্য) কার-কৃ (করা) + অ (র্ত্তৃ)] বিণ, অপরের প্রীতির জন্য মিথ্যা-প্রিয়বাক্য-কথক ; তোষামোদকারী, খোশামুদিয়া। ~পটু, -বটু [চাটুতে (তোষামোদে) পটু (দক্ষ)-৭ তৎ] বি, বিণ, খোসামোদ করিতে নিপুণ ; ভাঁড়। ~বাদ [চাটু (প্রিয়) বাদ (বাক্য, বচন)-ধা] বি, পরের সন্তোষার্থ অনুচিত প্রিয়বাক্য ; কাহারও প্রীতি উৎপাদন এবং তদ্দ্বারা তার অনুগ্রহ লাভার্থ বা স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে তার মনোরঞ্জনকারী অতিরিক্ত প্রশংসা : তোষামোদ। ~বাদী, ~ভাষী [চাটু + বাদ (বদ্, ভাষ্ = (বলা) + ইন্ (র্ত্তৃ)। মূ° বাদিন্, ভাষিন্ ১মা, ১ব° দীর্ঘ ঈ, ন লোপ] বিণ, চাটুভাষী ; তোষামোদকারী। > স্ত্রীং ~বাদিনী, ~ভাষিণী। ~বৃত্তি-বি, তোষামোদের কার্য্য। ২ বিণ, তোষামোদ করাই যার কাজ বা পেশা।

চাটু২ [চট্টু (বৈদ্যকে)। চাটাল পাত্র বলিয়া চাটু। তুল-চিট্‌কাল, চটাল] বি, চাপট বা চেটোর আকৃতি লৌহ বা মৃত্তিকা-নির্ম্মিত পাত্রবিঃ। "চাটু যেন নাহি জানে পিষ্টকের স্বাদ।"-মহা° (কাশী)।

চাটুজ্যে, -জ্যা [চট্ট(চট্টোপাধ্যায়) + জ (জাত)-আ (ইআ। তুল=কনোজিয়া)] বি, বাঙ্গালী ব্রাহ্মণের উপাধিবিঃ, চট্টোপাধ্যায় ; (ইং অক্ষরান্তরীকরণে) chatterjee,—ea, —ji. এইরূপ বাঁড়ুয্যে ; মুখুজ্যে।

চাটুতি [চাটতি, চাটাতি রূপও দেখা যায়] বি, চট্টোপাধ্যায় ; চাটুজ্যে দ্রঃ।

চাটূক্তি [চাটু (প্রিয়) + উক্তি-ধা] বি, চাটুবাক্য ; অনুচিত অতিরিক্ত প্রশংসা। ২ কপট স্তুতি।

চাট্টি, চাট্টে [চারটি > তুল-চারগোটা, গোটা চারটি পরিমাণার্থে] বিণ, চারিটি পরিমাণ ; ৪ সংখ্যক। ২ অল্প পরিমাণ : অল্প সংখ্যক। তুল-দুটি। চাট্টিখানিক,-খানি [তুল-দুটিখানিক] সামান্য ; অল্প। প্র-চাট্টিখানিক ভাতে আর কি পেট ভরবে। চাকদয়ের বিল সে তো চারটিখানি কথা নয়, দেড় কোশ বিল।"-মেজবৌ (আ° শক্তি)। আর চাট্টি-আর চারটি ; আর কিছু ; আর একটু ; আর খানিকটা। গোণা চাট্টি-'গোণা দুটি' অপেক্ষা কিছু অধিক। ২ ৪ সংখ্যার বেশী না হয়। চাট্টি চাট্টি-অল্প অল্প।

চাড়, চাড়ি১ [সং-চেষ্টা-চাট (দ্রঃ)] বি, কোন ভারি বস্তুর উৎথাত বা তুলিয়া ফেলিবার জন্য বাঁশ ই°-র দ্বারা বলপ্রয়োগ। ২ প্রযুক্ত বল বা জোর। ৩ উৎসাহ ; চেষ্টা ; চাইড় দ্রং। "রূপ নাই, যৌবন নাই, ধন নাই তোর। বুড়া ভাতার ধরব কেনে চাড় কেন্দেছে মোর।"-শি°। ৪ চাপ। "চাড় পড়িলেই কিকির বেরয়"-টেকচাঁদ।

চাড়া [চড়াও বলে। চাড দ্রঃ। হি°-চঢ়াই] বি, উত্তোলন ; উচ্চ বা উৰ্দ্ধ করণ। "গরবেতে গোঁপে দেন চাড়া"-ঈ° গুপ্ত। ২ জ্যা আরোপণ ; ধনুকের ছিলা যোজন। "বাণ-যুড়ে রাক্ষসে ধনুকে দিয়া চা°"-কৃত্তি°। ৩ চাড় ; চেষ্টা (এই অর্থে চাইড় দ্রঃ)। ৪ খুঁটা ; অবলম্বন ; ঠেকনা। প্র-বাঁশের চাড়া দিয়ে ছাদ বজায় রেখেছে ; না হলে এতদিন পড়ে যেত। ৫ [প্রাদে° খুলনা, যশোহর] বি, যেখানে বাঘের উপদ্রব আছে ; গরম (দ্রঃ)।

চাড়ি২, চাড়া [পা° চাটি] বি, গরুকে জাব দিবার মাটির গোলাকার অতি বৃহৎ পাত্র ; কাঠের গামলা ; নাদ : নাদা।

চাণক্য [চণক (মুনিবিঃ) + য (অপত্যার্থে)] বি, চণকমুনির পুত্র ; তীক্ষ্ণবুদ্ধি পণ্ডিতবিঃ ; বিষ্ণুগুপ্ত। নন্দবংশের উচ্ছেদ-কারী ও সম্রাট চন্দ্রগুপ্তের মগধসিংহাসনাধি-কারের মূল ও তাঁর মন্ত্রী। ২ গ্রন্থবিঃ। ~নীতি-চাণক্য-উদ্ভাবিত রাজনীতি। ~শ্লোক-চাণক্য সঙ্কলিত নীতিবিষয়ক পুস্তকের পদ্য বা বচন।

চাণূর, চানূর-বি, দৈত্যবিঃ ; কৃষ্ণ কর্ত্তৃক ধনুর্যজ্ঞকালে নিহত রাজা কংসের মল্ল। চাণূরমর্দ্দন, -সূদন, (ব্রজ°) চাণূরমরদন-চাণূরদৈত্যনাশক। "চাণূর-মরদন তুহু বনমালী।"-বি° প°।

চাণ্ডাল [চণ্ডাল + অ (স্বার্থে)] বি, নিষাদ ; চাঁড়াল। ২ বিণ, নির্দ্দয়। "হেন রাধা মারিলে চা° চক্রপাণি"-শ্রী° কী°। ৩ ইতর ; অশিষ্ট। স্ত্রীং ~ী।

চাণ্ডালী [চণ্ডালী দ্রঃ] বি, নিষাদ স্ত্রী। ২ বিণ, ভীষণা ; ভীমা।

চাতক [চত্ (যাচ্ঞা করা) + অক (র্ত্তৃ) যে মেঘের নিকট জল প্রার্থনা করে (কবি প্রসিদ্ধিতে)] বি, চাতক পাখী ; coccyster ; pied-crested cuckoo. পৃথিবীর প্রায় সর্ব্বত্রই চাতক দৃষ্ট হয়। চাতকের ঠোঁট খুব ছোট, ডানা কাস্তের মত ; পুচ্ছ দীর্ঘ ও পা হ্রস্ব, পুচ্ছের শেষ পালক দুটী দুই পাশে সন্ন্যাসীদের সরুমুখ চিমটার আকারে থাকে ; ঐ দুটী প্রায় ৭।৮ ইঞ্চি লম্বা হয়। পালকের বর্ণ কালো, বেগুনে, ধূসর মিশ্রিত, বুক পেট লালাভ শাদা। নানাজাতীয় পতঙ্গ ইহাদের প্রধান খাদ্য। মেঘ করিলে ইহারা বহু উর্দ্ধে উঠিয়া "ফটীক জল" এইরূপ শব্দ করিতে থাকে। এই অনুকরণ শব্দ হতে চাতক মেঘের নিকট জল চাহিতেছে এবং মেঘের জল ব্যতীত চাতক অন্য জল পান করে না, কবিগণ কর্ত্তৃক এইরূপ কল্পিত হইয়াছে। "তৃষিত চাতক

নব জলধরে মিলিল, ভুলিল চকোর চাঁদে।" -চণ্ডি°। স্ত্রী° ~ী, চাতকিনী। "চাতকী আমি সজনি, শুনি জলধর ধ্বনি, কেমনে ধৈরয ধরি থাকিলো এখন? -ব্রজাঙ্গনা কাব্য। "যথা চাতকিনী কুতুকিনী ঘন দরশনে। -বাসবদত্তা।

চাতর [হি°-চাতর=বিস্তৃত জাল, বড় ফাঁদ] বি, ফাঁদ ; চক্র। ২ চাতুরীজাল ; কৌশল ; ফন্দী। "হায় প্রভু কোটালের পড়িলে চাতরে"-ভারত°। ৩ [সং-চত্বর] চত্বর। ৪ হাট ; বাজার। "ফুল্লরা পসরা করে নগর চাতরে"-কবিক°। ৫ [হাট হ'তে বহু জনাকীর্ণ স্থান ; হাটের চৌমাথা ; চক। "শেষে চাতরে কি ভাঙ্গবো হাঁড়ি"-রা° প্র°। ৬ নদী খাল ই°-র গভভূমি ; জলাশয় গর্ভস্থ সমতল ক্ষেত্র।

চাতরা-বি, গরুর গাড়ীর বোম যার সঙ্গে আঁটা থাকে।

চাতাল [চত্বর >] বি, উপবেশনোপযোগী অনাবৃত, প্রস্তরাদিদ্বারা বাঁধান স্থান ; বেষ্টিত সোপানপঙ্‌ক্তি ; শান।

চাতুর [চতুর+অ (সম্বন্ধে)] বি, চারিজনকে বহন করিবার মত শকট বা রথ four seated carriage. ২ গোল বালিশ।

চাতুরাশ্রম্য [চতুর (চার) আশ্রম (ধর্ম্ম-জীবন)+য (স্বার্থে)] বি, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও ভিক্ষু।

চাতুরিক [চতুর (রথ)+ইক] বি, সারথি।

চাতুরিকা [চতুর+ইক (ভা°) আ (স্ত্রী°) অ=ই] বি, চতুরের ভাব ; চাতুর্য্য ; চাতুরতা।

চাতুরী [চতুর+অ-(ভা° ঈ°-স্ত্রী°] বি, চাতুর্য্য (দ্রঃ)। প্রা° বাং চতুরাই, চাতুরাই (ভাগবত জীবন চক্রবর্ত্তী, ১৮শ শতাব্দী)।

চাতুর্থক বি, মধ্যে দুই দিন অন্তর দিয়া প্রতি চতুর্থ দিনে যে জ্বর আসে ; চতুর্থ দিবসভব বিষমজ্বর ; চতুর্থ দিবসীয় পালাজ্বর quartan.

চাতুর্দ্দশ [চতুর্দ্দশ+অ(অণ্-জাতার্থে)] বিণ, চতুর্দ্দশীতে জাত।

চাতুর্ব্বর্ণ্য [চতুর্ (চার) বর্ণ (জাতি)+য (স্বার্থে)] বি, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। ২ চারি বর্ণের অনুষ্ঠেয় ধর্ম্ম। ৩ বিণ, চতুর্ব্বর্ণ সম্বন্ধীয়।

চাতুর্ভৌতিক [চতুর্ভূত+ইক-তদ্ভবার্থে)] বিণ, মাটি, জল আগুন আর বায়ু হ'তে উৎপন্ন (শরীরাদি) [ন্যায়দর্শনে আকাশের উপাদান স্বীকৃত হয় নাই]।

চাতুর্মাস [চতুর্মাস+অ (তদধিকৃতার্থে)] বিণ, চারিমাসে নিষ্পাদ্য ; চারিমাসে সম্ভাব্য ; চাতুর্মাসিক।

চাতুর্মাসিক [চতুর্মাস+ইক তদধিকৃতার্থে)] বিণ, চতুর্মাস কালব্যাপী ব্রহ্মচর্য্য।

চাতুর্মাস্য [চতুর্ (চার) মাস+য (স্বার্থে)] বি, চারিমাস-নিষ্পাদ্য ব্রতবিঃ। এই ব্রত আষাঢ় মাসীয় শুক্লাদ্বাদশী বা পূর্ণিমা হ'তে আরম্ভ করিয়া কার্ত্তিক মাসের শুক্লাদ্বাদশী বা পূর্ণিমাতে সমাধান করিতে হয়। ২ [বৌ° সা°] আষাঢ়ী পূর্ণিমা হইতে কাত্তিকী পূর্ণিমা পর্য্যন্ত এই চারি মাস বৌদ্ধদিগের বর্ষাবাসের সময়। স্ত্রী° ~। [প্রাদে°] চাতুর্ম্মাস্য ব্রত। "চাতুর্ম্মাস্যে মথুরায় ফল অতিশয়। পৃথিবীর যত তীর্থ মাথুরে বৈসয়॥ -ব্রজপরিক্রমা।

চাতুর্য্য [চতুর+য-ভা°] বি, চতুরের ভাব ; চতুরতা ; চালাকি। ২ কৌশল ; ৩ কুটবুদ্ধি। ৪ প্রবঞ্চনা ; চাতুরী ; শঠতা। ৫ কলাবিদ্যা art. প্র-শিল্প-চাতুর্য্য। ~প্রিয় [চাতুর্য্য (চতুরতা) প্রিয় যার বহু°] বিণ, যে চাতুর্য্য ভালবাসে ; অতিচতুর।

চাতুর্হোত্র [চতুঃহোত্র+অ (ইদমর্থে] বি, হোম চতুষ্টয়ের ক্রিয়াকর্ম্ম। ২ বিণ, হোম চতুষ্টয় সম্বন্ধীয়।

চাত্বাল [বৈদিক] বি, মহাবেদির উত্তরে যে গর্ত্ত খুঁড়িয়া সেই গর্ত্তের মাটিতে উত্তর বেদি নির্ম্মিত হয় ; বেদির পার্শ্বের নির্দ্দিষ্ট স্থান বিঃ। ২ গর্ত্ত।

চাদর [ফা-চাদর্ (শবদেহ-আবরক বস্ত্র, উত্তরীয়)] বি, উত্তরীয়বস্ত্র। ~নক্সা-মানচিত্র পট sheet map

চান১ [সং-স্নান হ'তে বিভিন্ন প্রাকৃতে উচ্চারণ ভেদে রূপান্তর। হি°-আস্নান, নাহান ; ব্রজ°-সিনান ; বাং-চান, ছান ; স্তান ই°] বি, স্নান। "মুকুতাচান করিবারে মন অভিলাসি"-শূ° পু°।

চান২ [চ° ক° ভা°। চাঁদ দ্রঃ] চাঁদ। ~কপালিয়া বি, চাঁদ যার কপালে। ২ ভাগ্যবান্। চান-কপাল্য সদাগরের কোন অভাব নাই।"-পূ° ব° গী°।

চানক [প্রা বাং। অপ্র] বি, চন্দ্রক, চন্দ্রাতপ ; চাঁদোয়া। "চানক দিল মানিক ভাণ্ডার পুখুর আড়ার উপর।"-শূ° পু°।

চানকা১ [প্রাদে°] বি, বাঁশের চাচ বা চেঁচাড়ি নির্ম্মিত খিলান আকৃতি মঞ্চ যা অবলম্বন করিয়া লতা বল্লরী উপরে উঠে ও মঞ্চকে সমাবৃত করে।

চানকা২ [সং-চন্দ্রক] বি, দ্বারের উপরিস্থিত অল্পায়তন চত্বর ; অর্দ্ধচন্দ্রাকার গাড়িবারান্দা।

চানকান [হি°-চনকানা-সূর্য্যাতপে ফল ফাটিয়া বীজ বাহির হইয়া পড়া > জড়তা ত্যাগ করা] ক্রি, নাড়াচাড়া দেওয়া ; তৎপর করা। ২ সূর্য্যাতপে ফল ফাটিয়া বীজ বাহির হওয়া। ৩ অঙ্কুর হ'তে চারা গাছ সতেজ হইয়া উঠা। ৪ [প্রাদে° উ° বঙ্গ] বিচালি পাটায় আছড়াইয়া ধান ঝাড়া। ৫ মুড়ির চাল ভাজিবার সময় কুঁচি দিয়া খোলা হ'তে মুড়ি উঁচাইয়া লওয়া। ৬ রৌদ্রে ছড়াইয়া শুষ্ক ও অল্প গরম করা ; অল্প আঁচ লাগান। ৭ রঙ্গ বা তৈলাদি স্নেহ পদার্থ মাখাইয়া উজ্জ্বল করা ; বার্ণিশ করা ; রঙ্গ করা। প্র-প্রতিমার চক্ষু চানকান।

চান্‌কে লওয়া-চানকান।

চানখান-চানকান দ্রঃ।

চানা, চেনা [চণা দ্রঃ] বি, চণক ; ছোলা। "যারা আঙ্গুর পেস্তা দিত ফেলে তারা এখন চিবায় চানা।"-ঈ° গুপ্ত। ~চুর -বি, চনকচূর্ণ, ২ ছোলা ছেঁচিয়া চ্যাপ্টা করিয়া লঙ্কা হলুদ মাখিয়া ভাজা।

চানাজাল [জাল দ্রঃ] বি, যে ছিন্ন জালকে মোটা দড়ির মত করিয়া তাহা টানিয়া পুকুরে মাছ ধরা হয়।

চান্নুন, -লুন [প্রাদে°] বি, বাঁশের

বেতীর গোলাকার ভিতরে ছিদ্র বিশিষ্ট ১ হাত চালিবার যন্ত্রবিঃ। চালুনী দ্রঃ।

চান্দ [চন্দ্র > প্রাকৃ॰-চন্দ, চান্দ্]। চাঁদ দ্রঃ। ব্রজ॰, প্রা॰ বৈ॰ সা॰] বি, চন্দ্র; শশী; চাঁদ। "চান্দ নিঙাড়ি"-বৈ॰ পদাবলী। "চান্দ দিনহি দীনহীনা সো পুন পালটি ক্ষণে ক্ষণে ক্ষীণা"-বি॰ প॰।

চান্দড় [চন্দ্রিকা-চন্দ্রা-চন্দ্রা; বর্ণবিপর্য্যয়ে চান্দর, চান্দড়, চাঁদড় (পাঠান্তরে দৃষ্ট হয়)] বি, সর্ব্ববিষনাশক ঔষধবিঃ। "চান্দড় ঈসর মূল নৌকায় বান্ধিয়া।"-কবিক॰।

চান্দনিক [চন্দন+ইক (সম্বন্ধে)] বিণ, চন্দনসম্বন্ধীয়। ২ চন্দন-নির্ম্মিত। ৩ চন্দনচর্চ্চিত।

চান্দনিয়া [হিং-চান্দনী (চাঁদনী)+আ (যুক্তার্থে)] বিণ, চন্দ্রকিরণময়; জ্যোৎস্না-উদ্ভাসিত। "একে গিরি গোবর্দ্ধন তাহে সুশোভিত বন তাহে আর চান্দনিয়া রাতি।"

চান্দনী-বি, চন্দনা পক্ষী। "চকোরাক্ষ চা॰ উপরে গায় গীত।"-ধর্ম্মরাজের গীত (সীতারাম)।

চান্দরা [চন্দ্র >] বি, দোচালা ঘরের ত্রিকোণাগ্র দেওয়াল gable end

চান্দা [চন্দ্র-চন্দা >] বি, চন্দ্র। ২ চাঁদ, চুমকি। ৩ ময়ূরপুচ্ছের চন্দ্র। ৪ [সং-চন্দ্রা। প্রা-বাং] চন্দ্রাতপ; চাঁদোয়া।

চান্দাকুড়া, চাঁদাগুঁড়া [চাঁদকুড়া দ্রঃ] বি, চাঁদকুড়োমাছ।

চান্দো [চন্দন। বৈদ্যকে ইহার মূল জঙ্গম বিষনাশক বলিয়া উক্ত] বি, গুল্মবিঃ; সর্পবিষের মহৌষধ। ~য়া, চান্দুয়া -চাঁদোয়া দ্রঃ।

চান্দ্র [চন্দ্র+অ-সম্বন্ধার্থে)] বিণ, চন্দ্রসম্বন্ধীয়। ২ চন্দ্রের গতি দ্বারা নিয়মিত। প্র-চান্দ্রমাস। ৩ বি, চন্দ্রলোক। ৪ চান্দ্রায়ণ ব্রত। ৫ চন্দ্রকান্তমণি। ৬ অতিবিষা। স্ত্রীং ~ী-চন্দ্রিকা। ২ চন্দ্রপত্নী। ৩ জ্যোৎস্না। ৪ শ্বেত কণ্টকারী। ~বৎসর-বি, দ্বাদশ চান্দ্রমাস। ~মস [চন্দ্রমস্ শব্দ। চান্দ্র দ্রঃ] বিণ, চান্দ্র। ~মাস [চান্দ্র (দ্রঃ)-মাস] বি, চন্দ্রের গতি দ্বারা নিয়মিত মাস; কৃষ্ণা প্রতিপদ হ'তে পৌর্ণমাসী পর্য্যন্ত অর্থাৎ শুক্লপক্ষের ১৫ ও কৃষ্ণ পক্ষের ১৫ এই ৩০ তিথিঘটিত মাস [চান্দ্রমাস মুখ্য ও গৌণভেদে দ্বিবিধ, কৃষ্ণপ্রতিপদ হ'তে পূর্ণিমা পর্য্যন্ত যে ৩০ বা ৩১ দিন তার নাম মুখ্য চান্দ্রমাস। হিন্দুদিগের ব্রতপূজাদি কার্য্যে এই মাস ব্যবহৃত হয়। শুক্লপ্রতিপদ হ'তে অমাবস্যা পর্য্যন্ত যে মাস তার নাম গৌণচান্দ্রমাস। হিন্দুদিগের তিথিকৃত্যে এই মাস উল্লিখিত হয়। হিন্দুস্থানে এই মাস বা এই মাসঘটিত বৎসর প্রচলিত]।

চান্দ্রায়ণ [চান্দ্রে (চন্দ্রলোকে) অয়ন (গতি) যদ্বারা, বহু॰] বি, চান্দ্র তিথির দ্বারা নিয়মিত ব্রতবিঃ; শুক্ল-প্রতিপদ হ'তে অমাবস্যা পর্য্যন্ত আহার নিয়মিত করিয়া অর্থাৎ কৃষ্ণপক্ষের প্রতিদিন এক-একগ্রাস আহার কম করিয়া শুক্লপক্ষে পূর্ণ করিয়া ব্রহ্মচর্য্যাবলম্বনরূপ ব্রত। ২ প্রায়শ্চিত্তবিঃ। বিণ, চান্দ্রায়ণিক -চান্দ্রায়ণ ব্রতধারী; চান্দ্রায়ণ-ব্রতানুষ্ঠাতা।

চাপ১ [চপ্ (চূর্ণীকরণে, পেষণে)+অ (ণে)] বি, ভার weight. "মাটি খেদাইয়া খলি বানাইয়া উপরে দেওল চাপ।"-চণ্ডি॰। ২ পেষণ pressure. প্র-কাজের চাপ পড়েছে। ৩ আরোপ; বিতঃ দে ষা-রোপ। প্র-অনর্থক তাকে চাপ দিবার প্রয়োজন নাই। ৪ পীড়াপীড়ি। প্র-একটু চাপ দিলেই সে সব কথা বলে ফেলবে। ৫ পীড়ন। ৬ [প্রা॰-বাং] আক্রমণ। "কতেক করলি ছাপ সহিতে নারিবি চাপ"-শ্রী॰ কী॰। বিণ, গুরুতর; পূর্ণ মাত্রার উপর; সীমা বা উপযুক্ত পরিমাণের অধিক। প্র-অত চাপ আহার করা ভাল হয় নাই। ক্রি, চাপা। ণিজন্ত-চাপান। উপর-চাপ-উপর হ'তে চাপ। ২ উপরওয়ালার পীড়ন। ৩ মিথ্যা দোষারোপ। চরণ-চাপ-চরণ দ্রঃ। বুক চাপ-বুকের উপর কিছু চাপিয়া থাকিলে যেমন শ্বাসরোধক হয় বা হাঁপ ধরে তদ্রূপ সম্মুখ-রুদ্ধ।

চাপ২ [হি॰চাপ=ঠাস, গাদা] বি, চাঙড়; তাল। প্র-মাটির চাপ। ২ থকথকে দ্রব্য; ঘন আঠাবৎ পদার্থ। প্র-রক্তের চাপ। ৩ বিস্তার; জনতার আধিক্য; বাহুল্য; বিপুলতা। "পৃথিবী জুড়িল সৈন্য নাহি দিশপাশ। কটকের চাপ দেখি রামের উল্লাস॥" -কৃত্তি॰। ৪ বিণ, জমাট; ঘন; থকথকে। ~চাপ। প্র-চাপ চাপ রক্ত। চাপ চাপ কফ।

চাপ৩ [চপ্ (চূর্ণ করা, ধ্বংস করা, প্রাণ নাশ করা)+অ (ণে)] বি, ধনু; কোদণ্ড; শরাসন। "চাপে দিল টঙ্কার হুঙ্কার বিপরীত।" -ঘ॰। ২ [প্রা॰-বাং] কটক; সৈন্য। ৩ [গ॰ পরিঃ (জ্যামিতি)] বৃত্তের পরিধির অংশ; ধনু arc. বিণ, চাপী-ধনুর্দ্ধারী (সৈন্য)। ~গার-বিণ, যে ধনুকের কাজ জানে; ধনুর্দ্ধর; ধনুর ব্যবহারবিৎ। ~গারি,-রী-বি, ধনুকের কাজ; ধনুক ধারণ, রক্ষণ ও তার ব্যবহার; ধনুর্দ্ধরের কর্ত্তব্য; ধনুর্বিদ্যা। "তুলিয়া আখড়া ঘরে মল্লযুদ্ধ কেহ করে মাল বিদ্যা গুণী চাপগারী।"-কবিক॰।

চাপ৪ [ফরিদপুর আদি অঞ্চলে] বি, চত্বর block. "এক চাপে হিন্দু প্রজারা আছে" "আমাদের সমস্ত জমি এক জায়গায় ও এক চাপে ছিল না"-দলিল।

চাপকান [ফা॰-চপ্‌কন; চক্মন্। হি॰-বিকারে আচ্‌কন্] বি, কাঁধ হতে হাঁটু পর্য্যন্ত লম্বা জামা; ইজার নামক ঢিলা পাজামার সহিত পরিধেয় জামা। "ইজার চাপকানে হায় মোক্ষ নাহি পাওয়া যায়।"-চন্দন।

চাপটা [চেপ্‌টা, চ্যাপটা ও॰। চর্পট > চপেট >। তুল-চিপিটক। হি॰-চপ্‌টা] বিণ, চিপিটকবৎ; পিষ্ট। প্র-মেরে চাপ্‌টা করে দেবে। ক্রি, চাপটানি-চাপটা করা; পিষিয়া বিস্তৃত করা। (তুল-মেরে পাট বিছান)। > বি, চাপটানি।

চাপটিল [চাপটা+ইল (করিল) > ক্ষে॰] ক্রি, পেষণ করিল; চেপটা করিয়া দিল। ২ পীড়িত করিল; ব্যথিত করিল। "চালনভঙ্গী অতি সুরঙ্গী চাপটিল জীবন মোর।" -চণ্ডি॰।

চাপটী, চাপটি, চাপটিলি, চাপঠিলি [চাপ দ্রঃ। দেহের চাপ দিয়া স্থিতির ভাব। হি॰-পালথি] বি, উঁচু বা উবু হইয়া পা মুড়িয়া পাছায় ভর দিয়া আসন চাপিয়া উপবেশন। প্র-চাপটি খেয়ে বসা।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ক্ষ=ক্‌খ ...

২ পরস্পর আঘাত ; ঠোকাঠুকী। [বাং বিরল]।

চাপড় [চর্পট-চপেট >। হিং-থপ্পড়] বি, থাবড়া ; করতল-প্রহার। "ভীম সনে ভ্রুকুটি করিতে ভূতনাথ। চট্‌চট্ শুনি চড় চাপড় নির্ঘাত।"-শিং। ক্রি, চাপড়ান।

চাপড়া, চাবড়া [হিং-চাপ দ্রঃ] বি, স্থূল খণ্ড। প্র-ঘাসের চাপড়া।

চাপড়ানি [চাপড়+আন (ক্রিয়ায়)] ক্রি, চাপড় মারা ; চড়ান ; থাবড়া মারা ; ২ করতলে মৃদু মৃদু আঘাত করা। প্র-পিঠ চাপড়ান ; পেট চাপড়ান। ৩ আক্ষেপ, আত্মগ্লানি, ক্ষোভ, শোক-ইং-প্রকাশক, অঙ্গে করতল-প্রহার। বিভিন্ন অঙ্গের আঘাত দ্বারা ভিন্ন ভিন্ন ভাবার্থ প্রকাশিত হয়, যথা-কপাল চাপড়ানি (অদৃষ্টের দোহাই বা ভাগ্যের দোষদানে)। গালেমুখে চাপড়ানি (ক্ষোভে, আপশোষে)। পিঠ চাপড়ানি (উৎসাহদানে, প্রশংসায়)। পেট চাপড়ানি (কোষ্ঠ নিঃসরণের বেগ উৎপাদনে)। পোঁদ চাপড়ানি (গ্রাং। ক্ষোভে)। বুক চাপড়ানি (শোকে, অভিসম্পাতে)। বি, চাপড়ানি।

চাপদণ্ড [চাপ-দণ্ড] বি, যে যন্ত্রের দ্বারা জল, বাষ্প উর্দ্ধগত ও নিম্নগত হয় pump.

চাপদাড়ি [হিং-চাপ (ঘন) দাড়ি] বি, ঘন ও অর্দ্ধ চন্দ্রাকৃতি দাড়ি। সাধাঃ-চাপদাড়ি।

চাপন [চাপ, চাপা দ্রঃ] বি, ভারার্পণ। ২ টিপন। ৩ আরোহণ। ৪ আক্রমণ। "গজবর চাপনে পড়িল মশানে, পদাতিক লাখে লাখ।"-কবিকং।

চাপরাশ, -স [ফাং-চপ্‌রাস্] বি, পদ-চিহ্ন ; উপাধি ; পরিচয়চিহ্নসূচক পিত্তলাদি নির্ম্মিত ধাতুপট্ট badge. **~ী** [ফাং-চপ্‌রাসী] বি, যার চাপরাস আছে ; চাপরাসধারী ; সংবাদাদিবাহক ; আর্দ্দালি an orderly.

চাপল [চপল দ্রঃ। বিপরীত-কঠিন] বি, যার চাপল্য আছে ; তরল। "তরল ও অনিল উভয়েরই চাপল্য আছে-উহারা চাপল। তরল ও চপল, অনিল ও চপল, চাপল্য কাঠিন্যের উল্টা fluid".

চাপল্য [চপল+য (ভাং)। প্রাং-বাং পদং সাং চাপলী। "কিবা সে নয়নগতি গমন-চাপলী"-পং কং তরু] বি, অস্থিরতা ; চাঞ্চল্য ; চপলতা। ২ অনবস্থিতি। ৩ প্রগল্‌ভতা ; ঔদ্ধত্য।

চাপা₁ [চাপ (দ্রঃ)+আ (ক্রিয়া বিভক্তি) চাপি, চাপ, চাপে, চাপিতে (ক্ষেং চাপতে) ; চাপিয়া (ক্ষেং চেপে) ইং। ণিজন্ত-চাপান] ক্রি, চাপ দেওয়া ; ভার রাখা ; ভর দেওয়া। ২ টেপা ; টিপিয়া দেওয়া। ৩ আবৃত করা ; ঢাকা। ৪ জুড়িয়া ফেলা ; জোড়া ; ব্যাপা ; অধিকার করা। "পঞ্চ গৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা॥"-কৃত্তিং। ৫ রোধ করা। প্র-পথ চাপিয়া বসা। ৬ গোপন করা ; লুকান ; অপ্রকাশ করা। ৭ আড়াল করা। ৮ আরোহণ করা ; চড়া। ৯ আক্রমণ করা। ১০ পীড়ন করা। বি, চাপন, চাপনি, চাপুনি। বিণ, চাপানিয়া ; চাপানে। **~চাপি**-পরস্পরের প্রতি চাপ প্রদান ; পীড়াপীড়ি। ২ চাপের উপর চাপ ; অতিরিক্ত চাপ। প্র-চাপাচাপি করিয়া খাওয়া। **~চুপি**-ঢাকাঢুকি ; গোপনের বিবিধ চেষ্টা। চাং দেওয়া-আবৃত করা ; ঢাকা। ২ গোপন করা। চাং পড়া-আবৃত হওয়া ; ঢাকিয়া যাওয়া। ২ উত্থাপিত না হওয়া ; বিস্মৃত হওয়া। চাপিয়া বসা-চাপটি খাইয়া বসা। ২ শীঘ্র না উঠা। ৩ অধিকার করা ; অধিকারে আনা। ঘাড়ে চাপা-আশ্রয় করা ; গলগ্রহ হওয়া।

চাপা₂ [চাপ+আ (স্ত্য, যুক্তার্থে)] বিণ, আবৃত ; ঢাকা। ২ যে পেটের কথা বাহির করে না ; মন্ত্রগোপক ; অচপল। প্র-খুব চাপা লোক। ৩ অধিকৃত ; জোড়া ; ব্যাপ্ত। প্র-উঠান চাপা পাল। ৪ জমাট ; ঘন ; বসা। ৫ রুদ্ধ। প্র-চাপা গলা। ৬ আরূঢ়। প্র-ঘাড়েচাপা লোক। ৭ টেপা ; টোল খাওয়া। ৮ বি, চাপন। প্র-ঘোড়ায় চাপা সহজ নয়। ৯ ঢাকন। প্র-হাঁড়ীর মুখের চাপাটা সরাও।

চাপাখোর [রাজমিস্ত্রীর ভাষায়] বি, প্রাচীরাদির গাঁথনিবিঃ ; যে গাঁথনে ফাঁক থাকে না।

চাপাটী [সং-চর্পটী > হিং-চপাতী] বি, হাতে চাপড়ান রুটী।

চাপাদার [ফাং-বাণিজ্যের ভাষায়] বি, মাল ওজন কালে যারা কাঁটায় মাল তোলে ও নামায়।

চাপান₁ [চাপ (ভার)+আন (অর্পণ)-প্রশ্ন সমাধানের ভারার্পণ। উত্তর দিবার দায় বা ভার প্রতিপক্ষের উপর চাপাইয়া দেওয়া] বি, কবির গান ও তর্জ্জার লড়াইয়ে এক পক্ষ কর্ত্তৃক অপর পক্ষের উপর উত্তর দিবার বা সমস্যা পূরণ করিবার দায়িত্ব অর্পণ। ২ চাপ pressure. ৩ সৈন্যপদভর (তা হতে) আক্রমণ। "বেড়িয়া মশান পাইকের চাপান, ঘন পড়ে দামামার সাড়া।"-কবিকং।

চাপান₂ [প্রাদেং যশোং খুলনা। নৌ-ভাষা] বি, নৌকা বাঁধিয়া থাকা। চাং সারা-রাত্রিতে নৌকারোহীদিগের শয়নের পূর্ব্বে বাঘের উপদ্রব নিবারণ করিবার মন্ত্রপাঠ কার্য্য সমাপন করা।

চাপানি₃ [চাপা (দ্রঃ)। চাপাই, চাপাও (চাপাউন্, চাপান্, চাপা) চাপায় (চাপান্) ; চাপাইতে (ক্ষেং চাপাতে) ; চাপাইয়া (ক্ষেং চাপিয়ে)] ক্রি, চাপ দেওয়ান। ২ উপরে তুলিয়া দেওয়া ; ভার রাখিয়া দেওয়া ; আরোপণ করা। প্র-মাথায় চাপান। কাঁধে চাপান। ঘোড়ার পিঠে চাপান। "চিত্র রথে চাপাইয়া চলিল পশ্চাৎ।"-শিং। ৩ [প্রাং-বাং] লাগান। চাপাআঁ-লাগাইয়া। "বোলেন্তে কাহ্নাঞি নাম কুলেও চাপাআঁ"-শ্রীং কীং।

চাপাসিয়া [চাপ+আসিয়া। এইরূপ ক্রিয়াপদে সন্ধি প্রাং-বাংয় প্রায়ই দৃষ্ট হয়। তুল-দেখসিয়া (দেখ+আসিয়া)] ক্রি, আসিয়া চাপো। "হারিলাম হারিলাম ভাই কান্ধে চাপাসিয়া॥"-ভাগবত (নরহরি দাস)।

চাপিল₁ [ফরিদপুর প্রাদেং। প্রাং-বাং] বিণ, চাপা ; সঙ্কীর্ণ narrow. "ঘরগুলা বড় চাং।"

চাপিল₂ [চাপা দ্রঃ] ক্রি, চড়িল। ২ ভর করিল। ৩ পীড়ন করিল।

চাপী [চাপ (ধনুঃ)+ইন্(স্ত্র)=চাপিন্ ১মা° ১ব°] বি, বিণ, ধানুকী ; ধনুর্ধর।

চাবড়া-বি,চাপড়া (দ্রঃ); চাপ।

চাবা১ [চাবান দ্রঃ] ক্রি, চিবা ; চর্ব্বণ করা। ২ চিবাইবি।

চাবা২ [চাওয়া দ্রঃ। চাহিবা > ক্ষে°] ক্রি, চা ; প্রার্থনা কর্। ২ চাহিবি; প্রার্থনা করিবি। "মন তুই কি হলি হাবা মায়ের চরণ বিনা আর কি চাবা"-বাং গান।

চাবাড়ি [চপেট-ছাপড় (দ্রঃ), গ্রা° প্রয়োগভেদ] বি, চপেটাঘাত ; চড়। "মারিবে চাবাড়ি।"-কবিক°। প্রায় ইহা চড় শব্দের সহচর থাকে-চড়চাবাড়ি।

চাবানি [সং-চর্ব্বণ >। প্রাদে° গ্রা°। চাবাই, চাবাও (চাবান্, চাবা), চাবায় (চাবান্) ; চাবাইতে (ক্ষে° চাবাতে), চাবাইয়া (ক্ষে° চাবায়ে] ক্রি, চর্ব্বণ করা। "মন যদি মোর ঔষধ খাবা। আছে শ্রীনাথ-দত্ত পটল-সত্ত্ব মধ্যে মধ্যে ঐটি চাবা॥"-রা° প্র°।

চাবি,-বী [পর্ত্তু°-chave] বি, তালার কাঠি ; ছোডান্ ; কুঞ্জী। ২ কোন কল বা যন্ত্রাদি চালাইবার এবং থামাইবার উপায় স্বরূপ যন্ত্র। "হল না রে দুরাইতে, প্রেমচাবি না ছুঁইতে, বাজে কেন সোহাগের কল।" -অশোক°। ~কাঠি-চাবিনামক কাঠি ; যে কাঠি চাবির কাজ করে ; চাবি ; কুঞ্জী। চা° দেওয়া-তালা বন্ধ করা ; চাবি দ্বারা রুদ্ধ করা। ২ ঘড়ি ই° যন্ত্র চালাইবার জন্য শিথিল স্প্রীং চাবি ঘুরাইয়া জড়াইয়া দেওয়া ; দম দেওয়া। তালাচাবি-তালা এবং তাহা বন্ধ করিবার ও খুলিবার চাবিকাঠি।

চাবুক [ফা°। প্রা° বাং চাবুক। "মার মার করিয়া তোলে চাবুকের বাড়ী॥"-মনসা ম° ষষ্ঠীবর] বি, অশ্বতাড়ন দণ্ড ; কশা ; বেত্র ; ছিপ্‌টি। ২ [লক্ষ°] কশাঘাত স্বরূপ দণ্ড ; শাস্তি ; মর্ম্মভেদী তিরস্কার। ৩ বিণ, সাদৃশ্যে চাবুকের মত এবং তার বিনানীর মত মজবুত। ক্রি, চাবুকানি, চাবকানি [চাবকাই, চাবকাও (চাব্‌কান্, চাব্‌কা), চাব্‌কায় (চাবকান্) ; চাবকাইতে (ক্ষে° চাবকাতে) ; চাবকাইয়া (ক্ষে° চাব্‌কে)] চাবুক মারা ; কশাঘাত করা। বি, চাব্‌কানি।

চাম [সং-চর্ম্ম > প্রাকৃ°-চাম] বি, চর্ম্ম ; চামড়া। ~দড়ি-চামের রজ্জু ; তাঁত। ২ তন্তুবৎ কৃশ ও পাকান ; অত্যন্ত রোগা। প্র-রদ্দুরে ঘুরে ঘুরে আর না নেয়ে না খেয়ে যেন চামদড়ি হয়ে গেছে।

চামঁচ,চামচে [ফা°-চম্‌চহ্। সং-চমস। হি°-চামচ্] বি, চমস ; ক্ষুদ্র ; হাতা spoon

চামচিকা [সং-চর্ম্মচটিকা] স্ত্রি, বাদুড়-জাতীয় ক্ষুদ্র জীববিঃ ; আকৃতি প্রকৃতিতে প্রায় বাদুড়ের মত কিন্তু অনধিক তিন ইঞ্চি।

চামঁড়-চিমড দ্রঃ। ২ চামড়া।

চামড়া [চর্ম্ম > চাম, চামড়, চমড়া। চাম অপেক্ষা কাঠিন্যার্থে ড়। কোমল অর্থে 'ল'। ছাল অর্থাৎ চামের উপরের আবরণ-ত্বক। পুরু ও কঠিন অর্থে চামড়া। তুল-ছাল চামড়া তুলে দেওয়া] বি, চর্ম্ম।

চামনি [প্রাদে°] বি, ডেঙ্গরের অপেক্ষা ছোট উকুন।

চামঁর [চমর (মৃগ. চমরী গাই)+অ। প্রা°-বাং 'চাম্বর' (চাম্বর হাকাইয়া-মাণিক° গান)] বি, চমরী-গো-পুচ্ছনির্ম্মিত ব্যজনবিঃ। ~গ্রাহ্-চামরধারী ; চামর দ্বারা বীজনকারী। ~ধারিণী-বি, চামর দ্বারা বীজনকারিণী। ~পুষ্প [যার পুষ্প সকল চামরের ন্যায় স্তবকে স্তবকে জন্মে] সুপারি, আম্র, কাশ, কেতকী ই°-পুষ্পবৃক্ষ। ~হস্ত-চামরধারী। > স্ত্রীং ~া-চামর দ্বারা বীজনকারিণী।

চামঁরী [চামর+ইন্(স্ত্র)। মু° চামরিন্ ১মা, ১ব° যার চামর আছে] বিণ, চামরযুক্ত ; চামরবৎ গুচ্ছবিশিষ্ট। ২ বি, মৃগ-বিঃ ; চমরী গাই। ৩ অশ্ব।

চামলী [প্রা°-বাং-গ্রা°] বি, চামেলী পুষ্প। "কাননে কুসুম তুলিলা রঙ্গন আর ঝাটি। চামলী গন্ধলি তুলিলা শ্রীফল দুই বটি॥"-শূ° পু°।

চামসা, চামসি, চামসিয়া, চামসে [চাম (চর্ম্ম)+সা, সি, সিয়া, সে (সাদৃশ্যার্থে)] বিণ, চামসম ; চর্ম্মসদৃশ ; চামড়ার মত ; চামচাম। প্র-চামসা গন্ধ। ২ চিমসা ; চিমড়া।

চামাটি, চামাতি [চর্ম্মপত্র-চামপাতি-চামাতি°-টি] বি, চামড়ার পটী ; চর্ম্মময় হস্তবন্ধনী। "ডাড়ুকা চরণে কেন দুহাতে চামাতি"।-কবিক°। "দুই হাতে চামাতি দিল গলায় জিঞ্জির।"-কবিক°। ২ ক্ষুরের ধার মসৃণ করিবার চর্ম্মখণ্ড strap.

চামার [চর্ম্মার। চাম-আর] বি, চর্ম্মকার ; মুচী। ২ নিষ্ঠুর ; হৃদয়হীন। ৩ অতি কৃপণ। স্ত্রীং ~ণী (হি°-চামারীন্)। ~-আলু-বি, আলু জাতীয় লোমশ মূল বিঃ। ইহার সর্ব্বাঙ্গ শূকরের লোমের ন্যায় রোমাবৃত থাকে বলিয়া অন্য নাম "ঘুষ্টি"।

চামীকর [চমীকর (স্বর্ণ খনি)+অ (তত্র ভবার্থে)] বি, সুবর্ণ ; সোনা।

চামুচে [প্রা° বাং]বি,বাদ্যযন্ত্র বিঃ।"চতুর্দ্দিকে হাত তুলি বাজায় চামুচে।"-কৃত্তি°।

চামুটি [চাম মুটি (মুষ্টি) > ক্ষে°] বি, খড়্গের যে স্থানে মুঠা করিয়া ধরিতে হয় তার চর্ম্মাবরণ। চামাতি ; চর্ম্মের হস্তবন্ধনী।

চামুণ্ডা [দেবী চণ্ড ও মুণ্ড নামক দৈত্য-দ্বয়কে বিনাশ করিয়াছিলেন বলিয়া নাম-দেবীমাহাত্ম্য] বি, দুর্গার রূপভেদ। প্র-জয় চামুণ্ডে জয় চামুণ্ডে জয় চামুণ্ডে। করকলিতাসি বরাভয়মুণ্ডে॥"-বাসবদত্তা।

চামেলি [হি°-চম্বেলী] বি, মল্লিকা জাতীয় কিন্তু তদপেক্ষা ক্ষুদ্র পুষ্পবিঃ ; জাতি-পুষ্প jasmine.

চাম্পার্টি [ই°-champerty র লিপ্যন্তর] বি, কারও মোকদ্দমার স্বত্ব কিনিয়া স্বয়ং মোকদ্দমা চালান ; কারও বিষয় উদ্ধার করিবার ভার লইয়া উদ্ধৃতব্য বিষয়ের অংশীস্বরূপ মোকদ্দমা পরিচালন।

চায় [চাওয়া, চাহা দ্রঃ] ক্রি, চাহে ; প্রার্থনা করে। ২ অভিলাষ করে ; বাসনা করে। "আর তো ব্রজে যাব না ভাই যেতে প্রাণ নাহি চায়।"-অতুলকৃষ্ণ মিত্র। ৩ দৃষ্টি করে ; দেখে। অস-ক্রি, চায়্যা-প্রা° বৈ° সা° চাঞা-চাহিয়া। "বাছুর আনিব চায়্যা"-কবিক°।

চায়েন [হিং] বি, আরাম। ২ শান্তি। ৩ চাঙ্গা ; নিরোগ।

চার$_1$ [চতুর্] বি, চারি ;~-আনা-বিণ, এক চতুর্থাংশ ;'সিকি ভাগ। প্র-চার আনা লোক ¼ of the population ঘাটা চার আনা ভর এখনও শুকায় নাই। ~-কোণা-চতুষ্কোণ : চৌকা। ~-গুণ, ~-ডবল-চতুর্গুণ। ~-চক্ষুঃ-রাজা। ২ চতুর্দ্দিকে তার দৃষ্টি; সতর্ক।~-জন-৪ ব্যক্তি: জন চারেক কয়েক জন। ২ জন-সাধারণ। ~টা-চার প্রহর ; চার ঘণ্টা। প্র-বেলা চারটা ; রাত চারটা।~টি [দ্রুত উচ্চারণে, চাট্টি] চারি সংখ্যক। ২ অল্প পরিমাণ। প্র-চাট্টি ভাত। এই অর্থে চারটি-খানি [কথ্য চাট্টিখানি, -খানিক। টি, খানি, খানিক পরিমাণ বাচক]। ~-দিক্-সকল দিক্ ; সকল বিষয়। ~-দিন-অধিক দিন নয়। ~পাই, ~পায়া-চারিটী পা-বিশিষ্ট কাষ্ঠাসন ; খাট। "ছুতার আজও চারপায়া দেয়নিক সারিয়ে"-দ্বিং রায়। ~-পো-চারিপোয়া ; সেরপূর্ণ ; সীমাপূর্ণ ; পরিপূর্ণ। ~-হাট্টি, -হাট্টু [গ্রাং] দুই জনলোক : স্ত্রী-পুরুষ। ~-হাত এক করে দেওয়া -বিবাহ দেওয়া। ~-হাতে খাওয়া-বি, উদরিকের মত খাওয়া ; এক হাত যে পরিমাণ ও যত শীঘ্র খাওয়া যায় চার হাত দিলে তদপেক্ষা অল্প সময়ে অধিক খাওয়ার ভাব ; খুব খাওয়া।

চার$_2$ [চর্ (গমন করা) + অ (র্ত্তৃ) জ্ঞাং] বি, চর ; গুপ্তচর spy

চার$_3$ [চারা$_1$ দ্রঃ, বা চর্ (বিচরণ)] মাছের বিচরণ-স্থান ; যে মসলার গন্ধে মাছকে আকৃষ্ট করে এবং যা পতিত হইলে জলে মাছের বিচরণ-স্থান-যোগ্য হয় ; মাছের চার। প্র-চার ফেলা : পুকুরে চার করে রাখা। ২ বন্দীশালা ; কারাগার। ৩ কৃত্রিম বিষ। ৪[ভাং অ] সঞ্চার। চাং করা-মাছ ধরিবার জন্য মাছের চার প্রস্তুত করা। ২ জলাশয়ের যে স্থানে ছিপ ফেলিতে হইবে সেই স্থানে চার ফেলিয়া রাখা যাতে চারের গন্ধে মাছ আসিয়া তথায় বিচরণ করে।

চার$_4$ [চর্ (গমনে) + অ (ণে) জ্ঞাং] বি, বাঁশের সেতু। ২ [বরিশাল অঞ্চলে] নারিকেল, খেজুর ও শুপারি গাছের গুঁড়ি ফেলিয়া যে সেতু বা সাঁকো প্রস্তুত হয়।

চার$_5$ [প্রা-বাং (মনসা-মং, বংশীং)। চাড > । ড়=র] বি, বল।

চার$_6$ [সং চারক (দ্রঃ)] বি, পিয়াল Buchania latifolia. চারদানা-পিয়ালবীজ : চিরৌঞ্জী।

চার$_7$ [ফা-চার্ (চারাহ্ > ক্ষেং)] বি, পার ; উপায় ; বিহিত ; চারা দ্রঃ। না-চার-নিরূপায়।

চারক$_1$ [সং] বি, পিয়ালগাছ।

চারক$_2$ [চর্-ণিচ্=চারি (চরান) + অক (র্ত্তৃ)] বিণ, পশুচারক ; যে চরায় ; গোপাল।

চারখানা [হিং] বি, চৌখুপী : চেক-কাটা কাপড় ; চৌকা ডুরিদার বস্ত্র checkered cloth. [চারখানা ছয় প্রকার -নন্দনশাহী, আনারদানা, সাকুতা, কবুতর খোপা, কছাদার, কুন্ডিদার] ২ চারিখণ্ড।

চারচক্ষুঃ [চার=চর (দূত) চক্ষুঃ যার, বহুং] বি, যিনি দূত পাঠাইয়া সব জানেন , রাজা।

চারচৌকা [গ্রাং চাচ্চৌকা] বি চতুষ্ক ; সমচতুষ্ক।

চারজামা-বি, হাতীর পৃষ্ঠের উপর বসিবার কাষ্ঠময় আসন। ২ গদিযুক্ত জিন padded saddle

চারটিখানি-চাট্টি, চার$_1$ দ্রঃ।

চারণ$_1$ [চর্ + ণিচ্=চারি (সঞ্চার করান) + অন (র্ত্তৃ)] বি, ভাট অপেক্ষা উচ্চপদ। ২ স্তুতি-পাঠক : কুলকীর্ত্তি গায়ক। ৩ রাজপুত-দিগের শ্রেণীবিঃ যারা যুদ্ধকালে বীরগাথা কীর্ত্তনে যোদ্ধৃবৃন্দকে উৎসাহিত করে। ৪ দেবযোনিবিঃ। "সিদ্ধ নাগ চারণ-কিন্নর" -কবিকং। ৫ নট। ৬ পশুচারণের মাঠ।

চারণ$_2$, চারণা [ল=র] বি, চালনা। "পদচারণা।"

চারপথ [চার=চর (দূত) তদর্থে পথ, মং পং লো] বি, দূতপ্রেরণের পথ। ২ রাজপথ।

চারপাই, চারপায়া [চার$_1$ দ্রঃ] বি, দড়ি দিয়া বোনা খাট বিঃ।

চারবায়ু [চার (দূত) গমনোপযোগী বায়ু মং পং লোং] বি, গ্রীষ্মকালের বায়ু (গ্রীষ্মকালেই রাজাগণ চর প্রেরণ করিয়া থাকেন বলিয়া গ্রীষ্মকালের বায়ুকে চার বায়ু বলে)।

চারভট [চর (দূত) ভট (সেনা) ধা] বি, যে দূত সময়ে সেনার কার্য্য করে। ২ মৎস্যবিঃ।

চারা$_1$ [হিং-চারা] বি, পশুখাদ্য fodder. ২ সম্ভার provision. ৩ টোপ bait. ৪ জন্তুর খাদ্য। ৫ মাছের আহারীয়। ৬ [চার (দ্রঃ) অর্থেও ব্যবহৃত] ভাজা মেথি, মাথাঘষার মসলা ইং চূর্ণ যার গন্ধে আকৃষ্ট হইয়া, মাছগুলি গন্ধযুক্ত জলে আসিয়া বিচরণ করে।

চারা$_2$ [চর্ (গমন, সঞ্চার করা)] বি, ডিম ফুটিয়া যা জলে বিচরণ করে ; চারা মাছ : বাচ্চা মাছ। ২ বৃক্ষের যে অবস্থায় নাড়িয়া পোঁতা হয় ; ছোট গাছ ; চারা গাছ ; নবোদ্গত গাছ।

চারা$_3$ [ফাং-চারা (চারাহ্ > ক্ষেং)= ঔষধ, বিহিত, সহায়] বি, উপায় ; প্রতিবিধান ; বিহিত। "দিয়েছি গোলামী খৎ এখন কি আর আছে চারা।"-রাং প্রং।

চারানি [চার (সঞ্চার) + আন (ক্রিয়ায)] ক্রি, সঞ্চারিত করা। ২ বণ্টন করা।

চারি$_1$ [সং-চত্বার > চতুর্, প্রাকৃং-চারি, বাং-চারি] বিণ, চার ; ৪ 'সংখ্যা' : দুই আর দুই। চাং কোণ-চতুষ্কোণ। চাং গুণ-চতুর্গুণ : চার-ডবল।~টি-চারটি দ্রঃ। চাং দিক্-চতুর্দ্দিক্। ২ সকল দিক্। ৩ সকল বিষয়। চাং পোয়া-চারপো (দ্রঃ)। ২ পরিপূর্ণ। চাং ভিত-চতুর্দ্দিক্। "কুটুম্ব বান্ধব জত সভে রহে চারি-ভিত"-শূং পুং। "চিতা-ভস্ম চারিভিতে রেখেছি মা আসিস যদি"-গান। পায়-চারি-পদ-চারণা ; ধীরে ধীরে বিচরণ করিতে করিতে বায়ু-সেবন।

চারি$_2$ [প্রাদেং মৈংগীং] বি, বৃহৎ মৃৎপাত্র-বিঃ।

চারিত [চর্ + ণিচ্=চারি (গমন করান) ত (র্ম্ম)] বিণ, চারিত ; সঞ্চালিত ; সঞ্চারিত। ২ যাকে চরাইয়া আনা হইয়াছে।

চারিত্র, চারিত্র্য [চরিত্র + অ, য্

(স্বার্থে)] বি, চরিত্র (প্রঃ) ; বীর ; মহাপুরুষ character hero. "চারিত্র পূজা।"-রবী।

চারিমা [চারু (মনোহর) + ইম (ভাং)। মূং চারিমন্ ১মা, ১বং] বি, চারুতা; কমনীয়তা ; লালিত্য।

চারী [চার (চর্ (বিচরণ করা) + ণিচ্ = চারি + ই (স্ত্র্য)। মূং চারিন্-১মা,১বং] বিণ, সঞ্চারী : বিচরণকারী : ভ্রমণকারী। এই অর্থে অন্যশব্দ যোগে ব্যবহৃত হয়। "কুঞ্জ-কাননচারী."। ২ [চার (পদসঞ্চরণ) ঈং (স্ত্রীং) >] নৃত্যের অঙ্গবিঃ। আলাপ-চারী-সঙ্গীত অভ্যাস ; সুর ভাঁজা।

চারু ["সুন্দরং রুচিরং চারু সুষমং সাধু শোভনম্। কান্তং মনোরমং রুচ্যং মনোজ্ঞং মঞ্জু মঞ্জুলম্॥"-অমর। চর্ (গমন করা, সঞ্চারিত হওয়া) + উ (র্ত্তৃ)-যা সকলের দৃষ্টি-পথ বা মনের মধ্যে গমন করে] বিণ, সুন্দর : মনোরম : মনোজ্ঞ ; সুদর্শন। "কবরীর চারু শোভা যোগিজন মনোলোভা,"। ২ কোমল : ললিত। ৩ শোভাময়। ৪ বি, বৃহস্পতি। ৫ রুক্মিণীগর্ভজ শ্রীকৃষ্ণের পুত্র। ~তা [চারু + তা (ভাং)] বি, সুন্দরতা : চারিমা : শোভা ; মনোজ্ঞতা। ২ কোমলতা : লালিত্য : কমনীয়তা। ~দর্শন-বি, বিণ, সুদর্শন : নয়নানন্দ। ২ সুন্দর দৃশ্য ~নেত্র [চারু (সুন্দর) নেত্র (চক্ষুঃ) যার, বহুং] বি, হরিণ। ২ বিণ, সুন্দর নয়নযুক্ত। > স্ত্রীং ~া-বিণ, সুনয়না। "উত্তর করিলা তবে চারুনেত্রা দেবী চিত্রাঙ্গদা"-মেঘং। ২ বি, অপ্সরাবিঃ। ~পর্ণী [চারু-পর্ণ (পাতা) যার, বহুং] বি, গন্ধভাদাল। ~বক্ত্র [চারু (সুন্দর) বক্ত্র (মুখ) যার, বহুং] বি, কুমারের অনুচরবিঃ। ২ বিণ,সুমুখ। > স্ত্রীং~া। ~বর্দ্ধন[চারু + বর্দ্ধন (বৃধ্ + ণিচ্ = বর্দ্ধি-বৃদ্ধি পাওয়ান + অন (র্ত্তৃ)] বিণ, সৌন্দর্য্যবর্দ্ধক। ~ব্রত [চারু ব্রত যার, বহুং] বিণ, সুব্রত। > স্ত্রীং ~া। ~লোচন [চারু (সুন্দর) লোচন (নেত্র) যার, বহুং] বি, হরিণ। ২ বিণ, চারুনেত্র ; সুনয়ন। > স্ত্রীং ~া। ~শিলা [চারু-শিলা (প্রস্তর)] বি, সুদৃশ্য পাষাণ। ২ মণি। ~শিল্প-বি, ললিত কলা চতুঃষষ্টিকলা বিদ্যা arts, তুল-কারুশিল্প craft : industrial arts. ~শীল [চারু-শীল (চরিত্র) যার, বহুং] বিণ, সুন্দর স্বভাব ; সুশীল ; সাধুচরিত্র। > স্ত্রীং ~া-সৎস্বভাবা ; সুশীলা। ~হাসী [চারু-হস্ (হাস্য করা) + ই (র্ত্তৃ. শীলার্থে)। মূং হাসিন্ ১মা, ১বং] বিণ, সুন্দর হাস্য করাই যার স্বভাব ; মধুর হাস্যকারী। > স্ত্রীং ~হাসিনী-যে স্ত্রীর হাস্য মনোহর : মধুর হাসিনী ; মৃদুহাস্যকারিণী।

চার্চ্চিকা [সং] বি চন্দনাদি অঙ্গলেপ।

চার্জ্জ, চার্জ [ইং-charge এর লিপ্যন্তর আদাঃ পবিঃ] বি, অভিযুক্ত ব্যক্তির প্রতি অপরাধের আরোপ।

চার্ব্বঙ্গী [চারু-অঙ্গ + ঈং (স্ত্রীং)] বি, সুন্দরী স্ত্রী। ২ বিণ, কোমলাঙ্গী। পুং, চার্ব্বঙ্গ।

চার্ব্বাক [চারু-বাক্-যার বাক্য আপাত মনোরম] বি, নাস্তিকতা এবং ঐহিক সুখভোগ প্রতিপাদক দর্শনকার মুনিবিঃ। খৃঃ তৃতীয় শতাব্দীতে ইঁহার অভ্যুদয় অনুমিত হইয়াছে। ২ যুধিষ্ঠিরকে বিনাশ করিবার অভিপ্রায়ে দুর্য্যোধন কর্ত্তৃক নিযুক্ত জনৈক রাক্ষস। ~দর্শন [চার্ব্বাক্ (মুনি কৃত) দর্শন (দর্শন শাস্ত্র), মং পং লোং] বি, চার্ব্বাক্ মুনি প্রণীত দর্শন বিঃ। ইহাকেই নাস্তিক গ্রন্থ বলে, কারণ ইহার মতে বেদ, শাস্ত্র সকলই অপ্রামাণ্য, পরলোক, স্বর্গ, মুক্তি কিছুই নাই, ব্রহ্মচর্য্য, অগ্নিহোত্র ও শ্রাদ্ধাদি কার্য্য সমস্তই নিষ্ফল।

চার্ব্বী [চারু + ঈং-স্ত্রীং] বি, সুন্দরী স্ত্রী। ২ শোভা। ৩ কুবেরপত্নী।

চার্ম্ম [চর্ম্ম + অ (সম্বন্ধে)] বিণ, চর্ম্ম-সম্বন্ধীয়। ২ চর্ম্মময়। ৩ বি, চর্ম্মনির্ম্মিত বা চর্ম্মাবৃত যান।

চার্ম্মণ [চর্ম্মণ্ + অ (সমূহার্থে)] বি, চর্ম্মসমূহ ; চামড়াসকল।

চার্ম্মিক [চর্ম্ম + ইক (নির্ম্মিত বা জাত অর্থে)] বিণ, চর্ম্মময় ; চামড়ার।

চাল১ [সং-তণ্ডুল > তাঁড়ুল > তাঁউল > চাউল > ক্ষেং চাল, চালু] বি, তণ্ডুল ; ধানের শস্য ; চাউল rice ; oryza sativa. ২ [হিং-চাউল, চাবল] এক রতির অষ্টমাংশ। চাং কাঁড়া-ঢেঁকী বা উখলীতে মুষলদ্বারা নিস্তুষ করা। চাং কোটা-চাউল কুট্টিত করা ; চাল কাঁড়া। চাং গুঁড়ান-চাল ভিজাইয়া শিল ইং-তে চূর্ণ করা। চাং চিবান-শুষ্ক চাউল চর্ব্বণ। ২ নীরস উক্তি করা। ৩ (চাল চিবাইবার অনুং) চ্যাটং চ্যাটং কথা বলা। চাং ঝাড়া-চাউল হ'তে ক্ষুদ, ধূলা ইং উড়াইয়া) দেওয়া। চাং ধোয়া-রন্ধনার্থ চাউল জলে মাজিয়া ও ধৌত করিয়া পরিষ্কার করা। চাং ধোয়ানি-চাল ধোয়া জল। চাং বাচা-চাউলের সহিত মিশ্রিত কাঁকর মাটি বা অন্য শস্য ইং নির্ব্বাচিত করিয়া পৃথক্ করা। চাং ভাজা-ভর্জ্জিত বা ভৃষ্ট চাউল ; মুড়ি। চাং সিদ্ধ করা-ভাত রাঁধা। চালের গুঁড়ি-চাউল চূর্ণ ; পিষ্ট চাউল। চালের পিঠা-পিষ্ট চাউলের বড়া : চাউল ঘটিত পিষ্টক। গুড়চাল-গুড় মিশ্রিত চাল : যা বিবাহের সময় বরের গায়ে ছুঁড়িয়া মারে। আতপ চাল, আলোচাল-সূর্য্যাতপে শুষ্ক চাউল : যে চাউল ধান সিদ্ধ করিয়া বাহির করা হয় নাই। বুকড়ি চাল -মোটা দানার অপকৃষ্ট চাল। মিহি চাল, সরু চাল-সরু দানার উৎকৃষ্ট ও স্বাদু চাল। সিদ্ধ চাল-অগ্নিতাপে ভাপান বা সিদ্ধ করা ধান হ'তে যে চাল বাহির করা হয়।

চাল২ [চল্ (বিস্তার লাভ করা) + অ (র্ত্তৃ)-যা গৃহাদির উপরিভাগে যায় বা বিস্তার লাভ করে] বি, গৃহাদির আচ্ছাদন ; সাধারণতঃ বাঁশ, খড়, গাছ-পালার আচ্ছাদন ; ছাদ। ২ নৌকার ছই। ৩ প্রতিমার উপরের আকাশ যাতে বিমান পথ ও স্বর্গলোকের দৃশ্যাবলী চিত্রিত থাকে ; প্রতিমার পশ্চাদ্বর্ত্তী ছটা : চালচিত্র। চাং কেটে উঠান-উদ্‌বাস্তু করা। ~চুলা-চাল অর্থে কুঁড়ে > লক্ষণায়-আশ্রয় এবং চুলা অর্থে উনান, > রন্ধনাগার, লক্ষণায়-অন্নসংস্থান] আশ্রয় ও উদরান্নের সংস্থান ; ঘরসংসার। প্র-যার চাল চুলা নাই

তার হাতে মেয়ে দেওয়া কি যায়? "নাহি যার চালচুলা গায়ে মাথে ছাই ধূলা"-সোনার তরী। ~ছাওয়া-ঘরের উপরে বিছান ও সমান্তরাল করিয়া বাঁধা বাঁশ বাঁখারির উপর খড়, খোলা প্রভৃতি দ্বারা আচ্ছাদিত করা বা ঢাকিয়া দেওয়া। চাল না চুলো ঢেঁকি না কুলো-কিছুই নাই; না গৃহ না গৃহোপকরণ না অন্নসংস্থান; নিঃসম্বল; নিরাশ্রয়। চালের বাতা-চালের মুখ বাঁধা লম্বা বাঁখারি; বাতা দ্রঃ। খোড়ো চাল-খড়দ্বারা আচ্ছাদিত ছাদ। [দ্রঃ-চাল অনুসারে প্রায়ই ঘরের নাম হয়; যথা-খোলার ঘর=যে ঘরের চাল খোলায় আচ্ছাদিত, এইরূপ, খোড়ো ঘর; হোগলার ঘর; লতাপাতার ঘর] খোলার চাল-যে ঘরের আচ্ছাদন বা ছাদ খোলায় আবৃত।

চাল৩ [চল্ (গমনে) + অ >, বা চরিত্র >। হিং-চাল্ = চলন বা গতিভঙ্গী] বি. প্রথা; রীতি; আচার। প্র-দেশের যেমন চাল; যে কালের যে চাল custom; usage. ২ কাজের ধারা; সাধন উপায় method; manner. ৩ ব্যবহার; আচরণ; লৌকিকতা manner; conduct "যারা খেতো সরু চাল, চালে মোটা চাল"-ঈং গুপ্ত। ৪ স্বভাব; চরিত্র।৫ কৌশল; ফন্দী trick তুল-চালবাজী। প্র-আচ্ছা চাল চেলেছে। ৬ পাশা, দাবা ইং গুটিকা ঘটিত খেলার ঘুঁটির ঘর পরিবর্তন; ছকের এক ঘর হইতে অন্য ঘরে গমন। প্র-তাহাকে এক চালে মাত করেছে। চাং কমানি-ব্যয় সঙ্কোচ করা; জাঁক জমক কম করা। চাং খারাপ্ করা, -বিগড়ানি-মন্দ স্বভাব হওয়া; কুচরিত্র হওয়া। চাং চালা-ফন্দি খাটান play tricks. চাং দেওয়া, চাং মারা-কৌশল প্রকাশ করা; কূটবুদ্ধিতে চলা। ২ জাঁক দেখান; জাঁকের কথা বলা; উঁচাইয়া চলা। ~বাজ [চাল (দ্রঃ)-ফা-বাজ্] বিণ. যে চাল চালে; কৌশলী। ২ বঞ্চক। বি. ~বাজী-কৌশল প্রয়োগ; ফন্দী বা কূটবুদ্ধি প্রয়োগ। চাং বাড়ানি-ব্যয় বৃদ্ধি করা; বিলাসিতা বৃদ্ধি করা; আচারব্যবহারে খরচ খরচার বাহুল্য করা। কুচাল, বেচাল, বদচাল-মন্দস্বভাব; বদচলন। গরীবী চাল, গরীবানা চাল-দরিদ্রের স্বীয় অবস্থা অনুযায়ী আচরণ; দরিদ্রের মত সামান্য ব্যয়; বড় মানুষী চাল-ধনীর উপযুক্ত ব্যয়; ধনীর অবস্থানুযায়ী ভোগ বা বিলাসিতা। লম্বা চাল-অবস্থার অতিরিক্ত ব্যয় বা আচরণ; জাঁক।

চাল৪ [প্রাং-বাং] বি. অংশ; ভাগ। "পাতকীজনা মারিলে পাপের চাল ভাগে" (=পাপের অংশ দূর হয়)-রামাং কৃত্তিং।

চালক [চল্ (গমনে)-ণিচ্=চালি + অক (র্তৃ)] বিণ. যে চালায়; পরিচালনকারী। ২ সারথি। ৩ প্রেরক; স্থানান্তরকারী। ৪ বি. মদমত্ত হাতী।

চালকি [চাল, চালুকি-কী দ্রঃ] বি. চালওয়ালা। "চাল লয় চালকি ধরে, কড়ি চাইলে তারে মারে"-কবিকং।

চালচলন [চাল-চলন (সহচর শব্দদ্বয়)। হিং-চালচলন, চাল৩ দ্রঃ] বিঃ স্বভাব চরিত্র; ধরণধারণ। প্র-লোকটার চাল চলন ভাল বোধ হয় না। ২ রীতি নীতি। "দেশের আজকাল এমনি চালচলন"-রজনী সেন।

চালচুলা-চাল২ দ্রঃ।

চালচৌটী [পূং বঙ্গ প্রাদেং মেয়েলি] বি. একপো চাল। প্র-চালচৌটীর ভাত ছ' মাসে খায়।

চালতা, চালিতা [তুল-সং চারিত্রা (তেঁতুল)। গ্রাং চালতে,চালতা। সং নাম ভব্য] বি. অম্ল কষায়রস গোলাকার পিচ্ছিল বীজ ফলবিঃ; চালতে dillenia speciosa ২ [প্রাদে] জাম।

চালন১ [চল্-ণিচ=চালি + অন (ভাং)] বি. অপসারণ; প্রেরণ; স্থানান্তরিতকরণ। ২ ঝাড়ন। ৩ সঞ্চালন। বিণ. চালনীয়।

চালন২ [পাবনা, খুলনা প্রাদেং] বি. চালনী sieve.

চালনা১ [চালন + আ-স্ত্রীং] বি. আন্দোলন; অনুশীলন; চর্চা। বিণ. চালনীয়।

চালনা২, চালনী, চালুনী [চালুন দ্রঃ। হিং-চালনা; চালনী। চাল্ + ণিচ = চালি (চালা, ঝাড়া) + অন (ণে) + ঈ, স্ত্রীং] বি. যদ্দ্বারা শস্যাদি বা তাহার চূর্ণ চালা বা ঝাড়া যায়; বহুছিদ্র বংশশলাকা বা তারনির্মিত পাত্র; ছাঁকনী। ~চাং ন্যায়-চালনী সঞ্চালিত করিলে বা ঘুরাইলে শস্যাদি স্থানান্তরে পতিত হইবার ন্যায়। চাং বলে ছুঁচ তোর মার্গে কেন ছেঁদা-শতছিদ্র চালুনী কর্তৃক একছিদ্র ছুঁচের ছিদ্র দর্শন > লক্ষণায়, বহু ত্রুটি যার তার পরছিদ্র অন্বেষণ।

চাল্শা, চাল্শে [চল্লিশ-চালিশ + ইয়া] বিণ. চল্লিশ বর্ষ বয়স্ক। ২ চল্লিশ বৎ বয়সে যে দৃষ্টিক্ষীণতা হয়। প্র-এইবার তা'কে চাল্শে ধরিয়াছে।

চালা১ [চল্-ণিচ্=চালি, চলা ধাতুর ণিজন্তরূপ চলান বা চালা। চাল + আ (ক্রিয়ায়)। হিং-চলানা। চালি. চাল.চালে; চালিতে (কথ্য চালতে), চালিয়া (কথ্য চেলে) ইং। ণিজন্ত-চালান] ক্রি. সঞ্চালন করা। ২ ঝাড়া; চালুনীর দ্বারা পরিষ্কার করা। ৩ চলিতে বাধ্য করা; স্থানান্তরিত করা; সরান; নাড়া। ৪ ঘূর্ণিত করা; ঘুরাণ। প্র-মাথা চালা। ৫ [খেলায়] ঘুঁটি এক ঘর হ'তে সরাইয়া অন্য ঘরে রাখা। ৬ মন্ত্রশক্তি আকর্ষণ করা; যেস্থানে সাপ আছে তথা হ'তে মন্ত্রশক্তি দ্বারা সাপকে বাহির হ'তে বাধ্য করা। "রাখিল নূতন ঘটে, গর্জ্জনে কলস ফাটে সাপ চালে চন্দ্র মতিমান।"-কবিকং। ৭ [প্রাং-বাং] সম্বরণ করা। "চমকিনী রাধা উঠিআঁ দেখিল কাহ্নে ধন চালিআঁ বসনে।"-শ্রীং কীং। ৮ আক্ষেপ করা [অপ্র]। ৯ ভর্ৎসনা করা; তিরস্কার করা [অপ্র]। "যত পারেন গঙ্গাদাস পণ্ডিতের স্থানে। সভারেই ঠাকুর চালেন অনুক্ষণে॥"-চৈং ভাং। ১০ প্রয়োগ করা; আচরণ করা। প্র-চাল চালা। গা-চালা-ত্বক কম্পিত করা। অশ্ব-গবাদি পশুর গায়ের চামড়া কম্পিত করিয়া চুলকান বা ধূলা উড়ান; গা ঝাড়া। চাল চালা-চাল৩ দ্রঃ। ~চালি-এক স্থান হইতে অন্যস্থান ও পুনঃপুনঃ তৎকরণ; নাড়ানাড়ি। মাথা-

চালা-মাথা ঘুরান। হাত-চালা-মন্ত্র পড়িয়া যেখানে চুরির জিনিষ লুকান আছে তথায় হাতকে আকর্ষণ-বলে সরিয়া সরিয়া গিয়া থাকিতে বাধ্য করা।

চালা₂ [চলাচল বা সাড়া >] বি, চলার শব্দ বা আভাস : নড়িয়া বেড়াবার শব্দ ; সাড়া। "মমতা জোর দিয়া বলিল–না আমি মানুষের চালা পেলাম। তুমি একবার উঠে দ্যাখোই না।"-চোরকাঁটা।

চালা₃ [চাল (ছাদ)+আ (বিশেষ্যে বা স্থ)] বিণ, চালবিশিষ্ট। ২ যে ঘরের চাল আছে ; কুঁড়ে ; চালাঘর। ৩ ইঁদুরের গর্ত। ৪ [প্রাদে° পাবনা] পুকুরের পাড়। একচালা-যে ঘরের একখানা চাল ঢালু ভাবে নির্ম্মিত। এইরূপ, দোচালা, চারচালা, আটচালা।

চালা₄ [প্রাদে°] বি, মাছ ধরিবার জালবিঃ। জাল₁ দ্রঃ।

চালা₅ [চড়া > ?] বিণ, উচ্চ। ~জমি-উঁচুজমি elevated land.

চালাক [ফা°-চালাক্] বিণ, চতুর ; দক্ষ ; পটু। ২ বুদ্ধিমান। বি, চালাকি, -কী-তীক্ষ্ণবুদ্ধি। ২ চতুরতা। ৩ ফন্দী। > চা° করা,-মারা (নিম্ন কথ্য)-চতুরতার সহিত প্রগলভতা করা। উপর চালাকি [উপর দ্রঃ] ফাজ্লামি।

চালান₁ [চালা দ্রঃ। হি°-চালান্] বি, প্রেরণ : রপ্তানি ; চালানি মালের ক্ষেপ। "এক চালান মাদুর আসিয়াছে।" ২ আসামীকে পুলিশ কর্ত্তৃক গ্রেপ্তার করিয়া বিচারার্থ আদালতে পাঠান ; অপরাধীকে গ্রেপ্তার করিয়া পুলিশে পাঠান। ৩ ক্রেতার নিকট মাল পাঠান। ৪ প্রেরিত মালপত্রের তালিকা invoice. চা° দেওয়া-রপ্তানি করা।

চালানি₁ [চলান দ্রঃ। চলার ণিজন্ত রূপ। চালাই, চালাও, চালায় ; চালাইতে (ক্ষে° চালাতে) ; চালাইয়া (ক্ষে° চালিয়ে) ই°] ক্রি, চলিতে বাধ্য করা। ২ পরিচালিত করা: পথ প্রদর্শন করা ; উপদেশ বা মন্ত্রণা দেওয়া। বিণ, চালানিয়া, চালানে।

চালানি, -নী [চালান দ্রঃ] বিণ, যা চালান দেওয়া হইয়াছে ; যে মাল পাঠান হইয়াছে। ২ রপ্তানি-উপযোগী ; চালান দিবার জন্য রক্ষিত।

চালি, চালী [চাল-ই, ঈ (ক্ষুদ্রার্থে)] বি, নৌকার বংশনির্ম্মিত বসিবার স্থান। ২ ক্ষুদ্র মঞ্চ ; মাচা। ৩ ছোট চাল। ৪ অনেকগুলি বাঁশ সারিবদ্ধভাবে গাঁথিয়া যে ভেলা তৈয়ার হয়। "বাঁশের চালি আইয়ের (=আসে) একখান ভাসিতে ভাসিতে" -পূ° ব° গী°।

চালিত [চল্+ণিচ=চালি+ত (ক্ত), ই আগম] বিণ, যা চালাইয়া দেওয়া হইয়াছে : সঞ্চালিত। ২ স্থানান্তরিত। ৩ পরিচালিত। ৪ আন্দোলিত। ৫ অনুশীলিত।

চালিতা-চাল্তা দ্রঃ।

চালিসা, চালসে [গ্রা°] বি, ৪০ বৎসর বয়সে যে দৃষ্টি ক্ষীণতা হয়, ঝাপ্সা দৃষ্টি। ক্রি, চালসে ধরা-ঐরূপ হওয়া।

চালু [প্রা°বাং। চাউল উচ্চারণ ভেদে] বি, চাউল : চাল। "ধান্য ভানা গেল নাই এই বালে কই। চাকরের চালু চাই চারি দণ্ড বৈ॥"-শি°।

চালুকি, চালুকী, চালুতি, চেলুতি [গ্রা° চালু দ্রঃ] বি, চাউল ব্যবসায়ী ; চাউল বিক্রেতা। চালুকি-গিরি, চেলুকীগিরী, চেলুকিগিরি-বি, ধান ভানিয়া চাল করার কর্ম্ম। "আমি হজুর চেলুকীগিরী করি। দু টাকায় ধান কিনে চাল করি তা এই গাঁয়ের মন্দি বিচে যায়।" -দ্বি° রায়।

চালুন [প্রাদে° ক্ষুদ্রার্থে 'চালনা'] বি, ধান ই° চালিয়া পরিষ্কার করিবার বাঁশে প্রস্তুত পাত্র বিঃ।

চালুয়া [ক্ষে° চেলো] বি, চালের পোকা; চেলোপোকা weevil.

চাষ [চষ্ (ভক্ষণে) + অ (ভা°)-ভক্ষণের উপযোগী বস্তু উৎপাদন। প্রা°-বাং-চাস (শু° পু°)] বি, ভূমিকর্ষণ ; ক্ষেত্রে হল চালন ; কৃষিকর্ম্ম cultivation. ২ চর্চ্চা ; অনুশীলন culture "বুদ্ধির চাষ কোনখানে নাই" -রবী°। ৩ [দ্বি-অ] সোণা চড়ুই। ৪ [ধ্ব-অ] ইক্ষু। চা° করা-কৃষিকর্ম্ম করা। ২ অনুশীলন করা। চা° দেওয়া-জমি চষা। ~বাস করা-চাষ করা ও বাস করা : কৃষিকর্ম্ম করিয়া জীবন যাপন করা। ২ [সহচর শব্দ] কৃষিকর্ম্ম করা। একচাষ-একবার চষা। দুচাষ-দুইবার চষা ; দুয়ার। তিন চাষ-তিন বার চষা : তিয়ার দ্রঃ। > বিণ, চষা (=কর্ষিত), চাষা, চাষী, চাষাড়িয়া, চাষাড়ে। ক্রি, চষা।

চাষা [চাষ+আ (বৃত্তি-অর্থে)] বি, চাষ যার বৃত্তি বা জীবনোপায় : কৃষক ; চাষী ; কৃষাণ cultivator. ২ বিণ, গ্রাম্য ; অসভ্য villager. ৩ মূর্খ ; অপণ্ডিত। ~ধোবা-হিন্দুজাতি-বিঃ। ~ভুষা, ~ভুষো-চাষা ও তৎশ্রেণীস্থ লোক ; গ্রাম্য অশিক্ষিত লোকজন।

চাষাড়িয়া, -ড়ে [চাষা+টিয়া-ডিয়া (সাদৃশ্যে) > ক্ষে° চাষাড়ে] বিণ, চাষার ন্যায়, কৃষকসুলভ।

চাষী [চাষ দ্রঃ] বি, কৃষিজীবী ; কৃষক। "আমরা প্রজা চাষী, জমি চসি সুফল ফলাই তায়"-চাষার পত্র। ২ মূর্খ ; অপণ্ডিত, "কে বুঝে পণ্ডিত কেবা চাষী"-রা° প্র°।

চাহন₁ [চাহা দ্রঃ] বি, প্রার্থনা ; মাগন।

চাহন₂-বি, অবলোকন ; নেত্রপাত।

চাহনি [গ্রা°-চাউনি, চাহনি। চাহা দ্রঃ] বি, দৃষ্টি ; নজর। "কিবা সে চাহনি ভুবন ভুলনী"-চণ্ডি°।

চাহসি [প্রা°-বাং >] ক্রি, চাইতেছিস্ ; চাহিস্। "বোল চালে হাট জাইতে চ° সুন্দরী" -শ্রী° কী°।

চাহা₁ [হি°-চাহ্না=চাওয়া (দ্রঃ)। চাহি (চাই), চাহ (চা, চাহন, চাউন, চান, চায় (চাহেন, চান), চাহিতে (ক্ষে° চাইতে) ; চাহিয়া (ক্ষে° চাইয়া, চেয়ে) ই°] ক্রি, প্রার্থনা করা ; ভিক্ষা করা। ২ অপেক্ষা করা ; আশা করা। "পথ পানে চাহি"-রবী°। "চাহিতে চিন্তিতে চারি মাস বয়ে গেল" -শি°। ৩ অন্বেষণ করা। "আপনা সম্বরি উঠ, নিজ ধন চাহ"-চৈ° ভা°। "চাহিনু অনেক ঠাঁই যথা খেলে সঙ্গী ভাই, কেহ নাহি কহিল সন্ধান।"-কবিক°। ৪ অভিলাষ

করা ; বাসনা করা ; স্পৃহা করা ; ভালবাসা। "যাদের চাহিয়ে তোমারে ভুলেছি, তারা ত চাহেনা আমারে।"-রবী°।

চাহা₂ [চাওয়া দ্রঃ] ক্রি, দৃষ্টিপাত করা ; দেখা। "চারিদিকে দেখ চাহি হৃদয় প্রসারি," -রবী°। প্রা°-বাং-চাহসি-চাহিস। চাহা-চাহিয়া চাহো-চাহিব। বি, চাহনি, চাউনী। ~চাহি-বহু লোকের পরস্পর অবলোকন। ২ চারি চক্ষুর মিলন ; দেখাদেখি। চাহিয়া দেখা-দৃষ্টিপাত করা ; চোখ খুলিয়া মনোযোগের সহিত দেখা ; অবলোকন করা। মুখ চাহাচাহি [গ্রা° মুক-চাওয়া-চাই] পরস্পরের মুখের প্রতি দৃষ্টিপাত। ২ একের অন্য অপেক্ষা।

চাহা₂ [পাখীর কণ্ঠস্বর অনু° > নাম ঝাঁকে ঝাঁকে উড়িতে উড়িতে চাক্, চিকা এইরূপ শব্দ করে বলিয়া] বি, লম্বা-ঠোঁট ছোট পাখী বিঃ; কাঁদা খোঁচা snipe. মাংসের জন্য অনেকে চাহা শিকার করে।

চাহারম, চঁহরম [ফা°-চাহারম্, চাহারুম্=চতুর্থাংশ] বি, চারভাগের একভাগ, চতুর্থাংশ। ~জিমী-যে জমীতে চার আনা-হিসাব ফসল উৎপন্ন হয় ; চতুর্থশ্রেণীর জমি। চাহারম পত্তনি-সে-পত্তনিদারের অধীন পত্তনি।

চাহি, চাহিতে [হি°-চাহে তুলনায় নির্ব্বাচনার্থক : তুল-either বাং গ্রা° চেয়ে। এক হতে অন্যের উৎকর্ষ বা অপকর্ষ অর্থে] অ, অপেক্ষা ; চেয়ে। "রূপ চাহি গুণ নহ উন।"-গোবিন্দ°।

চাহিদা [হি°-চাহ্=প্রয়োজন। হি°-চাহিতা=বাঞ্ছিত ; ভালবাসার পাত্র। কিন্তু বাঙ্গালায় চাহ্ অর্থে চাহিতা-"চাহিদা" রূপে ব্যবহৃত] বি, প্রয়োজন ; টান demand. "অর্থনীতি শাস্ত্রে বলে, ডিমাণ্ড্ অনুসারে সাপ্লাই অর্থাৎ চাহিদা অনুসারে জোগান্ হইয়া থাকে।"-চারিত্রপূজা। চাহিদা মিটানি-প্রয়োজন মত বা যে পরিমাণ চাই তত যোগান দেওয়া।

চিআনি, চিয়ানি [চিৎ (জাগরণে) + আন (ক্রিয়ায়)-চিতান-চেতান (দ্রঃ)। চিআ (য়া) ই, চিআ (য়া) ও, চিআ (য়া) য় ; চিআ (য়া) ইতে (ক্ষে° চিয়াতে) ; চিআ (য়া) ইয়া (ক্ষে° চিইয়ে)। প্রা°-বাং চিআইআ (-য়িএঁ, -ইএঁ)-জাগরিত হইয়া। চিআয়িলী-জাগরিত হইল (শ্রী° কী°)] ক্রি, চৈতন্য সম্পাদন করা। ২ জাগান। ৩ সতর্ক করা। বি, চিঅন, চিওন।

চিংগা [প্রা°-বাং। < হি°] বি, শিশু, ছা। ২ ছাগ শিশু।

চিংড়ি [চিঙ্গট (হি°-ঝিঙা)] বি, চিঙ্গড়ি (দ্রঃ) ; ইচলা মাছ।

চিঁ [অনু° শব্দ] বি, পাখীর ছানার ডাক। (২) পাখীর যন্ত্রণা-সূচক শব্দ। ২ অতি ক্ষীণ স্বর। ৩ রুগ্ন-কণ্ঠরব। ~চিঁ-পাখীর ছানার ডাক। ২ পাখীর আর্ত্তনাদ। ~চিঁ করা-রুগ্ন-দুর্ব্বলের অতিশয় ক্ষীণ কণ্ঠে বেদনা প্রকাশ করা। ধরিলে চিঁ চিঁ করে ছাড়িলে লম্ফ ছাড়ে-বদ্ধ বা ধৃত হলে দুর্ব্বলতা প্রকাশক কাতরতা প্রকাশ করে, অব্যাহতি বা ছাড়া পাইলে সবলের মত লাফালাফি বা দৌরাত্ম্য করে।

চিঁড়া, চিঁড়ে [চিপিটক > দ্রঃ] বি, চিপিটক দ্রঃ। চিঁড়ে চেপ্টা-চিঁড়ের মত পিষ্ট। ২ [লক্ষ°] সম্পূর্ণভাবে দমিত : পিষ্ট। চিঁড়ে বাইশফের-এক পাল্লায় একটা চিঁড়ে ও অন্য পাল্লা দুটা চিঁড়ে এ রূপে বাইশ বারে যত চিঁড়ে পাওয়া যায় ; ৪১৯৪৩০৪ সংখ্যক চিঁড়ে।

চিঁহি, চিঁহিঁ, চিঁহিঁহিঁ [অনু°] বি, অশ্বের রব ; হ্রেষা।

চিক₁ [উজ্জ্বল্যে চিক্‌চিক্ করে বলিয়া] বি, কণ্ঠভূষণবিঃ।

চিক₂, চীক [তুর্কী-চিক্] বি, চক্ষে তীব্র আলো না লাগে এতদর্থে নির্ম্মিত বংশ-শলাকার পর্দ্দা ; বাহির হইতে গৃহাদির ভিতরে দেখা না যায় এজন্য ব্যবহৃত চওড়া পাতলা বা সরু গোল কাঠির জাল।

চিকচিক, চিক্‌চিক্ [অনু° অনুকার অ, কোন কোন পাখীর ডাক। ২ ; মসৃণ ও আভাম্বিত। আধিক্য অর্থে চক্‌চক্। ক্রি, চিকচিকানি। বিণ, চিকচিকিয়া, চিকচিকে। বি, চিকচিকুনী-বৃষ্টিবাদলে ক্রমাগত বিদ্যুতের বিকাশ।

চিকটা-চিটকা দ্রঃ।

চিকণ₁ [তেলু-চক্কনি (সুন্দরী) > সুন্দর এবং অর্থ সম্প্রসারণে দীপ্তিশালী] বিণ, চিক্কণ ; চক্‌চকে ; উজ্জ্বল। "ইহার বামে দেখি চিকণ বরণী।"-চণ্ডি°। ২ মসৃণ এবং উজ্জ্বল। ৩ সুন্দর। "চিকণ গাঁথনে বাড়িল বেলা।"-ভারত°। ৪ চিকন দ্রঃ। বিণ চিকণিয়া, চিকণা। "বেণী বিননিয়া, চূড়া চিকনিয়া।"-অ°ম°। ~কালা [চিকণ (সুন্দর) কালা] বি, কৃষ্ণ ; কৃষ্ণসুন্দর ; শ্যাম-সুন্দর। "চিকণকালা গলায় মালা বাজন নূপুর পায়।"-গোবিন্দ°। "না যাও যমুনার জলে তরুয়া কদম্ব মূলে চিকণকালা করিয়াছে থানা।"-বৈ° পদাবলী। ~গাঁথন-সুন্দর-ভাবে গ্রন্থন। ~চাকণ, ~ন-চিক্কণের উপর পারিপাট্য ; সুন্দর মসৃণ গঠন। "হিঁদুদের দুর্গা পুজো। উপরে চিক্কণ চাকণ, ভিতরে খড়ের বুজো॥"-গ্রা° ছড়া। ক্রি, চিকণানি, চিক্কনানি [হি°-চিকনানা। চিকণ+আন (ক্রিয়ায়)] চিকণ করা, মসৃণ উজ্জ্বল ও সুদৃশ্য করা। বি, চিকনাই, চেক্‌নাই। অস-ক্রি, চিকিণিতে-চিকণ করিতে। চিকিনিয়া-চিকণ করিয়া। "চিকনিয়া গাঁথিনু সজনি ফুলমালা"-মেঘ°। চিকণাইতে-চিকণা করিতে। চিক-ণাইয়া-চিকণা করিয়া।

চিকণ₂, চিকন [ফা°-চিকন্] বি, সরু সূচ দ্বারা কাপড়ে সুতার বা জরীর ফুল তোলা ; লতা কাটা। ২ বিণ, মিহি ; সূক্ষ্ম ; পাতলা। চিকণের কাজ-কাপড়ের উপর সূচী-কর্ম্ম ; কাপড়ে ফুল তোলার কর্ম্ম।

চিকমিক [চকমক দ্রঃ] অ, ঝিকমিক। "ক্ষীণ আলোক ঝিলিক দিয়া। বসিয়া চাঁদের পাশে চিকমিক করি হাসে"-চিরঞ্জীব শর্ম্মা।

বিণ, চিকমিকে-যা চিকমিক করিয়া জ্বলে। "চিকমিকে বিদ্যুতের আলো"-সোনার তরী।

চিকা [অনু°। শ্রীহট্ট, পু° ব° প্রাদে°। চিক্‌চিক্‌ শব্দে ডাকে বলিয়া সং নাম-চিক্কঃ >] বি, ছুছুন্দরী ; ছুঁচা ; গন্ধমূষিক।

চিকারা [টিকারা দ্রঃ] বি, তত-যন্ত্রবিঃ।

চিকারী [হি°] বি, সেতারে সংলগ্ন প্রধান পঞ্চ তারের অতিরিক্ত তিন চারটী ক্ষুদ্র ক্ষুদ্র তার।

চিকাশুয়া [প্রাদে°] বি, চিকি-সুপারি। ২ [শ্রীহট্টে] অসার বা ক্ষুদ্র সুপারি।

চিকি [হি°-চিক্‌নী (সং-চিক্কণ >)] বি, দুধে সিদ্ধ করা সুপারী ; চিকিসুপারি।

চিকিৎসক [কিত্‌ (রোগ নাশ করা) সন্‌ (স্বার্থে) দ্বিত্ব=চিকিৎস (রোগের প্রতিকার করা) + অক (র্ত্তৃ)। [প্রা° চিকিচ্ছক] বি, যে, ঔষধাদি দ্বারা রোগ নাশ করে ; বৈদ্য। বিণ, চিকিৎসনীয়-চিকিৎসার যোগ্য ; প্রতিবিধেয়। > স্ত্রীং ~া।

চিকিৎসা [কিত্‌ (রোগনাশ করা) + সন্‌ (স্বার্থে-দ্বিত্ব)। ক=চ, চিকিৎস + অ (ভা°) + আ, স্ত্রীং। প্রা, চিকিচ্ছা] বি, রোগের প্রতিকার। ২ প্রতিবিধান। ~গার, -লয় [চিকিৎসা + আগার, আলয় (গৃহ)-৬তৎ] বি, চিকিৎসা-গৃহ ; ঔষধালয় ; ডাক্তারখানা। ~ধীন-বিণ, চিকিৎসার অধীন ; যার চিকিৎসা হইতেছে। ~শাস্ত্র [চিকিৎসা বিষয়ক যে শাস্ত্র, ম° প° লো] বি, রোগের নির্ণয় ও তার নিবারক ঔষধ সম্বন্ধীয় শাস্ত্র ; আয়ুর্ব্বেদ।

চিকিৎসিত [কিত্‌ + সন্‌ (স্বার্থে)-চিকিৎস + ত (র্ম্ম)] বিণ, যার চিকিৎসা করা হইতেছে বা হইয়াছে। স্ত্রীং ~া।

চিকিৎস্য [চিকিৎস + য (র্ম্ম)] বিণ, প্রতিবিধেয় ; সংশোধ্য ; প্রতিকার করার যোগ্য। ২ চিকিৎসার উপযোগী।

চিকীর্ষা [কৃ (করা) + সন্‌ (ইচ্ছার্থে দ্বিত্ব) ক=চ, কৃ=কির্‌=চিকীর্ষ (করিতে ইচ্ছা) + অ (ভা°) + আ-স্ত্রীং] বি, করিবার ইচ্ছা।

চিকীর্ষিত [চিকীর্ষ + ত (র্ম্ম)] বিণ, অভিলষিত ; অভিপ্রেত ; বাঞ্ছিত।

চিকীর্ষু [চিকীর্ষ + উ (র্ত্তৃ)] বিণ, করিতে

চিকুট, চিকুটী, চিকুটি ["চিক্কণ কৃষ্ণ" বা "কৃষ্ণ চীর" >] বিণ, অত্যন্ত কাল ; "কালিকিষ্টি"। ২ চিমটি কাটিলে ময়লা উঠে এমন মলিন ছেঁড়া কাপড়। চীরকুট দ্রঃ।

চিকুর [চি (বৃদ্ধি পাওয়া) + কুর (র্ত্তৃ°)] বি, কেশ ; কুন্তল ; শিরোরুহ ; কচ। "চাঁচর চিকুর ছান্দে কবরী টানি বান্ধে বেড়ি নব মালতীর ফুল।"-কবিক°। ২ বিদ্যুৎ ; চপলা। "চিকুর ঝিকিমিকে চকিয়া দিকে দিকে।"-সোনার তরী (রবি°)। ৩ বিণ, চঞ্চল ; চপল। ~জাল [চিকুর (কেশ) জাল (সমূহ), ৬তৎ] বি, কেশরাশি ; কেশপাশ। ~ঝলা-বিদ্যুৎ চমকানি।

চিক্ক [চিক্‌ (চিক্‌চিক্‌ শব্দ করা) + ক (র্ত্তৃ-জ্ঞা°)] বি, ছুঁচা ; চিকা।

চিক্কণ [চিকণ দ্রঃ] বিণ, চিকণ ; মসৃণ, স্নিগ্ধ ; চকচকে। ২ সুন্দর। ৩ বি, সুপারি গাছ। ৪ সুপারি ফল। স্ত্রীং ~া-যে গাভীর গাত্রচর্ম্ম মসৃণ এবং উজ্জ্বল। ~নী-বি, সুপারি ফল।

চিক্কস [সং] বি, যবের ছাতু।

চিক্কা-চিক্কনী দ্রঃ।

চিক্কার [চিৎকার > চিচ্‌কার >] বি, চীৎকার। "পদভরে ক্ষিতিলড়ে চিক্কার ছাড়িয়া চলে"-মহা° (কাশী)।

চিক্কির, চিক্‌কির [চিক্‌ + কির। প্রা°] বি, তড়িৎ ; বিদ্যুৎ।

চিক্কুর [চিকুর দ্রঃ। তীব্রার্থে "ক"। পুনরুক্ত, রূপান্তর-চিক্কুড়, চিখের, চীখের, চিক্‌খুড়] বি, বজ্রাগ্নিবৎ তীব্র। ২ ঝনঝনা বা বজ্রধ্বনির মত উচ্চ বা ভীষণ শব্দাঘাত। প্র-চিক্কুর মেরে কথা কওয়া। ~মেরে-ক্রি-বিণ, বজ্রাঘাত ক'রে ; অতিশয় তীব্র শব্দে with a shrill voice.

চিঙ্গট, -ড় [অনু°। ছিটিঙ্গ্‌ ছিটিঙ্গ্‌ করিয়া লাফায় বলিয়া (গতিভঙ্গীবিঃ), চিঙ্গ্‌-অট্‌ (গমনে-র্ত্তৃ-অ) ট=ড়] বি, চিঙ্গড়ী দ্রঃ ; ইচ্‌লা মাছ।

চিঙ্গটী [চিঙ্গট + ঈ (ক্ষুদ্রার্থে)] বি, ছোট চিঙ্গড়ী ; ইচ্‌লা মাছ।

চিঙ্গড়ী [চিংড়ি, চিংড়ী ও°। হি°-চিঙ্গা, ঝিঙ্গুরা] বি, ইচ্‌লে মাছ। কাদা-চিঙ্গড়ী-এত ক্ষুদ্র যে অনেকগুলি একত্র করিলে কাদার তালের মত দেখায় বলিয়া এই নাম। গল্‌দাচিঙ্গড়ী-মাথা মোটা বড় চিঙ্গড়ী। ঘুষোচিংড়ী-ছোট চিঙ্গড়ী। ধানবুনিয়াচিংড়ী-ধানবনে জন্মে বলিয়া এই নাম। বাগ্‌দা-চিঙ্গড়ী-বৃশ্চিকের মত অথবা বাঘের গায়ের লম্বা দাগের মত রেখাবিশিষ্ট ও গলদা অপেক্ষা ক্ষুদ্র চিঙ্গড়ী। বাদাচিঙ্গড়ী-বাদায় জন্মে বলিয়া বাগ্‌দা অপেক্ষা ছোট জাতীয় চিঙ্গড়ী।

চিচকার-চিৎকার দ্রঃ।

চিচিংফাঁক [গি° ঘোষ উদ্ভাবিত হাস্যোদ্দীপক শব্দ] বি, আলিবাবা নাটকে আলিবাবার কৌশলে গুহা প্রবেশের সাকেতিক শব্দ। ২ [>] বিণ, অবলীলাক্রমে উন্মুক্ত ; অবারিত দ্বার।

চিচিঙ্গা [সং-চিচিণ্ড] বি, সাপের মত পাকান ও লম্বা ফলবিঃ ; হোঁপা snake gourd

চিচিণ্ড [সং] বি, চিচিঙ্গা নামক ফল।

চিচ্চিড়া, -ড়ে-চিড়চিড়া দ্রঃ।

চিচ্ছক্তি [চিৎ + শক্তি। চিৎ (রূপা) শক্তি, ধা] বি, চৈতন্য শক্তি।

চিজ [ফা°-চীজ্‌=বস্তু] বি, সামগ্রী ; বস্তু। ২ মূল্যবান সামগ্রী "সেই জীবন আর যৌবন কি চিজ তাহা কয়েক বৎসর পূর্ব্বে"-বি, সরকার।" "একটা অতি অপূর্ব্ব চিজ অদ্ভুত মোহ-মদিরা-মাখা দিল্লিকা লাড্ডু।"-মহাপুরুষ আশুতোষ।

চিঞ্চা [চিম্‌ (ভোজন করা) + ক্বিপ্‌ (ভা°) ; চি, (চয়ন) + অ (র্ম্ম), চি=চা (চিম্‌ + চা)-ভোজনার্থ যাকে চয়ন করা হয়] বি, তেঁতুল। ২ তেঁতুলের গাছ।

চিঞ্চাম্ল [রাসাঃ পরিঃ। চিঞ্চা (তেঁতুল) + অম্ল] বি, তেঁতুলের অম্ল ; তিন্তিড়িকাম্ল tartaric acid.

চিঞ্চিনী [অনু°] বি, চিনচিনানি ; চাপ

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=নচ ক্ষ=ক্ষ্ঁ হু=হু হ্ন হ্ম হ্ব=ন্হ ব্হ মহ ড় য্য, ঢ় ফ্ ব ভ়=ʌfwv ও চ্চা° দ্রঃ

পাইয়া অঙ্গবিশেষের রক্ত চলাচল কিয়ৎক্ষণ বন্ধ থাকিলে যে অনুভূতি জন্মে (আধিক্যার্থে, ঝিঞ্ঝিনী)।

চিট১ [হিং চিট্‌। চিঠা দ্রঃ] বি, ক্ষুদ্র কাগজখণ্ড ; চিরকুট।

চিট২ [সিটা >] বি, কাইট। বিণ, চিটা, চিটে। ~চিট্‌ [অনুং] আঠাবৎ লগ্নীভাব ; আধিক্যার্থে-চটচট।

চিটকা, -কে, চেট্‌কা, ~লো [গ্রাং। বর্ণ বিপর্যয়ে চিকটা চিকটে চটাল দ্রঃ।] বিণ, অগভীর পাত্রাদি।

চিটনিস্‌ [চিঠি নবিস (চিঠিপত্র, মন্তব্যাদি লেখক) >] বি, মহারাষ্ট্র দরবারে রাষ্ট্রীয় বিভাগের মন্ত্রী।

চিটা১ [চিঠা দ্রঃ] বি, চিঠি, ফর্দ, খসড়া। ~ফারগ [শ্রীহট্ট আদাং দলিল] বি, acquittance letters

চিটা২, চিটে [হিং-চোট। বাং চোটা] বি, তামাক মাখিবার কাল ঘন চট্‌চটে গুড় ; কোত্‌রা গুড় treacle. "সরস পায়স চিনি পরিহরি চিটাতে আদর এত।"-চণ্ডীং।" টাকা-দুখান নাগরি চিটে"-ঈং গুপ্ত। ~গুড়-চিটেগুড় দ্রঃ।

চিটা৩ [চিটচিটার সংক্ষেং] বিণ, যা চটচট করে ; আঠাল।

চিটা৪ [শিটা (দ্রঃ) >] বিণ, শুষ্ক ; নীরস ; ছিবড়া-সার, অসার। ২ বি, ধানের রোগ বিঃ ; বাইন-ধরা রোগ। ইহাতে কৃমি কচি অংশের রস টানিয়া খায় ও ধান চিটা করিয়া ফেলে। ৩ তুঁষ। "বাঁশ ঝাড়ে দাও ধানের চিটা।"-খনা। ৪ শস্যশূন্য ধান ; আগড়া।

`চিটি, `চিঠি, চিঠী [হিং-চিট্‌ঠী ; চিঠা (দ্রঃ)] বি, লিপি ; পত্র ; পত্রিকা ; পত্রী। ~চাপাটি [হিং] চিঠিপত্র। উকীলের চিঠি-উকীলের হাতের চিঠি : নালিশ করিবার ভয়প্রদর্শক পত্র। হাত-চিঠি-হাত চিঠা দ্রঃ।

চিটে [চট্‌চটে > সংক্ষেং] বিণ, চটচটিয়া। ~-গুড়-বি, কোত্‌রা গুড় ; কাল চট্‌চটে ঘনরস গুড়। "চিটে গুড় ছিটে দিয়ে পিটে খান কসে।"-ঈং গুপ্ত।

চিট্টা [হিং > বাং-য় চং হইতেছে] বি, কাজ আদায়ের উদ্দেশ্যে অলীক প্রশংসা বা উত্তেজনা। ক্রি, চিট্টা উড়ানি। "আর চিট্টা ওড়াতে হবে না।"

চিট্যাফিটা [ছিটা-ফোঁটা >। প্রা-বাং] বিণ, ছিটা ফোঁটা। "চিট্যাফটা দেখ দূত গলাঅ তুলসী।"-শূং পুং। ২ অতি অল্পমাত্র।

`চিঠা [হিং-চিট্টা। ক্ষুদ্রার্থে চিঠি। গ্রাং-চিটা] বি, লিপি ; পত্র। ২ ফর্দ ; তালিকা। ৩ জমিদারী সংক্রান্ত হিসাবপত্র ; খসড়া ; যে কাগজে জমির পরিমাণ ইং বিস্তৃত ভাবে লেখা থাকে। "জমিদারী কাগজ কখন দৃষ্টি করেন নাই, কাহাকে বলে চিঠা, কাহাকে বলে গোসোয়ারা।"-টেকচাঁদ। ~চিঠা-দ্রব্যসামগ্রী পাঠাইবার জন্য যার প্রয়োজন তার স্বাক্ষর (হাতের সহি) যুক্ত আদেশ পত্র।

চিড় [অনুং। আধিকার্থে চড়] বি, কাষ্ঠাদি বিদারণ শব্দ। ২ বিদারণ চিহ্ন ; ফাট। "সহসা ক্ষেত্রোপবি রেখার স্বরূপ চিড দশন" ৩ [হিং-চিড়চিড়া=খর] বি, খর বা চড়া রৌদ্র। ৪ ক্রোধ। ৫ সুগন্ধ দেবদারু জাতীয় গাছ। ইহার শাখাদি জ্বালাইলে বল্কল চিড়্‌ চিড়্‌ শব্দে ফাটিয়া ছট্‌কাইতে থাকে। ক্রি চিড়ান। চিং খাওয়া-ফাটা ধরা। ~চিড় [চিড়+চিড় (ব্যাপ্তর্থে দ্বিত্ব] বিদারণ শব্দ। ২ ফোড়া ইং ফাটিবার যন্ত্রণা। ৩ গায়ের চামড়া শুষ্ক হইয়া ফাটিবার ক্লেশকর অনুভূতি। প্র-গা চিড়চিড় করা। > বিণ, ~চিড়া, চিড়চিড়ে১-দ্রুত উচ্চারণে, চিচ্চিড়ে। ক্রি, চিড়্‌চিড়ানি। > বি, চিড়চিড়ানি, চিড়চিড়্‌নি। চিড় চিড় অপেক্ষা প্রবল অর্থে "চড়চড়" (দ্রুত-'চুচ্চড়') এবং অপেক্ষাকৃত মৃদু অর্থে "চুড়চুড়" (দ্রুত-'চুচ্চ ড়')। ~কান [গ্রাং] ক্রি, চাড় দিয়া ফাটান।

চিড়চিড়ে২-বি, আপাং গাছ।

চিড়বিড় [চিড (দ্রঃ)+বিড় (ব্যাপ্তি অর্থে)] অ, চতুর্দ্দিক বেড়িয়া চিড়চিড় করা। ক্রি, চিড়বিড়ানি। বিণ, চিড়বিড়া, চিড়বিড়ে। গা চিড়বিড় করা-সর্ব্বাঙ্গে শুষ্ক চর্ম্ম বিদারণের কষ্ট বোধ হওয়া। ২ তীব্রভাবে গা কুট কুট করা। প্র-ঘামাচিতে গা চিড়বিড় করে। চিড়বিড়াইয়া ধরা-চিড়চিড়া যন্ত্রণাদ্বারা (অঙ্গ) আক্রমণ করা।

চিড়া, চিঁড়া [সং-চিপিটক। হিং-চ্যূড়া > চুরা > বাং-প্রাদেং 'চুরা'। গ্রাং-চিঁড়ে] বি, চিপিটক। "পুণ্য পদাঘাতে তার ঢেঁকি স্বর্গে উঠে। সরলা গৃহস্থ বধূ অই চিড়া কুটে॥"-গোবিন্দং। ~কোটা-ভিজে ধান গরম খোলায় অল্প অল্প ভাজিতে ভাজিতে ঢেঁকিতে কুটিয়া চেপ্‌টা করা। চিং (চিঁং) চিঁড়ে, চাপাটি [চাপাড়ি দ্রঃ] চিঁড়ে রুটি ; চিঁড়ে মুড়ি বা সেইরূপ কোন খাদ্য। "চিঁড়ে চাপাটি ঘরে আছে।" ~ভাজা-তপ্ত খোলায় গরম করা চিঁড়া। ~মুড়কি-চিঁড়ায় মুড়্‌কি মিশ্রিত জলপান।

চিড়ানি১ [চিড় (দ্রঃ)+আন (ক্রিয়ার)] বিণ, বিদীর্ণ হওয়া ; ফাটা ; ফাঁক হওয়া।

চিড়ানি২ [চিড় দ্রঃ] ক্রি, চিড় ধরান ; ফাটাল।

চিড়িং, চিড়িক্১ [অনুং চিংড়ি মাছের মত লাফাইবার ভাব সহ অনুং শব্দ >] বি, হঠাৎ বেগে লাফ। চিড়িং ভিড়িং-তিড়িং।

চিড়িক্২-বি, ক্ষতস্থান বা বাতাদি-আক্রান্তস্থানের ভিতর সূচ্‌ ফুটাইবার মত যন্ত্রণা। ~মারা-সূচ্‌ ফুটাইবার মত যন্ত্রণা হওয়া বা দেওয়া।

চিড়িতন [তাসখেলায় চিরতন > হিং-চিড়িয়া=পাখী] বি, পাখী উড়িবার মত কৃষ্ণবর্ণ ত্রিপত্রাঙ্কিত বা কোঁটাযুক্ত তাস club.

চিড়িপো, চিরিপো [স্ত্রী > স্ত্রিরি > চিরি, চিড়ি+পো। প্রা-বাং প্রাদেং] বি, স্ত্রী-পুত্র; "চিড়িপো ছেলেপুলে কাহাকে না পুছে। ডাক বলে বিভা কৈলে মিছে।"-ডাক।

চিড়িমার [হিং-চিড়িয়া প্র-চিড়ি=পাখী

+মার (যে মারে=শিকারী)] বি, পাখী-মারা। বাঙ্গালার সর্ব্বত্র ব্যবহৃত হয় না।

চিড়িয়া [হিং চিড়িয়া=পক্ষী] বি, পক্ষী। "না, চিড়িয়া নাচিবে না, তুই এখন তোর গল্প বল।"—চন্দ্রশেখর। ~খানা—পশুশালা the zoo. ২ পক্ষী-নিবাস aviary

চিৎ [চিত্ (বোধ করা)+কিপ্ (ভা০)] বি, জ্ঞান; চৈতন্য। প্র—সৎ চিৎ আনন্দ। ২ আকাশের দিকে মুখ ও ধরার দিকে পিঠ রাখিয়া শয়ন; উত্তান-শয়ন। ৩ [মল্লযুদ্ধে উত্তান-শয়ন পরাজয়ের চিহ্ন] পরাজয়। ৪ চিত্ত; মন। ৫ বিণ, চিৎ করিয়া শায়িত; পরাজিত। "তোমার শত্রুরা রণক্ষেত্রে চিৎ।"—বঙ্কিম (লোকরহস্য)। ~উপুড় [কড়ি খেলায়] কড়ির পৃষ্ঠ মাটিতে বা আকাশের দিকে; কড়ি সহজ বা উল্টা-ভাবে থাকা। প্র—চার চিৎ চক, পাঁচ চিৎ পাঞ্জা। এক চিৎ তিন উপুড়। চি০ করা—দ্বন্দ্বযুদ্ধে মাটিতে চিৎ করিয়া ফেলিয়া বুকে চাপিয়া বসা; হারাইয়া দেওয়া। ~পটাং [গ্রা০] অ, চিৎ হইয়া পতন। ~পাত [চিৎ (ঊর্দ্ধমুখ হইয়া) পাত] বি, চিৎ হইয়া পতন। "আমি অমনি ধপাস্ করিয়া চিৎপাত হইয়া পড়িয়া যাইব।"—বঙ্কিম (লোকরহস্য)।

চিৎকার, চীৎকার [চিৎ, চীৎ (উচ্চশব্দ) কার=কৃ(করা)+অ(ভাব)। গ্রা০ চিচকার, —কের] বি, উচ্চরব; চেঁচান।

চিৎপাত—চিৎ দ্রঃ।

চিত১ [চি (চয়ন করা)+ত (র্ম্ম)] বিণ, যা চয়ন করা হইয়াছে; কৃতচয়ন। ২ সঞ্চিত। ৩ রচিত। ৪ জড়িত; খচিত।

চিত২ [চিত্ত শব্দের কোমলরূপ পদ্যে ও সঙ্গীতে] বি, চিত্ত; মন। "অবিচল কুল-রমণী সকল শুনিয়া হরষ চিত।"—চণ্ডি০। "সদাই আগুন জ্বলছে চিতে"—গান।

চিতর [চিৎ (দ্রঃ)+হিং—ওর (দিক্)। গ্রা-বাং] বিণ, দেহের সম্মুখভাগ উপর দিকে, উত্তান; উপুড়ের বিপরীত। "চিতর করিয়া ফেলাইয়া"—মাণিক গান। ক্রি-বিণ, চিতরে—চিৎ হইয়া; উত্তান ভাবে। "খনেকে ভূমিত রহে চিতরে"—শ্রী০ কী০।

'**চিতল** [গ্রা০—চেতোল্ সং—চিত্রফল] বি, ফলই জাতীয় কিন্তু ফলই অপেক্ষা বৃহদাকার মৎস্যবিঃ: চ্যাপ্টা দেহ চওড়া পেট প্রসিদ্ধ মৎস্য notopteris chitala.

চিতা১ [সং—চিতা=চুল্লী (মেদিনী) > শ্মশানের চুল্লী। গ্রা০, চিতে] বি, চুল্লী; শ্মশানের অগ্নিকুণ্ড। ২ শবদাহস্থান; শ্মশান। "চিতাভস্ম চারি ভিতে"—গান। ২ চিতাগ্নি। "আর কোন সাধ নাই মা চিতে, দিবানিশি জ্বলচে চিতে"—গান। চি০ সাজানি—শবদাহের জন্য শ্মশানে কুণ্ড খনন করিয়া তদুপরি কাষ্ঠাদি দাহ্য দ্রব্য স্থাপন করা; মৃতদেহ ভস্মীভূত করিবার জন্য চুল্লী প্রস্তুত করা। রাবণের চিতা—রাবণের চিতা নির্ব্বাণ প্রাপ্ত হইবে না এই পুরাণ-প্রসিদ্ধি হইতে যে ক্রোধ, শোক, হিংসা জনিত অন্তর্দাহের শান্তি নাই; চিরস্থায়ী মনের জ্বালা।

চিতা২ [সং—চিত্রক। ওড়ি০, হি০ চিতা, ম০ চিত্রকু] বি, প্রসিদ্ধ বিষাক্ত বৃক্ষ; রাং চিতে plumbago zeylanica শ্বেতচিতা (ওড়ি০ ধব চিতা) ও রক্তচিতা ভেদে ইহা দুই প্রকার। ২ অগ্নিমন্থ বৃক্ষ; গণিয়ারী গাছ। ৩ [হি০—চিত্তি। চিৎখাপ্ড়া] কাপড়ে যে কাল কাল দাগ পড়ে; মসে (মসী) ধরিবার দাগ; গাছের পাতার বা গাছের গায়ে সূক্ষ্ম শেওলা বা ছাতা পড়া দাগ; মানুষের গায়ে কাল কাল দাগ পড়িলে মাচিতা বা মেচেতা বলে। ৪ [চিতার মত কাল গোল ছাপ সর্ব্বাঙ্গে আছে বলিয়া] চিতা বাঘ। ৫ গোল গোল কাল ছাপ বিশিষ্ট সর্প; চিতে বা চিতী সাপ। ৬ উল্কি। "ভালে চিতা যেন ফুল্ল কমলেতে অলি"—রঙ্গলাল। চি০ কাটা—ক্রি, ছেলে পুলে রোগা হইলে চিতার পাতা বাটিয়া তার পৃষ্ঠে ও বক্ষে দাগ দেওয়া; ছড়ি দেওয়া (দ্রঃ)। ~গ্নি, ~নল [চিতার-অগ্নি, অনল—৬তৎ] বি, চিতার আগুন। ~ভস্ম। ~রোহণ [চিতা+আরোহণ]। ~শয্যা [চিতা রূপ শয্যা]।

চিতান১, চিতেন [চিৎ, চিতান২ দ্রঃ। লক্ষণায় উচ্চ বা চড়া সুরে যা গাওয়া যায়] বি, গানে মহড়ার পর যে অংশ গলা ছাড়িয়া গাহিতে হয়।

চিতানি২ [চিৎ (জ্ঞান)+আন (সম্পাদনার্থে)। গ্রা০ চিয়ান। চিতাই, চিতাও, চিতায়; চিতাইতে (কো০ চিতাতে); চিতাইয়া(কো০ চিতিয়ে)] ক্রি, চৈতন্য সম্পাদন করা। ২ জাগান; জাগরিত করা। ৩ চিৎ হওয়া; মাথা পিছনে অল্প ঝুঁকাইয়া, বুক সম্মুখে বাড়াইয়া ও দুই বাহু পশ্চাতে বিস্তৃত করিয়া দাঁড়ান। প্র—বুক চিতাইয়া দাঁড়ান। ৪ মাছের গা ভাসান; মাছের প্রশস্ত দিক্ উপরে করিয়া ভাসা; আড় হইয়া ভাসা (মাছের মৃত্যুলক্ষণ)।

চিতি [সং] বি, চিতা। ২ সমূহ; চয়; রাশি। ৩ ইষ্টক, খড় ই০র পরিমাপক অঙ্ক। ৪ পাঁজা; ইট, খড় ই০র স্তূপ। ~ব্যবহার [চিতি দ্রঃ। ব্যবহার (নিয়ম)] বি, ইটের রাশি বা পাঁজার অথবা খড়ের গাদার ঘনফল নির্দ্ধারণের বিধি।

চিতিসাপ [চিত্রসর্প >] বি, চিতী দ্রঃ।

চিতী [গায়ে চিতার মত গোল কাল ছাপ পড়া বলিয়া] বি, সর্প ভেদ। "চাটলে চিতী কামড়ালে বোড়া"।—প্রবচন।

চিতেন—চিতান১ দ্রঃ।

চিত্ত [চিত্ (জ্ঞান করা, চিন্তন করা)+ত (বে, জ্ঞা০)—যদ্দারা জানা যায়। গ্রা০—চিত্তির। প্র—চিত্তির চটে যাওয়া] বি, মন; চৈতন্য স্থান। "চিত্ত ছাড়িয়া পিত্ত অবধি জ্বলিয়া উঠিল।" ~ক্ষোভ [চিত্তের ক্ষোভ (দুঃখ), ৬তৎ] বি, মনের দুঃখ। ২ চিত্তচাঞ্চল্য। ~গুরু [অক্ষয়চন্দ্র সরকার মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত] বি, বিবেক conscience. "এবং সেই চিত্তগুরু, যদি ভাল কাজ করিতে যাও, তবে বলিবে, সাবাস্ সাবাস্। আর যদি মন্দ কাজ করিতে যাও, তবে বলিবে, খবরদার বেটা এ কাজ করিস্ না"—সনাতনী। ~চমৎকারী [চিত্ত-চমৎকার+ইন্ (র্ত্তৃ)=চমৎকারিন্ ১মা, ১ব০, ৬তৎ] বিণ, মনের বিস্ময়কর; হৃদয়ের আশ্চর্য্যজনক। ২ মনোহর; মনোমুগ্ধকর। ~চাঞ্চল্য [চিত্তের চাঞ্চল্য, ৬তৎ] বি, মনের চঞ্চলতা; অস্থিরতা। ~চালন [চিত্তের চালন, ৬তৎ] বি, মানসিক বৃত্তির পরিচালনা; মনোবৃত্তির অনুশীলন। ~জন্মা [চিত্তে জন্ম যার,

বহু॰। জন্মন্ ১মা, ১ব॰] বি, মনোভব ; মদন ; কাম। ~জ্ঞ [চিত্ত-জ্ঞ (যে জানে)-জ্ঞা (র্ত্তৃ-ড)] বিণ, যে চিত্তের বা মানসিক অবস্থা অবগত আছে ; ভাবজ্ঞ। ~জ্ঞতা [চিত্তজ্ঞ +তা (ভা॰)] বি, মানসিক ভাব-পরিজ্ঞান ; মন বুঝা। ~দমন [চিত্তের দমন (কুবৃত্তি হ'তে নিবৃত্তি), ৬তৎ] বি, চিত্তকে সংযত করা ; মনঃসংযম। ~দাহ-বি, মনের জ্বালা ; হিংসা ; ক্ষোভ। "তাহা কোন পক্ষেই সামান্য চিত্তদাহের সৃষ্টি করে না।"-উত্তরা। ~দোষ [চিত্তের দোষ, ৬তৎ] বি, মনের কলুষ। ২ চিত্তভ্রম। ~দ্রাবক [চিত্তের দ্রাবক, ৬তৎ] বিণ, হৃদয় দ্রবকারী ; মন গলাইয়া দেয় এরূপ পদার্থ। ~নদী [চিত্ত (চিত্তবৃত্তিরূপ) নদী-রূপক ধা] সু ও কুচিন্তা স্রোত নিয়ত প্রবাহিত হয় বলিয়া নদীস্বরূপা যে চিত্ত। ~নিরোধ [চিত্তের-নিরোধ (বাহ্যিক বিষয় হ'তে নিবৃত্তি, ৬তৎ] বি, যোগ বিঃ, ইহাতে চিত্তকে বাহ্যিক বিষয় হ'তে নিবৃত্তিপূর্ব্বক অন্তমুখী করা। ~পুত্তলিকা [চিত্ত-পুত্তলিকা (পুতুল), ৬তৎ] বি, মনের পুতুল। ২ মনের প্রিয়বস্তু। ~প্রসন্নতা [চিত্তের প্রসন্নতা, ৬তৎ] বি, চিত্তের নির্ম্মলতা, মানসিক প্রফুল্লতা। ~প্রসাদ [চিত্তের প্রসাদ(প্রসন্নতা), ৬তৎ] বি, মনের তৃপ্তি ; চিত্তের সন্তোষ ; মনের প্রসন্নভাব। ~বিকার [চিত্তের-বিকার (বিকৃত ভাব), ৬তৎ] বি, চিত্তের অস্থিরতা ; মনের চাঞ্চল্য। ~বিক্ষেপ [চিত্তের বিক্ষেপ, ৬তৎ] বি, মনকে বিবিধ বিষয়ে ক্ষেপণ ; যোগের ব্যাঘাতজনক সাংসারিক সুখের বহু বিষয়ে চিত্তকে সংলগ্ন করা। ২ চিত্তের বিভ্রম distraction of the mind. ~বিদ্ [চিত্ত-বিদ্ (জানা) + ক্বিপ্ (র্ত্তৃ)-যে চিত্তবৃত্তি জানে] বিণ, যে মন জানে ; অভিপ্রায়াভিজ্ঞ; আশয়জ্ঞ। ২ বি, বৌদ্ধ বিঃ। ~বিনোদ [চিত্ত (চিত্তের) বিনোদ (তুষ্টি), ৬তৎ] বি, মনস্তুষ্টি; হৃদয়ানন্দ। ~বিনোদন-বিণ, চিত্তের আনন্দজনক। ২ বি, মনের আনন্দ জন্মান ; চিত্তকে প্রফুল্ল করান। ~বিপ্লব [চিত্তের বিপ্লব, ৬তৎ] বি, চিত্তের বিকৃতি ; বুদ্ধির ভ্রংশ ; উন্মাদ ; বাতুলতা। ~বিভ্রম [চিত্তের বিভ্রম, ৬তৎ] বি, চিত্তবিকার ; বুদ্ধিভ্রংশ। ~বিমোহন-মনমুগ্ধ করণ। ~বিশুদ্ধি [চিত্তের বিশুদ্ধি (পবিত্রতা), ৬তৎ] বি, চিত্তশুদ্ধি দ্রঃ) ~বৃত্তি [চিত্তের বৃত্তি, ৬তৎ] মনের ধর্ম্ম ; মনোবৃত্তি faculties of the mind. ২ মনোগত ভাব ; চিত্তের অবস্থা। ~বৈকল্য [চিত্তের বৈকল্য (বিকলতা), ৬তৎ] বি, চিত্তবিভ্রম ; মনোবিকার। ~ভূমি [চিত্ত (রূপ) ভূমি (ক্ষেত্র)-ধা। (২) চিত্তের ভূমি (অবস্থা), ৬তৎ] বি, চিত্তের ভাব ; মানসিক অবস্থা। ২ চিত্তরূপ ক্ষেত্র। ~ভ্রংশ [চিত্তের ভ্রংশ, ৬তৎ] বি, চিত্তবিভ্রম ; মানসিক শক্তি ক্ষয় ; চিত্তবৈকল্য। ~যোনি [চিত্ত হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যার বহু॰] বিণ, চিত্তজন্ম (দ্রঃ) ~রঙ্গিনী [চিত্ত রূপ রঙ্গ+ইন্ (স্ত্য)= রঙ্গিন্+ঈ॰ (স্ত্রীং)] বিণ, যে রমণীর চিত্তে সর্ব্বদা আনন্দ বিদ্যমান থাকে। ~রঞ্জিনী [চিত্ত + রনজ (রঞ্জন করা) + ণিচ্ =রঞ্জি-ণিন্ (র্ত্তৃ)-ঈ(স্ত্রীং)] বিণ, মনোহরা ; মনোমোহিনী। পুং ~রঞ্জন। ~রঞ্জিনী-বৃত্তি [চিত্তের রঞ্জিনী (আনন্দদায়িকা) যে বৃত্তি। বঙ্কিম॰ ইং-aethetics শব্দের অনুবাদে এই শব্দের প্রবর্ত্তন করেন] বি মানবের মনোবৃত্তি সমূহের মধ্যে অন্যতম, এই বৃত্তিবশে মানব আমোদেচ্ছায় প্রবৃত্ত হয়। ~রঞ্জী [চিত্ত-রঞ্জ + ইন্ (র্ত্তৃ)= রঞ্জিন্ ১মা, ১ব॰] বিণ, চিত্তের আহ্লাদজনক ; হৃদয়ানন্দদায়ী। ~শুদ্ধি [চিত্তের শুদ্ধি, ৬তৎ] বি, মনের নির্ম্মলতা ; মানসিক পবিত্রতা। ~সংযম [চিত্ত (চিত্তের) সংযন (দমন)। চিত্তদমন দ্রঃ]। ~সমুন্নতি-বি, মানসিক উন্নত অবস্থা। ~স্থৈর্য্য [চিত্তের স্থৈর্য্য (স্থিরতা), ৬তৎ] বি, মনের অচঞ্চলতা ; চিত্তের নিরুদ্বেগ ভাব ; উদ্বেগহীনতা। ~হারী [চিত্ত-হৃ (হরণ করা) + ইন্ (র্ত্তৃ) শীলার্থে। মূ॰ চিত্তহারিন্ ১মা, ১ব॰, উপ॰] বিণ, যে মনকে হরণ করে ; মনোহারী ; মনোলোভা। > স্ত্রীং ~হারিণী।

চিত্তাকর্ষক [চিত্ত + আকর্ষক] বিণ, হৃদয়হরণকারী ; মনোহর ; মনোলোভা। বি, চিত্তাকর্ষণ।

চিত্তাভোগ [চিত্ত + আভোগ, ৬তৎ] বি, মনের ব্যাপার ; চিত্তবৃত্তি।

চিত্তোদ্বেগ [চিত্তের উদ্বেগ, ৬তৎ] বি, চিত্তচাঞ্চল্য ; দুর্ভাবনা।

চিত্তোন্নতি [চিত্তের উন্নতি, ৬তৎ] বি, মনের উন্নতি ; হৃদয়ের উন্নত অবস্থা।

চিত্যা [চি (চয়নে) + ক্যপ্ (ভা॰), ত্ আগম, আ (স্ত্রীং)] বি, সংগ্রহ ; চয়ন ; সঞ্চয়। ২ [+ ক্যপ্ (ধি)] চিতা ; শ্মশান।

চিত্র, [গ্রা॰-চিত্তির] বি, প্রতিমূর্ত্তি ; আলেখ্য ; ছবি। ২ তিলক। ৩ আকাশ। প্র-চালচিত্র। ৪ কাব্যালঙ্কারবিঃ ; চিত্রালঙ্কার। ৫ চিতার গাছ। ৬ অশোক গাছ। ৭ ভেরেণ্ডা গাছ। ৮ বিণ, বিস্ময়কর ; আশ্চর্য্যজনক ; বিচিত্র। "অতি চিত্র বসন পহিরাঁ বনমালী"-শ্রী॰ কী॰। "আর নাগ বলে এ কোন চিত্রকথা।"-মহা॰ (কাশী॰)। ৯ বিবিধবর্ণে রঞ্জিত; চিত্রিত। [দ্রঃ-আদর্শ চিত্র-স্বাভাবিক বর্ণাঙ্কন natural colour painting আলোক চিত্র-ফটোগ্রাফ। ছায়াচিত্র-বায়স্কোপ bioscope. জলচিত্র-ওয়াটার কলার পেণ্টিং water colour painting. তৈলচিত্র-অয়েল পেণ্টিং oil painting. রেখাচিত্র-স্কেচ ; লেখা ; রেখায় টানা চিত্র sketch] ~ক [চিত্র + ক(স্বার্থে)] বি, আলেখ্য ; চিত্র। ২ ফোঁটা ; তিলক। ৩ চিতাবাঘ। ৪ [চিত্র (চিত্রিত করা) + অক (র্ত্তৃ)] বিণ, চিত্রকারক। ~কণ্ঠ [চিত্র(নানা চিহ্নযুক্ত) কণ্ঠ (গলা) যার, বহু॰] বি, পায়রা। ২ ঘুঘু। ~কম্বল [চিত্র (বিচিত্র) যে কম্বল-ধা] বি, গালিচা, দুলিচা, আসন ই॰। ~কর, ~কৃৎ, ~কার [চিত্র (আলেখ্য, ছবি) + কর, কৃৎ, কার (যে করে)] বি, পটুয়াজাতি ; যারা বর্ণ ও তুলির দ্বারা চিত্র নির্ম্মাণ করে। ২ চিত্রশিল্পী ; চিত্রলেখক painter. ~কলা-বি, চিত্রবিদ্যা। ~কাব্য-বি, পদ্মবন্ধ, খড়্গ-বন্ধ ই॰ ঘটিত কাব্য। ~কায় [চিত্র (চিতা বা গোল কাল ছাপযুক্ত) কায়া (দেহ) যার, বহু॰] বি, চিতাবাঘ। ~কূট [চিত্র (বিবিধ সুদৃশ্যযুক্ত) কূট (শৃঙ্গ) যার, বহু॰] বি, রামগিরি। বুন্দেলখণ্ড-প্রদেশে প্রসিদ্ধ কামতা পাহাড়। বন্দানগরীর

প্রায় ২৫ ক্রোশ দক্ষিণপূর্ব্বদিকে পয়স্বিনী নদীর উপর এই পর্ব্বত অবস্থিত আছে; আধুং-নাম চিত্রকোট। রামচন্দ্র সীতা ও লক্ষ্মণের সহিত এই পর্ব্বতে কিছুদিন বাস করিয়াছিলেন। ~গত [চিত্রে (চিত্রপটে) গত (ন্যস্ত), ৭তৎ] বিণ, চিত্রার্পিত। ~গন্ধ [চিত্র (মনোহর) গন্ধ যার-বহুং] বি, হরিতাল। ২ মনোহর গন্ধ; সুগন্ধ। "কনক কুমুদ ফুটে, কান্তি কার নাহি টুটে, চিত্র গন্ধ লৈয়া বায়ু বহে।"-কবিকং।~গু [চিত্র (বর্ণ) + গো + উ(স্তাং)-অধিকারী অর্থে] বিণ, যার চিত্রবর্ণ গো আছে। ~গুপ্ত [চিত্র (লেখম) তার গুপ্ত (রক্ষক)। ৭.৮ শত বৎসর পূর্ব্বের বৌদ্ধ বাং "চিত্রগোবিন্দ" (মানিকং গান)] বি, চতুর্দ্দশ যমের অন্যতম। ২ যমের লেখক। ~জল্প [চিত্র জল্প(ধা)] বি, কাব্যের বাক্যবিঃ। প্রজল্প, পরিজল্পিত, বিজল্প, উজ্জল্প, সংজল্প, অবজল্প, অভিজল্পিত, আজল্প, প্রতিজল্প ও সুজল্প ভেদে দশ প্রকার। ইহা সুহৃদের দর্শনে অতিপ্রিয় ব্যক্তির গূঢ় রোষপূর্ণ, নানাভাববিশিষ্ট, তীব্র উৎকণ্ঠাপূর্ণ বাক্যস্থলে প্রযুক্ত হয়। ~ণ [চিত্র (চিত্রিত করা) + অন (ভাং)] বি, চিত্রকরণ; আলেখ্যলিখন। ২ বর্ণন। ~ত্বক্ [চিত্র-ত্বচ্=ত্বক্ (ছাল) যার, বহুং] বি, ভূর্জ্জপত্রের গাছ। ~দণ্ডক [চিত্র(চিত্রিত) দণ্ড (যার, বহুং) + ক(স্তাং)] বি, ওলগাছ। ~দীপ বি, পঞ্চপ্রদীপ মধ্যে দীপবিঃ। ~দেবী-বি, শক্তিবিঃ। কলিকাতার উত্তরে চিৎপুরের অধিষ্ঠাত্রী শক্তিমূর্ত্তি; চিত্রেশ্বরী। ২ মহেন্দ্রবারুণী। ~ধাম [চিত্র-ধাম] বি, সর্ব্বতোভদ্রমণ্ডল। ২ শোভনপুরী। ~নেত্রা [চিত্র হইয়াছে নেত্র (চক্ষুঃ) যার, বহুং] বি, সালিক পাখী। ২ বিণ, সুন্দর নেত্রবিশিষ্টা স্ত্রী। ~নৈপুণ্য [চিত্রেতে নৈপুণ্য, ৭তৎ] বি, চিত্রশিল্প-দক্ষতা; অঙ্কন পারদর্শিতা। ~পক্ষ, ~পক্ষী [চিত্র (চিত্রিত) পক্ষ (পাখা) যার, বহুং] বি, তিত্তির পক্ষী। ~পট [চিত্রের পট, ৬তৎ] বি, ছবি আঁকিবার বস্ত্র; যে বস্ত্রের উপর ছবি আঁকা যায় canvas. ২ আলেখ্য পট; যে বস্ত্রের উপর ছবি আঁকা আছে। "বাস্তবিক এ চিত্রপট" -সীং বং। ~পদা-বি, অষ্টাক্ষর সংস্কৃত ছন্দোবিঃ। ইহার ২।৩।৫ ও ৬ বর্ণ লঘু, অবশিষ্ট গুরু। ~পিচ্ছক [চিত্র হইয়াছে পিচ্ছ (লেজ) যার, বহুং + ক (স্তাং)] বি, ময়ূর। ~পুঙ্খ [চিত্র হইয়াছে পুঙ্খ (বাণের পক্ষযুক্ত স্থান) যার, বহুং] বি, বাণ; শর। ~পুত্তলিকা [চিত্র (চিত্রে লিখিত) পুত্তলিকা (পুতুল), মং পং লোং] বি, অঙ্কিত পুতুল; পটে অঙ্কিত মূর্ত্তি। ২ [ধা] আশ্চর্য্য পুতুল। ~পৃষ্ঠ [চিত্র (নানা রংএর রেখা যুক্ত) পৃষ্ঠ (পিঠ যার, বহুং] বি, চটকপক্ষী। ~ফল-বি, চিতলমাছ। ~ফলক [চিত্র (করিবার) ফলক] বি, চিত্রপট; যার উপরে ছবি আঁকা যায় canvas. ~বৎ-বিণ, চিত্রপটে অঙ্কিতের ন্যায়। ২ স্পন্দহীন। ~বহা-বি, ভারত-প্রসিদ্ধ নদী। ~বাণ-বি, ধৃতরাষ্ট্রের পুত্র। ২ [চিত্র (নানাবর্ণযুক্ত) বাণ যার, বহুং] বিণ, বিচিত্রবর্ণযুক্ত। ~বিচিত্র-বি, বিবিধ চিত্র। ২ বিণ, বিবিধবর্ণে রঞ্জিত। ~বিৎ-চিত্রশিল্পী; আলেখ্য বিদ্যায় পারদর্শী। ~বিদ্যা-বি, চিত্রকলা। ~বৃত্তি [চিত্র (অদ্ভুত) হইয়াছে বৃত্তি (ব্যাপার) যার, বহুং] বিণ, অদ্ভুত ব্যাপার ঘটিত; আশ্চর্য্যজনক কার্য্যকারী। ~ভানু [চিত্র (বিচিত্র) ভানু (সপ্তজিহ্বারূপ কিরণ) যার, বহুং] বি, অগ্নি। ২ সূর্য্য। ৩ অশ্বিনী কুমারদ্বয়। ৪ ভৈরব। ৫ মণিপুরের রাজা ও অর্জ্জুনপত্নী চিত্রাঙ্গদার পিতা ও বভ্রুবাহনের মাতামহ। ৬ চিতাগাছ। ৭ অর্কবৃক্ষ; আকন্দগাছ। ~ময় [চিত্র + ময় (পূরণার্থে) বিণ, চিত্রপূর্ণ; চিত্রাকারে পরিণত। ~মেখল [চিত্র (নানা চিহ্নযুক্ত) মেখলা (কটিভূষণ) যার, বহুং] বি, ময়ূর। ~রথ [চিত্র (নানাবর্ণ রঞ্জিত) রথ যার, বহুং] বি, সূর্য্য। ২ জনৈক গন্ধর্ব্ব। ইনি কশ্যপের ঔরসে দক্ষকন্যার গর্ভে জন্মগ্রহণ করেন। ইঁহার অন্য নাম অঙ্গারপর্ণ। ৩ ইন্দ্রকর্ত্তৃক রামচন্দ্রের নিকট লঙ্কায় প্রেরিত জনৈক গন্ধর্ব্ব। "চিত্ররথ নাম মম, শুন দাশরথি; চির অনুচর আমি সেবি অহরহঃ দেবেন্দ্রে; গন্ধর্ব্বকুল আমার অধীনে। আইনু এ পুরে আমি ইন্দ্রের আদেশে।"-মেঘং। ~রেখা [চিত্র যে রেখা, ধা] বি, আশ্চর্য্য রকমের রেখা; অদ্ভুত রেখা। ২ [বহুং] অপ্সরা বিঃ। ৩ রেখা-চিত্র-বিঃ; কতকগুলি রেখাপাত মাত্র দ্বারা অঙ্কিত চিত্র। ~ল [চিত্র (বিচিত্র) -ল (যে উৎপন্ন হয়)] বিণ, বিবিধ বর্ণযুক্ত; চিত্র বিচিত্র। ~লতা [চিত্র (নানাবর্ণযুক্ত) যে লতা-ধা] বি, মঞ্জিষ্ঠা। ~লিপি-বি, ধারকলিপি, ideogram; ভাব প্রকাশক এক বা একাধিক চিহ্ন বা চিত্র প্রকটন pictogram. [দ্রঃ-খৃষ্ট জন্মের ৫-৭ হাজার বর্ষ পূর্ব্বে পুরাতন ভারতবাসীরা লিখিতে জানিত না। আমরা যেমন 'ক' শব্দটি জ্ঞাপন করিবার জন্য একটি চিহ্ন ব্যবহার করিয়া থাকি, তারা তা না করিয়া একটি ভাব প্রকাশ করিবার জন্য এক বা ততোধিক চিহ্ন প্রকাশ করিত। মানুষ চলিতেছে, ইহা বুঝাইবার জন্য তারা মানুষের দুইটা পা আঁকিত। মানুষ সিঁড়ি দিয়া ঢিবি বা বাড়ীর উপরে উঠিবে, ইহা বুঝাইবার জন্য তারা মানুষের দুইটি পা, একটি সিঁড়ি বা মই এবং একটি স্তূপ বা গৃহ পাশাপাশি আঁকিত। এইরূপ প্রণালীর নাম চিত্রলিপি (pictogram). একটি ধারণা বুঝায় বলিয়া কেহ কেহ এই জাতীয় লিখন প্রণালীকে ধারক লিপি (ideogram) বলিয়া থাকেন,"-রাখাল দাস বন্দ্যোং (তাম্রের যুগের ভারতবর্ষ)। ~লেখনী [চিত্র-লিখ্ (লেখা) + অন (ণে) + ঈং, স্ত্রীং] বি, যদ্দ্বারা সুন্দর লেখা বা চিত্র করা যায়; তুলি; কুঁচী। ~লেখা বি, বাণরাজার মন্ত্রীর কন্যা; বাণকন্যা উষার সখী। ২ অপ্সরাবিঃ। ৩ অষ্টাদশাক্ষরচ্ছন্দোবিঃ। ~লোচনা-বি, শারিকা। ~শার্দ্দূল [চিত্র (যুক্ত) যে শার্দ্দূল (ব্যাঘ্র), ধা] বি, চিতাবাঘ। ~শালা, ~শালিকা [চিত্র (বিচিত্র সংগ্রহপূর্ণ) শালা (গৃহ), ধা] বি, কৌতুকাগার; পুরাদ্রব্যালয়; যথায় জ্ঞান বিজ্ঞান, শিল্প, সাহিত্যসংক্রান্ত কৌতূহলোদ্দীপক সামগ্রী সকল রক্ষিত থাকে museum. ২ চিত্রশিল্পীর কর্ম্মশালা; যে গৃহে চিত্রকর ছবি আঁকে। ~শিখণ্ডিজ [চিত্র শিখণ্ডী (অঙ্গিরা ঋষি) হইতে জ (জাত)] বি, অঙ্গিরার পুত্র; বৃহস্পতি। ~শিখণ্ডী [চিত্র

(আশ্চর্য্য) শিখণ্ড (চূড়া)+ইন্ (স্ত্য)= শিখণ্ডিন্ ১মা, ১ব০] বি মরীচি আদি সপ্ত ঋষি। ~শিল্পী-বি, চিত্র-কলাদক্ষ ; রূপ-দক্ষ ; শ্রেষ্ঠ চিত্রকর'। ~সূচী-বি, পুস্তকাদিতে কোথায় কোন চিত্র সন্নিবিষ্ট আছে তার তালিকা। ~সেন বি, গন্ধর্ব্ব-রাজ বিশ্বাবসুর পুত্র, এবং ইন্দ্রলোকে অর্জ্জুনের নৃত্যগীতাদি বিদ্যাশিক্ষাদাতা। > স্ত্রীং ~া- নদীবিঃ। ~হস্ত [চিত্র-হস্ত (হস্ত ক্রিয়া), ধা] বি, সমরকৌশলে হস্তক্রিয়াবিঃ। ২ চিৎ-করা করতল : প্রসারিত হস্ত। ৩ বিণ, যুদ্ধে ক্ষিপ্রহস্ত।

চিত্র₂ [সং-চিত্ত > প্রা০ বাং-য়। আধু০ প্রা০ বাং-য় চিত্তির] বি, চিত্ত। "পঙ্করব শুনি চিত্র হইল চঞ্চল।'-গোবিন্দ গীত।

চিত্রা [চিত্র + আ-স্ত্রীং] বি, ২৭ নক্ষত্রের ১৪তম নক্ষত্র ; ইহার অধিষ্ঠাত্রী দেবতা বিশ্ব-কর্ম্মা। ২ ছন্দোবিঃ। ৩ অপ্সরাবিঃ। ৪ নদীবিঃ। ৫ রাধিকার সখীবিঃ। ৬ মায়া। ৭ চিতি সাপ।

চিত্রাক্ষ [চিত্র-অক্ষি যার, বহু০। অক্ষি= অক্ষ] বিণ, বিচিত্র নেত্রযুক্ত। ২ ধৃতরাষ্ট্রপুত্র। স্ত্রী০ ~ী- শারিকা।

চিত্রাঙ্গ [চিত্র (চিত্রিত) অঙ্গ (দেহ) যার, বহু০] বিণ, চিত্রিতদেহ। ২ বি, সর্প। ৩ রাঙ্ চিতার গাছ। ৪ হিঙ্গুল। ৫ হরি-তাল। স্ত্রীং ~ী-মঞ্জিষ্ঠা। ২ কাণ-কোটারি।

চিত্রাঙ্গদ [চিত্র + অঙ্গ (দেহ) + দ (দা দান করা) + অ (র্ত্তৃ), জ্ঞা০] বি, শান্তনুরাজার পুত্র। ২ গন্ধর্ব্ব। ৩ বিদ্যাধর। ৪ কলিঙ্গ-দেশের রাজা। স্ত্রীং ~া-অর্জ্জুন-পত্নী। ২ রাবণভার্য্যা।

চিত্রায়ুধ [চিত্র (চিত্রিত) আয়ুধ যার, বহু০] বি, বিচিত্র অস্ত্র। ২ বি, ধৃতরাষ্ট্রের এক পুত্র। ৩ বিণ, অদ্ভুত অস্ত্রযুক্ত।

চিত্রার্পিত [চিত্রে (চিত্রপটে) অর্পিত, ৭তৎ] বিণ, চিত্রপটে অঙ্কিত ; চিত্র ফলকাঙ্কিত।

চিত্রালঙ্কার [চিত্র + অলঙ্কার] বি, শব্দালঙ্কার বিঃ ; লিখিত অকারাদি বর্ণসমূহ পদ্ম, খড়্গ, মন্দিরাদি চিত্রাকার ধারণ করায় এই নাম।

চিত্রাশ্ব [চিত্র + অশ্ব (ঘোড়া), ধা] বি, চিত্রিত ঘোটক। ২ [চিত্র অশ্ব যার বহু০] রাজা সত্যবানের অন্য নাম।

চিত্রাহুতি [চিত্র + আহুতি] বি, ভোজনের প্রাক্কালে দেবোদ্দেশ্যে নিবেদিত ভোজ্যের অগ্রভাগ।

চিত্রিক [চিত্রা (নক্ষত্রবিঃ) + ইক (ঘটিত)] বি, চৈত্রমাস।

চিত্রিণী-বি, চারি জাতীয় নারীর মধ্যে দ্বিতীয়া এবং পদ্মিনীর ও শঙ্খিনীর মধ্য-বর্ত্তিনী।

চিত্রিত [চিত্র (চিত্রিত করা) + ত (র্ম্ম)] বিণ, চিত্রার্পিত ; চিত্রফলকে লিখিত ; চিত্র-পটে অঙ্কিত বা প্রতিফলিত। ২ চিহ্নিত। ৩ নানাবর্ণে রঞ্জিত ; বিচিত্রবর্ণযুক্ত।

চিত্রীয়মান্ [চিত্র + য (আশ্চর্য্য চিত্র-করণার্থে)=অ=ঈ=চিত্রীয় + আন (র্ত্তৃ), ম্-আগম] বিণ, আশ্চর্য্যজনক। ২ চিত্রিত হইতেছে এরূপ।

চিত্রেশ্বর [চিত্রের (চিত্রগুপ্তের) ঈশ্বর, ৬তৎ] বি, প্রভাসতীর্থে চিত্রগুপ্ত প্রতিষ্ঠিত শিবলিঙ্গ।

চিত্রোক্তি [চিত্র (আকাশ) উক্তি (বাণী), ধা] বি, দৈববাণী : আকাশ বাণী। ২ [চিত্র (বিচিত্র, অদ্ভুত) + উক্তি] অদ্ভুত কথা।

চিত্রোৎপলা [চিত্র (নানাবর্ণে রঞ্জিত) উপল (প্রস্তর) যার-বহু০, + আ (স্ত্রীং)] বি, নদীবিঃ। ২ বিণ, রঞ্জিত প্রস্তরযুক্ত।

চিথল [সং-চিত্রফল] বি, চেতলমাছ ; চিতল দ্রঃ। "ধরেন পাবদা পুঁঠি পাঁগাস পাঠিন। চিথল চিঙ্গুড়ি চেলা চাঁদাকুড়া মীন॥" -শি০।

চিদাকাশ [চিৎ (রূপ) আকাশ-ধা] বি, নির্লিপ্ত চৈতন্য ; চিদ্রূপ পরব্রহ্ম।

চিদাত্মা [চিৎ (জ্ঞান রূপ) যে আত্মা (দেহী), ধা] বি, চৈতন্যস্বরূপ আত্মা ; জ্ঞানময় আত্মা।

চিদানন্দ [চিৎ (জ্ঞান) এবং আনন্দ আছে যার-বহু০] বি, জ্ঞান ও আনন্দময় ; জ্ঞানানন্দস্বরূপ ; চৈতন্য ও আনন্দস্বরূপ ব্রহ্ম। "চিদানন্দ সিন্দুনীরে প্রেমানন্দের লহরী, উঠিছে পড়িছে কিবা নবনব রূপ ধরি।"-স্কং০। ২ শিব : মহাদেব। "চেতরে চেতরে চেত ডাকে চিদানন্দ।"-অ০ ম০।

চিদাভাস [চিৎ (জ্ঞান) তার আভাস (প্রকাশ)-৬ তৎ] বি, চৈতন্যস্ফূর্ত্তি ; জ্ঞানের প্রকাশ ; জ্ঞানের স্ফুরণ। ২ জীবাত্মা। ৩ [চিৎ (জ্ঞান) ও আভাস (জ্যোতি) আছে যার-বহু০ বিণ,] জ্ঞান জ্যোতির্ম্ময় ; জ্ঞানময়।

চিদ্রূপ [চিৎ (জ্ঞান) রূপ (স্বরূপ) যার-বহু০] বি, চৈতন্যস্বরূপ ; জ্ঞানময় আত্মা। ২ বিণ, স্ফূর্ত্তিমান। ৩ জ্ঞানী।

চিন, চিন্ [সং-চিহ্ন > ভং] বি, চিহ্ন ; দাগ ; লক্ষণ ; নিদর্শন। "দেখিতে না পান রায় শার্দ্দূলের চিন্।"-ঘ০। ২ অভিজ্ঞান ; পরিচয়। ৩ বিণ, পরিচিত। অচিন-অচেনা ; অপরিচিত। "খাঁচার ভিতর অচিন পাখী কম্‌নে আসে যায়"-গোয়া (রবী০)। সবচিন-যে সকলকে চেনে। ২ সবজান্তা।

চিনচিন [ঝিন ঝিন দ্রঃ। আধিক্যার্থে -চন্‌চন্। অপেক্ষাকৃত মৃদু অর্থে-চুনচুন] অল্প অল্প জ্বালার ভাব। ২ অঙ্গের কোন স্থান বহু-ক্ষণ চাপিয়া থাকিলে রক্ত চলাচল বন্ধ হওয়া হেতু যে অব্যক্ত অনুভূতি জন্মে [ধমনিপথে রক্ত চন্‌চন্ করিয়া প্রবাহিত হয়। বাধা পাইলে চিন্‌চিন্ করে। অধিক বাধায় ঝিনঝিন্ করে]। ক্রি, চিন্‌চিনানি-চিন্‌চিন করা। বি, চিনচিনি, চিন্‌চিমানি। বিণ, চিন্‌চিনা, চিন্‌চিনে।

`চিনন [চিন দ্রঃ] বি, অবগত হওন ; জানন।

`চিনা₁ [হিং-চিন্‌হা। চিহ্ন >] বি, চিহ্ন ; নিদর্শন। ২ পরিচয়। ৩ বিণ, পরিচিত ; জানিত ; জানা।

চিনা₂-বি, ধান বিঃ।

`চিনা₃, `চেনা [চিহ্ন-চিনহা-চিনা। চিনি, চিন, চেন (চিন্নুন, চিন্, চেন্), চিনে, চেনে চিনেন, চেনেন, চিনিতে (কো০ চিনতে) ; চিনিয়া (কো০ চিনে)] ক্রি, অভিজ্ঞান করা। প্র-ওকে চেন দেখি কেমন চিন্‌তে পার। ২ পরীক্ষা করা। প্র-মুখের কথায় শুধু লোক চেনা যায় না। ৩ পূর্ব্ব-পরিচিত বলিয়া বুঝিতে পারা ; ঠাহর করিতে

পারা। ৪ পূর্ব্বাবধি জানা। "দেখ সখী নবদ্বীপে চেনা মানুষ যায় না চেনা।"-গান। ৫ [হিং-চুন্‌না] নির্ব্বাচন করা; বাছা। ৬ জানা। ৭ পরিচয় করা; আলাপ করা। ৮ বিণ, পরিচিত। বি, চিনানি। ~চিনি, ˋচেনা-চিনি-পরস্পর আলাপ পরিচয় করা; জানাজানি। ~পরিচয়, ˋচেনা-পরিচয়-পরিচয় দ্বারা পরস্পর পরস্পরকে জানা বা অভিজ্ঞান করা। ~পুছা-বি, চেনা পরিচয়। "হাসিয়া খেলিয়া কন্যা চিনাপুছা দিল"-মাণিক০ গান। মুখ চিনা, ক্রি, মুখ দেখিয়া পূর্ব্বপরিচিত বলিয়া বোধ করা। ২ [গ্রা০ মুখচেনা] বিণ, আলাপ পরিচয় হয় নাই, কেবল পরস্পর সাক্ষাৎ হওয়ায় যার মুখ বা চেহারা পরিচিত।

ˋচিনানি ['চিনা'র ণিজন্ত রূপ] চিনাই, চিনাও, চিনায়, চিনাইতে (কে০ চিনাতে); চিনাইয়া (কে০ চিনিয়ে) ই০] ক্রি, পরিচয় করান; চিনাইয়া দেওয়া।

চিনার [শ্রীহট্ট প্রাদে০] বি, শশা জাতীয় ফল বিঃ।

চিনি, -নী [সং-শর্করা-ফা০-শকর্, শকর > ফা০-শক্‌রীন্ (শর্করাযুক্ত), শীরা= চিনির রস, শীরীনী=মিষ্টতা > বিণ, শীরী-ক্রমে হিং-তে-শ্রিনী, শিন্নী, চিনী, চীনী] বি, শর্করা (দ্রঃ) গুড়ের বিকার। ~পাতা দই-চিনি-মিশ্রিত দুধে পাতা বা জমান দই। ~সন্দেশ-ছানাহীন কেবল চিনির পাক-করা সন্দেশ। চিনির নৈবেদ্য-তণ্ডুলের স্থলে চিনিতে রচিত নৈবেদ্য। চিনির ˋপানা-চিনি ভিজান জল। চিনির ˋপুতুল-বি, চিনির তৈয়ারী পুতুল যাহাতে জল লাগিলে গলিয়া যায়। ২ [লক্ষ০] যে অল্প শ্রমে বা সামান্য কষ্টে ভাঙ্গিয়া পড়ে। চিনির বলদ-যে বলদ মহাজনের চিনির বস্তা বহন করে, অথচ নিজের পিঠে থাকিতে চিনি খাইতে পায় না। তা হ'তে যে ব্যক্তি পরের জন্য কোন কিছুর ভার লইয়া খাটে অথচ নিজে তা ভোগ করিতে পারে না। চিনির ˋ-চিনির রসে পাক-করা খই।

চিনির রস-জলে গোলা চিনি আগুনে জাল দিলে ও তাতে দুধ ছিটাইয়া গাদ (ময়লা) কাটাইলে রস হয়।

চিনিচাঁপা-বি, সুমিষ্ট কলাবিঃ।

চিনিচোপ [ফা০-চোবচিনি] বি, তোপচিনি china root.

চিনিবাস [শ্রীনিবাস > ভ্রং। শ=চ, শ্রী=চি। তুল-মুসলমান > মুছলমান] বি, শ্রীনিবাস।

চিন্তক [চিন্ত (চিন্তা করা) + অক (র্তৃ)] বিণ, যে ভাবে; যে চিন্তা করে; চিন্তাকারী।

চিন্তন [চিন্ত্ (চিন্তা করা) + ণিচ্=চিন্তি + অন (ভা০)] বি, মনন; ধ্যান। ২ উপাসনা। ৩ অনুধাবন। ৪ স্মরণ। ৫ মনে মনে বিচার; আলোচনা। ৬ চিন্তা দ্বারা স্থিরীকরণ। ৭ [মনোবিজ্ঞানে] অনুসন্ধান, প্রত্যভিজ্ঞা, স্মৃতি ও অনুভববৃত্তি।

চিন্তনীয় [চিন্ত্ + ণিচ্=চিন্তি + অনীয় (র্ম)] বিণ, চিন্ত্য; চিন্তাযোগ্য; ভাব্য। স্ত্রীং ~া।

চিন্তা [চিন্ত্ (ভাবা, চিন্তা করা) + অ (ভা০)-আ, স্ত্রীং] বি, চিন্তন; মনন; ধ্যান। ২ উপাসনা। ৩ স্মৃতি। ৪ ভাবনা; উদ্বেগ। ৫ শঙ্কা; ভয়। ৬ বি, শ্রীবৎস রাজার পত্নী। ~কুল [চিন্তা (দ্বারা) আকুল ৩ তৎ] বিণ, চিন্তায় ব্যাকুল; ভাবনাকুল; অতিশয় চিন্তিত; উদ্বিগ্ন। ~কুলিত [চিন্তা (দ্বারা) আকুলিত-৩ তৎ] বিণ, চিন্তায় ব্যাকুলিত; চিন্তাকুল; ভাবনায় উদ্‌ভ্রান্ত বা বিপর্য্যস্ত। ~জনক [চিন্তার জনক-৬ তৎ] বিণ, যে চিন্তা জন্মায়; ভাবনার হেতু; শঙ্কা বা উদ্বেগ উৎপাদক। ~শীল-বিণ, ভাবুক; মনীষী। > স্ত্রীং ~া। ~সখী [চিন্তাই সখী (সঙ্গিনী)-ধা] বি, চিন্তা সহচরী; ভাবনা-সঙ্গিনী। ~সন্তপ্ত [চিন্তা দ্বারা সন্তপ্ত, ৩ তৎ] বিণ, ভাবনাক্লিষ্ট। > স্ত্রীং ~া। ~হরণ [চিন্তার হরণ-৬ তৎ] বি, ভাবনার অপগম। ২ [চিন্তা হরণ হয় যা হ'তে-বহু০] বিণ, চিন্তাদূরকারী।

চিন্তানি [চিন্তা + আন (ক্রিয়ায়), গ্রা০-চেন্তান। চিন্তাই, চিন্তি, চিন্ত (চিন্তন, চেন্তা), চিন্তে চেন্তায় (চিন্তান, চেন্তান); চিন্তিতে; চিন্তিয়া (পদ্যে, চিন্তি)। কোন কোন বিভক্তি-রূপ গদ্যে চ০] ক্রি, চিন্তা করা; ভাবা। "অতএব আদি অন্ত আপনার সদা চিন্ত"-রাজা রামমোহন রায়। ২ ধ্যান করা; অনন্যচিত্তে মনে করা। ৩ স্মরণ করা। চাহিয়া চিন্তিয়া [গ্রা০-চেয়ে চিন্তে, সহচর শব্দদ্বয়] শুদ্ধ চাহিয়া শব্দ কর্কশ হয় বলিয়া "নিজেই যাতে ভাল হয় এরূপ ভাবিয়া চাহিয়া লওয়ার" ইঙ্গিত; আত্মীয়তার ভাববোধক; এইহেতু নিমন্ত্রিতগণের ভোজনকালে নিমন্ত্রণকারী বিনীত ভাবে বলিয়া থাকেন "মহাশয় চাহিয়া চিন্তিয়া লইবেন"। ভাবিয়া চিন্তিয়া [গ্রা০-ভেবে চিন্তে। একার্থক সহচর শব্দদ্বয়] ধীরভাবে সকল দিক্ পুনঃ পুনঃ ভাবিয়া।

চিন্তান্বিত [চিন্তা (দ্বারা) অন্বিত (যুক্ত)-৩ তৎ] বিণ, চিন্তাযুক্ত; চিন্তাকুলিত; ভাবনান্বিত। ২ উদ্বিগ্ন; অস্থির।

চিন্তাবেশ্ম [চিন্তার বেশ্ম (গৃহ)-৬ তৎ] বি, মন্ত্রণাগৃহ।

চিন্তামগ্ন, চিন্তানিমগ্ন [চিন্তাতে (চিন্তা সাগরে) মগ্ন, নিমগ্ন-৭ তৎ] বিণ, সমুদ্রবৎ চিন্তার মধ্যে নিমজ্জিত; বিরাট চিন্তার মধ্যে আত্মবিস্মৃত বা বাহ্যজ্ঞানশূন্য।

চিন্তামণি [চিন্তার মণি, ৬তৎ] বি, স্পর্শ-মণি; অভীষ্টদায়ক মণি বা রত্নবিঃ। "চিন্তামণি নাশ কৈলে কাচের বদলে।"-কবিক০। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব। "তুমি শ্যাম-অঙ্গের ভূষণ তোমার ভূষণ চিন্তামণি"-দাশরথি। "অচিন্ত্যরূপিণী মেয়ে পরম চিন্তামণি পেয়ে।" ৫ বুদ্ধবিঃ। ৬ ঈশ্বর। ৭ গঙ্গেশ উপাধ্যায়-প্রণীত সুবিখ্যাত ন্যায়গ্রন্থ। ৮ জৈন হেমচন্দ্র সূরীকৃত সং অভিধান। চিন্তামণি বিনায়ক-[illegible] গণেশমূর্ত্তি ভেদ।

চিন্তি/ত [চিন্ত্ (চিন্তা করা) + ণিচ্= চিন্তি + ত (র্ম +), ই আগম] বিণ, যা বা যাকে চিন্তা করা হইয়াছে; অনুধ্যাত। ২ ভাবিত। ৩ চিন্তাযুক্ত। ~তি [চিন্তি (ভাবা) + তি (ভা০)] বি, চিন্তা; ভাবনা।

ˋচিন্তে [চিন্তা দ্রঃ] অস-ক্রি, চিনিতে; অভিজ্ঞান করিতে। ২ [চিন্তার গ্রা০ বিকারে

চিন্তে] চিন্তা ; স্মরণ। "এখন কেন পারবে চিন্তে, হয়েছ হে নিশ্চিন্তে, চিন্তে থাকলে পারতে চিন্তে, চিত্ত না শ্যাম সে-সব চিন্তে।" -মধুকান।

চিন্ত্য [চিন্ত্‌ (ভাবনা করা + ণিচ্‌ = চিন্ত + য (র্ম্ম)] বিণ, চিন্তনীয় ; ভাব্য ; চিন্তার যোগ্য ; চিন্তার বিষয় ; যা চিন্তা করা যায়। ~মান [চিন্ত্‌ (চিন্তা করা) + ণিচ্‌ = চিন্তি + আন (র্ম্ম), য-ম আগম] বিণ, যা চিন্তা করা যাইতেছে ; আলোচ্যমান ; অনুধ্যায়মান।

ˋ**চিন্না** [চিহ্ন >] বি, কাঠাদিতে রেখাদি চিন বা চিহ্ন দিবার জন্য ছুতারের যন্ত্র বিঃ।

চিন্ময় [চিৎ + ময় (স্বরূপার্থে)] বিণ, চিৎস্বরূপ ; জ্ঞানস্বরূপ ; জ্ঞানময়। ২ ঈশ্বর। "অজর অমর চিন্ময় সুন্দর, নিত্য-নিরঞ্জন পাবন হে,"-স্কং। স্ত্রীং ~ী।

চিপ [চাপ >] বিণ, আঁট-আঁট ভাব ; কষা। "গুটি শঙ্খ দুটি বাই চিপ যদি হয়। ঢল ঢল করে নাহি চিরদিন রয়॥" -শিং।

চিপট [সং চিপিটক] বি, চিঁড়ে। "চিং মুড়কি তাহে মোলাম সন্দেশ।"-মনসা মং (কেতকা)।

চিপ্টা-চাপটা দ্রঃ।

চিপটানি$_1$, **চিপ্টানি**$_1$ [রূপান্তরে চেপটান, চ্যাপ্‌টান, চেপ্টান, চ্যাপ্টান। হিং চিপট্‌না (ণিজন্ত-চিপটানা)। চিপটাই। চিপটাও (চিপটান্‌ চিপ্‌টা), চিপটায় (চিপটান্‌) ; চিপটাইতে (ক্কেং চিপটাতে ; চিপটাইয়া (ক্কেং চিপটে)] ক্রি, সকর্ম্মক ও অকর্ম্মক, চিপিটকের মত পিষ্ট হইয়া বিস্তৃত হওয়া ; চেপ্টা হওয়া ; চেপ্টা করা। ২ চাপিয়া লওয়া ; সংলগ্ন হওয়া ; চাপিয়া দেওয়া ; আঠার মত লাগান ; লিপ্ত করা। ৩ অতিশয় জনতায় বা ভারি বস্তুর পতনে পিষ্ট হওয়া বা করা ; চাপা দেওয়া বা পড়া। বি, চিপ্টানি। বিণ, চিপটানি$_2$, চিপটেন$_1$, চিপ্টান$_2$, চিপ্টেন, চিপ্টানিয়া ; চিপ্টানে।

ˋ**চিপটি** [হিং-চিপ্‌টা ; চিপিট বা চপেট, চিপিটা, চপেটা, চাপ্‌টা, চিপটা, চেপটা, চেপ্ট] বিণ, চিপিটকের বা চপেটের মত পাতলা ও প্রশস্ত ; পেষণ দ্বারা বিস্তারিত করা।

চিপসানি [চিমসান দ্রঃ। রূপান্তর-চেপসান, চুপসান, চোপসান, চিপ্সান, চুপ্সান, চেপ্সান, চোপ্সান। চিপসাই, চিপসাও, চিপসায় ; চিপ্‌সাইতে ; চিপ্‌সাইয়া] ক্রি, সকর্ম্মক ও অকর্ম্মক, শুকাইয়া সঙ্কুচিত হওয়া বা করা ; রস মরিয়া কুঞ্চিত হওয়া।

চিপা [চিপ (দ্রঃ) + আ (ক্রিয়ায়)] ক্রি, নিষ্পেষণ করা ; নিংড়ান। "ছোলঙ্গ চিপিঞা নিমঝোলে খেপিলোঁ।"-শ্রীং কীং। > প=ব ণিজন্ত-চিপানি-নিষ্পিষ্ট করান।

চিপিট, চিপিটক [পিট্‌ (পেটা = চেপ্টা করা) + অ (র্ম্ম, জ্ঞাং) নিপাতনে দ্বিত্ব, পি=চি, + ক (স্বার্থে) = চিপিটক-যা চেপ্টা করা হয়] বি, চিঁড়া। "ঘর দুই চারি প্রভু দেখে চিপিটক।"-চৈং ভাং। "চিপিট মুড়কি তাহে মোলাম সন্দেশ।"-মনসা মং (কেতকা)। ২ বিণ, চওড়া ; বিস্তৃত ; চেটাল। ৩ চিপিট নাক ; চেপ্টা নাক।

চিপ্টান$_3$, **চিপ্টেন**$_2$, **চিপটান**$_3$, **চিপটেন**$_2$, [চিপঃ দ্রঃ। চিপ-টান : চাপিয়া টানার ভাব ; চিম্‌টি > এমন উক্তি যা চিম্‌টির মত যন্ত্রণাদায়ক বা ধীর ভাবে মধ্যে মধ্যে এমন উক্তি যাতে প্রাণে জ্বালাকর আঘাত করার ভাব আছে] বি, অনুচ্চস্বরে মধ্যে মধ্যে প্রযুক্ত অন্তর্দাহের বাক্য ; যে কথায় লোকের আপাদমস্তক জ্বলিয়া যায়। "তিনি চিপটানের পর চিপটান কাটিয়া চলিয়াছেন।" -অনুরূপা দেবী। চিপ্টেন ঝাড়া-রাগ প্রকাশ না করিয়া এমন কথা বলা যাতে লোকের আপাদমস্তক জ্বলিয়া যায়।

চিফকোর্ট, চীফকোর্ট (-ট্‌) [ইং-Chief Court] বি, প্রধান বিচারালয় ; হাইকোর্ট অপেক্ষা নিম্নশ্রেণীর আদালত।

চিবঁন$_1$ [চর্ব্বণ >] বি, দন্ত দ্বারা পেষণ।

চিবনি$_2$, চিবানি [রূপান্তরে-চিবুনো, চিবোনো। চর্ব্বণ > হিং-চাব্‌না, চবানা। চিবাই, চিবুই, চিবাও, চিবোও (চিবান, চিবোন, চিবুন, চিবা, চিবো), চিবায়, চিবোয় (চিবান্‌, চিবোন্‌) ; চিবাইতে (ক্কেং চিবাতে, চিবুতে, চিবোতে) ; চিবাইয়া (ক্কেং চিবায়ে, চিবিয়ে)] ক্রি, চর্ব্বণ করা। "চন্দ্রসূর্য্য চিবাইয়া ফেলাইব দাঁতে"-কৃত্তিং। বি, চিবন$_2$, চিবানি, চিবুনি। বিণ, চিবানিয়া ; চিবানো, চিবুনো।

ˋ**চিবা**, ˋচিবে, চেব [চর্ব্বণ > গ্রাং। ছিবড়া, ছেব, ছেপ ওং] বি, চর্ব্বণের পর পরিত্যক্ত অংশ। ২ ছিব্‌ড়া।

চিবি [প্রাদেং >] বি, ফাঁক ; ফাটল। প্র-জানালার চিবি।

চিবিট [চিপিট >। প=ব] বি, চিপিট ; চিঁড়া।

চিবুক [চীব্‌ (আচ্ছাদন করা) + উ (র্ম্ম), ক যোগ নিপাতনে, চী=চি। সং-তে, চিবি, চিবু ওং] বি, দাড়ীর অগ্রভাগ ; থুত্‌নী। "অরুণ অধরে হসন ইন্দু। চিবুকে মধুর শ্যামর বিন্দু।"-জ্ঞানং। ~স্পর্শ-দাড়িতে হাত (আদরের চিহ্ন)।

ˋ**চিমর্টন** [চিমটি দ্রঃ] বি, নখ-প্রহার ; চিমটি কাটা ; খামচান।

চিমটা, চিমটে [হিং-চিম্‌টা। চিমটান দ্রঃ। চিমটির আকারে ধরিয়া (দগ্ধাঙ্গারাদি) তুলিবার ভাব >] বি, অগ্নি গ্রহণার্থ লৌহ-নির্ম্মিত যন্ত্র। "গৃহস্থের চিমটা অপেক্ষা সন্ন্যাসীর চিমটা বৃহৎ ও ভারী। অতি ক্ষুদ্র চিমটার নাম 'সন্না' tongs.

ˋ**চিমটানি** [চিম-চর্ম্ম) টান (টানা-আকর্ষণ করা) বা চিম=চিপ (দ্রঃ), চাপিয়া আকর্ষণ করার ভাব। চিমটাই, চিমটাও, (চিমটান, চিমটা, চিমটো), চিমটায় (চিমটান্‌) ; চিমটাইতে (ক্কেং চিমটাতে, চিমটিতে) ; চিমটাইয়া (ক্কেং চিমটিয়া, চিম্‌টে)] ক্রি, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা চাপিয়া ধরা ; চিমটিকাটা। ২ পিষ্ট হওয়া। ৩ পিষ্ট করা। বি, চিমটানি ; ˋচিমটিনী।

ˋ**চিমটি** [চিপ দ্রঃ। চিপটি (ব্যাপকার্থে, তি=টি (কাঠিন্যে)] বি, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর টিপ দিয়া দৃঢ়ভাবে ধারণ ; দুই অঙ্গুলি দ্বারা পেষণ। ২ দুই অঙ্গুলির টিপে যে পরিমাণ

শুষ্ক দ্রব্য ধরিতে পারে। চিং কাটা-চিমটি দিবার সময় নখাঘাত হেতু কাটিয়া যাইবার ভাব হ'তে ; চিমটি বসান।

চিঁমড়, চিমড়া [গ্রা০ উচ্চারণে-চিমড়ে। হিং-চীমড়্। সং-চর্ম্ম > চামড়া >] বিণ, চামড়ার মত ; যা টানিয়া ছেঁড়া যায় না tough ২ যা সহজে নোয় না ; দুর্দ্দমনীয় ; শক্ত। ৩ [লক্ষ০] একগুঁয়ে ; সহজে যে বিনীত হয় না। ৪ অত্যন্ত কৃশ ; পাকান।

ˋচিমনি [ইং-chimneyর লিপ্যন্তর] বি, ধূমনির্গম-যন্ত্র ; ল্যাম্পের আলোক-বেষ্টনী।

ˋচিমসা, ˋচিমসে [চামসা দ্রঃ] বিণ, চর্ম্ম সদৃশ চিমড়া। ২ শুষ্ক চামড়ার দুর্গন্ধযুক্ত ; চামগন্ধ। ক্রি, চিমসানি। বি, ˋচিমসানি, -সিনি, -সুনি, -নী।

চিঁয়ন [চিয়ান দ্রঃ] বি, চৈতন্য সম্পাদন। ২ জাগ্রত করণ। ৩ চক্ষুরুন্মীলন। ৪ বিন্যাস।

চিয়া [চিৎ-চেতা (দ্রঃ)=চিঅ, চিআ, চিয়া। অকর্ম্মক। চিই, চিঅ, চিয়, চিও, চিয়ে ; চিয়াইতে ; চিয়াইয়া (ক্ষে০ চিইয়ে)। ণিজন্ত-চিয়ান] ক্রি, চৈতন্য লাভ করা ; সচেতন হওয়া ; প্রাণ পাওয়া। ২ জাগ্রত হওয়া ; জাগা ; চক্ষু উন্মীলিত করা। "চির পুত্র স্মররে জননী"-কবিক০।

চিয়াড় [চি=চৌ=চতুর্-আড়=আর (হিং-বেধনাস্ত্র), চেয়াড়ও হয়] বি, চতুর্মুখ বাণবিঃ। "চোয়াড় চিয়াড় বাণ করবাল খরশান।"-কবিক০। চিং চাপঁড়-ধনুর্ব্বাণ। মহাবীর চিয়াড় চাপড়ে করে রণ"-কবিক০।

চিয়াড়ি [চেঁচাড়ি দ্রঃ] বি, চেঁচাড়ি। ২ পুতুলের চোখ, নাক, ঠোঁট ইং গঠন করিবার জন্য কুম্ভকারদিগের ব্যবহৃত বংশ-নির্ম্মিত ফলকবিঃ। ৩ [প্রাদে০] দা-বিঃ (চণ্ডীকাব্য, হরিরাম)।

চিয়ানি [চেতন=চেঅন=চিঅন, চিয়ন, চিআন (প্রা-বাং)। হিং-চিয়ানা। চিয়াই, চিয়াও, চিয়ায় ; চিয়াইতে ; চিয়াইয়া (চিয়ায়া, চিয়িয়ে)। অকর্ম্মক-চিয়নঁ, চিঅনঁ। ণিজন্ত-চিয়ানঁ] ক্রি, চৈতন্য সম্পাদন করা ; চেতন করা। "চিয়ায় চাপায়ে গায় চন্দন কুঙ্কুম।"-ঘং। ২ বাঁচান ; প্রাণ দেওয়া ; জীবন দান করা। "চিয়ায়া উত্তর দেহ ছায়ারে সংহতি নেহ পাসরিলে পুরব পিরীত।"-কবিক০। ৩ নিদ্রা ভঙ্গ করা ; জাগ্রত করা ; জাগান। "নিদ্রা গেলে আমি চিয়াইয়া স্বামী মুখে তুলে দেয় গুয়া।"-কবিক০। ৪ বিন্যাস করা ; সাজান। "কুবলয় করবীর চিকুব চিয়াব"-জ্ঞান০। বি, চিয়ন। শ্মশান চিয়ানি-শ্মশানে শবসাধন-মন্ত্র দ্বারা শবকে জাগ্রত করিয়া শক্তিসাধনা করা ; শ্মশান জাগান।

চিয়ার-বি, বিন্যাস।

চিয়ারী [চিয়াড (দ্রঃ) ঈং (ক্ষুদ্রার্থে)] বি, ওরাওঁদিগের শিকাব মারিবার ছোট তীর।

চির১ [চীর দ্রঃ] বি, বস্ত্র। ২ ফালি ; খণ্ড ; লম্বা ভাবে ছিন্ন অংশ। "কার কাটে হস্ত পদ কাব কাটে শির। বুক ভেঙ্গে গেল কেহ হইল দুই চির।"-শি০। ৩ ফাঁক। ৪ ভাগ (২৪ গী০)। ~**কুট** [হিং। চিব (চেরা ফাড়া) কুটে (কোটা টুকরা) ফাটা পুরাণা কপড়া (হিং-শব্দ-সাগব)] বি, পুরাতন মলিন ছিন্ন বস্ত্র, চিমড়া ; টেনা। ২ কাগজের টুকরা ; ছিন্ন বা ক্ষুদ্র পত্র ; ছেঁড়া কাগজ। "সুধীর আল-খেল্লার পকেট থেকে একটা চিরকুট কাগজ বার কোরে দুর্গামণির হাতে দিয়ে বল্লে "পড়ে দেখুন, যতীশ কি লিখেছে"-বারোয়ারী।"

চিঁর২ [চি (চয়নে)+র (অবিচ্ছেদ অর্থে)] বিণ, কাল সম্বন্ধে বহু বা দীর্ঘ। ২ সকল ; সর্ব্ব। "চিরদিন সমান না যায়"। ৩ নিত্য। "হে চিরসুন্দর"-চয়নিকা। ৪ অনন্ত। "হেথা ছায়া আছে চিরনন্দন চির-বসন্ত বায়!"-রবী০। ৫ বি, বিলম্ব। প্র-চিরকারী। ~**কর্ম্মা** [চির (দীর্ঘকালব্যাপী) কর্ম্ম যার, বহু] বিণ, যার কাজ করিতে অনেক কাল লাগে ; চিরক্রিয় ; দীর্ঘসূত্রী। ~**কাঙ্ক্ষিঁত** [চির (চিরদিনের) কাঙ্ক্ষিত (বাঞ্ছিত)-৬ তৎ] বিণ, বহুকালের অভি-প্রেত ; অনেক দিনের বাঞ্ছিত ; দীর্ঘকালের আকাঙ্ক্ষিত। "এস হে এস চিরকাঙ্ক্ষিত" -রবী০ (সাধনা)। ~**কারিতা** [চির-কৃ (করা) + ইন্ (র্তৃ)=চিরকারিন্ + তা (ভা০)] বি, বিলম্বে ক্রিয়া সম্পাদন, অল্প সময়সাধ্য কর্ম্মে বহু সময় ক্ষেপণ ; দীর্ঘ-সূত্রিতা ; বিলম্বে কার্য্যনিষ্পাদনের স্বভাব। ~**কারী** [চির (বহুকাল)=কৃ+ইন্ (র্তৃ) =কারিন্ ১মা ১ব০] বিণ, যে কালবিলম্ব করে ; যে শীঘ্র কার্য্য শেষ করিতে পারে না ; যে অল্প সময় সাধ্য কর্ম্মে অনেক সময় ব্যয় করে ; দীর্ঘসূত্রী। ২ বি, মুনি গৌতমের পুত্র (দীর্ঘসূত্রী ছিলেন বলিয়া এই নাম)। ~**কাল** [চির (দ্রঃ) কাল-ধা] বি, চিরদিন ; দীর্ঘকাল। ২ ক্রি, বিণ, বহুদিন ধরিয়া। ৩ আবহমানকাল। "চিরকাল ধরে গম্ভীরস্বরে অম্বরপরে বসিয়া"-বিশ্বনৃত্য (রবী০)। ৪ আজীবন। বিণ, ~**কালার্জ্জিঁত** [চির-কাল+অর্জ্জিত] বিণ, বহুদিন হইতে সঞ্চিত, আজীবন যা অর্জ্জন করা হইয়াছে। ~**কালিক, ~কালীন, ~কালীয়া, ~কেলে**-বহুদিনব্যাপী ; চিরকাল সম্বন্ধীয় ; বহুকাল হইতে। ~**ক্রিয়** [চির (বহুকালে-সম্পাদন হয়) ক্রিয়া (কর্ম্ম) যার, বহু] বিণ, চিরকারী ; দীর্ঘসূত্রী। ~**তা** [চির-ক্রিয়া যার,=চিরক্রিয়+তা (ভা০)] বি, চির-কারিতা দ্রঃ। ~**কীর্ত্তি** [চিরকালস্থায়ী কীর্ত্তি-ধা] বি, দীর্ঘকালস্থায়ী সুখ্যাতি। ২ [বহু০] বিণ, যাব কীর্ত্তি চিরকাল আছে। ~**কুমার**-বিণ চিরজীবন অবিবাহিত। > স্ত্রীং ~ী। ~**ক্রীঁত** [চির (বহুকালের জন্য) ক্রীত] বিণ, বহুকালের জন্য যা ক্রয় করা হইয়াছে ; বহু পূর্ব্বে যা ক্রীত হইয়াছে ; অনেক দিনের কেনা। ২ চিরদিনের জন্য বা যাবজ্জীবনের জন্য ক্রীত (বিপরীতে-চির বিক্রীত)। ৩ যে অন্য হ'তে এত উপকার পাইয়াছে যে তা পরিশোধ করা যায় না ; অত্যন্ত উপকৃত। > স্ত্রীং ~া-চিরোপকৃতা। ~**জীঁবক** [চির (দীর্ঘকাল)-জীব্ (বাঁচিয়া থাকা)+অক (র্তৃ)] বি, জীবক বৃক্ষ। ২ বিণ, যে অনেক দিন বাঁচিয়া থাকে ; চিরঞ্জীব ; চিরজীবী। ~**জীঁবন** [চির (দ্রঃ)-জীবন] বি, সমস্ত জীবন ; জীবিতকাল। ২ ক্রি, বিণ, জীবনকাল ব্যাপীয়া ; আজীবন। [মুং চিরজীবন্ ১মা ১ব০] বি,

দীর্ঘকাল যে বাঁচে। ২ অমর; যার মরণ নাই। ৩ বি, ঈশ্বর [দ্রঃ-বিষ্ণু, ব্যাস, বিভীষণ, হনুমান, বলি, অশ্বত্থামা, মার্কণ্ডেয়, কৃপাচার্য্য, পরশুরাম, শাল্মলি বৃক্ষ ও কাক চিরজীবী বা অমর বলিয়া প্রসিদ্ধ। অন্যত্র-অশ্বত্থামা, বলি, ব্যাসদেব, হনুমান, বিভীষণ, কৃপাচার্য্য ও পরশুরাম এই সাত জন চিরজীবী বলিয়া প্রসিদ্ধ] >। বি, ~জীবিতা। ~জীবিষু, ~জীবেষু [চির (জীবিন্-জীব) + সু (৭মী বহুব০) এই সং শব্দ অবিকল বাং পত্রে চ০] অ, দীর্ঘজীবীর নিকট বা প্রতি; চীরজীবীর হস্তে। ~তিক্ত-বি, চিরতা। ~তুষার রেখা-বি, পর্ব্বতাদির যে উচ্চতায় বরফ কখনও গলে না snow line. ~দরিদ্র [চিরজীবনব্যাপী দারিদ্র্য-যুক্ত, মং প লো] বিণ, জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত গরীব। ~দারিদ্র্য-বি, আজীবন নির্ধনতা বা অর্থাভাব; চিরদিন নিঃস্ব অবস্থা। "চির-দারিদ্র্য করিব মোচন, চরণের ধূলা লুটে।" -রবী। ২ চির দৈন্য। ~দাস-বি, পুরাতন ভৃত্য। ২ ক্রীতদাস। ৩ বিণ চিরানুগত চিরদিনের মত অধীন। > স্ত্রীং ~ী। "চিরদাসী দাসী ও চরণে"-মেঘ০। ~দিন-ক্রি-বিণ, চিরকাল (দ্রঃ)। ২ আজীবন। "ক্ষ্যাপার মতন আছি চিরদিন উদাসীন আনমনা।"-চয়নিকা। ৩ বি, বহুকাল, দীর্ঘকাল। "চিরদিন দেখি নাই পাণ্ডু-পুত্রগণে।"-মহা০ (কাশী)। ৪ বহুদিন। ~দীন-চিরদরিদ্র দ্রঃ। ~দুঃখ-বি, চিরকালব্যাপী দারিদ্র্য। ২ জীবনব্যাপী কষ্ট। ৩ মরণান্ত শোক। > বিণ ~দুঃখী; > স্ত্রীং~দুঃখিনী। ~দুর্লভ [চির-দুর্লভ (দুঃখে লভ্য)] বিণ, যা কখনই সুলভ নহে; যা প্রাপ্ত হওয়া চিরদিনই দুঃসাধ্য, চির-দুষ্প্রাপ্য। > স্ত্রীং ~া। ~দৈন্য-বি, জীবনব্যাপী দারিদ্র্য। ২ যে অভাবের শেষ নাই। ৩ চিরস্থায়ী দীনতা। ~নিদ্রা-বি, যে নিদ্রা কখন ভঙ্গ হয় না; মৃত্যু। ~নিদ্রা-গত [চির-নিদ্রা+গত (প্রাপ্ত)] বিণ, অনন্তকালের জন্য নিদ্রামগ্ন; মৃত। > স্ত্রীং ~া। ~নিদ্রাভিভূত [চির-নিদ্রা+অভিভূত] বিণ, অনন্তকাল নিদ্রামগ্ন; মৃত। > স্ত্রীং ~া। ~নিদ্রিত-বিণ, অনন্ত নিদ্রায় অভিভূত; মৃত। > স্ত্রীং~া। ~নিবাস-বি, বহুকাল হ'তে বসবাস; পুরুষানুক্রমে বাস। ~নিবিষ্ট-বিণ, চিরস্থিত। ২ পুরুষানুক্রমে অধ্যুষিত। ৩ দীর্ঘকাল নিযুক্ত। ৪ চির-প্রবিষ্ট। > স্ত্রীং ~া। ~নিবৃত্ত-বিণ, চির-কালের জন্য বিরত; চিরশান্ত। > স্ত্রীং ~া। বি, চিরনিবৃত্তি। ~নির্দ্দিষ্ট, ~নির্দ্ধারিত-বিণ, যার কখন ব্যতিক্রম হয় না; চিরস্থিরীকৃত। ~নির্ব্বাসন-বি, চিরজীবনের জন্য দেশান্তরীকরণ। ২ মৃত্যু-কাল পর্য্যন্ত দ্বীপান্তর-বাসরূপ দণ্ড transportation. > বিণ, ~নির্ব্বাসিত > স্ত্রীং ~া। ~নির্ভর-বিণ, যার উপর চিরদিন ভরসা রাখা যায়; যে চিরদিন আশ্রয় দান করে। ২ বি, অনন্তকালের আশ্রয়, চিরসহায়; ঈশ্বর। "চিরবন্ধু, চিরনির্ভর, চির-শান্তি তুমি হে প্রভু।"-রবী। ~নির্ম্মল-বিণ, কখন যা মলিন হয় না, সর্ব্বদা যা পরিষ্কার থাকে, চিরবিশুদ্ধ। ২ বি, শুদ্ধাত্মা, ঈশ্বর। ~নিষ্পাপ [(চিরদিন ব্যাপিয়া) নিঃ (নাই) পাপ যার-বহু০] বিণ, আজীবন পাপকর্ম্মহীন; চিরজীবন পবিত্র-কর্ম্মা। ~নীহার-বি, যে তুষার কখন গলে না, স্থায়ীভাবে সঞ্চিত বরফ everlasting snow ~নীহারবাহু [ভৌঃ পরিঃ] বি, উচ্চ পর্ব্বত পার্শ্বে অতি ধীরে প্রবহমান বরফের নদী। ২ চিরতুষার সীমার নিম্নদেশে জমাট বরফ। ~নীহারসীমা [ভৌঃ পরিঃ] বি, উচ্চ পর্ব্বতের চিরতুষারাবৃত অংশের রেখা বা নিম্নভাগ snow-line ~নূতন-বিণ, যার অভিনবত্ব কখন নষ্ট হয় না; চিরনবীন; যা কখন পুরাতন হয় না। ~পদ [চির (অক্ষয়) পদ (বস্তু)] বি, চিরস্থায়ী বস্তু। "ধন জন সুসম্পদ নহে কিছু চি০।"-কৃত্তি০। ~পরিচিত-বিণ, দীর্ঘকাল যার সহিত জানাশুনা আছে; বহুকাল হ'তে জানিত; চিরপরিজ্ঞাত; পুরাতন আলাপী। ~পুষ্ট-বিণ, চিরদিন পালিত। ২ আজীবন প্রবল। ৩ চিরস্থূল। > স্ত্রীং ~া। ~পূজ্য-বিণ, চিরদিন যাঁর পূজা হইতেছে; চিরকাল মান্য। > স্ত্রীং ~া। ~পোষিত-বিণ, আজীবন যা পোষণ অর্থাৎ পালন, যা ধারণ বা বিশ্বাস করা হইয়াছে। ২ চির-আকাঙ্ক্ষিত; চিরবাঞ্ছিত। > স্ত্রীং।। ~প্রচলিত-বিণ, যা চিরদিন চলিয়া আসিতেছে; যা আবহমানকাল হ'তে আচরিত হইতেছে। < বি, ~প্রচলন। ~প্রবাস-বি, দীর্ঘকাল বিদেশবাস। ২ আজীবন প্রবাসবাস। ~প্রবাসী [চির-প্র-বস্ (বাস করা)+ইন্ (কৃ-অভ্যাসার্থে)। প্রবাসিন্ ১মা, ১ব০] বিণ, যে বহুদিন অন্যদেশে থাকে; চিরকালবিদেশবাসী; চিরবিদেশী। > স্ত্রীং ~প্রবাসিনী-চিরবিদেশ-বাসিনী; চিরবিদেশিনী। ~প্রবাহ-বি, অনন্ত-স্রোত; যে প্রবাহের বিরাম নাই। ~প্রবাহিত-বিণ, যা আবহমানকাল হ'তে বহিয়া যাইতেছে; চিরস্রোত। > স্ত্রীং ~া। ~প্রবাহী [চিরপ্রবাহিন্ শব্দ] বিণ, যার প্রবাহ কখন থামে না; যার স্রোত অনন্তকাল ধরিয়া চলিয়াছে। > স্ত্রীং~প্রবাহিণী। ~প্রসিদ্ধ-বিণ, বহুকাল হ'তে বিখ্যাত। ২ যার প্রসিদ্ধির হ্রাস নাই; চিরপ্রখ্যাত। > স্ত্রীং~া। বি, ~প্রসিদ্ধি। ~প্রাপ্ত [চির (বহুকাল ধরিয়া থাকে) প্রাপ্ত-২ তৎ] বিণ, যা বহুকাল পূর্ব্বে লব্ধ। ~প্রার্থিত [চির (বহুকাল ধরিয়া) প্রার্থিত (বাঞ্ছিত), ২য়া তৎ; কিম্বা চিরকালের জন্য প্রার্থিত, ৪ তৎ] বিণ, চিরবাঞ্ছিত; আজীবনের আকাঙ্ক্ষিত; বহুকাল হ'তে ঈপ্সিত। > স্ত্রীং ~া। ~প্রোষিত [চির (চিরকালের জন্য) প্রোষিত (বিদেশস্থিত), ৪ তৎ] বিণ, যে বহুকাল বিদেশে ছিল; বহুদিনের প্রবাস হ'তে আগত। > স্ত্রীং ~া। ~বন্দিত-বিণ, অনন্তকাল যাঁর বন্দনা হইতেছে; চিরপূজ্য; যিনি যুগে যুগে সকলের পূজা পাইয়া আসিতেছেন; চিরবরেণ্য। > স্ত্রীং ~া। ~বাঞ্ছিত-বিণ, চিরকাল লোক যাঁকে বাসনা করে; চির-আকাঙ্ক্ষিত; চিরপ্রার্থিত;

> স্ত্রীং ~া। ~বিচ্ছেদ-বি, দীর্ঘকালের ছাড়াছাড়ি ; বহুদিনব্যাপী বিবাদ। ২ অনন্ত-বিরহ। > বিণ, ~বিচ্ছিন্ন। ~বিদায়-বি, চিরকালের জন্য প্রস্থান। ২ মৃত্যু। ~বিরহ-বি, চিরবিচ্ছেদ দ্রঃ। ~বিরুদ্ধ-বিণ, চিরদিন যে প্রতিকূল। ২ আজীবন যে বিপক্ষ। > স্ত্রীং ~বিরুদ্ধা। ~বিরোধ -যে বিরোধ বা বিপক্ষতার শেষ নাই ; অনন্ত বিবাদ ; চিরশত্রুতা। > বিণ, ~বিরোধী। > স্ত্রীং ~বিরোধিনী। ~বিস্ময়-বি, অনন্ত বিস্ময়ের বস্তু। ২ বিণ, যা চিরদিন লোকের বিস্ময় উৎপাদন করে। ~বিস্মৃত [চির (চিরদিন) বিস্মৃত ২ তৎ] বিণ, যাকে লোকে চিরদিনের মত ভুলিয়া গিয়াছে ; যাকে কেহ মনে করে না বা যার সংবাদ লয় না। ২ বহুদিন ভুলিয়া গিয়াছে এমন। > বি, ~বিস্মৃতি। ~বিহিত-বিণ, যে বিধানের অন্যথা হয় না ; যা চিরদিনের জন্য বিধিবদ্ধ। ২ চির-আদিষ্ট। ৩ চিরদিন অনুষ্ঠিত। ~বৈর-বি, চিরশত্রুতা। > বিণ, ~ী। > স্ত্রীং ~বৈরিণী। ~বৈরাগ্য-বি, আজন্ম সংসারে অনাস্থা ; চিরদিনের জন্য বিষয়ে বিরক্তি। ২ আজন্ম সন্ন্যাস। > বিণ, ~বৈরাগী। ~মলিন -বিণ, যা কখন পরিষ্কার হয় না ; যার কালিমা কখন দূর হয় না। > স্ত্রীং ~া। ~মলিনতা, ~মালিন্য-বি, স্থায়ী-কলঙ্ক। ~মান্য-বি, আবহমানকাল হতে বা অনন্তকালের জন্য সম্মানিত বা পূজাপ্রাপ্ত ; আজন্মপূজিত। > স্ত্রীং ~া। ~মিত্র [চির (চিরকালের) মিত্র (বন্ধু), ৬তৎ] বি, অনেক দিনের বন্ধু ; অতি পুরাতন সুহৃদ্। ২ স্থায়ী বন্ধু ; যার মিত্রতা নষ্ট হবার নহে। ~মুগ্ধ, ~মোহিত-বিণ, গুণ বা রূপে চিরদিন আত্মবিস্মৃত বা অত্যন্ত আকৃষ্ট। > স্ত্রীং ~া। ~মেহী [চির (পুরাতন) মেহ (রোগবিঃ) + ইন্ (স্ত্য)=মেহিন্ ১মা, ১ব০] বিণ, আজীবন মেহ রোগগ্রস্ত। ২ বি, গর্দ্দভ ; গাধা। ~যশস্কর, ~যশস্য-বিণ, চিরগৌরবাত্মক ; যা অনন্ত-কাল যশ বিস্তার করে। > স্ত্রীং ~ী, ~া। ~যশস্বী [মুং চিরযশস্বিন্] বিণ, যার যশ চিরদিন অটুট থাকে ; চির-গৌরবান্বিত ; অনন্তকীর্ত্তিশালী। > স্ত্রীং ~যশস্বিনী। ~রহস্য-বি, যে রহস্যের সমাধান কখন হয় না ; অনন্ত কাল যে রহস্য উদ্ঘাটিত হয় না। ~রাত্র [চির-রাত্র] ক্রি-বিণ, চিরকাল ; চির-দিন দ্রঃ। ~রিপু-বি, চিরশত্রু ; আজন্ম বৈরী। ~রুগ্ন [চির-রুগ্ন (রোগাক্রান্ত)] বিণ, > চিররোগী। > স্ত্রীং ~া। ~রুদ্ধ-বিণ, যাকে দীর্ঘকাল আবদ্ধ করা হইয়াছে। ২ আজন্ম বন্দী ; যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত। > স্ত্রীং ~া। ~রোগ [চির (বহুকাল স্থায়ী) রোগ (ব্যাধি)] বি যে রোগ বহুদিন হ'তে আক্রমণ করিয়া আছে chronic disease. ~রোগী [চিররোগ + ইন (স্ত্য)] বিণ, যার চিররোগ আছে ; আজীবন যে রোগ ভোগ করিতেছে ; চিররুগ্ন। > স্ত্রীং ~রোগিণী। ~লি [প্রাদেং] বিণ, কোকড়ানো। "বাক্যা দিতাম চি কেশ সোনাঝুরি দিয়া"-পূঃ বং গীং। ~লব্ধ-বিণ, বহুকালের চেষ্টায় প্রাপ্ত ; আজন্ম সাধনায় অর্জ্জিত। > স্ত্রীং ~া। ~লালিত-বিণ, চিরপোষিত ; চির পালিত। > স্ত্রীং ~া। ~লুব্ধ-বিণ, চিরবাঞ্ছিত ; আজন্ম অভিলষিত ; চির-ঈপ্সিত। ২ চিরমুগ্ধ। > স্ত্রীং ~া। ~শত্রু-বিণ, যে চিরকাল শত্রুতাচরণ করে ; আজন্ম বৈরী। > বি, ~তা। ~শান্ত-বিণ, যে চিরদিনের জন্য সংযত হইয়াছে। ২ দীর্ঘকাল নিরুপদ্রুত ও স্থির। ৩ আজন্ম ধীর। > স্ত্রীং ~া। ~শান্তি-বি, দীর্ঘকালব্যাপী শান্তি ; চিরকালের মত উদ্যোগহীনতা। ২ মুক্তি। ৩ মৃত্যু। ~শ্যামল-বিণ, যার বর্ণ চিরদিন সবুজ থাকে ; চিরহরিৎ। > স্ত্রীং ~া। ~শ্লাঘ্য-বিণ, চিরপ্রশংসনীয়। ~সখা-বি চিরদিনের বন্ধু ; আজন্ম সুহৃৎ। > স্ত্রীং ~সখী। ~সঙ্গী, ~সাথী-বিণ, আজন্ম সহচর ; চিরবয়স্য। > স্ত্রীং ~সঙ্গিনী। ~সহচর-বিণ, নিত্যসঙ্গী ; আজন্ম সহচর। > স্ত্রীং ~ী। ~সহায় [চির (চির-কালের) সহায়-৬ তৎ] বিণ, বহুকালের আশ্রয়দাতা ; বহুদিনের উপকারী। ২ চির-সম্বল ; চিরভরসা। > স্ত্রীং ~া। বি, ~সহায়িতা। ~সুখী [চির-সুখ + ইন্ (বিশিষ্টার্থে বা স্ত্য)] বিণ, যার চিরদিন সুখ আছে ; আজীবন সুখী ; নিরন্তর যে সুখ ভোগ করে। "চিরসুখী জন ভ্রমে কি কখন ব্যথিত-বেদন বুঝিতে পারে।"-সদ্ভাবশতক। > স্ত্রীং ~সুখিনী। ~সুন্দর [চির (অনন্ত-কাল ব্যাপিয়া) সুন্দর-২তৎ] বিণ, যার সৌন্দর্য্য চিরদিন সমান। ২ বি, পরমেশ্বর। "হৃদয়-নন্দন-বনে এস হে এস চিরসুন্দর।"-স্কং। ~সুহৃৎ [চির (চিরকালের) সুহৃৎ (মিত্র), ৬তৎ] বি, চিরদিনের বন্ধু ; বহু-কালের সখা ; চিরমিত্র। ২ পরমেশ্বর। "কেন ভোল ভোল চিরসুহৃদে, ভুলনা চির-সুহৃদে। ধন মান প্রাণ সকলি যাঁ হ'তে, এমন সুহৃদে, কেন ভোল।"-স্কং। ~সূতা [চির সূতা (প্রসূতা-প্রসবিনী)-২ তৎ] বি, দীর্ঘকাল প্রসবিনী ; বহুকাল প্রসূতা। ২ যে গাভী অনেক বার প্রসব করে। ৩ যে গাভী অনেক কালের পর প্রসব করে। ~সেবক-বিণ, আজীবন সেবাকারী। ২ বি, পুরাতন ভৃত্য। > স্ত্রীং ~সেবিকা। ~সেবিত [চির (চিরদিনের সেবিত, ৬ তৎ] বিণ, বহুকাল ধরিয়া যার সেবা হইতেছে। ২ বহুকালানুষ্ঠিত ; দীর্ঘকাল-সাধিত ; চিরাচরিত ; লোকে যা বহুকাল মানিয়া আসিতেছে। > স্ত্রীং ~সেবিতা। ~স্থিত-বিণ, যা বা যে দীর্ঘ কাল আছে ; চিরস্থায়ী। > স্ত্রীং ~স্থিতা। ~স্থায়িতা [চির (দীর্ঘকাল) স্থা (থাকা) + ইন্ (র্তৃ) য আগম। মুং চিরস্থায়িন্ + তা (ভাং) ন-লোপ] বি, দীর্ঘকাল স্থায়িত্ব ; চির দিন থাকা ; অনশ্বরতা ; অমরত্ব। ~স্থায়ী [চির-স্থা (থাকা) + ইন্ (র্তৃ)। মুং চিরস্থায়িন্ ১মা, ১বং। রংপুর প্রাদেং 'চিরস্থ' (চিরস্থ বন্দোবস্ত permanent settlement.)] বিণ, অবিনশ্বর। ২ অল্পকালে যার ধ্বংস, রূপান্তর বা অন্যথাভাব হয় না ; যা বহুকাল সমভাবে থাকে ; দীর্ঘকাল স্থায়ী ; অক্ষয়। ~স্থায়ীবন্দোবস্ত-১৭৯৩ খ্রীঃ লর্ড কর্ণ-

ওয়ালিস বঙ্গীয় জমিদারগণের সহিত প্রথমে দশবৎসরের জন্য এবং তৎপরে তাই চির-নির্দ্দিষ্ট হারে খাজনা দিবার যে বন্দোবস্ত করেন। ২ যে ব্যবস্থার পরিবর্ত্তন হয় না। ~স্য [চির-অস্ (থাকা) +য (র্ম্ম), অ লোপ] অ, চিরকাল ; দীর্ঘকাল। ~হরিৎ [চির (অক্ষয়, স্থায়ী) হরিৎ (সবুজ)] বিণ, যার হরিৎবর্ণ নষ্ট হয় না। যে চিরকাল সবুজ থাকে ; নারিকেল, তাল, খর্জ্জুরাদি চিরশ্যামল বৃক্ষ evergreen

চিরঞ্জি-ঞ্জী [হিং চিরৌঞ্জী] বি, পিয়াল গাছ buchania latifolia ; পিয়াল ফল ; ক্ষুদ্র বাদামবিঃ nut of the chirongia sapida ; বঙ্গে যেরূপ তিলের ব্যবহার পশ্চিমাঞ্চলে তদ্রূপ চিরঞ্জির ব্যবহার। চিং খাদ্যদ্রব্য সুস্বাদু করিবার জন্য পেস্তার মত ব্যবহৃত হয়।

চিরঞ্জীবী [চিরং-জীবিন্ ১মা, ১বং] বিণ, চিরজীবী দ্রঃ।

চিরণ, চেরণ [চিরা দ্রঃ] বি, বিদারণ ; ফাড়ন। ~দাঁত-বি, চিরুণীর মত দন্ত। "বুক উঠা নাগফট চিরণ দাঁত যার। সেই কন্যা বিয়া কৈলে পুরুষ সংহার"-মনসা: ম (বংশী)। বিণ, চেরণ দেঁতো। > স্ত্রীং চেরণ দাঁতী। "উচ-কপালী চেরণ দাঁতী" -প্রবচন।

চিরণী, চিরুণী [চিরণ (চেরা দ্রঃ) + ঈ (স্ত্র) বা সাধন অর্থে) যদ্বারা চুল চেরা যায় বা যা চির যুক্ত বা চেরা চেরা। অথবা চর্ষণী-কর্ষণী > যদ্বারা কষণ করা বা আঁচড়ান যায়] বি, চুল আঁচড়াইবার চিরুণী ; প্রসাধনী। (বড় চিরণীর নাম কাঁকুই। হিং-কাঙ্গী)।

চিরণ্টা, চিরিণ্টী [ভ্রং-'চিরনটী', 'চিরিনটী। চিরম্ (চিরকাল) অট্, ইট্ (গমন করা) + অ (র্তৃ-জ্ঞাং) নিপাতনে, চিরণ্ট, চিরিণ্ট + ঈ (স্ত্রীং)] বি, যে কন্যা চিরকাল পিত্রালয়ে গমনাগমন করে ; পিতৃগৃহে চিরদিন অবস্থিতা কন্যা ; যে বিবাহিতা হইলেও পিতৃগৃহে আজীবনকাল অবস্থান করে ; পিতৃগৃহস্থিতা কন্যা।

চিরতা, চিরাতা, চিরেতা [হিং -চিরাইতা, চিরায়তা। সং-কিরাতক। বৈদ্যকে কিরাত তিক্ত, চিরতিক্ত] বি, ভূনিম্ব ; চিরেতা।

চিরত্ন [চিরম্ + ত্ন(ভবার্থে)] বিণ, চিরন্তন ; পুরাতন।

চিরথাই [গ্রাং। স্থায়ী > থাই] বিণ, চিরস্থায়ী।

চিরনি,-নী-চিরণী দ্রঃ।

চিরন্তন [চিরম্ + তন (ভবার্থে)] বিণ, যা বহুকাল হতে একভাবে চলিয়া আসিতেছে : চিরকালীন।"সে শ্রেণীর লোকের চিং সংস্কার এই যে, অধ্যয়ন কার্য্য লোকসাধারণের নহে, শ্রেণীবিশেষের"-চন্দ্রনাথ বসু। ২ পৌরাণিক: পুরাতন। স্ত্রীং~নী (-ন্তনী)।

চিরা১ [চীর দ্রঃ। হিং চিরা (পাগড়ি)] বি, মাথার চীর বস্ত্র; ফালী কাপড়ের পাগড়ি। "কালুর কাটারি ছড়ি মস্তকের চিরা"-ঘং।

চিরা২ [ফাং চার, চারা (ঔষধ, টোপ, প্রলোভন) >] বি, পুরস্কার ; বখ্‌শিশ। "ত্বরায় আসিবি যাবি নাবি খুব চিরা"-নং।

চিরা৩, চেরা [হিং -চিরনা। কাষ্ঠাদি বিদারণ কালে যে শব্দ হয় তা > চির অর্থাৎ চর্‌চর্ বা চিরচির শব্দ > । অথবা সং-ছিদ্ (ছেদনে) > ছিঁড়া > ছিরা, পরে চিরা ও চেঁড়া > চেরা। কিম্বা ছুর্ ধাতু (ছেদনে) > আসা সম্ভব। চিরি, চির, চের (চিরুন্, চের্),চেরে (চেঁরেন্) ; চিরিতে (ক্ষেং চিরতে) ; চিরিয়া (ক্ষেং চিরে)। ণিজন্ত-চিরান, চেরান] ক্রি, বিদারণ করা ; ফাটান : ফাড়া ; ছিন্ন করা ; ছেঁড়া। প্র-কাঠ চেরা ; কাপড় চেরা। ২ বিভাগ করা। প্র-চুল চেরা। ৩ নখাঘাত দ্বারা রেখাবৎ ক্ষত করা। ৪ বল প্রয়োগে উন্মুক্ত করা : ফাঁক করা ; খোলা। "দেখিয়াছি আঁখি চিরে"-অশোক। চুল-চেরা-চুল চিরিয়া দুই সমান ভাগ করার ন্যায় সূক্ষ্ম ভাগ করা। ফোড়া চেরা-স্ফোটকে অস্ত্র-প্রয়োগ দ্বারা দূষিত রক্ত পূযাদি বাহির করা। বুক চেরা-বক্ষ বিদারণ করা। "মা কালীকে বুক চিরে রক্ত দিয়ে এল"। ২ বিণ, হৃদয়ের অন্তস্তল হ'তে প্রাপ্ত ; প্রাণাপেক্ষা প্রিয়তম। প্র-বুকচেরা ধন। ৩ কামিজ, কোট ইং পরিচ্ছদের যে স্থান বুকের উপর পড়ে তা কাটা ; বুককাটা। প্র-বুক-চেরা জামা।

চিরাই [প্রাং-বাং] বি, চিরায়ুঃ, দীর্ঘায়ুঃ। "জনম হইলা বসুমতী হও গো চিরাই। আক্ষি জাক জনমাইব তাক দিও ঠাঁই॥"-শূং পুং।

চিরাগ, চেরাগ [ফাং চিরাগ্=দীপ] বি, প্রদীপ। বিণ, চিরাগী, চেরাগী। চি(চে)রাগ-দান-পিলসুজ ; দীপদণ্ড : দীপাধার। চি(চে)রাগ আলী-মুসলমানী নাম। আলী যাঁর জীবনের চেরাগ স্বরূপ।

চিরাগত [চির + আগত] বিণ, বহুকাল হ'তে প্রচলিত ; আবহমানকাল হ'তে যা চলিয়া আসিতেছে।

চিরাগী, চেরাগী [চিরাগ (দ্রঃ) + ঈং (সম্বন্ধে)। চিরাকী ওং] বি, মুসলমানী নাম। প্র-চিরাগী মিয়া। ২ চিরাগ সম্বন্ধীয়। ৩ কোন পীরের আস্তানার সংলগ্ন জমী যাতে পীরের উদ্দেশে চিরাগ দেওয়া হয় (পীরোত্তর ভূমি সদৃশ)।

চিরাচরিত [চির + আচরিত] বিণ, দীর্ঘকাল অনুষ্ঠিত।

চিরাতা-চিরতা দ্রঃ।

চিরানি [চিরা (ক্রি) + আন (বাং-র ণিজন্ত বিভক্তি)] ক্রি, অন্য দ্বারা কাষ্ঠাদি চিরাইয়া বা ফাটাইয়া লওয়া।

চিরানন্দ [চির (অক্ষয়) আনন্দ হয় বা আছে যায়-বহুং] বিণ, যে জন আজীবন আনন্দ অনুভব করে। ২ বি, অক্ষয় আনন্দ : সদানন্দ : যে আনন্দের শেষ নাই।

চিরানুকূল [চির + অনুকূল] বিণ, চির-সহায় ; চিরহিতকারী। "আপনি চিরানুকূল" -সীং বং।

চিরানুরক্ত [চির + অনুরক্ত] বিণ, চিরদিন আসক্ত ; চিরপ্রিয়। স্ত্রীং ~া।

চিরানু/রাগ [চির + অনুরাগ] বি, যে ভালবাসার ক্ষয় নাই ; আজন্ম প্রীতি ; চির প্রেম। বিণ, ~রাগী। > স্ত্রীং~রাগিণী।

চিরানুশোচনা [চির + অনুশোচনা] বি, আজীবন অনুতাপ ; চির আক্ষেপ।

চিরানুষ্ঠিত [চির + অনুষ্ঠিত] বিণ, যা

চিরকাল সম্পাদিত হইতেছে। ২ যে আচরণ পুরুষানুক্রমে চলিয়া আসিতেছে।

চিরান্ধ [চির+অন্ধ] বিণ, জন্মান্ধ। ২ যার চক্ষু কখনো খোলে না ; যে কখন সত্য দর্শন করে না। স্ত্রীং ~া।

চিরাভ্যস্ত [চির (বহুকালের) অভ্যস্ত] বিণ, চিরদিনের অভ্যাসিত ; বহুকাল হ'তে যার অভ্যাস করা হইয়াছে। স্ত্রীং~া।

চিরায় [চির-অয় (গমনে)+অ, বা চির-শব্দের ৪র্থীর ১বচনান্তের অনুরূপ অব্যয়] অ, চিরদিন ; দীর্ঘকাল। [অচিরাৎএর ন্যায় অচিরায় পণ্ডিতী বাং-য় দৃষ্ট হয় কিন্তু চিরাৎ, চিরায় বাংয় প্রং অ]।

চিরায়ুঃ, চিরায়ু [চির (দীর্ঘকাল) আয়ুস্ (জীবন) যার, বহুং] বিণ, দীর্ঘজীবী। ২ বি, অমর।

চিরায়ুষ্মতী [চির+আয়ুষ্মৎ (স্ত্য)+ঈ (স্ত্রীং)] বিণ, চিরজীবিনী। ~ষ্মত্তা [চির-আয়ুষ্মৎ (আয়ুষ্মান দ্রঃ)+তা (ভাং)] বি, দীর্ঘজীবিত্ব ; চিরজীবিতা। ~ষ্মান্ [চির-আয়ুস্+মৎ (স্ত্য)=আয়ুষ্মৎ ১মা ১বং] বিণ, দীর্ঘকালজীবী ; চিরজীবী ; যে বহুকাল বাঁচিয়া থাকে।

চিরাশ্রিত [চির+আশ্রিত] বিণ, যে বহুকাল অন্যের আশ্রয়ে পালিত। ২ আজীবন রক্ষিত।

চিরি১ [চি (অনুং চিড়িক্ চিড়িক্ > হিং চিড়ি-য়া) রা (উচ্চারণে)+ই (র্ত্তৃ), আ-লোপ-যে মানুষের অনুকরণে রব করে] বি, শুকপক্ষী। ২ পক্ষী।

চিরি২ [স্ত্রী >] বি, স্ত্রী। প্র-চিরিপো (দ্রঃ)।

চিরিণ্টী-চিরণ্টী দ্রঃ।

চিরিপো-চিড়িপো দ্রঃ।

চিরু [চির্ (আঘাত করা)+উ (ধি)-যে স্থানে আঘাত করিলে সহজে অভিভূত হয়] বি, সন্ধিস্থল ; স্কন্ধ এবং বাহুর সন্ধি স্থান।

চিরুণদাঁতী-চেরুণ দাঁতী দ্রঃ।

চিরুণি, চিরুণী [চিরণী দ্রঃ] বি, কঙ্কতিকা ; চিকুরবিন্যাসকারিণী ; ছোট কাঁকুই। "হাতে নিল চিরুণি মাথায় নাই কেশ"-ঘং।

চির্ভটী [সং] বি, ফুটীফল। ২ কাঁকুড়।

চিল [সং-চিল্ল (রব) >] বি, প্রসিদ্ধ দীর্ঘপক্ষ দৃঢ়চঞ্চু নখরবিশিষ্ট মাংসাশী পক্ষী ; যে পাখী চিল্ চিল্ রবে তীব্র চীৎকার করে the common kite ২ [লক্ষং, ব্যঙ্গ্যে] যে শিশু তীব্র চীৎকার করিয়া নিরন্তর কাঁদে। ~চেঁচানি-চিলের মত অতিশয় তীব্র চীৎকার করা।

চিলবিল, চুলবুল [সং-চঞ্চল > হিং-চিল্‌বিল্, চুলবুল] অ, চঞ্চলতা প্রকাশ : ছটফট্ ; অস্থিরতা প্রকাশ। > ক্রিং, চিলবিলানি [হিং-চিলবিলানা, চুলবুলানা] ছটফট করা ; চঞ্চল বা অস্থির হওয়া। বিণ, চিলবিলা, চুলবুলা, চিলবিলে, চুলবুলে। > বি, চিলবিলানি, চিলবিলিনি, চুলবুলানি, চুলবুলুনি।

চিলম [ফাং-চিলম্] বি, হুঁকার কল্কে ; চিলিম (দ্রঃ)। ~চী [তুর্কী-চিলম্‌চী] বি, হাত মুখ ধুইবার আধার [এদেশে মুসলমানী ও য়ুরোপীয় আসবাবপত্র যাঁরা ব্যবহার করেন তাঁদের দ্বারা ব্যবহৃত হয়]।

চিলমীলিকা [চিরম > চির=চিল-মীল্ (প্রকাশিত হওয়া)+ইক (র্ত্তৃ-জ্ঞাং)-যে অল্পকালের জন্য প্রকাশিত হয়] বি, খদ্যোত : জোনাকিপোকা। ২ চপলা ; বিদ্যুৎ। ৩ কণ্ঠের ভূষণ ; হার।

চিলা, চিলে ["চিলিয়া" > ক্ষেং] বি, অট্টালিকার সর্ব্বোচ্চস্থানে যে ঘর ; চিলে কুঠুরি। ~কোটা-বি, প্রাসাদের উচ্চতম স্থানে অবস্থিত গৃহ ; কূটাগার attic. ~ঘর-অট্টালিকার ছাদের উপরের ছোট ঘর ; ছাদে উঠিবার সিঁড়ির ঘর ; চিলা কুঠুরি। ~ছাত(দ)-চিলাঘরের ছাদ।

চিলাচিলি [হিং-চিল্লাচিল্লী] বি, পরস্পর চীৎকার শব্দে আহ্বান বা ভাষণ। ২ চেঁচামেচি। ৩ কান্নাকান্নি। ৪ ঝগড়া।

চিলে-বি, চিলা দ্রঃ। ২ [ঘুড়ী দ্রঃ] ঘুড়ির আকার ভেদ।

চিল্‌তে [প্রাদেং গ্রাং চোতা, ছিল্‌কা দ্রঃ] বিণ, চোতা ; লম্বা ফালি করা কাগজের ছাঁট্-পড়া। "এই লেখার পাশে চিল্‌তে কাগজের খাতা এক খানা।"-খোকার টাটি। ২ বি, ঐরূপ কাগজ slip.

চিল্ল [সং। অনুং। চিল্‌চিল্ রবে তীব্র চীৎকার করে বলিয়া] বি, চিল the common kite স্ত্রীং ~ী।

চিল্লক [চিল্ (চীৎকার করা)+অক (র্ত্তৃ-জ্ঞাং)] বি, চিল্ল। ২ ঝিল্লিকা।

চিল্লাচিল্লি [হিং] বি, উচ্চ চিৎকার ; চেঁচামেচি। ২ ঝগড়া।

চিল্লান, চেল্লান [হিং-চিল্লানা (চিল চেঁচান)-চীৎকার করা। তুল-ইং shrill চিলের মত অতি তীব্র রব। বাং-তে গ্রাম্য ব্যবহার] ক্রি, চেঁচামেচি করা ; চীৎকার করা ; চেঁচানো।

চিল্লাভ [চিল্ল (চিল)+আভ চিল্লের মত আভা (ব্যবহার) যার, বহুং। আভা=আভ] বি, সাধারণ চোর ; ছিঁচকে চোর ; গাঁটকাটা।

চিল্লি-বি, চিল। চিল্ল দ্রঃ।

চিল্লিকা [হিং চিলারী] বি, চিল্লীশাক। ২ চোখের ভ্রূ।

চিল্লী-চিল্ল দ্রঃ।

চিল্লীকা-বি, চিল্লী ; ঝিঁঝিপোকা।

চিহিঁ, চিহিঁহিঁ [অনুকার শব্দ] বি, হ্রেষারব ; ঘোড়ার ডাক।

চিহ্ন১ [চিহ্ন্ (লক্ষ করা)+অ (ণে)-যা দ্বারা চিহ্ন রাখা যায়] বি, লক্ষণ। ২ যা স্মরণ করাইয়া দেয় ; স্মারক। ৩ যা চালাইয়া দেয়। ৪ পরিচালক ; অভিজ্ঞান : নিদর্শন। ৫ সংশয় নিবারক ; যা দেখিলে আর সন্দেহ থাকে না। ৬ সঙ্কেত ; ইসারা। ৭ তন্ত্র-সম্প্রদায়-পক্ষ-ইং-জ্ঞাপক বস্তু ; ধ্বজ ; পতাকা। ৮ [ভাং অ] দাগ ; ছাপ ; কলঙ্ক। ~কারী [চিহ্ন-কারী (কৃ+ইন-র্ত্তৃ)। মূং কারিন্ ১মা, ১বং] বিণ, যে চিহ্ন করে ; যে কোন কিছুতে দাগ দেয়। ~ৎ [হিং। বাং-গ্রাং। প্রাং বাং-চিহ্নানি। সং-চিহ্নিত >] বি, চিহ্ন। প্র-কাপড়ে একটী চিহ্নৎ পর্য্যন্ত নাই। ২ বিণ, চিহ্নিত। প্র-চিহ্নৎ করে দেওয়া। ~ধারী [চিহ্ন-ধারী।

মূ° ধারিন ১মা. ১ব] বিণ, যে চিহ্ন ধারণ করে ; চিহ্নযুক্ত। ২ পতাকাধারী. পতাকী > স্ত্রীং~ধারিণী-চিহ্নযুক্তা। ২ বি, শ্যামালতা।

চিহ্ন₂ [প্রা° বাং] ক্রি, চেন . জানো। "তভোঁহো মুগধী রাধা না চিহ্ন আহ্মারে"-শ্রী° কী°। চিহ্নি, চিহ্নিআঁ-চিনিয়া। চিহ্নিল-চিনিলাম। চিহ্নিলি,-লী, লেঁ-চিনিলে। চিহ্নিলোঁ-চিনিলাম। চিহ্নে-চিনে : জানে। চিহ্নয়ি-চিনিতে। "হেরিনা চিহ্নয়ি নাগর রাজ"-বি° প°। চিহ্নয়ে-চিনে। চিহ্নসি-চিনিতেছ : জানিতেছ : চিনিস্। "আহ্মাকে না চিহ্নসি তোঝি"-শ্রী° কী°।

চিহ্না [হি°-চিন্হা=চিহ্ন। প্রা°-চেন্না। চিহ্নি, চিহ্ন, চিহ্নে ; চিহ্নিতে : চিহ্নিয়া। প্রা°-বাং] ক্রি, অভিজ্ঞান করা : পরিচয় স্মরণ করা। "না চিহ্নে মানুষ নিমিথ"-চণ্ডি°। বি, চিহ্নানি-চিহ্নৎ।

চিহ্নিত [চিহ্ন+ত (র্ম্ম) প্রা°-চিহ্নৎ] বিণ, যাতে চিহ্ন দেওয়া হইয়াছে ; চিহ্নযুক্ত : অঙ্কিত। প্র-ঢেরা চিহ্নিত বাড়ী ; ক চিহ্নিত কাগজ। ২ পোড়া লোহায় ক্ষত চিহ্ন করা : দাগ-দেওয়া : দাগী branded ৩ উচ্চ শ্রেণীর রাজকার্য্যে নিয়োগ ও নির্ব্বাহ সম্বন্ধে কৃত-অঙ্গীকার covenanted ~নামা-যে কাগজে জমির রাজকীয় সীমাচিহ্ন নিরূপিত থাকে।

চী [তুর্কী] বি, কর্ত্তা বোধক তদ্ধিত প্রত্যয় প্র-চিলমচী, মশালচী, বাবরচী।

চীৎখর [প্রাদে°। চিক্কুর (দ্রঃ) > চিক্‌থুর >] বি, চীৎকার দ্রঃ।

চীজ, চিজ [ফা-চীজ্=বস্তু, সামগ্রী] বি, বস্তু ; দ্রব্য ; সামগ্রী : জিনিস। "হায়রে পূজিব কিসে কোন চীজ নাই"-অ° ম°। চীজ-বস্তু [ফা-চীজ্ বস্তু] বি, আসবাব পত্র ; জিনিস পত্র ; দ্রব্যসামগ্রী।

চীৎকার, চিৎকার [চি চি কার। প্রা°-চিচ্‌কার, চিচ্‌কের। তুল-হি°-চিল্লাহট্। চিৎ-চীৎ=চিল্ (চিল্‌চিলাকার-চিলের চেঁচানর ন্যায় শব্দ করা)+কার (কৃ+অ-ভা°)] বি, তীব্র কণ্ঠধ্বনি ; চেঁচানি, উচ্চৈঃশব্দ।

চীতল-বি, চিতল দ্রঃ।

চীন₁ [চিহ্ন। চিন দ্রঃ] বি, চিহ্ন। ২ চমরু নামক মৃগ।

চীন₂ [সং-চীন। ইং-china ফা-চীন] বি, চীন নামক প্রসিদ্ধ দেশ। ২ চীনজাত বস্ত্রবিঃ ; চীনাংশুক।

চীনক [চীন+ক (জ্ঞা°)] বি, ধান্যবিঃ ; চিনাধান। ২ চীনকর্পূর।

চীনজ [চীন (চীনদেশে) জ (উৎপন্ন), উপ°] বিণ, চীনদেশোৎপন্ন ; চীনজাত।

চীনপিষ্ট [চীন (দেশবিঃ) তে উৎপন্ন-পিষ্ট (চূর্ণ), ম° প° লো°] বি, চীনা সিন্দুর। ২ সীসক ; সীসা।

চীনবঙ্গ [চীনদেশজ-বঙ্গ (সীসক), ম° প° লো°] বি, সীসা।

চীনবাস [চীনদেশজ-বাস (বস্ত্র), ম° প° লো°] বি, চীনাংশুক।

চীনা₁ [চীন+আ (সম্বন্ধে, ভবার্থে)] বিণ, চীন দেশোৎপন্ন ; চীনদেশে প্রাপ্তব্য ; চীন দেশে নির্ম্মিত। প্র-চীনা বাসন ; চীনা মাটি। ২ চীন দেশ সম্বন্ধীয় : চৈনীয়। ৩ চীন দেশের লোক ; চীনের অধিবাসী। ~কর্পূর-কর্পূরবিঃ। ~কাঁকুড়-চীনা কর্কটী ; রাজকর্কটী ; বড় কাঁকড়ী বিঃ। ~ঘাস-চীনদেশীয় ক্ষুপবিঃ boehmeria nivea এই ঘাসে দড়ী দড়া প্রস্তুত হয় ; চীন দেশে ইহাতে কাপড় ও হয়। ~মাটি-শ্বেত চিক্কণ মাটি যাতে বাসন তৈয়ার হয়। ~বাদাম-মাট বাদাম ; মাটকড়াই। ~বাসন-চীনা মাটির বাসন। ~সিন্দূর-ঘোর লাল সিন্দুর ; চীন-পিষ্ট। চীনার পান্না, চীনার পাত-সর্ব্বোৎকৃষ্ট কোমল বিশুদ্ধ স্বর্ণপত্র।

চীনা₂ [সং-চীন, চীনক। হি°-চীনা] বি, ব্রীহিধান্যবিঃ ; চীনে ধান। "মাস মসূরী তণ্ডুল মধুরী বরবটী বাটুলা চীনা।"-কবিক°।

চীনাংশুক [চীন (চীন নামক) যে অংশুক (বস্ত্র), ধা। চীনাংশুক ও°] বি, পট্টবস্ত্র।

চীবর [সং] বি, সন্ন্যাসীদিগের পরিধেয় জীর্ণবাস ; চীর। ২ ভিক্ষাপাত্র।

চীবরী [চীবর (জীর্ণবস্ত্র)+ইন্ (স্ত্য) যার জীর্ণবস্ত্র আছে] বি, বৌ° সন্ন্যাসী। ২ বিণ, চীবরধারী।

চীর [চিরা দ্রঃ। সং-চীর=বস্ত্রখণ্ড (সুভূতি, মেদিনী)]। ২ [চূড়া (হে°)] কাপড়ের ফালি ; ছেঁড়া কাপড় ; নেকড়া। ৩ কাপড় ; বসন ; বাস। "না বাঁধে চিকুর না পরে চীর"-চণ্ডি°। ৪ শিরস্ত্রাণ। ৫ কাগজের ফালি ; চীরকুট। ৬ বৃক্ষত্বক ; গাছের ছাল ; বল্কল। স্ত্রীং ~ী-ঝিল্লী, ঝিঁঝিপোকা। ~কুট [হি°-চির্‌কুট্। চীর (ছিন্ন) কুট (টুক >, ক্ষুদ্রার্থে)] বি, ক্ষুদ্রখণ্ড ; ছোট টুক্‌রা। ২ বস্ত্রখণ্ড ; ছেঁড়া নেকড়া। ৩ কাগজের ক্ষুদ্রখণ্ড। ৪ [কৃষ্ণ চীর > চীর-কৃষ্ণ, চীরকুট > ক্ষে° চিক্কুট, চিকুট (দ্র.)] অতি মলিন ছিন্ন বস্ত্রখণ্ড। তুল -হি° চিথ্‌ড়া। ~ধারী [চীর-ধারী। মূ° ধারিন্ ১মা, ১ব°] বিণ, জীর্ণ মলিন বস্ত্র পরিধানকারী ; টেন্‌কি পরা ; কৌপীনধারী। ~ভৃৎ, -চীরী [চির-ভৃৎ (ধারী)। চির+ইন্ (স্ত্য)=চীরিন্ ১মা° ১ব°] বিণ, যে বস্ত্রখণ্ড ধারণ বা পরিধান করে ; কৌপীনধারী। ২ বি, তাপস। > স্ত্রীং চীরিণী-চিরধারিণী। ২ নদীবিঃ।

চীরা [চীর দ্রঃ] বি, পাগড়ী ; চিরা দ্রঃ।

চীর্ণ [চৃ=চৃ (ক্ষেপণে, বিক্ষেপে)+ত (র্ম্ম) চৃ=চীর্-ত=ন] বিণ, বিদীর্ণ ; দীর্ণ। ২ খণ্ডিত : বিভক্ত। ৩ কৃতচয়ন : সঞ্চিত। ~পর্ণ-ক্ষুদ্র ক্ষুদ্র পাতাযুক্ত গাছ। ২ নিম্বগাছ। ৩ খেজুর গাছ।

চুআঁ [প্রা°-বাং°] বি, তিলক বৃক্ষ।

চুআনি [চ্যু (ক্ষরিত হওয়া, ভ্রষ্ট হওয়া) চু+আন (ক্রিয়ায়)] ক্রি, চুয়ান দ্রঃ।

চুওয়াল [চু=চুওন+ওয়াল (হি° বালা)] বি, যারা মদ চুয়ায় ; শুঁড়ী (মনসা ম°, ষষ্ঠীবর)।

চুঁ [অনু°। চুঁ চুঁ > আধিক্যার্থে চোঁ, অপেক্ষাকৃত মৃদু শব্দে চুঁই] অ, অগ্নি বা রৌদ্রের খরতাপে জল শোষণ বা বাষ্পীভূত-করণ শব্দ ; শুষ্ক মৃত্তিকাদিতে জল-শোষণশব্দ

২ সামান্য বা অতি মৃদু শব্দ। প্র-চুঁ শব্দটী, না হয় এমন ভাবে থাকিবে। ~করা-চুপিসাড়ে কথা বলা। ২ সামান্য প্রতিবাদ করা। ~শব্দ-অতি মৃদু শব্দ। ২ সামান্য প্রতিবাদ। প্র-বিরুদ্ধ পক্ষ হ'তে একটী চুঁ শব্দও হইল না।

চুঁইচুঁই [চুঁ দ্রঃ। পুনঃপুনঃ বা প্রকারার্থে, দ্বিত্ব] অ, জল সিদ্ধ হইবার বা শোষণের মৃদু শব্দ। ২ দগ্ধ হইবার শব্দ। ৩ জ্বলিয়া যাওয়ার ভাব। ক্রি, চুঁ° করা-দগ্ধ হওয়া। প্র-ক্ষুধায় পেট চুঁইচুঁই করা।

চুঁওয়া-চুঁয়া দ্রঃ।

চুঁওয়ানি-চুয়ান দ্রঃ।

চুঁচড়ো₁ [চূর্ণ >। গ্রা°চুণো, চুঁচড়ো, চূনা মাছ, খুব ছোট মাছ। ২ বঙ্গদেশের অন্তর্গত নগরবিঃ Chinsurah

চুঁচড়ো[চোঁচ দ্রঃ] বিণ, সূক্ষ্মমুখ; ছুঁচাল।

চুঁচা [চোঁচা দ্রঃ। সঞ্চালন > চুঁচি. চুঁচ(চোঁচ, চুঁচুন), চুঁচে (চোঁচে, চোঁচন) ; চুঁচিতে (ক্ষে° চুঁচতে) ; চুঁচিয়া (ক্ষে° চুঁচে)] ক্রি, রস বা রক্ত সঞ্চালন করিবার জন্য অঙ্গে বা প্রত্যঙ্গে জোরে হাত বুলান বা রগড়াইয়া দেওয়া। ণিজন্ত-চুঁ(চোঁ)চানি।

চুঁচি [সং-চুচুক >। অশিষ্ট] বি, স্তনের অগ্রভাগ বা বোঁটা। ২ যুবতীর স্তন।

চুঁয়া [রূপান্তর-চুঁআ, চুঁওআ, চুঁওয়া, চুঁঞা (প্রা°বাং°। শূ° পু°) চোঁয়া। চুঁ (দ্রঃ)+আ (ক্রিয়া বিভক্তি)। অকর্ম্মক। চোয়। অস-ক্রি-চুঁইতে ; চুঁইয়া (ক্ষে° চুঁয়ে)। ণিজন্ত-চুঁয়ান] ক্রি, আদগ্ধ হওয়া। ২ খর ভাজা হওয়া।

চুঁয়ানি, চোঁয়ানি [চুঁয়া দ্রঃ। চুঁয়াই, (চুঁয়াও, চোঁয়াও, চুঁয়ান্ চোঁয়ান, চুঁয়া, চোঁয়া) চুঁয়ায়, চোঁয়ায় (চুঁয়ান, চোঁয়ান) ; চুঁয়াইতে, চোঁয়াইতে (ক্ষে° চুঁয়াতে, চোঁয়াতে) ; চুঁয়াইয়া, চোঁয়াইয়া (ক্ষে° চুঁয়িয়ে, চুঁইয়ে)] ক্রি, আদগ্ধ করা ; খর ভাজা করা ; প্রায় পোড়াইয়া ফেলা ; পোড়া পোড়া করা।

চুক₁ [হিং-চুক=ত্রুটী] বি, ত্রুটি ; ভুল।

চুক-ভুল, ভুল-চুক [চুক=বিস্মৃতি দোষ, ভুল=অশুদ্ধি দোষ। কিন্তু ব্যবহারে একার্থক, সহচর শব্দদ্বয়] ভুল ভ্রান্তি ; ভ্রমপ্রমাদ। "দুজনে ওজনে তুল চুক-ভুল নাই"-কস্তুরী।

চুকি₂ [সং-চুক্র] বি, বৃক্ষাম্ল। ২ বিণ, টক ; অম্ল। চুকা দ্রঃ। ~পালঙ-টক পালঙশাক।

চুকচুক [অনুকার শব্দ। শব্দাধিক্যে, চক্চক্। মৃদুশব্দে, চিক্চিক। মৃদুতর শব্দে, চুক্চুক্। মৃদুতমশব্দে, চুকুচুকু] অ, দুগ্ধাদি ওষ্ঠাধর এবং জিহ্বা সংযোগে পান করিবার শব্দ ; চুম্বনের অনু° জলদুগ্ধাদি আকর্ষণ শব্দ ; পাত্র হ'তে চুষিয়া পান করিবার শব্দ। ২ [স্নেহ পদার্থে] মসৃণ ও উজ্জ্বল ; চিক্কণ। ক্রি, চুকচুকানি-চুকচুক শব্দ করা। ২ চুকচুক করিয়া পান করা। বি, চুকচুকানি, চুকচুকুনি। বিণ, চুকচুকি,-নী,-কে।

চুকন [চুকান দ্রঃ] বি, ভুল করণ ; ভ্রমে পতন। ২ নিষ্পত্তি ; মিটমাট। ৩ ঋণ শোধ ; মূল্য শোধ। ৪ হনন ; প্রাণ বিনাশ ; আয়ুঃশেষ। ৫ (চুকন) ক্রি, চুকান দ্রঃ।

চুকলি₁ [আ-চুগল। বাং-য় গ্রা° 'চুগলি, -লী' ও°] বি, পশ্চাতে নিন্দা ; কুৎসা। ~খাওয়া-পশ্চাতে নিন্দা করা। "পাত্র বলে বেটারা সকল ঠক ঠেঁটা। মুখে মুখে সম্মুখে চুকলি খায় বেটা॥"-ঘ°। ~খোর, চুগ্লিখোর [হিং চুগলখোর] বিণ, পশ্চাতে নিন্দাকারী।

চুকলি₂ [চাকলিও বলে] বি, চক্রাকার পাতলা পিষ্টক।

চুকা₁ [সং-চুক্র। ফা-তুর্শ্] বি, বৃক্ষাম্ল ; অম্ল, টক। "কটী হৈল চুকা"-মৈ° গী°। ~পালঙ-টক্ পালমশাক।

চুকা₂ **চোক** [হিং-চুক্না। চুকি, চুক, চোক, (চুকুন্, চোক্), চুকে, চোকে, (চুকেন, চোকেন চুকিতে) ; (ক্ষে° চুকতে) ; চুকিয়া (ক্ষে° চুকে)। ণিজন্ত-চুকান, চোকান] ক্রি, চুক করা ; ভুল করা। ২ সমাপ্ত হওয়া।

চুকা₃ **চুকা** [হিং 'চুকা' ক্রিয়ার সহিত যুক্ত হইয়া সমাপ্তিসূচক অর্থ প্রকাশ করে] মিল চুকা, দে চুকা, খা চুকা ই°] ক্রি, হইয়াছে ; হইয়াছিল। "ঘৃত দধি দুধে সাজিঞাঁ মিল চুকা"-শ্রী° কী°।

চুকানি [রূপান্তরে-চুকন। চুক-আন (ক্রিয়ায়, ণিজন্ত)। চুকাই, চুকাও, চুকোও, চুকান, চুকোন, চুকো, চুকায়, চুকোয় (চুকান, চুকোন) ; চুকাইতে, চুকোতে (ক্ষে° চুকাতে) চুকাইয়া, চুকইয়ে (ক্ষে° চুকাযে, চুকিয়ে] ক্রি, পরিশোধ করা। ২ মিটান ; নিষ্পত্তি করা। ৩ বিনাশ করা ; প্রাণ হরণ করা ; (গ্রা° ভাষায়) সাবাড় করা। বি, চুকানি, চুকুনি।

চুকানীদার [চুকানী°+ফা° দার] বি, জোত জমিতে স্বত্বহীন প্রজাবিঃ।

চুক্তি, চুকতি [হিং-চুক্তা। চুকান দ্রঃ] বি, নিষ্পত্তি। ২ অবসান। বিণ, চুক্তা। ~-নামা-বি, যে পত্রে আপসে কোন বিষয়ের নিষ্পত্তি বা মিটমাট হয় agreement. ~ভঙ্গ-নিষ্পত্তিমত কাজ না করা।

চুঙি চুঙ্গী₁ [চোঙ্গা (দ্রঃ) অপেক্ষা ক্ষুদ্র] বি, ছোট চোঙ্গ ; নলী, পোল।

চুঙ্গী₂ [হিং] বি, আমদানী রপ্তানী মালের উপর ধার্য্য শুল্ক ; মাশুল। ২ কয়ালের প্রাপ্য দস্তুরি।

চুচকুনি,-ণি [চুচকো দ্রঃ। চু° ময়না ও°। প্রাদে° গ্রা°] বি, পরের মন রক্ষাকারিণী ধড়ীবাজ মেয়ে। পুং চুচাকা।

চুচুক, চূচুক [চুষ্ (পানে)। চুচু (চুষিবার বা শিশুর দুগ্ধ পানের শব্দ) + ক (যে করে)] বি, স্তনাগ্র ; স্তনের বোঁটা।

চুচুকৃতি [চুচু (অনুকরণে) কৃ (করা) + তি (র্তৃ, জ্ঞা°)] বি, চুচু বা চুকচুক শব্দ ; চুচুকার। ২ চুম্বন শব্দ।

চুচকো [প্রাদে° গ্রা°] বিণ, যে অন্যের মন রাখিয়া কথা বলে। স্ত্রীং চুচকুনি।

চুঞ্চু [সং। উপাধিতে অন্য শব্দে যুক্ত হইয়া প্রসিদ্ধ এই অর্থ জ্ঞাপন করে] বিণ, প্রসিদ্ধ। প্র-অক্ষয়চুঞ্চু। ন্যায়চুঞ্চু।

চুটকি, -কী₁ [সং-ছোটিকা (অঙ্গুলি ধ্বনি, তুড়ি শব্দ)। তুল-ওরাওঁ 'ঝুটিয়া'] বি, স্ত্রীলোকের পদাঙ্গুলির অঙ্গুরীয়বিঃ (ইহাতে

কড়াই গাঁথা থাকায় তুড়ির মত ধ্বনি করে)। "তোমার চরণে চুট্‌কি হয়েপড়ে আছি।"-দীনবন্ধু মিত্র (জামাই বারিক)। "চটুল চরণে চুট্‌কী পরিয়া খেমটাওয়ালী নাচে।"-পাঁচু ঠাকুর। ২ তুড়ি; অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা যে চুট্‌চুট্‌ শব্দ হয়। ৩ চিমটি। ৪ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী; (মতান্তরে) অঙ্গুষ্ঠ, তর্জ্জনী ও মধ্যমা এই তিন অঙ্গুলির টিপে যতটুকু চূর্ণ ধরে; এক চিমটি। ৫ তুড়ির বাদ্যের তালে গেয় লঘু সুরের গীত (হিং-চুট্‌কুলা)। ৬ বিণ, সামান্য; তুচ্ছ; অকিঞ্চিৎকর। ৭ লঘু। প্র-চট্‌কী সাহিত্য। "একটু চুটকী ভিন্ন যায় না সময়"-রজনী সেন। ৮ লঘু ও সরস বা মনোহর; চটুল॥ চুং বাজানি-তুড়িবাদ্য করা। চুং সাহিত্য-সরল ভাষায় অতি অল্প কথায় লঘু ও সরস সাহিত্য: "নর-চরিত্রের বা মনুষ্য জীবনের কোনও একটা জটিল তত্ত্ব সরস অথচ সরল ভাষায় প্রকাশ করাই এই প্রকারের সাহিত্যের বিশেষত্ব। একটু রসিকতা থাকিবে, কিন্তু তা হাল্কা হইবে না, ভাবটি গভীর হইবে অথচ তাতে বিকট গাম্ভীর্য্য থাকিবে না, চাই কি একটু বিদ্রূপের কটাক্ষ থাকিবে অথবা করুণার অন্তঃসলিল প্রবাহ ধীরে বহিয়া যাইবে। এইরূপে উজ্জ্বলে মধুরে মিশিলেই এই প্রকারের সাহিত্য সার্থক হয়।"-ললিত বন্দ্যোং (ফোয়ারা)।

চুটকী২ [চুঙ্গী-গ্রাম্য বিকারে] বি, চুঙ্গী; কয়ালের প্রাপ্য দস্তুরী। ২ টাকার সুদ।

চুটকী৩ [সং-চূড়া। হিং-চোটী, চুটী, চুটকী] বি, মস্তকের শিখা; টিকী॥ চৈতন্য-চুটকী-চৈতন্য-স্থানের শিখা; টিকী।

চুটাইয়া, চুটিয়ে-চোটান দ্রঃ।

চুটী [চুটকী দ্রঃ] বি, শিখা; চূড়া।

চুড়ি, চুড়ী, চূড়ী [হিং-চুড়ী] বি, স্ত্রীলোকের হস্তালঙ্কারবিঃ। "সুবলিত ভুজে সাজে সুবর্ণের চুড়ি"-শিং।

চুড়িদার, চুড়ীদার [হিং-চুড়ী+ফাং দার] বি, চুড়ির মত কুঞ্চিত অগ্র; চুনট করা। "শুঁড়ওলা নাগরা জুতা পায়ে দেয় চুড়ীদার জামা পরে আর কবিদের মত বাব্‌রি চুল রেখেছে।"-নারায়ণী।

চুটানি১, চোটানি১ [চূড়া (শিখর, চরম) >। চু (চো) টাই,-টাও,-টায়; -টাইতে (কোং-টাতে); -টাইয়া (কোং-টিয়ে); ইং] ক্রি, চরম শক্তি প্রয়োগ করা; চূড়ান্ত করা।

চুটিয়ে কাজ করা-কাজের চরমে পৌঁছাই দেওয়া: চূড়ান্ত কাজ করা; সর্ব্বাঙ্গ-সুন্দর ভাবে কাজ মিটান।

চুটানি২, চোটানি২ [চোট >] ক্রি, চোট দেওয়া; কোপান।

চুড়ো, চুঁড়ে-চূড়া দ্রঃ।

চুণ [সং-চূর্ণ। হিং-চুণ, চুণা] বি, চূর্ণ। প্র-চুণসুরকির গাঁথনি, চুণকাম করা বাড়ী। ২ [চুণের বর্ণ শুভ্র বলিয়া তদ্বৎ শ্বেতবর্ণ বা ফ্যাকাশে, লজ্জা কিম্বা ভয়বশতঃ মুখের রক্ত-হীনতা অর্থাৎ মুখ পাংশুবর্ণ হওয়ার ভাব হ'তে] বিণ, রক্তহীন; শুষ্ক। "পণ্ডিতের হৈল মুখ চুণ"-রবীং। সে লজ্জায় মুখ চুণ করিয়া চলিয়া গেল।

চুণকাম [চূর্ণ > চুণ, কর্ম্ম > কাম, ৬তৎ] বি, চুণের কাজ, প্রাচীর বা গৃহাদিতে চুণ লেপন।

চুণি,-ণী-চুনি দ্রঃ।

চুণা [হিং] বি, চুণ।

চুণারি-চূণারি দ্রঃ।

চুত,-দ [চুত দ্রঃ। (অশ্লীল)] বি, যোনি।

চুতিয়া [হিং-চূতীয়া >] বি, মূর্খ। ২ [বং শং কোষে] লোহা পিটিবার হাতুড়ী।

চুদা-চোদা দ্রঃ (অশ্লীল)।

চুন [চুণ দ্রঃ] বি, চূর্ণ; ক্ষার; অট্টালিকাদি নির্ম্মাণার্থ চূর্ণ। ২ পানের সঙ্গে খাইবার চুণ। "খুন হয়ে ছিনু বাছা চুন চেয়ে চেয়ে। শেষে না কুলায় কড়ি আনিলাম চেয়ে॥"-ভারতং। ~কাম [চুণ-কাম দ্রঃ] বি, চুনের কাজ; কলি ফেরান।

চুনট-চুনাট দ্রঃ।

চুনন [হিং-চুন্‌না >] বি, বাছন; নির্ব্বাচন।

চুনরী [চুনুরি দ্রঃ। হিং-চুন্‌রী] বিণ, রঞ্জিত; রং-করা। "চুনরী ছিটের মত" -চাং বন্দ্যোং।

চুনা [হিং-চুন্‌না (নির্ব্বাচন করা)] ক্রি, বাছিয়া লওয়া; একটী একটী করিয়া সংগ্রহ করা। ২ [চূর্ণ] বি, ক্ষুদ্রজাতীয় মৎস্য; চুনা মাছ। ~জাল-উক্ত মৎস্য ধরিবার উপযোগী ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্রযুক্ত জাল।

'চুনাট [চুণিত > হিং-চুনাট্‌, চুনট্‌] বি, চূর্ণন; সঙ্কোচন। ২ বস্ত্রাদির কিনারা, জামার হাতা, চাদর ইং'র ধার কুঞ্চন।

চুনারি১,-রী [চুনুরি দ্রঃ] বি, চুনিয়া।

চুনি,-নী [হিং-চুন্নী] বি, রত্নবিঃ; রক্ত-বর্ণ বহুমূল্য স্বচ্ছ প্রস্তরবিঃ; পদ্মরাগমণি; লোহিতক ruby.

চুনিয়া [চুণ (চূর্ণ lime) +ইআ (ব্যবসয়ার্থে, সম্বন্ধার্থে)] বি চূর্ণকার জাতি; যারা চুন তৈয়ার করে।

'চুনুরি, চুনারি২ [হিং-চুন্‌রী, চুনরী (বস্ত্ররঞ্জন-কৌশল, রঞ্জিত বস্ত্র)] বি, বিচিত্র-রঞ্জিত-বস্ত্র; রঙ্গে ছোবান কাপড়; রঙ্গীন বসন। "তোমার যে চুনুরি শাড়ীতে বড় সাধ মা"-নীলদর্পণ।

চুনোপুঁটী [চুনা (দ্রঃ)-পুঁটী (দ্রঃ)] বি, খুব ছোট ছোট মাছ। ২ [লক্ষং] সামান্য দরের লোক; গরীব-গুরবা; অল্প-পুঁজী, অল্প ক্ষমতার লোক।

চুন্দী [চুন্দ্‌ (বিজ্ঞাপনে)] বি, কুটনী।

চুন্নী [চোর-স্ত্রী, চোরনী; দ্রুত উচ্চারণে চোন্নী, চুন্নী। নারী কথ্য, গালিতে] বি, যে নারী চুরি করে। ২ [চুন্দী দ্রঃ] কুট্‌নী।

চুপ [চপ্‌=মন্দ মন্দ গমন করা। হিং-চুপ (নীরব, গোপন)] বিণ, নীরব; মৌন। ২ নিস্পন্দ। ৩ ক্রি-বিণ, নিস্পন্দ ভাবে: নড়নচড়ন রহিত হ'য়ে। প্র-য়োগী নির্জ্জীবের মত চুপ করে পড়ে আছে। ৪ নিঃশব্দে; আওয়াজ না করিয়া। চুং করা-কথা বন্ধ করা। 'চুপ (টি) ক'রে-নিরবে; স্থির হ'য়ে। ~চাপ-সম্পূর্ণ চুপ করিয়া; নীরবে; নিঃশব্দে। "এখানে চুপচাপ বসে যে?"-উত্তরা। ২ কলহ না করিয়া। চুং দেওয়া-কথোপকথনে বিরতি দেওয়া;

গোল না করা। চু॰ মারা-মুখ বন্ধ করা ও গতি রহিত করা ; নীরব ও নিশ্চল হওয়া। প্র-ঐখানে চুপ মেরে বসে থাক। চু॰ হওয়া-সাড়া না দেওয়া ; নিরুত্তর হওয়া। ~সাড় -চুপিসাড় দ্রঃ।

চুপটি [স্থিতি > ক্ষে॰ টি] বি, নির্বাক অবস্থা;একদম চুপ। চু॰ করে, মেরে ক্রি-বিণ-ঐ ভাবে। "চুপটি করে বসে আছে।"

চুপড়ি, চুবড়ি, -ড়ী [সং পুবেণী (মৎস্যধানী) >। ক=চ, ণ=ড=ড। বা চঙ্কা (বংশত্বক্)+বাড়ী নির্ম্মিতার্থে। ল=ড) >] বি, বংশত্বকে নির্ম্মিত পাত্রবিঃ ; ক্ষুদ্র ঝুড়ি ; টুকরী। "মাধব শাঁখারী লয়ে শঙ্খের চুপড়ি। শাশুড়ীর সহিত করিছে হুড়াহুড়ি॥-শি॰। ২ [লক্ষণায়] আধার। "কুজ নহে তাহার সে বুদ্ধির চুপড়ী"-কৃত্তি॰। সিন্দূরচুবড়ী -সিন্দুর রাখিবার পাত্র। (চেঁচাড়ীতে পাত্রটি নির্ম্মাণ করিয়া প্রথমে লাল কাপড়ে মুড়িয়া তাহার উপর কপর্দ্দকের আচ্ছাদন দেওয়া হয়)। ২ [সিন্দূরচুবড়ীর সাদৃশ্য হইতে] জবড়জঙ্গী স্ত্রীলোক ; যে নারী সীমন্তে একরাশ সিন্দূর মাখিয়া অনেক কাপড়চোপড়ে বেষ্টিত হইয়া থাকে। প্র-সিঁদুরচুবড়ী হয়ে বসে আছে।

চুপসা [রূপান্তরে-চোপসা। চুষ্ (শোষণে) >] বিণ, যা চুপসিয়াছে ; যার রস শোষিত হইয়াছে। ২ রস রক্তের শোষণ হেতু কৃশ ; বসা। প্র-রৌদ্রে ঘুরে ঘুরে মুখ চোপ্‌সা হয়ে গেছে।

চুপসানি, চোপসানি [চুষ্ ধাতু শোষণে। চুপসাই, চুপসাও, চুপসায় ; চুপসাইতে (ক্ষে॰ চুপসাতে) ; চুপসাইয়া (ক্ষে॰ চুপসে)। ঐরূপ 'চোপসান' হ'তে-চোপসাই ই॰] ক্রি, চুষিয়া লওয়া। প্র-কালী চুপসে যাওয়া বা লওয়া। ২ কষ্টে, ভয়ে শরীরের রস মরিয়া দেহ বা কোন অঙ্গ শুষ্ক ও কৃশ হওয়া ; বসে যাওয়া। প্র-মুখ চুপসে যাওয়া ; গাল চুপ্‌সে যাওয়া। বি, চুপ্‌সানি; চোপ্‌সানি। বিণ, চুপ্‌সা, চোপ্‌সা।

চুপা [হি॰-চুপকা=নীরব] বিণ, নীরব।

চুপানি [চুপ+আন (ক্রি-বিভক্তি)। হি॰ চুপানা] ক্রি, চুপ করান।

চুপি [হি॰-চুপ্পী=নীরবতা] বি, নীরবতা ; নিঃশব্দ। ২ ক্রি-বিণ, নীরবে ; নিঃশব্দে ; আস্তে। ৩ গোপনে। ৪ [ফরিদপুর প্রাদে॰] উঁকি। প্র-চুপি দিয়া দেখা। ~চাপি-নিঃশব্দে, গোল না করিয়া। "চুপিচাপি বসেছিল"-সোনার তরী (রবী॰)। ~চুপি-অতি ধীরে ; অপরে শুনিতে না পায় এরূপ ভাবে ; খুব আস্তে ; আস্তে আস্তে। ২ গোপনে ; অন্যের অলক্ষিতে। ~সাড়ে, -সারে-অনুচ্চস্বরে ; খুব আস্তে ; প্রায় নীরবে ; ফিস্ ফিস্ করিয়া। ২ চুপ করিয়া এবং ইসারা বা ইঙ্গিতে। চু॰ দেওয়া-চুপ দেওয়া দ্রঃ। "দোতালার ঘরে গিয়া চুপি দিয়া রই"-চন্দন।

চুবক১ [চুয়া (ব্রজ॰) চুব-চুবক] বি, চুয়া নামক সুগন্ধদ্রব্যবিঃ। "চুবক লইয়ে, ফুক রি কহয়ে, আইল দাসী যে তবে।"-চণ্ডি। "চন্দন চুবক লইবে কতেক"-ঐ।

চুবক২ [হি॰-চুভ্‌কী] বি, মজ্জন ; ডুব।

চুবকি-চুবক১ দ্রঃ। ২ চুবন দ্রঃ।

চুবন, চুবনি [হি॰-চুবান] বি, নিমজ্জন ; ডুব। ২ যে ডুব বা মজ্জনে নাকে মুখে জল প্রবেশ করে ; শ্বাসরোধক ডুব। "চুবন খেয়ে হাঁপইয়ে উঠে"-গিরিশ। "চক্ষু রাঙ্গা ভরে পেট খাইয়া চুবনি"-ক্ষেমানন্দ।

চুবল [কবল >] বি, ছোবল (দ্রঃ)।

চুবলানি-চোবলান দ্রঃ। বি, চুবলন।

চুবানি [রূপান্তরে-চোবান, চোবড়ান, চুব্‌ড়ান। হি॰-চুবানা। জলে নিমজ্জনের শব্দ 'চুব'-তার অনুকরণে। চুবাই, চুবাও (চুবান্, চুবা), চুবায় (চুবান্) ; চুবাইতে (ক্ষে॰ চুবাতে) ; চুবাইয়া (ক্ষে॰ চুবিয়ে)। ঐরূপ চোবান] ক্রি, নিমজ্জিত করা ; ডুবাইয়া দেওয়া ; বুড়ান। ২ জলের ভিতর চেপে বা গুঁজড়ে ধরা ; এমন ভাবে ডুবাইয়া দেওয়া যাতে নাকে মুখে জল ঢুকিয়া শ্বাস বন্ধ হয়। বি, চুবানি, চুবুনি, চোবানি।

চুবাচুবি-পরস্পর পরস্পরকে চোবাইয়া দেওয়া। (তুল-হি॰-চুভ্‌কা চুভ্‌কী)। "দুই-জনে চুবাচুবি দুইজনে ডুবাডুবি"-কস্তুরী।

চুবনী, চুবিনী [প্রাদে॰] বি, চোর রমণী ; চোরনী ; চুন্নী।

চুমি-চুম্ব দ্রঃ।

চুমকি [হি॰-চম্‌কি (চমকদার ধাতুর ক্ষুদ্র ক্ষুদ্র পাত)] বি, সোনা রূপা ই॰র চকমকে ছোট ছোট পাত ; রাঙ্গ নির্ম্মিত ছোট ছোট বুটী। "চুমকি জড়িত চারু পীতাম্বর চেলি" -ঈ॰ গুপ্ত। চু॰ ঘটি-ভাল পালিশের ছোট জলপাত্রবিঃ (চুমকির মত চকমকে বলিয়া অথবা চুমুক দিয়া জলপান করিবার উপযুক্ত বলিয়া)। চু॰ বসানি-বস্ত্রাদিতে চুমকি টাঁকিয়া দেওয়া বা সংলগ্ন করা।

চুমকুড়ি,-ড়ী [হি॰-চুম্‌কারী] বি, মুখ-শব্দ দ্বারা চুম্বন ; চুম্বনের অনুকরণে ওষ্ঠদ্বয় সঙ্কুচিত এবং জিহ্বা দ্বারা পথরোধ করিয়া বায়ু আকর্ষণ। প্র-চুমকুড়ি দিয়া পাখী পড়ান। চু॰দেওয়া-চুমকুড়ী শব্দ করা। ২ তদ্দ্বারা উৎসাহ দেওয়া।

চুমড়ানি, চুমরানি, চোমরানি [হি॰-চুমকারনা to coax] ক্রি, মিষ্ট কথায় ভুলান ; ভুলাইবার ছলে পিঠে হাত বুলান। ২ গরুর পিঠে হাত দিলে গরু যেরূপ গা সঙ্কুচিত করে ঐরূপ করা। ৩ [>] পিঠে হাত দেওয়া (কাজ হাসিল করিবার জন্য)। চুমরে-চামরে কাজ হাসিল করা, কাজ আদায় করা বা কাজ লওয়া-মিষ্ট কথায় ভুলাইয়া বা পিঠে হাত বুলাইয়া কার্য্য উদ্ধার করা।

চুমরি, চুমুরি,-রী [চামর >। নারিকেল ফুল চামরের মত বাহির হয় বলিয়া। বরিশালে "চুরী"। শুষ্ক হইলে চুমরি, কাঁচা অবস্থায় মোচ] বি, নারিকেল ফুল কিংবা ফল (মুচি) ধরিবার সময় যে নৌকাকৃতি কোষ মধ্যে থাকে ; নারিকেল ফুল ও মুচির আধার ; মুঞ্জরীচ্ছদ।

চুমা [চুম্ব (দ্রঃ) > হি॰ চুম্মা > (প্রাদে॰ মুর্শি॰, বগড়ী॰) 'চুম্মা'। পু॰ ও প॰ রাঢ়ে- 'চোঁহা'] বি, চুম্বন (স্নেহ বা আদর অর্থে)।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=ন্চ ঞ্জ=ন্ট হ্ন=ক হু হ্ল হ্ম হ্ম=মহ হ্ব হ্ল হ্ভ ঝ্য, জ্ব ক্ব ব্ভ=ৎfwv ও চ্চা॰ দ্রঃ

~চুমি-পরস্পর পরস্পরকে চুম্বন। "আলিঙ্গন চুমাচুমি"-কস্তুরী।

চুমান-চুমড়ান দ্রঃ।

চুমু-চুম্ব দ্রঃ।

চুমুক [গ্রা॰] বি, পানীয় দ্রব্যে মুখ সংযোগ করিয়া পান। "খেয়েছে হৃদয়রক্ত চুমুকে চুমুকে"-ফুলরেণু (গোবিন্দ)। চু॰ দেওয়া, চু॰ দিয়ে খাওয়া-তরল পদার্থ (জল, দুধ ই॰) মুখ সংযোগে গলাধঃকরণ করা। "দুধের বাটীতে চু॰ দিয়েছে।"

চুমুরী-চুমরি দ্রঃ।

চুমো [চুম্ব > ভ্রং। রূপান্তরে চুমা] বি, চুম্বন। "হেসে হেসে দুলে দুলে চুমো খায় ফুলে ফুলে,"-বি॰ চক্রবর্ত্তী। চু॰ খাওয়া-চুম্বন করা।

চুম্ব [চুম্ব্ (চুম্বন করা) + অ (ভা॰)। চুম্ব > স্নেহ ও আদর অর্থে গ্রা॰ চুম, চুমা, চুমি চুমু, চুমো] বি, চুম্বন। "এত বলি কত দেওল চুম্ব। বারে বারে দেখে মুখারবিন্দ॥"-চণ্ডি॰।

চুম্বই [ব্রজ॰। প্রা॰ বৈ॰ পদ-সা॰। চুম্ব + ই (ক্রিয়া বিভক্তি)] ক্রি, চুম্বন করে। "আহা মরি মরি বলি বদন পুন চুম্বই দোঁহে দোঁহে তনু নিরছাই।"-গোবিন্দ॰।

চুম্বক [চুম্ব্ (চুম্বন করা) + অক (কর্তৃ-জ্ঞা॰) যে লোহ চুম্বন অর্থাৎ আকর্ষণ করে] বি, যে প্রস্তর লোহকে আকর্ষণ করে, চুম্বক পাথর, অয়স্কান্তমণি। ২ সংক্ষিপ্ত-সার summary. ৩ নানা গ্রন্থপত্র হ'তে নানা বিষয় সংগ্রহকারী, সংগ্রহকর্ত্তা। ৪ যে চুম্বন করে; চুম্বনকর্ত্তা। ৫ [চুম্ব + ক (শব্দে; চুম্বন শব্দ অর্থে)। গ্রা॰-চুমুক] পানীয় দ্রব্যে মুখস্পর্শ করিয়া আকর্ষণ। ~শলাকা, ~সূচিকা, ~সূচী-বি, লোহ-আকর্ষক অয়স্কান্তমণির কাঁটা magnetic needle.

চুম্বন [চুম্ব্ (চুম্বন করা, মুখ সংযোগ করা) + অন (ভা॰)] বি, স্নেহ, অনুরাগ, সৌজন্য ই॰-র বশে মুখে মুখে সংযোগ; মুখে মুখ স্পর্শ; চুমা; চুম্ব (দ্রঃ)। ২ ওষ্ঠাধর-দ্বারা স্পর্শ; ওষ্ঠাধরে করতল স্পর্শ। বিণ, চুম্বিত।

চুম্বিত [চুম্ব্ + ত (র্ম্ম)] বিণ, কৃত-চুম্বন; চুম্বন করা হইয়াছে এমন। ২ যাকে স্পর্শ করিয়াছে; স্পৃষ্ট। ৩ সংলিপ্ত; সংমিলিত।

চুম্বী [মূ॰ চুম্বিন্ >] বিণ, চুম্বনকারী; স্পর্শী। স্ত্রীং চুম্বিনী। "আকাশচুম্বী"।

চুয়ন [চুয়া দ্রঃ] বি, ক্ষরণ; ঝরণ।

চুয়া$_{1}$ [হিং-চুআ। চুয়ান দ্রঃ-"এক প্রকার গাছ আছে, যার শিকড় কাটিয়া পুনরায় মাটির মধ্যে পুঁতিয়া রাখিতে হয়। যেটুকু পচিবার তা পচিয়া যায়; যেটুকু অবশিষ্ট থাকে, তা এক সপ্তাহ জলে ভিজাইয়া রাখিতে হয়; পরে সেই জল একটী সংকীর্ণ-মুখ বোতলের মধ্যে পুরিয়া মুখটী বেশ করিয়া আঁটিয়া দিতে হয়; তার পর একটী তলদেশে ছিদ্রবিশিষ্ট বোতলের উপর উল্টা মুখে বসাইতে হয়। সকলের নীচে একপাত্র জল থাকে এবং ইহার চারিদিকে ঘুঁটের আগুনের সামান্য তাপ দিতে হয়। এই তাপ লাগিয়া যাহা চুয়াইয়া পড়ে, তাহাই চুয়া। এই চুয়া গোলাপ জলে ভাল করিয়া ধুইয়া লইতে হয়।" -আইন-ই-আকবরী (পাঁচকড়ি বন্দ্যো॰)] বি সুগন্ধি দ্রব্যবিঃ। "কেশর কস্তুরী চুয়া চন্দন সুগন্ধ। ধূপ ধুনা সৌরভ সকলে মহানন্দ॥"-শি॰।

চুয়া$_{2}$ [চুয়ান দ্রঃ। চোর। ব্রজ-চুয়ত; চুঅত=চুইয়া পড়ে। অস ক্রি, চুইতে; চুইয়া] ক্রি, ক্ষরিত হওয়া; ঝরা। "শ্রম ভরে স্বেদ বিন্দু বিন্দু চুয়ত যৈছন জলদে বিথারল মোতি।"-গোবিন্দ॰। বি, চুয়ন।

চুয়াড়-চোয়াড় দ্রঃ।

চুয়াত্তর [সং-চতুঃসপ্ততি। চতুঃ > চৌঃ > চুঃ + সপ্ততি-হত্তরি-হাত্তর] বি, ৭৪ এই সংখ্যা। ২ বিণ, চতুরধিক সত্তর সংখ্যক।

চুয়ানি, চোয়ানি [চ্যু (ক্ষরণে) ধাতু >। হিং-চুবানা=ফোঁটা ফেলা, ঝরান। চুয়াই, চুয়াও (চুয়া, চুয়ান), চুয়ায় (চুয়ান); চুয়াইতে (কথ্য॰ চুয়াতে); চুয়াইয়া (চুইয়ে)। ঐরূপ চোয়ান] ক্রি, ঝরান; ক্ষরান; পত্রাদির ছিদ্র দিয়া ফোঁটা ফেলা; পরিস্রবণ করা। ২ নিষেক করা। "হৃদয়ে চুয়ান প্রেমের মদিরা"-অবসর। ৩ বি, চুয়ানি; পরিস্রবণ distillation. ৪ বিণ, পরিস্রুত distilled মদ চুয়ানি-মদ্য পরিস্রবণ। ২ খোলা ভাঁটিতে চুয়াইয়া মদ প্রস্তুত করা।

চুয়ানি [চুয়ান পানি >] বি, পরিস্রুত জল বা তরল পদার্থ। ২ চুয়ান।

চুয়ান্ন [চতুঃপঞ্চাশৎ] বি, ৫৪ এই সংখ্যা। ২ বিণ, চতুরধিক পঞ্চাশ সংখ্যক।

চুয়াল, চোয়াল [হিং-চুয়ার, চুয়াল্। সং-কবল] বি, দন্তপঙ্ক্তিযুগল; কবল; হনু; এক কস হইতে অন্য কস পর্যন্ত jaw. চু॰ (চো॰) ধরা-উপর ও নিম্নদন্তপঙ্ক্তি বন্ধ হওয়া; দুই কসে খিল ধরা; কোন কিছু চিবাইবার জন্য মুখ নাড়িতে না পারা। চু॰ (চো॰) ভাঙ্গা-চুয়ালের খিল খুলিয়া বা ছাড়াইয়া দেওয়া।

চুয়াল$_{2}$-চওয়াল দ্রঃ।

চুয়াল্লিশ [সং-চতুশ্চত্বারিংশৎ] বি, ৪৪ এই সংখ্যা। ২ বিণ, চার অধিক চল্লিশ সংখ্যক।

চুর, চূর [সং-চূর্ণ (অস্থি চূর্ণ হইলে দেহ ভাঙ্গিয়া পড়িবার ভাব, শিথিল ভাব) অথবা পূর্ণ (পরিপূর্ণ ভাব, ভরপূর)] বিণ, ভরপূর; ভোর; বিহ্বল; হতজ্ঞান। "ভাঙ্ খেয়ে হয়ে আছি চুর।"-দ্বিং রায়। ভাঙ্গচূর-বি, ভাঙ্গা ও চূর্ণ করণ। > ক্রি, ভা॰চু॰ করা-ভাঙ্গিয়া ফেলা ও গুঁড়া করা।

চুরট, চুরুট [তামিল-সুরুট্ (বর্ত্তিকা a roll) > ফরাসী cheroute, ইং-cheroot বাং-চুরুট] বি, ধূমপানার্থ শুষ্ক তামাক পাতার বাতি; ধূমবর্ত্তিকা। ক্ষুদ্রার্থে

চুরুটিকা [ইং cigarette এর বঙ্গানুবাদ] বি, তামাক পাতা কুচাইয়া কাগজে জড়ান সরু ছোট বাতি। "চুরুটিকা শোভিত হস্তে কামরা হইতে বাহির হইল।"-বঙ্গবাণী, ১৩৩৪।

চুরণী [গালির ভাষায়] বি, চুন্নী। ২ বিণ, অপহরণকারিণী। "কলঙ্ক থুয়িল মোর বাঁশী চুরুণী।"-শ্রী॰ কী॰।

চুরমার [চূর্ণ মর্দ্দিত >] বিণ, চূর্ণ বিচূর্ণ।

চুরা$_{1}$ [চ॰ ক॰ ভা॰] বি, চিড়া। চুরানই।

চুরা$_{2}$, **চূরা** [চুর (দ্রঃ) + আ (ক্রিয়ার) চুরি, চুর, চুরে, চুরিতে (কথ্য॰ চুরতে); চুরিয়া (কথ্য॰ চুরে, পদ্যে চুরি$_{1}$)] ক্রি, চূর্ণ করা। ভাঙ্গা চুরা-ভগ্ন করা ও গুঁড়া

করা। চুরি, [চুরিয়া > ক্ষে°] অস ক্রি, চূর্ণ করিয়া। প্রা-বাং-জুলি (দ্রঃ)।

`চুরানব্বই [সং-চতুর্নবতি] বি, ৯৪ এই সংখ্যা। ২ বিণ, চার অধিক নব্বই সংখ্যক।

`চুরাশি [সং-চতুরশীতি] বি, ৮৪ এই সংখ্যা। ২ বিণ, চার অধিক আশীসংখ্যক।

চুরি২ [চুর্ (চৌর্য্যে)। হিং--চোরী)] বি, চৌর্য্য ; অপহরণ। ~চামারি [সহচর শব্দদ্বয়] চুরি ও তদ্রূপ অপকর্ম্ম। চু° করিয়া-অপহরণ করিয়া। ২ লুকাইয়া অন্তরালে থাকিয়া : গোপনে। "সুষমা যখন মুখের ঘোমটা মাথায় তুলিয়া সাংসারিক কাজ কর্ম্মে ব্যাপৃত, রাজীব তখন কোথা হইতে কোন ফাঁকে গুটিগুটি আসিয়া অন্তরালে দাঁড়াইয়া চুরি করিয়া সুষমার মুখের পানে এক দৃষ্টে চাহিয়া থাকিত।"-কলিকাল (শৈলেশ মজুমদার)। লুকাচুরি-যে খেলায় এক জন চোর হয় ও অপরে চোরকে ধরা না দিবার জন্য লুকায়। দেখাচুরি-যে খেলায় লুকাইতে হয় না, চোখের সাক্ষাতেই দৌড়িতে দৌড়িতে চোরকে ধরা না দিবার চেষ্টা করা হয়।

চুরিন [ছোটনাগপুরে আদিম জাতির ভাষায়] বি, যে নারীর অপমৃত্যু হইয়াছে তাহার প্রেতাত্মা [তুল-হিং চুড়াইল : বাং-শাঁকচুন্নি]

চুরিনী [প্রা-বাং গালির ভাষায়] বি, চুরনী ; চূন্নী (দ্রঃ) ; চোরনারী। "চু° হয়িলাহোঁ তোয় থানে।"-শ্রী° কী°।

চুরুট, **চুরুটিকা**-চুরুট দ্রঃ।

চুল১, **চূল** [সং-চূড, চূল। প্রা-বাং-চূলি] বি, কেশ ; কচ। চু° ঝাড়া-স্নানের পর নারীদিগের কেশ হতে জল ঝরান। চু° তোলা-পাকা চুল উৎপাটন। চু° বাঁধা-খোঁপা বাঁধা। চু° রাখা-দেবোদ্দেশে মানত করিয়া কেশ ধারণ করা এবং দেবতাকে চুল দিবার পূর্ব্বে চুল না কাটা। এলো চুল-মুক্তকেশ (স্ত্রীলোকের)। কটা চুল-তাম্রবর্ণ কেশ ; ইট বর্ণ কেশ। কাঁচা চুল-কৃষ্ণবর্ণ চুল। কোঁকড়া চুল-কুঞ্চিত কেশ। ঘোড়া চুল-চূড়াকারে বিন্যস্ত কেশ ; স্কন্ধদেশ পর্য্যন্ত লম্বিত কেশ-গুচ্ছ। "মাথে ঘো° (হাথে) মনোহর বাঁশী" -শ্রী° কী°। বিণ, ঘোড়া চুলা, -চুলে, চুলো > স্ত্রীং -চুলী। চাঁচর চুল-ঢেউ খেলান চুল। ঝাঁকড়া চুল-থোবা থোবা চুল। পাঁচচুলা করা-পাঁচ চূড়া রাখিয়া মাথা নেড়া করা : পাঁচটি শিখায় চুল কাটা।

চুল২-বি, গরুর গাড়ীর উভয় পুঁটের মধ্যস্থ খিল।

চুল৩ [চুল১ দ্রঃ] বি, সূত্রধরাদির পরিমাপ-বোধক সূক্ষ্মরেখা বিঃ। ২ অল্প পরিমাণ। প্র-চুল চুল করিয়া অগ্রসর হইতেছে। অত্যতি সূক্ষ্ম কেশের ন্যায় সরু বা সূক্ষ্ম রেখা পরিমাণ। একচুল, একচুলও-চুল পরিমাণও : লেশমাত্র। "কিন্তু তথাকথিত সভ্যতায় একচুলও এদিক ওদিক হইবার উপায় নাই।"-রবী°।

চুলকনা, **চুলকিনি**, **চুলকানি**, **চুলকুনি** [তুল-হিং-খুজলি। সং কণ্ডূতি] বি, ত্বকের মধ্যে সড়সড়ানি : কণ্ডূতি ; গাত্র কণ্ডূয়ন। ২ চর্ম্মরোগবিঃ ; যা নখদ্বারা আঁচড়াইতে আঁচড়াইতে ক্ষত-বিক্ষত হয়। ৩ চেষ্টা : অস্থিরতা : অত্যাগ্রহ।

চুলকানি [তুল-হিং খুজলান। চুলকাই, চুলকাও (চুলকা, চুলকো, চুলকন), চুলকায়, চুলকোয় (চুলকান) : চুলকাইতে (ক্ষে° চুলকা(কো)তে : চুলকাইয়া (ক্ষে° চুল্কে] ক্রি, কণ্ডূয়ন করা, নখ-ঘষণ করা। "উকুনের কামড়েতে হইয়া আকুল। চক্ষু মুদি দুই হাতে চুলকান চুল॥"-অ° ম°।

চুলচেরা-বিণ, চুলকেও বিভক্ত-করা, অতিসূক্ষ্ম। "চু° পারিভাষিক সংজ্ঞা দিতে পারিলাম না।"

চুলবুল [হিং-চুলবুল, চিলবিল দ্রঃ] অ, চঞ্চলতা-জ্ঞাপক ; অস্থিরতা-প্রকাশক। ক্রি, চুলবুলানো। > বি, চুলবুলানি, চুলবুলুনি। বিণ, চুলবুলিয়া, চুলবুলা, চুলবুলে-চঞ্চল ; ছটফটে ; অস্থির। "ফণা তুলে চুলবুলে ফণী অগণন।" -সারদা ম°। (বি° চক্রবর্ত্তী)।

`চুলা**, **`চুলী, **`চুলো** [সং-চুল্লী] বি, উনান : আখা। ২ শ্মশান-চুল্লী ; শবদাহার্থ অগ্নিকুণ্ড। চু° জ্বালা-উনান ধরান। ২ শবদাহার্থ অগ্নিকুণ্ড জ্বালা। [গালি অর্থে] `চুলায় যাওয়া, `চুলোর দোরে যাওয়া-যমের দক্ষিণ দ্বারে যাওয়া ; মরা। চুলোয় যাক্-অ, একান্ত উপেক্ষার ভাব : মরুক গিয়া। ২ না থাকুক ; নষ্ট বা ধ্বংস হউক : লোপ পাউক। "তাঁহারা প্রচার করিতেছেন যে ন্যায় চুলোয় যাক্, সভ্যতা যেন না নষ্ট হয়।"-রাশিয়ার চিঠি (রবী°)। `চুলোমুখ-উনন মুখ ; মুখে আগুন : পোড়ামুখ। > স্ত্রীং `চুলোমুখী। `চুলো ভোগা-চুলাভোগকারী : শব : মড়া। > স্ত্রীং `চুলোভুগী।

চুলাচুলি [চুল-আ, চুল-ই। চুল দ্রঃ] বি, পরস্পর কেশাকর্ষণ ; পরস্পর চুল টানা-টানি করিয়া ঝগড়া ; তুমুল ঝগড়া। "দুই দলে মিলামিলি গলাগলি চুলাচুলি বরযাত্রী দেউড়ী না ছাড়ে।"-কবিক°। ২ চুলে চুলে বন্ধন।

চুলি [চুল দ্রঃ। প্রা°-বাং। আধু°-গ্রা°] বি, চুল ; কেশ। "এলাইয়া বেণী ফুলের গাঁথনি দেখয়ে খসায়ে চুলি।"-চণ্ডি°। আউ-চুলি-এলোকেশ (-শী)।

`চুলুক [হিং-চুল্লু। চুল্ (পান করা) + উক (খি) যাতে পান করা যায়] বি, গণ্ডূষ। ২ কর্দ্দম ; কাদা। ৩ গোত্রপ্রবর্ত্তক মুনি।

`চুলুকিত [চুলুক + ইত (কৃতার্থে)] বিণ, গণ্ডূষ করিয়া যা পান করা হয় ; গণ্ডূষপীত। ২ পঙ্কযুক্ত ; কর্দ্দমিত।

`চুলো [চুলা > গ্রা°] চুলা দ্রঃ।

চুল্কনা, **চুল্কনি**-চুলকনা দ্রঃ।

চুল্কানি-চুলকান দ্রঃ।

চুল্লি, **চুল্লী** [সং-চুল্লী] বি, অগ্নিস্থান : চুলা ; উনান। ২ চিতা।

`চুষা**, **`চোষা [সং-চূষ্ (পান করা)। চুষি, চুষ, (চোষ, চুষুন, চোষা), চুষে, চোষে (চুষেন, চোষেন) ; চুষিতে (ক্ষে° চুষতে) ; চুষিয়া (ক্ষে° চুষে, পদ্যে-চুষি)। ণিজন্ত-চুষান, চোষান] ক্রি, মুখ দ্বারা শোষণ করা।

˙চুষানি [চুষা+আন (ণিজন্ত ক্রি,বিভক্তি)] ক্রি, মুখ দিয়া শোষণ করান।

˙চুষি, ˙চুষিকাটি, -টী, -ঠি [চুষি (চুষিবার) কাটি] বি, শিশু ভুলাইবার খেলনাবিঃ; শিশু শুইয়া শুইয়া স্তনপান ভ্রমে যে রঙ্গীন কাঠের ডাঁটি মুখে দিয়া চুষিতে থাকে ও পা ছুঁড়িয়া খেলা করে।

˙চুসা-চুষা দ্রঃ।

˙চুসি [চুষি দ্রঃ] বি, চুসিয়া খাইবার পিষ্টক। "পায়সে পিটুলি দিয়া করিয়াছে চুসি"-ঈং গুপ্ত। ২ শিশুর চুষিবার খেলনা; চুসিকাঠি।

চুক১,-কা [সং চুক্র] বিণ, অম্লযুক্ত; টক।

চুক২ [চুক দ্রঃ] বি, ভ্রম; ভুল।

চুচড়ো [চুঁচ (সূচ)+ড়া। চোঁচড়াও হয়] বিণ, সূক্ষ্মাগ্রবিশিষ্ট।

চুচুক-চুচুক দ্রঃ।

চুড় [সং-চূড়া] বি, হস্তের আভরণ; চুড়ি-আকার স্বর্ণালঙ্কারবিঃ।

চুড়চুড় [অনুং] অ, আগুনের আঁচে ব্যঞ্জনাদি সিদ্ধ করিবার জল মরিয়া গেলে চুড়চুড় শব্দে ফুটিতে থাকে; চুঁইয়া চুঁইচুঁই করিবার পূর্ব্বে মাখামাখা রসে ফুটিবার শব্দ। ২ [চূড়া-চূড়া (প্রায় বা সাদৃশ্য অর্থে দ্বিত্ব)] বিণ, চূড়াকার; চূড়ার মত উচ্চ।

চূড়া [চূড় (মুণ্ডনে)+অ (ঘি)+আ-স্ত্রীং] বি, মস্তকমুণ্ডনরূপ সংস্কার; চূড়াকর্ম্ম। ২ কেশ। ৩ শিখা; টিকি। ৪ ময়ূরের মাথার ঝুঁটি। ৫ পর্ব্বতের শিখর; শৃঙ্গ। ৬ মস্তকভূষণ; মুকুট। ৭ কলগী, মুকুট বা পাগড়ীর উপরের পুষ্পগুচ্ছ বা পালক। ৮ ভূষণ; অলঙ্কার। ৯ করভূষণ; চুড়ী ১০ অগ্রভাগ। ১১ বিণ, শ্রেষ্ঠ; প্রধান। "হইয়া লোকের চূড়া সিংহাসনে বৈস খুড়া আমাকে রাজ্যের লাগে ভার।"-কবিকং। ~কঁরণ [চূড়া-কৃ (করা)+অন (ভাং)] বি, ব্রাহ্মণাদি দ্বিজাতির মস্তক-মুণ্ডনরূপ সংস্কার। ~কর্ম্ম-বি, চূড়াকরণরূপ সংস্কার। ~ন্ত [চূড়া (অগ্রভাগ) তার অন্ত (শেষ), ৬তৎ] বি, শেষসীমা। ২ শেষ নিষ্পত্তি; চরম সিদ্ধান্ত। ৩ পরাকাষ্ঠা। ~বঁৎ [চূড়া+বৎ (স্ত)] বিণ, চূড়াযুক্ত; যার চূড়া আছে। ২ শিখর সদৃশ। > স্ত্রীং চূড়াবতী। ~বান্ [চূড়া-বৎ দ্রঃ, চূড়াবৎ ১মা ১বং] বিণ, চূড়াবিশিষ্ট; শিখাধারী; চূড়াল। ~মঁণি [চূড়ার মণি, ৬তৎ] বি, মস্তকস্থ রত্ন; শিরোমণি। ২ মস্তকভূষণ। ৩ কাকমাচিকা ফল। ৪ শাস্ত্রজ্ঞানের উৎকর্ষজ্ঞাপক উপাধিবিঃ। ৫ বিণ, সর্ব্বপ্রধান। ৬ অগ্রগণ্য। ~মূড়া [চূর্ণ > চূড়া। মর্দ্দন > মূড়া > বিণ, চূর্ণ-বিচূর্ণ। "মাটীর গঠন ঘট করিল চূড়ামূড়া"-মনসা মং (বিজয়)। ~লি [চূড়া (শিখা)+ল (স্ত)] শিখা যাতে থাকে] বি, মস্তক। ২ বিণ, চূড়াযুক্ত; শিখাবিশিষ্ট। ৩ মাথাল; প্রধান।

চুড়ি, চুড়ী-চুড়ি দ্রঃ।

চূণ [সং-চূর্ণ] বি, প্রস্তর কিংবা শম্বুকাদি ভস্ম; ক্ষার। চুণ দ্রঃ। "চূণে গেছে মুখ তেতে দধি দেখে ভয়"-কুঙ্কুমং। ~কাম, চুণাকাম [চূণ-কাম (কর্ম্ম)] বি, চূণকর্ম্ম; গৃহাদিতে চূণ ধরান; কলি ফেরান। চূণের জঁল-চূণগোলা জল পিতাইলে উপরের স্বচ্ছজল। কলিচূণ-কলি দ্রঃ।

˙চুর্ণটী, চুণাটি [চূণ+টি, আটি (< বাটি < বট্টন < সংবর্তন)] বি, চূণের বাটী; চূণ রাখিবার ডিবা।

˙চুর্ণারী [সং-চূর্ণকার] বি, চূণপ্রস্তুতকারক, চূর্ণকার জাতি; যারা চূণ প্রস্তুত করে। পূ বঙ্গে এই জাতিকে কটুবা বলে; চুনিয়া।

চুর্ত [চুষ (চুষা)+ত (র্ম্ম)] বি, আম্রফল। ২ বি, আমগাছ। "চূত মুকুলকুল সঙ্কুলদলিকুল গুণ গুণ রঞ্জন গানে।"-মং মোং তং। ৩ [চুত্ (ক্ষরণে)+অ (অপাং)] প্রসবদ্বার; যোনি। ~লঁতা-লতানিয়া আমগাছ। যথা-লতাবোম্বাই। ২ যে লতা আম্রবৃক্ষকে বেষ্টন করিয়া উঠিয়া থাকে।

চুর [সং-চূর্ণ] বি, গুঁড়া; চূর্ণ; টুকরা টুকরা। ২ নাশ। "ভাঙ্গা গেল যত ভুর, চাতুরী হইল চুর, এড়াইতে নারিবে এমনি"-অং মং। ৩ মত্ত; মাতাল। বিণ, চুরচুরে। আমচুর-শুষ্ক-আম্রচূর্ণ। খইচুর-খই চূর্ণের মোদক। খয়ের চুর-খয়ের বর্ণ শুষ্ক মিঠাই (জগন্নাথদেবের প্রসাদ)। চঁরণ-চুর-চন্দ্রাকার চরণালঙ্কারবিঃ; চরণ চাঁদ। চৈনাচুর-চণক চূর্ণ; মসলা-মাখান চেপ্টা করা ছোলা। নেশায় চুর-নেশায় বিহ্বল। বোতলচুর-বোতলের কাঁচ চূর্ণ। মতিচুর-মিহিদানার মিঠাই। রঁতনচুর-চন্দ্রাকার করভূষণবিঃ; রতন চাঁদ। নামধাতু-চুরা [চুর+আ (ক্রিয়ায়)। প্রাং-বাং] ক্রি, চুর বা চূর্ণ করা। "তার ঘাত্রে পরবত চুরে।"-শ্রীং কীং। লোহাচুর-লৌহ চূর্ণ। ঐরূপ পিতল চুর, তামাচুর।

চুরচুর [চুর (দ্রঃ)+চুর (বাহুল্যার্থে)] বিণ, বহু ক্ষুদ্র ক্ষুদ্র অংশে খণ্ডিত; টুকরা টুকরা। "করিল মঙ্গল ঘট ভেঙ্গে চুর চুর"-কুঙ্কুম।

চুরমার [চুর (চূর্ণ) মার (মর্দ্দন > মাড় >)] বিণ, চূর্ণ ও মর্দ্দিত; ভগ্ন ও দলিত। "ঘর দ্বার ভাঙ্গিয়া করিল চুরমার" -শিং। "বেলের উপর কোনও কিছু থাকিলে তখনই বোঝাই ট্রেণে পড়িয়া চুরমার হইয়া যাইবে"-ললিত বন্দ্যোং (ফোয়ারা)।

চূর্ণ [চূর্ণ্ (গুঁড়া করা)+অ (র্ম্ম, ভাং)] বি, গুঁড়া। ২ চূর্ণ। ৩ সুগন্ধি ধূলি। ৪ আবীর। ৫ বিণ, পিষ্ট; গুঁড়া করা। ৬ [লক্ষং] সম্পূর্ণরূপে ভগ্ন; বিনষ্ট। "মাদ্রাজে যে সাম্প্রদায়িক দল***সে দল এবার চূর্ণ হইয়া গিয়াছে"-আং শক্তি, ১৩৩৩। অঁস্থি চূর্ণ কঁরা, হাড়-গোড় চূর্ণ কঁরা-হাড় গুঁড়া করা; প্রহার বা পতন দ্বারা শরীরের অস্থি ভগ্ন করা। গঁতর চূর্ণ-অতিরিক্ত শ্রম, পতন, প্রহার ইং হেতু শরীরের সর্ব্বাঙ্গ চূর্ণ হইবার মত বেদনা উৎপাদন। দর্প চূর্ণ কঁরা-গর্ব্ব ভাঙ্গিয়া দেওয়া; জাঁক ভাঙ্গিয়া দেওয়া। মঁস্তক চূর্ণ কঁরা-মাথায় আঘাত করিয়া মাথা ভাঙ্গিয়া দেওয়া।

চূর্ণক [চূর্ণ দ্রঃ। চূর্ণ+ক (স্বার্থে)] বি, চূর্ণ। ২ যে পুস্তকে মূলের বিশদ ব্যাখ্যা টীকা-টিপ্পনী দ্বারা উহা সহজবোধ্য করা হয়; যাতে সমস্ত দুরূহ অর্থাদি ভাঙ্গিয়া দেওয়া হয়। ৩ দীর্ঘসমাসহীন রচনা-রীতি; বৈদর্ভী রীতি।

চূর্ণকার [চূর্ণ-কার (যে করে), কৃ+অ (র্তৃ)] বি, যে চূর্ণ প্রস্তুত করে ; চুনিয়া। ২ চূর্ণ ব্যবসায়ী ; চূর্ণারী জাতি।

চূর্ণকুন্তল [চূর্ণ (কুঞ্চিত) কুন্তল (চুল) -যা] বি, অলক ; ঝাপটা ; জুল্পি ; যে কোঁকড়া চুল কপালে আসিয়া পড়ে।

চূর্ণতা, চূর্ণত্ব [চূর্ণ-তা, ত্ব (ভা°)] বি, চূর্ণ হইবার অবস্থা। ২ চূর্ণন। ৩ পতন।

চূর্ণন [চূর্ণ+অন (ভা°)] বি, চূর্ণ করণ ; গুঁড়ন। বিণ, চূর্ণনীয়-চূর্ণকরণ যোগ্য।

চূর্ণপদ [চূর্ণ (অঙ্গভঙ্গঘটিত) পদ (পদক্ষেপ) আছে যাতে, বহু°] বি, নৃত্যকৌশল-ভেদ।

চূর্ণি, চূর্ণী [সং] বি, টীকা ; ভাষ্য। ২ বঙ্গদেশের প্রসিদ্ধ নদীবিঃ। ৩ শত কপর্দ্দক মূল্যের মুদ্রাবিঃ।

চূর্ণিকা [চূর্ণ দ্রঃ] বি, শক্তু ; ছাতু।

চূর্ণিত [চূর্ণ্ (চূর্ণ করা)+ত (র্ম্ম)-ই আগম] বিণ, যা গুঁড়া করা হইয়াছে ; চূর্ণীকৃত। ২ ধ্বংসপ্রাপ্ত।

চূর্ণীকৃত [চূর্ণ-কৃত-ঈ (অভূততদ্ভাবে চ্বি)] বিণ, কৃতচূর্ণ ; যা চূর্ণ করা হইয়াছে, গুঁড়ান।

চূর্ণীভূত [চূর্ণ-ভূত-ঈ (অভূত তদ্ভাবার্থে-চ্বি)] বিণ, যা গুঁড়া করা হইয়াছে।

চূর্ম্মা, চূর্ম্মা-লাড়ু [হি°] বি, ঘৃত, চিনি, সুজি গরম করিয়া জল না দিয়া প্রস্তুত লাড়ু ; ঝাল-মসলা ও গুড়-যোগে প্রস্তুত চালভাজার মোদক ; ঝালের লাড়ু।

চূল, চূলক [চুল দ্রঃ] বি, কেশ।

চূলা [চুল্ (উন্নত হওয়া)+(র্তৃ, জ্ঞা°)] বি, চিলেঘর। ২ [ভা অ] চূড়া।

চূলিক [চুল্ (উন্নতি)+ইক (র্ম্ম, জ্ঞা°)। চুল =চূল যাকে উন্নত করা হয়, অর্থাৎ ভাজিলে ফুলিয়া উঠে] বি, ঘৃতপক্ক গোধূম-পিষ্টক ; ঘৃতে ভাজা লুচী। ২ রোগবিঃ।

চূলিকা [চুল+অক (র্তৃ) আ, অ=ই] বি, হস্তীর কর্ণমূল। ২ চূড়া। ৩ সংস্কৃত নাটকের অঙ্গবিঃ।

চূষণ [চূষ্ (চুষা)+অন (ভা°)] বি, শোষণ ; রসাদি শোষণ করিয়া আহার।

চূষণীয় [চূষ্+অনীয় (র্ম্ম)] বিণ, চুষিবার যোগ্য ; চূষ্য।

চূষা১ [চুষা দ্রঃ] ক্রি, শোষণ করা ; শুষিয়া লওয়া।

চূষা২ বি, হাতীর কোমরে বাঁধিবার রজ্জু।

চূষিত [চূষ্+ত (র্ম্ম)] বিণ, যা চুষিয়া লওয়া হইয়াছে ; শোষিত।

চূষী-চুষি দ্রঃ।

চূষ্য [চূষ্+য (র্ম্ম)] বিণ, যা চুষিয়া খাইবার উপযোগী ; চোষণীয়। ২ বি, চর্ব্ব্য, চূষ্য, লেহ্য, পেয় এই চারি প্রকার আহারীয়ের এক শ্রেণীর খাদ্য। "চূষ্য চুষিয়া"-ভারত°।

চর্ব্বচূষ্য, চর্ব্ব-চূষ্য-বিণ, চিবাইবার ও চুষিয়া খাইবার মত। ২ বি, সকল রকম আহারীয় দ্বারা উদর পূর্ত্তি ; ভূরি ভোজন।

চেইন-চেন দ্রঃ।

চেও [চাওয়া দ্রঃ] ক্রি, চাহিও ; দেখিও। "পুরানো বন্ধুর পানে মুখ তুলে চেও"-রবি°।

চেং-চেঙ্গ দ্রঃ। ~দোলা-বি, দুই হাত দুই পা ধরিয়া শূন্যে ঝুলাইয়া রাখার ভাব। ~বলি-পাটা কাটিবার সময় কোপ না মারিয়া ঘসড়াইয়া কাটা (পঞ্চকোট রাজ্যের দেবী পূজায় এইরূপ বলি দিবার পদ্ধতি হতে)। ২ যন্ত্রণা দিয়া বধ। "অমন ছেলেকে চ্যাং বলি দিতে হয় ~মুড়ি-চেঙ্গ দ্রঃ।

চেংড়া, চেংরা-চেঙ্গড়া দ্রঃ।

চেঁক বি, অনুকার শব্দ। ~চোঁক-অ, দুধ দুহিবার শব্দ।

চেঁচড়া [গ্রা°] বি, জলজাত ঘাসবিঃ ; এক রকম দাম।

চেঁচাচেঁচি [হি°-চিচিআনা, চেঁচান দ্রঃ] বি, পরস্পর উচ্চৈস্বরে উত্তর প্রত্যুত্তর বা কথোপকথন ; অনেকের চীৎকার। ২ গণ্ডগোল।

চেঁচাড়ি, চাঁচাড়ি [সং (চঞ্চা) > চাঁচা, চাঁচ (বংশত্বক্)+আড়ি (বালী)] বি, বাঁশ চাঁচা সরুসরু পাত ; বাঁখারি চাঁচা কাঠি। ২ চিয়াড়ি দ্রঃ।

চেঁচানি [অনু°। চেঁচে, চাঁচা, চিঁচিঁ, চাই চাই ই° শব্দ >। হি°-চিচিআনা, চিচায়না, চিল্লানা, চায় চায় করনা। চেঁচাই, চেঁচাও (চেঁচান, চেঁচা), চেঁচায় (চেঁচান) : চেঁচাইতে (কে° চেঁচাতে) ; চেঁচাইয়া (কে° চেঁচিয়ে)] ক্রি, চীৎকার করা ; উচ্চৈঃস্বরে কথা বলা ; গণ্ডগোল করা। ২ ডাক ছাড়িয়া কাঁদা। বি, চেঁচানি। বিণ, চেঁচানিয়া, চেঁচানে।

চেঁচামিচি,-মেচি [চেঁচা (চীৎকার, চেঁচানি)-মিচি, মেচি (হি°-মিচ্‌কার্‌না, মচানা=উৎপাদন করা, তোলা)] বি, চীৎকার : গণ্ডগোল। চেঁচামেচি করা [হি°-চায় চায় মচানা] চীৎকার করা ; উচ্চ রব তোলা ; গণ্ডগোল করা।

চেঁচেপুঁছে [চেঁচে (চাঁচিয়া, চাটিয়া) পুঁছে (মুছিয়া)] ক্রি-বিণ, চাঁচিয়া মুছিয়া ; চেটেপুটে ; চিহ্নমাত্র না রাখিয়া। "দাস দাসী সকলে সকল দিয়া পিছু। চেঁচেপুঁছে খাইল রাণী রেখেছিল কিছু॥"-শি°।

চেঁট [অশ্লীল] বি, শিশ্ন।

চেঁদ [অশ্লীল। "চেঁদে", "চাঁদা" শব্দেরও প্রাদে° ব্যবহার আছে] বি, উপস্থ।

চেঁদিড় [প্রাদে° গ্রা° ঢেঁদড় দ্রঃ] বিণ, দুষ্কর্ত্ত ; দুষ্ট ; দুরন্ত। ২ দুষ্টুমি বুদ্ধিতে প্রখর।

চেক১ [ই°-check এর লিপ্যন্তর] সুতা বা রঙ্গের চৌকা ঘর ; ছক। ২ বিণ, চৌকা ঘর কাটা, চৌখুপী। ~কাটা-বিণ, ছককাটা। ২ চৌখুপী। ~কাপড়, চাদর, র‍্যাপার-চৌখুপী ঘর কাটা বস্ত্র বা গাত্রবস্ত্র। হি°-চারখানা।

চেক২ [ই°-cheque এর লিপ্যন্তর] বি, ~ওয়ার১-বিণ, চেক অনুযায়ী।

চেকওয়ার২ [হি°] বি, বংশনির্ম্মিত বাড়ীর ঘেরা।

চেকদাখিলা [জমিদারী পরিঃ] বি, জমির সত্ত্ববিবরণ ও মালিক এবং প্রজার নাম-ধামাদি লিখিত পত্র। এই পত্রের দুইদিকে ঠিক অনুরূপ লিখিত হয় ও একাংশ প্রজাকে দিয়া খাজনা লওয়া হয়।

চেকমুড়ি,-ড়ী [চেক২ দ্রঃ] বি,

চেকের প্রতিপত্রিকা : দাখিলার যে অংশ চেক বহিতে থাকে ; চেকের বামার্দ্ধ : চেকের যে অংশ চেক বহিতে নিদর্শনস্বরূপ থাকে counterfoil.

চেকিতান [সং-কিত্ (ভূয়োজ্ঞানে)= চেকিত (যঙ্ লুগন্ত) + আন (র্ত্তৃ)] বিণ. ভূয়োজ্ঞানবিশিষ্ট। ২ বি. সর্ব্বজ্ঞ ; শিব। ৩ ভারতীয় প্রসিদ্ধ নৃপতি। কুরুক্ষেত্র সমরে পাণ্ডবপক্ষে যুদ্ধ করিয়া দুর্য্যোধন হস্তে নিহত হন। "চেকিতান বীর্য্যবান্ কাশিরাজ বীর"-গীতা (কুমারনাথ)।

চেঁগরা, চেঁগুরা [চেঙ্গরা দ্রঃ] বিণ. বাচাল ; প্রগল্ভ। "কি বলে ঢেগরা বড় যে চেগরা"-অ০ ম০।

চেগার, চ্যাগার [প্রাদে০] বি. বেড়া ; বাঁশের বাখারিদ্বারা বাঁধা বাটীর চতুঃপার্শ্বের বেড়া।

চেঙ১, চেঁঙ বিলি-চেং দ্রঃ।

চেঁঙ্গ১ [চিঙ্গ্ (লাফাইয়া চলা)। বৈদ্যকে চেঙ্গ, চলদঙ্গ] বি. চেঙ্গো মাছ ; চ্যাঙ্গ মাছ। "চেঙ্গ ধরে চামঙী চাহিয়া চারি আড়ে। কুঁচে কাঁকড়ার তরে হাত ভরে গাড়ে॥"-শি০।

চেঁঙ্গ২ [চাঙ্গ দ্রঃ] বি. সরু মাচা। ২ চালি ; যাতে শব বাঁধিয়া বহন করে ; কোন কোন স্থানে কেবল বাঁশে বাঁধিয়া শব বহন করে (তথায় বংশদণ্ড অর্থে সাঙ্গা)। ৩ [মঞ্চ যেমন চার কোণে চার খুঁটি অবলম্বনে থাকে তদ্রূপ অথবা সাঙ্গায় বাঁধা শববৎ] হাত পা ধরিয়া শূন্যে ঝুলান। ৪ [চেঙ্গ মাছের মত] লাফাইয়া লাফাইয়া চলা ; চলদঙ্গবৎ গমন। চেঙ্গ-দোলা, চেঙ্গঝোলা-শবঅঙ্গবৎ ঝুলন ; হাত পা ধরিয়া ঝুলাইয়া ও প্রায় দুলাইতে দুলাইতে বহন। প্র-পাঠশালের পড়ুয়ারা তাহার ভাইকে চেঙ্গদোলা করিয়া গুরু-মহাশয়ের কাছে লইয়া গেল। ~বিলি-চেং দ্রঃ। ~মুড়ি-শবদেহ বস্ত্র-শয্যাদি দ্বারা মুড়িয়া বা জড়াইয়া সাঙ্গা বা চালিতে বন্ধন। প্র-চেঙ্গ মুড়ি করিয়া মড়া লইয়া যাওয়া। [গালি অর্থে] মড়া ; শব। "চেঙ্গমুড়ি কাণী।"

চেঁঙ্গড়া১ [সং-চঙ্গ (দক্ষ-মেঃ) কর্ম্মণ্য : বাং-য় বাক্যালঙ্কারে ক্রমে বিপরীত অর্থে প্রচলিত। 'চেংড়া,' 'চ্যাংড়া,' 'চ্যাঙ্গড়া'ও] বি. চপলমতি অল্পবয়স্ক যুবক। "ছিটাফোঁটা তন্ত্র মন্ত্র আছে কতগুলি। চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি॥"-অ০ ম০। ২ বিণ. অর্ব্বাচীন ; চপলমতি ; অপরিণত বুদ্ধি ; ছাব্লা। স্ত্রীং চেঙ্গড়ী। ৩ ছেলে ; ছোঁড়া [তুল-চেঙ্র়া (ছেলে) ; চেঙ্রী (মেয়ে)-কোচবিহারে]। চেঁঙ্গড়ামি, চেঁঙ্গড়ামি, চেংড়ামি, চ্যাংড়ামি, -মো চেঙ্গড়া-ই (হিং) বাং-য় ই=মি, পরে ম] বি. চেঙ্গড়াপনা ; ছেব্লামি।

চেঁঙ্গড়া২-চেঙ্গরা দ্রঃ।

চেঁঙ্গরা১,-ড়া [চাঙ্গড়া দ্রঃ] বি. বংশ-নির্ম্মিত পাত্র ; বড় চেঙ্গারি ; ঝোড়া ; ওড়া।

চেঁঙ্গারি [সং চণ্ডালিকা >] বি. ঝুড়ী।

চেঁএা [প্রা০-বাং। চাওয়া দ্রঃ। অপ্র] ক্রি. চাহিয়া ; হেরিয়া ; দেখিলে। "সই কিবা সে শ্যামের রূপ নয়ান জুড়ায় চেএা।"-ঘ০।

চেট, চেটক [চিট্ (প্রেরণ করা) + অ (র্ম্ম জ্ঞা০)=চেট + ক (স্বার্থে)-যাকে প্রেরণ করা হয়] বি. দাস ; প্রেষ্য ; ভৃত্য। ২ উপনায়ক, যে নায়ক তুষ্টবাক্য দ্বারা রুষ্টা রমণীকে তুষ্ট করে ; ভাঁড়বিঃ। স্ত্রীং চেটী, চেটিকা [সং-চেটী, প্রাকৃ০-চেড়ী, বাং-চেড়ী] দাসী ; চেড়ী। ২ উপনায়িকা।

চেঁটাই, চেঁটা [চট >] বি. দরমা ; খেজুর, তাল ইং পাতার আসন।

চেঁটালি [সং-চপেট-চেট + আল (সাদৃশ্যে) চপেটবৎ ছড়ান, বিস্তৃত] বিণ. বিস্তৃত ; চওড়া ; চ্যাপটা।

চেটী-চেট দ্রঃ।

চেটুয়া [চপেট >] বি. হস্ততল ; হাতের চেটো। ২ পদতল ; পায়ের চেটো। ৩ নবযুবতী ; কিশোরী।

চেটেনেটে, চেট্টেনেট্টে [চেটে (ছোট >)-নেটে (হিং-নাটা=খর্ব্ব >) গ্রাং-উচ্চারণ ভেদে চেট্টেনেট্টে] বিণ. ছোট-খাট। ২ অল্পবয়স্কা বধূ। "চেটেনেটে (পাঠান্তরে চেটেনেটে) যায় জলে তারে তুমি ধর চুলে। এমত তোমার কোন রীতি।"-চণ্ডি০ [চেটো দ্রঃ]।

চেটো [চোট প্রা০-বাং] বিণ. ছোট। ২ অল্পবয়স্কা যুবতী। "কিবা চেটো বউড়ি, ঝিউড়ি, বুড়ী।"-ঘ০। ৩ করতল।

চেটো বউ-ছোট বউ ; নব বধূ।

চেড় [চিট্ >] বি. দাস। স্ত্রীং~ী-দাসী। "ত্বরা করি নগরে চত্বরে ধায় চেড়ী"-কবিক০।

চেড়ী [চেটী দ্রঃ-ট=ড] বি. দাসী ; চেড়ী। ২ রক্ষী স্ত্রী।

চেণ্ডালি [প্রা০-বাং। চণ্ডালী > দ্রঃ] বিণ. চণ্ডালী ; নির্ম্মমা ; নিষ্ঠুরা। "অতি বড় চে০ রহলী মূল পথে"-শ্রী০ কী০।

চেৎ [চিত্ (জানা)] অ. যদি। ২ বিবেচনা ; বিচার।

চেত, চেতঃ [চিত্ (জানা) + অস্ (র্ত্তৃ) =চেতস্] বি. অন্তঃকরণ ; মনঃ ; চিত্ত ; হৃদয় ; হৃৎ ; মানস। ২ চিত্তবৃত্তি। ৩ [অস্-ভা০] জ্ঞান ; প্রজ্ঞা ; চৈতন্য। ৪ আত্মা। ৫ বিণ. চিত্তবান্। প্র-চঞ্চলচেত। বিণ. চেতা১-চিত্তবিশিষ্ট ; মনা।

চেতক [চিত্ + অক(র্ত্তৃ)] বিণ. যে চেতনা জন্মায়, যে বিস্মৃত বিষয়ের স্মরণ করাইয়া দেয়, যে কর্ত্তব্যাকর্ত্তব্য বোধ জন্মায় ; উদ্বোধক।

চেতকী [সং] বি. সুগন্ধযুক্ত ত্রিশিরা হরীতকী। ২ জাতীপুষ্প।

চেতন [চিত্ + অন [র্ত্তৃ-জ্ঞা০)] বি. আত্মা ; জীব ; প্রাণী। ২ চিত্ত। ৩ [অন-ভা০] জ্ঞান। ৪ বিণ. চেতনাশালী ; চৈতন্যবিশিষ্ট ; যাদের গতি-শক্তি ও জীবনের অনুভূতি আছে। ৫ জাগ্রত।

চেতনা [চেতন (দ্রঃ) + আ-স্ত্রীং] বি. চেতনা ; সংজ্ঞা। ২ চৈতন্য ; জ্ঞান। ৩ মন। ৪ বুদ্ধি। ৫ নিদ্রাভঙ্গ ; জাগরণ। ~ত্মক-বিণ. চৈতন্যময়। স্ত্রীং ~ত্মিকা। ~বিধান [চেতনার-বিধান-৬ তৎ] বি. চৈতন্য সম্পাদন ; জ্ঞান জন্মান। ~বিহীন, ~রহিত, ~শূন্য, ~হীন-বিণ. অচৈতন্য। ২ জড়।

চেতস্বান্ [চেতঃ=চেতস্ + বৎ (স্ত্য, ১মা ১ব০)] বিণ. হৃদয়বান্।

চেতা [গ্রাং উচ্চারণ চ্যাতা। চেত (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। চেতি, চেত (চেত্, চেতুন্), চেতে (চেতেন) ; চেতিতে (ক্ষেং চেততে) ; চেতিয়া (ক্ষেং চেতে)। ণিজন্ত-চেতান] ক্রি, সজ্ঞান হওয়া ; চৈতন্য লাভ করা। ২ উদ্বুদ্ধ হওয়া; জাগ্রত হওয়া ; জাগা। "চেতরে চেতরে চেত ডাকে চিদানন্দ।" -অং মং। ৩ শাস্তি পাইয়া শিক্ষালাভ : কষ্ট পাইয়া বা ঠেকিয়া চৈতন্য লাভ করা : সাবধান বা সতক হওয়া। "ঠেকি বারে বারে খুব চেতেছি।"-রাং প্রং। ব্রজং চেতয়ে- সংবরণ করে ; সামলায়। "ন চেতয়ে সভরণকুণ্ডল চীর"-বিং পং। চেতায়ল-ক্রি, চেতনা সম্পাদন করিল : জ্ঞান জন্মাইল।

চেতান [চেতা দ্রঃ] ক্রি, চৈতন্য সম্পাদন করা ; উত্তেজিত করা ; জাগান : উদ্বুদ্ধ করা। "জ্বলন্ত বিদ্যুৎ হৃদয়ে ঢালিব চেতাইব পুনঃ অবশ প্রাণ॥"-চন্দন। ২ আলস্য ভঙ্গ করা : চিত হইয়া পড়া ; চিতান দ্রঃ।

চেতানি [চেতান দ্রঃ] বি, উদ্বোধন : জাগরণ। ২ চিত হওন।

চেতিত [চিত্+ণিচ্=চেতি (জানা)+ত (র্ম)] বিণ,-যা জানা গিয়াছে ; জ্ঞাত। ২ জাগ্রত ; উদ্বুদ্ধ।

চেতোমান [চেতস্+মৎ (স্ত্য) >] বিণ, চৈতন্যযুক্ত।

চেত্তা [সং চিৎ-চিত্তা] বি, পৃষ্ঠদণ্ডের আড়ষ্টভাব। চেত্তা ভাঙ্গা-চিৎ হইয়া পৃষ্ঠদণ্ডের ও অঙ্গের আড়ষ্টভাব দূর করা ; আলস্য ত্যাগ করা। চেত্তা খাওয়া-বুক ফুলাইয়া পিছন দিকে ঈষৎ ঝুঁকিয়া দাঁড়ান ; বুক চিতাইয়া দাঁড়ান। "তখন উভয়েই প্যান্টের উভয় পকেটে হস্ত প্রবেশ করাইয়া চেত্তা খাইয়া উৎসাহের সহিত তাঁহার কার্য্যের অনুমোদন করিলেন।" -পাথেয় (কেং বন্দ্যোং)।

চেদি-বি, প্রাচীন চেদিরাজ্য, বর্ত্তমান চন্দেল নামক দেশ। ২ চেদিরাজ্যের অধিবাসী। ৩ কৈকষপুত্র চেদিরাজ্যের বংশ ; চৈদ্য। ~পতি-চেদিরাজ ; শিশুপাল।

চেন [ইং-chain >বাং-চেইন্, চেন] বি, শৃঙ্খল ; শিকল। কণ্ঠভূষণ ; হার। "পায় বুট জোব্বা গায়ে গলায় সোণার চেন" -হেমং। ২ [জরীপে Gunter's chain] জমীর দৈর্ঘ্য পরিমাপক ৬৬ ফুট লম্বা এবং ১০০ কড়া বা বন্ধনীর শিকল।

চেনকা [চমক >] বিণ, চানকা : চালাক।

চেনা১-চিনা দ্রঃ।

চেনা২ [চিনা দ্রঃ] বিণ, পরিচিত। ২ বি, অভিজ্ঞান ; জানা। চেনা পরিচয়-অভিজ্ঞান ও আলাপ। চেনাচিনি-পরস্পর পরস্পরকে চেনা। চেনা-শোনা -বি, জানাজানি : আলাপ পরিচয়। "দেখা হ'ত দুইজনে আধ-চেনা-শোনা।"-রবীং। ২ বিণ, সুপরিচিত।

চেনা৩ [চণা দ্রঃ] বি, ছোলা ; চণক।

চেনান [চিনান দ্রঃ। চেনাই, চেনাও চেনায : চেনাইতে (ক্ষেং চেনাতে) ; চেনাইয়া (ক্ষেং চিনিয়ে) ইং] ক্রি, চিনাইয়া দেওয়া ; পরিচয় করান।

চেন্না-চিহ্ন দ্রঃ।

চেপটা-চাপটা দ্রঃ। চেপ্টা নাক -বসা নাক : নিম্ননাসিকা। "চেপটা নাকে নয়ন ঢাকা।"-গিরিশ। চেপ্টা করা-পিষ্ট করা। ২ দাবিয়া রাখা। ৩ দর্পচূর্ণ করা। মুসুরি-চেপ্টা-মসুর দালের মত চেপ্টা। ২ [লক্ষণায়] পিষ্ট ; দর্প-চূর্ণ।

চেপ্টান [চিপিট >। চেপটাই,-টাও,-টায় ; -টাইতে (ক্ষেং চেপ্টাতে) ; -টাইয়া (ক্ষেং চেপ্টে) ইং] ক্রি, চেপ্টা করা ; পিষিয়া বা কুটিয়া পাত করা ; চাপে প্রসারিত করা। ২ পিটিয়া চওড়া করা।

চেব [গ্রাং। সং-চর্ব্বণ >] বি, চর্ব্বিত বস্তুর রস ; পানের পিক ; ছেপ্ : থুথু।

চেয় [চি (চয়ন করা)+য (র্ম)] বিণ, চয়নযোগ্য ; চয়নীয়। ২ বি, অঙ্গ সংস্কারযোগ্য অগ্ন্যাধান।

চেয়াড় [চেয়াড়ি অপেক্ষা বড়] বি, চেঁচাড়ি। ২ অস্ত্ররূপে ব্যবহৃত বাঁশের ধারাল ছাল। "মিথ্যা হৈলে চেয়াড়ে কাটিব তোর নাসা।"-কবিকং। ৩ চতুর্ম্মুখ বাণ ; চিয়াড় দ্রঃ।

চেয়াড়ি-চেঁচাড়ি দ্রঃ।

চেয়ার [ইং- chair এর লিপ্যন্তর। 'চ্যার'ও দৃষ্ট হয়] বি, কাষ্ঠাসনবিঃ ; কেদারা। ~মেন [ইং- chairman এর লিপ্যন্তর] বি, সভানায়ক : সভাপতি : সমিতির প্রধান পরিচালক।

চেয়ে [চাহিয়া > ক্ষেং। চাওয়া দ্রঃ] ক্রি, চাহিয়া ; চক্ষু মেলিয়া। "আঁখি তুই দেখনা চেয়ে তোর প্রাণের নেয়ে যাচ্চে বেয়ে কিসের নেশায়।"-রায় কাং প্রং ঘোষ। ২ যাচ্ঞা করিয়া। ৩ অ, অপেক্ষা। প্র-তার চেয়ে।

চের-বি, দক্ষিণ ভারতের রাজ্য বিঃ। ২ দক্ষিণ ভারতের জাতি বিঃ।

চেরয়াট [চং চরাট] বি, নৌকার গলুই সংযুক্ত কাষ্ঠ বিঃ ; নৌকার পাটাতন।

চেরা১ [চিরা দ্রঃ] ক্রি, বিদারণ করা। ২ বিণ, বিদারিত। "দুখ যামিনীর বুক চেরা ধন হেরিনু একি।"-রবীং। বি, ~ই-বিদারণ। ২ চিরিবার পারিশ্রমিক।

চেরা২ [প্রাদেং শ্রীহট্ট] বি, গাছের চারা। ২ [সেরা < শ্রেষ্ঠ। শ্রীহট্টের উচ্চারণ, স=চ] শূকরী এককালে একটি ছানা দিলে সেই ছানা মায়ের দুধ একাকী পান করিয়া যৌবনে অমিত বলশালী হয়-এরূপ শূয়ার ছানা।

চেরাকী [আং-চিরাগী] চিরাগী (দ্রঃ)। পীর স্থানে প্রত্যহ প্রদীপ দিবার খরচের জন্য যে নিষ্কর ভূমি প্রদত্ত হয়।

চেরাগ-চিরাগ দ্রঃ।

চেরান [চিরা দ্রঃ] ক্রি, ণিজন্ত, বিদারণ করান ; ফাটান ; ফাড়ান। প্র-কাঠ চেরান। বি, চেরানি।

চেরেট [ইং-chariot] বি, চার চাকার লঘু যান ; চেং গাড়ী।

চেল১ [চিল্ (পরিধান করা)+অ (র্ম)] বি, যা পরিধান করা যায় ; বস্ত্র। ২ পরিচ্ছদ।

চেল২ [চেলা > বি, নিকৃষ্ট চেলা। ২ বিণ, কুৎসিত। স্ত্রীং ~ী।

চেলা১ [হিং-চেলা=শিষ্য (প্রাং)] বি,

শিষ্য। সাধারণতঃ সাধু সন্ন্যাসীদিগের শিষ্য। ২ ছাত্র। "যবন পণ্ডিতদের গুরু মারা চেলা।" -রবী°। ৩ সাকরেদ (দ্রঃ)। "করি তিন ডাক দিয়ে অমনি থারিজ যেন ডাকাতের চেলা।"-রজনী সেন। ৪ সহচর।

চেলা,২-বি, মৎস্যবিঃ; চেলা মাছ। "চিথল চিঙ্গড়ি চেলা চাঁদা কুড়া মীন।" -শি°। ২ [পূ° বঙ্গ ও শ্রীহট্ট প্রাদে°] শতপদী centipede

চেলা৩ [চিরা (দ্রঃ)-চেরা। র=ল। বিদারিত] বি, জ্বালানি কাঠ; চেলা কাঠ।

চেলানি [চির-চের-চেল + আন (ক্রিয়ায়)। চেলাই, চেলাও (চেলা, চেলান), চেলায় (কেং° চেলান); চেলাইতে (কেং° চেলাতে); চেলাইয়া (কেং° চেলিয়ে)] ক্রি, কাটিয়া চেলা করা; বিদারণ করা; ফাড়া। প্র-কুড়ুলখানা দিয়ে কাঠ কখানা চেলিয়ে দাও। বি, চৈলানি-ছোট চেলা কাঠ।

চেলি,-লী, চেলিকা [সং-চেল] বি, পট্টবস্ত্রবিঃ; চেলির কাপড়। "স্ত্রীর শ্রী অঙ্গে চেলি"-দ্বি° রায়।

চেলীম [সং-চিলিচিমি] বি, বেলে গড়গড়ীমাছ।

চেলুকী, চেলুকীগিরি-চালুকিগিরি দ্রঃ।

চেলুনি [চাউল-পানি (জল)] বি, চাল-ধোয়া জল।

চেলো-বি, বাদ্যবিঃ; বেহালা। "এই বলিয়া তিনি নিজের চেলোখানি আনিয়া তাঁহাদিগকে দেখাইলেন, তারপর তাহা বাজাইয়া দুটি ভজন গাহিলেন।"-প্রদীপ, ৩য় ভাগ।

চেষ্টক [চেষ্ট্ (চেষ্টা করা)+অক (র্তৃ-জ্ঞা°)] বিণ, যে চেষ্টা করে; চেষ্টিত।

চেষ্টন-বি, চেষ্টা। ২ বিণ, সচেষ্ট; চেষ্টক।

চেষ্টমান [চেষ্ট্ (চেষ্টা করা)+মান (র্তৃ)] বিণ, যে চেষ্টা করিতেছে; উদ্যোগী।

চেষ্টা [চেষ্ট্ (চেষ্টা করা)+অ (ভা°), স্ত্রীং আ] বি, কোন কিছু করিবার জন্য যে শরীর বা মনের চালনা বা চঞ্চলতা। ২ ব্যাপার। ৩ কর্ম্ম। ৪ উদ্যোগ। ৫ যত্ন। ৬ গতি। ৭ সাহস। ~ন্তর [চেষ্টা-অন্তর (অন্য)] বি, অন্য চেষ্টা। ২ উপায়ান্তর; ~ন্বিত [চেষ্টা (দ্বারা) অন্বিত, ৩তৎ] বিণ, চেষ্টাযুক্ত; সচেষ্ট। ~বিহীন, ~রহিত,~শূন্য, ~হীন-বিণ, নিশ্চেষ্ট। বি,~রাহিত্য, ~বিহীনতা, ~শূন্যতা,~হীনতা। ~বেষ্টা [সহচর শব্দদ্বয়] বি, চেষ্টা-চরিত্র। "প্রতিমার জন্য একটা চে° কিছুই কচ্ছে না? মেয়ে যে আর রাখা যায় না।"-স্বর্ণপ্রতিমা।

চেষ্টিত [চেষ্ট্ +ত (র্তৃ)] বিণ, চেষ্টান্বিত; যে চেষ্টা করে; সচেষ্ট। ২ [র্ম-ত] যে বিষয়ের জন্য চেষ্টা করা হইয়াছে। ৩ [ভা°-ত] বি, চেষ্টা, যত্ন।

চেষ্টিতব্য-বিণ, চেষ্টা করিবার উপযুক্ত; যার জন্য চেষ্টা করিতে হইবে বা করা উচিত।

চেহারা [ফা°-চেহ্‌রা] বি, আকৃতি। "ভূতের মতন চেহারা যেমন নির্ব্বোধ অতি ঘোর।"-রবী°। ২ মুখমণ্ডল।

চেহেলে দো [হি° চল্লিশে দুই =শতকরা ২॥° টাকা হিসাবে] বি, আকবর বাদশাহের নৌ বিভাগ কর্তৃক বিদেশী মালের উপর মাশুল আদায় করিবার হারবিঃ।

চৈ-চই দ্রঃ।

চৈকাল [প্রাদে°] বি, অনুসন্ধান-কারী। "ধাইয়া আইলো চৈ°"-পূ° বং° গী°।

চৈচৈ [অনু°। চইচই দ্রঃ] বি, হংসাদিকে আহার দিবার সময়ের আহ্বান শব্দ।

চৈত [চৈত্র > ভ্রং] বি, চৈত্রমাস।

চৈতন [চৈতন্য দ্রঃ] বি, টিকী। "ভক্ত সেই, যে আজন্মকাল চৈতন নাহি ছাঁটে"-রজনী সেন। ~চুটকী-টিকী।

চৈতন্য [চেতন+য (স্বার্থে বা ভা°)] বি, চেতনের ভাব; ধর্ম্ম বা কর্ম্ম; অনুভূতি; জ্ঞান; বোধ; চেতনা [দ্রঃ-"আমাদের প্রত্যেকের প্রকাশ চেতনার (consciousness) অন্তরালে এক গভীর অপ্রকাশ চৈতন্য (unconsciousness) বিরাজমান রহিয়াছে। *** সেই অতীন্দ্রিয় জ্ঞানাতীত জীবনই হইতেছে *** আমাদের প্রকৃত অহং পুরুষ (ego) *** এই অতীন্দ্রিয় চৈতন্যশক্তি সম্বলিত আমাদের অন্তরাত্মা *** অক্ষব্য (inexhaustible) ইদৃক্‌তা ও ইয়ত্তার অতীত (unfathomable) *** তাই ঐশ-মর্য্যদা সম্পন্ন (divine) ***। আমাদের অপ্রকাশ চৈতন্য (unconsciousness) কখন বা ইহাকে বলি আমাদের শুভাশুভ ঘটনার পূর্ব্বাভাস (presentiment) এবং কখন বা ইহাকে বলি প্রমাণ নিরপেক্ষ জ্ঞান (intuition)।"-মানসী ও ম°, ১৩৩৩, ভাদ্র]। ২ প্রকৃতি। ৩ ব্রহ্ম। ৪ প্রাণ; জীবন। ৫ জাগরণ। "গিরি গৌরী আমার এসেছিল, স্বপ্নে দেখা দিয়ে চৈতন্য করিয়ে চৈতন্যরূপিণী কোথায় লুকাল।"-আগমনী গীত। ৬ চৈতন; টিকী। ~চন্দ্রামৃত-বি, প্রবোধানন্দ সরস্বতী প্রণীত চৈতন্যদেবের মাহাত্ম্য-কীর্ত্তন গ্রন্থ। ~চরিতামৃত-কৃষ্ণদাস কবিরাজ প্রণীত চৈতন্যদেবের জীবনচরিত। ~দেব-বি, জগন্নাথ মিশ্রের ও শচীমাতার পুত্র নদিয়ার নিমাই; শ্রীগৌরাঙ্গ। ~বাহিনী নাড়ী [সুশ্রুত] sensory nerves ~ভৈরবী -চৈতন্য সারোক্ত ভৈরবীবিঃ। ~মঙ্গল -বৃন্দাবন দাস-রচিত গৌরাঙ্গ লীলা-গ্রন্থ। পরে লোচন দাস ঠাকুরের চৈতন্য-মঙ্গল দেখিয়া স্বীয় গ্রন্থের নাম চৈ° ভাগবত। ~ময়-বি, চেতনাযুক্ত; চিন্ময়। ২ চৈতন্যস্বরূপ। > স্ত্রীং ~ময়ী। ~রূপী [চৈতন্যরূপিন্ শব্দ] বিণ, চৈতন্যময়; চিৎস্বরূপ; চিন্ময়। > স্ত্রীং ~রূপিণী-চিৎ-স্বরূপা; চিন্ময়ী। "চৈতন্যরূপিণী সতীরে আবার নিরখিতে পাই নয়নে।"-দশমহাবিদ্যা। মগ্ন-চৈতন্য [মগ্ন দ্রঃ] sub-conscious

চৈতন্যোদয় [চৈতন্যের উদয়, ৬তৎ] বি, বোধোদয়; চেতনার আবির্ভাব। ২ জ্ঞানের উন্মেষ; জ্ঞানোদয়। চৈ° হওয়া-জ্ঞান জন্মান।

চৈতার বউ [চৈত্রের > চৈতের > । প্রাদে°] বি, বৌ-কথা-কও পাখী।

"আসমানেতে চৈং ডাকে ঘন ঘন" -মৈং গীং।

চৈতালি [হিং চৈতী] বি, রবিশস্য। ২ চৈত্রমাসে দেয় বার্ষিক খাজানা। "কিছু চৈং দিয়া তাহাদের বৎসর চালাইয়া লইত। -মৈং গীং। ৩ বসন্তকালীন বায়ু।"

চৈত্ত, চৈত্তিক-বিণ, চিত্ত-সম্বন্ধীয়।

চৈত্য [চি (চয়ন করা) + য (র্ম্ম), ত আগম = চিত্য (অগ্নি) + অ (ইদমর্থে) = চৈত্য] বি, যজ্ঞস্থান; বৌদ্ধ সঙ্ঘের পূজার স্থান Buddhist church ২ বৌদ্ধগণের মঠ। ৩ স্মৃতিস্তম্ভ। ৪ বুদ্ধের স্মরণ-চিহ্ন সংবলিত মন্দির বা স্থান। "তথাগতকে জিজ্ঞাসা করিলেন, 'ভদন্ত, চৈত্য কয় প্রকার?' তথাগত বলিলেন, 'চৈত্য তিন প্রকার।' শারীরিক, পারিভোগিক, ঔদ্দেশিক। শারীরিক চৈত্য-যেখানে বুদ্ধের 'ধাতু' রক্ষিত থাকে। পারিভোগিক চৈত্য-বুদ্ধ ভোগ করিয়াছেন, এমন কোন বস্তু যেখানে থাকে। ঔদ্দেশিক চৈত্য-যেখানে বুদ্ধের মূর্ত্তি প্রতিষ্ঠিত আছে এমন স্থান"-জাতক ৪র্থ খণ্ড, পাদটীকা। ৫ [চিতা (শ্মশান) + য (ইদমর্থে)] রথ্যা কিংবা শ্মশানপার্শ্বস্থ বৌদ্ধগণের পূজ্য বৃক্ষ। ৬ [সুশ্রুত সংহিতা (কুঞ্জং লাং ভিষগ্‌রত্ন)] ভূতগ্রস্ত বা হানা বা অপদেবতাগ্রস্ত বা দেবত্বপ্রাপ্ত বৃক্ষ। ৭ "পর্ব্বতের গাত্র খুঁড়িয়া যে গুহা-গৃহ নির্ম্মাণ করিয়া বৌদ্ধ ভিক্ষুগণ তাঁহাদের ধর্ম্মসভার অধিবেশন করিতেন সেই সভাভবন"-বৌদ্ধভারত (শং কুং রায়)। ৮ শ্মশানতরু। ৯ বিণ, চিতাসম্বন্ধীয়।

চৈত্যক-বি, উচ্চ-গোপুর। "সুপ্রতিষ্ঠিত সুদৃঢ় সুমহৎ ও সুবিপুল যে পুরাতন চৈং এ পর্য্যন্ত গন্ধপুষ্পাদি দ্বারা সমর্চ্চিত হইত, উক্ত বীরত্রয় সেই চৈত্যককেও পাতিত করিয়া হৃষ্টান্তঃকরণে মগধপুরে প্রবিষ্ট হইলেন।"-মহাং (বরাট)।

চৈত্র, চৈত্রক, চৈত্রিক [চিত্রা + অ (চিত্রা-নক্ষত্রযুক্ত পূর্ণিমাবিশিষ্ট-মাসার্থে), আ লোপ = চৈত্র + ইক (স্বার্থে) = চৈত্রিক] বি, মধুমাস; চিত্রা-নক্ষত্রযুক্ত পূর্ণিমা যে মাসে থাকে সেই মাস।

চৈত্রমখ [চৈত্র মাসের মখ (উৎসব), ৬তৎ] বি, চৈত্র মাসে কৃত উৎসব।

চৈত্ররথ [চিত্ররথ + অ (চিত্ররথ গন্ধর্ব্ব ইহার রক্ষক এই অর্থে)] বি, কুবেরের উদ্যান। ২ মুনিবিঃ। ৩ চিত্ররথ গন্ধর্ব্ব যে গ্রন্থের নায়ক।

চৈত্রাবিলী-বি, চৈত্রপূর্ণিমা। ২ মদন-ত্রয়োদশী।

চৈত্রী [চিত্রা (নক্ষত্রবিঃ) + অ (চিত্রা নক্ষত্রযুক্তার্থে) + ঈ (স্ত্রীং)] বি, চৈত্রপূর্ণিমা।

চৈদ্দ, চৌদ্দ [সং চতুর্দ্দশ >] চং কং ভাং] বি, বিণ, চৌদ্দ; ১৪।

চৈদ্য [চেদি (দ্রঃ) + য, ই লোপ)] বি, চেদিরাজ শিশুপাল। "কালিয়-মর্দ্দন! কংস-নিসূদন! * * * চৈদ্যহরে!"-বাসবদত্তা।

চৈন, চৈনিক, চৈনেয় [চীন + এয় (সম্বন্ধে, জাতার্থে)] বিণ, চীনসম্বন্ধীয়। ২ চীনদেশজাত; চীনদেশোৎপন্ন; চীনা; চীনদেশীয়।

চো [সং-কূপ > কো] বি, কূপ।

চোআল-চুয়াল দ্রঃ।

চোঁ [অনুং] অ, শোষণ শব্দ। ~-চোঁ-ক্রমাগত শোষণ; শুষিয়া পান করা। ২ একনিঃশ্বাসে পান করা। প্র-এক বাটি দুধ চোঁ-চোঁ করে পান করলে।

চোঁচ [সং-চঞ্চু >। হিং-চোঁচ্] বি, আঁশ; শুঁয়া; সূচীবৎ অংশ। ২ চঞ্চু। ~ড়া [গ্রাং 'চুঁচাড়া' ওং] বিণ, সূক্ষ্মমুখ।

চোঁচা১-চুঁচা দ্রঃ।

চোঁচা২ [চোঁ চোঁ (দ্রঃ) + আ = উআ (প্রকারার্থে)] বিণ, একনিশ্বাসে; ঊর্দ্ধশ্বাসে; অতিবেগে। প্র-সে উঠেই চোঁচা দৌড় দিল। ২ একটানা; একঘেয়ে। "কাঁদবেন দুই চারি ঘণ্টা চোঁচা উচ্চৈঃস্বরে।"-দ্বিং রায়। ৩ সোজা।

চোঁচা৩ [চাঁচ দ্রঃ] বি, খোসা; ছাল।

চোঁচালি [চোঁচ দ্রঃ] বিণ, চোঁচযুক্ত।

চোঁতা-চোতা দ্রঃ।

চোঁয়া, চুঁয়া, চুয়া [চুঁয়া দ্রঃ] বিণ, দগ্ধপ্রায় করিয়া ভাজা। ২ তাপাধিক্যে শুষ্ক; তাপদগ্ধ। ক্রি, চোঁয়ানি। চোঁয়া ঢেঁকুর-অম্লোদ্গার; থই ঢেঁকুর।

চোক১ [সং-চতুষ্ক] চতুর্থাংশ; চারি পণ পরিমাণ; কাহনের এক চতুর্থাংশ।

চোক২, চোখ১ [চোখা (দ্রঃ)] বিণ, তীক্ষ্ণধার; খরশাণ। "চোক্ চোক্ শরে শূর অস্থিরিলা শূরে।"-মেঘং।

চোক৩, চোখ২ [সং-চক্ষু > ভং] বি, চক্ষু; অক্ষি। ২ দৃষ্টি; সুদৃষ্টি; শুভদৃষ্টি। "কি জানি কি ঘুম ঘোরে কি চোখে দেখেছি তারে"-সারদা মং। চোং উঠা-চক্ষুরোগবিঃ; যে রোগে চক্ষু লাল হয়, জ্বালা করে, চাহিতে পারা যায় না ophthalmia. চোং কাটানি-চোখের ছানি তোলা। চোং খোলা-জাগা। ২ সতর্ক হওয়া। ৩ জ্ঞানচক্ষু খোলা। চোংগালা-চোকে খোঁচা দিয়া তারা উৎপাটন করা বা গলিত করা। চোং ঘোরানি-চোখের তারা ঘুরান। ২ রাগে চতুর্দ্দিকে দৃষ্টি ফেরান। চোংছলছল করা-শ্লেষ্মাধিক জ্বরের ধমকে বা অভিমানে চোকের পাতা জলে ভারি হওয়া। চোং ছাড়ানি-চক্ষু উঠা রোগে চোকের পাতা পিচুটিতে লিপ্ত হইলে সেই পাতা খোলা। চোং ঝাঁইঝাঁই করা-রৌদ্রে বা তীব্র আলোকে চক্ষু ঝাপ্‌সাইয়া বা ঝলসাইয়া যাওয়া। চোং টাটানি-অপরের ঐশ্বর্য্য বা সৌন্দর্য্য দেখিয়া ঈর্ষ্যা বা লোভবশতঃ চক্ষুর পীড়া হওয়া। চোং টেপা-চোকের পাতা ফেলিয়া সঙ্কুচিত করিয়া ইঙ্গিত করা। চোং ঠারা-বক্র দৃষ্টিতে ইঙ্গিত করা। চোং নাচা-চক্ষুর স্পন্দন। চোং পাকানি-রাগে ঘূর্ণিত-লোচন হওয়া। চোং ফুটা-চক্ষুরুন্মীলিত হওয়া। ২ প্রকৃত বিষয় জানিতে পারা। চোং ফুটানি-চোক খুলিয়া দেওয়া। ২ প্রকৃত বিষয় জানান; সাবধান করিয়া দেওয়া। চোং মটকানি-চোক টেপা দ্রঃ। চোং রাঙানি-ক্রোধে চক্ষু রক্তবর্ণ করা। ২ তীব্র দৃষ্টিতে ভয় দেখান। এক-চোকো-যে এক পক্ষে দেখে; পক্ষপাতী। কটা চোক-চোকের তারা ঘন কৃষ্ণ

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ' হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্‌জ ঞ্চ=ন্চ ক্ত=ক্‌ট হ্ন হ্ম হ্ল হ্ব ইত্যাদি, জ্ঞ ক্ষ ব্র্য ব্রু=ƨwv ও চ্চা দ্রঃ

না হইয়া পীতাভ ; যে চোকের চারিদিক কটাবর্ণ। বেরালচোক। কুঁচ চোক-ক্ষুদ্র গোল চক্ষু। ˋকুটুরে চোক ; ˋকোটর চোক-খোলের ভিতর ঢুকিয়া গিয়াছে যে চোক। ˋঘোলা চোক-যে চক্ষু উজ্জ্বল নয় ; ঘোলাটে। টানা চোক-দুই কর্ণের দিকে প্রসারিত চোক। টেঁরা চোক-যে চোকের দৃষ্টির গতি বক্র। ড্যাবরা চোক-যে চোকের ডবডবে চাহনি ; যে চোকের তারা বড় ও সম্মুখ দিকে ঠেলিয়া আসিয়াছে। পটলচেরা চোক-পটল লম্বে দুভাগ করিলে যেমন দেখায় সেইরূপ প্রসারিত চক্ষু। ˋপানসে চোক [পানীসা > পানসে] জলে যেন ভাসিতেছে এমন তারা বিশিষ্ট চোক ; ভাসা ভাসা চোক। ২ যে চোকের তারা ঘোরাল নহে, খুব কালও নহে, খুব কটাও নহে, বরং একটু নীলের আভাযুক্ত। ভাল চোক-শুভদৃষ্টি ; অনুকূল দৃষ্টি ; প্রীতিপূর্ণ দৃষ্টি। মন্দ চোক-কুদৃষ্টি ; অপ্রিয় দর্শন। রাঙা-চোক, লাল চোক-ক্রোধে রক্তবর্ণ চোক। ২ নেশায় লাল চোক। সাদা চোক-যে চক্ষু নেশায় বিকারপ্রাপ্ত নহে ; সহজ দৃষ্টি। চোকে আঙ্গুল দিয়া দেখানি-দৃষ্টি আকর্ষণ করিয়া বা ভিতরের ব্যাপার বুঝাইয়া কোথায় দেখিতে হইবে নির্দ্দেশ করিয়া বিশেষভাবে দেখান। ˋচোকে চোক রাখা-কাহার প্রতি সতর্ক দৃষ্টি রাখা ; দৃষ্টির বাহিরে বা আড়ালে যাইতে না দেওয়া। ˋচোকের দেখা-শুভ দর্শন, আলাপের বা সঙ্গসুখের জন্য নহে। ২ ক্ষণের দেখা। ˋচোকের নেশা-দেখিবার জন্য তীব্র ঝোঁক বা উৎকট আগ্রহ। ˋচোকের পাতা-চক্ষুর পল্লব ; নেত্র পল্লব ; ˋচোকের পাতার রোঁয়া-চক্ষুর পল্লবে যুক্ত রোম। ˋচোকের পলক-চক্ষুর পাতার পতন ; নিমেষ। ˋচোকের বালি-চোকের পীড়াদায়ক বস্তু ; চক্ষুশূল। "ননদিনী দেখয়ে চোকের বালি।"-চণ্ডী০। ˋচোকের ভুল -দৃষ্টিভ্রম। ˋচোকের মাথা খাওয়া-কাণা বা অন্ধ হওয়া। ˋচোকের সুখ-প্রিয় দর্শন ; সুদৃশ্য দেখিয়া আরাম। ˋচোকো-চোকি-সামনাসামনি ; দেখাদেখি।

চোকর, -ল১ [হি০-চোকর। সং-চোলক (বল্কল, ত্বক-শব্দরত্নাবলী)-বর্ণ বিপর্য্যয়ে চোকল, ল=র] বি, শস্যের ত্বক্ বা ছাল ; গমের ভুসি।

চোকরি [রেশম শিল্প পরি০] বি, ছিঁচ হতে কোআ কাটিয়া বাহির হয় যে প্রজাপতি।

চোকলি২ [চো০ + বালা >] বিণ, চোকবিশিষ্ট। চো০-মুখলি-বিণ, চোকমুখ-যুক্ত। ২ [লক্ষ০] প্রখর দর্শন-শক্তি ও বাক্-কুশলতা যুক্ত ; যার চারিদিকে নজর ও যে কইয়ে-বইয়ে চতুর চালাক (very smart)।

চোকলা, চাকলা, চঁকলা [সং-চোলক (বল্কল-'শব্দরত্নাবলী') ; বর্ণবিপর্য্যয়ে চোকল-আ (অনাদরে)। চক্র > চাক + লা (অনাদরে)] বি, ফলাদির খোসা। ২ পাতলা গোল খণ্ড।

চোকা-চুকা দ্রঃ।

ˋচোকাইট-তারিন্দা দ্রঃ।

চোকানি [চুকান দ্রঃ। চুকা ধাতুর ণিজন্তরূপ] ক্রি, নিষ্পত্তি করা ; মিটান। ২ সমাপ্ত করা।

চোকান২ [চোখান (দ্রঃ)] ক্রি, তীক্ষ্ণ করা।

ˋচোকাল [চোখ(দ্রঃ) > চোক-আল (বালা)] বিণ, চোকা ; তীক্ষ্ণ। চো০ মুখাল-চোকল২ দ্রঃ।

চোখ১, ˋচোখা [সং-চোক্ষ=দক্ষ। তীক্ষ্ণ, সুন্দর। প্রা০ চ'কো', 'চোকা'। "চকো ছুরি কাটারী"-ঘ০] বিণ, দক্ষ ; নিপুণ। ২ উৎকৃষ্ট। ৩ তীক্ষ্ণ ; খরশাণ। "চোখ চোখ বাণ"-কৃত্তি০। "বাছিয়া বাছিয়া মারে চোখা চোখা শর।"-ঐ। ৪ অন্তর্ভেদী ; কাটা কাটা। "বাঁকা মুখে কথা কহে চোখা" -অ০ ম০।

চোখ২ [সং-চক্ষু > প্রা০-চোক, চোখ] বি, চক্ষু ; অক্ষি। "চোখে জল আসিয়া পড়ে"-উত্তরা। ~খাগী [চক্ষু > চোখ + খাকী,-গী(যে খায়)] বি, গ্রা০ গালিবি০; যে স্ত্রী অন্ধের মত ন্যায়-অন্যায় কি তা দেখিতে পায় না। পুং-চোখখেগো। চো০গেল [ডাকের অনুকরণে নাম] বি, কোকিল-জাতীয় প্রসিদ্ধ পাখী ; পাপিয়া (দ্রঃ) ; ইহারা "চোখ গেল চোখ গেল' রবে চতুর্দ্দিক্ ঝঙ্কারিত করে এবং কোকিলের ন্যায় ক্রমেই স্বর চড়াইতে থাকে, ইহারাও অন্য পাখীর বাসায় ডিম পাড়ে। চো০ ঠারা-নয়নের ইঙ্গিত করা। চো০ রাঙ্গানি [চক্ষু > চোখ-রাঙ্গানি (রাঙ্গা করা)। প্রা০] ক্রি, রাগে চোখ লাল করা ; রাগ দেখান ; ক্রোধ প্রদর্শন।

ˋচোখা, ˋচোখো১, ˋচোকা১, চোকো [হি০-চোখা (খাঁটি)] বিণ, চোখ (দ্রঃ) তীক্ষ্ণ ; তীক্ষ্ণধার ; খরশাণ। ২ অন্তর্ভেদী ; মর্ম্মভেদী ; কাটা কাটা। প্র-চোখা চোখা কথা। ৩ তীব্র। ৪ তীব্র আস্বাদ। প্র-চোখা গুড়। ৫ বিশুদ্ধ ; খাঁটি ; অমিশ্র। প্র-চোখা মাল।

ˋচোখানো [উচ্চারণ ভেদে চোকান। প্রা-বাং 'চোক্কানি (ময়নামতীর পুঁথি)]। চোখ (তীব্র) + আন (করা অর্থে)। চোখাই, চোখাও (চোখান, চোখা), চোখায় (চোখান) ; চোখাইতে (কে০ চোখাতে) ; চোখাইয়া (কে০ চুখিয়ে)] ক্রি, চোখ করা ; ধার করা ; শাণ দেওয়া ; মুখ ছুঁচাল করা। মুখ চোখানো-শাণ দিবার অনুকরণে জিহ্বা ওষ্ঠাধরে বুলান (খাইবার বা কোন কথা বলিবার উদ্যোগ বা আগ্রহজ্ঞাপক)।

চোখো২ [চোখ (দ্রঃ) + উআ >] বিণ, চক্ষুযুক্ত। ২ তীব্র ; উগ্র। ৩ তীক্ষ্ণধার।

চোগা [ল্যা-টোগা ; ফা০-চোগা] বি, এক প্রকার লম্ব বহির্বাস ; যে ঢিলা ও সম্মুখে খোলা জামা চাপকানের সহিত পরিহিত হয়। প্র-চোগা চাপকান।

চোঙ্গা [রূপান্তরে-চোঙা। হি০-চোঙ্গা। বাং-তে চোঙ্গও০। সরু অর্থে চুঙ্গী] বি, বড় নল ; বাঁশের নল।

চোট [(সং-চুট্ (ছেদনে)। হি০-চোট্ আঘাত)] বি, আঘাত ; কোপ ; চোপ।

প্র-আর একটা চোট দিলেই গাছটা পড়ে যাবে। "এক চোটে গজস্কন্ধ করিয়া ছেদন" -কবিক°। ২ প্রহরণাদির আঘাত বা পতন হেতু ক্ষত ; জখম ; বন্দুকের আঘাত (যশো° খুলনা প্রাদে°)। প্র-হাত পায়ের চোট ভাল হয়ে গেছে। মাথায় যে চোট লেগেছে সেইটাই এখন সাজ্ঘাতিক হয়ে দাঁড়িয়েছে। ৩ কোপ ; ক্রোধ। প্র-চোট করে কথা বলা। ৪ বল ; জোর ; শক্তি ; প্রভাব। প্র-গুঁতার চোট ; মন্ত্রের চোট। ৫ সুযোগ। "বেঁচে থাক মুখুয্যের পো খেল্লে ভাল চোটে"-হেম°। ৬ বেগ ; ধমক ; তোড়। "যেতেছে ছিঁড়ে প্রচণ্ড হাসির চোটে কলিজা ধমনী"-প্রেম ও ফুল। "কথার চোট"। চো° করা-রাগ করা ; কোপ করা। ২ আঘাত করা। চো° পাট-অস্ত্রাঘাতের মত শীঘ্র এবং মর্ম্মভেদী উত্তর প্রত্যুত্তর। "কোন প্রয়োজনে মূর্গ কর-চোটপাট।"-ঘ°। চো° বসানি, মারা, -লাগানি-আঘাত করা ; অস্ত্রের কোপ মারা। আচোট-যাতে কোদালের চোট পড়ে নাই। এঁকচোট-এক দৌড়। ২ একবার ; এক দফা। কথার চোট-কথার তোড় ; বাক্যের জোর। গুঁতার চোট-প্রহারের জোর ; ঠেলার জোর। মিস্তিরের চোট-মন্ত্রবল।

চোটা [চিটা দ্রঃ] বি. চিটা গুড় ; কোৎরা গুড়। "চোটা গুড় দিল খোট্টা ডিল্লী-নিবাসী।"-অশোক°। ২ ধোকা। ৩ অতিরিক্ত সুদ ; দৈনিক অতিরিক্ত সুদ। প্র-চোটা সুদে টাকা ধার দেওয়া। চো° খাটা -দৈনিক বা সাপ্তাহিক অধিক সুদে টাকা খাটা। চো°খাটান-দৈনিক বা সাপ্তাহিক নিয়মে অতিরিক্ত সুদে টাকা খাটান।

চোটানি [চোট (দ্রঃ)+আন (করা অর্থে)। ণিজন্ত রূপ। চোটাই, চোটাও, (চোটান, চোটা), চোটায় (চোটান) ; চোটাইতে (কো° চোটাতে) ; চোটাইয়া (কো° চুটিয়ে)] ক্রি, চোট লাগান বা বসান ; কোপান। ২ কোদলান ; মাটি কাটা। ৩ সামর্থ্য বা ক্ষমতা প্রকাশ করা। প্র-সে খুব চোটাইয়া কাজ করিয়াছে [এই অর্থে সাধাঃ চুটাইয়া (কো° চুটইয়ে) প্র-সে খুব চুটইয়ে কাজ করেছে]।

চোটী [সং-চোটী (হে°)। তুল-চোলী, ধটী, শাটী] বি. শাটী ; শাড়ী। ২ চোলী ; কাঁচুলী।

চোট্টা [হি°-র অনু°। বাং-তেও ব্যবহার আছে] বি. চোর।

চোড়₁ [চোল >। ল=ড়] বি. দেশবি°।

চোড়₂ [সং চোড়ঃ (প্রাবরণম্)] বি. উত্তরীয় বস্ত্র।

চোড়া-বি.খনক ; কুলি (মহা° আদি°)।

চোণা-চোনা দ্রঃ।

চোত [প্রা° চৈত্র > চৈত >] বি. চৈত্র মাস।

ˋচোতা [চ্যুত-পতিত > যা ফেলিয়া দেওয়া হইয়াছে] বিণ, যা অনাবশ্যক এবং অকিঞ্চিৎকর বোধে ফেলিয়া দেওয়া হইয়াছে ; রদি। প্র-চোতা কাগজ। ২ যা পরিষ্কার করিয়া লেখা নয় ; খসড়া।

চোদনা [চুদ্+ণিচ্=চোদি (প্রেরণ করা)+অন (ভা°)+আ (স্ত্রী°)] বি, প্রেরণ। ২ প্রবর্ত্তন। ৩ তর্জ্জন।

চোদয়িতা [ণিজন্ত-চুদ্=চোদি (প্রেরণে)+তৃ (র্তৃ)=চোদয়িতৃ ১মা, ১ব°] বিণ, প্রেরক ; কার্য্যের প্রবর্ত্তক।

চোদা, চুদা [অশ্লীল] ক্রি, স্ত্রীসঙ্গম করা। ণিজন্ত-চাদানি, চুদানি। বি, চোদন।

চোদিত[চোদনা (দ্রঃ)+ত (র্ম)] বিণ, যাকে প্রেরণ করা যায় ; প্রেরিত। ২ নিয়োজিত।

চোদ্দ, চৌদ্দ [সং-চতুর্দ্দশ] বি, চার অধিক দশ সংখ্যা ; ১৪। ২ বিণ, ১৪ সংখ্যক। ৩ বহু। প্র-চোদ্দবার এক কথা। চোদ্দ, (চৌদ্দ) ঠাঁই-ঠাঁই ঠাঁই করিয়া অনেক ঠাঁই ; বহু স্থান। ~-পোয়া, -পো-দেহের পূর্ণায়তন, শরীরের সম্পূর্ণ বিস্তার। ২ সর্ব্বাঙ্গ ঢালিয়া শয়ন ; হাত পা ছড়াইয়া উত্তান শয়ন। > ক্রি, চো° পো হওয়া-ঐরূপে শয়ন করা। "বাসায় গিয়া চোদ্দপো হওয়া যাউক।"-টেকচাঁদ। চোদ্দ (চৌদ্দ) পুরুষ-পিতা পিতামহাদি অথবা পুত্র, পৌত্রাদিক্রমে উর্দ্ধতন বা অধস্তন চৌদ্দপুরুষ অর্থাৎ উর্দ্ধতন সাত ও অধস্তন সাত এই চৌদ্দপুরুষ। চোদ্দ (চৌদ্দ) বার-অনেকবার ; পুনঃপুনঃ ; একশো বার। চোদ্দ (চৌদ্দ) ভূত-বহুভূত ; অনেক বাজে লোক। চোদ্দ (চৌদ্দ) শাক-চতুর্দ্দশ প্রকার শাকের মিশ্রণ ; এই শাক খাওয়ার উৎসব। "চতুর্দ্দশীর চৌদ্দশাক"।

চোদ্দই [চৌদ্দ-ই (< ইয়া, ইক)] বি, মাসের চতুর্দ্দশ দিবস ; ১৪ তারিখ।

চোদ্য [চোদনা দ্রঃ] বিণ, প্রেরণযোগ্য ; যাকে পাঠান যাইতে পারে। ২ অদ্ভুত। ৩ বি, প্রশ্ন।

চোনা, -ণা [অনু°। চণ, চন্ (দানে, শব্দে)-প্রস্রাব-বেগ-শব্দ। শ্রীহট্ট অঞ্চলে 'চেনা'] বি, গোমূত্র ; গবাদির মূত্র। "প্রতিবাসিনী কহিল, একটু কৈলে বাছুরের চোনা পাইয়ে দিও।"-বিষবৃক্ষ। ক্রি, চোণানি, চোঁনানি-গবাদিকে মুতান। ২ গবাদি কর্ত্তৃক মূত্রত্যাগ করা।

ˋচোনাট [চুনাট দ্রঃ] বি, কেশ।

চোপ [অনু°। চপ্ কোমল বস্তুর উপর অস্ত্রাঘাত শব্দানুকরণ। তুল-ইং chop] বি, অস্ত্রাঘাত ; কোপ ; চোট। ক্রি, চোপান।

চোপড় [চোকর দ্রঃ। হি°-চাপড় =খোসা ; তুষ] বি. আচ্ছাদন। কাপিড় চোপিড়-বস্ত্রাদি ; পোষাক-পরিচ্ছদ।

চোপড়া [চোপড় (দ্রঃ)+আ (অনাদরে)] বি, খোলা ; চোপা ; ছোবড়া।

চোপদা/র [ফা-চোব্‌দার্] বি, আশা সোঁটা-বাহক ভৃত্য। "সারি সারি চোপদার হাতে হেম-ছড়ি।"-ভারত°। ~রি [চোপদার+ই (পেশা অর্থে)] বি, চোপদারের কাজ। ~রী-বিণ, চো° সম্বন্ধীয়।

চোপরা₁, চোঁপরা [চোঁপ (মুখ্য)+রা (অনাদরে)] বি, মুখ। ২ মুখরতা ; চোঁপা ; রূঢ়ভাবে উত্তর-প্রত্যুত্তর। ৩ তিরস্কার।

চোপরা₂ [চোপড়া দ্রঃ] বি, ছোবড়া।

চোপরাও [হি° চুপ্‌রহ >] ক্রিয়া-

স্বক অব্যয়. চোঁপা করিতে বিরত হও ; চুপ করিয়া থাক।

**`চোপসা**-বিণ [চুপসা দ্রঃ] ক্রি, `চোপসানি। বি, চোপসানি।

চোপা$_1$ [প্রাদে০। গ্রা০ চোঁপা।] বি, মুখ। ২ মুখের কথা ; রূঢ় বাক্য ; সমানে সমানে উত্তর ; 'মুখের উপর' বা সম্মুখে দুর্ব্বিনীত জবাব। "চোপায় কে পারে আর পোপায় ফুলের হার কোপায় কথায় যেন কাট।"-ঈ০ গুপ্ত। "দোষ করে ফের চোপা" -অনুরূপা দেবী। ৩ তিরস্কার ; ভর্ৎসনা ; নিন্দা। "ঘটকের মুখে শুধু কুলীনের চোপা" -ঈ০ গুপ্ত।

চোপা$_2$ [চোপান দ্রঃ] [অনু০] ক্রি, ম০ পু০. (অসম্ভ্রমার্থে) কোপ মার্ ; অস্ত্রাদির আঘাত ক'রে থুরে ফেল্।

চোপা$_3$ [চোপর দ্রঃ] বি, কলার খোসা ; ছোবা ; ছোবড়া। "কড়ির পুঁটলি বান্ধি জাতির ব্যভার। এঁটো চোপা খাইলে নহে কুলের খাঁখার।"-কবিক০।

চোপানি [চোপ (দ্রঃ)+আন (করা অর্থে)। চোপাই, চোপাও(চোপান্. চোপা); চোপাইতে (ক্ষে০ চোপাতে) ; চোপাইয়া (ক্ষে০ চুপিয়ে)] ক্রি, চোপ বসান ; কর্ত্তন করা ; পুনঃপুনঃ অস্ত্রাঘাত করা ; থোরা। বি, চোপান, চোপানি, চোপ। প্র-এমন চোপানটা চুপিয়েছে।

চোবচীনী [ফা০] বি, তোপচিনী দ্রঃ।

`চোবড়ানি [গ্রা০] চুবান দ্রঃ।

চোবদার-চোপদার দ্রঃ।

চোবিল-ছোবল দ্রঃ।

`চোবলানি-ছোবলান দ্রঃ।

চোবানি-চুবান দ্রঃ।

চোবে [হি০। চৌ (চার) বে (বেদ)-চতুর্ব্বেদে যার অধিকার] বি, চতুর্ব্বেদী ব্রাহ্মণের উপাধি। ২ মথুরার ব্রাহ্মণ-শ্রেণীবিঃ।

চোয়া-চুয়া দ্রঃ।

চোয়াড়, চোহাড় [ধাঙ্গড় দ্রঃ। হি০-চুহড়া=মেথর ; চুহ্‌ড়ী=মেথরাণী। হি০ -চুহড়্=ধোঁকা দিয়া শিকার, ব্যাধবৃত্তি] বি, শ্বপচ ; কিরাত। "অতি নীচ কূলে জন্ম জাতিতে চোয়াড়। কেহ না পরশে জল লোকে বলে রাড়॥"-কবিক০। ২ হাজারীবাগ ই০-র পার্ব্বত্য অসভ্যজাতিবিঃ ; ধাঙ্গড়। ইহারা একলব্যের স্বজাতীয় এবং বংশ-পরম্পরায় ধানুকী। এই জাতীয় প্রধান শাখার মধ্যে এখনো বৃদ্ধাঙ্গুলি কর্ত্তনের বিধি আছে এবং যারা কর্ত্তন করে না তাদের মধ্যেও বৃদ্ধাঙ্গুলি ব্যবহার নিষিদ্ধ। শর নিক্ষেপ-কালে ইহারা দক্ষিণ হস্তের অপর চারি অঙ্গুলি মাত্র ব্যবহার করে। "মালে করে মালাম চোয়াড়ে লোকে কাঁড়"-ভারত০। ৩ [ধাঙ্গড় জাতির প্রকৃতি ও আচার >] বি, বিণ, অসভ্য ; বর্ব্বর ; গোঁয়ার ; দুর্বৃত্ত। প্র-যেন চোয়াড়ের মত হাত পা। ~পঁণা-বি, ব্যাধবৃত্তি। ২ চোয়াড়ের ব্যবহার।

চোয়াড়িয়া, -য়াড়ে [চো০+ইয়া, > ক্ষে০] বিণ, চোয়াড়সুলভ।

`চোয়ান্ন-চুয়ান্ন দ্রঃ।

চোয়াল [চুয়াল দ্রঃ] বি, চিবুকাস্থি।

চোয়াল্লিশ-চুয়াল্লিশ দ্রঃ।

চোর$_1$ [চুর্ (চুরি করা)+ণিচ্=চোরি +অ (র্ত্তৃ)। বৈদিক যুগে চোর অর্থে 'অনার্য্য,' 'অসভ্য' পরে দক্ষিণভারতে অর্থবিকারে 'তস্কর'। তুল-চোয়াড়] বি, যে পরদ্রব্য অপহরণ করে ; তস্কর। ২ লুকাচুরি ই০ খেলায় যাকে কেহ ছোঁয় না ও ধরা দেয় না এবং সে যাকে স্পর্শ করে সেই চোর হইয়া পুনরায় অপরকে ধরিতে চেষ্টা করে। স্ত্রীং চোরণী [গ্রা০-চুন্নী। প্রা০ বৈ০ পদ০ সা০ -চোরী=চোর নারী] বিণ, চোরা, চোরাই। ~কুঠারী-ঘরের ভিতরের ঘর। ~খঁণ্ড, ~খঁণ্ডা-চোর ছেঁচোড়। "চোরখণ্ডা হৈতে তুমি নাহি কর ভয়।"-কবিক০। ~চোর খৈলা-যে খেলায় একজন চোর হইয়া অপরকে ধরিতে চেষ্টা করে। ~গিলি, চোরাগলি-গলির ভিতরের অপ্রকাশ্য সংকীর্ণ গলি। চোর ছৈঁচড়-ছেঁচড় দ্রঃ। ~পাহারা [হি০ চোরপহরা। চোর (গুপ্ত) পাহারা] বি, শত্রুর আক্রমণ হইতে রক্ষার জন্য গুপ্ত ভাবে রক্ষিত পাহারা ; গুপ্ত প্রহরীর কাজ। চোর মরে সাত ঘঁর গিজইয়ে-চোর ধরা পড়িলে অনেককে মকদ্দমায় লিপ্ত করে। চোরে চোরে কুটুম্বিতা-একই অসৎ পথের পথিকের মধ্যে ঘনিষ্ঠতা ও সদ্ভাব। চোরে চোরে মাসতুতো ভাই-এক কাজের কাজী ; পরস্পর অভিন্ন। চোরের মায়ের কান্না-চোর ছেলের চুরির দণ্ড ভয়ে মায়ের ক্রন্দন গোপনেই হয় অর্থাৎ চোরের মার কষ্ট কাহাকেও জানাইবার নহে, কারণ কেহই সহানুভূতি করিবে না। গোলাম চোর [তাসের খেলায়] যে খেলাড়ীর হাতে লুকান তাসের জোড়া খেলিবার কালে বাহির হইয়া পড়ে। ঁটীচোর-ছিঁচ্‌কে চোর দ্রঃ। ছিঁচ্‌কে চোর-দলবদ্ধ চোর নহে অথবা চৌর্য্যবৃত্তি মাত্র যাদের জীবিকা সেরূপ চোরের দলের লোক নহে ; ছুটকো চোর ; গৃহস্থকে অসতর্ক দেখিলে যারা ছিঁচ্‌কেকাঠিও চুরি করে। সিঁদেল চোর-চুরিই যাদের জীবনো-পায় এরূপ পাকা চোর ; সিঁদকাটি দ্বারা প্রাচীরাদিতে গর্ত্ত করিয়া ভিতরে প্রবেশ করিয়া দ্রব্যাদি-অপহারক।

চোর$_2$ [বৈদ্যকে] বি, চোর-নামক গন্ধ-দ্রব্য ; গেঁঠেলা।

চোরকাঁটকি, চোরকাঁটা [সং-চোরক। চোর কণ্টক (বৈদ্যকে)] বি, ঘাস-জাতীয় বনগাছ ; চোর পুষ্পী ; ভাটুই ; ইহার লম্বা লম্বা ডাঁটা ফুলে পূর্ণ হয়, এই ফলের গায়ে কাপড় লাগিলেই কাঁটার মত তাতে বিঁধিয়া যায় andropogon aciculatus,

চোরকুট্টি [গ্রা০] বি, উদ্যোগ ; স্ফূর্ত্তি। ২ চালাকি বা বাহাদুরী।

চোরপ্রপাত [বৌ০ সা০] বি, যে ভৃগুস্থান হ'তে প্রাণদণ্ড প্রাপ্ত চোরদিগকে নিক্ষেপ করা হইত। "যাও চোরপ্রপাত হইতে নিক্ষেপ করিয়া ইহার জীবনান্ত কর।"-জাতক।

চোরা$_1$-বি, অসুরবিঃ। দুর্গা এই অসুরকে বিনাশ করেন। ২ চোর। "চোরা না শুনে ধর্ম্মের কাহিনী।"-প্রবচন।

চোরা$_2$ [বৈ০ সা০ চুরিয়া=চোরিয়া= চোরাই, চোরা] বিণ, চুরি-সম্বন্ধীয় ; চুরি-

করা ; অপহৃত। "চোরা দ্রব্য বোঝালয়ে চোরে করে চুরি।"-রবী। ২ গুপ্ত ; লুক্কায়িত। ৩ [লক্ষ°] যে অজ্ঞাতসারে আপনার করিয়া লয় ; হরণকারী ; যে কাড়িয়া লয়। "মনচোরা।" ~গর্ত্ত-অদৃশ্য গর্ত্ত a pitfall. ~জমি-জমিদারের অজানা কর্ষিত জমি। ~পথ-গুপ্তপথ। ~পাহাড়-জলের ভিতরে অদৃশ্য পাহাড়, যাতে ঠেকিয়া জাহাজাদি ভগ্ন হয়। ~বালি-জলের ভিতরে অদৃশ্য বালির চর, যাতে নৌকা জাহাজাদি বসিয়া যায় বা ভগ্ন হয়। চো° মাল চোরাই মাল-অপহৃত দ্রব্য।

চোরাই, চোরাও [চোরা দ্রঃ] বিণ, চোরিত ; চৌর্য্যদ্বারা লব্ধ ; অপহৃত। চো° মাল-চোরা মাল দ্রঃ।

চোরানি [হি°-চোরানা=চুরি করা। প্রা°-বাং ও ব্রজ°। আধু-বাং অপ্র°। ব্রজ°-চোরাবল, চোরাবলি। চোরাই, চোরাও, চোরায়, চোরাইতে (ক্ষে° চোরাতে) ; চোরাইয়া (ক্ষে° চোরায়ে, চুরিয়ে)] ক্রি, চুরি করা। "কেহ বলে আমার চোরায় গীতা পুঁথি।"-চৈ° ভা°। চোরায়ল [ব্রজ°] চুরি করিল ; অপহরণ করিল। "বাক্ গীতে জগত চিত চোরায়ল" -গোবিন্দ।

চোরি [চুরি > হি°] বি, অপহরণ ; চৌর্য্য। ২ অস-ক্রি, চুরি করিয়া।

চোরিত [ণিজন্ত চুর=চোরি (চুরি করা) +ত (র্ম্ম)] বিণ, যা চুরি করা হইয়াছে ; অপহৃত।

চোরী-চোর দ্রঃ।

চোল১ [চোল রাজার রাজ্য বলিয়া দেশের নাম] বি, তাঞ্জোর প্রদেশ।

চোল২ [সং] বি, কাঁচুলি। ২ ঘাঘরা। স্ত্রীং ~লী-কাঁচুলি।

চোলক [চোল+ক (জ্ঞা°)] বি, বর্ম্ম ; সাঁজোয়া। ২ বল্কল ; ছাল।

'চোলাই [উর্দ্ধপাতন দ্রঃ। হি°-চোলানা ধাতু] বি, রাসায়নিক প্রক্রিয়াবিঃ ; তির্য্যক্পাতন distillation. [চোলাই করিবার নিয়ম-"অগ্নির উত্তাপে ময়লা জল প্রথমতঃ বাষ্পাকারে পরিণত হয়। পরে শীতল পাত্রের সংস্পর্শে ঐ জলীয় বাষ্প পুনর্ব্বার তরল হইয়া দ্বিতীয় পাত্রে জলরূপে সংগৃহীত হয় বা জমিতে থাকে। ঐ জল বিশুদ্ধ। প্রথম পাত্রস্থিত অপরিষ্কার জলে দ্রবীভূত লবণ ও অন্যান্য ধাতব পদার্থ উক্ত পাত্রেই পড়িয়া থাকে। এই প্রক্রিয়ার নাম চোলাই।" -নব্যরসায়নী বিদ্যা।

চোলিকা, চোলী [চোলক+আ +ঈ (স্ত্রীং)] বি, ঘাঘরা।

চোষ [সং-চুষ্ ধাতু >] বি, শোষণ ~কাগজ [চোষ (শোষণ) কাগজ] বি, কালি শুকানের কাগজ blotting paper.

'চোষক [সং-চুষ্ ধাতু > চোষা দ্রঃ] বিণ, শোষক। বি, চোষণ।

'চোষা [সং-চুষ্ (শোষণে)। চুষা দ্রঃ] ক্রি, শোষণ করা ; চুষিয়া খাওয়া। "কে যেন কাহারে আগে চুষে নিতে পারি" -কুঙ্কুম°। ২ বিণ, চুষিত ; শোষিত। ৩ চোপসা। ণিজন্ত-'চোষানি।

'চোষ্য [চুষ্ (চুষা)+য (র্ম্ম)] বিণ, যা চুষিয়া খাইতে হয় ; চুষ্য (দ্রঃ)।

'চোস্ত [ফা°-চুস্ত্] বিণ, সমতল ; সমান। ২ মসৃণ। ৩ চালাক। ৪ টান tight ৫ ঋজু ; সোজা।

চোহাড়-বি, চোয়াড় দ্রঃ।

চোহান-চৌহান দ্রঃ।

চোহাল-চোয়াল দ্রঃ।

চোহেল [হি°-চহল=চহ্‌লা (পঙ্ক, কিচেল)] বি, কর্দ্দম ; পঙ্ক ; (লক্ষ°) পাপপঙ্ক] মাতামাতি ; আমোদ। "রাত্রে বাবুদিগের সঙ্গে মজায় ও চোহেলে মত্ত হইতেছেন।" -টেকচাঁদ।

চৌ [সং-চতুঃ=চতুর=চউর=চৌ। তুল-চতুষ্ক > চৌক] বিণ, চারি।

চৌআড়ী-চৌয়ারী।

চৌক১ [সং-চতুষ্ক >] বি, চারিপণ পরিমাণ ; সিকি কাহন ; এক চোক (দ্রঃ)। ২ [হিং] চক ; সহরের চতুষ্পথ। ৩ চারি কোণবিশিষ্ট প্রাঙ্গণ।

চৌক২, চোক [চক্ষুস >] বি, চক্ষু।

চৌকণ [চতুষ্কোণ >] বিণ, চারি-কোণযুক্ত।

চৌকন [হি°-চৌগান] বি, চারিপল বিশিষ্ট গদা। বিণ, চৌকনিয়া-চার-কোণা। ২ চৌ° ব্যবহারকারী ; চৌকণ ধারী। "চৌকনিয়া পাইক চৌকন হাথে করে"-কবিক°।

চৌকষ,-স,-শ [বাং-তে, চৌকোশ শব্দেরও ব্যবহার আছে। হি°-চৌকস্=সতর্ক, দক্ষ, চালাক। চৌ (চার > অনেক > সকল) কষ (হি°-কস্=গুণ, শক্তি, দক্ষতা)-যার চারিদিক দেখিয়া কাজ করিবার শক্তি আছে] বিণ, যে চার বিষয়ে দক্ষ ; যার চারিদিকে দৃষ্টি আছে ; সকল কর্ম্মে অভিজ্ঞ ; সতর্ক ; চালাক ; চতুর square. "অকর্ম্মণ্য লোক ছিলেন তাহা নহে। বিশেষ কর্ম্মঠ ও চৌকোশ লোক ছিলেন"-ভারতী, ১৩২১।

চৌকা [চৌক (দ্রঃ)+আ (যুক্তার্থে)] বিণ, চারিকোণবিশিষ্ট ; চতুষ্কোণ। ২ প্রাঙ্গণ ; চক। ৩ [হি°] পাকস্থান। ৪ [প্রা°-বাং] উনান। "তাতাইলা পাতাইয়া চৌকা" মাণিক° গান। চারচৌকা-সমচতুষ্কোণ square

চৌকাঠ [হি°-চৌখট্। চৌ(চারি) কাঠ (কাষ্ঠ)] বি, দ্বারের চতুঃপার্শ্বে কাষ্ঠ-চতুষ্টয়ের বেষ্টন বা ফ্রেম। [দ্রঃ-চৌকাঠের উপরের কাঠ=কপালী, নীচের কাঠ=গবরাঠ, দুই পাশের কাঠ=বাজু]।

চৌকাম [শ্রীহট্ট প্রাদে°] বি, বড় মই বা কাঠের বা বাঁশের সিঁড়ি।

চৌকি, চৌকী [সং-চতুষ্কী >] বি, চতুষ্কোণ ও চারি পায়া যুক্ত কাষ্ঠাসন ; খাট ; পালঙ্ক। ২ [চতুষ্ক > চৌক (চতুষ্পথ) + ই, ঈ] চতুষ্পথে অবস্থিত প্রহরীর আড্ডা ; ফাঁড়ী ; থানা। "পড়িল চৌকীতে ধরা হাড়িপার চেলা।"-গোবিন্দ° গীত। ৩ প্রহরীর কর্ম্ম। ৪ প্রহরী। "চারিদিকে চৌকী রহিল বানরগণ।"-ঘ°। ৫ রাজকর বা মাশুল আদায়ের স্থান। ~দার [চৌকী (প্রহরীর আড্ডা)+(ফা°) দার] বি, প্রহরী। ২ কর আদায়ের পেয়াদা।

~দারী [চৌকীদার+ই (বৃত্তি অর্থে)] বি, চৌকীদারের কর্ম; চৌকীদারের পদ। চৌ° দেওয়া-ক্রি,পাহারা দেওয়া। চৌ°হাঁকা -রাত্রে চৌকীদার কর্তৃক গৃহস্থকে সাবধান বা সতর্ক করিবার জন্য হাঁক দিয়া বা উচ্চৈঃস্বরে ডাক দিয়া জাগান।

চৌকোণা [চতুষ্কোণ+আ (যুক্তার্থে)] বি, চারিকোণ-বিশিষ্ট।

চৌকোশ [চতুঃ > চৌ + কোশ (ক্রোশ > গ্রা°)] বি, চারিক্রোশ। "বসাইল গুজরাট জুড়িল চৌকোশ বাট কৈল বীর আমার পূজন।"-কবিক°। ২ চৌকষ দ্রঃ।

চৌকোষ-চৌকষ দ্রঃ।

চৌখণ্ডী [চৌ (চার) খণ্ড (স্কন্ধ-খুরা)] বি, চৌকী ; চারপায়াযুক্ত খাটুলি ; চৌপায়া (হি°) ; চৌখুরী (দ্রঃ)। বিণ, চৌখণ্ডিয়া -চার কোণে চার খুরা বসান। "চৌখণ্ডিয়া পীড়ি।"-কবিক°।

চৌখুঁট [চৌ-খুঁট (কিনারা)] বি, চারিদিকের প্রান্তভাগ। ২ [পূ° বঙ্গে-চৌখুট] বিণ, চতুষ্কোণ (পূ° ব° গী°)।

চৌখুপী, -প্পী [চৌখোপিয়া >]বিণ, চারখোপযুক্ত। ২ চারখানা: চৌকাখুবরীযুক্ত।

চৌখুরি, -রী [চৌ+খুর (পায়া)+ ইয়া, ঈ (যুক্তার্থে)] বি, ৪ পায়াযুক্ত কাষ্ঠাসন ; চৌকী ; চৌখণ্ডী। "মাতঙ্গ তুরঙ্গ দিল রথবর দোলা। চন্দন চৌখুরী ঝারি রত্নময় মালা॥" -কবিক°।

চৌগোঁপ্পা [চৌ (চার) গোঁপ (গুম্ফ)+ আ (যুক্তার্থে)] বিণ, দাড়ি দুই ভাগ করিয়া উপরদিকে গোঁপের মত তুলিয়া দেওয়া। "বাবুরাম বাবু চৌগোঁপ্পা-নাকে তিলক-কস্তাপেড়ে ধুতি পরা-ফুলপুকুরে জুতা পায়-উদরটী গণেশের মত-কোঁচান চাদরখানি কাঁধে"-টেকচাঁদ।

চৌগুণ[সং-চতুর্গুণ]বি,বিণ,চার-ডবল।

চৌঘুড়ী [চৌ (চার) ঘোড়ী > ঘুড়ী (ঘোড়াযুক্ত)] বি, চতুরশ্ব শকট ; চার ঘোড়ার গাড়ী। "চৌঘুড়ীতে সঙ্গে করে সাদা মোসাহেব।"-হেম°।

চৌঙকি$_1$ [প্রা°-বাং। হি°-চৌক্। সং-চমক >] ক্রি-বিণ, চমকিত হইয়া ; চমকে। "চৌঙকি চলয়ে ক্ষণে, ক্ষণে চলু মন্দ। মনমথ পাট পহিল অনুবন্ধ।"-বি° প° [অপ্র°]।

চৌঙকি$_2$ [চৌকী২ দ্রঃ। বৈ° পদ° সা°-তে-অনুনাসিক ব্যবহারে চৌকী=চৌঙকি] বি, প্রহরী। "চৌ° রয়েছে সেথা"-চণ্ডি°।

চৌচাকা, চৌচাক্কা [সং চতুশ্চক্র > চৌ (চার) চাক্কা (হি° সং-চক্র)] বিণ, চার চক্রযুক্ত। ২ নানাখণ্ডে বিভক্ত। ৩ চার চাকার গাড়ী ; চারখানা।

চৌচাপট, চৌচাপড় [চৌ-চাপট, চাপট, ড়। হি°-চাপড় (পাথুরে জমী)-চারদিকের জমী। তুল-হি° চৌপট্-সমতল ভূমি] বি, চতুঃপার্শ্বস্থ জমী ; পরিবেষ্টন-স্থান। ২ সর্বাঙ্গের পূর্ণ বিস্তার-পরিমাণ ভূমি ; চৌদিকে চাপিবার ভাব। প্র-চৌচাপটে পড়িয়া গেল। ৩ ঘটনাস্থান ও তার চতুঃপার্শ্বস্থ বস্তু বিষয় ও ব্যাপারসমূহ surroundings চৌদিক চাপিয়া চৌচাপটে ধরা পড়া। "এবার সে একেবারে চৌচাপটে ধরা পড়েছে আর যাবে কোথা।"

চৌচালা [চতুঃশালা > বা চৌ (চার) চাল (ছাদ)+আ (যুক্তার্থে)] বি, যে মেটে ঘরের চারখানা চাল আছে ; চারিদিকে ঢালু চাল দিয়া আচ্ছাদিত চারিখানি ঘরযুক্ত বাঙ্‌লা ; চতুঃশালা।

চৌচীর [চৌ (চার) চীর (খণ্ড)] বিণ, চার খণ্ডে বিভক্ত।

চৌট, চৌঠ-বি, চতুর্থাংশ। ২ ভূমির উপস্বত্বের সিকিভাগ, যা মহারাষ্ট্র রাজারা প্রজার নিকট হ'তে করস্বরূপ আদায় করিতেন। ২ বিণ,চতুর্থ। "ইহা আস্বাদিতে আর নাহি চৌঠ জন"-চৈ° চরিত।

চৌটি-বি, চতুর্থাংশ। চাল চৌটি-একমুষ্টি চাউল।

চৌঠা [সং-চতুর্থ। প্রাকৃ°-চউট্‌ঠ। হি -চৌথা] বি, মাসের চতুর্থ দিবস।

চৌড় [চূড়া >] বিণ, চূড়া-সম্বন্ধীয়। ২ বি, চূড়াকরণ।

চৌড়া [হি°-চৌড়া ; চওড়া দ্রঃ] বিণ, প্রশস্ত ; চটাল ; চওড়া। ২ বি, প্রস্থ।

চৌড়াই [চৌড়া+ই (পরিমাণার্থে)] বি, চৌড়াদিক্ ; প্রস্থ পরিমাণ। লম্বাই-চৌড়াই-দৈর্ঘ্য এবং প্রস্থ পরিমাণ। ২ ব্যাপ্তি। ৩ গর্ব ; জাঁক।

চৌতলা,-তালা [চতুস্তল > । চৌ (< চতুঃ)+তলা, তালা (< তল)]বিণ, চার মঞ্জিলা। ২ বি, চারিতল অট্টালিকা ; চার তলা বাড়ী। ৩ ত্রিতলের উপরের প্রকোষ্ঠ।

চৌতার [চৌ (< চতুঃ) তার (সূত্র)] বি, মধ্যযুগের বাংলার চরকার সূতায় তৈয়ারী জামার কাপড় বিঃ।

চৌতারা [সং-চত্বর] বি, চত্বর। "বাহির চৌতারায় রাম করেন দেওয়ান" -কৃত্তি°। ২ [চৌ-তার (তন্ত্র)] চার তারের তানপুরাজাতীয় তত-যন্ত্রবিঃ (ইহার দণ্ড বংশনির্মিত একতারার মত)।

চৌতাল [চৌ (চার) তাল (সঙ্গীতের)] বি, ছয়টি পদের তাল, তন্মধ্যে চারটি পদে আঘাত আছে বলিয়া চৌতাল।

চৌত্রিশ [সং-চতুস্ত্রিংশৎ] বি, চার অধিক ত্রিশ সংখ্যা ; ৩৪। ২ বিণ, ৩৪-সংখ্যক।

চৌত্রিশা-বি, ৩৪ অক্ষরে নিবদ্ধ। "চৌ° স্বর" (কবিক°)।

`চৌথ [সং-চতুর্থ >] বি, এক চতুর্থাংশ; চারভাগের একভাগ। ২ আদায়ী রাজকরের শতকরা ২৫ ভাগ ; প্রজার উপস্বত্বের চতুর্থ ভাগ।

চৌদশী [চতুর্দশী > ; পদ° সা°] বিণ, চতুর্দশী। চৌ° চাঁদ-চতুর্দশীর চাঁদ। "তোহারি বিরহে দীন ক্ষণে ক্ষণে তনু ক্ষীণ চৌদশী-চাঁদ সমনে" (=কৃষ্ণপক্ষীয় চতুর্দশীর চাঁদ তুল্য)।-বি° প°।

চৌদানি,-নী [হি°]বি,কর্ণালঙ্কারবিঃ।

চৌদিক,-গ [সং-চতুর্দ্দিক্] চারিদিক ; সকল দিক্। "চলে যেতে চৌদিগে চালের উড়ে খড়।"-শি°।

চৌদিশ,-শা [সং-চতুর্দ্দিশ্] অ, চৌদিক। "মেলিয়া নয়ন চৌদিশ নেহারে দেখিবা না সহে প্রাণে।"-চণ্ডি°।

চৌতুল [তুল দ্রঃ] বি, সঙ্গীতের সময় অবলম্বিত লয়, অনুদ্রুত গতি অর্থাৎ অনুমাত্রা বা অর্দ্ধমাত্রার অর্দ্ধমাত্রা।

চৌতুলি [চতুর্দ্দোল+ই (বৃত্তি অর্থে)] বি, চতুর্দ্দোলবাহক জাতি; তুলে। "চৌতুলি চূণারী মাঝি কোরাঙ্গা ভরদ্বাজী মাল বৈসে ঘরের বাহিরে।"-কবিক°।

চৌদোল, চৌদোলা [প্রা°বাং। সং-চতুর্দ্দোল। আধু°প্রা°-বাং-চতুদ্দোলা] বি, চতুর্দ্দোল; সুখাসনবিঃ। "চৌদোলে চাপিল রায় দম্পতি সহিত"-ঘ°।

ˋ**চৌদ্দ** [সং-চতুর্দ্দশ। প্রা° চোদ্দ (দ্রঃ), চৈদ্দ, চৌধ্য (পূ° পু°)] বি, বিণ, ১৪ সংখ্যা বা সংখ্যক।

ˋ**চৌধুরী** [চৌ (চারি) ধুর (নৌ,হস্তী, অশ্ব, ও পদাতির ভার)+ইন্ (স্ত্র), মূ°চতুর্ধুরিন্ -১মা, ১ব° চতুর্ধুরী > ভং, চৌধুরী (২) সং চক্রধরিন্ lit the bearer of a discus, i e one in authority—the head man of a village or district, community or craft—*Glossary Indore State Gazetteer—1908* বি, সামন্ত রাজা। ২ যিনি যুদ্ধার্থ নৌ, হস্তী, অশ্ব ও পদাতিরূপ চারি বলের অধিকারী। ৩ নগরের সর্ব্বপ্রধান ব্যবসায়ী; বাজার সর্দ্দার। ৪ গ্রামের মণ্ডল বা প্রধান। ৫ উপাধি। স্ত্রীং ˋচৌধুরাণী [হিং-চৌধুরীন্, চৌধুরাইন]।

চৌপট [হিং-চৌপট্] বিণ, ধ্বংস। ২ সমভূম। ৩ সমতল flat.

চৌপথ [চতুষ্পথ > ভং] বি, চারপথের মিলন স্থান; চৌমাথা।

চৌপদী [সং-চতুষ্পদী] বিণ, চারিপদবিশিষ্ট; চতুষ্পদ quadruped. ২ চারি চরণযুক্ত পদ্যচ্ছন্দ।

ˋ**চৌপর** [চতুঃপ্রহর > ভং। প্রা°চৌপহ'র, ক্ষেং-ˋচোপোর। তুল-অষ্টপ্রহর > আটপর] বি, চারি প্রহর কাল; সমস্ত দিন বা রাত।

চৌপল [হিং-চৌপল্। চৌ (চারি) পল (কোণ)] বি, চারি কোণ; চারটি পল তোলা বস্তু। ২ বিণ, চারি পল যার; চৌকোণা।

চৌপিলিয়া, চৌপিলে [চৌপল+ইয়া (বিশিষ্টার্থে)] বিণ, চারি পল যুক্ত; চারদিকে পলতোলা; চারি শিরাল।

চৌপাড়, -ড়ী, চৌবাড়ী [সং-চতুষ্পাঠী >] বি, চতুর্ব্বেদাধ্যয়ন ও অধ্যাপনা স্থান; টোল।

চৌপায়া [চৌ (চার) পায়া] বিণ, চারিপদবিশিষ্ট; চতুষ্পদ। ২ বি, খট্টা; চৌকী।

চৌপালা [চতুষ্পদ (দা) > চৌপায়া >। য়া=লা। তুল-চতুর্দ্দোল > প্রা° চৌদোলা] বি, চতুর্দ্দোল। "আগে যায় রে চৌ°শেষে যায় রে ডুলি।"-ছেলে ভুলান ছড়া।

চৌপাশা [চতুঃপার্শ > ভং] চারপাশ; চারিধার।

চৌফুট্টি-চোরফুট্টি দ্রঃ।

চৌবাচ্ছা [ফা°-চা-বাচ্চা, চা-বাচা। ফা°-চা (কূপ), বাং-প্রা°। চৌ (=কো-কুয়া-কূপ)-বাচ্চা (ক্ষুদ্রার্থে)। হিং-চৌবাচ্ছা] বি, জলকুণ্ড; হৌজ্।

চৌবাটী [চতুষ্পাঠী >] বি, চতুষ্পাঠী। "শিক্ষাগুরুর স্থানে শুনিয়াছি তিনি এক দিবস চৌবাটীর পড়ুয়াদিগকে কহিতেছিলেন"-তোতা ইতিহাস।

চৌবাড়ী-চৌপাড় দ্রঃ।

চৌমাথা [চৌ (চার) মাথা (পথের মস্তক অর্থাৎ মোড়)] বি, চারিটী পথের মোড় বা মোয়াড়া আসিয়া যে স্থলে মিলিত হইয়াছে।

চৌমোহিনা [চৌ° (চার)+মোহ(া)না (মাথা, মুখ)] বি, চৌমাথা; চতুষ্পথ square. "সহরের একটি চৌ° মোহনার মুক্ত প্রান্তরে কতকগুলি লোকে ধর্ম্ম প্রচার করছিল"-বিলাত ভ্রমণ (অ° কু° নন্দী)।

চৌম্বক [চুম্বক (দ্রঃ)+অ (ইদমর্থে)] বিণ, আকর্ষক। ২ চুম্বক-সংক্রান্ত। প্রচৌম্বক শক্তি।

চৌযুগ [চৌ (চারি) যুগ (কাল)] বি, চতুর্যুগ; সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই চারি কাল। ২ চিরকাল; সর্ব্বকাল।

চৌয়ারী, -ড়ী [হিং-চৌ-আরী, আড়ী (ওয়ার, -ড়)-আচ্ছাদনযুক্ত গৃহ] বি, চারি চালাযুক্ত ঘর; চৌচালী। ২ [হিং-চৌবারা] চতুর্দ্বারী ঘর; বালাখানা।

চৌর১ [চোর+অ (স্বার্থে)] বি, যে চুরি করে; পরদ্রব্যাপহারক।

চৌর২ [সং] বি, গন্ধ দ্রব্যবিঃ। ২ কবিবিঃ।

চৌরস, চৌরাস [সং-চতুরস্র > হিং-চৌরস্] বিণ, প্রশস্ত; চওড়া। ২ সমতল। "ক্ষেতে বসি কৃষাণে ঈশান দিলা বলে। চারি দণ্ডে চৌদিকে চৌরাস করে চলে।"-শিঃ।

চৌরাশি [সং-চতুরশীতি >। প্রা° চুরাশি] বি, ৮৪ সংখ্যা। ২ বিণ, চারি অধিক আশী সংখ্যক।

চৌরাস্তা [চৌ-রাস্তা (হিং)। তুল-ফা°-রাস্ত্ (সোজা ও সমতল)] বি, চৌমাথা (রাস্তা দ্রঃ)।

চৌরি১, **চৌরিকা, চৌরী** [চৌর+ই (ভা°)=চৌরি+ক (স্বার্থে)+আ, স্ত্রীং] বি, চৌর্য্য; চুরি। ২ বিণ, গুপ্ত। "চৌরি পিরীতি হোয় লাখ গুণ রঙ্গ।"-বি° প°।

চৌরী২ [চৌয়ারী (দ্রঃ) > ক্ষেং] বি, আটচালার অনুরূপ চার চালের ঘর। "তাহার অবস্থা ফিরিয়াছে,বাড়ীতে চারিখানি উলুখড়ের চৌরীঘর উঠিয়াছে।"-দী° রায়।

চৌরোদ্ধরণিক [প্রা° ভারতের অর্থ-শা° পরিঃ] বি, নগরের শান্তিরক্ষা ও চোরের উপদ্রব নিবারক রাজকর্ম্মচারী বিঃ।

চৌর্য্য [চোর+য] বি, অপহরণ, চুরি। ~বৃত্তি [চৌর্য্য+বৃত্তি] বি, চোরের ব্যবসায়; চুরিকর্ম্ম।

চৌশিঙা [চৌ (< চতুঃ) শিঙ (শৃঙ্গ)+আ)] বিণ, যার চারটি শিং আছে। ২ বি, চার শিঙযুক্ত হরিণ (তুল-বারশিঙ্গা)।

চৌষট্টি [সং-চতুঃষষ্টি >। প্রা° চৌষাট] বি, চারি অধিক ষাট সংখ্যা; ৬৪। ২ বিণ, ৬৪-সংখ্যক। চৌ° কলা-৬৪ প্রকার কলা বিদ্যা; কলা দ্রঃ। উর্ন-কোটি [প্রা° উনকুটি চৌষট্টি] এক কম কোটি সংখ্যা-নির্ভুলতা (accuracy) বোধক এবং চৌষট্টি কলার পূর্ণ-

সংখ্যা-প্রকার বোধক। তা হ'তে যত রকমের হইতে পারে এবং সেই সমস্ত খুঁটিয়া অর্থাৎ নিখুঁত ভাবে।

চৌহদ্দি, -হুদ্দি [হিং-চৌ (চার) + আ-হদ্ (সীমা)] বি, চতুঃসীমা।

চৌহান-বি, রাজপুত জাতির অগ্নি-কুলোদ্ভব চারিটি বীরবংশশাখার চতুর্থ শাখা। ইহার প্রতিষ্ঠাতা বীরশ্রেষ্ঠ চোহান বা চাহ মান। এই কুলে বীরবর আনহল হ'তে মহারাজ পৃথ্বীরাজ পর্য্যন্ত ৩৯ জন নরপতি জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া উক্ত হইয়াছে। স্ত্রীং ~ী।

চৌহাণী, চৌহালিনী [প্রাং বাং চউহানী। 'না দেখিল তোহ্মা ছেন কথাহোঁ চউহাণী'-শ্রীং কীং। তুল-হিং-চৌকন্না > স্ত্রীং চৌকন্নী (সতর্কা)। (২) অসং 'চোভা' (কোন মন্দ করার আশঙ্কা) + আন হিং বালা, স্ত্রীং-বালিন্)-চোভালিনী > চোহা-লিনী-ভাষা টীকা, শ্রীং কীং] বিণ, স্ত্রীং সতর্কা। ২ আশঙ্কান্বিতা ; শঙ্কাপরা। "চৌং গোয়ালিনী গো", "গোআলী বড়ায়ি চৌং"-শ্রীং কীং।

চ্যবন [চ্যু (পতিত হওয়া) + অন (র্ত্তৃ) সসত্ত্বাবস্থায় মাতাকে রাক্ষসে অপহরণ করিয়া লইয়া যাইতে দেখিয়া স্বয়ং গর্ভ হ'তে পতিত হইয়া দুষ্টকে দমন করেন বলিয়া এই নাম] বি, ভৃগুমুনির ঔরসে, পুলোমার গর্ভে জাত মুনি। ২ [ভাং-অনং] পতন ; ক্ষরণ : গলন। ~**প্রাশ**-কাশ রোগে আক্রান্ত হইয়া চ্যবন মুনি যে প্রাশ (সেব্য) প্রস্তুত করিয়া ও সেবন করিয়া রোগমুক্ত হন, চক্রদত্ত গ্রন্থোক্ত সেই ঔষধ।

চ্যাং-চেঙ্গ দ্রঃ। ~**ড়া**-চ্যাঙ্গড়া দ্রঃ।

চ্যাঁ-অনুকার শব্দ, ~**চ্যাঁ**-চিঁচি, বা চাঁচা অপেক্ষা অধিক উচ্চ ও ব্যাপক চীৎকার।

চ্যাঁক চোঁক্ [অনুং] বি, দুগ্ধ-দোহন শব্দ। কেঁড়ে বা ঘটিতে দুধ দুহিবার সময় প্রথমে এইরূপ শব্দ হয়, পরে পাত্রে দুধের পরিমাণ অধিক হইলে তার শব্দের নাম "গাবুর গুবুর", গ্রাম্যভাষায় দুগ্ধ-দোহন শব্দের নাম "চ্যাঁক্ চোঁক্ গাবুর গুবুর"। দুই হাতে গোস্তনের বাঁট ধরিয়া পরে পরে আকর্ষণ করা হয় বলিয়া দ্বিরুক্ত।

চ্যাঙারী, চ্যাঙ্গারী-চাঙ্গারী দ্রঃ।

চ্যাঙ্গড়া, চ্যাঙ্গরা [চেংড়া ওং। প্রাদেং-টাঙ্গাইল, কোচবিহার] বি, বালক বা বালিকা ; অপরিণত বালক ; অর্ব্বাচীন। ২ বাচাল। ৩ যৌবনোদ্ধত।

চ্যান্‌সেলার [ইং chanceller এর লিপ্যন্তর] বি, বিশ্ববিদ্যালয়াধীশ।

চ্যাপটা-চেপটা দ্রঃ।

চ্যালা-চেলা১,২,৩ দ্রঃ।

চ্যুত [চ্যু (গমন করা, পতিত হওয়া ইং) + ত (র্ম্ম)] বিণ, যে উচ্চ স্থানাদি হ'তে পতিত হইয়াছে ; ভ্রষ্ট ; পতিত। ২ বিন্দু বিন্দু পতিত ; ক্ষরিত ; গলিত। ৩ বিচ্যুত ; নষ্ট। ৪ [অধিকার হ'তে] হস্তচ্যুত ; গত। ৫ বহিষ্কৃত ; বিতাড়িত। প্র-কর্ম্মচ্যুত ; পদচ্যুত। স্ত্রীং ~া।

চ্যুতাধিকার [চ্যুত + অধিকার] বিণ, অধিকার হ তে বিচ্যুত : অধিকার হ'তে বঞ্চিত। স্ত্রীং ~া।

চ্যুতি [চ্যু + তি (ভাং)] বি, ক্ষরণ; গলন। ২ ভ্রংশ ; পতন। ৩ গমন। ৪ নাশ।

ছ-ব্যঞ্জন বর্ণমালার সপ্তম ও চ বর্গের দ্বিতীয় বর্ণ। ইহার উচ্চারণস্থান জিহ্বামূল। চ স্বল্পপ্রাণ এবং ছ মহাপ্রাণ বর্ণ। আধুং বাং কথ্য ভাষায় ও ক্রমে সাহিত্যে ছ স্থলে 'চ' 'চ্চ' চং হইতেছে, যথা-দিতেছে > দিচ্চে, করিতেছে > করচে, কচ্চে। মুং বাংয় 'স' স্থলে ছ। যথা-অহ্‌সান > আছান। প্রাং গীং বাং লিপ্যন্তরে ছ=ᐟ. যথা-আছে= ... (( ). D. B L.)। ২ [ছদ্ (আচ্ছাদন করা) + অ (র্ত্তৃ), দ্ লোপ] বি, গৃহ। ৩ মাহাত্ম্য। ৪ [ছো (ছেদন করা) + (ভাং) ওকারলোপ] বিণ, তরল। ৫ নির্ম্মল। ৬ ছেদক। ৭ কম্পিত। ৮ [ছ= ছে (> ছেদ, দ লোপ)। প্র-ছে দেওয়া] বি, ছেদ। ৯ খণ্ড। ১০ [সং-ষট্ > ছট্ (ট্ লোপ)। হিং-ছা ছে। ইং-six, ফাং-ষষ্] বিণ, ছয় ; ৬ সংখ্যক। "ছকোটি"-বং বাণী, ১৩৩৩। প্র-ছ'তলা বাড়ী। ~**কার**-ছ এই বর্ণ। ~**গাঁ**-ছয়টী গ্রাম। ~**ষট্টি** ছয়দশ ছয় ; ৬৬। প্র-ছগাঁ মাগলেও যা, ন গাঁ মাগলেও তা। ~**শো**-ছয়শত ; ৬০০।

ছক্‌ড়া নক্‌ড়া-তুচ্ছ-তাচ্ছল্য ; অব-হেলা। **ছবুড়ি ছগণ্ডা** [দ্রুত উচ্চারণে ছোব্‌ড়ি ছগণ্ডা] ১৪৪ ; লক্ষণায় অনেক ; বহুসংখ্যক।

ছই, ছৈ [সং-ছদি] বি, নৌকার ছাদ ; গাড়ীর ছাদ। "ঘন ঘন ঝড়ে ছৈ সব উড়ে" -মনসার ভাসান।

ছই [প্রাদেং পূং বঙ্গ] বি, শিম। "ছঁইর দানা শিমের বীচি"-পূং বং গীং।

ছঁইই, ছঁউই-বি, মাসের ছ তারিখ ; মাসের ৬ষ্ঠ দিবস।

ছঁচ [সং সক্ত >। রেশম শিল্প পরিঃ] বি, সঞ্চিত কোষ। ~**বন্দ**-কীট পালনের উপযুক্ত কাল বা সময়।

ছক-বি, পাশা দাবা ইং খেলিবার ঘর। ~**কাটা**-দাবা ইং খেলিবার জন্য ঘুটির চার-কোণা ঘর চিহ্নিত করা। ক্রি, **ছকা**,-ব্যঞ্জনে ফোড়নের মসলা ও ঘৃতের সম্ভার দেওয়া। ২ ছক কাটা ; রেখা টানা।

ছকড়া [সং-শকট-শকটা-শকড়া। প্রাং-ছ্যাকড়া] বি, শকট ; ভাড়াটিয়া ঘোড়ার গাড়ি ; ভারবাহী গোরুর গাড়ি। "ছকড়া

গাড়ি"-টেকচাঁদ। ~নঁকড়া ['নক্ড়া-ছক্ড়া' ও০] তুচ্ছ-তাচ্ছল্য।

ছঁকা২ [অনু০] বি, ব্যঞ্জনবিঃ ; ছোঁকা।

ছঁকা৩ [গ্রা০] ক্রি, ছক আঁকা ; নক্সা করা।

ছঁকি [প্রা০ বাং। হি০-ছোক্‌রী >] বি, মেয়ে। "ছল ছল আঁখি ছকি ছাওয়ালের বাদে। গৌরী বিনা গতি নাহি গড় করি সাধে॥"-শি০।

ছকুড়ি-বি, পাশা খেলার দানবিঃ। "ছ০ পঞ্জড়ি ফেল্লে পরে বাজি তলাড়্ হয়ে যাবে।"-নবীন০ চক্রবর্ত্তী।

ছঁকড় [শকট >। হি ছকড়া, সগ্‌গড >] বি, বেটো ঘোড়ার গাড়ী।

ছঁক্কা-বি, ব্যঞ্জনবিঃ। লুচির উপকরণ তরকারী ছোঁকা। ২ ছয়টী ফোঁটাযুক্ত তাস। এক পক্ষকে একটীও পিট লইবার সুযোগ না দিয়া সমস্ত পিট লইতে পারিলেই ছক্কা হয়। ছঁ০ কঁরা-ঐরূপ পিট লওয়া। ছঁ০ ধঁরা-ক্রি, বিপক্ষকে হারাইয়া জিতের চিহ্ন-স্বরূপ ছয় ফোঁটার একখানি তাস নিজের পার্শ্বে রাখা। ~পাঞ্জা কঁরা, ছক্কাই পাঞ্জাই কঁরা-জাঁক করা ; লম্বা লম্বা কথা বলা ; বড়াই করা।

ছঁগ-বি, ছাগ। স্ত্রীং ছগী।

ছঁগঁণ [ছ (খণ্ড) গণ (সমূহ), ধা] বি, শুষ্ক গোময় ; ঘুঁটে।

ছঁগঁল [সং] বি, ছাগল। ২ নীলবর্ণ বস্ত্র। ৩ অত্রিমুনি। স্ত্রীং ~লী-ছাগলী।

ছঁগঁলঁক [ছগল + ক (স্বার্থে)] বি, ছাগল।

ছঁগলা [গ্রা০] বি, ছাগলী।

ছগলান্ত্রী,-ন্ত্রিকা [বৈদ্যকে] বি, বিজতাড়কের গাছ।

ছঁচল্লিশ-বি, ছয় অধিক চল্লিশ সংখ্যা ; ৪৬। ২ বিণ, ৪৬ সংখ্যক।

ছঁচ্ছিকা [বৈদ্যকে] বি, মাখন তোলা ঘোল।

ছঁট্১ [অনু০] অকঠিন বস্তু ছিটকাইবার শব্দ। ২ দ্রুত পৃথক হওয়ার ভাব। ব্যাপ্ত্যর্থে-ছঁট্‌ছঁট্। ক্রি, ছঁটকানি [হি০-ছিটক্‌না। সং-ছ্যুড্ (গতি অর্থে)। ছট্‌কাই, ছটকাও, ছটকায় ; ছটকিতে, ছটকাইতে ; ছটকিয়া, ছটকাইয়া, (ক্ষে০ ছটকে)] ক্রি, বিক্ষেপ করা ; ছড়ান। ২ ঠিকরান। ছিট্‌কে পঁড়া-ঠিকরে পড়া। "ছট্‌কে পড়লো মাথা থেকে অপমানের বোঝা"-দ্বিং রায়।

ছঁট২ [ষট্ >] বি, ছয় : ৬। "কি করবে ছটে চটে, কায্য নষ্ট ছয়ে আটে"-খনা।

ছঁট্‌পঁট, ছঁট্‌ফঁট [হি০ ছটপটানা > ছটপট, বাং-য় প্রায় প স্থলে ফ। তীব্রতর অর্থে 'ছিটফিট'] অ, অস্থিরতা, ব্যাকুলতা, উদ্বেগব্যঞ্জক অব্যয় শব্দ : আঁইঢাই : আন্‌চান্। "প্রাণ করে ছট্‌ফট্ পাগল পাগল" -কুঙ্কুম। ২ যন্ত্রণায় অস্থির হইবার ভাব : ধড়ফড়। বিণ, ছঁটফিটিয়া, ছটপিটিয়া।

ছঁটপঁটে, ছিটফিটে [ছটফট দ্রঃ]। অস্থির ; চঞ্চল। "ছটপটে ছেলে ফেলে ছাড়ি গেল ঘর"-শি০ [তুল-ছিটফিটে (অধিক তীব্রতাব্যঞ্জক)]।

ছঁটফঁটানি [ছটফট + আন (করা অর্থে) ছটফটাই,-টাও, -টায় ; -টাইতে (ক্ষে০ -টাতে) ; -টাইয়া (ক্ষে০ -টিয়ে, পদ্যে-টি)। অল্প কিন্তু তীব্রতর অর্থে 'ছিটফিটান'] ক্রি, ছটফট করা। "বিষম আঘাতে ছটফটি পড়ে ভূমে"-মেঘ০। বি, ছঁটফঁটানি-ব্যাকুলতা ; অস্থিরতা। "এখন নিজের ভিতর থেকে সার্থক হবার ছটফটানি জেগে উঠেছে" -উত্তরা, ১৩৩৩।

ছঁটরা, ছঁড়্‌রা, ছঁর্‌রা [ইং- grape shot > শট্‌রা বাং ছট্‌রা এবং হি০-ছর্‌রা] বি, বন্দুকের ছিটে বা ছোট গুলি। "কি পাঁড়ে ঠাকুর! একটা ছড়্‌রাও নাই?"-দেবী চৌধুরাণী।

ছঁটা [ছো (দীপ্তি পাওয়া) + অট (র্ত্তৃ-জ্ঞা০) ও=আ, আ-লোপ + আ (স্ত্রীং)। গ্রা০ ছটি (কবিক০)] বি, দীপ্তি ; আলোক। ২ সৌন্দর্য্য ; শোভা, কান্তি ; দ্যুতি ; ছবি। ৩ সমূহ। ৪ পরম্পরা। ৫ রেখা।

ছঁটাক [হি০] বি, সেরের ষোড়শাংশ ; পাঁচতোলা। ২ পাঁচ হাত দীর্ঘ ও চার হাত প্রস্থ ভূমি। বিণ, ছঁটাকিয়া, ছঁটাকে, ছঁটাকি, -কী [হি০ ছটাকী] খর্ব্ব দেহ অথবা ক্ষুদ্রকায়া। ২ বি, বালকবালিকার ডাক নাম।

ছঁটাকা [সট্‌কা দ্রঃ] বি, হুকার দীর্ঘ নল।

ছঁটাছঁট [ছটা দ্রঃ] অ, বিদ্যুৎ বিকাশবৎ শোভা প্রকাশক ; চকমকে ; "খনে খনে দশন ছটাছট হাস"-বি০ প০।

ছঁটাফঁল [ছটা (সরল রেখা) আছে ফলে যার, বহু] বি, সুপারি গাছ।

ছঁটি [ছটা দ্রঃ] বি, কান্তি ; দীপ্তি। "রজত পাশলি ছটি পরে দিব্য তুলাকোটি বাহু বিভূষণ ঝলমলী।"-কবিক০।

ছঁড় [সং ছল্লি >] বি, চর্ম্ম ; ছাল। "নিযুক্ত করিল বিধি সভায় কাপড়। অভাগী ফুল্লরা পরে হরিণের ছড়॥"-কবিক০। ২ বেহালার ছড়ী। ৩ দণ্ড ; লোহের ছড় ; গরাদে। প্র-জানালার ছড়। ৪ আঁচড়। "অনুদিন বনে ফিরি, ঝোড়ে ঝোড়ে বাড়ি মারি, গায়ে ছড় কাঁটা ফুটে পায়।"-কবিক০। "বাছার গায়ে কতই ছড় গিয়াছে"-টেকচাঁদ।

ছঁড়্‌রা-ছটরা দ্রঃ।

ছঁড়া১ [ছটা (দ্রঃ) >। ট=ড়। ছটাকৃতি ছোট গাছ, সর্পাদিবৎ বলিয়া অথবা যা ফেলিলে ছট্ করিয়া শব্দ হয়] বিণ, অল্লাধিক লম্বা সরু সর্পাকৃতি বস্তুবোধক একটি গোছা। "তোকে গোট ছড়াটা আগাম দিয়েছি"-রবী০ [তুল-গোছা, তোড়া, গুচ্ছ, পোলো, থোবা, ইং যা একত্র সংলগ্ন বস্তুসমূহের ভাব প্রকাশক]।

ছঁড়া২ [ছটা (পরম্পরা > ছন্দোবদ্ধ পদ-পরম্পরা)] বি, ছন্দে গাঁথা গ্রাম্য পদ্য কথা : গ্রাম্য কবিতা। "সুমধুর বাণী বলে সে দোকানী কিসের্ সেই যে ছড়া।"- চণ্ডি০। ছঁড়াকাটা,-কাটানি-ক্রি, ছড়া আবৃত্তি করা। ২ ছড়ার উত্তর প্রত্যুত্তর করা। "তা কবি যতই ছড়া কাটুন"-ললিত বন্দ্যো০ (ফোয়ারা)। ছঁড়া ভাঙ্গা-ক্রি, ছড়ার অর্থ করা। ২ গুচ্ছ হ'তে পৃথক করা। প্র-কাঁদি থেকে কলার ছড়া ভেঙ্গে নেও।

ছঁড়া৩ [ছটা >] বি, গুচ্ছ ; স্তবক ; থোলো। "ছড়া ছড়া পরিপক তাজা মর্ত্তমান"

-হেম°। ২ চর্ম্ম ; ছাল। "সম্ভ্রমে বসিতে দিল হরিণের ছড়া"-কবিক°।

ছড়া₄ [হি° ছিটানা, ছিড়কানা > সং-ছটা] বি, বিস্তৃত করণ, ছিটন, বিক্ষেপণ। ২ ক্রি, ছিটাইয়া দাও। ছড়াছড়ি [ছড়া দ্রঃ] বি, চতুর্দ্দিকে ক্ষেপণ; অবহেলা বা অযত্ন করিয়া জিনিষপত্র ইতস্ততঃ নিক্ষেপ ; ছড়াইয়া নষ্ট। প্র-জিনিষপত্র ছড়াছড়ি মাড়ামাড়ি যায় তবু তুলে রাখে না। ফেলা-ছড়া, ফ্যালাছড়া-ফেলিয়া দেওয়া এবং ছড়ান; ইতস্ততঃ নিক্ষেপ। প্র-খাবার জিনিষের আধিক্যবশতঃ ফেলাছড়া করিয়া খাওয়া।

ছড়া₅ ক্রি, ছড়িয়া যাওয়া ; আঁচড়ের দাগ পড়া।

ছড়া₆ [সং-সরিৎ > । ছরা দ্রঃ। র=ড়। শ্রীহট্ট প্রাদে°। পার্ব্বত্য উৎস হইতে উৎপত্তি বলিয়া শ্রীহট্ট ও কাছাড়ের অনেক চা বাগান এইরূপ ছড়ার তীরে অবস্থিত বলিয়া তাহাদের নামের শেষে 'ছড়া' শব্দ যুক্ত থাকে যেমন-'গান্দিছড়া', 'আমরাই ছড়া' ই°] বি, স্বল্পতোয়া ক্ষুদ্র পার্ব্বত্য নদী।

ছড়া₇-বি, চন্দন, গঙ্গাজল গোময়াদি মিশ্রিত জল যা ছিটান যায়। ক্রি, ছড়া দেওয়া-হিন্দু গৃহস্থের বাড়ীতে কাহারও মৃত্যু হ'লে দাহ জন্য সেই শবদেহ শ্মশানে লইয়া যাইবার সময় মৃতের কোন আত্মীয় মৃতব্যক্তি পুরুষ অথবা বিধবা হইলে জলের সহিত গোবর গুলিয়া এবং সধবা হইলে চন্দন গুলিয়া গৃহপ্রাঙ্গণ ও বহির্দ্বারে ছিটাইয়া দেয়, তা'কে ছড়া দেওয়া বলে। "ব্যাধিতে কর্ম্মে জন্ম ছাড়্‌লে প্রাণ বল্‌বে মড়া গরিবারে দেবে ছড়া ভেসে নয়ন জলে।"-ধর্ম্মানন্দ মহাভারতী। ২ বর্ষণ করা; তড় তড়া দেওয়া ; ছিটা দেওয়া ; ছিটান sprinkle. "অরুণের থালা হাতে, আকাশের আঙ্গিনাতে কনক চন্দন ছড়া দিতে। পূর্ব্বের দুয়ার খুলে, গোলাপী ঘোমটা তুলে উষা যেন আসে পৃথিবীতে।"-চন্দন। ছ° ঝাঁট, ঝাঁটি দেওয়া-প্রাতে প্রাঙ্গণাদিতে গোবর-জল ছিটাইয়া তাতে ঝাড়ু বা খ্যাংরা দিয়া পরিষ্কার করা। "ছড়া ঝাঁট দেয় কেহ, কেহ জল বয়"-ঘ°। ছ° হাঁড়ী-বি, প্রত্যহ প্রাঙ্গণাদিতে ছড়া দিবার গোবর-জল যে হাঁড়ীতে থাকে। তুল-"সকালবেলা ছড়া ঝাঁট সন্ধ্যাবেলা বাতি, লক্ষ্মী বলেন সেই ঘরে আমার বসতি।"-গ্রা° গী°।

ছড়ানি [সং-ছটা। বাং-ছটান (ছটার আকারে বিস্তৃত করা), হি° ছিৎরানা। ছড়াই, ছড়াও (ছড়ান, ছড়া),ছড়ায় (ছড়ান), ছড়াইতে (ক্ষে° ছড়াতে) ; ছড়াইয়া (ক্ষে° ছড়ায়ে, ছড়িয়ে)] ক্রি, ছিটান ; বিক্ষেপ করা ; বিস্তৃত করা। ২ বীজাদি নিক্ষেপ করা। বি, ছড়ানি। বিণ, ছড়ানিয়া, ছড়ানে।

ছড়ি, ছড়ী [সং-যষ্টি। য=ল হইয়া লট্টি, লাঠী। বৃহদর্থে-লাট্টা। য ক্রমে জ, পরে ছ ; ছটি-ছড়ী, হি°-ছড়্, ছড়ী। বৃহৎ যষ্টি অর্থে, বাং-জাঠা এবং হি°-সোঁটা] বি, সরু লাঠী। ~দার-বি, ছড়ীবাহক ; বেত্র বাহক ; পুর্বীর পাণ্ডাদিগের অনুচর।~বরদার-বি, আসাবরদার ; চোবদার। খেজুরছড়ী-বি, খর্জ্জুর-মঞ্জরী। ফুলছড়ী-বি, পুষ্প-নির্ম্মিত যষ্টি ; কাগজ, সোলা প্রভৃতি-নির্ম্মিত কৃত্রিম পুষ্পযষ্টি।

ছতরি, -রী [সং-ছত্র] বি, ছাদ ; চাল ২ গাড়ী পাল্কীর ছাদ। ৩ নৌকার ছই। ৪ মশারি খাটাইবার বা ঝুলাইবার কাঠাদি-নির্ম্মিত ফ্রেম। দোছতরী-ঘরের ভিতরে ছাদের নীচে সিঁড়ি বা গলি পথের ছাদ।

ছতিছন্ন [ছদ্ (আচ্ছাদনে) >] বিণ, নিরাশ্রয় ; ছন্নছাড়া (দ্র)।

ছত্তির [সং-সত্র] বি, সত্র ; যজ্ঞ ; দান-যজ্ঞ ; যগ্‌গি। এঁকাছত্তির-সমস্ত মিলে মিশে এক।

ছত্র₁, ছত্র [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন, আবরণ করা)+র বা ত্র (ণে), দ=ত্, আ-লোপ] বি, যদ্দারা রৌদ্রাদি আচ্ছাদন করা হয়; আতপত্র ; ছাতা। ২ কৌড়ক। ৩ (ভা°-ত্র) আচ্ছাদন। ৪ [সত্র > ভং। প্রা°-ছত্তর] সত্র। "ছত্র খুলি নগরে নগরে দীনহীন ভিখারীর তরে"-অশোক°। ৫ রাজা, "মহারাজ তিনি অন্যের জন্য আসেন না ছন্দের জন্য আসেন।"-জাতক, ৫ম খণ্ড। স্ত্রীং ~া [কর্ত্-ত্র] অতিছত্রা বৃক্ষ। ২ মঞ্জিষ্ঠা। ৩ মৌরী। অন্নছত্র [অন্ন দ্রঃ] অন্নসত্র ; সদাব্রত। জলছত্র-গ্রীষ্মকালে যেখানে তৃষ্ণার্ত্ত পথিককে জলদান করা হয় ; প্রপা।

ছত্র₂ [আ°-সতর্ (line) >] গ্রা° ছত্তর। স=ছ] বি, পঙ্‌ক্তি ; লাইন ; সারি ; অক্ষর পঙ্‌ক্তি।

ছত্রক [ছত্র+ক (স্বার্থে)] বি, ছত্র ; ছাতা। ২ মাছরাঙ্গা পাখী। ৩ কোঁড়ক ছাতা। ৪ ব্যাঙের ছাতা। ~দেহী, ছত্রকাঙ্গ [জীব বিজ্ঞা° পরিঃ] বি, এক-প্রকার সামুদ্রিক জীব, যাদের শরীর ব্যাঙের ছাতার মত।

ছত্রদণ্ড [ছত্র ও দণ্ড, দ্বন্দ্ব] বি, রাজছত্র ও রাজদণ্ড ; রাজচিহ্ন-বিঃ। ২ [৬ তৎ] ছত্রের দণ্ড ; ছাতার বাঁট।

ছত্রধর, -ধার, -ধারী [ছত্র-ধর-ধৃ (ধারণ করা)+অ (কর্ত্)) ধৃ=ধর, (ধৃ+অ-কর্ত্=ধার) (ধৃ+ইন্-কর্ত্)। মু° ধারিন্ ১মা,১ব°-ধারী), উপ°] বিণ, যে ছত্র ধারণ করে ; ছত্র-ধারক। "কাঁদিল ফেলি ছত্র ছত্রধর।"-মেঘ°। ২ রাজা। "ছল ধরি ছত্রধারী বধয়ে পরাণে। ছাগলের প্রায় ছেদ দক্ষিণ মশানে।"-কবিক°।

ছত্রপতি [ছত্রধর দ্রঃ] বি, রাজা ; সম্রাট্।

ছত্রপত্র [ছত্রের ন্যায় পত্র (পাতা) যার-বহু°] বি, ছত্রাকার পত্রবিশিষ্ট বৃক্ষ। ২ পদ্মফুল। ৩ ভূর্জ্জপত্র। ৪ মানকচু। ৫ ছাতিম গাছ।

ছত্রপুষ্প [বৈদ্যক] বি, তিলফুলের গাছ।

ছত্রভঙ্গ [ছত্রের (রাজচিহ্ন) ভঙ্গ (নাশ)-৬ তৎ] বি, রাজ্যনাশ ; অরাজকতা। ২ বৈধব্য। ৩ দল, বা শ্রেণী হ'তে পার্থক্য, বিচ্যুতি বা স্বাতন্ত্র্য ; সঙ্গিগণ হ'তে বিচ্ছিন্নতা। ৪ বিণ, দলভ্রষ্ট। গ্রা°-প্র-"ছোড়ভঙ্গ"।

ছত্রমহারাজ-বি, বৌদ্ধমতে আকাশ মণ্ডলস্থ দিক্‌পাল চতুষ্টয়। (১) বীণাধারী "বীণারাজ" পূর্ব্বদিগধিপতি। (২) খড়্গধারী খড়্গরাজ পশ্চিম ঐ। (৩) ধ্বজাধারী ধ্বজরাজ, উত্তর ঐ। (৪) চৈত্যধারী চৈত্যরাজ-দক্ষিণ ঐ।

ছত্রা [বৈদ্যকে] বি, ধনে। ২ কোঁড়ক-ছাতা। ৩ মঞ্জিষ্ঠা। ৪ মৌরী। ~ধান্য-বি, ধ'নে।

ছত্রাক [ছত্রক দ্রঃ] বি, কোঁড়ক।

ছত্রাকার [ছত্র+আকার] বি, ইতস্ততঃ বিস্তার; চারিদিকে ছড়াইয়া পড়ন। ২ ছত্রভঙ্গ। "ভাঙ্গিল রাজার বল হৈয়া ছত্রাকার।"-কবিকং। ৩ বিণ, ছত্রাকৃতি; ছত্রবৎ।

ছত্রি১ [ছত্র >] বি, নৌকার উপরের ছাউনি।

ছত্রি২, -ত্রী [ছত্র+ইন্ (স্ত্যং) মূং ছত্রিন্-১মা, ১বং। ক্ষত্রিয় > ক্ষত্রি > ছত্রী, ক্ষ=ছ] বি, ক্ষত্রী জাতি। ২ পশ্চিমাঞ্চলের ছত্রী ব্রাহ্মণ। ৩ নাপিত। ৪ বিণ, ছত্রধারী। ৫ ছত্রযুক্ত।

ছত্বর [ছদ্ (আচ্ছাদন করা)+বর (জ্ঞাং), দ=ত্] বি, কুঞ্জ। ২ আশ্রম।

ছদ [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন করা)+অ (গে, জ্ঞাং)-যদ্দ্বারা বৃক্ষ সকল স্বীয় অঙ্গ আচ্ছাদন করে] বি, বৃক্ষপত্র; পাতা। "মণিময়চ্ছদ গড়ে কোকনদ অরুণ কিরণ শোভা।"-অং মং। ২ পক্ষ; পক্ষীর ডানা। ৩ [ভাং-অ] আচ্ছাদন। ৪ [প্রাদেং] প্রথা। [দ্রঃ-"ছদ" [পদ্যে চং, গদ্যে স্বতন্ত্র ব্যবহার নাই)]।

ছদন [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন করা) +অন (ভাং), আ লোপ] বি, আবরণ; আচ্ছাদন। ২ [গে-অ] বৃক্ষপত্র। ৩ তেজপত্র; তেজপাত। ৪ পাখীর পাখা; ডানা।

ছদাম-ছিদাম দ্রঃ।

ছদি [ছদ্ (আচ্ছাদন করা)+ণিচ্=ছাদি +ই (গে) যদ্দ্বারা গৃহাদি আচ্ছাদন করে, (আ লোপ)] বি, গৃহের আচ্ছাদন; ছাদ; চাল। ২ [ভাং-ই] আচ্ছাদন; আবরণ।

ছদ্ম (-দ্দ) [ছাদি+মন (গে-জ্ঞাং)-যদ্দ্বারা ভাব আচ্ছাদন (গোপন) করে] বি, ছল; কপট; ব্যাজ; কৈতব। ~-তাপস-কপট ব্রহ্মচারী, বৈড়াল প্রতিক। ~-ধারণ-কপট বা জাল বেশ গ্রহণ; আত্মগোপন জন্য অপ্রকৃত ভাব ও সাজসজ্জা ধারণ। ~বেশ বি, প্রবঞ্চনা বা পর-প্রতারণার বেশ; কপট বেশ। ২ প্রকৃত রূপ গুণাদি গোপন করিয়া অন্য প্রকারে পরিচিত হইবার জন্য স্বভাব ও বেশ ভূষার পরিবর্ত্তন; আত্ম-স্বভাবের বিপরীত ভাব। যথা-চোরের সন্ন্যাসী সাজা। ~বেশী [মূং ছদ্মবেশিন্-১মা, ১বং] বিণ, যে ছলক্রমে অন্য-রূপ পরিচ্ছদ গ্রহণ করে; যে ছদ্মবেশ ধরে; কাপটিক। > স্ত্রীং ~বেশিনী।

ছদ্মী (-দ্দী) [মূং ছদ্মিন্] বিণ, কপটা-চারী। স্ত্রীং ছদ্মিনী।

ছন১ [সং-ক্ষণ > গ্রাং-হিং। তুল-লক্ষণ =লচ্ছন। প্রাং বৈং সাং] বি, ক্ষণ; মুহূর্ত্ত; শুভক্ষণ। ২ উৎসব [অপ্রং]।

ছন২ [মৈমনসিং, ফরিদপুর, বরিশাল, ত্রিপুরা প্রাদেং] বি, ঘর ছাইবার খড়।

ছন৩ [উৎসন্ন > ছন্ন >] বি, লণ্ডভণ্ড; উৎসন্ন। "থানে থানে তালুক সব ছন হইয়া গেল।"-মাণিকং গান।

ছনছন [হিং-সনসন্। স=ছ। গ্রাং] বি, মূত্র নিঃসরণ ও পতন শব্দ। লঘুশব্দে ছুনছুন। ২ অনুকার শব্দ। ক্রি, ছনছনানি।

ছন্দ [সং-ছন্দ্ (আচ্ছাদন করা) > যা অন্যান্য বৃত্তি আচ্ছাদন করিয়া ফেলে] বি, প্রবৃত্তি; ঝোঁক; ইচ্ছা; অভিলাষ। ২ অভি-প্রায়। ৩ বশ্যতা। ৪ বিষ। ৫ [প্রাদেং] বি, কৌশল। ৬ রাগ, কাম্যবস্তুভোগে অনুরাগ। ৭ ছলনা; প্রবঞ্চনা। "বড়ই দানিসবন্দ কাহাকে না করে ছন্দ, প্রাণ গেলে রোজা নাহি ছাড়ি"-কবিকং। ৮ আড়ম্বর। ৯ [গ্রাং ছাঁদ] প্রকার। ছন্দে-ক্রি-বিণ, প্রকারে; ছাঁদে।

ছন্দঃ [সং-ছন্দস্। বাংয় ছন্দ ও০] বি, পদ্যবন্ধ; পয়ার, ত্রিপদী, অমিত্রাক্ষর, একাবলী, তোটকাদি ভেদবোধক সংজ্ঞা। ২ গদ্যের রচনারীতি; গদ্য-ছন্দঃ prose style. [দ্রঃ-গদ্যের ছন্দ সাধারণে স্বীকৃত নহে; কিন্তু গদ্যেরও ছন্দ আছে; সেই ছন্দ ভঙ্গ হইলে রচনা বেশ জমাট বাঁধে না এবং মাধুর্য্যহীন হয়]। ~পতন, ছন্দঃপাত-মাত্রা বা অক্ষরের ন্যূনতা বা সংখ্যাধিক্য-জনিত ছন্দের অশুদ্ধি; ছন্দোদোষবিঃ। ~বদ্ধ-ছন্দোবদ্ধ দ্রঃ। ~স্তুৎ-বিণ, ছন্দঃ দ্বারা স্তবকারী; যিনি ছন্দঃ দ্বারা স্তব করেন, বা যাঁকে তদ্দ্বারা স্তুতি করা যায়। ~স্পন্দ-ছন্দের স্পন্দন বা স্ফুরণ; আবৃত্তিকালে শ্বাসের গতি ও বিরাম। "দুরূহ সংস্কৃত শব্দের সাহায্যেই মাইকেল অমিত্রাক্ষরে ছন্দঃস্পন্দ সৃষ্টি করিয়াছেন।" -আত্মশক্তি ১৩৩৪ বৈশাখ।

ছন্দক [ছন্দ্ (রক্ষা করা)+অক (র্ত্তৃ)] বি, রক্ষক। ২ বাসুদেব।

ছন্দজ-বি, বসুপ্রভৃতি দেবগণ।

ছন্দবন্ধ [সং-ছন্দোবদ্ধ] বি, বাক্কৌশল; কথার গাঁথুনি বা বাঁধুনি। ২ কৌশল; উপায়। প্র-ছন্দবন্ধ আর এখানে খাটবে না। ৩ চেষ্টাচরিত্র। "এ বড় বিষম ধন্দ যত করি ছন্দবন্ধ ভাল ভাবি হয় মন্দ পড়িনু বিপাকে।" -অং মং।

ছন্দরূপী [ছন্দ দ্রঃ। মূং ছন্দরূপিন্] বিণ, যে ইচ্ছামত রূপ ধারণ করে; বহুরূপী।

ছন্দাংশ [গ্রাং। সংস্পর্শ=বিকারে] বি, সম্পর্ক; সংস্রব; এলাকা। "আমি এর ছন্দাংশেও নেই।"

ছন্দানুগমন, ছন্দানুসরণ [ছন্দ-ইচ্ছা (তার) অনুগমন, অনুসরণ (পশ্চাদ্গমন) -৬ তৎ] বি, নিজের ইচ্ছানুসারে চলা; স্বেচ্ছানুযায়ী কার্য্যসম্পাদন। ~গামী [মূং ছন্দানুগামিন্ ১মা, ১বং] বিণ, যে স্বেচ্ছানুসারে চলে; ছন্দানুসারী। ~বর্ত্তন [ছন্দের (অন্যের ইচ্ছার) অনুবর্ত্তন-৬ তৎ] বি, অন্যের মন যোগান; অন্যের অভিপ্রায়ানু-সারে গমন; পরানুসরণ। ~বর্ত্তী [মূং অনুবর্ত্তিন্ ১মা, ১বং] বিণ, যে পরের অভিপ্রায়ানুসারে চলে; পরানুসারী। ২ যে অন্যের মন যোগায়। > স্ত্রীং ~বর্ত্তিনী -ইচ্ছানুগামিনী। ~বৃত্তি [ছন্দের অনুবৃত্তি -৬ তৎ] বি, পরানুবর্ত্তন; অন্যের মন যোগান। ~সরণ-বি, ছন্দানুগমন (দ্রঃ)। ~সারী-ছন্দানুগামী দ্রঃ।

ছন্দেবন্দে [ছন্দ দ্রঃ] ক্রি-বিণ, পাকে-প্রকারে, কলে-কৌশলে। ২ পদ্যে; শ্লোকে।

ছন্দোগ [সং] বিণ, সামবেদের গান-কর্তা।

ছন্দোদোষ [ছন্দ দ্রঃ] বি, কবিতার মধ্যে লঘু, গুরু, পরিমিত অক্ষরের ন্যূনতা বা আধিক্যজনিত দোষ। ইহা চারি প্রকার, যথা–অধিকাক্ষর, ন্যূনাক্ষর, যতিভঙ্গ ও মাত্রাপাত।

ছন্দোবদ্ধ [ছন্দঃ দ্বারা বদ্ধ–৩ তৎ] বিণ, ছন্দের আকারে রচিত; পদ্যে লিখিত।

ছন্দোবন্ধ [ছন্দঃ-বন্ধ (গ্রন্থন)–৬ তৎ বা ৩ তৎ] বি, ছন্দের বন্ধন বা গুম্ফন।

ছন্দোভঙ্গ [ছন্দঃ+ভঙ্গ] বি, ছন্দঃপতন।

ছন্ন [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন করা)। ক্ত (র্ম)-ই লোপ, আ লোপ, দ্–ত=ন্ন] বিণ, আচ্ছাদিত। ২ আচ্ছন্ন। ৩ [প্রাদে॰] ভ্রষ্ট; নষ্ট। "আমি পাগলও নই ছন্নও নই।" –জামাই বারিক (দীনবন্ধু)। ৪ বিনষ্ট; অপসারিত। "পাপ তাপ হবে ছন্ন"–অ॰ ম॰। ~ছাড়া [লক্ষ্মী বিকারে লছ্মি, গ্রা॰ ব্যবহারদোষে "উৎসন্ন-উচ্ছন্ন"র-ভাবসাদৃশ্য > লছমি স্থলে ছন্ন] বিণ, লক্ষ্মীছাড়া। ২ নিরাশ্রয়।

ছন্নমতি [মতিচ্ছন্ন দ্রঃ। ছন্ন (নষ্ট, লুপ্ত) মতি (বুদ্ধি) যার, ব২০] বিণ, যার বুদ্ধির বিকৃতি হইয়াছে; ভ্রষ্টবুদ্ধি; হতজ্ঞান। "জীবব্রজ ধাইছে চৌদিকে ছন্নমতি"–মেঘ॰।

ছপছপ [অনু॰। সপ্‌সপ্ দ্রঃ] বি, বেত্রাদির আঘাত শব্দ; জলের উপর কোন বস্তুর আঘাত শব্দ; সম্মার্জনীর আঘাত শব্দ। ২ ভয়ের ভাব (ছম্‌ছম্ দ্রঃ)। [আধিক্য ও ব্যাপ্তি অর্থে ছপাছপ]।

ছপ্পর, ছাপ্পর [সং-খর্পর > হি॰-ছপ্‌পর] বি, ছাদ; খোলার চাল; খড়ের ছাদ। ২ আচ্ছাদন।

ছবি১,-বী [ছো (ছেদন করা > অন্ধকার ছেদন বা নাশ করা)+ই (ণে-ই॰-জ্ঞা॰)] বি, আলোকচ্ছটা; দ্যুতি; কিরণ। ২ শোভা; কান্তি; সৌন্দর্য্য (তুল-আ॰-সবীহ্=সুন্দর)।

ছবি২ [আ॰-তস্‌বীর্-পরে, তছ্‌বির্-ছবির্–ছবি। উ॰=ছবি, ছব্=সৌন্দর্য্য। (২) মূর্ত্তি। ছবীলা=সুন্দর। প্রা॰-হিন্দুসাহিত্যে প্রঅ] বি,প্রতিকৃতি; চিত্র; প্রতিমূর্ত্তি। মুখটি যেনি ছবিখানি-মুখ এত নিখুঁত ও সুন্দর, যে মনে হয় যেন পটে আঁকা।

ছব্বা, ছিব্বি [সং-শোভা > (মেয়েলী, বিদ্রূপার্থে) ছব্বা। ছবি (আ॰সবীহ্) > (বিদ্রূপে) ছিব্বি। উ॰–ছব্ (splendour)] বি, বেশ-বিন্যাসদ্বারা শোভা সম্পাদন। ২ গঠন সৌন্দর্য্য; চেহারা; মুখশ্রী। প্র–মুখের ছব্বা দেখ। ছব্বাখানা। ছব্বা দেখলে রাগ ধরে।

ছমছম [চমকে চমকে >। প্রাদে॰ উচ্চারণভেদে 'চম্‌চম্'] বিণ, অজ্ঞাত ভয়ে ভীত; ঘনঘন চমকিত। "ভিতরে প্রবেশ করিলাম। নির্জ্জন পুরী। গা যেন ছমছম করিয়া উঠিল।"–ভারতী, ১৩২০।

ছমণ্ড [সং। গ্রা॰–ছেমড়া > ক্ষে॰ ছোঁড়া] বি, মৃতপিতৃক; যে বালকের বাপ-মা উভয়েই মৃত; অনাথ শিশু। স্ত্রীং ~ণ্ডী [গ্রা॰ ছেমড়ী > ক্ষে॰ ছুঁড়ী]

ছয় [সং-ষট্ > হি॰-ছট্] বি, ৬ এই সংখ্যা। বিণ, ৬ সংখ্যক।

ছয়্‌লপন [ছাবাল (দ্রঃ) > ছয়ল-পনা] বি, ছেব্‌লামি; বালসুলভ রসিকতা; ছেলেমানুষী ফক্কুড়ি বা ইয়ারকি।

ছয়লাপ [ফা॰–সয়্‌লাব (প্লাবিত), স=ছ; ব=প] বিণ, পূর্ণ; প্লাবিত; আপ্লুত। "আলিপুর বুড়ী গাড়ীতে ছয়লাপ।"–হেম॰।

ছয়লাবি [ছয়লাপ দ্রঃ] বি, প্লাবন।

ছরকট১, ছরকোট [প্রা॰-বাং। তুল-তিব্বতী ছরুপা (বারি বর্ষণ)] বি, প্রচুর বর্ষণ। "কর্কট ছ॰ সিংহশুখা কন্যা কানে কান"–খনা।

ছরকট২, -কোট২ [ছর (< সত্র) কোট (কুট। তুল-অন্নকুট)-অন্নসত্রে রাশীকৃত অন্নের ছড়াছড়ি সাদৃশ্য >] বি, ছড়াছড়ি; (তা হতে) বিশৃঙ্খলা; অব্যবস্থা। প্র-কাজ কর্ম্মের ছরকোট।

ছরছর [ছর্‌ছর্ (দ্রুত উচ্চারণে ছচ্ছর), [অনু॰। তুল-ঝর্ঝর] অ, ছাদ প্রভৃতি হ'তে জলপ্রবাহ পতনের শব্দ। ২ মূত্রপতনের শব্দ (ছনছন দ্রঃ)। [দ্রঃ-বিশৃঙ্খলভাবে ছড়াইয়া পতনের শব্দ-ছ্যার্‌ছ্যার বা ছ্যাচ্ছ্যার্ (অবজ্ঞার্থে), সরু প্রবাহের পতন শব্দ ছির্‌ছির্ বা ছিচ্ছির, তা হতেও লঘু পতন শব্দে ছুর্‌ছুর্ বা ছুচ্ছুর (তুল-ঝুর্‌ঝুর্)]।

ছর্‌তা [শ্রীহট্ট প্রাদে॰ ছর্‌ৎ,–ত। হি॰-সরোতা >] বি, যাঁতি।

ছরদ্দা [শ্রদ্ধা উচ্চারণ বিকারে। গ্রা॰] বি, শ্রদ্ধা। ২ ইচ্ছা। "আমার মনের ছরদ্দা হয় কীর্ত্তন শুনায় লাই"–পূ॰ ব॰ গী॰।

ছরম [সং–শ্রম > গ্রা॰ মেয়েলী॰ ছের্‌ম, ছেব্‌মো] বি, শ্রম।

ছরা [সরিৎ >, গ্রা॰। ছড়া৬ দ্রঃ] বি, ক্ষুদ্রনদী।

ছরাদ [সং–শ্রাদ্ধ >। গ্রা॰–ছেরাদ্দো] বি, শ্রাদ্ধ। ছ॰ করা,-খাওয়া১–মৃত্যু-কামনা করা; অভিশাপ অর্থে; গালিবিঃ। ছ॰ খাওয়া২,–বি, শ্রাদ্ধোপলক্ষে ভোজন। ছ॰ গড়ানি [শ্রাদ্ধ দ্রঃ] ব্যাপার গুরুতর ও বহুবিস্তৃত হওয়া। ২ [উপহাসে] পরিণাম অস্বরূপ হওয়া।

ছরিকা [প্রা॰-বাং। ছড়ি দ্রঃ] বি, ছড়ি। "বেত্র বংশী ছরিকা জঠর পটে শোভে।"–চৈ॰ চ॰।

ছর্দ্দ [ছর্দ্দ্ (বমন করা)+অ (ভা॰)] বি, বমন; উদ্‌গিরণ; বমি।

ছর্দ্দন [ছর্দ্দ্ (বমন করা)+অ (ভা॰)] বি, বমন। ২ [যা খাইলে বা ঘ্রাণ করিলে বমন বেগ হয়] নিম্ববৃক্ষ। ৩ মদনবৃক্ষ।

ছর্দ্দি, ছর্দ্দিঃ, ছর্দ্দী, ছর্দ্দি(র্দ্দী)কা [ছর্দ্দ্ (বমন করা)+ই, ইস্, ঈ (ভা॰), ছর্দ্দি+ক (ণ্)+আ] বি, উদ্গার; বমি। "ওয়াক্‌ছর্দ্দি।"–ভারত॰। ২ শ্লেষ্মা। ~ঘ্ন-বিণ, বমিনাশক।

ছর্‌রা, ছর্রা [হি॰–ছর্‌রা] বি, বন্দুকের গুলি; ছটরা grapeshot. "ছেড়ে দেবে ছর্‌রা-ভরা পাখীমারা 'গণ্'"–হেম॰।

ছল [ছল্ (ণিজন্ত নাম ধাতু-ছলনা করা) +অ (ভা॰), ই লোপ] বি, ছলনা; চাতুরী; প্রতারণা; শঠতা। "ছল করে জল আন্‌তে যাওয়া সাজে না সাজে না"–বাং-গান। ২ উদ্দেশ্য; অভিপ্রায়; অভিসন্ধি। প্র-কে কি ছলে আসে যায় ঠিক ধরা শক্ত। ৩ হেতু; নিমিত্ত; প্রসঙ্গ; ব্যপদেশ। প্র-কথা-চ্ছলে। ৪ রূপ; আকার। "বৃষ্টি ছলে মেঘ

কাঁদে"-ভারত০। ৫ ইঙ্গিত; ইসারা; হাবভাব; ঠারঠোর।"কাণে কড়ি কড়ে রাঁড়ী কথা কয় ছলে"-ভারত০। "ছলে লোক ছিছি বলে"-অ০ ম০। ৬ সূত্র; উপলক্ষ্য; ওছিলা; ছুতা। "আন ছলে পুনঃ চাহে ফিরিয়া ফিরিয়া"-অ০ ম০। "প্রণামের ছলে বলী আশীষি রাক্ষসে,'-মেঘ০। ৭ ভাণ; লোক-দেখানে ভাব; বাহ্য ভাব। "ছলে লজ্জা পেয়ে -ভারত০(অর্থাৎ লজ্জার ভাণ করিয়া)। "ছায়ারূপা, ছাবালেরে ছাড় ছন্ম ছল"-অ০ ম০। ৮ প্রযুক্ত বাক্যের অর্থান্তর কল্পনা করিয়া দোষারোপ; দোষ। প্র-কথার ছল ধরা। ৯ বিণ, ছন্ম; কপট। স্ত্রীং ~া। ~ক (-ল্ক্-) -বিণ, ছলকারক। ~কপট, ~চাতুরী [সহচর শব্দদ্বয়] বি, শঠতা। ছ০ করা -কপটতা অবলম্বন করা; ভাণ করা। ~গ্রাহক, ~গ্রাহী-বিণ, যে ছল ধরে; দোষদর্শী; ছিদ্রান্বেষী। ২ প্রতারক; প্রবঞ্চক। ছ০ ধরা-কথার দোষ বাহির করা; ছ০ পাতা-ছলনারূপ জাল বিস্তার করিয়া রাখা; ছলনা করা। "আছে কোথা ছল পাতি, চল চল দেখিরে। ভাসাব সোহাগসরে সখা-সখীরে"-বঙ্কিম। ~বল-গায়ের জোর ও কৌশল। ছলেবলে-কপট বুদ্ধি-কৌশলে ও গায়ের জোরে; যে কোন প্রকারে। তুল-কলে-কৌশলে।

ছলক১-বি, ঝলক (দ্রঃ)।

ছলক২-ছল দ্রঃ।

ছলচ্ছল [ছলছল দ্রঃ] অ, তরঙ্গাভিঘাত শব্দ; উচ্ছলিত। "ছলচ্ছল টলটল্ কলকল্ তরঙ্গা।"-অ০ ম০।

ছলছল১ [জল উচ্ছলিত হইবার শব্দ] অ, জল তরঙ্গায়িত হইবার কালে তটে বাধা পাইয়া যে শব্দ করে। ২ অনুকার শব্দ (ছল্ ছল্ শব্দ করে বলিয়া ঘুঁঘুর দেওয়া আঙ্গোটকে (পাদাঙ্গুষ্ঠের অলঙ্কার) হিন্দীতে ছল্লা বলে। বাং-চুটকী]।

ছলছল২ [জল (জ=ছ) + জল (আধিক্য, ব্যাপ্তি অর্থে দ্বিত্ব)] অ, জলভরা; আর্দ্র; জলে ভাসা; সজল; কাঁদকাঁদ। "আঁখি ছলছল।"-রবী০। "পুছয়ে কানুর কথা ছলছল আঁখি।"-চণ্ডি০। "শ্যামল তমাল তল, নীল যমুনার জল, আর দুটী ছ০ নলিন নয়ন।" -রবী০। ক্রি, ছলছলানি-ছলছল করা। ছ০ করা-ক্রি, অপমান বা অভিমান হেতু চক্ষু সজল ও চোখের পাতা জলে ভারি হওয়া। ২ জ্বর বা শ্লেষ্মার প্রকোপ হেতু চক্ষু জলার্দ্র হওয়া। প্র-তাহার চোখ দুটি ছলছল করিতেছে। ৩ [অনু০] জলের ঘাত প্রতিঘাত বা আন্দোলন শব্দ। তুল-ছলাৎ; "ছলাচ্ছল" -ভারত০। ছলছলে [ছল-ছল+ইয়া (ক্ষে০ এ)] বিণ, সজল; অশ্রুভরা।

ছলন [ছল (ণিজন্ত, নামধাতু) > ছলি (ছলনা করা) + অন (ভা০)] বি, কপটতা; প্রতারণা; শঠতা। স্ত্রীং ~া।

ছলা১ [ছল দ্রঃ] বি, ছলনা; প্রতারণা; শঠতা। "শিখিনি ছলা কলা অবলা নারী।"-গিরিশ। ২ অভিপ্রায়; অভিসন্ধি; উদ্দেশ্য; মতলব। "কিবা অভিলাষে, বাড়ায় লালসে না বুঝি তাহার ছলা।"-চণ্ডি০। ৩ ছুত: ওছিলা; সূত্র। "ঢাক বাজাবে পেলে ছলা।" বাং-গান। ৪ দোষ।

ছলা২ [ছল+অ (ক্রিয়ায়)। ছলি, ছল (ছলুন, ছল্), ছলে (ছলেন); ছলিতে (ক্ষে০ ছলতে); ছলিয়া (ক্ষে০ ছলি, ছলে)] ক্রি, ছলনা করা; বঞ্চনা করা; ধোঁকা দেওয়া।

ছলাৎ [অনু০] অ, আধার হইতে জল বা অন্য তরল পদার্থ উপচিয়া বা উথলিয়া নিম্নে পতনের শব্দ; তটে তরঙ্গাঘাত শব্দ।

ছলি [ছল্লি >] বি, চর্ম্ম, চামড়া।

ছলিত [ছল্+ণিচ্=ছলি+ত (র্ম্ম)] বিণ, যাকে ছলনা করা হইয়াছে; প্রতারিত। ২ [ভা০] বি, ছলনা; বঞ্চনা; প্রতারণা [প্র০অ০]।

ছলিয়া [ব্রজ০। ছল+ইয়া] বিণ, ছলনা-কারী; কপটী; শঠ, "চিত মোর হরিয়া নিলে ছলিয়া নাগর ছলে।"-জ্ঞান০।

ছলী [ছল দ্রঃ। মূ০ ছলিন্ ১মা ১এ০] বিণ, ছলকারী, শঠ।

ছল্লি, ছল্লী [ছদ্+ণিচ=ছাদি (আচ্ছাদন করা)+ক্বিপ্ (ভা০)=ছদ্-লা (দান করা)+ই, ঈ (র্তৃ)] বি, যে শরীর আচ্ছাদন করিয়া রাখে; ছাল; ত্বক্। ২ বৃক্ষত্বক্; বল্কল। ৩ বনফুলবিঃ।

ছষট্টি [সং-ষট্‌ষষ্টি] বি, ছয় অধিক ষাট সংখ্যা; ৬৬।

ছা১, ছাঁ [ছাবাল দ্রঃ] বি, ছানা; শাবক; শিশু; বাচ্চা। "দেখা পুঁটী যাছে বিয়োয় না ক টিয়া পাখীর ছাঁ।"-দ্বি০ রায়। "কাকের বাসায় যথা কোকিলের ছা।" "ছাঁয়ে ভাড়াইল মায়।"-ভারত০। ছা০ পোষা -অল্প উপার্জ্জনে যাকে অনেকগুলি সন্তান-সন্ততির ভরণপোষণ করিতে হয়। কাকের ছা, বকের ছা (ছাঁ) লেখা-কাক ও বকের পায়ের মত সরু সরু আঁকা বাঁকা লেখা।

ছা২ [ছাওয়া দ্রঃ] ক্রি, আচ্ছাদন কর।

ছাঅন [চ০ক০ভা০। সাবুন >, স=ছ] বি, সাবান।

ছাঅল [চ০ক০ভা০। গ=অ] বি, ছাগল।

ছাআল [ছাবাল, ছাও দ্রঃ] বি, শিশু। ২ বিণ, শৈশব। "ধর্ম্মরাজ কৈল তুমি ছাআল বয়সে। বালক কালেতে ছিলা বাল্য-ক্রীড়া রসে॥"-কাশী০ মহা০।

ছাই [সং-ক্ষার > ছার >] বি, খাক্; ভস্ম; পাঁইস। "কুসুম ভূষণে সেজেছ মোহন; কুল শীল লাজে দিয়েছ ছাই।"-কৃষ্ণেন্দ্র রায়। ২ অকিঞ্চিৎকর; কিছুই না। "ধান-ধন বড় ধন আর ধন গাই। সোণা রূপা কিছুমিছু আর সব ছাই॥-গ্রা০ প্রবচন। ছাইএর, ছায়ের [গ্রা০ ছেয়ের] অ, অবজ্ঞায়; অকিঞ্চিৎকর বস্তু বা বিষয়ের। "কি ছাইএর ইস্কুল"-উত্তরা পৌষ ১৩৩৩। ছা০ করা-কার্য্য পণ্ড করা; কিছু না করা। ছা০ ফেল্‌তে ভাঙ্গা কুলো-অতি অকিঞ্চিৎকর কাজের জন্য নিয়োজিত অকিঞ্চিৎকর বা অপদার্থ পাত্র। ~ভস্ম -তুচ্ছ বস্তু। ২ অসার পদার্থ। দূর হোক্ ছাই-বিরক্তিসূচক অভিব্যক্তি। "ভাবিল দূর হোক্ ছাই এ রকম ক'রে আর কতদিন চলিবে?"-মানসী ও ম০ ১৩৩৩ জ্যৈষ্ঠ। শত্রুর মুখে ছাই-শত্রুর অমঙ্গল কামনারূপ তুক।

ছাইট [সং-ছটা=ছাট (বর্ণ বিপর্যয়ে)] বি, বায়ুতাড়িত বৃষ্টির ছাট।

ছাইয়া ফেলা-ক্রি, ঢাকিয়া দেওয়া;

আচ্ছাদন করা। প্র-বিদ্যুৎ চালিত কল-কজ্জাগুলো দেশ ছাইয়া ফেলিতেছে।

ছাইলা [প্রাদে৹ ২৪ পরগণা ও সুন্দরবন] বি, জ্বালানি কাঠ।

ছাগী [চ৹ ক৹ ছা৹। ছাগী >] বি, ছাগী ছাগলী।

ছাউনি, [হি৹-ছাউনি] বি, সেনা-নিবাস ; শিবির, ঊর্দ্দুবাজার ; ক্যান্টনমেন্ট cantonment.

ছাউনি২ [সং-ছাদনী >। গ্রা৹] বি, আচ্ছাদনী ; চাঁদোয়া। ছা৹ নাড়া-বৈবাহিক অনুষ্ঠানবিঃ ; স্ত্রী আচার। "শুভক্ষণে কন্যাবরে করিয়ে ছাউনি।"-ঘ৹।

ছাএল [ফা-সাএল] বি, প্রার্থনাকারী ; বাদী ; আবেদনকারী ; আপীলকারী applicant ; appellant.

ছাও, ছাওয়াল১, ছাবাল [সং-শাবক >। প্রা৹বাং-ছাআল। > ক্ষে৹ছেলা, ছেলে। তুল-বেটা ছাওয়াল, মেয়ে ছাওয়াল (মৈমনসিং অঞ্চলে)] বি, সন্তান, শাবক, শিশু। "অষ্ট লোকপাল রাণ আমার ছাওয়ালে।"-কৃত্তি৹। "অসংখ্য অসংখ্য পশুপাল দুর্ভিক্ষের দুরন্ত ছাবাল"-অশোক৹। ২ অল্প বয়স ও অল্পবুদ্ধি ; ছেলে মানুষ ; অর্ব্বাচীন।

ছাওড়া, -রা [গ্রা৹। ছায়া >] বি, ছায়া। ২ যে ছায়া দেয়।

ছাওয়া১ [সং ছদ্‌ ছাদন-ছাঅন-ছাওন+আ (ক্রিয়ায়)। ছাই, ছাও, ছায় ; ছাইতে ; ছাইয়া (ক্ষে৹ ছেয়ে) ণিজন্ত ছাওয়ান] ক্রি,-আচ্ছাদন করা ; ঢাকা। ২ বিছান ; ছড়ান। ৩ পরিব্যাপ্ত করা।

ছাওয়া২ [ছাদনা >] বি, ছাদন ; আচ্ছাদন ; ঢাকা ; ঘেরা। ২ বিণ, পরিব্যাপ্ত ; পরিপূর্ণ। "মহামায়ায় বিশ্ব ছাওয়া ভাবছ মায়ার বেড়ী কাটি॥"-আজু গোস্বামী। ৩ বিস্তৃত।

ছাওয়া৩ [ছায়ার উচ্চারণ সাদৃশ্য > ভুলক্রমে] বি, ছায়া ; প্রতিবিম্ব।

ছাওয়াল২ [ছড়াল (ছটা >)] বিণ, লম্বা চওড়া ; দীঘল ; বিস্তৃত। সাধা:-ছিয়াল (দ্র:)। ২ ছাও দ্র৹।

ছাওয়ালপীর-বি, পাঁচপীরের অন্যতম।

ছাঁ [ছা দ্র:। ছানা > ছাঁ। ন=ঁ] বি, বাচ্চা ; শিশু। ছাঁ-বাচ্ছা'-ছেলেপুলে।

ছাঁই [ঝাঁই (দ্র:), ঝ=ছ] বি, পিষ্টকের মধ্যে পুর দিবার জন্য চিনি অথবা গুড় দ্বারা পাক করা তিল, নারিকেল কোরা ই৹ ; তিল, নারিকেল কোরা প্রভৃতি গুড়ের সহিত অল্প ভাজা। "ছাঁই করে রাখিলাম অর্দ্ধভাগ কেটে।"-ঈ৹ গুপ্ত।

ছাঁইচ, ছাঁচ [হি৹ ছজ্জা] বি, ঘরের পশ্চাদ্ভাগ। ২ চালের প্রান্তভাগদ্বারা রক্ষিত গৃহের চতুঃপার্শ্ব। ~তলা-বি, চাল বা ছাদের তলদেশ।

ছাঁইচ২, ছাঁচ২ [হি৹ সাঁচা >] বি, সাদৃশ্য ; প্রতিকৃতি ; ঢব, ফর্ম্মা mould "ঢালিয়াছে কত ছাঁচে, মৃত্তিকা কাঞ্চন কাচে"-কুঙ্কুম। "নয়নে তুলিয়া তার নিয়ে যাই ছাঁচ"। ২ ঠাট ; ছন্দ। "মিছে ছাঁচে কাঙ্গালি ভাঙাঁঅাঁ যাই ঘরে।"-শ্রী৹ কী৹। ৩ ভ্রূণের প্রথমাবস্থা ; ডিম্বের পূর্ব্বাবস্থা। এক ছাঁচে ঢালা-"ইটালী গ্রীস কসিয়া প্রভৃতি অনেক দেশের কাহিনীই এই এক ছাঁচে ঢালা"-বঙ্গবাণী ১৩৩৩। ৪ মট (চিনির দ্বারা প্রস্তুত নানা আকারের ফল ফুল, জীবজন্তু, রথ প্রভৃতি) যা দোলপর্ব্বোপলক্ষে বিক্রয় হয়। ৫ প্রকৃতি ; চরিত্র। ছাঁ৹ তোলা-ক্রি, কাদার ন্যায় কোমল ও নমনীয় বস্তুতে নানাপ্রকার মূর্ত্তি বা ফল ফুলাদির আকার উঠান। ছাঁ৹ বাঁধা-ডিম্বের পূর্ব্বাকৃতি প্রাপ্ত হওয়া ; প্রায় আকার ধারণ করা।

ছাঁক [গ্রা৹] বি, উষ্ণস্পর্শ।

ছাকন [শাতন দ্র:] বি, বস্ত্রাদি দ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ ; নির্ম্মলকরণ ; ছাঁকা। "হিঙ্গুলার সমীপে চণ্ডী দিল হাণ্ডী ভরি। ছাঁকে তাকে শিব বাপে পোয়ে বস্ত্র ধরি।"-শি৹।

ছাঁকনা, -নী১ [ছাঁকা দ্র:। হি৹ -ছাননা (যদ্দ্বারা ছাঁকা যায়)। বৃহদর্থে 'ছাঁকনা,' ক্ষুদ্রার্থে 'ছাঁকনী] বি, ছাঁকিবার পাত্র ; জাল বা জালবোনা হাতা ; চালনী ; ঝাঁঝরী। "ভাঙ্গের ছাঁকনা গেল তারে বড মো।"-কবিক৹।

ছাঁকা১ [সং-শাতন (পতিত হওয়ান) ; হি৹-সাননা-ছান্‌না-ছাঁক্‌না-ছাঁকা। ছাঁকি, ছাঁক (ছাঁকুন, ছাঁক), ছাঁকে (ছাঁকেন) ; ছাঁকিতে ; ছাঁকিয়া (ক্ষে৹ ছাঁকি, ছেঁকে) ণিজন্ত-ছাঁকানি] ক্রি, বস্ত্র বা সূক্ষ্ম-ছিদ্র জালের ভিতর দিয়া কোন দ্রব্যের সূক্ষ্মাংশ নির্গত করান ; নির্য্যাস গ্রহণ করা ; নিঙ্গড়ান। ২ অধিক ঘৃত বা তৈলে পিষ্টক, মৎস্য প্রভৃতি ভর্জ্জিত করা ; ভাজিয়া ঝাঁঝরীতে তুলিয়া ঘৃত বা তৈল বাহির করিয়া দেওয়া। ৩ ছেঁকা, ছোঁকা দ্র:। বি, ছাঁক, ছাঁকন।

ছাঁকা২ [ছাঁক+আ (কৃত অর্থে)] বিণ, ছানিত, ছাঁক করা। প্র-ছাঁকা-দুধ। ২ অধিক ঘৃত বা তৈলে ভর্জ্জিত। প্র-ছাঁকা ঘিয়ে ভাজা। ৩ ছাঁকিবার মত ; ছাঁকিবার জন্য নির্ম্মিত বা নির্দ্ধারিত। প্র-দুধ ছাঁকা বা শর্করৎ-ছাঁকা বস্ত্র। ৪ বিশুদ্ধ ; খাঁটি ; সত্য ; সার। প্র-ছাঁকা কথা। ৫ ছাঁটা ; নির্ব্বাচিত ; বাছের-বাছ। প্র-ছাঁকা ছাঁকা লোক সঙ্গে লইবে। ~-কথা-ঠিক কথা ; যে কথা বাজে নয়।

ছাঁচ-ছাঁইচ দ্র:।

ছাঁচনী [সং-সেচনী] বি, সেচনী। ২ মন্থনদণ্ড।

ছাঁচি [হি৹-সাচি (সাঁচ্চা)] বিণ, খাঁটি ; দেশী। ~-কুমড়া-দেশী কুমড়া। ~-গুড়-ইক্ষুজাত গুড় ; একোগুড়। ~-তেল [আসলে তিলের তেল কিন্তু বাং ব্যবহারে] সরিষার তেল। ~-পান-এক প্রকার সুগন্ধি পান ; কড়িপান ; দেশীপান [হিন্দী দেশবাসী পান]। ~-বেত-সরু বেত ; ছিপ্‌ছিপে বেত।

ছাঁট [ছাঁটন দ্র:] বি, কর্ত্তিত অংশ ; অতিরিক্ত অংশ ; টুকরা। ২ [সং-ছটা] ছিটা। প্র-জলের ছাঁট ; বৃষ্টির ছাঁট। ৩ চেহারা ; প্রতিকৃতি ; অবয়ব। কাট-ছাঁট কাটিয়া এবং ছাঁট বাদ দিয়া যে ডৌল হয়। প্র-জামার কাটছাঁট।

ছাঁটন [সং-ছেদন। হি৹-ছাঁট্‌না

(কাটিয়া বাদ দেওয়া)] বি, ছেদন ; কর্তন। ২ [হিং-ছাট্না (নির্বাচন করা)] বাছিয়া বাদ দেওয়া ; অগ্রাহ্য করণ। ৩ নির্বাচন।

ছাঁটা [ছাঁট, ছাঁটন দ্রঃ। ছাঁটি, ছাঁট (ছাঁটুন, ছাঁট্), খাটে ছাঁটেন) ; ছাঁটিতে, (কোং ছাঁট তে) ; ছাঁটিয়া (কোং ছাঁটি, ছেঁটে)। ণিজন্ত ছাঁটানি] ক্রি, কর্তন করা ; কাটা। প্র-কাপড় ছাঁটা ; চুল ছাঁটা। ২ অমান্য করা ; অগ্রাহ্য করা। প্র-সবার কথা ছেঁটে ফেলে চলে গেল। ৩ কাঁড়া ; কুটিয়া খোসা বাহির করিয়া ফেলা। প্র-চাল ছাঁটা। ~ই [ছাঁটা+ই (বেতন অর্থে)] বি, ছাঁটাকাজের বেতন, দাম।

ছাঁটি [প্রাদেং] বি, গৃহের চালের অগ্রভাগ।

ছাঁৎ [ছেঁকা দ্রঃ] অ, অত্যুষ্ণ বা অতি শীতল বস্তুর হঠাৎ স্পর্শজনিত তীব্র অনুভূতি ; চমকিয়া উঠার ভাব ; শিহরণের ভাব। প্র-কথাটা শুনতেই বুকটা ছাঁৎ করে উঠল। ~ছাঁৎ করা [ভয়ে] ছম্‌ছম্‌ দ্রঃ।

ছাঁদ [সং-ছন্দঃ] বি, গঠন ; শ্রী। "বদন ছাঁদ কামের ফাঁদ, ঝুরিয়া ঝুরিয়া কান্দে" -চণ্ডীং। ২.শোভা। "বরণ কালিম ছাঁদে বৃষ্টি ছলে মেঘ কাঁদে তড়িত লুটায় পায় ধড়ার আঁচলে॥"-ভারতং। ৩.প্রকার ; ধরণ। "কানড়া ছাঁদে কবরী বান্ধে নবমল্লিকার মালে"-চণ্ডীং। "নানা ছাঁদে বাঁধে পাক মোড়া"-চণ্ডীং। ৪ ছন্দ। প্র-লেখার ছাঁদ ; কথার ছাঁদ। "পতিশোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে"-অং মং। ৫ গাভীর পদবন্ধন রজ্জু ; ছাঁদন দড়ি। ৬ গোরুর আগেকার, কি পিছনের দুটি পা যা দিয়া বাঁধিয়া দেওয়া হয়, যাতে তাড়াতাড়ি না চলিতে বা পিছনের পা ছুঁড়িতে পারে।

ছাঁদন [সং] বি, বেষ্টন। ২ আবরণ। ~দড়ি [প্রাং-বাং-ছন্দোদড়ি (মনসা মং বংশী)] বি, দুগ্ধ দোহনকালে গাভীর পদ বন্ধনের রজ্জু। "ছাঁদন দড়ি বাহুলতা ছেদন কঠিন"-হেমং।

ছাঁদলা-ছানলা দ্রঃ।

ছাঁদা [ছাঁদ দ্রঃ। হিং-ছাঁদনা। সং, পাং ছন্দক। চাঁদা দ্রঃ] ক্রি, ছাঁদি, ছাঁদ, ছাঁদে। ছাঁদিতে, (কোং ছাঁদতে) ; ছাঁদিয়া (কোং ছেঁদে)। ণিজন্ত-ছাঁদান] ক্রি, বেষ্টন করা ; জড়ান। ২ ফাঁদা ; পত্তন করা। ৩ গো দোহনকালে গাভীর পশ্চাতের পদদ্বয় রজ্জুদ্বারা বদ্ধ করা। ৪ বি, নিমন্ত্রিত ব্যক্তি নিমন্ত্রণ রক্ষা করিতে গিয়া যে ভোজ্য দ্রব্য গৃহে লইয়া যায় [ভোজ্য উত্তরীয়াদিতে বাঁধিয়া লইয়া যাইবার প্রথা হ তে "ছাঁদা বাঁধা"। এই প্রথা এক্ষণে প্রায় উঠিয়া গিয়াছে] অস-ক্রি, ছাঁদিতে, ছাঁদ্‌তে-বেষ্টন করিতে ; জড়াইয়া ধরিতে। ছাঁদিয়া, ছেঁদে-বেষ্টন করিয়া ; জড়াইয়া। "আল্যা করি কোলে বসি ছেঁদে ধরি গলে ওমা ওমা বলি উমা কথা কন ছলে"-অং মং।

ছাঁদে [ছাঁদ দ্রঃ] ক্রি-বিণ, ছন্দে ; প্রকারে ; ভঙ্গিতে। ২ গঠনে।

ছাগ [সং। ছাগল দ্রঃ] বি, অজ ; ছাগল ; পাঁঠা goat ~শিশু-ছাগলছানা। ~মাংস-পাঁঠার মাংস। স্ত্রীং ~ী-ছাগ মাতা ; ছাগলী। ~বাহন [ছাগ বাহন যার-বহুং] বি, অগ্নিদেব। ~মুখ, ~বদন [ছাগের মুখের ন্যায় মুখ যার-বহুং] বি, কার্তিক (ষষ্ঠ মুখ ছাগের ন্যায় বলিয়া)। ২ কার্তিকের অনুচর বিঃ (ছাগমুণ্ডবৎ মুণ্ড বলিয়া)। ৩ দক্ষ প্রজাপতি (শিবনিন্দা জন্য ছাগমুখ)।

ছাগণ [সং-ছগণ (ঘুঁটে) + অ (সম্বন্ধার্থে)] বি, ঘুঁটের আগুন।

ছাগপীর-বি, পাঁচপীরের অন্যতম।

ছাগরথ-ছাগল [চট্টং প্রাদেং]

ছাগল [সং। সং-তে "ছাগলক" শব্দের ব্যবহারও আছে। ছাগ দ্রঃ। স্ত্রীং ছাগলা, ছাগলী বাং-য় মাদী ছাগল, মদ্দা বা বোকা ছাগল (বোকা দ্রঃ) চং। বোকার স্ত্রীং কবিকঙ্কণে "বকী" প্রাং-বাং "ছেলি"] বি, অজ ; ছাগ। খনার বচনে মেষরাশির "মেষ" অর্থে "ছাগল"। ২ [ছাগলের গম্যা অগম্যা গমন বিচারহীনতারূপ প্রকৃতি বা প্রবৃত্তি >] যার গম্যাগম্য বিচার নাই ; অগম্যাগমন-কারী। ছাং গোত্রিয় [প্রাং] বিণ, ছাগলের ন্যায় কাণ্ডাকাণ্ড জ্ঞান রহিত। ~লাদী, নাদী [হিং-লীদ্ (বিষ্ঠা) > লাদী, (বাং-য় ল=ন) নাদী (ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা বা গুলির আকার হেতু লাদী, লাদ বা নাদ] বি, ছাগবিষ্ঠা। ছাং পট্‌পটী, -পাটী-বি, বৃক্ষ বিঃ। রাম-ছাগল-বড়জাতীয় পশ্চিমা ছাগল। ছাগল টাঙ্গান [প্রাদেং] ক্রি, লম্বা দড়ায় ছাং বাঁধিয়া চরিতে দেওয়া।

ছাগলাদ, ছাগলাদ্য ঘৃত [কোং-ছাগলাদ] বি, আয়ুর্বেদীয় ঔষধ বিঃ ; যে ঘৃতে নপুংসক ছাগলের চর্বি প্রধান উপকরণ-স্বরূপ মিশ্রিত হয়।

ছাগলান্ত্রিকা, ছাগলান্ত্রী [বৈদ্যকে] ছগলান্ত্রিকা, ছগলান্ত্রী দ্রঃ।

ছাগী-ছাগ দ্রঃ।

ছাগ্যায়ণী [সং] বি, ছাগসন্তান।

ছাচিল [সঞ্চয় >] ক্রি, সঞ্চয় করিল। "কাঙ্গাল দুঃখীকে মারি রাজার এ ধন ছাচিল"-ময়নাং গান (১১-১২শ শতাব্দী)।

ছাঞ্চে [সং শালিঞ্চ > শাঞ্চা, শাঞ্চা, শাঞ্চে। শ=ছ] বি, স্বনাম প্রসিদ্ধ খাদ্য শাক বিঃ ; ছাঞ্চে শাক।

ছাট [ছাঁট দ্রঃ। সং-ছটা] বি, বায়ু তাড়িত বৃষ্টিধারা। ২ [হিং-সাঁট=সোঁটা] চাবুক ; বেত্র ; ছড়ি। "ধীরে ধীরে যায় রামা লইয়া ছাগল। ছাট হাতে পাট মাগে যেমন পাগল॥"-কবিকং। "সারথি ঘোড়ার গায় মারিলেক ছাট"-কৃত্তিং। ৩ গাজনের সন্ন্যাসীদের ব্যবহৃত বেত্রগুচ্ছ-নির্মিত ছড়ি ; কোড়া।

ছাটনি১ [ছিটুনিও বলে। সং-ছটা=ছাট (দ্রঃ)-ছটার মত বলিয়া] বি, চালের ছাউনির উপর যে সূক্ষ্ম সূক্ষ্ম বাখারি বিছাইয়া দেওয়া যায় ; ছিটেবেড়া। "জোয়ের ছাটনি দিল জোয়ের বান্ধনি। গোল পাট দিয়া কৈল জোয়ের ছাউনি॥"-কবিকং।

ছাটনি২, ছাঁটনি-বি, কর্তন ; হ্রাস করণ ; ছাটিয়া ফেলা।

ছাটা-ছাঁটা দ্রঃ।

ছাড় [সং-সৃ ধাতু (গতি অর্থে) + ণিচ্=সারি+ঘঞ্=সার-উৎসারণ (অপসারণ,

সরান) হিং—ছোড়, ছোড়না (ত্যাগ করা) বাং, ছাড়্। প্রাং হিং-তে-ছাঁড, ছাঁড়না শব্দ আছে] বি, ত্যাগ; বর্জ্জন। ২ অসংলগ্নতা। ৩ উপেক্ষা: ক্ষমা। ৪ বিরাম; অবসান; বিচ্ছেদ। প্র-এক দণ্ডের জন্য ছাড় নাই। ৫ মালপত্রের রসিদ। ৬ গুদাম হ'তে মালপত্র ছাড়াইয়া বাহিরে লইয়া যাইবার অনুমতি পত্র। ৭ শুল্কভারাদি হ'তে মুক্তি-পত্র। ছাড়চিঠি, ছাড়পত্র-যে পত্র দেখাইলে ছাড়িয়া দেওয়া হয়; ব্যক্তি বা বস্তু গন্তব্য স্থানে যাইবার কালে পথ রোধ না করা হয় এজন্য যে নিদর্শনপত্র দেওয়া হয়। ২ ত্যাগ বা বর্জ্জন নির্দ্দেশক পত্র; ফারখত, তালাক।

ছাড়ন [ছাড় দ্রঃ] বি, বর্জ্জন: ত্যাগ করণ। ২ ধরণ: বন্ধ হওন; বিরতি; অবসান।

ছাড়া [মূলে ছুটা শব্দ। তা হ'তে ভাবে, কোন কিছু হ'তে নির্গত হওয়া, (২) ছটকাইয়া পড়া বা বিচ্ছিন্ন হওয়া। প্রাং বা ঠেঁট হিং—ছাঁড়া। ছাড় দ্রঃ। অকর্ম্মক, সকর্ম্মক উভয় অর্থেই ব্যবহার আছে। ছাড়ি, ছাড় (ছাড়্ন, ছাড়্) (ছাড়ে (ছাড়েন্): ছাড়িতে (কথ্যং ছাড়্তে); ছাড়িয়া (কথ্যং ছাড়ি, ছেড়ে)। ণিজন্ত-ছাড়ান। প্রাং-বাং-ছাড়িমু=ছাড়িব। পদ্যসাং—ছাড়ঁব, ছাড়ঁবি ছাড়িবে। ছাড়ঁল=ছাড়িল। ছাড়য়ে=ছাড়ে] ক্রি, ত্যাগ করা; পরিত্যাগ করা। প্র-দেশ ছাড়া। ঘরের কোণ ছাড়া। সে এক কথায় চাকরি ছাড়িল। ২ স্বত্বত্যাগ করা; ক্ষতি স্বীকার করা। ৩ অভ্যাস ত্যাগ করা; রহিত করা। প্র-সে মদ ছাড়িয়াছে। ৪ সঙ্গ ত্যাগ করা; সহবাস পরিত্যাগ করা। ৫ নির্দ্দিষ্ট স্থান ত্যাগ করা; রওনা হওয়া; কোন স্থান হ'তে গমন আরম্ভ করা। প্র-গাড়ী ছাড়া। জাহাজ ছাড়া। ষ্টেশন ছাড়া। প্র-সে কখন এখান থেকে ছাড়লে? ৬ অসংলগ্ন হওয়া; পৃথক হওয়া; জোড় খুলিয়া যাওয়া। প্র-জল বসিয়া তক্তাগুলা ছাড়িয়া গিয়াছে। ৭ অঙ্গগ্রহ বা আড়ষ্ট ভাব দূর হওয়া; টান শিথিল হওয়া। প্র-হাত পায়ের খিল ছাড়া। ৮ ঘনত্ব নষ্ট হওয়া; ফাঁক ফাঁক হওয়া। প্র-কাপড়ের সূতা ছাড়া। ৯ আক্রমণ ত্যাগ করা। প্র-জ্বর ছাড়া। মাথা ছাড়া। ১০ আবদার বা জেদ ত্যাগ করা; এড়াইতে চেষ্টা করিলে বা চাহিলে এড়াইতে দেওয়া। তুল-"না-ছোড়-বান্দা"। প্র-ও ছেলে কি সহজে ছাড়ে, সেই গেল তবে ছাড়লে। ১১ আয়ত্তের মধ্যে যে আছে তাকে অব্যাহতি দেওয়া; পুনঃ পুনঃ আক্রমণের হাত হ'তে নিষ্কৃতি দেওয়া; যা করিবার করিয়া আর কিছু না করা। প্র-নাকাল করিয়া ছাড়া। সর্ব্বস্বান্ত করিয়া ছাড়া। ১২ কৃপাপাত্রজ্ঞানে অনিষ্টের হাত হ'তে অব্যাহতি দেওয়া; উপেক্ষা করা। প্র-আরে ওর কথা ছেড়ে দাও। আহা, ওকে ছেড়ে দাও। ১৩ যাইতে দেওয়া: আটক না করা। প্র-পথ ছাড়া: পাহারা ঘাটি আগুলিয়া বসিয়া আছে। ছাড়পত্র দেখাইলে ছাড়িতে পারে। ১৪ মুক্তি দেওয়া; দণ্ড ভোগের পর খালাস দেওয়া। প্র-এতদিন পরে তাকে জেল থেকে ছাড়িয়াছে। ১৫ বিচারে নিরপরাধ সাব্যস্ত হইলে আদালত বা পুলিশের জিম্বা হ'তে খালাস দেওয়া। ১৬ অতিক্রম করা। প্র-কত পথ ছাড়াবার পর, তবে পৌছান গেল। ১৭ ভুলক্রমে বাদ দেওয়া। প্র-তাঁহার নাম তালিকায় নাই; নামটি ছাড়া ভাল হয় নাই। ১৮ ভয় বা সমীহা করিয়া রেহাই দেওয়া; রেয়াৎ করা। প্র-সে কাহাকেও ছাড়ে না; তাকে কি আর ছেড়ে কথা কহিবে? ১৯ সঙ্গ হতে বঞ্চিত হওয়া। প্র-তাকে একদণ্ড কেহ ছাড়িয়া থাকিতে চায় না। ২০ নিরস্ত হওয়া। ২১ বিণ, ত্যক্ত; বর্জ্জিত। ২২ বিচ্ছিন্ন; অসংলগ্ন; বিযুক্ত। ২৩ নিঃসঙ্গ; সঙ্গহীন। "তাঁহার নিকট লোক ছাড়া নাই"-টেকচাঁদ। ছাড়বিই ছাড়বি [ত্যাগ ইং করিব, নিরস্ত হইবই। ই (নিশ্চয়ার্থে, দৃঢ়তার্থে)-ছাড়ব (প্রতিজ্ঞার্থে দ্বিত্ব)] নিশ্চয়ই ছাড়িব; ত্যাগ যে করিব বা যাইতে যে দিব তাহাতে সন্দেহ মাত্র নাই; উদ্দেশ্য সিদ্ধ করিয়া তবে নিরস্ত হইব। "আমরা বাংলার নূতন জীবন এনে ছাড়বই ছাড়ব"-বিং কুং সরকার। এই অর্থে করে বা হয়ে তবে ছাড়বি, না করে বা না হ'লে ছাড়ব (ই) না। ~ছাড়া-বিণ, পৃথক্ পৃথক্; অসংলগ্ন; গ্রাং—ছড়্কা ছড়্কা। ~ছাড়ি-এক অন্যকে ত্যাগ করিলে তাদের মধ্যে ছাড়াছাড়ি হয়; পরস্পরের মধ্যে বিচ্ছেদ। "মধ্যে হল ছাড়াছাড়ি গেলাম কে কোথায়" -রবীং। এ-ছাড়া-অ, ইহা ব্যতীত। গলা ছাড়া-চীৎকার করা; উচ্চৈঃস্বরে গানের সুর তোলা (বিপরীত, চাপা গলায় গান করা); মুক্তকণ্ঠে গান করা। ঘর-ছাড়া-বিণ, ঘরবাসী নহে এমন। জল ছেড়ে দেওয়া-ক্রি, রুদ্ধ জল প্রবাহিত হইতে দেওয়া; জল ঢালা। ট্রেণ ছাড়া-রেলগাড়ী ষ্টেসন ছেড়ে চলে যাওয়া। ডাক ছাড়া-চীৎকার করা; উচ্চরব করা। ধাত ছাড়া, নাড়ী ছাড়া-ধমনীর স্পন্দন রহিত হওয়া; নাড়ীর গতি স্থির হওয়া; মৃত্যুর পূর্ব্বলক্ষণ দেখা দেওয়া। নজির ছাড়া-বিণ, দৃষ্টির বহির্ভূত (তিরস্কারে)। প্র-তাহাকে নজর ছাড়া করে দাও। নজির ছাড়া করা-মুখ দর্শন করিতে না হয় এমন ভাবে দূর করিয়া দেওয়া। পেট ছাড়া-উদরাময় রোগ হওয়া; পাকস্থলীতে ভুক্তদ্রব্য জীর্ণ না হইয়া মলদ্বার দিয়া বাহির হইয়া যাওয়া (বিপরীত-পেট ধরা)। পোঁদের ফুল ছাড়া-শৈশব উত্তীর্ণ হওয়া। [কড়েয়া বা কচি ফলের পশ্চাতে বা পোঁদে যে ফুল থাকে (ফলের মুখ বোঁটায় লগ্ন থাকে) ফল বড় হ'লে তা শুকাইয়া ঝরিয়া পড়ে। পোয়ান বা পোন ছাড়া [পোয়ান=কুম্ভকারের অগ্নিকুণ্ড (যেখানে কাঁচা মাটির হাঁড়িকুঁড়ি পুতুল ইং পুড়িয়া তৈয়ার হয়); নির্ম্মাণ-গৃহ > সন্তানবতীর গর্ভ] গর্ভ ছাড়া; এক গর্ভের নয়; যে গর্ভে যে আকৃতি ও প্রকৃতির সন্তান হয় তা হ'তে স্বতন্ত্র। প্র-তার পেটের সব ছেলেগুলিই সুশ্রী কিন্তু এছেলেটি তার পোয়ান ছাড়া হয়েছে। ভারত ছাড়া-ভারতবর্ষে যা নাই; ভারতের বহির্ভূত। তুল-জগৎ ছাড়া, বিশ্ব ছাড়া। ভিটা ছাড়া-পৈতৃক বাসস্থান হ'তে বিতাড়িত; উদ্বাস্তু। ভূত ছাড়া-ভূত তাড়ান; দুষ্টবুদ্ধি বা দুষ্টামি সংশোধন

করা। প্র-মারিয়া ভূত ছাড়া করা। মা ছাড়া-যে শিশু মায়ের কাছে থাকিতে পায় না; জননীর কাছ ছাড়া। মার কোল-ছাড়া-যে শিশু জননীর কোলে উঠিতে পায় না। মাই-ছাড়া-এঁড়ে ছেলে; যে শিশুকে স্তন্যপান করান হয় না। মাই ছাড়ানি-ক্রি, শিশুকে মাই দুধ আর খাইতে না দেওয়া। মাথা ছাড়া-শিরঃপীড়ার শান্তি হওয়া; মাথা খোলসা হওয়া। লক্ষ্মী-ছাড়া [প্রা° লক্ষ্মীছাড়া] বিণ, শ্রী-হীন; হতভাগ্য। > স্ত্রীং লক্ষ্মীছাড়ী। সৃষ্টি-ছাড়া-বিণ, সৃষ্ট বস্তুর মধ্যে যা মেলে না: সৃষ্টির বহির্ভূত। হতচ্ছাড়া [হত (মৃত বা নষ্ট) + ছাড়া (=সারা-ক্রমে গালিবিঃ)] বিণ, হতাবশিষ্ট; নষ্টাবশেষ; উৎসন্ন। হাত-ছাড়া-বিণ, হস্তচ্যুত; অধিকারবহির্ভূত; আয়ত্তের বাহির। হাল ছাড়া-ক্রি, হতাশ হওয়া [নৌকা বাঁচান অসম্ভব বুঝিয়া মাঝিরা হাল ছাড়িয়া দেয়]।

ছাড়ান[1] [ছাড়ার ভাব] বি, ছাড়ন; বর্জ্জন। ২ খালাস; মুক্তি; উদ্ধার। "গোড়ে বন্দী পিতামাতা না হ'ল ছাড়ান"-ঘ°। ~-ছিড়ান [সহচর শব্দদ্বয়] বি, মুক্তি। কাটান্-ছাড়ান্, -ছিড়ান্-সম্পূর্ণ বিচ্ছেদ; সকল সম্বন্ধ বা সংস্রবরাহিত্য।

ছাড়ানি[2] [ছাড়া (দ্রঃ) র ণিজন্ত রূপ। ছাড়াই, ছাড়াও, ছাড়ায়; ছাড়াইতে (ক্ষে° ছাড়াতে); ছাড়াইয়া (ক্ষে° ছাড়িয়ে, ছাড়ায়ে)। প্রা° বাং ছাড়াআঁ (আধু° ছড়ান (দ্রঃ)) -বিক্ষিপ্ত করিয়া। ছাড়াইবোঁ, ছাড়ামু -ইতস্ততঃ বিক্ষিপ্ত করিব। ছাড়ায়িল-বিক্ষিপ্ত হইয়া পড়িল] ক্রি, ছাড়িতে বাধ্য করা; ত্যাগ করান। ২ উদ্ধার করা; মুক্ত করা; খালাস করা। প্র-জেল থেকে ছাড়ান। হাত ছাড়ান। ৩ তাড়ান; দূর করা। প্র-ভূত ছাড়ান; রোগ ছাড়ান। ৪ সংশোধন করা। প্র-স্বভাব ছাড়ান; মত ছাড়ান। ৫ উন্মুক্ত করা; খোলা; ত্বক্ বাহির করা। প্র-খোসা ছাড়ান। ফল ছাড়ান-ফলের ত্বক্ বা খোসা খুলিয়া ফেলা বা কাটিয়া ফেলিয়া দেওয়া। শুটি ছাড়ানি-ক্রি, মটরাদির শুঁটির খোসা খুলা।

ছাত-ছাদ দ্রঃ।

ˋ**ছাতরানি**-ছিৎরান দ্রঃ।

ছাতলা, ছাৎলা, ছেৎলা, ছ্যাৎলা-ছাতা দ্রঃ।

ছাতা [সং-ছত্র > হিং-ছাত্তা] বি, ছত্র; আতপত্র; ছাতি। ২ ব্যেঙের ছাতা; কোঁড়ক ছাতু mushroom ৩ ছাৎলা; ময়লা। "চারিদিকে অপূর্ব্ব প্রস্তরে খোদিত নরমূর্ত্তি সকল শোভা করিত; তাহারই দুই চারিটি আজিও আছে: কিন্তু ছাতা পড়িয়াছে, রঙ্গ জ্বলিয়া গিয়াছে"-বঙ্কিম° (সীতারাম)। ৪ চাক। প্র-মৌমাছির ছাতা। ছাতা দিয়া মাথা রাখা-মাথায় ছাতা ধরিয়া রৌদ্র বৃষ্টি হ'তে মাথা বাঁচান। ২ আশ্রয় বা অর্থ সাহায্য দ্বারা মান রক্ষা করা। ছাতা ধরা-আশ্রয় দেওয়া; সাহায্য করা; অভাব মোচন করা। প্র-যে দিকে জল পড়ে সেই দিকে ছাতা ধরে। -প্রবচন।

ˋ**ছাতার**, ˋছাতারিয়া[1] [দলবদ্ধ হইয়া ছৎর্ ছৎর্ শব্দে চীৎকার করে বলিয়া] বি, চটকজাতীয় চঞ্চল-প্রকৃতি পাখীবিঃ।

ছাতারিয়া[2], ছাতারে [ছাতার + ইয়া >] বিণ, ছাতারসুলভ। ২ সর্ব্বদা কিচিরমিচির শব্দ ও লাফালাফি করার প্রকৃতি-সাদৃশ্য > যারা সর্ব্বদা ঝগড়াবিবাদ ও বকাবকি করে। প্র-ছাতারে কাণ্ড।

ছাতি [ছাতা দ্রঃ। হিং-ছত্তরী] বি, আতপত্র; ছত্র। "নিজহস্তে নরপতি ধরিবে ধবল ছাতি।"-কবিক°। ২ বুক। "ভেবে ছিলাম মনের কথা লিখব ছাতি ঠুকে"-হেম°। "মন্দ যান মৌনী শিয়াল হ'তে ছাতি ঠুকে" -ঐ। ছা° ধরা-সাহায্য করা। ছা° ফাটা-বুক ফাটা; হিংসায় হৃদয় বিদীর্ণ হওয়া। ২ পিপাসায় বুক শুকাইয়া কাঠ ফাটিবার মত হওয়া। ৩ প্রবল ইচ্ছা সত্ত্বেও মুখ ফুটিয়া কিছু বলিতে না পারায় হৃদয় বিদীর্ণপ্রায় হওয়া। ছা° ঠুকিয়া-বক্ষে আঘাত করিয়া; সাহস প্রকাশ করিয়া; নির্ভয়ে। বুকের ছাতি-বুকের পাটা। ২ সাহস। যেখানে জল পড়ে সেইখানে ছাতি ধরা-ছাতা দ্রঃ।

ˋ**ছাতিম** [ছাতি (ছত্র) ম (প্রতিম, সদৃশ) হিং-ছাতিয়ান] বি, ছত্রাকৃতি সপ্তপর্ণী বা সপ্তবর্ণ বৃক্ষ।

ছাতু [সং-শক্তু > হিং-সত্ত > ছত্তু >] বি, ছোলা যবাদি ভাজার চূর্ণ। ২ [সং ছত্রাক। [প্রা° ছত্রক] ছাতা (দ্রঃ)। ইহারা তরু, গুল্ম, কাঠ ও মৃত্তিকা হ'তে উৎপন্ন হয়। বঙ্গে উই ঢিবিতে উৎপন্ন উই ছাতুই উৎকৃষ্ট। প্র-মাছের মধ্যে রুই, ছাতুর মধ্যে উই-প্রবচন। ~কোটানি-বি, যবাদি কুট্টিত করিয়া ছাতু করা। ২ ছাতু করার মজুরি। ~খোর-ছাতু খাইয়া যারা জীবনধারণ করে। ছাতুপ্রিয়; যাদের ভোজন অকিঞ্চিৎকর। কাঠছাতু-কাঠ পচিয়া যে ছাতা হয়; কাঠছাতা; গাছে যে ছাতা হয় polyporus

ছাত্র [সং-"ছাত্রান্তেবাসিনৌ শিষ্যে" -অমর°] বি, অন্তেবাসী; শিক্ষাগুরুর শিষ্য; পাঠশালা, টোল ও স্কুল কলেজের পড়ুয়া। স্ত্রীং ~ী (ছাত্র > স্ত্রীং ছাত্রা এই পদ হয় কিন্তু আধু° বাং-য় "ছাত্রী" পদেরই ব্যবহার আছে। ছাত্রের স্ত্রী এই অর্থে ছাত্রী হতে পারে তাও অপ্রসিদ্ধ)। ~গণ্ড [ছাত্র গণ্ড ইব] বি, যে ছাত্র শ্লোকের আদ্যচরণ মাত্র জানে; স্বল্পজ্ঞান। ~জীবন-বি, পাঠ্যা-বস্থা। ~নিবাস-বি, ছাত্রাবাস; বোর্ডিং। ~বংসক-বি, ধূর্ত্ত ছাত্র। ~বোধ-বি, ছাত্রের বোধোদয় হয় এমন পাঠ্য। ~বৃত্তি-বি, প্রতিভাবান্ ছাত্রের উৎসাহবর্দ্ধন ও পাঠ-ব্যয়বহনার্থ নির্দ্দিষ্ট কালের জন্য পুরস্কারস্বরূপ প্রদত্ত মাসিক অর্থসাহায্য scholarship.

ছাত্রাগার, ছাত্রাবাস [ছাত্রের আগার, আবাস, ৬তৎ] বি, ছাত্রদিগের বাসগৃহ; ছাত্রনিলয়।

ছাদ [ছাদি (আচ্ছাদন করা) + অ (ণে)-যা গৃহাদির উপরিভাগ আচ্ছাদন করে। প্রা° ছাত] বি, গৃহাদির উপরিভাগের আচ্ছাদন; চাল। "ছাদের উপর অমনি দুপদাপ"-দ্বিজ° রায়। [দ্রঃ-ইষ্টক, টালি, প্রস্তর ও ইষ্টকচূর্ণ বা কাঁকর দ্বারা নির্ম্মিত আচ্ছাদনের নাম ছাদ বা পাকা ছাদ। বাঁশ, কাঠাদির মাচা করিয়া তার উপর খোলা বা খড় দিয়া যে আচ্ছাদন নির্ম্মিত হয় তার নাম চাল]।

ছাদক [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন করা)+অক (র্তৃ)] বিণ, আচ্ছাদনকারী। ২ যে ঘর ছায়; ঘরামি।

ছাদন [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন করা)+অন (ভা॰)] বি, আবরণ; আচ্ছাদন। ২ ঘর ছাওন। ৩ যদ্দ্বারা কোন কিছু আচ্ছাদিত হয়; পত্র; বক্কল; গাত্রবস্ত্র। > বিণ, ছাদিত।

ছাদিত [ছদ্ (ছাদন করা)+ণিচ্=ছাদি+ত (র্ম্ম)] বিণ, আচ্ছাদিত। ২ যার ছাদ করা হইয়াছে।

ছাদ্মিক [ছদ্ম দ্রঃ] বিণ, ছদ্ম ধার্ম্মিক; বাহিরে ধার্ম্মিক অন্তরে ঘোর কপট: কপট ধার্ম্মিক।

ছান-ছানন দ্রঃ।

ছানতা [হি॰-ছন্না] বি, ঝাঝরী (যদ্দ্বারা ছাঁকিয়া তুলা যায়)।

ছানন [সং ক্ষরণ > ছরণ > ছনন, ছানন (হি॰-ছান্‌না বা সান্‌না)] বি, মিশ্রণ; দলন; মর্দ্দন; চট্‌কান; মাখন; মলন। ক্রি, ছানা১-মাখা; জল মিশান। প্র-আটাছানা। > বি, ছান-মাখিয়া যা হয়; মেটে ঘরে প্রলেপ দিবার গোবর মাটি গোলা। ছানা-ছানি [ছানা+ছানাই > ছানি (পুনঃপুনঃ অর্থে)। তুল-মাখামাখি, ঠাসাঠাসি, কচলা-কচলি] বি, বারবার মর্দ্দন বা ছাঁকন।

ছানলাতলা, ছাঁদলা [সং-ছাদন; চন্দ্রাতপতল। তুল-হি॰-চাঁদনী। ছাদন+আ (যুক্তার্থে) তলা (স্থল)-যে স্থলের উপর আচ্ছাদন দেওয়া হইয়াছে] বি, বিবাহের ছায়ামণ্ডপ।

ছানা২ [ছানন (দ্রঃ) > ছাননা > ছানা। হি॰ সান্‌না। ছানি, ছান, ছানে; ছানিতে (কো॰ চানতে) ছানিয়া (কো॰ ছেনে) ই॰] ক্রি, ছাঁকা; নিংড়ান। "সুধা ছানিয়া কেবা ও সুধা ঢেলেছে গো, তেমতি শ্যামের চিকন দেহ"-চণ্ডি॰।

ছানা৩ [ছিন্ন (ছেঁড়া-কাটা-ফাটান) অম্লযোগে দুধ ছিঁড়িয়া এবং জল কাটাইয়া যা হয় অথবা ছাঁক বা ছান > যা দুগ্ধ হ'তে ছানিয়া বাহির করা হয়] বি, দুগ্ধবিকার; তক্রপিণ্ড; ছেনা (দ্রঃ)।

ছানা৪ [ছাবাল দ্রঃ-বাচ্ছা > ছা > ছাঁ > ছানা (ঁ=ন)] বি, শাবক; বৎস; শিশু; বাচ্চা। স্ত্রীং ছেনি, ছেনী (ছেলি দ্রঃ)। ~**পোনা**-ছোট ছোট শিশুসন্তান। তুল-আণ্ডা-বাচ্চা। পোনা দ্রঃ। [ছানা-মানবেতর জীবশিশু। প্র-কুকুর ছানা। বেরাল ছানা। পাখীর ছানা। সাপের ছানা। মানব-শিশু-ছেলে, ছাঁ, বাছা (বৎস)। মানব ও মানবেতর শিশু বাচ্ছা]।

ছানি১ [সং-ছন্ন (ছাদিত) ছানি > (ছাদনী)। হি॰-ছানী, ছাল্লা] বি, দৃষ্টির প্রতি-বন্ধক; চক্ষের আবরণ। "যেইক্ষণে কৃপাদৃষ্টি করিলা ভবানী। সেইক্ষণে ঘুচে তার লোচনের ছানি॥"-কবিক॰। ২ দৃষ্টি-আবরক চক্ষু-রোগবিঃ; চক্ষের তারা-আচ্ছাদনকারী শ্বেত-বর্ণ ঝিল্লী cataract "ছানি কাটে দিয়ে চক্ষে কাটা"-কবিক॰। ছা॰ **কাটানি**-অস্ত্র দ্বারা চক্ষের তারার আবরক ঝিল্লী কাটিয়া ফেলা। ছা॰**পড়া**-ছানি রোগ হওয়া। ২ [গালি] দৃষ্টি লোপ পাওয়া।

ছানি২ [শণ > ধু পা॰-সানি (পদ্দা)] বি, শণসূত্র-জাত বস্ত্র; চট।

ছানি৩ [আ॰-সানী (পুনরায়, দ্বিতীয়বার) নজর্-ই-সানী=পুনরবলোকন review, revision] বি, পুনরবলোকন-প্রার্থনা; পুনরায় বিচারের আবেদন; আপীল। ২ উচ্চ আদালত হ'তে আদেশ (rule) জারির জন্য আবেদন motion

ছানি৪ [হি॰ সয়েন্=ইঙ্গিত। তুল-ইং sign.] বি, ইঙ্গিত; ইশারা। প্র-হাতছানি দিয়া ডাকা। ২ [যা ইঙ্গিত করে] চিহ্ন; চুচুকে কৃষ্ণ চিহ্ন (গর্ভ লক্ষণ)। "কুচাগ্রেতে ছানি পড়ে, পেটে নড়ে ছেলে"-ধ॰ম॰ (মা॰)।

ছানি৫ [হি॰-সানী (গবাদির আহার্য্য ভুষি বা খৈল মিশ্রিত খড়ের কুঁচি)। বাং-য় স=ছ] বি, খড়ের কুটি; খৈলমিশ্রিত বিচালির কুঁচি; জাব। "আমরা কেবল গরুর মত খাটি, গোহালে গিয়া ছানি খাইবার মত দুমুঠা ভুষী খাই"-বঙ্গীয় পতিত জাতির কর্ম্মী।

ছান্দ [সং-ছন্দ্ > ছাঁদ (ছাঁদন দ্রঃ)] বি, বেষ্টন; বন্ধন। "তব মায়া ছান্দে, বিশ্ব পড়ি কান্দে ভারতে এ ফেরে ফেলিও না।"-অ॰ম॰। ২ [সং-ছন্দ] বি, প্রকার; রকম; অভিপ্রায় (শ্রী॰কী॰)। ৩ কৌশল।

ছান্দলা [ছাঁদলা, ছান্‌লা দ্রঃ] বি, ছায়া-মণ্ডপ; বিবাহের অধিবাসস্থল। "আসনে বসিয়া দ্বিজ পূর্ব্বমুখ সরসিজ শুভক্ষণে বান্ধিল ছান্দলা।"-কবিক॰। ~**তলা** [ছাদন স্থল >। প্রাদে॰ ছাঁইচ (প্রাচীন সূর্য্যের গান-সা॰ পরিচয়)] বি, ছাঁচতলা।

ছান্দস [ছন্দস্ (বেদ)+অ (অধ্যয়ন, অধ্যাপন অর্থে)] বি, বেদাধ্যায়ী; বেদা-ধ্যাপক; শ্রোত্রিয়। ২ বিণ, বেদসম্বন্ধীয়; বৈদিক ছন্দঃ সম্বন্ধীয়।

ছান্দোগ্য [ছন্দস্ (বেদ) তার মধ্যে গ-গৈ (গান করা)+অ (র্ম্ম, জ্ঞা॰)=ছন্দোগ (যা গীত হয়)+য। (বেদের মধ্যে গান-যোগ্য অংশ)] বি, সামবেদের ছান্দোগ্য নামক অংশ।

ছাপ [সং-ছপ্ (স্পর্শ করা) > স্পর্শের চাপ দেওয়া। হি॰-ছাপ্ (impression)-ছাপা-ছাপ্‌না। তুল॰ ছাপাখানা। গ্রা॰ ছাব ("ছাব উতারিয়া" (=গালা বা শীলমোহর ভাঙ্গিয়া)-কবিক॰)] বি, মুদ্রণ; অঙ্কন। ২ চিহ্ন; দাগ। ৩ মোহর। ছা॰ **দেওয়া**-মুদ্রার চাপ দিয়া চিহ্নিত করা; মোহর করা। **উপর ছাপ**-উপর দ্রঃ।

ছাপন১ [ছাপা দ্রঃ] বি, পুস্তকাদি মুদ্রাঙ্কণ। ২ বস্ত্রাদির উপর পুষ্পপত্রাদি অঙ্কিত করণ। ৩ অতিরেক।

ছাপন২ [ছাপা২ দ্রঃ] বি, গোপন।

ছাপর [হি॰-ছপ্পর] বি, আচ্ছাদন; ছাদ; চাল। ~**খাট**-মশারি খাটাইবার চালবিশিষ্ট পালঙ্ক।

ছাপরা [সং-খর্পর > ভ্রং খাপ্‌রা, পরে ছাপ্‌রা। হি॰-খপ্‌রেল] বি, ছাইবার খোলা। প্র-ছাপরার ঘর। ২ বেহারপ্রদেশস্থ নগরবিঃ।

ছাপিল [ব্রজ॰। ছাপা২ দ্রঃ] ক্রি, আবরণ করিল; ঢাকিল।

ছাপা১ [ছাপ দ্রঃ। হি॰-ছাপ্‌না। ছাপি, ছাপ(ছাপুন, ছাপ্), ছাপে (ছাপেন); ছাপিতে (কো॰ ছাপ্‌তে); ছাপিয়া (কো॰ ছেপে)। ণিজন্ত-ছাপান] ক্রি, মুদ্রাঙ্কিত

করা printing. ২ মোহর করা ; করতলের চিহ্ন অঙ্কিত করা ; ছেপ্ত করা। বিণ, মুদ্রাঙ্কিত printed. > বি, ছাপ, ছাপাই।

ছাপা২ [হিং-ছিপা, ছুপা] বিণ, গুপ্ত ; লুকায়িত ; চাপা ; অপ্রকাশিত। 'উদয় অচলে অরুণ উঠিলে কমল ফুটে যে জলে। এতকাল ধরে তাহার তত্ত্ব ছাপা ছিল কোন ছলে।"-রবী০। "ব্যক্ত হবে আগে পাছে ছাপা ত না রবে"-অ০ ম০।২ অজানা ; অগোচর। "এ তোর মাসীরে বাপা কোন কর্ম্ম নহে ছাপা।"-ভারত০। ৩ [হিং-ছিপ্না, ছুপ্না] ক্রি, ছাপা থাকা ; আত্মগোপন করা ; লুকায়িত হওয়া ; গা ঢাকা হওয়া। ৪ ঢাকা পড়া। "সুড়ঙ্গ কিরূপে ছাপে ভাবিছেন রায়"-অ০ ম০। ছাপাছাপি [ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] লুকালুকি। ঢাকাঢাকি ; যথা তথা গোপন করণ। ণিজন্ত-ছাপানি [হিং-ছিপওয়ানা] লুকাইয়া রাখা ; গোপন করা। ২ [ছাপা অর্থেও ব্যবহার আছে] আত্মগোপন করা ; অন্তর্হিত হওয়া। "শশীমুখী লাজভয়ে ছাপাইল কালীদয়ে কুঞ্জর প্রবেশে বনতলে।"-কবিক০। [ব্রজ] ছাপাই-ঢাকে। "অম্বরে বদন ছাপাই" -বি০ প০। .ছাপাইল-লুকাইয়া রাখিল ; ঢাকিল। "অন্তরে বৈদগধি মাণিক ছাপাইল দুহুঁ ভেল পন্থক চোর।"-জ্ঞান০।

ছাপা৩ [সং-উপচয় (আধিক্য, বৃদ্ধি) বাং-উপ্চা ক্রমে ছাপা] ক্রি, অধিক হওয়া ; বৃদ্ধি পাওয়া ; অতিরিক্ত হওয়া। প্র-জল চৌবাচ্চা ছাপাইয়া পড়িয়াছে। ~ছাপি-পুরাপুরির সীমা অতিক্রমণ ; অত্যধিক। ২ কানায় কানায় ; কণ্ঠায় কণ্ঠায়। প্র-হাঁড়িতে চাউল ছাপাছাপি হয়েছে। ছাপাছাপি আহার করা ভাল নয়। ণিজন্ত-রূপ, ছাপান (নো)।

ছাপাই [হিং-ছাপওয়াই। ছাপা (দ্রঃ) +ই (কর্ম্মার্থে)] বি, ছাপার কার্য্য ; মুদ্রাঙ্কণ। ২ বিণ, ছাপা সংক্রান্ত। প্র-ছাপাই খরচ।

ছাপানি১ [হিং-ছাপওয়ানা, ছাপা১ দ্রঃ। ছাপাই, ছাপাও (ছাপান, ছাপা) ; ছাপায় (ছাপান) ; ছাপাইতে (ক্ষেং ছাপাতে) ; ছাপাইয়া (ক্ষেং ছাপিয়ে)] ক্রি, মুদ্রিত করান। ২ ছাপিয়া প্রকাশ করা। প্র-বই ছাপান। কাগজ ছাপান। বি. ছাপন, ছাপানি। প্র-ছাপানির খরচ।

ছাপানি২ [ছাপা ক্রিয়ার সমার্থক কর্ম্ম তুল cognate object] বি, লুকন। "এমন ছাপান ছাপাইব মাগো খুঁজে খুঁজে নাহি পাবা।"-রা০ প্র০। ২ ছাপা২ দ্রঃ।

ছাপ্পর-ছাপর (দ্রঃ)।

ছাপ্পান্ন [সং-ষট্পঞ্চাশৎ >] বি, ৫৬ সংখ্যা। ২ বিণ, ৫৬ সংখ্যক।

ছাব-বি. ছাপ (দ্রঃ)।

ছাবকা [গ্রা০ চাপ+কা (লঘু অর্থে)] বিণ, কালর উপর শাদা বা শাদা জমির উপর কাল কাল ছাপযুক্ত।

ছাবনী [সং-ছাদনী > ছাঅনী ; রূপান্তরে ছাউনী, ছামনী, সাউনী] বি, আচ্ছাদনী, ঢাক্নী। "উপরর ছাবনী মারিল তুলিয়া"-মানিক০ গান।

ছাবলা [গ্রা০-ছেবলা, ছ্যাব্লা। ছাবাল (দ্রঃ)+আ (প্রকৃতি বা শীলার্থে)] বিণ, ছাবালের ভাব ; চপল-স্বভাব ; লঘুপ্রকৃতি ; হাল্কা। বি, ছাবলামি [গ্রা০ ছেবলামি, ছ্যাব্লামি]-প্রকৃতির লঘুতা, ছেলেমানুষী ; চঞ্চলতা ; চপলতা।

ছাবা [ছাপা > গ্রা০। ছাবি, ছাব ই০। ছাপা দ্রঃ] ক্রি, ছাপ দেওয়া ; অঙ্কিত করা ; মোহর করা। ২ বিণ, অঙ্কিত। ৩ বি, ছাপ ; ফুলপাতার চিহ্ন ; তিলক বা ইষ্টদেবতার নাম অঙ্কন। "সর্ব্বাঙ্গে শোভিত ছাবা কলি মৃগ বাঘথাবা সারি সারি হরিনাম লেখা।"-অ০ ম০।

ছাবাল [সং শাবক > শাব+আল (বাল, ওয়ালা স্বার্থে) > শাবাল > ছাবাল > ছাওয়াল > ছাআল > ছেলে > ছা, ছাঁ (তুল-উপাধ্যায় > ওঝা > ঝা)। ছা+আল (স্বার্থে)=ছাবাল। সং-বাল-বৎস > হিং-বাল-বাচ্চা, বাং-বাচ্ছা-কাচ্ছা, ছাঁ-বাচ্ছা ই০ >)বাং-য় পদবিপর্য্যয়ে ক্ষেং ছাবাল)। প্রা-বাং-ছাআল (শূ০ পু০), ছওয়াল ও০] বি, ছেলে মেয়ে ; ছেলে ; শিশুপুত্র। "দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভুমি লুটি কথায় ভুলায়ে কেবা রাখিবে।"-ভারত০। বিণ, ছাবলা।

ছাব্বিশ [সং-ষড়্বিংশতি >] বি,বিণ, ২৬ সংখ্যা বা সংখ্যক।

ছামনি১, -নী১ [সং-সম্মুখ। হিং-আম্না সাম্নী। বাং-য় প্র-সাম্না সাম্নী (মুখোমুখী)। বাং-গ্রা০-ছাঁউনি] বি, চাহনি ; শুভদৃষ্টি ; চারি চক্ষে চাওয়া-চায়ি ; পরস্পর সম্মুখ দর্শন। "ছামনি নাড়িয়া অভিচারে দিয়া মন।"-শি০। "চৌদিকে ব্যাধের নারী উচ্চৈঃস্বরে বলে হরি ছামনী হইল কন্যা বরে।"-কবিক০। "ছামনিতে" -পদ্ম পু০ (বিষয় গুপ্ত)। ২ সম্মুখ। ছা০ নাড়া [গ্রা ছাঁউনি নাড়া] চোক ফিরাইয়া বা তুলিয়া শুভদৃষ্টি করা।

ছামনী২ [সং-আচ্ছাদনী ছাদনী। বাং-গ্রা০-ছাঁউনি] বি, আচ্ছাদন ; আবরণ-বস্ত্র।

ছামা [প্রাদে০ অশ্লীল] বি, লিঙ্গমণি বা যোনি মধ্যস্থ ক্লেদ।

ছামু, ছামুই [সম্মুখ > ছামুখ >। স=দ, খ=হ] বি, সম্মুখ। ~র-সম্মুখের ; সাম্নের। "ছামুর ওয়টা দন্ত ফেলাইমু ভাঙ্গিয়া।"-মাণিক০।

ছায়নি [ছামনি, ছায়ানী দ্রঃ] বি, ছামনি ; ছাঁউনি ; বর কন্যার পরস্পর শুভদৃষ্টি। ২ নির্ম্মঞ্ছন ; নিছনি ; বরণ। "সেইখানে ফেলাইয়া ছায়নির ডালা। কান্দিতে কান্দিতে রামা নিজ গৃহে গেলা॥"-কবিক০।

ছায়বানী [আ-সাহিব (প্রভু, হাকিম)+ বাং আনী (স্ত্রীং)। আ-সাহিবা-সাহেবানী >, স=ছ] বি, প্রভুপত্নী ; বিবি সাহেবা।" বিবি ছায়বানীর হুকুম"-বৈ০ গী০।

ছায়া ["ছায়া সূর্য্যপ্রিয়া কান্তিঃ প্রতিবিম্বমনাতপঃ"-অমর। ছো (ছেদন করা)+য (র্তৃ)+আ (স্ত্রীং)=যে আতপচ্ছেদ করে। তুল-ফা-সায়া, গ্রীক-skia (shadow)] বি, রৌদ্রাভাব ; আতপচ্ছেদ ; অনাতপ। ২ অন্ধকার। প্র-ছায়াচ্ছন্ন ; মৃত্যুচ্ছায়া। ৩ কোন ব্যক্তি বা বস্তুর প্রতিবিম্ব ; অশরীরী অবয়ব। "কেমনে ছুঁইবে এ ছায়া, শরীরী তুমি"-মেঘ০। ৪ [কায়ার সহিত ছায়ার গমন মত] নিত্যসঙ্গী ; নিত্য অনুসরণকারী। ৫ অবস্থা। ৬ সাদৃশ্য ; প্রতিরূপ। ৭ কান্তি ;

প্রভা ; ছটা। ৮ সূর্য্যপত্নী। "দ্বাদশ মূরতি, গ্রহগণ-পতি সংজ্ঞা ছায়া নারী ধন্যা।"-অং মং। ৯ মায়া ; মহামায়া ; দুর্গা। "ছায়া-রূপা ছাবালেরে ছাড ছদ্ম ছল"-অং মং। ১০ আশ্রয়। "ছায়া দিয়া রাখ তব চরণ-কমলে"-কবিক°। "দীনজনে কর দয়া, দেহ রাম পদছায়া"-কৃত্তি°। "উরি, দাসে দেহ পদছায়া"-মেঘ°। ১১ রাগিণীবিঃ। ~কর [ছায়া-কর (কারী)] বিণ, যে ছায়া করে। ২ ছত্রধর ; ছাতাধারী। স্ত্রীং ~ী। ~ঙ্ক [ছায়া (সূর্য্যপ্রতিবিম্ব দ্বারা) অঙ্ক (নিদর্শন, প্রকাশ) যার, বহু-সূর্য্যের আলোক পাতে যে প্রকাশ পায়] বি, চন্দ্র। ~গ্রহি-বি, দর্পণ। ~চিত্র-ফটোগ্রাফ photograph ; আলেখ্য চিত্র (দ্রঃ)। ২ ফিল্ম film "বিশেষিত ছায়াচিত্র-ভক্ত বাংলায় বহু আছেন" আ°-শক্তি। ~চ্ছন্ন [ছায়া+আচ্ছন্ন] বিণ, ছায়া দ্বারা আচ্ছন্ন ; অন্ধকারাবৃত। ২ বিষাদমগ্ন। ~তনয় [ছায়ার তনয়, ৬তৎ] বি, ছায়াসুত ; শনিগ্রহ। ২ সাবর্ণিমনু। ~তরু [ছায়াপ্রধান যে তরু (বৃক্ষ)-ধা] বি, যে বৃক্ষের অনেক দূরব্যাপী ছায়া হয় ; বৃহৎবৃক্ষ। ২ বটবৃক্ষ। ৩ নমেরুবৃক্ষ। ~ত্মজ, ছায়াপুত্র-বি, শনিগ্রহ। ~দেবী [দেবী ভাগবতে] বি, গায়ত্রীদেবী। ~দেহ [ছায়া (ছায়াকৃতি, শূন্য) দেহ] বি, অশরীরীমূর্ত্তি ; অস্থি মাংসাদিহীন অবয়ব ; ছায়াপুরুষ দ্রঃ। "উড়ি পড়ি ছায়াদেহে ছিঁড়ে নাড়ী ভুঁড়ী।" -মেঘ°। ~নট [সং-ছায়ানট্ট] বি, রাগিণীবিঃ। ~পথ [ছায়া (জ্যোতিঃ) পথ (পথ সদৃশ বলিয়া)] বি, জ্যোতিশ্চক্রের মধ্যস্থিত পথের ন্যায় দৃশ্যমান অর্দ্ধমণ্ডলাকার নক্ষত্রপুঞ্জ ; আকাশগঙ্গা ; দুধপথ ; যমের জাঙ্গাল। ২ আকাশ পথ ; শূন্যপথ। "ছায়াপথে ছায়া পলাইলা দূরে।"-মেঘ°। ~পাদ-বি, ছায়া ব্যবহার দ্রঃ। ~পুরুষ [ছায়ারূপ পুরুষ, ধা] বি, শূন্যে দৃশ্যমান দেহীর অনুরূপ ছায়া বা প্রতিবিম্বাত্মক মূর্ত্তি। ~বাজী-ছায়ার খেলা magic lantern show ; যন্ত্রের উপর ছায়াপাত করিয়া নানা জীবন্তবৎ চিত্র প্রতিফলন cinematograph. ~বাদ-বি, অস্পষ্টবাদ, গূঢ়ার্থবাদ, রহস্যবাদ। ~বিপ্রতিপত্তি-বি, মরণসূচক দেহ কান্ত্যাদির অন্যথাভাব। ~ব্যবহার [পারিভাষিক শব্দ-*Colebrook*] বি, ছায়াঘড়ির কাঁটা বা শঙ্কু দ্বারা সময় নিরূপণ। যে কোন বস্তুর ছায়া দ্বারা তার পরিমাণ স্থির করণ। ~মণ্ডপ [ছায়া+মণ্ডপ-উপরে আচ্ছাদন দিয়া যে মণ্ডপ বা বেদী অনাতপ করা হইয়াছে] বি, চাঁদোয়া টাঙ্গান স্থান। ২ চাঁদলা তলা ; বিবাহের স্থান। "ছেয়ে ছায়ামণ্ডপ রেখেছে মণিমালে।"-শি°। "ছায়া মণ্ডপের মাঝে চেমছা দগড় বাজে।"-কবিক°। > ~মণ্ডপী [ছায়ামণ্ডপ-ঈ (সম্বন্ধার্থে)] বিণ, ছাঁদলাতলা সংক্রান্ত। ২ বি, ছাঁদলা তলার ব্যয় ; বিবাহ-মণ্ডপ আচ্ছাদন করিবার জন্য বরপক্ষীয়ের দেয় অর্থ। ~ময়-বিণ, ছায়াবৃত। ২ তমোময়। ছা° মাড়ানি-ক্রি, কাছে যাওয়া ; অতি নিকটে যাওয়া ; ঘনিষ্ঠতা করা ; সংশ্রবে আসা। ~মান [ছায়া দ্বারা মান (পরিমাণ) করা হয় যার, বহু°] বি, চন্দ্র। ~মূর্ত্তি [ছায়ারূপ মূর্ত্তি-ম° প° লো°] বি, ছায়াকৃতি দেহ ; বায়বীয় শরীর। ~মৃগধর [ছায়া (রূপ) মৃগ (=ছায়ামৃগ, ম° প° লো°)+ধর (ধারী)] বি, মৃগাঙ্কধর ; শশধর ; চন্দ্র। ~লোক [ছায়া (রূপ) লোক, ম° প° লো°] বি, ছায়াবিশিষ্ট লোক ; জ্যোতিশ্চক্রের মধ্যেস্থিত ছায়ার মত দৃষ্ট নক্ষত্র রাশি। ২ [ছায়াতে স্থিত আলোক, ৭তৎ]। ~শিকারী-বিণ, অলীকের অর্থাৎ অবাস্তবের পশ্চাদ্ধাবনকারী ; ছায়ানুসরণকারী ; "মায়ামৃগান্বেষী সমাজতত্ত্বের আলোচনাকারীকে অলস কর্ম্মভীরু ও ছায়াশিকারী মনে করে না।"-বঙ্গবাণী, ১৩৩৪। ~সুত -বি, ছায়াতনয় দ্রঃ।

ছায়ানী [ছামনি দ্রঃ। ছায়নি, ছাউনিও হয়] বি, ছামনী (দ্রঃ)। ২ শুভদৃষ্টি। "পাটে চড়ে রূপবতী প্রদক্ষিণ করে পতি শুভক্ষণে দুজনে ছায়ানী।"-কবিক°। ৩ নির্ম্মঞ্ছন ; নিছনি ; বরণ। ছায়ানির ডালা-বরণ ডালা (কবিক°)।

ছার [সং-ক্ষার>] বি, ক্ষার ; ভস্ম। "ছার হেন দেখোঁ এবেঁ তোহ্মার যৌবন।"-শ্রী° কী°। ২ বিণ, অধম ; হেয় ; তুচ্ছ। "কি ছার সে নর তারে ডরাও আপনি"-মেঘ°। "ছার তিরী বামা জাতী রাখেল"-শ্রী° কী°। ৩ দগ্ধ ; হত ; দুঃখময়। "ছকী বলে আরে মোর ছার কপাল ছি। অন্ধবরে বিভা দিনু খুদী হেন ঝি॥"-শি°। ৪ নষ্ট ; ধ্বংস ; উৎসন্ন ; ভস্মীভূত ; ছারখার। "দিয়াছে সঁপিয়া শত্রু করতলে, সোণার ভারত করিতে ছার।"-হেম°। ৫ ব্যর্থ ; অসার ; অকর্ম্মণ্য। "ধিক রহুঁ এছার ইন্দ্রিয় মোর সব"-চণ্ডি°। ~কপাল-পোড়াকপাল ; দগ্ধভাগ্য ; দুর্ভাগ্য। "ছারকপালে ছাইকপালে দেখে আসে ডর লো"-অং মং। > বিণ, ~কপালিয়া (গ্রা° ক্ষে° ~কপালে)।

ছারখার [ছার (সার)+খার (ক্ষার) > খারসার। ছাঁরে খাঁরে ও॰] বি, সর্ব্বনাশ। ২ অধঃপাত। ৩ বিণ, ভস্মসাৎ ; উৎসন্ন ; নষ্ট ; ভ্রষ্ট ; "লঙ্কা কইলোঁ ছারখার"-শ্রী° কী°। "বহুমূল পসার করিআঁ ছারখার"-ঐ। ছারে খারে ছারেঁ খারেঁ-অধঃপাতে। "ছারে খারে জাউ মুগধী বড়ায়ি অনল বুলাঙ গাএ।"-শ্রী° কী°।

ছারপোকা [প্রাদে° পাবনা-"ছাই পোকা"। আক্রোশার্থে ছার, ছাই] বি, গন্ধ কীট ; মৎকুণ। ছারপোকার বিয়ান [গ্রা° বিয়েন] অসংখ্য ডিম্ব প্রসব ; ক্রমাগত বংশবৃদ্ধি। "হয়েছে সব উল্টো ঘটন, ছারপোকার বিয়েন মতন নিত্যি নূতন।"-ম° মো° বসু।

ছারুয়া [শ্রীহট্ট প্রাদে°] বি, প্লীহা।

ছাল [সং-ছল্লী (ত্বক্)] বি, ত্বক্ ; চর্ম্মের উপরকার পাতলা আবরণ epidermis. ২ বল্কল। স্ত্রীং ~া-ফোস্কা ; ঘাটা। ~চামড়া-ত্বক ও চর্ম্ম। ~পাতলা-যার কথা সহ্য হয় না ; যে সহজে চটিয়া যায় (তুল-কাণ পাতলা)।

ছালট [ছাল (দ্রঃ)+অট (খণ্ডার্থে)] বি, বাকল ; বৃক্ষত্বকের খণ্ড।

ছালটি [ছাল (বৃক্ষ ত্বক্)+টি (নির্ম্মিত অর্থে)] বি, শণ ছাল বা শণসূত্র দ্বারা নির্ম্মিত বস্ত্র linen

ছালন [সং-সলবণ > সালন (হিং) > । স=ছ] বি, মৎস্য, মাংস বা শাকসব্জীর মসলা-যুক্ত তরকারি। "মোরগের ছাং খাইবা তুলসী মালার ভাত"-পূং বং গীং।

ছালনা, ছাঁদলা [ছানলাতলা দ্রঃ] বি, বিবাহের জন্য টাঙ্গান চাঁদোয়া বা চন্দ্রাতপ। ~**তলা**-চন্দ্রাতপের নিম্নে যে স্থানে বর-কন্যাকে দাঁড় করাইয়া স্ত্রী-আচার করা হয়।

ছালা [সং-স্থালী। হিং-থৈলা (গরুর পিঠে পালানের উপর পণ্যপূর্ণ যে দুইটি বস্তা চাপাইয়া বিক্রয়ার্থ বাজারে লইয়া যাওয়া হয়] বি, স্থালী ; থলিয়া ; বস্তা : বোরা। ২ ভারবাহী পশুপৃষ্ঠের ঝোলা। ~**ছালা**-বস্তা বস্তা ; অসংখ্য। "জল ছাড়ি স্থলে যদি স্থিতি করে স্থাণু। ছালাছালা ছিনা জোঁকে ছাওয়াইবে তনু॥"-শিং।

ছালি [ক্ষার > । ক্ষ=ছ] বি, ছাই। "সংসারের আশায় কন্যার আইজ পইড়াছে ছালিরে।"-পূং বং গীং। "সোণার বরণ বন্ধু মোর বরণ হৈল ছালি"-ঐ।

ছালিয়া-ছেলিয়া দ্রঃ।

ছাহম [আং-সহম্ (ভাগ)। আদাঃ পারি শব্দ] বি, জমীর বিভাগ বা বাটওয়ারা।

ছাহাত [আং-সাআদ (শুভলক্ষণ, মাঙ্গলিক) >] বি, প্রথম শুভ চিহ্ন। "ছাং করি তুলি লৈল কিতাব আর কোরাণ"-পূং বং গীং।

ছি [সং-ছিঃ (গর্হ অর্থে)-শং কং দ্রুম। "ছী" ও লিখিত হয়। পাং-ধি (নিন্দায়)। হিং -ছি, ছোঃ। ব্রজ-ছিয়ে। বাং-গ্রাং, ছ্যাঃ] অ, ঘৃণা। প্র-ছি ও নোংরা জিনিষ ফেলে দাও। ২ নিন্দা। প্র-তাহার কাজ দেখিয়া সকলেই তাহাকে ছি ছি করিতেছে। ৩ [ধিক্ দ্রঃ] ধিকার। "যারে বলে ছি, তার ধিক জীবনে রৈল কি ?"-বাং গান।

ছিঁচকা১ [ফাং শিকচা > বর্ণবিপর্য্যয়ে ছিচ্‌কা। হিং সীক-শলাকা] বি, শিক, শলাকা, গজ।

ছিঁচকা২, ছিঁচকে-চোর [হিং-উচক্কা (গাঁট-কাটা, চোর) > বাং-উচাকা (উট্‌কো ও বলে)-উচক্কা, আচ্‌কা দ্রঃ। উচ্চারণ বিকারে ছিঁচকা] বি, যে সামান্য সামান্য জিনিষ চুরি করে। সামান্য সামান্য দ্রব্য অপহারক ; ছুট্‌কো চোর a pick-pocket, a thief

ছিঁচকাঁদুনিয়া, ছিঁচ্‌কাঁদুনে [সং-ছুপ্ (স্পর্শে) > ছুঁ (ছোঁয়া)-ছুঁচ > ছিঁচ্ + কাঁদুনিয়া, কাঁদুনে (যে কাঁদে)] বিণ, একটু ছুঁইলে যে কাঁদে ; অত্যন্ত আবদারে। "ভাল ছেলের লক্ষণ এই ছিঁচ-কাঁদুনের মত প্যান প্যান করে কাঁদে না" -লীলাবতী (দীনবন্ধু)।

ছিঁট, ছীট১-বি, স্বভাব : প্রকৃতি।

ছিঁড়া, ছেঁড়া [সং-ছিন্ন (ছিদ্-ছিন্ন করা) ছিণ্ডা দ্রঃ] ক্রি, ছিন্ন করা ; ফাড়া ; চেরা ; প্র-কাপড় ছেঁড়া। ২ ছিন্ন ; বিদারিত। "শত গাঁটি ছিঁড়া টেনা করি পরিধান"-অং মং। ~**ছিঁড়ি, ছেঁড়াছিঁড়ি**-পরস্পর টানাটানি করিয়া ছেঁড়া। ২ পরস্পর আঁচড়া-আঁচড়ি।

ছিঁদ [ছিদ্র > গ্রাং। ছেঁদা দ্রঃ] বি, ছিদ্র।

ছিকা [শিকা দ্রঃ। গ্রাং ছিকে] বি, শিক্য ; শিকে।

ছিক্কন, -নী [ছিৎ করণ > । ছিক্কিনী, ছিক্‌নী ও। গ্রাং শিক্‌নী] বি, ক্ষুৎ ; হাঁচি।

ছিক্কনী [বৈদ্যক] বি, হেঁচতো, নাক-ছিকনী Artimisia Starnutatoria.

ছিক্কা [ছিক্ (অনুং। হ্যাচ্‌ছো ইং >), ক=কৈ (শব্দ করা) + অ (র্ত্তৃ) + আং (স্ত্রীং)। হিং-ছিঁক] বি, হাঁচি।

ছিচকা [ফাং, হিং-শিক্‌চা > । সং-শলাকা] বি, শিক ; গজ ; হুঁকার নল পরিষ্কার করিবার কাঠি। ছিঁচকা দ্রঃ।

ছিচড়া, ছিছড়া১ [গ্রাং ছেঁচড়া। হিং-ছিছোরা >] বি, চোর। ২ বিণ, বিবাদ-কারী ; ঝগড়াটে ; কুব্যবহারকারী।

ছিচ(ছ)ড়া২ [হিং ছিছ্‌ড়া] বি, ছাগা-দির ছেঁড়া-খোঁড়া মাংস, হাড় নাড়ীভুঁড়ী ইং।

ছিচা, ছিঁচা [সিঞ্চন > সিঁচন > ছিচন >] ক্রি, সিঞ্চন করা ; ছ্যাঁচা। প্রাং-বাং ছিঁচিএ-সেঁচিয়া ; সিঞ্চন করিয়া। "ছিচএ দিব পানি"-রমাই পণ্ডিত (১০-১১শ শতাব্দী)।

ছিছরা [প্রাং-বাং] বি, ধান্যবিঃ। "জেঠ ধান বুনেন গোসাঞি ছিছরা"-শূং পুং।

ছিছাকার [ছি-ছি-কার > গ্রাং দ্রুত উচ্চারণে] বি, ছিছিকার ; ঘৃণাব্যঞ্জক উক্তি ; ধিক্কার ; নিন্দাবাদ।

ছিছি, ছিছিছি [ছি দ্রঃ। আধিক্যার্থে, পুনঃ পুনঃ উক্ত] অ, তিরস্কার ঘৃণা লজ্জাদি-সূচক। ২ লজ্জা। "ছি ছি ছি মরি লজ্জায়, একথা কি কওয়া যায়"-বাং গান। ৩ নিন্দা। ৪ ধিকার ; আত্মগ্লানি। "ছিছি মন তোর কপাল পোড়া"-রাং প্রং।

ছিট১-ছিঁট দ্রঃ।

ছিট২, ছীট২ [সং-চিত্র > হিং-ছীট chintz] বি, নানাবর্ণের ছিটা দেওয়া বস্ত্র ; চিত্রিত বস্ত্র ; ছিটের কাপড়। প্র-ছিটের জামা। লক্ষ্ণৌয়ের ছিট। ২ [ছটা -ছিটা] ফোঁটা ; বিন্দু। প্র-জলের ছিট। ৩ ঈষৎ লক্ষণ বা চিহ্ন ; আমেজ ; ইসারা। প্র-ছিট ওর একটু আছে। বাইয়ের ছিট। ৪ টুকরা ; খণ্ড। প্র-ছিট জমি। ৫ শেষ ; জের ; লাগাড। ৬ [যশোং খুলনা প্রাদেং] বি, ছোটগাছ। সুঁদরীর ছিট-অল্পদিনের সরু দীর্ঘ সুন্দরী গাছ ; সুন্দরীর চারা গাছ।

ছিটকনী-বি, ছিটকিনী দ্রঃ। ২ [প্রাদেং] মাছ ধরিবার জালবিঃ।

ছিটকা [প্রাদেং] বি, ফাঁদ।

ছিটকানি [হিং-ছিটক্‌না, ছিটকানা, ছিড়কানা। ছিটকাই, -কাও, -কায় ; ছিট-কাইতে (ক্ষেং ছিটকাতে) ; ছিটকাইয়া (ক্ষেং ছিট্‌কে)] ক্রি, ছিটান ; ছড়ান। প্র-প্রত্যেক গাছের গোড়ায় ভাল করিয়া জল ছিটকাইয়া দিবে। ২ ঠিকরিয়া যাওয়া ; হঠাৎ বেগে দূরে গিয়া পড়া। "ঠোকর খাইয়া ছিটকাইয়া পড়িল ; তপ্ততৈল ছিটকাইয়া তাহার গায়ে লাগিয়াছে"-বিষবৃক্ষ। ৩ কোন বস্তু পতিত হইলে তার ক্ষুদ্রাংশ বা ছিটা দূরে গিয়া পড়া। প্র-ওখানে জল ফেলিও না, ছিটকাইয়া গায়ে লাগিবে। বি, ছিটকানি (হিং-ছিড়্‌কান, ছিড়কানি)।

ছিটকিনী [হিং-ছিট্‌কনী (a cleat)] বি, দ্বারাদি বন্ধ করিবার হুক।

ছিট্‌কী [সং ছটা >] বি. চাবুক (মৈ গী°)। বাঁশের শলা। ২ মাছ ধরিবার জালবিঃ।

ছিটনী-ছিটান দ্রঃ।

ছিটনি১, ছিটুনি [সং-ছটা >] বি. ছটার আকারে কঞ্চি, বাখারি বা সরু সরু কাঠি পাশাপাশি সাজাইয়া বাঁধন ; চালের খড় সরিয়া না যায় এজন্য চালের উপর সরু বাখারির চালি বন্ধন। "তালের কাঁড়ি লাগে গুয়ার বাখারি ছিটনি তথির উপর।"-শূ° পু°। ২ আলবাল। "মায়ের পাখা তায় লেগেছে ছিটনি। বিনোদ পাটের খোপ রসের দাপনি॥"-কবিক°। ৩ যে স্ত্রীলোক ছিটনি অর্থাৎ বাঁশের শলাকা দিয়া চিক ই° বুনে।

ছিটপিটানি, -ফিটানি [আধিক্যে কিন্তু অল্প তীব্র অর্থে, ছটফট্‌ (দ্রঃ)। ছিটফটাই, -টাও, -টায় ই°] ক্রি. ছিটফিট করা ; শারীরিক বা মানসিক যন্ত্রণায় অস্থির হওয়া বা হস্ত-পদাদি বিক্ষেপাদি করা।

ছিটা, ছিটে [সং-ছটা, ছাঁট দ্রঃ। ছটার আকারে ক্ষেপণের ভাব >] বি. ছিট ; বিন্দু ; ফোঁটা ; কণা। প্র-জলের ছিটা ; দুধের ছিটে। ২ পলিপড়া জমি বা চর ভূমিতে শস্য ছড়ান। ক্রি. ছিটানি। ~**গুলি**-বি. ক্ষুদ্র গুলি বা লৌহ-গুটিকা। ~**পাড়া**-ক্রি. মন্ত্র পড়িয়া গায়ে জলের ছিটা দেওয়া ; মন্ত্রপড়া জল নিক্ষেপ করা। ~**ফোঁটা** [একার্থক সহচর শব্দদ্বয়। গ্রা° ছিটেফোঁটা] বি. এক আধ ছিটা ; দুই এক ফোঁ° বা বিন্দু। "এইরূপ ছি°ফোঁ°ব্যবস্থায় কোন কাজ হইবে না।"-আ° পত্রিকা, ২৬-৬-৩৩। ২ [বশীকরণাদিতে] অঙ্গে মন্ত্রপড়া জলের ছিটা ও কপালে গুণ করিবার ঔষধের ফোঁটা। "ছিটা ফোঁটা তন্ত্র মন্ত্র আসে কতগুলি"-অ° ম°। বাদুড়ের পাখা আন সজারুর কাঁটা। তেমাথায় পোড়ায়ে কপালে দিব ফোঁটা॥"-কবিক°। ~**বেড়া, ছিটে-বেড়া**-কঞ্চি বা বাখারির বেড়া বাঁধিয়া তাতে মাটির ছিটা দেওয়া। ~**বোনা**-পলিপড়া বা চর ভূমিতে চাষ না করিয়া কেবল শস্য ছড়াইয়া দেওয়া। কাটা ঘায়ে লুনের ছিটে-ক্ষতস্থান সহজেই কষ্টদায়ক তাতে লবণের ছিটা দিয়া যন্ত্রণা বৃদ্ধি করা। "বুকেতে মারিয়া চাকুর ঘা তাতে লুনের ছিটে"-চণ্ডি°।

ছিটানি, ছিটেনি [ছিটা দ্রঃ। হি°-ছিটা দেওয়া। ছিটাই, ছিটাও (ছিটান ছিটা) ; ছিটায় (ছিটান) ই°] ক্রি. ছিটা দেওয়া ; ছড়া দেওয়া। ২ বিস্তৃত করা ; বিছান বি. ছিটনি২, ছিটানি, ছিটুনি।

ছিট্‌টা [হি°। মৈমনসিং, রংপুর প্রাদে°] বি. ছিটা ; দাগ।

ছিড়, ছিড়ান১, ছিড়েন১ [ছিট দ্রঃ] বি. শেষ ; লেজুড় ; লাগাড় ; জের। প্র-কাজের ছিড়েন মারতে পারা যায় না।

ছিড়ান২, ছিড়েন২ [হি° ছোড়ান] বি. ছাড়া পাওয়া ; নিষ্কৃতি ; অব্যাহতি। ছাড়ানছিড়া(ড়ে)ন্‌-বি. অব্যাহতি ; উদ্ধার।

ছিণ্ডা [সং ছিন্ন। ছিণ্ডি, ছিণ্ড, ছিণ্ডে ; ছিণ্ডিতে ; ছিণ্ডিয়া (পদে-ছিণ্ডি)] ক্রি. ছিন্ন করা ; ছেঁড়া। "মুণ্ড ছিণ্ডি আনিছে"-ভারত°। "ছিণ্ডিল গুণ্ড, ভাঙ্গিল মুণ্ড কাঙ্কড়ি যেন খান খান।"-কবিক°। বি. ছিগুন।

ছিণ্ডিজুলি, ভাঁগিজুলি-জুলি দ্রঃ।

ছিণ্ডিভিণ্ডি-ক্রি-বিণ. ছিন্নভিন্ন করিয়া।

ছিৎ [ছিদ্‌ (ছেদনে)] বি. ছেদন। ~**রানি, ছিতরানি, ছেতরানি, ছাতরানি** [হি°-চিতর্‌(রো)না >] ক্রি. ছড়ান ; বিকিরণ করা।

ছিত্ত [ছো (ছেদনে) + ত (র্ম)। ছো=ছি] বিণ. যা ছেদন করা হইয়াছে ; ছিন্ন ; ছেঁড়া।

ছিতে [অছা ধাতু হ'তে। হি° ছ ধাতু। বাং আছিতে > ক্ষে°] অস-ক্রি. থাকিতে ; বিদ্যমানে। "তোঁ হেন বাড়ায়ি ছিতে মোর হএ ডরে।"-শ্রীঃ কী°।

ছিত্তি [ছিদ্‌ (ছেদন করা) + তি (ভা°)] বি. ছেদন।

ছিত্বর [ছিদ্‌ (ছেদনে) + বর (র্তৃ, জ্ঞা°), দ=ত্‌] বিণ. ছেদক। ২ বি. শত্রু ; বৈরী। ৩ ধূর্ত ; শঠ। স্ত্রীঃ ~ী।

ছিদ্‌ [ছিদ্‌ + (ছেদনে) + কিপ্‌] ছিৎ দ্রঃ।

ছিদ্দর [ছিত্বর > ছেদর দ্রঃ] বি. ধূর্ত। ২ বৈরী। ৩ ছেদক।

ছিদাম১ [হি°-ছদাম, চিদাম, 'ছাদাম' (নিম্নকথ্য)] বি. সিকি পয়সা ; দুই দামড়ি।

ছিদাম২ [শ্রী=ছি। গ্রা°] বি. শ্রীদাম (নাম অর্থে)]।

ছিদির [ছিদ্‌] ছেদনে) + ইর (র্তৃ, জ্ঞা°) বি. কুঠার বা খড়্গ। ২ অগ্নি।

ছিদুর [ছিদ্‌ + উর (র্তৃ, শীলার্থে)] বিণ. ছেদনশীল ; ছেদক। ২ বঞ্চক। ৩ বৈরী।

ছিদ্যমান [ছিদ্‌ (ছেদান) + শান (র্ম)] বিণ. যাকে ছেদন করা হইতেছে।

ছিদ্র [ছিদ্‌ (ভেদ করা) + র (র্ম)। গ্রা°-ছিদ্‌, ছেঁদা, ছিদ্দির] বি. ছেদ ; বিবর ; বিঁধ। ২ দোষ ; ত্রুটি। ৩ অবকাশ। ৪ [জ্যো°] লগ্নের অষ্টম স্থান। ~**দর্শন**-বি. দোষদর্শন। ~**দর্শী** [মু° ছিদ্র দর্শিন্‌ ১মা, ১ব°] বিণ. দোষদর্শক ; ছিদ্রান্বেষণকারী ; যে পরের দোষ অনুসন্ধান করে।

ছিদ্রানুসন্ধান [ছিদ্রের অনুসন্ধান, ৬-তৎ] বি. ছিদ্রান্বেষণ ; ছিদ্রানুসরণ ; দোষানু-সন্ধান। বিণ. ছিদ্রানুসন্ধায়ী।

ছিদ্রানু/সরণ [ছিদ্রের অনুসরণ, ৬তৎ] বি. দোষানুসরণ ; দোষান্বেষণ। ~**সারী** [ছিদ্র + অনুসারিন্‌-১মা, ১ব°] বিণ. ছিদ্রান্বেষী ; যে দোষ অনুসন্ধান করে ; দোষানুসন্ধানকারী।

ছিদ্রান্বে/ষণ [ছিদ্রের অন্বেষণ, ৬তৎ] বি. দোষানুসন্ধান। ~**ষী** [মু° ছিদ্রান্বেষিন ১মা, ১ব°] বিণ. পরদোষানুসন্ধায়ী ; যে পরের দোষ খুঁজিয়া বেড়ায়।

ছিদ্রাঙ্গদেহী [জীববিজ্ঞা° পরিঃ] বি. অসংখ্য ছিদ্রযুক্ত জলশোষক জীব ; স্পঞ্জ।

ছিদ্রিত [ছিদ্র + ইত (বিশিষ্ট)] বিণ. কৃত-ছিদ্র, বিঁধ-করা ; রন্ধ্রযুক্ত ; বিদ্ধ।

ছিন, ছীন [ছিন্ন > গ্রা°] বিণ. ছেঁড়া।

ছিনভিন [ঘৃণা > ঘিন্‌ > ছিন, ভিন্ন > ভিন-ঘৃণায় স্পর্শ না করার ভাব] বি. অনাদর ; অবজ্ঞা। ২ [ছিন্নভিন্ন >] বিণ. ছোড়ভঙ্গ ; পৃথক্‌ পৃথক্‌।

ছিদ্রোদর [ছিদ্র+উদর] বি, নাভি নিম্নে ক্ষতোদর রোগ।

ছিনন [ছিনান দ্রঃ] বি, হরণ; বলপূর্ব্বক গ্রহণ; কাড়িয়া লওন।

ছিনা১, ছিনে [সং-শীর্ণা বা ক্ষীণা > ছীন্-ছীনা। ঝীম দ্রঃ] বিণ, শীর্ণ; কৃশ: সরু; সুতার মত পাকান। ২ নাছোড়বান্দা। ~জোঁক-বি, সরু সরু ছোট জোঁক: ক্ষুদ্রজাতীয় জলৌকা। "জল ছাড়ি স্থলে যদি স্থিতি করে স্থাণু। ছালা ছালা ছিনা জোঁকে ছাওয়াইবে তনু।"-শিং।

ছিনা২ [ফা॰-সীনা >] বি, বুকের পাটা; বক্ষের পরিসর।

ছিনারী [ছিনালী দ্রঃ। ল=র] বিণ, প্রগল্‌ভা। ২ কুলটা। "নটকী গোআলী ছিনারী পামরী"। ৩ বি, প্রগল্‌ভা বা কুলটা নারী। কুলটা।

ছিনাল,-র [সং-ছিন্না। প্রাকৃ॰-ছিন্নাল; ছিনাল (বেশ্যা)। "ছিন্নালিয়া পুত্তো" (মৃচ্ছকটিক)। হি॰-ছিনার] বি, বেশ্যা; ব্যভিচারিণী স্ত্রী; কুলটা: ভ্রষ্টা। "ডাকাতি ছিনার চোর হাজার হাজার"।

ছিনালী১,-রী [ছিনাল দ্রঃ] বি, বেশ্যা-বৃত্তি; কুলটার হাবভাব; বেশ্যার চতুরতা। ~পনা- বি, ভ্রষ্টার চাতুরী।

ছিনিমিনি,-নিনি [অনু॰। জল ছিন্ন করিতে করিতে যায় বলিয়া] বি, জলে খোলামকুচি ছুঁড়িয়া খেলা; ইহাতে খোলা-খণ্ড এমন ভাবে ফেলিতে হয় যে তা জলের উপরিভাগ দিয়া জল কাটিতে কাটিতে বহুদূর যায় the play at ducks and drakes. **টাকা লইয়া ছিনিমিনি খেলা**-টাকাকে টাকা জ্ঞান না করিয়া খোলামকুচির মত জলে ফেলিয়া দেওয়া, অযথা অর্থ ব্যয় করা; টাকা উড়াম বা নষ্ট করা।

ছিন্ন [সং-ছিন্ন > প্রাকৃ॰-ছিন্ন > প্রা॰ বাং ছিণ্ড > ছিঁড়া, ছেঁড়া, ছিদ্‌ (ছেদন করা)+ত (র্দ। দ্‌, ত=ন্ন)] বিণ, যা ছেদন করা হইয়াছে; কর্ত্তিত; দ্বিধাকৃত। ২ যা ছিঁড়িয়াছে। ৩ উৎপাটিত। স্ত্রীং ~া- বেশ্যা। ২ গুড়ূচী। ~দ্বৈধ [ছিন্ন দ্বৈধ (সংশয়) যার, বহু॰] বিণ, নিঃসন্দেহ; ছিন্ন-সংশয়; যার সংশয় ভঞ্জন হইয়াছে। ~পক্ষ-যার পক্ষ বা শাখা বা ডানা ছেদন করা হইয়াছে। ~পত্রী [বৈদ্যক] বি, অম্বষ্ঠা; অম্বাডা ক্ষুপ। ~বিচ্ছিন্ন [ছিন্ন-বি-ছিন্ন] বিণ, (ছিন্ন বস্তু) ইতস্ততঃ বিক্ষিপ্ত। স্ত্রীং ~া। ~নাস [ছিন্ন-নাসা (নাসিকা) যার, বহু॰] বিণ, যার নাসিকা ছিন্ন হইয়াছে; গত নাসিক। ~ভিন্ন [ছিন্ন এবং ভিন্ন] বিণ, যা ছেদ ও ভেদ বা পৃথক্ করা হইয়াছে; ছোড়ভঙ্গ। ২ উচ্ছিন্ন; বিনষ্ট। ৩ ইতস্ততঃ বিক্ষিপ্ত। ৪ লণ্ডভণ্ড। ~মস্তক [ছিন্ন মস্তক যার, বহু॰] বিণ, মস্তকহীন: নির্মুণ্ড; স্কন্ধকাটা। ২ বি, কাটামুণ্ড। ~মস্তা [ছিন্ন-মস্ত (মস্তক) যৎ-কর্তৃক (বহু)+আ (স্ত্রীং)] বি, দশমহা-বিদ্যার মধ্যে দেবীবিঃ। ২ বিণ, যে নারীর মস্তক দেহ হ'তে বিচ্ছিন্ন করা হইয়াছে। ~রুহ-বি, গুলঞ্চ। ~শ্বাস [ছিন্ন হয় শ্বাস যদ্দ্বারা, বহু॰] বি, ক্ষুদ্র শ্বাস রোগ; ইহাতে সময়ে সময়ে শ্বাসরোধ হইয়াছে বলিয়া বোধ হয়। ২ স্কন্ধকাটা।

ছিপ [ছিপ্, ছিপা দ্রঃ] বি, মৎস্যধারণ দণ্ড। ২ [ছিপের ন্যায় সরু বলিয়া অথবা দ্রুত গমন হেতু শীঘ্র শীঘ্র দাঁড় ফেলার জন্য ছিপ্ ছিপ্ শব্দ হ'তে অথবা ক্ষিপ্ (প্রেরণে) >] অপ্রশস্ত সুদীর্ঘ নৌকা-বিঃ। সরু লম্বা হালকা দ্রুতগামী নৌকা-বিঃ; সিপ নৌকা।

ছিপছিপা, -পিয়া,-পে [অনু॰ সরু লিক্‌লিকে ছড়ি বা বেতের আঘাত বা সঞ্চালনজনিত ছিপ্ ছিপ্ বা সিপ্ সিপ্ শব্দ >] বিণ, সরু ও লম্বা। ২ ছিপ্ ছিপ্ শব্দকারী; ঐরূপ শব্দযুক্ত।

ছিপা [হি॰-ছিপ্‌না, ছিপানা (লুকন, লুকান)] ক্রি, লুকাইয়া থাকা। ২ ঢাকা; চাপা। ণিজন্ত, **ছিপানি, ছেপানি** [হি॰ ছিপানা। ছিপাই, ছিপাও, ছিপায়; ছিপাইতে (কে॰ ছিপাতে); ছিপাইয়া (ছিপিয়ে)] লুকান; গোপন করা। > বি, ছিপি। > **ছিপাছিপি** [ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] বি, ঢাকাঢাকি; লুকাচুরি।

ছিপাহি [ফা॰ সিপাই > হি॰, বাং-সিপাহী, বাং-সেপাই ও॰। স=ছ] বি, সিপাহী; সৈন্য। "ধানুকী ছিপাহি সম আগুসারে ধাএ"-মনসা ম॰ (ষষ্ঠীবর, ১৬শ শতাব্দী)।

ছিপি১,-পী১ [হি॰-ছিপা (ঢাকা)] বি, ছিদ্ররোধক কাষ্ঠ, কা১ বা সোলা; গুঁজি: কাক cork.

ছিপি২ [প্রাদে॰ জঙ্গিপুর] বি, ছোট থালা।

ছিপী [ছাপ > হি॰ ছিপী (যে ছাপে)] বি, বস্ত্র রঙ্গকারী; যারা কাপড় ছোবানর ব্যবসায় করে।

'ছিবড়া, 'ছিবুড়া, 'ছিবড়ে [ছিব (সং-ষ্ঠীব্)+টা (শিষ্ট) > কে॰)=ড়া] বি, চর্ব্বিত দ্রব্যের অসার ভাগ। ছোবড়া দ্রঃ।

ছিবা-ছেপ দ্রঃ।

ছিম [চ॰ ক॰ ভা॰। ছুঁই ও < হি॰-ছিমী < সং-শিম্বী] বি, সিম।

ছিমছাম [প্রাদে॰] বিণ, সুপরিষ্কৃত। ২ পরিপাটী।

ছিমনী-ছেনী দ্রঃ।

ছিমি [শিম্বী > হি॰] বি, শিম (দ্রঃ)। শুঁটি। এই অর্থে জঙ্গিপুর অঞ্চলে-ছিমরি।

ছিয়া [প্রাদে॰] বিণ, উচা দ্রঃ।

'ছিয়াত্তর [সং-ষট্‌সপ্ততি-ষণ্ণবতি বা > প্রা॰ ছিয়াত্তোর, ছিয়াত্তোর, ছেয়াত্তর কে॰, 'ছিয়াত্ত' ও॰] বি, ৭৬ এই সংখ্যা। ২ বিণ, ৭৬ সংখ্যক। ~ত্তরিয়া, ~ত্তুরে-বিণ, ৭৬ সংখ্যা সম্বন্ধীয় বা সংখ্যক। **ছিয়াত্তুরে মন্বন্তর**-সন ১১৭৬ সালে বঙ্গদেশে যে জনপদধ্বংসী দুর্ভিক্ষ হইয়াছিল।

'ছিয়ানব্বই [সং-ষট্‌নবতি, ষণ্ণবতি > প্রা॰ছিয়ানই, ছেয়ানই] বি, ৯৬ এই সংখ্যা। ২ বিণ, ৯৬ সংখ্যক।

ছিয়ানী-ছেয়ানী দ্রঃ।

ছিয়াল [শ্রী (বৃদ্ধি) > ছি+বালা > ছিয়ালা > প্রা॰। ছাওয়াল দ্রঃ] বিণ, ছড়াল; বাড়ন্ত; লম্বা-চওড়া; বিস্তৃত; দীঘল; বিশাল। প্র-ছিয়াল গড়ন।

ছিয়াশি [সং-ষড়শীতি > প্রা° ছেয়াশি,-শী] বি, ৮৬ সংখ্যা। বিণ, ৮৬ সংখ্যক।

ছিয়ে [ব্রজ°] অ, ছি। ছিয়ে ছিয়ে [ব্রজ°। ছি দ্রঃ] অ, ছি ছি; কি লজ্জা। "ছিয়ে ছিয়ে তোহারি রভসময় ভাষ।"-বি° প°। "এসখি ছিয়ে ছিয়ে কহইতে লাজ" -গোবিন্দ°। "ছিয়ে ছিয়ে রাধা চঞ্চল হৃদয় তোহারি"-রবী°।

ছিরা [শ্রী > মেয়েলী° ছিরী > ছিরা > (অতি পরিচয়ে বা অবজ্ঞার্থে ছিরে)। শ্রীমন্ত > ছিমন্ত, ছিরিমন্ত > ক্ষে° ছিরা] বি, শ্রীমন্ত সওদাগর। "কৃষ্ণ কথা শোনে ছিরা জননীর কোলে"-কবিক°।

ছিরি [সং-শ্রী > পা°-সিরী > প্রা-বাং -সিরি। প্র-সিরিফল (পদাবলী)। গ্রা° মেয়েলী ভাষায় ছিরি] বি, শ্রী: কান্তি; শোভা; আভা; সৌন্দর্য্য। "উচকুচযুগ কনকগিরি। হিয়ার মাঝারে মাণিক ছিরি।"-জ্ঞান°। ২ ধরণ; রকম। "মা বল্লেন, কি বল্লেরে? মেয়ে বল্লে আমি কি জানি! মা বল্লেন মেয়ের কথার ছিরি দ্যাখ"-আ° শক্তি। ~বঁরণ-ডালা [শ্রী ও বরণডালা >] বি, বিবাহে প্রয়োজনীয় পিঠালী ও বিবিধ রঙ্গে নির্ম্মিত শ্রীনামক মাঙ্গল্য উপকরণবিঃ এবং বর-বরণের ডালা। ~ছাঁদ-শ্রী ও ছন্দ: আকার প্রকার। ~ফঁল-শ্রীফল; বেল। "কুচ ছিরিফল"-বৈ° পদাবলী। বিপরীতে, বিচ্ছিরি-বিশ্রী। লিক্ষ্মীরছিরি [গ্রা° মেয়েলী° লোক্‌খিচ্ছিরি] বি, লক্ষ্মীশ্রী।

ছিরে, -বি, ছিরা দ্রঃ।

ছিরে, [চিরায়ু > চিরাই > ছিরাই ক্ষে° ছিরে] বি, যেপ্রসূতির সন্তান বাঁচে না সেই মৃতবৎসার পুত্রের ফেলা, গুয়ে ই° নামের ন্যায় নাম। ২ বিণ, চিরায়ু।

ছিলঁ [উত্তম পুরুষের ক্রিয়া ভূতকালের রূপ] ক্রি, ছিলাম। প্র-"আমি আপন সত্তা-ত্যাগ করিয়া ছিল। মহাশয়ের সত্তা হইল।" -১১৬৫ সালের দলিল।

ছিলকা, ছিল্কা, ছিল্‌কে, ছিল্কে [সং-ছল্লি, ছল্লিকা > প্রা°] বি, গাছের ছালের খণ্ড; বল্কলখণ্ড; বল্কল; ছাল। ২ ফলের উপরের আবরণ বা খোলা। ৩ গায়ের ছাল, চামড়া; ত্বক্। "জল্‌দি কাম্ বাজাও বলে, যদি পিঠের ছিল্‌কে তোলে সেলাম ঠুকে ধরবে গান।"-ইন্দ্রনাথ বন্দ্যো°।

ছিলা [সং-ছল্লি >] বি, জ্যা; মৌর্ব্বী; শিঞ্জিনী; ধনুকের গুণ। ২ বস্ত্রাদির প্রান্তভাগস্থ সূত্র; কাপড়ের প্রান্ত-ভাগের দশী।

ছিলিম, ছিলঁম [ফা°-চিলম্] বি, কলিকা; যে অংশে কল্কে। "একছিলিম অন্ততঃ ভোরে উঠেই চাই"-রজনী সেন।

ছিলিমচি [ফা°-চিলিম্‌চী] বি, হুকার যে অংশে কল্কে বসাইতে হয়। ২ হাত ধুইবার ঢাকনিদার ধাতুপাত্র।

ছিলিমিলি-বি, মুসলমান ফকিরের গলার মালা বিঃ। ২ শ্রীমানী শব্দের গ্রা° বিকার।

ছিষ্টি [সং-সৃষ্টি > প্রা°-বাং। আধু°-বাং-মেয়েলী°] বি, সৃষ্টি। "নহি ছিষ্টি ছিল আর নহি সুর নর।"-শূ° পু°। ~ছাড়া-সৃষ্টি-ছাড়া; সৃষ্টির অতীত। ২ যা দেখিতে বা শুনিতে পাওয়া যায় না। ~ছাড়া কঁথা-যে কথা কখনও কোথায়ও শুনা যায় নাই বা যায় না।

ছিহঁথ,-স্ত [শ্রীহস্ত > ভ্রং। প্রা°-বাং] বি, শ্রীহস্ত; ভক্তিভাজন বা পূজ্যপাদের হস্ত। "পুনরপি গোসাঞি ছিহথ বুলাইল"-শূ° পু°

ছিহঁস্ত-ছিহথ দ্রঃ।

ছীট-ছিট১,২ দ্রঃ।

ছীটা [হিং° ছীটনা] বি, একবার চাষ দিয়া বোনা জমি। "অনেকে জমীর দখল পাইবার জন্ত, জমী ছীটা করিয়া লয়।"

ছুআ, ছুয়া, ছোয়া [সং-ছুপ্ (স্পর্শ করা)। প্রা-ছুঁআ, ছুঁয়া, ছোঁয়া। ছুঁই, ছোঁও (ছুঁন, ছোঁ) ছোঁয় (ছোঁন); ছুঁইতে (ক্ষে° ছুঁতে); ছুঁইয়া (ক্ষে° পূ° বঙ্গে-ছুয়্যা, পশ্চিম বঙ্গে-ছুঁয়ে)-স্পর্শ করিয়া। "পক্কে ছুয়্যা লয় ডিঙ্গা"-কবিক°। ণিজন্ত-ছুঁয়ানি] ক্রি, স্পর্শ করা; গায়ে হাত ঠেকা। প্র-ছেলেদের সংক্রামক রোগে আক্রান্ত ব্যক্তিকে ছুঁইতে দিতে নাই। "ছুঁওনা ছুঁওনা ওটি লজ্জাবতীলতা"-হেম°। ২ লাগাল; পৌছন। প্র-এত উচে আছে যে তা ছুয়া যায় না। ৩ আমল; অধিকার; সুযোগ। প্র-সে অনেক দিন থেকেই সাবধান হয়েছে আর বড় ছোঁয়া দিতেছে না। ছুঁআছুঁই-পরস্পর গাত্র স্পর্শ করণ। ২ একে ওকে ছুঁইয়া ফেলা। ছুঁআলেপা (সাধাঃ-নেপা)-যা স্পর্শ করা উচিত নয় তা স্পর্শ করা ও মাখাইয়া দেওয়া।

ছুঁই [ছুঁআ দ্রঃ] ক্রি, স্পর্শ করি। ২ [শুচি > চুতি >] বি, ছুত (দ্রঃ)। ~-ছুঁই [ছুত-ছুত, ছোঁয়া-ছুঁই >] অ, ছোঁয়ার বিচার। এই ছুঁলে এই ছুঁলে এইরূপ ভয় বা সঙ্কোচ ভাব। পাছে ছুঁইয়া অশুচি করিয়া ফেলে তাই সতর্ক ভাব।

ছুঁচ১ [সং-সূচি, সূচী। বাং-সূচ ও°] বি, সূঁই; সীবনী। ছুঁ° ফোটানি-ক্রি, ছুঁচ বেঁধা; অসহ যন্ত্রণা দেওয়া। "কিন্তু কী কষ্ট গেছে! আমাকে যেন খুব ছুঁচ ফোটাত, আগুনে পোড়াত।"-রবী°।

ছুঁচ২, **ছুঁচা, ছুঁছ** [সং-ছুছুন্দরী (দ্রঃ) > প্রা°-ছুঁচো] বি, গন্ধমূষিক। ২ গালি। প্র-পাজি, ছুঁচো। ৩ অতি নীচ। ৪ হীন বা নীচ স্বভাবের লোক। স্ত্রীং ~ী, -ছী-ছুছুন্দরী। ~বাজি, ছুঁচো বাজী-বি, বাজি দ্রঃ। ছুঁচার কঁচকিচি, -কিচ-কিচানি, -কিচিকিচি-কারণে, অকারণে, সদা সর্ব্বদা নীচ প্রকৃতির মূল ও কলহ। ছুঁচার বা ছুঁচর কিত্তন, কেত্তন-ছুঁচার মত কিচ্‌কিচ্ করিয়া ঝগড়া ঝাঁটি। ছুঁচো মেরে হাতে গঁন্ধ কঁরা-নীচ ও ঘৃণিতকে দণ্ড দিতে, কেবল নিজের হাতে গন্ধ হয়-ফলে, গৌরব নাই। বাহিরে কোঁচার পত্তন ভিতঁরে ছুঁচোর কেত্তন-কোঁচা দ্রঃ। সাপের ছুঁচো গেলা-সাপের দাঁত ভিতরমুখী বলিয়া যা কামড়াইয়া ধরে তা আর মুখ থেকে বাহির হ'তে পারে না; সুতরাং সাপ ছুঁচা ধরিলে মুখ থেকে বাহির করিতেও পারে না এবং

দুর্গন্ধহেতু গিলিতেও পারে না > উভয় সঙ্কটে পড়া। বড় ছুঁচা অর্থে-ছোঁচা১।

ছুঁচলো, -চালি, -চোলো [ছুঁচ (সুচি) + আল] বিণ, সুচীর মত ; কাঁটাকাঁটা ; অগ্রভাগ সুচীর ন্যায় তীক্ষ্ণ। "দাড়ি হবে সোজা ছুঁচলো, কটা এবং খাটো"-দ্বি° রায়।

ছুঁচানি-ছোঁচান দ্রঃ।

ছুঁচিবাই [সং-শুচি বায়, বাতিক] বি, অশুচি হইবার ভয়ে সর্ব্বদা যে শঙ্কিত : যে সর্ব্বদা ছুঁইছুঁই করে। শুচি শুচি করিয়া এবং অঙ্গশুদ্ধি লইয়া যে বাতিক বা বায়ুরোগগ্রস্ত। বিণ, ছুঁচিবেয়ে (বাইয়া)।

ছুঁড়ন, ছোঁড়ন [ছুঁড়া দ্রঃ] বি, ক্ষেপণ। ক্রি, ছুড়া : ছোঁড়া।

ছুঁড়া, ছোঁড়া [হিং-ছুড়না ছোড়ানা। সং-ক্ষেপণ (ক্ষিপ্ ধাতু) >। ছুঁড়ি, ছুঁড় (ছুঁড়েন, ছোঁড়), ছুঁড়ে (ছুড়েন, ছোঁড়েন) ; ছুঁড়িতে (ক্ষেং ছুঁড়তে) ; ছুড়িয়া (ক্ষেং ছুঁড়ে)। ণিজন্ত-ছোঁড়ানি] ক্রি, ক্ষেপণ করা ; নিক্ষেপ করা ; দূরে ফেলিয়া দেওয়া : এড়া। প্র-ঢিল ছোঁড়া। ছোঁড়া-ছুঁড়ি, ছোঁড়ি-পরস্পরের প্রতি নিক্ষেপ। ঢিলটি ছুঁড়িলে পাট্‌কেলটি খাইতে হয়-মারিলেই মার খাইতে হয় ; যেমন ব্যবহার করা যায় তেমনি ব্যবহার পাওয়া যায় tit for tat তুবড়ী ছোঁড়া, বাজী ছোঁড়া-তুবড়ীতে আগুন দেওয়া ; বাজী পোড়ান। হাত ছোঁড়া, পা ছোঁড়া-হাত পা বেগে ছড়ান ; অঙ্গপ্রত্যঙ্গ বিক্ষেপ করা ; ছট্‌ফট্ করা ; হাত পা আছড়ান। প্র-সে জ্বরের ধমকে হাত পা ছুঁড়িতেছে।

ছুঁড়ী [সং-ছমণ্ডী। হিং-ছোরী অবজ্ঞা বা সহানুভূতি অর্থে] বি, নবযুবতী ; বালিকা ; কিশোরী। "রন্ধন করিতে ছুঁড়ী আনিবে থাকার"-কবিকং। পুং ছোঁড়া। ওঠ ছুঁড়ী তোর বিয়ে-বিবাহের জন্য যে সম্পূর্ণ অপ্রস্তুত তাকে হঠাৎ বিবাহে আহ্বান যেমন, তেমনি প্রস্তুত না হইয়া কোন কাজ করিতে বলা।

ছুঁৎ, ছুঁত [ছুৎ, ছুঁআ দ্রঃ] বি, স্পর্শ। ২ স্পর্শদোষ ; অশৌচ। প্র-ছুঁত যাওয়া। ছুঁত লাগা। ৩ খুঁত : ত্রুটি। ~মার্গ [স্বামী বিবেকানন্দ কর্তৃক উদ্ভাবিত] বি, নীচাখ্য বা অস্পৃশ্যজাতীয় ব্যক্তির দেহ, জল-অনাচরণীয় জাতির হাতের জল ইং স্পর্শ করিতে দোষ বা অধর্ম্ম এই বিশ্বাসাত্মক ধর্ম্মমত। > বিণ, ~মার্গী।

ছুক [সং অস্তু > পাং প্রাকৃ আসুত্ > বাং আছুক > ক্ষেং ছুক : বা, অস্তু > অছ্ > ছ (বর্ণবিপর্য্যয়) + উক > ছুক। এইরূপ, আছিতে > ছিতে। প্রাং বাং। অছা দ্রঃ] ক্রি, আছুক ; থাকুক। "ধিক ছুক কাহাঞি সে কালী নাগে"-শ্রীং কীং।

ছুকরী [হিং-ছুকরী, ছোকরী, ছোরী। ছুঁড়ী দ্রঃ। অবজ্ঞার্থে] বি, বিণ, কিশোরী ; বালিকা : নবযুবতী ; অল্পবয়স্কা নারী। ২ [চট্টং প্রাদেং] চাকরাণী। পুং, ছোকরা।

ছুচুমুচু [প্রাদেং গ্রাং। থতমত (দ্রঃ) >] অ, ইতস্তত: (পূং বং গীং)। ২ থতমত। ছুং করা-থতমত খাওয়া।

ছুছুকা-বি, ছুঁচা।

ছুছুন্দরী, ছুছুন্দরি [ছুছু (অব্যক্ত শব্দ) + দৃ (বিদারণ করা) + অ (কৃ. প্রাং)। ছুঁছুঁ শব্দে যারা মৃত্তিকা বিদারণ করে] বি, গন্ধ-মূষিক ; ছুঁচা। [দ্রঃ-বাংর পুংলিঙ্গে গঠিত 'ছুচুন্দর শব্দের চং হইয়াছে]।

ছুট১ [ছাঁট দ্রঃ] বি, ছাঁট ; বাদ ; কর্ত্তন ; কাতরান ; ছাড় ; অতিরিক্ত অংশ। প্র-ছুট বাদ যাওয়া।

ছুট২ [জটা-ছোটা (দড়ি) > ছোট, (ঝুঁটি দ্রঃ)। তুল-হিং চুটী] বি, চুল বাঁধিবার দড়ী। "একপণ ছুট করেছি কিন্তু মুটোর ভিতর থাকবে"-নীলদর্পণ।

ছুট৩ [ছোট১ দ্রঃ। তুল ইং-suit] বি, পরিধেয় বস্ত্র ; ধুতি ; উড়ানি। এ কছুট-এক-বস্ত্র ; ধুতিমাত্র। দুছুট-ধুতি উড়ানি।

ছুট৪ [সং-ছটা >। (ছটা যেমন কেন্দ্র হ'তে বাহির হয়)। হিং-ছুট্‌না] বি, দৌড় ; ধাবন। প্র-ছুট দেওয়া ; এক ছুটে বাড়ী পৌছন। ২ ছাড় ; মুক্তি। ৩ অবসর ; ছুটি। ৪ বিণ, আলগা, অসংলগ্ন ; ছাড় পড়া। প্র-ছুট কথা। সংস্কৃতে "বাংর গুরু চণ্ডালীমতে সংস্কৃত-ছুট শব্দের মত অসংখ্য সমাস তাহার লেখার আছে"-সম্মিলনী, ১৩৩৪, আষাঢ়। ৫ ছাপার ছাড় রূপ দোষবিঃ ; রচনার অংশবিঃ ভুলক্রমে ছাপা না হইলে, বাক্যের মধ্যে, পৃষ্ঠার মধ্যে বা ছাপার কাগজের এক পৃষ্ঠার সঙ্গে অপর পৃষ্ঠার মিল না থাকার নাম ছুট বা ছুট ছাপা। ছুং দেওয়া, -মারা-ছোটা ; ছুটে যাওয়া। ২ দৌড়িয়া পলান। ছুং করানি-দৌড় করান : দৌড়িতে বাধ্য করা ; কাহারও পশ্চাদ্ধাবন করিতে পাঠান। ক্রি, ছুটা। ~খেলা [অসি ও লাঠি খেলার ভাষায়] প্রতিপক্ষের সহিত প্রকৃত শক্তি পরীক্ষায় অথবা প্রকৃত আততায়ীর সঙ্গে সঙ্ঘর্ষকালে আত্মরক্ষা ও আক্রমণ করিবার সময় লাঠি ও অসি চালনার অভিনয় বা নকল যুদ্ধ। মুখছুট-মুখ দিয়া যা' তা' কথা বাহির হওয়া : গালাগালি দিতে বা লোককে শক্ত কথা শুনাইতে যার মুখে বাধে না।

ছুটকি, ছুট্‌কা, ছুট্‌কো [ছুট দ্রঃ] বিণ, উট্‌কা ; বাহিরের। ২ পথভ্রষ্ট ও কচিৎ আগত : বিক্ষিপ্ত : দল-ছাড়া। প্র-ছুট্‌কা মানুষ। ৩ পলাতক। ছুট্‌কো-ছাট্‌কা-ইতস্তত: বিক্ষিপ্ত ; যা গণনার মধ্যে না আসিয়া ছট্‌কিয়া পড়িয়াছে।

ছুটকী [ছোট-কী (তুচ্ছার্থে, স্বার্থে, স্ত্রীলিঙ্গে)। হিং-ছোট্‌কী। দ্রুত উচ্চারণে ছুটকি। পুং ছোটকা। তুল-বড়কা, মেজকা ইং] বি, ছোট বউ। ২ ক্ষুদ্রপক্ষী।

ছুটন, ছোটন [ছুট দ্রঃ] বি, দৌড়ন ; দ্রুত গমন। ২ পলায়ন। ৩ মুক্তি ; খালাস।

ছুটা১, ছোটা [ছুট দ্রঃ। হিং-ছুটনা। ছুটি, ছুট, ছোট (ছুটেন, ছোট), ছুটে, ছোটে (ছুটেন, ছোটেন) : ছুটিতে (ক্ষেং ছুটতে) ; ছুটিয়া (ক্ষেং ছুটে)। ণিজন্ত-ছুটানি, ছোটানি] ক্রি, দৌড় দেওয়া ; বেগে গমন করা। ২ পলায়ন করা। প্র-থান থেকে ঘোড়া ছুটেছে। ৩ মুক্ত হওয়া ; জেল থেকে খালাস

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ চীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্‌ন হ্ম হ্ব হ্র=হ্‌র হ্ল হ্‌ল ঙ ঝ, জ ফ ব ভ=zfwv ও চ্চাং দ্রঃ

পাওয়া। ৪ লোপ পাওয়া। প্র-রং বা দাগ ছোটা। ৫ প্রবাহিত হওয়া। প্র-রক্ত ছুটা। ৬ কাটিয়া যাওয়া; অপগত হওয়া; ছাড়িয়া যাওয়া। প্র-নেশা ছোটা। ৭ ধাবিত হওয়া; আকৃষ্ট হওয়া। প্র-মন ছোটা। ৮ বেগে নির্গত হওয়া। প্র-রক্ত ছোটা; ঘাম ছোটা, আগুন ছোটা। ৯ ছাড়িয়া যাওয়া; অবসান হওয়া। প্র-আপদ ছুটা। ১০ প্রহারার্থ সহজে উদ্যত হওয়া; উঠা। প্র-হাত পা ছোটা। ~ছুটি-দৌড়াদৌড়ি। ২ তাড়াতাড়ি; ত্বরা। আগুন ছোটা-ভিতরে উষ্ণ বা গরম বোধ হওয়ায় আগুনের মত উত্তাপ বাহির হওয়া। প্র-পা দিয়া আগুন ছুটে গেল। ঘাম ছোটা-ঘর্ম্ম বাহির হওয়া। ২ অতিরিক্ত লক্ষণ দেখা দেওয়া। ঘুম-ছোটা-নিদ্রাবেশ অপগত হওয়া; জাগা। "আমার ঘুম ছুটেছে আর কি ঘুমাই"-রাং প্র। নেশা ছোটা-নেশা কাটিয়া যাওয়া; প্রকৃতিস্থ হওয়া। মন ছোটা-প্রবল বাসনা বা ঝোঁক হওয়া। মুখ ছোটা-ভালমন্দ কথা মুখ দিয়া অনর্গল বাহির হওয়া। রক্ত ছোটা-বেগে রক্ত নির্গত হওয়া। প্র-অস্ত্র করিতেই তার শিরা কাটিয়া রক্ত ছুটিল। হাত পা ছোটা-সহজে কিল চড় মারিতে হাত উঠা ও লাথি মারিতে পা উঠা।

ছুটা$_2$ [সং সূত্র >। ছোটা দ্রঃ। কলা বাসনার সূতা] বি, দড়ি; ছোটা। ২ কলা বাসনার তন্তু বা সূতা। ৩ পৃথক্; আলাহিদা। "রাখে ছুটা বিড়া বান্ধি পিলি সাজাইয়া।"-অং মং। ৪ বিণ, অস্থায়ী।

ছুটানি [ছুটা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ] ক্রি, ছুটিতে বাধ্য করা; দৌড়ান। ২ ছোঁড়া। গন্ধর্ব্ব ছুটান [গ্রাং, গন্ধর্প, গন্ধপ্পো ছুটান। গন্ধর্ব্ব দ্রঃ] অত্যন্ত প্রহার করা।

ছুটালিয়া, ছুট্লে, ছুটুলে [ছোট (ক্ষুদ্র) বালা=ওয়ালিয়া] বিণ, ছোট (অবজ্ঞায়)। প্র-ছুটুলে বৌ। ২ তুচ্ছ; লঘু; সামান্য।

ছুটি,-টী [হিং-ছুট্টী >] বি, অবসর; ফুরসৎ; নিত্যকর্ম্ম হ'তে বিরাম। প্র-কাজের ছুটি। ২ বিদায়। প্র-ছুটি লওয়া; পূজার ছুটি। ৩ মুক্তি; খালাস; ছাড়ানি; উদ্ধার। প্র-আর ওকে বন্ধ করে না রেখে এইবার ছুটি দাও। যে মামলায় ফেঁসেছে, তা থেকে এখন ছুটি পেলে হয়।

ছুটিকা-ছোটিকা দ্রঃ।

ছুড়া, ছোড়া, ছোঁড়া [হিং-ছুড়না। ছুড়ি, ছুড়, ছোড় (ছুড়্‌ন, ছোড়্‌),ছোড়ে (ছোড়েন): ছুড়িতে (কে ছুড়তে): ছুড়িয়া (কে ছুড়ে)। ণিজন্ত-ছুড়ান,ছোড়ান] ক্রি, নিক্ষেপ করা; দূরে ফেলা। বি, ছুড়্‌ন, ছোড়ন।

ছুৎ, ছুত্ [সং-অশুচ্ >। ছুঁৎ দ্রঃ] বি, অশৌচ। প্র-ছুত যাওয়া; ছুত পড়া। ২ স্পর্শদোষ; স্পর্শসংক্রামকতা contagion প্র-ছুত লাগা। ৩ ছুতা (দ্রঃ)। ~ছাত, ছুত-ছাত [ছোঁয়া ছুইর বিকার] বি, ছোঁয়াছুঁই। ছুত পড়া [গ্রাং মেয়েলী ছোঁচ পড়া] অশুচি হওয়া। ~পন্থ, পন্থা-বি, ছুতমার্গ; ছুতধর্ম্ম। ~পন্থী-বিণ, যে ছুত মানিয়া চলে; ছুতমার্গী; ছুতমার্গে বিশ্বাসী। ~মার্গ-~পন্থ দ্রঃ। ~হাড়ী-যে হাঁড়ীতে ছড়া দিবার গোবর-গোলা জল থাকে। গ্রাং মেয়েলী ছোঁচহাঁড়ী।

ছুত$_2$ [ছদ্ম >] বি, ছল; চাতুরী; ভান; ছুতা (দ্রঃ)।

ছুতল [ছুত+বাল (১) >] বিণ, ছুত-ওয়ালা; যে ছুতা বা ছল ধরে।

ছুতা, ছুতো [সং-সূত্র >] বি, সামান্য কারণ; ছল; অছিলা; উপলক্ষ; বাব। প্র-কোন একটা ছুতা করিয়া উপস্থিত হওয়া। ২ ছিদ্র; খুঁত; দোষ; ত্রুটি। "কেন নিন্দ বিধাতায় ছলছুতা ধরিয়া?" -কস্তুরী। ছুতা-নাতা, ছলছুতা-কোন একটা অছিলা; সামান্য কারণ। ক্রি, ছুং করা, ছুং ধরা।

ছুতার [সং-সূত্রধার >। গ্রাং-ছুতোর্] বি, সূত্রধার; মিস্ত্রী; কাষ্ঠকর্ম্মকার। ২ জাতিবিং।

ছুতুক [ছুত, দ্রঃ] বি, স্পর্শদোষ; ছুঁত। "বাগদির লাজ নাই ঘরে ঢুকে মোর। ছেলে-পুলে ছুঁইলে ছুতুক হবে ঘোর।"-শিং।

ছুনি,-নী [চূর্ণ > চূর্ণী > চুনী, চুনি, চুনা > ছুনি, ছুনী, ছুনা। তুল-ছেনি। আদরার্থে] বি, ছোট খুকী; ক্ষুদী। পুং-ছোনা। তুল-ক্ষুদে, ক্ষুদু।

ছুপ$_1$ [ছুপ্ (স্পর্শ করা)+অ(র্থে)] বি, স্পর্শ। ২ চঞ্চলতা। ৩ যুদ্ধ। ছুপে ধরা-চাপিয়া ধরা।

ছুপ$_2$ [সং-ক্ষুপ >] বি, ঝোপ; ক্ষুপ; ঝাড়্।

ছুপ$_3$ [ছুপ্ (স্পর্শে) > হিং ছাপ, বাং ছোপ] বি, ছাপ; ছোপ। ~-ছুপ [অনুং] অ, ছপছপ (দ্রঃ) হ'তে মৃদু শব্দ।

ছুপানি [ছুবান দ্রঃ। ছুপ$_3$ (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। ছুপাই, ছুপাও, ছুপায়; ছুপা-ইতে; ছুপাইয়া ইং] ক্রি, ছাপ ধরান; ছোপান (দ্রঃ)। "ধানের ক্ষেতের সবুজে কে আজ সোহাগ দিয়ে ছুপিয়েছে"-স দত্ত।

ছুবলানি-ক্রি, ছোবলান দ্রঃ।

ছুবা [ক্ষুপ > শ্রীহট্ট প্রাদেং] বি, ছোট ছোট গাছের ঝোপ; ক্ষুপ; ঝাড়ী।

ছুবানি$_1$, ছোবানি$_1$ [সং-ছুপ্ (স্পর্শ করা) তা হ'তে ছু-ছো-ছোঁ। 'ছোয়া'র ণিজন্ত রূপ ছোয়ান পরে ছোবান (প্রাং-বাং)] ক্রি, লেলাইয়া দেওয়া; পশ্চাৎ অনুসরণ করান। "সঙ্গে শিশুগণ ফিরে, তাড়ায়ে শশারু ধরে, দূরে গেলে ছুবায় কুকুরে।"-কবিকং।

ছুবানি$_2$, ছোবানি$_2$ [হিং-ছাপ্‌না= কাপড়ের নক্সা ছাপা ও রং করা। ছিপী যে বস্ত্র ছাপে ও রঞ্জিত করে। ছাপ দেওয়া কাপড়কে "ছাপুয়া" বলে। বাং-য় রঙ্গান অর্থেই প্রচলিত] ক্রি, রঞ্জিত করা; রং করা। প্র-কাপড় ছোবান। ২ বস্ত্রাদি চিত্রিত করা।

ছুবুক [চিবুক > প্রাং] বি, চিবুক।

ছুমন্তর [ফুঁ > ছু+মন্ত্র > মন্তর] বি, মন্ত্রপূত ফুঁ বা ফুৎকার; ঝাড়ফুঁক।

ছুয়া-ছুআ দ্রঃ।

ছুয়ানী [প্রাদেং] বি, কর্ণধার। "ছুং টেণ্ডল আর খালাসী যে কত"-পূং বং গীং।

ছুয়ারা-ছোয়ারা দ্রঃ।

ছুরত, ছোরত [সুরত দ্রঃ। ফা॰—খুবসুরৎ (সুন্দর) >, স=ছ] বি, সৌন্দর্য্য (পূ॰ ব॰ গী॰)। ২ রূপ (মৈ॰ গী॰)।

ছুরা১ [ছুর্ (ছেদন করা) + অ (র্তৃ) + আ, স্ত্রীং] বি, বড় ছুরী : ছোরা ; খঞ্জর।

ছুরা২ [চূর্ণ >] বি, চূর্ণ ; চুন।

ছুরি, ছুরিকা, ছুরী১ [সং। প্রাকৃ—ছুরা : বাং—ছুরি। ছুর্ (ছেদন করা) > ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, ছোরা অপেক্ষা ক্ষুদ্র অস্ত্রবিঃ ; চাকু knife. প্র—কলম কাটা ছুরি।

ছুরি চালানি—ক্রি, ছুরি মারা। গলায় ছুরি দেওয়া—ক্রি, গলা কাটা : অতিশয় ঠকান। প্র—কেবল গলায় ছুরী দিলে দোকান দারী হয় না। গলায় ছুরি দেওয়া—বিণ, যে গলা কাটে; খুনী ; (লক্ষ॰) ভীষণ প্রবঞ্চক ; অতিশয় ঠগ a cut-throat

মিছরীর ছুরি, হীরের ছুরি—বাহিরে বন্ধু অন্তরে গলা কাটিবার মত শত্রু : মুখে মধু অন্তরে বিষ।

ছুরিত [ছুর্ (রঞ্জিত করা) + ত (ক্ত)] বিণ, লিপ্ত। ২ জড়িত। ৩ ব্যাপ্ত। ৪ শোভিত : বিকসিত। ৫ ছিন্ন। ৬ [নাট্যে] অভিনয়কালে ভাবভঙ্গী প্রদর্শন সহকারে নায়ক নায়িকাদের নৃত্য।

ছুরিপত্রক [স্পর্শমাত্র কর্তনবৎ অনুভূতি হেতু] বি, বিছুটী।

ছুরী২ [প্রাদে॰] বি, বন্ধ্যা গাভী।

ছুলা—ছোলা দ্রঃ। ণিজন্ত ছুলানি।

ছুলি, ছুলী [ছল্লী >] বি, ত্বকরোগবিঃ।

ছুলুক, ছুল্লুক [মু॰ বাং। আ॰ সলাহ (পরামর্শ) > সুলুক] বি, পরামর্শ (পূ॰ ব॰ গী॰)।

ছুহারা—ছোহারা দ্রঃ।

ছে [সং—ছেদ > ক্ষে॰] বি, ছেদ ; বাদ। প্র—কাঠের ছে দেওয়া ; কাঠ ছে করা। ২ কণ্ডন ; ছেদন (তুষ)। প্র—চাল ভাল কাঁড়া হয় নাই ; আর এক ছে দাও, তিন ছে দিলেই পরিষ্কার হ'য়ে যাবে। ৩ খণ্ড। ৪ বৃষ্টির বিরাম ; ছেয়ানি। ক্রি, ছেয়ান।

ছেঅ(ও)ট [শঠ >, গ্রা॰] বিণ, দুষ্ট। ২ [ছণ্ডমণ্ড >, ছওড় দ্রঃ] বি, বন্ধনশূন্য : মুক্ত ; আলগা।

ছেআতিল [প্রা॰-বাং] বি, ছেদ করণ।

ছেআনি [ছে=ছেদ + আন (করা অর্থে)। ছোয়াই. ছোয়াও, ছোয়ায় ই॰] ক্রি, ছে দেওয়া ; খণ্ডন করা। ২ বি, কর্তন, খণ্ডন।

ছেয়ানি [ছে দ্রঃ] বি, খণ্ড। ২ বৃষ্টির বিরাম। ৩ ছেনি অস্ত্র।

ছেআশী—ছিয়াশী দ্রঃ।

ছেউটী [ষষ্ঠ >] বি, ছয় আনা পরিমাণ ফসল (খনা)।

ছেঁওড় [সং—ছদ্মণ্ড >] বি, অনাথ বালক : পিতৃমাতৃহীন বালক।

ছেঁক১ [সেক দ্রঃ] বি, সেক।

ছেঁক২, **-ক্** [অনু॰] অ, শীতলজলে উষ্ণ দ্রব্য ডুবাইলে বা তপ্ত তৈলে তরকারি ই॰ ফেলিয়া দিলে যে শব্দ হয়। ~**কল্‌কল্**—রন্ধনকালে তপ্ত তৈলে তরকারি নিক্ষিপ্ত হইয়া ফুটিবার শব্দ : রন্ধন ব্যাপার। ~**ছেঁক-ঠাণ্ডা** হাতে অল্প জ্বরাক্রান্তের গাত্রচর্ম্ম স্পর্শে যে অনুভূতি হয়। "গা ছেঁক ছেঁক কর্‌ছে।"

ছেঁক্‌চা [প্রাদে॰] বি, তপ্ত লোহা ই॰ দ্বারা দগ্ধ করা।

ছেঁকচি [স্থান ভেদে ছেঁচ্‌কি ও॰] বিণ (বি) "অল্প তৈলাদিতে ভাজা দ্রব্য।"

ছেঁকা [অনু॰। ঝাঁই, ছোঁকা দ্রঃ। উত্তপ্ত লৌহশলাকা শীতল জলে ডুবাইলে যে ছ্যাঁ শব্দ হয় তা হতে। তপ্ত তৈলে জলীয় দ্রব্য নিক্ষেপের শব্দ।] বি, শীতল চর্মে দগ্ধ শলাকা স্পর্শ ; (>) দগ্ধক্ষত। প্র—ছেঁকার দাগ ; চিমটা পুড়াইয়া তাহার সর্ব্বাঙ্গে ছেঁকা দিয়াছে। ২ [হি॰—ছোঁকনা। ছেঁকি, ছেঁক, ছেঁকে ই॰] ক্রি, অল্প তৈল বা ঘৃতে ভাজা ; সন্তলন করা ; আধপোড়া করা। ৩ বি, ছোঁকা ; ছেঁক্‌চি (দ্রঃ)। ছেঁকা দেওয়া—লৌহ শলাকাদি দগ্ধ করিয়া অঙ্গে ক্ষত করা।

ছেঁচ [ছাইচ দ্রঃ] বি, ছাঁইচ। "দাঁড়ায়ে ঘরের ছেঁচে হাসে মনোহর।"—কুঙ্কুম।

ছেঁচকা [শিক্‌চা >] বি, লৌহ-শলাকা।

ছেঁচকি, ছেচকি [সিদ্ধ > হি॰ সীঝ + কি (অল্পার্থে ও সাদৃশ্যে) >] বি, জলে সিদ্ধ করিয়া অল্প ঘৃত বা তৈলে ভাজা ব্যঞ্জনবিঃ। ~**পোড়া**—আধ-সিদ্ধ ও আধপোড়া, অতি সামান্য ঘৃত বা তৈলে ভাজিতে গিয়া আধপোড়া করা।

ছেঁচড়, ছেঁচোড় [সং—ছিত্বর >। হি॰—ছিছোড়] বিণ, প্রতারক ; বঞ্চক : দুষ্ট ; খল। ২ যে ঋণ গ্রহণ করে কিন্তু প্রত্যর্পণ করে না ; ঋণ শোধ করিতে চায় না এমন। স্ত্রীং ~**ছেঁচড়ী, ছেঁছড়ী**।

চোর ছেঁচড়—চোর দ্রঃ।

ছেঁচড়া [ছেঁচড় দ্রঃ] বি, প্রতারক ; শঠ। ২ চোর। ৩ নীচ। "বেহায়া ছেঁচড়া হলি।"—রজনী সেন। ৪ মৎস্য ও বিবিধ শাক-সবজী মিশ্রিত ব্যঞ্জন বিঃ ; ইহাতে তেলের ভাগ বেশী থাকায় সচরাচর তেলের তরকারিও বলা হয়। ~**পনা, ছেঁচড়ামি, -মি** [হি॰—ছিছোরাপন্] বি, নীচবৃত্তি।

ছেঁচড়ানি, ছেঁছুড়ানি, ছেঁছুরানি [ছেঁচা ও টানার ভাব মিশ্রণে। হেঁচড়ান দ্রঃ। ছেঁচড়াই, -ডাও, -ড়ায় ; -ড়াইতে ; -ডাইয়া] ক্রি, আছড়ান; আছড়াইয়া ফেলা। ২ নির্ম্মমভাবে থেৎলাইতে থেৎলাইতে টানিয়া লইয়া যাওয়ায় ক্ষত বিক্ষত হওয়া। ৩ দলিত করা। "সুড়ঙ্গে ফেলিয়া পায়ু ছেঁচুড়িয়া লইল চোরের পাশে।"—ভারত॰।

ছেঁচন১ [সেচন >] বি, সিঞ্চন। সেচন। ক্রি, ছেঁচা৩ (দ্রঃ)।

ছেঁচন২ [ছেঁচা১ দ্রঃ] বি, থ্যাৎলান।

ছেঁচা১ [ছেঁচা২ দ্রঃ] বিণ, পিষ্ট ; কুট্টিত। "হাসি হাসি শশিমুখী যেঁসি প্রাণনাথে ছেঁচা গুয়া তাম্বুল যোগান হাতে হাতে।"—ঘ॰। "ভোর কোঁচড়ে ছেঁচা বাদাম চাকুম চুকুম খায়।"—ম্যাকবেথ (গিরিশ॰)।

ছেঁচা২ [সং ছিদ্ > ? বাং-র ছেঁচ্ >। ছেঁচি, ই॰ ছেঁচা৩-বৎ] ক্রি, পেষা ; থেঁৎলানা; কুটা। প্র—শিকড়গুলা ছেঁচিতে হইবে। ২ জব্দ করা। প্র—তাকে একবার ছেঁচা দরকার

যাতে আর মাথা তুলিতে না পারে। ~ছেঁচা বেড়া-বাঁশ ছেঁচিয়া চেপ্টা করিয়া তার বেড়া। নাকে নল ছেঁচা-নাকাল করা।

ছেঁচা₁ [সং-সেচন। হিং-সীঁচনা > বিণ, সীঁচা। ছেঁচি, ছেঁচ (ছেঁচুন, ছেঁচ), ছেঁচে (ছেঁচেন) ; ছেঁচিতে (কো॰ ছেঁচতে) ; ছেঁচিয়া (কো॰ ছেঁচে) ই॰] ক্রি, সেচন করা। প্র-জল ছেঁচা। ২ বিণ, সিঞ্চিত ; তোলা। প্র-ছেঁচা জল।

ছেঁচানি [ছেঁচা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। ছেঁচাই, ছেঁচাও, ছেঁচায়, ছেঁচাইতে ; ছেঁচাইয়া] ক্রি, অন্যের দ্বারা থেঁৎলান ; কুটান। ২ সেচন করান।

ছেঁচড়া [হিং ছিচোরা >] বি, দুষ্ট। "থাক থাক অতিথ ছেঁ॰"-মাণিক॰ গান।

ছেঁটে- ছুঁটে ['ছাঁটিয়া ছুটিয়া' > কো॰] অস-ক্রি, বাদসাদ দিয়া।

ছেঁড়া₁ [সং-ছিন্ন-ছিণ্ণ ছিণ্ডা (প্রা॰-বাং)] বিণ, ছিন্ন ; কর্ত্তিত ; কাটা ; ফাড়া ; ফাটা। প্র-ছেঁড়া কাপড়। ২ খণ্ডিত। ৩ উৎপাটিত। প্র-ফুল ছেঁড়া ; গাছের পাতা ছেঁড়া। ৪ [ছিন্ন বা ফাটার ভাব >] অম্লযোগে দুধের জল কাটিয়া পিণ্ডীভূত। ৫ ছিদ্রযুক্ত। প্র-কাপড়ের ছেঁড়া জায়গাগুলা সেলাই করিয়া ফেল। ৬ অকিঞ্চিৎকর ; বাজে ; অসার ; তুচ্ছ। প্র-ওসব ছেঁড়া কথায় বা ছেঁড়া মামলায় থেকো না। ~খোঁড়া-বিণ, ছিন্নবিচ্ছিন্ন। "ছেঁড়া-বাস, ছেঁ॰খোঁ॰ কেশ।"-বি॰ চক্রবর্ত্তী। ছেঁ॰চুলে খোঁপা বাঁধা-পরচুলা দিয়া খোঁপা বাঁধা যায় কিন্তু সে চুল আপনার স্বাভাবিক চুলের মত হয় না স্থায়ীও হয় না। তদ্রূপ পরকে আপনার করিতে যাওয়া বৃথা। ২ বয়সে যে চুল নষ্ট হইয়াছে পরচুলা দিয়া তার শোভা সম্পাদন করা (বিলাসবাসনার নিদর্শন)। "প্রবীণে নবীন হতে আরো বাসনা * * * ছেঁড়া চুলে বকুল ফুলে খোঁপা বেঁধেছ।" -বাং গান। ~ছিঁড়ি-পরস্পর আঁচড় কামড় দ্বারা ক্ষতবিক্ষত করণ ; পরস্পর টানাটানি করিয়া খণ্ড করা। ২ কোন কিছু পাইবার প্রতিযোগিতায় কাড়াকাড়ি। ৩ জেদাজিদি ; ঝুলাঝুলি। ~নেকড়া-কানি, বস্ত্রখণ্ড। ২ কাড়া নেকড়া-জাতীয় বাদ্যবিঃ। ছেঁ॰ মামলা, -লেঠা-তুচ্ছ বিষয় ; ঝঞ্ঝাটে ও বিরক্তিকর ব্যাপার।

ছেঁড়া₂ [সং-ছিন্ন > ছিণ্ণ > ছিণ্ডা (প্রা॰-বাং)] ছিঁড়ি, ছিঁড় (ছিঁড়ুন, ছেঁড়) ; ছিঁড়িতে (কো॰ ছিঁড়তে) ; ছিঁড়িয়া (কো॰ ছিঁড়ে)] ক্রি, ছিন্ন করা ; কর্ত্তন করা ; ছিঁড়িয়া উৎপাটন করা। ২ দুধ ছিঁড়িয়া দধিবৎ হওয়া এবং দধি ছিঁড়িয়া জমাট না বাঁধা। "সই দধি কেন ছিঁড়ি গেল।" -চণ্ডি॰। ৩ ছিন্ন হওয়া ; ছিঁড়ে যাওয়া।

ছেঁদা, ছেন্দা [ছিদ্র > (প্রা॰-বাং) ছেন্দা >] বি, গর্ত্ত ; রন্ধ্র ; ফুটা ; "ছেঁদা দিয়ে বেরিয়েছে ল্যাজ ধরচি আমি তাই"-শিশুপাঠ্য গ্রন্থাবলী। "চাল ছেন্দা করিয়া লিখন দিল ফেলাইয়া"-মাণিক॰ গান (১১শ ১২শ শতাব্দী)। ~মালা-তলা-ফুটা নারিকেল-মালা। ২ [লক্ষ॰] অপব্যয়ী ব্যক্তি। ৩ বিণ, ছিদ্রযুক্ত।

ছেঁদে [ছাঁদা দ্রঃ। ছন্দ্ >] ক্রি, ছাঁদিয়া ; বেষ্টন করিয়া ; ঘিরিয়া। "আল্যা করি বসি ছেঁদে ধরি গলে"-অ॰ ম॰।

ছেঁদো [ছাঁদ + উআ] বিণ, ছাঁদযুক্ত ; কৌশলময় ; কৃত্রিম ; কপট ; আড়ম্বরযুক্ত ; সাজান। "ছেঁদো কথা ছাড়িয়া দাও। তুমি কি আমার সঙ্গে রজনীর সম্বন্ধ করিতে আসিয়াছ?"-রজনী (বঙ্কিম॰)।

ছেক [ছো (ছেদন করা) + ঈক (র্ত্তৃ), নিপাতনে সিদ্ধ] বিণ, বিদগ্ধ। ২ অনুপ্রাস বিঃ। ৩ [প্রাদে॰] বিচ্ছেদ ; বিরাম।

ছেকড়া-বি, ছকড়া দ্রঃ।

ছেকানুপ্রাস [ছেক (বিদগ্ধ) + অনুপ্রাস-বিদগ্ধানুমোদিত অনুপ্রাস] বি, যে শব্দালঙ্কারে ব্যঞ্জন-সমূহ পর্য্যায়ক্রমে উচ্চারিত হয়।

ছেকাপহ্নুতি-বি, অর্থালঙ্কারবিঃ।

ছেকোক্তি-বি, লক্ষণা ; ব্যঞ্জনা ; ব্যঙ্গোক্তি।

ছেছড়া-ছেঁচড়া দ্রঃ।

ছেড় [সঙ্গীত পরিঃ] বি, গৎ বাজাইবার সময় যে-কোন তারে যে-কোন স্বর প্রকাশ করিয়া নায়কী (প্রধান তার) ও আহত তার ভিন্ন অপরাপর তারে বিভিন্নরূপে মাত্রানুযায়ী আঘাত দ্বারা যে বাদন ক্রিয়া নিষ্পন্ন করা যায়।

ছেড়া [হি॰-চেরা। ছেলিয়া, ছোঁড়া দ্রঃ] বি, ছেলে। "বাহির অন্দরে ছেড়া করে আনাগোনা"-মৈ॰ গী॰।

ছেড়ে [ছাড়িয়া (কো॰)। ছাড়া দ্রঃ] অস-ক্রি, অবরোধ হ'তে মুক্ত করিয়া ; আটক না রাখিয়া। প্র-ছেড়ে দে মা কেঁদে বাঁচি। ২ ছাড় দিয়া ; থামিয়া বা অবকাশ দিয়া। প্র-ছেড়ে ছেড়ে বৃষ্টি আসছে।

ছেতো [হিং ছত্তা >] বি, ছাতা ; ধানের ছেতো [উক্‌রা (কৃমিবিঃ)] লাগিলে ধানগুলিকে কাল ছাইয়ে পরিণত করে। ছাইগুলি ধানের ছেতো ধরা রোগের বহুসংখ্যক বীজাণুর সমষ্টি (ধান দ্রঃ)]।

ছেত্তব্য [ছিদ্ (ছেদনে) + তব্য (র্ম্ম)] বিণ, ছেদনীয় দ্রঃ।

ছেত্তা [ছিদ্ (ছেদন করা) + তৃ (র্ত্তৃ) দ=ত্, =ছেত্তৃ, ১মা, ১ব॰] বিণ, যে ছেদন করে ; ছেদক ; ছেদনকারী। স্ত্রীং ছেত্রী₁।

ছেত্রী₂ [ক্ষত্রিয় > । ক্ষ=ছ] বি, ক্ষেত্রী ; ক্ষত্রিয় জাতি।

ছেৎলা-ছ্যাৎলা দ্রঃ।

ছেদ [ছিদ্ (ছেদন করা) + অ (ভা॰)] বি ছেদন। ২ বিচ্ছেদ ; বিরাম। ৩ অধ্যায় ; পরিচ্ছেদ। ৪ [র্ম্ম-অ] যা ছেদন করা হয় ; খণ্ড ; অংশ। ৫ [র্ত্তৃ-অ] বিণ, ছেদক। ~ক (-দ॰-) [ছিদ্ + অক (র্ত্তৃ)] বিণ, যে ছেদ করে ; কর্ত্তক। ২ ভাজক ; অংশকারক। ~ন (-দ॰-) [ছিদ্ + অন (ভা॰)] বি, ছেদ ; কর্ত্তন। ২ খণ্ড। ৩ [ণে-অন] যদ্দ্বারা ছেদন করা হয় ; যদ্দ্বারা কাটা যায় ; অস্ত্রাদি। ~নী (-দ॰-) ছেনী দ্রঃ। ~নীয় (-দ॰-) [ছিদ্ (ছেদন করা) + অনীয় (র্ম্ম)] বিণ, যা ছেদন করা আবশ্যক বা কর্ত্তব্য ; ছেদনযোগ্য ; ছেদ্য ; কর্ত্তনীয়। ২ নির্ণয় করিবার যোগ্য ; নির্ণেয়। ~প্রবণ-বিণ, যে দ্রব্য সহজে ছিন্ন হইয়া যায়। ২ যা সহজে ছেদ করা যায়।

ছেদাম [ছ (ছয়) দাম (কৌড়ী)। হি॰ ছদাম] বি. সিকি পয়সা।

ছেদিত [ছিদ্+ণিচ্+ছেদি (ছেদন করা)+ত (র্ম)] বিণ. দ্বিধাকৃত ; দ্বিখণ্ডীকৃত : কর্ত্তিত : যা কাটা হইয়াছে।

ছেদা-শ্রদ্ধা দ্রঃ।

ছেদ্য [ছিদ্+য (র্ম)] বিণ. ছেদনীয় · ছেদনার্হ ; ছেদন-যোগ্য ; কর্ত্তনীয় ; বধ্য। "ছেদ্য প্রিয়পতি ছলে বলে অতি ছল ধরে নিশাপতি।"-কবিক॰। ২ নির্ণেয় : নির্ণয়-যোগ্য। ছে॰ ক্রিয়া-অস্ত্রচিকিৎসা দ্রঃ।

ছেন [স্নান > ছান >, প্রা॰] বি, স্নান।

ছেনা১ [ছানা দ্রঃ] বি. ছানা : তক্রপিণ্ড "ক্ষীরখণ্ড ছেনা ননি কিনি চাঁপাকলা"-ঘ॰।

ছেনা২ [ছানা (< শাবক) দ্রঃ] বি. বাচ্চা : ছা ; শাবক। স্ত্রীং ছেনি১। প্র- ছাগল ছেনি।

ছেনাল-ছিনাল দ্রঃ। স্ত্রীং ~নী।

ছেনি২, ছেনী [ছেদনী >, 'ছিন্নী' ও॰] বি, বাটালী অপেক্ষা ক্ষুদ্র ছেদ করিবার লৌহযন্ত্রবিঃ।

ছেন্দা-ছেঁদা দ্রঃ।

ছেপ, -ব [ক্ষিপ্ >] বি, ; থুথু : পিচ ; পিক্ ; নিষ্ঠীবন। "পিক্‌দানিতে টাকা রাখিয়া বাক্সের ভিতর ছেপ না ফেলি, তাহার খবরদারি করিবে"-রজনী (বঙ্কিম॰)।

ছেপকাতাল-বি, সঙ্গীতের তাল বিঃ। "নাড়িয়ে দু'কাণ তাড়িয়ে মাছি, লোটন ল্যাজের ছেপ্‌কাতালে"-স॰ দত্ত।

ছেপত্তনী [ফা॰-সে (=তিন) পত্তনী] বি, দরপত্তনীদারের অধীন পত্তনীদার।

ছেপলা-বিণ, ছেবলা দ্রঃ।

ছেপায়া [ফা॰-সে (তিন)+পায়া (পদ-বিশিষ্ট)। সে=ছে] বি, তেপায়া : টেপাই tripod ২ [প্রাদে॰] বলদের স্কন্ধ হ'তে গাড়ী খুলিয়া তাকে যে আবদ্ধ দুই দণ্ডের উপর ভর দিয়া রাখা হয়।

ছেফলা [সফরী > (ভ্রং) ছাফল্যা, ছাফালা, ছাফালিয়া। প্রাদে॰] বি, সফরী ; পুঁটী মাছ। "ছে॰ মৎস্য হইয়া জলত ভাঙ্গিবার লাগিল।"-মাণিক॰ গান।

ছেবৃতি, ছেপ্‌তি [ছুপ্ (স্পর্শে ই॰) > ছাপ >] বি. ছাপ মোহর। ২ বিণ. মোহরাঙ্কিত। প্র-ছেপ্‌ত (বঙ্কিম বাবুর "রাজসিংহে")।

ছেবলা, ছ্যাব্‌লা [সং সফরী >। স=ছ, র=ল। প্রা॰-বাং-ছাফালিয়া, ছাফাল্যা, ছাফলা, ছেফলা। প্রাদে॰] বিণ.(বি), প্রগল্‌ভ : চপলপ্রকৃতি (ব্যক্তি)। ২ বিণ, নির্ব্বোধ।

~মি, ~মি-বি, প্রগল্‌ভতা : বাচালতা।

ছেমড়া [সং-ছমণ্ড (পিতৃমাতৃহীন বালক orphan >। প্রা॰-ছেঁণ্ড > বিণ.ছেঁওড়ে। প্র-মা ছেঁওড়ে, বাপ ছেঁওড়ে ছেলে। ছোঁড়া দ্রঃ] বি. পিতৃমাতৃহীন বালক ; মা-বাপ খেকো ছেলে ; অনাথ বালক। ২ ছেলেদের গালির সম্বোধন। [দ্রঃ-উক্ত কারণে ছেলেদের ছোঁড়া বলিলে প্রাচীনারা ছেলের বাপ মায়ের অমঙ্গল ভাবিয়া ছোঁড়া সম্বোধন করিতে নিষেধ করেন]। স্ত্রীং ছেমড়ী [ছুঁড়ী দ্রঃ। পাঠান্তরে-ছোরী ড=র]। ২ [মু॰ বাং। ছেমরী দ্রঃ] নব যুবতী।

ছেমরী [মু॰ বাং, পূ॰ বঙ্গ। তুল-হি॰ শ্যামলিয়া > শ্যামরিয়া > সামরী > ছামরী, ছেমরী] বি, নবযুবতী। "মনাছিব ছেমরী পাল্যে দরদ্ ছাড়ে কেডা?"-সা॰ প॰ প।

ছেমোচাপা [ছমছম্+উয়া > ছেমো =আচ্ছন্ন ভাব (ভয়ে) চাপা (আরূঢ়)] বিণ, ভূতে পাওয়া ; ভয়ে অভিভূত ; থমথমে। "ঐ দেখ ছেমো চাপা ছমছমে আসে রাজা" -নলদময়ন্তী (গি॰)।

ছেয়া [ছে (দ্রঃ)-দেয়া >? প্রাদে॰] বি, উদূখল। "ভেরেণ্ডা ছেয়ায় উড়ি ধান্য ভানি, আমা হাঁড়ি, বালির তিহড়ি তায় পাক"-ঘ॰।

ছেয়ানি [সং-ছেদনী >] বি, ছেনী। "বন্দীর ডাড়্‌কা তারা ছেয়ানিতে কাটে।" -কবিক॰। ২ বিচ্ছেদ ; বিবতি। "বৃষ্টির ছেয়ানি।"

ছেয়াল [ছিয়াল দ্রঃ] বিণ, ছড়াল ; বাড়ন্ত ; বিস্তৃত। প্র-ছেয়াল গড়ন।

ছেরি [ছেলিয়া (দ্রঃ) স্ক॰। ল=র] বি, বালিকা (মৈ॰ গী॰)। ২ ছেলি (দ্রঃ)।

ছেলক [সং ছগলক >] বি, ছাগল।

ছেলামি [আ॰-সেলাম্ >] বি, সম্মানের নিদর্শনস্বরূপ যা দেওয়া যায় : নজর। ২ ঢালু করিয়া কর্ত্তন : গোড়েন : বাঁক।

ছেলি, ছেলী [ছাগলী > ছাঅলী, লি, > ছেলি] বি, ছাগল। "খুল্লনা ছাগল রাখে *** আষাঢ়ে পূরিত মহী নবমেঘের জল, ছেলি চরাইতে রামা নাহি পায় স্থল॥"-কবিক॰। স্ত্রীং ~কা-বি, ছাগী।

ছেলিয়া [ছেলে+ইয়া (স্বার্থে)] ছেলে দ্রঃ। ~মি-বি, বালকত্ব।

ছেলে [ছেলিয়া (দ্রঃ) ছেল্যা >। ছেলা ও॰ মৈ॰ গী॰-য়-ছেড়া। ল=ড়। সং-শাবক > ছাবাল-ছাওয়াল-ছাআল >] বি, শিশুসন্তান। প্র-মেয়েছেলে : বেটাছেলে। সাধাঃ-পুত্রসন্তান। প্র-ছেলেমেয়ে। প্রা॰ বাং-য়, স্ত্রীং ছেলি। ~খেলা-শিশুদিগের খেলা। ২ অস্থায়ী, অকিঞ্চিৎকর অনুষ্ঠান। ~ছোকরা-বি, শিশু বা বালক ও তদ্বৎ অল্পবয়স্করা। ~ধরা [ছেলে (দুষ্ট ছেলেদের)+ধরা (যারা ধরিয়া লইয়া যায়)। বঙ্গে দুষ্ট দুর্দ্দান্ত শিশুদিগকে (কাল্পনিক) শিশু-ধৃতকারীর ভয় দেখাইয়া শাসন করা হয়] বি, জুজু। "ধরিয়া কি লয়ে গেল লঙ্কোর ক্রূর ছেলেধরা"-অশোক॰। ২ [ছেলে (শিশু সন্তান)+ধরা (যে ধরে চুরি করে)] বি, যে বা যারা দাস ব্যবসায়ের জন্য বা অন্য কারণে শিশুসন্তান চুরি করিয়া লইয়া যায় ; শিশু-চোর। "আমরা শিশুগণকে যে ছেলে ধরার ভয় দেখাই দাস সংগ্রাহকগণ সেই ছেলে ধরা। ইউরোপীয় বণিকগণের প্রত্যেক আড্ডায়, চন্দন নগরে, হুগলিতে, চুঁচুড়ায়, শ্রীরামপুরে ও কলিকাতায় দাসের আড়ত ছিল, দাসের হাট বসিত।"~পিলে, ~পুলে, ~পেলে [তামিল-'পিল্লই', তেলেগু-'পিল্লা', ওড়ি॰-'পিলাই', পূ॰ বঙ্গে, অধু॰ পশ্চিম বঙ্গে-পোলা] বি, সন্তান-সন্ততি। "স্বামীর বয়স কত, ছেলেপুলে কটি"-শি॰। ~মানুষ [ছেলে (শিশু) মানুষ-মনুষ্য-শিশু] বি, মানবক ; বালক। ২ বিণ, অপরিণতবুদ্ধি ; হালকাবুদ্ধি ; লঘুচিত্ত। ~মানুষি [ছেলে-মানুষি-ই (ভা॰)] বি, ছেলেমানুষের মত আচরণ ; বালকতা। ~মেয়ে-বি, বালকবালিকা ; সন্তান-

সন্ততি children ~মি, ছেলেমি, ছেলেমো [গ্রা°] বি, শিশুর মত আচরণ; বালকত্ব, বালকতা। ~বুদ্ধি-শিশুসুলভ চপলমতি; অপরিণত বুদ্ধি; লঘুচিত্ত; ছেলেমানুষী।

ছেষট্টি, ছষট্টি [ষট্‌ষষ্টি >] বি, ৬৬ সংখ্যা। বিণ, ৬৬ সংখ্যক।

ছৈ [ছদি >। ছই দ্রঃ] বি, নৌকা ই°-র উপরিভাগের আবরণ। "ঘন ঘন ঝড়ে ছৈ সব উড়ে,"-ক্ষেমানন্দ° ম° ভাসান। ~ঘর-বি, নৌকার বৈঠক ঘর। "প্রথমে তুলিল ডিঙ্গা নাম মধুকর। সুবর্ণে নির্ম্মাণ সে ডিঙ্গার ছৈঘর॥"-কবিক°।

ছৈল [প্রা°-বাং পদ° সা°। ছলিয়া (দ্রঃ) >] বিণ, ছলনাকারী: শঠ (প° ক° তরু)।

ছো১ [ছুআ দ্রঃ] ক্রি, ম°পু°, ছুইস: স্পর্শ করিস্। "কাহ্নাঞি মোরে নাহি ছো" -শ্রী° কী°।

ছো২, ছোঁ১ [সং ছম্ (ভক্ষণে) >] বি, কামড়; ছোবল। ক্রি, ছোঁ মারা: সহসা আসিয়া কোন সামগ্রী উঠাইয়া লইয়া পলায়ন করা। প্র-চিলে ছোঁ মারিয়া মাছ লইয়া গেল। "গৌরীর কপালে ছিল বাদিয়ার পো। কপালে তিলক দিতে সাপে মারে ছোঁ॥"-কবিক°। ২ ঝাপটা। "আকাশে উঠিয়া পক্ষী ছোঁ দিয়া সে পড়ে"।

ছোঁ২ [ছুপ্, ছুআ দ্রঃ] বি, স্পর্শ; ছোঁয়া। ছোঁ দেওয়া-আমল দেওয়া। ছোঁ ঘা দেওয়া-স্পর্শ ও আঘাত করা; তাহতে ছোঁ ঘা না দেওয়া-আমল না দেওয়া; ঘনিষ্ঠতা না রাখা।

ছোঁই [স্পর্শ > গ্রা°] ক্রি, উ° পু° স্পর্শ করি; ছুঁই।

ছোঁক [অনু°] বি, তপ্তখোলায় কাঁচা তরকারী নিক্ষেপ শব্দ। ২ সন্তলন; ফোড়ন।

ছোঁকছোঁক [শোঁকশোঁক > ক্ষে° ছোঁ-ছোঁ] বি, শুঁকিবার কালে নাসিকার শব্দ। ২ আঘ্রাণ। ছোঁ°করা-চারিদিকে আহারীয় দ্রব্যের ঘ্রাণ লওয়া। তুল-নোলা (জিহ্বা) সক্‌সক্ করা (আহারের লালসা ব্যঞ্জক)। ২ দ্রব্যাদি অপহরণ বা আত্মসাৎ করিবার জন্য যেন সকল জিনিষের ঘ্রাণ (সন্ধান) লওয়া; অতিশয় লোভ করা।

ছোঁকা, ছোকা [হি°-ছৌক; ছৌকনা (সন্তলন করা), 'ছক্কা'ও বলে। ছেঁকা দ্রঃ] বি, ছেঁক দেওয়া বা ছোঁক দেওয়া ব্যঞ্জন; জলে সিদ্ধ করিয়া অল্প তৈলে সাধাঃ ঘৃতে আধ-ভাজা ব্যঞ্জন; ছেঁচ্‌কি (দ্রঃ)। "মেজবউ কোথা, ডেকে দাও তারে, কোথা ছোকা, কোথা লুচি!"-রবী°।

ছোঁচ, ছোঁয়াচ [অশৌচ > ছোয়াচ, ? ছোঁচ বা স্পর্শ] বি, অশৌচ। ~পঁড়া-স্পর্শ দুষ্ট; অশুচি। ছোঁচ পাড়া, -কাড়া-ছড়াঝাঁট ও গোময় লেপনাদি দ্বারা অপবিত্র স্থান পরিষ্কার করা বা অশুচিতা দূর করা।

ছোঁচা১ [ছোঁচা, দ্রঃ। ছোঁক ছোঁক >] বিণ,খাদ্য-লোভী: যে সর্ব্বদা কিছু পাইবার বা খাইবার আশায় ছোঁক ছোঁক্ করিয়া বেড়ায়: নির্লজ্জ, বেহায়া: লোভী। "কেহ ছোঁচা, কেহ বোঁচা কেহ বা সরল"-কবিক। ~মি,~মি-বি পেটুকতা। ২ খাদ্য-লোভ।

ছোঁচানি [সং-শৌচ+বাং-আন (করা অর্থে)। ছোঁচাই,-চাও,-চায়, ছোঁচাইতে (ক্ষে° ছোঁচাতে): ছোঁচাইয়া (ক্ষে° ছোঁচায়ে, ছুঁচিয়ে)] ক্রি, মলত্যাগের পর জলশৌচ করা। বি, ছোঁচানি।

ছোঁ-ছোঁ [ছোঁক ছোঁক দ্রঃ] খাদ্য দ্রব্যের গন্ধ শুঁকিয়া বেড়ান, পেটুকতা।

ছোঁড়া১,-ক্রি, ছুড়া দ্রঃ।

ছোঁড়া২ [সং-ছমণ্ড (পিতৃমাতৃহীন বালক) >। হি°-ছোরা। তুচ্ছার্থে] বি, অনাথ বালক; ছোকরা; বালক; কিশোর। ২ বাপ মা খেকো অর্থে গালি। "এবার বধিব বলে আপন ছুছোঁড়া"-ঘ° (ধ° ম°)। স্ত্রীং ছুঁড়ি, ছুঁড়ী (হি°-ছোরী)।

ছোঁয়া [ছুপ্ (স্পর্শে) >। ছুআ দ্রঃ। ছুঁই, ছোঁও (ছোঁন, ছুঁন, ছোঁ), ছোঁয় (ছোঁন); ছুঁইতে (ক্ষে° ছুঁতে); ছুঁইয়া (ক্ষে° ছুঁয়ে) ই°] ক্রি, স্পর্শ করা। ২ বি, স্পর্শ। [পশ্চিম শ্রীহট্ট প্রাদে°। পূর্ব্ব শ্রীহট্টে-'পরশ' (দ্রঃ)] বি, অস্পৃশ্য পদার্থ, যা ছুঁইলে অশুচি হ'তে হয়, অশৌচ; ছোঁচ। "আমায় ছুঁয়ো না আমি ছোঁয়া ছুঁয়েছি।" ~ছুঁয়ি-বি, পরস্পর স্পর্শ। ধরা দেওয়া। ~লিপা, লে- (গ্রা°~লৈপা)-স্পর্শের ব্যাপকতাবোধক; মাখামাখি। ধরা ছোঁয়া-ধরা দ্রঃ। ছোঁ° যাওয়া-স্পর্শ দ্বারা অস্পৃশ্য হওয়া, অপবিত্র হওয়া, অশুচি হওয়া। "তেওয়ারী কহিত বাঃ, আসন কি কখনো ছোঁয়া যায় না কি? ভারতী বলিত, যায় বই কি? তোমার বাবুত ভাবেন আমি থাকার জন্যে সমস্ত বাড়ীটাই ছোঁয়া গেছে।" -শ চট্টো°। ~দেওয়া-আমল দেওয়া। ২ ধরা দেওয়া।

ছোঁয়াচ পঁড়া-ছোঁচ দ্রঃ।

ছোঁয়াচে, -টে [ছোঁয়াচ + ইয়া= ছোঁয়াচিয়া >; ছোঁয়া+আটিয়া (> আট) >] বিণ, স্পর্শাক্রামক contagious.

ছোকরা [হি°-ছোকরা,-ডা, ছোরা] বি, অল্পবয়স্ক বালক; শিশু। "আমরা দেখতে ছোকরা বটে কিন্তু কাজে ভারি চট্‌পটে" -রজনী সেন। "ছোক্‌রা বঁধু"-বাং গান। ২ [অবজ্ঞার্থে বা অনাদরে। তুল-হি°-ছোরা, ছেলেমানুষ] বি, বিণ, ছোঁড়া। ৩ [বরিশালে-ছামরা] অপরিণতবয়স্ক। ৪ ["আজকাল ইংরাজ সাহেবেরা তাহাদের চাকরকে boy বলিয়া ডাকেন, ফরাসি সাহেবেরা 'garcon' বলেন, বালক যুবা বৃদ্ধ নির্ব্বিশেষে চাকর মাত্রেই boy বা garcon, এই boy বা garcon কথার অর্থ বালক নহে, 'ছোকরা', ছোকরা শব্দ বান্দা বা ক্রীতদাসের প্রতিশব্দ মাত্র, * * * 'ছোকরা' শব্দ দুই শতবর্ষ পূর্ব্বে ক্রীতদাসের অভিধা ছিল-আজ তাহা বেতনভোগী অপেক্ষাকৃত স্বাধীন বৃত্তি-সম্পন্ন ভৃত্য মাত্রের জ্ঞাপক হইয়াছে"-প্রবর্ত্তক, ফাল্গুন, ১৩২৮] বান্দা; ক্রীতদাস। "ছোকরা বিক্রয় পত্র মিদং"-দলিল, ১৩২৮। ৫ ভৃত্য, চাকর boy. স্ত্রীং ছোকরী, ছুকরি, -রী (তুল-হি°-ছোরী, ছুরী, ছোকড়ী)। বি, বালিকা। ২ বিণ, অল্পবয়স্কা।

ছোট১ [সং-কচ্ছোটিকা >] বি,কাছা। ২ পরিধেয় বস্ত্র। এক ছোট-ধুতি। দো-ছোট-ধুতি-চাদর।

ছোট₂-বি, খেয়া পারের নৌকা। ২ দড়ি: রজ্জু। ~া-বঙ্কলের সূত্র। প্র-কলার ছোটা। খড় কিংবা ঘাস পাকাইয়া ধান কিংবা ঘাস বাঁধিবার দড়ি। ~নৌকা -নৌ দ্রঃ।

ছোট₃ [সং-ক্ষুদ্র। হিং-ছুটা। প্রাদেং 'ছুডু'। 'ছুডু ভাই' (মৈং গীং)] বিণ, ক্ষুদ্র। "ছোট পাখী ছোট পাখী এস মোর কাছে।" ২ অধম: নীচ। প্র-"তাহাদের আদর্শের অনুকরণে 'ছোট' লোকেরাও বিলাসের বশবর্ত্তী হইয়া পড়ে।" ৩ কনিষ্ঠ। প্র-এইটী আমার ছোট ছেলে। ৪ বিনয়াবনত: নম্র। "বড় হবে ত ছোট হও।" ৫ বেঁটে; খাটো: নত। "অতি বাড় বেড়না ঝড়ে পড়িবে, অতি ছোট হয়োনা ছাগলে মুড়িবে।" স্ত্রীং ছোটী (হিং) তুচ্ছার্থে ছোট্‌কী, ছুটকী। ~আদালত-বি, যে আদালতে ক্ষুদ্র ক্ষুদ্র দেনা পাওনার মোকদ্দমা নিষ্পত্তি হয় Small Cause Court ছোং কথা-তুচ্ছ কথা। ছোং কাকা-কনিষ্ঠ পিতৃব্য। স্ত্রীং ছোং কাকী। ছোং কাজ-সামান্য কাজ, নীচ কাজ। ~খাট-ক্ষুদ্র; খর্ব্ব। ছোং ঘর-ক্ষুদ্র প্রকোষ্ঠ। ২ নীচ বংশ; নিকৃষ্ট কুল। ছোং ঠাকুর [গ্রাং ছোট্‌ ঠাকুর] খুড় শ্বশুর; ভাসুরদের ছোট। > স্ত্রীং ~ঠাকরুণ-খুড় শাশুড়ী। ছোংঠাকুর-পো-কনিষ্ঠ দেবর। ~দাদা [গ্রাং ছোট্‌দা, ছোড়্‌দা] দাদাদের মধ্যে কনিষ্ঠ। ~দিদি [দ্রুত উচ্চারণে-ছোট্‌দি, ছোড়্‌দি] বড় ভগিনীদিগের মধ্যে কনিষ্ঠ। ছোংনজর -সংকীর্ণ দৃষ্টি। ২ অনুদারতা। ছোং ননদ স্বামীর কনিষ্ঠা ভগিনী। ছোং মন-সঙ্কীর্ণ হৃদয়। ছোং মা-গর্ভধারিণী অপেক্ষা বয়ঃকনিষ্ঠা বিমাতা। ~মোট ['মোট' 'ছোট'র সহচর শব্দ] ক্ষুদ্র; প্রায় ছোট; মাঝারী রকম। ~লোক-নীচ লোক; সঙ্কীর্ণচেতা। "বেহায়া ছোটলোকের বেটী"। ছোটমুখে বড় কথা-অবস্থার অতীত কথা; নীচ ব্যক্তির মুখে মহতের প্রতি অসম্মানের কথা। হাত ছোট করা -দানের হস্ত সঙ্কুচিত করা; কৃপণতা করা।

ছোটন-ছুটন দ্রঃ।

ছোট হাজরি [Anglo Indian. ভারতীয় যুং সাহেব সমাজের ভাষা] বি, প্রাতরাশ; সকালের লঘু আহার early light breakfast.

ছোটা₁ [প্রাদেং। বরিশালে-ছোড়া] বি, কলা। গাছ হইতে সূত্র বা রজ্জুর কার্য্য নির্ব্বাহার্থে গৃহীত অংশ: কলা গাছের পেটোর সূত্রের মত সূক্ষ্ম অংশ।

ছোটা₂ [ছুটা দ্রঃ] ক্রি, দৌড় দেওয়া। ২ ছাড়া। ৩ প্রকাশ পাওয়া (বিং পং)। ণিজন্ত-ছোটানি-দৌড় করান। ~ছুটি -বি, দৌড়াদৌড়ি।

ছোটিকা, ছুটিকা [ছুট্‌ (ছেদন করা) + অক + (ত্র) আ-স্ত্রীং। সম্ভবতঃ হিং চুটকী >] বি, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর দ্বারা শব্দ করণ: অঙ্গুলিধ্বনি: তুড়ি।

ছোট্ট [হিং-ছোট্টা। উৎকর্ষার্থে ট য়ের দ্বিত্ব] বিণ, ক্ষুদ্রতর: বেশ ছোট। "ছোট্টটী গোলাপ জাম মেজো কাঁচা মিঠা আম"-চন্দন।

ছোড় [ছুট্‌ (ছেদ) >] বি, ছাড়া: ছাড়াছাড়ি। "দুটি ভেয়ে ছোড় হয়ে ধরে যাব কি বলিয়ে।"-খং। নাছোড়-বিণ ছাড়ে না এমন। নাছোড় বান্দা-যে ছাড়িবার বান্দা নয়, যে ছাড়ে না: কাইয়া: এক-গুঁয়ে। ছাড়-ছোড়-বাদসাদ; কিয়দংশ পরিত্যাগ।

ছোড়ই [ব্রজং] ক্রি, ত্যাগ করে; ছাড়ে।

ছোড়দি, -দি' [ছোট-দিদি > গ্রাং ক্ষেং] বি, জ্যেষ্ঠা ভগিনীর কনিষ্ঠা কিন্তু নিজের চেয়ে বড় বহিন। তুল-মেজদি', সেজদি', ন-দি' ইং।

ছোড়ন [হিং-ছোড়না] বি, নিক্ষেপ; ক্ষেপণ। ২ বর্জ্জন।

ছোড়না [প্রাদেং। ছোড়ন দ্রঃ। যা আচ্ছাদন স্বরূপ ক্ষেপণ করা হয়। তুল-ঢাকনা, বিছানা] বি, চন্দ্রাতপ; প্রচ্ছদপট। "শুভক্ষণে ছোড়না টাঙ্গায় সদাগর"-কবিকং।

ছোড়ব [ব্রজং] ক্রি, ছাড়িবে। "অবহি ছোড়ব মোহি তেজব লেহা"-বিং পং।

ছোড়ভঙ্গ [সং-ছত্রভঙ্গ] বিণ, বিশৃঙ্খল। ২ ছত্রভঙ্গ; দল হইতে ছাড়াছাড়ি।

ছোঁডলা [ছাঁদলা (দ্রঃ) >। প্রাদেং] বি, ছাদনাতলা: স্ত্রী-আচারের স্থান। "তবে সেই মহাপ্রভু ছোঁড়লাতে গিয়া। দণ্ডাইলা পীঠোপরি উল্লাসিত হইয়া॥"-চৈং ভাং।

ছোড়া-ক্রি, ছুড়া দ্রঃ।

ছোড়ানি₁-ক্রি, মুক্তি দেওয়া: ছাড়ান।

ছোড়ান₂ [হিং-ছোড়ান্‌] বি, মুক্তি; অব্যাহতি। "বন্দী দান লৈয়্যা কৈলুঁ সাধুর ছোড়ান।"-কবিকং। ২ [দ্বার মুক্ত করে এই অর্থে ছোড়ানি,-নী ওং] তালার চাবি; কুঞ্চিকা। "এত বলি রামগতি যে ছোড়ানি লইল। লছিরামের বড় বন্দুক ছোড়াইলে খুলিল॥"-পূং বং গীং। "বিন ছোড়ানে ধর্ম্মর কপাট আপনে লাগিল।"-মাণিকং গান। ~কাঠি-বি, চাবিকাঠি; কুঞ্চিকা। ছাড়ান-ছোড়ান-বি, কোন প্রকারে মুক্তি বা অব্যাহতি। প্র-তাহার হাত থেকে আর ছাড়ান ছোড়ান নাই।

ছোড়ি-অস-ক্রি, ছাড়িয়া: ত্যাগ করিয়া।

ছোতো হাঁড়ি, -কঁড়া [ছুত দ্রঃ] যে হাঁড়িতে কুকুরে মুখ দিয়া জিনিষ খাইয়াছে, উহা ছুত-পড়া ছোতো হাঁড়ি গরুকে যাতে জল খাইতে দেওয়া হয়।

ছোপ, -পা [সং-ছুপ্‌ (স্পর্শ করা)] বি, বস্ত্রাদিতে চিহ্ন; দাগ। প্র-মুখ মুছিবার সময় কাপড়ে পানের ছোপ লাগিয়াছে। ২ লেপ; প্রলেপ। ৩ ছেপ; নিষ্ঠীবন। ৪ [ক্ষুপ >] ঝাড়। প্র-বাঁশ ছোপ, বাঁশ ছোপা (মৈমনং বাখরগঞ্জ)।

ছোপড়া-ছোবড়া দ্রঃ।

ছোপানি [ছুপ্‌ >। ছোপাই, ছোপাও; ছোপায়; ছোপাইতে (ক্ষেং ছোপাতে); ছোপাইয়া (ক্ষেং ছুপিয়ে); ইং] ক্রি, ছোপ ধরান। ২ রঞ্জিত করা; রঙ ধরান।

ছোবড়া [ছিবড়া দ্রঃ। সং-ছল্লী > ছাল, ছোল (বরিশালে ছোলা) > ছোব + ড়া (কাঠিন্য অর্থে)] বি, ফলের বাহিরের আবরণ যার ভিতরে সারাংশ বা শস্য থাকে; ফলের

বাহিরের অসারাংশ। প্র-নারিকেলের ছোবড়া।

ছোবিল [সং-কবল (গ্রাস) > বাং- "খাবল", অর্থ সম্প্রসারণে-নখ-দন্তাঘাত. চর্ব্বণ (চর্ব্ব্-অদনে) > গ্রা-চোবল] বি. নখ-দন্তাঘাত; কামড়। ২ সর্পাঘাত সাপের দংশন। প্র-সাপটা এক ছোবলেই তাকে নিকাশ করিয়াছে। ক্রি. ছোবলান।

ছোবলানি, ছুবলানি [ছোবলদ্রঃ। চোবলাণি, খাবলানি, খুবলানি, খোবলানি ও০। প্র=খুবলে খাওয়া] ক্রি. নখ-দন্তাঘাত করা: কামড়ান। প্র-হরিণটাকে সে দিন কুকুরে ছোবলাইয়া ক্ষত-বিক্ষত করিয়া দিয়াছে। ২ সাপে খুবলে খাওয়া। ক্রি. ছোবল। বিণ. ছোবলান। প্র-সাপে ছোবলানো ঘা।

ছোবা [ছোবড়া দ্রঃ। ব=প] বি. চোপা; খোবা; ছোবড়া।

ছোবানি [ছুবান দ্রঃ। মূলে সং-ছুপ্ (স্পর্শে) >] ক্রি. তাড়া করিতে দেওয়া; লেলাইয়া দেওয়া।-"সাত ভাই গৃহস্থ ঘরে গেলাম ঠাকুর। ভিক্ষা নাহি দিল আর ছোবাল কুকুর॥"-ঘ০ [দ্রঃ-ছোবাল= ছোবাইল] ২ রঙ্গান; রঞ্জিত করা।

ছোয়ারা-ছোহারা দ্রঃ।

ছোরত-ছুরত দ্রঃ।

ছোরা [হি০-ছুরা। বৃহদর্থে আ, ক্ষুদ্রার্থে ঈ০-ছুরী] বি, বড় ছুরি dagger.

ছোল১ [সং-ছল্লী >] বি. ত্বক্; বল্কল; ছাল; খোল। ২ ছোবড়া।

ছোল২ [ছোবল (দ্রঃ) >] বি. সর্পের যে দংশন সর্ব্বাপেক্ষা কম সাঙ্ঘাতিক (প্রায়ই প্রথম ফণাঘাত)।

ছোলঙ্গ [ছোল বা ছাল পুরু বলিয়া] বি. বাতাবি নেবু। "করুণা কমলা ছোলঙ্গ টাবা"-কবিক০। ২ টাবানেবু।

ছোলদারি, রী [হি০। ই০-shoulder লিপ্যন্তর] বি. ত্রিকোণ তাঁবু; পাল: চাকর নফরের বস্ত্রগৃহ।

ছোলন [ছোলা দ্রঃ] বি. চাঁচন।

ছোলা১ [সং-চণক > হি০-চণা > ছোলা। ণ=ড=ল] বি. চণক; চেনা: বুট। ~ভাজা-ভর্জ্জিত চণক। ~ভাজানী-বি. ছোলা ভাজিবার মজুরি। ~সিদ্ধ, -সিদ্দো-লবণ, লঙ্কা যোগে জলে সিদ্ধ করা ছোলা। ছোলার চাক্‌তি-গুড়মাখা ভাজা ছোলার চাক্‌তি বা চক্রাকৃতি খাদ্য বিঃ। ছোলার ছাতু-ভাজা ছোলা যাঁতায় পিষিয়া চালা বা ফাঁকি করা। ছোলার ডাল-যাঁতায় ভাঙ্গা বুটের দাইল।

ছোলা২ [হি০-ছোল্‌না বা ছিল্‌না] ক্রি. চাঁচা; ছেলা; ত্বক মুক্ত করা. ছাল খোলা। ২ বিণ. ছাল তোলা: ত্বকমুক্ত; ছাল ছাড়ান। ৩ মাজা; পরিষ্কৃত। "দাঁত ছোলা মাজা দোলা হাস্য অবিরাম।"-ভাবত০।

ছোলে [আ০-সুলহ্ (বন্ধুত্ব, সন্ধি) >] বি, আপোষ। ~নামা [আ০-সুলহ্ নামা] আপোষে বিবাদ মিটাইবার রাজীনামা deed of compromise.

ছোহারা [হি০-ছুহারা, ছু+আরা= ছোয়ারা। আ০-খুর্‌মা] বি, শুষ্ক খেজুর; খুর্মা।

ছোহে [শোভা > শোভে >। স= ছ। হি০-সোহা] ক্রি. শোভা পায়। "কেলি কমলে গো ত্রিপুরাসুন্দরী ছোহে"-চণ্ডি০ (ভবানী প্র-কর, খৃ০ ১৬৫০)।

ছ্যা-অ. ছিছি; ঘৃণা। ২ লজ্জা।

ছ্যাক্১ [সিক্ত >] বি, ভিজা বা ঠাণ্ডা ভাব। ২ কনকনে ঠাণ্ডা স্পর্শানুভূতি। ছ্যাক্ ছ্যাক্ করা। প্র-বিছানাপত্তর ভিজে গেলে ছ্যাক্ ছ্যাক্ করে।

ছ্যাক্২ [অনু০। ছেঁকা দ্রঃ] অ, অনুকার শব্দ। ২ হঠাৎ অগ্নি বা অতি উত্তপ্ত বস্তু স্পর্শে দগ্ধ হইবার অনুভূতি।

ছ্যাৎলা [ছাতা দ্রঃ। ঘৃণা ব্যঞ্জনার্থে লা] বি. কোন দ্রব্য সেঁতাইয়া গেলে তার উপর সর পড়ার মত যে শাদা ময়লা জমে।

ছ্যাদার [নদীয়া যশোহর ফরিদপুর ই০ অঞ্চলে। তুল-ছ্যাদাড়ে (খুলনা বসিরহাট প্রদেশ)] বি. নোংরা। প্র-ছেলেটা ভারি ছ্যাদাড়ে। ২ ধৃষ্ট।

ছ্যাব্‌লা-ছেবলা দ্রঃ।

ছ্যাত [সং। বাং-গ্রা০-ছুত, ছুঁত, ছুতো] বিণ, অপবিত্র; অস্পৃশ্য। প্র-ছ্যা০ হাঁড়ী।

জ

জ১-ব্যঞ্জন বর্ণমালার অষ্টম, চ বর্গের তৃতীয়, স্বল্প-প্রাণ ও ঘোষবান্ বর্ণ। তালু হ'তে উচ্চারিত হয় বলিয়া ইহা তালব্যবর্ণ।

জ২-সাধারণতঃ গর্জ্জন ও দীপ্তির জ্ঞাপক। ২ [সং অভিধানে] বি বিষ্ণু; শিব; জনক। ৩ বিণ, জয়যুক্ত; ভুক্ত; দ্রুত। বাংয় স্বতন্ত্র ব্যবহার নাই।

জ৩ [প্রা০-বাং-য়, য স্থানে "জ"র ব্যবহার আছে।] স. যে (চ০ ২৬১৫)। জই=যাহা (দো০ ১০৮।১১৬)। জণি=যেন; যেন-না। জত=যৎ পরিমাণ। জতন=যত্ন। জা=যাহা যে (চ০ ২০১২; ২২) যাও। জাঅ=যাবৎ; যাও। জাই, জাইউ=যাই। জাইউ=যাও; যাই। জাইএ=যায়; যাই; যাইতেছি। জাইব =যাইব। জাইবোঁ=যাইব। জাইহ=জাইও। জাউ=যাউক। জাএ=যাইতে লাগিল; যায়; যাইতেছে। জাএল=যাইল; গেল। জাএব =যাইব। জাওয়া=যাওয়া। যাওঁ=যাই; যাইতেছি। জাকে=যাহাকে। জায়=যায় (৪০০০ বৎসর পূর্ব্বের বাং-য় চ০-জয়ানন্দকৃত চৈ০ মঙ্গল দ্রঃ)। জার=যাহার। জাহ (সং-যস্য >) যার। যাহের=যাহার (চ০ ২৯১৩)। জে যাহা "জে আজ্ঞা"-১১৬৫ সালের দলিল। য দ্রঃ)]। যে; যাহারা (চ০

৭।৪)। ২ (সং–যঃ >) =যে (চ° ৩।২)। ৩ বাক্যালঙ্কার–বিঃ (দো° ১০৪)। জেহি =যে (দো° ১০২)। জো=যে (দো° ৮৯)।

জ˘$_{8}$–অন্ত শব্দের পর সমাসযুক্ত হ'লে জাত বা উৎপন্ন এই অর্থ-জ্ঞাপক হয়। প্র–জলজ-স্থলজ। গোত্রজ। অঙ্গজ ই°।

জ˘অ [জয় > প্রা° বাং-রূ] বি, জয় দ্রঃ।

জঅন, জ˘অনা [জনা–জন শব্দের প্রা° বাং-রূপ] বি, জন ; লোক। "জঅনা জাত্রি এ ধর্ম্মর মন্দির বেড়িআ।"–শূ° পু°।

জ˘ই$_{1}$ [হিং°] বি, যব সদৃশ শস্যবিঃ oats.

জ˘ই$_{2}$ [বৌ° বাং প্রাকৃ°] অ, যদি (চ° পদ ও দো°)। ২ স, যাহা (দো° ১০৫)।

জইসনে, জইসা, জইসো, জইসৌঁ [হিং°-র অনুকরণে। প্রা° বাং, বৌ° সা°, বৈ° সা°] স, যাহা ; যেমন। (চ° পদ, ৪৬।১)।

জ˘উ [সং–জতু] বি, জউ পোকা ; লাক্ষা ; কীটগালা Tachardia lacca ; lac. [এই কীট শাল অশ্বত্থাদি গাছে থাকিয়া তার রসে জীবন ধারণ করে] ~ঘঁর–জতু-গৃহ।

জ˘ওজ [আ°–জ়ওজ্ (যুগল, দম্পতি)। বাং-রূ, আদাঃ ভাষা] বি, স্বামী।

জ˘ওজে [আ°–জ়ওজহ্ (পত্নী)। বাং-রূ, আদাঃ ভাষা] বি, যাঁর স্বামী। প্র–মুসম্মাত জহুরণ বিবি জ° আবদুল হামিদ ই°।

জ˘ওয়াব [ওয়া=বা, জবাব=জোআব (চট্ট–প্রাদে°)। জবাব দ্রঃ] বি, উত্তর। ~দিহি–জবাবদিহি দ্রঃ। জ˘ওয়াব˘ল-জ˘ওয়াব [আ°–জ়বাব্-উল্-জ়বাব্] বি, প্রতিবাদীর উত্তরের উত্তর।

জং$_{1}$ [প্রাদে°] বি, চার আট শস্য একত্র বন্ধন।

জং$_{2}$ [জঙ্গ দ্রঃ] বি, মরিচা। ~ধঁরা–বিণ, মরিচাপড়া। "জংধরা পতরে একটু বাতাস লাগুক"–মেজবৌ (আত্মশক্তি)।

জংলা [জঙ্গলা দ্রঃ] বি, জাঙ্গল। "তোমার কন্তা মহুয়ারে খাইয়াছে জংলার বাঘে"–মৈ° গী°। ২ বিণ, বন্য ; অসভ্য।

জঁঅল [চ° ক° ভা°] বি, জঙ্গল।

জ˘ক, জঁক–যক দ্রঃ।

জ˘কজ˘ক–জগ্ জগ দ্রঃ।

জ˘কশ˘ক, -স˘ক [জক (আ°–জখ্ম্) + শক (সাদৃশ্যার্থে)–জখমের মত] অ, অত্যন্ত দুর্ব্বল অর্থে ; লতাইয়া পড়ার ভাব।

˘জ˘কসিকিয়া, ˘জ˘কসিকে [জকশক (দ্রঃ) + ইয়া=জকসকিয়া, দ্রুত উচ্চারণে জকসকে] বিণ, ল্যাক্‌পা। ২ জড়সড় ; থতমত। প্র–ধম্‌কানি খেয়ে লোকটা জকসকে হয়ে গেল।

জ˘কা, জ˘কাঁ [প্রা°-বাং] বিণ, যেন। ২ [যক্ষ > জক + আ (অনাদরে)] বি, যক্ষ।

জ˘কাবান-জিকিবান্ [যক্ষ > জক + আ (অনাদরে) + বান্ ই° (যক্ষবৎ আচরণার্থে)] অ, যক্ষের মত আঁকড়াইয়া ধরার ভাব। প্র–সে আসিতেই তাকে ছেলেরা জ° করিয়া ধরিল।

˘জ˘ক্ম, ˘জ˘ক্মা [জক্ষ্ (ভক্ষণ করা) + ম (র্তৃ, স্ত্রী)] বি, ক্ষয়রোগ consumption ; phthisis.

˘জ˘খন [প্রা° বাং, য=জ] অ, যখন। "সুন্য ভরে তুক্ষি জখন তুল্যাছিলা হাই।"–শূ°পু°।

জ˘খম [ফা° জ়খ্‌ম্] বি, চোট ; আঘাত ; ক্ষত। ২ বিণ, চোটপ্রাপ্ত ; আহত।

জ˘খমী [ফা°–জ়খ্‌মী] বিণ, চোটপ্রাপ্ত ; আঘাতপ্রাপ্ত ; আহত। ২ জখম ঘটিত। প্র–জখমী মামলা। ৩ ঘায়েল।

জ˘খর [জহর=জখর। চ° ক° ভা°] বি, উদরের মধ্যস্থিত গুল্মাকার রোগবিঃ।

জ˘খিআ, জ˘খিয়া [সং–জুষ (উপযোগে, নৈকট্য, যাঁচ) > হিং° জোখনা (মাপা)। প্রা°-বাং] ক্রি, জোঁখা দিয়া ; পরিমাণ করিয়া ; মাপিয়া। "কাটিআ ছিড়িআঁ মাপিয়া জখিআ সাত হাথে হইল পোতা।" –শূ° পু°।

˘জ˘গ [সং–জগৎ > হিং°–জগ্ > প্রা°-বাং] বি, জগৎ। "জগভরি কলঙ্ক রহিল চির-দিন"–চণ্ডি°। "জগমাহা উপমা কবহুঁ ন পাই'–পদাবলী।

জ˘গচ্চ˘ক্ষুঃ [জগৎ + চক্ষু। জগতের চক্ষুঃ (চক্ষুঃস্বরূপ), ৬তৎ] বি, সূর্য্য।

জগ/জ˘গ [হিং°–জগ্ জগ্] অ, অনুকার শব্দ। ২ অত্যুজ্জ্বলতার ভাব ; ঝল্‌ঝল্।

~জ˘গা, ~জ˘গে [হিং°] বি, পিতলের সূক্ষ্ম পাত ; রাঙ্গতার পাত। ক্রি, ~জ˘গানি [হিং°–জগ্ জগানা] ঝলঝল করা ; ঝক্‌ঝক্ করা। > বি, জগজগানি।

জ˘গ˘জ্জন, জ˘গ˘জ্জন [জগৎ + জন। জগতের জন–৬তৎ] বি, জগতের লোক। "জগজনরঞ্জন"–পদাবলী। ২ জগৎবাসীকে ; সকলকে। "নাসা তিল ফুল তোর জগজন মোহে।"–শ্রী° কী°।

জ˘গ˘জ্জ˘ননী [জগৎ–জননী, ৬তৎ] বি, জগদম্বা ; পরমেশ্বরী।

জ˘গ˘/জ্জ˘য়ী, -জি˘য়ী [জগৎ + জয়িন, ১মা ১ব°] বিণ, ভুবনজয়কারী। স্ত্রী° ~জ্জ˘য়িনী।

জ˘গ˘জ্জী˘বন [জগৎ + জীবন, ৬তৎ] বি, জগৎপ্রাণ ; বায়ু।

জ˘গ˘ঝ˘ম্প [অনু°] বি, বৃহৎ আনদ্ধ যন্ত্রবিঃ ; প্রাচীন রণবাদ্য।

জ˘গ˘ৎ [গম্ (গমন করা) + ক্বিপ্ (র্তৃ)–যে গমনশীল বা যা নিয়ত ঘূর্ণ্যমান। গম=জগ্ + অৎ (নিপাতনে)] বি, লোক ; ভুবন। ২ বিশ্ব ; ব্রহ্মাণ্ড। ৩ পৃথিবী। ৪ শরীর। ৫ বায়ু। ৬ বিণ, অস্থায়ী ; জঙ্গম। ~ক˘র্ত্তা [জগতের কর্ত্তা। মূ°–কর্ত্তৃ–১মা, ১ব°, ৬তৎ] বি, ঈশ্বর। ~কা˘রণ [জগতের কারণ, ৬তৎ] বি, বিশ্বসৃষ্টির নিদান ; পরব্রহ্ম। ~প˘তি [জগতের পতি, ৬তৎ] বি, জগদীশ্বর। ~পাতা, ~পিতা [জগৎ–পা (পালন করা) + তৃ (র্তৃ)=জগৎ-পাতৃ ১মা, ১ব°, পা= পি (নিপাতনে), ৬তৎ] বি, জগদীশ্বর। ~পালক [জগতের পালক–৬তৎ] বিণ, জগৎপাতা ; পরমেশ্বর। ~প্রাণ [জগতের প্রাণ, ৬তৎ] বি, বায়ু ; সমীরণ ; বাতাস। "বিবৃষ্টি জ্ঞান কোকিল গান। হয়ে মোর প্রাণ জগৎপ্রাণ॥"–কবিক°। ~বেড় [প্রাদে°। জাল$_{1}$ দ্রঃ] বি, বড় জাল যা নদীর পারাপার জুড়িয়া ফেলিতে হয় (প্রধানতঃ ইলিশ মাছ ধরিবার জন্য)। ~সংসার [জগৎ–সংসার, দ্বা] বি, অখিল জগৎ ; বিশ্ব-ব্রহ্মাণ্ড। ~সাক্ষী [জগতের সাক্ষী, ৬তৎ]

বি, যিনি জগতের সমস্ত বৃত্তান্ত সর্বদা প্রত্যক্ষ করিতেছেন ; সূর্য্য। ২ পরমেশ্বর। ~সেতু [জগতের সেতু, ৬তৎ] বি, জগতের নিস্তার-হেতুস্বরূপ ঈশ্বর। ~স্রষ্টা [জগৎ +স্রষ্টা] বি, জগতের সৃষ্টিকর্তা ; ঈশ্বর।

জগতি-বি, সিংহাসন। "নানা রত্নে নির্ম্মাণ করিল জগতি।"-কবিক°। ২ [সং] অ, জগতে ; ধরায়। ~তলে-অ, জগতে ; পৃথিবীতে ; ধরাতলে।

জগতী [জগৎ+ঈ (স্ত্রীং)] বি, ভুবন। ২ পৃথিবী। ৩ যাবতীয় লোক। ৪ দ্বাদশাক্ষর ছন্দোবিঃ।~তল-ভূতল; পৃথ্বীতল ; পৃথিবী।

জগদম্ব,-:ম্ব-জগদম্বা দ্রঃ।

জগদম্বা, জগদম্বিকা [জগতের অম্বা, অম্বিকা (মাতা)। অম্বা+ক (ণ্‌-স্বার্থে)+আ, আ=ই] বি, জগজ্জননী ; জগৎপালিকা ; দুর্গা। সম্বোধনে-জগদম্ব, বাং-য় 'জগদম্বে' প্রচুর।

জগদল, জগদ্দল [জগৎ-দল (বিদারণে, দলনে)+অ (র্তৃ)] বি, জগৎ সংহর্তা পরমেশ্বর। ২ গুরুভার পাষাণ-বিঃ। "বামপদে ঠেলিল পাষাণ জগদল।"-কবিক°। ৩ বরেন্দ্র ভূমির বিখ্যাত বৌদ্ধবিহারবিঃ। ৪ বিণ, গুরুভার ; জগদ্দল নামক গুরুভার। "বুকের উপর যেন জগদ্দল পাথর চাপান আছে।"-সনাতনী।

জগদাত্মক [জগৎ+আত্মক-জগৎ আত্মা যার, বহু°, সমাসে ক] বিণ, জগন্ময় : জগৎ-জোড়া ; বিশ্বরূপ। স্ত্রীং ~ত্মিকা।

জগদাত্মা [জগৎ-আত্মন্ ১মা ১ব°,৬তৎ] বি, ঈশ্বর। ২ জগদাধার। ৩ কাল। ৪ জগৎপ্রাণ ; বায়ু।

জগদাধার [জগৎ+আধার, ৬তৎ] বি, জগৎ যাঁতে প্রতিষ্ঠিত ; জগৎপাতা।

জগদায়ুঃ [জগৎ-আয়ুস্, ১মা ১ব°, ৬তৎ] বি, জগৎপ্রাণ ; বায়ু।

জগদীশ [জগতের ঈশ (প্রভু), ৬তৎ] বি, বিশ্বপতি ; পরমেশ্বর ; নারায়ণ।

জগদীশ্বর [জগৎ+ঈশ্বর, ৬তৎ] বি, বিশ্বেশ্বর ; পরমেশ্বর ; জগৎপতি। ~রী।

জগদ্‌গুরু১ [জগতের গুরু, ৬তৎ] বি, পরমেশ্বর। ২ শিব ; মহেশ্বর।

জগদ্‌গুরু২ [জগৎ+গুরু, ৬তৎ] বি, জগতের গুরু ; পরমাত্মা। ২ মহর্ষি নারদের নামান্তর।

জগদ্গৌরী [জগৎ+গৌরী] বি, মনসাদেবী। ২ আদ্যাশক্তি ; দুর্গা।

জগদ্দল-জগদল দ্রঃ।

জগদ্দীপ [জগৎ+দীপ (প্রকাশক), ৬তৎ] বি, ঈশ্বর। ২ সূর্য্য।

জগদ্ধাত্রী [জগৎ+ধাত্রী। জগতের (ত্রিভুবনের) ধাত্রী (ধারণকর্ত্রী, পালিকা)] বি, গৌরী ; জগন্মাতা ; দুর্গা।

জগদ্বন্ধু (-দব্‌-) [জগতের বন্ধু, ৬তৎ] বি, পরমেশ্বর।

জগদ্বরেণ্য (-দব্‌-) [জগৎ-বরেণ্য (পূজ্য), ৬তৎ] বি, ঈশ্বর। ২ বিণ, সকলের পূজনীয় ; বিশ্বের বন্দনীয়।

জগদ্বল (-দল) [জগতের বল, ৬তৎ] বি, বায়ু।

জগদ্বাসী (-দ্বা-) [জগৎ-বাসী] বিণ, জগতের অধিবাসী : যে জগতে বাস করে। স্ত্রীং জগদ্বাসিনী।

জগদ্বিখ্যাত (-দবি-) [জগতে বিখ্যাত, ৭তৎ] বিণ, যার খ্যাতি জগতে প্রচারিত হইয়াছে ; বিশ্ববিশ্রুত ; সকল দেশে প্রসিদ্ধ।

জগদ্ব্যাপী (-দব্যা-) [জগৎ+ব্যাপী] বিণ, জগৎ-জোড়া, বিশ্বময়।

জগদ্‌যোনি [জগতের যোনি (উৎপত্তি স্থান), ৬তৎ] বি, জগৎ-কারণ : স্রষ্টা। ২ ব্রহ্মা ; বিষ্ণু ; মহেশ্বর। ৩ পৃথিবী।

জগদ্রঙ্গমঞ্চ [জগৎ+রঙ্গমঞ্চ] বি, বিশ্ববাসীর লীলাভূমি ; জীবের ক্রীড়াক্ষেত্র ; ধরাধাম amphitheatre of life.

জগন্নাথ [জগৎ+নাথ, ৬তৎ] বি, বিশ্বনাথ ; পরমেশ্বর। ২ বিষ্ণু ; শিব। ৩ উৎকলের প্রসিদ্ধ বিষ্ণুর দারুমূর্ত্তি। ~ভোগ -মহাপ্রভুর ভোগের নিমিত্ত প্রস্তুত মিষ্টান্ন বিঃ। ~যাত্রা-পুরী তীর্থে গমন। ~ক্ষেত্র পুরীধাম ; জগন্নাথ তীর্থ ; শ্রীক্ষেত্র।

জগন্নিবাস [জগৎ+নিবাস] বি, যাঁতে বিশ্বব্রহ্মাণ্ড বাস করে ; জগদাশ্রয় ; বিষ্ণু।

জগন্নু১, জগন্নু [জগৎ-নুদ্ (প্রেরণে)+উ (র্তৃ), দ্-লোপ (নিপাতনে জগনু)] বি, যে যজ্ঞাদি কর্ম্মে প্রেরণ করে ; অগ্নি। ২ জন্তু।

জগন্ময়ী [জগৎ+ময় (প্রাচুর্য্যার্থে)+ঈ (স্ত্রীং)] বি, যিনি সমস্ত জগৎ ব্যাপিয়া আছেন ; জগদ্ব্যাপিনী শক্তি। পুং-জগন্ময়।

জগন্মাতা [জগৎ+মাতা, ৬তৎ] বি, জগজ্জননী ; জগদম্বা।

জগন্মান্য [জগৎ-মান্য (পূজ্য), ৬তৎ] বিণ, জগতের পূজনীয় ; সর্ব্বমান্য।

জগন্মূর্ত্তি [জগৎ-মূর্ত্তি, ৬তৎ] ; বি, বিশ্বরূপ।

জগন্মোহন [জগৎ+মোহন, ৬তৎ] বিণ, জগৎমুগ্ধকর ; ভুবনমোহন। ২ পরম সুন্দর। ৩ বি, নাট্যমন্দির ; জগমোহন দ্রঃ। স্ত্রীং, জগন্মোহিনী-পরমাসুন্দরী ; ভুবন-মোহিনী।

জগপতি [জগ=জগৎ-পতি, ৬তৎ] বি, বিশ্বপতি ; পরমেশ্বর। "গাওরে জগপতি জগবন্দন"-ক্ষ°।

জগবন্দন [জগ (জগৎ)+বন্দন (বন্দ্য, পূজ্য) ৬তৎ] বিণ, জগৎবন্দিত ; জগজ্জনের বন্দনীয়।

জগবন্ধু [জগ (জগৎ)+বন্ধু, ৬তৎ] বি, জগতের বন্ধু। ২ পরমেশ্বর।

জগভরি [জগ=জগৎ-ভরি=ভরিয়া (ভর দ্রঃ)] বিণ, ভরা ; পূর্ণ। "এ হরি এ হরি জ° লাজ। তোহে না বুঝিয়ে এছন কাজ।"-জ্ঞান°।

জগমগ [ডগমগ (দ্রঃ)-বংশাদি লম্বমান বস্তুর অগ্রভাগের আন্দোলন বা কম্পন-বোধক ; কিন্তু, জগমগ-উজ্জ্বল বা তেজঃপুঞ্জ পদার্থের আন্দোলন বা কম্পন। হিং-জগ্‌মগানা] বিণ, দীপ্তি বা উজ্জ্বলতার কম্পন যুক্ত। "জ° লোচন কমল চুলায়ত"-গোবিন্দ°।

জগমণ্ডল-বি, ভূমণ্ডল; জগৎ (পদ°সাং)।

জ্গঁমোহন১ [জগ (জগৎ) মোহন, ৬তৎ] বিণ, যে জগৎকে মোহিত করে ; বিশ্ববিমোহন। স্ত্রীং জগমোহিনী।

জ্গঁমোহন২-বি, জগন্নাথের মন্দিরের যে স্থান হ'তে যাত্রীরা ঠাকুর দর্শন করে ; দেবায়তনের যে অংশে শ্রীবিগ্রহ থাকেন, তার বহির্ভাগের নাম ; মন্দির ও নাটমন্দিরের মধ্যবর্ত্তী স্থান। প্র-"মন্দির সম্মুখস্থ জগমোহনও বেশ বড়। নাটমন্দির অতি পরিষ্কার পরিচ্ছন্ন।"-উদ্বোধন, ১৩২৬, চৈত্র। ২ নাটমন্দির। "নৃত্য গীত করি জগমোহনে বসিলা"-চৈ০ চ০। ৩ [বাঁকুড়া অঞ্চলে] দরদালান।

জ্গঁর, জাগঁর [জাগৃ (জাগ) অ (কর্তৃ, ভা০), নিপাতনে-জগর] বি, বর্ম্ম ; কবচ।

জগল [যঙ্‌লুগন্ত গল্ (ক্ষরিত হওয়া)+অ (র্ম্ম), নিপাতনে] বি, যাকে পুনঃ পুনঃ ক্ষরিত করে ; মদিরা বিঃ ; পিষ্ট মদ্য।

জ্গঁাখিচুড়ী [খিচুড়ী দ্রঃ] বি, বিসদৃশ বস্তুদ্বয় বা বস্তুসমূহের মিশ্রণ ; নানা বিষয়ের গোলমাল। "আমরা এই পাঞ্জাবী হাঙ্গামার তদন্ত ব্যাপার উভয় পক্ষ কর্ত্তৃক জগাখিচুড়ীতে পরিণত হইতে চলিল দেখিয়া বিস্মিত ও দুঃখিত।"-নায়ক, ১লা অগ্র০, ১৩২৬।

জ্গঁাতি১ [প্রাদে০] বি, শুল্ক আদায়কারী কর্ম্মচারী। "নদীকূলে বৈসে রাজা ইহার জগাতি"-মহা০ (কাশী)।

জগাতি২ [প্রা-বাং] বি, বাধা ; বিঘ্ন। "ম্লেচ্ছ দেশ দূর পথ জ০ অপার"-চৈ০ চ০।

জ্গঁগ্‌গ,-গঁর [জগৎ >, গ্রা০ নিম্ন কথ্য] বি, রাশি ; প্রভূত। "এক জগ্‌গর ট্যাকা দিয়ে ঘাট নিয়েছি।"-দী০ রায়।-তুল-a world of &c.

`জ্গঁদ্ধ,-`জ্গঁগ্‌দ্ধ [অদ্ (ভক্ষণে)+ত (র্ম্ম)। অদ্ স্থানে জগ্‌ধ আদেশ] বিণ, ভুক্ত ; ভক্ষিত। ২ [ভা০-ত] বি, ভোজন। স্ত্রীং ~া।

বি, **`জিগ্ধি, `জিগ্‌দ্ধি** [অদ্ (ভক্ষণে)+তি (ভা০)। অদ্=জগ্‌ধ] ভোজন।

জ্ঘঁন [সং] বি, স্ত্রীলোকের কটি। ২ উদরের নিম্নভাগ ; নিতম্বের বিপরীত দিকের নিম্নদেশ। ~কূপ,~কূপঁক-সুন্দরীদিগের কটিদেশস্থ আবর্ত্তদ্বয়।

জ্ঘঁন্য [জঘন (দ্রঃ)+য] বিণ, নীচ ; অধম। ২ ঘৃণিত ; হেয়। ৩ অনুচিত ; গর্হিত। ৪ নিন্দনীয়। বি, ~তা। ~জ [জঘন্য-জ (জাত), ৫তৎ] বিণ, যে নীচ হ'তে জন্মিয়াছে। স্ত্রীং ~া। জ০ কাণ্ড,-ব্যাপার-অতি হেয় আচরণ ; গর্হিত অনুষ্ঠান। জ০ বৃত্তি-নীচবৃত্তি।

জঘ্নু [হন্ (বধকরা)+উ (র্তৃ) হন্=জঘ্ন] বিণ, বধকারী ; হন্তা।

জঙ্-জং, জঙ্গ২ দ্রঃ।

জ্ঙঁলা, জঙ্গলা, জংলা [জঙ্গল দ্রঃ] বিণ, জঙ্গলসম্বন্ধীয়। ২ জঙ্গল-জাত। ৩ বন্য ; বুনো wild। "সাথী হারা সেই পাখীটা আমার ভুলে গেছে সব জঙ্‌লা বুলি"।-বিষাদ ও অশ্রু। ৪ বর্ব্বর ; অসভ্য uncivilized. ৫ রাগিণীবিঃ। স্ত্রীং জ্ঙি-লী।

জ্গঁঙ্গ১ [ফা-জংগ্ (যুদ্ধ)] বি, যুদ্ধ ; লড়াই। "দেখিয়া সতীর নাশ রুষিল শিবের দাস মহাকাল মাতাইল জঙ্গ।"-শি০। ২ কলহ ; দ্বন্দ্ব। ৩ জাহাজ। "জঙ্গ ডিঙ্গা লয়ে তারা বাণিজ্যেতে আইসে"-কবিক০।

জ্গঁঙ্গ২ [ফা-জ়ংগ্] বি, মরিচা ; মড়চে।

জ্গঁঙ্গম [যঙ্ লুগন্ত, গম্ (গমন করা)+অ (র্তৃ) দ্বিত্ব, গ=জ, ং-আগম=জংগম-ং=ঙ্] বিণ, যে অনবরত গমন করে ; যে একস্থানে স্থায়ী নহে ; গতিশীল ; অস্থাবর। ২ জন্তু ; প্রাণী। ~কুটী [জঙ্গমা-কুটী (ধা)] বি, ছত্র ; ছাতা। ~গুল্ম [জঙ্গম-গুল্ম, ধা] বি, পদাতি সৈন্য। ~বিষ-বি, জন্তুবিষ ; "সর্প-কীটোন্দুর-লূতা-বৃশ্চিক-গল-গোধিকা-জলৌকা-মৎস্য-মণ্ডূক-শলভ-শ্ব-সিংহ-ব্যাঘ্র-গোমায়ু-তরক্ষু-নকুলাদির বিষ। ~ভূত [রাসাঃ পরিঃ] বি, জৈব পদার্থ animal substance. স্থাবঁর জঙ্গম-জড় অজড় সমস্ত ; চেতন, অচেতন সমুদয় পদার্থ। "স্থাবর জঙ্গমময় তোমা ভিন্ন কিছু নয়, ভাবিয়া বুঝিনু তুমি এক।"-কবিক০।

জ্গঁঙ্গল [হি০-জঙ্গল্। জঙ্গম স্থানে জঙ্গ-ল, লা (ড প্রত্যয়ান্ত)। যে জঙ্গমগণকে আনে বা গ্রহণ করে। চট্টল প্রাদে০জঁঅল] বি,ক্ষুদ্র বন ; ক্ষুপের অরণ্য। ২ বন ; অরণ্য। ৩ মরুভূমি। ৪ বিণ, নির্জ্জন। বিণ, জঙ্গলা, জঙ্গলিয়া। ~বাড়ী, ~বুড়ী [হি০-জঙ্গল্-বরি=বন পরিষ্কার করণ] বি, জঙ্গল পরিষ্কার করণ। ~বাড়ী,-বুড়ী তালুক-যে জঙ্গলপূর্ণ তালুক প্রথমে অল্প খাজনায় বিলি করিয়া প্রজার দ্বারায় বন কাটাইয়া পরিষ্কার করা হয়। ~া-জঙ্‌লা দ্রঃ।

জ্গঁঙ্গলাট, জঁঙ্গলাৎ [হি০-জংলাৎ] বি, জঙ্গলবিভাগ। ২ পতিত অর্থাৎ কৃষিকার্য্যের অনুপযুক্ত বনময় ভূমি।

জ্গঁঙ্গলিয়া [জঙ্গল+ইয়া। গ্রা০ জোঙ্গুলে। জঙ্গুলিয়া দ্রঃ] বিণ, জঙ্গলময় ; আরণ্য। ২ বর্ব্বর ; অসভ্য ; জঙ্গলী (দ্রঃ)।

জ্গঁঙ্গ্‌লী১-জঙ্গল দ্রঃ।

জ্গঁঙ্গলী২ [জঙ্গল+ঈ। দ্রুত-জোংলি] জঙ্গলসম্বন্ধীয় ; বন্য ; বনজাত। ২ অসভ্য ; বুনো।

জ্গঁঙ্গাল, জাঙ্গাল [জঙ্গ্ (গমনাগমনে)+আল (বাধা-বাঁধ)। প্রাদে০, চট্টল-জাঁআল] বি, বাঁধ ; সেতু। জাঙাল দ্রঃ।

জঙ্গি, জাঙ্গি,-ী [ফা-জ়ঙ্গী] বিণ, যুদ্ধসম্বন্ধীয়। ২ সমর বিভাগীয়। প্র০-জঙ্গি লাট। ৩ যুদ্ধকারী ; কুস্তিগীর্। ৪ মহাবল ; প্রকাণ্ড। প্র০-জঙ্গী পালোয়ান। ~লাট [জঙ্গ্ (যুদ্ধ)+ই (বিভাগীয় অর্থে)-লাট (ইং-lord, প্রধান শাসনকর্ত্তা)] বি, ব্রিটিশ ভারতের সৈনিকবিভাগীয় সর্ব্বপ্রধান রাজপুরুষ the Commander-in-chief in India.

জঙ্গুল [সং] বি, বিষ।

জঙ্গুলিয়া, জঙ্গুলে [জঙ্গল দ্রঃ। জঙ্গলিয়া দ্রঃ। গ্রা০] বিণ, বন্য।

জ্গঁঙ্ঘ [জেঙ্ঘা দ্রঃ] বি, জঙ্ঘা ; জাং। "জঙ্ঘে জঙ্ঘ দিয়া পায়েতে ছান্দিয়া বাঁশের উপরে চড়ে।"

জঙ্ঘা [জন্ (জন্মান)+অ (র্তৃ, নিপাতনে-জন্)=জঙ্ঘ-আ, স্ত্রী] বি, গুল্ফ এবং জানুর মধ্যভাগ ; গুল্ফ অবধি জানু পর্য্যন্ত অবয়ব। ~বিহার-বি, পদব্রজে তীর্থযাত্রা। "ইহা করিলে আমাদের দেহ সবল হইবে, জঙ্ঘাবিহারও সম্পাদিত হইবে।"~ল, জঙ্ঘিল

[জঙ্ঘা+ল, ইল (প্রশস্তার্থে)] বি, যে জঙ্ঘা-বৃত্তি দ্বারা জীবিকা অর্জ্জন করে ; ধাবক। ~শূল-বি, জঙ্ঘার বেদনাকারক রোগ।

জঙ্ঘী [জঙ্ঘা+ইন্ (স্ত্য)। পুং জঙ্ঘিন্ ১মা, ১ব০] বিণ, যার জঙ্ঘা বেগবতী ; যে দ্রুত গমন করে ; দ্রুতগামী।

জজ [ইং-judge এর লিপ্যন্তর] বি, বিচারপতি। ~পণ্ডিত-হিন্দুব্যবহার-শাস্ত্রে পারদর্শী সংস্কৃতজ্ঞ পণ্ডিত যিনি ইংরেজ-দিগের প্রথম অধিকারকালে বঙ্গদেশস্থ বিচারালয়ে বিচারপতির সাহায্য করিতেন। ~মেণ্ট [judgment এর লিপ্যন্তর] বি, জজের বিচার ফল ; রায় ; নিষ্পত্তি। ~ম্যাজেষ্টার [judge and magistrate] বড় বড় হাকিম।

`জজা [সং-যজ্ (পূজা করা) >। জজি, জজ, জজে ; জজিতে ; জজিয়া। য=জ। ণিজন্ত-জজান] ক্রি, পূজা করা।

`জজানি [জজা দ্রঃ। জজাই, জজাও, জজায় ; জজাইতে ; জজাইয়া (কে০ জজিয়ে)] ক্রি, একাকার করা : চতুর্দ্দিকের জিনিষপত্র স্পর্শ দ্বারা অশুচি করা। প্র-সাতঘর জজিয়ে বেড়ান। ২ পূজা করান।

জজিয়তি-বি, জজের কার্য্য ; জজের ধর্ম্ম বা কর্ত্তব্য ; জজগিরি। "জজের গৃহিণী কন ভ্যালা জজিয়তি, নামে শুধু অনারেবল পদ বিলায়তি।"-হেম০।

জজ্ঞি [প্রা০ বাং য-স্থলে জ] বি, যজ্ঞ ; যাগ। "হোম গাইল পণ্ডিত রামাই ভাবি নিরঞ্জন। জজ্ঞ অধিবাসমন্ত্র আবাহন।" -শূ০ পু০।

জঞ্জাল, জংজাল [সং-ঝঞ্ঝার ভাব ইহার মূলে। হি০-জঞ্জাল] বি, উৎপাত ; ঝঞ্ঝাট ; ঝগড়া ; অস্বস্তি। "নিত্য আসি জঞ্জাল করহ মোর সনে।"-মহা০ (কাশী)। "বাপ বটে বড়লোক বল গিয়া তাঁরে। জঞ্জাল ঘুচুক যাও জনকের ঘরে॥"-শি০। ২ [জঙ্গল > কে০ জং (আবর্জ্জনা) + জাল (সমূহ) >] আবর্জ্জনা ; ওঁচলা। বিণ, জঞ্জালিয়া, জঞ্জালে।

জঞ্জির, জঞ্জীর [ফা০-জন্‌জীর > বাং জিঞ্জির ও০] বি, শিকল।

জট [প্রা০-জোট্। জট্ (সংহত, জড় হওয়া) +অ (র্ত্তৃ)] বি, সংহত-কেশ ; জটা। প্র-মাথায় জট পড়ে গেছে। ২ কেশ ; চুল। "জটে দড়ি দিয়া বীরে বান্ধিলেক চালে, হাতে হাতকড়ি দিল গলায় জিঞ্জিরে।"-কবিক০। ৩ জটিল গাঁইট। "খুড়িমার মন প্রতিকূল মন, একেবারে জালে জঞ্জালে জট পাকাইয়া গেল।"-ভারতী, ১৩২০।

জটলা, জটল্লা [সং-জটিল >] বি, অনেকে জোট বাঁধিয়া যে পরামর্শ করে। "ওদের বৈঠকখানায় সকলে মিলিয়া রোজ জটলা করে।" "তাঁহাকে দেখিলে তাহারা পথ ছাড়িয়া দেয় ও জটল্লা বাঁধিয়া কাণাকাণি করিতে থাকে"-করঙ্ক। ২ জনতা ; ভিড়।

জটা [জট্+অ(র্ত্তৃ)+আ-স্ত্রীং] বি, পাকাইয়া জটিল হইয়াছে যে চুল ; শটা। "যথায় পাকালে জটা আটা মেখে চুলে।"-কৃত্তি০। ২ কেশর ; সিংহাদি পশুর ঘাড়ের লোম। ৩ বৃক্ষের ঝুরি। ৪ বেদপাঠবিঃ। ৫ রুদ্রজটা। ৬ শতাবরী। ৭ কপিকচ্ছু। ~চীর [জটা হইয়াছে চীর (বসন) যার-বহু০। অর্থাৎ জটাই যার বসনস্থানীয়] বি, দিগম্বর ; শিব। ২ [জটা এবং চীর আছে যার-বহু০] বি, জটা ও চীরধারী সন্ন্যাসী। ~জাল [জটা-জাল (সমূহ)-৬ তৎ] বি, জটাসমূহ ; জটাসকল। ~জূট [জটার জূট্ (সমূহ)-৬ তৎ] বি, জটা-সমূহ। "ফাটে বুক জটাজূট হেরি তব শিরে মঞ্জুকেশী।"-মাইকেল। ~জ্বাল [জটা (বৎ) জ্বালা (অগ্নি শিখা) যার-বহু০] বি, প্রদীপ। ২ [জটাতে জ্বালা যার-বহু০] বি, শিব। ~টঙ্ক [জটা-টনক্ (বদ্ধ করা)+অ (র্ত্তৃ)] বি, শিব। ~ধর [জটা-ধর-ধৃ (ধারণ করা)+অ (র্ত্তৃ) উপ০। যে জটা ধারণ করে] বি, শিব। ২ বুদ্ধবিঃ। ৩ দেশবিঃ। ৪ কোষকারবিঃ। ৫ বিণ, জটাধারী-যার মস্তকে জটা আছে। ~ধারী [জটা-ধারিন্] বিণ, মস্তকে জটাধারণকারী। ২ বি, শিব। ৩ সন্ন্যাসী। > স্ত্রীং ~ধারিণী-সন্ন্যাসিনী। ~মাংসী [কন্দে জটাবৎ শিকড় থাকায় নাম] বি, সুগন্ধিদ্রব্যবিঃ spikenard. ~লঙ্কা-লঙ্কাবিঃ ; জটা লঙ্কার গাছ। পল্লীগ্রামে প্রায়ই দেখা যায়। ~সুর-বি, ভীম হস্তে নিহত অসুরবিঃ।

জটাম [রেশম-শিল্প পরিঃ] বি, রেশম কোষ বা গুটী কাটাই করিবার সময় যে ভাগ কাটনীর হাতে প্রস্তুতী সূত্র বা রেশম বাদে অবশিষ্ট থাকে অর্থাৎ অপ্রস্তুতী আঁষ ; ঝুট, ফেঁসো ; চষম।

জটায়ু [জটা (কেশরাশি) তা হ'তে অপরিমিত, আয়ু (জীবন কাল) যার-বহু০] বি, গরুড়বংশীয় প্রসিদ্ধ পক্ষী ; অরুণের পুত্র ও সম্পাতির সহোদর।

জটাল (-র্ল-) [জটা+ল (স্ত্য), জটা+বালা >] বিণ, জটাযুক্ত ; জটাধারী। ২ বি, ব্রহ্মচারী। ৩ বটবৃক্ষ। ৪ সিংহ। ৫ কর্পূর। ৬ গুগ্‌গুল।

জটি, জটী [সং-জট্+ই] বি, জটা। ২ সমূহ। ৩ প্লক্ষবৃক্ষ।

জটিয়া, জটে [জট+ইয়া (যুক্তার্থে)] বিণ, যার জট আছে। জটেবুড়ী-ছেলেদের ভয় দেখাইবার জন্য কল্পিত ভয়ের মূর্ত্তি ; ছেলেধরা।

জটিল [জটা+ইল (স্ত্য)] বিণ, জটা-বিশিষ্ট ; জটাধারী। "জটিল তপস্বী বেটা ভারি কি এমন."-কৃত্তি০। "জানিলা যোগিনী জটিলের মনোরথ। জলস্থলে জলৌকা পাঠাল দুইমত॥"-শি০। ২ জড়ানিয়া ; পেচোয়া ; পাকান। ৩ দুর্ব্বোধ্য। ৪ বি, সন্ন্যাসী। ৫ [জটা হেতু] সিংহ। ৬ [জটের মত ঝুরি নামে বলিয়া] বটগাছ। [প্রা০-বাং] জটিল্যা-জটাজূটধারী। "মহাদেব বসিল্যা জতেক জটিল্যা আইলা জতেক তপসি"-শূ০ পু০।

জটিলা-বি, আয়ানের মাতা ও রাধিকার শাশুড়ী ; রাধিকার ননদ কুটিলার জননী।

জটী [জটা+ইন্ (স্ত্য)। পুং জটিন্ ১মা, ১ব০] বিণ, জটাধারী ; জটাধর-সন্ন্যাসী। ২ বি, সিংহ। ৩ বট বৃক্ষ।

জটুল, জড়ুল, জড়ুর [জট (জটবৎ রোম)+উল (র্ত্তৃ)-জটবৎ রোমশ চিহ্ন, ট=ড়] বি, জন্ম হইতে শরীরস্থ শ্বেত, লোহিত, কৃষ্ণ চিহ্ন (প্রায়ই রোমশ)।

জটে-জটিয়া দ্রঃ।

জঠর [জম্ (ভক্ষণ করা)+অর (ণে)-যদ্দারা ভক্ষণ করা যায়। ম=ঠ। অথবা জন্-(জন্মান)+অর (ধি)-যাতে প্রাণী জন্ম গ্রহণ করে] বি, উদর। ২ জরায়ু; গর্ভ। "দশমাস দশ দিন ধরিয়া জঠরে। জননী কাটান কাল কতই কঠোরে।" ৩ [কৃ-অর] বিণ, কর্কশ: কঠিন। ৪ বৃদ্ধ। ~জ্বালা-ক্ষুধার তীব্র অনুভূতি; অতিশয় ক্ষুধাবোধ; জঠরাগ্নির উদ্দীপন; পেটের জ্বালা। ~যন্ত্রণা-গর্ভধারণ ক্লেশ ও প্রসববেদনা। ~স্থ [জঠর-স্থ, স্থা (থাকা)+অ (র্ত্তৃ)-যে জঠরে আছে] বিণ, গর্ভস্থ। ২ যা জঠরে গিয়াছে; উদরস্থ।

জঠরিতা, জঠরিত্ব [জঠর (কর্কশ, কঠিন)+তা, ত্ব (ভা°)] বি, কাঠিন্য। ২ কার্কশ্য।

জঠরাগ্নি, জঠরানল [জঠরে (স্থিত) অগ্নি, অনল-৭মী তৎ] বি, জঠরস্থিত অগ্নি; উদরস্থ একপ্রকার রস (gastric juice). জঠরানল-নিবৃত্তি-ক্ষুধার শান্তি।

জঠরাময় [জঠর+আময় (রোগ) ৬তৎ] বি, উদরের রোগ। ২ উদরী রোগ।

জড়১ (-ড়,-ড়) [জট্ (সংহতি অর্থে) >, বা, জল (আচ্ছাদনে)+অ (র্ম্ম), ল=ড়। যাকে আচ্ছাদন করিয়া রাখিয়াছে] বিণ, জমাট। ২ মূর্খ। ৩ অচেতন। ৪ নিঃস্পন্দ। ৫ চেষ্টারহিত; নিষ্ক্রিয়। ৬ অজ্ঞান; জ্ঞানবুদ্ধিহীন। "জড়-মাত্র ছিলে, জ্ঞান যে দিল তোমার সকল ইন্দ্রিয় দিল তোমার সহায়, কিন্তু তুমি ভুল তারে এ তো ভাল নয়।"-রাজা রামমোহন রায়। ৭ অন্ধ। ৮ মূক; বোবা। ৯ স্ফূর্ত্তিহীন। ১০ আচ্ছন্ন; মোহিত। ১১ সঙ্কুচিত; আড়ষ্ট। প্র-সে লজ্জায় জড়সড় হ'য়ে রহিল। হাত পা জড় করে শোয়া। ১২ একত্র; স্তূপীকৃত। জড় করা-একত্র করা; সংগ্রহ করা; স্তূপীকৃত করা। প্র-কাটগুলা এক ধারে জড় করে রাখ। ~ক্রিয় [জড়ের মত ক্রিয়া যার, বহু°] বিণ, দীর্ঘসূত্রী; যে অনেকক্ষণ ধরে একটা কাজ সম্পাদন করে। ~চেতনা [জাতিঃ পরিঃ] বি, ভূত প্রেত; পিশাচ; তুক তাক বা মন্ত্র তন্ত্র fetish. ~চৈতন্যবাদ,~বাদ১-মন্ত্রতন্ত্রে বিশ্বাস; ভূত-প্রেতপূজা; চৈত্যপূজা fetishism. ~তা, ~ত্ব [জড়+তা ত্ব (ভা°)] বি, জাড্য। ২ শৈথিল্য। ৩ শৈত্য। ৪ মূর্খতা। ৫ অস্পষ্টতা। ৬ স্ফূর্ত্তিহীনতা; অস্বাচ্ছন্দ্য। ৭ অকর্ম্মণ্যতা; অপটুতা; অক্ষমতা। ৮ [পদার্থ বিদ্যায়] যে ধর্ম্মহেতু পদার্থ আপনা হ'তে চলিতে বা থামিতে পারে না। ~পুঁটুলি-জড় পুত্তলি দ্রঃ। ২ পুঁটুলি বাঁধার অবস্থাবৎ জড়। ~পুত্তলি [জড়-পুত্তলি (পুতুল), ধা। গ্রা° জড় পুঁটুলি, -পুঁটলী] বি, অলস ব্যক্তির প্রতি বিদ্রূপ বাক্যে ব্যবহৃত। তুল-কাঠের পুতুল। ~ভরত [জড় (জড়বৎ) ভরত] বি, লোকজনের সঙ্গ-বর্জ্জিত ও জড়ভাবাপন্ন ভরত-নামক ব্রাহ্মণ বিঃ। ২ [ভরতের প্রকৃতি হ'তে] জড়বৎ; নির্ব্বাক্; নিস্পন্দ। ~সড় [জড়-সড় (অসাড় >) অথবা জড়+সড় (হি° সিকোড় (সঙ্কুচিত)] বিণ, সঙ্কুচিত। "ভয়ে জড়সড় পৃথিবী আবার।"-প্রেম ও ফুল। ২ আড়ষ্ট; হাত পা গুটাইয়া কুণ্ডলীবৎ। "মুক্তি এমন জড়সড় হইয়া ছোট্টটি হইয়া বসিয়াছিল যে রাজপথের চারিদিকের চঞ্চলতা ও বিরাটতার মধ্যে তাকে খুঁজিয়া পাওয়া দায়।"-ভারতী, ১৩২০। জ° হওয়া-জমাট বাঁধা। ২ একস্থানে মিলিত হওয়া; দল বাঁধা।

জড়২ [হি°-জড় (শিকড়)] বি, মূল; শিকড়। ২ [লক্ষ°] মূলসূত্র। "যেখানে আর্য্যভাষাগুলির জ° গিয়া পৌঁছিবে। ৩ গোড়া; মূলীভূত কারণ। প্র-যত কিছু অহিত হচ্চে সেই সে সমুদয়ের জড়। ৪ [তুল-হি° জড়ীবুটী] বিষ। "সঙ্গে লইল জড়ের লাড়ু"-মৈ° গী°।

জড়৩ [জড় (সংহতিতে) >] বি, বেষ্টন; সীমা। "পাথরের জড়, পাথরের গড়, কজুরা পুরট শোভা।"-কবিক°।

জড়৪ [সঙ্কীর্ণার্থে। বিপরীতার্থে-চেতন spirit, mind] বি, অচেতন পদার্থ; বস্তু matter. [জড়ের তিন অবস্থা-(১) কঠিন, ২) তরল (তৈলীয়, জলীয়) (৩) অনিল (বায়বীয়)। "বায়ু আর জ্বালানি গ্যাস আর সোডা ওয়াটারের হাওয়া অনিল"-রা° ত্রিবেদী]। ~জগৎ-বি, প্রকৃতি; চৈতন্যহীন স্থাবরজগৎ; ভৌতিক জগৎ। ~পদার্থ [জড় (অচেতন) পদার্থ-ধা] বি, যে সকল পদার্থের চেতনা নাই; ক্ষিতি, অপ্ তেজাদি পঞ্চভূত। ২ [পদার্থ বিদ্যায়] 'যার ব্যাপ্তি, জড়তা, শক্তিমত্তা, ভার এবং অনশ্বরতা রূপ পঞ্চ প্রধান ধর্ম্ম বিদ্যমান আছে।"-রা° ত্রিবেদী। ~পিণ্ড [জড়াকৃতি পিণ্ড-ধা] বি, স্থূল জড় পদার্থ। ~প্রকৃতি-বি, জড়জগৎ; ভৌতিক জগৎ। ~প্রায় [জড়-প্রায় (সদৃশ)-৬ তৎ] বিণ, জড়ের তুল্য। ~বাদ২-বি, প্রাকৃত দর্শন; যে মতবাদে আত্মার স্বতন্ত্র অস্তিত্ব স্বীকৃত হয় না; দেহাত্মবাদ materialism. বিণ, ~ী। ~বিজ্ঞান-বি, প্রাকৃতিক বিজ্ঞান।

জড়াও [হি°=জড়াউ] বিণ, জড়িত; সংলগ্ন; খচিত। ২ বি, অলঙ্কারে মণি-রত্নাদি বসাইবার কাজ; জড়োয়া।

জড়াজড়ি [জড়ান দ্রঃ। পরস্পর অর্থে দ্বিত্ব] বি, পরস্পর পরস্পরকে বেষ্টন বা আলিঙ্গন। "পথে জড়াজড়ি দেখিনু নাগরী সখির সহিত যায়।"-চণ্ডি°।

জড়ানি [জট্ (সংহতি অর্থে) >। জড়াই, জড়াও (জড়ান্, জড়া), জড়ায় (জড়ান্); জড়াইতে (কে° জড়াতে); জড়াইয়া (কে°জড়িয়ে) ই°] ক্রি, বেষ্টন করা; আবৃত করা। ২ আলিঙ্গন করা। "গোপী পাইল গোবিন্দ গৌরীর পাদ পূজে। জড়ায়ে ধরেছি তোমা তাই মনে বুঝে"-শি°। ৩ পাকান; ঘুরান। "অক্ষরগুলা কোথা দিয়া যে কেমন করিয়া জড়াইয়া পরস্পরে পুঁটুলি পাকাইয়া গিয়াছে।"-ভারতী, ১৩২১। ৪ [হি°-জড়ানা] খচিত করা; জড়িত করা। ৫ লিপ্ত করা। প্র-কোন মামলায় জড়ান। ৬ পিণ্ডীকৃত হওয়া; লেপট হওয়া। প্র-"আস চালের মোটা ভাত জড়িয়ে গেলে গলা দিয়ে উলবে কেন?"

জড়ামিড়ি [জড়া+মিড়ি (মিলি(ত) >

ঝিড়ি > ঝিড়ি >] ক্রি-বিণ. পরস্পর জড়াজড়ির ভাব।

²জড়ি [হি°-জড় (মূল)] বি, বিষের প্রতিষেধক শিকড়।

জড়িত [জড়+ইত (যুক্ত)] বিণ, সংলগ্ন; যুক্ত। ২ বেষ্টিত। ৩ আচ্ছাদিত। ৪ খচিত।

জড়িপটী [জড়ি (জড়িত) পটী (পট্টী বা পদী)-পদাদিতে পট্টী জড়ানর ভাব] বি, ঘুরপাক; জড়সড়-ভাব। জি° খাওয়া-বিজড়িত পদ হওয়া; চলিতে পা জড়াইয়া যাওয়া।

²জড়িবুটি [হি°-জড়, জড়ি (দ্রঃ) বুটি (বটিকা, গুলি) সহচর শব্দ] বি, শিকড়মাকড়; টোট্কা ঔষধ।

জড়িম [জড়িমা দ্রঃ। জড়+ইমন্ (ভা°)] বিণ, জড়তাযুক্ত; অস্পষ্ট: জড়ানো। [ভারতচন্দ্র 'জড়িমা' অর্থে প্রয়োগ করিয়াছেন। "মাথা হেলাইয়া অঙ্গ দোলাইয়া জড়িমযুক্ত বচনে। কহে কুবেরের বেটা"-অ° ম°।]

জড়িমা [জড়িম দ্রঃ। মূ° জড়িমন্ ১মা ১ব°। ন লোপ] বি, জড়তা; জড়ভাব; জড়ত্ব।

জড়ীকৃত [জড়-ঈ (অভুততদ্ভাবার্থে চ্বি)] বিণ, যাকে নিষ্পন্দ করা হইয়াছে। ২ হতবুদ্ধি। ৩ জমাট।

জড়ীভূত [জড়-ভূত-ঈ (অভুততদ্ভাবার্থে চ্বি)] বিণ, জড়ভাবাপন্ন; নিষ্পন্দীভূত। ২ নিশ্চেষ্ট; নিরুৎসাহ। ৩ হতবুদ্ধি। ৪ অভিভূত। ৫ বেষ্টিত; সমাচ্ছন্ন; মগ্ন; জড়িত। প্র-ঋণজালে জড়ীভূত।

জড়ুর, -ল- জটুল দ্রঃ।

জড়োপা/সক [জড়+উপাসক] বিণ, জড়ের উপাসনাকারী; প্রকৃতি-পূজক। ~সনা-বি, জড়ের উপাসনা; প্রকৃতি-পূজা।

জড়োয়া [হি°-জড়াব্, জড়াউ, জড়বা] বি, মণিরত্নাদিখচিত স্বর্ণালঙ্কার। ২ বিণ, মণিরত্নাদি জড়িত বা খচিত। জ° গহনা-বহুমূল্য প্রস্তর, মুক্তা ই° জড়িত অলঙ্কার।

জণি [প্রা°-বাং। জনি দ্রঃ] অ, যেন না। "লোকে জণি শুণে তোর এসব কাহিনী।"-শ্রী° কী°। "সে জণি এহাক শুণে।"-ঐ।

জতু [জন্ (উৎপন্ন হওয়া)+উ (র্তৃ), ন্=ত] বি, লাক্ষা। ২ লাক্ষাকীটজাত গাঢ় লালবর্ণ পদার্থ; লাক্ষা দ্রঃ; লা; গালা। ~ক [জতু+ক (স্বা°)] বি, হিঙ্গু; হিং। ২ জতু; লাক্ষা। ৩ জটুল। ~গৃহ [জতু (নির্ম্মিত) গৃহ, ম° প° লো°] বি জতুনির্ম্মিত গৃহ। দুর্য্যোধন হিংসাপরবশ হইয়া পাণ্ডববধার্থ বারণাবত নগরে জতুময় যে গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন। ~দাহ-বি, জতুগৃহ অগ্নিসংযোগে ভস্মীকরণ ব্যাপার। ~নী-বি, চামচিকে। ~পুত্রক [জতু-পুত্র+ক (স্বা°) জতুনির্ম্মিত পুত্রক (পুতুল)-ম° প° লো] বি, পাশার গুটিকা বা ঘুঁটি। প্রথমে পাশার ঘুঁটি জতুদ্বারা পুতুলের মত নির্ম্মাণ-হেতু নাম। ~মণি [আয়ু° পরিঃ] বি, জড়ুল; জতুক। ২ গাত্ররোগবিঃ। ~রস [জতুর রস, ৬তৎ] বি, যাবক; আলতা।

জত্রু [জন্ (উৎপন্ন হওয়া)+রু (র্তৃ, স্বা°) ন্=ত] বি, উভয় পার্শ্বস্থ কণ্ঠাস্থি।

জন (জ-) [জন (জন্মান)+অ (র্তৃ, স্বা°)। অনাদরে, বিনয়ে, পদ্যে ১ যোগ, জনা দ্রঃ] বি, লোক; ব্যক্তি। "পরিশ্রান্ত জনে প্রভু লয়ে যাও সংসার সাগর পারে"-রবী°। ২ শ্রমিক; মজুর; যে দৈনিক বেতনে অন্যের কর্ম্ম করে। "উত্তর দেশের জন, আইসে যেন দানাগণ, শতেক জনের আগুয়ান। * * * * * দক্ষিণ দেশের জন, আইল নাম বিকর্ত্তন, পঞ্চশতজনের অধিকারী। পশ্চিমের বেরুনিয়া, আইল দাকর মিয়া, সঙ্গে তার জন দুহাজার।"-কবিক°। ৩ মানব; মানুষ। "তোমার চরণ, করেছে বরণ নিখিলজন।"-রবী°। ৪ অসুর। ৫ মস্ত লোক; মুরুব্বি; কেও-কেটা (বিদ্রূপে)। প্র-তুই যে এক জন হয়ে বসেছিস্। ৬ পুরুষ; কৃতী বা সামর্থ্যবান জীব। "তোমা বিনা সৃষ্টি রাখে নাহি হেন জন।"-মহা° (কাশী)। ৭ (জন) [পুরাণে] জনলোক; সপ্তলোকের অন্যতম ভুবন; মহর্লোকের উপরিস্থিত লোক, এখানে ব্রহ্মার মানসপুত্রগণ ও উর্দ্ধরেতা ঋষিগণ বাস করেন। ৮ প্রাণী: যোনি; অধিবাসী। "দেখিতে চলিল যত ত্রৈলোক্যের জন"-মহা° (কাশী)। ৯ জনসাধারণ; নরনারী; স্ত্রীপুরুষ। "কুম্ভকর্ণ মৃত্যুবার্ত্তা করিয়া শ্রবণ। ক্রন্দন করয়ে যত লঙ্কাবাসী জন।"-কৃত্তি°। ১০ সমূহ। "গোপবধূজন"; "গোপীজন-বল্লভ"-বৈ° পদ° সা°। ~ক্ষয়-বি, লোক-নাশ। ২ মহামারী; মড়ক। জ° খাটানি-মজুর দ্বারা কাজ করান। ~তন্ত্র-বি, সাধারণতন্ত্র; গণতন্ত্র শাসন republic ~তা [জন (বহুজন)+তা (সমূহার্থে)] বি, বহুজনের একত্র সমাবেশ; ভিড়। "তাহাতে অনেক লোকের জনতা"-দলিল ১১৬৫ সাল। ২ মনুষ্যত্ব [বিরল]। ~পদ, -পাদ [জনের পদ, পাদ (স্থান)-৬তৎ] বি, লোকজনের বসতি-স্থান; লোকালয়। ২ লোক। ~প্রবাদ [জনের প্রবাদ-৬তৎ] বি, লোকপরম্পরায় যা উক্ত হয়; জনরব; জনশ্রুতি। ২ লোকাপবাদ। ~প্রাণী-জনমানব দ্রঃ। ~প্রিয় [জনের প্রিয়-৬তৎ] বিণ, লোকবৎসল; লোকপ্রিয়; জনসাধারণের অনুরাগভাজন। ~বিহ্বল-বিণ, বহু জনসমাকুল; জনাকীর্ণ। ~বাদ [জন (লোক) বাদ] বি, জনপ্রবাদ দ্রঃ। ~ভূয়িষ্ঠ [জন-ভূয়িষ্ঠ (বহুল) যেখানে-বহু°] বিণ, জনবহুল; লোকবহুল। ~মজুর-বি, শ্রমসাধ্য কাজকর্ম্ম করিবার লোকজন; শ্রমিক। ~মত-বি, জনসাধারণের অভিমত। ~মানব [জন (একজনও এই অর্থে) মানব (লোক, স্ত্রী বা পুরুষ)] বি, এক জন মনুষ্যও; জনপ্রাণী। [দ্রঃ-মানব জন হয় না। 'এখানে জন মানব নাই' হয়, কিন্তু 'আছে' হয় না, 'জনমানুষ' হয় না, কিন্তু 'মানুষজন' হয় (বিরল)] ~রঞ্জন [জন-রঞ্জন] বিণ, সকল লোকের মনোরঞ্জনকারী। ২ বি, লোকের চিত্তহরণ। ~রব [জনের রব (শব্দ), ৬তৎ] বি, কিংবদন্তী; জনপ্রবাদ; জনশ্রুতি; লোকের মুখে যে কথার রটনা হয়। "জনরব বিষধর খাইয়াছি নিরন্তর। মিলন অমিয় পানে এবে বেঁচে আছি।"-নিধুবাবু (বাং গান)। "সহস্রশীর্ষ জনরব এখনও যে সম্বন্ধে নীরব।"-

বসুমতী, ১৩১৮।২৭এ মাঘ। ২ বহুলোকের কোলাহল ; লোকসমষ্টির কলরব ; জনতার রব ; লোকজনের কণ্ঠধ্বনি। জ৽ লাগানি –মজুরকে কাজে নিযুক্ত করা। ~লোক [জনের লোক (ভুবন), ৬তৎ] বি, মহর্লোকের উপরিস্থিত লোক। যথা উর্দ্ধরেতা ঋষিগণ এবং ব্রহ্মার মানসপুত্রগণ বাস করেন। "মানবের আদি জন্মভূমি" মতে–চীন। ~শূন্য [জন (লোক, জীব দ্বারা) শূন্য (হীন), ৩তৎ] বিণ, জনপ্রাণীরহিত ; বিজন ; নির্জ্জন। ~শ্রুত [জন–শ্রুত] বিণ, প্রসিদ্ধ ; লোকবিখ্যাত। ২ লোকপরম্পরায় শ্রুত। বি, জনশ্রুতি। ~শ্রুতি [জনের শ্রুতি (শ্রবণ) ৬তৎ] বি, কিংবদন্তী ; লোকপ্রসিদ্ধি ; জনপ্রবাদ। বিণ, জনশ্রুত। ~সংঘ–বি, বহু লোকজনের সম্মিলন ; লোকসংহতি ; খুব ভিড়। ~সমাজ–বি, লোকসমাজ ; সমাজ। ~সমুদ্র–বি, সমুদ্রবৎ বিশাল জনসংখ্যা। "উন্মত্ত জনসমুদ্র নিকটে আসিতেছে, অতি নিকটে কি ভয়াবহ মর্ম্মস্পর্শী কোলাহল।"–রাধা৽মুখো৽(উত্তরা, ১৩৩৩)। ~সাধারণ–বি, সাধারণ ব্যক্তি। ২ সমস্ত প্রজা ; আবালবৃদ্ধবনিতা সমস্ত। ~স্থান [জন–নামক যে স্থান–ধা] বি, দণ্ডকারণ্যের মধ্যবর্ত্তী স্থানবিঃ। ২ [জনের স্থান, ৬তৎ] লোকজনের বসতি স্থান। ৩ লোকালয়। ~স্রোত, ~স্রোতঃ [জন–স্রোতস্] বি, লোকপ্রবাহ। "বহিছে জনস্রোতঃ কলরবে, স্রোতঃ-পথে জল যথা বরিষার কালে।"–মেঘ৽। ~হীন [জন দ্বারা হীন–৩তৎ] বিণ, লোকবিহীন ; নির্জ্জন।

জনক১ [জন্+ণিচ্=জনি (জন্ম দেওয়া) +অক (র্ত্তৃ, জ্ঞা৽] বি, যিনি জন্ম দান করেন ; জন্মদাতা ; পিতা। ২ বিণ, যে উৎপাদন করে ; উৎপত্তির হেতু ; উৎপাদক। ~জননী–বি, পিতামাতা ; বাপ-মা ; জন্মদাতা ও জন্মদাত্রী। ~জননী–জননী –ধরিত্রী ; পিতৃমাতৃগণের জন্মদাত্রী ; জন্মভূমি। "অয়ি নির্ম্মল সূর্য্যকরোজ্জ্বল ধরণী জনক-জননী-জননী!"–রবী৽।

জনক২–বি, মিথিলার স্বনামপ্রসিদ্ধ রাজা। মিথিল ও বিদেহ ইঁহার নামান্তর। ~কূপ [জনক নির্ম্মিত কূপ যেখানে, বহু৽] বি, তীর্থবিঃ। ~ঝিআরি, ~ঝিয়ারী [প্রা৽–বাং] সীতা। "জার জেবা আছে মান দেবতা বৈসে স্থানে স্থান পরিসএ জনক-ঝিআরি।"–শূ৽ পু৽। ~তনয়া, ~দুহিতা ~নন্দিনী, ~সুতা, জনকাত্মজা [জনকের তনয়া ই৽। আত্মজা (কন্যা), ৬তৎ] বি, জনক রাজার কন্যা ; জানকী ; বৈদেহী ; সীতা ; মৈথিলী। ~বংশ–জনক রাজার বংশ।

জনকতা [জনক+তা (ভা৽)] বি, হেতুত্ব ; নিদান। ২ উৎপাদকতা ; উৎপাদিকা শক্তি।

জনক্ষয়–জন দ্রঃ।

জনঙ্গম [জন–গম্ (গমনে)+অ (র্ত্তৃ), ম্ আগম, যে জীবিকার্থ সাধারণ লোকের অনুগমন করে] বি, চণ্ডাল।

জনচক্ষুঃ [জনের চক্ষুঃ (চক্ষুর ন্যায় প্রকাশক), ৬তৎ] বি, লোকচক্ষুঃ ; সূর্য্য।

জনদেব [জনের দেব, ৬তৎ] বি, রাজা। ২ মিথিলার রাজা ; জনক।

জনধা [জন–ধা (পোষণে+ক্বিপ্ (র্ত্তৃ), যে জীবগণের জঠরে থাকিয়া ভক্ষ্যবস্তুর পরিপাকদ্বারা পোষণ করে] বি, অগ্নি ; জঠরাগ্নি।

জনন [জন্+ণিচ্=জনি (জন্ম দেওয়া)+ +অন (ভা৽)] বি, জন্ম ; উৎপত্তি। ২ জাতকর্ম্মরূপ সংস্কারবিঃ। ৩ [খি–অন] বংশ ; গোত্র। ৪ [অপা–অন, জন্ম যা হ'তে] পরমেশ্বর। ৫ [র্ত্তৃ–অন] জনক [বিরল]। ~বিপর্য্যায় [জীব-বিঃ পরিঃ] বি, পুরুষ-পরম্পরা ; পুরুষপর্য্যায় alternation of generation.

জননাশৌচ [জননের অশৌচ–৬তৎ] বি, সন্তানাদির জন্মজনিত অশৌচ। "যদি সন্তান হয় তবে সেই সন্তান বাঁচিলে সমুদায় গোত্রের এবং সেই সন্তান মরিলে জননীর জননাশৌচ হয়।"–পরাশর সংহিতা (বঙ্গবাসী)।

জননি [জন্ (জন্মান)+অনি (ভা৽)] বি, জন্ম ; উৎপত্তি। ২ [খি–অনি] জন্ম হয় যাতে ; বংশ ; গোত্র।

জননী [জন্+ণিচ্=জনি (জন্ম দেওয়া)+ অন (খি)–যাতে পিতা কর্ত্তৃক জন্ম দেওয়া হয়=জনন–ঈ (স্ত্রী৽)] বি গর্ভধারিণী ; মাতা ; প্রসূতি। ২ উৎপাদিকা। ৩ জন্মস্থান ; জন্মভূমি। "বঙ্গ আমার জননী আমার"–গান। ৪ যূথিকা। ৫ মঞ্জিষ্ঠা। ৬ গন্ধদ্রব্যবিঃ। ~য় [জন্+অনীয়] বিণ, জনন-যোগ্য ; উৎপাদনের উপযুক্ত।

জননেন্দ্রিয় [জনন (সাধন)+ইন্দ্রিয়] বি, উপস্থ। "জ৽ পুরুষ ও নারীতে ভিন্নপ্রকার। রমণ কালে পুরুষ জ৽ হইতে শুক্রপাত হয় এবং নারী জননেন্দ্রিয়ে উহা গৃহীত হয়"–আয়ুর্ব্বেদ সংগ্রহ–শরীর স্থান।

জনম [জন্ম শব্দের পদ্যে কোমলরূপ] বি, জন্ম। "জ৽ অবধি হাম রূপ নেহারনু নয়ন না তিরপিত ভেল"–বি৽ প৽। ক্রি, ~া [জন্মা দ্রঃ। জনমি, জনম, জনমে ; জনমিতে ; জনমিয়া (ক্ষে৽ –মিয়ে, পদ্যে–জনমি)] ক্রি, জন্ম লওয়া।

জনমি, জনমিয়া, জনমিয়ে– জনম দ্রঃ।

জনমেজয়–জন্মেজয় দ্রঃ।

জনয়িতা [জন্+ণিচ্=জনি (জন্মান)+ তৃ (র্ত্তৃ)। মূ৽ জনয়িতৃ ১মা, ১ব৽] বি, যিনি জন্মদান করেন ; পিতা ; জনক। স্ত্রী৽ জনয়িত্রী–বি, মাতা। ২ বিণ, উৎপাদিকা ; উৎপাদয়িত্রী।

জনা [জন দ্রঃ। প্রা৽ হি৽ জনা। পদ্যে] বি, জন ; লোক ; ব্যক্তি। "তবে আর সাগর বান্ধিবে কোন জনা"–কৃত্তি৽। ২ প্রাণী ; জীব। "স্বর্গ মর্ত্ত্য পাতালে কাঁপিল সর্ব্বজনা।" –কৃত্তি৽। ৩ [অবজ্ঞার জন শব্দে আ যোগ] লোকটা ; বেটা। "তোমার সভাতে নাহি মন্ত্রী এক জনা" "আমার সহিত যুদ্ধ দিবে কোন জনা"–কৃত্তি৽। ৪ [কিনিয়ে, উ৽–পুরুষে] আমা হেন দীন, অনুগত, আশ্রিত, নগণ্য, মূঢ় ই৽ ব্যক্তি অর্থে। "এজনার প্রাণগতিক মঙ্গল"। "দরিদ্র জনারে কিনিয়া লহ"–চণ্ডি৽। "তুমি বন্ধু, তুমি নাথ, নিশি দিন তুমি আমার * * * * * * তাপহরণ তোমার চরণ

অসীম শরণ দীন জনার॥"—কৃ০। ৫ [মাথা গুনতি হিসাবে বা সংখ্যার্থে] স্ত্রী বা পুরুষ। প্র—জনা প্রতি। ৬ নীলধ্বজ রাজার পত্নী ও প্রবীরের জননী। ~জঁনা—অ, প্রতি জনা ; এক এক জন। ~জাত, ~জুঁটি, ~জুঁতি, ~যুতি [জন—জনপ্রতি > জনতি > জাঁত, জুঁতি, জুটি] অ, জনা প্রতি ; প্রতিজন হিসাবে ; প্রত্যেক জন ; এক এক জন করিয়া। "সোণার থাল সোণার বাটি সোণার গাড়ু জোনাজুতি দেবো"—তপোবন (গি০ ঘোষ)। ২ স্বতন্ত্র অর্থাৎ পৃথক্ ভাবে এবং যৌথ হিসাবে ; ব্যষ্টি ও সমষ্টি ভাবে। ~যাত্রী [প্রা০-বাং—জঅনাযাত্রী (শূ০পু০)] যাত্রী জনা ; প্রত্যেক যাত্রী লোক ; তীর্থ-যাত্রী মাত্রেই।

জঁনাকীর্ণ [জন (দ্বারা) আকীর্ণ, ৩ তৎ] বিণ, লোকে-লোকারণ্য ; জনসঙ্কুল।

জঁনাচার [জন+আচার, ৬তৎ] বি, লোকাচার ; সামাজিক আচার ব্যবহার।

জঁনাজাত, ~জুটি, -তি, -যুতি- জনা দ্রঃ।

জঁনাতিগ [জন্+অতি—গম্ (অতিক্রম) +অ (র্ত্তৃ), ম্ লোপ] বিণ, লোকাতীত।

জনাদঁর [জন+আদর] বি, জনসাধারণের আদর। প্র—"চিকিৎসাবিষয়ক গ্রন্থাদিও যথেষ্ট জ০ লাভ করিয়াছিল।"—ভারতবর্ষ, ১৩৩২।

জনানা, জানানা [আ০—জ়নানা (হ্)] বি, স্ত্রীলোক। ২ অন্তঃপুর, রঙ্গমহল ; a seraglio. ৩ বিণ, মেয়েলি।

জনানী [ফা০—জ়নানী] বিণ, স্ত্রীলোক সম্বন্ধীয়। ২ অন্তঃপুর সংসৃষ্ট।

জঁনান্ত [জন (জনপদ অর্থে)+অন্ত (সীমা)] বি, দেশ ; প্রদেশ ; বিভাগ ; জেলা district ; province ; country.

জঁনান্তিক [জনের অন্তিক, ৬তৎ] বি, অসম্পর্কিত লোক হ'তে অনতিদূর ; একপার্শ্ব ; অন্তলোকের সাক্ষাতে অথচ অনুচ্চস্বরে কথা বা অভিপ্রায় প্রকাশ। ক্রি-বিণ, জঁনান্তিকে—এক পার্শ্বে ; নেপথ্যে aside. "মালতীর উত্তর না পাইয়া কমা জনান্তিকে বলিল"—ভারতী ১৩২০।

জঁনাপঁবাদ [জন+অপবাদ] বি, লোক-নিন্দা ; কলঙ্ক ; অপযশ।

জঁনাব [জন—অব্ (রক্ষা করা)+ক্বিপ্ (র্ত্তৃ)] বিণ, জনরক্ষক ; লোকপাল ; নারায়ণ [অপ্র০]। ২ [ফা০—জনাব্] বি, সম্মান-সূচক সম্বোধন ; হুজুর ; মহাশয় ; ~আলী [জনাব-এ-আলী] বি, মহানুভব your excellency.

জঁনার—বি, মকাই, ভুট্টাজাতীয় শস্যবিঃ।

জনার্দ্দন [জন (জনগণ, জনাসুর)+অর্দ্দন। অর্দ্দ+ণিচ্=অর্দ্দি (পীড়ন করা)+অন (র্ত্তৃ)—দুর্বৃত্তগণকে যিনি অর্দ্দন করেন (মহা০)] বি, বিষ্ণু। "ত্বং হি কালিয় মর্দ্দন হে জনার্দ্দন জনপালন। ত্বং হি কলিকলুষ-হারী বনবিহারী হরি নিরঞ্জন॥"—গোবিন্দ ব্রহ্মচারী। ২ বিণ, লোকপীড়ক।

জঁনাশ্রয় [জনের আশ্রয়, ৬তৎ] বি, লোকের আশ্রয়স্থল ; নারায়ণ। ২ লোকালয়। ৩ কিছুকালের প্রয়োজনার্থ নির্ম্মিত কুঁড়ে a temporary shed.

জঁনি১ [জন, জনা (দ্রঃ)। জন+ই (=এ)। ব্রজ০] বি, নারীজন। ২ জনে। ব্যক্তিকে। ~জঁনি—অ, জনে জনে ; প্রতিজনে ; প্রত্যেককে। "গোরস বিকইতে অবইতে জাইতে জনিজনি পুছ বনমারী"—বি০ প০।

জঁনি২ [প্রা০-বাং। ব্রজ০। অপ্র০] অ, যদি। "এই ভয় উঠে মনে এই ভয় উঠে। না জানি কানুর প্রেম তিলে জনি ছুটে॥"—বি০ প০। ২ [জনু দ্রঃ] যেন। "সজনি ও বোল না বোল জনি আর।"—জ্ঞান০। ৩ [এই অর্থে জনি, জনী, জুণি, জুনি, জুনী ও০] যেন না ; না যেন। "পাছে জনি লোহ উপহাসে" —শ্রী০ কী০।

জঁনিক [জন্+ণিচ্+ক (র্ত্তৃ)] বিণ, জনক ; উৎপাদক। ২ হেতু। স্ত্রীং ~া—বি, জন্মদাত্রী ; জনয়িত্রী। ২ পুত্রবধূ [বিরল]।

জঁনিত [জন্+ণিচ্=জনি (জন্মান)+ত (র্ম্ম)] বিণ, যা জন্মান হইয়াছে ; উৎপাদিত। >স্ত্রীং ~া। ~ত্রী [জন্ (জননে)+তৃন্ (র্ত্তৃ), ঈ০ (স্ত্রীং)] বি, জনয়িত্রী ; জননী।

জঁনী [জন্ (জননে)+ই (ধি), ঈ (স্ত্রীং)] বি, যাতে জন্ম হয় ; মাতা। ২ স্ত্রী-জাতি।

জঁনীন [জন্+ঈন (হিতার্থে)] বিণ, জন-হিতকর ; লোকের উপকারজনক। ২ প্রয়োজনানুযায়ী।

জঁনু১, জঁনূ [সং—জন্ (জন্মান)+উ, ঊ (ভা০)] বি, উৎপত্তি ; জন্ম। "পাপ তনু হ'তে জনু জানি পাপভাগ। যোগাসনা যোগিনী জীবন কৈল ত্যাগ॥"—শি০। ২ বিণ, উৎপন্ন। প্র—অঙ্গজনু।

জঁনু২ [পদ০ সা০] অ, সদৃশ ; যেন ; যেমন। "জলদবরণ কানু দলিত অঞ্জন জনু।" —চণ্ডি০। "চণ্ডির আজ্ঞায় হনু হাতে পাঞ্জি দ্বিজ জনু॥"—কবিক০।

জঁনু৩ [মৈ০ ভাষায়] অ, না। "ভনই বিদ্যাপতি জনু হরড়াবহ" (অর্থাৎ, বিদ্যাপতি বলেন হড়বড়িও না অর্থাৎ ব্যস্ত হইও না -বি০ প০ (ন০ গুপ্ত)।

জঁন্তু [জন্ (জননে)+তু (র্ত্তৃ)] বি, যে জন্মে ; প্রাণী ; শরীরী ; জীব। ২ [বাং বির্থে০] পশু। ৩ [অবজ্ঞা অর্থে] পশু-সুলভ স্থূলবুদ্ধি ব্যক্তি ; অকর্ম্মণ্য লোক। "চাপরাসীটা যেন জন্তু! লোকটা একটা জন্তু"। এই অর্থে 'জড়জন্তু' ও০ (জড়ভরত দ্রঃ)। ~ঘ্ন [জন্তু (জীব, কীট) ঘ্ন, হন্ (নাশ করা)+অ (র্ত্তৃ)—যে কীটাদি জীব নাশ করে] বিণ, জন্তুঘাতী ; প্রাণিঘাতক ; জীবনাশক। ২ [বৈদ্যকে] বি, হিঙ্গু। (২) লেবুবিঃ। ~ফঁল [জন্তু—ফল, যার ফলের ভিতর কীট পতঙ্গ জন্মে] বি, যজ্ঞ ডুমুরের গাছ। ২ যজ্ঞডুমুর।

জঁন্ত্র [প্রা০-বাং। য স্থলে জ] বি, যন্ত্র (দ্রঃ)। "তপসা করেন বস্তা দেহে দিআ জন্ত্র। বিষ্ণুদেব তপ করএ আবাহন মন্ত্র॥"—শূ০ পু০।

জঁন্ম [প্রা০—জম্ম (জঁম্মো)। "জম্ম গেল ছেলে খেয়ে আজ বলে ডান।" জন্+মন্ (ভা০)] বি, উদ্ভব ; উৎপত্তি ; দেহধারণ ; আবির্ভাব। ২ [ধি—মন্, যাতে বা যেখানে জন্ম হয়] সংসার ; লোক। ৩ জীবন। "এ জন্মে বা না করিলোঁ ভাগ"—শ্রী০ কী০। ক্রি- বিণ, জন্মে [প্রা০ জম্মে] জন্মাবধি ; জন্ম হ'তে এপর্য্যন্ত। "আমি জন্মে জানিনে প্রেম, যাতনা মনে পড়ে না। সই তুমি মজালে তোমায় ধর্ম্মে সবে না॥"—রাম বসু। ~এয়িতী

~এয়িস্ত্রী, ~এয়িস্ত্রী (গ্রা০) ~এয়ো [জন্ম (আজন্ম) + আয়ত (অবৈধব্য) + ঈ (যুক্তার্থে)=আয়তী > এয়স্ত্রী, এয়ো। আয়তি (সঙ্গ > স্বামীসঙ্গ) বিশিষ্টা স্ত্রী > সধবা)] বি, চিরসধবা। "ষাট ষাট বেঁচে থাক জন্ম এয়ো হয়ে।"-ঈ০ গুপ্ত। ~কর্ম্ম [জন্মের পর সম্পাদনীয় কর্ম্ম-ম০ প০ লো] বি, জাত-কর্ম্ম। ২ [জন্মের নিমিত্ত কর্ম্ম (৪তৎ)] পুত্রেষ্টি যাগ। ~কোষ্ঠী-বি, জন্মপত্রিকা। ~গত [জন্মন্-গত] বিণ, জন্মনিহিত; জন্মার্জ্জিত। ২ বংশক্রমানুগত। ~গ্রহ, ~গ্রহণ-বি, জন্মলাভ; অভ্যুদয়; উৎপত্তি। ২ অবতারণ। ~গ্রহণ করা -দেহ ধারণ করা; ভূমিষ্ঠ হওয়া; জন্ম ধারণ করা। ~ঘটিত-বিণ, জন্মসম্বন্ধীয়; জন্ম সংক্রান্ত। ~জন্ম [সাকল্যার্থে দ্বিত্ব] অ, প্রতিজন্ম; সকল জন্মে; যতবার জন্ম হয়। ~জন্মান্তর [জন্ম + জন্মান্তর (জন্ম + অন্তর)] বি, এক জন্ম হ'তে অন্য জন্ম, জন্ম জন্ম; প্রতি জন্ম; অনন্তকাল। "কিম্বা জন্ম-জন্মান্তরে এ সাধ মোর পুরাইবে।"-বঙ্কিম। বিণ, ~জন্মান্তরীণ। ক্রি-বিণ, ~জন্মা-ন্তরে-একজন্ম হ'তে অন্য জন্মে; এজন্মে ও তাহার পরবর্ত্তী যত জন্ম হ'বে তাতে। ~জরামরণ [জন্ম-জরা (বার্দ্ধক্য) এবং মরণ (দ্বন্দ্ব)] বি, জন্ম, বার্দ্ধক্য ও মৃত্যু। ~তারা [জন্ম, সম্পৎ, ক্ষেম ই০ ৯ তারার মধ্যে ১ম তারা। ~তিথি [জন্মের তিথি, ৬তৎ] বি, জন্মমুহূর্ত্তে যে তিথি ছিল; যে তিথিতে জন্ম; ভূমিষ্ঠ হ'বার চান্দ্র দিন। ~থ [জন্ম থেকে > ক্ষে০] ক্রি-বিণ, আজন্ম। "জন্মথ থাকিব কন্যা কুলের কুমারী"-মৈ০ গী০। ~দ [জন্মন্ (জন্ম) দ=দা (দান করা) + অ (র্ত্তৃ), যিনি জন্ম দান করেন] বি, জন্মদাতা; জনক; পিতা। স্ত্রীং ~দা জননী। সম্বোধনে জন্মদে। "কিন্তু যে কি গুণ আছে, যাচিব যে তব কাছে হেন অমরতা আমি কহ গো শ্যাম্যা জন্মদে।"-মাইকেল। ~দাতা [জন্ম-দাতৃ ১মা ১ব০, ৬তৎ] বিণ, যিনি জন্ম দেন; পিতা। স্ত্রীং ~দাত্রী। ~দান [জন্ম-দান, ৬তৎ] বি, উৎপাদন; জন্ম দেওয়া। ~দিন-বি, জন্মের দিন; যেদিন জন্ম হয়। ~দিনোৎসব-যে দিন জন্ম হয়, বৎসরের সেই দিনে অনুষ্ঠিত উৎসব। ~নক্ষত্র-বি, যে নক্ষত্রে জন্ম। ~পত্র, ~পত্রিকা-বি, কোষ্ঠী; ঠিকুজি; যে পত্রিকা বা পত্রে ভূমিষ্ঠ হবার কাল ও রাশি, গ্রহাদির গণনা ই০ লিখিত হয়। ~পরিগ্রহ [জন্মকে পরিগ্রহ, ২তৎ] বি, জন্মগ্রহণ। ~বাদ [জন্ম-বাদ (তত্ত্ব)। জাতি বিজ্ঞা০ পরি০] বি, অন্বয়বাদ, কুলক্রম; জীবদিগের জন্মক্রম তত্ত্ব। জন্মের মত-চিরজীবনের জন্য। "এই চূড়া নে এই ধড়া নে জন্মের মত বিদায় দে ভাই।"-অতুল০ মিত্র। মানবজন্মবাদ-মানব-জাতির জন্মসম্বন্ধীয় চিন্তন। মানবেতর জন্মবাদ-মানবজাতির অধস্তন জীবদিগের বংশক্রম; মানবেতর বংশক্রম totemism. ~বান্ [জন্ম=জন্মন্ + বৎ (স্ত্য) ১মা, ১ব০। ন্ (লোপ)] বিণ, যার জন্ম আছে, প্রাণী। > স্ত্রীং ~বতী। ~বার [৬তৎ] বি, যে বারে জন্ম হয়। ~বৃত্তান্ত [জন্ম + বৃত্তান্ত] বি, উৎপত্তির বিবরণ; জন্মকাহিনী। ২ জীবন-চরিত। ~ভূমি [জন্মের ভূমি, ৬তৎ] বি, যে ভূমিতে জন্ম হয়; জন্মস্থান; স্বদেশ। ~মৃত্যু-বি, জন্ম ও মরণ। ~রহস্য [জন্ম + রহস্য (গুপ্ত-কথা), ৬তৎ] বি, জন্মবিষয়ে গোপনীয় কথা। ~রাশি [জন্মের রাশি, ৬তৎ] বি, যে রাশিতে জন্ম হয়। ~শোধ-ক্রি-বিণ, জন্মের মত; চিরজীবনের মত; শেষ। ~স্থান-বি, যে স্থানে জন্ম হয়; জন্মভূমি।

জন্মা১ [জন্ম + আ (বিশিষ্টার্থে)। গ্রা০ জন্মা, জন্মিত] বিণ, জন্মবিশিষ্ট; জাত। প্র-সুজন্মা। বেজন্মা।

জন্মা২, জন্মানি১ [জন্ম + আ, আন (ক্রিয়া বিভক্তি)। জন্মি, জন্ম (জোন্মো, জন্মিও, জন্মুন, জন্মা), জন্মে (জন্মেন্); জন্মিতে; জন্মিয়া (ক্ষে০ জন্মি, জন্মে) পদ্যে-জনমি, জনমিয়া ই০। ণিজন্ত-জন্মানি] ক্রি, জন্মগ্রহণ করা। "জনমি ভারত ভূমে, মা! কি কর্ম্ম করিলাম আসি।"-রা০ প্র০।

জন্মাধিকার [জন্ম + অধিকার] বি, পূর্ব্বপুরুষের দোষগুণাদির সমাগম; পিতা মাতা ও পিতামহ মাতামহাদিক্রমে সন্তানে তাঁদের শারীরিক ও মানসিক বৃত্তির বর্ত্তন।

জন্মানি২ ['জন্মা'র ণিজন্তরূপ। গ্রা০ জন্মান। জন্মাই, জন্মাও (জন্মান, জন্মা), জন্মায় (জন্মান), ; জন্মাইতে (ক্ষে০ জন্মাতে), জন্মাইয়া (ক্ষে০ জন্মায়ে) ই০] ক্রি, জন্মদান করা। ২ উৎপাদন করা।

জন্মানি৩, জন্মানো [জন্ম + আন (স্বার্থে)] বি, জন্মগ্রহণ। ২ আবির্ভাব; উৎপত্তি; অভ্যুদয়। "যে-টুকুর জন্যে অনেক-দিন ধরে অনেক রূপদক্ষের জন্মানো এবং মরার অপেক্ষা ছিল।"-অবনি০ ঠাকুর। ৩ জন্ম দান করা।

জন্মান্তর [জন্মের অন্তর (প্রভেদ), ৬তৎ] বি, অপর জন্ম; পরজন্ম; পূর্ব্বজন্ম; পরলোক। ২ এক লোক হ'তে অন্য লোক; লোকান্তর; এক জগৎ হ'তে অন্য জগৎ। ~বাদ [জন্মান্তর (দ্রঃ) + বাদ (তত্ত্ব, মত)] বি, পুনর্জ্জন্মবাদ; মৃত্যুর পর পুনরায় জন্ম হয় এই বিশ্বাস বা মত theory of transmigration.

জন্মান্তরীণ [জন্মান্তর + ঈন্ (ভবার্থে)] বিণ, জন্মান্তরে জাত; পূর্ব্বজন্মে সংঘটিত; পরজন্মসম্বন্ধীয়।

জন্মান্ধ [জন্ম (হ'তে) অন্ধ-৫তৎ] বিণ, জন্মাবধি দৃষ্টিহীন, আজন্ম অন্ধ; মাতৃগর্ভে থাকিতেই যার দৃষ্টিশক্তির বিকাশ হয় নাই।

জন্মাবিচ্ছিন্ন [জন্ম (দ্বারা) অবছিন্ন-৩তৎ] বিণ,, আজন্ম; জন্ম হ'তে মরণ পর্য্যন্ত।

জন্মাবধি [জন্ম + অবধি] ক্রি-বিণ, জন্মকাল হ'তে; আজন্ম।

জন্মায়িতী [জন্ম (বিবাহসংস্কার দ্বারা নবজীবন বা জন্ম) + আয়তি (সঙ্গ > স্বামীর সঙ্গ) + ঈ (যুক্তার্থে)] বি, আজন্ম সধবা; চির-সধবা। "জন্মায়তী হও, পাকাচুলে সিঁদুর পর, হাতের নো ক্ষয় যাক"-নীলদর্পণ।

জন্মাষ্টমী [জন্মে (শ্রীকৃষ্ণের জন্মসময়ে) যে অষ্টমী-৭তৎ] বি, যে ভাদ্রকৃষ্ণাষ্টমীতে শ্রীকৃষ্ণের জন্ম হইয়াছিল। ২ কৃষ্ণের জন্মোৎসব।

জন্মিত (-ত)-বিণ, গৃহীত-জন্ম। ২

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গাঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ঞ্জ হ্ন=হ্ন হ্ম হ্ল হ্ব হ্ণ=ন্‌হ হ্র হ্‌য হ্‌ড় হ্য, ড় ঢ় য় ড়=zfwv ও চ্চা০ দ্রঃ

কৃতোৎপন্ন; যাকে জন্ম দেওয়া হইয়াছে। [দ্রঃ-বাং-য় অশুদ্ধ ব্যবহার "জন্মিত"]।

জন্মী [জন্মন্+ইন্ (স্ত্য=জন্মিন্ ১মা ১ব॰] বিণ, জন্মবান্ দ্রঃ। স্ত্রীং জন্মিনী।

জন্মে-জন্ম দ্রঃ।

জন্মেজয়, জনমেজয় [জনম, জন্ম-এজয়,এজ্ (কম্পনে)+অ (র্ত্তৃ)-যার জন্ম দর্শনে রিপুগণ কম্পিত হইয়াছে] বি, বিষ্ণু। ২ রাজা পরীক্ষিতের পুত্র; যিনি বৈশম্পায়নের নিকট মহাভারত ব্যাখ্যা শ্রবণ এবং পরে সর্পযজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন।

জন্য [বিরল ব্যবহার। জন (জননে)+য (র্ত্তৃ)] বিণ, যে জন্মে। ২ [জন্+ণিচ্=জনি +য (র্ম্ম)] যাকে জন্মান হয়; উৎপাদ্য; সৃষ্ট। ৩ [র্ত্তৃ-য] উৎপাদক। ৪ জনহিতকর। স্ত্রীং ~া-জননী। ২ মাতৃসখী।

জন্য, জিন্যে [সং-জন্য > ভ্রং জন্যে] ক্রি-বিণ, কারণ; নিমিত্ত; হেতু; অর্থ। তাইজন্যে-তজ্জন্য।

জন্যু [জন্ (জননে)+যু (র্ত্তৃ, জ্ঞা॰)] বি, যে জন্মে; জন্তু; প্রাণী। ২ [যু-অপা] যা-হ'তে জন্ম হয়; বিধাতা; ব্রহ্মা। ৩ [ভা॰ যু] জন্ম; উৎপত্তি।

জপ, জাপ [জপ্ ("হৃদুচ্চারে মানস পাঠে জপা")+অ (ভা॰)] বি, মনে মনে পুনঃ পুনঃ পাঠ। ২ পুনঃ পুনঃ আবৃত্তি পূর্ব্বক বেদাধ্যয়ন; স্বাধ্যায়। ৩ ইষ্টমন্ত্র পুনঃ পুনঃ আবৃত্তি। "খুড়িমা মেঝেতে বসিয়া মালা জপ করিতেছিলেন।"-ভারতী, ১৩২০। [দ্রঃ-জপ ত্রিবিধ-বাচিক (অপরে শুনিতে পায় এরূপ), উপাংশু (কেবল নিজে শুনিতে পায় এরূপ) এবং মানস (জিহ্বা-ওষ্ঠের চালনা না করিয়া মনে মনে মন্ত্রস্থ বর্ণের চিন্তা)]। ~গুটিকা [জপের গুটিকা, ৬তৎ] বি, জপের সংখ্যা নিরূপক ক্ষুদ্র গোলাকার দ্রব্যবিঃ। ~তপ [জপ এবং তপ, (দ্বন্দ্ব) বা জপরূপ তপ] বি, জপদ্বারা উপাসনা। ~তহি [ব্রজ॰] ক্রি, জপ করে বা করিতেছে। ~ন (-প॑-) [জপ্+অন (ভা॰)] বি, জপ-করণ। ~মালা [জপের মালা-৬তৎ] বি, জপ করিবার মালা; যে মালার গুটিকা গণনা করিতে করিতে ইষ্ট নাম উচ্চারণ করা হয়। ২ (-পো-) সর্ব্বদা চিন্তার বিষয়; নিত্য-স্মরণীয় বস্তু; নিত্য কর্ম্ম সাধন। ~যজ্ঞ [জপ-যজ্ঞ, ধা] বি, জপরূপ যজ্ঞ; জপ। ২ [জপ এবং যজ্ঞ, দ্বন্দ্ব] মন্ত্রোচ্চারণ ও দেবপূজা।

জপা১ [জপ্+অ (ণে)+আ, স্ত্রীং] বি, জবাফুলের গাছ। ২ জবাফুল।

জপা২ [জপ্ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। জপি, জপ (জপুন, জপ্), জপে (জপেন্); জপিতে (ক্ষে॰ জপ্‌তে); জপিয়া (ক্ষে॰ জপে, পদ্যে-জপি)। ণিজন্ত-জপান] ক্রি, জপ করা; ধ্যান করা। ২ মুখস্থ করা; রটা। ৩ [প্রাদে॰ গ্রা॰] মাংসাদি খোরা।

জপানি [জপা দ্রঃ।] জপাই, জপাও (জপান, জপা), জপায় (জপান); জপাইতে [ক্ষে॰ জপাতে); জপাইয়া (ক্ষে॰ জপিয়ে)] ক্রি, জপ করান। ২ মুখস্থ করান। ৩ ক্রমাগত মন্ত্রণা বা পরামর্শ দেওয়া।

জপিত [জপ্+ত (র্ম্ম)] বিণ, যা জপ করা হইয়াছে; পুনঃপুনঃ পঠিত।

জপু [জপ+উ (র্ত্তৃ=কারী)]। হিং জপ্পু =জপ কারী। বাং-য় জপ্পু হয় না কিন্তু জপ্যো হয়] বিণ, জপকারী।

জপ্য [জপ্ (জপ করা)+য (র্ম্ম)] বিণ, জপনীয়; যা জপ করা হয়। ২ [ভা॰-য] জপ।

জবজব [অনু॰। কোন বস্তু কোন তরল পদার্থে সিক্ত হইয়া কোমল হইলে সামান্য আঘাত পাইয়া জ্ জব্ এইরূপ শব্দ করে] ক্রি-বিণ বিলক্ষণ ভিজাইয়া; অভিষিক্ত করিয়া। "নাড়াচাড়া দিয়া ভাজে ঘৃত জব জব"-ঘ॰। ২ অ, রসাদিদ্বারা অতিশয় সিক্ত হওয়ার ভাব। বিণ, জবজবে।

জবড়জঙ্গ, -জঙ্গী [জাবড় (দ্রঃ) জঙ্গ] বিণ, অসুন্দর বা অপরিপাটিরূপে বিস্তর কাপড় চোপড়ে জড়িত; বস্ত্রাদির বেষ্টনে ভারাক্রান্ত। ২ জড়ভরত।

জবন [জু (বেগে)+অন (ভা॰)] বি, বেগ। ২ [র্ত্তৃ-অন] বেগবান্ অশ্ব। ৩ বিণ, দ্রুত-গামী; বেগবান্। প্র-"জবন হংস জাতক" (বৌ॰মা॰) ৪ যবন দ্রঃ। স্ত্রীং ~ী।

জবনিকা-যবনিকা দ্রঃ।

জবনী-যবন দ্রঃ।

জবর [ফা-জব্‌র্] বিণ, জোরাল; বলিষ্ঠ; ক্ষমতাবান্। ২ অধিক। ৩ প্রকাণ্ড। ৪ ভারী; গুরু। ৫ জমকাল; জাঁকাল। "তুই নাম করেছিস ভারি জবর। কটা তারার রাখিস্ খবর।"-রজনী সেন। ৬ বি, বল; জোর। "গোহত্যা করিল তথা করিয়া জ॰"-মনসা॰ ম॰ (বংশী), খৃ ১৬ শতাব্দী। ~জুলুম -সবল পীড়ন; ভয়ানক জবরদস্তি। "দেশময় নূতনের জবর-জুলুম"-কুঙ্কুম। ~দস্ত [ফা-জব্‌রদস্ত] বিণ, শক্ত; বলবান্; জোরাল; শক্তিসম্পন্ন; দুর্দ্দান্ত। "বলে যারা জবরদস্ত তাদের ঘরে লাভের গস্ত"-ঈ॰ গুপ্ত। > বি, ~দস্তি, ~দস্তী-অত্যাচার; পীড়ন। ২ বলপ্রয়োগ; জোর। ~দার [জর্দ্দার দ্রঃ] বিণ, বলবান্।

জবরান [ফা-জবরন্] বি, জবরদস্তি; জোরজার। "জবরান করিলে সাজা পাইতে হইবে"-টেকচাঁদ।

জবর্দ্দার [জবর দ্রঃ] বিণ, জোরদার; বলবান্; দুর্দ্দান্ত। "রাজা হচ্ছে শিষ্ট শান্ত প্রজা হচ্ছে জবর্দ্দার"-দ্বি॰ রায়।

জবা [সং] বি, প্রসিদ্ধ রক্ত-পুষ্প বৃক্ষ; জবা নানাবর্ণের ও নানাজাতীয়, তন্মধ্যে রক্ত জবাই প্রসিদ্ধ; ওড়পুষ্প hibiscus rosa sinensis "জবাফুল আর বিল্বদলে"-রা॰প্র॰।

জবাই [আ-জব্‌হ, জেবা, জবীহা > গ্রা॰ 'জাবেহ'] বি, কোরাণের মন্ত্রপাঠ করিয়া ঈশ্বরের নামে উৎসর্গ করিতে করিতে কণ্ঠ-চ্ছেদ। ২ নাশ; লোপ। "কি করি নাচার, স্বদেশী আচার করিয়াছি সব জবাই।"-দ্বি॰ রায়। ক্রি, জ॰ করা-কোরাণের মন্ত্রপাঠ-সহ ধর্ম্মানুমোদিত ভোজ্য জীবের কণ্ঠচ্ছেদ করা। "করে ধরি খর ছুরী, কুঁকুড়া জবাই করি, দশ গণ্ডা দান পায় কড়ি।"-কবিক॰।

জবান [ফা-জবান্] বি, জিহ্বা। ২ ভাষা। ৩ বাক্য; উক্তি। ~বন্দী [ফা॰। আদাঃ পরিঃ] বি, আদালতে বিচারকের সমক্ষে যা উক্ত হয়; সাক্ষ্য; বয়ান; বিবরণ।

জবানী [জবান দ্রঃ] বি, উক্তি। ২ বিণ, মৌখিক। ৩ ক্রি-বিণ, প্রমুখাৎ; মুখের কথায়।

জবাব [আ-জব়াব্। চ০ ক০ ভা-জোআব, জওয়াব] বি (সদর্থে) উত্তর। ২ (কদর্থে) চোপা ; অবিনীত প্রত্যুত্তর দান। ৩ বিদায়। "একটুখানি মোহ তবু মনের মধ্যে রাখো। মিথ্যেটারে একেবারেই জবাব দিয়ো নাকো॥"-রবী০। ৪ কৈফিয়ৎ explanation. ৫ ত্যাগ। প্র-কাজে জবাব দেওয়া। ৬ মিল ; একটার তুল্য অন্য একটা। বিণ, **জবাবী**-প্রশ্নের উত্তরে প্রদত্ত। **জবাবী তার**-উত্তর পাইবার জন্য অতিরিক্ত মাশুল দেওয়া তার "টেলিগ্রামের কর্ম্ম লইয়া এই মর্ম্মে জবাবী তার করিলেন।" -মানসী ও ম০-বাণী,১৩৩৩ জ্যৈষ্ঠ। **~দিহি, -দেহি** [আ-জবাব্‌দিহ্] বিণ, উত্তরদাতা ; দায়ী ; . কৈফিয়ৎ দিবার উপযুক্ত। **শওয়াল (সওয়াল) জবাব** [ফা০] বি, উত্তর-প্রত্যুত্তর। ২ প্রমাণ দান ; ভজাভজি। "পাছে সব কথা প্রকাশ করিয়া দেয়, পাছে এই সব লইয়া লোকের কাছে জবাবদিহি করিতে হয়।"-পরিণীতা (শ০ চট্টো০)।

জবালা [ছান্দোগ্য উপনিষদে] বি, সত্য-কামের জননী।

জবুথবু [জবু (জড়)-থবু (স্থবির)] বি, জড়সড় ; জড়ভরত। "ভেকো ভ্যাকা থাকবে একা জবুথবু হয়ে।"-ম্যাকবেথ। ২ [যবস্থব দ্র:] যেমন আছে তেমনি।

জবে [প্রা০ বাং। য=জ] যবে দ্র:।

জবেত্তবে, জবেস্থবে [প্রা০ যবস্থব দ্র:] অ, অমীমাংসিত।

জব্দ [আ-জব্‌ত্] বিণ, বাজেয়াপ্ত ; অধিকৃত। ২ শাসিত ; সংযত। ৩ দর্পচূর্ণ ; বিনীত। ৪ অপমানিত। ৫ পরাভূত। "মুখভরি বল হরি নাম মনোরম। বলিতে যে শব্দ জব্দ হলো কলি যম॥"-ঘ০। ৬ [প্রাদে০] আদায় ; আয়ত্ত। প্র-আজ বাগানের কত নারিকেল জব্দ হইল?

জম্-জঙ্ দ্র:।

জমক [হি০-জমক্] বি, শ্রীবৃদ্ধি ; উন্নতি। "ইঁহারা যে কেবল অলঙ্কারের জমকেই ভাষাকে সৌন্দর্য্যমণ্ডিত করিয়াছিলেন শুধু তাহা নহে"-বাং০র কথা। ২ [জাঁক শব্দের সহচর] ঔজ্জ্বল্য ; চমক।

জমকানি [হি০-জমক্‌না। জমকাই, জমকাও, জমকায় ; জমকাইতে (ক্ষে০ জমকাতে); জমকাইয়া (ক্ষে০ জমকে)] ক্রি, জমিয়া থাকা ; চাপিয়া বসা। ২ আঁটিয়া দেওয়া। ৩ জমা ; সংহত হওয়া ; জাঁকান ; জমজমে হওয়া। প্র-আসর এইবার বেশ জমকেছে। **জমকিয়া উঠা** -জাঁকাইয়া উঠা ; উৎকর্ষ লাভ করা। প্র-আগুনটা এখন বেশ জমকে উঠেছে।

জমকালি [জমক দ্র:। আ-জামিল (জাঁকাল)] বিণ, জাঁকাল ; জাঁকজমকবিশিষ্ট ; সাড়ম্বর।

জমজ [সং। যমজ ও০] বিণ, যমজাত ; এককালেজাত।

জমজম১ [আ-জম্‌রা=ভিড়] বি, জমা-এত। ২ [আ-জম্‌জমা=ঐক্যতান বাদ্য ; সঙ্গৎ] অ, গমগম ; মিলিত জমাট সুরে ভরপুর থাকার ভাব। বিণ, জমজমা, জমজমিয়া, জম্‌জোমে।

জমজম২ [আ০ জম্‌জম্, ইং Hagar's well.] বি, মক্কাস্থিত প্রসিদ্ধ কূপ, যার জল মুসলমানদিগের নিকট পরম পবিত্র [হজরৎ মহম্মদ যে বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন সেই বংশ প্রবর্তক ইব্রাহীম নামক জনৈক সীরিয়া-বাসী পয়গম্বর প্রথমা পত্নী সারা খাতুনের পরামর্শে ও খোদার আদেশে দ্বিতীয়া পত্নী হাজেরা ও তাঁহার পুত্র ইস্‌মাইলকে মক্কা শরিফের সন্নিহিত এক মরুভূমিতে নির্ব্বাসিত করিয়াছিলেন। তথায় খাদ্য পানীয় না পাওয়ায় ক্ষুধা পিপাসায় কাতর হইয়া হজরৎ ইসমাইল কাঁদিতে কাঁদিতে যে স্থানে পদাঘাত করিয়াছিলেন, মতান্তরে ফেরেস্তা বা হজরৎ জিব্‌রীলের (Gabriel) ডানার আঘাতে তথা একটি সুরঙ্গ হইয়া তা' হ'তে পরিষ্কার জল বাহির হ'তে লাগিল। বিবি হাজেরা সাফা ও মারওয়া পর্ব্বতে জলান্বেষণে বিফল হইয়া পুত্রের নিকট ফিরিয়া আসিলে ঐ জল দেখিয়া আনন্দিত হইলেন এবং সেই জলে ওজু করিয়া ঐ সুরঙ্গের চারিদিকে বাঁধ দিয়া কূপের মত করিয়া রাখিলেন। এই কূপই জম্‌জম্ কূপ। হজ যাত্রীরা এই পবিত্র কূপের জল পান করেন]।

জমর্জমা [জমজম১ দ্র:] বিণ,জমকাল। ২ বি, ভিড়। ৩ জাঁকজমক ; বোলবোল (দ্র:)।

জমর্জমাট [হি০-জমজমাহট্] বি, জমায়েত ; ভিড়। ২ সংহতির ভাব ; জমাট।

জমর্জমি [জমজম দ্র:] বি, টিনের ছোট শিশি যাতে করিয়া হজ যাত্রীরা কাবার জমজম কূপের পবিত্র জল ভরিয়া ও তার মুখ আঁটিয়া মক্কা হ'তে লইয়া যায়।

জমদগ্নি [জম্ (ভক্ষণে)+অৎ (র্তৃ)=জমৎ (ভক্ষণকারী) যে অগ্নি (যা)। অগ্নিশর্ম্মা ছিলেন বলিয়া নাম] বি, পরশুরামের জনক।

জমন [জম্ (ভক্ষণে)+অন (ভা০)] বি, আহার ; ভোজন।

জমা১ [আ-জম্‌আ। হি০-জমানা। জমি, জম, জমে ; জমিতে (ক্ষে০ জমতে) ; জমিয়া (ক্ষে০-জমে,পদ্যে-জমি)। পিজন্ত-জমান] ক্রি, জমা হওয়া ; স্তূপীকৃত হওয়া ; সঞ্চিত হওয়া। সংগৃহীত হওয়া। "টিকিটের দামটা জমিলেই সে বাড়ী ফিরিয়া আসিবে।"-ভারতী, ১৩২১। ২ সঙ্গীতের সুর বা গানের সঙ্গে বাদ্যের বা নৃত্য গীত বাদ্যে মিল বা সঙ্গতি হওয়া ; জমিয়া যাওয়া।

জমা২ [আ-জম্‌আ] বি, সংহতি ; স্তূপ। ২ মোট সংখ্যা total. ৩ সঞ্চয় ; সংগ্রহ। ৪ আয় ; বৃদ্ধি। ৫ পুঁজি capital. ৬ নির্দিষ্ট করা [বিরল]। ৭ রাজস্ব ; কর। **~ওয়াশী(সি)লবাকী** [আ-জমা-ব়াসিল-বাকী। জমা (মোট জমা)-ওয়াশীল (আদায় উশুল)-বাকী (আদায় করণ যোগ্য)] বি, খাজানা যা আদায় হইয়াছে ও যা বাকী আছে তার হিসাব ; আদায় এবং বাকীর হিসাব। "কাহাকে বলে গোসোয়ারা কাহাকে বলে জমা-ওয়াসিল-বাকি কিছুই বোধ নাই।" -টেকচাঁদ। **~খরচ** [জমা (আ-জমা=আয়, সঞ্চয়)+খরচ (ফা-খরচ্=ব্যয়)] বি, আয় ব্যয় হিসাব। **~গুর্জস্তা** [আ-জমা+ফা-গুজস্‌তা (গত)] বি, যে জমা গত সালের কাগজে প্রজার নামে লেখা থাকে ; প্রজার নিকট হ'তে প্রাপ্য গতবর্ষের বাকী খাজনা।

~নবিস, ~নবীস [ফা॰ নবীস (লেখক)] বি.জমার খাতা লেখক। জমি-জমা(জমি দ্রঃ)।

জমাট [আ॰-জম্‌আয়ৎ] বিণ. সংহত; একত্র; সম্মিলিত; জড়। "জমাট শক্তির বিশ্ব মহা পরিচয়।"-কুকুম॰। ২ অবিচ্ছেদ; একটানা; অনাহত। ৩ বি. প্রলেপ blister. জ॰ বাঁধা-ক্রি, জমিয়া যাওয়া। প্র-জল জমাট বাঁধিয়া বরফ হয়। ২ [সংগীতে] স্বরগ্রামের সহিত কণ্ঠস্বর মিলিত হইয়া অবিচ্ছিন্নভাবে শ্রোতার আনন্দ উৎপাদন করা। প্র-গানটা বেশ জমাট বেঁধেছে।

জমাত [আ॰-জমাআত (ভীড়) >] বি, সম্মিলন; সমিতি; সভা। "বাজিয়ে বেড়িয়া যেন সেখের জমাত॥"-মনসা ম॰ (বংশী)।

জমাদার [হি॰-জমাদার্‌] বি, সৈনিক বিভাগে ৩০ জন পরিমাণে নির্দ্দিষ্ট সুবাদারের অধস্তন কর্ম্মচারী। ২ পাহারাওয়ালাদিগের উপরিতন কর্ম্মচারী head constable. ৩ [ব্যঙ্গার্থে] বি, পরিচালনাপটু স্থূলকায় ব্যক্তি। স্ত্রীং ~নী।

জমাদ্দার [জমাদার দ্রঃ] বি, স্বল্প লোক-নায়ক; বক্‌শীর নিম্নস্থ কর্ম্মচারী। "দ্বারী কহে তবে পারি জমাদ্দার বক্‌শীরে কয়ে।"-ভারত॰। স্ত্রীং ~নী।

জমানি [হি॰-জমানা। জমাই, জমাও (জমান্‌, জমা), জমায় (জমান); জমাইতে (কথ্য॰ জমাতে); জমাইয়া (কথ্য॰ জমিয়ে)] ক্রি, জমা করা। ২ জমা করান। ৩ দৃঢ়লগ্ন করা; আঁটা। ৪ খচিত করা। ৫ সঞ্চয় করা; সংগ্রহ করা। ৬ জমাট-বাঁধান। প্র-বরফ জমান।

জমানত [আ॰-জমানৎ] বি, হাজির জামিন; প্রতিভূ; মুচ্‌লেকা security; bail. ~নামা [আ॰-জমানৎ। ফা॰-নামা] বি, জামিন নামা; মুচ্‌লেকা-পত্র bail bond.

জমানবীশ,-স [আ॰-জমা, ফা॰-নবীস্‌] বি, জমীদারী-সেরেস্তায় জমাজমার হিসাবরক্ষক কর্ম্মচারী।

জমাবন্দী,-ন্দি [ফা॰] বি, প্রজাবিলির হিসাব; খাজনা জমা ও তার হিসাবের খাতা।

জমায়ৎ, জমায়েত, জমায়েৎ [আ॰-জমাআৎ] বি, বহু লোকের একত্র সমাবেশ; ভিড়। ~বেস্তের মকদ্দমা- অবৈধ জনতা সম্বন্ধীয় মামলা।

জমি,-মী [ফা॰-জমীন] বি, ভূমি; ভূভাগ। প্র-জাহাজ হ'তে একটুও জমি দেখা যায় না। ২ ভূসম্পত্তি। প্র-জমি খরিদ করা; জমি-জিরাৎ করা। ৩ ক্ষেত্র। প্র-জোত জমি; চষা জমি; জমির চতুর্দ্দিকে আলি দেওয়া। ৪ পৃথিবী; ধরা। প্র-আকর্ষণ-শক্তিবলে কোন কিছু আকাশের দিকে ছুড়িলেই জমিতে আসিয়া পড়ে। ৫ স্থান। প্র-বহু চেষ্টাতেও সে ভিড়ের ভিতর বসিবার মত জমি পাওয়া গেল না। জ॰ করা-সার দিয়া মাটি পূর্ণ করিয়া চাষের উপযোগী করা। ২ কোন কাজের জন্য তাহার উপযোগী করিয়া ভূমিখণ্ড প্রস্তুত করা। ~জমা- ভূসম্পত্তি ও মূলধন। ~জরাৎ, জারাৎ, জিরাৎ [ফা॰-জমীন-জিরায়াৎ] চাষবাসের ভূমি। "তখন কত শ্রীবৃদ্ধি ছিল, বাটীতে লোক মরিত না এবং জমি জারাৎ চাষবাস গরু লাঙ্গল ও যেমন, নিজেদের ব্যবসায়েও তেমনি বেশ দু'পয়সা আয় ছিল।"-রামকৃষ্ণ লীলা প্রসঙ্গ। ~দার [ফা॰-জমীন্দার্‌, জিমীদার, জমীদার] বি, ক্ষেত্রস্বামী। ২ ভূস্বামী; ভূম্যধিকারী; ভুঁইঞা। ~দারী, -রি [জমীদার+ই, ঈ (বৃত্তি,পদ অর্থে)] বি, ভূম্যধিকারীর কার্য্য। ২ জমীদারের অধিকৃত ভূমি ও ভূসম্পত্তি। প্র-তাহার জমীদারী হ'তে বেশ আয় হয়। জ॰ লওয়া-জমি জমা লওয়া। ২ জমি আঁকড়িয়া পড়িয়া থাকা। প্র-কুস্তি করিতে করিতে পালওয়ানরা একবার জমি লইলে সহজে তাদের চিৎ করা যায় না। আউঅল্‌ (আওল) জমি-প্রথম শ্রেণীর বা চাষবাসের পক্ষে সর্ব্বোৎকৃষ্ট জমি। খামার জমি-খামার করিবার উপযুক্ত আবাদী জমি। খিলজমি-অনাবাদী নবাব বা জমিদার সরকারের জমি। চাকরান জমি-চাকর বা কর্ম্মচারীকে প্রদত্ত নিষ্কর ভূমি। চাহারম জমি-চাষের পক্ষে চতুর্থ শ্রেণীর বা সর্ব্বাপেক্ষা অধম জমি; অপকৃষ্ট ভূমি। জলান বা জোলান জমি-যে জমিতে প্রায় বার মাস জল থাকে। জায়গা জমি-ভূসম্পত্তি। জোতজমি-জমিদারের নিকট হ'তে জমা লওয়া চাষের জমি। দেবোত্তর, পীরোত্তর, বিষ্ণুত্তর, ব্রহ্মোত্তর জমি-দেব, পীর, বিষ্ণু, ব্রাহ্মণ উদ্দেশে বা সেবার্থ দত্ত নিষ্কর জমি। দোয়ম (দোয়েম) জমি-চাষের পক্ষে দ্বিতীয় অর্থাৎ মধ্যম শ্রেণীর জমি। নাবাল জমি-চারিদিকের জমি অপেক্ষা নীচু সুতরাং বর্ষাদি জল যে জমিতে দাঁড়ায়। পিড়ো (পতিত) জমি-অনাকৃষ্ট ভূমি। ফকীরান জমি-ধর্ম্মার্থে ফকীরকে দত্ত জমি। মাল জমি-জমিদারকে যে জমির কর দিতে হয়। সোয়ম (সোয়েম) জমি-চাষের পক্ষে তৃতীয় শ্রেণীর বা নিরেস জমি।

জম্পতি [জায়া এবং পতি অর্থে-জম্পতি (নিপাতনে)] বি, স্ত্রী-পুরুষ; পতি-পত্নী।

জম্বাল [জল দ্বারা (আবৃত) বাল। ল=ম্‌, ৩তৎ] বি, কর্দ্দম; কাদা। ২ শৈবাল; শেয়ালা।

জম্বালিনী [জম্বাল (কর্দ্দম)+ইন্‌ (স্ত্য) =জম্বালিন্‌+ঈ (স্ত্রীং)] বি, নদী।

জম্বির, জম্বীর [সং] বি, জামির নেবু; গোঁড়ানেবু। ২ নেবুর গাছ। ~দ্রাব [রাসাঃ পরিঃ] বি, মাতুলুঙ্গাম্ল; বীজপূরাম্ল citric acid. ২ নেবুর রস lemon juice; lime juice.

জম্বু, জম্বূ [সং] বি,জাম গাছ। ২ জাম। ৩ সপ্তদ্বীপের অন্যতম; ভারতবর্ষ। ৪ সুমেরু পর্ব্বত হ'তে প্রবাহিত নদ; জম্বুনদ। ~খণ্ড-বি, জম্বুদ্বীপ; ভারতবর্ষ। ~দ্বীপ [জম্বু (জম্বুবৃক্ষযুক্ত) যে দ্বীপ, ম॰ প॰ লো॰। নীল পর্ব্বতের দক্ষিণ ও নিষধের উত্তরে অবস্থিত সুদর্শন-নামক জম্বুবৃক্ষ হ'তে এই দ্বীপের নাম] বি, সপ্তদ্বীপের অন্যতম; ভারতবর্ষ। ~নদী [জম্বুফলের রস হ'তে উৎপন্ন নদী-ম॰ প॰ লো॰] বি, নদী বিঃ।

জম্বুক, জম্বূক-বি, শৃগাল। ২

শৃগালবৎ ধূর্ত্ত। ৩ সংকীর্ণচেতা ব্যক্তি। ৪ কার্ত্তিকের অনুচর-বিঃ। স্ত্রীং ~ী।

জম্বুরা [আং-জম্বুর >] বি, সাঁড়াশী pincers. ২ [ফ্রাং-জম্বুরা >] ভীমরুল। ৩ [ভীমরুলের বর্ণ >] প্রতিমার ডাকসাজবিঃ।

জম্বুল১ [জম্বু (জাম) ল (গ্র, বা দানে)] বি, জামগাছ। ২ কেতকী বৃক্ষ।

জম্বুল২ [সং] বি, বর ও কন্যাপক্ষের হাস্যপরিহাস-বাক্য। ~মালিকা ["জম্বুলং বরপক্ষীয় স্ত্রীণাং পরিহাসবচনং তেষাম্ মালিকা শ্রেণী ইতি নীলকণ্ঠ"-শং কং দ্রুম] বি, বর ও কন্যাপক্ষীয় হাস্য-পরিহাস বাক্যাবলী।

জম্ভ [জনভ্ (নষ্ট করা) + অ (র্ত্তৃ, জ্ঞাং)] বি, মহিষাসুরের পিতা। "সেই মহাসুর জম্ভ, কি কব তাহার দম্ভ, ভুজবলে পর্ব্বত উপাড়ে। সে অসুর মহাবলে, মহেশ পূজার ফলে, দিক্করী তুলিয়া আছাড়ে॥"-কবিকং। ২ জম্বীর ; লেবু। ৩ তূণ। ৪ [র্দ্দ-অ] ভক্ষ্য। ৫ গণ্ডাস্থি ; হনু। ৬ [ভাং-অ] ভক্ষণ। ৭ [তুল-হিং জমহাঈ (হাই)] জৃম্ভণ। ~া-জৃম্ভণ। ~ক [জনভ্ (হাই তোলা) + ক (যে করে)] বিণ, জৃম্ভণকারী ; যে হাই তোলে। ২ বি, জামির নেবু। ~কা-বি, জৃম্ভা। ~ভেদন, ~ভেদী [জম্ভ (দৈত্যবিঃ) ভিদ্ (বিদারণে) + অন, ইন্ (র্ত্তৃ)=ভেদিন্ ১মা, ১বং] বি, ইন্দ্র। (জম্ভাসুরকে বিনাশ করিয়া এই নাম)। ~রিপু [জম্ভ-রিপু(শত্রু), ৬তৎ] বি, ইন্দ্র। ~ল [সং] বি, জম্বীর ; নেবুবিঃ। ~লা [সং] বি, রাক্ষসীবিঃ। ইহার নাম স্মরণে শীঘ্র প্রসব হয় বলিয়া প্রবাদ।

জম্ভন [সং] বি, রমণ ; সঙ্গম।

জম্ভারাতি [জম্ভ + অরাতি] বি, ইন্দ্র।

জম্ভারি [জম্ভ (অসুরবিঃ) + অরি (শত্রু)] বি, ইন্দ্র। ২ অগ্নি। "দারুণ দৈবের দণ্ড দুঃখ কব কাকে। যৌবন জীবন গেল জম্ভারির পাকে।"-শিং।

জম্ভীর [জনভ্ + ঈর (জ্ঞাং), ম্ আগম] বি, জামির নেবু।

জম্ম [জন্ম > প্রাং জং। জর্ম্ম ওং] বি, জন্ম। জাত জম্ম [সহচর শব্দদ্বয়] জাতিধর্ম্ম। বিণ, জম্মা, জম্মিত [জন্মিত >] গৃহীত-জন্ম ; জাত ; উৎপন্ন। ক্রি, জম্মানি-জন্মানো (দ্রঃ)।

জম্মিত-জন্মিত দ্রঃ।

জম্মু-বি, কাশ্মীর রাজ্যের রাজধানী।

জয় [জি (জয় করা) + অ (ভাং)] বি, শত্রুদমন ; বিপক্ষকে পরাভবন। ২ কৃতকার্য্যতা ; সফলতা। ৩ বিষ্ণু। ৪ বিষ্ণুর পার্শ্বচর। ৫ জয়ন্ত। ৬ বিরাট সভায় যুধিষ্ঠিরের ছদ্ম নাম। ৭ পুরাণ ইতিহাসাদি শাস্ত্র। ∴~জয়-বি, জয়ধ্বনি। "প্রভাতিল বিভাবরী জয়জয় রবে।" -মেঘং। ২ [বিথেং] সর্ব্বত্র বা চারিদিক জয় বা অধিকার ; মাত-করণ ; সর্ব্বজয়। ৩ দুর্দ্দান্তের মত ঘুরে বেড়ান। প্র-ছেলেটা সকাল থেকে গ্রামের চারিদিক জয়জয় করে বেড়াচ্চে। জয়কার [গ্রাং জোকার] জয় জয় শব্দ ; জয়ধ্বনি। ~জয়ন্তী-বি, সঙ্গীতের রাগিণীবিঃ। ~ঢক্কা, ~ঢাক [জয়সূচক যে ঢক্কা-ধা] বি, আনন্দ বাদ্যযন্ত্রবিঃ ; রণবাদ্য ; ভেরী।

জয়ৎলাট-জয়স্তম্ভ দ্রঃ।

জয়ৎসেন [মহাং] বি বিরাটালয়ে নকুলের ছদ্মনাম।

জয়তু [সং হ'তে বাং-য় অবিকল গৃহীত। "জং পাণ্ডুপুত্রাণাম্ যেষাং পক্ষে জনার্দনঃ"] ক্রি, জয় হউক। "জয়তু শিবাজি"-রবীং।

জয়তুর, জয়তুরী [জয় (যুদ্ধজয় কালে) বাদিত তুর, তুরী (বাদ্যযন্ত্রবিঃ)] বি, প্রাচীন কালে যুদ্ধে জয়লাভ করিয়া এই যন্ত্র বাদিত হইত ; বিজয়-দুন্দুভি।

জয়ত্রী [প্রাং-জৈত্রী। হিং-জাবত্রী। সং-জাতিপত্রিকা] বি, জাতিকোষ ; জায়ফলের ভিতরের ত্বক্ mace.

জয়/দ, জয়দাতা [জয় + দ (দা + অ, র্ত্তৃ), + দাতৃ ১মা ১বং-৬তৎ] বিণ, বি, যিনি জয় দান করেন ; যাঁর অনুগ্রহে জয় হয়। স্ত্রীং ~দা, ~দাত্রী।

জয়দুর্গা-বি, দুর্গার মূর্ত্তিভেদ [তুল-জয় মঙ্গলচণ্ডী]।

জয়দেব-বি, খৃঃ পঞ্চদশ শতাব্দীর প্রসিদ্ধ বঙ্গীয় কবি ; গীতগোবিন্দ কাব্য-প্রচারক ; কেন্দুবিল্ব গ্রাম-নিবাসী ভোজদেব নামক বিপ্রের ঔরসে ও তৎপত্নী বামাদেবীর গর্ভে ইঁহার জন্ম ; ইনি ললিতকান্ত পদাবলীতে "গীতগোবিন্দ"॰ রচনা করিয়া অমর হইয়াছেন ; ইনি সম্রাট্ লক্ষ্মণসেনের সভাপণ্ডিত ছিলেন।

জয়দ্রথ [মহাং] বি, সিন্ধুদেশের রাজা ; দুর্য্যোধনের ভগিনী দুঃশলার পতি।

জয়দ্বল [জয়ৎ (জয়শীল) বল যার, বহুং] বি, বিরাটগৃহে সহদেবের ছদ্মনাম।

জয়ধ্বজ [জয় বিজ্ঞাপক ধ্বজ, মংপং লো] বি, বিজয়পতাকা।

জয়ধ্বনি [জয়ের ধ্বনি, ৬তৎ] বি, জয়জয় শব্দ ; বিজয়উল্লাসসূচক রব। ২ আনন্দসূচক অভিব্যক্তি। প্রা-বাং-জয়ধুনী। "রতি রণে জয়ধুনী করএ কিঙ্কিনী"-শ্রীং কীং।

জয়/নাদ [জয়সূচক নাদ (ধ্বনি), মং পং লো] বি, জয় জয় ধ্বনি। ~পতাকা [জয় সূচক যে পতাকা-ধা] বি, বিজয়-নিশান। ~পত্র [জয়সূচক যে পত্র-ধা] বি, বিচারফলে মোকদ্দমায় জয়ী পক্ষকে দত্ত জয়সূচক পত্র বা অনুকূল ফয়শালা ; ডিক্রী। ২ বিবাদ-নিষ্পত্তিসূচক-পত্র ; সন্দেহভঞ্জন-পত্র। "জয়পত্র লিখিবারে দিল অনুমতি। * * * * সন্দেহ ভঞ্জনপত্র হইল লিখিত।"-কবিকং। ~পরাজয় [জয় বা পরাজয় (দ্বন্দ্ব)] বি, হারজিত। "জং পং কারু'নাহি দোঁহে বলবন্ত।"-চৈং ভাং। ~ভঙ্গ [জয়ের ভঙ্গ-৬তৎ] বি, পরাজয়। ~ভেরী-বি, জয়ঢাক ; বিজয়-দুন্দুভি। ~মঙ্গল [জয়যুক্ত হইয়াছে মঙ্গল (সৌভাগ্য) যার-বহুং] বি, মঙ্গলচণ্ডী (দ্রঃ) ; দুর্গা ২ রাজহস্তী। ৩ কবিরাজী প্রসিদ্ধ জ্বরনাশক ঔষধ জয়মঙ্গল রস। ~মালা, -মাল্য-বি, জয়লাভ হেতু প্রাপ্ত মাল্য ; জেতার প্রাপ্য গৌরবসূচক মাল্য laurel. ~লক্ষ্মী (কথ্য) [জয়যুক্ত যে লক্ষ্মী-ধা] বি, জয়ের অধিষ্ঠাত্রী দেবতা ; জয়শ্রী। ২ জয়লাভজনিত শোভা। [সাধাঃ "বিজয়লক্ষ্মী" অধিক চং। ~শঙ্খ [জয় (ঘোষণাকারী)

শঙ্খ, ম০ প০ লো০] বি, যে শঙ্খ যুদ্ধ জয় করিয়া বাদিত হয়। ~শব্দ [জয়-ইত্যাকার যে শব্দ-ধা] বি, "জয় হউক" এই আশীর্ব্বচন। ২ [জয়ের (শত্রু-পরাজয়ের) শব্দ-৬তৎ] জয়-ধ্বনি। ~শীল [জয় দ্বারা শীল (যুক্ত)-৩তৎ, বা, জয়ে (জয় করিতে) শীল (স্বভাব) হইয়াছে যার-বহু০] বিণ, জয়ী ; জয়যুক্ত। ~শৃঙ্গ [জয়-শৃঙ্গ] বি, রণশিঙা।

জয়ন্ত-বি, ইন্দ্রপুত্র। ২ শিব। ৩ বিরাটগৃহে ভীমের ছদ্মনাম। ৪ দশরথের মন্ত্রী। ৫ চন্দ্র। ৬ সঙ্গীতের তালবিঃ। স্ত্রীং ~ন্তী$_{1}$-বি, ইন্দ্রের কন্যা। ২ দুর্গা। ৩ অষ্ট-নায়িকার ৪র্থ নায়িকা। ৪ বৃক্ষবিঃ। ৫ যোগবিঃ [যদি শ্রাবণ মাসের কৃষ্ণা অষ্টমী অর্দ্ধ রাত্রের কলা মাত্র অধঃ উর্দ্ধে রোহিণীযুক্তা হয় তবে এই যোগ হয়]।

জয়ন্তিকা [সং] বি, হরিদ্রা।

জয়ন্তী$_{2}$ [জি (জয়-বণ বিজয়) + অৎ (র্ত্তৃ, ১মা ১ব=জয়ন্) + ঈ (স্ত্রীং)] বি, জন্ম উৎসব। "আজকাল জন্ম দিবসের উৎসবকে জ০ বলা হইয়া থাকে।" -সম্মিলনী, ১৬ই অগ্র, ১৩৩৮। রবীন্দ্র জয়ন্তী-বিশ্বকবি রবীন্দ্র-নাথ ঠাকুরের ৭০ বৎসর বয়ঃপ্রাপ্তিতে অনুষ্ঠিত (সপ্ততিতম) জন্মোৎসব।

জয়পাল, জৈপাল [হি০-জমাল-গোটা] বি, প্রসিদ্ধ তৈলদ বৃক্ষ croton tiglium. ২ জয়পালের বীজ যা থেকে তৈল হয়।

জয়পুর-বি, রাজপুতানার অন্তর্গত খণ্ড রাজ্যবিঃ ; অম্বররাজ জয়সিংহের প্রতিষ্ঠিত ও বাঙ্গালী পূর্ত্তবিদ্যাবিৎ বিদ্যাধর ভট্টাচার্য্যের নির্দ্দেশমত নির্ম্মিত বর্ত্তমান সুদৃশ্য সহর।

জয়বাহিনী [জয়ের (জয়ন্তের) বাহিনী (সেনা)-৬তৎ] বি, জয়ন্তের সেনা। ২ ইন্দ্রাণী ; শচী।

জয়রাম-বি, রামচন্দ্রের শত্রুজয় হেতু তাঁর অনুচরবর্গের জয়ধ্বনি। "পূরিল কনক-লঙ্কা জয়রাম নাদে।"-মেঘ০। ২ [হিন্দুস্থানে] অভিবাদন ; সুপ্রভাত good morning. প্র-জয়রামজী, জয়রাম ভাই বা জয় সীতারাম।

জয়শ্রী [জয় + শ্রী (লক্ষ্মী)] বি, বিজয়লক্ষ্মী। ২ রাগিণীবিঃ।

জয়স্তম্ভ [জয়সূচক যে স্তম্ভ-ম০প০লো০] বি, জয়চিহ্নজ্ঞাপক স্তম্ভ ; জয়ৎলাট। [ভারতের স্থানে স্থানে এরূপ জয়স্তম্ভ আছে, যথা-চিতোরের কীর্ত্তি কুম্ভ, দিল্লীর কুতব-মিনার, কলিকাতার অক্টারলোনী মনুমেণ্ট ই০]।

জয়া [জি + অ (র্ত্তৃ, ভা০)=জয় + আ (স্ত্রীং)] বি, পার্ব্বতী। ২ পার্ব্বতীর সহচরী। ৩ হরীতকী। ৪ জয়ন্তীবৃক্ষ। ৫ সিদ্ধি ; ভাঙ। ৬ তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী তিথি। ৭ পতাকাবিঃ।

জয়াল [যশো০ খুলনা-প্রাদে০] বি, নদী-তীরবর্ত্তী প্রকাণ্ড ভূমিখণ্ড যা সময় সময় নদীগর্ভে ভাঙ্গিয়া পড়ে।

জয়িত্রী-বি, জাতিফলের ভিতরের ত্বক্ ; জয়ত্রী (দ্রঃ)।

জয়ী [জি (জয় করা) + ইন্ (র্ত্তৃ), মূ০ জয়িন্ ১মা, ১ব০] বিণ, যে জয় করিয়াছে ; জয়শীল ; যে সর্ব্বত্র জয়লাভ করে।

জয়েন [ইং join এর লিপ্যন্তর] বি, জোড়। ক্রি, জ০ করা-জোড়া। ২ (কর্ম্মে) যোগ দেওয়া। "আমি যদি আপনাকে মনোনীতই করি, কবে আপনি জয়েন করতে পারেন?"-মানসী ও ম০, ১৩৩৩।

জয়েষ্ট [ইং joistএর লিপ্যন্তর] বি, লোহার কড়ি।

জয়োন্মত্ত [জয় লাভের জন্য উন্মত্ত, ৪তৎ] বিণ, যুদ্ধ জয়ের জন্য অতিশয় অস্থিরচিত্ত।

জয়োল্লাস [জয় হেতু উল্লাস (আনন্দ), ম০ প০ লো০] বি, যুদ্ধে জয় করিয়া হর্ষ।

জয়োঽস্তু [জয়ঃ + অস্তু (হউক), সং রূপ বাংলায় অবিকল চলিয়াছে। দ্রং 'জয়াস্তু', 'জয়স্তু'] অ, জয় হউক ই০ আশীর্ব্বাদ-বাক্য।

জয্য [জি (জয় করা) + য (র্ম্ম, শক্যার্থে-নিপাতনে)। জি=জয়] বিণ, যাকে জয় করিতে পারা যায় ; যে পরাজয়-সাধ্য। ২ যে যুঝিবার উপযুক্ত পাত্র।

জর$_{1}$ [ফা০-জর্] বি, স্বর্ণ। ২ বিত্ত ; ধন ; মুদ্রা money ~পেষগী [ফা০ জর্ (অর্থ ই০) পেষগী (আগাম)] বি, দাদন ; বায়নার টাকা।

জর$_{2}$ [শ্রীহট্ট প্রাদে০। হি০ জহর >] বি, বিষ। প্র-তিতা যেন জর।

জর$_{3}$ [প্রা০-বাং] বি, জ্বর ; জরুআ দ্রঃ।

জরকিসী [ফা০-জর্কশী] বি, জরির কাজ ; জরদোজী।

জরজর [জর্জ্জর >। ক্ষীণার্থে জির্‌জির্। "হাড় জিরজির করা"] বিণ, জর্জ্জরিত ; দগ্ধ। ২ জর্জ্জরিত প্রায়। ৩ সন্তপ্ত। "লোমকূপ সকলে শোণিত নিকলে জরজর হইল অঙ্গ।"-শি০। "জরজর হিয়া রহিল পড়িয়া চেতন নহিল মোর।"-চণ্ডি০। "দুঃখে দুঃখে জরজর আর কত মা দুঃখ দিবে।"-রা০ প্র০।

জরজিরিয়া [জরজর দ্রঃ। ক্ষে০ জর-জিরে, অল্পার্থে জিরজিরে] বিণ, জর্জ্জরিত ; শীর্ণ। ২ ঝাঁঝরা।

জরঠ [জৃ (জীর্ণ হওয়া) + অঠ (র্ত্তৃ)] বিণ, কঠিন। ২ কঠোর। ৩ বৃদ্ধ। "মূল্য দিয়া পণ দশ কিনিল জীয়ন্ত শশ, জরঠ কমঠ কিনে রুই।"-কবিক০। ৪ জীর্ণ। ৫ পাংশুবর্ণ।

জরণ [জৃ (জীর্ণকরা) + অন (র্ম্ম)] বিণ, বৃদ্ধ ; জীর্ণ ; ২ [অন (র্ত্তৃ)] হিঙ্। ৩ জীরা।

জরৎ [জৃ (জীর্ণ হওয়া) + অৎ (র্ত্তৃ)] বিণ, জীর্ণ। ২ বৃদ্ধ [শব্দান্তর সহ ব্যবহৃত হয়। যথা-জরৎকারু]। স্ত্রীং ~তী (দ্রঃ)।

জরৎকারু [জরৎ (জীর্ণ) কারু (দারুণ শরীর) যার-বহু, যিনি কঠোর তপস্যা দ্বারা সেই দারুণ শরীরকে ক্রমে ক্রমে ক্ষীণ করিয়া-ছিলেন] বি, স্বনামপ্রসিদ্ধ মুনি। ২ মনসা-দেবী ; জরৎকারু মুনির পত্নী ; বাসুকির ভগ্নী [পূর্ব্বোক্ত কারণবশতঃ বাসুকির ভগিনীও জরৎকারু নামে বিখ্যাত হন]।

জরতী [জৃ (জীর্ণ হওয়া) + অৎ (র্ত্তৃ)= জরৎ-ঈ (স্ত্রীং)] বিণ, জীর্ণ-দেহা ; বৃদ্ধা ; জরা-যুক্তা। "প্রভাতে দ্বাদশী, অভয়া উপবাসী হইয়া জরতী ব্রাহ্মণী।"-কবিক০।

জরদ [ফা০-জরদ্] বিণ, হরিদ্রাবর্ণ।

জরদা, জর্দ্দা [ফা০] বি, জাফরাণ মিশ্রণহেতু পীত বা ঈষৎ লোহিত বর্ণযুক্ত মিঠা পোলাও। ২ সুগন্ধ মসলাযুক্ত তামাক-

পাতাচূর্ণ ; পানের সহিত খাইবার তামাক। ৩ বিণ, পীত।

জ॔রদোজ [ফা॰-জর্‌দোজ্] বিণ, যারা জরদোজীর কাজ করে। ~ী-বি, মখমল এবং রেশম ও পশমের কাপড়ের উপর শল্মা-চুমকি প্রভৃতি জরির কাজ।

জ॔রদ্গব [জরৎ (জীর্ণ) যে গো-ধা] বি, বৃদ্ধ বৃষ ; জীর্ণ ষণ্ড। "ওহে জরদ্গব তোমায় কি আর কব।"-গোবিন্দদাস। "অতএব জরদ্গব মারে মুনি"-চৈ॰ চ॰। ২ গৃধ্রবিঃ। "উদর ভরণ লাগি এবে পাপী সব, লওয়ায় ঈশ্বর আমি মূলে জ॰॥"-চৈ॰ ভা॰। ৩ স্থবির ; অকর্ম্মণ্য ; ঢোসা। স্ত্রীং ~ী [জরতী (প্রাচীনা) যে গবী-ধা] বি, বৃদ্ধগবী।

জ॔রন্ [জৄ+অৎ (র্ত্তৃ)=জরৎ ১মা, ১ব॰] বিণ, যে জীর্ণ হয় ; বৃদ্ধ। ২ পুরাতন।

জ॔রম [জন্ম > জনম > প্রা॰-বাং গ্রা॰ ও আধু॰ নিম্ন কথ্য, ন=র >] বি, জন্ম। "জ॰ লভিল কাহাক্রিঁ"-শ্রী॰ কী॰। ~ক (-মঁ-) চিরকালের। "জরমক তরেঁ কুলে কলঙ্ক থুইবেঁ।"-শ্রী॰ কী॰। জ॔রমে, -মেঁ-জন্মে ; জীবনে। "কোণহোঁ জরমেঁ"-শ্রী॰ কী॰। জ॔রমের-জন্মের (শ্রী॰ কী॰)।

জ॔রা, [জৄ (জীর্ণ হওয়া)+অ (ভা॰)+আ, স্ত্রীং] বি, জীর্ণাবস্থা ; জরতী ; বৃদ্ধাবস্থা ; বার্দ্ধক্য। ২ জরারাক্ষসী; ষষ্ঠীদেবী। ~গ্রস্ত [জরা দ্বারা গ্রস্ত-৩ তৎ] বিণ, বার্দ্ধক্যদশা-প্রাপ্ত ; বার্দ্ধক্য-পীড়িত ; জীর্ণ। ~জীর্ণ [জরা দ্বারা জীর্ণ-৩ তৎ] বিণ, বার্দ্ধক্যহেতু অতিকৃশ।

জ॔রা, [জৄ=জর্+আ (ক্রিয়ায়)। জরি, জর (জরন, জর্), জরে (জরেন) ; জরিতে (ক্ষে॰ জরতে); জরিয়া (ক্ষে॰ জরে)। ণিজন্ত-জরান] ক্রি, জীর্ণ হওয়া। ২ হজম হওয়া ; পরিপাক হওয়া। "কেমন করিয়া দেখ পেটে ভাত জরে।"-শি॰।

জ॔রাত-জিরাৎ দ্রঃ।

জরান [জরা দ্রঃ। জরাই, জরাও (জরান, জরা), জরায় (জরান) ; জরাইতে (ক্ষে॰ জরাতে) ; জরাইয়া (জরিয়ে)] ক্রি, জীর্ণ হ'তে দেওয়া। ২ বিণ, জারিত ; জীর্ণ। প্র-আম লবণে জরান।

জ॔রাপ [পূ॰ ব॰ প্রাদে॰] বি, ব্যথা। "আগুর জ॰ পাইল"-পূ॰ ব॰ গী॰।

জ॔রাপুষ্ট [জরা (জরারাক্ষসী) দ্বারা পুষ্ট-৩ তৎ] বি, রাজা জরাসন্ধ।

জ॔রাভীরু [জরা হ'তে ভীরু-৫ তৎ]বিণ, জরা হতে ভীত। ২ বি, কন্দর্প।

জ॔রামৃত্যু [জরা ও মৃত্যু-দ্বন্দ্ব] বি,বার্দ্ধক্য এবং মরণ।

জ॔রায়ু [জৄ (জীর্ণ হওয়া) >] বি, যোনির ঊর্দ্ধভাগে মূত্রাশয়ের পশ্চাৎ ও মলাধারের সম্মুখদেশে জরায়ু অবস্থিত। ইহা শূন্যগর্ভ এবং দেখিতে নিম্নমুখ কলসের ন্যায়। ইহা প্রায় ৩ ইঞ্চি লম্বা ২ইঞ্চি স্থূল। জরায়ু পেশীময়। এইজন্য ইহা সমধিক পরিমাণে স্থিতিস্থাপক। গর্ভাবস্থায় ভ্রূণের পরিবর্দ্ধনের সহিত ইহা পরিবর্দ্ধিত ও প্রসারিত হয় এবং প্রসবান্তে পুনরায় সঙ্কুচিত হইয়া পূর্ব্বাকার ধারণ করে।"-আয়ুর্ব্বেদ সংগ্রহ, শারীরস্থান। ২ গর্ভ womb ; ভ্রূণ। ~জ (-জ) [জরায়ু-জ (জাত)] বিণ, যে সকল জীব জরায়ুতে জন্ম-গ্রহণ করে।

জ॔রারত-জিরাৎ দ্রঃ।

জ॔রাসন্ধ [জরা-রাক্ষসী দ্বারা সন্ধ (সংযোজিত)-৩ তৎ। [দুই মাতার গর্ভ হ'তে অর্দ্ধ অর্দ্ধ অঙ্গ প্রসূত হইলে সেই খণ্ডদ্বয় জরারাক্ষসী কর্ত্তৃক সংযোজিত হয় এবং তাতে জরাসন্ধের জন্ম হয়।] বি, মগধদেশের রাজা ; বৃহদ্রথের পুত্র।

জ॔রি, [ফা॰-জরী] বি, সোণালি বা রূপালির সূতা। "স্ত্রীর শ্রী অঙ্গে চেলি জরির নানা নক্সা আঁকা।"-দ্বি॰ রায়।

জ॔রি, [জ্বলা দ্রঃ। জ্বলিয়া > (ক্ষে॰, পদ্যে) জলি >। ল=র ।প্রা॰-বাং কাব্যে] অস-ক্রি, জ্বলিয়া ; দগ্ধ হইয়া। ~জ্বরি-অস-ক্রি, জর্জ্জরিত হইয়া।

জ॔রিদার [জরি (দ্রঃ)+দার (যুক্তার্থে)] বিণ, জরিযুক্ত।

জ॔রিপ, জরীপ [আ॰-জরীব-ক্ষেত্র পরিমাণ] বি, জমীর মাপ cadastral surveying. জ॰ আমীন-বি, যে কর্ম্ম-চারী জমীর পরিমাণ করে।

জ॔রিমানা [আ॰-জুর্‌মানা] বি, অর্থদণ্ড।

জ॔রী, [জরা+ইন্ (স্ত্য)। মূ॰ জরিন্ ১মা, ১ব॰] বিণ, জরাযুক্ত ; জীর্ণ ; বৃদ্ধ [প্র॰ অ॰]।

জ॔রী, [জরি, দ্রঃ] বি, সোণার কাজ করা জিনিষ।

জ॔রু [হি॰-জোরু] বি, "গেল গরু জরু, তৃণ তরু কিছু নাহি আর।"-ঈ॰ গুপ্ত।

জ॔রুআ [প্রা॰-বাং। আধু॰ বাং গ্রা॰ জ্বোরো। জ্বর+উআ] বিণ, জ্বররোগী। "জরুআ দেখিআঁ যেহ্ন রূচক আম্বল" -শ্রী॰ কী॰।

জ॔রুড় [সং-জটুল (দ্রঃ)] বি, দেহস্থ রোমশ চক্রচিহ্নবিঃ। "জননী বলেছে মোর জনক কনক গৌর, বাম নাসা উপরে আঁচিল। * * জরুড় দক্ষিণ করে কুন্তল সকল শিরে সদাই রুদ্রাক্ষমালা গলে।"-কবিক॰।

জ॔রু/র [আ॰-জরুর্] অ, অতি প্রয়োজন বা, বিশেষ দরকারের ভাব। ২ নিশ্চয়। ~রৎ [আ॰-জরুরৎ] বি, প্রয়োজন। ~রী [আ॰-জরুরি] বিণ, অত্যন্ত দরকারী ; একান্ত প্রয়োজনীয়। প্র-জরুরী কাজ ছিল বলে সে তাড়াতাড়ি চলে গেল।

জ॔রূথ [জৄ+উথ (র্ত্তৃ, জ্ঞা॰)] বিণ, যার শরীরের মাংস শিথিল হইয়াছে ; শ্লথ মাংস।

জ॔র্জ্জ/র [জৄ (জীর্ণ হওয়া)+অ-নিপাতনে দ্বিত্ব] বিণ, জর্জ্জরিত ; জীর্ণ ; জরজর। "পাপে তাপে কলেবর হয়েছে জর্জ্জর যাতনা ত আর সহে না নাথ।"-কা॰ প্র॰ ঘোষ। ~রিত [জর্জ্জ (জীর্ণ করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে জীর্ণ করা হইয়াছে। ~রীক [জ॰+ঈক] বিণ, ঝাঁঝরা। ২ জীর্ণ। ~রীকৃত [জ॰-কৃ (করা)+ত(র্ম্ম), ঈ (চ্বি) আগম, অভূততদ্ভাবার্থে] বিণ, যাকে ঝাঁঝরা করা হইয়াছে ; জীর্ণীকৃত। ~রীভূত [জ॰-ভূ (হওয়া)+ত (র্ম্ম), ঈ (চ্বি) আগম, অভূততদ্ভাবার্থে] বিণ, যা জীর্ণ হইয়াছে।

জ॔র্ডন [ইং Jordan এর লিপ্যন্তর] বি, খ্রীষ্টানদিগের পবিত্র নদী। প্যালেষ্টাইনের ভিতর দিয়া প্রবাহিতা ; এই নদীর জল স্পর্শ

করাইয়া খ্রীষ্টধর্ম্মে দীক্ষিত করা হয়। "জর্ডনের জলে"-চন্দন।

জর্ণাল [ইং journal এর লিপ্যন্তর] বি, মহাজন-সওদাগরদিগের কারবারের দৈনিক হিসাব যাতে থাকে; সাময়িক পত্র: ম্যাগাজিন।

জর্দ্দা [ফা০-জর্দা] বিণ, পীতবর্ণ: হরিদ্রা রং। ২ জাফ্রাণ বা হরিদ্রা যোগে পীতবর্ণ মিঠা পোলাও। ৩ পানের সঙ্গে খাইবার সুগন্ধি তামাক।

জল [জল্ (আচ্ছাদন করা)+অ (র্ক্তৃ, জ্ঞা০)] বি, বারি; সলিল; পয়ঃ; তোয়: পানীয়। ২ বিণ, শীতল। ৩ তরল। ৪ ব্যর্থ; নষ্ট। প্র-টাকা গুলা সব জল হয়ে গেল। বিণ, জোলো-জলযুক্ত। "জোলো দুধে পুষ্ট দেহ তেলে জলে নেয়ে"-হেম০। জ০ উঠা-জল বাহির হওয়া। ~কণ্টক [জল (জলজাত) কণ্টক (কণ্টকী ফল)] বি,পানিফল। ~কপি [জল (জলের) কপি, ৬তৎ] বি, শিশুক; শিশুমার। ~কর [জলের কর (শুল্ক), ৬তৎ] বি, জমীর মধ্যে জলাশয়াদির রাজস্ব। ২ জলাশয়-প্রতিষ্ঠার জন্য গৃহীত রাজকর। ৩ জলাভূমি। ৪ বিণ, জলোৎপাদক।~করঙ্ক,-করঙ্গ [জল-করঙ্ক (পাত্র) ৬তৎ] বি, নারিকেল। ২ পদ্ম। ৩ শঙ্খ। ৪ মেঘ। জ০করা-জলবৎ তরল করা। ২ দ্রব করা। ৩ ক্রোধ শান্তি করা; ঠাণ্ডা করা। ৪ লোকসান দেওয়া। ~কল্ক [জল-কল্ক (কাইট) ৬তৎ] বি, পঙ্ক; কর্দ্দম। ~কল্লোল (-ল০) [জল-কল্লোল (কলকল শব্দ) ৬তৎ] বি, জলের কলকল শব্দ। ২ অতিশয় তরঙ্গ। ~কষ্ট [জল-কষ্ট, ৬তৎ] বি, জলাভাব-জনিত ক্লেশ; জলাভাব। ~কাক [জলের কাক-৬তৎ] বি, পানি-কৌড়ী পক্ষী। ~ কাদা-বৃষ্টি এবং তাহার পতনে পথে কর্দ্দম। ~কান্ত (-ল০) [জল-কান্ত-৬তৎ] বি, জলের অধিষ্ঠাতৃদেব বরুণ। ২সমুদ্র। ~কাপ [মৈমনসিং প্রাদে০] বি, জলছাপ; জলচিহ্ন। ~কুক্কুট [জলের কুক্কুট (মোরগ)-৬তৎ] বি, গাঙচিল। > স্ত্রীং ~কুক্কুটী। ~কুন্তল [জলের কুন্তল (কেশ)-৬তৎ] বি, শৈবাল। ~কূর্ম্ম (-ল০) [৬তৎ] বি, শুশুক। কূর্ম্মাকৃতি বলিয়া নাম। ~কেলি (-ল০) [জল দ্বারা কেলি (খেলা) -৩তৎ] বি, জলক্রীড়া। ~ক্রীড়া (-ল০) [জলেতে ক্রীড়া-৭মী তৎ] বি, জলে সন্তরণাদি ক্রীড়া; জলকেলি। জ০ খসা-(অশ্লীল) সঙ্গমজনিত যোনি হইতে রেতঃ নিঃসরণ; জল ভাঙ্গা। জ০ খাওয়া -জলপান করা। ২ মিষ্টান্ন ভোজন করা ও জল পান করা। বিনয়ার্থে মিষ্টান্নের উল্লেখ না করিয়া কেবল জলের উল্লেখ। ~খাবার -জল ও মিষ্টান্ন। ২ মিঠাইয়ের সামগ্রী। ~খেলা (-ল০) [সং-জলকেলি] বি, জল-ক্রীড়া। "ভাসল তরি সকাল বেলা, ভাবিলাম এ জলখেলা।"-বঙ্কিম। ~গণ্ড, ~গুণ্ড [রংপুর প্রাদে০] বি, জলাভূমি swamp. ২ [রংপুর প্রাদে০] বিণ, বদ্ধজলে দূষিত। "জমী জলগণ্ড হইতেছে"-যশো০ খুলনার ইতিহাস। ~গণ্ডূষ [জল-গণ্ডূষ] বি, জলপূর্ণ গণ্ডূষ; জলের অঞ্জলি। ~গ, ~গর্ত্ত (-ল০) [জল-গ,গত। গম্+অ, র্ক্তৃ,+ত ম্ লোপ] বিণ, জলমগ্ন। জ০ গরম করা-উত্তাপে জল উষ্ণ করা। ~গর্ভ [জল-গর্ভে (মধ্যে) যার-বহু০] বিণ, জলপূর্ণ। > স্ত্রীং ~া -জলপূর্ণা।-"হেমঝারি জলগর্ভা"-কবিক০। জ০ না গলা-নির্গমের পথরুদ্ধতার জন্য জল বাহির না হওয়া। ২ [লক্ষ০] বদ্ধমুষ্টি হওয়া; কৃপণতা করা। প্র-তার হাত হ'তে জল গলে না। জ০ গালা-নিঙড়াইয়া বা চাপ দিয়া বা উত্তাপ দিয়া জল বাহির করিয়া দেওয়া। ~গৃহ [জলমধ্যস্থিত গৃহ, ম০ প০ লো০] বি, জলটুঙ্গি। ~ঙ্গম (-ল০) [জলং (জলেতে) গম-যে মৎস্যাদি ধরিবার জন্য গমন করে। গম্+অ (র্ক্তৃ)] বি, ধীবর; জেলে। ২ চণ্ডাল। ~চর (-ল০) [জলে-চর্ (গমন করা)+অ (র্ক্তৃ) -৭তৎ] বিণ, জলে চরে যে সকল জীব; জলবিহারী। ২ বি, জলজন্তু। ~চল-যার হাতের জল হিন্দু ব্রাহ্মণাদি সকলের স্পৃশ্য ও পান করা চলে। বিপরীত-জল-অচল-যার হাতের অর্থাৎ ছোঁয়া জল ব্রাহ্মণাদি কয়েকটি বর্ণের অস্পৃশ্য ও পান করা চলে না। ~চত্বর [জল-চত্বর (ক্রীড়াস্থান)-৬তৎ] বি, অল্পজল-যুক্ত দেশ; চাতরজল।~চারী (-ল০) [জল-চর্+ইন্(র্ক্তৃ)। মু০জলচারিন্ ১মা, ১ব০,উপ০] বিণ, জলে বিচরণকারী; জলচর। ~চৌকী -বি, ছোট কাষ্ঠের আসন, যাতে বসিয়া স্নান করা হয়। ~ছড়া-জ০ তড়তড়া; জল ছিটান; জল আছড়া। ~ছত্র, -ছত্র [সং-জলসত্র] বি, পথিকদিগের পিপাসা-নিবারণার্থ প্রতিষ্ঠিত পানীয় জল রক্ষার স্থান। ~ছবি-যে ছবি জলে ভিজাইয়া এক কাগজ হইতে কাগজান্তরে উঠান যায় transfer picture. ~জ (-ল০) [জল-জ (জন-জন্মান+অ, র্ক্তৃ), ন্ লোপ। যে জল হ'তে জন্মে, উপ০] বি, পদ্ম। ২ বিণ, জলোদ্ভব; জলজাত; জলীয়। ~জন্তু (-ল০) [জলস্থিত যে জন্তু, ধা] বি, জলচর জীব aquatic animals. ~জন্তুকা [জলজন্তু +ক (ক্ষুদ্রার্থে), স্ত্রীং আ] বি, জলৌকা; জোঁক। ~জন্ম [জলে জন্ম যার-বহু০] বি, জলজ (দ্রঃ)।~জমি [প্রাদে০ মেদিনী০] বি, নীচুজমি; ধানজমি। ~জান [hydrogen শব্দানুকরণে] বি, উদজান। ~জীয়ন্ত [জলজীবন্ত >] বিণ, মৎস্য জলে যেরূপ প্রাণবন্ত বা সজীব থাকে সেইরূপ; সজীব; টাটকা। জ০ জুড়ান-গরম করা জলকে শীতল করা। ~ঝড় [জল ও ঝড়-দ্বন্দ্ব] বি, বৃষ্টি ও ঝড়; ঝঞ্ঝা। ~টুঙ্গি, -ঙ্গী [জল-তুঙ্গী। টুঙ্গী দ্রঃ। পূ০ ব০ প্রাদে০ "জল-টাঙ্গন"(পূ০ ব০ গী০)] বি, জলমধ্যস্থ উচ্চ গৃহ। "বামভাগে দুর্গামেলা, তার কাছে নাটশালা, সিংহদ্বার পূর্ব্বে জলাশয়। খিড়কি উত্তরভাগে, জলটুঙ্গি তার আগে, প্রতি বাড়ী কূপের সঞ্চয়।"-কবিক০। ~ডিম্ব [জলে স্থিত যে ডিম্ব-ধা] বি, শম্বুক; শামুক। জ০ ঢালা-প্রবল বেগে বৃষ্টি হওয়া। ২ প্রচুর জল ফেলা। ~ঢোঁড়া-জলঢাড়া দ্রঃ। ~তরঙ্গ-জলের ঢেউ। ২ কোমল ও মধুর ধ্বনি বাদ্যবিঃ; জলপূর্ণ বাটীর কানায় কাঠির বাদ্য। ৩ ঢেউ খেলান চুড়ী বা মল। জ০ তড়তড়া [অনু০] জলছড়া দ্রঃ। জ০ তোলা-কূপ, পুষ্করিণী, নদ্যাদি হ'তে জল

আনিয়া রাখা। ~ত্রা (-লঁ-) [জল-ত্রা (ত্রৈ= ত্রাণ করা)+অ (র্ত্তৃ)+আ, স্ত্রীং] বি, ছত্র; পাল। ~ত্রাস (-লঁ-) [জল হ'তে ত্রাস-৫ তৎ] বি, জলাতঙ্ক। ~দস্যু (-লঁ-) [জল-পথে দস্যু (ডাকাত) মং পং লোং] বি, যারা জলপথে পরধন লুণ্ঠন করে। ~দুর্গ [জল মধ্যস্থিত দুর্গ-মং পং লো] বি, জলবেষ্টিত দুর্গ বা গড। জং দেওয়া-চিতায় জল দান করা; জলাঞ্জলি দেওয়া; তর্পণ করা। ২ জলসেচন করা। প্র-গাছে জল দেওয়া। ৩ মরণ কালে গঙ্গাজল মুখে দেওয়া। ~দেবঁতা (-লঁ-) [জল + দেবতা-৬ তৎ] বি, জলের অধিষ্ঠাতা দেবতা; বরুণ। ~দোষ (-লঁ-) বি, যে রোগে শোথ ও ফোলার সহিত পেটে জল জমে; জলোদরী; উদরী dropsy. ২ কুরণ্ড hydrocele. ~দ্রোণী (-লঁ-) [জলের দ্রোণী (সেচন-পাত্র)-৬ তৎ] বি, জলসেচনী; নৌকার জল তুলিয়া ফেলিবার সিউনী। ২ ডোঙ্গা। ~দ্বীপ [জল-বেষ্টিত দ্বীপ, মং পং লোং] বি, যে দ্বীপের অধিকাংশ স্থানেই জল। ~ধারা (-লঁ-) [জল-ধারা] বি, জলের প্রবাহ। ২ বৃষ্টিধারা; বারিধারা। ~নকুল [জলের নকুল (নেউল, বেজি)-৬ তৎ] বি, জল মার্জ্জার; ভোঁদড়। ~নালী (-লঁ-) [জলের নালী বা প্রণালী, ৬ তৎ] বি, জল নির্গমনের পথ; নর্দ্দমা। ~নিকাশ [জলের নিকাশ (নির্গম)-৬ তৎ। জলের নিকাশ হয় যদ্দারা-বহুং] নর্দ্দমা। ~নিধি (-লঁ-) [জলের নিধি (আশ্রয়)-৬ তৎ] বি, বারিধি; সমুদ্র। ~নির্গম [জলের নির্গম হয় যা হইতে-বহুং] বি, জল বাহির হইবার পথ; জলনালী; নর্দ্দমা। ২ [জলের নির্গম-৬ তৎ] জলের বহির্গমন; জল নিঃসরণ। ~নির্গমঁনী [জলের নির্গমন (বহির্নিঃসরণ হয় যা হ'তে-বহুং)+ঈ (স্ত্রীং)] বি, জলনালী; নর্দ্দমা। ~নীলিকা (-লঁ-) [জলনীলী+ক (স্বার্থে)+আ (স্ত্রীং)] বি, শেওলা। ~নীলী (-লঁ-) [জল-নীল (নীলবর্ণ করা)+অ (র্ত্তৃ, জ্ঞাং) +ঈ (স্ত্রীং)-যে জলকে নীলবর্ণ করে-উপং] বি, শৈবাল। জং পঁড়া-ক্রি, জল মন্ত্রপূত করা। ~পঁড়া-বি, মন্ত্রপূত জল। জং পড়া-ক্রি, বৃষ্টি পড়া। ~পতি (-লঁ-) [জলের পতি,-৬ তৎ] বি, বরুণ-দেব। ২ সমুদ্র। ~পঁথ [জলের পথ -৬ তৎ] বি, জলনালী। ২ নদ্যাদি; জলযানে গমনাগমনের নদী বা সমুদ্রাদি পথ। ~পাই [সং-জম্বুপাদপ] বি, ক্ষুদ্র আমড়ার মত ফলবান বৃক্ষবিঃ; কোষাম্র olive tree. ২ জলপাই গাছের ফল। ~পাত্র [জলের পাত্র-৬ তৎ] বি, যাতে জল রাখা হয়: কলসী, ঘড়া, ঘটী, গেলাস ইং জলাধার। ২ [গ্রাং] উপপত্নী। ~পান [জল-পান (সহচর শব্দ)] বি, জলখাবার দ্রঃ; লঘুখাদ্য; জলযোগ; লঘুভোজন। ২ [সাধাঃ] মুড়ি মুড়কি; খই মুড়কি; চিঁড়ে মুড়কি। ৩ ভক্ষণ। "আছিল ভিক্ষার শেষ পালি দুই ধান। গনেশের মূষিক করিল জলপান॥"-কবিকং। ৪ মিঠাইয়ের দ্রব্য। ৫ [বিনয়ার্থে] ঘৃতপক্ক আহারীয়। প্র-জলপানের নিমন্ত্রণ। ~পান কঁরা-জলযোগ করা; জল খাওয়া; আহার করা। "হাল ছাড়ি হালুয়া যবে করে জলপান। -শিং। ~পানি [জল-পান-ই] বি, শিক্ষনবীশের শিক্ষাকালের বৃত্তি; ছাত্রের পুরস্কারস্বরূপ বৃত্তি; ছাত্র-বৃত্তি scholarship ~পারাবঁত [জলের পারাবত (কপোত), ৬ তৎ] বি, পানকৌড়ি; জলকাক। ~পিঁপিঁ-বি, কুলেচরবর্গের পক্ষীবিঃ (ইহারা পিঁপিঁ শব্দ করে বলিয়া এই নাম)। ~পিপাসা [জল (জলের) পিপাসা, ৬ তৎ] বি, জলপান করিবার ইচ্ছা; জলতৃষ্ণা। "নদীর কূলে বসত ক'রে জল পিপাসায় মর কেন"-বাউলের গান। ~পী(পীঁ)ড়ি [জল ও পীড়ি (আসন), দ্বন্দ্ব] বি, জল ও আসন। ২ জলের কলসী রাখিবার কাষ্ঠনির্ম্মিত আধার (বরিশালে চং। ~পুর [জল+পুর (সমূহ), ৬ তৎ] বি, জলরাশি। ~পুষ্প [জলের পুষ্প, ৬ তৎ বা, জল (জাত) পুষ্প, মংপংলো] বি, জলজ পুষ্প। ~পৃষ্ঠজা [জলের পৃষ্ঠে (উপরি-ভাগে) জা (যে জন্মে=জন্+অ (র্ত্তৃ, ন্ লোপ) +আ, স্ত্রীং-উপং] বি, শেওলা। ~প্রঁণালী (-লঁ-) [জলের প্রণালী (পথ)-৬ তৎ] বি, জলনালী দ্রঃ। ~প্রঁদান [জলের প্রদান, -৬ তৎ] বি, মৃত ব্যক্তির উদ্দেশে জলদান: প্রেততর্পণ। ~প্রঁপা (-লঁ-) [জলের প্রপা (পানশালা)-৬ তৎ] বি, পানীয়শালা; দানগৃহ; জলছত্র। ~প্রঁপাত (-লঁ-) [জলের প্রপাত (পতন)-৬ তৎ] বি, জল-পতন। ২ [জলের প্রপাত (পতন) হয় যা হ'তে,-বহুং] বি, পর্ব্বতের উচ্চস্থান হ'তে বহুদূরব্যাপী জলরাশির নিরন্তর পতন waterfall. ~প্রঁবাহ (-লঁ-) [জল-প্রবাহ-৬ তৎ] বি, জলের স্রোত। ~প্রায় (-লঁ-) বি, জলময়স্থান। ~প্রিয়ঁ (-লঁ-) [জল প্রিয় যার, বহুং] বি, জলজীব। ২ চাতক পক্ষী। ৩ বিণ, যে জল ভালবাসে। ~প্রেত [৬ তৎ] বি, জলের ভূত; যে জলে মরিয়া ভূতযোনি প্রাপ্ত হয়। ~প্লঁব (-লঁ-) [জল-প্লু (গমন করা)+অ (র্ত্তৃ, জ্ঞাং)-জলের মধ্যে যে গমন করে] বি, জলমার্জ্জার; উদ্বিড়াল। ~প্লাবঁন (-লঁ-) [জল দ্বারা প্লাবন (ব্যাপ্তি)-৩ তৎ] বি, বন্যা। ~প্লাবিঁত (-লঁ-) [জল দ্বারা প্লাবিত (মগ্ন)-৩ তৎ] বিণ, জলাবৃত; জলমগ্ন; জলে আচ্ছন্ন। ~বঁন্ধ [জলের বন্ধ-৬ তৎ] বি, বাঁধ। জং বঁন্ধক [জলের বন্ধক-৬ তৎ] বি, জল-প্রবাহ-রোধক; বাঁধ। ~বঁল্কল [জলের বল্কল (ছাল)-৬ তৎ] বি, জলের পানা। ~বাতাস-জলহাওয়া দ্রঃ। ~বায়ঁস [জলের বায়স (কাক)-৬ তৎ] বি, পানিকৌড়ি। ~বায়ু [ফাং আব (=জল) হবা (=বায়ু) অনুসরণে] বি, শীত-গ্রীষ্ম-বর্ষাদি ঋতু মধ্যে প্রাকৃতিক স্থিতি; আবহাওয়া climate. ~বাহঁ [জলের বাহ, জল-বহ্ (বহন করা)+অ (র্ত্তৃ, জ্ঞাং)-যে জল বহন করে-৬ তৎ] বি, বারিবাহ; মেঘ। ২ বিণ, বারিবাহক; জলবাহনকারী। ~বাহক [জল-বহ্ (বহন করা)+অক (র্ত্তৃ)] বিণ, জলভারবাহী। ~বিছাটি, -বিছাতি, -বিছুটি [জলযুক্ত বিছাটি] বি,

প্রহারার্থ জলে ভিজান বিছুটি গাছ (ক্ষুদ্র গুল্ম-বিঃ) যা গায়ে লাগিলে অতিশয় জ্বালা করে ও চুলকায়। ~বিজ্ঞান [জল (বিষয়ক) বিজ্ঞান (বিশেষ জ্ঞান হয় যদ্দ্বারা, বহু॰] বি, জলবিষয়ক বিদ্যা। ~বিম্ব (-লঁ-) [জলের বিম্ব-৬তৎ] বি, জলের বুদ্বুদ। ~বিড়াল [জলের বিড়াল-৬তৎ] বি, জলমার্জ্জার ; ভোঁদড়। ~বিষুব (জল প্রধান বিষুব (সংক্রান্তি)-ম॰ প॰ লো॰] বি, কার্ত্তিক মাসের সংক্রান্তি। ~বিহার [জলেতে বা জল দ্বারা বিহার (ক্রীড়া), ৭ বা ৩তৎ] বি, জল-ক্রীড়া। ~বুদ্বুদ [জলের-বুদ্বুদ (বিম্ব)-৬তৎ] বি, জলবিম্ব। ~ব্যাল (-লঁ-) বি, ঢোঁড়াসাপ ; জলঢোঁড়া। ~ভঁরণে-জলপূর্ণ করিবার জন্য ; জল তুলিতে ; জল আনিতে। "যাতিহুঁ জল ভরণে"-বৈষ্ণব কবির গান। ~ভঁস্‌কা-বেলে মাটী বা বালী জলযুক্ত হ'লে যেরূপ ভস্‌ভস্ করিয়া নাবিয়া যায় ও জল উঠিয়া পড়ে তদ্রূপ যা চাপ দিলে টোল খায় ও জল বাহির হইয়া পড়ে। জ॰ ভাঙ্গা১-জল নির্গত হওয়া। ২ জল উত্তীর্ণ হওয়া ; জল কাটিয়া পার হওয়া. জলপূর্ণ স্থান দিয়া হাঁটিয়া যাওয়া। ৩ জল খসা (দ্রঃ)। জ॰ ভাঙ্গা২, -ভাঙা [cf. breaking of waters--"effusion of the fluid from the womb which precedes the exclusion of the foetus, is popularly denoted by the expression, 'the waters have broken"--The New English Dictionary--Murray.] ক্রি, পানমুচি ভাঙ্গা (দ্রঃ) ; প্রসবের পূর্ব্বে জল নির্গত হওয়া। ~ভীতি [জলত্রাস দ্রঃ] বি, যে রোগে জল দেখিলে ভয় হয় ; জলাতঙ্ক hydrophobia. ~ভূত -জলপ্রেত দ্রঃ। ~ভূমি [জলমগ্ন ভূমি-ম॰ প॰ লো॰] বি, জলাভূমি। ~ভৃৎ [জল-ভৃ (ধারণে) + ক্বিপ্ (র্ত্তৃ), ৎ আগম] বি, মেঘ। ~মক্ষিকা [৬তৎ] বি, জলের পোকা। ~মঁগ্ন [জলে-মগ্ন, ৭তৎ] বিণ, জলে নিমজ্জিত ; যে জলে ডুবিয়াছে। জলপ্রবিষ্ট। ~মঁজ্জন (-লঁ-) [৭তৎ] বি, জলে ডোবা। ~ময় (-লঁ-) [জল + ময় (প্রাচুর্য্যার্থে)] বিণ, জলপূর্ণ ; জলপ্লাবিত। জ॰ মঁরা-ক্রি, উত্তাপে বাষ্পাকারে উড়িয়া বা উঠিয়া অদৃশ্য হওয়া বা কমিয়া যাওয়া। ~মঁসি [জল মিশ্রিত মসি (কালী)র মত বর্ণ বলিয়া (ম॰ প॰ লো॰)] বি, মেঘ। জ॰ মারা-জল গালা দ্রঃ। ~মার্গ [জলের মার্গ (পথ)-৬তৎ] বি, পয়ঃপ্রণালী : জল বাহির হইবার নালা। ২ জলপথ। ~মার্জ্জার [জলবিড়াল, জলনকুল দ্রঃ। জলের মার্জ্জার, ৬তৎ] বি, ধেড়ে ; উদ্বিড়াল। ~মুক্ (-লঁ-) [জল + মুক্ = মুচ্ (ত্যাগে) + ক্বিপ্ (র্ত্তৃ)-যে জল ত্যাগ করে] বি, জলবর্ষী মেঘ। ~মুরগী-জল-কুক্কুট দ্রঃ। ~মুহরী, মুহান [গ্রা॰] বি, জল-নির্গমনের মুখ। ~মূর্ত্তি [জলের মূর্ত্তি, ৬তৎ] বি, জলের আকার। ২ [জল মূর্ত্তি যাঁর, বহু॰। শিবের অষ্টমূর্ত্তির অন্যতম] বি, শিব। ~মোঁরগ-জলকুক্কুট দ্রঃ। ~ম্যঁয় (-লঁ-) [সং-জলময় > । গ্রা॰] বি, জলময় ; জলপ্লাবিত। ~যন্ত্র (-লঁ) [জলের যন্ত্র (কল)-৬তৎ] বি, জল তুলিবার কল ; ধারাযন্ত্র ; ফোয়ারা। ২ কালজ্ঞাপক ঘটিযন্ত্রবিঃ· জলঘড়ি। ৩ পিচকারী। "আর যত গ্রামের সম্বন্ধে তারা ভাই। জলযন্ত্র লইয়া সবে আইল ধায়া ধাই॥"-কবিক॰। ~যঁন্ত্রগৃহ, -যঁন্ত্র-মন্দির-গ্রীষ্মকালে বাসার্থ জলের ফোয়ারা-যুক্ত গৃহ। ২ জলটুঙ্গি। ~যাত্রা [জলের নিমিত্ত যাত্রা (গমন)-৪তৎ] বি, জল আনিবার জন্য গমন। ~যান [জলেতে যান (গমন-সাধন)-৭তৎ] বি, জলে গমন-সাধন ; নৌকাদি। ~যোগ (-লঁ-) বি, জলের সহিত সামান্য খাবার খাওয়া। ~রঁঙ্ক, রঁঙ্ক (-লঁ-) বি, কঙ্ক পক্ষী ; বকের মত মৎস্য-জীবী পক্ষীবিঃ। ~রঁণ্ড (-লঁ-) বি, সর্প। ২ জলাবর্ত্ত। ৩ জলকণা। ~রঁস [জলে রস (আস্বাদ) যার, বহু॰] বি, লবণ। ~রুহ [জলেতে রুহ (উৎপন্ন), ৭তৎ] বি, পদ্ম। ২ বিণ, জলজ। > স্ত্রীং ~া। ~শায়ী [মূ॰ জলশায়িন্ (শী + ইন্) (র্ত্তৃ), যে শয়ন করে] বি, বিষ্ণু। ২ বিণ, জলস্থিত। > স্ত্রীং ~শায়িনী। ~শুক্তি [৬তৎ] বি, শম্বুক। ~শূক [৬তৎ] বি, শেওলা। ~শূকর [৬তৎ] বি, কুম্ভীর। ~শৌচ [গ্রা॰ জলছোঁচ] ক্রি, মলত্যাগের পর জল দ্বারা মলদ্বার প্রক্ষালন। জ॰ সঁওয়া-জল সহা দ্রঃ। ~সঁত্র [গ্রা॰ জলছ(চ্ছ)ত্র। জলের -সত্র (দানরূপ যজ্ঞ)-৬তৎ] বি, জলপ্রপা দ্রঃ। জ॰ সঁরা-ক্রি, জল ব্যবহার করা। ২ জল নির্গত হওয়া। ~সর্পিণী [৬তৎ] বি, জোঁক। জ॰ সঁহা, -সাধা [জলসওয়া দ্রঃ। গ্রা॰ জল সওয়া] ক্রি, পূজা-বিবাহাদি কর্ম্মে প্রতিবেশীর গৃহ হতে জল সংগ্রহরূপ মঙ্গলাচার করা। ~সাৎ [জল + সাৎ (পরিণত, অর্পিত, দেয়, অধীন অর্থে চসাৎ -সাতিচ্ প্রত্যয় >)] অ, জলমধ্যস্থ ; জলগর্ভে ; জলসই ; জলে পরিণত। তুল-ধূলিসাৎ। ~সার-বি, সর্পদষ্টকে প্রচুর জল-ধারার ব্যবস্থা। ~সিক্ত [জল দ্বারা সিক্ত, ৩তৎ] বিণ, জলার্দ্র। ~সূচি-বি, মৎস্যবিঃ। ২ জোঁক। ৩ শুশুক। ৪ পানিফল। ~সেক [জল দ্বারা সেক, ৬তৎ] বি, জলসিঞ্চন ; জলআছড়া। গরম জলে ফ্লানেলাদি কাপড় ভিজাইয়া তাহার।স্বেদ বা উত্তাপ দান fomentation. ~সেঁচন [জল-সেচন, ৬তৎ] বি, জলসেক দ্রঃ। ~স্তম্ভ (-লঁ-) [জল-স্তম্ভ, ৬তৎ] বি, জলের স্তম্ভ ; নদী ও সমুদ্র গর্ভ হ'তে স্তম্ভাকারে উৎক্ষিপ্ত বা আকাশ হ'তে জলগর্ভে পতিত জলরাশি। ~স্রোত (-লঁ-) [জলের স্রোত, ৬তৎ] বি, জলপ্রবাহ। ~স্থল [জল ও স্থল, দ্বন্দ্ব] বি, জল ও ভূমি। ~স্থলময় [জল + স্থল + ময়] বিণ, জল ও স্থলযুক্ত। জ॰ হঁওয়া -ক্রি, বৃষ্টি হওয়া বা পড়া। ~হঁরণ [জলের হরণ (আহরণ), ৬তৎ] বি, জলবাহন। ~হরি [জলাধার > জলধরী > , ধ=হ] বি, পুষ্করিণী ; সরোবর। "খিড়কি উত্তরভাগে জলহরি তার আগে প্রতিবাড়ী কূপের সঞ্চয়।" -কবিক॰। ~হস্তী (-লঁ-) [জলের হস্তী-৬তৎ] বি, হস্তিতুল্য কিন্তু তদপেক্ষা ক্ষুদ্রাকার জলজন্তুবিঃ the tapir. ~হাওয়া-বি, জলবায়ু। ~হাঁরক [জল-হৃ (হরণে) + অক (র্ত্তৃ)] বিণ, জলবাহক ; জলের ভারি। ~হারা [হিং-হারা (বালা)] বি, বিণ, জলবাহক। ২ [জ॰ দ্বারা হারা ৩তৎ] জলশূন্য। ৩ [হার + আ

(যুক্তার্থে)। তুল-('রত্নহারা'-মেঘ৹)] বিণ, জলবিন্দুর হার পরিহিত ; জলবিন্দুর মাল্যে শোভিত। "মাতার কণ্ঠে শেফালি মাল্য গন্ধে ভরিছে অবনী। জলহারা মেঘ আঁচলে খচিত, শুভ্র যেন সে নবনী॥"-রবী৹। ~হাস [জলের হাস (হাস), আলং, ৬ তৎ] বি, ফেন। জলে ফেলা-অপাত্রে দান করা। জলে যাওয়া-জল আনিতে যাওয়া। ২ কোন কার্য্যে বৃথা ব্যয় হইয়া যাওয়া। জলের মত- সহজে ; অবলীলাক্রমে ; অক্লেশে ; কোনরূপ বাধা না পাইয়া। "যে ধাতুতে কুঠার পড়লে ঠিক কাটবে কুঠার জলের মতো"-অবনি ঠা৹। ডুবে ডুবে জল খাওয়া-ডুবিয়া জল পান করার মত অন্যের অজ্ঞাতসারে কার্য্য করা। সাত ঘাটের জল খাওয়ানি-ক্রমাগত স্থানান্তরিত বা উদ্বাস্ত করিয়া নাকাল করা ; নাকে দম করা ; ঘুরাইয়া ঘুরাইয়া প্রাণান্ত পরিচ্ছেদ করা।

জলই-জলুই দ্রঃ।

জল্‌জল্, জল্‌জিলে-জলজল দ্রঃ।

জলজিহ্ব [জল (শীতল) জিহ্বা যার-বহু৹] বি, কুম্ভীর।

জলদ [জল-দা (দান করা)+অ (র্তৃ), আ লোপ, উপ৹] বি, যে জল দান করে ; মেঘ ; নীরদ ; বারিদ। "জলদপ্রতিম কণ্ঠে বুদ্ধ উত্তরিলা 'হয়েছি সমৃদ্ধ আমি একক'।"-অমিতাভ। ২ মুস্তক। ৩ বিণ, জলদাতা, জলদানকারী। ~কাল [জলদের কাল-৬ তৎ] বি, যে সময় মেঘ সঞ্চয় হয়, বর্ষাকাল। ~ক্ষয় (-দ-) [জলদের ক্ষয় হয় যে কালে-বহু৹] বি, শরৎকাল। ~জাল [জলদের জাল (সমূহ)-৬ তৎ] বি, মেঘসমূহ। ~মালা [৬ তৎ] বি, মেঘশ্রেণী।

জলদাঁড়া [গ্রা৹ 'জলডাঁড়া' ও৹] বি, জলঢোঁড়া সাপ।

জলদাগম [জলদ (মেঘের)+আগম যাতে-৭ তৎ] বি, যে-কালে মেঘে আকাশ আচ্ছন্ন থাকে ; বর্ষাকাল।

জলদী [হি৹-জলদ্] ক্রি, বিণ, শীঘ্র।

জলদোদয় [জলদের উদয় (আবির্ভাব) -৬ তৎ] বি, মেঘের উদয়। ২ [জ৹ হয় যাতে (যে কালে)-৭ তৎ] বর্ষাকাল।

জলধর [জল-ধৃ (ধারণ করা) +অ (র্তৃ)-যে জল ধারণ করে, উপ৹] বি, ধারাধর ; বারিদ ; মেঘ। ২ সমুদ্র। ৩ বিণ, জলধারক ; জলধাবী। ~মালা [জলধরের (মেঘের) মালা (শ্রেণী)-৬ তৎ] বি, মেঘপুঞ্জ ; মেঘশ্রেণী। ২ সংস্কৃত ছন্দোবিঃ।

জলধি [জল-ধা (ধারণ করা)+ই (ধি) -যাতে জল ধারণ করে, উপ৹] বি, জলনিধি ; সমুদ্র। ২ সাগর পরিমিত রাশি ; শত লক্ষ-কোটী সংখ্যা। ~গা (-ল-) [জলধি (সমুদ্র) গ+ আ (স্ত্রীং)] বি, সমুদ্রগামিনী নদী। ~জ (-ল-) [জলধি +জ (জাত), যে জলধি হ'তে জন্মে-উপ৹] বি, সমুদ্রোদ্ভব। ২ চন্দ্র। > স্ত্রীং ~া (-ল-) বি, লক্ষ্মী (সমুদ্র মন্থনকালে ইনি সমুদ্র হ'তে উৎপন্ন হন)। ~সুতা (-ল-) বি, লক্ষ্মী। "দক্ষিণে জলধিসুতা বামে সরস্বতী"-কবিক৹।

জলন্ধর, [জল-ধৃ (ধারণ করা)+ অ (র্তৃ), ম্ আগম, ম্=ন্, যে জল ধারণ করে, উপ৹] বি, অসুরবিঃ। ২ পর্ব্বত। ৩ তীর্থবিঃ।

জলা [জল+আ (বিশিষ্টার্থে)] বিণ, যে নিম্নভূমি প্রায় জলময় থাকে ; কচ্ছ ; বিল swamp. ২ বিণ, জলময়। জলাভূমি -বি, জল ও পঙ্কময় নিম্নভূমি marshy land. "এমন এমন জলাভূমির উপর দিয়া আমাকে গমনাগমন করিতে হইয়াছে, যে সকল জলাভূমিতে এমন কোন কঠিন স্থান নাই, যাহা একটী শিশুরও ভাব বহন করিতে সক্ষম।"-প্রবাসী, ১৩৩৩।

জলাকা-জলৌকা দ্রঃ।

জলাঞ্জলি [জলের অঞ্জলি (আঁজলা), ৬তৎ] বি, জলগণ্ডূষ ; অঞ্জলি প্রমাণ জল। ২ মৃতের তৃপ্ত্যর্থে চিতায় জলদান। ৩ তর্পণ। ৪ সম্বন্ধত্যাগ। ৫ [জলাঞ্জলি দিয়া মৃতের সহিত সকল সম্বন্ধ ত্যাগের ভাব হ'তে] ত্যাগ। ৬ বিদায়। "প্রেমাধীনা নারীকুল ডরে কিহে দিতে জলাঞ্জলি, মঞ্জুকেশি!"-বীরাঙ্গনা কাব্য। ৭ নষ্ট ; অপব্যয়।

জলাতঙ্ক-বি, কুকুরে কামড়াইলে এই রোগ হয় ; যে রোগে জল দেখিলেই আতঙ্ক উপস্থিত হয় hydrophobia "জলাতঙ্কে করে প্রাণে আতঙ্ক সঞ্চার।"-কুসুম।

জলাত্মক [জল+আত্মা যার-বহু৹, ক যোগ] বি, জলস্বরূপ। ২ জলময়। স্ত্রীং জলাত্মিকা।

জলাত্যয় [জলের অত্যয় (নাশ, ৬তৎ) হয় যে কালে, ৭ তৎ] বি, জলনিঃসরণ ; জলাপগম। ২ শরৎকাল।

জলাধার [জলের আধার (আশ্রয়), ৬তৎ] বি, জলাশয়। ২ জলধি ; সাগর। ৩ জলপাত্র।

জলাধিপ, -পতি [জলের অধিপ, অধিপতি, ৬তৎ] বি, বরুণ। ২ সমুদ্র।

জলাবর্ত্ত [জল (তার)+আবর্ত্ত (ঘূর্ণন), ৬তৎ] বি, জলের ঘূর্ণা ; জলভ্রমি ; জলের পাক whirlpool.

জলারাঙ্গি [প্রাদে৹] বি, ধান্যবিঃ। বোর কোঙরভোগ জলারাঙ্গি আর কনকচুর।"-শূ৹ পু৹।

জলার্ক [জলগত যে অর্ক ম৹ প৹ লো] বি, জলসূর্য্য ; জলে প্রতিবিম্বিত সূর্য্য।

জলার্থী [জল+অর্থ (প্রার্থনা করা)+ ইন্ (র্তৃ) মু৹ অর্থিন্ ১মা, ১ব৹] বিণ, যে জল প্রার্থনা করে ; জলাভিলাষী ; তৃষ্ণার্ত্ত ; পিপাসাকুল ; তৃষিত।

জলার্দ্র [জলদ্বারা আর্দ্র (ভিজা), ৩ তৎ] বিণ, জলসিক্ত। স্ত্রীং ~া।

জলালুকা-বি, জোঁক।

জলাশয় [জলের আশয় (আধার), ৬তৎ] বি, যথায় জল থাকে ; জলাধার ; সমুদ্র ; নদী, পুষ্করিণী ইং।

জলাশয়োৎসর্গ [জলাশয় (তার)+ উৎসর্গ, ৬তৎ] বি, দীর্ঘিকা, পুষ্করিণী, কূপ আদির প্রতিষ্ঠা।

জলুই [জলই ও৹। জল+ই (বোধ অর্থে)। নৌ৹] বি, নৌকার তক্তাজুড়িবার দুমুখা সরু ও পাতলা ফলাবৎ প্রেক। ২ গজাল ; বড় প্রেক।

জলুকা, জলুকা-জলৌকা দ্রঃ।

জলুয়া [গ্রা৹-জলো, জোলো। জল+

উয়া (যুক্তার্থে)] বিণ, জলময় ; জলযুক্ত। ২ পাতলা ; তরল।

জ॑লুস [আ-জুলুস্ (সিংহাসনে অভিষেক, জাঁকজমক) > তদুপলক্ষে চতুর্দ্দিকে সাজসজ্জা দীপাদিতে আলোকিত করণের ভাব] বি, জমক। ২ ঔজ্জ্বল্য ; জেল্লা।

জ॑লেচর [জলে যে চরে-উপ॰] বি, জলচর ; জলজন্তু।

জ॑লেন্ধন [জল+ইন্ধন, যার (বহু॰)] বি, বড়বানল submarine fire

জ॑লেবাই [জলে বাহ (গমন) যার -বহু॰] বি, ডুবারি।

জ॑লেশ [জল (জলের)+ঈশ (প্রভু), ৬তৎ] বি, জলধি; সমুদ্র। ২ জলের অধিষ্ঠাতা দেবতা ; বরুণ ; বারীশ। "কি কারণে, কহ লো সজনি, সহসা জ॰ পাণী অস্থির হইলা?"-মেঘ॰।

জ॑লেশয় [জলে শয় (শয়নকারী) উপ॰] বি, বিষ্ণু। ২ মৎস্য। ৩ বিণ, জলস্থিত।

জ॑লেশ্বর [জল (তার) ঈশ্বর (প্রভু), +৬তৎ] বি, জলাধিপতি বরুণ। ২ সমুদ্র। ৩ শিব। স্ত্রীং ~ী-বরুণপত্নী ; বরুণানী। "অনুমতি দেহ, জলেশ্বরী, তরঙ্গিণী বিমল-সলিলা আছে যত ভবতলে কিঙ্করী তোমারি" -মেঘ॰। ৪ উড়িষ্যার অন্তর্গত একটী প্রাচীন সহর।

জ॑লো [জল+উয়া > জলুয়া > ক্ষে॰] বিণ, জলমিশ্রিত ; জলবৎ তরল।

জ॑লোকা [জল+ওক (আশ্রয় স্থান) যার, বহু॰] বি, জলৌকা দ্রঃ।

জ॑লোচ্ছ্বাস [জল (জলের)+উচ্ছ্বাস, ৬তৎ] বি, জলের স্ফীতি ; জোয়ার।

জ॑লোদর (ী) [জল+ উদর, -রী। উদরে যা হ'তে জল হয়, বহু॰] বি, উদরী রোগ ascites dropsy.

জ॑লোদগম [জল (জলের)+উদ্গম, ৬তৎ] বি, জল উঠা।

জ॑লোদ্ভব [জল (হ'তে)+উদ্ভব, যার (বহু॰)] বি, অগ্নি। "ঘৃত পাইলে যেইমত জলে জলোদ্ভব।"-মহা॰ (কাশী)। ২ জলসম্ভব ; জলোৎপন্ন। স্ত্রীং ~া।

জ॑লোরগী [জল (জলের) + উরগী, ৬তৎ] বি, জোঁক।

জ॑লৌকা [জল ওকস্ (বাসস্থান) যার, বহু॰] বি, জোঁক। "কি দিব কচ্ছপ তুলা শশা হেন মশা গুলা জ॰ কুম্ভীর শুণ্ডাকার।" -কবিক॰।

জ॑লৌষধি [জল (জাত) + ওষধি, ম॰ প॰ লো] বি, ব্রাহ্মীশাক ই॰।

জ॑ল্‌দি,-দী [ফা॰-জলদ্] অ, শীঘ্র।

জ॑ল্প, জল্পন [জল্প্ (জল্পনা করা)+অ, অন (ভা॰)] বি, জল্পনা দ্রঃ।

জ॑ল্পক [জল্প+অক (কর্তৃ)] বিণ, জল্পনাকারী ; প্রগল্‌ভ ; বাচাল।

জ॑ল্পনা [জল্প্ (বৃথা বাক্যব্যয় করা)+অন (ভা॰)। 'জল্প', 'জল্পন' ও॰] বি, প্রগল্‌ভতা ; বৃথাবাক্যব্যয় ; বাচালতা। ২ প্রস্তাবনা। ৩ বৃথা তর্ক। "শাস্ত্র দ্বারা ধর্ম্মাধর্ম্মের মীমাংসা হইবে এ কথায় লোকের আর মন বুঝে না, কাজেই কিসের দ্বারা হইবে, এই প্রশ্নেরই জ॰ হইতে লাগিল।" -সনাতনী।

জ॑ল্পিত [জল্প্+ত (র্ম্ম)] বিণ, যে বিষয়ে জল্পনা করা হইয়াছে। ২ উক্ত ; কথিত ; ভাষিত। ৩ প্রস্তাবিত।

জ॑ল্লাদ [ফা-জল্লাদ্] বি, ঘাতক ; রাজদণ্ডে দণ্ডিত অপরাধীর শিরশ্ছেদনকারী। ২ নির্দ্দয় ; নিষ্ঠুর।

জশম, জসম [হিং] বি, বাহুভূষণবিঃ।

জ॑সদ [রাসাঃ পরিঃ। সং-যশদ] বি, রসক ; রাজত ; ত্রোটক ; রঙ্গাভ zinc.

জ॑স্তা [গ্রা॰-দস্তা] বি, জসদ (দ্রঃ)।

জ॑হৎ [হা (ত্যাগ করা)+অৎ (শতৃ, কর্তৃ)] বিণ, যে ত্যাগ করে। ~স্বার্থা [জহৎ+স্বার্থ+আ (স্ত্রীং)-ত্যাগ করা হয় স্বার্থ যৎ কর্ত্তৃক, বহু॰] বি, স্বার্থত্যাগ করিয়া অন্যার্থ গ্রহণকারী লক্ষণা বা লক্ষণ-লক্ষণা।

জ॑হর [ফা-জহর্। চট্ট॰-প্রাদে॰জথর] বি, বিষ ; গরল। ২ জ্যোতির্ম্ময় প্রস্তরবিঃ।

জ॑হরৎ [ফা-গওহর্ > আ-জওহর্ > বহুব॰ জওহরাত্] বি, মণিরত্নাদি ; বহুমূল্য প্রস্তরসমূহ jewels.

জ॑হরব্রত [ঐতিহাসিক] বি, রাজপুত রমণীদিগের সতীত্ব রক্ষার্থে অগ্নিকুণ্ড করিয়া তা'তে আত্মসমর্পণরূপ ব্রত।

জহরী-জহুরি দ্রঃ।

জহান [ফা] বি, পৃথিবী।

জহুরি,-রী [ফা-জওহরি] বি, যে জহরতের কারবার করে ; যে জহরতের দোষ-গুণ ও মূল্যাদি নিরূপণ করিতে পারে। "লাল নীল মণি যেন জহরি দোকানে"-অশোক॰।

জহ্নু-বি, সুহোত্রের পুত্র রাজর্ষি জহ্নু। ২ বিষ্ণু। ~কন্যা [জহ্নু মুনির কন্যা-৬তৎ। ভগীরথ আনীত গঙ্গাপ্রবাহে তপোবন প্লাবিত হ'লে রাজর্ষি জহ্নু গঙ্গাকে পান করিয়া ফেলেন। পরে ভগীরথ স্তবে তুষ্ট করিলে মুনি তাঁর জানুদেশ বিদারণ করিয়া গঙ্গাকে বাহির করেন। তদবধি গঙ্গা তাঁর কন্যাপদবাচ্যা-পু॰] বি, জাহ্নবী; গঙ্গা। ~তনয়া-জহ্নু কন্যা দ্রঃ। ~সপ্তমী বি, বৈশাখী শুক্লাসপ্তমী ; যে দিবস জহ্নু মুনি গঙ্গাকে পান করিয়াছিলেন। ~সুতা-বি, জহ্নু কন্যা দ্রঃ।

জা১ [সং-জ=জা=জাত। তুল-ফা-জা= জাদা (জাত born, পুত্র) > বাং-য় জা=পুত্র] বি, সন্তান ; নন্দন ; পুত্র। "দত্তজা (বাড়ির কর্ত্তা) সে মধ্যাহ্নকালে"-অশোক॰।

জা২ [সং-যাতৃ] যা দ্রঃ।

জা৩ [গমনার্থক যা দ্রঃ। "যোজন শত জাঅ"-শূ॰ পু॰। বাং-প্রাকৃ॰ > প্রা-বাং যা স্থলে জা]। ~অ-ক্রি, যায় ; গমন করে। "ছুটিল পরম হংস যোজন শত জাঅ।"-শূ॰ পু॰। ~এঞা, ~ইএঞা [প্রা-বাং] অস-ক্রি, যাইয়া। "গৃহেকে জাইঞা পালকে পড়িয়া শয়ন করিল তায়"-শ্রী॰কী॰।

জাই [সং-জাতি >,ওড়ি-জাই, প্রা॰ হিং-জাহী।প্রা-বাং] বি,জাতিপুষ্প ; চামেলী jasmine ; jasminum grandiflora. "জাই জুই তুলেত পুজিবাক নিরঞ্জন ; নানা পুষ্প তুলে বড় করিঞা লিখন।"-শূ॰ পু॰।

জাইগীর-জায়গীর দ্রঃ। ~দার-জায়গীরদার দ্রঃ।

জাইদাদ-জায়দাদ দ্রঃ।

জাউ [সং-যবাগু >] বি, মণ্ড ; মাড়।

"চারি হাঁড়ী মহাবীর খায় খুদ জাউ। ছয় হাঁড়ি মসুরসূপ মিশাইয়া লাউ।"-কবিক০।

জাওনা১ [সং-জ(য)বস্ (ঘাস) > জাব+না (অনাদরে)=জাবনা >। ব=ও। গ্রা০] বি, যাব; জাব্‌না।

জাওনা২ [যাওয়া (দ্রঃ। প্রা-বাং য=জ) > যাঅন, যাওন+আ (গমন সাধন)। > জলনির্গমনসাধন অর্থে বা জল নালা > ক্ষে০] বি, যা দিয়া জল যায়; নালা; জলনালী।

জাওয়ানি [জীবন > জীবা > জীবান > হিং-জীউ, জীউআনা। জাওয়াই, জাওয়াও (জাওয়ান, জাওয়া), জাওয়ায় (জাওয়ান); জাওয়াইতে (ক্ষে০ জাওয়াতে); জাওয়াইয়া (ক্ষে০ জাইয়ে)] ক্রি, জীবন দেওয়া; প্রাণ দেওয়া; বাঁচান। ২ বাঁচাইয়া রাখা; জীবিত রাখা। প্র-গামলা বা কলসীর জলে মাছ জাওয়ান। ৩ মজুত রাখা; প্রয়োজনের সময় ব্যবহার করিবার জন্য তুলিয়া রাখা।

জাওয়ালি,-লী [প্রাদে০ ২৪ পরগণাদি] বি, গোখুরা সাপের ছানা বা বাচ্ছা, শোলুই।

জাওর [জাবরও বলে। জীর্ণার্থক জৄ >] বি, গিলিত বস্তু উদ্গার করিয়া পুনঃ চর্ব্বণ; গিলিতচর্ব্বণ। জা০ **কাটা**-গো-জাতীয় জন্তু কর্ত্তৃক গিলিত খাদ্য চর্ব্বণ করা; রোমন্থন করা; চর্ব্বিত চর্ব্বণ করা। ২ [লক্ষণায়] একই বিষয়ের পুনঃপুনঃ উত্থাপন বা আলোচনা করা।

জাওলা [জীব-জীউ + বালা (ওয়ালা > ওলা)-জল হ'তে তুলিলে যে মাছ শীঘ্র মরে না; তুল-হিং-জানদার] বি, শোল, শাল, কৈ, সিঙ্গী, মাগুর ই০ যে সকল মাছ জাওয়ান (দ্রঃ) থাকে; যে মাছ গৃহে কলসাদি জলপাত্রে অর্থাৎ তোলা জলে বাঁচাইয়া রাখা যায়। ২ জাওলা মাছ ধরা যন্ত্রবিঃ; জাওলা ধরিবার যন্ত্র দণ্ড ও টোপ-গাঁথা সূতা (ডোবা পুষ্করিণী ই০ জলাশয়ের ধারে ঐ ছিপ পুঁতিয়া টোপ জলের স্বল্প নিম্নে ডুবাইয়া রাখিয়া দেওয়া হয়)।

জাং [জঙ্ঘা (দ্রঃ) >] বি, জঙ্ঘা; উরু।

জাঁআল [চ০ক০ ভা০। জাঙ্গাল >] বি, রাস্তা; জাঙ্গাল।

জাঁওয়াতি [সং-জন্মপত্রিকা, জন্মপাতি] বি, জন্মপত্রিকা। "দীপিকা ভাস্বতি ধরে শাস্ত্র বিচার করে বালকের লেখে জাঁওয়াতি।"-কবিক০।

জাঁক [প্রাদে০। জমক দ্রঃ] বি, সমারোহ; আড়ম্বর। ২ স্পর্দ্ধা; দম্ভ। "কোথা যায় নাট গীত কোথা যায় জাঁক"-চৈ০ ভা০। ৩ চাপ। জাঁ০ **করা, -দেখানি**-গর্ব্ব প্রকাশ করা। **~জমক** [জাঁক দ্রঃ] বি, ঘটা; আড়ম্বর; সমারোহ। "জাঁকজমকে কল্লে পূজা অহঙ্কার হয় মনে মনে"-রা০ প্র০। "হকসাহেবের সখের বাঙ্গার ক্যায়্‌সা জমক-জাঁক"-অমৃত বসু।

জাঁকড় [হিং-জাকড়্] বি, পরীক্ষার্থ গৃহীত পণ্যের ক্রয় বা ফেরত উভয় সম্ভাবনা; পণ্য পরীক্ষার্থ গ্রহণকালে মূল্য জমা রাখা ও পণ্য ফেরত হ'লে মূল্য ফেরতের অঙ্গীকার; ফিরাইয়া লইবার সর্ত্ত। **~ী**-বিণ, জাঁকড়ে রাখা বা আনা হইয়াছে এমন। **~বহি**-যে বহিতে জাঁকড়ে জিনিষ দিবার হিসাব থাকে। ২ পাকা হিসাবের খাতা।

জাঁক/ড়ানি-ক্রি, জাঁকা দ্রঃ। **~ড়িয়া** [পদ্যে জাঁকড়ি, গ্রা০ জাঁকড়ে] অস-ক্রি, জাঁকড়িয়া ধরিয়া; জোরে আঁটিয়া ধরিয়া।

জাঁকড়ী-জাঁকড় দ্রঃ।

জাঁকা [জমক দ্রঃ। হিং-জকড়্‌না। জাঁকি, জাঁক, জাঁকে; জাঁকিতে; জাঁকিয়া (ক্ষে০ জেঁকে)। ণিজন্ত-জাঁকান] ক্রি, জম্‌কিয়া বসা; চাপিয়া বসা; চাপা। "মাংস চুরি করিয়া মাধব ঠেলে শাঁথা। কড়কড় করে কর যত যায় জাঁকা॥"-শি০। ২ আঁটিয়া ধরা; কামড়িয়া ধরা।

জাঁকান১ [জাঁকা দ্রঃ। হিং-জকড়্‌না] বি, চাপ; ভার। "জাঁকানে মরিয়া যাবে যাও বারি (বাহির) হ'য়ে"-শি০।

জাঁকানি২ [জাঁক দ্রঃ। জাকাই; জাঁকাও (জাঁকান্, জাঁকা), জাঁকায় (জাঁকান); জাঁকাইতে (ক্ষে০ জাঁকাতে); জাঁকাইয়া (ক্ষে০ জাঁকিয়ে)] ক্রি, জাঁকজমক করা, সমারোহ করা; জমকাল হওয়া।

জাঁকার [সং-ঝঙ্কার-ঝাঁকার >] বি, ঝঙ্কার। ২ উচ্চ চীৎকার।

জাঁকালি [জাঁক (দ্রঃ) + আল (যুক্তার্থে)] বিণ, জমকাল; আড়ম্বরপূর্ণ।

জাঁকুয়া, জেঁকো [জাঁক (দ্রঃ)+উআ] বিণ, যে জাঁক করে; গর্ব্বকারী। অহঙ্কৃত।

জাঁত [সং-যন্ত্র > জাঁতা (দ্রঃ) >] বি, জাঁতা; ভস্ত্রা। ২। যন্ত্র; কল। ৩ স্বর্ণ-রৌপ্যাদির তার টানা সচ্ছিদ্র লৌহপাত যন্ত্র।

জাঁতা১ [যন্ত্র >। জাঁত দ্রঃ। জাঁতান ও০] বি, পেষণ যন্ত্র। ২ অগ্নি প্রজ্বালনার্থ যন্ত্রবিঃ। "বসিবার বাঘছালে জাঁতা দিউক তেয়্যা। পাবকে ফেলুক প্রেত চিতাঙ্গার বয়্যা"-শি০। "জীঅন্ত মিগীর ছাল ছাড়িআ লইল। বাতাস মণ্ডল জাঁতা ছাইআ লইল॥"-শূ০ পু০।

জাঁতা২ [জাঁত (দ্রঃ)+আ (বাং-ক্রিয়া বিভক্তি), জাঁতি, জাঁত, জাঁতে; জাঁতিতে; জাঁতিয়া। ণিজন্ত-জাঁতান] ক্রি, যন্ত্রে ফেলা; কলে ফেলা; জাঁত যন্ত্রে ফেলিয়া চাপ দেওয়া বা আকর্ষণ করা; যন্ত্র যোগে চাপা; চাপিয়া টানা। "জাঁতিয়া গাঁথিয়া সোণা সাঁড়াশীতে টানে গুণা, নিরূপণ সূতার সঞ্চার"-কবিক০। ২ চাপ দেওয়া।

জাঁতানি১-বি, জাঁতা১ দ্রঃ।

জাঁতানি২ [জাঁতা২ দ্রঃ। বাং নামধাতু] ক্রি, চাপা। জাঁতিছে-চাপ দিতেছে; টিপিয়া দিতেছে। "কেহ কেহ চরণ জাঁতিছে রঙ্গে রঙ্গে"-ভাগবত (মাধবাচার্য্য-খৃ০ ১৬শ শতাব্দী।

জাঁতী [সং-যন্ত্রী] বি, গুপারি কাটিবার যন্ত্র। **~কল**-ইঁদুর ধরিবার কলের প্রকার ভেদ; জাঁতীর মত কল।

জাঁদবাড়ি [জাঁকবাড়ী ও০। নৌ০] বি, নৌকা নির্ম্মাণে তক্তা বাঁকাইবার খাদি বাঁশ।

জাঁদরেল [ইং general এর লিপ্যন্তর] বি, সেনাপতি; সেনার অধিনায়ক; বীর।

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ন্‌জ ঞ্চ=ন্‌চ ন্ট=ন্‌ট হ্ণ=হ্‌ণ হ্ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্‌হ ম্‌হ ল্‌হ হ্ব ব্য, ফ্‌ ব্‌ ভ্‌=zfwv ও চ্চা০ দ্রঃ

"জাঁ০ কালু ঘোষ"। "শাস্তি যে বড বীর ভারি জাঁ০"-আনন্দমঠ। ২ জাঁকাল ; জমকাল। ৩ জবরদস্ত।

জাঁহাপনা, -পানা [জাহাপনা দ্রঃ] বি, পৃথিবীপতি ; সম্রাট্। "মানসিংহ যোড়হাতে অঞ্জলি বান্ধিয়া মাগে কহে জাঁহাপনা সেলামত"-অ০ ম০।

জাঁহাবাজ [ফা০-জাহান-বাজ্] বিণ, ছুনিয়াদার। ২ দুর্দ্দান্ত। ৩ অসমসাহসিক।

জাকি [ব্রজ০-যাক। প্রা০ বাং। আধু০-বাং-যাকে] স, যাহাকে। "আক্ষি জাক জনমাইব তাক দিও ঠাঁই।"-শূ০ পু০।

জাকঁর-জাঁকড দ্রঃ।

জাকাত-জাগাত দ্রঃ।

জাগ [জাগা দ্রঃ] বি, পাক ধরাইবার জন্য উত্তাপ ; ফল পাকাইবার মত উষ্ণতা বা উষ্ণবীর্য্য আবরণ। জা০ দেওয়া-গরমে পাকান ; পাকাইবার জন্য পাতা ই০ দিয়া ফল ঢাকিয়া রাখা।

জাগ-গান [প্রাদে০ উ০ ও পূ০ বঙ্গ ; বিতঃ রাজসাহী, ফরিদপুর, পাবনা] বি, "পৌষ শুক্লপক্ষীয় রজনীতে মুসলমান কৃষক যুবক ও বালকগণ দল বাঁধিয়া প্রত্যেক বাডী যাইয়া 'কুলাই বড,কুলাই বড় আইলাম রে বড বাডী-চাউল পাইমু সের চারি।' ছড়া গাহিয়া চাউল ও পয়সা সংগ্রহ করিত ও তাহা দ্বারা সংক্রান্তি দিনে বনভোজন করিয়া আমোদ করিত। এখন ইহা প্রায় লোপ পাইয়াছে। রাত জাগিয়া গান গাওয়া হইত।"-অনাদিনাথ মুখোপাধ্যায়, প্রবাসী, শ্রাবণ ১৩৩৫। "পাবনা জেলার নানাস্থানে পৌষের, প্রথম হইতে সংক্রান্তি পর্য্যন্ত রাত্রিকালে রাখাল বালকগণ (হিন্দু ও মুসলমান) 'জাগ' গায়।"

জাগঁন [জাগা দ্রঃ] বি, নিদ্রাভঙ্গ। জাগরণ।

জাগন্তি [জাগ্রত >। তুল-ঘুমন্ত ; জীবন্ত] বি, জাগ্রৎ ; জাগরণশীল ; যে জাগিয়া আছে [বিপরীতে-ঘুমন্ত]।

জাগঁর [জাগৃ (জাগিয়া থাকা) + অ (ভা০)] বি, ধর্ম্ম। ২ জাওর ; জাবর the cud. ৩ [প্রাদে০] ঘুম ভাঙ্গাইবার গান। ৪ বিণ, জাগ্রৎ ; জাগন্ত। ~ক্লান্ত-বিণ রাত্রি জাগরণে অবসন্ন। "ধান্যগুলি ওরে পান্থ, রজনী জাগরক্লান্ত"-রবী০।

জাগঁরণ [জাগৃ (জাগিয়া থাকা) + অন (ভা০)] বি, অনিদ্রা ; নিদ্রারাহিত্য। ২ সতর্কতা ; অপ্রমাদ। ৩ কীর্ত্তনের অঙ্গবিঃ। "এতদূরে পালা গীত হইল সমাপন। অতঃপর রজনীতে গাব জাগরণ॥" ৪ ধর্ম্মপূজাদি উৎসব শেষের পূর্ব্বরাত্রি। ~ী-বিণ, জা০ সম্বন্ধীয়। ২ জাগরণ পর্ব্ব, রাত জাগার ব্রত অনুষ্ঠানাদি।

জাগরা [জাগৃ (জাগা) + অ (ভা০)-আ (স্ত্রীং)] বি, জাগরণ। ২ সাবধানতা ; প্রমাদরাহিত্য।

জাগরির্ত [জাগৃ + ত (র্ত্তৃ), ই আগম] বিণ, বিনিদ্র ; যে জাগিয়া আছে ; যে নিদ্রা যায় নাই ; যার নিদ্রা ভঙ্গ হইয়াছে। স্ত্রীং ~া-নিদ্রোত্থিতা।

জাগঁরিতা[২] [মূ০ জাগরিতৃ, ১মা ১ব০] বিণ, জাগরণশীল। স্ত্রীং জাগঁরিত্রী।

জাগরী [মূ০-জাগরিন্ ১মা, ১ব০] বিণ, নিদ্রাশূন্য। স্ত্রীং ~রিণী।

জাগরূক [জাগৃ + উক (র্ত্তৃ)] বিণ, জাগ্রৎ ; জাগরণশীল। ২ সাবধান, অপ্রমত্ত ; সতর্ক, সজাগ।

জাগর্ত্তি [জাগৃ (জাগরণে) + তি (ভা০)] বি, জাগরণ। ২ অবধান।

জাগা [সং-জাগৃ (জাগরণ করা) >। জাগি, জাগ, জাগো (জাগুন্, জাগ্), জাগে (জাগেন), জাগিতে (কো০ জাগতে) ; জাগিয়া (কো০ জেগে, পদ্যে-জাগি)। ণিজন্ত-জাগান] ক্রি, নিদ্রাত্যাগ করা ; নেত্র উন্মীলন করা। "রাতি পোহাইল জাগ শিশুগণ"-গান। ২ মোহ-নিদ্রা ভঙ্গ করা ; তত্ত্বজ্ঞান লাভ করা। "জাগো সকলে এবে অমৃতের অধিকারী। নয়ন খুলিয়া দেখ পাপ তাপহারী॥"-ক্ষ০। ৩ সচেতন হওয়া ; সতর্ক হওয়া। "জাগো জাগাও নগরবাসিগণ"-পাষাণপ্রতিমা। ৪ স্বার্থের প্রতি দৃষ্টিশীল হওয়া ; আত্মহিতে মনোযোগী হওয়া। "অতএব জাগ জাগ গো ভগিনী। হও বীরজায়া বীরপ্রসবিনী॥"-জাতীয় সঙ্গীত। ৫ সর্ব্বদা হৃদয়ে বিরাজ করা ; স্মরণে থাকা। "কালী যার হৃদে জাগে তর্ক তার কোথা লাগে"-রা০ প্র০। ৬ জাগিয়া রাত্রি অতিবাহিত করা ; অনিদ্রায় রাত কাটান।

জাগানি [জাগা দ্রঃ। জাগাই, জাগাও (জাগান, জাগা), জাগে (জাগেন) ; জাগাইতে (কো০ জাগাতে) ; জাগাইয়া (কো০ জাগিয়ে)] ক্রি, নিদ্রা ভঙ্গ করা ; ঘুম ভাঙ্গান। ২ সচেতন বা সতর্ক করা ; ৩ স্মরণ করান। ৪ তন্ত্র সাধন করা ; যাগ করা। "এক ছত্রী গাছ আন হাই আম লাভী। শনি মঙ্গলবারে জাগাবে নিশা রাতি॥"-কবিক০। ৫ জাগ দিয়া ফল পাকান। ৬ জাগাইয়া রাখা ; মজুত রাখা।

জাগাত, জাগাতি ['জাকাত' ও০] বি, যে শুল্ক বা কর আদায় করে।

জাগীর-জায়গীর দ্রঃ।

জাগ্রৎ [জাগৃ + অৎ(র্ত্তৃ)] বিণ, জাগরণশীল। স্ত্রী, জাগ্রতী, -ন্তী। ~স্বপ্ন [জাগ্রৎ অবস্থার স্বপ্ন] বি, অলীক কল্পনা ; আকাশকুসুম।

জাগ্রতি [সং জাগ্রৎ >] বিণ, সজাগ ; জাগরণশীল ; সতর্ক ; সাবধান। ২ বি, জাগিয়া থাকার অবস্থা।

জাগ্রদর্বস্থা [জাগ্রৎ + অবস্থা] বি, নিদ্রাহীন অবস্থা ; জাগিয়া থাকিবার অবস্থা।

জাঘনী [জঘন + অ (ষ্ণ। সমীপার্থে-ঈ)] বি, ঊরুদেশ ; ঊরুৎ। ২ [শারীর-বিজ্ঞা০ পরিঃ] পুচ্ছ।

জাঙ, জাঙ্গ [সং-জঙ্ঘা > হি০-জাঙ্গ্। বাং গ্রা০ জাং] বি, জঙ্ঘা ; জানু হ'তে গোড়ালি পর্য্যন্ত ; ঠ্যাং। ২ [হি০-জাঙ্গ্=ঊরু] ঊরু ; জাঘনী ; জানু।

জাঙ্গড়া [প্রাদে০] বি, সওয়ার ; অশ্বারোহী। "যতেক জাঙ্গড়া জডাইয়া ঘোডা, ঘোডাসনে ভূমে লোটে"-ঘ০। ২ শম্বুক-জাতীয় দীর্ঘাকার জলজ প্রাণীবিঃ।

জাঙ্গল [জঙ্গল + অ (ইদমর্থে)] বি, জলহীন ভূভাগ। ২ কুরুজাঙ্গল ; কুরুদেশের সমীপবর্ত্তী দেশবিঃ। ৩ বিণ, জঙ্গল সম্বন্ধীয়। ৪ বন্য ; বনচর ; অসভ্য ; জঙ্গলা। ৫ আরণ্য ; জঙ্গলময়। স্ত্রীং ~ী-বিষবিষয়ক বিদ্যা। ২ জঙ্গল সম্বন্ধীয়।

জাঙ্গলি, জাঙ্গলিক [জঙ্গল+ই, ইক জ্ঞানার্থে) নিবাসার্থে বা] বি, ব্যালগ্রাহী; সাপুড়ে। ২ বিণ, জঙ্গলবাসী।

জাঙ্গাল, জাঙাল [জঙ্গল>] বি, মাটির বাঁধ; উচ্চ আলি বা আইল। "পশ্চিম দুআরে দানপতি জাঅ। হুনার জাঙ্গালে পথ বাঅ॥"-শূ° পু°। ২ সেতু। "বীরবলে এ জাঙাল ভাঙি, দূর কর অপবাদ"-মেঘ°। রিপু যার দশানন সদা সত্য-পরায়ণ যার কীর্ত্তি সমুদ্রে জাঙ্গাল"-কবিক°। ৩ [প্রা°-বাং] পতিত ভূমি। ৪ পথ। ৫ গড় (শূ° পু°-রমাই পণ্ডিত)।

জাঙ্গিয়া, জাঙিয়া [হি°] বি, জাঙ্গ অর্থাৎ জানুমাত্র ঢাকা পড়ে এরূপ অন্তর্বাস।

জাঙ্গী [সং-চেতকী] বি, ক্ষুদ্রাকৃতি কৃষ্ণবর্ণ হরীতকী।

জাঙ্গুল [জাঙ্গুল+অ (জাতার্থে)] বি, বিষ। স্ত্রীং ~ী-বিষসম্বন্ধীয় বিদ্যা।

জাঙ্গুলিক [জাঙ্গুল (বিষ)+ইক] বি, বিষবৈদ্য; সাপুড়ে।

জাজ্ঘ [সং-জঙ্ঘা। প্রাদে°] বি, জঙ্ঘা; কুঁচকি হইতে হাঁটু পর্য্যন্ত। ২ পদ; চরণ। "হান হান হাঁকারে হাতীর হানে শুঁড়। হানিছে ঘোড়ার জাজ্ঘ মানুষের মুড়।"-ঘ°। বিণ, জাঙ্ঘিক [জঙ্ঘা+ইক (প্রশস্তার্থে)] যারা জঙ্ঘা সহায়ে জীবিকার্জ্জন করে; দ্রুতগামী; পত্রবাহক।

জাচ-বি, যাচ দ্রঃ।

জাচা, জাঁচা [হি°-জাঁচানা] ক্রি, যাচা দ্রঃ।

জাচাই-যাচাই দ্রঃ।

জাজলি-বি, অথর্ব্ববেদবিৎ মুনিবিঃ।

জাজিম [ফা°, হি°-জাজম্] বি, গালিচার উপর বিছাইবার কাজ-করা বা শাদা মোটা বড় চাদর।

জাজ্বল্যমান [যঙন্ত জ্বল্ (অতিশয় দীপ্তি পাওয়া)+আন (র্তৃ), ম-আগম] বিণ, অত্যুজ্জ্বল; দেদীপ্যমান। ২ অতি জ্বলন্ত।

জাট১ [জাঠা দ্রঃ। প্রা°-বাং] বি, কাষ্ঠখণ্ডবিঃ। "আড়া পরিসর জেন মহীধর, চন্দনর মাল জাট।"-শূ° পু°।

জাট২-বি, পাঞ্জাব, রাজপুতানা, সিন্ধু ই° স্থানের হিন্দু জাতিবিঃ; ঐ জাতিরা যদুবংশীয় বলিয়া পরিচয় দেয়।

জাটতুতা, জেটতুতি [গ্রা°। জ্যেষ্ঠতাত+উ (উয়া)-জেঠতাতুয়া-জাটতুতা] বিণ, জ্যেষ্ঠতাতজ। জেঠ দ্রঃ।

জাটি [সং-যষ্টি। প্রা°-বাং] বি, জাটকাষ্ঠ; খুঁটি। "কটিকর থান জাটি করিল রোপণ। অগর চন্দন ফুল নেতর বসন॥"-শূ° পু°। ২ ঘানিগাছের স্তম্ভবৎ কাষ্ঠ।

জাঠ১ [জাট দ্রঃ] বি, জাতিবিঃ।

জাঠ২ [জাঠা দ্রঃ] বি, হুকার নলিচা। ২ ঘানিগাছের হাঁড়ির মধ্যস্থিত কাষ্ঠদণ্ড।

জাঠ৩ [জাত৪ দ্রঃ] বি, মেলা; উৎসব; "মনসার জাঠ"-বঙ্গবাণী। ২ শিখদিগের ধর্ম্মনিয়মবদ্ধ দল। "মীরপুরে ৫০টি লোকের একটি জাঠ * *"-দৈ° বসুমতী, ১৩ কার্ত্তিক, '৩৮। ৩ কাঠের যে ছোট খিল দুই চাকির মধ্যস্থলে ঢুকিয়া চাকি দুইটাকে যুক্ত করে।

জাঠর [জঠর+অ (ভবার্থে)] বি, জঠরগত অগ্নি। ২ কুমারের অনুচর। ৩ বিণ, জঠর সম্বন্ধীয়।

জাঠা১ [সং-যষ্টি>] বি, লৌহযষ্টি; অস্ত্র। "হাতে ছিল জাঠাগাছ এতেক কহিয়া। লক্ষ্মণের প্রতি ছাড়ে হুহুঙ্কার দিয়া॥"-কৃত্তি°।

জাঠা২ -জাঠ৩ দ্রঃ।

জাঠি, -ঠী [সং-যষ্টি>] বি, যষ্টি। ২ রথদণ্ড। ৩ লৌহযষ্টি; অস্ত্র। "রথচূড় পড়িয়াছে আর আর জাঠি"-কৃত্তি°।

জাড় [সং-জাড্য>হি°-জাড়া>] বি, হিম; শীত। "দারুণ দুর্জ্জয় জাড় নাহি রাখে কিছু সাড়। হাড় ভাঙ্গে কাঁপায় শরীর॥" -ঈ° গুপ্ত।

জাড়ি,-ড়ী [জ্বর শব্দের সহচর। জাড়িজাড়া-শীতহেতু কম্প] বি, জ্বরাদি রোগে সর্ব্বাঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণোদ্গম। "একে তোমার ক'ফো নাড়ী, ডুব দিও না বাড়াবাড়ী হলে পরে জ্বর জাড়ি যেতে হবে যমের বাড়ী" -ঈ° গুপ্ত। ২ নানা গাছগাছড়ায় প্রস্তুত জ্বরনাশক ঔষধ। ৩ বড় ঘড়া; জালা। "বাইশ জাড়ী পানি দিনে ভরেন রামাই" -চৈ° চ° (মজুমদার)।

জাড়োয়া [সং জাড্য > জাড় (শীত) + ওয়া (নিবারক ও শীতে ব্যবহার্য্য অর্থে)] বি, গুজ্‌নি দ্রঃ।

জাড্য [জড় (শীতল, সংকুচিত)+য (ভা°)] বি, জড়প্রকৃতি; জড়তা; নির্জ্জীব ভাব। ২ [হি°-জাড়া, গ্রা° হি°-জাড্ডা] শীত; জাড; কম্প। ৩ জড়বুদ্ধি; অজ্ঞতা; মূর্খতা। ৪ দীর্ঘসূত্রতা। ৫ অনৈপুণ্য; অদক্ষতা। ৬ অঙ্গশৈথিল্য; ঘন ঘন জৃম্ভণ ও নিদ্রালসতার ভাব; আলস্য। ৭ [বৈষ্ণব শা°] ইষ্টানিষ্ট শ্রবণ দর্শন ও বিরহাদি জন্য বিচার-শূন্যতা (জাড্যই মোহের পূর্ব্ব ও শেষ অবস্থা। নেত্রের নিমেষশূন্যতা, বিস্মৃতি * * ই° জাড্যের লক্ষণ)।

জাণ [প্রা°-বাং] ক্রি, জানা (দ্রঃ)। জাণ=জান। জাণই,-এ=জানে। জাণউ,-ওঁ=জানি। জাণবোঁ=জানিব। জাণমি=জানিতেছি। জাণসি=জানিতেছ। জানহ=জানিও। জাণা=জানাও। জাণাআঁ=জানাইয়া। জাণাইলোঁ=জানাইলাম। জানাই(য়ি)বোঁ=জানাইব। জাণি=জানি। জানিঅ,-উ=জানে। জাণিএ=জানি। জাণিতোঁ=জানিতাম। জাণিল=জানিল, জানিলাম। জাণিবোঁ=জানিব। জাণাঁ=জানিয়া; জানি; জানে। জাণে=জানিবে; জানে। জাণো (গোঁ)=জানি (তাম)।

জাত১(-ত-)[সং-জন্ (জন্মান)+ত(র্ত্তৃ)। তুল-ফা°-জাদ্ (জাত)] বিণ, যে জন্মিয়াছে; গৃহীত-জন্ম; সঞ্জাত; উদ্ভূত; উৎপন্ন। প্র-গৃহজাত শিল্পসামগ্রী; বনজাত ফলমূলাদি। ২ স্ফুট; ব্যক্ত। ৩ প্রশস্ত। ৪ আসল; খাঁটি; প্রকৃত। প্র-জাত সাপ। ৫ [তুল-আ°-জাদ্=খাদ্যসঞ্চয়] ন্যস্ত; ভুক্ত; অন্তর্গত; আবদ্ধ। প্র-গুদামজাত; গোলাজাত। "সাত-পুরুষে সভ্য মোরা হ'লেম গুদামজাত" -হেম°। ৬ [জন্+ত (ভা°)] বি, উৎপত্তি, জন্ম। ৭ [সামাজিক] জাতি; শ্রেণী; জন্মগত বর্ণ। ৮ প্রকার variety. স্ত্রীং ~া। ~কর্ম্ম [জাতকের কর্ম্ম, ৬ তৎ] বি, দশকর্ম্মের অন্যতম সংস্কার-ক্রিয়া; সন্তান জন্মিলে পিতার অনুষ্ঠেয় সংস্কার-কর্ম্ম। ~কোপ-জাত-

ক্রোধ দ্রঃ। ~ক্রিয়া-জাতকর্ম দ্রঃ। ~ক্রোধ,-কোপ [জাত (সঞ্জাত) ক্রোধ -যা] বিণ, ক্রোধপূর্ণ; রোষান্ধ; মহা-কুপিত; অত্যন্ত রুষ্ট। > স্ত্রীং ~া। ~ক্লম [জাত (সঞ্জাত) ক্লম (ক্লান্তি) যার-বহু০] বিণ, যার ক্লান্তি জন্মিয়াছে; পরিশ্রান্ত; অত্যন্ত ক্লান্ত। [বিপরীত-গতক্লম]। ~চক্ষু,-নেত্র [জাত (প্রকাশিত) চক্ষু, নেত্র যার-বহু০] বিণ, যার চোক ফুটিয়াছে। ~জন্ম (-ত-) [গ্রা০ জাজন্মো। সহচর শব্দদ্বয়] বি, জাতি-কুল; কুল ও ধর্ম্ম; জাত ধর্ম্ম। ~দন্ত [জাত (উদ্গত) দন্ত যার-বহু০] বিণ, যে শিশুর দাঁত উঠিয়াছে। ~পক্ষ [জাত (উদ্গত) পক্ষ (পালক) যার-বহু০] বিণ, যার পালক উঠিয়াছে; যার ডানা উঠিয়াছে। ~পত্র [জাত (জন্ম) + পত্র] বি, জন্মপত্রিকা। "শ্রীমন্ত ভাবেন মনে চণ্ডীর চরণ। জাতপত্র অঙ্গুরী দিলেন নিদর্শন॥"-কবিক০। ~পুত্র [জাত পুত্র যার-বহু০] বিণ, যার পুত্র জন্মিয়াছে; পুত্রবান। > স্ত্রীং ~া-পুত্রবতী। ~প্রত্যয় [জাত (উৎপন্ন) প্রত্যয় (বিশ্বাস) যার-বহু০] বিণ, যার বিশ্বাস জন্মিয়াছে; বিশ্বাসবান্। > স্ত্রীং ~া। ~বন্ধক-বি, উপস্বত্ব ভোগ করিবার অধিকারাত্মক বন্ধক। ~বেদাঃ [পুং জাতবেদস্-১মা, ১ব০] বি, অগ্নি; অগ্নি-দেব। ~বেহারা (-ত-) [জাত (জাতি) বেহারা। গ্রা০ জাতবেয়ারা] বি, বেহারাগিরি যার জাতিগত বৃত্তি। ২ স্বজাতীয় বাহক। "কেষ্টর মা জাতবেহারার কাঁধে চড়িয়া গঙ্গা-লাভ করিতে চলিল।"-দী০ রায়। ~বৈষ্ণব, ~বোষ্টোম (-ত-)-জাতিবৈষ্ণব দ্রঃ। ~ব্যবহার [জাত (প্রাপ্ত) ব্যবহার (আইনমত অধিকার) যার-বহু০] বিণ, যে বয়ঃপ্রাপ্ত হইয়াছে। ২ বি, সাবালক। ~ভাই (-ত-)-বি, জাতি দ্রঃ। ~মাত্র [জাত + মাত্র (ক্রিয়াকালার্থে)] বিণ, যার এইমাত্র জন্ম হইয়াছে; সদ্যোজাত। ২ ক্রি-বিণ, জন্ম-মাত্র; জন্মিলেই; ভূমিষ্ঠ হইলেই। ~রূপ [জাত (উৎপন্ন) রূপ (আকৃতি) যার-বহু০] বিণ, গৃহীত রূপ; ধৃতাকৃতি, গঠিত মূর্ত্তি; বদ্ধ আকৃতি; উৎপন্ন মূর্ত্তি embodied. ২ স্বর্ণ। > স্ত্রীং ~া। ~শত্রু [জাত (উৎপন্ন) শত্রু (বৈরী) যার-বহু০] বিণ, যার অনেক শত্রু হইয়াছে। ~শ্রম [জাত শ্রম যার-বহু০] বিণ, জাতক্লম; পরি-শ্রান্ত। > স্ত্রীং ~া। ~স্পৃহ [জাত (সঞ্জাত) স্পৃহ (স্পৃহা) যার-বহু০] বিণ, যার স্পৃহা জন্মিয়াছে; স্পৃহাবান্; প্রলুব্ধ। ~হারিণী [জাত (উৎপন্ন বালক) + হারিণী (পুং হারিন্ + ঈ, স্ত্রীং)-যে সদ্যোজাত শিশুর জীবন হরণ করে] বি, রাক্ষসীবিঃ। ২ ডাইনী; নবজাত শিশুর প্রাণহারিণী। "এই জাতহারিণী পলায় সত্তে বলে"-চৈ০ ভা০।

জাত₂ [ফা০-জাত। বহুবচনার্থক প্রত্যয় (প্র-মেওয়াজাত)] সমূহ; আদি। প্র-দ্রব্য-জাত। "খাজনা জাত দিয়াছিলেন (তুল-খাজনাপত্তর এবার দেওয়া হয় নি)।

জাত₃ [তুল-ফা০-জাদ, জাদা=শিশু, নন্দন] বি, বালক; নন্দন; পুত্র।

জাত₄ [সং-যাত্রা (দেবতার উৎসব) >] বি, উৎসব; মেলা। "চণ্ডিকা বলেন শুন ব্যাধের নন্দন। নগরের মাঝে দেহ আমার ভবন॥ পূজিও মঙ্গলবারে করাইও জাত। গুজরাট নগরেতে তুমি হবে নাথ॥" কবিক০।

জাতক [জাত + ক (স্বার্থে)] বিণ, যে জন্মিয়াছে; উৎপন্ন; জাত। ২ বি, জন্মকোষ্ঠী; জাতশিশুর শুভাশুভ নির্দ্ধারক গ্রন্থ। প্র-জাতককৌমুদী; বৃহজ্জাতক ই০। ৩ বৌদ্ধ গ্রন্থবিঃ; বুদ্ধদেবের ৫৫০ জন্ম বৃত্তান্ত সম্বলিত প্রসিদ্ধ গ্রন্থ [অতীত জন্মবৃত্তান্ত গ্রন্থের তিনটি অংশ-(১) 'প্রত্যুৎপন্ন বস্তু' বা বর্ত্তমান কাল; গৌতম বুদ্ধ কি উপলক্ষে বা কোন্ প্রসঙ্গে আখ্যায়িকা বলিয়াছিলেন তাই বুঝান এই অংশের উদ্দেশ্য; (২) 'অতীত বস্তু' (ইহাই প্রকৃত জাতক অর্থাৎ মূল আখ্যায়িকা)-ইহা গৌতম বুদ্ধের অতীত জন্ম বৃত্তান্ত; (৩) 'সমবধান' অর্থাৎ অতীতবস্তু বর্ণিত পাত্রদিগের সহিত প্রত্যুৎপন্ন বস্তু বর্ণিত ব্যক্তিদিগের অভেদ প্রদর্শন। বর্ত্তমান বস্তু মূল জাতকের অঙ্গ নহে, ব্যাখ্যামাত্র। সমবধানগুলি বৌদ্ধ-দিগের জন্মান্তরবাদের সমর্থক]। ৪ জাতকর্ম্ম। ৫ ভিক্ষু।

জাতাঙ্কুর [জাত (উদ্গত) + অঙ্কুর (কলা)] বি, উদ্গত অঙ্কুর। ২ [উদ্গত হইয়াছে অঙ্কুর যার] বিণ, যবধান্য ই০।

জাতাপত্যা [জাত + অপত্য (সন্তান) যার-বহু০, আ (স্ত্রীং)] বি, যে নারীর সন্তান জন্মিয়াছে; যে প্রসব করিয়াছে; প্রসূতা।

জাতাশৌচ [জাত + অশৌচ] বি, সন্তানের জন্ম হেতু অশৌচ [বিপরীত-মরণাশৌচ]।

জাতি₁ [সং] বি, চামেলী; মালতী-জাতীয় পুষ্পবিঃ; গোলাব পাতার মত জোড়া জোড়া পাতা প্রসিদ্ধ পুষ্প। "জাতি জুতি জুঁই মালতী ফুটিয়াছে নানা জাতি"-গান। জাই দ্রঃ। ২ অলঙ্কারবিঃ।

জাতি₂ [জন্ (উৎপন্ন হওয়া, জন্মান) + তি (ভা০)] বি, জন্ম; উৎপত্তি। তুল-"দুক্খা জাতি পুনপ্পুনঃ" (বৌ০ সা০) (তুল-মেয়েলি কথায় জাতজন্ম বা জাতজন্মো সব গেলো) বি, জন্ম, পুনর্জন্ম। "নর-জন্ম লভি আমি ভবে হব পার, জাতি-মরণের ক্লেশ ভুগিব না আর।" -জাতক ৪র্থ খণ্ড। "জাতিতে মুসলমান, জাতিতে বৈষ্ণব, জাতভিখারী ই০ স্থলে জাতি অর্থে উৎপত্তি বুঝায়"-জীবজাতি নির্ব্বাচন (যোগেশচন্দ্র রায়)। ২ জীব শ্রেণী; যোনি; সৃষ্টি-বিভাগ। প্র-মানবজাতি; পশুজাতি; পক্ষিজাতি ই০। ৩ গুণ কর্ম্ম বিভাগ-জাত বর্ণ; জাত; ব্রাহ্মণাদি বর্ণ। ৪ বংশ; গোত্র; কুল। প্র-আর্য্যজাতি; সেমেতিক জাতি। ৫ রাষ্ট্রীয় বন্ধনে বদ্ধ এবং দেশ বা প্রদেশগত প্রকৃতি ও সংস্কার অনুযায়ী গঠিত মানবসমষ্টি nation; race. প্র-ইংরেজ, ফরাসী, বাঙ্গালী, পঞ্জাবী, জাপানী, গুজরাতী ই০ [প্রবংশ দ্রঃ। অধিজাতি-nation. আধিজাতিক-national. আধিজাত্য-nationalism. উপজাতি-species. মহাজাতি-genus. সম্প্রদায়-tribe. বর্ণ-caste.]। ৬ শ্রেণী; শাখা; প্রকার। ৭ [দর্শন ও বিজ্ঞানে] বিশেষ ধর্ম্ম; অনন্ত লক্ষণ। "বিচার করিয়া দেখ লক্ষণ লক্ষণা। জাতি গুণ দ্রব্য কিবা বুঝায় ব্যঞ্জনা॥" -ভারত০। ৮ নারীধর্ম্ম; সতীত্ব। ৯ সমূহ; জাত দ্রঃ। "পঞ্চম গাবধু কোকিল জাতি"

-পদাবলী। ১০ সঙ্গীতের ছয় জাতি-ষড়্ রাগ ও ছত্রিশ জাতি রাগিণী। (২) ষড়্ জাতি রাগ সমন্বিত সপ্তজাতি স্বর। ১১ সংস্কৃত ছন্দো-বিঃ [প্রধানতঃ মাত্রার পরিমাণের উপর যে সব ছন্দঃ নির্ভর করে। ছন্দোশাস্ত্রে ইহা মাত্রা-বৃত্ত নামেও পরিচিত। জাতিকে মাত্রাবৃত্ত নাম দিলে 'বৃত্ত'কে 'অক্ষরবৃত্ত' বলা যাইতে পারে। অনুষ্টুপ, ত্রিষ্টুপ ইং 'বৃত্তচ্ছন্দঃ'; গাথা, পজ্ঝটিকা ইং জাতি ছন্দঃ]। ~কুল [একার্থক সহচর শব্দদ্বয়; ভিন্নার্থক জাতি শব্দের বিশেষ অর্থ নির্ণায়ক সহচর শব্দ] বংশ। ২ বর্ণ ও বংশ। ~কোশ [সং] বি, জাতি-ফল; জায়ফল। জাং খাওয়া, -খোওয়া-জাত্যন্তর করা; জাতি নষ্ট করা; জাতিভ্রষ্ট করা। ২ [স্ত্রীপক্ষে] সতীত্ব নাশ করা। "শিয়রে কলিঙ্গ রাজা বড় দুরাচার। তোমারে ধরিয়া জাতি লইবে আমার॥"-কবিকং। জাং খোয়ানি-জাতি ক্ষয় করা; জাতিভ্রষ্ট হওয়া। ~গত [২ তৎ] বিণ, জাতিসম্বন্ধীয়; জাতীয়। ২ জাত্যাত্মক। > স্ত্রীং ~া। ~চ্যুত [জাতি হ'তে চ্যুত (পতিত)-৫ তৎ] বিণ, জাতিভ্রষ্ট; জাতি হ'তে বহিষ্কৃত: ~চ্যুতি [জাতি হ'তে চ্যুতি(পতন)-৫ তৎ] বি, জাতিনাশ; জাত যাওয়া। ~তত্ত্ব [জাং বিজ্ঞাং পরিঃ] বি, মানবজাতির মূল বিভাগ ও পরস্পর সম্বন্ধ-বিষয়ক বিজ্ঞান; বর্ণতত্ত্ব ethnology. ~ত্ব-জাতির অস্তিত্ব। ~তে-অ, জাতিবিষয়ে; জাতি গণনায়; জাতি সম্বন্ধে। "তিনি জাতিতে ব্রাহ্মণ এবং অত্যন্ত হিন্দু।"-বঙ্কিমং। ~ধর্ম্ম [ধর্মার্থে জাতি বুঝাইবার জন্য সহচরস্বরূপ ধর্ম্মশব্দের ব্যবহার] জাতিগত ধর্ম। ~ধ্বংস [জাতির ধ্বংস, ৬ তৎ] বি, জাতিলোপ; জাতির বিনাশ। ~নাশ, ~পাত-জাতি হ'তে পতন; জাতিভ্রংশ। ~ফল, জাতীফল-জাতি-কোশ দ্রঃ। ~বর্ণ [জাতি ও বর্ণ, দ্বন্দ্ব] বি, হিন্দু, মুসলমান ইং জাতি। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ইং বর্ণ। ~বর্ণ নির্ব্বিশেষে [জাতি ও বর্ণের বিশেষ নাই যাতে, বহুং] ক্রি-বিণ, জাতি ও বর্ণের ভেদ না করিয়া; সাধারণ ভাবে। ~বাচক [জাতি-বাচক (জ্ঞাপক)] বিণ, জাতিনির্ণায়ক; জাতিবোধক। ২ [ব্যাং] গণসম্বন্ধীয় generic. ~ব্যবসায়-বি, জাতিগত পেশা। ~ব্রাহ্মণ [জাতি দ্বারা ব্রাহ্মণ-৩ তৎ] বি, ব্রাহ্মণোচিত আচারহীন কিন্তু ব্রাহ্মণের পুত্র বলিয়া ব্রাহ্মণ; ব্রাহ্মণকুলে জন্ম হেতু ব্রাহ্মণ। ~বিদ্বেষ [জাতির বিদ্বেষ -৬ তৎ] বি, জাতির প্রতি হিংসা বা ঘৃণা। ~বৈর [জাতির বৈর-৬ তৎ] বি, স্বাভাবিক শত্রুতা (যেমন অহি-নকুল)। ~বৈষ্ণব, জাত বৈষ্ণব [গ্রাং, অবজ্ঞার্থে-জাতো বোষ্টম] বি, চৈতন্যদেবের সময় হ'তে যাঁরা বৈষ্ণবধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন, তাঁদের অনন্তর বংশ; যারা পুরুষানুক্রমে বৈষ্ণব; যারা মূল জাতি ত্যাগ করিয়া বা হারাইয়া বৈষ্ণবধর্ম্ম ও আচার অবলম্বন করিয়া স্বতন্ত্র জাতিতে পরিণত হইয়াছে। ~ভাই-বি, স্বজাতি ভুক্ত ব্যক্তি; একজাতীয় ব্যক্তি। ~ভেদ [জাতির ভেদ-৬ তৎ] বি, পৃথক্ পৃথক্ জাতির জ্ঞান। ~ভ্রংশ [জাতির ভ্রংশ-৬ তৎ] বি, জাতি-নাশ। বিণ, ~ভ্রষ্ট-জাতিতে পতিত; জাতিচ্যুত। জাং মারা-জাতি নষ্ট করা। ২ জাতিচ্যুত করা; উচ্চ জাতি হ'তে নিম্ন-জাতিভুক্ত করা। ~মালা [জাতির মালা (বিস্তারিত বিবরণ) আছে যাতে, বহুং] বি, জাতিসম্বন্ধীয় গ্রন্থবিঃ। জাং যাওয়া-জাতি নষ্ট হওয়া। ২ জাত্যন্তর ভুক্ত হওয়া। ~সঙ্কর-বর্ণসঙ্কর দ্রঃ। ~সঙ্ঘ [জাতির সঙ্ঘ (সমূহ)-৬ তৎ] বি, জাতিসমূহ; মিলিত জাতিসকল। ~স্মর [জাতি(জন্ম > পূর্ব্ব-জন্ম) স্মর (যে স্মরণ করে-২ তৎ। স্ম+অ-র্ত্তৃ)। যার পূর্ব্বজন্মের বৃত্তান্ত স্মরণ হয়] বিণ, যার পূর্ব্বজন্ম স্মরণ থাকে; পূর্ব্বজন্মে কি ছিল কি করিয়াছিল ইহজন্মে যে মনে রাখে। "কেহ নহে জাতিস্মর ভবজীব প্রাণী।" -অশোকং। "কেবল চণ্ডীর বর হ'য়ে হৈল জাতিস্মর পিতা মাতা গোঙরিয়া কান্দে।" -কবিকং। ২ তীর্থবিঃ। > স্ত্রীং ~া। জাং হারানি [গ্রাং জাতহারানো] জাতি ত্যাগ করা; জাতি ক্ষয় করা; জাতি নষ্ট করা।

জাতী [সং] বি, মালতীপুষ্প; চামেলী jasminum grandiflorum. ২ জাতী-ফল; জায়ফলের গাছ। ~পত্রী [জাতীর পত্রী (ত্বক্)-৬ তৎ] বি, জাতিফলের ত্বক্; জয়িত্রী mace. ~ফল বি, জায়ফল nutmeg.

জাতীয় [জাতি+ঈয় (সম্বন্ধে)] বিণ, জাতিসম্বন্ধীয় racial; national. ২ জাতিগত। ৩ বিধ; প্রকার। ৪ বর্ণসম্বন্ধীয়; tribal. ৫ দেশীয়। ৬ শ্রেণীভুক্ত; শ্রেণীর লক্ষণাক্রান্ত। স্ত্রীং ~া।

জাতীশ্বর [জাতির ঈশ্বর-৬ তৎ] বি, জাতিশ্রেষ্ঠ। ২ জাতির প্রভু। ৩ ব্রাহ্মণ।

জাতুক [সং] বি, হিঙ্গু; হিং।

জাতূকর্ণ-বি, মুনিবিঃ।

জাতূকর্ণী-বি, ভবভূতির জননী।

জাতুধান [সং] বি, রাক্ষস।

জাতুষ [জতুস্+অ (নির্ম্মিতার্থে)] বিণ, জতুদ্বারা প্রস্তুত।

জাতেষ্টি [জাতের ইষ্টি (যাগ, সংস্কার) -৬ তৎ] বি, সন্তান জন্মিলে অনুষ্ঠেয় সংস্কার; জাতকর্ম্ম।

জাত্তির, জাত্তিরী, জাত্রি [সং-যাত্রী > প্রং। প্রাং-বাং] বি, যাত্রী। "সুমার ঘাটে পাটে জাত্তির কৈসএ হাট। ভেটিব সোরূপ রায়ান বুচাহ কপাট।"-শূং পুং। "জখনা জাত্রিএ ধর্ম্মর মন্দির ছেড়িআ গেল দোকানি পাতিআ গেল হাট।"-শূং পুং।

জাত্য [জাতি+য] বিণ, সুজাত; কুলীন। ২ প্রধান; শ্রেষ্ঠ। ৩ সমকোণ চতুর্ভুজ; আয়ত; সমকোণ rectangular.

জাত্যংশ [জাতি-বিজ্ঞাং পরিঃ] বি, বংশ; গোত্র; কুল; জাতীয় ক্ষুদ্র বিভাগ; tribe. জাত্যংশে-ক্রি-বিণ, জাতি হিসাবে বা, সম্বন্ধে; জাতিতে।

জাত্যন্ধ [জাতি (জন্ম) হ'তে অন্ধ (দৃষ্টিহীন)-৫ তৎ] বিণ, জন্মান্ধ। স্ত্রীং ~া।

জাত্যভি/মান [জাতি+অভিমান] বি, উচ্চ জাতিতে জন্ম হেতু অহঙ্কার; বর্ণাভিমান; কৌলীন্য গর্ব্ব; কুলগর্ব্ব। বিণ, ~মানী। স্ত্রীং ~মানিনী।

জাদ, [তুল-ফাং-জাদ্বল্=টানা রেখা] বি, ফিতা; রেশমী ফিতা। "সুরঙ্গ পাটের

জাদে বিচিত্র কবরী বাজে"—কবিক০। "পূরাতে জায়ার সাধ কিনিল পাটের জাদ লোডে তাহে মুকুতার বেড়ি।"—ঐ।

জাদ$_2$, **জাদা** [ফা০—জাদন > জাদ, জাদা=পুত্র] বি, পুত্র ; তনয়। বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার নাই। প্র—বাদশাজাদা। নবাবজাদা। হারামজাদা। স্ত্রীং জাদী—বন্ধ্যা।

জাদু$_1$ [সং জাত (শিশু) + উ (আদরে), ত=দ বা ফা০ জাদ$_2$ (দ্রঃ) > ,ব্যঙ্গার্থে। তুল—চাঁদ] বি, পুত্রার্থ উপহাস বা বিদ্রূপোক্তি ; চাঁদ ; বেটা (হিং০-র অনুকরণে)] ; বাছাধন। "তুমি তার কোথায় লাগো বাছমণি। ঘুঘু দেখেছ চাঁদ ফাঁদ তো দেখনি * * আসকে খেয়েছ জাদু কোড়্ তো গণনি॥"—গোপাল উড়ে। ২ [যাদব >] আদরের সম্বোধন। ~মণি [যাদব (যদু বংশের) মণি (চূড়ামণি, শ্রেষ্ঠ)] শ্রীকৃষ্ণ ; শিশুকৃষ্ণ।

জাদু$_2$ [ফা০—জাদু] বি. ভেল্কী ; কুহক ; ইন্দ্রজাল ; যাদু [দ্রঃ]। ~কর, ~গর [ফা০—জাদুগর্। স্ত্রীং জাদুগর্ণী] বি, ঐন্দ্রজালিক ; যাদুবিদ্যায় পারদর্শী ; ভেল্কীবাজ। স্ত্রীং ~করী, ~গরী$_1$—কুহকী। ~গরী$_2$ [ফা০—জাদুগরী] বি, কুহক ; ইন্দ্রজাল। ~ঘর [জাদু-ঘর—যে গৃহে অদ্ভুত অদ্ভুত পদার্থসমূহের সংগ্রহ আছে এবং যা দেখিয়া মন্ত্রমুগ্ধবৎ হ'তে হয়। তুল—আ০—আজায়ব্ ঘর্, আজায়ব্‌খানা। হি০—জাদুঘর্] বি, প্রাকৃতিক ও শিল্প-বিজ্ঞান-জাত পদার্থ সংগ্রহালয় ; পুরাদ্রব্যাগার ; কৌতুকাগার museum. ~বিদ্যা—বি, ইন্দ্রজাল ; কুহকবিদ্যা।

জান$_1$ [জ্ঞা (জানা) >] বি, সর্ব্বজ্ঞ। ২ যে ভবিষ্যৎ গুণিতে জানে ; দৈবজ্ঞ ; গণক। "গণ্ডা কড়ি গুণতে হলে জানের বাড়ী যান"—হেম০।

জান$_2$ [ফা০—জান্। তুল—সং—জীবন] বি, প্রাণ। ২ [সঙ্গীত শা০] কোন রাগের প্রধান সুর। ~মান—প্রাণ ও সম্মান। "ছোকরার দলের খোস-খেয়ালের উপর আমাদের জানমান নির্ভর করিবে।"—নায়ক। ~মাল [ফা০—জান-ও-মাল] বি, ধন-প্রাণ।

জান$_3$ [প্রা০-বাং—যঃ=জ] ক্রি, যান ; গমন করেন। প্র—"আগে জান ছুইজন দেখিবারে পাত্র"—শূ০ পু০। "জথা আইলেঁসি তথা জাম।"—বৌ০ গা০ ও দো০। ২ বি, মার্গ। "জান বিড়ম্বিয়ং (=মার্গ বিড়ম্বিতং"—টীকা)—ঐ। ৩ [বৌ০ বাং প্রাকৃ০—'জাণ'] জ্ঞান। "হোই জাণ" (=ভবতি জ্ঞানং"—টীকা—বৌ০ গা০ ও দো০)। ৪ [হি০] জীবন। "জান মান ইজ্জৎ নষ্ট হইল।"—জয়ন্তী (ন০ গুপ্ত)।

জানকার [হি০] বিণ, যে জানে ; জ্ঞাতা। ২ অভিজ্ঞ।

জানকী [জনক + অ(অপত্যার্থে)=জানক + ঈ (স্ত্রীং)] বি, জনক রাজার কন্যা ; সীতা।

জানত, -তঃ [জানা দ্রঃ। গ্রা০—জান্তে] ক্রি-বিণ, জ্ঞানতঃ ; জ্ঞাতসারে ; জ্ঞানে knowingly. [বিপরীত—অজানত, গ্রা০—অজান্তে]।

জানন্ [জ্ঞা (জানা) + অৎ (কর্ত্তৃ) (জ্ঞা=জা)=জানৎ ১মা, ১ব০] বিণ, যে জানে এমন ; জ্ঞাতা। স্ত্রীং জানন্তী [গ্রা০ জানুন্তি]।

জানন [গ্রা০] বি, জ্ঞাত হওয়া ; জানা। ২ বিণ, জ্ঞাত।

জানপদ [জনপদ + অ (ভবার্থে বা সম্বন্ধে)] বিণ, জনপদ-জাত ; জনপদে উৎপন্ন। ২ যে জনপদে বাস করে ; নাগরিক citizen. "যোগ্য জানপদ হও ; যোগ্য কর্ম্মযোগ লও"—কর্ম্মগীতা (যদুনাথ মজুমদার)। ৩ জনপদ সম্বন্ধীয়। ৪ দেশ।

জানপদী—বি, অপ্সরাবিঃ।

জানবাচ্চা [ফা০—জান (আত্মা, প্রিয়জন, স্ত্রী) + হি০—বাচ্চা (সং—বৎস >)] বি, স্ত্রীপুত্রপরিবারবর্গ ; আত্মীয়স্বজন ; সপরিবার ; ছেলেপুলে। "জা০ এক খাদে গাড়িব হারামজাদে"—অ০ ম০।

জানবিৎ [জ্ঞান > জান (তত্ত্ব) + বিদ্] বিণ, জানা ; পরিচিত। ২ [এই অর্থে জানবি ও০] অভিজ্ঞ ; জানে এমন। প্র—সেখানে একজন জা০ লোক পাঠান উচিত।

জানলা [পর্ত্ত০ janella. হি০—জাংলা। বাং গ্রা০ জালনা] বি, গবাক্ষ window.

জান(ঁ)সি [প্রা০ বাং। ব্রজ০] ক্রি, জানিস। "না জানসি রাধা"—শ্রী০ কী০। তোঞঁ না জানসি"—ঐ। ২ জানিয়া। ৩ জানে। "কতজন জা০ নেহ"—বি০ প০।

জানা [সং—জ্ঞা > । জাণা দ্রঃ > । হি০—জান্‌না। জানি, জান (জানুন, জান্), জানে (পদ্যে—জানয়ে জানেন) ; জানিতে (কো০ জান্‌তে) ; জানিয়া (কো০ পদ্যে—জানি, গ্রা০ জেনে)। ণিজন্ত—জানান। (ব্রজ০) জানলু, জানলুঁ=জানিলাম। জানসি=জানিয়া ; জান। জানী=জানে। জানোঁ=জানি] ক্রি, জ্ঞান করা ; অবগত হওয়া ; বোধগম্য করা ; বুঝা। ২ সংবাদ পাওয়া ; তত্ত্ব লওয়া ; সংবাদ রাখা। ৩ গ্রহণ করা। "ভাবাদোষ না কহে ভাবনা মাত্র জানে" (=শুধু ভাব কর্ম্ম গ্রহণ করে)—গোপাল বিজয় (বঙ্গ সা০ পরিচয়)। ৪ বিণ, যা জানা হইয়াছে ; জ্ঞাত। ৫ বি, জ্ঞান, অবগতি। ৬ পরিচয়। ৭ [প্রাদে০, গ্রা০ তমোলুকাদি অঞ্চলে] রাজপুত্র। ~জানি—পরস্পরের নিকট হ'তে পরস্পরের জানা। ২ [নিন্দা, ভয়, লজ্জা ই০, বিতঃ মন্দ অর্থে] প্রচার ; প্রকাশ। "পথের মধ্যে তাহার ওরূপ ভাবে বসিয়া থাকায় লোক জানাজানি হইবে মাত্র। যদি হয়, সেটা আরও লজ্জার কথা।"—বা০ বসুমতী, ১৩৩৪।

জানানি$_1$ [জানা দ্রঃ। জানাই, জানাও (জানান্, জানা), জানায় (জানান্) ; জানাইতে (কো০ জানাতে) ; জানাইয়া (কো০ জানিয়ে)] ক্রি, জ্ঞাত করা। ২ সংবাদ দেওয়া। ৩ টের পাওয়ান ; ভয় দেখান ; দণ্ডদানে শিক্ষা দেওয়া। ৪ সতর্ক করা ; সাবধান করা। ৫ নিবেদন করা। "হৃদয়-বেদনা * * * আর জানাইব কারে, * * * তুমি ছাড়া প্রভু মার্জ্জনা কেহ করিবে না সংসারে।"—রবী০।

জানান$_2$ [জানা দ্রঃ] বি. সংবাদ দান ; কথা প্রদান। জা০ দেওয়া—পূর্ব্ব হ'তে জানাইয়া রাখা বা সংবাদ দেওয়া।

জানানা [ফা০—জনানা। গ্রা০ হি০—'জানানী' শব্দেরও ব্যবহার আছে] বি, স্ত্রীলোক ; অন্তঃপুরবাসিনী। "একখানা জানানা সোয়ারি যাইতেছিল"—টেকচাঁদ। ২ অবরোধ প্রথা। "চাই এদেশে, আর কিছুদিন, এদিশী জানানা।"—হেম০।

জানালা—জানলা দ্রঃ।

জানি১ [জানা দ্রঃ] ক্রি, অবগত আছি। ২ চিনি। প্র-ওকে খুব জানি। তাঁকে জানি না। ৩ জানিয়া (জানা দ্রঃ)।
জানি না-ক্রি, সাবধান করে দিলাম, আমার দোষ কাটিল ; দোষ দিও না বা দায়ী কোরো না। "লাগে তো জানি না।" "জানিমানি জানি না পরের ছেলে মানিনা" -ছড়া। না জানি-অ, না দ্রঃ।

জানি২ [বাং-প্রাদে০। না-জানি স্থলে] অ, না-জানি ; কি-জানি। ২ [সং যেন > প্রাকৃ০ জণু > জনু। হিং 'ন জানে'। না-যেন (সা০ প০ প০ ১৩২৩)] না যেন। "কুলবতী হইয়া রসের পরাণ আর কার জানি হয়।"-জ্ঞানদাস০।

জানি৩ [সং জায়া=জানি] বি, স্ত্রী ; পত্নী ; ভার্য্যা। "ধুবজানি" (দ্রঃ)। ২ প্রিয়তমা।

জানী [প্রা০-বাং] ক্রি, জানে।

`জানু [জন্ (জন্মান) + উ (র্ত্তৃ, জ্ঞা০) যে গতি জন্মায়] বি, উরুর সন্ধি ; হাঁটু। ~গতি [জানু দ্বারা গতি (গমন), ৩তৎ] বি, হামাগুড়ি। ২ ক্রি-বিণ, হামাগুড়ি দিয়া ; জানুগতি দ্বারা। "জানুগতি চলে ক্ষণে বালক আবেশে।" -চৈ০ ভা০। ~চংক্রমঁণ-হাঁটু দ্বারা ইতস্ততঃ ভ্রমণ। "তবে কত দিনে প্রভুর, জানুচংক্রমণ"-চৈ০ চ০। ~বিজানু [জানু-বি-জানু] বি, অসিযুদ্ধ-কৌশলবিঃ ; এক জানু পাতিয়া অন্য জানু মুড়িয়া অসি চালন।

জানুয়ারী [ইং Januaryর লিপ্যন্তর] বি, ইংরেজী বৎসরের ১ম মাস।

জানোয়ার [ফা-জান্‌বর্] বি, জীব ; জন্তু ; প্রাণী। ২ [লক্ষ০] বিণ, অজ্ঞ ; পশুবৎ মূর্খ। ৩ গালিবিঃ।

জান্তা [জানন্ দ্রঃ। হিং জান্‌তা হুআ] বিণ, যে জানে ; জানকার (দ্রঃ) ; অভিজ্ঞ। "তাহাকে জাপানীজান্তা বিদেশীলোকের" -বি০ কু০ সরকার। ক্রি-বিণ, জান্তে [সং জানৎ, জানতঃ >] জেনে ; জানতঃ ; জানত। অজান্তা-বিণ, অনভিজ্ঞ। ক্রি-বিণ, অজান্তে-অজানত, অজান্তে দ্রঃ। সঁবজান্তা-সব দ্রঃ।

জান্নাত [আ-জন্নৎ >] বি, স্বর্গের উদ্যান paradise. ২ স্বর্গ।

জাপ১ [জপ্ (জপ করা) + অ (ভা০)] বি, মন্ত্রজপ ; মন্ত্র উচ্চারণ করা। ২ [+ অ (র্ত্তৃ)] জপকর্ত্তা। ~ক (-পঁ-) [অক (র্ত্তৃ)] বিণ, যে জপ করে।

জাপ২ [ইং Japan > ক্ষে০ Jap] বি, জাপান (দ্রঃ)।

জাপটানি [হিং-জুট্‌না (জুটে যাওয়া, জড়ামড়ি করা)। হিং-লিপট্‌না, লিপ্‌টানা (জড়াইয়া বা ছাঁদিয়া ধরা)-এই দুই ভাব মিশ্রণে। জাপটাই, জাপটাও, জাপটায় ; জাপটাইতে (ক্ষে০ জাপটাতে) ; জাপটাইয়া (ক্ষে০ জাপ্‌টে)] ক্রি, জড়াইয়া ধরা ; দুই বাহু প্রসারিত করিয়া ছাঁদিয়া ধরা ; বাহু ও বক্ষ দ্বারা বেষ্টন করা। > বি, জাপটানি।
জাপটা-জাপটি, ~টী-বি, পরস্পর জাপটিয়া ধরণ ; জড়াজড়ি।

জাপঁন [ণিজন্ত জপ্ + অন (ভা০)] বি, জপ করণ। ২ [ণিজন্ত জি + অন (ভা০), প আগম] জয় করান [প্র০ অ০]।

জাপান [চীনা-জিঃপেন (যে দিক্ থেকে সূর্য্যের উদয় বা আগমন হয়)। ইং Japan এর লিপ্যন্তর। নিপ্পঙের পাশ্চাত্য দেশবাসীদিগের প্রদত্ত নাম] বি, প্রাচ্য স্বাধীন দেশ বিঃ। ২ [জাপানের সর্ব্বত্র নিপ্পঙ্ এই নামের এক গাছ আছে, তাহার রস হ'তে যে ঘন কাল রঙ প্রস্তুত হয় তার ইং নাম "জাপান ব্ল্যাক"। এই রঙ নানা রঙের কাজে পৃথিবীর সর্ব্বত্রই ব্যবহার হয়। জাপান ব্ল্যাকের দেশ য়ুরোপীয়দের সাহিত্যের ভিতর দিয়া জগতে 'জাপান' নামে পরিচিত হয়] বি, ঘনকৃষ্ণ বার্ণিশ বিঃ।

জাফরান [আ-জাঅ়াফ্‌রান্। ইং saffron] বি, কুঙ্কুম। বিণ, ~ী-পীত yellow.

জাফরি, ~রী [আ০-জাফ্‌রী। হিং ঝাঝ্‌রী, জালী] বি, বাঁখারি বা বেতের চৌকোণ ছিদ্রযুক্ত বেষ্টনী ; ঝাঁপ।

জাব [সং-যবস > । ব=জ। "ঘাসো যবসং"-অমর] বি, গরুর খাবার ঘাস ; জলে ভিজান খইল-মাখা কুঁচান বিচালি। ২ [জাবের ভাব >] জলে সম্পূর্ণ সিক্ত ; বা ভিজিয়া জবজবে বা জাবের মত সিক্ত ও স্থূল হইয়াছে। প্র-কাপড়খানা ভিজে জাব হয়ে গেছে।

`জাবঁড়, `জাবড়া১ [জাব দ্রঃ। অসুন্দর স্থূলার্থে ড় যোগ] বিণ, জাবের মত সিক্ত। "যতেক কাপড় ঘৃত তৈল দিয়া তাহা করিল জাবড়।"-কৃত্তি০। বি, জাবড়ি, -ড়ী।

`জাবড়া২, `জেবড়া [জবড় জঙ্গ দ্রঃ। অসুন্দরার্থে ড়া] বিণ, অসুন্দর ভাবে স্থূল ; চাপড়া ; জাবড়া।

জাবড়ানি [জাবড় (দ্রঃ) + আন (ক্রিয়ার)। জাবড়াই, জাবড়াও, জাবড়ায় ; জাবড়াইতে (ক্ষে০ জাবড়াতে) ; জাবড়াইয়া (ক্ষে০ জাবড়ে)। ঐরূপ জুবড়ান (দ্রঃ)] ক্রি, জলে গুঁজিয়া ধরা ; চুবান ; ঘুড়ান।

জাবড়াজুবড়ী-জাবড়, জুবড়ী দ্রঃ।

জাবড়ীবুড়ী [প্রাদে০] বি, যে গরুর মাথার হাড় সিন্দূর গোবর ও কড়ি দিয়া সূতিকা গৃহের নিকট বা পিছনে রাখা হয়।

জাবদা-জাব্দা দ্রঃ।

জাবনা [জাব দ্রঃ। অনাদরার্থে না যোগ] বি, গবাদির আহার ; জাব। "এসেছিল বকনা গরু পর গোয়ালে জাব্‌না খেতে"-বিষবৃক্ষ।

জাবঁর [জাব (দ্রঃ) + র (অভ্যাসে, ক্রমাগত চর্ব্বণার্থে)। জাওর দ্রঃ] বি, গিলিত চর্ব্বণ ; গো মহিষ ছাগ মেষাদি বসিয়া বসিয়া যে গিলিত খাদ্য চর্ব্বণ করে। জা০ কাটা-ক্রি, রোমন্থন করা। ২ [লক্ষ০] আলোচিত বিষয়ের পুনরালোচনা ; উক্ত বিষয়ের পুনরুক্তি।

জাবাল, জাবালি [সং-অজপাল >] বি, ছাগরক্ষক ; অজপালক ; ছাগ-জীবী। ২ প্রসিদ্ধ মুনি।

জাবেদা, জাবিতা১, জাবেতা১ [আ-জাবিতাহ=আইন] বি, আইন ; রাজবিধি law. ২ বিণ, আদালতের বিধি অনুসারে ; আইনানুযায়ী। জা০ আপীল-আইনসম্মত প্রথায় পুনর্ব্বিচারের প্রার্থনা ; রীতিমত আপীল। জা০ নঁকঁল-আদালতের স্বাক্ষরিত বা মোহর করা নকল।

জাবেহ্-জবাই দ্রঃ।

জাব্দা, জাবিতা, জাবেতা [ইং journal > ?] জা॰ বহী, জা॰ খাতা-বি, মহাজনের দৈনিক হিসাব বহি।

জাম [সং-জম্বু; হিং-জামুন; ওড়ি জামু] বি, ঘোর বেগুনী বর্ণ বড় আঙ্গুরাকৃতি প্রসিদ্ধ ফল; ইহার নামান্তর কালজাম। এই জাম অপেক্ষা ক্ষুদ্র, সমদর্শন, বন্তফলের নাম ভুঁই-জাম বা বনজাম ardisia humilis. আর এক প্রকার পীতবর্ণ সুগোল ও সুগন্ধ জামের নাম গোলাব জাম eugenia jambos. শ্বেতজাম বা জামরুল অন্যপ্রকার জাম jambolana. ২ জাম গাছ।

জামড়া-বি, জামুড়া দ্রঃ।

জামর্দগ্ন [অর্থ শা॰] বি, তীর নিক্ষেপক বৃহৎ যন্ত্র-বিঃ।

জামদগ্নেয়, জামদগ্ন্য [জমদগ্নি + এয়, য (অপত্যার্থে)] বি, জমদগ্নির পুত্র; পরশুরাম।

জামদানী [ফা-জামদানি] বি, মসলিন ইং কাপড় তাঁতেই ফুলদার করিয়া বুনা (জা॰ বিবিধ-তোড়াদার, বুটিদার, তেরছা কায়েলা, জলবার, পান্না, হাজার, বুলবুলি জাল ছাওয়াল, বালেয়ার পেলা, ডুরিয়া, সাবুর গা ইং। ১৭৭৬ খৃষ্টাব্দে নায়েব নাজিম মহম্মদ রেজা খাঁ উৎকৃষ্ট জা॰ বস্ত্রের এক একখানির মূল্য ৪৫০ টাকা দিয়াছিলেন)। ২ চাপ দিয়া ফুল তোলা ধাতুময় চাদরে নির্ম্মিত বাসন; নক্সা তোলা ধাতুপাত্র। ৩ বিণ, ফুলকাটা।

জামবাটী [ফা-জাম (খোরা bowl) -বাটী (হিং-বাটা)] বি, উৎকৃষ্ট কাঁসার খুরা-হীন খোরা বা বড় বাটী।

জামরুল [জাম দ্রঃ] বি, শ্বেতবর্ণ প্রসিদ্ধ ফল eugenia alba.

জামল-বি, তন্ত্রশাস্ত্রবিঃ।

জামা [ফা-জামা (পোষাক)] বি, অঙ্গা-বরণবিঃ; অঙ্গরাখা; পিরান; কুর্ত্তি; কোট; বেনিয়ান। "ফেলিয়া বন্দুক জামা পাগ তলবার। ঢাল বুকে দিয়া দিল সিপাই সাঁতার।"-ভারত॰।

জামাই [সং-জামাতৃ, জামি দ্রঃ। প্রা॰ বাং-র জামাঞী] বি, জামাতা; কন্যার পতি; কন্যার বর। "অপূর্ব্ব এই বিচারে জামাই আদর।"-মনোমোহন বসু। ~বরণ-বিবাহকালে জামাতার পূজা। ~বাড়ী-কন্যার শ্বশুরালয়। জা॰-ভাত, জামাঞী-ভাত-জামাই ষষ্ঠী। "কুরঙ্গে জামাঞী আমি কেমনে জানিনু। জামাই ভাতের দিনে ভাত দিতে ছিনু।"-শি॰। জা॰ ষষ্ঠী-জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় ষষ্ঠী তিথিতে জামাতার পূজাপর্ব্ব। ঘর-জামাই-শ্বশুরালয়ে বাসকারী জামাতা। ঝি জামাই-কন্যা ও জামাতা।

জামাতা [প্রা॰জামাতা। জা (জায়া) + মা (গ্রহণ করা) + তৃ (চ-র্ত্তৃ)-যে কন্যার পাণিগ্রহণ করে] বি, কন্যার পতি; জামাই।

জামানত-জমানৎ দ্রঃ।

জামাল [আ॰ জমাল। কবি ন॰ ইস্‌লাম কর্ত্তৃক ব্যবহৃত]। বি, রূপ।

জামি, -মী [সং-"জামিঃ স্বসৃকুল-স্ত্রিয়োঃ"-অমর] বি, ভগিনী। ২ কুলস্ত্রী। ৩ কন্যা। ৪ বধূ।

জামিত্র [জামি (কুলনারী)-ত্রৈ (ত্রাণ করা) + অ (র্ত্তৃ)] বি, লগ্নের সপ্তম স্থান। ~বেধ [জামিত্র স্থানে বেধ] বি, পাপগ্রহের সপ্তম স্থানে চন্দ্রের অবস্থিতিরূপ যোগ; ইহাতে বিবাহাদি কার্য্য নিষিদ্ধ।

জামিন, জামীন [আ-জামিন] বি, প্রতিভূ; মুচলিকা a surety; bail. ২ দায় শিরোধার্য্য করিয়া আদালতে মুচলেকা (মুচলকা) অঙ্গীকারপত্র দান। মাল-জামিন জামিনি দ্রঃ। ~দার [জামিন (মুচলকা) দায় (দাতা)] বিণ, প্রতিভূ, যে অপরের জন্য জামিন হয় বা দেয়। "গাছে উঠে মরতে আর জামিন হয় দিতে" -প্রবচন। বি, ~দারী-জামিন বা মুচলেকা দান। "ঐ যে মন করেছি জামিনদারী মেচে ওঠে হটা বাদী।"-রা॰ প্র॰। ~নামা [জামিন (প্রতিভূ হইবার অঙ্গীকার) নামা (পত্র)] বি, মুচলকা। হাজির-জামিন-আদালতে হাজির হইবার বা করিবার জন্য যে প্রতিভূ হয় বা মুচলকা লিখিয়া দেয়। "আমার হাজির জামিন বড়ামন"-রা॰ প্র॰।

জামিনি, -নী [জামিন দ্রঃ। আ-জামিনী] বি, অঙ্গীকার; প্রতিভূ; জামীন। জা॰ কবুল [আ-জামিনি কবুল] আদালত কর্ত্তৃক মুচলেকা গ্রাহ্য। ফেল জামিনি-[আ-ফাএল জামিনি] শান্তি ভঙ্গ না করার জন্য অঙ্গীকার পত্র; শান্তিরক্ষার জন্য মুচলেকা। মালজামিনি-মাল অর্থাৎ টাকার জন্য জামিন দেওয়া বা হওয়া। হাজির-জামিনি-হাজির অর্থাৎ (আদালতে) উপস্থিত হইবার জন্য অঙ্গীকার-পত্র লিখিয়া লওয়া; হাজির হইবার বা করিবার জন্য জামিন বা প্রতিভূ হওয়া।

জামিয়ার, জামীয়ার, জামেয়ার [ফা॰-জামা=পদমর্য্যাদাসূচক পোষাক, সাজ, রাজবেশ। জামা(হ্)বর্ (ফুলতোলা শাল) >। উচ্চারণভেদে জামেবর্] বি, ছাগ-লোমে প্রস্তুত নানাপ্রকার রঙ্গীন চিত্রবিচিত্র-করা ও ফুলতোলা কাশ্মীরি শাল।

জামির, -মীর [সং-জম্বীর] বি, অত্যন্ত অম্লরস নেবুবিঃ citrus acida. "যদি মনোমত পাই, গ্রাস পাঁচ সাত খাই পোড়া-মীনে জামিরের রস।"-কবিক॰।

জামুড়া, জামড়া, জামড়ো, জামড়ি [আ॰-জামিদ্ (রক্তরোধক)] বি, অঙ্গের, প্রধানতঃ হাত ও পায়ের তলায়, ক্রমাগত ঘর্ষণ বা আঘাত দ্বারা রক্তরোধজনিত মাংসের কঠিনতা; কড়া; কিণ। ২ ফলের অপকাবস্থায় পতনাদির আঘাতজনিত কঠিনতা; দরকচ। ৩ জঙ্গ; মরিচা। ৪ ডাকের গহনা গড়িবার উপকরণবিঃ। জা॰ পড়া-ক্রি, কড়া পড়া। "* * * হেঁটে হেঁটে পায়ে গেল জামড়া পড়ে"-ঈ॰ গুপ্ত। ২ বিণ, কিণাঙ্কিত; কড়া-চিহ্নিত।

জামেয় [জামি (ভগিনী) + এয় (অপ-ত্যার্থে)] বি, ভাগিনেয় [প্রা॰ অ॰]।

জাম্ববতী [জাম্ববৎ (ঋক্ষরাজ) + ঈ (অপত্যার্থে)] বি, জাম্ববানের কন্যা; কৃষ্ণের পত্নী। ~বান্-বি, ঋক্ষরাজ জাম্বুবান্। ২ কৃষ্ণের শ্বশুর।

জাম্বীর [শারীর বিজ্ঞা॰ পরিঃ] বি, জম্বীর ফলের আকৃতি জানুমধ্য-ভাগ।

২ [জম্বীর দ্রঃ] বিণ, জম্বীর সম্বন্ধীয় ; জম্বীর ঘটিত।

জাম্বু [সং-জাম্বব, জম্বু] বি, জাম। "আম্বু জাম্বু মুকুলিল"-শ্রী॰ কী॰।

জাম্বূনদ [জম্বুনদ (সুমেরু পর্ব্বতোৎপন্ন নদ) + অ (ভবার্থে)] বিণ, জম্বুনদোৎপন্ন। "জাম্বুনদ স্বর্ণ জিনি গৌর বরণ খানি অরুণ চরণ পীত বাস"-গোবিন্দ॰। ২ বি, জম্বুনদোৎপন্ন স্বর্ণ ; সুবর্ণ ; সোণা।

জাম্বুবান, জাম্বুবান [গ্রা॰ জাম্‌ভুবান্। জাম্ববান দ্রঃ। জাম্বুবৎ অর্থাৎ জামের মত কাল রং আছে যার] বি, কিষ্কিন্ধ্যাপতি কপিরাজ সুগ্রীবের মন্ত্রী।

জায়১ [হি-জায় (যত সংখ্যা হিসাব)। বিপরীত-বেজায়] বি, হিসাব ; কৈফিয়ৎ সহ হিসাব। ২ লিখিত বিস্তৃত বিবরণ। **~বাকী** [হিং-জায় + আ॰-বাকী] হিসাব নিকাস ; হিসাব ফল।

জায়২ [প্রা॰বাং। যায় >। য=জ, অ=য়]ক্রি, যাও ; চল। "তোহ্মে গুরুজন বড়ায়ি আগু জায় তার।"-শ্রী॰ কী॰। **জায়ি**-গমন করি। "আজি সুন্দরী রাধা চলি জায়ি ঘর।"-শ্রী॰ কী॰।

জায়গা [ফা॰-জায়্‌গা(হ্)। জায় (ফা॰-জা, জায়্ (স্থান) + গা (ফা-গাহ্=স্থান, কাল)-একার্থক সহচর শব্দদ্বয়। তুল-জায়গা জমী-স্থান কাল। হি॰-জাগা, জগহ্। বাং-গ্রা কথ্য-'যায়গা', 'জা'গা'] বি, জমী ; ভূমি। প্র-জায়গা কিনিয়া রাখা ; জায়গা জমি করা। ২ স্থান ; স্থল। প্র-এখানে আর জায়গা নাই। বসিবার জায়গা করা। ৩ পরিসর। প্র-কাপড় খানা একটু জায়গা রাখিয়া কাটিও সেলাই করিবার কালে খাট হইয়া না যায়। ৪ ক্ষেত্র ; অবস্থা। প্র-কোন্ জায়গায় কি বলিতে হয় তা সে একেবারে জানে না। ৫ অবসর ; ফাঁক। ৬ সুযোগ ; সুবিধা। ৭ কর্ম্মস্থান ; চাকরীর স্থল। "তোমার বোমঝির জন্য অন্য জায়গা দেখ।"-ভারতী, ১৩২০। ৮ আশ্রয় স্থল। ৯ আধার ; পাত্র। প্র-জিনিস গুলা রাখিবার একটা জায়গা দাও। ১০ আবাসস্থল ; বাসা।

জায়গির, জায়গীর১, জাইগীর [ফা॰-জাইগীর্, জাগীর্] বি, কৃত কর্ম্মের পুরস্কারস্বরূপ রাজদত্ত জমি ; ভূপতির দেওয়া পারিতোষিকস্বরূপ নিষ্করভূমি ; পেন্‌সন-স্বরূপ প্রাপ্ত ভূসম্পত্তি। "এত বলি নিজহস্তে লিখিয়া পরয়ানা। জায়গীর করি দিল দক্ষিণ ময়না।"-ঘ॰। "অর্দ্ধ অঙ্গ জায়গির তবু শিবের মাইনে ভারি।"-রা॰ প্র॰। **~দার** [ফা॰-জায়্‌গীরদার, জাগীর্‌দার্] বিণ, যে জায়গীর পাইয়াছে : জাইগীর ভোগ দখলকারী। বি, **~দারী**-জায়গীরের ভোগ-দখল।

জায়গীর২ [যশো॰ খুলনা অঞ্চলের জঙ্গলি ভাষায়] বি, বানর।

জায়তি [গ্রা॰। সং-জাতপত্রিকা > জং] বি, জন্মপত্রিকা ; কুষ্ঠী ; ঠিকুজী।

জায়দা [গ্রা॰-জ্যায়্‌দা। আ॰-জিয়াদা (হ্)=অধিক। আ॰-জায়্‌দ্=আধিক্য] বিণ, অধিক ; বেশি ; অতিরিক্ত।

জায়দাদ [ফা॰-জাদাদ্=স্থান। হাউটমে জাইদাদ বানান আছে] বি, ভূমিসম্পত্তি। ২ স্থাবর অস্থাবর সম্পত্তি ; সম্পত্তিতে দখলিস্বত্ব property ; chattel.

জায়ফল [সং-জাতি > জাই > জায় + ফল] বি, হরীতকী-জাতীয় কষায় ফল-বিঃ ; পঞ্চকষায়ের অন্তর্গত জাতিনামক ফল-বিঃ nutmeg.

জায়-বেজায় [আ॰-জায়েজ্ বেজায়্‌জ্] অ, ন্যায় অন্যায় ; ভালমন্দ ; বক্তব্য এবং অবক্তব্য। ২ অসম্বদ্ধ কথা।

জায়মান [জন্ (জন্মান) + আন (র্তৃ), জন=জা,-য-ম আগম-যা বা যে জন্মিতেছে] বিণ, জন্ত ; উৎপাদ্যমান।

জায়া [জন্ + য (র্ধি)-"যাতে স্বয়ং আত্মা অপত্যরূপে জন্মগ্রহণ করে" (মহা॰)] স্ত্রি, স্ত্রী ভার্য্যা ; স্ত্রী ; পত্নী ; সহধর্ম্মিণী। ২ [জ্যোঃ] লগ্নের সপ্তম স্থান। **~জীব** [জায়া দ্বারা আজীব (জীবিকা) যার, বহু॰-যে স্ত্রীর দ্বারা জীবিকা নির্ব্বাহ করে] বি, নট ; নটীর স্বামী। "পুলিন্দ কিরাত কোল, হাটেতে বাজায় ঢোল, জায়াজীব বসিল কেওলা।"-কবিক॰। **~ত্ব** [জায়া + ত্ব (ভা॰)] বি, ভার্য্যাত্ব ; পত্নীভাব। **~নুজীবী** [জায়া দ্বারা অনুজীবী। অনু-জীব্ (বাঁচিয়া থাকা) + ইন্ (র্তৃ)। পুং-অনুজীবিন্ ১মা, ১ম-যে ভার্য্যার উপার্জ্জিত অর্থ দ্বারা জীবিকা-নির্ব্বাহ করে] বি, নট। জায়াজীব দ্রঃ। **~পতি** [জায়া এবং পতি (দ্বন্দ্ব)] বি, পতিপত্নী ; স্বামীস্ত্রী ; স্ত্রীপুরুষ। "উরাঁ উরাঁ ডাকে সুত দুজনে পুলকযুত জায়াপতি সকল মানস।"-কবিক॰।

জায়ু [জি (জয় করা) + উ (র্তৃ)] বি, রোগনাশক ঔষধ। **~জঁ ব্যাধি** [সুশ্রুত] বি, আফিং, পারদ, সেঁকোবিষ ই॰ ঔষধ দীর্ঘকাল ধরিয়া অধিক পরিমাণে সেবন-জনিত চিররোগের লক্ষণসদৃশ যে উপসর্গাদি রোগীর দেহে বর্ত্তমান থাকে drug disease.

জায়েজ [আ॰-জায়েজ্] বিণ, যথাবিধি ; আইনসঙ্গত ; কানুনমত। ২ ঠিক ; যথা-রীতি ; সঙ্গত। বিপরীত-না-জায়েজ।

জার১ [জৃ (জীর্ণ করা, ক্ষয় করা) + অ (র্তৃ)-যে দাম্পত্যপ্রণয় কীটের ন্যায় জীর্ণ করে] বি, উপপতি ; গুপ্তপতি। "প্রতাপ কি তোমার জার?"-চন্দ্রশেখর। "জারগত তার চিত্ত হৈল রাত্রিদিন।"-শি॰। **~জাত** [জারজ দ্রঃ] বি, জারজ। "লোকে অপযশ গায়, জারজাত কহে তায়, কোথা গেল দেবতাসভায়।"-কবিক॰।

জার২ [জাড় দ্রঃ। ড়=র প্রাদে॰] বি, শীত।

জার৩ [অঘোর দ্রঃ > ঘর >, প্রাদে॰, গ্রা॰] বি, অঘোর ; অজস্রধার।

জারক [জৄ + অক (র্তৃ)-যা জীর্ণ করে] বিণ, যা পরিপাক করায় ; হজমী। ২ যা জরায় বা জীর্ণ করে।

জারজ [জার (উপপতি) জ-জন্ + অ (র্তৃ, যে জন্মে) যে জার হ'তে জন্মে, উপ॰] বি, জারের ঔরসজাত পুত্র ; বেজন্মা। ২ বিণ, জারজাত। স্ত্রীং ~া-জারজাতা কন্যা।

জারণ [জৄ + ণিচ্=জারি (জীর্ণ করা) + অন (ভা॰)] বি, পরিপচন ; পরিপাক করণ ; জীর্ণকরণ। ২ জ্বালন ; দহন। "লোহ যেন করয়ে জারণ"-বৈ॰ পা॰। ৩ ধাতুশোধন ; ধাতুমারণ reducing metal. ৪ [অন (র্তৃ)] বিণ, জীর্ণকারী ; জারক ; হজমী। **বিষজারণ**-প্রক্রিয়া দ্বারা বিষের দোষ নষ্ট করা। **রৌপ্যজারণ**-রৌপ্যমারণ। **হেমজারণ**-স্বর্ণমারণ।

জারব [জারা₂ দ্রঃ] ক্রি, জীর্ণ হইবে ; জীর্ণ হয় ; শুকায়। "হিমকর কিরণ নলিনী যদি জারব কি করব মাধবী মাসে"-বিঃ পঃ।

জারা₁ [ইং-jarrah] বি, বৈদেশিক বৃক্ষবিঃ। ২ জারাকাঠ।

জারা₂ [জারণ দ্রঃ। জারি,জার, জারে ; জারিতে (কেঃ-জারতে) ; জারিয়া (কেঃ-জেরে) পিজন্ত-জারানি] ক্রি, জীর্ণ করা ; ধাতু মারা ; ভস্ম করা ; শোধন করা। ২ জর্জ্জরিত করা। [ব্রজঃ] জায়ল-জর্জ্জরিত করিল ; জীর্ণ করিল ; দগ্ধ করিল। "সহজে ননীক পুতলি গোরী, জারল বিরহ আনল তোরি॥" -জ্ঞানঃ। "খলের খলনে জারে সেই জনে কলঙ্ক ঘোষয়ে লোকে"-চণ্ডিঃ। ৩ বিণ, জীর্ণ ; দগ্ধ ; জারিত ; জর্জ্জরিত। ~জারা [তুল-ফা-জারজার (আর্ত্তনাদ)। জরজর দ্রঃ] বিণ, জর্জ্জরিত। "জারাজারা কৈল সারা যম-দূতগণে।"-শিঃ।

জারি₁, জারী [আঃ-জারী=আরম্ভ, চলতি] বি, আরম্ভ ; সূত্রপাত। ২ প্রচার ; প্রবর্ত্তন। ৩ বিণ, প্রচলিত ; প্রবর্ত্তিত ; "মনুর শাস্ত্র শুধরে দিয়ে নূতন বিধি করব জারি।"-রবীঃ। ৪ কার্য্যে পরিণতি ; কার্য্য ; ব্যবহার ; প্রয়োগ। "প্রাতঃকালে জারি হবে নূতন আইন।"-হেমঃ। ৫ জাহির ; জাঁক ; আত্মপ্রশংসা। জারি-জুরি,-জোরি [জারি (প্রচার, বাহাল) + জুরি (আ-দোর=অত্যাচার, জবরদস্তি > প্রতাপ)-জোর জারি থাকার ভাব] বি, দর্প ; দম্ভ। ২ তেজ ; প্রভাব ; শক্তি প্রকাশ। "হায় কি হল হেম, নবীনের, নাইকো জারিজুরি।"-হেমঃ।

জারি₂,-রী [ফা-জারী (ক্রন্দন করা)] বি, পূঃ বঙ্গের প্রসিদ্ধ গ্রাম্য গানের সুর। "জারি-গান গাওয়া"। কারবালায় নিহত শহীদকে অবলম্বন করিয়া রচিত করুণ রসাত্মক গীত। মহরমের সময় বাঙ্গালার বহু স্থানে গীত হয়।

জারিত [জারা দ্রঃ] বিণ, জীর্ণ ; শোধিত ; মারিত।

জারুয়া [জার (দ্রঃ)+উয়া] বিণ, জারজ। ২ উপপতি।

জারুল, জাড়ুল-বি,প্রসিদ্ধ বৃক্ষবিঃ। ইহার কাঠে আসবাবপত্র নির্ম্মিত হয়।

জারেজার [ঝুরিয়া ঝুরিয়া >। জারা₂ দ্রঃ। পূঃবঃ-গ্রীঃ] অ, অঝোরে, ঝুরে ঝুরে।

জার্ব্ব [জোরজবর >। অসি ও লাঠি-খেলায়] বি, অসি বা লাঠির যে গতি কনুয়ের সন্ধি হ'তে উৎপন্ন হয় ; সাপ্টা বাড়ি।

জাল₁ [জল্ (আচ্ছাদন করা) + অ(র্ত্তৃ)] বি, জীবজন্তু ধরিবার তন্তু সূত্র বা লৌহতার-নির্ম্মিত যন্ত্র ; পাশ ; ফাঁদ। ২ আচ্ছাদন বস্ত্রবিঃ। ৩ [জালের আকারে নির্ম্মিত বলিয়া] গবাক্ষ। ৪ মাকড়সার জাল ; লূতা-তন্তু। ৫ চক্ষের তারার উপর আবরণ পতন-রূপ রোগ ; ছানী। ৬ মিথ্যা ; প্রবঞ্চনা। ৭ সমূহ। ৮ বিণ, ঝুটা ; কৃত্রিম ; মেকি ; ৯ [জাল₄ দ্রঃ] ছদ্মবেশী ; ভণ্ড। জাঃ করা-কৃত্রিম করা ; ঠকাইবার বা ধোঁকা দিবার জন্য সত্যের অনুরূপ করিয়া নকল করা বা গড়া। মাছধরা জাল-সূত্রনির্ম্মিত জাল। [বিবিধ আকারের জাল বিভিন্ন নামে অভিহিত। আটোল, ইল্‌শে, উথা বা উথো, কুঁড়াজাল (-জালী), খুচান, জাল, খোট, খেপলা, খেয়া, গাঁতি, ঘুনী, ঘুরণ, চাঁই, চাক্‌নি, চালা, চুনা বা চুনো, ছিটকে, জগৎবেড়, জোর, টানা, ধর্ম্মজাল, ধোচনা, পাঁতি, ফেটা বা ফেটী, বিন, ভাসা, মৈয়ে, শ্যাংলা, সিউনী বা সেউনে ইঃ জাল যথাস্থানে দ্রঃ। জালের বিভিন্ন অংশের নাম-কাঁঠি-জাল ভারি করিতে জালের প্রান্ত-ভাগে যে লোহা, সীসা বা পোড়া মাটির গোলা বা পাত ঝুলিতে থাকে। ডুরি-জাল গুটাইয়া তুলিবার সূতা। পতর, পাতি, ফাঁদকাঠি-জালের ফাঁদ করিবার পাতলা বাঁখারী। ফঁরদ, ফালি-একটানায় বোনা জালের অংশ। বেটে-জাল বোনার সূতা]। জাঃ গুটানি-জালে যা পড়িয়াছে তাহা সূতা টানিয়া জাল গুটাইয়া সংগ্রহ করা। ২ যা ছড়াইয়া আছে তাজড় করা। ৩ কর্ম্মক্ষেত্র সঙ্কুচিত করা। ৪ কর্ম্ম-শেষে প্রস্থানের উদ্যোগ করা। "জাল গুটাইবার আয়োজন করিতে লাগিলেন।"-ভারতী ১৩২০। ~ছেঁড়া পোলোভাঙ্গা-বহু বিপদের হস্ত হ'তে পরিত্রাণ-প্রাপ্ত ; আট-পিটে ; পোড়খেকো।

জাল₂ [জ্বালা > জালা >। প্রাঃ-বাং] বি, জ্বালা ; দাহ ; যন্ত্রণা। "বাঁশীর শবদে প্রাণ কেহ জাল করে ল"-শ্রীঃ কীঃ।

জাল₃ [শ্রীহট্ট প্রদেঃ। 'যাতৃ' >। বাঃ= জা। তুল-জা জিউলি] বি, যা ; পতির ভ্রাতৃ জায়া। "নিম তিতা, নিসিন্দা তিতা, তিতা থেকৈর ছাল। সকল থাক্যা অধিক তিতা বোনে বোনে জাল॥"-শ্রীহট্টিয়া প্রবচন।

জাল₄ [আঃ] বি, কপটলেখ্য ; মেকি।

জালক [জাল + ক (জ্ঞাঃ)] বি, ক্ষুদ্রজাল। ২ ফুলের কলিকা॥ ৩ কুষ্মাণ্ড, ঝিঙা ইঃ ফলের প্রথমাবস্থা। ৪ [জাল₁,জাল₄ দ্রঃ] বিণ, জালকারক। স্ত্রীঃ জালিকা-মৌচা।

জালকারক [জালের কারক-৬তৎ। ক্ষুদ্র মক্ষিকা ধরিবার জন্য যে পাশ নির্ম্মাণ করে] বি, মাকড়সা। ২ [জাল₄ (forgery) কারক] বিণ, জালকারী ; জালিয়াৎ forger.

জালকীট [জাল নির্ম্মাণকারী যে কীট -খা] বি, মাকড়্‌সা।

জালগর্দ্দভ-বি, চর্ম্মরোগবিঃ ; বিসর্প-রোগ cutaneous erysipelas.

জালগাঁঠি [সং-জালগোটিকা] বি, জাল ভারি করিবার জন্য জালের প্রান্তভাগস্থ ধাতুগোলক ; কাঁঠি। ২ দীর্ঘাকার ঘাসবিঃ ; panicum javanicum.

জালগোণিকা [সং] বি, ঘোলমওয়া ভাঁড়।

জালজীবী [জাল দ্বারা জীবী (যে জীবন ধারণ করে), ৩তৎ] বি, ধীবর ; জেলে।

জালতি [জাল + তি (ক্ষুদ্রার্থে)] বি, ক্ষুদ্র জাল। ২ গাছের ফল রক্ষার জন্য ঢাকা দিবার জাল ; জালবৎ বস্ত্র। ৩ ফল পাড়িবার জাল বাঁধা আঁকশী। ৪ পশুর থুথনি অর্থাৎ নাকমুখ ঢাকিবার জাল ; মুখস muzzle.

জালনা-জানলা দ্রঃ।

জালন্ধর-বি, পাঞ্জাবের অন্তর্গত জেলাবিঃ। ২ বিণ, জলন্ধর নিবাসী।

জালপাদ [জাল যুক্ত বা জালের ন্যায়

লিপ্ত পাদ (পা) যার-বহু°] বি, হংস ও হংস-পক্ষী জীব।

ˋজালসাজ [আ-জাল+ফা° -সাজ (কারক)] বিণ, জালকারক; জালিয়াৎ forger. বি, জালসাজি-প্রবঞ্চনা; জালিয়াতি forgery.

ˋজালা১ [সং-অলিঞ্জর মাটির বৃহৎ জলপাত্র। তুল-ফা°-জার্‌=জলপাত্র। ইং jar] বি, জল রাখিবার বৃহৎ মৃৎপাত্র; দীর্ঘাকার স্থূলোদর মৃৎপাত্র; অলিঞ্জর। "জালায় নাহিক জল"-ঈ° গুপ্ত।

জালা২ [প্রা°বাং প্রাকৃ°। জাল২ জ্বালা দ্রঃ] বি, জ্বালা। "কুসুম শর জালা"-শ্রী° কী°। ~এ=জালায়। জালিল=প্রজ্বলিত করিল। জালী-প্রজ্বলিত করিয়া। জালে, -লেঁ -জ্বালায়। "বিষের জালে দগধ পরাণ"-শ্রী° কী°।

জালা৩ [শ্রীহট্ট প্রাদে°। প° বঙ্গে-জালি] বি, অঙ্কুর। "ধানের জালা" (অঙ্কুরিত ধান্য)। প্র-ধানে, আম গাছে, মুগে ই° জালা ধরা (=অঙ্কুরিত হওয়া)।

জালানি [প্রা°-বাং। জ্বালান দ্রঃ] ক্রি, দগ্ধ করা; পোড়ান। ২ অগ্নিসংযোগ করা; দীপ্ত করা। "চন্দনর কাট দিলা ঘৃত ধুনা দিয়া। ব্রহ্ম অগ্নি দিআ রামাই, দিল জালাইআ॥" -শূ° পু°। "সুবন্নদীপ জালিয়া"-ঐ।

জালি [জালক দ্রঃ। জাল+ই° (ক্ষুদ্রার্থে)] বি, কোরক; ফলের প্রথম অবস্থা। "জালি ধরা; কুমড়া জালি" ই°।

জালিক [জাল+ইক] বিণ, জালজীবী। ২ জালকারী। ৩ প্রবঞ্চক। ৪ জালসাজ। ৫ বি, ধীবর; জেলে। ৬ ব্যাধ। ৭ মাকড়সা। স্ত্রীং জালিকা-মুখাবরণ। ২ বর্ম; তারের জালবোনা সাঁজোয়া। ৩ [সং জলিকা >] জলৌকা; জোঁক।

জালিনী [(জাল+ইন্ (স্ত্য)। মু° জালিন্-ঈ, স্ত্রীং আলোক প্রবেশের জন্য জালযুক্ত] বি, চিত্রশালিকা; অঙ্গনাগার। ২ [জালময় বলিয়া শুকাবস্থায় দৃষ্ট হয়] ঝিঙা; ধুঁধুল।

জালিম [আ° জালিম] বি, জুলুমকারী ব্যক্তি; অত্যাচারী ব্যক্তি। ২ বিণ, অত্যাচারী; নিষ্ঠুর; জুলুমকারী।

জালিয়, -য়া [জাল+ইয়] বি, জালকারক। ২ জেলে; ধীবর। ৩ ব্যাধ।

জালিয়াৎ [আ-জাআল=কৃত্রিম] বিণ, জালকারক; কৃত্রিম খৎ লেখক। বি, জালিয়াতি-কপটতা; প্রবঞ্চনা। ২ জালখৎ লেখা।

জালী১ [জালি দ্রঃ] বি, বেগুন, শসা, ঝিঙে, কুমড়া ই°-র খুব কচি ফল। জা° পান্তুয়া [তুল-পান্ত রসগোল্লা] যে পান্তুয়া ভিতরে মৌচাকের মত ফোঁপরা ও সরস থাকে।

জালী২ [হি°-জারি। জারক দ্রঃ] বি, আচার বিঃ (কাঁচা আম পিষিয়া সরিসাবাটা লবণ, ভাজা হিং মিশাইয়া প্রস্তুত করা হয়)।

জাল্ম [জল (আচ্ছাদন করা)+ম (র্ত্তৃ-জ্ঞা°)] বিণ, নিম্ন সাধারণ লোক; ইতর-লোক। ২ বিণ, মূর্খ। ৩ অবিবেচক। ৪ হিংস্র; ক্রূর। ৫ নীচ; দুরাত্মা; পামর। ৬ নিষ্ঠুর; নির্দ্দয়। ৭ জড়।

ˋজাশু, ˋজাসু, জাসূদ, ˋজাসূস [আ°-জাসূস্=গোয়েন্দা, দূত। সং-জাসূদ-"জাসূদশ্চারনায়কঃ"-রাজ ব্যবহার কোষ] বি, গোয়েন্দা; চর। "পথিক পাইলে জাশু বলি লয় প্রাণে।"-চৈ° ভা°। ২ চতুর; ঝানু। ৩ অগ্রগণ্য; চাঁই। "তুই বেটা সিঁদেলের জাশু।"-গোপাল উড়ে।

জাস্তি [আ-জিয়াদতি=আধিক্য; আত্যন্তিকতা। তুল-ফা°-জস্তা=উল্লম্ফিত; তুল-by leaps and bounds. বি, আধিক্য; অতিরিক্ত পরিমাণ।

ˋজাহ, ˋজাহা [প্রা°-বাং। য=জ] ক্রি, যাও; চল। "সুরতি মাগিআঁ রাধা জাহা নিজ ঘর।"-শ্রী° কী°।

ˋজাহাঁপনা [ফা°-জাহান (পৃথিবী, জগৎ) পনাহ্ (শরণ, আশ্রয়)-জগৎ-শরণ, জাহান্=জাহাঁ। সমাসে ও ছন্দের অনুরোধে ফা°-তে 'ন' পূর্ব্ব-বর্ণে ঁ রূপে যুক্ত হয়] বি, জগদাশ্রয়; প্রভু lord. ২ বাদশাহ প্রভৃতির প্রতি উচ্চসম্মানসূচক সম্বোধন।

ˋজাহাঁবাজ, জাঁহাবাজ [ফা°-জাহান্ (জগৎ, দুনিয়া)+ফা° বাজ্ (র্ত্তৃ, দর্শক অর্থে)-যে দুনিয়া দেখিয়া দেখিয়া বহু দর্শন লাভ করিয়াছে। তুল-জাহান্দীদা=বহুদর্শী] বিণ, বহুদর্শী। ২ [সাধাঃ কদর্থে প্রয়োগ] দুনিয়াদার; ঝানু; কূটবুদ্ধি ও দজ্জাল। "অমুন জাঁহাবাজ মেয়ের ঠাঁই আমার এ বাড়ীতে হবে না।"-ভারতী, ১৩২°।

ˋজাহাজ [আ°-জহাজ] বি, বৃহৎ জলযান; অর্ণবপোত। "রেলে কি জাহাজে গেলে কেহ তারে ঠেলে ফেলে।"-চন্দন। ২ উটের পিঠের পালান। [দ্রঃ-জাহাজের ভিন্ন ভিন্ন কর্ম্মচারী -নাখোদা-প্রধান কর্ম্মচারী; কাপ্তেন। মালিম, মালুম-যন্ত্র সাহায্যে দিক্‌নিরূপণকারী; রাত্রে তারা লক্ষ্য করিয়া জাহাজের গতি নির্দ্দেশক ও বন্দরসমূহের সংবাদরক্ষক। মেটখালাসী -পাইলের অধ্যক্ষ; বায়ুর গতি অনুসারে পাল তোলা, পাল সাজান ই° কার্য্যকারক। সারেঙ্গ-মেট খালাসীর নিম্নতন কর্ম্মচারী; যে জাহাজ চালান, জাহাজ বাঁধা, জল মাপার কাজ করে। পাস্তেরী-যে মাস্তুলের উপর বসিয়া ঝড় বা অন্য জাহাজ আসিতেছে কিনা তার সংবাদ রাখে। শুকানি, ছুয়ানি, কর্ণধার-গতি-নির্দ্ধারক কর্মচারী; দিনে এক ও রাত্রে দুইজন নিযুক্ত থাকে। ভাণ্ডারী-জাহাজের ভাণ্ডার-রক্ষক। ৺করাণী-নিত্য নৈমিত্তিক ব্যয়ের হিসাবরক্ষক। গুমটী-যারা জাহাজের খোলের জল সেচিয়া ফেলে। গোলন্দাজ-জাহাজ হ'তে যারা তোপ দাগে। পাটুলি-যারা পাইলটের (pilot) কাজ করে; খেয়া ঘাটে পারাপারকারী]। ~-জাহাজ-বহু জাহাজ-পূর্ণ; প্রচুর; বিস্তর। আদার ব্যাপারীর জাহাজের খবর-অল্প মূলধনের গ্রাম্য ব্যবসাদারের বিস্তৃত বহি-র্বাণিজ্য সম্বন্ধে সংবাদ বা বামনের চাঁদ ধরিতে যাওয়াবৎ উপহাস্য।

ˋজাহাজী [আ-জাহাজী] বিণ, জাহাজ-সম্বন্ধীয়। ২ জাহাজবাহিত; বিদেশ হ'তে সমুদ্র পার করিয়া আনীত। প্র-জাহাজী

গুপারী ; জাহাজী নারিকেল। ৩ যে জাহাজে কাজ করে ; নৌকর্মচারী ; সুতরাং দেশীয় সমাজে যে বড় একটা থাকে না। > ৪ দেশাচার সম্বন্ধে অনভিজ্ঞ ; গোঁয়ার। প্র-জাহাজী গোরা। ৫ [ঢাকা প্রাদে°] জাহাজের মালিক।

ˋ**জাহান্নম** [ফা°—জহন্নম্ > বাং প্রং জাহান্নম] বি, মুসলমান ধর্মশাস্ত্রানুযায়ী নরক। **জাহান্নমে যাওয়া**-নরকে যাওয়া। ২ কুপথে যাওয়া ; কুচরিত্র হওয়া ; গোল্লায় যাওয়া। **জাহান্নমে দেওয়া**-ক্রি, কুপথের পথিক করা ; নষ্ট করা ; সর্বনাশ করা। "আস্কারা দিয়ে ওকে জাহান্নমে দিচ্ছো।"—বা° বসুমতী, ১৩৩৪।

জাহির [আ°—জাহির্] বিণ, ব্যক্ত ; প্রকাশিত। ২ উন্মুক্ত। ৩ বাহির। "জাহির করিল যে যে ভূপতির আগে। যত নগরের লোকে ধরে খেলে বাঘে॥"—ঘ°। ৪ প্রচার।

ˋ**জাহ্নবী** [জহ্নু (মুনিবিঃ)+অ (অপত্যার্থে)+ঈ, স্ত্রীং। প্রা° জান্নবী] বি, জহ্নুকন্যা (দ্রঃ) ; ভাগীরথী ; গঙ্গা।

জি১, **জী** [সং-জিহ্বা > প্রং] বি, জিহ্বা ; রসনা। "পরাণ ত্যজেছে বাধা যায় করে জি।" "মুখে না নিঃসরে বাণী শুকাইল জি।"—ঘ°। ২ জীরা দ্রঃ।

জি২ [জী দ্রঃ। প্রা°-বাং। হি°—জিআ=জীবন] বি, জীবন ; প্রাণ। ক্রি, **জিআ**-বাঁচা ; জীবন ধারণ করা। **~অ**=বাঁচ ; **~অতেঁ**=জীবন থাকিতে। "জিঅঁতে মা এড়ে রাধা কাহাক্রি তোর পাশ।"—শ্রী° কী°। **~আঅ**=বাঁচাও। **~আইআঁ**=বাঁচাইয়া। **~আইতেঁ**= বাঁচাইতে। **~আইল** = বাঁচাইল। **~আইবারে** =বাঁচিবার নিমিত্ত। **~আএ**=জীবিত রাখে। **~আঁ**=বাঁচিয়া। **~এ**=বাঁচে। **~তে**=বাঁচিবার নিমিত্ত। **~বোঁ** =বাঁচিব। —শ্রী° কী°। **~লাহোঁ**=বাঁচিলাম। **~লী**-বাঁচিল। "তোহ্মার পুনে জিলী পদ্মনাভ বী" —শ্রী° কী°। "মরিলা জিলী রাধা গোকুল সমাজে"—ঐ।

[সং জীব > হি° জিউ। প্রা° বাং] বি, জীবন ; প্রাণ। "জঠর অনলে যেন জিউ জ্বলে মোর।"—শি°।

জিউলী, জিওল [জাওলা দ্রঃ। জীব +বালা। তুল-জানবর্, জানদার] বি, মদ্গুরাদি মৎস্য। ২ প্রসিদ্ধ বন্যবৃক্ষ ; (সহজে মরে না বলিয়া নাম)।

জিওল [জিবল >। সহজে মরে না বলিয়া নাম। সং-জিঙ্গিনী odina wadier. স্থানভেদে নামভেদ-২৪-পরগণা অঞ্চলে 'জিবল, জিউলী (দ্রঃ), জিওল, জিয়ল' ; রাঢ়ে কাশীমোল্লা (সং-কাশাল্মলী) ; সং নামান্তর গুড়মজ্জমিকা > গুলজুলী] বি, জিঙ্গিনী ; জিগর গাছ। প্র-"জীওলের আঠা।"

জিগমিষা [গম্+স (ন্, ইচ্ছার্থে) গ=জ-ই আগম=জিগমিষ+অ (ভা°)+আ স্ত্রীং] বি, গমনের ইচ্ছা।

জিগমিষু [গম্+স (ন্, ইচ্ছার্থে)=জিগমিষ+উ (র্কৃ)] বিণ, গমনোৎসুক।

জিগর [জাগরণ দ্রঃ] বি, পারমার্থ গান।

জিগানি [জিজ্ঞাসা > প্রা°] ক্রি, সুধান ; জিজ্ঞাসা করা।

জিগির, জিগীর১ [ফা°—জিগর্] বি, বিশেষ জোর emphasis ; নির্বন্ধাতিশয়। ২ উচ্চ চীৎকার ; জয়োল্লাস। "সুবিধা পাইয়া তাহির হইল উজীর। বেজুটিয়া পরগণায় ছাড়িল জি°॥"—যশো°-খুলনার ইতিহাস। **জি° দিয়া বলা**-বিশেষ করিয়া উল্লেখ করা ; নির্বন্ধসহকারে বলা।

জিগীর২ [ফা°—জিগর (সাহস) >] বিণ, সাহসী ; নির্ভীক।

জিগী/ষা [জি (জয় করা)+স (ন্, ইচ্ছার্থে) জি=গী=জিগীষ+অ (ভা°)+আ স্ত্রীং] বি, জয়াভিলাষ ; জয়েচ্ছা। **~ষু** [জিগীষ+উ (র্কৃ)] বিণ, জয়োৎসুক ; জয়েচ্ছু। ২ উন্নতি বা উৎকর্ষলাভেচ্ছুক।

জিঘৎ/সা [অদ্ (ভোজন করা)+স (ন্, ইচ্ছার্থে)=জিঘৎস+অ (ভা°)+আ (স্ত্রীং)] বি, ভোজনেচ্ছা ; বুভুক্ষা। **~সু** [জিঘৎস +উ (র্কৃ)] বিণ, ভোজনেচ্ছু ; ক্ষুধিত।

জিঘাং/সা [হন্ (বধ করা)+স (ন্, ইচ্ছার্থে)=জিহন্স, হ=ঘ, ন্=ং। জিঘাংস+অ (ভা°)+আ, স্ত্রীং] বি, বধেচ্ছা ; হননের চেষ্টা। বিণ, **~সিত**-যার প্রাণহিংসা করা হইয়াছে। **~সক** [হন্ (সনন্ত)+অক (র্কৃ)] বিণ, বধেচ্ছু ; হত্যা করিবার ইচ্ছাযুক্ত। **~সাবৃত্তি**-প্রাণনাশের প্রবৃত্তি। ২ জীবহত্যা কার্য্য। **~সু** [হন্+স (ন, ইচ্ছার্থে)-জিঘাংস+উ (র্কৃ)] বিণ, হননেচ্ছু।

জিঘৃ/ক্ষা [গ্রহ্+স (ন, ইচ্ছার্থে)=জিঘৃক্ষ+অ (ভা°)+আ (স্ত্রীং)] বি, গ্রহণেচ্ছা ; লিপ্সা। **~ক্ষু** [জিঘৃক্ষ+উ (র্কৃ)] বিণ, গ্রহণেচ্ছু ; লোভী।

জিঘ্র [ঘ্রা (গন্ধ গ্রহণ করা)+অ (র্কৃ)। ঘ্রা=জিঘ্র্] বিণ, ঘ্রাণকারী। [প্র° অ°]।

জিঙ্কার [হুঙ্কার ও গুঞ্জরি দ্রঃ] বি, গর্জ্জন। "তাহার জিঙ্কারে কাঁপে দোমাহালা ঘর"—পূ° ব° গী°।

জিঙ্গল [প্রাদে° পূ° বঙ্গ] বি, ছড়ি। "গুইল পিডলি পিডন দিল বাঁশের জি° দি" —পূ° ব° গী°।

জিজিয়া [আ°—জিজ্য়া] বি, বাদশাহী আমলে অমুসলমান প্রজার উপর ধার্য্য কর।

জিজির [ফা°—জন্জীর্] বি, শৃঙ্খল ; শিকল ; জিঞ্জির দ্রঃ। "সোণার জি° দিল, কাণে দিল সোণা"—ঘ°। **জি° কাঠি**-খোঁপায় গুঁজিবার রূপার কাঠি যার মাথায় শিকল সংলগ্ন ঘুঙুর গাঁথা থাকে।

জিজীবিষা [জীব্ (বাঁচা)+স (ন্, ইচ্ছার্থে)=জিজীবিষ+অ (ভা°)+আ, স্ত্রীং] বি, জীবিত থাকিবার ইচ্ছা। > বিণ, **জিজীবিষু**-বাঁচিতে ইচ্ছুক।

জিজ্ঞা/সক [জিজ্ঞাসা দ্রঃ] বিণ, যে জিজ্ঞাসা করে ; প্রশ্নকর্তা। **~সন** [জিজ্ঞাসা দ্রঃ] বি, প্রশ্নকরণ ; অনুসন্ধান। **~সনীয়** [জিজ্ঞাসা (দ্রঃ)+অনীয় (র্ম্ম)] বিণ, জিজ্ঞাস্য ; প্রষ্টব্য। **~সমান** [জ্ঞা (জানা)+স (ন্, ইচ্ছার্থে)=জিজ্ঞাস + আন (র্কৃ, ম আগম)] বি, যে প্রশ্ন করিতেছে ; জিজ্ঞাসু ; অনুসন্ধিৎসু।

জিজ্ঞাসা১ [প্রা°—জিগ্গেসা, জিগ্যেস, জিগেস, 'জিগ্যেস'। "খবর জিগ্যেস

করলেন।"-আ°শক্তি। জ্ঞা (জানা)+স (ন্ ইচ্ছার্থে বিধ)=জিজ্ঞাস+অ (ভা°)+আ, স্ত্রীং-জানিতে ইচ্ছা] বি, প্রশ্ন। ২ জানিবার ইচ্ছা; অনুসন্ধানের ইচ্ছা। ৩ কৌতূহল নিরাকরণার্থ উত্তর প্রার্থনা। ৪ [অর্থ শা°] "ইহা কি প্রকারে হইল?"- এই প্রশ্ন; কৈফিয়ৎ। ~বাদ-জিজ্ঞাসা ও বার্তা; সংবাদ দান ও গ্রহণ; আলাপ।

জিজ্ঞাসা$_2$ [জিজ্ঞাসা দ্রঃ। জিজ্ঞাসি, জিজ্ঞাস, জিজ্ঞাসে; জিজ্ঞাসিতে; জিজ্ঞাসিয়া] ক্রি, জিজ্ঞাসা করা; প্রশ্ন করা; অনুসন্ধান করা। ~র্হ [জিজ্ঞাসা+অর্হ] বিণ, জিজ্ঞাসার যোগ্য; প্রশ্ন করিবার উপযুক্ত।

জিজ্ঞাসিত [জ্ঞা+স (ন্ ইচ্ছার্থে)= জিজ্ঞাস+ত (র্ম্ম), ই আগম] বিণ, যার সম্বন্ধে প্রশ্ন করা হইয়াছে; অনুসন্ধিত; পৃষ্ট।

জিজ্ঞাসু [জ্ঞা+স (ন্ ইচ্ছার্থে)= জিজ্ঞাস+উ (র্তৃ)] বিণ, জিজ্ঞাসা করিবার জন্য উন্মুখ; জিজ্ঞাসাকারী; জানিতে ইচ্ছুক বা অভিলাষী। ২ আত্মমুক্তি কামনায় তত্ত্বজ্ঞান লাভেচ্ছু; মুমুক্ষু।

জিজ্ঞাস্য [জ্ঞা+স (ন্ ইচ্ছার্থে)= জিজ্ঞাস+য (র্ম্ম)] বিণ, জিজ্ঞাসার বিষয়ীভূত। ২ প্রশ্নের যোগ্য। ৩ অনুসন্ধেয়। ৪ বি, প্রশ্ন; জিজ্ঞাসার বিষয়। ~মান [জ্ঞা+সন্ (ইচ্ছার্থে)=জিজ্ঞাস+আন (র্ম্ম) ম্-আগম্] বিণ, যার সম্বন্ধে প্রশ্ন করা যাইতেছে; যে বিষয়ে অনুসন্ধান চলিতেছে।

জিঞ্জির, জিঞ্জীর [ফা-জন্‌জীর্। জিঞ্জির দ্রঃ] বি, শৃঙ্খল; শিকল। ২ দ্বীপান্তর। "জিঞ্জির হইতে ফিরিয়া আসিলে তাহার সমন্বয় হইয়াছিল।"-টেকচাঁদ।

জিঠি [জ্যেষ্ঠ>] বি, টিকটিকী। "হাঁচি জিঠি বাধা বিস্তর পড়িল"-মাণিক° গান।

জিৎ [জি (জয় করা)+ক্বিপ্ (র্তৃ, ত্ আগম-ক্বিপ্ লোপ] বিণ, জয়কারী; যে জয় করে। দ্রঃ-স্বতন্ত্র ব্যবহার নাই অন্যশব্দ সংযুক্ত হইয়া অর্থ প্রকাশ করে। প্র-বিশ্বজিৎ। রণজিৎ।

জিত [জি (জয় করা)+ক্ত (র্ম্ম)] বিণ, কৃতজয়; বশীভূত; পরাজিত; পরাভূত। ২ আয়ত্ত। ৩ [ভা°] জয়। প্র-এ যুদ্ধে জয় জিত হইয়াছে। স্ত্রীং জিতা। ~কাশী [জিত-কাশ্ (দীপ্তি পাওয়া)+ইন্ (র্তৃ)- জিতকাশিন্ ১মা ১ব°] বিণ, জয়শীল। ২ গর্ব্বিত। ~ক্রোধ [জিত (সংযত) ক্রোধ যার, বহু°] বিণ, যে ক্রোধ জয় করিয়াছে; সংযত-ক্রোধ; ক্ষমাশীল; শান্ত-প্রকৃতি; সহিষ্ণু। ~শত্রু [জিত (পরাজিত) শত্রু (রিপু) যৎকর্ত্তৃক, বহু°] বিণ, যে শত্রুকে দমন করিয়াছে; শত্রুজয়কারী; জিতারি। হারজিত-জয়-পরাজয়।

জিতা$_1$ [জিত দ্রঃ] বি, যে স্ত্রীকে জয় করা হইয়াছে; পরাজিতা। "অতএব ধর্ম্মজিতা কৃষ্ণাকে তুমি কি প্রকারে জিতা নহে বলিয়া স্থির করিতেছ?"-মহা° (বর্দ্ধ°)।

`জিতা$_2$, `জেতা [সং-জি=জয় করা >জিত (জয়)+আ (বাং-ক্রিয়া বিভক্তি)। জিতি, জিত, জেত (জিতুন্, জিত্, জেত্); জিতে, জেতে (জিতেন, জেতেন); জিতিতে (কো°জিততে); জিতিয়া (কো° জিতে, পদ্যে-জিতি)। ণিজন্ত- জিতান, জেতান] ক্রি, জয় করা। "দশে মিলি করি কাজ হারি জিতি নাহি লাজ।" "কটি পীত পট কিঙ্কিণী রাজ মদ গতি জিতি কুঞ্জররাজ আজানুলম্বিত কদম্বমাল মত্ত মধুকর ভোরণী॥" -ব্রজ পরিক্রমা।

জিতাক্ষর [জিত (পরাজিত) অক্ষর (বর্ণ) যৎ কর্ত্তৃক, বহু°] বিণ, যে যে-কোনরূপ অক্ষর উত্তমরূপে পড়িতে পারে; উত্তম পাঠক।

জিতাত্মা [জিত (পরাজিত) আত্মন্ (আত্মা) যৎ কর্ত্তৃক, বহু, যে আত্মাকে জয় করিয়াছে] বিণ, জিতেন্দ্রিয়। >বি, জিতাত্মত্ব-জিতেন্দ্রিয়তা; বশেন্দ্রিয়ত্ব।

জিতানি, জেতানি [জিতা দ্রঃ। জিতাই, জিতাও, জিতায় (জিতান); জিতাইতে (কো° জিতাতে); জিতাইয়া (কো° জিতিয়ে) ই°] ক্রি, জয় করান।

জিতামিত্র [জিত (পরাজিত) অমিত্র (রিপু) যৎকর্ত্তৃক (যে শত্রুকে পরাজয় করিয়াছে), বহু°] বিণ, জিতারি। ২ বি, বিষ্ণু।

জিতারি [জিত (পরাজিত)+অরি (শত্রু) যৎকর্ত্তৃক, বহু°] বি, বুদ্ধ। ২ বিণ, জিতশত্রু।

জিতাষ্টমী-বি, আশ্বিন মাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী; জীমূতাষ্টমী।

জিতাহব [জিত (পরাজিত) আহব (যুদ্ধ) যৎকর্ত্তৃক, বহু°] বিণ, যুদ্ধে জয়যুক্ত।

জিতেন্দ্রিয় [জিত (পরাজিত) ইন্দ্রিয় যৎকর্ত্তৃক, বহু°] বিণ, ইন্দ্রিয়জয়ী; যে কামাদি রিপুগণকে বশীভূত করিয়াছে। ২ বি, ব্রহ্মচারী; তপস্বী। ~তা [জিতেন্দ্রিয়+তা (ভা°)] বি, ইন্দ্রিয়-জয়করণ; ইন্দ্রিয়-সংযম।

জিত্য$_1$ [জি (জয় করা)+য (র্ম্ম-ক্যপ্), ত আগম] বিণ, জেয়; জয়যোগ্য; পরাভবনীয়। স্ত্রীং জিত্যা-লাঙ্গলের ফলা।

জিত্বর [জি (জয় করা)+বর (র্তৃ-শীলার্থে), ত্ আগম] বিণ, জয়শীল; বিজয়ী। স্ত্রীং ~রী-বারাণসী; কাশী।

জিদ [আ-জিদ্] বি, ঝোঁক; গোঁ। বিণ, জিদি, জিদ্দী-জিদকারী; একগুঁয়ে; নিজের গোঁ ভরে যে চলে; স্বেচ্ছাচারী।

জিন$_1$ [জি (জয় করা)+ন (র্তৃ)-যে তপঃ প্রভাবে জগৎ জয় করে] বি, বৌদ্ধ মত প্রচারক মুনি; বুদ্ধ। ২ বিষ্ণু। ৩ বিণ, জয়ী; জয়শীল।

জিন$_2$, জীন$_1$ [ফা-জীন্] বি, ঘোড়ার সাজ; ঘোড়ার পিঠে পাতিয়া বসিবার চর্ম্মাসন বা গদি (ছালা বহিতে গরুর পিঠেও লাগে); পর্য্যায় saddle. "আজাবন্দী নকর বাজীর বান্ধে জিন"-ম°। ~বাড়ী -বি, ভ্রমর যন্ত্র ঘুরাইবার ধনুকাকৃতি যন্ত্র। ~সওয়ার-ঘোড় সওয়ার। ~সওয়ারী -চড়িবার ঘোড়া।

জিন$_3$, জীন$_2$ [আ-জীন্] বি, দৈত্য।

জিনা [সং-জি (জয়ে) > জিন (জিত)+আ (ক্রিয়ায়)। জিনি, জিন, জিনে; জিনিতে; জিনিয়া (কো° জিনে, পদ্যে-জিনি)। ণিজন্ত-জিনানি] ক্রি, জিতা; জয় করা।

`জিনিষ, -স [আ-জিন্‌স্] বি, বস্তু; দ্রব্য; পদার্থ। "আমাকে গন্ধ" সে কই। সেও

[illegible]

বুঝি গেল ওই আমাদের নিতান্তই দেশের জিনিষ।" ২ [পদার্থ বিজ্ঞানে] জড়পদার্থের ধর্ম্মবিঃ। "যে ধর্ম্ম থাকায় জড় পদার্থের বেগ উৎপাদনে বল লাগে সেই ধর্ম্মের নাম জিনিষ" -ত্রিবেদী। ~পত্র-বি, দ্রব্যসমূহ; বস্তু-সকল।

জিন্দা [ফা॰] বিণ, জীবিত; জীবন্ত; প্রাণবান্। ~পীর-জীবিতপীর; সিদ্ধপুরুষ। "যবন রক্ষক পাশ কহিতে লাগিল তুমি একা জিন্দা পীর মহাভাগ্যবান্।"-চৈ॰ চ॰।

জিন্দিগি [ফা-জিন্দগী] বি, জীবন; জীবিতকাল। ~ভোর-অ, সারা জীবন।

জিন্যা [জিনা (ক্রঃ) > জিনিয়া >] অস-ক্রি, জিতিয়া; জয় করিয়া। "গড় জিন্যা পৌড় যাই"-ধর্ম্ম॰ ম॰ (গোবিন্দ বন্দ্যো॰), খৃঃ ১৫শ শতাব্দী।

জিব [জিহ্বা >] বি, রসনা; জিভ। "জিব কাটে আধা কথা কয়ে লাজ পেয়ে"-কুঙ্কুম। জি॰ কাটা-লজ্জায় বা অপ্রতিভ হইয়া দন্ত দ্বারা কালী ঠাকুরের মত জিব চাপিয়া ধরা। জি॰ চোকানি-চুরী ই॰ শানাইবার অনুকরণে ঠোঁটে জিহ্বা ঘর্ষণ; আহার-লোলুপ হওয়া। ~ছোলা-বি, জিহ্বা পরিষ্কার করিবার জন্য পিত্তলাদি ধাতুনির্ম্মিত বক্রফলকবিঃ। জি॰ দেওয়া-জিহ্বা স্পর্শ দ্বারা এঁটো করা। জি॰ বাহির করা-লজ্জায় জিব কাটা। ২ জিব দেখাইয়া ভেংচান। ৩ কষ্টে ঐরূপ করা। জি॰ বাহির হইয়া পড়া-গলা টিপিলে জিহ্বা মুখ হইতে বাহির হইয়া পড়ে; ইহা কষ্টে মৃত্যু হইবার লক্ষণ। ২ [লক্ষ॰] কঠিন কার্য্য সম্পাদনে প্রাণান্ত-কর ক্লেশ পাওয়া। জি॰সেলাই করিয়া দেওয়া-কথা কহিতে না দেওয়ার ভয় দেখান। আল-জিব-রসনা-পশ্চাতস্থ তালুদেশস্থ ক্ষুদ্র জিহ্বা।

জিবিয়া, জিবে [জিব+ইয়া] বিণ, জিহ্বা সম্বন্ধীয়। ২ জিহ্বাসদৃশ। জিবে-গজা-জিহ্বাকৃতি গজার পাক মিঠাই। "কত জিনিস আসবেন ঘরে থাজা গজা জিবেগজা তোমার তরে।"-গোপাল উড়ে।

জিব্রা, জেব্রা [ইং zebraর লিপ্যন্তর] বি, ঘোটক ও গর্দ্দভের মধ্যবর্ত্তী সর্ব্বাঙ্গে ডোরা কাটা অতি দ্রুতগামী পশুবিঃ।

জিম্, জিম্হ্ [প্রা-বাং। তুল-ঠেঠ হি॰-জিমি, জেমা, জেমে, যেম, যেমত, যেমতি (দ্রঃ)] অ, যেমন; যথা, "উদক চান্দ জিম সাচ ন মিচ্ছা।" -বৌ॰ গান ও দো॰।

জিম-তিম-যেমন তেমন। "জিম বাহিরে তিম অব্ভন্তর (=অভ্যন্তর)"-বৌ॰ গান ও দো॰।

জিম্নাষ্টিক্ [গ্রা॰ জিমনাষ্টিক। [ইং gymnasticএর লিপ্যন্তর] বি, য়ুরোপীয় প্রথার বিবিধ কৌশলযুক্ত ব্যায়াম।

জিম্মা [গ্রা॰-জেম্মা। আ॰-জিম্মা >] বি, ন্যাস; সংরক্ষণ। ২ আয়ত্ত; অধিকার। "তোর জিম্মা মোর পুরি, বিদ্যার মন্দিরে চুরি, কি কহিব কহিতে সরম।"-ভারত॰। "ভাঁড়ার জিম্মা যার কাছে মা, সে যে ভোলা ত্রিপুরারি।"-রা॰ প্র॰।

জিয়ন্ত [সং-জীবন্ত >] বিণ, সজীব; জীবিত।

জিয়ল-বি, ঘনরস বৃক্ষবিঃ; জিওল (দ্রঃ)। ২ [প্রাদে॰] মৎস্যবিঃ; সিঙ্গি মৎস্য।

জিয়া, জীয়া [জীব >। হি॰-জীনা। -জিই, জী। জিঅ, জি (জীও), জি(জী)য়ে; জিয়িতে, জিইতে (কে॰ জীতে); জিইয়া (কে॰ জি(জী)য়া, জি(জী)য়ে)। ণিজন্ত-জি(জী)য়ান] ক্রি, বাঁচা।

জিয়াদা [আ॰-জিয়াদা, জায়দ্= আধিক্য] বিণ, প্রচুর; অনেক; অত্যধিক। "অথবা স্বাধীন হয়ে ওকালতি পাশ ল'য়ে খোসামুদি জুয়াচুরি শিখিছে জিয়াদা।"-বঙ্কিম॰ (গদ্য-পদ্য)।

জিয়ান [জীয়ন্ত॰। জীব+আন (যা জীবন্ত করা বা রাখা হইয়াছে)] বিণ, জীবন্ত করিয়া রক্ষিত; জীয়াইয়া রাখা; বাঁচাইয়া রাখা।

জিয়াপুত, -পুতা, -পুতি১, -পোতা, জী- [সং পুত্রঞ্জীব >] বি, পুত্রঞ্জীব বৃক্ষ putranjiva roxburghii.

জিয়াপুতি২, জীয়াপুতী [সং-পুত্রজীব > গ্রা॰] বিণ, যে মৃতবৎসা নয়; যে স্ত্রীর সন্তান তার জীবিতকালে মরে নাই; জেঁচ্পোয়াতী।

জিরজির [সং-জর্জ্জর >] অ, অতি শীর্ণ; কঙ্কালসার। "হাড় জিরজির গায়ে ধূলা অই যে আমার ছেলেগুলা, তোমার মত সোণার চাঁদে ওদিগে দেখাই;"-বিজয় মজুমদার।

জিরন্দাজ [গ্রা॰-জিরেন্দান < ফা॰-জিরন্দাজ্] বি, হুঁকা বসাইবার বৈঠকের মুখে যে চিত্রিত বস্ত্র ঢাকা দেওয়া হয়।

জিরাৎ, জ্বরাত [আ॰-জ়রাআত্, জ়িরাআত্ > বাং-র গ্রা॰ ব্যবহারে 'জরারত' ও॰] বি, জমিজরাৎ; জমিজিরাৎ; বাসের জমি; কৃষিক্ষেত্র। বাং-র 'জমি' শব্দের সহিতই ব্যবহৃত হয়। "বুড়া হরিশ মণ্ডল যখন বাড়ী-ঘর জমি-জিরাৎ দেনা-পাওনা কিছুই বুঝাইয়া না দিয়া"-জলধর সেন। "সে অর্থ সঞ্চয় করিয়াছে জমিজিরাৎ করিয়াছে" -ঐ। বিণ, জিরাতি [ত্রিপুরা অঞ্চলে জিরাতিয়ান]-চাষের উপযোগী; চাষের জন্য বন্দোবস্ত করিয়া দেওয়া এমন। প্র-জিরাতি জমি। জি॰ প্রজা।

জিরানি১ [আ॰-জিরিয়ান, জর্‌রান্= বহমান হওয়া; ভেসে যাওয়া > (লক্ষ॰) চেষ্টারহিত অবস্থায় গা ঢালিয়া দেওয়া; অথবা জুড়ান (দ্রঃ) >। জিরাই, জিরাও, জিরান; জিরাইতে (কে॰ জিরাতে); জিরাইয়া (কে॰ জিরিয়ে ই॰)] ক্রি, ক্লান্তি দূর করা; বিশ্রাম করা। "প্রসাদ বলে ব্রহ্মময়ী বোঝা নামাও ক্ষণেক জিরাই।"-রা॰ প্র॰।

জিরান২ [জিরান১ দ্রঃ] বি, পরিশ্রমের পর ক্লান্তি দূর করণ; বিশ্রাম। ২ অবকাশ; অবসর। প্র-কাজের একটু জিরান নাই। মাঝে মাঝে একটু একটু জিরান দিতে হয়। ~কাট-বি, খেজুর গাছ ৩ দিন কাটিয়া রস লইয়া আবার ৩ দিন কাটা বন্ধ রাখে; বিশ্রামের পর ১ম দিনের কাটাকে জিরান কাট বলে। জি॰ কাটের রস-জিরান দিয়া কাটা তাল খেজুরাদি গাছের রস।

জিরানীপুক [প্রাদেং] বি, এক প্রকার মৌমাছির ন্যায় পোকা [ইহারা ঝাঁকে ঝাঁকে দলবদ্ধ ভাবে গৃহস্থের বাড়ীতে যাইয়া গাছের ডালে বসে। দেখিয়া মনে হয় তারা মৌচাক বাঁধিবে। কিন্তু তা না করিয়া কিছুক্ষণ জিরাইয়া বা বিশ্রাম করিবার পর উড়িয়া যায় বলিয়া নাম]।

জিরাফ, জিরেফা [ইং giraffe এর লিপ্যন্তর] বি, উষ্ট্র অপেক্ষা লম্বা গলা ও লম্বা পা দীর্ঘাকার চতুষ্পদ জন্তু ; ইহাদের পশ্চাতের পদদ্বয় অপেক্ষা সম্মুখের পদযুগল প্রায় দেড়গুণ লম্বা।

জিল [ঝিল্লী >] বি, তীব্র স্বর ; তীক্ষ্ণ রব। ২ তত যন্ত্রের তার।

জিলা, জেলা [আ০--জিলা] বি, গ্রাম-মণ্ডলী ; প্রাদেশিক বিভাগের অন্তর্গত পরগণা-সমষ্টি district.

জিলাপি, জিলিপি [উচ্চারণ-ভেদে জিলাপী, ঝিলাপী। হিং--জিলেবী] বি, চক্রাকারে পাকান মিষ্টান্নবিঃ।

'জিল্কি, জীল্কি [ঝিলিক (দ্রঃ) > ঝিল্‌কি >। শ্রীহট্ট, মৈমনসিং আদি অঞ্চলে-জিলকি] বি, বিদ্যুৎ ; বিজলী (পূং ব০ গী০ ; মৈ০ গী০)।

জিল্‌দ [আ০--জিল্‌দ্] বি, পুস্তকের খণ্ড। ২ প্রতি ফর্ম্মা সেলাই করিয়া বই বাঁধার প্রণালী। ৩ চর্ম্ম leather. ~গর-যারা বই বাঁধে ; দপ্তরী।

জিল্লা, জেল্লা [আ০--জল্লা=মহিমান্বিত হওয়া ; আ০--জিলা=ঔজ্জ্বল্য, প্রভা। তুল-জিলাকার=যে পালিশ করে] বি, আভা ; ঔজ্জ্বল্য ; চিকণাই।

জিশুখ্রীষ্ট-যিশু দ্রঃ।

জিষ্ণু [জি (জয় করা) + স্নু (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, জয়শীল ; বিজয়ী। "জিষ্ণু রঘুনাথে" -মেঘ০। ২ বি, বিষ্ণু ; কৃষ্ণ। ৩ ইন্দ্র। ৪ সূর্য্য। ৫ অর্জ্জুন।

'জিহ, 'জিহা, 'জিহি [জিহ্বা >] বি, রসনা ; জিভ। "লোল জিহি।" "লকলক্ জিহি"-অ০ ম০।

জিহাদ, জেহাদ [আ০--জহাদ] বি, মুসলমান ধর্ম্মের বিরোধীদিগের বিরুদ্ধে মুসলমানের যুদ্ধ ; মু০ ধর্ম্মযুদ্ধ (খৃষ্টানদের ধর্ম্মযুদ্ধ the holy war)।

জিহি-জিহ দ্রঃ।

জিহীর্ষা [হৃ (হরণ করা) + স (স্, ইচ্ছার্থে)=জিহীর্ষ + অ < (ভা০) + আ-স্ত্রীং] বি, হরণ করিবার ইচ্ছা বা অভিলাষ। বিণ, জিহীর্ষু-হরণেচ্ছু।

জিহ্ব (-ভ,) [লিহ্ (আস্বাদন করা) + ব (পে-কণ্), লি=জি] বি, রসনা।

জিহ্বা (জিব্‌ভা, -ব্ভা, ভ্বা) [প্রাদে০ মৈমনসিং-জিব্‌বা। জিহ্ব + আ, স্ত্রীং] বি, যে ইন্দ্রিয় দ্বারা রস আস্বাদন করা যায় ; রসনা ; জিভ। ~গ্র [জিহ্বার অগ্র-৬ তৎ] বি, রসনার অগ্রভাগ ; জিভের আগা। ~গ্রবর্ত্তী [জিহ্বার-অগ্র=জিহ্বাগ্র-বৃত্ (থাকা) + ইন (র্ত্তৃ)। মূ--বর্ত্তিন্ ১মা, ১ব০] বিণ, যে জিহ্বার অগ্রভাগে থাকে। ~নির্লেখন [জিহ্বার নির্লেখন-৬তৎ] বি, জিভ আঁচড়ান ; জিভ ছোলা। ~প [জিহ্বা-প (যে পান করে), পা + অ (র্ত্তৃ)] বি, যারা জিহ্বা দ্বারা জলাদি পান করে ; ব্যাঘ্র, কুকুর, বিড়াল ই০। ~মূল [৬ তৎ] বি, জিভের গোড়া। ~মূলীয় [জিহ্বা-মূল + ঈয় (ঈয়, ভবার্থে), জিহ্বা (উচ্চারণের) মূল যার] বি, জিহ্বামূল হ'তে উচ্চারিত বা উচ্চার্য্য বর্ণ ; ক খ গ ঘ ঙ। ~স্তম্ভ [আয়ুঃ পরিঃ] বি, জিহ্বার অসাড়ত্ব ; জিহ্বার পক্ষাঘাত রোগ paralysis of the tongue. ~স্বাদ [জিহ্বা + আস্বাদ] বি, লেহন ; চাটা।

'জিহ্ম (-ম্হ্) [জিহ্ম (বক্র)। নাট্য শা০ উপাঙ্গাভিনয় বিঃ] বি, পৃষ্ঠদণ্ড নত করিয়া ধীর গুপ্ত বক্র দৃষ্টি (হিংসা এবং গুপ্ত উদ্দেশ্য প্রকাশক)। বিণ, জিহ্মিত-বক্রীকৃত। ২ ঘূর্ণিত। ~গ [জিহ্ম (বক্র) + গ-গম্ (গমন করা) + অ (র্ত্তৃ, ম্‌লোপ)-বক্রভাবে গমনকারী] বিণ, সর্পগতিবৎ বক্রগতিযুক্ত ; বক্রগামী। ২ বি, সর্প। > স্ত্রীং ~া। ~গামী [জিহ্ম-গামিন্ শব্দ] বিণ, বক্রগামী। ২ জিহ্মগ দ্রঃ। > স্ত্রীং ~গামিনী।

জী [জি দ্রঃ। সং--জীবন > কেং। হিং--জীউ, জী] বি, জীবন ; প্রাণ। "আছে যদি জীয়ে আশা ত্যজিয়া দেশের বাসা প্রাণ লয়ে চল মহাবীর"-কবিক০। ২ মন। ৩ প্রবৃত্তি। ৪ আকাঙ্ক্ষা। ৫ [হিং] মহাশয় ; জীউ। ৬ [জীআ দ্রঃ] ক্রি, জীবনধারণ করি ; প্রাণ রাখি। "বৃথায় জীবন জী"-চণ্ডি০।

জীআ, জীয়া [জীবা > হিং--জীনা। জী, জীঅ, জীও (জীউন, জী), জীয়ে (জীয়েন) ; জীইতে (কে০ জীতে) ; জীইয়া (কে০ জীয়ে)। ণিজন্ত-জীয়ান] ক্রি, বাঁচা ; জীবন-ধারণ করা। "জীঅ জীঅ উন্মুক বাছা হওয়ে চিরাই।" -শূ০ পু০। "রচিয়া ত্রিপদী ছন্দ পাঁচালী করিল বন্ধ তোমার পুণ্যের হেতু জী"-কবিক০। "মাও মৈল বুড়াকালে জীয়া কাজ কি।" "জল বিনু মীন জনু কবহু না জীয়ে।"-ঐ। প্রা০-বাং 'জি' (দ্রঃ)। জীএ-বাঁচে। জীওঁ, জীএঁ-জীবিত রহিয়াছি, জীবন ধারণ করিতেছি। জীতেঁ-বাঁচিতে। জীবারে-বাঁচিতে। জীবোঁ-বাঁচিব। জীয়ব-বাঁচিব। "হম জীয়ব কথি লাগি" -বি০ প০।

জীউ~1~, জীউ~1~ [সং জীব > হিং > প্রা০-বাং] বি, জীবন ; প্রাণ। "পাপ যাইতে জীউ মোর কাঁপে"-বি০ প০। "দেহে বা জীউ বসে"-শ্রী০ কী০। "জীউ দান দেহ বড়াযি।"-শ্রী০ কী০। ২ আত্মা। "তার এক জীউ লয়ে, সিংহল পাটনে গিয়ে, জন্মাইল শালবন ঘরে। উজানী নগরে স্থিতি আর জীল জয়াবতী, প্রবেশিল বিক্রম কেশরে।" -কবিক০। ৩ জীবন শব্দের সংক্ষিপ্ত রূপ। ৪ [হিং--জী] স্নেহ, সম্ভ্রম ও ভক্তিসূচক শব্দ ; মহাশয়। ৫ মন। ৬ আশা ; আকাঙ্ক্ষা। ৭ প্রবৃত্তি ; ইচ্ছা।

জীউ~2~, জীউ~2~, জীউক, জীউক [প্রা-বাং] ক্রি, জীবিত থাকুক। "চিরকাল জীউ মোর সামী আইহন"-শ্রী০ কী০।

জীউত [প্রা-বাং। হৃৎপিণ্ডস্থল বলিয়া জীউ=হৃদয় > বক্ষ] অ, বক্ষের। "জীউত উপর উঠী নিবারিলেঁ। কাহ্নে"-শ্রী০ কী০।

জীত~1~ [হিং। জিত দ্রঃ] বি, জয়।

জীত~2~ [জীআ দ্রঃ। চিত্তসহ অনুপ্রাস হেতু

জীয়ে অর্থে জীত]] ক্রি, জীবন ধারণ করে। "ক্ষুদ্র পথিকের চিত্ত সে রাজা কেমনে জীত"-মহা০ (রাজেন্দ্র দাস, ১৬শ শতাব্দী)।

জীন, **জীনবাড়ী**-জিন$_2$ দ্র:।

জীন$_2$ [জ্যা (বৃদ্ধি পাওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, জীর্ণ। ২ স্থবির; প্রাচীন; বৃদ্ধ। ৩ বুদ্ধ।

জীন$_3$ [ইং jeanএর লিপ্যন্তর] বি, ঘন সূতার টেকসই কাপড়। **জীনের জামা**-জীন কাপড়ের জামা।

জীব$_1$ [জীব্ (বাঁচা)+অ (র্ত্তৃ)-যে জীবিত থাকে] বি, দেহে অধিষ্ঠিত চেতন পদার্থ; জীবাত্মা। "দুই কূলে দিয়া বাতি, জীবন ত্যজিল সতী, পতির মরণে ছায়াবতী॥ বিদায় হইয়া শিবে, লয়ে ভুজনার জীবে, গেলা চণ্ডী ব্যাধের নিবাসে॥"-কবিক০। ২ দেহী; প্রাণী; জন্তু। ৩ [বেদান্ত দর্শনে] দেহাবচ্ছিন্ন চৈতন্য। [নিম্বার্ক দর্শনে] "জীব দেহ ইন্দ্রিয় মন বুদ্ধি প্রাণ হইতে ভিন্ন চেতন পদার্থ। ইহা 'আমি' এই প্রত্যয়ের বিষয় ও জ্ঞান স্বরূপ। ইহার স্বরূপ স্থিতি ও প্রবৃত্তি পরমেশ্বরের অধীন, তিনিই ইহাকে সাধু ও অসাধু কর্ম্মে প্রবর্ত্তিত করেন, স্বয়ং ইহার কোনো কর্ত্তৃত্ব নাই। ইহা অণুপরিমিত, অনন্তসংখ্যক ও প্রতি শরীরে ভিন্ন ভিন্ন। ইহার বন্ধ ও মুক্তি হয়। জীব অনাদি, পরমেশ্বর হইতে সম্পূর্ণ ভিন্ন বা সম্পূর্ণ অভিন্ন নহে, ইহা তাঁহার অংশ, কিন্তু খণ্ডাংশ নহে। জীব ব্রহ্মের শক্তিরূপ অংশ, আর স্বয়ং ব্রহ্ম অংশী, এই জীব মায়া বা প্রকৃতি বা কর্ম্ম দ্বারা চেষ্টিত।"-বিধু০ শাস্ত্রী। ৪ [ণে-অ, যদ্দ্বারা জীবনধারণ করে] জীবিকা; বৃত্তি। ৫ জীবন; প্রাণ। ৬ জীবনকাল; আয়ু:। ৭ বৃক্ষবি:। **কৃষ্ণের জীব** [ব্যঙ্গোক্তি] কৃপাপাত্র। প্র-আহা কৃষ্ণের জীব, উহাকে মারিও না।

জীব$_2$ [জীআ দ্র:। হি০-জীও (বেঁচে থাক) >] ক্রি, বাঁচ; জীবন ধারণ কর; দীর্ঘজীবী হও। ২ [বেঁচে থাক এই অর্থবোধক শব্দ] হাঁচিবার সময়ে কল্যাণ-বোধক শব্দ দীর্ঘজীবী হইবার আশীর্ব্বাদ। "ছলে হাঁচিলাম জীব বাক্য বলাইতে।"-অ০ ম০।

জীবক [জীব+ক (আ০)] বিণ, ওষধি-বি:। ২ জীব বাক্যে যিনি আশীর্ব্বাদ করেন; আশীর্ব্বাদক। ৩ বুদ্ধদেবের চিকিৎসা-গুরু এবং আত্রেয় ঋষির শিষ্য; মগধদেশীয় প্রসিদ্ধ চিকিৎসক। ৪ ভিক্ষুক। ৫ বৃদ্ধিজীবী; সুদখোর। ৬ ভৃত্য; সেবক। ৭ সাপুড়ে।

জীবগতি [জীবের গতি, ৬তৎ] বি, ঐহিক পারত্রিক জীবের দশা।

জীবজগৎ [জীবপূর্ণ জগৎ, ম০প০ লো০] বি, জীবলোক।

জীবজন্তু [জীব (প্রাণী)+জন্তু (প্রাণী), বিবিধ জীব বা সমূহ অর্থে একার্থক সহচর শব্দদ্বয়] বি, প্রাণিবর্গ; জীবসমূহ; নানা জন্তু।

জীবঞ্জীব, জীবঞ্জীব [জীব (জীবন-কাল)+জীব্ (বেঁচে থাকা)+ইন্ (স্বার্থে)= জীবি+অ (র্ত্তৃ), ই-লোপ, পক্ষে এ আগম] বি, চকোর পক্ষী (ইহারা অনেক দিন বাঁচিয়া থাকে বলিয়া এই নাম) Greek partridge, said to subsist on moonbeam. ২ সুদৃশ্য ও প্রচুর পালকযুক্ত পক্ষীবি: pheasant.

জীবৎ [জীব্ (বাঁচা)+অৎ (র্ত্তৃ)] বিণ, জীবন থাকিতে; জীবনযুক্ত। ইহার স্বতন্ত্র ব্যবহার নাই, অন্য শব্দের যোগে ব্যবহৃত হয়। ~**পতি** -সধবা। ~**পিতৃক**-যার পিতা বর্ত্তমান। ~**মান**-বি, জীবৎকাল; জীবদ্দশা। ~**মানে**-অ, প্রাণ থাকিতে; জীবদ্দশায়।

জীবতত্ত্ব [জীবের তত্ত্ব, ৬ তৎ] বি, প্রাণিতত্ত্ব; জীববিজ্ঞান zoology. ~**জ্ঞ**, ~**বিৎ** [জী০-জ্ঞ, বিৎ (যে জানে)] বিণ, প্রাণিবিদ্যায় পারদর্শী বা অভিজ্ঞ। ~**বিদ্যা** -বি, যে বিদ্যায় জীববিষয়ক জ্ঞান হয়। ~**বেত্তা** [মূ০ জীবতত্ত্ববেত্তৃ ১মা, ১ব০] বিণ, প্রাণিবিদ্যাভিজ্ঞ।

জীবতারা [জীব (রূপ) তারা, রূপক ধা] বি, জীবন। "বিদেশে দৈবের বশে জীবতারা যদি খসে এদেহ আকাশ হতে"-মাইকেল০।

জীবত্বজনক [বৈ০ পরি:] বি, খাদ্য-প্রাণ; প্রাণীমাত্রের স্বাভাবিক খাদ্য পদার্থে এমন বস্তু থাকে যাহা শরীর ধারণের পক্ষে নিতান্ত আবশ্যক, তাহাকেই জীবত্বজনক বলে; যে পদার্থ খাদ্যপদার্থে না থাকিলে জীব দেহ ধারণ করিতে পারে না vitamin.

জীবদ [জীব (জীবন)-দ (যে দান করে)] বিণ, জীবনদাতা; প্রাণদ। স্ত্রী০ ~**দা**।

জীবদাত্রী [জীব (প্রাণ) দাত্রী (যে দান করে)]। মূ০ জীবদাতৃ+ঈ-স্ত্রী০] বি, ঋদ্ধি; ২ জীবন্তীবৃক্ষ। ৩ বিণ, প্রাণদা; প্রাণ-দায়িনী।

জীবদ্দশা [জীবৎ (জীবিত) যে দশা (অবস্থা), ধা] বি, জীবিতাবস্থা; জীবনকাল; জীবৎকাল। "জীবদ্দশায় হয়ত তাহার যশের হানি হইয়াছে।"-কা০ প্র০ ঘোষ।

জীবদ্ভর্ত্তৃকা [জীবৎ (জীবিত) ভর্ত্তা (পতি) যার, বহু০ সমাসে ক, আ-স্ত্রী০] বিণ, যার স্বামী বাঁচিয়া আছে; সধবা স্ত্রী।

জীবধন [জীব (রূপ) ধন (বিত্ত), রূপক ধা] বি, গো ই০ পশু সম্পত্তি।

জীবধানী [জীব+ধানী (স্থান)] বিণ, প্রাণীগর্ভ। "এই জীব-ধানী জগতে অনন্ত প্রকার জীব আছে, তাহার মধ্যে সর্ব্বাপেক্ষা উন্নত জীব মনুষ্য।"-ধর্ম্ম-দর্পণ।

জীবন [জীব (বাঁচা)+অন (ভা০)] বি, প্রাণ। ২ জীবনধারণ। ৩ জীবনস্বরূপ; অতি প্রিয়তম। প্র-জানকীজীবন। "যুবতী-জীবন পতি"-দীনবন্ধু মিত্র। ৪ [(ণে-অন) যদ্দ্বারা জীবন ধারণ করা যায়] বৃত্তি; জীবিকা। ৫ জল। "অঞ্জলি পূরিয়া রাজা আনিয়া জীবন।"-কৃত্তি০। ৬ [আয়ুষ্য বলিয়া] সদ্যোজাত নবনী; ঘৃত। ৭ মজ্জা। ৮ জগৎপ্রাণ; সমীরণ; বায়ু। ৯ [জীব্ +ণিচ্=জীবি (বাঁচান)+অন (র্ত্তৃ)-যে বার্দ্ধক্যে গ্রাসাচ্ছাদন দ্বারা বাঁচাইয়া রাখে] পুত্র। ১০ [যিনি বাঁচাইয়া রাখেন] পরমেশ্বর। ১১ জীববৃক্ষ। ১২ স্নেহসূচক সম্বোধন। তুল-বাবাজীবন। ১৩ বিণ, জীবাধিষ্ঠাতা। ~**া**, ~**ী**-জীবন্তী বৃক্ষ। ~**কীর্ত্তি**-জীবিতকালে অনুষ্ঠিত স্মরণীয় সৎকার্য্যাবলী lifework. "এলেন কেইর জীবনকীর্ত্তির আধ্যাত্মিক ও মানসিক পটভূমিকাটি (plot) আমার নিকট সত্য হইয়া উঠিল।"-প্রবাসী, ১৩৩৩, ভাদ্র।

~চরিত [জীবনের চরিত (আচরণ) বর্ণিত আছে যাতে, বহুং] বি, জীবনী-গ্রন্থ। ~নাট্য-শাল-বি, সংসার ; জীবনের লীলাক্ষেত্র বা রঙ্গভূমি amphitheatre of life. ~বল্লভ [৬তৎ] বিণ, প্রাণাধিক প্রিয়। ~বিমা, -বীমা-বি, নির্দ্দিষ্টহারে টাকা জমা দিবার ফলে নির্দ্ধারিত বয়সে বা মৃত্যু-কালে নির্দ্ধারিত টাকা প্রাপ্তির বন্দোবস্ত life insurance. ~বৃত্তান্ত [৬তৎ] বি, জীবনের ইতিবৃত্ত। ~যোনি [জীবনের (শ্বাসক্রিয়ার) যোনি (উৎপত্তি-কারণ), ৬তৎ] বি, যন্ত্রবিঃ (ইহা দ্বারা মৃতবৎ শরীরে শ্বাস-ক্রিয়া উৎপাদন করা যায়)। ~যৌবন [জীবন ও যৌবন (দ্বন্দ্ব)] বি, প্রাণ ও তারুণ্য ; দেহ-প্রাণ। ~সঙ্গিনী [৬তৎ] বি, সহ-ধর্ম্মিণী ; চির-সহচরী। ~সহচর [৬তৎ] বি, চিরসঙ্গী বন্ধু। ২ ধর্ম্ম, অধর্ম্ম ইং। >স্ত্রীং ~ী। ~সাধন [জীবনের সাধন, ৬তৎ] বি, জীবন ধারণের প্রধান উপকরণ ; শস্য। ~হেতু [৬তৎ] বি, জীবন ধারণের উপায় ; বিদ্যা, শিল্প, ভৃতি, সেবা, গোরক্ষা, বিপণি, কৃষি, বৃত্তি, ভিক্ষা, কুশীদ, এই দশ প্রকার জীবন-ধারণের হেতু।

জীবনক [জীবন+ক (জ্ঞাং)] বি, অন্ন।

জীবনাধিক [জীবন হইতে অধিক, ৫তৎ] বিণ, প্রাণাধিক। স্ত্রীং ~া।

জীবনান্ত [জীবনের অন্ত (শেষ), ৬তৎ] বি, জীবনাবসান ; মৃত্যু। ~কাল-বি,

জীবনাবাস [জীবন (জল)+আবাস (বাসস্থান) যার, বহুং] বি, বরুণ। ২ [জীবনের আবাস (আধার), ৬তৎ] শরীর।

জীবনাশ [জীব+নাশ বা জীবন+আশ (ভক্ষক)। প্রাং-বাং] বিণ, জীবননাশক ; প্রাণঘাতক। "হীরকের থেড় মন্দির হীরার নাটসাল। জীবনাশ চূড় হাথ উলুক কটাল॥" -শূং পুং।

জীবনী [জীব্+অন(ণে)=জীবন-ঈ, স্ত্রীং] বিণ, যদ্দারা আয়ু বৃদ্ধি হয় ; জীবনসঞ্চারিণী ; প্রাণদা। ২ [বৈদ্যকে] বি, জীবন্তীবৃক্ষ ; (২) মহামেদা। (৩) মেদা। (৪) কাকোলী।

জীবনীয় [জীবন (প্রাণ)+ঈয় (প্রয়োজনার্থে)] বিণ, যা প্রাণধারণের জন্য আবশ্যক ; আয়ুষ্কর (উপায়)। ২ বি, জল। স্ত্রীং ~া-জয়ন্তী।

জীবনীশক্তি [জীবনী (জীবনদায়িনী) শক্তি-ধা] বি, জীবন ধারণের শক্তি ; যে শক্তিবলে জীবনধারণ করা যায় ; সঞ্জীবনী-শক্তি ; জীবনসঞ্চারিণী শক্তি।

জীবনেতিবৃত্ত [জীবন (তার)+ইতিবৃত্ত] বি, জীবনচরিত্র biography. ~বিৎ-জীবনচরিত লেখক।" "মহাত্মা শ্রীহর্ষদেবের জীবনেতিবৃত্তবিদ্‌গণ।"

জীবনোপায় [জীবনের উপায়, ৬তৎ] বি, জীবনধারণের উপায় ; জীবিকা ; যদ্দারা জীবিত থাকা যায় এমন সাধন।

জীবন্ত [প্রাং-জীয়ন্ত ; জ্যান্ত। জীব্ (বাঁচা)+অন্ত (র্তৃ)। প্রাং-বাং 'জিঅন্ত,' 'জিঅঁত'] বিণ, যে বাঁচিয়া আছে ; প্রাণ-বিশিষ্ট ; সজীব। ২ উৎসাহযুক্ত ; চেষ্টাযুক্ত।

জীবন্তিকা-বি, পরগাছা।

জীবন্তী [বৈদ্যকে] বি, সপ্তপ্রকারের হরীতকীর মধ্যে অন্যতম এবং স্বর্ণের ন্যায় উজ্জ্বল পীতবর্ণ। ২ জীবশাক ; চিনির ন্যায় মধুর পুষ্পদ শাক বিঃ ; জিয়ৎষষ্ঠী ; জীয়াতি celtis orientalis. ৩ গুলঞ্চ।

জীবন্মু/ক্ত [জীবৎ (জীবদ্দশায়) মুক্ত, ধা] বিণ, জীবদ্দশায় মায়ার বন্ধন ছিন্ন করিয়া নির্লিপ্তভাবে অবস্থিত ; আত্মতত্ত্বজ্ঞ। বি, ~ক্তি [জীবৎ (জীবিতাবস্থাতে) মুক্তি, ৭তৎ] জীবন থাকিতে মায়াপাশ ছেদন ; সংসারে থাকিয়াও নির্ব্বিকার ও নির্লিপ্তভাব।

জীবন্মৃত [জীবৎ (জীবিতাবস্থাতে) মৃত, ৭তৎ] বিণ, জীবদ্দশায় মৃতকল্প ; যে প্রাণ থাকিতেও কোন কারণবশতঃ মৃতের ন্যায় থাকে ; বেঁচে মরে থাকা। স্ত্রীং ~া। "আছি জীবন্মৃতা হোয়ে আশাপথ চেয়ে তোমায় নাহেরিয়ে নয়ন ঝোরে।"-রামবসু।

জীবি/ন্যাস [জীবের ন্যাস, ৬তৎ] বি, দেহমন্দিরে প্রাণপ্রতিষ্ঠা। "জীং করি পূজে মৃন্ময় শঙ্কর।"-কবিকং। "মন্ত্রবলে যেয়ে চলে পায় জীবন্যাস। অকালে কুজ্ঝটি যেন ঢাকিল আকাশ॥"-শিং। ~পতি [জীব (জীবিত) পতি যার, বহুং। 'জীবপত্নী' ও হয়] বি, সধবা স্ত্রী। ~প্রাণ [৬তৎ] বি, বায়ু। ~বধ [জীবের বধ, ৬তৎ] বি, জীবনাশ ; জীবহত্যা। ~বর্গ [জীব-বর্গ (সমূহ)] বি, জীবসমূহ ; প্রাণিকুল। ~বলি [জীবের বলি, ৬তৎ] বি, জীবহত্যা। ~বস্তু [জীব বিজ্ঞাং পরিঃ] বি, জীবের সূক্ষ্ম অবস্থার রূপ ; জীবাণু protoplasm. ~বাদ [জীববিষয়ক বাদ (কথা), মংপংলোং] বি, দার্শনিক মত বিঃ। ~বান [মুং জীব-বৎ] বিণ, সজীব, জীবন্ত। ~বৃত্তান্ত [জীবের বৃত্তান্ত, ৬তৎ] বি, প্রাণিগণের বিবরণ। ~বৃত্তি [জীবের বৃত্তি (ব্যবসায়), ৬তৎ, জীব দ্বারা বৃত্তি, ৩তৎ বা জীব পালনরূপ বৃত্তি, মং পং লোং] বি, গো-মহিষাদির বৃদ্ধি ও পালনের ব্যবসায়। ~মন্দির [জীব (জীবনের) মন্দির (আলয়), ৬তৎ] বি, জীবাবাস। ২ শরীর। ~মাতৃকা [জীবের মাতৃকা, ৬তৎ] বি, সপ্তমাতৃকাবিঃ (কুমারী, ধনদা, নন্দা, বিমলা, মঙ্গলা, বলা, পদ্মা)। ~রহস্য [৬তৎ] বি, প্রাণিসম্বন্ধীয় গোপনীয় বিষয়। ~লোক [জীবের লোক, ৬তৎ] বি, প্রাণিজগৎ ; জীবজগৎ [বিপরীত "জড়জগৎ"]। ২ সংসার ; মর্ত্ত্য-লোক। ৩ [জীবরূপ লোক, ধা] জীবযোনি। ~শূন্য [জীব (জীবন)-শূন্য] বিণ, প্রাণহীন ; মৃত। ২ [জীব (প্রাণী)-শূন্য] প্রাণিহীন ; জীবনহীন। ~সংক্রমণ [জীব-সংক্রমণ (এক হ'তে অন্যে গমন)] বি, জন্মান্তর-পরিগ্রহ metempsychosis. ~স্থান [জীবের (জীবনের) স্থান (আশ্রয়)-৬তৎ] বি, যেখানে জীবনীশক্তির পূর্ণ প্রকাশ ; হৃৎ-পিণ্ড। ২ মর্ম্মস্থান। ~হত্যা [জীবের হত্যা, ৬তৎ] বি, জীববলি ; জীববধ ; জীবহিংসা ; প্রাণনাশ। ~হিংসা [জীবের হিংসা, ৬তৎ] বি, জীবহত্যা। ২ জীবের প্রাণনাশেচ্ছা। ~হীন-জীবশূন্য দ্রঃ।

জীবা [জীয়া দ্রঃ] ক্রি, জীয়া, বাঁচা। "থাকু মোর জীবন জীবার সাধ কি?"-শিং। ২ বি, প্রাণ ধারণ ; জীবন। "স্বামী বিনা মৃত্যু জীবা একই সমান"-কাশী-মহাং। ৩ [ণে-অ] যদ্দারা জীবন ধারণ করে ; জীবিকা।

[illegible]

জীবাঙ্কুর [জীব + অঙ্কুর (অঙ্কুর)] বি, জীবপঙ্ক ; জীববীজ protoplasm. "সমুদ্রগর্ভ-শায়ী জী° হ'তে জ্ঞানের বীজ অঙ্কুরিত এবং বর্দ্ধিত হইয়া ক্রমে ক্রমে মনুষ্যমণ্ডলীর সুপরিস্ফুট জ্ঞানে চরমগতি প্রাপ্ত হইয়াছে।" -দ্বি° ঠাকুর (শান্তিনিকেতন, ১৩৩২)।

জীবাণু [জীব + অণু] বি, ক্ষুদ্রতম জীব bacillus.

জীবাতু [সং। তুল-জীবাতুমৎ-আয়ুষ্কাম যজ্ঞের দেবতা যিনি আয়ুদান বা দীর্ঘায়ু হইবার বর দান করেন (শ্রৌতসূত্র)] বি, জীবনপ্রদ হেতু ; জীবন ; জীবনৌষধ। "রাধিকার রূপগুণ আমার জী°"-চৈ° চ°।

জীবাত্মা [জীব + আত্মা, ধা] বি, জীব (দ্রঃ) ; প্রাণ-পুরুষ ; দেহী ; শরীরস্থ চৈতন্য ; দেহস্থ আত্মা ; জীবপুরুষ। ২ [দর্শনে] দেহের অন্তরস্থ স্বচ্ছ পদার্থ, যাতে পরমাত্মা অর্থাৎ ঈশ্বর প্রতিবিম্বিত হন। "ব্রহ্মবিৎ ব্যক্তি * * মঙ্গলস্বরূপকে আপনার অন্তরে স্বীয় আত্মাতেই দৃষ্টি করেন * * যেখানে আমাদিগের জীবাত্মা সেইখানেই তিনি স্থিতি করিতেছেন।"-ব্রাহ্ম ধর্ম্ম [দ্রঃ-আত্মা-দেহস্থ চৈতন্য, বদ্ধ। পরমাত্মা আকাশস্থ চৈতন্য, সর্ব্বঘটে বিরাজিত কিন্তু মুক্ত। ঈশ্বর পরমাত্মা। তাঁর প্রতিবিম্বিত পদার্থ জীবাত্মা]।

জীবাধান [জীব + আধান, ৬ তৎ] বি, প্রাণরক্ষা।

জীবাধার [জীবের (প্রাণীর) আধার (আশ্রয়), ৬ তৎ] বি, বিশ্ব ; ব্রহ্মাণ্ড ; জগৎ। ২ [জীবের (জীবনের) আধার (আশ্রয়), ৬ তৎ] শরীর ; দেহ।

জীবানি [জীব + আন (বাং-ণিজন্ত প্রত্যয়)] ক্রি, বাঁচাইয়া রাখা ; জীয়ান।

জীবান্তক [জীবের অন্তক (নাশক), ৬ তৎ] বি, ব্যাধ ; শাকুনিক। ২ প্রাণঘাতী অস্ত্র। ৩ বিণ, প্রাণান্তকর ; প্রাণঘাতক।

জীবাবশেষ [জীববিজ্ঞা° পরিঃ] বি, ভূগর্ভ হ'তে প্রাপ্ত বহুকাল পূর্ব্বে মৃত প্রাণীর দেহাবশেষ ; মৃতের দেহ জীর্ণ হইয়া যা অবশিষ্ট থাকে ; প্রস্তরীভূত জীবদেহ fossil.

জীবিকা [জীব্ (বাঁচা) + অক (ণে) যে ক্রিয়া দ্বারা জীবন ধারণ করে + আ-স্ত্রীং] বি, প্রাণধারণোপযোগী উপায় ; জীবনোপায় ; বৃত্তি। ২ জীবন্তী বৃক্ষ। ৩ জীবন। ~**নির্ব্বাহ** [জীবিকার নির্ব্বাহ, ৬ তৎ] বি, জীবনযাত্রা সমাধান। ~**র্জ্জন** [জীবিকার অর্জ্জন, ৬ তৎ] বি, জীবনধারণের বৃত্তি-সংগ্রহ।

জীবিত [জীব্ (বাঁচা) + ত (ভা°)] বি, জীবন ; আয়ু। প্র-জীবিতকাল। ২ জীবদ্দশা ; জীবনকাল। ৩ [র্কৃ-ত] বিণ, যে বাঁচিয়া আছে ; যার প্রাণ আছে ; জীবন্ত ; সজীব। ~**কাল** [জীবিত যে কাল (সময়), ধা] বি, জীবদ্দশা ; আয়ুকাল। ~**নাথ** [জীবিতের নাথ, ৬তৎ] বি, স্বামী। ~**হারী** [মূ°-জীবিতহারিন্, ১মা ১ব°।] বিণ, প্রাণনাশক। স্ত্রীং ~**হারিণী**।

জীবিতাবস্থা [জীবিত + অবস্থা] বি, জীবদ্দশা।

জীবিতেশ,-তেশ্বর [জীবিত + ঈশ, ঈশ্বর, ৬ তৎ] বি, বিণ, জীবনের প্রভু ; জগদীশ্বর। ২ প্রাণেশ ; প্রাণেশ্বর ; প্রিয়তম। ৩ স্বামী।

জীবী [মূ° জীবিন্ ১মা, ১ব°। অন্য শব্দ যোগে স্বতন্ত্র প্রয়োগ নাই] বিণ, জীবনধারী ; জীবনযুক্ত। প্র-দীর্ঘজীবী ; অল্পজীবী। ক্ষীণজীবী।

জীবোপাধি [জীবের উপাধি, ৬ তৎ] বি, স্বপ্ন, সুষুপ্তি ও জাগ্রৎ অবস্থা।

জীবোর্ণা [জীব শরীরে উৎপন্ন যে ঊর্ণা (লোম), ম° প° লো°] বি, মেষ ছাগল ই°র লোম।

জীমু [জীবামি > বাঁচি (=বাঁচিব)] ক্রি, জীবনধারণ করিব। "কোন লাজে জীমু মুঞি প্রভুক এড়িয়া"-মনসা ম° (১৩শ শতাব্দী)-নারায়ণ দেব।

জীমূত [জী (জলবোধক জীবন) + মূত =মূ (বন্ধন, ধারণ করা) + ত (র্কৃ), যে জল ধারণ করে] বি, মেঘ। ~**কেতু** [জীমূত (মেঘ) কেতু (ধ্বজ) যার, বহু°] বি, হিমালয়স্থ বিদ্যাধরগণের রাজা। ~**নাদ** [৬ তৎ] বি, মেঘধ্বনি। ~**বাহন** [জীমূত (মেঘ) বাহন (যান) যার, বহু°] বি, ইন্দ্র। ২ দায়ভাগ নামক গ্রন্থের প্রণেতা। ~**বাহী** [মূ° জীমূত-বাহিন্ ১মা ১ব°] বি, মেঘ যাকে বহন করে ; ইন্দ্র। ২ ধূম। ~**মন্দ্র** [জীমূত (মেঘের) মন্দ্র (নাদ), ৬তৎ] বি, মেঘের ডাক। ~**রাবী** [মূ° জীমূতরাবিন্, ১মা ১ব°] বিণ, যে মেঘের মত শব্দ করে ; বজ্রনাদী। > স্ত্রীং ~**রাবিণী**।

জীয়ন্ত [জীবন্ত > দ্রং] বি, যে জীবিত আছে। "জীয়ন্ত থাকিতে যবেঁ মন্দের নন্দনে" -শ্রী° কী°। "সই! জীয়ন্তে এমন জ্বালা।" -চণ্ডি°। "পিতামাতা ঘরে তব জীয়ন্তেতে মরা।"-ঘ°।

জীয়ন্তে-ক্রি-বিণ, জীবিত থাকিতে ; জীবন্ত অবস্থায়। ~-**মরা, জ্যান্তে -মরা**-বিণ, জীবন্মৃত [তুল-dead-alive (U. S.) —dead while yet-alive "dead-alive hypocondriacal old bachelor."]।

জীয়ল [জীয়াইল > । জীয়া দ্রঃ] ক্রি, বাঁচাইল। ২ [জিওলী দ্রঃ] বিণ, জীবন্ত। "গুরুজন জ্বালা জলের শিহালা পড়শি জীয়ল মাছে।"-চণ্ডি°। ৩ (জিওল্) [জিওল দ্রঃ] বি, জিয়ল গাছ। ৪ মৎস্যবিঃ।

জীয়া-জীআ দ্রঃ।

জীয়ানি [হি°-জিলানা। জীয়াই, জীয়াও (জীয়ান্, ক্রিয়া), জীয়ায় (জীয়ান্) ; জীয়াইতে (কে° জীয়াতে) ; জীয়াইয়া (কে° জীইয়ে)। দুর্লভ মল্লিকের গোবিন্দ° গানে-'জেয়ানি'। "যম বলে তবে দিতে পারি জেয়াইয়া।"] ক্রি, বাঁচান ; জীবন দান করা। "দেখি ব্যগ্র শিব শক্তি, দেবগণ করে যুক্তি জীয়ান গজেন্দ্র শির আনি।"-শি°। "এমন শুনিয়া তবে বলে পদ্মাবতী। লোক জীয়াও প্রতাপ দেখুক নরপতি।"-কবিক°। ২ জীয়াইয়া রাখা ; জীবন্ত করিয়া রাখা ; আওয়ান। প্র-মাছ জীয়ান। ৩ জীবন যাপন করা ; জীবন যাত্রা নির্ব্বাহ করা। "এই ব্যাধ ভাল জীয়ে ভৃষ্ণা হলে পানি পিয়ে ক্ষুধাকালে করয়ে ভোজন।"-কবিক°। ৪ সুস্থ করা।

জীয়াপুত, -পুতা, -পোতা [সং পুত্রজীব >] বি, বকুলপত্রের ন্যায় পত্রবিশিষ্ট ইঙ্গুদী বৃক্ষের ন্যায় পার্ব্বত্য বৃক্ষবিঃ।

জীয়ে [জী দ্রঃ] অ, জীবনে ; জীবিত কালে (কবিক°)।

জীর, জীরক, জীরা [সং-জীরক-যা জীর্ণ করে, পরিপাক করায়] বি, জীরা নামক মসলা ; মৌরী জাতীয় ধান্যবিঃ cumin. ২ কাল জীরা বা কৃষ্ণ জীরা; পাঁচফোড়নের জীরা। ৩ শা-জীরা ; শ্বেত জীরক ; রন্ধনে (বিশেঃ পোলাও) ব্যবহৃত জীরা ; মিঠা জীরা।

জীরণ [জীর্ণ শব্দের কোমল রূপ] বিণ, জীর্ণ।

জীর্ণ [জৄ (জীর্ণ হওয়া) + ত (র্ক্ত)] বিণ, ক্ষয়প্রাপ্ত ; শীর্ণ ; ক্ষীণ। ২ জারিত ; জর্জ্জরিত। ৩ গলিত। ৪ অতি পুরাতন ; প্রাচীন। ৫ যার পরিপাক হইয়াছে ; যা হজম হইয়াছে। ৬ কাজের বাহির ; অকর্ম্মণ্য। স্ত্রীং ~া। বি, জীর্ণি। ~জ্বর [জীর্ণ যে জ্বর,খা] বি, পুরাতন জ্বর chronic fever. ~তা [জীর্ণ+তা (ভা°)] বি, জীর্ণ হওয়া। ~দেহ [জীর্ণ হইয়াছে দেহ (শরীর) যার, বহু°] বিণ, জরাগ্রস্ত দেহ। ২ ক্ষীণ দেহ ; শীর্ণ কলেবর ; জর্জ্জরিত দেহ। ~পর্ণ [জীর্ণ (গলিত, পুরাতন) পর্ণ (পাতা) যার, বহু°] বিণ, গলিতপত্র। ২ বি, পুরাতন পত্র। ৩ কদম্ববৃক্ষ। ~বসন [জীর্ণ (পুরাতন), যে বসন, খা] বি, ছেঁড়া কাপড়। ২ জীর্ণ বসন যার, বহু°] বিণ,ছিন্নবস্ত্র পরিধারী। স্ত্রীং ~া১। ~সংস্কার [জীর্ণের (পুরাতনের) সংস্কার, ৬ তৎ] বি, ভগ্ন, বিকৃত বা ক্ষয়প্রাপ্ত বস্তুর পুনর্গঠন ; মেরামত। বিণ, ~সংস্কৃত-পুনর্নবীকৃত ; মেরামত-করা।

জীর্ণা২-বি, স্থূলজীরক ; মোটা জীরা।২ বিণ, প্রাচীনা ; পুরাতনী।

জীর্ণি [জৄ(জীর্ণ হওয়া) + তি (ভা°)। জৄ=জীর্, তি=র্ণি] বি, বার্দ্ধক্য ; জরা।

জীর্ণোদ্ধার [জীর্ণের উদ্ধার, ৬ তৎ] বি, জীর্ণসংস্কার ; মেরামত। বিণ, জীর্ণোদ্ধৃত।

জীল [হিং-জিলানা (বাঁচান)। জীআ দ্রঃ। ১ম পুরুষ বর্তমান কালের রূপ] বি, জীবিত হইল ; জীবন পাইল। "সতীকে না দেখিয়া সবার ছিল দুখ। সবে জীল সতীর দেখিয়া চাঁদ মুখ।"-শি°। ণিজন্ত-জীয়াইল।

জীহা [জিহ্বা > দ্রং] বি, জিহ্বা ; জিভা। জীহের-জিভের। "মেলে ঘন ঘন জীহের আগ। রাজ কাড়ে যেন বোকা ছাগ।" -শ্রী° কী°।

জুআএ [জুআন দ্রঃ। জুয়ায়=জুআএ (প্রা°-বাং)] ক্রি, যুক্ত হয়, যোগ্য হয়। "এবে মথুরায় হাট জাইতে জুয়াএ"-শ্রী° কী°।

জুআর, জুয়ার [জলবৃদ্ধি > জলধার (ড়) >] বি, সমুদ্র হইতে আগত জলপ্রবাহ ; জলস্ফীতি ; জলোচ্ছ্বাস।

জুআল [প্রা°-বাং] বি, জোয়াল (দ্রঃ)। "আগ জোতি পাসজোতি আগুদর বড় চিন্তা। চুদিগে চুসলি দিআ জুআলে কৈল বিন্ধা।" -শূ° পু°।

জুই১, জুঁই১ [সং-দ্যুতি > পা°-জুতি (আসাম, ওড়ি° প্রাদে°)। কাশ্মীরেও জুঁই=আগুন] বি, অগ্নি ; আগুন।

জুই২, জুঁই২ [সং-যূথিকা > হিং-জূহী] বি, যূথিকা ; যুঁই (দ্রঃ)। "জাই জুই মারজা লইব করে। ভক্তি করি দিব ধর্ম্ম পাদুকা উপরে।"-শূ° পু°।

জুইত [প্রাদে°] বি, জুত দ্রঃ। জুইতের=পছন্দসই (মৈ° গী°)।

জুঁকা, জোঁকা-ক্রি, জুখা দ্রঃ।

জুকার-জোকার দ্রঃ।

জুখ, জোখ [হিং-জোখ=তৌল] বি, ওজন। ২ উচ্চতার পরীক্ষা। মাপ জোখ -আকারের পরিমাপ ও গুরুত্বের ওজন। ২ উভয়ের মধ্যে তুলনা করিয়া দৈর্ঘ্য প্রস্থাদির পরিমাপ।

জুখা, জুঁখা, জোখা, জোঁখা [হিং -জোখনা=তৌল করা। জুখি, জুখ, জোখ (জুখুন, জোখ্), জুখে, জোখে (জুখেন, জোখেন) ; জুখিতে (কে° জুখ্‌তে) ; জুখিয়া (কে° জুখে)। ণিজন্ত-জুখান, জোখান] ক্রি, তৌল করা। "পিঞ্জরের ভরে স্বর্ণ দিলেন জুখিয়া।"-কবিক°। "দয় করে এক মূলে জুখে নেয় দুনা তুলে।"-ঐ। ২ পাশাপাশি দাঁড় করাইয়া উচ্চতা তুলনা করা। ৩ বি, উভয়ের মধ্যে উচ্চতার তুলনা।

জুগ [প্রা°-বাং-য স্থলে জ] বি, যুগ। "যেআমেত বসিল পরভু কত জুগ গেল।"-শূ° পু°। ২ জগৎ। ~পতি [প্রা° বাং] বি, জগৎপতি ; জগন্নাথ। "মাইঝখানে স্নান করন্তি জুগর জুগপতি"-শূ° পু°।

জুগত [যুক্ত >] বিণ, যোগ্য ; যুক্ত। "তোমাকে জুগত নহে এসব করম"-শ্রী° কী°।

জুগতি [যুক্তি > যুকতি > জুগতি (প্রা°-বাং)] বি, যুক্তি। ২ যোগ্যতা।

জুগী, জোগী [সং-যোগী] বি, হিন্দু-জাতিবিঃ। স্ত্রীং জুগিনী।

জুগোপিষা [গুপ্ (গোপন করা) + ইন্ (স্বার্থে)=গোপি + স (ন্ ইচ্ছার্থে)=জুগোপিষ + অ (ভা°), আ-স্ত্রীং] বি, গোপন করিবার ইচ্ছা।

জুগুপ্সক [গুপ্ (নিন্দা করা) + স (ন্, স্বার্থে)। গু=জু, জুগুপ্স + অক (র্ক্ত)] বিণ, কুৎসাকারী ; নিন্দক।

জুগুপ্সা [গুপ্ + স (ন্, স্বার্থে)। গু=জু, জুগুপ্স + অ (ভা°) + আ-স্ত্রীং] বি, নিন্দা ; কুৎসা। ২ ঘৃণা ; অপবাদ। বিণ, জুগুপ্সিত [গুপ্ + স (ন্, স্বার্থে)=জুগুপ্স + ত (র্ক্ত)] বিণ, নিন্দিত। ২ ঘৃণিত।

জুচ্চুরি, জোচ্চুরি-জুয়াচুরি দ্রঃ।

জুজ [আ-জুজ=গ্রন্থের অংশ বা খণ্ড (দপ্তরী ভাষায়)] বি, পুস্তকের খণ্ড। ~বন্দি [আ-জুজ্‌বন্দি] বি, বই বাঁধানর কাজ ; পুস্তকের বাঁধাই ; ফর্ম্মা ফর্ম্মা সেলাই করিয়া বাঁধান ; ফোড় (stitch) দেওয়া আছে।

জুজু [সং-জুঃ=পিশাচী। "জুয়াকাশে সর-স্বত্যাং পিশাচ্যাং জবনে স্ত্রিয়াম্"-মেদিনী। বা ফা-জু=অন্বেষণকারী-যে খোঁজে > যে ছুটে ছেলে খোঁজে। ভুল-পশ্চিম আফ্রিকার ভাষার জুজু (juju=charm or fetish ; ban effected by juju)] বি, ছেলেধরা। "অতএব সন্তানদিগকে ঐ জুজু ঐ কানকাটা বলিয়া ভয় দেখান কুশিক্ষা ইহাতে সন্দেহ নাই।"-টেক-চাঁদ। ২ কল্পিত ভয়ের মূর্ত্তি ; পিশাচ-যোনি; প্রেত ; ভূত। "এখন দেখাও ভয় জুজু হাপা দিয়া।"-ভারত°। ~বুড়ি, -ড়ী [ভুল-

জটে-বুড়ী] বি, ডাইন ; ছেলেধরা বুড়ী। "কত বুড়ি জুজুবুড়ি ধরেছে কতজন"-বঙ্কিম০।

জুঝা [সং-যুধ্ > জুঝ্। হি০-জুঝনা=যুদ্ধ করা। জুঝি, জুঝ (জুঝুন, জোঝ্), জুঝে (জুঝেন) ; জুঝিতে (কে০ জুঝতে) ; জুঝিয়া (কে০ জুঝে, পদ্যে জুঝি)। ণিজন্ত-জুঝানি] ক্রি, যুদ্ধ করা। ~জুঝি-বি, লড়ালড়ি ; পরস্পর যুদ্ধ।

জুঝারিয়া [জুঝারু দ্রঃ। জুঝ্ (যুদ্ধ) + ঝারিয়া] বিণ, যুদ্ধকারী ; লড়াইয়া।

জুঝারু [সং-যুধ্ (যুদ্ধ করা) > হি০-জুঝনা। জুঝারু=যোদ্ধা] বিণ, যুদ্ধশীল ; লড়াইয়া। "উনলক্ষ রণদক্ষ জুঝারু মাতঙ্গ।"-ঘ০।

জুট, জুঠ, জুঠা [সং-উচ্ছিষ্ট > হি০-জুঠা] বি, উচ্ছিষ্ট ; এঁটো।

জুটক [জট্ (জড় হওয়া) + অক (র্তৃ), উ আগম] বি, জটা। জুটিকা-বি, চুলের ঝুঁটী ; শিখা ; টিকী। ২ গুচ্ছ।

জুটা, জোটা [জুট (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। জুটি, জুট, জোট (জুটুন, জোট্), জুটে, জোটে (জোটেন) ; জুটিতে (কে০ জুটতে), জুটিয়া (পদ্যে-জুটি, গ্রা০-জুটে)। ণিজন্ত-জুটান, জোটান] ক্রি, যুক্ত করা ; মিলান। ২ সংগ্রহ করা ; জড় করা ; যোগাড় করিয়া আনা। ৩ জটলা করা।

জুটানি, জোটানি [জুটা দ্রঃ। জুটাই, জুটাও (জোটান, জোটা), জুটায়, জোটায় (জুটান, জোটান) ; জুটাইতে, জোটাইতে ; (কে০ জু(জো) টাতে) ; জুটাইয়া, জোটাইয়া (কে০ জুটিয়ে)] ক্রি, মিলান। ২ যোগাড় করিয়া আনা।

জুটেপুটে-ক্রি-বিণ, মিলিত হইয়া ও দল পুষ্ট করিয়া ; জটলা করিয়া।

জুড়২-জুড়ন২ দ্রঃ।

জুড়ন১ [জুড়ান দ্রঃ] বি, শীতল করণ ; ঠাণ্ডা করণ। ২ সুস্থ করণ। ৩ (-ড়ন) বিণ, যা জুড়াইয়াছে ; শীতল ; ঠাণ্ডা।

জুড়ন২ [জুড়া দ্রঃ] বি, যুক্তকরণ ; মিলন। "হিয়ে হিয়ে জুড়ন না গেল"-বি০ প০।

জুড়া, জোড়া [হি০-জোড়্না। সং-জুড়্ (বন্ধনে)। জুড়ি, জুড় (জুড়ুন, জুড়া), জুড়ে (জুড়েন, জোড়েন) ; জুড়িতে (কে০ জুড়তে) ; জুড়িয়া (কে০ জুড়ে, পদ্যে জুড়ি)। ণিজন্ত-জুড়ান। এরূপ জোড়া] ক্রি, বদ্ধ করা ; সংলগ্ন করা ; যুক্ত করা। "মা জানি কি কর জুড়ি কহে ধীরে ধীরে।"-ব্রজ-পরিক্রমা। ২ পূর্ণ করা ; ভরা। "তোমা বিনা ভবে নাহি নিস্তার, বিনামূল্যে দীনে কর পার, রবে কীর্ত্তি জুড়ি ভুবন।"-কা০প্র০ ঘোষ। "জগৎ জুড়ে নিয়ম এই মা তার বিপরীত কেন হবে"-শিশিরকুমার ঘোষ। ৩ যোজনা করা ; আরম্ভ করা। "দেখিয়া বিবর্ণ শিশু কুঞ্জরবদন। কপালে আঘাত হানি জুড়িল ক্রন্দন।"-কবিক০।

জুড়ানি [সং-জাড্য > জাড় (শীত) > হি০-জড়, জুড়া (শীত, শীতল)। জুড়াই, জুড়াও (জুড়ান, জুড়া), জুড়ায় (জুড়ান) ; জুড়াইতে (কে০ জুড়াতে) ; জুড়াইয়া (কে০ জুড়িয়ে)। সকর্ম্মক ও অকর্ম্মক] ক্রি, শীতল করা। ঠাণ্ডা হওয়া ; প্র-দুধ খুব গরম, জুড়াইয়া দাও। ২ শান্তি দেওয়া ; ঠাণ্ডা করা ; সুস্থ করা ; ঠাণ্ডা হওয়া ; সুস্থবোধ করা ; শান্তি পাওয়া। প্র-"জুড়াইতে চাই, কোথায় জুড়াই"-গিরিশ০। ৩ আনন্দ লাভ করা ; আনন্দ দান করা। প্র-তাহার মুখচন্দ্র দর্শন করিয়া নয়ন মন জুড়াইল।

জুড়ি, জুড়ী [যুগল > হি০-জোড়ী] বিণ, যুগ্ম, যুগল। ২ সঙ্গে জুতিবার (ঘোড়া) ; সমদর্শন ও সমশক্তিশালী (অশ্বযুগল)। ৩ বি, জুড়ীগাড়ী ; দুই ঘোড়ায় টানা গাড়ী। ৪ যাত্রায় দুই দুইজন করিয়া যে গান গায় তাদের গায়ক-যুগল। ৫ [সেতার দ্রঃ] সেতারের সমসুরে বাঁধিবার পিতলের তারদ্বয়। ~দার [হি০-জোড়ীদার] বি, সহযোগী। ২ সমতুল্য ; জোড়ের একজন। ৩ পাহারাওয়ালার সহযোগী ; প্রহরীর সঙ্গী প্রহরী।

জুতি১ [হি০-জুতা, -ত্তি, -তী] বি, চর্ম্মপাদুকা ; বিনামা ; উপানৎ।

জুত২, **জুৎ** [সং-জ্যোতিঃ > হি০-জোত, জ্যোত, জুতি দ্রঃ] বি, জ্যোতিঃ। প্র-চোখের জুত বেশ আছে।

জুত৩ [হি০-জোট=জোড়, মিল] বি, বানান ; জোড়। ২ সুযোগ। ~আলা, -ওয়ালা-বিণ, সুবিধাজনক ; উপযোগী ; [প্রাদে০] সুন্দর। ~জাত, ~বরাত-বি, যোগাড়যন্ত্র ; সুবিধা। ~মত, -মাফিক-বিণ, সুযোগসম্মত ; বাগমাফিক। ~সই-জুতমত ; সুযোগমত ; সুবিধাজনক ; উপযুক্ত। বেজুত-অসুবিধা।

জুতিল [জুত দ্রঃ। জুতওয়ালা > কে০। ব্যঙ্গার্থে (ল=স্থ)-জুতিস্থ১] বিণ, সুবিধা-মত। "আজ বেশ জুতল খানা মিলেছিল।"

জুতা [হি০-জুতা] বি, উপানৎ ; বিনামা ; চর্ম্মপাদুকা। জু০ খাওয়া-জুতা দ্বারা প্রহৃত হওয়া। ২ অপমানিত হওয়া। জু০ খাওয়ানি-অপরকে উত্তেজিত করিয়া জুতা দ্বারা প্রহার করান। ২ অপমানিত করান। ~জুতি-পরস্পর জুতা মারামারি। ~পয়জার-জুতাজুতি। জু০ মারা-জুতা দ্বারা প্রহার করা। ২ অপমানিত করা।

জুতানি [জুতা + আন (ক্রিয়ায়)। জুতাই, জুতাও (জুতুন, জুতো), জুতায় (জুতান) ; জুতাইতে (কে০ জুতোতে) ; জুতাইয়া (কে০ জুতিয়ে)] ক্রি, জুতা মারা। জুতাস্ত, জুতস্থ২-বিলক্ষণ জুতা-প্রহার ; জুতা মারার হদ্দ।

জুতি১ [জ্যোতিঃ বা দ্যুতি > ত্রং] বি, জ্যোতি ; দীপ্তি। "রাজহংস মন্দগতি হেম জিনি দেহ-জুতি গজকুম্ভ চারু পয়োধরে।"-কবিক০।

জুতি২-জুত১ দ্রঃ।

জুদা [ফা-জুদাহ্] বিণ, পৃথক ; ভিন্ন ; স্বতন্ত্র। "অধর-সুধা পড়িছে জুদা দশনমুকুতা শশী।"-চণ্ডি০।

জুন১ [হি০] বি, সময়।

জুন২ [ইং June এর লিপ্যন্তর] বি, জুন মাস ; ইং ৬ষ্ঠ মাস ; জ্যৈষ্ঠের শেষার্দ্ধ হ'তে আষাঢ়ের প্রথমার্দ্ধ পর্য্যন্ত।

জুনিপোকা, জুনিপোকা [সং-জ্যোতিরিঙ্গণ > বাং-জোনাকি, জোনাই-জোনি, জুনি] বি, খদ্যোত।

জুনিয়র [ইং junior এর লিপ্যন্তর] বিণ, অবরিষ্ঠ ; ছোট ; অপ্রবীণ।

জুবড়ানি [রূপান্তর-জোবড়ান, জাবড়ান ; জেবড়ান। শ্রীহট্ট প্রাদে° জাউবড়ান। জবজব, জাব দ্র:। জুবড়াই, জুবড়াও (জুবড়ান, জুবড়া), জুবড়ায় (জুবড়ান); জুবড়াইতে ; জুবড়াইয়া (কে° জুবড়ি ; জুবড়ে)। ঐরূপ জোবড়ান] ক্রি, ডুবান ; চুবান ; ভিজান ; অভিষিক্ত করা।

জুবড়ী [জাবড় দ্র:] বিণ, অতিশয় সিক্ত।

জুবিলি [ইং jubileeর লিপ্যন্তর] বি, প্রথম পঞ্চাশৎ বার্ষিক উৎসব। "যৌবন জুবিলি দেয় দেবের সভায়"-কস্তুরী।

জুব্বা, জোব্বা [আ°—জুব্বা] বি, স্কন্ধ হ'তে জানুর নিম্ন পর্য্যন্ত লম্বা বুক-খোলা অঙ্গাবরণবি:। "পায়ে বুট জোব্বা গায়ে গলায় সোণার চেন"-হেম°।

জুম, জুম [আ°—জ্‌লুম্ > কে°] বি, জুলুম; অত্যাচার। "বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম। আসিয়া ভুবনেশ্বর করিলেন ধূম॥" ২ স্পর্দ্ধা। "এত জুম আজ্ঞা বিনা বুকে হাত দিলা।"-ভারত°। জু° আবাদ-বি, স্থানে স্থানে গর্ত্ত করিয়া ফসলের বীজ বপন করা। "গারোরা গাছ কাটিয়া জঙ্গল সাফ করিয়া জু° আবাদ করিয়াছিল।"

জুমলা [জুমর, জুমল ও°। আ° জুমলা= জমা] বি, জমাট ; মোট ; সমষ্টি ; একুন total.

জুমিয়া [প্রাদে°] বি, চট্টগ্রামাদির বন্য-জাতির সাধারণ নাম। "এ রঙ্গ ভূমে। জুমিয়া রমণীগণ মধ্যাহ্নে বসিয়া, কানন কার্পাসে বুনে বিচিত্র বসন।"-রঙ্গমতী।

জুম্মা, জুমা [আ°—জুমা্‌হ্] বি, শুক্রবার। জু° মিস্‌জিদ-শুক্রবারে যে মসজিদে মুসলমান জনসাধারণ মিলিত হইয়া নমাজ পড়ে। জুমারাত-বৃহস্পতিবার।

জুয়া, জুয়ো [সং-দ্যূত > জুঅ > হিং -জুআ] বি, অর্থের বাজী রাখিয়া তাস পাশা ই° খেলা ; দ্যূতক্রীড়া। "রাজ্যের যত যুবক আমাদের ঘরে জুটত-মদ খেত-আর জুয়ো খেলত"-রবী°। ~চোর [দ্রুত উচ্চারণে "জোচ্চোর"] বি, প্রবঞ্চক ; কিতব ; "জুয়াচোর বেটার সকল কথা গাল" -ধ°। ২ জুয়া খেলোয়াড় ; জুয়ারী। বি, ~চুরি, ~চুরী [গ্রা° জোচ্চুরি] প্রবঞ্চনা ; শঠতা। "জুয়াচুরী কথায় ভুলাতো মৃগবরে"-ধ°। ~চুরিপনা [গ্রা°—জোচ্চুরিপনা] বি, বঞ্চনা করণ ; জুয়াচুরী। "পসরা লুটায়ে কর জুয়াচুরিপনা।" -ধ°। ~ড়িয়া, -ড়ী [হি°—জুয়ারী] বি, কিতব ; অক্ষক্রীড়ক ; জুয়া খেলোয়াড়।

জুয়ান$_1$-জোয়ান দ্র:।

জুয়ানি$_2$ [সং-যুজ্ (যোগ করা) > যোগান > যো আন, পরে জুয়ানি। জুয়াই, জুয়াও, জুয়ায় ; জুয়াইতে (কে° জুয়াতে) ; জুয়াইয়া (কে° জুইয়ে)] ক্রি, যোগান ; সরবরাহ করা ; সংগ্রহ করিয়া আনা। ২ অভাব পূর্ণ করা। ৩ উপযুক্ত হওয়া ; উপযোগী হওয়া ; উচিত হওয়া ; যোগ্য হওয়া। "অনুগত জনেরে ছাড়িতে না জুয়ায়।"-বি° প°। "যার মা না থাকে তার সংসার না জুয়ায়"-কবিক°। ৪ জুটা ; উপস্থিত হওয়া। "কি কহিব কথা না জুয়ায়"-ত্রৈলোক্য কবিভূষণ।

জুয়ার$_1$**, জুয়ারী** [জুয়াড়ী দ্র:] বি, যে পণ করিয়া জুয়া খেলে ; জুয়াড়ী। "কেহ বলে মোর পুত্র পরম জুয়ার। মোর এই বর যেন না খেলায় আর॥"-চৈ° ভা°।

[illegible]র$_2$-জুআর দ্র:।

জুয়াল, জুয়ালি, জোয়াল [সং-যুগ > যুগল > যুগাল > জুআল (কে°জোল) > জুয়ালি, ওড়ি°—জুআলি, বাং-জোয়ালি, জোঁয়ালি। হি°—জোয়া, জোহ্। ম°—জুঁ। বৌ° বাং-'জোঙ্গাল'। "নাঙ্গল বেচায়, জোঙ্গাল বেচায় আর বেচায় ফাল"-মাণিক° গান] বি, হলে সংযুক্ত বলদের স্কন্ধস্থিত কাষ্ঠ-দণ্ড ; যুগন্ধর। "ঈশ্বরীর ইচ্ছায় বিশাই পায় পড়ে। লাঙ্গল জুয়ালি মই সদ্য দিল গড়ে" -শি°। ২ [লক্ষ°] চাপ pressure.

জুরী [ইং juryর লিপ্যন্তর] বি, সহকারী বিচারক ; আদালতে জজের সহিত বসিয়া যাঁরা বিচারের সহায়তা এবং অপরাধের সত্যাসত্য নির্দ্ধারণ করেন।

জুল [জুথ (দ্র:) > । "মিল" শব্দের সহচর] বি, মিলন ; সাদৃশ্য ; সমতা। মিলজুল-আকার প্রকারে মিল ; রূপে বা জোখা (দ্র:)-র মিল। ২ [জুট বা যোগ হতে সদ্ভাবার্থক মিল শব্দের সহচর] যোগ ; সংশ্রব ; মিশ্রণ। ৩ [অর্থ সম্প্রসারণে] সদ্ভাব ; মেলামেশা। প্র-তার সহিত এখনও মিলজুল হয় নাই। জুলজুল [উজ্জ্বল > কে° জ্বল+জ্বল (আধিক্যার্থে দ্বিত্ব)=জ্বলজ্বল (দ্র:) > মৃদু অর্থে জুলজুল] অ, ক্ষীণোজ্জ্বল ; মিটমিট। প্র-জুলজুল করিয়া চাহিয়া আছে। বিণ, -জুলিয়া, -জুলে।

জুলপি, জুলফি [ফা°—জুল্‌ফ্। প্রা°বাং-জুলুক্] বি, কর্ণমূল পর্য্যন্ত লম্বিত কেশ। ২ চক্ষু ও কর্ণের মধ্যবর্ত্তী দেশে বিলম্বিত কুঞ্চিত কেশগুচ্ছ ; কাণ ঝাঁপ্‌টা ; "দেখিয়া জুলুকে, মদন কুলুকে মম যে হইল লোভা"-চণ্ডি°।

জুলাই [ই° Julyএর লিপ্যন্তর] বি, ইংরেজী বৎসরের সপ্তম মাস ; আষাঢ়ের শেষার্দ্ধ হতে শ্রাবণের প্রথমার্দ্ধ পর্য্যন্ত।

জুলাব, জোলাব, জোলাপ, জুলাফ [ফা°—জুলাব্=গোলাবজল। ইহা সারক বলিয়া জোলাব অর্থে প্রযুক্ত। গ্রা° হি° -তে-জলাব্ (মলভেদক ঔষধ)। মূলে পর্ত্ত°— jalapa আমেরিকার জলাপা নামক গাছের মলভেদক শিকড়জাত ঔষধ "the purgative root of a plant first brought from Jalapa or xalapa in Mexico"] বি, সারক ঔষধ ; রেচক।

জুলি$_1$**, জুলী** [জল প্রণালী > । প্রা°-বাং-জোলি। "বহুত খালি জোলি"-শূ° পু°] বি, জলনালী ; ক্ষুদ্র খাত ; প্রণালী। "শোণিতে খালিজুলি ভরিয়া বহে কুলি সিংহল পুরিল বাণে॥"-চণ্ডি°। ২ মাটি খুঁড়িয়া প্রস্তুত লম্বা চুলী। ৩ নাবাল জমী। "কিন্তু নাবি চারাসকলকে জুলির মধ্যে রোপণ করিয়া তাহাতে যথেষ্ট জল দিতে হয়" -বঙ্গবাণী, ১৩৩১। ৪ জল-নির্গমের পথ ; পথের পার্শ্বস্থ নালা বা সরু নর্দ্দমা। নর্দ্দম জুলি-সরু জলনালী।

জুলি$_2$ [প্রা°-বাং। চূর্ণি (চূর্ণ করিয়া) > চুন্নি > চুলি > জুলি] অস-ক্রি, চূর্ণ করিয়া ; গুঁড়াইয়া ; চুরচুর করিয়া। ছিঁড়ি জুলি, ভাঁগি জুলি-ছিঁড়িয়া, ভাঙ্গিয়া, গুঁড়াইয়া।

] জুক্ত দ্বিত্বং (অগ্র=অগ্‌গ্র), [illegible] =zfwv [illegible]

চূর্ণ বা গুঁড়া করিয়া ; ছিঁড়েখুঁড়ে ; ছিঁড়ে-খুঁটে ; জেঙ্গেচুরে। "মাথার মুকুট কাহাঞি ভাঁগি জুলি জাএ।" "ছিত্তি জুলি জাএ কাহাঞি সাভেসরি হাথে।"–শ্রী॰ কী॰।

`জুলু [ইং zuluর লিপ্যন্তর] বি, দক্ষিণ আফ্রিকার অসভ্য জাতিবিঃ।

জুলুঙ্গা [প্রাদে॰] বি, ঝোলা ; থলে (নৈ॰ গী॰)।

**`জুলুম** `জুলম [আ॰–জুল্ম্] বি, অত্যাচার ; উৎপীড়ন ; জোর জবরদস্তী। "দেশময় নূতনের জবর জুলুম"–কুঙ্কুম। ২ অন্যায় দণ্ড। জু॰ করা–অত্যাচার করা ; পীড়ন করা।

জুলু(ল)মানা [আ॰–জুরমানা] বি, অর্থদণ্ড।

জুলুস [জলুস দ্রঃ] বি, উজ্জ্বলতা।

জুষ, জুস [সং। যূষ্, জুষ্, ঝুষ্ (হিংসায়, বধে) + অ (ণে)–"মুদগাদিকাথরসঃ"–ইতি ভরতঃ (শ॰ ক॰ দ্রুম)। সং–জুষ্কক ও॰। তুল–ফা॰ জুবান্দা decoction. ইং juice] বি, সুরুয়া ; ক্বাথ ; সূপ ; ঝোল।

জুষ্ট [জুষ্ (সেবা করা, পূজা করা) + ত (র্ম)] বিণ, পূজিত। ২ সেবিত। ৩ উচ্ছিষ্ট।

জুষ্য [জুষ্ (সেবা, পূজা) + য (র্ম)] বিণ, উপাস্য ; সেব্য।

জুস–জুষ দ্রঃ।

`জুহার [হিং। জোহার দ্রঃ] বি, জোহার ; যুক্তকরে নিবেদন ; হাতজুড়ে মিনতি। "আমার জুহার খুড়ি কালি দিহ বাকি কড়ি যাই অন্য বণিকের বাড়ী।"

`জুহু, জুহূ [হু (হোম করা) + কিপ্ (ণে, দ্বিত্ব)। হুহু=জুহু। উ=ঊ] বি, যজ্ঞীয় কাষ্ঠপাত্রবিঃ। ~বান্ [জুহু + বতু] বি, অগ্নি ; বহ্নি।

জূ [জু (বেগ, গতি) + কিপ্ (র্ত্তি)। জু=জূ] বি, আকাশ। ২ [ভা–কিপ্] শীঘ্রগতি। ৩ [র্ত্তৃ-কিপ্] সরস্বতী। ৪ পিশাচী।

জূজু–জুজু দ্রঃ।

জূট [প্রা॰–জোট। জট্ (জড় হওয়া) + অ (র্ত্তৃ)] বি, সমূহ ; রাশি। ২ জটিল বন্ধন ; সমূহের একত্র বন্ধন। ৩ জটা। ৪ চূড়াকার কেশগুচ্ছ ; ঝুঁটি। জটাজূট–জটা বন্ধন ; জটার গাঁইট।

জূটিকা, জূটী [জট্ + অক=ইক + আ, স্ত্রীং ; জট্ + ঈ, স্ত্রীং] বি, শিখাবিঃ।

জূতি১ [জু (বেগে গমন) + তি (ভা॰)। উ=ঊ] বি, বেগে গমন।

জূতি২ [হিং। জুতা > স্ত্রীং] বি, জুতা।

জূষ–জুষ দ্রঃ।

জৃম্ভ [জৃন্ভ্ (হাই তোলা) + অ (ভা॰)] বি, আলস্য বা নিদ্রাবেশ জনিত মুখবিকাশ ; হাই তোলা। ~া–বি, জৃম্ভণ। ২ বিকাশ ; ব্যাদান। ৩ স্ফুরণ ; প্রকাশ।

জৃম্ভক [জৃন্ভ্ + অক (র্ত্তৃ)] বিণ, জৃম্ভণ-কারী। ২ আলস্যকর ; নিদ্রাকারক। ৩ [পু॰] প্রজাপতি দক্ষের কন্যাদ্বয়ের গর্ভে মহর্ষি কৃশাশ্বের ঔরসজাত শতপুত্র (ইঁহারা জৃম্ভকাস্ত্র-নামে প্রসিদ্ধ–রামা॰)।

জৃম্ভকাস্ত্র [জৃম্ভক দ্রঃ] বি, যে অস্ত্র জৃম্ভণ করায় ; যার আঘাতে আহবে যোদ্ধৃগণ নিদ্রিত হয়।

জৃম্ভণ [জৃন্ভ্ + অন (ভা॰)] বি, হাই। ২ মুখব্যাদান ; মুখবিকাশ ; হাঁ। "জৃম্ভণ করিয়া আছে দেখিয়াছি তারে। তপনের তাপে তনু তপ্ত করিবারে॥ ৩ স্ফুরণ ; প্রকাশ।

জৃম্ভমাণ [জৃন্ভ্ + আন (র্ত্তৃ), ম আগম] বিণ, জৃম্ভণ করিতেছে এমন।

জৃম্ভিত [জৃন্ভ্ (হাই তোলা) + ত (ভা॰)] বি, জৃম্ভা ; হাই। "জ্বর নহে অঙ্গে সদাই তাপ। জৃম্ভিত মুখে কলেবরে কাঁপ॥" –কবিক॰। ২ [র্ত্তৃ–ত] বিণ, জৃম্ভণযুক্ত। ৩ বিকশিত।

জে [প্রা॰-বাং-য–'য'স্থানে জ। হিং–জো] স, যে দ্রঃ। ২ অ, বাক্যালঙ্কারে ; কারণে ; নিষেধ সম্বন্ধে ইং॰ (যে দ্রঃ)। "মো জে সখি সব সঙ্গে করিবোঁ"–শ্রী॰ কী॰।

জেঅন, জেঁঅন [জেন দ্রঃ। প্রা॰-বাং যেহেন > যেহেন > যেএন (চ॰ কৃ॰ ভা॰)] অ, যেমন।

জেঅর, জেওর [ফা॰ জেবর্ > হিং জেবর্ >] বি, অলঙ্কার। "ছুটো ইরাণী জেওর পরালে * * তাঁকে আরো খুবসুরতই দেখায়।"–আ॰ শক্তি।

জেওছ, জেঁওচ (ছ) [জীবিত বৎস > জীব বচ্ছ > জীবছ > জেওছ, জেঁওচ, জেঁচ, জ্যাঁচ, জাঁচ, জেঁয়াচ। হিং জাঁচ=দৃঢ়, অখণ্ড] বি, বিণ, যে স্ত্রীর সকল সন্তান জীবিত আছে ; অমৃত-পুত্রা ; অখণ্ড পোয়াতী। "ষষ্ঠীর মত জেওচ হব"–ব্রতকথা।

জেওরৎ [জহরৎ দ্রঃ। ফা॰–জওহরাত (জওহর্ শব্দের বহুবচন)] বি, জহরত আদি ; মণিমুক্তাদি।

জেঁকে [জাঁকা দ্রঃ। জাঁকিয়া > কেং॰] ক্রি-বিণ, উৎসাহ ও আনন্দের সহিত। "বড় খুসী হয় গো দেখে, কত গল্প করে জেঁকে" –বি॰ মজুমদার। ২ জমকাইয়া ; জমাইয়া। "ও এখন আসর জেঁকে বসে আছে, ও সহজে উঠ্‌বে?"

জেঁকো [জাঁক (দ্রঃ) + উয়া=জাঁকুয়া > কেং॰] বিণ, যার জাঁক আছে ; যে জাঁক করে ; আত্মগর্ব্বী। "জেঁকো বাবুর বাটীর দালানে ব্রাহ্মণভোজন হইতেছে।"–টেকচাঁদ।

জেঁয়াচ, জেঁওচ, জেঁচ, জাঁচ [জেওছ দ্রঃ] বিণ, যে জননীর সন্তান সবগুই জীবিত আছে ; যে প্রসূতির কোন সন্তান মরে নাই। ~পোয়াতী–অখণ্ড পোয়াতী ; জিয়াপুতী দ্রঃ।

জেজিয়া–জিজিয়া দ্রঃ।

জেটকুল [প্রাদে॰] বি, টিকটিকি।

জেঠ [জ্যেষ্ঠ >। হিং–জেঠ=অগ্রজ] বি, ধান্যবিঃ ; যা সকল ধানের অগ্রে পাকে। "জেঠ ধান বুনেন গোসাঞি ছিহরা আমলো।" –শূ॰ পু॰। ২ জ্যেষ্ঠ ; অগ্রজ। ৩ স্বামীর অগ্রজ ; ভাশুর। ~তুতা [জ্যেষ্ঠ > জেঠ ; তাতজাত > তাতাত=তুতা] বিণ, জেঠাত ; জ্যেষ্ঠতাত সম্বন্ধে। এ–জেঠতুতা ভাই বা বোন্। ~শাশ, –স, জাটশাশুড়ী, জাশ্‌শাশুড়ী, –রী–শ্বশুরের জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী। ~শ্বশুর, জাটশ্বশুর, জাশ্বশুর–শ্বশুরের জ্যেষ্ঠ ভ্রাতা।

জ্যেঠা [জ্যেষ্ঠতাত > জেঠা > । চট্টল অঞ্চলে, জেডা-জেডী] বি, পিতার জ্যেষ্ঠ-ভ্রাতা ; পিতার অগ্রজ। স্ত্রী. জেঠাই, জেঠানী, জেঠী$_1$, জেঠি (ঠী) মা, জেঠাইমা [পূ্ং বঙ্গে-জেঠী। ২৪ পরগণা অঞ্চলে 'জেঠাইমা', প্রাদেং ভেদে-'জেঠা-মা'] বি, জ্যেষ্ঠতাত-পত্নী।

জ্যেঠামি, জেঠামি-বি, জ্যেষ্ঠতাত-বৎ আচরণ বা উক্তি ; পাকামি। ২ প্রগল্ভতা।

জ্যেঠিয়া, জেঠো, জেঠে [জেঠ+ইয়া (সম্বন্ধে)] বিণ, আগে পাকে এমন ; যে জমিতে শস্য আগে পাকে ; ষষ্টিক বা ষেটে (ধান)। ২ জেঠ সম্বন্ধীয়।

জ্যেঠী$_2$ [সং-জ্যেষ্ঠী] বি, টিকটিকি। "জেঠীরব নীলাম্বর শুনিল শ্রবণে। দৈবদোষে তাহা না শুনিল কোন জনে॥"-কবিকং [দ্রঃ-পিছনে জেঠীরব নিষেধ বা বিঘ্নসূচক। টিকটিকি দ্রঃ]।

জেতব্য [জি (জয় করা) + তব্য (র্ম্ম)] বিণ, জেয় ; জয়যোগ্য ; জয়োপযোগী।

জেতা [জি (জয় করা) + তৃ (র্ত্তৃ) । মুং জেতৃ ১মাঃ ১বং] বিণ, যে জয় লাভ করিয়াছে ; জয়যুক্ত ; জয়শীল।

জেতানি-জিতা দ্রঃ।

জেত্রী [জেতৃ + ঈ (স্ত্রীং)] বিণ, জয়শীলা। পুং জেতা।

জেদ [জিদ দ্রঃ] বি, একগুঁয়েমি ; গোঁ ; প্রবল ঝোঁক। "রমণীর এত জেদ, কি এত গভীর খেদ"-প্রেম ও ফুল।

জেদাজিদি-জিদাজিদি দ্রঃ।

জেন [জানিও > কেং। হিং-জান্না। জানা দ্রঃ] ক্রি, জানিও; জ্ঞান করিও। "তবে অভেদ জেন শ্যামের পদ শ্যামামায়ের চরণ দুটা।"-আজু গোস্বামী। ২ [প্রাং-বাং-য স্থানে জ] অ, যেন ; যেমন। "গোচরিঞাঁ ফল করাইবোঁ জেন জানী"-শ্রীং কীং।

জেনানা-জনানা দ্রঃ।

জেনারেল,-র‍্যাল,-রাল,-রল [ইং general এর লিপ্যন্তর। গ্রাং 'জাঁদরেল' (দ্রঃ)] বি, সেনাপতি।

জেন্দ-বি, জোরোআস্তের (জরথুস্ত্র) উক্ত পারসীক ধর্মশাস্ত্র আবেস্তার ভাষ্য।

জেন্দাবেস্তা-সভাষ্য আবেস্তা Avesta with its commentary the Zend [দ্রঃ ইহা বেদের পরবর্ত্তী। প্লিনী ও বহু গ্রীক লেখকের মতে ১৮০০ খ্রীং পূং। পারসীকদের বিশ্বাস খ্রীং পূং ৫৫০ অব্দ]।

জেব [তুর্কী, আং-জেব্‌] বি, জামার পকেট।

জেব্রা-জিব্রা দ্রঃ।

জেমন [প্রাং। প্রাং-বাং] যেমন দ্রঃ।

জেম্মা-জিম্মা দ্রঃ।

জেয় [জয় দ্রঃ] বিণ, জয়যোগ্য ; জেতব্য।

জেয়র [ফাং জেবর >] বি, অলঙ্কার। "সোনার জেং হীরা মোতি রাখিলি কার ঘরে"-পূং বং গীং।

জেয়াদা [জিয়াদা দ্রঃ] বিণ, অনেক ; প্রচুর ; বেশী। "কান্ত বলে দিন তো ভাইরে নাই জিয়াদা"-রজনী সেন।

জের$_1$ [ফাং-জের (নিম্ন) >] বি, পরাভব।

জের$_2$ [ফাং-জের-নিম্ন। > নিম্ন হিসাব] বি. নিম্ন হিসাব ; বক্রী হিসাব। জেং টানা -পূর্ব্বপৃষ্ঠার মোট রাশি পরপৃষ্ঠায় লইয়া যাওয়া।

জেরবার [ফাং-জেরবার] বিণ, ভারাক্রান্ত। ২ অতিশয় ঋণগ্রস্ত। ৩ জর্জ্জরিত ; বিপর্য্যস্ত ; নাকাল। ৪ লাঞ্ছিত (কবি নং ইস্‌লাম কর্তৃক ব্যবহৃত)।

জেরা [আং-জর্‌ (drawing, dragging) >] বি, বিচারকের সমক্ষে বাদী, প্রতিবাদী ও সাক্ষীদিগকে কূটপ্রশ্নদ্বারা সত্যাসত্য পরীক্ষা। জেরা করা-to cross-examine.

জেরায়ৎ-বি, জিরাত দ্রঃ। ২ ফসল।

জেল [ইং jail এর লিপ্যন্তর] বি, কয়েদ। ২ কারাগার। জেং খাটা-বিচারে দণ্ডিত হইয়া কারাগৃহে বাস করা ; কারাদণ্ডে দণ্ডিত হইয়া জেলে থাকিয়া অতিরিক্ত শাস্তিস্বরূপ পাথর-ভাঙা, ঘানি-টানা ইং পরিশ্রমের কাজ করা ; জেলে থাকিয়া দণ্ড ভোগ করা। ~খানা-কারাগৃহ। ~খালাস-জেল হ'তে মুক্তি। ~খালাসী-দণ্ডভোগ শেষ হইবার পর কারামুক্ত। ~দারোগা-জেলের কয়েদী-দিগের তত্ত্বাবধারক কর্মচারী।

জেলা-জিলা দ্রঃ।

জেলার [ইং jailer এর লিপ্যন্তর] বি, জেল-রক্ষক।

জেলি [ইং jelly র লিপ্যন্তর] বি, চিনিতে পাক করিয়া আঠাল বা থক্‌থকে-করা ফলের রস। "আনারসের জেলি, সেই রং অমন সুন্দর হয়েছে"-বাং বসুমতী, ১৩৩৩।

জেলিয়া, জেলে [সং-জালিক ; হিং-জালিয়া > কেং জেলে] বি, জালিক ; জালজীবী ; ধীবর ; মৎস্যব্যবসায়ী। ২ মাল্লা ; মালা ; নৌজীবী ; ধীবর। "নিশি শেষে দাঁড় বেয়ে জেলে যায় গীত গেয়ে"-ঈং গুপ্ত। স্ত্রীং জেলেনী। ~কাছা-জালের মত বিরল বুনানের ছোট কাপড়। ~ডিঙ্গি-যে নৌকা করিয়া মালারা মাছ ধরে ; পান্‌সী। ~বোট -মাছ ধরিবার বড় নৌকা। ~মালা-একার্থক সহচর শব্দদ্বয় ; জেলে ও তার সম-শ্রেণীস্থ লোক। মালা দ্রঃ।

জেল্লা-জিলা দ্রঃ।

জেহাদ-জিহাদ দ্রঃ।

জৈত্র [জেতৃ + অ (স্বার্থে) । জি=জৈ] বিণ, জয়শীল ; জয়ক্ষম। ২ বি, পারদ। ৩ ঔষধ। স্ত্রীং ~ী$_1$-জয়শীলা।

জৈত্রী$_2$ [সং-জয়ত্রী, জাতীপত্রী >] বি, জয়ত্রী-গাছের ফুল (ইহার ফলের নাম জায়ফল)।

জৈন [জিন + অ (সম্বন্ধার্থে)। জি=জৈ] বি, জিনমতাবলম্বী জাতি। ~ধর্ম্ম-ঋষভ দেব কর্তৃক প্রবর্তিত ধর্ম (ইহা বৌদ্ধধর্মের রূপান্তর মাত্র)। জৈনরা শ্বেতাম্বর ও দিগম্বর এই দুই প্রধান শাখায় বিভক্ত। জৈনধর্ম গ্রন্থ অঙ্গসূত্র ও আগম এই দুই প্রধান ভাগে বিভক্ত।

জৈব [জীব+অ (সম্বন্ধে)] বিণ, জীব-সম্বন্ধীয় ; জীবঘটিত। ২ জীবজ ; প্রাণিজ ; জীবনীয় ; organic. ~রসায়ন- bio-chemistry ; organic chemistry.

জৈবন [প্রাং] যৌবন দ্রঃ।

জৈবাতৃক [জীবাতৃক+অ (ইদমর্থে), ঈঙ্গৃ] বি, চন্দ্র। ২ পুত্র। ৩ ঔষধ। ৪ কর্পূর। ৫ বিণ, দীর্ঘজীবী। ৬ কৃশ।

জৈমিনি [প্রা॰-বাং যেমন (দ্র:)+ই (পদ॰ সা॰)। তুল-ঐমনি (আধু॰ অমনি)] অ, যেমন।

জৈমিনি-বি. মীমাংসা দর্শন-প্রণেতা মুনি। ইনি পঞ্চ বজ্রবারকের অন্যতম বলিয়া বজ্রপাতকালে লোকে ইঁহার নাম উচ্চারণ করে। তুল-"জৈমিনিশ্চ সুমন্ত্রশ্চ বৈশম্পায়ন এবচ। পুলস্ত্য পুলহশ্চৈব পঞ্চৈতে বজ্রবারকাঃ"। ~দর্শন-জৈমিনি-কৃত বেদের মীমাংসা এবং শ্রুতি স্মৃতির বিরোধ ভঞ্জন কারক দর্শনশাস্ত্র।~ভারত-জৈমিনি মুনি প্রণীত মহাভারত গ্রন্থ। এই গ্রন্থের অশ্বমেধ পর্বমাত্র প্রাপ্তব্য।

জৈমূত [জীমূত+অ (ইদমর্থে)] বিণ, জীমূত মুনি সম্বন্ধীয়। স্ত্রীং ~ী।

জৈসাণে [প্রা॰বাং। ব॰জ। হি॰-র অনুকরণে। অসমীয়া-'বৈসানি'। যৈছন দ্র: ক্রি-বিণ, যেমন। ২ যখন। "জৈসাণে রতি জানবোঁ। তেসাণে কাহ্ন আণিবোঁ। -শ্রী॰ কী॰।

জো১ [সং-যোগ বা যোত্র >] বি, সুযোগ; সুবিধা। ২ উপায়। প্র-না দেখিয়া বা না বলিয়া থাকিবার জো নাই। ৩ যোগাড়। ৪ বিণ, উপযোগী; শস্য বপনের উপযোগী। জো॰ কাল-শস্য বপনের উপযুক্তকাল। জো॰ পাওয়া, জো॰ পেয়ে বসা-সুযোগ পাওয়া। জো॰ পেলে-সুবিধা পাইলে; সুযোগ আসিলে ফাঁক পাইলে given favourable circumstances. জো॰ বৃষ্টি-শস্য-বপনের সুবিধাজনক বৃষ্টি।

জো২ [জল >। চাষীর ভাষায়] বি, আবশ্যক মত জল পাইয়া মাটি নরম হওয়ার নাম। "বৈশাখ মাসে 'জো' পাইলে চারা রোপণ করা ভাল * * রোপণের পর অধিক রৌদ্রে চারা জখম হওয়ায় খুব সম্ভাবনা এজন্য হয়ত অনেক দিন চারায় গোড়ায় জল দিবার আবশ্যকও হ'তে পারে"-আ॰ শক্তি, ৩৩৪। "জমির জো হয়েছে" (বপনের সময় হয়েছে)।

জো৩ [জুয়া >, কে॰, গ্রা॰। 'জুয়ো' ও॰] বি, জুয়া; দ্যূতক্রীড়া। "জো-খেলা"।

জো৪ [হি॰। যাহা > ব॰জ; গ্রা॰] স, যাহা। ২ [হি॰-জ্যোঁ >] অ, যেরূপে; যেমন। জো-সো-যেমন তেমন; যে প্রকারে হয় সেই প্রকারে; যেরূপে হয় তেমনি; যা-তা। "জো-সো করে একটা বুঝিয়ে দিলে"। জো-সো করে গড়ে তোলা।

জোঁক [সং-জলৌকা > জলোক > বা, জল-যূক (উকুন) >। হি॰-জোঁক] বি, জলৌকা (নির্বিষ ও সবিষ ভেদে জোঁক ১২ প্রকার নির্ণীত হইয়াছে)।

জোঁকা, জোঁখা, জোখা [জুখা দ্র:] ক্রি, পরিমাণ করা। ২ ওজন করা। "জোখে বেণে চড়ায়্যা পড়্যান"-কবিক॰। ৩ বি, ওজন। ৪ তুলনায় পরীক্ষা। ~জুঁকি-বি, পাশাপাশি দাঁড় করাইয়া বড় ছোট পরীক্ষা। ২ মাপামাপি। লেখা-জোঁকা, -জোখা [গ্রা॰ লেকা-জোঁকা] বি, ওজন ও বিবরণ; বিশেষ বিবরণ; লিখিত হিসাব। "শত শত দানা ধায় নাহি লেখা-জোখা।"-কবিক॰।

জোঁকার, জোকার [প্রাদে॰ উচ্চারণ বিকারে 'জুকার'] বি, উলুধ্বনি। ২ জয়ধ্বনি; জয়জয়কার। "ডাকিনী যোগিনী দিল জয় জোঁকার"- মনসা ম॰ (বিজয় গুপ্ত) -খৃ: ১৫শ শতাব্দী।

জোকা, -খা-ক্রি, মাপা। ২ বিণ, পরিমাপিত।

জোগা [যশো॰ খুলনা প্রাদে॰] বি, অমাবস্যা ও পূর্ণিমার নিকটবর্তী অতিরিক্ত জলোচ্ছ্বাসের সময়।

জোগা/ড় [সং-যোগ+আড়] বি, উপকরণ সংগ্রহ; আয়োজন। ~ড় যন্ত্র-জোটপাট; আয়োজন। ~ড় জাগাড়-সহচর শব্দদ্বয়। ~ড়িয়া, ~ড়ে [জোগাড় +ইয়া] বিণ, উপকরণ-সংগ্রাহক; আয়োজনকারী; উপায়-কারক। ২ উদ্যোগী।

জোগান [সং-যোগ। হি॰-জুগান] বি, সরবরাহ; অভাব বা প্রয়োজন পূরণ। প্র-দুধের জোগান দেওয়া। ২ সাহায্যার্থ বা শূন্যস্থান পূরণার্থ মজুদ সৈন্য reserve force. "জোগান চলিল ভাই একশত জন"-মহা॰ (কাশী)।

জোগানি [প্রা॰-বাং-জুয়ান (দ্র:)। জোগাই, জোগাও (জোগান, জোগা), জোগায় (জোগান্); জোগাইতে (কে॰ জোগাতে); জোগাইয়া (কে॰ জুগিয়ে)] ক্রি, সরবরাহ করা; প্রয়োজন বা অভাব পূরণ করা supply. কথা জোগানি-যে সময় যে কথা বলা দরকার তা ঠিক সময়ে মনে পড়া ও বলা। ফুল জোগানি-নিত্য প্রয়োজনীয় ফুল পৌঁছিয়া দেওয়া। ভাত-কাপড় জোগানি-নিত্য নিয়মিত খাওয়ান পরান অর্থাৎ ভরণপোষণ করা। মন জোগানি-মনের বাঞ্ছা বা বাসনা পূরণ করা। মনের মত কাজ করা। ২ তোষামোদ করা।

জোঙড়া-বি, শামুক। প্র-জো॰ চূণ।

জোঙাল-জুয়াল দ্র:।

জোচ্চোর [জুয়াচোর > দ্রুত উচ্চারণে] বি, বিণ, জুয়াচোর (দ্র:)। "হাঁ সে ভয়ানক জোচ্চোর। সে শুধু জোচ্চোর নয় মনচোর।" -পিতা পুত্র। বি, জোচ্চোরি, জোচ্চুরি-প্রবঞ্চনা। জোচ্চো(চ্চু)রি বাটপাড়ি-বি, প্রবঞ্চনা ও রাহাজানি।

জোছনা, জোচ্ছনা [সং-জ্যোৎস্না > গ্রা॰ কথ্য জোচ্ছনা। কোমলরূপ পদ্যে-জোছনা। গ্রা॰ জোচনা ও॰, কে॰ 'জোন'] বি, জ্যোৎস্না; চন্দ্রালোক। "যামিনী জোছনা-মত্তা"-রবী॰। কাগডিমে-জোচ্ছনা, কাগজোচ্ছনা-কাকডিমের মত শাদা কালোয় মিশান ঘোলাটে বা পাংশুবর্ণ চন্দ্রালোক। জোচ্ছনায় ফিনিক ফোটা-চন্দ্র হ'তে অগ্নিস্ফুলিঙ্গবৎ উজ্জ্বল কিরণে চতুর্দিক উদ্ভাসিত করা। ফুটফুটে জোচ্ছনা - যে চন্দ্রালোকে চতুর্দিক ফুটিত অর্থাৎ প্রকাশিত হয়।

জোট [জট দ্র:] বি, জটিল বন্ধন; রাশির

বন্ধন বা গাঁইট; জট। প্র—জোট পড়িয়া গিয়াছে। জো॰ প(া)ড়ানি—সূত্র বা কেশ জটিল বন্ধনে বদ্ধ করা; খেই হারাইয়া জড়াইয়া ফেলা। জো॰ পাকানি, —বাঁধা—সূত্রাদি জড়াইয়া ফেলা। ২ দল বাঁধা। ~পাট [জোটের সহচর পাট] জটলা; মেলামেশা; একত্র মিলন। প্র—সকলে জোটপাট করে সমস্ত শেষ করে ফেলেছে। ২ জোগাড়যন্ত্র।

জোটা [জুটা দ্রঃ। হিং—জুটনা। জুটি, জুট (জুটুন, জোট), জোটে (জোটেন); জুটিতে (কেং জুটতে); জুটিয়া (কেং জুটে, পদ্যে—জুটি)। ণিজন্ত—জোটান] ক্রি, মিলা; যোগাড় হওয়া। "অন্ন জোটে না কথা জোটে মেলা, সারাদিন ধরে একি ছেলেখেলা" —রবী॰। ২ উপস্থিত হওয়া। জোটাইয়া দেওয়া—জোগাড় করিয়া দেওয়া; মিলান। "মনের মতন নাগর তোমায় জোটাই দিয়ম আমি"—পূ॰ ব॰ গী॰।

জোটাজোট [জোটা দ্রঃ] বি, যোগাড়যন্ত্র। ২ পরস্পর মিলন; সম্মিলন।

জোটেবুড়ি [জোটে (জট+ইয়া)+বুড়ি (বৃদ্ধা)—যে বৃদ্ধার মাথার চুলে জট পড়িয়া গিয়াছে] বি, ছেলেদের ভয়োৎপাদক কল্পিত মূর্ত্তি; রাক্ষসী; জুজুবুড়ি।

জোড় [জুড় (বন্ধনে)+অ (র্ম্ম)] বি, জোড়া; যুগ্ম; মিলন; যুগল। ২ ধুতি-চাদর। প্র—বরের বেনারসী জোড়। ৩ জীব-জন্তুর পুং-স্ত্রীর মিলন। ৪ লৌহবিঃ। ~খাই—বি, আনদ্ধ রণবাদ্যবিঃ। জো॰ খাওয়া—ক্রি, যুক্ত হওয়া; মিলিত হওয়া। ২ জীবজন্তুর পুং-স্ত্রীর মিলন হওয়া। ~তাড়, ~তোড় [জোড়ন ও তোড়ন >] বি, জোড়া দেওয়া ও পৃথক করা; ভাঙ্গা গড়া। ২ যন্ত্রপাতি; সরঞ্জাম; উপকরণ। ~পাণি—বিলিত করদ্বয়; যুক্তহস্ত। জো॰ ভাঙ্গা—যুগলের মধ্যে একটির পৃথক্ হওয়া জো॰ লাগা—জো॰ খাওয়া দ্রঃ। ~ইস্ত, ~হাত—বি, কৃতাঞ্জলি।

জোড়া১ [সং—যুগ্ম। হিং—জোড়া] বিণ, দুইটী; যুগল। ২ [দুই পাল্লা থাকে বলিয়া] বি, শাল। "বীর দেয় খাসা জোড়া, চড়িতে উত্তম ঘোড়া, নিত্য চিত্তে বীরের মঙ্গল।" —কবিক॰। ৩ একত্রিত দুইখানি পরিচ্ছদ। জামা-জোড়া—জামা ও শাল; পোষাক।

জোড়া২ [সং—জুড় (প্রেরণে, বন্ধনে)। হিং—জোড়না, জুড়না। বাং-র, জুড়া ও॰। জুড়ি, জোড় (জুড়ুন, জোড়), জোড়ে (জোড়েন); জুড়িতে (কেং জুড়তে); জুড়িয়া (কেং জুড়ে, পদ্যে—জুড়ি, ব্রজ॰ জোড়ি)। ণিজন্ত—জোড়ানি] ক্রি, যুক্তকরা। "রাধা মৃগনয়নী গৌরী, নাগর কর বাঁহজোড়ি" —ব্রজ পরিক্রমা। ~তাড়া—জোড়তাড় দ্রঃ। ~তাড়া লাগা—ক্রি, সংযুক্ত হওয়া। ২ যোগাযোগ হওয়া; সংঘটিত হওয়া। "অদৃষ্টের কলকব্জা কেমন করিয়া কোথা হইতে আসিয়া জোড়াতাড়া লাগে তাহা বুঝিবার কোনই উপায় নাই"—মা॰ ও ম॰ বাণী, ১৩৩১ ভাদ্র। ~তালি—বি, সেলাই ও তালি দিয়া ছিদ্রাবরণ। ২ [লক্ষ॰] গোঁজামিল। "এ পরিবর্ত্তন জোড়াতালিতে সম্ভবপর হবে না—আমূল পরিবর্ত্তনেই তা সার্থক হ'তে পারে" —প্রবাসী, ১৩৩১ আষাঢ়।

জোড়া৩—বিণ, পূর্ণকারী; ভরা। প্র—কোল জোড়া।

জোত [সং—যোত্র >] বি, যুগবন্ধন রজ্জু। ২ কর্ষণযোগ্য ভূসম্পত্তি। ৩ কৃষকেরা দুই তিন বা অধিক বৎসরের জন্য জমীদারের নিকট চাষ করিবার স্বত্বে যে জমি গ্রহণ করে। ~দার [জোত+ফা—দার] বি, কৃষিস্বত্বযুক্ত জমীর অধিকারী; রাইয়ৎ।

জোতা [যোজনা > হিং—জোত্‌না; বাং—জোতা] ক্রি, জোড়া; সংযোজিত করা; গাড়িতে ঘোড়া গরু প্রভৃতি যোজিত করা। ২ কাহাকে কোন কর্ম্মে লাগান।

জোত্র [সং—যোত্র > প্রাং—জোত্ত্র] বি, উপায়; সুযোগ; সুবিধা; জো। ২ সংস্থান।

জোনাকি, জোনাকিপোকা [সং—জ্যোতিরিঙ্গণ > প্রাং—জোনী, জুনী] বি, খদ্যোত।

জোনাজুতি, জঁনাজুতি—জনা দ্রঃ।

জোন্দা, জোঁদা [সং—যমদূতিকা (তেঁতুল) > কেং যমদা > জোন্দা, জোঁদা। বঙ্গজ] বিণ, অত্যম্ল; অতিশয় টক। "পথশ্রম হবে মন্দা কিনহ জোড়াসি জোন্দা।"—কবিক॰। ২ অবয়দন্ত।

জোবড়া,—নী—জুবড়া, জুবড়াম দ্রঃ।

জোব্বা—জুব্বা দ্রঃ।

জোমা [যুগ্ম >] বিণ, যুগ্ম; জোড়া। "জোমা গাড়য়ের শৃঙ্গ চাতকের তুণ্ড।" —কবিক॰। ~গোদা—বিণ (বি), অতি-স্থূলদেহ (ব্যক্তি)।

জোয় [পদ সা॰] ক্রি, অনুসন্ধান করে। ২ সোৎসুক দৃষ্টি করে।

জোয়া [হিং—জোহ্‌না = খোঁজা, প্রতীক্ষা করা। জোহা দ্রঃ। প্রং পুং জোয়। বাং-র ইহারই ব্যবহার দৃষ্ট হয়] ক্রি, আকাঙ্ক্ষা করা। ২ অন্বেষণ করা; খোঁজা। ৩ প্রতীক্ষা করা; মুখ চাওয়া; তাকান। "কর যোড়ি ঠাঢ়ি বদন পুনু জোয়।"—পদাবলী।

জোয়ান [ফাং—জবান্=যুবা; বয়স্ক। তুল—সং—যুবন্] বি, বয়স্ক লোক adult. ২ বলিষ্ঠ। ~কি—যুবা; তরুণ। "জোয়ানকি বয়সে কি আর ঘরে পচে মরা সাজে।" ~মর্দ্দ [ফাং—জবান্+মর্দ (জব্‌ঁমর্দ)] বি, সুন্দর হৃষ্টপুষ্ট যুবাপুরুষ; বলিষ্ঠ যুবা।

জোয়াব [জবাব > প্রাদে॰ উচ্চারণ-ভেদ] বি, জবাব; উত্তর

জোয়ার [জুআর দ্রঃ। হিং—জুয়ার] বি, জলবৃদ্ধি; জলস্ফীতি; সমুদ্র হতে উপর দিকে প্রবাহের ফলে নদ্যাদির উজান প্রবাহ-বৃদ্ধি। "জোয়ারের পানি নারীর যৌবন গেলে না ফিরিবে আর।"—চণ্ডি॰। "জোয়ার গাঙ্গে জল ছুটেছে রাখিবে কে। হরে মুরারে হরে মুরারে।"—বঙ্কিম॰। জোয়ারিয়া, জোয়ারে [যশো॰ খুলনা॰ প্রাদে॰] অ, উপর বা উত্তরের দিকে। "অমুক স্থান অমুক স্থানের জোয়ারে" (=প্রথম স্থানে যাইতে হইলে দ্বিতীয় স্থান হইতে জোয়ার দিয়া নৌকায় যাইতে হয়)—খুলনার ইতিহাস। জোয়ারদার [সামাজিক] বি, নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধি বিঃ।

জোয়াল—জুয়াল দ্রঃ।

জোর১ [ফাং—জোর্] বি, বল; শক্তি। ২ বেগ। ৩ বিণ, উগ্র; তীব্র; চড়া। প্র—

জোর বলা। জো° করা-জের করা ; জবরদস্তি করা। "একদিন একটা উড়ে ভারী ঘর হ'তে জলের ঘড়া জোর করিয়া লইয়া চলিয়া গেল।" ভারতী, ১৩২০। ২ শক্তি প্রয়োগ করা। জো° কলম-জোরের লেখা ; শক্তিশালী রচনা। জো° গলায়-উচ্চৈঃস্বরে ; সকলকে শুনাইয়া ; নির্ভয়ে। ~জবর-বাহুবল ও পীড়ন। ~জবরদস্তী [ফা°] বলপ্রকাশ। ২ জেদ। ~জুলুম-জোর জবর ; অত্যাচার। জো° তলব-অবিলম্বে উপস্থিত হইবার কড়া হুকুম। জো° দিয়া-ক্রি-বিণ, বল প্রয়োগ করিয়া ; জোরের সহিত। ২ [লক্ষ°] দৃঢ়ভাবে ; উচ্চকণ্ঠে ও স্পষ্ট ভাষায়। "মমতা জোর দিয়া বলিল-না।"-চোরকাঁটা। ~বার [হি°-জোরাবর্] বিণ, শক্তিশালী। ২ বলদৃপ্ত। জো° যার মুলুক তার-"যার লাঠি তার মাটি" ; যার বাহুবল আছে সেই দেশাধিকার করে। কমজোর-দুর্ব্বল। কোমরের জোর-অবলম্বনের বল ; সামর্থ্য। কলমের জোর-বিদ্যাবল ; লেখার প্রভাব। গলার জোর-কণ্ঠের উচ্চ স্বর। গায়ের জোর-দৈহিক বল ; গোঁয়ারতমি। মনের জোর-মানসিক শক্তি ; উদ্যম ; উৎসাহ ; দৃঢ়প্রতিজ্ঞা।

জোর₂ [জোড় দ্রঃ। প্রা°বাং ও প্রাদে° উচ্চারণে ড়=র] বিণ, যুগ্ম ; যুগল ; জোড়া। "পরিহরি ব্রীড়া কত করে ক্রীড়া নয়নখঞ্জন জোর।"-কবিক°। ২ বি [প্রাদে°] মাছ ধরিবার জাল বিঃ।

জোরালি [জোর (বল) + আল (বালা)] বিণ, বলবান্ ; প্রবল।

জোরু [হি°-জোড়া >] বি, স্ত্রী ; পত্নী।

জোল [জলা >] বি, নিম্নভূমি। ২ জুলী (দ্রঃ) ; সরু নালা। ৩ বিণ, জলযুক্ত।

জোলা [ফা°-জোলাহা, জুলাহ্] বি, মুসলমান তন্তুবায় জাতি। "তাসন করিয়া নাম বলাইল জোলা"-কবিক°। ২ [জুলাহা জাতির অনুন্নত অবস্থা ও প্রকৃতি >] বিণ, নির্ব্বোধ ; মূর্খ। স্ত্রীং জোলানী। ~হেটে [গ্রা° অশুদ্ধ-"জোলাহেটে"] জোলার হাতের বোনা মোটা জালী কাপড় বা হাটে বিক্রয় হয় সেই কাপড় ; নিকৃষ্ট কাপড়।

জোলান্ [জল >। জল-বান্] বিণ, জলময় ; জলযুক্ত ; জোল দ্রঃ। ২ যে জমী প্রায় সারা-বৎসর জলময় থাকে ; জলা। প্র-জোলান জমি।

জোলাপ [আ°-জুলাব >] বি, বিরেচক ঔষধ (Jalapa plant, indigenous of Xalapan in Mexico).

জোলি [জোল (দ্রঃ) + ই (ক্ষুদ্রার্থে)। অধিকতর অল্প পরিসর অর্থে জুলী (দ্রঃ)] বি, জোলান জমি। "দুর্ব্বার গাজেত বহুত খালি জোলি।"-শূ° পু°। নয়নজোলি-বর্ষার জল নির্গমের জন্য পথের পার্শ্বে যে সরু নর্দমা কাটা হয়। খালি-জোলি-খালিজুলি দ্রঃ।

জোলো [জল + উয়া=জলুয়া > কে° জোলো] বিণ, জলযুক্ত ; জলময়। "জোলো দুধে পুষ্ট দেহ।"-হেম°। ২ জলগর্ভ ; সেঁতান ; ভিজে। প্র-জোলো বাতাস। ৩ পান্‌সে।

জোশ, জোষ [ফা° জোশ। কবি নং ইসলাম্ কর্ত্তৃক ব্যবহৃত] বি, তাপ। ২ উত্তেজনা।

জোষণ [জুষ্ (হৃষ্ট হওয়া) + অন (ভা)] বি, প্রীতি। ২ সেবা।

জোষিৎ, জোষিত [জুষ্ (তুষ্ট হওয়া) + ইৎ, ইত (র্ক্ত, জ্ঞা°)] বি, নারী।

জোসো [হি°] অ, যেমন তেমন, যে কোন উপায় ; যে সে উপায়।

জোস্তাঁ [সং-জ্যোৎস্না > প্রা°] বি, জ্যোৎস্না ; চন্দ্রালোক। ~পোকা-বি, জোনাকীপোকা।

জোহরী-জহরী দ্রঃ।

জোহা [হি°-জোহ্‌না > জোয়া (দ্রঃ)] ক্রি, আকাঙ্ক্ষা করা ; অপেক্ষা করা। ২ অন্বেষণ করা।

জোহার [জুহার দ্রঃ] বি, অভিবাদন ; নমস্কার ; প্রণাম। "আসিয়া কোটাল নৃপে করিল জো°, কোটালে বান্ধিতে আজ্ঞা হইল রাজার।"-কবিক°। "বারতা বলিতে ব্যাধ বারজন যায়। জো° জানায় বেরে ভূপতির পায়।"-ঐ°।

জৌ [সং-জতু >] বি, গালা। "ঝটিতি নির্ম্মাণ কর জৌয়ের আগার।"-কবিক°। "জৌঘরে পাণ্ডবে দিল প্রাণ"-ঐ°।

জৌবতি ['যৌবতী' ও°। ব্রজ°, বৈ° পদ° সা°] বি, যুবতী।

জ্ঞ (জ + ঞ=জ্ঞ, চ্চা° দ্রঃ) [জ্ঞা (জানা) + অ (র্ত্তৃ)। আ লোপ। স্বতন্ত্র ব্যবহার নাই। অন্য শব্দ বা উপসর্গসহ যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে] বিণ, যে জানে ; জ্ঞানী ; পণ্ডিত। প্র-অজ্ঞ ; বিজ্ঞ ; প্রাজ্ঞ ; শাস্ত্রজ্ঞ।

জ্ঞপিত, জ্ঞপ্ত [জ্ঞা (জানা) + ণিচ্, প আগম=জ্ঞাপি + ত (র্ম্ম) ; জ্ঞপ্ (জানান) + ত (র্ম্ম)] বিণ, বিজ্ঞাপিত। ২ নিবেদিত। স্ত্রীং ~া।

জ্ঞা [জ্ঞা (জানা) + ক্বিপ্ (ভা)] বি, জ্ঞান।

জ্ঞাত₁ [জ্ঞা (জানা) + ত (র্ম্ম)] বিণ, অবগত ; বিদিত। জ্ঞা° করা [ম° বাং-জ্ঞাপন করা অর্থে] ক্রি, জানান ; জ্ঞাপন করা। "দণ্ডপূর্ণ হবামাত্রেই তারা তাহাদের ঝাঁজের উপর মুগর মারিয়া জ্ঞাত করায় সকলকে"-প্রতাপাদিত্য চরিত, ১৮০১।

জ্ঞাত₂ [জ্ঞাতি > অং] বি, জ্ঞাতি। ~-কুটুম-জ্ঞাতি কুটুম্ব। ~গুষ্ঠি [গ্রা°] জ্ঞাতি গোত্র দ্রঃ।

জ্ঞাতব্য [জ্ঞা + তব্য (র্ম্ম)] বিণ, জ্ঞেয় ; জানিবার উপযুক্ত।

জ্ঞাতসার [জ্ঞাত + সার] বিণ, যে সার অবগত হইয়াছে। ২ জ্ঞানগোচর। ক্রি-বিণ, জ্ঞাতসারে।

জ্ঞাতা [জ্ঞা + তৃ (র্ত্তৃ), পুং জ্ঞাতৃ ১মা, ১ব°] বিণ, যে জানে ; প্রাপ্তজ্ঞান ; অভিজ্ঞ।

জ্ঞাতি [জ্ঞা + তি (র্ম্ম)-যাকে আত্মীয় বলিয়া জানা যায়। অং-জ্ঞাত] বি, সগোত্র ; সপিণ্ড। ২ দায়াদ [দ্রঃ-সপিণ্ড সগোত্র হইলে "জ্ঞাতি"। অসগোত্র হইলেও যাকে আপনার অন্তরঙ্গ করা যায় সেই আত্মীয়, জ্ঞাতি কুটুম্ব না হইয়াও আত্মীয় হওয়া যায়। শোণিত সম্পর্কেও দূর এবং নিকট আত্মীয় হয় অথচ জ্ঞাতিকুটুম্ব না হ'তে পারে। বৈবাহিক সম্বন্ধে সম্পর্কিত হইলে কুটুম্ব]। ~কুটুম্ব [গ্রা° জ্ঞাতকুটুম] বি, আত্মীয়

স্বজন। ~গোত্র [গ্রা॰ জ্ঞাত গোত্তোর] বি, আত্মীয় ও সগোত্র।

জ্ঞাতিত্ব [জ্ঞাতি+ত্ব (ভা)] জ্ঞাতির ন্যায় আচরণ ; জ্ঞাতিধর্ম্ম। "কোন্ ধর্ম্মমতে, কহ দাসে শুনি, জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব জাতি, এ সকলে দিলা জলাঞ্জলি?"-মেঘ॰।

জ্ঞান [জ্ঞা (জানা) + অন (ভা)। পা॰ ঞান্। বাং গ্রা॰ গিয়ান, 'গেয়ান'] বি, বুদ্ধি ; বোধ ; প্রতীতি। ২ তত্ত্ব-নিরূপণ। ৩ তত্ত্ব-উপদেশ ; তত্ত্ব-জ্ঞান। "জ্ঞান কহে অভয়া সাধুরে প্রিয়ভাবে, মোর মোর বলিতে অবনী শুনি হাসে।"-কবিক॰ [সম॰—জ্ঞান ইন্দ্রিয়গণ-সাহায্যে বাহির হ'তে সংগৃহীত হয়। যে জ্ঞান ক্রমে বিকাশ প্রাপ্ত হয় তাহাও ঐরূপে পূর্ব্বার্জ্জিত জ্ঞানের বীজ। "জ্ঞান বহির্জগৎ সম্বন্ধীয় বিচারশক্তি এবং বিজ্ঞান অন্তর্জগৎসম্বন্ধীয় বিচারশক্তি"-মধুসূদন-সংহিতা ২।১৫। বুদ্ধি প্রকৃতপক্ষে ভিতর হ'তে বিকশিত হয়। ইন্দ্রিয়গণ যে জ্ঞান আনিয়া মনের ভাণ্ডারে জড় করে বুদ্ধি সেই ক্ষেত্রে গজাইয়া থাকে। জ্ঞান দান করা যায়। বুদ্ধি নিজস্ব, দান করা যায় না। বুদ্ধিমান পরামর্শ দান করিতে পারে। পাণ্ডিত্য কেবল জ্ঞানের ভাণ্ডার অধিকার করে। পণ্ডিত সেই ভাণ্ডারের কোথায় কি আছে তার সংবাদ দিতে পারে অর্থাৎ জ্ঞানের কথা বলে। জ্ঞানী সত্যদর্শক ও সত্যপ্রকাশক। বুদ্ধিমান অগ্র-পশ্চাৎ ভাবিয়া প্রয়োজনস্থলে কর্ত্তব্য নির্ণয় ও অনুষ্ঠানকারী। বিবেকের সহিত হৃদয়ের সম্বন্ধ। বিবেকীর কেবল সুনীতি ও সদ্ধর্ম্মের প্রতি লক্ষ্য থাকে]। ~কাণ্ড-বি, বেদের যে কাণ্ডে তত্ত্বজ্ঞানের বিষয় উপদিষ্ট হইয়াছে ; কর্ম্মকাণ্ড হইতে ভিন্ন। ~কৃত [জ্ঞান দ্বারা কৃত, ৩তৎ] বিণ, জ্ঞাতসারে অনুষ্ঠিত ; সজ্ঞানে কৃত। ~গম্য [জ্ঞান দ্বারা গম্য, ৩তৎ] বিণ, জ্ঞান দ্বারা যার উপলব্ধি হয় ; জ্ঞান-সাহায্যে প্রাপ্তব্য। ২ ক্রি-বিণ, জ্ঞানতঃ ; জানিয়া বুঝিয়া। ~গর্ভ [জ্ঞান গর্ভে যার, বহু॰] বিণ, জ্ঞানপূর্ণ ; উপদেশময়। ~গোচর [জ্ঞানের গোচর, ৬তৎ] বিণ, জ্ঞেয় ; জ্ঞানের বিষয়। ~গৌরব [জ্ঞান জন্য গৌরব, ম॰ প॰ লো॰] বি, জ্ঞানের জন্য সম্মান। ২ [৬তৎ] জ্ঞানের শ্রেষ্ঠত্ব। ~চক্ষু, -চক্ষুঃ [জ্ঞানরূপ চক্ষুঃ-রূপক ধা। বাং-য় প্রায়ই চক্ষুঃ স্থলে চক্ষু] বি, জ্ঞানরূপ দৃষ্টি ; অন্তর্দৃষ্টি। ~জ্যেষ্ঠ [জ্ঞান দ্বারা জ্যেষ্ঠ, ৩তৎ] বিণ, অধিক জ্ঞানবান্। স্ত্রীং ~া। ~তঃ (গ্যা) [জ্ঞান+তস্ (পূর্ব্বকার্থে)। বাং-য় জ্ঞানতঃ ও॰] অ, ক্রি-বিণ, জ্ঞানে ; জ্ঞাতসারে ; জ্ঞানপূর্ব্বক। ~তৃষা, -তৃষ্ণা [৬তৎ] বি, জ্ঞানের পিপাসা। ~দ [জ্ঞান -দ (দাতা)] বিণ, যে জ্ঞানদান করে ; জ্ঞান-দাতা। > স্ত্রীং ~া। ~দগ্ধদেহ [জ্ঞান দ্বারা দগ্ধ হয় দেহ যার, বহু॰] বি, সন্ন্যাসী। জীবিতাবস্থায় দেহ জ্ঞানাগ্নিদগ্ধ এজন্য মৃত্যুর পর সন্ন্যাসীর দাহ নিষেধ। ~দাতা [জ্ঞানের দাতা, ৬তৎ] বি, যিনি জ্ঞান দান করেন ; গুরু। ২ জ্ঞানদ। > স্ত্রীং ~দাত্রী। ~দান [৬তৎ] বি, উপদেশ প্রদান। ~দায়ক [৬তৎ] বিণ, উপদেশ দাতা। ~ধন [জ্ঞানরূপ ধন-রূপক ধা] বি, জ্ঞান-রত্ন। ২ [জ্ঞান হইয়াছে ধন যার-বহু॰] বিণ, জ্ঞানবান্। ~নিষ্ঠ [জ্ঞানের নিষ্ঠা (৬তৎ) যার-বহু॰] বিণ, ভগবৎ চিন্তামগ্ন। ২ যে সর্ব্বদা জ্ঞানের অনুশীলন করে। > স্ত্রীং ~া-বি, পরমার্থ চিন্তায় আসক্তি। ~পতি [৬তৎ] বি, গুরু। ২ পরমেশ্বর। ~পাপী [মূ॰ জ্ঞানপাপিন্ ১মা ১ব॰] বিণ, জ্ঞান-পূর্ব্বক যে পাপকর্ম্ম করে ; পাপ জানিয়া এবং তার পরিণাম বুঝিয়াও যে তা করে। ~পিপাসা [৬তৎ] বি, জ্ঞানলাভের অত্যধিক আকাঙ্ক্ষা। বিণ, ~পিপাসু-জ্ঞানার্থী। ~বান্ [জ্ঞান +বৎ (ত্ম্য)] বিণ, জ্ঞানবিশিষ্ট ; জ্ঞানী। > স্ত্রীং ~বতী। বাং কথ্য ভাষায় জ্ঞানবান্ অর্থে-জ্ঞানবন্ত, গ্রা॰-জ্ঞানমন্ত ও॰ চ॰। ~বাদ [৬তৎ] বি, জ্ঞানের কথা ; জ্ঞানকেই মুক্তির প্রধান উপায় বলিয়া বলা। বিণ, ~বাদী [জ্ঞানবাদ+ইন্ (ত্ম্য)। মূ॰ জ্ঞান-বাদিন্ ১মা, ১ব॰] জ্ঞানই মুক্তির প্রধান উপায় এই মত যার। > স্ত্রীং ~বাদিনী। ~বাপী [জ্ঞান-বাপী (কুণ্ড)] বি, কাশীস্থ তীর্থবিঃ। ~বিন্দ [জ্ঞানীর বৃন্দ (দল)। গ্রা॰-বাং] বি, জ্ঞানবানের দল [গোবিন্দ॰ দাস (দুর্ল্লভ মল্লিক)]। ~ভূষণ, -ভূষা [জ্ঞানরূপ ভূষণ, ভূষা (অলঙ্কার)-রূপক ধা] বি, জ্ঞানালঙ্কার। বিণ, ~ভূষিত ~ময় [জ্ঞান+ময় (পরিপূর্ণার্থে)] বি, পরমেশ্বর ; পরব্রহ্ম। ২ শিব। ৩ বিণ, জ্ঞানী। > স্ত্রীং ~ী। ~মাহাত্ম্য [৬তৎ] বি, জ্ঞানের মহিমা। ~যোগ [জ্ঞানের যোগ, ৬তৎ] বি, জ্ঞানের সম্বন্ধ বা সূত্র। ২ জ্ঞানপ্রাপ্তির উপায়-নির্ণায়ক শাস্ত্র ; ব্রহ্মজ্ঞান লাভের পন্থা-স্বরূপ যোগশাস্ত্র। ~যোগে-অ, জ্ঞানের দ্বারা। প্র-তিনি জ্ঞানযোগে সমস্ত অবগত হইলেন। ~রত্ন [জ্ঞানরূপ রত্ন (রূপক ধা)] বি, জ্ঞানসম্পত্তি। ~লিপ্সা [৬তৎ] বি, জ্ঞান-লাভের ইচ্ছা। ~লিপ্সু-বিণ, জ্ঞান-লাভেচ্ছুক। ~শালী [মূ॰ জ্ঞানশালিন্ ১মা, ১ব॰] বিণ, জ্ঞানী ; জ্ঞানবিশিষ্ট। ~শূন্য [জ্ঞান (দ্বারা) শূন্য, ৩তৎ] বিণ, জ্ঞানবিরহিত ; অজ্ঞান। ~সঞ্চার [৬তৎ] বি, জ্ঞানের উদয়। ~সাধন [জ্ঞানের সাধন, ৬তৎ] বি, জ্ঞানার্জ্জনের উপায় ; ইন্দ্রিয়। ২ তত্ত্বজ্ঞান সাধন। ~হীন [জ্ঞান দ্বারা হীন, ৩তৎ] বিণ, অজ্ঞান।

জ্ঞানাকর [জ্ঞান (জ্ঞানের) + আকর, ৬তৎ] বি, জ্ঞানের আধার ; পরমজ্ঞানী।

জ্ঞানাঙ্কুর [জ্ঞানের অঙ্কুর, ৬তৎ] বি, যৎসামান্য জ্ঞান।

জ্ঞানাঙ্কুশ [জ্ঞানরূপ অঙ্কুশ (রূপক ধা)] বি, অঙ্কুশ দ্বারা হস্তী যেরূপ বশীভূত হয়, সেইরূপ যে জ্ঞান দ্বারা ইন্দ্রিয়কে বশীভূত করিতে হয়। ২ বুদ্ধির তাড়না।

জ্ঞানালঙ্কার [জ্ঞানরূপ অলঙ্কার, রূপক ধা] বি। ২ [জ্ঞান অলঙ্কার যার, বহু॰] বিণ, জ্ঞানী।

জ্ঞানাঞ্জন [জ্ঞানের অঞ্জন, ৬তৎ] বি, তত্ত্বজ্ঞান বা ব্রহ্মজ্ঞান।

জ্ঞানাভাব [জ্ঞান+অভাব, ৬তৎ] বি, জ্ঞানের অভাব ; জ্ঞানরাহিত্য ; অজ্ঞানতা।

জ্ঞানাভ্যাস [জ্ঞান+অভ্যাস, ৬তৎ] বি, জ্ঞানের চর্চ্চা ; জ্ঞানের আন্দোলন।

জ্ঞানী [জ্ঞান+ইন্ (ত্ম্য)। মূ॰ জ্ঞানিন্, ১মা ১ব॰] বিণ, বিজ্ঞ ; জ্ঞানবান্ ; প্রাপ্ত-জ্ঞান। ২ পরমার্থ-তত্ত্বজ্ঞানী ; আত্মজ্ঞ।

জ্ঞানেন্দ্রিয় [জ্ঞানের ইন্দ্রিয়, ৬তৎ] বি, জ্ঞানের দ্বারস্বরূপ পঞ্চ ইন্দ্রিয় ; চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মন।

জ্ঞানোদয় [জ্ঞান+উদয়, ৬তৎ] বি, জ্ঞানের উৎপত্তি ; জ্ঞানের আবির্ভাব।

জ্ঞানোদ্ভূত [জ্ঞান+উদ্ভূত, ৫তৎ] বিণ, জ্ঞান হ'তে জাত ; জ্ঞানোৎপন্ন ; জ্ঞানজ।

জ্ঞাপ/ক [জ্ঞা+ণিচ্-প আগম=জ্ঞাপি (জানান)+অক (র্ত্তৃ)] বিণ, যে জ্ঞাত করে ; নিবেদক ; আবেদনকারী। ২ দ্যোতক ; ব্যঞ্জক। ৩ সংবাদদাতা। ৪ প্রচারক ; প্রকাশক। ~ন [জ্ঞা+ণিচ্=জ্ঞাপি (জ্ঞাত করা)+অন (ভা)] বি, সংবাদ দান ; জ্ঞাত করণ ; বিদিত করণ ; জানান। ২ [ণে-অন্। যদ্দ্বারা জানান যায়] বিজ্ঞাপন। ~নীয় [জ্ঞা+ণিচ্=জ্ঞাপি+অনীয় (র্ম্ম), ই লোপ] বিণ, জানাইবার যোগ্য ; নিবেদ্য ; জ্ঞাপন-যোগ্য। ~য়িতা [জ্ঞা+ণিচ্=জ্ঞাপি+তৃ (র্ত্তৃ)-ই আগম। মূ° জ্ঞাপয়িতৃ, ১মা ১ব°] বিণ, বিজ্ঞাপক। > স্ত্রীং ~য়িত্রী।

জ্ঞাপিত [জ্ঞা+ণিচ=জ্ঞাপি+ত (র্ম্ম)] বিণ, জ্ঞাপন করা হইয়াছে এমন। ২ নিবেদিত।

জ্ঞাস্তা [প্রা°-বাং। সগোত্র > ? জ্ঞাত-গণ্ড দ্রঃ] বি, জ্ঞাতি ; আত্মীয়। "যত জ্ঞাস্তা সগ আনিল রাও দিয়া"-মাণিক° গান। "ছোট জ্ঞাস্তা উঠে বলে বড় জ্ঞাস্তা ভাই। কিক দেও কিক দেও জ্ঞাস্তা সকল।"-ঐ।

জ্ঞেয় [জ্ঞা (জানা)+য (র্ম্ম), আ=এ] বিণ, যা জানিবার উপযুক্ত ; যা জানিতে হ'বে ; জ্ঞাতব্য।

জ্যা [জ্যা (বয়োহানি, জরা অর্থে)+ক্বিপ্ (র্ত্তৃ), যা জীবের বয়োহানি বা আয়ুক্ষয় করে] বি, ধনুর ছিলা ; গুণ। ২ [(ধি-ক্বিপ্) যাতে জীবগণ জীর্ণ (লয়) হয়] পৃথিবী। ৩ বৃত্তাংশের প্রান্তদ্বয়-যোজক রেখা chord. ~ঘাত-বি, ধনুর ছিলার আঘাত। ~রোপ [জ্যা-আরোপ, ৬তৎ] বি, ধনুকে গুণ প্রদান।

জ্যাটা [গ্রা°। জেঠা দ্রঃ] বিণ, শিশু হইয়া বুড়ার অনুকরণকারী ; বয়োজ্যেষ্ঠ ব্যক্তির অনুকরণকারী। ২ প্রগল্ভ ; বাচাল।

জ্যাঠামি [জ্যেষ্ঠ (জ্যাঠা=বৃদ্ধ)+মি (আচরণার্থে)] বি, বালকের মুখে বৃদ্ধের মত কথা ; পাকামি।

জ্যাবড়া-জাবড়া, দ্রঃ।

জ্যামিতি [জ্যা (পৃথিবী)+মিতি (পরিমাণ), ৬তৎ] বি, ক্ষেত্রতত্ত্ব geometry. ~ক [জ্যামিতি+ইক (ইদমর্থে)] বিণ, জ্যামিতি-শাস্ত্র সম্বন্ধীয়।

ঘানিক জ্যামিতি-solid geometry.

জ্যায়ান্ [মূ° জ্যায়স্ ১মা, ১ব°] বিণ, অধিকবয়স্ক। ২ অগ্রজ। ৩ প্রবৃদ্ধ। ৪

জ্যেঠা, জ্যেঠীমা-জেঠা দ্রঃ।

জ্যেষ্ঠ [সং] বিণ, অগ্রজ ; বয়োধিক। ২ প্রবীণ। ৩ শ্রেষ্ঠ। ৪ বি, বড় ভাই। ~তাত [সং-জ্যেষ্ঠঃ, প্রাকৃ°-জেট্‌ঠা, বাং-জেঠা, তাতের (পিতার) জ্যেষ্ঠ, ৬তৎ (নিপাতনে পদবিপর্য্যয়)। গ্রা° জেটা] বি, পিতার জ্যেষ্ঠভ্রাতা ; জেঠা। ~বর্ণ [জ্যেষ্ঠ (শ্রেষ্ঠ) বর্ণ] বি, ব্রাহ্মণ। ~শ্বশুর-বি, শ্বশুরের জ্যেষ্ঠভ্রাতা ; জাঠ বা জেঠ শ্বশুর। ~শ্বশ্রূ [গ্রা° জাঠশাশুড়ী, জাশ্‌শাশুড়ী। জ্যেষ্ঠা যে শ্বশ্রূ (শাশুড়ী), ধা] বি, পতি বা পত্নীর জ্যেষ্ঠতাতের স্ত্রী ; শাশুড়ীর বড় যা। ২ [শ্বশ্রূবৎ মান্যা বলিয়া] বড়শ্যালী।

জ্যেষ্ঠা-বি, ২৭ নক্ষত্রের মধ্যে সংখ্যায় অষ্টাদশ এবং বলয়াকার নক্ষত্র। ২ টিক্‌টিকী ; জেঠী। ৩ [পু°] গঙ্গা। ৪ অলক্ষ্মী। ৫ মধ্যমাঙ্গুলি। ৬ [অলঙ্কারে] নায়িকাবিঃ।

জ্যেষ্ঠাশ্রম [জ্যেষ্ঠ (শ্রেষ্ঠ)+আশ্রম] বি, গার্হস্থ্য আশ্রম। ~ী [জ্যে°+ইন্ (স্ত্য)। মূ° জ্যেষ্ঠাশ্রমিন্ ১মা, ১ব°] বিণ, গৃহী।

জ্যেষ্ঠী [সং] বি, জেঠী ; টিক্‌টিকী।

জ্যৈষ্ঠ [জ্যেষ্ঠা (নক্ষত্রযুক্তা পূর্ণিমা)+অ, তদ্যুক্ত মাসার্থে। গ্রা° জষ্ঠি] বি, জ্যৈষ্ঠ মাস ; বাং বৎসরের দ্বিতীয় মাস। [প্রা°-বাং] জৈঠ। "বৈসাখ গেলে জৈঠমাস বৃস রাসি।"-শূ° পু°।

জ্যৈষ্ঠী [জ্যেষ্ঠা+অ (যুক্তার্থে)+ঈ-স্ত্রীং] বি, জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত পূর্ণিমা।

জ্যৈষ্ঠ্য [জ্যেষ্ঠ+য (ভা°)] বি, জ্যেষ্ঠত্ব। ২ উৎকৃষ্টতা ; উৎকর্ষ।

জ্যোতিঃ, জ্যোতি [জ্যোতিস্ >। দ্যুত্ (দীপ্তি)+ইস্ (র্ত্তৃ-জ্যা°)-যারা দীপ্তি দান করে] বি, গ্রহনক্ষত্রাদি। ২ তেজঃ ; দীপ্তি। ৩ দৃষ্টিশক্তি। প্র-চক্ষের জ্যোতিঃ হ্রাস। ৪ চৈতন্য ; আত্মা। প্র-জ্যোতির্ম্ময় পুরুষ। ৫ অগ্নি। ৬ সূর্য্য। ৭ শিখা ; জ্বালা। ৮ [ভা°-ইস্] প্রকাশ। ৯ আলোক। [প্রা°-বাং] জুতি, জোতি। "আদ্দ সংথ জলায় জুতি। ধম্ম অঙ্গে হৈল জোতি।"-শূ° পু°।

জ্যোতিঃশাস্ত্র [জ্যোতিঃ (গ্রহ-নক্ষত্রাদি)+শাস্ত্র (গ্রন্থ), ৬তৎ] বি, গ্রহ-নক্ষত্রাদির গতিবিধি যে শাস্ত্রে বিশেষভাবে নিরূপিত আছে।

জ্যোতিরাত্মা [জ্যোতিঃ+আত্মা] বি, সূর্য্য, অগ্নি ই°। ২ বিণ, জ্যোতির্ম্ময়।

জ্যোতিরিঙ্গ, জ্যোতিরিঙ্গণ [জ্যোতিস্ (দীপ্তি)+ইঙ্গ, ইঙ্গণ (ইন্‌গ্-গমন করা+অ, অন-র্ত্তৃ), যে জ্যোতি আকাশে গমনাগমন করে বা উড়িয়া বেড়ায়] বি, খদ্যোত ; জোনাকী। "কোটি কোটি হীরাচূর, তিমির করিত দূর, বনে জ্যোতি-রিঙ্গণ নিকর।"-কাশী°।

জ্যোতির্বিদ্যা [জ্যোতিস্ শাস্ত্রের বিদ্যা, ৬তৎ] বি, গ্রহনক্ষত্রাদি জ্যোতিষ্কগণ-সম্বন্ধীয় বিজ্ঞান astronomy. ২ গ্রহনক্ষত্রা-দির গতি-স্থিতি ও সঞ্চার দ্বারা শুভাশুভ নিরূপক শাস্ত্র ; জ্যোতিষ astrology.

জ্যোতির্ব্বিদ্ [জ্যোতিস্-বিদ্ (জানা)+ক্বিপ (র্ত্তৃ), উপ°] বিণ, জ্যোতিঃ-শাস্ত্রজ্ঞ ; জ্যোতির্ব্বিদ্যায় পারদর্শী।

জ্যোতির্ব্বিন্দু [জ্যোতিঃ (তেজ)+বিন্দু (কণা), ৬তৎ] বি, কণামাত্র তেজ।

জ্যোতির্ব্বেত্তা [জ্যোতিস্ (জ্যোতিঃ-শাস্ত্র)+বিদ্ (জানা)+তৃ (র্ত্তৃ)=জ্যোতির্ব্বেত্তৃ ১মা, ১ব°] বিণ, জ্যোতির্ব্বিদ্ (দ্রঃ)।

জ্যোতির্ম্মণ্ডল [জ্যোতিস্+মণ্ডল, ৬তৎ] বি, গ্রহ-উপগ্রহ-নক্ষত্রাদি বিরাজিত নভোমণ্ডল।

জ্যোতির্ম্ময় [সং–জ্যোতিস্ + ময় (প্রাচুর্য্যার্থে)। স্=র] বিণ, জ্যোতিঃপূর্ণ ; দীপ্তিশালী ; দীপ্ত ; তেজঃপুঞ্জ। স্ত্রীং ~ী।

জ্যোতিশ্চক্র [জ্যোতিঃ (গ্রহের) + চক্র, ৬ তৎ] বি, গ্রহমণ্ডল। ২ রাশিচক্র।

জ্যোতিষ [জ্যোতিস্ (গ্রহ-নক্ষত্রাদির দীপ্তি) + অ (তজ্ঞেদমর্থে)] বি, বেদাঙ্গবিঃ ; জ্যোতিষ্কসম্বন্ধীয় অঙ্কশাস্ত্র ; জ্যোতির্ব্বিদ্যা ; গ্রহাদির গতি দ্বারা শুভাশুভ নির্ণয়াত্মক শাস্ত্র (ইহা গণিত ও ফলিত ভেদে দ্বিবিধ)। বিণ, ~ী–জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। জ্যোতিষিক [জ্যোতিষ+ইক] বি, জ্যোতির্ব্বিদ্। ২ বিণ, জ্যোতিষ সম্বন্ধীয়।

জ্যোতিষ্ক [জ্যোতিস্–কৃ (করা) + অ (র্ত্তৃ) কৃ=ক, যে জ্যোতিঃ করে] বি, সূর্য্যচন্দ্র গ্রহনক্ষত্রাদি জ্যোতির্ম্ময় পদার্থ। ২ [বৈদ্যকে] চিত্রকবৃক্ষ ; গণিকারিকাবৃক্ষ ; মেথিকা-বীজ। ~মণ্ডল [জ্যোতিষ্কের মণ্ডল, ৬ তৎ] বি, মেষাদি রাশি ও নক্ষত্র বিশিষ্ট স্থানবিঃ। বিণ, ~মণ্ডলীয়।

জ্যোতিষ্টোম [জ্যোতিষ্কের (সূর্য্য-চন্দ্রাদি গ্রহের) স্তোম (স্তুতি) আছে যাতে–বহু০] বি, যজ্ঞবিঃ।

জ্যোতিষ্পথ [জ্যোতিষ্কের (সূর্য্য-চন্দ্রাদি গ্রহের) পথ (গতাগতি স্থান), ৬ তৎ] বি, গ্রহাদির ভ্রমণ-পথ। ২ অন্তরীক্ষ।

জ্যোতিষ্মান [জ্যোতিস্ + মৎ (স্ত্য)। মূং জ্যোতিষ্মৎ ১মা, ১ব০] বিণ, জ্যোতির্ম্ময়। ২ বি, সূর্য্য। ৩ কুশদ্বীপের রাজা প্রিয়ব্রতের কনিষ্ঠ পুত্র। স্ত্রীং জ্যোতিষ্মতী–রাত্রি ২ চিত্তের বৃত্তিবিঃ।

জ্যোতিস্তত্ত্ব [জ্যোতিঃ + তত্ত্ব, আছে যাতে, বহু০] বি, রঘুনন্দন ভট্টাচার্য্যকৃত জ্যোতিঃশাস্ত্রের গ্রন্থ।

জ্যোতীরথ [জ্যোতিঃ রথ যার, বহু বি, ধ্রুব।

জ্যোৎস্না [পদ্যে 'জোছনা'। প্রা০ 'জোছনা', 'জোচনা', 'জোন', 'জোনা' 'জোণ্ডা', দোস্তা] বি, চন্দ্রকিরণ ; চন্দ্রিকা ২ দ্যুতি ; শোভা ; কান্তি।

জ্যোৎস্নী [জ্যোৎস্না (চন্দ্রকিরণ) + অ (স্ত্য), ঈ–স্ত্রীং। জ্যোৎস্নী ও০] বি, চন্দ্রিকা-যুক্ত রজনী।

জ্যোতিষ্মতী–জ্যোতিষ্মান্ দ্রঃ।

জ্যোনি [প্রাদে০ (মৈ০ গী০)। 'জুনি' ও০] বি, জোনাকি পোকা।

জ্যৌতিষ–জ্যোতিষ দ্রঃ। বিণ, জ্যোতিষিক, জ্যৌতিষিক।

জ্যৌৎস্নী [জ্যোৎস্না + অ (যুক্তার্থে)। ও=ঔ। ঈ স্ত্রীং] জ্যোৎস্নী দ্রঃ।

জ্বর [জ্বর্ (সন্তপ্ত হওয়া) + অ (র্ত্তৃ)] বি, দেহের সন্তাপ, নাড়ীর বেগ ই০ লক্ষণযুক্ত রোগবিঃ fever. ২ দৈহিক সন্তাপ বা দাহ। ৩ অস্বচ্ছন্দতা ; অসুখ ; যাতনা। "সেই হইতে মোর হিয়া নহে থির মনোরথ জ্বরে ভোর।"–চণ্ডি০। জ্ব০ করা–অত্যাচার বা স্বাস্থ্যের নিয়ম লঙ্ঘন দ্বারা জ্বরে পড়া ; জ্বর উৎপাদন করা। ~ঘ্ন (-র্‌-) [জ্বর–হন্ (নাশ করা) + অ (র্ত্তৃ), যে জ্বর নাশ করে] বিণ, জ্বর-নাশক। ~ঠুটা, ঠুঁটো–বি, জ্বরভোগ-কালে অম্লাদি দ্রব্য ভক্ষণ করিলে ওষ্ঠে যে ক্ষত হয়। জ্ব০ হওয়া–জ্বরের লক্ষণ দেখা দেওয়া ; জ্বর প্রকাশ পাওয়া।

জ্বরা [জ্বর্ + আ (স্ত্য)] বিণ, জ্বরগ্রস্ত ; জ্বরাক্রান্ত। ২ জীর্ণ। ৩ ক্রি, জ্বরে আক্রান্ত হওয়া। "পিরিতের জ্বরে জ্বরেছে ইহারে পরাণ রয় কি না রয়"–চণ্ডি০।

জ্বরাতিসার [জ্বর (যুক্ত) + অতিসার, ম০ প০ লো০] বি, জ্বরযুক্ত অতিসার রোগ।

জ্বরান্তক [জ্বর + অন্তক (নাশক)] বিণ, জ্বরনাশক ; জ্বরঘ্ন।

জ্বরি–বি, জ্বর। "এমন ঔষধি পিয়াইলে যায় জ্বরি"–চণ্ডি০।

জ্বরিত [জ্বর্ (রোগ হওয়া) + ত (র্ম্ম)] বিণ, জ্বরগ্রস্ত ; জ্বরাক্রান্ত।

জ্বল [সং] বি, অগ্নিশিখা ; দীপ্তি।

জ্বল-জ্বল [জ্বল + জ্বল (আধিক্যার্থে দ্বিত্ব)। প্রা০ রূং–'জলজল'। অশোভনভাবে উজ্জ্বল অর্থে প্রা০–জ্যাল্‌জ্যাল্, এবং মৃদু অর্থে জুলজুল] অ, অতিশয় উজ্জ্বল ; জ্বলনের প্রখরতাসূচক। বিণ, জ্বলজ্বলে [প্রা০ অনাদরার্থে জ্যালজেলে]।

জ্বলৎ [জ্বল্ + অৎ (র্ত্তৃ)] বিণ, জ্বলন্ত ; যা জ্বলিতেছে।

জ্বলওঁহি [ব্রজ০] ক্রি, জ্বলিতেছে। "অতএ সে মঝু মন জ্বলওঁহি অনুখন দোলত চপল পরাণ।"–গোবিন্দ০।

জ্বলদগ্নি [জ্বলৎ + অগ্নি, ধা] বি, জ্বলন্ত আগুন।

জ্বলন্₁ [জ্বল্ (দীপ্তি পাওয়া) + অৎ (র্ত্তৃ) =জ্বলৎ ১মা, ১ব০] বিণ, জ্বলিতেছে এরূপ ; জ্বলন্ত।

জ্বলন₂ [জ্বল্ + অন (ভা০)। প্রা জ্বলুনি] বি, দীপ্তি ; দীপন। ২ অগ্নি-শিখা ; জ্বালা। ৩ দাহ ; জ্বালা ; সন্তাপ ; ৪ [র্ত্তৃ-অন, যে দীপ্তি পায়] বি, বহ্নি।

জ্বলনাশ্মা (-শ্‌শাঁ) [জ্বলন (সূর্য্যা-লোকে দীপ্যমান) + অশ্মন্ (প্রস্তর), ধা] বি, সূর্য্যকান্তমণি। ২ চকমকি পাথর ; যে পাথর ঠুকিলে আগুন জ্বলে।

জ্বলন্ত [জ্বলৎ দ্রঃ] বিণ, জ্বলনশীল ; জ্বলিতেছে এমন। "বামার মা হতজ্ঞান হইয়া মুক্তির সেই জ্বলন্ত চোখের পানে চাহিয়া রহিল।"–ভারতী ১৩২১।

জ্বলা [জ্বল্ >। জ্বলি, জ্বল, জ্বলে ; জ্বলিতে ; জ্বলিয়া। ণিজন্ত–জ্বলান] ক্রি, প্রজ্বলিত হওয়া ; প্রদীপ্ত হওয়া। ২ উজ্জ্বল হওয়া। "জ্বল্ জ্বল্ চিতা দ্বিগুণ দ্বিগুণ"–সরোজিনী নাটক। ৩ দগ্ধ হওয়া। "হইয়ে মানিনী, যতেক গোপিনী বিরহ জ্বালাতে জ্বলিতেন"–হরু ঠাকুর।

জ্বলানি [জ্বলা > ণিজন্তরূপ] ক্রি, পোড়ান। ২ জ্বালাতন করা ; বিরক্ত করা। প্র–হাড় জ্বলান। বিণ, জ্বলানিয়া, জ্বলানে।

জ্বলিত [জ্বল্ (দীপ্তি পাওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, প্রজ্বলিত ; প্রদীপ্ত। ২ দীপ্ত ; প্রকাশিত। ৩ দগ্ধীভূত ; ভস্মাবশেষ।

জ্বলুনি–জ্বলন দ্রঃ।

জ্বারত [ব্রজ০] ক্রি, প্রজ্বলিত করে ; জ্বালে।

জ্বারি, জ্বালা, জাড়ি ['জ্বর' সহচর] বি, জ্বরাদিরোগ। প্র–"জ্বর-জাড়ি"–কৈ০ গুপ্ত।

ৃ যুক্ত বিরুবৎ (অগ্র=অগৃত্র)। ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, অ=ংগ [illegible] ও দ্রা০ দ্রঃ

জ্বাল [জ্বল্ (দীপ্তি পাওয়া)+অ (ঘ্)] বি, আগুনের আঁচ ; ঝলকা। ২ বহ্নিশিখা। ৩ [রাসাঃ পরিঃ] তাপ ; উত্তাপ। "জ্বাল দিয়া দুগ্ধেরে বিনাশ যবে করে। ক্ষীরের প্রীতিতে নীর, আগে-ভাগে মরে।"-বাসবদত্তা। ৪ ক্ষত বা দগ্ধস্থানের সন্তাপ ; জ্বলন ; দাহ। ৫ যন্ত্রণা ; যাতনা ; জ্বালা। "শয়ন ঢেঁকিশালে নাথ শয়ন ঢেঁকিশালে। নিদ্রা নাহি হয় দুঃখ পিপীলিকা-জ্বালে॥"-কবিকং। ৬ ক্লেশ ; দুঃখ। ৭ বিণ, দীপ্তিবিশিষ্ট। জ্বা° দেওয়া-তাপ দেওয়া ; গরম করা। প্র-দুধ জ্বাল দেওয়া। ২ আগুনে পোড়ানর ন্যায় যন্ত্রণা দেওয়া ; দগ্ধান।

জ্বালন [গ্রা°] বি, জ্বালানী কাঠ ; ইন্ধন। ২ অগ্নি উৎপাদন।

জ্বালা১ [জ্বল্ (জ্বলনে) >। জ্বালি, জ্বাল (জ্বালুন, জ্বাল্), জ্বালে (জ্বালেন) ; জ্বালিতে ; জ্বালিয়া (পদে)-জ্বালি, গ্রা° জেলে)। ণিজন্ত-জ্বালান] ক্রি, আগুন করা। প্র-আগুন জ্বালা ; প্রদীপ জ্বালা। ২ [জ্বালান অর্থে] দগ্ধ করা ; পোড়ান। "আই গো আর হাড় জ্বেলোনা"।-গোপাল উড়ে।

জ্বালা২ [রাসাঃ পরিঃ] বি, অগ্নিশিখা coloration of flame.

জ্বালা৩ [জ্বাল (দ্রঃ)+আ] বি, দাহ। ২ মনস্তাপ। সন্তাপ। ৩ যন্ত্রণা ; উৎকট ক্লেশ। "বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কার মনে নাহি হয় দয়া একটুক গো দয়া একটুক"-ঈ° গুপ্ত। ৪ ক্ষোভ ; আক্ষেপ। বি, জ্বালন, জ্বালান্। "তুমি আর জ্বালান জ্বালিও না"-নবীন তপস্বিনী। জ্বা° করা, -দেওয়া-দাহ বা সন্তাপের যন্ত্রণা বোধ করা ; অঙ্গ দগ্ধ হ'লে বা কাটিয়া গেলে যে যন্ত্রণা হয় তা বোধ হওয়া।

জ্বালাকাঠি [গ্রা°] বি, দেকাঠি ; দেশলাই। "তোমার কাছে জ্বা° আছে বাবা?"-উত্তরা, ১৩৩৬।

জ্বালাতন [আ°-জলাবতন্] বি, দেশ হ'তে বহিষ্করণ ; নির্ব্বাসন ; উদ্বাস্ত করণ। ২ [গ্রা°] দগ্ধ হইবার মত যন্ত্রণাভোগ। জ্বা° পোড়াতন [সহচর শব্দদ্বয়] অত্যন্ত কষ্ট।

জ্বালানি [হি°-জ্বালানা। জ্বালাই, জ্বালাও (জ্বালান্, জ্বালা), জ্বালায় (জ্বালান) ; জ্বালাইতে ; জ্বালাইয়া (গ্রা° জ্বালিয়ে)] ক্রি, দগ্ধ করা ; পোড়ান। ২ প্রজ্বলিত করা। ৩ যন্ত্রণা দেওয়া। ৪ জ্বালাতন করা ; উত্যক্ত করা।

জ্বালানিয়া১, জ্বালানি, -নী১ [জ্বাল দ্রঃ] বিণ, জ্বালাইবার উপযুক্ত ; ইন্ধনোপযোগী। জ্বালানি কাঠ-ইন্ধন।

জ্বালানিয়া২, জ্বালানে [জ্বালা দ্রঃ] বিণ, দগ্ধকারী। ২ উৎপীড়ক ; যন্ত্রণাদায়ক। ৩ উপদ্রবকারী। প্র-ঘরজ্বালানে পর ভুলানে। স্ত্রীং জ্বালানী২।

জ্বালামালিনী -বি, দেবীবিঃ।

জ্বালামুখী [জ্বালা (অগ্নি শিখা) মুখ (প্রধান) যেখানে, বহু°] বি, তীর্থবিঃ ; যেখানে সতীর জিহ্বা পতিত হইয়া উক্ত তীর্থে পরিণত হইয়াছে।

জ্বালিত [জ্বল্+ণিচ্ এজ্বালি (জ্বালান) +ত (র্ম)] বিণ, প্রদীপ্ত। ২ দগ্ধীকৃত। ৩ উজ্জ্বলিত। ৪ যাকে জ্বালাতন করা হইয়াছে।

জ্বালী [মু° জ্বালিন্ >] বিণ, প্রদীপ্ত। ২ বি, শিব। স্ত্রীং জ্বালিনী-জ্বলনশীলা ; অত্যুজ্জ্বলা। "ধকধক ফেরুমুখ মধ্য-শিখিজ্বালিনী॥"-বাসবদত্তা।

জ্বালেশ্বর [জ্বালা (জ্বালার)+ঈশ্বর, ৬তৎ] বি, তীর্থবিঃ।

ঝ

ঝ-ব্যঞ্জনবর্ণমালার নবম, চ বর্গের চতুর্থ, তালু হ'তে উচ্চার্য্য, ঘোষবান্ এবং মহাপ্রাণ বর্ণ। বি, ঝকার। ২ অনুকার শব্দ ; ঝঙ্কার ; ঝনৎকার। যথা, জলবর্ষণ শব্দ (ঝম্ঝম্, ঝরঝর্), বায়ুপ্রবাহ শব্দ (ঝির্‌ঝির্, ঝপাৎ), অস্ত্রঝনৎকার (ঝন্‌ঝন্), বাষ্পচালিত এঞ্জিনের শব্দ (ঝগ্ ঝগ্) ই°। ৩ বেগার্থক। প্র-ঝটিতি। ঝট্‌পট্। ৪ দীপ্তি ও তেজার্থক। প্র-ঝাঁজ। ঝলসান। ঝক্‌মক্। ৫ শিথিল বা ঢিলার ভাবার্থক। প্র-ঝলমল। ঝলঝল। ঝুল। ৬ ক্ষীণার্থক। প্র-ঝিন। ঝিম। ৭ নিদ্রার্থক। প্র-ঝিমুন। ঝিমান।

ঝক১ [তুর্কী-চক্‌মক্ (আলো জ্বালা), ক্ষীণার্থে চক্] অ, আলোক ; দীপ্তি ; কিরণ। ২ চমক ; চিকনাই।

ঝক২ [সং-কর্চ্ (তর্জ্জনে) > হি°-ঝক্ (passion)] বি, গোলমাল ; বিকার (মস্তিষ্কের) খেয়াল ; ঝোঁক। ২ বিরক্তি। ৩ ঝগড়া ; বিবাদ ; বকাবকি। ৪ অনুতাপ। ৫ ত্রুটি ; দোষ। ~মারা [ঝক (ত্রুটি, দোষ)-মারা (মানা (স্বীকার করা) > মারা)] ক্রি, ঝক মানিয়া লওয়া ; দোষ বা অপরাধ স্বীকার করা। প্র-ঝকমারবে আবার সেই কাজ করবে। "যাহোক ৮০ বৎসরের পুরানা গাহইয়া যদি বাইজীদের কারো্যা আজকে ঝক্‌মারতে না পাত্ত তাহলে কাঁসারিপাড়ার দহ পড়ে যেতো"-বসন্তক, ১৮৭৪।

ঝকঝক [ঝক১, ২ দ্রঃ। চক্‌চক্ অপেক্ষা তীব্রতর এবং জগজগ অপেক্ষা ম্লানতর] অ, দীপ্তি বা ঔজ্জ্বল্যবাচক। ২ ঝকঝক করিয়া ; ঝকঝকিয়া। "ঝকঝক ঝকি"-মেঘ°। ৩ বি, বচসা ; বকাবকি ; ঝগড়া। প্র-রাতদিন ঝকঝক বকবক ভাল লাগে না। ক্রি, ঝকঝকানি১ [ঝ°+আনি] বকাবকি করা। বিণ, ঝকঝকিয়া১, ঝকঝকে১-ঝকঝক করা যার স্বভাব, ঝগড়াটে।

ঝকঝকানি২ [ঝক১ দ্রঃ। তুল-হি° ঝক্-

ঝকমকা (চকচকান অপেক্ষা তীব্রতর এবং জ্বলজ্বলান অপেক্ষা ম্লানতর)] ক্রি, ঝকঝক করা ; আভা বা দীপ্তি প্রকাশ করা ; সমুজ্জ্বল হওয়া। ২ সমুজ্জ্বল করা ; দীপ্তিতে মণ্ডিত করা। "ঝকঝকি উরদেশে (হায় রে, বর্ত্তুল যথা রত্না বন-আভা !) হৈমময় কোষে শোভে খরশাণ অসি ;"-মেঘ০। "ঝকঝকে চর্ম্ম, বর্ম্ম ঝলে ঝলঝলে!"-মেঘ০। ৩ তৈজস-পাত্র, অস্ত্র, অলঙ্কারাদি মাজিয়া ঘষিয়া উজ্জ্বল করা ; ঝকঝকাইয়া দেওয়া।

ঝকঝকায়মান-বিণ, দেদীপ্যমান।

ঝকঝকি [ঝকঝক দ্রঃ] বি, বচসা ; বকাবকি ; ঝগড়া। "একি ঝকঝকি রাত্রি-দিন বুঝালে বুঝে না।"-নিধু বাবু। ২ ঝঞ্ঝাট ; লেঠা। প্র-ও এক ঝকঝকি, ওতে থাকতেই নাই।

ঝকঝকিয়া$_2$, ঝকঝকে$_2$ [ঝক$_1$ দ্রঃ] বিণ, দীপ্তিশীল ; সমুজ্জ্বল। ঝকঝকে-তকতকে-তৈজসের মত উজ্জ্বল এবং জলের মত স্বচ্ছ ; পরিষ্কার পরিচ্ছন্ন। প্র-ঘর দ্বার ঝাড়িয়া মুছিয়া ঝকঝকে তকতকে করিয়া রাখিয়াছে।

ঝকড় [হিং-ঝকড় (ঝড়)] ঝগড় দ্রঃ।

ঝকড়া$_1$-ঝগড়া$_2$ দ্রঃ।

ঝকড়া$_2$ [ঝগড়া$_1$ দ্রঃ] বি. প্রহরণবিঃ ; বল্লম। "জাঠি ও ঝকড়া শেল মুসল মুদ্গর।"

ঝকমক [তুর্কী-চক্‌মক্ (আলো জ্বালা), চক্-ইন-মক্ (আপনাআপনি প্রজ্বলিত হওয়া), আধিক্যার্থে ঝকমক। হিং-ঝক-মকানা] অ, নক্ষত্রের মত একবার উজ্জ্বল একবার ম্লান দীপ্তি ; জরির কাজ, চুমকি, ডায়মনকাটা স্বর্ণালঙ্কার রৌদ্রে ফিরাইলে ঘুরাইলে যেরূপ দেখায় (ঝলমল্ দ্রঃ)। ক্রি, ঝকমকানি-ঝকমক করা। বি, ঝকমকানি, ঝকমকি-ঝকমক করার অবস্থা বা ভাব ; দীপ্তি। বিণ, ঝকমকে [ঝকমক+ইআ (যুক্তার্থে), দ্রুত উচ্চারণে ঝকমকে, ক্ষীণতর দীপ্তিতে ঝিকমিকে ঝকমককারী। ২ দীপ্তিতে জমকাল।

ঝকমারি,-রী [ঝক$_2$ (দ্রঃ)-ঝারা (ঝারা) + ই, ঈ (ভা০)] বি, অপরাধ ; ত্রুটি ; দোষ। প্র-ঝকমারি হয়েছে, একবার নয় একশোবার। ২ [অনুতাপ বা আক্ষেপার্থে] লেঠা ; আপদ ; ঝঞ্ঝাট ; দ্রব ; পাপ। "রইল না কার সন্দেহ যে সংসারটা এ ঝকমারি" -দ্বিং রায়। ৩ নির্বুদ্ধিতা ; বোকামি। ঝকমারির মাশুল-পাপের প্রায়শ্চিত্ত ; অপরাধের বা ত্রুটির দণ্ড ; পাপের ভোগ।

ঝকা$_1$ [হিং-ঝকনা >] ক্রি, ক্রোধপূর্ব্বক কঠোর কথা বলা ; বকা। বকা-ঝকা-ক্রি, বকাবকি করা ; তিরস্কার করা ; বাগ্‌বিতণ্ডা করা।

ঝকা$_2$ [ঝক$_1$ দ্রঃ। ঝকি, ঝক, ঝকে ; ঝকিতে ; ঝকিয়া (পদ্যে, ক্ষেং ঝকি)] ক্রি, ঝকঝক করা ; আভাম্বিত হওয়া। "ঝকঝক কাঞ্চন কঞ্চুক বিভা উজলিল পুরী।"-মেঘ০।

ঝকাঝক [হিং] অ, অতিশয় উজ্জ্বল।

ঝকাঝকি [ঝকঝকি দ্রঃ] বি, পরস্পরের মধ্যে বকাবকি ; ঝগড়াঝগড়ি। বকাবকি ঝকাঝকি-পরস্পরের মধ্যে গালাগালি ও ঝগড়া।

ঝকার-বি, ঝ এই বর্ণ (রক্ত-বিদ্যুল্লতার আকার-কামধেনু তন্ত্র)।

ঝক্কি [হিং-ঝক্কী (passionate)-যার ঝক্ (ঈর্ষ্যা, ক্রোধ, দোষাদির আতিশয্য) আছে] বিণ, ক্রোধন ; রাগী। ২ ঝগড়াটে। ৩ ক্ষেপাটে ; পাগলাটে। ৪ বি, বহুজনের একত্র বাসজনিত গোলমাল ; কোলাহল। ৫ ঝঞ্ঝাট ; উপদ্রব। ঝিং পোয়ানি-উপদ্রব সহ্য করা ; ঝঞ্ঝাট সহা। প্র-তার ছেলেপুলেদের ঝক্কি পোয়ানই শক্ত।

ঝগড় [ঝগড়া$_2$ দ্রঃ] বি, বিবাদ। "মিছাই ঝগড় কর কাহাঞিঁ গোআরে"-শ্রী০ কী০। ২ অপরাধ, ত্রুটি। "কি মোর ঝগড় ভৈল মথুরার পথে"-শ্রী০ কী০।

ঝগড়া$_1$ [হিং-ঝকড় (ঝড়যষ্টি)] বি, প্রহরণবিঃ ; বল্লম। "আসিয়া চৌবেড়ে জাঠি ঝগড়া এড়ে কোপে কালু করে বীরদর্প"-ধ০।

ঝগড়া$_2$ [হিং-ঝকড় (ঝড়)। হিং-ঝাঁ ঝকোড়া-ঝড় ও বৃষ্টি, বৃষ্টির ঝাপটা shower > (সাদৃশ্যার্থে) ঝক্‌ড়া, দ্রুত উচ্চারণে ঝগড়া। মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গলে 'ঝকড়'। "ঝকড়-বিদ্যা"] বি, বিতণ্ডা ; বিবাদ ; কন্দল। "রাগী মিলে ঝগড়া করে রৈতে নার বাসে।"-রা০ প্র০। ২ ঝঞ্ঝাট ; গণ্ডগোল। ৩ বিপদ ; আপদ (কবিক০)। ক্রি, ঝঃ০ করা। ঝঃ০ ছুটা, -ছোটা-ঝঞ্ঝাট মেটা ; আপদের শান্তি হওয়া ; গোল থামা। ~ঝাঁটি [সহচর শব্দদ্বয়] বাদবিতণ্ডা ; কলহাদি। "ঝগড়া-ঝাঁটি গেল থেমে"-দ্বিং রায়। ঝঃ০ পাকানি,-পাকাইয়া তোলা-ঝগড়া বাধাইবার জন্য নানা কথা তোলাপাড়া করা ও পরামর্শ আঁটা ; ঝগড়ার যথেষ্ট কারণ বা সম্ভাবনা না থাকিলে যাতে ঝগড়া বাধে তার আয়োজন ও চেষ্টা করা। ঝঃ০ বাধানি-ঝগড়া করিতে বিপক্ষকে বাধ্য করা। ঝঃ০ মেটা-কলহের নিষ্পত্তি হওয়া। ঝঃ০ মেটানি-মধ্যস্থ হইয়া বিবাদের নিষ্পত্তি করিয়া দেওয়া। ঝঃ০ শোনা-ঝগড়ার স্থলে উপস্থিত হইয়া উভয় পক্ষের বকাবকি গালাগালি শুনা। ২ ঝগড়াকারীদের মধ্যস্থ হওয়া।

ঝগড়াটিয়া [ঝগড়া-আহট (হিং প্রত্যয়, স্বভাবার্থে) + ইয়া (যুক্তার্থে), দ্রুত-উচ্চারণে-ঝগড়াটে] বিণ, ঝগড়া করা যার স্বভাব ; কলহকারী ; কলহপ্রিয়।

ঝগড়ালু [ঝগড়া + আলু। তুল-দয়ালু] বিণ, কলহপ্রিয় ; ঝগড়াটিয়া।

ঝঙ্কাট-ঝনকাট দ্রঃ।

ঝঙ্কারিবী [প্রা০-বাং। ঝঙ্কার > ঝঙ্ক-ধাতু] ক্রি, ঝঙ্কার করিবি ; তিরস্কার করিবি। "আর কভোঁ না ঝঙ্কারিবী মোহা"-শ্রী০ কী০।

ঝঙ্কার [ঝং (অনুকার শব্দ)-কার (করণ)। প্রা০-ঝাঁকার] বি, ঝনৎকার ; ঝন্‌ঝন্ শব্দ। ২ অব্যক্ত শব্দ ; ভ্রমরাদির গুঞ্জন। ৩ শিঞ্জন ; টংকার। ৪ বীণাদি তন্তযন্ত্রের নিক্কণ। "আমি অধিক আবেগে প্রাণপণ বলে দিয়েছিনু ঝঙ্কার তাই ছিঁড়ে গেল তার।"-চিত্রা। ৫ ক্রোধ, বিরক্তি, আক্রোশ ই০ ব্যঞ্জক তর্জ্জন। বিণ, ঝঙ্কৃত।

ঝাঁকারা [ঝং (ঝং, ঝন্, ঝম্ শব্দ)+কার +আ (বাং ক্রিয়া-বিভক্তি)। ঝঙ্কারি, ঝঙ্কার, ঝঙ্কারে ; ঝঙ্কারিতে ; ঝঙ্কারিয়া (পদ্যে, কেং ঝঙ্কারি)] ক্রি, ঝঙ্কার করা ; ঝনঝন শব্দ করা ; অস্ত্রাদির, তৈজসাদির ঝনৎকার করা। ২ গুঞ্জন করা। ৩ শিঞ্জন করা। ৪ স্পর্শদ্বারা বীণাদি তত-যন্ত্রের তন্ত্র হ'তে 'ঝং' ধ্বনি বাহির করা। "মাগো, একবার ঝঙ্কারো বীণা, ধরহ রাগিণী বিশ্ব-প্লাবিনী অমৃতউৎস ধারা।"-রবী॰। ৫ তর্জ্জন করা। অস-ক্রি, ঝঁঙ্কারি, ঝঁঙ্কারিয়া-ঝঙ্কার করিয়া। "সোণার শৃঙ্খল ঝঙ্কারিয়া"-রবী॰। ঝঁঙ্কারিতে-ঝঙ্কার করিতে। ঝঙ্কারে-ঝঙ্কার করে।

ঝাঁকারিণী-বিণ, ঝঙ্কারকারিণী। ২ বি, গঙ্গা। পুং ঝঁঙ্কারী।

ঝাঁকারু [ব্রজ॰] ক্রি, ঝঙ্কার করে। "মধু-মদে ভ্রমর ভ্রমরী ঘন ঝঙ্কারু বিকশিত ফুল ফুল পুঞ্জে"-গোবিন্দ॰।

ঝাঁকৃত [ঝং বা ঝম্+কৃ+ত (র্ম)] বিণ, ঝং, ঝন্ বা ঝম্ শব্দে শব্দিত। "সকল অলঙ্কৃত কনক ঝঙ্কৃত কিঙ্কিণী রণরণি বোল।"-গোবিন্দ॰। ২ গুঞ্জিত ; শিঞ্জিত। বি, ঝঙ্কৃতি। স্ত্রীং~া-শব্দিতা। ২ তারাদেবী।

ঝাঁঞ্চট-ঝঞ্চাট দ্রঃ।

ঝাঁঞ্চন [ঝন্-ঝন্ শব্দ >] অ, ঝনঝন শব্দ (দ্রঃ) ; তৈজসপাত্রাদির পতন বা পরস্পর ঠোকাঠুকির শব্দ। ২ বি, বনশণের গাছ। ক্রি, ঝঞ্চনানি। বিণ, ঝঁনঝনির্ত্ত।

ঝাঁঞ্চনা,-নি [অনু॰] বি, ঝন্‌ঝন্ শব্দ ; ঝনৎকার। "বীণাতন্ত্রে হান হান খরতর ঝঙ্কার ঝঞ্চনা,"-কল্পনা। ২ [গ্রা॰-ঝঁঞ্চনে] বজ্র। "ঝ॰ পড়ুক তার মাথার উপর"-চণ্ডি॰। ৩ অস্ত্রের শব্দ। ৪ বনশণের গাছ ; ঘণ্টারবা।

ঝাঁঞ্চনানি [ঝন্‌ঝন্ দ্রঃ। ঝঞ্চনাই, -নাও, -নায় ; ঝঞ্চনাইতে (কেং -নাতে) ; ঝঞ্চ-নাইয়া (কেং -নায়ে, -নিয়ে)] ক্রি, ঝনঝন শব্দ করা। ২ অত্যন্ত আঘাত হেতু বেদনা করা। বি, ঝঁনঝঁনানি। বিণ, ঝঁঞ্চনায়-মান-ঝণঝণায়মান দ্রঃ।

ঝাঁঞ্চনি-বি, ঝঞ্চনা দ্রঃ।

ঝাঁঞ্চনী [শুষ্ক ফল বাতাসে ঝনঝন শব্দ করে বলিয়া] বি, ক্ষুপবিঃ crotolaria sericea (*Carey*).

ঝাঁঞ্চনে [অনু॰। ঝঞ্চনা দ্রঃ। ঝন্‌ঝনিয়া > কেং] বি, বজ্র। "কড়কড়াকড় কড়াৎ কড়াৎ ডাকবে যখন ঝঞ্চনে।"-ম্যাকবেথ (গিরিশ)। ২ বিণ, অতিশয় শুষ্ক। প্র-ঝনঝনে কাঠ। ৩ ঝঞ্চন শব্দকারী।

ঝাঁঞ্ঝা [ঝম্+ঝট্ (সংঘাত, বেগ অর্থে)+অ (র্ত্তৃ,আং,ট্ লোপ, নিপাতনে দ্বিত্ব, ম্ স্থানে ঞ্)+আ-স্ত্রীং, বা, ঝন্‌ঝনা > কেং] বি, ঝড়বৃষ্টি। ২ [ভূগোলে] বৃষ্টিবজ্রপাত সমন্বিত বেগবান্ বায়ু ; বাত্যা ; ধ্বনিবিশিষ্ট বায়ু। "ঝঞ্ঝারূপা ঝড়রূপে ঝাঁপ গো ঝটিতি।"-অং মং। "আর্য্য তুমি, বীর্য্যে বিভু, ঝঞ্ঝা তব উত্তরীয় ; মন্দ্রভাষী ইন্দু-সখা, সিন্ধু তুমি বন্দনীয়।"-সত্যেন্দ্র দত্ত। ৩ শব্দবিঃ ; ঝঞ্চনা। ৪ ঘন নামক মাঙ্গল্য বাদ্যযন্ত্র ; ঝাঁঝ ; ঝাঝর। ইহার আকার বৃহৎ গোলা-কার ও সমতল, ন্যুব্জমধ্য যথায় আঘাত করিতে হয় [যন্ত্রকোষে উক্ত হইয়াছে যে ইহা পৃথিবীর প্রায় সমুদয় দেশেই ঘঞ্ নামে প্রসিদ্ধ]। ~ক্ষুব্ধ [ঝ॰ (দ্বারা) ক্ষুব্ধ, ৩তৎ। ক্ষুভ্ (সঞ্চলনে, ব্যথায় ই॰)+ত (র্ত্তৃ)] বিণ, ঝটিকা দ্বারা আন্দোলিত ; প্রবল বাত্যায় উদ্বেলিত বা ব্যথিত। ~নিল [ঝঞ্ঝা (অতিবৃষ্টি) এবং অনিল (বায়ু), দ্বন্দ্ব] বি, ঝড়বৃষ্টি ; ঝঞ্ঝাবাত ; ঝঞ্ঝাবায়ু। ২ [ঝঞ্ঝা (বেগবান্ বা প্রবল) যে অনিল (বায়ু), ধা] বি, বেগবান বায়ু। ৩ [বৈজ্ঞা॰ পরিঃ, জ্যো॰] তুফান; প্রবল ঘূর্ণিবায়ু typhoon. ~বর্ত্ত [ঝঞ্ঝা+আবর্ত্ত] বি, ঝঁঞ্ঝানিল ; যে ঘূর্ণিবায়ু ঝড়বৃষ্টি বজ্রপাত সহ, অল্পপরিধি স্থান মধ্যে, অতি প্রচণ্ড বেগে প্রবাহিত হয় tornado. ~বাত-বি, ঝঞ্ঝাবায়ু। ~মারুত-বি, ঝঞ্ঝানিল ; প্রবল বাত্যা ; আঁধী (হিং)।

ঝাঁঞ্চাট, -ঝঁট [অনু॰। হিং ঝঞ্চট] বি, লেঠা ; বিরক্তিকর সংস্রব। প্র-ও ঝঞ্চাটে আর কাজ নাই। ২ অশান্তি ; কষ্ট। প্র-মহা ঝঞ্চাট বাধালে। ঝঞ্চাট মিটলে বাঁচি। ৩ উপদ্রব। প্র-ঝঞ্চাট পোহান। ৪ ব্যস্ততা ; হুড়াহুড়ি ; ভাবনা ; চিন্তা। "দিন কয়েকের জন্য সংসারের ভাবনা, কাজের ঝঞ্চাট * * * প্রভৃতি হইতে অব্যাহতি পাইয়া প্রাণটা একটু হাঁপ ছাড়িয়া বাঁচিল।"-ললিত বন্দ্যো॰ (কোয়ারা)। বিণ, ঝঁঞ্চাটিয়া, [গ্রা॰] ঝঁঞ্চাটে, ঝঁঞ্চেটে।

ঝাঁট্ [সং-ঝটিতি > হিং-ঝট্ >] অ, ক্রি-বিণ, ত্বরা ; শীঘ্র ; দ্রুতগতি। "পার্ব্বতী বলেন মোরে পার কর ঝট্"-শি॰। ২ আচম্বিতে ; অকস্মাৎ।

ঝাঁটক [ঝ (ত্বরা বেগার্থক)+ট (টান বোধক)+ক (স্বার্থে), হঠাৎ আকর্ষণ বোধক। হিং-ঝট্‌কা, ঝটক্, ঝড়্‌কা, ঝড়ক্] বি, অকস্মাৎ বেগে আকর্ষণ ; হঠাৎ টান jerk. ২ হিন্দুজাতীয় অন্ত্যজ বর্ণবিঃ।

ঝাটকা [ঝটক দ্রঃ] বি, হঠাৎ বেগে আকর্ষণ। ২ ঝটিকা ; ঝড় ; প্রবল বায়ুর আঘাত। ৩ এককোপে কাটা। ক্রি, ঝঁটকানি-ঝটকা দেওয়া ; হঠাৎ বেগে টানা। বি, ঝঁটকন, ঝঁটকান্, ঝঁটকানি। প্র-এমন ঝটকান্ ঝটকেছে।

ঝাঁট্‌ঝট্, ঝঁটাঝঁট [অবিরল অর্থে আ, যোগ] অ, তাড়াতাড়ি ; ঝট্‌পট্ ; ত্বরিত।

ঝাঁট্ (টা) পট্ [ঝট্ (ঝটক দ্রঃ)+আ (অবিরল অর্থে)+পট (পৎ-পতনার্থক)] অ, আহত পাখীর ডানা ঝাড়িবার শব্দ ; পক্ষপতন শব্দ। "হৃদয় বিহগ সম ঝটপট করতহি পঞ্জর-পিঞ্জর মাঝে।"-রবী॰। ২ উড়ন্ত পাখীর ডানার শব্দ। "দুই চারিটা পায়রা ঝট্‌পট করিয়া ছাদের দিকে উড়িয়া গেল।"-ভারতী, ১৩২০। ৩ [হিং-ঝট্‌পট্=ত্বরা] শীঘ্র [দ্রঃ-হস্তলাঘব অর্থে চট্‌পট্। বেগবাচক ঝট্‌পট্]।

ঝাঁটাপিটি, ঝুটাপিটি, ঝুটোপিটি, -পুটি [-টী ও॰। ঝটপট দ্রঃ] বি, পরস্পরের মধ্যে জাপটাজাপটি, জড়াজড়ি, হাতাহাতি করিতে করিতে কলহ। "ঝটাপটি ঝগড়া বহিয়া যায় ঝড়। চলে যেতে চৌদিগে চালের উড়ে খড়।"-শি॰।

ঝাঁটিকা [ঝটক দ্রঃ] বি, ঝড় ; বাত্যা। ~বর্ত্ত [ঝ॰+আবর্ত্ত] বি, ঘূর্ণিবায়ু cyclone.

ঝাঁটিতি [ঝট্ (শীঘ্র)+ইত (যুক্তার্থে)] ক্রি-

বিণ, ত্বরান্বিত ; শীঘ্র। "গিনহ ঝটিত কুসুম হার"—রবী০।

ঝটিতি [ঝট্ (সংঘাতে)+ইতি (শীঘ্রার্থে)] ক্রি-বিণ, দ্রুত ; ক্ষিপ্র ; আশু ; শীঘ্র ; ঝট্ করিয়া। "কাত্যায়নী কৌতুকে কান্তের কথা শুনি। ঝম্পিয়া ঝ০ খুলি ঝাড়ি দিল আনি।"—শি০। ঝ০ অর্থে ঝটিতি। "গিনহ ঝটিত কুসুম হার"—রবী০।

ঝটিয়া [ঝট্ (দ্রঃ)+ইয়া] বিণ, দ্রুত, তাড়াতাড়ি। ২ ক্ষণস্থায়ী। "ঝ০ পীরিতি কেবল কুরীতি কহে দ্বিজ চণ্ডিদাস।"—চণ্ডি০।

ঝড় [সং-ঝট্ (রাশীকরণে) > প্রাকৃ০ -ঝড়ী > প্রা-বাং-ঝড়ী (আধু০ প্রাদে০ ব্যবহার)] বি, বাত্যা ; ঝটিকা। ২ বেগ ; প্রবাহ। "শোকের ঝড় বহিল চৌদিকে" -মেঘ০। ~গতি-ঝড়ের স্থায় বেগগামী। "ঝড়গতি ঘোড়া হায় গতিহীন এবে" -মেঘ০। ~ঝাঁটা, -টি-ঝঞ্ঝা (দ্রঃ)। ~ঝাপটা-ঝড় ও তার আঘাত। ২ [লক্ষ০] আপদবিপদ ; সাংসারিক দুঃখ ; বিঘ্নবিপত্তি। "সংসারের ঝড়ঝাপটায় সর্ব্বস্বান্ত হয়ে"—আ০—শক্তি—১৭—৮—২৮। ঝ০ বহিয়া যাওয়া-প্রবল বাতাস প্রবাহিত হওয়া। ২ [লক্ষ০] ঝড়ের মত বকিয়া বা বলিয়া যাওয়া ; এক নিশ্বাসে আবৃত্তি শেষ করা। বিণ, ঝড়ুয়া, ঝোড়ো।

ঝড়কানি [ঝটক্ > ঝড়ক + আন (ক্রিয়ার)। হিং০-ঝিড়্কানা, ঝড়ক্না] ক্রি, ঝটকা দেওয়া ; হঠাৎ টান মারা ; অকস্মাৎ বেগে আকর্ষণ করা। বি, ঝড়্কন, ঝড়কানি।

ঝড়তি, ঝরতি [ঝরা দ্রঃ] বিণ, ঝরিতেছে এরূপ। ২ বি, যাহা ঝড়ে উড়িয়া বা ঝরিয়া পড়ে। ঝড়তি-পড়তি-যা ঝড়ে উড়িয়া ও ঝরিয়া পড়ে। ২ ক্ষতির ভাগ। প্র-ঝড়তিপড়তিবাদ দিয়ে দাম ধর।

ঝড়াঝড়-অ, চটপট ; ঝটিতি। প্র-ঝড়াঝড় কাজগুলো করে ফেল।

ঝড়ি১-ঝাড়ি দ্রঃ।

ঝড়ি২ [ঝড়ি দ্রঃ] বি, ঝটিকা। ২ বাত্যা।

ঝড়ুয়া, ঝোড়ো [ঝড়+উয়া] বিণ, ঝড়ের বেগে পতিত। প্র-ঝড়ো আম। ২ ঝড়ে কাতর। প্র-ঝড়ো কাক। ৩ যে ঝড়ের সময় জন্মিয়াছে। ৪ ঝড় সম্বন্ধীয়।

ঝণঝণা, -ঝনা, -ঝনে১-ঝঞ্ঝনা দ্রঃ।

ঝণঝণানি-ঝনঝনান দ্রঃ।

ঝণ(ন)ঝণা(না)য়মান [ঝণঝণ+আন (শ্ব),য়, ম আগম] বিণ, ঝণঝণ শব্দে শব্দায়মান ; যা হ'তে ঝণঝণ শব্দ হইতেছে।

ঝণৎকার, ঝনৎকার [ঝণৎ (অনু০)+কার (করণ)] বি, কঙ্কণাদির ধ্বনি ; ঝন্ঝন্ শব্দ। "কঙ্কণের ঝণৎকার নূপুরের ধ্বনি"। "টাকা ঝন্ঝন্ ঝনৎকার বাজায়ে সে গেল চলি।"—রবী০। ২ অস্ত্রের ঝণৎকার।

ঝণ্ডা [হিং০] বি, পতাকা ; নিশান।

ঝন, ঝনা [ঝামা দ্রঃ। জ্বালানি কাঠাদি শুকাইয়া ঝন্ঝনে বা ঝন্ঝনে হওয়ার ভাব] বি, অনুকার শব্দ। ২ বিণ, শুকাইয়া চিমড়া। প্র-কাঠগুলা রৌদ্রে পড়িয়া পড়িয়া ঝনা হইয়া গিয়াছে।

ঝনকা-বি(ণ), যে গরু পা টানিয়া টানিয়া চলে ; পঙ্গু (বং শং০কোষ)।

ঝনকাট, ঝঙ্কাট, -ঠ [ঝন(দ্রঃ)-কাঠ] বি, দ্বারের মাথার কাঠ ; কপালী ; সর্দ্দাল door lintel. "এমন প্রাচীর ছিল হৈল চারি পাট। বাউটি পাথর তার দিল ঝনকাট।" -কবিক০। ২ চৌকাট। "শশী ঝনকাট ডিঙাইয়া ঘরের মধ্যে প্রবেশ করিতে করিতে বলে,"—বঙ্গবাণী, মাঘ, ৩৪।

ঝনঝন [অনু০] বি, ঝনৎকার ; ঝনঝন শব্দ। "ঝণ ঝণ ঝন ঝন নূপুর বাজ"—গোবিন্দ০। "টাকা ঝন ঝন ঝনৎকার বাজায়ে গেল সে চলি।"—রবী০।

ঝনঝনা [ঝন্ (ঝম্)+ঝনা (ঝম্ করা, ঝন্ করা)] ক্রি, ঝনঝন্ শব্দ করা ; ঝম্ঝম্ করা। "ঝন্ঝনিল অসি পিধানে"—মেঘ০। ২ বি, [গ্রা০ঝনঝনে] বজ্র। "কড়কড়াকড় কড়াৎ কড়াৎ ডাকবে যখন ঝনঝনে।"—ম্যাকবেথ (গিরিশ০)। ৩ বিপদ। "ঝনঝনা সব মাতা হৈল তব ধন। ঝটিতি করহ মাতা ঝঞ্ঝা মোচন।"—কবিক০।

ঝনঝনানি [ঝনঝনা ক্রিয়ার ণিজন্ত রূপ] ক্রি, ঝনঝনিয়ে দেওয়া ; ঝনঝন শব্দ করান। ২ গুরুতর আঘাত লাগিলে যে ব্যথা অনুভূত হওয়া ; বেদনায় ঝন্ঝন্ করা। প্র-এমন হোঁচট্ লেগেছে যে পা-টা ঝন্ঝনিয়ে গিয়েছে বা দিয়েছে। বিণ, ঝনঝনায়িত, ঝনঝনায়মান। বি, ঝনঝনানি। [দ্রঃ-হাড়ে আঘাত লাগিলে কনকন ও টন্‌টন্ করে। ধমনি, শিরা, স্নায়ুতে আঘাত লাগিলে ঝন্ঝন্ করে এবং বেদনা ক্ষীণতর হইলে ঝিন্ঝিন্ করে। মাংস, ত্বক, ঝিল্লিতে আঘাত প্রায়ই চন্‌চন্ এবং কম তীব্র হ'লে চিন্‌চিন্ করে] বিণ, ঝনঝনে২। প্র-ঝনঝনে বাত। ঝিন্ঝিনে দ্রঃ। ক্রি-বিণ, ঝনঝনিয়া, ঝনঝনি-ঝনঝন করিয়া ; ঝনঝন্ শব্দে। "অশ্বপার্শ্বে কোষে অসি বাজিল ঝন্ঝনি।"—মেঘ০।

ঝনঝনি (-নি-)-বি, ঝন্ঝন্ শব্দ ; ঝম্ঝম্ শব্দ। "নূপুরের ঝন্ঝনি, কিঙ্কিণীর বোলী" -মেঘ০। "ঘোড়া দড়বড়ি, অসি ঝনঝনি, কাটাকাটি, গোলা, তীর স্বন্‌স্বনি,"—হেম০।

ঝনৎকার-ঝণৎকার দ্রঃ।

ঝনন, ঝননা, ঝননন [ঝন (অনু০)+নন (শব্দকরণার্থে)] বি, ঝন্ঝন্ শব্দ ; নিক্কণ। "দক্ষিণ করে ধরিয়া যন্ত্র, ঝনন-রণন স্বর্ণ তন্ত্র, কাঁপিয়া উঠিবে মোহন মন্ত্র নির্ম্মল নীল গগনে।"—সোনার তরী। "ঝন্ঝন্ ঝুননন, ঠন্ঠন্ ঠননন, বরিষত ঘরকন্নাজে।"—ভারত০। "ত্রিদিব সঙ্গীত সেই রজত ঝননা।"—রঙ্গবতী।

ঝনা-ঝন দ্রঃ।

ঝনাৎ [ঝন + আৎ (ব্যাপ্তি ও আতিশয্যে)] অ, ঝনঝন অপেক্ষা তীব্র, ক্ষণস্থায়ী শব্দ। ~কার [ঝনাৎ-কার (করণ)] বি, ঝনাৎ শব্দ করণ ; ঝমঝম।

ঝাঁসুকমণি-বি, বিলাতী ষ্ট্রবেরী (strawberry) জাতীয় গুল্ম ও তার ফল fragaria Indica (*Carey*)।

ঝাপ্ [হিং০-ঝাপ্ (শীঘ্র)] অ, অবিলম্বে ; শীঘ্র। "ঝপ্ করে ঝাপ দিয়া ঘাড় ভেঙ্গে

]ধুক বিবৃবৎ (অগ্রঅনুগ্র), [illegible]

পড়ে।"-ঋ০। **ঝাঁ০ করে** [হি০-ঝপ্‌সে] শীঘ্র ; চট্ করে। ~ঝপ্-বৃষ্টিপতন শব্দ।

ঝপাং [অনু০] অ, জলে ঝাঁপ দিবার শব্দ। "ঝপাং করিয়া তাহার পতনের শব্দ কর্ণে প্রবেশ করিল"-দ্বী০ রায় (মহিমময়ী)।

ঝপাঝপ-বি, উপর্য্যুপরি ঝপ্ ঝপ্ শব্দ। ২ ক্রমান্বয়ে জলে ঝাঁপ দিবার শব্দ।

ঝম্ [ধন (শব্দে) > ঝন > ঝম্। লঘু শব্দে ঝুম্, অতি লঘু শব্দে ঝুমু (সাধা: আদরার্থে)] অ, ঝনৎকার ; ঝঙ্কার। ২ অস্ত্রাদির ঝনৎকার ; টংকার। ৩ বাদ্য-ধ্বনি। "বাজে ঝম্‌ঝম্ ঝম"-ঈ০ গুপ্ত। ৪ বৃষ্টিপতন শব্দ। প্র-ঝম্‌ঝম্ ক'রে (=শব্দে) বৃষ্টি আসিল। ৫ নূপুরাদি চরণালঙ্কার-শব্দ।

ঝমক [অনু০। ঝম্ >] বি, বাদ্যধ্বনি ; নহবত বাদ্যের ধ্বনি। "ধ্ ধ্ ধম ধম ঝমক ঝমক ঝম ঘনঘম নৌবত বাজে।"-ভারত০।

ঝমঝম [ঝম্+ঝম্ (ব্যাপ্তি অর্থে ও উপর্য্যুপরি শব্দে দ্বিত্ব)। লঘু শব্দে ঝুমঝুম, আদরার্থে ঝুমুঝুমু। "ঝুমু ঝুমু ঝুমঝুম্ বাজে ওই মল"-অশোক০] অ, অনুকার শব্দ। "রাত দিন ঝমঝম রাত দিন টুপ্ টুপ্ কি সাজে সেজেছ রাণি একি আজ অপরূপ।" -কাব্যকুসুমাঞ্জলি। ২ রণবাদ্য। বিণ, **ঝমঝমিয়া, ঝমঝমে**-ঝমঝম শব্দকারী। ২ শুষ্ক ; এমন শুষ্ক যে নিক্ষেপ করিলে বা নাড়িলে ঝম্‌ঝম্ শব্দ করে।

ঝমঝমানি [ঝমঝম+আন (ক্রিয়ার)। ঝমঝমাই, -মাও, -মায় ; -মাইতে (কে০ -মাতে) ; -মাইয়া (কে০ -মিয়ে)] ক্রি, ঝমঝম শব্দ করা ; ঝমঝম করে বাজান। বি, **ঝমঝমানি**। বিণ, **ঝমঝমায়মান**-যা ঝম্‌ঝম্ করিতেছে।

ঝমর্ ঝমর্ (-র্-) [ঝম (অনু০ +র (রি রি ধ্বনি অর্থে)-উপর্য্যুপরি শব্দে দ্বিরুক্ত. লঘু শব্দে ঝুমুর] অ, ঝাঁঝর নূপুর ই০ চরণালঙ্কার-বাদ্য বা ধ্বনি। ২ ক্রি-বিণ, ঝমর্ ঝমর্ শব্দে। "ঝমর্ ঝমর্ ঝম্, ঝমর্ ঝমর্ ঝম্, বাজে ওই মল।"-অশোক০।

ঝমাঝম [ঝম্+আ (ব্যাপ্ত্যর্থে, উৎকর্ষে) +ঝম্] অ, 'ঝম্' শব্দের উপর্য্যুপরিস্থ ব্যাপ্তি এবং ঘনত্ববোধক। ২ রণবাদ্য ; ঢাক-ঢোলের সহিত কাঁসর ও ঝাঁঝর ই০-র মিশ্রিত ধ্বনি। ৩ মুষলধারায় বৃষ্টি পতন। ৪ তুমুল ঝগড়া ; বহুলোকের বকাবকি ঝকাঝকির সংঘাতবোধক। প্র-সেখানে ঝমাঝম ঝগড়া বেধে গিয়েছে।

ঝম্প [ঝম্ (ঝাঁপ দিবার ভাব)+প (পতনার্থক পৎ+ড-ভা০)। তুল-ই০ jump] বি, ঝাঁপ ; লম্ফ। "প্রেতভাগ সানুরাগ ঝম্প ঝম্প ঝাঁপিছে।"-ভারত০। ২ ঝুলন। **লম্ফঝম্প**-বি, লাফালাফি ; ঝোলাঝুলি। ২ অত্যন্ত আগ্রহ ; অতিরিক্ত ঔৎসুক্য ; ব্যগ্রতা ; অস্থিরতা। ৩ আস্ফালন। "লম্ফ ঝম্প ভূমিকম্প নাগ কূর্ম্ম লাড়িছে।"-ভারত০। [দ্রঃ-পায়ে ভর দিয়া পড়া-লম্ফ। বুকে পেটে ভর দিয়া হাত পা ছড়াইয়া অর্থাৎ সর্ব্বাঙ্গ পাতিয়া অধোমুখে পড়া-ঝম্প]।

ঝম্পন [ঝম্প্ (সৌত্রিক ধাতু)+অন (ভা০)] বি, ঝাঁপ দেওন ; লম্ফ প্রদান। ২ আক্রমণ। "হট করে হৈমবতী দিতে আনে ভাত। শার্দ্দূল ঝম্পনে সবে আগুলিল পাত॥"-শি০।

ঝম্পাক [ঝম্প+অক্ (গমন করা)+অ (র্ক্তৃ, জ্ঞা০)-যে ঝম্প দিয়া গমন করে] বি, বানর ; কপি।

ঝম্পারু [ঝম্প (লম্ফ)+ঋ (গমন করা) +উ (র্ক্তৃ, জ্ঞা০)-যে লম্ফ দিয়া গমন করে] বি, বানর ; কপি।

ঝম্পী [ঝম্প্+ইন্ (স্ত্য০)। মূ০ ঝম্পিন্ ১মা, ১ব০-যে ঝম্প দেয়] বি, বানর ; কপি।

ঝর [ঝৃ (জীর্ণ হওয়া, ক্ষরিত হওয়া)+ অং (র্ক্তৃ বা পে)-যদ্দ্বারা জল ক্ষরিত হয়] বি, নির্ঝর ; পর্ব্বতাদি হইতে ক্ষরিত জল-প্রবাহ ; ঝরণা। ২ সমূহ। ৩ ধারা ; প্রবাহ ; স্রোত। অবিরলতা অর্থে পুনরুক্ত হইয়া-**ঝরঝর, ঝরঝরঝর**-"ঝরঝর ঝরে, অবিরল অশ্রুধারা ভিজিয়া বসনে।"-মেঘ০। ৪ বায়ুভরে পত্রপল্লবের কম্পন শব্দ ; শুষ্ক পত্রপুষ্পাদির পতন শব্দ। ক্রি, ঝরা। **অজস্র ঝোর ঝরে** [গ্রা০ মেয়েলী। মূল-শব্দ অজস্রধারে-ধারায়] [illegible]।

ঝরকা, ঝরোকা [হি-ঝরোখা। ব্রজ০-ঝরক। সং-গবাক্ষ > প্রা০ (হাউক্‌ধ)।] বি, বাতায়ন ; গবাক্ষ ; ছোট জানালা। "সখীগণ হেরই ঝরকহি ঝাঁপি"-জ্ঞান০। "দুইদিকে বিচিত্র বালিশ দিয়া তায়। ধূলাবলি রাখিল সকল ঝরোকায়॥"-শি০। ২ জাল-দেওয়া জানালা।

ঝরঝর [ঝর দ্রঃ। গ্রা০ ঝর্‌ঝর। লঘু-ঝির্‌ঝির্, অতিলঘু-ঝুরঝুর। ক্রমাগত অর্থে পুনরুক্ত] অ, ক্রমাগত ক্ষরণ ; অবিরল ধারায় পতন। "ঝরঝর জলধর ধার। ঝঞ্ঝা পতন বিথার"-গোবিন্দ০। "ঝরঝর লোচন বারি।" -রবী০। "পাদপ মরমর নিঝর ঝরঝর কুসুমিত বল্লিবিতান।"-রবী০। ২ [ধুলা, বালি, ঝুল ঝরাইবার ভাব হ'তে] পরিচ্ছন্ন ; পরিষ্কার। প্র-ঘর দ্বার পরিষ্কার ঝরঝর করিতেছে। ৩ [সং-জর্জ্জর] বিণ, ঝাঁজরা ; জীর্ণ। ঝর্ঝর দ্রঃ।

ঝরঝরিয়া,, **ঝরঝরে**,, **ঝর্ঝরে**, [ঝরঝর (দ্রঃ) + ইয়া > কে০ 'এ'] বিণ, ঝরঝরিত ; জর্জ্জরিত ; ঝাঁঝরা ; জীর্ণ। ২ পরিষ্কার ; পরিচ্ছন্ন। ৩ শুষ্ক ; চনমনে। প্র-মুখ বেশ ঝর্‌ঝরে দেখাচ্ছে। একদিন উপবাসে শরীর ঝরঝরে হয়েছে। ক্রি, **ঝরঝরানি**। **পরকাল ঝরঝরে করে দেওয়া** [পরকাল বা ভবিষ্যৎ ঝরঝরে (=অসার) বা নষ্ট বা দুঃখময় করা। "ঝরঝরে" শব্দের উজ্জ্বল এই অর্থ করিলে বিদ্রূপার্থে বুঝিতে হইবে] উত্তরকালে উন্নতির আশা না রাখা ; মাথা খাওয়া। ২ মরণান্তে (পরলোকে) মুক্তির উপায় বা পথ না রাখা।

ঝরণ [ঝরা দ্রঃ] বি, ক্ষরণ ; পতন।

ঝরণা, ঝর্‌না, ঝর্ণা [ঝ (ক্ষরণে)+ অন (র্ক্তৃ)-যে ক্ষরিত হয়] বি, পর্ব্বতাদি নিঃসৃত জল ; নির্ঝর। **ঝাঁ০ কলম** -বি, ফাউন্টেন পেন fountain pen. "ফাউন্টেন পেন শব্দের বাংলা নামকরণ করা গেল ঝরণা কলম।"-রবী০ (৫-১১-৩০)।

ঝরন্তি-বিণ, ঝরিয়া পড়িতেছে এরূপ। ২ বি, ঝড়তি দ্রঃ।

ঝরা [ঝর (ঝর়্)+আ (বাং-ক্রি, বিভক্তি)। ঝরি, ঝর, ঝরে; ঝরিতে (কেং ঝরতে); ঝরিয়া (কেং ঝরে)] ক্রি, ঝরিয়া পড়া; ফোঁটা ফোঁটা পড়া; ক্ষরিত হওয়া। "ঝরিতেছে অশ্রুজল কার অনুরাগে মিশে।"-স্ক০। ২ অতিশয় ক্ষীণ ধারায় পতিত হওয়া। ৩ ঝর্‌ঝর্ করিয়া বৃষ্টি পড়া। "সেদিন বরষা ঝরঝর ঝরে কহিল কবির স্ত্রী-"-সোনার তরী। ৪ ফল, পাতা শুকাইয়া বোঁটা হ'তে খসিয়া খসিয়া পড়া। "কেন ঝরে গেল ফুল।"-চিত্রা। ৫ বি, ঝরণ; ক্ষরণ; পতন। ৬ বিণ, ঝরিত; ক্ষরিত; পতিত। "ঝরা ফুল।" অস-ক্রি, **ঝরিয়া, ঝরে**-বোঁটা খসিয়া। "অর্ঘ্য-কুসুম ঝরে পড়ে গেছে বিজন বিপিনে ফুটি।" -চিত্রা। · [ব্রজ০] **ঝরই, ঝরু**-ঝরে। "ঝরই শিরে ফুলদল"-রবী০। **ঝরব**-ঝরিবে (হিং)। ২ ঝরিব। "ছিন্নকুসুম সম ঝরব ধরাপর"-রবী০। **গাল ঝরে যাওয়া**-অল্পবয়সে ছেলে মেয়েদের যে গাল ফুলো ফুলো বা টোপা থাকে তা বয়স কালে নামিয়া যাওয়া অর্থাৎ মুখের অন্যান্য অবয়বের সহিত সমঞ্জসীভূত হইয়া মানানসই হওয়া। **নাক ঝরা**-সর্দি হওয়ায় ক্রমাগত নাক হ'তে শ্লেষ্মা নির্গত হওয়া।

ঝরানি [ঝরা(দ্রঃ)র ণিজন্তরূপ] ক্রি, ঝরিতে দেওয়া; পাতিত করা; ফেলা। প্র -বালি ঝরান। ফুল ঝরান। পাতা ঝরান। **লাল ঝরানি**-দাঁতের মাড়ী স্ফীত হ'লে মুখের শ্লেষ্মা বাহির করিয়া দেওয়া। বি, **ঝরানি**। বিণ, **ঝরিত** [ঝর + ইত (যুক্তার্থে)] ঝরণাবিশিষ্ট। ২ ক্ষরিত; গলিত। "নির্ঝরঝরিত বারিরাশি স্থানে স্থানে"-মেঘ০।

ঝরু [ব্রজ০, বৈ০ পদ০] ক্রি, ঝরে; ঝরিতেছে।

ঝরোকা-ঝরকা দ্রঃ।

ঝর্ঝর [ঝর্ (অনু০) + ঝর (দ্বি)] বি, জলধ্বনি। ২ বারিপতন শব্দ; ঝরণার জলপ্রবাহ শব্দ। "বহিছে ঝলকাবিল ঝরিছে ঝর্ঝরে নির্ঝর।"-মেঘ০। ৩ আনদ্ধ বাদ্য বিশেষ; ঝাঁঝ। ইহা ঝর্ঝর করিয়া বাজে। ৪ [হিং] সঙ্গপথা জলপাত্রবিঃ; ঝুঁঝাবিঃ। ৫ [সং-জর্জ্জরীক] ঝাঁঝরা (দ্রঃ)। ৫ বেত্র-দণ্ডবিঃ। স্ত্রীং-া-বেশ্যা। -ী-ঝাঁঝরী। ক্রি, **ঝর্ঝরা**২-ঝর্ঝর করিয়া ঝরা। ২ ঝর্ঝর শব্দ করা। **ঝর্ঝরিয়া**২ [পদ্যে, কেং **ঝর্ঝরি**১] ঝর্ঝর করিয়া। বিণ, **ঝর্ঝরিয়া**৩, **ঝর্ঝরে**২, **ঝর্ঝরিত**-যা ঝাঁঝরা হইয়াছে। ২ ঝর্ঝর শব্দকারী; ঝরণার শব্দে নিনাদিত; পটহাদি বাদ্যের শব্দে শব্দিত। ৩ ঝর্ঝর করিয়া; পতনশীল।

ঝর্ঝরাবতী [ঝর্ঝর+বৎ (স্থ্য) + ঈ-স্ত্রীং] বি, গঙ্গা; ঝঙ্কারিণী (দ্রঃ)।

ঝর্ঝরি২-বি, যন্ত্রকোষে উক্ত, এক প্রকার মন্দিরা।

ঝর্ঝরিক [সং-জর্জ্জরীক-ঝাঁঝরা] বি, দেহ; শরীর।

ঝর্ঝরিয়া৪ **ঝর্ঝরে**৩ [ঝরঝরিয়া২ দ্রঃ। ঝাঁঝরা > লক্ষণায় যার মধ্য দিয়া আলোক প্রবেশ করে > উজ্জ্বল, পরিষ্কার অর্থে **ঝরঝরে তকতকে**-পরিষ্কার-পরিচ্ছন্ন] বিণ, শুষ্ক। ২ জড়তাহীন; চনমনে। প্র-শরীর ঝর্ঝরে হওয়া। ৩ পরিষ্কার; পরিচ্ছন্ন; সুন্দর। প্র-কাপড়-চোপড় পরে এখন বেশ ঝর্ঝরে দেখাচ্ছে। ৪ বালির মত চূর্ণ ও শুষ্ক। ৫ [ব্যঙ্গোক্তিতে ঝাঁঝরার ভাব হ'তে] (পরকালের পরিণাম) দুঃখময়।

ঝর্ঝরী২ [সং-জর্জ্জরীক; বাং-গ্রা০ ঝাঁঝরী] বি, ঘৃত বা তৈলে পক্ব দ্রব্যের তৈল, ঘৃত ঝরাইয়া খোলা হ'তে তুলিবার জন্য সচ্ছিদ্র দর্ব্বী বা হাতা; ঝাঁঝরী। ২ [ঝর্ঝর শব্দ >] মন্দিরা-বাদ্য; কাংস্যনির্ম্মিত বাদ্য-বিঃ; ঝাঁঝরী। ~ক [সং। ঝর্ঝরিক দ্রঃ] বি, দেহ। ২ চিত্র। ৩ দেশ।

ঝলক, ঝলকা [হিং-ঝলকার, সং-ঝলকা। "শিখা জ্বালার্চির্জ্বলকা"-হেং। "ঝলা স্যাদাতপজ্যোৎস্নৌ"-মেদিনী। প্রাকৃ০-ঝলং >, বাং-ঝলক > দলক, হলক। প্র-দামিনী দলকে। আগুনের হল্‌কা। ক্ষণস্থায়ী অস্থানব্যাপী কিন্তু তীব্র আলোক অর্থে বিশিষ্ট] বি, আগুনের তরঙ্গ; আগুনের শিখা। "ঝলকে ঝলকে উল্কা উগারি, শত শত লোল জিহ্বা প্রসারি, বহ্নি আকাশ জুড়িল।"-কথা (রবী০)। ২ আলোকের তরঙ্গ। "ছটার ঝলকে পরাণ চমকে তিমিরে লাগয়ে ভয়।"-চণ্ডি০। ৩ ঝাপ্‌টা; ঝোঁকা। "এক ঝলক বসন্তের হাওয়ার মতই দ্রুতচরণে * * আসিয়া"-বাঁশরী।

ঝলকানি [ঝলক্ + আন (বাং-ক্রি, বিভক্তি)। হিং-ঝল্‌কানা। প্রাকৃ০-ঝলুং-কিঅ] ক্রি, ঝলকিত হওয়া; ঝল্‌পান (দ্রঃ); চক্ষু ঝলসিতকারী আলোকের মুহুর্মুহু প্রকাশ ও তৎক্ষণাৎ অপ্রকাশ হওয়া। **ঝলকি, ঝলকিয়া**-ঝলকিত করিয়া। "লক্ষ মাণিক ঝলকি আঁচলে নেচে চলে যেন নটিনী"।-কথা (রবী০)। "সখি রে ঝলকিয়া অলকেরে চামেলি ও বকুলে, উজলিয়া দেলো মোরে মোহনিয়া দুকুলে।"-অপূর্ব্ব ব্রজাঙ্গনা। **ঝলকে**-ঝলকিত হয়। [ব্রজ০] **ঝলকত, ঝলকহি**-ঝলকে। "দশন কিরণ কত দামিনী ঝলকত হসইতে অমিঞা তরঙ্গ।"-গোবিন্দ০। "গগনহি সঘন বিজুরী ঘন ঝলকহি দিনহি ভেল আঁধিয়ার।"-ঐ।

ঝলকিত [ঝলক + ইত] বিণ, ঝলসিত। ২ সমুজ্জ্বল।

ঝলজ্ঝল, -লা [ঝলৎ + ঝল] অ, ঝলঝল করিতেছে এমন।

ঝলঝল [ঝল দ্রঃ। সং-ঝলজ্‌ঝলা। তুল-ইং dangle] অ, ঝুলিতে থাকা; ঝুলিয়া পড়ার ভাববোধক। ২ সুস্পষ্ট; জ্বল্‌জ্বল্ করার ভাব। ক্রি, **ঝলঝলানি**-ঝল্‌ঝল্ করা। **ঝলঝলি**-ঝল্‌ঝল্ করিয়া। বিণ, **ঝলঝলে, ঝলঝলায়মান, ঝলঝলিয়া** [প্রাকৃ০-ঝলঝলিআ=উজ্জ্বল] ঝলঝল ও ঝকমক করিয়া ঝুলিতেছে এমন dangling. **ঝলঝল করা**-ঝুলিতে থাকা। বি, **ঝলঝলা, ঝলঝলানি**।

ঝলন-বি, ঝাল বা পাইন দিয়া জোড়া।

ঝলম [গ্রা-বাং। মৌ০ পরিঃ] বি, নৌকায় তক্তা আবদ্ধ রাখিবার জন্য কাষ্ঠ। "ঝং গাড়িল সারি সারি"-মনসা ম০ (বংশী)। ২ ঝুলান কৃত্রিম পুষ্পমাল্য।

[ঢুক্ত বিবৎ (অগ্রঅনুগ্র), ˘ হীনযুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

ঝলমল [ঝল্ (উজ্জ্বল হওয়া) + মল্ (মলিন হওয়া বা মিলাইয়া যাওয়া)] অ, মুহূর্তে উজ্জ্বল মুহূর্তে মলিন হওয়া বা মিলাইয়া যাওয়ার ভাব। "ঝলমল করে তথি মুকুতা প্রবাল।" -শূ॰ পু॰। [দ্রঃ-বৃহৎ আলোক ঝলমল করে; অল্প আলোক ঝিল্‌মিল করে। নিরেট কঠিন এবং স্থির বস্তু ঝক্‌মক্ করে এবং পাতলা, লম্বিত ঢিলা বস্তু ঝলমল করে। সোণার মুকুট ঝক্‌মক্ করে আর আঁচলা ঝল্‌মল্ করে]। ক্রি, **ঝল্‌মলানি**-ঝলমল করা। **ঝলমলি** [ঝলমলিয়া > কে॰ ঝলমলে, পদ্যে,-মলি] ঝল্‌মল করিয়া। "চাঁদ ঝলমলি বদন ছাঁদে, দেখিয়া যুবতী ঝুরিয়া কাঁদে।"-গোবিন্দ॰। **ঝলমলে**-ঝলমল করে। বিণ, **ঝলমিলিয়া, ঝলমিলে**।

ঝলরী [ঝল্ল দ্রঃ] বি, শিবমন্দিরে বাদিত কাংস্য-নির্মিত বাদ্যবিঃ; ঝল্লরী; ঝল্লী। ২ [গ্রা॰, ঝুলুরী (ঝুলঝুল করিয়া ঝোলে বলিয়া)] লম্বিত কুঞ্চিত কেশ।

ঝলস [ঝলা দ্রঃ। হি॰-জৌলুস্] বি, জলুস; ঔজ্জ্বল্য। ২ তেজ; ঝাঁজ; ঝলক। ক্রি, **ঝলসা** [ঝলসি, ঝলস, ঝলসে; ঝলসিতে; ঝলসিয়া (কে॰ ঝলসে)] ঝলসিত হওয়া। বিণ, **ঝলসা**-ঝলসিত। **ঝলসা-কাণা**-চালসে কাণা দ্রঃ; আধলা কাণা; সূর্য্যের দিকে চাহিয়া যার চক্ষু ক্ষয়িয়া গিয়াছে বা অর্দ্ধান্ধপ্রায় হইয়াছে।

ঝলসানি [হি॰-ঝল্‌সানা। দেশী প্রাকৃ॰-ঝলসিঅ (দগ্ধ)। ঝলসাই, -সাও, -সায়; -সাইতে (কে॰ -সাতে); ঝলসাইয়া (কে॰ ঝলসিয়ে)] ক্রি, অর্দ্ধদগ্ধ করা; রৌদ্র বা আগুনের আঁচে আধপোড়া করা। "ক্ষণপ্রভা সম মুহুঃ হাসে রতন-সম্ভবা বিভা ঝলসি নয়নে!" -মেঘ॰। "বিজলী ঝলসে আঁখি কালানল তেজে"-মেঘ॰। ২ উজ্জ্বল হওয়া; ঝলকান; দীপ্তিমান করা। ৩ বিণ, অর্দ্ধদগ্ধ; আধপোড়া। বি, **ঝলসানি**। বিণ, **ঝলসিত**।

ঝলা$_{1}$ ["ঝলাভাবাতপজ্যোৎস্নৌ"-মে॰] বি, সূর্য্যের কিরণ-তরঙ্গ; অগ্নিতরঙ্গ; রৌদ্রের তেজঃ। ২ আলোকতরঙ্গ (যা রৌদ্রের তেজের মত চক্ষু ঝলসিয়া দেয়); প্রখরালোক। "বিদ্যুতের ঝলা সম চকমকি" -মেঘ॰। ৩ অতিশয় দীপ্তি; ঔজ্জ্বল্য।

ঝলা$_{2}$ [ঝল্ (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। ঝলি, ঝল, ঝলে; ঝলিতে; ঝলিয়া (কে॰ ঝলে, পদ্যে-ঝলি)] ক্রি, ঝল্‌ঝল্ করিয়া ঝুলিতে থাকা। "ঝলমলি ঝলে অঙ্গে নানা আভরণ।"-মেঘ॰। ২ ঝল্‌মল্ বা জ্বল্‌জ্বল্ করিয়া জ্বলা। "পিঙ্গল জটা ঝলিছে ললাটে পূর্ব্ব অচলে উষার মত"-রবী॰। "রবিকর তাহে ঝলে ঝলঝলে কাঞ্চন কঞ্চুক বিভা নয়ন ঝলসি।"-মেঘ॰। "ঝুলিছে ঝলি ঝালরে মুকুতা"-মেঘ॰।

ঝলাবর [হি॰] বিণ, সুন্দর। ২ নির্ম্মল।

ঝল্কি [সং-ঝলকা। ঝলক দ্রঃ] বি, অগ্নির তেজ। ২ তরঙ্গ; ঝলক। ক্রি, **~নি**-ঝলক উঠা। **~ন**-বি, ঝলকের উদ্গমন।

ঝল্ল ["ঝল্লা মল্লা নটাশ্চৈব পুরুষাঃ শস্ত্রবৃত্তয়ঃ"-মনু] বি, সৈনিকবৃত্তি-ব্যবসায়ী নিম্ন-শ্রেণীর হিন্দুজাতিবিঃ। ২ অনুকার শব্দ; কর্ণ বধিরকারী ধ্বনি। **~কণ্ঠ**-বি, পারাবত। **~ক** [ঝল্ল (অনু॰) + ক, (স্বার্থে)] বি, শিবমন্দিরে বাদিত কাংস্য করতাল; এক-প্রকার কাঁসোর। **~রি, -রী** বি, দেবমন্দিরে বাদিত কাংস্য-নির্মিত বাদ্যবিঃ; ঝলরী (দ্রঃ) cymbals. "নাদয়ে শঙ্খ নিনাদয়ে ঝল্লরি শিব, নিনাদয়ে ঝল্লরি আরতি করয়ে ব্রহ্মা বেদধ্বনি পাঠে"-হেম॰। ২ কুঞ্চিত কেশগুচ্ছ।

ঝল্লিকা-বি, গাত্রমার্জ্জনী; গামছা। ২ সূর্য্য কিরণের তেজ; ঝাঁঝ; ঝলক।

ঝল্লী-ঝল্লরী; ঝলরী দ্রঃ।

ঝষ, **ঝষ**$_{1}$ [প্রা-বাং। প্রাদে॰] বি, মৎস্য। "রাখিল পাঁকাল ঝষ দিয়া তেঁতুলের রস।"-কবিক॰।

ঝষ$_{2}$ [সং-হিংসায়, আচ্ছাদনে] বি, তাপ। ২ ঝোপ; বন।

ঝা [উপাধ্যায় > উপাজ্‌ঝায় > (কে॰) ওঝা >] বি, জাতীয় পদবীবিঃ; ওঝা। ২ বঞ্চা।

ঝাইল$_{1}$, **ঝাল**$_{1}$ [ঝিল্ > ঝল্ (ঝুলনের অর্থ)] বি, ঝুলন ক্রীড়া; ঝালি। ২ ঝম্প; ঝাঁপ। **~ঝুপ্পা**-লাফালাফি খেলা (ইহাতে একদিকের উচ্চস্থান হইতে ঝুপ করিয়া পড়িয়া অপরদিকের উচ্চস্থানে লাফাইয়া উঠিতে হয়; ইতিমধ্যে যে নিম্নস্থানে থাকে সে স্পর্শ করিতে না পারে এরূপ ভাবে যাইতে হয়)। ২ লম্ফঝম্প দ্রঃ। ৩ ঝুলঝাঁপ।

ঝাইল$_{2}$, **ঝাল**$_{2}$ [জ্বালা > ঝালা > ঝালি > ঝাইল] বি, কটুরস; যে রস রসনায় জ্বালা উৎপাদন করে। ২ লঙ্কা। ৩ ঝাল$_{3}$ দ্রঃ। ৪ [ঝলক >] ঝাঁঝ বাদ্য।

ঝাইল$_{3}$, **ঝাল**$_{3}$ [সং-ছল্লী > বাং-ছালা (দ্রঃ) > ছাইল-ঝাইল > ঝালি, ঝাল] বি, ছালা; বস্তা; বোরা; চট; ঝালি (দ্রঃ)। ২ [সং-জল্ (আচ্ছাদনে) > জাল > ঝাল + ই (অংশার্থে) > ঝালি=ঝাইল] এক অংশ বা খণ্ড; কপাটের একদিক। প্র-এক ঝা॰ কপাট বন্ধ কর। ৩ [প্রাদে॰] তাড়া; গোছা। ৪ প্রস্থ; সাট set. প্র-এক ঝাল তাস, এক ঝাল দাবা ই॰।

ঝাইল$_{4}$ [জ্বল্ (জ্বলনে) >] বি, জ্বালাইয়া বা আগুনে পুড়াইয়া জোড়ন; পাইন। ঝাল$_{2}$ দ্রঃ।

ঝাউ [সং-ঝাবুক >। ঝাউ (অনু॰ শব্দ) ক (করা)-বাতাসে ঝা-ঝা বা ঝাউ ঝাউ শব্দ হয় বলিয়া নাম] বি, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ tamaria Indica.

ঝাউয়া [হি॰-ঝাঁকা দ্রঃ] বি, ঝোড়া; বড় ঝুড়ি। **ঝা॰ কলা**-কদলী ভেদ; এক প্রকার কদলী বৃক্ষ। **ঝা॰ নেবু**-নেবু ভেদ। এক প্রকার নেবু গাছ।

ঝাঁ [ধাব্ (গতি, বেগ অর্থে) অথবা ধ্মা (শব্দে)-গতির বেগ হইলেই শব্দ, এই দুই ভাবের সংযোগে ধাঁ, তাতে শক্তিহ্রাস (অতি বেগ ও ত্বরা অর্থে) হেতু, ঝাঁ] অ, অতি শীঘ্র; অবিলম্বে; বেগে; দৌড়ে। **ঝাঁ॰ করে**-এক দৌড়ে। ২ ঝাঁ বলিতে যতক্ষণ তার মধ্যে; ঝট্ করে; অবিলম্বে। **~ঝাঁ** [ধ্মা (ধমনে) > ঝাঁ। ঝাঁঝ দ্রঃ] বি, জ্বলন্ত আগুনের শব্দ। ২ [ধ্মা (শব্দে >)] অনুকার শব্দ। ৩ [ধাব্ > ধা > ঝা > ঝাঁ (বেগে)] অ, শীঘ্র শীঘ্র; অনেকগুলি কাজ পরে পরে বা একে একে কিন্তু

ক্ষিপ্রহস্তে করিবার ভাব। ক্রি, ~ঝাঁ করা-শীঘ্র করা। ২ ঝলসিত হ'তে থাকা ; রৌদ্রে পুড়িতে থাকা ; ঝাঁঝ বিস্তার করা। ৩ গভীর রাত্রিতে নিস্তব্ধতার শব্দ করা ; নিশীথ কালের গাম্ভীর্য্যব্যঞ্জক কাল্পনিক রব। "ঝাঁঝাঁ করে রাতি"-রবী°। ক্রি-বিণ, ~ঝাঁ করে [এই অর্থে ধাঁ-ধাঁ। ধাঁ=ঝাঁ] একে একে বা পরে পরে ও অতি শীঘ্র। প্র-কাজগুলা ঝাঁঝাঁ করে শেষ করে ফেল। ২ ক্ষিপ্র পদক্ষেপে। প্র-ঝাঁঝাঁ করে এগিয়ে যাও।

ঝাঁই$_1$ [ধ্মা (শব্দ করণে) > ঝাঁ, ধাব্ (গতি) > ঝা। শব্দ ও বেগের ভাব মিলিত হইয়া ঝাঁই। ঝাঁ+ই (ক্ষিপ্রগতি বোধক)] অ, অতিশীঘ্র ; ঝাঁ বলিতে যতক্ষণ তার মধ্যে ; পলক পাতে ; নিমেষে। ২ [ধ্মা (অগ্নি-সংযোগে ও উজ্জলীকরণে)+ই (ক্ষিপ্রতা অর্থে).] অ, তপ্ত খোলায় জলীয় দ্রব্য নিক্ষেপ শব্দ ; আধপোড়া বা চুঁইয়া যাইবার শব্দ। ৩ খর ভাজা ; ছাঁই (দ্রঃ)। ৪ তীব্র শব্দ ; কর্ণবধিরকারী ধ্বনি। ৫ তীব্র আলোক ; খর দীপ্তি ; চক্ষু ঝলসিতকারী ঔজ্জ্বল্য। ~ঝাঁই [আলোক বা ধ্বনির আন্দোলন বা তরঙ্গ অর্থে পুনরুক্ত] অ, খর আলোক বা চক্ষু ঝলসিতকারী উজ্জ্বলতা বোধক। প্র-দুপুরের রোদে চোখ ঝাঁই ঝাঁই করে। ২ কর্ণবধির-কারী বা কর্ণের পীড়াদায়ক তীব্র ধ্বনি। প্র-ঝিঁঝিঁ পোকার ডাকে কান ঝাঁই ঝাঁই করে। ~মিরিচ-লালমরিচ ; লঙ্কা। ~সিরিষা-গুঁড়া রাইসরিষা mustard.

ঝাঁই$_2$ [ধাব্ > ধাবনে > ধাওঁ > ধাঁই > ঝাঁই] বি, বড় বড় টেংরা জাতীয় আঁইশহীন দ্রুতগামী মৎস্যবিঃ ; ধাঁইমাছ ; বাচা মাছ। ২ [ঝাঁকা, ঝাঁকরান দ্রঃ। ঝুঁকাইয়া বা দোলাইয়া দিবার ভাব >] জোরে নাড়িয়া দেওন ; ধরিয়া নাড়ন।

ঝাঁও [গ্রা-ঝাং। সং ঝামক > ঝামা >] বি, ঝামা। "ঝাঁওএ ঘসিআঁ তাক করিল চিকন"-শ্রী° কী°।

ঝাঁক [সং-পুঞ্জক বা হিং-ঝুণ্ড >] বি, পক্ষী, পতঙ্গ, মৎস্যাদির সমূহ, বা দল। ঝাঁকে ঝাঁকে-দলে দলে ; বহু দলে ; অসংখ্য। ২ রাশি ; সমূহ। "ঝাঁকে ঝাঁকে টাঙ্গি শেল রাখে"-ঘ°। ঝাঁকের কই ঝাঁকে মেশা [মাছের ঝাঁকের প্রকৃতি হ'তে লক্ষ°] দলছাড়ার পুনরায় স্বদলে, স্বজাতিমধ্যে প্রত্যাবর্ত্তন করা। "রাধেকৃষ্ণ বলার মত যিশু যিশু বলে বটে, কিন্তু সামান্য মাত্র কারণেই নিতান্ত বিরক্ত হইলে এই নে তোর ইঞ্জিল বই" বলিয়া সুসমা-চারের কেতাব পাদরী মহাশয়ের গায়ে ছুঁড়িয়া ঝাঁকের কই ঝাঁকে মিশিয়া যায়।" -প্রবাসী, ৪র্থ ভাগ।

ঝাঁকড়, ~া [ঝাঁক+ড়,ড়া (অনাদরে)। এই অর্থে ঝাঁকা$_1$ দ্রঃ] বি, গুচ্ছ ; অসম্বদ্ধ গুচ্ছ। ~মাকড়-বিণ, অসম্বদ্ধ বা উস্কা খুস্কা ও জোটপড়া। "ঝাঁকড় মাকড় চুল নাহি আঁধি সাঁধি।"-অ° ম°। ২ ঝুমঝুমে গুচ্ছবাঁধা লম্বমান। ৩ উস্কোখুস্কো।

ঝাঁকন, ঝাঁকিনি, ঝাঁকুনি [হিং-ঝকোরনা >] বি, বেগে নাড়া দেওয়া বা চালনা। ২ [হিং-ঝুক্‌না >] ঝুঁকিয়া দেখা ; উঁকিমারা ; ঝুঁকিয়া পড়ন ; ঝুঁকন।

ঝাঁকরা [হিং ঝকোর] বি, কোন কিছু ধরিয়া ঝট্‌কানি ; বেগে নাড়া।

ঝাঁকরানি [হিং ঝট(দ্রঃ)কনা রা ঝকোরনা >] ক্রি, দৃঢ়ভাবে ধরিয়া খুব নাড়া দেওয়া ; ঝাঁকা$_2$ দ্রঃ। বি, ঝাঁকরানি-ঝাঁক্‌রা। প্র-ঝাঁকরানি দেওয়া।

ঝাঁকা$_1$ [হিং-ঝাঁকা, ঝাউয়া] বি, ঝুড়ী ; বেত বা চেঁচাড়ীর বড় ঝুড়ী। ২ বিণ, ঝাঁকড়া। প্র-ঝাঁ° মাথা। ~ঝাঁকা -বিণ, বহু, অনেক ; তুল-ঝুড়ীঝুড়ী। ~মুটে-ঝাঁকাবাহক ; যে মজুর ঝাঁকায় করিয়া মোট বহন করে। এক ঝাঁকা-ঝাঁকাপূর্ণ ; ঝাঁকায় বহিয়া আনা এক ক্ষেপ।

ঝাঁকা$_2$ [হিং ঝাঁক্‌না (ঝুঁকে দেখার ভাব)। ঝাঁকি, ঝাঁক, ঝাঁকে, ঝাঁকিতে (ক্ষে° ঝাঁক্‌তে) ; ঝাঁকিয়া (ক্ষে° ঝাঁকি, ঝেঁকে)] ক্রি, ঝুকিয়া দেখা ; আড়াল থেকে দেখা ; উঁকী মারা। ২ ঝাঁকা দেওয়া ; ঝাঁকরান ; জোরে নাড়া দেওয়া। "তরণী ধরিয়া ঝাঁকে, রাক্ষসী ঝটিকা হাঁকে"-মানসী। ৩ বি, ঝাঁকরানি ; নাড়া। বি, ঝাঁকন, ঝাঁকানি, ঝাঁকি, ঝাঁকুনি$_1$-ঝুঁকন ; ঝুঁকিয়া পড়া।

ঝাঁকার [সং-ঝঙ্কার গ্রা°] বি, ঝঙ্কার। ২ আঁজলপাঁজল ; গা নাড়া ; গা বমি বমি ভাব। প্র-গা ঝাঁকার দিয়ে ওঠা।

ঝাঁকারণ [সং-ঝঙ্কার+আ (ক্রিয়ায়)] ক্রি, ঝঙ্কার দেওয়া। প্র-"ধনুক তুলিয়া ঝাঁকারিল পুনঃ পুনঃ"-কাশী, মহা°। ২ আন্দোলিত হওয়া ; আঁজলপাঁজল করা ; বমনের বেগ আসা। প্র-গা ঝাঁকরে ওঠা।

ঝাঁকি [ঝাঁক দ্রঃ] বি, ঝাঁকা$_2$; ঝাঁকরানি ; জোরে নাড়া। ২ ঝুঁকিয়া দেখার ভাব ; উঁকী। ~মারা-ঝুকিয়া দেখা ; উঁকিমারা ; আড়াল থেকে দেখা।

ঝাঁকুনি$_2$ [হিং ঝঝ্‌কার (তিরস্কার) >] বি, মুখঝাম্‌টা ; তর্জ্জন গর্জ্জন।

ঝাঁগড় [অনু°। নহবতের বাদ্যানুকরণ] বি, নহবতের বাদ্যধ্বনি ; দগড়াদি বাদ্যের শব্দ। "ঝাঁগড় ঝাঁগড় গড় গড় গড় গড় দগড় রগড় ঘন ঝাঁজে ;"-ভারত°।

ঝাঁগুড়গুড় [অনু°] বি, দগড় বাদ্য-ধ্বনির অনুকরণ। "ঝাঁ° বাদ্য বাজে নাচে চণ্ডাল পাড়া।"-গ্রাম্য গীত।

ঝাঁজ$_1$ [ধ্মা (শব্দে) ঝাঁ + ঝ (=জ)] বি, অব্যক্ত ধ্বনি। ২ কাঁসরের বাদ্যবিঃ ; ঝাঁঝর ৩ চরণালঙ্কারবিঃ ; ফাঁপা ও ভিতরে কড়াই দেওয়া রূপার মল ; ঝাঁঝর মল ; খলখলী মল, যা ভিতরে কড়াই থাকায় ঝমঝম করিয়া বাজে। ৪ জলীয় গুল্মবিঃ ; ঝাঁজি ; ঝাঁঝি uticularia fasciculata.

ঝাঁজ$_2$ [ঝাঁঝ। ভ্রং ঝ=জ] বি, ঝাঁঝ দ্রঃ। বিণ, ঝাঁজাল, ঝাঁজাল।

ঝাঁজর-ঝাঁঝর দ্রঃ।

ঝাঁজি [সং-জর্জ্জর (শৈবাল)] বি, জলের গুল্মবিঃ ; জলজাত শৈবাল ; পাঁজ।

ঝাঁঝ, ঝাঁজ$_3$ [ঝলা দ্রঃ। সং-অর্চ্চিস্‌ -আঁচ-ঝাঁঝ-"জ্বালকীলাবর্চ্চির্হেতিঃ শিখা" -অমর। অথবা ধ্মা ধ্মা > ঝাঁ ঝাঁ >] বি, আগুনের জ্বালা ; শিখা ; আঁচ ; তেজ ; উত্তাপ ; উষ্ণতা। প্র-রৌদ্রের ঝাঁঝ ;

ঋ হ্রস্ব উচ্চারণ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন হ্রস্বতা অকারান্তবৎ, গ=গে জ=গাঁ ক=চে খ=ই ঙ=ক হ হা হ্ন হৃ=হ্‌ হৃহ লহ ভ বা, ত ক ব ভ=fwv ও চ্ছা-দ্রঃ

আগুনের ঝাঁঝ। ২ তীব্রতা ; উগ্রতা। ৩ উষ্ণ মেজাজ ; ক্রোধ। ৪ দর্প ; দম্ভ। ৫ উগ্র গন্ধ। "তাহারই একটু ঝাঁজ নাকে লেগে আছে আজ"-কস্তুরী।

ঝাঁঝনি, ঝাঁঝুনি, ঝাঁজুনি [ঝাঁঝ দ্রঃ। হিং-ঝঝকারনা >] বি, তর্জ্জনগর্জ্জন ; ধমকানি ; তিরস্কার।

ঝাঁঝর$_{১}$, ঝাঝঁর, ঝাঁজির ["জর্জ্জরী-কং বহুচ্ছিদ্রে"-মং, বিশ্ব। ঝর্ঝর দ্রঃ। গ্রাং ঝাঁজোর] বি, ছিদ্রবহুলতা ; চতুর্দ্দিকে ছিদ্র ; শুষিরতা। ২ বিণ, ঝাঁঝরা ; ফোঁপরা ; জীর্ণ। 'পাঁজর ঝাঁঝর মোর দাঁড়াই কোথায়" -বিং চক্রবর্ত্তী। বিণ, ঝাঁঝরা, ঝাঁজরা।

ঝাঁঝর$_{২}$ [ঝাঁই ঝাঁই ও ঝর্‌ঝর্ শব্দ >] বি, ঝাঁঝ জাতীয় কাংস্যময় বাদ্যবিঃ ; কাঁসর। "ঝাঁঝর মৃদেগ ঘাঘর বাজে"-ছড়া। ২ ঝাঁঝ ; ঝমঝম, ঝর্‌ঝর্ শব্দে বাজে যে ঝাঁপা ও ভিতরে কড়াই দেওয়া মল।

ঝাঁঝর$_{৩}$ [সং-ক্ষর্ (ক্ষরণে) > হিং-ঝজঝর >] বি, ঝর্ঝরনামক জলপাত্র; কুঁজো।

ঝাঁঝরী, -জরি [সং-জর্জ্জরীক। ঝাঁঝর$_{১}$ দ্রঃ] বিণ, শুষির ; বহুচ্ছিদ্র। বৃহদর্থে ঝাঁঝরা। ২ বহুচ্ছিদ্র দর্ব্বী বা হাতা। ৩ বি, বহুচ্ছিদ্র লোহার, পিতলাদির জাল ; জাফরী। ৪ পয়ঃপ্রণালী দিয়া জলের সহিত ময়লামাটি যাইতে না পারে এমন লোহময় জাল ; নর্দ্দমার মুহরী। ৫ জলসেক করিবার পাত্র ; গাছের গোড়ায় জল দিবার নিষেক-পাত্র ; সেচনী। ৬ ছোট ঝাঁঝর ; ঝরঝর ও ঝম্‌ঝম্ করিয়া বাজে যে বাদ্য। "বাজে করতাল, বাজে মৃদঙ্গ, তুম্বকী, বাজিছে ঝাঁঝরী শঙ্খ"-মেঘং।

ঝাঝা-ঝাঁ দ্রঃ।

ঝাঁঝাল [ঝাঁঝ (দ্রঃ) + আল (হিং-ৱালা=বিশিষ্ট)। ঝাঁঝালো ও লিখিত হয়] বিণ, যাতে বা যার ঝাঁঝ আছে ; তীব্র ; উগ্র। "নূতন প্রেমে নূতন বধূ, আগাগোড়া কেবল মধু, পুরাতনে অম্লমধুর একটু ঝাঁঝালো।"-রবীং। ২ উগ্র-গন্ধি। ৩ ঝাঁচুক ; ঝাঁঝাল ; গরম গরম। ৪ তেজাল ; গরম মেজাজী, তেজিয়াল।

ঝাঁঝি, ঝাঁঝী-ঝাঁজী দ্রঃ।

ঝাঁট, ঝাট [ঝট্ (সংহত বা জড় হওয়া) + অ। "ঝাটো ব্রণ সংমার্জ্জনে"-বিশ্ব] বি, সংমার্জ্জন ; ধূলা মাটি উড়াইয়া বা ঝাড়িয়া পরিষ্কার করণ।

ঝাঁটা [গ্রাং ঝ্যাঁটা (দ্রঃ) + আ (ণে)। চং কং ভাং-ঝাঁড়া। যদ্দারা ঝাঁট দেওয়া যায়] বি, সম্মার্জ্জনী ; খেংরা ; ঝাড়ু। ক্রি, ঝাঁটান। ঝাঁং খাওয়া-ঝাঁটার দ্বারা প্রহৃত হওয়া ; অপমানিত হওয়া। প্র-ঝাঁটা খেয়ে ফিরে এসেছে। ~খেকো-যে ঝাঁটা দ্বারা প্রহৃত হয় ; যে সকলের কাছে অপমানিত হয় ; মেয়েলি গালিবিঃ। ঝাঁং পেটা করা-উপর্য্যুপরি ঝাঁটা মারা ; খেংরে দেওয়া। ঝাঁটার বাড়ি মারা-ঝাঁটা দ্বারা প্রহার করা। মুড়া ঝাঁটা-ঘর্ষণে ক্ষয়প্রাপ্তমুখ খেংরা।

ঝাঁটাতারা [গ্রাং। ঝাঁটার আকার বলিয়া] বি, ধূমকেতু।

ঝাঁটানি [ঝাঁটা (দ্রঃ) + আন (ক্রিয়ায়)। গ্রাং ঝ্যাঁটানো। ঝাঁটাই, ঝাঁটাও, ঝাঁটায় ; ঝাঁটাইতে ; ঝাঁটাইয়া (ক্ষেং ঝেঁটিয়ে)] ক্রি, খেংরা দিয়া ঝাঁট দেওয়া ; ঝাড়ু দেওয়া ; সম্মার্জ্জনী দ্বারা পরিষ্কার করা। ২ খেংরা মারিয়া তাড়ান। ৩ খেংরা মারা।

ঝাঁটি$_{১}$, -টী [সং-ঝিণ্টি] বি, ঝিণ্টি পুষ্প ; কুরুবক। ২ ছাইবার পূর্ব্বে চালের উপর পাতলা করিয়া বিছান খড়। ৩ ঝাঁটা ; খেংরা ; ঝাড়ু। "পথে ঝাঁটি দেই পুরব সম্মার্জ্জনী হাথে"-চৈং মং। ৪ [ঝাট্যাতি বা ঝ্যাটাতি দ্রঃ] চ্যাপটা জলজ ঘাসের পাটা ; শেওলাবিঃ। ৫ জাঠি নামক প্রহরণ।

ঝাঁটি$_{২}$-টী [ঝঞ্ঝাট দ্রঃ] বি, ঝগড়া ; ঝঞ্ঝাট। ঝাঁং ঝগড়া, ঝগড়া-ঝাঁটি -বিবাদ-বিসম্বাদ ; ঝগড়া ঝঞ্ঝাট। "ঝাটি ঝগড়া"-শূং পুং। "ঝগড়া ঝাঁটি গেল থেমে" -দ্বিং রায়।

ঝাঁপ [সং-ঝম্প >] বি, ঝম্প ; হাত পা ছড়াইয়া বুকে পেটে ভর দিয়া উপর হ'তে পতন। ২ লম্ফ ; লাফ। "আর কেহ বলে, ঝাঁপ দিব জলে তেজিব এ পাপ দেহ"-চণ্ডিং। ২ [হিং] আগড় ; বেড়া ; বংশনির্ম্মিত দ্বার। "দুই ঝাপ ভেঙ্গে যায় কত"-ঈং গুপ্ত। ৩ সতরঞ্চ ইং বুনিতে সূতার টানা পড়েন দিতে হয়। তাকে উঠা-নামা ও বলে। দুই টানার মধ্যে যে ফাঁক পড়ে এবং যার মধ্য দিয়া পড়েনের সূতা গলাইয়া দেওয়া হয় তার নাম ঝাঁপ। ৪ আচ্ছাদন ; ঢাকা ; চাপা। ৫ তাঁত-যন্ত্র, যার উপর পা দিয়া চাপ দেওয়া হয়। ঝাঁং খোলা, -তোলা-আগড় খুলিয়া ফেলা। ঝাঁং ফেলা-আগড় বন্ধ করা। ঝাঁং ভাঙ্গা-ঝাঁপ সন্ন্যাস ব্রত ও উৎসব ভঙ্গ বা সমাপ্ত করা। আগুন ঝাঁপ-অগ্নিকুণ্ডে ঝাঁপ দেওয়া। কাঁটা ঝাঁপ-নিম্নে কুল বা বেল কাঁটার ডাল পালা সাজাইয়া তাহার উপর হ'তে ঝাঁপ বা লাফ। কাণ ঝাঁপ দেওয়া-কাহার পেটের উপর কাণ পাতা। কাণঝাঁপ দিয়া বুঝা পেটের ভিতর কিরূপ হড়হড় গড়গড় শব্দ হইতেছে। ঝুল ঝাঁপ-নিম্নে অগ্নিকুণ্ড করিয়া তাহার বাঁশে পা বাঁধিয়া অধোমুখে ঝুলন। বঁটি ঝাঁপ-কাঁটার মত বঁটি সাজাইয়া তার উপর ঝাঁপ। মাল ঝাঁপ-কবিতার ছন্দোবিঃ। ২ মল্লদিগের লম্ফ বা আক্রমণের গতিভেদ।

ঝাঁপটা, ঝাপ্‌টা$_{১}$, ঝাঁপ্টা$_{১}$ [ঝাঁপা দ্রঃ] বি, স্ত্রীলোকদিগের শিরোভূষণবিঃ ; যে অলঙ্কার অর্দ্ধমস্তক ঢাকিয়া একদিকের কপালে ঝাঁপাইয়া পড়ে। ২ প্রসাধনবিঃ ; কলি। ঝাঁং কাটা-খোঁপা বাঁধিবার কালে, সীঁথি কাটিয়া কাণের দুই পাশে চুলের গুচ্ছ করিয়া ঝুলাইয়া দেওয়া ; কলি কাটা।

ঝাঁপতাল [সঙ্গীতে] বি, সঙ্গীতের তালবিঃ ; চারিটি পদ ও দশ মাত্রার তাল ; (ইহার বোল,-"ধাগে ধাগে দিন্, তাকে ধাকে দিন্")।

ঝাঁপন [ঝম্পন >] বি, ঝম্পপ্রদান। ২ ঢাকন। ৩ গোপন ; লুকান।

ঝাঁপসন্ন্যা/স [ঝাঁপ + সন্ন্যাস (ব্রত, কৃচ্ছ্র সাধনা)-এই ব্রতসাধনার আগুনে,

কাঁটায়, বঁটিতে ঝাঁপ দিয়া পড়িতে হয় বলিয়া এই নাম] বি, গাজনের উৎসববিঃ; শিবের প্রসন্নতা লাভের জন্য অনুষ্ঠেয় ব্রত ও উৎসব। ~সী [সং-সন্ন্যাসিন্ >] বিণ, ঝাঁপ সন্ন্যাস ব্রতধারী; গাজনের সন্ন্যাসী।

ঝাঁপা [ঝাঁপ দ্রঃ। ঝাঁপি, ঝাঁপ (ঝাঁপুন, ঝাঁপ), ঝাঁপে (ঝাঁপেন); ঝাঁপিতে; ঝাঁপিয়া (কেং ঝেঁপে, পদ্যে-ঝাঁপি)। ণিজন্ত-ঝাঁপান] ক্রি, ঝুঁকিয়া পড়া; ঝাঁপাইয়া পড়া; ঝাঁপ দেওয়া। ২ পতিত হওয়া; পড়া। ৩ [পতনের ভাব >] মনে পড়া; উদয় হওয়া [অপ্রং]। "সমুখে তাহার রূপে সদা মনে ঝাঁপে গো"-চণ্ডিং। ৩ ক্ষেপণ করা। "ধীবর কাল, হাতে লই জাল তুরিতে ঝাঁপায় তারে"-চণ্ডিং। ৪ আচ্ছাদন করা; চাপা; আবৃত করা। "বদন ঝাঁপিব বাসে"-জ্ঞানং। ৫ বিণ, ঝাঁপাল; ঝাঁকড়া; থোবা থোবা। প্র-ঝাঁপা ঝাঁপা চুল। [ব্রজং] ঝাঁপিই, ঝাঁপিয়ি, ঝাঁপয়ে, ঝাঁপহি, ঝাপিই-ঝাঁপে; আবৃত করে। "কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি"-বিং পং। "অলকে ফুল কাঁপয়ি, কপোলে পড়ু ঝাঁপয়ি"-রবীং। বিণ, ঝাঁপালি-ঝোপদার; ঝাঁকড়া; ডালপালায় বা লতাপাতায় বিস্তৃত। ২ ছাওয়াল (গঠন); ডাগর ও পূর্ণাঙ্গ। বি, ঝাপাই-ঝম্প। > ঝাঁং ঝোড়া-সাঁতার দিবার কালে জলে হাত পা ছোঁড়া।

ঝাঁপানি$_{1}$ [ঝাঁপ দ্রঃ] ক্রি, ঝাঁপাইয়া পড়া; ঝুঁকিয়া পড়া; ঝুলিয়া পড়া। ২ ঝাঁপ দেওয়া। "ঝাঁপায়ে পড়িতে কর্ম্ম সাগরে"-মানসী। ৩ আক্রমণস্থলে ঝাঁপ দিয়া পড়া। [ব্রজং] ঝাঁপায়সি-ক্রি, আবৃত করিতেছে। "উরজ অঙ্কুর চীরে ঝাঁপায়সি থোরি থোরি দরশায়" -বিং পং।

ঝাঁপান$_{2}$ [ঝাঁপ$_{2}$ দ্রঃ] বি, শিবের প্রসন্নতা লাভার্থ উৎসব উপলক্ষে যে উচ্চ মঞ্চের উপর সাপ খেলান হয়; মাচান। প্র-মনসার ঝাঁপান। বিণ, ঝাঁপানিয়া-ঝাঁপানপ্রদর্শক; ঝাঁং উৎসবে যে সাপের খেলা দেখায়।

ঝাঁপি$_{1}$, -পী [ঝাঁপ (ঢাকনা) + ই, ঈ (ক্ষুদ্রার্থে), বৃহদর্থে ঝাঁপা] বি, ঢাকনিদার পেটারি; ছোট বেতের বাক্সবিঃ; বেত, চেঁচাড়ী, তাল খেজুর ইং-র পাতায় নির্ম্মিত আচ্ছাদনযুক্ত পেটিকা। "এই ছলে অন্নপূর্ণা ঝাঁপি লয়ে করে। চলিলেন ভবানন্দ মজুন্দার ঘরে।"-অং মং। ২ হোগলাপাতা, তালপাতা ও বংশাদি নির্ম্মিত ছত্র; টোকা। ৩ ঝাপিপেটারি ফুল sida asiatica.

ঝাঁপি$_{2}$ [ঝাঁপা দ্রঃ। ঝাঁপিয়া > পদ্যে] ক্রি, ঝাঁপ দিয়া। ২ ঝুঁকিয়া। ৩ ঢাকিয়া।

ঝাউ [সং-ঝাবুক >] বি, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ the tamarisk.

ঝাকি [শ্রীহট্ট প্রাদেং] বি, চালুনীরই সংস্করণবিঃ, যার ছিদ্র চালনীর ছিদ্রাপেক্ষা অনেক বড়।

ঝাজরি [সং-জর্জ্জরীক >] বি, ভর্জ্জিত দ্রব্য ছাঁকিয়া তুলিবার যন্ত্র; ঝাঁঝরী।

ঝাঝর [ঝাঁঝর$_{1}$ দ্রঃ] বিণ, জীর্ণ।

ঝাঙ্কৃত [ঝাং (অনুং) + কৃত=(কৃ-করা + ত (ণে)-যদ্দারা ঝাং এইরূপ শব্দ করা হয়] বি, পাঁয়জোর। ২ ঝাঁ ঝাঁ শব্দ। ৩ বিণ, ঝাং শব্দে ঝঙ্কৃত। > বি, ঝাঙ্কৃতি।

ঝাট$_{1}$ [ঝট্ (সংহত, জড় হওয়া) + অ] বি, লতাগৃহ; নিকুঞ্জ; ঝোপ। ২ কান্তার [প্র-অ]। ঝাট$_{2}$ [ঝটিতি দ্রঃ] ক্রি-বিণ, দ্রুত; শীঘ্র; অবিলম্বে। "দেখিতে যদ্যপি সাধ থাকে তব, ঝাট চল ব্রজে যাই"-চণ্ডিং। "অলক্ষ্মী মাগীরে ঝাট দে রে তাড়াইয়া"-অশোকং। এই অর্থে প্রাদেং-ঝাঠ। "পার কর ঝাঠে"-মৈং গীং।

ঝাটল-বি, ঘণ্টাপাটল বৃক্ষ।

ঝাটা [ঝাঁটা দ্রঃ] বি, সম্মার্জ্জনী। ২ ভুঁই আমলা। ৩ যূথিকা।

ঝাটি, -টী [ঝাঁটি দ্রঃ] বি, কুরুবকফুল; ঝাঁটিফুল। "কাননে কুসুম তুলিলা রাঙ্গন আর ঝাটি"-শূং পুং।

ঝাটিকা-বি, ভুঁই আমলা।

ঝাট্যাতি, ঝাঁট্যাতি [ঝাঁটা (দ্রঃ) + তি (বৃত্তি অর্থে), তুল-করাতি] বি, সম্মার্জ্জক; ঝাড়ুদার। "ঝাট্যাতি বাইতি লয় তোলা"-কবিকং।

ঝাড়$_{1}$ [সং-ঝাট (নিকুঞ্জ-দেঃ), প্রাকৃং-ঝাড়] বি, নিকুঞ্জের মত ঝোপ। "প্রতি ঝাড়ঝোড়ে বলে দাদা ওই বাঘ"-ঘং। ২ স্তবক; গুচ্ছ। "বলতে কথা বাছা বাছা কদম ফুলের ঝাড়"-হেমং। ৩ এক স্থান হইতে উদ্ভূত সরু সরু শাখাসমূহ। প্র-বাঁশ ঝাড়। ৪ কুল; গোষ্ঠী; বংশ। ৫ বেলওয়ারী ঝাড়; আলোধারা; শাখাযুক্ত দীপগাছা chandelier. "ঝলকে ঝালর ঝুলিছে বেলর, ঝাড় ঝলঝল জ্বলে।"-বাসবদত্তা। ~খণ্ড-বৈদ্যনাথ তীর্থ। ~ঝঙ্কার [হিং] বি, শুষ্ক ক্ষুপের ঝাড়; শুক্‌না গাছ-পালার ঝোপ। ~ঝুড়-ছোট-ঝোপ; ঝাড়ী। ~ঝোড়-ক্ষুদ্র-বৃহৎ ঝোপ। ~পুছ, ~পোছ, ~পোঁছ-বি, ঝাড়িয়া মুছিয়া পরিষ্কার করা। ঝাং বাঁধা-ছটার মত বহুশাখার সংবদ্ধ হওয়া; একস্থান হ'তে উদ্ভূত বহু শাখার সংহতি হেতু ঝাড়ের আকার ধারণ করা। ঝোপঝাড়-ক্ষুপ ও ডালপালার ঝোপ।

ঝাড়$_{2}$ [ঝাড়া$_{1}$ দ্রঃ] বি, ঝাড়ন; পরিষ্করণ; মার্জ্জন। ~ঝুড়-পরিমার্জ্জন। ২ ঝাড় ফুঁক। ~ফুঁক করা-মন্ত্রপাঠ পূর্ব্বক গায়ে হাত বুলান এবং ফুঁ দেওয়া হ'তে -রোগ বা ভূতাবেশ ভাল করিবার জন্য রোজার দ্বারা তন্ত্রমন্ত্রের অনুষ্ঠান করা।

ঝাড়ন [হিং] বি, ঝাড়পোঁছ করিবার বস্ত্রখণ্ড duster. ২ ঝাড়কর্ম্ম; ঝাড়ফুঁক (দ্রঃ)। ৩ সম্মার্জ্জন: নির্ধূলিকরণ।

ঝাড়ালি-বিণ, ঝাড়যুক্ত; গুল্মময়।

ঝাড়া$_{1}$ [সং-ঝাট (দ্রঃ) > ঝাটা (ঝাটানো, মার্জ্জন করা) >। টঃড়। ঝাড়ি, ঝাড় (ঝাড়ুন, ঝাড়), ঝাড়ে (ঝাড়েন); ঝাড়িতে; ঝাড়িয়া (কেং ঝেড়ে)] ক্রি, ঝাড়ু দ্বারা ধূলা মাটি উড়ান; পরিষ্কার করা; সম্মার্জ্জিত করা। ২ পাত্রাদির ভিতরের বস্তু বাহির করিয়া ফেলা; উজাড় করা; খালি করা। ৩ পাত্র বা স্থালীকে অধোমুখ করিয়া নাড়া দেওয়া, যাতে ভিতরের বস্তু বাহির হইয়া পড়ে। "ঝাড় মোর কাছে ঝুলি ঝাড় মোর কাছে" -শিং। ৪ পাছড়ান; বাছা; বাছাই করা। ৫ নিক্ষেপ করা; ছুঁড়িয়া মারা। "মাথায় এমন এক এগারঞ্চি ঝাড়িব"-টেকচাঁদ।

৬ বিণ, পরিষ্কৃত ; যা পাছড়ান বা বাছাই করা হইয়াছে। প্র-ঝাড়া মুগ ; ঝাড়া চাল। ৭ গাছ নাড়া দিয়া ফল পাড়া। ৮ যথাবৎ নিঃশেষে। প্র-ঝাড়া মুখস্থ বলা। ৯ পূর্ণ এক-টানা। প্র-ঝাড়া ছুঘণ্টা। ১০ পীড়াদির প্রশমন জন্য ক্রিয়াবিশেষের অনুষ্ঠান করা। (ঝাড়ান$_{১}$ দ্রঃ)। ১১ বি, ঝাড়ন। ঝা° দেওয়া-ঝুলাইয়া বেগে নাড়া দেওয়া ঝা° -পুছা, -মুছা, -মোছা-সম্মার্জ্জনী দ্বারা ধূলামাটি উড়ান এবং ঝাড়ন বা বস্ত্রখণ্ড দ্বারা ঘষিয়া পরিষ্কার করা। "ঝাড়পুছে, ধূলা মাটী"-কস্তুরী। > বি, ~-পোঁছ, ~-মোছ। কাপড় ঝাড়া-ঝট্‌কা দিয়া কাপড়ের ধূলা উড়ান। কাপড় ঝা° দেওয়া-তল্লাসীর সময় কাপড় খুলিয়া ও নাড়া দিয়া কিছু লুকান আছে কিনা দেখান। খেংরে বিষ ঝাড়িয়া দেওয়া [গালি] ঝাড়ু মারিয়া তেজ বাহির করিয়া দেওয়া ; অপমান করিয়া দর্পচূর্ণ করা বা গর্ব্ব ভাঙ্গিয়া দেওয়া। গা ঝাড়া দেওয়া-গা নাড়া দিয়া অশ্বাদি যেমন ধূলা ঝাড়িয়া ফেলে সেইরূপ আলস্য যেন ঝাড়িয়া ফেলা ; জড়তা ত্যাগ করা ঘর ঝাড়া-ঝাড়ু বা ঝাড়ন দিয়া ঘর ও ঘরের সামগ্রী পরিষ্কার করা। চুল ঝাড়া-স্নানের পর চুলে ঝট্‌কা দিয়া জল ঝাড়িয়া ফেলা। ঝাল ঝাড়া-ঝাল দ্রঃ। ঝুলি ঝাড়া-ঝুলি অধোমুখ করিয়া নাড়া দিয়া খালি করা ; রিক্তহস্ত হওয়া। ধান ঝাড়া-খামারে পাটার উপর আছাড় দিয়া বিচালি বা ধানগাছ হ'তে ধান ঝরাইয়া ফেলা। নাক ঝাড়া-জোরে নিশ্বাস ফেলিয়া নাক হ'তে শ্লেষ্মা বাহির করিয়া ফেলা। বিষ ঝাড়া-সাপকে ধরিয়া তার দন্তমূল হ'তে বিষ বাহির করিয়া দেওয়া। ২ [লক্ষ° জব্দ করা। ভূত ঝাড়া-মন্ত্রাদি দ্বারা ভূতাবেশ দূর করা (ভূতে পাওয়া লোককে মন্ত্রপাঠ সহকারে জুতা, ঝাড়ু, লাথি ই° মারিতে মারিতে ভূত তাড়াইবার প্রথা আছে)। ২ [লক্ষ°] উত্তম-মধ্যম প্রহার দেওয়া ; জুতা লাথি মারা। হাত ঝাড়া দেওয়া-হাতে যা থাকে ঝাড়িয়া ফেলা বা ত্যাগ করা। ২ [লক্ষ°] দান করা। ৩ হাত ঝোড়া ; হঠাৎ বেগে হাত নাড়া দেওয়া।

ঝাড়া$_{২}$ [প্রাদে°। র=ড়] বি, ঝারা (দ্রঃ)। "বৈশাখ মাসে তুলসীরে দিয়া থাকে ঝাড়া।"-পূ° ব° গী°।

ঝাড়া$_{৩}$ [হি°] বি, মলত্যাগ। ক্রি, ঝাড়া ফেরা।

ঝাড়াই [ঝাড়া দ্রঃ] বি, ঝাড়ার কাজ। ঝা° বাছাই-ধূলা মাটি ই° উড়ান ও নির্ব্বাচন।

ঝাড়ান$_{১}$ ['ঝাড়া'র ণিজন্তরূপ। ঝাড়াই, ঝাড়াও (ঝাড়ান, ঝাড়া), ঝাড়ায় (ঝাড়ান) ; ঝাড়াইতে (ক্ষে° ঝাড়াতে) ; ঝাড়াইয়া (ক্ষে° ঝাড়িয়ে)] ক্রি, ঝাড়িতে বাধ্য করা। প্র-চাল ঝাড়ান ; ঘর ঝাড়ান ই°। ২ গাছ হ'তে ঝরান বা পাড়ান। ৩ ঝাড়া (১০) দ্রঃ। গাছ ঝাড়ানি-গাছ নাড়া দিয়া ফল পাড়া বা ফল ঝরান।

ঝাড়ান$_{২}$ [ঝাড়া$_{২}$ দ্রঃ] বি, ঝাড়ার কাজ। ২ [লক্ষ°] প্রহার। "আর একবার ভূত ঝাড়ান ঝাড়িয়ে দি"-দী° মিত্র।

ঝাড়ালি [ঝাড় + আল (যুক্তার্থে)] বিণ, ঝাড়বিশিষ্ট। ২ বিস্তৃত।

ঝাড়ী-বি, গুল্ম, ছোট জঙ্গল। ~পথ-গুল্মময় রাস্তা ; জঙ্গলময় পথ।

ঝাড়ু [হি°-ঝাড়ু। ফা°-জারু] বি সম্মার্জ্জনী ; খেংরা। ঝা° মারা-সম্মার্জ্জনী দ্বারা প্রহার করা। ২ অপমান করা। ৩ ঘৃণার সহিত বর্জ্জন করা। ~কঁশ, ~দার, ~বঁরদার [হি°-ঝাড়ু + ফা°-কশ্‌, দার, বরদার] বি, যে ঝাড়ু দেয় ; যে ঝাঁট দেয় ; ঝাড়ুওয়ালা sweeper.

ঝাণ্ডা [হি°] বি, পতাকাদণ্ড flagstaff. ২ পতাকা ; নিশান। "স্বাধীনতা সমরের ঝা° খাড়া ক'রে"-বিঃ সরকার। "আজ কি উচিত-ডঙ্কা দিয়ে ঝাণ্ডা নিয়ে ঝড় তোলা?" -সত্যেন্দ্র দত্ত। ঝা° গাড়া-পতাকাদণ্ড প্রোথিত করা।

ঝান$_{১}$, ঝাম [ধ্মা (অগ্নিসংযোগে) > ধ্মান >। ঝাঁঝ দ্রঃ] বি, ঝাঁঝ ; উত্তাপ ; তেজঃ। ঝান খাওয়া-ঝাঁঝে মুষড়িয়া যাওয়া ; মলিন ও শীর্ণ হওয়া ; ঝলসিয়া যাওয়া ; লতাইয়া পড়া।

ঝান$_{২}$ [প্রা° বাং। বৌ° গান ও দো° গ্রন্থে -'ঝাণ'] বি, জ্ঞান। ২ ধ্যান।

ঝানু [ঝ্‌না (দ্রঃ) > বর্ণবিপর্য্যয়ে ঝানু। সং-ঝ্‌নি=দুষ্ট] বিণ, পাকা ; চতুর ; চালাক ; কূটবুদ্ধি ; ঘাগী। প্র-লোকটা মহা ঝানু।

ঝাপ [ঝাঁপ দ্রঃ] বি, ঝম্প ; ঝাঁপ। "ঝপ করে ঝাপ দিয়া ঘাড় ভেঙ্গে পাড়ে"-ম°।

ঝাপই-ঝাঁপা দ্রঃ।

ঝাপট, ঝাপটা$_{২}$, ঝাপ্টা, [হি°-ঝপট্টা, ক্রি, ঝপট্‌না-হঠাৎ আক্রমণ] বি, বেগে বায়ু বহিবার কালে সময়ে সময়ে যে প্রবলতর প্রবাহ হঠাৎ বহিয়া যায় ; ঝড়ের এক একটা ধাক্কা। ২ বায়ুবেগে তাড়িত বৃষ্টি-ধারার প্রবাহ ; জলের ছাঁট। ৩ হঠাৎ আকর্ষণ ; ধাক্কা ; বস্ত্র, চুল, লেজ, ডানা, জল ই°-র আঘাত। ঝা° মারা-ঝাপ্টা দেওয়া ; পক্ষ দ্বারা আঘাত করা ; ছোঁ মারিবার সময় ডানা ও নখের আঘাত করা। প্র-চিল ঝাপ্টা মারিয়া ছেলের হাত হ'তে খাবার লইয়া গেল।

ঝা(ঝাঁ)পটা$_{২}$-ঝাঁপটা দ্রঃ।

ঝাপসা, ঝাপ্সা [হি°-ঝাঁপ (আবরণ) + সা (বৎ, সদৃশ)। হি°-ঝপ্‌সা। তুল-হি° ঝপাসিয়া=ধোকাবাজ ; যে চোখে ধূলা দেয়] বিণ, অস্পষ্ট ; আচ্ছন্ন। "ওপারেতে বৃষ্টি এল ঝাপসা গাছপালা।"-রবী°। ২ ঘোলাটে। "চক্ষে দৃষ্টি ছিল না যা'র, ঝাপ্সা দৃষ্টি হ'ল তার।"-দাশরথি।

ঝাবু, ঝাবুক, ঝাবূ [সং। বায়ু তাড়িত হইয়া ঝাঝা' ঝাই ঝাই বা ঝাউ ঝাউ শব্দ >] বি, ঝাউগাছ the tamarisk. ঘন-পত্র স্তূপাকৃতি ও দীর্ঘভেদে দেশী ঝাউ দুই প্রকার। আর এক প্রকার অনতিদীর্ঘ সরু ও পুরু পাতায় গুচ্ছবাঁধা সুদৃশ্য বিদেশী ঝাউ আছে তাহাকে বিলাতী ঝাউ বলে।

ঝাব্বা-ঝুব্বা [হি°-ঝব্বা + ঝুব্বা (সহচর শব্দ)] বিণ, ঢিলেঢালা।

ঝাম [বৌ° সা°] বি, ঝামক (দ্রঃ)।

ঝামক [সং] বি, খর-পোড়া ইট ; ঝামা ইট ; ঝামা।

ঝামকা [ঝম্ (অনু°)+কার > কা ?] ঝামট দ্রঃ। ক্রি, ঝামকানি। বি, ঝামকানি। প্র—মুখ-ঝামকানি দেওয়া।

ঝামকুড়াকুড় [অনু°] বি, ঢাক-ঢোলের সঙ্গে কাঁসির বাদ্যধ্বনি। "ঝামকুড়াকুড় বাদ্যি বাজে সীতারামের খেলা"—ছড়া।

ঝামট, ঝামটা [প্রাদে° উচ্চারণ-ভেদে, ঝামকা ("মুখঝামকা, মুখঝামকানি দেওয়া")। হি°—ঝমাকা (ত্বরা ও বর্ষণ) > হঠাৎ কটু বাক্য বর্ষণ] বি, অকস্মাৎ তিরস্কার ; ধমকানি ; দাবড়ী ; মুখ তাড়া। **মুখ-ঝামটা দেওয়া** [মেয়েলি] মুখ-তাড়া দেওয়া ; হঠাৎ ধমক দেওয়া। **মুখ-ঝামটা খাওয়া**—মুখতাড়া খাওয়া ; দাবড়ী খাওয়া ; তিরস্কৃত হওয়া। প্র—সে মুখ ঝামটা খেয়ে ফিরে এল।

ঝামর১,-রি,-রু [ঝাঁ, ঝান দ্রঃ। সং—ঝামক=খর পোড়া ইট—তদ্রূপ পুড়িয়া কাল বা মলিন। ব্রজ°। প্রা° বৈ° সা°] বিণ, মুষড়ান ; মলিন। "আজু ঝামর অতি শ্যামর অঙ্গ"—জ্ঞান°। "ঝলকত দামিনী মালা। ঝামরি ভৈ গেল বালা॥"—গোবিন্দ°। "নীলকমল, ঝামর হইয়াছে, মলিন হইয়াছে দেহ"—চণ্ডি°। ব্রজবুলিতে স্ত্রী পক্ষে প্রায়ই "ঝামরি"। "কহ সখি সাঙরি ঝামরি দেহা —বি° প°। "সামরি হে ঝামরি তোর দেহ (মিথিলার পাঠ)।

ঝামর২ [সং—"ঝামরঃ তর্কুশাণ" ; শ° ক° দ্রুম] বি, টেকুয়া শাণ দিবার শিলা।

ঝামরানি [ঝামর+আন (ধাং ক্রি-বিভক্তি)] ক্রি, মুষড়ে যাওয়া ; মলিন ও শীর্ণ হওয়া। ২ রসে ছলছল করা ; চোখমুখ লাল এবং চোখের পাতা ফুলাফুলা হওয়া। প্র—সর্দ্দিতে তার চোখমুখ ঝামরে উঠেছে।

ঝামা [দেশী প্রাকৃ°—ঝামিঅ (হে°)] বি, পোড়া ইট ; ঝামক (দ্রঃ)। ঝা° ঘঁষা, ~দেওয়া—ঝামাদ্বারা ঘর্ষণ করা। ঝা° মারা—ইট পুড়িয়া ঝামায় পরিণত হওয়া।

ঝামেলা [হি°] বি, ঝগড়া ; বিবাদ।

ঝাম্পানি [প্রাদে°] বি, বাহুর অলঙ্কার-বিঃ ; ঝাঁপা। "দুই হাতে পরিল ঝা°"—মনসা ম° (রাম বিনোদ, ১৭শ শতাব্দী)।

ঝার [পূ° বঙ্গের উচ্চারণ। ড়=র] বি, ঝাড়। "বাঁশঝার"—কুঙ্কুম। ২ একপ্রকার কার্পাস গাছ।

ঝারা [সং—ধারা >। ধ=ঝ। তুল-বসুধারা=বসুঝারা, অশ্রুধারা=অজ্‌ঝোর ঝারা (প্রা°)] বি, ধারা ; প্রবাহ। "আনন্দের ঝারা সে চাহনি হ'তে উথলিবে অবিরল"। ২ বহুচ্ছিদ্র বা একচ্ছিদ্র জলপাত্র, যা উচ্চস্থানে রাখিয়া নারায়ণ, শিব ও তুলসীবৃক্ষাদির মস্তকে অনবরত জল ঝরান হয়। ৩ শিক্যার আকারে শোলা-নির্ম্মিত খেলনা। ৪ ঝালর। "তুঙ্গ তার ঝারা পটে থোপ দুই পাশে"—শ্রী° কী°। ঝা° বঁসানি—নারায়ণের মস্তকের উপর গঙ্গাজলের ধারাবাহক বা সেচক সচ্ছিদ্র পাত্র ঝুলান।

ঝারি, -রী১ [হি°—ঝজ্‌ঝর >। ঝৃ (জীর্ণ, > ক্ষরিত হওয়া)+ই (অপা°)—যা হ'তে জল ঝরে] বি, গা-নলশূন্য গাড়ু। পূর্ব্বে সোণার, রূপার ঝারির প্রচুর ব্যবহার ছিল। "চরিত্রা তুরিতে রূপার ঝারিতে লইল থীর পুরিআ।"—শূ° পুঃ। "সোণার গাড়ু, সোণার ডাবর, সোণার সব ঝারি"—কৃত্তি° [দ্রঃ—ঝারি যে গাড়ু নহে তার প্রমাণ]। "পুরিয়া সুগন্ধবারি কেহ লয় জল ঝারি শ্বেতচ্ছত্র লয় কোন জন"—কবিক°। "কেহ লেহ পাখা জলের ঝারী"—ভারত°। "নয়নের বারি পূর্ণ ক'রে ঝারী দেখ সারি সারি রাখা গিয়েছে"—স্বপ্নবিলাস। ২ ঘটবিঃ। "তণ্ডুল অষ্টদূর্ব্বা, জাহ্নবী জলগর্ভা, কাঞ্চনে বিরচিত ঝারি।"—কবিক°। ~খণ্ড—বি, ছোটনাগপুরের অন্তর্গত একটি জঙ্গলের নাম. "ঝারিখণ্ডে স্থাবর জঙ্গম আছে যত"—চৈ° চ°।

ঝারী২—বি, ভৃঙ্গার।

ঝার্ঝরিক [সং] বি, যে ঝর্ঝর-বাদ্য বাজায়।

ঝাল১ [জ্বালা > ঝালা > ঝাল] বি, কটুরস। ২ কড়া মেজাজ ; উষ্মা ; ক্রোধ। প্র—তার অত ঝাল কিসের জন্য ? ৩ বিণ, কটু ; তীব্র ; উগ্র ; তীক্ষ্ণ। প্র—ধানীলঙ্কা ছোট বটে কিন্তু ভারি ঝাল। ৪ প্রসবের পর প্রসূতিকে ঝাল খাওয়ান হয় ; ইহাতে গোলমরিচ, শুঁঠ, পিঁপুল, গিলা, কালজীরা ই° দ্রব্য চূর্ণ করিয়া বা বাটিয়া ঘৃতে পাক করিয়া আঠা বা কাইয়ের মত করা হয়, এজন্য ইহার অন্য নাম "কাওয়া ঝাল।" চূর্ণ অবস্থায় ঘৃত মাখিয়া দিলে "গুঁড়া ঝাল" বলে। ৪ লঙ্কা। ৫ [ঝাল১ দ্রঃ। প্রাদে°] বি, শুক্‌না গাছের অগ্রভাগ। বিণ, **ঝালুয়া, ঝেলো**—ঝালযুক্ত। ঝা° **খাওয়া**—প্রসবের পর ঔষধ ও পথ্য স্বরূপ প্রসূতির ঝাল ভক্ষণ করা। ২ [ইহা খাইতে কষ্ট হয় বলিয়া] কষ্ট ভোগ করা বা কষ্ট বোধ করা। প্র—মা বিয়াল না বিয়াল মাসী, ঝাল খেয়ে ম'লো পাড়াপড়সী (বিদ্রূপোক্তি। যা অসম্ভব ; যা হয় না। কারণ মা-ই প্রসব করে এবং প্রসূতিকে-ই ঝাল খাইতে হয়) > [লক্ষ°] সম্বন্ধহীন ব্যক্তি পরের সন্তানের প্রতি মায়া বা দরদ প্রকাশ করিলে অথবা উপরপড়া হইয়া ও ছেলের পক্ষাবলম্বন করিয়া শাসনে ব্যাঘাত জন্মাইলে উক্ত হয়। ঝা° **ঝাড়া**—অল্প অল্প করিয়া যে ক্রোধ সঞ্চিত হইয়াছে, কোন সূত্রে ক্রোধের পাত্রের প্রতি কটূক্তি বর্ষণে তার শান্তি করা। ২ মসলার দোকানে লঙ্কাদি ঝাল মসলা ঝাড়িয়া যা ফেলিয়া দেওয়া হয়। ~**বড়া**, ~**মো**, ~**মোয়া** ~**লাড়ু**—চালভাজা চূর্ণ, লঙ্কাচূর্ণ, গুড় ই°-তে প্রস্তুত মোদক। ~**মিরিচ**—লঙ্কা। ঝা° **মিটানি**—ঝাল ঝাড়া দ্রঃ। **ঝালে ঝোলে অম্বলে**—সকল ব্যঞ্জনে। ২ [লক্ষ°] সকল বিষয়ে ; সর্ব্বত্র। "দেখতেই পাচ্ছেন—ঝালে ঝোলে অম্বলে, ছেলেছোকরাদের হোটেল-মেসে, স্টীমার খালাসীদের ইউনিয়নে, কেরাণীদের ঘোঁট মজলে,—যত রাজ্যের জায়গায় হ'তে পারে, সর্ব্বত্র চলছে"—বি° কু° সরকার। **আঁইঝাল** [অঙ্গজ্বালা > আঙ-জালা > আইঝাল] বি, ক্রোধে অঙ্গজ্বালা ; কোপন স্বভাব ; তীব্র মেজাজ। > **আঁই-ঝালা** [অঙ্গজ্বালা > আঙজ্বালা > আই-ঝাল+আ—যার গায়ে (মধ্যে, মেজাজে) ঝাল (গায়ের জ্বালা, ক্রোধ) আছে] বিণ, অল্প কারণে যে রাগে জাঁক্ করিয়া গর্জ্জিয়া উঠে, বা তীব্র প্রতিবাদ ও কটুকাটব্য সহ

ঝগড়া করে ; বদ মেজাজী ; তিরিক্ষি ভাব। **গরুর ঝাল খাইয়া বেড়ানি**-গৃহাদিতে আগুন লাগিলে গৃহস্থেরা পালিত গরুর গলার দড়ি কাটিয়া দেয়, তারা কিংকর্তব্যবিমূঢ় হইয়া তখন ইতস্তত: ছুটিয়া বেড়ায়, সেই চকিত ভ্রমণকে গরুর ঝাল খাইয়া বেড়ান বলে। "ঝাঁপ দে গহনে গরু বুল্যা ঝাল খায়্যা।"-শীতলামঙ্গল (নিত্যানন্দ)। **ঝালের ঝোল**-নিরামিষ ঝোল। **গায়ের ঝাল মিটানি বা ঝাড়া**-কটূক্তি বর্ষণে ক্রোধ বা হিংসাজনিত গাত্রদাহ নিবারণ করা। **পরের মুখে ঝাল খাওয়া**-একজনের কটূক্তি অন্যের নিকট শুনিয়া তা স্বীকার করিয়া লওয়া ; পরের মুখে শুনা কথা গায়ে পাতিয়া লওয়া।

ঝাল$_{2}$ [ঝাইল দ্রঃ। উদ্ধার (সংস্কার অর্থে) > উঝার > উঝাল > ঝাল। হিং--ঝাল্‌না] বি, ধাতুনির্ম্মিত পাত্রাদি জুড়িবার জন্য রাঙ বা পিত্তলাদির পাইন। প্র-রাংঝাল দিয়া টিনের ছিদ্র বন্ধ করা। ভাঙ্গা ঘড়ায় পিত্তল ঝাল দেওয়া। ২ স্বর্ণাদি অলঙ্কার নির্ম্মাণ ও সংযোজন করিবার পাইন। ক্রি, ঝালা। ণিজন্ত, ঝালানি।

ঝাল$_{3}$ [জ্বালা > ঝালা >] ক্রি, গায়ের জ্বালা। ২ উত্তাপ। "রবির ঝালয়ে মৈল আমার বাছারে"-মাণিক° গান।

ঝালঝুপি, -পা, -প্পি, -প্পা, -প্পো [ঝালিঝুপ্পা ও°। ঝুলন > ঝাল+ঝুপ ই° (< ঝম্প)] বি, ছেলেদের যে খেলায় ঝুলন, লম্ফন ই° আছে।

ঝালঁর [হি°--ঝালর্‌]বি,যা ঝল্‌মল করিয়া ঝুলিতে থাকে এবং ঝকমক করে ; সোণালি, রূপালি, চুম্‌কি ই° বসান ও ঢেউখেলান বস্ত্র-প্রান্ত। "ঝুলিছে ঝব্বি ঝালরে মুকুতা"-মেঘ°। "গোলাপী ফানসে সোণালী ঝালর"-অবসর সরোজিনী। "ঝলিছে ঝালর, ঝুলিছে বেলর, ঝাড় ঝলঝল জ্বলে।"-বাসবদত্তা। ২ কুঞ্চিত তরঙ্গায়িত বস্ত্রখণ্ড, যা মশারি, চন্দ্রাতপ প্রভৃতির চারিধারে সংলগ্ন থাকে। প্র-মশারির ঝালর; পাখার ঝালর। **~দার**-বিণ, ঝালর-যুক্ত। ২ বি, রাজারাজড়াদের স্বর্ণ রৌপ্য বা মণিমুক্তাখচিত ব্যবহার্য্য কিংখাবের ঝালর দেওয়া পাল্কী।

ঝালন [ঝালা দ্রঃ] বি, ধাতুপাত্রের ছিদ্র-রোধ কর্ম্ম ; পাইন দেওয়া।

ঝালা$_{1}$ [ঝাল$_{2}$ দ্রঃ। হি°--ঝাল্‌না। ঝালি, ঝাল, ঝালে ; ঝালিতে ; ঝালিয়া (কে° ঝেলে)] ক্রি, পাইন দেওয়া ; রাং পিত্তলাদির জোড় দেওয়া ; ঝাল$_{2}$ (দ্রঃ) দেওয়া।

ঝালা$_{2}$ [উদ্ধার > উঝার > উঝাল > ঝাল+আ (ক্রি-বিভক্তি)। ঝালি, ঝাল, ঝালে; ঝালিতে; ঝালিয়া ই°। পঙ্কাদি উদ্ধার করা] ক্রি, উদ্ধার করা ; সংস্কার করা ; নবীভূত করা ; ভিতরের আবর্জ্জনা সম্পূর্ণরূপে তুলিয়া ফেলা। প্র-পাতকো, পুকুর ই° ঝালা।

ঝালানি ["ঝালা"র ণিজন্তরূপ] বি, ধাতুপাত্র, অলঙ্কার ই°-তে পাইন লাগাইয়া লওয়া। ২ উদ্ধার করান ; সংস্কার করান ; ভিতরের পঙ্ক ও আবর্জ্জনা তুলিয়া আমূল পরিষ্কার করা। **পুকুর ঝালানি**-পুকুরের আবর্জ্জনা ও পঙ্ক উদ্ধার করা।

ঝালাপালা, ঝালাফালা [ঝালা (জ্বালা) + পালা,ফালা (ফাড়া=বিদীর্ণ করা)] অ, কর্ণ বধিরকারী শব্দ ; কাণে তালা ; কর্ণ বিদারণ ; কর্ণপীড়া। "বীণা বেসুরো বেতালা, বড় ঝালাফালা বুকে থেকে তাই নামানো।" -বাং-গান (অমরেন্দ্র দত্ত)। "কাণে লাগে তালা, করে ঝালাপালা"-হেম°। ২ বধির। প্র-কাণ ঝালাফালা করে দিলে। ৩ [ঝালা (জ্বালা) + পালা, ফালা (ফাড়া)-সহচর শব্দদ্বয়। তুল-জ্বালাতন-পোড়াতন। জ্বালিয়ে পুড়িয়ে এক করা] অঙ্গ দগ্ধ ও হৃদয় বিদীর্ণ করার ভাব। "পান গুয়া গন্ধমালা অগ্নিসম দেয় জ্বালা করিলেক ঝালাপালা তনুপ্রাণ রহে না।"-ভারত°।

ঝালি$_{1}$ [ঝোলা দ্রঃ] বি, মোট। "রাঘবের ঝালি খুলি সকল দেখিল"-চৈ°চ°।

ঝালি$_{2}$, ঝালী [প্রাদে°] বি, ঝুলন খেলা। "ঝালি খেলে বানরী চাপিয়া চিত্রতরু"-ঘ° ম°। "ঝালী খেলে চড়ি গাছে" -কবিক°। ২ নালার মুখের গর্ত্ত। ৩ ক্ষেত্রে জল সেচনার্থ খনিত কুণ্ড। "নাহি ঝাল্লি কাটে বীর না ধরে সিউনি। অঞ্জলি করিয়া হনুমান তোলে পানি।"-কবিক°। ৪ ঝুলি। ৫ পেটিকা। "রাঘব পণ্ডিত চলিলা ঝালি সাজাইয়া"-চৈ° চ°।

ঝালিআ [ঝালি+আ (যে বহন করে)] ঐন্দ্রজালিক। "কুহকীর ঝালিআর জল যেন তখনে পলাইল"-শ্রী° কী°।

ঝি, ঝী [পা°--ধীতা ("দুহিতা ধীতা"-অভিধানপ্পদীপিকা)। প্রাকৃ°--ধীদা > ধিত, > ধিঅ > ঝিঅ > ঝি, ঝিআ, ঝিআরি (শূ° পু°), ঝির (কবিক°), য়ুরোপীয় আর্য্য-ভাষায়-dsi (*Max Müller*)] বি, দুহিতা ; কন্যা। "কোথাকার ঘরে তুমি দিতে চাও ঝি। বাপ হয়ে জলে ফেলে আনে কবে কি?" -ঘ°। ২ দুহিতার মত যে সেবা করে। দুহিতাস্থানীয়া ; দাসী ; পরিচারিকা। **~পুত**-ছেলেমেয়ে ; পুত্রকন্যা। **ঝি-বউ, বৌ-ঝি**-কন্যা ও বধূ। ২ কুলকন্যাগণ। **~মা**-মাতামহীর মা ; আয়ী। **ঝিকে মেরে বৌকে শিখানি**-পরের মেয়ের গায়ে হাত না তুলিয়া অথবা বউকে ভয়ভাঙ্গা না করিয়া নিজের মেয়েকে প্রহার করিয়া বউকে দেখান ও তদ্দ্বারা শেখান যে কিরূপ দোষ করিলে কিরূপ শাস্তি পাইতে হয়। ২ ইশারায় বা ঠেস দিয়া তিরস্কার করা। **ঠাকুরঝি**-শ্বশুরকন্যা ; ননদ।

ঝিঅর, ঝিআরি [প্রা° বাং। প্রা° -ঝি (দ্রঃ)] বি, কন্যা ; দুহিতা। "শুক্রবার দিনে গো ঝিঅর করিব হবিস্ত"-শূ° পু°। "ঝিআরি বলিয়া তাক করিল সম্ভাষন"-ঐ।

ঝিউ [ঝি, ঝিঅর দ্রঃ] বি, দুহিতা। "তার ঝিউ হঞা তোর কেহ্নে হেন চীত"-শ্রী° কী°।

ঝিউড়ী [ঝিআরি দ্রঃ >। প্রা°] বি, কন্যা। প্র-বহুড়ী ঝিউড়ী। ২ কুমারী কন্যা। প্র-ঝিউড়ী মেয়ে। **ঝি° বহুড়ী**-কন্যাবধূ ; ঝি-বউ। "লুঠিয়া লইল ধন ঝিউড়ী বহুড়ী" -অ° ম°।

ঝিঁক$_{1}$-ঝিক দ্রঃ।

ঝিঁক$_{2}$-বি, যাঁতার উপর চাকির যে

ছিদ্রে মুষ্টি মুষ্টি করিয়া কলাই ইং দিয়া যাঁতা ঘুরাইয়া ভাঙ্গা হয়।

ঝিঁকরা [ঝাবুক > ঝাউক > ঝাক + ড়া(ক্ষুদ্রার্থে) > ঝাক্‌ড়া > ঝাক্‌রা >] বি, ঝাড়াল ছোট ছোট গাছ ; ক্ষুপ allarigium hexapetalum. ২ ক্ষুপবিশিষ্ট। ঝিঁ° পোঁতা-যে ধ্বংসপ্রাপ্ত ভিটায় বা পোড়ো জমিতে ছোট ছোট বন্য গাছ ও বন্য ক্ষুপ জন্মিয়াছে।

ঝিঁকা [ঝোঁক, ঝাঁকি দ্রঃ] বি, হাল ধরিয়া পশ্চাতে ঝুঁকিয়া পড়ন ; হালে টান দিয়া নৌকায় গতিদান। ঝিঁ° মারা-হাল ধরিয়া টানিয়া নৌকার গতি দান করা।

ঝিঁকুট, ঝিকুট [ঝনকাঠ >] বিণ, শুষ্ক ও চিমড়া বা শক্ত ; পাকিয়া শুকাইয়া শক্ত ; ঝুনা। ২ দরকচা মারা ও অসময়ে পাকা সুতরাং কোমলতাহীন। ৩ [লক্ষ° >] অকালপক্ক। প্র-ছেলেটা পাকা ঝিকুঁট বা পেকে ঝিঁকুট হয়ে গেছে।

ঝিঁ-ঝি$_{১}$, ঝি-ঝি [অনু°। ঝিল্লি দ্রঃ] বি, ঝিল্লি ; ঝিঁঝিপোকা।

ঝিঁ-ঝি$_{২}$-ঝিনঝিনি দ্রঃ।

ঝিঁঝিঁট, ঝিঝিট-বি, সন্ধ্যার পর গেয় রাগিণীবিঃ (ইহাতে কোমল নিষাদ ব্যবহৃত হয়)।

ঝিঁটকী, ঝিটকী [ঝটকা দ্রঃ] বি, অল্প ঝটকা। ২ পূর্ব্বকালে পাঠশালায় পড়ুয়াদের শাস্তিবিঃ (ইহাতে চঞ্চল বালকের ঘাড়ে মাটির চাপ বসাইয়া তাকে লিখিতে দেওয়া হইত ও চঞ্চলতাবশতঃ সে সময়ে ঘাড়ের চাঙ্গড়টি পড়িয়া গেলেই বালক সাজা পাইত)।

ঝিক$_{১}$, ঝিঁক$_{৩}$ [শিখা > , বা ঝোঁক >] বি, শিখা ; চূড়া। ২ [হাঁড়ীর ঝোঁক যার উপর পড়ে] উনানের যে তিনটি চূড়ার উপর পাকের পাত্র বসান হয়। "কাঁচামাটি আনিয়া গড়িল তিন ঝিক।"-মনসা ম° (কেতকাদাস)।

ঝিক$_{২}$, ঝিক্ [ঝিলিক > কে°। চিক্ অপেক্ষা তীব্র ও বিস্তৃত] অ, আলোক-শিখা ; ঝিলিক অপেক্ষা ক্ষীণ ও অল্পায়তন উজ্জ্বলতা ; চমক্। ক্রি, ঝিকা, ঝিঁকা। বি, ঝিকি, ঝিঁকি।

ঝিকঝিক [পুনঃপুনঃ অর্থে দ্বিরুক্ত] অ, চিকচিক্ অপেক্ষা উজ্জ্বল। ঝিকঝিক অপেক্ষা ধীরে ঝিকিঝিকি (যেন থামিয়া থামিয়া ঝিক্ আবার ঝিক্)। ঝিকঝিকানি-ক্রি, ঝিকঝিক করা।

ঝিকটি-ঘঁর [ঝিক$_{১}$ দ্রঃ। পূ° বঙ্গে] বি, ইষ্টক-নির্ম্মিত দোতালা গৃহের চাল। "ছাতের মধ্যস্থলে যে মঠটি ছিল তাহার উচ্চতা চতুর্দ্দিকস্থ ঝিকটি ঘর হ'তে অধিক ও মাটি হ'তে প্রায় শতাধিক হস্ত উচ্চ ছিল।"-বিক্রমপুরের ইতিহাস।

ঝিকমিক [ঝিক্ (উজ্জ্বল হইলে) মিক্ (ম্লান হইলে)। ঝক্‌মক্ অপেক্ষা ক্ষীণ এবং অল্পায়তন ; চিক্‌মিক অপেক্ষা তীব্র ও বিস্তৃত এবং ঝিকিমিকি অপেক্ষা ক্ষিপ্র] অ, ক্ষণে উজ্জ্বল ক্ষণে ম্লান।

ঝিকা [ঝিক$_{২}$ দ্রঃ। ঝিকি, ঝিক, ঝিকে ; ঝিকিতে ; ঝিকিয়া (কে° ঝিকে) ই°] ক্রি, ঝিক ঝিক করা ; ঝিলিক দেওয়া। "নারিকেল দলগুলি কাঁপে বায়ুভরে আলোকে ঝিকিয়া।" -সোনার তরী (রবী°)।

ঝিকিট, ঝিকির-ঝিকুর দ্রঃ।

ঝিকিমিকি [ঝিকমিক (দ্রঃ) অপেক্ষা ধীর। ধিকিধিকি দ্রঃ] অ, একবার উজ্জ্বল একবার অনুজ্জ্বল বা ম্লান। "ঝিলিমিলি করে পাতা, ঝিকিমিকি আলো।"-সোনার তরী। বাং-র নাম ধাতু-ঝিকিমিকানি-ক্রি, ঝিকিমিকি করে। "ঝিকুর ঝিকিমিকে চকিয়া দিকে দিকে"-সোনার তরী (রবী°)।

ˋঝিকুট, ঝিকুটি [ঝিকুর দ্রঃ] বি, মাথার ঘি ; ঝিকুর (দ্রঃ)।

ˋঝিকুর, ঝিকির [ঝি(ঘি-মাথার ঘৃত বা মস্তিষ্ক) + কুর=কুড় (কুণ্ড)। গ্রা° ঝিকিট] বি, মস্তিষ্ক। ঝি° নঁড়া-মাথার ঘি নড়া ; মাথা ঘুরে পড়া ; মাথা খারাপ হ'য়ে যাওয়া। প্র-তাকে ডেকে ডেকে মাথার ঝিকুর নড়ে গেল, তবু সে এল না।

ˋঝিঙা (এগা), ˋঝিঙ্গা, ঝিঙ্গাক (কু) [মুণ্ডা° ঝিঙ্গা। সং ঝিঙ্গাক, জ্যোৎস্না, জ্যোৎস্নী >। ওড়ি° জহ্নী। হি°-ঝিমনী, জনী] বি, কটু-কষায় মধুর-রস শীতল ও ত্রিদোষনাশক স্বনামপ্রসিদ্ধ লতা ফলবিঃ ; ঝিঙে ফল Luffa acutangula. ঝিঙ্গী [বৈদ্যকে] বি, ঝিঙাগাছ।

ঝিঙ্গাসাল [প্রাদে°। প্রা°-বাং] বি, ধান্যভেদ। "মসি-লোট ঝিঙ্গা-সাল বুনেম তস্‌রা।"-শূ° পু°।

ˋঝিঙ্গুর, ঝিঙুর [হি°-ঝিঙ্গুর] বি, ঝিঁঝিপোকা।

ˋঝিঞ্চিন-ঝিন্‌ঝিন্ দ্রঃ।

ˋঝিঞ্ঝী-ঝি-ঝি$_{১}$, ঝিঁ-ঝি$_{২}$ দ্রঃ।

ঝিটাবেড়া, ছিটাবেড়া [সং-যষ্টি বা ছটা >] বি, কঞ্চির ছিটনি দেওয়া বেড়ার দুই দিকে কাদা লেপিয়া ফাঁক বন্ধ করা বেষ্টনী।

ঝিটি [সং-ঝিণ্টী। গ্রা°] বি, ঝাটিফুলের গাছ ও ফুল। "অথও ধুতুরা ঝিটি মারুআ কাচলি।"-শূ° পু°।

ঝিণ্টি, ঝিণ্টিকা [সং] বি, ঝাঁটিফুলের গাছ। ২ ঝাড় ; ক্ষুপ।

ঝিন-ঝিম, ঝীন দ্রঃ।

ঝিনিই, ঝিনুই-ঝিনুক দ্রঃ।

ঝিনঝিন [আধিক্যার্থে ঝনঝন] অ, চাপে শরীরের কোন স্থানের রক্ত চলাচল ক্ষণকাল বন্ধ হইলে যে অসাড়তাজনিত সূচী বিঁধিবার মত লঘু বেদনা উৎপন্ন হয় তার

ˋঝিন্‌ঝিনি [হি°। কে° ঝিঁ-ঝি] বি, ঝিম্‌ঝিম্ অনুভূতি ; চাপ বা আঘাত হেতু কিয়ৎক্ষণ রক্ত চলাচল বন্ধ থাকার অবস্থা ; অঙ্গবিশেষের অসাড়তা। ২ অনুকার শব্দ। ঝি° ধঁরা [কে° ঝিঁ-ঝি ধঁরা-অঙ্গে ঝিন্‌ঝিনির অনুভূতি উৎপন্ন হওয়া।

ঝিনি, ঝিনিনি, ঝিনিঝিনি [অনুকার শব্দ। ঝিনিঝিনি কে° ঝিনিঝি] বি, ঝঙ্কার ; শিঞ্জন ; নিক্কণ। "বাহুখানি নাড়ি মৃদু ঝিনিঝিনি, বাজাইয়া দিল কর-কিঙ্কিণী।"-সোনার তরী। ঝিনিকি-ঝিনি, রিনিকিঝিনি-কঙ্কণ নূপুর ই°

অলঙ্কারের শব্দ। "ওই যে শব্দ চিনি, নূপুর রিনিকিঝিনি কে গো তুমি একাকিনী আসিছ ধীরে।"-চয়নিকা (রবী০)।

ঝিনুক [সং-শুক্তিকা। ফা০-কিস্‌ম্‌-ই-সীপ। "অক্ষিমণ্ডূক"-হেম০। অক্ষি > ঝি, মণ্ডূক > নুক; বহু ঝিনুকের খোলা নাড়িবার ঝিনিক্ ঝুনুক্ শব্দ > ঝিনুক নাম আসিতে পারে। ঝিকমিক (বর্ণ বা ঔজ্জ্বল্য) হইতেও সম্ভব। পাবনা প্রাদে০-ঝিনই] বি, শুক্তি: শম্বুক। ২ শুক্তি বা স্বর্ণ, রৌপ্য, পিত্তলাদি ধাতু নির্ম্মিত ঝিনুকাকৃতি পাত্র; হাতলহীন দুই প্রান্ত সূচাল চামচ যাতে শিশুদিগকে দুধ খাওয়ান হয়। যার একপ্রান্ত সূচাল ও অপর-প্রান্ত গোলাল অর্থাৎ প্রদীপাকৃতি তার নাম গোঁদল। "দুধের ঝিনুকছাড়া।"-কস্তুরী। -গিলা-যে পাখী সমুদ্রের ধারে ধারে ঝিনুক খাইয়া বেড়ায় (তুল-হাড়গিলা) ardea coromandeliana.

ঝিম, ঝীম [ক্ষীণ > ছীন, ঝীন, ঝীম্, ঝিম] বিণ, অতিশয় ক্ষীণ; সূক্ষ্ম বলিয়া কমজোর। প্র-তার হার এত ঝিম হইয়াছে যে হাত দিতে ভয় হয় পাছে ছিঁড়িয়া যায়। ২ তন্দ্রাবেশ; ঝোঁক; ঘোর; আচ্ছন্নতা। ৩ ঝিম্ এই শব্দ। গা ঝিম ঝিম করা -অঙ্গ অবশ হওয়া; মাথা ঘুরিয়া শরীর আচ্ছন্ন হইয়া আসা।

ঝিমকিনি [ঝিমিকি-ঝিমিকি বা ঝিম্‌কি-ঝিম্‌কি > কেং০। ঝম্‌ঝম্ অপেক্ষা লঘু ঝিম্‌ঝিম্, তা অপেক্ষা লঘুতর ঝিমকিনি] বি, ঝিমঝিমুনি বৃষ্টি; ক্ষীণধারায় বারিপাত। ২ তন্দ্রা বা নিদ্রাবেশ; ঘুম বা নেশার ঝোঁকে ঝিমন।

ঝিমন [ঝিম দ্রঃ] বি, তন্দ্রাবেশ। ক্রি, ঝিমনি, ঝিমানি [ঝিমই, ঝিমও, ঝিময়; হাল; ঝিমতে; ঝিময়ে। ঐরূপ ঝিমাই ই০। গ্রা০ ঝিমু(ঝো)ন্] তন্দ্রালু হইয়া চক্ষু বুজিয়া মাথা ঝুকানো।

ঝিমা-মা [আর্য্যিকা > আরিআ > আরি (দ্রঃ) > ঝি+মা (মাতা)] বি, আরি; মাতামহী। ২ প্রপিতামহী।

ঝিমানি, [ঝিমাই, ই০ ঝিমন (দ্রঃ)বৎ। ঝিমন দ্রঃ] ক্রি, ঝিমাইয়া পড়া; তন্দ্রাঘোরে আচ্ছন্ন হইয়া বসিয়া থাকা; নেশায় আচ্ছন্ন হইয়া নিদ্রিতের ন্যায় চক্ষু মুদিত করিয়া বসিয়া থাকা এবং মাথা ঝুঁকিয়া পড়া; বসিয়া বসিয়া চক্ষু মুদিয়া ঢুলিতে থাকা। অস-ক্রি, ঝিমাইতে, ঝিমাইয়া। বি, ঝিমানি, ঝিমনি, ঝিমুনি।

ঝিমানি২ [ঝিম দ্রঃ] ক্রি, নিবান; নির্ব্বাণ করা। "পরদিম ঝিমাইয়া কেবা অন্ধকার বুঝে"-পূ০ বং গী০। ২ ঝিমন দ্রঃ।

ঝিমিক, ঝিমিকি [ব্যাপ্ত্যর্থে বা পুনঃ পুনঃ অর্থে ঝিমিকি-ঝিমিকি [ঝিমকিনি দ্রঃ] বি, বিদ্যুতের চমক। ২ লঘু ও ধীর পদবিক্ষেপ। "বিভূতি মাখেন গায়, ঝিমিকে ঝিমিকে যায়"-কবিক০।

ঝিয়ারি,-রী [ঝি দ্রঃ। গ্রা০-ঝিউরী। তুল-বৌয়ারী (দ্রঃ)] বি, দুহিতা; কন্যা। "রাজার ঝি০ সুন্দরী নারী তুমি কি করিবে তারে।"-চণ্ডি০। ২ অবিবাহিতা কন্যা; কুমারী। "ফুল্লনা যৌবন তবুও ঝি০"-কবিক০।

ঝিয়ে [প্রাদে০। দুহিতা > ধিতা > ধিয়া, ধিঅ > ঝিঅ, ঝিয়ে >, সম্বোধনে] বি, হে কন্যে; দুহিতঃ। "বলে দেবী ত্রিলোচনা শুন ঝিয়ে খুল্লনা সুখে থাক বিনোদ মন্দিরে।"-কবিক০।

ঝিরঝির [অনু০। আধিক্যার্থে, 'ঝরঝর', লঘুতর অর্থে 'ঝুরঝুর'] অ, লঘু বাতাস শব্দ; লঘু লঘু বারিপাত শব্দ।

ঝিরিকা [ঝিরি ঝিরি শব্দ >] বি, ঝিঁঝিঁ পোকা; ঝিল্লি দ্রঃ।

ঝিল [ঝিল্ল দ্রঃ] বি, ঝিলের চেয়ে ছোট পুকুরজাতীয় লম্বা জলাশয়।

ঝিলমিল [ঝল্‌মল্ (দ্রঃ।) > ক্ষীণার্থে ঝিল্‌মিল্] অ, সরু সরু ফিতার আকারে বস্ত্রখণ্ডের ঝালর ঝুলিতে থাকা ও ঝিকমিক করার ভাব। বিণ, ঝিলমিলা, ঝিলমিলে। ক্রি, ঝিলমিলানি।

ঝিলমিলি,-লী [হি০-ঝিল্‌মিলি] বি, খড়খড়ির পাকি; কপাট; জানালার খড়খড়ি। ২ নানা বর্ণের চিত্রবিচিত্র বস্ত্রখণ্ড সমূহের ঝালর। ৩ ঝলমল করার ভাব বা অবস্থা। ৪ রেশমী বস্ত্র; রেশমী জালি কাপড় gauze. ৫ তারের জাল। ৬ ঝাড়ের পলা যা ঝাড় হ'তে ঝুলিতে থাকে।

ঝিলাপী-জিলাপী (দ্রঃ)।

ঝিলি [প্রাদে০। গ্রা-ঝাং। অপ্র] বি, বাটা দাইল।

ঝিলিক [ঝলক(দ্রঃ) অপেক্ষা অধিক তীব্র কিন্তু অল্পায়তন ও ক্ষণস্থায়ী] বি, বিদ্যুতের চমক; ক্ষণপ্রভার অকস্মাৎ প্রকাশ ও অদর্শন। ২ তীব্র ও সূক্ষ্ম আলোকের হঠাৎ প্রকাশ ও হঠাৎ মিলাইয়া যাওয়া। "মণিমালায় ঝিলিক্ হানে চোখে"-রবী০। ঝি০ দেওয়া, -মারা, -হানা-বিদ্যুৎ চমকান; মলপান (গ্রা০)। ২ হঠাৎ উজ্জ্বল হইয়া তৎক্ষণাৎ আকাশের গায়ে বা শূন্যে মিলাইয়া যাওয়া।

ঝিলিমিলি [ঝিলমিল দ্রঃ। ঝলমল অপেক্ষা লঘু অর্থে, বিকারে হিলিমিলি। "রঙ্গ বেরঙ্গের হিলিমিলি গা"-গিরিশ] অ, ঝিলমিলির মত রঙ্গ বেরঙ্গের মিশ্রণহেতু বিচিত্র ও চঞ্চল। ২ বিণ, ঝিকমিকে এবং লম্বমান। "গলায় তাহার ছিল হার ঝিলি-মিলি"-কৃত্তি০। "ঝিলিমিলি করে পাতা, ঝিকিমিকি আলো?"-রবী০। ৩ জলে ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গের উপর প্রতিভাত রশ্মি।

ঝিল্ল [হি০। ঝালি-জলপ্রণালী। ক্ষুদ্রার্থে ঝিল] বি, বৃহৎ জলাশয় lake.

ঝিল্লি,-ল্লী [সং-ঝিরী, ঝিরিকা, ঝিল্লী। হি০-ঝিল্লুর; ঝিল্লী। একাদিক্রমে ঝি ঝি বা ঝিরি ঝিরি শব্দ > ঝিরি=ঝিলি, ঝিরি-ঝিরি= ঝিলি ঝিলি > ঝিল্লি] বি, ঝিঁঝি পোকা cricket. "ঝিল্লি মুখরিত রাত্রি"-চিত্রা। ২ [অনু০ >] বাদ্যযন্ত্রবিঃ; ঝনযন্ত্র, ইহা ঘণ্টা, শঙ্খ, ভেরী ও মৃদঙ্গের সহিত দেব-মন্দিরে বাদিত হইত। ৩ [সং-চর্ম্ম >] সূক্ষ্ম ত্বক; সুনছাল membrane.

ঝিল্লিকা, ঝিল্লী [ঝিল্লি দ্রঃ] বি, ঝিঁঝিঁ পোকা cricket. ২ সূর্য্যরশ্মির তেজবিঃ; ঝিলিক। ৩ পাতলা চর্ম্ম membrane.

ঝিল্লী-ঝিল্লি, ঝিল্লিকা দ্রঃ। -কণ্ঠ [ঝিল্লী (ঝিঁঝিঁ পোকা সদৃশ) কণ্ঠ যার, বহু] বি, গৃহ কপোত। -ধ্বনি, রব [৬তৎ] বি, ঝিঁঝিঁ পোকার ডাক।

ঝিরসিকানি [প্রা-বাং। হিং—ঝিসিক (বৃষ্টির পশলা ; গুঁড়িগুঁড়ি বৃষ্টি) + আন (ক্রিয়া বিভক্তি) + ই (স্ত্রীং)] বি, গুঁড়ি গুঁড়ি বৃষ্টিপাত। "আসিন মাসেত মেঘে বারিসএ ঝিসিকানি।"—শূং পুং।

ঝীন, ঝীম [সং-জীর্ণ বা ক্ষীণ > ছীন, ঝীন, ঝীন, ঝীম (তুল— হিং—ঝীল। "জো তুম আয়ো ঝীনে হোকে"—কবীর)] বিণ, জীর্ণ ; ক্ষীণ।

ঝীবুকা [সং] বি, ভৃঙ্গারক কীট।

ঝুঁকন, ঝুঁকনি, ঝুঁকুনি [ঝুঁকা দ্রঃ] বি, ঝোঁক ; ঝুঁকিয়া পড়া ; হেঁট হওয়া ; হেলিয়া পড়া।

ঝুঁকা, ঝুকা [হিং—ঝুক্না, ঝাঁকনা। ঝুঁকি, ঝুঁক (ঝুঁকুন, ঝোঁক), ঝুঁকে (গ্রাং ঝোঁকে) ; ঝুঁকিতে (ক্ষেং ঝুঁকতে) ; ঝুঁকিয়া (ক্ষেং ঝুঁকে) ইং। ণিজন্ত—ঝুকানি] ক্রি, দণ্ডায়মান অবস্থায় সম্মুখে নত হওয়া। ২ ভারে হেলিয়া পড়া বা নত হওয়া। ৩ কোন কিছু পাইবার জন্য অতিশয় আগ্রহ করা ; আকৃষ্ট হওয়া। ৪ নত হওয়া ; নরম হওয়া ; উগ্রতা ত্যাগ করিয়া কোমল হওয়া।

ঝুঁকি [ঝুঁকা দ্রঃ] বি, ঝোঁক ; ভার। ২ দায়িত্ব। ৩ ঝোঁকের কাজ ; দায়িত্বপূর্ণ বিষয়। "এমন ঝুঁকিতে ধোয়া কি পা দি?" ৪ অন্তরাল হ'তে দর্শন ; উঁকি। ৫ ঝোঁকতা ; ওজনে তরাজুর একদিকের ঝোঁক। ঝুঁ॰ দেওয়া—পরকে কোন কিছুর সম্পূর্ণ ভার দেওয়া ; দায়ী করা। ঝুঁ॰ লওয়া—কাজের ভার বা দায়িত্ব লওয়া। উঁকি ঝুঁকি মারা—গুপ্তস্থানে বা আড়ালে থাকিয়া একবার এদিক একবার ওদিক হ'তে দেখা ; ঊর্দ্ধমুখ হ'য়ে গোপনে দেখা।

ঝুঁজকা বেলা, ঝুঁঝকি [উষ > ঝুজ >। গ্রাং] বি, উষাকালের অব্যবহিত পূর্ব্ব রাত্রিকাল ; বেশী রাত নাই, অথচ বেশীরাত বলিয়া যে সময়কে মনে হয় ; প্রত্যুষ।

ঝুঁজানি, ঝুঁঝানি [সং—উৎক্ষেপন > হিং—ঝুঁঝনা। তুল—ইং Opening] ক্রি, ছিদ্র দিয়া তরল পদার্থের ক্ষরণ। প্র—রক্ত ঝুঁঝাইয়া পড়িতেছে।

ঝুজি [প্রাদেং] বি, খারাপ খাদ্য।

ঝুট, ঝুট ফেঁসো [রেশম ও জটাম দ্রঃ] বি, গুটী বা রেশম কোষ কাটাই কালে কাটনীর হাতে যে অপ্রস্তুতী আঁষ মজুদ থাকে ; জটাম ; চষম।

ঝুটমুট [হিং] অ, মিছামিছি।

ঝুটাঝুটি—বি, পরস্পর ঝুঁটি ধরিয়া টানা।

ঝুকা—ঝুঁকা দ্রঃ।

ঝুট, ঝুটা,[1] [সং—জুষ্ট >] বিণ, উচ্ছিষ্ট ; এঁটো। ২ মিথ্যা। প্র—ঝুটা কথা ; "ভাল কথার ঝুটাও ভাল"—প্রবাদ। ৩ নকল। প্র—ঝুট জরী।

ঝুটক [ঝুট দ্রঃ] বিণ. মিথ্যা ; নিরর্থক।

ঝুটা,[2] **ঝুঁটা** [ঝুঁটি দ্রঃ] বি, বদ্ধকেশ ; খোঁপা। "শিরে কুঞ্চিত কুন্তল-বদ্ধ ঝুঁটা। ভালে শোভিত গোময় চিত্র ফোঁটা॥"—নৃসিংহ।

ঝুটাপ(পু)টি—ঝটাপটি দ্রঃ।

ঝুটি, ঝুটী, ঝুঁটি, ঝুঁটী [সং—জুটিকা >] বি, শিখা ; ঘন টিকি। প্র—ঝুঁটি ধরে নাড়া দেওয়া। ২ খোঁপা। "চুল নাই দড়ির ঝুঁটী। "ঝুঁটি বাঁধা উড়ে সপ্তম সুরে পাড়িতে লাগিল গালী।"—চিত্রা। ঝুঁ॰ বাঁধা—চুল পাকাইয়া খোঁপা বাঁধা। ঝুঁটি বুলবুলী—বি, যে বুলবুলীর মাথায় ঝোঁটন বা শিখা আছে। ঝোঁটন দ্রঃ।

ঝুটিয়া [ওরাওঁ ভাষায়] বি, পায়ের আঙুলে পরিবার ৪টি অঙ্গুরী ও সেগুলিকে আঙুলে বাঁধিবার ২টি তামার তার ; চুটকী (দ্রঃ)। ২ সাঁওতালদের কাণের উপরে পরিবার একপ্রকার লম্বা গহনা।

ঝুড়া [হিং—ঝড়্না ; ঝুনা দ্রঃ] ক্রি, ঝাড়-পালা কাটিয়া ফেলা বা ছাঁটা "৫ গণ্ডা গাছ ঝুড়িয়া আনিল"—দীং রায়। "খেজুর গাছ ঝুই চালিটি করিয়া ঝুড়িতে ঝুড়িতে দেখিলা"—বাং বসুমতী, ১৩৩৪। ২ হাড় সাফ করিয়া মাংস কাটা। ৩ সামান্য বাকি রাখিয়া কাটা যাতে কাটা অংশ ঝুলিতে থাকে।

ঝুড়ি, -ড়ী [হিং। বৃহদর্থে ঝোড়া] বি, বাঁশ বা বেতের বড় চুপড়ী। ২ [লক্ষং] বিণ, ঝুড়ি ভরা ; বহু। —ঝুড়ি, ঝুড়ীঝুড়ী [ভূরি-ভূরি > ?] অনেক ; ভূরিভূরি। ঝুং দেওয়া—দোলো চিনির মাত ধরাধার জন্য ঝুড়িতে রাখা। ঝু॰ বোনা—বংশ বেত্রাদি দ্বারা ঝুড়ী তৈয়ার করা।

ঝুণ্ট [হিং ঝুণ্ড্ >] বি, ঝোপ।

ঝুণা, ঝুনা [হিং—ঝটক্না, ঝট্‌কনা > বাং-র ক্ষেং ঝুনা। হিং—তে "ঝুন্‌না" ও ব্যবহার হয়] ক্রি, বেগে হাত ঝাড়া।

ঝুনা, ঝুনো, ঝুনি [ঝনা দ্রঃ। হিং ঝিনা (সূক্ষ্ম)। প্রাকৃং—জুন্ন (জীর্ণ) > ঝুনো। মঃ—জুনা (পুরাতন)] বিণ, পক্ব, শুষ্ক ও কঠিন ত্বক্ ও কঠিন শস্যযুক্ত নারিকেল। ২ [ঝুনা নারিকেলে সহজে দাঁত বসে না বলিয়া] পরিপক্ব বুদ্ধি ; দৃঢ় চরিত্র ; বিলক্ষণ অভিজ্ঞ। "ঝুনোবেলায় বড় কঠিন, দন্তস্ফুট করে কার সাধ্য? তখন ইহাকে গৃহিণীপনা বলে"—বঙ্কিমং। [ঝিঁকুট দ্রঃ]

ঝুমুক-ঝুমুক [অনুং] অ, ঝাঁঝর, মল ইং-র বাদ্যধ্বনি। "আর দেখিনি নীলমণি তোর কেমন ঘুঙুর বাজে, তোরে নাচালে কেমন সাজে, ঝুমুক ঝুমুক বাজে।"—ছড়া (বাঁকুড়া)।

ঝুমুর-ঝুমুর [অনুং] বি, নূপুরাদি অলঙ্কারের শব্দ ; ঘুঙুরের বাদ্য। "ঝুমুর ঝুমুর ঘুঙুর নাদ কিঙ্কিণীরব উভয় বায়, পদতল স্থল কমল নিন্দি, নখ হিমকর গঞ্জনা।"—রাং প্রং।

ঝুপ,[1] **-প্** [ঝাপ দ্রঃ] অ, পতন শব্দ। ২ কম্প। (লঘু কম্পে এবং আদরার্থে) ঝুপা, ঝুপু, ঝুঁপুৎ, ঝুপুস্—শিশুদের ঝাঁপ বা উচ্চ স্থান হ'তে লাফ। ঝুপঝুপ—উচ্চস্থান হ'তে একে একে লাফ দিয়া পড়ার শব্দ। ২ বৃষ্টিপতন শব্দ। "বৃষ্টি যেমন চারি-ধার, ঘনঘোর অন্ধকার, ঝুপঝুপ শব্দ আর কর কর পাতা"—নবীং। ঝুপ্ ঝাপ, ঝুপা-ঝুপ—ভিন্ন ভিন্ন স্থান হ'তে ঝুপঝুপ করিয়া পতনের শব্দ। ঝুপ ঝুপাঝুপ—ক্রমাগত

দাঁড় ফেলিয়া নৌকা চালনের শব্দ। ঝুপ্ ঝুপ্ ঝাপ-ঝুপ ঝাপ্ দ্রঃ। "ঝুপ্ ঝুপ ঝাপ ছুপ ছুপ দাপ লম্ফঝম্প দিয়া চলে।"-ভারত°। ঝুপুর-জলে ক্ষেপণী বা দাঁড় ফেলিবার শব্দ। ঝুপুর ঝুপুর-ক্রমাগত বা উপর্য্যুপরি নৌকার দাঁড় ফেলিবার বা বৃষ্টি পতন শব্দ।

ঝুপ২ [সং-ক্ষুপ] বি, ক্ষুদ্র ঝোপ ; ক্ষুপ।

ঝুপড়ি, ঝুপড়ী, ঝুপরী, ঝুবড়ী১ [হি°-ঝোপ্ড়ী] বি, ক্ষুদ্র কুটীর ; পাতালতার নীচু কুঁড়ে। "মাথায় পিঙ্গল জটা সন্ন্যাসী কাপালী ঘটা ঝুপড়ি বান্ধিয়া এক পাশে" -কবিক°।

ঝুপি, ঝুপী [ক্ষুপ-ঝুপ+ই (ক্ষুদ্রার্থে)] বি, ছোট ঝোপ। ২ একপ্রকার লতা।

ঝুপুৎ, ঝুপুর, ঝুপুরঝুপুর, ঝুপুস্-ঝুপ দ্রঃ।

ঝুবড়ী, জুবড়ী [জবড়জঙ্গ দ্রঃ] বিণ, জবড়জঙ্গী। ~চণ্ডী [ঝু°+চণ্ডী (ব্যঙ্গ্যে নারী অর্থে] বি, এক মাথা শুষ্ক ঝাকড়া-চুলী ও ঢিলাঢালা বস্ত্রাদি বেষ্টনে বড়াইবুড়ী। ঝাবড়ী-ঝু (জু) বড়ী [গ্রা° জাবড়ী-জুবড়ী] অ, অনাবশ্যক অধিক বস্ত্রাদি আবৃত হওয়ার ভাব। ২ অঙ্গে অতিরিক্ত তৈলাদি ম্রক্ষণের ভাব।

ঝুম১ [হি°-ঝিমনা] বিণ, নিস্তব্ধ। ২ ঘোর ; আচ্ছন্ন ; বুঁদ। ৩ বি, আবদার।

ঝুম২ [অনু°। ঝম্ অপেক্ষা লঘু ঝুম্, তা হ'তে লঘু ঝুমু] বি, ঘুঙুরের শব্দ ; নূপুরাদির বাদ্য। পুনঃ পুনঃ অর্থে-ঝুম্ঝুম। লঘু শব্দে-ঝুমুঝুমু। ঝুম্ এবং ঝুর্ শব্দের মিশ্রণে ঝুমুর ঝুমুর। "ঝুমু ঝুমু ঝুমু ঝুমু ঝুমুর ঝুমুর ঝুমু, বাজে ওই মল"-অশোক°]।

ঝুমকা, ঝুমকো [ঘণ্টার মত ঝুম্ ঝুম্ করিয়া ঝুলে বলিয়া] বি, ঝুমকালতা ; ঝুমকা ফুল passiflora. ২ [হি° ঝুমনা (চঞ্চল হইয়া দোলা)-যা চঞ্চল ভাবে ঝোলে ও দোলে। ঝু° ফুলের অনুকরণে] কর্ণাভরণবিঃ ; ঝুমকা ফুলের আকৃতি দুল।

ঝুম(ম্)ঝু(ম)ম্ [অনু°] বি, ঘুঙুর গাঁথা মলের শব্দ। ঝুম্ দ্রঃ। ২ গুচ্ছাকারে বিস্তৃত ও লম্বমান কেশ। বিণ, ঝুম্ঝুমা, ঝুম্ঝুমে।

ঝুম(ম্)ঝুমি [অনু° নাড়িলে ঝুমঝুম শব্দে বাজে] বি, শিশুদিগের খেলনাবিঃ।

ঝু(ঝা)মরা-বিণ, ঝাঁকড়া shaggy.

ঝুমরি১ [সং-ঝুমরি (রাগিণীবিঃ)। ঝুমুর দ্রঃ] বি, মণ্ডলাকারে নৃত্যসহ অশ্লীল গান ; শৃঙ্গাররসাত্মক রাগিণীবিঃ ; ঝুমুর গান। "যুবতীবৃত শত গাওত ঝুমরি"-গোবিন্দ°। ২ [ঝুমরা, ঝোমরা ও°। ঝুমকা, ঝুমঝুম দ্রঃ] বি, বিণ, কোঁকড়া কোঁকড়া থুপি থুপি ঝুল্ ঝুলে চুল ; ঘন কুঞ্চিত কেশ বা কেশর-যুক্ত। ঝামরি-ঝুমরি-ঝাঁকড়া-ঝোঁকড়া ; লম্বিত ঘন কুঞ্চিত কেশ বা কেশরযুক্ত।

ঝুমুর, ঝুমরি২, ঝুমরু [সং-ঝুমরি (রাগিণী বিঃ)-"প্রায়ঃ শৃঙ্গারবহুলা মাধ্বীক মধুরা মৃদুঃ। একৈব ঝুমরি লোঁকে বর্ণাদি-নিয়মোজ্ঝিতা॥"-সঙ্গীত দামোদর। গ্রা° ঝুমরু অনুপ্রাসহেতু। "টুমরু তালে ডুমরু বাজাও ঝুমরুতে গান কর।"-গ্রা° গীত] বি, শৃঙ্গাররসাত্মক রাগিণীবিঃ। ২ অশ্লীল গীত ; মণ্ডলাকারে নৃত্যসহ অশ্লীল গীত। "বাসর ঘরে ঝুমুর কবি চখের মাথা খেয়ে"-হেম°। ২ নূপুরাদির বাদ্যধ্বনি। ঝুম দ্রঃ।

ঝুর১, ঝুর্ ঝুর্, ঝুরু ঝুরু [অনু°। ঝর অপেক্ষা লঘু-ঝুর, তদপেক্ষা লঘু ঝির, লঘুতম ও সুখোৎপাদক শব্দে ঝুরু] অ, মৃদু সঞ্চালিত বায়ুভরে বৃক্ষের পত্র পল্লবাদির লঘু আন্দোলন বা কম্পন শব্দ। "ঝুরু ঝুরু কাঁপে গাছপালা"-ছবি ও গান (রবী°)। "ঝুরু ঝুরু বহে সমীরণ"-রঙ্গমতী (নবীন)। ২ বি, শুষ্ক চূর্ণ দ্রব্যের লঘু পতন শব্দ; বালি বা গুঁড়া মাটি ই°-র ছিদ্রাদি দিয়া গলন বা ঝরণ। বিণ, ঝুরঝুরিয়া, ঝুরঝুরে। "তিরপুনির মাঠে রে ভাই ঝুরঝুরে বালি"-ছড়া।

ঝুর২ (-র্-) [চূর্ণ > চুর > ঝুর] বিণ, বালুকণা বা ধূলির মত সূক্ষ্ম শুষ্ক ও চূর্ণিত ; গুঁড়া। ~ঝুরে [লঘু অর্থে ঝুর-, আধিক্যে স্থূলার্থে ঝরঝরে] বিণ, সূক্ষ্ম গুঁড়া বা সামান্য ছিদ্র দিয়া ঝরিয়া পড়িতে পারে।

ঝুরা১ [ধূলা > ধূরা > ঝুরা। ঝুর (দ্রঃ) + আ (বাং-ক্রিয়া বিভক্তি)। ঝুরি, ঝুর, ঝুরে; ঝুরিতে; ঝুরিয়া (কে° ঝুরে)] ক্রি, ঝরা ; ঝরিয়া পড়া ; ঝুর ঝুর করিয়া গলিয়া পড়া। "দেখিয়া যুবতী ঝুরিয়া কাঁদে"-গোবিন্দ°। ২ অশ্রু ত্যাগ করা ; ঝরঝর করিয়া কাঁদা। "অন্নপূর্ণা বলে আমি অন্ন হেতু ঝুরি।"-শি°। "আপন বিরাগে করুণার রাগে ঝরণার মত ঝুরে ভারতী"-অ° সরকার। [ব্রজ°] ঝুরঁত-কাঁদিতেছে। "ঝুরত তুয়া বিনু রাই।" -গোবিন্দ°। ঝুরিয়া মরা, ঝুরে মরা-অজস্র অশ্রুপাত করা ; ঝর ঝর করিয়া কাঁদা। "মদন ঝুরিয়া মরে"-পদাবলী। "কাম ঝুরে মরে"-ভারত°।

ঝুরা২ [ঝুর২ দ্রঃ] বি, গুঁড়া। ~ঝারা-বি, অবশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র টুকরা ; গুঁড়াগাঁড়া।

ঝুরি,-রী [হি°। ঝুলন > ঝালর-ঝুলরি (যা ঝুলে) >] বি, ঝালরের মত যা ঝুলিতে থাকে। ২ বৃক্ষ শাখা হ'তে যে জট, সূতা বা দড়ীর মত ঝুলিতে থাকে। প্র-বটের ঝুরি। ৩ চূর্ণ ; দানা। "সোনা ঝুরি" (পূ° ব° গী°)। ঝু° ভাজা-মটর ডাল বাটায় ঝুরির আকারে প্রস্তুত ঘৃত বা তেলে ভাজা একপ্রকার খাদ্য দ্রব্য ; কাটি ভাজা। ফুলঝুরি [হি°-ফুলঝরি, ফুলঝাড়ি] বি, আতস বাজী যা হতে আগুনের ফুল ঝুরিয়া পড়ে।

ঝুরোঝুরো [ঝুর দ্রঃ] বিণ, বালুকণা বা ধুলার মত সূক্ষ্ম। "ডিনামাইট বা অন্য কোন রকম বিস্ফোরকের সাহায্যে এমনতর মাটিকেও যদি ভাঙিয়া ওলট-পালট ও ঝুরো ঝুরো করিয়া লওয়া যায়, তবে প্রচুর সার দেওয়া শক্ত কঠিন মাটির চেয়ে সেই রকমের মাটিতেই ফসলের ফলন হয় বেশী।"-প্রবাসী, আশ্বিন, ১৩২৭।

ঝুল [সং-ঝুল্ > হি°-ঝুল (শিথিল, খোলা) >] বি, ঝুলার ভাব ; ঢিল ; ঝোল। প্র-জামার হাতা একটু আঁট আর পিঠের দিকে অনেকটা ঝুল আছে। ২ বিণ, খোলা ; ঢিলা। ৩ [হি°] হস্তী অশ্বাদির পৃষ্ঠের আবরণ। ৪ ঝুল।

ঝুলন [হি°-ঝুলন্। সং-ঝুল্ দোলা)] বি,

দোলন ; হিন্দোলায় দোলন। ২ শ্রীকৃষ্ণের দোল উৎসব। ৩ ঝুলনা। "ঝুলে আজি ঝুলনে, সুখ কুঞ্জ কাননে, শ্যাম রাধিকা একি আসনে।"–মহারাজা যতীন্দ্র মোহন ঠাকুর। ঝু° যাত্রা–শ্রীকৃষ্ণের হিন্দোল (দোল) উৎসব (শ্রাবণ, ভাদ্র, শুক্লা দশমী হ'তে পূর্ণিমা পর্য্যন্ত অনুষ্ঠেয়)।

ঝুলনা [হিং–ঝুলনা। গ্রা° ঝোল্‌না। ঝুল দ্রঃ] ক্রি, যাতে ঝুলা যায় ; দোলনা ; ঝোল্‌না ; হিন্দোল। "রচিয়া ঝুলনা যঙ্গে ঝুলএ শ্রাবণে"–ব্রজপরিক্রমা। ২ ঝোলা ; ডুলি (হিং–ডোলী)।

ঝুলা১ [হিং–ঝুলা। ঝুলি দ্রঃ] বি, ঝোলা ; বড় ঝুলি।

ঝুলা২ [হিং–ঝুলনা। সং–দুল্‌ > দোলা >] ক্রি, দোল খাওয়া। ২ ঝুঁকা ; ঝুঁকিয়া পড়া। ৩ আকৃষ্ট হওয়া ; লাভের জন্য অত্যন্ত জেদ ধরা। ~ঝুলি–জেদাজেদি। ২ পরস্পর পরস্পরে ব্যগ্রতা ভাব।

ঝুলি, –লী [হিং–ঝোলি। ঝোলা দ্রঃ। সাধাঃ–স্কন্ধে ঝুলান থাকে বলিয়া। প্রা°–বাং– ঝালি (< স্থালী। চৈ° চ°] বি, বস্ত্র খণ্ডে প্রস্তুত আধারবিঃ ; হাত গলাইয়া কাঁধে ঝুলাইয়া রাখিবার মত অধিক পরিসর থলি। "পচা চর্ম্ম ঝুলী করে লোল ঝুলে"–ভারত°। ঝু° ঝাড়া–ঝুলি উজাড় করিয়া ফেলা। ~ঝাড়া–বি, ঝুলি ঝাড়িলে যা সর্ব্বশেষে পড়ে। ঝু° লওয়া–ভিক্ষাবৃত্তি অবলম্বন করা। ভিক্ষার ঝুলি–যে ঝুলি স্কন্ধে করিয়া ভিখারী অন্ন সংগ্রহ করে। হরি নামের ঝুলি–হরিনাম জপ করিবার মালা রাখিবার ঝুলি ; কুঁড়া জালি।

ঝুল [ধূম-জাল >] বি, ধূমের কালি। প্র– রান্না ঘরের ঝুল ; চিমনীর ল। ঝুল ২ ধোঁয়া ধূলা ইং–তে মলিন মাকড়সার জাল। প্র– ঘরের ঝুল ঝাড়া। কালি ঝুল [সহচর শব্দদ্বয়] কয়লার কালি ও ঝুলের কালি।

ঝেঁটন, ঝাঁটন–বি, পরিষ্কার করণ।

ঝেঁটা [ঝাঁটা দ্রঃ] বি, ঝাড়ু ; খেংরা। ক্রি, ঝেঁটানি [ঝট্‌ (রাশীকরণে) > ঝাঁটা >]। ঝেঁটাই, ঝেঁটাও, ঝেঁটায় ; ঝেঁটাইতে ; ঝেঁটাইয়া (কে° ঝেঁটিয়ে)] ঝাড়ু দেওয়া ; সমার্জ্জনী দ্বারা পরিষ্কার করা। ২ খেংরা মারা। ৩ [লক্ষ°] গলদ দূর করা।

ঝেঁটানি, –নী–বি, ঝাঁটা দিয়া যাহা জড় করা যায় ; আবর্জ্জনা ; ময়লা।

ঝেঁটানিয়া, ঝেঁটুনিয়া [ঝেঁটা দ্রঃ। গ্রা° ঝেঁটুনে] বি, যে ঝাঁট দেয় ; ঝাড়ুদার। স্ত্রীং ঝেঁটুনি।

ঝেঁৎলা [শৈবাল–শেওলা–ছেৎলা] বি, চওড়া চওড়া শেওলা বা জলজ ঘাস। ~–মাজুর–ঝেঁৎলায় বোনা মাদুর বা চাটাই।

ঝেলা [ছেলা (দ্রঃ) > (শ্রীহট্ট প্রাদে°) ঝেলা] বি, মেয়েছেলে।

ঝোঁক [ঝুক দ্রঃ] বি, ঝোল ; নীচের দিকে টান। ২ আকর্ষণ। ৩ প্রবণতা। ৪ প্রবল ইচ্ছা ; আগ্রহ ; জিদ। ক্রি, ~া [ঝোঁ° + আ (ক্রিয়ায়)। ঝুঁকি, ঝোঁক, ঝোঁকে ; ঝুঁকিতে ; ঝুঁকিয়া (কে° ঝুঁকে)। ণিজন্ত–ঝোঁকানি–ঝুঁকিতে বাধ্য করা। বি, ঝোঁকানি। ঝুকা দ্রঃ।

ঝোঁকতা [হিং–ঝুক্‌তা] বি, ঝোঁক ; তুলাদণ্ডের একদিকের আপেক্ষিক গুরুত্ব ; ভার। ২ ঝুল।

ঝোঁকা১–বি, ঝাঁকা। ২ পাল্লা। ৩ দায় ; ভার। ৪ ঝোঁকতা। ৫ বেগ।

ঝোঁকা২–ক্রি, ঝুকা দ্রঃ।

ঝোঁকি–ঝুঁকি দ্রঃ।

ঝোঁটন [ঝুঁটি আছে বলিয়া] বি, মাথার উপর চূড়ার আকারে বদ্ধ কেশ। ২ মাথার উপরকার চুলের বা পালকের থোপা ; ময়ূরের বা মোরগের শিখার মত চূড়া। ৩ বিণ, চূড়া-বিশিষ্ট। প্র–ঝোঁটন বুলবুলি।

ঝোঁটা [সং–জটা (বৃহদর্থে ও অনাদরে)। (সূক্ষ্মার্থে ও আদরার্থে) ঝুঁটি] বি, লম্বিত কেশগুচ্ছ।

ঝোকাবাড়ি, –ড়ী [নৌ° পরিঃ। ঝোকা–বাড়ি (কাঠদণ্ড)] বি, নৌকার হাল-সংলগ্ন কাঠবিঃ।

ঝোড় [ঝোপ, ঝাড় দ্রঃ] বি, ঝোপ ; গুল্ম ; ক্ষুদ্র ক্ষুদ্র লতাগুল্মের বন। ২ জঙ্গল। "অনুদিন বনে ফিরি, ঝোড়ে ঝোড়ে বাড়ি ম্যারি পায়ে দড় কাঁটা ফুটে পায়।"–কবিক°। ৩ সুপারি গাছ। ~–ঝাড়, ~–ঝঙ্কার [প্রা°–বাং (চৈ° চ°)] বি, ঝোপ-ঝাড়।

ঝোড়ন [ঝুড়া দ্রঃ] বি, গাছের ছাটাই।

ঝোড়া১ [ঝুড়ী দ্রঃ] বি, বংশনির্ম্মিত বৃহৎ পাত্র ; ওড়া ; বড় ঝুড়ী।

ঝোড়া২ [ঝুড়া দ্রঃ। ঝুড়ি, ঝুড়(ঝোড়), ঝুড়ে (ঝোড়ে) ; ঝুড়িতে ; ঝুড়িয়া (কে° ঝুড়ে)। ণিজন্ত–ঝুড়ান, ঝোড়ান] ক্রি, ছাঁটান ; এমন ভাবে কাটা যাতে কর্ত্তিত অংশ স্থিরাংশ হ'তে ঝুলিতে থাকে।

ঝোড়ানি [ঝোড়া২ দ্রঃ] ক্রি, (তাল নারিকেলাদি) বৃক্ষ ছাঁটান, পাতা ছাড়ান।

ঝোড়ো [ঝড় (দ্রঃ) + উয়া > কে°] বিণ, ঝড়সম্বন্ধীয় ; ঝড়কালীন, ঝড়জাত। ২ ঝড়-খাওয়া ; ঝাত্যাপীড়িত। প্র–ঝো° কাক। ৩ প্রবল বাত্যাও বৃষ্টিযুক্ত। প্র–ঝো° হাওয়া।

ঝোপ [সং–স্তূপ] বি, ঝাড় বা ঝাড়ের মত ছটাকার সরু সরু ডালবিশিষ্ট ছোট গাছের ঝাড়ে যে স্থান আচ্ছন্ন হইয়া আছে। "চারিদিকে তার ঝোপে ঝোপে, আঁধার দিয়ে ঢেকেছে"–ছবি ও গান (রবী°)। ২ গুল্ম। ঝো° ঝাড়–ঝোপ ও তার উপকরণ। লতা-গুল্মাদিতে আচ্ছন্ন স্থান এবং ছোট ছোট গাছের ঝাড় ; ক্ষুদ্র বন। "কেতকী জলের ধারে ফুটিয়াছে ঝোপে ঝাড়ে"–সোনার তরী। ঝো° বুঝে কোপ [কুপের কাঠিন্য বা কোমলতা বুঝিয়া হাল্কা অথবা জোরে কোপ বসানর ভাব >] অবস্থা বুঝিয়া তার সুযোগ গ্রহণ। "মনে হয় ভারতবর্ষের কোন অভিজ্ঞ ও পাকা সিবিলিয়ান অথবা সামরিক কর্ম্মচারী টাইমসের লেখার অন্তরালে আছে। অভিজ্ঞ এবং অবস্থাভিজ্ঞ কর্ম্মচারী না হইলে এমন ভাবে ঘরের কথা বাহির হয় না–ঝোপ বুঝিয়া কোপ মারিতে পারে না।"–নায়ক ১লা অগ্রহায়ণ ১৩২৬।

ঝোপড়া, ঝোপড়ী [ঝুপড়ী দ্রঃ] বি, কুঁড়ে ঘর। ২ ছাউনি।

ঝোয়ার [আঃদেঃ। জোয়ার দ্রঃ] বি, জলপ্রণালী; জলনদ্দমা।

ঝোরণ [ঝুরা দ্রঃ] বি, ক্ষরণ; স্খলন।

ঝোরণা [ঝোরা দ্রঃ] বি, নর্দমা।

ঝোরা [ঝোর (দ্রঃ)। ঝুরা >] বি, নর্দমা, প্রণালী। ২ ঝর্ণা। প্র-পাগলা ঝোরা।

ঝোল১ [জল >] বি, জলবহুল ব্যঞ্জন-বিঃ; জুস; সুপ। "আর জন বলে পতি বঞ্চিত দশন। ঝোলঝাল বিনা তার না হয় অশন॥" -কবিক০। "মদ্গুর মৎস্যের ঝোলে ধনে বাটা গোলা"-হেম০। ২ বিণ, তরল; পাতলা। ঝো০ ঝোল (ঈষদর্থে দ্বিত্ব)। প্র-তরকারীটা একটু ঝোল ঝোল রেখো। ~-ভাত খাওয়া-বহু দিন ধরিয়া রোগে ভুগিয়া পথ্য করা। ~-ভাত খাওয়ানি-দীর্ঘকালব্যাপী রোগের কামনা করা; গালি। ২ ভয় প্রদর্শন; গুরুতর জখম করিয়া বহুদিন শয্যাগত রাখিবার ভয় দেখান।

ঝোল২ [সং-লোল। ঝুল দ্রঃ] বি, শিথিলতা; ঝোঁক; ঢিল। ২ দোল। বিণ, ঝোলা। ~-ঝাল-ঢিলা-ঢালা।

ঝোল(া)না [ঝুল দ্রঃ। প্রা০-বাং] বি, ঝোলা। "ঝোল কাহন কড়ি দিল ঝোলনায় সাজাইয়া"-মাণিক০ গান।

ঝোলনা-ঝুলনা দ্রঃ।

ঝোলা১ [ঝোল দ্রঃ। ঝোল+আ (স্ত্রা০)] বিণ, লম্বা; ঢিলা। বি, ঝোলাই-লবাই।

ঝোলা২ [ঝোল (জল)+আ (যুক্তার্থে)] বিণ, তরল। ঝো০ গুড়-নাত গুড়। গুড় দ্রঃ। "ঝোলা গুড় তোলা ছিল শিকের উপর"-ঈ০ গুপ্ত। বি, ঝোলানি [ঝোলা-পানি) >] তরল অংশ (বিতঃ গুড়ের)। ২ বিণ, ঝোল-ঝোল; তরল; পাতলা।

ঝোলা৩ [সং-চোল > হিং ঝোল+আ (বৃহদর্থে), ক্ষুদ্রার্থে ঝোলী] বি, বস্ত্রের বড় ঝুলি (দ্রঃ); বড় থলি। ২ দোলনা বা দড়ির সাহায্যে ঝুলে ও যাতে উঠিয়া ঝুলা যায়।

ঝোলা৪ [ঝুল দ্রঃ। ঝোল+আ (ক্রি-বিভক্তি)] ক্রি, দোল খাওয়া। ২ উচ্চস্থান অবলম্বন করিয়া অধোদিকে সমস্ত শরীর শূন্যে রাখা; গাছের শাখা ইং ধরিয়া শূন্যে ধরার দিকে দেহ রক্ষা করা; লটকাইয়া থাকা; লম্বিত হওয়া। ৩ ঝোঁকা; অধোমুখে হেলিয়া পড়া। ণিজন্ত, ঝোলানি-ঝুলাইয়া দেওয়া; লম্বিত করা; লটকান। ২ দোলান। ৩ ফাঁসি দেওয়া। ৪ বিণ, লম্বিত।

ঝোলানি-ঝোলা২ দ্রঃ।

ঝোলামালা-বি, ভিক্ষার ঝুলি ও ভিখারী বৈষ্ণবের কণ্ঠের মালা। "ভিক্ষের ধন ব'লে যেন ঝোলামালা দিও না।"

ঝোলি-বি, ঝোলা৩ অপেক্ষা ছোট থলি; ঝুলি।

ঝ্যাঁটাতি [ঝাঁট্যাতি দ্রঃ। তুল-করাতি] বি, যে ঝাঁটা দ্বারা স্থানাদি মুক্ত করে। "অন্নের বাজার মাঝে পঞ্চশব্দী বাদ্য বাজে ঝ্যাটাতি বাইতি লয় তোলা"-কবিক০।

ঞ

ঞ১ (ইঁঅ) [ব্যঞ্জন বর্ণমালার দশম, চবর্গের পঞ্চম, অনুনাসিক বর্ণ। তালু ইহার উচ্চারণ স্থান। অন্য বর্ণের সহিত যুক্ত হইলে ইহার উচ্চারণ তালু ও নাসিকা সাহায্যে অনেকটা "ঙ্‌য়" মত হয়। কিন্তু চ বর্গের অন্য চারিবর্ণসহ যুক্ত হইলে ন্‌-বৎ হয়,-'সঞ্চয়' (চ্চো০ দ্রঃ)। চ০ বাং-এ স্বতন্ত্র ব্যবহার নাই। কিন্তু প্রা০-বাং-এ অনুনাসিক উচ্চারণ বা চন্দ্রবিন্দু-স্থলে ভূরি ব্যবহার ছিল। "রাধাঞে" (=রাধাএঁ=রাধায়=রাধাকে)-শ্রী০ কী০। "কাহাঞি," "পাইঞা" ইং। "নিশ্চয় জানিও মুঞি জনিমু গরলে"-চণ্ডি০। "পূর্ব্বে স্বচিত্রা নারাইঞির হব খ্যাতি" (ইঞির=ইঁহার)-সা০ প০ প০ ১৩১৮। "তেঞি কিরে তেজবি কান"-গোবিন্দ০। আধু০-বাং "আ, য়া, ইয়" স্থলে প্রা০-বাং-এ "এঞ"। "অমিঞা আগোরল"-গোবিন্দ০। এক রজনি এক প্রাণ অঙ্গ হাতে লঞা; উঝালি কেলিল আগে যেন ক্রুদ্ধ হঞা।"-চৈ০ চ০। "দিঞাছিল"-উদ্ধবানন্দের রাধিকা মঙ্গল। একাক্ষর-কোষধৃত অর্থে প্রা০ বাং পদ্যে ও প্রা০-বাং গদ্যে ইহার স্বতন্ত্র কিন্তু বিরল ব্যবহার দৃষ্ট হয়] বি, অনুনাসিক বাদ্য বা কণ্ঠধ্বনি; তানপুরা আদি তত যন্ত্রের ঝঙ্কার। ২ ইঞ্জিন আদির লৌহচক্রের ঘূর্ণন বা ঘর্ষণ শব্দ; ঘর্ঘর ধ্বনি; ঞকার ৩ গায়ন। ৪ শুক্রাচার্য্য। ৫ [অহম্ > আমি > আই > এঁ > ঞ] স,এই আমি; এজনা। "ঞকার কারিণী, ঞ চরণে তোমার।"-বাসবদত্তা। ৬ [সং] ক্রূর। ৭ ষণ্ড। ৮ স্বধর্মচ্যুত যোগী। ৯ [তন্ত্রে] পরম কুণ্ডলী।

ঞ২ [যে=এঁ=তে=হিং-নে (সকর্মক ক্রিয়ার কর্তৃবাচক শব্দের প্রত্যয়)=হিং-সে=বাং-হ'তে, দিয়ে। প্রা০-বাং-এ প্রায় সকল বিভক্তির রূপ। শ্রী০ কী০-তে)-যাঞঁ (যা), তোঞ (তুমি), রতীঞঁ (রতি-হেতু), সুরতীঞ (সুরত-দ্বারা), যুগতীঞঁ (যুক্তিতে)। "রাহুঞঁ (=রাহু) গিলল যেন চাঁদ সুধাকর"-চণ্ডি০।

ঞকার (য়েঁকার) বি, ঞ এই বর্ণ। ২ ঘর্ঘর ধ্বনি। "ঞকার ঘর্ঘর ধ্বনি"-অ০ ম০। ৩ গায়ন। "গায়ন ঞকার"-অ০ ম০। ৪ ঘোর নাদ; হুঙ্কার। "ঞকার করিয়া এস"-অ০ ম০। ৫ ধর্ম্মে অনাসক্ত চিত্ত। "ঞকার করিয়া এস ঞকারে আমার"-অ০ ম০। ৬ রুদ্র। "রুদ্রও ঞকার"-বাসবদত্তা। ~কারিণী-ঘোর নিনাদিনী; মহা ভয়ঙ্কর হুঙ্কারকারিণী, চণ্ডী; কালিকা। "ঞকার-কারিণী ঞ চরণে তোমার"-বাসবদত্তা।

ঞা, এঁ [আধু০ বাং-ক্রা,-ইয়া] ধাতুর প্রত্যয়বিঃ। [illegible] বৎসর পূর্ব্বের প্রা০ বাং-এ চ০ ছিল। "[illegible] এড়িঞা জানিতে

কাহ কৈল মন"—শ্রী॰ কী॰। "কালে ইন্দ্রদুয়া বিবায় ভাবিঞা। কোন কর্ম্ম করিল ব্রজ পুরী গিঞা"—চৈ॰ মঙ্গল। (প্রা॰-বাং—লঞা, গিঞা, ভাবিঞা, করিঞা=আধু॰ বাং—লইয়া, গিয়া, ভাবিয়া করিয়া, ই॰)।

ঞিঁ [হি॰—হিঁ, হী] আধু॰-বাং-ই। প্র—তথাঞিঁ (=তথাহিঁ = তথাহী = তথায়ই= সেইখানে)।

ঞি-বি, প্রেরণার্থে ধাতুর প্রত্যয়-বিঃ; ণিচ্ প্রত্যয়ের রূপান্তর।

ঞিহঁ (ইঁহ) [প্রা॰-বাং। তুল—তিঁহ =তিনি] স, ইনি। "ঞিহ আমাদিগের বেরাদরির মধ্যে।"—মহারাজ নন্দকুমারের পত্র, ১১৭৮ সালের খত, সা॰ প॰ প॰।

ঞিহার (ইঁ-) [প্রা॰-বাং] স, ইঁহার। "ঞিহার স্থানে বিস্তারিত জাত হইয়া কার্য্য করিবে।"—মহারাজ নন্দকুমারের পত্র, ১১৭৮ সালের খত, সা॰ প॰ প॰।

ঞোঁ [=এ] উ॰ পু॰ বিভক্তি। মোঁঞে মোঞেঁ=আমি। ঞোঁ দ্রঃ।

ঞোঁ [প্রা॰-বাং] উ॰ পু॰ ক্রিয়া বিভক্তি। যাঞোঁ=যাই। "এড় ঘর যাঞোঁ মোঞেঁ শকতি না কর।"—শ্রী॰ কী॰।

ঞ্যন্ত [ঞি+অন্ত] বিণ, ঞি এই প্রত্যয় যে শব্দের অন্তে আছে; ণিজন্ত প্রত্যয়। ২ বি, ঞি-প্রত্যয়ান্ত শব্দ।

ট—ব্যঞ্জনবর্ণমালার একাদশ ও টবর্গের প্রথম, অল্পপ্রাণ, অঘোষবান্ বর্ণ। মূর্দ্ধা উচ্চারণ স্থান বলিয়া ইহা মূর্দ্ধণ্য বর্ণ। ২ ট ও টবর্গীয় বর্ণগুলি কাঠিন্য-ব্যঞ্জক। দৃঢ়, শুষ্ক, কঠোর অর্থে অন্যান্য বর্ণসহ ট যোগ হয়। প্র—টক্, খট্, টন্, কট্, কাট, ইট, কটাহ ই॰। ৩ [টক্+অ (র্ত্তৃ)] বি, শব্দ; টঙ্কার। ৪ উচ্চারণ সাদৃশ্যযুক্ত গ্রা॰ চলতি কথার মাত্রাস্বরূপ পদের সহচর শব্দের আদ্যক্ষর। বাঙ্গালায় ইহার ভূরি ব্যবহার। প্র—দেখা টেকা; ভুলান টুলান (টেকচাঁদ); ভাত টাত; বই টই ই॰ [হি॰-তে এইরূপ 'উ' এবং 'ও' বর্ণের প্রয়োগাধিক্য। প্র—দেখা ওখা; ভুল উল; ভাত ওত; বহি ওহি ই॰। তুল—প॰বঙ্গে এইরূপ—স, শ। প্র—অবুরে,সবুরে, বোঝা সোঝা, অত শত,বুদ্ধি শুদ্ধি, বুঝি সুঝি না ই॰। পূ॰ব॰ প্রাদে॰ ব্যবহারে ট=ড। খাটে=খাড়ে, কেটা =কেডা; ছুটিল=ছুডিল; কাটি=কাডি ই॰]।

টুই, টুঁই [সং—তুঙ্গ >] বি, চালের মটকা। ~ভুঁই-ভুমি হতে চালের মটকা বা মটকা হ'তে ভুমি পর্য্যন্ত।

টই টই [অনু॰] অ, আধারপূর্ণ জলের টলটল শব্দ। প্র—এক্ষণ পেট জল খেয়ে পেট টই টই করছে। ২ টানটান; টইটুম্বুর দ্রঃ।

টইটুম্বুর, টৈ-, টোয়-, [টই (পরিপূর্ণ অর্থে)+টুম্বুর (তুম্ববৎ স্ফীত)] বি, পরিপূর্ণ; ছাপাছাপি; কাণেকাণ। প্র—পুকুর জলে টইটুম্বুর হয়েছে। জল খেয়ে পেট টইটুম্বুর করা। টায়টায় (=টইটই) দ্রঃ।

টং [অনু॰। টঙ্ দ্রঃ। টঙ্ক (ক্রোধ) >] বি, ক্রোধমূর্ত্তি। প্র—রেগে টং হয়ে বসে আছে। ২ [টঙ্কার >] ধাতু বা গুরু কাষ্ঠ সহ ধাতু বা অন্য কঠিন বস্তুর আঘাত শব্দ; ধনুকে চড়ান ছিলার শব্দ; তত যন্ত্রের তারে আঘাত শব্দ। টংটং—বারংবার ঐরূপ শব্দ। ২ ক্লক বা বাজা ঘড়ির শব্দ। "টং টং করিয়া ঘড়িতে আটটা বাজিল" (পেটা ঘড়ি বা ঘণ্টা বাজিবার শব্দ "ঢং ঢং")। ৩ লাটি ঠুকিয়া ঠুকিয়া চলা বা ঘুরিয়া বেড়ানর ভাব। "আর টং টং করে ওখান এখান করে বেড়াতে হবে না।" ক্রমাগত ঐরূপ করা অর্থে "টঙস্ টঙস্"। অবজ্ঞার্থে—"ট্যাঙস্ ট্যাঙস্" ("টঙ্ টঙ" দ্রঃ)। অবজ্ঞার্থে "ট্যাং ট্যাং"। মৃদু শব্দে "টিং টিং"। মৃদুতর অথচ মধুর শব্দ "টুং টুং"। ঐরূপ স্বল্প বিরাম দিয়া স্বরযুক্ত শব্দ "টুং টাং" (তুল—ding dong)। অনবরত অমধুর অর্থে "টঙটিং"।

টংকির্ত্ত [সং—টঙ্ক (পরিমাণ-বিঃ) >] বি, ঠাউকো বা আনুমাণিক পরিমিত জমী।

টক্₁, -ক্ [অনু॰] বি, গুরু কাষ্ঠ ই॰-র উপর কঠিন বস্তুর আঘাত শব্দ (ইহার সহিত রুক্ষতা, শুষ্কতা ও কাঠিন্যের ভাব জড়িত); কোন নিরেট বস্তুতে নিরেট বস্তুর দ্বারা আঘাত-শব্দ। টক্ করে—ক্রি-বিণ, টক্ এই শব্দ হ'তে যত অল্প সময় লাগে তার মধ্যে; অতি শীঘ্র; নিমিষের মধ্যে। "টক্ করে কেটে ফেলা।" [টক্ ধ্বনির সহিতও ইহার সম্বন্ধ আছে] ~টক্-উপর্য্যুপরি টক্ এই শব্দ। ~টক করা—ক্রি, ঐরূপ শব্দ করা। ২ ঘোর লাল বর্ণে শোভা পাওয়া। "লাল টক টক করিতেছে।" ৩ পুনঃ পুনঃ নিষেধ বা বিঘ্ন-সূচক বাক্য প্রয়োগ করা; অমঙ্গলসূচক বা অসন্তোষজনক বাক্যের উপর্য্যুপরি আবৃত্তি বা উল্লেখ করা। প্র—মাথার উপর টকটক করিও না [দ্রঃ—টক্‌টক্ শব্দের তীক্ষ্ণ ও কম তীব্র রূপ "টিক্‌টিক্" এবং তদপেক্ষাও কোমল, হালকা এবং অবিরক্তিকর রূপ "টুক্‌টুক্"; টকটক ধ্বনি তীব্রতর কিন্তু শব্দ বহুবিস্তৃত-হইলে হয় "টকাস্ টকাস্" অল্পার্থে টুকুস্ টুকুস্। তুল—ঠুকঠুক, ঠকাস্-ঠকাস্, ঠুকুস ঠুকুস]।

টক্₂ [অম্ল আস্বাদ করিবার কালে মূর্দ্ধা বা তালুতে জিহ্বা স্পর্শ করিবামাত্র নিম্নে আকর্ষণ করিলেই টক্ করিয়া শব্দ হয়। তা হ'তে সং—তক্র (অম্ল) > বাং-টক > টক্। হি॰—খট্টা (অম্ল)। শ্রীহট্ট, কাছাড় ও আসামের

অস্বার্থকভাষার-টেক্স] বি, অম্লাস্বাদযুক্ত ব্যঞ্জনবিঃ; খাট্টা ; খাটাই। ২ বিণ, অম্লযুক্ত ; টোকো। ~টক্, [টক (অম্ল)+টক (পুনরায় টক বিচারের পর আবার টক বোধ)—অর্থাৎ মুখে পড়িতেই যার অম্লাস্বাদ পাওয়া যায় তা টক, কিন্তু যথেষ্ট বা সর্ব্বতোভাবে অম্লাস্বাদ-যুক্ত না হইলে পুনঃপুনঃ স্বাদ গ্রহণ করিতে হয় এবং তাতে টক রসই অবধারিত হইলে তাকে বলা যায় 'টকটক'] বিণ, ঈষৎ অম্লাস্বাদযুক্ত ; যাতে অম্লরসের আমেজ আছে। প্রাদে০ গ্রা০ ভাষায় টঁক্সা বলে।

টঁকটঁক২ [অনু০। রুক্ষতা ও কাঠিন্য-ব্যঞ্জক। গাঢ়তা ও আধিক্যার্থে দ্বিত্ব] অ, এরূপ প্রখর বা ঘোর লাল যে চক্ষুতে আঘাত করে। প্র—লাল ট০ কচ্চে। টঁক্টঁকিয়া, টঁকটঁকে—বিণ, চক্ষুতে আঘাত করে এরূপ প্রখর ; কড়া লাল ; গাঢ় বা ঘোর লাল। প্র—লাল টকটকে বা টক-টকে লাল [দ্রঃ—প্রত্যেক বর্ণ, দর্শনেন্দ্রিয়ের উপর আঘাত করে। বর্ণ গাঢ় ও তীব্র হইলে তা নিরেট কঠিন বস্তুর মত টক করিয়া আঘাত শব্দের কল্পনা জাগাইয়া দেয় বা টক্ এই শব্দ স্মরণ করায় এবং সেই বর্ণতরঙ্গ উপর্য্যুপরি চক্ষে আসিয়া আঘাত করিলে তা "টকটকে" পদবাচ্য হয় (তুল—গ্রা০—কটকটে লাল, ক্যাটকেটে)। লালবর্ণ আমাদের দৃষ্টি স্বভাবতঃই অধিক আকর্ষণ করে এবং ইহা যতই ঘোরাল হয় ততই ইহার কাঠিন্য অনুভূত হয়। এই হেতু ঘোর লালকেই টকটকে বলে। টকটকে লাল, উগ্র বা তেজাল, সুতরাং চক্ষুর পীড়াদায়ক ; ইংরেজিতে ইহাকে (warm colour) উষ্ণবর্ণ বলে। কিন্তু টুকটুকে মৃদু ও চক্ষুর আরামদায়ক ; টুকটুক দ্রঃ]।

টঁকতন্ত্রী [সং] বি, প্রাচীন হিন্দুদিগের বাদ্যযন্ত্রবিঃ।

টঁকপালঙ্গ, -ঙ, -ম [সং চুক্র-পালঙ্ক্য >] বি,পালঙ শাকের মত পাতাযুক্ত। অম্ল-শাক-বিঃ ; চুকাপালঙ্গ Rumex vesicarius.

টঁকা [টক২(দ্রঃ)+আ (ক্রিয়ার)] ক্রি,টক হওয়া ; অম্লাস্বাদে বিকৃত হওয়া। ২ অপ্রীতি-কর বা মাধুর্য্যহীন হওয়া। "নূতনেই প্রেম মিঠে থাকে, বাসি হলেই টকে"—দ্বি০ রায়।

টঁকাটঁক [টক (শব্দ)+আ (ব্যাপ্তি, প্রভৃতি অর্থে)। টক শব্দের পুনরাবৃত্তি ও ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। টক্ দ্রঃ] অ, উপর্য্যুপরি টক্ এই শব্দ ও তার প্রতিশব্দ বা প্রতিধ্বনির ভাব। ২ তৎক্ষণাৎ ; তাড়াতাড়ি ; তখনই তখনই ; অবিলম্বে। "ঐ যে ৫।৭টা কমিশনের রিপোর্ট বেরিয়েছে সে সব দেখিবামাত্র টকাটক বলে দিবে।"—বি০ কু০ সরকার। বক্তার মুখের কথা বেরুতে না বেরুতে রিপোর্টার সর্টহ্যাণ্ডে টকাটক লিখে যেতে লাগ্‌লো। যেমন বলবে অমনি টকাটক আপনার নোটবুকে তুলে নেবে।"—ঐ।

টঁকানি [টক+আন(বাং-ক্রিয়া বিভক্তি)] ক্রি, টক করিয়া ফেলা ; আমলাইতে দেওয়া।

টঁকাস-টঁকাস—টক১ দ্রঃ।

টঁকুআ, -য়া [টক=অম্ল + উআ (বির্থে০)। গ্রা০—টোকো] বিণ, অম্লবিশিষ্ট ; অম্লরসযুক্ত।

টঁকুই [হিং টোকরী >]। প্রাদে০ বি, ধুচুনী ; চাউল ধোয়া পাত্রবিঃ।

টঁক্কর, টঁক্র১ [হিং] বি, উছট্ ; ঠোকর। "ঘোড়াসকল টক্কর খাইতে লাগিল।" (রাজসিংহ)। ২ পরস্পর আঘাত ; সংঘর্ষণ ; ধাক্কা। প্র—রেলের গাড়ীতে গাড়িতে টক্কর লাগা। ৩ প্রতিযোগিতা। "আমাদের সঙ্গে এসে দিতে চায় সব কিনা টক্কর"—দ্বি০ রায়। ক্রি, টকরানি, টক্রান। [দ্রঃ—খাওয়া এবং দেওয়া যোগে টক্কর শব্দ ক্রিয়াপদ হয়। টঁ০ খাওয়া—ঠোকর খাওয়া (=প্রাপ্ত হওয়া)। টঁ০দেওয়া—প্রতিযোগিতা করা]।

টঁক্করাটঁক্করি, -টঁক্কুরি, টক্রাটক্রি [টক্কর+আ (প্রতি-যোগিতার্থে) টক্কর+ই। উনবিংশ শতাব্দীর মধ্য ভাগের বাং] বি, দুই পক্ষের মধ্যে পরস্পর প্রতিযোগিতা ; পক্ষ এবং বিপক্ষের উৎকর্ষাপকর্ষ ; প্রতিদ্বন্দ্বিতা ; বিরুদ্ধাচরণ ; প্রতিপক্ষতা ; "প্রতিযোগী পরীক্ষার টক্করা-টক্করিতে প্রধানতঃ তিনটি দোষ দেখা যায়" —সাধনা ২য় বর্ষ। ২ তর্কাতর্কি। টঁ০ কঁরা [বাং-র 'করা' যোগে নিষ্পন্ন ক্রিয়া-পদ] ক্রি, প্রতিযোগিতা করা ; প্রতিদ্বন্দ্বিতা করা। টঁ০ দেওয়া—পাল্লা দেওয়া। ২ তর্কাতর্কি করা। "শিবশঙ্কর দাস একদিন শীরখাঁ নাজিরের সহিত টক্রাটক্রি দেওয়ায় জন্ত রেশমের কুঠীর ২০০০ হাজার তলবদারকে একেবারে দেখিতে পারিত না।"—কালীকমল সার্ব্বভৌম (বঙ্গ সাহিত্য পরিচয়, ২য় ভাগ)।

টঁক্র২, টঁক্রু [সং-তর্কু >] বি, সূত্র পাক দিবার যন্ত্রবিঃ ; টাকুর spindle.

টঁগবঁগ [অনু০] বি, ঐরূপ শব্দ। ২ ফুটন্ত জলের শব্দ ; অত্যুষ্ণ জলে তণ্ডুলাদি ফুটিবার শব্দ। এই অর্থে প্রা০-বাং-'টকভক' শব্দের প্রয়োগ। "বৈতরণীর জল ফুটি করএ টকভক।"—শূ০ পু০। ৩ দ্রুতগামী অশ্বাদির পদশব্দ। এই অর্থে 'টগাবগ' শব্দেরও প্রাদেশিক ব্যবহার আছে।

টঁগঁর [সং—তগর >] বি, পুষ্পবিঃ tabernæmontana coronaria. ২ তগর পুষ্প ; টগর ফুল। গ্রা০—"টগ্‌গর"। "তারা নামে টগ্‌গর ফুল।"—ছড়া।

`টঁগরা, `টঁগরে [সং—টগর (হাব, লীলা, বিভ্রম) >] বিণ, চালাক ; সেয়ানা (শিশুর প্রতিই প্রযুক্ত হয়)।

টঁগে-টঁগে [তর্কেতর্কে দ্রঃ। গ্রা০— তক্কে তক্কে > তাকে তাকে >, ত=ট, ক=গ] ক্রি-বিণ, সতর্কতার সহিত ; সাবধানে। প্র— টগেটগে পা ফেলে যাওয়া। ২ সন্ধানে। প্র—সে টগেটগে থেকে একদিন তাকে ধরে ফেলে।

টঁঙ, টঁঙ্গ, টং [তুঙ্গ (উচ্চ) >] বি, মঞ্চাদির উপরিস্থিত ক্ষুদ্র কুটীর। ২ মাচা ; মাচান। "দেখিবারে পাইল বোঁচা টঙ্গের উপর।"—কবিক০। ৩ বৃক্ষাবাস। "পারা-বতের দল যাহাতে সুখে-স্বচ্ছন্দে থাকিতে পারে এজন্য প্রায় প্রতি গৃহেই টঙ তৈয়ার করা আছে।"—ভারতী, ১৩৩৩। ৪ জলাশয় বক্ষে নির্ম্মিত অট্টালিকা।

টঁঙটঁঙ, টংটং [অনু০] অ, অনু-করণ শব্দ। ২ ভ্রমণের প্রণালীবিঃ ; পদ-ব্রজে সামান্যভাবে ঘুরিয়া বেড়ান। লঘুভাবে— টিং টিং। টঁ্যাংটঁ্যাং—অসময়ের ভাব জড়িত ঐরূপ ভ্রমণ। টঁউস টঁউস—

ঐভাবের সহিত লক্ষ্যহীনতা ও ক্লান্তির ভাব মিশ্রিত। টঁ্যাঙস্, টঁ্যাঙস-পূর্ব্বোক্ত ভাবের সহিত অসম্ভ্রমের ভাব জড়িত। টঙ্‌টঙ্ ও ট্যাঙ্ ট্যাঙ্ শব্দে দ্রুতগতি এবং টঙস্ টঙস্ বা টঁ্যাঙস্ টঁ্যাঙস্ শব্দে মন্দগতি বুঝায়।

টঙ্ক১-বি; টাঙ্গি ইং ভেদনাস্ত্র; খননাস্ত্র। ২ খড়্গ। ৩ খাপ। ৪ চারি মাষা পরিমাণ। ৫ পর্ব্বতাদির উন্নত স্থান। ৬ সোহাগা। "বিড়ঙ্গ বদলে লবঙ্গ পাব শুঠের বদলে টঙ্ক।" -কবিক°। ~পতি-টাকশালের অধ্যক্ষ। ~বান-ধনী; টাকাওয়ালা।

টঙ্ক২ [টঙ্ক্ (বন্ধনে) > প্রা° টঙ্কো] বিণ, দৃঢ়; শক্ত; মজবুত; দড়। "বাঁশের চেয়ে কঞ্চি টঙ্ক।" -প্রবচন।

টঙ্ক৩ [রাসাঃ পরিঃ] বি, টঙ্কণ-ক্ষার; টঙ্কণ borax.

টঙ্ক৪, টঙ্ক/ক [সং] বি, রজত মুদ্রাবিঃ টাকা। ~পতি-বি, টাকশালের অধ্যক্ষ mint-master. ~বিজ্ঞান-বি, মুদ্রা-পরিজ্ঞাপক বিদ্যা numismatics. ~শাল [প্রা° টঁাকশাল, টঁ্যাকশাল] মুদ্রা নির্ম্মাণ স্থান mint. ~শোধন-বি, মেকি টাকা খাঁটি করা।

টঙ্কন১ [সং-টন্ক্ (টাঁকা) + অন (ভা°)। তুল- জর্ম্ম-টাক্‌কন্ (L. Gertukken), ইং-টাক্ (tuck)] বি, টাঁক; বাঁধন। ২ চিহ্নকরণ। ৩ প্রাঙ্গণ; উঠান।

টঙ্কন২ [টন্ক্ (বন্ধন করা) + অন (র্তৃ)] বি, টাঙ্গন; পার্ব্বত্য ঘোটক। ২ সোহাগা।

টঙ্কবিজ্ঞান-টঙ্ক৪ দ্রঃ।

টঙ্কশালা-টঙ্ক৪ দ্রঃ।

টঙ্কশোধন-টঙ্ক৪ দ্রঃ।

টঙ্কা [হিং-তন্‌খা বা তখা, ওড়িং-তঙ্কা] বি, টাকা। ২ মাহিনা; তলব; বেতন; বৃত্তি।

টঙ্কার [টং (শব্দ) + কার=করণ-টং এই শব্দ করণ] বি, ধনুকের ছিলার শব্দ। ২ ঝংকার। ৩ বিস্ময়। ৪ খ্যাতি। ~কারিণী -বি, তারাদেবী।

টঙ্কারী [সং। নাড়া পাইলে টং টং শব্দ হয় বলিয়া] বি, টেপারী নামক ক্ষুদ্র গুল্ম।

টঙ্কিত১ [টঙ্ক্ (বন্ধনে) + ত (র্ম্ম)] বিণ, বদ্ধ; টাঁকা; বা টাঁকা হইয়াছে। ২ ধনুকের ছিলার শব্দে শব্দিত; ঝংকৃত।

টঙ্কিত২ [টং (শব্দে >)] বিণ, টং এই শব্দে শব্দিত।

টঙ্গ১ (টং) [সং-তুঙ্গ] বিণ, উচ্চ। বি, উচ্চ স্থান; উচ্চ মাচা; চালের মটকা।

টঙ্গ২, টং [সং-টঙ্ক (ক্রোধ) -অতি ক্রোধ যেন মূর্ত্তি ধারণ করিয়া আছে এরূপ] বিণ, ক্রোধমূর্ত্তি; অতিক্রুদ্ধ। প্র-রাগে টঙ্গ হইয়া বসিয়া আছে।

টঙ্গ৩ [সং] বি, খননাস্ত্র। ২ পরশু; টাঙ্গী।

টঙ্গন [টঙ্কন২ দ্রঃ] বি, সোহাগা।

টঙ্গস্-টঙ্গস্, টঁ্যাঙশ্-টঁ্যাঙশ্, টাঙোশ-টাঙোশ [টঙটঙ দ্রঃ] অ, ক্লান্ত-পদে ও লাঠিতে ভর দিয়া টংটং শব্দে লাঠি ঠুকিতে ঠুকিতে ক্রমাগত পথ চলিবার ভাব। অবজ্ঞার্থে-ট্যাঙোশ, ট্যাঙোশ।

টঙ্গা, টাঙ্গা, টোঙ্গা, টাঙা, টোঙা [হিং তা (টা) ঙ্গা > ইং tonga > বি, এক বা দ্বিঅশ্ব চালিত দ্বিচক্র যানবিঃ।

টটমট [টুমটাম দ্রঃ] অ, সামান্যভাবে।

টটাটটি, টটাটিটি [টায়টার দ্রঃ] অ, যেমন তেমন; জো সো; সামান্য; জোড়াতাড়া।

টটামটী [টটমট দ্রঃ] অ, মোটামুটি।

টট্টর [অনু°। তুল-trot] বি, টাট্টু ঘোড়ার পদশব্দ। ২ ক্রোধ বা গর্ব্বভরে পদক্ষেপ; ঠট্‌ঠর। টট্টরী-ঢাকের বাদ্য।

টণ্ডাই, টাণ্ডাই, টৈণ্ডাই [সং-তড্ (তাড়নে) > তাণ্ডাই > হিং। প্রাদেশিক টেণ্ডাই-মেণ্ডাই] বি, ঔদ্ধত্য; তাড়না; আস্ফালন; বচসা; ঝগড়া।

টন্১ [অনু°] অ, টন এই শব্দার্থে; কঠিন বস্তুতে কঠিন বস্তুর আঘাত শব্দ। প্র-টন্ ক'রে বেজে উঠল।

টন্২ [ইং ton এর লিপ্যন্তর] বি, ২০ হন্দর ওজন; প্রায় ২৭ মণ।

টনক১ [টন্ (আঘাত শব্দ >)] বি, স্মৃতিস্থানে আঘাত। "কপালে টনক নড়ে, হাত হইতে হাতা পড়ে, উছট লাগিয়া পদ টলে।" -অং মং। "হরিতে স্মরণ করে সাধুর বালক। কৈলাসেতে ভগবতীর কপালে ট°" -কবিক°।

টনকি২, টন্‌কা [টঙ্ক্ (বন্ধনে) >] বিণ, টানটান; শক্ত। "টনক করি ধরি মুখে দিল এক মুঠ।" -পদ্মাপু° (বিজয় গুপ্ত)।

টনটন [অনু°। টন্ দ্রঃ] অ, লৌহাদি কঠিন বস্তুতে তদ্রূপ কঠিন বস্তুর আঘাত শব্দ [এইরূপ শব্দের ব্যাপ্তি অর্থে টনাটন]। ২ ফোটকাদি পাকিয়া উঠিলে যে যন্ত্রণা হয় তা যেন উক্ত আঘাতের শব্দকে অভিব্যক্ত করে। পুঁজে পূর্ণ ফোড়া কাটিবার বা কাটিয়া যাইবার পূর্ব্বে ভিতরের দূষিত রসরক্ত যেন ঠেলিয়া বাহির হইবার জন্য ফোঁড়ার মুখে পুনঃপুনঃ আঘাত করিতে থাকে, সেই যন্ত্রণাদায়ক আঘাতের কাল্পনিক শব্দের অভিব্যক্তি। ক্রি, টনটনানি [টন-টনায়; টনটনাইতে (কে° টনটনাতে); টনটনাইয়া (কে° টনটনিয়ে) ইং। করা ধাতু যোগে ও ক্রিয়াপদ হয়] ব্যথা বা বেদনা করা। প্র-ফোড়া টনটন করিতেছে। রগ টনটন করে। বিণ, টনটনিয়া, টনটনে-টনটনিআ দ্রঃ। বি, টন-টনানি-টনটন করিবার অবস্থা; যন্ত্রণা [দ্রঃ -টনটন শব্দ ক্ষুদ্রতর ভাব ধারণ করিলে টিনটিন (চিন চিন্ দ্রঃ) এবং তা ক্ষুদ্রতম হলে "টুনটুন" শব্দে পরিণত হয়]।

টনটনিআ, -য়া [প্রা° টনটনে] বিণ, কঠিন; শক্ত। ২ কঠোর; নিষ্ঠুর (এই অর্থে অদৃষ্ট, কপাল বা বরাত শব্দের সহিত প্রযুক্ত হয়)। ৩ সর্ব্বতোমুখী। ৪ দূরে প্রসারিত।

টনটান [অনু°] বি, অনুকার শব্দ। "টাঙ্গি টনটান হানিতেছে ঠনঠন সেনাগণে দিয়া তাড়া।" -অং।

টনা [সং-তন্ত্র > তান্ত্রা > টাম্না (দ্রঃ) > টনা। প্রা°-বাং] বি, টানা; রজ্জুবিঃ। "পাটের টনা" -পূ° পু°।

টনিক [ইং tonic এর লিপ্যন্তর] বি, রুগ্ন দুর্বল দেহে শক্তিসঞ্চারক ঔষধ ; সালসা।

টপ্ [সং–পৎ > বর্ণবিপর্য্যয়ে টপ্। তু প্রট। মূলে অনু°। হি°–টপ্‌না (ফোঁটা পড়া)] অ, এক ফোঁটা জলাদি তরল বস্তুর পতন শব্দ। ২ [পতনের দ্রুতত্ব-ব্যঞ্জক ; টপ্ ধ্বনি হ'তে যতক্ষণ লাগে তত শীঘ্র। ৩ হঠাৎ টপ্ এই শব্দে ; টপ করিয়া। ৪ অবিলম্বে ; এককালে, হঠাৎ ফল বা মিষ্টান্নাদি দ্রব্য পতনের বা মুখের মধ্যে নিক্ষেপ করিবার শব্দে। প্র–টপ্ করে গিলে ফেলা। গাছ হইতে টপ্ করিয়া ফল পড়িল। ~টপ্ [বাহুল্যাধিক্য, দ্রুততা অর্থে দ্বিত্ব] অ, ক্রমাগত টপ্ এই শব্দ। ইহার মৃদুরূপ 'টুপটুপ'। টুপটুপের বেগ যখন হ্রাস প্রাপ্ত হয় তখন 'টুপুস টুপুস হয়। কিন্তু টপটপ করিয়া পতনশীল বিন্দু যখন বৃহদাকার হয় তখন সেই মন্থরগতি বড়বড় ফোঁটা পতন শব্দের নাম 'টপাস টপাস'। কিন্তু যখন বিন্দু ছোট বড় নানা আকারে অপেক্ষাকৃত দূরে দূরে এবং অপেক্ষাকৃত বিলম্বে একের পর এক করিয়া পতিত হয় তখন হয় 'টুপটাপ', এবং ঐরূপ ছোট বড় ফোঁটা অর্থে 'টুপুস-টাপুস'।

টপ [সং–স্তূপ > টোপ (দ্রঃ) >] বি, মুকুট বা মটরাকৃতি গঠন, যেমন "টপতোলা"। ২ [সং স্তম্ভ্ (আচ্ছাদনে)] রৌদ্র বৃষ্টি ই° নিবারকআচ্ছাদন ; উপরের আবরণ [তুল– ইং top = উপর, গ্রী° topas= স্থান]।

টপকা [সাধাঃ–আলটপকা (দ্রঃ)] বিণ, অকস্মাৎ; আলটপকা। ২ টপকান দ্রঃ।

টপকানি [হি°–টপ্‌না, টপক্‌না=টপ টপ করিয়া পড়া। টপকাই, টপকাও, টপকায় ; টপকাইতে ; টপকাইয়া (কে° টপকে)] ক্রি, জলাদি তরল বস্তু ফোঁটা ফোঁটা করিয়া পড়া। ২ উল্লঙ্ঘন করা ; ডিঙ্গাইয়া যাওয়া। বি, টপকানি– লাফাইয়া পড়ন ; বেড়া ই° ডিঙ্গাইয়া পড়ন।

টপখেয়াল–বি, টপ্পা ও খেয়াল এই উভয় সুর ও প্রণালী মিশ্রিত গীত।

টপ্পা(প্)টপ–টপ্ দ্রঃ।

টপটপানি [টপটপ + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, টপটপ্ শব্দে জল বা জলবৎ কোন তরল দ্রব্যের ফোঁটা পড়া। ২ টপটপ করিয়া ফোঁটা ফোঁটা বৃষ্টি পড়া। ৩ তাড়া-তাড়ি ভক্ষদ্রব্য ক্রমাগত মুখের ভিতর নিক্ষেপ করা। ৪ কোন কিছু একটার পর একটা শীঘ্র শীঘ্র সম্পন্ন করা। বি, টপটপানি।

টপাটপ [টপটপ দ্রঃ] অ, টপটপ অপেক্ষা পতন বা কবলিত করণের দ্রুতত্ব ও ব্যাপ্তির আধিক্য ব্যঞ্জক।

টপ্পা [হি°–টপ্‌পা "Etymologically derived from a Hindi word which means tripping or frisking about with light fantastic toe, a tappa means a little song of a light nature."—H. music. বি, হিন্দী খেয়ালের অনুকরণে রচিত ললিত পদবহুল প্রণয়সঙ্গীত ; বিশেষ সুর লয়ে গেয় লঘু প্রকৃতির ক্ষুদ্র গীতবিঃ। "টপ্পা গেয়ে তেরিয়ান উঠিলেন ফুলে।" –হেম° [দ্রঃ– ৺রামনিধি গুপ্ত ওরফে "নিধুবাবু" (১১৪৮ সালে হুগলী, চাপতা গ্রামে জন্ম) "সরি মিঞার" টপ্পার অনু-করণে বাঙ্গালা টপ্পা বা প্রণয়সঙ্গীত রচনার প্রবর্ত্তক। ৫০ রকম রঙ্গীন গানের মধ্যে টপ্পা অন্যতম। খেয়াল ও টপ্পা রঙ্গীন গানের প্রকার ভেদ"–সঙ্গীত রাগ কল্পদ্রুম (কৃষ্ণানন্দ ব্যাস)। "tappa unlike কবি, পাঁচালী বা যাত্রা was essentially Baithaki gan or songs for the drawing room, which was appreciated chiefly if not wholly by the upper class.]। ~বাজ [টপ্পা + বাজ (নিপুণ), ৭তৎ] বি, টপ্পাগানে দক্ষ।

টপ্পোর [হি° টপ্পর (ছপ্পর), হি° টাপা (টোকরা)] বি, বাঁশ ও খড়ের দড়িতে প্রস্তুত ৫ হাত লম্বা ১৬ হাত চওড়া, ১৬ হাত উঁচু ধানের জমিতে সার বহিবার আধার ; গরুর গাড়ীতে করিয়া সার বহিবার টোকরা।

টব [ইং–টাব tub এর লিপ্যন্তর] বি, কাঠ বা টিন ই° নির্ম্মিত জলপাত্র ; বালতি।

টবটব [অনু°] অ, কোন আধারে বা নির্ম্মিত সরুমুখ পাত্রে প্রায় পরিপূর্ণ চর্ব্বাদি জলাদি তরল বস্তু আন্দোলিত হইলে তার শব্দ। প্র–পেটে জল টবটব করিতেছে। বিণ, টবটবে–উভরাপেপূর্ণ ও শব্দবিশিষ্ট।

টব্বর [হি° টাব্বর] বি। কুটীর ; কুঁড়ে। ২ আত্মীয়স্বজন ; জাতিকুটুম্ব ; পরিবারবর্গ ; জাতিগোত্র। "আপন টব্বর নিয়া বসিল অনেক মিঞা।"–কবিক°। ৩ জলাশয়।

টবর্গ [ব্যা°] বি, ট, ঠ, ড, ঢ, ণ এই পাঁচটী বর্ণের শ্রেণী।

টমক [অনু°] বি, ট° শব্দ। ২ বাদ্য যন্ত্র-বিঃ। "রণ শিঙ্গা কাড়া পড়া ট°টৈমা ই"–ঘ°।

টম্‌টম্[1] [অনু°] অ, টম্‌টম্ এই শব্দ। লঘু শব্দে–টিমটিম। বিরক্তিকর শব্দাধিক্যে– ট্যামট্যাম। ব্যাপ্ত্যর্থে বা উপর্য্যুপরি অর্থে টমাটম।

টমটম[2] [ইং tandem >] বি, এক ঘোড়ার টানা দুচাকার খোলা গাড়ী। ২ [টেমাই দ্রঃ] ট্যামটেমী ; বাদ্য বিঃ।

টম-হ্যারি [ইং Tom Dick & Harry বা Tom Harry & Dick >] বি, প্রাকৃত জন ; সামান্য লোক ; যে-সে শ্বেতকায় ; অপ্রসিদ্ধ য়ুরোপীয় সাধারণ ; রাম শ্যাম যদু ; রেমো শেমো যোদো। "টনি সাহেব * * * তাঁহার প্রধান বিশেষত্ব এই ছিল যে তিনি এদেশের লোককে ভালবাসিতে ও সম্মান করিতে শিখিয়াছিলেন, এখনকার টম হ্যারি-দের মত তিনি কথায় কথায় ভারতীয়দের প্রতি নাক সিট্‌কাইতেন না"–আ° বা° পত্রিকা, ৯-৮-১৯২২।

টয়ে [টই (চালের মটকা–চূড়া)] বি, চূড়া। ২ ঢাকের উপরে ময়ূরপুচ্ছ ই°–র চূড়া। ৩ [টেকো দ্রঃ] জাল বুনিবার সূত্র যে ক্ষুদ্র বংশ বা কাষ্ঠ নির্ম্মিত যন্ত্রে জড়ান থাকে ও বুনিবার সময় জেলেরা কাণে বা মাথায় গুঁজিয়া রাখে। ৪ [বিদ্রূপে। জেলের টয়ের ন্যায়] পাগ ; ঝ্যাটা। "দুই এক জন টয়ে বাঁধা ইংরাজীওয়ালা দরখাস্ত লিখছে।"–টেকচাঁদ।

টর [প্রাদে°] বিণ, তীব্রতা জন্য ব্যাকুল। ২ অজ্ঞান।

টরকানি [হি° টরকানা] ক্রি, লম্ফ দেওয়া ; ঠিকরাইয়া যাওয়া। "টরকিয়া যায় ময়নামতী গরদানত ধরিল"–মাণিক° গান।

টর্ণী [ইং এটর্ণী > কে°। ম° বাং] বি, আমমোক্তার attorney. ~নামা [ইং– attorney > টর্ণী + ফা°–নামা

(কোবালা, পত্র)] বি, আমমোক্তারনামা ; ওকালত নামা power of attorney.

টঁল [হিং—টহল > বাং] বি, পাদচারণ ; পায়চারি। টঁ॰ দেওয়া—ক্রি, পায়চারি করিয়া চৌকী দেওয়া।

টঁলটঁল [সং—টল্ (বিক্লবে) >] ক্রি-বিণ, কোন আধারে জলাদি তরলবস্তু ছাপাছাপি হইয়া বায়ুভরে বা অন্য কারণে আন্দোলিত হইলে, তা টলটল করিতেছে বলা হয় ; অস্থির। ২ আন্দোলিত। "টলটল ঢলঢল চলচল ছলছল কলকল তরল তরঙ্গে।"—অ॰ ম॰। "এই স্তব্ধ নিশীথে সুবিস্তীর্ণ নীলাম্বুরাশি আফ্রিকার সুনির্মল পূর্ণচন্দ্রের উজ্জ্বল কিরণে তরল রজত সমুদ্রের ন্যায় আমাদের পদতলে টলটল করিতেছে।" —দী॰ রায় (মহিমময়ী)। বিণ, টঁলটঁলিআ, টলটঁলে, টঁলটঁলিত, টঁলটলায়মান। ক্রি, টঁলটঁলানি [টলটল্+আন (ক্রিয়ায়)। টলটলাই, টলটলাও, টলটলায় ; টলটলাইতে ; টলটলাইয়া (কে॰ টলটলিয়ে) পদ্যে—টলটলি] ক্রি, টলটল করা ; চঞ্চল হওয়া ; আন্দোলিত হওয়া। বি, টঁলটঁলানি।

টঁলদা—তলদা দ্রঃ।

টঁলিন—টলা দ্রঃ।

টলবঁল [সং—টল্ (বিক্লবে) + বল্ (সঞ্চরণে) >]অ, বিণ,আন্দোলিত। ২ দোলায়মান। "টলবল করে যেন পদ্মপত্রের বারি" —ধর্ম্ম ম॰ (মাণিক॰)। ক্রি, টঁলবঁলানি—টলমল করা। "নাক টলবলাএ আখিকে দামোদর"—শ্রী॰ কী॰। বি, টঁলবঁলানি।

টঁলমঁল [টলবল দ্রঃ। ব=ম] অ, পুনঃপুনঃ বা ঝনঝন আন্দোলিত বা বিচলিত ; অস্থির। ২ হেলাদোলা। "ছুহুতে ভাসিল জলে করহি টলমল"—শূ॰ পু॰। ৩ কি হয় কি হয় এইরূপ সংশয়াপন্ন অবস্থায় পতিত হওয়ার ভাব। ৪ কম্পিত। বিণ, টঁলমলিয়া, টলমোলে, টলমলিত, টলমলায়মান। ক্রি, টলমঁলা—টলমল করা। ণিজন্ত, টলমঁলানি।

টলা [টল্=চঞ্চল হওয়া। টলি, টল (টলুন, টল্), টলে (টলেন) ; টলিতে ; টলিয়া (কে॰ টলে)। ণিজন্ত—টলান] ক্রি, বিচলিত বা চঞ্চল হওয়া। প্র—মন টলা। ২ স্থানচ্যুত হওয়া। প্র—পা টলা। ৩ আন্দোলিত হওয়া। প্র—পা টলা। ৪ নড়চড় হওয়া ; অন্যথা হওয়া। প্র—প্রতিজ্ঞা বা বাক্য টলা। ৫ [শ্রীহট্ট প্রাদে॰] বি, পরিত্যক্ত পাতিল। বি, টঁলন। ~টলি [টলা (আন্দোলিত, বিচলিত হওয়া) + টল (দীর্ঘকালবর্ত্তিতা হেতু ও বহুলীকরণে দ্বিত্ব) + ই (তদ্ভাবে বা অবস্থা অর্থে)] বি, ক্রমাগত টলনের অবস্থা বা ক্রিয়া।

টলানি [টলা দ্রঃ] ক্রি, টলাইয়া বা নড়াইয়া দেওয়া।

টলিত [টল্ (চঞ্চল হওয়া) + ত (ক্ত)] বিণ, বিচলিত ; স্খলিত। স্ত্রীং ~া।

টঁস [রস > প্রা॰। র=ট] বি, রস। টঁ॰ কাড়ানি—ক্রি, রসিকতা করা। "মেয়ে ধরে টস্ কাড়াতে হবে না"।

টঁসটঁস [হিং—টসক্না >। বিন্দুপতন শব্দ। মৃদু শব্দে টুস্‌টুস্] অ, কোন রসাল বস্তুর রস বা নির্য্যাস বিন্দু বিন্দু পতনের ভাবব্যঞ্জক শব্দে। ২ রসে পরিপূর্ণ হওয়ার ভাব। বিণ, টঁসটঁসিয়া, টঁসটোসে। ক্রি,টঁসটঁসানি—ট॰ করিয়া পড়া বা ঐরূপ করা ; চুয়াইয়া পড়া। বি, টঁস্‌টসানি।

টঁসা [টস (দ্রঃ) + আ (ক্রিয়া বিভক্তি)] ক্রি, টসাইয়া পড়া ; টসটস করিয়া পড়া ; চুয়াইয়া পড়া। ণিজন্ত—টঁসানি—টস্‌টস্ করিয়া বিন্দুপাতন ; চুয়ান।

টঁস্কানি, টঁস্‌কানি [হিং—টসক্না। টসকাই, টস্‌কাও (টস্‌কান, টস্কা), টসকায় ; টস্‌কাইতে (কে॰ টস্‌কাতে) ; টস্‌কাইয়া (কে॰ টঁস্কে) ই॰] ক্রি, চুয়াইয়া পড়া। ২ কোন ভঙ্গপ্রবণ বস্তুর পড়িবামাত্র বা ধাক্কাতে ভাঙ্গিয়া যাওয়া। ৩ জরাবাহ্য হওয়া। "গৌর গোল গাল শরীরখানি বেশ একটু টস্‌কেছে"—মেজ বৌ (আ॰ শক্তি)।

টঁইঁরম [ইং term >] বি, কাছারির কার্য্যকাল।

টঁইঁরম-মঁইঁরম [প্রা॰। দহরম-মহরম দ্রঃ। দ=ট] বি, মাখামাখি ভাব ; বিশেষ ঘনিষ্ঠতা।

টঁহঁল [হিং—টহল্না=পর্য্যটন করা] বি, ভিক্ষার্থে গান করিয়া পর্য্যটন ; পাদচারণ। বিণ, ~দার, টঁহলিয়া [ট॰ + ফা॰—দার] বি, যে টহল দেয় ; চৌকিদার। ক্রি, টঁহঁলা—অশ্বাদির শ্রান্তি দূর করিবার জন্য পাদচারণ দেওয়া ; পাদচারণ করিতে করিতে বা পরিভ্রমণ করিয়া চৌকি দেওয়া ; ঐরূপ চৌকিদারী বা খবরদারি করা। টহঁলান [হিং—টহল্না। টহলাই,—লাও ই॰] ক্রি, পায়চারি করা ; বেড়ান ; পর্য্যটন করা। ২ [ণিজন্ত। হিং—টহ্‌লানা] টহল দেওয়ান ; পায়চারি করান ; বেড়াইয়া আনা। বি, টঁহঁলন, টঁহঁলানি—টহল দিবার কার্য্য।

টা[1] [সং] বি, যে ভূকম্প প্রলয়াদিতে টলে ; পৃথিবী।

টা[2] [প্রা॰-বাং 'গোটা' > কে॰। গোটা দ্রঃ] অ, বাং প্রত্যয়-বিঃ suffix। এই প্রত্যয় যোগে বিশেষ্যপদ সামান্য বা সাধারণ অর্থ ত্যাগ করিয়া বিশিষ্ট বা নির্দিষ্ট অর্থ প্রকাশ করে। যথা, -লোক বলে অর্থাৎ সাধারণে বলে, কিন্তু লোকটা বলে অর্থে সেই নির্দিষ্ট লোক বলে। ২ "টা" সম্রমের অভাবাত্মক। প্র—এটা, ওটা, যেটা, সেটা, যতটা। সম্রমস্থলে "টি" বা "টা" হয়। ৩ সংখ্যা বা পরিমাণ নির্দ্দেশক অব্যয়। সংখ্যা বা পরিমাণবাচক শব্দ যোগে বিশেষণপদ গঠন করে। প্র—একটা, দশটা, কতকটা, যতটা, এতটা ই॰। ~ক—টাক[2] দ্রঃ। ~র [প্রাকৃ—ডার >। অপভ্রংশ ভাষার তুম্হাদি শব্দের উত্তর ঈয় প্রত্যয় স্থানে 'ডার' আদেশ—হে॰। > বাং-র ডার=টার, পূ॰ বঙ্গে সং রূপ চ॰। তুল—এটার, ওটার, সেটার ট=(পূ॰ বঙ্গে) এডার, ওডার, সেডার ই॰] সম্বন্ধবাচক প্রত্যয় ; এর।

টাইপ [ইং type এর লিপ্যন্তর] বি, ছাপিবার জন্য সীসার অক্ষর। ২ টাইপ-রাইটার যন্ত্রাদির রবারের অক্ষর। টা॰ করা—টাইপ-রাইটার যন্ত্র-সাহায্যে লেখা।

~রাইটার [ইং typewriter এর লিপ্যন্তর] বি, চাবি টিপিয়া, ছাপার অক্ষরের মত লেখার যন্ত্র। "মেসিনটি দেখিতে অনেকটা সাধারণ টাইপরাইটারের মত।"—সম্মিলনী, ভাদ্র ১৩৩৪।

টাইম [ইং time এর লিপ্যন্তর। গ্রা° নিয়কথ্য—টাইন, টেম] বি, সময়।

টাইয়া [অস°] বিণ, ঠাণ্ডা।

টাইল [শ্রীহট্ট প্রাদে°] বি, ধান রাখিবার খুব বড় পাত্রবি: ; প্রস্থাপেক্ষা যার দৈর্ঘ্য বেশী হয়।

টাউন [ইং town এর লিপ্যন্তর] বি, নগর। ~হল [ইং townhall এর লিপ্যন্তর] বি, মিলনগৃহ।

টাউর্‌ন (-র্‌-) [হি°—টরকন >] বি, টলিয়া পড়ন ; ঠিকুরন ; শীতে কম্পন।

টাউর(া)নি [হি°—টর্‌কানা। টাউরাই, -রাও, -রার ; -রাইতে (কে° টাউরাতে) ; -রাইয়া (কে° টাউরে) ই°] ক্রি, ঠিকরে পড়া ; টলে পড়া।

টাংনা [মুর্শি° প্রাদে°] বি, ১ হাত বা ২½ হাত লম্বা বাঁটবিশিষ্ট মাটি খুঁড়িবার যন্ত্র (ইহার পাতলা চওড়া কোদাল অপেক্ষা ছোট ফলা থাকে)।

টাঁক১ [সং—টঙ্ক (বন্ধন করা) >। হি° তাক (বদ্ধদৃষ্টি)] বি, বদ্ধদৃষ্টি ; লক্ষ্য ; তাক ; অপেক্ষা। "বেছে বেছে আমাদেরই ওপর যে চোরেদের এত "টাঁক" তাতে মনে হয় তাদারই ভেতরে টিপ আছে।"—চোর কাঁটা। ২ আশা। ৩ লোভ।

টাঁক২ [ইং tuck. টঙ্ক দ্রঃ] বি, বন্ধনী সেলাই।

টাঁকন, টাঁকনি, টাঁকুনি [টাঁকা দ্রঃ] বি, (মন্দের) আশা, অপেক্ষা বা ইচ্ছা করণ। ২ ভবিষ্যৎকথন ; পূর্বসূচনা। ৩ সেলাই। টাঁকনিয়া—বিণ, যে টাঁকে।

টাঁকশাল [টঙ্কশালা > ভ্রং] বি, মুদ্রানির্মাণ স্থান mint.

টাঁকা১ [টাঁক২ (দ্রঃ) + আ (ক্রিয়ার)। টাঁকি, টাঁক, টাঁকে ; টাঁকিতে ; টাঁকিয়া (কে° টেঁকে)] ক্রি, সিলাই করা। ২ সিলাই দ্বারা আটকান ; ছিন্নবস্ত্র জোড়া দেওয়া।

টাঁকা২ [তাক, টাঁক১ দ্রঃ। টাঁকি, টাঁক (টাঁকুন, টাঁক্), টাঁকে (টাঁকেন) ; টাঁকিতে টাঁকিয়া (কে° টেঁকে) ই°] ক্রি, কোন মন্দ অভিপ্রায়ে থাকা ; কোন অমঙ্গলের জন্য অপেক্ষা করা ; পূর্ব্বসূচনা করা ; কামনা করা। "ছলেতে অন্নদা দেবী কহেন রুষিয়া। মরণ টাঁকিলি বেটা অনাথা দেখিয়া॥"—অ° ম°।

টাঁসা [চ°—টেঁসে যাওয়া। হি°—টাঁসনা] ক্রি, যে রোগে হাত পায়ের রক্ত চলাচল বন্ধ হইয়া যায় এমন রোগাক্রান্ত হওয়া। ২ [লক্ষ°, প্রায় ব্যঙ্গার্থে] মরিয়া যাওয়া।

টাক১ [তালুকীট >] বি, মস্তকের কেশশূন্যতা ; খালিত্য। "টাক নাশক তৈল" ই°। ২ কেশনাশক কীট। প্র—মাথায় টাক ধরা বা টাক পড়া।" বিণ, টাকুআ [চ° টেকো] টাকবিশিষ্ট bald.

টাক২ [একটা > টা—এক(অনির্দ্দেশক)। অল্পার্থে—টুক, আদরার্থে—টুকু] অ, পরিমাণবাচক অব্যয় ; আন্দাজ বা অনুমান এই পরিমাণ। প্র—একসের টাক জলে সিদ্ধ কর। ক্রোশ টাক পথ যেতে হবে।

'টাকনা [অনু°। স্থানভেদে 'চাক্‌না'। স্বাদগ্রহণে টাক্ ধ্বনি >] বি, চাখিবার শব্দ। ২ স্বাদগ্রহণ ; চাখন। ৩ ব্যঞ্জন।

টাকরা [অনু°। যে স্থানে জিহ্বাস্পর্শ দ্বারা টাক্ শব্দ করা হয়—যে টাক্ আওয়াজ দেয়] বি, জিহ্বার উর্দ্ধদেশ ; তালু।

টাকা১ [টন্ক্ >। চ°—টাঁকা১ (দ্রঃ)। বি, টাঁকা২ ; সেলাই।

'টাকা২ [অনু°। চাকিবার সময় জিহ্বা টাকরায় স্পর্শ করিলে যে শব্দ হয় > গ্রা° টাক্‌না (দ্রঃ)] ক্রি, চাকা ; জিহ্বাস্পর্শে স্বাদ গ্রহণ করা। টেকে দেওয়া—রৌদ্রে শুষ্ক করা ধান্য ভানিবার উপযুক্ত হইয়াছে কিনা চাকিয়া দেখা। "যত সব ব্রজনারী চাল কুটছেন সারি সারি। এলে দিচ্ছেন বড়াই বুড়ী টেকে দিচ্ছেন রাই।"—গান [এলে দেওয়া দ্রঃ]।

টাকা৩ [টঙ্ক >] বি, রৌপ্যমুদ্রা ; টঙ্কা (তঙ্কা দ্রঃ)। ২ ভবলপয়সা। ৩ ধন। "টাকাওয়ালা লোক।" ~ওয়ালা [হি° টাকা + বালা >। গ্রা° টাকাওলা, ট্যাকাওলা] বিণ, যার প্রচুর টাকা আছে ; ধনী। টা° কড়ি [পূর্ব্বে কড়ির ব্যবহারই অধিক ছিল। কড়িই টাকার পরিবর্ত্তে বিনিময়ের প্রধান বস্তু ছিল এবং কড়ির সংখ্যানুসারে ধনের পরিমাণ করার প্রথা ছিল] বি, ধনাদি ; ধনদৌলত। টা° কঁরা—টাকা জমা করা ; অধিক ধন সঞ্চয় করা ; ধনী হওয়া। টা° ধার কঁরা—অর্থ ঋণ করা। ~প্যঁসা—টাকাকড়ি দ্রঃ। টা° ভাঙ্গানি—টাকার বিনিময়ে আধুলি, সিকি, দুয়ানি, একানি পয়সা ই° ক্ষুদ্র ক্ষুদ্র মুদ্রা গ্রহণ করা। টাকার আণ্ডিল—যার অনেক টাকা আছে ; প্রভূত ধনশালী। টাকার মানুষ—ধনী বা অর্থশালী ব্যক্তি। টাকার মুখ দেখা—অর্থোপার্জ্জন করা ; টাকা পাওয়া।

'টাকার [প্রা°—বাং] বি, বদ্ধমুষ্টি ; ঘুষি। ২ তীক্ষাগ্র অস্ত্রভেদ। "টাকারের ঘাএ কংসে লইব পরাণে"—শ্রী° কী°।

টাকাহার—বি, এক প্রকার সুগন্ধি লতা।

টাকু, টাকুয়া, টাকুর [টক্কু > ভ্রং] বি, টাকুর ; টেকো spindle. ২ নাটাই।

টাকুরাই, টাকুরিয়া, টাকরে [প্রাদে°] বি, অজগ্রহ ; খেঁচুনি রোগ।

টাগ [সং—টঙ্গ (জঙ্ঘা) >] বি, জঙ্ঘা। ২ [হি°—টাঙ্ (টাঙ্গ্) >। ব্রজ°] বি, পদ ; চরণ। "কেশের আগ, চুমরে টাগ্ ফিরিয়া ফিরিয়া বাজে"—চণ্ডি°।

টাঙ্ক [টঙ্ক (নীলকপিথ) >] বি, নীলকপিথসঞ্জাত মদ্য। ~মাধ্বীক—টঙ্কফলের রস ও পদ্মমধু জাত মদ্য।

টাঙ্কর [সং—ডিঙ্কর >] বিণ, খল ; দুর্বৃত্ত।

টাঙ [সং-টঙ্ক] বি, কোদাল ; খনিত্র। ২ চরণ ; পদ। ৩ সোহাগা। ৪ দোকান।

টাঙন [সং-তুরঙ্গম >, বা টঙ্কন (দ্রঃ) >। বা হিং-ঠিঙ্না (< হেঁটে অঙ্গ=বেঁটে)] বি, পাহাড়ী ক্ষুদ্রজাতীয় দ্রুতগামী শক্তিশালী ঘোড়বিঃ ; টাট্টু। "পার্ব্বত্য টাং ত্যজি, বাছিয়া কিনিল বাজী"-কবিকং। "তাজী বাজী টাং করে জয়" -ঘং। ২ ধাতুবিঃ। "সমধুনা সুআজাল বুনেন টাং।"-শূং পুং।

টাঙা১ [টাঙন (পার্ব্বত্য ঘোড়া) >। চং-তাঙ্গা, তাঙা। ইং tonga] বি, যে যান বা শকট টাঙনদ্বারা বাহিত হয়।

টাঙা২ [সং-টঙ্ক, টকি (বন্ধনে) > (টঙ্কিত=উর্দ্ধে বদ্ধ)। প্রায়ই টাঙান (দ্রঃ)] বিণ, উর্দ্ধেবদ্ধ। টাং প্রদীপ-বিণ, উর্দ্ধে টাঙান প্রদীপ ; আকাশ প্রদীপ।

টাঙানি [টাঙা দ্রঃ। টাঙাই, টাঙাও, টাঙায় ; টাঙাইতে (ক্ষেং টাঙাতে, গ্রাং টাঙাতে) ; টাঙাইয়া (ক্ষেং টাঙিয়ে, গ্রাং টাঙিয়ে) ইং] ক্রি, টাঙাইয়া দেওয়া ; ঝুলান ; লট্কান ; খাটান।

টাঙী [অনুং। টং বা টন্ শব্দ >] বি, এক প্রকার কুঠার ; কুঠার-আকৃতি লৌহ অস্ত্রবিঃ ; পরশু battle-axe. "টাঙ্গি টন্ টান্, হানিছে ঠন্ঠান্, সেনাগণ দিয়া তাড়া।" -ঘং। "কেহ মারে শেল সাঙ্গী, ডাবুষ পট্টিস টাঙী, পরশ্বধ কুঠার তোমর।"-শিং। "টঙ্কিনী টমক টাঙী, টানিয়া টঙ্কার"-অং মং।

টাট১ [সং-তাম্রপাত্র > পাং-তট্টক >] বি, পাত্রবিশেষ ; থালা। ২ পূজার তাম্রপাত্রবিঃ। "এখন প্রাণপণে খালাস কর, টাটে বা ডুবায় পাছে"-রাংপ্রং। ৩ পর্দ্দা। ৪ গৃহতলে পাতিবার কাপড় ; ম্যাটিং matting। ৫ ক্যাম্বিসের কাপড় canvas ; sail cloth.

টাট২ [ত্রুটি > টুটা, টোটা >] বি, ত্রুটি ; দোষ। ২ কষ্ট ; দুঃখ, বিপদ। "মিছা খড়ি পাড় কাহাক্রি কপট সাটে। কংশ শুনিলে পড়ি যাইবে টাটে।"-শ্রীং কীং।

টাটকা [সং-তৎকাল > ব্রং হিং-টট্কা] বিণ, সদ্যোজাত ; নূতন ; অম্লান ; তাজা।

টাটরা [প্রাদেং জেয়ে আঁটরা] বিণ, কঠিন, আচোট (মাটি) ; আঁটাল।

টাটা [অনুং। "করা" এই ক্রিয়াযোগে প্রয়োগ] ক্রি-বিণ, শুকাইয়া খট্খট্ করা বা পিপাসায় ছট্ফট করার ভাব [পিপাসায় জিহ্বা ও কণ্ঠ শুষ্ক হইলে জলের জন্য যে টান ধরে তার কাল্পনিক ধ্বনি-টাটা]।

টাটানি [সং-তট্ বা তড়্ > হিং টটিয়ানা, টটানা (শুকাইয়া টান ধরা) >] ক্রি, আড়ষ্ট হওয়া ; ব্যথা হওয়া। বি, টাটানি-বেদনা ; ব্যথা। চোখ টাটানি -ঈর্ষা করা ; পরশ্রীকাতরতা জন্মান।

টাটি, টাটী১, **টাট্টী**১ [হিং-টট্টর (আগড়) >] বি, আগড় ; ঝাঁপ। ২ বাঁশের প্রাচীর। ৩ আবরণ। "এই সংসার ধোঁকার টাটী।"

টাটী২, **টাট্টী**২ [হিং-টট্টী >] বি, মলত্যাগের স্থান ; পায়খানা। ২ কোষ্ঠ।

টাটী৩ [টাট >] বি, পাত্রবিঃ ; খুরি। "ভাণ্ড টাটী বাটা বাটী পরিপূর্ণ ঘর॥"-ঘং। ২ [প্রাদেং] পদ্মফুলের বীজকোষ।

টাটু, টাট্টু [হিং-টট্টু] বি, ঘোড়া ; একজাতীয় ক্ষুদ্রকায় অশ্ব pony.

টাট্টী-টাটি দ্রঃ।

টাঠি [টাট দ্রঃ। ক্ষুদ্রার্থে ই] বি, টাট-পাত্র। "বাটি বাটি টাঠি টাঠি মুঠি মুঠি করে। * * দিতে দিতে ঝুলি এল পুরে।"-শিং।

টাড়১ [তাড়ক >। টার ও:] বি, হস্তালঙ্কারবিঃ ; তাগার ন্যায় উপর হাতের অলঙ্কার। ~বালা, তাড়বালা-বি, টাড়। "বাহু করে টাড়বালা, ভুবন করেছে আলা কনককিঙ্কিণী কটিবন্ধে।"-দং।

টাড়২ [প্রাদেং, উং বঙ্গ] বি, পল্লী ; পাড়া। টাড়ের মানসী [টাড়ের (পাড়ার) + মানসী (লোক)] প্রতিবেশী ; পড়শী।

টাড়স [সং-ত্রাস > তারস > তাড়স > টাড়স] বি, ত্রাস। ফোড়ার টাড়স-শরীরের কোন স্থানে ফোড়া ইং যন্ত্রণাদায়ক হ'লে সেইস্থান স্পর্শ বা কোনরূপ আঘাত হ'তে সুরক্ষিত রাখিবার জন্য সর্ব্বদা আড়ষ্ট ও ত্রাসযুক্ত থাকিতে হয় এবং সেই অতিশয় ত্রাস হ'তে জ্বর বা স্বাস্থ্যের বিকার হওয়া স্বাভাবিক। ইংরেজিতে ইহাকে sympathetic fever বলে। তুল-ফোড়ার টাড়সে বা তাড়সে জ্বর হইয়াছে।

টান [সং-তন্ (বিস্তারে)-তান (হিং), ত=ট] বি, আকর্ষণ। "পুরুষের শতটান, শত্র শাস্ত্র সংগ্রাম ভ্রমণ"-হেমং। ২ আঁট ; টানিয়া বাঁধা। প্র-টান পড়িয়াছে। [ইহার বিপরীত "আলগা"] ৩ শ্বাসের সহিত ধূম্রাদি গলাধঃকরণ ; শোষ। "শিবু তামাকে কয়েকটা টান দিয়া বলিল"-শরতে বঙ্গপল্লী-দীং রায়। ৪ স্নেহ ; মমতা ; মায়া ; আসক্তি ; ভালবাসা। ৫ মহার্ঘতা ; অনটন ; অভাব। "ধর্ম্মঘটের পর হ'তে কয়লার বড় টান পড়িয়াছে।" ৬ অঙ্গগ্রহ ; খেঁচনি spasm. "কণ্ঠ যবে রুদ্ধ হবে, নিঃশ্বাস ঘন বহিবে, উর্দ্ধ টান হবে নেত্রে না রবে স্পন্দন।"-রায় কাং প্রংঘোষ। ৭ রেখা ; কসি। ৮ স্রোত। ৯ গুমারব্যঞ্জক বা লম্বা চালের সুর "ধার গোলায় ধান, তার কথায় টান"-প্রবচন। ১০ আঁচড়। ১১ সাপের যে দংশনে বিষদাঁত শরীরে সামান্য বিদ্ধ হইবামাত্র বিষ রক্তে প্রবিষ্ট হওয়ার পূর্ব্বেই ফণা বা দষ্টস্থান অপসারিত করা হয়, যাতে ক্ষতস্থানে দাগ মাত্র পড়ে ও অল্প রক্তপাত হয়। টাং-টান -বিণ, সংকীর্ণ ; আঁটো-আঁটো। ~-টোন -বি, এদিক ওদিকে খাট পড়ার ভাব ; আকর্ষণ। ২ অভাব ; টানাটানি। টাং দেওয়া-ক্রি, টানিয়া ধরা ; জোরে আকর্ষণ করা (ঢিলা বা লোল দেওয়ার বিপরীত)। টাং ধরা-ক্রি, জোর পড়া ; আকর্ষিত হওয়া ; মুক্ত বা সরলভাবে শ্বাস পড়া ; নিশ্বাসের বেগ উর্দ্ধগত হওয়া ; শ্বাস বন্ধ হইয়া আসা। "বুকে পিঠে টান ধরা"। টাং পড়া-ক্রি, কষা বা কড়া বা টাইট হওয়া। ২ দুর্ম্মূল্য হওয়া ; মহার্ঘ হওয়া ; প্রাচুর্য্যের অভাব হওয়া। ~সই-বিণ, আকর্ষণ সহ্য করিবার ক্ষমতাযুক্ত ; টানসহনশীল। ~সইত্ব-বি, টান বা আকর্ষণ সহ্য করিবার শক্তি। হাতটান-বিণ, বদ্ধমুষ্টি ; কৃপণ। ২ [অর্থ সম্প্রসারণে, কদর্থে] বি,

পরদ্রব্য আকর্ষণ বা চুরির প্রবৃত্তি klepto-mania.

টানা১ [হিং-তানা ; উর্দু-টানা] বি, রেখা ; সূতার আঁজি ; বস্ত্রের দৈর্ঘ্য পরিমাণের সূত্র warp. ২ সংযোগ রজ্জু। ৩ স্ত্রীলোকদিগের নথ প্রভৃতি অলঙ্কারের ভার লঘু করণোপযোগী স্বর্ণাদি নির্মিত শৃঙ্খল (ইহাও অলঙ্কারের মধ্যে)।

টানা২ [সং-তন্ (বিস্তারে) > তানা। হিং-টানা। টানি, টান (টানুন, টান্), টানে (টানেন) ; টানিতে ; টানিয়া (কেং টেনে, পদ্যে-টানি)। ণিজন্ত-টানানি] ক্রি, আকর্ষণ করা ; কাছে আনা ; বিস্তৃত করা। ২ [আত্ম স্বার্থে] টানিয়া লওয়া ; আত্মস্থ করা। প্র-নিজের কোলে ঝোল টানা। ৩ বিণ, যা টানা হইয়াছে। ৪ যা টানিতে হয়। "টানাগাড়ী"। ৫ একটানা ; সোজা ও লম্বা ; ঋজু ও দীর্ঘ। "টানাপথ বা রাস্তা" ; সটান। ৬ লম্বা। বি, টানন, -নি, টানুনি, টানানি। ~কাড়া [বস্ত্র-বয়নকালে মাকুর ক্রমাগত যাওয়া আসার ভাব >] বি, অনবরত আসা যাওয়া। "জগতের তাঁতকে পাবি এ তাঁত হতে সে তাঁত ভাল। বারবার আর এসে ধরায়, টানাকাড়ার ফল কি বল।"-দাশরথি রায়। ~জাল-বি, যে লম্বা জাল বা একাধিক জাল পুকুর জোড়া করিয়া বাঁধিয়া পুকুরের এক ধার থেকে অপর ধার পর্য্যন্ত টানিয়া সকল রকম মাছ ধরা হয়। ~টানা-বিণ, লম্বা লম্বা, প্র-টাং টাং কথা। ~টানি-বি, পরস্পর আকর্ষণ। ২ অভাব ; অপ্রতুল। ~পিড়েন-বি, গমনাগমন ; যাওয়া আসা। "টানা পড়েন করে পায়ে ব্যথা হয়েছে।"। ২ বস্ত্রের দৈর্ঘ্য ও প্রস্থ পরিমাণ সূত্র ; বস্ত্র বুনিবার লম্বাদিকের এবং ওসারের দিকের সূতা warp and woof. ~পাখা-বি, যে পাখা বা ব্যজনী রজ্জু দ্বারা হাতে টানিয়া বা যন্ত্র সাহায্যে চালাইয়া ব্যবহার করিতে হয় ; ধাতুকাষ্ঠ ইং নির্ম্মিত দণ্ড ও বস্ত্রাদির দ্বারা নির্ম্মিত বৃহৎব্যজনী punkha. ~বুনা [টানিয়া বুনার ভাব] বি, টানাটানি ; জোড়াতাড়া ; ব্যয়-সঙ্কোচ। ~হেঁচ্‌ড়া [হিং-ছিচ্‌কা-হঠাৎ আকর্ষণ] বি, অনিচ্ছার টান ; অন্যের অনিচ্ছার বল-প্রয়োগ দ্বারা তার দৈহিক ক্লেশ উৎপাদক আকর্ষণ। "অকারণ টানা হেঁচা"-রজনী সেন। এ কটানা-একভাবে লম্বা। ২ একঘেয়ে monotonous. গুণ টানা-নদ্যাদির কিনারায় কিনারায় দড়ি ধরিয়া নৌকা টানিয়া লইয়া যাওয়া। দোটানা-বি, উভয় দিকের আকর্ষণ। প্র-দোটানার মধ্যে পড়ে প্রাণ হাঁপাই হাঁপাই করে।

টাপ১ [হিং। অনুং] বি, অশ্বের পদক্ষেপ-বিঃ। ২ ঘোড়ার পা ফেলিবার শব্দ।

টাপ২ [টপ, টোপ দ্রঃ] বি, নাকে ও কাণে ধারণযোগ্য সোনার তিল ; ছোট আকারের অলঙ্কারবিঃ।

টাপর১ [প্রাদেং] বি, চাপড়, থাবড় ; করতলের মৃদু আঘাত।

টাপর২, টাপোর [সং-খর্পর > হিং-ছপ্পর > । প্রাদেং] বি, অস্থায়ী চালা ; ছাপর বা ছাপ্পর।

টাপু [সং-'স্তূপ' (উন্নত হওয়া) > পাং টোপ > হিং টাপু] বি, উন্নত স্থান। ২ ক্ষুদ্র দ্বীপ ; দ্বীপ an island.

টাপুর-টুপুর [অনুং] ক্রমাগত টুপ্ টাপ্ শব্দে বৃষ্টি পতন। "বৃষ্টি পড়ে নদীতে এল বাণ।"-ছড়া।

টাবা [টোপা > । টাবু ওং। গ্রাং] বি, লেবুবিঃ। "রান্ধিবে মসুরীর সূপ দিয়া টাবা জল"-কবিকং।

টাবুয়া, টেবো [টাপু, টোপা > টাপুয়া > টাবুয়া। প = ব] বিণ, টাপুর মত উন্নত ; টোপ তোলা ; স্ফীত। প্র-টেবো গাল।

টামটুম-টুমটাম দ্রঃ।

টায়টায়, টায়টোয় [টাল=টায় ; টোল=টোয়। টাল দ্রঃ। একার্থক সহচর শব্দদ্বয়] ক্রি-বিণ, কোনক্রমে ; প্রয়োজনের ঠিক অনুযায়ী ; এক তিল কম বা বেশী নয়।

টার১ [টা=পৃথিবী+ঋ (গমন করা)] বি, ঘোড়া ; রুমদেশীয় টাট্টু।

টার২ [সং-কর্ত্তরী > কট্টরি > কটার > কেং টার] বি, কাটারি ; দাও। "পিতড়ক টার কাজ দহ কওব লহ উপর চকমক সারে"-বিং পং (তালপত্রের পুঁথি)। "পিতড়ক টার কামে সাহি আগুন উপরহি ঝকমকি সার"-বিং পং (নং গুপ্ত)।

টার৩-টা২ দ্রঃ।

টার৪ [ইং tar এর লিপ্যন্তর] বি, আলকাতরা। এই অর্থে ইং coaltar > বাং-র টা(তা)রকোল ওং।

টার৫-টাড় দ্রঃ।

টারপলিন, তারপল, ত্রিপল [গ্রাং-তেরপল। ইং tarpaulin এর লিপ্যন্তর] বি, জল প্রবেশকরণ রহিত করিবার জন্য তারকোল বা রং মাখান মোটা কাপড়বিঃ ; মোমচাল।

টারপিন, তারপিন [ইং turpentine > । 'পাইন' বৃক্ষের নির্য্যাস (tar) ; খনিজ তৈল ওং। তুল-টারকোল (coaltar)। টার৪ দ্রঃ] বি, চীড় বা পাইন গাছের রস জাল দিয়া নিষ্কাশিত তৈল ; তার্পিণ তেল।

টার্ল [ব্রজং। হিং-টারনা] ক্রি, অতিবাহিত করিল ; ক্ষেপণ করিল।

টারা [টালা দ্রঃ। হিং টারনা >] ক্রি, যাপন করা ; কাটান। ২ এড়ান।

টাল১ [টল=চঞ্চল হওয়া] বি, ঝোঁক ; ঝুঁকি ; হেলন। ২ ধাক্কা বা ভারী বস্তুর সবল আঘাত। ৩ টক্কর ; পড়িয়া যাইবার মত হেলন ; আসন্ন পদস্খলন। ৪ এড়ান। ৫ ফাঁড়া ; বিপদ ; সঙ্কট। টাং খাওয়া-পদস্খলিতবৎ হওয়া ; টক্কর খাওয়া। প্র-লোকটা মাতাল অবস্থায় টাল খেতে খেতে চলেছে। টাং দেওয়া-এড়াইবার উদ্দেশ্যে স্তোক দেওয়া ; ছলনা-পূর্ব্বক স্থগিত রাখা। টাং যাওয়া-ক্রি, নবজাত শিশুর বা সান্নিপাতিক রোগে জীর্ণ অতিশয় দুর্ব্বল ও শীর্ণদেহে সামান্য আঘাত বা ধাক্কা লাগিলে বা রোগীকে স্থানান্তরিত করিবার কালে তার মৃত্যু হবার সম্ভাবনা হওয়া (তার মৃত্যুর এই সম্ভাবনার অবস্থাকে বা প্রাণ সঙ্কটকে 'টাল যাওয়া' বলে)। "কোলে তুলিস্‌নে টাল

বাবে"-নীলদর্পণ। টা° সামলানি-বি, ধাক্কা, বিপদ সঙ্কট ই° হ'তে রক্ষা পাওয়া; ফাঁড়া কাটাইয়া উঠা। প্র-ছেলেটা কতবার টাল সামলে বেঁচে উঠেছে।

টাল২ [হি°] বি, আড়ত; গোলা; বিক্রয়ের স্থান। প্র-কাঠের টাল।

টালন [সং-টল্ (চঞ্চল হওয়া) > । টলা দ্রঃ] বি, টলন; টলান; হেলান। ২ চালন। ৩ এড়ন। ৪ ছলনা। ৫ দীর্ঘসূত্রতা।

টালনি১, টালুনি [টালা দ্রঃ]। ব্যাজ; বৃথা কালক্ষেপ।

টালনি২ [ব্রজ°। টলা দ্রঃ] বি, টলন; হেলন। "চূড়ার টালনি বামে"-জ্ঞান°।

টালবাহানা [টাল (কথার পরিবর্ত্তন) বাহানা (ওজর, ছল)] বি, টালমাটাল দ্রঃ। "সতীশ প্রথমে সেই মহাজন ও নিলাম সর্দ্দারের বাড়ী গেল। * * তারা নানা রকম টা° করিয়া তাহাকে ঘুরাইতে লাগিল।"-পিতা-পুত্র।

টালমাটাল [হি° টাল-মটাল (মটুল)] অ, অস্থিরতা বা চঞ্চলতার ভাব। ২ উভয়-দিকে পুনঃপুনঃ হেলন। ৩ বি, বাহানা; ওজর আপত্তি দ্বারা কালহরণ; 'আজ নয় কাল' করিয়া ঘুরান; পাওনাদারকে ফেরাফিরি। "এইমত টালমাটাল করিয়া বৎসরাবধি গেল"-বিষবৃক্ষ। "বাক্সের ভিতর টাকা থাকে কিন্তু টালমাটাল না করিলে বৈঠকখানা লোকে সরগরম ও জমজমা হয় না।"-টেকচাঁদ। ~লী-বি, বিলম্বকরণ; প্রবঞ্চনা; ছলন; বাহানা।

টালা [সং-টল্ (চঞ্চল হওয়া)। টালি, টাল (টালুন, টাল্); টালে (টালেন্), টালিতে; টালিয়া (ক্ষে° টেলে, পদ্যে-টালি)। ণিজন্ত-টালানি] ক্রি, বিচলিত করা; চালা; নাড়ান। ২ অবহেলা করা; আলস্যে ক্ষেপণ করা। "মনুষ্য দুর্লভ জন্ম বৃথা কেন টাল"-ঘ°। ৩ প্রতিশ্রুতি রক্ষা না করা; অঙ্গীকার পালন না করা; ভাঁড়ান। "লজ্জা পেয়ে সত্য কথা মিথ্যা করি টালে।"-শি°। ৪ অনুরোধ রক্ষা না করা; কথা না শুনা; অমান্য করা; অগ্রাহ্য করা; এড়ান। "সকলের কথা টালিয়া বৈষ্ণবী তাহার কথা রাখিল দেখিয়া কুন্দ বড় লজ্জিত হইল।"-বিষবৃক্ষ। ৫ প্রবোধ দিয়া রাখা; বুঝাইয়া ক্ষান্ত করা; স্তোক দেওয়া। "বল তারে কথায় রাখিব কত টেলে। অবশ সে বশ নয় পরের ছেলে।"-গোপাল উড়ে। ৬ বঞ্চনা করা। টালিআঁ [প্রা°-বাং। টালা দ্রঃ] অস্-ক্রি, টলাইয়া; বিচলিত করিয়া। টালিলেক-টলাইল; বিচলিত করিল। টালী-বিচলিত করি, "শিশুমুখে পরবত টালী" "ছল করি টালিলেক রাধার পসার।" -শ্রী° কী°। ~টালি-বি, পুনঃপুনঃ টালা বা প্রতিশ্রুতির পরিবর্ত্তন; কথা বদল বা অস্বীকার; অপালন বা অগ্রাহ্য বা অমান্য করণ। প্র-কথা টালাটালি।

টালি [ল্যা°-টেগিয়ার (ছাওয়া বা আচ্ছাদন করা) > টেগুলা tegula > ই° tile > লিপ্যন্তরে টাইল > (বর্ণ-বিপর্য্যয়ে) টালি] বি, গৃহের ছাদ ঢাকিবার

টি১, টী১ [সং-সন্নার্থে] বি, বাঙ্গালা প্রত্যয় suffix; বিশেষার্থে বিশেষ্যপদে "টি" বা "টা" যুক্ত হয়। যেমন বালক-বালকটি বা বালকটা (=নির্দ্দিষ্ট বা সেই বালক)। ঐটি চাই। ২ আদরার্থে। প্র-লোকটি বেশ (অনাদরে, লোকটা ভারি খারাব)।

টি২, টী২ [প্রাদে° প্রা°-টি (টী) প > ক্ষে°] বি, শিশুর ভ্রু-যুগলের মধ্যে যে বিন্দু বা টিপ দেওয়া হয়। "চাঁদা আ, চাঁদা আ, চাঁদা আ, খুকুর কপালে একটি টী দিয়ে যা"-ছড়া।

টিআ, টিঁআ, টেঁআ [অনু°। টিঁ-টিঁ বা টেঁ-টেঁ শব্দ হ'তে] বি, টিয়াপাখী; তোতা। "শিকলিকাটা টিয়া।"

টি(টী)-আয়র্ন [ই°T বা Tee iron এর লিপ্যন্তর] বি, T আকৃতি লোহার বরগা।

টিউটর [ই° tutor এর লিপ্যন্তর] বি, শিক্ষক। প্রাইভেট টিউটর [ই° private tutor এর লিপ্যন্তর] গৃহে যিনি শিক্ষা দেন; গৃহশিক্ষক।

টিউশন্, -নী [ই° tuition এর লিপ্যন্তর] বি, শিক্ষকতা; অধ্যাপন। "টুইশন" ও বলে।

, টিংটিং-টং দ্রঃ।

টিক [টিক্‌টিক্ (দ্রঃ) অপেক্ষা মৃদু] অ, অব্যক্ত শব্দে; একবার ঐরূপ শব্দে পতনের ভাব জ্ঞাপক। ~টিক-বারবার ঐরূপ শব্দ; ঘড়ির দোলকের শব্দ। ২ বিস্ময়াত্মক বা নিষেধসূচক বাক্য; নিষেধ বচন; সতর্ক করণ; 'করা' ধাতু যোগে ক্রিয়াপদ হয়। "ঘড়ি করে টিকটিক"-কোমল কবিতা। "মাথার উপর টিকটিক করিও না" টিকটিক এর গতি মন্থর হইলে হয় "টিকিস টিকিস"।

টিকটিকি১, -কী [অনু° > । চট্টল° প্রাদে°-টুকটুকি, টুটুই] বি, জ্যেঠী, জেঠী, গৃহগোধিকা; সরীসৃপ জাতীয় প্রাণী (টিক টিক টিক বা টক টক টক করিয়া উপর্য্যুপরি তিন বার শব্দ করে বলিয়া এই নাম)। ২ গমনে বা কোন কার্য্য করণে নিষেধার্থক ইঙ্গিত; বাধা। "হাঁচি টিকটিকি বাধা, যে না মানে সে গাধা"-খনার বচন। টি° পড়া-টিকটিকির ডাক বা মুখের শব্দ হওয়া। ২ ঐ শব্দে কোন কার্য্যে অগ্রসর হইবার পূর্ব্বে নিষেধাত্মক ইঙ্গিত হওয়া।

টিকটিকি২ [ই°-detective শব্দের ধ্বনি অনুকরণে] বি, গুপ্ত পুলিশ; যে পুলিশ গোপনে গোপনে অপরাধীর সন্ধান করে। ২ যে কাষ্ঠদণ্ডে বাঁধিয়া ফৌজদারী অপরাধীকে বেত মারা হয়।

টিকন [টিকা৩ দ্রঃ। টিকিয়া থাকার ভাব বা কার্য্য। ২ বহুকালস্থায়িত্ব।

টিকনি, টিকলি১ [হি°-টকরানা (টিকনি মারা)] বি, ছেলেরা কোলে থাকিয়া পায়ের উপর জোর দিয়া লাফাইতে চেষ্টা করে বা ঝাঁপ দিতে চেষ্টা করে তাহাকে টিকনি মারা বলে; লম্ফন; কম্পন; ঝাঁপ। ২ একপ্রকার বার্ণিশ, যদ্দ্বারা প্রতিমাদির বর্ণ উজ্জ্বল করা হয় (চাল-মাড়া বা এরারুট-গোলা জল অগ্নির উত্তাপে ফুটাইয়া তৈয়ার হয়। ইহা প্রতিমার গাত্রে মাখাইয়া তার উপর বার্ণিশ বা গর্জ্জন তৈলাদি লাগান হয়)।

টিকসই, টিকসহি-টেঁকসই দ্রঃ।

টিকর১, টিকরা [প্রা° টেকর, টেংরা (দ্রঃ)। সং-তুঙ্গ + র + আ > তুঙ্গরা >

টুংগরা > টেংরা, টিকরা, টেকরা] বিণ, উচ্চ ভূমি ; উন্নত। ২ বাঁধ ; আলি ; জাঙ্গাল।

টিকর₂, টিখর [তীক্ষ্ণ > তীক্ষণ। ণ=ড়=র। ক্ষ=খ। তীখর > টিক (খ) র। গ্রা° টেক্‌খর, টেকোর ; টেকোর (প্র-টেকোর রঙ্গ র)] বিণ, তীক্ষ্ণ ; তীব্র।

টিকরা-বি, পাখীবিঃ।

টিকলি₂, -লী, টিকুলি [সং-তিলক > হিং-টীক্‌লী] বি, খণ্ড ; টুকরা ; গোটা গোটা খণ্ড।" তোমার কথাগুলি যেন আকের টিকলি"-নবীন তপস্বিনী [বুকনি দ্রঃ]। ২ চাক্‌তি ; টাকা বা টিকার মত চক্রখণ্ড। ৩ কপালে টিপ পরিবার স্থানের ভূষণবিঃ ; তিলক।

টিকা₁, -টীকা₁ [প্রাকৃ°-টিক্ক > হিং-টীকা=তিলকা] বি, রাজচিহ্ন ; তিলক। "সিংহ তুমি মহাতেজা পশু মধ্যে হও রাজা, টিকা দিলা ভবানী ললাটে।"-কবিক°। "ভালে টীকা দিয়া মাতা কৈলে মৃগরাজ।"-কবিক°। ২ ফোঁটা।

টিকা₂, টীকা₂ [সং-বটিকা > হিং-টিকিয়া। গ্রা° টিকে] বি, তামাক জ্বালাইবার টিকে ; অঙ্গারাদি দ্বারা প্রস্তুত অগ্নিজ্বলন দ্রব্য। ২ বসন্তরোগ নিবারণ জন্য বাহুতে ক্ষত করিয়া বসন্তাদির বীজ রক্তের সহিত মিশ্রিত করণ inocculation ; vaccination. প্র-বসন্তের টিকা ; প্লেগের টিকা ইং। ~দার-যে বসন্ত ইং রোগের টিকা দেয়।

টিকা₃ [হিং ঠী(ঠে)কা] বি, চুক্তি ; ঠিকা contract. ২ যে কোন কাজ চুক্তি অনুসারে সম্পাদন করে ; যে নির্দ্দিষ্ট সময়ে ও পারিশ্রমিকে কোন কার্য্য করিবার ভার গ্রহণ করে ; কন্ট্রাক্টর ; ঠিকাদার।

টিকা₄, টেঁকা [সং-তিষ্ঠন > হিং-টীক্‌না। টিকি, টেঁকি, টিক, টেঁক (টিকুন, টেঁকুন, টিক্‌, টেঁক্‌) ; টিকিতে, টেঁকিতে ; টিকিয়া, টেঁকিয়া (কো° টেঁকে)। শিজন্ত-টিকানি, টেঁকানি] ক্রি, স্থিতান ; অবস্থান করা। ২ স্থায়ী হওয়া। ৩ বাস করা। বি, টিকন ; টিকুনি।

টিকাদারী [টিকা₂, ₃ দ্রঃ] বি, টিকাদারের কার্য্য বা ব্যবসায়।

টিকারা₁ [হিং। টিকারা ও°] বি, দুন্দুভি বাদ্য ; ধামাল। "অমনি কতকগুলি বঙ্গ লোক টিকারা ও কাড়ানাগড়া বাজাইয়া গান করিতে লাগিল।"-টেকচাঁদ। "উটের উপরে বাজে দামামা টিকারা।"-রঙ্গলাল।

টিকারা₂ [সং-ধিক্কার > হিং-টিটকার-ক্ষে°] বি, ধিক্কার ; লজ্জাদান ; টেক্কা। ২ অতিক্রমণ ; উল্লঙ্ঘন [দ্রঃ "দেওয়া" ধাতু যোগে ক্রিয়াপদ হয়। যথা-টিকারা দিয়া কথা কহা]।

টিকি, -কী [হিং-চুটকী ; শিখা >। শিখা হ'তে টিকা পরে টিকি] বি, শিখা ; চূড়া। "টিকি ধরি টানে গো টুটাহ টিটকার" -ভারত°। ২ অগ্রভাগ ; আগা ; ডগা। "তার চুলের টিকিটি দেখা যায় না।" আ° শক্তি। ৩ চুলের মুষ্টি। ~দেখিতে না পাওয়া-উপস্থিতির চিহ্নমাত্র না পাওয়া ; বিদ্যমানতার নিদর্শন পর্য্যন্ত না পাওয়া।

টিকিং-টিকিন দ্রঃ।

টিকিট [ইং ticket এর লিপ্যন্তর] বি, নিদর্শন পত্র ; ছাড়পত্র ; মাশুল বা ভাড়ার রসীদ, যা দেখাইলে পুনরায় মাশুল বা ভাড়া দিতে হয় না। ~ঘর-যে ঘরে বা দপ্তরে টিকিট পাওয়া যায় ; টিকিট বিক্রয়ের স্থান।

টিকিন, টিকিং [ইং ticking এর লিপ্যন্তর] বি, একপ্রকার মজবুত মোটা কাপড় যাতে তোষক, গদী, বালিশ ইং তৈয়ার করে।

টিকিল [টহল (দ্রঃ) >। চোরের ভাষায়] বি, চৌকি ; পাহারা। টিং দেওয়া-চৌকি দেওয়া। "বাড়ুয্যে মহাশয়ের বাটীতে যাইয়া বৈরাগীকে বলিল, তুই এইখানে দাড়াইয়া টিকিল দে * * * রামজয় টিকিল দিতে লাগিল।"-মন্ত্রের রত্নমালা ১ম ভাগ।

টিঞ্চার [ইং-tincture এর লিপ্যন্তর] বি, জলীয় ঔষধ (গুঁড়া বা বড়ী নহে)।

টিটকার, টিটকারি, টিটিকারি, -রী [টিটু (টিটু টিটু এইরূপ ধ্বনি)+কার (করণ)=টিটকরণ। সং-ধিক্কার > হিং-ধিৎকার >] বি, নিন্দা ; ভর্ৎসনা বা বিদ্রূপ প্রকাশক শব্দ। শেষোক্ত অর্থেই অধিক ব্যবহার আছে। "দেখিয়া হাসয়ে যত ব্রাহ্মণ-মণ্ডলী। টিটকারি দিয়া নাচে দেই করতালি।" -মহা° (কাশী)। "মহা হাস্যে দিয়ে টিটকারী, বিদ্রূপ ঢালিয়া দেয় গায়"-অশোক°।

টিটি-বি, পাখীবিঃ।

টিটিভ, টিট্টিভ [টিট্টি (টিট্টিট্টি এইরূপ শব্দ)+ভ (ভাষ্=বলা)+অ (র্ক্তৃ)] বি, টিটিরপাখী।

টিটির [অনু°] বি, টিট্টিভপাখী।

টিণ্ডিশ [সং। হিং-ভিণ্ডী] বি, ঢেঁড়শ।

টিন [ইং-tin এর লিপ্যন্তর] বি, রৌপ্যের ন্যায় শ্বেতবর্ণ একপ্রকার ধাতু। এই ধাতুতে বাক্স পেটরা ছাদ ইং নির্ম্মিত হয়। প্র-টিনের বাক্স, টিনের ছাদ ইং।

টিনটিন [অনু°] ক্রি-বিণ, টিমটিম বা মিটমিট ; দুর্ব্বলতা প্রাপ্ত ; পাতলা বা কৃশ হওয়া। করা ধাতুযোগে ক্রিয়াপদ হয়। "রোগা টিনটিন করিতেছে"। বিণ, টিনটিনে [নারী ভাষায়-নিটিনটিনে] কৃশ।

টিপ₁ [প্রাকৃ°-টিপ্পি (হে°)] বি, আঙ্গুলের অগ্রভাগ ; আঙ্গুলের মুড়ী। "আঙ্গুলের টিপেটিপে নেচে ওঠে ওই"-চন্দন। ২ আঙ্গুলের মুড়ীর ছাপ ; চিহ্ন। ৩ হুণ্ডী ; হাতচিঠি। ৪ কপালের মধ্যস্থলে ধৃত চিহ্ন বা ফোঁটা (সোণারূপার টিপ, কাঁচপোকার টিপ, মনমোহিনী টিপ ইং বিবিধ)। "কপালে টিপের ফোঁটা খোঁপা বাঁধা চুল"-হেম°। "পরিল মুক্তার হার, ভালে সিন্দুরের টিপ" -সোনার তরী। ৫ লক্ষ্য ; তাগ। "বন্দুকের টিপ ; হাতের টিপ"। ৬ [হিং টিপনা (অঙ্গুলীর অগ্রভাগ দিয়া চাপিয়া ধরা >] আঙুলের খোঁচা দিয়া বা চিমটি কাটিয়া সঙ্কেত ; ইঙ্গিত ; অভিপ্রায় ; আংচি। "বেছে বেছে আমাদেরই ওপর যে চোরেদের এত টাঁক তাতে মনে হয় তাহারাই ভিতরে টিপ আছে।"-চোর কাঁটা। টিপে দেওয়া-

সঙ্কেত করা ; ভাংচি দেওয়া ; উপদেশ দেওয়া ; শিখাইয়া দেওয়া।

টিপ₂ [সং টিপ্, ডিপ্, (প্রেরণে, ক্ষেপণে) >] বি, সর্পের দংশন যাতে তার বিষ দাঁত শরীরে সম্পূর্ণ প্রবিষ্ট হয়।

টিপকল [টিপ₁ দ্রঃ] বি, হার, চুড়ী ইং অলঙ্কারের দুই মুখ টিপিয়া জুড়িবার মত অংশ। ২ সঙ্কেত ; উপদেশ।

টিপটিপ [অনু°] অ, ফোঁটা ফোঁটা বৃষ্টি পতনের শব্দ। ইহার মৃদুতররূপ এবং পতনের মন্থরগতি ব্যঞ্জক শব্দ-টিপিটিপি। ২ মাথার বেদনা বা যন্ত্রণার ভাবপ্রকাশ। "মাথা টিপ্‌টিপ্ করে"। ৩ ভয়ে দেহ ও মনের অবস্থাজ্ঞাপক। "ভয়ে মন টিপ্‌টিপ্ করে"। বিণ, টিপটিপে।

টিপটাপ [অনু°] ক্রি-বিণ, টিপটাপ শব্দে 'করা' ধাতুযোগে ক্রিয়াপদ হয়। "দলেমলে টিপটাপ করে দণ্ডবয়। একগাছি গেল আর দুটি গাছ রয়॥"-শি°। ২ ফোঁটা ফোঁটা বারি পতন শব্দ ; ক্ষুদ্র ক্ষুদ্র ফল গাছ হ'তে পড়িবার শব্দ। বি, টিপটিপিনি, টিপটিপিনি, টিপটিপুনি-অ, ফোঁটা ফোঁটা বারি পতন শব্দ ; অল্প অল্প বৃষ্টি হওয়া।

টিপন, টিপনি, টিপুনি, টেপন-বি, টিপিয়া দিবার কার্য্য ; মর্দ্দন। ২ গুপ্তাঘাত করণ। অন্তরটিপুনি-বি, আঘাতে চিহ্ন হয়, এমনভাবে টিপিয়া দেওয়া।

টিপননড়ী [প্রাদে°] বি, বংশনির্ম্মিত বয়ন যন্ত্রের অংশবিঃ তাঁত বুনিবার কালে ইহাদ্বারা ঝাঁপকে টিপিতে হয়।

টিপসহি [হি°-টিপসহী] বি, নিরক্ষর লোকের অঙ্গুলির অগ্রভাগের ছাপ thumb-impression.

টিপা, টেপা [টিপ₁ দ্রঃ। হি°-টাপ্‌না। টিপি, টিপ, টিপে ; টিপিতে ; টিপিয়া (কথ° টিপে)] ক্রি, টিপিয়া দেওয়া ; দলিয়া দেওয়া ; চাপ দেওয়া। ণিজন্ত-টিপানি, টেপানি-ক্রি, টিপাইয়া লওয়া। টিপাটিপি-পরস্পর পরস্পরের অঙ্গাদি মর্দ্দন করা। ২ পায়ের শব্দ না করা ; নিঃশব্দে ; আস্তে আস্তে। ৩ ইঙ্গিত বা ইসারা করা ; সতর্ক করা বা করিয়া রাখা। টিপিয়া-ক্রি, চাপিয়া। ২ ইসারা করিয়া। ৩ সতর্ক বা সেয়ানা করিয়া দেওয়া। টিপিয়া-টিপিয়া, টিপেটিপে-ক্রি-বিণ, ভিতরে ভিতরে ; গোপনে। ২ চাপিয়া চাপিয়া।

টিপারা [সং-ত্রিপুরা > অং। ইং-Tipperah র লিপ্যন্তর] বি, ত্রিপুরা রাজ্য। বিণ, টিপরাই, টিপ্রাই-টিপারা সম্বন্ধীয়। ২ টিপারা নিবাসী। "জনৈক পাহাড়ী টিপ্রাই নাকি গুলি করিয়া বাঘটাকে নিহত করে।"-আ° বা° পত্রিকা।

টিপিটিপি [অনু°] অ, বৃষ্টির ক্ষুদ্র ক্ষুদ্র ফোঁটা পতনের শব্দ। ২ [টিপা দ্রঃ] পায়ের অগ্রভাগের উপর ভর করিয়া চলার ভাবজ্ঞাপক ; নিঃশব্দ-পদ-সঞ্চারে। "টিপিটিপি যাওয়া"। ৩ দাঁত ঢাকিয়া হাস্য করার ভাব ; হাস্য প্রকাশ না পায় এরূপ ভাবে মুখ চাপিয়া ঈষৎ হাস্য করা। ৪ কাহার অন্তরে আঘাত দিয়া বা মর্ম্মস্পর্শ করিয়া তাকে কোন কিছু বলা ; ক্রোধ, ঘৃণা, হিংসা ই° ভাবের কোন চিহ্নমাত্র প্রকাশ না করিয়া ধীরে ধীরে মর্ম্মভেদী বাক্য প্রয়োগে।

টিপুনি-টিপন দ্রঃ।

টিপ্পনী [সং] বি, কোন বাক্য প্রবন্ধ বা পুস্তকাদির তাৎপর্য্য ব্যাখ্যা ; অর্থ সরল করিবার জন্য যাহা লিখিত হয় ; টীকা।

টিপ্রাই-টিপারা দ্রঃ।

টিমটিম₁ [হি°-টিমটিমানা >। বর্ণ-বিপর্য্যয়ে-মিটমিট।] বি, আলোকের ক্ষীণত্ববাচক। টি° করা-ক্ষীণ আলোক দান করা ; মিটমিট করা ; অনুজ্জ্বল আলোক প্রকাশ করা। বিণ, টিমটিমে।

টিমটিম₂-টমটম₁ দ্রঃ।

টিয়া, টিঁয়া [অনু° টি-টি বা টেঁ-টেঁ শব্দ >] বি, টিয়াপাখী ; তোতা paroquet. পৃথিবীর নানাস্থানে নানাজাতীয় টিয়াপাখী আছে। সাধারণতঃ ইহাদের পালকের বর্ণ সবুজ ও ঠোঁট লাল।

টিলা [হি°] বি, উচ্চ-মৃত্তিকাস্তূপ ; ক্ষুদ্র পাহাড়। "এই ভাবিয়া মহেন্দ্র অশ্বে আরোহণ করিতে ধীরে ধীরে টিলার উপর উঠিতে আরম্ভ করিলেন।"-আনন্দমঠ।

টী₁ [ইং tea র লিপ্যন্তর] বি, চা। ~কাপ [ইং cup] চায়ের বাটী। ~পার্টি [ইং party] চা পানের মজলিস্। ~স্পুন [ইং spoon] চা-চামচ।

টী₂-বাঙ্গালা প্রত্যয়বিঃ ; টি দ্রঃ।

টি-আয়রণ দ্রঃ।

টীকর্খর [গ্রা° টেঁকখর, ট্যাকখোর। টিকর দ্রঃ। তীক্ষ্ণ >, বা তীক্ষ্ণকর > তীকখর > টীকখর, টেক্‌খর, টেক্কর প্র-টেক্কর মদ্দর। তুল-তিরিক্ষি] বিণ, তীক্ষ্ণ ; তীব্র ; উগ্র। প্র-টীক্‌খর মেজাজ।

টীকা₁ [টীক্ (গমন করা) + অ (ণে) + আ (স্ত্রীং)-যদ্দ্বারা কোন বিষয় বা উদ্দেশ্যের ভিতরে গমন বা প্রবেশ করা যায় ; যদ্দ্বারা বোধগম্য হয়] বি, অর্থ-নির্ণায়ক গ্রন্থ ; গ্রন্থাদির ব্যাখ্যা-পুস্তক। ~কার-যিনি টীকা টিপ্পনি বা ব্যাখ্যা করেন বা লেখেন।

২-৩,১,২ দ্রঃ।

টীকাদার-বি, গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধি বি। ২ টিকা₂, ₃ দ্রঃ।

টীট [ব্রজ°] বিণ, ঠেঁটা ; বেহায়া। "টীট নাগর চোর"-বি° প°। ~পনা-বি, ঠেঁটামি ; নির্লজ্জতা ; নির্লজ্জের মত ব্যবহার। "বুঝিয়া নাগরী ধরিল করে। এত টীটপনা আসিয়া ঘরে।"-চণ্ডি°।

টীনাংশুক [চীন (চীন দেশজাত) > টীন + অংশুক] বি, চীনাংশুক দ্রঃ।

টীপ [টিপ দ্রঃ] বি, টিপ ; ফোঁটা ; বিন্দু ; কপালের চিহ্ন। "পরিতেছিলাম কপালে সোণার টীপ"-রবী।

টু₁, টুং, টুঁ [অনু°] বি, অব্যক্ত শব্দ ; টু এই শব্দ। ২ সামান্য বা ক্ষীণ প্রতিবাদ। ৩ টুঁ ইত্যাকার সামান্য শব্দ [টুঁ স্থলে 'চুঁ' ও°]। ৪ কোন প্রকার উক্তি। "ছেলেদের লুকাচুরী খেলার কোন কিছুর আড়ালে লুকাইয়া তথা হতে "টু" এই শব্দ ধরিয়া খুঁজিয়া বাহির করিবার ইঙ্গিত (এই শব্দ হলে চোখে কাপড় বাঁধা চোর চোখ খুলিয়া খুঁজিতে প্রবৃত্ত হয়)। টু

দেওয়া-সাড়া দেওয়া; নিজের বিদ্যমানতা জানান। "ছাদ ফুটা করিয়া টু দেই" -বঙ্কিম° (গদ্যপদ্য)। টুঁ শব্দ না করা-এককালে নির্ব্বাক হওয়া; চুপ করিয়া থাকা।

টু₂ [অঙ্গুষ্ঠ >] বি- বুড়া আঙুল ২ ফাঁকি; ধোঁকা। টু দেখানি [প্রাদে°, গ্রা°] ক্রি, ফাঁকি দেওয়া; কলা দেখান; বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন। "যমের দূতক টু দেখাই হৈয়ো পার।"-মহা° (বাসুদেব ভট্ট)।

টু₃ [টা দ্রঃ। অল্পার্থে টু। এক, আধ 'শব্দ' সহ ব্যবহার] অল্প পরিমাণ বাচক। প্র-একটু। একটু আধটু।

টুআনি, টুয়ানি [টু₂ (দ্রঃ) + আন (ক্রিয়ায়)-অঙ্গুলি নির্দ্দেশে উৎসাহ দেওয়ার ভাব। টুয়াই ই°] ক্রি, টুয়াইয়া দেওয়া; উস্কাইয়া দেওয়া; উত্তেজিত করা; কোন কার্য্যে প্রবৃত্তি দেওয়া। ২ লেলান। "রাস্তার ছোঁড়াদের টুইয়া দিত"-টেকচাঁদ।

টুই, টুই [প্রা-বাং। প্রাদে°] বি, মুড়েলা; চালের মুড়ি; চুড়া। "টুই মুড়িয়া নামএ এল বিনান্তর"-শূ° পু°।

টুইল [ইং-টুইল্ twill এর লিপন্তর]বি, জামা, সেমিজ ই° প্রস্তুত করণোপযোগী বস্ত্রবিঃ (এই কাপড় বুনিবার কালে সূতার টেরচা টানাপোড়েন দিবার বিশেষত্বের জন্য নাম)। ~সার্ট [ইং shirt] টুইলের জামা বা কোর্ত্তা।

টুং-টং দ্রঃ।

টুঃ, টুঁ-টু দ্রঃ।

টুঁই-টুই দ্রঃ।

টুঁকি [অনু°] বি,' লঘু ভারের অঙ্গুলির আঘাত বা টোকা; আঘাত। টু° মারা -আঘাত করা; টোকা মারা।

টুঁটি [সং-ত্রোটি > হি° টেঁটী >] বি, কণ্ঠনালী; কণ্ঠ; "টিপে ধরে টুঁটী" -ঞ°। ২ গাড়ু প্রভৃতির জল গড়াইবার নাল; ঐরূপ যে কোন পাত্রাদির অংশ। টুঁ°কাটা,-ছেঁড়া,-টেপা,-ধরা।

টুক, টুকি, টুকু, টুকুন, টুকুনি [সং-স্তোক >। এ, অত, এত, এই, এক, ওই, যে, যত ই° শব্দযোগে প্রয়োগ] অ, সামান্য পরিমাণ বাচক; অল্প; লেশমাত্র। "বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কারো মনে নাহি হয়, দয়া একটুক গো দয়া একটুক"-ঈ° গুপ্ত। "সকলের অবশেষ এইটুকু লাজ লেশ"-রবী। "দুজনে কি এটুকুনি করিবে গ্রহণ?"-মানকুমারী°।

টুক্‌খ্যা [টুক দ্রঃ। বিষ্ণুপুর, বাঁকুড়া ই° অঞ্চলের ইতর ভাষায়। একটু > টু + (খানি > খ্যা] বিণ, একটুখানি। "এক পেট মদ খেয়েছিস বুঝি? টুক্‌খ্যা খেইয়েছি বটে।"-ক্ষী° প্র° বিদ্যাবিনোদ।

টুক্‌টুক [সং-টুণ্টুক (নীলাভ লোহিত, শুকনাসাবর্ণ, শোণ) >। চক্ষুর পীড়াদায়ক চড়া লাল অর্থে-টকটক (দ্রঃ)] ক্রি-বিণ, ঘোর লাল কিন্তু চক্ষুর অপ্রীতিকর নহে; সৌন্দর্য্যবর্দ্ধক বা মানানসই লাল। "সে সলাজ হাসি মুখ, কিবা লাল টুকটুক"-কুঙ্কুম°। ২ দুর্ব্বল ব্যক্তির চলনের শব্দানুকারী ভাষা। বিণ, টুকটুকিয়া, টুকটুকে-শোণিত বর্ণ, ঘোর লাল; সুন্দর লাল।

টুকটুকি, টুটুুই [চ° ক° ভা°] বি, টিকটিকি।

টুকনি,-নী [হি°-টোকরী] বি, সামান্য ভিক্ষাপাত্র। ২ [প্রাদে° পাবনা] ঘটি।

টুকরা, টুকরো [সং-স্তোক > টুক + ড়া = রা (অনাদরে)। হি°-টুকড়া (খোড়া)] বি, খণ্ড; ছিন্ন বা কর্ত্তিত অংশ। ~-টাকরা [সহচর শব্দদ্বয়] ছোট বড় খণ্ড; ছাঁটছুট। টুকরা জিমী-ক্ষুদ্র জমী। টুকরা দাখিলা-ক্ষুদ্র দাখিলা।

টুকরী [হি°-টোকরী >] বি, বংশাদি-নির্ম্মিত পাত্র-বিঃ; ছোট ঝুড়ি। বৃহদর্থে 'টোকরা' (দ্রঃ)।

টুকা [টোকা₃ দ্রঃ। ইং 'নোট করা' note. টুকি, টুক, (টুকুন, টোক), টুকে, টোকে (টুকেন, টোকেন); টুকিতে; টুকিয়া (কে° টুকে)। বিজন্ত-টুকানি] ক্রি, পত্রান্তর করা। ২ সংক্ষেপে এবং উপস্থিত মত লিখিয়া লওয়া; স্মরণার্থ লিখিয়া রাখা। ৩ কুড়ান; খুঁটিয়া লওয়া। টুকাইয়া-কুড়াইয়া (বৈ° গী°)।

টুকি [টুক (দ্রঃ) + ই (ক্ষুদ্রার্থে)] বিণ, অতি অল্প। ২ বি, ক্ষুদ্র খণ্ড। ৩ ক্ষুদ্র গ্রাস morsel. ~টাকি-টুকরা টাকরা অপেক্ষা ক্ষুদ্র অংশ; একটু আধটু; ছিটছাটু। ~টুকি-বি, ছোট ছোট টুকরা টাকরা। ২ অ, অল্প অল্প। ৩ টুকটুক বা চুকচুক শব্দ করিয়া চুমিয়া খাওয়া। "টুকিটুকি খেলে পরে রসে ভরে গাল।"-ঈ° গুপ্ত।

টুকী [টোকা দ্রঃ। সং-তোক (শিশু) + ঈ° (স্ত্রীং)] বি, শিশুকন্যা; খুকী; বালিকা। টোকা-টুকীরা-খোকা-খুকীরা

টুকু-টুক দ্রঃ।

টুকো, [টোকা₁ দ্রঃ] বি, চাল ধুইবার ধুচুনী।

টুগবুগি(গু)নি [গ্রা°। টগবগ দ্রঃ। আগুনের তাপে জল বা ভাত ফুটিবার শব্দ >] বি, অনু°। ২ [পরিপাক না হলে পেটের ভিতর অন্ন যেমন ফুটিতে থাকে তদ্রূপ কোন গোপনীয় কথা বা ভাব প্রকাশ করিবার আগ্রহে 'অন্তরে যেন পরিপাক পায় না এবং বাহির হইয়া পড়িবার জন্য ফুটিতে থাকার ভাব] অন্তরের কথা ব্যক্ত করিবার জন্য ব্যকুলতা বা অস্থিরতা।

টুঙ্গ, টুঙ্গি, টুঙ্গী [সং-তুঙ্গ (উচ্চ) >। গ্রা° টুঙি। টঙ্গী ও°] বি, কাষ্ঠাদি-নির্ম্মিত উচ্চ স্থান। ২ মঞ্চোপরি ক্ষুদ্র গৃহাদি। ৩ গৃহ; অট্টালিকা। "একদিন ম্লেচ্ছ রাজার উচ্চ টুঙ্গিতে"-চৈ° চ°। কামটুঙ্গী-উচ্চ ভিত্তির উপর বা জলাশয় বক্ষে নির্ম্মিত কেলি-গৃহ বা বিলাসভবন। জলটুঙ্গি-জলমধ্যস্থ গৃহ। ইহা জলগর্ভ হ'তে প্রস্তরাদির ভিত্তির উপর নির্ম্মিত হয় এবং দ্বীপের ন্যায় দেখায়। "নানারঙ্গে নির্ম্মাইল টু° শতে শতে।"-কৃত্তি°।

টুট [ত্রুট্ (ছেদনে) >। ব্রজ°, বৈ° পদ° সা°] বি, ত্রুটী; অভাব; হ্রাস।

টুট ন [বং-ত্রোটন। টুটা দ্রঃ] বি, ভঙ্গকরণ; ভগ্ন হওন; ছেদন; ছিন্ন হওয়া। ২ অল্প। "এত করিতে নারিব সুগ্রীব বলের টুং" (এস্থলে অল্প=কম জোর)-রামা০ কৃত্তি০।

টুট বঁ-ভাজিবে। "টুটব বিরহ কি ওর"-বি০ প০। **টুট** লঁ-ভাজিল। "টুটল পীনক মোতিম হার"-বি০ প০।

টুটা$_1$ [ক্রট্ (ছেদনে) ধাতু >। হি০-টুটনা। টুটি, টুট, টুটে; টুটিতে; টুটিয়া (কে০ পদ্যে-টুটি, গ্রা০-টুটে)। শিজন্ত-টুটান। মাইকেল এই অর্থে টুটা ব্যবহার করিয়াছেন। "কিন্তু মায়াবল আমি টুটি (=টুটাই) বাহুবলে"-মেঘ০] ক্রি, কমান; হ্রাস করা। "সতীখির প্রতি কেন টুটিল সম্মান"-কবিক০। ২ ভগ্ন করা; ভাঙ্গা; ছেদন করা। ৩ হ্রাস পাওয়া; কমা। **টুট ই** [আধু-বাং পদ্যে-টুটয়ে। ব্রজ০] ভগ্ন করে; হ্রাস করে। **টুট ইতে**-ভগ্ন হইতে; ভাজিতে। "টুটইতে নাহি টুটে প্রেম অদভুত"-বি০ প০। **টুট ত**-ভাঙ্গে। "দারুণ প্রেম তবহি নাহি টুটত"-বি০ প০। **টুটাইবে**-কম করিবে; হ্রাস করিবে। "হামারি গৌরব তুহুঁ বাঢ়ায়লি অব টুটায়ব কে।"-চণ্ডি০। **টুটি** [টুটিয়া > কে০] ভাজিয়া। "হায় টুটি কেলল।"-বি০ প০। ২ [উত্তম পুরুষের ক্রিয়াপদ] ভগ্ন করি; ভেদ করি; চূর্ণ করি; ছেদন করি। "কিন্তু মায়াবল আমি টুটি বাহুবলে।"-মেঘ০। **টুটে**-ক্রি, ভঙ্গ হয়; ঘুচে; হ্রাস পায়; কমে। "টুটইতে নাহি টুটে প্রেম অদভুত।"-বি০ প০। "খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুক।"-চণ্ডি০। "কড়াহো নাহি টুটে"-শ্রী০ কী০। "চাপড় খাইয়া বীর বলে নাহি টুটে।"-কবিক০। "নাহিটুটে বন্ধ।"-ধ০ ম০। "তিলেক যৌবন নাহি টুটে।"-শ্রী০কী০।

টুটা$_2$ [টুট (ত্রুটী) আছে যার বা যাতে-বহু০] বিণ, অল্প; কম; খুব। "তুমি যে রাজার বেটা কে তোমাতে টুটা।"-কবিক০। "বোধে নাহি টুটা"-অ০ ম০। ২ ভগ্ন।

টুটানি [ক্রি-টুটান। টুটাই, টুটাও, টুটায়; টুটাইতে; টুটাইয়া (কে০ টুটয়ে)] ক্রি, হ্রাস করান; কমান। "তপস্যা করেন গৌরী হরপদ আশে। আহার টুটান বাড়া দিবসে দিবসে।"-কবিক০। ২ ভঙ্গ করা; ভাঙ্গান।

টুটু ই-টুকটুকি দ্রঃ।

টুন্টু নি-টুনটুক দ্রঃ।

টুন্টু নী-বি, একতন্ত্র কাচ নির্ম্মিত যন্ত্র বিশেষ (যন্ত্রকোষ)।

টুন$_1$ [সং-টুণ্টু ক >] বি, লাল বস্ত্রবিঃ; শালু।

টুন$_2$ [ইং twine এর বিপ্যস্তর টোয়াইন > কে০] বি, পাক দেওয়া মজবুত সুতা।

টুনটুক, টুনটুনি, টুণ্টু ক, টুণ্টু নি [সং-টুণ্টু ক্ পাখীর ডাক হ'তে নাম] বি, ঘনায় প্রসিদ্ধ ছোট পাখী orthotomus sutorius; cisticola cursitons. ২ কৃষ্ণ খদির বৃক্ষ। ৩ লালাল্ গাছ। বিণ, টুনটুনে-ক্ষুদ্র ও অল্প প্রাণ।

টুনা, টুনি, টুনু-বি, ক্ষুদ্রার্থক শব্দ। ২ ছেলে মেয়ের আদরের নাম।

টুপ [সং ভিপ্ (ক্ষরণে) >। টপ্ >। অনু০] অ, অনুকার শব্দ; লঘু ভাবে পতনের শব্দ; জলবিন্দু ইং০র পতন শব্দ। ~**টাপ**-জলীয় পদার্থের বা ফলাদির এক একটী করিয়া পতনের শব্দ। ২ ক্রি-বিণ, ঐরূপ শব্দে। "বৃক্ষপত্র হইতে টুপ্‌টাপ্ করিয়া শিশির বিন্দু ঝরিয়া পড়িতেছে।"-শরতে বঙ্গ-পল্লী (দী০ রায়)।

টুপভুজঙ্গ, -জং [চ০ "ভুজুং," "ভুচুং, "ভুচং"। টুপ (টুব=টুবটুব) + ভুজঙ্গ (বিষধর বিষের আধার=মাদক দ্রব্য-মদে ডুবডুবু বা নেশায় পূর্ণ)। "টুপভুজঙ্গ অর্থাৎ অতি ভুজঙ্গ অর্থাৎ সর্পের ন্যায় সতর্ক। সাধাসিধে লোক কোপকাপ বুঝে না; আজ্ঞে তা নয়, টুপভুজঙ্গ অর্থাৎ ভুজকুড়ি অর্থাৎ মদ্যপানের পর বাক্যশক্তি গতিশক্তিহীন অবস্থাপন্ন, ঐ অবস্থার শরীর জড়সড় হইয়া থাকে ঘাড় নেটিয়ে পড়ে ও দুটি চোখ বিময় ও মিটমিট করে, আর ইচ্ছা হয় যে পক্ষী হইয়া ছাদের উপর হইতে উড়ি। ভোঁ ও টুপভুজঙ্গ এরা মামাত পিসতুতো ভাই।"-টেকচাঁদ] বিণ, নেশায় চুর; নেশায় ভোঁ; বুঁদ। "মদ খাইয়া টুপভুজঙ্গ হইয়া"-রাজ নারায়ণ বসু, আত্মচরিত। "মহাশয় হরেকৃষ্ণ বাবু ও রাজকৃষ্ণ বাবু টুপভুজঙ্গ রকমে দরজায় উপস্থিত হইয়াছেন।"-টেকচাঁদ।

টুপা [প্রাদে০] বি, জলপাত্র; মৃন্ময় ঘট-মৈ০ গী০।

টুপি, টুপী [সং-স্তূপ্, ইং পির (উচ্ছ্রায় উন্নত হওয়া) বা তুম্ব্ (আবরণে) > হি০-তোপ (> তোপনা=ঢাকা দেওয়া) > টোপ (মস্তকাবরণ)। বৃহদর্থে হি০ টোপা (কাণ পর্য্যন্ত ঢাকা টুপি), ক্ষুদ্রার্থে হি০ তোপী > টোপী (কেবল মস্তক ঢাকা টুপি)] বি, শিরস্ত্রাণ বিঃ; টুপি (দেশ,জাতি ও রুচি ভেদে ভিন্ন ভিন্ন প্রকার)। "মজভোর মণ্ডিত মাথায় বীর টুপি।"-ধ০।

টুবটুব [অনু০] অ, উপর্য্যুপরি ডুবিবার শব্দ। ২ জলে ঢিল ইং০ ছুঁড়িয়া ফেলিবার শব্দ। ৩ জলে পরিপূর্ণ হবার ভাব। বিণ, টুবটুবে-রস বা জলে পূর্ণ। **টুবটুবাটুব** [পরিহাসে] টুবটুবে। "রসে ভরা টুবটুবাটুব।"

টুমটাম [হি০-টুম, টুমটাম্ (যৎকিঞ্চিৎ, (২) ক্ষুদ্র অলঙ্কার)] বিণ, সামান্য; যৎকিঞ্চিৎ; অকিঞ্চিৎকর। ২ টুকুটাকু। ৩ বি, সামান্য বা তুচ্ছ জিনিস। টু০ করে-সামান্য ভাবে; অল্প ব্যয়ে; অল্পে-স্বল্পে।

টুমটুম-টমটম$_1$ দ্রঃ।

টুমরু [তাণ্ডব > দ্রং] বি, তাণ্ডব। "টুমরু তালে ডুমরু বাজাও"-গ্রাম্য গীত।

টুয়ানি, টোয়ানি [টু, টুআন দ্রঃ] ক্রি, টুইয়ে দেওয়া; উস্কাইয়া দেওয়া বা উত্তেজিত করা; সজাগ করিয়া দেওয়া ইং০। "এহেন কুমার বারে টুয়াইয়া কেবা।"-ধ০।

টুল [ইং stool] বি, কাঠাসন।

[তুলা > তুলতুল (তদ্বৎ কোমল) >] অ, এত কোমল যে ছুঁইলে বা অল্প টিপিলেই টোল খায় বা তলতল করে। ২ পরিপূর্ণতা হেতু টলটলকরার ভাব।

টুলানি-টোলান (দ্রঃ)। ২ [সমোচ্চার্য্য শব্দের সহচর] ক্রি, তদ্রূপ করা এই অর্থে। "তুলাইয়া টুলাইয়া।"-টেকচাঁদ।

টুলি [হি॰—টোলী (পল্লী) > । টোলা দ্রঃ] বি, পল্লী ; পাড়া । প্র—কলিকাতার কুমারটুলি ।

টুলো [টোল+উআ > গ্রা॰] বিণ, টোলে পঠিত বা শিক্ষিত । ২ টোল সম্বন্ধীয় ।

টুসটুস [টস টস (দ্রঃ), অল্পার্থে ও আদরার্থে টুসটুস] অ, রসে পরিপূর্ণতা-বোধক ; রসাধিক্যবশতঃ (স্বাভাবিক বা রসস্থ অরে) মুখমণ্ডলের চলচলে ভাববোধক । ২ মৃদুশব্দে ও ক্ষুদ্র বিন্দুতে জল বা জলবৎ পদার্থের পতন । আধিক্যে "টসটস", অত্যাধিক্যে ও ব্যাপ্ত্যর্থে "টসাটস" ।

টুসি [টোসা অপেক্ষা ক্ষুদ্র] বি, ক্ষুদ্র বিন্দু । ২ অঙ্গুলি দ্বারা সামান্য আঘাত ; টুস্কি (ইকার ক্ষুদ্রত্ববাচক টোসা দ্রঃ) । ৩ অল্প টক ; ফিকা অম্লরস । প্র—টুসি আম ।

টুস্কি [সং—ছোটিকা] বি, টুসি ; বৃদ্ধাঙ্গুলির সাহায্যে তর্জ্জনীর ক্ষিপ্র কিন্তু লঘু আঘাত ; টোকা । "টুস্কিটির সয় মারে ভর, দেখ্‌তে চুখান হ'য়ে যায়"—রজনী সেন । টুস্কির মাল—ভঙ্গপ্রবণ ; যা টুস্কির ভর সহে না ।

টে—নির্দ্দিষ্ট বা বিশিষ্ট অর্থে 'এই' শব্দের পর এবং ইকারান্ত বিশেষ্যপদের উত্তর বিকল্পে 'টে' বিভক্তি হয় (টা, টি দ্রঃ) । "এইটে", "সেইটে," "ঘড়িটে," "ছড়িটে ।" "যাস গেলে পঞ্চাশটে টাকা পাব ত ?"—মানসী ও ম॰, ১৩৩৩, জ্যৈষ্ঠ । ২ [—টিয়া > ক্ষে॰ টে । তুল—ইয়া > এ] কোন কোন বিশেষণ পদের উত্তর 'টে' বিভক্তি হয়, তখন উহা ঈষৎ যুক্ত, তৎবিশিষ্ট, তদ্রূপ, তৎসদৃশ, তন্ময় ই॰ অর্থ বিজ্ঞাপিত করে, যথা—লম্বাটে অর্থাৎ দেখিতে লম্বা মত ; লম্বা লম্বা । রাঙাটে, অর্থাৎ সম্পূর্ণ রাঙাও বলা যায় না অথচ অন্য কোন রঙ ও বলা যায় না ; রাঙা রাঙা, ঈষৎ রাঙা বা রাঙার মত । এইরূপ পাংশুটে, কালাটে, ঘোকাটে, ঘোলাটে ই॰ ।

টেং, টেংটেং—টং দ্রঃ ।

টেংরা, [তুল > । গ্রা॰ টিকর দ্রঃ] বি, উচ্চ ভূমি । " হেঁটে টেংরা [হেঁটে (নীচা) টেংরা (উঁচা)] বিণ, উঁচা নীচা ; আবুড়া-খাবুড়া ।

টেংরা, —বি, মৎস্যবিঃ ; টেঙ্গরা দ্রঃ ।

টেংরাগেঁটে [গ্রা॰—টেংরি বা টেঙ্গরি (ছাগল ভেড়া প্রভৃতি পশুর পায়ের অস্থি-সন্ধি-যুক্ত নিম্নাংশ) + আ (যুক্তার্থে)=টেঙ্গরিয়া, ক্ষে॰ টেংরা + গেঁটে (গাঁইট + ইয়া=গাঁইটিয়া বা গাঁটিয়া, ক্ষে॰ গেঁটা বা গেঁটে অর্থাৎ গ্রন্থিল)] বিণ, গেঁটাগোঁটা ; বেঁটে দৃঢ়দেহ ।

টেংরি,—রী,—ড়ি—টেঙ্গরি দ্রঃ ।

টেঁ [অনু॰] অ, শিশুর ক্রন্দন শব্দ । টেঁটেঁ, টেঁ টেঁ—শিশুর ক্রমাগত ক্রন্দন শব্দ ; বিরক্তিব্যঞ্জক । ২ অপ্রীতিকর বাক্যের পুনঃ পুনঃ আবৃত্তি ।

টেঁক, [সং—কটি > হি॰—টেঁটু । পাবনা প্রাদে॰ টেঁটর] বি, কোমর ; কটিদেশ । ২ গর্ব্ব । ~ঘড়ি—কটিদেশে রাখিবার ঘড়ি ; ক্ষুদ্র ঘড়ি watch. টেঁকে গোঁজা—কোমরের কাপড়ে বা কশির স্থানে গুঁজিয়া বা মুড়িয়া রাখা । ২ [লক্ষ॰] অবলীলাক্রমে সম্পূর্ণ কাবু করা ।

টেঁক, [হি॰—টেকনা, টিক্‌না > । সং —স্থা > স্থিতি শব্দের ভ্রং] বি, স্থিতি । ~সই—বিণ, স্থিতিশীল ; থাকিবার যোগ্য ; দীর্ঘকাল স্থায়ী । ২ মজবুত ; দৃঢ় ।

টেঁকখির—টাকখর দ্রঃ ।

টেঁকন [টিকন দ্রঃ । টেঁকা দ্রঃ] বি, স্থিতি ; স্থায়িত্ব ।

টেঁকটেঁকে [ট্যাঁক ট্যাঁক দ্রঃ] বিণ, হৃদয়চ্ছেদক ; ক্যাঁটকেঁটে ; চ্যাটং চ্যাটং ; কর্কশ । "তোমার বড় টেঁক টেঁকে কথা—" ।

টেঁকশাল—টাঁকশাল দ্রঃ ।

টেঁকা [সং—স্থা > তিষ্ঠ > প্রাকৃ॰ তিট্‌ঠ > ভ্রং হি॰—টীক্‌না (স্থিতি করা) > । টেঁকি, টেঁক, টেঁকে ; টেঁকিতে, টেঁকিয়া (ক্ষে॰ টেঁকে) । পিজন্ত—টেঁকান]. ক্রি, তিষ্ঠান ; থাকা ; স্থায়ী হওয়া । ২ বাঁচা । "মেনকা সুন্দরী মনস্তাপ করি কয় । মর্দ্দের মর্দ্দনে মেয়ে টেঁকে কতক্ষণ ?"—শি॰ ।

টেঁকি [সং—তুঙ্গ > হি॰—টেক, টেঁক] বি, গিরি ; পর্ব্বত ।

টেঁটরা [হি॰—ঢিঢোরা >] বি, বাদ্যযন্ত্র ; ঢাক । ২ বিজ্ঞাপন ; প্রচারবাণী ; চ্যাঁট্‌রা (দ্রঃ) । ~ওয়ালা—যে নগরমধ্যে সরকারী হুকুম, টেঁটরা বা ঢাক বাজাইয়া ও চীৎকার করিয়া সাধারণে প্রচার করে town-crier.

টেঁট্‌া—টেটা দ্রঃ ।

টেঁপা [টোপা দ্রঃ] বি, ছোট পেটমোটা মাছ বিঃ । ২ গোলগাল বা পেটমোটা পুং শিশুর নাম । স্ত্রীং টেঁপী । টেঁপা-টোপা, টেঁপাল-টোপাল [টেঁপা (মোটা) টোপা (গোলাল)] বিণ, হৃষ্টপুষ্ট ।

টেঁপি, —পী [টেঁপা দ্রঃ] বি, ক্ষুদ্রাকৃতি বালিকার নাম ; টুনি ।

টেঁসা—টাঁসা দ্রঃ ।

টেক [সং—স্থা > প্রাকৃ॰—ঠা, হি॰—টিক্‌না ও টেক > । তুল—ল্যা॰ sto, staticus স্থিতিকরা ; ইং—stake স্টেক=ঠেকনো, খুঁটি] বি, অবলম্বন ; ঠেকনো । ২ স্থিতি ; স্থায়িত্ব । ৩ (ট্যা—) [টেঁক দ্রঃ] বি, টেঁক । ৪ নদী প্রভৃতির বাঁক । "দেখিয়াছি টেকের মাথায়"—দেবী-চৌধুরাণী ।

টেকর [টিকর দ্রঃ] বি, উচ্চভূমি । "যদি বর্ষে মকরে, ধান হবে টেকরে"—খনা ।

টেকসই, টিকসই [টেক (স্থিতি) +সই=সহ্ +ঈ (র্ক্তৃ)—যে বহুদিন থাকে] বিণ, যা শীঘ্র ক্ষয়প্রাপ্ত বা নষ্ট হয় না ; মজবুত । "নবীন বিদ্যার জোরে পুরাতন টেকসই প্রথাকে হঠাৎ ওলট পালট করিতে চেষ্টা করিও না ।"—নায়ক, অগ্র॰ ১৩২৬ ।

টেকা [টিকা, টেঁকা দ্রঃ । পিজন্ত, টেকান] ক্রি, অবস্থান করা ; থাকা । "যার পিতামাতা ভস্ম মাখে তরুতলে রয় । ওমা, তার তনয়ের ভিটেয় টেকা, এ বড় সংশয় ।" —রা॰ প্র॰ । ২ স্থায়ী হওয়া । প্র—ঢাকাই মলমল বহুদিন টিকিবে । ৩ বাঁচা । প্র—ও বয়সে এ রকম রোগে আগামী শীতে আর টেকবে না । ৪ বজায় থাকা । প্র—তোমার আপত্তি টিকবে না ।

টেকারী [অনু॰ । টঙ্কারী (টং টং শব্দকারী)] বি, ছোট ভগ্ন বিশেষ ।

টেকুআ, টেকুয়া$_1$, টেকো$_1$ [টিকু >]বি, সূত্র পাক দিবার যন্ত্র spindle. ২ আরা ; চর্ম্মাদিতে ছিদ্র করিবার যন্ত্র awl.

টেকুয়া$_2$, টেকো$_2$ [টাক + উআ] বিণ, টাকবিশিষ্ট ; যার মস্তকের চুল উঠিয়া গিয়াছে (টাক দ্রঃ)। ২ চুবড়ি। "ওদেশে (কামার পুকুর) ছেলেদের ছোট ছোট টেকোয় করে মুড়ি খেতে দেয়। যাদের ঘরে টেকো নেই তারা কাপড়েই মুড়ি খায়"-শ্রীশ্রীরামকৃষ্ণ লীলা প্রসঙ্গ।

টেক্কর [তীক্ষ্ণ (ক্ষ=খ, ণ=ড়=র) > তীক্খর (ত=ট) >]বি, তীব্র বিদ্রূপ। ২ কুৎসা ; নিন্দা ; অপবাদ। "টিটকারী টেক্করে হইনু পরাজয়"-কবিকং।

টেক্কা$_1$ [টক্কর দ্রঃ] বি, প্রতিযোগিতা ; ২ টিকারা (দ্রঃ)। টেং দেওয়া,-মারা -প্রতিযোগিতা করা। ২ অতিক্রম করা। "টেক্কা রং রাখলি হাত রাখলি না ছুকুড়ি সাত, এখন বাজে রংএর সাতার পিঠে দিতে হবে টেক্কা পাশ।"-রসিক চক্রবর্ত্তী।

টেক্কা$_2$ [সং-এক তিলকা (এক ফোঁটা-যুক্ত) > , অথবা হিং টেকুয়া (পান) > । এক পান চিহ্নিত। হিং-টিকী] বি, তাসের রংবিঃ।

টেক্স [ইং tax এর লিপ্যন্তর] বি, রাজকর ; খাজানা ; মাশুল। "জলের টেক্স ; আলোর টেক্স" ইং।

টেঁঙরা [সং-ত্রিকণ্টক >] বি, আঁইসহীন মৎস্যবিশেষ macrones vittalus.

টেঙরি, -রী (টেং-) [টাঙ দ্রঃ। হিং-টেঙরী] বি, পা। ২ পাঁটার পায়ের নিম্নাংশের হাড়। ৩ ট্যাচাড়ির চুবড়ী।

টেঙা [অসং] বি, চুকা ; অম্ল। ২ কূপ হ'তে জল তুলিবার লাঠাকল। ৩ ইক্ষুবিঃ।

টেটন [তেণ্টন ওং। প্রাং-বাং। ব্রহ্মপুত্রের উপত্যকা প্রদেশে চতুর অর্থে "টেটোন" > স্ত্রীং টেটনী। তুল-ঠেঁটা, ঠেটা (কুচেষ্টাবতী,প্রগল্‌ভা)। শঙ্কর দেবকৃত উত্তরা-কাণ্ড-তেণ্টন ("অকস্মিতে তেজে যেন ভার্য্যাকে তেণ্টনে")-টীকা (বিরুদ্ধমত)] বিণ, ধূর্ত্ত ; শঠ ; চতুর। "তোমা হেন পৃথিবীতে নাহিক টেটন-শ্রীং কীং। "যেই দেখে সেই বলে ঘূরে ধা টেটন"-পদ্মপুরাণ, বিজয় গুপ্ত। স্ত্রীং টেটনী, টেণ্টনী-চতুরা ; ধূর্ত্তা ; প্রগলভা। "টেটনী রাধা" শ্রীং কীং।

টেঁটরা-টেঁটরা দ্রঃ।

টেঁটল [টেটন দ্রঃ] বিণ, ধূর্ত্ত ; শঠ।

টেঁটা [সং-কণ্টক > কাঁটা >] বি, লৌহময় অস্ত্রবিঃ (পুকুরের অন্যান্য মাছ খায় এমন অনিষ্টকর মাছ যেমন 'শাল' 'বোআল' ইংকে বিদ্ধ করিয়া মারিবার জন্য টেটা ব্যবহৃত হয়) ; কোঁচ।

টেঁড়া, টেড়ি$_1$ [সং-তির্য্যক্ > । হিং-টেঢ়া, টেঢ়ী > তেড়া > । তেরিয়া দ্রঃ] বিণ, বক্র ; বাঁকা ; হেলা। ২ রুক্ষ ; উগ্র। "যাদের পেটে হেড়া, মেজাজ টেড়া, তাদের কাছে কেটা যাবে"-ঈং গুপ্ত।

টেড়ি$_2$, -ড়ী [সং-তির্য্যক। হিং-টেঢ়ী] বি, বাঁকা সিঁতে। টেং কাটা, -বাগানি-ক্রি, চিরুণী বা ব্রুশাদি দ্বারা মাথার চুল ফিরাইয়া সিঁথি বাহির করা।

টেঢ়া [হিং-টেঢ়া। টেড়া দ্রঃ] বিণ, বক্র ; তির্য্যক্। "শিরস্ত্রাণ বর্ম্ম চর্ম্মে সজ্জিত সকলে। রণমদে মাতোয়াল, টেঢ়া ভাবে চলে"-রঙ্গলাল (কাঞ্চীং)।

টেণ্ডল [ইং general > আ-জনরল > হিং জণ্ডল > টণ্ডল >] বি, জাহাজের কর্ম্মচারী। ২ [এই অর্থে টিণ্ডাল ওং] মজুরদের মেট বা জমাদার।

টেঁণ্ডাই-মেঁণ্ডাই [হিং টাঁটা (বচসা altercation, row) + ই (স্বার্থে) > টাণ্টাই + মাণ্টাই (সহচর শব্দ) > টাণ্ডাই-মাণ্ডাই > । টাণ্টা = টাণ্ডা] বি, বাগবিতণ্ডা ; তেরিমেরি ; ক্রোধোক্তি ; বচসা ; হাঙ্গামা। টেং করা-ক্রোধপূর্ব্বক কড়া কথায় আস্ফালন করা।

টেণ্ডার [ইং tender এর লিপ্যন্তর] বি, নির্দ্দিষ্ট সময়ে নির্দ্দিষ্ট মূল্যে নির্দ্ধারিত কার্য্য সম্পাদন বা দ্রব্য সরবরাহের অঙ্গীকার পত্র। টেং দেওয়া-ঐরূপ পত্র দাখিল করা।

টেঁনা [সং-তুন্ন (ছিন্নবস্ত্র) > তেনা > । গ্রাং] বি, ছিন্ন মলিন বস্ত্রখণ্ড ; কানি ; ন্যাতা। "তখন পরিতে টেনা, এবে পট্ট যুক্তি"-মং। "শত গাঁট ছিঁড়া টেনা করি, পরিধান"-অং মং। ২ কৌপীন। টেনি, টেন্‌কি-টেনা অপেক্ষা ক্ষুদ্র বস্ত্র।

টেনে [টানা দ্রঃ] অস-ক্রি, টানিয়া। ~টুনে, -বুনে-ক্রি-বিণ, কষ্টেসৃষ্টে ; যোড়াতাড়া দিয়ে ; কোন ক্রমে।

টেপ [ইং tape এর লিপ্যন্তর] বি, বস্ত্র, ভূমি ইং পরিমাপের ফিতা।

টেপা [সং-টিপ্ (প্রেরণে) > । টিপি, টিপঁ, টেপঁ (টিপুন, টেপ), টেপে ; টিপিতে ; টিপিয়া (কেং টিপে)। ণিজন্ত-টেপানি] ক্রি, মর্দ্দন করা ; চাপ দেওয়া। ২ অঙ্গুলি বা মুষ্টির চাপ দিয়া অনুভব করা ; অঙ্গুলির টিপ বা অগ্রভাগ দিয়া জোরে স্পর্শ করা। ৩ ক্ষুদ্র ছিদ্রমুখ বন্ধ করা। ৪ বিণ, সংকীর্ণ। ৫ কৃপণ। ~গোঁজা-বি, চাপাচাপি ; সংকীর্ণতা। ২ অপ্রশস্ত স্থান। ৩ কৃপণতা ; কার্পণ্য। ~টপি,-টিপি-বি, পরস্পরের অঙ্গ টেপা। ২ ঐ ভাবে ইঙ্গিত বা ইসারা।

টেঁপারি-ট্যাপারি দ্রঃ।

টেবিল [ইং table এর লিপ্যন্তর] বি, মেজ ; যে কাষ্ঠাধারের উপর লেখা যায় ; ইউরোপীয়েরা যার উপর আহারীয় রাখিয়া খানা খায়। "টেবিল পেতে খানা খাবে।"-ঈং গুপ্ত।

টেবো [টাবা (লেবু) বা টোপা (টোপ তোলা, ফুলা) + উআ (যুক্তার্থে)] বিণ, ফুলো ; ফাঁপা ; নিটোল।

টেঁমাই, ট্যামাই [অনুং] বি, বাদ্য যন্ত্রবিঃ ; ট্যামটেমি। "রণশিঙ্গা কাড়া পড়া টমক টেমাই"-মং।

টেমী, টিমি [ইং tin > বা হিং টেম (জ্বলন্ত বাতির শিখা) >] বি, পলিতা-যোগে কেরোসিন তেল জ্বালাবার টিনের ডিবা বা কুপি।" টেমী ও কেরাসিন তৈল বিক্রয়ের জন্যে"**"-বিং সাধু।

টের$_1$ [সং-তীর > , বা তীর্থ ("জ্ঞানং তীর্থং"-শব্দকল্প) >] বি, জ্ঞান। ২ সন্ধান। ৩ হুঁস। টেং পাওয়া-ক্রি, জানিতে পারা। "লেখা ত লিখেছি জোর,

এখন জেনেছি টের সে রঙিন কাফুল।"—রবী০। "পাইয়াছে টের, কি করে এ ফের, কবি রায় গুণাকরে।"—অং ম০। ২ জব্দ হওয়া। "থাক না, একদিন টের পাবে।" টে০ পাওয়ানি—জানাইয়া দেওয়া ; জ্ঞান বা শিক্ষা দেওয়া ; জব্দ করা। "একদিন টের পাইয়ে দেব।"

টের২ [সং—তির্য্যক্ > অং হিং টেঢ় >] বি, বাঁক। ২ সকলের সন্নিধি হ'তে দূরে একান্ত স্থান ; কোণ ; প্রান্ত। ৩ [পাবনা প্রাদে০ উচ্চারণে ট্যার] ট্যাঁক (টেঁক দ্রঃ)।

টেরক [তির্য্যক্ >] বিণ, যার দৃষ্টি বক্র ; যার নয়ন বক্র ; বক্রনয়ন।

টেরচা, টেরছা [সং তির্য্যক্ > হিং—তীরছা > বাং—তেরচা (ছা), ত=ট] বিণ, কোনাকুনি ; বক্র ; টেড়া।

টেরা [সং—তির্য্যক্ > হিং—টেঢ়া] বিণ, বক্রদৃষ্টি ; বক্র নয়ন। ২ [প্রাদে০ পাবনা] ছিদ্র।

টেরি১—বি, টেড়ি দ্রঃ।

টেরি২ [হিং—টেঢ়ি। তেরিয়া দ্রঃ] বিণ, উগ্র। ২ বক্র। ৩ কঠোর (ব্রজ০)। ৪ ক্রি-বিণ, উগ্র-ভাবে ; কুপিত হইয়া। "তা সুঙে বহুত হি টেরি"—বি০ প০।

টেরেন—ট্রেন দ্রঃ।

টেরেম—ট্রাম দ্রঃ।

টেলিগ্রাফ [ইং telegraph এর লিপ্যন্তর] বি, শীঘ্রতম উপায়ে সঙ্কেত দ্বারা দূরে সংবাদ প্রেরণের বৈদ্যুতিক যন্ত্র।

টেলিগ্রাম [ইং telegram এর লিপ্যন্তর] বি, টেলিগ্রাফ যন্ত্র দ্বারা প্রেরিত সংবাদ বা বক্তব্যের সাঙ্কেতিক শব্দের অনুবাদ লিপি ; টেলিগ্রাফে প্রেরিত সংবাদ।

টেলিপ্যাথি [ইং telepathy র লিপ্যন্তর] বি, এক জনের চিন্তা অন্যের মস্তিষ্কে চালনা ; ইন্দ্রিয় সাহায্য ব্যতীত মনোভাব সঞ্চালন।

টেলিফোঁ, -ফোন্ [ইং telephone এর লিপ্যন্তর] বি, বৈদ্যুতিক শব্দবাহী যন্ত্র ; স্বর-সংবাহক যন্ত্র (প্রবাসী) ; রেলযাদি সূত্রনির্ম্মিত শব্দবাহী যন্ত্র যদ্দ্বারা একজন অপরের সহিত দূরে ও দৃষ্টির অগোচরে থাকিয়াও কথোপকথন করিতে পারে।

টেলিভিসন [ইং television এর লিপ্যন্তর] বি, চর্ম্মচক্ষুতে অদৃশ্য বস্তুর প্রতিরূপ চক্ষুর সমক্ষে প্রতিভাত হওয়া। "বেতার সংবাদ শ্রবণ করিবার যন্ত্রের সহিত একটি টেলিভিসন যন্ত্র সংযোগ করিয়া * * * শ্রোতা বক্তার প্রতিমূর্ত্তিও চক্ষের সমক্ষে দেখিতে পাইবেন। বক্তার হস্তভঙ্গী মুখভঙ্গী দর্শনে এইরূপ প্রতীত হইবে যেন বক্তা চক্ষের সমক্ষে দণ্ডায়মান হইয়া কথাবার্ত্তা কহিতেছেন"—সম্মিলনী, ১৩৩৪, ভাদ্র।

টেলিস্কোপ [ইং telescope এর লিপ্যন্তর] বি, দূরবীক্ষণ যন্ত্র।

টেলে [টালিয়া > ক্কে০] ক্রি, টালিয়া ; থামাইয়া। ২ প্রবোধ দিয়া। "বল তারে কথায় রাখিব কত টেলে"—বাঙ্গালীর গান। ২ নাড়িয়া ; সরাইয়া।

টেষ্ট, টেস্ট্ [ইং taste এর লিপ্যন্তর] বি, স্বাদ। "রুটীতে কামড় দিয়া বলিল * * * চমৎকার টেষ্ট কিন্তু!"

টেসো, টেঁসো [হিং টাঁস(টান) + উয়া > টাসুয়া > ক্কে০] বিণ, শুকাইয়া বা জাগাইয়া পাকা : বিস্বাদ ; কোষো। ২ কাঁচা। ৩ [ফা০—চাশ্‌নী] অম্ল। "টক্ টেসো আঁটি সার।"

টৈটুম্বুর—টইটুম্বুর দ্রঃ।

টো১ [সং টক্, টকি (বন্ধনে) > টাঁক, তাক (হিং—টক্=বদ্ধ দৃষ্টি) > । হিং টোহ] বি, উঁকি ; অন্তরাল হ'তে দৃষ্টি। ২ চুপি সাড় ; সতর্কতা ; সন্তর্পণ। প্র০—টো মেরে পা ফেলা (সাবধানে বা সন্তর্পণে পা ফেলা)। ৩ খোঁজ।

টো২ [অট্ (ভ্রমণ) >] বি, টহল। টো টো—অ, ভ্রমণের প্রণালীবিঃ ; ভ্রমণের বা ঘুরিয়া বেড়াইবার স্থান ও সময়ের দূরত্ব, ব্যাপকত্ব ও আধিক্য সহ অসম্ভ্রমের ভাব-ব্যঞ্জক।

টোঁকা—টোকা দ্রঃ।

টোকচা [খুলনা প্রাদে০। রোজনামচার অনুকরণে—চা। সং—টঙ্কন > হিং—টোঁক + চা (তুর্কী)] বি, বাঁধা খাতার স্মারক যা টুকিয়া রাখা হয়। ২ স্মারক বহি note book.

টোকনা [প্রাদে০] বি, সোণালী বা রূপালী প্রস্তুত করিবার পিত্তলপাত্রবিঃ।

টোকফর্দ্দ [হিং—টোক + ফা০ ফর্দ্= তালিকা] বি, স্মারকলিপি memorandum ; memo.

টোকরা [হিং] বি, বাঁশ, শর, ঘাস ই০-তে নির্ম্মিত পাত্র ; ওড়া ; ঝোড়া ; বড় ঝুড়ি। ২ মুষ্টিভিক্ষা। টোকরী, টুকরী—ছোট ঝুড়ি ; চুপড়ি।

টোকা১ [পর্ত্তুগীজ touca (বিবির টুপি) > । পু০ বঙ্গে "মাথালি"] বি, শুষ্ক পত্রাদিনির্ম্মিত বৃহৎ ছত্র। "ডোম গড়ে টোকা ছাতা"—কবিক০। ২ ধুচুনি। ~পানা—বি, জলজ লতাবিঃ।

টোকা২ [অনু০। বা সং—ছোটিকা >] অঙ্গুলির আঘাত ; টুস্কি। "কোমল অঙ্গ, টোকা মারলে রক্ত পড়ে"—লীলাবতী। "রাত্রে সবাই ঘুমাইলে আমি আসিয়া দ্বারে টোকা মারিব"—রজনী। ২ খোঁচা। ৩ তর্জ্জনী ও বৃদ্ধাঙ্গুষ্ঠের আঘাত।

টোকা৩, টোঁকা [হিং—টোঁক্‌না= লিখিয়া লওয়া, উল্লেখ করা, পেঁছু ডাকা] ক্রি, নোট করা ; স্মারকস্বরূপ লিখিয়া লওয়া। ২ প্রত্যুত্তর করা। ৩ ইসারা বা সঙ্কেত করা। ৪ দোষের উল্লেখ করা ; দোষ দেখান। ৫ কাটা ; বস্ত্রাদির স্থানে স্থানে কাটিয়া ছিদ্র করা ; ঝাঁজরা করা। ৬ পেছু ডাকা।

টোকা৪ [সং টঙ্কন > হিং টাঁকনা > টাঁকা, টোকা] ক্রি, সেলাই করা ; জোড়া দেওয়া।

টোকা৫ [টুক (দ্রঃ) >, টুক টুক করিয়া খাওয়া] ক্রি, অল্প অল্প করিয়া ধীরে ধীরে এবং বহুবারে কোন আহার্য্য দ্রব্য ভক্ষণ করা।

টোকো [টক + উআ >] বিণ, অম্লাস্বাদ ; টক্। প্র—"পান্তা ভাতে টো০ দই"—ছড়া। টোকো আম।

টোগান [টো১ দ্রঃ। হিং টোহা। প্রাদে০] বি, খোঁজ। "টো০ লইল"—পূ০ ব০ গী।

টোঙ,১, টোঙ্গ,১ [হিং টাঙ্ >] বি, ঠ্যাঙ ; ঠ্যাং।

টোঙ,২, টোঙ্গ,২, টোং [টঙ দ্রঃ] বি, উচ্চ স্থানে নির্ম্মিত কুটীর। "ফল পাকিবার পূর্ব্বে কেষ্টো বাগানে টোঙ্গ বাঁধিল এবং তিন জন রাখাল নিযুক্ত করিয়া বাগান পাহারা দিতে লাগিল।"–দী০ রায় (বা০ বসুমতী, ১৩৩৪)।

টোঙর, টোঙ্গর [তাতারবংশীয় তৈমুরলঙ্ অথবা তাতার দেশের টাঙ্গুস্-বংশীয় জঙ্গিস খাঁ ও তাঁর অনুচর মুসলমানগণ 'তোমর', টোঙর, "টোঙ্গর" বলিয়া উক্ত হ'তে হ'তে টো০ শব্দ মুসলমান এই অর্থে প্রযুক্ত হয়] বি, মুসলমান ; ম্লেচ্ছ। ২ [সং-ডিঙ্গর্ (খল) > হিং-ডুঙ্গর্, ডোঙ্গার্ (স্থূল দেহ) >] বিণ, স্থূল দেহ ; স্থূলবুদ্ধি ; জড়-ভরত ; বোকা। ৩ যে একের কথা অন্যকে বলিয়া দেয়। ৪ খল।

টোঙ্গ–টোঙ দ্রঃ।

টোঙ্গা–টঙ্গা দ্রঃ।

টোটকা [সং-ত্রোটক > হিং-টুট্কা, টোট্কা >] বি, মুষ্টিযোগ ; তান্ত্রিক প্রয়োগ ; চিকিৎসা-ব্যবসায়ীদিগের দ্বারা ব্যবহৃত শাস্ত্রীয় ঔষধের তালিকার বহির্ভূত ঔষধ। ২ বিণ, সামান্য।

টোটা,১ [সং-ত্রুট্ (ছেদনে) > হিং টুটা, প্রা-বাং-টোট] বিণ, অল্প ; কম। "পরিণামে কভুনা হবে টোট"–চণ্ডি০।

টোটা,২ [ইং cartridge >, উচ্চারণ বিকারে ; অথবা সং-তুণ্ড্ (বধে) > হিং টোটা (মোমবাতির টুকরা)র সাদৃশ্য হ'তে] বি, চর্ব্বির বাতি। "টোটা বাতি জ্বলে"–হেম০। ২ [ওয়াও-ঠোঁটা >] বন্দুকে দিবার বারুদের মোড়কের মুখ যাহা দাঁতে কাটিয়া বন্দুকে চালিতে হয় ; বন্দুকের কার্তুস। ৩ খণ্ড ; টুকরা।

টোটা,৩ [হিং টেঁটা, টোটা (ঘরের ছাঁইচ, প্রাচীর হ'তে বহির্গত অল্প পরিসর আচ্ছাদন)] বি, উদ্যান। "নিভৃতে টোটা-মধ্যে যদি স্থান বাসিক পাও।"–চৈ০ চ০, মধ্যলীলা।

টোটো [সং-অট্ (ভ্রমণ) > অটাট্যা (পুনঃ পুনঃ ভ্রমণ) >] ক্রি-বিণ, অন্যায়রূপ ঘুরিয়া বেড়ান ; বৃথা ভ্রমণ।

টোড়ী–বি, রাগিণীবিঃ, টৌড়ী দ্রঃ।

টোণ,১,–ন–টোয়াইন দ্রঃ।

টোণ,২ [সং-তূণ > প্রা০-বাং 'টোন'। "অক্ষয় দুই টোন"–মহা০ (বিশারদ–খৃঃ ১৬১২)] বি, তূণ ; বাণাধার। "টোণের ভিতরে বাণ জ্বলদগ্নি যেন।"–পরীক্ষিত সংবাদ।

টোণা [সং-তনা। ওড়ি০–টনা] বি, সোমরস ছাঁকিবার বস্ত্র। ২ টেনা ; কানি।

টোনা [সং-তন্ত্র > হিং টোনা] বি, (বিতঃ স্বামী) বশীকরণ ঔষধ। ২ (শিশুর রোগাদি উৎপাদক) কুদৃষ্টি বা নজর। ৩ জাদু। টো০ দেওয়া,–লাগানি–(অশুভ দৃষ্টি বা নজর দেওয়া।

টোপ [সং-স্তূপ্ (উন্নত হওয়া) > ত্রং, পা০ টোপ (বৌ০ পুরাত্রব্যাগারের আকৃতি সাদৃশ হ'তে)– স্থানের বা কোন কিছু উঁচু হইয়া উঠার ভাব] বি, উন্নত স্থান ; টাপু। ২ বৌদ্ধদিগের পুরাত্রব্যাগার। ৩ টুপি। ৪ অলঙ্কারাদির গায়ে মুক্তা বা মটরের ন্যায় উঁচু উঁচু করিয়া কড়াই তুলিলে সেই এক একটী কড়াইকে টোপ বলে ; ক্ষুদ্র গোল এবং উন্নত গঠন ; একপ্রকার নকাশি। ৫ মাছের টোপ ; মাছের আহার, যাহা খাইবার জন্য মাছ আইসে ও ধরা পড়ে (ইহা প্রায় মটরের ন্যায় গোল করিয়া পাকাইয়া দেওয়া হয়)। "মাছের টোপ গেলা"। "টোপ ধরে না ঠুক্‌রে বেড়ায়"–বাং-গান। ৬ [মাছের টোপের ভাব >] প্রলোভনের বস্তু ; আকর্ষণ বা আসক্তি জন্মাইবার উপায়। "কেহ কিনে উল সূতা বুনাইতে মোজা জুতা নূতন প্রেমের ইহা টোপ"–চন্দন। টো০ তোলা–ক্রি, গহিতে টোপ উঠান। ২ অলঙ্কারাদির উপর টোপ কাটা বা উঠান।

টোপর [সং-স্তূপ, টুপির (উন্নত হওয়া) > হিং-টোপ (কাণ ঢাকা টুপি। টোপ অপেক্ষা বৃহৎ এবং অধিক উন্নত টোপা)। টোপ +র (তার মত বা উন্নত হইয়া উঠিয়াছে)। ওয়াও–'তোরগোর' > টোপর হওয়াও সম্ভব] বি, মস্তকের আবরণবিঃ ; শিরস্ত্রাণ ; মুকুট। "চাবের টোপর শোভে শিরে" –কবিক০। ২ বরের মাথার মুকুট। ৩ উন্নত স্থান ; উপর [তুল–গ্রী০ toparches, topos (s=r)=টোপর (স্থান), ইং top] বিণ, ফোঁপরা ; ফাঁপা।

টোপরা [হিং] বি, টোকরা ; ডালা।

টোপলা [পোটলা দ্রঃ। বর্ণবিপর্য্যয়ে টোপলা। প্রাদে০। টোপা দ্রঃ] বি, পুটুলি। "আগুনির কণা কিবা পাটর টোপলা। মুক্তাহার তথাএ লাগেছে কোপলা॥"–শূ০পু০।

টোপা [টোপ (দ্রঃ) + আ (বৃহদর্থে)] বিণ, টোপ আছে যাতে বা যাতে টোপ তোলা হইয়াছে। ২ ফাঁপা। ৩ গোলাকার ফাঁপা বস্তু যা জলে ডুবে না ; বয়া (buoy) র মত ভাসে। "মন আমার টোপা পানা ডুবতে চায়না।"–রা০ প্র০। ৪ গোল দেশী কুল। "খেতেছি বসিয়া টোপা কুল"–রবী০। ~বড়ি–বি, মাঝারি আকারের বড়ি (ফুল বড়ির চেয়ে বড় ও কুমড়া বড়ির চেয়ে ছোট)।

টোপানি [ফোঁটা > টোপা + আন] ক্রি, টুপ টাপ করিয়া ফোঁটা পড়া।

টোপী [হিং] বি, টুপি দ্রঃ।

টোয়টুম্বুর–টইটুম্বুর (দ্রঃ)।

টোয়া [টো,১ দ্রঃ] বি, টোকা। ২ পায়ের বুড়া অঙ্গুলের টিপ বা ভর। টো০ মারা–ক্রি, পা টিপিয়া নিঃশব্দে গমন করা ; পায়ের বৃদ্ধাঙ্গুলি বা অগ্রভাগের উপর ভর দিয়া চলা।

টোয়াইন, টোণ, টোন [twine এর লিপ্যন্তর] বি, পাকান শক্ত সূতা।

টোয়ানি [টুআ দ্রঃ। টোয়াই, টোয়াও ই০] ক্রি, টুয়াইগা দেওয়া ; আক্রমণার্থ অগ্রসর করিয়া দেওয়া ; লেলাইয়া দেওয়া। "পার্থপরে টোয়াইয়া দিলেক মাহুত"–মহা০ (কাশী)। ২ কাহাকে পরামর্শ দিয়া কোন কর্ম্মে প্রবৃত্ত করা ; ইঙ্গিত করা।

টোরা [সং-কটিত্র >] বি, শিশুদিগের কোমরের ভূষণ।

টোল,১ [সং-তলিন > হিং টোল। ...

ট] বি, চতুষ্পাঠী ; সংস্কৃত পাঠশালা। "পণ্ডিতেরা শেষে, টোলে সবাই এসে, করলেন মহাসভা একটা এই বঙ্গদেশে"-দ্বি০ রায়। ২ অস্থায়ী কুটীর ; কুঁড়ে। "বেদের টোল"।

টোল২ [সং-তড় (আঘাতে) > তল > টল > টোল (আঘাত), ফলে তল বা নিম্নভাব ধারণ] বি, আঘাত-জনিত গর্ত্ত (টোপের বিপরীত)। টো০ খাওয়া, টো০ ধঁরা, টো০ পঁড়া, টো০ লাগা-গর্ত্ত হওয়া ; খোঁদা হওয়া। বিণ, ~খেকো-যাতে টোল পড়িয়াছে বা ধরিয়াছে।

টোল৩ [ইং toll এর লিপ্যন্তর] বি, মাশুল ; রাজকর।

টোললো, টঁল্লি [টলা দ্রঃ। টলিল > কো০] ক্রি, নড়চড় হইল।

টোলা [হিং] বি, পল্লী ; পাড়া। প্র-আহিরীটোলা, কলুটোলা, পটুয়াটোলা, বাঙ্গালীটোলা ই০। "নববর্ষ মহাহর্ষ ইংরাজ-টোলায়"-ঈ০ গুপ্ত।

টোলানি [তোৎলা (দ্রঃ) > তোৎলানো > (বিদ্রূপে)-তোৎলামির অনুকরণ করা] ক্রি, কাহার কোন উক্তি বা ক্রিয়ার বিকৃত অনুকরণ দ্বারা তাকে অপদস্থ, বিদ্রূপ বা অবজ্ঞা করা ; ভেঙ্গান বা ভেংচান।

টোষ্ট, টোস্ট্ [ইং toast এর লিপ্যন্তর] বি, টুকরা টুকরা করা ও আগুনে সেকা পাঁউরুটি।

টোসা [রস বিন্দু টস্ শব্দে পতিত হওয়ার ভাব >] বি, ফোঁটা ; বিন্দু।

টৌড়ি, টৌড়ী-বি, রাগিণীবিঃ।

ট্যাং, টৈং, ট্যাং ট্যাং-টং দ্রঃ।

ট্যাঁ-অনুকার শব্দ। ট্যাঁ ট্যাঁ [হিং টেঁ-টেঁ। টেঁ দ্রঃ] অ, টিঁয়া জাতীয় পাখীর চীৎকার ; শিশুর ক্রন্দনধ্বনি। ২ বিরক্তিকর ধ্বনি। ক্রি, ট্যাটঁ্যায়ানি, ট্যাঁ ট্যাঁ কঁরা-সর্ব্বদা অপ্রিয় উক্তি, প্রশ্ন বা অনুরোধাদির পুনরুক্তি দ্বারা বিরক্তি উৎপাদন করা।

ট্যাঁক-টেঁক দ্রঃ।

ট্যাঁক-ট্যাঁক, টৈঁক-টৈঁক [কাঁটা কাঁটা > ক্যাঁট ক্যাঁট (বিরক্তি বা অবজ্ঞার্থে) > বর্ণ বিপর্য্যয়ে। ক্যাঁট=ট্যাঁক্] অ, কাঁটার মত বিদ্ধকরণের ভাব ; অবিরত বিরক্তিকর উক্তি ; কর্কশ উক্তি ; জ্বালা। ক্রি, ট্যাঁক্ট্যাকানি-ট্যাঁক ট্যাঁক করা। বিণ, ট্যাঁক টেঁকে [ক্যাঁট কেঁটে >] বিণ, কাঁটার মত বিদ্ধকারী ; মর্ম্মন্তুদ ; কণ্টকিত। "দেখ বাছা তোমার বড় টেঁক টেঁকে কথা"-অনুরূপা দেবী।

ট্যাঁকখোর [টাকখর দ্রঃ] বিণ, অপ্রিয় স্পষ্টবাদী ; কর্কশভাষী। ২ কৃপণ।

ট্যাঁকশাল-টাঁকশাল দ্রঃ।

ট্যাঁকা-টিকা দ্রঃ।

ট্যাঁটা [টেটা দ্রঃ] বি, ক্যাচা নামক বেধনাস্ত্র।

ট্যাঁপারি (-রী), টৈঁ-[সং-টঙ্কারী >] বি, খোলায় ঢাকা ছোট কুলের মত এক প্রকার ফল ; ভিতরে বেগুন বীজেরমত বীজপূর্ণ cape gooseberry.

ট্যাঁ-ফোঁ [টুঁ (শব্দ) > ট্যাঁ, ফোঁস > ফোঁ] বি, সামান্য প্রতিবাদ। ২ উচ্চবাচ্য। ক্রি, ট্যাঁ-ফোঁ কঁরা।

ট্যাঁস১ [টাঙ্গস (চীন তাতার রুষ তুর্কি ই০-র স্থানের মিশ্র সঙ্কর জাতিবিঃ) >] বি, মিশ্র-জাতি [টোঙর দ্রঃ] ; দোআঁশলা। ২ ফিরিঙ্গী অর্থাৎ যে খাঁটী য়ুরোপীয় নয় ; (প্রায় অবজ্ঞার্থে) য়ুরেশীয় বা য়ুরোপীয়। "হ'য়ে হিঁদুর ছেলে ট্যাঁসের চেলে টেবিল পেতে খানা খাবে"-ঈ০ গুপ্ত।

ট্যাঁস২ [অনু০। হিং টস (টসকনে কা শব্দ) >] অ, ভারী বস্তু সরাইবার বা টানিয়া স্থানচ্যুত করিবার শব্দ। ~ট্যাঁস-কাঁচা বাঁশের শব্দ। "বাঁশ করে ট্যাঁস-ট্যাঁস"-প্রবচন। ২ [তুল-ফা০ চাশ্নী] অম্লের তীব্রতাব্যঞ্জক। ৩ বিণ, ট্যাঁস-টেঁসে।

ট্যাক্স [ইং-tax এর লিপ্যন্তর। টেক্স দ্রঃ] বি, রাজকর ; মাশুল। "একশ রকম ট্যাক্স দিব"-গোবিন্দদাস। "আরো কি নূতন ট্যাক্সে প্রজা হবে শেষ?"-নূতুন০।

ট্যাক্সি [ইং-taxi র লিপ্যন্তর] বি, ভাড়াটিয়া মটর গাড়ী।

ট্যাম্টেমী [অনু০] বি, বাদ্যযন্ত্রবিঃ ; যে বাদ্য হ'তে ট্যাম্ট্যাম্ শব্দ উত্থিত হয় ; টেঁশাই।

ট্যাম্ট্যাম্ [অনু০] বি, ট্যা০ শব্দে বাদ্য। ২ শুষ্ক চর্ম্মের ও টিনের উপর আঘাত করণ শব্দ।

ট্যারো [প্রাদে০ বরিশাল। হিং-টর্রা (বক্রপ্রকৃতি >] বিণ, উদ্ধত ; দুরন্ত ; উদ্ধত স্বভাব ; তেরিয়া।

ট্রষ্ট [ইং trust এর লিপ্যন্তর] বি, ন্যাস ; স্থাপন ; রক্ষা।

ট্রষ্টী [ইং trustee >] বি, ন্যাসরক্ষক।

ট্রাফিক, ট্র্যাফিক [ইং trafficএর লিপ্যন্তর] বি, পথে লোক বা মালপত্রাদির যাতায়াত। "পুলীশ ও ট্রাফিকের সুন্দর ব্যবস্থা করিয়াছিল"-নায়ক।

ট্রাঙ্ক [ইং trunk এর লিপ্যন্তর] বি, টিন ই০ নির্ম্মিত বড় বাক্স বা সিন্দুক ; তোরঙ্গ ; তুড়ুম।

ট্রান্স্পোর্টেশন্ [ইং transportation এর লিপ্যন্তর] বি, দ্বীপান্তর ; নির্ব্বাসন।

ট্রান্স্ফর, ট্র্যান্স্ফার [ইং transfer এর লিপ্যন্তর] বি, বদলি ; পরিবর্ত্ত।

ট্রান্স্ফর্-অব-প্রপার্টি [ইং transfer of propertyর লিপ্যন্তর] বি, আইনসম্মত বিষয়ের হস্তান্তর। ট্রান্স্ফর-সার্টিফিকেট-বি, এক স্কুল হ'তে অন্য স্কুলে প্রবেশ করিবার অধিকার নির্দ্দেশক পত্র transfer-certificate.

ট্রাম, ট্র্যাম [ইং tram এর লিপ্যন্তর। গ্রা০টার্ম,ট্যাম,টেরেম,টেরাম] বি, সহর রাস্তায় পাতা লোহার রেলের উপর দিয়া ঘোড়ার টানা বা বিদ্যুৎ বা বাষ্প চালিত গাড়ী।

ট্রায়াল [ইং trial এর লিপ্যন্তর] বি, বিচার। ২ পরীক্ষা।

ট্রে [ইং trayর লিপ্যন্তর] বি, পাত্র বা আধারবিঃ। "একটা 'ট্রে'তে' সমস্ত উপহারের সঙ্গে একছড়া রক্ত গোলাপের মালা" -আ০, শক্তি ১৩৩৭, মাঘ।

ট্রেজারি [ইং treasuryর লিপ্যন্তর] বি, ধনাগার ; খাজানা।

ট্রেন [ইং train এর লিপ্যন্তর। গ্রা০—টেরেন] বি, রেলের গাড়ী।

ট্রেস্‌পাস্‌ [ইং trespassএর লিপ্যন্তর] বি, অন্যের জমিতে অবৈধ পদার্পণ ; অনধিকার প্রবেশ। প্র-ওরা বাড়ী চড়াও করাতে ওদের নামে ট্রেসপাসের চার্জ্জ্‌ এসেছে।

ঠ

ঠ-ব্যঞ্জনবর্ণমালার দ্বাদশ, টবর্গের দ্বিতীয়, মহাপ্রাণ, অঘোষবান্‌ বর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা বলিয়া ইহা মূর্দ্ধণ্য বর্ণ। শব্দাত্মক পদের মধ্যে ঠ কঠিন বস্তুর আঘাত বা সংঘর্ষ-জনিত শব্দ জ্ঞাপন করে। প্র-ঠং, ঠঠঠং, ঠনঠন্‌, ঠক্‌ঠক্‌, ঠাস্‌ঠাস্‌, ঠমক, ঠমঠম্‌ ই০। ২ ঘণ্টাধ্বনি। ৩ বজ্রধ্বনি ; মহাশব্দ।

ঠওর-ঠহর দ্রঃ।

ঠং-অ, অনুকার শব্দ।

ঠংঠং-বি, অনুকার শব্দ ; কাংস্য বাদ্য ; ঠন্‌ঠন্‌ দ্রঃ।

ঠ(ক্‌)ক$_1$-বি, অনুকার শব্দ। প্র-লাঠি ঠক্‌ঠক্‌ করা। ব্যাপ্ত্যর্থে-ঠকাঠক।

ঠক$_2$, ঠগ [সং-স্থগ্‌ (গোপনে) > হি০-ঠগ্‌ (বঞ্চক)] বিণ, প্রতারক ; বঞ্চক ; খল ; ছলনাকারী। ২ তস্কর। "ঠক ফিরে পায় পায়।"-অ০ ম০। "ঠক ভয়া দরবার হলে লয় ঘর দ্বার"-ঐ। "ঠক কৈল ঠকে"-ঐ। ৩ নিন্দাকারী ; পরকুৎসাকারী। "যদি আপনার কাছে আমার এমন নিন্দা করিয়া থাকে, তবে সে ঠক ঠকাম করিয়াছে"-লোকরহস্য (বঙ্কিম০)। ৪ মায়াবী। "ঠগ নিশাচর"-কবিক০। ৫ বি, ঠগ নামক এক দস্যুসম্প্রদায়। হিন্দু মুসলমান উভয় জাতিই এই সম্প্রদায়ভুক্ত ছিল। ইহারা বণিক্‌ বা তীর্থযাত্রী সাজিয়া ছদ্মবেশে পথিকের সঙ্গে মিশিয়া সুবিধা মত গলদেশে রুমাল বা অন্য ফাঁস জড়াইয়া হত্যা করিত এবং সর্ব্বস্ব লুণ্ঠন করিত। ১৮৩০ খৃষ্টাব্দের কাছাকাছি কাপ্তেন স্লীম্যানের চেষ্টায় ও ইংরেজ গবর্ণমেন্ট নিযুক্ত ঠগী পুলিশ দ্বারা ঐ সম্প্রদায় নির্ম্মূল হইয়াছে। -পনা-বি, ঠক-বৃত্তি ; প্রতারণা ; ছলনা। বিণ, ঠগ সম্বন্ধীয় ; ঠগসাম্প্রদায়িক।

ঠক$_2$, ঠক্‌$_2$, ঠকঠক$_1$ [অনু০] বি, শুষ্ক কাষ্ঠের উপর শুষ্ক কাষ্ঠের আঘাত শব্দ ; কঠিন জমিতে লাঠির আঘাত। ২ কাঠিন্য ; কঠিন বিষয় বা ব্যাপার ; দায়। "ঠাকুরাণী ঠেকাইল একি ঠকঠকে"-অ০ ম০। বিণ, **ঠকঠকিয়া$_1$, ঠকঠকে$_1$**-কঠিন। ২ কৃশত্ব হেতু হাড়সার। "ঠকঠকে হাতে ঠেকে কি করিব আমি"-শি০। ৩ শুষ্ক।

ঠক-ঠক$_2$, ঠক্‌ঠক [ঠর ঠর দ্রঃ] অ, ভয়ে কম্পিত হওয়ার ভাব। প্র-"ঠক্‌ঠক্‌ করিয়া কাঁপিতে থাকিত"-উত্তরা, ১৩৩৩।

ঠকঠকানি [ঠকঠক + আন (ক্রিয়ার)। হি০-ঠক্‌ঠকানা। ঠক্‌ঠকাই, ঠকঠকাও (ঠকঠকান, ঠক্‌ঠকা), ঠকঠকায় (ঠকঠকায়) ; ঠকঠকাইতে (কে০ ঠকঠকাতে) ; ঠকঠকাইয়া (কে০ গ্রা০ ঠকঠকিয়ে, পদ্যে-ঠকঠকি$_1$)] ক্রি, ঠকঠক শব্দ করা। ২ শূন্যতা জ্ঞাপন করা ; রিক্তহস্ততা প্রকাশ করা। বি, **ঠকঠকানি**।

ঠকঠকি$_2$-বি, শক্তাশক্তি ; সঙ্কট ; দায়। ২ কঠিন বিষয় বা ব্যাপার।

ঠকঠকি$_3$ [মাকু চালাইবার সময় ঠকঠক শব্দ হয় বলিয়া] বি, ঠকঠকি তাঁত fly-shuttle loom. **ঠ০-তাঁত**-বি, মাকু চালনায় ঠকঠক শব্দকারী দেশী বয়ন যন্ত্র।

ঠকঠকিয়া$_2$, ঠকঠকে$_2$ [ঠগ > অর্থ সম্প্রসারণে] বিণ, চালাক ; চতুর।

ঠকন [ঠকান, ঠকানি ৩০। হি০-ঠগ্‌না >। গ-ক] বি, ঠকিবার বা প্রবঞ্চিত হবার ভাব ; ঠকা ; ভুল হওয়া ; ভুলন ; অপ্রস্তুত হওন। প্র-কি ঠকনটাই ঠকা হয়েছে। ২ হার ; পরাজয়।

ঠকা$_1$ [ঠক$_2$(দ্রঃ) + আ (ক্রিয়ার) > ঠকি, ঠক (ঠকুন, ঠক্‌), ঠকে (ঠকেন) ; ঠকিতে (কে০ ঠক্‌তে) ; ঠকিয়া (কে০ ঠকে, পদ্যে-ঠকি)। ণিজন্ত-ঠকান] ক্রি, বঞ্চিত হওয়া। ২ ভুল করা। ৩ অপ্রতিভ হওয়া। ৪ হারা, ক্ষতিগ্রস্ত হওয়া। **ঠকে যাওয়া** [ঠকার অর্থ সম্প্রসারণে] হারিয়া যাওয়া ; বোকা বনিয়া যাওয়া। ২ প্রাপ্য অপেক্ষা কম পাওয়া ; মনঃপূত না হওয়া। "তাদের মনঃপূত হয় না-বলে, একি হল, এত সহজে বলা হল সবটা। ভাবে তারা ঠকে গেল-যতটা পাওয়া দরকার অথবা পাওয়ার মতো কিছুই পাওয়া হল না"-উত্তরা, ১৩৩৪। বি, **ঠকান, ঠকানি**-ঠকন দ্রঃ।

ঠকা$_2$ [ঠক$_2$ দ্রঃ] বি, ছলা ; ছলনা। "বলে বীর ছাড় ঠকা তুই ভাঁড় ধূর্ত্ত" -কবিক০। পরস্পর ছলনার্থে-**ঠকাঠকি**।

ঠকানি$_1$ [হি০-ঠগানা। ঠকা ধাতুর ণিজন্তরূপ। ঠকাই, ঠকাও (ঠকান্‌, ঠকা), ঠকায় (ঠকান) ; ঠকাইতে (কে০ ঠকাতে) ; ঠকাইয়া (কে০ ঠকিয়ে)] ক্রি, প্রবঞ্চনা করা ; ছলনা করা। ২ ভ্রান্তিতে বা ভ্রমে ফেলা ; ভুল করান। ৩ অপ্রতিভ করা ; অপ্রস্তুত করা। ৪ ছলন ; অপ্রস্তুত করণ।

ঠকান$_2$, ঠকানি [ঠকা + আন, আনি (ভাবার্থে)] বি, ঠকাইবার বা প্রবঞ্চিত করিবার ভাব ; ঠকার অবস্থা। "কি ঠকানটাই ঠকিয়েছে"। ২ ভ্রম ; ভুল। ৩ ছলন। ৪ অপ্রতিভ করান

ভাব। বিণ, ঠকানিয়া, ঠকানে [ঠকান$_2$ >] বিণ, ভ্রমে পতিত করিবার মত। ২ ছল ধরার মত ; ছলাত্মক ; অপ্রতিভ বা অপ্রস্তুতকারী। প্র-ঠকানে প্রশ্ন।

ঠকামি, ঠকামি,-মী [ঠক+আব্ > আম, +আই > ই, ঈ >। তুল-হিং ঠগাহ] বি' পরকুৎসা ; নিন্দা ; গ্লানি। "ঝড় করে ঠকামী সোহাগী দ্বন্দ্ব করে।"-অং মং। "যে তোমার স্ত্রী হইবে, তাহার নামে ঠকাম করিবার জন্য কি আমি তাহার বাটীতে আসিয়া * * *"-রজনী (বঙ্কিমং)। "যদি আপনার কাছে আমার এমন নিন্দা করিয়া থাকে, তবে সে ঠক ঠকাম করিয়াছে"-লোকরহস্য (ঐ)। ২ প্রবঞ্চনা ; প্রতারণা। ৩ ঠকের কর্ম্ম।

ঠকার-বি, ঠ এইবর্ণ।

ঠক্কর [হিং-টক্কর >। ট=ঠ] বি, ঠোকর ; আঘাত ; উছট ; হোঁচোট্।

ঠক্কুর [সং] বি, দেবপ্রতিমা ; ঠাকুর। ২ পূজনীয় ব্যক্তি। ৩ ব্রাহ্মণের উপাধি।

ঠগ, ঠগা [ঠক দ্রঃ] বিণ, শঠ ; বঞ্চক, কপট ; ভণ্ড। "খুড়ী খুড়ী করি ঠগা করিল গোহারী।"-কবিকং। ২ [ঠক$_{2a}$ দ্রঃ] "স্বনাম প্রসিদ্ধ দস্যু সম্প্রদায় ; দস্যু। ৩ নিন্দক।

ঠগাই, ঠগামি,-মি [হিং-ঠগাই >। ঠগাব্ (আব্=আও=আওঁ > আম) > ঠগাম ; ঠগ+আই > আঁই > ইঁ > মি] বি, ঠগবৃত্তি ; চুরি। প্রবঞ্চনা ; শঠতা।

ঠগী$_2$ [ঠক$_2$ দ্রঃ। ক=গ] বি, ঠগ। ২ ঠগবৃত্তি।

ঠটিয়া, ঠটে [সং-স্থাণু > হিং ঠুঁঠ, ঠুঁঠা >] বিণ, অপুষ্ট (কদলী)। ২ ঠোঁট কাটা ; কর্কশভাষী। ৩ কর্কশ ; রুক্ষ। ৪ অপ্রীতিকর।

ঠট্টা, ঠট্টা, ঠট্ঠা [সং-টট্টরী >] বি, মৃষাবাদ। ২ ঠাট্টা। ~বাজ-বিণ, পরিহাস রসিক ; ফষ্টিনষ্টিকারী। বি, ~বাজি-পরিহাস ; বিদ্রূপ ; রসিকতা।

ঠঠং-বি, অনুং শব্দ। ২ ঘণ্টাধ্বনি।

ঠঠর [থরথর >] অ, ক্রোধে কম্পিত কলেবর। ২ গর্ব্বিত বা ঠেকারে চঞ্চলগতি।

ঠঠ্ঠা [হিং] ঠট্টা দ্রঃ।

ঠণ্ডাই-ঠাণ্ডাই দ্রঃ।

ঠন [অনুং] বি, কঠিন বস্তুর সহিত ধাতু দ্রব্যের আঘাত শব্দ ; ঘণ্টাধ্বনি ; কোন ক্ষুদ্র বিতঃ গোলাকার কঠিন বস্তু ক্ষিপ্রহস্তে জোরে নিক্ষেপ বা তদ্দারা আঘাত করিবার শব্দ। ২ রিক্ততাবোধক (এই অর্থে ঠন্ঠনও ব্যবহৃত হয়)।

ঠনঠন [ঠন (শব্দ)+ঠন (উপর্য্যুপরি-অর্থে দ্বিত্ব)] বি, ক্রমাগত ঠন্ এই শব্দ। ২ ঘণ্টা বা ঘড়ির শব্দ। ৩ [এই অর্থে টনটন ও] অ, রিক্ততাবোধক। ২ ঠনঠন শব্দে। "ঘড়িয়াল ঠনটন বাজাইছে ঘড়ি।"-অং মং। ক্রি, ঠনঠনানি-ঠনঠন শব্দ করা। বি, ঠনঠনানি-অনুকার শব্দ ; ঠনঠন করিবার ধ্বনি। ঠং করা -ঠনঠনান। ২ [ব্যঙ্গ্যার্থে] শূন্যতা বা অভাব জ্ঞাপন করা। প্র-হাঁড়ি ঠন্ঠন্ করছে।

ঠনঠনি [ঠনঠন+ই] বি, অনুকার ধ্বনি। "গজঘণ্টা ঠনঠনি।"- অং মং।

ঠনঠনে [কলিকাতা ঠনঠনিয়া নামক পল্লীতে দেশী মুচীর হাতে গড়া চটিজুতার প্রসিদ্ধি >] বি, চটি জুতা। "কেহ চড়ে জুড়ি ফেটিন্ * * কারো বা ঠনঠনে।"-হেমং। ২ [টনটনে >। ট=ঠ] বিণ, দৃঢ় ; কঠিন ; মজবুত। ৩ ঠনঠন শব্দকারী।

ঠনঠান [ঠন (দ্রঃ) + ঠান শব্দের ব্যাপকতা অর্থে বা আধিক্য অর্থে] বি, "টাঙ্গি টনটান হাসিছে ঠন্ঠান্।"-শিং।

ঠনন-বি, ঠন্ শব্দ বা বাদ্যকরণ।

ঠনা [প্রাদেং] বি, বউগ্না (দ্রঃ)।

ঠমক [ঠাম দ্রঃ। অনুং। হিং-ঠমক্, ঠুমক্] বি, গমনভঙ্গী ; মন্দ মন্দ পদক্ষেপ ; হস্তীর ন্যায় হেলিতে দুলিতে গমন ; মন্থর গতি। ২ গর্ব্ব। ৩ ভঙ্গিমা। ৪ নৃত্যের তালবিঃ ; নাচের তালে তালে পা ঠুকিয়া চলা বা পা ফেলা। প্র-"ঠং ঠং নাচ ভালুক ঠং ঠং নাচ"-ছড়া। ৫ ছেনালি ; ঠসক। ৬ ঠোকা ; কঠিন বস্তুর উপর কঠিন বস্তুর আঘাত শব্দ ; মলের শব্দ। "মার্ব্বেলেতে মলের ঠমক বাজলো রুমে রুমে।"-হেমং। ক্রি-বিণ, ঠমকি, ঠমকিয়া, ঠমকে$_1$-ঠমকের সহিত ; থামিয়া থামিয়া ; মন্থর-গতিসহকারে ; মন্দ মন্দ। ২ হাবভাবে ; বিলাসব্যঞ্জক ভাবে। "কমলা ঠমকে হাসি ছড়ান রতন রাশি।"-সারদা মঙ্গল।

ঠম(ম্)কে$_2$ [ঠমক দ্রঃ] ক্রি-বিণ, থম্‌কে ; থামিয়া ; চরণাগ্রের বা গুল্‌ফের ঠোকা দিয়া। ২ ঠসক ভরে।

ঠর [ঠহর (দ্রঃ) > ক্ষেং। তব, থর ওং। ত, থ=ঠ] বি, ধৈর্য্য ; স্থৈর্য্য। ২ [ঠাওর (দ্রঃ) > ক্ষেং] নজর।

ঠরঠর [হিং-ঠঠোর ; থরথর অপেক্ষা কঠোর ভাব] অ, শীত, ভয়, ক্রোধাদি জনিত কম্প। ২ ক্রোধের বশীভূত হইয়া কম্পিতবৎ দ্রুতপদে প্রস্থানের ভাব।

ঠস$_1$ [অনুং] অ, শুষ্ক অকোমল বস্তুর পতন বা আঘাত শব্দে। ঠসঠসানি-ক্রি, ঠসঠস শব্দ করা [কোমলার্থে থসথসান]।

ঠস$_2$ [সং-স্থা (গতি নিবৃত্তি) >] বিণ, মন্দা ; নরম। "জিনিষের অসম্ভব রকম মূল্য বৃদ্ধি হওয়ায় উক্ত ব্যবসায়টি 'ঠস' পড়িয়া গিয়াছিল। পুনরায় ব্যবসায়টি ধীরে ধীরে সুপ্রতিষ্ঠিত হইতেছে, অবশ্য পূর্ব্বের অপেক্ষা চাহিদা কমিয়াছে।"

ঠসক [হিং-ঠসক্] বি, হাবভাবের সহিত হেলিতে দুলিতে গমন ; ছেনালি।

ঠসা [উং বঙ্গ প্রাদেং, ঠাস > বর্ণ-বিপর্য্যয়ে] বিণ, বধির। ২ ঠাসা।

ঠহর [স্থির > গ্রাং] বি, স্থিরতা ; স্থৈর্য্য।

ঠা-বি, ঠায় ; বাজনার প্রকারভেদ। বিণ, স্থির।

ঠাউর$_1$ [চং কং ভাং। ঠাকুর > প্রাকৃং রূপ। কু=উ] বি, ঠাকুর।

ঠাএ [ঠায় দ্রঃ] অ, একবারে ; এক ভাবে ; নড়িতে না দিয়া যেমন আছে তেমনি। "ঠাএ বিনাশিব গোপে দেখিবে এখন।"-ধর্ম্মরাজের গীত, ১৭শ শতাব্দী, বং সাং পরিচয়)।

ঠাওর, ঠাউর₂ [সং-স্থাবর > হিং-ঠাহর্ >। "ঠাওর করিয়া দেখা=চক্ষের সম্মুখে স্থাবর করিয়া অর্থাৎ স্থিরভাবে দাঁড় করাইয়া দেখা"-ঠাকুর] বি. সুদৃষ্টি ; স্পষ্ট দর্শন ; নজর। প্র-এত দূরে আছে যে ঠাওর হয় না। ক্রি. **ঠাওরান, ঠাউরানি**-বিশেষভাবে দৃষ্টি করা। ২ চেনা। ৩ চিন্তা ও বিচার দ্বারা নির্ণয় করা। ৪ কোন বিষয় স্থির বা ধার্য্য করা।

ঠাঁই₁ [সং-ঠং, হি -ঠন >] বি. ঠাঁই এই শব্দ ; কঠিন বস্তুর গায়ে কঠিন বস্তুর আঘাত। ২ আচম্বিতে চড় মারিবার শব্দ। ~**ঠাঁই**-উপর্য্যুপরি ঠাঁই শব্দে আঘাত বা চড় মারিবার ভাববোধক।

ঠাঁই₂ [সং-স্থান > প্রা.. প্রাকৃ-ঠাণ, প্রা-বাং-ঠাঞি >] অ স্থানে, দেশে। "সব ঠাঁই মোর ঘরে আছে, আমি সেই ঘর মরি খুঁজিয়া।"-চয়নিকা। "আকাশ সিন্ধু মাঝে এক ঠাঁই কিসের বাতাস লেগেছে।"-রবী০। ২ নিকটে ; কাছে। "কারো ঠাঁই"-অশোক০। ৩ পৃথক্। "ভাই ভাই ঠাঁই ঠাঁই।"-প্রবচন। ৪ বি. স্থান, বাস করিবার স্থান : জন্মস্থান ; গৃহ। "পরবাসী আমি যে দুয়ারে চাই তারি মাঝে মোর আছে যেন ঠাঁই।"-চয়নিকা। ৫ বসিবার দাঁড়াইবার মত স্থল মাত্র ; ক্ষণেকের জন্য অবস্থিতি স্থল ; ফাঁক : খালি বা শূন্য স্থান। "ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী আমারি সোনার ধানে গিয়েছে ভরি।"-রবী০। ৬ স্থলভাগ, জমি। "এক বুড়া ঠাঁই জানি ঠেকাইল তরী।"-শি০। ৭ স্থলকূল : আশ্রয়। প্র-সে কোথাও ঠাঁই পেলে না। তাহাকে কেহ ঠাঁই দিলে না। ৮ ভোজন করিতে বসিবার স্থান। ঠাঁ০ **করা**-স্থান নির্দ্দেশ করা। ২ ভোজনের স্থান করা। প্র-নিমন্ত্রিতদিগের মধ্যে কয়েক জনের ঠাঁই করিয়া দাও। ৩ আশ্রয়ের বন্দোবস্ত করা। ~**ঠাঁই**-অ. পৃথক্ পৃথক্। "ভাই ভাই ঠাঁই ঠাঁই।"-প্রবচন। ~**নাড়া** [ঠাঁই=(স্থান)+নাড়া (পরিবর্ত্তন)] বি, স্থান বদল : অভ্যস্ত বাসস্থান হ'তে অন্যত্র বাস ; বাসস্থান পরিবর্ত্তন। ২ বিণ, স্থানচ্যুত।

ঠাকরি [ঠিকরা দ্রঃ] বি, কলাই বিঃ ; ঠিকরা কলাই। "ঠাং কলাইর ডাইল দিল"-মাণিক০ গান।

ঠাকরুণ, ঠাকরিণ [ঠাকুরাণী > গ্রা০। > ক্ষে০ ঠাণ, ঠান] বি. দেবীপ্রতিমা। ২ ব্রাহ্মণী। ৩ গুরুপত্নী। ৪ মান্যাস্ত্রী। ৫ শাশুড়ী। ৬ [ব্যঙ্গোক্তি (ঠাকুর দ্রঃ)] স্ত্রী সম্বোধন। ~**দিদি**-পিতার ও মাতার মাসি পিসি ইং। ২ ভগ্নীস্থানীয়া ব্রাহ্মণ কন্যা : বাহ্মণী দিদি, বামুনদিদি।

ঠাকুর [সং-ঠক্কুর > হি ঠাকুর] বি দেবতা, দেবপ্রতিমা, ঈশ্বর, ভগবান "কতরূপ স্নেহ করি দেশের কুকুর ধরি বিদেশের ঠাকুর ফেলিয়া"-ঈ০ গুপ্ত। ২ উত্তর ভারতের হিন্দু জাতিবিঃ। ৩ [হিন্দুস্থানে] নাপিত ; নাপিতের উপাধি (হি০ শব্দসাগর)। ৪ উপাধিবিঃ, পদবী : ব্রাহ্মণের উপাধি। ৫ পূজারি ব্রাহ্মণ। ৬ রসুইয়া ; রাঁধুনি বামুন : বামুন ঠাকুর। "অন্যায় ভাবেন নি, চাকর ঠাকুরের কৃপায় যতদিন থাকতে হয় ততদিন মেসেইত।"-প্রবাসী, ১৩৩৪। ৭ পিতা : শ্বশুর, পিতৃব্যাদি : গুরু : পূজনীয় ব্যক্তি। "কত কালে ঠাকুর বুঝিতে এলে ছলে"-ঘ০। ৮ সম্মান সূচক সম্বোধন : প্রভু। ৯ ধর্ম্মঠাকুর। ১০ ব্যঙ্গোক্তি। প্র-রেখে দাও না ঠাং। স্ত্রীং ঠাকুরাণী। ~**কোটা**, ~**ঘর**-দেবতার গৃহ, পূজার ঘর, দেবমন্দির। ঠাং **ঠাকুর খেলা**-সন্তানের ঠাকুরের মত মূর্ত্তিস্থাপন করিয়া ঠাং পূজা কর খেলা ; ঠাকুর সদৃশ পুতুলপূজার খেলা। ~**পূজা**-দেবদেবীর পূজা দেবমূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া পূজা। ~**জামাই** [ঠাকুর (শ্বশুরের)-জামাই (জামাতৃ >)] বি, শ্বশুরের জামাই ; স্বামীর ভগ্নীপতি ; নন্দাই। "ধামধূমী বলে শুন ঠাকুরজামাই। হুকুম ঠাকুরঝির ছাড়ি দিব নাই॥"-অ০ ম০। ~**ঝি** [ঠাকুর (গুরুর, শ্বশুরের) ঝি (কন্যা)] বি, শ্বশুর কন্যা ; ননদ। "ঠাকুরঝিরা ছিল, আমি আর গিয়ে কি করব?"-উত্তরা, পৌষ ১৩৩৩। ২ গুরু কন্যা। "ঠারি পদ্মা বলে শুন ঠাকুরের ঝি"-শি০। ৩ ব্রাহ্মণ-কন্যা। "তুমি হইল শূদ্রের বংশ আমি ঠাকুরঝি"-পূ০ ব০ গী০। ~**দাদা** [ঠাকুর (পিতার) দাদা (পিতা)। ক্ষে০ ঠাকুরদা, > ঠাকুদ্দা > অতি ক্ষে০ ঠাদ্দা] বি, পিতার পিতা ; পিতামহ। > স্ত্রীং **ঠাকুরদাদী**-পিতামহী, ঠাকুরমা। ~**দালান**-বি, যে দালানে ঠাকুর পূজা হয়, পল্লীগ্রামের চণ্ডীমণ্ডপ। ~**পো** [ঠাকুর (শ্বশুরের) পো (পুত্র)] বি, স্বামীর কনিষ্ঠ ভ্রাতা ; দেবর। প্র-ছোট্ ঠাকুরপো, বট্ ঠাকুরপো, মেজ বা সেজ ঠাকুরপো ইং। ~**বাড়ী**-বি, জগন্নাথক্ষেত্র : শ্রীক্ষেত্র। ২ দেবতার স্থান : দেবালয়। ~**বাপ**, ~**পিতা** [প্রাদে০] বি, শ্বশুর : খুড়শ্বশুর ; জাঠশ্বশুর। ~**মণ্ডপ**-বি. দেবমন্দির। ~**মণ্ডলী হইয়া বসা** [বাঁকুড়া প্রাদে০] ক্রি, আসন পীঁড়ি হইয়া উপবেশন করা। ~**মা, ঠাকুমা** [ঠাকুর (পিতার) মা। ক্ষে০ ঠাকুমা > অতি ক্ষে০ ঠামা] বি, পিতামহী পিতার জননী। "ঠাকুরমার সর্ব্বঅঙ্গ কেঁপে উঠে থরথর।"-অশোক০। ~**সেবা**-বি, দেবপূজা।

ঠাকুরাণী [ঠাকুরের স্ত্রীলিঙ্গে ঠাকুরাণী। ক্ষে০ ঠাকরুণ ঠাকুরাঁণ, ঠাকরুণ, ঠান (বো-ঠান)। প্রাদে০-ঠাইরাণ। 'দুর্গা ঠাইরাণ'-মে০ গী০, পূ ব০ গী] বি, দেবী। "ঠাঁই হবে ঠাকুরাণ বস সরে সরে।"-শি০। "ঠাকুরাণী ডাকাইল একি ঠকঠকে।"-অ০ ম০। ২ গুরুপত্নী। ৩ ব্রাহ্মণী। ৪ মান্যাস্ত্রী। ৫ শাশুড়ী। ৬ [হিং-ঠাকুরাইন ; রাজপুতানায় গ্রা০-ঠকুরাণী। হিং-আইন > বাং-আনী] ঠাকুর সাহেবের পত্নী। ৭ নাপিতানী।

ঠাকুরাল, ঠাকুরালি, -লী [ঠাকুর (প্রভু) + আল, আলি। প্রা০-বাং-য় "ঠাকুরাণ" ও০] বি, প্রভুত্ব ; আধিপত্য ; কর্ত্তৃত্ব। "কহে সখি জয়া শুন গো অভয়া একি কর ঠাকুরালি।"-অ০ ম০। ২ প্রভাব ; প্রাধান্য। "কর্ণসেন উপরে বাড়াব ঠাকুরাল"-ধ০। দেখিয়াছি খুড়া হে তোমার ঠাকুরাল"-কবিক০। ৩ সম্মান। ৪ উপহাস, ঠাট্টা।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ঙ্গ জ্ঞ=গ্গাঁ ঞ্চ=ন্চ ঞ্ঝ=ন্ঝ ক্ষ=ক্খ হ্ন হ্ম হ্ল হ্ব হ্য=হ্য হৃ লহ ড় ঝ্য, ড় ঢ় য় ড়=ঢ়৷৷৷ ও চ্চা০ দ্রঃ

ঠাঙা [ঠেঙা, ঠেঙ্গা দ্রঃ] বি, লাঠী।

ঠাঞি [সং-স্থান। ব্রজং, প্রাং-বাং। আধুং-ঠাঁই (দ্রঃ)] বি, স্থান। "নাচিলেন শ্রীবাস অঙ্গনে এক ঠাঞি"-চৈং ভাং। "দরিদ্র যেমন পাইয়া রতন থুইতে ঠাঞি না পায়।"-বিংপং। ২ কাছে ; সঙ্গে ; নিকটে। "দুই জ্ঞান শিখিনু গোরক্ষনাথের ঠাঞি" -মাণিকং গান। "সুখের লাগিয়া যে করে পিরিতি দুখ যায় তার ঠাঞি।"-চণ্ডিং।

ঠাট১ [সং-শ্রেণ (সংঘাত, সংহতি)] > বি,সমূহ ; শ্রেণী ; দল। "জুড়িয়া ক্রোশেক বাট, চলে বরাতির ঠাট, চমকিত ইছানি নগর।"-কবিকং। "নিশি দিশি আওব কামিনী ঠাট। চৌদিকে পসারব চাঁদ কি হাট।"-বিং পং। ২ সৈন্যদল। "প্রবেশে অজয় তটে ভূপতির ঠাট"-ঘং। "গর্জ্জিল বিকট ঠাট জয়রাম নাদে"-মেঘং।

ঠাট২ [সং-ষ্ঠা (স্থিতি করা) > স্থাতৃ > হিং ঠাট (খাড়া হোনেবালা-হিং শং সাগর)] বি, দাঁড়াইবার ভঙ্গী। ২ ধরণ ; রূপ ; ঢং ; প্রকার। "ভাঙা হাটে নবীন ঠাটে আরো কত খেলবিরে"-বিং চক্রবর্ত্তী। ২ ভঙ্গী ; হাবভাব। "আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে" -অং মং। ৩ প্রকৃত ভাব গোপন করিয়া অন্য ভাব দেখান ; ছল ; চাতুরী। "পুরুষের এত কেন ঠাট"-অং মং। "দেখ ঠাট জানে কত,কলে বলে কথার ছলে দেখ গো ভোলায়" -গিরিশং। ৪ কাঠাম ; ছাঁচ ; ঢাঁচা ; বহিরাকৃতি skeleton. ৫ [প্রাদেং] বাহিরের আকৃতি ; বাহ্যদৃশ্য। "কোনমতে ঠাট বজায় রাখা"। ৬ চালচলন ; স্বভাব। ৭ [ব্রজং] জাঁকজমক। "অনুচরশ্রেণী এতদিনে সখীসব আছিল ঠাট"-বিং পং। ৮ [লাঠি বা অসি খেলায়] অসি বা লাঠি লইয়া আত্মরক্ষা ও আক্রমণের জন্য দাঁড়াইবার বিবিধ ভঙ্গী [দ্রঃ-একাঙ্গ ঠাট-দক্ষিণ পদের অঙ্গুষ্ঠ ও বাম পদের গোড়ালীর দূরত্ব পিছন দিকে লম্বভাবে প্রায় দুই হস্ত ও পার্শ্বের দিকে লম্বভাবে চারি অঙ্গুলী রাখিয়া একহস্তে অস্ত্র ও অপর হস্ত নিষ্ক্রিয় থাকার ভঙ্গী। দোয়াঙ্গ ঠাট-দক্ষিণ পদের অঙ্গুষ্ঠ ও বাম পদের গোড়ালীর দূরত্ব পিছন দিকে লম্বভাবে একহস্ত বিশ অঙ্গুলী ও পার্শ্বের দিকে লম্বভাবে অর্দ্ধ হস্ত রাখিয়া একহস্তে অস্ত্র ও অপর হস্তে শৃঙ্গ লইয়া দাঁড়াইবার ভঙ্গী। গোমুখ ঠাট-উভয় পদের অঙ্গুষ্ঠদ্বয় সংযুক্তকরিলে যে সরল রেখা হয় তাহা বক্ষঃস্থলের সমসূত্রের সমান্তরাল করিয়া অঙ্গুষ্ঠদ্বয়ের দূরত্ব দেড় হস্ত দুই অঙ্গুলী রাখিয়া চতুর্দ্দিকে অগ্রসর হইয়া আত্মরক্ষা ও আক্রমণ করিবার ভঙ্গী। পাখরী ঠাট-উভয় পদের অঙ্গুষ্ঠ দ্বয়ের দূরত্ব পিছন দিকে লম্বভাবে সাধারণতঃ একহস্ত ও পার্শ্বের দিকে একহস্ত চারি অঙ্গুলী রাখিয়া,বাম পদ অঙ্গুলীর উপর ভর করিয়া বা স্থান পরিবর্ত্তন করিয়া উভয় হস্তে অস্ত্র লইয়া দাঁড়াইবার ভঙ্গী। রাউটী ঠাট-উভয় পদের অঙ্গুষ্ঠ দ্বয়ের দূরত্ব পিছন দিকে লম্বভাবে অর্দ্ধ হস্ত এবং পার্শ্বের দিকে একহস্ত দশ অঙ্গুলী রাখিয়া, বাম পদের স্থান নির্দ্দেশ অনুসারে পিছন দিকে ও দক্ষিণ পদের স্থান নির্দ্দেশ অনুসারে সম্মুখ দিকে পরিবর্ত্তিত করিয়া ঘুরিয়া ফিরিয়া ক্রিড়ায় রত হওয়ার ভঙ্গী।-লাঠি ও অসি খেলা (পুং দাস)]। ঠাং ঠমক-বি, জাঁকজমক। ২ হাবভাব ; ছিনালি। ঠাং দেখানি-ক্রি, চাল দেখান ; জাঁক জমক বা ঐশ্বর্য্য দেখান। ঠাং বদল করা, -বদলানি-ক্রি, ভিন্ন ভঙ্গীতে দাঁড়ান ; বেশ পরিবর্ত্তন করা। ২ রূপান্তর করা। ঠাং-বাট [হিং] বহিরাড়ম্বর। ২ সাজসজ্জা। বাহিরের ঠাং বজায় রাখা- অভাব অসুবিধা বাহিরের লোককে জানিতে না দিয়া, আভ্যন্তরীণ প্রতিকূল বিষয় ব্যাপার গোপন করিয়া, বাহিরের সহিত ভিতরের অবস্থার সামঞ্জস্য রক্ষা করা ; ধন না থাকিলেও যে কোন কৌশলে ধনীর চালে চলা।

ঠাটর [প্রাদেং। সং-টট্টরী > ঢাটর >] বি, তামাসা ; ভঙ্গিমা।

ঠাটা১, **ঠাট্টা** [সং-টট্টরী > টট্টই > ঠট্‌ঠঅ > হিং ঠট্‌ঠা > ঠট্টা শ্রীহট্ট প্রাদেং-ঠাটা] বি, বিদ্রূপ ; ব্যঙ্গ ; উপহাস ; পরিহাস। "এতো নহে ভাল, জল লয়ে চল, লোকে শুনি করে ঠাটা"-ঘং। "ঠাট্টা করে ওড়াই সখি আপন কথাটাই"-রবীং। ২ নিন্দা। "লোকে শুনে করে ঠাটা"-ঘং। ~তামাসা-বি, উপহাস ; বিদ্রূপ। ~বিটখেরা [ঠাং+ বৈঠক ইয়ার+ইআ > বৈঠকী ইয়ারকি] বি, হাসি ; তামাসা ; হাস্য-কৌতুক।

ঠাটা২ [ঠাঠা দ্রঃ] বি, বজ্র। ২ দণ্ড বিঃ। "গোমুণ্ডের ঠাটা"-মনসা মং (বংশী)।

ঠাটানি [অশ্লীল] ক্রি, দৃঢ় বা কঠিন ভাবে খাড়া করা ; শিশ্নকে দাঁড় করান।

ঠাটারী [অনুং। হিং ঠঠানা (পেটা ধাতুর পাত পেটার শব্দানুকরণে) > ঠঠেরী > ঠটেরী > বাং ঠাটারী] বি, কাঁসারী। "ঠাং বাজার।"

ঠাটী, **ঠেটী** [পুং বঙ্গে ঠাঠী। পুং ঠেঠ। হিং টেটনী দ্রঃ] বিণ, যে ঠাট করে বা ঠাট দেখায় ; রঙ্গকারিণী ; লজ্জাহীনা ; প্রগলভা। ২ বি, লজ্জাহীনা নারী ; বেহায়া। "এক ঠাটী বলে, মোর কর্ম্মফলে পতি অতিশয় বুড়া।"-ঘং। "সনকা বলিছে তোর লাজ নাই লো ঠাটী"-ঐ।

ঠাট্টা-ঠাটা, দ্রঃ।

ঠাঠা [অনুং। তামিল-ঠিট্টু,ঠিটু (বাজ)। প্রাদেং ঠাডা। "সধবার একাদশী-তে" 'ঠাঠা'। শ্রীহট্ট অঞ্চলে-ঠাটা। ° তুল-ইং thunder] বি, বজ্র ; বাজ। প্র-ঠাঠা পড়া। "গুরু গুরু দেওয়ায় ডাকে জিৰ্কি ঠাডা পড়ে"-মৈং গীং। ২ ঠায় (দ্রঃ)।

ঠাড় [স্থাতৃ > হিং ঠাড় (ঢ়) >] বিণ, দণ্ডায়মান ; খাড়া। "সেও কাণ ঠাড করিয়া তাহার কথা শুনিতেছে।"-আড়াই চাল (শৈলবালা ঘোষজায়া)। ২ আড়। ৩ উচ্চ। "সদা মাথা ঠাড়"-কবিশেখর। ৪ শুদ্ধ ; নিছক ; কেবলমাত্র। প্র-ঠাং মাইনের চাকর। ঠাং করা-দাঁড় করান ; খাড়া করা। ২ চাঙ্গা করিয়া তোলা ; সুস্থ করিয়া তোলা। ঠাং মাহিয়ানা-নির্দ্ধারিত বেতন মাত্র ; খোরাক-পোষাকাদিশূন্য বেতনমাত্র। ঠাং মোড়-বিণ, ভয়ে কাঠ ; আড়ষ্ট। "ঠাড়মোড় হ'ল লোক তরাসে হুতাশে"-ঘং। ঠাং হওয়া-সোজা হইয়া উঠা বা দাঁড়ান। ২ রোগশয্যা ত্যাগ করিয়া উঠা ; আরোগ্য লাভ করা।

`ঠাড়া [ঠাড় দ্রঃ] বিণ, খাড়া : সোজা-ভাবে ঠেসান দেওয়া আছে এমন।

ঠাড়ি, ঠাঢ়ি [হিং। ঠাড় দ্রঃ] বিণ, খাড়া ; দণ্ডায়মান। "ঠাড়ি রহল রাই নাহি আগুসারে"-বিং পং। ২ [ব্রজ.] অস কি, দাঁড়াইয়া। "করযোড় ঠাডি বদন পুন জোর"-বিং পং। ঠাঢ়ে-ক্রি, ১ম. পুং, খাড়া থাকে। "রণভুক্ অভিমুখ দোঁহি ঠাঃ ঠাঢে।"-শিং।

ঠাড়েশ্বরী [ঠাড়+ঈশ্বর+ঈ (স্বার্থে)] বি, দাঁড়া সন্ন্যাসী।

ঠাণ, ঠান১ [ঠাকুরাণী > ক্ষে] বি, ঠাকুরাণী। ঠান দিদি=দিদি ঠাকুরাণী। খুড়ীঠান=খুড়ী ঠাকরুণ। মা-ঠান=মা-ঠাকরুণ= মাতা ঠাকুরাণী। দিদি-ঠান=দিদি ঠাকুরুণ। ২ বড়। প্র-ঠান মা=বড়-মা (ঠাকুর-মা)। এইরূপ ঠান-খুড়ী, পিসী,-মামী,-মাসী।

`ঠাণ্ডা [হিং ঠনডা >। দ্বিং ঠাকুর মহাশয়ের মতে স্নিগ্ধ > শিন্দ > খাণ্ডা >। তুল-কাছাড়, পূ. শ্রীহট্ট ও আসামের অনার্য্য ভাষায় "ঢাইয়া"। হিং শ. সাগরে-সং-স্তব্ধ > প্রাকৃ. তদ্ধ > টট্‌ট > হিং ঠণ্ডা] বিণ, শীতল। "ঠাণ্ডা বাতাস" "জল বরফের মত ঠাণ্ডা হয়েছে।" ২ নম্র-প্রকৃতি ; শান্ত ; সুবোধ। "তারা ত ঠাণ্ডা কেহ নয়"-ঈং গুপ্ত। ৩ সর্দ্দী। ~ই [হিং] বি, সিদ্ধিঘটিত শীতল পানীয় ; যে পানীয় দ্বারা শরীর শীতল হয়।

ঠান১ [ঠাম দ্রঃ] বি, ভাব ; ভঙ্গী ; মূর্ত্তি। "দেখিয়া বীরের ঠান ভয়ে কম্পমান প্রাণ পলাইতে নাহি দেখি পথ"-কবিকং। ২ [সং-স্থান >। তুল-ডচ্-stann. ইং stand] স্থান ; ঠাঁই। ৩ কাছে। "জ্ঞানদাস কহে সব বিবরণ কহ জননীর ঠান।"-জ্ঞানং।

ঠান২-ঠাণ দ্রঃ।

ঠানা [স্থির > ঠিরানা (হিং ঠহরানা <) > হিং ঠানা] ক্রি, স্থির করা ; স্থির নিশ্চয় করা। ২ অনুমান করা। ঠানি-অনুমান করি। ২ [ঠানিয়া >] নিশ্চয় করিয়া।

ঠাপ [অশ্লীল। হিং-ঠপ্পা (ধাক্কা)] বি, ধাক্কা (শিশ্নের)। ক্রি, ঠাপানি-ঠাপ দেওয়া। ২ [লক্ষ. গ্রাং নিম্নকথ্য] উপর্য্যুপরি তাগাদা করা।

ঠাম১ [সং-স্থান > ঠান > ঠাম অথবা সং-ধাম > ঠাম] বি, স্থান ; ঠাঁই ; নিকট। "ভয়ে ভীত হৈয়া, আসিলা রাধার ঠাম" -চণ্ডিং। "ভ্রমর বিকল কতিহু নাহি ঠাম" -বি প।

ঠাম২ [সং-ধামন্ > ধাম >। ধ=ঠ। "ধাম দেহে গৃহে-"-মেং। গৃহে দেহে স্থানে-" হেং] বি, আকার ; ভঙ্গী ; রূপ ; ভাব ; গঠন ; মূর্ত্তি ; শ্রী। "সে কিবে চূড়ার ঠাম, কেবল যেমন কাম"-চণ্ডিং। "ত্রিভঙ্গিম ঠাম পড়ে সখি মনে"-গিরিশং। দেখিয়া বীরের ঠাম, ভয়ে তনু কম্পমান, পলাইতে নাহি পাই পথ॥"-কবিকং। ২ সংস্থান : গঠন। "বোয়াল গড় উচল করি ঠাম"-বিং পং।

ঠায় [সং-স্থির > ঠার >। র=অ=অ =য] অ, স্থির ; একভাবে, নিশ্চল। প্র-ঠায় বসে আছে। "রথের উপর বীর পড়িলেন ঠায়" -মহাং (কাশীং)। ২ যেমন অবস্থায় যেখানে আছে ঠিক সেই অবস্থায় সেইখানে। "লাউ সেন বলে তোর প্রাণ নিব ঠায়"-ধং। ৩ জলদের বিপরীত : ধীরগতি। ৪ স্থান, সন্নিধান, নিকটে ; কাছে। ঠাঞি দ্রঃ। "সখিগণ তথি করিয়া যুকতি কহয়ে দোঁহার ঠায়"-কবিশেখর। ঠাং ঠায়-স্থানে স্থানে ; ঠাঁই ঠাঁই। "পদঘায ঠায়ঠায় অশ্ব হস্তী পুতিছে"-অং মং। ২ আস্তে আস্তে ও ধীরগতিতে। ঠাং বাঁধা -ক্রি, এক সুরে বা একভাবে বাঁধা।

ঠার১ [সং-স্তৃ (আচ্ছাদন করা) > স্তার > সার > চোখের পাতা সঙ্কুচিত ও মুদ্রিত করিয়া ইঙ্গিত করার ভাব হ'তে হিং ঠার] বি, ইসারা : ইঙ্গিত ; সঙ্কেত। "ঠার দিয়া বাজাইল বাঁশী মহুয়ারে আনিতে"-মৈং গীং। "চলিতে না পারে দেখাইয়া ঠারে"। পথিকেরা ভুলাইয়া আনে আঁখি-ঠারে"-অং মং। ~ঠোর [সহচর শব্দদ্বয়] ইসারা এবং তদ্রূপ ক্রিয়া।

ঠার২ [সং-স্থা > স্থির > থার > উচ্চারণ ভেদে ঠাড (দ্রঃ)] বিণ, স্থির ; খাড়া ; দণ্ডায়মান।

ঠারা [হিং-ঠার্‌না। ঠার১+আ (ক্রিয়ায়)। ঠারি, ঠার (ঠারেন, ঠারিস), ঠারে (ঠারেন্), ঠারিতে (ক্ষেং ঠারতে) ; ঠারিয়া (ক্ষেং ঠেরে, পদ্যে-ঠারি)। ণিজন্ত, ঠারান। প্রাদেং উচ্চারণে যোগ-"ঠাঁরেয়া ঠারেয়া স্ত্রী আঙ্গুল (=আংটি) দেখাইল"-মাণিকং গান] ক্রি, ইসারা করা ; ইঙ্গিত করা। ২ বক্র দৃষ্টিপাত করা ; আড়চক্ষে চাওয়া। "ঠারি পদ্মা বলে শুন ঠাকুরের ঝি"-শিং। ~ঠারি, ~ঠুরি-পরস্পর ইসারা। "সখীগণ করে ঠারাঠারি"-চণ্ডিং। কৈল ঠারাঠুরি কি রস রঙ্গে"-গোবিন্দং। আঁখি ঠারা, চোকঠারা-আড়ে দেখা ; আড়-চাহনি দ্বারা ইঙ্গিত করা।

ঠারি [ঠাড়ি দ্রঃ] বিণ, দণ্ডায়মান ; খাড়া। "কালিয় বরণ, হিরণ্ পিধন বাঁকিয়া রহিল ঠারি"-চণ্ডিং। ২ [ঠারা দ্রঃ] অস-কি, ঠারিয়া। ৩ বি, দৃষ্টিনিক্ষেপ ; চোখের ইসারা ; ঠার।

ঠারু [প্রা-বাং। আধু ওড়িয়া ভাষায়-ঠারু > ক্ষেং ঠুঁ (পঞ্চমী বিভক্তি চিহ্ন)] অ, হইতে ; চেয়ে ; অপেক্ষা। "পিতামাতা ঠাক গুরু বড় বোলি জান।"-গোবিন্দং গীত (ময়ূর-ভঞ্জের ২০০ বৎসরের পুরাতন পুথি-বঙ্গং সাং পরিচয়)।

ঠারেঠোরে [ঠারে (ঠার দ্রঃ)+ঠোর (ঠার শব্দের সহচর)] ক্রি-বিণ, ইঙ্গিতে ; স্পষ্টকথা না বলিয়া ; ইসারায়। "সেবি সেই স্বামী, বোবা হই আমি, কথা কহি ঠাং।"-ঘং। সব কথা ঠাং নাহিক প্রকাশ"-চৈং ভাং। "এইমত দোঁহে কথা হয় ঠাং"-চৈং চং।

ঠাল [ডাল (দ্রঃ) >। ড=ঠ] বি, শাখা ; ডাল। "এণ্ডার ঠাল লইয়া আসা (যষ্টি) করিয়া"-মাণিকং গান। ঠালেতে=ডালেতে।

`ঠাশ, ঠাস্ [অনুং] ক্রি, অনুকার শব্দ : চড় মারিবার শব্দ। "ঠাস্ করিয়া চড় মারিল।"

ঠাস [অশ্ (সঙ্ঘাতে) > অষ্টি (জমাটের ভাব হতে-আঁঠি > আঠ > ঠাহ্) > হিং-ঠাস্] বিণ, আঁট ; ঘন। "ঠাস বুনন।" ২ বি, চাপ। ৩ বিণ, রুদ্ধ।

ঠাসন [ঠাসা দ্রঃ। প্রাঃ-বাং] বি. চাপন ; চর্ব্বণ। "এক ঠাসন দুই ঠাসন তিন ঠাসন দিল"-মাণিক॰ গান।

ঠাসা [ঠাস দ্রঃ। ক্রি-ঠাসনা। ঠাসি, ঠাস (ঠাসেন, ঠাসিস), ঠাসে (ঠাসেন), ঠাসিতে ঠাসিয়া (ঠেসে)। ণিজন্ত-ঠাসানি] ক্রি ছিদ্রহীন করিয়া ভরিয়া দেওয়া ; ঠাসা ; ২ স্তূপাকার করা ; বোঝাই করা, পূর্ণ করা। প্র-জিনিসপত্রে সব ঠাসিয়া ফেলিয়াছে। ৩ সবলে মর্দ্দন করা ; মাড়া। প্র-ময়দা ঠাসা। ৪ চাপিয়া ধরা। প্র-তাকে দেয়ালে ঠাসিয়া ধরিয়াছে। ৫ বি. সেকরা যে ধাতুময় ছাঁচে সোণা রূপার পাত রাখিয়া পিটিয়া নক্সা তুলে। ~ঠাসি-বি. গাদাগাদি ; চাপাচাপি ; ঘেঁসাঘেঁসি। ~-মাড়া-শরীরের সকল জোর ও ধকল দেওয়া। প্র-ঠাসিয়া মাড়িয়া কাপড় পরা।

ঠাসিঠুসি [অনু॰। ঠাসা দ্রঃ। অল্প শব্দে-ঠুস+ঠাস (শব্দাধিক্যে)] অ. দ অনুকার শব্দ ঠকঠাক, ঠুস-ঠাস শব্দে চপেটাঘাত বা মুষ্ট্যাঘাত। "ঠাসিঠুসি শব্দ শুনি"-চৈ॰ ম॰।

ঠাহর [ঠাওর দ্রঃ] বি. তীক্ষ্ণদৃষ্টি ; বিশেষভাবে দর্শন ; স্পষ্টদৃষ্টি। "এরা এত ছোট যে খুব ঠাহর করিয়া না দেখিলে চোখে সোঝেনা।" ক্রি. ~া [ঠাহরি, ঠাহর, ঠাহরে ; ঠাহরিতে ; ঠাহরিয়া (কথ্য॰ ঠাহরে)। ণিজন্ত-ঠাহরানি] ঠাহর করা ; নিরীক্ষণ করিয়া দেখা।

ঠাহরানি১ [ঠাহর (দ্রঃ) + আন (ক্রিয়ায়)। ঠাহরাই,-রাও (-রান, -রাস), -রায় ; -রাইতে ; -রাইয়া (কথ্য॰ ঠাহরায়ে)] ক্রি, স্পষ্ট দেখিয়া নির্দ্ধারণ করা ; চেনা। ২ চিন্তা বা বিচার দ্বারা স্থির করা। "গদ্ধের লক্ষণ এব্যাধি কেমন, ঠাহরিতে কিছু নারি"-অ॰ ম। বি. ঠাহরণ-বিবেচনা ; সঙ্কল্পকরণ।

ঠাহরানি২ [হি॰ থরহরানা, থরহরী (থরথর করিয়া কাঁপা) >] ক্রি, থরথরান ; কাঁপা, ঠাহরে=কাঁপে। চরণ সুভঙ্গী অতি সে সুরঙ্গী ঠাহরে পরাণ মোর।"-চণ্ডি॰ (১৪শ শতাব্দী)।

ঠিঁ [ঠাই >। প্রাদে॰ ভেদে ঠি] বি, স্থান ; ঠাই।

ঠিক১ [সং-স্থির > হি॰-ঠীক >] বি. স্থিরতা। প্র-এখন কিছুরই ঠিক নাই। ১ [সং-স্থানে > ঠাই, ঠিক] ঠিকানা ; উদ্দেশ্য। ৩ স্বাভাবিক সুস্থ অবস্থা। "মাথার ঠিক থাকা।" ৪ বিণ. সত্য ; প্রকৃত ; যথার্থ। ৫ ধার্য্য ; স্থির ; নিশ্চয়। 'কোন বিষয়ে সংকল্প ঠিক করা।" ৬ নির্ভুল correct ৭ প্রস্তুত। ঠি॰ করা-ক্রি, শাসন করা ; সোজা করা ; প্রহার করা। ২ সংশোধন করা ; নির্ভুল করা। ৩ নিশ্চয় বা নির্দ্ধারণ করা। ৪ হিসাব করা। ৫ ব্যবস্থা করা। ~ঠাক-বি, অবিকল ; যথাযথ। ২ স্থিরীকৃত ; নিদ্ধারিত। "নামে নামে কার্য্যকালে হৈল ঠিকঠাক"-শি॰। ঠিক হওয়া-যথাবৎ হওয়া ; অনুরূপ হওয়া ; প্রস্তুত হওয়া। "তা' হলে মঞ্জুকে যাবার জন্য ঠিক হ'তে বলি"-কবঙ্ক। ২ দণ্ড পাইয়া শান্ত হওয়া।

ঠিক২ [সং-স্তূপ্ > স্থূপ্ (সংবরণে) >, বা সমষ্ট >] বি, সমষ্টি ; যোগ। ঠি॰ দেওয়া-তেরিজ কষা ; যোগফল বাহির করা। 'ঠিকের ঘরটা ঠিক পারিনে।"-রজনী সেন।

ঠিকুজি-ঠিকুজি দ্রঃ।

ঠিকর [তীক্ষ্ণ > তিখর >] বিণ, তীক্ষ্ণ ; তীব্র ; টিকথর ; টেকর।

ঠিকরণ [ঠিকরান দ্রঃ] বি, বিচলন ; স্থলভ্রংশ ; ছিট্‌কন।

ঠিকরা,-রে [হি॰-ঠিক্‌রা। টুকরা >] বি. ছোট ঢিল ; খাপ্‌রা। ২ ঠিকরা কড়াই। ৩ চাউল ও নারিকেলাদি দ্বারা প্রস্তুত পিষ্টকবিঃ। গ্রা॰-ঠিকরী, ঠিক্‌রে। প্র-ঠি॰ পিঠা।

ঠিকরানি, ঠেকরানি [ঠোকর দ্রঃ। ঠিকরাই, ঠিকরাও, ঠিকরায় ; ঠিকরাইতে ; ঠিকরাইয়া (কথ্য॰ ঠিকরিয়া > ঠিকরে)] ক্রি, ছটকাইয়া পড়া। ২ ক্রোধপূর্ব্বক দ্রুত পদক্ষেপে গমন করা ; টক্কর খাইতে খাইতে যাওয়া। ৩ তীব্র আলোক বা বর্ণের আঘাত পাইয়া যেন নেত্রতারা ছিট্‌কাইয়া পড়া। ৪ অহঙ্কারে ভূমিতে পদতলের আঘাত করিয়া যাওয়া। বি. ঠিকরানি ; ঠিকরণ।

ঠিকরী,-ঠিকরে-বি, কলাইবিঃ। ২ কলিকার ছিদ্রমুখে যে খিচ বা ঢিল রাখিয়া তামাক সাজিতে হয়। ৩ খোলা খাপরা।

ঠিকা, ঠিকে [সং স্থির > হি॰-ঠিকা >] বি. নির্দ্দিষ্ট সময়ের নির্দ্ধারিত কর্ম্মের বেতন contract ২ বিণ, অল্প সময়ের জন্য ; সাময়িক temporary. ৩ দৈনন্দিন বেতন-ভোগী। ঠি॰ করা-ঠিকায় কাজ করা ; ভাড়া করা ই॰। ঠি॰ কাজ-দৈনিক বেতনের বা মজুরির কাজ। ঠি॰ চাকর-দৈনিক বেতন লইয়া যে ভৃত্য কাজ করে ; মাসিক বেতনে যে চাকর সংসারের আংশিক কাজ করে। > স্ত্রী॰ ঠি॰ চাকরাণী। ঠি॰ জমি-বি, অল্পকালের জন্য অধিকৃত বা ভোগের জমি। ঠি॰ ঝি-ঠিকা চাকরাণী। "এ বাড়ীর ঠিকা ঝি এখনও দেখা দেয় নাই" ~ঠাকা-ঠিকা ও তদ্বৎ ~দার-যে ঠিকায় কাজ করে ; চুক্তি দ্বারা কর্ম্ম-সম্পাদক। > বি. ~দারী-ঠিকাদারের কর্ম্ম বা ব্যবসায়। ~বন্দোবস্ত-বি, ঠিকা খাজনায় জমি ই॰ বিলি। ২ অস্থায়ী ব্যবস্থা।

ঠিকানা১ [ঠিক দ্রঃ] বি, গণনা ; সংখ্যা। প্র-কত তার ঠিকানা নাই।

ঠিকানা২ [হি॰ ঠীক (স্থান, গৃহ) > ঠিক, ঠাই, ঠিকান > হি॰ ও বাং-ঠিকানা] বি. বাসস্থান। ২ প্রকৃত অবধারণ ; সন্ধান ; উদ্দেশ। "বাজারে দোকান বন্ধ, দোকানদার কোথায় পলাইয়াছে, তাহার ঠিকানা নাই।"-আনন্দমঠ। ঠিকঠিকানা [ঠাঁই ঠিকানা ও॰। ঠিক (স্থান, ঠাঁই) + ঠিকানা (বাসস্থান), সহচর 'শব্দদ্বয়] বি, নির্দ্দিষ্ট বাসস্থান address. "ফেলেচ মা বিষম ফেরে পাই না কিন্তু ঠিকঠিকানা"-রা॰ প্র॰।

ঠিকারি [প্রা॰-বাং। আধু॰-বাং-য়, ঠিকরা ; ঠিক্‌রে] বি. হাঁড়িভাঙ্গা খোলা ;

খাপরা। "পাত্র প্রক্ষালন করি খণ্ড খণ্ড কৈল; বহির্ব্বাসে বান্ধি সেই ঠি রাখিল।" -চৈ০ চ০।

ঠিকী [ঠিক্, দ্র০। প্রাদে০] বি. ক্ষুদ্র পাত্রবিঃ।

ঠিকুজি, ঠিকুজী [স্থির ... জন্মস্থিরপত্রী > কোষ্ঠী] বি. জন্মলগ্নাদি স্থির করিয়া সংক্ষেপে লিখিত জন্মপত্রিকা।

ঠিঠা-ঠেঠা দ্রঃ।

ঠিকুল [বঙ্গ০, মুর্শি প্রাদে০] বি. ক্ষেত্রের শস্য, পুকুরের মাছ ইং জীবজন্তুদের আক্রমণ হইতে রক্ষা করিবার জন্য খড় ইং দ্বারা মানুষের যে বিকট মূর্ত্তি করিয়া, বা যে কোন হাঁড়িতে চুণের ফোঁটা দিয়া খুঁটির মাথায় রাখা হয়, যা দেখিয়া রাত্রিতে কোন অনিষ্টকারী জন্তু নিকটে না আসে: চঙ্কাপুরুষ scare crow.

ঠিকে [প্রাদে] বি. একপোয়া ধান চাল ইং মাপিবার বেতের বা নারিকেল মালায় পাত্র বা আধার কুলকে।

ঠিলমিলা, -মিলে [টলমলিয়া >] বিণ. রোগে বা দৌর্ব্বল্যে কম্পিত।

ঠিলি, ঠিলী [হিং-ঠিলিয়া] বি. ঠোঙা: পত্রাদি-নির্ম্মিত আধার; খিলি। ২ ক্ষুদ্র কলসী; ঘট। ৩ পেটিকাবৎ আবরণ বা ছোট খোল। ঠিং বাঁধা-ক্রি, তালখেজুর ইং গাছের রস লইবার জন্য গাছ চাঁচিয়া ঠিলি দিয়া কলসী বাঁধা। "কেষ্টা বাগদীকে গাছ কাটিবার দা, গাছে উঠিবার দড়ি ও ঠিলি ইং সংগ্রহ করিয়া দিল"-বাং বসুমতী, ১৩৩৪।

ঠিশমিশ [ঠেশ (দ্রঃ) > ঠিশ (স্পর্শ-ঠোকা)+মিশ (< সং-মিশ্র্ (সম্পর্কে > অগ সম্প্রসারণে-সভবর্ণে) >] বি. ঠোকাঠুকি: খুনশুড়ি; মনোমালিন্য। "ঠিশমিশ অহর্নিশ"-কৌতুক-বিলাস।

ঠুং-অ, অনুকার শব্দ। ২ কাচ বা ধাতুপাত্রে কঠিন বস্তুর আঘাত লাগিবার শব্দ।

ঠুংঠাং-অ, অনুকরণ শব্দ; ঠুন্কা জিনিষে আঘাত শব্দ; ঝাড়লণ্ঠনের শব্দ।

ঠুংরি [অনুং। হিং-ঠুম্‌রী] বি. সঙ্গীতের তাল বা রাগবিঃ, চারি মাত্রার তাল। ২ ঠুংরি তালে বা রাগে রচিত সঙ্গীত।

ঠুঁটা, ঠুঁটো, [প্রাকৃ-টুংটো > ঠুণ্টা >] বিণ. যার দুই হস্ত নাই; নুলা। বিকলাঙ্গ "দু কর কাটিয়া কর ঠুঁটা"-ধ। ২ বি. ছিন্ন বৃক্ষ।

ঠুঁটো, [ঠোঁট+উয়া >] বিণ ... যাহার লম্বা ঠোঁট আছে; দীর্ঘচঞ্চু।

ঠুক [অনুং। ঠক্ শব্দ অপেক্ষা মৃদু] বি. শুষ্ক ও কঠিন বস্তুতে আঘাত লাগিবার শব্দ; লাঠি ঠুকিবার মৃদু শব্দ। ~ঠুক [অনুং] অ. উপর্য্যুপরি ঠুক এই শব্দ। "ঠক্‌ঠক" অপেক্ষা অল্প বা ক্ষীণ শব্দ। ২ বৃদ্ধ দুর্ব্বল ব্যক্তির ধীরে ধীরে গমনের ভাববোধক। ক্রি. ঠুকঠুকানি-ঠক্‌ঠক শব্দ করা। বি ঠুকঠুকানি-ঠুকুনি।

ঠুকন, ঠোকন [হিং-ঠুক্‌না ঠোকনা। ঠোকন দ্রঃ] বি. আঘাতকরণ। ২ প্রহারকরণ, মারণ। ৩ প্রোথিত করণ পোঁতন, গাড়ন

ঠুকর-ঠোকর দ্রঃ।

ঠুকরিণ-বি, চঞ্চু দ্বারা আঘাত; খুঁটন। ক্রি, ঠুকরিনি-ঠোকর দেওয়া; ঠোকরান খুঁটিয়া লওয়া।

ঠুকরানি-ঠোকরান দ্রঃ।

ঠুকা [ঠোকা দ্রঃ] ক্রি, আঘাত করা। ২ প্রহার করা। ণিজন্ত-ঠুকানি। বি, ঠুকানি, ঠুকুনি। ~ঠাকা [গ্রাং। সহচর শব্দদ্বয়] বিণ সামান্য। ২ টোটকা-টাটকি। ঠুকে দেওয়া-ঘা মারিয়া বসাইয়া দেওয়া। ২ প্রহার করা; মাবা থ্যাংরা দেব ঠুকে"-বাজিমাৎ (হেমং)। ইয়ারকি ঠুকা, -ঠোকা-ইয়ারকি দেওয়া। "একটুখানি মেয়েকে নিয়ে ইয়ারকি ঠুক্‌ছিস্"-বাং বসুমতী, ১৩৩৪।

ঠুকি [অনুং] বি, ঠোকর; টোকা; লঘুভাবে আঘাত; অল্প ঠোকন।

ঠুনি-ঠুকা দ্রঃ।

ঠুঙ্গি, -ঠুঙ্গী [ঠোঙ্গা (দ্রঃ)] বি, ঠোঙ্গা অপেক্ষা ক্ষুদ্র; ঠুলি; পত্র নির্ম্মিত দ্রোণাকৃতি পাত্র।

ঠুটা [গ্রাং-ঠুঁটা (দ্রঃ)। হিং-টুটাহ, টুঁটা, টুণ্টা=হস্তহীন] বিণ, হস্তহীন নুলা। "মারিয়া করিল খোঁড়া সব ঠৈল ঠুটা খোঁড়া, ভবন ছাড়িয়া দিল ভঙ্গ॥"-শি। "খাঁদা বোঁচা হৈল কার গেল নাক কাণ। ঠুটা খোঁড়া হৈল কেহ কার গেল প্রাণ॥"-ঐ।

ঠুটঠুটা [ঠুটার সহিত স্থবির শব্দের ভাব > থুরথুরা > ঠুড়ঠুড়া > ঠুটঠুটা] বিণ, এত বৃদ্ধ যে হাত পা বশে রাখিতে পারে না।

ঠুণ্ঠ [ঠোট, ঠুটো, দ্রঃ] বি. দীর্ঘ চঞ্চু।

ঠুন্ [অনুং] অ, ঠন্ অপেক্ষা লঘু শব্দ।

ঠুন্‌কি, ঠুনকা, ঠুনকো, [সং-স্তন > থা -থন > ঠন। ঠুন্‌কা অর্থাৎ স্তনের (রোগ)। থুনকো দ্রঃ] বি, প্রসূতির স্তনের পীড়া। "প্রসবের পর যে কোন সময়ে স্তনের প্রদাহ ও সেই সঙ্গে জ্বর হয়। তখন প্রসূতির স্তনবৃন্তে বা সমুদায় স্তনে বেদনা হয়; সেকারণ তিনি শিশুকে স্তনপান করাইতে পারেন না।"-পারিবারিক চিকিৎসা।

ঠুনকো, [অনুং] বিণ, ঠুন্ শব্দে বা লঘু আঘাতে যা ভগ্ন হয়; ভঙ্গপ্রবণ। "আমরা ঘরের দিকে রে ভাই পরের মেঙ্গে কিনব না ঠুনকো কাচ যায় যে ভেঙ্গে"-রজনী সেন।

ঠুনঠুন [অনুং। "ঠন্‌ঠন্" অপেক্ষা ক্ষীণ ও কোমল] বি, উপর্য্যুপরি ঠুন্ এই শব্দ; ধাতুপাত্রে বা দ্রব্যে ধাতু দ্রব্যের আঘাত শব্দ; ক্ষুদ্র ঘণ্টারব; কাচ খণ্ডের সহিত কাচ খণ্ডের মৃদু আঘাত শব্দ।

ঠুনি [প্রাং বাং। সং-স্থূণা >] বি, স্তম্ভ; থাম; খুঁটি; ঠেক্‌না। "সুবর্ণের পুরীখান সুবর্ণের ঠুনি-"মনসা মং (বংশী)।

ঠুনিমানকি [শ্রীহট্ট প্রাদেং। সং নাম ব্রহ্মমাণ্ডুকী। মাণ্ডকী > মানকি] বি, থানকুনি; থুল্‌কুড়ি।

ঠুম(ম্)কি [ঠমক দ্রঃ] বি, নৃত্যবিঃ। "ঠুম্‌কি নাচে"-গিরিশ০।

ঠুলি, -লী [ঠুঙ্গি দ্রঃ। সং স্থালী > ?] বি, গো-অশ্বাদির চক্ষুর আবরণ। "মা আমায় ঘুরাবি কত। কলুর চোক ঢাকা বলদের মত॥ * * * একবার খুলে দে মা চোখের ঠুলি, দেখি ছুটি অভয় পদ॥"-রা০ প্র০। ২ চক্ষে ধূলি দিবার কৌশল; ছলা; ভোল। "চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি"-অ০ ম০। ৩ [ঠোঙ্গার আকার হতে। ঠিলি দ্রঃ] ঠুঙ্গী; পত্রাদির ছোট ঠোঙা। বৃহদর্থে ঠোলা।

ঠুসঠাস [অনু০] অ, লঘু আঘাত শব্দ: লঘু কিল ও চড়; ঠুকঠাক: লঘু প্রহার; গুনগুড়ি। ২ [লক্ষ০] পরস্পরের প্রতি দোষারোপ, বিদ্রূপাদি।

ঠুসা [হি০-ঠুস্‌না। ঠুসি ঠুস, ঠুসে; ঠুসিতে; ঠুসিয়া (কো০ ঠুসে)। ণিজন্ত-ঠুসানি] ক্রি, গাদা; ঠাসা; আধারের মধ্যে বস্তু চাপিয়া চাপিয়া ভরা। ২ অত্যধিক গলাধঃকরণ করা; অতিরিক্ত পান আহার। "লোকটা খুব ঠুসে খেয়েছে"। "ঠুসে মদ্য লও সাথে, যেন না ফুরায় রাতে"-গদ্যপদ্য (বঙ্কিম)। বি, ঠুসন-ঠোসা দ্রঃ। ঠুসি, ঠুসিয়া, ঠুসে-চাপিয়া; অল্পায়তনের মধ্যে অধিক দ্রব্য চাপাচাপি করিয়া রাখিয়া।

ঠুসি [গ্রা০] বি, ঠুলি বা ঠিলি: পুঙ্গ। প্র-ময়দার ঠুসি। ২ [প্রাদে০] ফল পাড়িবার আঁকশি মুখে লাগান জালি।

ঠেং [সং-টঙ্গ > হি০-টাঙ্গ্‌ >] বি, পদ; পা। ২ জঙ্ঘা। ঠেং ঠেং করা [পরিধেয় বস্ত্র খুব খাট হইলে ঠেং ঢাকা পড়ে না। তাতে দুই ঠেংই দেখা যায় সুতরাং ঠেং ঠেং করে] পরিধেয় বস্ত্র ওসারে খুব খাট হওয়া। ঠেং ভাঙ্গা-পা ভাঙ্গা: খোঁড়া হওয়া। প্র-সে ঠেং ভেঙ্গে ঘরে বসে আছে।

ঠেঁট [টীট দ্রঃ] বি, নির্লজ্জ। ~পণা-ঠেঁটার আচরণ; ঠেঁটামি; ধৃষ্টতা; ২ বেহায়ামি। "কোথায় নাহিক দেখি হেন ঠেঁটপনা।"-কবিক০।

ঠেঁটা, ঠিঁটা, ঠিঠা, ঠেঠা [সং-শঠ > ভ্রং। হি০-টীট >, গ্রা০-ঢ্যাটা, উচ্চারণ ভেদে-ঠেঁটা] বিণ, কর্কশভাষী: নির্লজ্জ, বেহায়া। "ঠাই জানি ঠেঁটা কাক ঠোকরায় তাকে।"-শি০। ২ রঙ্গপ্রিয় (কবিক০)। "এ রসে উঁহারে সই ওটা বড় ঠেঁটা।-অ০ ম০। "বুঝে বুঝিলনা রে মন ঠেঁটা"-রা০ প্র০। ৩ কাঁইয়া। ৪ অবাধ্য। স্ত্রীঃ ঠেঁটী।

ঠেঁটারি-ঠেঁটপণা (দ্রঃ)।

ঠেঁটি [ঠেঁট দ্রঃ] বিণ, লজ্জাহীনা; কর্কশভাষিণী। ২ বি, একগুঁইয়া বা কাঁইয়া স্ত্রীলোক। ৩ [প্রাদে০] অতি ক্ষুদ্র বস্ত্র। "পুরুতের ভাগ্যে ঘসা পয়সা ঠেঁটি পাঁচহাতি।" -রঙ্গলাল। ৪ বিধবার পরিধেয় বস্ত্রবিঃ। "তাদে মাগী কালামুখী, ঠিক্ যেন কচিখুকী, পতিসুখে বড় সুখী, ঠেঁটি কেন পরেনি।" -ঈ০ গুপ্ত।

ঠেক [হি০ টেক] বি, যদ্দ্বারা আটক দেওয়া যায়; ঠেস; ঠেকা বা ঠেকো। "তার নাহি ঠেক।"-শি০। ২ তণ্ডুলাদির আধার-বিঃ। ৩ ব্যাঘাত; প্রতিবন্ধক। ৪ বিপদ; দায়; সঙ্কট। "এই ঠেকে ঠেকিল ঠাকুর অশ্বত্থামা।"-ন০।

ঠেকনী, ঠেক্‌নিআ, ঠেক্‌নুয়া, ঠেক্‌না-বি, ঠেকাইয়া রাখিবার বস্তু; ঠেস, আটক। ২ ঠেক; খুঁটি।

ঠেকন (ঠেক্-) বি, স্পর্শ। ২ পড়ন; বিপদে বা সঙ্কটে পতন। প্র-এমন ঠেকন ঠেকবে।

ঠেকনা [গ্রা০] বি, ঠেক।

ঠেকা১-বি, গানের সহিত বাদ্যের সময় নিরূপক আঘাত; মাত্রা।

ঠেকা২ [ঠোকর দ্রঃ। সং-টিক্ (গতি অর্থে)। ঠেকি, ঠেক (ঠেকেন, ঠেকিস), ঠেকে (ঠেকেন); ঠেকিতে; ঠেকিয়া (কো০ পদ্যে -ঠেকি, গ্রা০ ঠেকেক)। ণিজন্ত-ঠেকান] ক্রি, স্পর্শ করা। ২ থামা; পৌছান; উপস্থিত হওয়া। "তিন কাল গিয়ে এক কালে ঠেকেছে।" ৩ আঘাত করা; ঠোকা। ৪ ঠেস দেওয়া; ঠেক্‌না দেওয়া। ৫ দায়ে পড়া; উদ্ধারের পথ বন্ধ অবস্থায় বিপদে পড়া; সঙ্কটে পতিত হওয়া। "তুমি ঠেকবে যখন শিখবে তখন।"-রা০ প্র০। "-বিষম সঙ্কটে ঠেকিবে বৈদেহীনাথ কহিনু তোমারে।"-মেঘ০। "অনর্থ পরের দায়ে ঠেকনা লো ঠেকো না।"-রসতরঙ্গিণী। ৬ অসমর্থ হওয়া (কবিক০)। ৭ বি, স্পর্শ। ৮ ঠেস; অবলম্বন। "চাহনি চঞ্চল বাঁকা কদম্ব গাছের ঠেকা ভুবনমোহন রূপ ভাতি।" -জ্ঞান০।

ঠেকা৩ [ঠেকা২ (স্পর্শ করা) >] ক্রি, বোধ হওয়া; মনে হওয়া। "কেমন কেমন ঠেকে"। ভাল ঠেকা-ভাল মনে হওয়া। "শোভাবতীর ছেলের...উদ্দেশ্য থাকাতে আমার ভাল ঠেকে না।"-শ০ চট্টো০ (চরিত্রহীন)।

ঠেকা৪-বিণ, ঠেকো দ্রঃ। ঠে০ মেয়ে-চিরকুমারী; কুলীন-কন্যা। ২ যে কুমারীর বিবাহ সম্বন্ধ এক পাত্রের সহিত নির্দ্ধারিত হইয়া গায়ে হলুদ ই০ বৈবাহিক ক্রিয়া সম্পন্ন হইলেও সেই পাত্রের সহিত বিবাহ ঘটে নাই, এবংবিধ কুমারী কন্যাকে অন্যপাত্র বিবাহ করিতে রাজী হয় না। এইরূপ কুমারী কন্যাকে "ঠেকা মেয়ে" বলে।

ঠেকাঠেকি-বি, একের সহিত অন্যের স্পর্শ; পরস্পরের সহিত পরস্পরের সংঘর্ষ বা আঘাত; ধাক্কাধাক্কি। "শূলে করি রুদ্র ধরি রেখেছে ব্রহ্মাণ্ড। নৈলে ঠেকাঠেকি হয়ে হৈত খণ্ডখণ্ড।"-শি০।

ঠেকান [ঠেকা দ্রঃ। ঠেকাই, ঠেকাও (ঠেকান, ঠেকাস), ঠেকায় (ঠেকান); ঠেকাইতে; ঠেকাইয়া (কো০ ঠেকিয়ে)। "ঠ্যাকান" ও০] ক্রি, স্পর্শ করান; ছোঁয়ান। ২ দায়ে ফেলা; বিপদে ফেলা। "বিপাকে ঠেকালে নারায়ণ।"-কবিচন্দ্র। ৩ বাধা দেওয়া; গতিরোধ করা; আট্‌কান; প্রতিবন্ধকতা করা। "ডাকাতেরা * * * তাহার বাড়ী আক্রমণ করিতে আসিয়াছিল কিন্তু সে একলাই তাহাদের অনেকক্ষণ ঠেকাইয়া রাখে।"-বাং কথা। "সখী কহে, নিতি এ পথে যাই, আজি ঠেকাইবে কেটা।" -চণ্ডি০। ৪ রক্ষা করা; সামলান; বাঁচান।

"তখন তাদের ঠেকায় কে।"-হারাণ রক্ষিত। "তখন কি করে ঠেকাবে রাণি।"-উত্তরা, পৌষ ১৩৩০। ৫ থামান ; সন্তুষ্ট করা। বি, ঠেকানি-প্রতিবন্ধ ; বাধা। ২ দায় : বিঘ্ন, বিপত্তি।

ঠেকার [ঠিকরাণ (দ্রঃ)র ভাব >] বি, অহঙ্কার ; গর্ব্ব ; দেমাক। বিণ, ঠেকারিয়া, ঠেকারে-যে ঠেকার করে ; অহঙ্কৃত ; গর্ব্বিত ; দেমাকে। ক্রি, ঠেকরানি, [ঠে°+আন। ঠেকরাই, ঠেকরাও, ঠেকরায় ; ঠেকরাইতে ; ঠেকরাইয়া (কো° ঠেকরে)] ঠেকার করা।

ঠেকরানি২-ঠিকরান দ্রঃ।

ঠেকাল [ঠেকা১ দ্রঃ] বিণ, কঠিন ; বাধাবিপত্তিময়।

ঠেকিলে [গ্রা° ঠেকলে। ঠেকা দ্রঃ] অস-ক্রি, অপারগ হইলে ; অসমর্থ হইলে : অকৃতকার্য্য হইলে। "পরীক্ষায় নাহি কাজ। ঠেকিলে পরীক্ষে, না দেখিব চক্ষে, ভুবন ভরিবে লাজ।"-কবিক°।

ঠেকুয়া-ঠেকো দ্রঃ।

ঠেকে১ [ঠেকা দ্রঃ] ক্রি, স্পর্শ করে : ছোঁয়। ২ পড়ে ; পতিত হয়। "চানে ম্যানের চোখে এইটেই বেশি করিয়া ঠেকে"-রবী° [ঠেকে=চোখ স্পর্শ করে]। ৩ মনে হয় [মনকে স্পর্শ করে]।

ঠেকে২ [ঠিকিয়া >। ঠেকা দ্রঃ] অস-ক্রি, দায়ে পড়িয়া ; বিপদের সম্মুখীন হইয়া ; বাধাবিঘ্ন অতিক্রম করিয়া ; কষ্টে স্বীকার করিয়া। "ঠেকে খুব শেখা শিখেছি রে ভাই।"-মতিলাল রায় (বাং গান)।

ঠেকো, ঠেকুয়া, ঠেকা [ঠেকা দ্রঃ] বিণ, যে ঠেকিয়াছে ; যে আটক পড়িয়াছে। ২ যে সমাজের সংশ্রব হ'তে বিচ্ছিন্ন হইয়া কেবল আপনার ঘরে গিয়া ঠেকিয়াছে বা বদ্ধ হইয়াছে ; এক-ঘরে। ৩ দোষস্থ। প্র-ঠে° ঘর।

ঠেঙ্গ (ঠ্যাং) [টাঙ্গ, ঠেং দ্রঃ] বি, পদ ; পা। "ঠেঙ্গে ধরি ধরি ফেলে"-ভাগবত (মাধবাচার্য্য)। ~খোঁড়া হওয়া-পা ভাঙ্গিয়া চলৎশক্তি রহিত হওয়া। ~ভাঙ্গা-পা ভাঙ্গা : খোঁড়া হওয়া।

ঠেঙ্গা, ঠেঙা [সং-দণ্ড > ডাঙ্গ >] বি, লাঠি। "নীলের দাদন, ঠেঙ্গার গাদন, বাঁধন চমৎকার।"-ঈ° গুপ্ত। "দোহাগিয়া ঠেঙ্গা পড়ে গৃহের উপর" -চৈ° ভা°। ক্রি, ঠেঙ্গান (-ঙা-) [ঠেঙ্গা + আন ক্রিয়ায়। ঠেঙ্গাই, ঠেঙ্গাও (ঠেঙ্গান্, ঠেঙ্গাস), ঠেঙ্গায় (ঠেঙ্গান) ঠেঙ্গাইতে (কো° ঠেঙ্গাতে) ; ঠেঙ্গাইয়া (কো° ঠেঙ্গিয়ে)] লাঠান ; বেত্র বা যষ্টি দ্বারা প্রহার করা, প্রহার করা। ঠেঙ্গাইয়া মারা-লাঠি প্রহার করিতে করিতে বধ করা। ২ লাঠি দ্বারা প্রহার করা। "ঠেকেছি তোমার ঠাই ঠেঙ্গাইয়া মার।" -শি°। ~জ্বর [ডেঙ্গু (দ্রঃ) >] বি, ডেঙ্গুনামক জ্বরবিঃ (এই জ্বরে যেন ঠেঙ্গাইয়া হাড় ভাঙ্গিয়া দেয় এরূপ সর্ব্বাঙ্গে বেদনা হয় বলিয়া নাম)। ~ঠেঙ্গি-বি, লাঠি মারামারি ; দাঙ্গা। ~বাজি-লাঠি মারামারি : লাঠি দিয়া ঠেঙ্গান বা খুব প্রহার করা। ঠে° মারা-ক্রি, লাঠি মারা ; লাঠান। ২ বিণ, উদ্ধত ; গোঁয়ার। ৩ কর্কশ ; রুক্ষ। "ঠেঙ্গামারা কথা"। ঠে° মেরে কথা বলা-কঠোর বাক্য বলা।

ঠেঙ্গাড়িয়া, ঠেঙ্গাড়ে (-ঙা-) [ঠেঙ্গা + আড়িয়া। ঠ=ড়] বি, যে লাঠি মারিয়া লোকের সর্ব্বস্ব হরণ করে ; দস্যু। ২ বিণ, নিষ্ঠুর এবং নির্ভীক।

ঠেঙ্গান১ (-ঙা-) বি, ঠেঙ্গানি ; লাঠি-প্রহার; প্রহার। প্র-খুব ঠেঙ্গানটা ঠেঙ্গাইল।"

ঠেঙ্গানি২-ঠেঙ্গা দ্রঃ। বি, ঠেঙ্গানি-ঠেঙ্গাপ্রহার ; মার। ঠেঙ্গানি খাওয়া-প্রহৃত হওয়া ; মার খাওয়া। ঠেঙ্গানি দেওয়া-প্রহার করা। বিণ, ঠেঙ্গা-নিয়া-যে ঠেঙ্গাইতে অভ্যস্ত।

ঠেঙ্গে, ঠেঞে, ঠাঁই [স্থানে > ঠাঁই > ঠেঞে > ঠেঙে > ঠেঙ্গে] অ, স্থানে ; নিকটে ; কাছে।

ঠেট, ঠেঁট, ঠেঠ [সং-স্থাতৃ > হি° ঠাঁড়া, ঠাড়া (খড়ী অর্থাৎ দণ্ডায়মান standard) > হি°-ঠেঠ্] বিণ, শুদ্ধ ; অমিশ্র ; গ্রা° চ° ভাষা যাতে সাহিত্যিক ভাষার শব্দের মিশ্রণ থাকে না। প্র-ঠেঠ হিন্দী।

ঠেটা১-ঠাঁঠা দ্রঃ।

ঠেঠা২ [ঠেঁটা দ্রঃ] বিণ, নির্লজ্জ। "ঠেঠায় করিল ঠেঠা ঠক কৈল ঠকে"-ভারত। ২ একগুঁইয়া ; অবাধ্য। স্ত্রী° ঠেঠী। ~মি [হি° ঢিঠাই > ঠিঠাই > ঠেঠামি >] বি, ঢিটপনা ; ঠেঁটপণা (দ্রঃ)।

ঠেল [হি°-ঠেল] বি, স্তূপ ২ ভিড়। ৩ ঠেলা ; ধাক্কা। ৪ বেগ ; শক্তি। "ঠেল তবে কে সহিতে পারে"-কবিক° (ভগবতীর স্তব) ঠে° ধরা-ভিড় হওয়া। ঠে° মারা-ভিড় করা।

ঠেলন [ঠেলা১ দ্রঃ] বি, হেলন। ২ কো বা ধাক্কা দান। ৩ দূরীকরণ ; ৪ অমান্যকরণ ; অবহেলন।

ঠেলল [ঠেল (দ্রঃ)-ল (ক্রিয়া বিভক্তি)। ব্রজ°] বি, ঠেলিল, আন্দোলিত করিল। "জনু ইন্দীবর পবনে ঠেলল"-বি° প°।

ঠেলা১ [ঠেল (দ্রঃ) + আ (স্বার্থে)] বি, ধাক্কা। "মহেশের কাছে থাকি মুনি মারে ঠেলা"-শি°। ২ বেগ। ৩ হাতে ঠেলা দ্বিচক্র গাড়ীবিঃ। ৪ সঙ্কট, দায়।

ঠেলা২ [হি°-ঠেল্না। ঠেলি, ঠেল (ঠেলেন, ঠেলিস), ঠেলে (ঠেলেন) ; ঠেলিতে (কো° ঠেলতে) ; ঠেলিয়া (কো° ঠেলে, পদ্যে-ঠেলি)। ণিজন্ত-ঠেলানি] ক্রি, সম্মুখে ঝুঁকিয়া বা বেগ দিয়া অগ্রসর হওয়া ; ধাক্কা দেওয়া। ২ লঙ্ঘন করা; অমান্য করা ; টালা ; এড়ান। প্র-কথা ঠেলা। ৩ ত্যাগ করা ; বর্জ্জন করা ; ঘৃণায় বা অবজ্ঞায় ত্যাগ করা বা দূরে রাখা। "ঠেলে থায় ভুলে আছ কেমনে" -গিরিশ°। ৪ সমাজ হ'তে দূরে রাখা ; সামাজিক আদানপ্রদান রহিত করা ; এক ঘরে করা। ৫ বিণ, বর্জ্জিত ; ত্যক্ত। ৬ সমাজচ্যুত। ৭ বি, বেগ ; ধাক্কা। ৮ দায় ; বিপদ ; সঙ্কট। ঠে° খাওয়া-ধাক্কা পাওয়া। ঠে° দেওয়া-ধাক্কা মারা।

ঠেলার নাম বাবাজী [গ্রা°] সঙ্কটে পড়িলেই লোকে বাপ বাপ করে। তুল-

"চাপ পড়লেই বাপ বলে"-প্রবচন। জাতে ঠেলা-একঘরে করা; জাতিচ্যুত করা। দায়ে ঠেলা [দায় টালা ও°] দায়ের ঠেলা; দায়ে পড়িয়া; বাধ্য হইয়া; অনিচ্ছায়। বেগার ঠেলা-বাধ্য হইয়া; অনিচ্ছায়। সমাজে ঠেলা-সমাজ হ'তে বহিষ্কৃত করা।

ঠেলাঠেলি [ঠেলা দ্রঃ। হি°-ঠেল্‌ম্‌-ঠেলা] বি, ধাক্কাধাক্কি। "হয় ঝোলাঝুলি করে ঠে°, হৈল অরাজক পারা"-চণ্ডি°। ২ বহুলোক সমাগম; ক্রমাগত লোকের আগমন ও প্রত্যাগমন হেতু ভিড়। "ঠাকুরবাড়ী ঠে° লোকের নাহি শেষ।"-রবী°। ৩ তীব্র প্রতিযোগিতা। "রোজগারের জন্য অত্যন্ত ঠে° করিবার উত্তেজনা তার নাই"-রবী°।

ঠেশ,-স [ঠেস২ দ্রঃ। ঠেষা (দ্রঃ) >। ঘ=ঠ। স্পশ, ঘষণ > অর্থসম্প্রসারণে হেলা-নির্ভর করার ভাব] বি, ঠেস; হেলান; "চন্দ্রমুখী চক্ষু বুজে ঠেস দিয়া যায়" -শি°। ২ অবলম্বন। ৩ আড়ি; বিরোধ; দ্বেষ। ৪ দোষ; খোঁটা। "দিস কেন ঠাকুরের ঠেস"-রাম বসু। ঠে° করা-লক্ষ্য করিয়া বলা। "কুৎসিতের বেশ দেখে শ্যাম; ঠেস করে কি কও আমাকে।" -দাশরথি°। ~ঠাস-বি, অবলম্ব; ঠেষ বা স্পর্শ। ২ দ্বেষাদি। ~-ঠোস-ঠেস এবং তদ্রূপ কোন উক্তি বা ক্রিয়া। ঠে° দেওয়া-ক্রি, হেলান দেওয়া। ২ লক্ষ্য করিয়া বিরুদ্ধে বলা। ঠে° মারা-ঠেস দেওয়া; ঠেলা দেওয়া; ঠাসা।

ঠেসন [ঠাসা দ্রঃ] বি, ঠেস দেওন। ২ ঠাসন; গাদন।

ঠেসনা [ঠেসান দ্রঃ] বি, ঠেস; অবলম্বন। "অবশআলিসে ঠেসনা বালিসে। ঘুমে ঢুলু ঢুলু আঁখি"-চণ্ডি°। ২ (-র্ন-) ক্রি, ঠাসিও না; মর্দন করিও না। ৩ হেলান দিও না।

ঠেসা,-শা [ঠেশ দ্রঃ। ঠেসি, ঠেস (ঠেস্তুন, ঠেস্); ঠেসে, ঠেসেম। ঠেসিতে, ঠেসিয়া (ক্ষে° ঠেসে, পদ্যে-ঠেসি)। ণিজন্ত, ঠেসান] ক্রি, ঠেস দেওয়া। ২ মর্দন করা; ডলা। ৩ ঘেঁষা। "বসেছে ব্রহ্মার কাছে ঠেসে"-শি°। ৪ ঠাসা। ~ঠেশি, ~ঠেসি-বি গাদাগাদি; ভিড়। ২ গায়ে গায়ে লাগা; ঘেঁসাঘেসি; লাগালাগি। ৩ অ, মধ্যে ব্যবধান শূন্য; সম্মিলিত। "উন্নত বিশাল স্তন গায় ঠেসাঠেসি"-ফুলরেণু। ৪ ঠেলাঠেলি; ধাক্কাধাক্কি। ৫ পরস্পর উপলক্ষ করিয়া বা ইঙ্গিতে দোষারোপ করণ; হিংসাহিংসি।

ঠেসান১ [ঠেসন + আ (স্বার্থে তুচ্ছার্থে > বর্ণ বিপর্যয়ে ঠেসান। ঠেশ দ্রঃ] বি, অবলম্বন; হেলান। ঠে° দেওয়া-ঠেস দেওয়া; হেলান দিয়া থাকা; কোন কিছুতে শরীরের কিয়দংশ ভার রক্ষা করা। "ব্রাহ্মণ এক গাছতলায় বসিয়া, গাছের গুঁড়ি ঠে° দিয়া, চক্ষু বুজিয়া ডাবায় তামাকু টানিতেছে" -কমলাকান্তের দপ্তর (বঙ্কিম)।

ঠেসান২ [ঠেসা (দ্রঃ)র ণিজন্তরূপ। ঠেসাই, ঠেসাও, ঠেসায়; ঠেসাইতে; ঠেসাইয়া (ক্ষে° ঠেসিয়ে)] ক্রি, হেলাইয়া রাখা। ২ ভেজান বা বন্ধ করা। প্র-দরজা ঠেসাইয়া দাও। ৩ বিণ, রুদ্ধ; বন্ধ; লগ্ন। প্র-দরজা ঠে° আছে ত? বি, ঠেসানি।

ঠেসারা [ঠেশ (স) + ইআরা (ইসারা) > ঠেসিয়ারা > ক্ষে°] বি, ইঙ্গিতে ঠাট্টা; ঠাট্টাচ্ছলে ইসারা। * * ঠেসারার কথা যখন রাজচন্দ্র শুনিল"-পু° ব° গী°।

ঠোঁট [সং-ওষ্ঠ > প্রাকৃ-ওট্ঠ, হি°-হোঁট, ওঁঠ >] বি, ওষ্ঠ; অধর। "তারি মত ঠোঁট যোড়া"-কুঙ্কুম। ২ [সং-ত্রোটি > হি°-টোঁটী >] চঞ্চু। ~উল্টানি-বিণ, যার ঠোঁট উল্টাইয়া আছে; গর্ব্বিত। ঠোঁ° উল্টানি-ক্রি, গর্ব্ব প্রকাশ করা; ঠ্যাকার করা; অবজ্ঞা প্রকাশ করা। ~কাটা-বিণ, কর্ত্তিত ওষ্ঠাধর। ২ নির্লজ্জ; বেহায়া। ৩ অপ্রিয় সত্য বলিতে যে সঙ্কুচিত হয় না; স্পষ্ট বক্তা। > স্ত্রীং ~টী। ঠোঁ° ফুলান-ক্রি, ক্রন্দনের উপক্রম করা। ২ অধরোষ্ঠের কম্পন দ্বারা অভিমান প্রকাশ করা; অভিমান করা। ঠোঁটে-ঠোঁটে-অ, মুখে মুখে; ওষ্ঠাগত। ঠোঁটে ঠোঁটে লাগা-অতিশয় শীত বা অন্য কারণে শরীরের কম্পজনিত অধরোষ্ঠের ঘন ঘন কম্পন। ২ ভয় বা বিস্ময়জনিত দন্ত ও ওষ্ঠ সংযোগে কম্পনের সহিত একপ্রকার অব্যক্ত ধ্বনি হওয়া। "লেগে গেছে ঠোঁটে-ঠোঁটে"-গিরিশ।

ঠোঁটে, ঠোঁটে [ঠুটিয়া দ্রঃ] বি, অপুষ্ট কদলী; ঠোঁটে কলা। ২ ভোরে কলা।

ঠোক [ঠক্ (দ্রঃ) >] বি, আঘাত। ২ [প্রাদে°] আবদার, বায়না।

ঠোকন [ঠুকনি দ্রঃ] বি, আঘাত করণ। ২ প্রহার; ঠুকনি।

ঠোকনা [ঠোকন (দ্র.) + আ (অল্পার্থে)। ঠোনা, ঠোনকা দ্রঃ] বি, ঠোনা, ঠোনকা; গণ্ডে বা চিবুকে অঙ্গুলির আঘাত। "দুই গালে মারে বড় ঠোকনা।"-কবিক°।

ঠোকর,ঠোকার,ঠোক্কর [অনু; হি°-ঠোকর্। ঠক্কর দ্রঃ] বি, আঘাত; ঠোকা। "ঠক্ বলে মাথায় ঠোকার কেহ মারে।" -ঘ°। ২ টক্কর; উছট। ৩ প্রতিবন্ধক; বাধা; বিঘ্ন। ৪ অযাচিতভাবে কোন বিষয়ে দখল দান বা সমালোচনা। "কিন্তু তাহার বাকচতুরতা ও সব বিষয়েতে ঠোকার মারা জন্য গ্রামস্থ সকলে তাঁহাকে লাল বুজকড় বলিয়া ডাকিত"-টেকচাঁদ। ৫ কঠোর শিক্ষা; হৃদয়ে আঘাত পাইয়া শিক্ষা। ~কাড়া-অপ্রীতিকরভাবে প্রত্যুত্তর করা; হৃদয়ে আঘাত করিয়া সমালোচনা করা; অন্যের কথাবার্ত্তার মধ্যে উপর পড়া হইয়া কথা বলা বা মন্তব্য করা। ঠো° খাওয়া (আত্মপক্ষে)। ~দেওয়া-ঠোকরান। ২ নীরস বা কঠোর ভাষায় প্রতি কথার জবাব দেওয়া; অন্যের কথার মাঝে কথা বলা।

ঠোকরা, ঠোকরান [ঠোকর (দ্রঃ) + আ, আন (ক্রিয়া বিভক্তি)। ঠোকরাই, ঠোকরাও, ঠোকরায়; ঠোকরাইতে; ঠোকরাইয়া (ক্ষে° ঠুকরে, পদ্যে-ঠুকরি] ক্রি, চঞ্চুর আঘাত করা। ২ খুঁটিতে থাকা। ৩ ঠোকর মারা। "হাঁটু পাতি বুড়া এঁড়ে বসে গেল পাঁকে। ঠাঁই জানি ঢোঁড়া কাক ঠোকরায় তাকে।"-শি°। ৪ সকল বিষয়ে অভিমত প্রকাশ করা।

ঠোকা [ঠক্, ঠুক (আঘাত করার শব্দ) >] বি. আঘাত ; ধাক্কা ; প্রহার। ২ ক্রি. আঘাত করা ; মারা ; প্রহার করা। ~ঠুকি-পরস্পর আঘাত ; সংঘর্ষ। প্র-মাথা ঠোকাঠুকি। ২ ঝগড়া ; মারামারি। ৩ প্রতিদ্বন্দ্বিতা, প্রতিযোগিতায় সংঘর্ষ। "চকমকি ঠোকাঠুকি শব্দ ও স্ফুলিঙ্গ বর্ষণ নাই।"-রবী°। ৪ গড়ন বা মেরামত করিবার কালে হাতুড়ী ই°র টুকটাক আঘাত।

ঠোকানি-ঠুকুনি দ্রঃ।

ঠোক্কর-ঠোকর দ্রঃ।

ঠোঙ্গা, ঠোঙা [সং-ঢুঙ্গ >। পানের খিলি বা ঠিলি বা দ্রোণীর আকৃতি হ'তে] বি. পত্রাধার। "ঠোঙা করে শালপাতে, চাট দেবে হাতে হাতে।"-গান (গি ঘোষ)। "আসিয়া পড়িল ঠোঙ্গা চন্দ্রাবলী ঘরে, খুলিয়া দেখিল মালা, অতি মনোহরে।" -চণ্ডি°। ক্ষুদ্রার্থে-ঠুঙ্গি, ঠুঙি।

ঠোটা [ওরাওঁ শব্দ। তুল-হি°-ঠোঠা] বি. ওরাওঁদিগের পাখী মারিবার লোহার বা কাঠের ফলাযুক্ত তীর।

ঠোন(ন)কা [ঠোকনা > বর্ণবিপর্যয়ে, বা, ঠোনা (দ্রঃ) > ঠোনাকা > ঠোন্‌কা] বি. ঠোকনা ; ঠোনা ; অঙ্গুলি (বিশেঃ তর্জ্জনী) বক্র করিয়া গণ্ডে বা চিবুকে আঘাত। "ঠোনকা মেরে জজ মহিলা বারাণ্ডায় যান"-হেম°। ঠো° মারা-বক্রাঙ্গুলির আঘাত করা।

ঠোনা [ঠোকা (দ্রঃ) > ঠোঁকা > ঠোনা] বি ঠোনকা ; ঠোকনা ; এক অঙ্গুলি দিয়া গালে বা চিবুকে আঘাত। "করিয়া মহাক্রোধ * * * খুল্লনা মারিল ঠোনা।"-কবিক°। "ধাঁ করিয়া গোবিন্দ লালের গালে ভোমরা এক ঠোনা মারিল।"-কৃষ্ণকান্তের উইল (বঙ্কিম)।

ঠোর [স্থা (স্থিতি অর্থে) > হি° ঠৌর >] বি. স্থান। ১ অবস্থান, ঠিকানা। ৩ স্থিরতা। ৪ (মনের স্থিরতা) নিশ্চয়তা। ৫ (জ্ঞানের বা বোধশক্তির স্থিরতা) চৈতন্য।

ঠোলা [ঠোঙ্গা, ঠুলি দ্রঃ] বি. বড় ঠুলি।

ঠোস [সং-স্থাপক >। "স্থাপক বুদ্‌বুদে"-মে, হে°, বিশ্ব-যা বুদবুদের মত ফাঁপা বা ফুলা] বি. ফাঁপ, স্ফীতি। ২ পরিপূর্ণতা। ৩ ফোঁড়া ; ফোস্কা। ৪ সঙ্কেত। ৫ [বঙ্গীয় শব্দসিন্ধু] দৃষ্টি। ঠো° করা-ফাঁপিয়া ঢোপা হওয়া, চর্ম্মাদির খালি বায়ুতে পূর্ণ ও স্ফীত হওয়া। পেট ঠো° করা-পেট ফাঁপা।

ঠোসা [হি-ঠুসনা। ঠাসা দ্রঃ। ঠুসি, ঠুস, ঠুসে, ঠুসিতে ঠুসিয়া (ক্ষে° ঠুসে)] বি. গাদা, ঠাসা। ণিজন্ত ঠোসানি-গাদান ; ভরাণ ; পরিপূর্ণ করণ। ২ খুব পেট ভরিয়া আহার করান। বি. ঠোসান।

ঠ্যাং, ঠ্যাঙ [ঠেং দ্রঃ] বি. পদ, চরণ ; পা।

ঠ্যাঁটা, ঠ্যাটা [সং-ধৃষ্ট টিট্‌ঠা >] বিণ. একগুঁয়ে ; ঢেটা ; অবাধ্য obstinate "কোন মতে শুনে নাক ছোঁড়া বড় ঠ্যাটা।"-ঈ° গুপ্ত [ঠেঠা দ্রঃ]। ২ দুষ্ট ; বঞ্চক ; অত্যাচারী।

ঠ্যাকানি-ঠেকান দ্রঃ।

ঠ্যাকার [সং-অহঙ্কার > হঙ্কার > ঠঙ্কার >] বি. অহঙ্কার, গ্যাদা ; গুমর। "বামনের ঠ্যাকার বড়-আমরা তাহাদের রান্নাঘরে গেলে হাঁড়ি কুড়ি ফেলিয়া দেন-আবার পাতের প্রসাদ দিতে আসেন।"-ইন্দিরা (বঙ্কিম°)। "ঠ্যাকারে মাটিতে পা নাহি পড়ে তার।"-ঈ° গুপ্ত।

ঠ্যাঙা, ঠ্যাঙ্গা [সং-দণ্ড > ডাঙ্গ >] বি. ঠেঙ্গা দ্রঃ, শক্ত আবুড়া খাবুড়া লাঠিবিঃ।

ঠ্যাঙ্গানি-ঠেঙ্গান দ্রঃ।

ঠ্যাঙ্গাড়িয়া-ঠেঙ্গাড়িয়া দ্রঃ।

ঠ্যালা-ঠেলা দ্রঃ।

ঠ্যাকো [প্রাদে°] বি. বদমাশ গরু যাতে শীঘ্র চলিতে না পারে ও মাথা নাড়িয়া মানুষ মারিতে না পারে, সেজন্য তার গলায় বাঁধা কাষ্ঠখণ্ড।

ড

ড-ব্যঞ্জনবর্ণমালার ত্রয়োদশ, টবর্গের তৃতীয়, অল্পপ্রাণ ঘোষবান্ বর্ণ [পদ মধ্যগত ও পদান্ত ড স্থল-বিশেষে ড় হয়, বাং-য় ড়-আদি পদ নাই। দেবনাগর বর্ণমালায় ড় অক্ষর নাই। ড-ই প্রয়োজনার্থে ড় রূপে উচ্চারিত হয় ("ডকারো ড়কারঃ"-ঋগ্বেদের প্রতিশাখ্য)। দুইটি স্বরবর্ণ মধ্যে ড থাকিলে ড় উচ্চারিত হয় এই বিধি] ইহার উচ্চারণ-স্থান মূর্দ্ধা বলিয়া মূর্দ্ধণ্যবর্ণ। শব্দাত্মক পদের মধ্যে ড গাম্ভীর্য্য ও গুরুত্ব দ্যোতনা করে। প্র-ডব্‌ডব্, ডম্‌ডম্ (তুল-টিম্‌টিম্, থম্‌থম্), ডমরু ই°। ৪০০ বৎসর পূর্ব্বের প্রাকৃ° বাং-য় ড, ড স্থলে ঢ, ঢ'র ব্যবহার (জয়ানন্দের চৈ° মঙ্গলে 'দঢ়াইল' ই°)। পূ° বং প্রাদে° ব্যবহারে ট স্থলে ড (ট দ্রঃ)। ২ শব্দ। ৩ বাদ্যযন্ত্রবিঃ।

ডইরে, ডৈরে, ডউরে-ডোরে দ্রঃ।

ডওর১ [ডহর দ্রঃ] বিণ. গভীর।

ডওর২ [সং-দক্ষ্ (গতি, চলা, বেগ) >, বা ঢৌক্, ঢৌক্ব > হি° ডগ (চলা, পদক্ষেপ, পগ কদম) > ডগর (পথ), বা > ডঅর, ডওর-চলিতে চলিতে বা গরুর গাড়ির চাকা বসিয়া বসিয়া যে পথের দাগ হইয়াছে তা "ডগ্‌রা" বা "দগ্‌ড়া" (গ্রা° হি°, পাহাড়ি হি°

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গঁ ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্‌ষ হ্ন=হ্ন হ্ন হ্ল হ্ব হ্ন=ন্‌হ হ্ন লহ ভ ঋ, ড় ঢ় য় ড়=dhwv ও চ্চা° দ্রঃ

পগ্‌ডণ্ডী ও০)] বি, মেটে পথ ; গ্রাম্য পথ। ২ গরু বাছুর গমনাগমনের পথ।

ডঁপ-ডেঁপ দ্রঃ।

ডক [ইং dock এর লিপ্যন্তর] বি, বন্দর ; জাহাজ নির্ম্মাণ ও রক্ষণ স্থান ; জাহাজে মাল বোঝাই ও জাহাজ হ'তে মাল নামাইবার স্থান। প্র-সে খিদিরপুরের ডকে কাজ করে।

ডকবুস [প্রা -বাং। সং-অঙ্কুশ-দণ্ড > দণ্ডাঙ্কুশ (হস্তি তাড়ন দণ্ড) > ডাঙ্গশ > বিকারে ডাঙ্গশ > ডংকউশ > ডকবুস] বি, ডাঙ্গশ। "সেল ডকবুস হাতে সুরঙ্গ কোটাল॥"-শূ- পু-।

ডকার [অনু-। হি-ডকার (উদ্‌গারের শব্দ) >] বি. উদ্গার : ঢেঁকুর। ২ ড এই বর্ণ।

ডগ, ডগা, ডগলা, ডগালে [অগ্র > অগ্‌গ > ডগ্‌গ >] বি, বৃক্ষাদির শাখ। ২ অগ্রভাগ : আগা। ৩ আলুর বীজ ; ইক্ষুর বীজ। ৪ বংশ. ইক্ষু ই-র সূক্ষ্মাগ্রভাগ। ক্ষুদ্রার্থে-ডগালী, ডগি, ডগী।

ডগডগ, ডগডগিয়া, ডগডগে [টকটক > । ট=ড। অতিশয় তীব্র অর্থে দ্বিত্ব] বিণ, অধিক টক্‌টকে লাল : ঘোর লাল : রগরগে। ২ [দ=ড] দগ্‌দগে (ক্ষত স্থান যখন খুব লাল হইয়া উঠে)।

ডগণ [সং] বি, হস্তী, অশ্ব, রথ, পদাতিক ও পত্তি এই পঞ্চভাগে বিভক্ত গণবিঃ।

ডগমগ [হি-ডগ্‌মগ্‌। অগ্র > ডগ (মস্তক) + মগ্ন মগ] বিণ. ডুবুডুবু : নিমজ্জমান নিমগ্ন, আবিষ্ট। "ডগমগ তনু বসের ভরে'-বি প। "প্রভাতে তরুণ রবি ডগমগ লাল ছবি, প্রদোষে মিলায়"-মানকুমারী। ২ ঢলঢলে : টলটলে ; অস্থির, চঞ্চল। "তনু ডগমগ করে নলিনীকে নীর"-বি. প-। ক্রি, ডগমগানি [হি-ডগ্‌মগানা। ডগমগায়, ডগমগে (ডগমগ করে)। অস-ক্রি. ডগমগিতে (ডগমগ করিতে) : ডগমগিয়া (ক্ষে- পদ্যে-ডগমগি, গ্রা- ডগমগিয়ে)। "ডগমগি রুধিরে ভূষিত সর্ব্ব গা"-ঘ-] বি, ডগমগানি। বিণ, ডগমগিয়া, ডগ্‌মগে।

ডগর [দগড় > ,দ=ড] বি, ঢক্কাবিঃ ; দগড়।

ডগরা, ডগরিয়া, ডগিরা [দীর্ঘ >] বিণ, বৃহৎ। ২ উচ্চ, উন্নত।

ডগরিয়া, ডগরে [দীর্ঘ >] বিণ, দীর্ঘ। ২ বি, বৃহদাকার কদলী ; বীচে কলা।

ডগলা, ডগালে-ডগ, ডগা দ্রঃ।

ডগা-বি, ডগ দ্রঃ। ২ মাথা ; শীর্ষদেশ। ৩ বিণ, বড়। ~কড়ি-বি. বড় কড়ি। ~লিয়া, ~লে-বিণ. ডগাবিশিষ্ট : যাতে ডগা আছে। ২ বড় বড়।

ডগিডগি [ডগ দ্রঃ] বিণ. কচি কচি ডগা বিশিষ্ট : নধর। "ডগি ডগি ভাল ছোলার শাক"-কবিক-।

ডগী-ডগ দ্রঃ।

ডঙ্ক [সং-দংশ > । হি-ডক্ (যথা, ডন্ক)] বি, দংশন, দণ্ডাঘাত। "হেন বুঝি খুল্লনাকে কৈল সাপ ডঙ্ক।"-কবিক-। ২ যে সাপ খেলায় ; সাপুড়ে। "সর্পক্ষত ডঙ্ক নাচে বিবিধ প্রকারে।"-চৈ- ভা-।

ডঙ্কা [ঢক্কা > ঢক্কা > হি -ডঙ্কা। .. (অনু- কার শব্দ, ঢক্কাধ্বনি) + ক (যে করে, কৈ >) + আ] বি, দুন্দুভি, টিকারা। ২ সর্ব্বসাধারণের অবগতির জন্য দুন্দুভিধ্বনি, ঢ্যাটরা। 'সাজ সাজ বলি ডঙ্কা হইল লস্করে" -অ- ম-। ৩ টিকারা বা ঢেক্কা। ড- দিয়া-ঢাক বাজাইয়া ; সর্ব্বসমক্ষে প্রচার করিয়া, সগৌরবে জয় ঘোষণা করিয়া। "রাজা হ'য়ে ঠাকুর আইলা ডঙ্কা দিয়া।"-অ- ম-। ড- ফোঁস, ফোঁস ড-ফোঁস চক্র : সাপের ফোঁস ফোঁস শব্দসহ ফণার আঘাত। ড- মেরে-প্রকাশ্যে গর্ব্ব করিয়া উচ্চৈঃস্বরে আস্ফালন করিয়া ; টিকারা বা ঢেক্কা দিয়া।

ডঙ্গর, ডঙ্গার, ডাঙ্গর [বৈদ্যকে। দীর্ঘ >] বি, গোপা : চিচিঙ্গা।

ডঙ্গরী [ডাঙ্গরী দ্রঃ] বি দীর্ঘকর্কটীলতা ও ফল, কাঁকড়ী।

ডজন [ইং dozen এর লিপ্যন্তর। হি-দর্জন] বি, দ্বাদশটী ; বারটী ; ১২।

ডণ, ডন [সং-দণ্ড > হি-ডণ্ড > ডণ্ড= ডণ >] বি,দণ্ডবৎ পতিত হইয়া ব্যায়াম। ড- করা, -ফেলা-সমস্ত শরীরের ভার দুই করতল ও দুই পদাঙ্গুলির উপর রাখিয়া দণ্ডবৎ পতিত হওয়া এবং উঠা। ~গীর [ডন+গীর (পটু), ৭তৎ] বি, ডন বা ব্যায়ামে দক্ষ : পালোয়ান।

ডণ্ড [দণ্ড > ভং] বি, দণ্ড ; শাস্তি।

ডণ্ডা [সং-দণ্ড > হি- ডণ্ডা] ডাণ্ডা দ্রঃ।

ডণ্ডী [সং-দণ্ডী > ভং] বি, দণ্ডী ; দণ্ডধারী সন্ন্যাসী।

ডবকা [সং-ডবি (উড্ডয়নে, গতি অর্থে) > হি , বাং ডবকা-উঠতি বয়সের বা যে উড়তে শিখেছে এমন অর্থাৎ বড় হয়েছে] বিণ. উদ্গত যৌবন : নবযুবক ; সোমত্ত। "ওমা ওযে ডবকা ছেলে"-নীলদর্পণ। ২ কামকলা ও রসিকতার সহিত পরিচিত ; পাকা। প্র-ছেলেগুলো ডবকে উঠেছে। "ধর্ত্ত সব ডবা ছেলে ডবকে উঠে" -ঈ- গুপ্ত। ৩ অপরিণত বয়স্ক ; অপরিপক্ব। প্র-এই ত সবে ড- বয়স ই-।

ডবডব, ডব্‌ডব্‌ [অনু-। ডব (মজ্জনে) শব্দ হ'তে ডুবা >। আধিক্যার্থে দ্বিত্ব। টবটব দ্রঃ। হি-ডবডবানা। (অশ্রুপূর্ণ হওয়া) >] অ, জল বা রসপূর্ণ আধারের আন্দোলন জনিত উথলের ভাব ; স্থির দৃষ্টিতে চাহিয়া থাকিলে নেত্র জলে ভরিয়া আসিয়া নয়নমণি ডুবিয়া যাওয়ার ভাব। ২ জল্‌ জল্‌। ক্রি, ডবডবানি-ডবডব করা ; জলপূর্ণ হওয়া। ২ এক দৃষ্টে চাহিয়া থাকা : কটাক্ষ করা। ৩ অভিমান, ক্ষোভ ই- হেতু চক্ষে জল ভরিয়া আসা, অশ্রুপূর্ণ হওয়া। ৪ ক্রোধপূর্ণ দৃষ্টিপাত করা ; (বিস্ফারিত নয়নে) শাসন করা ; চোখ পাকান ; ভয় দেখান। বি, ডবডবানি-বিস্ফারিত নয়নের প্রখর দৃষ্টি। ২ ভয় প্রদর্শন : শাসানি। বিণ, ডবডবিয়া, ডবডবে-সজল। ২ (চক্ষু পক্ষে) সজল এবং আয়ত : ভাসা ভাসা ; ডাগর ডাগর [দ্রঃ ডবডবে চক্ষু অপেক্ষাকৃত বড় ও শ্রীহীন হ'লে (অসম্ভ্রমার্থে) 'ড্যাবডেবে']।

ডবল [ইং double এর লিপ্যন্তর] বিণ,

দ্বিগুণ। ২ স্থূল; মোটা (হিং-তে চ : ডঁ রোটী=পাউরুটি)। ডঁ পঁয়স'-দুই পয়সা পরিমাণ মূল্য মুদ্রা (হিং-তে ইহাকে "টাকা" বলে)। ডঁ প্রমোশন,-শান [ইং double promotionএর লিপ্যন্তর] বি, পরীক্ষায় ভাল রকম উত্তীর্ণ হইয়া দুই ক্লাস উপরে উঠা। "একবছর ডবল প্রোমোশন নিতেই হবে।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

ডবী [ইং Duff (Dr. Alexander Duff) > ডব+ঈ (সম্বন্ধে)] বিণ, খৃষ্টীয় মিশনরী 'ডব' সাহেবের স্কুলে বা নিকট তালিম প্রাপ্ত; অকালপক্ব; চেঁপো। "যত সব ডবী ছেলে"-ঈং গুপ্ত।

ডম [সং-ডম্বঃ > উচ্চারণ বিকারে, ডোম (দ্রঃ)]।

ডমর [ডিম্বে ডমর বিপ্লবৌ"-অমর। "ডমারা প্রবোৎপাতা উপসর্গ উপদ্রব"-বৈজয়ন্তী] বি, কলহ; কচকচি। ২ সামান্য লড়াই। ৩ বিদ্রোহ: বিপ্লব; উপপ্লব: উৎপাত; উপসর্গ; উপদ্রব, লুণ্ঠনাদি পূর্ব্বক বিদ্রোহ (প্রবাসী, ভাদ্র, ১৩৩৪)।

ডমরু [অনু। ডম্ (ডম্ ডম্ শব্দ) + অর (ঋ,গমন করা, প্রাপ্ত হওয়া) + উ (কৃ)-যে ডম্ ডম্ শব্দ করিতে করিতে যায় বা যে আঘাত প্রাপ্ত হইয়া ডম্ ডম্ শব্দ করে। উক্ত আছে ডমরুর ভিন্ন ভিন্ন ধ্বনি হ'তে শিব শব্দশাস্ত্রের সৃষ্টি করিয়াছেন। হিন্দুদিগের অতি প্রাচীন ক্ষুদ্রাকার আনদ্ধ যন্ত্রবিঃ। এই বাদ্যযন্ত্র বসিবার 'মোড়া' বা ইংরেজী বর্ণ X এর মত। ইহার মধ্য ভাগ সংকীর্ণ, উভয় প্রান্তভাগ স্থূল ও চর্ম্মাচ্ছাদিত ও দুই প্রান্তে সূত্রবদ্ধ সীসার গুলি সংযুক্ত। মধ্যভাগ ধরিয়া নাড়িলে গুলি দুটি চর্ম্মে আঘাত করে ও ডম্ ডম্ বা ডুব্ ডুব্ শব্দ করিতে থাকে। ইহাকে ডম্বরু, ডম্বুর, ডুম্বুরু, ডুব ডুবি এবং 'ডুগডুগি'ও বলে] বি, শিবের বাদ্য যন্ত্র। "ডম্বরু বাজায়ে ভিক্ষা করে ঘরে ঘরে"-কৃত্তিং। মাল ও সাপুড়ের বাদ্যযন্ত্র। "ডমরু ধ্বনি শুনি কালফণী কভু কি অলসভাবে নিবসে বিবরে?"-মেঘং [যারা বানর ভল্লুক আদির নাচ দেখাইয়া বেড়ায় তারা এই বাদ্য ব্যবহার করে। কাব্যে ক্ষীণমধ্যা নারীর কটিদেশের ইহা উপমাস্থল। "মাঝা ডম্বুর, সিংহিনী আকার: নিতম্ব বিমান চাক"-চণ্ডিং]। ~মধ্য [হিং-ডমরুমধ্য=(isthmus)-যার মধ্যভাগ ডমরুর মধ্যভাগের ন্যায় সংকীর্ণ] বি, দুইটি বৃহৎ ভূভাগের সংযোজক সংকীর্ণ ভূভাগ যোজক।

ডমরুকা [সং] বি, তন্ত্রোক্ত মুদ্রা ভেদ।

ডম্ফ১ [দম্ভ > (দ্রং)। দ=ড, ভ=ফ] বি, দম্ভ। "নারী হয়্যা কাল হয়্যা ডম্ফ হেন করে।"-মহাং (দ্বিজ অভিরাম)।

ডম্ফ২ [সং] বি, খঞ্জনীর মত প্রাচীন আনদ্ধ যন্ত্রবিঃ। ২ বংশীবিঃ।

ডম্বর [ডম্ব্ (প্রেরণ করা) + অর (ভাং)] বি, আড়ম্বর, গর্ব। "মেঘডম্বর"=ঘনঘটা। ২ [বিজ্ঞ] সমূহ: "মধুকর ডম্বর অম্বর ভেল"-বিং প।

ডম্বরু, ডিম্বুরু-ডমরু দ্রঃ।

ডম্বল-ডাম্বেল দ্রঃ

ডয়ন [উড্ডয়ন (দ্রঃ)] বি, আকাশ মার্গে গমন; ওড়া; নভোগতি।

ডর [সং-দৃ (ভয়ে) > দর > হিং-ডর। দ=ড] বি, ভয়; ত্রাস; শঙ্কা। "ডরেতে পলায় অরি"-কবিকং। "গুহ-গজাননে বুঝি ডর গো"-অং মং। "হরি ডরে হরিণী হরি চিয়ে ডোল"-বিং পং। ২ (-র্ঁ-) ক্রি, ভয় কর: ভয় পাও। এই অর্থে "ডরাও" শব্দের ব্যবহার আছে। "ডরাও আপনি"-মেঘং। ~ডর-অ, ভয়ের মত; ভয়-ভয়।

ডরা [হি ডরনা। ডরি, ডর (ডরেন্, ডরিস্), ডরে (ডরেন্), ডরিতে (ক্থং ডর্তে) ডরিয়া (ক্থং ডরে, পদ্যে-ডরি)। ণিজন্ত-ডরানি১। ডরাই, ডরাও, ডরায়; ডরাইতে (ক্থং ডরাতে); ডরাইয়া (ক্থং ডরিয়ে)। বাংলায় কিন্তু "ডরা" অর্থে "ডরান" প্রয়োগ আছে। "আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে।" "কাহারে ডরাও তুমি।"-মেঘং] ক্রি, ভয় করা; শঙ্কা করা; ভয় পাওয়া। "তুমি আমাকে দেখে ডরিয়ে উঠেছিলে"-স্বর্ণলতা। বি, ডরণ-ভয় করণ। [প্রাং বাং] ডরাঅ-ডরায়; ডরে; ভয় করে। "কাহ্ন কাগে না ডরাঅ"-শ্রীং কীং। ডরাওঁ [হিং ডরাউঁ] ভয় করি; ডরি। "কাহ্নাঞি তোক বড ডরাওঁ"-শ্রীং কীং। ডরায়িলী-ডরিল: ভয় পাইল। "যমুনা দেখিঞা মনে ডরায়িলী রাহী"-শ্রীং কীং। ২ ভীতা। "সাসুড়ির বোল সুনি ডরায়িলী রাহী। পসরা সাজাইঞা লৈল * * "-ঐ। ব্রজং-ডরালি-দ্রং]।

ডরাই-বি, গ্রাম্যদেবতা বিঃ। ২ ক্রি ডরা দ্রঃ।

ডরাণিয়া, ডরানে [ডর >। হিং ডরাউনী, ডরৌনা] বিণ, ভয়ত্রাসে; ২ ভীত। ৩ ভীতিপ্রদ; ভয়ানক।

ডরানি১-ডরা দ্রঃ।

ডরানি২ [ডরণ ও, ডরা দ্রঃ] বি, ভয়; ডর; শঙ্কা; ভয়করণ; ভয়প্রদর্শন। প্র-এমন ডরান-টা ডরিয়েছে ইং।

ডরাসি [ব্রজং ডরা দ্রঃ। ডরসি ও। ডরাসি (সং অনুং। তুল-ভবসি=হোসি > হইস (=হও)] ক্রি, ডরাইস: ডরিস; ভয় করিস; ভয় করিতেছ। "তুহু পুন কাহে ডরাসি"-বিংপং।

ডরি১ [ডরা দ্রঃ] ক্রি, ভয় করি। এই অর্থে ডরাই শব্দের ব্যবহার আছে। "নাহি ডরি যমে আমি কেন ডরাইব তোমায়?"-মেঘং। "দেখামাত্র জিনিয়াছি কহিতে ডরাই।"-বিং সুং।

ডরি২, ডুরি, ডোরী [সং-ডোর, ডোরক ✓। ডোর + ই, ঈ,(স্বল্পার্থে)। হিং-ডোর,-া, -ী] বি, দড়ী; পাশ। "ছেদন করিয়া দাও পিরীতের ডরি"-চণ্ডিং।

ডরুকা [হিং-ডরপোক, ডরাউ। ডর + উক + আ] বি, ভীরু; ভয়ত্রাসে।

ডলন [সং-দল (দলনে), দ=ড] বি, মর্দ্দন।

ডলনা [সং-দল্ >] বি, পেষণযন্ত্র; নোড়া।

ডলা [সং-দল্ (ভেদে, মর্দ্দনে)। ডলি, ডল, ডলে; ডলিতে (ক্থং ডল্তে); ডলিয়া (ক্থং ডলে) ইং] ক্রি, মলিয়া দেওয়া; রগ্ড়ান। "মেড়ার ডলিলে কাণ, সেও করে অভিমান"-চন্দন। ২ মর্দ্দন করা ও ঠাসা।

প্র-ময়দা ডলা। ণিজন্ত ডলানি-ক্রি. ঘর্ষণ করানো ; বেলানো।

ডল্লক [সং] বি. বংশাদি নির্ম্মিত পাত্র-বিঃ ; ডালা।

ডহর, [গভীর > ভং গভীর > গহর > ডহর] বিণ, গভীর। "ডহরপানি"। ২ [গহ্বর শব্দের রূপান্তর] বি. গহ্বর ; গর্ত, খাল ; খোএন। "সংগণ কাটিয়া, বাপী পুরাইয়া ডহর করিবে ডাঙ্গা"-ঘ । ৩ নৌকার খোল, নদ্যাদির গর্ভস্থ গভীর গর্ত ; দহ। "নদী হইল পাথার প্রচুর হৈল জল। ডহরে ডুবিলে ডিঙ্গা যায় রসাতল"-শি০। ৪ জলাভূমি। "ভাদ্দর মাসেতে হৈল ধান অতি মনুহর ডহর ডাঙ্গর সব একুই সুসর।"-শূ০ পু০। ৫ নৌকার গর্ভদেশ, যথায় জল জমিয়া থাকে। বিশেষণে, ডহরা [হিং-গহ্‌রা= গভীর] অতলস্পর্শ।

ডহর, ডহরকরমচা, করঞ্জ-বি. বৃক্ষবিঃ ; ফলবিঃ।

ডহরা [প্রা-বাং] বি. নৌকার খোল। "চুপড়ী রাখা থুইল ডহরাএ" -শ্রী০কী০।

ডহা, [বহা শব্দের প্রাদে০ উচ্চারণ। ডহি, ডহ ইং রূপ ডহা, বৎ] ক্রি, বহিয়া যাওয়া ; প্রবাহিত হওয়া। ২ বর্ষণ করা। "যত ডাকে, তত ডহে না" (যত গর্জ্জে, তত বষে না)-প্রবচন।

ডহা, ডয়া [দাহ > দহা > হ=য়, দ=ড। ডহি, ডহ (ডহেন, ডহিন), ডহে (ডহেন), ডহিতে, ডহিয়া] ক্রি. পুড়িয়া যাওয়া ; জ্বলা। প্র-জ্বরে গা ডয়ে যাচ্ছে।

ডহালা, ডাহল ভূমি-বি. চেদিরাজ্যের নামান্তর।

ডহু, ডহুয়া, ডহু [সং] বি, মাদার বৃক্ষ ; মাদার ফল। ২ বড়জাতীয় পিপীলিকাবিঃ ; (কথ্য) ডেএ বা ডেও পিপ্‌ড়ে।

ডা [ডী (উড়া) + অ (র্ক্ত) + আ(স্ত্রীং)] বি, ডাকিনী।

ডাঅর [ডাগর >, চং কং ভাং] বিণ, ডাঙ্গর ; বড়।

ডাআ [চং কং ভা। ডাকা দ্রঃ] ক্রি, ডাকা।

ডাইত, ডাইব, ডাএ-ডাকিত, ডাকিব, ডাকে।

ডাইন, ডান, [দক্ষিণ >] বিণ, দক্ষিণ। ডা০ হাত-দক্ষিণ হস্ত। ডা০ হাতের ব্যাপার [ডান হাত দিয়া অন্ন গ্রহণ করা হয় বলিয়া] ভোজন, উদরপূর্ত্তি। ডাইনে আনতে বাঁয়ে কুলায় না [আয়-ব্যয় >] উপার্জ্জন দ্বারা যে অর্থ হাতে আসে তাহাতে ব্যয় নির্ব্বাহ হয় না।

ডাইন, ডাইনী, ডান, [ডাকিনী >] বি, স্ত্রী, কুহকিনী, মায়াবিনী। "হল ডাইনের কোলে ছেলে সোঁপা"-ঈ০ গুপ্ত। "মার চেয়ে যার অধিক মায়া তাকে বলে ডাইন"-প্রবচন। ~পনা-বি, ডাকিনীর কার্য্য ; কুহক।

ডাইনকোণা-বি. ডানকোনা নামক ছোটমাছ। ডানকোণা দ্রঃ।

ডাইমন্‌ [ইং- diamondএর লিপ্যন্তর] বি. হীরকখণ্ডের মত কড়াই তোলার উপর ছিলা। ডা০ কাটা-হীরার মত উজ্জ্বল করিয়া চোপ তুলিয়া ছিলা।

ডাইল-ডাল, দ্রঃ।

ডাইস [ইং die > বহুব-dies >] বি. স্বর্ণকার বা মুদ্রাকরের ছাঁচ।

ডাং, ডাঁই, ডাঙ [সং দণ্ড (তদ্বৎ উচ্চ) >। তুল-হিং ঢঙ্গা (দীর্ঘ), ডুটিয়া, ডুঙ্গারা] বি, স্তূপ ; রাশি। "শুকনা পাতার ঢাঁই হয়ে আছে।" ডাঁই করা-ক্রি, জড় করা, স্তূপাকার করা। ২ বিণ, রাশীকৃত ; স্তূপীকৃত। "ঝি ! ঘুম থেকে যে উঠতে এত দেরী করলে, তা এই সব ডাঁই করা কাজ করবে কে ?"-আত্মশক্তি, পৌষ, ১৩৩৩।

ডাংরা [সাঁওতালী শব্দ] বি, বলদ। স্ত্রীং ডাংরি-গাই।

ডাঁইয়া [ডিআঁ, জিয়া, ডহুয়া, ডেও, ডেএ ও০। দাহ ডাহ (দ্রঃ) + ইয়া। যার দংশন দাহজনক] বি, ডেয়ে পিঁপড়া। ইহার পশ্চাতে বিষাক্ত হুল থাকে, এ৭টি হুল ফুটাইলে জ্বর হয়।

ডাঁকু-ডাকু দ্রঃ।

ডাঁট, [সং-দৃঢ >] বিণ, শক্ত ; কঠিন। ২ অপক্ক। ৩ দক্ষ ; সমর্থ। ৪ বলিষ্ঠ। "দারুণ কর্ম্মের তরে দক্ষ হস্ত ডাঁট। বুঝিয়া করিবে কার্য্য বিচক্ষণ বট॥"-শি০।

ডাঁট, দণ্ড. বি. বাঁট ; হাতল handle.

ডাঁটন [হিং ডাঁটনা (তিরস্কার করা)] বি, ভর্ৎসন ; দণ্ডদান ; তিরস্করণ

ডাঁটা, [সং-দণ্ড > দাঁড়া > দাঁটা >, বা হিং-ডাণ্ডা, পরে ডণ্টা >] বি, বোঁটা। ২ শাকাদির স্থূল ও অপেক্ষাকৃত কঠিন অংশ ; পত্রাদির শির হ'তে বৃন্ত পর্য্যন্ত ; দাড়া। প্র-লাউ বা কুমড়া ইং শাকের ডাঁটা, গাছা বা কাণ্ড। ৩ সজিনাবৃক্ষের ফল। বিণ, ডাঁটাল-ডাঁটাযুক্ত ; শক্ত।

ডাঁটা, [হি -ডাঁটনা] > ক্রি, ভর্ৎসনা করা ; ধমক দেওয়া। প্র-দুষ্ট ছেলেটাকে তার বাপ খুব ডেঁটে দিয়েছে।

ডাটী, দাঁটী [সং-দণ্ড > হিং ডণ্ঠী >, দ=ড=ট=ঠ] বি, ক্ষুদ্র প্রস্তর বা লৌহদণ্ড ; ঔষধাদি মাড়িবার জন্য খলের ডাঁটী।

ডাঁড, [দণ্ড > দাঁড (দ্রঃ) >] বি, নৌকা চালাইবার দাঁড় ; বটিয়া (চং বোটে)। ২ যে দণ্ডের উপর টিয়া ইং শাখাশ্রয়ী পাখী বসিয়া থাকে। ৩ দণ্ড ; ক্ষতিপূরণ।

ডাঁড়কাক, ডাঁড়কাগ, দাঁড়কাক [দ্রোণকাক >। প্রাং বাং-য় "ডোমকাক"] বি, সাধারণ কাক অপেক্ষা কিছু বড এবং ঘোর কৃষ্ণবর্ণ কাক।

ডাঁড়া [দণ্ড > ; হিং ডাণ্ডা >] বি, মেরুদণ্ড ; পৃষ্ঠদণ্ড ; শিরদাঁড়া। ২ ডাঙ্গা ; চর ; চড়া। ৩ ধারা ; নিয়ম ; প্রথা ; প্রকৃতি। ৪ একপ্রকার সর্প ; দাঁড়াস ; ডাঁড়াসাপ। ৫ জল নির্গমন পথ। ৬ বিণ, যে দাঁড়াইয়া আছে ; দণ্ডায়মান। ৭ ক্রি, ওঠ। ৮ অপেক্ষা কর্‌। > বি, ডাঁড়্‌,। প্র-ডাঁড় করান।

ডাঁড়ানি [দ=ড। দাঁড়ান দ্রঃ। ডাঁড়াই, ডাঁড়াও (ডাঁড়ান, ডাঁড়াস), ডাঁড়ায় (ডাঁড়ান্‌) ; ডাঁড়াইতে (ক্ষেং ডাঁড়াতে) ; ডাঁড়াইয়া (ডাঁড়িয়ে)] ক্রি, দণ্ডায়মান হওয়া। ২ অপেক্ষা করা।

ডাঁড়াশ, -স [সং-দণ্ড > ডাঁড়+স (< সর্প)] ল্যাজে ভর দিয়া দাঁড়াইতে বা দণ্ডবৎ পড়িয়া থাকিতে অভ্যস্ত বলিয়া নাম] বি. যে সর্প লেজের উপর ভর করিয়া দাঁড়াইতে পারে; ডাঁড়াসাপ; বৃহৎ নির্বিষ সর্পবিঃ।

ডাঁড়ি, -ড়ী [সং-দণ্ড > হিং-ডাণ্ডি >] বি. নৌকার দাঁড়। "বাঁ হাতে দাঁড়াশী ডাঁড়ি নড়ি সব্য হাত।"-শিং। ২ (ডাঁড় (দ্র:) + ঈ] বি, বিণ, যে ডাঁড় টানে; মাঝি। প্র-ডাঁং মাঝি। ৩ বাক্যের পূর্ণ বিরাম জ্ঞাপক দণ্ডের মত আকারবিশিষ্ট চিহ্ন; পূর্ণচ্ছেদ; দাঁড়ী (full stop). ডাঁং কাটা, -টানা, -দেওয়া, -ফেলা-'।' এই চিহ্ন করা।

ডাঁড়িকা-বি, মৎস্যবিঃ।

ডাঁড়ী১ [দণ্ড > ডাণ্ডী >] বি বাঁট; অস্ত্রশস্ত্র; যন্ত্র, পাখা, ছাতা ই-র বাঁট; যে অংশ মুঠা করিয়া ধরিতে হয়; মুঠ। "গঠিল সোণার ডাঁড়ী"-মনসা মং (কেতকাং)। ২ তুবাজু। প্র-ডাঁড়ীপাল্লা ধরে ওজন।

ডাঁড়ী২-ডাঁড়ি দ্রঃ।

ডাঁড়ুকা, ডাড়ুকা [প্রাং-বাং। সং-দণ্ড (শাসন, সাজা) > ডাঁড়+উক (সাধনার্থে)] বি. বেড়ি; শৃঙ্খলবিঃ। "বন্দীর ডাঁড়ুকা তারা ছেয়ানিতে কাটে।"-কবিকং। "চরণে ডাড়ুকা দিয়া বান্ধে মহাবীর।" -কবিকং। ২ [অর্থ সম্প্রসারণে ও সাদৃশ্য হেতু] চরণালঙ্কার-বিঃ;

ডাঁপ-বি, বাঁশের খুঁটি।

ডাঁশ [দংশ > । হিং-ডাঁশ] বি, দংশ মক্ষিকা; সাধারণ মশক অপেক্ষা বৃহৎ এক জাতীয় মশক। 'বিদায় হইল মশা বাসা কৈল বনে; মাছি ডাঁশ পার্ব্বতী পাঠায়ে দিল দিনে।"-শিং।

ডাঁশা, ডাঁসা [সং-দংশ > ডাঁশ,-স + আ (ঈষৎ + উপযুক্তবৎ অর্থে)-অর্থাৎ দাঁত বসাইবার মত প্রায় পাকা] বিণ, অর্দ্ধপক্ব; আধপাকা; শীঘ্রই পাকিবে; পাকা ও কচির মাঝামাঝি। "কেবা জানে ডাঁশা পাকা কেবা জানে কচি। পেয়ারার গন্ধে হয় অরুচির রুচি।"-ঈং গুপ্ত। ২ অল্প রং-ধরা; ঈষৎ হরিদ্রাভ, কটা, উজ্জ্বল। "বোঁচা, বিড়াল তার সর্ব্বতনু হাঁসা। অর্দ্ধখান লেজ নাহি দুই চক্ষু ডাঁসা"-কবিকং। ৩ বি. নাগদন্ত। ৪ বংশদণ্ডবিঃ। ক্রি, ডাঁসানি। ডেঁসেছে-প্রায় পেকে এসেছে। ~নী-বিণ. পাকিবার মত প্রায় পাকা; আধ পাকা।

ডাক১ [সং-ড=শিব, ডাক=শিবানুচর, ডা=ডাকিনী (মেং)] বি. শিবানুচরবিঃ, পিশাচবিঃ। স্ত্রীং ডাকিনী। ~সিদ্ধ-বিণ, বি. পিশাচসিদ্ধ; ডাকতন্ত্রে লব্ধ সিদ্ধি (ব্যক্তি)। ২ বিখ্যাত। > স্ত্রীং ~নী।

ডাক২ [সং-ডং=শব্দ (একাক্ষরকোষ), ডকার=শব্দকরণ > হিং-ডাকার (উচ্চৈঃস্বরে আহ্বান) > ক্কে ডাক] বি. শব্দ; হাঁক, চীৎকার। ২ কণ্ঠধ্বনি, বুলি; জীবজন্তুর কণ্ঠস্বর। ৩ আহ্বান; নাম উচ্চারণ; সম্বোধন। ৪ স্মরণ; মনে মনে নামগ্রহণ। "ডাকের মত ডাক দেখি মন"-শ্যাং। ৫ রোগী দেখিবার বা চিকিৎসা করিবার জন্য উপস্থিত হইবার বা আসিবার আহ্বান (call). ৬ বিণ, নাম ধরিয়া ডাকিবার। "ডাক নাম রাশ নাম দ্বিনাম-ধারিণী"-অশোক। ডাং ছাড়া-চীৎকার করা; হুঙ্কার করা "ছাড় ডাক, হে রুদ্র বৈশাখ।" -রবীং।~ডোক-বি,আহ্বান (বিতঃ রোগী দেখিবার জন্য। "ডাক্তার ভাল বটে কিন্তু ডাক ডোক বড় নেই।" ডাং দেওয়া-ডাকা; মুক্তকণ্ঠে সম্বোধন বা আহ্বান করা। "ডাক দিয়েছে কোন্ সকালে কেউ তা জানে না।"-গান। 'মুখে তুলি পিনাক করাল কারে দাও ডাক।" -রবীং। ~-নাম-বি, যে নামে ডাকা যায়; প্রচলিত নাম। ডা ছাড়িয়া কাঁদা-উচ্চৈস্বরে ক্রন্দন করা। ডাং পাড়া-উপর্য্যুপরি ডাকা; ডাকের উপর ডাক দেওয়া। ডাং হাঁক, হাঁক ডাক-গলাবাজি; ডাকাডাকি; চেঁচামেচি। এক ডাকের পথ-অনতিদূর; খুব অল্প পথ; নিকট। ধর্ম্মডাক [গ্রাং ধম্মডাক। বৌং সাং] বি, ধর্ম্মঠাকুরের মন্দির দ্বারে নিয়মরক্ষার্থ নাম ডাকা। ২ [লক্ষং] নাম মাত্র ডাক; 'ঘোষাল' ডাক। নাম ডাক-বি. খ্যাতি; প্রসিদ্ধি; সুনাম। ২ (ব্যবসায়ে) প্রসার; হাতযশ।

ডাক৩ [সং-দাত্যূহ > সং ডাহুক >] বি, ডাহুক; ডাক পাখী।

ডাক৪ [টিক্, টকি (বন্ধনে) > টাক >] বি. প্রতিমাকে সাজাইবার অলঙ্কার [ইহাতে প্রধানতঃ শোলার উপর রাঙ্গতা বা জরি বসান গহনা (মুকুট, কঙ্কণ, বাজু, হার, তাবিজ, লপচ, বাদলার মালা ইং এবং রাঙ্গতা ও জরিবসান কাপড়, গন্ধবিরজার আঠায় রাঙ্গ, আংটী, চুমকী ইং বসান আঁচলা, গন্তীরা, কল্কা ইং থাকে)। "জগৎকে সাজাচ্চেন যে মা, দিয়ে কত রত্নসোণা, ওরে কোন্ লাজে সাজাতে চাস্ তাঁয় দিয়ে ছার ডাকের গহনা।"-রাং প্রং। ~সাজ-ডাকের গহনা; রাঙতায় নির্ম্মিত প্রতিমার অলঙ্কার বা সাজসজ্জা।

ডাক৫-বি, ডাক নামক জনৈক গোপ। খনার বচনের ন্যায় তাঁর রচিত এবং তাঁর ভণিতাযুক্ত অনেক বচন বা প্রবাদবাক্য প্রচলিত আছে। "বলে ডাক এই সংসার"। * * * * "কাখে কলসী পানীকে যায়। হেট মুণ্ডে কাকহো না চায়। যেন যায় তেন আইসে। বলে ডাক গৃহিণী সেই সে॥"-বঙ্গভাষা ও সাহিত্য। ২ প্রবাদ বাক্য; চলিত কথা। ~পুরুষ-ডাক নামক গোপ। ২ জনশ্রুতি। ডাকের কথা-প্রবাদ বচন।

ডাক৬ [ডাকা৮ দ্রঃ] বিণ, প্রকাশ্য; চলিত; কথায়; কথিত; সর্ব্বত্র পরিচিত বা সাধারণের জানিত। ২ বিখ্যাত। প্র ডাক সুন্দরী। •

ডাক৭ [হিং-ডাক্ বা ডাঁক্ অর্থে অশ্ব, শকটাদি যান ও বাহনের যোগান। পূর্ব্বে পূর্ব্বে দূরপথে যাইবার জন্য বা চিঠিপত্রাদি পত্রবাহকদ্বারা পৌঁছিয়া দিবার জন্য পথের মধ্যে মধ্যে বিশ্রামার্থ বা অশ্ব উষ্ট্রাদির পরিবর্ত্তন জন্য পাড়াও, চটি বা আড্ডা থাকিত; এইরূপ আড্ডা স্থাপন করাকে ডাক বসান বলে। পরে ডাক বলিতে ঐরূপে বাহিত পত্রা-

দিকেই বুঝাইতে থাকে] বি, প্রাচীন প্রথার ডাকে প্রেরিত বা ইংরেজ গবর্ণমেন্টের ডাক বিভাগ মার্ফৎ প্রেরিত বা প্রাপ্ত সামগ্রী ; চিঠিপত্র ; ডাকে প্রেরিত সরকারী দপ্তরের কাগজপত্র। **~খঁরচ, -চা**-ডাকে চিঠিপত্র পাঠাইবার মাশুল postage. **~খানা, ~ঘঁর**-যে স্থান বা ঘর হ'তে ডাক পাঠান বা বিলি হয় ; ডাক অফিস post office. **~টিকিট**-রাজার মুখাঙ্কিত, মূল্য চিহ্নিত, ডাক পাঠাইবার মাশুল-নিদর্শক কাগজ খণ্ড postage stamp. **ডা° পাঠানি**-হাতী ধরিবার জন্য রাত্রে কুলিরা খেদায় ঠিকমত পাহারা দিতেছে কিনা তাহার সন্ধান লইবার জন্য কুলিদেরই মধ্যে একহাত হতে অন্য হাতে মাঝি কর্ত্তৃক চাদর, বা লাঠি বা অন্য কিছু ঘুরাইয়া দেওয়া। **~পিওন, -পেয়াদা**-যে ব্যক্তি ডাক বাড়ী বাড়ী পৌঁছিয়া দেয়। **ডা° বঁসানি**-পথের স্থানে স্থানে ডাক লইয়া যাইবার গাড়ী ঘোড়াদির আড্ডা করা। **~বাংলা, -বাঙ্গলা**-বি. অফিসার বা ভ্রমণকারীদিগের অস্থায়ী বাসের জন্য সরকারী গৃহ ; বাঙ্গলা ঘর Dak Bungalow. **~মাশুল**-বি, ডাকে পাঠাইবার মাশুল : ডাক শুল্ক। **~মুন্সী**-ডাক ঘরের কর্ম্মচারী post master. **~হঁরকঁরা**-দ্রুতগামী ডাকবাহক ; ধাবক mail runner. **~ফেঁরত**-ডাকে পাঠান পত্রাদি যা অস্বীকৃত হইয়া প্রেরকের নিকট ফিরিয়া আসে। > বিণ, ~। ফেরত। **ডাক-ডাকে** পত্র প্রাপ্তিমাত্র তার প্রত্যুত্তর যে, ডাকে পাঠান হয়।

ডাকতুরুপ-বি, তাসের খেলাবিঃ

ডাকপাখী-ডাক$_{৬}$ দ্রঃ।

ডাকবাংলা-ডাক$_{৭}$ দ্রঃ।

ডাকঁর [দেশী নামমালায় টগ্‌ঘরো (হেং°)] বিণ, ডাঙ্গর ; ডাগর (দ্রঃ)।

ডাকসংক্রান্তি [কার্ত্তিক মাসে সংক্রমণ হয় বলিয়া। কার্ত্তিক > বিকারে ডাক ?] বি, আশ্বিন মাসের শেষ দিন বা সংক্রান্তি।

ডাকসাইটে [ডাকসিদ্ধ দ্রঃ। ডাকসিদ্ধ > ডাকসিদ্ধ। গ্রা°-সিটে, ডাক সাইটে] বিণ, প্রসিদ্ধ ; বিখ্যাত।

ডাকসুন্দরী, ডাকের সুন্দরী [ডাক$_{৬}$ দ্রঃ] বি, বিণ, প্রসিদ্ধ সুন্দরী : যার সৌন্দর্য্যের নাম ডাক আছে।

ডাকসুরঁৎ [ডাক$_{৬}$ (দ্রঃ) + আ°-সুরত্ (বাহ্যদৃষ্টি, মুখ, চেহারা, সম্ভাবনা, অবস্থা ই)] অ, কমবেশ মাপ জোঁখ না করিয়া যেরূপ কথিত আছে। প্র-ডাকসুরৎ বিঘেটাক জমী।

ডাকা$_{১}$ [ড (শব্দ করা) > পা ডাক (শব্দ) + আ (বাং ক্রিয়ায়) = ডাকা (উচ্চৈঃস্বরে ডাকা)। ডাকি, ডাকঁ (ডাকেন, ডাকিস), ডাকে (ডাকেন) ; ডাকিতে ; ডাকিয়া (পদ্যে-ডাকি, গ্রা° ক্ষে° ডেকে) ণিজন্ত-ডাকানো-অন্যের দ্বারা ডাকা। ডাকাই, ডাকাও, ডাকায় ; ডাকাইতে (ক্ষে° ডাকাতে) ; ডাকাইয়া (ক্ষে° ডাকায়ে)] ক্রি, শব্দ করা ; কণ্ঠধ্বনি করা ; গর্জ্জন করা। "ডাকে পাখীগুলি, চল ফুল তুলি" -গিরিশ। "ডাকিছে দাদুরী তমাল কুঞ্জ তিমিরে"-রবী°। মেঘ ডাকা, বান ডাকা ই°। **২** সম্বোধন করা। "পাঠানেরে কহিলেন ডাকি"-রবী°। **৩** আবাহন করা ; অনুগ্রহ বা কৃপাপ্রার্থী হইয়া দেবতার নাম লওয়া। "ডাকি আবার তোমায়, শ্বেতভুজে ভারতি!"-মেঘ°। "যে ডাকে মা তোমায় তুমি কর তায় ভবসিন্ধু পার"-আন্টুনী সাহেব। **৪** শান্তি, মুক্তি বা উদ্ধার কামনায় নাম লওয়া : স্মরণ করা। "ডাকরে মন কালী বলে"-রা° প্র°। "ডাকলে আমি রইতে নারি যেডাকে তার কাছে আসি -গিরিশ°। **৫** [শান্তি বা মুক্তি দানার্থে] প্রেমে, দয়ায় বা স্নেহে আকর্ষণ করা : গ্রহণ করা। "ডেকেছেন প্রিয়তম, কে রহিবে ঘরে।" "ডেকে লও দয়া ক'রে আমারে ভিতরে।" **৬** আহ্বান করা ; আসিতে বলা। প্র-ডাক্তার ডাকা। লোক ডাকা। "ডাকিছ মধুর বচনে বার বার প্রেম ভরে * * আয় আয় আয় ব'লে।-দ্ধ°। **৭** ফিরাইয়া আনা। প্র-সে চলিয়া গেল ? তাহাকে ডাক। **৮** [আত্মপ্রত্যয়ের ভাবমিশ্রিত] প্রকাশ্যভাবে বলা ; উচ্চৈঃস্বরে বলা ; উঁচু গলায় বলা। "খনা ডেকে বলে যান। রোদে ধান ছায়ায় পান।" -খনার বচন। **৯** চীৎকার করা। "ডাকিয়া লহনা কান্দে।"-কবিক°। **১০** [তুল-মনের ভিতর কু গাওয়া] অমঙ্গল বা আশঙ্কার বাণী উত্থিত হওয়া। "পূর্ব্বেই আমার মনে ডাকিছে তখনে"-মনসা ম° (বংশী)। [ব্রজ°, প্রা° বাং, বৈ° পদ° সা°] **ডাকঁই**-ডাকিয়া। **ডাকঁউ, ডাকঁয়ু**-ডাকুক।" "সোই কোকিল অব লাখ ডাকউ" (পাঠান্তরে -ডাকয়ু)-বি° প°। **ডাকঁএ, ডাকঁয়ে**-ডাকে। **ডাকঁব**-ডাকিবে। **২** ডাকিব। **ডাকঁল**-ডাকে। **ডাকঁলু,-লুঁ-লোঁ**-ডাকিলাম। **ডাকিসি**-ডাকিতেছিস। **২** ডাকে। **ডাকঁহু**-ডাক, ডাক দাও। বি, **ডাকঁ(কি)ন, ডাকান, ডাকুনি**-ডাক দেওয়া ; ডাক পাড়া ; রবণ। **২** আহ্বান ; আমন্ত্রণ। **~ডাকি** [ডাক + আ (ব্যাপ্ত্যর্থে) + ডাক + ই (তৎকর্ম্মার্থে)] বি, পরস্পর আহ্বান ; পুনঃ পুনঃ ডাকা। **২** বিরক্তি উৎপাদক সোরগোল ; চেঁচামেচি। ডাকাডাকি করিতে উঠিল পাঁচ বেটা।"-ঘ°। **~হাঁকা** [সং ডক্কার + হুঙ্কার >] হাঁকডাক করা ; চীৎকার বা উচ্চ শব্দে আহ্বান করা। **ডাকান, ডাকোন্**-ডাক (ডাক$_{২}$ দ্রঃ)।

ডাকা$_{২}$ [ডাক$_{২}$ (দ্রঃ) + আ (তদ্‌যুক্তার্থে)] বিণ, শব্দিত ; শব্দে মুখরিত ; ধ্বনিত। "সারাদিন পাখী-ডাকা ছায়ায় ঢাকা তোমার পল্লী বাটে"-রবী°। **২** বি, ডাক দেওয়ার ব্যাপার ; ডাকন ; ডাক।

ডাকা$_{৩}$ [হিং°-ডাকা। ডাকুআ (দস্যু) >] বি, ডাকাতি ; দস্যুবৃত্তি ; প্রকাশ্য চুরি ; লুণ্ঠন। "দুর্ভিক্ষ হইল রাজ্যে, হৈল ডাকা চুরি।" -মহা° (কাশী°)। "ডাকা নাহি দেই ডাকাতের নহি সাথী।"-কবিক°। **২** দস্যু ; ডাকাত। **৩** বিণ, সাহসী ; (ডাকাতের ন্যায়) নির্ভীক। **ডা° দেওয়া, ডা° মারা**-ক্রি, ডাকাতি করা। "চুরি নাহি করি কোটাল ডাকা নাহি দি।" -কবিক°। **~-বুকা** [ডাকা (দস্যুর মত) + বুক (হৃদয়)

+আ (বিশিষ্টার্থে)] বিণ, নির্ভীক ; অসম-সাহসী। "যার অন্তরীক্ষেতে অঙ্গদ ডাকা-বুকা।"-রামা° (কৃত্তি°)।

ডাকাইত, ডাকাত [হি°-ডাকাইত ডাকুয়া₁] বি, দস্যু ; প্রকাশ্য চোর ; লুণ্ঠন-কারী। ২ [লক্ষ°] অসমসাহসী ; নির্ভীক ; ডাকাবুকা। ~পড়া-ডাকাতদলের আক্রমণ ঘটা ; ডাকাতি হওয়া।

ডাকাইতি, ডাকাতি, ডাকাতী [ডাকাইত + ই (ব্যবসায়ার্থে) > ইং লিপ্যন্তরে dakaiti, dacoity (gang robbery)] বি, দস্যুবৃত্তি ; লুণ্ঠন ; বলপূর্বক অপহরণ ; প্রকাশ্য চুরি। "ডরে দিলে ডাকাতি না দিলে রক্ষা নাই।" -শি°। "আপনি ডাকাতি করি, প্রজার সর্বস্ব হরি, হয়েছিস দ্বিতীয় ধনেশ।"-অ° ম।

ডাকানি-ডাকা দ্রঃ।

ডাকিনী [প্রা°-ডাইনী, ডাইন, ডান। ডাক + ইন্‌ + ঈ (স্ত্রী°)] বি, কালীর গণবিঃ ; পিশাচীবিঃ ; শিব-দুর্গার অনুচরী। "ডাকিনী যোগিনীগণ ভূত প্রেত অগণন সঙ্গে রঙ্গে নাচিয়া বেড়ায়। -অ° ম°। ২ কুহকিনী ; মায়াবিনী ; ডাইনী। "এপা ডাপডসী ডাকিনী-সদৃশা এমত না খায় তারে"-চণ্ডি°। ৩ [বৌ° সা°, সহজ-যান শাখা] স্থিন্ধা। "শালতোড়া গ্রাম অতিপীঠ স্থান, নিত্যের আলয় যথা। ডা বাশুলী নিত্যাসহচরী বসতি করয়ে তথা।"-শ্রী° কী° ("ইনি রক্ত মাংসে গঠিতা মানবী, কোন উপদেবতাই অথবা নান্নুরের অধিষ্ঠাত্রী প্রস্তরময়ী বাশুলীও নহেন।" -শ্রী° কী°, ভূমিকা, ব° বিদ্বদ্বল্লভ)।

ডাকু, ডাকুয়া [হি°] ডাকাইত দ্রঃ।

ডাকুয়া₂-ডেকো দ্রঃ।

ডাকুর [প্রাদে°] বি, মাকড়সা। ২ [সিংহভূম প্রাদে°] গ্রাম-চৌকিদার village watchman ["from corrupt village watchmen often comitting dacoities from the opportunities they get."]

ডাক্তার [ইং doctor এর লিপ্যন্তর। স্কে° ডাঃ] বি, য়ুরোপীয় চিকিৎসা-বৈজ্ঞানিক ; য়ুরোপীয় পদ্ধতি অবলম্বনকারী চিকিৎসক। ২ দর্শন, সাহিত্য, বিজ্ঞান, আইন ই° শাস্ত্রে বিশারদ ; এতদর্থক বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধি। "ডাক্তার গুরুদাস বন্দ্যোপাধ্যায়।" ~খানা-বি, য়ুরোপীয় চিকিৎসালয়। ডা° দেখানি-ডা° ডাকিয়া চিকিৎসা করান। ~রি [ডা° + ই (ব্যবসায়ার্থে)] বি, য়ুরোপীয় চিকিৎসা বা চিকিৎসকের বৃত্তি। ২ এলোপ্যাথিক বা হোমিওপ্যাথিক চিকিৎসা [তুল-কবিরাজি (আয়ুর্বেদীয় চিকিৎসা) য়নানী (গ্রীক পদ্ধতি মতে) চিকিৎসা, হকীমি (ইরাণীয় চিকিৎসা)]। ~রী-বিণ ডাক্তার সম্বন্ধীয়।

ডাগর, ডাগোর [সং-দীর্ঘ >। হি° -ডাবর। প্রা°-বা° ডাকর, বা° প্রাকৃ° ডাগর (চট্ট°)] বিণ, দীর্ঘ ; বৃহৎ ; বড়। "সাগরের চেয়ে নারী ডাগর জিনিস।" -নীলদর্পণ। ঠিক যেন তোর ওই চাহনি ডাগোর।" -অশোক। ২ বয়সে বড় ; বয়স্ক। ~ডাগর [অধিকার্থে দ্বিত্ব] বিণ, খুব বড়, বড় বড়। ~ডোগর [ডাগর + ডোগর=ডাগরের নিকটবর্তী বা তুল্য] বিণ, শৈশবের অতীত বয়স্ক ; বয়সে কথঞ্চিৎ বড়। "হয়েছিস ডাগর-ডোগর কিসের এখন ভয় এত।"-গিরিশ।

ডাঙ-ডাং ও ডাঙ্গ দ্রঃ।

ডাঙি-ডাঙ্গি দ্রঃ।

ডাঙ্গ, ডাং [দণ্ড > দাণ্ডা > ডাংডা > ডা° (দ্রঃ), *Haughton* মতে দণ্ড >। বৌ° বাং-য় "ডাঙ্গকাটি"-মাণিক° গান] বি, ডাণ্ডা, লাঠি ; কাঠি। ২ [প্রাদে°] কোন দ্রব্য ঝুলাইয়া রাখিবার উপায় বা অবলম্ব, শিকা। ৩ স্তূপ, টাই। ৪ [হি°] স্থল ; ডাঙ্গা। ক্রি, ডাঙ্গানো-প্রহার করা ; ঠ্যাঙানো। ডাঙ্গাইবার [প্রা°-বাং (মাণিক° গানে)] প্রহার করিতে। ~গুলী [গ্রা° ডাংগুলী, ডাণ্ডাগুলী, গুলীডাণ্ডা, গুলীডাং ও°] দুই দিকে সরু মুখ মধ্যে স্থূল ক্ষুদ্র কাষ্ঠ খণ্ড ও দণ্ড এবং তদ্দ্বারা খেলা। ~পিটিয়া [ডাণ্ডা পেটা সুতরাং দুর্দ্দমনীয়, দুষ্ট ই°] বিণ, দুর্দ্দান্ত। ২ অসম সাহসী ; ডানপিটে।

ডাঙ্গর₁ [ডাগর দ্রঃ। প্রা°-বাং 'ডাকর'। চট্ট° প্রাদে° 'ডাঙ্গর'] বি, ডাগর ; বৃহৎ ; বড়। "দিগল ডাঙ্গর খোপা।"-পদ্মাপুরাণ পুথি, ভাষাটীকা, শ্রী° কী°। ২ বৃদ্ধ, শ্রেষ্ঠ। জ্ঞানত ডা "-মাণিক গান। ৩ বয়স্ক। "তোমার সুয়্যাই ডা হৈছে বিয়া করাও না" -প্রাচীন সূর্যের গান।

ডাঙ্গর₂ [হি°] বিণ, স্থূলদেহ ; হৃষ্টপুষ্ট, মোটা। ২ স্থূলবুদ্ধি, মূর্খ। ৩ পশু। ৪ উচ্চজমি। "ডহর ডাঙ্গর সব এক্ই সমর।" -শূ° পু°।

ডাঙ্গর₃ [বৈদ্যকে ডঙ্গরি (দ্রঃ)] বি, চিচিঙ্গা ; খোপা। ২ অলাবুবিঃ।

ডাঙ্গরী-বি, দীর্ঘ কর্কটী ; কাঁকড়ী।

ডাঙ্গশ, ডাঙোশ [সং-অঙ্কুশ দণ্ড > দণ্ডাঙ্গশ >] বি, হস্তিচালন দণ্ড ; অঙ্কুশ।

ডাঙ্গা, ড্যাঙ্গা [ডাঙ্গ (< তুঙ্গ) + আ (বিশে°), গ্রা ড্যাঙা] বি, স্থল ; শুষ্কভূমি ; উচ্চভূমি। ২ স্থান ; নিবাস ; আলয়। প্র-কালাসডাঙ্গা। ৩ [প্রাদে° বিক্রমপুর] মৎস্য পালনের জন্য রক্ষিত পুষ্করিণী। ৪ ক্ষেত্র। প্র-কপিডাঙ্গা, নলডাঙ্গা, নারিকেল ডাঙ্গা, পলাশডাঙ্গা। ৫ [প্রাদে° বরিশাল। তুল-জাঙ্গাল] নৌকা-পথ। প্র-নৌকা ডাঙ্গা বন্ধ করিও না ; এই ডাঙ্গা দিয়া আমার ঘাটে নৌকা আসে। ~পথ-স্থলপথ।

ডাঙ্গি [বয়ন শিল্প পরিঃ] বি, বস্ত্রবয়ন যন্ত্রের অংশবিঃ ; তাঁতের অঙ্গবিঃ, যদ্দ্বারা পাড়ের ছক করা হয়।

ডাঙ্গুরা [প্রাদে°] বি, আখের রস এক-পাত্র হ'তে পাত্রান্তরে রাখিবার ছোট গাড়ী।

ডাট [হি°] বি, আটক ; ছিপি।

ডাড়, দাড় [সং-দংষ্ট্রা। প্রাকৃ°-দাড়া (হে°) > হি°-ডাঢ়=দাঁত] বি, দন্ত ; দাঁত। ২ অস্ত্রাদির তীক্ষ্ণ ধার। ৩ স্থল। ৪ কণ্টক ; কাঁটা। ~া-কাঁকড়া, বড় চিংড়ী প্রভৃতির সদন্ত পদ বা বাহু ; হুল।

ডাড়িম [দাড়িম্ব >] বি, ডালিম দ্রঃ।

ডাড়ুকা, ডাড়ুকা [প্রা°-বাং। দাঁড়ুকা দ্রঃ] বি, শৃঙ্খল। "কোমরেতে তোক দিল পাএত ডাড়ুকা।"-শূ° পু°।

ডাণ [দক্ষিণ > দাহিণ > হি°-ডাহিন্‌

>, দান (দ) ও] বি, দক্ষিণ। "ভালবাসে প্রাণের মতন-সদা জেগে থাকে পাশে ডাণ হস্ত যেন।"-রবী°।

ডাণ্ডা [দণ্ড > হি°-ডণ্ডা >] বি, দণ্ড: মোটালাঠি। ২ স্তম্ভ; খুঁটি। ৩ [সং-রণ্ডা >] পতি-পুত্রহীনা নারী। **~-গুলি** [হি°-গুল-ডাঁড] ক্রীড়াবিঃ; যে খেলায় কাঠ নির্মিত দণ্ড ও গুলি ব্যবহৃত হয়: ইহাতে দণ্ডের আঘাতে গুলিকে দূরে নিক্ষেপ করিতে হয়।

ডাণ্ডী [ডাণ্ডা + ঈ (ক্ষুদ্রার্থে) বি, ক্ষুদ্র দণ্ড। ২ ডাণ্ডা অপেক্ষা সরু ও ছোট লাঠি। ৩ ডাঁটা। ৪ খুঁটী। ৫ নৌকার দাঁড়বাহক: ডাঁড়ী। ৬ পার্ব্বত্য প্রদেশে মনুষ্য কর্তৃক বাহিত যানবিঃ।

ডান১, ডানি১-ডাইন ডাকিনী দ্রঃ।

ডান২-ডানি দ্রঃ।

ডানকনা, ডানকুনি১, ডান-কোনা, ডানিকণা [সং-দণ্ডিক (মৎস্য-বিঃ) > হি° ডানিকুন্নুহে >] বি, মৎস্যবিঃ। দণ্ডপাল: ডানপোলা: "ধোপা ঝি ধরিল ডানকনা।"-শি°।

ডানকুনি২ [সং-দণ্ডোৎপল > হি° ডানিকুনুহে > প্রাদে° জঙ্গিপুর অঞ্চলে সা° প° প° ১৩২২] বি, দণ্ডকলস নামক ওষধি বৃক্ষ; ডানপোলা canscora decussata ২ স্রোতের মুখে নাতিবিস্তৃত জলধারা রোধ করিয়া মৎস্য ধরিবার ফাঁদ।

ˋডানপিটিয়া, **ˋডানপিটে** [ডাং বা ডাঙ্গপিটে দ্রঃ] বিণ, দুঃসাহসিক, গোঁয়ার। ২ দুর্দ্দমনীয়: দুর্দ্দান্ত: দুষ্ট।

ˋডানহাত [ডান (দক্ষিণ) হাত (হস্ত)] বি, দক্ষিণ হস্ত। ২ [লক্ষ°] যার উপর সমস্ত কার্য্য নির্ভর করে; প্রধান সহায়।

ˋডানা [সং-ডয়ন (ওড়ন, উড়িবার শক্তি) + আ (বিশিষ্টার্থে)-নভোবিহারশক্তি যার বা যাতে আছে, বহু°] বি, পক্ষীর বাহু; পক্ষ: পাখা।

ˋডানি [দক্ষিণ >] বিণ, দক্ষিণ-দিকের; দক্ষিণ; ডান। "রত্নহাতা ডানি হাতে সযত্ন পলান্ন তাতে।"-অ° ম°।

ডাব [সং-ডিম্বা (অতি শিশু অপক্ব: কচি) >] বি, যে জলপূর্ণ নারিকেল ফলের শাঁস হয় নাই বা অল্প শাঁস হইয়াছে; কোমল অর্থাৎ অপক্ব বা কচি নারিকেল; নেয়াপাতি নারিকেল।

ডাবর [হি°-ডাবর (বড়)। ডাব + র (আকারার্থে)] বি, বৃহৎ জলপাত্র। ২ জলে পান ভিজাইয়া রাখিবার পাত্র। ৩ বড় বাটি। "খণ্ডে মুগের সুপ উভারে ডাবর।" -কবিক°। ৪ পিকদান। ৫ ডাবরাকৃতি উদর বিশিষ্ট শিশুর আদরের বা বিদ্রূপাত্মক নাম। "খালি খুল্লি ডাবরে পুরিয়া লহি চন্দন।"-শূ পু°। **~ী**-ক্ষুদ্র ডাবর। ২ ক্ষুদ্র কলসী। ৩ [লক্ষ°] ডাবরের মত বস্তু। "তাঁর পৃষ্ঠে কুঁজ যেন ভরস্তু ডাবরী"-কৃত্তি°। ৪ পেট ডাগর এমন মেয়ের আদরের বা বিদ্রূপাত্মক ডাক নাম।

ডাবরা-ড্যাবরা দ্রঃ।

ডাবা১ [ডাব + আ (আকৃতি যুক্তার্থে)। তুল-হি°-ডাব্বা (ডিব্বা অপেক্ষা বৃহৎ, ক্ষুদ্রার্থে ডাবু)] বি, মৃৎপাত্রবিঃ; গামলা। ২ বড় খোলের বা মালার হুঁকা: খেলো হুঁকা। ডিবিয়া বড় হইলে 'ডিবা'; তদপেক্ষা বড় হ'লে "ডাবা" হয়। ডাবার মত বড় অর্থে ডাবুয়া ক্ষে° ডেবো (গ্রা°)। প্র-ডেবো হুঁকো।

ডাবা২ [দর্কী > ডব্বী + আ। ণিজন্ত-ডাবান] ক্রি, দর্কী দ্বারা উত্তোলন ও পাতন। দুধ ডাবা-দুধ জ্বাল দিবার সময় কড়া হ'তে দুধ হাতায় উঁচু করিয়া তুলিয়া আবার কড়াতে ফেলা (এইরূপ করিতে থাকিলে দুধে প্রচুর সর পড়ে)।

ডাবু [ডাবা দ্রঃ] বি, ক্ষুদ্র কলসী: ডাবরী।

ডাবুষ [প্রা°-বাং] বি, লৌহাস্ত্রবিঃ। কুঠারজাতীয় অস্ত্র। "কেহ মারে শেল শাঙ্গী ডাবুষ পট্টিষ টাঙ্গী বিধব কুঠার তোমর" -শি°।

ডাম্বর১ [ডম্ (অনু°) + অর (ঋ=গমন করা, প্রাপ্ত হওয়া)=ডম্বর + ষ্ণ] বি, শিবোক্ত শাস্ত্রবিঃ: তন্ত্র শাস্ত্রবিঃ যোগডামর, শিবডামর, দুর্গাডামর, সারস্বত ডামর, ব্রহ্মডামর এবং গন্ধর্ব্বডামর-বারাহী তন্ত্র)। "ডা° বিদিত ডঙ্কা দূর কর ডর"-অ° ম°। ২ বিবাদ; ঝগড়া; বিস্ময়। ৩ আটোপ; গর্ব্ব। ৪ ভৈরববিঃ। ৫ আড়ম্বর।

ডাম্বর২ [সং। হি°-ডামর] বি, ধুনা। ২ মশাল। ৩ ক্ষুদ্র উকুন; ডাঙর বা ডেঙ্গর।

ডামাটি [প্রাদে° পাবনা। ডাঁটি (দ্রঃ) >] বি, বাঁট; হাতল handle.

ডামাডোল [ডাবাঁ-ডামাডোলা। প্রা°-বাং (বৌদ্ধযুগ)-'ডাম্বডোল', 'ডাম্বা-ঢোল' (মাণিক° গান)। আসামে ডেমাড়ুল] বি, কোলাহল; উচ্চ জনরব: বহু জনতার শব্দ। "দেশে বড় ডা° উঠেছে এই রোল"-ঈ° গুপ্ত। ২ গোলযোগ, উৎপাত। ৩ মড়ক। প্র-চারিদিকে যে ডামাডোল, ছেলেপিলে নিয়ে মহা ভাবনায় পড়েছি। ৪ বিণ, চঞ্চল; অস্থির; বিচলিত।

ˋডাম্বেল, **ˋডম্বল** [ইং dumb-bell এর লিপ্যন্তর] বি, ব্যায়ামার্থ ব্যবহৃত উভয় প্রান্তে স্থূল গোলাকৃতি লৌহদণ্ড।

ডায়মন-ডাইমন দ্রঃ।

ডায়ারি, **ˋডায়ারী**, **ˋডায়েরী**, **ডাইরী** [ইং diary র লিপ্যন্তর] বি, দিনলিপি: রোজনামচা। "সাহিত্যসেবীর ডায়েরী"; "খুকুরাণীর ডায়েরী"।

ডায়ার্কি, **-র্কী** [ইং dyarchy র লিপ্যন্তর "Proposed division of provincial administrative functions between popular administrative & the ...ative authorities in India in 1919"] বি, দ্বৈরাজ্য।

ডার-টা২ দ্রঃ।

ডারবিনতত্ত্ব [ইং darwinism >] বি, ডারবিন্ সাহেবের যৌন নির্ব্বাচন ও এক মূল হ'তে বানর ও মনুষ্যোৎপত্তিবিষয়ক মতামত। "ইউরোপ খণ্ডে ডা° লইয়া বিষম আন্দোলন চলিতেছিল"-ভারতী।

ডারা [হি°-ডারনা, ডালনা (র=ল) >] ক্রি, ফেলা; নিক্ষেপ করা। ২ ঢালা। ৩ সমর্পণ করা। ব্রজ° ও প্রা°-বাং সা°-ত্যে ইহার ভূরি ভূরি ব্যবহার আছে। ডার [ম° পু° রূপ] নিক্ষেপ কর; ফেল। "যামুন সলিলে সব ডার "রে"-বি° প°। "বিহিক ডারলি"-বি° প°। ডারত্ত-

নিক্ষেপ করে; ফেলে। 'সব সখী ডারত নাগর অঙ্গে। নাগর খেলই রাইক সঙ্গে।" -জ্ঞান°। ডারঁলু-ফেলিলাম। "তুয়া বোলে গোরস যমুনাহি ডার। হারলু কাঁচলি ডারলু হার॥"-গোবিন্দ°। ডারঁল-ফেলিল। ডারঁলি-ফেলিলি; সমর্পণ করিলি।

ডারি~1~, ডারিয়া-ঢালিয়া; ফেলিয়া। "কুঞ্জপানে হেরিয়া, অশ্রুবারি ডারিয়া, ভানু গায় শূন্য কুঞ্জে শ্যামচন্দ নাহি রে"-রবী°। ২ [প্রা°-বাং, পদ্যে (বৌ° যুগ)] বাঁধিয়া (মাণিক° গান)।

ডারি~2~ [ডালা দ্রঃ। ল=র] বি, ডালি; উপহার। "শত শির দেয় ডারি"-কথা (রবী°)।

ডাল~1~ [ক্ষুদ্রার্থে ডালি। দারু > দল > দ=ড। তুল-সং-ডল্লক > বাং-ডেলো, মাগধী -ডালঅং'। প্রাকৃতলক্ষ্মীতে ডালা, বৌ° সা° -ডাল, ডালী (চ° পদ ১১২, ২৮।৩)] বি, বৃক্ষশাখা; বৃক্ষাঙ্গ। "তরুকুল ডাল, ফুলভরি ভাল সৌরভে পুরিল তায়।"-চণ্ডি। **~পালা** [সং-দারু-পল্লব > দ্রঃ] বি বৃক্ষের শাখা ও পত্রাদি; শাখাপ্রশাখা। ২ [লক্ষ°। মূল ও কাণ্ডের অতিরিক্ত শাখা-পল্লবের ভাব >] মূল বিষয়ের অতিরিক্ত অর্থাৎ অতিরঞ্জিত বর্ণনা (তুল-কথার হাত পা)। প্র-প্রকৃত যা ঘটিয়াছিল তাতে আরও ডালপালা দিয়া বাড়ান হইয়াছে।

ডাল~2~, **দাল** [সং দল (বিদারণে দলনে) প্রাকৃ° ডালা (হে°) >] বি, ডাইল বা দাইল। মুগ, মসুর, মটর ই° জাতীয় দ্বিদল শস্য যা দলিয়া বা পিষিয়া অর্থাৎ যাঁতা ই°তে দলন করিয়া খোসাশূন্য করা হইয়াছে। যেমন খোসাসহিত মুগকে মুগ বলে কিন্তু তাকে দলিয়া খোসাশূন্য করিলে মুগের দাল বা ডাল বলে, এইরূপ ছোলার ডাল, কড়ায়ের ডাল ই°। ক্রি, ডালানি-গাছের ডাল কাটিয়া দেওয়া; ডাল ছাঁটান।

ডালকুত্তা, -কুত্তো [হি°-ডাল্না (শিকারীর ভাষায়-শিকার ধরিবার জন্য শিকারের পশ্চাৎ ছাড়িয়া দেওয়া) > ডাল+কুত্তা (কুকুর)-পশ্চাদ্ধাবিত হইয়া শিকার ধরিবার জন্য যে কুকুরকে ছাড়িয়া দেওয়া (ডালা) যায়। হি° ডালকুত্তা। তুল-কুত্তা ডাল দেনা] বি, একজাতীয় শিকারী কুকুর greyhound ইহাদের শরীর লম্বা, ছিপছিপে, মাথা ছোট, মুখ ছুঁচলো, পাগুলি সরু সরু লম্বা; উদর অতিশয় কৃশ; গাত্রের লোম পাতলা ও খুব ছোট ছোট। ইহারা অতিশয় দ্রুতগামী। ইহারা পশ্চাদ্ধাবন করিলে ইহাদের নিকট হতে দৌড়িয়া পরিত্রাণ পাওয়া প্রায় অসম্ভব।-পশুপক্ষী (সরকার)।

ডালচিনি [সং-দারুচিনি >] বি, মসলা ও ঔষধে ব্যবহৃত বৃক্ষবিশেষের মিষ্ট ত্বক বা বাকল; স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ।

ডালনা [সন্তোলন > সাঁৎলানা (হি° -তলনা (ঘৃতে, তৈলে ভাজা) > । ত=ড। যে ব্যঞ্জন প্রথমেই সাঁৎলাইয়া লইতে হয়। তুল-ঘণ্ট, যা প্রথমে সিদ্ধ করিয়া ও দলিয়া শেষে সাঁতলাইতে হয়। গ্রা 'ডালা' ও°।] বি, ব্যঞ্জনবি°, মাকা-মাকা তরকারী। "দুধ থোড় ডালনা শুক্তানি ঘণ্ট ভাজা।"-অ° ম।

ডালা~1~ [সং-ডল্লক > । ক্ষুদ্রার্থে ডালি, -লী। হি°-ডালিয়া] বি, বংশাদি-নির্মিত পাত্র; সরু পাতলা বাঁশের ঝুড়িবি°। "সে কি * * * ডালা কুলো ধামার মত যে পথে ঘাটে দেখতে পাবে।"-রজনী সেন। ২ পূজার উপকরণপাত্র। ৩ [প্রাদে°] কয়ালের ব্যবহৃত ওজনযন্ত্রের বেতের পাল্লা। **~পিশুরী** [প্রাদে] বি, মোটা বেতের দাঁড়িপাল্লা।

'ডালা'~2~ [রেশম শিল্প পরিঃ] বি, চারপাশে বাঁখারি বাঁধা দরমা বা চাটায়ে রাখা ঢোক্‌রি।

ডালানি-ডাল দ্রঃ।

ডালি~1~ [হি°-ডালিয়া। সং-ডল্লক বি, বৃক্ষের ক্ষুদ্র শাখা। (বড় অর্থে ডাল)। ২ বংশাদি-নির্মিত পাত্রবি°; ছোট ডালা। ৩ ফল পুষ্পাদি রাখিবার আধারবি°। ৪ [গৌণার্থে] ভাণ্ডার। "রূপের ডালি খুলে বসি পেতেছে দোকান।"-হেম°। ৫ কাহারও সম্মানার্থে, প্রীত্যর্থে বা অনুগ্রহ-আকর্ষণোদ্দেশে প্রদত্ত খাদ্যোপহার; উপঢৌকন; ভেট। "আমি তোমাকে ডালি পাঠাইব, তুমি মনে রাখিও"-লোকরহস্য (বঙ্কিম°)। "ওমা কালী দিব ডালি, অনুকূলা হও"-ঈ° গুপ্ত।

ডালি~2~ [দল > দালি, দ=ড] বি, ডাইল; দাইল; দাল।

ডালি~3~ [নৌ-পরিঃ। সং-দারু >] বি, তক্তা দ্বারা তলদেশ গড়িয়া আসিয়া সর্বোপরি নৌকার দুই পার্শ্বে লম্বালম্বিভাবে লাগান অপেক্ষাকৃত পুরু দুইখানি তক্তা। নৌকা গঠনকালে নিম্নদিক অপেক্ষা উপর স্থল একরূপ তক্তা বসাইয়া নৌকায় তক্তা বসানর কার্য্য শেষ করার নাম ডালি।

ডালিম [দাড়িম্ব > । দ=ড, ড়=ল] বি, দাড়িম্ব বৃক্ষ; ডালিম ফল; দালিম।

ডালী [ডালি~1~ দ্রঃ। হি°-ডালী] ছোট ডালা। ২ গাছের ছোট ডাল বা দল বা শাখা। ৩ ডালি~1~ (দ্রঃ); ভেট।

ডাহ [বৌ° বাং-প্রাকৃ°। সং-দাহ >] বি, দাহ। "ডাহ ডোম্বী ঝরে লাগেলি আগি"-চ° পদ° ৪৭।২। ডহা (স° ব° দো°), ডহি (=দহি অ)=দগ্ধ (চ° পদ° ৪৯।৩)।

ডাহল-বি, ত্রিপুরাদেশ (ত্রিকাণ্ডশেষ)।

ডাহা [টাট্‌কা > টাহা > ডাহা। বা, দাহ (দহন=অগ্নির দীপ্তি, জ্বালা) + আ (সাদৃশ্যার্থে)। দ=ড] বিণ, উষ্ণ ও লাল, সদ্য নিঃসৃত। প্র-ডাহা রক্ত। ২ খাঁটি; অমিশ্র। প্র-ডাহা মিথ্যা।

ডাহিন [সং-দক্ষিণ > দ্রঃ] বি, দক্ষিণ। "ডাহিনে ডাকিনী মাতা ডম্বরুরূপিণী"-কবিক°। বিণ, **ডাহিনা**-দক্ষিণদিক সম্বন্ধীয়। ২ [দক্ষিণা > দক্ষিণদিকে যা থাকে > ডানদিকের বাদ্য (বিপরীত বাঁয়া)] বি, তবলা।

ডাহুক [সং-দাত্যূহ > দ্রঃ। অনু°। প্রা°-বাং প্রাদে° ডাহুস (গোবিন্দ গীত, ১১-১২শ শতাব্দী)] বি, জলচর পক্ষিবি°; ডাক পাখী। স্ত্রীং ডাহুকা, ডাহুকী। "ডাহুক ডাহুকী সুখে বেড়িয়া বেড়ায়"-প্রেম ও ফুল। "টুপটুপাটুপ ডুবছে ডাহুক"-পাস (গিরিশ°)।

ডি-ডিহি দ্রঃ।

] বুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র). ˇ চীন্দ্রবুক্তাক্ষর অকারান্তবৎ ঙ্গ=ংগ ক্ষ=ক্‌ষ ...

ডিআঁ১ [গ্রা°। সং-ডীঙ >। ডিঙি, দ্রঃ] বি, লম্ফ।

ডিআঁ২, **ডিয়া** [সং-দংশ >। প্রাদে° উচ্চারণভেদে জিঁআ (পং° বঙ্গে), জআ (পূ° বঙ্গে, তুল-হিং° চিঁউঁটী), ২৪ পরগণাঞ্চলে ডেঙ্গো > গ্রা° ডেও, ডেয়ো, ডেএ, ডেয়ে (পশ্চাৎভাগে ডিঙি মারিয়া চলে বলিয়া)। বরিশাল প্রাদে° ডাঁইয়া] বি, বড় জাতীয় ঘোর কৃষ্ণবর্ণ পিপীলিকাবিঃ; ডেয়ো পিঁপড়ে।

ডিংরা-ডিঙ্গরা দ্রঃ।

ˊ**ডিক্রী,-গ্রি,-গ্রী,** ˊ**ডিগরী** [ইং decree র লিপ্যন্তর] বি, আদালতের নিষ্পত্তি; বিচারকের আদেশ; আদালতের ব্যবস্থা। "আমি নই আটাশে ছেলে * * * * এবার করব নালিশ নাথের আগে ডিক্রী লব এক সওয়ালে।"-রা° প্র°। ডি° **জারী করা**-বিচারকের আদেশ পালন করা। **~দার**-যে বিচারকের অনুকূল আদেশ প্রাপ্ত হইয়াছে। ডি° **দেওয়া**-রায় দেওয়া। ২ অনুকূল বিচার করা।

ডিগডিগ [অনু°] অ, ডমরু ই°র বাদ্যধ্বনি। ২ [ডিগডিগা দ্রঃ] ছিপ্‌ছিপ্‌।

ডিগডিগা, ডিগ্‌ডিগে [ডগ দ্রঃ। বাঁশের সরু ডগা > ডগি > ডিগ (বর্ণ বিপর্য্যয়ে) + ডিগ (কম্পনার্থে দ্বিত্ব) + ইয়া-বায়ুভরে আন্দোলিত যে সরু ডগা] বিণ, খুব সরু; ছিপছিপে। ২ পাতলা বা কাহিল শরীর।

ডিগবাজি(জী) [সং-ডিঙ্‌ (নভোগতি) > ডিঙ্গ > ডিগ + বাজি (ফা°-বাজী) >, অথবা দিক্ + বাজি, দ=ড, ক=গ-উল্টা দিকে লম্ফ] বি, মাথা নীচু করিয়া পদদ্বয়ও শরীরের অন্যান্য অংশ উপরে তুলিয়া উল্টাইয়া পড়া।

ডিগঁর [ডিঙ্গর (দ্রঃ) >। হিং° ডিঙ্গর। অবজ্ঞার্থে গ্রা° ড্যাগরা। ডেকরা দ্রঃ] বি, দুষ্টবুদ্ধি; শঠ; দুষ্টলোক; বদমাস; ঠগ। "ডি° লইয়া সাথী বনে ফিরে নানা ভাতি"-পং° ক° তরু (সা° পং° পং°)।

ডিগরী-ডিক্রী দ্রঃ।

ডিঙি১ **-ঙ্গি**১ [দ্রোণী >। জলসেচন কালে দ্রোণী যেমন জল লইয়া মাথা তুলে ও ক্ষেত্রে জল দিয়া নিম্নগামী হয় তার সাদৃশ্য হ'তে] বি, পদাঙ্গুষ্ঠের উপর ভর দিয়া মাথা উঁচা করিয়া দাড়ানর ভাব। ডি° **মারা**-ঐরূপ করিয়া দাঁড়ান। "কানাই ডিঙি মারিয়া দাঁড়াইয়াছিল, যেন ডিড়ের পিছুনে ডুব মারিল।"-প্রবাসী, আষাঢ়, ১৩২২।

ডিঙ্গন১ [সং-ডিঙ্‌ (উড্ডয়ন) > ডয়ন >] বি, উল্লঙ্ঘন; উল্লম্ফন। এই অর্থে "ডিঙ্গন" শব্দের প্রাদেশিক ব্যবহার আছে।

ডিঙ্গনি২, **ডিঙ্গানি** [ডিঙ্গন > ডিঙ্গ + আন (ক্রিয়ায়)। ডিঙ্গাই, ডিঙ্গাও, ডিঙ্গায়: ডিঙ্গাইতে; ডিঙ্গাইয়া (স্কে° ডিঙ্গিয়ে)] ক্রি, উল্লঙ্ঘন করা; লাফান; লম্ফ দিয়া কোন কিছু লঙ্ঘন বা অতিক্রম করা।

ডিঙ্গর [প্রাকৃ° (শব্দ রত্নাবলী)। হি°-ডুঙ্গর। বাং-টোঙ্গর, ডোঙর] বিণ, শঠ; ধূর্ত্ত; ডেগরা। ২ সেবক।

ডিঙ্গরা, ডিংরা [ডাঙ্গর (দ্রঃ) + ইয়া। গ্রা° ডিঙ্গরে, ডিংরে] বিণ, ড্যাকরা; ডাঙ্গপিটে। **ডিঙ্গরামি**-বি, নীচতা; ফিচলেমি; ডাঙ্গপিটেপনা। **লাফডিঙ্গরা** [গ্রা° লাপডিংরে] বিণ, চ্যাঙ্গড়া; ফিচেল।

ডিঙ্গল, ডিঙ্গলি, ডিঙোলো [দীর্ঘ > দীঘর > দীঘল (র=ল) >] বিণ, দীর্ঘ; লম্বা।

ডিঙ্গলী [লম্বায় দুইভাগ করিলে ডিঙ্গীর আকার হয় বলিয়া নাম। গ্রা° ডিংলা] বি, মিঠা কুমড়া।

ডিঙ্গা [দ্রোণী = "কাষ্ঠাদিকৃতছিন্নাগ্র নৌকাকৃতি জল-সেচনী" -শ° ক° দ্রুম°। ডোঙ্গী > ডুঙ্গী > ডিঙ্গী (দ্রোণীর আকারে ক্ষুদ্র নৌকা), বৃহদর্থে ডিঙ্গা। গ্রা° ডিঙে] বি, নৌকা; তরণী; পোত। "গড়ে ডিঙ্গা দেখিতে রূপস॥ প্রথমে করিল সজ্জ, দীর্ঘে ডিঙ্গা শত গজ, আড়ে গড়ে বিংশতি প্রমাণ। মকর আকার মাথা, গজদন্তের বাতা, মাণিকে করিল চক্ষুদান॥ গড়ে ডিঙ্গা মধুকর, মাঝখানে ছইঘর, পাশে গুড়া বসিতে গাবর॥ দুসারি বসিতে পাট, উপরে মালুম কাঠ, পাছে গড়ে মাণিক ভাণ্ডার॥" "চাচিয়া কাঁটাল শাল, গড়ে দণ্ড কেরোয়াল ডিঙ্গা শিরে বান্ধিল মুড়েলা॥"-কবিক°। [ডিঙ্গার ভিন্ন ভিন্ন অংশের নাম-কাণ্ডায়, কেরোয়াল-হাইল: হাল। কোদাল-কাষ্ঠ কোদাল, যদ্দ্বারা নৌকা পরিষ্কার করে। গলুই বা মাথা-গলুই দ্রঃ। গুড়া, গুঢ়া, গুঁড়া-নৌকার মাচান করিবার জন্য আড় দিকে বসান মোটামুটি তক্তা: নৌকার এক ডালি হ'তে অপর ডালি পর্য্যন্ত বিস্তৃত কাষ্ঠখণ্ড। গুণ-যে রজ্জু মাস্তুলে বাঁধিয়া নদ্যাদির কিনারা দিয়া টানিয়া লইয়া যাওয়া হয়। গুণকাষ্ঠ, গুণবৃক্ষক-যে কাঠে গুণ বাঁধা হয়। গোঁজ-যে খুঁটায় নৌকা বান্ধিয়া রাখা হয়। চরাট, চেরোয়াট-গলুই সংলগ্ন কাঠ; পাটাতন। ছইয়া, বা ছৈ ঘর, রইঘর-নৌকার মাচানের উপর ছাদবিশিষ্ট বসিবার ঘর। ঝুলি-যে দণ্ডের সাহায্যে নৌকার গতি ঠিক করা ও যদৃচ্ছা নৌকা ঘুরান ফিরান যায়; কর্ণ (প্রধান নাবিক বা কর্ণধারের হাল ধরিয়া নৌকা পরিচালন করা সর্ব্ব প্রধান কার্য্য)। ঝলম-ঝুলান কৃত্রিম পুষ্পমাল্য। ঝোকাবাড়ি-হাইল সংলগ্ন কাঠ। ডহর-নৌকার গহ্বর; খোল। ডালি-নৌকার দুই কিনারার কাঠ; ধার বা কানা। পাটাতন-পাটি পাতা মাচান। পাটী, পাটা-তক্তা। পাল-নৌকার মাস্তুলে বদ্ধ বায়ুধারক বস্ত্র। পীঠপাত-পৃষ্ঠের তক্তা। বহর-নৌকার তলার বহির্ভাগ যা জলে ডুবিয়া থাকে। বাইল-লোহ র পাতের বাঁধন। বাইল দ্রঃ। বৈঠা, দাঁড়, পৌটি, চৈড়-যে দণ্ড দ্বারা জল ঠেলিয়া নৌকা চালান হয়; ক্ষেপণী; লগী; দাঁড়। মালুমকাঠ-প্রধান মাস্তুল। সিউনী, সেচনী-কাঠের পাত্র যদ্দ্বারা নৌকার খোলের ভিতরের জল তুলিয়া ফেলা হয়। প্রাচীন বাঙ্গালা কাব্যে ডিঙ্গার ভিন্ন ভিন্ন নাম দৃষ্ট হয়, যথা-(১) মধুকর, (২) দুর্গাবর, (৩) শঙ্খচূড় ("আশী গজ জল ভাঙ্গে গাঙ্গের দুকুল"), (৪) চন্দ্রপাল ("যাতে ভরা দিতে হয় দুই কূল আলো"), (৫) ছোট মুখা ("সেই নায়ে ভরা চলে বায়ান্ন পউটি"), (৬) গুয়ারেখী ("গড়ে ডিঙ্গা সিংহ মুখী নাম তার গুয়ারেখী দুপুরের পথ যায় মালুমকাঠ দেখি"), (৭) নাটশালা

("তাহাতে দেখয়ে সবে গাবরের মালা"), (৮) রণজয়, (৯) রণভীমা, (১০) মহাকায়, (১১) সর্ব্বধরা ("হীরামুখী চন্দ্রকরা"-কবিক°)। ৭খানি পোত লইয়া প্রথম ধনপতি সওদাগর ও তৎপুত্র শ্রীমন্ত সিংহল যাত্রা করিয়াছিলেন]। ডি° মারা-ক্রি, ঝিঁকা মারিয়া অর্থাৎ হাল ও দাঁড়ের জোরে নৌকাকে ঢেউএর উপর তুলিয়া দেওয়া, যাতে ঢেউ নৌকার ভিতর আসিয়া না পড়ে। ২ [লক্ষ°] ডিঙ্গান; অঙ্গুষ্ঠে ভর দিয়া দাঁড়ান। "বাঘ বেত বন হতে। ডাক ছাড়ি ডিঙ্গা মারি দাঁড়াইল পথে।"-শি°।

ডিঙ্গান২ [সং-ডীঙ্ (উড্ডয়নে) > ডিঙ্গ (উল্লম্ফন) + আন (করা অর্থে)। ডিঙ্গাই, ডিঙ্গাও, ডিঙ্গায়; ডিঙ্গাইতে: ডিঙ্গাইয়া (ক্ষে° ডিঙ্গয়ে)] ক্রি, অতিক্রম, উল্লঙ্ঘন বা উল্লম্ফন করা।.

ডিঙ্গি২, ডিঙ্গী, ডিঙি২ [ডিঙ্গা (দ্রঃ) >। ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, ডিঙ্গা অপেক্ষা ছোট নৌকা। "দু একখানি জেলের ডিঙি সন্ধ্যেবেলায় ভিড়ে"-রবী°।

ডিজাইন [ইং design এর লিপ্যন্তর] বি, পরিকল্পিত চিত্রাদি।

ডিডকা [সুশ্রুত°। সং। হি°-ডিডকা (মুহাসা, ঢোঁড়সা)] বি, যৌবন কালে মুখে যে ব্রণ দেখা দেয়; বয়স ফোড়া।

ডিণ্ডিম [ডিম্ + ডিম্=ডিণ্ডিম। ডিণ্ডি (অনু°) + মি (ক্ষেপণ করা) + অ (র্ত্তৃ)-যাতে আঘাত করিলে ডিম্ ডিম্ শব্দ হয়] বি, প্রাচীন আনদ্ধ যন্ত্রবিঃ; ঢোল। "ডমরু মধ্যমা মাতা ডিণ্ডিমবাদিনী"-কবিক°। [তুল-ইং din; মধ্য ইং-ডিংগেন্ dingen (অনুকার শব্দ করা)]।

ডিণ্ডিমেশ্বর [ডিণ্ডিম + ঈশ্বর] বি, তীর্থ বিঃ।

ডিণ্ডির [সং] বি, সমুদ্রের ফেনা।

ডিণ্ডিশ [সং] বি, টিণ্ডিশ; ঢাঁড়শ ফল ও গাছ।

ˋডিত্থ [সং] বি, কাষ্ঠময় গজ। ২ কোন এক ব্যক্তি বোধক শব্দ। ৩ শ্যামবর্ণ, বিদ্বান, সুন্দর, প্রিয়দর্শন এবং সর্ব্বশাস্ত্রার্থবেত্তা যুবাপুরুষ। ডিত্থ ও ডবিত্থ-কাল্পনিক ব্যক্তিবোধক শব্দদ্বয়। তুল-টম-হ্যারি (দ্রঃ)।

ˋডিনার [ইং-dinner এর লিপ্যন্তর] বি, খানা; ভোজ। ২ মধ্যাহ্নভোজন; অপরাহ্নভোজন (সন্ধ্যা ৬টা হতে ৮টার মধ্যে)। ডি° পার্টি-ভোজের মজলিস।

ˋডিপজি/ট [ইং deposit এর লিপ্যন্তর] বি, অন্যের নিকট ধনাদি গচ্ছিত বা জমা রাখা। ~টর-বি, যে ডিপজিট রাখে: ন্যাসকারী।

ডিপজিসন [ইং-deposition এর লিপ্যন্তর। আদাঃ পরিঃ] বি, এজাহার।

ডিপা, ডিপে, ডিবা, ডিবি [সং-ডিম্ব >, বা তেল°-ডব্বি >। ক্ষুদ্রার্থে ডিবি। ডিবা বা ডিবি মূলতঃ ডিম্বাকৃতি >] হি°-ডিব্বা: ডিবিয়া] বি, কৌটা; সম্পুট। "অধরোষ্ঠ কিবা, প্রবালের ডিবা, কিবা শোভা করে সঞ্চার॥"-রঙ্গলাল (কাঞ্চী°)। "সাজাইতে বউ বিবি, পাউডার ডিবি ডিবি, আদরে কিনিছে কোন জন"-চন্দন। ২ তাম্বুলাধার। ৩ টিন ই° ধাতুনির্ম্মিত ক্ষুদ্র আলোকাধার।

ডিপুটী, ডেপুটি [ইং-deputy র লিপ্যন্তর] বি, কোন কর্ম্মচারীর স্থলাভিষিক্ত হইয়া যে কর্ম্ম করে; সহকারী কর্ম্মচারী; প্রধান কর্ম্মচারীর অব্যবহিত নিম্নপদস্থ কর্ম্মচারী; (সাধারণতঃ) ডেপুটীম্যাজিষ্ট্রেট। ~গিরি-বি, ডিপুটীর কার্য্য বা পদ।

ˋডিপো [ইং- depot র লিপ্যন্তর] বি, যেখানে মাল সঞ্চিত থাকে; আড়ৎ।

ডিপোর্টেসন [ইং- deportation এর লিপ্যন্তর। আদাঃ পরিঃ] বি, নির্ব্বাসন। ২ স্থানান্তরিত করণ।

ডিফেণ্ডাণ্ট [ইং-defendant এর লিপ্যন্তর। আদাঃ পরিঃ] বি, দেওয়ানী মকদ্দমায় প্রতিবাদী; মকদ্দমার প্রতিবাদী।

ডিবা, ডিবে-ডিপা দ্রঃ।

ডিবি [ডিপা দ্রঃ] বি, ছোট ডিবে।

ডিবেঞ্চার [ইং-debenture এর লিপ্যন্তর] বি, আমদানী মালের রপ্তানীকারী মাল আমদানীর সময় যে মাশুল দিয়াছিল তা তাকে ফেরৎ পাইবার অধিকারী করিয়া শুল্কাগার কর্ত্তৃক প্রদত্ত নিদর্শন পত্র বা কাষ্টমহাউসের সার্টিফিকেট। ২ ব্যবসায়ী সঙ্ঘ সম্পাদিত বন্ধকী তমঃসুক। ৩ সরকারী ঋণ পত্র; বেসরকারী ঋণ স্বীকার পত্র।

ডিব্বা [হি°] বি, ডিপা (দ্রঃ)। ২ রেলগাড়ী ই°-র কামরা; খানা; ঘর।

ডিম [সং-ডিম্ব >] বি, অণ্ড: ডিম্ব। "তোমার ডিমের স্বাদ সুধার সমান"-ঈ° গুপ্ত। ২ হাঁটু ও গোড়ালীর মধ্যে পায়ের পশ্চাদ্দিকের ডিম্বাকৃতি মাংসল অংশ; ডিমে। ডি° পাড়া-অণ্ডপ্রসব করা। ডিমে তা দেওয়া-প্রসূত ডিম্ব ফুটাইবার জন্য ডিমের উপর বসিয়া দেহের তা অর্থাৎ তাপ (উত্তাপ) দান করা। ডিমে রোগা-আজন্ম রুগ্ন; চিররোগী। ২ অতিশয় কৃশ। ঘোড়ার ডিম-যা অসম্ভব; শূন্য; কিছুই নয়। বাও (বাওয়া) ডিম [সং-বাত > অথবা সং-ব্যর্থ > হি° বাদী > বাও] বি, যে ডিম ফুটিয়া বাচ্চা হয় না।

ডিমকি [ডিম্ব > ডিম + কি (অতি ক্ষুদ্রার্থে)] বি, ডিম অপেক্ষা ক্ষুদ্র; ডিমের মত গোল অতি ক্ষুদ্র ক্ষুদ্র দানা; ফুটকি। ২ [এই অর্থে গ্রা° ডিমিও°] বুদ্বুদ। ডি° ডিমকি (ব্যাপ্তি অর্থে দ্বিত্ব)-মাছের ডিমের দানার মত বা যে স্থানে লোণা ধরে সেই স্থানের সুনগুঁড়ির মত।

ডিমডিমি [অনু°। গ্রা°] বি, ডমরু।

ডিমলী; ডিমুলো [ডিম + বালা > ডিমালা >] বিণ, ডিমওয়ালা; ডিমযুক্ত। "দাগা কাটা রুই, পয়জারে কই ডিমুলো ডিমুলো"-রাজা বাহাদুর।

ডিমা১ [ডিম্ব + আ (সাদৃশ্যে)] বি, হাঁটুর নিম্নে ও গুল্ফের উপরের অংশ। ২ ডিম্বাকৃতি।

ডিমা২ [চ° ক° ভা°। গ্রা°-বাং] বি, ডিম্ব। "পাখী গোটেক দেখিয়া ডিমা না মারিব"-মাণিক গান (খৃঃ ১১শ-১২শতাব্দী)।

ডিমাই [ইং demy এর লিপ্যন্তর] বি, কাগজের আকারবিঃ; যে কাগজের তা বাইশ ইঞ্চি লম্বা ও আঠার ইঞ্চি

চওড়া। ইহা মিডিয়ম আকার অপেক্ষা ছোট। ডেমি দ্রঃ।

ডিমারেজ [ইং demurrage এর লিপ্যন্তর] বি. চুক্তির অতিরিক্ত সময় নৌকা, জাহাজ বা রেলের মালগাড়ী আটক রাখার জন্য জাহাজাদির মালিককে যে অর্থক্ষতি-পূরণ স্বরূপ দিতে হয় compensation paid for detaining a ship, boat &c in loading and unloading ২ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মাল খালাস না করার জন্য দেয় অতিরিক্ত ভাড়া।

ডিমিকি [অনু·]বি, ডমরুর বাদ্যধ্বনি ; ডিম্‌ডিম্ শব্দ। ক্রি-বিণ, ডিম্‌ডিম শব্দে। "ডিমিকী ডিমিকী ডমরু বাজে"-কমলাকান্ত।

ডিম্ব [ডিম্ব্ (প্রেরণ করা)+অ(র্ত্তৃ)-যা জীবকে আপনার ভিতর হতে বাহিরে (জগতে) প্রেরণ করে] বি, অণ্ড ; ডিম। ২ জ্রূণ। ৩ শিশু (অ· ক·)। ৪ ফুসফুস্। ৫ প্লীহা। ৬ কলহ ; বিপ্লব ; ভয় [বিরল]। ~কোষ [উদ্ভিদবিদ্যায়] বি, গর্ভকোশের নিম্নস্থ শূন্যগর্ভাংশ ; পুষ্পযোনি। ~জ [ডিম্ব (ডিম হতে) জ (জাত)] বি, অণ্ডজ : প্রাণী। ২ বিণ, ডিম্বজাত। ~সাচ-বি, ডিমের ছাঁচ বা আদরা।

ডিম্বাহব [ডিম্ব (ভয়ধ্বনি-যুক্ত)+আহব (যুদ্ধ)] বি, নৃপতিহীন যুদ্ধ।

ডিম্বিকা [সং] বি, জলবিম্ব। ২ কামুকী। ৩ শোণাক বৃক্ষ।

ডিম্ভ, ডিম্ভক [ডিম্ভ্ (জড় করা)+অ (র্ত্তৃ)=ডিম্ভ+ক=ডিম্ভক] বি, শিশু ; বালক। ২ বিণ, মূর্খ (মেদিনী)। ৩ শাল্ব-দেশাধিপতি। ৪ মগধরাজ জরাসন্ধের সেনাপতি। ~চক্র-শুভাশুভ নির্ণায়ক চক্রবিঃ।

ডিম্ভজ-ডিম্বজ দ্রঃ।

ডিয়াঁ-ডিঙা দ্রঃ।

ডিষ্ট্রীক্ট [ইং-district এর লিপ্যন্তর] বি, পরগনা সমষ্টি ; জেলা।

ডিস [ইং dish এর লিপ্যন্তর] বি, রেকাবী।

ডিস্‌কাউন্ট্ [ইং discount এর লিপ্যন্তর] বি, ছাড় ; হিসাবে ছাড়।

ডিস্‌চার্জ্ [ইং discharge এর লিপ্যন্তর। আদাঃ] বি, উপযুক্ত প্রমাণ অভাবে অভিযুক্তকে রেহাই বা মুক্তিদান।

ডিস্‌মিস্, ডিশ্‌মিশ্ [ইং dismiss এর লিপ্যন্তর >] বিণ, খারিজ ; বাতিল ; অগ্রাহ্য। ২ কর্ম্মে জবাব। 'অন্য দাবী ডিসমিস"-দ্বি· রায়।

ডিসেম্বর [ইং December এর লিপ্যন্তর] বি, ইং বৎসরের দ্বাদশ বা শেষ মাস : অগ্রহায়ণের অর্দ্ধেক হতে পৌষের অর্দ্ধ পর্য্যন্ত।

ডিহনি, ডেহানি [ডিঙ্গান (দ্রঃ) > পূ· ব· প্রাদে· প্রা·-বাং] ক্রি, ডিঙ্গান, লঙ্ঘন করা। "তাহা ডেঙাইতে মোর মনে নাহি স্ফুরে।"-মহা· (বিজয়)।

ডিহি১, -ডি, -ডী [ফা·-ডীহ্] বি, গ্রামসমষ্টি ; কয়েকটী ক্ষুদ্র ক্ষুদ্র গ্রামে একটা মৌজা হয়, এক তৌজিভুক্ত কয়েকটী মৌজায় একটী ডিহি। প্র-বকডি (ড), বাঁশডি ইং। [প্রাদে· জঙ্গিপুর অঞ্চলে] ভিটা ; পরিত্যক্ত উচ্চ বাস্তুভূমি ; পোঁতা। ~দার-বি, একখানি গ্রামের বা ডিহির অধিকারী। "খন্দে নাহি নিব বাড়ি, র'য়ে ব'সে দিও কড়ি, ডিহিদার না করিব দেশে"-কবিক·। ~বন্দী-ডিহির রাজস্ব নির্দ্ধারণ।

ডিহি২ [প্রাদে·। দীর্ঘ >] বি, দীর্ঘিকা, দীঘী (পূ· ব· গী·)।

ডী-বি, বাদ্যযন্ত্রবিঃ। ২ চাষপক্ষী।

ডীন১ [ডী (ডয়ন করা বা উড়া)+ত (ভা·)] বি, নভোগতি ; উড়ন। ২ আগম-শাস্ত্রবিঃ। ৩ বিণ, (র্ত্তৃ) উড়নশীল ; উড্ডীয়-মান ; নভোগত।

ডীন২ [অক্স্‌ফোর্ড, কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের অনুকরণে ইং Dean এর লিপ্যন্তর] বি, বিশ্ববিদ্যালয়ের শাসন পরিষদের যে সভ্য কোন বিদ্যামন্দিরে বাস করিয়া ছাত্রদের শাসন ও তত্ত্বাবধান করেন।

ডুকরণি, ডুকরাণি [হি·-ডক্‌রানা। ডুকরাই, ডুকরাও, ডুকরায় ; ডুকরাইতে ; ডুকরিয়া (শ্লো· পদ্যে-ডুকরি, গ্রা· ডুক্‌রে)] ক্রি, ডাক ছাড়িয়া কাঁদা ; বিলাপ করা ; মনস্তাপ বা আক্ষেপের সহিত ক্রন্দন করা ; ফুলিয়া ফুলিয়া বা ফুঁপাইয়া ফুঁপাইয়া কাঁদিতে কাঁদিতে হঠাৎ উচ্চৈঃস্বরে কাঁদিয়া উঠা। ডুকরি, ডুকারিয়া, ডুকুরিয়া-ক্রি·বিণ, "শিশু যবে ডুকুরিয়া করে গো চীৎকার"-অশোক·। "ডুকারিয়া কাঁন্দে ভয়ে বান্ধা দুটী হাত"-রা· প্র·।

ডুকরা-ডোকরা দ্রঃ।

ডুগডুগ [অনু·] বি, ডমরু ই· বাদ্য-শব্দ।

ডুগডুগি, ডুগডুগী, ডুবডুবি [অনু·] বি, হিন্দুদিগের প্রাচীন ক্ষুদ্র আনন্দ যন্ত্রবিঃ ; ডমরু ; ছোট ঢোল।

ডুগী [হি·-ডুগ্‌গী] বি. তবলার সহচর বাদ্য ; বাঁয়া। ইহা তবলা অপেক্ষা ছোট ও বাম হস্তে বাজান হয়।

ডুডুর [প্রাদে·'ডোঙর' ও· (চ· ক· ভা·)] বি, ডুমুর।

ডুঙ্গা [প্রাদে·। ডোঙ্গার আকার হ'তে] বি, ষষ্ঠীর পূজোপচার সহিত কুলা ; কদলী-কাণ্ড (মৈ· গী·)।

ডুঙ্গী, ডুঙি [মুণ্ডারী 'ডাঙ্গা' >] বি, অতি ক্ষুদ্র নৌকাবিঃ। ডোঙ্গা অপেক্ষা ক্ষুদ্র।

ডুডুম্-বি, বাদ্যধ্বনি। ২ অনু· শব্দ।

ডুণ্ডুভ [সং] বি, ঢোঁড়াসাপ। "মহাদর্পে সর্পে গিয়া ধরিছে সালুর। বিড়ালে ডুণ্ডুভ দিয়া খেদিছে ইন্দুর॥"-ঘ·।

ডুব [অনু·। হি·-ডুব। ডুবনা=মগ্ন হওয়া] বি, মজ্জন ; নিমগন ; গোঁত [হি·-গোতা] ; অবগাহন ; গাহন। ২ বিণ, ডুব দিবার মত গভীর : ডুবন। প্র-ডুব জল। ডু· খাওয়া,-গালা, -দেওয়া, -পাড়া-বারংবার ডুবা বা নিমজ্জিত হওয়া। জলের ভিতর উপর্য্যুপরি প্রবেশ করা। "ডুব দে মন কালী বলে হৃদিরত্নাকরের অগাধ জলে!"-রা· প্র·। ডু· মারা-ডুব দেওয়া। ২ অদৃশ্য হওয়া। ~সাঁতার (কাটা)-জলে ডুবিয়া সাঁতার (দেওয়া) ; অদৃশ্য সন্তরণ (করা)।

ডুবকি [হি·-ডুব্‌কি। অনু·] বি, গোঁত ; ডুব। ২ ডুব্ ডুব্ শব্দকারী ক্ষুদ্র আনন্দযন্ত্র-বিঃ ; ডুগী।

ডুবডুবি [ডুব্ ডুব শব্দ > নাম] বি, ডমরু।

ডুবন (-ব-)-বিণ. ডুবাইবার মত গভীর। ২ বি. মজ্জন : চুবন। ক্রি, ডুবনি-ডুবান দ্রঃ। বিণ.-ডুবন্ত -ডুবুডুবু অবস্থাযুক্ত, মজ্জমান।

ডুবরী-ডুবারী দ্রঃ।

ডুবা [অনুঃ। ডুবি,ডুব,ডোব (ডু-ডোবেন, ডুবিস), ডুবে, ডোবে (ডুবেন, ডোবেন), ডুবিতে; ডুবিয়া (কেঃ ডু-ডোবে.পদ্যে-ডুবি)। ণিজন্ত-ডুবান] ক্রি, জলমগ্ন হওয়া : সলিল মধ্যে প্রবেশ করা। "ডুবিব অতল সলিলে, প্রেমসিন্ধুনীরে"-দ্ধঃ। "মুক্তাফলের লোভে ডুবে রে অতল জলে যতনে ধীবর"-মাইকেল। ২ [জলমগ্ন হওয়ার ভাব >] অধঃপাতে যাওয়া ; অবনতি প্রাপ্ত হওয়া। "বল্লালী তুই যাঁরে বাঙ্গালা ছেড়ে। ডুবল ভারত কদাচারে॥"-রাসবিহারী মুখোঃ। [ব্রজ] ডুবইতে-ডুবিতে। "বিরহসিন্ধু মাঝে ডুবইতে"-বিঃ পঃ। ডুবল-ডুবিল। "অমিয় সরোবরে ডুবল কান"-ঐ। ডুবে যাওয়া -জলমগ্ন হওয়া। ২ ডুবিয়া মরা।

ডুবানি [ডুবা দ্রঃ। ডুবাই,ডুবাও, ডোবাও, (ডুবান,ডোবান,ডুবা, ডোবা), ডুবায়, ডোবায় (ডুবান, ডোবান) ; ডুবাইতে, ডোবাইতে ; ডুবাইয়া,ডোবাইয়া (ডুবিয়ে, ডোবায়ে)] ক্রি, ডুবিতে বাধ্য করা ; জলমগ্ন করা। ২ আচ্ছন্ন করা। "ডুবায়ে রাখে মায়ায় হে"-রবীঃ। ৩ অধঃপাতিত করা ; উৎসন্ন দেওয়া।

ডুবারী, ডুবারু [ডুব+আরি (ব্যবসায়ার্থে)-ডুব দেওয়া যার ব্যবসায় : ডুব-আরু (অভ্যাস)-ডুব দেওয়ায় অভ্যস্ত। ডুবরী, ডুবুরী ও। গ্রাঃ ডুবড়িয়া] বি, বিণ, ডুব দেওয়া কার্য্যে যে অভ্যস্ত বা ব্যবসায়ার্থে যাকে ডুব দিতে হয় ; যে অধিকক্ষণ জলের ভিতর থাকিতে পারে ; ডুব বিদ্যায় পারদর্শী। ২ যারা সমুদ্রাদিতে ডুব দিয়া মুক্তা প্রবালাদি উত্তোলন করে। ৩ [নৌঃ পরিঃ] সমুদ্রগামী জাহাজের কর্ম্মচারীবিঃ যাকে জলযান জলপথে আটকাইয়া গেলে তার তলদেশ পরীক্ষা করিতে হয় ; যারা কূপ, পুষ্করিণী ইঃ খনন করে। "কেমন ডুবারু, ডুবিছে তাহাতে না জানি কি লাগি ডুবে"-চণ্ডিঃ। ৪ সন্তরকবর্গের পক্ষিবিঃ the dabchicks.

ডুবারীর পোষাক-অধুনা য়ুরোপীয় প্রণালীতে যারা সাগর গর্ভ হ'তে রত্ন উত্তোলন করে তাদের পোষাক diving dress.

ডুবু [গ্রাঃ। 'হাবু' দ্রঃ] বি. ডুব দিবার বা ডুবিবার অবস্থা।

ডুবুডুবু [ডুব্ +উআ=ডুবুয়া=ডুবু+ডুবু (প্রায় অর্থাৎ সাদৃশ্য অর্থে দ্বিত্ব)] বিণ. মগ্নপ্রায় : আকণ্ঠ নিমজ্জিত। "ডুবুডুবু করে ডিঙ্গা যায় রসাতল"-শিঃ। "ডুবুডুবু করি ডুবিয়া না মরি উঠিতে নারি যে কূলে।"-চণ্ডিঃ। ২ [লক্ষঃ] পরিপূর্ণ : মগ্ন : ভোর : প্লাবিত, পরিপ্লুত। "শান্তিপুর ডুবুডুবু নদে ভেসে যায়" -চৈঃ চঃ।

ডুবুরী-ডুবারী দ্রঃ।

ডুমি, ডুমা, ডুমো [সং-তুম্ব > দুম্ব, ধুম্ব > ডুমো, ধুমো, >। ত=ধ=দ=ড] বি. ডিম্বাকৃতি স্থূল খণ্ড : মোটা টুকরা। ডুমা ডুমা-এইরূপ খণ্ড খণ্ড। "ডুম ডুম করিয়া ছেচিয়া দিল চৈ" -মনসা মঃ (বিজয়)।

ডুমনি [প্রাদেঃ জঙ্গিপুর। সাঃ পঃ পঃ ১৩২২] বি. পগারের পাশের প্রণালী। ২ ডোমনী দ্রঃ।

ডুমরু [ডম্বরু দ্রঃ]।" বি. ডমরু। "ডুমরু তালে ডুঃ বাজাও-গ্রাঃ গীত।

ডুমুর, ডুমর [সং-উডুম্বর > সাঁওতাল পরগণায়, ডুমোর] বি, উদুম্বর বৃক্ষ : ডুমুর ফল। ~ফুল [ডুমুর ফলের ভিতরেই ফুল থাকে বলিয়া লোকে ডুমুরের ফুল দেখিতে পায় না ; তা হ'তে] নয়নের অগোচর বস্তু ; যার দেখা পাওয়া যায় না। ~ফুল হওয়া-অদৃশ্য হওয়া।

ডুম্বুর [সং-ডমরু। প্রাদেঃ রূপান্তর-ডম্বরু, ডুম্বুরু] ডমরু নামক বাদ্যযন্ত্র। "সিঙ্গা এত গান গীত ডুম্বুরে ধরএ তাল। ধর্ম্ম বিয়াইআ সিব বাজাইছে গাল॥"-শূঃ পুঃ। ২ ডুমুর ফল ও তার গাছ।

ডুরি, ডুরী [ওরাওঁ-ডোরী"। হিঃ-ডোর ; ডোরী ; সূত্র] বি, সূত্র ; সূতা ; সরু দড়ি ; রজ্জু। "যত্নে করি চারি খুটে বাঁধে রত্ন ডুরি"-শিঃ। ২ [লক্ষঃ] বন্ধন; (কর্ম্ম) সূত্র। "প্রসাদ বলে ব্রহ্মময়ী কর্ম্মডুরি দে মা কেটে"-রাঃ প্রঃ। ৩ পাখোয়াজ, তবলা ইঃ-র পার্শ্বস্থ চর্ম্মবন্ধনী। ৪ আকর্ষণ : টান : প্রণয় বা ভালবাসার বাঁধন। "অনুরাগে গলি সোহাগে,-ছিড়িতে নারিলো ডুরি, কি করি মন যে তারি॥"-গিরিশঃ। ৫ "পূর্ব্বে রাজাদিগের আদেশ সম্বলিত ডুরি লইয়া পথিকগণ যাতায়াত করিতে পারিতেন। এই 'ডুরি একরূপ পাসপোর্টের ন্যায় ছিল।" -বঙ্গভাষা ও সাহিত্য] ছাড়পত্র passport. ডুঃ পড়া-সূতায় বা দড়িতে জোট বা গাঁট পড়া। ডুঃ বাঁধা-সূত্রদ্বারা বন্ধন করা। ২ গ্রন্থ সমাপ্ত করিয়া সূতা বাঁধিয়া তুলিয়া রাখা। ৩ [লক্ষ] লেখাপড়া বন্ধ করা।

ডুরিয়া~1~, ডুরে [ডোরা (দ্রঃ)+ইআ (যুক্তার্থে)। হিঃ-ডোরিয়া] বিণ. ডোরাদার ; ডোরা কাটা। ২ [দুই প্রকারের সূতা পাকাইয়া টানা দেওয়া হয় বলিয়া] বি, ডোরা বা সূতার রেখা দেওয়া কাপড (ডুরিয়া নানা প্রকারের-রাজকোট, বাদশাহীদার, কুত্তিদার, কাগজাহী, কলাপাত ইঃ-দৈর্ঘ্যে ১০ হ'তে ২০ গজ, প্রস্থে ১ হ'তে ১॥ গজ)। প্র-ডুরে সাড়ী ; শাদা ডুরে ; নীলাম্বরী ডুরে ; রেশমী ডুরে।

ডুরিয়া~2~ [প্রাদেঃ] বি, কুক্কুরপালক।

ডুলা, ডোলা [দোলা দ্রঃ। হিঃ-ডোলনা। ডুলি ; ডুল ; ডুলে ; ডুলিতে ; ডুলিয়া ইঃ] ক্রি. দোলা। ২ নড়া ; চলা (মৈঃ গীঃ)।

ডুলি [< হিঃ-ডোলী (যানবিঃ) < প্রাকৃঃ-ডোলো-হেঃ] বি,কচ্ছপী। ২ পাল্কী।

ডুলিকা-বি, খঞ্জনাকার পক্ষিবিঃ।

ডুলী~1~ [হিঃ-ডোলী=যানবিঃ ; ডোলা বা দোলার অপেক্ষা ক্ষুদ্র] বি,নরবাহিত যানবিঃ ; ক্ষুদ্র ডোলা বা দোলা ; ছোট পাল্কী ; শিবিকা। ২ [হিঃ-ডোলনা (হেলন বা দোলন) >] রোমাঞ্চ। ডুঃ মারা-দুলিয়া উঠা ; ডুলী বা পাল্কী তুলিবার কালে আরোহীর শরীর যানের সঙ্গে যেমন দুলিয়া বা হেলিয়া উঠে সেইভাবে উভয়দিকে হেলা বা কম্পিত হওয়া। ২ রোমাঞ্চিত বা কণ্টকিত হওয়া।

ডুলী২ [বৌ° বাং। সন্ধাভাষায়] বি, অবধূতী। "এক স ডুলী সরুই নাল" (টীকায়-সৈব পূর্ব্বোক্তাবধূতিকা ই°)।

ডেউয়া, ডেও২ [ডহু দ্রঃ] বি, মাদার গাছ ও ফল।

ডেএ, ডেও১-বি, বড় পিপীলিকা।

ডেওঢাকনা [মিশ্র শব্দ hybrid. সহচর শব্দদ্বয়। সং ডম্রক ডেও+হিং ঢক্না > ঢাকনা] ঢাকন দ্রঃ।

ডেংডেং-ড্যাং ড্যাং দ্রঃ।

ডেডেমুষে [ডেড়িয়া (ডেড়ি দ্রঃ)+ মুষিয়া (মুষ্=লুণ্ঠন করা) >] ক্রি-বিণ, অতিরিক্ত শুষিয়া। ২ সর্ব্বস্বান্ত করিয়া।

ডেঁপ, ড্যাঁপ [সং-ডিম্ব, ডিম্ভ >] বি, অঙ্কুর; কল। ২ [প্রাদে°] লম্বা বাঁশ বা কাঠ হ'তে খাদিকাটা মাচার উপযোগী এড়ো কাঠ। ৩ বিষধর সর্পের ছানা; শোলুই।

ডেঁপো [ডেঁপ্+উ+আ (বির্থে°)= ডেঁপুআ (উ+আ=ও)-অঙ্কুরোদ্গমের ভাব বা ডবী >] বিণ, অকালপক্ক; অল্পবয়সে যৌবনসুলভ রসিকতাকারী। "এখন দশ বছরের ডেঁপো চসমা ধরেছে"-রজনী সেন।

ডেক, ডেগ [ফা°-দেগ্, দেগ্ >] বিণ, বৃহদাকার রন্ধন পাত্রবিঃ। "বড় ডেগের এক ডেগ রান্না করিতে হাজার টাকা খরচ পড়ে"-প্রবাসী, আষাঢ় ১৩২০। ~চি, চী [ক্ষুদ্রার্থে], ডেক অপেক্ষা ক্ষুদ্র পাত্র। "যেখানে ডেকচী সমারূঢ়া অন্নপূর্ণার মৃদু মৃদু ফুটফুট বুটবুট টকবকোধ্বনি, 'সেইখানে আমার মন পড়িয়া থাকিত।"-কমলাকান্তের দপ্তর।

ডেক [ইং deck এর লিপ্যন্তর] বি, নৌকা, জাহাজাদির পাটাতন।

ডেকরা, ডেগরা [সং-ডিঙ্গর >] বিণ, ধূর্ত্ত, শঠ; খল। ২ ডাঙ্গপিটে; অশিষ্ট সাহসী। ৩ অভদ্র। "কি বলে ডেগরা, বড় যে চেগরা ঐ কথা ফিরা ফিরা "-বি° সু°। স্ত্রীং-ডেকরী। ~মি-বি, ডেকরার ভাব বা স্বভাব বা কার্য্য।

ডেকো [ডাক+উয়া=ডাকুয়া > ক্ষেং ডেকো] বিণ, যার নাম ডাক আছে; সুপ্রসিদ্ধ; ডাকসাইটে। ২ [কদর্থে] কুপ্রসিদ্ধ। প্র-ডেকো হারামজাদা। ডেকো বদমাইস। ডেকো মাতাল। ৩ সাহসী। ~-হেঁকো [ডেকো+হেঁকো (হাঁক+উয়া =হাঁকুয়া >)] যে ডাকাডাকি হাঁকাহাঁকি করিয়া লোকজন সংগ্রহ করিয়া হামরাই হ'তে পারে। "পাড়ার মধ্যে এমন কোন ডেকো-হেঁকো লোক নাই যে এ কাজে সাহস করে।"

ডেগুরা, ডেপুরা [প্রাদে°] বি, কুঁড়ে ঘর। "বান্ধিল ডেগুরা এক কয়বর উপরে"-মৈ° গী°। "কিছুদূর গিয়া সাধু দেখে ডেপুরা একখানি"-পূ° ব° গী°।

ডেঙ্গর, ডাঙর [সং-ডিঙ্গর] বি, কেশ-কীট; ক্ষুদ্র উকুণ। "ডেঙ্গর উকুণ নিকি করে ইলি বিলি"-অ° ম°।

ডেঙ্গাডেঙ্গি [প্রাদে°। ডিঙ্গান দ্রঃ] বি, ছোট ছোট ছেলে মেয়েদের খেলা; জল ডিঙ্গাডিঙ্গী।

ডেঙ্গু, ডেঙ্গো১ [ইং dengue, স্পে°, ডেঙ্গা=হাড়ভাঙ্গা জ্বর] বি, স্পেনদেশীয় ডেঙ্গু নামক জ্বরবিঃ; এই জ্বরের সঙ্গে সঙ্গে হাড়ে হাড়ে বেদনা হয়; সর্ব্বাঙ্গ আড়ষ্ট হইয়া থাকে। "এই সময়ে সর্ব্বত্রই ডেঙ্গু জ্বরের আবির্ভাব হইল। কাশীতে আমাদের বাসায় চাকর বামুন সকলেই জ্বরে পড়িল।"-মানসী ও মর্ম্মবাণী, বৈশাখ, ১৩২৩।

ডেঙ্গুয়া১, **ডেঙ্গো**২ [সং-রণ্ডকঃ > ?] বি, স্ত্রী-পুত্রাদিহীন ব্যক্তি।

ডেঙ্গুয়া২, **ডেঙ্গো**৩ [ডাঙ্গা+উয়া] বি, ডাঙ্গাজাত শাকবিঃ; ডেঙ্গো শাক। ডেঙ্গো খাড়া,-ডাঁটা-উক্ত গাছের পত্রহীন দণ্ড।

ডেড়, ডেড়া [হি°-ডেঢ়, ডেঢ়া] এক ও তাহার অর্দ্ধ; দেড়; সার্দ্ধেক। বিণ, দেড়গুণ; অর্দ্ধাধিক এক পরিমিত।

ডেড়ি, ডেড়ী [হি°] বি, ন্যূনতা। ২ দারিদ্র্য। ৩ বিপদ; অমঙ্গল; অশুভ। "খড়ি পাতি বলে খুড়ি, যে কিছু বাড়ীর ডেড়ী, খড়ি পাতি বুঝিনু বিস্তর"-ঘ°। ৪ অবজ্ঞা; তুচ্ছতাচ্ছিল্য। ৫ লঙ্ঘন। বিণ, অধিক। "যে দিন যতেক পায়, তাহা সেই দিনে খায়, ডেড়ি অন্ন নাহি থাকে ঘরে"-কবিক°। ডে° বাড়ি [বৃদ্ধি > বাড়ি] ধান্যাদি ধার লইয়া পর বৎসরে দেড়গুণ পড়িমাণে পরিশোধ।

ডেনা-ডানা দ্রঃ।

ডেপিল, ডেঁ-, ডেফল [সং ডহু-ফল] বি, ডেও মাদার।

ডেপুটি [ইং deputyর লিপ্যন্তর] বি, ডেপুটি কলেক্টর। ২ ভারপ্রাপ্ত কর্ম্মচারীর সহকারী।

ডেপুরা-ডেগুরা দ্রঃ।

ডেবরা-ড্যাবরা দ্রঃ। ২ [ডাগর >] বিণ, স্ফীত; উন্নত। স্ত্রীং ডেবরী।

ডেবরি [প্রাদে°] বি, মৎস্যবিঃ।

ডেবো [শ্রীহট্ট প্রাদে° ডাবা, ডেঁপ দ্রঃ] বি, ক্ষুদ্র শাখা; পল্লব।

ডেম-বি, কলাগাছের গোড়া হ'তে উদ্গত ছোট চারা; তেউড় বা তেড়। প্র-কলার ডেম।

ডেমাক [আ°-দিমাগ্] বি, মস্তিষ্ক। ২ দর্প; দেমাক; অহঙ্কার। বিণ, ডেমাকে [আ° দিমাগী] অহঙ্কৃত, দর্পী।

ডেমি, ডেমী [ইং demyর লিপ্যন্তর] বি, আদালতে দরখাস্ত লিখিবার বা রায় প্রভৃতির নকল করিবার কাগজ। ২ ডিমাই (দ্রঃ) আকারের কাগজ।

ডেমেজ [ইং damageএর লিপ্যন্তর] বি, ক্ষতি। ২ ক্ষতিপূরণের দাবীর টাকা।

ডেমোক্রাসী [ইং democracyর লিপ্যন্তর] বি, ব্যক্তি ও সমাজ উভয়ের স্বার্থ সমান ভাবে অক্ষুন্ন রাখিয়া যে শাসন যন্ত্র পরিচালিত করা হয়, তাহাই ডেমোক্রাসী; "যাহারা দেশের সমস্ত মানব সমাজের স্বার্থ-সমষ্টিও ব্যষ্টিভাবে দেখিতে পারে, তাহারা ডেমোক্রেসী পরিচালনের প্রকৃত অধিকারী।" -বসুমতী, ২৫-১০-২৫।

ডেয়ে-ডেএ দ্রঃ।

ডেরা [হি°-ডেরা=বাসা, গৃহ] বি, ক্ষণস্থায়ী বাসা; আড্ডা। ২ বস্ত্রাবাস; তাম্বু; কানাত। ডে° ডাণ্ডা-তাঁবু ও তার সরঞ্জাম; বস্ত্রগৃহ নির্ম্মাণের উপকরণ। ২ গৃহস্থালীর আসবাব পত্র।

ডেরীডামরী [ডেরী (হি°-ডেওঢ়ী=

সার্দ্ধ, দেড়া)+ডামরী (ক্ষুদ্র। ডামর দ্রঃ)] বিণ, ছোট, মাঝারি, বড় এইরূপ পর্য্যায়ক্রমে অনেক ; ছোট ছোট ছেলে পুলে। প্র-তার ডেরী ডামরী লইয়া অনেকগুলি ছেলেপুলে।

ডেরে ডেরে [সঙ্গীতে-ডারা ডারা ও°] বি, গানের সুর ভাঁজিবার সঙ্কেত শব্দ।

ডৈলা, ড্যালা [সং-ডল্লক > প্রাকৃ°-ডেলা-হে°। হি°-ডল্লা] বি, বড় ঢিল; লোষ্ট্র। "সগুণে নির্গুণে বাধিয়ে বিবাদ, ডেলা দিয়া ভাঙ্গে ডেলা"-রা° প্র°। ~**মারা** -বিণ, অযত্নলব্ধ ; লক্ষ্যহীন। ২ স্থূল ; মোটামুটী। ৩ হাতুড়ে : অবৈজ্ঞানিক : আনাড়ী। প্র-ডেলামারা বিদ্যা,-চিকিৎসা।

ডেলো [সং-দল >] বি, বৃক্ষবিঃ। ২ কাঠের মোটা মোটা খণ্ড। ৩ মাদার বৃক্ষ ও ফল। ৪ ডালবাহিত লতা ও সেই লতাজাত ফল (ডেলো শসা, ডেলো করলা ই°)।

ডেস্কো [দেস্কো দ্রঃ] বি, দীপাধার।

ডৈব্রা-ড্যাবরা দ্রঃ।

ডৈশ, ড্যাশ [ই° dashএর লিপ্যন্তর, বি, বিরামচিহ্নবিঃ (-)।

ডেস্‌কি [ই° deskএর লিপ্যন্তর] বি, লিখিবার,পড়ানে মেজবিঃ।

ডেহুয়া$_1$ [ডেও দ্রঃ] বি, ডেয়ে বা ডেও পিঁপড়ে।

ডেহুয়া$_2$ [প্রাদে°] বি, ডহু ; মান্দার।

ডেহেরি [দেউড়ী >] বি, বাহিরের ঘর ; সদর মহল। "ডেহেরিতে কাম করে চাকরিয়াগণ"-পূ° ব° গী° ।

ডোএ, ডোয়ে, ডঁয়ে [দহিয়া=দগ্ধ হইয়া। দ=ড, হিআ=ইআ=এ=য়ে) শব্দের ভ্রং] বিণ, দগ্ধ হইয়া ; পুড়িয়া। "জ্বরে গা ডয়ে যাচ্ছে"।

ডোকরা, ডুকরা [সং-দুষ্কর (বাৰ্দ্ধক্যাধিক্য হেতু জীবন ধারণই যার পক্ষে দুষ্কর) > প্রাকৃ°-ডুক্কর (অতি বৃদ্ধ) > ডোকর +আ (অনাদরে)। হি°-ডোকরা, ডোকরী =বৃদ্ধ, বৃদ্ধা] বি, জড়বুদ্ধি : দুষ্টবুদ্ধি ; দুর্ম্মতি। ২ ডাঙ্গপিটা; দুষ্ট। ৩ লক্ষ্মীছাড়া ;হতভাগ্য ; গালিবিঃ। প্র-বুড়ো ডোকরা। "কোথা হতে বুড়া এক ডোকরা বামন। প্রণাম করিল মোরে একি অলক্ষণ॥"-অ° ম°।

ডোকরানি [হি° ডকার > ডকরানা >]ক্রি, ডুকরান (দ্রঃ); অস্ফুটস্বরে রোদন ; চাপা ক্রন্দনের রোল তোলা; ফুকরিয়া কাঁদা।

ডোক্‌লা [হি°-ডুক্‌রা=বুড়ো (অবজ্ঞার্থে)। র=ল] বিণ, ডোকরা ; অমিতাচারী ; অপব্যয়ী : উড়নচড়ে : যার ব্যয়ের শৃঙ্খলা নাই। ২ ঔদরিক : পেটুক।

ডোক্কেয়ার ["I don't care (আই ডোণ্ট্ কেয়ার-আমি 'কেয়ার' করি না) > ক্ষে°] অ, গ্রাহ্যই করি না, ভয় করি না, বয়ে গেল, তোয়াক্কা রাখি না ই° অর্থে অব্যয় স্বরূপ ব্যবহৃত হয়। "ডাকে তোমা ওণ্টেয়ার ঘর বাড়ী ডোক্কেয়ার, শাস্তি চর্চ্চা করে এস খচ্চা কিছু ক'বে :"-অ° বসু (বা° বসুমতী, ১৩৩৩)।

ডোঙ্গর [সং-তুঙ্গ > । হি° ডোগর > দেশী হি° ডাঙ্গর >] বিণ, ডাগর ; বড়।

ডোঙ্গা, ডোঙা [মুণ্ডারী শব্দ। তুল-সং দ্রোণী] বি, ক্ষুদ্র তরী ; তাল বৃক্ষের গুঁড়ি দ্বারা নির্ম্মিত ক্ষুদ্র নৌকা ; শালতি। ~**কল** -বি, জলসেচনের ডোঙ্গা।

ডোজ [ই° doseএর লিপ্যন্তর] বি, ঔষধের মাত্রা।

ডোবির [সং-গহ্বর >]বি,ছোট গর্ত্ত।

ডোব, ডোবা$_1$ [স্বল্পজলবিশিষ্ট ক্ষুদ্র জলাশয়ে লোষ্ট্রাদি নিক্ষেপ করিলে ডব্ বা ডুব্ করিয়া যে শব্দ হয় তা হ'তে ইহার উৎপত্তি] বি, সমল ও স্বল্পজল ক্ষুদ্র জলাশয়। "বিধর্ম্ম ডোবার জল খেয়ো না হে ভায়া"-ঈ° গুপ্ত। ২ গর্ত্ত।

ডোবা$_2$ [হি°-ডুব্‌না। অনু°। ডুব দিবার শব্দ > । ডুবি, ডোব (ডুবেন ডুবিস্), ডোবে (ডোবেন) ; ডুবিতে ; ডুবিয়া (ক্ষে° পদ্যে-ডুবি, গ্রা° ডুবে)। ণিজন্ত **ডোবানি**] ক্রি, জলমগ্ন হওয়া। ২ ঋণজালে এমন জড়িত হওয়া যে উদ্ধারের পথ না থাকা। ৩ পাপ পঙ্কে নিমজ্জিত হওয়া।

ডোম [প্রা° ডুম্ব (শ্বপচ-হে°) >] বি, বর্ণসঙ্করজাতিবিঃ; ভারতের বহুবিস্তৃত অনার্য্য জাতিবিঃ। স্ত্রীং **ডোমনী**$_1$, **ডুম্‌নী**$_1$। ~**চিল**-বি, চিল পক্ষীর প্রকার ভেদ (চিল দ্রঃ) ; গোদা চিল ;ভুঁড়ো চিল। শঙ্খ বা বক্ষ ও কণ্ঠ শ্বেতবর্ণ চিলের বিপরীত অর্থাৎ ধূসর-কৃষ্ণবর্ণ চিল। "যাত্রার সময় ডোমচিল উড়ে মাথে"। -কবিক°।

ডোম্‌না$_1$ [হি°] বি, গ্রাম্য সঙ্গীতবিঃ। ২ চিতি সর্পবিঃ।

ডোমনা$_2$ [ডোম (দ্রঃ) > ডোমন +আ (অনাদরে)] বি, ডোম দ্রঃ।

ডোমনি,-নী [ডুম্‌নী$_2$ দ্রঃ] বি, চৌকাটের গায়ে কপাট বসাবার লৌহহুক।

ডোম্বি,-ম্বী [বৌ° সা°] বি, নৈরাত্ম-দেবী। "নগর বাহিরিরেঁ ডোম্বি তোহোরি কুড়িআ"-চ° পদ° ১০।১। "কাহ্ন ডোম্বী বিবাহে চলিআ"-চ° পদ° ১৯।২। ২ [সন্ধ্যা ভাষায়] পরিশুদ্ধাবধূতিকা। ৩ [যোগ পরিঃ] যোগাগ্নি। "ডাহ ডোম্বী ঘরে লাগেলি আগি" -চ° পদ° ৪৭।২ [ডাহ=দাহ। লাগেলি= লাগিল]।

ডোয়া [সং-দ্বারপিণ্ড > । প্রাদে° পাবনা] বি, দাবা ; মোট দালান ; বারান্দা।

ডোর [প্রাকৃ° দোরা (হে°। হি°-ডোর ডুরি অপেক্ষা বড়। সং-ডোরম্=হস্তাদি বন্ধন সূত্র (শব্দকল্পে। [তুঃ-ল্যা°-chorda, ফ্রে°-chorde] বি, সূত্র ; রজ্জু ; দড়ি। "মালা ছিল তার ফুলগুলি গেছে রয়েছে ডোর"-রবী°। ২ বিবাহ-ব্রতাদি উপলক্ষে ধারণার্থ হস্তাদিবন্ধন সূত্র। ৩ আকর্ষণ : বন্ধন। প্র-"মায়া ডোর" "প্রেম ডোর" "স্নেহডোর"। "দেবীকে বান্ধিল বড় দিয়া প্রেম ডোর"-ঘ°। ৪ বৈষ্ণবদিগের বহির্ব্বাস। "ডোর কৌপীন"॥ ৫ সন্ন্যাসীর কটিবন্ধ। "বসন বিহীন পরিছে কৌপীন তথি ডোর শোণ দড়ি"-কবিক°।"কটিতটে ডোর ধরি তাহাতে কৌপীন পরি বহির্ব্বাসে করি আচ্ছাদন।"-অ° ম°।

ডোরা [প্রাকৃ°-দোরা(কটিসূত্রে-হে°) >] বি, ডোর অপেক্ষা বৃহৎ ; দড়া। ২ রেখা ; লম্বা দাগ বা চিহ্ন। ৩ তোলা পরিমাণ। "ঘৃত দিয়া সাত ডোরা কাঁখে দিলে বসুধারা, কৈল নান্দীমুখের বিধান।"-কবিক°। ৪ পাক বা থাই। ৫ কটিসূত্র। ৬ সূত্র ; ডোর। ডো°-**কাটা**-বিণ, লম্বা লম্বা রেখাযুক্ত ; রেখাঙ্কিত।

ডোরী [ওরাওঁ শব্দ] বি, খোঁপা বাঁধিবার খোপদার পশমের দড়ী। ২ [হিং ডোরী, স্থূলার্থে ডোরা] সূতা ; সরু দড়ী।

ডোল১ [দেশী প্রাকৃং-ডোলো (শিবিকা -হেং)। সং-দুল্ ধাতুজ, হিং-ডোল (ডোলনা=দোলা, নড়া, সরা ইং) >। দ=ড] বি, যানবিঃ ; ক্ষুদ্র শিবিকা।

ডোল২ [সং-কণ্ডোলঃ > ক্ষেং] বি, বংশনির্ম্মিত বৃহৎ পাত্র, ধান্যাদিরক্ষণ পাত্র। "স্রোতে ভেসে গেল মোর কাপাসের ডোল" -কবিকং। ৩ [হিন্দুস্থানে] কূপাদি হ'তে জলোত্তোলনের জন্য লৌহাদিনির্ম্মিত পাত্র-বিঃ। ৪ জাহাজাদির মাস্তুল।

ডোল৩ [হিং ডৌল >। ঔ=ও] বি, ডৌল; গঠন ; আকৃতি।

ডোল৪ [ডুলী, ডোল১ দ্রঃ] বি রোমাঞ্চ। ২ বিণ, কম্পিত ; রোমাঞ্চিত ; অস্থির। "ডরে প্রাণ ডোল হইল রক্ষ ভগবতী"-কবিকং। "হরি ডরে হরিণী হরি-হিয়ে ডোল"-বিং পং।

ডোলর্ত্ত-ডোলা৩ দ্রঃ।

ডোলা১ [হিং-ডোলা=দোলা] বি, শিবিকাবিঃ ; দোলা।

ডোলা২ [প্রাদেং] বি, মৎস্যাধার ; খালুই। "কোমরে বান্ধিয়া ডোলা হাতে লইয়া জাল।"-মৈং গীং।

ডোলা৩ [সং-দোলা। দ=ড। ডোলি, ডোল, ডোলে; ডোলিতে ; ডোলিয়া (ক্ষেং, পদ্যে-ডোলি, প্রাং ডোলে, ডুলে)। ণিজন্ত-ডোলান। প্রাং-বাং] ক্রি, দোলে ; কম্পিত হয়। "ধরণী ডগমগি ডোলে"-বিং পং। ২ বিচরণ করে। ৩ ঝুলে ; লম্বিত হয়। "কি উপমা দিব যেই পিঠে ডোলে বেণী। অখণ্ড কদলীদলে বিহরে নাগিনী-শূংপুং। ৪ ভাসে : সন্তরণ করে ; নিমজ্জিত হয়। "সেই জন আনন্দ সাগর মাঝে ডোলে"-চৈং ভাং।
[ব্রজং] ডোলই, ডোলর্ত্ত-দোলে। "ডোলত মোতিম হার"-বিং পং।

ডোলা৪ [ঢোলা >। ঢ=ড। প্রাং] বিণ, শিথিল ; উস্কোখুস্কো। "ডোলা মাথা করে ছেঁড়া নেকড়া পোরে * * কেন?"

ডোলান [ডোলা৩ দ্রঃ। ডোলাই, ডোলাও, ডোলায় ; ডোলাইতে ; ডোলাইয়া (ক্ষেং, প্রাং-ডুলিয়ে)] ক্রি, দোলান ; ঝাঁপান। ২ ঢুলান ; আন্দোলিত করা। প্র-চামর ডোলায়। ব্রজং ডোলাব-দোলায়। "নাব ডোলাব অহীরে"-বিং পং।

ডোলি,-লী [ডোলা৩ (দ্রঃ) > স্বল্পার্থে] বি, ডুলি নামক একজনকে বহনযোগ্য যানবিঃ ; ক্ষুদ্র শিবিকা।

ডোরে [দীঘ > ডগিরা (বৃহৎ) >] বিণ, বৃহদাকার। প্র-ডোরে কলার গাছ। ২ বি কদলীবিঃ ; বীচেকলা।

ডৌল [হিং] বি, ঢপ ; মূর্ত্তি ; গঠন ; আকৃতি ; ঢাঁচা। ~শুদ্ধ-বিণ, সুগঠন ; সৌষ্ঠবযুক্ত ; সুদর্শন।

ডৌহাক [প্রাং বাং] বি, ডেও। "আম্র ডালিম্ব ডৌং"-শ্রীং কীং।

ড্যাং ড্যাং [অনুং] অ, ডঙ্কাধ্বনি। ক্রি, ড্যাং ড্যাঙান-ডঙ্কা বাজান।

ড্যাঁপিল [ডেঁপল দ্রঃ। বি, ডেও ; মান্দার। ২ ডেঁপ।

ড্যাবড্যাব [অনুং] অ, দীপ শিখার দপ্‌দপ্ করিয়া জ্বলার শব্দ বা ভাব। ২ [ডম্বুর >] জলবিম্ববৎ ভাসা ভাসা ; উদ্গত। ক্রি, ~নি-ড্যাং করা। বি ~নি।

ড্যাবডেবিয়া, ড্যাবডেবে [ড্যাবরা দ্রঃ] বিণ, আয়ত : ডাগর ডাগর ; জলডম্বরবৎ। "গৃহিনীর জ্বলন্ত ড্যাবডেবে চক্ষু দুইটি"-উত্তরা।

ড্যাবরা [প্রাকৃং-ডাবো, ডব্ব (হেং) > হিং-ডাবর=বড় ; ডাগর। তুল-"ডাবর নয়নী" অর্থাৎ বিশালাক্ষী] বিণ, যা ডব্ ডব্ করে, যা জ্বল্ জ্বল্ করে। ২ ডাগরা ; আয়ত।

ড্যাকরা-ডেকরা, ডেগরা দ্রঃ।

ড্যাম [ইং damn এর লিপ্যন্তর] অ, ঘৃণাবাচক : নিন্দাবাচক ; তিরস্কারবাচক।

ড্যামল-দায়মল দ্রঃ।

ড্যামেজ [ইং damage এর লিপ্যন্তর। আদাঃ পরিঃ] বি, ক্ষতিপূরণ। "বুঝাইতে গেল কেশ সতীশ ডাক্তারে ড্যামেজের নালিশ হইতে বেশ পারে।"-বিংশ শতাব্দীর বর (প্রবাসী)।

ড্যাশ-ডেশ দ্রঃ।

ড্রয়িং [ইং drawing এর লিপ্যন্তর] বি, রেখা চিত্রাঙ্কণ ; অঙ্কণ।

ড্রাম [ইং drum] বি, ঢাকবাদ্য।

ড্রিল [ইং drill এর লিপ্যন্তর] নিয়মিত ব্যায়াম। ২ যুদ্ধশিক্ষা।

ড্রেন [ইং drain এর লিপ্যন্তর] বি, জলপ্রণালী ; পয়নালা ; নর্দ্দমা ; মুহরি।

ড্রেস [ইং dress এর লিপ্যন্তর] বি, পোষাক। ২ অস্ত্রোপচারের পর ক্ষত স্থান বন্ধন।

ড্র্যাম [ইং drachm এর লিপ্যন্তর] বি, ৬০ ফোটা পরিমাণ ; ৬০ গ্রেণ ওজন।

ঢ

ঢ-ব্যঞ্জনবর্ণমালার চতুর্দ্দশ, টবর্গের ৪র্থ, মহাপ্রাণ, ঘোষবান্ বর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা বলিয়া ইহা মূর্দ্ধণ্য বর্ণ। পদমধ্যগত ও পদান্ত 'ঢ' স্থল-বিশেষে ঢ় হয়। ঢ়-আদ্য বাংলা পদ নাই। দেবনাগর বর্ণমালায় ঢ় অক্ষর নাই। 'ঢ' ই সং-শব্দে দুইটি স্বরের মধ্যগত হইলে স্থল বিশেষে ঢ় উচ্চারিত হয়। বেদে ঢ়-কারের আকৃতি হকার যুক্ত ড়। সাধারণতঃ ধ্বন্যাত্মক পদে থাকিয়া ঢ লঘুত্ব, অন্তঃসারশূন্যতা বা স্ফীতির দ্যোতনা করে। প্র-ঢব্ ঢব্, ঢ্যাপ্ ঢ্যাপ্, ঢাসা, ঢোল ইং।

ঢং১ [অনুং] বি, ঘণ্টাধ্বনি ; ঘড়ির প্রহর

বাদ্য। প্র-ঢং ঢং করিয়া পাঁচটা বাজিল। ~ঢং [ঢং+ঢং (উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব)] অ, অনুকার শব্দ; ঘড়ি বাজিবার শব্দ। ২ পূজার কাঁসর বাজিবার শব্দ। ৩ পেটা ঘড়ি বাজিবার শব্দ gong. ক্রি, ~ঢঙানি-ঢং ঢং করা। > বি, ~ঢঙানি। বিণ, ~ঢঙে।

ঢং২-ঢঙ্গ দ্রঃ। ঢং করা-ঢঙ্গ করা দ্রঃ।

ঢং৩ [হিং ঢব্। ঢঙ্গ দ্রঃ] বি, ধরণ। "ও ঢংএর ভূয়সী প্রশংসা করে গেছেন।"

ঢক,ঢক্ [অনুং। টক্ শব্দ অপেক্ষা গম্ভীর ধ্বনি] বি, ফাঁপা বা শূন্যগর্ভ বস্তুতে কঠিন দ্রব্যের আঘাত শব্দ। ২ ক্রি-বিণ, ঢক্ ধ্বনি হ'তে যত অলক্ষণ লাগে তত অল্প সময়ে এবং ঐরূপ শব্দানুকরণে। প্র-ঢক্ করিয়া গিলিয়া ফেলিল।' ৩ বাটখারা weight ~ঢক্-ঢিলা বা শ্লথভাবে স্থাপিত কঠিন দ্রব্যের নড়িবার বা গড়াইবার শব্দ; বৃহৎ পাত্রের ভিতর শ্লথভাবে রক্ষিত ক্ষুদ্র দ্রব্যের অব্যক্ত শব্দ। "ঢকঢক করি ঢেঁকি উঠাইল বাগ। দোকাঠি বাজায়ে চলে বলে লাগ লাগ।"-শিং ২ কলসী, গাড়ু ইং জলপূর্ণ পাত্র হ'তে জল ফেলিবার শব্দ। ৩ ক্রমাগত জল বা অন্য তরল বস্তু গলাধঃকরণ করিবার শব্দ। প্র-সে ঢক ঢক করিয়া জল খাইয়া ফেলিল। ~ঢোকে-বিণ, শূন্য; খালি; অন্তঃসার শূন্য। প্র-ঢক-ঢকে দেহ।

ঢকাৎ [অনুং] অ, জলীয় পদার্থ গলাধঃকরণ শব্দে।

ঢকার-বি, ঢ এই অক্ষর।

ঢকাস [অনুং] অ, ঢক্ শব্দের আধিক্য-ব্যঞ্জক।

ঢক্ক [সং] বি, ঢাকা নগর। ২ ঢাক।

ঢক্কা [ঢক্+ক (শব্দার্থক কৈ ধাতুজ)+ড (র্তৃ)-যে শব্দ করে] বি, বৃহৎ আনদ্ধ যন্ত্র-বিঃ। ঢাক; পটহ। ~ধ্বনি,~নাদ-বি, ঢাক বাজাইবার শব্দ। ~রবা-বি, ঢক্কার ন্যায় রবকারিণী দেবীবিঃ; তারিণীদেবী।

ঢক্কারী-বিণ, ঢক্ শব্দকারী। ২ বি, তারিণী দেবী। ৩ মূর্ত্তি; ধারা; ঢপ। ৪ কীর্ত্তনাঙ্গ গানবিঃ।

ঢঙ-ঢং দ্রঃ।

ঢঙ্গ [সং-তঙ্গ (গতি, স্খলন) > ?। হিং-ঢোঙ্=শঠতা, ছলনা, ছদ্মবেশ। ঢোঙ্গী=প্রতারক: শঠ; খল] বিণ, খল; প্রতারক। "ঢঙ্গ ঢাঙ্গাতি নহি আখেটীর জাতি"-কবিকং। "সাধু নহিস ঢঙ্গ বেটা মিথ্যা তোর ভরা।"-ঐ। ২ দুষ্ট; দুর্বৃত্ত: দুরন্ত। "ঢঙ্গ কলি আসিয়া বিরোধ কৈল বনে।"-বিধু সেনের চৌতিশা (সাং পং পং ১৩১৫)। ৩ বি, ছলনা, ছদ্মবেশ। "ঢেঁকিরে ডাকিয়া বলে ঢঙ্গ করি চল।"-শিং। ৪ রঙ্গ; ব্যঙ্গ। "না কর এমন ঢঙ্গ।"-গোবিন্দং। ৫ [হিং-ঢব্=গঠন, আড়া। এই অর্থে ঢঙ ওং] আড়া; আকৃতি: গড়ন। ৬ ধরণ; ঢং। ঢং করা-রঙ্গ করা। ২ আমোদজনক অঙ্গভঙ্গী করা। ৩ ছদ্মবেশে ছলনা করা।

ঢঙ্গতা [ঢঙ্গ+তা (ভাং)] বি, দুষ্টামি। ২ ছলনা; তামাসা। "ঢঙ্গতা না কর প্রভু দেও দরশন।"-বিধু সেনের চৌতিশা (সাংপং পং ১৩১৫)।

ঢঙ্গা [হিং-ঢঙ্গ] বি, আড়া; গড়ন; ঢব। ২ [হিং-ঢঙ্=আচরণ, ব্যবহার] অসাধু আচার। ৩[হিং-ঢোঙ্] ছলনা। ৪ বিদ্রূপ; রঙ্গ: তামাসা। "ঢোল ঢঙ্গা নাহি করি পরের যুবতী"-কবিকং। বে-ঢঙ্গা-বেআড়া out of proportion.

ঢন [সং-ধ্বন্ (শব্দে) >] শূন্য কুম্ভাদি পাত্রের শব্দার্থে ঢন্, পূর্ণ পাত্রের শব্দার্থে টন্] অ, ঘণ্টাধ্বনি। ২ শুষ্ক জ্বালানি কাঠ পতনাদির ধ্বনি। ~ঢন্-অ, ফাঁকা আওয়াজ। ২ শূন্য; খালি। ৩ অভাব; কিছু নাই; ঢঢ়।

ঢনা [ঝনা দ্রঃ] বিণ, শুষ্ক। "ঢনা কাঠ।" কৃশ; দুর্ব্বল। প্র-ঢনা ছেলে। ২ ম্লান। ৩ বি, গবাদির রোগবিঃ। ~মারা-বিণ, কৃশ ও ম্লান হয়ে যাওয়া; পাকতেড়ে।

ঢনটনে [অনুং] বি, বিষাক্ত বড় মাছি; ভনভনে মাছি। "আসিয়া ঢণ্টনেমাছি বসিলেক ঘায়। মাছেতো পড়িবামাত্র কৃমি হৈল তায়।"-শিং। ২ শুষ্ক কাঠ পতন বা কঠিন বস্তুতে আঘাত করিবার ধ্বনিযুক্ত; ঝনঝনে।

ঢপ১ [হিং-ঢব্] বি, গঠন; আকার প্রকার। মূর্ত্তি; ঢাঁচা; ডৌল। ২ চলন। ৩ কীর্ত্তনাঙ্গ; ঢপসঙ্গীত।

ঢপ২,-প্ [অনুং] অ, কাঠের খোলের মুখ আর্দ্র চর্ম্মে মুড়িয়া বাজাইলে যে শব্দ হয়। ~ঢপ-ঢোল প্রভৃতির চর্ম্ম আর্দ্র হইলে আঘাত প্রাপ্ত হইয়া যেরূপ শব্দ করে; স্ফীত উদরে আঘাত শব্দ। ঘৃণা ও অবজ্ঞার্থে ঢপ্ ঢপ্ শব্দ ঢ্যাপ্ ঢ্যাপ্ শব্দে পরিণত হয়। ইহা কোন ফাঁপা ও স্যাঁতান বা ভিজা সুতরাং কিঞ্চিদধিক বায়ু-গর্ভ বস্তুর উপর আঘাত শব্দ। মৃতদেহ যখন বায়ুপূর্ণ ও ফুলিয়া ঢোল হইয়া উঠে তখন তাতে আঘাত করিলে ঢপ্ ঢপ্, ঢ্যাপ্ ঢ্যাপ্ করিতে থাকে। সজীব দেহ সেরূপ হয় না বলিয়া তাতে আঘাত করিলে নিরেট বস্তুতে আঘাত শব্দের মত ঢিপ্ ঢিপ্ করে। লঘু অর্থে ঢুপ ঢুপ।

ঢমালি, ঢামালি [ঢঙ্গ (দ্রঃ) > ঢং =ঢম+আলি (আচরণার্থে) >। বা, দম্ভ ("কৈতবে কল্কে"-মেং, হেং) + আল > দাম্বাল > দামাল, ধামাল, ডামাল, ঢামাল + ই (আচরণে) > দামালি, ধামালি, ডামালি, ঢামালি] বি, ঢঙ্গ; রঙ্গ। "সখীরে সব মেলি, করিয়া ঢমালি, তোলয়ে বিবিধ ফুল॥"-রায়শেখর।

ঢর, ঢরু [ব্রজং ঝর >] ক্রি, ঢালে "নয়ন ঢর নীর।"-বিং পং।

ঢরই [ব্রজং। ঢল=ঢলান, র=ল] ক্রি, দোলায়। "জনু কনয়া গিরি চামর ঢরই" -বিং পং।

ঢরকি, ঢরি [ব্রজং] অস-ক্রি, গড়াইয়া: উচ্ছলিত হইয়া। "ঢরকি পড় লোচন লোর" -বিং পং। "ঢরি ঢরি পড় লোরা"-ঐ।

ঢরঢর [ব্রজং। ঢল দ্রঃ। ল=র] অ, ঢলঢল। "যে জনা রসিক রসে ঢং"-চণ্ডিং।

ঢল [হিং] বি, ঢালু স্থল; ঢাল; নিম্নস্থল। ২ পর্ব্বতাদি হ'তে নির্গত এবং তার ঢালু গাত্রবাহী নিম্নগামী জলরাশি; বন্যার জলে নদীর জলের বৃদ্ধি বা বাড়। ৩ বিণ, ঢিলা; শ্লথ; আলগা।

ঢলকি-ঢক দ্রঃ।

। যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌গাঁ ঞ্চ=ন্‌চ [illegible] =zfwv ও চ্চাং দ্রঃ

ঢলকন, ঢল্কন [চল্কান দ্রঃ] বি, ঢলিয়া পড়ন; চল্কিয়া বা ঢক্কিয়া পতন। ক্রি,ঢলকান-চল্কান দ্রঃ। > বি, ঢল্কানি।

ঢলকে [ঢলকন দ্রঃ] ক্রি, ঢলঢল করে।

ঢলঢল, ঢল্ঢল্ [ঢলা দ্রঃ] বিণ, শ্লথ; ঢিলা। ২ চঞ্চল; ঈষৎ কম্পিত; আন্দোলিত। "ঢল ঢল আঁখি লয়লাকে ডাকি কহে সাধু সীমন্তিনী।"-লয়লামজনু। ৩ তরঙ্গায়িত উচ্ছ্বসিত। ৪ [লক্ষ°] ভাব-তরঙ্গায়িত; রসভাবের পূর্ণতায় টলটল। "ভাবে ঢলঢল, হাসে খলখল, টলটল ধরণী"-রা° প্র°। ৫ লাবণ্য-চঞ্চল; রূপের তরঙ্গময়; লাবণ্যপূর্ণ। "ঢলঢল কাঁচা অঙ্গের লাবনি, অবনি বহিয়া যায়।"-পদাবলী; "ঢলঢল জলদ বরণী এ কার রমণী রে।"-রা° প্র°। ঢ° করা-ক্রি, ঢল বা ঢিলা হওয়া; শিথিল হওয়া। "গুটী শঙ্খ ঘট বাই চিপ যদি হয়। ঢল্ঢল্ করে নাহি চির দিন রয়।"-শি°। ২ টলটল করা।

ঢলঢলিয়া, ঢলঢলে [প্রাকৃ°-ঢংঢলে (হে°) >] বিণ, ঢিলেঢালা; শ্লথ; আলগা; ঢিলা। ২ ভাসাভাসা; লাবণ্য-চঞ্চল; কোমল এবং উজ্জ্বল; তরল।

ঢলতা [হি°] বি, ঢলিবার ভাব। ২ কোন দ্রব্যের চলিত ওজনের উপর বৃদ্ধি।

ঢলন-ঢলকন দ্রঃ।

ঢলা [হি°ঢল্না। ঢলি,ঢল (ঢলেন, ঢলিস), ঢলে (ঢলেন); ঢলিতে; ঢলিয়া (ক্ষে°, পদ্যে-ঢলি, গ্রা° ঢলে)। ণিজন্ত-ঢলান] ক্রি, টলা; হেলিয়া পড়া। ২ নিদ্রালস হওয়া; ঘুমের ঘোরে হেলিয়া পড়া; নেশায় অবসন্ন হইয়া পড়া। ৩ রসভাবভারাক্রান্ত হওয়া; ঢলঢল করা। "একে লো তোর এই ভরা যৌবন রসে করেছে অবশ, আবেশে ঢলে নয়ন"-গিরিশ°। ৪ শুকাইয়া যাওয়া; ম্লান হওয়া। "হেরি চম্পক কলি পড়ে ঢলি ঢলি"-গিরিশ°। ৫ অস্তগমন করা। বি, ঢলন, ঢলুনি, ঢুলুনি।

ঢলাঢলি [ঢল (স্খলন, পতন)+আ (বীপ্সার্থে)+ঢল (পতন)+ই, পদস্খলন ও কলঙ্কের ব্যাপার] বি, দুই বা বহু জনের গর্হিতাচরণ ও তাদের কলঙ্কের কথা প্রকাশ; পরস্পরের কেলেঙ্কারি। ২ [ঢল+আ ব্যাপ্ত্যর্থে+ঢল+ই (ভাবার্থে)] এক অঙ্গের অঙ্গে ঢলিয়া পড়নের ভাব। ঢ° করা-ক্রি, পরস্পর বা ক্রমাগত ঢলান।

ঢলানি [ঢলা দ্রঃ। ঢলাই, ঢলাও (ঢলান; ঢলাস), ঢলায় (ঢলান); ঢলাইতে; ঢলাইয়া (ক্ষে° ঢলিয়ে)] ক্রি, ঢলিতে বাধ্য করা; হেলাইয়া দেওয়া। ২ কলঙ্কের কাজ করিয়া সাধারণের গোচর করা; নিন্দিত বা ঘৃণ্য কর্ম্ম প্রকাশ্যভাবে করা; এমন ভাবে গর্হিত কর্ম্ম করা যা দেশময় জানাজানি হয়। "দেশ ঢলালেম প্রেম করে সই প্রাণ গেলে বাঁচি"-রামবসু। বি, ঢলান, ঢলানি-লোকসমাজে প্রকাশিত কুকর্ম্ম; লোকনিন্দাজনক কুৎসিৎ আচরণ; কলঙ্ক; কেলেঙ্কারি। বিণ, ঢলানিয়া,ঢলানে-যে পুরুষ ঢলায়। > স্ত্রীং ঢলানী-যে নারী ঢলায়। "দেশ ঢলানী ষোল কলা ঢাক বাজাবে পেলে ছলা"-গোপাল উড়ে। ২ স্বৈরিণী; বেশ্যা; ঢেমনী।

ঢল্কানি [হি°-ঢলকনা, ঢল্কানা। ঢল্কাই, ঢল্কাও, ঢল্কায়; ঢল্কাইতে; ঢল্কাইয়া (ক্ষে° ঢল্কে)] ক্রি, ঢলে পড়া। ২ কোন তরলবস্তু ঢালিয়া দেওয়া; ধাক্কা পাইয়া তরল পদার্থ আধার হতে পড়িয়া যাওয়া। ৩ শিথিল হওয়া; আলগা হওয়া; ঢিলা হওয়া। বি, ঢল্কন। ঢল্কে দেওয়া [ঢল্কান দ্রঃ] ক্রি, আধারে ধাক্কা বা নাড়া দিয়া পাত্রস্থ তরল পদার্থের কতকটা ঢালিয়া বা চল্কাইয়া ফেলা। ঢল্কে যাওয়া-ক্রি, ধাক্কা বা নাড়া পাইয়া আধার হতে তরল বস্তু চল্কাইয়া পড়া।

ঢল্কো, ঢল্কি, ঢল্‌ক্‌, [প্রাকৃ°-ঢংঢল -] বিণ, ঢলঢলে (দ্রঃ); আলগা; ঢিলা; নির্দিষ্ট পরিমাণ অপেক্ষা বড়।

ঢসন [হি°-ধস্‌না (ধস ভাঙ্গিয়া পড়া)। ধ=ঢ] বি, নিঃসরণ; গলন। ২ ভঙ্গ হইয়া পতন; পাহাড়, নদীর কূল, প্রাচীর ই°র গাত্র হতে অংশ স্খলন; ধসন।

ঢসা [ধসা দ্রঃ] ক্রি, ভাঙ্গিয়া পড়া; ধসা। ণিজন্ত-ঢসানি-ভাঙ্গিয়া ফেলা; ধসান।

ঢস্কা-ঢোকা, ধস্কা দ্রঃ।

ঢাউস [হি° ঢব্‌বুস] বিণ, ফাঁপা; মোটা; অতি স্থূলদেহ। ২ ঘুড়ি দ্রঃ] বি, প্রকাণ্ড ঘুড়ী।

ঢাঁই [প্রাদে° ধাই দ্রঃ] বি, মৎস্যবিঃ (বোয়াল মৎস্যবৎ, কিন্তু পিঠ সাদা)।

ঢাওয়ান-ঢায়ান দ্রঃ।

ঢাঁটি [ঠেঁটী দ্রঃ। হি°-ঢীট। স্ত্রীং] বিণ, ধৃষ্টা। "সে ঢাঁটী বেটীর তরে, সিন্নি মেনেছিলি পীরে,"-সত্যনারায়ণের পাঁচালী (রামেশ্বর)।

ঢাক১ [ঢক্কা >। চট্টলে-ঢাই] বি, বৃহৎ বাদ্যযন্ত্রবিঃ; পটহ। ঢাক করা-ঢাক পিটিয়া প্রচার করা; গুপ্তবিষয় চতুর্দ্দিকে ব্যক্ত করা। ২ ঢাকের মত প্রসারিত করা।

ঢাক২ [সং ঢৌক (আবরণে) । হি° ঢাক্‌না] বি, ঢাকা; আবরণ; গোপন। ক্রি, ঢাকা (দ্রঃ)। ~ঢাক গুড় গুড় [ঢাক+ঢাক (ঢাকাঢাকি)+গুড় গুড় (গোপন > গুপ= চুপ)-ঢাকাঢাকি চুপিচাপি] অ, লুকাচুরি; কোন কথা চাপিয়া রাখা; গোপনভাব; কোন সংবাদ লুকাইবার চেষ্টা। প্র-আর ঢাকঢাক গুড়গুড়ে প্রয়োজন নাই, স্পষ্ট করিয়া বলিয়া ফেল। ~ঢোল পিড়ে যাওয়া-চতুর্দ্দিকে ঢ্যাটরা বাদ্যে রাষ্ট্র হওয়া। ~ঢোল পেটা-রাষ্ট্র করা। ঢাক পেটা, ঢাক বাজানি-ক্রি, চতুর্দ্দিকে প্রকাশ করিয়া দেওয়া; প্রচার করা; গোপনে যা হইয়াছে তা সাধারণের কর্ণগোচর করা। ২ বি,প্রকাশ্য ভাবে প্রচার। প্র-কথাটা যখন সকলেই জেনেছে, তখন আর ঢাকপেটার আবশ্যক কি? ঢাকে কাঠি(ঠী) পড়া-ক্রি, ঢাক বাজিতে আরম্ভ হওয়া। "চৈত্রের চড়কের ঢাকে কাঠী পড়িতে আরম্ভ"-ললিত বন্দ্যো°। ঢাকের কাটি (ঠী)-বি,ঢাক বাজাইবার দণ্ড। ২ [লক্ষ°] নিত্যসঙ্গী অথচ বৃহৎ ঢাকের ন্যায় বড়র সঙ্গে কাঠির মত ছোট; মোসাহেব। ঢাকের বাঁয়া [লক্ষ°] বি, যার ব্যবহার নাই অথচ হাতের কাছে থাকে। "উভয়ে অফিসের বাহিরে আসিলেন। দরোয়ানেরা উঠিয়া দাঁড়াইয়া হেমন্তকে লম্বা সেলাম

করিল। অদ্বৈত ঢাকের বাঁয়া। সে এই সেলামের অর্দ্ধাংশ তাহারই প্রাপ্য মনে করিয়া একটু মুচকিয়া হাসিল।"-স্বর্ণপ্রতিমা (হ॰ সা॰মুখো॰)।

ঢাকন [হিং-ঢক্কন্] বি, আচ্ছাদন; আবরণ। ২ ঢাক্না; বাক্স ই॰র ডালা lid ৩ গোপন। বৃহদর্থে-ঢাক্না। ক্ষুদ্রার্থে-ঢাক্নি, ঢাক্নী, ঢাকুনি, -নী [হিং-ঢাক্নী] বি, ঢাকা দিবার পাত্র। ২ বাক্স, সিন্ধুক ই॰র ডালা। ৩ সরপোষ। ৪ হাঁড়ি, কলসী ই॰র মুখ ঢাকিবার পাত্র; সরা। "খুলি হাঁড়ি ঢাকনি, বাহির করয়ে ফণা।" -চণ্ডি॰। ৫ ঠুলি; পুট capsule. ডেও ঢাকনা [ডল্লক=ডালা=ডেলো=ডেও (ও তার) ঢাকনা] বি, গৃহস্থালির সামান্য সামান্য দ্রব্য সামগ্রী। ২ ডালা, ধামা, ঝুড়ী ই॰ আধার ও তার আবরণ পাত্রাদি। ৩ আচ্ছাদন পাত্র; সরপোষ।

ঢাকসুমুর [সং-ধৃষ্টতা > ধৃষ্টের ভাব অর্থে ধার্ষ্টামো > ধাষ্টম > গ্রা॰-ঢাকসুমুর, ঢারসোমো, ধাস্‌সোমো] বি, ধৃষ্টতা।

ঢাকা$_1$ [হিং-ঢক্‌না > ঢক্কন >] বি, ডাকনা; ঢাকোন। ২ দুগ্ধপোষ্য শিশু-দিগকে মশা মাছি ই॰র দংশ হ'তে রক্ষা করিবার উদ্দেশে ব্যবহৃত লৌহ তার ও জাল বা সূত্রাদিনির্ম্মিত আবরণবিঃ। বিণ, আবৃত; আচ্ছাদিত। ৩ লুক্কায়িত; গুপ্ত; চাপা।

ঢাকা$_2$-বঙ্গের প্রাচীন রাজধানী পূর্ব্ব-বঙ্গের স্বনামপ্রসিদ্ধ প্রদেশ ও নগর; ঢাকা সহর। ~ই-বিণ, ঢাকায় উৎপন্ন বা ঢাকায় নির্ম্মিত। প্র-ঢাকাই কাপড়। ২ ঢাকায় প্রচলিত। ~ই জালা-ঢাকায় নির্ম্মিত বৃহৎ জালা। ২ [লক্ষ॰] অতিস্থূল; অত্যন্ত স্ফীত। প্র-জল খেয়ে খেয়ে পেট যেন ঢাকাই-জালা হয়েছে। ~ই মসলিন-বি, ঢাকায় নির্ম্মিত অতি সূক্ষ্মবস্ত্রবিঃ; ঢাকার মলমল (মলমল দ্রঃ)। এখানকার মল্‌মল্ জগদ্বিখ্যাত ছিল। উৎকর্ষের পার্থক্য অনুসারে সেই সকল বস্ত্রের ভিন্ন ভিন্ন নাম ছিল, তন্মধ্যে প্রসিদ্ধ মল্‌মলের নাম-আবরোয়াঁ, কামিজ, খাসা, চারখানা, জামদানি, ডুরিয়া, তন্‌জেব, নয়ন-সুখ, বদনখাস, মল্‌মল্ খাস্, রহমান্, শব্‌নম্ শরবতী, শরবন্দ, শরবুটি, সরকার আলা ই॰।

ঢাকা$_3$ [হি-ঢক্‌না (আচ্ছাদন করা) >। ঢাকি, ঢাক (ঢাকেন, ঢাকিস), ঢাকে (ঢাকেন); ঢাকিতে, ঢাকিয়া (ক্ষে॰ পদ্যে-ঢাকি, ঢেকে)। ণিজন্ত-ঢাকানি] ক্রি, চাপা দেওয়া; আবৃত করা। ২ লুকা॰; গোপন করা। [ব্রজ॰] ঢাকঁই, ঢাকঁর্ত্ত-ঢাকে। ঢাকঁল-ঢাকিল। "সে সব অবগুণ, ঢাকল একল পিক, বোলত মধুরিম বাণী"-বি॰ প॰। ~ঢোকা [সহচর শব্দদ্বয়। ঢাকা+ঢোকা (পূর্ণরূপে ঢাকা অর্থে দ্বিত্ব)] বিণ, ভাল করিয়া ঢাকা; সম্যক আবৃত। ক্রি, ঢাকা-ঢোকা দেওয়া। ঢাকা দেওয়া-গোপন করা। প্র-সে বিষয় আর ঢাকা দিলে কি হইবে? তাহা আর ঢাকা দেওয়া চলে না।" ঢাকা পড়া-আবৃত হওয়া; আচ্ছা-দিত হওয়া। ২ অদৃশ্য হওয়া; চাপা পড়া; বিস্মৃতির গর্ভে বিলীন হওয়া। প্র-কথাটা ঐখানেই ঢাকা পড়ে গেল। ঢাকের (ঢাকীর) দামে মনসা বিকানি-মনসা পূজার খরচ অল্প কিন্তু ঢাক বাজনের খরচ বেশী লাগা অর্থাৎ ঢাকীর পারিশ্রমিক দিতে বেশী খরচ পড়া। ২ [লক্ষ॰] আসল প্রয়োজনে বা প্রধান বিষয়ের অনুষ্ঠান অপেক্ষা আনুসঙ্গিক বা গৌণ বিষয়ে ব্যয় বাহুল্য হওয়া। গা ঢাকা দেওয়া-অদৃশ্য হওয়া। ধর্ম্মের ঢাক আপনি বাজে-ধর্ম্মঠাকুরের মন্দির দ্বারে রক্ষিত জয়-ঢাক, কেহ পূজা দিতে আসিলে, আপনা-আপনি নিনাদিত হইত বলিয়া প্রবাদ আছে। উহা ঢাকীকে বাজাইতে হইত না। ২ [এই প্রসিদ্ধি হতে লক্ষ॰] পাপকর্ম্ম চাপা থাকে না আপনা আপনি প্রকাশিত বা বাহির হইয়া পড়ে। মুখ ঢাকা-ঘোমটা দেওয়া। "চাও চাও মুখ ঢেকোনা সরম সবে না।"-গান। শাক দিয়া মাছ ঢাকা-যা গুপ্ত থাকিবে না তাকে অকিঞ্চিৎকর উপায়ে গোপন করিবার চেষ্টা করা; যা জানাজানি হইয়াছে তাকে যা তা বলিয়া বা পাঁচ রকম কথায় ভুলাইয়া ঢাকা দিবার বা গোপন করি-বার প্রয়াস পাওয়া। "আর কেন প্রাণ বিধু-মুখি, শাক দিয়ে মাছ ঢাক, ঢাক বাজায়ে ঢেকে রাখ ঢাকা রবে কি॥"-গোপাল উড়ে।

ঢাকী [ঢাক (দ্রঃ)+ইন্ (স্ত্য-)] বিণ, যার ঢাক আছে; যে ঢাক বাজায়। ~শুদ্ধ বিসর্জ্জন-ঢাক ও যে তা বাজায় তাকেও বিসর্জ্জন। ২ [লক্ষ॰] মূলে হাবাত।

ঢাকুনিয়া [গ্রা॰ ক্ষে॰ ঢাকুনে] বিণ, যে ঢাকে; আবরক। ২ গোপনকারী। স্ত্রীং ঢাকুনী$_1$।

ঢাকুনী$_2$-নি [ঢাকন দ্রঃ] বি, ঢাকনি; আচ্ছাদনী।

ঢাঙ্গাতি [ঢঙ্গ (দ্রঃ)র সহচর] বি, বিণ, ছল; শঠ; চতুর; খল। "ঢঙ্গ ঢাঙ্গাতি নহি আখেটীর জাতি"-কবিক॰। "নিমাঞি ঢাঙ্গাতি"-চৈ॰ ভা॰। ২ বি, শঠতা; ছলনা; চাতুরী। "শিশুমতি মোর নাতি, নাহি জানে ঢাঙ্গাতি।"-কবিক॰। ঢঙ্গ ঢাঙ্গাতি-বি, লম্পট। ২ চোর ছেঁচড়।

ঢাচা ঢাঁচা [হি॰-টাঁচা] বি, ঢপ; বাঁচা; আকৃতি কাঠাম।

ঢাণ্ডা [হিং-ঝুণ্ড >?। প্রাদে॰] বি, লোকের ভিড়।

ঢাপা [হিং-টাপা >?] বি, আচ্ছাদন। ২ জাল ঢাকা মুখ ওড়ার মত বাঁশ বা বেতে বোনা ঝুড়ী; ঝাঁকাবিঃ। ক্ষুদ্রার্থে ঢাপী।

ঢাবি [হিং-ঢব শব্দজ। প্রাদে॰] বি, মূর্ত্তি। "ঢাবি পানে চায় বাউল করিয়া তর্জ্জন"-গো॰ গীত।

ঢামাল [ঢামালি দ্রঃ] বি, গোলমাল। ২ জনতা। ৩ ঢলাঢলি।

ঢামালি [হিং-ধমার > ধমারী (উপদ্রব, উৎপাত) >। রী=লি। অথবা দম্ভ (পরবঞ্চন-হেতু ব্যাপার) > ঢঙ্গ (দ্রঃ)+আলি > ঢাঙ্গালি > ঢঙালি >] বি, রঙ্গ; তামাসা; রঙ্গভঙ্গ; কৌতুক; হাস্য পরিহাস। ২ ঢলাঢলি। "নিত্যানন্দ সঙ্গে রঙ্গে রসের ঢামালি"-চৈ॰ ম॰। "যতেক গোকুল নারী, কৌতুকে ঢামালি করি, ক্রীড়া করে যশোদার পাশে"-শ্রীকৃষ্ণবিজয়। ৩ দম্ভ; দর্প।

ঢায়নি [ঢেউ+আন (ক্রিয়ায়) >। ঢেয়ান ও॰] ঢেয়ান দ্রঃ।

ঢার, ঢার্ত্ত [ব্রজ॰। ঢালা দ্রঃ। ল=র।

বৈং পদাবলীতে] ক্রি, ঢালে ; ঢালিতেছে। "তুয়া বোলে গোরস যমুনাহি ঢার" (পাঠান্তরে ডার)-গোবিন্দ। "ঢারত সুরধুনি ধারা" -পদাবলী।

ঢাল১ [হিং-ঢাল, ঢালু, ঢল] বি, ঢালু প্রদেশ ; নিম্নভূমি। ২ [ধারা > ঢাল। ঢ=ধ, ল=র] ধারা ; জলরাশি (উচ্চভূমি হতে পতিত)। ৩ [প্রাদেং] গুচ্ছ। ৪ বিণ, ঢালু ; গোড়েন ; গড়ানিয়া।

ঢাল২ [হিং-ঢাল=চর্ম্মফলক, ঢালু আকৃতি হতে। মুণ্ডারি ভাষাতেও এই অর্থে ঢাল] বি, অস্ত্রাদির আঘাত নিবারক গণ্ডারাদির কঠিন চর্ম্ম-নির্ম্মিত ফলক shield "কোতোয়াল যেন কাল খাঁড়া ঢাল ঝাঁকে।"-অং মং।

ঢাল৩-ঢালা দ্রঃ।

ঢালকী [ঢাল+ক (স্বার্থে)+ইন্ (স্ত্রীং)] বি, ঢালী। ২ বিণ ঢালধারী।

ঢালন [ঢালা দ্রঃ] বি, ধাতু গলাইয়া ছাঁচে ঢালা। ~দার-বি, বিণ, যে ঢালাই করে ; ঢালাইকার।

ঢালনী [ঢালন (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, স্বর্ণকারের স্বর্ণ, রৌপ্যাদি ধাতু গলাইয়া ঢালিবার পাত্রবিঃ।

ঢালসুমার [ঢাল (ঢালা=ঢালিয়া)+সুমার (গণনা)] বি, যেখানে যা আছে সমস্ত এক স্থানে ঢালিয়া ফেলিয়া গণনা।

ঢালা [হিং-ঢল্না। ঢালি, ঢাল (ঢালেন, ঢালিস), ঢালে (ঢালেন); ঢালিতে ; ঢালিয়া (ক্ষেং পদ্যে-ঢালি, গ্রাং ঢেলে)। ণিজন্ত-ঢালান] ক্রি, অধঃক্ষেপণ করা ; কোন পাত্র হতে পাত্রান্তরে নিক্ষেপ করা ; ফেলা ; পাতিত করা ; গড়ান। ২ ধাতু ইং গলাইয়া ছাঁচে ঢালিয়া গঠন করা। প্র-ঢালা ঘড়া। ৩ বিণ, গৃহতলে বা কোন সমভূমিতে বিস্তারিত ; ছড়ান। প্র-ঢালা বিছানা। > বি, ঢলাই, ঢালিন-ঢালা এই কার্য্য। ~উবরা-দুই পাত্রে ঢালাঢালি ; এক পাত্র হতে আর এক পাত্রে এইরূপ পুনঃ পুনঃ ঢালা। ~ঢালি-ক্রমান্বয়ে কোন বস্তু পাত্র হতে পাত্রান্তর করা। ~লোহা [পেটা নয়] ছাঁচে ঢালা লোহা cast iron. ঢালিয়া (ঢেলে) সাজা-ক্রি, কল্কে উপুড় করিয়া পোড়া তামাক ঢালিয়া ফেলিয়া আবার তামাক দিয়া সাজা। ২ [লক্ষং] নূতন করিয়া আরম্ভ করা। গা ঢালা, গা ঢেলে দেওয়া-শিথিল-প্রযত্ন হওয়া ; অনাকৃষ্টভাবে অবস্থান করা ; কোন কিছুতে আসক্তি বা আশা না থাকা। ২ আশা ভরসা শূন্য হওয়া।

ঢালাই-বি, উত্তাপ দ্বারা লৌহাদি ধাতুর গলন। ২ গলিত ধাতু ঢালিয়া পাত করণ। ~কর-বি, যে ঢালাইয়ের কাজ করে। ঢালাই-করা-বিণ, যা পেটানহে ; ঢালান। ~খানা-যথায় ধাতু গলাইয়া দ্রব্যাদি প্রস্তুত হয় ; ঢালাইয়ের কারখানা foundry

ঢালাউ, ঢালাও [হিং বর্ণ বিপর্য্যয়ে বাং-য়-ঢালওয়া, ঢালোয়া] বিণ, বিস্তীর্ণ ; ছড়ান। ২ প্রচুর ; পর্য্যাপ্ত ; ফালাও।

ঢালানি [ঢালা+আন (ক্রিয়ায়)। ঢালাই, ঢালাও (ঢালান, ঢালাস), ঢালায় (ঢালান) ; ঢালাইতে ; ঢালাইয়া (ক্ষেং গ্রা ঢালিয়ে)] ক্রি, অন্যের দ্বারা ঢালা।

ঢালি, ঢালী [ঢাল+ইন্ (স্ত্রীং)] বিণ, ঢালবিশিষ্ট ; ঢালধারী। "সামালিয়া খায় তালি, কালুসিংহ মহা ঢালি,"-ঘং। ২ বি, ঢালধারী সৈন্য। "ধানুকী বন্দুকী ঢালী রায়-বেশে ফরিকালি রাহুত মাহুত সমুদায়।" -ঐ। "তবকী ধানুকী ঢালী"-অং মং।" স্ত্রীং ঢালিনী। ঢাং সৈন্য-ঢালধারী পদাতিক সৈন্য।-"প্রতাপাদিত্যের পদাতিক সৈন্যগণ ঢালী সৈন্য নামে অভিহিত হইত।" -আং বাং পত্রিকা, ১৩৩০।

ঢালিপাক [ঢালি (ঢালধারী)+পাক (পাইক অর্থাৎ পদাতিক)] বি, ঢালধারী পদাতিক সৈন্য। ঢালি চঞ্চল চলে, ঢাং ফরিকালে, ধং ধং বলি বেগে ধায়।"-ঘং।

ঢালু [ঢাল (ঢল, গড়ন)+উ (স্ত্রীং বা বির্থেং)] বিণ, ঢালযুক্ত ; গড়েন বা গড়ানিয়া। ২ নিম্ন।

ঢিং [আধিক্যার্থে, প্রবলার্থে ঢং অবজ্ঞার্থে -ঢ্যাং] অ, অনুকার শব্দ। ~ঢিং-ঢংঢং অপেক্ষা মৃদুধ্বনি ; কাঁসার বাদ্যের মৃদু শব্দ ; ক্লক ঘড়ির ঘণ্টাধ্বনি।

ঢিকনি, ঢিকানি, ঢিকুনি [সং-ধিক্ (ক্লেশনে, ক্লান্তিবোধে) >। ঢিকাই (ঢিকুই), ঢিকাও (ঢিকোও), ঢিকায় (ঢিকোয়) ঢিকাইতে (ক্ষেং ঢিকতে, ঢিকাতে, ঢিকিতে, ঢিকুতে) ; ঢিকাইয়া (ক্ষেং ঢিকিয়ে)] ক্রি, ধির ও ক্লান্ত পদে চলা ; ধুঁকিতে ধুঁকিতে থামিয়া থামিয়া চলা।

ঢিট, ঢীট [সং ধৃষ্ট > প্রাকৃং ঢিট্‌ঠ > হিং-ঢীট >] বিণ, ধৃষ্ট ; শঠ ; চতুর ; লজ্জাহীন ; বেহায়া। "হাসি মুখ নিরখয়ে ঢীট মাধাই"-বিং পং। ২ শায়েস্তা ; শাসন। ৩ বশ। ঢীট করা-শায়েস্তা করা ; বশে আনা ; সংশোধন করা। ~পনা [হিং-ঢীটপন= বেহায়ামি। পনা (শীলার্থে)। গ্রাং-ঢ্যাটাপনা] বি, লজ্জাহীনতা ; নির্লজ্জতা ; বেহায়াপনা। "এত ঢীটপনা জানে কোন জনা, বুঝিনু তোহারি রীতি"-চণ্ডিং। "কখন না দেখি আমি এমন ঢিটপনা"-কবিকং। "এত ঢীট-পনা আসিয়া ঘরে"-চণ্ডিং। ২ চাতুরী।

ঢিটানি [প্রাং-বাং। ঢিট (দ্রঃ)+আনি (আচরণার্থে)] বি, চতুরতা ; শঠতা ; লজ্জাহীনতা। "ঢিটের ঢিং খেতের মিটা (ঠাঁ) নি, সকলি জানি যে আমি।"-চণ্ডিং।

ঢিঢি [হিং-ঢিঢোরা] বিণ, প্রচারিত ; চতুর্দ্দিকে সংবাদিত ; রাষ্ট্র ; বিজ্ঞাপিত। "সে কথা বাজারে ঢিঢি হইয়াছে।" ২ [ধিক্‌ধিক ক্ষেং-ধিধি=ঢিঢি] নিন্দাবাদ ; ধিক্‌ধিক্ রব। "সহর-ময় ঢিঢি পড়িয়া গিয়াছে।" ক্রি, ঢিঢি করা,-পড়া, -হওয়া। ~কার, ঢিড়ঢিকার [সং ধিক্ ধিকার ঢিঢ্‌কার বা ধিক্‌ধিক্‌কার > ঢিঢি (দ্রঃ) কার (করণ)] বি, ঢিঢি ; প্রচার। ২ জয়জয় শব্দ ; জয়জয়কার ; উচ্চ-প্রশংসাবাদ। "তবু সে ব্যাখ্যায় এদেশে পড়ে গেল ঢিড়ঢিকার"-দ্বিং রায়। ৩ ধিকার ; নিন্দা।

ঢিপ, ঢিপ্ [অনুং] অ, পতন, মাথা ঠোকা, প্রণাম ইং-র ঢিপ্ শব্দ ; কোন নিরেট ও স্থূলদ্রব্য পতনের শব্দ ; আছাড় খাওয়ার শব্দ। প্র-সে চলিতে চলিতে ঢিপ্ করিয়া পড়িল। ২ ঢিপ্ শব্দে মুষ্ট্যাঘাত বা প্রহার। এই অর্থে দ্বিত্ব। প্র-তাকে বা কতক ঢিপঢিপ

করিয়া বসাইয়া দাও। ঢিপ করিয়া-ক্রি-বিণ, ঢিপ্ এই শব্দে। "সে হাঁসতে হাঁসতে আমার পায়ের কাছে ঢিপ করে এক প্রণাম করেই ছুটে পালিয়ে গেল,"-মুক্তির দাবী (আংশক্তি, ১৩৩৩)। ~ঢিপ-অ, উপর্যুপরি ঢিপ্ এই শব্দে। ২ হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। ~ঢিপ করা-ক্রি, হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ হওয়া। ২ ভয় ব্যাকুল হওয়ার লক্ষণ প্রকাশ করা; অতি উদ্বেগ বা ভয়ে হৃদ্‌পিণ্ড স্পন্দিত হওয়া। প্র-ভয়ে আঁৎকে উঠেছিল, এখনও তার বুক ঢিপঢিপ কচ্চে। ~ঢিপইয়ে দেওয়া-উপর্যুপরি কিল মারা; ঐরূপ শব্দ করিয়া প্রহার করা।

ঢিপ্‌চাল্‌দা [চলৎ বা চলতা অবস্থায় ঢিপ করিয়া পতন >] বি. ঢিপ্ করিয়া পতিত হইবার ভাব; চলিতে চলিতে পা পিছ্‌লাইয়া বা আছড়াইয়া পড়িবার ভাব: পিচ্ছিল পথে পদস্খলন। প্র-সে কাদার উপর ঢিং হইয়া পড়িল।

ঢিপিন, ঢিপিনি, ঢিপুনি [ঢিপ দ্রঃ] বি, মুষ্ট্যাঘাত; প্রহার [প্রাং-গ্রাং-ব্যবহারে ডিপনচিণ্ডী ও বলে] > ক্রি, ঢিপিন-ঢিপইয়ে দেওয়া; প্রহার করা।

ঢিপলা,-লে, ঢিবলে [প্রাদেং] বি, স্ফীত অংশ; গোলাকার উদ্‌গত অংশ; গুটি plug; knob.

ঢিপানি [ঢিপ+আন (ক্রিয়ায়)। ঢিপাই, ঢিপাও, ঢিপায়; ঢিপাইতে (কেং ঢিপাতে ঢিপুতে, ঢিপোতে); ঢিপাইয়া (কেং ঢিপিয়ে) ইং] ক্রি, ক্রমাগত ঢিপ ঢিপ শব্দে কিল মারা।

ঢিপি, ঢিপী, ঢিবী [সং-স্তূপ > হিং-ঢপা >] বি, স্তূপ; রাশি। ২ উচ্চ-ভূমি। ৩ ধুপ্‌সা; মোটা। ঢিপির মাকাল [ঢিপিয়া মাকাল] স্থূলতায় ঢিপি এবং অকর্ম্মণ্যতায় মাকাল (তুল-অকাল কুষ্মাণ্ড)। উইঢিপি-বি, বল্মীক।

ˋঢিপে [গ্রাং। ঢিপিকে > কেং] বি, স্তূপ। "ঘুটের ঢিপে ভাবে দিদি দেখিলে পর্ব্বত"-হেমং।

ˋঢিপেশোকা [ঢিপে (ডিমে, ড=ঢ, ম=প, জন্মাবধি) + শোকা (শুষ্ক, রুগ্ন), জন্মরোগা] বিণ, চিররোগী। ২ [হিং-ঢেপা (ধুপসো দ্রঃ) অনাদরার্থে] ঢোসা: অকর্ম্মণ্য; স্থূলোদর; ঢিপির মাকাল। ৩ অলস: গতরখেকো। ৪ দুর্জ্জন: দুষ্ট; মন্দমতি। "এক ঠাটী বলে, মোর কর্ম্মফলে, পতি অতিশয় বুড়া। দুর্দ্দিনের কালে ফেলাইল জলে, ঢিং মোর খুড়া॥"-ঘং।

ঢিবরী [হিং] বি, গাড়ীর চাকার নাভি-গোলকস্থ লৌহখণ্ড; শামি। ২ টিন নির্ম্মিত ডিপার আকার কেরোসীন তেলের দীপ; লম্প্; টেমি।

ˋঢিমা, ˋঢিমে [সং-মধ্যম > ভং, হিং-মধ্যিম (মৃদু) > ধিম (=ঝিম) > ঢিম+আ, ইআ (বির্থেং)] বিণ, মৃদু: ক্ষীণ: নম। "ঢিমা আঁচ।" "ঢিমা আওয়াজ।" ~তেতালা-বি, বাজনার প্রকারভেদ; একতালা, তেতালা বা ত্রিতালী, চৌতাল ইংর ন্যায় বাদ্যের তালবিং।

ˋঢিল১, ঢিলা১, ঢিলে, ঢীল [প্রাকৃং-ঢংচল্ল > হিং-ঢীলা, বাং-ঢিল(।)] বিণ, শিথিল; ঢক্কো: শ্লথ; আলগা। ২ বি, শ্লথভাব: নোল। ৩ শৈথিল্য; কার্য্যে অমনোযোগ; দীর্ঘসূত্রতা। "রবিবার কুঠীওয়ালারা বড় ঢিলে দেন। হচ্চে হবে, খাচ্চি খাব, বলিয়া অনেক বেলায় স্নান আহার করেন।"-আলাল। ঢিং দেওয়া-ক্রি, আলগা করা; নোল দেওয়া। ঢিল ঢিলা, ঢিলে ঢালা-বিণ, খুব ঢক্কো; অতিশয় শিথিল।

ঢিল২ ˋঢিলা২, ঢৈলা [প্রাকৃং-'ডলো'। হিং-ডলা=মাটির চাপ] বি, লোষ্ট্র; ঢেলা: ডেলা। ২ [লক্ষং] যা আঘাত করিবার অভিপ্রায়ে নিক্ষিপ্ত বা প্রযুক্ত হয়। "সেবার সঙ্গ লক্ষ্য করেই নবীনের দিদি এই কথার ঢিলটা ছুঁড়েছেন"। ক্রি, ঢিলিনি, ঢিলানি, ঢিলানো-ঢিল ছোঁড়া। ২ ঢিল ফেলা। ৩ ঢিল মারা।

ঢিলমিলা, -মিলিয়া, -মিলে-বিণ, ঢিলা; ঢিলঢিলা (দ্রঃ) loose; slack.

ঢীট [সং-ধৃষ্ট > প্রাকৃং ঢিট্‌ঠ >] বিণ, ধৃষ্ট; নির্লজ্জ। "হাসিমুখ নিরখয়ে ঢীট মাথাই।"-বিং পং। > বি, ঢীটানি, ঢীটামি [আধুং-গ্রা-ঢ্যাটামি] ধৃষ্টতা। "ঢীটের ঢীটানি খেতের মিটানি, সকলি জানি যে আমি"-চণ্ডিং। ~পনা-ঢিট দ্রঃ।

ঢু, ঢূ [সং ধুব্ (হিংসায়) > ধু > ঢু, ঢূ] বি, মস্তকের আঘাত: মাথার গুঁতো: ছাগ মেষাদি পশুর পরস্পর মস্তকাঘাত: ঢুব। ~ঢু-মেষাদির লড়াইয়ের সময় ঢু মারিবার জন্য উত্তেজনা বাক্য। ঢু দেওয়া, ঢু মারা-ক্রি, মাথার গুঁতা দেওয়া; মস্তকের আঘাত করা। "ঢু মারিতে জানে শুধু ঘটে তার ঢুঢু।"-ঈংগুপ্ত। ২ উদ্দেশ্যহীন ভাবে কোন স্থানে বা কাহারও গৃহে কিয়ৎক্ষণের জন্য গমন করা। ৩ [কাহার বাড়ী অসময়ের জন্য প্রবেশ করার ভাব >] একবার দেখা করিয়া বা দেখিয়া যাওয়া।

ঢুঁড়া [সং-ঢুণ্ঢ্ (অন্বেষণ করা) > হিং-ঢুণ্ঢ্‌না, ঢুঁড়না >। ঢুঁড়ি, ঢুঁড়, ঢোঁড় (ঢুঁড়েন, ঢুঁড়িস), ঢুঁড়ে, ঢোঁড়ে (ঢুঁড়েন, ঢোঁড়েন); ঢুঁড়িতে; ঢুঁড়িয়া(কেং পদ্যে-ঢুঁড়ি, গ্রাং ঢুঁড়ে)। ণিজন্ত-ঢুঁড়ানি (অন্বেষণ করান)] ক্রি, অন্বেষণ করা, খোঁজা। "এই কটা নামও বাস্তবিক পক্ষে বাঙলায় ঢুঁড়ে পাওয়া যায় না।"-বিং কুং সরকার। [ব্রজং] ঢুড়ঁই; ঢুড়ঁত-খোঁজে। বি, ঢুঁঢ়ঁন।

ঢুক, ঢুক্ [অনুং] অ, তরল পদার্থ গলাধঃকরণের ভাব বা শব্দ। প্র-দুধটুকু ঢুক করিয়া গিলিয়া ফেল। ~ঢুক-অ, উপর্যুপরি ঐরূপ করণের ভাব বা শব্দ। অল্পার্থে ঢুকুঢুকু। আধিক্যার্থে-ঢকঢক। ব্যাপ্তার্থে-ঢকাঢক।

ˋঢুকন [সং-ঢৌক (গমন করা) > অথবা ঢু (মস্তকাঘাত বা মস্তকপ্রবেশ) + কন (প্রবেশ করান)। ভিতরে প্রবেশ করিতে হইলে বা ঢুকিতে গেলে সাধারণতঃ মস্তকই প্রথমে প্রবিষ্ট করাইতে হয়। গর্ত্তে যখন কিছু প্রবেশ করে তখন তার মাথাটাই প্রথমে যায়। হিং-ঢুকনা] বি, ভিতরে গমন; অন্তঃপ্রবেশ। ২ (-কন) ক্রি, ণিজন্ত, ভিতরে প্রবেশ করান; ভিতরে প্রেরণ করা (ঢুকান দ্রঃ)।

ঢুকা [সং-ঢৌক (গমনে) > হিং ঢুকনা। ঢুকি, ঢুক, ঢুকে ; ঢুকিতে ; ঢুকিয়া (কো ঢুকে)। ণিজন্ত-ঢুকান] ক্রি, ভিতরে গমন করা ; প্রবেশ করা ; ভিতরে যাওয়া।

ঢুকানি [ঢুকা দ্রঃ] ক্রি, ভিতরে যাইতে বাধ্য করা ; অন্তর্দেশে প্রেরণ করা।

ঢুঢ়, ঢুঁঢ় [শূন্য পাত্রের শব্দ হইতে। ঢকঢক দ্রঃ] বিণ, শূন্য ; খালি ; কিছু না এইভাব ; ফক্কিকার। "আমরা বক্তৃতায় যুক্তি ও কবিতায় খাঁটি, কিন্তু কাজের বেলায় সব ঢুঢ়।"-দ্বি রায় [তুল-বৌদ্ধযুগের বাঙ্গালা-'ঢু ঢু' (ডাকের বচন)]।

ঢুণ্ডন [সং-ঢুণ্ঢ্ (অন্বেষণ) + অন (ভাং) > প্রাং ঢুঁডন] বি, অন্বেষণ ; খোঁজকরণ। বিণ, ঢুণ্ডিত। > স্ত্রীং~া।

ঢুণ্ঢি [তৎ কর্তৃক সতীর সর্ব্বাঙ্গ ঢুণ্ঢিত বা অন্বেষিত হইয়াছিল বলিয়া] বি, কাশীর ঢুণ্ঢি গণেশ নামক বিগ্রহ।

ঢুপ্ [অনুং] অ, শূন্য পাত্রের শব্দ ; লঘু দেহ বা বস্তুর পতন শব্দ। ~**ঢাপ**-অ, অনবরত ঐরূপ পতন শব্দ।

ঢুপ [প্রাদেং] বি, খালি।

ঢুপি [পূং বং, মৈমন, শ্রীহট্ট প্রাদেং] বি, ঘুঘু। "পালা ঢুপি সঙ্গে নাগর আইসে পথ দিয়া।"-মৈং গীং।

ঢুরা [ঢোঁড়া (দ্রঃ) > । প্রাদেং উচ্চারণ বিকারে] বি, ঢোঁড়া সাপ ; ঢেমনা সাপ। "হেনকালে আগু হইয়া ঢুরা জানাইল।" -মৈং গীং।

ঢুল [সং-দুল্ >, হিং-ঢুলনা বা ঢলনা >] বি, তন্দ্রা ; ঝোঁক ; ঢুলন। **ঢুলন, ঢুলনি, ঢুলুনি**-বি, তন্দ্রা ; নিদ্রার আকর্ষণ ; নিদ্রালসতা ; ঝিমনি। ~**ঢুল্**-বিণ, ভাব বা রসভারাবনত ; ঈষৎ চঞ্চল। ~**ঢুলে**-বিণ, ভাসাভাসা ; তন্দ্রালস [দ্রঃ-ঢলঢল অপেক্ষা কোমল ভাবাত্মক। কোমলতর অর্থে-ঢলুঢুলু]।

ঢুলকি [হিং ঢোলক > ক্ষুদ্রার্থে ঢোলকী >] বি, ক্ষুদ্র ঢোল।

ঢুলা, ঢোলা [হিং ঢুলনা (ঢুলিয়া পড়া, ঝুকা)। ঢুলি, ঢুল (ঢুলেন, ঢুলিস), ঢুলে (ঢোলে, ঢুলেন, ঢোলেন) ; ঢুলিতে ; ঢুলিয়া (কোং, পদ্যে-ঢুলি, গ্রাং-ঢুলে)। ণিজন্ত-ঢুলান] ক্রি, ঘুমের ঘোরে মাথা ঝুকান ; তন্দ্রালস হইয়া পতিত হওয়া। ২ মূর্চ্ছিত-প্রায় হইয়া পড়া। ৩ নেশায়, ভাবে, অনুরাগে, সুখে, শ্রান্তিতে বা আলস্যে অবসন্নদেহ হইয়া পতিত হওয়া। "আঁখি ঢুলু ঢুলু অলস ভরে। ঢলিয়া পড়িল সখীর কোরে"-চণ্ডিং।

ঢুলানি [হিং-ঢুলানা। ঢুলাই ঢুলাও (ঢুলান, ঢুলাস), ঢুলায় (ঢুলান) ; ঢুলাইতে ; ঢুলাইয়া (কোং ঢুলিয়ে)] ক্রি, দোলান ; হেলান ; নাড়াইয়া দেওয়া। ২ সঞ্চালন করা ব্যজন করা। "সুখী হৈল শিবলোক ঘুচিল সবার শোক, জয়া পদ্মা চামর ঢুলায়।" -শিং। [ব্রজং] **ঢুলায়ত**-ঢুলায়। "ভাব ভরে গদগদ চামর ঢুলায়ত।"-চণ্ডিং। **পাহাড় ঢুলানি**-অমানুষিক পরিশ্রম করা ; পুরুষকার দ্বারা বা আত্মশক্তি বলে অসম্ভবকে সম্ভব করা। **ঢুলিয়া** [কুলপীযূষ প্রবাহ গ্রন্থে] বি, ঢোলবাদক ; ঢুলী। ২ অস-ক্রি, হেলিয়া ; ঝুঁকিয়া।

ঢুলী, ঢোলী-বি, ঢোল বাদক [ঢোল দ্রঃ]।

ঢুলু ঢুলু [ঢুল দ্রঃ] বিণ, তন্দ্রাঘোর ; নিদ্রালস। "ঘুমে ঢুলুঢুলু আঁখি।"-চণ্ডিং। "আঁখিঢুলুঢুলু অলস ভরে।"-ঐ। ২ নেশায় শিবচক্ষু। ঢুলু ঢুলু ঢুলু নয়ন লোল।"-অং মং। "তাহার পাশে হাসে প্রমত্তত্ব ঢুলু ঢুলু ঢুলু আঁখি।"-মেঘং। ৩ ভাব বা রস ভারাক্রান্ত "অরুণ নয়নে ধারা প্রেমে ঢুলুঢুলু আঁখি ভোর।"-কীর্ত্তন (বাঙ্গালীর গান)।

ঢুলুনি [ঢুল দ্রঃ। যে অবস্থায় মাথা ঢলিয়া বা ঝুকিয়া পড়ে] বি, তন্দ্রাবেশ। "একটু যেন ঢুলুনি আসিয়াছিল।"-সাধনা, ২য় বর্ষ।

ঢুষ, ঢুস [ঢু দ্রঃ। অথবা ধর্ষণ > ঢুষ] বি, শিঙের আঘাত। ২ মাথার গুঁতা ; ঢু। "ভেড়ার ডলিলে কাণ, সেও করে অভিমান সে-ও এসে মারে ঢুস্। নাহি করে ভয়।"-চন্দন।

ঢুষণ, ঢুসনি [ঢু (দ্রঃ), অথবা, ধর্ষণ >। ঢুসাই, ঢুসাও, ঢুসায়, ঢুসাইতে ; ঢুসাইয়া (কোং ঢুসিয়ে)] ক্রি, ঢু মারা ; গুঁতান। ২ ধর্ষণ বা পীড়ন করা।

ঢুসনা, ঢুসনা [ঢোষা দ্রঃ। গ্রাং ঢসনো > স্ত্রীং ঢুসনী] বিণ, অলস ; অকর্ম্মণ্য। ২ [উৎ-শৃঙ্খল > উস্কো খুস্কো > ঢুস্‌ক + না (অবজ্ঞার্থে) > ঢুস্‌কনা > কোং ঢসনা] তৈলহীন এবং বিশৃঙ্খল ; অপরিষ্কার। "চুল ঢুসনা, পিচুটি নয়না"-লীলাবতী (দীনবন্ধু)। ৩ অপব্যয়কারী।

ঢুষা, ঢুষানি, ঢুসা, ঢুসানি [ঢুষণ দ্রঃ। হি-ঢুসানা। ঢুষি, ঢুষ, ঢুষে ; ঢুষিতে ; ঢুষিয়া। ঢুষাই, ঢুষাও, ঢুষায় ; ঢুষাইতে ; ঢুষাইয়া] ক্রি, ঢু মারা ; ঢুস দেওয়া ; মাথার গুঁতা দেওয়া ; শৃঙ্গ প্রহার করা। "শরভে শরভে মারে ঢুসাইয়া মুণ্ডে।"-কবিকং। **ঢুষাঢুষি, ঢুসাঢুসি**-বি, পরস্পর মস্তকাঘাত বা গুঁতাগুঁতি। "বাহু কসাকসি আর ঢুসাঢুসি শিরে। হাতাহাতি দ্রুতগতি ঢাক যেন ফিরে-ঘং।

ঢুস্কু [প্রাদেং ঢোসা দ্রঃ] "ঢেমন নয় ঢুসক নয় চেঁদড়ের সর্দ্দার।"-প্রবচন।

ঢুস্কা, ঢুস্কা-ঢোস্কা দ্রঃ।

ঢূ-ঢু দ্রঃ।

ঢেউ [হিং-ঢেউ] বি, জলতরঙ্গ ; ঊর্ম্মি ; জলোচ্ছ্বাস। "নদীর উপর জলের বসতি তাহার উপরে ঢেউ।"-চণ্ডিং। "ভবসিন্ধু মাঝে বিষম ঢেউ।"-গিরিশং। ২ [লক্ষং] প্রভাবতরঙ্গ। "হিন্দুর সমাজসংস্কার চলিতে থাকিলে তার ঢেউ মুসলমান সমাজেও পৌঁছিবে।"-বঙ্গবাণী, ১৩৩৩। **ঢেউ কাটানি**-ক্রি, ঝিঁকা মারিয়া নৌকা ঢেউয়ের মাথায় মাথায় তুলিয়া দিয়া ঢেউয়ের ধাক্কা এড়ান। **ঢেউ খেলানি**-ক্রি, তরঙ্গ বিস্তার করা। ~**খেলানি**-বিণ, তরঙ্গায়িত। ~**খেলানিয়া**, ~**খেলানে**-বিণ, তরঙ্গায়িত। ~**টিন** [ইং-corrugated tin (iron) sheet এর বঙ্গানুবাদ] বি, ঢেউ তোলা লোহার পাত্র বা চাদর। ঢেউ

তোলা-ক্রি, তরঙ্গ উৎপাদন করা। ~তোলা-বিণ, তরঙ্গায়িত। ঢেউ দেওয়া [গ্রা॰ ঢেউ মারা] ক্রি, জলে ধাক্কা দিয়া তরঙ্গায়িত জলের আঘাত করা. প্রচুর জল ঢালিয়া প্রবাহের মুখে ভাসাইয়া দেওয়া; ঢেওয়াইয়া দেওয়া; ঢেয়ান (দ্রঃ)।

ঢেউয়ানি, ঢেওয়ানি, ঢেয়ানি [ঢেউ+আন (ক্রিয়ার্থ)] ক্রি, ঢেউ দেওয়া। ২ ঢেউ দিয়া কোন বস্তু সরান।

ঢেঁকলী, ঢেকলী [হিং] বি, নিম্ন হইতে জলোত্তোলনের যন্ত্র; ঢেঁকিকল; কপিকল।

ঢেঁকি, ঢেঁকী [মুণ্ডারী-ডিংকি। ঢেকলী দ্রঃ। মূলে অনু॰ ঢকঢক এবং কাচ্-ক্যাচ্ শব্দের মিলনে ঢেঁকুচ্-ঢেঁকুচ্ রূপ অনু॰ > । পেলায় ঢেঁকির শব্দের অনুকরণে "ঢেঁকুচ্ কুচ্" "ঢেঁকুশ্ কুশ্।" অথবা সং-ধঙ্ক (নাশনে-আঘাতে)+ই (যে আঘাত বা ঘা দেয়) তা হতে ধঙ্কী। ধঙ্কী=ঢঙ্কী=ঢেঁকী। হিং-ঢেকা। ঢেকা দ্রঃ] বি, ধান ভানিবার যন্ত্র। চাউল, চিঁড়া, ই॰ কুটিবার যন্ত্র। ২ [পু॰] কলহপ্রিয় নারদ মুনির বাহন; কলহের অগ্রদূত। 'নারদের ঢেঁকি লয়ে ধান ভানে ভূতে।" -শি॰। "বিষম উৎপাৎ একি! হায় নারদের ঢেঁকি! শেষকালে এ যে দেখি ঝগড়ার মত।" -মানসী (রবী॰)। ৩ বিণ, কলহকারী; সর্ব্বদা ঝগড়াকারী; কোন্দলপ্রিয়। ৪ [ঢেঁকির মত অন্যে চালাইলে যে চলে ও সামান্য অসাবধানে চালিত হলে যে বিপদ ঘটায় তদ্রূপ] দায়িত্ব জ্ঞান শূন্য স্থূল বুদ্ধি ব্যক্তির প্রতি ব্যঙ্গোক্তি; অতিশয় মূর্খ; বোকার অগ্রগণ্য। ৫ বিপুল দেহ; অতিকায়। [দ্রঃ-ঢেঁকির ভিন্ন ভিন্ন অংশের নাম-ঢেঁকি,-কী-লম্বা স্থূল ও গুরুভার কাষ্ঠ; সাধারণতঃ প্রায় চারি হাত হ'তে সাত হাত। যেদিকে মুষলযুক্ত এবং উঠে পড়ে তা মাথার দিক্; মুষলযুক্ত ভাগ মাথা। আঁকশলী পর্য্যন্ত পিঠ। আঁকশলীর স্থান পেট। বাকি অংশ লেজ। আঁকশলী-ঢেঁকীর প্রায় তিন ভাগ ছাড়িয়া পশ্চাতের অঙ্গ ভেদ করিয়া যে শলাকা দুই পাশের অবলম্বন কাষ্ঠে সংলগ্ন থাকিয়া ঢেঁকীর উঠা পড়া সহজ করে (অক্ষশলা > ভ্রং)। গঁড়-ঢেঁকীর মুষল যে গর্ত্তে পতিত হয়। গঁড়কাঠ-গর্ত্তের তলায় যে কাষ্ঠখণ্ড (গুড়িকাষ্ঠ, স্থল বিশেষে পাথর) বসান থাকে। পোয়া-হাড়ি-কাঠের মত যে কাঠ মাটিতে পোঁতা থাকে এবং যার দুই বাহুর ছিদ্র মধ্যে ঢেঁকীর আঁকশলী প্রবিষ্ট থাকে। মোনা-ঢেঁকীর মাথা বা সম্মুখ প্রান্তে সংলগ্ন মুষল। শামা (সং-শাম্ব >) মুসলের মুখের লোহার বেড়]। ঢেঁ॰ চুমানি [প্রাদে॰ মালদহ] বি, ঢেঁকি পূজা। ঢেঁকি না কুলো। [না ঢেঁকি না কুলা (অন্ন প্রস্তুত করার যন্ত্রাদি নাই > অন্ন সংস্থানের অভাব বোধক] অন্ন সংস্থানের অভাবাত্মক বা সম্পত্তিহীন অবস্থা। "ওর কিইবা আছে? চাল না চুলো ঢেঁকি না কুলো।" ঢেঁ॰ স্বর্গে গেলেও ধান ভানে-যার যা স্বভাব তা মলেও ছাড়িতে পারে না। ২ অদৃষ্ট সঙ্গে সঙ্গে যায়। এক গাঁয়ে ঢেঁকি পড়ে অন্য গাঁয়ে মাথা ধরে-যার সহিত কোন সংস্রব নাই তার মাথা ব্যথা; বিনা কারণে কষ্ট পাওয়া (গুপ্ত স্বার্থ থাকার ইঙ্গিত)। ঘরের ঢেঁকি কুমীর হওয়া [ঢেঁকির আকার কুমীরের মত বলিয়া এবং ঢেঁকীও তখন ঘরে ঘরে ছিল] প্রচ্ছন্ন শত্রু। ২ যে পূর্ব্বে লাথির আঘাতে উঠিত পড়িত এখন তাই কুমীরের মত ভয়প্রদর্শক ও প্রাণনাশক হওয়া। বুকে ঢেঁকির পাড় পড়া, পাড়া-বুক ধড়াস্ ধড়াস্ করা। ২ হিংসায় হৃদয়ে বুক ফাটিয়া যাওয়া। বুদ্ধির ঢেঁকি [ব্যঙ্গোক্তি] ঢেঁকিবৎ প্রকাণ্ড অর্থাৎ অতিশয় নির্ব্বোধ; বোকার প্রধান। "বেটা বুদ্ধির ঢেঁকি"-কাহিনী (রবী॰)। লাথির ঢেঁকি চড়ে ওঠে না-যে লাথির বশ অর্থাৎ কঠোর শাসনের বশ সে লঘু শাসনে বাধ্য হয় না। ঢেঁকির কঁচকিচি-কলহ; ঝগড়া; বচসা। "মিথ্যা ঢেঁকির কচকচি করায় কি উপকার।"-টেকচাঁদ॰।

ঢেঁকিশাল, ঢেঁকীশাল [গ্রা॰-ঢেঁকশেল, বর্ণবিপর্য্যয়ে ঢেশ্‌কেল (দ্রঃ)] বি, যে ঘরে ঢেঁকী থাকে ও ধানভানা হয়।

ঢেকুর-ঢেকুর দ্রঃ।

ঢেঁটা [ধৃষ্ট > হিং-ঢীট, ঢিট্‌ঠা >] বিণ, ধৃষ্ট; শঠ; দুষ্ট; খল। ২ একগুঁয়ে; অবাধ্য। ~মি, ~মি-বি, শঠতা; দুষ্টামি। ২ অবাধ্যতা।

ঢেঁটরা, ঢেঁড়রা, ঢেঁড়া, ঢেঁড়ো [হিং-ঢণ্ডোরা, ঢণ্ঢোরা, ঢিঢোরা > প্রাদে॰-ঢেবাডোরা] বি, ঢক্কা। ২ ঢক্কা বাদনপূর্ব্বক লোকসমাজে ঘোষণা; প্রচার। ঢেঁ॰পেটা-ঢক্কাবাদন দ্বারা ঘোষণা করা।

ঢেঁড়স [সং-ডিণ্ডিশ (বৈদ্যকে)। হিং ভিণ্ডি, ঢাড়স। বাং-'ঢেঁড়ো' ও "ডেরস" (প্যারীচাঁদ মিত্র)] বি, মার্কিন দেশ জাত এক প্রকার ক্ষুদ্র ফল বৃক্ষ ও ফল।

ঢেঁড়া-ঢাটরা দ্রঃ।

ঢেঁড়ী [হিং] বি, কর্ণভূষণবিঃ। "ঝুমকা ঢেঁড়ী।" ২ [সং-তুণ্ড > হিং-ডোঁড়ী, ঢোঁঢ় (পোস্তফল)] পোস্ত ফল; আফিম গাছের ফুল। ৩ বাদ্যযন্ত্রবিঃ।

ঢেঁশকেল, ঢেঁস্কেল [ঢেঁকিশাল দ্রঃ] বি, ঢেঁকিশাল; যেস্থানে ঢেঁকি পাতা থাকে। "কখন ঢেস্কেলের ঢেঁকিতে পা দিতেছ"-আলাল। ঢেঁ॰ দিয়া কটক যাওয়া-সোজা পথ ছাড়িয়া উল্টা দিক্ দিয়া বা ঘোর ফেরের পথ দিয়া যাওয়া; সদর দরজা দিয়া না গিয়া বাড়ীর পশ্চাতে বা খিড়কির দিক্ (ঢেঁকিশাল প্রায় বাড়ীর পশ্চাতে থাকে) দিয়া যাওয়া। ঢেঁশকেলে মাণিক পাওয়া-নিজের ঘরে বা হাতের কাছে বা অক্লেশে, ঘরে বসিয়া অর্থাৎ বিদেশে না গিয়া দুর্লভ সামগ্রী প্রাপ্ত হওয়া।

ঢেঁশা, ঢ্যাঁশা [ঢুস >] বি, ধাক্কা; ঠেলা; আঘাত। ২ বিদ্রূপ। ৩ দোষ প্রদর্শন; দোষসূচক দৃষ্টান্ত। "ঢেঁশা দিয়া ঢেকা মারে ঢাক গো ঢক্কিণী।"-অ॰ ম॰।

ঢেক [হুগলী, বর্দ্ধমান অঞ্চলে। ২৪ পরগণা নদীয়া অঞ্চলে ঢের। হিং-ঢের (রাশি) > প্রাদে॰ উচ্চারণ ভেদে 'ঢিক'] বিণ, প্রচুর; একরাশ; অনেক। ঢেক হওয়া-প্রচুর হওয়া। ২ ছাপাইয়া উঠা।

্ যুক্ত থিবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্চ=ঞ্চ ঞ্চ=ন্চ ক্ষ=ক্ষ হু=হু হু হ্ন হ্ম হ্ব=হ্ব হ্র হ্ল হ্ব ক্ত ব্য, ক্ত ব্য ব্ব=zfwv ও চ্চা॰ দ্রঃ

ঢেকচালুয়া [প্রাদে°। ঢেক (অনেক) চাল (অসিদ্ধ ভাত) + উয়া (বিশিষ্ট)] বিণ, যে ভাত ভাল রাঁধা হয় নাই ; যে ভাতে অনেক অসিদ্ধ চাল আছে।

ঢেকফাজিল (কাটা, -ভাঙ্গা) [সহচর শব্দদ্বয়। ঢেক (অধিক) + ফাজিল (ফা° ফাজিল=অতিরিক্ত)] বি, (ক্রি), ওজনে পাল্লার ঝোঁক্‌তা দিকের পরিমাণ কম করিয়া দুই দিক্ সমান (করা)।

ঢেকলিনি [হিং-ঢেক্‌লানা=ধাক্কা বা ঠেলে দেওয়া] ক্রি, ধাক্কা দেওয়া।

ঢেঁকস-ঢেঁকস-বি, বন্ধুর পথে গতিশীল গোযান চক্রের শব্দ। "একদিন গো-শকটে পোরবন্দর হইতে দ্বারকাভিমুখে রওয়ানা হওয়া গেল : দ্বারকা সেখান হইতে চারিদিনের পথ ; ঢেকস্-ঢেকস্ করিয়া সেই জনমানবহীন পথ ধরিয়া আমরা অগ্রসর হইতে লাগিলাম"-ভারতভ্রমণ (ধ° লাহিড়ী)।

ঢেঁকা [সং-ধক্ক > হিং-ধাক্কা >। ঢেঁকি দ্রঃ] বি, ধাক্কা। ক্রি, ঢেঁকানি, ঢেঁ° দেওয়া, ঢেঁ° মারা-ধাক্কা দেওয়া ; ঠেলিয়া দেওয়া। "সভাকারে বহু নিন্দা করি দ্রোণ বীর। ধনু লৈয়া ঢে° মারি করেন বাহির॥"-মহা° (কাশী°)। "ঢে°মারে একবারে শত শত জন"-কবিক°। "মোগলে ছুঁইতে যায় ভূতে ঢে° মারে তায় ব্রহ্মদৈত্য করয়ে প্রহার।"-অ° ম°।

ঢেকিয়া, ঢেকিয়ে, ঢেকেয়া, ঢেক্যা [ঢেকা দ্রঃ] অস-ক্রি, ঢেকা দিয়া ; ধাক্কা মারিয়া। "ঢেকেয়া ফেলাইয়া ময়নাক দিল লহড়" (=লড়=দৌড়)-মাণিক° গান।

ঢেকুর$_1$, ঢেঁকুর [সং-উদ্গার। হিং-ডকার >] বি, হিকা ; উদ্গার।

ঢেকুর$_2$-বি, ঢাকুর নামক স্থান ; ঢাকুরের দুর্গ। "সে সকল সন্তাপ সদাই মনে পড়ে। না যেও নিষ্ঠুর পুরে ঢেকুরের গড়ে॥"-ঘ°।

ঢেকুরা [প্রাদে°। ডেকরা (দ্রঃ) >] বিণ, দুষ্ট ; অশিষ্ট ; অকেজো ; অকর্মণ্য। "ঢে° পুরুষের দল কেবল বায় সে নাও"-পূ° ব° গী°।

ঢেক্যা [ঢোকিয়া >] বি, বিণ, যে ঢাক বাজায় ; ঢাকী। "আদ্যের ঢেক্যা"-ধর্ম্ম গীত [ব° সা° পরিচয়]।

ঢেঙ্গা, ঢেঙা [সং-দীর্ঘ > হিং-ঢঙ্গা (লম্বা) >] বিণ, দীর্ঘ ; লম্বা। "মামীর বয়স বাড়া, মামী ঢেঙ্গা এযে গেঁড়া, তবে কেন ডরালে গোঁসাই"-শি°।

ঢেড়রিয়া [ঢেটরা (দ্রঃ) > ঢেঁড়রা + ইয়া >] বিণ, বি, যে ঢেঁড়া দেয়।

ঢেড়া-ট্যাড়া দ্রঃ।

ঢেড়ি$_1$,**-ড়ী** [হিং-ঢণ্ডোরা, ঢিঢোরা >] বি, ঢেড়া ; ঢেটরা। "জাহাঙ্গীর ঢেড়ী দিল সকল সহরে"-অ° ম°। "এত শুনি সহরে সঘনে পড়ে ঢেড়ি।"-ঘ°।

ঢেড়ি$_2$ [হিং-ঢেড়া, ডেঢ়ী (একাধিক, অর্দ্ধ ; সাধারণ অপেক্ষা অধিক বড়) >] বিণ, সার্দ্ধ ; ডেড়া। ২ ধাড়া বুড় : বাগীশ ; পটু। "বয়সের দোষে বচনের ঢেড়ি"-ব°।

ঢেঁপ্, ঢেঁপ-ঢপ্ দ্রঃ।

ঢেঁপ্‌সা [হিং-ঢেপা বা ঢিপি + সা (সাদৃশ্যে)। হিং-ঢপ্‌সা] বিণ, ঢিপির মত স্ফীত এবং ঢোলের মত ঢ্যাপ্‌ঢেপে ২ কদাকার স্থূল ; বেমানান মোটা ; ধুপ্‌সা।

ঢেঁবড়া, -রা-ধেবড়া দ্রঃ। "দেখদেখি কাগজ পত্তর সব ভিজে-কালী ঢেবরে কি হয়ে গেল।"-ছোট বড় (কা° প্র° দাস গুপ্ত)।

ঢেঁমচা, ঢেঁমসা [অনু°। ধম ধম শব্দ হ'তে] বি, বাদ্যযন্ত্রবিঃ।

ঢেঁমিন, ঢেঁমনা, ঢ্যামোন [হিং] বি, চরিত্রহীন ; লম্পট ; ভ্রষ্ট। ২ স্ত্রীপুরুষের অবৈধ প্রণয় সংঘটক ; কোটনা। ৩ জারজ। "বেদুয়া ঢেমনে কভু না শুনাই পুরাণ"-কবিক°। স্ত্রী°ঢেঁমনা ঢেম্নি [সং-ধমনী= "হট্টবিলাসিনী"-অমর°] উপপত্নী ; স্বৈরিণী ; বেশ্যা। ২ [হিং-ধামিন্ >] নির্ব্বিষ সর্পবিঃ।

ঢেয়ানি [ঢেউ + আন (ক্রিয়ায়)। ঢেয়াই, ঢেয়াও, ঢেয়ায় ; ঢেয়াইতে ; ঢেয়াইয়া (প্রা° ক্ষে°-ঢেইয়ে)] ক্রি, তরল পদার্থ (বিতঃ জল) ঢেউয়ের মত গড়াইয়া বা ঢালিয়া দেওয়া। ২ ঢেউ দেওয়া ; ঢেউ তোলা।

ঢের [হিং-ঢের (রাশি, স্তূপ)। হুগলী বর্দ্ধমানাদি অঞ্চলে "ঢেক"] বি, বহু ; অনেক ; বিস্তর। "আনে বটে ঢের কড়ি নিজ রোজগারে"-হেম°। "সেথা ঢের আছে তোর রাঙ্গা ছেলে"-ঈ° গুপ্ত। ২ যথেষ্ট। "অসহ্য বেদনা এর, যা সয়েছি এই ঢের।"-প্রেম ও ফুল। "আমি ঢের সয়েছি আরত সব না"-ক্ষীরোদ বিদ্যাবিনোদ। ৩ গাদা ; স্তূপ।

ঢেঁরা, ঢ্যারা [হিং-ঢর্রা >] বি, সূত্র নির্ম্মাণযন্ত্র ; চরকা ; পাট কাটিবার যন্ত্র। ২ [চরকার × এইরূপ আকৃতি >] × এইরূপ চিহ্নকে ঢেরা বলে। ঢেঁ° কাটা--ঢেরা চিহ্ন অঙ্কিত করা। ঢেঁ° সহি,-সই-বি, নিরক্ষর ব্যক্তির দস্তখতের ঢেরা × চিহ্ন। "খাতক ত্রিভঙ্গ শ্যাম, মহাজন ব্রজকিশোরী। মনে আতঙ্ক করি ঐ, ত্রিভঙ্গ শুন কই, তোমা বই ঢেরা সই আর হবে কার।"-রাম বসু।

ঢেরি [রাজসাহী মালদহ ইং প্রাদে°-ঘেরি। ঢের দ্রঃ] বি, রাশি ; সমূহ ; গুচ্ছ। স্তূপ।

ঢেঁলা, ঢ্যালা [হিং-ডল্লা, ঢেলা (বড় ঢিল)। ঢিল দ্রঃ] বি, ড্যালা ; লোষ্ট্র ; চাঙ্গড়। "শিশু যদি ঢেলা মারে,"-অশোক। ২ প্রাচীর। "পোয়ালকুড় সম হনুমান তোলে ঢেলা॥"-কবিক°। "নকল গড়ের মাটির ঢেলা"-চয়নিকা। ক্রি, ঢেলানি, ঢ্যালানি-ঢিলমারা ; ঢিলছোঁড়া। ~ভাঙ্গানি-বি, ঢেলা মারা নিবৃত্তির জন্য মিষ্টান্ন বা অর্থদান। ঢেঁ° মারা-ক্রি, ঢেলা ছুড়িয়া মারা। ~মারা-বি, ঢিলপ্রহার। ২ বিবাহের দিন বরযাত্রীকে কোন দেশে ঢেলাদ্বারা প্রহার।

ঢেঁসা [হিং-ঝাঁসা (ধাঁধা, ধোঁকা)] বি, বাঁধা ; ধোঁকা ; প্রবঞ্চনা ; ফাঁকি। "পরধন খায় ঢেসা দিয়া"-কবিক°। ২ অপবাদ। ৩ অপরাধ। "ধনচোর ঢেসায় পাঠাব যমঘর"-ঘ°।

ঢো [ধুয়া (দ্রঃ) >] বি, শব্দ ; রব ; ধুয়া। "কোথাও কিছু নাই, অমনি একটা ঢো তুলিয়া দিল।" ২ মাত্রা। প্র-কথার ঢো।

ঢোঁড়ন [সং-ঢুণ্টন >] বি, অন্বেষণ ; খোজন। ক্রি, ঢোঁড়া১ [হিং-ঢূঁড়না= খোঁজা] অন্বেষণ করা। ঢোড়া দ্রঃ।

ঢোঁড়া২ [ডুণ্ডুভ,ঢুণ্টুভ >। গ্রাংঢেঁড়ো] বি, নির্বিষ সর্পবিঃ ; ঢোঁড়াসাপ ; জলসর্প ; জলঢোঁড়া সাপ। ২ যার শক্তি বা ক্ষমতা নাই অথচ দর্প বা ক্রোধ আছে তাকে এই সর্পের সহিত তুলনা করিয়া ঢোঁড়া বলে।

ঢোঁক [ঢক্ >। হিং-ঘুঁট] বি, গলাধঃকরণ ; গিলন। ২ [হিং-ঢোকা (ডেলা চাপ) >] বি, স্বর্ণাদি পরিমাণ করিবার দ্রব্যবিঃ। ঢোঁ০ গিলিয়া-কোনকিছু গলাধঃকরণের অনুকরণ করিয়া। ২ তদ্রূপ করণে কিঞ্চিৎ সময় লইয়া ; ইতস্ততঃ করিয়া। "একটা ঢোক গিলিয়া বৃদ্ধ কহিল, 'হাঁ'! বলিয়াই তাহার স্বর কেমন রুদ্ধ হইয়া গেল।" -ভারতী ১৩২০। ঢোঁ০ গেলা-গিলিবার কোন বস্তু না থাকিলেও বায়ুমাত্র গলাধঃকরণ করা।

ঢোকন [সং ঢৌক(গমন করা) >] বি, ভিতরে গমন ; অন্তঃপ্রবেশন। ক্রি, ঢোকা, ঢুকা [ঢুকি, ঢুক (ঢুকুন, ঢোকেন, ঢুকিস), ঢুকে (ঢোকে, ঢোকেন) ; ঢুকিতে ; ঢুকিয়া (ক্ষেং ঢুকে)] ভিতরে প্রবেশ করা ; অন্তঃপ্রবিষ্ট হওয়া। "বাগদির আজ নাই ঘরে ঢুকে মোর"-শিং। ণিজন্ত-ঢোকান, ঢুকানি-ভিতরে প্রেরণ করা ; অন্তঃপ্রবিষ্ট করা।

ঢোয়া [হিং-ঢোনা। ঢোই (ঢুই), ঢোও, ঢোয় ; ঢুইতে ; ঢুইয়া (ক্ষেং ঢুয়ে)। ণিজন্ত-ঢোয়ান] ক্রি, দ্রব্যাদি স্থানচ্যুত করা; কোন কিছু এক স্থান হ'তে অন্য স্থানে বহিয়া লইয়া যাওয়া ও রাখা।

ঢোয়াই [ঢোলাই দ্রঃ। য=ল] বি, দ্রব্যাদি লোকদ্বারা স্থানান্তরিত করিবার বা কোন স্থান হ'তে বহিয়া আনিয়া যথাস্থানে রাখিবার জন্য পারিশ্রমিক। ২ একস্থান হ'তে অন্যত্র বহন।

ঢোল [সং-ঢোল। ৰাং-ৰ, ঢৌল ও০] বি, আনদ্ধ বাদ্য যন্ত্রবিঃ। "বাজে শিঙ্গা কাড়া ঢোল"-ভারত০। ২ [প্রাদেং] কৌতুক ; রঙ্গ ; তামাসা ; বিদ্রূপ ; ব্যঙ্গ ; বিদ্রূপাত্মক অনুকরণ। "আপনে হইয়া শ্রীহট্টিয়ার তনয়। তবে ঢোল কর কোন যুক্তি ইথে হয়।"-চৈংভাং। ৩[ঢোল যন্ত্রের আকার হতে] স্ফীত ; ফুলিয়া ঢোলের আকৃতি ; ফাঁপা। "ফুলিয়া হয়েছে ঢোল"-দাশরথিং। ৪ ছল। "ঢোল করি প্রভুরে লইয়া গেল কোন স্থানে॥"-বিধুসেনের চৌতিসা (সাং পং পং ১৩১৫)। ঢোল করা-ক্রি, প্রচার করা ; ঘোষণা করা। ২ দুষ্টামি বা নষ্টামি করা। প্র-"ঢঙ্গ ঢাঙ্গাতি ঢোলক্ষরে অতি ; ঢোল ঢাক শিঙ্গে বায়"-কবিকং। ৩ ফাঁপান বা ফুলান। ৪ [ঢোল সমুদ্র (দ্রঃ) > ক্ষেং ঢোল] জলে জলময় করা। ৫ ব্যঙ্গ করা ; বিদ্রূপ করা। ৬ লাঞ্ছনা করা ; অপমান করা। ঢোল দেওয়া-ক্রি, ঢ্যাটরা পিটাইয়া বিজ্ঞাপন দেওয়া। ঢোল পড়া-ক্রি, ঢোল পিটিয়া প্রচারিত হওয়া। "তথায় একটি ঢোল পড়িয়াছিল। কে বা কাহারা ঐ ঢোল দিয়াছিল তাহা অজ্ঞাত * * * হাটে যে ঢোল পড়িয়াছিল * * বোঝা যাইতেছে যে সরকার পক্ষ হইতেই ঢোল পড়িয়াছিল।" -বাং কথা, ১৩৩৪। ঢোল পেটা-ক্রি, ঢোল বাজান। ২ [বিদ্রূপার্থে] তাল লয়হীন বাদ্য বাজান। ৩ ঢোল পিটিয়া বিজ্ঞাপন দেওয়া ; ঢ্যাড়া দেওয়া। ৪ প্রকাশ্যে প্রচার করা। আপনার ঢোল আপনি পেটা-আত্মপ্রশংসা করা ; আত্মগুণগান করা ; নিজেকে বিজ্ঞাপিত করা।

ঢোলক [হিং-ঢোলক্। ক্ষুদ্রার্থে ঢোলকি বা ঢুক্কী] বি, ঢোলের অনুকরণে নির্মিত ক্ষুদ্র আনদ্ধ যন্ত্র। যাত্রা পাঁচালী ও ঐকতানবাদ্যাদিতে ব্যবহৃত বাদ্যযন্ত্রবিঃ।

ঢোলকান-বি,মৃগজাতি বন্য পশুবিঃ। "বারশিঙ্গা তুলারু ঘোড়ারু ঢোং। ধরণী লোটায়্যা কান্দে করি অভিমান।"-কবিকং। "তুলারু ঘোড়ারু কৃষ্ণসার ঢোং।" -ঐ।

ঢোলকলমী-বি,শাকভেদ Ipomœa grandiflora.

ঢোলসমুদ্র [বাঙ্গালী ভুঁইয়া রাজা কেদার রায় বিক্রমপুরে এত বড় দীর্ঘিকা খনন করাইয়াছিলেন যে তার এক পারে ঢোল বাজাইলে তার শব্দ অপর পারে শুনা যাইত না, তা হতে] বি, অতি দীর্ঘায়তন জলাশয় ; সমুদ্রবৎ দীর্ঘ সরোবর। ২ অ, জলেজলময় ; চতুর্দ্দিক্ জলে থই থই। ৩ [সং-ঢোল সমুদ্রিকা] ক্ষুদ্র বন্যবৃক্ষবিঃ Leeamacrophylla. ৪ [লক্ষং] অতিশয় শ্লেষ্মায় শরীর পূর্ণ বা স্ফীত হওয়ার ভাব।

ঢোলসহরৎ [ঢোল (দ্বারা) সহরৎ (আং শোহ্রৎ=প্রচার, প্রসিদ্ধি)] বি, ঢোল বাজাইয়া প্রচার বা ঘোষণা। "প্রকাশ্য ঢোং দ্বারা হিন্দুমাত্রকেই জানাইয়া * * *" -আরতি, ১৩৩৩।

ঢোলতা [ঢোল (দ্রঃ) + তা (ভাং)] বি, ছলনা। "ঢোলতা করিলে প্রভু তেজিব জীবন॥"-বিধুসেনের চৌতিশা (সাং পং পং ১৩১৫)।

ঢোলন [ঢুলা দ্রঃ] বি, ঢুলন ; দোলন ; ঝিমন।

ঢোলা [ঢলা দ্রঃ। ঢুলি, ঢুল, ঢুলে ; ঢুলিতে ; ঢুলিয়া (ক্ষেং ঢুলে)] ক্রি, ঝিমান ; হেলিয়া পড়া ; টলা। ২ দোলা ; আন্দোলিত হওয়া। ৩ (ঢো-) বিণ, ঢলঢলে ; কোমল ; সরস। প্র-ঢোলা ঢোলা পাতা।

ঢোলাই [হিং-ঢোনা, ঢুলনা (বহন করিয়া স্থানান্তর করা) > হিং ঢুলবাঈ >। ঢোয়াই ও০] বি, বহন করিয়া দ্রব্যাদি স্থানান্তরকরণ। ২ বহনের মজুরি।

ঢোলানি [হিং-ঢুলানা] ক্রি, দোলান ; কাঁপান ; নড়াইয়া দেওয়া ; সঞ্চালিত করা।

ঢোলাপাতা [স্থানবিশেষে নামান্তর-কানছিঁড়ে, বেরালপাতা] বি, লম্বা পাতাযুক্ত ছোট গাছবিঃ (ছাতার পাখী শুয়াপোকা আহারের পর এই পাতা খাইয়া থাকে)।

ঢোলামারা [গ্রাং। ঢলা (দ্রঃ) মারা >। ঢলামারা ও০] বিণ, বিশুষ্ক ; মলিন ; ঝলসান। প্র-ঢোং চেহারা। ২ [প্রাদেং] বি, শস্যাদির রোগবিঃ। ৩ শুকারোগ।

ঢোলী [ঢোল, ঢুলী দ্রঃ] বিণ, ঢোলবিশিষ্ট ; ঢোল বাদক।

ঢোক্কী, ঢুক্কি, ঢুক্কী [হিং। ঢোল দ্রঃ] বি, ক্ষুদ্র ঢোলক।

্ যুক্ত বিস্তবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অ: গারান্তবৎ, ঙ=ংগ ঞ=ঁয়া ঞ=ন্‌চ ঞ=ঁট ঙ্ক=ঙ্ক্ হ্ন হ্ল হ্ম হ্ন=ন্‌হ হ্য লহ ড় ঝা, জ ক্ ব ড়=zfwv ও চ্চা০ দ্রঃ

ঢোষা, ঢোসা [ধ্বস্ >। হি॰-ঢ়ুস্‌সা] বিণ, দুর্ব্বল; শক্তিহীন ফাঁপা বা স্থূলদেহ; অন্তঃসারশূন্য; অকর্ম্মণ্য। প্র-"মোণ্ডালোসা দধিচোষা ঢোষা দল যত" -ঈ॰ গুপ্ত। ২ শৃঙ্গাঘাত।

ঢোস্কা, ঢস্কা, ঢুস্কি, ঢুস্কা, ঢোস্কা [ধসা > ধস্কা >। ধ=ঢ। ঢোষা (দ্রঃ)। অবজ্ঞার্থে ক যোগ] বিণ, ফাঁপা দেহ; দুর্ব্বল; যা'কে ঢু বা ধাক্কা দিলে পড়িয়া যায়। "ছি ছি ছি, এই ঢোস্কা কি ঐ মেয়েটির বর লো"। ২ যা সহজে ধসিয়া যায় বা ভাঙ্গিয়া পড়ে; ধস্কা।

ঢোসর [ধূসর (জাতিবিঃ)। জাতীয় প্রকৃতি হ'তে] বিণ, শঠ (ধ॰ ম॰, মাণিক॰)।

ঢোসানি-ঢুসান দ্রঃ।

ঢৌকন [ঢৌক (গমন করা)+অন (ভা॰)] বি, গমন। ২ [-+অন (ণে)] উপঢৌকন; উৎকোচ।

ঢৌল [ঢোল দ্রঃ] বি, ঢোল; লাঞ্ছনা; অপমান। ২ বিণ, লাঞ্ছিত; অপমানিত। "ঢৌল নাহি করি কভু পরের যুবতী"-কবিক॰।

ঢ্যাঁটরা(ট্রা) [ঢোল দ্রঃ। হি॰-ঢঢোরা। গ্রা॰ ঢেঁড়া, ঢ্যাঁড়া] বি, ঢোল। ২ ঘোষণা। ঢ্যাঁ॰পিটে দেওয়া-ঢোলের শব্দ করিতে করিতে কোন বিষয় ঘোষণা করা। ২ সাধারণে প্রকাশ করা।

ঢ্যাড়্‌শ-ঢেঁড়শ দ্রঃ।

ঢ্যাঁড়া-বি, ঢেঁটরা দ্রঃ।

ঢ্যাঁপ-বি, শালুকের ফল; সুঁদির বীজ যা ভাজিলে খই হয়।

ঢ্যাপ্‌ঢ্যাপ্, ঢ্যাব্‌ঢ্যাব্-ঢপঢপ দ্রঃ।

ঢ্যাঁবাড়োরা [বৌ॰ বাং, মাণিক॰ গানে)। হি॰-ঢঢোরা] বি, ঢোলের দ্বারা ঘোষণা; ঢ্যাঁট্‌রা।

ঢ্যালা [হি॰-ঢোডল্] বি, মাটির চাপ; ইষ্টকখণ্ড; বড় ঢিল; ঢেলা (দ্রঃ)।

ণ

ণ১-ব্যঞ্জন বর্ণমালার পঞ্চদশ, ট বর্গের পঞ্চম, অনুনাসিক বর্ণ। মূর্দ্ধা ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহা মূর্দ্ধন্য বর্ণ। ইহার প্রকৃত উচ্চারণ ন ও ড় র মাঝামাঝি এবং অনেকটা "ড়ঁ"র মত। বাঙ্গালায় কিন্তু ইহা বিশুদ্ধ "ন" এর মত উচ্চারিত। এইজন্য সমোচ্চার্য্য দুই অনুনাসিকের মধ্যে পার্থক্য জ্ঞাপনার্থ বাঙ্গালায় ণ কে "মূর্দ্ধন্য ণ" এবং ন কে "দন্ত্য ন" বলে। [দ্রঃ-সংস্কৃত, হিন্দী, মহারাষ্ট্রী, তেলুগু ই॰ ভাষায় ণ ও ন এই বর্ণদ্বয়ের উচ্চারণ মাত্রেই পার্থক্য বুঝা যায় সুতরাং বানানে ভুল হয় না]। ণকারাদি শব্দের ব্যবহার আধু॰ বাং-য় নাই। প্রা॰ বাং-য় ণ ও ন নির্ব্বিচারে ব্যবহৃত ও 'ন'স্থলে 'ণ' দৃষ্ট হয়-'না জানোঁ' স্থলে 'ণা জাণোঁ'। দান (মাশুল) স্থলে দাণ [নামিল স্থলে ণাম্বিল (শ্রী॰ কী॰)। ণই (নদী), ণউ নউ (নব নব), ণগ্ন (মগ্ন), ণঠা (নষ্ট), ণব (নব), ণহিঁ (নহি), ণানা (নানা), ণাদ (নাদ), ণাম (নাম), ণাল (নাল), ণাহ (নাথ), ণাহি (নাহি), ণিঅড় (নিকট), ণিত্ত (নিত্য), ণিরক্ষর (নিরক্ষর), ণিরোধ (নিরোধ), ণির্ব্বাণ (নির্ব্বাণ), ণিসার (নিঃসার)] ন দ্রঃ। মধ্য বাং-য় স্তবে বিরল ব্যবহার দৃষ্ট হয়। 'ণত্ব ণয়ে জ্ঞান ণত্ব ণকারে নির্ণয়। ণত্বরূপা রক্ষা কর ণ হইলে ক্ষয়॥"-ভারত॰।

ণ২ [প্রা॰ বাং-য় ণ-৮র] বি, প্রাকৃ॰ বাং-য় ৬ষ্ঠী বিভক্তি চিহ্ন। যথা-জাণ > জাঁর=যাঁর (যাঁহার), তাণ > তাঁর (তাঁহার) ই॰।

ণই [প্রা॰ বাং প্রাকৃ॰] বি, নদী। "ভবণই গহ গম্ভীর বেগেঁ বাহী।"-চ॰ পদ॰ ৫।২।

ণকার[সং] বি, শিব। ২ চৈতন্য; জ্ঞান। ৩ পরমেশানী; মহাশক্তি (তন্ত্রে)। ৪ পানীয় জলাশয়। ৫ নিশ্চয়। ৬ ভূষণ। ৭ বিণ, গুণবর্জ্জিত; নির্গুণ।

ণত্ব [ণকার দ্রঃ] বি, ণকারের ভাব। "ণত্ব ণকারের অর্থ, তত্ত্বজ্ঞান কয়। ণত্বরূপা ণত্ব বিনা, ণত্ব কেবা পায়॥"-বাসবদত্তা।

ণত্ববিধান, ণত্ববিধি [ব্যা॰] বি, পদমধ্যে 'ন' কোন্ কোন্ অবস্থায় 'ণ' হয় কোথায় হয় না তাহার বিধান। [সাধারণতঃ, পদের মধ্যে ঋ, র ও ষ-কারের পরবর্ত্তী ন মূর্দ্ধন্য হয়। (২) ন ভিন্ন ত বর্গীয় বর্ণ সংযুক্ত নকার ণ হয় না। (৩) য, ব, হ, ং, ঃ, স্বরবর্ণ, কবর্গ ও পবর্গ ব্যবধান থাকিলে ন মূর্দ্ধন্য হয়, যথা-ঋণ, তৃণ, বিস্তীর্ণ, অর্পণ, অপরাহ্ণ, পরিণয়, সূর্পণখা, ব্রাহ্মণ। অন্তবর্ণ ব্যবধানে হয় না, যথা-প্রার্থনা, প্রদর্শন ই॰। বাং-য়, ক্রিয়াপদে এই নিয়মের ব্যতিক্রম দৃষ্ট হয়, যথা-ধরুন, ধরেন, মারেন, করেন। সমাসবদ্ধ পদে, যথা-হরিণাথ, দুর্ণাম ই॰]।

ণফলা-বি, বর্ণের পদে ণ যোগ। প্র-অপরাহ্ণ।

ণস্বরূপা [ণ-স্বরূপ+আ (স্ত্রীং)] বিণ, মহাশক্তিস্বরূপিণী। ২ চিন্ময়ী। ৩ বি, পরমেশানী; মহাশক্তি।

ণাম্বা [প্রা॰-বাং] ক্রি, অবতরণ করা। শ্রী॰ কী॰-তে-ণাম্বএ-অবতরণ করে। ণাম্বাআঁ-নামাইয়া। ণাম্বাইতেঁ-নামাইতে; অবতারিত করিতে। ণাম্বায়িল-নামাইল। ণাম্বি-অবতরণ করি। ণাম্বিল-অবতরণ করিলাম। ২। [ণাম্বিলা ও॰] অবতরণ করিল। ণাম্বিলান্ত-অবতরণ করিলেন। ণাম্বী-অবতরণ করিয়া।

ণাল [প্রা॰-বাং] বি, মৃণাল।

ণালিক [সং নালিক, নবুনালিক,

বৃহন্নালিক] বি, নালিকাস্ত্র ; বন্দুক। "ক্রহি কামধনু নয়ন বাণে, নাসিকা নালিক যন্ত্র সমানে॥"-শ্রী° কী°।

ণিচ্ [ব্যা°] বি, প্রেরণার্থক ধাতুর উত্তর বিহিত প্রত্যয়বিঃ।

ণিজন্ত [ণিচ্+অন্ত] বি, প্রেরণার্থে বা স্বার্থে ধাতুর উত্তর যে 'ণিচ্' বা 'ণি' (ই) প্রত্যয় হয়, ব্যাকরণে তার নাম ণিজন্ত প্রত্যয়। ~ধাতু-ণ্যন্ত ধাতু-causative verb. ~প্রক্রিয়া-ণিচ্ প্রত্যয় যোগে ধাতুর যে যে রূপান্তর হয় তার নিয়মাবলী।

ণিরকারণে [নিরাকরণ (দ্রঃ) > বর্ণ বিপর্যয়ে নিরকারণ। প্রা°-বাং প্রাকৃ°] ক্রি-বিণ, নিষ্কর্ষণ হেতু। "রস ণি°"-শ্রী° কী°।

ণীসার [প্রা°-বাং। সং-নিঃসার >] বি, নিঃসরণ। ক্রি, ণীসারা-নিঃসারণ করা ; বাহির করা। "কোণ দিগে সার (=স্বর) ণীসারে"-শ্রী° কী°।

ণেহ [নেহ দ্রঃ] বি, স্নেহ।

ত

ত১-ব্যঞ্জন বর্ণমালার ষোড়শ ও ৪র্থ বর্গের প্রথম বর্ণ। উচ্চারণ স্থান দন্ত। উচ্চারণকালে উপরের দন্ত পঙ্‌ক্তিতে জিহ্বাগ্র স্পর্শ করিতে হয়। তবর্গের বর্ণগুলি তারল্য, মৃদুতা ও কোমলতা-ব্যঞ্জক, যেমন টবর্গের বর্ণসমূহ কঠিনতা-জ্ঞাপক। ত বর্গীয় বর্ণযোগে শব্দাত্মক পদ মাত্রেরই সহিত কোমলতার ভাব জড়িত থাকে, যথা-তল্‌তল্, তর্‌তর্, থস্‌থস্, দল্‌দলে, তাইতাই ই°। কোন কঠিন বস্তু ঠক্ করিয়া পড়ে, কিন্তু কোমল, গলিত পদার্থ থক্ বা থস্ করিয়া পড়ে।

ত২ [প্রা° বাং] ৬ষ্ঠী বিভক্তি। "সিনান করিয়া যাও মহলত লাগিয়া॥" -মাণিক° গান। "তোর বাপেত নাহি লাজ।" -শ্রী° কী°। তথিত=তথির। "তথিত উপর ছিল" -শ্রী° কী°। তুল-নানা বন্নর পাখী আছি তাথির উপর" -শূ° পু°। "সীতাত আমি এরিলোঁ প্রত্যাশা"-রামা°(মাধব কন্দলী)।

ত৩ (তঁ) [সং অব্যয় শব্দ-"তু" > বাং-র "তো"ও°। "তাইতো থাকি একাকিনী।"-গি° ঘোষ] অ, ভাব ক্রিয়াদির বাস্তবিকতা, নিশ্চয়তা, দৃঢ়তা ই°-জ্ঞাপক। ই যোগে বক্তার জিদ বা বাক্যে বল (emphasis) প্রয়োগ। "এহি ত বৃন্দাবন"-শ্রী° কী°। "প্রণাম কর লো তাঁর সেই ত দেবতা তব।" -অম্বুজাসুন্দরী। "মোরা ত রয়েছি তোমারি সন্তান যদিও হয়েছি পতিত।"-রবী°। সেথানে যাবই ত, যেতেই ত হবে। ৩ পাদপূরণে। "গোঁসাঞি দিলেন তবে বিউনির বায়। যত ছিল ছার পাশ উড়িয়া ত যায়।" শূ° পু°। "কেমন রূপে ত আদ্যা আছে নিজ পুরে।"-শূ° পু°। ৪ প্রশ্নে যে পদের সহিত অন্বিত হয়, তৎসম্বন্ধে নিশ্চয় বা নিঃসন্দেহ হইবার আকাঙ্ক্ষা বা প্রয়োজন অর্থে। "কি কারণে হেথা আজি কহ লো মুরলে, পতি তব / * * ভাল ত আছেন, কহ, প্রিয় সখী মম বারীন্দ্রাণী?"-মেঘ°। সুখে আছ ত এখন। সতত আমার লাগি হ'তে জ্বালাতন।"-গান (সাতু বাবু)। ৫ বলদান (emphasis) অর্থে ("অতঃপর, এখন আর" এই অর্থ জ্ঞাপক "আর" শব্দের সহিত যুক্ত হইয়া "যে" এই শব্দের অর্থ প্রকাশ করে)। "দ্বিজ রাসবিহারী বলে, আর ত হাসি রাখতে নারি, তুমি যারে মা বলিলে সে বটে তোমারি নারী।"-রাসবিহারী মুখো°। ৬ অবধারণ অর্থে। প্র-তাই ত ; আমি ত জানি না। "মো ঞঁত সুন্দরী রাধা আতিবড় বুঢ়ী ল।"-শ্রী° কী°। "আমি ত অবলা, তাহে শত জ্বালা, বিষম হইল বড়।"-চণ্ডি°। ৭ বাক্যালঙ্কারে। "নেত আকুল সে দিআঁত ওহাড়ী"-শ্রী° কী°। [দ্রঃ-"ত, বড় ই° কতকগুলি অব্যয় শব্দ কেবল বাক্যালঙ্কারেই ব্যবহৃত হয় ; সেগুলির কোন বিশেষ অর্থ নাই ; যেমন আমি ত জানি না : তুমি যে বড় দেখলে? ই°।"-বাঙ্গালা ব্যাকরণ]। ৮ কিন্তু ; পরন্তু। "এভোঁ নাইল নিঠুর সে নান্দের নন্দন।"-শ্রী° কী°। "তোমার কথা হেথা কেহ ত বলে না করে শুধু মিছে কোলাহল।"-রবী°। "যাদের চাহিয়ে তোমারে ভুলেছি তারা ত চাহে না আমারে॥"-ঐ। ৯ পক্ষে, নিঃসংশয় হইবার জন্য প্রশ্নে। প্র-অন্যের কথা ছাড়িয়া দাও তার ত প্রতিজ্ঞা স্থির থাকিবে? ১০ প্রতিজ্ঞাসূচক ; নিশ্চয়ার্থক (এখানে প্রশ্নের ভাব থাকিবে না)। প্র-আমি ত যাব। সে হাতের কাজ শেষ না করে ত ছাড়বে না। ১১ [এই সে দ্রঃ] পরিণামসূচক। "অতিশয় সাধ করি, এই তো হইল।" -নিধুবাবু। ১২ অনুরোধ বাক্যের মৃদুতা বা কোমলতা সম্পাদনার্থে। প্র-লক্ষ্মীটি তুমি একবার যাও ত তা'কে সঙ্গে করে আন ত। "পূর ত আক্ষার আশে"-শ্রী° কী°। ১৩ বটে ; যদিও। প্র-সেথানে গেলাম ত কিন্তু কিছুই দেখা গেল না (তুল-ইং-did. I did go, but &c. ১৪ প্রা° বাং-৭মী বিভক্তি। এত২, এত৩, ১ তে, তা=প্রাকৃ° 'ত্ত' বা 'থ' প্রত্যয়ের রূপান্তর। আধু° বাং-"তে" বা "এ"। "কোমরেত তোপ দিল পাএত ডাড়্‌কা।"-শূ° পু°। "ঘরত রাখিয়া", "তাত =তাতে ; তদ্বিষয়ে (তাত৩ দ্রঃ)-শ্রী° কী°। "বাহুত বলয়া শোভে পাএত নূপুর"-ঘাটত, বাটত, মাঠত ই°। অধিকরণে 'ত' এখনও উত্তর বঙ্গে চলিত আছে। "তোমাকে মারিবে মন্ত্রণা পেটত পাও দিআ।"-ময়নামতীর গান। ১৫। প্রা° বাং-৫মী বিভক্তি চিহ্ন (হেত্বর্থে)। প্র-"সংসার তরিবাত জদি বাইঞা হেন ভেলা-শূ° পু°। ১৬ [তস্ >। আধু° বাং-র অপ্র°। রংপুর অঞ্চলে চ°] হইতে।

[যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র)। ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্জ্য ঞ্চ=ন্চ ক্ষ=ক্‌ষ হু=হ্ব হ্ন হ্ল হ্ম হ্ম=ন্হ হ্র হ্ন হ্ব ত্ত্ব ব্য, ত্ত্ব ক্ব ব্ত=zfwv ও চ্ছা° দ্রঃ

রাধিকাত=রাধিকা হইতে (শ্রী॰কী॰),'দেহত' =দেহ হইতে। 'দূরত'=দূর হইতে (শূ॰ পু॰)। **১৭** প্রা॰ বাং-২য়া বিভক্তি চিহ্ন। আধু॰ বাং-র "কে"। "দেবীর চরিত্র কিছু কহিব তোমাত।"-দুর্গামঙ্গল। **১৮** প্রা॰ বাং ৩য়া বিভক্তি চিহ্ন '(দ্বারা' এই অর্থে)। "কপিলার থীরত প্রভুক সিনান করাইল। দুর্গা আনি পরভুর অঙ্গ মার্জ্জনা কৈল।"-শূ॰ পু॰। এইরূপ সূতাৎ=সুতার দ্বারা, দড়িৎ= দড়ি দ্বারা। **১৯** সম্ভাবনায় অনুমান; নিশ্চয়-প্রধান সন্দেহ। প্র-সে হয় ত স্বীকার করিবে না। **২০** তা হলে; তবে। প্র-ঠিক সময়ে আসিতে পার ত অপেক্ষা করি। **২১** [বৌ॰ বাং প্রাকৃ॰। সং-তত্র >] অ, তত্র। তথা। "কো ত রমই"-দো॰ ১১৬।

তই১, তঁই [বৌ॰ সা॰, বৈ॰ সা॰। ব্রজ॰] সং-তুই। তুল-হি॰-তু, তুই, তুহ, তো।

তই২ [হি॰-তব়্না(স্বলা) > তবা >] বি, আংটাহীন কড়ার মত চিটকাল বা অগভীর লৌহময় রন্ধন পাত্রবিঃ।

তইঅও, তইও [তথাপিও > ব্রজ॰। প্রা॰ বাং-র-তথাপিহ। আধু॰-বাং-তবুও। প্রা॰ হি॰-তয়্=তবুও। হি-॰তবহুঁ] অ, তবুও; তথাপি। "সব দিন কামিনি দরসন জাএ। তইঅও বেআধি বিরহ অধিকাএ॥"-বি॰প॰। "তইও কাম হৃদয়ে অনুপাম। রোয়ল ঘট উচল করি ঠাম।"-বি॰ প॰। **২** [তৎহেতু >। আধু॰ বাং-তাইতে, সেই জন্য। "মুনি গেল কুমুদিনী তইও তোহর ধনি শুনল মুথ অরবিন্দা।"-বি॰ প॰।

তইখঁন [সং-তৎক্ষণ। ব্রজ॰] অ, তখনই; সেই মুহূর্ত্তে। "রোই রোই পিয় সই কাহে লো পরাণি ত॰ না গেলো।"-বঙ্কিম॰।

তইছন-তৈছন দ্রঃ।

তইলা [বৌ॰ বাং প্রাকৃ॰] বিণ, তৃতীয়।

তইসা, -সো, -সোঁ, তৈসে [সং-তাদৃশ > প্রাকৃ॰ তাইস। হি॰-তৈসা >] অ, তাদৃশ; তেমন।

তউ-যে [বৌ॰-বাং প্রাকৃ॰] অ, তাহাতে।

তওঁ [হি॰-তবহুঁ। তবু দ্রঃ। প্রা॰ বাং] অ, তথাপি; তবুও। "ত॰ খবর নাহি করে"-মাণিক॰ গান।

তওবা-তোবা দ্রঃ।

-তঃ [সং-তস্ >] অ, হইতে অর্থক প্রত্যয়। প্র-জ্ঞানতঃ। প্রসঙ্গতঃ। ধর্ম্মতঃ।

তঁহি, তঁহিঁ [সং-তত্র > হি॰-তহাঁ, তহঁ=তথায়। ব্রজ॰, প্রা॰ বাং পদ॰ সা॰-তত্রি] অ, তথায়; সেই স্থানে; তত্র। "ফুকরই আড় বদন তঁহি ফেরি।"-বি॰ প॰। "তঁহি বলরাম বঞ্চিত একলে, সাধু ঠামে অপরাধিয়া।"-বলরাম দাস। "জঁহা জঁহা ঝলকত অঙ্গ তঁহি তঁহি বিজুরি তরঙ্গ॥"-বি॰ প॰। **২** সে। "তঁহি পুন মোতিহার টুটি ফেলল"-বি॰ প॰। **৩** [দো॰, ৯১] তাহা। **৪** তাহাতে। "তঁ॰ চড়ি নাচয়"-চ॰ ১০।১।

তঁহু [ব্রজ॰] সে। "যাওব হাম যতন তঁহু করবে।"-বি॰ প॰।

তক্, তঁক [সং-অন্ত-ক > হি-তলক, তক্] অ, অবধি; পর্য্যন্ত। প্র-এতক; যে তক্; যাহা তক্। "তবে এই তক্ বুঝি।" -কা॰ প্র॰ ঘোষ (নিশীথচিন্তা)।

তকতক, তক্‌তক্ [সং-তক্ (হাস্য করা) > অর্থসম্প্রসারণে রূপকার্থে আলোক, দীপ্তি] অ, তরল উজ্জ্বল অর্থে। স্বচ্ছজলের মৃদু আন্দোলন বা তরঙ্গজাত দীপ্তিবোধক। প্র-দীঘির জল তক্ তক্ করিতেছে। **২** শুভ্রোজ্জ্বল জ্যোৎস্নার কমনীয় দীপ্তিবোধক। "লক্‌লক্ ফণি জটা বিরাজ তক্‌তক্‌তক্ রজনীরাজ।"-অ॰ ম॰। [দ্রঃ-রৌদ্রের তীব্র আলোক চকচক করে, জ্যোৎস্না তক্‌তক্ করে। কঠিন ধাতু মাজিলে ঝকঝক করে তাহাই আবার জলে ধুইলে তক্‌তক্ করে। মৃদু অর্থে তিক্‌তিক্]। বিণ, তকতিকিয়া (ক্ষে॰ তঁকতকে)।

তকদির [আ॰-তক্‌দীর] বি, ভাগ্য; অদৃষ্ট।

তকমা [তুর্কী॰ তমগা > বর্ণবিপর্য্যয়ে] বি, শীলমোহর। **২** চাপরাশ। **৩** মেডেল medal

তকমিনা [ফা॰। জমীঃ পরিঃ] বি, যে কাগজে খাস-খামারের উৎপন্ন ফসল প্রভৃতির হিসাব রাখা হয়।

তঁকর [প্রা॰ বাং, হি॰-ব্রজ॰, পদ॰ সা॰-তাকর] স, তাহার।

তঁকরাদ-তকরার দ্রঃ। ত॰ মিটান [মহাজনী পরিঃ] ক্রি, গ্রাহকের নামে মাল-খরচ লিখিয়া উহা মাল বিক্রয় খাতায় জমা করা বা মহাজনের নামে নামে জমা করিয়া তাহা মাল-খরিদ খাতায় খরচ লেখা; মহাজন বা ক্রেতার নামে জমা খরচ করিয়া প্রত্যেক মালের খরিদ বিক্রয় ভাঙ্গা। মাল জমাখরচের খাতার উভয়দিকের বাকী (balance) সমান করা (মহাজনবন্ধু, ১৩১১)।

তঁকরার [গ্রা॰-তকরাদ। আ॰-তক্‌রার্] বি, বিচার; বিতর্ক; বাদানুবাদ; বাককলহ altercation. "কেটে ফেলে ঝাট যদি দেখে ত॰"-অ॰ম॰। **২** পুনরুক্তি repcapitulation. **৩** [আইনে ধার্য্য তর্কবিতর্ক argument. তঁ॰ কঁরা-ক্রি, বিতণ্ডা করা; বিবাদ করা; কথা কাটাকাটি করা।

তঁকরারী [আ॰-তক্‌রারী] বিণ, ঝগড়াটে। **২** বিতর্কনীয়; বিচারাধীন; বিবাদী disputed. তঁ॰ জঁমাখঁরচ-মহাজনী হিসাবের খাতা রাখার প্রণালীবিঃ; খরিদ বিক্রয় হিসাবের খাতায়, মহাজনের গ্রাহকের নামে প্রত্যেক মাল এক দফা খরচ লেখা double entry in book-keeping.

তকলি [গুজরাতী শব্দ] বি, টাকু; টেকো।

তকলিফ [আ॰-তক্‌লীফ্] বি, কষ্ট।

তঁকঁল্লবী, -ল্লু্বী [আ॰-তকল্লুফ (আড়ম্বর, বাহুল্য, সুষ্ঠুতা ইং॰) > বর্ণবিপর্য্যয়ে তবল্লক (দ্রঃ)। তকল্ল (ল্লু) ব+ঈ] বিণ, সাড়ম্বর; সুরুচিপূর্ণ; কারুকার্য্যবিশিষ্ট; মার্জ্জিত; সুন্দর। "তকল্লবী ছান্দে বসন পিন্ধে" [পাঠান্তরে-'তবল্লক ছাঁদে']-চণ্ডি॰।

তঁকঁল্লুপ,-ব [আ॰-তকল্লুফ >] বি, সামাজিক শিষ্টাচার; লৌকিকতা।

তকসিম [আ॰-তক্‌সীম্] বি, ভাগ। বিভাগ; বাটোয়ারা; বণ্টন; অংশ তঁ॰ কঁরা-ভাগ করিয়া দেওয়া। ~নামা-সম্পত্তি বিভাগসম্বন্ধীয় দলিলপত্র।

তকসির [আ॰, ফা॰-তক্‌সীর্] বি,

ত্রুটি ; ভুল ; আজ্ঞা অপালন। ২ অপরাধ crime ; guilt.

তকাজা [গ্রা০—তাগাদা। আ০—তকাজা] বিণ, প্রাপ্য ফেরৎ প্রার্থনা ; পাওনা হিসাব চুকাইবার জন্য জেদ ; তলব।

তকিত [আ০] বি, তত্ত্ব ; তদন্ত।

তকুড়়—তর্কু দ্রঃ।

তক্কল [বৌ০সা০ > বাং অনুবাদগ্রন্থে] বি, কন্দবিঃ ; পিণ্ডালু। "ত০ জাতক"—জাতক, ৪র্থ খণ্ড।

তক্কা [তোয়াক্কা দ্রঃ। আ০—তবক্কা >] বি, অধীনতা ; সাপেক্ষ ; ওয়াস্তা। প্র—"আমরা রাখিনে কাহারও তক্কা আমরা করিনে কাউরে কেয়ার, এ ভব মাঝে সবই ফক্কা জেনেছি আমরা পাঁচটি এয়ার।" —ডি০ রায়।

তক্ত [আ০, ফা০—তখ্ৎ] বি, সিংহাসন। "পাতসা বসিল গিয়া তক্তের উপর।"—অ০ম০। ২ আসন। "কমবক্তি ওক্ত গেল তক্ত যাবে ফাঁক।"—হেম০। ৩ তখতা ; কাষ্ঠফলক। ~**তাউস** [ফা০—তখ্ৎ (সিংহাসন) +তাউস (ময়ূর)] বি, দিল্লীর স্বনাম প্রসিদ্ধ ময়ূর সিংহাসন। ~**পোষ** [ফা০—তখ্ৎপোষ। মুর্শি০ প্রাদে০ 'তক্পোষ'। গ্রা০—তক্তাপোষ] বি, বৃহৎ কাষ্ঠাসনবিঃ ; তক্তানির্ম্মিত শয্যাধারবিঃ।

তক্তা [ফা০—তখ্তা] বি, পাতলা কাষ্ঠফলক ; পাটা। ২ কাগজাদির তা। প্র—সে এই অল্প সময়ের মধ্যে তক্তা তক্তা কাগজ লিখে ফেল্লে। ~**পোষ**—তক্ত দ্রঃ। ~**নামা**, ~**রামা** [ফা০—তখ্ৎনুমা] বি, কাষ্ঠদ্বারা প্রস্তুত বৃহৎ আসনবিঃ। ইহা বিবাহাদি কার্য্যে আরোহণার্থ ব্যবহৃত হয় ; পাল্কীবিঃ।

তক্তি [ফা০—তখ্তী] বি, তক্তানির্ম্মিত লিখনাধার ; লিখিবার কাষ্ঠফলক। ২ কণ্ঠাভরণবিঃ।

তক্র [তক্ (সহ্য করা) + র (র্ত্তৃ) যা মন্থন সহ্য করিয়া অবশিষ্ট থাকে। তামিল—তাইর (দধি)] বি, দুগ্ধবিকার ; মথিত দধি হ'তে নবনীত গ্রহণ করিবার পর যে ভাগ অবশিষ্ট থাকে ; ঘোল [দ্রঃ—"অর্দ্ধভাগ জলমিশ্রিত ঘোল তক্র"—দ্রব্যগুণশিক্ষা। "সিকি পরিমাণ জলযুক্ত ঘোলকে তক্র বলে"—দ্রব্যগুণাভিধান। "তিনভাগ দধিতে এক ভাগ জলমিশ্রিত করিলে তাহাকে তক্র বলে। অর্দ্ধেক জল অর্দ্ধেক দধি হইলে উদশ্বিৎ। যদি দধিতে জল মিশ্রিত না করিয়া তাহা মথিয়া লওয়া যায় তাকে ঘোল বলে।"—তক্রবিজ্ঞান (ভারতকোষ)]। ~**কুর্চিকা**—বি, গরম দুগ্ধে তক্র সংযোগে উৎপন্ন পিণ্ড [দ্রব্যগুণদর্পণ] ~**কূর্চিকা** [তক্র (ঘোল) কূর্চ্চিকা (গাঢ় দুগ্ধ), তক্রদুষ্ট দুগ্ধপিণ্ড] বি, দুগ্ধবিকার ; নবনীত ; ছানা। ~**পিণ্ড**—বি, ছানা। ~**বিজ্ঞান**—বি, তক্রের গুণাগুণ প্রস্তুতকরণবিষয়ক বিজ্ঞান। ~**মাংস** [তক্র (তক্রসহ পক্ব) মাংস, ধা] বি, তক্রসংযোগে পক্ব মাংস ; কোর্ম্মা।

তক্রাট [তক্র (ঘোল) + অট্ (গমন বা ভ্রমণ করা) + অ (র্ত্তৃ)—যে তক্রমধ্যে গমন করে] বি, মন্থনদণ্ড ; ঘোলমৌনী।

তক্ষ [রামা০। পরিশিষ্টে তক্ষশিলা দ্রঃ] বি, রাজা ভরতের পুত্র। ২ গান্ধারের রাজা।

তক্ষক [তক্ষ্ (তনূকরণে) + অক (র্ত্তৃ)] বি, যে কাষ্ঠাদি চাঁচে ; ছুতার। ২ বিশ্বকর্ম্মা। ৩ নাট্যাধ্যক্ষ ; সূত্রধার। ৪ প্রধান নগর বিঃ। ৫ অষ্ট প্রধান নাগের একটি। কশ্যপের ঔরসে কদ্রু-গর্ভে ইঁহার জন্ম। ইনি সর্পরাজ বাসুকির ভ্রাতা। খাণ্ডববনে ইঁহার বাস ছিল। ইনি রাজা পরীক্ষিৎকে দংশন করিয়াছিলেন। পরে রাজা জন্মেজয় যজ্ঞ করিয়া সর্পকুল নির্ম্মূল করিতে থাকিলে ইনি আস্তীক মুনির চেষ্টায় জীবন লাভ করেন। —মহা০।

তক্ষণ [তক্ষ্ (তনূকরণে দ্রঃ) + অন (ভা০)] বি, ছুতারের কাজ ; অস্ত্রদ্বারা কাষ্ঠাদি চাঁচন ; রেঁদা করণ। ২ [ণে, অন] বি, যদ্দারা তক্ষণ করা (চাঁচা) যায়] রেঁদা ; বাইশ।

তক্ষণী [তক্ষ্ (ত্বক্ মোচনে) + অন (ণে) + ঈ(স্ত্রীঃ)] বি, তক্ষণাস্ত্র chisel.

তক্ষনি [সং—তৎক্ষণ > প্রা০ ক্ষে০ তক্ষণ + ই (অবধারণে)। গ্রা০ বিকারে তক্ষুনি] অ, তৎক্ষণাৎ ; অমনি ; অচিরাৎ।

তক্ষশিলা [তক্ষ্ (চাঁচা) শিলা (প্রস্তর)—যে নগরী প্রস্তর কাটিয়া নির্ম্মিত হইয়াছে। পরিশি০ দ্রঃ] বি, পঞ্জাবের অন্তর্গত নগরীবিঃ ; রাজা জনমেজয় এই নগরীতে সর্পযজ্ঞ করিয়াছিলেন। ভরতের পুত্র তক্ষের নামে এইখানে রাজধানী স্থাপন করা হয় (রামা০ মহা০)।

তক্ষা [তক্ষ্ (তনূকরণে) + অণ্ (র্ত্তৃ)= তক্ষন্ ১মা, ১ব০] বি, সূত্রধর ; ছুতার। "পশু যাগের আরম্ভেই পশু বন্ধনার্থ কাষ্ঠ কাটিয়া আনিতে হয়। অধ্বর্য্যু স্বয়ং তক্ষার সহিত বাহিরে গিয়া গাছ কাটিয়া আনেন।"—রা০ সু০ ত্রিবেদী। ২ বিশ্বকর্ম্মা।

তখত, তখ্ত [ফা০—তখ্ৎ >] বি, রাজসিংহাসন [তক্ত দ্রঃ] ২ তক্তপোষ। ৩ তক্তা ; কাষ্ঠফলক।

তখতা [তক্তা দ্রঃ] বি, দীর্ঘ প্রস্থ ও বেধবিশিষ্ট কাষ্ঠখণ্ড ; পাটা। ক্ষুদ্রার্থে—তখতী। ~**পোষ** [ফা০—তখ্ৎপোষ্] বি, চতুষ্কোণ এবং খুরাযুক্ত কাষ্ঠময় শয্যাধার। খালি তখতাপোষ—শয্যাহীন বা আবরণহীন তখতাপোষ।

তখন [তৎক্ষণ >] অ, তৎকালে ; সে সময়। "দ্বারে যেন আঘাত হ'ল শুনেছিলেম সবে, আমরা ত০ বলেছিলেম বাতাস বুঝি হবে?"—চয়নিকা। ২ তার পর ; অতঃপর ; তা দেখিয়া ; তদ্দর্শনে। "দিলেম যা রাজ-ভিখারিরে স্বর্ণ হয়ে এল ফিরে, ত০ কাঁদি চোখের জলে দুটি নয়ন ভরে, তোমায় কেন দিইনি আমার সকল শূন্য করে।"—চয়নিকা। ~**কার**—অ, সে সময়ের। ২ বিণ, তৎকালীন।

তখনি [গ্রা০—তোখুনি। বলবত্তর অর্থে—তক্ষুনি] অ, তৎক্ষণাৎ ; সেই মুহূর্ত্তে।

তখমা [তুর্কী, ফা০—তগ্মা > বাং-য়—তক্মা, তখ্মা] বি, সুখ্যাতির নিদর্শন পত্র ; প্রশংসাপত্র certificate. ২ সুবর্ণপদক medal.

তখর্চ [ফা০—তহ্খর্চ্। আ০—তয়্ (নির্দ্দিষ্ট) > ত + ফা০—খর্চ্ > বাং-য় অর্থসম্প্রসারণে] বি, নির্দ্দিষ্ট খরচ ব্যতীত অন্যান্য খরচ ; বাজে খরচ।

তখল্লুস [আ০—তখল্লুস] বি, কবির

গুণপনা বা মর্য্যাদাজ্ঞাপক বিশিষ্ট নাম। "এদেশে কবিমাত্রেরই এক একটি ত॰ থাকে। এই নামে তাঁহারা কবিসমাজে পরিচিত হন। কবিতায় অন্তিমচরণে এই নামই তাঁহারা প্রকাশ করেন।"-উত্তরা, ১৩৩৩।

তগর [কথ্য-টগর। শ্রীঁ কীঁ-তে তগর] বি, টগরফুলের গাছ tabernæmontana coronaria. ২ টগরফুল। ৩ মদনবৃক্ষ। ~**পাদিক** [tabernæmontana coronaria] বি, জলজ গন্ধলতা ও ক্ষুপবিঃ। ~**পাদুকা** [সং-তগরপাদিক] বি, জলজ গন্ধলতা ও ক্ষুপবিঃ; শিউলিছোপ। [দ্রঃ-আয়ুর্ব্বেদমতে তগরপাদিক অভাবে কুড ব্যবহৃত হয়।

তগল্লব [আ॰-তগল্লব] বি, প্রবঞ্চনা: জাল: বিশ্বাসঘাতকতা। বিণ, **তগল্লিবী**।

তগাবি [আ॰-তকাবী >] বি, গভর্ণমেণ্ট বা জমিদারগণ জমির উন্নতি করিবার জন্য প্রজাকে যে কর্জ্জ দেন: দাদন।

তগির, তগীর [আ॰-তগৈয়র >] বি, পরিবর্ত্তন; বদল। ২ কর্ম্মচ্যুতি; রোখশোধ a dismissal [*Haughton*]

তঙ্ক [সং] বি, পাষাণভেদনাস্ত্র; পাথর কাটা বাটালি।

তঙ্কন [তঙ্ক্ (দুঃখে পড়া) + অন (ভা॰)] বি, দুঃখে প্রাণ ধারণ; অর্থাভাব; দুঃখ। [তুল-হিঁ-তংগ (অর্থকৃচ্ছ্রতা; অনটন)]।

তঙ্কা [টঙ্ক >] বি, রৌপ্যমুদ্রা; টাকা। "পরীক্ষা না হইলে দিত একলক্ষ তঙ্কা"-কবিক॰।

তচনচ, তছনছ [হিঁ-তহস্‌নহস্ (নষ্ট)] বি, ছড়াছড়ি; উলটপালট্; নাস্তানাবুদ; চুরমার; নষ্ট; তছরূপ। "গ্রামটা সেইরূপ তচ্‌নচ্ হবে নাকি"-টেকচাঁদ।

তচ্ছম [গ্রা॰। সং-তৎ+শম] বি, উপশম; শান্তি। ত॰ করা-শান্ত করা; থামান।

তচ্ছীল [তৎ (সেইরূপ) + শীল (স্বভাব) যার, বহু] বিণ, সেইরূপ স্বভাববিশিষ্ট।

তছরূপ [আ॰-তসরুরুফ্] বি, অপচয়; ক্ষতি; নষ্ট। ২ অপব্যবহার; চুরি। "কালী নামে দেওরে বেড়া ফসলে তছরূপ হবে না"-রা॰ প্র॰।

তছু [ব্রজ॰। সং-তদ্ > তস্য >] স, তার। "বৃন্দাবন দাস তছু পদযুগে গান।"-চৈঁ ভা॰। "তছু মঝু মানস, মাতল মধুকর, পীবইতে করু অনুবন্ধে॥"-গোবিন্দ॰।

তজদিগ [তসদিক দ্রঃ] বি, প্রমাণ; মিলান; সত্যাসত্য পরীক্ষা। "হিসাব পত্র বড় সাহেব নিজে তজদিগ করিয়া বুঝিলেন প্রায় পঁয়তাল্লিশ শত টাকা পাঁচ সাত বৎসরের মধ্যে তছরূপএর মধ্যে পড়িয়াছে।"-স্বর্ণপ্রতিমা (হরিসাধন মুখো॰)।

তজবিজ [আ॰-তজ্‌বীজ্] বি, বিচার। "মফস্বলে আমার একপ তজবিজ।"-ঘ॰। "তব তজবিজে পেতে পারে কি না পারে।"-চণ্ডি॰। ২ পরীক্ষা; অনুসন্ধান। ৩ অনুমোদন approbation ৪ অন্বেষণ; তল্লাস।

তজ্জনিত [তৎজনিত] বিণ, তদ্ধেতু; তৎপ্রসূত।

তজ্জন্য [তৎ+জন্য। গ্রা॰ তাজ্জন্যে] অ, তদর্থে: তার জন্য: সেই হেতু; তাই।

তজ্জাত [তৎ+জাত] বিণ, তদুৎপন্ন।

তঞ্চ [তঞ্চ্ (সঙ্কোচনে)] বি, প্রবঞ্চনা; প্রতারণা।

তঞ্চক [তঞ্চ্ (গমন করা) + অক (র্তৃ) -সত্য হ'তে যে গমন করে] বিণ, যে সত্যের অপলাপ করে; প্রবঞ্চক; প্রতারক। ২ বি, সত্য হ'তে তফাৎ; সত্যের অপলাপ: বঞ্চনা। "আমি যাহা তোমায় জিজ্ঞাসা করি সত্য সত্য জবাব দাও কিছু তঞ্চক করিও না"-কৃষ্ণকান্তের উইল। ~**কি**-বি, তঞ্চকতা। ~**কী**-বিণ, বঞ্চনাপূর্ণ। ~**তা**-বি, শঠতা; প্রবঞ্চনা; চাতুরী; ছলনা।

তঞ্জেব [ফা॰-তনজেব। ফা॰-তন(শরীর) + জেব (ভূষণ)। বাংয়-তানজেব ও॰] বি, নয়নসুখ অপেক্ষা সূক্ষ্মতর 'কাবার' নিমে পরিধেয় অঙ্গাবরণ (১৯০০ প্রতান সূত্রে, দীর্ঘ ২০ গজ, প্রস্থে ১ গজ, এরূপ বস্ত্র, ওজন ১০ হতে ১৮ আউন্স)।

তট [তট্ (উন্নত হওয়া) + অ (র্তৃ)-যা জলভাগ হ'তে উন্নত] বি, জলাশয়ে জলভাগের অব্যবহিত পরবর্ত্তী তীরভূমি: তীর। "নির্ম্মল সলিলে বহিছ সদা, তটশালিনী সুন্দর যমুনে ও। কত কত সুন্দর নগরী তীরে, রাজিছে তটযুগ ভূষি ও।"-যমুনালহরী। ২ স্থল: স্থান। "পীতবসন ছলে, কেশী করত পীন কটি-তটে বিজুরী রসাল॥"-জগদানন্দ॰। ৩ উচ্চক্ষেত্র। ৪ পর্ব্বতোপরিস্থ সমতল ভূমি: সানু। ৫ শিব [বাং-য় প্র, অ] ৬ বিণ, উচ্ছ্রিত। স্ত্রীং **তটী**-দেশ। "বিচিত্র কপালতটী গলায় জালের কাঁঠি করযুগে লোহার শিকলি।"-কবিক॰। ~**ভূমি**-বি, তীরভাগ; উপকূল ভাগ।

তটস্থ [তট (তীর) স্থ-স্থা (থাকা) + অ (র্তৃ)] বিণ, যে ব্যক্তি তটে আছে বা থাকে: তীরস্থ। ২ উদাসীন; নির্লিপ্ত। ৩ পক্ষপাতশূন্য। "তটস্থ হইয়া হৃদে বিচার যদি করি। সব রস হইতে শৃঙ্গারে অধিক মাধুরী॥"-চৈ॰ চ॰। ৪ ব্যস্ত, ত্বরান্বিত। "দেখিলে তটস্থ হয়ে অমনি থাকিবে চেয়ে-শি॰। "রাজা শুধু মৃদু নাড়িলা হস্ত,নৃপ ইঙ্গিতে মহা তটস্থ। বাহির হইয়া গেল সমস্ত সভাস্থ দলবল।"-রবী॰। ৫ সমীপস্থ। ৬ চমৎকৃত। ৭ পক্ষেও নয় বিপক্ষেও নয়; নিরপেক্ষ neutral.

তটাক, তড়াগ [তট+অক্, অগ্ (গমনে) + অ (র্তৃ, জ্ঞা॰)-যার জল তীরে গিয়া ঘাত প্রতিঘাত করে] বি, তড়াগ; দীঘি।

তটাঘাত [তটেতে আঘাত, ৭তৎ] বি, হস্তী প্রভৃতির বপ্রক্রীড়া; তটাদিতে করীর করাঘাত।

তটারূঢ় [তট (তটে) + আরূঢ়, ৭তৎ] বিণ, তীরে উত্থিত।

তটিনী [তট+ইন্ (স্ত্য)=তটিন্-ঈ (স্ত্রীং)] বি, নদী। ব্রজ॰-**তটনী**। "বরশিলা যত তটনী মাঝ॥"-জ্ঞান॰।

তটী [তট+ঈ (স্ত্রীং)] বি, তীর; কূল। ২ স্থান; দেশ।

তড়১ [তট > ট=ড়] বি, তীর; কিনারা। "নায়ে হইতে নেমে তড়ে। ফকিরের পায়ে পড়ে॥"-রামেশ্বর পাঁচালী। ২ স্থল। [তড়ে=স্থলে। "তড়ে হাথ যোড়করী বুঝিল চন্দ্রাবলী।"-শ্রী॰কী॰। তড়াত=স্থলে "তড়াত

উঠিআঁ রাধা করযোড় হাথ।" -শ্রীঁ কীঁ। তড়পথে=স্থলপথে। "তড়পথে এবেঁ লোক মথুরাক জাএ"-শ্রীঁ কীঁ]। তড় হওয়া-হাটিয়া পার হওয়া যায় এরূপ ভাবে নদীর জল হ্রাস পাওয়া।

তড়₂ [ত্বরা > তর >। র=ড়] বি, ত্বরা।

তড়₃-অ, অনুকার শব্দ। তড তড দ্রঃ।

তড়কা₁ [হিং তড়কনা, তড়পনা >] বি, শিশুরোগবিঃ; ধনুষ্টঙ্কার রোগ। রস-তড়কা-জ্বরসহ তড়কা (এই রোগ হইলে মধ্যে মধ্যে চম্‌কিয়া উঠে এবং ভয় পাইয়া কাঁদিয়া উঠে)।

তড়কা₂ [তড়াক দ্রঃ] বি, লম্ফ। বেঙ-তড়কা [খুব জোরে বজ্রপাত হওয়া-যে শব্দে তীরস্থ বেঙ্গ সকল লাফাইয়া জলে পড়ে] বেঙের মত তড়াক্ করিয়া লাফ। ২ অ, তড়াক করিয়া; লাফাইয়া। "অরি হৈল দেবরাজ বেঙ্গ তড়কা পড়ে বাজ বরিষে মুষলধারে জল।"-কবিকং।

তড়কা₃-তরপত দ্রঃ।

তড়কী [তড়কা ভেদ] বি, ওরাওঁ গহনা; ৩।৪ ইঞ্চি স্থূল কাণফুলবিঃ।

তড়তড়-অ, অনুকার শব্দে। ২ বড় বড় ফোঁটায় বৃষ্টিপতন শব্দ। ৩ [গ্রাং] সত্বর। প্র-সে তথা হতে তখন তং করিয়া পলাইয়া গেল। ৪ শিলাপতন শব্দ; শিল পড়িবার শব্দ। বি, তড়তড়া-তড়তড শব্দে জলের ফোঁটা পতন। প্র-জল তড়তড়া। বিণ, তড়-তড়ে₁ [দ্রুত উচ্চারণে, গ্রাং তত্তোড়ে] যে তাড়াতাড়ি করে। ক্রি-তড়তড়ানি-ত্বরা করা; তাড়াতাড়ি করা। ক্রি-বিণ, তড়-তড়িয়া₂, তড়তড়ে-তাড়াতাড়ি করিয়া। ২ তড় তড় শব্দ করিয়া। "বৃষ্টিল শিলা তড়তড় তড়ে।"-মেঘং।

তড়পন [হিং, উং-তড়প্‌না] বি, উল্লম্ফন। ২ আস্ফালন। ক্রি, তড়পানি হিং-তড়প্‌না। তারপিল দ্রঃ। পশ্চিম রাঢ়ে চং] অস্থির হওয়া; আকুল করা।

তড়পা [প্রাদেং] বি, আটি; মুষ্টি-প্রমাণ। প্র-একতড়পা বিচালি।

তড়বড় [অনুং। অতিদ্রুত উচ্চারণ-জনিত জিহ্বার ও অতিদ্রুত গমনজনিত বস্ত্রাদির শব্দের ভাব >] ক্রি-বিণ, তাড়া-তাড়ি; ব্যস্ত সমস্ত হইয়া। "বুকে বাঁধে কাঁচুলি কবরীমাত্র কেশে। তড়বড়ি কোমর কসুনি করে শেষে॥"-ঘং। ~তড়বড়-বৃষ্টির বড় বড় ফোঁটা পতনের শব্দ। ক্রি, তড়বড়ানে-তাড়াতাড়ি করা; তাড়াহুড়া করা। ২ তড়বড় করিয়া কথা বলা: খুব তাড়াতাড়ি বলিয়া যাওয়া। প্র-পরীক্ষক প্রশ্ন করিতে না করিতে ছেলেটা তড়বড়িয়ে সব বলে গেল। মাষ্টার বল্লেন, আস্তে বল অমন তড়বড়ালে চলবে না। বি, তড়বড়ানি। বিণ, তড়বিড়ে [তড়বড়ি (দ্রঃ) + ইয়া > ক্ষেং] তাড়াতাড়ি গমন, কথন বা কর্ম্মশীল।

তড়বিড়ি [ত্বরাত্বরি >] অ, তাড়া-তাড়ি। "তং তাডায় তরাসে বাঘে দেখি।" -ঘং। ২ [তড়বড়ী ঙং] বি, তড়বডানি; ব্যস্ততা। "হেনকালে কাল হৈল বরের তড়বড়ী"-শিং। ৩ [তড়বড়িয়া > ক্ষেং] অস-ক্রি, পদ্যে, তড়বড় করিয়া।

তড়া [তট >] বি, তট; তীর; কূল।

তড়াক্₁ [তট্ (উচ্ছ্রায়, উচ্চীভাব) >। ট=ড়] অ, উর্দ্ধগতি; উন্নয়ন। ২ লম্ফ [দ্রঃ-ক্ষুদ্র লম্ফ-তিড়িক্, লঘু ও ক্ষুদ্র-তুড়ুক]।

তড়াক₂-তড়াক দ্রঃ।

তড়াগ [তড্ (আঘাত করা) + আগ (অগ্ + অ (র্ত্তৃ), নিপাতনে] বি, ২০০ শত হস্ত পরিমিত গভীর পুষ্করিণী; দীঘি। বিণ, তাড়াগ।

তড়াঘাত-বি, তটাঘাত দ্রঃ।

তড়ি [তড্ (আঘাত করা) + ই (ভাং)] বি, আঘাত। ২ [হিং গ্রাং] চাটী।

তড়িঘড়ি [ত্বরা > হিং তড়, তড়াক (তড়াক ফড়াক, ধড়াকে সে = চট্‌পট্) বা হিং-তড়্‌কা (সকাল) > তড়ি + হিংঘড়ী (সময়) > ঘড়ি=সকাল সকাল] ক্রি-বিণ, ত্বরাত্বরি; অতি শীঘ্র; ত্বরান্বিত হইয়া।

তড়িৎ [তড্ (আঘাত করা) + ইৎ (র্ত্তৃ)-যে মেঘ ও পৃথিবীকে আঘাত করে] বি, ক্ষণপ্রভা; বিদ্যুৎ। "তড়িৎ লুকাতে চায় ধড়ার আঁচলে"-অং মং। ২ বিণ, বিদ্যুৎবৎ; চঞ্চল। "জনপদবধূ তড়িৎ-চকিত-নয়না॥" -রবীং।

তড়িত্বান্ [তড়িৎ + বৎ (স্ত্য-)=তড়িত্বৎ ১মা, ১বং] বি, মেঘ। "তড়িত্বান মহামেঘ সমীরণ-সখা। আষাঢ়ের প্রথম দিবসে দিল দেখা॥"-শিং। ২ বিণ, বিদ্যুৎ-গর্ভ।

তড়িদগর্ভ [তড়িৎ গর্ভে যার, বহুং] বিণ, মেঘং।

তড়িদ্বীক্ষণ যন্ত্র [তড়িৎ + বীক্ষণ] বি, যে যন্ত্রে তড়িৎ প্রবাহের অস্তিত্ব সূক্ষ্মভাবে অনুভূত হয়।

তড়িন্ময় [তড়িৎ + ময়] বিণ, তড়িৎ-স্বরূপ।

তড়ে [তট > তড় (চড়া)। ট=ড়] ক্রি-বিণ, চড়ার উপর দিয়া হাঁটিয়া। "তড়ে পার হ'তে নদী প্রবেশিতে জলে। পাতাল ভেদিয়া জল আকাশে উথলে॥"-ঘং। "চিন্তা নাই অনায়াসে পার হবে তড়ে"-ঐ। ~বাঁকে [তট > তড় (চড়া, স্বল্পজল) + বাঁক >] ক্রি-বিণ, নদীর যেখানে অল্প জল থাকে তা জানিয়া ঘুরিয়া ফিরিয়া। "কেহ আইসে তড়েবাঁকে কেহ আইসে নায়"-কবিকং।

তণ্ডক [সং] বিণ, বৃক্ষস্কন্ধ। ২ খোঁটা। ৩ খঞ্জন পাখী। ৪ ফেনা। ৫ বাজীকর juggler. ৬ বহুরূপী। ৭ তক্ষক; বঞ্চক। স্ত্রীং তণ্ডিকা।

তণ্ডি-বি, জনৈক বেদ-সূত্রকার ঋষির জনক; ঋষিবিঃ।

তণ্ডী [তন্‌ড্ (তাড়নায়)] বি, হুজ্জত; বিতর্ক। "তণ্ডী করিলেঁ না পাইবেঁ বাঁশী" -শ্রীং কীং।

তণ্ডু-বি, শিবানুচরবিঃ।

তণ্ডুল [তণ্ড্ (আঘাত করা) + উল (র্ম্ম, জ্ঞাং) যে ঢেঁকির আঘাতে তুষরূপ অসারাংশ ত্যাগ করে] বি, চাউল। > প্রাং-বাং ভ্রং-তাঁউল, তাঁড়ুল। "ঘৃত মধু ফল আতপ তাঁউল গঙ্গাজল সত ভার।"-শূং পুং। "আতপ তাঁড়ুল দেবতা সকল মুকুতা করিল তার।" -ঐ। ~পরীক্ষা-বি, মন্ত্রপূত চাউল চর্ব্বণ

করাইয়া, চর্ব্বণকারীর নিপীড়নে রক্ত বাহির হয় কি না দেখিয়া চোর পরীক্ষা। ~মঙ্গল -বি, বিবাহের পর মাঙ্গলিক অনুষ্ঠানবিঃ; চাল-মঙ্গলান। "যত এয়ো মেলি দেয় হুলাহুলি তণ্ডুল-মঙ্গল করে।"-কবিকং।

তণ্ডুলাম্বু [তণ্ডুল+অম্বু (জল)] বি, চাল ধোয়া জল; চেলুনি।

তণ্ডুলীয় [তণ্ডুল+ঈয়। পচা চেলুনীতে বৃদ্ধি পায় বলিয়া] বি, নটেশাক।

তণ্ডুলোত্থ [তণ্ডুল (চাল) > উত্থ (উৎ-স্থা+অ)] বি, চাল ধুইলে যে সাদা জল বাহির হয়; চালুনি বা চেলুনি।

তণ্ডুলোদক [তণ্ডুল+উদক] বি, চাল ধোয়া জল।

তৎ [তন্(বস্তু, ব্যক্তি ও বিষয় বিস্তার করা) +কিপ্ (ভা০), ন্ লোপ, ৎ-আগম] স, সেই; তিনি।

তত [তৎ (দ্রঃ), র্ম-ত] বিণ, বিস্তার [বাং অপ্র০]। ২ [তন্ত্র >] তন্ত নির্ম্মিত; তার নির্ম্মিত বা তারযুক্ত। প্র-ততযন্ত্র। ৩ অ, সেই পরিমাণ। প্র-যত হাসি তত কান্না।

ততঃ [সং] ক্রি-বিণ, তারপর; অতঃপর। ~কিং [সং হতে অবিকল গৃহীত] তারপর কি? "মন, ব্রহ্ম, আমরা উপলব্ধি করিয়াছি ততঃকিং? তাহার পর সহজ চলা নয়। * * "-আ০ শক্তি, ২৩ বৈশাখ, ১৩৩৪। "তাহারাও যেন না প্রতিপদ বিক্ষেপের পূর্ব্বে প্রশ্ন তোলেন, ততঃকিম্?"-ঐ, ১৬।১২।২৭। ~প্রভৃতি [সং হ'তে অবিকল গৃহীত। তস্মাদর্থে ততঃ প্রভৃতি (অবধি)] অ, তদবধি; সেই অবধি। [আধু০ বাং-য় অপ্র০]।

ততক্ষণ [সং-তৎ > তত+ক্ষণ] ক্রি-বিণ, সেই পরিমাণ সময়; ততটা কাল পর্য্যন্ত; সেই সময়ের মধ্যে। প্রা০-বাং-ততখন [ক্ষে০ তখন] সেই সময়ে। "মুখর অমৃত পরভু দিলেন্ত ততখন।"-শূ০ পু০।

ততযন্ত্র [তন্ত্র > প্রাকৃ০ তন্ত > তাঁত, তত+যন্ত্র] বি, তাঁত বা তারযুক্ত বাদ্যযন্ত্র stringed instrument.

ততস্ততঃ [ততঃ+ততঃ (বীপ্সার্থে দ্বিত্ব)]। বাং সা০-ত্যে বিরল। সংবাদ পত্রে চ০। তুল-ততঃকিং] অ, তারপর তারপর; তারপর কি হইল।

ততহি, -হিঁ [ব্রজ০। তুল (প্রা০ বাং-য়) -তথি, তথিত] ক্রি-বিণ তাতে। "কেলি রভস যব শুনে। আনত হেরি ততহি দেই কাণে॥" -বি০ প০। "প্রেম কলেবর ততহিঁ সখী॥"-জ্ঞান০।

ততিখনে [তত (দ্রঃ) > ততি+খনে (< ক্ষণে), ব্রজ০, বৈ০ প০ সা০] ক্রি-বিণ, তৎক্ষণাৎ; তৎক্ষণে। "হেন গুণী ঈসত হাসিঞা ততিকণে"-শ্রী০ কী০। "আন রূপ ধরি ভার লঞা ততিখনে।"-ঐ।

ততেক [সং ততি (বিস্তার-সমূহার্থক) + ক > হিং তেতিক (উতনা); তেতা < তাবৎ। যতেক দ্রঃ। ম০ বাং] বিণ, তাবৎ পরিমিত। ঐ প্রমানের।

ততেকেঁ [ততেক দ্রঃ। প্রা০ বাং] ক্রি-বিণ, তাবৎ পরিমাণে। "ততেকেঁ সুকাল গেল মোর মাহাদাণে।"-শ্রী০ কী০।

ততোধিক [ততঃ+অধিক] বিণ, তা'র চেয়ে বেশী।

তৎকর [তৎ (সেই, তা) কর (যে করে)] বিণ, যে তা করে; তদনুষ্ঠাতা।

তৎকাল [তৎ (সেই) কাল (সময়), ধা] বি, সেইকাল; সেই সময়। ২ [তৎ (সেই, নির্দ্ধারিত) হইয়াছে কাল যার-বহু০] যার কাল নিরূপিত আছে [প্র০ অ০]। ~ধী (-লঁ-) [তৎকাল (সেই সময়ে উপস্থিত) ধী (বুদ্ধি) যার-বহু০] বিণ, প্রত্যুৎপন্নমতি।

তৎকালিক, তৎকালীন [তৎকাল+ইক, ঈন (ভবার্থে)] বিণ, তদানীন্তন। ২ তৎকালসম্ভূত। তৎকালোচিত [তৎকাল+উচিত (উপযুক্ত), ৬তৎ] বিণ, তৎকালোপযোগী; সেই সময়ের উপযুক্ত।

তৎক্রিয় [তৎ (সেই) হইয়াছে ক্রিয়া যার-বহু০] বিণ, তৎকর্ম্মকারক। ২ তদ্ব্যবসায়ী। ৩ বেতনাদি না লইয়া যে ব্যক্তি কর্ম্ম করে।

তৎক্ষণ [তৎ (সেই)-ক্ষণ (সময়), ধা] সেইক্ষণে; তখনই।

তৎক্ষণাৎ [তৎ (সেই)-ক্ষণ+আৎ (পঞ্চমী স্থানে)। সং হ'তে অবিকল গৃহীত। প্রা০ কথ্য-'তক্ষণি', 'তক্ষুণি,' 'তোক্‌খুনি' 'তোখুনি'] অ, অবিলম্বে; তখনই।

তত্তড়ে, তত্তরিয়া, তত্তরে [ত্বরাত্বরি > তরাতরি > তরতরি+ইয়া > তরতরিয়া > ক্ষে০ তর্‌তরে > দ্রুত উচ্চারণে তত্তরে,-ড়ে। র=ড়। তড়তড় দ্রঃ] বিণ, ত্বরান্বিত; জলদিবাজ; সব কাজে তাড়াতাড়ী করে; তাড়াহুড়াকারী।

তত্তাবত [তৎ+তাবৎ (সাকল্যার্থে)] অ, সেই সকল; তৎসমুদয়। "তিলোত্তমা তত্তাবতের গৌরব করিতে লাগিলেন।" -দুর্গেশনন্দিনী।

তত্তুল্য [তদ্(তার) তুল্য-৬ তৎ। তৎ+ তুল্য] বি, তার মত; তৎসদৃশ; তদনুরূপ; সেই প্রকার।

তত্ত্ব, তত্ব [তদ্ (সেই)+ত্ব (ভা০)] বি, ব্রহ্ম; ঈশ্বর। ২ দর্শন; বিজ্ঞান। ৩ মতবাদ theory. ৪ যাথার্থ্য; প্রকৃত অবস্থা; সত্য; তথ্য। "সুচতুর ভাঁড় দত্ত বুঝিল কার্য্যের তত্ত্ব বিরচিল শ্রীকবি কঙ্কণ।"-কবিকং। ৫ পদার্থ। ৬ চিত্ত। ৭ স্বরূপ। "তোমার তত্ত্ব না পাই বেদ পুরাণে"-স্ক০। ৮ বিলম্বিত নৃত্য; নৃত্য বাদ্যাদি। ৯ [দর্শনে] ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ব্যোম; রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, হস্ত, পদ, মুখ, পায়ু, লিঙ্গ, প্রকৃতি, মন, বুদ্ধি, অহঙ্কার-এই চতুর্বিংশতিকে তত্ত্ব বলে। মতান্তরে সপ্তবিংশতি তত্ত্ব উল্লিখিত হইয়াছে। ১০ সংবাদ; বার্ত্তা; খবর; সন্দেশ; সন্ধান; খোঁজ। ১১ [অর্থ সম্প্রসারণে] ভেট; উপঢৌকন; মিষ্টান্নাদি ভেট। প্র-পূজার তত্ত্ব পাঠান [দ্রঃ-এদেশে আত্মীয় কুটুম্ব-বাড়ী তত্ত্ব (সংবাদ) লইতে প্রেরিত লোকের সঙ্গে কিছু মিষ্টান্ন পাঠাইবার প্রচলিত প্রথা হ'তে ক্রমে তত্ত্ব অর্থে ভেট বা উপঢৌকনও বুঝাইতে থাকে। সন্দেশ দ্রঃ]। তঁ০ করা-ক্রি, অনুসন্ধান করা; খোঁজ করা; খোঁজা; তত্ত্ব লওয়া। "ত্রিপুরা ত্রিপুরা বিনা তত্ত্ব করা নাই। তনু মন সব তাঁর ত্রিপুরার ঠাঁই।" -শি০। ২ ভেট বা উপঢৌকন পাঠান। ~জিজ্ঞাসা-বি, তত্ত্বজ্ঞানের আকাঙ্ক্ষা;

ব্রহ্ম বিষয় জানিবার ইচ্ছা। ~জিজ্ঞাসু [তত্ত্ব (ব্রহ্ম) জিজ্ঞাসু (জানিতে ইচ্ছুক)] বিণ, যিনি ব্রহ্মবিষয় জানিতে ইচ্ছা করেন। ~জ্ঞ [তত্ত্ব(ব্রহ্ম) জ্ঞ (যে জানে)। জ্ঞা (=জানা) + অ (র্ত্তৃ)] বিণ, তত্ত্বজ্ঞানী ; যাঁর ব্রহ্মবিষয়ক জ্ঞান হইয়াছে। ২ যে কোন বিষয়ের স্বরূপ জানিয়াছে। ৩ দর্শনশাস্ত্রবিদ্। ~জ্ঞান [তত্ত্বের (ব্রহ্ম বিষয়ের) জ্ঞান, ৬ তৎ] বি, ব্রহ্মজ্ঞান ; ব্রহ্মবিষয়ক বুদ্ধি ; ঈশ্বরজ্ঞান ; পরমজ্ঞান। "সত্ত্বগুণে তত্ত্বজ্ঞান করতলে মুক্তি। অতএব হরিভজ এই সার যুক্তি॥"—অ০ ম০। ২ আত্মবোধ। ৩ যাথার্থ্য জ্ঞান ; স্বরূপ বোধ। ~জ্ঞানী [তত্ত্বজ্ঞানিন ১মা, ১ব০] বিণ, ব্রহ্মজ্ঞানবান্ ; যার ব্রহ্মজ্ঞান জন্মিয়াছে। ২ স্বরূপজ্ঞ ; যাথার্থ্যজ্ঞানবান। ৩ দার্শনিক। ~তঃ [সং হতে অবিকল গৃহীত। তত্ত্ব + তস্ (পঞ্চমী স্থানে)] অ, বস্তুতঃ ; পরমার্থতঃ ; যথার্থরূপে। ~তল্লাস [তত্ত্ব (দ্রঃ) তল্লাস (দ্রঃ)] বি, খোঁজ খবর। ~তাবাস [সং-তত্ত্ব + আ০—তালাস (hyland), তালাস > ভ্রং, তাবাস] বি, জিজ্ঞাসাবাদ ; খোঁজ খবর। ২ সন্ধানাদি ; সংবাদাদি। ৩ লৌকিকতা ; লৌকিক আচারানুষ্ঠান। ৪ ভেট ; উপঢৌকন। [তত্ত্ব ও সন্দেশ শব্দ দ্রঃ]। ~দর্শিতা [তত্ত্বদর্শী (দ্রঃ) + তা (ভা০)] বি, তত্ত্বজ্ঞতা। ২ দর্শনশাস্ত্রে অভিজ্ঞতা। ~দর্শী [তত্ত্ব-দৃশ্ (দেখা) + ইন্ (র্ত্তৃ)=তত্ত্বদর্শিন্ ১মা, ১ব০] বিণ, তত্ত্বজ্ঞানবান্ ; তত্ত্বজ্ঞ। ২ জ্ঞানী। ৩ দর্শনশাস্ত্রবিদ্। ~নিরূপণ [তত্ত্বের-নিরূপণ (নির্ণয়), ৬ তৎ] বি, স্বরূপ-নির্ণয়। সত্যনির্দ্ধারণ। ২ ব্রহ্মনিরূপণ। ~নির্ণয় [তত্ত্ব (তত্ত্বের) নির্ণয় (নিরূপণ), ৬ তৎ] বি, যাথার্থ্যনির্দ্ধারণ ; তথ্য নিরূপণ। ২ বিজ্ঞানাবিষ্কার ; তত্ত্বাবধারণ। ৩ ব্রহ্ম-নিরূপণ। ~ন্যাস [ন্যাস দ্রঃ] বি, তন্ত্রশাস্ত্র নির্দ্দিষ্ট ন্যাসবিঃ। ~বাদী [তত্ত্ব-বদ্(বলা) + ইন্(র্ত্তৃ)=তত্ত্ববাদিন্ ১মা, ১ব০] বিণ, যথার্থবাদী ; স্পষ্টবক্তা। ~বিদ্ [তত্ত্ব-বিদ্ (জানা) + ক্বিপ্ (র্ত্তৃ)] বিণ, তত্ত্বদর্শী ; দার্শনিক ; তত্ত্বজ্ঞানী। ~বিদ্যা-বি, দর্শন শাস্ত্র ; তত্ত্বজ্ঞান। ~বিবেক-বি, আরব্য ও পারস্য জ্যোতি-গ্রন্থ হতে সঙ্কলিত জ্যোতিগ্রন্থবিঃ। -মুন্ময়ী।

তত্ত্বানু/সন্ধান [তত্ত্ব + অনুসন্ধান (নিরূপণ), ৬ তৎ] বি, তথ্যানুসন্ধান ; সত্য-নিরূপণ ; প্রকৃত বিষয়ের অন্বেষণ। ~সন্ধায়ী [তত্ত্ব + অনুসন্ধায়ী। মূ০ তত্ত্বানুসন্ধায়িন্ ১মা, ১ব০] বিণ, তত্ত্বান্বেষী।

তত্ত্বাব/ধান [তত্ত্ব + অবধান (মনোযোগ), ৬ তৎ] বি, কার্য্যপরিদর্শন। ২ অধ্যক্ষতা। ~ধায়ক [তত্ত্ব + অবধায়ক (মনোযোগী), ৬ তৎ] বিণ, প্রকৃত কার্য্যানুষ্ঠানে মনোযোগী ; তত্ত্বাবধানকারী ; পরিদর্শক। ২ অধ্যক্ষ। ~ধারক [তত্ত্ব + অবধারক (নিরূপক), ৬ তৎ] বিণ, তত্ত্ব-নির্ণায়ক ; সত্য অবধারণকারী। ~ধারণ [তত্ত্ব + অবধারণ (নির্ণয়), ৬ তৎ] বি, তত্ত্ব-নির্ণয়। ২ তথ্য বা সত্য নির্দ্ধারণ। ~বোধ [তত্ত্বের-অববোধ (জ্ঞান), ৬ তৎ] বি, তত্ত্ব-জ্ঞান ; যাথার্থ্যজ্ঞান।

তত্ত্বালোচনা [তত্ত্ব + আলোচনা] বি, তত্ত্বশাস্ত্র বা জ্ঞানের অনুশীলন।

তত্থ [সং-তত্র > । বৌ০ বাং প্রাকৃ০] অ, তত্র। "কাম তথ ক্ষয় যাই।"—বৌ০ দো০।

তৎপর [তদ্ + স্মিন্ (৭মী বিভক্তি)=তস্মিন্-পর (রত), ৭ তৎ সমাসে বিভক্তি লোপে পুনরায় পূর্ব্বরূপ তদ্-পর, দ্=ত্] বিণ, নিবিষ্ট। ২ উদ্যুক্ত ; ব্যগ্র। ৩ সচেষ্ট ; যত্নবান্। ৪ চতুর। ৫ সতর্ক। ৬ নিপুণ। ৭ শীঘ্র ; সত্বর। "তোমায় তৎপর বলে করিতে সাক্ষাৎ" —ঘ০। ৮ [তৎ (সেই) পর (প্রধান), ধা] তৎপ্রধান [প্র০ অ০]। ৯ ক্রি-বিণ, তার পর ; তবে ; তদনন্তর। ~তা (-র-) [তৎপর + তা (ভা০)] বি, সচেষ্টতা। ২ দক্ষতা। ৩ যত্ন ; অভিনিবেশ। ৪ সতর্কতা। ~য়ণ [তৎ (তাতে) পরায়ণ (আসক্ত), ৭ তৎ] বিণ, তন্নিষ্ঠ ; তদাসক্ত। ২ তদাশ্রিত। ৩ তৎপ্রধান। [বিরল]।

তৎপুরুষ [তৎ (সেই) যে পুরুষ (ব্যক্তি), ধা] বি, পরম পুরুষ। ২ [ব্যা০] সমাসবিঃ ; যে সমাসে দ্বিতীয়াদি বিভক্তিযুক্ত শব্দ পর পদের সহিত অন্বিত হয়। তৎপুরুষ সমাস দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী ভেদে ছয় প্রকার।

তত্র [তদ্ + ত্র (৭মী স্থানে)] অ, সেখানে ; তথায় ; সেইস্থানে। ২ তদ্বিষয়ে [আধু০ বাং গদ্যে ইহার ব্যবহার ক্রমেই উঠিয়া যাইতেছে]। ৩ [প্রাদে০] তথা ; তাই ; তেমন ; তত। প্র—যত্র আয় তত্র ব্যায়। ~ত্য [তত্র + ত্য (ভবার্থে, গদ্যে] বিণ, সেখানে যা হয় ; তৎস্থান সংক্রান্ত ; তথাকার।

তত্রাচ [সং তত্র চ > ভ্রং] অ, তথাচ ; তথাপি।

তত্রাপি [তত্র + অপি] অ, ক্রি-বিণ, তত্রাচ ; তথাপি ; তবু ; তাহা হইলেও।

তত্ত্ব-তত্ত্ব দ্রঃ।

তৎ/সংক্রান্ত [তদ্ (তার) সংক্রান্ত, ৬ তৎ] বিণ, তদীয় ; তার সম্বন্ধীয়। ~সদৃশ [তদ্ (তার) সদৃশ (তুল্য), ৭ তৎ] বিণ, তার সমান ; তার তুল্য ; তথাবিধ। > স্ত্রীং ~শী-তত্তুল্যা। ~স্থলাভিষিক্ত [তৎস্থলে অভিষিক্ত (অধিষ্ঠিত), ৭ তৎ] বিণ, তৎপদে অধিষ্ঠিত ; তার স্থলে অভিষিক্ত। ~স্বরূপ [তৎ-স্বরূপ (অভিন্ন), ৬ তৎ] বিণ, তা হতে অভিন্ন ; তার সহিত এক। ২ তৎসদৃশ। ৩ তার প্রতিরূপ।

তথা [তদ্(সেই) + থা (প্রকারার্থে)—বাং-য় ক্রমে বিরল ব্যবহার হইতেছে] অ, তদ্রূপ ; সেইপ্রকার। ২ দৃষ্টান্ত। ৩ এবং ; আরো and ; also. ৪ তথ্য ; প্রকৃত ; যথার্থ। ৫ সেই হেতু। ৬ স্বীকার ; আচ্ছা তাই। ৭ [তদ্ + থা (স্থান)] সেখানে ; তৎস্থলে। "যথা যথা পণ তথা তথা এই রঙ্গ।"—অ০ ম০। ৮ সে ক্ষেত্রে ; সে অবস্থায়। [প্রা০ বাং তথাঁ= তথায়, তথাঁত=তত্র, তথাঁহো=সেখানেও, তথাঞিঁ=সেখানেই] ~কথিত [তথা + কথিত (উক্ত, খ্যাত)] বিণ, তন্নামে খ্যাত ; তন্নামে প্রচলিত ; তদ্রূপ উক্ত। ~গত [তথা (সত্য, ধর্ম্মস্বামীত্ব, সিদ্ধত্ব বা সর্ব্বজ্ঞত্ব) + গত (প্রাপ্ত)] বি, শাক্যমুনি ; বুদ্ধ। ২ [তথা + আগত] বিণ, তথাভূত ; তদ্রূপ আগত। ~চ [তথা-চ] অ, তা সত্ত্বেও ; তা হলেও ; তবুও। ~পি [তথা-অপি] অ, তা হলেও ; তবুও ;

তথাচ। ~বিধ [তথা-বিধা (প্রকার) যার-বহু°] বিণ, তদ্বিধ ; তদ্রূপ ; তাদৃশ ; সেই প্রকার। ~ভূত [তথা-ভূ(হওয়া) +ত (র্তৃ)] বিণ, সেই রূপে উৎপন্ন বা সম্ভূত ; সেইভাবে নিষ্পাদিত। ২ তদবস্থাপন্ন ; তদ্রূপ। "তথাভূত হতপ্রায় হেরি হলধর। বন্ধন মোকণ করি বলিল বিস্তর।"-শি°। ~য় [তত্র > প্রা°বাং তথাত (ত=থ=য়) >] অ, তত্র ; সেই স্থানে। ~স্তু [তথা + অস্তু (হউক)] সং হতে অবিকল গৃহীত] অ, তাই হউক ; তদ্রূপ হউক amen, [আমেন দ্রঃ] "তথাস্তু বলিয়া দেবী কৈলা অন্তর্দ্ধান॥"-অ° ম°। ~হি [অবিকৃত সং শব্দ। তথা + হি(নিশ্চয়ার্থে)] অ, তেমনি। ২ সমুচ্চয়। ৩ নিদর্শনার্থক [আধু° বাং-য় বিরল ব্যবহার]।

তথি [সং তত্র > প্রাকৃ° তথ > তথি, তত্তি ও° অথবা সং তথা >। হি°-তসি (মানস-কোশ)। প্রা° বাং। 'তথী'। "বাহুডী যাহ তথী"-শ্রী° কী°] অ, তথায় ; তত্র ; সেইখানে। "মল্লিকা মালতী বিকশিত তথি" -চণ্ডী°। ২ তাহাতে। "স্থলাম্বুজদল, চরণ-যুগল, তথি শোভে নখচন্দ।"-কবিক°। ৩ অপিচ ; আরও ; এবং। "ভণয়ে বিদ্যাপতি গোবিন্দদাস তথি"-বি° প°। ~র্ত, ~র-তাহার। "তথিত উপর শোভে হার মঞ্জুরী" -শ্রী° কী°। "ছিটনি তথির উপর"-শূ° পু°।

তথৈব [তথা-এব] অ, তদ্রূপই। [অবিকৃত সং শব্দ। অধু° প্র° অ°] ~চ [ত + এব + চ] অ, ঠিক সেইরূপ ; তেমনি। প্র-সেও তথৈবচ ; বড় কার কথা শুনে না। ২ পূর্ব্ববৎ। ৩ উপেক্ষিত ভাবে ; যেমন তেমন করিয়া।

তথ্য [তথা + য (ভা°)] বি, যাথার্থ্য ; প্রকৃত অবস্থা ; সত্য কথা ; প্রকৃত ব্যাপার ; আসল কথা। "রাজা বিক্রমাদিত্য কহিলেন হে বৈতালিক ইহা তথ্য বটে।"-পুরুষপরীক্ষা। ২ গূঢ়সন্ধান ; রহস্য। "ধর্ম্ম-সাধন জ্ঞানে সন্তানোৎপাদন কার্য্য সম্পন্ন করিলে, তবে সন্তান ধার্ম্মিক ও বলবীর্য্যশালী হয়, বোধ হয় এ তথ্য হিন্দুশাস্ত্রকার ভিন্ন আর সকলের অবিদিত এবং বিদিত হইলেও কার্য্যতঃ অনুসৃত নহে।"-সাবিত্রীতত্ত্ব (চন্দ্রনাথ বসু)। ৩ বিণ, সত্য ; প্রকৃত ; যথার্থ। "রাজা কহিলেন হে বৈতালিক যে পর্য্যন্ত আমি এই কথা নিরূপণ না করিব তাবৎ তুমি এই নগরে থাক যদি এই সংবাদ তথ্য হয়, তবে আমি তোমাকে বহু রত্ন দিয়া সম্মানিত করিব।"-পুরুষপরীক্ষা। ~ভাষী [তথ্য-ভাষিন্ ১মা, ১ব°] বিণ, যথার্থবাদী ; সত্যবাক্। ~বাদী [তথ্য-বাদিন্ ১মা, ১ব°] বিণ, তথ্যভাষী দ্রঃ। ~বাহী-বিণ, প্রকৃত বা সত্য সম্বলিত সংবাদ বহনকারী।

তথ্যানুসন্ধা/ন [তথ্যের অনুসন্ধান, ৬তৎ] বি, তত্ত্বান্বেষণ ; সত্যান্বেষণ ; প্রকৃত ব্যাপার বা যথার্থ নির্ণয় প্রয়াস। ~য়ী-বিণ, সত্যানুসন্ধানকারী।

তদ্ [তন্ (বিস্তার করা) + অদ্ (র্তৃ)। বাং স্বতন্ত্র ব্যবহার বিরল] স, সেই ; সে ; তিনি। ২ ব্রহ্ম [প্র° অ°]। ৩ অ, তবে।

তদতিরিক্ত [তদ্-অতি রিক্ত (অধিক)] বিণ, তা অপেক্ষা অধিক ; ততোধিক। ২ তদ্ভিন্ন ; তা হতে ভিন্ন।

তদনন্তর [তৎ + অনন্তর, তস্য অন্তর (পরে), ৬তৎ সমাসে বিভক্তি লোপ হইলে তদ্ শব্দের পূর্ব্বাবস্থা] ক্রি-বিণ, তৎপরে ; তার পর ; অতঃপর।

তদনু/গ, ~গামী, ~যায়ী, ~বর্ত্তী-বিণ, তার অনুসরণকারী ; তার পশ্চাৎগমনকারী ; তার অনুকরণকারী। ~রক্ত [তদ্ (তস্য) + অনুরক্ত, ৬তৎ] বিণ, তার অনুরাগী ; তাতে আসক্ত। ~রূপ [তস্য=তদ্ + অনুরূপ (সদৃশ), ৬তৎ] বিণ, তদ্রূপ ; তৎসদৃশ ; তার ন্যায় ; সেইমত। ২ ক্রি-বিণ, তদনুসারে ; সেইরূপে। ~সারী [তস্য=তদ্ + অনুসারী, ৬তৎ, অনুসারিন্ ১মা, ১ব°] বিণ, যে সেই অনুসারে চলে ; তদনুকারী। ২ তার মতাবলম্বী ~সারে-ক্রি-বিণ, তদ্রূপ প্রণালীতে ; সেই অনুসারে ; তদনুক্রমে।

তদন্ত [তস্য=তদ্-অন্ত, ৬তৎ] বি, তদবসান ; তার শেষ ; তার অন্ত। ২ তার সীমা। ৩ স্বরূপ নির্ণয় ; তত্ত্বাবধারণ ; সন্ধান ; অনুসন্ধান। ৪ পরীক্ষা ; প্রকৃত পরিচয়। "সভে বলে পাণ্ডুপুত্র বড় বলবন্ত। এতদিনে পাইলাম তাহার তদন্ত।"-কাশী° মহা°। ৫ ক্রি-বিণ, তার পরে ; তা শেষ হইলে ; তদনন্তর [প্র° অ°]। ৬ অনুসন্ধান।

তদন্তঃপাতী [তস্য=তদ্ + অন্তঃপাতী, ৬তৎ। মূ° অন্তঃপাতিন্ ১মা, ১ব°] বিণ, তার অন্তর্বর্ত্তী ; তার মধ্যগত।

তদন্তর্ব্বর্ত্তী [তস্য=তদ্-অন্তর্ব্বর্ত্তী, ৬তৎ, অন্তর্ব্বর্ত্তিন্ ১মা, ১ব°] বিণ, তদন্তর্গত ; তার মধ্যে নিবিষ্ট ; তদন্তর্ভূত ; তার মধ্যে নিহিত।

তদন্য [তস্মাদ্=তদ্ + অন্য] বিণ, তা হতে ভিন্ন বা পৃথক্।

তদবধি [তস্মাৎ=তদ্ + অবধি, ৫তৎ] বিণ, সেই অবধি ; তদাপ্রভৃতি ; সেই সময় বা ঘটনা হইতে।

তদবস্থ [তদ্ (সেই) অবস্থা (দশা) যার, বহু, সমাসে স্থা=স্থ] বিণ, সেই অবস্থা প্রাপ্ত ; পূর্ব্বভাবাপন্ন ; সেইভাবে স্থিত। ২ [গণিত] বি, মিশ্র পৌনঃপুনিক দশমিকের দশমিকাংশ। ~া-সেই অবস্থা ; তৎক্ষেত্র। ~ায়-অ, সেইরূপ ক্ষেত্রে ; পূর্ব্বদশাতে।

তদবির, তদ্বীর [আ°-তদ্বীর] বি, উপায় ; প্রতীকার। ২ চেষ্টা। ৩ যোগাড়-যন্ত্র ; কাজের ব্যবস্থা ; বিলিব্যবস্থা। প্র-তাঁহার উকিল মোকদ্দমার ত° করিবার জন্য কলিকাতায় রহিয়াছেন।

তদভাব [তৎ (তস্য) + অভাব] বি, তার অভাব ; সেই বিষয় বা বস্তুর অভাব।

তদভিন্ন [তস্মাৎ-তদ্ + অভিন্ন, ৫তৎ] বিণ, তৎস্বরূপ ; তা হতে অভিন্ন ; তাহার সহিত একাবস্থাপ্রাপ্ত।

তদর্থ [তদ্ তস্য অর্থ (নিমিত্ত)। বাং চ° তদর্থে] ক্রি-বিণ, তজ্জন্য ; সেই কারণে। ২ বি, সেই অর্থ ; তার অর্থ।

তদর্পণ [তস্য=তদ্-বা তস্মিন্ অর্পণ, ৬ বা ৭তৎ] বি, তার বা তাতে ন্যস্ত করণ ; প্রত্যর্পণ। বিণ, তদর্পিত।

তদা [সং হ'তে অবিকল গৃহীত। সং-তদ্ (সেই) + দা (কালার্থে-দা)]

অ, তখন। ২ তৎকালে। ~কার [তদ্ +আকার] বি, সেই আকার ; তদাকৃতি। বিণ, সেইরূপ আকারবিশিষ্ট। ~ত্মা [তদ্ (সেই) আত্মা যার, বহু০। মূ০ তদাত্মন্ ১মা, ১ব০] বিণ, তৎস্বরূপ ; তার সহিত অভিন্ন বা একাত্ম। ~নীং [সং। তদ্+দানীম্ (কালার্থে)] অ, তখন ; সেই সময়ে। [ইদানীং দ্রঃ। অধু০ বিরল]। ~নীন্তন [তদানীং (সেই সময়ে) +তন্ (ভবার্থে,)] বিণ, সেই সময়েজাত ; তৎসময়ের ; তৎকালীন। ~প্রভৃতি [সং। তদা (তখন) ই০ (অবধি)-অব্যয়ী] অ, সেই হ'তে ; তদবধি ; সেই সময় হ'তে ; তৎকালাবধি। ~যুক্তক [তৎ (বিশেষ প্রয়োজনীয় কার্য্য)-আযুক্ত (সনন্দপ্রাপ্ত)+ক (র্তৃ)। অর্থ শ্যা০ পরি০] বি, সনন্দপ্রাপ্ত (commissioned) সামরিক বা অন্য বিভাগীয় বিশেষ কার্য্যের (special duty) জন্য কর্মচারী নিযোগকারী রাজ পুরুষ বা রাজ পরিষদ্‌বিঃ। ~রক [আ০। বাং-তাদারক ও০] বি, তদন্ত ; অনুসন্ধান। ~সক্ত [তদ্+আসক্ত] বিণ, তদনুরক্ত ; তৎপরায়ণ।

তদিতর [তদ্ (তা হ'তে) ইতর (ভিন্ন)] বিণ, তা ছাড়া ; তদ্ভিন্ন।

তদীয় [তদ্+ঈয় (তস্যেদমর্থে)] বিণ, তৎসমন্ধীয় ; তাহার। ২ তদধিকৃত ; তার অধিকারস্থিত।

তদুৎপন্ন [তদ্+উৎপন্ন] বিণ, তজ্জাত।

তদুপরি [তদ্+উপরি, ৬তৎ] ক্রি-বিণ, তার উপর ; তার উর্দ্ধে।

তদুপলক্ষে [তৎ+উপলক্ষে] অ, তাকে উপলক্ষ করিয়া ; সেই সূত্রে।

তদেক [তদ্ (সেই) হইয়াছে এক (অভিন্ন) যা হতে, বহু০] বিণ, তার সহিত এক ভাবাপন্ন ; তৎস্বরূপ ; তদ্রূপ।

তদেকাত্মা [তদ্ (সেই) এক (অভিন্ন) আত্মা যার, বহু০] বিণ, তার সহিত অভিন্ন ; তৎস্বরূপ ; অভিন্নহৃদয়।

তদ্গত [তদ্ (তাতে বা তাকে)+গত (প্রবিষ্ট প্রাপ্ত), ৭তৎ বা ২তৎ] বিণ, একাগ্র ; তন্নিষ্ঠ ; অভিনিবিষ্ট। ২ তদাসক্ত। ~চিত্ত-বিণ, তন্মনস্ক। ~চিত্তে-ক্রি-বিণ, একাগ্রমনে।

তদ্গুণ [তদ-গুণ, ৬তৎ] বি, তার গুণ। ২ বিণ, তদীয় গুণের ন্যায় গুণবিশিষ্ট। ৩ [কাব্যালঙ্কারে] আত্মগুণ পরিত্যাগ করিয়া অন্যদীয় উৎকৃষ্ট গুণগ্রহণ। "তিনি * * মুখপদ্মের নিকটবর্ত্তী ভ্রমরগণকে দশনাংশু দ্বারা শুক্লবর্ণ করিয়া কথা কহিয়াছিলেন।"-কাদম্বরী। "স্থূলতা উদরে ছিল, বলে তা লুঠিয়া নিল, উরস্থল জঘন দুজন। চরণ চঞ্চল ভাব, লোচন করিল লাভ, নবনৃপ আসিতে যৌবন।"-কবিক০। কিন্তু উৎকৃষ্ট গুণযুক্ত বস্তুর সন্নিহিত হইয়াও নিকৃষ্টগুণবিশিষ্ট বস্তু তার গুণ গ্রহণ না করিলে অতদ্গুণ-অলঙ্কার হয়। "কিম্বা উপদেশ না লয় খল, ছিদ্রিত কলসে থাকে কি জল? গঙ্গাজল দিয়া হাজার বার। ধুইলেও শুদ্ধ নহে অঙ্গার।"-নি০ ক০।

তদ্দণ্ড [তদ্ (সেই)+দণ্ড] ক্রি-বিণ, সেইক্ষণে ; সেই সময়ে। এই অর্থে বাং-রূ-তদ্দণ্ডে। ২ বি, তন্মুহূর্ত্ত। ৩ [তৎ (সেই) -দণ্ড (যষ্টি), ধা] বি, সেই লাঠি ;

তদ্দরুণ [সং-তৎ+ফা০-দরুণ] অ, সেই- জন্য। "তদ্দরুণ তাহাকে ফাইন করা হয়।"-আ০ শক্তি।

তদ্দিন [তৎ=সেই-দিন (দিবস)] অ, দিবসের মধ্য। ২ প্রতিদিন। ৩ সেইদিন। ৪ [প্রাদে০ 'ততদিন' এর ক্ষে০] ততদিন ; ততকাল ; ততকাল পর্য্যন্ত। ক্রি-বিন, তদ্দিনে-তত দিবসের মধ্যে ; ততদিন পর্য্যন্ত। প্র-তদ্দিনে কাহার কি হয় কে বলিতে পারে। তদ্দিন কখনই অপেক্ষা করা যাইতে পারে না।

তদ্দ্বারা [তৎ+দ্বারা] ক্রি-বিণ, তাহার দ্বারা ; তৎকর্ত্তৃক।

তদ্ধন [তৎ+ধন] বিণ, ধনসর্ব্বস্ব ; কৃপণ।

তদ্ধর্ম্মা [তৎ+ধর্ম্ম+আ (বির্থে০)] বিণ, উক্ত ধর্ম্মবিশিষ্ট।

তদ্ধিত [তদ্ (তাতে)+হিত (উপযুক্ত হয়, ৭তৎ] বিণ, তৎসম্বন্ধে হিতকর ; তৎপক্ষে মঙ্গলজনক। ২ [ব্যা০] বি, শব্দের উত্তর বিশেষ বিশেষ অর্থে ষৎ, ষৎ, ই০ যে সকল প্রত্যয় বিহিত হয় তাকে তদ্ধিত বলে nominal affix ; suffix.

তদ্বৎ [তদ্+বৎ (সাদৃশ্যার্থে)] অ, তদ্রূপ ; তত্তুল্য ; তার ন্যায়।

তদ্বিধ [তদ্-বিধ (প্রকার)] বিণ, তদ্রূপ ; সেইরকম ; তথাবিধ ; সেইপ্রকার।

তদ্বির-তদবির দ্রঃ।

তদ্বিষয়ক [তদ্+বিষয়+ক (সম্বন্ধে)] বিণ, সেই ব্যাপার সংক্রান্ত ; তৎসম্বন্ধীয় ; সেই বিষয়-ঘটিত।

তদ্ব্যতিরিক্ত [তদ্-ব্যতিরিক্ত (ভিন্ন), ৫তৎ] বিণ, তদন্য ; তদ্ভিন্ন ; তা হতে অন্য ; তা হতে পৃথক্। ২ ক্রি-বিণ, তদ্ব্যতিরেকে ; তা ছাড়া।

তদ্ব্যতীত [তদ্+ব্যতীত (দ্রঃ)] বিণ, তদতিরিক্ত ; তা ছাড়া।

তদ্ভাব [তদ্+ভাব, ৬তৎ] বি, তার ভাব ; তার ধর্ম্ম। ২ তদ্বিষয়ক চিন্তা। ৩ সেই অবস্থা।

তদ্ভাবাপন্ন [তদ্ + ভাব + আপন্ন (প্রাপ্ত), ২তৎ] বিণ, সেই বা তার ভাবপ্রাপ্ত ; ২ তদবস্থ ; পূর্ব্বাবস্থায় স্থিত।

তদ্ভিন্ন [তদ্ (তা হ'তে)+ভিন্ন, ৫তৎ] বিণ, তা হতে স্বতন্ত্র ; তদন্য ; তদিতর ; তা হতে পৃথক্। ২ ক্রি-বিণ, তা ছাড়া ; তদ্ব্যতিরেকে।

তদ্রূপ [তদ্-রূপ, ৬তৎ] বিণ, সেইমত ; তদ্বিধ ; সেই প্রকার। ২ ক্রি-বিণ, তদ্রূপে ; সেইরূপে ; সেই প্রকারে।

তন১ [তনু (দ্রঃ) >] বি, দেহ। প্র-তন মন সমর্পণ।

-তন২-বি, বাং কালবাচক প্রত্যয়। প্র- অধুনাতন ; ইদানীন্তন।

তন৩ [সং-স্তন > । প্রা-বাং] বি, স্তন। "নিতম্ব জঘন ঘন পীন তন তার।"-শ্রী০ কী০। ~পান-স্তন্যপান। তনে-স্তনে ; স্তনদ্বারা। তনের-স্তনের।

তনকা [টঙ্কা, তনখা দ্রঃ] বি, রৌপ্য মুদ্রা ; টাকা ; রূপেয়া।

তনখা [ফা০=তন্‌খোআ] বি, বেতন ; তলব।

তনয় [তন্ (বিস্তার করা)+অয় (র্তৃ) যে জন্ম গ্রহণ করিয়া বংশ বিস্তার করে] বি, পুত্র। "তনয়ে তার তারিণী।"-রামদত্ত। স্ত্রীং ~া-কন্যা। ~বৎসল-বিণ, পুত্র প্রতি স্নেহশীল। > স্ত্রীং ~বৎসলা। বি, ~বৎসলতা, বাৎসল্য।

তনাদি [তন্ আদি প্রথমে যে ধাতুর, বহু০। ব্যা০ পরিঃ] বি, তন্ ইং ধাতুগণবিঃ। প্র-তনাদিগণীয় ধাতু।

তনিকা [তন্ (বিস্তারে+অক (র্তৃ) আ স্ত্রীং) যে স্বজাতীয় সমবায় দ্বারা শরীর বিস্তার করে] বি, রজ্জু।

তনিমা [তনু (কৃশ)+ইমন্ (ভা০)। মূ০ তনিমন্ ১মা, ১ব০] বি, কৃশতা ; সূক্ষ্মত্ব। "জগতের অশ্রুধারে ধৌত তব তনুর তং।" -রবী০।

তনিষ্ঠ [তনু (অল্প)+ইষ্ঠ (স্ত্য০), উ লোপ] বিণ, অতি অল্প; অতি কৃশ : ক্ষীণতর ; অতিক্ষুদ্র।

তনীয়ান্ [তনু (অল্প)+ঈয়স্ (স্ত্য০)। মূ০=তনীয়স্ ১মা, ১ব০] বিণ, তনিষ্ঠ [প্র, অ]।

তনু১ [প্রা০-বাং তো, তোঁ (দ্রঃ)+নু, বা তোঁ > তন্+উ] স, তোমাকে। "যাহা চাহিবে তাহা দিব কহিলাম তনু॥"-ধর্ম্ম-রাজের গীত (রামনারায়ণ, ১৭শ শতাব্দী)।

তনু২,-নূ [সং-তন্ (বিস্তারে)+উ, ঊ (র্তৃ)। মূ০ তনুস্ (তনুঃ) ১মা, ১ব০। যে উৎপন্নাবধি বিস্তার লাভ করে] বি, অঙ্গ ; শরীর। "তরু কোলে তনু রেখে অলিকুলে আকুলি।"-হেম০। ২ ত্বক্। ৩ মূর্ত্তি [বিরল]। ৪ বিণ, সূক্ষ্ম ; কৃশ। "তনু শুভ্র বসন তনু হিয়ে লাগি" "তনু তনু ঝাঁপিতে ঝাপন না যাই।"-বি০। "তার তনু দেহের" -চা০ বন্দ্যো। ৫ [হি০-তনি, তন্, তনক্, তনিক্, তনুক্] অল্প। ৬ কোমল। স্ত্রীং তন্বী-কৃশাঙ্গী। ~চ্ছদ [তনু (শরীর)+ছদ্-যে তনুকে আচ্ছাদন করে (ছাদনে) +অ (র্তৃ), উপ০] বি, দেহাবরণ ; বর্ম্ম ; সাঁজোয়া। ~চ্ছায় [তনু (অল্প) ছায়া যার, বহু০] বিণ, অল্পছায়াবিশিষ্ট। ২ বর্ব্বরক-বৃক্ষ। ৩ [তনু (দেহ)+ছায় (ছায়া), ৬তৎ] দেহের ছায়া। ~জ (-জঃ) [তনূজ ও০। তনু-তনু (শরীর) জন্ (জন্মান)+অ (র্তৃ), তনু হতে যে জন্মে] বি, তনয় ; পুত্র। ২ বিণ, তনু হতে উৎপন্ন ; অঙ্গজ। > স্ত্রীং ~া, তনূজা -কন্যা। ~তা, -ত্ব [তনু+তা, ত্ব (ভা০)] বি, কৃশতা: সূক্ষ্মতা ; ক্ষীণতা। ~ত্যাগ [তনুর ত্যাগ,৬তৎ] বি, দেহত্যাগ। ~ত্র [তনু (শরীর)- ত্রৈ (ত্রাণ করা)+অ (র্তৃ), যে যুদ্ধকালে অস্ত্রাদির আঘাত হতে শরীর রক্ষা করে] বি, অঙ্গরক্ষক ; বর্ম্ম ; সাঁজোয়া। ~ত্রাণ [তনু (শরীর) ত্রৈ (ত্রাণ করা)+অন(র্তৃ)] বি,তনুত্র : সাঁজোয়া; বর্ম্ম। ~বার [তনু (শরীর) বৃ (আবরণ করা+অ (ণে)- যুদ্ধ সময়ে যদ্দারা শরীর আবৃত করা হয়] বি, তনুত্রাণ ; বর্ম্ম: সাঁজোয়া। ~ভৃৎ [তনু (শরীর)-ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (র্তৃ)-যে শরীর ধারণ করে] বি, দেহী ; শরীরী ; জীব। ~মধ্যা [তনু (কৃশ) মধ্য (কটিদেশ) যার বহু০। পুং-তনুমধ্য] বি,ক্ষীণ কটি। ২ সুন্দরী। ৩ ষডক্ষর ছন্দোবিঃ ইহার ৩য় ও ৪র্থ বর্ণ লঘু। ~মান্ [সং] বিণ, শরীরী। ~য়া [ব্রজ০] বি, দেহ ; অঙ্গ। "কষিতকাঞ্চন জিনি তোর ও তনুয়াখানি"-অশোক০। ~রুচি [তনুর (শরীরের) রুচি (কান্তি), ৬তৎ] বি,দেহ কান্তি; শরীর শোভা। "শ্রবণে কুণ্ডল দোলে কপালে বিজুলি খেলে তনুরুচি খণ্ডে অন্ধকার।"-কবিক০। ~রূহ [সং] বি, গাত্রলোম। ২ পক্ষ : পালক। ~ল [তন (বিস্তার করা) +উল্ (র্ম্ম)] বিণ, যা বিস্তার করা হইয়াছে ; বিস্তৃত [প্র, অ]। ~লীলা -বি, লীলাত্মক দেহ ; লীলাতনু ; লীলা প্রকটনার্থ ধৃতদেহ। "দিনে দিনে বাড়ে তনু-লীলা। পুরিল যেহেন চন্দ্রকলা॥"-শ্রী০ কী০।

তনূ, তনূজ, -জা-তনু দ্রঃ।

তনূদ্ভব (-ব) [তনূ (শরীর) হতে উদ্ভব (উৎপত্তি) যার, অথবা তনূ উদ্ভব (উৎপত্তি স্থান) যার, বহু০] বি, পুত্র; অঙ্গজ। ২ বিণ, দেহজাত। স্ত্রীং ~া-কন্যা।

তনূনপাৎ [তনূনপ (ঘৃত)-অদ্ (ভক্ষণ করা)+ক্বিপ্ (র্তৃ)-যে মন্ত্রপূত ঘৃতাহুতি ভক্ষণ করে] বি, অগ্নি। "তৈল তুলা তং তাম্বূল তপন। করায় সকল লোক শীত নিবারণ॥"-কবিক০ [বিরল]।

তনূরুহ [তনূ (শরীর+রুহ্ (উদ্ভিন্ন হওয়া, উদ্‌গত হওয়া)+অ (র্তৃ)-যে শরীর হতে উদ্‌গত হয়] বি, লোম। ২ পাখীর পালক। ৩ শরীরজ ; পুত্র। স্ত্রীং~া-কন্যা।

তন্তি, তন্তিভাষা [সং-তন্ত্রী > তন্তি (সূত্র)-ভাষা। বৌ০ সা০] বি, ঋষিপ্রোক্ত বাক্যাবলী: মূল শাস্ত্রোক্তি; বুদ্ধদেবের স্বল্পাক্ষর অসন্দিগ্ধ সারবৎ বিশ্বতোমুখ গ্রন্থি-হীন অনবদ্য বাক্যসমূহ ; সূত্র।

তন্তু [তন্ (বিস্তার কর)+তু (র্ম্ম)-যা চর্ম্ম কার্পাসাদি হতে মানুষের ক্রিয়া দ্বারা বিস্তৃত হয়] বি, সূত্র ; সুতা। ২ চর্ম্মসূত্র ; তাঁত। ৩ অপত্য ; সন্তান [প্র০ অ০]। ~কাষ্ঠ-বি, বুরুষ ; যদ্দারা তাঁতিরা সুতা পরিষ্কার করে। ~কীট [তন্তুর কীট, ৬তৎ] বি, গুটিপোকা। ~নাভ [তন্তু (সূত্র) নাভ (নাভিতে) যার, বহু০। নাভি=নাভ] বি, মাকড়সা ; উর্ণনাভ। ~পর্ব্ব-শ্রাবণপূর্ণিমা যে সময় বামনদেবের যজ্ঞোপবীত উৎসব হইয়াছিল। ~বাপ [তন্তু-বপ্ (বুনা)+অ (র্তৃ) বি, যে তন্তু বুনে ; তন্তুবায়। ২ মাকড়সা। ~বায় [তন্তু-বে (বুনা+অ (র্তৃ) সুতা দ্বারা যে বয়ন করে] বি, তাঁতি : বস্ত্র বয়নকারী। ~শালা [তন্তু (তাঁত) শালা (গৃহ), ৬তৎ] বি, তাঁত ঘর ; যে গৃহে বস্ত্র বয়ন করা হয়। ~সার [তন্তু সার (সারাংশ) যার, বহু০] বি, যে বৃক্ষের সারাংশ তন্তুময় ; সুপারি গাছ। ২ বিণ, তন্তুসর্ব্বস্ব ; অতি কৃশ।

তন্ত্র [তন্ (বিস্তার করা)+ত্র (ণে) যে শাস্ত্রদ্বারা শিব ও শক্তির উপাসনা বিস্তার করা হইয়াছে] বি, শিবশক্তির পূজাবিধায়ক শাস্ত্র : শিবোক্ত শাস্ত্রবিঃ ; আগম নিগম [দ্রঃ- সর্ব্বশুদ্ধ ১৯২ খানি তন্ত্র, তন্মধ্যে ৬৪ গৌড় রাজ্যে (বঙ্গদেশে)। কৃষ্ণানন্দ ঐগুলি সংগ্রহ করিয়া তন্ত্রসার প্রণয়ন করেন। ৬৪ নেপাল, মিথিলা ইং দেশে প্রচলিত এবং ৬৪ খানি অন্যত্র প্রচলিত। তন্ত্রের সংখ্যা চতুঃষষ্টি বলিয়া

সিদ্ধিসারস্বত তন্ত্রে উক্ত হইয়াছে। 'ভারতবর্ষে তন্ত্রের লক্ষ শ্লোক মাত্র বর্ত্তমান আছে। মহা-তন্ত্র ব্যতীত কতকগুলি উপতন্ত্রও আছে (তন্ত্রশা॰)। তন্ত্র-যাতে সর্গ, প্রতিসর্গ, মন্ত্র-নির্ণয়, দেবতাসংস্থান, তীর্থবর্ণন, আশ্রম ধর্ম্ম, বিপ্রসংস্থান, ভূতসংস্থান; যন্ত্রনির্ণয়, দেব ও কল্পতরুগণের উৎপত্তি, জ্যোতিষ-সংস্থান, পুরাণাখ্যান, কোষ-কথন, ব্রতবর্ণন, শৌচা-শৌচ বিচার, নরক বর্ণন, হরচক্র, স্ত্রীপুরুষ লক্ষণ, দানধর্ম্ম, যুগধর্ম্ম, ব্যবহারশাস্ত্র, অধ্যাত্ম বিজ্ঞান বর্ণিত থাকে। আগম-য কেবল সৃষ্টি-প্রকরণ প্রলয়, দেবার্চ্চন, সাধন, পুরশ্চরণ, ষট্‌কর্ম্ম সাধন, ধ্যানযোগ এই সপ্ত লক্ষণযুক্ত] "বেদ বিদ্যা তন্ত্র মন্ত্র বেণু বীণা আদি যন্ত্র নৃত্য গীতবাদ্যের ঈশ্বরী।"-অ॰ ম॰। ২ বেদের শাখাবিঃ। ৩ মীমাংসা : সিদ্ধান্ত। ৪ [আয়ু॰] ঔষধ। ৫ দৃঢ় প্রমাণ। ৬ পরিচ্ছদ। ৭ ঝাড়ন মন্ত্র। ৮ উপায় : কৌশল ; ফন্দী। "জানয়ে অনেক তন্ত্র, এড়য়ে বড়শী যন্ত্র, বিনা অপরাধে পশু মারে।"-কবিক॰। ৯ কার্য্য। ১০ পরিচ্ছেদ। প্র-পঞ্চতন্ত্র (গ্রন্থ)। ১১ রাজ-সমভি-ব্যাহারী লোক : সৈন্য। প্র-তন্ত্রি-পালক। ১২ রাজ্য। ১৩ বস্ত্রবয়ন যন্ত্র; তাঁত। ১৪ সমূহ। ১৫ রাজ্যশাসন। ১৬ অধীনতা; পরনির্ভর। ১৭ চর্ম্মনির্ম্মিত সূক্ষ্ম রজ্জু : সূত্র। ১৮ উদ্দেশ্য ; মত। ১৯ কারণ ; হেতু। ২০ সম্প্রদায় ; দল। ২১ কুল। ২২ শাসন। প্র-রাজতন্ত্র : প্রজাতন্ত্র ; সাধারণ তন্ত্র। ২৩ সামদানাদি রাজনীতি চতুষ্টয় ; রাজ্য শাসন ও পালন এবং পররাষ্ট্রসহ সম্বন্ধবিষয়ক মন্ত্রণা কৌশল diplomacy. ২৪ ঔষধবিঃ যা শরীরের কোন স্থানে প্রয়োগ করিলে সে স্থানে কোন আঘাত লাগিতে পারে না। ২৫ দেহশিরা। ২৬ বিণ, শাসিত। ২৭ অধীন ; বশ। প্র-স্বতন্ত্র ; পরতন্ত্র। ২৮ প্রধান। ~কাষ্ঠ [তন্ত্র (তাঁতের) কাষ্ঠ, ৬ তৎ] বি, তাঁত বুনিবার তুরী। ~তা [তন্ত্র+তা (ভা॰)] বি, অধীনতা। ২ ষড়যন্ত্র। ৩ কৌশল ; উদ্ভাবনা। ৪ ঘনিষ্ঠতা ; সম্বন্ধ ; সান্নিধ্য। ৫ একসঙ্গে বহু কার্য্যের প্রারম্ভকরণ; এককর্ম্মের পরিবর্ত্তে অন্য কর্ম্ম করা। "the commencing many actions time; the doing one thing instead f another"-*Haughton.* ~ধারক [তন্ত্র (কর্ম্মকাণ্ড পদ্ধতি)-ধৃ (ধারণ করা)+অক (র্ত্তৃ)] বি, যে কর্ম্ম কাণ্ডের পদ্ধতি ধরিয়া বা অনুসারে কর্ম্মকর্ত্তাকে মন্ত্রপাঠ করায়। ~বাপ, ~বায়-বি, তন্তুবাপ। ~সংস্থিতি-বি, রাজশাসন ব্যবস্থা।

তন্ত্রাবাপ [তন্ত্র+আবাপ। ব্যবহার শা॰ পরিঃ] বি, স্বরাজ্য ও পররাজ্য চিন্তন।

তন্ত্রি [তন্ত্রী ও (রবী॰)] বি, বীণার তার string. "তন্ত্রিহীন তন্তুবাপে"-দরবেশ। ২ [বৌ সা] তন্তি (দ্রঃ) : সূত্র। ~র্ত্ত-বিণ, তার যুক্ত ; তার সংলগ্ন।

তন্দ্রি/র্ত্ত [তন্দ্রা=তন্দ্রা+ইত] বিণ, তন্দ্রাযুক্ত ; আলস্যযুক্ত ; নিদ্রাবিষ্ট। ~পাল -বি, বিরাট রাজ্যে অজ্ঞাতবাস কালে সহদেব এই নাম ধারণ করিয়াছিলেন (মহা॰)। ~পালক [তন্ত্র (সৈন্য)+ই (স্বার্থে) =তন্ত্রি+পালক] বি, সেনাপালক ; সৈন্যা- ধ্যক্ষ। ২ রাজা জয়দ্রথ।

তন্ত্রী১ [তন্ত্র+ঈ (র্ত্তৃ)] বি, তাঁত। ২ তানপুরা, সেতার, বীণা ই॰র তার ; তাঁত। ৩ রজ্জু। ৪ বীণা। "আনন্দ গদগদ নারদ মাতিল। তন্ত্রী তুলিয়া, তার মার্জ্জিত করিল।"-দশমহাবিদ্যা (হেম॰)।

তন্ত্রী২ [তন্ত্র (সম্প্রদায়)+ঈ। মূ॰ তন্ত্রিন্ ১মা, ১ব॰] বিণ, দলভুক্ত ; সম্প্রদায় নিবিষ্ট ; দলাক্রান্ত।

তন্দুরুস্তি [ফা॰] বি, স্বাস্থ্য।

তন্দুর, -দূর [ফা॰-তন্নুর > হিং, উর্দ্দু॰ তন্দুর] বি, যে কাষ্ঠ ফলকে ঠাসা ময়দা রুটির আকারে গঠিত হয়। ২ পাঁউরুটী সেকা উনুন।

তন্দ্রা [তন্দ্র (অলস হওয়া)+অ (ভা॰)। গ্রা॰ তন্দ্রা। এই অর্থে তন্দ্রি, তন্দ্রিকা এবং ও হয় কিন্তু ব্যবহার বড় নাই] বি, নিদ্রাবেশ। ২ আলস্য ; জড়তা। ৩ অবসন্নতা। ~বেশ [তন্দ্রা+আবেশ] বি, নিদ্রাবেশ। ২ আলস্য। ~লু [তন্দ্র্ (নিদ্রিত হওয়া)+আলু (শীলার্থে)] বিণ, নিদ্রালু। ২ নিদ্রালস। ~সুখ-বি, নিদ্রা-বেশের আরাম। "তিনি তন্দ্রাসুখে মগ্ন ছিলেন"-উত্তরা, পৌষ ১৩৩৩।

তন্দ্রিত [তন্দ্রা (নিদ্রা)+ইত (যুক্ত)] বিণ, তন্দ্রালু ; নিদ্রালস।

তন্ন তন্ন [তৎ+ন=তন্ন (তা নয়) ব্যাপ্ত্যর্থে বা সাকল্যার্থে দ্বিত্ব। বাং-য় শুদ্ধ 'তন্ন'র ব্যবহার নাই] ক্রি-বিণ, খণ্ড খণ্ড ; তা নয় তা নয় করিয়া সূক্ষ্মাতিসূক্ষ্ম বিচার। "সাংখ্য পাতঞ্জল মীমাংসা ও ন্যায়। তন্ন তন্ন করি নাহারে না পায়।"-শ্যামাসঙ্গীত (রাজা শ্রীশ-চন্দ্র)। "তন্ন তন্ন করিতে গেলে ঐমত ধূমবৎ হয়।"-টেকচাঁদ। ২ পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান বা অন্বেষণ ; পাতি পাতি করিয়া সন্ধান। "যাও সিন্ধুনীরে ভূধর শিখরে গগনের গ্রহ তন্ন তন্ন ক'রে বায়ু উল্কাপাত বজ্র শিখা ধা] স্বকার্য্য সাধনে প্রবৃত্ত হও।"-হেম॰।

তন্নিবন্ধন [তৎ+নিবন্ধন (কারণ), ধা] বি, সেই কারণ ; সেইজন্য। ২ [তৎ (সেই) হইয়াছে নিবন্ধন যার, বহু॰] বিণ, তজ্জন্য ; সেই কারণ।

তন্নিবিষ্ট, তন্নিষ্ঠ [তৎ+নিষ্ঠ, নিবিষ্ট] বিণ, তৎপরায়ণ ; তদ্বিষয়ে বা তাতে রত বা অনুরক্ত।

তন্মন [তৎ+মন্-তাতেই মন যার] বিণ, অনন্যমনা ; তন্ময়। ২ যে কোন বিষয়ে সমস্ত মন অর্পণ করে।

তন্মনস্ক [তৎ+মনস্ক] বিণ, তাতেই নিবিষ্টচিত্ত ; তদ্গত চিত্ত। স্ত্রী॰ ~া।

তন্ময় [তদ্+ময় (স্বরূপার্থে)] বিণ, তদাত্মক ; তৎস্বরূপ ; তদ্গত। বি, ~(য়)তা, ~ত্ব।

তন্মাত্র [তদ্+মাত্রা যার, বহু॰] বিণ, তৎস্বরূপ ; তদাত্মক। ২ [তদ্ (সেই) মাত্র (কেবল)] অ, সেইমাত্র ; কেবল তাহাই; তার কম বা বেশী নয়। ৩ [সাংখ্যদর্শনে তন্মাত্রা ও॰] সূক্ষ্ম অমিশ্র পঞ্চভূত ; ক্ষিতি, অপ, তেজঃ, মরুৎ, ব্যোম।

তন্বী [তনু+ঈ-স্ত্রী॰] বি, কৃশাঙ্গী ; ক্ষীণাঙ্গী। ২ নাতি স্থূলা ; নাতিকৃশা ;

সুন্দরী। "সাঁজ পরাটপ নীলিমার দীপ শ্বাস লাগে কোন তন্বীরে।"-ভারতী, আষাঢ় ১৩৩১। ৩ শালপর্ণী (গুল্ম)।

তপ১ [তপ্ (দগ্ধ করা, তাপ দেওয়া)+অ (র্ত্তৃ)] বি, তপন; সূর্য্য। ২ আতপ রৌদ্র। ৩ গ্রীষ্মকাল। ৪ বিণ, তাপদায়ক।

তপ২ [তপঃ (দ্রঃ) অর্থে বাং-য় তপ অধিক চ০] বি, তপঃ (সকল অর্থে); তপস্যা। প্র-তপ জপ।

তপঃ [তপ্ (তপস্যা করা)+অস্ (ণে) =তপস্ ১ম, ১ব০] বি, যদ্দারা জ্ঞান-বিজ্ঞান-সম্পন্ন ও নিষ্পাপ হওয়া যায় এবং যা স্বর্গসাধন সিদ্ধি লাভে সহায়তা করে। তপস্যা; মুনিব্রত [তপঃ ত্রিবিধ,যথা-শারীরিক (পূজ্য ও প্রাজ্ঞজনের পূজা, শৌচ, ঋজুতা, ব্রহ্মচর্য্য এবং অহিংসা), বাচনিক (প্রিয়, হিত, সত্য, অক্লেশদায়ক বাক্য এবং বেদাধ্যয়ন), মানসিক (মনের প্রসন্নতা, সৌম্যত্ব, মৌন, আত্মনিগ্রহ এবং ভাবশুদ্ধি)। গুণত্রয় ভেদেও তপঃ ত্রিবিধ ফলাকাঙ্ক্ষা রহিত তপঃ "সাত্ত্বিক", যশঃ মানাদির জন্য দম্ভপূর্ব্বক অনুষ্ঠিত তপঃ "রাজসিক", পরের উৎসাদন বা অমঙ্গলার্থ আত্মাকে পীড়িত করিয়া অনুষ্ঠিত তপঃ "তামসিক"।-গীতা। বেদান্তাদি মতে তপঃ ঈশ্বরের বিভূতিবিঃ। অগ্নির ন্যায় পাপাদি দগ্ধ করে বলিয়া ইহার নাম তপঃ। ২ ধর্ম্মার্থ চান্দ্রায়ণাদি কৃচ্ছ্র ব্রত। ৩ অদৃষ্ট। ৪ ব্রাহ্মণাদির ধর্ম্ম। পুরাণমতে সত্যযুগে তপঃ, ত্রেতায় জ্ঞান, দ্বাপরের যজ্ঞ এবং কলিতে দান মুক্তির জন্য প্রশস্ত। ৫ [তপ্+অস্ (ভা০)] আচরণ। ৬ আলোচন। ৭ সপ্তলোকের অন্যতম তপোলোক। ৮ মাঘমাস। ৯ শিশির ঋতু। ~**কর** [তপস্-কৃ (করা)+অ (র্ত্তৃ)] বিণ, যে তপস্যা করে; তপস্বী। ~**ক্লেশ**-বি, তপস্যার কষ্ট। ~**ক্লেশসহ** [তপঃ+ক্লেশ+সহ (সহ্=সহ্য করা+অ, র্ত্তৃ)] বিণ, তপস্যার কষ্ট সহকারী। ~**প্রভাব** [তপস, প্রভাব-৬তৎ] বি, তপস্যার প্রভাব; তপস্যার বল। ~**সাধন**-বি, তপশ্চর্য্যা। ~**স্থলি** [তপস্ (তপস্যার)+স্থল (স্থান)+ঈ (স্ত্রীং), ৬তৎ] বি, তপস্যার স্থান। ২ বারাণসী; কাশীক্ষেত্র।

তপতী [তপ্ (তাপের আশ্রয় সূর্য্য)+অৎ (অপত্যার্থে)-ঈ, স্ত্রীং] বি, সূর্য্যকন্যা; ছায়া-গর্ভ-সম্ভূতা; সাবিত্রীর অনুজা। কুরু-বংশীয় সম্বরণ রাজার পত্নী। ইনি অতিশয় তপোনুরক্তা ও রূপবতী ছিলেন। ২ সূর্য্যপত্নী ছায়া। ৩ কোঙ্কণ দেশের উত্তরসীমান্ত নদীবিঃ। এই নদী দক্ষিণ ভারতে মুলতাই হতে উৎপন্ন হইয়া পশ্চিম মুখে আরব্য সাগরে পতিত হইতেছে। Tapti [সন্দেশাবলী]।

তপন [তপ্ (উত্তাপ দেওয়া)+অন্ (র্ত্তৃ)] বি, সূর্য্য; রবি। ২ সূর্য্যকান্তমণি। ৩ গ্রীষ্মকাল। ৪ সন্তাপ জনক নরকবিঃ। (বৌদ্ধ দ্রঃ) ৫ অগ্নিবিঃ। ৬ অগ্নির জ্বালা-যুক্ত নরক। ৭ আকন্দবৃক্ষ। ৮ [ভা০-অন্] তাপ; উত্তাপ; আভা; সূর্য্যকিরণ। ৯ বিণ,উত্তাপ জনক। ১০ সন্তাপক। ~**তনয়** [তপনের (সূর্য্যের) তনয় (পুত্র), ৬তৎ] বি, যম। ২ শনি। ৩ কর্ণ। > স্ত্রীং~া-যমুনা-নদী। "তপন তনয়া তুমি, তেঁই কাদম্বিনী পালে তোমা শৈলনাথ কাঞ্চন ভবনে"-ব্রজাঙ্গনা। ২ শমীবৃক্ষ। ~**তাপন**-বি, সূর্য্যকিরণ। ~**মণি** [তপন (তপনপ্রভ) যে মণি, ম০ প০ লো০] বি, সূর্য্যকান্তমণি; আতসী কাচ burning glass.

তপনাত্মজা [তপন+আত্মজা (কন্যা), ৬তৎ] বি, গোদাবরী। ২ যমুনা।

তপনী [বৌ০ সা০] বি, আগুণ পোয়াই-বার জন্য আগুন রাখিবার পাত্র (জাতক, ৫মখণ্ড)।

তপনীয় [তপ্ (সন্তাপ দেওয়া)+অনীয় (র্ম্ম), যাকে বহ্নি দ্বারা সন্তপ্ত করা হয়] বি, সুবর্ণ; কাঞ্চন। ২ কনকধুতুরা। ৩ বিণ, তাপ দিবার উপযুক্ত; উত্তপ্ত করিবার মত।

তপযুত [তপ-যুত (যুক্ত)] বিণ, তপো-নিষ্ঠ; তপস্যায় নিযুক্ত; সর্ব্বদা তপে নিরত। "বিধির মানসসুত দক্ষ মুনি তপযুত প্রসূতি তাহার ধর্ম্মজায়া।"-অ০ ম০।

তপশ্চরণ,-শ্চারণ [তপস্ (তপঃ)+চরণ, চারণ (অনুষ্ঠান), ৬তৎ] বি, তপস্যার অনুষ্ঠান; তপশ্চর্য্যা।

তপশ্চর্য্যা [তপঃ+চর্য্যা] বি, তপস্যা।

তপসিল-তফসিল দ্রঃ।

তপসী, তিপ্‌সে [তপস্বী (দ্রঃ) >] বি, স্বনামখ্যাত মৎস্যবিঃ mango-fish.

তপস্য [তপস্+য (ভা০)] বিণ, তপো-নিষ্ঠ; তপস্যারত। ২ বি, তপস্যা।

তপস্যা [তপস্+য তপস্য (ধাতু)+অ (ভা০), স্ত্রীং-আ। ভং, গ্রা০ তপিস্‌সা (শূ০ পু০)। প্রা-বাং-তর্প। "তর্প করএ বার বৎসর"-মাণিক০)] বি, পুণ্যসঞ্চয়; শক্তিসঞ্চয়; অভীষ্ট বস্তুলাভ বা পাপক্ষয় হেতু ক্লেশকর সাধনা বা কঠোর সংযম ও নিয়ম অবলম্বন পূর্ব্বক নির্জ্জনে দেবারাধনা; যোগসাধন। প্রা-বাং-গ্রা০-**তপসা**। "তপসা করেন বস্তা দেহে দিআ জন্ত্র। বিষ্টু দেব তপ করএ আবাহন মন্ত্র॥"-শূ০ পু০।

তপস্বী [প্রা-বাং-গ্রা০-তপসী (শূ০ পু০)। তপস্+বিন্ (স্ত্য০)=তপস্বিন্ ১মা, ১ব০। স্বাধ্যায় অর্থাৎ বেদাদি শাস্ত্রপাঠ, নিয়মাদি পালন, এবং মনের সহিত ইন্দ্রিয়গণের একাগ্রতা সম্পাদন তপস্বীর লক্ষণ] বি,সংসার বিরক্ত অরণ্যাশ্রমবাসী; সংযতেন্দ্রিয়, জ্ঞান ধর্ম্ম ও মোক্ষসাধক; তাপস; মুনি। "ত০ কাহারে বল কিবা ধর্ম্ম তার। কি কর্ম্ম করিলে পায় পরলোকে পার॥"-অ০ ম০। ২ তপসে-মাছ। ৩ বিণ, তপস্যারত। ৪ ধার্ম্মিক। ৫ ধর্ম্মার্থে ক্লেশ সহিষ্ণু। ৬ ব্রতধারী। ৭ শান্তস্বভাব। ৮ নির্দ্দোষ। ৯ দীন। স্ত্রীং **তপস্বিনী**-তাপসী; তপস্যাকারিণী। ২ [আয়ুর্ব্বেদে] জটামাংসী; কটুকী। ৩ ঝিঞা। বিড়াল **তপস্বী**-বাহিরে তপস্বীর আকার কিন্তু অন্তরে কাম ক্রোধ লোভাদি রিপুগণ যাতে প্রবল; প্রবঞ্চক।

তপাত্যয় [তপ (তাপ, গ্রীষ্মকাল)+অত্যয় (ক্ষয়)] বি, বর্ষাকাল। ২ [তপ (তপঃ)+অত্যয় (নাশ)] তপস্যার ক্ষয়।

তপাস [তুল-আ-তালাশ্, তফ্‌তীশ্ (অনুসন্ধান)] বি, অন্বেষণ; অনুসন্ধান; তল্লাস; খোঁজ। "খুল্লনা চলিল যদি দুধের তপাসে।"-কবিক০। "ঘৃত খণ্ড ক্ষীর দধি ভেট পাই নিরবধি পুনর্ব্বার না করি তপাস।"-কবিক০।

তপাসি [তপাস দ্রঃ] ক্রি, অন্বেষণ করি ; খুঁজি। ২ [তপাসিয়া > কেং] খুঁজিয়া। "ইন্দ্রধনু মেঘমালে কত তপাসি"–অশোকং। "বিকল হইয়া নারী তপাসিয়া ফিরেন সকল স্থান।"–অং মং।

তপাসিয়া [তপাসি দ্রঃ] ক্রি, সন্ধান করিয়া ; খুঁজিয়া ; তল্লাস করিয়া। "নারী তপাসিয়া ফেরেন সকল স্থানে।"–অং মং।

তপোধন [তপস্ (তপস্যা) মাত্রই ধন (সম্পত্তি) যার, বহু] বি, মুনি ; ঋষি। "ভিক্ষার বিলম্ব দেখি ব্যাস তপোধন। গৃহস্থেরে গালি দিয়া করিলা গমন॥"–অং মং। ২ [তপঃ (তপস্যা) রূপ যে ধন, রূপক ধা] তপস্যারূপ ধন ; তপস্যা দ্বারা অর্জ্জিত সর্গাদি বিভূতি ; তপোলভ্য ঐশ্বর্য্যাদি। [বিরল]।

তপোনিধি [তপঃ (তপস্যা) নিধি (রত্নবিঃ) যার, বহু] বি, তপস্বী।

তপোবন [তপঃ(তপস্যার) বন (আশ্রম), ৬তৎ] বি, তাপসগণের আশ্রম ; মুনি ঋষিদিগের তপস্যার স্থান। ২ তীর্থবিঃ ; হৃষীকেশ ও লছমন ঝুলার মধ্যবর্ত্তী স্থানে তপোবন নামক তীর্থ।

তপোবল [তপঃ+বল] বি, তপস্যার তেজঃ বা শক্তি বা প্রভাব।

তপোভঙ্গ [তপঃ+ভঙ্গ] বি, তপস্যায় বিঘ্ন ; সাধনায় ব্যাঘাত।

তপোময় [তপস্+ময় (প্রাচুর্য্যার্থে)] বিণ, তপঃপ্রধান। ২ বি, পরমেশ্বর। স্ত্রীং ~ী–তপঃপ্রধানা। ২ ঈশানী।

তপোমূর্ত্তি [তপঃ+মূর্ত্তি] বি, ধ্যানরূপী মূর্ত্তি ; সূক্ষ্মদেহ।

তপোরতি [তপঃ+রতি। তপেতে রতি (অনুরাগ) যার > বহু] বিণ, তপঃপরায়ণ। ২ বি, চতুর্থ মন্বন্তরের ঋষি।

তপোলোক [তপঃ (তপোনামক) যে লোক, মং পং লোং] বি, পুরাণমতে পৃথিবী হতে কোটি যোজন ঊর্দ্ধস্থিত ভুবন ; সপ্তলোকের অন্যতম। [দ্রঃ–৺পণ্ডিত উমেশচন্দ্র বিদ্যারত্ন প্রণীত "মানবের আদিজন্মভূমি" গ্রন্থ মতে তং হিরণ্ময়বর্ষের নামান্তর এবং বর্ত্তমান সাইবিরিয়ার অন্তর্গত। মহর্লোক, তং ও ব্রহ্মলোক লইয়া ত্রিদিব (বর্ত্তমান সমগ্র সাইবিরিয়া)। লোক দ্রঃ]।

তপ্ত [গ্রাং–তাতা, তাতল, তাতাল। তপ্ (উত্তপ্ত হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, তাপযুক্ত ; যে উত্তাপ বিশিষ্ট হয় ; উষ্ণ। "ক্ষম দেবি অপরাধ, বিশ্বের জননী ; মোরা সবে দুঃশাসন, দাম্ভিক অজ্ঞান ; সমুচিত প্রায়শ্চিত্ত, তপ্ত রক্ত পান। করুক নৈরাশ্য ভীম, করি জয়ধ্বনি॥" –অশোকং। ২ পরিতাপ প্রাপ্ত ; অনুতপ্ত। ৩ পুটপাক-শোধিত ; পোড় দেওয়া। ৪ দগ্ধ। ৫ গলিত ; গলান। ৬ রুষ্ট ; কুপিত। ৭ শোকার্ত্ত ; দুঃখিত। ৮ নূতন, টাটকা ; সদ্যঃ। "মরুক আমার স্বামী খায়্যা বিষগণ্ড। বাপের বাসাতে যাব হৈয়া তপ্ত রাণ্ড।"–ধর্ম্মরাজের গীত (গোবিন্দরাম)। ~কাঞ্চন [তপ্ত যে কাঞ্চন (স্বর্ণ), ধা] বি, অগ্নিসংযোগ দ্বারা শোধিত কাঞ্চন ; সমুজ্জ্বল সুবর্ণ। ~কুণ্ড–বি, প্রজ্বলিত অগ্নির কুণ্ডময় নরক। ~কুম্ভ [তপ্ত (উষ্ণ) কুম্ভ (কলসী) আছে যেখানে, বহু] বি, নরকবিঃ। ২ তপ্ত (উষ্ণ) যে কুম্ভ–ধা] বি, উষ্ণ কলসী। ~কৃচ্ছ্র [তপ্ত (তাপযুক্ত) যে, কৃচ্ছ্র (ব্রত), ধা] বি, ব্রতবিঃ ; এই ব্রতে তিন দিবস উষ্ণ দুগ্ধ, ঘৃত ও জল পান করিয়া থাকিতে হয়। ~পাষাণকুণ্ড [তপ্ত যে পাষাণ তন্নির্ম্মিত কুণ্ড (কূপ) যেখানে, বহু] বি, নরকবিঃ। ~বালুক [তপ্ত বালুকা যেখানে, বহু] বি, নরককুণ্ডবিঃ।

তপ্তপোষ, তপ্তাপোষ [তক্তপোষ দ্রঃ। তক্ত > গ্রাং তপ্ত] বি, কাষ্ঠময় শয্যাধারবিঃ। "কোণেতে জড়ানো দেখি তপ্তাপোষের পাটি"–দ্বিং রায়।

তর্প্পন–তর্পণ দ্রঃ।

তফসিল, -সীল, -শি(শী)ল [আং–তফ্‌সীল্ বিভাগ, বিশ্লেষণ] বি, বিস্তারিত বিবরণ ; কৈফিয়ৎ। ২ বিশ্লেষণ ; বিভাজন। ৩ বণ্টন।

তফাৎ, তফায়েৎ [আং–তফাবৎ] বি, দূরত্ব ; ব্যবধান। "আজি সে দুইটী বুকে এতই তফাৎ।"–ফুলরেণু। ২ প্রভেদ। প্র–উভয়ের মধ্যে কোনই তফাৎ নাই। ৩ ক্রিবিণ, পৃথক্। প্র–তাহাকে তফাৎ করিয়া দিয়াছে। তং তফাৎ–অ, তফাৎ হও ; সরিয়া যাও ; দূরে দূরে অবস্থান কর। ২ দূরে দূরে। তং করা–দূরে সরাইয়া দেওয়া। ২ পৃথক করা। তং হওয়া–দূরে সরিয়া যাওয়া। ২ পৃথক্ হওয়া।

তফায়েৎ–তফাৎ দ্রঃ।

তফিল–তহবিল দ্রঃ।

তব১ [যুষ্মদ্ শব্দ, ৬ষ্ঠী, ১বং। পদ্যে] স, তোমার। "হায় তাত উচিত কি তব এ কাজ" –মেঘং। "দয়াময় তোমা বিনা আর কিছু চাইনে। তব নাম সুধা বিনা আর কিছু খাইনে।"–ঈং গুং। [দ্রঃ–প্রাং বাং-র 'তব' অর্থে তুয়া (তুয়া দ্রঃ) শব্দের ব্যবহার "ধরিল কেবল প্রাণ তুয়া গুণ গানে।"–গীং গিরি]।

তব২ [ব্রজং হিং–তব] অ, তখন ; তদা। "মাগয়ে তব পরিরম্ভ"–বিং পং। ২ তবে ; তা হলে। "জানসি তব কাহে করসি পুছারি" –বিং পং।

তবক১ [সং–স্তবক > ভ্রং] বি, স্তর ; থাক layer. ২ তল ; মঞ্জিল storey ; floor. ৩ সমূহ ; শ্রেণী। ৪ শৃঙ্খলা order. ৫ তাক ; কুলুঙ্গী shelf.

তবক২ [ফাং–তবক্=পাত, পত্র। তুল–সং–স্তবক। একতোলা সোণা বা রূপার পাত ১৬০ বা ১৪০ অংশে বিভক্ত করিয়া ঐ সংখ্যক থাকযুক্ত ৬″×৪″ আকারের মৃগচর্ম্মনির্ম্মিত একটী ব্যাগের প্রত্যেক খোপে এক এক টুকরা পাত করিয়া তাহা তুড়ি দ্বারা পিটিলে ১″×৫″ পরিসরের সোণা-রূপার পাত তৈয়ার হয়। এই পাত স্তবকে স্তবকে সজ্জিত থাকে বলিয়াও সোণা-রূপার তবক বলিতে পারো] বি, সৌখীন মিষ্টান্ন দ্রব্য বা পানের খিলি প্রভৃতির উপর মুড়িবার সোণা-রূপার পাত ; সোণা-রূপার অতিসূক্ষ্ম পত্র। "তারি মত ঠোঁট যোড়া সোণার তবক যোড়া।"–কুসুম।

তবক৩ [তুর্কী–তোপক্, তুপক্। প্রাচীন বাঙ্গালায় (মুসলমান আমলে) ভূরি প্রয়োগ] বি, বন্দুক ; তোমর (আগ্নেয়াস্ত্র)। "মুটকির তেজ যেন তবকের গুলি। এক ঘায়ে বাঘার মাথার ভাঙ্গে খুলি॥"–কবিকং।

তবক৪ [তব (তোমার)+ক (স্বার্থে)।

প্রাচীন বাঙ্গালা পদ্যে (৮০০—১২০০ খ্রীঃ অব্দ)] স, তোমার।

তবকী [তুর্কী—তুপক্চী] বি, বন্দুকধারী musketeer. "তবকী ধানুকী চলে রায়বেঁশে মাল।"—ভারত০।

তবধরি [ব্রজ০ তব (তখন)+ধরি (ধরিয়া, হ'তে, থেকে)] অ, তদবধি ; তখন থেকে। "তবধরি দগধে অনঙ্গ"—বি০ প০।

তবল১ [আ০—তব্‌ল্] বি, বৃহৎ আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ ; খুব বড় ঢাক large drum "বিষম ত০ আগে আরোপিল কাটি।" —কবিক০।

তবল২ [ফা০—তবর (কুড়ুল) , র=ল] বি, কুঠার hatchet ; axe. ~দার [ফা০— তবর-বরদার >] কুঠারী axe-bearer ; কাষ্ঠ-ছেদনকারী wood cutter বি, যারা বাণ বা কুড়ালিদ্বারা কাষ্ঠ ছেদন করে [রাজসাহী অঞ্চলে চ০]।

তবলা [আ০—তব্‌লা] বি, বাদ্যযন্ত্রবিঃ (সং—তল-মৃদঙ্গ। সভ্য যন্ত্র, ইহা দক্ষিণক ও বামক বা ডাইনা ও বাঁয়া এই দুই ভাগে বিভক্ত, মৃদঙ্গাদি যন্ত্রের মত দুইদিকে বাদিত না হইয়া ঐ দুইটী ভিন্ন ভিন্ন খণ্ডে বাদিত হয়। দক্ষিণক বামকের সহিত প্রযুক্ত হয় [যন্ত্রকোষ]।

তবল্লক [তকলবী দ্রঃ। আ০—তকল্লুফ্ (যত্ন, আড়ম্বর, প্রাচুর্য্য) আ০—তকল্লুফ্‌কা= উচ্চদরের কারুকার্য্যবিশিষ্ট high-wrought, elegant] বিণ, উচ্চদরের শিল্পচাতুর্য্যযুক্ত ; বাহারে। "তবল্লক ছাঁদে বসন পিঁধে সঙ্গে চলয়ে হাঁটি।"—চণ্ডি০।

তবহি [হিং—ব্রজ০] অ, তৎক্ষণাৎ ; তখনই। "কতক্ষণে প্রভুর কাণে শব্দ প্রবেশিল। হুঙ্কার করিয়া প্রভু ত০ উঠিল।" —চৈ০ চ০। ২ তবেই।

তবহু, তবহুঁ [হিং, ব্রজ০] অ, তথাপি ; তবুও ; তখনও। "তবহুঁ কানু উপশম নাহি হোই"—বি০ প০।

তবিয়ৎ [আ০—তবীঅৎ] বি, মেজাজ ; প্রকৃতি ; শারীরিক অবস্থা। "খোসপোষাকে সজ্জা করি বাহাল ত০। স্বর্ণচাঁপা স্মরণ করেন, সভ্যতরিবৎ॥"—হেম০।

তবিল [গ্রা০ উচ্চারণভেদে, তহ্বিল। আ০ তহ্‌বীল্] বি, কোষাগার ; জমা ; পুঁজি, খাজানা ; তহবিল। "বড় গোল লেগেছে খাসমহলে * * * এবার জমায় শূন্য খরচ ভারি, আমার নিকাশ দেওয়া হল ভারি, যখন দেখবে তবিল খালি অমনি শমন দিবে জেলে।"—বাং গান। ~দার [আ০—তহ্‌বীল্ +ফা০—দার্] বি তহবিলরক্ষক : কোষাধ্যক্ষ। ~দারী—বি, তহবিল রক্ষা ; কোষাধ্যক্ষের কর্ম্ম। "আমায় দাও মা তবিলদারী। আমি নিমক্‌-হারাম নই শঙ্করী॥"—রা০ প্র০।

তবু [হি—তবহু > স্কেং০। প্রা০ বাং গ্রা০— তিমু। "মনে হইতে তমু সে করিতে নারে ত্যাগ।"—গী০ গিরি০। "তমু এই স্থান না ছাড়িব কোনকালে।"—দুর্গামঙ্গল] অ, তথাপি ; তখনও। "তবু অবহেলা, মূঢ় করিস সতত দেবকুলে!"—মেঘ০। "রক্ষোরিপু তুমি, তবু অতিথি হে এবে।"—ঐ। "বাপকে বিনয়-বাক্যে বলিলেন তবু।"—শি০। ~ও [হিং— তবহু >। প্রা০ বাং—তওত] তথাপি : তা সত্ত্বেও।

তবে [হিং—তব, প্রা০ হিং—তববয়্। সং— তদা > তব্বা (বৌ০ প্রাকৃ০। "অপ্যহিঁ অপ্যা বুঝসি তববা"—দো০), তব্য ("তব্য ভবসংসারহ মুক্কই"। মুক্কই=মুক্ত হয়) > তব্বেঁ > তবেঁ >] ক্রি-বিণ, সেইজন্যে। ২ অতঃপর ; তদনন্তর ; তৎপরে। "তবে মন্ত্রী সারণ (সচিব-শ্রেষ্ঠ বুধ) কৃতাঞ্জলি পুটে উঠি কহিতে লাগিল নতভাবে"—মেঘ০। ৩ তখন [পদ্যে]। ৪ তা হ'লে ; সে ক্ষেত্রে। "এনগরে বিদিত যদ্যপি, ঘটে যা ভবমণ্ডলে, তবে ও চরণে অবিদিত নহে, কেন আইল এদেশে কিঙ্কর।" —মেঘ০। ৫ তবু ; তথাপি। "তবে যদি একান্ত সময়ে ইচ্ছা তব, বৎস, আগে পূজ ইষ্টদেবে,"—মেঘ০। **তবে কি না**—কিন্তু কথা এই যে ; প্রতিকূল যুক্তিবোধক। **তবে রে**—শাসনে ভয়প্রদর্শন ; দণ্ড দিবার ভয়প্রদর্শক উক্তি। প্র—তবে রে, কিছু বলিনা বলে এত বেড়ে উঠেছিস্।

তবেঁ [প্রা০ বাং] তবে দ্রঃ।

তবেঁস, তবেঁসি, তবেসি [প্রা০ বাং] অ, তবে সে ; তবেই। ২ তখনই। "যবেঁ বড়ায়ি না পাহ কাহ্নে * * তবেঁস পুছিহ * *"—শ্রী০ কী০। "তবেসি মেলিব এথা প্রিয় জগন্নাথে।"—ঐ। ৩ তা হলে। "তবে সে করিব বিহা"—মনসা ম০ (ষষ্ঠীবর)।

তবেই [হিং—তবহি >] অ, সুতরাং ; কাজেকাজেই ; অতএব। **তবেইত**—অবধারণার্থক অব্যয়, তা হ'লে ; নিশ্চয়ই। ২ সন্দেহ, অনিশ্চয়তা ইং সূচক অব্যয়। প্র— তবেইত! এখন উপায়?

তভোঁ, তভোঁহো (হোঁ) [হিং তবহুঁ >] অ, তবু ; তবুও ; তথাপি। "তভোঁ নাহি তেজোঁ তোঙ্কারে"—শ্রী০ কী০। "তভোঁহো কাহ্নাঞি"—ঐ। "তভোঁহোঁ নিলজ কাহ্নাঞি"—ঐ।

তম১ [তম্ (গ্লানি)+অ (ণে) যদ্দ্বারা মানুষের মনে গ্লানি জন্মে] বি, তমোগুণ। ২ অন্ধকার। ৩ [অ (র্তৃ)—যে সূর্য্য ও চন্দ্রগ্রহকে গ্রাস রূপ গ্লানি বা দুঃখ দেয়] রাহু। ৪ বিণ, ক্লান্ত। ৫ অধিক।

তম২ [তর দ্রঃ] অ, অনেক বস্তু বা ব্যক্তির মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইতে গুণবাচক শব্দের উত্তর তম প্রত্যয় হয়। প্র— বৃহত্তম, ক্ষুদ্রতম ইং।

-তম৩ [সং তমট্ (পূরণার্থ)] অ, কোন সংখ্যার পূরণবাচক। প্র—একত্রিংশত্তম, ষষ্টিতম। স্ত্রীং ~া১, ~ী১—সংখ্যার পূরকা। প্র—ষষ্টিতমা। ত্রিংশত্তমী।

তম৪ [সং—তমস্ >] বি, অন্ধকার ; মেঘ সদৃশ অন্ধকার। প্র—"স্বরূপ বর্ণন করিয়া আমার হৃদয় আকাশ হইতে ত্বরায় সন্দেহতম দূরীভূত কর।"—মহা০ (প্র০ রায়)। স্ত্রীং ~া, ~ী—রাত্রি।

তমঃ [বাং-য় "তম"ও চ০। তম১ দ্রঃ। তম্ (গ্লানি)+অস্ (ণে)=তমস্, ১মা, ১ব০ মানবের অন্তরে যে গুণের আধিক্যহেতু গ্লানি জন্মে] বি, প্রকৃতির তৃতীয় গুণ ; তামসিক ভাব ; মোহ। [অন্য দুইগুণ সত্ত্ব ও রজঃ। তমোগুণে লোক কামক্রোধাদি ষড়্‌রিপুর বশবর্ত্তী হয়] "নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার, সত্ত্বরজস্তমোগুণ প্রকৃতি তাঁহার।

রজোগুণে বিধি তাহে লোভের উদয়, তমোগুণে শিবরূপ অহঙ্কারময়। সত্ত্বগুণে নারায়ণ কেবল চিন্ময়, তমোগুণে অধোগতি অজ্ঞানের পাকে, মধ্যগতি রজোগুণে লোভে বান্ধা থাকে ; সত্ত্বগুণে তত্ত্বজ্ঞান করতলে মুক্তি। * * * তমগুণে অহঙ্কার দোষ কিবা দিবে, অহঙ্কার নহিলে কি ভেদ ব্রহ্ম জীবে। সত্ত্ব-রজঃপ্রভাব ক্ষণেক বিনা নয়, তমর প্রভাব দেখ চিরকাল রয়। রজোগুণে সৃষ্টি তাহে কেবল উদ্ভব, সত্ত্বগুণে পালন বিবিধ উপদ্রব। তমোগুণে প্রলয় কৈবল্য পরিণাম,"-অ০ ম। ২ অজ্ঞান। "ভাস্কররায় নমঃ হর মোর তমঃ দয়া কর দিবাকর।"-অ০ ম০। ৩ ছায়া ; অন্ধকার। ৪ পাপ। ৫ অহঙ্কার। ৬ নরক। ৭ শোক। ৮ [তমঃকান্তি বলিয়া] রাহু।

তমতম [সং-তাম্র > হি-তমতমানা (রৌদ্র, ক্রোধাদিতে মুখ তামাটিয়া দেখান) >] অ. রৌদ্রে ঝলসাইয়া বা ক্রোধে মুখ লাল হওয়ার ভাব। ২ প্রবল জ্বর হেতু রক্তিম: শ্লেষ্মায় পরিপূর্ণ ; সর্দ্দিভারাক্রান্ত ; ভারভার। প্র-মুখটা তম্‌তম্ করচে। বিণ. **তমতমিয়া, তমতমে**।

তমস [তম্ (গ্লানি) + অস্ (ণে)] বি, অন্ধকার। স্ত্রীং ~া-নদীবিঃ। যমুনার উৎপত্তি স্থানের সন্নিহিত গড়বাল দেশের অন্তর্গত নদী the river Tons. [এই নদীর নিকটস্থ বনাশ্রমে মহামুনি বাল্মীকির রসনা হতে বীণা যন্ত্রের লয়যুক্ত ছন্দোবদ্ধ প্রথম শ্লোকের উৎপত্তি হইয়াছিল-"মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্॥"]

তমসাচ্ছন্ন তমসাবৃত [তমস দ্বারা আচ্ছন্ন, আবৃত] বিণ, অন্ধকারাচ্ছন্ন।

তমসুক [আ০-মসূক্ > তমসুক্ (আদান প্রদান করা)। উচ্চারণানুকরণে দলিলাদিতে তমঃসুক'ও০] বি, অধমর্ণ উত্তমর্ণের নিকট হ'তে ঋণ গ্রহণ করিবার সময় যে রাজকীয় পত্রে ঋণ-বিষয়ক কথা লিখিয়া দিয়া অর্থ গ্রহণ করে ; ঋণ-স্বীকারপত্র ; খত bond ; written agreement ; receipt **বন্ধকী-তমসুক**-বন্ধকনামা ; বন্ধকী খত a mortgage deed.

তমস্বী [তমস্ + বিন্ (স্ত্যা০) = তমস্বিন ১মা, ১ব০] বিণ, তমোযুক্ত। স্ত্রীং **তমস্বিনী**-অন্ধকারযুক্ত রাত্রি। ২ হরিদ্রা।

তমা [তম্₄ দ্র০] বি, রাত্রি ; যামিনী।

তমাদি, তামাদি, তাঁবাদি [আ০-তমাদি। আদাঃ পরিঃ] বাজেআপ্ত ; নির্দ্ধারিত সময় অতিক্রান্ত। "কত বার বৎসর গেল হল বুঝি তমাদি"-রজনী সেন।

তমাম, তামাম [আ০-তমাম্। আ০-তম্ (পূর্ণ হওয়া)] বিণ, পরিপূর্ণ ; সর্ব্বাঙ্গ-বিশিষ্ট। ২ সকল, সমস্ত, সমুদয়। "হর ঘড়ি তামাম মুলুক ফিরে"-কবিচন্দ্র।

তমাল [তম্ (ম্লান হওয়া) + আল (র্ত্তৃ)-যে বর্ণ দ্বারা ম্লান হয়। তমালের বল্কল কৃষ্ণবর্ণ] বি, নীল তাল ; কাল তাল xanthochymus pictorius ২ চন্দন তিলক। ৩ পত্রা। **~পত্র** [৬তৎ] বি, তমাল বৃক্ষের পাতা। ২ [তমাল (কৃষ্ণবর্ণ) পত্র (পাতা) যার, বহু০] তমাল বৃক্ষ। **~শ্যামল**-তমালের মত কৃষ্ণবর্ণ। স্ত্রীং ~া। "দশন কুন্দের আভা তথি দেবী পান শোভা তমাল-শ্যামলা বসুমতী।"

তমালক [তমাল + ক (সাদৃশ্যার্থে)] বি, তমাল সদৃশ বর্ণ বলিয়া, সুসুনি শাক। ২ তেজপত্র ; তেজপাত। ৩ তমাল বৃক্ষ।

তমালিকা [তমাল (বৃক্ষ) + ইক (সম্বন্ধার্থে) + আ (স্ত্রীং)] বি, তমাল বৃক্ষ-বহুল স্থান, তমলুক। ২ ভুঁই আমলা। ৩ মঞ্জিষ্ঠা।

তমালিনী [তমাল + ইন্ (সম্বন্ধার্থে) + ঈ (স্ত্রীং)] বি, তমলুক ; তাম্রলিপ্ত। ২ ভুঁই আমলা।

তমালী [সং] বি, বরুণ বৃক্ষ (সাধাঃ জলাশয়ের উপর জন্মে) crataeva religiosa.

তমি, তমী [তম্ + ই (ণে)] বি, রাত্রি। "এই যে অষ্টমী পুণ্যদা এ তমী অন্নদার ব্রত তিথি॥"-অ০ ম০। **~নাথ**-বি, নিশাপতি ; চন্দ্র।

তমিস্র [তমস্ (অন্ধকার) + র (স্বার্থে) -নিপাতনে, ই আগম] বি, অন্ধকার। ২ ঘন অন্ধকার ; গাঢ় আঁধার। ৩ [লক্ষ০] অজ্ঞান অন্ধকার। ৪ রোষ ; কোপ ক্রোধ। ৫ [স্ত্যা০-র] বিণ, তমোযুক্ত ; অন্ধকারবিশিষ্ট। স্ত্রীং ~া-ঘনান্ধকার। ২ ঘোর অন্ধকার রাত্রি। **~পক্ষ** [তমিস্র (অন্ধকারযুক্ত) যে পক্ষ, ধা] বি, কৃষ্ণপক্ষ ; আঁধারি পক্ষ।

তমু [তবু দ্রঃ। প্রা০-বাং। প্রাদে০] অ. তবু ; তথাপি। "তমু নহুঁ মানয়ে ভীত"-জ্ঞান। **~ত**-তবুও। "তমুত পিতৃশোক নিবারণ নাহি তাকে !"-রামা০ (কবিচন্দ্র)।

তমোগুণ [তমঃ (প্রধান) গুণ-ম০ প০ লো০] বি, প্রকৃতির তৃতীয় গুণ ; তমোগুণ প্রবল হ'লে মনুষ্য কামাদি নীচ প্রবৃত্তির বশতাপন্ন হয়। "নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার। সত্ত্ব রজ তঃ প্রকৃতি তাহার॥ রজোগুণে বিধি তাহে লোভের উদয়। তমোগুণে শিবরূপ অহঙ্কারময়॥"-অ০ ম০।

তমোঘ্ন [তমস্ (অন্ধকার) + ঘ্ন (যে নাশ করে)] বিণ, তমোনাশক ; অন্ধকার দূরকারী। ২ সূর্য্য ; চন্দ্র ; অগ্নি ; দীপশিখা। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ বুদ্ধ। ৬ জ্ঞান।

তমোজ্যোতিঃ [তমস্ (অন্ধকারে) জ্যোতিস্ (দীপ্তি) যার, বহু০] বি, জোনাকি-পোকা ; খদ্যোৎ।

তমোপহ [তমস্ (অন্ধকার) + অপহ (যে নাশ করে)] বি, অন্ধকার দূরকারী। ২ অজ্ঞাননাশক। ৩ সূর্য্য ; চন্দ্র।

তমোমণি [তমস্ (অন্ধকারে) যে মণি (রত্ন), ৭তৎ] বি, জ্যোতিরিঙ্গণ। ২ গোমেদ-মণি।

তমোময় [তমস্ + ময়] বিণ, অন্ধকারময়, অন্ধকারে আবৃত ; তমসাচ্ছন্ন। "রবিকর যবে, দেবি পশে বনস্থলে তমোময়, নিজগুণে আলো করে বনে সে কিরণ,"-মেঘ০। "নয়ন মুদিয়া দেখ বিশ্ব তমোময়। ইথে বুঝি ব্রহ্মরূপ তম বিনা নয়॥"-অ০ ম০। ২ [রূপকার্থে অহঙ্কারে পূর্ণ বা আচ্ছন্ন ; অজ্ঞানাচ্ছন্ন ; অবিদ্যারূপ অন্ধকারে আবৃত ; রোষাচ্ছন্ন। ৩ বি, রাহু।

তমোহর [তমস্ (অন্ধকার) + হর (যে হরণ করে)] বিণ, তমোঘ্ন ; অন্ধকারবিনাশক।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্‌চ ঞ্জ=ঁজ হ্ন=হ্ন হ্ন হ্ম হ্ম হ্য=ন্‌হ ব্‌হ ল্‌হ ত্ত ষ্য, জ় ফ় ব় ভ়=zfwv ও চ্চা০ দ্রঃ

২ অজ্ঞাননাশক। ৩ বি, সূর্য্য ; চন্দ্র ; অগ্নি ; দীপশিখা।

তমোহা [তমস্-হন্ (নষ্ট করা) + ক্বিপ্ (র্ত্তৃ)=তমোহন্-১মা, ১ব০] বিণ, তমোঘ্ন ; অন্ধকারবিনাশক। ২ অজ্ঞাননাশক। ৩ বি, সূর্য্য ; চন্দ্র ; অগ্নি ; দীপশিখা।

তম্বি, তম্বী [আ০-তম্বীহ্। বাং-প্রা০, তুম্বি। তুল-সং-তুম্ব্ (পীড়নে)] বি, তাড়না ; শাসন ; জুলুম। ২ জোর তাগাদা।

তম্বু, তাম্বু [আ০-তম্বু] বি, পটগৃহ ; বস্ত্রগৃহ ; তাঁবু tent.

তম্বুর [আ০-তম্বুর] বি, তুর্কী-তততযন্ত্র-বিঃ ; তানপুরা। ২ ভারতীয় প্রাচীন আনদ্ধ যন্ত্রবিঃ।

তম্বুরা [আ০ তম্বুরা। প্রা০-বাং তম্বুরা (ঢাক ঢোল তম্বুরা-মানিক০)] বি, তুর্কী০-তততযন্ত্রবিঃ ; তম্বুর mandoline.

তয়্ [আ০-তয়্] বি, ভাঁজ ; পাত বা পাট। ২ নিষ্পত্তি ; শেষ। ত০ করা-কাপড়াদি ভাঁজ করা ; পাট করা। ২ শেষ করা।

তয়খানা [ফা০-তহ্ খানা] বি, ভূগর্ভস্থ গৃহ ; পাতাল কক্ষ underground celler

তয়তয়, তয়েতয়ে [সং-তর্ক > তাক (দ্রঃ) > তক্কে তক্কে >] ক্রি-বিণ, সন্ধানে সন্ধানে। ২ ধীরে ধীরে ; আস্তে আস্তে।

তয়নাতি [তাইন্২ দ্রঃ। আ০-তায়ুনাতি (প্রা০ তাইনাতি) >] বি, কর্ম্মে নিয়োগ। ২ সিপাহী বা শাস্ত্রীদলের বিশেষ স্থলে বা কর্ত্তব্য সাধনে নিয়োগ। বিণ, তয়নাত-বরাদ্দ ; নিয়োজিত। সওয়ারীর জন্য একটী ঘোড়া তয়নাত করিল।"-উত্তরা, ১৩৩৪।

তয়ফা [আ০-তায়্ফা] বি, নর্ত্তকীগণ। ২ পশ্চিমদেশীয় নাচওয়ালীর দল।

তয়ের-তৈয়ার দ্রঃ।

তর১ [তৃ (পার হওয়া) অ (ভা০)] বি, তরণ ; উত্তরণ ; পার হওন। প্র-দুস্তর। ২ সন্তরণ। ৩ পথ। ৪ পারাণি ; পারের কড়ি ; পার হইবার মূল্য।

তর২ (-র্ত্ত)[ব্যা০ পরিঃ। সং তরপ্ >। তুল-positive সাধারণ রূপবাচক, superlative পরমাবধি বাচক ক্রম] অ, দুয়ের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষের আধিক্যসূচক গুণবাচক শব্দের পর প্রযোজ্য প্রত্যয় ; আপেক্ষিক উৎকর্ষবাচক ক্রম comparative degree ; er. প্র-যোগ্যতর ; ক্ষুদ্রতর ; স্পষ্টতর।

তর৩ [ফা০-তর্। হি০-তরহ] ক্রি-বিণ, ন্যায় ; রকম ; মত ; প্রকার। "মধ্যাহ্নকালে বাঙ্গালীতর * * * রাত্রিতে ইংরাজীতর অথবা হিন্দুস্থানীতর আহার হইত।"-রাজ০ বসু (আত্মচরিত)। "সে যে কেমনতর লোক তার কিছুই বুঝা গেল না"।

তর৪ [তরা দ্রঃ। ম০ পু০ অনুজ্ঞাবাচক] ক্রি, উদ্ধারলাভ কর ; বাঁচ। "এখন ত তর তারপর হইও ছত্রধর।"-প্রা০ গল্প।

তর৫ [সং-ত্বরা > প্রা০ তরা। যথা তর সয় না > (দ্রুত উচ্চারণে) 'তর্‌সয় না' অর্থাৎ ত্বরা বা তাড়াতাড়ি করিতেও যতটুকু সময় লাগে বা বিলম্ব হয় ততটুকুরও অপেক্ষা বা বিলম্ব সহ্য হয় না। পরে অর্থ বৈপরীত্য ঘটিয়া 'ত্বরার অপেক্ষা' > 'অপেক্ষা বা 'বিলম্ব'। তুল-নিখালিস, অপলকা ই০] বি, বিলম্ব ; দেরী ; অপেক্ষা। "তোমার বুঝি আর হাটের দিন পর্য্যন্ত তর সইল না?"-নীলদর্পণ। ২ বেগ velocity ; speed.

তর৬ [ফা০-তর্ (সরস করা)] বিণ, জল সিক্ত ; ভিজা wet ২ নেশায় চুর ; মাতাল intoxicated.

তর৭ [প্রাদে০ পাবনা। স্থল > থর >] বি, পথ ; স্থল পথ।

তরই১, তরুই [হি০। পূ০ বঙ্গ প্রাদে০] বি, ঝিঙা acutangula. ২ [উ০ বঙ্গে] ঢেঁড়স। "বাগুণ তরই ঝিঙ্গা"-মনসা ম০।

রামতরই [উ০ বঙ্গ প্রাদে০] বি, ঘিয়ে ঝিঙ্গা ; ঢেঁড়স।

তরই২ [ব্রজ০] ক্রি, তরে। তরইতে-উত্তীর্ণ হতে ; তরিতে। "অব পাছু তরইতে চাই।"-পদাবলী।

তরওয়াল, তরোয়াল [সং-তরবারি > তরবার,-ল। প্রা০ ক্ষে০ তরাল] বি, খড়্গ ; তরবারি ; অসিবিঃ [অসি দ্রঃ]।

তরঃ-তরস দ্রঃ।

তরকচ, তরকোচ [ফা০-তর্‌কশ্ (তূণীর) >] বি, তূণীর ; বাণের আধার। "তরকচ পরিপূর্ণ বাণে"-রায়মঙ্গল। "তর-কোচে বাণগুলি তেত্রিশ হাজার।"-ঘ০।

তরকশ [ফা০-তর্‌কশ্ (তূণীর)] বি, তূণীর ; বাণাধার a quiver.

তরকারি,-রী [ফা০ তরহ্ (সব্জী, শাক, মাংস) > তর-কারি (দ্রঃ)-খাদ্য শাকসব্জী বা মাংস ব্যঞ্জন। উর্দ্দুতে প্রায়ই মাংস। তুল সং-তাহরী (হলুদ, ঘিয়ে ভাজা মাষ-বড়ী ও চাউল সিদ্ধ, আদা, হিং ও সৈন্ধব দিয়া পাক করা খাদ্য)। আ-তাহিরী (হলুদ দিয়া রাঁধা ভাত, রাঁধা ব্যঞ্জন)] বি, ব্যঞ্জনের যোগ্য ফল মূলাদি ; আনাজ esculent vegetable ; garden stuff. ২ যা সংযুক্ত করিয়া আহার করিলে অন্ন স্বাদু হয় এরূপ ব্যঞ্জন curry.

তরক্ষু, তিক্ষু [সং] বি, নেকড়িয়া বাঘ hyæna. "তরক্ষু ই০ পশু জিখিল বিশাল।"-কবিক০।

তরঘাট [তর১ দ্রঃ-ঘাট] বি, নদ্যাদির পারাপার করিবার ঘাট। "তখন সে তর-ঘাটের নেয়েকে ডাকিবামাত্রই * *।" -বাঁশরী, ১৩৩০।

তরঙ্গ [তৃ (পার হওয়া, বিস্তৃত হওয়া) + অঙ্গ (র্ত্তৃ)-যে উর্দ্ধ বা বক্রভাবে ব্যাপ্ত হয়] বি, উর্ম্মি ; লহরী ; ঢেউ। "সাধের তরণী আমার কে দিল তরঙ্গে"-বঙ্কিম০। "এ যৌবন-জল তরঙ্গ রোধিবে কে"-ঐ। ২ চুনাট ; তরঙ্গবৎ কুঞ্চন। ৩ কম্প ; কম্পন। প্র-বায়ু-তরঙ্গ। ৪ [জলের] অশ্রুধারা ; স্রোত। "পতি শোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে ভাসে চক্ষু জলের তরঙ্গে।"-অ০ ম০। ৫ অঙ্গ-ভঙ্গী। "রঙ্গে রঙ্গে যান দেবী করিয়া তরঙ্গ।" -কবিক০। ~চঞ্চল-বিণ, ঢেউয়ের জন্য বিক্ষুব্ধ বা অস্থির। ২ তদ্রূপ ক্ষুব্ধ বা আন্দোলিত। ~তাড়ন-বি, ঢেউয়ের আঘাত। > বিণ, ~তাড়িত-ঢেউয়ের দ্বারা প্রহৃত বা উদ্বেলিত। ~ভঙ্গ-বি, ঢেউ খেলা। ~মালা [তরঙ্গের মালা, ৬তৎ] বি, ঢেউয়ের পর ঢেউ ; উর্ম্মিমালা।

তরঙ্গাকুল [তরঙ্গ (দ্বারা) + আকুল, ৩তৎ] বিণ, লহরী সঙ্কুল। ২ তরঙ্গহেতু অতি-চঞ্চল।

তরঙ্গাভিঘাত [তরঙ্গ (দ্বারা) + অভি-ঘাত, ৩ তৎ] বিণ, তরঙ্গ তাড়ন বা আঘাত।

তরঙ্গায়িত [তরঙ্গ+আয় (শীলার্থে)= তরঙ্গায় (তরঙ্গ সদৃশ)+ত (র্ত্তৃ) বা তরঙ্গায় (নাম ধাতু)+ত (র্ম্ম)-তরঙ্গরূপে পরিণত] বিণ, তরঙ্গাত্মক ; তরঙ্গের ন্যায় গতিশীল ; ঢেউ খেলান undulatory "আমরা সাধা॰ যে পদার্থের উত্তাপ হ্রাস বৃদ্ধির উল্লেখ করিয়া থাকি, প্রকৃত প্রস্তাবে, তা ঐ পদার্থের পরমাণুর গতির বেগের হ্রাস বৃদ্ধি মাত্র। এই মত **তরঙ্গায়িত-গতি-মত** (undulatory theory)। অধুনা বিজ্ঞান জগতে এই মতই সর্ব্বাপেক্ষা অধিক প্রচলিত।"-ভৌতিক তত্ত্ব।

তরঙ্গিণী [তরঙ্গ+ইন্ (স্ত্য॰)=তরঙ্গিন্ + ঈ (স্ত্রী)] বি, যার তরঙ্গ আছে : নদী। "অনুমতি দেহ, জলেশ্বরী, ত॰ বিমল-সলিলা আছে যত ভবতলে কিঙ্করী তোমারি, তা সবার সহ আমি বিহারি সতত,"-মেঘ॰।

তরঙ্গিত [তরঙ্গ+ইত (যুক্তার্থে)] বিণ, তরঙ্গান্বিত ; তরঙ্গযুক্ত। ২ ভঙ্গিবিশিষ্ট। ৩ চঞ্চল।

তরঙ্গোচ্ছ্বাস [তরঙ্গ+উচ্ছ্বাস] বি, ঢেউয়ের উত্থান বা স্ফীতি।

তরর্জমা, তর্জ্জমা [আ॰-তর্জমা] বি, অনুবাদ : ভাষান্তর translation. **~নবীশ**-অনুবাদক translator.

তরজা [আ॰-তর্জা] বি, গানবিঃ ; দুই-দলে সঙ্গীতে উতোর কাটাকাটি ; কবি গান ও ঝুমুর ইহার সমজাতীয় [পূর্ব্বে তর্জ্জা ও ঝুমুরের খুব আদর ছিল সুতরাং প্রচলন ছিল, কিন্তু এই সকল গান এমনই অশ্লীলতা-দুষ্ট ছিল যে লোকের রুচির সঙ্গে সঙ্গে তরজা, ঝুমুর ই॰ প্রায় লোপ পাইয়া আসিয়াছে]।

তরণ [তৃ (পার হওয়া)+অন (ভা॰)] বি, পার গমন ; উত্তরন। ২ [ণে-অন। যদ্দ্বারা খাল বিল নদ্যাদি পার হওয়া যায়] ডোঙ্গা। ৩ ভেলা।

তরণি [বাং-য় তরণী অধিক চ॰। সং-তৃ (পার হওয়া)+অনি (ণে)-যদ্দ্বারা নদ্যাদি পার হওয়া যায়] বি, নৌকা। ২ ভেলা ; উড়ুপ। ৩ সূর্য্য। "উদয় পর্ব্বতের মুকুটমণি ধরণী প্রদীপ্তকারী ত॰ তোমাদিগকে রক্ষা করুন।"-ভ্রান্তি বিজয়। ৪ বিণ, ত্রাণকর্ত্তা ; উদ্ধারক।

তরণী [তৃ (পার হওয়া) + অনী (ণে), স্ত্রা॰ -যদ্দ্বারা নদ্যাদির পারে গমন করা হয় ; তরণি দ্রঃ] বি, নৌকা ; ভেলা। "আসিবে যবে প্রভাত হবে, তোমার কৃপা-তরণী। লইবে মোরে ভবসাগর কিনারে (হে প্রভু)।"-রবী॰। "অকূল সিন্ধুমাঝে ডুবিছে ত॰"-প॰ শ্যামাচরণ মুখো॰। ২ [আয়ু॰] ঘৃত কুমারী the aloe ৩ শেউতী গোলাপ rosa moschata

তরণ্ড, তরণ্ডক [তৃ (পার হওয়া, তরণ করা, জলে ভাসা)] বি, ফাতা ; ফাৎনা। ২ ভেলা। ৩ তীর্থবিঃ।

তরতফাত [তর (দ্রঃ) তফাৎ (দ্রঃ)] বি, ইতরবিঃ ; ভেদাভেদ।

তরতম [তর ও তম (দ্বন্দ্ব)। গ্রা॰-তারতম্য] বিণ, ন্যূনাধিক ; কম বেশী ; ছোট বড়। ২ বি, ছোট বড় ভেদ জ্ঞান। ৩ সংশয়।

তরিতরি, [তর্, দ্রঃ। বহুলার্থে, পৃথগর্থে দ্বিত্ব] বিণ, রকম রকম ; নানাবিধ ; অনেক প্রকার ; হরেক রকম ; রঙ বেরঙের। "কাঁধে ঝুলি গলে কত তর তর মালা।"-কবিক॰।

তরতর, **তর্তর্** [অনু॰] অ, গমনভঙ্গী সূচক ; গতি বা বেগ সূচক। ২ জলাদি তরল পদার্থের বেগে প্রবাহিত হইবার অব্যক্ত শব্দ। প্র-নদীর জল তর্ তর্ শব্দে বহিয়া যাইতেছে। বিণ, **তরতরিয়া**, -শীঘ্রগামী ; শীঘ্রকারী। এই অর্থে গ্রা॰ **তরতরে** (দ্রুত উচ্চারণে তত্তোরে, -ড়ে)। ক্রি-বিণ, **তরতরিয়া**, **তরতরি** (পদ্যে)-তরতর করিয়া বা শব্দে। ২ [ত্বরাত্বরি >] শীঘ্র ; তাড়াতাড়ি। "তরী একখানি মলয় মারুত ভরে কোথায় না জানি চলে গেল তরতরি।"-অরুণ।

তরতাজা [ফা॰-তর্ (তর, দ্রঃ। সরস) -ও-তাজা (টাটকা) >] বিণ, সরস ও টাটকা quite fresh.

তরতিব [আ॰-তর্তীব্] বি, নিয়ম ; ক্রম। ২ একোত্তর সংখ্যা ; সংখ্যাক্রম। ৩ কৌশল : গোছ। **~ওয়ারি** [ত॰+ফা॰ -বারি] বিণ, ক্রম সংখ্যানুযায়ী ; ক্রমানুযায়ী।

তরপণ্য [তরের (পার গমনের) পণ্য (মূল্য), ৬ তৎ] বি, পারানি ; শস্যাদি পার করিবার পারিশ্রমিক ; খেয়ার পয়সা।

তরপত [ওরাওঁ শব্দ। তড়কা, -কী দ্রঃ। তালপত্র >] বি, রঙকরা গোলাকারে গুটান তালপাতার কানফুল ; তড়কা নামক কর্ণালঙ্কার বিঃ।

তরপদী [তর (যদ্দ্বারা সন্তরণ করে) এরূপ পদ যার, বহু॰] বি, হংসাদি লিপ্তপদ জলচর। ২ বিণ, তরণ-যোগ্য পদবিশিষ্ট।

তরফ [আ॰-তরফ্] বি, দিক্ ; পার্শ্ব। ২ শেষ সীমা ; ধার। ৩ পক্ষ party. "বসিল অনেক মিয়া আপন ত॰ লৈয়া কেহ নিকা কেহ করে বিয়া।"-কবিক॰। ৪ [রাজস্ব] পরগণার অংশবিঃ অর্থাৎ এক এক গোমস্তার অধীন অংশ ; কোন ব্যক্তিবিশেষের অধিকৃত ভূসম্পত্তি বা জমিদারী কিম্বা জমিদারীর অংশ ; মহাল। প্র-মধ্যম তরফ (রঙ্গপুর)। [দ্রঃ-"a tract of country, a sub-division of a pargana, including several villages. In some places it merely designates the lands or estate belonging to an individual which is named after him, as Taraf Joynarayan Ghosal.—Bengal. In Marathi it signifies also a portion of village lands"—*Wilson*, Bombay.] **~দার** [আ॰-তরফ্+ফা॰-দার্] বি, উপাধিবিঃ। ২ পক্ষাবলম্বী ব্যক্তি ; পক্ষাশ্রয়ী ; দলের লোক। ৩ বিণ, পক্ষপাতী ; পক্ষানুরাগী partial. ৪ তরফের রাজস্ব সংগ্রহকর্ত্তা। ৫ তরফের অধিকারী ; জমীদার। [দ্রঃ-"An officer of government in charge of Taraf, collecting the revenue and exercising chief revenue and police authority in his District ; the holder of a Taraf, or portion of village lands."—*Wilson*.] **~দারী**-বি, পক্ষাশ্রয় ; পক্ষাবলম্বন। ২ কোন পক্ষের অনুকূল কার্য্য করা। ৩ পক্ষপাত partiality.

তরফা [তরফ দ্রঃ] অ, একদিককার ; একপক্ষের। প্র-একতরফা শুনে কোন মত দেওয়া যায় না। ২ এক পেশে ; একপার্শ্ববর্ত্তী। ৩ [আইন] বাদী ও প্রতিবাদীর মধ্যে

উপস্থিত একপক্ষের জবানবন্দী শুনিয়া (বিচার নিষ্পত্তি)। প্র-একতরফা ডিক্রী।

তর্‌বার, তর্‌বারি [হিং তরবার,-ল এর অনুং বাংর তরোয়ার, তরয়ার, তরওয়াল, তরোয়াল ও° >কেং তরাল। সং-তরবারি-তর (আঘাত) বার, বারি (যে বারণ করে)] বি, খড়্গ ; কৃপাণ sword.

তরবুজ [ফাং-তরবুজ, তরবুজা >হিং তরবুজ] বি, তরমুজ water melon.

তরবেতর, তরোবেতরো [আং-তরহ্-ব-তরহ্] বিণ, বহুবিধ ; নানাপ্রকার ; রকম রকম। প্র-লোকটা গলা থেকে তরোবেতরো সুর বাহির করিতেছে।

তরমাণ [তৃ+আন (শ্‌তু), ম্ আগম] বিণ, যে নদ্যাদি পার হইতেছে। ২ সন্তরণশীল।

তরমিম [আং-তরমীম্। আদাঃ-পরিঃ] বি, পরিবর্তন ; সংশোধন।

তরমুজ [সং-তরম্বুজ (কামাখ্যাতন্ত্রে) citrullus vulgaris, (বৈদ্যকে) কলিঙ্গ, কালিঙ্গ ও° cusumis utilatissimus তরবুজ দ্রঃ। উৎকলে-তরপুজ] বি, স্বনাম প্রসিদ্ধ ফল water melon

তরল [তৃ (প্লবনে, গড়াইয়া যাওয়া)+অল (কর্তৃ, জ্ঞা°)] বিণ, জলবৎ পাতলা ; দ্রব ; টলটলে ; বাষ্পীয় gaseous ; fluid, liquid ২ বিগলিত ; গলিত ; আর্দ্র। "মৃত্যুকথা শুনি বায় দয়ায় তরল।"-ঘ°। "আনন্দে তং বাঞ্ছি আ মঙ্গল"-শূং পুং। ৩ কম্পমান। "তরাসে তং যত নগরের লোক।"-ঘং। ৪ চঞ্চল। প্র-তরলমতি। "স্তনভারে মন্থর-গামিনী সুবদনা মালবিকা তরল-নয়নী॥"-কাব্যদর্পণ। ৫ শিথিল। "তরলতনু"-ধং। ৬ [তলদা (দ্রঃ)] নরম ফাঁপা। "তং বাঁশের বাঁশী নামে বেড়াজাল। সবার সুলভ বাঁশী রাধার হৈল কাল॥"-চণ্ডিং। ৭ ক্ষিপ্র ; শীঘ্র ; লঘু ; দ্রুত। "হয়ে অতি সাবহিত নারদ গায়েন গীত বীণাগুণে তং অঙ্গুলী।"-কবিকং। ৮ কামুক। ৯ উজ্জ্বল। ১০ বি, বিপদ ; প্রমাদ ; সঙ্কট। "সেইরূপেই ঘটিল অশেষ অমঙ্গল। শুনিয়া ভূপতি ভয়ে ভাবিল তরল।"-ঘং। ১১ বি, হারের মধ্যস্থিত মণি ; ধুক্‌ধুকি। ১২ হার। স্ত্রীং ~া-মদ্য। ২ মৌমাছি। ৩ বিণ, চঞ্চলা। বি, ~তা, ~ত্ব। ~নয়ন [তরল (চঞ্চল) নয়ন যার-বহুং] বি, চঞ্চলচক্ষু ; তরললোচন। >স্ত্রী ~নয়না, ~নয়নী-তরলাক্ষী ; চঞ্চললোচনা। "সুবদনা মালবিকা তরলনয়নী॥" ~পদার্থ-বি, জলবৎ পাতলা বা দ্রব পদার্থ liquid ; fluid [দ্রঃ-"যে পদার্থ আপনা হইতেই, যে সে আকার ধারণ করে ও সহজে গড়াইয়া যায় ; যার একস্থানে একটু উচু হইলেই গড়াইয়া যায়।"-পদার্থ-বিদ্যা]। ~প্রকৃতি-বি, চঞ্চল স্বভাব। ২ দ্রব পদার্থের গুণবিশিষ্ট। ৩ চঞ্চল চিত্ত ; চপলমতি। ~মতি [তরল (লঘু, চঞ্চল)+মতি (বুদ্ধি) যার-বহুং] বিণ, চঞ্চল হৃদয় ; লঘুচিত্ত fickle

তরলা-তরল দ্রঃ।

তরলিকা [তরল+ইক+আ (স্ত্রীং)] বিণ, চঞ্চলা। ২ বি, হারবিঃ। ৩ কাদম্বরী-কথায় জনৈক সখীর নাম।

তরলিত [তরল+ইত (সঞ্জাতার্থে)] বিণ, কম্পিত ; তরঙ্গায়িত। ২ দ্রবীভূত ; বিগলিত ; ৩ বিস্তারিত ; ব্যাপ্ত।

তরলীকৃত [তরল+ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি)-কৃত ; যা তরল ছিল না, তাকে তরল করা হইয়াছে] বিণ, ঘন বা কঠিন পদার্থকে তরল বা পাতলা করা liquefied ~লোচন [তরল (চঞ্চল) লোচন (চক্ষু) যার, বহুং] বি, চঞ্চলনয়ন ; তরলাক্ষ। >স্ত্রীং ~া-চঞ্চলনয়না ; তরলাক্ষী।

তরশু [সং-তিরঃশ্বঃ >। তুল-পরশু > পরশ্বঃ] অ, অদ্য হতে পূর্ব্ব বা পরবর্ত্তী তৃতীয় দিবস ; গত পরশুর পূর্ব্ব বা আগামী পরশুর পর দিন।

তরস, তরঃ [তৃ+অস (জ্ঞাং), কিম্বা তরস্ (বল)+অ (ণে), যদ্দ্বারা বল হয়] বি, মাংস। ২ বেগ ; গতি ; বল velocity ; speed ; strength ৩ বিণ, বেগবান্ ; বেগযুক্ত।

তরসা [প্রাদেং গ্রাং] অ, তফাৎ ; ফাঁক। ~তরসা-সরে সরে, ফাঁক ফাঁক ; নির্লিপ্ত হয়ে, আলাদা আলাদা। প্র-অত ঘেঁষে না বসে সকলে তরসা-তরসা হয়ে বস।

তরসানি [হিং-তর্সানা to tease] ক্রি, জ্বালাতন করা ; দুঃখ দেওয়া।

তরসি [ব্রজং। তরস (ত্রাস)+ই (যুক্তার্থে)] ক্রি-বিণ, সবেগ ; সত্রাস। "পরশিতে তং করহি কর ঠেলি"-বিং পং।

তরস্ত [ত্রস্ত >। তরস+ত (যুক্ত)] বিণ, ব্যস্ত ; ত্বরান্বিত। ২ ক্রি বিণ, শীঘ্র। ক্ষিপ্রগতিতে ; ব্যস্তসমস্তভাবে ; তাড়াতাড়ি in haste

তরস্থান [তরের (পার গমনের, পরপারে যাইবার) স্থান (ভূমি), ৬তৎ] বি, উত্তরণস্থান ; পারঘাট ; আতর a wharf.

তরস্বতী [রবীং উদ্ভাবিত] বিণ, তরস্বী।

তরস্বান্ [তরস্ (বেগ)+বৎ (স্ত্যং)=তরস্বৎ ১মা, ১বং] বিণ, বেগবান্ ; দ্রুতগামী। ২ বলশালী।

তরস্বী [তরস্+বিণ, (স্ত্যং)=তরস্বিন্ ১মা, ১বং] বিণ, শীঘ্রগামী ; বেগবান্ quick moving. ২ বলশালী ; বলবান্। ৩ রোগগ্রস্ত। ৪ বি, বায়ু। ৫ চতুর্থ মনুর পুত্র। ৬ গরুড়। ৭ ডাকহরকরা a courier স্ত্রীং তরস্বিনী।

তরা১ [তরণ >। তরি, তর (তরেন, তরিস), তরে (তরেন) ; তরিতে ; তরিয়া (কেং ত'রে, পদ্যে-তরি)। ণিজন্ত-তরান] ক্রি, তরণ করা ; উত্তীর্ণ হওয়া ; পার হওয়া। ২ তরিয়া যাওয়া। "অন্নপূর্ণা পূজা করি তরিলে সে দায়।"-অং মং। "আপনি তরিয়ে জগত তরায়"-চণ্ডিং।

তরা২ [সং-ত্বরা >ভং] বি, ত্বরা। তং করে-ক্রি-বিণ, শীঘ্র ; সত্বর। ~গতি [ত্বরা-গতি, ধা] ক্রি-বিণ, দ্রুতগতি ; শীঘ্র। "কোটাল চারিজনে আদেশি দেবগণে নারদে আনাহ তরাগতি।"-শূং পুং। ২ বিণ, শীঘ্রগামী ; শীঘ্রগ। ~তর, ~তরি [ত্বরা দ্রঃ। ত্বরাত্বরি >), গ্রাং তাড়াতাড়ি] ক্রি-বিণ, সত্বর ; শীঘ্র ; তাড়াতাড়ি। "পুন আর বার আসি তরাতর রামিণী জগতমাতা।" -চণ্ডিং। প্রাং বাং-র-তরাতুরি-শীঘ্রশীঘ্র। "তরাতুরি আইলা তীর্থ বারানসীর পানি।" -শূং পুং। ~পর-ত্বরা দ্রঃ।

তরাই, তারাই [সং তলভূমি > তলাই, হিং ল=র। হিং তর (নীচে) আঙ্গ বা হিং তর (ভিজা) ঈ, আঈ >] বি, পাহাড়ের নীচেকার জমী (যা তর বা ভিজা থাকে): পাহাড়ের নীচে সেঁতান স্থান।

তরাজ [ফাং-তরাজ] বি, লুণ্ঠন। লুট-তরাজ-লুট দ্রঃ।

তরাজু [ফাং-তরাজু। বাং-গ্রাং তারাজু] বি, তুলাদণ্ড; দাঁড়ি-পাল্লা; নিক্তি a pair of scales "ধনের পাইয়া আশ আসিতে বীরের পাশ ধায় বেগে খিড়কির পথে। মনে বড় কুতূহলী কাঁধেতে কড়ির থলী হড়পী তং করি হাতে॥"-কবিক। "কারে দেন গুটীগুটী কারে দেন নুটীনুটী। দরিদ্রকে ধন দেন তং ধরিআ॥"-শূ পু।

তরাতরি, -রি-তরা₂ দ্রঃ।

তরানি ["তরা" শব্দের ণিজন্তরূপ। তরাই, তরাও (তরান, তরাস), তরায় (তরান): তরাইতে; তরাইয়া (ক্ষেং-তরিয়ে)] ক্রি পার করা; উদ্ধার করা; বাঁচানো। "একবার, এলে যদি পাপী বেঁচে যায়, তবে কেন দেখা দেওনা তায়? তারে নরকের আবর্ত হতে, তুমি বিনা কে তরায়।"-স্কং। "আপনি তরিয়ে জগত তরায়, তাহাক্কে তরাবে কে"-চণ্ডিং। ২ (-ন) বি, উদ্ধারকরণ; পারকরণ। প্র-তাকে এমন তরান তরাবে।

তরান্ধু [সং-তর্ (তরণে)+অন্ধু (জল)] বি, তরণি; বৃহদাকার প্রশস্ততল নৌকাবিঃ।

তরাবারে [তরান দ্রঃ। তরাইবার তরে এই অর্থে তরাবার+এ] অস-ক্রি, তরান সম্বন্ধে। ২ তরাবার জন্য। ৩ তরাইতে; উদ্ধার করিতে। "ভাব দেখি সে কি তারে তরাবারে পারে॥"-অং মং।

তরাশ,-স [ফাং] বি, কর্ত্তন; ছেদন। কলম-তরাশ-কলমকাটা ছুরি pen-knife.

তরাস₁ [সং-ত্রাস > ভং। তুল-ফাং তর্স (ভয়। তর্স্নাক=ভয়ঙ্কর)] বি, শঙ্কা; ভয়; ত্রাস। "কথা না সরে দক্ষরাজের তরাসে" -অং মং। "তরাসে মরিয়া রই সেধে অপরাধি হই"-কুসুম। [প্রা-বাং-তরাসে স্থলে তরাসেঁ। "তরাসেঁ নিবস ভৈল রাধার অধর।"-শ্রীং কীং] ~চামর-মাছি মারিবার জন্য ব্যবহৃত দণ্ড বা চামরবিঃ a fly flap.

তরাস₂ [আং-তর্রার (বেগ, ক্ষিপ্রতা) >] বি, বেগ। "তরাসে বাহিরে গিয়া অশ্ব পৃষ্ঠে চড়ে।"-পদ্মপুরাণ (বিজয়)। তরাসে পড়িলী রাধা ঝাঁটী বন মাঝে।"-শ্রীং কীং। ২ [অসি ও লাঠি খেলার ভাষায়] লাঠি ও অসির যে গতি স্কন্ধদেশ হতে উৎপন্ন হয় (আঘাত সাপ্টা ও টানা বাড়ি sweeping stroke -পু বিং দাস)।

তরাসি [তরাস দ্রঃ। 'তরাসিয়া' > ক্ষেং। পদ্যে] অস-ক্রি ত্রাসিত করিয়া: ভয় দেখাইয়া। ২ [তরাসিআ (তরাস+ইআ (যুক্তার্থে)। চং তরাসে] বিণ, আকুল: চকিত; চঞ্চল। ৩ ত্রাসিত: ভীত। প্র-ভয়-তরাসে ছেলে। "তেগি শঙ্কা ভুজপাশে। বান্ধি বয়ল জনু উড়ব তরাসে॥"-বিং পং। স্ত্রীং তরাসিনী [প্রা বাংয় পুং অর্থে। ত্রাসিত অর্থে তরাসিনী "তরাসিনী মনে"=ভীতচিত্ত হইয়া] উদ্বিগ্না; ভীতা শঙ্কিতা। "তরাসিনী হঞা"-শ্রীং কীং। বনের হরিণী যেন তরাসিনী মনে। দশদিশ দেখে রাধা চকিত নয়নে॥"-ঐ।

তরাসিল [ত্রাসিত > তরাসিত+ইল (প্রাং ও মং বাং বিণ-বাচক প্রত্যয়)। তুল-সুতিল (সুপ্ত+ইল)-O.D.B.L.] বিণ, ত্রাসিত; শঙ্কিত; ভীত। "পুছিল তোহ্মারা কেহ্নে তরাসিল মণে-শ্রীং কীং।

তরি [তৃ (পার গমন করা)+ই-(ণে,জ্ঞা) যদ্বারা নদ্যাদির পার গমন করা যায়] বি, নৌকা; তরণী [তরী দ্রঃ]। "যাহারে কাণ্ডারী করি, সাজাইয়া দিনু তরি, সে কভু দিল না পদ তরণীর অঙ্গে।"-বঙ্কিমং। ২ পোষাক রাখিবার পেটিকা; কাপড়ের পেটারি। ৩ বস্ত্রের দশা; দশী। ৪ বিণ, [তরী ৩ং] পারে গমনকারী। ৫ [পদ্যে] ক্রি, উত্তীর্ণ হই; উদ্ধারলাভ করি; বাঁচি। ৬ ['তরিয়া' > ক্ষে] উত্তীর্ণ হইয়া; বাঁচিয়া। "ভবসঙ্কটেতে তরি কেমনে ভেবেছ রে মন কি মনে মনে"-দাশরথি।

[তর (পারাণি কড়ি)+ইক (আদায়কারী অর্থে)] বি, খেয়াপার করণের শুল্কগ্রাহী। ২ নাবধ্যক্ষ। স্ত্রীং ~া [তরী+ক (ক্ষুদ্রার্থে)+আ] ক্ষুদ্র তরী; ডিঙ্গী।

তরিত-বিণ, পারে নীত carried over or across স্ত্রীং ~া₁-যা পার হয় বা পরপারে যায়; পারে নীতা।

তরিতরকারি [ফাং-তর্ > তরি (কাঁচা, রসযুক্ত)+তরকারি (দ্রঃ)] বি, আনাজ শাকপাত; রন্ধনোপযোগী ফল-(বিঃ) লতাফল-মূলাদি।

তরিতা₂ [সং] বি, তর্জনী। ২ রশুন। ৩ গাঁজা।

তরিত্র [তৃ (পার হওয়া)+ত্র (ণে), ই-আগম, যদ্দারা পার হওয়া যায়] বি, নৌকা, ভেলা ইং। স্ত্রীং ~ী-নৌকা; ভেলা।

তরিবৎ [আং-তরীবৎ] বি, উপদেশ: শিক্ষা। ২ [বিদ্রূপার্থে] তালিম। "হৃদ তরিবৎ পায় মশার কামড়ে"-হেমং। ৩ ধারা: রীতি: চালচলন; আদবকায়দা etiquette. "খোস পোষাকে সজ্জা করি বহাল তরিবৎ। স্বর্ণ-চাঁপা স্মরণ করেন, সভ্য তরিবৎ॥"-হেমং। ৪ শাসন; তাড়না। ৫ প্রতিপালন।

তরী [তৃ (পার হওয়া)+ঈ(ণে, জ্ঞাং)-যদ্দারা পার হওয়া যায়। তরি দ্রঃ] বি, তরণী; নৌকা। "আমায় দেও মা চরণ-তরী। আমি অগাধজলে ডুবে মরি॥"-রায় কাং প্রং ঘোষ। ২ অবতার। "গোকুলতরী" (গোকুলাবতার)। "কংস মারিবারে তোহ্মে গোকুলতরী"-শ্রীং কীং। ৩ পারগামী।

তরীক [আং-তরীক্] বি, পথ। ২ [আং-তরীকা] ধরণ; প্রকৃতি; রকম। ৩ নিয়ম। ৪ অনুষ্ঠান; পদ্ধতি।

তরু [তৃ (পার হওয়া, উৎপন্ন হওয়া)+উ (কৃ-জ্ঞা)] বি, দ্রুম; বৃক্ষ; গাছ।

তরুই [হিং-তরই] বি, ফলবিঃ; ফল; ঝিঙা। ২ ধুন্দুল ফল।

তরুণ [তৃ (পার হওয়া)+উন (কৃ)-যে জীবনের বাল্যাবস্থা পার হইয়াছে] বি, নবযুবক। ২ বিণ, অপরিপক্ক। ৩ নবীন; নূতন; অভিনব। স্ত্রীং ~ী, ~া। ~জ্বর

[তরুণ (নব) জ্বর, ধা] বি, নবজ্বর : নূতনজ্বর। ~তা, ~ত্ব (-র্ন-)-বি, নবীনত্ব ; নূতনত্ব ; অভিনবত্ব। ২ কৈশোর ; যৌবনোদ্ভব ; নবযৌবন। ~দধি [তরুণ (নূতন, সদ্যঃ) দধি] বি, সদ্যোজাত দধি ; সাজো দৈ। ২ [বৈদ্যকে] পাঁচদিনের পাতা (বাসি) দৈ। ~বয়স্ক-বিণ, কিশোর ; অল্পবয়স্ক। > স্ত্রীং ~া-নবীনা, কিশোরী।

তরুণা, তরুণী [তরুণ দ্রঃ] বি, নবযুবতী। ২ বিণ, নবীনা ; যৌবনশালিনী ; অভিনব সৌন্দর্য্যমণ্ডিতা। "আবার কবে ধরণী হবে তরুণা? যেদিকে চাব দেখিতে পাব নবীন-প্রাণ, নূতনপ্রীতি * * * আবার কবে ধরণী হবে তরুণা।"-রবী০।

তরুণাস্থি [তরুণ+অস্থি] বি, জীব-দেহের উপাস্থিবিশেষ cartilage

তরুণিম [ব্রজ০। তরুণ >] বি, তারুণ্য ; তরুণাবস্থা। "ত০ শৈশব চিহ্নই না জান" -বি০ প০। ~া [ত০ > ভ্রং তরুণ + ইমন্ (ভা০)] বি, তরুণের ভাব ; নবীনতা। ২ যৌবন।

তরুণী [তরুণ > স্ত্রীং] বিণ, যুবতী ; নব-যুবতী ; কিশোরী ; নবীনা। ২ ষোল হ'তে ত্রিংশ(৩০) বৎসর পর্য্যন্ত বয়স্কা নারী : প্রৌঢ়ার পূর্ব্বাবস্থা। ৩ [আয়ুঃ] ঘৃতকুমারী। ৪ শেউতীগোলাপ ; শ্বেতগোলাপ the Indian white-rose ; rosa moschata ৫ ক্ষুদ্র-দন্তী ক্ষুপ। ৬ স্থূল কৃষ্ণজীরক।

তরু/তল [তরুর তল, ৬তৎ] বি, বৃক্ষের মূল ; গাছতলা। ~নখ বি, কণ্টক। ~পংক্তি, পঙ্ক্তি-বি, বৃক্ষের সার ; তরুরাজি a row of tree ; an avenue ~বর-দ্রুমরাজ ; বৃক্ষশ্রেষ্ঠ ; বড় গাছ। ~বল্লী [তরুতে স্থিত বল্লী, ৭তৎ] বি, তরুকে বেষ্টন করিয়া যে লতা উত্থিত হয়। ২ জতুকানাম্নী সুগন্ধলতা ; চক্রবর্ত্তিনী। ৩ [তরু এবং বল্লী (দ্বন্দ্ব)] বৃক্ষ ও লতা। ~বিলাসিনী [তরুর বিলাসিনী, ৬তৎ] বি, নবমল্লিকা। ~ভুক্ [তরু (বৃক্ষ) ভুজ্ (ভোজন করা) + ক্বিপ্ (র্ত্তৃ)-যে তরুর রস ভক্ষণ করিয়া বর্দ্ধিত হয়] বি, পরগাছা। ২ বিণ, তরুভোজী herbivorous ~মালিনী বি, ভূম্যামলকী ; ভুঁই আমলা। ~মূল [তরুর মূল, ৬তৎ] বি, বৃক্ষমূল। ২ তরুতল ; গাছতলা। ~মৃগ [তরু (বৃক্ষ) তাতে থাকে যে মৃগ (পশু), ৭তৎ] বি, শাখামৃগ ; বানর। ~রাগ [তরু (র) রাগ (রঞ্জন, রঙ্, রক্তিমাভ) হয় যা হ'তে, বহু০] বি, নবপল্লব। ২ পুষ্প। ৩ অঙ্কুর। ~রাজ [তরুর রাজা (প্রধান), ৬তৎ। রাজন্=রাজ] বি, বট : অশ্বত্থ। ২ মহাতরু। ~রুহ [তরু-রুহ্ (আরোহণ করা) + অ (র্ত্তৃ, জ্ঞা০)-যে আরোহণ করে] বি, বৃক্ষে আরোহণকারী লতা ; হরিদ্রাভ লতাবিঃ। ~লতা-বি, রক্তপুষ্পী বৃক্ষারোহিণী বর্ষায়ুঃ লতা বিঃ : কুঞ্জলতা। ২ পরগাছা parasite ~শায়ী [তরু (বৃক্ষ) তাতে শায়ী (যে শয়ন করে)] বি, পক্ষী। ২ বিণ, বৃক্ষে শয়নকারী। > স্ত্রীং ~শায়িনী। ~সার-বি, কর্পূর। ~শিখর [তরু (তরুর) শিখর (চূড়া)] বি, বৃক্ষের চূড়া : মগডাল ; গাছের আগা। ~স্থ -বিণ, বৃক্ষস্থিত ; বৃক্ষে অবস্থিতিকারী > স্ত্রীং ~া।

তরূট [সং] বি, পদ্মের মূল ; গেঁড়।

তরে১ [প্রাদে০] অ, নিমিত্ত ; জন্য। "গাঁথরে ভক্তির হার, তাঁর অর্চ্চনা তরে।" -কা০ প্র০ ঘোষ। "সন্তান মঙ্গল তরে জননী তাড়না করে"-বাং-গান (রাম দত্ত)। ২ উদ্দেশে- (১) দানার্থ ; অর্পণার্থ। "* * * এই লও আনিয়াছি তব তরে মৃণাল-বাঁশরী" -গোলাবগুচ্ছ (দেবেন্দ্র সেন)। (২) প্রাপ্ত্যর্থ ; লাভার্থ। "হে ভবেশ তব তরে পার্ব্বতীসুন্দরী করিলেন মহাধ্যান হিমাদ্রিশিখরে !"-গোলাবগুচ্ছ। ৩ উপলক্ষে। প্র-একটা বিশেষ কাজ ছিল তারই তরে এখানে আসা। ৪ অবলম্বনে ; ভরসায় ; আশায়॥ ৫ গর্ব্বে : অহঙ্কারে ই০। "যৌবন জোয়ারের বারি তার তরে তোর গুমর এত"-গান। ৬ অবধি ; পর্য্যন্ত ; মত। "এখন সে সীতারে এ জনমের তরে রাবণ-সাগরে বিসর্জ্জন দিলেম॥"-মদন-মাষ্টার। ৭ স্নেহে ; অনুরাগে ; টানে ; মঙ্গলার্থ ; হিতার্থ। "আমি মরি তোমার তরে, তুমি আছ কি সুসারে * * * আমার ওষ্ঠাগত প্রাণ মন যোগাতে"-গোপাল উড়ে। ৮ হেতু ; কারণে ; যুক্তিতে। "অজ্ঞান অবোধ ছেলে পিতৃ আজ্ঞা অবহেলে পিতে তারে, তার তরে করে কিহে পরি-হার।"-বাং-গান। ৯ নিকটে ; কাছে। "বেহুলা বিনয়ে বলে শাশুড়ীর তরে।" "শাশুড়ীর তরে যান বিশেষ বলিয়া॥ -মনসা ম০ (কেতকা০)।

তরে২ [তৃ (পার হওয়া) >] ক্রি, উদ্ধার পায় ; ত্রাণ লাভ করে ; বাঁচে। "তাঁর নামের গুণে পাপী তরে"-বাং-গান। ২ পার হয় : উত্তীর্ণ হয়।

তরে৩ [তরিয়া শব্দের ক্ষে০] অস-ক্রি, তরিয়া ; উদ্ধার লাভ করিয়া। "ঐ নামে জগাই মাধাই তরে গেল ঐ নাম ক'রে সাধনা।"-বাং-গান। ২ পার হইয়া। "হরিবল মন, ভক্তিভরে বিপদসাগর যাবি তরে, ভবের শ্মশান থাকবে দূরে * * * ঘুচে যাবে যম-যাতনা॥"-রাজকৃষ্ণ রায়। ৩ বাঁচিয়া।

তরো১ [আ০-তৃরহ্। গ্রা০ তরা, তারা (ধারা)] অ, প্রকার ; রকম। "কতই দিকে তুলছে কত কতই তরো সুর।" -হেম০।

তরো২ [তরা দ্রঃ] ক্রি, ম০ পুং০ উদ্ধার পাও ; বাঁচ। ২ উত্তীর্ণ হও।

তরোবেতরো-তরবেতর দ্রঃ।

তরোয়াল-তরবারি দ্রঃ।

তর্ক [তর্ক (বিতর্ক করা) + অ (ভা০)] বি, বিতর্ক ; বাদানুবাদ। ২ যুক্তি ; বিচার। "ভক্তিতে মিলয়ে কৃষ্ণ তর্কে বহুদূর।"-প্রবচন। ৩ ন্যায়শাস্ত্র। ৪ কারণ ; হেতু। ৫ সন্দেহ ; অনুমান। ৬ [অলং শা০] উৎপ্রেক্ষা ; প্রস্তুত বিষয়ে অপ্রস্তুত বিষয়ের কল্পনা। ৭ শঙ্কা [বিরল]। ~ক-তর্ককারী ; তার্কিক। ~জাল -বি, বহুতর্ক। ২ কুতর্ক ; কূটতর্ক। ~বিজ্ঞান [তর্ক দ্রঃ] বি, আন্বীক্ষিকী logic. [দ্রঃ-যে শাস্ত্র দ্বারা শুদ্ধ যুক্তির প্রণালী অবগত হওয়া যায়। "প্রাচীন নৈয়ায়িক বাৎস্যায়ন তর্ক বা ন্যায়কে সর্ব্ব বিদ্যার প্রদীপ বলিয়াছেন ; * * আধুনিক ইংলণ্ডীয় নৈয়ায়িক মহামতি বেকন্ তর্ক বিজ্ঞানকে বিজ্ঞানের বিজ্ঞান বলিয়া বর্ণনা করিয়াছেন। মিল্ বলেন, সত্য

নিরূপণের জন্ত তর্ক বিজ্ঞান * * প্রমাণ সংগ্রহ উহার কার্য্য নহে। * * * (বিষয়) যাহা উপস্থিত করা হইয়াছে, তাহা প্রমাণের জন্ত গ্রহণীয় কিনা। এবং গ্রহণীয় হইলে কোন্ নিয়মানুসারে গ্রহণীয় তাহা প্রদর্শন করাই তর্ক বিজ্ঞানের কার্য্য।"–প্রঃ সিংহ। তর্ক বিজ্ঞানের পারিভাষিক শব্দ–অনুমান, অনুমিতি–deduction. অন্তরাবর্ত্তন–inversion. অবগতি–judgment. অর্থাপত্তি eduction. আবর্ত্তন–conversion আভাস–fallacy উদ্দেশ্য–subject. উন্নান–induction উপসংহার–conclusion দ্যোতন–connotation. নাম–term, নিগমন–উপসংহার দ্রঃ। স্থায়–syllogism পক্ষ–minor term পদ–term. প্রতিজ্ঞা, বাক্য–proposition. প্রত্যয়–idea. বিধেয়–predicate বিভাগাভাস–fallacious division বিশেষ–species. ব্যাবর্ত্তন–obversion. যুক্তি–reasoning লক্ষণাভাস–fallacious definition সংজ্ঞা–definition. সংযোজক–copula সংজ্ঞাভাস–লক্ষণাভাস দ্রঃ। সাধ্য–major term. সামান্ত–genus. হেতু–middle term হেত্ববয়ব–premise হেত্বাভাস–fallacious middle term –সাঃ পঃ পঃ, ১২২০]। ~বিতর্ক [তর্ক+বি (বিপরীত) তর্ক] বি, বাদানুবাদ; অনুকূল ও প্রতিকূল আলোচনা; বিচার বিতর্ক। ~বিদ্যা [তর্কের বিদ্যা (জ্ঞান) হয় যা হতে, বহু] বি, স্থায়শাস্ত্র। ~মুদ্রা–বি, তন্ত্রশাস্ত্রোক্ত মুদ্রাবিঃ। ~রত্ন [তর্ক (স্থায়শাস্ত্রে) রত্ন (শ্রেষ্ঠ)] কৃতবিদ্য নৈয়ায়িকের উপাধি। শাস্ত্র–বি, স্থায় শাস্ত্র; যে শাস্ত্রে যুক্তিদ্বারা বিচার করিতে শিক্ষা দেয় logic.

তর্কাতর্কি [তর্ক+আ (ব্যাপ্ত্যর্থে)+তর্ক +ই (ভাঃ)] শাস্ত্রীয় বাদানুবাদ বা বিচার। "নিগম আগম মত পুরাণ সংহিতা যত তর্কাতর্কি নানা মত করে।"–অঃ মঃ।

তর্কাভাস [তর্কের আভাস, ৬তৎ] বি, কুতর্ক; অকিঞ্চিৎকর যুক্তি।

তর্কারী–তরকারি দ্রঃ। ২ [বৈদ্যকে] জয়ন্তী গাছ sesbania aculeata. ৩ চাকুন্দে গাছ cassiatora.

তর্কিত [তর্ক্ (বিতর্ক করা)+ত (র্ম)–যে বিষয়ে তর্ক করা হইয়াছে] বিণ, আলোচিত; বিচারিত। ২ অনুমিত। ৩ উৎপ্রেক্ষিত। স্ত্রীং ~া।

তর্কী [তর্ক+ইন্ (স্ত্যঃ) > তর্কিন্ ১মাঃ ১বঃ] বি, নৈয়ায়িক; তার্কিক। ২ বিণ, তর্ককারী। স্ত্রীং তর্কিণী।

তর্কু [কৃত্ (ছেদন করা)+উ (ণে), কৃত =তর্ক, নিপাতন। গ্রাঃ তকুড়] বি, সূত্রনির্ম্মাণ যন্ত্র, টেকো a spindle. ~পিণ্ড [তর্কুর পিণ্ড, ৬তৎ] বি, টেকোর নিম্নস্থ মৃৎপিণ্ড; টেকোর বাঁটুল।

তর্কেতর্কে [ভ্রং–তক্কে তক্কে, তকে তকে, তয়েতয়ে, তাকে তাকে, টগেটগে (দ্রঃ)] ক্রি-বিণ, মনে মনে বিশেষ বিচার বিতর্ক করিয়া; সতর্কভাবে; সাবধানে। ২ সন্ধানে। "লোকটা অনেক দিন হ'তে তকে তকে থেকে একদিন তাকে হঠাৎ ধরে ফেলে।"

তর্ক্ষু [সং] বি, তরক্ষু।

তর্জ্জন [তর্জ্জ্ (ভৎর্সনা করা)+অন (ভাঃ)] বি, ক্রোধে গর্জ্জন; ক্রোধপ্রকাশ। ২ ভৎর্সনা; তিরস্কার। "তঃ করেন তারে ত্রিপুরা সুন্দরী"–শিঃ। ৩ ভয়প্রদর্শন। ৪ আস্ফালন। "গোধিকা দেখিয়া বীর করয়ে তঃ।"–কবিকঃ। ক্রি, তর্জ্জানি–তঃ করা। ~গর্জ্জন–হাঁক ডাক ভয়প্রদর্শন ও তিরস্কার দ্বারা ক্রোধ প্রকাশ।

[তর্জ্জ্ (ভৎর্সনা করা)+অন (ণে)+ঈঃ (স্ত্রীং)–যদ্দারা তর্জ্জন করা হয়] বি, প্রদেশিনী; বৃদ্ধাঙ্গুষ্ঠের পার্শ্বস্থ অঙ্গুলি। ~মুদ্রা [তর্জ্জনী (অঙ্গুলীর) মুদ্রা (সন্নিবেশ), ৬তৎ] বি, তন্ত্রশাস্ত্রোক্ত অঙ্গুলীমুদ্রাবিঃ।

তর্জ্জমা–তরজমা দ্রঃ।

তর্জ্জা [তর্জ্জ্ (তর্জ্জন করা) > তর্জ্জি, তর্জ্জ, তর্জ্জে; তর্জ্জিতে; তর্জ্জিয়া (ক্ষেঃ তর্জ্জে)] ক্রি, তর্জ্জন করা; তিরস্কার করা। "সর্পের সমান গর্জ্জে গোঁফে তোলা দিয়া তর্জ্জে বড় ক্ষেত্রী ব্যাধের নন্দন।"–কবিকঃ।

তর্জ্জিত [তর্জ্জ্ (ভৎর্সনা করা)+ত(র্ম)] বিণ, ভৎর্সিত। ২ তাড়িত। ৩ ভয় প্রদর্শিত।

তর্জ্জিয়া [তর্জ্জন দ্রঃ। ক্ষেঃ, পদ্যে–তর্জ্জি] অস-ক্রি, তর্জ্জন করিয়া; ভৎর্সনা করিয়া; তিরস্কার করিয়া। "নিষ্ঠুর বচনে বলে তঃ কোটাল।"–কবিকঃ।

তর্ত্তরিয়া১, তর্ত্তরে [ত্বর্ (শীঘ্র, বেগ) > ত্বর+ত্বর (অতিশয়ার্থে দ্বিত্ব)+ইআ (বির্থে)। তরতর১, তরতরিয়া২ দ্রঃ। গ্রাঃ তত্তরে ("তত্তরে সন্নিপাত"–অতিশয় চঞ্চল বা অস্থির ব্যক্তি)] বিণ, অস্থির; চঞ্চল; তত্তরে; তত্তড়ে। ২ অচিরকারী; শীঘ্রকারী

তর্ত্তরিয়া২ [পূঃ বঙ্গ প্রাদেঃ। ফাঃ তর্ (তাজা, সরস) >। তর্+তর্+ইআ] বিণ, স্নিগ্ধ; সরস; কচি। "লাউডগাটা বেশ তর্ত্তরিয়া।"

তর্ত্তিব–তরতিব দ্রঃ।

তর্পণ [গ্রাঃ–তপ্পন। তৃপ্ (তৃপ্ত হওয়া) +ণিচ্=তর্পি+অন (ভাঃ)] বি, প্রীণন; তৃপ্তিজনন। ২ [ণে–অন] পিতৃযজ্ঞ; পিতৃলোকের প্রীত্যর্থে জলদান। "তিনি প্রতিদিন স্নান করিয়া শুদ্ধভাবে দেব, ঋষি ও পিতৃতর্পণ করিবেন, দেবতাদিগের পূজা করিবেন এবং সায়ং প্রাতে সমিধ দ্বারা হোম করিবেন।"–মনুসংহিতা। ৩ [তৃপ+অন (ভাঃ)] তৃপ্তি। ৪ [শুশ্রুত] রুগ্নচক্ষুতে শান্তি জনক ঔষধ প্রয়োগ প্রণালী। প্রধান তর্পণ–বি, প্রত্যহ পিতৃযজ্ঞ স্বরূপ বিহিত তর্পণ। অঙ্গতর্পণ–বি, স্নানাদি কর্ম্মে বিহিত তর্পণ। প্রেততর্পণ–বি, মৃতের তৃপ্ত্যর্থ জলদানাদি অনুষ্ঠান।

তর্পিত [তৃপ্ (তৃপ্ত হওয়া)+ণিচ্=তর্পি +ত (র্ম)] বিণ, যাকে তৃপ্ত করা হইয়াছে; তৃপ্তিপ্রাপ্ত; সন্তোষিত।

তর্পী [তৃপ্ (তৃপ্তি করা)+ণিচ্=তর্পি+ ইন্ (র্তৃ, ই লোপ)=তর্পিন্ ১মা ১বঃ] বিণ, তর্পণকারী। ২ তৃপ্তিকারক। স্ত্রীং, তর্পিণী–পদ্মচারিণী লতা।

তর্ম্ম [সং] বি, যূপ কাষ্ঠের অগ্রভাগ।

তর্ম্মিম [আঃ–তর্মীম, আদাঃ] বি, সংশোধন।

তর্ষ, তর্ষণ [তৃষ্ (তৃষ্ণায়) >] বি, তৃষ্ণা। ২ আকাঙ্ক্ষা; বাসনা; বিষয় তৃষ্ণা। ৩ আগ্রহ।

তর্ষিত [তৃষ্ +ণিচ্=তর্ষি+ত (র্ম)] বিণ, আকাঙ্ক্ষিত ; তৃষ্ণাযুক্ত ; পিপাসিত। ২ বাঞ্ছিত। ৩ সাগ্রহ। ৪ বাসনাতুর। [তৃষিত দ্রঃ]।

তর্সা [সং-ত্রি (তৃতীয়) > তির > তর +হিং-সা (সদৃশ)-দুই বাদ দিয়া] ক্রি-বিণ, তফাৎ ; ফাঁক ফাঁক। ২ অন্তরালে : দূরে। ~তর্সা-ক্রি-বিণ, ফাঁকে ফাঁকে। ২ দূরে দূরে ; ঘেঁষাঘেঁষি না করিয়া একটু সরিয়া সরিয়া বা অল্প অল্প স্থান খালি রাখিয়া। প্র-গায়ে গায়ে না বসিয়া তর্সা তর্সা হইয়া বস।

তল [তল্ (প্রতিষ্ঠিত হওয়া) .] বি, তলা ; নিম্ন ; অধোভাগে। "চরণতলে দিনু হে শ্যাম পরাণ রতন।"-বঙ্কিম। ২ জলা-শয়ের নিম্নস্থল ; জলগর্ভস্থ ; স্থলভাগ। "স্নিগ্ধ শান্ত সুগভীর নাহি তল নাহি তীর, মৃত্যুসম নীল নীর স্থির বিরাজে।"-রবী। ৩ পাতাল। ৪ মূলদেশ। ৫ পৃষ্ঠস্থান। প্র-ভূতল। ৬ মধ্যদেশ। ৭ তোলা। ৮ টালি। ৯ গর্ত। ১০ জ্যাঘাত-বারণ। ১১ গৃহের একতল, দ্বিতল, ত্রিতলাদি পরিচ্ছেদ ; মঞ্জিল। ১২ খড়্গাদির মুষ্টি। ১৩ চপেট ; চাপড়। ১৪ হাততালি। "মানবগণ তল শব্দ দ্বারা সেই মত্ত মাতঙ্গসম নৃপতি দুর্য্যোধনকে পুনরায় আনন্দিত করিল।"-মহা (বর্দ্ধ)। প্রা বাং-তল্লত-নিম্ন দেশে (শ্রী কী)।

তলক [হিং তলক, তক [দ্রঃ) । গ্রা তলক নিম্ন কথ্য-তলুক] অ, তক ; পর্য্যন্ত।

তলকোর-বি. ঝরণা : উনুই ; উৎস।

তলতল [তল দ্রঃ] ক্রি-বিণ, ভয়ভয়। ২ গলিতপ্রায়। ~তং করা-ক্রি, অতিশয় কোমল বা নরম হওয়া [যে বস্তুর কোন স্থান টিপিলে সেই স্থান নামিয়া যায়, তাকে তলতল করা বলে ; ফল পাকিয়া তলতল করে। তলতল করার অবস্থা অতিক্রম করিলে তাহা থসথস্ করে]। ২ কম্পিত হওয়া (ভয়ে বা ভাবনায়)। টিপ্ টিপ্ করা। ক্রি, তলতলানি-তলতল করা। বিণ, তল-তলিয়া, তলতলে-অতিশয় নরম। ২ কম্পিত (ভয়ে বা ভাবনায়)। বি, তল-তলানি [লক্ষ] ভীতি; ভয়। ২ কম্পন। ৩ কোমল অবস্থা। পোঁদ-তলতলানি [প্রাদে গ্রা] বি, ভয়।

তলত্র [তল-ত্রৈ (ত্রাণ করা)+অ (র্তৃ)] বি, চর্ম্মনির্ম্মিত দস্তানা। "হে ভারত! অঙ্গদ কেয়ূরাদি সুবর্ণালঙ্কার-বিভূষিত, চন্দন-চর্চ্চিত, তলত্রযুক্ত বাহুসমুদায়ে রণস্থলী দীপ্তি পাইতেছে।"-মহা (বর্দ্ধ)।

তলত্রাণ [তল-ত্রৈ (ত্রাণ করা)+অন (ণে)-যদ্দ্বারা করতল রক্ষিত হয়] বি, দস্তানা ; তলত্র।

তলদা, তল্লা [গ্রা। তলদা-বাঁশও বলে সং তল্ল (গর্ত, গহ্বর) বা তল্ল ("তল্লস্তু জলাধারান্তরে"-মে , বিশ্ব। "তল্লো জলাধার ভেদে"-হে) তল+দা-জলাধার রূপে যে কাজ দেয়। এখনও বঙ্গের পল্লীতে এবং অন্যত্র দুগ্ধাধার, তৈলাধারাদি রূপে ইহার ব্যবহার আছে] বি, নরম লম্বা পাবের ফাঁপা বাঁশবিঃ ; তরল বাঁশ (নরম বলিয়া সহজে চাঁছা ও নোয়ান যায় ও ডালা ইং তৈয়ার হয়) bambusa tulda

তলান [তলান$_{১,২}$ দ্রঃ] বি, তল স্পর্শকরণ ; তলদেশে বা নিম্নতম প্রদেশে গমন ; তলাইয়া যাওয়া।

তলধ্বনি (-ধ্বো-) [তল (করতলের) +ধ্বনি (শব্দ), ৬তৎ] বি, করতলের শব্দ ; করতালি। ২ মল্লদিগের তাল ঠুকিবার শব্দ ; মল্লগণের পরস্পরকে যুদ্ধে আহ্বান সূচক বাহুর উপর করতলের আঘাত শব্দ ; তল শব্দ।

তলনা [বং শব্দসিন্ধু] বি, তলদেশ হতে উর্দ্ধে জলোদ্গম ; উৎস ; উনুই।

তলপ$_{১}$ [তল্প শব্দের পদ্যে কোমল রূপ] বি, শয্যা ; বিছানা। "তেজি তং পরি-রঞ্জন বেরি"-বি প।

তলপ$_{২}$ [তলব দ্রঃ] বি, বেতন।

তলপানি [হিং-তড়প্না, তড়পানা তলপান (ল=র=ড)] ক্রি, আকুল করা ; অস্থির করা। "ঐসন দুহু মন, তলপই পুন পুন উপজল অধিক বিকারে॥ দারুণ মনে কেহ নাহি মানত। পলকে পলকে তলপায়।"

তলপেট [তল (নিম্ন)+পেট (উদর)] বি, উদরের নিম্নস্থান ; নাভির অধোভাগ।

তলপ্রহার [তল (করতল) দ্বারা প্রহার (আঘাত), ৩তৎ] বি, করতল দ্বারা আঘাত ; চপেটাঘাত ; চড় মারা। ২ তাল ঠোকা।

তলব [আং-তলব্] বি, আহ্বান ; আমন্ত্রণ ; ডাক। "রাজা বলে তোমারে তং এ কারণে"-ঘ। ২ আদেশ ; আজ্ঞা। "ত্রিপুরার তং ত্রিপুরানাথে কয়ো।"-শি। ৩ আদালতের সমন a summons. ৪ বেতন: মাহিনা। ৫ এক এক কিস্তির দেয় খাজনা। ৬ উগ্রতা। ~চিঠি [জমিং পরিং] বি. কোন প্রজা খাজানা দিতে বিলম্ব করিলে, জমিদারের নায়েব বা গোমস্তা প্রজাকে অবিলম্বে হাজির হইয়া খাজনা দাখিল করিতে যে আদেশসূচক পত্র দেন। ~বাকী [আং] বি, দেয় খাজনার বাকী কিস্তি ; বকেয়া খাজনার কিস্তি।

তলবকার [সং] বি, সামবেদের অন্তর্গত উপনিষদবিঃ , কেনোপনিষৎ।

তলবানা [আং। আদাং পরিঃ] বি, বাদী প্রতিবাদী বা সাক্ষীদিগকে আদালতে হাজির হবার আদেশ বা সমন জারি করিবার ব্যয় বা খরচা।

তলবার, তলিয়ার, তলোয়ার [বাং গ্রা-তলওয়ার, সং-তরবারি > হিং-তর(ল)বার। অসি দ্রঃ] বি, অসিবিঃ ; তলওয়ার a sword ; a scimitar. ২ থাপ। ৩ চামাটী।

তলবারণ [তলস্থিত যে বারণ (অস্ত্রের অগ্রাঘাত নিবারক)] বি, তরবার।

তলভেদ [তলের (নিম্নভাগের) ভেদ ৬তৎ] বি, তলচ্ছেদ ; তলদেশে ছিদ্র ; তলাফুটা।

তলমুখ [নাট্য শাং] বি, দুই বাহু প্রসারিত করিয়া আলিঙ্গনাদি জ্ঞাপক অঙ্গাভিনয়।

তলমৃত্তিকা [তলস্থিত যে মৃত্তিকা (মাটি), ধা] বি, বৃক্ষমূলবাহী আল্গা স্তরের নিম্নবর্ত্তী তরস্থ মৃত্তিকা।

তলযুদ্ধ [তল (করতল) দ্বারা যুদ্ধ, ৩তৎ] বি, মল্লযুদ্ধ ; দ্বন্দ্ব-যুদ্ধ।

তললোক [তল (পৃথ্বীতলের লোক, ৬তৎ] বি, পাতালবাসী। ২ নাগলোক।

তলসারক [সং] বি, ঘোটকের বক্ষঃস্থল বন্ধন রজ্জু : তঙ্। ২ ঘোটকের ভোজন-পাত্র ; তোবড়া।

তলা [তল দ্রঃ] বি, নিম্নভাগ। ২ পাদদেশ : মূলদেশ। প্র-গাছতলা। ৩ [টোলা দ্রঃ] পল্লী ; প্রদেশ ; স্থল ; স্থান। প্র-কালীতলা। শিবতলা ; গাজন তলা। ৪ [চাষের ভাষায়] যেখানে বীজ চারান হয়। "চারা ঘন হ'লে তলা হ'তে চারা তুলিয়া হাপরে রাখিলে চারা পুষ্ট হইয়া রোপণের উপযোগী হয়।"-আ০ শক্তি, ১৩৩৪। ৫ গৃহতল ; গৃহের পরিচ্ছেদ ; মঞ্জিল। প্র-উপরতলা ; তেতলা. চৌতলা। ৬ [মুর্শি০প্রাদে০] ওজন করা। ৭ তীরন্দাজগণের ধনুকের জ্যাঘষণ নিবারণের জন্য বামহস্তের কনুই অবধি মণিবন্ধ (কবজি) পর্য্যন্ত চর্ম্মাবরণ।~কঁ, ~তঁ [প্রা০ বাং] তলাতে ; তলে। ~ফেলা-বীজ চারান। "বর্ষা কালে তলাফেলা অপেক্ষা চৈত্র বৈশাখ মাসে ত০ ফে০ সর্ব্বপ্রকারে সুবিধাজনক।" -আ০ শক্তি, ১৩৩৪।

তলাই, তালাই-তলাচী দ্রঃ।

তলাও, তলাব [ফা০-তালাব। হিং তাল, তালাই, তলাব্(ও)] বি, জলাশয়বিঃ ; পুষ্করিণী ; পুকুর।

তলাক-তালাক দ্রঃ।

তলাগুছি [গ্রা০। তলা (মূলে) গুছি (পোষকতা)] বি, সহায়তা : আনুকূল্য।

তলাচী [সং। তুল-পাতঞ্চী (গৃহতলে পাতিবার আসনবিঃ)। বাং গ্রা তলাই] বি, বেতের চেটাই ; দরমা। ২ বস্ত্রাঞ্চলের অধোভাগ। ৩ [এই অর্থে তলানি ও-] জলাদি তরল পদার্থের সহিত মিশ্রিত নিম্নে পতিত ময়লা অংশ : অপরিষ্কৃত জল ইং পাত্রের তলদেশে থিতান সঞ্চিত ময়লাদি।

তলাচোঁয়া [প্রাদে০তলা(য়)=মূলে চোঁয়া (রসহীন)] বিণ, নিস্ব ; অভাব গ্রস্ত। বিপরীত -তলারসা।

তলাঞ্চিয়া [সং-অঞ্চলতল > তলাঞ্চল >গ্রা০ ক্ষে০-তলাঞ্চে] বি, আঁচলতলা। ২ তলায় সঞ্চিত গাদ বা কিট্ট।

তলাট [প্রাদে০। তল্লাট দ্রঃ] বি, প্রদেশ ; ত্রিসীমা ; বহু দূরব্যাপী স্থান। "চণ্ডীদাস কহে ধন্য সে নারী তলাটে নাহিক আর।"-চণ্ডি০।

তলাড়ু [পাশা খেলায়] বি, বাজি নষ্ট হওয়া। "মন তুমি খেলাও না পাশা * * * -ছকুড়ি পঞ্জড়ি ফেলে পরে বাজি তলাড়ু হয়ে যাবে, আছে আমার ঘরে ছ'জন রিপু কর্ব্বে তারা হাসি হাসা।"-নবীন চক্রবর্ত্তী।

তলাতল [তল+আ+তল (ব্যাপ্তি. আধিক্য অর্থে আ যোগে দ্বিত্ব)] বি, সপ্ত-পাতালের চতুর্থ তল [পাতাল দ্রঃ]। এখানে ময়দানবের বাস (ভাগবত)]। ২ তোলপাড়-হেঁটমাটী উপর ; অত্যন্ত উপদ্রব। প্র-ছেলেটা কি দুরন্ত, এক দণ্ডের জন্যে এসে ঘরবাড়ী তলাতল কচ্চে। ৩ অধঃপাত ; রসাতল। প্র-যদি আমার কথা না থাকে তা হলে সমস্ত তলাতলে পাঠাব।

তলানি১ [তল (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। তলাই, তলাও, তলায় ; তলাইতে ; তলাইয়া (ক্ষে০ তলিয়ে)] ক্রি, জলাশয়াদির তলদেশে গমন করা ; মজ্জিত হওয়া ; ডুবা। ২ তলস্পর্শ করা। ৩ [লক্ষ০] কোন বিষয়ের গভীরতম প্রদেশে প্রবেশ করা। প্র-কথাটা কি তা আগে তলাইয়া দেখ বা বোঝ তার পর যা হয় কর। ৪ পরিপাক হওয়া ; পেটে থাকা. উদ্‌গীর্ণ না হওয়া। প্র-তার অম্লরোগ এত বাড়িয়াছে যে সে যা খায়, কিছুই পেটে তলায় না।

তলান২ (-নঁ-) বি, নিমজ্জন ; ডুবন। প্র-এমন তলানটা তলিয়েছে ই০। ২ তরল পদার্থ থিতাইয়া নিম্নে কাইট জমা হওয়া।

তলানি,-নী [তল, তলান,তলাচী দ্রঃ] বি, তলদেশে যা পতিত ও সঞ্চিত হয় ; তরল-পদার্থের নিম্নস্থ গাদ; কিট্ট; কাইট। ২ [লক্ষ০] তলার খবর ; ভিতরের অবস্থা ; ঘরের কথা। "সে বলে তলানি জানি পুরুষ বড় দাতা। লম্বাকোঁচা পরের কাছে ঘরে ছেঁড়া কাঁথা॥" -হেম০।

তলাভিঘাত [তল (করতল) দ্বারা অভিঘাত (প্রহার), ৩তৎ] বি, করতল প্রহার ; চপেটাঘাত।

তলায় [তল > তলা+এ=য়] অ, তলাতে : নিম্নে ; নীচে ; অধোভাগে। প্র-সে স্বর্গকামনায় জগন্নাথদেবের রথের তলায় পড়িয়া প্রাণ ত্যাগ করিয়াছে। ২ স্থানে : প্রদেশে ; ক্ষেত্রে। প্র-রথতলায় বেশ ভিড় হইয়াছে। ৩ তলে ; গৃহপরিচ্ছেদে। প্র-সে দোতলায় থাকে। ৪ ক্রি, তলান১ দ্রঃ।

তলারসা [তলা+রসা (রসযুক্ত)। তুলা-শাসে-জলে। বিপরীত-তলাচোঁয়া দ্রঃ] বিণ অবস্থাপন্ন ; ধনী।

তলাশ, তলাস, তলাশি, -সি, -সী-তল্লাস দ্রঃ।

তলিত১ [হিং-তলনা (ভর্জ্জন করা)। প্রা-বাং] বিণ, ভৃষ্ট ; ঘৃত বা তৈলে ভর্জ্জিত : তেলে-ভাজা। "বড় বড ইছা মাছ করিল তলিত"-মনসা ম০। ২ সাতলান।

তলিত২ [তল+ইত (যুক্ত)] বিণ, তলযুক্ত।

তলিম [সং] বি, পাকা মেজে ; কুট্টিম। ২ শয্যা ; তল্প (দ্রঃ)।

তলী, -লি [সং-স্থল > তল >] বি, সংলগ্ন দেশ ; উপকণ্ঠ। প্র-সহরতলী।

তলুয়া [গ্রা০-তোলো। তল+উয়া (যুক্ত) -গভীর বলিয়া] বি, বৃহৎস্থালী ; বড়হাঁড়ি : তোলো হাঁড়ী।

তলে [তল দ্রঃ] অ, তলায় ; নিম্নে। ২ ভূপৃষ্ঠে। ৩ মূলে। ~তলে-ক্রি-বিণ, ভিতরে ভিতরে ; মূলে থাকিয়া। ২ অন্তরাল হ'তে ; গোপনে থাকিয়া।

তলোদরী [তল+উদর+ঈ (স্ত্রীং)] বি. বিণ, নতোদরী ; কৃশোদরী।

তল্প [তল (বিশ্রাম)+প (ধি, জ্ঞা০)-যাতে বিশ্রাম করা হয়] বি, শয্যা ; বিছানা। "দিন যায় কল্প কল্প কণ্টক সমান তল্প, তরণী চলায় লঘুগতি॥"-কবিক০। ২ গৃহ ; ঘর। ৩ ভার্য্যা। ~ক [তল্প (শয্যা)+ক (উৎকর্ষার্থে)] বি, ফরাস ; বিছানা। ২ [তল্প+ক (যে করে এই অর্থে)] যে শয্যা সংস্কার করে। ~কীট [তল্প (শয্যা), তাতে জন্মে যে কীট, ম০ প০ লো০। তুল-হিং-খটমল, খট্‌কিড়ুয়া] বি, ছারপোকা।

তল্লা [তড়পা দ্রঃ। ড়=ল] বি, তড়পা ; আটি ; তাড়া।

`তল্লানি-তলপান দ্রঃ।

তল্লি, তল(ল্)পী [সং-তল্প >] বি, বিছানা-পত্রের গাঁটরি ; জিনিসপত্রের পুঁটুলি ; গাঁট্‌রি। "আর আমি থাকব নারে তল্‌পী তোল।"-রজনী সেন। ~**তল্লা, তল্লাতিল্লি** [সহচর শব্দদ্বয়] বি, শয্যা ; বিছানা-পত্র ; "শেষ মাজুরী"। ২ দ্রব্য সামগ্রীর ছোট বড় পুঁটুলি ; মোট-ঘাট ; বুচ্‌কি-বোচ্‌কা ; পুট্‌লি-পোট্‌লা। "তোমাদের ও কর পদ্মে দেশটা সঁপে শেষে তল্লিতল্লা বেঁধে চলে যায় নিজের দেশে।-দ্বি॰ রায়। ~**দার** [যে তল্লি (শয্যা) বহন করে] বিণ, মোটবাহক ; মুটিয়া।

তল্বকার (-লব্‌-) [তলবকার ও॰] বি, সামবেদের শাখাবিঃ।

তল্ল [তল্‌ (গভীরতা) + ল (যে দান বা গ্রহণ করে)] বি, গহ্বর ; গর্ত্ত। ২ জলাশয় ; তলাও।

তল্লাট [তলাট দ্রঃ] বি, সীমা ; ভূভাগ ; প্রদেশ ; বহু দূর ব্যাপী স্থান। প্র-এ তল্লাটে একটী প্রাণীও নাই।

তল্লাশ, -শি, -শী₁, তল্লাস, -সি, -সী₁ [আ-তালাশ্‌] বি, অন্বেষণ ; অনুসন্ধান ; তত্ত্ব ; খোঁজ search. "রাজ্য কৈলি ছারখার তল্লাস কে করে তার পাত্র মিত্র গোবর গণেশ।-ভারত॰। "খাবার কিঞ্চিৎ আগে খাবার তল্লাস লাগে।" -ঈ॰ গুপ্ত।

তল্লাশী₂, তল্লাসী₂ [আ॰-তলাশী] বি, থানাতল্লাসকারী কর্ম্মচারী ; খোঁজকারী বা অনুসন্ধানকারী ব্যক্তি searcher. ২ বিণ, তল্লাস করিবার : অনুসন্ধান করিয়া দেখিবার অধিকার দানকারী। প্র-তল্লাসী পরোয়ানা। **খানা তল্লাসি**-ব্যক্তি বা বস্তু বিশেষকে বাহির করিবার জন্য পুলিশ কর্ত্তৃক ঘর বাড়ীর চর্তুদ্দিক অনুসন্ধান a police search.

তল্লিকা [সং] বি, (ছিন্ন বস্ত্রাদির) তালি।

তল্লী [তল্লাট দ্রঃ। তল >] বি, দেশ-সীমা ; অঞ্চল।

`তশলা [হিং-তস্‌লা] বি, হুড়কা ; খিল। ২ পিত্তলের রন্ধনপাত্র ; বাট্‌লই ; বোক্‌নো। ৩ গাড়ীর চাকার সংলগ্ন ধনুকাকার স্প্রীং।

`তশিল** [আ॰-তহশীল্‌] বি, কোষাগার ; খাজাঞ্চা। ২ আদায়। **`ত॰ করা-খাজনা আদায় করা। "তারা কোন অপরাধে এ দীর্ঘ মেয়াদে সংসার গারদে থাকি বল। মশিল ছয় দূত ত॰ করে কত দায়া সুত পায়ের শৃঙ্খল॥"-বাং গান (নীলাম্বর মুখো॰)।

তষ্ট [তক্ষ্‌ (চাছা) + ত (র্ম্ম)] বিণ, যা চাছা গিয়াছে ; র‍্যাদা-করা ; পাতলা করা।

তষ্টা [তক্ষ্‌ (চাচা) + তৃ (র্ত্তৃ)। মূ॰ তষ্টৃ ১মা, ১ব॰] বি, সূত্রধর ; ছুতার a carpenter. ২ [ঋগ্বেদে বিশ্বকর্ম্মার নাম ত্বষ্টা (দ্রঃ)] বিশ্বকর্ম্মা ; দেবশিল্পী। ৩ দ্বাদশ আদিত্যের অন্যতম।

তষ্টি [তস্‌ (উৎপ্রেক্ষণ, দশন) + তি (ভা) =টি] বি, সাগ্রহ দৃষ্টি ; আগ্রহাতিশয়। ২ ঠেঁটামি ; দৃঢ়তা obstinacy ; stiffness. **তি॰ দেওয়া**-ক্রি, সাগ্রহ দৃষ্টিতে কোন কিছুর অপেক্ষায় থাকা। ২ নিরম্বু উপবাস করিয়া থাকা ; ধন্না দেওয়া। প্র-সে সকাল থেকে এখানে তষ্টি দিয়ে বসে আছে। ~**দার, তষ্টিয়া**-বিণ, ঠেঁটা। একগুঁয়ে ; নাছোড়বান্দা। ২ সাগ্রহ অপেক্ষাকারী ; ধন্না-ধারী। ৩ যে অর্থ গ্রহণের জন্য বারম্বার বিরক্ত করে। ~**রাম**-যে ধন্না দিয়া প্রাপ্তি জন্য বসিয়া থাকে ; নাছোড়বান্দা।

তস্‌দিক [আ॰-তস্‌দীক্‌, বাং-র বিকারে তিজদিক, -গ] বি, প্রমাণ। ২ বিচারকের নিকট জ্ঞাপন।

তসবী, -বি [আ॰-তস্‌বী] বি, মুসলমান-দিগের জপমালা। ২ ছবি। "বাম হস্ত নাপাক তসবী জপে তায়। হিন্দুরে নাপাক বলে এত বড দায়॥"-অ॰ ম॰। **তি॰ করা, -ফেরানো**-মালা জপ করা। ~**খোঁ** [আ॰ তসবীখোর্দা > বাং-র প্রায় ব্যঙ্গ্যে] জপ-মালা ঘুরাইতেই দক্ষ ; ধর্ম্মধ্বজী ; কপট ধর্ম্মী।

তসবীর, -বির [আ॰-তস্‌বীর (ছবি)] বি, প্রতিমূর্ত্তি ; ছবি ; আলেখ্য। "প্রাচীনা কহিল, এ শাহাজাদা বাদশাহের তসবীর।" -রাজসিংহ (বঙ্কিম॰)।

`তসমা [ফা॰-তস্‌মা] বি, সরু চামড়ার ফালি ; পাতলা চামড়ার কোমর বন্ধ বা পেটী a thong.

`তসর [সং-ত্রসরঃ (সূত্র বেষ্টনম্‌) >] বি, গুটিপোকার নাল ; গুটি সূতা। ২ গুটি-সূতানির্ম্মিত মোটা বস্ত্র [সূক্ষ্মতর এবং উৎকৃষ্টতর সূতায় নির্ম্মিত বস্ত্রকে গরদ বলে] "খুঁয়ে তাঁতি হয়ে দেহ তসরেতে হাত।" -অ॰ ম॰।

তসরা [প্রাদে॰] বি, ধান্যবিঃ। "মসি লোট ঝিঙ্গা সাল বুনেন ত॰॥"-শূ॰ পু॰।

তসরিফ [আ॰-তশ্‌রীফ্‌। সম্ভ্রম বা আদরার্থে উক্ত হয়] বি, (ব্যক্তির) মহত্ত্ব ; সম্মান (one's) honour.

`তসরুফ, -রুপ** [গ্রা॰-তছরুপ, -রূপ (দ্রঃ)। আ॰-তসর্‌রুফ্‌] বি, ক্ষতি ; অনিষ্ট। ২ আত্মসাৎ করণ ; চুরি embezzlement. **`তি॰ করা-ক্রি, নষ্ট করা। ২ তহবিল ভাঙ্গা।

তসলা [তশলা দ্রঃ] বি, হুড়কা ; খিল। "লোহার কপাট দিল তামার ত॰"-ঘ॰। ২ ঢেঁকির আঁকশলা। ৩ রন্ধন পাত্র ; মাটির চিটকাল হাঁড়ি ; গভীর তই। "রন্ধন চাপায়ে যেবা তার নাম করে। স্মরণ মাত্রেতে তার ত॰ বিদরে॥"-কৌতুক বিলাস।

তসলি/ম [আ॰-তস্‌লীম্‌] বি, নমস্কার। "দেহ কুঞ্চিত ও অবনত করিয়া দক্ষিণ করের উল্টাদিক্‌ মৃত্তিকা স্পর্শ করাইতে হয়। পরে ধীরে ধীরে হাত তুলিতে এবং সঙ্গে সঙ্গে দেহ উন্নত করিয়া দাঁড়াইয়া করতল কপালে স্পর্শ করিতে হয়। বাদশাহের সহিত প্রথম সাক্ষাৎ সময় তিনবার ত॰ করিতে হইত।" -আইন-ই-আকবরী। ~**মাৎ** [ত॰ > বহুব॰ তসলিমাত, -ৎ] বি, বারবার নমস্কার।

`তসিল, `তসীল₁ [তসলা দ্রঃ] বি, ঢেঁকি ই॰-র গোজ।

`তসীল₂ [আ॰-তহসীল্‌] বি, রাজকর আদায় [তহশীল দ্রঃ]। ২ [কর আদায় হতে] নিপীড়ন ; যাতনা। ৩ লভ্য ; আদায় ; অর্থাগম profit ; gain. ~**দার** [আ॰-তহশীল + ফা॰-দার] বি, রাজস্ববিভাগীয় কর্ম্মচারীবিঃ ; করসংগ্রহকর্ত্তা ; যে খাজনা আদায় করে Tehsildar ; a revenue collector. ~**দারী**-বি, তহশীলদারের কর্ম্ম।

তসু [সং-তস্য > প্রাং। ব্রজ॰। হিং-তাসু >] স, তাহার। "বিদগধ সেহ তোহে তসু

তুল"-বি০ প০ [দ্রঃ-তসু উচ্চারণ বিকারে তছু (দ্রঃ)। প্রাকৃ০ স=ছ]।

ত্ঁস্কর [তস্ (বস্তুহানি, উপক্ষয়, চুরি। তুল০-হিং তহস্ + কর (যে করে)] বি, অপহারক; চোর; দস্যু। ২ মদন বৃক্ষ; ময়না গাছ। ৩ চোরা নামক গন্ধ দ্রব্য। ৪ [বৈদ্যকে] পিড়িং শাক। স্ত্রীং ~রী-কোপনা স্ত্রী। বি, ~তা (ব)-চৌর্য্য।

তস্য [সং-তদ্ > ষষ্ঠী ১ব০। প্রা০-বাং-য় ভূরি প্রয়োগ। অধু০ বিরল] বিণ, তাহার; তৎসম্বন্ধীয়; তদীয়।

তস্যানুকঁরণ [তস্য + অনুকরণ] বি, তার অনুকরণ; তাহারই নকল। তদনুকঁরণ ও তস্যানুকঁরণ-নকলের নকল। "হুবহু অনুকরণ ও তস্যানুকরণে বাজার প্লাবিত হইয়া যাইতেছে"-অধ্যাপক শিব০ ভট্ট০।

তঁহকীক [আ০-তহ্‌কীক্] বি, তদন্ত।

'তহখঁরচ [ফা০। তখরচ দ্রঃ] বি, বাজে খরচ।

'তঁহ্‌খানা [গ্রা০-তায়খানা। ফা০-তহ্‌খানা] বি, মাটির নীচের ঘর।

তহঁবিল [আ০-তহ্‌বীল > বাং তবিল, তফিল ও০] বি, মজুত জমা; নগদ টাকা cash. ২ ন্যাস; জমা trust. ~দার-[আ০-তহবীল + ফা০-দার্] বি, নগদ টাকা রক্ষক; নগদ টাকা; টাকাকড়ির হিসাব যে রক্ষা করে cashier; treasurer. ~দারি -বি, তহবিলদারের বৃত্তি। ~দারী-বিণ, তৎসম্বন্ধীয়।

তঁহমত [আ০-তহ্‌মৎ (অপবাদ)] বি, মিথ্যা দোষারোপ; অপবাদ। বিণ, ~তী (-মি-) অপরাধী; আসামী।

তঁহরি [আ০-তহ্‌রীর্ (লেখার জন্য মেহনত-আনা)] বি, লেখার জন্য পারিশ্রমিক।

'তঁহরির [তহরি দ্রঃ] বি, লিখিবার পারিশ্রমিক।

তঁহশীল [আ০-তহ্‌সীল (< বসূল) >] বি, সংগৃহীত রাজকর; আদায় করা খাজনা the revenue collections. ২ রাজস্ব দাখিল আদায়ের দপ্তর [দ্রঃ-"used firstly to denote revenue receipts, secondly, the office where revenue is paid."--*A glossary of vernacular judicial and revenue terms.*] ~দার [আ০-তহ্‌সীল + ফা০-দার্] বি, জমিদারের যে কর্ম্মচারী মৌজার খাজনা আদায় ওয়াশীল করে। ২ রাজস্ব আদায়ের কর্ম্মচারী a tehsildar; a revenue collector. ~দারী-তহশীলদারের কর্ম্ম বা ক্ষমতা।

'তহি, 'তঁহি, 'তঁহি [তথি দ্রঃ। তৎ-স্থান > হিং-তহাঁ, তহীঁ >। ব্রজ০, প্রা০-বাং পদ০ সা০] অ, তত্র; তথায়; সেখানে। "তহি কমলমুখী করত সিনান" -বি০ প০। "তঁহি বলরাম বঞ্চিত একলে সাধুঠামে অপরাধিয়া"-বলরাম০। ২ উপরন্তু; অধিকন্তু; তাহে; তার উপর; তাতে আবার। "তাহে শরদ চাঁদ উজোর। তহি ডাকে অলিকুল যোর।"-শচীনন্দন০। ৩ সেইজন্য; তাই। "তরুণী পাই পরিহাস তহি করই।"-বি০ প০। ৪ তাকে। "শুতি আছয়ে ধনী রাই। চৌদিগে সহচরীগণ তহি বেড়িয়া রোয়ত আনন চাই॥"-রাধামোহন০। ৫ তন্মধ্যে; তার মাঝে। "তহি মধ্যে কহি সব বস্তু নিরূপণ"-চৈ০ চ০। "যব তুহুঁ বিরাজলি গোকুল মাঝতহি প্রিয়তমা যোই রমণী সমাজ"-রাধামোহন০। ৬ তখন। ~কঁ-তারা। ~তঁ [তৎ-হি-ত (৭মী বিভক্তি)। প্রাকৃ০-তহি] অ, তত্র; তাতে। "মৃগমদ কুচযুগ গগন মাঝার। তহিত নক্ষত্রগণ গজমুতী হার॥"-শ্রী০ কী০।

তহু, তিহুঁ [ব্রজ০, প্রা০ বাং পদ০সা০] স, তাতে। "পরাণ হারাসু তহু।"-চণ্ডি০। ২ সেখানে।

তহিঁ [সং-তেন > তেহ্নি > প্রা০-বাং-তহ্নি > ম০ বাং ও আধু০ পদ্যে-তেঁই] অ, তাই; অতএব; সেই হেতু; তজ্জন্য।

তা₁ [সং-তাপ > তাঅ > ক্ষে০] বি, তাপ; উত্তাপ heat. প্র-খোপের ভিতর পায়রাটী এখনও ডিমে তা দিতেছে। ~এ, তায় [তা (তাপ) + এ=য় (ক্রিয়ায়), প্রা০-বাং] ক্রি, তাপ দেয়। ২ তাপিত করে। "চন্দন শরীর তাএ"-শ্রী০ কী০। তা কঁরা-কামারশালে লোহা আগুনে পুড়াইয়া লাল করা। তা দেওয়া-ডিম ফুটিয়া বাচ্চা বাহির হইবে বলিয়া পাখীরা ডিম পাড়িয়া তার উপর বসিয়া তাতে দেহের যে তাপ দেয়। ২ [যত্নসহকারে ডিমে তা দিবার ভাব হতে] যত্নে পালন করা; তোয়াজ করা; সৌষ্ঠব সাধন করা; পরিপাটী করা। "সেই-খানেই নিজের ডিমে সদাই দেন তা।" -রবী০।

তা₂ [সং-তার > ক্ষে০। তুল-গোঁফে দেয় তার"-কবিক০] বি, তারের পাক; মোচড়; মোড়া; পাক। "রুষিয়া শার্দ্দুল যন তা দেয় গোঁফে"-ঘ০। গোঁফে তা দেওয়া-গোঁফের প্রান্তভাগ পাকাইয়া তারের মত সরু করা; গোঁফের পারিপাট্য সাধন করা। ২ উপেক্ষা করা; কেয়ার না করা।

তা₃ [ফা০ তা(হ্) > হিং-তাও >] বি, কাগজের তক্তা; একখানি কাগজ a sheet of paper. প্র-চব্বিশ তা কাগজে এক দিস্তা হয়।

তা₄ [সং-তদ্ > "তাহা" > ক্ষে০। তুল-'em', 'um', (for 'them'), 'im' (for 'him'), সম্মানার্থে-তাঁ] স, তাহা; সেই; সে। প্র-তা যদি হ'ত তা হলে আর ভাবনা কি ছিল? তা যেন হ'ল। ২ সে ব্যক্তি। "তা বিনু রাতি দিবস নাহি ভাওই" -বি০ প০। ৩ তাবৎ; সে সমস্ত; সে সকল। "তা জাই ঘর"-শ্রী০ কী০। "আর লীলা খেলা যত কত কব তা"-শি০। ৪ তস্য; তার। "তা পর মেরু সমানে, তা সঞে রভস করহি নাহি হোয়"-বি০ প০। "তা সুতকো সুত"-জ্ঞান০। তা' ছাড়া-তদ্ব্যতীত; তাহা ব্যতীত; অধিকন্তু। [প্রা০ বাং-র-১মা-তাহা, তোঁ, তোহেঁ, তেহোঁ, সে। ২য়া-তাএ, তাক, তাঁকে, তাহাক, তাহাকে। ৩য়া-তেএঁ। ৬ষ্ঠী-তাক, তাত, তার, তারে, তাহাক, তাহার, তাহারে। ৭মী-তাএ, তাত, তাতা, তাতে, তাহাতে-শ্রী০ কী০। বহুব০-প্রা০-বাং তা সঁমা, তা সঁব্বা-তারা সব। "তা সমাক"-তাদের সকলকে -শ্রী০ কী০। আধু০ 'তারা। পূ০ ব০ প্রাদে০ ব্যবহারভেদে তারারে=তাহাদিগকে, তাহারদিগকে, তাহারদিগে, তাদেরকে।

"ক্ষুধার কালে কে তারারে দিবরে ভাত পানি"-পূ: ব: গী:]। **তা' বিলে,-ব'লে** [বলে দ্রঃ] তাহা বলিয়া ; সেই কারণে ; সেজন্য। **তা' হলে**-তাহা হইলে ; সে ক্ষেত্রে ; তৎস্থলে। "আমি যদি কিছুই না দিই, তা হলে তোমরা কি করতে পার?" -প্রেমলতা।

তা৫ [বাক্যালঙ্কারে] অ, কথার মাত্রা-স্বরূপ ব্যবহৃত। "তা হ্যাঁ গা শচীপতি! তুমি চোখ বুজিয়ে রয়েছ কেন?"-শৈলবালা। ২ কিন্তু ; তথাপি ; তবু। "কদিন ডেকে পাঠাচ্চি তা তোর আর বার হয় না।"-নীলদর্পণ। ৩ তদপেক্ষা ; তাহার চাহিতে অধিক। "তা বড় তা বড় সূর্য্য আছে পরপর;" -দীনবন্ধু মিত্র।

তা৬ [সং ব্যা:] বি, তদ্ধিত প্রত্যয়বিঃ (ভাবার্থে বিশেষণ পদের উত্তর যুক্ত হয়)। যথা-সাধুতা, মৃদুতা ইং।

তাই১ [তাহাই > ক্ষে:] স, তাহাই ; তাহা; সেই। "রাজকুমার,আপনি কি বিস্মৃত হচ্ছেন যে, স্বকার্য্য উদ্ধারের জন্য যখন যা আবশ্যক হবে তাই করা কর্ত্তব্য?" "গোবিন্দপ্রসাদ, তোমরা যা ভাল বিবেচনা কর, তাই কর।"-শৈলবালা। ২ [তা (দ্রঃ)+ই=য়] তাহাকে। "তুহুঁ পরবোধিবি তাই"-বি:প:।

তাই২ [তুল-হি: তয়্] অ, সেইজন্য ; তন্নিমিত্ত ; তৎকারণ। "তাই বলি শৈল, রাজকুমারের সঙ্গে এ বিবাহে হৃষ্টচিত্তে সম্মত হও।"-শৈলবালা। "আর তো ব্রজে যাব না ভাই যেতে প্রাণ নাহি চায়। ব্রজের খেলা ফুরিয়ে গেছে তাই এসেছি মথুরায়॥"-বাংগান (অতুলকৃষ্ণ মিত্র)। **তাই নাকি** [প্রশ্নে] অ, তজ্জন্যই কি (?) ; সেই কারণে (?) ; বটে (?)। **তাই বিলে**-তা বলে দ্রঃ।

তাই৩ [তালি >] বি, করতালি। ২ হাততালি।~**তাই**-শিশুদিগের হাততালি।

তাই৪ [আ:-তকাজা (pressing demand, pressing settlement of a claim or of a debt.) > আ:তকাজাই > তআ-আই > তাই। জমী: পরি:] বি, তাগাদা।

তাই৫ ['তাই মহাশয়' ও:। পূ: বঙ্গে] বি, প্রপিতামহ। ২ প্রপিতামহী। পূ: বং প্রাদে:-মাঐমা, মাউইমা।

তাইতি [তাহাই ত >] অ, নিশ্চয়ার্থক অব্যয় ; তাহাই বটে ; ঠিক বা সত্যই তাই। ২ বিস্ময়সূচক অব্যয়। প্র-তা: হঠাৎ এ আবার কি উৎপাত! ৩ অপ্রত্যাশিত প্রতিকূল ঘটনাজনিত দুশ্চিন্তাসূচক অব্যয়। প্র-তা:, এযে বিষম বিপদের কথা হল। ৪ অপ্রতিভ হওয়ার ভাববোধক অব্যয়। প্র-সে আগাগোড়া শুনে শেষে তা: তা: করতে করতে চলে গেল। ৫ সেইজন্যই ; সেই হেতু ; সেই কারণেই।

তাইতে ["তাহা হইতে" > ক্ষে:] অ, সেই কারণে ; তজ্জন্য। প্র-"নানা কি নানা-কেলে রাজ্য পেলে, তা: এত জারি। যাহা ইচ্ছা তাহা করে হয়ে স্বেচ্ছাচারী।"-ঈ: গুপ্ত। ২ তাহাতে ; তার মধ্যে।

তাইদ১ [আ:-তাকীদ > গ্রা:] বি, তাকিদ ; স্মারক লিপি reminder. প্র-বার বার তা: করে জবাব পাওয়া গেল না।

তাইদ২ [আ:-তাঈদ] বি, সহায়তা ; তরফদারী। ২ সমর্থন। ৩ সমর্থক প্রমাণ-পত্র। ~**ই-দাওয়া**-দাবীর সমর্থক প্রমাণ-পত্রাদি। **তা: এজাহার**-পৃষ্ঠপোষক বিবরণ ; সমর্থক বিবৃতি। ~**গির** [আ:] বি, সহায়ক ; সাহায্যকারী।~**নবীস**-বিণ, তাইদ লেখক। > বি, ~**নবীসি**-তাইদ লেখকের বৃত্তি।

তাইদাদ [আ:-তাআদাদ্] বি, সংখ্যা ; হিসাব।

তাইন১ [ইং time >, নিম্ন কথ্য, টাইন ও:] বি, সময় ; ঠিক বা নির্দ্দিষ্ট সময়।

তাইন২ [আ: তাআয়ুন > গ্রা: তাআইন] বি, একের স্বত্ব অন্যকে দেওন ; নিয়োগ ; বন্দোবস্ত। "আসামীর নিকট হতে দুইশত টাকা তাইনে দুইজন জামিন লওয়া হয়।"-নীলদর্পণ।

তাই বলিয়া [তাহা বলিয়া > গ্রা: তাইবিলে > ক্ষে: তাবিলে] অ, পূর্ব্ব প্রমাণে ; তজ্জন্য ; সেই হেতু ; সেই নজীরে। প্র-তাই বলিয়া আর তাকে পাঠাবে না (অর্থাৎ একবার বা সেবার পাঠানর অজুহাতে আবার পাঠাবে না)।

তাইরে নাইরে [ক্ষে: তারেনারে। তানা-না-না দ্রঃ] অ, বাজে কাজে কাল-ক্ষেপ। ২ [আধ্যাত্মিক অর্থে "নেতি নেতি" ভাব হতে] তন্ন তন্ন করিয়া পরমার্থের অনুসন্ধানজনিত অন্তর-রাজ্যে প্রবৃত্তি ও নিবৃত্তির দ্বন্দ্বসূচক এবং নিবৃত্তির জয়ঘোষক বৈরাগ্য সঙ্গীতের সুর। "অন্তরে মোর বৈরাগী গায় তাইরে নাইরে নাইরে না।"-রবী:।

তাউই [সং-তাতগু (ক্ষুদ্র তাত-শব্দকল্প) > তালুই > তাউই] বি, ভ্রাতা বা ভগ্নীর শ্বশুর ; তালুই।

তাউত [আ:-তাঈদ্ (সাহায্য করা, মদদ্ করা, রোগিচর্য্যা করা) শব্দজ] বি, রোগীচর্য্যা ; সেবা ; শুশ্রূষা nursing. ২ চিকিৎসা। ৩ প্রতীকার চেষ্টা।

তাএন [আ:] বি,নিশ্চয়রূপে অবধারণ।

তাও১ [ফা:-তাব্ অথবা তাও (উত্তাপ, বল, শক্তি, তেজ)] বি, উষ্ণতা ; তাপ। ২ গরম মেজাজ ; কোপ ; ক্রোধ। **তাও দেওয়া**-আগুনে বাতাস দেওয়া ; কামার-শালে যাঁতা এবং স্বর্ণকারের নলদ্বারা আগুনে বাতাস দেওয়া।

তাও২ ["তাহাও" > ক্ষে:] স, তাহাও। প্র-তাও কি আবার বলে দিতে হবে।

তাও৩ [তা৩ দ্রঃ] বি, কাগজ বা কাপড়াদির ভাঁজ plait or fold, ২ কাগজের তা বা তক্তা sheet of paper.

তাওই, তাওঐ, তাওয়াই [প্রাদে:। তালুই দ্রঃ। তুল-তামিল-তায় (মা)] বি, ভাই বা ভগিনীর শ্বশুর ; তালুই ; তাঐ। মাওই দ্রঃ।

তাও খাওয়া [খেদা'র ভাষায়] ক্রি, হাতী ধরা পড়িয়া কোটের মধ্যে উপযুক্ত পানীয়ের অভাবে অত্যন্ত কাবেজ (=কাবু, বশীভূত) হইয়া পড়া।

তাওয়া [তাও দ্রঃ] বি, ভস্ত্রা ; হাপরে হাওয়া দিবার চর্ম্মময় যন্ত্র ; যাঁতা। ২ পিত্তল লৌহাদি-নির্ম্মিত পাকপাত্রবিঃ ; চাটু। ৩ আগুন তুলিয়া রাখিবার মৃন্ময় পাত্রবিঃ। ৪ তামাক খাইবার জন্য ব্যবহৃত গোলাকার

ধাতুখণ্ড বা খপরখণ্ড। ইহা হুঁকা বা আলবোলার কলিকাতে সাজা তামাকের উপর এবং আগুনের নীচে রাখা হয়।

তাওয়াতাই [তাওয়া শব্দ দ্রঃ] বি. ঝগড়াঝগড়ি : গরমাগরমি ; বাক্‌কলহ। প্র-আঁঠু পাড়ি কড়াকড়ি করে দুই ভাই। ধুড়া-হুড়ি হৈতে হৈতে হৈল তাওয়াতাই॥"-শি०।

তাওয়ানি [তাও (দ্রঃ)+আন (ক্রি. বিভক্তি)] ক্রি. তাতান : গরম করা : উত্তাপ জন্মান। ২ হাপরে পুড়াইয়া লাল করা রাগান। বি. তাওন।

তাং [পরিশি০ দ্র] বি. তারিখ।

তাংড়ানি$_1$ [গ্রা০] বি. ধারণ। ২ সঞ্চয়।

তাংড়ান$_2$, তাঙ্গড়ানি [সং-ত্র্যঙ্গ > ।"ত্র্যঙ্গটো* * শিক্যভিদীশ্বরে"-হে०। "ত্র্যঙ্গটং শিক্য, ভেদেহপি" -মে०, বিশ্ব০। তাংড়াই, তাংড়াও, তাংড়ায় : তাংড়াইতে তাংড়াইয়া (কেং তাংড়ে) ই०। পূর্ব্বে শিকায় ঝুলান হাঁড়ি (বিতঃ নেতা-কেতার হাঁড়ি) তে দ্রব্যাদি সঞ্চয় করিয়া বা তুলিয়া রাখার অভ্যাস হতে লক্ষণায় কোন বিষয়ের আলোচনা স্থগিত রাখা বা ভবিষ্যতের জন্য তুলিয়া রাখাকে কথায় বলে 'সে কথা এখন তোলা থাক বা ও কথা এখন শিকেয় তুলে রাখ ই० (অর্থাৎ ত্র্যঙ্গতে বা তাংড়ে রাগ এই ভাব)ক্রি, সঞ্চয় করা ; ভবিষ্যতের জন্য তুলিয়া রাখা। ২ আধারে ধরা বা আঁটা ; পাত্রগত হওয়া। প্র-এতটা দুধ এই ছোট বাটিতে তাংড়াবে না। ৩ সঞ্চয় করা ; তাংড়ে রাখা। ক্রি-বিণ, তাংড়ে-সঞ্চয় করিয়া। ২ আঁটিয়া : ধরিয়া; পাত্রগত হইয়া। প্র-এক সের জিনিষ এ বেশ তাংড়ে যাবে।

তাঁ [সম্মানার্থে যোগ] স. তাঁহা। তা$_8$ দ্রঃ।

তাঁইত [তন্ত্র >] বি. বস্ত্রবয়ন যন্ত্র ; তাঁত। ২ নানা বিষয়ের আয়োজন। ৩ [তন্ত্র >] চর্ম্মরজ্জু ; চামড়ার দড়ি। ৪ বীণাদির তার।

তাঁইশ, তাঁইস [আ০-তঈশ্‌(রোষ)] বি. রোষ ; ক্রোধ ; রাগ। ২ [আ০-তঈশ > অর্থসম্প্রসারণে, অথবা সং-ত্রাস > হি০তাঁসনা (জুলুম করা) >] তজ্জন : তাড়না : নিগ্রহ : শাস্তি ; ভর্ৎসনা : তিরস্কার : জুলুম। প্র-সে ভালমানুষ তার উপরেই তার যত তাঁইশ। ৩ জোর তাগাদায় ব্যতিব্যস্তকরণ ; উদ্যান বা উত্তেজনা দান। প্র-তাকে ক্রমাগত তাঁইস করে করে জিনিষটা বাহির করা গেল।

তাঁত$_1$ [সং-তন্ত্র-তন্ত্র] বি. বস্ত্রবয়ন যন্ত্র weaver's hand-loom. [দ্রঃ-বয়নশিল্পে পারি০ শব্দ - তানা-সূতা। বানা-সরু খিল। শানা, সানা-যে ছিদ্রমধ্য দিয়া সূতা প্রবেশ করে। শা(সা)না গাঁথা-শানার সূতা পরান। ঠর্ব্বিদ-যে গোলাল দণ্ডাকৃতি কাষ্ঠখণ্ডে সূতা জড়ান হয়। মাকু-পড়েনের সূতা চালাইবার যন্ত্রবি. shuttle. মাকু চালানি, -ঠেলা [লক্ষ০ মাকু সঞ্চালন করা : তাঁত বোনা। মৈড়া [গ্রা ম্যাড়া] মাকুকে ঠকিয়া বা বামে ও দক্ষিণে ঠেলিয়া দেয়। ধাঁপ-শানার উপর পা দিয়া চাপ দেওয়া হয়। ফুলকাঁ-বয়নের পর যে সূতা উদ্বৃত্ত হয়। দপ্তি-সানার উপর ও নীচের কাঠ। লাটা, লাটাই, নাটাই, নরাজ-যে বেলনে বয়নের সূতা জড়ান থাকে। >কোল-নরাজ-যে বেলনে প্রস্তুত কাপড় জড়ান থাকে। মশরা-জড়া -ছিন্ন সূতাকে জোড় দেওয়া] তাঁতকাটা-বিণ.তাঁতে টাটকা বোনা ; তাঁত থেকে নামান কোরা কাপড়, পাট-ভাঙ্গা নয়। ২ [লক্ষ০] বিণ, গোঁয়ার : চাষাড়ে ~ঘর ~শালা-তন্তুবায়ের কর্ম্মশালা বা কাপড় বুনিবার গৃহ। তাঁত বোনা-ক্রি, তাঁতযন্ত্রে কাপড় বোনা। ঠকঠকি তাঁত [যো০বিদ্যানিধি প্রদত্ত নাম] ঠকঠকি দ্রঃ।

তাঁত$_2$ [তন্ত্র >] বি. তাঁইত ; চর্ম্মরজ্জু : চর্ম্মসূত্র catgut ২ বীণাদিবাদ্যের তন্ত্রী (তত-যন্ত্র দ্রঃ)।~গর্ত্ত, তাঁতগাড় [তন্ত্রগর্ত্ত >] বি. তন্তুবায় যেখানে তাঁত বুনে সেখানে যন্ত্রের নিম্নদেশে পা দুটী ঝুলাইয়া বসিবার জন্য যে গর্ত্ত খোঁড়া থাকে। "ঘোর ঘুমে তাঁতগড়ে তাঁতি পড়ে ঢুলে"-ঘ०।

তাঁতি, তাঁতী [তাঁত (তন্ত্র) >] বি. জাতিবি০। ২ তাঁত যন্ত্রে বস্ত্রবয়নকারী weaver. স্ত্রীং তাঁতিনী। তাঁতি-কুলও গেল বৈষ্ণব-কুলও গেল-[প্রবচন। একজন লোক সব দিক্ বজায় রাখিতে পারে না. একদিকে মন দিলে অন্যদিক রক্ষা হয় না তাই এই উক্তি] উভয়দিক্ নষ্ট হওয়ার ভাব ; এ কুল ও কুল দুকুল গেল।

তাঁবা, তাঁমা [তাম্র > হি০ তাম্বা (দ্রঃ) > তাঁমা,তাঁবা] বি. ধাতুবি০ : তাম্র : তামা copper ~তুলসী-বিচারালয়ের সাক্ষীকে শপথ করিবার কালে যা (তাম্রধাতু ও তুলসী-পত্র) স্পর্শ করিতে হয় এবং যা স্পর্শ করিলে দৃঢ় শপথ গ্রাহ্য হয়। প্র-সে আদালতে গিয়ে তাঁবা তুলসী ছুঁয়ে শপথ কল্লে।

তাঁবু-তাম্বু দ্রঃ।

তাঁবে [আ০-তাবে >] বিণ, অধীন ; বাধ্য : অনুগত। ~দার [আ০-তাবে (দ্রঃ) +ফা০-দার] বি, অধীন। ২ বি, অধীন ব্যক্তি। ৩ ভৃত্য। ~দারী-বি, চাকরী ; কাহার অধীনে কাজ করা ; অধীনতা।

তাঁর, তাঁহার-তাহা দ্রঃ।

তাঁহা, তাঁহি [হি০, ব্রজ০] অ, তথায়। প্র-"যাঁহা যাঁহা পদযুগ ধরই। তাঁহি তাঁহি সরোরুহ ভরই॥ যাঁহা যাঁহা ঝলকত অঙ্গ। তাঁহা তাঁহা বিজুরি তরঙ্গ॥"-বি० প०।

ত্যাঁদড় [সং-ছিদ্বর (ধৃষ্ট, ধূর্ত্ত) > প্রা০ বাং-আছিদর > ছেদর > চ্যাঁদড় > ত্যাঁদড় > ত্যাঁদড়] বিণ, নির্লজ্জ ; বেহায়া। -"ঢ্যামন নয়, ঢোসন নয় ত্যাঁ০ এক জাত"-প্রবচন। ২ দুষ্ট ; নষ্ট। বি, ত্যাঁদ্‌ড়ামি, -মী, তাঁদ্‌ড়ামো-দুষ্টামি ; নষ্টামি। ২ নির্লজ্জতা।

তাক্$_1$, তাক [তর্ক >] বি, তীক্ষ্ণদৃষ্টি ; স্থিরদৃষ্টি ; স্থিরলক্ষ্য ; নজর [তুক দ্রঃ] "লাগে তাক্ না লাগে তুক্"-প্রবচন। ২ [দৃষ্টি স্থির হওয়ার ভাব হতে] আশ্চর্য্য ; বিস্ময় ; অবাক। প্র-"হুজুরত অবাক লেগে গেল তাক্।"-দ্বি० রায়। ৩ অনুমান ; আন্দাজ ; আটকাল। প্র-অন্ধকারে তাক করে করে দেখ। ৪ তাগবাগ ; কৌশল। "যাহারা কামারের কাজ করে তাহারা পান দিবার তাক্ জানে।-চুম্বক (জ০ রায়)। ৫

অপেক্ষা ; প্রতীক্ষা। "সতিনী মরণ তাকে"-কবিক°। **তাক করা** [গ্রা° তাগ। ক=গ] ক্রি, লক্ষস্থির করা ; টিপ করা। ২ নজর করা ; স্থির দৃষ্টি করা ; দেখা। "সঙ্কেত বুঝিয়া নয়ান ফিরিয়া তাক করে এক দিঠে।"-চণ্ডি°। ৩ অবাক্ বা বিস্মিত করা।

তাক২ [আ°-তাক্ a cupola, a shelf] বি, প্রাচীরাদি গাত্রে খোদিত বা সংলগ্ন দ্রব্যাধার স্বরূপ কাষ্ঠ প্রস্তরাদি ফলক ; ভিত্তি ই° সংলগ্ন পুস্তকাদির আধার। "তাকে তাকে রাখে রাজদীপ সারি সারি"-শি°। ২ কাষ্ঠফলকবিঃ। ৩ লক্ষ্য ; নজর। "পক্ষ পসারিতে পাথ লুহিশ্চন্দ্র করে তাক বাঁটুলে বিঁদরে তার বুক।"-ধ° ম°।

তাক৩ (-ক) [তাহাক > ক্ষে°। ব্রজ°, প্রা° বাং] স, তাহাকে। "কি করব হাম তাক পরবোধে"-বি° প°। "জনম হইল বসুমতী হও গো চিরাই। আক্ষি জাক জনমাইব তাক দিও ঠাঁই॥"-শূ° পু°। "ঝিআরি বলিআ তাক করিল সম্ভাসন।"-ঐ। ২ [ব্রজ°-তাকর দ্রঃ] তার। "ঐছে নহ তাক বিলাস"-বি° প°। "খায় না কেন বনের বাঘ তাক নাই ডর।"-মাণিক° গান।

তাকৎ [আ°-তাকৎ। গ্রা° তাকুত] বি, শক্তি ; সামর্থ্য ; বল।

তাকতিস্থি [আ°-তকৈয়ুদ (সাবধানতা, যত্ন)+আ°- তম্বীহ্ (সুধরাইবার মত উপদেশ)] বি, স্বাস্থ্যরক্ষা সম্বন্ধে বিধিনিষেধ; শরীর রক্ষা বিষয়ে যত্ন ও সাবধানতা।

তাকনিমে [সং-তিক > তাক (বদ্ধ দৃষ্টি,প্রতীক্ষাপূর্ণ দৃষ্টি) + সং-নেম বা ফা°-নিম (অর্দ্ধ) > নিমে >] বিণ, আধ চাওয়া। "যদি ঘুমিয়ে পড়ি, মোহন তুই ভাই তা° করে থাকিস ; বাবু কাছারী থেকে এলেই উঠিয়ে দিবি।"-আড়াইচাল (শৈ° ঘোষজায়া)।

তাকর [ব্রজ°। হি°-তাকর > ক্ষে° তাক] স, তার। "যো পুরুখ দেখত তা° ভাগি"-বি° প°।

তাকা [রূপান্তর-তাগা, টাকা, টাঁকা। তাক+আ (বাং-ক্রি-বিভক্তি)। এই অর্থে তাকান ও°। তাকি, তাক, তাকে ; তাকিতে ; তাকিয়া (ক্ষে° তেকে)। ণিজন্ত-তাকান। তাক১ দ্রঃ] ক্রি, তর্ক করা। ২ লক্ষ্য করা। ৩ অপেক্ষা করা ; জেগে থাকা ; ওত করা। ৪ অনুমান করা। ৫ মনে মনে চিন্তা করা ; বাঞ্ছা করা। "সতিনী মরণ তাকে কেবল তোমার পাকে খুল্লনার এত অপমান।" -কবিক°।

তাকাদা-তাগাদা দ্রঃ।

তাকানি [তাক২ (দ্রঃ)+আন (ক্রি, বিভক্তি), এই অর্থে 'তাকা' (দ্রঃ)ও°] ক্রি, তাকাই, তাকাও (তাকান, তাকাস),তাকায় (তাকান) ; তাকাইতে ; তাকাইয়া (ক্ষে° তাকিয়ে)] ক্রি, দৃষ্টিপাত করা ; চাওয়া ; দেখা। "আর মেয়েটার দিকেও ত একবার তাকাতে হয়।"-আ° শক্তি। ২ [ণিজন্ত অর্থে হি°-তাকওয়ানা] একদৃষ্টে চাওয়ান ; স্থিরলক্ষ্য করান। বি, **তাকানি**-দৃষ্টি ; দর্শন।"হেরি সেই নন্দিনীর আকুল তাকানি"-অশোক°।

তাকাবি,-বী, তাগাবী [আ°-তকাবী-প্রজাকে টাকা আগাম দিয়া সাহায্য। তগাবী দ্রঃ] বি, অগ্রিমদত্ত মুদ্রা ; দাদন ; ক্ষেত্রবিহীন প্রজাকে ঋণ বা অগ্রিম টাকা দিয়া সাহায্য।

তাকিদ [আ°-তাকিদ] বি, স্মারক reminder ২ নির্ব্বন্ধ।

তাকিয়া [ফা°-তকীআ] বি, বালিশ ; উপাধান। ২ গোলাকার বড় বালিশ ; গির্দ্দা। "সে তা° গল্পগীতি সাহিত্যচর্চ্চার স্মৃতি।" -রবী°।

তাকুড়-তর্কু দ্রঃ।

তাকুত১ [আ°-তকৈয়ুদ >। গ্রা° তাহত, তাউত,তাগুত। ক=গ] বি,তত্ত্বাবধান। ২ হেপাজত ; তদারক ; শুশ্রূষা। "তা° করাতে সে আরাম হইয়াছে"-টেকচাঁদ।

তাকুত২-তাকৎ দ্রঃ।

তাকে১ [তাহাকে > তুচ্ছার্থক ক্ষে°। সম্ভ্রমে-তাঁকে। প্রা° বাং-তাখে। "তাখে কীরূপে ভাবিব"-শূ° পু°] স, তাহাকে।

তাকে২ [তর্ক > তাক+এ (৭মী বিভক্তি) > ভং] অ,তর্কে; সতর্কতার সহিত; সাবধানে। ২ সন্ধানে। ৩ অপেক্ষায়। ~**তাকে**-তর্কে-তর্কে ; সাবধানে। ২ সন্ধানে সন্ধানে। ~**পাকে**-বিশেষ কৌশল সহকারে ; বিশেষ সতর্কতার সহিত। "তাকে পাকে যোটনায় আরম্ভিল পাক।"-অ° ম°। ২ বুদ্ধি করিয়া ; বুঝিয়া ; বুঝিয়া সুঝিয়া।

তাগ [তাক দ্রঃ। ক=গ, গ্রা°] বি, তাক। ~**বাগ**-বি, সন্ধান-সুলুক ; কল-কৌশল। > ক্রি-বিণ, **তাগেবাগে**-কৌশলে ; ঘাঁত ঘোঁত বুঝিয়া।

তাগা [প্রাকৃ°-তগ্গ (সূত্র) > বাং,হি° -তাগা] বি, সূত্র ; ডোরা ; হস্তবন্ধন-সূত্রবিঃ। ২ রক্ত চলাচল বন্ধ করিবার জন্য সূত্রাদির বন্ধনী। "শিরে কৈলে সর্পাঘাত কোথা বাঁধবি তাগা"-কৃত্তি°। ৩ [প্রাদে°] উপর হস্তের অলঙ্কারবিঃ ; অনন্ত। ৪ মন্ত্রপূত তাবিজ বা মাদুলী যা বাহুতে বাঁধিয়া রাখিতে হয়। ৫ তাগা নামক ভারতীয় জাতিবিঃ।

তাগাড় [তুর্কী°-তগার্] বি,মাটীতে জল দিয়া যে কাদা প্রস্তুত করা হয়। ২ চাষের জমি রোয়া ও বীজতলা হতে বীজধান তুলিবার কালে ক্ষেত্রে লাঙ্গল জুড়িয়া চষা মাটিতে জলসেচন করিয়া যে কাদা প্রস্তুত হয়। ৩ রাজমজুরেরা ইষ্টকাদি গাঁথিবার বা ছাদ করিবার জন্য খোয়ার সহিত চূণ সুরকি সিমেণ্ট ই° জলে মিলাইয়া যে মসলা তৈয়ার করে। ৪ চূণ সুরকি বা কাদা গুলিয়া যে খানায় ইষ্টকাদির দেওয়াল ই° গাঁথিবার গোলা প্রস্তুত করে। **তা° মাখা**-ইট গাঁথিবার মসলা গোলা। ২ [লক্ষ°] অন্নব্যঞ্জনাদি সমস্ত একত্র মিলাইয়া লওয়া।

তাগাদা, তাকাদা, তাকাজা [আ°-তাকাজা (চাহা)] বি, খাতকের নিকট পাওনা টাকার জন্য পীড়ন। ২ জরুরী কাজ ; অতি প্রয়োজন। ৩ কাহাকে কোন কার্য্য সম্পাদন করিবার জন্য জেদ।

তাগাবী-তাকাবি দ্রঃ।

তাগারী [চাঙ্গাটক (দ্রঃ) > চাঙ্গারী > চাগারী >। চ=ত। শ্রীহট্ট প্রাদে°] বি, রাঁধা ভাত তরকারী রাখিবার ধাতুপাত্রবিঃ ; (ঢাকা অঞ্চলে) রাঁধিবার কড়া।

তাগিদ১ [আ°-তাকিদ >। ক=গ] বি, পীড়াপীড়ি ; তাগাদা। ২ স্মরণ ; মন। ৩ স্মারক পত্র ; জরুরী চিঠি reminder.

তাগী [তাগা দ্রঃ] বি, মাছ ধরিবার সরু সূতা। ২ [প্রাদে°] সূক্ষ্মধার বাটালী।

তাগুত [তাকুত > । ক=গ ; বা ফা°-তাগ ও দণ্ড >] বি, যত্ন ; শুশ্রূষা।

তাচ্ছিল্য [সং-তুচ্ছ+তাচ্ছীল্য (তৎ-শীলতা-তৎস্বভাবতা)-তুচ্ছ এবং তৎসদৃশ করনের ভাব] বি, অবহেলা ; অবজ্ঞা ; অশ্রদ্ধা ; উপেক্ষা। তা° করা-তুচ্ছ করা ; অবজ্ঞা করা ; উপেক্ষা করা। তুচ্ছ-তাচ্ছিল্য করা-নিতান্ত অশ্রদ্ধা বা উপেক্ষা করা ; অতিশয় অবজ্ঞা করা।

তাচ্ছিল্য, তাচ্ছীল্য [তৎ (সেই) শীল (স্বভাব)+য (ভা°)। বাং-য় প্র° অ°। প্রায়শ° তুচ্ছ শব্দের সহিত যুক্ত হইয়া তৎসদৃশ অর্থে ব্যবহারে তাচ্ছিল্য] বি, তচ্ছীলতা ; তৎস্বভাবতা। ২ অবজ্ঞা, অবহেলা। ৩ অশ্রদ্ধা ; অনাদর।

তাজ১ [ফা°-তাজ] বি, মস্তকের আবরণবি: ; মুকুট crown. 'ত্বরা করে' তবে নিয়ে এস সাজ। হেমকুণ্ডল মণিময় তাজ, কেয়ূর, কনকহার।"-রবী।

তাজ২ [সং-তর্জন >] বি, তর্জ্জন।

তাজমহল [সাম্রাজ্ঞী 'মমতাজমহল'এর নাম হতে] বি, মোগল সম্রাট সাহ্‌জাহান কর্ত্তৃক আগ্রায় নির্ম্মায়িত স্বনামপ্রসিদ্ধ মর্ম্মর-প্রাসাদ।

তাজগী [ফা°-তাজ়গী] বি, নূতনত্ব ; সরসভাব।

তাজনি,-নী [তর্জ্জন >] বি, তর্জ্জন ; আস্ফালন ; চোকরাঙ্গানী। "কাঁপয়ে শরীর দেখি আঁখির তাজনী।"-চণ্ডি°।

তাজা১ [তাজ (তর্জ্জন)+আ (ক্রি-বিভক্তি)। তাজি, তাজ, তাজে ; তাজিতে ; তাজিয়া (কো°, পদ্যে-তাজি)] ক্রি, তর্জ্জন করা ; আস্ফালন করা ; তাড়না করা ; শাসান। "কাট্ কাট্ বলি তাজে"-কবিক°। "শাশুড়ী * * ঠারে তাজে।"-কবিশেখর।

তাজা২ [ফা°-তাজা] বিণ, টাট্‌কা। "তাজা তাজা ভাজা পুলি ভেজে ভেজে তোলে।"-ঈ° গুপ্ত। ২ রসাল। ৩ অভিনব ; নূতন। "দেখে কত তাজা তাজি তুরকী তুরঙ্গ।" -ঘ°। ৪ উৎসাহপূর্ণ ; প্রফুল্ল। প্র-বুক তাজা থাকা। তার মনটা এখনও বেশ তাজা আছে।

তাজি, -জী [ফা°-তাজী] বি, আরবী ভাষা। ২ আরবী ঘোড়া ; উৎকৃষ্ট অশ্ব। "আইসে চড়িয়া তাজি সৈয়দ মোগল কাজি। খয়রাতে বীর দেয় বাড়ী।" -কবিক°। ৩ ছিপ্‌ছিপে দেহ লোমহীন লম্বামুখ একজাতীয় শিকারী কুকুর ; ডাল-কুত্তা। শার্দ্দূল শিকারে সাজে আইসে সত্বর তাজি বাজি তুরকী টাঙ্গনে করে ভর।" -ঘ°। ৪ জাতিবি:। ৫ বিণ, তেজীয়ান। ৬ [অজহৎস্বার্থ অল° fig. metonymy. অশ্বারোহী অর্থে অশ্ব] সওয়ার ; অশ্বারোহী। "রহিল পশ্চিমদ্বারে সৈয়দ ওমর গাজী যাহার ভিড়নে রহে ষোলশত তাজি॥"-কবিক°।

তাজিম [আ°-তাঅ়াজীম (সম্মান, সম্ভম, ভদ্রতা)] বি, সম্ভম ; ভদ্রতা ; শ্রদ্ধা, আদব। "তাজিমের সহিত কথাগুলি উচ্চারণ করিতেছিল।" > বিণ, তাজিমী-উচ্চ-সম্মানিত ; উচ্চপদস্থ। প্র-তাজিমী সর্দ্দার।

তাজিয়া [ফা°-তাজিআ] বি, গম্বুজ (গুম্বজ দ্র:)। ২ মহরমের সময় পরলোকগত হোসেন হাসেনের কবরের অনুকরণে নির্ম্মিত নকল কবর ; গোঁয়ারা। ৩ [তাজা দ্র:] অস-ক্রি, তর্জ্জন করিয়া।

তাজী-তাজি দ্র:।

তাজ্জব, তাজ্জুব [আ°-তাআজ্জুব] বিণ, অদ্ভুত ; আশ্চর্য্য। তা° ব্যাপার-বিস্ময়কর ঘটনা।

তাঞ্জাম [হি° তামজান > । হি° থামনা (ভার লওয়া স্কন্ধে গ্রহণ করা) > থাম > তাম+জান(সং-যান)-বেহারার স্কন্ধে বাহিত কুর্সি আকার খোলা পালকি > । তাম > তান, যান > জাম] বি, ধাতুময় সুসজ্জিত প্রশস্ত পাল্কী a tonjon. "নবাব মীরকাসেম আলি খাঁ তাঞ্জাম হ'তে অবতরণ-পূর্ব্বক এই গৃহ-মধ্যে প্রবেশ করিলেন।"-বঙ্কিম° (চন্দ্রশেখর)।

তাটঙ্ক-তাড়ঙ্ক দ্র:।

তাটা, তাটী [প্রা-বাং। তটী (উচ্চ-স্থান ; মঞ্চ) > বৃক্ষশাখা, মাচান। এইরূপ উচ্চস্থানে বসিয়া মলত্যাগ করিবার প্রথা হতে হি° টট্টী > বাং টাটী, তাটী। ট=ত] বি, পায়খানা। "যে বল হাড়িপা তোর ঘটই বাড়ী তাটী।"-গোবিন্দ গীত (খৃ° ১১-১২ শতক)। "প্রভাতহে বাড়ী তাটা খটই মোহর (=প্রভাতে যে আমার বাড়ীর পায়খানা খাটে)-ঐ।

তাড়১ [তড় (দুঃখ দেওয়া, আঘাত করা)+অ (ভা°)] বি, তাড়ন। ২ আঘাত। ৩ শব্দ। ৪ পর্ব্বত।

তাড়২ [সং-তাল > হি°-তাড়। ল=ড়] বি, তালবৃক্ষ। ২ [আযু°] তমালবৃক্ষ ; হিন্তাল ; হেঁতাল। ৩ [মিথিলায়-টার] বাহু ভূষণবি: ; (আধু°) তাবিজ ; অনন্ত। "ভুজে বিরাজিত তাড় ভুবন উজর।"-ঘ°। ~পত্র -বি, তাল গাছের পাতা ; তালপাতা। ২ কর্ণভূষণ বি:।

তাড়ক [তাড়ি (আঘাত করা)+অক (র্ত্তৃ)] বিণ, যে তাড়না করে।

তাড়কা [তাড়ি (তাড়না করা-আক্রমণ করা)+অক (র্ত্তৃ)+আ (স্ত্রী:)-যে তাড়িয়া (তেড়ে) আক্রমণ করিয়া মনুষ্যাদি খায়] বি, রক্ষ: সুকেতুর কন্যা, সুন্দ দানবের পত্নী ও মারীচের জননী। অগস্ত্যের শাপে তাড়কা রাক্ষসীত্ব ও মারীচ রাক্ষসত্ব প্রাপ্ত হয়। মিথিলা গমনকালে রাম তাড়কাকে বিনাশ করিয়া-ছিলেন। "সেই পথে রাক্ষসী তা° নামে রয়। তাড়িয়া ধরিয়া খায় যত মুনিগণে।"-কৃত্তি°। ২ [লক্ষ°] উক্ত রাক্ষসীর ন্যায় যে নারী আক্রমণ করে বা তাড়া করিয়া যায়। এই অর্থে তুলনায় 'যেন তাড়কা রাক্ষসী'। ~রি [তাড়কার অরি (শত্রু), ৬তৎ] বি, রামচন্দ্র।

তাড়কেয় [তাড়কা+এয় (অপ-ত্যার্থে)] বি, তাড়কার পুত্র ; মারীচ।

তাড়ঙ্ক, তাটঙ্ক [তট্ (দীপ্তি পাওয়া) =তড়+অঙ্কন(র্ত্তৃ), শরীরে ধারণ করা হলে যা দীপ্তি (শোভা) পায়] বি, কর্ণ-ভূষণবি: ; কাণতড়্‌কা ; কাণবালা। ২ প্রাচীন কন্ঠ-ভূষণবি: ; তাড।

তাড়ন [তড্+ণিচ=তাড়ি (আঘাত করা)+অন (ভা°)] বি, আঘাত ; প্রহার। ২ দণ্ড ; শাসন। ৩ ভর্ৎসনা ; তর্জ্জন। স্ত্রী: ~নী [ণে-অন] যদ্বারা তাড়না করা যায় ; কোড়া ; কশা ; চাবুক। ২ তাড়ন দণ্ড।

তাড়না [তাড়ি+অন (ভা°)+আ

(গ্রাঃ)] বি, উৎপীড়ন। ২ প্রহার। ৩ শাসন। প্র-যমের তাড়না। ৪ ভর্ৎসনা; তিরস্কার।

তাড়স [তাড়্ দ্রঃ। উচ্চারণ ভেদে টাড়স] বি, বেদনা; ব্যথা। প্র-ফোড়ার তাড়সে তার জ্বর হইয়াছে। **তাড়সের জ্বর**-ফোড়া, চোট বা অন্য কোন কিছুর ব্যথা বা যন্ত্রণার আধিক্য বশতঃ জ্বর; তাড়স জনিত জ্বর sympathetic fever.

তাড়া১ [ত্বরা > ভং] বি, ত্বরা; শীঘ্রতা; দ্রুততা; ব্যস্ততা। ২ তাড়াতাড়ির কাজ; কাজের তাড়া। প্র-তার তাড়া দেখে আমি আর বিলম্ব করিতে পারিলাম না। ~**তাড়ি** [ত্বরাত্বরি > ভং, ত্বরা (শীঘ্র) + ত্বরি (শীঘ্র)= অতিশীঘ্র] ক্রি-বিণ, শীঘ্র শীঘ্র; অতিশীঘ্র; অবিলম্বে [তাড়া দ্রঃ]। "বালক কুকুর লয়ে করে তাড়াতাড়ি। ব্যাস দেব গেলা অন্য গৃহস্থের বাড়ী॥"-অ° ম°। ২ [তাড়াতাড়িয়া] তাড়াইয়া; তাড়াতুড়ি দিয়া। "বাঘ পৃষ্ঠে মারে বাড়ি লয়ে যায় তাড়াতাড়ি ভল্লুক প্রবেশে গিয়া গাড়ে।"-কবিক°। ৩ দৌড়াদৌড়ী। ৪ তাড়না। "এইরূপে ব্যাসদেব যান যার বাড়ী। ভিক্ষা নাহি পান আর লাভ তাড়াতাড়ি।"-অ° ম°। ৫ বি, ব্যস্ততা। "তার তাড়াতাড়ির জন্য সব ফেলে আসতে হল।" ~**তুড়ি১** [সহচর শব্দদ্বয়] বি, ত্বরাত্বরি; ত্বরা করিবার জন্য তাড়না। "শুধু তাড়াতুড়ি দিয়া কোনমতে দুধের ঘটিটি বাঁচাইলেন।"

তাড়া২ [তড়্ (দুঃখ দেওয়া, আঘাত করা) >] বি, তর্জ্জন; তাড়না। ২ ভর্ৎসনা। ৩ নিগ্রহ; পীড়ন। ৪ পীড়াপীড়ি। ৫ ধমক। "মার কাছে পুত্র যায় বাপে দিলে তাড়া"-ভারত°। ৬ আক্রমণার্থ পশ্চাদ্ধাবন। ৭ আক্রমণের ভয়; ঝাপটা (জলের); জলতাড়া। প্র-মাছ গুলা তাড়া পেয়ে ডুবে গেল। **তা° খাওয়া** বা **তা° পাওয়া**-তাড়নাপ্রাপ্ত হওয়া; তাড়িত হওয়া। প্র-সে তাড়া খাইয়া অন্যত্র গিয়াছে; তাড়া পাইয়া কুমীরটা জলে ডুবিয়াছে। ~**তুড়ি২** [তাড়া+তুড়্ (তুদ্=তাড়না করা+ই (ভা°)] বি, তাড়ন ও পীড়ন। **তা° দেওয়া**-ত্বরা করিবার জন্য অনুরোধ বা ব্যস্ত করা; কোন কার্য্য শীঘ্র সম্পাদন করিতে বলা। ২ শীঘ্র করণ জন্য পীড়াপীড়ি করা। ৩ এমন তাড়না করা যাতে ছুটিয়া পলায়। ~**হুড়া, -হুড়ো** [তাড়া-হুড়া (ঠেলা)] বি, ত্বরা করিবার জন্য তাড়না; উত্তেজনা দান সহ সত্বরতার জন্য বাক্যদ্বারা দৈহিক বল প্রয়োগ করিয়া প্রেরণা; পীড়াপীড়ি। **জলতাড়া**-জলের ঝাপটা; জলের আঘাত। প্র-ক্রমাগত জলতাড়া পাইলে পুকুরের মাছ শীঘ্র বড় হয়। **মুখতাড়া**-মুখের তাড়না; ভর্ৎসনা।

তাড়া৩ [সং-তড়্ (বন্ধন করা) >] বি, হুড়কা; খিল; তন্দ্রা। প্র-অনেক রাত হয়েছে দেখে সে দোরতাড়া দিয়ে শুতে গেল।

তাড়া৪ [সং-তাড় (মুষ্টি পরিমাণ তৃণাদি) > । হি°-তড়্পা] বি, সমষ্টি; গুচ্ছ; গোছা; আটি; তড়্পা। ২ একত্র সম্বদ্ধ কাগজ পত্র; কাগজের বাণ্ডিল।

তাড়া৫ [সং-তড়্ (আঘাতে) + ণিচ্ = তাড়ি (তাড়না করা) > । তাড়ি, তাড় (তাড়েন, তাড়িস), তাড়ে (তাড়েন); তাড়িতে; তাড়িয়া (গ্রা° তেড়ে, তাড়িয়ে)। ণিজন্ত-তাড়ান] ক্রি, তাড়া করা। ২ তিরস্কার করা। ৩ দণ্ড দেওয়া; প্রহার করা; শাসন করা।

তাড়াতাড়ি-তাড়া১ দ্রঃ।

তাড়ানি [তাড়ি (তাড়না করা, আঘাত করা ই°) > তাড়াই, তাড়াও (তাড়ান, তাড়াস), তাড়ায় (তাড়ান্); তাড়াইতে; তাড়াইয়া (ক্ষে° তাড়ায়ে)] ক্রি, তাড়াইয়া দেওয়া; দূর করিয়া দেওয়া। ২ দূরীভূত করিবার জন্য উড়াইয়া দেওয়া। প্র-মাছি তাড়ান। কাক তাড়ান। ৩ অবমানিত করিয়া দূর করিয়া দেওয়া; বহিষ্কৃত করা; দূর দূর শব্দে স্থানত্যাগ করিতে বাধ্য করা। "তাড়াইব তারে আমি ছাড়াইব দেশ"-ঈ° গুপ্ত। ৪ একস্থান হ'তে অন্যস্থানে হাঁকাইয়া বা তাড়াইয়া লইয়া যাওয়া; চরান; রাখালী করা। প্র-মাঠে মাঠে গরু তাড়ান।

তাড়ি১, তাড়ী [সং-তাল > তাড় + ই, ঈ (তজ্জাত অর্থে)। হি° তাড়ী। বাং-য় ল=ড়] বি, তালরস। ২ তালরসজাত মদ্যবিঃ। ৩ তেরেট গাছ; তাড়িয়াত গাছ। ~**খানা** [তাড়ী+ফা°-খানা (আড্ডা)] বি, তাড়ীর দোকান। তাড়ীপায়ী নেশাখোরদিগের আড্ডা। ২ [লক্ষ°] তাড়িখানার নেশাখোরগণ যেমন উচ্ছৃঙ্খল ইতর আমোদে মত্ত হয় ও বিরাট চীৎকার ও বিকৃত কণ্ঠস্বরে গান করে সেইরূপ কোন স্থানে দশজন মিলিত হইয়া ইতর গীতাদি ও মাতামাতি করিলে সেইস্থান "তাড়িখানা করিয়া তুলা" বলে।

তাড়ি২ [তাড়না (দ্রঃ), পদ্যে] ক্রি, তাড়না বা তাড়া করিয়া। "জঘন পর তাড়ি"-বি° প°। "তারা, হুঙ্কার ছাড়ি যাইছে তাড়ি"-রামা° (রঘুনন্দন)।

তাড়ি৩ [সং-তাল (অঙ্গুষ্ঠ হ'তে মধ্যমাঙ্গুলির মধ্যে ধৃত হয় এরূপ পরিমাণ)= তাড় (তাড়া৪ দ্রঃ) + ই (ক্ষুদ্রার্থে)। বৃহদর্থে-তাড়া] বি, ছোট তাড়া বা গুচ্ছ। প্র-পাত তাড়ি=তালপাতার তাড়ি বা গুচ্ছ।

তাড়ি৪ [প্রাদে°। টাটী > তাটি >]বি, একপ্রকার নলযুক্ত সুপ্রমুখ মৃন্ময় তৈল পাত্র।

তাড়িত১ [তাড়ি (তাড়ন করা) + ত (র্ম)-যাকে তাড়ন করা হইয়াছে] বিণ, উৎপীড়িত। ২ দণ্ডিত। ৩ দূরীকৃত। ৪ তিরস্কৃত। ৫ আহত। ৬ বিদ্ধ।

তাড়িত২ [তাড়্ (বেগে গমন করা) >] বি, পদার্থবিশেষের ঘর্ষণ দ্বারা যে আকর্ষণী বা বিয়োজনী শক্তি উদ্ভূত হয় electricity ইহা উত্তাপ ও আলোকের ন্যায় শক্তিবিঃ; বিদ্যুত। ২ বিণ, বৈদ্যুতিক, বিদ্যুদ্ভব; বিদ্যুন্ময়। দ্রঃ-তাড়িৎ এবং বিদ্যুৎ যে একই পদার্থ, বেঞ্জামিন্ ফ্রাঙ্কলিন্ তা প্রমাণ করেন]। ~**পদার্থ** [তাড়িত রূপ যে পদার্থ, ধা] বি, তাড়িতের গুণ বা ধর্ম্মযুক্ত পদার্থবিঃ electricity. ~**পরিচালক** [তাড়িতের (বিদ্যুতের) পরিচালক (স্থানান্তর গমন নিয়ামক), ৬তৎ] বিণ, যে সকল বস্তু দ্বারা তাড়িত পদার্থ এক স্থান হ'তে স্থানান্তরে পরিচালিত হয়; তাড়িত সঞ্চালক conductor of electricity. ~**বার্ত্তা** [তাড়িত বাহিত বার্ত্তা (সংবাদ)] বি, তাড়িত সংবাদ telegraph. ~**বার্ত্তা**-

[তাড়িত (বিদ্যুৎ) রূপ বার্ত্তাবহ (সংবাদ জ্ঞাপক), ধা] বি, যে বৈদ্যুতিক যন্ত্র দ্বারা তড়িৎ-গতি সংবাদ আইসে electric telegraph. ~মানযন্ত্র-বি, তাড়িতের সঞ্চালন, সঞ্চয় ই°-র পরীক্ষার জন্য ব্যবহৃত যন্ত্রবি:; ইলেক্‌ট্রোস্কোপ electroscope ~শকট-তড়িৎ শক্তিচালিত শকট; বৈদ্যুতিক তারযোগে চালিত ট্রাম গাড়ী ই°। ~সঞ্চালক-বিণ, তাড়িত পরিচালক conductor of electricity.

তাড়িতালোক [তাড়িত + আলোক] বি, বৈদ্যুতিক আলোক; বিজলী বাতি electric light.

তাড়িনু [তাড়া দ্র:। প্রা°-বাং-তাড়িলুঁ, -লোঁ >। আধু° তাড়িলাম] ক্রি, উ-পু, ভর্ৎসিনু; তিরস্কার করিলাম। "কারাগারে অবতরি তার বন্ধন দূর করি স্বপনে তাড়িনু নৃপবরে।"-কবিক°।

তাড়িপত্র [তাল=তাড়, তাড়ি + পত্র (পাতা), ৬তৎ] বি, তাল পাতা। ২ তালপত্রাকৃতি খড়্গাবি:; তালপত্র নামক খাঁড়া। "সঘনে লোফয়ে দানা তাড়ি পত্র খাঁড়া"-কবিক°। "তাড়িপত্র খাণ্ডা উভারিল বীরবর" -কবিক°।

তাড়ী-তাড়ি দ্র:।

তাড়ু [তাড়ি (তাড়না করা) >] বি, ময়রার ভিয়ান করিবার হাতাবি:; ঘোঁটন দণ্ড। "মন যদি মোর ভিয়ান করিস, ওরে কালীনাম কালীর চিনি বদন খোলাতে ঢালিস। বর্ণমালা উড়কি করে ক্রমে ক্রমে তাতে রাখিস আর আলস্য ত্যজিয়া সদা রসনা তাড়ু তে নাড়িস।-রা° প্র°।

তাড্যমান [তাড়ি (তাড়না করা) + আন (শ); য্, ম্ আগম] বি, যাকে তাড়ন করিলে মনের উৎসাহজনক শব্দ করে; যন্ত্র; ঢক্কাদি। ২ বিণ, আহন্যমান; পীড্যমান। ৩ যাকে প্রহার, দণ্ড বা শাসন করা হইতেছে।

তাণ্ডব [তণ্ডু (শিবানুচর নন্দী) + অ (রচনার্থে)। তণ্ডু নৃত্যপ্রণালীর স্রষ্টা এবং তাণ্ডব ঋষি এই প্রণালীর প্রথম প্রবর্ত্তক বলিয়া] বি, নৃত্য; নাচ। "নৃত্য করে অপ্সরা * * * তাণ্ডব যেথেন হযে যতেক দেবতা।"-ধ°। "তাণ্ডবে তুষিয়া দেবে খণ্ডাইবে পাপ।"-ঐ। ২ শিবের নৃত্য। ৩ পুরুষের নৃত্য [স্ত্রী নৃত্যের নাম লাস্য]। ৪ উদ্ধত নৃত্য; উদ্দণ্ড নৃত্য। ৫ নর্ত্তন রোগবি:। "গা মাথা খুলিয়া ঐ তাণ্ডব।" ৬ তৃণবি:। ~প্রিয় [তাণ্ডব (নৃত্য) প্রিয় যার, বহু] বি, শিব। ২ বিণ, নৃত্য-প্রিয়। ~লীলা-বি, উদ্দণ্ড নৃত্যলীলা। ২ ধ্বংসলীলা; দক্ষযজ্ঞ ব্যাপার।

তাণ্ডবি [তাণ্ডব + ইয়া* (ক্রিয়ায়) > তাণ্ডবিয়া (নামধাতু) >] অস-ক্রি, তাণ্ডব নৃত্য করিয়া; নৃত্য করিয়া। "তাণ্ডবি উল্লাসে"-মাইকেল।

তাণ্ডি [তণ্ডু (শিবানুচর নন্দী) + ফি (কৃতার্থে)] বি, নন্দীকৃত নাট্যশাস্ত্র।

তাত১ [তায় (পালন করা) + ত (র্তৃ), য় লোপ, যিনি সন্তান উৎপাদন ও পালন করেন] বি, পিতা। ২ পিতৃব্য। ৩ পূজ্য ব্যক্তি; মান্য ব্যক্তি। ৪ পুত্রসম স্নেহের পাত্র। ৫ পুত্রের প্রতি স্নেহসূচক সম্বোধন। "মাতা বলে তাত আজিকার দোষ খণ্ড।" -মহা° (কাশী)। ~গু-বি, পিতৃব্য। ~তুল্য, ~সম-বিণ, পিতৃ সদৃশ।

তাত২ [তন্ (বিস্তার করা) >, যা পদার্থকে বিস্তার করায় (তাপ পেলেই কঠিন পদার্থ বিস্তৃত হয়), কিম্বা, তপ্ (সন্তাপ দেওয়া) + ত প্রত্যয় যোগে তপ্ত > ভং তাপ, তাত] বি, উত্তাপ; তাপ; আঁচ। "তাত সয় ত বাত সয় না"-প্রবচন। ২ ক্রোধ; ঝাঁঝ; মেজাজের উষ্ণতা বা গরমী [তুল-আ°-তাব্]।

তাত৩ [তাহাত (তাহতে) > কে°] অ, তজ্জনিত। "নদ্যা চান্দের জ্বর উঠছে মাথায় বেদনা তাত"-মৈ° গী°। ২ [তথি-তথা-তাহাত (তাহাতে) > কে° তাত, এই অর্থে প্রা-বাং-র তাতা ও°। "তাতা পড়ি গেল দিঠী"-শ্রী°কী°] তাহাতে। "তাত বড় লোভ মোরে"-শ্রী° কী°। ২ তদ্দ্বারা। "নেত বসন তাত ওহাড়ন দিআ"-ঐ। ৩ তথায়। "তাত ময়ূরের পুচ্ছ দিল সুবেশ।"-ঐ। ৪ তদ্বিষয়ে। "তাত কর সত"(=সত্য)-ঐ।

তাত৪ [প্রা-বাং। সম্বন্ধ বিভক্তির ক=ত] স, তাহার।

তাতন [তাতা দ্র:] বি, উত্তাপন; তপ্ত হওন; তাতিয়া উঠন। ২ ক্রুদ্ধ হওন।

তাতরস, তাতরসি [তাত (তপ্ত)-রস (ইক্ষুরস)] বি, ইক্ষুরস তাতাইয়া বা জ্বাল দিয়া প্রস্তুত তরল গুড়।

তাতল [তাত + ল (হি°-বালা=আল, যুক্তার্থে), তাতযুক্ত। ব্রজ°] বিণ, তাতাল; তপ্ত; উষ্ণ। "তাতল সৈকতে বারি বিন্দু-সম সুতমিত রমণী সমাজে"-বি°প°। "তাতল উপল কোলে সলিল কণা, ঝরিতে পরশিতে দেখা গেলনা।"-ক্ষী° প্র° বিদ্যাবিনোদ।

তাতা১ [তাত দ্র:। তাতি, তাত, তাতে; তাতিতে; তাতিয়া (কে° তেতে)। পিজন্ত-তাতান] ক্রি, তপ্ত হওয়া; তাতিয়া উঠা। ২ ক্রুদ্ধ হওয়া; গরম হয়ে উঠা। ৩ [সং-তপ্ত > প্রাকৃ° তত্ত > প্রা-বাং তাত, তাতা] বিণ, তপ্ত। "তাতা করিয়া নন্দি মহাডাক ছাড়িল। সুনার কান্তাখানি গঠিয়া জুগাল॥" -শূ° পু°।

তা-তা২ ["তাহা তাহা" > কে°] স, তাহা তাহা; সেই সেই বস্তু বা বিষয়। প্র-যা যা আনতে বলেছিলুম তা তা এসেছে কি?

তাতা-থৈ, তাতা-থৈই, তাতা-থেই থেই [অনু°] অ, বাদ্য ও তাণ্ডবের তালে তালে পদতল ও করতল বাদ্য; শিবানুচরগণের বোল। "তাধিয়া তাধিয়া বাজয়ে তাল তা তা থেই থেই বলে বেতাল॥" -অ° ম°।

তাতান [তাত (তপ্ত) + আন। তাতাই, তাতাও, তাতায়; তাতাইতে; তাতাইয়া (কে° তাতিয়ে)] ক্রি, উষ্ণ করা; তপ্ত করা; তাপ দেওয়া। ২ জ্বাল দেওয়া; গরম করা। প্র-লোহা তাতান। ৩ বিণ, উত্তপ্ত। প্র-তাতান লৌহ; তাতান বালি ই°।

তাতারা [তিত্তির দ্র:] বি, তিত্তিরী জাতীয় পক্ষী। "তা° তিত্তির তোতা তাতেলে বিহগ।"-ধ°।

তাতাল১ [তপ্ত > তাত + আল (আল১ দ্র:)] বি, যারা টিনের কাজ করে, তাদের ঝাংঝাল দিবার লৌহনির্ম্মিত যষ্টিবি: যার অগ্রভাগ আগুনে তাতাইয়া ব্যবহার্য্য।

তাতালি২, তাতালিয়া [তাত২,

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র), ˘হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ক্ক=ক্‌ক ঞ্চ=ন্চ ক্ত=ক্ত ঙ্ক=ঙ্ক হু হ্ম হ্ন ক্ষ=হ্ম বৃহ লহ ত্ত হ্ম, জ্ঞ ক্ষ ত্র=ং/৮ ও ছা° দ্র:

তাতল দ্রঃ। তাত+আল (বালা যুক্তার্থে), তাতাল১ (দ্রঃ)+ইয়া (সদৃশ)] বিণ, উত্তপ্ত : উষ্ণ। ২ ক্রোধী ; রগচটা। ৩ বি. রোগ; পীড়া।

তাতে১ [তাহাতে ~ ক্ষে°] অ, তাতে: তার মধ্যে। ২ তার জন্য : তজ্জন্য ; তা বলিয়া। "কেন পিতঃ! আমাদের অধিক অর্থ নাই, রাজার ন্যায় বিভব নাই, তাতে আমরা কিসে অসুখী?"-শৈ° ঘোষজায়া।

তাতে২ [তাত২ :] ক্রি, তপ্ত হয়; গরম হয়। ২ মেজাজ গরম হয় ; চটে।

তাতেলে [তিত্তিরি পক্ষী ভেদে?] বি, পক্ষিবিঃ।"তাতারা তিত্তির তোতা তা° বিহগ"-ঘ°।

তাৎকালিক [তৎকাল (সেই সময়)+ইক (উৎপন্নার্থে)] বিণ, তৎকালোৎপন্ন; তৎকালভব; তৎকালীন, সেই সময়ের। ২ সমসাময়িক contemporary

তাৎপর্য্য [তৎপর (সচেষ্ট)+য (ভা°)] বি, বক্তার ইচ্ছা ; অভিপ্রায়। ২ মর্ম, উদ্দেশ্য। ৩ তৎপরতা।~গ্রাহি-অর্থবোধ।

তাথিই-তাথে দ্রঃ।

তাথে [তাহাতে (দ্রঃ)] অ. অধিকন্তু। "তাথে গর্ভদশা ইব স্থিতি"-শূ° পু°। ২ তৎকারণ : তজ্জন্য। "ধোবিণী সহিতে চণ্ডীদাস তাথে জাতি পাতে হল্য ছাড়া॥" -শ্রী° কী°।

তাথৈ, তাথৈয়া, তাগিই [অনু°। থই দ্রঃ। পুনঃ পুনঃ শব্দ হওয়ার অর্থে দ্বিত্ব] অ, খোল ই° বাদ্যযন্ত্র হতে উত্থিত শব্দ : উদ্দণ্ড নৃত্য-শব্দ। "মুখে গায় মিষ্ট বোল খদির কাষ্ঠের খোল তাথই তাথই ঘন বায়।" -ক্ষেমা° ও কেতকা°। "তাথৈ তাথই হো হো হৈ হই ভৈরব ভৈরবী নাচে।"-ভারত°। "তাথৈ তাথৈ থা, বাজে পাখোয়াজ মধুর কঙ্কণ কিঙ্কিণী।"-গোবিন্দ। ২ আনন্দে বা হর্ষভরে উদ্দণ্ড নৃত্য। "ইংলিশম্যান তাথৈ তাথৈ নাচিতেছেন"-বঙ্গবাসী, ১৩১৮, ২০ মাঘ।

তাদিত্মিক [অর্থশা° পরিঃ] বি, যে স্বকীয় অর্জ্জিত ধনের সকলই ব্যয় করে [ব্যয় কুণ্ঠ দ্রঃ]।

তাদবস্থ্য [তদবস্থা+য (ভা°)] বি, সেই অবস্থায় অবস্থিতি।

তাদর্থ্য [তদর্থ (তন্নিমিত্ত)+য (ভা°)] বি, তৎকারণতা ; তৎহেতুত্ব।

তাদাত্ম্য [তৎ (সেই)+আত্মা (স্বরূপ) যার=তদাত্ম(তৎস্বরূপ)+য(ভা°)] বি, একাত্ম ভাব ; তৎস্বরূপতা ; সম্পূর্ণ অভিন্নতা।

তাদারিক-তদারক দ্রঃ।

তাদৃক্ [তাদৃশ্ শব্দ (দ্রঃ) ১মা° ১ব°] বিণ, তাদৃশ ; তদ্রূপ।

তাদৃক্ষ [সং] বিণ, তাদাত্ম্য নিয়ম মত। ২ যুক্তির একটী মৌলিক নিয়ম-যে বস্তু যাহা তাহা তাহাই।

তাদৃশ [তদ্ (সেই)-দৃশ্ (দর্শন করা)+অ (র্ম্ম)-যা সেইরূপ দৃষ্ট হয়] বিণ, তদ্রূপ ; তদ্বিধ। স্ত্রীং ~ী। "ঈদৃশী তাদৃশী নহ ঈশান ঈহিণী"-অ° ম°।

তাধিয়া [অনু°। ধিন্‌তা, তাধিন তা তাধিয়া ই° নৃত্যের তাল ও বোল হ'তে] বি, তাণ্ডব নৃত্য : শিবানুচরদিগের নৃত্য। "ডিমি ডিমি ডিমি ডমরু বাজিছে। তাধিয়া তাধিয়া পিশাচ নাচিছে॥"-অ° ম°। ২ তাণ্ডব নৃত্যের ও বাদ্যের শব্দ। "তাধিয়া তাধিয়া বাজয়ে তাল। তাতা থেই থেই বলে বেতাল॥" -অ° ম°।

তান১ [তন (বিস্তীর্ণ হওয়া)+অ (র্ম্ম ভ্রা°)-যা গায়ক কর্ত্তৃক বিস্তীর্ণ হয়] বি, গানের অঙ্গবিঃ ; অনুলোম বিলোম গতিতে গমক মূর্চ্ছনাদির দ্বারা রাগাদির বিস্তার melody ২ রাগ tune "রাগ-রাগিণী যত জাগ্রত হইল। রূপ প্রকাশিয়া ত্রিভুবন রাজিল॥ * * * * সুরলোক মোহিত মোহন কুহকে। স্তম্ভিত বীণাপাণি সুর তান পুলকে॥" -দশমহাবিদ্যা। "আন তবে বীণা, সপ্তমসুরে বাঁধ তবে তান্।-স্বপ্নময়ী নাটক। ৩ সুর। "এক তানে সমীরণ সনে গাইছে তটিনী কুলকুল স্বনে"-বাং-গান। ৪ [হিং-তান] ধ্বনি ; ডাক ; স্বর। "থাকিয়া থাকিয়া কাননে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান।" -রবী°। ৫ স্বরবিন্যাসের অন্যতর নাম ; গানের রাগিণীর আলাপমাত্র। "তান মান বাদ্যতাল নৃত্য গীত ক্রিয়াকাল তোমা হৈতে সকল নির্ণয়।"-অ° ম°। **তান ছাড়া** [গ্রা°-তা° মারা] ক্রি, মুক্তকণ্ঠে গান করা। "মনেরি বাসনা যদি গাবি গান, যদি থাকে বোধ উদ্ভব লয়ের স্থান, তবে ত্রাণ কর মা বলে একবার তারা নামে ছাড় তান।"-গোবিন্দ ব্রহ্মচারী। **তা° তোলা**-ক্রি. গানের সুর ক্রমে তোলা ; উচ্চ হতে উচ্চতর গ্রামের সুর চড়ান। "থাকিয়া থাকিয়া বিজনে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান।"-রবী°।"দিবা-নিশি নাহি আন সপ্তমে তুলি তান; নারদ মনোমত ধ্বনি, বীণা বাজা রে॥"-হেম°। **তা° ধরা**-ক্রি. কোন বিশেষ সুর ধরা ; কোন সুরে গমক মূর্চ্ছনাদিসহ গান করা। ২ গান আরম্ভ করা। প্র-এইবার তান ধর আর বিলম্ব করো না [তুল-হিং-তান ; ইং-tone, tune ; গ্রী°-tonos ; ল্যা°-tonus—a stretching straining raising of the voice ; ইতা°-tonus : স্পে°, প্র°, ফ্রে°, জর্ম্ম°, সুই°-ton ; ডে -tone ; ডচ্-toon]। ৩ সঙ্কল্প; লক্ষ্য। প্র-এক তান মন। ৪ চাল; ধরণ gait ; air

তান২ [প্রাদে° পূঃ-বঙ্গ। গ্রা°। তদ্ শব্দ ৬ষ্ঠী বহুব° "তাণং" > তাণ। রূপান্তরে-তাঁর, তাঁন তাহান, তাঁহার, তানার। ণ=ড=র়) সম্ভ্রমার্থে, তুচ্ছার্থে-তার] স, তাঁহার (এই অর্থে গ্রা° 'তেনীর' ও°)। "তাঁহার তনয়া মহামায়া নাম তান। সালঙ্কারের সুপাত্রে কন্যা কৈল দান॥"-সারদা ম° (শিবচন্দ্র)।

তানপূরা [তান (স্বর) পূরা (যদ্দ্বারা পূর্ণ হয়)-যার শব্দ দ্বারা গায়কের স্বর পূর্ণ হয়] বি, বীণার আকৃতি বাদ্যযন্ত্রবিঃ ; তম্বুরা বা তাম্বুরা।

তানব [তনু (কৃশ)+অ (ভা°)] বি, কৃশতা ; কার্শ্য ; তনুতা। [বিরল]।

তানা১ [সং-তন্ (বিস্তারে) > হিং -তানা the warp] বি, বুনানের লম্বা সুতা ; টানা সুতা ; পড়েনের বিপরীত অর্থাৎ চওড়া দিকের বুননের সুতা। ~পড়েন [তানা+পড়িয়ান > ক্ষে° পড়েন]-বস্ত্রের লম্বা দিকের ও প্রস্থের সুতা ; টানাপড়েন (দ্রঃ) the warp and the woof.

তানা২ [হিং-তানা] বি, ছলনা।

"জবাফুলে মোর পদ পূজেছে সাক্ষাতে। তায় যে তোমায় পাবে এত তানা তাতে॥"-ঘ০। "সেন বলে তাজ তানা তনু দেখি ক্ষীণ। শ্রীধর্ম্মদাসের দাস আমি অতি দীন॥"-ঘ। ২ দমবাজী ; ধোঁকা। ৩ ভাংচী ; কুমন্ত্রণা।

তানা$_{৩}$ [তান$_{১}$ (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। তানি, তান, তানে ; তানিতে ; তানিয়া] ক্রি, তান ছাড়া ; তান দেওয়া।

তানাক [তক, তলক দ্রঃ। গ্রা০] অ পর্য্যন্ত ; লাগাইদ।

তানাজা [আ০-তনাজা (ঝগড়া)] বি. বিবাদ ; কলহ ; ঝগড়া। ২ ওজোর।

তানা-না-না [অনু০] বি. সঙ্গীত আলাপের প্রারম্ভিক স্বর ভাঁজিবার বোল। প্র-তুম্ তানা নানা ই০। ২ অ. [গান করিবার পূর্ব্বে বা সেতারাদি বাদ্য বাজাইবার পূর্ব্বে স্বর সাধিবার সময় তানা নানা করিতে প্রকৃত সঙ্গীতারম্ভে বিলম্ব হওয়ার ভাব >] বাজে কাজে সময় নষ্ট করা ; মূল কার্য্যে প্রবৃত্ত হইবার পূর্ব্বে তার আয়োজনে সময়ক্ষেপ। প্র-তোমার তানা নানা করতেই সময় গেল তুমি ষ্টেশনে যাবে কখন? ৩ গোলমাল ; গণ্ডগোল ; গোলযোগ।

তানার-তার$_{৭}$ দ্রঃ।

তানিমা [রবী০ উদ্ভাবিত] বি, তরুণিমা juvenility.

তানূর [তন্ (বিস্তারে) >] বি, আবর্ত্ত ; ঘূর্ণীজল ; জলভূমি।

তানে$_{১}$, তাহানে [তাঁহাকে শব্দের প্রাদে০ রূপান্তর। প্রা০ বাং-য় সম্ভ্রমার্থে। তুচ্ছার্থে তারে] স. তাঁহাকে। "অতএব বৈষ্ণব না ছাড়ে কভু তানে।"-কবিক০। "শচীদেবী তানে দেখিলেন যেইক্ষণে। সেই কন্যা পুত্র যোগ্যা বুঝিলেন মনে।"-চৈ০ভা০। ২ তাঁহার প্রতি।

তানে$_{২}$ [তান$_{১}$ দ্রঃ] ক্রি. তান দেয় ; ডাকে ; শব্দ বা রব করে [অপ্র০]। "ঘোরনাদে ঘুঘু যেন ঘন ঘন তানে।"-ঘ০।

তান্তব [তন্ত+অ (নির্ম্মাণ বা বিকার অর্থে)] বিণ. তন্তুনির্ম্মিত। ২ বয়ন। ৩ বিণ, যা পিটিয়া অত্যন্ত সূক্ষ্ম তার প্রস্তুত করা বা বাড়ান যায় ductile. ~তা (-বঁ-) [তান্তব+তা (ভা০)] বি. যে গুণ থাকিলে বস্তুকে টানিলে বা টিপিলে বিস্তৃত হয়। "অনেক ধাতু পদার্থকে টানিয়া সূক্ষ্মতন্তু অর্থাৎ তার হয় : এই ধর্ম্মকে তান্তবতা বলে।"-পদার্থবিদ্যা (ত্রিবেদী)।

তান্ত্রিক [তন্ত্র+ইক (ষ্ণ)] বিণ. তন্ত্রশাস্ত্রবেত্তা বা তন্ত্রমতাবলম্বী। ২ তন্ত্রশাস্ত্রসম্বন্ধীয়। ৩ তন্ত্রশাস্ত্রবিহিত। ৪ সিদ্ধান্তজ্ঞ। ৫ তন্ত্র বা তার সংক্রান্ত। ৬ সাম্প্রদায়িক বা বিশেষ মত সম্বন্ধীয়। ৭ কলা বা বিদ্যা-বিশেষের পারিভাষিক technical [দ্বি০ ঠাকুর]।

তাপ [তপ্ (উত্তপ্ত করা, গরম করা) + অ (ভা০)] বি. উষ্ণতা। ২ [জড়বিজ্ঞানে] উত্তাপ শক্তির প্রকার ভেদ মাত্র, এই শক্তি জড় পদার্থের অণুতে নিহিত থাকে। "কঠিন ; তরল, বায়বীয় সকল পদার্থের অণু গতিশীল ও শক্তিযুক্ত হইলেই ঐ সকল পদার্থ তপ্ত হয়।"-পদার্থবিদ্যা (ত্রিবেদী) ; উত্তাপোৎপাদক শক্তি। "ইহা ভৌতিক জগতের একটি প্রধান বল। মতান্তরে ইহা পদার্থের পরমাণুর গতির কার্য্যফল মাত্র।"-ভৌতিকতত্ত্ব। [দ্রঃ-"তাপ আর উষ্ণতা এক নহে তবে দুইএ কোন ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। তাপযোগে উষ্ণতা বাড়ে, আর তাপ বাহির হইয়া গেলে উষ্ণতা কমে। * * * পদার্থ মাত্রেই তাপ অল্প বা অধিক পরিমাণে আছে, বরফ এমন শীতল তাহাতেও তাপ আছে।" "স্পর্শেন্দ্রিয় যাহার খবর দেয় তাহা তাপ নহে, তাহা উষ্ণতা।" -পদার্থবিদ্যা (ত্রিবেদী)। ৩ ক্রোধ ; কোপ। "তাপে তবে ত্বরিত কর্পূর ধরে চুলে॥"-ঘ০। ৪ জ্বর fever. ৫ বায়না ; আবদার। "সে বাছা তুলেছে তাপ কলার কারণ। আপনি গড়িয়া দেহ দিব যত ধন॥" -ঘ০। ৬ মনঃকষ্ট ; মনস্তাপ ; শোক। "বসুন্ধর বসুন্ধরা অন্নদার শাপে। সমাধিতে দিয়া মন তনু ত্যজে তাপে॥"-অ০ ম০। ৭ আধ্যাত্মিক আধিদৈবিক, আধিভৌতিক এই ত্রিবিধ দুঃখ। "ত্রিবিধ তাপেতে তারা নিশিদিন হতেছি সারা।"-বাং-গান (রাম দত্ত)। "বিষ-কণ্ঠ মোর স্বামী সহিতে না পারি আমি তনু শুকাইল সেই তাপে।"-কবিক০। ~ক্লিষ্ট-বিণ. তাপ হেতু কষ্ট বা দুঃখ প্রাপ্ত। ~হারী-তাপহরণ দ্রঃ। ~সেক, সেক-তাপ-বি. উষ্ণ বাষ্পের ভাবরা দেওয়া এবং আগুনের উত্তাপ প্রয়োগ [গরম জলে সিক্ত বস্ত্র নিংড়াইয়া যে উষ্ণ বাষ্প প্রয়োগ করা হয় তা সেক এবং করতল বা শুষ্ক বস্ত্র আগুনের উত্তাপে উষ্ণ করিয়া প্রয়োগ-তাপ]।

তাপক [তপ্ (উত্তপ্ত করা) + অক (কর্ত্তৃ)] বিণ. যে উত্তপ্ত করে ; তাপজনক। ২ সন্তাপক ; মনস্তাপকারী। ৩ বি, জ্বর।

তাপতা, তাপ্তা-তাফতা দ্রঃ।

তাপ তুলা [তাপ দ্রঃ। তুল-হি০ 'দুঃখ উঠানা' (হি০ শ-সাগর)।] ক্রি, শোক করা ; দুঃখ করা ; আবদার ধরা ; বায়না ধরা।

তাপত্রয় [তাপের ত্রয় (ত্রিবিধ), ৬তৎ] বি. ত্রিবিধ তাপ ; আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক দুঃখ।

তাপন [তপ্+ণিচ=তাপি (উত্তপ্ত করান) + অন (কর্ত্তৃ)] বি, সূর্য্য। ২ কিরণ। ৩ সূর্য্যকান্তমণি। ৪ মদনের পঞ্চবাণের মধ্যে একটী। ৫ [ভা০-অন] তাপজনন। ৬ বিণ. তাপজনক।

তাপনম্য [তাপ (দ্বারা) নম্য (নমনীয়), ৩তৎ] বিণ যা তাপস্পর্শে এরূপ নরম হয় যে তাকে ইচ্ছামত বক্র করা যায় ; যা তাতাইয়া নোয়ান যায়, যেমন শৃঙ্গ।-বস্তুবিচার।

তাপনীয় [তাপি+অনীয় (র্ম্ম)] বিণ, তাপ্য ; তাপজননের যোগ্য। ২ তপ্ত করিবার উপযোগী।

তাপমান [তাপ-মান (পরিমাণ)] বি, উত্তাপের পরিমাণ। ২ তাপ পরিমাপক যন্ত্র। ~যন্ত্র-বি, উত্তাপ-নিরূপণ যন্ত্র ; যে যন্ত্রে উত্তাপের পরিমাণ জানা যায় thermometer.

তাপর [তা$_{৪}$ (দ্রঃ) + পর (উপর)। ব্রজ০। হি০-তিস্‌পর] অ, তাহার উপর ; তদুপরি। "তাপর দেখহ বিধু সে অরুণ তাপর ময়ূর অহি।"-জ্ঞা০। ২ অধিকন্তু।

তাপস [তপস্ (তপস্যা) + অ] বিণ তপস্যাকারী। ২ বি তপস্বী ; মুনি। "একি তাপসের মন অচল অটল"-নবীন তপস্বিনী। ৩ [বৈদ্যকে] বি, তেজপাত। ~তরু

[তাপসের ব্যবহার্য্য যে তরু, ধা] বি, ইঙ্গুদী বৃক্ষ ; তাপসদ্রুম। এই বৃক্ষের ফল হ'তে তৈল নিঃসৃত করিয়া মুনিরা ব্যবহার করিতেন। ~প্রিয় [তাপসের প্রিয়, ৬তৎ] বিণ, তাপসদিগের প্রিয়। ২ বি, পিয়াল বৃক্ষ। > স্ত্রীং ~প্রিয়া-দ্রাক্ষালতা।

তাপসেক-তাপদ্রঃ।

তাপিস্য [তপস্+য] বি, তপস্বীর ধর্ম্ম।

তাপহরণ,-হারী [তাপ-হরণ হারী (যিনি হরণ করেন)] বিণ, যিনি ত্রিতাপ হরণ করেন। "তুমি বন্ধু তুমি নাথ, নিশিদিন তুমি আমার। তাপহরণ তোমার চরণ অসীম শরণ দীন জনার॥"-রবীং।

তাপা [তাপ+আ (ক্রি বিভক্তি)। তাপি, তাপ, তাপে ; তাপিতে ; তাপিয়া ক্বং পদ্যে-তাপি)। ণিজন্ত-তাপান] ক্রি, তাপ লওয়া ; আগুন বা রৌদ্র পোয়ান। ২ তপ্ত হওয়া ; গরম হওয়া। ৩ রাগ করা ; রুষ্ট হওয়া। ~ধিক্য-বি, তাপের আধিক্য বা বৃদ্ধি।

তাপানি [তাপ+আন] ক্রি, উত্তপ্ত করা ; তাতান। ২ দুঃখ দেওয়া ; সন্তাপিত করা। ৩ রাগান [বিরল]। ব্রজং- তাপায়ল, তাপায়লু-তাপিত করিল। "হিম হিমকর তাপে তাপায়লু।"-বিং পঃ।

তাপিত [তপ্ +ণিচ্=তাপি (উত্তপ্ত করা) +ত (র্ম্ম)] বিণ, তপ্ত ; তাপযুক্ত ; তাপপ্রাপ্ত। ২ দুঃখিত ; সন্তাপিত। "হে হরি সুন্দর, তৃষিত তাপিত মম প্রাণ শীতল কর"-দ্ধং।

তাপী [তাপ+ইন্ (স্ত্যং) = তাপিন্ ১মা, ১বং] বিণ, উত্তপ্ত ; তাপপ্রাপ্ত ; তাপযুক্ত। ২ সন্তপ্ত ; দুঃখপ্রাপ্ত ; ত্রিতাপে তাপিত। ৩ [তপ্ +ণিচ্=তাপি+ইন্ (র্তৃ)] বিণ, তাপজনক। স্ত্রীং-তাপিনী-তাপযুক্তা ; সন্তপ্তা ; দুঃখিনী। "বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়।"-অং মং। "সহজহি বিরহিণী জগমাহা তাপিনী বৈর মদন-শর-ধারা।"-বিং পং।

তাফতা [ফাং-তাফ্তহ্। প্রাং তাপ্তা] বি, ধূপছায়া চেলী ; কপোতকণ্ঠ বর্ণের রেশমী বস্ত্র-বিঃ ; রেশম ও পশম মিশ্রিত শীতবস্ত্র।

তাফাল [ফাং-তফ্ (=তাপ) > তফ্ৎ (তাপ, উত্তাপ) >] বি, খেজুরের বা আকের গুড় তৈয়ার করার উনুন।

তাব [তুল-ফাং-তাব। আ-তুবার্ =দেবতরু] বি, ধুনা।

তাবকী [তবক দ্রঃ। তুকী-তবক্চী] বিণ, তবকধারী ; বন্দুকধারী। "তাং ধনুকী ঢালী রায় বেঁশে মাল। দফাদার জমাদার চলে সদীয়াল॥"-অং মং।

তাবৎ [তদ্ (সেই) +বৎ=তাবৎ (সাকল্যার্থে, পরিমাণার্থে সং হতে অবিকল গৃহীত)। বাং ভ্রং-তাবত, তাবন্ত ওং] বিণ, তৎসংখ্যক। ২ তৎপরিমাণ ; তত। "এইরূপে মজুন্দার সপ্তাহ যাবৎ। যোগাইলা যত দ্রব্য কি কব তাং"-অং মং। ৩ তৎসমুদয় ; সেই সমস্ত। "তাং চরাচরকে ব্রহ্মরূপে জ্ঞান করিবে"। "যেহেতু তাং বিধি আছে"-রাজা রামমোহন রায়। ৪ সকল লোক। "অবন্তীপুরের তাবতের মুখে এই কথা"-বিমলা (দামোদর)। ৫ ক্রি-বিণ, তৎকালে। ৬ ততক্ষণ ; সেকাল পর্য্যন্ত ; তদবধি।

তাবত [তাবৎ দ্রঃ। তা বলে, তাই বলিয়া দ্রঃ। তাবন্ত ওং (উনবিংশ শতাব্দের মধ্য ভাগের বাংলা। বিণ, সমস্ত। "নাজির হইয়া জিলার তাং লোকের প্রতি অতিশয় অত্যাচার কারায় সমুদায়ের কোপভাজন হন।"-কালীকমল সার্ব্বভৌম (বঙ্গসাহিত্য পরিচয় ২য় ভাগ)।

তাবর [তারপর > তাপর > তাবর] অ, তারপর ; তাহা ছাড়া। "তাং দুভিতে চাই দুগাছি সলি দড়ি"-শূং পুং।

¹তাবিজ [আং-তবীজ্] বি, বাহুভূষণ বিঃ। ২ [হিং-তাবীজ] অঙ্গে ধারণযোগ্য কবচ ; মাদুলী। "মিঞা দিল লিখিয়া তাং বোঝা বোঝা"-অং মং।

তাবিন [আং-তাবঈন] বি, মুসলমান চিকিৎসক (যাঁরা হজরৎ মহম্মদের প্রত্যক্ষ অনুবর্ত্তীদিগের মতাবলম্বী)।

তাবুত [আং-তাবূত (শবাধার, তাজিয়া)] বি, তাজিয়া বা কবরের প্রতীক। ২ [লক্ষং] পতাকা ; নিশানা। ৩ [প্রাদেং পূং বঙ্গ] চেতনা ; হুঁস।

তাম, তুম, তেম [ব্যাং] বি, নিত্যবৃত্ত অতীত (habitual past) ; ক্রিয়ার উত্তম পুরুষের বিভক্তি। প্র-চিনা > "চিনিতাম, চিন্তাম, চিন্তুম, চিন্তেম"-ঐরূপ জানা > জানিতাম, জান্তাম, জান্তুম, জান্তেম। মং পুং-তে, তেন। ১ম পুং-ত, তেন। "যে আপনাদের আমি আগে চিন্তুম সে আপনারা একথা জান্তেনও, বুঝতেনও কিন্তু এখনকার আপনারা সে আপনারা নন।"-আং শক্তি, ১৩৩৪, ভাদ্র।

তামড়া [তাম্র > তাম+ড়া (বর্ণ সাদৃশ্য অর্থে) তাম্রাশ্ম দ্রঃ] বিণ, তাম্রবর্ণাভ ; লালিমাযুক্ত কপিশ। ২ লালাভ কৃষ্ণবর্ণ মূল্যবান্ পাথরবিঃ [বাঙ্গালা শব্দ কোষে-তামড়ি-তাম্রবর্ণ উপরত্নবিঃ garnet

তামর [সং-তাম্র > তামর অথবা তাম্ +র=তামার > । প্রাং বাং-র-তাম, তামর, তাম্বর] বিণ, তাম্রনির্ম্মিত। "হোম যজ্ঞ করি দিল তামর অঙ্গুরী"-শূং পুং। "তাম্বর রঞ্জিত ঘাট"-ঐ।

তামরস [সং-তামর (জল) +স (সস্ বাস করা)-যে জলে থাকে। কিন্তু ইহা ম্লেচ্ছ প্রসিদ্ধ শব্দ বলিয়া উক্ত হইয়াছে। "জৈমিনির মীমাংসা দর্শনে "ম্লেচ্ছ-প্রসিদ্ধ্যধিকরণ নামক অধ্যায়ে আছে, ঐ শব্দটী 'ম্লেচ্ছপ্রসিদ্ধ'-আর্য্যপ্রসিদ্ধ নাহে।" -কালীবর বেদান্তবাগীশ] বি, পদ্ম ; সরোজ ; সরসীরুহ। "ফুটি যেন স্মৃতি জলে, মানসে মা, যথা ফলে মধুময় তাং কি বসন্ত কি শরদে।"-মাইকেলং। ২ তাম্র। ৩ সুবর্ণ। ৪ সারস পক্ষী। ৫ ধুস্তুর। ৬ দ্বাদশ অক্ষর ছন্দোবিঃ। স্ত্রীং ~ী-পদ্মিনী।

তামলী [তাম্বুলী >] বি, নবশায়কের অন্তর্গত জাতিবিঃ।

তামস [(তমঃ) তমস্+অ] বিণ, তমোগুণান্বিত ; তামসিক। ২ নিন্দিত ; গর্হিত। ৩ প্রবল তমোগুণ দ্বারা যা অনুষ্ঠিত হয়। ৪ গাঢ় অন্ধকারে আচ্ছন্ন ; অন্ধকারময়। ৫ খল। ৬ পেচক। ৭ সর্প। ৮ চতুর্থ মনু। স্ত্রীং ~ী। ~তপ, তপঃ-বি, অজ্ঞানীর আত্মপীড়াদায়ক ও অন্যের অনিষ্টার্থ কৃচ্ছ্র তপস্যা। ~দান-বি, অজ্ঞানকৃত অপাত্রে

দান ; গ্রহীতার প্রতি দুর্ব্যবহার পূর্ব্বক দান। ~ধ্যান-বি, বটুক ভৈরবের ধ্যেয় রূপবিঃ। ~পুরাণ-মৎস্য, কূর্ম্ম, লিঙ্গ, শিব, স্কন্দ, অগ্নি। ২ তামস স্মৃতি (গৌতম, বার্হস্পত্য, সামুদ্র,যম,শাখ্য,ঔশনস পুং)। ~প্রকৃতি-বি, জড়স্বভাব ; তমোগুণান্বিত প্রকৃতি। ~মুনির্গণ-কণাদ, গৌতম, শক্তি, উপমন্যু, জৈমিনি, দুর্ব্বাসা, মৃকণ্ডু, বৃহস্পতি, শুক্রাচার্য্য, জমদগ্নি। ~যজ্ঞ-বি, বিধিহীন দান ; দক্ষিণাশূন্য এবং শ্রদ্ধাহীন যজ্ঞ। ~শাস্ত্র-বি, নিরীশ্বর সাংখ্য দর্শন। ২ বৌদ্ধশাস্ত্র। ৩ পাশুপত শাস্ত্র।~সন্ন্যাসী-বি, গার্হস্থ্য সুখাস্বাদনে নিরপেক্ষ থাকিয়া মোক্ষ বাসনায় অভিমানবশতঃ বনে বিচরণ পূর্ব্বক তপস্যাকারী। ~স্মৃতি-বি, সম্ভ, যম, বৃহস্পতি, গৌতম, সমুদ্র ও উশনসকৃত স্মৃতি শাস্ত্র।

তামিসিক [তমস্+ইক] বিণ, তমোগুণান্বিত।

তামিসী [তামস(দ্রঃ)+ঈ(স্ত্রীং)] বি,ঘোর অন্ধকার রাত্রি ; রাত্রি। "নিমেষ নির্ণয় পল দণ্ড যাম দিবা। সৃজিলা তামসী সন্ধ্যা পক্ষ মাস কিবা।"-ঘং। ২ কালী। ৩ মায়াবিদ্যাবিঃ (এই বিদ্যাবলে অদৃশ্য হওয়া যায়)। ৪ বিণ, তমোগুণান্বিত। ৫ ঘোর ; অন্ধকারযুক্ত। "ঐ পোহাল তামসী নিশি"-গান।

তামা [তাম্র > প্রাকৃ তম্ব > তম্ব > তামা] বি, তাম্র নামক ধাতুবিঃ copper ~টিয়া,-টে [তামা+আটিয়া (সাদৃশ্যার্থে) > ক্ষেং তামাটে (গ্রাং)] বিণ, তাম্রবর্ণের ; তামার মত ; তামার গুণবিশিষ্ট। প্র-তামাটে গন্ধ বা ধরণ বা বর্ণ। তামার শলা-তামার শলার ন্যায় মোটা ও তাম্রবর্ণ। "উমার কেশ চামর ছটা তামার শলা বুড়ার জটা।"-অং মং।

তামাক১,-কু [স্পেং-tobaco ;ইতাং-tabacco ; ফ্রেং- tabac. "tabaco,a province of Yucatan, where it was said to be first found by the Spaniards. Others derive from the island of tobago, one of the Caribbees"—*Webster*. সার ওয়াল্টার র‍্যালে(Sir Walter Raleigh) ইহাকে এমেরিকায় "টোবাকো" বলিতেন। উর্দ্দু ভাষায় তাম্বাকু ; সংস্কৃতে ইহাকে তাম্রকূট করা হইয়াছে (কুলার্ণব তন্ত্র)] বি, কলঞ্জ ; তাম্রকূট ; ধূম্রপর্ণী nicotism tabacum. ২ তামাক গাছ tobacco plant. তাং খাওয়া-তামাকের ধূমপান করা। তাং টানা,-ফুঁকা, -ফোঁকা-তামাকের ধোঁয়া হুঁকা বা গুড়গুড়ির নলের ভিতর দিয়া টানিয়া পান করা ; তামাক বা গুড়ুকের ধূমপান। "সুধীর অন্যমনে তামাক টানছে"-মেজবৌ (আং শক্তি)। গুড়ুক তামাক-দোক্তা তামাক, গুড় ও নানা মশলায় মিশ্রিত। এদেশে কলিকায় সাজিয়া ইহার ধূমপান অধিক প্রচলিত। দোক্তা তামাক-তামাক গাছের শুষ্ক পাতা। ইহাতে চুরুট হয়। সুরতি তামাক-পানের সহিত ব্যবহার্য্য বিবিধ সুগন্ধ মশলা মিশ্রিত দোক্তা চূর্ণ।

তামাক২, তামাট [প্রাং-বাং > তামা (তাম্র)+ক (কর=কের=এর-তন্নির্ম্মিত অর্থে) ; তামার টাট > ক্ষেং তামাট] বি, তাম্রনির্ম্মিত পুষ্প পাত্র ; তাম্রকুণ্ড ; তামার টাট। "পূরবে ঘাটে জত তামাক বিরাজিত বিবিধ নানা ফুলে।"-শূং পুং। ~বর্ন্নর [তামাক+বর্ণের > বন্নর] বিণ, তাম্রবর্ণের। "তামাকবন্নর পাদুকা"-শূং পুং।

তামাকর১ [প্রাং-বাং তামা + কর (প্রাং-বাং ষষ্ঠী বিভক্তি। আধু কের, এর, আর, র)] তামার ; তাম্রের। "তাং পাটে বেসাতির বৈসএ হাট।"-শূং পুং।

তামাকর২,-গর,-গোর [প্রাংবাং, গ্রা -হিং-তাকর-সম্বন্ধে, ঊাকর-তানা-কর -তামা-কর, তামাগর,-গোর] স, তাঁহার।

তামাটিয়া-তামা দ্রঃ।

তামাতুলসী [তামা (ধাতুবিঃ) ও তুলসী (তুলসীপত্র), দ্বন্দ্ব] বি, তাম্র ও তুলসীপত্র যা স্পর্শ করিয়া হিন্দুকে শপথ বা দিব্য করিতে হয়। তাং করা-নির্দ্দোষ প্রমাণ করিবার জন্য তামা তুলসী লইয়া শপথ বা দিব্য করা।

তামাদি [তমাদি দ্রঃ] বি, নির্দ্দিষ্ট কালের অতিক্রমণ। ~ইওয়া-অবধারিত সময় ব্যতিক্রমে অগ্রাহ্য হওয়া।

তামাম [আং-তমাম্] বিণ, সকল, সমুদয় ; সমগ্র ; সমস্ত। ২ সম্পূর্ণ ; শেষ। বি, তামামি-সমাপ্তি। প্র-সালতামামি।

তামাসবীন [আং] বিণ, বি, তামাসাদর্শনকারী; দর্শক sight-seer. ২ লম্পট ; লুচ্চা a libertine. ৩ ভোগরত ; সৌখীন ; বিলাসী। "ধনী তাং অসংখ্য রমণী বাজারে আসিলেই চিলের মত ছোঁ মারিয়া লইয়া যাইত"-জয়ন্তী (নংগুপ্ত)। বি,~ী-লাম্পট্য। ২ ভোগবিলাস luxury

তামাসা [আং-তমাশা] বি, ক্রীড়া ; বাজী ; খেলা। প্র-সে কেবল নাচ তামাসা দেখে বেড়াচ্চে। ২ [হিং] দৃশ্য ; প্রদর্শনী [বিরল] ৩ ঠাট্টা। প্র-ও কি তোমার আমার তামাসার যোগ্য। ৪ রহস্য ; মজা ; আমোদ ; কৌতুক। "একি রে তামাসা! সকলে অবাক্! কারো মুখে নাহি ভাষা!"-অশোকং। "এ মধ্যাহ্নকালে তারা বিস্তি, গ্রাবু, পাশা, খেলিতে আসিয়াছিল! হেরিতে তামাসা ছুটিল সকলে"-ঐ। ~দার-বিণ, তামাসাকারী।~ফষ্টি [ফষ্টি দ্রঃ] বি, ঠাট্টা তামাসা ; রহস্য ; কৌতুক ; লঘু রসিকতা।

তামিল১ [আং-তা'আমীল্ (আমলে আনা, কাজ করা)] বি,পালন ; রক্ষা ; মান্য। "কল্লে সে পাহারা শীঘ্র হুকুম তামিল রাজার"-খিং বায়। ২ প্রাচীন কালের ঘটিকাযন্ত্রবিঃ ; জলঘড়ি।

তামিল২ [তামিল ভাষায় তেন (সুন্দর) + মোলি (ভাষা) > বা তেন (দক্ষিণের) মোলি (ভাষা) > তমিল (ল ও ড়এর মাঝামাঝি উচ্চারণ) >] বি,দক্ষিণ ভারতের ভাষাবিঃ ; দ্রাবিড় ভাষার একটী প্রধান ও অতি প্রাচীন শাখা।

তামিস্র [তমিস্রা (রাত্রি)+অ (বিচরণ করা অর্থে)] বি, রাত্রিচর ; নিশাচর। ২ অবিদ্যাবিঃ ; ভোগেচ্ছার ব্যাঘাতে যে ক্রোধ জন্মে। ৩ [ভাগবত] বঞ্চনাকারীর ভোগার্থ অন্ধকারপূর্ণ নরকবিঃ।

তামী [সং-তাম্র > তামা > তাম+ঈ] বি, তাম্রনির্ম্মিত পাত্র ; তাম্রকুণ্ড কোশাকুশি

ই০। "ধ্যান ভঙ্গ হৈল মুনি চতুর্দ্দিকে চায়। তিল তুলসী তামা তামী কেবা লয়ে যায়॥" -কবিক০।

তামুক [তামাকু শব্দের গ্রা০ উচ্চারণ বিপর্য্যয়] বি, তামাক। "ছেলেরা ধরিল খেলা বৃদ্ধেরা তা০।"-রবী০। ~**খোর**-যে সর্ব্বদা তামাক খাইতে অভ্যস্ত। **বঁড় তামুক** [গ্রা০। তুল-মু০ বাং-য় বড় গোস্ত্‌= গোমাংস] বি, গাঁজা।

তামুলি-তাম্বুলী দ্রঃ।

তাম্বর-তামর দ্রঃ।

তাম্বাচূড়া [সং-তাম্রচূড >] বি, কুক্কুট। "সকল রজনী না গেল নিন্দে। তা০ রাএ হৈল বিহাণ॥"-শ্রী০ কী০।

তাম্বু, তাঁবু [আ০-তম্বু] বি, পটবাস : বস্ত্রগৃহ; শিবির; কানাৎ।

তাম্বুরা [আ০-তম্বুরা] বি, বৃহৎ তন্তযন্ত্র-বিঃ; তানপুরা।

তাম্বূল [সং-তাম্বূলবল্লী বা তাম্বূলী > (পান লতা)-অমর০] বি, পর্ণ; পাণ। "কোন বধূ তাম্বূলটি সাজিয়া যতনে আনিতেছিলেন হৃষে, দিতে সখীজনে।" -অশোক০। ~**করঙ্ক** [তাম্বূল (পান)-করঙ্ক (নারিকেলের খোল, পাত্র)] বি, তাম্বূলপাত্র; পানের বাটা। ~**করঙ্ক-বাহিনী** [তাম্বূলকরঙ্ক-বাহিনী (যে স্ত্রী বহন করে)] বি, অন্তঃপুর-পরিচারিকাবিঃ; সহচরী; সেবিকা (পান সাজা পানের বাটা রাখা কার্য্যই ইহাদের কার্য্যের মধ্যে প্রধান বলিয়া এই নাম)। "এমন সময়ে কৈলাস নামক কঞ্চুকী স্বর্ণালঙ্কার ভূষিতা এক সুন্দরী কুমারীকে সঙ্গে করিয়া তথায় উপস্থিত হইল, বিনীত বচনে কহিল কুমারী দেবী আদেশ করিলেন, এই কন্যাকে আপনার তাম্বূল-করঙ্কবাহিনী করুন। ইনি কুলুতদেশীয় রাজার দুহিতা, নাম পত্রলেখা। মহারাজ কুলুত রাজধানী জয় করিয়া এই কন্যাকে বন্দী করিয়া আনেন ও অন্তঃপুরচারিকার মধ্যে নিয়োজিত করেন। * * * ইঁহাকে সামান্য পরিচারিকার ন্যায় জ্ঞান করিবেন না। সখী ও শিষ্যার ন্যায় বিশ্বাস করিবেন।" -কাদম্বরী। ~**পেটিকা**-পানের বটুয়া বা থলি : পানের ডিবা। ~**বল্লী**-বি, পাণ গাছ। ~**রস** [তাম্বূল (তার) রস, ৬তৎ] বি, পানের ছোপ; পানের পিক বা পিচ্‌। "তামাকে তাম্বূলরস রাঙ্গা রাঙ্গা ঠোঁট"-ইন্দ্রনাথ বন্দ্যো০। ~**রাগ** [তাম্বূলের মত রাগ (রক্তবর্ণ) যার, বহু০] বি, তাম্বূল চর্ব্বণ-জনিত রক্তিমা; পানের দাগ। ২ মসুরী কড়াই। ~**সাঁপুড়া** [সং-পর্ণ-সম্পুট (1)] বি, তাম্বূলকরঙ্ক; পানদান। "নানা আভরণ পরি ডানি করে নিল ঝারি, বাম করে তাম্বূলসাঁপুড়া।" -কবিক০।

তাম্বূলাধার [তাম্বূল + আধার, ৬তৎ] বি, পানের বাটা। ২ পানের বটুয়া।

তাম্বূলিয়া [তাম্বূল+ইয়া (ব্যবসায়ী অর্থে)] বি, নবশায়কের অন্তর্গত জাতিবিঃ। ২ তাম্বূলব্যবসায়ী : তাম্বূলজীবী।

তাম্বূলী, তাম্বূলিক, -লীক [তাম্বূল (পাণ)+ইন্ (স্ত্য০) পু০ তাম্বূলিন্ ১মা, ১ব০। গ্রা০ তামুলি, তামলি] বিণ, তাম্বূলব্যবসায়ী। ২ তামলি জাতি।

তাম্র [সং। প্রা০ বাং-তাম] বি, তামা ধাতু। ২ কুষ্ঠরোগবিঃ। ৩ বিণ, অরুণ বর্ণ। প্র-তাম্রকেশ। ~**ক** [তাম্র+ক (স্বার্থে)] বি, তাম্র; তামা। ~**কর্ণী** [তাম্র (রক্তবর্ণ) কর্ণ যার-বহু০] বি, পশ্চিম দিকের হস্তিনী। ~**কার** [তাম্র (তামা) কার (যে করে), যারা তামা দ্বারা নানাবিধ দ্রব্য প্রস্তুত করে] বি, কাঁসারি। ২ তামা প্রস্তুতকারী; তামার বাসন প্রস্তুতকারী। ~**কুট্টক, কুট্টক-**নি, তামাক। ~**কুণ্ড** [তাম্রের কুণ্ড (পাত্র), ৬তৎ] বি, পূজাদি কার্য্যে ব্যবহৃত তাম্রের পাত্রবিঃ; তামার টাট। ~**কূট** [তামাক, তামাকু দ্রঃ] বি, তামাক। "সে মধ্যাহ্নকালে অন্তঃপুরে, নিজকক্ষে, আলবোলা গালে পুরি, ছিলেন আরামে। তাম্রকূট-ধূম আনিত, মুহূর্ত্ত-পরে, আনন্দের ঘুম।"-দেবেন্দ্র০ সেন। ~**গর্ভ** [তাম্র (তামা) গর্ভ (উৎপত্তি স্থান) যার-বহু] বি, তুঁতিয়া sulphate of copper. ~**চূড়** [তাম্রবর্ণ শিখাযুক্ত বলিয়া] বি, মোরগ। ২ [নাট্য শা০] যে অঙ্গাভিনয়ে মুকুল হস্তের তর্জ্জনী অবনমিত হয় (কুক্কুট, বক, উষ্ট্র, গো-বৎসাদি জ্ঞাপক)। ~**পট**-তাম্রপত্র দ্রঃ। ~**পট্ট** [তাম্র নির্ম্মিত যে পট্ট (পাটা), ধা] বি, তাম্রনির্ম্মিত লেখ্য : তাম্রফলক copper plate ~**পর্ণী**-বি, তৃণবল্লী প্রদেশে অবস্থিত পশ্চিম ঘাট পর্ব্বত হতে নির্গত কর্ণাটের অন্তর্গত নদীবিঃ। ২ [তাম্রপর্ণ (পদ্ম) আছে যাতে, বহু০] দীর্ঘিকা; সরোবর। ৩ [আয়ু০] গন্ধভাদালিয়া। ৪ মঞ্জিষ্ঠা। ~**পত্র, ~পট** [তাম্রের পত্র (পাত, ফলক), ৬তৎ] বি, তামার পাত। ২ তাম্রপট্ট (দ্রঃ)। ৩ [আয়ু০] জীব শাক। ৪ [তাম্রবর্ণ পত্র যার, বহু০] রক্তবর্ণ পাতাযুক্ত বৃক্ষ। ৫ [তাম্রবর্ণ যে পত্র ধা] নবপল্লব। ~**পল্লব**-বি, অশোক বৃক্ষ। ২ বিণ, তাম্র বা রক্তবর্ণ পল্লবযুক্ত। ~**পাত্র** [তাম্রনির্ম্মিত যে পাত্র, ধা] বি, তাম্রময় পাত্র; তামার টাট। ~**পুষ্প** [তাম্র (রক্তবর্ণ) পুষ্প যার, বহু] বি, রক্তকাঞ্চন বৃক্ষ। ২ ভূমি চম্পক। ৩ অশোক বৃক্ষ। ~**পুষ্পিকা**-বি, লাল তেউড়ি। ~**পুষ্পী**-বি, পারুল গাছ : পটলাবৃক্ষ; ধাতকী বৃক্ষ। ~**প্রভ**-বিণ, তাম্রাভ; তামার প্রভাযুক্ত। ~**ফল** [তাম্রবর্ণ ফল যার, বহু০] বি, অঙ্কোল বৃক্ষ; আঁকোড় গাছ। ২ [তাম্রবর্ণযুক্ত যে ফল, ধা] বি, তামার বর্ণ বিশিষ্ট ফল। ~**ফলক**-বি, তাম্রপট্ট দ্রঃ। ~**বর্ণ**-বি, তামার ন্যায় বর্ণ। ২ বিণ, তামার বর্ণযুক্ত। ~**বল্লী** [তাম্রবর্ণ যে বল্লী (লতা), ধা] বি, মঞ্জিষ্ঠা লতা। ~**বৃক্ষ**-বি, রক্তচন্দনের গাছ [এই অর্থে তাম্রসার, তাম্রসারক, তাম্র-সারিক শব্দেরও প্রয়োগ আছে]। ~**লিপ্ত, ~লিপ্তি** [প্রাকৃ০-তামলিত্তি, দামলিপ্তি ও০] বি, কলিকাতার ৩৫ ক্রোশ দক্ষিণ-পশ্চিমে সমুদ্রোপকূলস্থিত বঙ্গ দেশের অতি প্রাচীন প্রসিদ্ধ বাণিজ্য স্থান; তমলুক বা তমোলুক। ~**শাসন** [অর্থ শা০] বি, তামার পাতে খোদিত রাজাজ্ঞা : তাম্র-ফলক লিখিত রাজদত্ত ব্রহ্মোত্তরাদির দানপত্র বা দান লেখ্য। ~**শিখী**-বি, কুক্কুট; তাম্র-চূড়। ~**সার**-বি, রক্তচন্দন বৃক্ষ।

তাম্রাক্ষ [তাম্রবর্ণ অক্ষি (চক্ষু) যার, বহু০। অক্ষি=অক্ষ] বি. কোকিল। ২ [তাম্র (বর্ণ বিশিষ্ট)+অক্ষ (=অক্ষি), ধা] রক্তবর্ণ চক্ষু। ৩ বিণ, রক্তবর্ণ-চক্ষুবিশিষ্ট।

তাম্রাভ [তাম্র (তাম্রবর্ণ)+আভ (=আভা) যার, বহু০] বি, রক্তচন্দন। ২ বিণ, তাম্রের আভাযুক্ত।

তাম্রাশ্ম (-শ্‌ম্) [তাম্র (তাম্রবর্ণ) যে অশ্ম (< অশ্মন্=প্রস্তর মণি)] বি. পদ্মরাগ মণি।

তাম্রিক [তাম্র+ইক] বিণ, তাম্রময়। ২ তাম্রনির্মিত।

তাম্রিকা, তাম্রী [তাম্রিক (দ্রঃ)+আ, ঈ (স্ত্রীং)] বি, সূক্ষ্ম ছিদ্রময় তাম্রপাত্র: যা জলে ভাসাইলে ছিদ্র দিয়া ক্রমে ক্রমে জল উঠিয়া সময় নিরূপণ করে; ভারতের প্রাচীন ঘটিকা যন্ত্র [মুগ্ধরী]। ২ তাম্র সম্বন্ধীয়। ৩ এক পণ কড়ি। ৪ গুঞ্জা। ৫ বাদ্যবিঃ।

তায় [তাহাতে দ্রঃ] স, তাহাতে। "যদি ধন নাশ হয়, তায় কিবা আসে যায়"-চরিত্র-গঠন।

তায়খানা-তহখানা দ্রঃ।

তায়দাদ [আ০-তাদাদ] বি, পরিমাণ; সংখ্যা। ২ সীমা। ৩ জমীর চৌহদ্দীর বিবরণ সম্বলিত দলিল।

তায়নাত [তয়নাতি দ্রঃ। আ০ তায়ুনাত >, গ্রা০ তাইনাত তায়নাত] তয়নাতি দ্রঃ।

তায়ফা [আ০-তায়্ফা] বি.নর্ত্তকীর দল band of dancing girls ২ বাই নাচ ওগান।

তায়র্ব [ব্রজ০] অ, তথাপি। "তায়ব কাম হৃদয়ে অনুমান"-বি০ প০।

তায়ি [ব্রজ০] অ, তাহারই। "পসারল তায়ি মধ্যত পাঁচবাণ"-বি০ প০।

তায়ুস, তাউস, তায়ূশ [আ০-তাউস্ (ময়ূর)] বি, এস্‌রারের মত তত-যন্ত্র। ইহার খর্পর মূলে একটী ময়ূরের সগ্রীব মুখ যোজিত থাকায় ইহার নাম তায়ুস; (সংস্কৃতে) মায়ুরী। ২ ময়ূর। তখ্‌ত্-তায়ুশ-দিল্লীর প্রসিদ্ধ ময়ূর-সিংহাসন। "সাহ্‌জহাঁ বাহাদুরী তখত-তায়ুশেতে চড়ি। একবার ভাবিলে না কি হইবে পরে। ময়ূরে কার্ত্তিক বিনা কে চড়িতে পারে।"-পদ্যপাঠ. ৩য় ভাগ।

তার১ [তা২ দ্রঃ] বি পাক। "ঘন ঘন গোঁপে দেয় তাব"-কবিক০।

তার২ [তৃ (পার হওয়া)+অ (ভ্রা০)। হি উতার] বি. উত্তরণ।

তার৩ [ত (বিস্তৃত হওয়া) >] বি.ধাতু-নির্ম্মিত রজ্জু; স্বর্ণসূত্র: লৌহসূত্র: পিত্তল-সূত্র: তাম্র-সূত্র: তন্ত্র wire ২ রৌপ্য। ৩ বৈদ্যুতিক সংবাদ প্রেরণ করিবার ধাতুময় সূত্র; টেলিগ্রাফের তার telegraphic wire ৪ বৈদ্যুতিক তার যোগে প্রেরিত সংবাদ। প্র-তারের খবরে প্রকাশ ই০। তাকে জরুরী তার কর বা পাঠাও। ৫ বাদ্য-যন্ত্রের তন্ত্র string "আনন্দ গদগদ নারদ মাতিল। তন্ত্রী তুলিয়া তার মার্জ্জিত করিল॥" -দশমহাবিদ্যা। "আনন্দে হৃদয় ভরি দেবঋষি বীণা ধরি তারে তারে মিলাইয়া ঝঙ্কার তুলিল।"-ঐ। ৬ উচ্চস্বর। প্র-তারস্বরে চীৎকার। ৭ প্রণব ওঙ্কার। তার করা-বৈদ্যুতিক তার সংযোগে সংবাদ প্রেরণ। ~ঘর-তার করিবার দপ্তর telegraph office তার জড়ানি -ধাতুনির্ম্মিত রজ্জুদ্বারা বেষ্টন করা। ~বাবু -তারে সংবাদ গ্রহণ ও প্রেরণকারী কর্ম্মচারী বা কেরাণী। "রেলষ্টেশনে কাজ করে, লোকে বলে তার বাবু *** আধভাঙ্গা চেয়ারটায় বসে একমনে কলটিপে কত দেশ-বিদেশের খবর নেয়."-সম্মিলনী।

তার৪ [সং] বি, মুক্তার বিশুদ্ধি, লাবণ্য, সৌন্দর্য্য, উজ্জ্বলতা; বিশুদ্ধ মুক্তা। ২ হারমধ্য-মণি। ৩ [প্রা০ বাং-তারা দ্রঃ] নক্ষত্র। "তাথে পরাইয়া মতি কৈল তার সম দ্যুতি, নখ চিহ্ন সুধাংশু যেমন।"-গী০ গিরি০ (১৬৭৮ শক)। ৪ বানর সেনাপতিবিঃ (রামা০)। ৫ দানববিঃ (হরিবংশ)। ৬ কূর্চ্চবীজ। ৭ বৃক্ষবিঃ alpinia allughas (Haughton). ৮ বিণ, উত্তম। ৯ উজ্জ্বল; ভাস্বর; দীপ্তি-শালী। ১০ পরিষ্কৃত। ১১ স্থূল। ১২ উচ্চ, তীব্র। প্র-তার স্বরে। ১৩ বিস্তৃত।

তার৫ [সং] তালু (স্বাদ গ্রহণ স্থান বা আস্বাদনেন্দ্রিয় palate। তুল-সুতার (সুস্বাদ) palatable) > তাল > তার] বি, আস্বাদ। "সংসার রাঙ্গাফলে ভুলিব না আর, খাইয়ে দেখেছি তাহে কিছুই নাহি সুতার, সে যে পুরিত গরলে, খাইলে কুফল ফলে,"-রামদত্ত (বাং-গান)। "একবার রসনায় যে পেয়েছে তার। আর কিছু মুখে ভাল নাহি লাগে তার॥"-ঐ ঐ০। তারাইয়া খাওয়া [গ্রা০ তারিয়ে তারিয়ে খাওয়া] ক্রি,বার বার জিহ্বা দ্বারা খাদ্যদ্রব্য তালুস্পর্শে স্বাদ গ্রহণ করিয়া মিষ্টতা বোধ করা বা সুতার ভোজ্যের ভোজন সুখানুভব করা।

তার৬ [নৌ০। ২৪ পরগণা অঞ্চলে] বি, নৌকার মধ্যস্থলে পাতিবার তক্তা; দাঁড়া।

তারি৭ [তারা দ্রঃ] ক্রি, ত্রাণ কর। "তার পিতৃলোকে"-ঐ০। "তনয়ে তার তারিণী" -বাং গান (রাম০ দত্ত)।

তার৮ [সং-তাসাম্ > তাহাম > তাম তান > তাঁ+র। সম্ভ্রমার্থে তাঁর (=তাহার), প্রাদে০,গ্রা০-তানার,তেনার। "যার পানে চাই তানারই মুখ তোলো হাঁড়ি।"-নীলদর্পণ। বহুব০ তানাগোর, তেনাগোর। অতি ক্ষে০-তা। প্র-তা'জন্যে বা তাজন্যে। তজ্জন্য দ্রঃ] স, তাহার। "যার মা আনন্দময়ী তার কিবা নিরানন্দ? তবে মা মা ক'রে রোগে শোকে পাপে তাপে কেন কাঁদ।"-ঐ০।

তারক [তারা দ্রঃ। তৃ+ণিচ্=তারি (পার করান)+অক (র্ত্তৃ, ভ্রা০] বি, কর্ণধার। ২ ভেলা; নক্ষত্র।-"নীল আকাশে তা০ ভাসে যমুনা গাওত গান।"-রবী০। ৩ নেত্র-তারা। ৪ তারকাসুর। ৫ ছন্দোবিঃ। ৬ বানরবিঃ। ৭ বিণ, রক্ষাকর্ত্তা; রক্ষক। ৮ উদ্ধারক; ত্রাণকারী। প্র-তারকব্রহ্ম নাম। "কাশীতে মরিলে তাহে পাপ ভোগ আছে। তা০ মন্ত্রেতে শিব মোক্ষ দেন পাছে॥" -অ০ ম০। স্ত্রীং~া।~জিৎ [তারক(তারকা-সুর) জিৎ (যে জয় করে)] বি, কার্ত্তিকেয়। ~নাথ-বি, শিব, ~ব্রহ্ম [তারক (ত্রাণকারক) যে ব্রহ্ম, ধা] বি, রামনামযুক্ত ষড়ক্ষর মন্ত্রবিঃ। ~হা [তারক (তারকাসুর)-হন্ (বধ করা)+ক্বিপ্ (র্ত্তৃ)] বি, কার্ত্তিকেয়।

তারকষ [স্বর্ণ রৌপ্যাদির সূত্র) ফা০-

তার+ফা॰-কষ (টানা)=তারকষ (drawer of gold or silver wire), অথবা তার (অলঙ্কারবিঃ) কষ (নির্ম্মাণকারক)] বিণ, অলঙ্কারনির্ম্মাতা ; যে স্বর্ণাদি তারে অলঙ্কারাদি নিশ্মাণ করে ; যে তারের কাজ করে। > বি, তারকষি-তারকষের কাজ বা বৃত্তি।

তারকাক্ষ [তারক+অক্ষ (অক্ষি=অক্ষ)-যে তারকাসুরের চক্ষুর ন্যায় প্রিয়] বি, তারকাসুরের পুত্র।

তারকারি [তারক (তারকাসুরের)+অরি (শত্রু), ৬তৎ] বি, কার্ত্তিকেয়।

তারকিত [তারক (নক্ষত্র)+ইত (যুক্তার্থে)] বিণ, তারাযুক্ত ; তারকান্বিত ; নক্ষত্রখচিত।

তারকী [তারক (নক্ষত্র)+ইন্ (স্ত্য॰) =তারকিন্ ১মা॰, ১ব॰] বিণ, নক্ষত্রযুক্ত। স্ত্রীং তারকিনী-রাত্রি।

তারণ [তারি (পার করান)+অন (র্ত্তৃ)] বিণ, ত্রাণকর্ত্তা। "তার হে দীনবন্ধু দয়াল তাপিত জন তারণ"-রায় কা॰ প্র॰ ঘোষ। "অধম তারণ"। ২ বি, ভেলা ; মাড। ৩ [ভা॰-অন] ত্রাণ ; মুক্তি। ৪ বিপদ হতে রক্ষা করণ ; ত্রাণ করণ ; উদ্ধারণ। "আদি অনাদিক নাথ কহায়সি অব তা॰ তার তোহারা॥"-বি॰ প॰।

তারণি [তারি (পার করান)+অনি (ণে, স্ত্রা॰), যদ্দ্বারা পার হওয়া যায়] বি, নৌকা। ২ খেয়া।

তারতম্য [তরতম+য (ভা॰)] বি, তর-তমের ভাব ; ইতরবিঃ। ২ ন্যূনাধিক্য।

তারপলিন [ইং-tarpaulin এর লিপ্যন্তর] বি, জল আটকাইবার জন্য আলকাতরা মাখান মোটা কাপড় ; চটবিঃ।

তারপিল [তাপিল শব্দের অশুদ্ধ রূপ। তুল-হিং-তড়পনা > প॰ রাঢ়ে-তড়পানো > তড়পিল (অস্থির করিল)। ব্রজ॰ তলপই। "দুহুমন তলপই"-বি॰ প॰। "দারুণ মান থেহ নাহি মানত পলকে পলকে তলপায়।"-ঐ] ক্রি, আকুল বা অস্থির করিল। "রাধার আধর মধু তারপিল কাহ্নে"-শ্রী॰ কী॰।

তারমাক্ষিক [সং] বি, রজত তুল্য ও রজতের বা লৌহের অংশ মিশ্রিত উপধাতুবিঃ ; রৌপ্যমাক্ষিক iron silver or pyrites.

তারল [তরল+অ (স্বার্থে)] বিণ, লম্পট ; কামুক।

তারল্য [তরল+য (ভা॰)] বি, চঞ্চলতা ; তরলতা ; ঢলঢলে ভাব।

তারস্বর [তার$_4$ দ্রঃ] বি, অত্যুচ্চগ্রামের স্বর ; অতি উচ্চরব।

তারা$_1$ [ত্রৈ-ত্রাণ করা ধাতুজ। তারি, তার, তারে ; তারিতে ; তারিয়া (ক্ষে॰ পদ্যে -তারি)] ক্রি, পরিত্রাণ করা ; উদ্ধার করা। "তনয়ে তার তারিণি।"-রাম দত্ত (গান)। "ভুবন তারিতে ভক্তরূপী ভগবান্।"-শি॰।

তারা$_2$ [তারি (পার করান, তরান) +অ (র্ত্তৃ, স্ত্রা)] বি. যিনি দুস্তর ভব সাগর পার করেন ; নিস্তারিনী ; দুর্গার মূর্ত্তিভেদ ; দশ মহাবিদ্যার মধ্যে দিতীয়া বিদ্যা (তারা মূর্ত্তি বর্ণনা-"নীলবর্ণা লোল জিহ্বা করালবদনা। সর্পবান্ধা উর্দ্ধ এক জটা বিভুষণা। অর্দ্ধচন্দ্র পাঁচখানি শোভিত কপাল। ত্রিনয়না লম্বোদরা পরা বাঘ ছাল॥ নীলপদ্ম খড়গ কাতি সমুণ্ড খর্পরে। চারি হাতে শোভে আরোহণ শিবোপরে॥"-অ॰ ম॰)। ২ বালী-নামক বানররাজের স্ত্রী, সুষেণ বানরের কন্যা (যিনি বালীর মৃত্যুর পর সুগ্রীবের পত্নী হন)। ৩ বৃহস্পতির পত্নী। ৪ বৌদ্ধ দেবীবিঃ। ৫ অক্ষিগোলক ; চোখের তারা ; নয়নতারা। "এমন দিন কি হবে তারা, যবে তারা তারা বলে, তারা বয়ে পড়্‌বে ধারা॥"-রা॰ প্র॰। ৬ [সঙ্গীতে] সপ্তকবিঃ ; উচ্চ সপ্তক, উচ্চারণ স্থান মূর্দ্ধা The treble part in music. ৭ [তার$_8$ দ্রঃ] বিশুদ্ধ মুক্তা। ~কুমার [তারা (দুর্গার) কুমার (পুত্র)] বি, কার্ত্তিক। ২ গণেশ।

তারা$_3$ [সং-স্তৃ শব্দের ১মা বহুব॰-স্তারঃ (নক্ষত্র সমূহ) >। তুল-হিং-তারা ; ফা॰ -সিতারা; জেন্দ॰-stare ; গ্রী॰ astor ; ল্যা॰ -stella, sterla, astrum ; ডচ্-ster; অন্যান্য য়ুরোপীয় ভাষায়-stearne, stedor, stero, sterno, stern ই॰। এই অর্থে প্রা॰ বাং তার (দ্রঃ)] বি, তারক ; তারকা ; নক্ষত্র। "উঠ্‌ল তারা আকাশ ভরা করছে ঝিকিমিকি। আঁধার হ'ল দীপের আলো জল্‌চে ধিকি ধিকি॥"-পদ্যপাঠ। ~চক্র [তারা (নক্ষত্র) দ্বারা যে চক্র, ৩তৎ] বি, দীক্ষা-মন্ত্রের শুভাশুভনিরূপক চক্রবিঃ। ~ধিপ [তারা (নক্ষত্রের) + অধিপ (অধিনায়ক), ৬তৎ] বি, নক্ষত্রাধিপতি ; চন্দ্র। ~নাথ [তারা-নাথ, ৬তৎ] চন্দ্র। "তারানাথ! তারানাথ নাম কে তোমারে দিল"-বীরাঙ্গনা। ২ সংস্কৃত অভিধান প্রণেতা একজন প্রসিদ্ধ বাঙ্গালী পণ্ডিত। তাঁহার উপাধি ছিল তর্কবাচস্পতি। ৩ স্বনামখ্যাত বৌদ্ধপণ্ডিত। ~পাত-নক্ষত্র পাত ; উল্কাপাত falling of shooting stars or meteors ~পতি [তারা (নক্ষত্র)+পতি (স্বামী), ৬ তৎ)] বি, চন্দ্র। ২ শিব। ৩ বৃহস্পতি। ৪ বালী। ৫ সুগ্রীব। ~পথ [তারার (নক্ষত্রের) পথ (মার্গ)] বি, আকাশ ; নভোমণ্ডল। ~পদ্ম-বি, আকাশ। ~পীড় [তারা (নক্ষত্র) আপীড় (শিরোভূষণ) যার, বহু॰] বি, চন্দ্র। ২ [কাদম্বরী] নৃপতিবিঃ। ~মণ্ডল-বি, নক্ষত্রমণ্ডল। ২ প্রকাণ্ড দেবমন্দির। ~মাছ [ইং-star fish এর অনুবাদ] বি, সামুদ্রিক ছোট তারা আকৃতির উজ্জ্বল মাছবিঃ। ~মৃগ [তারাচিহ্নযুক্ত যে মৃগ, ধা] বি, মায়ামৃগ। ২ মৃগশিরা নক্ষত্র। ~রত্ন-বি, তারারূপ রত্ন।

তারা$_4$ [তাহারা > ক্ষে॰। সম্ভ্রমার্থে তাঁরা। প্রাদে॰গ্রা॰-তেনারা (সম্ভ্রমার্থে)। তা দ্রঃ] স, তাহারা। "যাদের চাহিয়ে তোমারে ভুলেছি তারা ত চাহে না আমারে।"-রবী॰।

তারা$_5$ [গ্রা॰। ফা॰-তরহ্। তর দ্রঃ] অ, প্রকার ; রকম ; রূপ ; ধারা। "কে জানে এ কেমন তারা, এ নহে সে বালীর তারা নয় বৃহস্পতির তারা, যারে আরাধে সর্ব্বদা দেবতারা।"-বাং-গান।

তারাজু [ফা॰-তরাজু (তৌল) > গ্রা॰। তরাজু দ্রঃ] বি, তৌল ; নিক্তি। "মনে বড় কুতূহলী কান্ধেতে কড়ির থলি সাঁপড়ি তারাজু লম্যা হাথে॥"-কবিক॰।

তারাভ্র [তার (নির্ম্মল)+অভ্র (মেঘ), নির্ম্মল মেঘের তুল্য বলিয়া] বি, কর্পূর।

তারি-তারা$_1$ দ্রঃ।

তারিক [তার (পারানি)+ইক] বি, পারানি কড়ি ; তরপণ্য ; শুল্ক toll.

তারিকা [তাল+ক, ল=র, আ (স্ত্রীং) ই আগম] বি, তালের রস ; তাড়ী। ২ ত্রাণকর্ত্রী ; মহেশ্বরী।

তারিখ [আ°-তারীখ্] বি, দিনসংখ্যা ; দিন ; কাল। "তা° লিখিয়া তায় করিল কুলুপ।"-ঘ°।

তারিণী [তৄ=তারি (পার করান, তরান)+ইন্ (র্ত্তৃ)+ঈ (স্ত্রীং)। সম্বোধনে -তারিণি] বি, শক্তির রূপভেদ (তারা ও তারিণী অভিন্ন কল্পিত হয়)। "তনয়ে তার তারিণি! ত্রিবিধ তাপেতে তারা নিশিদিন হতেছি সারা * * * অধম সন্তানের দুঃখ নাশ ওমা দুখ নাশিনি॥"-রামদত্ত (বাং-গান)। "আমি আছি গো তারিণি ঋণী তব পায়"-দাশরথি। ২ বিণ, ত্রাণকর্ত্রী ; উদ্ধারকারিণী।

তারিন্দা [সং-তরণ্ডক > তারিন্দা (ঢাকা অঞ্চলে)। শ্রীহট্টে-চোকাইট। করিমগঞ্জে-নিনানী] বি, ফাৎনা ; যে ময়ূরের পালক, সোলা বা সরকাঠির খণ্ড সুতাবদ্ধ টোপ দেওয়া বঁড়শিকে জলে ভাসাইয়া রাখে।

তারিপ, তারিফ্ [আ°-তারীফ্ (পরিচয়) >] বি, পরিচয়। ২ ব্যাখ্যা। ৩ প্রশংসা ; বাহাদুরী। "বাঙ্গালায় বন্দনীয় যত অবতার। বলিহারি বঙ্গবাসী তারিফ তোমার॥"-হেম°।

তারী [তার দ্রঃ] বিণ, তারযুক্ত ; তারনির্ম্মিত।

তারুণ [ব্রজ°-তরুণ >] বি, নবযৌবন। "বালা শৈশব তা° ভেট"-বি° প°।

তারুণ্য [তরুণ (যুবা)+য (ভা°-ষ্য)] বি, তরুণের বা নবীনের ভাব ; যৌবনাবস্থা।

তারে$_1$ [তাহারে > ক্ষে°] স, তাহাকে।

তারে$_2$ [তৄ (পার হওয়া) >] ক্রি, ত্রাণ করে ; পার করে ; উদ্ধার করে।

তার্কিক [তর্ক+ইক (ব্যুৎপন্নার্থে)] বি, তর্কশাস্ত্রে অভিজ্ঞ। ২ তর্কশাস্ত্র-অধ্যয়নকারী। ৩ তর্কপটু ; তর্কপ্রিয়।

তার্ক্ষ [সং] বি, কশ্যপ মুনি।

তার্ক্ষ্য [সং] বি, গরুড়। "নাগেরে গিলিল তার্ক্ষ্য, নিকটে পাইয়া ভক্ষ্য"-শি° (রামকৃষ্ণ)।

তার্ণ [তৃণ+অ (ইদমর্থে)] বিণ, তৃণজাত। ২ তৃণসম্বন্ধীয়। ৩ বি, তৃণের আগুন।

তার্পিণ, -ন [ইং-turpentine] বি, পাইন বা চিড় বা সরল নামক বৃক্ষের নির্যাস ; তার্পিণ তৈল।

তার্য্য [তৄ (পার হওয়া)+য (র্ম্ম)] বিণ, তরণীয়। ২ পারানি ; নদ্যাদি পার হইবার শুল্ক।

তাল$_1$ [সং-তল, তাল >। হি° তাড়, ল=ড়] বি, তাল গাছ ও ফল the fan palm ; palmyra ২ তালপাতা ; লেখ্য পত্র। ৩ [লক্ষ°] বৃহৎ পিণ্ড, রাশি ; স্তূপ। ৪ খড়্গ মুষ্টি। ৫ বিণ, বিস্তৃত। ৬ রাশীকৃত। ৭ বৃহৎ (ক্ষুদ্রার্থে তিল)। ৮ বর্ত্তুল ; পিণ্ডাকৃতি। ~কন্দ-তালমূলী দ্রঃ। **তাল করা**-তালের ন্যায় গোল করা ; পাকাইয়া পিণ্ডাকার করা। > **তিলকে তাল করা**-যা তিলের মত ক্ষুদ্র বা সামান্য তাকে তালের মত বড় করিয়া তোলা ; অতি রঞ্জিত করা। **~কাঁড়ী**-বি, তালগাছের কাণ্ডসার। **~কাটা**-বিণ, যে তালগাছে উঠিয়া তাল পাড়ে এবং মুখ কাটিয়া তালশাঁস বাহির করিয়া বিক্রয় করে। প্র-তালকাটা হাড়ী। **~কানা** [তালের মত কানা বা দর্শনেন্দ্রিয়হীন। প্রবাদ যে নারিকেলের যেমন চোখ আছে তালের তেমন নাই সেই জন্য সে তলার মানুষের মাথায় পড়ে-এই ভাব হতে] বিণ, দর্শনেন্দ্রিয়হীন ; অন্ধ। ২ [তাল$_2$ দ্রঃ], সঙ্গীতের ছন্দ বা কাল সম্বন্ধে অজ্ঞ ; যার তাল মান বোধ নাই। "আছে এমনি তালকানা যে শুনতে তা পীলে চমকাচ্ছে-দ্বি° রায়। **~ক্ষীর** [তালের ক্ষীর (সারাংশ), ৬ তৎ] বি, শর্করাবিঃ ; তালের চিনি। **~গর্ভ** [তাল (ঐ বৃক্ষের) গর্ভ (অভ্যন্তর ভাগ), ৬ তৎ] বি, তালের মেথি। **~জটা** [তালের জটা, ৬ তৎ] বি, তালবৃক্ষের জটা। ২ তাল জটার ন্যায় পদার্থ। **তাল ঠোকা**-কুস্তির আখড়ায় বা দ্বন্দ্ব-যুদ্ধক্ষেত্রে একজন অপরকে যুদ্ধে আহ্বান বা আক্রমণ করিবার উপক্রমকালে বাহুতে করতল আঘাত ; বাহুর আস্ফোটন। **~তাল**-অ, রাশি রাশি। **~নবমী**- বি, ভাদ্র মাসের শুক্লা নবমী, যে তিথিতে বিষ্ণুর উদ্দেশে তাল ফল দান ঘটিত ব্রত অনুষ্ঠিত হয়। **তাল পড়া**-তাল ফলের পতন হওয়া। ২ [উচ্চস্থান হতে তাল ফল নিয়ে যখন পতিত হয় তখন যেমন জোরে পড়ে তেমনি খুব শব্দ হওয়ার ভাব হতে ব্যঙ্গোক্তিতে] পৃষ্ঠদেশে খুব জোরে মুষ্ট্যাঘাত হওয়া ; পিঠে কিল পড়া। "কার পিঠে তাল পড়ল।" **~পত্র, ~পাতা**-বি, তাল গাছের পাতা ; লেখ্য পত্র। ২ [ও°রাও শব্দ -তরপত, তড়কা। তালপত্রের আকৃতি হতে] কর্ণভূষণবিঃ। ৩ খড়্গবিঃ ; তালপত্রাকৃতি অসি। **তাল পাকানি, -লাগানি**-ক্রি, পাকাইয়া তালের মত বর্ত্তুল করা ; জড় পুঁটুলী করা। ২ গণ্ডগোল করা ; জটিল করা। ৩ জটলা করা। **~পাতার সেপাই** [লক্ষ° ও ব্যঙ্গার্থে] বি, অতি কৃশ এবং বাতাসের ভর সহিতে পারে না এমন ব্যক্তি। "যেমন লম্বা তেমনি রোগা। বুকের প্রত্যেক পাঁজরাটি বোধ করি দূর থেকে গোণা যায় এইরূপ চেহারা তাল পাতার সেপাই!"-শরৎ চট্টো° (দত্তা)। **~পুকুর**- বি, তাল গাছ বেষ্টিত-পাড় পুষ্করিণী। **~বন** [তালের বন, ৬ তৎ] বি, বৃন্দাবনস্থ বনবিঃ ; মধুবনের পার্শ্বস্থ বন যথায় বলরাম কর্ত্তৃক ধেনুকাসুর নিহত হয়। ২ তাল গাছের বন। ব্রজ° **~বনি**। "তপন নন্দিনী তীরে তালবনি ভুবন মোহন লাবণী।"-গোবিন্দ°। **~বাখড়া**-বি, শুষ্ক তালপাতার ডাঁটা। **~বৃন্ত$_1$, ~বৃন্তক** [তালের বৃন্ত, বৃন্তক (বোঁটা, সবৃন্ত পত্র), ৬ তৎ] বি, তাল গাছের সবৃন্ত পত্র। ২ তালপত্র ব্যজন ; তালপাতার পাখা। **~বৃন্ত$_2$** [অর্থ শা°] বি, তাল বৃন্তের ন্যায় চক্রাকার যন্ত্রাস্ত্রবিঃ। **~শাঁস** [-শস্য >] বি, তালের কচি আঁটির শাঁস ; কচি তালবীজ। **~শাঁড়া, ~সাঁড়া**-বি, তাল বৃক্ষের কোমল বৃন্তমূলস্থ ঝুরি যা বৃক্ষকাণ্ডে সংলগ্ন হইয়া চতুর্দ্দিক বেষ্টন করিয়া থাকে।

তাল$_2$ [তল্ (প্রতিষ্ঠিত হওয়া) + অ (ধি, ঘঞ্)-যাতে গীতবাদ্য ও নৃত্য প্রতিষ্ঠিত হয়। "মতান্তরে পুং-নৃত্য তাণ্ডবের তা ও স্ত্রী-নৃত্য লাস্যের ল যোগে তাল শব্দ গঠিত।" -সঙ্গীতার্ণব] বি, গীতবাদ্য নৃত্য বিষয়ে কাল ক্রিয়ার পরিমাণবিঃ। "ভভম্ ভবম্ ববম্ ভাল ঘন বাজে শিঙ্গা ডমরু গাল, রুদ্র তালে তাল দেয় বেতাল ভৃঙ্গী নাচে অঙ্গ ভঙ্গিয়া।" -অং মং [দ্রঃ-সুরের কাল পরিমাণ ঠিক রাখিতে ও ছন্দ সুস্পষ্ট করিতে তালের প্রয়োজন। সুরের ছন্দ ভঙ্গ বা কাল ভঙ্গ হইলেই গানের তাল ভঙ্গ হয়, তাল ৪ ভাগে বিভক্ত। "গীতাদির সমকালে তাল গ্রহণের নাম 'সমগ্রহ'; পূর্ব্বে গীতারম্ভ পশ্চাৎ তাল গ্রহণের নাম 'অতীতগ্রহ'; পূর্ব্বে তালগ্রহণ পশ্চাৎ গীতাদির আরম্ভের নাম 'অনাগত' এবং অতীত ও অনাগত এই দুয়ের মধ্যকালে তাল গ্রহণের নাম 'বিষমগ্রহ'।" -যন্ত্রক্ষেত্র-দীপিকা। মতান্তরে ত্রিবিধ-সম, অতীত, অনাগত। গানেব সুরে যেখানে যেখানে প্রধান ঝোঁক পড়ে তাকে তাল বলে]। ২ দক্ষিণ করতল দ্বারা বাম বাহুতে অথবা বাম করতল দ্বারা দক্ষিণ বাহুতে আঘাত; বাহ্বাস্ফোট। ৩ করতলে করতলে আঘাত; হাততালী; করতালী। ৪ অঙ্গুষ্ঠ ও মধ্যমার টিপযোগে শব্দ; তুড়ি; চুটকি। ৫ দুর্গার সিংহাসন। ৬ [এই অর্থে টাল ও°] ঝোঁক; ভাব; দায়; বেগ; ধাক্কা। "সব তাল এসে প'ড়ল আমার পিঠে।" প্র-তাল সামলান। ৭ আসন্ন পতন। ৮ সামঞ্জস্য; সাম্য। ৯ আসন্ন মৃত্যু। ১০ এক বিতস্তি; অর্দ্ধ হস্ত পরিমাণ। "চৌদ্দ তাল জলের মধ্যে ময়না আসন করিল।" -মাণিক গান। **তাল দুন**-বি, দ্বিগুণ দ্রুত তাল। **তাল দেওয়া**-ক্রি, গানের সুরের ছন্দ বা কাল অনুযায়ী করতালি দেওয়া; গানের তালে তালে আঘাত করা বা তল-শব্দ করা। **তাল ফাঁক, ফাঁক তাল** [ফাঁক দ্রঃ] বি, তালের অবকাশ; তালের শেষে ও পুনরায় তাল দিবার পূর্ব্বে অনাঘাত। **তাল ফের, (ফেরতা)**-ফের তাল দ্রঃ। **তাল রাখা**-ক্রি, সঙ্গীতের সুরের সঙ্গে সঙ্গে সময় ঠিক রাখা। বেগ বা ঝোঁক রাখা। **তাল সামলানি**-ক্রি, ঝোঁক বা বেগ সম্বরণ করা; আসন্ন পতন হতে বাঁচা। ২ আসন্ন মৃত্যু হতে রক্ষা পাওয়া। **জলদতাল**-দ্রুত তাল। **ঠায় তাল, ঠা**-ধীরে ধীরে যে তাল দেওয়া হয়। **ঢিমা তাল**-মধ্যম তাল; বিলম্বিত তাল। **ফের তাল**-তালের পুনরাবৃত্তি।

তাল$_3$ [সং। তালক ও°] বি, হরিতাল।

তাল$_4$ [সং। সহচর-বেতাল] বি, ভূত-যোনিবিঃ; শিবানুচরবিঃ। "তাল বলে আজি ঘরেমাতা উপস্থিত।" -অং মং।

তালই, তালুই [তুল-তেলু°-তাল্লি (মা), তামিল-তায় (মা)] বি, ভ্রাতা বা ভগিনীর শ্বশুর।

তালক [সং] বি, দ্বাররোধক যন্ত্র; তালা। ২ হরিতাল।

তালকী [সং] বি, তালরস; তাড়ী।

তালক্ষীর-তাল$_1$ দ্রঃ।

তালঙ্ক [সং] বি, ভূষণবিঃ; তাডঙ্ক।

তালচটক, তালচটা [তাল-চটক= চটা] বি, দণ্ডচারী বর্গের পক্ষিবিঃ; তাল-গাছে বাসা করে বলিয়া এই নাম।

তালচোঁচ [সং-তালচঞ্চু >] বি, চটক জাতীয় পক্ষিবিঃ। ২ বাবুইপাখী।

তালজঙ্ঘ [তালের (তাল বৃক্ষের) মত জঙ্ঘা যার, বহু°] বিণ, তালগাছের মত দীর্ঘ জঙ্ঘাযুক্ত। ২ বি, যদুবংশীয় জনৈক রাজা। ৩ দেশবিঃ। ৪ রাক্ষসবিঃ। স্ত্রীং ~া-রাক্ষসীবিঃ।

তালধ্বজ [তালের মত বৃহৎ হইয়াছে ধ্বজ যার, বহু°] বি, বলরাম বলদেব। স্ত্রীং ~া-তালগাছের পাতা। ২ নগরীবিঃ।

তাল/নবমী, ~পত্র, ~বন, ~বৃন্ত-তাল$_1$ দ্রঃ।

তালবেতাল [তাল (তাল$_4$ দ্রঃ) এবং বেতাল, দ্বন্দ্ব] বি, উপদেবতাদ্বয়; ভূতদ্বয়; শিবানুচরবিঃ। তালবেতালসিদ্ধ হইয়া রাজা বিক্রমাদিত্য তাহাদিগকে আজ্ঞাবহ করিয়াছিলেন বলিয়া প্রসিদ্ধি আছে।

তালব্য [তালু+য (ভবার্থে)] বিণ, তালু হতে উচ্চারিত। ২ তালুসম্বন্ধীয়। **~বর্ণ**-ই, ঈ, চবর্গ, য, শ।

তালভঙ্গ [তাল$_2$ দ্রঃ] বি, তাল কাটা; বেতালা হওয়া; নৃত-গীত বাদ্যের তাল কাটা। "দেব-সভা মাঝে নাচ করিবি সম্প্রতি। তায় হবে তাল° তবে যাবি ক্ষিতি॥" -ঘ°।

তালমর্দ্দল [তাল$_2$ দ্রঃ] বি, বাদ্যবিঃ; তালমাদল।

তালমাখনা [বৈদ্যকে। সং-তাল+ সং-মথান্ন > হিং-মখানা > বর্ণবিপর্য্যয়ে বাং-য়-মাখনা] বি, কোকিলাক্ষ বা কুলে-খাড়া (Hygrophila spinosa) র (জীরা-সদৃশ) বীজ।

তালমূল [অর্থ শা°] বি, কাষ্ঠনির্ম্মিত ঢালবিঃ।

তালমূলী [বৈদ্যকে] বি, শাকবিঃ curculigo orchioides.

তালযন্ত্র-বি, শল্যোদ্ধারক যন্ত্রবিঃ।

তালশাঁস-তাল$_1$ দ্রঃ।

তালশাঁড়া, তালসাঁড়া [তাল$_1$ দ্রঃ] বি, তৃণবিঃ। ২ তালপত্রের বৃন্তভাগ যা বৃক্ষকাণ্ডে সংলগ্ন থাকে।

তালা$_1$ [সং-তলক > হিং-তালা (দ্বার বন্ধ করিবার যন্ত্র)] বি, কুলুপ। ২ কর্ণবিবরে জল প্রবেশ, তীব্রশব্দ কিম্বা দুর্ব্বলতা ইং জনিত শ্রুতিরোধ; শব্দগ্রহণে অক্ষমতা। "দারুণ প্রহার তায় উদরের জ্বালা। ঘন শ্বাস বহে তার কাণে লাগে তালা॥" -কবিক°।

তালা$_2$ [সং-তল > তলা > দ্রং] বি, অট্টালিকাদির স্তর বা থাক; তলা। প্র-এক তালা, দোতালা বাড়ী।

তালাই-তলাই দ্রঃ।

তালাও [হি তলাব (ক্ষুদ্রার্থে তলাইয়া, বৃহদর্থে তাল)। প্র-নৈনিতাল। "জলসে ভরি গয়্ল (=গেল) তাল তলাইয়া"] বি, পুষ্করিণী।

তালাক, তাল্লাক, তলাক [আ°-তলাক্] বি, শপথ; দিব্য। "বীর বলে তোকে তালাক ভেড়ের ভেড়ে।" -ঘ°। "তাহারে তালাক দিব কীর্ত্তন না বাধিবে।" -চৈ° চ°। ২ ত্যাগপত্র; মুসলমান সমাজে স্ত্রী বা স্বামীর সহিত সকল সম্বন্ধ বিচ্ছিন্ন করিয়া তাকে ঈশ্বরের নামে শপথ করিবার কালে যে পরিত্যাগ পত্র দেওয়া হয়। "তালাক দেওয়া স্ত্রীকে অন্যে বিবাহ করিয়া তালাক দিলে,

আবার তাঁহার পূর্ব্ব পতি তাঁহাকে বিবাহ করিতে পারিতেন।"-উ০ বি। "আমি অনেক দিন হইল উহাকে তালাক দিয়া পরিত্যাগ করিয়াছি।"

তালাঙ্ক [সং] বি, তালধ্বজ বলরাম।

তালাস,-সি [তুর্কী-তলাশ্। তল্লাস দ্রঃ] বি, অন্বেষণ ; অনুসন্ধান : খোঁজ। "মন করোনা দ্বেষাদ্বেষি * * * আমি বেদ আগম পুরাণে করিলাম কত খোঁজ তালাসি -রা০ প্র০।

তালি১ [তাল, তালা দ্রঃ] বি, তালবৃক্ষ the fan palm or palmyra ২ তালবৃক্ষের প্রকারভেদ corypha taliera. ৩ [এই অর্থে তালী ও০] তালবৃক্ষসদৃশ বৃক্ষবিঃ flacourtia cataphracta ৪ সুগন্ধি মৃত্তিকাবিঃ। ৫ তাড়ীর উচ্চারণ ভেদ, তালের রস toddy. ~কুঞ্জ, ~নিকুঞ্জ-তালবৃক্ষের কুঞ্জ। ~বন-তালগাছের বন।

তালি২ তল >] বি, শব্দ। "চরণের তালি কথা শুনিবারে পায়।"-ধর্ম্মরাজের গীঃ (নরসিংহ)। ২ শব্দের আঘাতজনিত শ্রুতি-স্তম্ভ বা শ্রুতি-রোধ। "ভীষণ গর্জ্জনে সভার কর্ণে লাগে তালি।"-মহা০ (কাশী০)। ৩ হাতে তাল দেওয়া। "পুনঃ পুনঃ তালি মারে হাসে খল খল।"-মহা০ (কাশী০)। ৪ [ছিদ্র বন্ধ বা রোধ করণার্থে] জোড় ; পটি। প্র-ছেঁড়া কাপড়ে তালি লাগান।

তালি৩ [হি০ তালী। তালা১ (দ্রঃ) > ক্ষুদ্রার্থে তালি] বি, ছোট তালা।

তালি৪ [সং-তল >] বি, করতল, হাত বা পায়ের তলা। ২ তল শব্দ।

তালিক [তাল (করতল)+ইক (সম্বন্ধার্থে)] বি, করতালি। ২ হাতের চেটো বা তেলো। ৩ চপেট। ৪ বন্ধন। ৫ মোহর করা। স্ত্রীং ~া১।

তালিকা২ [আ০-তালিক্ (পারসীক-দিগের লেখাবিঃ)] বি, নির্ঘণ্ট ; ফর্দ্দ list ; a shedule ; an inventory.

তালিম [আ০-তাআলীম্। আ০-ই.লম্ (বিদ্যা) >] বি, প্রাথমিক শিক্ষা ; উপদেশ। ২ তরিবত training

তালিমী [আ০-তাআলীম্ (দ্রঃ) + ইয়াফ্.তন (প্রাপ্ত হওয়া) শব্দের ইংঙ্গি] বিণ, তালিমপ্রাপ্ত, শিক্ষিত। "যদ্যপি তাহার তালিমী শিক্ষা হইত, তবে সেই সোয়ালেই পড়িত।"-নীলদর্পণ।

তালী১ [তাল+ঈ (স্ত্রীং)] বি, তালগাছ। ২ তাড়ী। ৩ তালা। ৪ চাবি (হি-তালী)। ৫ ভুঁই আমলা। ৬ তালমূলী। ৭ তুবরিকা। ৮ 'তালি১ (দ্রঃ)] তাল-গাছের ন্যায় আকৃতি দীর্ঘ বৃক্ষ।

তালী২ [তাল+ইন্ (স্ত্রী০)=তালিন ১মা.১ব] যে বাদ্য সময়ে তাল প্রদান করে। ২ তাল-জ্ঞানবিশিষ্ট।

তালু [তৃ (গমন করা)+উ (ণে.) যদ্দ্বারা শব্দ নির্গমন করে] বি, তেলুয়া, টাকরা palate

`তালুই [তাউই তালই দ্রঃ] বি, ভ্রাতা বা ভগ্নীর শ্বশুর।

তালুক [আ-তাআল্লুক্] বি, ভূসম্পত্তি, ভূম্যধিকার ; জমিদারী। [গবর্ণমেণ্ট বা কোন জমিদারের নিকট হইতে যে ভূসম্পত্তির বন্দো-বস্ত করিয়া লওয়া যায় তৎসমুদায়ের সাধারণ নাম তালুক। খারিজা বা হুজুরী, সিকিমী বা মজকুরী ও পত্তনী ভেদে তালুক তিন শ্রেণীতে বিভক্ত]। ~দার [আ০-তালুক + ফা০-দার] বি, জমিদার, ভূম্যধিকারী। ২ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ~দারী [ফা০] বি, ভূম্যধিকারীর অধিকার বা স্বত্ব ; জমিদারী। ২ তালুক ভোগ।

তালুজিহ্ব [তালু হইয়াছে জিহ্বা যার বহু, ইহার তালু দ্বারা জিহ্বার কার্য্য হয় বলিয়া] বি, কুম্ভীর। ২ আলজিভ্।

তালুরন্ধ্র [তালুস্থ রন্ধ্র] বি, তালুস্থ ছিদ্র (যোগ সাধন কালে যোগীরা ঐ ছিদ্রে জিহ্বাগ্র প্রবেশ করাইয়া থাকেন)।

তা'লে [তাহা হইলে > তাহলে, তাহালে >] অ, তাহা হইলে। "আমরা জিরোবো তা লে-এমরা দেশে কাজকর্ম্ম করবে কে?"-মেজবৌ (আত্মশক্তি)।

তালেবর [আ০-তালাবর্] বিণ, ভাগ্য-বান, আঢ্য, ধনাধিপতি ; ধনী। ২ গণ্যমান্য।

তাষ্ট্র [ত্বষ্ট্ + ষ্ণ। ত্বষ্টা দ্রঃ] বিণ, ত্বষ্টা নির্ম্মিত, বিশ্বকর্ম্মারচিত।

তাস [হি-তাস] বি, খেলিবার জন্য চিত্রিত ক্ষুদ্র ক্ষুদ্র চতুষ্কোণ কাগজ : পাত্তা (পূর্ব্ববঙ্গ) ; গঞ্জীফা (ফা০) : playing cards ২ স্বর্ণখচিত বস্ত্র [হি-মানসকোষ]। ৩ সূতার তাস ; সূত্রজড়িত কাগজখণ্ড (তাসের মত কাগজখণ্ডে জড়ান থাকে বলিয়া)। ~খেলা-বি, ৩২ খণ্ড চিত্রিত কাগজ লইয়া খেলা। এক এক বর্ণের তাসের স্বতন্ত্র নাম আছে, যথা-হরতন বা হরিতন (হরিদ্রাবর্ণ, Dutch--"Harten"=heart of hearts), রুহিতন (লোহিতবর্ণ, Dutch-"Ruiten"=diamond of diamonds), ইস্কাপন (পরিচ্ছন্ন বা শুভ্র, Dutch--"Schappen" স্কাপন্ spade of spades), চিড়িতন (কৃষ্ণবর্ণ, Dutch--"Klavera") ই০। এক এক রঙের এক এক খণ্ড তাসের নাম-টেক্কা বা একা, দুরী, তিরী, চৌকা, পঞ্জা, ছক্কা, সাতা, আটা, নহলা, দহলা, গোলাম, বিবী, সাহেব। এইরূপ প্রত্যেক রঙের ১৩ খানি করিয়া তাস। তাসের নানা প্রণালীর খেলার ভিন্ন ভিন্ন নাম আছে, যথা-গ্রাবু, বিন্তি, ই০। তা০ পিটা, -পেটা [তাস খেলিবার সময় তাসের কাগজ জোরে আঘাত করিবার মত করিয়া ফেলা হয় বলিয়া পেটা] ক্রি, তাস খেলা।

`তাসন [সং-ত্রসর (সূত্রবেষ্টন-হে০] বি, জোলাদিগের দ্বারা কাপড় তৈয়ার করিবার সূতা মাজা। "রোজা নমাজ করি কেহ হৈল গোলা। তা০ করিয়া নাম বলাইল জোলা॥" -কবিক০। ২ মার্জ্জন ; ঝাড়ন।

`তাসা১ [আ০-তাসহ্] বি, আনকগণ্ডবিঃ ; ধাতুময় ভাণ্ডের মুখে চর্ম্ম দেওয়া বাদ্যবিঃ a drum.

তাসা২ [হি০ তাসা] বি, তাসের মত কাগজখণ্ড জড়ান ছবি থাকে বলিয়া] সূত্র-জড়িত কাগজখণ্ড ; সূতার তাস। প্র-গুলি-সূতার চেয়ে তাসার সূতা মোটা।

`তাসানি [তাস > + আন (ক্রিয়ায়)। নামধাতু। তাসাই, তাসাও, তাসায় ; তাসাইতে ; তাসাইয়া (কো০ তাসিয়ে)] ক্রি.

তাস নাড়াচাড়া করা। ২ খেলিতে বসিয়া তাসের ভাঁজ করা, সমস্ত তাস সংগ্রহ করিয়া পূর্ব্বক্রম ভঙ্গ করিয়া দেওয়া।

তাস্কর্য্য [তস্কর (চোর) + য (ভা)] বি চৌর্য্য ; তস্করতা।

তাহ্‌, তাহি [ব্রজ তাহা দ্রঃ] স তাহা ; সে কথা, সে বিষয় বা বস্তু। "কা সঞে বিলসব কো কব তাহ্‌"-বি প।

তাহা [বৈদ সং। ব্রজ তাহ্‌, তাহি, বহু বচনে, তাহারা। সম্বন্ধে তাহার, কেশ তার। ওড়িয়া অনুকরণে প্রা বাং তাহানঙ্ক (মহা সঞ্জয়) > বাং সম্ভ্রমার্থে তাঁহার, তাঁহার(কেশ তাঁর)। করণে, অধিকরণে, তাহাতে। কর্ম্মবাচ্যে তাহাকে, তাহারে (পদ্যে)। কেশ তা] স, সেই, তা, সে কথা : সে বিষয় বা বস্তু।

তাহাকে [তাহা দ্রঃ। কেশ তাকে, পদ্যে-তাহারে (কেশ তারে) তাহায় (কেশ তায়, তাতে), বহু বচনে-তাহাদিগকে (কেশ তাদিগে মধ্য বাং-তাহারদিগকে (অষ্টাদশ শতাব্দীর শেষ-উনবিংশ শতাব্দীর মধ্য). সম্ভ্রমার্থে, তাঁহাকে, কেশ তাঁকে, প্রাদে ভেদে-তানাকে তেনাকে] স, সে বিষয় বা বস্তুকে : সে ব্যক্তিকে ; যার উল্লেখ করা হইয়াছে তাকে।

তাহাতে [তাহা (দ্রঃ) শব্দের সপ্তম্যন্ত রূপ] অ, তাহার মধ্যে, তন্মধ্যে। ২ হেতু বা নিমিত্তার্থক। প্র-সে যদি চলিয়াই যায় তা কি আসিয়া যাইবে। ৩ তাহার পর ; তথাপি ; তাহা সত্ত্বে। প্র-তা সে বলিল। ৪ সাহচর্য্য এবং কর্তৃত্ব জ্ঞাপক অব্যয়। প্র-তা আমাতে তথায় যাইয়া সমস্ত অবধারণ করিয়া আসিব [দ্রঃ-ইহার সঙ্কুচিত আকার। তাতে, (প্রাদে উচ্চারণ ভেদে) তাথে, তথি। "প্রধান সেবক জয়দেব কবি তাথে" -গী গিরি, ১৬৫৮ শক। "উৎপন্ন করিয়া তাথে করিয়া ঘোষণ"-দুর্গামঙ্গল। পদ্যে-তাহে, তায়]।

তাহার, তার [তাহা (দ্রঃ)। হিং-তা-কর >] স, সেই ব্যক্তি, বস্তু বা বিষয়ের। [ব্রজ তাহ্‌র। "তাহের কাজ সিদ্ধ হইল ধর্ম্ম দরসনে।"-শূ পু। তেহুর্ক, তাহর্ক, তাহার্ক, তার্ক, তার্কর। ম বাং এবং আধু বাং বহুব -তাহাদিগের, তাহাদের, তাদের। মধ্য-বাং-তাহারদিগের, তাহারদের। "উত্তর দালানে সমস্ত দুগ্ধবতী গাভীগণ থাকে দক্ষিণভাগে ঘোড়া ও গাধাগণ, পশ্চিমের দালানে হাতি উট তাহাদের সাতে ২ আর ২ অনেক ২ পশুগণ।" "নওবৎখানার উপরে ঘড়িঘর ; সে স্থানে ঘড়িয়ালেরা তাহারদের ঘড়িতে নিরীক্ষণ করিয়া থাকে দণ্ডপূর্ণ হবামাত্রেই তারা তাহারদের ঝাঁজের উপর মুদ্গার মারিয়া জ্ঞাত করায় সকলকে।"-প্রতাপাদিত্য চরিত, পৃ ১০৬ (১৮০১ অব্দে শ্রীরামপুর প্রেসে মুদ্রিত গ্রন্থ)। তাদিগের প্রাদে। ম-বাং (সম্ভ্রমার্থে)-তান, তাহান, তানার। "কি কর্ম্ম করেন কিবা স্বভাব তাহান"-দুর্গামঙ্গল। বহুব -তানাদের, তানাগোর, তেনাদের। প্রা-বাং-তথির। "যদুবংশ ক্ষয় হএ তথির লাগিঞা" -চৈ ম]।

তাহুত১ [জমীঃ পরিঃ] বি, দেয় খাজনা।

তাহুত২-তাউত দ্রঃ।

তাহে১ [তাহাতে দ্রঃ। ব্রজ। দ্রুত উচ্চারণে-তায়। পদ্যে, 'তাহাতে' স্থলে ব্যবহৃত] অ, তন্মধ্যে। ২ তদুপরি ; উপরন্তু ; অধিকন্তু। "নবীন মেঘের নিবিড় আড়া, তাহে বিজুরী যোই।"-লোচন। "সোই মুগ্ধমতি তাহে করু ঝাঁপ।"-বি প।

তাহে২ [তা (তাহা) + এ=কে (তাহাকে দ্রঃ] স, তাহাকে। "তাহে হৃদয় দরশি থোরি"-বি প।

তি [ব্যা। তা দ্রঃ] বি, অবস্থা বা ভাবার্থক তদ্ধিত প্রত্যয়বিঃ। প্র-ঘট্‌তি বাড়্‌তি (হ্রাস বৃদ্ধি), থাক্‌তি (অভাব), গল্‌তি (গলদ অর্থে), কাট্‌তি (বিক্রয়)। ২ নির্ম্মাণ-অর্থক প্রত্যয়। প্র-শাল্‌তি। ৩ ক্রিয়ার অসমাপ্তিবোধক কৃৎপ্রত্যয়বিঃ, কিন্তু প্রয়োগে বিশেষণ-রূপে ব্যবহৃত হয় সুতরাং ইহা ইং-participial adjective এর এবং ing প্রত্যয়ের অনুরূপ যথা,-চল্‌তি খাতা। (যে খাতায় হিসাবের কাজ চলিতেছে)। ৪ ক্ষুদ্রার্থক প্রত্যয়। প্র-চাক্‌তি (ছোট চাকা), তক্‌তি (ছোট তক্তা), খুন্‌তি (ছোট খন্তা)। ৫ [সং-ত্রি > ত্রীণি > তিন > তি (প্রা-বাং)] তিন (দ্রঃ)। প্র-তিসংখ, তিধার। ৬ [প্রা-বাং। সং-তিপ্‌ >] ক্রিয়া বিভক্তি। "রোদতি রাধা শ্যাম করি কোর"-বৈ সা। ৭ [তে দ্রঃ] ৪র্থী বিভক্তি ; জন্য। বা নিমিত্ত অর্থে (প্র-খাতি, বলতি=খাইতে, বলিতে)।

তিঅজ, তিয়জ [হিং-তীজা (তীসরা) > বাং গ্রা তিয়া। প্র-তিয়াত্তর। তিজ > তিঅজ এই অর্থে কৃত্তি রামা 'তেয়জ,' গৌড়বধ কাব্যে 'তইঅ' (বিদ্বদ্বল্লভ, শ্রী কী, টীকা)। ঐরূপ প্রা বাংয় 'দুয়জ' (দ্রঃ)] বিণ, তৃতীয়। ~পহর [তুল-হিং তিজহরিয়া (তীজ + পহরিয়া পহর < প্রহর)] তৃতীয় প্রহর। "বিহাণ আইলাহোঁ ভৈল তিঅজ পহর"-শ্রী কী। "তিয়জ পহরে বডায়ি পিক ধন রএ"-ঐ।

তিউড়ী, তিওড়ি [সং ত্রিবৃৎ >। প্রাদে] বি উনান, আখা। "উজ্জ্বল চন্দন কাষ্ঠে জ্বালিল তিউড়ী। আঁচলে লোচন মুছে চড়াইয়া হাঁড়ী।"-ঘ। "তিল নারিকেল দিয়া সাজায় তিওড়ি॥"-ক্ষেমানন্দ।

তিঁহ [তেঁহ দ্রঃ। প্রা বাং। বৈ, সা] ভূরি প্রয়োগ] স, তিনি। "সৎ কথা শ্রবণে মতি হয় যার যার। তিঁহ হন স্বয়ং বিষ্ণু তাঁকে নমস্কার॥"-শি।

তিঁহি [প্রা বাং, বৈ. সাহিত্যে ভূরি প্রয়োগ] স, সে ; তিনি। "শ্রীপরমানন্দ পুরী গোসাঞিমহাশয়ে। সংক্ষেপে করিল তিঁহি গোবিন্দ বিজয়ে॥" * "সংক্ষেপে করিলেন তিঁহি পরমানন্দ গুপ্ত। গৌরাঙ্গ বিজয় গীত শুনিতে অদ্ভুত॥"-চৈ ম (জয়ানন্দ)।

তিঁহো, তিহোঁ [মান্যার্থে ঁ যোগ। তিঁহ দ্রঃ] স, তিনি ; সে। "তারক অস্ত্রের বধ্য নয়। শিব বিভা হৈলে তথি গৌরী পুত্র সেনাপতি তিঁহো তারে বধিবে নিশ্চয়॥"-শি। "তিহোঁ ধন্য তার পুণ্য আমি কব কত॥-ঐ।

তিক্, তিক্‌তিক্ [সং-তিক্ (গতি)] অ, গরু চালাইবার সঙ্কেত শব্দ ; চল্ চল্ এই

অর্থে। ২ হাঁস, পেরু ইং-কে ডাকিবার শব্দ : চলে আয়, চলে আয় এই অর্থে। এই অর্থে তি-তি ও।

টিক [তাক দ্রঃ। গ্রাং] বি. লক্ষ্য ; টিপ।

টিকিচ্ছা [গ্রাং] বি. চিকিৎসা দ্রঃ।

টিকুড়, তিখুর, -খুড় [সং-তবক্ষীর >] বি. শটীর মত গাছের পালো। বাঙ্গালা দেশে দুধের সহিত এই পালো মিশাইয়া চিনি সহ জ্বাল দিয়া ক্ষীর প্রস্তুত হয়।

টিকখী [তীক্ষ > তীক্‌খণ > তিক্‌খী, তিরিক্‌খি (দ্রঃ)। গ্রাং কথ্য] বিণ উগ্র ; তীব্র। ২ ক্রোধী।

টিক্ত [তিজ্‌ (তীক্ষ্ণ করা) + ত (র্ম)-যে ক্ষুধা তীক্ষ্ণ (বৃদ্ধি) করে] বি. তিক্তরস। ২ বিণ. তিক্তরসযুক্ত। ৩ [লক্ষং] অপ্রীতিকর ; দুঃখ জনক ; কষ্টের। "পূর্ব্বেকার তিক্ত অভিজ্ঞতা হইতে * * * এই উক্তির কোন মূল্য দিবেন না-ইহা নিশ্চয়।"-আং পত্রিকা। তিক্ত অভিজ্ঞতা-কষ্টার্জ্জিত বহুদর্শন bitter experience. স্ত্রীং ~া। ~ক -বি, নিম। ২ চিরাতা। ৩ বিট-খদির। ~তুম্বী [তিক্ত যে তুম্বী, ধা] বি, তিত-লাউ। ~পত্র-বি, তিতাপাতার গাছ। ২ কাঁকরোল। ~রাজ-বি,রোহিতক ; রয়না বা রোহাগাছ Amora Rohitaka. ~শাক -বি,বরুণ গাছ Crataeva religiosa ~সার [তিক্ত সার (সারাংশ) যার বহুং] বি, খদির।

টিক্ষ, তিখ, তিখঁড়, তিখঁর [তীক্ষ > প্রাকৃং তিক্‌খ। তীখণ (ণ=ড়=র)] বিণ, তীক্ষ্ণ (দ্রঃ) ; তীব্র। "তিখ নখ রেখ" -শ্রীং কীং।

টিখনি, তিখিনী, তীখনি [ব্রজং প্রাং বাং। তীক্ষ > প্রাকৃং তিক্‌খ, তিখন্‌ > স্ত্রীং তিখনি, তিখিনী] বিণ, তীক্ষ্ণ। "নয়ান-চাহনি, বিভঙ্গী সে যনি, তিখিনী তিখিনী শর।"-চণ্ডিং। "মৃগী তেজই তীখনি শ্বাস"-বিং পং। উবটন বিঃ। তিং দেওয়া-প্রতিমাদির রং স্থায়ী ও উজ্জ্বল করিবার জন্য এরোরুট জ্বাল দিয়া বা আতপ চাউল জলে বাটিয়া তাহাতে যে শ্বেতসার বাহির হয় তা গরম করিয়া প্রতিমার অঙ্গে লেপন করা।

টিখড়ানি [তিড়িখ + আন (ক্রিয়ার)] ক্রি, তিড়ি ক্‌ করিয়া অর্থাৎ হঠাৎ বেগে লম্ফ দিয়া উঠা।

টিগ্মবাণী [সং-তীক্ষ্ণবাণী] মর্ম্মান্তিক কথা ; তীব্র বাণী ; কঠোর বচন। "ধামালী সহিত কাহগঞ্জি বোলে তিং"-শ্রীং কীং।

টিগ্ম [তিজ্‌ (তীক্ষ্ণ করা) + ম (ভাং)। বাংলায় স্বতন্ত্র ব্যবহার বড় নাই] বি. তীক্ষ্ণতা। ২ উষ্ণতা। ৩ [স্তু-ম] বিণ, উষ্ণ। ৪ তীক্ষ্ণ। ৫ তীব্র। ৬ উদ্ধত। ~কর [তিগ্ম (তীক্ষ্ণ) কর (কিরণ) যার, বহুং] বি, সূর্য্য। ২ তিগ্ম যে কর (কিরণ), ধা] প্রচণ্ড কিরণ। ৩ গুরুতর রাজস্ব। ৪ [তিগ্ম কর (রাজস্ব)] উচ্চ করগ্রাহী রাজা। ~রশ্মি [তিগ্ম (তীক্ষ্ণ) রশ্মি (কিরণ) যার, বহু] বি, তিগ্মাংশু, সূর্য্য। ২ খর কিরণ।

টিঙ [ব্যাং পরিং] বি. তিপ্‌, তস্‌, অন্তি ইং-পরস্মৈপদী এবং তে, আতে, অন্তে ইং-আত্মনেপদী-এই ১৮টি বিভক্তি যা ক্রিয়ার মূল ধাতুর সহিত যুক্ত হইয়া সমাপিকা ক্রিয়াপদ নিষ্পন্ন করে।

টিঙন্ত [তিঙ্‌ (দ্রঃ) + অন্ত (অন্তে) যার] বিণ, তিঙ্‌ বিভক্ত্যন্ত। ~পদ-বি, ক্রিয়ার মূল ধাতুর উত্তর বা অন্তে বিশেষ বিশেষ নিয়মে তিঙ্‌ বিভক্তি যোগে নিষ্পন্ন পদ ; ক্রিয়াবিভক্তিযুক্ত শব্দ। ~প্রত্যয়-ধাতুর উত্তর বিহিত প্রত্যয় verbal affix

টিজারৎ, তেজারৎ [আং-তিজারৎ (কার, কারবার, ব্যবসায়)] বি, বাণিজ্য, ব্যবসায়। ~তি (-র্‌-) বি, টাকা সুদে খাটানর ব্যবসায়। তেং করা-উক্ত ব্যবসায় করা। বিণ,~তী-তিং সম্বন্ধী; সুদী।

টিজেল [পর্তুং-tigela. তুল-সং-তিতিল] বি, ক্ষুদ্র স্থালীবিঃ ; ব্যঞ্জন পাকের হাঁড়িবিঃ ; পাতিল (পূং বঙ্গ)।

টিড়িং, তিড়িক্‌ [তড়াক দ্রঃ। মূলে সং-তট্‌ (উচ্চ হ্ন) >] অ, বেগে লম্ফ-দানের ভাব ; স্প্রীং এর মত লাফাইয়া উঠা।

তিড়িং-বিড়িং,-ভিড়িং-অঙ্গভঙ্গী সহ ইতস্ততঃ ঐরূপ লম্ফন।

টিণ [সং-তৃণ > প্রাকৃং। গ্রাং তিন] বি, তৃণ। "তিণ ন ছুপই হরিণা পিবই ন পানী।"-চং ৬।৩।

টিণি [বৌং বাং প্রাকৃং। সং ত্রীণি >] বিণ, তিন। "তিনি ভূঅণ"-চং ১৮।১।

টিত (-ত) [সং-তিক্ত > চং-তিত, তিতা, তেতো, পাং তিও] বিণ, তিক্তরস ; কটু। প্র-তিত লাউ। "হাম না বুঝিয়ে রস তিত কি মিঠা"-বিং পং। "কেবল আসার আসা, ভবে আশা,আসা মাত্র হলো *ওমা ! মিঠাব লোভে তিত মুখে সারা দিনটা গেলো॥"-রাংপ্রং। ২ বিরস ; অপ্রীতিকর।

টিতউ [প্রাদেং] বি, সচ্ছিদ্র-বংশ-নির্ম্মিত পাত্রবিঃ ; চালনী।

টিত(া)নো, [সিক্ত >। তিতাই, তিতাও ইং] বি, আর্দ্র করা ; ভিজান ; সিক্ত করা।

টিতল [ব্রজং। তিতিল দ্রঃ] ক্রি, ভিজিল ; সিক্ত হইল। ২ বিণ, সিক্ত; আর্দ্র। "অলকহি তিং তহি অতি শোভা"-বিং পং।

টিতা১ [সং-তিক্ত > পাং-তিত্ত] বিণ, তিক্তরস ; তিক্তাস্বাদযুক্ত। "মধুর বলিয়া, ছানিয়া খাইনু তিতায় তিতিল দে।"-চণ্ডিং। "থুথু করে ফেলে রাণী সব লাগে তিতা"-ধং মং। ২ [বির্থেং] দগ্ধ। "তিতা কৈল দেহ মোর ননদী বচনে"-চণ্ডিং। ৩ [সিক্ত >] বিণ, সিক্ত ; আর্দ্র। "স্নানান্তে তিতা বস্ত্র এড়িলেন শ্রীশচীনন্দন"-চৈং ভাং।

টিতা২ [সিক্ত > অথবা সং-তিপ্‌ (ক্ষরণ) ধাতু >। তিতি, তিত, তিতে ; তিতিতে ; তিতিয়া (পদ্যে, ক্ষেং তিতি)। ণিজন্ত তিতানি (তিতাই, তিতাও, তিতায় ইং)-আর্দ্র করা ; সিক্ত করান] ক্রি, ভিজা ; সিক্ত হওয়া; আর্দ্র হওয়া। "তিতি অশ্রুনীরে" -মেঘং। "সর্ব্ব অঙ্গ তিতে পদ্মনয়নের জলে।" -চৈং ভাং। ২ তিক্ত হওয়া। "মধুর বলিয়া ছানিয়া খাইনু তিতায় তিতিল দে।"-পদাবলী।

টি-তি-তিক্‌ দ্রঃ।

টিতিক্ষা [তিজ্‌ (সহ্য করা) + সন্‌ (ক্ষমার্থে বিহিত)=তিতিক্ষ + অ (ভাং) + আ (স্ত্রীং)] বি, ধৈর্য্য ; সহিষ্ণুতা ; ক্ষমা। ২ শীতোষ্ণাদি দ্বন্দ্ব সহিষ্ণুতা।

তিতিক্ষিত [তিতিক্ষ+ত (র্ম্ম)] বিণ, যা সহ্য করা গিয়াছে। ২ তিতিক্ষাযুক্ত।

তিতিক্ষু [তিজ্+সন=তিতিক্ষ+উ (র্ত্তৃ)] বিণ, তিতিক্ষাকারী : ক্ষমাশীল : সহিষ্ণু [দ্রঃ-যে যে অবস্থাতেই পতিত হউক না কেন তাহাতেই যিনি সন্তুষ্টচিত্তে কালযাপন করেন, কোনরূপ অনিষ্ট বা অন্যায় ব্যবহারে প্রতিশোধ লইতে চেষ্টা না করিয়া অথবা ক্রোধ প্রকাশ না করিয়া উপেক্ষা করিয়া থাকেন তিনি তিতিক্ষু]।

তিতিবিরক্ত-ত্যক্ত দ্রঃ।

তিতিল [সং-তিতিল (নাদা)। পূঃ বঙ্গে পাতিল। হি-পতীলি] বি, মৃন্ময় পাত্রবিঃ : নাদা। ২ তৈতিলকবণ। ৩ তিলপিষ্টক : তিলকুটা।

তিতীর্ষু [তৃ (পার হওয়া)+স (ইচ্ছার্থে)=তিতীর্ষ+উ (র্ত্তৃ)] বিণ, তরণেচ্ছু : পার-গমনেচ্ছুক।

তিতৈল-তেঁতুল দ্রঃ।

তিত্তির, তিত্তিরা, তিত্তিরি, তিত্তিরী [সং] বি, পক্ষিবিঃ : তিতির-পাখী। ২ যজুর্ব্বেদ শাখাধ্যায়ী মুনিবিঃ। বিণ, তৈত্তিরীয়।

ˋতিথি [তত্ (সতত গমন করা)+ইথি (র্ত্তৃ), যে সর্ব্বদাই অপসরণ করে। তিথী ও° (বিরল)] বি, চন্দ্রকলার হ্রাস বৃদ্ধি দ্বারা সীমাবদ্ধকাল : চান্দ্র মাসের ত্রিশ ভাগের এক এক ভাগ ; চান্দ্রদিন ; প্রতিপদাদি পূর্ণিমান্ত। ২ সময় ; দিনকাল ; ক্ষণ। "ছিল তিথি অনুকূল শুধু নিমিষের ভুল, চিরদিন তৃষাকুল পরাণ জ্বলে। এখন ফিরাবে তারে কিসের ছলে!" -রবী°। ~**কৃত্য** [তিথিতে কৃত্য (কার্য্য), ৭তৎ] বি, তিথিতে করণীয় কার্য্য : নির্দ্দিষ্ট তিথিতে কর্ত্তব্য বিবাহাদি মাঙ্গলিক বা বিহিত কার্য্য। ~**ক্ষয়** [তিথির (তিথ্যুপলক্ষিত চন্দ্রকলার) ক্ষয় (নাশ) হয় যাতে, বহু] বি, অমাবস্যা। ২ ত্র্যহস্পর্শ : একদিনে দুই তিথির ক্ষয় হইয়া তৃতীয় তিথির সংযোগ হলেই এই দিনকে তিথিক্ষয় বলে। ~**সন্ধি** [তিথির (তিথি ক্ষয়ের) সন্ধি (মিলন), ৬তৎ] বি, দুই তিথির মিলন।

তিথ্যমৃতযোগ [তিথি (ঘটিত যে) অমৃতযোগ, ম° প° লো°] বি, যোগবিঃ ; রবি ও সোমবারে পূর্ণা অর্থাৎ পঞ্চমী, দশমী, অমাবস্যা ও পূর্ণিমা ; মঙ্গলে, ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী ; বুধ ও শনিবারে নন্দা-প্রতিপদ, ষষ্ঠী ও একাদশী ; বৃহস্পতিবারে জয়া-তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী এবং শুক্রবারে, রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী তিথি যোগ।

তিধার [প্রা-বাং। ত্রিধার (দ্রঃ) >] বিণ, ত্রিধার ; তিন দিকে ধার। "তিধার খণ্ডা"-শূ° পু°।

তিন [সং-ত্রি > ত্রীণি > প্রাকৃ°-তিন্নি > তিন, তিণি (দ্রঃ), তিনা, তিনি] বি, বিণ, ৩ সংখ্যা বা সংখ্যক। প্রা-বাং-তিসংখ-তিন সংখ্যা। "সুন্ন তিসংথ সোভা অতি মনোহর। ঝলমল করএ তথি তিসংথ উপর॥"-শূ° পু°। ~**কাল**-বি, মানব জীবনের তিন অবস্থা ; বাল্য, যৌবন ও প্রৌঢ়। "তিন কাল গিয়া, মোর এক কাল আছে। পতি পুত্র ভাই বাপ কেহ নাহি কাছে॥"-অ°ম°। ২ সত্য, ত্রেতা ও দ্বাপর। ৩ অতীত, বর্ত্তমান, ভবিষ্যৎ। ~**কুল**-বি, তিন বংশ : পিতৃকুল, মাতৃকুল, শ্বশুরকুল। ২ তিন আশ্রয়। ~**গুণ** [তিনটী গুণ] বি, সত্ত্ব, রজঃ ও তম। ~**তৈরি**-বিণ, উনচল্লিশ ; ৩৯। "কপালে প্রত্যহ ঝাঁটা এজলাসে এজলাসে। তিনতেরটী লাথি খেয়ে ঘরে ফিরে আসে॥"-হেম°। **তিনের তৈরি** [প্রাদে°] বি, আরম্ভ ; সূচনা। প্র-কোথায় কি তার ঠিক নাই। এখনও তিনের তের হয়নি ই°। ~**লাফে**-ক্রি-বিণ, উপর্য্যুপরি তিনবার লাফ দিয়া। ২ অতি দ্রুতপদে ; অবিলম্বে ; দেখিতে দেখিতে। ~**শক্রু** [গ্রা° তিন শক্কর] বি, তিন সংখ্যক দ্রব্য শক্রুকে দেওয়া হয় এরূপ প্রবাদ হতে ইহার উৎপত্তি। প্র-ওকি তোমার শক্রু যে উহার পাতে তিনটা সন্দেশ দিলে? পাতে আরও একটা সন্দেশ ফেলে দাও, তিনশক্রু দিতে নাই। ~**শুন্নি, তেশুন্নি** [ত্রিশূন্য >] বি, শূন্যমার্গ ; অবলম্বনরহিত উর্দ্ধদেশ।

তিনা [প্রাকৃ° তিন্নি] বিণ, তিন (দ্রঃ)। "তিনা সাঁঝে" (=ত্রিসন্ধ্যায়)-চ° ৩৩।৩।

তিনাঞ্জলি, -লী [তিন+অঞ্জলি (প্রা-বাং-য়-লী), প্রেত তর্পণে তিনবার অঞ্জলি করিয়া জল দানের বিধি হ'তে প্রা° বাং-য় তিনাঞ্জলি (লী), আধু° বাং-য় তিলাঞ্জলি দ্রঃ] বি, বিদায়। "আজী লাজক দিআঁ তিনাঞ্জলী"-শ্রী° কী°। "তোর নেহে তিনাঞ্জলী দিআঁ।"-ঐ।

ˋতিনি১ [সং-তদ্ > প্রাকৃ°-তিন্নি ~ নিম্নভাষায়-'তেনা'। তেনাব, তানার, তেন্‌রা= তাহার, তিনির (=তাঁহার)। ওড়ি°-তেনার (=তাহার) : তান্‌রান (=তাহারা)। বহুব° তাঁহারা : পূ° বঙ্গ প্রাদে°-তাইন ; তেনি (সং-তানি >)] স, পরোক্ষমান্য ব্যক্তি বুঝাইতে তিনি শব্দের প্রয়োগ : সম্ভ্রান্ত লোক : সেই ব্যক্তি [অসম্ভ্রমার্থে সে]। ২ [মেয়েলি°] স্বামী, পতি। প্র- আমার তিনি, তোমার তিনি ই°। তক্ত পাবেন তোমার তিনি তাও কি জাননা"-হেম°। ~**ম** [তিনি১+ম (সাদৃশ্যে) তিম দ্রঃ। প্রা-বাং (দোহাকোষ, পু° ১৩২)] অ, সেই-রূপ ; তাদৃশ।

তিনি২ [তিন দ্রঃ। প্রা-বাং] বিণ, তিন ; ত্রয় (চ° ১৬।১)।

তিনিশ [সং] বি, জারুল গাছ, সাদন গাছ (সং-স্যন্দন) Dalbergia oujeinensis

তিন্তিড় [সং] বি, তেঁতুলগাছ। ২ তেঁতুলফল।

তিন্তিড়িকা [তিন্তিড+ক (স্বার্থে)+আ (স্ত্রীং), ই আগম। **তিন্তিলিকা** ও°] বি, তিন্তিড়ী, তেঁতুলগাছ।

তিন্তিড়িকাম্ল [রাসা°পরিঃ] বি, চিঞ্চাম্ল tartaric acid.

তিন্তিড়ী, -ড়ীক, তিন্তিলী [সং-তিন্তিড+ঈ (স্ত্রীং)+ক (স্বার্থে)। ড়=ল] বি, তেঁতুল গাছ।

তিন্দু, তিন্দুক [সং] বি, গাবগাছ।

তিপান্তর-ত্রিপান্তর দ্রঃ।

তিপ্পান্ন, তেপ্পান্ন-ত্রিপঞ্চাশৎ দ্রঃ।

তিব্বৎ [তির্ব্বৎ ও°] বি, হিমালয়ের উত্তরস্থ সিন্ধুনদের উৎপত্তিস্থল হতে চীন সীমা এবং হিমালয় হতে গৌরীপ্রান্তর পর্য্যন্ত বিস্তৃত

পার্ব্বত্য দেশ। ইহার রাজধানী "লাহ্‌সা" পৃথিবীর মধ্যে সর্ব্বোচ্চ নগর। প্রসিদ্ধ মানস সরোবর ইহার সীমান্তর্গত। > বিণ. তিব্বতী।

তিম [তিনি দ্রঃ। > তিমি, > তিম. তেমত দ্রঃ] অ. তেমন ; তদ্রূপ। "তিম বাহিরে তিম অবভন্তরু।"-দোঁ. পৃঃ ১২৪।

তিমি [সং] বি. মৎস্যাকৃতি মহাকায় ও মহাবল সামুদ্রিক জন্তুবিঃ whale "বহু তিমি তিমিঙ্গিল আছে প্রাণী প্রতিস্থল তনু যার শতেক যোজন।"-কবিক'। ~কোষ [তিমি তিমিঙ্গিলাদি গর্ভে আছে বলিয়া] বি. সাগর। ~ঙ্গিল [তিমিং (তিমিকে) গিল (যে গেলে)] বি. তিমিকে গিলিতে পারে এত বড় জলজন্তুবিঃ ; বৃহত্তর তিমি। "বহু তিমি. তিমিঙ্গিল আছে প্রাণী প্রতিস্থল তনু যার শতেক যোজন।"-কবিক'। ~ঙ্গিলগিল [তিমিঙ্গিলকে-গিল (যে গেলে)] বি. অতিকায় তিমিজাতীয় জলজন্তু।

তিমিত [তিম্ (আর্দ্র হওয়া) + ত (তৃ). ই=আগম] বিণ. নিশ্চল. নিস্পন্দ ; স্তিমিত। ২ ক্লিন্ন ; আর্দ্র ; ভিজা।

তিমির [তিম্ (আর্দ্র হওয়া) + ইর (গে. জ্ঞা')] বি. অন্ধকার ; তমস। "তিমিরে ধীরে ধীরে ডুবে গেল দিনমণি"-গান। "জ্বলে দীপমালা নগরে নগরে তুমি যে তিমিরে তুমি সে তিমিরে॥"-গোবিন্দচন্দ্র রায়। ২ ঘোর কৃষ্ণবর্ণ ; মিশ কাল। ৩ [সুশ্রুত। পারিঃ] চক্ষুরোগবিঃ : দৃষ্টিহীনতা loss of vision ; অন্ধত্ব blindness. ছানি cataract. ৪ বিণ. অন্ধকারময়। ~নাশক-বিণ. অন্ধকার দূরকারী। ২ বি. সূর্য্য। ~রিপু-বি. তিমিরারি (দ্রঃ) ; সূর্য্য।

তিমিরাবগুণ্ঠন, তিমিরাবরণ [তিমির + অবগুণ্ঠন. + আবরণ] বি. অন্ধকার রূপ মুখাবরণ বা আচ্ছাদন।

তিমিরারি [তিমির + অরি. ৬তৎ] বি. তিমিররিপু ; সূর্য্য। ২ বিণ. অন্ধকার নাশকারী। মুখচন্দ্র অনুপাম বিন্দু বিন্দু শোভে বাম সিন্দুর তিলক তিং।"-কবিক'।

তিয়ঁজ-তিঅজ দ্রঃ।

তিয়র, তীয়র [সং-তীবর >] বি. বর্ণ সঙ্কর জাতিবিঃ মৎস্যজীবী জাতিবিঃ। স্ত্রীঃ ~ী, ~ণী।

তিয়র২ [ত্রি . তিবর (?)। জগৎ কথায়. ত্রিবেণী] বি. সুরের প্রকার ভেদ।

য়া [গ্রা'] বিণ. তিন ; ৩।

তিয়াগিল, তেয়াগিল [ব্রজ' সং-ত্যাজ >] ক্রি ত্যাগ করিল।

তিয়াত্তর [প্রাকৃ' হত্তর(ত্রিসপ্ততি) । গ্রা' তিয়াত্ত অথবা ত্রি তিরা তিয়া + হত্তর সত্তর সপ্ততি)=তিয়া-হত্তর তিহাত্তর] বি. সংখ্যা-বিঃ ; ৭৩।

তিয়ার [কৃষি পরিঃ। গ্রা'] বি. তিনবার চষা বা কর্ষণ।

তিয়ারী-তেওয়ারী দ্রঃ।

তিয়াষ, তিয়াস, তিয়াসা [ব্রজ'। সং-তৃষ্ণা তৃষা তিয়াস. পিয়াস তিয়াস। র=য। র=ল তিয়াস (পূ' ব' গী')] বি. পিপাসা ; জলপানের ইচ্ছা. তৃষ্ণা। "সে সুখ সায়র দৈবে শুকায়ল তিয়াসে পরাণ যায়।"-চণ্ডী'। "না পূবে অলপ ধনে দারিদ তিয়াস"-বি' প'। "এত প্রেম আশা প্রাণের তিয়াসা কেমনে আছে সে পাশরি।"-রবী'। ক্রি. তিয়াসিল [ব্রজ'] তৃষ্ণা বা পিপাসাযুক্ত হইল। "চাতক চাহি তিয়াসল অম্বুদ।" -বি প'।

তিরছ [সং-তির্য্যচ্ পা'-তিরচ্ছো। "তিরচ্ছো (তু) তিবচ্ছানো (তিরচ্ছানগতে সিয়া)"-অভিধানপ্রদীপিকা। হি'-তীর্ছা। তেরছ দ্রঃ] বিণ. তির্য্যক্. বক্র. বাঁকা. বঙ্কিম. ত্যেড়া।

তিরজুত [সূত্রধরের ভাষায়। গ্রা'] বি. পেঁচদার গর্ত্ত করিবার যন্ত্র screw driver.

তিরতিয়া [ত্রেতা (দ্রঃ) >] বি. ত্রেতাযুগ। "সত্য গেল দোয়া পইল তিং হইলে। কলিযুগ পড়ে বেটা বিবাহ সকালে॥" -মাণিক' গান।

তিরপল [ইং tarpaulin >। বাং-য় তির্পল. ত্রিপল. তেরপল ও'] বি. চট ; শক্ত পাটের দড়িদ্বারা অতি ঘন ভাবে বুনা ও আলকাতরা মাখান বস্ত্র বিঃ।

তিরপিতি [তৃপ্ত >। ব্রজ'. পদ' সা'] বিণ. পরিতৃপ্ত। "জনম অবধি হাম রূপ নেহারনু নয়ন না তিং ভেল।"-বি' প'।

তিরপুনি-ত্রিবেণী দ্রঃ।

তিরবিরে [তীব্র >। প্রাদে' র স্থলে ড় ও'] বিণ. তীব্রস্বভাব ; অস্থির. ছটফটে। "হারাণী সুভাষিণীর খাস ঝি। হাসি মুখে ধরে না. সকল তাতেই হাসি। একটু তিরবিরে।"-ইন্দিরা (বঙ্কিম')।

তির/শ্চী [তিরস্ (বক্র)-অঞ্চ্ (গমনে) + ক্বিপ্ (কৃ)=তির্য্যক্ স্থলে তিরশ্চ আদেশ. + ঈ (স্ত্রীং). যা বক্রভাবে গমন করে] বি. স্ত্রী-জাতীয় পশু পক্ষী। ~শ্চীন,-শ্চিন [নাট্যশা. অঙ্গাভিনয়ে] বি. উভয় পার্শ্বে দৃষ্টি পাত (যে নৃত্যে লজ্জার অভিনয় করিতে হইবে. ইং স্থলে)।

তিরস্ক/রণী, ~রিণী, ~ারিণী [তিরস্ (অপ্রকাশ্য) + করণী. করিণী. কারিণী (যে করে)] বি. বস্ত্রাদির আড়াল. পর্দা screen ২ [লক্ষণ'] বাধা. আবরণ। "ব্রজলীলার নায়ক ও নায়িকার যে লৌকিক প্রেমের আবরণ ছিল. রাধা সে তিরস্করনী অপসারিত করিয়া দিলেন।"-ন' গুপ্ত (১৯শ ব' সা' সম্মিলন, ১৩৩৬)। "তিরস্করিণী বিলম্বিত।"-ভারতী. ৩৬শ বর্ষ। ৩ যে বিদ্যাবলে অন্যের অদৃশ্য হওয়া যায়। আকার গৃহতুল্য। তাহাতে উর্ণাসূত্র রচিত তিরস্করিণী বিলম্বিত।"-ভারতী, ৩৬শ বর্ষ।

তিরস্কার, তিরস্ক্রিয়া [তিরস্ (অবজ্ঞা) কার. ক্রিয়া] বি. ভর্ৎসনা। ২ অনাদর ; অবহেলা ; অবজ্ঞা। ৩ [তিরস্ (অন্তরালে) + কার] অপবাদ কথন ; নিন্দা। ৪ আচ্ছাদন ; আবরণ।

তিরস্কৃত [তিরস্-কৃত] বিণ. যাকে তিরস্কার করা হইয়াছে ; নিন্দিত ; অপবাদিত। ২ ভর্ৎসিত। ৩ অবজ্ঞাত ; তুচ্ছীকৃত। ৪ দূষিত। ৫ আবৃত ; আচ্ছাদিত। ৬ বি. তন্ত্রসারোক্ত মন্ত্রবিঃ।

তিরস্ক্রিয়া-তিরস্কার দ্রঃ।

তিরহুত-ত্রিহুত দ্রঃ।

তিরানিই, তিরানব্বুই [ত্রিনবতি >] বি. সংখ্যাবিঃ ; ৯৩।

তিরাশি [ত্রি+অশীত=ত্র্যশীতি >। ত্রি স্থলে তির] বি, সংখ্যাবিশেষ ; ৮৩।

তিরি, তিরী১ [সং-'স্ত্রী' শব্দের প্রাকৃ০ রূপ। বৈ০, পদ০ সা০] বি, নারী। "দহে পৈসু বড়ায়ি তিরীর জীবন।"-শ্রী০ কী০। ~কেঁ-স্ত্রীলোককে। ~কলা-বি,স্ত্রীলোকের ছল ; নাগরীপণা। ~বধ-স্ত্রীহত্যা। "তিরিবধ পাতক লাগয়ে তোয়"-বি০ প০। ~বধিআ-বিণ, স্ত্রীহত্যাকারী।

তিরিক্‌খি, তিরিক্ষি, তিরিক্কি [টেক্কর দ্রঃ। অথবা তীব্র ও রুক্ষ শব্দদ্বয়ের উচ্চারণ ও ভাব মিশ্রণে] বিণ, উগ্র ; যে অল্পে রাগিয়া উঠে ; রগচটা।

তিরিশ [সং-ত্রিংশ > প্রা০] বি, বিণ; ৩০ এই সংখ্যা; উক্ত সংখ্যক। প্র-তিরিশ জন। **তিরিশেক** [এক (একবার তিরিশ > তিরিশ এক >] বিণ ; ত্রিশ সংখ্য ; প্রায় ত্রিশ। জন তিরিশেক-প্রায় ৩০ জন।

তিরিষা [সং-তৃষা > প্রাকৃ০ রূপ। প্রা০ বৈ০ পদ০ সা০] বি, পিপাসা। "ভুখে ভাত না খায় পিয়া তিরিষায় পানী"-বলরাম০।

তিরী২ [তিরি দ্রঃ। ত্রি >। প্রা০ বাং প্রা০] বি, তিন বিন্দুযুক্ত তাস। ২ [প্রা০ বাং] স্ত্রী (তিরি দ্রঃ)। ৩ [সং ত্রি > প্রাকৃ০] বিণ, তিন।

তিরীশূল-ত্রিশূল (শ্রী০ কী০)।

তিরুডী-ক্রটি৬ দ্রঃ।

তিরেস [তৃষ্ণা > তৃঁষা > প্রা০ তিয়াস, তিয়াস >] বি, তৃষ্ণা। "উপাঁস-তিরেশ"।

তিরোধান [তিরস্ (অপ্রকাশ্য)-ধান (ধারণ)] বি, অদর্শন : অন্তর্ধান। ২ আচ্ছাদন ; আবরণ। ৩ ব্যবধান।

তিরোভাব [তিরস্ (অপ্রকাশ্য)-ভূ (হওয়া)+অ (ভা০)] বি, অদর্শন ; অন্তর্দ্ধান ; তিরোধান।

তিরোভূত [তিরস্(অপ্রকাশ্য)ভূ (হওয়া) +ত (র্ক্ত)] বিণ, যে অন্তর্হিত হইয়াছে ; অদৃষ্ট। ২ মৃত।

তিরোহিত [তিরস্ (অপ্রকাশ্য)+ ধা (ধারণ করা)+ত(র্ক্ত), ধা=হি] বিণ, অন্তর্হিত। স্ত্রীং, ~া১।

তিরোহিতা২ [ত্রিহুতিয়া >] বিণ, ত্রিহুত দেশ নিবাসী। "তি০ পণ্ডিত বড় বৈষ্ণব মহাশয়"-চৈ০ চ০।

তির্য্যক্ [তিরস্+অন্চ্ (গমন করা)+ ক্বিপ্ (র্ক্ত)। মূ০ তির্য্যচ্ ১মা, ১ব০] বিণ, অ, কুটিল ; বক্র ; অসরল। ২ পার্শ্ব ; আড় ; কাত। ৩ নীচ ; মানবেতর। প্র-তির্য্যক্ যোনি। ৪ বক্রগামী। ~গতি [তির্য্যক্ (কুটিল) যে গতি (গমন), ধা] বি, বক্র গমন। ~জাতি [তির্য্যক্ (মানবেতর)-জাতি] বি, পশুপক্ষী ই০ ; জীবজন্তু। ~পাতন [তির্য্যক্ (বক্র) পাতন (প্রসারণ)] বিণ, তির্য্যক্‌পাতী : কুটিল বৃত্তিযুক্ত। ২ বি, বক্র-প্রসারণ। ~যোনি, তির্য্যগ্‌যোনি [তির্য্যক্ (পশু পক্ষী) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যাদের, বহু০] বি, পশু পক্ষ্যাদি জাতি। ২ [৬ তৎ] পশুপক্ষিগণের জননেন্দ্রিয়।

তিল [তিল্ (স্নেহযুক্ত হওয়া)+অ (র্ক্ত)। প্রাকৃ০ তীল (শ্রী০ কী০)] বি, তৈলপ্রদ অতি-ক্ষুদ্র শস্য বিঃ sesamum indicum. ২ তিলের মত শরীরস্থিত চিহ্ন। ৩ সূক্ষ্ম কাল-পরিমাণ। প্র-এক তিল সময় নষ্ট করিতে নাই। ৪ অত্যল্প বা সামান্য পরিমাণ। "তিল এক্ মোর মনে নাহি রতিরঙ্গ।"-শ্রী০ কী০। প্র-তিলকে তাল করা। ৫ এক কড়ার ৮০ অংশের একাংশ। ~া-বিণ, তিলিয়া দ্রঃ। ~কুট, ~কুটা [তিল-কট, কুটা (কুট্টিত)] বি, তিলচূর্ণ ; তিলের গুঁড়া। ২ তিলচূর্ণ মিশ্রিত মিষ্টান্নবিঃ ; তিলের ছাঞ্চি। ~কল্ক [তিলের কল্ক (খলি), ৬ তৎ] বি, তিলের খইল। ~কাঞ্চন [তিল ও কাঞ্চন, দ্বন্দ্ব] বি, স্বর্ণগর্ভ তাম্রাধারে বা তাম্র পাত্রে কিছু তিল (ন্যূনপক্ষে ৫ পো) ও সামান্য স্বর্ণখণ্ড দিয়া অনুষ্ঠিত পিতৃ মাতৃ শ্রাদ্ধ ; অল্প ব্যয়সাধ্য শ্রাদ্ধ (বহু ব্যয়সাধ্য শ্রাদ্ধ-দানসাগর, যাতে ১৬টি ষোড়শের ও বহুদানের প্রয়োজন হয়)। প্র-ষোড়শ টোড়শ করতে সেত পারবেই না। কোন মতে তিলকাঞ্চন করবে। ~কালক [আকারে তিলবৎ কালক (কৃষ্ণবর্ণ)] বি, গাত্রস্থ তিল [দ্রঃ-মুখমণ্ডল ব্যতীত অন্যত্র কৃষ্ণবর্ণ তি০ হইলে নীলিকা]। ২ তিলযুক্ত ব্যক্তি। ৩ [তিলক হইয়াছে অলকে (চূর্ণ কুন্তলে যার, বহু০] বিণ, যার অলকে তিলক আছে। ৪ [তিলক ও অলক, দ্বন্দ্ব] তিলক এবং চূর্ণ কুন্তল। ~কিট্ট [তিল (তার) কিট্ট (কাইট), ৬তৎ] বি, তিলের খইল। ~তুলসী [তিল ও তুলসী, দ্বন্দ্ব] বি, তিল ও তুলসী যা দান বিশুদ্ধ করণের উপকরণ। "শ্যাম অনু-রাগে এতনু বেচিনু তিল তুলসী দিয়া।" -চণ্ডি০। ~তৈল-তিলের তেল। ~পর্ণ-বি, তিল গাছের পাতা। ২ [পর্ণসাদৃশ্যার্থ] চন্দন-বৃক্ষ। ৩ তার্পিণতৈল। ~পর্ণিকা, ~পর্ণী-বি, রক্তচন্দন। ~পিষ্টক-বি, তিলিয়া দ্রঃ। ~সাগরী-দ্রঃ।

তিলক [তিল+ক (জ্ঞা:)] বি, ললাট আদি দ্বাদশ অঙ্গে ধারণীয় চন্দনাদির চিহ্ন ; ফোঁটা [দ্রঃ-মস্তক, ললাট, কর্ণদ্বয়, কণ্ঠ, বাহু-দ্বয়, বক্ষ, পার্শ্বদ্বয়, পৃষ্ঠ ও নাভি এই অষ্ট অঙ্গে তিলক ধারণ বিধি]। ২ অঙ্গের তিল। ৩ গন্ধতুলসী ; মরুবক। ৪ সঙ্গীতের তালবিঃ। ৫ মূত্রাশয় kidney ৬ বিণ, প্রধান ; শ্রেষ্ঠ। প্র-বংশের তিলক ; রঘুকুলতিলক। তি০ কাটা-অঙ্গে তিলক চিহ্ন করা। তি০ পরা-অঙ্গে তিলক ধারণ করা। অলকাতিলক, -তিলকা-অলকা দ্রঃ। ~পানী [তিলক-পানি (জল)] বি, জলের তিলক। "যেমন তিলক-পানী তেমনি অসত্য বাণী সত্য বাণী, তিলক চন্দনে।"-কবিক০। ~মাটি [তিলকের মাটি (মৃত্তিকা), ৬তৎ] বি, যে মৃত্তিকায় তিলক করা হয় ; গঙ্গা মৃত্তিকা, বৃন্দাবন, পুরী ই০ স্থানের শ্বেত, পীতাদি বর্ণের চিক্কণ মৃত্তিকা। ~সেবা [তিলক-সেবা (ধারণ, প্রসাধন)] বি, তিলক ধারণ ; অষ্টাঙ্গে তিলকমাটির দ্বারা রচিত চিহ্ন, হরিনাম ই০ রচনা। মাটি বা কাঠের ছাঁচে উক্ত চিহ্নাদির ছাপ দেওয়ার প্রথা হতে-তিলকছা(পা)বা।

তিলকট-তিল দ্রঃ।

তিলকল্ক-তিল দ্রঃ।

তিলকা [তিলক (দ্রঃ)+আ (স্বার্থে)]

বি, হারবিঃ। ২ চন্দনাদি দ্বারা শরীরে অঙ্কিত তিল পুষ্পাকার চিহ্ন। প্র-অলকা তিলকা।

তিলকাঞ্চন-তিল দ্রঃ।

তিলকালক-তিল দ্রঃ।

তিলকাশ্রয় [তিলক (তিলকের) + আশ্রয় (আধার), ৬তৎ] বি, তিলকাধার; ললাট দেশ।

তিলকিট্ট-তিল দ্রঃ।

তিলকী [তিলক + ইন্(স্ত্রী)=তিলকিন্ ১মা, ১ব০] বিণ, তিলকধারী।

তিলতৈল-তিল দ্রঃ।

তিলপর্ণ-তিল দ্রঃ।

তিলপর্ণিকা, তিলপর্ণী-তিল দ্রঃ।

তিলসাগরী [প্রাদে০] বি, এক জাতীয় ধান্যের নাম। "পিপীড়াবাক তিলসাগরী কৈল তার পর॥"-শি০। "হাটিআ হুটিআ কআ তিলসাগরি আর। জার মুক্তাঅ ধন্য হৈল আগুসার॥"-শূ০ পু০।

তিলাখাজা [প্রা০-তিলেখাজা] বি, তিলযুক্ত খাজা নামক মিষ্টান্ন; তিলের ছাপ্রি দ্বারা প্রস্তুত মিঠাই।

তিলাঞ্জলি,-লী [প্রা০ বাং-তিনাঞ্জলী (দ্রঃ)] বি, প্রেত সংস্রব সম্পূর্ণ ত্যাগ হেতু প্রেততর্পণার্থ তিল ও জল অঞ্জলি করিয়া দান; জলাঞ্জলি দ্রঃ। "মনেতে করেছি কুলে দিব তিলাঞ্জলি।"-চণ্ডি০। বি, বিদায়। "আজী লাজক দিঞা তিলাঞ্জলী।"-শ্রী০ কী০।

তিলার্দ্ধ [তিল (সূক্ষ্মকাল তার) + অর্দ্ধ, ৬তৎ] বিণ, অতি সূক্ষ্মকাল। প্র-আর তিলার্দ্ধ সময়ও নষ্ট করা হইবে না। ২ অতি অল্প স্থান। ৩ অতি সূক্ষ্মাংশ।

তিলিয়া, তিলুয়া [তিল + ইয়া, উয়া] বিণ, তিলযুক্ত; তিলের মত ফুটকি ফুটকি; তিল চিহ্ন যুক্ত। ২ বি, তিলের লাড়ু। ৩ তিলকুটা সন্দেশ; তিলপিষ্টক।

তিলী [তিল + ঈ (ব্যবসায়ী অর্থে)। প্রা০ তেলি] বি, তৈলিক দ্রঃ।

তিলৈক [তিল + এক=তিলৈক স্থলে বাং-য় ঐ=ে]অ, একতিল পরিমাণ; যৎসামান্য। ২ অল্পক্ষণ, ক্ষণমাত্র; মুহূর্ত্ত। "তিষ্ঠেনি তিলেক কেহ করেছে প্রস্থান"-ফুলরেণু।

ব্রজ -**তিলেকৈ** [হি০-তিলেকহি] অ, একতিলের জন্য, তিলমাত্র; একটুও।"এহেন সম্পদ বনে পাঠাইতে তিলেকৈ না করে বাধা।"-চণ্ডি০।

তিলেতাল [তিলকে তাল বা তিল থেকে তাল >] বি, অল্পবিষয়ে বহু সাধন, অল্পবিষয়ে গুরুতর আড়ম্বর; চিবিকে পর্ব্বত করিয়া তোলা; অতি সামান্যকে অতিরঞ্জন দ্বারা বড় করিয়া তোলা making mountain of a mole hill

তিলোত্তমা [তিল + উত্তমা। ব্রহ্মাকর্ত্তৃক সুন্দ ও উপসুন্দ নামক অসুরদ্বয়ের বধার্থে সমুদায় রত্নের তিল তিল সৌন্দর্য্য লইয়া নির্ম্মিত হওয়ায় তিলোত্তমা নাম] বি, স্বর্গ বেশ্যাবিঃ।

তিলোদক [তিল(তিলমিশ্রিত) + উদক (জল), ম প০ লো০] বি, তিলমিশ্রিত জল।

তিলোদন [তিল (মিশ্রিত) + ওদন (অন্ন), ম০ প০ লো০] বি, তিলমিশ্রিত অন্ন।

তিষ্ঠন [স্থা (=তিষ্ঠ) >, প্রা০ তিষ্টন, তিষ্টান, তিষ্টনো, তিষ্টোনো। তিষ্ঠি, তিষ্ঠ, তিষ্ঠে, তিষ্ঠিতে; তিষ্ঠিয়া (কো০ তিষ্ঠে, পদ্যে তিষ্ঠি)] বিণ, অবস্থান করা। "তিষ্ঠেনি তিলেক কেহ করেছে প্রস্থান"-ফুলরেণু।

তিষ্ঠা, তিষ্ঠানি [সং-স্থা >। তিষ্ঠাই, তিষ্ঠাও, তিষ্ঠায়, তিষ্ঠাইতে, তিষ্ঠাইয়া] ক্রি, অবস্থিতি করা বা করান; বাস করা বা করান; বসা বা বসান; টিকা বা টিকান।

তিষ্ঠিতে, তিষ্ঠতে-অস-ক্রি, থাকিতে; টিকিতে। "দেনার দেনার জ্বালায় অস্থির হয়েছে, পাওনাদাররা তিষ্ঠুতে দিচ্ছে না"-গৃহলক্ষ্মী (গিরিশ)।

তিষ্য-বি, পুষ্যানক্ষত্র। ২ [যে মাসে পুষ্যানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়] পৌষমাস। স্ত্রীং ~া-ধাত্রীবৃক্ষ।

ˇতিসি,₁, ˇতিসী [তৃষ্ণা দ্রঃ। হি০ তিস্‌সী] বি, মসীনা নামক তৈলপ্রদ বীজবিঃ linseed

তিসি,₂ [তৃষ্ণা >। প্রা বাং রূপ] বি, তৃষ্ণা। তিসিঅগে-তৃষ্ণায়। "জিম তিসি তিসিঅগে ধাবই"-বৌদ্ধগান ও দোহা। তিসিএ-তৃষ্ণাতে।

তিহড়ি [তিউড়ি দ্রঃ] বি, চুল্লী। "নির্ব্বাণ বালির চুলা চাপাইয়া হাঁড়ি। দেবীর দোহাই দিয়া জ্বালিলা তিহড়ি॥"-ঘ০।

তিহাই [হি০। প্রা০ তেহাই। সং-ত্রি + ভাগ (হি০ শ০ সাগর) ত্রি-ভাগিক, -কা (O. D. B. L.) >] বি, তৃতীয় ভাগ, তৃতীয়াংশ।

তীক্ষ্ণ [সং-তিজ্ (তীক্ষ্ণ করা) +। সং প্রাকৃ০ তিক্‌খণ, তিক্‌খ, বাং প্রাকৃ০ তিখন, তীখনি(নী), তিখিনি-নী। "তিখ (তিখ নখ রেখ"-শ্রী০ কী০।"বোলে তিখবাণী"-ঐ)]বিণ, উষ্ণ। ২ শাণিত; ধারাল sharp. প্র-তীক্ষ্ণ-বুদ্ধি; তীক্ষ্ণধার অস্ত্র। ৩ খর; উগ্র। ৪ ক্ষিপ্রকারী [স্ত্রীং~া। বি, ~তা, ত্ব]। ৫ বি, বিষ। ৬ ইস্পাত। ৭ অস্ত্র। ৮ যবক্ষার। ৯ সামুদ্রিক লবণ। ১০ শল্লকীবৃক্ষ। ১১ শ্বেতশিম্বী, শ্বেত মরুবক। ১২ অত্যম্লপর্ণী। ১৩ সর্পকঙ্কালিকা লতা। ১৪ বচা; বচ। ১৫ চবিকা; চৈ। ১৬ মহাজ্যোতিষ্মতী।

~**কণ্টক** [তীক্ষ্ণ (ধারাল) যে কণ্টক (কাঁটা), ধা] বি, ধারাল কাঁটা। ২ [তীক্ষ্ণ কণ্টক আছে যার, বহু] বি, তীক্ষ্ণকণ্টকবৃক্ষ। ধুতুরা গাছ। ৩ বিণ, তীক্ষ্ণকণ্টকযুক্ত বৃক্ষ। ~**কর্ম্মা** [তীক্ষ্ণ কর্ম্ম যার, বহু০। মূ০ তীক্ষ্ণকর্ম্মন্ ১মা, ১ব০] বিণ, কর্ম্মকুশল। ২ উগ্রকর্ম্মা; ভীমকর্ম্মা, দুষ্কর কার্য্য সাধক। ~**কান্তা** [তীক্ষ্ণের (শিবের) কান্তা (প্রিয়া), ৬তৎ; কিম্বা তীক্ষ্ণা (উগ্রা) অথচ কান্তা (কমনীয়া), ধা] বি, দশমহাবিদ্যান্তর্গত দ্বিতীয়া মহাবিদ্যার রূপভেদ, উগ্রতারা দেবী। ~**গণ** [তীক্ষ্ণ (উগ্র) যে গণ (সমূহ), ধা] বি, অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা ও মূলা নক্ষত্র। ২ [তীক্ষ্ণের (শিবের) গণ (অনুচর), ৬তৎ] উগ্রানুচর; শিবগণ। ~**গন্ধা** [তীক্ষ্ণ (উগ্র) গন্ধ যার, বহু০= তীক্ষ্ণগন্ধ + আ (স্ত্রীং)] বি, বচা। ২ রাজিকা। ৩ জীবন্তী। ৪ শ্বেতবচা। ৫ সূক্ষ্মএলা। ~**দংষ্ট্র** [তীক্ষ্ণ(ধারাল) দংষ্ট্রা (দন্ত)যার, বহু০] বিণ, ধারাল দন্তবিশিষ্ট। > স্ত্রীং ~া। ~**দৃষ্টি** [তী০ দৃষ্টি যার, বহু০] বিণ, যার নজর খর বা

ˌ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=ন্‌চ ঞ্চ=ন্ট হ্ন=ক্ষ হ্ম হ্ম হ্ম হ্ম হ্ন=নহ হ্ন হ্ম লহ ত স্ম, জ ক ব ভ=ɀfwv ও চ্চা০ দ্রঃ

তীব্র ; সূক্ষ্ম দৃষ্টি। ~ধার [তীক্ষ্ণ (উগ্র) ধার (কিনারা প্রান্ত) যার, বহু॰] বিণ, অতি ধারাল। ২ বি, তরবারি ; অসি। ~রস [তীক্ষ্ণ (তীব্র) রস (স্বাদ) যার বহু॰] বি, যবক্ষার। ২ [তীক্ষ্ণ যে রস, ধা] তীগ্মরস। ৩ বিণ, তীব্র রসযুক্ত। ~শূক [তী॰ শুঁয়া আছে বলিয়া] বি, যব (barley)।

তীক্ষ্ণায়স [তীক্ষ্ণ যে অয়স্ (লৌহ), ধা] বি, ইস্পাত।

তীখ-তীক্ষ্ণ দ্রঃ।

তীখড়, ~র, তুখড়, তোখড় [তীক্ষ্ণ > তীখণ (ণ=ড়) > তীখড়, (ড=র) > তীখর বিকারে তু-, তো] বিণ, বুদ্ধি, তর্ক ও বচন বিন্যাসে তীক্ষ্ণ।

তীখনি,-নী-তীক্ষ্ণ দ্রঃ।

তীখর-তীখড় দ্রঃ।

তীত [সং-তিক্ত > তিত, তিতা। প্রা॰ তেতো। ব্রজ॰ (ছন্দের অনুরোধে) তীত] বিণ, তিক্ত। "হায় না বুঝিয়ে রস তীত কি মীঠ।" বি॰ প॰।

তীথ-তীর্থ দ্রঃ।

তীবর [সং] বি, ধীবরজাতি। ২ মৎস্যজীবী। ৩ ব্যাধ। স্ত্রীং ~ী।

তীব্র [তীব্ (স্থূল হওয়া) + র (র্তৃ)] বিণ, অধিক। ২ মহৎ। ৩ তীক্ষ্ণ। ৪ দুঃসহ। ৫ কটু ; কড়া। ৬ উষ্ণ। ৭ বি, তীব্রতা অর্থে [বিরল]। ~তা-বি, উগ্রতা ; তীক্ষ্ণতা। ~দৃষ্টি-বিণ, খর নজর ; তীক্ষ্ণ দৃষ্টি। ~মধুর [তীব্র ও মধুর, দ্বন্দ্ব] বিণ, ঝাঁঝাল মিষ্ট। ~স্বর-বি, তীক্ষ্ণ বা উগ্র কণ্ঠরব। "রাধারাণী তীব্রস্বরে কহিল" -উত্তরা, ১৩৩৩।

তীর১ [তীর্ (সীমা পাওয়া ; উচ্চতা পাওয়া) + অ (র্তৃ)] বি, কূল ; তট। "যদি মরণ লভিতে চাও, এস তবে ঝাঁপ দাও সলিল মাঝে! স্নিগ্ধ, শান্ত, সুগভীর, নাহি তল, নাহি তীর, মৃত্যুসম নীল নীর স্থির বিরাজে!"-হৃদয়যমুনা (রবী॰)।

তীর২-বি, শর, বাণ। "কুম্ভ ছিল রাণার ভৃত্য হারাবংশী বীর, হরিণ মেরে আসছে ফিরে স্কন্ধে ধনুতীর।"-রবী॰। "ভূপতির তীরের ওস্তাদ নিরুপম। মুজঃফর হুসেন মোগল কর্ণসম॥"-অ॰ ম॰। ২ টিনধাতু। ৩ শরের ফুলের ডাঁটা ~কাটা-বিণ, কোন বস্তুর গাত্রে তীর চিহ্ন খোদিত ; তীর আকৃতির নক্সা-করা। প্র-তীর-কাটা চুড়ী। ~ঁর-পূজাদি অনুষ্ঠানে, যে চতুষ্কোণ ভূমির চারিকোণে চারিটি তীর বা কাণ্ড প্রোথিত করিয়া সূত্রের বেষ্টনীদ্বারা বদ্ধ করা হয়। ~জুত [গ্রা॰ তীর ও যোত্র >] বি, ছুঁতারের কাষ্ঠে ছিদ্র করিবার তীর ধনুকাকৃতি যন্ত্র। ~ন্দাজ (-র্ন্দা-) [ফা তীর + আন্দাজ (আনদাখ্ তন্=নিক্ষেপ করা)] বিণ, তীরনিক্ষেপকারী ; বাণক্ষেপক ; ধানুকি।

তীরথ [হি। সং-তীর্থ > , গ্রা॰ তীথি তিথি, তিত্তি] বি, তীর্থ।

তীরভুক্তি [তীর (নদীতীর) + ভুক্তি (ভোগ-সীমা প্রাপ্তি)। যে উত্তরে হিমালয় প্রান্ত হতে দক্ষিণ সীমা গঙ্গাতীর, পূর্ব্ব সীমা কৌশিকী তীর, পশ্চিম সীমাস্বরূপ গণ্ডকী তীর প্রাপ্ত হইয়াছে। > দ্রঃ তীরহুত ক্ষে॰ গ্রা॰ তিরহুত] বি, ত্রিহোত্র তীরহুৎ ত্রিহুৎ (দ্রঃ) : বিদেহ দেশ (ভারত কোষ) ~স্থ [তীর (বিঃ গঙ্গাতীর) + স্থ (স্থিত)] বিণ, (গঙ্গা) তীরে উপস্থাপিত। ২ [বিশে॰] মৃত সৎকারের জন্য (গঙ্গা) তীরে নীত।

তীরিত [তীর + ইত(গত)] বিণ, পারগত ; সমাপ্তকর্ম্ম। ২ [তীর + ক্ত (ভা॰)] বি, কার্য্য সমাপ্তি।

তীর্ণ [তৄ (পার হওয়া) + ত (ক্ত)] বিণ, পার গত ; উত্তীর্ণ। ২ অভিভূত। ৩ আপ্লুত। ~প্রতিজ্ঞ [রবী॰ উদ্ভাবিত] বিণ, যে প্রতিশ্রুতি বা প্রতিজ্ঞাপূর্ণ বা পালন করিয়াছে।

তীর্থ [সং-তৄ (গমন করা) + থ (র্ম্ম) পারলৌকিক কর্ম্মের জন্য বা পাপ মোচনের নিমিত্ত লোকে যে স্থানে গমন করে। পা॰-তিত্থ(ং) > প্রা বাং তীত্থ, তিত্থ, তীথ। গ্রা॰ তিথি, তিত্তি। "বার বরত নহি ছিল, রিসি জে তপসী। তীথ থল নহি ছিল গঙ্গা বারাণসী।"-শূ॰ পু॰। "মন বুঝে না তিথি করি, মিছে কর্ম্মে ঘুরে মবি।"-প্রবচন। প্রা॰ বাং-তীথ। "তীথ থল নহি ছিল গঙ্গা বারাণসী"-শূ॰ পু॰] বি, পুণ্যস্থান ; দেবতাস্থান ; পাপমোচন ক্ষেত্র। "তীর্থ তিন কোটি সাড়ে, এক ক্ষণ নাহি ছাড়ে, সকল দেবের অধিষ্ঠান॥"-অ॰ ম॰ [দ্রঃ-তীর্থ ত্রিবিধ জঙ্গমতীর্থ-ব্রাহ্মণগণ। মানসতীর্থ-সত্য, ক্ষমা, ইন্দ্রিয়নিগ্রহ, দয়া, ঋজুতা, দান, দম, সন্তোষ ব্রহ্মচর্য্য, প্রিয়বাদিতা, জ্ঞান, ধৃতি, পুণ্যকর্ম্ম, মনঃশুদ্ধি। স্থাবরতীর্থ-গঙ্গা, গোদাবরী, নর্ম্মদাদি কুরুক্ষেত্র, দ্বারাবতী, পুষ্করাদি, ঋষভ দেবকূট, রৈবতকাদি। দৈবতীর্থ-অঙ্গুলির অগ্রভাগ। কায়তীর্থ, প্রজাপতিতীর্থ-কনিষ্ঠা ও অনামিকার মূলভাগ। পিতৃতীর্থ-অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ। ব্রাহ্মতীর্থ-অঙ্গুষ্ঠের মূলভাগ (মার্কণ্ডেয় পু॰ মতে অঙ্গুষ্ঠের নিম্নে যে দীর্ঘ রেখা তাহাই ব্রাহ্মতীর্থ)। অযোধ্যা মথুরা, মায়া কাশী, কাঞ্চী, অবন্তী, পুরী, দ্বারাবতী, এই সাতটি প্রধান তীর্থ। বরাহ পুরাণোক্ত প্রসিদ্ধ সর্ব্বপাপ নাশক পঞ্চতীর্থ-বিশ্রান্ত, শৌকর, নৈমিষ, প্রয়াগ, পুষ্কর। জৈনদিগের মধ্যে (পার্শ্বনাথ স্বামীর সময়ে বা পূর্ব্ব হতে) (১) সাধু (সন্ন্যাসী, ভিক্ষু বা মুনি), (২) সাধ্বী (ভিক্ষুণী, সন্ন্যাসিনী), (৩) শ্রাবক (গৃহস্থ ভক্ত), (৪) শ্রাবিকা এই তীর্থ চতুষ্টয়ের প্রবর্ত্তন হয়। তখন সাধুরাও বস্ত্রধারণ করিতেন। মহাবীর স্বামী স্বয়ং বস্ত্রত্যাগ করিলে তদবধি সাধুরা দিগম্বর থাকিতে আরম্ভ করেন] ২ (ঋষিসেবিত) জল। "মুনিগণ এই পঞ্চতীর্থে স্নান করেন না। এই পঞ্চতীর্থে কুম্ভীর সকল বাস করে। * * * তোমরা গ্রাহরূপিণী হইয়া * * যে সকল তীর্থে বাস করিবে, সেই সকল তীর্থ নারী তীর্থ বলিয়া খ্যাতি লাভ করিবে।"-মহা॰ (সিংহ)। ৩ তরণস্থান ; জলাবতরণিকা ; ঘাট। ৪ [ধি-থ] উপায়। ৫ পাত্র। ৬ উৎপত্তিস্থান। ৭ সৎপাত্র। ৮ [পে-থ] রাজমন্ত্রী। ৯ শিক্ষক ; গুরু ; উপাধ্যায়। ১০ স্ত্রীরজঃ। ১১ যজ্ঞ ১২ শ্রেষ্ঠকর্ম্ম। "বিদ্যাভাস, সুবিচার, ঈশ্বরোপাসনা, ধর্ম্মানুষ্ঠান, সত্যাশ্রয়, ব্রহ্মচর্য্য, জিতেন্দ্রিয়াদি যাবতীয় উত্তম কর্ম্ম দ্বারা জীব দুঃখসাগর হতে উৎত্তীর্ণ হন, সেই সমস্ত কর্ম্মকে তীর্থ বলে।"-দয়ানন্দ সরস্বতী। ১৩ শাস্ত্র। ১৪ আগম। ১৫ নিদান। ১৬

দর্শনশাস্ত্র। ১৭ বহ্নি। ১৮ দশনামী সম্প্রদায়ের অন্তর্গত একসম্প্রদায় সন্ন্যাসীর উপাধি। ~কঁর-বি, তীর্থঙ্কর। ~কাক [তীর্থের কাক, ৬তৎ কিম্বা তীর্থে অবস্থিত কাক, ৭তৎ] বি, লোলুপ বা লোভী ব্যক্তি ২ তীর্থ স্থানের কাক। ৩ বিণ সাগ্রহ প্রতীক্ষাকারী। "সে তীর্থকাকের মত ... করিয়া বসিয়া আছে"। ~ঙ্কর [তীর্থ (শাস্ত্র) + কর (যে করে)] বি, শাস্ত্রপ্রণেতা, শাস্ত্রকার। ২ বৌদ্ধমত প্রবর্তক মুনি; জৈন ধর্ম্মবীর (সংখ্যায় চতুর্ব্বিংশ। পার্শ্বনাথ তাঁদের অন্যতম)। ৩ বিষ্ণু। ~যাত্রা [তীর্থোদ্দেশে যাত্রা (গমন), ৪তৎ কিম্বা তীর্থের যাত্রা, ৭তৎ] বি, তীর্থের উদ্দেশে যাত্রা। ~যাত্রী -বিণ, তীর্থে গমনকারী। ~বাস-বি তীর্থ স্থানে নিয়মিত অবস্থান। ~বাসী-বিণ, যে তীর্থ বাস করে; পুণ্যক্ষেত্র নিবাসী। ~রাজ [তীর্থের-রাজা (শ্রেষ্ঠ), ৬তৎ] বি প্রয়াগ গয়া, বারাণসী। ~সেবা-বি, তীর্থবাস করিয়া যথা নিয়ম পালন। ~সেবী [তীর্থ-সেবী (যে সেবা করে), সং তীর্থসেবিন্ ১মা, ১ব] বিণ, তীর্থবাসী। ২ বি, বকপক্ষী। স্ত্রীং ~সেবিনী।

তীলা [হিং তীলী (কাঠের বা লোহার ছড়) > প্রা-বাং] বি, কাঠের বা লোহার গরাদের ফাঁক; ঝরকার ফাঁক। "গবাক্ষের তীলা দিআ চাহে নারীগণ।"-মহা (শ্রীকরণং)।

তু১ [সং-তু] অ, পাদপূরণ। ২ কুকুর, বিড়াল ইং জন্তুকে ডাকিবার শব্দ। "তু করিতে মেলে হাত"-কস্তুরী

তু২ [সং-ত্বম্ > হিং-তুম, প্রা-বাং তুমি > তুচ্ছার্থক তুই, 'তই,' তুহি ও (আধু বাং ১ব) 'তুমি। বাং বহুব -তোমরা, অস--তোমালোক, ওড়িং-তুম্ভে, তুম্ভেমানে। বাং সম্মানার্থে-আপনি=অসং আপুনি, ওড়ি -আপণ। হিং-তু' -উচ্চারণ ভেদে 'তো'] স, তুই; তুমি। "তু তোর সোহাগের মাগ সে তোর ভাতার। -ঘং। "মরণ তু আওরে আও।"-রবীং। "রাম হে তু বড় কঠিন দেহ"-বিং পং।

তুঅ [ব্রজং। সং-তুভ্যম্ > প্রাকৃ তুহ বজ তুঅ। প্রা বাং-তুয়া (দ্রঃ)] স তব; তোমার; তোর "সকল কুসুম তুঅ সিরজল" -বি পং।

তুই [তুং শব্দের ১মার একং-তুম্ > হিং -তাম তুম, তুমহি > বাং-তুমি, তুচ্ছার্থে সংক্ষিপ্ত রূপ তুই, সমানার্থে তুমি, সম্ভ্রমার্থে আপনি। প্রা বাং তুহ্মি দ্রঃ। "তুঁহি", তো, তৈ, তোএ, তোমি, তোহ্মি, তোহ্মো ইং] স, তুমি শব্দের তুচ্ছার্থক সংক্ষিপ্ত রূপ। সম্বন্ধে-তোর, কর্ম্মে-তোকে, তোরে। বহুব -তোরা। ~তোকারি-তোতোকার (দ্রঃ), তুই তোর ইং সম্বোধন করা।

তুঁ, তুহুঁ [হিং বজ ,প্রা-বাং] স, তুমি, তুই। "পাউখেনে যায়ে তুঁ পলায়ে প্রাণ যায়"-ব। "তুহুঁ জগত-তারণ, দীন দয়াময়, অতএ তোহারি বিশোয়াসা।।"-বি পং। "মরণ রে তুঁহু মম শ্যাম সমান।"-রবী।

তুকতিয়া, তুকতে-তুথক দ্রঃ।

তুক্ [অনু। অ, টুক অপেক্ষা কোমল ঠিক্, তা হতে কোমলতর অর্থে! ~তুক্-কোমল আঘাত বা স্পন্দন শব্দ (প্রবল শব্দে ধুক্ ধুক্)। ২ তরলভাবব্যঞ্জক ও ঘনত্বব্যঞ্জক থক্ থুক-এই দুই ভাবদ্যোতক-তুক্ তুক্-থক্‌থুক্।

তুক১ [তুজ্ (পালন করা) + ক্বিপ্ (কর্ম্ম) যাকে পালন করা হয়] বি, সন্তান, অপত্য; তোক [প্র-অ]

তুক২ [প্রাদে] বি বশীকরণ অনুষ্ঠানবিঃ, অভিচার কর্ম্মের ন্যায় প্রকরণবিঃ; গুণ।

তুক করা-বশীকরণ, রোগমুক্তি ইং র জন্য বিশেষ প্রক্রিয়ার অনুষ্ঠান করা। ২ গুণ করা। ~তাক, তুক গুণ-ছিটে ফোঁটা; তন্ত্রমন্ত্র ইং। "তুকতাক তন্ত্রমন্ত্র কতরূপ খ্যাত।"-ঈ গুপ্ত। ২ [সঙ্গীত শাং] কতক-গুলি মাত্রার ছন্দে যোজনা।

তুকানো [হিং তাকনা > অর্থ সম্প্র-সারণে] ক্রি, খোঁজকরা, সন্ধান করা। প্র-আমি তোমাকে তুকাইতেছি। বি, তুক

তুক্ক [ফাং তুকা (তীর) >] বি, বক্রাগ্র-ভাগ বা ফলহীন বাণ বা শর (ইহা বাণ শিক্ষার জন্য ব্যবহৃত হয়)। ২ [লক্ষং] তীব্র, ধারাল বা মর্ম্মস্পর্শী লোকোক্তি। ৩ [অলং] শ্লোকের শেষভাগ, শ্লোকের শেষ চরণ a line or the fourth part of a stanza -Car r. "যাইতে যাইতে মনোহরসাহী একটা তুক্ক তাহার স্মরণ হইল"-টেকচাঁদ।

লাগে তাক্ না লাগে তুক্ক [তাক্= লক্ষ্য, টিপ। তুক স্থলে তুক ও চং] যদি লক্ষ্যস্থল বিদ্ধ করে তা হলে স্থির লক্ষ্য বা টিপের বাহাদুরী, আর না লাগে তা হলে তুক্ক অর্থাৎ অভ্যাস মাত্র বা শুদ্ধ আমোদ বুঝায়; ফল সম্বন্ধে অনিশ্চিত হইয়া কাজ করিলে, বা কপাল ঠুকিয়া কোন কাজে হাত দিলে, কর্ম্ম-কর্ত্তা সফল হইলে বাহাদুরী লয়, না হইলেও অপ্রস্তুত হইতে চাহে না, বলে আমোদ করিয়া একটা দেখা গেল। কপাল ঠুকিয়া কোন ব্যাপারে হস্তক্ষেপ করিবার পূর্ব্বোক্তি স্বরূপ প্রবাদ বাক্য।

তুক্কো [তুক্ক দ্রঃ] বি, বাহাদুরি, সখ, আমোদ বা অভ্যাসবশে নাম, প্রবাদ, কাজ বা আচরণের উল্লেখ, মূলে বা ফলে যাই হোক, যেমন "গাঁ বড়, তার মাঝের পাড়া।" এই রূপ কথাগুলি বিদ্যাসাগর মহাশয়ের ভাষায় -"তুক্কো।"

তুখোঁড়, তুখোড় [তোখড় দ্রঃ। প্রাং -তোখড়] বিণ, দক্ষ; নিপুণ; পারগ; কুশল। ২ বলবান্;

তুঙ্গ [তুন্জ্ (বলবৎ হওয়া) + অ (কর্ত্তৃ), জ=গ্] বিণ, উচ্চ; উন্নত। ২ শ্রেষ্ঠ। ৩ উগ্র। স্ত্রীং~ী। ৪ বি, পর্ব্বত। ৫ মেষাদি রাশিবিঃ। ৬ যোগবিঃ। ৭ অত্রির পুত্র। ৮ গণ্ডক। ৯ পুন্নাগবৃক্ষ। ১০ নারিকেল বৃক্ষ। ১১ সাধারণ সৈন্য ও গ্রামবল সংখ্যা-সূচক উপাধিবিঃ। ১২ রাত্রি।

তুঙ্গক [তুঙ্গ + ক(জ্ঞাং)] বি, পুন্নাগবৃক্ষ।

তুঙ্গভদ্র-বি, মত্তহস্তী। স্ত্রীং~া-মৈসূরের অন্তর্গত নদীবিঃ। ইহা তুঙ্গা ও ভদ্রা নামক নদীদ্বয়ের মিলনে উৎপন্ন। তুঙ্গা বেদনোরের পশ্চিমস্থিত পর্ব্বত হতে এবং ভদ্রা মাঙ্গা-লোরের সম্মুখস্থিত বাবাবদ্দীন পর্ব্বত হতে উৎপন্ন হইয়া কুরলীনামক স্থানে উভয়ে মিলিত

হইয়া শেষে কৃষ্ণা নদীতে পতিত হইয়াছে। ইহার চলিত নাম তুংভদ্রা [সন্দেশাবলী]।

তুঙ্গশেখর [তুঙ্গ (উচ্চ) শেখর (চূড়া) যার, বহু০] বি, পর্ব্বত। ২ বিণ, উচ্চচূড়।

তুঙ্গা [সং] বি, বংশলোচন।

তুঙ্গাদ্রি [তুঙ্গ(উচ্চ) + অদ্রি (পর্ব্বত)] বি, অত্যুচ্চ পর্ব্বত।

তুঙ্গিনী [তুঙ্গী দ্রঃ] বিণ, তুঙ্গস্থিতা। ২ বি, মহাশতাবরী।

তুঙ্গিমা [তুঙ্গ + ইমন (ভা০) মূ০ তুঙ্গিমন্ ১মা, ১ব০] বি, উচ্চতা ; উন্নতত্ব ; ঔন্নত্য। "হইতে সৌসর শম্ভু হৈলা হর, দেখিয়া পয়োধর তুঙ্গিমা।"-অ০ ম০।

তুঙ্গী [তুঙ্গ + ইন্ (স্থিতি-অর্থে)=তুঙ্গিন্ ১মা, ১ব০] বি, উচ্চস্থান-গত গ্রহ। ২ হরিদ্রা। ৩ রাত্রি। ৪ মহাশতাবরী। ৫ বর্ব্বরা। ৬ বিণ, উচ্চস্থান স্থিত। স্ত্রীং তুঙ্গিনী। ~পতি-বি, চন্দ্র। ~শ-বি, শিব। ২ সূর্য্য।

তুচ্ছ [তুল (ওজন করা, গণনা করা) + ছ (র্ম্ম), যাকে অকিঞ্চিৎকর রূপে গণনা করা হয়] বিণ, অল্প ; সামান্য। ২ হেয় ; অবজ্ঞাত ; ঘৃণ্য। ৩ অসার। ৪ হীন। ৫ বজ্জিত। ৬ বি, তুষ ; ভুষি। ~তা,-ত্ব-বি, তুচ্ছের ভাব। ~তাচ্ছিল্য, তাচ্ছীল্য [সং-তুচ্ছ + তাচ্ছীল্য=তৎ-শীলত্ব, তৎস্বভাব (ফলাপেক্ষা না করিয়া কার্য্যে যে প্রবৃত্তি) > তুচ্ছকরণে প্রবৃত্তি] বি, তুচ্ছজ্ঞান ; হেয়জ্ঞান ; অবজ্ঞা।

তুজুক [তুর্কী-তুজুক্ (আড়ম্বর)] বি, তর্জ্জন ; তেজ প্রকাশ ; দর্প ; আস্ফালন। "দৈববল আছে কিছু ইহার সম্মুখ। নতুবা সভার মাঝে এতেক তুজুক॥"-ঘ০।

তুঝ [হিং-তুঝ (তোর, তুঝে=তোকে)] স, তোর। "তুঝ মুখ চাহয়ি শতযুগভর দুখ নিমিখে ভেল অবসান। লেশ হাসি তুঝ দূর করল রে সকল মান অভিমান।"-রবী০।

তুড়কী [তড়াক্ দ্রঃ] বি, লম্ফ ; ঝম্প। ২ অনাচার। ৩ বিণ, তুখড় ; দক্ষ ; কুশল ; পারগ।

তুড়তুড়ি [অনু০। ক্ষে০ তড্ তড়ি] বি, উপর্য্যুপরি তুড়িমারা। ২ ছেলের খেলাবিঃ। ক্রি, তুড়তুড়ানি-তুড়ির মত তুড়ুক তুড়ুক করা। "তুড় তুড়ায়ে নাচে।"-ছড়া।

তুড়ন, তোড়ন [সং তুড়ড্ (অনাদর করা) > সং-তুড়ডন > ভ্রং] বি, তিরস্কার ; ভৎর্সনা। ২ খণ্ডন। ক্রি, তুড়া [তুড্ (ভেদে) বা তুড়ড্ (পনাদরে) > । তুড়ি, তুড়, তুড়ে ; তুড়িতে ; তুড়িয়া (ক্ষে০ তুড়ে)। ণিজন্ত-তুড়ান] বিদারণ করা ; খণ্ডন করা। ২ কড়া কড়া ও মর্ম্মভেদী কথা শুনান ; তীব্র তিরস্কার করা। তুড়ে দেওয়া-খুব শক্ত শক্ত কথা শুনাইয়া দেওয়া ; তিরস্কার বা ভৎর্সনা করা।

তুড়ি,-ড়ী [অনু০] বি, অঙ্গুলিস্ফোট ; অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলি হ'তে উৎপন্ন শব্দ। "কড়িতে কি ঘোটে মান বড়িতে খিচুড়ি, গুড়েতে কি খাজা হয়,এক্ আঙ্ লে তুড়ি।"-হেম০। ~দিয়া-ক্রি, বি, শীঘ্র ; সহজে ; অবলীলাক্রমে। তুড়ি দেওয়া-অঙ্গুলিধ্বনি করা। তুড়ি-অঙ্গুলিধ্বনি করিয়া উপেক্ষাব ভাব জানান। ২ চালাকি বা বাহাদুরী প্রকাশ করা ; ফাজলামি করা। "পড়েনিক উচ্চ পাঠ, অল্পে মারে তুড়ী।"-ঈ০ গুপ্ত।

তুড়িতে [তুড়ি দ্রঃ] ক্রি-বিণ, অঙ্গুলি শব্দে। ২ অবলীলাক্রমে ; অনায়াসে ; তুড়ি দিতে যতটুকু সময় লাগে তার মধ্যে। প্র-এক তুড়িতে কাজ কেয়াল। ৩ মুহূর্ত্তে ; অবিলম্বে ; দেখিতে দেখিতে। ৪ ভৎর্সনা করিতে ; তুড়ে দিতে (তুড়ন দ্রঃ)।

তুড়িলাফ [থুড়ি,থুলি,-লাফ (মাণিক০)] বি, (তুড়ির মত) হঠাৎ লাফ ; ওড়াক্ করিয়া লাফ ; উল্লম্ফন।

তুড়ুক [তুরুষ্ক > তুরুক >] বি, তুরস্ক-দেশী যবনসৈন্য। ২ তুর্কীটুপি ; তুর্কীসৈন্যের বেশ। "তোমার গ্রাম মারিতে তুড়ুক ধারী সাজিল।"-চৈ০ চ০।

তুড্ডক [তুড়ড্ (অনাদর করা) + অক (র্ত্তৃ)] বিণ, ভৎর্সনাকারী ; তাড়নাকারী। বি, তুড্ডন (তুড়ন দ্রঃ)।

[তুণ্ড্ (বধ করা, পীড়ন করা, ভেদ করা, পেষণ করা) + অ (র্ত্তৃ), যে খাদ্য দ্রব্য পেষণ করে] বি, মুখ। "ঝলকে ঝলকে রক্ত নিকলয়ে তুণ্ডে।"-কবিক০। "মৌন তুণ্ড, হেঁট মুণ্ড, দক্ষ মৃত্যু জানিছে"-অ০ ম০। ২ ওষ্ঠাধর। ৩ চঞ্চু। ৪ রাক্ষসবিঃ। ৫ শিব।

তুণ্ডকেরী [সং] বি, তেলাকুচা। ২ বদরকী। ৩ কাপাস।

তুণ্ডি [তুণ্ড্ [তুণ্ড দেখ] + ই (র্ত্তৃ জ্ঞা০)] বি, মুখ ; আস্য। ২ চঞ্চু। ৩ নাভি।

তুণ্ডিভ, তুণ্ডিল, তুন্দিভ, তুন্দিল [তুণ্ডি, তুন্দি (নাভি) + ভ, ল (প্রশস্তার্থে)। তুল-হিং তোঁদল] বিণ, বৃহৎ নাভিযুক্ত ; স্থূলোদর ; ভুঁড়ো।

তুণ্ডীল্ [টিণ্ডাল দ্রঃ] বি, জাহাজের খালাসীদের সর্দ্দার।

তুৎ, তুঁত, তূদ, তূৎ [সং-তূল > বৈদ্যকে-তূদ। ফা০-তূত mulberry] বি, পলাশ-পিপুল বৃক্ষ ও ফল। দেখিতে পিপুলের মত, কাঁচায় লাল, পাকিলে লালাভ কৃষ্ণ। পাতা অশ্বত্থ-বৃক্ষের পত্রবৎ Morus indica. ~ফল-তুৎ গাছের ফল mulberry

তুতনি, তুতানি [সং-স্তুতি > পা০ থুতি ("বন্দী তু থুতি পাঠকো"-অভিধানপ্পদীপিকা) > বাং-প্রাকৃ০-তুতি] ক্রি,স্তব করা ; প্রশংসা করা ; তুষ্ট বা রাজি করিবার জন্য অনুনয় করা ; সাধ্যসাধনা করা। ২ চুপে চুপে মন্ত্রণা দান করা ; ফুসলান ; ভুলান। ৩। বি, স্তব ; স্তুতি ; স্তোত্র। তুতি(া)নি পাতানি-অনুনয় বিনয় করা। প্র-তাকে তুতইয়ে পাতইয়েবল, তা'হলেই সে শুনবে।

তুতপোকা [তুৎ দ্রঃ। তুঁৎগাছের পাতা খায় বলিয়া] বি, রেশম পোকা গুটীপোকা silk worm.

তুতি,-তী [ফা০-তুতী। তুৎ ফল প্রিয় বলিয়া নাম ?] বি, শাখাশ্রয়ী বর্গের ছোট পাখীবিঃ The rose finch.

তুতিয়া [তুত্থক >। তুল-ফা০, হিং-তুতিয়া] বি, তাম্রের মল ; তুঁতে।

তুতু [অনু০] অ, তু, দ্রঃ। তু০ করা-তুতু

শব্দ করিয়া ডাকা, ঐরূপে কুকুরকে ডাকা হয়। ২ অবজ্ঞাসূচক আহ্বান।

তুতুরী [অনু০। সং-তুম্ব (লাউ)র খোলে প্রস্তুত বলিয়া নাম তুম্বরী > তুবড়ী তুমড়ী এবং তুতুর, তুতুর করিয়া বাজে বলিয়া নাম তুতুরী। তুল-মঃ-তুতারী] বি, সাপুড়িয়া ও বাজীকরদিগের বংশী।

তুত্থ, তুত্থক [সং। গ্রা০ তুঁতিয় তুঁতে] বি, তুঁতিয়া sulphate of copper ২ অগ্নি। ~া-নীলগাছ। ২ এলাচলতা।

তুত্থাঞ্জন [তুত্থের অঞ্জন ৬তৎ] বি, তুঁতিয়া নির্ম্মিত কাজল। ২ ময়ূরকণ্ঠ।

তুন১ [হি০] বি, শাল জাতীয় পার্ব্বত্য বৃক্ষবিঃ।

তুন২, তূন [স্থান > থান > থুন > তুন > । তুন-ঠাঁই < ঠান < স্থান=কাছে, নিকটে, হইতে। তুন-স্থান(ক) > থাকি, থিকা, থেকে=হইতে, চেয়ে, অপেক্ষা] অ, স্থলে ; কাছে। "বৈষ্ণবীর তুন না জিজ্ঞাস করিলাম"-পূ০ ব০ গী০। ২ থেকে ; হইতে। "হেইখান তুন মহারাজ চাঙ্গন ছাড়ি দিল"-ঐ০। "পকেতের তুন বিলের কাগজ টান দিয়া লইল"-ঐ। ৩ সহিত ; সঙ্গে। "বাড়ীর কাছে রসিক থুই গুঁজরে তূন বিয়া দিল।"-পূ০ ব০ গী০। "তোর তূন দিব বিয়া"-ঐ।

তুন্দ [তুদ্ (পীড়া দেওয়া) + অ (র্ত্তৃ), ন্ আগম। তুল-হি০-(তোঁদ) ডাগর পেট, ভুঁড়ি] বি, উদর ; জঠর , পেট। স্ত্রীং ~ী-নাভি। ২ বিণ, ভুঁড়ো।

তুন্দি [তুন্দ (দ্রঃ) + ই (র্ত্তৃ)। হি০-তোঁদ] বি, উদর ; ভুঁড়ি। ২ নাভি। ৩ [সুশ্রুত] গোঁড ; শিশুর নাভির কষ্টদায়ক স্ফীতি রোগ। ~ভ, ~ল [তুন্দ (উদর) + ইন (প্রশস্তার্থে)] বিণ, স্থূলোদর ; ভুঁড়ো [তুল-হি০ তোঁদল]।

তুন্নকার, -ন্ন-তুন্নবায় দ্রঃ।

তুন্নবায় [তুন্ন (ছিন্নবস্ত্রাদি) + বায় (যে বয়ন করে, সেলাই করে। এই অর্থে বৌ০ সা০-ত্যে তুন্নকার] বি, দরজী। "সেদিন এই শ্রেণীর আশ্রিত এক তুন্নকারের ভার্য্যা ও এক পুত্র প্রসব করিয়াছিলেন।"-জাতক ৪র্থ খণ্ড।

তুফান [আ০ ফা০-তূফান] বি, ঝটিকা ; জোর বাতাস , ঝড়। ২ ঝড় বৃষ্টি ; বন্যা। "তুফানে পড়িত্ত কিন্তু ছাড়িবনা হাল।"-দীন০ মিত্র। ৩ ঝড়ের তরঙ্গ। ৪ তুমুল ঝগড়া। [তুল-হি০-তুফান। চীনা ta fung (a great wind) ; গ্রী০-typhon ; প্রা ই০-typhon আধু০ typhoon, a whirl wind, a violent hurricane, whirl [illegible]

তুফান তোলা-বিণ, জোর বাতাস বহান। "জীবন মরণ তুফান তোলা ব্যাকুল বসন্ত।-উত্তরা, পৌষ ১৩৩১।

তুবড়ন১ [তোবড়ান দ্রঃ] বি, শুষ্ক হওন ; কোঁকড়ন।

তুবড়ানি২, তুবড়ানি [তুবড়াই, তুবড়াও ই-] ক্রি, তোবড়ান দ্রঃ।

তুবড়ি, -ড়ী [সং তুম্ব - । তুতুরী দ্রঃ। তুমড়ী ও] বি, বংশীবিঃ, হিন্দুদিগের প্রাচীন দ্বিনল যন্ত্র ; সাপুড়েরা ইহা ব্যবহার করে। বাদ্যের নিম্নদেশে সচ্ছিদ্র দুইটী নল পরস্পর সমসূত্র পাশে সংযুক্ত এবং উপরিভাগে বায়ুকোষের উদ্দেশ্য সাধক একটী তিক্ত অলাবুকোষ সংযোজিত থাকে। তার উপরিভাগ ঈষৎ বক্র নলাকার। তাতে একটী ছিদ্র থাকে। ওই রন্ধ্রে ফুঁ দিতে হয়। পৃথিবীর প্রায় সমস্ত প্রাচীন দেশে এই যন্ত্রের ব্যবহার ছিল। তিতলাউ নির্ম্মিত বলিয়া ইহার অন্যনাম তিক্তিরী। ইহা কখন নাক দিয়া বাজান হয় এজন্য ইহাকে নাসাবংশী বলে। প্রাচীন কালে ঋষিগণ তিক্ত অলাবুর স্থানে কখন কখন মৃগ চর্ম্মের দ্বারা ইহার বায়ুকোষ নির্ম্মাণ করিতেন। তখন ইহা য়ুরোপীয় ব্যাগ পাইপ (bag pipe) এর মত ছিল। ইহা সাই-বিরিয়ার তিত্তি (titty), পারস্যের নিঅম্বানা (nieambana), মিসরের প্রাচীন জুক্কারা এবং আধু০ আর্গুল (argool) ও জুম্মারা (zummarah), বাইবেলের সামফোনিয়া, হিব্রু০ ম্যাগ্রেসা এবং ইতা০ জ্যামপোনা (zampogna) র তুল্য]। ২ [তুবড়ী-নামক বাদ্যযন্ত্রের অনুকরণে নির্ম্মিত বলিয়া অথবা অগ্নিসংযোগে বারুদ পুড়িয়া তড়বড় শব্দে ছটাকারে নির্গত হয় বলিয়া] অগ্নিক্রীড়া-সাধক মৃন্ময় পাত্রবিঃ মাটির খোল। উহা বারুদপূর্ণ করিয়া অগ্নি-সংযোগ করিলে অভ্যন্তরস্থ বারুদ অগ্নিময় পুষ্পবৃক্ষের আকারে বেগে নির্গত হইয়া শোভা ও আনন্দ উৎপাদন করে, (হি০) আনার [বাজি দ্রঃ]। কথার তুবড়ি-বি, কথার তোড় ; অনর্গল কথা।

তুবর [সং] বি, কষায় রস। ২ বিণ, কষা। স্ত্রীং ~ী-আঢকী। ২ সৌরাষ্ট্র দেশের মৃত্তিকা ; ফটকিরি। ৩ ধান্যবিঃ।

তুবরিকা [সং] বি, ফট্‌কিরি।

তুম, তুম-তানা-নানা, -তে-নে -নে নে, ~তেরেকেটে [অনু০] বি, গীত আরম্ভ কালীন স্বরাভ্যাস।

তুমড়ী [সং-তুম্ব (লাউ) >] বি, সাপুড়ের বাঁশী ; তুবড়ী।

তুমর [আ০-তূমার। বা০ জমি০ পরি০] বি মোট হিসাব।

তুমা-তুহ্মা দ্রঃ।

তুমার১ [ফা০-তুমার্] বি, রাশি ; স্তূপ , স্তূপাকার। ২ হিসাবের খাতা ; দেনা পাওনার তালিকা account book. ৩ [জমিঃ পরি০] দেনা সাব্যস্ত। ৪ প্রজার সমক্ষে মহালের আয় সম্বন্ধে তদন্ত। তু০ জিমী-স্থানীয় তদন্তের পর রাজস্ব নিরূপণ। ~নবিস, নবীস-বি, হিসাবপত্রকারী কর্ম্মচারী accountant

তুমার২ [হি০-তুহ্মারা > প্রা০-বাং-"তুহ্মার" > প্রা০ তোহার] স, তোমার (তুহ্মার দ্রঃ)।

তুমি [সং-ত্বম্ > প্রা-বাং-তুহ্মি, তুহ্মে ; ব্রজ০-তুম্, তুঁ ও তুহ ; প্রা০ বৈ০ সা০-তই, তুঞি ; হি০-তুমহি, তুম্, তোম্; আধু০ তুমি। সম্ভ্রমার্থে-আপনি] স, দ্বিতীয় বা মধ্যম পুরুষ। তুচ্ছার্থে-তুই ; প্রা০-বাং-তুঅ, তুয়া, তু। সম্বন্ধপদে তোমার। সম্ভ্রমার্থে-আপনার। প্রা০-বাং-তোহ্মা, তুহ্ম, তুম্ম, তোহ্মার,

তোহাঁ, তোমা, তোঁহর, তয়ু, তোহার, তোর (পদ্যে তব) বহুবচনে- তোমারদের, তোমাবদিগের (মধ্য-বাং)। তোমাদিগের, তোমাদের (আধু-বাং)। সম্ভ্রমার্থে-আপনাদিগের > ক্ষে° আপনাদেব। কর্ম্মপদে-তোমাকে, সম্ভ্রমার্থে-আপনাকে. প্রা-বাং-তুমাকে ("ছিসৃটি কর ছিসৃটি কর্ত্তা বলি গো তুমাকে"-শূ· পু·). তোহ্মা, তোহ্মাকে, তোত, তোহারে, তোহে। > বহুবচনে-তোমারদিগকে, তোমাদিগে (মধ্য বাং), তোমাদিগকে (আধু·)। সম্ভ্রমার্থে-আপনাদিগকে। ব্রজ·-তুয়া, তোরে। ~সঁব [তুমি শব্দের বহুব·। প্রা·-বাং, মধ্য-বাং-তোমাসব, আধু-বাংয়-তোমরা সবে] স, তোমবা সকলে। "এত রাত্রে তুমি সব আইলা কি কারণ।" -মহা· (বিজয়°)।

তুমুল, তুমূল [সং-তুমুল ("ব্যাকুলো রণঃ", "রণ সঙ্কুলম্"-শব্দকল্পে°)] বি, ভয়ানক কলহ : ঝমাঝম ঝগড়া : মারামারি : হুড়াহুড়ি। ২ বিণ, ঘোরতর : অতিশয়। "বাজিল তুমুল যুদ্ধ গগনে সুন্দরি। কাঁপিল বসুধা, দেশ পূরিল আরবে।"-মেঘ°। ৩ উৎকট। ৪ ভয়ানক : ভীষণ।

তুম্ব, তুম্বক [সং বি অলাবু। ২ বীণা। "তুম্ব বাজাইয়া করিল গান"-দশমহাবিদ্যা (হেম·)।

তুম্বি, তুম্বী [সং প্রা·-বাং-তুম্বা। "ভাঙ্গা তুম্বা" (মাণিক°)] বি, অলাবু : লাউ। ২ শুকনা লাউয়ের খোল। "কমণ্ডলু তুম্বী কল করঙ্গ পীবারে জল, হাতে আশা হিঙ্গুল বরণ"-অ· ম·।

তুম্বুকী-বি, ঢক্কা সদৃশ আনদ্ধ যন্ত্রবিঃ।

তুম্বুরু-বি, গন্ধর্ব্ববিঃ। সঙ্গীত বিদ্যায় ইনি সুনিপুণ ছিলেন। ২ ঋষিবিঃ। ৩ বৃক্ষবিঃ।

তুম্ভ [প্রা·-বাং] স, তোমার। "তুম্ভ পাদরজ। তুম্ভে-তুমি। "তুম্ভে গর্ভধারী মাতা অটল মোহর"-গোবিন্দ গীত (১১-১২শ শতাব্দী)।

তুয়া [ব্রজ°। প্রা·-বাং-তুঅ। প্রা°-বাং বানান-তুয়া (তু=ত্ত, যেমন স্তুতি)। "ধরিল কেবল প্রাণ তুয়া গুণ গানে"-গী° গিরি° ১৬৫৮ শক)] স, তুমি। "নিপট কপট তুয়া শ্যাম"-অমর দত্ত(বাং·গান)। ২ তোমাকে। "জনমে মরণে তুয়া পাব।"-চণ্ডি·। ৩ তোমার : তব। "যে কিছু সকল তুমি সকলের জন্মভূমি পুরুষ প্রকাশ তুয়া গুণে"-শি·।

তুর-তুরা দ্রঃ।

তুর্ক [সং-তুরস্ক >] বি, তুরস্কের লোক। ~সঁওয়ার-তুর্কী অশ্বারোহী সৈন্য।

তুরকী১, তুর্কী [ফা·-তুর্কি Turk] বি, তুরস্ক। "আরব্য মিশর পারস্য তুরকী তাহার তিব্বত অন্ত কব কি।"-হেম। ২ তুরস্কদেশীয় মুসলমান জাতি। ৩ তুর্কী ভাষা। ৪ বিণ, তুরস্ক দেশীয় বা দেশজাত। "যাদুর তু জুতা পায়, যাদু বৌ আনতে যায়।"-ছড়া।

তুরগ [তুর্ (শীঘ্র) গ (যে গমন করে)] বি, অশ্ব। "কাঁপিল দেশ, তুরগ গজ ভারে, ভারত স্বাধীন যে দিন ও॥"-যমুনা লহরী (গোবিন্দ রায়)। ~দানব [তুরগ (অশ্ব) আকৃতি যে দানব (দৈত্য), ধা] বি, অশ্বাকার দৈত্য ; কেশি নামক দানব।

তুরগানন [তুরগের মত আনন (মুখ) যার, বহু·] বি, কিম্পুরুষ ; কিন্নর। ২ বিণ, ঘোড়ামুখ।

, **তুরঙ্গী** [তুরগ-তুরঙ্গ (অশ্ব) +ইন (স্ত্য°)=তুরগিন্, তুরঙ্গিন্ ১মা, ১ব·] বি, অশ্বারোহী ; অশ্বসাদী : ঘোড়-সওয়ার।

তুরঙ্গ [তুর (শীঘ্র) গম্ (গমন করা) + অ (র্তৃ), ং আগম] বি, অশ্ব। স্ত্রীং ~ী-ঘোটকী; অশ্বী ; ঘুড়ী mare ~বক্ত্র, ~বদন [তুরঙ্গের (অশ্বের) বদনের (মুখের) ন্যায় বক্ত্র (বদন) যার, বহু°] বি, কিন্নর ; স্বর্গগায়ক। ~ম [তুর-গম্ + অ (র্তৃ), যে বেগে গমন করে] বি, অশ্ব।

তুরৎ-ফুরৎ দ্রঃ।

তুরন্ত [হি°। প্রা° তুরৎ < সং-ত্বরিত] বিণ, ত্বরা ; শীঘ্র ; সত্বর ; দ্রুত। "সভামাঝে কর যত্নে আমার ভাগিনা রত্নে মল্ল বিদ্যা শিখাবে তুরন্ত।"-ঘ°।

তুরপন, তুরপু(প্)ণ, -ন [ফা° তুরফান। গ্রা° প্রাদে·-তিরজুল] বি, কাষ্ঠাদি ছিদ্র করণার্থ অস্ত্র ; বর্ম্মি ; বেধনি ; ভ্রমরী। ক্রি, **তুরপাণি, -নি**-তুরপুন দ্বারা ছিদ্র করা। **জিনবাড়ী তুরপুন**-বি, কাঠে কবজা মারিবার জন্য স্ক্রূপ বসাইবাব জন্য বিঁধ করিবার যন্ত্র।

তুরষ্ক-তুরুস্ক দ্রঃ।

তুরা, -তুর [তুর্ (শীঘ্র গতিতে) >] বি, বেগ। ২ ক্রি-বিণ, দ্রুত : শীঘ্র।

তুরি, তুরী-বি, তাঁত বুনিবার যন্ত্র. মাকু। ২ প্রাচীন হিন্দুদিগের পিত্তল নির্ম্মিত রণবাদ্য : রামশিঙা।

তুরিত, তুরিতে [ব্রজ। ত্বরিত শব্দেব প্রাকৃ° উচ্চারণ] ক্রি-বিণ, ত্বরায় : শীঘ্র। "তুরিতে আইলা ভানুর বাড়ী।"-চণ্ডি·। "তুরিতে ঘুচায়নু নীবিক কাচ"-বি° প·। "ইহার বিহিত যে হয় তুরিত"-গান (হরু-ঠাকুর। "দুআর মুক্ত কবিব তুরিতে।"-শূ·পু·।

তুরীয় [চতুর্ (চার) + ঈয় (পূরাণাথে)। চতুব্=তুব্] বিণ, চতুর্থ। ২ ত্বরান্বিত : শীঘ্র-গতি। ৩ চতুর্থাংশের পূরণ। ৪ সমাধির অবস্থাবিঃ। ৫ পরব্রহ্ম। ৬ [বেদান্ত দর্শনে] মায়ার অতীত চতুর্থ তত্ত্ব। "এই তিন জলশায়ী সর্ব্ব অন্তর্যামী, ব্রহ্মাণ্ড বৃন্দের আত্মা, পুরুষ-নামী। ক্ষীরোদকশায়ী এসবার দরশনে আছে মায়াগন্ধ : তুরীয় কৃষ্ণেতে নাহি মায়ার সম্বন্ধ।"-চৈ° চ·।

তুরুক১ [সং-তূর্ (ত্বরা), তূর্ত্ত (ত্বরিতে) > হি·-তুরন্ত, তুরৎ > তুরুৎ, তুড়ুক >] অ, তৎক্ষণাৎ ; তড়াক্ : ঝট। ~জবাব-বি, স্পষ্ট ও ত্বরিত উত্তর। "দাতার চেয়ে বখিল ভাল তুরুক জবাব দেয়।"-প্রবচন।

তুরুক২ [সং তুরস্ক >] বি, তুরস্কবাসী। ~শওয়ার, ~সোয়ার, তুরুপ-সঁওয়ার-বি, তুরস্কের অশ্বারোহী সৈন্য। ২ [troop > তুরুপ] অশ্বারোহী সৈন্য।

তুরুপ, তুরুফ [ইং troop >। তুরুক দ্রঃ। প্রা° বাং-য়-তুড়ুক (চৈ° চ°)] বি, সৈন্যদল। ২ [ফ্রে°-triomphe > ইং trump >] তাস খেলায় বেরঙ্গের তাস পড়িতে থাকিলে তাতে রঙ্গের (যে রঙ্গে তাস

কাটান হইয়াছে সেই রঙ্গের) তাস দিয়া পিঠ লওয়াকে 'তুরুপ করা' বলে। ঐ রঙ্গের তাসের নাম তুরুপ। "এখন তুরুফের জোর নাইক হাতে তাতে আবার ফেরাই কৈ।"-দাশরথি। "কেমনে তাস খেলাতে বল হবি জয়ী, হাতে রং থাকতে দশের পিঠে তুরুপ করলি কই।"-বাং-গান (রসিক চক্রবর্ত্তী)।

তুরুম ['তুড়ুম', 'তোড়ং', তোরোং ও। গ্রা° ফে° -trone (ত্রঁ), ইং- trunk (উচ্চারণে trungk) ... ক্রং > তুরুম] বি, অপরাধী ব্যক্তিকে দণ্ড দিবার জন্য তার হাত পা ছিদ্র মধ্যে প্রবেশ করাইয়া রাখিবার মত কাঠের তোড়ং বা আধারবিঃ। তু° ঠোকা-তুরুমে হাত পা পুরিয়া বন্ধ করা (এরূপ দণ্ডদান ফরাসী প্রথা বলিয়া প্রসিদ্ধ)।

তুরুষ্ক, তুরস্ক [সং] বি, তুরকি স্থান Turkey. ২ তুরুক দেশীয় গন্ধদ্রব্যবিঃ।

তুর্কি, তুর্কী-তুরকি দ্রঃ। তুর্কি নাচন-তাতারদিগের ঘুরপাক দিয়া উদ্দণ্ড নৃত্য; > ঘুরপাক খাওয়া (গ্রা° ব্যবহারে চর্কী নাচন)। "নইলে সবাই দেখিয়ে দিত বিষম তুর্কী নাচন।"-রবী°।

তুর্ব্বসু [পু°] বি, দেবযানীর গর্ভসম্ভূত রাজা যযাতির পুত্র।

তুর্শ্মলী,-লীন-বি, সিংহলদ্বীপ-প্রসিদ্ধ মণিবিঃ।

তুর্য্য [চতুর্+য (পূরণার্থে)=চতুর্=তুর্, নিপাতনে। তূর্য্য দ্রঃ] বিণ, চতুর্থ। ২ [বেদান্ত] তুরীয় অবস্থা; সমাধির অবস্থা। ৩ [গণিত পরিঃ, গোলাধ্যায়] বৃত্ত বা বৃত্ত পরিধির চতুর্থাংশ; বৃত্তপাদ quadrant.

তুল১ [সং-তুল (পরিমাণে) >] বি, পরিমাণ দণ্ড; তুলাদণ্ড; তরাজু; দাঁড়ীপাল্লা। ২ তৌলকরণ। ৩ [প্রাদে°] বেতী বা তাল পাতার শির দ্বারা প্রস্তুত সাধারণ শাকসবজী মাছ ওজন করিবার জন্য ব্যবহৃত, ইহাতে একটী পাল্লা থাকে কিন্তু বাটখারা দরকার হয় না। বিণ, সদৃশ; তুল্য; তুলনীয়। "কুসুমে মধুপ কহি, সেহ নহে তুল।"-চণ্ডি°।

তুল২ [সং-তুল] বি, কার্পাস cotton

তুল৩ [আ° তূল, বা সং-তুমুল > তুল] গোলমাল; গণ্ডগোল। "না পেলে ফুল-বাদাবে তুল সে রাজনন্দিনী।"-বাং-গান (গোপাল উড়ে)। ৬ বৃহৎ ব্যাপার: বিষম-কাণ্ড। তু° করা-গণ্ডগোল করা, তুমুল কাণ্ড করা। ~কালাম [আ°-তুল-ই-কলাম (বাগ্‌-বাহুল্য, আলোচনা বা কথার অতিবিস্তার) >। গ্রা° তোলগ্লাম] বি, বাদ বা কথা অতিরিক্ত বাড়াইয়া তোলা; তুমুল ঝগড়া।

তুলট১, তুলট্‌ [সং-তুলা ঘট ...] বি, মহাদানবিঃ যাতে আপনার ভারের সমান স্বর্ণাদি দান করিতে হয়।

তুলট২ [তুল-কাগজ ও তুলা (কাপাসাদি) হ'তে প্রস্তুত বলিয়া] বি, প্রাচীন প্রথায় নির্ম্মিত হরিতালাদি দ্বারা মাজা হরিদ্রাবর্ণ কাগজ।

তুলতুল [টলতল (দ্রঃ) অপেক্ষা মৃদু, কোমল আধার মধ্যে তরল পদার্থের আন্দোলন বা অনুভূতির ভাব] অ, মৃদু কম্পন, ভয়ে লঘু লঘু কম্পন বা টলটল করার ভাব। বিণ, তুলতুলিয়া > কৈ° তুলতুলে-[তুল তুল, +ইয়া, বাহির হ'তে টিপিলে যার অঙ্গে তল পড়ে অর্থাৎ নামিয়া যায় এবং ক্রমাগত ঐরূপ করিলে তল তল করে] অতি কোমল। প্র-কাঁটাল পাকিলে টলতল করে, কিন্তু আঙ্গুর পাকিলে তুলতুল করে।

তুলন১ [তুল্‌ (পরিমাণে) + অন (ভা°)] বি, পরিমাণ করণ। ২ সদৃশ করণ। ৩ [তুলা১ দ্রঃ] উত্তোলন; উত্থাপন।

তুলন২ [প্রাদে°। প্রা°-বাং] বি, ধান্য-বিঃ। "তুলন ধান বুনেন বিরিঞ্চি"-শূ° পু°।

তুলনা১ [তুলন দ্রঃ] বি, উপমা; সাদৃশ্য। "তাহার তুলনা নাহি আর॥"-শি°। "কেবা করে করী-করে, সে উরু তুলনা।" -বাসবদত্তা। ২ দৃষ্টান্ত। ৩ পরিমাণ।

তুলনা২ [তুলা দ্রঃ] ক্রি, তুলিও না।

তুলসারিণী [সং] বি, বাণাধার; তূণ।

তুলসী [বিশ্বে যাঁর নিকট তুলা (সাদৃশ্য) -অস্‌ (নিরস্ত হইয়াছে), বা সো (নাশ করা) >। অর্থাৎ যার তুলনা নাই] বি, স্বনাম-প্রসিদ্ধ বৃক্ষ। "তুলসীর কণ্ঠী গলে লম্বি, মালা করতলে, হাতে কাণে ধরে ধরে মালা।"-অ° ম°। [তুলসীর পৌরাণিক উৎপত্তি সম্বন্ধে বিভিন্ন মত দৃষ্ট হয়। ব্রহ্মপুরাণ মতে-পূর্ব্বে ইনি রাধিকার সখী ছিলেন। রাধার শাপে ধর্ম্মধ্বজ রাজার কন্যা হইয়া মাধবীর গর্ভে জন্মগ্রহণ করেন এবং তুলসী নামে অভিহিতা হন। পরে ইনি শঙ্খচূড় নামক দৈত্যের পত্নী হন। শঙ্খচূড় কৃষ্ণ কর্ত্তৃক নিহত হলে ইনি সহমৃতা হন এবং কৃষ্ণের বরে ইঁহার কেশে তুলসীবৃক্ষের জন্ম হয়। পদ্মপুরাণ মতে-জলন্ধর নামক অসুরের পত্নী ছিলেন, কালনেমি-দৈত্যকন্যা বৃন্দা। জলন্ধর ইন্দ্রকে পরাস্ত করিয়া অমরাবতী দখল করিলে, ইন্দ্র শিবের শরণাপন্ন হন। শিব জলন্ধরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হলে পতিপরায়ণা বৃন্দা পতির প্রাণ রক্ষার্থে বিষ্ণুপূজা আরম্ভ করেন, কিন্তু বিষ্ণু জলন্ধররূপে বৃন্দার সমীপে আগমন করিলে, পতিকে অক্ষত শরীরে আসিতে দেখিয়া, অসমাপ্ত পূজা ত্যাগ করেন। তাতে জলন্ধরের মৃত্যু হয়। বৃন্দা ব্যাপার বুঝিতে পারিয়া বিষ্ণুকে অভিশাপ দিতে উদ্যত হন। সতীর শাপ অকাট্য জানিয়া বিষ্ণু ভীত হইলেন এবং সান্ত্বনা বাক্যে বলিলেন, তুমি সহমৃতা হও, তোমার ভস্মে তুলসী, ধাত্রী, পলাশ ও অশ্বত্থ এই চারি প্রকার বৃক্ষ উৎপন্ন হইবে। বিষ্ণুপুরাণে-এই বৃন্দাই বৃন্দানামে অভিহিতা। তাঁহা হইতে তুলসীর জন্ম]। তু° দেওয়া-নারায়ণের চরণে একটি একটি করিয়া তুলসী পত্র অর্পণ করিয়া নারায়ণের প্রসন্নতা লাভ করা এবং তাতে বিঘ্নবিনাশ ও অভীষ্ট লাভ হওয়া। "যে কয়েক দিন পাঠশালে গিয়াছিল তার দোষ কাটাবার জন্য ঠাকুরের কাছে তু° দেওয়াবো।"-টেকচাঁদ। ~পূজা-তুলসী-বৃক্ষরূপিণী তুলসীদেবীর পূজা। ~মঞ্চ-গৃহে নিত্য পূজিত তুলসীবৃক্ষ যে মৃন্ময় উচ্চ বেদীর বা মৃৎগর্ভ স্তম্ভের উপর রোপিত হয়।

তুলা১ [সং-তুল্‌ (উন্মানম্‌): উদ্‌-তুল্‌ (ঊর্দ্ধনয়নম্‌) > তোলা দ্রঃ। তুলি, তুল, তোল, (তোলেন, তুলিস) তুলে, তোলে (তুলেন, তোলেন); তুলিতে (কৈ° তুলতে); তুলিয়া (কৈ° তুলে, পদ্যে-তুলি)। ণিজন্ত-

তুলানি তোলানি] ক্রি, উত্তোলন করা ; উর্দ্ধে উঠান ; উন্নত করা। ২ উত্থাপন করা ; প্রসঙ্গ করা। ৩ স্মরণে আনা ; স্মরণ করান ; মনে তোলা বা মনে করা। "কদলী তুলনা তায় মনেও তুলনা।"-বাসবদত্তা। ৪ শয্যা হ'তে উঠান ; ঘুমভাঙ্গান ; জাগান। প্র-সে খুব ঘুমাইতেছে তাকে এখন তুল না। ৫ উত্তেজিত করা। ৬ নবীভূত করা ; সম্বর্দ্ধিত করা। "তুল না ত্রিগুণ তুমি তাপিনীর তাপ।"-ঘ০। ~নি,নো ['তুলা', 'তোলার নিজন্ত রূপ] ক্রি, উৎপাটন করান ; উঠানো। তুলিয়া দেওয়া-উঠাইয়া দেওয়া। ২ মুছিয়া দেওয়া ; লোপ করা। ৩ প্রাচীরাদি গাঁথিয়া দেওয়া ; নির্ম্মাণ করিয়া দেওয়া। "নানা ধনে তুলে দিল ধর্ম্মের মন্দির"-ঘ০। তুলিয়া ফেলা-উৎপাটন করা। তুলে আছাড় দেওয়া-উর্দ্ধে উঠাইয়া সবলে নিম্নে পাতিত করা। তুলে ধরা-উচ্চে ধারণ করা ; উঁচু করিয়া ধরা ; উন্নত করা। তুলে লওয়া-কুড়াইয়া লওয়া ; যাহা নিম্নে পতিত হইয়াছে তাহা উঠাইয়া লওয়া। (২) চয়ন করা। প্র-ফুল তুলে লওয়া। শোক তুলা-বিলাপ করা ; ডুকরিয়া কাঁদা ; ডাক ছাড়িয়া কাঁদা ; আর্ত্তনাদ করা। "নগরে যতেক লোক শোক তুলি কান্দে। বিষাদে ব্যাকুল বড় বুক নাহি বান্ধে।"-ঘ০।

তুলা২ [তুল্ (ওজন করা) + অ (ভা০) + আ (স্ত্রী০)] বি, দেহ-পরিমাণ ধাতুর দান রূপ ব্রত। ২ স্বর্ণ রৌপ্যের পরিমাপক পল বা ১৪৫ আউন্স ওজন ; ১০০ পল=৮০০ তোলা =১তুলা। "ভোজরাজ ঐ কবিতা শুনিয়া অতি সন্তুষ্ট হইয়া ঐ কবিকে তুলাপরিমিত মুক্তা দান করিলেন।"-পুরুষ-পরীক্ষা। ৩ [শে-অ] যদ্বারা পরিমাণ করে ; পরিমাণ দণ্ড। ৪ সপ্তম রাশি, ইহা চিত্রানক্ষত্রের শেষ দুই পাদ ও স্বাতী নক্ষত্র এবং বিশাখার প্রথম পাদ যোগে উৎপন্ন হয়। তুলাধারী পুরুষ ইহার অধি দেবতা। ৫ তরাজু ; দাঁড়ীপাল্লা ; নিক্তী। ৬[ভা০-অ] সাদৃশ্য; উপমা; তুলনা। "কে বলে শারদ শশী সে মুখের তুলা। পদ-নখে পড়ে তার আছে কত গুলা।"-ভারত০ ৭ সাম্য। ৮ কার্পাস। ~কূট। -বি,কূট তোলকারী ; যে ওজনে ঠকায়। ~কোটি, -টী-বি, শব্দহীন পাদালঙ্কারবি০ ; নূপুর [তুলাকোটি দ্র০]। ২ তুলাদণ্ডের অগ্রভাগ। ৩ অর্ব্বুদ সংখ্যা। ৪ পরিমাণবি০। ~দণ্ড [তুলার (পরিমাণের) দণ্ড,৬তৎ] বি,পরিমাণ-দণ্ড . নিক্তী ; দাঁড়ী। ~দান-বি, স্বীয় দেহের পরিমাণানুসারে সুবর্ণদানরূপ ব্রত-বি০। ~ধট [তুলা-ধট (দণ্ড)] বি, তুলাদণ্ড। ~ধর-বি, সূর্য্য। ~ধার [তুলা+ধার (যে ধারণ করে)] বিণ, বাণিজ্যকারী। ২ [তুল আধার (যে আশ্রয় করে)] বি, তুলারাশি। ৩ তুলাদণ্ড। ~ধারী [তুলা-ধারিন্ (যে ধারণ করে), ১মা, ১ব০] বিণ, যে ব্যক্তি তুলা-দণ্ড ধারণ করে বা ওজন করে। ~পুরুষ-বি, মহাদানবি০ ; যে দানে আপন দেহের ওজন পরিমাণ স্বর্ণাদি দান করে। ~ব্রতি-বি, নিজের দেহ পরিমাণ ধাতু দানরূপ ব্রত ; তুলট১ দ্র০। ~মান [তুলা (তুলা দণ্ড) দ্বারা মান (পরিমাণ), ৩তৎ] বি, তুলাদণ্ড দ্বারা পরিমাণ। ~চন্দ্রের তুলামান-চন্দ্র মণ্ডলের প্রান্তবর্ত্তী অংশ বিশেষের পর্য্যায়ক্রমে আবির্ভাব ও তিরোভাব। ~যন্ত্র-বি, পরিমাণ দণ্ড।

তুলারাম খেলারাম [তোলা > তুলা+ফেলা > খেলা (আধিক্যার্থে) রাম] বি, অতিশয় তোলা পাড়া বা উদ্বেগ ; তোলপাড়।

তুলারু [তুলা-রুরু (মৃগ)। অথবা তুলা+রূপ > ক্ষে০তুলারু (O.D.B.L)। ঘোড়ারু দ্র০] বি, অতি দ্রুতগামী মৃগ বি০।

তুলাসালি [প্রা০-বাং] বি, ধান্যবি০। "তু০ বুনেন পরভু তুলা জার গাত্র।"-শূ০পু০।

তুলি, তুলী [তুল্ (ওজন করা-সদৃশ করা) + ই (ক্ত্যা০), চিত্রকার্য্যে সামঞ্জস্য, পরিমাণ, তুলনা ই০-র কার্য্যই অধিক। আদর্শের অনুরূপতা, অঙ্গ প্রত্যঙ্গ, অবয়বের সামঞ্জস্য ও পরিমাণ, পরিমিত রেখাপাত, বর্ণের গাঢ়তা বা তারল্যের ওজন ঠিক রাখাই চিত্রকরের প্রধান কার্য্য, যে যন্ত্র দ্বারা চিত্রকর তা সাধন করেন তার নাম তুলি] বি, চিত্রকরের লেখনী। ২ তন্তুবায়ের তুরী। তুলি দিয়া আঁকা-অতি সুন্দর ; নিখুঁত। প্র-মেয়েটির মুখখানি যেন তুলি দিয়ে আঁকা।

তুলিকা-তুলিকা দ্র০।

তুলিত [তুল্ (ওজন করা, সদৃশ করা) + ত (র্ম্ম), ই আগম)] বিণ, পরিমিত। ২ তুলনাকৃত ; উপমিত। ৩ উৎক্ষিপ্ত। ৪ চালিত।

তুলিবাক [প্রা০ বাং। তুলিবা+ক (নিমিত্তার্থে) > প্রাদে০ বিকারে 'কু'=আধু০ 'র'=তুলিবার। তুলা১ দ্র০] অস-ক্রি, তুলিবার নিমিত্ত ; তুলিতে। "সুনার জে সাজি হাথে সুনার আকুড়ি। পুষ্প তু০ পচ্চিম গেলা মালুঞ্চার বাড়ি।"-শূ০ পু০।

তুলিম-বিণ,তুলাদণ্ডে পরিমাপিত বৎ।

তুলী [ম০ বাং। তুল+ঈ (নিমিত্তার্থে)] বি,"খট্টায় পাড়িয়া তু০"-কবিক০।

তুল্য [তুলা+য (তুলা দ্বারা সম্যক্ পরিমিতার্থে)] বিণ, অনুরূপ ; সদৃশ ; সম ; সমান। প্র-বিষতুল্য ; অমৃততুল্য। ২ যোগ্য। ~কক্ষ-বিণ, সমকক্ষ। "তখন নারীরাও ধর্ম্ম চর্চ্চায় পুরুষদিগের তুল্যকক্ষ ছিলেন"-জাতক ১ম খণ্ড উপক্রমণিকা, ১৩২৩। ~কাল-বি, সম-সময়। ২ বিণ, সমসাময়িক।"শিশুনাগের তুল্যকাল রাজগণ" -হ০ প্র০ শাস্ত্রী। ~কোণিক [তুল্য (সম) কোণ+ইক (র্থে০)] বিণ, সমকোণযুক্ত। ~প্রতিযোগিতা-বি, সমকক্ষতা। ~মূল্য [তুল্য+মূল্য। মূল্যে কোন বস্তু বা বিষয়ের সমান] বিণ, সমান দরের। ২ সদৃশ। ৩ প্রায় ; কাছাকাছি ; অনেকটা সমকক্ষ। ৪ যোগ্য ; উপযুক্ত। ~যোগিতা-বি, কাব্যে অর্থালঙ্কারবি০ ; যে স্থলে প্রস্তাবিত কিম্বা অপ্রস্তাবিত পদার্থ সমূহের কোন এক ধর্ম্মের (গুণ ক্রিয়াদির) সহিত সম্বন্ধ হয় তথায় এই অলঙ্কার হয় Identity of attribute. "যে জন না দেখিয়াছে বিদ্যার চলন, সেই বলে ভাল চলে মরাল বারণ।"-অ০ ম০। ২ সাম্য। প্র-ইহার সহিত উহার কোন বিষয়ে তুল্যযোগিতা নাই। ~রূপ-বিণ,

সদৃশ ; সমানাকৃতি। ~শোধন [গ০ পরিঃ] বি, বীজগণিতে সমীকরণের (equation) সরলতাপাদন (simplification)।

তুল্যাকৃতি [তুল্য(যে) + আকৃতি, ধা] বি, একরূপ গঠন ; সমান আকার। ২ [তুল্য হইয়াছে আকৃতি যার, বহু০] বিণ, তুল্যরূপ ; সদৃশ আকার ;সমান।

তুষ,১,-স, তুঁষ [সং-তুষ] বি.ধান্যাদির ত্বক্ বা খোসা ; তুঁষ। "একটা ধানে দুটী তুঁষ"-ছড়া।~তুষালি [প্রাদে০] পৌষমাস ব্যাপী ব্রত ; তুষ ও গোময় দ্বারা এক একটী পিণ্ড করিয়া তার পূজা।

তুষ,২, তূস [আ০-তূস। তুল-ফা০-তুজী (ইরাণের খুজিস্তান নগরের শালবিঃ)] বি, গরম ও নরম উর্ণা-বস্ত্রবিঃ ; স্বনাম প্রসিদ্ধ কাবুল দেশীয় শীতবস্ত্র।

তুষণ [তুষ্ (তুষ্টি করণ) + অন (ভা০)] বি, সন্তুষ্টকরণ।

তুষা, তোষা [তুষ্ (তুষ্ট) >। তুষি, তুষ, তোষ (তুষেন, তুষিস), তুষে. তোষে (তোষেন) ; তুষিতে, তোষিতে ; তুষিয়া, তোষিয়া (ক্ষে০ তুষে)] ক্রি,তুষ্ট করা ; সন্তোষ দান করা। "তুষিনু বাসবে, সাধ্বি তব অনুরোধে ; দেহ অনুমতি এবে তুষি দশাননে।"-মেঘ০। "স্বহস্তে গড়িলা তুমি তুষিতে পৌরবে?"-ঐ।

তুষানল [তুষের অনল (অগ্নি), ৬ তৎ] বি, তুষাগ্নি। ২ তুষাগ্নিতে শরীর দাহ রূপ প্রায়শ্চিত্তবিঃ। ৩ [তুষের আগুন শীঘ্র নির্ব্বাপিত হয় না, সেইজন্য যে শোক বা ক্রোধ বা হিংসারূপ অনল সহজে এবং অল্পকালে নির্ব্বাপিত হয় না, যা অবিরত চাপা থাকিয়া ধীরে ধীরে দগ্ধ করিতে থাকে তাকে তুষানলের সহিত তুলনা করা হয়] চির পোষিত হিংসা শোক বা ক্রোধ। প্র-তাহার বুকে তুঁষের আগুন জ্বেলে দিয়েছে। "খলের পিরীতি তুষের আনল ধিকি ধিকি যেন বয়।"-চণ্ডি০।

তুষার [সং] বি, হিম ; নীহার;হিমানী। ২ জলের কণা ; গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। ৩ বরফ। ৪ বিণ,অতিশয় শীতল; বরফের মত ঠাণ্ডা। ~কর-বি,চন্দ্র। ~গিরি-হিমালয় পর্ব্বত। ~ধবল-বিণ, তুষারবৎ শুভ্র। ~পর্ব্বত-যে পর্ব্বত তুষারে মণ্ডিত থাকে। ~মূর্ত্তি-চন্দ্র। ~শিখর-হিমালয়। ~শিখরী-যার তুষারমণ্ডিত শিখর আছে ; হিমালয়। "তুষার শিখরী ভাগ্য নিবেদিব কি। ভুবন জননী হৈলা হিমালয়ের ঝি॥"-কবিক০।

তুষারাদ্রি [তুষার (আশ্রিত) + অদ্রি (পর্ব্বত), ম০ প০ লো০] বি, হিমালয়পর্ব্বত।

তুষিত [সং] বি, (দ্বাদশ) আদিত্য ; ৩৬ গণদেবতা (মন্বন্তরান্তে ইঁহাদের নাম বদল হয়)। ২ বিষ্ণু। ৩ বৌদ্ধ স্বর্গবিঃ।

তুষ্ট [তুষ্ (তুষ্ট হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, তৃপ্ত। ২ আহ্লাদিত।

তুষ্টি [তুষ্ (তুষ্ট হওয়া) + তি (ভা০)] বি, তৃপ্তি ; সন্তোষ। "অনিত্য বিষয় কর সর্ব্বদা চিন্তন * * * ক্ষণে হাস্য ক্ষণে খেদ, তুষ্টি রুষ্টি প্রতিক্ষণ।"-বাং গান (রামমোহন রায়)। ২ হর্ষ। ৩ ষোড়শ মাতৃকার অন্যতমা। ~মান [মূ০ তুষ্টিমৎ ১মা, ১ব০] বিণ, সন্তোষ-যুক্ত। ২ বি, কংসের ভ্রাতা ; উগ্রসেনের পুত্র।

তুষ্টিমুষ্টি [প্রাদে০। তুসসি (ধান্যের খোসা, তুষ দ্রঃ) > তুচ্ছি + মুচ্ছি (মুষ্টি, অল্পার্থে ⁀] বিণ, তুচ্ছ ; সামান্য ; অকিঞ্চিৎকর। "তু০ কথার মধ্যে দাঁড়াও কিসের লাই"-পূ০ ব০ গী০।

তুষ্টু-বি, কর্ণস্থ মণি।

তুস্কো, তুস্কো [প্রায়ই 'ফস্কা' শব্দ সহ চ০] ফস্কা দ্রঃ।

তুস্সি [সং-তুষ=তুস > তুস্স + ই (ক্ষুদ্রার্থে)। গ্রা০] বি, ধান্যত্বক্। ২ অকিঞ্চিৎকর।

তুহঁ [ব্রজ০। তুহুঁ দ্রঃ] স, তুমি। "হৃদয়-পুতলি তুহু সে শূন কলেবর"-বি০ প০। ২ [তুত দ্রঃ] তোমার। "বাঁশরি ধ্বনি তুহ অমিয় গরল রে হৃদয় বিদারয়ি হৃদয় হরল রে"-রবী০।

তুহার [ব্রজ০। হি০-তুহার, তোহার। প্রা০-বাং-তুহ্মার] স, তোমার। "থাকুক তুহার কোরে।"-অশোক০।

তুহিন [তুহ্ (পীড়া দেওয়া) + ইন (র্ত্তৃ-জ্ঞা০)-যে শৈত্য বশতঃ শরীরের পীড়া করে] বি, হিম। "এই সেই শীতকাল পড়িছে তু০"-প্রেম ও ফুল। ২ জ্যোৎস্না। ৩ বিণ, তুষারবৎ শীতল।~কর [তুহিন (শীতল) কর (কিরণ) যার,বহু০] বি, চন্দ্র। ২ কর্পূর।

তুহিনাংশু [তুহিন (শীতল) + অংশু (কিরণ) যার, বহু০] বি, চন্দ্র। ২ কর্পূর।

তুহিনাদ্রি [তুহিন (হিম আশ্রিত যে) + অদ্রি (পর্ব্বত), ম০ প০ লো০] বি, হিমালয় পর্ব্বত। ২ তুষার পর্ব্বত।

তুহু, তুহুঁ তুঁহুঁ [ব্রজ০। তুহ দ্রঃ] স, তুমি। "বিদ্যাপতি কহ তুহুঁ অগেয়ানী" -বি০ প০। "কো তুঁহুঁ কো তুঁহুঁ সব জন পুছয়ি, অনুদিন সঘন নয়ন-জল মুছয়ি" -ভানুসিংহের পদাবলী (রবী০)।

তুহ্মা [হি০-তুহ্ম (=তুম, আপ-মানস-কোশ) >। প্রা০-বাং-তুহ্মা, তুহ্মি ; ম০ ও আধু০-বাং-তুমা, তোমা] স, তোমা; তুমি। "নর লোকের জনম হেতু তুহ্মি দেহ মন। তুহ্মা হইতে হঅ জেন ছিস্টির পত্তন॥" -শূ০ পু০। "তুহ্মা ছাড়া এক তিল না রহিব কভু।"-ঐ। "জীবর জীবন তুহ্মি গুণর গরিমা॥" "রজ সত্ত তম তুহ্মি সর্ব্ব গুণ মঅ॥"-শূ০ পু০। সম্বন্ধপদে তুহ্মার [হি০-তুহ্মারা, চ০-তুহ্মার > গ্রা০ হি০-তুহার, তোহার (ম০ লোপ)। প্রা-বাং-তুমার, আধু০ বাং-তোমার (হ লোপে)] "তুহ্মার চরণ বিনু আন নাহি জানি॥" "লিখিতে নারিল আহ্মি তুহ্মার মহিমা।"-শূ০ পু০। কর্ম্মপদে-তুহ্মারে, তুহ্মাক > তুমাকে, তোমাকে। "তুহ্মারে না দেখিএ আদ্যা কামে জনমাইল। তপিস্সার ভঙ্গ হেতু কামেক পাঠাইল॥"-শূ০ পু০। "দূতে নাহি ডরাই তুহ্মারে দেখিআ॥"-ঐ। "ছিস্টি কর ছিস্টি কর্ত্তা বোলিগো তুমাকে।"-ঐ।

তুহ্মি-তুহ্মা দ্রঃ।

তূ-তু দ্রঃ।

তূণ,১ [তূণ্ (পূর্ণ হওয়া) + অ (র্ম্ম)-যা বাণে পূর্ণ হয়] বি, বাণ রাখিবার আধার ; তূণীর। "পড়িল পারুল ফুল তূণ মনোহর। বোঁটা সহ রঙ্গণে পূরিয়া দিল শর॥"

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্ক=ংকা ঞ্চ=নচ ঞ্জ=ঞ্ঝ হ্ন=হ্ন হ্ল হ্ব হ্ম হ্য=হ্ন হ্ল হ্ব হ্ম হ্য, হ্ন হ্ল হ্ব হ্ম=zfwv ও চ্চা০ দ্রঃ

-ভারত০। ২ [প্রাদে০ সুন্দরবন অঞ্চলে] জোয়ার। ৩ [ব্রজ০] তুঁতে (বি০ প০)।

তূণক [সং] বি, ১৫ অক্ষর ছন্দোবিঃ ; এই ছন্দে পর্য্যায়ক্রমে অযুগ্মবর্ণ সমুদায় গুরু অর্থাৎ ১।৩।৫।৭।৯।১১।১৩।১৫ বর্ণ গুরু এবং যুগ্ম অর্থাৎ ২।৪।৬।৮।১০।১২।১৪ বর্ণ লঘু। "মৌনতুণ্ড চেটমুণ্ড দক্ষ মৃত্যু জানিছে। কেহ ধায় মুষ্টি ঘায়, মুণ্ড ছিণ্ডি আনিছে॥ * * * * * ভারতের তূণকের ছন্দবন্ধ বাড়িছে।" -ভারত০।

তূণকি,-কী [তূণ ৩ দ্রঃ] বিণ, তুঁতিয়ার বর্ণবিশিষ্ট ; নীলবর্ণ ; তাম্রাভ নীলবর্ণ।

তূণী$_1$, তূণীক, তূণ$_2$, তূদ [কোঙ্কণ দেশীয় নন্দীবৃক্ষ। হিং-তূণি, তুন্দ্ cedrela Toona] বি, নিম্বাদিবর্গের মহাদ্রুমবিঃ : মহানিম ; মেহগনি বৃক্ষের প্রকারভেদ Indian mahogany.

তূণী$_2$, তূণীর [সং। তূণ দ্রঃ] বি, বাণ রাখিবার আধার ; তূণ। "জপ তপ আর যোগ আরাধনা, পূজা হোম যাগ প্রতিমা অর্চ্চনা। এ সকলে এবে কিছুই হবে না তূণীর কৃপাণে কররে পূজা॥" -হেম০।

তূৎ, তূঁৎ,-ত [তূঁদ (তূণী দ্রঃ) >] বি, সবুজ পিপুলের মত ফলদায়ী ছোট গাছ, ইহার পাতা রেশমকীটের বা পলু পোকার খাদ্য। ~**পোকা**-বি, রেশম কীট।

তূৎ$_2$-তুৎ দ্রঃ।

তূত্থক [তুথক >] বি, তুঁতিয়া ; তুঁতে blue vitriol

তূর [তূর্য্য > প্রাকৃ০ > ব্রজ০] বি, তূর্য্য : তূরী ; ভেরী। "ঘরে ঘরে নগরে রাজার জয়তূর" -বি০ প০।

তূরী [তূর্ (শীঘ্র গমন করা) + ঈ (র্তৃ-জ্ঞা০)] বি, প্রাচীন কালের পিত্তল নির্ম্মিত রণবাদ্যবিঃ ; রণশিঙ্গা।

তূর্ণ [ত্বর্ (সত্বর হওয়া) + ত (র্তৃ)] ক্রি-বিণ, সত্বর ; ত্বরায় ; শীঘ্র। "বিলম্ব না কর সখা যাহ তুমি তূর্ণ।" -মহা০ (কাশী০)। ২ বিণ, দ্রুত। "চৌদিক হতে উন্মাদ স্রোতে আসিবে তূর্ণ চলিয়া।" -বিশ্বনৃত্য (রবী০)।

তূর্ণি [ত্বর্ (ত্বরা) + তি (ভা০)। ত=ন] বি, বেগ ; ত্বরা।

তূর্য্য [তুরীয় দ্রঃ। বাদ্য (শব্দকল্পদ্রুমঃ), বাদ্যবিঃ (ধাতু বিবেক-রামকমল০), বিবিধ বাদ্য (প্রকৃতিবাদ)] বি, তূরী trumpet ২ [তূর্য্য দ্রঃ] চতুর্থাংশ। ৩ যোগের চতুর্থ অবস্থা ; তুরীয় অবস্থা। ৪ বিণ, চতুর্থ। ~**খণ্ড**-বি, দগড বাদ্য। ~**ধ্বনি**-বি, তুরীর শব্দ। ২ বিবিধ বাদ্যরব।

তূর্য্যাচার্য্য [তূর্য্যের (তূর্য্যবাদনের) + আচার্য্য (শিক্ষক), ৬তৎ] বি, বাদ্য-শিক্ষক music master : band-master.

তূর্য্যাজীব [তূর্য্য + আজীব (জীবিকা) যার, বহু০] বি, বাদ্য-ব্যবসায়ী : বাদ্যকর। "তূর্য্যাজীবদিগকে বাদ্যোদ্দম করিতে নিবারণ করিলেন।" -মহা০ (সিংহ)।

তূল$_1$ [সং] বি, কার্পাস। ২ শিমূলের তূল। ~**ক** (-লঁ-)-বি, কার্পাস। ~**কার্মুক**-বি, যে ধনুকে তুলা ধোনা হয় ; তুলা ফোড়া ধনুক : ধুনখারা। ~**ধোনা**-ক্রি, ধুনুরির বেনা যন্ত্র দ্বারা কার্পাসগুটিকা বিধূনিত করণ এবং তার আঁইষগুলি বিচ্ছিন্ন করিয়া শীতবস্ত্রাদি প্রস্তুতকরণোপযোগী করণ। ২ অতিশয় প্রহারে ক্ষতবিক্ষত এবং অস্থি চূর্ণ করিয়া দেওয়া। প্র-তাকে মেরে তুল ধুনে দিয়েছে। ~**নালিক**, ~**নালী**-বি, তুলার পাইজ। তূ০ **পেঁজা**-কার্পাস গুটিকা ছিঁড়িয়া ছিঁড়িয়া ধুনিবার মত অপেক্ষাকৃত অসংলগ্ন ও শিথিল করা। ~**পেঁজা**-বিণ, পিঞ্জিত। ২ তুলধোনাবৎ অতি প্রহারে অস্থিচূর্ণ। প্র-মেরে তুলপেঁজা করে দিয়েছে। ~**সের্চন**-বি, কাটনা-কাটা।

তূল$_2$ [সং তূল্ (পরিমাণে, পূরণে) >] বি, বৃদ্ধি। ২ আকাশ (বাং প্র০ অ০)। ৩ [আকাশ > উচ্চতা, স্ফীতির ভাব >] বিণ, তুঙ্গ : বর্দ্ধিত ; স্ফীত ; তুমুল কাণ্ড। "তুমি যে এই সামান্য ব্যাপারটাকে একেবারে তূল করে তুল্‌লে"। তূ০ **করা** [আ০-তুল >। তুমুল দ্রঃ] ক্রি, তিলকে তাল করা ; বাড়ান ; বিরাট ব্যাপার করা ; আকাশে তোলা।

তূলক, তূলকার্মুক, তূলনালী, তূলনালিকা, তূলসের্চন-তূল$_1$ দ্রঃ।

তূলাকোটি,-টী [তুলাকোটি দ্রঃ] বি, প্রাচীনকালের অলঙ্কারবিঃ ; শব্দশূন্য পাদভূষণ (শব্দকারী পাদভূষণের নাম মঞ্জীর বা নূপুর)। "রজত পাসলি দুটি পরে দিব্য তূলাকোটি বাহুবিভূষণ ঝলমলি।" -কবিক০।

তূলি, তূলিকা, তূলী [তুলি দ্রঃ] বি, বর্ত্তিকা ; চিত্রসাধনী। ২ তুরী। ৩ তূলময়ী শয্যা ; তোষক ; গদি। "খট্টায় পড়িয়া তূলী টাঙ্গায় মশারি জালি শয়ন করিল শশিকলা।" -কবিক০।

তূষ [বৈদিক০] বি, কাপড়ের পাড়।

তূষ্ণীক-বিণ, নীরব ; মৌনাবলম্বী।

তূষ্ণীম্ [সং তুষ্ (তৃপ্ত হওয়া) + নীম্ (র্তৃ), তৃপ্ত হইলে অনুযোগের বা বলিবার কিছু থাকে না এই ভাব হতে মৌন] অ, নীরব : মৌন। ~**ভাব** [তূষ্ণীম্ (মৌন) + ভাব= তূষ্ণীম্ভাব] বি, মৌনাবস্থা ; নীরবতা। মৌনভাব। ~**ভূত** [তূষ্ণীম্ (নীরবতা) ভূত (গত, প্রাপ্ত)=তূষ্ণীভূত] বিণ, নির্ব্বাক্ ; মৌনী ; নীরব।

তৃণ [তৃণ্ (ভক্ষণ করা) + অ (র্ম্ম), যাকে গো ইং জন্তু ভক্ষণ করে, বা তৃহ্ (আঘাত করা) + ণ (র্ম্ম) হ্ লোপ, যে চরণদ্বারা মর্দ্দিত বা পশুদ্বারা আহত বা বিনষ্ট হয়, বা তৃহ্ (বৃদ্ধি পাওয়া) + (র্তৃ, ণ), যে অযত্নে বৃদ্ধি প্রাপ্ত হয়। প্রা০ বাং প্রাকৃ০-তিণ (দ্রঃ), তিরণ। "তিরণ পল্লব" -গোবিন্দ০ গীত। বি, ঘাস, খড়, গন্ধতৃণ, বংশ, কুশ, নল, শরগাছ, মুস্তাতৃণ, মুঞ্জ, দর্ভ, মেথী, চণকাদিগণ। ২ তুচ্ছ। ~**কুঙ্কুম**-বি, কাশ্মীরদেশীয় কুঙ্কুমঘাস। ~**কুটী** [তৃণ-নির্ম্মিত যে কুটী (ক্ষুদ্র গৃহ), ধা] বি, তৃণনির্ম্মিত গৃহ ; তৃণাচ্ছাদিত গৃহ ; খড়োঘর। ~**কেতু** [তৃণমধ্যে কেতু স্বরূপ] বি, বাঁশ। ~**জীবী** [তৃণ (দ্বারা) জীবী (যে বাঁচিয়া থাকে)। মূ-তৃণজীবিন্ ১মা, ১ব০] বিণ, তৃণাদ graminivorous. ২ বি, তৃণভোজী পশু ; অশ্বগবাদি। ~**জ্ঞান** [তৃণ (বৎ) + জ্ঞান] বি, সামান্য বোধ ; হীন জ্ঞান ; তুচ্ছবোধ। "যে দিল জ্ঞান, তাঁর তৃণজ্ঞান, এমন অজ্ঞান কোথায় মিলে।" -রায় কা০ প্র০ ঘোষ। ~**জ্ঞান করা**-ক্রি, অবজ্ঞা করা ; হেয়জ্ঞান করা। ~**তা**, ~**ত্ব** [তৃণ + তা, ত্ব

(ভা°)] বি, তৃণের ভাব ; অকিঞ্চিৎকরত্ব। ২ লঘুত্ব। ৩ হীনতা ; দৈন্য। ~তুল্য জ্ঞান বা বোধ করা-অতি তুচ্ছ বা হীন মনে করা। ~দ্রুম [তৃণ (তৃণের মত শাখাবিহীন) যে দ্রুম (বৃক্ষ), ধা] বি, বংশ, তাল, নারিকেল, গুপারি, খর্জ্জুর, হিন্তাল, কেতকী ই° বৃক্ষ। ~ধান্য [তৃণ (জাত) ধান্য, ম° প° লো°] বি, নীবার ; উড়িধান, শ্যামক, চীনক, কোদো ই°। ~ধ্বজ [তৃণের ধ্বজ (শ্রেষ্ঠ), ৬তৎ] বি, বংশ ; বাঁশ। ~পুষ্প-বি, ঘাসের ফুল। ২ গন্ধ দ্রব্যবিঃ। ৩ ফুল দূর্ব্বা। ~বৎ [তৃণ+বৎ (তুল্যার্থে)] অ, তৃণতুল্য ; তৃণের ন্যায়। ২ তুচ্ছ ; অকিঞ্চিৎকর ; নগণ্য। ~বিন্দু-বি, একজন মুনির নাম। ~ভোজী-বিণ, ঘাস খেকো ; তৃণজীবী graminivorous ~মণি [সং.] বি, তৃণগ্রাহক মণিবিঃ ; নীলমণি ; ২ কাফুরদানা। ~ময় [তৃণ+ময় (ব্যাপ্তি, অবয়ব ও নির্ম্মিতার্থে)] বিণ, তৃণপূর্ণ ; তৃণবহুল। ২ তৃণরচিত। ~রাজ [তৃণের রাজা (প্রধান), ৬তৎ। রাজা=রাজ] বি, তালগাছ। ২ নারিকেল গাছ। ৩ [উদ্ভিদ্ বিজ্ঞা°] বংশ, তাল, নারিকেল খর্জ্জুরাদি তৃণজাতীয়বৃক্ষ : তৃণদ্রুম দ্রঃ। ~শূন্য [তৃণদ্বারা শূন্য (রহিত), ৩তৎ] বিণ, তৃণরহিত ; ঘাসহীন। ~স [তৃণ +স (বহুলার্থে)] বিণ, তৃণবহুল ; ঘেসো। ~হারক [বৌ° সা°] বি, ঘেসেড়া।

তৃণাগ্নি [তৃণ (তৃণোৎপন্ন)+অগ্নি, ধা] বি, খড়ের আগুন ; ঘাসের আগুন।

তৃণাটবী [তৃণ+অটবী (বন)] বি, ঘাসের বন।

তৃণাদ [তৃণ+অদ (অদ্=ভক্ষণ করা)] বিণ, তৃণভোজী।

তৃণাবর্ত্ত [তৃণ (তার)+আবর্ত্ত (ঘূর্ণি) হয় যদ্দারা, বহু°] বি, কংসের অনুচর দৈত্যবিঃ ; কংসের আদেশে তৃণ ও ধূলার ঘূর্ণী বাতাস তুলিয়া কৃষ্ণকে বধ করিতে আসিয়া স্বয়ং কৃষ্ণহস্তে নিহত হয়। ২ ঘূর্ণিবায়ু ; চক্রবাত।

তৃণাসন [তৃণ (নির্ম্মিত) আসন, ম° প° লো°] কুশাসন। ২ মাদুর। ৩ দরমা, চ্যাটাই ই°।

তৃণোদ্ভব [তৃণ+উদ্ভব (উৎপত্তি স্থান) যার, বহু°] বি, নীবার ; উড়িধান। ২ তৃণজাত অগ্নি। ৩ বিণ, তৃণজাত।

তৃণোল্কা [তৃণ(জাত)+উল্কা (অগ্নি), ম° প° লো°] বি, তৃণপ্রজ্বলিত বহ্নি।

তৃতীয় [ত্রি+তীয় (পূরণার্থে)। ত্রি=তৃ] বিণ, তিনের পূরক। স্ত্রীং ~া [তৃ°+আ, (স্ত্রীং)] বি, চন্দ্রের তিন কলার হ্রাস বা বৃদ্ধি ঘটিত তিথি ; পূর্ণিমা বা অমাবস্যার পরবর্ত্তী তৃতীয় দিবস। ~ক-বি, তিনদিন অন্তর পালাজ্বর। ~প্রকৃতি [তৃতীয় হইয়াছে প্রকৃতি লক্ষণ (চিহ্ন) যার, বহু°] বি, ক্লীব।

তৃপ্ত [তৃপ্ (তৃপ্ত হওয়া)+ত (র্ত্ত)] বিণ, পরিতুষ্ট ; পরিতৃপ্ত ; সন্তুষ্ট। ২ আহ্লাদিত ; হৃষ্ট। স্ত্রীং ~া। বি, তৃপ্তি-হর্ষ, সন্তোষ ; আনন্দ। ২ তৃষ্ণানিবৃত্তি। ৩ ক্ষুন্নিবৃত্তি। > ~পূর্ব্বক-ক্রি-বিণ, তুষ্টি সহকারে ; তৃপ্তির সহিত।

তৃষা [তৃষ্ণা দ্রঃ। তৃষ (তৃষ্ণার্ত্ত হওয়া)+অ (ভা°)+আ (স্ত্রীং)] বি, পিপাসা, তৃষ্ণা, জলপান করিবার ইচ্ছা। "তোমায় দিতে পেরেছিলেম একটু তৃষার জল"-খেয়া (রবী°)। ২ ইচ্ছা ; আকাঙ্ক্ষা। ৩ লোভ। ৪ লাঙ্গলিকী বৃক্ষ। প্রা°-বাং-তৃসা। "খুধায় তৃসায় পঞ্জর দহেন্ত কলেবর"-শূ° পু°। ~কাতর, ক্লিষ্ট-বিণ, তৃষ্ণার্ত্ত। ~তুর-বিণ, পিপাসায় কাতর।

তৃষিত [তৃষ্+ত (র্ত্ত)] বিণ, তৃষ্ণাযুক্ত। "তৃ° যে জন ফিরে, তব সুধা সাগর তীরে, জুড়াও তাহারে স্নেহ নীরে, সুধা করাও হে পান।"-রবী°। ২ ইচ্ছুক। ৩ লুব্ধ।

তৃষ্ণক্ [সং-তৃষ্ণজ্ শব্দ।] বিণ, তৃষ্ণাতুর।

তৃষ্ণা [তৃষ্ (তৃষ্ণার্ত্ত হওয়া)+ন (ভা°)+আ (স্ত্রীং)। ভং-তৃষা, তিষা, তিয়াষ,-শ, তিরেশ, তিয়াস, তিসা। হি°-তির্খা। প্রা° বাং-তিসি (দ্রঃ)। গ্রা° তেষ্টা] বি, পিপাসা। ২ লোভ ; প্রাপ্তির প্রবল ইচ্ছা। প্র-ধন-তৃষ্ণা। ৩ আগ্রহ। ~ক্ষয় [৬তৎ] বি, পিপাসা নিবৃত্তি ; তৃপ্তি। ২ বাসনাক্ষয় ; বৈরাগ্য। ৩ শান্তি। ৪ [তৃষ্ণার ক্ষয় হইয়াছে যার, বহু°] বিণ, বিতৃষ্ণ ; নিষ্কাম। ~তুর [তৃষ্ণা (দ্বারা)+আতুর, ৩তৎ] বিণ, পিপাসার্ত্ত। ~রি [তৃষ্ণার+অরি (শত্রু), ৬তৎ] বি, তৃষ্ণানিবারক দ্রব্য ; পিপাসা নিবারক ঔষধ। ~লু [তৃষ্ণা+আলু (যুক্ত অর্থে)] বিণ, তৃষ্ণাযুক্ত ; পিপাসার্ত্ত।

তৃষ্য [তৃষ্ (লোভযুক্ত হওয়া)+য (র্ম্ম)] বিণ, লোভনীয়। ২ বাঞ্ছনীয়। ৩ [ভা° য] বি, লোভ।

তে১ [সং-তদ্ >] স, সে ; সেই। "যেন যুক্তি দিয়া ধর্ম্ম করাইলে নীচকর্ম্ম নীচপুজ্য হবে তেকারণে।"-শি°। ২ তাহা। প্রা° বাং বহুব° তেঁ১-তাহারা। তেঁ সক্ষে-তাহারা সকলে। "তেঁ সক্ষে চোরায়িল বাঁশী"-শ্রী° কী।

তে২ [সং-ত্রি > তি > গ্রা° তে। তুল-ফা°-সে=তিন] বিণ, ৩ সংখ্যক ; তিন। প্র-তেমাথা ; তেপথ ; তেমুখো। ~শিন্নি [ত্রি-শূন্য >। গ্রা° ভং] বি, উপর নীচে ও পার্শ্বে এই তিন দিকে শূন্য স্থান ; আকাশ। ~শিন্নির দশা-রাজা হরিশ্চন্দ্রের পিতা রাজা ত্রিশঙ্কুর অবস্থা ; শূন্য মার্গে অবস্থান। ২ অবলম্বন-শূন্যাবস্থা। প্র-তেশন্নিতে রাখা।

তে৩ [সং-তেন (দ্রঃ) > তেঁ > তে] অ, হইতে ; মধ্যে। ২ [ব্যা°] কারকের বিভক্তিবিঃ ; কর্ত্তৃত্বজ্ঞাপক বিভক্তি। প্র-গদ্ধুতে মধুতে মিলিয়া ওকাজ করিয়াছে। ৩ অপাদানে ক্রিয়াপদের বিভক্তি, যথা-হইতে ; চাইতে (চেয়ে) ; নিমিত্ত বা হেতু অর্থে ; সঙ্গে। প্র-তাহারা থাকিতে সে কখনই বাহিরে যাইবে না। তার বলাতে। তবে কাজটা হ'ল। ৪ [প্রা° বাং-তেঁ, তেঁউ] তে কারণে ; তজ্জন্য ; সেইহেতু ; সেই সম্বন্ধে। "বাপ নন্দ ঘোষ মাঅ যশোদা, তেঁ তুক্ষি মামী আহ্মারে"-শ্রী° কী°। "তেঁ বা দুখিনী মোএঁ"॥- ঐ। [এই অর্থে প্রা° বাং-র-তেএঁ-তদ্দারা। তেঁএ, তেঁউ-তজ্জন্য ; সেই কারণে ; তাই। "মথুরায় হাট জাই তেঁউ চিত্তের হরষে"-শ্রী° কী°] ৫ [করণে] দ্বারা ; দিয়া ; কর্ত্তৃক ; "শ্রীচণ্ডীচরণ মুন্‌শীতে রচিত"-তোতা ইতিহাস। "মুনিতে পূজিত হৈয়া সুরথ নৃপতি"-দুর্গামঙ্গল। প্র-ছুরিতে হাত কাটা ;

টাকাতে কি না পাওয়া যায়? যাতে হয় তাই কর। ৬ [অধিকরণার্থে] মধ্যে; ভিতরে; উপরে; স্থলে; ক্ষেত্রে। প্র-তিনি বাড়ীতে নাই; নদীতে জল নাই। ৭ গ্রাম্যতা অর্থে এ বিভক্তি যুক্ত শব্দের উত্তর তে হয়। যথা-ঘরেতে, লোকেতে। ৮ [প্রা০-বাং র-উচ্চারণের সুবিধার্থে তে স্থলে এতে] এতে (দ্রঃ)। ৯ পাদপূরণে বা কথার মাত্রা স্বরূপ। ১০ তৃতীয়া বিভক্তি চিহ্ন (৪০০ বৎসর পূর্ব্বের প্রা০-বাং, জয়ানন্দের চৈতন্যমঙ্গল ইং-দ্রঃ); আধু০ তৃতীয়াবিভক্তি 'কর্ত্তৃক' স্থলে প্রা০-বাং-র-তে (রূপনারায়ণের দুর্গামঙ্গল)।

তেঅড়া,-তেঁওড়া১ (দ্রঃ)। ২ তেওড়া২ দ্রঃ। ৩ তেওড়া৩ দ্রঃ।

তেআঠিয়া,-আঁঠিয়া,-আঁটিয়া [চ০-তেএঁটে। তে (তিন)+আঁঠি (পা০-অট্‌ঠি, সং-অস্থি)+আ (যুক্তার্থে)] বিণ, তেএঁটে; তিন আঁটিযুক্ত। "ছোট গ্রাস তোলে যেন তেআঁঠিয়া তাল।"-কবিকং। ২ তিনটী আঁঠির মত; মস্তকের তিনদিকের ঝিঁকের মত উচ্চ। প্র-তেএঁটে মাথা।

তেই [তেঁই দ্রঃ] অ, তাই (দ্রঃ); তাইতে; তজ্জন্য।

তেইশ [সং-ত্রয়োবিংশ > পা০-তে-বীসতি] বি, ২৩ এই সংখ্যা। ২ ২৩ সংখ্যক।

তেউটী[সং-ত্রিপুট >]বি,তেওড়া দ্রঃ।

তেউটে [সং-ত্রিপুটাদি > প্রা০] বি, ত্রিপুটাদির নানাবিধ কলায়ের মিশ্রণ। প্র-তেউটের ডাল।

তেউড়, তেড় [সং-তির্য্যক্ >] বি, অঙ্কুর; কলাগাছের প্রথমাবস্থা। ২ চারা গাছ। প্র-কলাগাছের তেড়।

তেউড়ী [সং-ত্রিবৃৎ, ত্রিপুটা > পা০-তিবুতা, তিপুটা; হিং-তরবট্; মঃ-তিরড়; কর্ণাটী-তিগড়ে। Ipomœa turpenthum: convolvulus turpenthum, Turpeth root] বি, লতাবিঃ; ত্রিবৃহৎ শ্যামালতা। দ্রঃ-তেউড়ীর মূল সাদা, কাল ও রক্তবর্ণভেদে তিন প্রকার।

তেএ [তে দ্রঃ] অ, তথায়। "পসার সাজিতে তেএ কাহ্নুক জুআএ।"-শ্রীং কীং।

তৈওড় [সং-তির্য্যক্ >] বিণ,বাঁকা; তেওড়া দ্রঃ।

তৈওড়া১ [তীব্র >] বি, সাতমাত্রা-বিশিষ্ট তাল বিঃ; তীব্রতাল।

তৈওড়া২ [সং-ত্রিপুট, তিপুটা > পা০-তিবুতা lathyrus sativus] বি, কলায় জাতীয় শস্যবিঃ; খেঁসারি কলাই।

তৈওড়া৩ [তীর্য্যক্ > বিণ, বাঁকা।

তৈওড়ানি [সং-তীর্য্যক্ > তেওড়া (বাঁকা)+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, বাঁকান; বক্র করা। ২ বাঁকা হওয়া; বাঁকিয়া যাওয়া। বি, তৈওড়ন।

তেওয়ারী, তিয়ারী [হিং-তিবারী > গ্রা০ হিং তেওয়াড়ী < ত্রিবেদী (দ্রঃ)।

তেঁ১ [প্রা০-বাং। তে১, তেঁই দ্রঃ] অ, সেই কারণে; তজ্জন্য। "তেঁ মোর বাঁশী নিল আনে"-শ্রীং কীং। ২ [তে৩ দ্রঃ]সেই সুবাদে।

তেঁ২ [তে১ দ্রঃ] স, তাহারা। "তেঁ সঙ্কে চোরায়িল বাঁশী তোর কাহ্নু॥"-শ্রীং কীং।

তেঁই, তেঞি, তেই [সং তহিঁ > তহিঁ > তেঁই, তাই, বানান বিকারে 'তাহাই'। হিং-তৈঁ > প্রা০ বাং। আধু০ বাং-তাই, তাইতে] অ, তাহাতে; তজ্জন্য; সেই হেতু। "তেঁই নাহি কমল শুকায়"-বিং পং। "তেঁই উদাসল কুচজোরা" -ঐ। "তেঁই মোরে করুণা নহিল"-নরোত্তমং। "তুমি তরাইতে পার তেঁই সে তারিণী"-রাং প্রং। [তৈঁ দ্রঃ]।

তেঁউ-তে দ্রঃ।

তেঁএ-তে৩ দ্রঃ।

তেঁতুল [তিন্তিড়ী >। প্রা০-বাং-তিতৈল। "আম ফলে থোকা থোকা তিতৈল ফলে চেকা চেকা।"-প্রা০ সূর্য্যের গান (বং সাং পরিচয়)]। বি, বৃক্ষবিঃ; প্রসিদ্ধ অম্লফলবিঃ tamarind. ~বীজ-কাইবিচি।

তেঁদিড়-ত্যাঁদড় দ্রঃ।

তেঁসি [প্রা০ বাং। হিং-তৈসে,-সি] অ, তাই; সেই কারণেই। "পরকাজে তোঁ বিকলী তেঁসি না বুঝসি আহ্মে কালী॥"-শ্রীং কীং। "তেঁসি তোহ্মা রাখিবারে পরকার করে।"-শ্রীং কীং।

তেঁহ, তেঁহো [তিঁহ দ্রঃ। সং-তদ্ > সম্মানার্থে ৺যোগ। অন্যথা তিহ, তেহ, তেহো=সে। প্রা০ বাং] স, তিনি। প্র "তেঁহ নিত্য চৈতন্য। তাঁহাকে জানিবে কেমনে। তেঁহ আপনাকে আপনি জানে। * * * * তেঁহ প্রথম পুরুষ।"-নরোত্তমং (প্রায় ৩ শত বর্ষ পূর্ব্বের লেখা-সাং পং, পং ১৩০১)। "তেঁহ কৈলা তারক নিধন"-শিং।

তেকাটা১, **-ঠা** [সং-ত্রিকাষ্ঠ >] বি, ত্রিভুজাকৃতি তিকটী কাষ্ঠবন্ধন।

তেকাটা২ **তেকাঁটা** [সং-ত্রিকণ্টক >] ত্রিশিরা কণ্টকী বৃক্ষবিঃ। একপ্রকার মনসা সিজের গাছ। "স্বামী আমার সোনার মাছি বেড়ায় ফুলে ফুলে। তেকাটাতে এলে সখা বুঝি পথ ভুলে॥"-চন্দ্রশেখর।

তেকাটিয়া [সং-ত্রিকণ্টক >] বিণ, তিন মাথা যার; তে-মাথা (মৈং গীং)।

তেকারণ, তেকারণে [তৎকারণ > দ্রঃ। প্রা০ বাং-তেঞি] অ, তজ্জন্য; সেই হেতু; তাই। "যেন যুক্তি দিয়া ধর্ম্ম করাইলে নীচ কর্ম্ম নীচ পূজ্য হবে তেং।" -শিং। "সেই মহামন্ত্র বলে, পূর্ব্ব আরাধন ফলে, কবিতা নিঃসরে তেং॥"-মনসার ভাসান।

তেকোণা [সং-ত্রিকোণ >] বিণ, তিনকোণযুক্ত। ২ [হিং-তিকোনা] বি, সিঙ্গাড়া নামক মিঠাই।

তৈক্ত [ত্যক্ত (দ্রঃ) >] বিণ, বিরক্ত। "তেক্ত হইয়া জয়কালী চলিয়া গেল" -পূং বং গীং। তৈক্তবিরক্ত [একার্থক সহং দ্বন্দ্ব] অ, তিতিবিরক্ত দ্রঃ।

তৈখন [তৎক্ষণ > তখন >। গ্রা০ প্রাদে০উচ্চারণ ত্যাখন, ঐরূপ যেক্ষণ > যখন =য্যাখন] অ, তখন। যৈখন-তৈখন [যৎক্ষণ-তৎক্ষণ > যখন-তখন > প্রা০] অ, সময়েঅসময়ে; প্রায়ই now & then.

তেগ [ফাং-তেগ্] বি, তরবারী।

তেগু, তেগুক [সং-ত্যজ্ (ত্যাগে) +উ, উক >। জ=গ। প্রা০-বাং] ক্রি, ত্যাগ করুক; ছাড়ুক। "যে হউ সে হউ মোরে তেগু মহারাজ।"-মহাং (কাশীং)।

তেচক্ষা, তেচখুয়া, তেচোখো [সং-ত্রিচক্ষু >। গ্রা° তেচকা] বিণ, তিন চক্ষুবিশিষ্ট।

তেজ, তেজঃ [তিজ্ (তীক্ষ্ণ করা) + অস্ (ভা°)] বি, দীপ্তি ; আলোক ; জ্যোতি। ২ তীক্ষ্ণতা। ৩ প্রতাপ ; প্রভাব। "প্রকৃতিতে তেজ প্রভু করিল আধান। রূপবান হৈল তাতে তনয় মহান্।"-কবিক°। ৪ শক্তি ; বিক্রম। ৫ পৌরুষ। ৬ দর্প ; অহংকার। ৭ [অস্-র্তৃ] রেতঃ ; শুক্র। ৮ মজ্জা। ৯ ঘৃত। ১০ সুবর্ণাদি ধাতু। ১১ ব্রহ্ম। ১২ সূর্য্যাদি তেজস্কর পদার্থ। ১৩ উত্তাপ। ১৪ তেজপাত। "তেজছাল" (তেজপত্র বৃক্ষের বল্কল)-মনসা ম° (বংশী)।

তেজ্‌, [ব্রজ°। ত্যজন দ্রঃ] ক্রি, ত্যাগ কর। তেজই-ত্যাগ করে। "আশা-পাশ না তেজই অঙ্গ"-বি° প°। তেজব -ত্যাগ করিব। তেজবি-ত্যাগ করিবে। "অবহি ছোড়বি মোর তেজবি নেহা"-বি° প°। তেজয়ে-ত্যাগ করে। "সুপুরুখ কবহুঁ না তেজয়ে নেহ,"-বি° প°। তেজল তেজলি-ত্যাগ করিল ; ছাড়িল। "তেজলি আপন সুখে"-চণ্ডি°। তেজলু, তেজলুঁ -ত্যাগ করিলাম। তেজসি-ত্যাগ করিতেছিস। তেজহ-ত্যাগ কর।

তেজন [বৈদিক] বি, বাণের কাষ্ঠভাগ। ২ তীক্ষ্ণ করণ। ৩ বাঁশ।

তেজপত্র [তেজ (তীব্রগন্ধ বা আস্বাদ-যুক্ত) পত্র (পাতা), ধা। গ্রা° তেজপাত১, -পাতা১] বি, তেজপাত cinnamomum tamala. ২ [দারুচিনি গাছের পত্র সাদৃশ্যে] দারুচিনি The cassia cinamon,

তেজপাত২,-পাতা২ [তেজপত্র দ্রঃ] বি, গ্রন্থের পৃষ্ঠা নিদর্শক book marker. "তেজপাত চিহ্নটি খুলিয়া দিনের বেসাতীশেষে মুদী তার ভাঙা কণ্ঠস্বরে লঙ্কাকাণ্ড শেষ করে' বিশ্রামের আয়োজন করে।"

তেজবর [গ্রা° হি°-তিজ+বর] বি, তৃতীয় পক্ষে বিবাহকারী বর। বিণ, তেজবরিয়া, তেজবোরে-তৃতীয়বার বিবাহকারী। "বিবাহ কৌতুকে যথা তেজবরে বরে।"-অশোক°।

তেজস্কর [তেজস্ (উদ্দীপনা, দীপ্তি) + কর (যে করে)] বিণ, তীব্র ; তেজাল। ২ উদ্দীপক : দীপ্তিশালী। প্র-নিষ্কোষিয়া তে° অসি কহিলা বীরকেশরী"-মেঘ°। ৩ শক্তিকারক।

তেজস্বান (-শ্‌শা-) [তেজস্+বৎ (স্ত্যং°)=তেজস্বৎ ১মা, ১ব°] বিণ, দীপ্তিমান : তেজোবিশিষ্ট। ২ প্রভাবশালী। ৩ বলবান। স্ত্রী° তেজস্বতী (-শ্‌শো-)-কথাসরিৎ-সাগরোক্ত গুণবর্ম্মার কন্যা। * ২ চই : গজপিপ্পলী। তেজস্বিতা (-শ্‌শি-)- তেজস্বী দ্রঃ।

তেজস্বী (-শ্‌শি) [তেজস্+ বিণ (স্ত্য°) =তেজস্বিন ১মা, ১ব°] বিণ, দীপ্তিশালী। ২ বীর্য্যবান্ ; শক্তিশালী। ৩ পরাক্রান্ত। স্ত্রী° তেজস্বিনী-বি, মহাজ্যোতিষ্মতী লতা। ২ বিণ, তেজোবিশিষ্টা ; বীর্য্যবতী। "সাজে তেজস্বিনী প্রমীলা"-মেঘ°। > বি, তেজস্বিতা-পরাক্রম, বীর্য্যবত্তা।

তৈজ (পদ্যে, -তে-) [সং-ত্যজ্ (ত্যাগ করা) >। তেজি, তেজ (তৈজেন, তেজিস) ; তৈজে (তৈজেন। ব্রজ° তেজয়ে) ; তেজিতে; তেজিয়া (ক্ষে° তেজে, পদ্যে-তেজি)] ক্রি, ত্যাগ করা। এই ধাতুর ব্যবহার বা°বৈ° পদাবলীতে প্রচুর। তেজই দ্রঃ। "ভাঙবো বাঁশী তেজবো প্রাণ। এই বেলা তোর ভাঙুক মান।"-বঙ্কিম°।

তেজাব [ফা°-তেজাব] বি, অম্লসার ; এসিড acid

তেজারৎ [আ°-তিজারৎ] বি, বাণিজ্য ; ব্যবসায় ; বিষয় কর্ম্ম। বিণ, ~তি (-রৎ-) [আ°] বি, টাকাকড়ির লেন দেন ; নগদ টাকা সুদে বা অন্য বিষয়কর্ম্মে খাটাইবার ব্যবসায়। ~তী-বিণ, বাণিজ্য সম্বন্ধীয় ; বৈষয়িক।

তেজালি, তেজালো [তেজ-আল (যুক্তার্থে)] বিণ, তেজস্কর ; তীব্র।

তেজি [ত্যজন, ত্যজই দ্রঃ। ব্রজ°] বি, ত্যাগ করণ ; বর্জ্জন। "যাচিত তেজি না হোয় সমুচিত"-বি° প°। ২ ক্রি, ত্যাগ করে। "তেজি তন্ন পরিরম্ভণ বেরি"-বি° প°। ৩ ত্যাগ করি। ৪ [বাং-'তেজিয়া' >, পদ্যে] ত্যাগ করিয়া। ৫ [ব্রজ°] পশ্চাতে ফেলিয়া : পিছে রাখিয়া। "সব জন তেজিয়া আগুসরি কুকরই"-বি° প°।

তেজিত [তিজ্ + ণিচ্ =তেজি+ত(র্ম্ম)] বিণ, তীক্ষ্ণীকৃত। ২ তেজঃপূর্ণ।

তেজিষ্ঠ [তেজস্ + ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, অতিশয় তেজস্বী।

তেজীয়ান্ [তেজস্+ঈয়স্ (অত্যর্থে)। মৃ° তেজীয়স্ ১মা ১ব°] বিণ, মহাতেজস্বী। "মধুপুরে কুব্জারে করিয়া পরিতোষ। তে° পুরুষে পরশে নাই দোষ।।"-শি°।

তেজোগর্ভ [তেজঃ+গর্ভ] বিণ, তেজঃ যার গর্ভে আছে ; তেজঃপূর্ণ।

তেজোনিধি [সং] বি, সূর্য্য। ২ অগ্নি ; বহ্নি।

তেজোবান্ [তেজস্+বৎ(স্ত্য°)] বিণ, তেজস্কর।

তেজোময় [তেজস্+ময় (বহুলার্থে)] বিণ, তেজোরাশি ; তেজঃপূর্ণ ; জ্যোতির্ম্ময় ; দীপ্তিশীল। "চারিবেদে কয়, ব্রহ্ম তে° তুমি দেব পরাৎপর।"-অ° ম°।

তেজোমূর্ত্তি [তেজঃ (তেজোবিশিষ্ট) মূর্ত্তি হইয়াছে যার, বহু°] বি, জ্যোতির্ম্ময় মূর্ত্তি। ২ সূর্য্য। ৩ বিণ, তেজস্বী।

তেজোরূপ [তেজঃ (দীপ্তি) হইয়াছে রূপ (মূর্ত্তি) যার, বহু°] বি, জ্যোতির্ম্ময় পুরুষ ; পরব্রহ্ম। ২, বিণ, জ্যোতিঃস্বরূপ।

তেজোহীন [তেজঃ+হীন] বিণ, নিস্তেজ ; বীর্য্যহীন। ২ দীপ্তিহীন।

তেঞি, তেঞী [প্রা-বাং] অ, তাই ; সেজন্য ; তজ্জন্য ; তৎকারণ। "তেঞি লক্ষ্য ভুজ পাশে। বান্ধি ধরল জনু ওড়ব তরাসে।।" -বি° প°। "তুমি যে আমার প্রাণের অধিক তেঞি সে তোমারে কহি।"-চণ্ডি°। "গুরু-পিতৃ-নৃপস্থানে যেতে পারি অনাহ্বানে তেঞী যাব জনকের যাগে।"-শি°। ২ সেই। তেঞিত-সেইত। "ভাল মন্দ নাহি জানে পরমুখে যেবা শুনে তেঞিত অনলে পুড়ে মরে।"-চণ্ডি°।

তেঠঙ্গা, তেঠঙ্গা [ত্রিভঙ্গ (দ্রঃ) >

গ্রা০]বিণ.ত্রিভঙ্গ।"তেঠাঙ্গা হইয়া যাত্র ভেকর সঙ্গীত গায় উড়িল দেববিন্দমানে"-শূ০ পু০।

তেঠেঙ্গিয়া, তেঠেঙ্গে, তেঠেঙে [তিন+ঠ্যাং+ইয়া >] বিণ. তিন পদ বিশিষ্ট। ২ বি. তেপায়া ; ত্রিপদ।

তেড় [গ্রা০। তেউড় (দ্রঃ)] বি. কদলী ই০ বৃক্ষের গোড়ার চারা গাছ ; ঢেঁপ।

তেড়চা, তের্ছ, তৈড়ছা, তের্ছ, তৈরছা [তির্য্যচ্ > । তেরছ দ্রঃ] বিণ. তীর্য্যক্ ; বক্র ; বাঁকা। "রাই বিনোদিনী তেড়ছ চাহনি হানল বন্ধুর চিতে।" -চণ্ডি০। "চিকণ কালা গলায় মালা বাজন নূপুর পায়। চূড়ার ফুলে ভ্রমর বুলে তেরছ নয়ানে চায়॥"-গোবিন্দ০।

তৈড়া [তেড়চ দ্রঃ] বিণ. তির্য্যক্ ; বক্র। ২ টেরা। ৩ কুটিল। ~বুদ্ধি, ত্যাড়া-বুদ্ধি-বিণ. কুটিল।

তেড়ী, তেড়ি [তীর্য্যক্ > তেরি, টেরি। হি০ টেঢ়া > স্ত্রী০ টেঢ়ী > বাং ত্যাড়া, তেড়ি, টেড়ি,-রি] বি. কেশ-বিন্যাসবিঃ ; টেরি ; সীথে। ২ ত্রিকোণ। "তেড়ী বেড়ার কাছে যাই দিল দরশন"-পূ০ ব০ গী০। **তেড়িকাটা**-মাথায় সিঁথি করিয়া চুল ফেরান। **এড়িবেড়ি(মেড়ি) তেড়ি**-আঁকা বাঁকা ; তেড়া ; তেড়াবাঁকা। "মন খেলাওরে দাণ্ডাগুলি. আমি তোমা বিনা নাহি খেলি॥ এড়ি বেড়ি তেড়ি চাইল, চাম্পাকলি ধুলা ধুলি।"-রা০ প্র০।

তেড়েফুড়ে [তেড়ে (তাড়া করিয়া) + ফুড়ে (ফুড়িয়া, ফুটিয়া)-ভিতর হতে তাড়া করিয়া বাহিরে আসার ভাব] ক্রি-বিণ. প্রকাশ্যভাবে তর্জ্জন করিতে করিতে তাড়া করিয়া। প্র-সে যে বড় তেড়ে ফুড়ে এল? ২ সাহসভরে হঠাৎ আগুয়ান হইয়া। প্র-তেড়ে ফুড়ে দুকথা বলা। ৩ বেগে অগ্রবর্ত্তী হইয়া। প্র-অত লোকের মধ্য হতে সেই তেড়ে ফুড়ে উঠে প'ড়ল।

তেতকে [প্রা০-বাং,প্রাদে০। তৎক্ষণাৎ > গ্রা০-"সেই তকে"-এই অর্থে প্রযুক্ত হয়। এইরূপ, যৎক্ষণ > যে তকে > যেৎকে] ক্রি-বিণ, সেই কালে ; তৎক্ষণাৎ। "তেত্‌কে হীরা নটী গাও ঘিসিয়া বৈসে॥"-মাণিক০।

তেতলা-তেতালা দ্রঃ।

তেতাম্বা [ফা০। জমীঃ পরিঃ] বিণ. অবশিষ্ট। ২ চুম্বক।

তেতালা₁ [ত্রিতল > , গ্রা০ তেত (তা) লা] বি. তিন তলা ঘর। প্র-"তেতালার ঘরে গিয়া চুপি দিয়া রই।"-চন্দন (গোবিন্দ০)। ২ তৃতীয় তল। ৩ বিণ. তিন তল বিশিষ্ট।

তেতালা₂ [ত্রি+তাল+আ (বির্থে০)] বি. বাদ্যের তালবিঃ। অ-জলদতেতালা, ঢিমে-তেতালা ই০।

তেতাল্লিশ [ত্রিচত্বারিংশৎ > তেচ (চা) ল্লিশ > তেতাল্লিশ] বিণ. ৪৩ সংখ্যক। ২ বি. ৪৩ সংখ্যা।

তেতাস [ত্রি (তিন) + তাস] বি. তিন-খানি তাসের খেলা।

তেতেরিজা [জমীঃ পরিঃ] বি. কোন বক্র ভূমি বিভিন্ন অংশে বিভাগ পূর্ব্বক জরীপ করিয়া তার ক্ষেত্রফল স্থির করার নাম ['দোতরিজা' ও০]।

তেতো₁ [সং-তিক্ত > গ্রা০] বিণ. তিতা ; তিক্ত। **গা তেতো করা** [প্রাদে০, গ্রা০] ক্রি-বিণ. জ্বর হওয়া। "মোর কোলের ছেলেডার গা তেতো তেতো করেগো" -নীলদর্পণ।

তেতো₂ [তেতো₁ (দ্রঃ) >] বি. সুক্তা। "পাবনার নাত্‌নী নেতো, বানায়ে বেতের তেতো, কড়ায় চড়ায়ে দেছে ইলিশের ঝোল।"-অ০ বসু (বা০ বসুমতী)।

তেত্রিশ [সং-ত্রয়স্ত্রিংশৎ > পা০-তেত্তিংসতি > হি০-তৈঁতিশ > গ্রা০-তেত্তিস। "তেত্তিস কোটী দেব, বসিলেন সব, গন্ধর্ব্ব কিন্নর॥"-শূ০ পু০] বিণ. ৩৩ সংখ্যক। ২ বি. ৩৩ সংখ্যা।

তেথর [সং-ত্রিস্তর > পা০-তিত্থর >] বি. তিন থাক ; তিন স্তবক ; তিন সার। বিণ. **তেথরি,-রী**-তিন স্তর বা সার করিয়া। "তেথরি বেষ্টিত তায় বান্ধে বনমালা"-ঘ০।

তেন [তদ্ (সেই)+এন (তৃতীয়া ১ব০)। আধু০ বাং-য় 'যেন' সহ চ০। "যেন তেন প্রকারেণ" > ক্ষে০ 'যেন তেন' (প্রা০ 'যেঁও তেঁও')। প্রা০ বাং-য় ভূরি প্রচলন ছিল] অ. তাদৃশ ; তেমন। "যেন রূপ তেন গুণ"-কবিক০। ২ তৎহেতু ; তাই ৩ সেই। ৪ সঙ্গীতের অঙ্গবিঃ।

তেনা₁ [সং তদ্ > প্রাকৃ০ তাণং > বাং তানা, তেনা] স.তিনি। তেনাকে=তাঁহাকে। তেনার=তার। > বহুব০ তেনাগোর= তাঁহাদিগের।

তৈনা₂ [সং-তূর (ছিন্নবস্ত্র) > গ্রা০ টেনা, টেন্‌কি দ্রঃ] বি. জীর্ণবস্ত্র খণ্ড ; নেকড়া। "বনে থাক সাপ ধর তেনা পরিধান কর সদাই বেড়াও নদীতটে।"-চণ্ডি০ ; "দিলে না একটু তেনা লাজ লজ্জা রাখিলে না শরমে মারিবে আর কত অবলায়।"-চন্দন।

তেপান্তর [সং-ত্রিপ্রান্তর >] বি. প্রান্তর ; বিস্তীর্ণ ক্ষেত্র ; জনশূন্য বিস্তীর্ণ মাঠ। প্র-তেপান্তরের মাঠ।

তেপায়া [সং-ত্রিপদ > হি০ তিপায়া। তুল-ইং tripod] বিণ. তিন পা (পায়া, পদ) বিশিষ্ট ; টেপাই।

তেপালিতা, তেপাল্‌তে [সং-পারিভদ্র] বি. বৃক্ষবিঃ ; পাল্‌তে-মাদার erythrine indica [*Carey*]

তেপেচী [তে (তিন) পেঁচ (পাক-ভাঁজ) + ঈ (যুক্তার্থে)] বিণ. যাতে তিন পাক বা পেঁচ দেওয়া, বা তিন ভাঁজ করা আছে। ২ ক্রি বিণ. তিন পেঁচ দিয়া বা তিন ভাঁজ করিয়া। "সোণালী ধুতির কোঁচা তে০ পিন্ধিল"-পূ০ ব০ গী০।

তেপ্পান্ন-তিপ্পান্ন দ্রঃ।

তেফঁড়কা, তেফঁড়(ড়ে)ঙ্গা [ত্রি-ফলক+ইয়া >] বিণ. তিনটী ফলকবিশিষ্ট three forked.

তেফল [ত্রি ফল (আকৃতি হতে)] বি. মান্দার ফল ; লকুচ।

তেম₁ [রূপান্তর-তাম, তুম] বি. বাঙ্গালা প্রত্যয়বিঃ ; উত্তম পুরুষ বুঝাইতে এই প্রত্যয় হয়, যথা-দেখিতেম, শুনিতেম, করিতেম, ই০। "জানিতেম তপন হেরি বিকসে কমল।"-নিধু বাবু।

তেম₂-তিম দ্রঃ।

তেমত, তেমিতি₁, **তেমন** (-তমি-) [সং-তস্মিন্=তহ্ মিন্=তেমিন্=তেমন বা প্রা০-

বাং-তেমঁন্ত (প্রাকৃ৹, মৎ=মন্ত) > তেমত, তেমতি (দ্রঃ) তেমন, > স্কে৹ তিম, তিমি। প্রা৹-বাং-তেহ্নমতে (শ্রী৹ কী৹)] বিণ, সেইমত; সেই প্রকার। "হৃদি সীদতি আমার যেমতি তেমতি পড়ুক সে।"-চণ্ডি৹।

তেমিতি [তে (সং-ত্রি > প্রাকৃ৹-তে (ফা৹-সে=তিন) + মতি (হি৹-মোতি=মুক্তা)] বিণ, তিনটী মুক্তাযুক্ত। ২ তেনর; তিন সারি; তিন হালি। "গজমতি হার পুঁতি দোমতি তে৹।"-ধ৹ ম৹।

তৈমনই, তেমঁনি, তেম্নি [তেমতি দ্রঃ] ক্রি-বিণ, "তেম্নি মেয়ে কিনা আমি! খুব দশ কথা শুনিয়ে দিলেম।"-অমৃত বসু। "তোমার পিতা মাতা যেম্নি দাতা তেম্নি দাতা আমায় হলে।"-রা৹ প্র৹।

তেমঁন্ত-তেমত দ্রঃ।

তেমা [প্রাদে৹] বি, নিসিন্দা বৃক্ষ।

তেমাথা [ত্রি > তে + মাথা। প্রা৹ তেমাতা] বিণ, তিনটি পথের সংযোগ স্থল।

তেমুহানি, তেমোহানা, -নি [ত্রি > তে + মুখ > মুহ + বান্, + ই, আ (স্বার্থে) >। দ্রুত উচ্চারণে তে-মোয়ানি] বি, তিন নদী বা জলধারার সঙ্গম স্থল; নদীর তিন মুখ যেখানে মিলিয়াছে।

তেমেটে [তে (তিন, তিনবার মাটিয়া (মাটিলিপ্ত) >] বিণ, মৃন্ময়ী মূর্ত্তিকে তৃতীয়বার মাটি লাগাইয়া পালিশ করা। প্র-প্রতিমাকে তেমেটে করা হইয়াছে।

তেয়াই [প্রাদে৹] বি, জেলেদের মাছ ধরিতে বসিবার জন্য নদ্যাদি গর্ভে পোঁতা কাঠের গুঁড়ি।

তেয়াগ [ব্রজ৹। ত্যাগ শব্দের প্রাকৃ৹ উচ্চারণ] বি, ত্যাগ। ক্রি, **তেয়াগা** [সং ত্যজ্ >। তেয়াগি, তেয়াগ, তেয়াগে, তেয়াগিতে; তেয়াগিয়া (স্কে৹ পদ্যে-তেয়াগি)] ত্যাগ করা; ছাড়া। **তেয়াগিব**-ত্যাগ করিব; তেজিব। "বিরহ আনল যাহ তনু তেয়াগিব।"-বি৹ প৹। "লাজ ভয় তেয়াগিব, এ সাধ মোর পুরাইব সাগর ছেঁচে রতন নিব, কণ্ঠে রাখব নিশিদিবে।" -বঙ্কিম৹।

তেয়্যা [গ্রা৹। তোয়া দ্রঃ। তৈয়ার করিয়া > স্কে৹] অস-ক্রি, তৈয়ার করিয়া। "বন্দ করি বাঘ ছালে জাঁতা দিল তেয়্যা। পাবকে ফেলিছে প্রেত চিতাঙ্গার বয়্যা॥"-শি৹।

তৈর [সং-ত্রয়োদশ > প্রাকৃ৹ 'তেড়' >, ড়=র] বিণ, ১৩ সংখ্যক। ২ বি, ১৩ এই সংখ্যা।

তৈরচা, -ছা, তেরঁছ [পা৹-তিবচ্ছো (তিরছা দ্রঃ)। সং-তির্য্যচ্ > প্রাকৃ৹ তেরচ্ > হি৹ তীর্ছা। ব্রজ৹ তেরছ > রূপান্তরে -তিরছা, তের্চা, তের্ছা; ত্যাব্চা, -ছা, ত্যাড়্চা] বিণ, বক্র; বঙ্কিম; বাঁকা; তেড়া। "চিকণ কালা, গলায় মালা, বাজন নূপুর পায়, চূড়ায় ফুলে, ভ্রমর বুলে তেরছ নয়ানে চায়॥" -গোবিন্দ৹।

তেরপল-তিরপল দ্রঃ।

তেরিস্পর্শ-ত্র্যহস্পর্শ দ্রঃ।

তেরা, তেরি [হি৹ প্রা৹-বাং গানে] স, তোর।

তেরাখিয়া [প্রাদে৹] বিণ, তৃতীয়ক (জ্বর) quartan ২ সন্নিপাত বা ত্রিদোষজ (জ্বর) typhoid. "তে৹ জ্বরে মৈল চণ্ডাল সুজন"-মৈ৹ গী৹।

তেরাত্ত, তেরাত্তির, তেরাত্রির -ত্রিরাত্র দ্রঃ।

তেরি₁-তেরা দ্রঃ।

তেরি₂ [সং-তিয্যক্ >। প্রা৹ তেডি, টেরি, টেড়ি। ত=ট, র=ড] বি, বক্রভাবে বিভক্ত করা সীমন্ত; বাঁকা সিঁথে। > ক্রি, **তেরি কাটা, -তোলা, -ফিরানি, -বাগানি**-বাঁকা সিঁথি রচনা করা।

তেরিজ [আ৹] বি, বৃদ্ধি; যোগ addition ২ সকলন। ৩ সমষ্টি অঙ্ক।

তেরিমেরি [হি৹-তেরী (তোর) + মেরী (মোর)] অ, স্বার্থ লইয়া গণ্ডগোল বা বকা-বকি। ২ কর্কশ বাক্য প্রয়োগ; তুই মুই। "মোগলে রহিল বেরি সদা করে তে৹ রাঙ্গা আঁখি দেখি ভয় পাই।"-অ৹ ম৹।

তেরি/য়া [সং-তড়্ (তাড়না করা) >। তেড়ি=তেরি + য়া (=ইয়া)। তুল-ল্যা৹ -terrere (to frighten)] বিণ, মারমুখী; প্রহারোদ্যত: উগ্রমূর্ত্তি। ~**য়ান(ন্)** বিণ, উগ্রস্বভাব; রণচটা; ক্রুদ্ধ। ২ মারমুখী; উদ্ধত। ৩ [ব্যঙ্গোক্তি] মর্দ্দ। "টপ্পা গেয়ে তেরিয়ান উঠিলেন ফুলে।"-হেম৹। ৪ তেজস্বী; তেজী।

তেরেট [তাল > তাড়িপত্র >] বি, তালবৃক্ষসদৃশ বৃক্ষ ও পত্র যাতে প্রাচীনকালে পুঁথি লিখিত হইত। তালপাতা অপেক্ষা তেরেট বহুকাল স্থায়ী হইত। হাজার বৎসরের তেরেটে লেখা পুঁথি আজিও পাওয়া যায়।

তেরেন্তা, ত্রেণ্টা [পর্তু৹ Trinta] বি, প্রেমারা নামক পণ রাখিয়া তাস খেলায় ব্যবহৃত শব্দবিঃ।

তেল [তৈল >] বি, তিলসর্ষপাদির নির্য্যাস। ২ [ব্যঙ্গার্থে] তোষামোদ; চাটু ব্যবহার। প্র-তিন রাত তার পায়ে তেল দিয়ে দিয়ে নিজের কাজ হাসিল কল্লে। ৩ রস; চর্ব্বী; মোটাই; দর্প; গর্ব্ব; বৃদ্ধি বা বাড়। প্র-লোকটার এমন তেল হয়েছে। ~**কল**-বি, তৈল নিষ্কাশনার্থ সরিষাদি নিষ্পেষক যন্ত্র। ২ তেল তৈয়ার করিবার কারখানা oil mills ~**কাজলা** [তেল + কাজল + আ (যুক্তার্থে)] বিণ, তেল ও কাজলে মণ্ডণ বা শ্রীসম্পন্ন; তৈলাঞ্জন শোভিত বা শোভিতা; যৌবন সম্পন্ন বা সম্পন্না। "নতুন যৌবনয় ডাকে তে৹ নারী"-পূ৹ ব৹ গী৹। "তে৹ মইফুলার যৌবন ভরপুর"-ঐ। ~**কুচ্‌কুচে, ~চুক্‌চুকে**-তৈল দ্বারা মণ্ডণ ও উজ্জ্বল। **তেল দেওয়া**-ক্রি, যন্ত্রাদিতে তৈল প্রয়োগ করা। ২ [লক্ষ৹] খোষামোদ করা। প্র-পায়ে তেল দেওয়া। ~**ধুতি**-বি, যে ধুতি পরিধান করিয়া তেল মাখিয়া স্নান করা হয়; স্নানবস্ত্র। ~**পড়া** [জল-পড়া দ্রঃ] বি, মন্ত্রপূত তৈল। **তেল মাখা**-ক্রি, অঙ্গে তৈল মর্দ্দন করা। **তেল মাখানি**-ক্রি, অন্যের অঙ্গে তেল মাখাইয়া দেওয়া। ২ [লক্ষ৹] তোষামোদ করা। ~**হওয়া**-ক্রি, শরীরে চর্ব্বি বৃদ্ধি পাওয়া। ২ [বিদ্রূপে] মোটা হওয়া। ৩ [লক্ষ৹] তেজ হওয়া; দর্প হওয়া; বাড়িয়া উঠা; (গ্রা৹) তিলইয়ে ওঠা। প্র-তারি তেল হয়েছে, মাটিতে যে আর পা পড়ে না। **তেলে**

বেগুনে [ফুটন্ত তেলে জল পড়িলে চড়বড় চড়বড় শব্দে জ্বলিয়া উঠে; বেগুন ফেলিয়া দিলেও তাহার জলত্যাগের জন্য ঐরূপ হয়] অ, উত্তেজিত বা ক্রোধে অগ্নিশর্ম্মা হওয়ার ভাব। "কেহ কেহ তেলে বেগুনে জ্বলে উঠে" -টেকচাঁদ। "পত্রমর্ম্ম অবগত হইয়া 'নিরক্ষর' জয়কালী তেলে বেগুনে জ্বলিয়া উঠিলেন"-কলিকাল (শৈলেশ মজুমদার)। আপনার চরকায় তেল দেওয়া-নিজের কাজ করা, পরের কথায় না থাকা।

তেলচাটা, -চোরা-তেলাপোকা, তৈলপায়িকা দ্রঃ।

তেলা [সং-তৈল > তেল + আ (যুক্তার্থে)] বিণ, তৈলাক্ত। ২ মসৃণ; পিচ্ছিল। ৩ চিক্কণ। ৪ [স্নেহে] সম্পন্ন; প্রাচুর্য্য-বিশিষ্ট। তেলা মাথায় তেল দেওয়া-যার আছে তাকে আরও দেওয়া। ২ তোষামোদ করা। "তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ।"-কমলাকান্তের দপ্তর (বঙ্কিম০)।

তেলাকুচা [সং-'তুণ্ডীকেরী, ওষ্ঠা, দন্তচ্ছদোপমা' (ওষ্ঠের সহিত যার উপমা)। প্রা০ বাং-র ত্যালাকুঁচো। তেলা (মসৃণ) কুঁচ (গুঞ্জা) + আ (সাদৃশ্যার্থে), বর্ণসাদৃশ্যে ও মসৃণতায় গুঞ্জাবৎ] বি, বিম্বীলতা ও ফল; ছোট পটোলসদৃশ ফল, যা অপক্ব অবস্থায় ঘোর হরিৎ ও পাকিলে গুঞ্জাফলের ন্যায় লালবর্ণ হয়।

তেলাঙ্গ, তেলাঙ্গা, তেলেঙ্গা [ত্রৈলঙ্গ >] বিণ, ত্রৈলঙ্গ, দেশবাসী; মাদ্রাজী। ২ [পদ্মপুরাণ (বিজয় গুপ্ত)] হৃষ্টপুষ্ট। ৩ বি, পিপীলিকাবিঃ। ৪ ক্ষুদ্র জাতীয় বিষাক্ত সর্পবিঃ।

তেলানি [তেল + আনি (ক্রিয়ায়)। বাং নামধাতু] ক্রি, তৈলাক্ত করা বা হওয়া। ২ তেল বা চর্ব্বি হওয়া। ৩ গর্ব্বিত হওয়া। > বি, তেলানি।

তেলানিয়া, তেলানী [২৪ পরগণার -তোলো] বি, তোলো হাঁড়ীর চেয়ে ছোট হাঁড়ী; অগভীর বা চিটকাল ছোট হাঁড়ী। ২ [তেলান + ঈয়া > কো০ তেলানী] বিণ, উক্ত হাঁড়ী সদৃশ। "তেলানী গভীর নাভি লাবণ্য জল।"-শ্রী০ কী০।

তেলাপোকা [সং-তৈলপায়িকা, তৈলপক >] বি, পতঙ্গবিঃ; আর্শুলা।

তেলামি, -মি [তেল (দ্রঃ) + ম, মি (আচরণার্থে)] ক্রি, তৈলদান; তোষামুদি।

তেলি, তেলী [সং-তৈলিক >] বি, তিলি জাতি। নবশায়ক জাতির অন্তর্গত একটী জাতি। ২ তৈল ব্যবসায়ী। "কমঠ লইয়া পথে ধীবর চলি যায়। তৈল লবে তৈল লবে তেলিয়া বোলায়।"-কবিক০। স্ত্রীং তেলিনী।

তেলিঙ্গানা, তেলেঙ্গা [তৈলঙ্গ দ্রঃ] বি, দক্ষিণ ভারতের যে প্রদেশে তেলুগুভাষা প্রচলিত।

তেলুগু, তেলেগু [সং-ত্রিকলিঙ্গ >] বি, দক্ষিণ ভারতের অন্ধ্র প্রদেশ ও তৎপ্রদেশবাসী ও ঐ প্রদেশের ভাষা; তেলেঙ্গা।

তেলেঙ্গা-তৈলঙ্গ দ্রঃ।

তেলেনা [সঙ্গীত শা০] বি, গান আরম্ভ করিবার সময় তে, রে, নে, তুম, তানা, নানা ই০ কতকগুলি আলাপের বোল।

তেলো [তামিল-'তালৈ' বা তেলুগু-তালা (=মাথা), বা সং-তালু >] বি, মাথার তেলো; ব্রহ্মতালু। ২ [তল-তলা (সমতল ভাগ) >] বি, করতল; পদতল। "আমার পায় তেলো মাথার তেলো জ্বলে যাচ্ছে"-লীলাবতী।

তেশিরা [ত্রিশিরা >] বিণ, তিনটি শিরবিশিষ্ট; তিনপল-তোলা; ত্রিপল। ২ বি, মনসাগাছের প্রাকারভেদ। তে০ হওয়া-পাশা খেলায়, ঘুঁটি পাকিয়া উঠিয়া গেলে তাকে তেশিরা হওয়া বলে।

তেষট্টি [ত্রিষষ্টি >] বি, ৬৩ এই সংখ্যা। ২ বিণ, ৬৩ সংখ্যক।

তেষ্টা-তৃষ্ণা দ্রঃ।

তেসনি, -নী [ত্রি-সন >] বিণ, ত্রৈবার্ষিক; তিন বৎসরের। "তেসনি ইনাম পাব গুজরাটপুর।"-কবিক০। "রাজকর লোকের তেসনি নিল বাড়া অতেব সকল প্রজা হল দেশছাড়া।"-ঘ০।

তেসরা [সং-ত্রিবাসরা > কো০ হি০-তীসরা >] বি, মাসের তৃতীয় দিবস।

তেসাগে, -নে [প্রা০ বাং। জৈসাগে দ্রঃ] অ, তখন। "জৈসাগে রতি জাগবোঁ তেসাগে কাহ্নু আণিবোঁ"-শ্রী০ কী০।

তেসূতী [সং-ত্রিসূত্র > তেসূত + ঈ (নির্ম্মিতার্থে)] বিণ, তিন খাই সূতায় বোনা কাপড়।

তেহঁ-তেঁহ দ্রঃ।

তেহাই১ [সং-ত্রিভাগিক > হি০-তিহাই (দ্রঃ)] বি, তিনভাগের একভাগ: একতৃতীয়াংশ। "প্রথম মাসেতে চাহি এক-তেহাই কড়ি।" "অর্দ্ধেক পঙ্কেতে তার তে০ সলিল।"-কবিক০। ২ তিনখাই: তেহারা; তিনপাক।

তেহাই২-বি, বাদ্যভেদ।

তেহাতি [সং-ত্রি=তে-হাত-ইয়া > কো০] বিণ, তিনহাত প্রমাণ।

তেহাত্তর [সং-ত্রিসপ্ততি > প্রাকৃ০-তেহত্তরি > । প্রা০ তিয়াত্তর] বি, ৭৩ এই সংখ্যা। ২ বিণ, ৭৩ সংখ্যক।

তেহারা, হঁরা [তিন > তে + হার, হর (ভাগ) + আ] বিণ, তিনপাট; তিন-পাল্টা; তিন গুণ; তিন খাই বা পাক। ২ খুব মোটা।

তেহেন, তেহ্নু [প্রা০-বাং] অ, তেমন: সেইরূপ। "ভাগিল সোণার ঘট যুড়ীবাক পারী। উত্তম জনের নেহা তেহেন মুরারী।"-শ্রী০ কী০। "তেহ্নু কর উপায় আপণে। ভাল বোলে যেহ্নু সখিগণে॥"-ঐ।

তেহ্নমতে, তেঁহ্নমতে [তেমতি দ্রঃ। তেহেন > কো০ তেহ্নু + মত + এ] অ, সেইরূপে; তেমন ভাবে। "কেহো কাহাকো যেন না করে উপহাস। তেহ্নমতে করিব বিলাস॥"-শ্রী০ কী০।

তৈ, তৈঁ [তেঁই দ্রঃ। হি০-তাহে, তহি > কো০ তৈ] অ, তাই; তাহাতে তজ্জন্য; সেইহেতু। "তৈ ভেল বেকত পয়োধর শোভা"-বি০ প০। "তৈঁ ধনী রাখত পরাণে।"-ঐ।

তৈক্ষ্ণ্য [তীক্ষ্ণ + য (ভা০)] বি, তীক্ষ্ণতা; ক্ষুরধার। ২ উগ্রতা।

তৈখন [তৎক্ষণ > । ব্রজ০] অ, তৎক্ষণাৎ। প্র-তৈখনে বিগলিত তনু মন

লাজে"-বি॰ প॰। ২ সেই সময়। "তৈখনে ক্ষীণ তেল শাসা"-ঐ।

তৈছঁন [সং-তৎ > হি॰-তৈ + সং-সদৃশ > সন (হি॰-সা, সন্, সনি, সিন, সে) > ব্রজ॰ তৈসন > তৈছন, স=ছ। এরূপ কৈছন, জৈছন ই॰] অ, তদ্রূপ ; তেমন ; সেইরূপে। ২ [ব্রজ॰। তৈ (সেই) + ছন (ক্ষণ)। ক্ষ=ছ] ক্রি-বিণ, তৎক্ষণাৎ। সেই মুহূর্ত্তে। "যৈছে বিরহ-জ্বরে লুঠল রাই। তৈছনে অমিয়া সাগরে অবগাই॥" -নরোত্তম॰। তৈছঁনে [ব্রজ॰ প্রাদে॰ হি॰-তৈসনে] ক্রি-বিণ, সেইরূপে। ২ সেইক্ষণে।" "তৈছনে বিফল মুরারী" -বি॰ প॰।

তৈছে [ব্রজ॰। হি॰-তৈসে। তৈছন দ্রঃ] ক্রি-বিণ, তেমন ; তদ্রূপ। "যৈছে প্রেম দুঁহু তৈছে বিহার" বি॰প॰। "তৈছে সাধকের সেই সন্ধানের কাধ্য"-চণ্ডি॰।

তৈজঁস [তেজস্ (দীপ্তি) + অ(ইদমর্থে)] বিণ, তেজোবিকার। ২ পিত্তলাদি ধাতুনির্ম্মিত। ৩ রজোগুণোৎপন্ন। ৪ বি, ধাতুদ্রব্য ; পিত্তলাদি ধাতুনির্ম্মিত পাত্রাদি। ৫ ঘৃত। ৬ [বেদান্ত দর্শনে] ভিন্ন ভিন্ন সূক্ষ্ম শরীরে উপস্থিত চৈতন্য। মানসিক জগতের কার্য্যকলাপ এই চৈতন্য প্রভাবে প্রত্যক্ষীভূত হয় ~পঁত্র ~পাত্র [গ্রা॰-তৈজসপত্র] বি, ধাতুনির্ম্মিত বাসনকোসন।

তৈজসাবঁর্ত্তনী [তৈজস + আবর্ত্তনী] বি, ধাতু গলাইবার মুচি।

তৈতিক্ষ [তিতিক্ষা + অ (শীলার্থে)] বিণ, সহিষ্ণু ; তিতিক্ষাশীল।

তৈতিল [সং] বি, গণ্ডার। ২ [পঞ্জিকায়] বব বালব ই॰-করণের মধ্যে চতুর্থ করণ।

তৈত্তি/র [তিত্তিরি + অ (সমূহার্থে)] বি, তিত্তিরিপক্ষিসমূহ। ২ তিত্তিরিপক্ষী। ~রীয়ঁ [তিত্তিরি + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, তিত্তিরি সম্বন্ধীয়। ২ তিত্তিরিপ্রোক্ত যজুর্ব্বেদ শাখাধ্যায়ী। ৩ বি, যজুর্ব্বেদের শাখাবিঃ। ~রীয়ঁক-বিণ, তৈত্তিরীয় শাখাধ্যায়ী।

তৈনাত, তৈনাতি [আ॰-তাআই-নাৎ (নিয়োগ)। তায়নাত দ্রঃ] বি, নিয়োগ ; বাহাল। "সাড়া শুনি শীঘ্র সবে সময়ে তৈনাত"-ঘ॰। "তৈনাত হইল" সেনা বার-ক্রোশ বাট।"-ঐ। ২ [জমি॰ পরি:] গোমস্তার প্রার্থনা মত সদর কাছারী হতে যে কর্ম্মচারী মফঃস্বলে প্রেরিত হন।

তৈনিতি [গ্রা॰। আ॰-তাআইনাতি] বি, রক্ষী, পেয়াদা ই॰ কর্ম্মচারী।

তৈমঁ [তিমি + অ (সদৃশার্থে)] বি, তিমিসদৃশ জীব।

তৈয়ার [ফা -তইয়ার্। গ্রা॰-তয়ের] বিণ, প্রস্তুত। প্র-অন্নব্যঞ্জন সমস্ত তৈয়ার আছে, খাইতে বসিলেই হয়। ২ উপযুক্ত ; শিক্ষাপ্রাপ্ত ; লায়েক। ৩ [শ্লেষার্থে] দক্ষ ; চালাক ; জ্যাটা ; পরিপক্ক। তৈয়ার কঁরা-ক্রি, গড়া।

তৈয়ারী [গ্রা॰ তোইরি, তৈরী] বি, প্রস্তুতকরণ। ২ গঠন make. ৩ বিণ, প্রস্তুত ; আশু ব্যবহারোপযোগী। তৈ॰ কঁরা [গ্রা॰ তয়ের করা] ক্রি, গঠন করা।

তৈর্থিক [তীর্থ (দর্শন শাস্ত্র) + ইক (কৃতার্থে)] বি, কপিল কণাদ ই॰ দর্শন-শাস্ত্রকার।

তৈল [তিল + অ(বিকারার্থে)] বি, তিল সর্ষপাদি নিঃসৃত স্নেহপদার্থ ; তেল। বিণ, তৈলীয়ঁ-তৈল সম্বন্ধীয়। ২ তেল ঘটিত। ৩ বি, জড় পদার্থের তরল অবস্থাবিঃ-(ত্রিবেদী)। ~কঁল্ক-বি, খইল। ~কঁল্কজ-বি, তেলের কাইট। ~কার [তৈল-কার, (যে করে)] বি, তৈল প্রস্তুতকারী ; কলু। ~কিট্ট [তৈলের-কিট্ট (কাইট)] বি, তেলের কাইট। ২ খইল ; খোল। ~চোরিকা, তৈলচৌরিকা-বি, তেলাপোকা ; আর্স্লা। ~দ্রোণী [তৈল (তৈলপূর্ণ) যে দ্রোণী (কাষ্ঠের পাত্র), যা] বি, অবগাহনার্থ কণ্ঠ পর্য্যন্ত তৈলপূর্ণ কাষ্ঠনির্ম্মিত পাত্র। ~নিষিক্ত-বিণ, তেলে ভিজান। ~পঁক [তৈলপা দ্রঃ] বি, তৈলপায়ী ; তেলা-পোকা ; আর্স্লা ~পঁক্ক [তেলে-পক্ক (যা পাক করা হয়), ৭তৎ] বিণ, তেলে পাক করা ; তেলেভাজা ~পা, তৈলঁ-পায়িকা [সং। গ্রা॰ তেলাপোকা ; তেল-চাটা, তেলচোরা, তৈলঙ্গা] বি, তেলা-পোকা ; আর্স্লা। ~পিপীলিকা-তেল-পিঁপড়ে-পিঁপড়া দ্রঃ। ~বীজ-তিল, সরিষা, ই॰ যে যে বীজ হতে তৈল হয়। ~যঁন্ত্র [তৈল বহিষ্কারক যে যন্ত্র, যা] বি, কলুর ঘানি। ~শালা [তৈলের শালা (গৃহ), ৬তৎ] বি, তেল প্রস্তুত করিবার গৃহ ; ঘানি-ঘর। ~সাধঁন [তৈলের সাধন (গন্ধাদি দ্বারা শুদ্ধি) হয় যদ্দ্বারা, বহু॰] বি, গন্ধদ্রব্য-বিঃ। ~সেক [তৈলদ্বারা সেক (আর্দ্র করা), ৩তৎ] বি, তৈলমর্দ্দন ; তৈলদান। ২ [শ্লেষার্থে] তোষামোদ ; পায়ে তেল দেওয়া।

তৈলঁঙ্গ [সং-ত্রিকলিঙ্গ > ক্ষে॰ ত্রৈলঙ্গ, তৈলঙ্গা, তৈলঙ্গী, তেলিঙ্গা, তেলেঙ্গা, হি॰ ও বাং-য়চ॰] বি, কর্ণাটের পূর্ব্ব ও দ্রাবিড়ের পূর্ব্বোত্তরস্থ দেশ ; কর্ণাটিক। ২ উক্ত দেশের অধিবাসী ; তেলেঙ্গা। ~া~১~-তৈলঙ্গ দেশীয়।

তৈলঁঙ্গা~২~ [তৈলপায়িকা >] বি, তেলাপোকা ; আর্সলা। "তৈ॰ রূপ হইল ময়লা মুরত বদলাইয়া।"-মাণিক॰ গান।

তৈলা [প্রাদে॰। তুল-হি॰ তঙ্গ, তবা, তৈয়া (মৃৎপাত্রবিঃ)] বি, দুধ রাখিবার বড় হাঁড়ি ; তোলো (দ্রঃ)।

তৈলিক [তিল + ইক (পণ্যার্থে)] বি, নবশায়ক সম্প্রদায়ের অন্তর্গত জাতিবিঃ ; তিলি। ২ তৈলকার ; কলু। ৩ বিণ, তৈলসম্বন্ধীয়।

তৈলী [তৈল + ইন্ (স্ত্যা॰)=তৈলিন্ ১মা, ১ব॰] বি, তৈলিক (দ্রঃ)। স্ত্রীং তৈলিনী।

তৈলীয়ঁ-তৈল দ্রঃ।

তৈষঁ [তৈষী দ্রঃ] বি, পৌষ মাস।

তৈষী [তিষ্য (পুষ্যানক্ষত্র) + ষ্ণ + ঈ] বি, পুষ্যা নক্ষত্রযুক্ত পূর্ণিমা রাত্রি।

তৈসঁন [হি॰] ক্রি-বিণ, তৈসা দ্রঃ।

তৈসা [হি॰। সং-তাদৃশ >। তৈছন দ্রঃ] ক্রি-বিণ, তদ্রূপ।

তৈসে [তৈসা, তৈছে দ্রঃ। হি॰] ক্রি-বিণ, সেইরূপে।

তো১ [হিং-তও, তব (বাং-র-তবে) >] অ.তাহা হইলে; তবে। "ফের যদি এমন কথা কবি তো ঠাস্ করে চড় মারবো।"-টেকচাঁদ। ২ [হিং তোভী] তবু; তথাপি।

তো২ [ফাং-তহ্। হিং-তমহ্] বি. বস্ত্রাদির ভাঁজ; পাট। ২ পরিণাম, "অতিশয় সাধ করি এই তো হইল।"-নিধুবাবু। ৩ সমাপ্তি। ৪ প্রাদেশিক ব্যবহারে 'ত'র স্থানে তো। ত দ্রঃ। ৫ নিশ্চয়ার্থে। তো করা-ক্রি, কাপড় ভাঁজ করা; পাট করিয়া রাখা। ২ কাজ শেষ করা।

তো৩ [ব্রজং। হিং তোয়। প্রাং বাং-১মা তোএ, তোঐ, তোক্রি, তোঐ। ২য়া-তোক, তোতে, তোরে, তোহকে। ৪মী-তোরে। ৬ষ্ঠী-তোত, তোতে, তোর, তোহোর। ৭মী-তোত, তোতে।-শ্রীং কীং] অ. তুই; তুমি; তোমা। "তো বিনে উনমত কান"-বিং পং। ২ তোর; তোমার। "তো সেবা নাহি জানি"-চণ্ডিং। ৩ তোমাকে। তো-সবা [প্রাং বাং-তোমা সব] তোরা সব। তো-সবার-তোদের।

তোই [ব্রজং। হিং-তহি (তো দ্রঃ)। স. তুমি; তুই। ২ [তোয় দ্রঃ] তোমাকে। "মাধব কত পরবোধব তোই"- বিং পং।

তোঁ [প্রাং-বাং। ব্রজং। তোঐ,-ঞি,-ঞে ও। প্রাকৃং-তুমং > তুম্ > তোম্ > তোঁ] অ.তুমি। তোঁএ,তোএঁ-তুই,তুমি।

তোঁতা [তন্তু >] বি. সুতা; দড়ি। "তাহার মা ঘরে বসিয়া তাহার সামনে ঝুলানো পাটের গোছা হইতে আঁটী লইয়া তোঁতা কাটিতেছিল।"

তোঁহে [ব্রজং। তুঁই দ্রঃ] স. তুমি। "বিদগধ সেহ তোঁহে তনু তুল"-বিং পং।

তোক১ [তু (বৃদ্ধি পাওয়া)+ক (র্তৃ) যে কালক্রমে বৃদ্ধি পায়। বৈদিক সাহিত্যে, অপত্য অর্থে, "তোক, তুক"] বি, অপত্য; শিশু; ছেলে বা মেয়ে; বালক; পুত্র সন্তান। "ইন্দ্রের সাধিতে মান কৃপাসিন্ধু ভগবান কাশ্যপ মুনির হইল তোক।"-কবিকং। ২ কয়েকটী মোজার সমষ্টি।

তোক২ [আং-তৌক্ >] বি. অপ-বাধীর হস্তবন্ধন শৃঙ্খলবিঃ; হাতকড়ি। "লুঠি নিল নারী গারী দিল বেড়ী তোক।"-ভারতং।

তোকমারি [ফাং-তুখ্ম্ (বীজ) > তুখ্ম্-ই-রিহান (seed of ocymum pilosum), তুখ্ম্-ই-বালঙ্গু (seed of sweet basil) > হিং তুখমলঙ্গা > তুক (তোক) মারি] বি. (ইসবগুলের মত) এক প্রকার বীজ যা জলে ভিজিয়া ফুলিয়া উঠে ও পুলটিসের জন্য ব্যবহৃত হয়।

তোকাতুকি [তৎক্ষণাৎ > তখনি-তখনি > ক্ষেং] ক্রি-বিণ. তৎক্ষণাৎ; অবিলম্বে।

তোকানি-মোকানি [প্রাদেং নিম্নকথা-তোকা (তোর)+নি (বাণী > ক্ষেং), মোকা (মোর) +নি-তোমার আমার অর্থাৎ জনসাধারণের বাণী] বি. জনরব; জনশ্রুতি। "তোং কথা শুনি জগন্নাথ পিতা আচম্বিতে হরিল চেতন।"-চৈং মং। ২ [তোকান (তুই কথন তুই করণ)+ই. মোকানি (মো=মুই কথন বা করণ+ই)] তুই মুই; তুই তোকারি। ৩ তুচ্ছ তাচ্ছীল্য। ৪ ইতর ভাষার প্রয়োগ।

তোকে [হিং প্রাং-তুহ্কা, তুজকো। ব্রজং-তুহ্ক > প্রাং হিং তোহ্কে > ক্ষেং] তুল্যার্থে-তোমাকে; সম্ভ্রমার্থে-আপনাকে। পদ্যে,-তোরে (দ্রঃ)।

তোখড় [তুখড় দ্রঃ। সং-তীক্ষ্ণকর্ম্মা বা তীক্ষ্ণকর > তীখর > বিকারে তোখড়] বিণ. তীক্ষ্ণ বুদ্ধি; চতুর; চালাক।

তোজদান-তোষদান দ্রঃ।

তোর্জন, তোজনা [প্রাদেং] বি, ধান্যবিঃ। "কোটা মেটা রাঅগড় তোজনা আর বোর। কোঙর-ভোগ জলা-রাঙ্গি আর কনকচূর।"-শূং পুং।

তোটক [সং] বি, ১২ অক্ষর ছন্দোবিঃ ইহার প্রত্যেক চরণের অক্ষরগুলি চারি অংশে বিভক্ত করিলে প্রতি অংশের প্রথম দুই অক্ষর লঘু এবং তৃতীয় অক্ষর গুরু হয়। "কতকাল পরে বল ভারত রে। দুখ সাগর সাঁতরি পার হবে॥ পর দীপ-শিখা নগরে নগরে। তুমি যে তিমিরে তুমি সে তিমিরে।"-গোবিন্দ চন্দ্র রায়।

তোড় [সং-তুড্ (আঘাত করা) >] বি, জলের বেগ। "নদীর তোড়ের মুখে পড়ে ছেলেটা ভাসিয়া গেল।" ২ [জলের প্রবাহের ভাব হতে] কলহের স্রোত; বাক্যের স্রোত; অনর্গল বাক্যবর্ষণ। "এখনো রয়েছে তাই কোন্দলের তোড়।"-ঈং গুপ্ত। "তাহার কথার তোড়ের সাম্‌নে ও ছেলেমানুষ কি দাঁড়াতে পারে ওকে একালে নির্ব্বাক করে দিলে।" মুখের তোড় [মুখ দ্রঃ] বি, কথার স্রোত; বাক্যবেগ।

তোড়ই [সং-ত্রুট্ (ভেদে) > হিং-তোড়না > । তোড়া দ্রঃ] ক্রি, উৎপাটন করে; ছেঁড়ে; ভাঙ্গে। "দূর সঞে সো নাগর হেরি। তোড়ই কুসুম নেহারই ফেরি।"-বিং পং।

তোড়ং (ড়ং) [ইং trunk >] বি, টিনের পেটিকা বা বাক্সবিঃ।

তোড়ক [সং ত্রোটক >। ত্রুট্ (খণ্ডখণ্ড করা)+অক (র্তৃ)] বিণ, ভঙ্গকারী।

তোড়জোড় [যন্ত্রতন্ত্র > যঁতর তঁতর > জোড়তোড় > অথবা তোড় (তোড়-নোপযোগী যন্ত্র)+জোড় (জোড়ন বা গঠনোপযোগী যন্ত্র) >] বি, সাজ সরঞ্জাম; উপকরণ; যন্ত্রতন্ত্র; যন্ত্রাদির ভিন্ন ভিন্ন অংশ।

তোড়ন [ত্রোটন > অথবা-তুড্+অন (ভাং)] বি, ভঞ্জন; ভাঙ্গিয়া ফেলা।

তোড়ল [ব্রজং। তোড়া দ্রঃ] ক্রি, ভাঙ্গিল। ২ খুলিল; খসাইল। "তোং যব নীবিবন্ধ।"-বিং পং।

তোড়া১ [হিং। আং-তুর্রাহ্] বি, থলিয়া; ছালা। প্র-টাকার তোড়া। ২ গুচ্ছ; স্তবক। "পুষ্পিত ললাটে ভুরু বঙ্কিম উজ্জ্বল। ভুজঙ্গ বেষ্টিত যেন কুসুমের তোড়া।"-ফুলরেণু। ৩ কটিদেশের অলঙ্কারবিঃ। ৪ মৎস্যবিঃ।

তোড়া২ [সং-তড্ (তোড়নে) >। তোড দ্রঃ। তুড়ি, তোড় (তুড়েন, তুড়িস), তোড়ে (তোড়েন); তুড়িতে, তুড়িয়া (ক্ষেং তুড়ে)। নিজন্ত-তোড়ান] ক্রি, তুড়িয়া দেওয়া; বিলক্ষণ তিরস্কার করা। ২ [ত্রুট্ (ভঙ্গ করা, খণ্ডখণ্ড করা) > ত্রোটন > ত্রোটা >] ভঙ্গ করা। হিং-তোড়না=ভঙ্গ করা।

ব্রজ॰-তোর্ড়্ই-ভাঙ্গে। "তোড়ই কুসুম নেহারই ফেরি"-বি॰ প॰। তোর্ড়্ত-ভঙ্গ করে; ভিন্ন করে। "তোড়ত গজমতি হার রে"-বি॰ প॰। তোর্ড়্ল-দ্রঃ।

তোড়ানি ['তোড়া'র ণিজন্তরূপ। হি॰ তোড়ওয়ানা। টুটান দ্রঃ] ক্রি, ভাঙ্গান প্র-নোট, টাকা ই॰ তোড়ান। বি. তোড়ানি,-তোড়ন; টুটন। ২ ভাঙ্গানি;

তোড়ানি₂,-নী [ফা॰-তুর্শি(অম্ল) + পানি (জল) >। তুল-ওড়ি॰ তোরানি] বি, কাঁজি; আমানি। "পথশ্রম হবে মন্দা কিনহ তোড়ানি জোন্দা মরিচ সমান যার তার।"-কবিক॰।

তোড়ী [সং-তুরবী >] বি, টোরী রাগিণী।

তোতলা, তোৎলা [হি॰-তোত-রাহ্] বিণ, অস্পষ্টবাক্; অস্ফুট কথক। ক্রি, তোত্লানো-জিহ্বার জড়তা বশতঃ আট্কাইয়া বা তো তো শব্দে চেষ্টা করিতে করিতে কথা বলা।

তোতা₁ [ফা॰ তোতা > হি॰-তোতা >] বি, টিয়াপাখী। স্ত্রীং তুতী।

তোতা₂ [কার্তুজ >। টোটা দ্রঃ] বি, বন্দুকের টোটা (বিষহরি, পদ্মাপুরাণ-জীবন মিত্র)।

তোতোকার [২৪ পরগণায় তুই-তোকারি। তো (তুই) + তো (তুই) কার (করা, করণ)। তোকানি-মোকানি দ্রঃ] বি, তুই তুই সম্বোধন। তুই তুই করা; তুই তোর প্রভৃতি অসম্মান সূচক সম্বোধন; ২ তুচ্ছ তাচ্ছিল্য করা। "কত মেরেছি কাঁদে করেছি চড়েছি * * * তো॰ করেছি সবাই॥" -স্বপ্নবিলাস (কৃষ্ণকমল)।

তোত্র, তোর্দন [সং-তুদ্ (তাড়নে) >] বি, অঙ্কুশ; গবাদি তাড়ন দণ্ড।

তোপ [তুর্কী॰ তোপ্] বি, আগ্নেয় অস্ত্র; বন্দুক; কামান। "কোমরেত তোপ দিল পাএত ডাড়ুকা।"-শূ॰ পু॰। ২ কামানের শব্দ। ~খানা, ~শালা-বি, কামানের কারখানা। ২ যেখানে তোপ রক্ষিত হয়। ~চী-বি গোলন্দাজ। তোপ দাগা-কামানের গোলা নিক্ষেপার্থ বারুদে আগুন দেওয়া। ~দাগী-বি, শত্রুর জাহাজ আসিলে যে তোপ ফাটিয়া জাহাজকে চূর্ণ করিয়া দেয়, ইহা জলের তলায় প্রোথিত থাকে; "টর্পেডো মাইন।"

তোপচিনি,-নী [ফা॰ চোবচীনী > হি॰। তোপ=চোপ] বি, চীন ও জাপানের একপ্রকার লতার হরিদ্রাভ-শ্বেত মূল। চীনা ... (hina ...

তোপান [তুল-হি॰ তুরপনা > তোপনা (সোজা ফোড় দেওয়া, সীবন কর্ম) - (অর্থসম্প্রসারণে) ...সদৃশ বয়ন -] বি মধ্য যুগের বাঙ্গালার চরকার সূতায় প্রস্তুত জামার কাপড়।

তোফা [আ॰-তোফা] বিণ, উপাদেয়; সুন্দর; খুব ভাল। "সময়টী যায় তোফা ঘোড়ার মত ছুটে।"-দ্বি॰ রায়। "অতি তোফা! বলিহারি যাইরে"-রজনী সেন।

তোবড়া (-ব্-) [আ॰-তো(তু)বরা >] বি, ঘোড়ার মুখে লাগাইয়া দানা খাওয়াইবার থলি horse mouth bag. ডাক-হরকরার চামড়ার থলি post man's bag. ২ বিণ, শুকাইয়া কুঁকড়াইয়া যাওয়া; বসা; টোল খাওয়া। "বদনে তোব্ড়া গাল কপাল লোলিত॥"-ঘ॰।

তোবড়ানি, তুবড়ানি, -নো [তোবড়া (দ্রঃ) + আন (ক্রিয়ায়)। তোবড়াই, তোবড়াও, তোবড়ায়; তোবড়াইতে; তোবড়াইয়া (ক্ষে॰ তুবড়ে)] ক্রি, টোল খাওয়ান; দুমড়ান; বাঁকান। ২ [তোমড়া, -রা ও॰] বিণ, বক্র; বাঁকা; দুমড়ানো; মধ্যে মধ্যে বসান বা টোল খাওয়ান।

তোবা [আ॰-তোবা, তওবা] বি, পশ্চাত্তাপ; অনুতাপ; খেদ। ২ ভবিষ্যতে পাপ না করার জন্য প্রতিজ্ঞা [এই শব্দটী হি॰-"রাম রাম" এবং বাং "মহাভারত", "শ্রী হরি", "হরিবোল," "শ্রীবিষ্ণু" "রাম রাম" ই॰ উক্তির সমান] "বড় বড় বীর পড়ে খেয়ে আবা থাবা। হিন্দু ভাবে শ্রীহরি যবন ভাবে তোবা॥"-ঘ॰।

তোমর [সং। প্রা॰ যুদ্ধাস্ত্র] বি, অস্ত্রবিঃ; লোহ শাবল (একপ্রকার, যার দণ্ড কাষ্ঠময় এবং অন্যপ্রকার, দণ্ডহীন কেবল লৌহময়)। তো॰ পাঁচ হাত প্রমাণ উত্তম, ৪॥॰ চার হাত মধ্যম ও ৪ হাত অধম বলিয়া কথিত আছে। এরূপ ৬ আঙ্গুল তোমর উত্তম ৫॥॰ আঙ্গুল মধ্যম ও ৫ আঙ্গুল অধম বলিয়া গণ্য হয়। ২ হস্তক্ষেপ্য দণ্ডবিঃ; রায়বাঁশ। "কেহ মারে শেল সাঙ্গী ডাবুশ পট্টিশ টাঙ্গি পরশু কুঠার তোমর।"-শি॰। ~ধর-বিণ, তোমরাস্ত্রধারী। ২ অগ্নি।

তোমরা₁ [স-ত্বং > প্রা॰ বাং তুম্হি > সম্মানার্থে "তুমি"র বহুব॰। সম্মার্থে আপনারা; অনাদরার্থে "তোরা"] স, ব্যক্তি বাচক সর্ব্বনাম শব্দের মধ্যম পুরুষের বহু-বচনের রূপ।

তোমরা₂-বি, তোমড়া: তোবড়া দ্রঃ।

তোমা [তুহ্মা দ্রঃ। পদ্যে। সম্বন্ধে তোমার] স, তুমি। "দয়াময় তোমা বিনা আর কিছু চাইনে। তব নাম সুধা বিনা আর কিছু পাইনে॥"-ঈ॰ গুপ্ত। ২ [তোমার > ক্ষে॰। তুল-তোমার-দিগর > তোমাগর; তোমারদের > তোমাদের] তব; তোমার। "তোমা পানে চাই সকলি সুন্দর"-ক্ষ॰। ৩ তোমাকে। "অজ্ঞান বুঝিতে নারে, তোমা অনাদর করে।"-শি॰। ~কে [প্রা বাং। তুল-হি॰-সে=বাংয় হ'তে > ক্ষে॰ তে] অ, তোমা হইতে; তোমার অপেক্ষা; তোমার চাইতে। "তোমাকে অধিক ক্রূর কোথা না দেখিল।"-ভাগবত (মালাধর)। ২ স তুমি দ্রঃ।

তোমার [তোমা দ্রঃ] স, ভবদীয়; তব। ২ অ, সম্বন্ধে; নৈকট্য বা ঘনিষ্ঠতা ব্যঞ্জক; একান্ত আপনার; নিজস্ব। ৩ একান্ত অনুগত অর্থে। "সম্বন্ধে কে হও তুমি, জনক কিম্বা-জননী, যে হও সে হও তুমি, তুমি আমার আমি তোমার।"-ক্ষ॰। ৪ [তুল-ইং 'your' "your serpent of Egypt" —shakspere. your great philosophers have been valuntarily poor —Breton] কথার মাত্রা। তোমার গিয়ে-কথার মাত্রা। ২ কোন বিস্মৃত বিষয়কে স্মরণ করিবার জন্য সময় লইবার জন্য গ্রা॰ ভাষায় উক্ত হয়।

তোয়₁ (-য়ঁ-) [তু(পূর্ণ করা) + য(র্তৃ)-যে জগৎ পূর্ণ করিয়া (ব্যাপিয়া) রহিয়াছে] বি,

জল। ২ পূর্ব্বাষাঢ়ানক্ষত্র। **~কৃচ্ছ্র** (-য়ঁ-) [তোয় (জলমাত্র) পান দ্বারা কৃচ্ছ্র (ক্লেশকর ব্রত), ৩তৎ] বি, জলমাত্র আহাররূপ ব্রত। **~দ** (-য়-) [তোয় (জল) দ (যে দান করে)] বি, জলদ ; মেঘ। ২ মুস্তক ; মুতা। ৩ ঘৃত। ৪ বিণ, জলদানকারী ; জলদাতা। **~দাগম** (-য়ঁ-) [তোয় (মেঘের) + আগম (আগমন) হয় যে সময়ে, বহু°] বি, বর্ষাকাল। **~ধর** (-য়ঁ-) [তোয় (জল) ধর (যে বর্ষণার্থ ধারণ করে)] বি, জলধর ; মেঘ। **~ধি** (-য়ঁ-) [তোয় (জল) ধি (যে ধারণ করে)] বি, সমুদ্র। **~নিধি** (-য়ঁ-) [তোয়ের নিধি (আশয়), ৬তৎ] বি, সমুদ্র। **~বিম্ব** (-য়ঁ-) [তোয়ের (জলের) বিম্ব (বুদ্‌বুদ), ৬তৎ, কিম্বা তোয় হ'তে উত্থিত যে বিম্ব, ধা] বি, জলবিম্ব। **~সূচক** (-য়ঁ-) [বৃষ্টি পড়িবার পূর্ব্বে ভেক আনন্দরব করে বলিয়া] বি, ভেক।

তোয়₂ [হিং--তোহে > ব্রজ° তোয়] স, তোমায় ; তোকে।

তোয়াক্কা [শ্লে° তক্কা (দ্রঃ)। আ- তবক্কা] বি, অধীনতা ; বশ্যতা। ২ সংস্রব। ৩ ভয়। "কার তো° রাখি আর। বাপ মরেছে বালাই গেছে, কোন শালার বা ধারি ধার॥"-গিরিশ°।

তোয়াজ [আ°--তবাজ্জাহ্] বি, শুশ্রূষা : সেবা ; পরিচর্য্যা। ২ উত্তমমধ্যম-প্রহার ; লাঞ্ছনা ; রীতিমত তিরস্কার।

তোয়াঞ্জলি [তোয় + অঞ্জলি] বি, জলাঞ্জলি।

তোয়াধার [তোয় (জলের) + আধার (আশ্রয়), ৬তৎ] বি, জলাশয়।

তোয়ানি [হিং--টোহ (খোঁজ। টোহ্‌না =খোঁজা) > টোয়ান > । ট=ত] ক্রি, খোঁজা ; তল্লাস করা। "পাগলা কুকুর আন এখন তোয়াই"-পূ° ব° গী°। ২ মর্দ্দনাদি করা ; হাতবুলান। "আছাড় খাইয়া পড়ে মুখে নাহি রা। কাছে বসাইল রাজা তোয়াইল গা॥"-ঘ°। ৩ তোয়াজ করা।

তোয়ালিয়া, তোয়ালে [ইং towel এর লিপ্যন্তর] বি, স্থূল ও কোমল বস্ত্রের গাত্রমার্জ্জনী।

তোয়েশ [তোয় (জলের) + ঈশ (অধিপতি), ৬তৎ] বি, বরুণ। ২ শতভিষা-নক্ষত্র। ৩ পূর্ব্বাষাঢ়ানক্ষত্র।

তোর₁ [হিং--তোহরা, তেরা। তো (দ্রঃ) + র (সম্বন্ধে)] স, তুই দ্রঃ।

তোর₂ [প্রাদে°, ময়মনসিংহ। মাহুতের ভাষায়] অ, হাতীকে কাত হতে অর্থাৎ মাটিতে বসিয়া পাশ ফিরিতে বলিবার সঙ্কেত। তুল-বৎ (হাতীকে থামাইবার ইঙ্গিত করণ)।

তোরঙ্গ [তোড়ং দ্রঃ। গ্রা° তোরোং, তুরুং, তুরুম, তোড়োং, তুড়ুং, তোরং, তোড়ং] বি, টিনের পেটিকাবিঃ ; প্যাট্‌রা। বাক্‌স তোরঙ্গ ই°-কে স্বামী বলা যায় না, কেন না যদিও সে সকল অস্থাবর সম্পত্তি বটে, তথাপি সচল নহে।"-লোকরহস্য (বঙ্কিম°)।

তোরণ [সং-তরণ=তোরণ, তরণ দ্রঃ] বি, বহির্দ্বার ; ফটক ; গেট। ২ চৌকাঠ। ৩ দ্বারদেশের অগ্রে নিখাত স্তম্ভদ্বয়োপরি নানারত্নময় ধনুরাকৃতি কাষ্ঠখণ্ড। ৪ বারাণ্ডা ; চাঁদনী। ৫ কন্ধরা।

তোরতিরিবৎ [আ°--তৌর (ধরণ) + তর্‌বীয়ৎ (তালিম। সহ°দ্বয়)] বি, শিক্ষা-দীক্ষা ; ধরণ ধারণ ; সভ্যতা।

তোরপোর [ওরাওঁ শব্দ] বি, যুদ্ধ-তাণ্ডবে মাথায় দিবার টোপর।

তোরা₁ [ফা°--তুর্‌রা] বি, পুষ্পের গুচ্ছ ; ফুলের তোড়া ; গুচ্ছ। ২ [আ°--তুর্‌র্] উষ্ণীষের ভূষণ। "মাণিক কলসী তোরা চক্‌মকে হীরা"-ভারত°। ৩ তেজ ; জোর : শক্তি। "অধিকার এদেশে করিতে নারে জোরা। কত তেজ ওরে কানু তোর এত তোরা॥"-ঘ°। ৪ [আ°--ত্তোর্‌আ] বিচার।

তোরা₂ [ম° পু°-বহুব° ; ১ ব°-তুই] স, তোমরা শব্দের তুচ্ছার্থে বা অতি পরিচয়ার্থে, অথবা স্নেহার্থে ব্যবহৃত রূপ। সম্ভ্রমার্থে আপনারা। "ওগো আজ তোরা যাস্‌নে গো তোরা যাস্‌নে ঘরের বাহিরে।"-কণিকা (রবী°)।

তোরা₃ [ব্রজ°। হিং--তুম্হারা, তোহরা, তোরা, তেরা] স, তোর ; তোমার। "পন্থ নেহারই তোরা।"-বি° প°।

তোরে [হিং--তোহরে। গ্রা° 'তোমারে' > অসম্ভ্রমার্থে, স্নেহার্থে বা অতি-পরিচয়ার্থে। বাং পদ্যরূপ, গদ্যে-তোকে] স, তোকে (তুই দ্রঃ)। "বঁধূ কি আর বলিব তোরে"-চণ্ডি°। "ওরে তোরে দেখিতে নয়ন পাগল কেন।"-নিধু বাবু।

তোলি₁ [উত্তোলন >। তোলা দ্রঃ। ব্রজ°, প্রা°বাং-'তোলসি'=তুলিস্, তুলিতে-ছিস্। 'তোলী'-তুলিয়া। 'তোলোঁ'-উত্তোলন করি। গাতোলি-উঠ ; উত্থান-কর। "মিনতী করিয়া বোলোঁ গাঅথানী তোল।-"শ্রী° কী°। ক্রি, উত্তোলন কর ; উঠাও। "তল্পী তোল"। ২ উত্থাপন কর। প্র-ওকথা আর মিছে কেন তোল।

তোল₁ [আ° তুল >] বি, তুমুল ; তুল দ্রঃ। "মো যবেঁ জানিতোঁ হেন করিবেঁ তোল তবেঁ না সিতোঁ এবাটে।"-শ্রী° কী°।

তোল₃ [তুল্ (ওজন করা) + অ (ণে) -যদ্দ্বারা স্বর্ণাদির ওজন করা হয়] বি, ১৬ মাষা ; ১ ভরি (তোলা দ্রঃ)।

তোলক [তোল + ক] বি, দাঁড়িপাল্লা ; নিক্তি। ২ বাটখারা। ৩ বিণ, যে ওজন করে ; পরিমাপক। ৪ উত্থাপক। ৫ উত্তোলনকারী।

তোলক্লাম-তুলকালাম দ্রঃ।

তোলন [তৌল >] বি, তোলকরণ ; ওজন]। ২ [উত্তোলন > ক্ষে°] উঠান ; তুলিয়া ফেলন। ৩ উত্থাপন ; প্রসঙ্গকরণ।

তোলপাড় [তোল (উত্তোলন) + পাড় (পাড়ন, পাতন)। তুল-দেশী প্রাকৃ°-উথল্ল-পথল্ল] বি, উঠান নামান ; উলট পালট। ২ বি, তুমুল ঝগড়া। ৩ বিণ, আলোড়িত ; মথিত। "অর্দ্ধ ভূমণ্ডল করি তোলপাড় ভারতভুবনে পড়িল সাড়া।"-হেম°। ৪ উত্তাল তরঙ্গময় ; মহোর্ম্মিসঙ্কুল ; তরঙ্গায়িত। প্র-নদীর জল তো° করিয়া ষ্টীমার চলিয়া গেল। ঝড় হ'লে সমুদ্রের জল তো° হতে থাকে। ৫ উপদ্রুত ; দৌরাত্ম্য-পীড়িত ; উত্ত্যক্ত। "এই আশ্চর্য্য জীবের দৌরাত্ম্যে অবন্তীপুর তো° তথাকার লোক সমস্ত অস্থির ও জ্বালাতন।"-বিমলা (দামোদর)।

তোলবিল, তোলবিলে, তোল-

বোল, -বোলে [ফা॰-তর্-ব-তর্ (covered with blood, drenched) > তলবল ও॰। তোলবল+ইয়া > । এই অর্থে "টলমল" ও॰। "ঘামে টলমল"-পদ্মা পু॰] বিণ সম্পূর্ণ সিক্ত; আপ্লুত; স্নাত। "তে কারণে দেহ মোর ঘামে তোলবলে॥"-শ্রী॰কী॰। "যাইতে যশোদা হইল ঘামে তোলবোলে।"-শ্রীকৃষ্ণ-বিজয় (গুণরাজ খাঁ)। "রক্তে তমু তোলবল বিফল শরীর"-মহা॰ (কাশী॰)। "তেজে তোল ভৈল সবে কলেবর।"-রামা॰(মাধব কন্দলী)।

তোলা₁ [সং-তুল্ (পরিমাণ করা) >। তোল দ্রঃ] বি, ৮০ রতি পরিমাণ; ১ ভরি; ১ তোলা। "নাইক কমি বেশি তোলা মাষা।"-গোপাল উড়ে। ২ [তুল্ (উত্তোলন অর্থে) >] হাট বাজারের বিক্রেতাদিগের নিকট হতে হাটের অধিকারী যে দ্রব্যাংশ গ্রহণ করিয়া থাকে। "আবার এক আঁচল চাল তোলা নেবে"-দী॰ রায়। প্র-সে এখন হাটে তোলা তুলছে। "পরম্পরা আছে মোর মণ্ডলিয়া তোলা"-কবিক॰। ৩ বিণ, উত্তোলিত; যা তুলিয়া আনা হইয়াছে। প্র-তোলা জলে স্নান করা। ৪ নির্ম্মিত; উঠান। প্র-বনেদ থেকে তোলা। "ইনাম বাড়ি তোলা ঘরে তুমি কর ঘর। ঋণ বাড়ি নাহি দেহ নাহি দেহ কর॥"-কবিক॰। ৫ (তো-) [তুলিয়া রাখার ভাব হ'তে] রক্ষিত; সঞ্চিত। প্র-তার খাবার সিকেয় তোলা আছে। ৬ [ভবিষ্যতে প্রতিশোধ দিবার জন্য] মনের ভাণ্ডারে সঞ্চিত; স্মৃতিগত; স্মরণে-রাখা। প্র-সে যা যা বলিয়াছে, যেরূপ ব্যবহার করিয়াছে সে সমস্তই এখন তোলা রহিল। ৭ [বিপরীত আটপৌরে] পোষাকি। প্র-এখানা তার তোলা কাপড়, ওখানা আটপৌরে।

তোলা₂ [সং-তুল্ (উচ্ছ্রায়ে) >। তুলা₁ দ্রঃ] ক্রি, উত্তোলন করা: উপরে উঠান। ২ উত্থাপন করা; প্রসঙ্গ করা: স্মৃতিপথে আনা। "প্রেমের কথা আর বলো না, আর বলো না, আর তুলো না ক্ষম গো সখা, ছেড়েছি সব বাসনা॥"-জ্যোতি॰ ঠাকুর। ৩ পতিতকে উদ্ধার করা; নিম্ন অবস্থা হ'তে উন্নত করা। ৪ উঠাইয়া লওয়া; কুড়ান; খুঁটিয়া লওয়া। ৫ যে শয়ন বা উপবেশন করিয়া আছে তাকে ধরিয়া উঠান। ৬ জাগান; ঘুম ভাঙ্গান। ৭ উৎপাটন করা; উপড়ান। প্র-দাঁত তোলা; বেগুন তোলা; শাক তোলা। ৮ উঠাইয়া ফেলা; বাহির করিয়া ফেলা। প্র-গায়ের মলা তোলা। ৯ বৃন্তচ্যুত করা; চয়ন করা: সংগ্রহ করা। প্র-ফুল তোলা। ১০ তীব্রতর করা; উচ্চ করা; চড়ান। প্র-সুর তোলা। "থাকিয়া থাকিয়া বিজনে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান"-রবী॰। ১১ প্রচার করা; রটনা করা; জারি করা। প্র-রব তোলা: আপা তোলা। ১২ টানিয়া তোলা; টানিয়া বাহির করা। **তোলা উনান**-বি, যে উনান একস্থান হ'তে তুলিয়া অন্যত্র লইয়া যাওয়া যায় portable oven. **তোলা কাপড়** [আটপৌরের বিপরীত] বি, যে কাপড় বিশেষ বিশেষ প্রয়োজন স্থলে পরিবার জন্য রাখা থাকে। **তোলা জল** [তোলা (উত্তোলিত) যে জল] বি, স্রোতের, খাতের বা কোন জলাশয়ের জল নহে অর্থাৎ কলসাদির সীমাবদ্ধ জলের ভাব] বি, উত্তোলিত জল; উঠান জল; জলাশয় হ'তে তুলিয়া আনা বা ঝর্ণা বা কলের জল কলসাদিতে ভরিয়া আনা জল। "তোলা-জলে শ্রীমন্তেরে সিনান করায়।"-কবিক॰। **তোলা তোলা**-ক্রি, বাজারে, (বিতঃ) হাটে দোকান রাখার বা জিনিষ বিক্রয়ের মাশুল স্বরূপ পণ্যাংশ সংগ্রহ বা আদায় করা। **তোলা পাড়া** [তোলা (উত্তোলন)+পাড়া (পাতন)-মনের মধ্যে কোন বিষয় তুলিয়া মুখ্যভাবে দেখা আবার তাকে পাড়িয়া গৌণ ভাবে বিচার করা, তাকে উল্টাইয়া পাল্টাইয়া উঠাইয়া নামাইয়া, তার উজ্জ্বল ও মলিন, ভাল ও মন্দ সকল দিক্ দেখা এবং তাতে একবার আশা ও উৎসাহে হৃদয়টাকে উচ্চে তোলা আবার নৈরাশ্য ও অবসাদে পাতালে পাড়া] বি(ক্রি), পুনঃপুনঃ অনুশীলন; আন্দোলন (করা)। "তোলাপাড়া করেন শ্রীরাম কত মনে।" -কৃত্তি॰। "চেড়ীগণে মারি বলি মনে তোলে পাড়ে"-ঐ। ২ বি, চিত্তবিকার; উদ্বেগ। **অষুধ তোলা**-অষুধ দ্রঃ। **আগ তোলা**-আগ দ্রঃ। **আপা তোলা** [আ॰-আফতওয়া >] ক্রি, অনরব করা; রব তোলা। **কাপড় তোলা**-ক্রি, আর্দ্রবস্ত্র শুষ্ক হ'লে বা বৃষ্টিতে ভিজিবার ভয়ে যথাস্থানে উঠাইয়া রাখা। ২ বস্ত্রাকর্ষণ করিয়া অনাবৃত করা। **গা তোল**-ক্রি উঠ। ২ বি, নিমন্ত্রণস্থলে আহারার্থে আহ্বানসূচক শব্দ। **গাছে তোলা**-ক্রি, প্ররোচনা দিয়া কোন কার্য্যে (বিতঃ কুকার্য্যে) প্রবৃত্ত করা। **ঘর তোলা**-ক্রি, ঘর গাঁথিয়া তোলা বা নির্ম্মাণ করা। **ঘাড় তোলা**-ক্রি, হেঁট মাথা উঁচু করা। **ঘোড়-তোলা** [(গোড়-তোলার উচ্চারণ ভেদ)। ঘোড়=গোড (গুলফ, গোড়ালি)] যে জুতার গোড়ালি উচ্চ (বিপরীত চটি)। **চাঁদা তোলা**-ক্রি, চাঁদা সংগ্রহ করা। **ছবি তোলা**-ক্রি, চিত্রাঙ্কন করা; ছবি আঁকা। **টোপ তোলা**-ক্রি, অলঙ্কারাদিতে কড়ায়ের মত উঁচু উঁচু করা; ডায়মন কাটা; কড়াই তোলা। **তান তোলা**-ক্রি, গলা ছাড়িয়া গাওয়া। **দাদ তোলা**-ক্রি, পূর্ব্বে শত্রুতার প্রতিশোধ লওয়া। **দুধ তোলা**-ক্রি, দুগ্ধপোষ্য শিশু কর্ত্তৃক দুগ্ধ বমন করা। ণিজন্ত-তোলানি। > বি, দুধ তোলানি। **ধরে তোলা**-ক্রি, ধোরে তোলা [ধরিয়া > ক্ষে॰ ধরে] যে অভিমানে ধরায় শয়ন করিয়া আছে তার হাতে ধরিয়া উঠান (এখানে ধরা আদরার্থে)। সে আপন ইচ্ছায় উঠিবে না বলিয়া ধরিবার প্রয়োজন। ২ যে জলে ডুবিতেছে তাকে উঠান (যে ডুবিতেছে তার নিজের উঠিবার শক্তি আর নাই বলিয়া ধরিবার প্রয়োজন)। "রাইকে ধরে তোলো ওগো শ্যাম-সাগরে কালো নীরে কিশোরী ডুবিল॥"-রাম বসু। **নাক তোলা**-ক্রি, গর্ব্ব প্রকাশ করা; গর্ব্বিত ভাব ধারণ করা। ২ ঘৃণা প্রকাশ করা। **পল তোলা**-ক্রি, ধাতু বা কাষ্ঠাদির গায়ে যন্ত্রাদি দ্বারা খুদিয়া শির উঠান। **পাল তোলা**-ক্রি, নৌকা বা জাহাজে পাইল খাটাইয়া দেওয়া। ২ পালের জোরে নৌকাদি চালান। **পিঠের চামড়া তোলা**-ক্রি, অত্যন্ত প্রহার করা। **ফুল তোলা**-ক্রি, বোঁটা থেকে ফুল ছিঁড়িয়া ছিঁড়িয়া সংগ্রহ করা;

পুষ্পচয়ন করা। মনে-তোলা বিণ. মনঃপূত; মনঃকল্পিত। ২ ক্রি. আপন মনে। মাথা তোলা-ক্রি. উন্নতি করা। ২ বিদ্রোহী হওয়া। মুখ তুলে চাওয়া-ক্রি. অনুকূল হওয়া; কৃপা করা, প্রসন্ন হওয়া। সুর তোলা-ক্রি. চাপা গলায় না গাহিয়া গলার স্বর চড়ান, নিম্ন হতে ক্রমে উচ্চ গ্রামের সুর ধরা। হাই তোলা-ক্রি হাই ছাড়া। হাত-তোলা₁-বি. অধীনতা। হাত তোলা₂-ক্রি. প্রহার করা। প্র-স্ত্রীলোকের গায়ে হাত তোলা কাপুরুষের কাজ। হেঁসেল তোলা-ক্রি রন্ধন ভোজনের পর উচ্ছিষ্টাদি পরিষ্কার করিয়া পাত্রাদি যথাস্থানে উঠাইয়া রাখা।

তোলো [সং-তুলা (ভাণ্ড) ..., বা তল+উয়া > তলুয়া (তলযুক্ত) । হি-তেলা বা তৌলা। শ্রীহট্ট অঞ্চলে-তেইলা (অপেক্ষাকৃত বড় অর্থে 'কাতলি')] বি. বৃহৎ মৃৎপাত্র; তোলো হাঁড়ি। প্র-তিজেল নয় একটা তোলো চাই। ~হাঁড়ি-ভাত রাঁধিবার বড় হাঁড়ি। ২ [লক্ষ.] তোলো হাঁড়ির মত গম্ভীর, স্ফীত ও কৃষ্ণবর্ণ; (মুখ) ভার। প্র-মুখ যেন সে তোলোহাঁড়ি করিয়া বসিয়া আছে। "যার পানে চাই তানারি মুখ তোলোহাঁড়ি।"-নীলদর্পণ।

তোল্য [তুলি (পরিমাণ করা)+য (ণ্য)] বিণ. তুলনীয়, তুলনার যোগ্য। ২ পরিমাপ্য; তৌলযোগ্য।

তোশক, তোষক [ফা-তোশক্] বি. তুলানির্ম্মিত বিছানা; ছোট গদি; বিছানায় পাতিবার মোটা লেপ।

তোশা, -ষা [ফা-তোশা (খাদ্য-সামগ্রী)] বি. মূল্যবান জিনিষপত্র। ~খানা-ধন-ভাণ্ডার; ধনাগার। ২ মূল্যবান্ আসবাবপত্র রাখিবার ঘর; গৃহোপকরণ, সাজ সরঞ্জাম ইত্যাদির আগার।

তোষ, তোষণ [তুষ্ (তুষ্ট হওয়া)+অ, অন (ভা-)] বি. তৃপ্তি; সন্তোষ। ২ হর্ষ; আহ্লাদ। ৩ সন্তুষ্টকরণ; সন্তোষ উৎপাদন। ৪ [ণে, অন] সন্তোষ সাধন বস্তু। স্ত্রীং তোষিণী-সন্তোষকারিণী। "গণ তোষিণি। দল তোষিণি। হর তোষিণি! শঠ তোষিণি! গুরু তোষিণি! গো।"-অ০ ম০।

তোষ(স)দান [ফা০-তোশ্‌দান >। ... বাং-র তোষদান ...] বি. অশন, গুলিবারুদাদির আধার cartridge pouch.

তোষল-বি. অপ্রচি: মুষল।

তোষাখানা-তোশা দ্র:।

তোষামোদ [ফা-খুশামদ্ > শব্দানুকরণে ও সং-তোষণ (মনোরঞ্জন)এর ভাব হইতে] বি. খোসামোদ; মন যোগান অন্যের মনস্তুষ্টিসাধন, চাটুবৃত্তি।

তোষিত [তুষ্+ণিচ্=তোষি (তুষ্ট করা)+ত (ক্ত)] বিণ. তর্পিত, তুষ্ট।

তোহর, তোহার, তোঁহার, তো(তোঁ)হারা, তো(তোঁ)হারি, তোহোর(রি), তোহোরে(রেঁ), তোহৌরি [হি-তোহারী, তুহারী, তোহার, তোহারা, তোহর। ব্রজ] স. তোমার; তোমারি; তব; তোর। "মুদি গেল কুমুদিনী তইও তোহর ধনি মুদল মুখ-অরবিন্দা।"-বি০ প০। "এত চাতুরী জানে কোন জনা বুঝিনু তোহারি রীতি।"-চণ্ডি০। "অবতারণ ভার তোহারা"-বি০ প০। "বলি যে তুঁহারি পাই"-চণ্ডি০। "তোঁহার লাগর প্রেমক সাগর সব কিছু সহবে জ্বালা"-রবী০।

তোহে [ব্রজ০। হি-তোহি (তোমাকে)-মানস কোশ] স. তোমাকে। "বিহি বিহি তোহে দেল"-বি০ প০।

তোহোবিল [মূলে ফা-তহ্‌বিল (যাওয়া আসা, জমা হওয়া) > রেশম-শিল্প পরি:] বি. রেশম সূত্র জড়াইবার লাটাই।

তোহ্মা [প্রা০ বাং। তুহ্মা দ্র:। 'তোহ্মাএ', 'তোহ্মাক', 'তোহ্মাকে', 'তোহ্মাথো', 'তোহ্মারে' (শ্রী০ কী০)] স. তোমার। ২ তোমায়। তোহ্মাত-তোহ্ম। ২ তোমাত (শ্রী০ কী০)। তোহ্মাতে-তোহ্মা। ২ তোহ্মাত। ৩ তোমা হইতে। তোহ্মাতেঁ, তোহ্মাথো-তোমা হইতে (শ্রী০ কী০)। তোহ্মার-তোমার। ২ তোমারে। ৩ তোমায়। তোহ্মারা-তোমরা। তোহ্মাহো-তোমায়ও। তোহ্মে-তুমি। ২ তোমায়। তোহ্মেএঁ-তুমি-সে। তোহ্মেহ-তুমিও। তোহ্মোসি-তুমি সে; তুমি-ই (শ্রী০ কী০)।

তৌজি, -জী [আ০-তৌজী। জমি: পরি:] বি. সেনা রক্ষার জন্য জায়গীর বন্দোবস্ত, জায়গীর জমিদারীর আয়ের হিসাব ও জায়গীরদার, জমিদার ও তালুকদারগণের নামের তালিকা। কে কত সেনা রক্ষা করেন, ইত্যাদি যে পুস্তকে লিখিত থাকে। ~নবিস-যে তৌজি লেখে; তৌজি-লেখক কর্ম্মচারী। ~মহাল-যে মহাল কালেক্টরের রক্ষিত বিবরণপত্রের অন্তর্গত।

তৌর্য্য [তূর্য্য+অ (সম্বন্ধার্থে)] বি. তূর্য্যবাদ্য; মৃদঙ্গাদির ধ্বনি।

তৌর্য্যত্রিক [তৌর্য্য+ত্রি (তিন)+ক] বি. গীত, বাদ্য ও নৃত্য। [ব্রজ-তুরিয়ঁতিক। "সুকাম নটনে তুরিয়তিকহ"-বি০ প০।

তৌল [তুল্ (পরিমাণ করা)+অ (ইদমর্থে)] বি. পরিমাণক্রিয়া; মাপ; ওজন। ২ তুলাযন্ত্র; তরাজু।

তৌলঝাঁপ [তৌল (দ্র:)+ঝাঁপ (বংশ বেত্রাদি নির্ম্মিত আধার, পাল্লা)] বি. দাঁড়িপাল্লা; ভারীবস্তু ওজনের 'কাঁটা' নামক তুলা-যন্ত্র। "তার গুটা যোড়ী দিল তৌল ঝাঁপে"-শ্রী০ কী০।

তৌলন₁ [তুলন+অ] বি. ওজন।

তৌলা [তৌল+আ (ক্রি-বিভক্তি)। এই অর্থে তৌলন₂ ও০। তৌলি, তৌল, তৌলে; তৌলিতে; তৌলিয়া (ক্ষে০ তৌলে)। ণিজন্ত-তৌলানি] ক্রি. মাপা; ওজন করা। "মহেশ মধ্যস্থ তবু মানে নাহি মুনি। তুলে করে ধরায় তৌলিলা শূলপাণি॥"-শি০। "তৌলিয়া গণিয়া রাজা লেউক যত ধন।"-কবিক০।

তৌলিক [তুলিকা+অ] বি. চিত্রকর; পটুয়া। ২ [তুলা+ইক] যে ওজন করে; পরিমাণকারী; কয়াল।

তৌলিয়া [ইং towel > হিং তৌলিয়া > বাং তোয়ালিয়া > দেং তোয়ালে (দ্রঃ)] বি. তোয়ালে ; গাত্র-মার্জনী।

-ত্থিকা [স্বতন্ত্র প্রয়োগ নাই। প্রাং-বাং। থিকা দ্রঃ] অ. থেকে ; হইতে। "কোথ-থিকা", "স্বর্গেথিকা"-প্রাং সূর্যোর গান (বঙ্গ সাং পরিচয়)।

ত্যক্ত [ত্যজ্ (ত্যাগ করা)+ত (র্ম্ম)] বিণ. যা পরিত্যাগ করা হইয়াছে ; বর্জ্জিত। ২ বিসৃষ্ট। ৩ ক্ষিপ্ত। ৪ দত্ত। ৫ [গ্রাং-তেক্ত, ত্যাক্তো] বিরক্ত। প্র-সংসারত্যক্ত সন্ন্যাসীর মত ইং। **~বিরক্ত** [গ্রাং-তিতিবিরক্ত] বিণ. উত্যক্ত এবং বিরক্ত। ২ [সহং দ্বন্দ্ব] জ্বালাতন।

ত্যর্জ [ত্যজা দ্রঃ] ক্রি. মং পুং. ত্যাগ কর। "তবে কেন তুমি, গুণনিধি! ত্যজ কিঙ্করীরে আজি?"-মেঘং।

ত্যর্জন [ত্যজ্ + অন (ভাং)] বি. পরিত্যাগ ; বিসর্জ্জন। ২ বর্জ্জন। ৩ দান। ৪ [পেং অন। যদ্দ্বারা গৃহাদি ভোগসাধন ত্যক্ত হয়] বৈরাগ্য [বিরল]। ত্রজং-ত্যর্জই-ত্যাগ করে ; ত্যজে।

ত্যজা [সং ত্যজ্ (ত্যাগ করা) >]। ত্যজি, ত্যজ (ত্যজেন, ত্যজিস), ত্যজে (ত্যজেন) ; ত্যজিতে ; ত্যজিয়া ইং] ক্রি. ত্যাগ করা। "ত্যজি ধনু, নিস্কোষিলা অসি মহাতেজাঃ"-মেঘং।

ত্যজ্যমান [ত্যজ্ + আন (র্ম্ম-শান), য, মু আগম] বিণ. যা ত্যাগ করা যাইতেছে।

ত্যাঁদিড়, ত্যাঁদড়, ত্যাঁদড় [সং ছিত্বর > চ্যাঁদড় > । ছ=চ=ত] বিণ. দুরন্ত ; দুষ্ট ; নির্লজ্জ ; বেহায়া। ২ ধূর্ত, শঠ। ৩ ছেঁচড় (ড়া)।

ত্যাগ [ত্যজ্ (ত্যাগ করা)+অ (ভা)] বি. বর্জ্জন ; পরিত্যাগ ; ২ বিসর্জ্জন ; নিক্ষেপ। ৩ ছাড়। ৪ দান। ৫ বৈরাগ্য। **~পত্র**-বি, ধন অধিকার ইং বর্জ্জনসূচক লিপি। **~মার্গ**-বি, সন্ন্যাস ; বৈরাগ্যের পথ। **~শীল**-বিণ, ত্যাগী ; নির্লোভ ; বদান্য। > বি, **~শীলতা**।

ত্যাগী [ত্যজ্ +ইন্ (র্ত্ত)=ত্যাগিন্ ১মা, ১বং] বিণ, যে ত্যাগ করে। ২ দাতা। ৩ বৈরাগী। ৪ নির্লোভ।

ত্যাজ্য [ত্যজ্ +য (র্ম্ম) গ্রাং তেজ্জা, তেজ্জি, তেজ্যি] বিণ. বর্জ্জনীয় ; ত্যাগের যোগ্য। **~পুত্র** [চং গ্রাং তেজ্জিপুত্তুর্] বি. পৈতৃক বিষয় হতে বঞ্চিত সন্তান।

ত্যাড়া [সং-তির্য্যক্ > হি -টেড়া] বিণ. বক্র ; বাঁকা। "শিরে ত্যাড়া টুপী" -হেম। ২ আড়, হেলান।

ত্যোয়া [তৈয়া দ্রঃ। প্রা -বাং. প্রাদেং] অস ক্রি, তৈয়ার করিয়া। বসিবার বাবছালে জাগা নিউক ত্যোয়া। পাবকে ফেতুক প্রেংচিতাঙ্গার বয়্যা।"-শি।

ত্রপমাণ [ত্রপ্ + মান (র্ত্ত)] বিণ. যে লজ্জা পাইতেছে ; লজ্জাশীল।

ত্রপা [ত্রপ্ +(লজ্জিত হওয়া)+অ (ভা) + আ-(স্ত্রীং)] বি.লজ্জা। ২ বিনয়। ৩ যশঃ ; কীর্ত্তি। ৪ বংশ, কুল। ৫ কুলটা ; বেশ্যা [সংস্কৃতের অনুবাদ গ্রন্থ ব্যতীত ইহার স্বতন্ত্র ব্যবহার নাই]। > বিণ, ত্রপী-লজ্জাশীল লাজুক।

ত্রপান্তর,তৃপান্তর [গ্রাং-তেপান্তর। ত্রি+প্রান্তর] বি, বহুদূর বিস্তৃত প্রান্তর।

ত্রপিত [ত্রপ্ +ত (র্ম্ম)] বিণ. লজ্জিত ত্রপাযুক্ত। স্ত্রীং ~া।

ত্রপিষ্ঠ [ত্রপা (লজ্জা)+ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, অতিশয় লজ্জিত ; অত্যন্ত লজ্জাশীল ;

ত্রপী-ত্রপা দ্রঃ।

ত্রপু [সং] বি. সীসক ; সীসা lead ২ রাঙ ; বঙ্গ tin ৩ দস্তা zinc

ত্রপুষ [সং] বি, কর্কটীবৃক্ষ ; শসালতা বৃক্ষ। ২ টিন। ~ী-বি, শশাগাছ।

ত্রয় [ত্রি (তিন)+অয় (জ্ঞা)] বি, ৩ এই সংখ্যা। ২ ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই ত্রিমূর্ত্তি। ৩ সোমরাজবৃক্ষ। ৪ বিণ, ত্রিসংখ্যক। স্ত্রীং ~ী।

ত্রয়ী ["ত্রিয়ামৃক্ সামযজুষী ইতি বেদাস্ত্রয়স্ত্রয়ী"-অমরং] বি, ঋক্, সাম ও যজু এই তিন বেদ। ২ [তুল-Trinity] ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর। ৩ ত্রিবর্গবতী স্ত্রী। ৪ গৃহিণী। ৫ দুর্গা। "ত্রৈলোক্যতারিণী এয়ী বিষ্ণুমায়া বর্ণময়ী কবি মুখে অষ্টাদশ ভাষা।"-কবিকং। ৬ বিণ. ত্রিসংখ্যক। ৭ ত্রিশক্তিযুক্ত। **~ধর্ম্ম** ত্রয়ী (বেদত্রয়োক্ত) ধর্ম্ম, মংপং লোং] বি, ঋক্ যজুঃ ও সামবেদোক্ত কর্ম্মকাণ্ড, বৈদিক ধর্ম্ম। **~বিদ্যা**-ত্রিবেদাত্মিকা বিদ্যা ; বেদবিদ্যা। "তুমি রমা তুমি বাণী যোগনিদ্রা নারায়ণী ত্রয়ীবিদ্যা অনাদি বাসনা।"-কবিকং। **~মুখ**-বি, বেদত্রয়জ্ঞ বা ত্রিবেদীব্রাহ্মণ।

ত্রয়ঃ/পঞ্চাশৎ-বি, ৫৩ ; তিপ্পান্ন। **~পঞ্চাশত্তম**-বিণ, ৫৩ সংখ্যার পূরক। **~শ্চত্বারিংশ, -শৎ**-বি, বিণ, ৪৩ সংখ্যা বা সংখ্যক। **~শ্চত্বারিংশত্তম**-বিণ, ৪৩ সংখ্যার পূরক। **~ষষ্টি**-বি, বিণ, ৬৩ সংখ্যা বা সংখ্যক। **~ষষ্টিতম**-বিণ, ৬৩ সংখ্যার পূরক। **~সপ্ততি**-বি, বিণ, ৭৩ সংখ্যা বা সংখ্যক। **~সপ্ততিতম**-৭৩ সংখ্যার পূরক।

ত্রয়স্ত্রিংশ-বিণ, ৩৩ সংখ্যার পূরক।

ত্রয়ো/দশ [ত্রি (তিন)+দশন=দশ] বিণ, তের সংখ্যার পূরক। ২ তের সংখ্যা, ১৩। স্ত্রীং **~দশী**-বি, তিথিবিং ; চন্দ্রের ত্রয়োদশ কলার হ্রাস বা বৃদ্ধি জনিত কাল। **~বিংশ, ~বিংশতি**-বি, বিণ, ২৩ সংখ্যক। **~বিংশতিতম**-বিণ,২৩ সংখ্যার পূরক।

ত্রসন [ত্রস্ (ভয় করা)+অন (ভাং)] বি, ভয় ; ত্রাস। ২ উদ্বেগ। ৩ বিণ, ত্রাসযুক্ত ; উদ্বিগ্ন।

ত্রসর [ত্রস্ (গমন করা)। সর (জ্ঞা)] বি, তন্তুবায়ের তুরী ; মাকু।

ত্রসরেণু [ত্রস (গমনশীল) যে রেণু, ধা] বি, ছয় পরমাণুসমষ্টি বা তিন ত্র্যণুক। রন্ধ্র পথ দিয়া গৃহমধ্যে যে সূর্য্যালোক প্রবেশ করে তাতে যে সূক্ষ্ম পদার্থ উড়িতে দেখা যায়। "গবাক্ষের রন্ধ্রে যেন ত্রসং চলে।"

ত্রস্ত [ত্রস্ (ভীত হওয়া)+ত (র্ত্ত)] বিণ, ত্রাসযুক্ত। ২ চকিত ; সসব্যস্ত। ৩ ভীত। ৪ কম্পিত ; বিচলিত। ৫ [নাট্যশাং] ভয়

ও মস্ততা স্থলে নেত্রতারার উর্দ্ধে স্থিতিরূপ প্রত্যঙ্গাভিনয়।

ত্রাটক [যোগ-পরিঃ] বি, যোগশাস্ত্রীয় ষট্‌কর্ম্মের বিধানবিঃ নিমেষ পতন না করিয়া সূক্ষ্ম বস্তু লক্ষ্যপূর্ব্বক নিরীক্ষণ (ত্রাটক যোগে শাম্ভবী মুদ্রা সিদ্ধি হয়)।

ত্রাণ [ত্রৈ (রক্ষা করা)+অন(ভা॰)] বি, রক্ষা। ২ বিপদ হতে উদ্ধার। ৩ বিণ, রক্ষক ; ত্রাতা (এই অর্থে অন্য শব্দের পর যুক্ত হয়)। প্র-সঙ্কট-ত্রাণ। ৪ বিণ, ত্রাত ; রক্ষিত। ~কর্ত্তা-বিণ, উদ্ধারক ; ত্রাতা।

ত্রাত [ত্রৈ (ত্রাণ করা)+ত (র্ম্ম)] বিণ, যাকে ত্রাণ করা হইয়াছে। স্ত্রীং ~া১-রক্ষিতা।

ত্রাতা২ [ত্রাতৃ ১মা ১বং] বিণ, ত্রাণ-কর্ত্তা ; রক্ষাকর্ত্তা ; উদ্ধারক। স্ত্রীং ত্রাত্রী।

ত্রায়মাণ [ত্রৈ+আন (র্ম্ম-শান)] বিণ, যাকে উদ্ধার করা যাইতেছে ; যে পরিত্রাণ পাইতেছে। ২ [র্ত্তৃ-আন] যে ত্রাণ করিতেছে। স্ত্রীং ~া।

ত্রাস [ত্রস্ (ভয় পাওয়া)+অ (ভা॰)] বি, ভীতি ; ভয়। "গহন কুসুম-কুঞ্জ মাঝে মৃদুল মধুর বংশী বাজে, বিসরি ত্রাস লোক লাজ, সজনি আও আওলো।"-রবী॰। "অবনী টলমল কম্পিত কুলাচল, ত্রাসে তরল ত্রিদিবেশ॥"-ঘ॰। ২ মণির কলঙ্ক। ৩ [প্রাদে॰] খর বা তীক্ষ্ণ দৃষ্টি ; রাসভারি চাহনি। প্র-তাহার চখের ত্রাস খুব। ~জনক-বিণ, যে ত্রাস জন্মায় ; ভয়দ।

ত্রাসিত [ত্রাসি (ভীত হওয়ান)+ত (র্ম্ম)] বিণ, বিভীষিত ; ভয়প্রাপ্ত ; ভয়চকিত। স্ত্রীং ~া।

ত্রাহি [ত্রৈ (রক্ষা করা)+হি॰অনুজ্ঞার্থে। এই সং শব্দ বাং-য় অবিকল চ॰ হইয়াছে] ক্রি, ত্রাণ কর ; রক্ষা কর ; বাঁচাও। ত্রাহি ত্রাহি ডাক ছাড়া, পরিত্রাহি ডাক ছাড়া-বিপদ হ'তে রক্ষা পাইবার জন্য প্রাণপণে চীৎকার করা ; অত্যন্ত ভয় পাইয়া যতদূর শক্তি চেঁচান।

ত্রি [সং] বিণ, তিন সংখ্যা ; ৩ [তুল-গেলিক্-tri ; গ্রী॰-treis ; ল্যা॰-tres ; জর্ম্ম॰-drei, trei ; গথ॰-threis ; ইং three ; হি॰-তীন্ ; ফা॰-সী]। ~কচ্ছ [ত্রি (তিন) +কচ্ছ (কাছা)] বি, তিনটী কাছা। প্রাচীন-কালের বস্ত্র পরিধানের প্রকারভেদ। ২ তিনটী কাছাযুক্ত ; তিনদিকে বন্ধনী দেওয়া ; "কিবা সে অদ্ভুত শোভে ত্রি॰ বসন।"-চৈ॰ ভা॰। ~কটু [ত্রি (তিন) যে কটু (তীব্র-ঝাল), দ্বিগু] বি, শুঁঠ, পিপুল ও মরিচ। ~কণ্ট, -ণ্টক [ত্রি (তিন) কণ্ট, কণ্টক (কাঁটা) যার, বহু॰] বি, গোক্ষুর। ২ তেকাটা সিজের গাছ। ৩ টেঙ্গরামাছ। ৪ গাগর মাছ। ~কর্ম্মা [ত্রি (তিন)+কর্ম্মন্ (কর্ম্ম) যার, বহু॰] বিণ, বি, ত্রিবিধ কার্য্যানুষ্ঠাতা ; (জীবিকার্থে যাজন, প্রতিগ্রহ ও অধ্যাপন এই ত্রিবিধ এবং ধর্ম্মার্থে যজন, দান ও বেদাধ্যয়ন এই ত্রিবিধ কার্য্যকারী ব্রাহ্মণ। ~কাল [ত্রি (তিন) যে কাল(সময়), দ্বিগু] বি, ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান এই তিন কাল। "ত্রিকাল মোহিনী যোগিনী সোহিনী মুক্তিযোগ রঙ্গিণী।"-গিরিশ॰। ২ প্রাতর্মধ্যাহ্ন সায়াহ্ন। ৩ বিণ, কালত্রয়বর্ত্তী। ~কালজ্ঞ (-ল্-) [ত্রিকাল+জ্ঞ (জ্ঞাতা, যে জানে)] বিণ, যে ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিনকালের বার্ত্তা জানে। ২ বি, শিব। ৩ ঋষি। ৪ বুদ্ধ। ~কাল-দর্শী [ত্রিকাল-দর্শিন্ (১মা ১বং) দর্শী (যে দেখে)] বিণ, ত্রিকালজ্ঞ ; যে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান দর্শন করে। ২ বি, ঋষি ; মুনি। ~কুল [ত্রি (তিন)+কুল। গ্রা॰-তিনকুল। প্র-সে সকলকে খেয়ে বসে আছে, তিনকুলে তার কেউ নাই] বি, বংশত্রয় ; পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল। ~কূট [ত্রি (তিন) কূট (শিখর) যার, বহু॰] বি, ত্রিশৃঙ্গবিশিষ্ট পর্ব্বতবিঃ যার উপর লঙ্কা অবস্থিত। ইহার নামান্তর সুবেল পর্ব্বত। এই পর্ব্বত লবণসমুদ্রে অবস্থিত [হে॰]। ২ ক্ষীরোদ সমুদ্রস্থ পর্ব্বত যার স্বর্ণ রৌপ্য ও লৌহময় তিনটী শৃঙ্গ আছে [পুরাণ]। ৩ সামুদ্রলবণ। > স্ত্রীং ~া-ভৈরবীবিঃ। ~কোণ [ত্রি (তিন) কোণ সরল বক্ররেখাত্রয়ের সংযোগজাত ক্ষেত্র। কোণ দ্রঃ)। ইং cone, গ্রী॰-konos] বি, তিন কোণ। ২ স্ত্রীচিহ্ন ; যোনি। ৩ [জ্যোঃ] লগ্নের পঞ্চম ও নবম স্থান। ৪ [গ॰] ত্রিভুজ ক্ষেত্রবিঃ। ৫ কামরূপ তীর্থ। ৬ বিণ, ত্রিকোণবিশিষ্ট। ~কোণমণ্ডলভূমি -নদীর মোহানাস্থিত মাত্রাশূন্য বকারের ন্যায় দ্বীপ ; 'ব' দ্বীপ। ~কোণমিতি [ইং trigonometry] বি, রেখা ও কোণ সম্বন্ধীয় গণিতশাস্ত্রবিঃ। ~গঙ্গ [ত্রি (তিনটী) গঙ্গা (নদী)র মিলন হইয়াছে যেখানে, বহু॰] বি, তীর্থবিঃ। ২ তিনটী নদীর সঙ্গমস্থল। ৩ প্রয়াগ ~গণ [ত্রি (৩টী) গণ (সমূহ)] বি, ত্রিবর্গ ; ধর্ম্ম অর্থ ও কাম। ~গর্ত্ত [ত্রি (তিনটী) গর্ত্ত (নিম্নভূমি-প্রবাহিনী, গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধুনদী) মিলিত হইয়াছে যেখানে, বহু॰] বি, পঞ্জাবের অন্তর্গত জেলাবিঃ : লাহোরাখ্য দেশের একভাগ ; জালন্ধর [হে॰] : বর্ত্তমান পাতিয়ালার প্রাচীন নাম। ২ গণিত-বিঃ। ৩ বিণ, ত্রিগর্ত্ত দেশবাসী। > স্ত্রীং ~া-ঘুর্ঘুরিকা। ২ ভোগাভিলাষিণী স্ত্রী। ~গুণ [ত্রি (তিন) যে গুণ, দ্বিগু] বি, তিন মুখ্য-প্রকৃতি : সত্ত্ব, রজঃ ও তমঃ। "কি পুণ্য করেছি উদরে ধরেছি ত্রিগুণধারিণী কন্যা।"-রা॰ প্র॰। ২ সুখ, দুঃখ ও মোহ। ৩ (সাংখ্যে)] সাম্যাবস্থাপন্ন গুণত্রয়াত্মক প্রধান (প্রকৃতি-বাদ)। ৪ বিণ, ত্রিগুণিত (দ্রঃ) three times. ৫ সুখ, দুঃখ ও মোহ এই গুণত্রয়যুক্ত ; সত্ত্বাদি গুণত্রয়বিশিষ্ট। "চন্দ্র সূর্য্য হুতাসন সু-শোভিত ত্রিনয়ন ত্রিগুণ ত্রিশূলী ত্রিপুরারি।" -অ॰ ম॰। > স্ত্রীং ~া-দুর্গা। ২ মায়া। ~গুণাত্মক [ত্রিগুণ+আত্মন্ (আত্মা) +ক] বিণ, গুণত্রয়বিশিষ্ট ; যার তিনগুণ আছে। ২ [সাংখ্যে] সত্ত্বরজস্তমোগুণপ্রধান। ৩ [বেদান্তে] অজ্ঞান। > স্ত্রীং ত্রিগুণাত্মিকা-আদ্যাশক্তি। "ত্রিগুণাত্মিকা তারা ত্রৈলোক্য জননী।" -কবিক॰। ~গুণিত [ত্রিগুণ+ইত (যুক্তার্থে)] বিণ, তিনবার গুণিত। ~চক্র [ত্রি (তিন) চক্র (চাকা) যার, বহু॰] বি, অশ্বিনীকুমারদ্বয়ের রথ। ২ বিণ, তিনচাকাবিশিষ্ট। ~চক্রযান বি, তিন-চাকার গাড়ী tricycle. ~চক্ষু [ত্রি, (তিন) চক্ষুস্=চক্ষু (নেত্র) যার, বহু॰] বি, ত্রিনেত্র ; শিব। ২ বিণ, তিনচক্ষুবিশিষ্ট ; তেচোকো। ~চীবর [বৌ॰ সা॰] বি, বৌদ্ধ ভিক্ষুদের পরিধেয় তিন প্রকার বস্ত্র অন্তরবাসক (দ্রঃ)। উত্তরাসঙ্গ (দ্রঃ) সংঘাটী (দ্রঃ)। ~জগৎ

[ত্রি (তিন) যে জগৎ, দ্বিগু] বি, ত্রিভুবন ; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। ~জঁটা [ত্রি (তিন) জটা (জট-বেণীবিশিষ্টা)] বি, রাবণের কিঙ্করী রাক্ষসীবিঃ ; এই রাক্ষসী জানকীর পক্ষপাতিনী ছিল। ২ শিব। ৩ বিল্ববৃক্ষ। ~জাঁতক-বি, এলা জৈত্রী তেজপাত এই তিন। ~তঁত্ত্ব [রামা০] বি, যে তত্ত্বে তিনের সমাহার আছে [ত্রিঅগ্নি=আহবনীয়, গার্হপত্য ও দক্ষিণ। ত্রিঋণ=দৈব, পৈত্র্য, মানুষ। ত্রিকর্ম্মপাতক=কায়িক, বাচিক, মানসিক। ত্রিগুণ=সত্ত্ব, রজঃ, তম। ত্রিবর্গ=ধর্ম্ম, অর্থ, কাম। ত্রিব্যাধি=বাত, পিত্ত, কফজ রোগ। ত্রিমদ=বিষয়, ধন ও আভিজাত্যমদ ; ত্রিবিধ মত্ততা। ত্রিযুগ্যগুণ=যশ-বীর্য্য, শ্রী-ঐশ্বর্য্য, জ্ঞান-বৈরাগ্য। ত্রিলোক=স্বর্গ, মর্ত্ত্য, পাতাল]। ~তন্ত্রী [ত্রি (তিন) তন্ত্র (তার) + ইন্ (স্ত্র্য০) =ত্রিতন্ত্রিন্ ১মা, ১ব০] বি, বীণাবিঃ (কচ্ছপী বীণার ন্যায় ইহার আকার-যন্ত্রকোষ)। ২ সেতার [ফা০-'সে'=তিন + তার=তন্ত্র। তিন তারবিশিষ্ট ততযন্ত্র তাই আমীর খসরু কর্ত্তৃক 'সেতার' নামে অভিহিত হইয়াছে]। ~তঁল [ত্রি + তল] বিণ, তেতলা। ~তাপ [ত্রি (তিন) যে তাপ (দুঃখ), সমাহার দ্বিগু] বি, আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ সন্তাপ। "ত্রিতাপ দিবানিশি, দহিছে শ্রীপদে দেহ আশ্রয়।"-গি· ঘোষ। "ত্রিবিধ তাপেতে তারা, নিশিদিন হ'তেছি সারা।"-রাম দত্ত। ~দঁণ্ড [ত্রি (তিন) দণ্ড (যষ্টি, শাস্তি), সমাহার দ্বিগু] বি, দণ্ডত্রয়। ২ বাগ্দণ্ড (বাক্‌সংযম), মনোদণ্ড (মনঃসংযম), কায়দণ্ড (দেহনিগ্রহ)-মনু০ ১২।১০। ৩ সন্ন্যাসাশ্রম। ~দণ্ডী [ত্রিদণ্ড + ইন্ (স্ত্যা০) =ত্রিদণ্ডিন্ ১মা, ১ব০] বিণ, ত্রিদণ্ডবিশিষ্ট। ২ সন্ন্যাসিবিঃ। ~দঁশ [ত্রি (তাপত্রয়) + দশ্ (নাশ করা) + অ (র্ত্তৃ), যাঁরা জীবের আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক তাপত্রয় নষ্ট করেন, অথবা ত্রি (তৃতীয়া) দশা (অবস্থা) যাদের অর্থাৎ যাঁহাদের যৌবনাবস্থা পর্য্যন্ত আছে কিন্তু বার্দ্ধক্যাবস্থা নাই] বি, দেবতা ; অমর। "এই মত লীলা করে ত্রিদশের রায়॥"-চৈ০ ভা০। "ত্রিদশগণের নাথ, কেমন আছেন তাত, কহ সুরপুরের বারতা।"-কবিক০। ২ [ত্রি (তিন অধিক ত্রিরাবৃত্ত) দশ=৩৩ সংখ্যা যাদের] আদিত্য ১২, রুদ্র ১১, বসু ৮, বিশ্বদেব ২। দ্রঃ ; প্রা০ বাং-তিদঁস-ত্রিদশ। "উঠিলেন গোসাঞি দেব চক্রপানি। ত্রিভুবন করহ মুক্ত তিদসর মনি॥"-শূ০পু০। ~দঁশগুরু-বি, বৃহস্পতি ; দেবগুরু। ~দঁশপতি [ত্রিদশ (দেবতার) পতি (রাজা), ৬তৎ] বি, দেবরাজ ; ইন্দ্র। ~দঁশবধূ, ~দঁশবনিতা বি, অপ্সরা। ~দঁশবঁর্ত্ম-বি, স্বর্গের পথ। ~দঁশাঙ্কুশ [ত্রিদশ + অঙ্কুশ, ৬তৎ] বি, বজ্র। ~দঁশাচার্য্য [ত্রিদশ (দেবতা) + আচার্য্য (গুরু), ৬তৎ] বি, দেবগুরু ; বৃহস্পতি। ~দঁশাধিপ, ত্রিদশাধিপতি [ত্রিদশ (দেবতা) + অধিপ, অধিপতি (রাজা), ৬তৎ] বি, দেবরাজ ; ইন্দ্র। ~দঁশাধ্যক্ষ [ত্রিদশ (দেবতা) + অধ্যক্ষ (অধিপতি), ৬তৎ] বি, ইন্দ্র। ২ বিষ্ণু। ~দঁশায়ুধ [ত্রিদশ (দেবতা) + আয়ুধ (অস্ত্র), ৬তৎ] বি, বজ্র ; অশনি। ২ ইন্দ্রধনু। ৩ দেবাস্ত্র। ~দঁশারি [ত্রিদশ অরি (শত্রু), ৬তৎ] বি, দৈত্য ; অসুর ; দানব। ~দঁশালঁয় [ত্রিদশ (দেবতা) + আলয় (বাসস্থান), ৬তৎ] বি, স্বর্গ। ২ সুমেরু পর্ব্বত। ~দঁশেশ্বর [ত্রিদশ ঈশ্বর (প্রভু), ৬তৎ] বি, ইন্দ্র। ২ শিব। ৩ বিষ্ণু। > স্ত্রীং ~ী-ইন্দ্রাণী। ২ ভবানী ; দুর্গা। ৩ বৈষ্ণবী ; লক্ষ্মী। ~দিব [ত্রি (তিন-ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর) + দিব্ (ক্রীড়া করা) + অ (অধি, জ্ঞা০)] বি, স্বর্গ। "কে তুমি ত্রিদিব দেবী বিরাজ হৃদি কমলে। নধর নগনা লতা মগনা কমল-দলে॥"-সারদা ম০। "ত্রিদিবে প্রধান দেব দেব-দেব শিব।"-অ০ ম০। ২ আকাশ। ৩ সুখ [প্র০ অ০]। প্রা০ বাং-তিদেব-ত্রিদিব ; স্বর্গ। "তিদেব মহারাজা টেকীর করিয়া পূজা সুগন্ধি পুষ্পর মালা দিআ।-শূ০ পু০। ~দিবেশ [ত্রিদিব (স্বর্গ) + ঈশ (প্রভু), ৬তৎ] বি, দেবতা। ~দিবোদ্ভবা [ত্রিদিব (স্বর্গ) + উদ্ভবা] বিণ, স্বর্গ সম্ভবা। ২ বি, বড় এলাচি। ~দেব [ত্রি (তিন) যে দেব, দ্বিগু] বি, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। ~দোষ [ত্রি (তিন) দোষ, ৬তৎ] বি, বাত পিত্ত ও কফ এই তিনের দোষ বা প্রকোপ। ~দোষঁঘ্ন [ত্রিদোষ-ঘ্ন (যে নাশ করে)] বিণ, বায়ু পিত্ত কফের দোষ বা প্রকোপ নাশক। ~দোষঁজ [ত্রিদোষ-জ (জাত)] বিণ, বাত পিত্ত কফ হতে উৎপন্ন। ~ধা [ত্রি + ধা (প্রকারার্থে] ক্রি-বিণ, ত্রিবিধ ; তিন প্রকারে। ২ তিনবার ; তিনবারে। ৩ তিন অংশে ; তিনভাগ করিয়া। ৪ তিনদিকে। ~ধামা [ত্রি (তিন) ধামন্=ধাম (বাসস্থান) যার, বহু০] বি, বিষ্ণু ; শিব ; অগ্নি। ২ বিণ, যার তিনটী ধাম বা বাসস্থান আছে। ৩ অগ্নি। ৪ তিন সংখ্যাযুক্ত। ~ধার [ত্রি (তিন) ধারা (প্রবাহ) যার, বহু০] বিণ, ধারাত্রয়বিশিষ্ট। প্রা০বাং-তিধার-তিন ধারবিশিষ্ট। "বাম-দিগে কাচস্তি পরভুর তিধার খস্তা॥"-শূ০পু০। > স্ত্রীং ~া-গঙ্গা (কারণ গঙ্গার প্রথম ধারা স্বর্গে, দ্বিতীয় ধারা মর্ত্ত্যে ও তৃতীয় ধারা পাতালে গমন করিয়াছে। স্বর্গে প্রবাহিতা ধারার নাম মন্দাকিনী, মর্ত্ত্যে ভাগীরথী এবং পাতালে ভোগবতী)। ২ স্নুহীবৃক্ষ। ~নঁবতি [ত্রি-নবতি (নব্বই)। প্রা০-তিরে-নব্বই] বি, ৯৩ এই সংখ্যা। ~নঁবতিতঁম-বিণ, ৯৩ সংখ্যার পূরক। > স্ত্রীং ~তমী। ~নঁয়ন, ত্রিনেত্র, ত্রিলোচঁন [ত্রি (তিন) নয়ন, নেত্র, লোচন (চক্ষু) যার, বহু০। স্বাভাবিক দুইনেত্র বাহ্যেন্দ্রিয় ও বাহ্য বস্তু প্রকাশক। ললাটস্থ তৃতীয় নেত্র অন্তরেন্দ্রিয় ও প্রত্যক্ষের অগোচর বস্তু এবং অধ্যাত্মতত্ত্ব-প্রকাশক জ্ঞাননেত্র] বি, শিব। "ওহে ত্রিনয়ন ত্রিতাপহারি! ত্রিপুরান্তক! ত্রিশূলধারি!" -দাশরথি রায়। > স্ত্রীং ~নঁয়না, ~নেত্রা, ~লোচঁনা-দুর্গা ; কালী। "ভাবি নরমালী কালী অসি করে হেরি বনমালী বাঁশরী অধরে ত্রিনয়না ধ্যানে বঙ্কিম নয়নে হেরি হই সই বিমনা-"-গিরিশ০। বাং-প্র-ত্রিনঁয়নী শব্দেরও ব্যবহার আছে। প্র-"ত্রাণ কর তারা ত্রিনয়নি! হে ভবানি! ভবরাণি ভবভয় বারিণি!"-দাশরথি রায়। ~নাথ [প্রাদে০] বি, সিদ্ধি ও ভাঙ্গের দেবতা। ~নেত্র-ত্রিনয়ন দ্রঃ। > স্ত্রীং ~া। ~পক্ষ [ত্রি (তৃতীয়) যে পক্ষ] বি,

তৃতীয়পক্ষ। ২ বিণ, তিনপক্ষ। ~পঁঞ্চ [ত্রি (ত্রিগুণিত) পঞ্চ (পাঁচ) যাতে, বহু০] বিণ, ১৫ [৩×৫]; পঞ্চদশ সংখ্যাযুক্ত। ~পঁঞ্চাশ-বিণ, ৫৩ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ী। ~পঁঞ্চাশঁৎ [ত্রি (৩) পঞ্চাশৎ (৫০)। গ্রা০-তিপ্পান্ন, তেপান্ন] বি, তিপ্পান্ন; ৫৩। ~পঁঞ্চাশঁত্তম (-শৎ+তম) বিণ, ৫৩সংখ্যার পূরক। ~পঁণ্ড [ত্রি (ধর্ম্ম, অর্থ, মোক্ষ)+পণ্ড। যে তিনই পণ্ড করে] বিণ, দুরাত্মা; দুর্বৃত্ত। ২ শঠ; খল; দুষ্ট। "বালকটী অতিশয় ত্রিপণ্ড"-টেকচাঁদ। ~পঁতাক [ত্রি (তিন) পতাকা (ধ্বজ-চিহ্ন, পতাকার মত চিহ্ন ত্রয়) যাতে, বহু০] বিণ, পতাকাত্রয়-বিশিষ্ট; তিনটী পতাকাযুক্ত। ২ বি, তিনটী পতাকাবৎ রেখাঙ্কিত ললাট। ৩ মধ্যমা এবং অনামিকা ব্যতীত অঙ্গুলিত্রয় যুক্ত হস্ত। ৪ [নাট্য-শা০] যে প্রত্যঙ্গাভিনয়ে পতাক হস্তের মধ্যমাঙ্গুলি নমিত হয় (বজ্র, বৃক্ষ, মুকুট, অগ্নিশিখা, বাণ, স্ত্রীপুরুষের যুগলমূর্ত্তি ই০ বুঝায়। ধনঞ্জয়ের দশরূপ মতে ত্রিপতাক হস্ত জনান্তিকে বহুলোকের মধ্যে একজনের সহিত কর্ণকথায় ব্যবহার, যথা-শকুন্তলা, ৬।২৩)। ~পঁত্র [ত্রি (তিনটী) করিয়া পত্র (পাতা) আছে যার, বহু০] বি, বিল্বপত্র; বেলপাতা। "জঠরে যাতনা পেয়ে বলিলাম, এবার ভজিতে তোমায় আমি ভবে চলিলাম; সুপুত্র হব রব স্বপদে, ত্রিপত্র দিব তব শ্রীপদে।"-দাশরথি। ২ ত্রিপত্রযুক্ত বৃক্ষ; বেলগাছ। ৩ দৈব ও পৈত্র্য কার্য্যে আবশ্যক কুশপত্র ত্রয়ে নির্ম্মিত দ্রব্যবিঃ। ৪ বিণ, তিনটী পাতাযুক্ত। ~পঁথ [ত্রি (তিন) পথ (রাস্তা) তাহার সমাহার, সমাহার দ্বিগু] বি, তেমাথা পথ। ২ তিনটী পথ। ~পঁথগা, [ত্রিপথ (স্বর্গ, মর্ত্ত্য, পাতাল) +গ (যে গমন করে)+আ (স্ত্রীং), স্বর্গগামিনী মন্দাকিনী, মর্ত্ত্যে প্রবাহিণী গঙ্গা এবং পাতাল-গামিনী ভোগবতী] বি, ত্রিপথগামিনী গঙ্গা। ~পথগামী-বিণ, যে স্বর্গ, মর্ত্ত্য, পাতালে গমন করে। >স্ত্রীং ~পথগামিনী-বি, গঙ্গা। ~পদিকা, ত্রিপদী, [ত্রি (তিন) পদ(চরণ) আছে যার, বহু০। ত্রিপদ+ক+আ (স্ত্রীং), ই আগম, +ঈ (স্ত্রীং)] বি, তেপায়া; টিপাই tripod ২ বাং-ছন্দোবি। এই ছন্দের প্রথমার্দ্ধে তিন চরণ থাকে ও ৩ স্থানেই যতি পতিত হয়। "করিলেম ছল, বুঝিতে সকল, দেবী হরমনোহরা।"-কৃত্তি০। এই ছন্দের লঘু, দীর্ঘ, তরল, ভঙ্গ-লঘু, দীর্ঘভঙ্গ ই০ ভেদ আছে। ইংরেজিতে এরূপ ছন্দকে trochee বলে। ৩ হস্তীর পদ-বন্ধন রজ্জু; শৃঙ্খলাদি। ~পঁদী₂ [ত্রিপদিকা দ্রঃ] বি, পূজার সরঞ্জাম বিঃ; তিন পদযুক্ত ক্ষুদ্র ধাতুনির্ম্মিত আসন যা পূজাদি করিবার কালে শালগ্রাম শিলা বা অন্য দেববিগ্রহ বসাইবার জন্য ব্যবহৃত হয়। ~পঁর্ণ [ত্রি (তিনটী) পর্ণ (পাতা) যার, বহু০] বিণ, যার তিনটী পত্র পাছে। ২ বি, পলাশবৃক্ষ। ~পঁল-তিরপল দ্রঃ। ২ বিণ, তিনটি পলতোলা; ত্রিশির। ~পাদ [ত্রি (তিনখানি) পাদ (চরণ) যার, বহু০] বি, বিষ্ণু [ইনি বামনরূপ ধারণ করিয়া এক পদে পৃথিবী অন্যপদে স্বর্গ আক্রমণপূর্ব্বক নাভিদেশোত্থিত তৃতীয় পদ বলির মস্তকে অর্পণ করিয়া তাকে পাতালতলে প্রেরণ করিয়াছিলেন]। ২ জ্বর। ৩ বিণ, ত্রেতা-যুগধর্ম্মরূপ বৃষ। ৪ বিণ, ত্রিপাদবিশিষ্ট। ~পান্তর [ত্রি-প্রান্তর। গ্রা০-'তিপান্তর', 'তেপান্তর'] বি, বহুদূরবিস্তৃত মাঠ। "গুখানের মৎস্য আর নারীর যৌবন। ত্রিপান্তরে পায় যদি রজত কাঞ্চন॥"-কবিক০। ~পাপ-বি, পাতকত্রয় (অতিপাতক, উপপাতক; মহাপাতক)। ~পারীণ [ত্রি+পার+ঈন] বিণ, ধর্ম্ম-অর্থ-কাম এই তিনের পারগত। ~পিটঁক [ত্রি (তিন) পিটক (বৌ০ ধর্ম্মগ্রন্থ), দ্বিগু। সূত্র, ধর্ম্ম ও বিনয় এই তিন ভাগে বিভক্ত বলিয়া নাম] বি, বৌদ্ধধর্ম্ম প্রতিপাদক গ্রন্থ। ~পিষ্টপ [ত্রি (তৃতীয়) যে পিষ্টপ (ভুবন), দ্বিগু] বি, স্বর্গ। ২ [ত্রি (তিন)] ত্রিভুবন। ~পুট [ত্রি (তিন) পুট (আচ্ছাদন) যার, বহু০] বি, খেঁসারি কলাই। ২ শর; তীর। >স্ত্রীং ~া-তন্ত্রোক্ত দেবীবিঃ। ২ মল্লিকা। ৩ ছোটএলাচি। ~পুটী-এরণ্ডবৃক্ষ। ~পুণ্ড্র, ত্রিপুণ্ড্রক [ত্রি (তিন) পুণ্ড্রের, পুণ্ড্রকের (তিলকের) সমাহার, সমাহার দ্বিগু] বি, ভস্মাদি দ্বারা ললাটে রচিত রেখাত্রয়; তিলক; ফোঁটা। ~পুর-ত্রি (তিন) পুর (নগর) যার, বহু০] বি, ত্রিপুরাসুর। ২ তারকাসুর। ৩ [ত্রি (তিন) যে পুর, যা] বি, তারকাসুরের তিন পুত্রাধিকৃত, ময়দানব-নির্ম্মিত স্বর্ণ, রৌপ্য ও লৌহময় তিন পুরী। >স্ত্রীং ~া। ~পুরঘ্ন (-রঁ-) [ত্রিপুর-হন্ (বধ করা)+অ (র্তৃ)] বি, ত্রিপুরারি; শিব। ~পুরদঁহন, ত্রিপুরারি, ত্রিপুরান্তক [ত্রিপুর+দহ্+অন (র্তৃ), ত্রিপুর+অরি, ত্রিপুর+অন্তক] বি, শিব। "বিপদ কাণ্ডারী প্রভু ত্রিপুরারি।"-দাশরথি রায় ~পুর-ভৈরঁবী-বি, দেবীবিঃ। ~পুরমঁর্দ্দন [ত্রিপুর (অসুর) মর্দ্দন (বিনাশক)] বি, শিব। "দুই হাতে ঘোটনা দুপায়ে কুঁড়া ধরি, ত্রিপুরমর্দ্দন নাম মনে মনে স্মরি॥"-অ০ ম০। ~পুরা [উপরে ত্রিপুর দ্রঃ] বি, দেবীবিঃ। ২ দুর্গা। "ত্রিপুরা ত্রিলোকতারা ধরাধর-নন্দিনী। হাস্যযুতা পূর্ণেন্দুবদনী হরমোহিনী।" -দেওয়ান রঘুনাথ রায়। ৩ [হে০] প্রাচীন চেদীরাজ্য। ৪ আধুনিক টিপারা Tipperah. ~পুরান্তক [ত্রিপুর+অন্তক] বি, শিব। ~পুরী-বি, ত্রিপুরাদেশ। ২ [হে০] প্রাচীন চেদীরাজ্য। ~পুরুষ [ত্রি (তিন) যে পুরুষ, দ্বিগু] বি, পিত্রাদি পুরুষত্রয় [দ্রঃ-স্বয়ং, পিতা, পিতামহ বা স্বয়ং, পুত্র, পৌত্র অথবা পিতা, স্বয়ং ও পুত্র ই০। ২ বিণ, পুরুষত্রয় পরিমিত; তিন পুরুষের জীবিত-কাল পরিমিত। ~পুরেশ [ত্রিপুর+ঈশ (প্রধান)] বি, তীর্থবিঃ [পদ্মপুরাণ]। ~পুষ্কর [ত্রি+পুষ্কর] বি, তীর্থবিঃ। ২ পুষ্করতিথি, পুষ্কর নক্ষত্র ও পুষ্কর বার-ঘটিত মৃত্যু যোগবিঃ। পুষ্কর তিথি-দ্বিতীয়া সপ্তমী ও দ্বাদশী। পুষ্কর নক্ষত্র-পুনর্ব্বসু, উত্তরাষাঢ়া, কৃত্তিকা, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্র-পদ ও বিশাখা। পুষ্কর বার-রবি, শনি ও মঙ্গল। এই পুষ্কর বার বা তিথি বা নক্ষত্রে মৃত্যু হইলে এক পাদ পুষ্কর দোষ হয়, দুটি যোগ ঘটিলে দ্বিপাদ দোষ। যার মৃত্যু সময়ে উক্ত বার তিথি নক্ষত্র এই তিনের যোগ হয় সে ত্রিপুষ্কর দোষ পায় তার জন্য বাস্তু ও বৃক্ষাদি

জীবিত থাকে না (ফলিত জ্যো০)। ~ফলা [ত্রি+ফল+আ] বি, হরিতকী, বিভীতকী (বয়ড়া) ও আমলকী এই তিন ফলের সংযোগ। ~বর্গ [ত্রি (তিন) বর্গের (শ্রেণী বা সমূহের) সমাহার, সমাহার দ্বিগু] বি, সৃষ্টি, স্থিতি, লয়। ২ ধর্ম্ম, অর্থ, কাম। ৩ সত্ত্ব, রজঃ, তম। ৪ আয়, ব্যয়, স্থিতি। ৫ হরীতক, বিভীতকী, আমলকী। ৬ শুঁঠ, মরিচ, পিঁপুল। ~বর্ণ [ত্রি (তিন) যে বর্ণ, দ্বিগু] বি, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য। ২ বিণ, তিনবর্ণবিশিষ্ট ; তিন রঙ্গা। ~বর্ণক [ত্রিবর্ণ+ক (স্বা০)] বি, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য। ২ হরীতকী, বিভীতকী, আমলকী। ৩ শুঁঠ, মরিচ, পিঁপুল। ৪ [আয়ু০] ত্রিফলা, ত্রিকটু এবং ত্রিমদ। ~বর্ত্ম (-বৃর্ত) বি, তিনটি পথ। ২ বিণ, তিন পথযুক্ত। ~বর্ত্মা [ত্রি (তিন) বর্ত্মন্ (পথ) যার, বহু০] বি, দেবযান, পিতৃযান ও দক্ষিণ-যান রূপ মার্গত্রয়বিশিষ্ট জীব। ২ স্বর্গ, মর্ত্ত্য পাতালস্থ মার্গ। ৩ ত্রিপথগা ; গঙ্গা। ~বর্ষ [ত্রি (তিন)+বর্ষ (বৎসর), দ্বিগু] বি, তিন বৎসর। ২ বিণ, তিন বৎসর বয়স্ক। > স্ত্রীং ~া। ~বর্ষিকা [ত্রি (তিন) বর্ষ (বয়ঃক্রম) হইয়াছে যার, বহু০সমাসে ক যোগ, +আ (স্ত্রীং), ই আগম] বি, তিন বৎসরের গাই। ~বর্ষীয় [ত্রিবর্ষ+ঈয় (ভবার্থে)] বিণ, ত্রিবর্ষজাত। > স্ত্রীং ~া। ~বর্ষ্য [ত্রি (তিন) বর্ষ (বয়ঃক্রম) যার, বহু০] বিণ, তিন বৎসর বয়স্ক। ~বলি,-লী [ত্রি (তিন) বলির (শ্লথ চর্ম্মের) সমাহার, সমাহার দ্বিগু। প্রাকৃ০-বাং-ত্রিবলি। 'তিনরূপ বলী' "লোভে নাভিতলে বসে তীনরূপ বলী"-শ্রী০ কী০] বি, উদর কিম্বা কণ্ঠদেশ ই০ স্থানে মাংস সঙ্কোচজনিত রেখাত্রয়। "বুক শোভে ব্যাঘ্র-নখে, অঙ্গে রাঙ্গা ধূলি মাখে, কটিতটে শোভয়ে ত্রিবলি।"-কবিক০। "মণি করি কর, উরু মনোহর নিতম্বে রত্নকিঙ্কিণী। ত্রিবলির ভঙ্গে, অনঙ্গের অঙ্গে, বান্ধি রাখে মাঙ্গা ক্ষীণী।"-অ০ ম০। ২ মানুষের ঠিক বুকের সন্ধিস্থল হতে যে অল্প অল্প লোমের একটি ঈষৎ কৃষ্ণবর্ণ রেখা নাভিমূল পর্য্যন্ত লক্ষিত হয়। ~বিক্রম [ত্রি (পাদত্রয়) দ্বারা বিক্রম (আক্রমণ বা অধিকার) হইয়াছে যৎ কর্ত্তৃক, বহু০। বি, বামনরূপী বিষ্ণু। "ত্রিপাদ ধরণী লয়ে ত্রি০ রূপ হয়ে একপদে স্বর্গ আচ্ছাদিলা।"-অ০ ম০। ~বিদ্যা [ত্রি (তিন) যে বিদ্যা (বেদ), দ্বিগু] বি, ঋক্, সাম ও যজুঃ এই তিন বেদ ; ত্রয়ী। ~বিধ [ত্রি +বিধ (প্রকার)] বিণ, তিন প্রকার। "ত্রিবিধ তাপেতে তারা নিশিদিন হতেছি সারা।"-রাম দত্ত। বি, ~বিধত্ব, ত্রৈ-বিধ্য-দ্রঃ। ~বিষ্টপ [ত্রি (তৃতীয়, তিন) বিষ্টপ (ভুবন), দ্বিগু] বি, স্বর্গ। ২ ত্রিবিষ্টপ (দ্রঃ) ; ত্রিভুবন ; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। ~বৃৎ [সং] বি, তেউড়ী লতা। ~বৃৎ-করণ [সং] বি, ক্ষিতি, অপ্, তেজ এই ভূতত্রয়ের প্রত্যেককে দুইভাগে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুনর্ব্বার দুই-ভাগে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধ ব্যতীত অন্য দুই অর্দ্ধের এক এক ভাগের যোজনা, যথা-

ক্ষিতি অপ্ তেজ

ক্ষি½ ক্ষি½ অ½ অ½ তে½ তে½

ক্ষি¼ ক্ষি¼ অ¼ অ¼ তে¼ তে¼

(১) ক্ষি½+অ¼+তে¼

(২) অ½+ক্ষি¼+তে¼

(৩) তে½+ক্ষি¼+অ¼

~বৃত্ত [ত্রি (তিন) হইয়াছে বৃত্ত (গুণিত) যার, বহু০] বিণ, ত্রিগুণিত। > স্ত্রীং ~া। ~বেণী [ত্রি (তিন) বেণী (প্রবাহ) মিলিত হইয়াছে যেখানে, বহু০, কিম্বা ত্রি (তিন) বেণীর সমাহার, সমাহার দ্বিগু। অং-ত্রি-পিনী ("ত্রিপিনীর জল পরভুক সিনান করাইল।"-শূ০ পু০)। গ্রা০-তিরপুনি ("তিরপুনির মাঠে রে ভাই বালি ঝুরঝুর করে"-ছড়া)] বি, গঙ্গা। ২ গঙ্গা, যমুনা ও সরস্বতীর সংযোগ ও বিয়োগস্থল [দ্রঃ-যুক্ত-বেণী (প্রয়াগে), মুক্তবেণী (বঙ্গে), সরস্বতী অধুনা অদৃশ্যা]। ~বেদী [ত্রিবেদ+ইন্ (অধ্যয়নার্থে)= ত্রিবেদিন্ ১মা ১ব০] বি, যে ঋক্ যজুঃ সাম এই তিন বেদ অধ্যয়ন করে ; যে বংশে বেদত্রয় অধীত হইত ; তেওয়ারী। ~ভঙ্গ [ত্রি (তিন)+ভঙ্গ (বক্র)। গ্রা০-তেঠঙ্গা (দ্রঃ)] বিণ, ত্রিবঙ্ক ; অঙ্গের ত্রিবঙ্কিম ভাবযুক্ত। প্র-ত্রিভঙ্গ মূর্ত্তি। ২ বি, শ্রীকৃষ্ণ। "বাঁকা ত্রিভঙ্গ বিহনে শ্রীঅঙ্গ শ্রীহীনে রাই, তারে কিঁ হবে মধুরধ্বনি শুনালে।"-রাম বসু। ~ভঙ্গ মুরারি-বি, শ্রীকৃষ্ণ (গ্রীবা, কটি ও পদের বঙ্কিম ভাব হেতু)। ~ভঙ্গিম [ত্রিভঙ্গ (দ্রঃ)+ইম (সাদৃশ্যে)] বিণ, ত্রিবঙ্ক। "ত্রিভঙ্গিমঠাম পড়ে সখি মনে"-গিরিশ০। ~ভাগ [ত্রি (তৃতীয়) যে ভাগ (খণ্ড), দ্বিগু, ধা] বি, তৃতীয়ভাগ। ২ বিণ, তিনভাগ ; তিনখণ্ড। ~ভুজ [ত্রি (তিন) হইয়াছে ভুজ (বাহু) যার, বহু০] বি, যার তিনটী বাহু আছে। ২ [জ্যামিতিতে] তিনটী সরলরেখা-বদ্ধ ক্ষেত্র [দ্রঃ-বিষমবাহু ত্রিভুজ-যে ত্রিভুজের তিনটী বাহুই পরস্পর অসমান। সমকোণী ত্রিভুজ-যে ত্রিভুজের একটী কোণ সমকোণ। সমদ্বিবাহু ত্রিভুজ-যে ত্রিভুজের দুই বাহু পরস্পর সমান। সম-বাহু ত্রিভুজ-যে ত্রিভুজের বাহু তিনটী পরস্পর সমান। সূক্ষ্মকোণী ত্রিভুজ-যে ত্রিভুজের তিনটী কোণই সূক্ষ্মকোণ। স্থূলকোণী ত্রিভুজ-যে ত্রিভুজের একটী কোণ স্থূল]। ~ভুবন [ত্রি (তিন) ভুবনের (জগতের) সমাহার, সমাহার দ্বিগু] বি, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল ; ত্রিজগৎ। ~মধু [ত্রি (তিন)+মধু-মধুর সমাহার, সমাহার দ্বিগু] বি, ঘৃত, মধু, চিনি। ~মার্গী [ত্রি (তিন) মার্গের (পথের) সমাহার, সমাহার দ্বিগু] বি, ত্রিমার্গ দ্রঃ। ~মূর্ত্তি [ত্রি (তিন) মূর্ত্তির সমাহার, সমাহার দ্বিগু] বি, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। ২ বৌদ্ধদেবীবিঃ। ~যম্বক [ত্রি (তিন) অম্বক (নেত্র) যার, বহু০। অ=য] বি, শিব। ~যামা [ত্রি (তিন) যাম (প্রহর) রাতে বা যার, বহু০] বি, রাত্রি ; রজনী [দ্রঃ-রাত্রির আদি ও অন্তের যামার্দ্ধদ্বয় সন্ধ্যা (সন্ধি) মধ্যে গৃহীত হয়] ২ যমুনানদী। ৩ হরিদ্রা। ~যুগ [ত্রি (তিন) যুগের আবির্ভাব

হইয়াছে যে সময়ে, বহু০] বি, কালত্রয়-বসন্ত, বর্ষা ও শরৎ। ~রত্ন [ত্রি (তিন) রত্ন (শ্রেষ্ঠ উপাস্য)] বি, রত্নত্রিতয়। ২ বৌদ্ধ ত্রিত্ব (trinity) : বুদ্ধ, ধর্ম (বুদ্ধবাক্য), সঙ্ঘ (পবিত্র সম্প্রদায়, বৌদ্ধসম্প্রদায়)। ~রাত্র [ত্রি (তিন) রাত্রির সমাহার, সমাহার দ্বিগু] বি, ত্রিযামা দ্রঃ। ২ রাত্রিত্রয়। ৩ [এই অর্থে গ্রা০-তেরাত্ত, তেরাত্তির, তেরাত্তির] তিন অহোরাত্রব্যাপী উপবাস। ~রেখ [ত্রি (তিনটী) রেখা আছে যাতে, বহু০] বিণ, রেখাত্রয়বিশিষ্ট। ২ [তিন রেখার সমাহার, সমাহার দ্বিগু] বি, রেখাত্রয়। ৩ শঙ্খ। ~লিঙ্গ [ত্রি (তিন) হইয়াছে লিঙ্গ (পুংস্ত্রাদিরূপ চিহ্ন) যার, বহু০] বিণ, পুং স্ত্রী ও ক্লীব এই লিঙ্গত্রয়বিশিষ্ট। ~লোক [ত্রি (তিন) লোক, দ্বিগু] বি, ত্রিভুবন; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। ~লোকনাথ [ত্রিলোক (স্বর্গ-মর্ত্ত্য-পাতাল) তার নাথ (প্রভু), ৬ তৎ] বি, বিশ্বনাথ পরমেশ্বর। ~লোকী [ত্রি (তিন) লোকের (ভুবনের) সমাহার, সমাহার দ্বিগু। ত্রিলোক+ঈ] বি, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। ~লোকীকান্ত-ত্রিজগৎপতি ; বিষ্ণু। "এই ত সময় ত্রিলোকীকান্ত কলির তাপে সকলে ভ্রান্ত"-গোবিন্দ ব্রহ্মচারী। ~লোকেশ [ত্রিলোকের-ঈশ, ৬ তৎ] বি, ত্রিলোকের ঈশ্বর ; ত্রিজগৎ নাথ। ২ বিশ্বেশ্বর ; শিব। ৩ বিষ্ণু। ~লোচন [ত্রি (তিনটী) লোচন (চক্ষুঃ) যার, বহু০] বি, শিব। ২ বিণ, তিনচক্ষু বিশিষ্ট। > স্ত্রীং ~া, ~নী-দুর্গা ; কালী। ২ বিণ, ত্রিনেত্রা ; ত্রিনয়না। ~লৌহক [ত্রি (তিন) লৌহক (ধাতু), দ্বিগু] বি, স্বর্ণ, রৌপ্য ও তাম্র। ~শক্তি [ত্রি-শক্তি] বি, দুর্গার ত্রিমূর্ত্তি (কালী, তারা, ত্রিপুরা)। ~শঙ্কু [ত্রি+শঙ্কু] বি, স্বনামপ্রসিদ্ধ নৃপতি। রাজা হরিশ্চন্দ্রের পিতা [বশিষ্ঠ ও তৎপুত্রগণ ইঁহার সশরীরে স্বর্গগমনের পথ রুদ্ধ করিলে বিশ্বামিত্র স্বীয় তপোবলে স্বর্গ ও মর্ত্ত্যের অন্তরালে নূতন নক্ষত্র-লোক সৃষ্টি করিয়া তাতে ইঁহাকে স্থাপিত করিয়াছিলেন ; ইহাই রাজার ত্রিশঙ্কু নামের কারণ]। ~শত [ত্রি (তিন) গুণিত যে শত (১০০), দ্বিগু] বি, ৩০০ ; তিনশত।

~শিখ [ত্রি (তিনটী শিখা যার), বহু০] বি, ত্রিশূল। ২ কিরীট। ৩ রাক্ষসবিঃ (রাবণের পুত্র)। ৪ বিণ, তিনটী শিখাযুক্ত ; তিনটী শিখাবিশিষ্ট। ~শিরা [ত্রিণ (তিনটী) শিরস (মস্তক) যার, বহু০। ত্রিশিরস্ ১মা, ১ব০] বি, কুবের। ২ জ্বরপুরুষ। [বাণাসুর যুদ্ধে ইহার উৎপত্তি]। ৩ রাক্ষসবিঃ ; খরের সেনাপতি। ~শীর্ষক [ত্রি (তিনটী) শীর্ষ (মস্তক, অগ্রভাগ) যার, বহু০-সমাসে ক] বিণ, তিনটী মাথাবিশিষ্ট। ত্রিমুণ্ড। ২ ত্রিফলকযুক্ত অস্ত্র : ত্রিশূল। ~শূল [ত্রি-শূল, দ্বিগু] বি, ত্রিফলকযুক্ত অস্ত্র ; শিবের প্রধান অস্ত্র। ২ [নাট্য শা০] অঙ্গুষ্ঠ ও কণিষ্ঠা অঙ্গুলিদ্বয় বদ্ধ করারূপ প্রত্যঙ্গাভিনয়। ~শূলী [ত্রিশূল +ইন্ (স্ত্য০)=ত্রিশূলিন্ ১মা, ১ব০] বি, শিব। "চন্দ্র সূর্য্য হুতাশন সুশোভিত ত্রিনয়ন ত্রিগুণ ত্রিশূলী ত্রিপুরারী।"-অ০ ম০। ২ বিণ, ত্রিশূলধারী ; যে ত্রিশূল ধারণ করিয়াছে। > স্ত্রীং ত্রিশূলিনী-ত্রিশূলধারিণী। ২ দুর্গা। ~শৃঙ্গ-বি, তিনটি চূড়া হেতু] বি, চিত্রকূট পাহাড়। ~শৃঙ্গী [ত্রিশৃঙ্গ-ইন্= ত্রিশৃঙ্গিন্ ১মা০ ১ব০] বি, রুইমাছ। ২ শিবের অনুচরবিঃ। "চলে ভৈরবা ভৈরবী নন্দী ভৃঙ্গী। মহাকাল বেতাল তাল ত্রিশৃঙ্গী॥"-অ০ ম০। ~ষবণ-ত্রিসবন দ্রঃ। ~ষষ্ট-বিণ, ৬৩ সংখ্যার পূরক। ~ষষ্টি [ত্রি (তিন) অধিক যে ষষ্টি (৬০), ধা] বি, তেষট্টি ; ৬৩। ~ষষ্টিতম-বিণ, ৬৩ সংখ্যার পূরক। > স্ত্রীং ~তমী। ~সংসার-বি, স্বর্গ-মর্ত্ত্য-পাতাল ~সন্ধ্যা [ত্রি (তিন) সন্ধ্যার (মিলনকালের) সমাহার, সমাহার দ্বিগু। চ০ ত্রিসন্ধ্যা। গ্রা০-তিন সোন্ধে-ন্দে] বি, প্রাতঃকাল, মধ্যাহ্নকাল, অপরাহ্ণ কাল। ~সপ্ত [ত্রি (ত্রিগুণিত) সপ্ত, ধা] বি, একবিংশতি সংখ্যা ;-২১ (৩×৭)। ২ বিণ, ২১ সংখ্যক। ~সপ্তত -বিণ, ত্রিসপ্ততিতম (দ্রঃ)। ~সপ্ততি [ত্রি (তিন ৩) সপ্ততি (৭০)] বি, তিন অধিক সপ্ততি ; ৭৩। ~সপ্ততিতম-বিণ, ৭৩ সংখ্যার পূরক। ~সবন, ~ষবণ [ত্রি (তিন) +সবন (স্নান)] বি, ত্রৈকালিক স্নান ; তিনসন্ধ্যা স্নান। ~সর্গ [ত্রি (দ্বারা) সর্গ (সৃষ্টি)] বি, সত্ত্ব, রজ ও তমোগুণাত্মক সৃষ্টি। ~সাহস্র [ত্রি (তিন) সাহস্র (হাজার পরিমিত)] বিণ, তিন হাজার। ~সীমা [সং: বাং- ত্রিসীমানা প্রচল] বি, সন্নিধি ; সমীপ : নিকট। ~স্পর্শা, ত্রিস্পৃশা [ত্রি (তিন) স্পৃশ (স্পর্শ করা) + অ (র্ত্তৃ) + আ (স্ত্রীং)] বি, যে একাদশীতে একাদশীর ক্ষয় হইয়া পরে দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশীর সংযোগ হয়। ত্র্যহস্পর্শ দ্রঃ। ~স্রোতাঃ, ~তা [ত্রিস্রোতস্ ১মা, ১ব০] বি, তিনলোকে যার স্রোত প্রবাহিত হইয়াছে ; গঙ্গা ; ত্রিপথগা দ্রঃ। ২ বিণ, তিন, দিকে স্রোতবিশিষ্টা। ~হল্য [ত্রি (তিন) হল্য (হলকর্ষিত)] বিণ, যে জমিতে তিনবার লাঙ্গল দেওয়া হইয়াছে ; তিনবার চষা জমী। ~হায়ণ [ত্রি (তিন) +হায়ণ (বৎসর) যার, বহু০] বিণ, তিন বৎসরের ; ত্রিবর্ষ। ~হায়ণী [ত্রি (তিন) হায়নী (বর্ষীয়া)] বি, ৩ বৎসরে গাই। ২ [হায়ন-কাল বা যুগ অর্থে। সত্যযুগে বেদবতী, ত্রেতায় জানকী, দ্বাপরে দ্রৌপদী] দ্রৌপদী।

ত্রিংশ [সং-ত্রিংশৎ] বিণ, ত্রিশ সংখ্যার পূরক। ২ ত্রিশ সংখ্যা ; ৩০। ~ৎ-বি, বিণ, ৩০ সংখ্যা বা সংখ্যক। ~ৎক [ত্রিংশৎ +ক (পূরণার্থে)], বি, ত্রিংশৎ সংখ্যার পূরক। > স্ত্রীং ~া। ~ত্তম [ত্রিংশৎ+তম (পূরণার্থে)] বিণ, ত্রিংশৎ সংখ্যার পূরক। > স্ত্রীং ~ত্তমী। ~ৎপত্র-বি, ৩০ পাপড়ির ফুল ; কুমুদ।

ত্রিক (-ক্) [সং] বি, মেরুদণ্ডের নিম্ন প্রদেশ। ২ কটী। ৩ ৩ সংখ্যা। ৪ তেমাথা পথ। ৫ ত্রিফলা। ৬ ত্রিকটু। ~া-তেকাঠা। ২ কূপের মুখে বসান ত্রিভুজ দণ্ড, যার উপর দিয়া দড়ি ফেলিয়া জল তোলা যায় ; জলোত্তোলনীবিঃ।

ত্রিককুৎ [সং] বি, বিষ্ণু। ২ চিত্রকূট পাহাড়।

ত্রির্কচ-কামান [ফা০-তীরকশ (তীর নিক্ষেপক) + ফা০-কামান (ধনু)] বি, তীরধনু। "হাতে লোকে ত্রিকচ কামান"-শূ০পু০।

ত্রিণ [তৃণ (দ্রঃ), তৃ=ত্রি, ঋ=রি] বি,

তৃণ ; ঘাস [বিরল]। ~তা, ~ত্ব-বি, তৃণের ভাব বা ধর্ম্ম।

ত্রিণাচিকেত্ত[সং] বি, যজুর্ব্বেদাংশ-বিঃ। ২ জনৈক যাজ্ঞিক।

ত্রিত [সং] বি, গৌতমের তৃতীয় পুত্র [প্রথম পুত্রের নাম একত, দ্বিতীয়ের নাম দ্বিত (মহা, শল্য ৩৭-অঃ)]। ২ ব্রহ্মার মানস-পুত্র ঋষিবিঃ। ৩ পুরাণোল্লিখিত দেশবিঃ।

ত্রিতয় [সং] বি,তিনের সমষ্টি ; ৩ সংখ্যা ; তিনটি। "পদাতিক অশ্বারোহী এবং তোপ-খানা এই ত্রিতয় সংযোগে উত্তম বাহিনী প্রস্তুত হয়।"-আ০ পত্রিকা। স্ত্রীং ~ী।

ত্রিতীয়ক [সং] বি, যে জ্বর প্রতি তৃতীয় দিনে দেখা দেয়; বিষমজ্বরবিঃ tertian fever.

ত্রিত্ব [ত্রি+ত্ব (ভাং] বি,তিনের ভাব বা অবস্থা ; ত্রিবস্তু ; ত্রিবিষয় ; ত্রিমূর্ত্তি trinity.

ত্রিশ [সং-ত্রিংশ(ৎ) >। প্রাং-তিরিশ] বি, বিণ, ৩০ এই সংখ্যা। ২ ত্রিশ সংখ্যক ; ত্রিংশৎ ; ত্রিংশত্তম।

ত্রিশা [সং-ত্রিশাহ। ত্রিশ+অহ (অহন্ -অহ্ন) > ক্ষেং] বি. ত্রিশদিনব্যাপী উৎসব। "ত্রিশ দিনে রাজা ত্রিশা করিল সঙ্কীর্ত্তন"-মাণিকং গাং।

ত্রিষ্টুভ [সং] বি, একাদশাক্ষর ছন্দোবিঃ।

ত্রিসর [সং] বি, তিলমিশ্রিত অন্ন।

ত্রিহুত [সং-তীরভুক্তি > ভ্রং, তীরভুত্তি > তীরহুত্তি > তীরহুত > ত্রিহুত। প্রাং-তিরুত। এখানে তিনটি হোত্র (যজ্ঞ) হইয়াছিল এই প্রবাদ হতে 'ত্রিহোত্র' তা হ'তে এই শব্দ-রূপ কল্পিত হয়] বি,তীরভুক্তি (দ্রঃ) ; বিদেহ ; বর্ত্তমান মুজফ্ফরপুর ও দ্বারভাঙ্গা জেলা।

ত্রুটি, -টী [ত্রুট্ (ছিন্ন হওয়া,কমা)+ই (র্ম্ম)] বি, টুকরা ; অংশ ; খণ্ড। ২ ন্যূনতা ; অল্পতা ; অভাব। ৩ ক্ষতি ; হানি। ৪ দোষ ; অপরাধ। ৫ স্খলন। ৬ অন্যথা [এই অর্থে প্রাদেং ভ্রং-তিরুডী। "সংসারে কামের লাগ্যা না অইব তিরুডী"-মৈং গীং]। ৭ পঞ্চক্ষণ পরিমিত কাল। ৮ [জ্যোং কাল গণনায়] অমূর্ত্ত (সূক্ষ্ম) কালের আদি-বিভাগের নাম। ৯ ছোট এলাচ।

~**বিচ্যুতি** [ত্রুটি-বিচ্যুতি (স্খলন)] বি, ভুলচুক। "অটুট ধৈর্য্য সহকারে সকল কর্ত্তব্য সম্পাদান করিয়া যাইতে লাগিলেন। কোথাও কোন ত্রুটিবিচ্যুতি নাই।"-প্রবাসী, ১৩৩৭।

ত্রুটিক [ত্রুট্+ক(র্ম্ম-)। তুল-হিং টুটা ; টোটা ; টুট] বিণ, ভগ্ন ; ছিন্ন। ২ স্খলিত।

ত্রুটিত [ত্রুট্ (ছিন্ন হওয়া)+ত(র্ম্ম)] বিণ,ছিন্ন ; ভগ্ন। ২ স্খলিত।

ত্রেতা [সং। প্রাং-তেতা] বি, সত্য ও দ্বাপরের মধ্যবর্ত্তী তৃতীয় যুগ।* মতান্তরে কলিকে প্রথম যুগ ধরিয়া কলি, সত্য ও ত্রেতা (তৃতীয় যুগ)। প্রাং বাং নারী ভাষায়-তির-তিয়া, আধুং-তেরত]। ২ অগ্নিত্রয়, দক্ষিণ, গার্হপত্য, আহবনীয়। ৩ পাশাখেলার দান-বিঃ ; পাশার তিনটী চিহ্নযুক্ত পার্শ্বে চিৎ হইয়া পড়া। ৪ কড়ি খেলার তিনটী কড়ি এক-চালে চিৎ হওয়া।

ত্রেধা, ত্রৈধ [দ্বিধা দ্রঃ। ত্রি+ধা (প্রকারার্থে, নিপাতনে)] অ, তিন প্রকার। ২ তিনবার।

ত্রৈকালিক[ত্রিকাল+ইক(সম্বন্ধার্থে)] বিণ, ত্রিকাল (প্রাতঃ, মধ্যাহ্ন, পরাহ্ন বা ভূত ভবিষ্যৎ বর্ত্তমান) সম্বন্ধীয়।

ত্রৈগুণিক [ত্রিগুণ+ইক] বিণ, তিন-গুণ গ্রহণকারী ; তিনগুণ সুদখোর। ২ তিনগুণা।

ত্রৈগুণ্য [ত্রিগুণ+য (স্বার্থে)] বি, সত্ত্ব, রজঃ, তম এই তিন গুণের সমষ্টি। ২ তিন গুণের ভাব।

ত্রৈধ-ত্রেধা দ্রঃ।

ত্রৈধাতুক-বিণ, স্বর্ণ-রৌপ্য-লৌহ-ঘটিত ; তিনটি ধাতুবিশিষ্ট।

ত্রৈপুর[ত্রিপুর+অ (স্বার্থে)] বি, ত্রিপুর দেশ। ২ [+অ (ভবার্থে)] ত্রিপুর দেশের অধিবাসী। ৩ ত্রিপুর দেশের অধিপতি।

ত্রৈপুরুষ[ত্রিপুরুষ+অ (ব্যাপ্ত্যর্থে)] বিণ, তিন পুরুষ-ব্যাপী ; তিন পুরুষ স্থায়ী। ২ তিন পুরুষ সম্বন্ধীয়।

ত্রৈবর্গিক, ত্রৈবর্গ্য [ত্রিবর্গ+ইক +য] বিণ, ধর্ম্ম, অর্থ ও কামসাধক। ২ ত্রিবর্গ-সম্বন্ধীয়।

ত্রৈবর্ণিক [ত্রিবর্ণ+ইক (জাত বা সম্বন্ধার্থে)] বিণ, ত্রিবর্ণ জাত। ২ তিন বর্ণ সংক্রান্ত।

ত্রৈবার্ষিক [ত্রিবর্ষ + ইক (জাত অর্থে)। ত্রিবার্ষিক ব্যাকরণশুদ্ধ হইলেও ত্রৈবার্ষিক শব্দের ভূরি প্রয়োগ আছে] বিণ, প্রতি তিন বৎসরে উৎপন্ন। ২ তিন বৎসরব্যাপী। ৩ প্রতি ৩ বৎসরান্তে অনুষ্ঠিত।

ত্রৈবিক্রম [ত্রিবিক্রম+অ (সম্বন্ধ অর্থে)] বিণ, ত্রিবিক্রম সম্বন্ধীয়।

ত্রৈবিদ্য [ত্রিবিদ্যা+অ (জ্ঞাত অর্থে)] বি, ত্রিবেদ-বেত্তা ; ত্রিবেদী।

ত্রৈবিধ্য [ত্রিবিধ+য (স্বার্থে) বি, তিন প্রকার ; ত্রিবিধত্ব।

ত্রৈমাতুর [সং] বিণ, ত্রিমাতৃক। ২ কৌশল্যা-কৈকয়ী প্রদত্ত পায়স ভোজন হেতু সুমিত্রা গর্ভজ বলিয়া] বি, লক্ষণ।

ত্রৈমাসিক [ত্রিমাস+ইক (জাত অর্থে)] বিণ, তিন মাসে যা জন্মে ; তিন মাস অন্তর যার উৎপত্তি হয়। ২ বি,তিন মাস অন্তর অর্থাৎ বৎসরে ৪ বার প্রকাশিত পত্রিকা, পুস্তক বা পুস্তিকা।

ত্রৈরাশিক [ত্রিরাশি (পরিমাণ)+ক (সম্বন্ধার্থে)] বি, তিনটী রাশির পরস্পর সম্বন্ধ-ঘটিত অঙ্ক-প্রণালী rule of three.

ত্রৈলিঙ্গ, ত্রৈলিঙ্গ [সং। অঙ্গ বঙ্গ কলিঙ্গ অর্থাৎ বাঙ্গালা বিহার ওড়িষ্যা ত্রিকলিঙ্গ নামে খ্যাত ছিল। কলিঙ্গ=ওড়িষ্যা, তার দক্ষিণস্থ প্রদেশ ত্রৈলঙ্গ বা তেলিঙ্গানা] বি, তেলিঙ্গানার অধিবাসী ; ত্রৈলঙ্গ দেশের ভাষা ; তেলুগু।

ত্রৈলোক্য [ত্রিলোক+য (স্বার্থে)] বি, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। ~**বিজয়া** ত্রৈলোক্যের বিজয়া ; মাদকতা গুণে যে ত্রিভুবনের সকলকে আচ্ছন্ন বা বশীভূত (সুতরাং জয়) করে] বি, ভাঙ্ ; সিদ্ধি ; সম্বিদা। পুং ~**বিজয়**। ~**মোহন** [৬তৎ] বি, ত্রিলোকের মোহকারক। ২ পরম সুন্দর। > স্ত্রীং ~**মোহিনী**।

ত্রোটক [ত্রুট্ (ছেদ করা)+অক (র্ত্তৃ)] বিণ, ছেদক। ২ [র্ত্তৃ. অক] বি, দৃশ্য-

কাব্যের প্রকার ভেদ ; ইহাতে ৫ হ'তে ৯ অঙ্কও থাকিতে পারে। স্বর্গীয় ও পার্থিব বিষয়-ব্যাপার ইহার প্রধান বর্ণনীয়, যথা-বিক্রমোর্ব্বশী।

ত্রোটকী [সং] বি, রাগিণীবিঃ।

ত্রোটি, -টী [ত্রুট্ (ছেদন করা) + ই (র্ত্তৃ, জ্ঞা০)] বি, পাখীর ঠোঁট ; চঞ্চু। ২ টুঁটী ; নরকণ্ঠের চঞ্চুবৎ উন্নত অস্থি। ৩ পক্ষিবিঃ। ৪ মৎস্যবিঃ।

ত্র্যংশ [ত্রি (তৃতীয়) যে অংশ, ধা] বি, তৃতীয় অংশ।

ত্র্যক্ষ [ত্রি (তিন) অক্ষিন্=অক্ষ (চক্ষু) যার, বহু০] বি, ত্রিনয়ন ; শিব। ২ বিণ, তিন চক্ষুবিশিষ্ট। স্ত্রীং ~া-ত্রিনেত্রা।

ত্র্যক্ষর [ত্রি (তিন) + অক্ষর (বর্ণ) আছে যাতে, বহু০ বি, যাতে অ, উ, ম এই তিন অক্ষর আছে] বি, প্রণব ; ওম্। ২ ছন্দোবিঃ। ৩ ত্রিবর্ণাত্মক মন্ত্র ; ওঙ্কার মন্ত্র। ৪ বিণ, তিনবর্ণবিশিষ্ট। স্ত্রীং ~া-পরমা-বিদ্যা ; বেদমাতা।

ত্র্যঙ্ক [ত্রি (তিন) + অঙ্ক] বিণ, তিনটি অঙ্ক যুক্ত। "একখানি ত্র্যঙ্ক ব্যঙ্গনাট্য" -বঙ্গবাণী, ১৩৩৪।

ত্র্যঙ্গ [ত্রি + অঙ্গ] বিণ, তিনটি অঙ্গ যুক্ত ; ত্রিবিধ।

ত্র্যঙ্গুল [ত্রি (তিন) + অঙ্গুলি=অঙ্গুল] বিণ, তিন অঙ্গুলি পরিমিত।

ত্র্যম্বক [ত্রি(তিন) + অম্বক (চক্ষুঃ) যার, বহু০, অথবা ত্রি (তিন লোকের) + অম্বক (পিতা), ৬তৎ। যিনি ত্রিলোকের পিতা] বি, ত্রিলোচন ; শিব। ২ [ত্রি (তিন) + অম্বা (মাতা) যাহার + ক, বহু০] বিণ, ত্রৈমাতুর ; পৌষ্যরাজপুত্র [পুরাণে আছে-পুত্র কামনায় পৌষ্যরাজ শিবের আরাধনা করিলে শিব একটী ফলে স্বীয় তেজ নিহিত করিয়া রাজাকে দেন এবং উহা তিনভাগ করিয়া তাঁহার তিন রাণীকে এক এক খণ্ড খাইতে দিতে বলেন ও তাহাতে যথাসময়ে প্রসূত তিন খণ্ড শিবনাম লইয়া যোগ করিলে যে পুত্র জন্মিবে তাহার 'চন্দ্রশেখর' নাম রাখিতে বলেন। এই চন্দ্রশেখর তিন মাতার গর্ভে জন্মিয়াছিলেন বলিয়া পরে ত্র্যম্বক নামে অভিহিত হন] স্ত্রীং ~া-দুর্গা। ~সখ [ত্র্যম্বক (শিব) সখা (বন্ধু) যাঁর, বহু০] বি, কুবের।

ত্র্যশীতি [ত্রি (৩) + অশীতি (৮০)] বি, তিরাশি ; ৮৩।

ত্র্যষ্ট [ত্রি (ত্রিগুণিত) + অষ্টন্=অষ্ট] বি, ২৪ (৩ × ৮) চব্বিশ।

ত্র্যস্র [ত্রি + অস্র (কোণ)] বিণ, ত্রিকোণ।

ত্র্যহস্পর্শ [ত্রি (তিন) অহন্=অহ (তিথি) তাঁর স্পর্শ, ৬ তৎ। গ্রা০-তিরঁ(তেরঁ) স্পর্শ] বি, একদিনে তিন তিথির স্পর্শ বা যোগ। ২ তিন দিনে এক তিথির স্পর্শ [ফলিত জ্যো০-ত্র্যহস্পর্শ দানাদিতে প্রশস্ত কিন্তু যাত্রাদি কার্য্যে অশুভ বলিয়া উক্ত]।

ত্র্যহস্পৃক্ [ত্র্যহ (তিনদিন) স্পৃশ্ (যে স্পর্শ করে)] বিণ,(বি),দিন ত্রয়স্পর্শী(তিথি)।

ত্র্যায়ুষ [ত্রি + আয়ুষ] বি, বাল্য যৌবন ও বার্দ্ধক্য-আয়ুর এই তিন তিন অবস্থা।

ত্র্যাহিক [ত্রি-অহন্=অহ + ইক (জাত অর্থে)=আহিক] বিণ, তৃতীয় দিবসে যা জন্মে। ২ তৃতীয় দিবসসম্বন্ধীয়।

-ত্ব [ব্যা০। তা দ্রঃ] বি, অকারান্ত বিশেষ্য ও বিশেষণ বাচক শব্দে যুক্ত হইয়া গুণ, অবস্থা, প্রকৃতির বিদ্যমানতা বা ভাব বুঝায়। "ভীম ছেলেটি নামেই ভীম, চেহারাতে কিন্তু মোটেই ভীমত্ব নেই।" "গুণাবলীর রসধর্ম্মত্ব থাকিলেও"-কাব্যদর্পণ।

ত্বক্ [ত্বচ্ (আবরণ করা) + ক্বিপ্ (র্ত্তৃ), চ্=ক্] বি, গায়ের চামড়া ; ছাল। ২ স্পর্শেন্দ্রিয়। ৩ বল্কল ; গাছের ছাল। ৪ বিণ, ত্বাচ। ~পত্র-বি, তেজপাত। ২ দারুচিনি। > স্ত্রীং ~ী-হিঙ্গুপত্রী। ~সার [ত্বক্ হইয়াছে সার যার, বহু০] বি, ত্বক্সর্ব্বস্ব ; ত্বকই যার সব ; ফোঁপরা ; ফাঁপা। ২ বি, বংশবৃক্ষ ; বাঁশ। ৩ দারু-চিনি। ~া-বংশলোচন।

ত্বগঙ্কুর [ত্বক্ (চর্ম্মের) + অঙ্কুর (কাঁটা), ৬ তৎ] বি, রোমাঞ্চ।

ত্বগ্দোষ [ত্বক্ + দোষ। ত্বকের দোষ হয় যাতে, বহু০] বি, চর্ম্মরোগ। ২ কুষ্ঠরোগ।

ত্বচ [সং] বি, ত্বক্।

ত্বঙ্ক [তঙ্কক দ্রঃ] বি, প্রবঞ্চনা ; প্রতারণা।

ত্বদীয় (তো-) [ত্বদ্ + ঈয় (ইদমর্থে)] বিণ, ত্বদ্-সম্বন্ধীয় ; তোমার [আধু০ বাং-য় বিরল]।

ত্বদ্বিধ [ত্বদ্ + বিধ (প্রকার)] বিণ, তোমার মত [পণ্ডিতী বাং-য়]।

ত্বর [ত্বরা > ভ্রং, গ্রা০-তর (তর৫ দ্রঃ] বি, বেগ। ২ ত্বরা ; তাড়া। ত্বর সহা-তর৫ দ্রঃ।

ত্বরমাণ [ত্বর্ (বেগে গমন করা) + আন (র্ত্তৃ), ম্ আগম] বিণ, সত্বর ; শীঘ্রকারী ; অচিরকারী।

ত্বরা [ত্বর্ (বেগে গমন করা) + অ (ভা০) + আ (স্ত্রীং)। ভ্রং-তরা (তরা২ দ্রঃ)] বি, বেগ ; দ্রুততা ; শীঘ্রতা। "হৃদে বিষ মুখে মধু জিজ্ঞাসে ফুল্লরা। দূর হৈল ক্ষুধা তৃষ্ণা রন্ধনের ত্বরা॥"-কবিক০। বিণ, ত্বরিত। ~গতি-ত্বরা দ্রঃ। ~ত্বরি [গ্রা০-তাড়া-তাড়ি (দ্রঃ)] অ, অতিশীঘ্র ; তাড়াতাড়ি। "মন তুমি খেলাও না পাশা। এমি ত্বরাত্বরি ফেলবি পাশা, যেন ঘুচে যায় যমের আশা।"-বাং-গান (নবীন চক্রবর্ত্তী)। ~ন্বিত [ত্বরা + অন্বিত (যুক্ত)] বিণ, সত্বর ; ক্ষিপ্রতাযুক্ত ; ত্বরিত। > স্ত্রীং ~া। ~পর [ভ্রং-তরাপর ও০। ত্বরা (শীঘ্রতা) পর (যুক্ত)] বিণ, ত্বরান্বিত ; সত্বর। "উত্তরিল কটকে হইয়া ত্বরাপর" -অ০ ম০। ২ ব্যস্ত ; ব্যগ্র। > স্ত্রীং ~া।

ত্বরায় [ত্বরা দ্রঃ] ক্রি-বিণ, শীঘ্র ; সত্বর। অবিলম্বে।

ত্বরিত [ত্বরা + ইত (যুক্তার্থে)] বিণ, সত্বর ; শীঘ্র ; তাড়াতাড়ি। স্ত্রীং ~া-দেবীবিঃ। ~গতি [ত্বরিত (শীঘ্র) গতি (গমন) যার, বহু০] বিণ, শীঘ্রগামী। ২ বি, ৫ম ও ১০ম বর্ণ গুরু দশাক্ষরযুক্ত ছন্দ। ~গমন-বি, শীঘ্র গমন। ২ বিণ, শীঘ্রগামী। ক্রি-বিণ, ~গমনে-দ্রুতগতিতে। ~পদে-ক্রি-বিণ, তাড়াতাড়ি পা ফেলিয়া।

ত্বষ্ট [ত্বক্ষ্ (তনূকরণে, ত্বক্ মোচনে + ত (র্ম্ম)] বিণ, যাকে চাঁচিয়া ছুলিয়া সরু করা হইয়াছে ; তক্ষিত ; কৃশীকৃত।

ত্বষ্টা [ত্বষ্টৃ ১মা, ১ব০] বি, বিশ্বকর্ম্মা। "বৃত্রাসুর নাম ত্বষ্টা মুনির নন্দন। পরাক্রমে জিনিলেক সকল ভুবন।"-মহা০ (কাশী০)।

২ [ত্বক্ (কাষ্ঠাদি চাঁচা) + তৃ (তৃ)] সূত্রধর। ৩ দ্বাদশ-আদিত্যের অন্যতম। ৪ বিণ, তক্ষণকর্ত্তা।

ত্বাচ [ত্বক্ দ্রঃ] বিণ, ত্বগিন্দ্রিয়গ্রাহ্য। ২ ত্বক্ সম্বন্ধীয়।

ত্বাদৃক্, ত্বাদৃক্ষ, ত্বাদৃশ [ত্বদ্-দৃশ্ (দর্শন করা) + ক্বিপ্, + সক্, + অ (র্ম্ম)] বিণ, তোমার তুল্য; তোমার সদৃশ।

ত্বাষ্ট্র [ত্বষ্ট্ + অ (অপত্যার্থে)] বি, বৃত্রাসুর। স্ত্রীং ~ী-চিত্রানক্ষত্র। ২ সূর্য্যপত্নী সংজ্ঞা। ৩ ক্ষুদ্র গাড়ী বা রথ। ৪ বিণ, ত্বষ্ট্ সম্বন্ধীয়।

ত্বিষাম্পতি [ত্বিষাং (দীপ্তিসমূহের) + পতি (স্বামী), ৬ তৎ, অলুক সমাস। বি, সূর্য্য। "কিম্বা ত্বিং সহ ইন্দু সুধানিধি।"-মেঘ০। "নমে ত্বিষাম্পতি-দূতী উষার চরণে,"-ঐ।

ৎসরু-বি, অস্ত্রাদি মুঠা করিয়া ধরিবার অংশ বা স্থান; খড়্গমুষ্টি; মুঠ handle.

থ

থ১-ব্যঞ্জন বর্ণমালার সপ্তদশ ও ত বর্গের দ্বিতীয়, মহাপ্রাণ, অঘোষবান বর্ণ। উচ্চারণ স্থান দন্ত বলিয়া দন্ত্যবর্ণ।

থ২ [স্থিতিবাচক। ভিন্ন ভিন্ন বর্ণ যোগে ইহা স্থিতির বিভিন্ন অবস্থা, শব্দ ও ভাব প্রকাশ করে। প্র-থক্, থপ্, থম্, থর্, থল্, থস্। ত সম্পূর্ণ তরলতা জ্ঞাপক। থ সেই তারল্যে ঘনত্ব ও গুরুত্ব সম্পাদক (তক্‌তক্, তল্‌তল, থক্‌থক্, থল্‌থল্)। সং-থ=পা০, বাং-ঠ। স্তু=থ (স্তম্ভ > থম্ভ > থাম); স্থ=থ=থ=ঠ; স্থান=থান=ঠান (=ঠাঁই); স্থল=থল। জলে স্থলে =জলেথলে। থ=দ=ইং th (thin, then)] বি, থ এই বর্ণ; থকার। ২ নিশ্চেষ্টতাবাচক; স্থির ভাব। ৩ পাষাণ; পর্ব্বত; অচল। "থকারে পাথর তুমি থকারের মেয়ে, থির কর থরথর কাঁপি ভয় পেয়ে।"-অ০ ম০। ৪ ভয়।

থ৩-বিণ, অভিভূত; কিংকর্ত্তব্যবিমূঢ়। "এই ব্যাপারে আমাকে একেবারে থ বানিয়ে দিয়েছে"-চা০ বন্দ্যো০। ২ অপ্রতিভ। ৩ স্থির; নিশ্চল। **থ করা**-ভয়ে অভিভূত করা। ২ অপ্রতিভ বা লজ্জিত করা। ৩ উত্তরদানে অসমর্থ করা। প্র-ঐটুকু মেয়ে কথায় সকলকে থ করে দিলে। **থ খেয়ে যাওয়া, থ মেরে যাওয়া**-থতিয়ে যাওয়া দ্রঃ। প্র-বল কি? দেখে শুনে যে থ-খেয়ে (থ-মেরে) গেলুম! **থ-দেওয়া**-স্থল দেওয়া; অবসর দেওয়া; থামা। **থ-পাওয়া**-স্থল পাওয়া; সীমা প্রাপ্ত হওয়া; তল পাওয়া। প্র-কাজের থ পাওয়া যায় না। অগাধ জলে থ পেলে না। **থ হওয়া**-ক্রি, ভয়ে অভিভূত হওয়া; ভয়ে বা বিস্ময়ে কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া; নির্ব্বাক; স্পন্দহীন বা স্তম্ভিত হওয়া। প্র-তার রকম সকম দেখে একেবারে থ হয়ে গেলাম।"

থই১ [অনু০। থেই, থেই দ্রঃ। থৈ ও০] অ, তালে তালে পা ফেলিয়া নর্ত্তনের শব্দ। প্র-থই থই, তা থই থই, তাতা থই, তাতা থই ই০।

থই২ [সং-স্থলী > থলী > । প্রায়ই "থৈ" লিখিত হয় ও গ্রা০ উচ্চারণে সাধাঃ-"থাই" বলা হয়। হিং-থাহ] বি, স্থল; তলস্পর্শ; গভীরতা depth. প্র-সমুদ্রের এই স্থানে থই পাওয়া যাইতেছে না। অগাধ অথই সাগর। ২ পরিপূর্ণতা; পরিব্যাপ্তি। ৩ গৃহ; আশ্রয়; ঠাঁই। ৪ থামিবার স্থান বা ঠিকানা বা সীমা। প্র-কাজের থই পাইতেছি না। ৫ [সং-স্থপতি > থপই >] গৃহাদি নির্ম্মাণকর্ত্তা; মিস্ত্রী; রাজ। **~কর** [থৈকর দ্রঃ] বি, গৃহাদি নির্ম্মাতা; রাজমিস্ত্রী। **~গিরি, -গিরি** [ফা০ গর >] বি, রাজ-মিস্ত্রীর কর্ম্ম; স্থপতির কার্য্য। **~থই** [থই দ্রঃ। পরিব্যাপ্তি অর্থে দ্বিত্ব। স্থল স্থল, থলথল বা ঠাঁই ঠাঁই, সর্ব্বঠাঁই স্থিতি করার ভাব। থৈ থৈ দ্রঃ] বিণ, দ্রব বা তরল পদার্থে পরিপূর্ণ; জলময়; জলপূর্ণ। "অচলে নিঝর নাচে জল থইথই।"-চন্দন। ২ বিস্তৃত; ছড়ান। **~থই করা**-বিশৃঙ্খল বা অগোছাল ভাবে স্থিতি করা। প্র-চারিদিকে জিনিষপত্র থইথই করিতেছে। ৩ জনতাময়; লোকে পরিপূর্ণ। "বৈঠকখানা লোকে থইথই করিতেছে" -টেকচাঁদ। **~পনা**-থইগরি দ্রঃ।

থইকল [বৈদ্যকে] বি, স্বনামখ্যাত ক্ষুপ; অম্লবেতস; চুকাপালম country sorrel.

থউকা [সং-স্থা > স্তবক >, বা সং-স্তোমক (সমূহ) > থোবঁক > থউক > থাউকা, থোক দ্রঃ] অ, মাপ জোখ না করিয়া; আন্দাজী। ২ রাশি বা থোক হিসাবে। প্র-থ০ দরে জিনিস কেনা। থাউকা দ্রঃ।

থক্ [অনু০। হিং-থক্কা। "তক্"লঘু ও তরল "থক্" গুরু ও গাঢ় বা ঘন। থ দ্রঃ। থুতু বা পানের পিক্ ফেলিলে থুক্ করিয়া পড়ে কিন্তু গয়ার থক্ করিয়া পড়ে। তুল-ইং thick] অ, কাথের ন্যায় ঘন রস বা আটাল বস্তুর পতন শব্দ। প্র-এক খুরি দই তার পাতে থক্ করে ফেলে দিলে।

থক্-থক্ [থক্ দ্রঃ। হিং-থক্কা। ব্যাপ্তি অর্থে দ্বিত্ব] অ, তরল বস্তুর প্রায় ঘনীভূত বা জমাট ভাব; কাই কাই; আঠা আঠা। > ক্রি, **থক্‌থকানি**-থক্‌থক্ করা। > বি, **থক্‌থকানি**। বিণ, **থক্‌থিকিয়া, থক্‌থকে** [থক্ + থক্ + ইয়া (প্রকারার্থে)] তরল নহে কঠিনও নহে; গাঢ় ও কোমল। প্র-দই বেশ থক্‌থকে হয়ে বসে গেছে। **থক্‌থক্ করা**-পঙ্কাদির ন্যায় ঘন বা গাঢ় বস্তু আন্দোলিত হওয়া [দ্রঃ-থক্‌থক্ অপেক্ষা লঘু আন্দোলনে, কিন্তু অসংখ্য কীট বা কীটাণুর বিচরণ জাত আন্দোলনে থিক্‌-থিক্ এবং তা হতেও লঘু আন্দোলন কিন্তু কীটাণুর সংখ্যাধিক্যে থুক্‌থুক্]।

থকা [সং-স্থা > হিং-থক্‌না। এই শব্দ হিন্দিতেই অধিক প্রচলিত। থকি, থক, থকে ; থকিতে ; থকিয়া (ক্ষেং-থ'ক)] ক্রি, ক্লান্ত হওয়া ; অবসন্ন হওয়া। প্র-এত খাটে কিন্তু থকে না। ২ স্থির হওয়া।

থকার-বি, থ্ এই বর্ণ।

থকিত [সং-স্থগিত > প্রাকৃং] বিণ, বন্ধ ; নিবর্ত্তিত। প্র-ওটা থং রেখে আগে এ কাজটা শেষ কর। ২ স্তব্ধ ; স্তম্ভিত ; রুদ্ধ ; রুদ্ধগতি। "সখে এক দেখিয়া করয়ে পরতীত। কালা নাম শুনিয়া থং হয় চিত"।-জ্ঞানং। "যমুনা পবন থং গমন ভুবন মোহিত * *"-চণ্ডিং।

থক্কড় [হিং-থপ্পড় > বিকারে] বি, থাবড়া ; চড়।

থড়া [থোর, মোথড়া দ্রঃ] বি, সূক্ষ্ম হ'তে ক্রমশঃ স্থূল বর্ত্তুলাকার শলাকা।

থতমত [সং-স্তম্ভিত >, থামের মত নিশ্চল ভাব] বিণ, স্তম্ভিত ; কিংকর্ত্তব্যবিমূঢ়। "অবশেষে বলিলেন থং খেয়ে"-ঈং গুপ্ত। ২ ভীতচকিত। "ভয়ে ভয়ে কথা কই খেয়ে থং।"-গেপাল উড়ে। ৩ অপ্রতিভ। ৪ অ, ইতস্তত: ; আগুপিছু করার ভাব।

থতা, থতানি [থত(স্থিত) + আন (ক্রিয়া বিভক্তি)। থিতান দ্রঃ ধরাতল আশ্রয় করা ; বসিয়া পড়ার ভাব। থতাই, থতাও, থতায় ; থতাইতে ; থতাইয়া (ক্ষেং-থ'তিয়ে)] ক্রি, থতমত খাওয়া ; ভড়কান। ২ স্থির হওয়া। ৩ [লক্ষং] চক্ষু স্থির হওয়া ; চমকিত হওয়া। বি, থতানি। বিণ, থিতানিয়া, থতানে। থতিয়া যাওয়া—থতমত খাওয়া ; ভড়কে যাওয়া। প্র-তার রকম দেখে থতিয়ে গেলুম।

থপ্ [অনুং। সং-স্থাপন > থপন (স্থাপনের শব্দ) > থপ্। লঘু অর্থে থুপ্। ব্যাপ্তি ও শব্দাধিক্যে থপাস্। উপর্য্যুপরি ঐরূপে পা তোলা ও পা ফেলা অর্থে থপ্ থপ্। প্র-গোদা পায়ে থপ্ থপ্ করিয়া চলে। শব্দের বারাধিক্য ও ব্যাপ্তি অর্থে থপা-থপ] অ, অনুকার শব্দ ; স্থূল কোমল বস্তু স্থাপনের শব্দ। প্র-মোটা লোক থপ্ করিয়া বসিয়া পড়ে। থপ্ থপানি। বি, থপ্-থপানি। বিণ, থপথিপিয়া, থপ্থিপে লঘু শব্দে ও আদরার্থে-থুপ্ থুপ্। অনাদরে -থ্যাপ্ থ্যাপ্। শব্দাধিক্য ও বস্তুর ভার ও ব্যাপ্তি অর্থে থপাস্ থপাস্।

থপ্পড় [হিং। থাপড় দ্রঃ] বি, থাবড়া, চাপড়।

থবির [সং-স্থবির >] বি, বিণ, স্থবির (দোং ৮৮)।

থমক [স্তম্ভ ("স্তূণা জড়ীভাবৌ"-অমরং) > হিং-থমক্‌না] বি, থামার ভাব ; থমকানি। ২ পদক্ষেপের পর এবং পুনরায় পদোত্তোলনের পূর্ব্বে যে স্থিতি। "থমকে থমকে থির গতি কি সুন্দর"-হেমং। ৩ ঠমক দ্রঃ। ৪ জড়তা। ৫ বিস্ময়। ক্রি, থম্কানি [থমক দ্রঃ। থমকাই, থমকাও, থমকায় ; থমকাইতে (ক্ষেং-থমকাতে) : থমকাইয়া (ক্ষেং-থমকে) ইং] চলিতে চলিতে হঠাৎ দাঁড়ানো ; গতিক্রিয়াকালে হঠাৎ স্থিতি করা। "রাধারানী থমকিয়া দাঁড়াইল।" -উত্তরা, ১৩৩৩। ২ ভয়ে বা বিস্ময়ে ক্রীয়মান কার্য্য হতে হঠাৎ বিরতি বা অগ্রসর না হওয়া। বি, থমকানি। জল থমকানি -জল থিতান।

থম্থম্ [সং-স্তম্ভ (জড়তা, আচ্ছন্নতা) >। ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। এই অর্থে 'তমতম' ওং] অ, সমাচ্ছন্ন ; ঘোর। ২ জলভারাক্রান্ত। ৩ মেদাধিক্যবশতঃ জড়তাযুক্ত ; অবুথবু। ৪ শ্লেষ্মাধিক্য বশতঃ ভার বোধ। প্র-সর্দ্দিতে শরীর থম্থম্ করিতেছে। > ক্রি, থম্থমানি। বিণ, থম্থমিয়া, থম্থমে-ঘোর ; আচ্ছন্ন। ২ জলভারাক্রান্ত। "শ্রাবণের অন্ধকার রাত্রি, থমথমে মেঘ করিয়া আছে, আকাশে একটি তারা দেখা যায় না"-রবীং। জল থমথম করা-বৃহৎ পুষ্করিণীতে জলের ব্যাপ্তি ও গভীরতা হেতু ভারি ভারি বোধ ও নীলবর্ণে ঘোরাল হওয়া।

থর [সং-স্তর >] বি, স্তর ; থাক ; স্তবক ; শ্রেণী। ২ লোল মাংস। প্র-মেদবৃদ্ধি বশতঃ তার কটীতে থর নামিয়াছে। ৩ [থ (স্থিতি স্থান বাচক) + র (ব্যাপ্তি অর্থে)] বিস্তার ; বিথার। —কাটা-বিণ, স্তরে স্তরে সজ্জিত। থর কাটা, -লাগানি-ক্রি, স্তর অঙ্কিত করা ; স্তরে স্তরে সাজান বা ভাগ করা। থর গাঁথা-ক্রি, পুষ্প স্তবকের মালা গাঁথা ; গ'ড়ে গাঁথা। থর নামা-ক্রি, শরীরে মেদ বৃদ্ধি হেতু উদরে কটীতে বলি অঙ্কিত হওয়া। থরে থর, থরে থরে-অ, স্তরে স্তরে : স্তরের উপর স্তর এই ভাবে। ২ স্তবকে স্তবকে ; গুচ্ছে গুচ্ছে। ৩ সারি সারি : শ্রেণীবদ্ধ ভাবে। থাকে থাকে। "উত্তর ঘাটে জত ফটিকে বিরাজিত পবাল মুকুতা থরে থর।"-শূং পূং। "মেঘ খণ্ড থরে থরে উদাস বাতাস ভরে নানা ঠাঁই ঘুরে মরে হতাশ সমান।"-চয়নিকা। "ফুটে আছে থরে থরে" -বিং চক্রবর্ত্তী। থরে বিথরে [থর (স্তবক) বিথর (বিস্তর, বহুস্তর, বহুতর, বিবিধস্তর)] বহুস্তরে : বিবিধস্তরে ; থরে থরে। "এতকাল নদীকূলে, যাহা লয়ে ছিনু ভুলে, সকলি দিলাম তুলে থরে বিথরে,"-সোনার তরী।

থর্থর্ [অনুং ও দৃশ্যাত্মক। বায়ু হিল্লোলে পত্র পল্লবের কম্পন সাদৃশ্য হতে। গ্রাং-থর্থর] বি, অত্যন্ত দুর্ব্বলতা ও বার্দ্ধক্য সুলভ কম্প। ২ বিণ, কম্পিত ; কম্পান্বিত। ৩ ক্রি-বিণ, থরথর করিয়া। "এত কহি বিনোদ নাগর চলি যায় ঘর। চণ্ডীদাস কহে রাই কাঁপে থরথর॥"-চণ্ডিং। > বি, থর-থরানি, -থরি-কম্পন ; কাঁপুনি। "চারি-দিকে তরঙ্গ জলের তরতরী। থরথরি স্থাবর বক্ষের কড়মড়ী॥"-অং মং। ২ ভয়। বিণ, থরথরিয়া, থরথরে [দ্রঃ-থরথর অপেক্ষা লঘু কম্পে থির্‌থির্, লঘুতর থুর্‌থুর্, লঘুতম থুরুথুরু (ভুল-গুরুগুরু, দুরুদুরু)। আধিক্য এবং ব্যাপ্তি অর্থে থর্থরাথর্-ক্রি-বিণ, সর্ব্বাঙ্গ ব্যাপিয়া কম্পন। ক্রমাগত থরথর করিয়া।

থরথরানি [হিং-থর্রানা, থরথরানা। থর্থর্ (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)। থরথরাই, থরথরাও, থরথরায় ; থরথরাইতে (ক্ষেং-থরথরাতে) ; থরথরাইয়া (ক্ষেং-থরথরিয়ে, পদ্যে-থরথরি) ইং] ক্রি, থরথর করিয়া কাঁপা ; অতিশয় ভয়ে কম্পান্বিত হওয়া।

"* * * এখনও কাঁপে হিয়া মম থরথরি, স্মরিলে সে ভৈরব হুঙ্কারে।"-মেঘ০। "যার নাম শুনি থরথরি রক্ষোনাথ কাঁপে সিংহাসনে।"-ঐ।

থ॑রসা [প্রাদে০। তুল-ক্ষীরসা] বিণ, অল্প ভাজিয়া রসে ফেলা।

থ॑রহ॑র, থ॑রহিরি [প্রাকৃ০-থরহরিঅ >। থরথরি শব্দের উচ্চারণ ভেদ। হি০-থরহরী] ক্রি-বিণ, ভয়ে থরথর করিয়া। "দেখি ধম্মর আমিনি * * * ডরএ জম কাঁপএ থরহর।" -শূ০ পু০। "সঙ্গে ননদিনী ছিল সকল দেখিয়া গেল অঙ্গ কাঁপে থরহরি।"-জ্ঞান০।

থ॑রি [স্তর > থর >। প্রা০ বাং] বি, থাক ; শ্রেণী ; সারি।

থল [সং-স্থল। হি০ থল] বি, স্থল ; স্থান। "উরজ উদয় থল নালিম দেল"-বি০ প০। "তীর্থ থল নাহি ছিল গঙ্গা বরানসী।"-শূ০ পু০। ~**ক॑ম॑ল**-বি, স্থলপদ্ম। চরণযুগল থল-কমল আকারে।"-শ্রী০ কী০। ~**কুড়ী**-থুল কুড়ী দ্রঃ। ~**কুল**-বি, স্থলকুল ; আশ্রয়স্থান। ~**চ॑র**-স্থলচর দ্রঃ। হি০-থলচর্। ~**প॑দ্ম**-স্থলপদ্ম দ্রঃ।

থ॑লথ॑ল [প্রাকৃ০-থুল্লং >। থ (স্থিতি-বাচক) + ল (তারল্য, শৈথিল্যবোধক)-শিথিল ভাবে অবস্থিতি।. লঘু অর্থে-থুল-থুল। লঘুতর-তুলতুল (দ্রঃ)। আদরার্থে-থুলুথুলু] অ, শৈথিল্যবাচক। ২ টলটল। ৩ বি, শিথিল মাংস ; মেদ। বিণ, থ॑ল-থ॑লিয়া, থ॑লথ॑লে-শিথিল বা লোল (মাংসের কম্পন বা আন্দোলন সূচক)। ৩ স্থূল ; মাংসল। অল্পার্থে ও আদরার্থে থুল-থুলে। ক্রি, থ॑ল্‌থ॑লানি-থলথল করা।

থলি১ [স্থলী >। তলী, টলী, টুলীও০] বি, সমতল ভূমি ; স্থল। "দক্ষিণেতে থলি জাগা"-পূ০ ব০ গী০।

থ॑লি২, থ॑লী, থ॑লিয়া [সং-স্থলী > হি০-থৈলী ; গুর্জ্জ০-থৈলী, কোথলী] বি, ছোট ঝুলী ; বটুয়া ; বগ্‌লী। ২ ছোট ছালা বা থলে। ৩ হুঁকার বড় খোল ; থালি দ্রঃ। ৪ স্থবিকা।

থ॑লিয়াৎ, থ॑ল্যাৎ [থলি (দ্রঃ) + য়াৎ [ফা০-জাত্)। তুল-জালিয়াৎ] বি, চোরাই-মাল গ্রহণ ও রক্ষাকারী।

থলুয়া, থ॑লো [সং-স্তর > থর > থল > থলুআ (থল + উআ)। গ্রা০ উচ্চারণ ভেদে থেলো] বি, গুচ্ছ ; স্তবক ; থোকা ; থোপা। ২ [গ্রা০-থেলো, থলি, থালি, দ্রঃ] হুঁকার বড় খোল। ৩ বিণ, বড় খোলযুক্ত ; ডাবা। প্র-থলো বা থেলো হুঁকা। ˋথ॑লো ˋথ॑লো-খোলো খোলো দ্রঃ।

থ॑লে [সং-স্থলী > স্থলিয়া > থলিয়া > ক্ষে০। হি০-থৈলা] বি, বড় স্থালী ; গুণ ; ছালা ; বস্তা ; বোরা।

ˋথ॑লো-থলুয়া দ্রঃ।

ˋথস্ [অনু০। থ (স্থিতি অর্থে) + স (বায়ুর সংঘর্ষ জনিত শব্দ ও লঘুতা বাচক, অল্প শুষ্ক-তার ভাব মিশ্রিত)। থক্, থল্, অপেক্ষা কম ভারবোধক। জলমিশ্রিত ময়দার মত কোমল বস্তু থাসিবার শব্দ] অ, শুষ্কপ্রায় গলিতদ্রব্যের পতন শব্দ ; ময়দা ই০ ঠাসিবার শব্দ। ২ আর্দ্রতাবোধক। লঘুতর ও আদরার্থে-থুস্। অনাদরে-থ্যাস্। ~থ॑স্ [আদরার্থে থুস্‌থুস্। অনাদরে-থ্যাসথ্যাস] অ, ক্রমাগত থস্ করিয়া পতন ; গলন। ২ ঘর্ম্মার্দ্রতা। ক্রি, থ॑স্‌থ॑সানি [থসথসাই,-সাও,-সায় ;-সাইতে ;-সাইয়া (-থসায়ে)] থস থস করা। > বি, ˋথ॑স্‌থ॑সানি।

থস্‌থিসিয়া, থ॑সথিসে [থস্ দ্রঃ। থস্‌থস্ + ইআ (বির্থে০)। আদরার্থে-থুসথুসে। অনাদরে থ্যাসথেসে] বিণ, যা তরল পদার্থ-যোগে শিথিল হইয়াছে ; চূর্ণ দ্রব্য, জল বা অন্য তরল পদার্থের সহিত মিশাইয়া উত্তমরূপে মর্দ্দন করা বা থাসা হইয়াছে এমন। ২ আর্দ্র এবং কর্দ্দমবৎ কোমল ভাবাপন্ন। প্র-তা'র গা ঘেমে থসথসে হয়ে গেছে।

থা১ [সং-স্থান > হি০-থাহ > বাং-য় থাহ, থাহা, থাহী, থই, থাই, থা, থেহ, থেহা] বি, স্থান ; স্থল। [দ্রঃ-স্থান অর্থে ও সং প্রত্যয়ের বিকারে 'ত' 'থা' হয়। প্র-কোথা, এথা, সেথা, যেথা ই০। ২ গভীরতা ; জলের নিম্নস্থ ভূমি। ৩ স্থিতি। ৪ আন্দাজ ; ঠাউকো। ৫ বিণ, স্থির ; নিশ্চিত। থা পাতা-ক্রি, স্থিতি জমান ; দাঁড়ান। ২ স্থায়ী হওয়া ; বাস বাঁধা বা করা। ৩ [লক্ষ০] হস্তক্ষেপের জন্য পদ জমান। ণিজন্ত-থা পাতানি-স্থায়ী করান ; বাস বাঁধান। প্র-সংসারে কোন জিনিস থা পাতাতে পারা যায় না।

থা২ [অন্যথা > ক্ষে০] অ, অন্যথা। "রাজার ঘরে হইব বিয়া তায় নাহি থা"-মৈ০ গী০।

থাআ [সং-স্থা > থা + আ (ক্রিয়ায়)। চ০ ক০ ভা০। থাই, থাহ, থায় (থায়ে) : থাইতে; থাইয়া] ক্রি, থাকা ; বাস করা ; অবস্থিতি করা। থাইব॑-থাকিব। থাইলে-থাকিলে। থাএ-থাকে।

থাই [থই দ্রঃ। গ্রা০। থেই ও০] বি, স্থল। ২ তলস্পর্শ। ৩ নদীগর্ভ। ৪ গভীরতা। প্র-জলের থাই মাপা। ৫ [প্রাদে০] মঞ্চ। ৬ [প্রাদে০] পঙ্ক। ৭ [প্রাদে০] শ্রেণী। ৮ বিণ, স্থায়ী। থাই পাতা [তুল-'ঘরে বাস বাঁধা'] ক্রি, স্থায়ী হওয়া ; থাকা। প্র-ছেলেদের জ্বালায় কোন জিনিস ঘরে থাই পাততে পায় না। চিরথাই-বিণ, চিরস্থায়ী। "এ বড় মনের দুঃখ রহু চিরথাই"-বি০ প০।

ˋথাউকা১,-কো১ [হি০-থাক্ (রাশি, সমষ্টি) + উআ (সম্বন্ধার্থে), হি০ উচ্চারণে "থাকৌআ" > বর্ণবিপর্য্যয়ে বাং-য় থাউকা] ক্রি-বিণ, থোক হিসাবে ; সংখ্যা গণনা না করিয়া রাশি বা ভাগা হিসাবে। ২ [থোক হিসাব হতে] বিণ, আন্দাজী।

থাউকা২, -কি, -কী, -কো২ [হি০ থকা হুয়া (অবসন্ন, অবসান) >] বিণ, অবসান। ~বেলা [বিপরীত-ঝুঝকি বেলা (দ্রঃ)] বি, দিবাবসান ; সন্ধ্যাবেলা। "সূর্য্যো-দয়ের পূর্ব্ব হইতেই সে চলা আরম্ভ করিয়া-ছিল, থাউকি বেলায় পথে মুড়ি জল যোগ করিয়া ছিল মাত্র।"-ক্ষী০ প্র০ বিদ্যাবিনোদ (বা০ বসুমতী, ১৩০৪)।

থাক১ [সং-স্তবক > হি০-থাক] বি, ছেদ। ২ পংক্তি ; শ্রেণী ; সারি। "গলে দিল গুঞ্জামালা বেড়ি তিন থাক।"-শি০। ৩ স্তর ; স্তবক। ৪ প্রাচীরগাত্রসংলগ্ন দ্রব্যাদি রাখিবার আধার ; তাক (দ্রঃ)। ৫ কাঠা-ধারের এক এক স্তর বা আধার। ৬ [বংশজ

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible]

শ্রেণী বিভাগ ; হিন্দুর জাতিবিভাগ সম্বন্ধীয় পরিঃ] মেল। ৭ [হিং-থাক্] সীমাসূচক পাকা থাম। ৮ স্তম্ভ ; খুঁটি। ৯ ঠেক্না ; বজায় রাখিবার জন্য অবলম্বন ; ঠেক। ১০ বন্ধনী ; ভাগা। "শিরে এখন সর্পাঘাত থাক্ দিব কোথা॥"-বাং-গান। থাক করা, থাক কাটা$_1$-ক্রি, স্তর প্রস্তুত করা; গুচ্ছাকারে স্বতন্ত্র করিয়া দেওয়া। ২ শ্রেণী বিভাগ করা। ~-কাটা$_2$-বিণ, শ্রেণীতে বিভক্ত ; কৃতস্তর ; শ্রেণীবদ্ধ। ~-থাক [থাক (স্তবক) +থাক (স্তবক)-স্তবকের উপর স্তবক] ক্রি-বিণ, স্তরে স্তরে ; সারি সারি। ২ বিণ, স্তর-ক্রমানুযায়ী; শ্রেণীবদ্ধ। ক্রি-বিণ, থাকে থাকে-স্তবকে স্তবকে ; থরে থরে। থাক বাঁধা-ক্রি, স্তর বা শ্রেণীবদ্ধ করা। "মাটির পুতুল থাক্ বেঁধে সব"-নরেন্দ্র দেব। ~বাঁধা -বিণ, শ্রেণীবদ্ধ।

থাক$_2$ [থাকা দ্রঃ] অ, থাকুক ; থাকিতে দাও ; তাতে কোন প্রয়োজন নাই ; পড়িয়া থাকুক। "তুমি যদি সুরার পরিবর্ত্তে অডিকলোঁ খাওয়াইয়া সেইরূপ মত্ততা উৎপন্ন করিতে পার, তবে থাক সুরা আসুক অডিকলোঁ, তাহাতে আপত্তি কি"-ভারতী, ৩৬শ বর্ষ।

থাকদমা [প্রাদেং] বি, থাক্ বা চুপ এই বাক্যে থামাইয়া দেওয়া; বাধা। "স্বামীর কাছে আজীবন কাল ধরিয়া তিনি এমনই করিয়া কথার পিঠে থাকদমা খাইয়া আসিতেছেন।"-আড়াই চাল।

থাকন [থাকা দ্রঃ] বি, অবস্থান ; স্থিতি ; বাস করণ। ৩ জীবন ধারণ। ৪ উপস্থিত বা বিদ্যমান হওন।

থাকনা [থাক (থাকুক, বাস করুক) না (সম্মতিসূচক)] ক্রি, অবস্থান করুক না কেন ; বাস করিলেই বা। "ও সে থাকনা কেনে পাবনা জ্যালায় আর আমি হাজিপুরে"-দী° রায়। ২ অ, বিরক্তি বা অপ্রীতিকর বোধে স্থগিত করা অর্থে ; রেখে দাও না। প্র-আঃ থাক না, ঢের হয়েছে। ৩ (-র্ক-) [থাক (অবস্থিতি কর)+না (আপত্তি অভাবে, অনুরোধার্থে)] ক্রি, বাধা না থাকিলে থাকা সম্বন্ধে সম্মতি বা অনুরোধ জ্ঞাপক ; থাকিলেও হয়। প্র-আজ এখানে থাকনা। ৪ [না প্রশ্নে] সম্মতি বা অসম্মতিসূচক উত্তর অপেক্ষায় উক্ত ; থাকনা কেন? প্র-তুমি এখানে থাক না, তাতে আপত্তি কি?

থাকবস্ত [হিং-থোক্+ফাং বস্ত্] বি, সীমা নির্দ্দেশক স্থায়ী স্তম্ভ বা পাকা থাম ; জমিদারীর চৌহদ্দী ; জমির সীমা বন্ধন। ২ জমির লাটে লাটে ভাগ। ২ থাকবস্তি দ্রঃ। ৪ [জমিং পরিঃ] জমির সীমা-নির্দ্ধারক কাগজপত্র।

থাকবিস্তি [হিং-থোক্বস্ত। থাকবস্ত দ্রঃ] বি, জমির সীমা-নির্দ্ধারণ ; জরীপ চিঠা cadastral-survey.

থাকয়ে [থাকা দ্রঃ। থাকে > পদ্যে-থাকয়ে। তুল-দেখে > দেখয়ে ; করে > করয়ে] ক্রি, থাকে। থাকা দ্রঃ। "মান কি কখন প্রাণ থাকয়ে গোপনে॥"-নিধুবাবু।

থাকা$_1$ ['যাওয়া'র বিপরীত। স্থা > থা (স্থিতি অর্থে)+ক (স্বার্থে)=থাক (থাকন, অবস্থান)+আ (করা অর্থে), হিং-থাক্না। থাকি, থাক (থাকেন, থাকিস, অনুজ্ঞায় থাকুন, থাক্), থাকে (থাকেন) ; থাকিতে (ক্ষেং থাকতে) ; থাকিয়া (ক্ষেং পদ্যে-থাকি, গ্রাং থেকে)। ণিজন্ত-থাকান। অতীতকালে প্রাদেং উচ্চারণ ভেদে-থাকিতাম, থাকতেম। "মনের হরিষে থাকিতেম"-হরুঠাকুর। ক্ষেং-থাকতাম, থাকতুম। প্রং পুং-থাকিত, থাকর্ত, -তো। "দুজনাতে সুখে থাকতো"-দ্বিং রায়। প্রাংবাং-থক্ক ই=থাকে (চং ৪৯।৪)। থাকিউ=থাকে (চং ৪৯।৪)। থাকিএ=থাকি। থাকিলোঁ =থাকিলাম। থাকী=থাকিয়া (শ্রীং কীং)। থাকু=থাকুক। থাকোঁ=থাকি] ক্রি, অবস্থিতি করা। প্র-থাকবে না যাবে ; সেই বুঝে আহারের যোগাড় করিতে বল। ২ নির্দ্দিষ্ট সময়ের জন্য নিত্য অবস্থিতি করা। প্র-তিনি দিনের বেলা এখানেই থাকেন। ৩ উপস্থিত বা বিদ্যমান থাকা। "তুমি কোথায় থাক কেন এসে আমি কাঁদলে কর কোলে।"-কৃং। "সে যদি থাকিত হ'ত আজি দুশো মজা"-রবীং। ৪ বাস করা। প্র-তাঁহারা বিদেশেই থাকেন। ৫ অধিক দিন বাস করা। স্থায়িভাবে থাকা। প্র-থাকতে থাকতে সব পরিচিত হয়ে যাবে। ৬ জিনিস পত্র ভাণ্ডারে বা গৃহে মজুত থাকা। প্র-খাবার দাবার কেন ছেলেদের জন্য কোন কিছু ঘরে থাকে না। ৭ টিকিয়া থাকা ; টেঁকা। প্র-ঘরে থাকতেই দেয় না। দেহে প্রাণ আর থাকে না। ঘরে থাকা এখন ভার হয়ে উঠল। ৮ বজায় থাকা। প্র-তার কর্ম্ম থাকবে বলে বোধ হচ্ছে। ৯ বাঁচা। "থাকত যদি দিত দেখা সর্ব্বনাশী বেঁচে নাই"-রাং প্রং। রোগী থাকবে না যাবে? তাহার থাকিলেই কি আর মরিলেই কি। ১০ রক্ষিত হওয়া ; রক্ষা পাওয়া। প্র-মনে থাকা। সম্ভ্রম থাকা। ১১ পশ্চাতে পড়িয়া থাকা। প্র-সকলেই যাবে কেহই থাকবে না। ১২ ভোগের জন্য পড়িয়া থাকা ; উত্তরাধিকার সূত্রে বিষয়াদি পড়িয়া থাকা। প্র-যা কিছু সব ওদেরই থাকবে। ১৩ খরচ খরচার পর অবশিষ্ট থাকা ; বাকী থাকা। প্র-সকলকে দিয়া হাতে কত থাকে দেখ। যা কিছু থাকিবে তা হতে ঐ খরচটা করিও। ১৪ খালি থাকা। প্র-ঠিকা কাজ কখন্ থাকে কখন্ না থাকে তার ঠিক নাই। ১৫ [অবস্থিতির কাল বৃদ্ধি অর্থে] বিলম্ব করা ; অপেক্ষা করা। প্র-ওখানে যাবে যেন, বেশীক্ষণ থেকো না। ১৬ স্থির থাকা ; ধৈর্য্য ধরা। প্র-সে আর থাকছে না, ভারি কান্নাকাটি করছে। একটু থাক এখনই ভাল হয়ে যাবে। ১৭ বিরত হওয়া ; নিবৃত্ত বা নিরস্ত হওয়া ; থামা। প্র-আচ্ছা থাক আর বল্তে হবে না। ১৮ অনাবশ্যক বোধে উপেক্ষা করা। প্র-থাক আর ও সব কথায় কাজ নাই। থাক্ থাক্ ঢের হয়েছে। ১৯ সংস্রব রাখা ; দখল দেওয়া। প্র-ওদের কথায় থেকো না। ২০ অব্যাহত থাকা ; নিগৃহীত হইবার সম্ভাবনা হইতে দূরে থাকা ; মুক্ত থাকা। প্র-আচ্ছা ও এখন থাক পরে দেখা যাবে। সে আর থাকবে কোথা, সেই আমার হাতে এসে পড়তেই হবে। ২১ অভ্যস্ত হওয়া ; অভ্যাস রাখা। প্র-তিনি প্রত্যহ সকাল সন্ধ্যা বেড়াইয়া থাকেন। সে প্রায় সকল নেশা করিয়া থাকে। ২২ সহবাস করা (আছে দ্রঃ)। ২৩ [প্রাং বাং। তুল ইং have-থাকা, পাওয়ার ভাব] পাওয়া। "যার কড়া কড়ি থাকিয়া(=থাকিলে

=পাইলে) বাঞ্ছা থুইবার চাই।”-মাণিক০ (বং সাং পং ১ম ভাগ)। বি, থাকন -থাকান২ দ্রঃ। থাকঁয়ে-থাকে (পদ্যে)।
~থাকি [থাকা+থাকা+ই (সন্দেহার্থে দ্বিত্ব)] বি, থাকা ও না থাকা। ২ থাকার বিষয়। থাকা না থাকা [তুল-হিং“ছতহুঁ অছত সমান”-বিহারী০। আছা দ্রঃ] ‵থাক গিয়া, ‵থাক গে-অ, ছাড়িয়া দেওয়া ; উপেক্ষার ভাববোধক ; অনাবশ্যক বোধে বর্জ্জনের ভাব। থাকতে দেওয়া -সংস্রবশূন্য রাখা। অন্ধকারে থাকা -অজ্ঞানে থাকা ; অজ্ঞ থাকা ; জানিতে না পারা। প্র-এখনও সে অন্ধকারে আছে, তাই থাকতে দাও, একবার জানিতে পারলে আর রক্ষা থাকবে না। আঁচে থাকা- আগুনের অল্প তেজে গরম করিবার জন্য উনানে বসান থাকা। ২ আন্দাজ করিয়া থাকা। ৩ অপেক্ষায় থাকা ; টেঁকে থাকা। কঁথা থাকা-প্রতিজ্ঞা পালিত হওয়া ; সত্য রক্ষা হওয়া। কঁথায় থাকা-সংস্রবে থাকা ; কোন বিষয়ে লিপ্ত হওয়া। কুলে থাকা-বংশের সম্ভ্রম রক্ষা করিয়া থাকা ; সামাজিকতা পালন করিয়া ঘরে থাকা। খুসী থাকা-সন্তুষ্ট থাকা ; প্রীত থাকা। ঘঁরে থাকা-গৃহে উপস্থিত থাকা। ২ পুরুষের পক্ষে সহধর্ম্মিণীকে লইয়া সংসার ধর্ম্ম পালন করা ; পরস্ত্রীর কাছে না থাকা। স্ত্রীপক্ষে, কুলে থাকা। ঘুমিয়ে থাকা- নিদ্রিত অবস্থায় থাকা। ২ কোন দিক না দেখা ; অজ্ঞ থাকা। জাত থাকা-যে-জাতিতে জন্ম বা যে-জাতিভুক্ত তা রক্ষিত হওয়া ; জাত্যন্তর না হওয়া। জাতে থাকা- জাত্যন্তর গ্রহণ না করা। জেগে থাকা -চক্ষু চাহিয়া বা জাগ্রত অবস্থায় থাকা। ২ সতর্ক বা সজাগ থাকা ; সাবধান থাকা। টেঁকে থাকা [টিঁকিয়া >] বজায় থাকা ; ঠিকানায় দৃঢ়ভাবে অবস্থান করা। ২ [তোক=টাক > টাঁকিয়া >] উদ্দেশ্য লইয়া অপেক্ষা করা ; ওত করিয়া থাকা। ডুবে থাকা-জলমগ্ন থাকা। ২ আত্ম-বিস্মৃত হইয়া থাকা; আত্মসমর্পণ করিয়া থাকা। ৩ ঋণ ভারে ভারাক্রান্ত হইয়া থাকা। তঁগে থাকা, তাকে থাকা, তঁক্কে থাকা-ওত করিয়া থাকা ; আগ্রহের সহিত অপেক্ষা করিয়া থাকা। ২ সন্ধানে থাকা। থেমে থাকা -স্থির থাকা। ২ নীরব থাকা। ৩ নিরস্ত থাকা। দাঁড়িয়ে থাকা-দণ্ডায়মান থাকা। ২ অপেক্ষা করা। দাঁতে থাকা -চর্ব্বিত হওয়া। ২ [লক্ষণায়] সর্ব্বদা তিরস্কৃত হতে থাকা। প্র-সে তাহাকে চব্বিশ ঘণ্টা দাঁতেই রেখেছে। তার দাঁতে থেকে থেকে ছেলেটা রোগা হয়ে গেছে। দেবে থাকা -মুষড়িয়া থাকা ; পিষ্ট হইতে থাকা। ২ ভয়ে ভয়ে চুপ করিয়া থাকা ; উদ্ধত না হওয়া। দোষে থাকা-দোষের মধ্যে থাকা ; দোষের ভাগী হওয়া : দোষী হওয়া। ধোঁকায় থাকা, ধোঁকার মধ্যে থাকা-সত্য মিথ্যা বা হয় নয় এই সন্দেহযুক্ত থাকা। ২ অন্ধ বিশ্বাসে বা ভুল বিশ্বাসে নিশ্চিন্ত থাকা। পিঁড়ে থাকা-পতিত থাকা। ২ না ঘুমাইয়া শুইয়া থাকা। ৩ উন্নতি করিতে না পারিয়া বা উন্নত যুগের উপযোগী হইতে না পারিয়া পশ্চাতে থাকা। “পড়ে থাকা পিছে মরে থাকা মিছে”-সবুজ পত্র (রবী০)। ৪ [লক্ষ০] উপেক্ষিত থাকা ; ৫ বাকী থাকা। পেটে থাকা-গর্ভে অবস্থান করা। ২ অপ্রকাশিত থাকা ; মনে মনে থাকা। প্রাণ থাকা-জীবন রক্ষা হওয়া ; বাঁচা। মনে থাকা-স্মরণ থাকা। মরে থাকা-মৃতপ্রায় হইয়া থাকা ; মুষড়ে থাকা ; ম্রিয়মান হইয়া থাকা ; মরিয়া পড়িয়া থাকা। মাথা থাকা-মাথা কাটা না যাওয়া ; প্রাণরক্ষা হওয়া। প্র-তার কথা না শুনলে কি আর মাথা থাকবে। মাথায় থাকা-মাথার উপর শিক্যা প্রভৃতিতে তোলা থাকা। ২ [লক্ষ০] সম্ভ্রমের সহিত ভবিষ্যতে আলোচনা বা বিবেচনার জন্য রহিত বা মুলতবী থাকা। মান থাকা-সম্মান বজায় থাকা ; সম্ভ্রম রক্ষা পাওয়া ; ভদ্রতা বজায় থাকা। মুখ থাকা -সম্ভ্রমসহ বা ভদ্রভাবে দেখাইবার মত অথবা অম্লান মুখে দেখা করিবার মত মুখ বা উপায় থাকা ; সত্যরক্ষা দ্বারা মান থাকা। রেগে থাকা-আন্তরিক ক্রোধ বা আক্রোশ পোষণ করিয়া থাকা। সুখে থাকা-মনের সুখে বাস করা। ২ ঐশ্বর্য্য সুখ ভোগ করা। ৩ ঐশ্বর্য্য, শারীরিক ও মানসিক সুখ ভোগ করা। হিড়েপিড়ে থাকা-দুঃখকষ্ট সহ্য করিয়া টিকিয়া থাকা ; কোন মতে না ছাড়া। হাত থাকা-আয়ত্ত থাকা ; দখল বা স্বত্ব থাকা ; ক্ষমতা থাকা। হাতে থাকা-আয়ত্ত মধ্যে থাকা ; দখলে থাকা ; ক্ষমতাধীন থাকা।

থাকা২ [থাক (অবস্থিতি)+আ (স্বার্থে)] বি, অবস্থিতি ; অবস্থান। ২ ঠাকুর বিসর্জ্জন করিবার সময় যে উন্মুক্ত চতুর্দ্দোলের আকারে গঠিত কৃত্রিম উদ্যানাদিতে সুসজ্জিত আধারে প্রতিমা বহন করা হয়।

থাকানি১ [থাকা'র ণিজন্ত রূপ থাকাই, থাকাও, থাকায় ; থাকাইতে ; থাকাইয়া (কে০ থাকিয়ে)] ক্রি, থাকিতে বাধ্য করা।

থাকান২ [থাকা >] বি, থাকন ; অবস্থান। প্র-তাকে এমন থাকান থাকাবে যে সে কখন ভুলবে না। ২ গন্ধারা থাকান হয় ; অবলম্বন ; ঠেক্না ; ঠেক ; ঠেকো।

থাকিয়া [থাকা দ্রঃ। স্থা-ধাতুজ স্থিত্বা= থাকিয়া] অস্-ক্রি, অবস্থান করিয়া ; থাকা দ্রঃ। ২ ক্রি-বিণ, কোন নির্দ্দিষ্ট স্থিতি বা স্থান হতে ; থেকে দ্রঃ। ~-থাকিয়া [থাকা দ্রঃ। প্রা০-থেকে-থেকে] ক্রি-বিণ, মধ্যে মধ্যে বাস করিয়া ; সময়ে সময়ে অবস্থান করিয়া। ২ মধ্যে-মধ্যে ; মাঝে-মাঝে। “অদ্যাপি কাঁপিয়া উঠে থাকিয়া থাকিয়া।” -ভারত০। “থাকিয়া থাকিয়া বিজনে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান”-রবী০।

থাকু, থাকুক [থাকা১ দ্রঃ। বৌ০ বাং প্রাকৃ০ থক্কু (দো০ ১১৮)] ক্রি, (অনুজ্ঞার্থে) অবস্থিতি করুক। ২ স্থগিত থাক।

‵থাকুড়থুকুড় [থক্ (দ্রঃ) কোমলার্থে। ড় কঠিনতার্থে] অ, কোমল কঙ্কালের সহিত মেদল মাংস জড়িত থাকার ভাববোধক।

থাড় [সং-স্থাতৃ > হিং-ঠাঢ় > ব্রজ০- থাড়, থাড়ী, প্রা০ বৈ০ সা০] বিণ, দণ্ডায়মান। পুং-পক্ষে-থাড়া, স্ত্রী-পক্ষে-থাড়ি, থাড়ী

[হিং-ঠাড়ী] দণ্ডায়মানা। "বহুরি বেরি কাহে থাড়ি"-বিং পং।

থাড়া [থাড় দ্রঃ। খাড়া দ্রঃ। থ=খ, ঠ] বিণ. খাড়া ; দণ্ডায়মান। স্ত্রীং থাড়ী।

ˋথাড়ানি [থাড় (দ্রঃ) + আন (ক্রিয়ায়)] ক্রি, দাঁড়-করান; সোজা ভাবে দাঁড় করাইয়া বা ঠেসাইয়া রাখা। ২ কোন বস্তু প্রস্তুত করা : গড়িয়া তোলা বা খাড়া করা।

থাড়ী, ঠাড়ী [থাড় দ্রঃ। সং-স্থাতৃ > হিং ঠাঢ়ী > ঠাড়ী, থাড়ী। পুং থাড় (1)= খাড়া >। থেঁড় (দ্রঃ)] বিণ,বহুদিন-প্রসূতা। প্র-থেঁড়ো গরুর দুধ। ২ দণ্ডায়মানা ; খাড়ী। ৩ বি, মধ্য বয়স্কা স্ত্রী : প্রৌঢ়া।

ˋথাতানি [স্থিত > থিত + আন=থিতান > বিকারে থি=থা। তুল-হিং থিরানা] ক্রি. সুস্থিরকরণ ; থিতান। ২ শান্ত করা।

ˋথাতামুথা,-তা [গ্রাং-থাতা (পাতা বা লতা)-মুথা (তৃণ), সহং দ্বয়। তুল-ঘাসপাতা, কাটি-মুটি] বিণ, তৃণমুষ্টি ; ঘাস-পাতা। ২ [লক্ষং] ক্ষীণ বা অকিঞ্চিৎকর প্রতিবিধান ; ঠেকনো। ৩ যা তা বলিয়া আশ্বাস ; অসার আশ্বাস। প্র-থাতামুতা দিয়া রাখলেই কি থাকবে? ৪ সংক্ষেপ।

থাতী [সং-তিষ্ঠতি >। প্রাংবৌং বাং প্রাকৃং] ক্রি, থাকে (চং ২১।৩)।

থান১ [সং-অখণ্ড > থান >। হিং-থান (অখণ্ড, এক)-স্থানে বিস্তৃত বস্তুর অখণ্ডতাবোধক] বি, অখণ্ড ; পূর্ণ বা সমগ্র-বস্তু ; গোটা। প্র-থান ইট মাথায় মারিয়াছে। ২ অখণ্ড (সাধারণতঃ ১৮ হতে ২০ গজ প্রমাণ) কলের কাপড়। প্র-পুরা থান হ'তে একখানা ধুতির মত কাপড় কাটিয়া ফেল। ৩ [বির্থেং] পাড়হীন বস্ত্র। প্র-বঙ্গদেশে বিধবারা থান এবং সধবারা পাড়ওয়ালা সাড়ী পরিধান করে। ~ধুতি-থান কাপড়। ~ফাড়া-বিণ,পুরা হ'তে কর্তিত। ২ থান হ'তে ছিন্ন। ক্রি,থান ফাড়া-থান ছিন্ন করা।

থান২ [সং-স্থান > হিং-আস্থান > থান। প্রাং বৌং বাং প্রাকৃং-থাব] বি, স্থল ; ঠাঁই। ২ স্থান বা জমির খণ্ড ; লাট। ৩ নিকট। "ধর্ম্ম থানে পাইব মুকতি।"-শূং পুং। "সোপল তাকর থানে"-কবিশেখর। ৪ অশ্ব থাকিবার স্থান ; আস্তাবলের যেখানে ঘোড়ার পা বাঁধা থাকে। ৫ অবস্থান। ঘোড়ার উৎপত্তি, বংশ, জাতি pedigree; breed (of horse). ~কি, ~র্ত (-নঁ-) অ, স্থানে। ~ছাড়া-বিণ, স্থানভ্রষ্ট। থানে [শ্রীং কীং] বি, স্থান। ২ অ, স্থানে। থানে অথানে ['স্থানে অস্থানে' > ভ্রং] অ, যথাস্থানে এবং অযথাস্থানে। ২ অস্থানে ; বেকায়দায় ; মর্ম্মস্থানে। প্র-ঢিল ছুড়ানো, কোথায় কার থানে অথানে লেগে যাবে।

থানকুনি,-কুঁড়ি, থালকুঁড়ি-বি. আগাছাবিঃ hydrocotyle asiatica. [থুল-কুড়ি দ্রঃ]।

থানা [সং-স্থান > হিং-থানা। তুল-ফাং-আস্তানা=দ্বার ; পীঠস্থান] বি, স্থান। "সেহিখানে বটে জম রাজার বসিবার থানা।"-শূং পুং। ২ আড্ডা। "না যাইও যমুনার জলে, তরুয়া কদম্বমূলে চিকণ কালা করিয়াছে থানা।"-চণ্ডিং। ৩ সৈন্যসমাবেশ; শিবির ; ছাউনী। ৪ দল ; সেনাদল ; চমূ। "লক্ষ্মণের বাণে পড়ে রাক্ষসের থানা।" -কৃত্তিং। ৫ চৌকি(কী) ; পাহারা। "পেয়াদা সবার কাছে প্রজারা পলায় পাছে দুয়ার চাপিয়া দেয় থানা।"-কবিকং। ৬ শান্তি-রক্ষকগণের আড্ডা ও দপ্তর ; পুলিশ ষ্টেশন। ৭ একজন পুলিশ ইন্‌স্পেক্টর বা কোতো-য়ালের অধীন এলাকা বা গ্রামসমূহ। থানা কঁরা [কৃষকের ভাষায়] বিশেষ বিশেষ বীজ বুনিবার বিশেষ বিশেষ স্থান ও মাটি তৈয়ার করা। ~দার [হিং থানা + ফাং দার্] বি, থানার প্রধান কর্ম্মচারী station officer. ~দারি [থানাদার-ই (বৃত্তি অর্থে)] বি, থানাদারের কর্ম্ম। ২ থানাদারের পদ। ~দারী-বিণ, থানাদার সম্বন্ধীয়। ~দেওয়া-প্রহরীর আড্ডা বসান। ২ সৈন্য সমাবেশ করা। "থানা দিয়া পূর্ব্বদ্বারে বসিয়াছে নীল বীর।" -মেঘং। "কামরূপ ওপারে এপারে দিল থানা।"-ঘং। ~পুলিশ কঁরা-নালিশ করিয়া পুলিশে ও আদালতে যাতায়াত করা ; মামলা মকদ্দমা করা।

থানী [স্থান (জমি) + ঈ (সম্বন্ধার্থে)] বি, ওড়িষ্যা বিভাগের প্রজাবিঃ; বঙ্গের খোদকস্তা প্রজাস্বত্বে স্বত্ববান্ প্রজা।

থানেশ্বর, স্থানেশ্বর, স্থানীশ্বর [স্থাণু (কুরুক্ষেত্রের তীর্থপতি) + ঈশ্বর। স্থা=থা] বি, কুরুক্ষেত্রের অন্তর্গত ইতিহাস প্রসিদ্ধ পবিত্র হিন্দুতীর্থ। ৭ম খৃং শতকে ইহা রাজা হর্ষবর্দ্ধনের রাজধানী ছিল। ১১ শতকের প্রথম ভাগে মহমুদ গজনবী কর্ত্তৃক ধ্বংস হয়। অধুং কর্ণাল জেলার অন্তর্গত।

থাপ [সং-স্থাপ (করতল) > হিং-থাপ্-করতলের চাপ] বি, করতলের চাপ ; চাপড় ; থাবড়া।

থাপঁক [স্থাপক >। গ্রাং] বিণ, স্থাপনকারী : প্রতিষ্ঠাতা।

থাপঁড়, থাপড়া, থাপ্পড় [হিং-থপ্পড। অনুং। থাপ দ্রঃ] বি, চাপড় ; চড় ; থাবা ; করতল প্রহার। ক্রি, থাপড়ানি।

থাপঁন [সং-স্থাপন >। প্রাং বাং] বি, স্থাপন। "তিন কোন পৃথিবীর জল করিলা থাপন।"-শূং পুং। ২ ভূমিতে করতলের ভর দিয়া উপবেশন ; থাবড়ি খাইয়া বসা। প্র-থাপন জুড়িয়া বসা।

থাপঁয়, থাপঁয়ে [স্থাপন >, পদ্যে। বৈং সাং] ক্রি, স্থাপন করে। "শুনিতে রসের কথা থাপয়ে চিত"-বিং পং।

থাপা [থাপ (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। থাপি, থাপ, থাপে ; থাপিতে ; থাপিয়া] ক্রি, স্থাপন করা। প্রাং বাং বৈং পদং সাং-থাপঁর্ত-স্থাপন করে। থাপিন্তি-স্থাপন করে ; রাখে। "থাপন্তি কায়"-শূং পুং।

থাপি, থাপী [হিং থাপি, কুম্ভকারদিগের ভাষায়] বি, যে পিটনা দ্বারা কাদা পেটা ও কাঁচা হাঁড়ী, কলসী পেটা হয়। ২ [হিং ও উং বঙ্গে চং] ছাত পিটিবার পিট্‌না।

ˋথাবঁড়, ˋথাবড়া১ [থাপ (দ্রঃ) > থাব + ড়া (কাঠিন্য এবং অনাদর অর্থে)] বি, করতলের আঘাত ; চাপড় ; চড়।

থাবড়া২ [থাবড়া১ দ্রঃ। থাপড় + আ (পরিমাণার্থে অনাদরে)-করতলে যতটা ধরে তৎপরিমাণ] অ, অনেকটা ; থাবড়া। প্র-এক থাং গোবর তার উপর ফেলে দিল।

থাবড়ানি, থাপড়ানি [থাবড়, থুবড়ান

দ্রঃ। থাপ্পড় > থাপ(ব)ড়+আন (ক্রিয়ায়)। থাবড়াই, থাবড়াও, থাবড়ায় ; থাবড়াইতে ; থাবড়াইয়া (ক্ষেং থাবড়ে)] ক্রি, থাবড়া মারা ; চপেটাঘাত করা ; চাপড় মারা। ২ শাসন করা; দাবড়ি দেওয়া। বি, থাবড়ানি। থাবড়া খাওয়া-চপেটাঘাত প্রাপ্ত হওয়া। ২ শাসিত হওয়া ; ধম্‌কি খাওয়া। "ইউনিভারসিটী লোকমতের এতটা বিরোধ কখনও করেন নাই, এমন ভাবে ভারত গবর্ণমেণ্টের কাছে থাবড়াও খান নাই।"-নায়ক, ১-৮-১৩২৬। থাবড়া ধঁরানি, -বঁসানি, -কঁসানি, -জমানি, -লাগানি-চড় মারা। থাবড়িয়া, থাবড়াইয়া, থাবড়ে, দেওয়া-চড় বসাইয়া দেওয়া ; চড়ের উপর চড় মারা। ২ ধমক দেওয়া। থাবড়ে পঁড়া-থাবার উপর ভর দিয়া বা থাবা পাতিয়া পড়া। থাবড়ে, থুবড়ে, থেবড়ে, বঁসা-থাবড়ি দ্রঃ।

থাবড়ি [থাবড়া দ্রঃ। উচ্চারণভেদে "থা(থু)বড়ি" পুং থাবড়া] বি, থাবা বা করতল পাতন। থাবড়ি বা থুবড়ি খাইয়া বঁসা-ধরায় থাবা পাতিয়া বা ভূমিতে সমস্ত দেহ ভার স্থাপন করিয়া উপবেশন করা।

থাবঁর [সং-স্থাবর > হিং-থাবর। প্রাং বাং গ্রাং] বি, স্থাবর। "পাহাড় পর্ব্বত নহি নহিক থাবর জঙ্গম।"-শূং পুং।

`থাবা [সং-স্থাপ > থাপ > থাব+আ (অবজ্ঞায়, ইতর প্রাণীর থাপ অর্থে)] বি, জীবজন্তুর করতল ; পাঞ্জা। ২ [অনাদরে] বিস্তৃত মুষ্টি ; এক গ্রাসের উপযোগী মুষ্টি। ক্রি, থাবান। থাং তোলা-গ্রাসের জন্য বিস্তৃত মুষ্টিতে আহার্য্য উঠান। ~থাবা, থাবায় থাবায়-অ, চাপড়ের উপর চাপড়। "থাবায় থাবায় মশাল নিবায় আন্ধারে শোভিল ভাল,"-অং মং। ২ মুঠা মুঠা ; থাবলা থাবলা। "দুই হাতে পেট ভরে থাবা থাবা থাবা।"-ঈং গুপ্ত। ~-থুবি-করতলের আচ্ছাদন ; চাপা-চুপি। ২ পৃষ্ঠে ধীরে ধীরে করতল স্পর্শ। ~-থুবি দিয়ে রাখা-পিঠ চাপড়ে ভুলিয়ে ভালিয়ে রাখা। থাং বাঁধা-মুষ্টি বন্ধ করা। থাং মারা-পাঞ্জার আঘাত করা ; ছোঁ মারা। আবা-থাবা-থাবা বা করতল দিয়া মুখ চাপা ; যেমন তেমন করিয়া মুখ বন্ধ।

থাবানি [থাব+আন (ক্রিয়ায়)। থাবাই, থাবাও, থাবায় ; থাবাইতে ; থাবাইয়া (ক্ষেং থাবিয়ে)] ক্রি, থাবার ব্যবহার করা। ২ থাবার আঘাত করা ; থাবড়া মারা। "চোট খেয়ে লাফায়ে থাবাইয়া ধরে উরু। কি করিতে পারে যার হনুমন্ত গুরু?"-ঘং।

থাম [সং-স্তম্ভ > প্রাকৃং থম্ব, বাঁকুড়া ইং অঞ্চলে থাম্বা। হিং থাম্বা, খাম্বা] বি, স্তম্ভ : খুঁটি। ২ অবলম্বন। থামে বেঁধে মারা -স্তম্ভ বা খুঁটিতে বাঁধিয়া অপরাধীকে প্রহার করা যাতে সে মার খাইতে খাইতে পলায়ন না করে ; ধরিয়া রাখিয়া বা পলায়নের পথ না রাখিয়া প্রহার করা।

`থামঁন [সং-স্তম্ভন > হিং থম্ভন > হিং থামনা] বি, থাকন ; নিবৃত্ত হওন। ২ ক্ষণিক প্রতিকার ; সাময়িক উপশম ; শান্ত হওন।

`থামা১ [সং-স্তন্ভ্ (ক্রিয়ানিরোধে, রুদ্ধীকরণে) > হিং-থাম্‌না (কোন কার্য্যের গতি বা বেগ রোধ করা)। থামি, থাম (থামেন, থামিস ; অনুজ্ঞার্থে থামুন, থাম্), থামে (থামেন) ; থামিতে ; থামিয়া (ক্ষেং থেমে)। ণিজন্ত-থামান (চেতনপক্ষে)] ক্রি, গতি বা গমন-বেগ সম্বরণ করা ; অগ্রসর না হওয়া ; দাঁড়ান ; গতিরোধ করিয়া ক্ষণকাল অপেক্ষা করা। ২ [জড় পক্ষে] বেগ বন্ধ করা বা সম্বরণ করা। প্র-চাকা একবার ঘুরাইলে আর থামে না। ৩ চুপ করা। "খোলা হ'তে নামে লুচি টগ্ বগ্ তাজা, জিবে গজা, পানতুয়া, ছানাবড়া, খাজা, রাঙ্গাদিদি হাসিছেন বদনে অঞ্চল ; কহিছেন, থাম কবি, মুখে আসে জল।"-অশোকং। ৪ নিরস্ত হওয়া ; বিরত হওয়া। প্র-কাজে অত দূর অগ্রসর হয়ে মাঝখানে এসে থামা আর ভাল দেখায় না। ৫ অপেক্ষা করা। প্র-একটু থাম একবার চট্‌করে বাড়ী থেকে হয়ে আসি। ৬ আপত্তি না করা ; বিহিত না করিয়া নিশ্চেষ্ট থাকা। প্র-ও কথা শুন্‌লে পাওনা-দারেরা কি আর থাম্‌বে। ৭ স্থির হওয়া ; ব্যস্ত, উৎকণ্ঠিত বা ব্যাকুল না হওয়া। প্র-ছেলে থাম্‌চে না। ৮ পতন বন্ধ হওয়া : ধরা। প্র-এখন বৃষ্টি একটু থেমেছে এই বেলা যাও। অষুধ দেবার পর রক্ত থেমেছে। ৯ উপশমিত হওয়া ; শান্ত হওয়া। প্র-তার রাগ এখন থেমেছে। ১০ [হিন্দীতে প্রচর। বাং-র সর্ব্বত্র প্রচলিত নাই] ধরা ; গ্রহণ করা। বি, থামঁন। `থামি `থামি [বিদ্রূপ, ক্রোধ, বিরক্তি অর্থে দ্বিত্ব] ক্রি, চুপ কর ; নির্ব্বাক হও। বেশী কথা বলিও না। প্র-থাম থাম যথেষ্ট হয়েছে আর কেন? থাম থাম তোমার আর বক বক করতে হবে না। ২ [ভয় প্রদর্শনে বা শাসান অর্থে] অপেক্ষা কর ; দাঁড়াও ; রহ রহ। ~থামি-পরস্পর থামা। নোলা থামা-আহারে লোভ বা লালসা রহিত হওয়া ; সর্ব্বদা খাই খাই প্রবৃত্তি আর না থাকা। মুখ থামা-নোলা থামা দ্রঃ। ২ বকুনি বন্ধ হওয়া ; একক্রমে গালি বর্ষণ করিতে বিরত হওয়া। মুখ থামানি-অন্যের আপত্তি করিবার উপায় বন্ধ করা। ২ আহার যোগাইয়া খাই খাই চীৎকার বন্ধ করা। ৩ চর্ব্বণ-হেতু মুখ নাড়া বন্ধ করা ; আর না খাওয়া। ৪ বকুনি বা কথা বলা বন্ধ করা ; চুপ করা।

থামা২ [থাম-আ (স্বার্থে)] বি, থামানি ; উপশম। ২ ছিয়ানি। প্র-বৃষ্টি একবার থামা দিলে হয়।

থামানি [থামা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। থামাই, থামাও (থামান্, থামাস), থামায় (থামান্) ; থামাইতে ; থামাইয়া (ক্ষেং থামিয়ে)] ক্রি, থামিতে বাধ্য করা ; গতিরোধ করা ; বেগ বন্ধ করা। ২ চুপ করান। ৩ ধরান ; গ্রহণ করান। বি, থামানি। রঁক্ত থামানি-ঔষধাদিদ্বারা রক্তস্রাব রহিত করা। রাগ থামানি-রাগের হেতু দূর করা ; ক্রোধের শান্তি করা।

`থামাল [মাথাল > বর্ণবিপর্য্যয়ে থামাল] বি, দরজার মাথার উপরের অংশ ; থামের মাথা capital.

থামি [প্রাদেং] বি, লুঙ্গি দ্রঃ।

থাম্বা-থাম, স্তম্ভ দ্রঃ।

থার [ব্রজং। থাল দ্রঃ] বি, থালা।

"অবশেষে যো কিছু রহল থার পর।" -গোবিন্দ°।

থারমিমি(মে)টার, থার্মামিটার [ইং thermometer এর লিপ্যন্তর] বি. তাপমান যন্ত্র; শরীরের উত্তাপ নির্ণয়ের বৈজ্ঞানিক উপায়ে নির্ম্মিত কাচযন্ত্র।

থারি,-রী [সং-স্থালী > •হিং-থালী > থারী, থারিয়া > । গুর্জ্জ°-থালী। ওরাওঁ, হিং থারিয়া (পিতলের ভাতের থালা)। তুল-জাপানী সারা=থালা। উচ্চারণে পা°-স=থ্ =আ°-থে, ল=র] বি, থালি; ছোট থালা। "ডাহিন হাতে বহে ফাগের থারি।"-কথা (রবী°)।

থাল, থালা [সং-স্থালী > হিং গুর্জ্জর -থালী। থারি দ্রঃ] বি. ধাতু নির্ম্মিত ভোজনের পাত্র। "পাঠান পতির ললাটে সহসা মারেন রাণী কাঁসার থালা খানা"-কথা (রবী°)। ২ যন্ত্র-কোবোক্ত ঘন-যন্ত্রবিঃ। প্র-থালা বাজাইয়া গান ধরিল। ৩ [সং-স্থল > থল > থাল] "গগনের থালে রবিচন্দ্র-দীপক জ্বলে।"-বাং-গান (রবী°)।

থালকুঁড়ি-থুলকুড়ী দ্রঃ।

থালি, থালী [সং-স্থালী > । বৃহদর্থে -থালা] বি, হাঁড়ী; পাক পাত্র। ২ ছোট থালা; "থালি খুরি ডাবরে পুরিআ লহি চন্দন।"-শূ° পু°। "অর্ঘ্য ভরিয়া আনি, ধর গো পূজার থালি"-চয়নিকা। ৩ তৈলাধার; তৈল রাখিবার ছোট পাত্রবিঃ। ৪ হুঁকার বড় খোল। থলুয়া দ্রঃ।

`থাসা [সং-স্থাসু (দৃঢ় করিয়া বা চাপিয়া চাপিয়া বসান) > হিং-ঠাঁসনা (গাদা, মাড়া)। থাসি, থাস, থাসে; থাসিতে; থাসিয়া (কে° থেসে)। স্থ=থ=ঠ] ক্রি, গোধূম-চূর্ণ জলের সহিত যেরূপ মর্দ্দন করে সেইরূপ মর্দ্দন করা; মাড়া। প্র-ময়দা থাসা। ২ মাড়ামাড়ি করা; ধামসান। প্র-বিছানা বালিস থেসে মেড়ে ছেলেগুলো জ্বালাতন করে। ৩ গাদা; ঠাসা। শিজন্ত-থাসান। **থাসা মাড়া**-করতল ও মুষ্টিদ্বারা দলন এবং পদদ্বারা মর্দ্দন।

থাই-থা দ্রঃ।

`থিক্, [থক (দ্রঃ) অপেক্ষা লঘু কিন্তু অধিক তরল। থুক্, দ্রঃ] অ, অনুকার শব্দ। **~থিক্** [ব্যাপ্তি, স্বচ্ছতা ও তরলতা-ধিক্য অর্থে দ্বিত্ব। এই অর্থে 'তিক্‌তিক্' ও°] অ, জলের ক্ষুদ্রতম তরঙ্গ হিল্লোল দৃশ্যসহ শব্দের মিশ্রণ অর্থে। প্র-পুকুরের জল থিক্ থিক্ করিতেছে। ২ [থুকথুক দ্রঃ] ঘন তরল পদার্থে বহুসংখ্যক কীটাদির বিদ্যমানতাবোধক; বিজবিজ। প্র-পচা জলে পোকা থিক্‌থিক্ করিতেছে। ক্রি, **~থিকানি**। বি, **থিক্‌থিকিনি**।

থিক২, থিকা [থেকে দ্রঃ। মূলে সং-স্থা (থাকা) > থাকি > থিকা, থিক; থাকিয়া > থাক্যা > থেকে। অথবা স্থানে > ঠানে > ঠাঁএ > ঠেঁএ > ঠেঙে > ঠেগে > ঠেকে > থেকে। তুল-গুর্জ্জ°-থী, থকি; হিং-তই] অ, স্থানে; কাছে; নিকট; হইতে (দ্রঃ); পঞ্চমী বিভক্তি বাচক from. ২ [তুলনায়। গ্রা° উচ্চারণে থেঙ্গে, থেঙে, ঠেএঁ, ঠেঙে ও°] চাহিতে; থেকে; চেয়ে; অপেক্ষা।

থিকানি [ব্রজ°। অস্ ধাতুজ অস্তি > অছি > ছিক, > থিক। তুল-আসীৎ > আছিল > ছিল > থিল (ওড়ি°) ব্রজ° থিক] ক্রি, হওয়ান। বিদ্যাপতিতে-থিকঁহু-হই। থিকাহঁ-হও। থিকাহু-আছি।

থিতঁ, থিতু [সং-স্থিতি-থিতি-থিত, থিতু] বি, স্থিতি। ২ বিণ, স্থিত। **থিত করা**-স্থিতি করা; রাখা; সঞ্চিত করা। **থিত বা থিতু করানি**-বাস করান; স্থায়ীরূপে থাকিতে সাহায্য করা।

থিতন, [সং-স্থিত > থিত। হিং-থিরানা] বি, তরলপদার্থ মিশ্রিত অদ্রাবক বস্তুর ক্রমে ক্রমে নিম্নে পতন precipitation.

থিতনি২, থিতানি [স্থিরান। হিং-থিরানা। অথবা সং স্থিত > থিত + আন (ক্রি-বিভক্তি)। থিতাই, থিতাও, থিতায়; থিতাইতে (কে° থিতাতে, থিতুতে); থিতাইয়া (কে° থিতিয়ে)] ক্রি, স্থিতি করান; শিটা ভাগ জলের নিম্নে জমান precipitate. প্র-জল থিতাইয়া তলায় পাঁক জমেছে। ২ জল স্থির ও নির্ম্মল করা।

থিতি, থিতী [প্রা°-বাং, প্রা°। সং-স্থিতি > হিং-থিতি (রামচরিতমানস) > প্রা° মেয়েলী° থিত] বি, স্থিতি। "কিছু সংহারিল কিছু সৃজে হইল থিতি।"-শূ° পু°। বিণ, **থিত** [প্রা° থিতু (মেয়েলী)] স্থিত; স্থায়ী। "দআর সাগর পরভু হএ গেল থিত।"-শূ° পু°।

থিয়ানি [স্থিতি > স্থিতান > থিতান >] ক্রি, স্থিতি করান। ২ দাঁড় করান। ৩ দাঁড়ান। "ন থিয়াইও ভাই আমার না কহিও কথা।"-পূ° ব° গী°।

থিয়েটার [ইং theatre এর লিপ্যন্তর। গ্রা° ঠ্যাটার, ঠেটার] বি, অভিনয়। ২ নাট্যাভিনয়স্থান; অভিনয়-গৃহ। **থিয়েটারওয়ালা**-বিণ, অভিনয়কারী; যারা থিয়েটার করে। ২ বি, অভিনেতা।

থির, থীর [স্থির > হিং-থির, থীরা (রামচরিতমানস)। প্রা° বাং-র থিরা (চ° ২০।৫)] বিণ, স্থির; অচঞ্চল; অকম্পিত। "থির নয়ান অথির কিছু ভেল"-বি° প°। "থির বিজুরি বদন গোরী পেখলু ঘাটের কূলে"-চণ্ডি°। ২ [বাস অর্থে] স্থায়ী। "চপলা লক্ষ্মী মোরে অচপল ভারতী না থাকে থির একপল এত করি তাঁর সেবা।"-রবী°। ৩ [ধৈর্য্য অর্থে] অব্যাকুল; ধীর। "চিত থির নাহি হোয়"-বি° প°। ৪ বি, ধৈর্য্য। "কিশলয় শয়নে, থির নাহি বান্ধই চন্দন পবনে মুরছাই।-গোবিন্দ°। **থির করা**-শান্ত করা; প্রশমিত করা। ২ স্থির করা; সিদ্ধান্ত করা; নির্দ্ধারণ করা। **~হওয়া**-স্থির হওয়া; শান্ত হওয়া; ধৈর্য্যধারণ করা। ক্রি, বিণ, **থিরে, থীরে**।

থির২ [সং-স্থিরো ভব। হিং-ঠায়রো] ক্রি, স্থির হও। আগ্রহ, ব্যস্ততা অর্থে, **থিরি -থিরি**। "পদ্মহস্ত দিআ পরভু বোলে থির থির।"-শূ° পু°।

থিরাএ, থিরায় [সং-স্থির + আয় (ক্রিয়া-বিভক্তি)] ক্রি, স্থিতি করে; স্থিত হয়; থিতায়।

থিল [স্থির > থির, থিল] বিণ, স্থির; ঠিক। "থিল হুয়রে বসি"-পূ° ব° গী°।

থি(থী)সিস [ইং thesis এর লিপ্যন্তর]

বি, গবেষণামূলক মৌলিক নিবন্ধ। "বিদেশী ভাষায়ই থী° লিখিয়া থাকে।"-বি° কু° সরকার।

থু-থুঃ দ্রঃ।

থুঅন, থোওন [সং-স্থাপন, প্রা°-বাং। আধু° গ্রা°] বি, স্থাপন ; রক্ষা ; রাখন।

থুআ [থোয়া দ্রঃ। প্রা°-বাং, প্রাদে°। সং-স্থা (থাকা)। স্থাপন > স্থাপা > থাআ >। থুই, থোই (স্থাপি > থাই), থুঅ, থোঅ (স্থাপ্ > থাপ, থাঅ, থুও, থোও), থোএ (স্থাপয়ে > থাপয়ে > থাঅএ > থাএ > থোয়); থুইতে, থোইতে (স্থাপয়িতে > থাপয়িতে >) ; থুইয়া, থোইয়া (স্থাপিয়া > থাপিয়া > থাইআ > ক্ষে° থেয়ে, থুয়ে)। ণিজন্ত-স্থাপি(থাকান)-থাপি > থাই > থুই, .থৈ। উচ্চারণ ভেদে থা=থু=থো (থোআ=থুআ=থোয়া)। ক্রি, রাখা। থুই-রাখি। থুইলাম, থুইনু-স্থাপন করিলাম; রাখিলাম। প্রা° বাং-থুইলুঁ, লোঁ। "শিশুরে এথানে তবে থুই"-ঘ°। "হৃদয়পিঞ্জরে, পিরীতি থুইব"-চণ্ডি°। ম° পু° সমানর্থে-থুইও [ম° বাং-থুইহ] রাখিও। "মোরে মাত্র ভাল করে বান্ধি থুইও গাছে।"-ঘ°। থুইলে, থুলে-রাখিলে। "কেটে কুটে মাংস তুমি থাসে থুলে আজি।"-ঘ°। (সম্ভ্রমার্থে) থুইলেন-রাখিলেন। "দণ্ড থুইলেন প্রভু গঙ্গায়ে আপনি"-চৈ° ভা°। (অবজ্ঞায়) থুইলি-রাখিলি। (অনুজ্ঞার্থে) থোও [ম° বাং-থোহ] রাখ। (অবজ্ঞায়) থো-রাখ্ ; (সম্ভ্রমে) থুউন্। প্র° পু°-থোয়-রাখে। থুইল, থুইলা-রাখিল। অনন্তরামায়ণে-থৈলা [অপ্র°] "থুল্লনা থুইল নাম পরিপূর্ণ মাসে"-কবিক°। "সেই কোন বিধি আনি সুধানিধি থুইল রাধিকা নামে।"-চণ্ডি°। অস-ক্রি, থুইতে, থুতে-রাখিতে। "পাইয়া রতন থুইতে ঠাঞি না পায়"-বি° প°। "বন্দী করি থুতে আজ্ঞা দিল কারাগারে"-কবিক°। "হিয়ার ভিতরে থুইতে নহে পরতীত।"-বলরাম°। ক্রি-বিণ, থুইয়া, থুয়ে-রাখিয়া। প্রা° বাং থুইআঁ-রাখিয়া ; না করিয়া। "এবেঁ লাজ থুইআঁ একপাশে"-শ্রী° কী°। থুইবোঁ-স্থাপিত করিব ; অর্পণ করিব। "এরূপ যৌবন কাহ্নেরে থুইবোঁ রাখী"-শ্রী° কী°। থুইহঁ-স্থাপন করিও। বি. থুঅন-স্থাপন।

থুঃ, থু [অনু°। থুঃ থুঃ শব্দে নিষ্ঠীবন ত্যাগ > সং-থুৎ > ক্ষে°। হি°-থুক্] অ, নিষ্ঠীবন ত্যাগানুকার শব্দ। ২ ঘৃণায়। তুল-হাক্ থুঃ। ৩ লজ্জাদানে ; ছিঃ ; কদাচরণ দর্শনে অবজ্ঞায় ; ধিক্। প্র-থুঃথুঃ। থু করা-থুথু ফেলা। ২ অবজ্ঞা করা ; ঘৃণা করা থু-থু করা [তীব্র নিন্দা করা ঘৃণার সহিত নিন্দা করা ; ছি ছি করা। থু-থু-কার-থুৎকার দ্রঃ।

থুৎনি, থুঁথনি, থুঁতি-থুথি দ্রঃ।

থুক১ [থক, থিক্ দ্রঃ। থক্ অপেক্ষা লঘু ও আয়তনে অল্প 'থিক্'। তদপেক্ষা কম পরিসর এবং লঘু শব্দ 'থুক্'] অ, অনুকার শব্দ।

থুক২ [হি°-থুক্] বি, থুথু ; নিষ্ঠীবন। "জাতি লেঁউ খেলায়কে থুক্।"-অ° ম°। ক্রি, থুকা-থুতু দেওয়া বা ফেলা।

থুক্থুক্-অসংখ্য কীট বা জীবাণুর একত্র সমাবেশ। প্র-গুড়ের বাটিতে পীপড়া থুক্ থুক্ করিতেছে। ক্রি, থুক্থুকানি-থুক-থুক্ করা। বি, থুক্থুকানি, থুক-থুকুনি। বিণ, থুক্থুকে।

থুড় [অনু°। দন্তহীন মুখে জিহ্বার সহিত মাঢ়ির স্পর্শজাত শব্দের অনুকরণে] অ, গলিত দন্ত বৃদ্ধের কথন শব্দ। থুড়থুড়, থুত্থুড় [অনু°] অ, দন্তহীন বৃদ্ধের কথন শব্দ। ২ [লক্ষ°। মুখ শব্দ > অথবা থুর (দ্রঃ) >] অতি বৃদ্ধত্ব বাচক। ক্রি, থুড়থুড়ানি, গ্রা° থুত্থুড়ান [হি° থুরথুরানা-থর থর করিয়া কাঁপা] থুড়-থুড় করা ; অতি বার্দ্ধক্যজনিত থুরথুর করিয়া কম্পিত কলেবর হওয়া। বি, থুড়-থুড়ানি, থুত্থুড়ানি, থুত্থুড়ুনি। বিণ, থুড়থুড়ে, থুত্থুড়ে [গ্রা° থুত্থুড়ো] খুব বুড়ো ; বার্দ্ধক্যজনিত দুর্ব্বলতায় কম্পিত কলেবর। স্ত্রীং থুড়ীথুড়ী (দ্রুত উচ্চারণে থুত্থুড়ী)।

থুড়ন, থুরণ-থুরা দ্রঃ। গ্রা° থুড়োনি, থোড়োনি] বি, কোপানি ; পুনঃ পুনঃ অস্ত্রাঘাত ; কর্ত্তিত অংশ বিচ্ছিন্ন না হয়, এমনভাবে • কুঁচি কুঁচি করিয়া কর্ত্তন ; চোপানি। ২ ছেঁচন।

থুড়া [সং-থুর্ব্ব (হননে) > গ্রা° থোড়া। থুরা দ্রঃ। থুড়ি, থুড়, থুড়ে ; থুড়িতে ; থুড়িয়া (ক্ষে° থুড়ে)] ক্রি, কোপ দেওয়া ; উপর্য্যুপরি অস্ত্রাঘাত করা। ২ কুঁচি কুঁচি করিয়া কাটা ; কুঁচান। ৩ প্রহারে জখম করা ; নির্দ্দয়ভাবে প্রহার করা। প্র-সে বলেছে তাকে পেলে থুড়বে। ণিজন্ত-থুড়ানি। বি, থুড়ানি। অস-ক্রি, থুড়িতে, থুড়িয়া। থুড়াথুড়ি-বি, পরস্পর জখম করণ। থুড়ে দেওয়া-সাংঘাতিক প্রহার করা।

থুড়ি১, -ড়ী [প্রাকৃ°-থুড়ি, মুহথুড়ি= মুখজাত পবন। অথবা সং-থুর্ব্ব (ছেদনে) > পূর্ব্ব ধারা ছেদনার্থে] বি, থুতকুড়ী। থুড়ি বলা বা থুড়ি দেওয়া-থুথু দিয়া বা উচ্ছিষ্ট করিয়া ভ্রষ্ট করা ; ব্যবহার বন্ধ করা ; খেলা বা কোন কাজ বন্ধ রাখা ; যাতে ব্যাপৃত থাকা হইয়াছে তা থামাইয়া দিবার সঙ্কেত উচ্চারণ করা। "তুড়ি মেরে থুড়ী বলে সে বসিবে কেঁচে"-ঈ° গুপ্ত।

থুড়ি২, থুড়িলাফ [তুড়ি দ্রঃ। ত=থ] বি, হঠাৎ লম্ফ ; তড়াক্ করিয়া লাফ। থুড়ি লাফ দেওয়া বা খাওয়া-তুড়ি লাফ খাওয়া ; তড়াক্ করিয়া লাফ দেওয়া ; হঠাৎ লাফান।

থুতকার, থুৎকার [থুঃ থুঃ অথবা থুৎ, থুত্ (অনুকরণ শব্দ) কার (করা), যে ক্রিয়াতে থুৎ এইরূপ শব্দ হয়; থুথুকার ; হি°-থুৎকারনা] বি, নিষ্ঠীবন ত্যাগ ; থুথুফেলা ; ফুৎকুড়ি। থুথুকরণ। ২ ধিৎকার ; তীব্র নিন্দা। ক্রি, থুৎকার করা ; থুৎকারা (বিরল) থুথু ফেলা। বিণ, থুৎকারিয়া, থুৎকারী, থুৎকেরে। > স্ত্রীং থুৎ-কারিণী।

থুতকুড়ি, থুৎকুড়ি,-ড়ী [সং-থুৎকার > থুৎকারী > থুৎকুরি,-ড়ি] বি, থুথু করণ ; নিষ্ঠীবন। থুৎকুড়ি দেওয়া-থুৎ থুৎ করিয়া থুথুর ছিটা দেওয়া। উচ্ছিষ্ট করিয়া দেওয়া। থুৎকুড়িদিয়া ছাতু গোলা বা মলা-ছাতুতে বিলক্ষণ জল না দিয়া থুৎকুড়ি মত জলের ছিটা দিলে গোলা বা মলা যায় না। তা হ'তে প্রয়োজনের অনেক অল্প ব্যয় করিলে ভাল জিনিষও মিলে না ক্রিয়া কাণ্ডও সমাধা হয় না ; কৃপণতা করা। "একি থুৎককুড়ি দিয়া ছাতু গোলা।"-টেকচাঁদ।

থুতনি, থুথনি, থুৎনি [থুথি দ্রঃ। হিং-থুৎ(থ্)নি। আদরার্থে ই যোগ। অবজ্ঞার্থে আ যোগে-থুথ্না। গ্রাং-থোতনা। অধিক অবজ্ঞার্থে [থুথা, থোথা (তা)] বি, অধর বা নীচের ঠোঁটের নিম্নভাগ ; চিবুক chin. "এত বলি বিদায় হইলা থুতি ধরি।" ২ উট, ঘোড়া ইং-র মুখের নিম্নাংশ।

থুতা-থুতনি দ্রঃ।

থুতু [অনুং। থুথু দ্রঃ। গ্রাং] বি, থুৎকার দ্রঃ।~ ফেলা-থুৎ শব্দ করা; নিষ্ঠীবন ত্যাগ করা; পিক ফেলা।~খেকো(গো) [স্ত্রীং ~খাকী(গী)] বিণ, উচ্ছিষ্ট ভোজী। ২ তোষামোদকারী। থুতু গেলা-থুথু মুখ হ'তে না ফেলিয়া গলাধঃকরণ করা। ~মুখ-বি, বিণ, থুথু-পূর্ণ মুখ ; এক মুখ থুথু। থুং বাহির হওয়া-ফোগ্লা মুখে কথা কহিলে বা লালাযুক্ত মুখে দাঁতের ফাঁক দিয়া থুতু বাহির হওয়া।

থুথুড়, থুথুড়ানি, থুথুড়ানি, থুথুড়ুনি, থুথুড়ে-থুড়, থুর দ্রঃ।

থুথি,থুঁতি [থুৎনি দ্রঃ। সং-ত্রোটি > ভ্রং-থোতি, থোথি,থুথি। ক্ষুদ্র ও আদরার্থে ই যোগ। বৃহৎ ও অবজ্ঞার্থে আ যোগে-থোতা] বি, চিবুক। "এত বলি বিদায় হইলা থুথি ধরি।"-ভারতং। থুতিথুতি-চিবুক পর্য্যন্ত।

থুথু [অনুং। থুতু, থুৎকার দ্রঃ। তুল-হিং-থুঁক, গুর্জ্জং-থুক, থুঁকী] বি, নিষ্ঠীবন। "তার কাছে গেলে, দূরে থেকে থুথু ফেলে" -কুঙ্কুম। থুথু ফেলা-থুতু ফেলা দ্রঃ।

থুন [স্থান > থান >। প্রাদেং। থেকে দ্রঃ। ওড়িং-ঠারু] অ, হইতে। "থুমর থুন উড়ি"-পূং বং গীং। ২ [ব্যাং] ৫মী বিভক্তি।

থুপ১ [সং-স্তূপ > পাং থুপো >। থুপ অপেক্ষা বৃহৎ বা স্থূল হইলে থুপা,থোপা, এবং ছোট হইলে, থুপি,-পী]। বি,স্তূপ ; রাশি। ২.গুচ্ছ।

থুপ২, থুপ্ [সং-ছুপ্ (স্পর্শে) >] বি, ছাপ ; লঘু স্পর্শ ; ছোব ; লেপ বা পোত। ~থুপ্-কোমল পদার্থের গুচ্ছ দ্বারা বারংবার স্পর্শ ;হাল্কা বা কোমল আঘাত। প্র-লোমশ কাবলী বেরাল থুপ্ থুপ্ করিয়া চলে বা লাফায়। অধিক কোমল ও আদরার্থে -থুপুস্-থপুস্ ভারী ও স্থূলার্থে-থপ্-থপ্, অনাদরে-থ্যাপ্থ্যাপ্।

থুপি১, থুপী [সং-স্তূপ > পাং থুপো > ক্ষুদ্রার্থে-থুপি, ধুপি (দ্রঃ)] বি, ক্ষুদ্র গুচ্ছ। ৩ [সং-স্তবক > পাং-থবক >] ক্ষুদ্র স্তবক। "ছোট বড় থোপ দিল থুপি ঝিঙ্গার জালি।"-শিং। [সং স্তূপ > ভ্রং] স্তূপ ; ধুপি ; ঢেরী। ২ বৌদ্ধ স্তূপ tope. প্র-পাঁচ থুপি (=পঞ্চ বৌদ্ধ স্তূপের স্থান)।

থুপি২ [থুপ২ (দ্রঃ)+ই] বি, লেখার কালী শুকাইবার বালু,পোড়া চাউলের গুঁড়া ইং-র ক্ষুদ্র পুঁটুলি।

থুব [স্তবক > থাবা > ক্ষুদ্রার্থে থুব্] বি, ক্ষুদ্র গুচ্ছ। ২ থাক। "সপুরট পাট থোপা থুব তিন তায়। রতন রঞ্জিত জীন পীঠে শোভা পায়।"-ঘং।

থুবড়ন, থুবড়ানি, থোবড়ানি, থুবড়নি, থুবড়ুনি [থুবড়ান২ দ্রঃ] বি, থুবড়িয়া দেওয়া। ২ অধোমুখে পতন। প্র-মুখ থোবড়া খেয়ে পড়েছে। বিণ, থুবড়া১, থোবড়া-থেঁতো ; কুট্টিত ; আঘাত পেয়ে চেপ্টা। প্র-থোবড়া মুখ।

থুবড়া২, থুবড়ি১ [সং-অব্যূঢ় (অবিবাহিত) > ভ্রং, ইহার সহিত স্থবিরের ভাব জড়িত] বিণ, বয়স্ক ; অবিবাহিত। স্ত্রীং থুবড়ী-বয়স্কা, অবিবাহিতা। প্র-থুবড়া ছেলে,থুবড়ী মেয়ে। মেয়েটা থুবড়ী হয়ে রইল।

থুবড়া৩, থবড়২ [সং-স্থবির >] বিণ, অতিবৃদ্ধ। ২ অঙ্গহীন ; হাত পা ভগ্ন। প্র-থুবড় করে দিয়েছে। ৩ নিম্নমুখ।

থুবড়ানি১ [থাবড় দ্রঃ। থাবড়ান >] ক্রি, দেহভার স্থাপন করা ; ভূতলে ঠুকিয়া বসান। [উপবেশন বা দেহ স্থাপনার প্রকার ভেদ। উবু হইয়া বসা অর্থে পদতলে ভর দিয়া উঁচু হইয়া বসা, অন্য অঙ্গ ধরা বা স্পর্শ না করা। ইহাতে থ বা স্থলের সম্বন্ধ বড় নাই। থাবড়িয়া বসা অর্থে থাবা পাতিয়া করতলে ভর দিয়া পা মুড়িয়া ধরা চাপিয়া বসা। থুবড়িয়া বসা অর্থে থাবড়িয়া অথচ অধোমুখ হইয়া অর্থাৎ হুমড়ি খাইয়া বসা]। ২ জুবড়ান। মুখ থুবড়িয়া পড়া-মুখ ঠুকিয়া হুমড়ি খাইয়া পড়া।

থুবড়ানি২ [সং-থূর্ব্বণ >] ক্রি, মাটিতে মুখ চাপিয়া ধরা ; ভূমিতে ঠুকিয়া চেপটাইয়া দেওয়া।

থুবনি [গ্রাং-থুব + অবজ্ঞায়, ক্ষুদ্রার্থে নি। বৃহদর্থে থোবনা] বি, ছোট মুখ ; থুথি (দ্রঃ)।

থুবা [থোবা দ্রঃ। সং-স্তবক > পাং-থবক >] বি, গুচ্ছ ; স্তবক tuft. "পতাকা থুবায় বান্ধা উপরে বান্ধিয়া চান্দা ধূপে আমোদিত কৈল স্থলে"-কবিকং।

থুবী [থুপি ও থাবা (দ্রঃ) >, অল্প আঘাতে] বি, থাবড়া ; চপেটাঘাত ; চাপড়। "কোপে কোতোয়াল কহে মুখে লাগে থুবী।" -ভারতং। ২ [খুলনা প্রাদেং] আঘাত। প্র -তাহার থুতিতে থুবী লাগিয়াছে। ৩ সর্প চিকিৎসকের চিকিৎসাবিঃ। ৪ থুপি২ (দ্রঃ) ; লেখার কালী শুকাইবার বালু, পোড়া চালের গুঁড়া ইং-র পুঁটুলি।

থুম [সং-স্তম্ভ > পাং থম্ভ > থাম >। গ্রাং উচ্চারণ বিকারে প=ব] অ, ঝুম ; মূক ; চুপ ; নিঝুম ; নির্ব্বাক ও নিশ্চল। "ছেলেটা কেঁদে কেঁদে খুন হয় আর তুই থুম বসে থাকিস। ছেলেদের সঙ্গে মুখ নেড়ে দুটা কথা না কইলে কি হয়?"-বসুমতী। বিণ, থুমা, থুমো।

ঁখল ঁবল ঘলুন বৈলা ঁবাথা অক্তি এঁ উঁ ঁযুক্ত কয়, ে =া =্যা=এঁ =ᴂ(t), ণ=ন ষ=স স=শ=ষ সণ=S (ক্ষ স্ত স্ক স্ম স্র সু শৃ...), অনাদ্য ে ‐ ‗] অব্যক্ত

থুয়া [থুআ দ্রঃ। 'থোয়া' ও°। থুই, থোও, থোয় ; থুইতে (ক্ষে° থুতে) : থুইয়া (ক্ষে° থুয়ে)]] ক্রি, রাখা। "মাথায় দেয়া মোহন চূড়া চরণে চরণ থুয়ে॥"-বাং-গান।

থুর, থুরথুর [থর্‌থর্ দ্রঃ। দ্রুত উচ্চারণে -থুথু র, রোগে বা ভয়ে প্রবল কম্পনে, থর-থর, বার্দ্ধক্যে দুর্ব্বলতাহেতু কম্পনে, থুরথুর] অ, কম্পনবাচক। বিণ, থুরথুরিয়া, থুরথুরে, দ্রুত উচ্চারণে, থুথুরে। স্ত্রীং থুরথুরী, থুথুরী, থুড়থুড়ী, থুথুড়ী। থুরথুরে বুড়ো-অতিশয় বৃদ্ধ ; যে বৃদ্ধ দুর্ব্বলতা বশতঃ সর্ব্বদা কাঁপে। ক্রি, থুরথুরানি। বি, থুরথুরানি।

থুর্‌ন-থুড়ন দ্রঃ।

থুরা, থোরা [সং-থূর্ব্ব (হননে)। থুড়া দ্রঃ। হিং থুরণা (চূর্ণ করা)। থুরি, থুর (থোর), থুরে (থোরে): থুরিতে ; থুরিয়া (ক্ষে° থরে)] ক্রি, কুঁচি কুঁচি করিয়া কাটা ; কুটা। ২ গুঁড়া বা চূর্ণ করা (অস্থি)। ৩ উপর্য্যুপরি কোপ বসান ; চোপান। ৪ সাজ্ঘাতিক প্রহার করা ; মেরে কুটে ফেলা ; হাড় গুঁড়া করিয়া দেওয়া। ণিজন্ত-থুরানি। বি, থুরানি। ক্রি-বিণ, থুরিয়া, থুরে। থুরে দেওয়া, -ফেলা-মেরে কুটে ফেলা ; ধুনে দেওয়া।

থুল [সং-স্থূল > পা° থুল্ল > প্রা° থুল : ভুটিয়ায়-ঠুলো] বিণ, মোটা। ~-থুল১-বিণ, স্থূল স্থূল ; মোটা মোটা।

থুলকুড়ী, -ড়ি, থালকুড়ি [প্রাদে°। হিং থুলথুড়ি] বি, আগাছাবিঃ ; মণ্ডুক-পর্ণী ; থানকুনি hydrocotyle asiatica

থুলথুল২-থলথল দ্রঃ।

থুলি, থুলথুলি, থুলিলাফ (মা° গাঙ্গুলী, ধ° ম°-তুড়ি লাফ (দ্রঃ)।

থুস, থুসথুস-থস্ দ্রঃ।

থূথূ [অনু°] অ, নিষ্ঠীবন ত্যাগকরণ শব্দ।

থূর্ত্ত [থর্ব্ব (বধ করা) + ত (র্ম্ম) ; ব স্থানে উ, উ স্থানে উর্=থূর্ + ত=থূর্ত্ত] বিণ, বিনাশিত।

থূর্ব্বণ [সং] বি, খোড়া ; বধকরণ।

থেই-থই, থৈ দ্রঃ।

থেই-, থই [অনু°। 'থৈ থৈ' ও°। থেই থেই দ্রঃ] অ, নৃত্যকালে পদক্ষেপনের শব্দ। ২ তালে তালে করতালির শব্দ। "সুতানে নাপানে গানে তালে মানে মেলি। তাতা নাতা থেই থেই দেয় করতালি॥"-ধ°। ৩ উদ্দণ্ড নৃত্য : থেই থেই। তা থেই থেই-নৃত্যের সঙ্গে বাদ্যের বোল। প্র-তা থেই থেই বাদ্য বাজে"-ছড়া।

থেও [স্থিত > ভ্রং থিতু > প্রা°] বিণ, স্থিত : পূর্ব্ব সঞ্চিত। প্র-থেও কড়ি খরচ হয়ে গেল। ২ সরল ভাবে দণ্ডায়মান ; খাড়া।

থেঁতি, থেঁতুআ [সং-থূর্ত্ত >। থুরা দ্রঃ] বিণ, পিষ্ট : কুট্টিত ; মর্দ্দিত। মুখ থেঁত করা, -করিয়া দেওয়া-আঘাতে মুখ ছেঁচা। ২ [লক্ষ°] লজ্জা দিয়া বা অপ্রস্তুত করিয়া বাক্‌রোধ করা। তুল-মুখ চূণ করিয়া দেওয়া।

থেঁতনি, থেঁতুনো, থেঁতানি-থেঁত (দ্রঃ) + নো (ক্রিয়ায়)। থেঁতাই (থেঁতুই), থেঁতাও (থেঁতোও; থেঁতান, থেতোন), থেঁতাস (থেঁতোস) ; থেঁতাইতে (ক্ষে° থেঁতাতে) ; থেঁতাইয়া (ক্ষে° থেঁতিয়ে)] ক্রি, থেঁত করা ; প্রস্তরাদি বস্তুর আঘাতে ছেঁচিয়া দেওয়া। ২ পীড়ন করা। ৩ বিণ, কুট্টিত ; ছেঁচা। বি, থেঁতিন, থেঁতেনি, থেঁতুনি।

থেঁতলনি, থেঁতলানি, থেঁতলুনি [থেঁত দ্রঃ। থেঁতন (থেঁতো করা) + ল যোগ (দলনদ্বারা শিথিল বা লোল করণার্থে)। থেতলাই, -লাও, -লায় ; -লাইতে (ক্ষে° -লাতে, -লিতে) ; লাইয়া (ক্ষে° থেঁৎলে)] ক্রি, ক্রমাগত আঘাত ও দলন করা। ২ পদতলে দলন করা। ৩ নিপীড়ন করা। থেঁতালে [থেঁতালিয়া > ক্ষে°] অস-ক্রি, দলিয়া : ছেঁচিয়া। "থেঁতালে আছাড়ে, সব ভেঙ্গে চূরে ফেলা" ফুলরেণু (দেবেন্দ্র সেন)। ২ বিণ, কুট্টিত ; দলিত। বি, থেঁতলন, থেঁতলানি।

থেকা [ঠেকা দ্রঃ] বি, টেক ; ঠেকনা ; বাধা ; রোধ।

থেকান [থাকান দ্রঃ] বি, যদ্দ্বারা থাকান বা আটকান হয় ; ঠেক্‌না ; টেক। ২ ঠোকর। ৩ আছাড়। "থে° খাইয়া পড়িলে"-পূ° ব° গী°।

থেকে [থাকিয়া দ্রঃ। পূ° বঙ্গে-থিকা, ক্ষে° থিক (দ্রঃ), থুন (দ্রঃ)] ক্রি-বিণ, বাঙ্গালা কারকের পঞ্চমী বিভক্তি। ২ হইতে। প্র-হাত থেকে পড়ে গেল। কাছ থেকে সরে গেছে। ৩ [তুলনায়] অপেক্ষা ; চেয়ে। প্র-এর থেকে ওর বাড়ী বেশী দূরে। থেকে থেকে-অ, থামিয়া থামিয়া ; মাঝে মাঝে। "চোরা কটাক্ষ চাহে থেকে থেকে" -রবী°। ২ সময়ে সময়ে : কিছুকাল চাপা থাকিয়া হঠাৎ এক এক বার। প্র-তাঁর এ পুরাতন রোগ, থেকে থেকে দেখা দেয়।

থেকো১ [থাকা (দ্রঃ)। উ° পু°, প্রা° রূপ] ক্রি, থাকিও। "দাঁড়িয়ে তুমি থেকো একটী কোণে।" -রবী°।

থেকো২ [ঠেকো দ্রঃ] বি, অবলম্বন ; ঠেক্‌নো ; আটক, ঠেক।

থেকো৩ [ঠেকো দ্রঃ। ঠ=থ] বিণ, ঠেকো ; আটকা ; নিষিদ্ধ।

থেসেনী [প্রাদে°] বি, মসলা রাখিবার কড়াবিঃ।

থেলুয়া, থেলো [সং-স্থালী > হিং থৈলা। থলুয়া দ্রঃ] বি, হুঁকার বড় খোল। ২ বিণ, বড় খোলবিশিষ্ট ; ডাবা। প্র-থেলো হুঁকা। ৩ মুখ খোলা।

থেবড়া [থাবড়া দ্রঃ। প্রা°] বিণ, থাবড়ের মত বা থাবার মত বিস্তৃত ; চেপ্‌টা ; বসা। প্র-থেবড়ো নাক।

থেবড়ানি [থাবড় (থাবা, করতল) + আন (ক্রিয়ায়)] ক্রি, কোমল পদার্থকে থাবার আঘাত বা চাপ দিয়া বসাইয়া দেওয়া ; চেপ্টা করা। অস-ক্রি, থেবড়িতে, থেবড়াইতে, থেবড়িয়া, থেবড়াইয়া, থেবড়ে। বি, থেবড়ানি। বিণ, থেবড়া (দ্রঃ) থেবড়িয়া বা থেবড়ে বসা-থাবা বা করতল পাতিয়া ও পা মুড়িয়া চাপিয়া বসা ; সমস্ত দেহভার স্থাপন করিয়া বসা।

থেহ, থেহা১ [সং-স্থৈর্য্য > ব্রজ°।

]ু যুক্ত বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অব রাস্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=র্গা ঞ্চ=ন্চ ক্ষ=ক্ষ্ট হু=হ হু হ্ন হ্ম হ্ন=ন্হ হ্ন নহ নহ্‌ ত্ত খা, জ্ঞ ত্ব য জ=zfwv ও চা° দ্রঃ

হিং থাহ। প্রাং বৈং সাং] বি, স্থৈর্য্য ; স্থিরতা; ধৈর্য্য। "সে শব্দ শুনিয়া কেনে হৈলা তুমি বিমোহনে রহ নিজ চিত্ত ধরি থেহ।"-চণ্ডিং। "ডগমগ দেহ থেহ নাহি বান্ধহ দুহুঁ দিঠি মেহ সঘনে বরিখনিয়া।"-বলরামং। ২ স্থিতি। ৩ [থা দ্রঃ] স্থল; দাঁড়াইবার স্থান; বাঁচিবার স্থল। "জীবইতে জীবনে, থেহ নাহি পায়লু ডুবলু গঙ্গা অগাধে"-পদাবলী। ৪ বিণ, স্থির। "চাঁদ নিঙ্গাড়ি কৈল থেহা" -চণ্ডিং।

থেহা২ [থেহা১ দ্রঃ] বি, নিঙ্গাড়িয়া প্রাপ্ত বস্তু; থিতানি। "চান্দ নিঙ্গাড়ি কৈল থেহা॥ সে থেহা নিঙ্গাড়ি কেবা মুখ বনাইল রে।"-চণ্ডিং।

থৈ১ [থই দ্রঃ] বি, স্থল। ২ জলাশয়ের তলদেশ; অন্ত। "দুঃখের বারিধির আমার কোন মতেই পাইনে থৈ"-দ্বিং রায়। ব্যাপ্তি অর্থে ~থৈ। থৈ পাতা-স্থল পাতা; বাস স্থাপন; অবস্থিতি করা।

থৈ২-থই২ দ্রঃ।

থৈকর [থইকর দ্রঃ] বি, রাজমিস্ত্রী। ২ মাটী। ৩ পাথর। "মহাতরু রাখিল জন-বিশ্রাম। মূল বান্ধিবারে আনিল থৈকর॥"-কবিকং। ৪ [বৈদ্যকে থৈকল] বি, অম্লফল; অম্লবেতস।

থৈকোল-বি, [বৈদ্যক। উং বঙ্গ ফল-বিঃ।] garcinia pedunculata [*Carey*].

থৈথৈ [থই থই দ্রঃ। ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। তুল-টইটই, টইটুম্বুর] বিণ, টলমলায়মান; টইটুম্বুর। প্র-জল থৈথৈ করিতেছে। ২ মৃদঙ্গাদি বাদ্যের অনুকার শব্দ। "থৈ থৈ মাদয়ে মৃদঙ্গ।"-হেমং।

থৈল, থৈলা [সং-স্থা -> স্থাপিল > থাপিল > থাইল >। থুআ দ্রঃ] ক্রি, থুইলা; রাখিল। থুআ দ্রঃ। "পলাইবে বলি বান্ধি থৈল উদখলে"-পুং বং গীং।

থো১ [থুতু >, তদ্বৎ অর্থে। তুল-থোতো] বি, ছাতা; ছাৎলা। ~পড়া-ছাতা ধরা।

থো২ [থোওয়া দ্রঃ] ক্রি, রাখ। ২ স্থিরত হও। থো করা-থুয়া করা; স্থাপন করা; রাখা।

থোঅ, থোও, থোই [প্রাং বাং। থো২(দ্রঃ) + অ (ক্রিয়ায়)। থোআ দ্রঃ] ক্রি, মং পুং, স্থাপিত কর; রাখ। "পসার নাম্বাঞা থোহ ডহরার মাঝে"-শ্রীং কীং।

থোআ(য়া), থোওয়া [থুআ দ্রঃ প্রাং। থুই (থোই), থোঅ, থোও (থোয়েন, থোন; থুইস, থুস, থোস), থোয় (থোয়েন্); থুইতে, থোইতে; থুইয়া, থোইয়া (ক্ষেং থুয়ে, থোই-বৌং চং পদং ৮।১)। ণিজন্ত থুয়ান, থোয়ান] ক্রি, রাখা; রেখে দেওয়া। "কোতোয়াল কহে মাসি মিছা কথা থো" -ভারতং। ব্রজং থোই-রাখিয়া। "সখীগণ কন্দরে থোই কলেবর"-বিং পং। বি, থোওন-থুঅন্ দ্রঃ। রেখে থোওয়া, -থোয়া-রেখে দেওয়া; রেখে বসা। দেওয়া থোওয়া, -থোয়া-দান ও স্থাপন করা; দান করা ও রাখা; দানধ্যান করা। প্র-লোকটার খুব দেওয়া থোওয়ার হাত আছে। থোওয়া-থুই-রাখারাখি।

থোই-থুআ দ্রঃ।

থোঁতা [সং-ত্রোটি > থুতি (দ্রঃ)। বৃহৎ ও অবজ্ঞার্থে আ যোগ। হিং থুথ্ড়া] বি, স্থূল চিবুক। ২ বিণ, স্থূলতাবিশিষ্ট। ৩ [লক্ষং] বড় ও ভারি (মুখ)। ক্রমে অর্থ সম্প্রসারণে কদর্থে, যে বড়মুখ নাড়িয়া বা বড়মুখ করিয়া উপদেশ বা নীরব ভর্ৎসনা করে তাহার মুখের ভাববোধক। থোঁতামুখ ভোঁতা হওয়া-বড় মুখ ছোট হওয়া; মুখরের বা মুখরার "মুখের ধার" না থাকা অর্থাৎ মুখ বন্ধ হওয়া। "সূর্য্যমুখীর থোঁতামুখ ভোঁতা হবে"-বিষবৃক্ষ। [দ্রঃ-হিন্দীতে "থোথা" অর্থে ফোপলা; দন্তহীন এবং "ভোতা" (blunt)]

থোক [সং-স্তোক (অল্প বা ক্ষুদ্র) >। পরে অর্থসম্প্রসারণে ক্ষুদ্রগুচ্ছ হতে বড় অর্থে থোকা, পরে 'বড়' অর্থ গ্রহণ করিয়াছে। থোক > থোকা, তা'হতে বড় "থোক্ড়া"] বি, গুচ্ছ; রাশি। ২ [রাশির সংঘাত অর্থে] মোট; একুন। প্র-থোক কত টাকা হবে? ৩ [স্তোক শব্দের মূল অর্থে] খণ্ড; ভাগ; কেতা। ৪ ক্ষেপ; বার; দফা। প্র-থোকে থোকে টাকা দেওয়া; তিন থোক চার থোক ইং। ৫ কড়চা; বাকী জায়; প্রতি প্রজার বাকী হিসাবের পৃথক্ পৃথক্ ফর্দ্দ। এই অর্থে থোকা। "থোকা জমা ওয়াশীলবাকী রহিল বাকীর তলে"-বাংগান। থোক থাক-মোট। ~থোক-মোটা মোটা; স্থূল স্থূল। ২ গুচ্ছ গুচ্ছ; রাশি রাশি। থোকেথোকে-কিস্তিতে কিস্তিতে। থোকে বিক্রয়-এককালে বিক্রয়; থাউকা বেচা।

থোকড়া-থোক দ্রঃ।

থোকা [থোক দ্রঃ। এই অর্থে থোবা ওং] বি, থোলো; কাঁদি; বড় গুচ্ছ বা গোছা। ২ কাথের মত ঘন দ্রব্যের কিয়দংশ বা খাবলা; থোবা; থোবা। ৩ জমিদারী হিসাবের কড়চাবিঃ। থোক দ্রঃ। প্র-থোকা জমি। থোকা থোকা-থোবা থোবা। প্র-থোকা থোকা গয়ের ফেলেছে। ২ বিণ, গুচ্ছবদ্ধ; গোছা গোছা। প্র-থোকা থোকা ফুল; থোকা থোকা চুল।

থোড়১ [থোর (দ্রঃ) >, অথবা যা সহজে থুরিবার মত ও গরু বাছুরকে খাওয়াইবার জন্য থুরা বা থোরা হয়] বি, ফলবতী কদলীবৃক্ষের গর্ভ; কলাগাছের মধ্যের সারাংশ; মজ্জা; মাইজ। "কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড়।"-অং মং। ২ [কৃষি ভাষায়] ধান্যের গর্ভসঞ্চার। বিণ, থোড়ালি, থোড়-থোড়-থোড়ের মত; বিস্বাদ। ~মুখী-শীষ হইবার অবস্থাযুক্ত ধানগাছ। ~কুঁচি করা-ক্রি, অবলীলা-ক্রমে কুচ্কুচ্ করিয়া কাটা; টুকরা টুকরা করা। "এত সর্ব্বনাশ ত ঐ বিশে ব্যাটা করলে, তা ব্যাটাকে থোড়কুঁচি করলে হয় না?"-উদ্বোধন (পাবলিশিং হাউস, চন্দন নগর)। গর্ভথোড়, গর্ভথোড়া-কদলী-বৃক্ষের গর্ভে জাত কিন্তু তখনও অপ্রকাশিত থোড়। ৩ ধানগাছের গর্ভশস্য বা থোড়; শীষ বাহির হইবার পূর্ব্বাবস্থা।

থোড়২-থোর দ্রঃ।

থোড়ন (-র্ড-) [থোড়া, থুড়ন দ্রঃ। হিং থুর্না-চূর্ণ করা] বি, খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন। ২ [ওড়ন বা থোপন (হিং আচ্ছাদন অর্থে) দ্রঃ] > ঢাকন।

থোড়া$_{1}$ [সং-ক্ষুর্ণ > থোরা > থোড়া। হিং থূর্না (চূর্ণ করা) > থুরা(দ্রঃ)] ক্রি, চূর্ণ করা। ২ চোপান ; কুঁচি কুঁচি করিয়া কাটা। ৩ প্রহারে অস্থি চূর্ণ করা ; হাতুড়ী-পেটা করা। ণিজন্ত-থোড়ানি। বি, থোড়ানি।

থোড়া$_{2}$ [সং-স্তোক > পাং থোঅ > থো+ড় (=র, দানে) >। হিং থোড়, থোড়া (অল্প), থোর (মানসকোশ)] বিণ, অল্প ; কিঞ্চিৎ। ~ই [হিং থোড়াই (থোডা) +হী (ক্ষেং ই)। নঞ্ অর্থে। বাং-য় বিরল কিন্তু উত্তরবঙ্গে চং। প্র-"করবে থোড়াই ; থোড়াই যাবে (অর্থাৎ করবে না, যাবে না)] অ, না ; একটুও না ; এক দম নহে ; মোটেই না। "আমরা যা নিত্য সত্য তাতে সত্যই বিশ্বাস করতাম, রাজাদের জন্ম মৃত্যু থোড়াই কেয়ার করতাম।"-দেশ, ১৯-১১-'৪০। ~থোড়া -অল্প অল্প। ~-বিস্তৃত-অ, অল্পবিস্তর ; কিছু ; কিছু কিছু ; কিঞ্চিৎ।

থোড়ালি [থোড (দ্রঃ) + আল (হিং বালা)] বিণ, থোড়যুক্ত। ২ [বির্থে] থোড়-যুক্ত কদলীর ন্যায় মসৃণ কোমল স্থূল ; মোটা। ৩ [থোড় হলেই মোচা বাহির হবার সময় হয়, তা হতে] বিকাশোন্মুখ।

থোতনা, থোথনা [হিং থোথ্না] বি, থুতনা দ্রঃ।

থোতা-থোঁথা দ্রঃ।

থোপ [থুপ দ্রঃ] বি, গুচ্ছ ; থোপা। "ছোট বড় থোপ দিল থুপি ঝিঙ্গার জালি।" -শিং। ২ [হিং থোপ (গোল উঁচু টুপী)] টুপীর মাথায় সুতা, জরি ইং-র গুচ্ছ ; সূত্র গুচ্ছ। ~-থোপ [থোপা দ্রঃ] অ, গুচ্ছ গুচ্ছ। ২ স্তবকে স্তবকে।

থোপনা$_{1}$, থোবনা$_{1}$, থোপনা [থোপ দ্রঃ] বি, গুচ্ছ ; স্তবক। "দুপাশে পুবট পথ পাটের থোপনা"-ঘং।

থোপনা$_{2}$, থোবনা$_{2}$ [হিং থোথ্না >] বি, থুতনা (দ্রঃ) ; ভারী চিবুক (অনাদরে) থোবনা নাড়া-অপ্রীতিকর মুখ নাড়া ; উত্তর প্রত্যুত্তর করা ; প্রগল্ভ বা ধৃষ্ট উক্তি করা।

থোপনি [গ্রাং থুপ্নি, থুব্নি] বি, থুপি ; সূত্রাদির গুচ্ছ tuft "অঙ্গদ বলয়া-মণি নীলপাটের থোপনি মণিবন্ধ বাহুতে বিরাজে।"-চণ্ডিং।

থোপলা-থোপনা$_{1}$ দ্রঃ।

থোপা, থোবা$_{1}$ [থুপ দ্রঃ। সং-স্তবক > পাং "থবকো, গোচ্ছকো"] বি, গুচ্ছ ; স্তবক ; কাঁদি। প্র-"মল্লিকা মালতী যাতী থোপা থোপা দোলে"-মানকুমারী। আঁচলে চাবির থোবা ঝোলেগলা বেড়ে।"-হেমং।

থোব [ব্রজং। সং-স্থা > থাপ > থাব +আ (স্বার্থে)। অথবা সং-ছুপ্ (স্পর্শে) · ছোপ > ছোব] বি, থাবড় ; করতলস্পর্শ। "সাপিনীরে দেয় থোব সাপিনী বাড়য়ে কোব দন্ত করি উঠি ধরে ফণা।"-চণ্ডিং। ২ সর্পাদির দন্তাঘাত ; ছোবল।

থোবড়া [থুবড়া দ্রঃ। অবজ্ঞার্থে থ্যাবড়া] বিণ, চ্যাপ্টা। ২ যা করতল আঘাতে চওড়া বা চ্যাপ্টা করিয়া বসান হইয়াছে। ·ক্রি, থোবড়ানি।

থোবনা-থোপনা$_{1}$, থোপনা$_{2}$ দ্রঃ।

থোবা$_{2}$ [গ্রাং। সং-স্থা > প্রাকৃং থোআ=থোবা। অথবা সং স্তবক > প্রাকৃং তবক > থবক > থবঅ > থোবা] ক্রি, স্থাপন করা ; থাকান। ২ থুইবে ; রাখিবে। "ধর্ম্মাধর্ম্ম দুটো অজা, তুচ্ছ খোঁটায় বেঁধে থোবা ওরে, জ্ঞান-খড়্গে বলিদান, করিলে কৈবল্য পাবা॥"-রাং প্রং।

থোবা-থোবা [সং-স্তবকে স্তবকে >] অ, স্তবকে স্তবকে ; থোলো থোলো।

থোয়া [গ্রাং থুআ দ্রঃ। থোঅ দ্রঃ। থুই, থোও, থোয় ; থুইতে ; থুইয়া (ক্ষেং থুয়ে)। ণিজন্ত-থোয়ান] ক্রি, স্থাপন করা ; রাখা। "গোলাপেতে প্রেম থুয়ে ঢাকিয়া দিত সেঁযুঁয়ে।"-কুকুম। "প্রণাম করিয়া দ্রব্য থোয় চারিভিতে।"-কবিকং। "তুমি গেলে আমারে না থোবে একদণ্ড-ঐ। থোয়ঁব [ব্রজং। প্রাং বৈং পদং সাং। আধুং থোব] থুইব ; রাখিব।

থোর, থোরি [সং-স্তোক > হিং থোর, থোরী, থোরে (মানসকোশ) ব্রজং। প্রাং বৈং সাং] বিণ, অল্প।-"সই! চাহনি মোহনী থোর"-চণ্ডিং।"কাহে আওলি কানন ওর থোর কহত কাহিনী গলিত ললিত কবরী-বন্ধ।"-গোবিন্দং · "থোরি দরশনে আশা না পূরল"-বিং পং। থোরে-ক্রি-বিণ, আস্তে ; ধীরে। "থোরে সহাবি ফুলধনু" -বিং পং। থোরথোর-অল্প অল্প ; অল্পে অল্পে ; ধীরে ধীরে। "হৃদয়জ মুকুলি হেরি থোর থোর"-বিং পং।

থোর$_{2}$ [প্রাকৃং থোরো ("থোরো ক্রমপৃথু পরিবর্ত্তুল" -দেশীনামমালা, হিং > প্রাং বাং-থড়া (ক্রমশঃ স্থূল বর্ত্তুলাকার শলাকা) > প্রাং বাং'থউর'] বি, ফলন্ত কলা গাছের ভিতর ক্রমস্থূল বর্ত্তুলাকার সার পদার্থ [শ্রীহট্ট প্রাদেং-বুগাইল বা বুগ্লি। ২৪ পরগণাঞ্চলে-থোড়]। ২ [শ্রীহট্ট প্রাদেং] ধানের মাঝদণ্ড ; ধানের থোর ; বিকাশো-ন্মুখ ধান্য মুকুল। "নূতন ধানের থোরে শরতের সোনা ভরে, শোভে কিবা শিরে পরে জল।" -গোবিন্দং।

থোলো [থলুয়া দ্রঃ। স্তর বা স্তবক >] বি, বৃহৎ গুচ্ছ। "কবরী থোলো থোলে রয়েছে ফুটি"-রবীং। প্র-"থোলো থোলো ফুল গাঁথা"-সারদা মং।

থ্যাৎলানো-থেঁৎলান দ্রঃ।

থ্যাবড়া [থুবড়া, থোবড়া দ্রঃ] বিণ, চ্যাপ্টা : অনুদ্গত ; বসা। > ক্রি, থ্যাবড়ান [থ্যাং + আন (ক্রিয়ায়)। থ্যাবড়াই, থ্যাবড়াও, -ড়ায় ; -ড়াইতে ; -ড়াইয়া (ক্ষেং থেবড়ে)] থাবড়া দিয়া বসাইয়া দেওয়া ; করতল আঘাত বা চাপ দিয়া চ্যাপ্টা করা।

দ১ ব্যঞ্জনবর্ণ-মালার অষ্টাদশ, তবর্গের তৃতীয়, অল্প প্রাণ, ঘোষবান্ বর্ণ। দন্ত উচ্চারণস্থান বলিয়া, দন্ত্য বর্ণ।" তবর্গের সাধা° কোমল ভাবের সহিত-গ, প, ব, ম, র ও ল বর্ণ যোগে গাঢ়তা, স্থূলতা, বেগ, গম্ভীরতা ও গুরুত্ব প্রকাশ করে [দ্রঃ-তরল কর্দ্দম তল্ তল্ করে, কিন্তু পঙ্ক গাঢ় হইলে দল্দলে হইয়া যায়। জলের লঘু বা তরল প্রবাহবোধক শব্দ তর্ তর্, ঘন প্রবাহ দরদর, লঘু শব্দ তম্ তম্, থম্ থম্ কিন্তু গুরু শব্দে দম্ দম্. দুম দাম। গম্ভীর ও গাঢ় ধ্বনি গদ্গদ্ (তুল-গদ্গদনাদী গোদাবরী), ঐরূপ অগ্নিশিখার স্থূলোজ্জ্বল আলোক দপ্ দপ্ করে। পূ° বঙ্গে°, বিতঃ চট্টল ও নোয়াখালি অঞ্চলে ধ স্থলে দ। পা°, কোন কোন বৈদেশিক ভাষায়,ও বাংলায় স্থল বিশেষে 'দ'-গ, জ, ড বর্ণে পরিণত হয়। সং-দুগ্ধ >পা° দুদ্ধ >বাং-ম-দুধ। সং-জ্যোৎস্না >পা° দোসিনা >বাং-দোস্তা। সং-দণ্ড >ডাণ্ডা। সং-দর >ডর (ভয়)। সং-দাহ >ডাহ ; আ° তাকাজা >বাং-তাকাদা, তাগাদা ই°।

দ২ [দা (দানে)+অ (র্ত্তৃ)] বিণ, যে দান করে ; দাতা [দ্রঃ-দেয় বস্তু বা বিষয়বোধক শব্দের সহিত যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে। প্র-ধনদ, মানদ, সুখদ ই°] স্ত্রীং দা-দাত্রী। প্র-ধনদা, মানদা, সুখদা ই°।

দ৩ [সং-দর ("দরো * * গর্ত্তে কন্দরেতু দরীস্মৃতা * * "-মে°) >দহ >ক্ষে° দ] বি, দহ ; গর্ত্ত ; গহ্বর ; নদ্যাদিজলাশয়গর্ভমধ্যস্থ বৃহৎ গর্ত্ত বা বিস্তীর্ণ ফাটল। প্র-দয়ে মজান। ২ সমতল ভূমির যে অংশ নামিয়া বা বসিয়া বিস্তীর্ণ গর্ত্তবৎ হয় ; নাবাল ভূমি। প্র-ক্রমাগত জল বসিয়া স্থানটায় দ পড়ে গেছে। "মরি ক্ষুধায় চোটে পেটে পড়ল দ""-দ্বি° রায়। ৩ জলভ্রমী ; ঘূর্ণাবর্ত্ত। "বিশালাক্ষীর দ।" দঁ পঁড়া-জমী নামিয়া গর্ত্ত হওয়া। দঁয়ে মঁজানি-নদীগর্ভের গভীর গর্ত্তে মগ্ন করা। ২ [লক্ষ°] সর্ব্বনাশ করা ; সর্ব্বস্বান্ত করা।

দ৪ [দো (ছেদনে)+অ (ভা°)] ছেদ ; বিভাগ। ২ [সং-দহ্ (দাহ, সন্তাপ) >দগ্ধ >ক্ষে° দ। গ্রা° উচ্চারণে দ=ড] দাহ ; জ্বালা ; জ্বলন। প্র-জ্বরে তার গা দয়ে (গ্রা° ডয়ে) যাচ্ছে।

দ৫ [আকৃতি হতে নাম-'হাড় গোড় ভাঙ্গা দ'] বি, দ এই বর্ণ ; দকার। এই অক্ষরের ঊর্দ্ধ রেখা=হাত+(গোড় শব্দের সহিত উচ্চারণে) >হাড়, নিম্নরেখা=পদ (হি°) গোড়, এবং মধ্য রেখা ঐ দুই রেখার ক্রম ভঙ্গ করিয়াছে বলিয়া হাত পা ভাঙ্গা দ বর্ণ। ২ দ বর্ণের আকৃতিতে যে অবস্থান করে।

দই [সং-দধি >প্রাকৃ° দহী >দই। বাং-য় 'দৈ'ও°] বি, দুগ্ধবিকারবিঃ ; দধি। "কি বল্বো আর পরিত্যাগ এখন একেবারে চিঁড়ে দই"-দ্বি° রায়। ~কঁড়মা-দধিকর্দ্ম দ্রঃ। দই পাতা-দই জমাইবার জন্য গরম দুধে দম্বল পাতিয়া বা ক্ষেপণ করিয়া রাখা। চিনিপাতা দই-চিনি মিশ্রিত দুধে যে দই পাতা হয়। চিনি দ্রঃ। টোকো দই -যে দই অধিক ক্ষণ থাকিয়া অত্যন্ত অম্লাস্বাদ হইয়াছে। পান্তাভাতে টোকো দই -একে জলে ভিজিয়া বাসী ভাত ঠাণ্ডা, অম্লরস ও কফজনক, তাতে বাসী টোকো দই আরও ঠাণ্ডা ও অহিতকর সুতরাং প্রায় অখাদ্য। বাসী দই-পূর্ব্বদিনে পাতা দই। যার ধন তার ধন নয় নেপো (নৃপ) মারে দই-শ্রমলব্ধ বা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ধনের প্রকৃত অধিকারীকে বঞ্চিত করিয়া (নৃপ বা তত্তুল্য প্রবল কর্ত্তৃক) তার ধন ভোগ করা। সাজি দই-সদ্য পাতা বা টাটকা দই। হাতে দই পাতে দই তবু বলে কই কই-প্রাচুর্য্যের প্রমাণ সত্ত্বেও প্রয়োজন বা অভাব জানান।

দইন [দক্ষিণ > । চ° ক° ভা°] বি, বিণ. দক্ষিণ। ~া-দক্ষিণা।

দইয়াল-দয়েল দ্রঃ।

দঈ [দ্বারা >দিয়া > । প্রা° বাং] অ, দ্বারা ; সাহায্যে ; দিয়া।

দউ, দ্বউ [সং-দ্বৌ, দ্বয় >দুঅ, প্রা° দুই · হি° দু, দুই, দো। তুল-ল্যা° duo, দুই দ্রঃ] বিণ, উভয় : দুই , দুটী ; দ্বয় ; যুগল ; যুগ্ম। "নয়ন নলিনী দউ অঞ্জনে রঞ্জই" -বি° প°।

দং১ [ফা° জঙ্গ্ >হি° দঙ্গা >ক্ষে°] বি, মারামারি ; হাঙ্গামা। ২ মল্লযুদ্ধ।

দং২ [দরুণ > ক্ষে° দঃ, দং] অ, বাবদ ; দরুণ।

দংশ [দন্শ্ (দংশন করা)+অ (র্ত্তৃ)] বি, ডাঁশ। ২ [+অ (ণে)] দন্ত। ৩ সাঁড়াশী। ৪ [+অ (ভা°)] দোষ [বিরল]। ৫ দংশন। ৬ খণ্ডন। স্ত্রীং দংশী-ক্ষুদ্র ডাঁস ; মশা। ~ক [দন্শ্ +অক (র্ত্তৃ)] বি, ডাঁশ ; মশা। ২ বিণ, দংশনকারী। ~ন [দন্শ্ +অন (ভা°)] বি, দংষ্ট্রাঘাত ; দন্তক্ষত ; কামড়। ~ভীরু-বি, মহিষ। ~লঁ [প্রা° বাং। দংশা দ্রঃ] ক্রি, দংশন করিল।

দংশা [দংশ (দ্রঃ)+আ (ক্রিয়া বিভক্তি)। দংশি, দংশ (দংশেন, দংশিশ), দংশে (দংশেন্) ; দংশিতে ; দংশিয়া (ক্ষে° দংশে, পদ্যে-দংশি)। দংশিল-দংশন করিল। প্রা° বাং পদ্যে-দংশল। ণিজন্ত-"দংশান" কিন্তু দংশা অর্থে চ°] ক্রি, দংশন করা। দাঁত বসান। "মাটি কাটি দংশে সর্প আয়ুহীন জনে"-মেঘ°। ২ আঘাত করা ; অনিষ্ট করা।

দংশানি [দংশ (দ্রঃ)+আন (ক্রিয়া বিভক্তি)। দংশাই, দংশাও, দংশায় ; দংশাইতে ; দংশাইয়া] ক্রি, দংশন করা ; দংশা (দ্রঃ)। "মদনলতা জনু দংশল হাতী" -বি° প°। ২ [ণিজন্ত] দংশন করান।

দংশিত [দন্শ্ +ণিচ=দংশি+ত (র্ম্ম)] বিণ, দন্ত দ্বারা ক্ষত ; কৃত দংশন ; দষ্ট।

দংষ্ট্র [দন্‌শ্ (কামড়ান)+ত্র (ণে)] বি, যদ্দ্বারা দংশন করা যায় ; দন্ত ; দাঁত।

দংষ্ট্রা [দংষ্ট্র+আ (বৃহদর্থে)] বি, বৃহৎ দন্ত ; দাড়া।

দংষ্ট্রাল [দংষ্ট্রা+ল (স্ত্যং)] বিণ, যার দংষ্ট্রা আছে ; বৃহৎ দন্তযুক্ত ; দাঁতাল। ২ বড় বড় দাড়াযুক্ত।

দংষ্ট্রী [দংষ্ট্রা+ইন (স্ত্যং)=দংষ্ট্রিন্ ১মা, ১ব০] বিণ, বৃহৎ দন্তযুক্ত ; দাঁতাল। ২ [দংশনে প্রসিদ্ধ বলিয়া] বি, সর্প।

দঃ [ফা০] দরুদ (salutation blessing) শব্দের সংক্ষেপ (পরিঃ দ্রঃ)। ২ দং২ দ্রঃ।

দঁআনি [দম (ন) + আন (ক্রিয়ায়)=দমান >। (চ০ ক০ ভা০)] ক্রি, দমন করা।

দক, দঁক [সং-উদকং > ক্ষে০ দকং > দকঁ > (বর্ণ বিপর্য্যয়ে) দঁক ; অথবা সং-কর্দ্দম > কদ্দম > কদ্দ > দঁক (বর্ণ বিপর্য্যয়ে)] বি, কর্দ্দম ; কাদা। "দঁকে পড়িয়া আমাদিগের কর্ত্তার যে বেশ হইয়াছিল।"–টেকচাঁদ। ২ জল [বিরল]। ৩ কর্দ্দমযুক্ত জল বা পঙ্কিল জলাভূমি, জল-কাদা ; পাঁক। "দক ভেঙে উঠে গিয়া চরে"–ঈ০ গুপ্ত।

দক্তি, দক্তী [ফা০ তখ্‌তি (পাটা)। তুল–আ০ দফ্‌তী (বই বাঁধার শক্ত কাগজ বা পাত্‌লা তখ্‌তা a paste-board)] বি, তাঁতের অঙ্গবিঃ ; তাল কাঠের পটি যার উপর দিয়া মাকু চালান হয়।

দক্ষ১ [দক্ষ দ্রঃ। সং। প্রা০ বাং] বি, দক্ষিণ। "দক্ষ করে রজকেরে করিয়া ধারণ।" –ভাগবত (ঈশ্বরচন্দ্র সরকার)।

দক্ষ২ [দক্ষ্ (বৃদ্ধি-বেগ অর্থে)+অ (র্তৃ)] বিণ, নিপুণ ; কুশল ; পটু ; সমর্থ। ২ বি, ব্রহ্মার দক্ষিণ অঙ্গুষ্ঠ হ'তে জাত প্রজাপতি-বিঃ। ৩ শিবের বাহন বৃষ। ৪ বৃক্ষবিঃ। স্ত্রীং ~া-নিপুণা। ~কন্যা-বি, দুর্গা। ~জা [দক্ষ-জা (জাতা)] বি, দক্ষকন্যা ; সতী ; দুর্গা। ২ অশ্বিনী ভরণী আদি ২৭টি নক্ষত্র। ~তা [দক্ষ+তা (ভা০)] বি, ক্ষমতা ; নৈপুণ্য ; পটুতা। ২ বিচক্ষণতা। ~সাবর্ণি -বি, নবম মনু।

দক্ষা-দক্ষ২ দ্রঃ। ২ মুরগী। ~ণ্ড- [দক্ষা+অণ্ড] বি, মুরগীর ডিম।

দক্ষিণ [দক্ষ্ (বৰ্দ্ধিত হওয়া)+ইন্ (র্তৃ)। চট্টলে–দইন] বিণ, দাক্ষিণ্যযুক্ত ; বদান্য। ২ অনুকূল। ৩ মহানুভাব : উদার। ৪ সরল। ৫ দক্ষ ; নিপুণ। ৬ সূর্য্যের দিকে ফিরিলে ডান হাত যে দিকে থাকে : বামেতর ; ডাইন। দক্ষিণস্থ দেশ [ভারতবর্ষ পক্ষে বিন্ধ্যাচলের পাদদেশ হতে ভারত সমুদ্রের উপকূলস্থ ভূ-ভাগ পর্য্যন্ত]। ৮ দক্ষিণ দিক্ : পূর্ব্বে সূর্য্যদেব যজ্ঞের দক্ষিণা-স্বরূপ এই দিক্ গুরু কাশ্যপকে দান করায় ইহা দক্ষিণ নামে খ্যাত হয় (পু০)। ৯ [দক্ষিণ দিকে যমালয় বলিয়া] যম ; মৃত্যু। "গেলে দক্ষিণের মুখে দেখা নাই আর"–রবী০। ১০ বি, নায়কবিঃ : যে নায়কের ব২ নায়িকা অথচ সকল নায়িকাতে তুল্য অনুরাগ থাকে। "অনুকূল পতি যদি হয় প্রতিকূল। ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল॥"–অ০ ম০। ১১ দক্ষিণা। ~কালিকা [দক্ষিণা দ্রঃ] বি, দক্ষিণা কালী। ~তঃ (-ণ্-) [দ০+তস্ >] অ, দক্ষিণ সম্বন্ধে ; দক্ষিণ হিসাবে : দক্ষিণ দিকে। ~কেন্দ্র, ~মেরু-পৃথিবীর দক্ষিণ প্রান্ত southpole. ~-পশ্চিম-দক্ষিণাংশের পশ্চিম দিক্ ; দক্ষিণ হ'তে পশ্চিমের অন্তরাল (পশ্চিম-দক্ষিণ -পশ্চিম হ'তে দক্ষিণের অন্তরাল। ২ পশ্চিমাংশের দক্ষিণদিক্)। ~-পশ্চিমা -দক্ষিণপশ্চিম কোণ। ~-পূর্ব্ব -দক্ষিণাংশের পূর্ব্ব দিক্ ; দক্ষিণ হ'তে পূর্ব্বের অন্তরাল (পূর্ব্ব দক্ষিণ-দক্ষিণ হ'তে পূর্ব্ব দিকের অন্তরাল ; পূর্ব্বাংশের দক্ষিণ দিক্। ~পূর্ব্বা-পূর্ব্বদক্ষিণ কোণ)। ~মানস-গয়াস্থ তীর্থবিঃ। ~মেরু-কেন্দ্র দ্রঃ। ~সমুদ্র-দক্ষিণদিকে অবস্থিত সমুদ্র ; লবণ সমুদ্র। ~স্থ (-ণ-) [দক্ষিণ+স্থ (যে থাকে)] বি, সারথি। ২ বিণ, দক্ষিণে স্থিত। ~হস্ত -বি, ডান হাত। ২ প্রধান সহায় ; অবলম্বন। দক্ষিণহস্তের ব্যাপার-বি, ভোজন। [বাঙ্গালীরা আহারের সময় কেবল দক্ষিণ হস্তই ব্যবহার করেন। বোধ হয় জগতে আর কোন জাতি এরূপ করেন না। অন্যান্য দেশবাসীর অনুকরণে অধুনা কোন কোন বাঙ্গালীকে ভোজনকালে উভয় হস্তের ব্যবহার করিতে দেখা যায়]।

দক্ষিণা [দক্ষিণ+আ (স্ত্রীং)। প্রা০ দক্ষিণে, দখিনে। প্রা০ বাং প্রাকৃ০–দখিন্না। "দখিন্না মাগিতে জাঅ"–শূ০ পু০ (চা০ ব০)। এসিয়াটিক সোসাইটীর পুঁথিতে -'দক্ষিন্যা'] বি, আচার্য্য, পুরোহিত, মন্ত্রগুরু, যজ্ঞকর্ত্তা প্রভৃতির বৈধ প্রাপ্য অর্থ। ২ পুরস্কার। ৩ দক্ষিণা বাতাস। "(বামুন) বাদল বান দ০ পেলেই যান"–প্রবচন [দ্রঃ– 'বামুন' পক্ষে পৌরহিত্যাদির প্রাপ্য অর্থে দ০ বুঝিতে হইবে]। ৪ দেবীবিঃ ; দক্ষিণা-কালী। ৫ [অলং শা০] বি, যে নায়িকা মান গ্রহণে অসহা এবং নায়কের অনুনয়ে প্রসন্না হয় (রসমঞ্জরী)। ৬ দক্ষিণস্থ দেশ। ৭ বিণ, দক্ষিণ দিগভব ; দক্ষিণদিকে বা দেশে উৎপন্ন ; দক্ষিণ সম্বন্ধীয়। ~-কালী [তন্ত্রে], [শিব হৃদে দক্ষিণ পদ স্থাপনকারিণী দেবী যাঁর বাম উর্দ্ধ করে খড়্গ নিম্ন করকমলে ছিন্নমুণ্ড এবং দক্ষিণ উর্দ্ধ করে অভয় মুদ্রা নিম্ন করে বর মুদ্রা, যিনি অভয়া বরাদা ও সর্ব্বপাপ হরা -তন্ত্রসার] বি, আদ্যাশক্তি। ~গ্নি [দক্ষিণ +অগ্নি দক্ষিণদিকে স্থাপিত হয় বলিয়া এই অগ্নির নাম দক্ষিণ] বি, যজ্ঞের অগ্নি। ~গ্র [দক্ষিণদিগ্‌বর্ত্তী হইয়াছে অগ্র যার, বহু০] বি, কুশাদি। দক্ষিণ মুখ ; যার অগ্রভাগ দক্ষিণদিকে অবস্থিত। ~চল [দক্ষিণ+ অচল] বি, দক্ষিণদিকের পর্ব্বত ; মলয়গিরি ; মলয়াচল। ~চার [দক্ষিণ+আচার] বি, দক্ষিণ-নামক তান্ত্রিক আচারবিঃ। ২ দক্ষিণ দেশে প্রচলিত আচার। > বিণ, ~রী [মূ০ চারিন্] উক্ত আচার পালনকারী। ~নিল [দক্ষিণ+অনিল] বি. দক্ষিণদিক্ হতে প্রবাহিত বায়ু। ২ মলয়ানিল : মলয় বাতাস। ~ন্ত [দক্ষিণ+অন্ত। দক্ষিণা দ্বারা কর্ম্মের অন্ত। প্রা০ বাং–দখিণান্ত] বি, দক্ষিণা দান করিয়া বিহিত কর্ম্মের সমাধা। ~ন্ত করা- পুরোহিতাদিকে দক্ষিণা দিয়া ক্রিয়া শেষ করা। ~পথ [দক্ষিণা (দক্ষিণদিগ্‌বর্ত্তী) পথ] বি, দক্ষিণ দেশ ; বিন্ধ্যপাদমূল হতে দক্ষিণ সমুদ্র পর্য্যন্ত বিস্তৃত ভূ-ভাগ [এই অর্থে বাং-র "দাক্ষিণাত্য" (দ্রঃ) শব্দ প্রচরদ্রূপ]

~প্র বঁণ [দক্ষিণা (দক্ষিণদিকে) প্রবণ (নিম্ন), ৭ তৎ] বিণ, উত্তরাপেক্ষা দক্ষিণদিকে নিম্ন ; যা উত্তর হতে দক্ষিণে ক্রমে ঢালু হইয়াছে। ~বর্ত্ত [দক্ষিণ+আবর্ত্ত (পাক) যার, বহু০] বি, শঙ্খবিঃ। ২ বিন্ধ্যগিরির দক্ষিণস্থ ভূ-ভাগ ; দক্ষিণাপথ। ৩ বিণ, দক্ষিণদিকে বা ডানদিকে আবর্ত্তবিশিষ্ট। ~বঁহ [দক্ষিণ+আবহ] বি, দক্ষিণদিক্ হতে প্রবাহিত বায়ু: মলয় বাতাস। ~মুখ [দক্ষিণা (দক্ষিণদিকে) মুখ, ৭মী তৎ। প্রা০~মুকো] বিণ, দক্ষিণাস্য ; দক্ষিণদিকে কৃত-মুখ। > স্ত্রীং ~মুখা(খী)। প্রা০ ~মুকী।

দক্ষিণায়ঁন [দক্ষিণ (দক্ষিণ দিকে) অয়ন (সূর্য্যের গমন) হয় যে কালে, বহু০] বি, শ্রাবণ হ'তে পৌষ পর্য্যন্ত বৎসরার্দ্ধ। ২ পৃথিবীর ঠিক মধ্যস্থ বিষুব রেখা হতে সূর্য্যের দক্ষিণে গমন।

দক্ষিণায়ঁনান্তবৃত্ত [দক্ষিণায়ন (দ্রঃ) +অন্তবৃত্ত] বি, বিষুবরেখা বা নিরক্ষবৃত্তের ২৩॥ অংশ দক্ষিণস্থ রেখা ; সূর্য্যের দক্ষিণ গতির সীমা নিরূপক রেখা।

দক্ষিণারণ্য [দক্ষিণা (দক্ষিণদিগ্‌বর্ত্তী) যে অরণ্য (বন), ধা] বি, দক্ষিণ দেশস্থ বন। ২ দণ্ডকারণ্য।

দক্ষিণিয়া-দক্ষিণে দ্রঃ।

দক্ষিণী [দক্ষিণ+ঈ (ভবার্থে)] বিণ, দক্ষিণের ; দক্ষিণদেশীয় ; দক্ষিণে স্থিত। ২ দক্ষিণ্য (দ্রঃ)।

দক্ষিণীয় [দক্ষিণ+ঈয় (যোগ্যার্থে)] বি, দক্ষিণার উপযুক্ত : দক্ষিণার্হ।

দক্ষিণে [দক্ষিণ+ইয়া=দক্ষিনিয়া > ক্ষে০] বিণ, দক্ষিণদিকে স্থিত ; দক্ষিণ হ'তে উদ্ভূত, আগত বা প্রবাহিত।

দক্ষিণ্য [দক্ষিণা+য (অর্হার্থে, ষ্ণ)] বিণ, দক্ষিণীয় ; দক্ষিণার যোগ্য। ২ দয়া ; আনুকূল্য। ৩ দক্ষতা। ৪ উদারতা।

দখঁল [আ০ দখল্] বি, আয়ত্তি ; অধিকার। প্র-"ইংরাজী স্কুলে পড়িয়া ঐ ভাষায়ও তাহার দখল রাধার চেয়ে বেশী।"-উত্তরা, ১৩৩৩। ২ কর্ত্তৃত্ব control. ৩ আত্মসাৎ। ৪ ব্যুৎপত্তি; অভ্যাস। ~কার, দঁখলিকার [আ০ দাখীল্‌কার্] বিণ, যে দখল করিয়া আছে ; অধিকারী an occupant. > বি, দঁখলিকারি(রী)-দখল করিয়া থাকা ; অধিকার করণ occupancy. ~দেহানি [আ০ দখল+হিং দিহানী (দান)] বি, অদিকার দান ; দখল দেওয়া। দঁ০ কঁরা-প্রবেশ করা। ২ অধিকার করা। ৩ অনধিকার প্রবেশ করা বা অন্যায় অধিকার করা। দঁ০ দেওয়া-অধিকার দান করা ; ভোগ করিতে ছাড়িয়া দেওয়া। ২ প্রবেশ করিতে দেওয়া। ৩ হস্তক্ষেপ করা to interfere. ~নামা-যে আদেশ পত্রে আইনানুসারে অধিকার মঞ্জুর করা হয় ; স্বত্বাধিকারপ্রদায়ক দলিল। দঁ০ পাওয়া-অধিকার লাভ করা ; প্রবেশ লাভ করিয়া ব্যবহার করা। দঁখলি(লী) স্বত্ব-ভোগাধিকার। বে-দঁখল হঁওয়া-অধিকারচ্যুত হওয়া ; যা দখলে ছিল তাতে বঞ্চিত হওয়া। ভোগ দঁখল কঁরা-সম্পত্তি অধিকারে রাখিয়া ভোগ করা। ~ী-বিণ, অধিকারগত। প্র-দখলী জমী।

দখঁলাতি [হিং। আ০ দখল্‌ইয়াবী] বি, দখলকরণ। ২ বিণ, দখলী।

দখিণ,-ন [সং-দক্ষিণ > প্রা০ বাং-দক্ষিণ] বি, দক্ষিণ ; ডা হণ। "দখিণ পবণ বহে"-বি০ প০। "দখিণ মুখেত উপনীত হইলেন থেতে,"-শূ০ পু০। "আজি দখিন দুয়ার খোলা"-রবী০। বিণ, দখিণা, দখিণে [প্রা০ দখনো] দক্ষিণ দিকস্থ বা দিগ্‌ভব ; দক্ষিণ দিক্ হ'তে আগত। প্র-দখিণা বাতাস।

দখিণান্ত [প্রা০ বাং] বি, দক্ষিণান্ত (দ্রঃ)। "লইলা ধুনার চুর দখিণান্ত হএ।" -শূ০ পু০।

দখিণাবায় [দক্ষিণা-বায়ু >] বি, মলয় বাতাস। "প্রাতে পড়েছে শিশির কণা; সাঁঝে বহিছে দ০॥"-রবী০।

দখিন্যা [দক্ষিণা দ্রঃ। প্রা০ বাং, প্রা০] বি, দক্ষিণা। "দখিন্যা মাগিতে জাঅ, জার ঘরে নাহি পাঅ, সাঁপ দিআ পুড়াঅ ভুবন।" -শূ০ পু০।

দগঁড় [সং-দ্রগড় >] বি, আনদ্ধ যন্ত্রবিঃ ; রণবাদ্যবিঃ ; দামামা ; "মার মার বলিয়া দগড়ে দিল কাটি।"-কৃত্তি০। "ঘন রোল দামামা দগড়ে পড়ে ঘা।"-ধ০ ম০। "ঢাক ঢোল কাঁসর দগড় বীণা বেণী।"-শি০।

দগঁড়া [হিং দগ্‌ড়া (দড়ার দাগ)] বি, মোটা দড়ির মত রেখা-চিহ্ন। ২ মাঠের উপর দিয়া গরুর গাড়ির চাকার দাগ। ৩ চাবুকাদি প্রহারের লম্বা লম্বা দাগ। দঁগড়া দঁগড়া হিয়ে যাওয়া-দড়ার মত লম্বা লম্বা দাগ পড়া।

দগঁদঁগ্ [দগ্ধ বা জ্বলনার্থক ধক্‌ধক্ (দ্রঃ) >] অ, ধক্‌ধক্ ; জ্বলিতে থাকার ভাব।

দগঁদঁগানি, দঁগ্দগানি [দগদগ (দ্রঃ)+আন (ক্রিয়া-বিভক্তি)। প্র০ পু০ দগদগায় ; দগদগাইতে ; দগদগাইয়া (ক্ষে০ দগদগিয়ে)] ক্রি, দগ্ধান ; পোড়ান। ২ দগদগ করা ; পুড়িবার কালে যেরূপ লাল হয়, ক্ষত স্থান সেইরূপ লালবর্ণ হওয়া ; যেন দগদগ করিয়া জ্বলিতে থাকা। বি, দঁগদগানি।

দগঁদিগি [আ০ দগ্‌দগা=শঙ্কা (২) ব্যাকুলতা] বি, জ্বালা ; দগ্ধীভাব। "হিয়া দগদগি পরাণ পোড়ানি কি দিলে হইবে ভাল।"-চণ্ডি০। "হিয়ে দগদগি অন্তরে ভোক্ মুখে নাহি চলে এ বড় শোক।"-কবিক০।

দগঁধ-দগ্ধ দ্রঃ।

দগঁধানি [দগধ+আন (ক্রিয়ায়)। প্রা০ দগ্‌দানি। দগ্‌ধাই, দগ্‌ধাও, দগ্‌ধায় (পদ্যে দগধে) ; দগ্‌ধিতে, দগ্‌ধাইতে ; দগ্‌ধিয়া, দগ্‌ধাইয়া (ক্ষে০ দগ্‌ধে, পদ্যে দগধি)] ক্রি, দগ্ধ করা ; পোড়ান ; জ্বালান। [ব্রজ০] দঁগঁধই-দগ্ধ করে। "দুহু দিশ দারু দহনে যৈছে দগধই।"-বি০ প০। দঁগঁধিলে-দগ্ধ করিলে। "কেন দগধিলে বিরহ বেদনা দিয়ে।" -চণ্ডি০। দঁগঁধে-দগ্ধ করে। "তব ধরি দগধে অনঙ্গ"-বি০ প০। বি, দঁগধানি।

দগঁধিনী [প্রা০ বাং পদ০ সা০] বিণ, সন্তপ্তা ; বিদগ্ধা। "রাধা বিরহ দহনে। দগধিনী। ভৈলী তোহ্মার শরণে।"-শ্রী০ কী০। "তোর বিরহ দহনে দগধিনী রাধা জীএ তোর দরশনে।"-ঐ।

দগ্ধ [দহ্ (দহন করা)+ত (র্ম)। পদ্যে কোমলরূপ—'দগধ'] বিণ, যাকে দহন করা হইয়াছে; ভস্মীকৃত; পোড়া। ২ ভর্জিত; ঝলসিত। ৩ [+ত (র্তৃ)] তাপিত; সন্তপ্ত। স্ত্রীং ~া। **~কাক**-বি, দণ্ডকাক; দাঁড়কাক। **~পত্রন্যায়**-পত্র সকল দগ্ধ হ'লে তাতে পত্রের সমুদয় অবয়ব থাকিলেও যেমন সেগুলি পত্র বলিয়া গ্রাহ্য হয় না তদ্বৎ।—বেদান্তভাষ্য টীকা। **~ব্য** [দহ্ (দগ্ধ করা)+তব্য (র্ম)] বিণ, দগ্ধ করিবার উপযুক্ত; দাহ্য।

দগ্ধা১ [দগ্ধ+আ (ক্রিয়ায়)। দগ্ধি, দগ্ধ দগ্ধে; দগ্ধিতে; দগ্ধিয়া (ক্ষেং দগ্ধে)] ক্রি, দগ্ধ হওয়া; পোড়া।

দগ্ধা২ [দগ্ধ (দ্রঃ)+আ (স্ত্রীং)। জ্যোং পরিং] বি, অমঙ্গলময় তিথি। **চন্দ্রদগ্ধা** [মেষাদি রাশিতে চন্দ্র থাকিলে উক্ত তিথি সমুদয় চন্দ্রদগ্ধা বলিয়া কথিত হয়। **দিনদগ্ধা**—সোমবারে একাদশী, মঙ্গলে দশমী, বুধে তৃতীয়া, বৃহস্পতিবারে ষষ্ঠি, শুক্রবারে দ্বিতীয়া, শনিবারে সপ্তমী ও রবিবারে দ্বাদশী হ'লে দিনদগ্ধা বলে। **মাসদগ্ধা**—সৌর বৈশাখ মাসের শুক্লাষষ্ঠী, জৈষ্ঠমাসের কৃষ্ণাচতুর্থী, আষাঢ় মাসের শুক্লাষ্টমী, শ্রাবণের কৃষ্ণাষষ্ঠী, ভাদ্রের শুক্লাদশমী, আশ্বিনের কৃষ্ণাষ্টমী, কার্ত্তিকী শুক্লাদ্বাদশী, অগ্রহায়ণের কৃষ্ণাদশমী, পৌষের শুক্লাদ্বিতীয়া, মাঘী কৃষ্ণাদ্বাদশী, ফাল্গুন মাসের শুক্লাচতুর্থী ও চৈত্রের কৃষ্ণাদ্বিতীয়াকে মাসদগ্ধা বলে।

দগ্ধানি [দগ্ধ (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। দগ্ধাই, দগ্ধাও, দগ্ধায়; দগ্ধাইতে (ক্ষেং দগ্ধাতে); দগ্ধাইয়া (ক্ষেং দগ্ধে) ইং। গ্রাং দগ্দানো] ক্রি, দগ্ধ করা; পোড়ান। ২ বিণ, যা দগ্ধ করা হইয়াছে; দগ্ধাবশিষ্ট।

দগ্ধিকা [সং] বি, দগ্ধান্ন; পোড়াভাত।

দগ্ধেষ্টক। [দগ্ধ+ইষ্টকা (ইট), ধা] বি, পোড়া ইট; ঝামা।

দঙ্গল [হিং দঙ্গল্। দং১ দ্রঃ] বি, দল; পাল; সমূহ। প্র—এক দং লোক। ২ জমায়েত; ভিড়; লোকারণ্য। প্র—ও দঙ্গলের ভিতর প্রবেশ করা ভার। ৩ অনুচর দল; মল্লের দল; শিকারীর দল। "বদাউন-বনে সেবারের মতো শীকার করিয়া সারা, দঙ্গল ফেরে সুলতান সহ উল্লাসে মাতোয়ারা।" —ইনসাফ (সত্যেন্দ্র দত্ত)। ৪ [হিং-র অনুকরণে] মল্লযুদ্ধ; কুস্তি। প্র—তারা দঙ্গল দেখিতে গিয়াছে। ৫ মল্লভূমি: কুস্তির আখড়া। **দং বাঁধা**-ভিড় করা; জোট বা দলবাঁধা।

দছিন [সং—দক্ষিণ > হিং প্রাকৃং রূপ—দচ্ছিন, ব্রজং দছিন] বিণ, দক্ষিণ। "দছিন পবন বহ ধীরে"—বিং পং।

দজ্জাল [আং দজ্জাল্ ✱ আলিয়াৎ, মিথ্যাবাদী, এক-চোখো, দুষ্ট >। বাং-য় অর্থান্তর। পুং, স্ত্রী উভয় অর্থে চং কিন্তু গ্রাং বাং-য় স্ত্রীং দজ্জালী, দজ্জালনী ওং] বিণ, প্রবঞ্চক। ২ দুর্দান্ত, দস্যি। "এমন দং মেয়ে কোথাও দেখি নি।" [দ্রঃ—দং=হজরতের বিরোধী, ঈশ্বরোপাসনার বিরোধী। তালমুদ গ্রন্থে ইহার বর্ণনা আছে। এইরূপ ভবিষ্যদ্বাণী আছে যে, দজলা (আং) অর্থাৎ টাইগ্রীস নদীর নিকটে দজাজেলা (দজ্জাল) উৎপন্ন হইবে, বড় প্রকাণ্ড হইবে, বড় উচ্চ আওয়াজ হইবে, চল্লিশ দিনে পৃথিবী ফিরিবে ও ঈশ্বর উপাসনা বন্ধ করিয়া দিবে। দজ্জাল=বড় দুর্দান্ত লোক]।

দড় [সং—দৃঢ় > প্রাকৃং দঢ় > হেং। ঢ়=ড়] বিণ, শক্ত; কঠিন। ২ দৃঢ়। "সেন বলে শুন, যদি মন হয় দড়। নারীর লাবণ্য জন্য ভয় নাই বড়॥"—ঘং। ৩ নিশ্চিন্ত; স্থির। "দড় বিসআসে"—রসমঞ্জরী। "বাঙ্গালায় জানিলাম তুমি বন্ধু দড়—ভারতং। "আজি জানিলাম দড় পুরুষ নিলজ্জ বড়॥"—ভারতং। ৪ পরিপক্ব; পাকা; পটু; মজবুত। "কোন গুণ নাই যেথা সেথা ঠাঁই সিদ্ধিতে নিপুণ দড়।"—অং মং। ৫ বিচক্ষণ; দক্ষ। "বণিক-সম্প্রদায় হিসাবে দড়।"—বসুমতী। ৬ [আধিক্যার্থে] দূর। "রগড় এত দড়"—হেমং। ৭ বড়। "শুন শুন মাসমিত্রা কথা কহিছ দড়" —পূং বং গীং।

দড়কচা, দড়কাঁচা-দরকচা দ্রঃ।

দড়কা-তড়কা দ্রঃ।

দড়দড় দড়্ দড়্ [অনুং। মাংস-জড়িত পদাঘাতে 'দ', হাড়ভাগের কঠিন আঘাতে 'ড়'। দ্রুত পদক্ষেপ বা দৌড়ের উচ্চ শব্দ। মৃদু শব্দে দুড়্ দুড়্, মৃদুতর শব্দে দুড়্ দুড়্। দুপ দুপ দ্রঃ] বি, দড় দড় এইরূপ অনুকার শব্দে পদক্ষেপ করিতে করিতে গমন; দড় দড় শব্দে পলায়ন। ২ হৃদপিণ্ডের স্পন্দনের উচ্চ শব্দ; ধড় ধড় দ্রঃ।

দড়বড়, দড়বিড়ি [অনুং। দড়দড় দ্রঃ। অশ্বের দ্রুত পদক্ষেপ শব্দ। লঘু শব্দে তড় বড়] অ, ঘোড়ার বড় বড় লাফ বা লম্বা পদক্ষেপ কালে টাপের শব্দ। ২ তাড়াতাড়ি। তাড়াতাড়ি গমন কালে পোষাকের দড়বড় করিয়াই শব্দ হয়। "দেখিয়া মেনকা রাণী পলায় দড়বড়ি"—কবিকং। ৩ ধাবনোৎসুক্য ও সর্বাঙ্গের আক্ষেপবিশিষ্ট হওয়ার ভাব। "অতসী কুসুম শ্যামা স্মরিয়া কৌতুক। দড়বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক।"—ভারতং। "দড়বড়ি ঘোড়া চড়ি কোথা তুমি যাও হে"—বঙ্কিমং। ৪ বি, সাহসের সহিত কড় কড় করিয়া কড়া কড়া বলার ভাব। "হনুমান হইতে অঙ্গদ বীর বড়। তাহারে পাঠাও যে বলিবে দড়বড়॥"—কৃত্তিং। ৫ অনুরূপ শব্দ করিয়া ত্বরাগতি। "দড়বড় দড়বড়, অশ্বচালনায় দড়,"—রঙ্গলাল বন্দ্যোং।

দড়বড়ানি [দড়বড় (দ্রঃ)+আন (ক্রিবিভক্তি)। দড়বড়াই, দড়বড়াও, দড়বড়ায়; দড়বড়াইতে; দড়বড়াইয়া (ক্ষেং দড়বড়িয়ে, পদ্যে—দড়বড়ি)] ক্রি, দড়বড় শব্দে গমন করা। "দড়বড়ি ঘোড়া চড়ি কোথা তুমি যাও হে"—বঙ্কিমং। ২ তাড়া হুড়া করা; তাড়াতাড়ি করা; তড়বড়ান। "দেখিয়া মেনকা রাণী পলায় দড়বড়ি"—কবিকং। বি, **দড়দড়ানি**, বিণ, **দড়বিড়িয়া, দড়-বিঁড়ে** -ক্রিপ্রকারী।

দড়মা-দরমা দ্রঃ।

দড়া [অর্বাচীন সং—দোরক, ডোরক > হিং ডোর, ডোরা, সরু হ'লে দড়ি, দড়ী, দোড়ী (হিং ডোরী)। ডোর দ্রঃ] বি, মোটা রজ্জু; কাছি। "নগর করিয়া শোভা বসিল অনেক ধোবা দড়ায় শুকায় নানা বাস।"—কবিকং। "মন কেন মার চরণ ছাড়া। ও মন ভাব শক্তি পাবে মুক্তি, বাঁধ দিয়া ভক্তি-দড়া॥"—রাংপ্রং। **~দড়ি** [দড়া (দ্রঃ)+দড়ি] বি, মোটা ও

সরু রজ্জু ; রজ্জু ও তদ্বৎ বন্ধনোপযোগী সামগ্রী cordage. "কানুর পিরীতি কুহকের রীতি সকলি মিছাই রঙ্গ, দড়াদড়ি লৈঞা গ্রামেতে চড়িয়া ফিরয়ে করিয়া সঙ্গ॥"-চণ্ডি°। "ভৃত্যগণ ব্যস্ত হয়ে বাঁধিছে জিনিষপত্র দড়া-দড়ি ল'য়ে"-সোনার তরী। ~হার [লক্ষ°। রজ্জুবৎ বলিয়া] দমা হার।

দড়াই [প্রা° বাং পদ্যে। দৃঢ় > দড়+আইয়া (অস, ক্রিয়ায়) > ক্ষে°] ক্রি-বিণ, দৃঢ় করিয়া ; দৃঢ়ভাবে। ২ [দৃঢ়+আই (উ° পু° ক্রি-বিভক্তি)] ক্রি, দৃঢ় করি।

দড়ানি১ [দড়া (দ্রঃ)+আন (ক্রি-বিভক্তি) দড়াই, দড়াও, দড়ায় ; দড়াইতে ; দড়াইয়া (ক্ষে° দড়ায়ে, দড়িয়ে)] ক্রি, দড়ি দিয়া বেষ্টন করা : দড়ি জড়ানো ; দড়ি বাঁধা। "দড়ায়ে পায়ে উঠহে তাহে থাকি থাকি দেই ঝোঁকে।"-চণ্ডি°। ২ [লক্ষ°] দড়ি বা দড়ার মত হয়ে যাওয়া ; অতি কৃশ হওয়া। "এখনো হাড় দড়ায়নি-এত দমকা খাটলে কুলোবে কেন।"

দড়ানি২ [দৃঢ়+আন > দৃঢ়ান > দৃঢ়= দড়] ক্রি, দৃঢ় করা। "রাম দেখি সীতাদেবী দড়াইল মন।"-রামা° (অদ্ভুতাচায্য)।

দড়াম্ [অনু°। সং-দণ্ড+আম্ (শব্দাত্মক পদের প্রত্যয়)। তুল-ঝপাৎ সড়াৎ শব্দের আৎ, ধপাস্ শব্দের আস্। কড়াং, পটাং শব্দের ং। অধিক ভারী "ধড়"পড়িবার শব্দ- ধড়াম] অ, দণ্ডের মত দাঁড়াইয়া পতনের শব্দ ও ভঙ্গী ; আছাড় খাইবার শব্দ। প্র-সে পা পিছলাইয়া দড়াম্ করিয়া আছাড় খাইল। তাকে দড়াম্ করিয়া ফেলিয়া দিল।

দড়ি, দিড়ী, দোড়ী [দড়া দ্রঃ। সং-দোরকঃ > ভ্রং দোরি(রী) > দোড়ী] বি, বন্ধনরজ্জু ; সুতা অপেক্ষা স্থূল এবং দড়া অপেক্ষা সূক্ষ্ম রজ্জু : গুণ। "দড়ি ছিঁড়ে দিলে ঘুরে পড়ে যায় গিরা।"-শি°। "চাই ছুগাছি সলি দড়ি।"-শূ° পু°। দি° কলসী-ডুবিয়া মরিবার উপায় সাধক কলসী ও নিজের গলায় দড়ি বাঁধিয়া কলসী জলপূর্ণ করিয়া জলাশয়ে ডুবিয়া মরিবার দড়িও কলসী। "না মিলিল দড়ী না মিলিল কড়ি কলসী কিনিতে তোরে"-ভারত°। ~দড়া দ্রঃ। দি° ছিঁড়ে পালানি [অশ্ব গবাদির সহিত তুলনায়, বিদ্রূপোক্তিতে] মায়ার বন্ধন ছিন্ন করিয়া যাওয়া। দি° পাকানি-সরু সরু সুতার গুচ্ছ পাক দিয়া একটি দড়ি প্রস্তুত করা। গলায়-দড়ী-অপমান, লজ্জা প্রভৃতি কারণে আর লোক-সমাজে মুখ দেখাইতে না হয় এজন্য গলায় দড়ি দিয়া মরণ। ২ অ, ধিক্কার। ছাঁদন-দড়ি-দুধ দুহিবার সময় গরু পা ছুঁড়িতে না পারে এজন্য তার পা বেষ্টন করিয়া যে দড়ি দিয়া বাঁধা হয়। ২ দৃঢ় বেষ্টনী। ৩ [ব্যঙ্গোক্তিতে] বাহু বেষ্টন : দৃঢ় আলিঙ্গন। "ছাঁদন দড়ী বাহুলতা"-হেম°।

দঢ় [সং-দৃঢ় > প্রাকৃ°দঢ়। দড় দ্রঃ] বিণ, পারদর্শী ; অভিজ্ঞ ; পণ্ডিত। "আমার ভক্তের পূজা আমা হইতে বড়। সেই প্রভু বেদে ভাগবতে দঢ়"-চৈ° ভা°। ২ দক্ষ ; কর্ম্মঠ। "নিদয়ার সুখ বড় গৃহধর্ম্মে বধূ দঢ় কুল ধর্ম্ম রক্ষণের হেতু।"-কবিক°। ৩ দৃঢ়। "কুলবতী সতী হইয়া দুকুলে দিনু দুখ। জ্ঞানদাস কহে দঢ় করি থাক বুক॥"-জ্ঞান°।

দঢ়ানি১ [সং-দৃঢ় > দড়। দঢ়+আন (ক্রিয়ায়)। দঢ়াই, দঢ়াও, দঢ়ায় : দঢ়াইতে : দঢ়াইয়া] ক্রি, দৃঢ় করা : দৃঢ় সঙ্কল্প করা। "এই মত দঢ়াইয়া সব গোপীগণে। ধীরে ধীরে যান সভে সেই বৃন্দাবনে"-ভাগবত (নরসিংহ)।

দঢ়ান২ [সং-দৃঢ় > দঢ়+আন (ভা°)] বি, দৃঢ়তা। "তোরে আমি বলি সাধু করিয়া দঢ়ান। চণ্ডী না পূজিলে তোর না হবে ছাড়ান॥"-কবিক°।

দণ্ড১ [সং। প্রা° ডণ্ড। প্র-এক ডণ্ড থির নয়] বি, ষষ্টি (৬০) পল (২৪ মিনিট) পরিমিত সময়। "মোলে দণ্ড দু'চার কান্না-কাটী শেষে দিবে গোবর ছড়া"-রা° প্র°। ২ অত্যল্পকাল। প্র-এক দণ্ড। দণ্ডে দণ্ডে-ক্রি বিণ, প্রতি দণ্ডে। ২ [লক্ষ°] ক্ষণে ক্ষণে ; মধ্যে মধ্যে ; থেকে থেকে। প্র-দণ্ডে দণ্ডে বাবুর মত বদলায়। দণ্ডে দণ্ডে হুকুম জারি হচ্ছে। এক দণ্ডে-অ, দণ্ডকাল মধ্যে ; অবিলম্বে ; শীঘ্র।

দণ্ড২ [সং-দণ্ড্ (দমন করা)+অ (ল্)। প্রা° ডণ্ড। হি° ডাণ্ডা] বি, যষ্টি ; লাঠি। ২ চার হাত প্রমাণ যষ্টি। ৩ আঁকষি। "সাজি দণ্ড হাতে করি কাননে কাননে ফিরি অনুদিন যেন মালাকার।"-কবিক°। ৪ সামদানাদি রাজনীতির অন্যতম নীতি ; যুদ্ধ। ৫ শিক্ষা। ৬ শাস্তি ; সাজা। প্র-প্রাণদণ্ড। ৭ শাসন ; দমন। ৮ ভ্রূমধ্য হতে ললাটের উপর স্ফীত ঋজু উর্দ্ধরেখা; রাজদণ্ড। ৮ সৈন্য। প্র-দণ্ডনায়ক। ৯ ঋজুভাবে দণ্ডায়ন। ১০ অশ্ববিঃ। ১১ [মহা°] ভারত-বর্ষের রাজাবিঃ (শুক্রাচার্য্যের শিষ্য)। ইঁহারই রাজ্য গুরুশাপে অরণ্যে পরিণত হইয়া দণ্ড-কারণ্য নামে প্রসিদ্ধ হয়। ইঁহার নামান্তর দণ্ডক। ১২ যম। ~ক, ~কা-বি, দণ্ডকারণ্য ; জনস্থান। ~কলশ [সং। 'দণ্ডোৎপল' ও°] বি, ডানকুনি গাছ। ~কাক [সং] বি, দাঁড়কাক। ~কারণ্য [দণ্ডক+অরণ্য] বি, দণ্ডক (দ্রঃ) রাজার অরণ্যে পরিণত রাজ্য ; জনস্থান। ~গৌরী-বি, অপ্সরাবিঃ। ~গ্রহণ-বি, দণ্ড স্বীকার করিয়া লওয়া ; দণ্ড ভোগ করা। ২ সন্ন্যাসীর দণ্ড ধারণ ; সন্ন্যাসাশ্রম অবলম্বন। ~গ্রাহী [দণ্ড (যষ্টি) গ্রাহ গ্রহণকারী] বিণ, যে দণ্ড গ্রহণ করে। ~চক্রাদিন্যায়-বি, এক ঘট নির্ম্মাণে যেমন দণ্ড, চক্র, সূত্র, সলিলাদি বহু কারণ আবশ্যক, তদ্রূপ একটি কার্য্যের বহু কারণ স্বীকার স্থলে দণ্ডচক্রাদিন্যায় বলা হয়। ~ঢক্কা-বি, দণ্ডাঘাতে বাদন করিবার মত বৃহৎ ঢাক ; নাগাড়া। ~দাতা-বিণ, শাস্তি দানকারী। ২ বি, রাজা। ~দান-শাস্তি-বিধান : শাসন। ২ দাঁড় দেওয়া ; ক্ষতি পূরণ। ~দীপিকা-বি, দণ্ডমুখে তৈলাক্ত বস্ত্র-দীপিকা ; মশাল। ~ধর, দণ্ডধার [দণ্ড (শাসন) ধর (ধার) যে ধারণ করে, বহু°] বি, যিনি প্রজা শাসন জন্য দণ্ড ধারণ করেন ; নৃপতি ; রাজা। ২ যিনি পাপীর শাসন জন্য দণ্ড ধারণ করেন ; ধর্ম্মরাজ ; যম। ৩ [চক্র ঘুরাইবার দণ্ড ধারক বলিয়া] কুম্ভকার ৪। বিণ, দণ্ডধারী, যষ্টিধারী ; যষ্টিহস্ত। ৫ অপ-রাধীকে দণ্ডবিধানের যার ক্ষমতা আছে। ~ধারী [দণ্ড (শাসনদণ্ড) ধারী (ধারণকারী)]

বিণ, দণ্ডধর। ২ বি, দণ্ডী ; সন্ন্যাসী। "কখন বৈরাগী যোগী দণ্ডধারী। কখন গৃহস্থ কখন ভিখারী॥"-অ০ ম০। "রাজ্য না ছাড়িয়া আমি হইমু দ০"-পূ০বং০গী০। ~ন [দণ্ড+অন (ভা০)] বি, দণ্ডদান; শাসন।~নায়ক [দণ্ড (সৈন্য) নায়ক (চালক), ৬তৎ] বি, চতুরঙ্গ বলাধ্যক্ষ সেনাপতি। ২ দণ্ডদাতা। ৩ রাজা।~নীতি [দণ্ডের নীতি (নিয়ম) আছে যাতে, বহু০] বি, রাজনীতিশাস্ত্রবিঃ ; রাজ্যশাসনসম্বন্ধীয় যাবতীয় নিয়ম সম্বলিত নীতিশাস্ত্র। ~নীয় [দণ্ড+অনীয় (র্ম্ম)] বিণ, দণ্ড্য ; দণ্ড পাইবার উপযুক্ত ; দণ্ডার্হ। স্ত্রীং ~া। ~পট [রাষ্ট্রীয় পরিঃ] বি, সাধারণ সৈন্য ও গ্রামবল সজ্যসূচক উপাধি-বিঃ ~পাণি [দণ্ড পাণিতে (হস্তে) যার, বহু০] বিণ্, দণ্ডধর। ২ বি, যম। ৩ শিবানুচর ; বীরভদ্র। ~পাদ [দণ্ডের মত লম্বমান পাদ (চরণ) যার, বহু০] বিণ, উর্দ্ধ-পদে আছে এমন। ২ উর্দ্ধপাদ সন্ন্যাসী। ~পারুষ্য [দণ্ড (দণ্ডের, শাস্তির) পারুষ্য (কাঠিন্য), ৬তৎ] বি, কঠিন শাসন; শারীরিক ক্লেশ দান দ্বারা শাসন; গুরুতর প্রহার। ~পাল, ~পালক [দণ্ড দ্বারা পাল, পালক (রক্ষক, ধারক), ৩তৎ] বি, দৌবারিক ; দ্বারবান্। ~বৎ [দণ্ড+বৎ (সাদৃশ্যার্থে)] অ, দণ্ডের ন্যায় পতন। ২ [দণ্ড+বৎ (ব্যু০)] বি, দণ্ডী। ৩ ত্যাগার্থক বিরাগ ; ইতি ; ইস্তফা (তুল-নাকেখৎ)। "অতঃপর বিষয়ে আমার দণ্ডবৎ।"-ধ০ ম০। "হলো চক্ষু কর্ণেতে যেন ছয় মাসের পথ। কাণে শুনে প্রাণ জুড়াব দেখায় দণ্ডবৎ॥"-রামবসু। ৪ প্রণাম করিবার জন্য দণ্ডের মতন ভূমিতে পতিত হওয়ার ভাব ; প্রণাম। "মঙ্গল সম্ভব গান আরম্ভি শম্ভুর গুণ হেরম্বে হইয়া দণ্ডবৎ।"-শি০। "দণ্ডবৎ প্রণাম বুড়ীরে করে আসি।"-অ০ ম০। >খুরে দণ্ডবৎ [ব্যঙ্গোক্তিতে পদে বা চরণ স্থলে পশুর পায়ের খুর] অ, পরাজয় স্বীকার সূচক উক্তি ; পায়ে নমস্কার ; পরিহার মাগন। >খুরে খুরে দণ্ডবৎ-স্পষ্টভাবে পশু বলিয়া অর্থাৎ চতুষ্পদ বলিয়া তার নিকট পরিহার প্রার্থনা। ~বান্-বিণ, দণ্ড সহ বিদ্যমান ; দণ্ডধারী। > স্ত্রীং ~বতী।

~বিধাতা-বিণ, শাস্তি বিধান কর্ত্তা ; শাসক ; রাজা ; বিচারক। বি, > ~বিধান।~বিধি[দণ্ডের(শাসনের)বিধি (নিয়ম),৬তৎ] বি, রাজার শাসনবিধি; কোন অপরাধকারীর কি দণ্ড হবে যাতে তার বিধান আছে ; ফৌজদারী আইন penal code. ~ব্যূহ [দণ্ড (দণ্ডাকারে সজ্জিত) ব্যূহ] বি, অগ্রে প্রধান সেনাপতি, মধ্যে রাজা, পশ্চাৎ সেনাপতি, দুই পার্শ্বে হস্তী ও ঘোটক এবং তৎপশ্চাৎ পদাতিগণ এই নিয়মে রচিত ব্যূহ। ~ভুক্তি-বি, বর্ত্তমান মেদিনীপুরের দক্ষিণ ভাগ (মধ্যযুগে বাঙ্গলা)। ~ভৃৎ [দণ্ড+ভৃৎ (যে ধারণা করে)] বিণ, দণ্ডপাণি ; দণ্ডধর। ~মস [সং] বি, দণ্ডরাজ। ২ দণ্ডাচার্য্য। "নগ্নদেহ যোগীর প্রভাব এই দণ্ড মসের দেশেই। সেই ব্রাহ্মণের পুনর্জাগরণ আবশ্যক।"-বঙ্গবাণী, ১৩৩৩। ~মুণ্ড-শারীরিক ও আর্থিক দণ্ড এবং শিরশ্ছেদন বা প্রাণদণ্ড। > দণ্ডমুণ্ডের কর্ত্তা-ধন প্রাণের উপর যার কর্তৃত্ব আছে ; রাজা। ~যাত্রা [দণ্ডের জন্য যাত্রা (গমন), ৪তৎ] বি, যুদ্ধযাত্রা ; দিগ্বিজয়ে যাত্রা। ২ বরের অনুগমন। ৩ মিছিল। ~যোগ্য [দণ্ডের যোগ্য, ৬তৎ] বিণ, দণ্ডনীয় ; দণ্ড্য। > স্ত্রীং ~া। ~রায় [দণ্ড-রায় (রাজা)] বি, দণ্ড-মুণ্ডের কর্ত্তা ; দণ্ডধর ; রাজা। "পরিবার সহ রাজা, করিয়া নৌকার পূজা, আরোহণ কৈল দণ্ডরায়।"-কবিক০। ~সংহিতা [দণ্ড-সংহিতা (শাস্ত্র)] বি, দণ্ডবিধি ; ফৌজদারি আইন penal code. ~সহায় [দণ্ডে (শাসন বিষয়ে) সহায় (সহকারী), ৭তৎ] বি, অপরাধীর দণ্ডবিধানে বা দুষ্টের দমনে যে রাজার সহায়তা করে। ~স্থান [দণ্ডের (দণ্ডপ্রদানের) স্থান, ৬তৎ] বি, যে স্থানে অপরাধী দণ্ড প্রাপ্ত হয়।

দণ্ডা১ [দণ্ড+আ (অনাদরে ও বৃহদর্থে) প্রা০ বাং। হিং ডণ্ডা। বাং-ডাণ্ডা] বি, দণ্ড ; মোটা লাঠি। ~করা [আধু০ ডাণ্ডা করা] ক্রি, দণ্ড প্রয়োগ করা ; প্রহার করা। ২ শরীরে দণ্ড প্রবেশ করান। "নিবেদন করে গণ্ডা কার নাহি করি দণ্ডা বনমাঝে করিগো নিবাস।-কবিক০।

দণ্ডা২ [দণ্ড+আ (ক্রিয়াবিভক্তি)। দণ্ডি, দণ্ড, দণ্ডে ; দণ্ডিতে ; দণ্ডিয়া (ক্ষে০ দণ্ডে, পদ্যে দণ্ডি। প্রা০ বাং-দণ্ডী)] ক্রি, দণ্ডদান করা ; শাসন করা। "সন্তোষে বসায় খাটে দোষ দেখি নাক কাটে দণ্ডে রাজা বনিতার পতি।"-কবিক০। "বিধাতা আমারে দণ্ডী" -ঐ। ~দণ্ডি [দণ্ড+আ (পরস্পরার্থে)-দণ্ড+ই (প্রয়োগের ভাব অর্থে)] বি, দণ্ডযুদ্ধ ; লাঠালাঠি। ~ধীন [দণ্ড+অধীন] বিণ, দণ্ডপ্রাপ্ত ; যে দণ্ডভোগ করিতেছে ; শাসন বা শাস্তির বশীভূত। ২ যে দণ্ড পাইবে।

দণ্ডাপূপিন্যায় [দণ্ড+অপূপ (পিষ্টক)-ন্যায়] বি, কোন ব্যক্তি একদা দণ্ডে পিষ্টক বিদ্ধ করিয়া গৃহের একস্থানে রাখিয়া দেয়, এক মূষিক সেই পিষ্টক ভক্ষণ করিয়া দণ্ডের পিষ্টকসংলগ্ন স্থানেরও কিয়দংশ ভক্ষণ করে। গৃহস্থ পরে পিষ্টক না দেখিয়া এবং দণ্ডের কিয়দংশ ভক্ষিত হতে দেখিয়া ভাবিল মূষিক যখন কঠিন দণ্ডাংশ পর্য্যন্ত ভক্ষণ করিয়াছে তখন পিষ্টকও যে খাইয়াছে তাহাতে সন্দেহই নাই। তা হতে কোন দুষ্কর কার্য্যের সিদ্ধি দেখিয়া কোন সুসাধ্য কার্য্যের সিদ্ধি অনুভব করাকেই লোকে "দণ্ডাপূপন্যায় কহিয়া থাকে"-বিবিধার্থসংগ্রহ, ১৭৮০ শক।

দণ্ডায়মান [দণ্ডায় (দণ্ডতুল্য আচরণার্থক নামধাতু)+আন (র্তৃ), য্ আগম] বিণ, যে দণ্ডবৎ হইয়া আছে ; যে খাড়া আছে ; যে দাঁড়াইয়া আছে।

দণ্ডার [সং] বি, বুনো হাতী। ২ ক্ষিপ্ত হস্তী। ৩ কুমারের চাক (যা দণ্ডের দ্বারা চালিত হয়)।

দণ্ডার্ত্ত [দণ্ড+আর্ত্ত। দণ্ডদ্বারা আর্ত্ত, ৩তৎ] বিণ, দণ্ডাঘাতে পীড়িত ; দণ্ডপ্রহারে জর্জ্জরিত।

দণ্ডার্হ [দণ্ড+অর্হ (যোগ্য)] বিণ, দণ্ডনীয়।

দণ্ডাশ-বি, দাঁড়াশ সাপ ; ঢেমনা সাপ।

দণ্ডাহত [দণ্ডদ্বারা আহত (মথিত), ৩তৎ] বিণ, দণ্ডদ্বারা তাড়িত ; যষ্টিদ্বারা প্রহৃত। ২ ঘোল।

দণ্ডি [সং-দণ্ড >] বি, দণ্ড প্রমাণ তিন ফের করিয়া গ্রন্থি দেওয়া যজ্ঞসূত্র।

দণ্ডিক [দণ্ড+ইক (স্বা°)] বি, দণ্ডধর ; আশাসোঁটাধারী। ২ ডানিকণা মাছ। স্ত্রীং ~া-দড়ি। ৩ হার।

দণ্ডিত [দণ্ড্+ত (র্ম্ম)] বিণ, যাকে দণ্ড দেওয়া হইয়াছে ; শাসিত।

দণ্ডী [দণ্ড+ইন্ (স্বা°)=দণ্ডিন্ ১মা, ১ব°] বি, দণ্ডদাতা ; শাসনকর্ত্তা ; ক্লেশদাতা ; নিগ্রহকারী। "গড়ে গেল গোয়ালা ছাড়িয়া সিংহনাদ। দেবতা সকলে হেথা গণিল প্রমাদ॥ ইছায়ে বাঁচায়ে যদি দেবী দিলা বর। গড়ে হইল গোয়ালা দ্বিতীয় লক্ষেশ্বর॥ * * * * কর্ম্মফলে হ'ল হত দেবতার দণ্ডী। অতেব ইছাই বধে ক্ষমা দিবে চণ্ডি॥"-ধ°। ২ যম। ৩ জনৈক রাজার নাম। ইনিই উর্ব্বশীকে ঘোটকীরূপে প্রাপ্ত হইয়াছিলেন। ৪ দ্বারপাল। ৫ যে দণ্ড ধারণ করিয়াছে ; চতুর্থাশ্রমী সন্ন্যাসী। ৬ কাব্যাদর্শ গ্রন্থের স্বনামপ্রসিদ্ধ রচয়িতা। ৭ [মহা°] ধৃতরাষ্ট্রের শতপুত্রের একজন। ৮ মহাদেব। ৯ সূর্য্যের পার্শ্বচর-বিঃ। ১০ বৌদ্ধবিঃ। ১১ দমনকবৃক্ষ। ১২ বিণ, দণ্ডধারী।

দণ্ডেদণ্ডে-দণ্ড১ দ্রঃ।

দণ্ডোৎপল [সং] বি, দণ্ডকলশ (স) ; ডানকুনি Canscora decussata.

দণ্ডোপবেশী [দণ্ড+উপবেশী] বিণ, দণ্ডে উপবেশনকারী। ২ বি, দণ্ডচারী পক্ষী।

দণ্ড্য [দণ্ড (শাসন)+য (যোগ্যার্থে)] বিণ, দণ্ডার্হ ; দণ্ডের পাত্র। "অতি পাপী হলেহ আমার দণ্ড্য নয়"-শি°।

দৎ [কামারশালের ভাষা] বি, কর্ম্মকারের যন্ত্রবিঃ ; হাম্বরের প্রকারভেদ। হাম্বর দ্রঃ।

দত্ত [দা (দান করা)+ত (র্ম্ম)] বিণ, কৃতদান। ২ কারও দ্বারা দেওয়া ; অন্যের দ্বারা প্রদত্ত। "শ্বশুর-দত্ত একছড়া সোণার চেন তাহার ছিল"-মা° ও ম° বাণী, ১৩৩১, জ্যৈষ্ঠ। ৩ ন্যস্ত ; অর্পিত। ৪ উৎসর্গিত ; উৎসৃষ্ট। ৫ ত্যক্ত। ৬ বি, দত্তকপুত্র। ৭ ব্রাহ্মণেতর হিন্দুর জাতীয় উপাধিবিঃ। ৮ [+ত (ভা°)] দান। স্ত্রীং ~া-যে বালিকাকে সম্প্রদান করা হইয়াছে ; বিবাহিতা। **বাক্দত্তা, বাগ্দত্তা** [প্রা° বাক্যিদত্তো] বাগ্দত্তা দ্রঃ।

দত্তক, দত্তকপুত্র [দত্ত, দত্তক যে পুত্র, ধা] বি, পিতৃস্বত্বসহ যাকে জনকের নিকট হতে পুত্ররূপে গ্রহণ করা হয় ; পোষ্যপুত্র।

দত্তহারী [দত্ত (যা দান করা হইয়াছে তা) হারী (হরণ বা পুনর্গ্রহণকারী)] বিণ, যাকে স্বত্ব ছাড়িয়া দেওয়া হইয়াছে তার পুনর্গ্রহণকারী। "আগে মন করে দান ফিরে যদি লই। লোকে দ° কবে সই॥"-বাং-গান।

দত্তাত্মা [দত্ত+আত্মন্=আত্মা যৎ কর্ত্তৃক, বহু°] লি, স্বয়ং আসিয়া অন্যের পুত্রত্ব স্বীকারকারী ; দত্তক পুত্রবিঃ। ২ বিণ, আত্মদানকারী।

দত্তাত্রেয় [দত্ত (নামক)+আত্রেয় (অত্রিপুত্র)] বি, অত্রিমুনির পুত্ররূপে বিষ্ণুর অবতার।

দত্তাপহারী [দত্ত+অপহারিন ১মা, ১ব°] বিণ, কোন বস্তু দান করিয়া যে পুনরায় তা গ্রহণ করে।

দত্তাপ্রদানিক [দত্ত (দত্তের)+অপ্রদান+ইক। স্মৃ° পরিঃ] বি, দত্ত বস্তু পুনর্গ্রহণজনিত বিবাদ।

দত্তাবধান [দত্ত (অর্পিত)+অবধান (মনোযোগ) যৎকর্ত্তৃক, বহু°] বিণ, যে মনঃসংযোগ করিয়াছে; অর্পিতচিত্ত ; মনোযোগী।

দত্তি [দা (দানে)+তি (ভা°)] বি,দান।

দত্রি(ত্র)ম [সং] বিণ, দান দ্বারা সম্পাদিত। ২ বি, দত্তকপুত্র।

দদ্রু, দিদ্রু [দরিদ্রা (দুর্গতি করা, ক্লেশ দেওয়া)+উ, উ (নিপাতনে)] বি, চর্ম্মরোগবিঃ ; দাদ্ ringworm. ~ঘ্ন [দদ্রু (দাদ্)+ঘ্ন (নাশক)] বিণ; দদ্রুরোগ নাশক। ২ বি, চাকুলে গাছ। ~ণ [দদ্রু (দ্রু)+ন (স্বা°)] বিণ, যার দাদ হইয়াছে ; দদ্রুরোগাক্রান্ত।

দধি [ধা (ধারণ করা)+ই (র্ত্তৃ) > হিং -দহী। প্রা° বাং-দই, দৈ]। বি, অম্লযোগে দুগ্ধ জমান ; দৈ। ~কর্ম্ম [দধি (ঘটিত) কর্ম্ম। প্রা° দৈ-কড়ুয়া] বি, দধিসংস্কারঘটিত বৈদিক ক্রিয়া। ~কাদা-নন্দোৎসবে দধিমিশ্রিত কর্দ্দম। ২ উক্ত আনন্দোৎসবে সমবয়স্কা নারীদ্বয়ের পাতান সম্বন্ধ। ~কালি(লী) [কালি৫ দ্রঃ] বি, পাত্রস্থ দধির পরিমাণ নিরূপণ। ~চার-বি, দধি মন্থন করিবার দণ্ড ; ঘোলমৌনী। ~জ [দধি (হইতে) জ (জাত)] বি, ননী। ২ ছানা। ~পতি, ~বামন-বি, দুইটি ক্ষুদ্র চক্রাঙ্কিত শালগ্রাম শিলাবিঃ। ~পুষ্পিকা-বি, শ্বেত-অপরাজিতা। ~পূপ [দধিতে সিক্ত পূপ (পিষ্টক), ধা] বি, দৈ-বড়া। ~মঙ্গল-নন্দোৎসবে দধিতে কর্দ্দম করিয়া আনন্দোৎসব। ~মণ্ড [দধির মণ্ড (মাৎ), ৬ তৎ] বি, দধির জল বা জলীয়াংশ। ~মুখ [দধি (দধিবৎ শ্বেত) মুখ] বি, শ্বেতমুখ বানর-বিঃ। ২ রামচন্দ্রের বানর সেনাপতিবিঃ। ৩ নাগবিঃ।~সার [দধির সার (সারভাগ), ৬ তৎ] বি, নবনীত ; মাখন।

দধীচি [দধ্(দান করা)+ইচি (র্ত্তৃ, জ্ঞা°)] বি, অথর্ব্বমুনির ঔরসে কর্দ্দম প্রজাপতির কন্যা শান্তির গর্ভেজাত প্রসিদ্ধ মুনি। ইঁহারই অস্থিতে ইন্দ্রের বজ্র নির্ম্মিত হইয়াছিল।

দধীচ্যস্থি [দধীচি+অস্থি, ৬ তৎ] বি, দধীচিমুনির হাড় (যাতে বজ্র নির্ম্মিত হইয়াছিল)। ২ বজ্র। ৩ হীরক diamond.

দধ্র [সং] বি, চতুর্দ্দশের মধ্যে অষ্টম যম।

দধ্যক্ষত [দধি+অক্ষত] 'বি, দধিও আতপ তণ্ডুল (প্রতিমা পূজায় ইহা ঘটের চতুর্দ্দিকে লেপন করা হয়)।

দধ্যন্ন [দধি+অন্ন] বি, দৈ মাখা ভাত।

দধ্যম্ল [দধি+অম্ল] বি, দম্বল।

দন১, দনা [ধান্যের পরিমাণ] বি, পাঁচসের।

দন২ [দ্বন্দ্ব >] বি, দ্বন্দ্ব ; যুদ্ধ ; রণ। "সেই না করণে সদা অইব কেবল দন।"-মৈ° গী°।

দনা, দোনা [সং-দমনক > ওড়ি° 'দহনা,' হিং° দোনা, বাং-দনা] বি, দমনকবৃক্ষ Artemisia indica. ২ পুষ্পবিঃ। (সোমরাজ্যাদি বর্গের অন্তর্গত)। "অপূর্ব্ব দনার গন্ধ পায় সর্ব্বজনে।"-চৈ° ভা°। "সুগন্ধি মল্লিকা দনা কিনয়ে সকল জনা তুলসী কাষ্ঠের কণ্ঠমালা।"-কবিক°। **দনার ছাট**-বি, দমনক গাছের ছড়ি। "দনার ছাট থুএ্যাবাস রাখ বাস ঘরে"-কবিক°।

দনাই [সং-জনার্দ্দন > প্রা° জনাদ্দন-

ক্ষেং জনা > দনা + আই (অতি পরিচয়ে)= দনাই। আদরে 'দনু'] বি, জনার্দ্দন। "সম্বন্ধে দনাই ওঝা আমার নন্দাই"-কবিকং।

দনী, ছুনি [শ্রীহট্ট প্রাদেং] বি, মাছ বা আনাজ কুটিবার বটি।

দনু [সং] বি.দক্ষপ্রজাপতির কন্যা,কশ্যপ-ভার্য্যা; দানবগণ ইঁহারই গর্ভজ। ~জ(-ঞ্জ) [দনু (হ'তে) জ (জাত)] বি, দানব; অসুর; দৈত্য। "দেবতা গন্ধর্ব্ব যক্ষ দনুজ মনুজ রক্ষ সবে যার করয়ে মাননা"-অং মং। > স্ত্রীং ~া। ~জ-দলনী-বিণ, দৈত্যবিনাশিনী। ২ বি, দুর্গা।

দন্ত [দম্ (দমন করা) + ত (ণে)] বি, দাঁত; দংষ্ট্রা। ২ [দন্ত পঙ্‌ক্তি হ'তে] ৩২ সংখ্যা। ~বিকাশ-দাঁতদেখান। ~মঞ্জন -দাঁত মাজা; মঞ্জনদ্বারা দন্ত পরিষ্কার করণ। ~ক [দন্ত + ক (সাদৃশ্যার্থে)] বি, দন্ত। ২ নাগদন্ত। ৩ গিরিগাত্র হ'তে নির্গত সূক্ষ্মমুখ প্রস্তরখণ্ড। ~কণ্টক [অর্থ শাং] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিঃ। ইহার শরীর দণ্ডাকার সর্ব্বাঙ্গ লৌহ কণ্টকিত, আগা মোটা, গোড়া সরু, বাহুপরিমাণ লম্বা, ধরিবার মুঠ অতি সুন্দর, বর্ণ অঙ্গার তুল্য কৃষ্ণবর্ণ। ইহার কার্য্য নিক্ষেপ করণ ও গ্রন্থন অর্থাৎ বিঁধিয়া গাঁথিয়া ফেলা-রত্নমালা। ~কাষ্ঠ দন্তের (দন্ত-ধাবনের) কাষ্ঠ (কাঠি), ৬তৎ] বি,দন্তধাবনের কাঠি; দাঁতনকাঠি। ~কিড়(ড়ি)মিড়ি [কড়মড় হ'তে লঘু শব্দে কিড়মিড় + ই] বি, দন্তঘর্ষণের শব্দ; দাঁত কিড়মিড়। ~চ্ছদ [দন্তের ছদ (আচ্ছাদন), ৬ তৎ] বি, যদ্দারা দাঁত ঢাকা যায়; ওষ্ঠ; ঠোঁট। ~দর্শন [দন্তের দর্শন, ৬ তৎ] বি, দন্তপ্রদর্শন; দাঁত দেখান; দাঁত খিচান; দন্তবিকাশ; দাঁত-খামাটি। ২ দন্তাবলোকন। ৩ দন্ত পরীক্ষা: দাঁত দেখিয়া বয়স নিরূপণ। ~ধাবন [দন্তের-ধাবন, ধাব্ (পরিষ্কার করা) + অন (ণে), যদ্দারা দন্ত পরিষ্কৃত হয়] বি, দন্ত-মার্জ্জনী; দাঁতনকাঠি। ২ [বৈদ্যকে] খদির-বৃক্ষ। (২) করঞ্জগাছ। (৩) বকুলবৃক্ষ। ৩ [ভাং] দন্তমার্জ্জন; দাঁতমাজা। ~পঙ্‌ক্তি [দন্ত-পঙ্‌ক্তি (শ্রেণী), ৬ তৎ] বি, ৩২ পাটি দাঁত; দন্তের শ্রেণী; দন্তপাতি; দাঁতের পাটি। ~পত্র-বি, কর্ণভূষণবিঃ। ~পত্রক [দন্তবৎ পত্র বিশিষ্ট বলিয়া] বি, কুঁদফুল। ~পবন [দন্ত + পবন (পবিত্র করণ)] বি, দন্তধাবন। ২ দাঁতন কাঠি। ~পাটি, ~পাতি-দন্ত-পঙ্‌ক্তি দ্রঃ। ~পুষ্প [দন্ত (দন্তবৎ শুভ্র) পুষ্প, ধা] বি. কুন্দপুষ্প: কুঁদফুল। ~বক্র-বি, কুরুর বিরোধী; শিশুপালের ভ্রাতা। ~বিকাশ-বি, দাঁত বাহির করা বা খিচান; দাঁতদেখান। ~মাংস [দন্তলগ্ন যে মাংস, ধা] বি, মাড়ি। ~মূল-বি, দাঁতের গোড়া। ~মূলীয় [দন্তমূল + ঈয় (ভাবেং)] বি, যে সকল বর্ণ দন্তমূল হতে উচ্চার্য্য; ত, থ, দ, ধ, ন, ৯, ল, স। ~শর্করা-বি, দন্তমূলে যে বেলে পাথরের মত বস্তু জমা হয় ও কিছু-দিন পরে খসিয়া যায়। ~শূল [দন্তের শূল, ৬তৎ] বি, দাঁতের বেদনা; দাঁত কন্‌কনানি। ~স্ফুট [দন্ত(র)স্ফুট, ৬ তৎ] বি,দাঁত বসান; কামড়। ২ কঠিন বিষয়ে প্রবেশ লাভ। প্র-বিষয়টি এমনই দুরূহ যে সহজে দন্তস্ফুট করা যায় না। ~হীন [দন্ত দ্বারা হীন, ৩তৎ] বি, অদন্ত জীব। ২ বিণ, ফোগলা।

দন্তাদন্তি [দন্ত + আ (পরম্পরার্থে) + দন্তি (দন্তাঘাত)] অ, পরস্পর দন্তাঘাত: দাঁতাদাঁতি; কামড়াকামড়ি।

দন্তাবল [সং। দন্ত-বল, আ আগম] বি, দ্বিরদ; হাতী।

দন্তায়ুধ [দন্ত + আয়ুধ (অস্ত্রস্বরূপ) যার, বহং] বিণ, দাঁতাল।

দন্তাল [দন্ত + আল (বিশিষ্টার্থে)। গ্রাং দাঁতাল] বিণ, যার দংষ্ট্রা আছে; দন্তযুক্ত; দাঁতাল।

দন্তালিকা, দন্তালী-বি, অশ্ব ইং-র মুখরজ্জু; লাগাম।

দন্তী [সং-দন্ত + ইন্ (অস্ত্যং)=দন্তিন্ ১মা, ১বং। সং-দন্তিকা ওং] বি, হস্তী; দ্বিরদ। "কিন্তু দন্তী কবে, দেখি, আঁটে মৃগরাজে;" -মেঘং। ২ গুল্মজাতীয় প্রসিদ্ধ বৃক্ষ (হ্রস্বদীর্ঘ ভেদে দুই প্রকার। হ্রস্ব বা লঘু দন্তীর পাতা ডুমুরের পাতার মত, দীর্ঘ দন্তী এরণ্ডপত্রবৎ)। Baliospermum montanum. ৩ বিণ, দন্তবিশিষ্ট।

দন্তুর [দন্ত + উর (অস্ত্যং)] বিণ, দংষ্ট্রাল; বৃহৎ দন্তবিশিষ্ট; দাঁতাল। ২ ক্রূর। ৩ দাঁতাল জীবজন্তু rodentata. স্ত্রীং ~া-বৃহৎ দন্তবিশিষ্টা। "মুক্তকেশী মহামেঘবরণা দন্তুরা।

দন্তোদ্‌গম [দন্ত + উদ্‌গম] বি, দাঁত উঠা dentition.

দন্ত্য [দন্ত + য (ভাং)] বিণ, দন্তযোগে উচ্চারিত। ২ দন্ত সম্বন্ধীয়। ৩ দন্তের হিতকর। ~বর্ণ-যে সকল বর্ণ দন্ত সাহায্যে উচ্চারিত হয়; ত বর্গীয় বর্ণ ও ৯, ল, স।

দন্দশূক [দনশ্‌ (দংশনে) + উক (ক্তু)] বিণ, দংশন প্রকৃতি; বারংবার দংশন কারী। ২ খল। ৩ বি, সর্প।

দপ্ [সং-দৃপ্ (সন্দীপনে)। ধ্বন্যাত্মক ও দীপ্ত্যর্থক। হঠাৎ আগুন জ্বলিয়া উঠিবার সময় দপ্ করিয়া শব্দ হয় এবং সঙ্গে সঙ্গে দীপ্তি দান করে। লঘু শব্দে-ছুপ্। অবিরাম বা পুনঃ পুনঃ দীপ্তি ও ধ্বনি অর্থে-দপ দপ্। ধ্বনির ব্যাপ্তি অর্থে-দপাদপ (দ্রঃ)] অ, অগ্নি-প্রদীপ্ত হবার শব্দ। "দপ্ করে জ্বলে উঠে আগুণ যেমন। খপ্ করে হয়ে পড়ে ক্রোধও তেমন।"-মনোমোং বসু।

দপট, দাপট [সং-দর্প > দরপ > দপাড় > দপট। হিং ডপট্ (তিরস্কার; তর্জ্জন, লম্ফদিয়া গমন)] বি, তর্জ্জন; ধমক; দাবড়ানি। ২ প্রতাপ। ৩ গমনাগমনে মাড়ামাড়ি; রপট। ৪ [দাপট দ্রঃ] লম্ফ। " * * একদাপটে পগার হলো পার।"-হেমং।

দপদপ [দপ্ দ্রঃ। ব্যাপ্তি এবং অবিরামতা অর্থে দ্বিত্ব] বি, আগুনের জ্বলন শব্দ। ২ দীপ্তি বাচক। প্র-ঘৃতের প্রদীপটা মন্দিরে দপ্ দপ্ করিয়া জ্বলিতে লাগিল। ৩ [সং-দৃপ্ (পীড়নে)] একস্থানে বেদনা-বোধক; ফোড়ার যাতনা। ৪ শিরঃপীড়াবিঃ: মাথা ব্যাথা (কপালের প্রান্তদ্বয়ে যেন কিছুর আঘাত করার মত শব্দবোধক)। ৫ [সং-দৃপ্ (দর্পে)] জোরে পা ফেলিয়া যেন দর্পভরে চলিবার শব্দ ব্যাপক ও প্রবলতর অর্থে-দপাস্ দপাস্। লঘু অর্থে ছুপুস্ ছুপুস্। ক্রি, দপ্ দপানি। বি, দপ্‌দপানি-দবদবা দ্রঃ। ~া-দবদবা দ্রঃ।

দপাদপ [অনু০। দপ(ব)দপ অপেক্ষা ব্যাপক ও প্রবলতর। লঘু শব্দে দুপাদুপ। লঘুতর কিন্তু ব্যাপ্তি অর্থে দুপুস্ দুপুস্] অ, উপর্য্যুপরি প্রবল পদাঘাত শব্দ।

দপ্তর, দফতর [আ০ দফ্তর্] বি, খাতা ; খণ্ডাকারে বাঁধা কাগজ পত্র ; বহি। ২ হিসাবের খাতা ; মহাজনী কেতাব। ৩ কাছারির কাগজ পত্র। "অধিকার রাজার চৌরাশী পরগণা। খাড়ি জুড়ী আদি করি দপ্তরে গণনা॥"-অ০ ম০। ৪ কর্ম্মস্থান ; আফিস office. **~খানা** [আ০ দফ্তর্-খানা] বি, কাজ কর্ম্ম পরিচালনের ও হিসাব পত্র সংরক্ষার স্থান ; আফিসঘর office. ২ পুরাতন হিসাব ও কাগজপত্র রাখিবার আগার records-room.

দপ্তরী [ফা০ দফ্তরী। গ্রা০ দোপ্তরি] বি, যে দপ্তরের কালী কলম কাগজাদি যোগায়, খাতা পত্র বাঁধে, লেখনোপযোগী উপকরণ প্রস্তুত করে ও পুস্তকাদি যথাস্থানে সাজাইয়া রাখে। ২ যে পুস্তক বাঁধাইয়ের কাজ করে a book-binder.

দপ্তি$_1$ [ফা০ দফ্তি। বই বাঁধাইয়ের ভাষায়] বি, বাঁধাইয়ের পুস্তকের দুই পাশে দিবার মোটা কাগজ বা বোর্ড।

দপ্তি$_2$ [তাঁতবুনার ভাষায়] বি, সানার উপর ও নীচের কাঠ। "এমনি তুমি তাঁতের তাঁতী তোমার ব্রহ্মা বিষ্ণু সাঁতের সাঁতী। ফুলকী বাছে পাঁতি পাঁতি মৃত্যু দপ্তি স্থান।"-গ্রাম্য গীত।

দপ্প [দর্প >, গ্রা০ মেয়েলি০] বি, দর্প। "দপ্পচুর্ হবে" (=দর্পচূর্ণ হইবে)।

দপ্পন,-ণ [দর্পণ >, গ্রা০] বি, দর্পণ।

দফরা [আ০ দফ্আ, দফাইয়া (তাড়না, ধমক), তুচ্ছার্থে র] বি, তাড়না ; তাড়া ; ধমকি ; দাব্ড়ি। "দফরা খেয়ে নফরা যত করে বসে কি একখানা।"-ঈ০ গুপ্ত।

দফা$_1$ [আ০ দফাহ্ (বার, বিভাগ)] বি, পালা ; বার ; ক্ষেপ ; কিস্তি। ২ প্রকরণ ; পরিচ্ছেদ। ৩ [বার >] জীবন যাত্রা ; এ যাত্রা। প্র-দফা রফা। **~-দফা, দফায় দফায়** [আ০ দফাহ্। পুনঃ পুনঃ বা প্রতি অর্থে দ্বিত্ব] অ, প্রতি দফা ; প্রত্যেক ক্ষেপে। ২ প্রতিবার ; বারংবার। **~করা**-নিষ্পত্তি করা ; কিনারা করা ; শেষ করা। **দফা নিকাশ** -দফাশেষ ; সর্ব্বনাশ। **দফা/রফা** [দফা (দ্রঃ) +রফা (আ০ রফ্আ=নিষ্পত্তি)] বি, কোন কিছুর নিষ্পত্তি বা নিকাশ। ২ সকল বিষয়ের শেষ ; শান্তি ; সমাপ্তি। "ও ভাই, তারা মোলেই দফা রফা এককালে সব ফুরিয়ে যাবে।" ঈ০ গুপ্ত। ৩ কর্ম্ম-শক্তির শেষ ; কর্ম্মাক্ষমতা। প্র-এমন প্রহার দিয়াছে যে তার দফা রফা করিয়া দিয়াছে। **দফা শেষ**-দফা নিকাশ দ্রঃ। প্র-"হাটের দফা শেষ করেছি।"-গান। **দফা সারা**-এ যাত্রা বা এবারের জীবন যাত্রার অবসান করা ; নিকাশ করা। "যাদু অসাধ্য সাধনা * * * মহারাজা হবে থাপা, সারবে দফা হব রফা, এই দুইজনা।"

দফা$_2$ [প্রাদে০] বি, সমষ্টি ; দল (মৈ০ গী০)। ২ কেতা।

দফাদার [আ০ দফাহ্দার্, দফাদার্] বি, অশ্বারোহী দলের উপরিতন কর্ম্মচারীবিঃ। ২ মজুরদিগের মেট ; জমাদার। ৩ চৌকিদারদিগের সর্দার। "দফাদার জমাদার চলে সদীয়াল"-অ০ ম০।

দফাল [দামাল দ্রঃ। দর্প > দাপ (=ফ) +আল (বাল) > দাফাল >] বি, দাপ ; আস্ফালন। "অগ্নির দফালে যেন ষাঁড়ের গর্জ্জন"-কবিক০।

দফে [আ০ দফ্আ >] অ, দফা ; বার ; কিস্তি। ২ পুনরায় ; পুনশ্চ। **~দফে** [দফা দফা দ্রঃ] কিস্তিতে কিস্তিতে ; ক্ষেপে ক্ষেপে। ২ প্রতিবার।

দব [দু (সন্তাপে) + অ (র্ত্তৃ)] বি, বন। প্র-দবদাহ। ২ দাবাগ্নি। ৩ [দু+ অ (ভা০)] সন্তাপ। **~দহন, ~দাহ**-বি, দাবাগ্নি।

দবকানি [সং-দমন > হি০ দবনা > দবকানা > দব্কানা, বাং-দাবান] ক্রি, উপরে ভার রাখা ; চাপা দেওয়া ; ঢাকা দেওয়া ; লুকান। ২ আতঙ্কিত করা। ৩ দমিত করা ; দাবান। বি, দবকন।

দবড়ি [দপট (দ্রঃ) > দবড়+ই (স্বার্থে)] বি, দৌড়। "দাসী দেখে বীর দড় দিলেক দ০।"-ম০।

দবদব [দপ্ দপ্ দ্রঃ। প=ব] অ, দীপ্তি। ২ জ্বলনের অনুকার শব্দ। ৩ শিরঃপীড়া। প্র-কপাল দবদব করা।

দব/দবা, দপ(প্)/দপা [আ০-দব্দবাহ্] বি, প্রতাপ। ২ জোর শাসন। ক্রি, **~দবা(পা)নি**। > বি, **~দবানি, -দপানি** [গ্রা০ ডবডবানি] বিস্ফারিত নেত্রে ভয় দেখান।

দবদহন [দব (বন) দহন (অগ্নি), ৬তৎ] বি, বনাগ্নি ; দাবানল।

দবন [হি০ দাব (চাপ) > দাবন >, হি০ +দব্না (চাপা, মাড়ান)] বি, মর্দ্দন ; দলন। ২ দমন।

দবাগ্নি [সং] দাবাগ্নি দ্রঃ।

দবিরখাস [ফা০ দবীর (মুন্সী secretary) -ই-(আ০) খাস (নিজস্ব Private)] বি, খাস-মুন্সী Private secretary. "রূপ [শ্রীরূপ গোস্বামী] হোসেন শা'র দবির খাস * * হইয়াছিলেন।"-মধ্যযুগে বাঙ্গালা।

দবিষ্ঠ [দূর+ইষ্ঠ] বিণ, অতি দূরস্থ। স্ত্রীং ~া।

দবীয়ান্ [দবীয়স্ (দূর+ঈয়সু) ১মা, ১ব০] বিণ, অপেক্ষাকৃত দূরবর্ত্তী। স্ত্রীং, দবীয়সী।

দম$_1$ [দম্ (শাসনে) + অ (ভা০)] বি, দমন দ্রঃ। ২ ইন্দ্রিয়নিগ্রহ ; কর্ম্মেন্দ্রিয়গণকে বশীভূত করা। ৩ চিত্তনিবৃত্তি ; মনের উপর অধিকার ; বিকারের কারণ সত্ত্বেও মনের স্থিরতা। ৪ ধৈর্য্য। ৫ বিদর্ভরাজ ভীমের জ্যেষ্ঠ পুত্র ; দময়ন্তীর ভ্রাতা। ৬ শিশুপালের পিতা চেদিরাজ ; দমঘোষ।

দম$_2$ [ফা০ দম্] বি, নিশ্বাস breath. প্র-দম বন্ধ হওয়া। ২ বল ; জোর। প্র-আর তাহাতে দম নাই একেবারে হাঁফাইয়া পড়িয়াছে। ৩ প্রাণ ; জীবনীশক্তি। প্র-দম বাহির হইয়া যাওয়া। ৪ মুহূর্ত্ত ; ক্ষণ। প্র-একদমে পৌঁছান। ৫ কপটতা ; প্রতারণা ; ধোঁকা ; শঠতা। প্র-তার কথা বিশ্বাস কর কেন ও সব তার দম। ৬ বোকা

ভুলান। প্র-তাকে দম দিয়া সেখানে লইয়া গেল। ৭ ঘটিকাদি যন্ত্রের পরিচালক স্থিতিস্থাপক তারের কুণ্ডলী spring. প্র-দমের গদি (spring mattress). ৮ ধিমা আঁচ; অল্প উত্তাপ। "ছোট বাবুর ময়দা টয়দা সব ঠিক করে রাখ, তাঁর আসবার সময় হ'লো। আর সব যেন দমে রেখে দেয়। ছোট বউর উপর ভার দিয়ে যেন তিনি শুতে না চলে যান"-গৃহলক্ষ্মী (গিরিশ॰)। ৯ গরম মসলা যোগে সিদ্ধ ব্যঞ্জন। প্র-আলুর দম। ১০ অস্ত্রাদির সূচীবৎ প্রান্ত; ছোরা, কিরিচ, বল্লম ই॰-র সূক্ষ্মমুখ। ১১ [সঙ্গীতে] এক নিশ্বাসে সুরের দীর্ঘকাল স্থায়ী বা বিলম্বিত লয় প্রদর্শন। ১২ বাষ্প, তাড়িতাদি জনিত যন্ত্রশক্তি। **~টানা**-শ্বাস টানা; এক নিশ্বাসে হুঁকার ধোঁয়া টানা। **~দেওয়া**-যন্ত্রাদির পরিচালক স্প্রীং অর্থাৎ স্থিতিস্থাপক তারে পাক দেওয়া। ২ ধোঁকা দেওয়া; ভুলান। **~ফাটা**-শ্বাস বাহির হইতে না পারিয়া যেন বুক ফাটিয়া বাহির হওয়া; হিংসায় মরিয়া যাওয়া। **~ফুলা**-রুদ্ধশ্বাসে বক্ষোদর স্ফীত হওয়া; হাঁপ ধরা। **~বাহির হওয়া**-প্রাণ বাহির হওয়া। **নাকে দম হওয়া** [তুল-হিং॰ দম নাকমে আনা] খাবি খাওয়া; প্রাণ ওষ্ঠাগত হওয়া। **~রাখা**-শ্বাস রোধ করিয়া অধিক্ষণ থাকা। **~লওয়া**-বিশ্রাম করা; জিরান। **বেদম্**-বে দ্রঃ। রুদ্ধশ্বাস; প্রহারে মৃতপ্রায়।

দমক [দম্ (দমন করা)+অক (র্ত্তৃ)] বিণ, যে দমন করে; শাসক। ২ চাপ; ভারের বেগ; দাব। **দ॰ দেওয়া**-ধাক্কা দেওয়া; হঠাৎ বেগে চাপ দেওয়া।

দমকল [ফা॰ দম্+হিং॰কল] বি, দম টানিবার অনুকরণে জল টানা যন্ত্র water-pump. **দ॰ বসা**-নদী, পুষ্করিণী ই॰ জলাশয়ের মধ্যে বা ধারে জল টানা কল পুঁতিয়া তাহা দ্বারা জল তুলিয়া ফেলা। প্র-তাদের পুকুরে দমকল বসেছে।

দমকা [ফা॰ দমীদা (হঠাৎ বেগবান্ > (বাতাস পক্ষে) ঝটকাদার)] বি, বাতাসের ঝটকা; ধাক্কা। ২ ঝটিকা; বাত্যা। ৩ বিণ, হঠাৎ বেগবান্; ঝটকাদার। ৪ হঠাৎ; থামকা। **~খরচ**-বৃথা ব্যয়াধিক্য; হঠাৎ ব্যয়। প্র-মাঝে মাঝে অমন দমকা খরচ হয়। **~হাওয়া**-বাতাসের অকস্মাৎ বেগ; বায়ুর ঝটকা।

দমকানি [দমক দ্রঃ] বি, চাপ দেওয়া; দাবান। ২ বল পূর্ব্বক আক্রমণ। ৩ দম শব্দ পতন। বি, **দমকানি**।

দমঘোষ [পুং] বি, মহাভারতোক্ত চেদিরাজ, ও রাজা শিশুপালের পিতা। ২ [ঘোষের পুত্র ঘোষ না হইয়া পাল হওয়ায় বিদ্রূপার্থে] ব্যতিক্রম; ব্যভিচার বা বৈসাদৃশ্যের স্থল।

দমদম [অনু॰। ব্যাপ্তি ও আধিক্য অর্থে "দমাদম"। মৃদু অর্থে "দুমদুম" > ব্যাপ্ত্যর্থে দুমাদুম] অ, অনুকার শব্দ। ২ দামামাদি আনদ্ধ যন্ত্র ধ্বনি। "ঘন ভোরঙ্গ ভমভম দামামা দমদম। গমগম তোপ আবাজে।" -ভারত॰। ৩ প্রহার শব্দ। ৪ মাংসল গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। ৫ শ্লেষ্মাপূর্ণ মাথায় আঘাত করিলে দম্‌দম্ শব্দ অনুভূত হয়। ৬ তোপের ধ্বনি।

দমদমা₁ [আ॰ দম্‌দমাহ্] বি, চাঁদমারীর জন্য উচ্চ মৃৎস্তূপ; উচ্চ ভূমির উপর কামান সজ্জা।

দমদমা₂ [প্রাদে॰] বি, উচ্চ মৃৎস্তর; ভাঙ্গা। ২ শস্য ক্ষেত্রস্থ মাচা। ৩ অনুকার শব্দকারী পটকাবিঃ; বিস্ফোরকবিঃ।

দমন [দম্+অন (ভা॰)] বি, শাসন। "নিজগণ করিলা গমন করিতে দক্ষ দ॰।" -অ॰ ম॰। "করিলেন কালিয় দ॰।"-ঐ। ২ বশকরণ। ৩ বিনীতকরণ। ৪ ধৈর্য্যধারণ। ৫ ইন্দ্রিয়নিগ্রহ। ৬ [+অন (র্ত্তৃ)] যতিবিঃ; দমন মুনি। ৭ বীর। ৮ দমনপুষ্প। "গজে দমসলি দ॰ লতা"-বি॰ প॰ (ন॰ গুপ্ত)। ৯ [+অন (ণে)] দণ্ড।

দমনক [দমন+ক (স্বার্থে)] বি, প্রসিদ্ধ সুগন্ধ বৃক্ষ; দনা গাছ Artemisia indica. ২ সংস্কৃত ছন্দোবিঃ।

দমনীয় [দম্ (দমন করা)+অনীয় (র্ম্ম)] বিণ, দমন করিবার যোগ্য; শাসনীয়।

দমবাজ [ফা॰ দম্‌বাজ্ (বঞ্চক)। দম দ্রঃ] বিণ, যে দম দেয়; প্রতারক; বঞ্চক। বি, **দমবাজী**-প্রতারণা; ধোঁকা।

দময়ন্তী [দম্+ণিচ্=দমি (ক্লেশ সহ্য করা)+অৎ (র্ত্তৃ)+ঈ (স্ত্রীং)। বর্ণ বিপর্য্যয়ে প্রা॰ কথ্য প্রায়ই 'দয়মন্তী'। দমন ঋষির বরে জন্ম বলিয়া এই নাম] বি, নলরাজার পত্নী ও বিদর্ভ রাজকন্যা।

দময়িতা [দমি (দমন করা)+তৃ (র্ত্তৃ)। পুং দময়িতৃ ১মা, ১ব॰] বিণ, যে দমন করে; দণ্ডদাতা; শাসক। স্ত্রীং **দময়িত্রী**।

দমসম [দম দ্রঃ। ফা॰ সম দম (অতি স্থূল দেহ) > পদবিপর্য্যয়ে, দমসম। মেদবৃদ্ধি হেতু বা অতিরিক্ত পান ভোজন হেতু শ্বাসরোধ বা ফুলার ভাব] অ, দম ফুলিয়া বুকে পেটে এক হওয়ার ভাব; শ্বাসরোধ; শ্বাস কষ্ট; হাঁসফাঁস; আই ঢাই; হাঁই ফাঁই। ক্রি, **দমসমানি**। বি, **দমসমানি**। **দ॰ হওয়া**-শ্বাস পূর্ণ হওয়ায় দম ফুলা। **পেট দ॰ হওয়া**-পেট ফুলিয়া বুকে পেটে এক হইয়া শ্বাস রোধপ্রায় হওয়া।

দমসানো [অনু॰] ক্রি, দমাস দমাস করিয়া পদশব্দ বা প্রহার করা; ধামসান।

দমা₁ [দম্ (ক্ষয়ে)+আ (ক্রি-বিভক্তি) দমি, দম, দমে; দমিতে; দমিয়া (কো॰ দমে, পদ্যে-দমি)। ণিজন্ত-দমান] ক্রি, দমিত হওয়া; হতাশ হওয়া; নিরুৎসাহ হওয়া। ২ বসিয়া যাওয়া। প্র-ভূমিকম্পে ঘরের ছাদ দমিয়া গিয়াছে। জল বসিয়া দেওয়াল দমিয়া গিয়াছে।

দমা₂ [ফা॰ দমাহ্] বি, হাঁপানি asthma. ২ দম আটকানি; শ্বাসরোধ।

দমা₃, **দমাহার** [সং-দাম, দামা (রজ্জু) > দমা] বি, কণ্ঠভূষণবিঃ; দড়াহার।

দমাদম-দমদম দ্রঃ।

দমানি [দমা₁ দ্রঃ। দমাই, (চট্ট॰ প্রাদে॰ -দমান=দঁআন=দোঁআন)। দমাও, দমায়, দমাইতে; দমাইয়া (কো॰ দমিয়ে)] ক্রি, দমন করা। ২ উৎসাহ ভঙ্গ করা; নিরুৎসাহ করা; হতাশ করা। ৩ অবনত করা। ৪ নাবাল করা; নামাইয়া দেওয়া; বসাইয়া দেওয়া।

দমিত [দম্‌+ত (র্ম্ম)] বিণ, দণ্ডিত; বশীকৃত; বিনীত; শাসিত। ২ নিরুৎসাহিত; কৃতভগ্নোদ্যম।

দমী [দম+ইন্‌(র্ত্তৃ, শীলার্থে)=দমিন্‌ ১মা, ১ব০] বিণ, যে দমন করে। প্র–রিপুদমী। ২ সংযমী; জিতেন্দ্রিয়।

দমের গাড়ী [দম দ্রঃ] বি, মোটর গাড়ী motor car. "কোথাকার বাবুরা সব দমের গাড়ী চড়ে এসেছিল"–অমৃত বসু।

দম্প [দম্ভ > ভং। গ্রা০] বি, দর্প; দম্ভ: অহঙ্কার। ২ বিণ, দাম্ভিক; অহঙ্কৃত। "দম্প কথা বলিছে রাজা আমার বরাবর।" –মানিক০ গান।

দম্পতি [জায়া এবং পতি (জম্পতি) >, দ্বন্দ্ব। জায়া=দম্‌] বি, পতিপত্নী; স্ত্রীপুরুষ। ২ [বৈদিক০ দম্‌ (গৃহ)+পতি] গৃহপতি। গৃহস্বামী।

দম্ফ [দম্ভ >] বি, দম্ভ; গর্ব্ব; অহঙ্কার। "বিরাট দম্ফে ধরণী কম্পে।"–প্রেম ও ফুল।

দম্বদার [আ০ হব্‌স্‌-ই-দম্‌ (শ্বাস ধারণ রূপ যোগাঙ্গ, যদ্দ্বারা জীবন দীর্ঘ হয়)। হজরৎ মুহম্মদ এই শক্তি দান করায় স্বনামখ্যাত মুসলমান পীর দীর্ঘজীবন লাভ হেতু পীর দম-মদার নামে খ্যাত হন। দম+মদার > দম্মদার > দম্বদার। গ্রা০ দোমমাদার] বি, স্বনামপ্রসিদ্ধ পীর। "নিরঞ্জন নিরাকার হৈলা ভেস্ত অবতার মুখেত বলে ত দ০।"–শূ০ পু০।

দম্বল১ [দম্‌+বল] বিণ, ধাউড়িয়া; নকীব। "রথ বলে সাজে রথী বীর বলে সেনাপতি রথ আগে ধাইল দ০।"–কবিক০।

দম্বল২ [সং–দধ্যম্ল >, গ্রা০] বি, সাজা; দধ্যম্ল।

দম্ভ [দম্ভ্‌ (দম্ভ করা)+অ (ভা০)] বি, দর্প; অহঙ্কার। ২ আত্মম্ভরিতা; ৩ কপট ধার্ম্মিক।

দম্ভক [দম্ভ+ক (র্ত্তৃ)] বি, দম্ভকারী। ২ অহঙ্কৃত। ৩ বঞ্চক।

দম্ভন [দম্ভ+অন (ভা০)] বি, মুগ্ধকরণ; মূর্চ্ছন; মোহজনন।

দম্ভী [দম্ভ+ইন্‌ (স্ত্য০)=দম্ভিন্‌ ১মা, ১ব০] বিণ, গর্ব্বকারী; অহঙ্কারী। ২ দর্পী। "নিকুম্ভিলা যজ্ঞাকারে প্রগলভে পশিল দম্ভী; আজ্ঞা কর দাসে শাস্তি নরাধমে"–মেঘ০। ২ শঠ। ৩ প্রবঞ্চক।

দম্ভোক্তি [দম্ভ (পূর্ণ)+উক্তি] বি, দর্প বা দম্ভ পূর্ণ বাক্য; গর্ব্বোক্তি; বড়াই।

দম্ভোল [দম্ভো দ্রঃ। গ্রা০ দম্ভজ্জি। পাঠান্তরে "দফাল"] বি, দাপট। ২ হুঙ্কার। "অগ্নির দম্ভোল যেন আষাঢ়া গর্জ্জন" –কবিক০।

দম্ভোলি [দম্ভ্‌ (অহঙ্কারে)+(উলি বা) ওলি (যে লয় করে)–যদ্দ্বারা দম্ভ দৈত্য লয় পাইয়াছিল] বি, অশনি; বজ্র। "দম্ভোলি নির্ঘোষ আমি শুনি সুবদনে; মেঘের ঘর্ঘর ঘোর দেখি ইরম্মদে।"–মেঘ০।

দম্য [দম্‌+য (র্ম্ম)] বিণ, দমন যোগ্য। ২ শিশু ষণ্ড; ছোট ষাঁড়। ৩ দামড়া। "পুরুষ দম্যদিগের সারথি।"

–দয়১ [দয়্‌ (দয়া–দান–গমন–রক্ষা–গ্রহণ ও হিংসা করা)+অ (ভা০), উপসর্গ যোগে প্রযুক্ত হয়, স্বতন্ত্র ব্যবহার নাই] বি, দয়া; কৃপা। প্র–সদয়, নিদয় ই০। ২ দান।

দয়২ [দহ (দ্রঃ) দঅ >। গ্রা০] বি, দহ; গর্ত্ত। প্র–কালীদয়। **দয়ে মজানি**–নদ্যাদি গর্ভের গভীর গর্ত্তে ডুবান। ২ সর্ব্বনাশ করা।

দয়৩ [দহা দ্রঃ] ক্রি, দগ্ধ করে; দগ্ধ হয়। "যে ঘরে সতিনী রয় হিংসানলে প্রাণ দয় যেমন লাগয়ে বিষজ্বালা।"–কবিক০। **দিয়ে যাওয়া**–দগ্ধ হওয়া; উত্তাপে পুড়িয়া যাওয়া।

দয়মন্তী–বি, দময়ন্তীর গ্রা০ মেয়েলী উচ্চারণ। ম০ বাং গানে। দময়ন্তী দ্রঃ।

দয়া [দয়্‌ (অনুগ্রহ করা)+অ (ভা০) +আ (স্ত্রী০)। প্রা০ বাং–দআ (শূ০ পু০)] বি, পরদুঃখকাতরতা; অনুকম্পা; কৃপা। ২ অনুগ্রহ; আনুকুল্য। ৩ দানশীলতা; বদান্যতা; দাক্ষিণ্য [দ্রঃ–"দয়া" পরের সুখ নিমিত্ত। "মায়া" আত্ম-সুখ নিমিত্ত। মায়া আবিল, দয়া নির্ম্মল। মায়ায় বদ্ধ হয়, দয়ায় আপ্লুত, সিক্ত হয়। মায়ার ঘোর, দয়ার বারি, প্রেমের আলোক। প্রেম, স্নেহ ও দয়ায় বিগলিত হয়, মায়ায় বদ্ধ বা মুগ্ধ হয়। মায়া পার্থিব, দয়া স্নেহ প্রেম স্বর্গীয়। শ্রেষ্ঠকে ও তুল্যকে প্রেম করে, সন্তানস্থানীয়কে স্নেহ করে, নিকৃষ্টকে কৃপা করে, দরিদ্র বা আর্ত্তকে দয়া করে, স্থাবর অস্থাবর সাংসারিক ভোগ্য মাত্রকেই মায়া করে। ভগবান প্রেমের পাত্র, পাপী কৃপার পাত্র, পুত্র স্নেহের পাত্র, ভিখারী দয়ার পাত্র ঐশ্বর্য্য সম্পদ আত্মীয় স্বজন মায়ার পাত্র]। **দয়ার লেশ না থাকা**–এক চুল দয়া না থাকা; সম্পূর্ণ নির্দ্দয় হওয়া। **~কর** [দয়ার আকর, ৬তৎ] বি, দয়ার আধার; দয়ার নিধান। "আমারে শঙ্কর দয়া কর হে। শরণলয়েছি শুনি দয়াকর হে॥" –অ০ ম০। **দ০ করা**–অনুগ্রহ করা; সহানুভূতি করা। ২ দান করা। **~দাক্ষিণ্য**–একার্থক সহ০ দ্বন্দ্ব। **~ধর্ম্ম**–দয়া ও ধর্ম্ম। **~নিধি**–বি, অসীম দয়ার আধার; করুণার সাগর; কৃপাসিন্ধু। **~পরতন্ত্র**–বিণ, কৃপালু। **~বান্‌** [দয়া+বৎ (স্ত্য০)] বিণ, কৃপালু; দয়াল। **~বীর** [দয়ায় বীর] বি, অত্যন্ত দয়ালু; পরদুঃখে দয়ার্দ্র হইয়া যে নায়ক আত্ম-বিসর্জ্জন করিতে কুণ্ঠিত নহেন। **~ময়** [দয়া+ময় (বিদ্যমানার্থে)] বিণ, কৃপাশীল; কৃপালু; দয়ালু। "তুমি দীন দয়াময় আমি দীন অতিশয় তবে কেন দয়া নয় দেখিয়া কাতর হে।"–অ০ ম০। **~মায়া**–দয়া ও মায়া। **~শীল**–বিণ, দয়া করা যার স্বভাব; দয়াবান্‌। **দ০ হওয়া**–দয়ার উদ্রেক হওয়া। ২ দান করিবার ইচ্ছা হওয়া। **~হীন** [দয়ার (দ্বারা) হীন, ৩তৎ] বিণ, করুণাশূন্য; নির্দ্দয়।

দয়ার্দ্র [দয়া (দ্বারা) আর্দ্র, ৩তৎ] বিণ, করুণায় বিগলিত।

দয়াল [সং–দয়ালু। বাং-য় ক্ষে০ দয়াল] বিণ, কৃপালু; সদয়; দয়ার্দ্র।

দয়ালু [দয়া+আলু (বির্থে০)] বিণ, দয়াবান্‌; কারুণিক। ২ অনুগ্রহকর্ত্তা। ৩ স্নেহশীল।

দয়িত [দয়্‌+ত (র্ম্ম)] বিণ, ভালবাসার পাত্র; প্রিয়; স্নেহপাত্র। "প্রভু বলে তুমি সব কৃষ্ণের দয়িত।"–চৈ০ ভা০। "অনন্তর হুতাশন কৃষ্ণকে চক্র ও দয়িত আগ্নেয় অস্ত্র প্রদান করিলেন।"–মহা০ (সিংহ)। ২ বি, বল্লভ; পতি। স্ত্রীং ~া–প্রিয়া; প্রণয়িনী;

স্ত্রী। ২ পাণ্ডা। "বলিষ্ঠ দস্যিতাগণ যেন মত্তহাতী।"–চৈ০ চ০।

দয়েল [দধিবাল > দহিয়াল > । পূ০ ব০ প্রাদে০ দধিকুল। রাঢ়ে–দইয়াল–ক্ষে০ > দয়েল। দধিবৎ দুইধারে শ্বেত চিহ্নের বিশেষত্ব হেতু নাম] বি, দণ্ডচারী প্রসিদ্ধ পক্ষী, পক্ষাদি কৃষ্ণবর্ণ (নিম্ন ভাগ শ্বেতবর্ণ। দয়েলের সীস প্রসিদ্ধ)।

দর১ ["দরঃ স্যাৎ ভয়গর্ত্তয়োঃ"–বিশ্ব০। দৃ (বিদীর্ণ হওয়া) + অ (ণে)। তুল–ফা০ দর্ (দরীদন্=ফাড়া)=বিদরণ করা] বি, গহ্বর; ফাটল; খানা। ২ গর্ত্ত। "মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে এ দুঃখ পরাণে নাহি সহে।"–অ০ ম০।

দর২ [হার (দ্রঃ)। সং–ধরণ (পরিমাণ-নির্দ্ধারণ-পদ্ধতি) > (?)। হিং দর্=ভাও] বি, নিরিখ। ২ মূল্য; দাম। "শুনে জিনিষের দর গায়ে আসে জ্বর"–ঈ০ গুপ্ত। **দ॑ কঁষা**–ক্রি, বি, হিসাব করিয়া মূল্য নিষ্কাসন করা; দাম ধরা; মূল্য নির্দ্ধারণ করা। ২ মূল্য সঙ্কুচিত করা; দাম কমান। ~**দ॑০ কঁষাকিষি** [পরস্পরার্থে দ্বিত্ব] বি, ক্রেতা কর্ত্তৃক পণ্যের মূল্য হ্রাসের ও বিক্রেতা কর্ত্তৃক হ্রাস না করার জন্য টানাটানি বা তর্কাতর্কি। ~**দিস্তুর**–দেয় মূল্য ও প্রাপ্য শুল্ক; দেনা পাওনা। ২ দরদাম। ~**দাম** [একার্থক সহ০ দ্বন্দ্ব] বি, হার ও মূল্য; নিরিখ মূল্য rate and price. ২ [সং–দর (কম, নিম্ন) + দাম (চড়া দাম)] কষামাজা করিয়া মূল্য নির্দ্ধারণ।

দর৩ [সং–দর ("ঈষদর্থে দরাব্যয়ম্"–বিশ্ব০। "দরাঽব্যয়ম্ মনাগর্থে"–মে০)] বি, ঈষৎ; অল্প। "দর হাসি মুখে যেন প্রফুল্ল বাঁধুলী"–কাঞ্চী০। "মৃদু মৃদু হাসে দর পরকাশে"–ঐ। ২ অর্দ্ধ। ৩ লঘু; হাল্‌কা। "দর কর হিয়া"–কবিক০।

~**দর৪** [সং–দর ("দরোঽস্ত্রিয়াং ভয়ে শ্বভ্রে"–অমর০। "দরো ভয়ম্"–অনেকার্থ সংগ্রহ)] বি, ভয়; ডর। ৪ [লক্ষ০] স্তর; অঙ্গ (উঁচুদর–উচ্চস্তর। নিচুদর–নিম্নস্তর)। "একটা গভীর অর্থ জটিল সমস্যা থাকা দরকার না হলে সেটা উঁচুদরে আর্ট হল না।"– , ১৩৩০।

দর্‌-ইজারদার [ফা০] বি, ইজারদারের অধীন; ইজারা গ্রহণকারী; কটকিনাদার।

দরওয়াজা [ফা০ দর্‌বাজহ্] বি, দ্বারের কবাট; দরজা।

দরওয়ান [ফা০ দর্‌বান্। তুল–সং–দ্বারবান] বি, দ্বার রক্ষক door keeper. "আমাদের বাগ্দী দরওয়ান ভজার চেয়ে বেহদ্দ।"

দরক [দর (ভয়) + ক (স্ত্য০)। তুল–হিং ডর্‌পোক্] বিণ, যে ভয় করে; ভীরু।

দরকচা [দড়কচা, –কাঁচা ও০। বিপরীত–দর (ড়) পাকা (প্র০ অ০)। দর (ঈষৎ, অর্দ্ধ–"দরাঽ ব্যয়মনাগর্থে"–মে০, "ঈষদর্থে দরাব্যয়ম্"–বিশ্ব০) + কচা (সং–কঞ্চ্=বন্ধনে > অপক্ব (ফল) অবস্থার কঠিনতার ভাব ও কাঁচা সুতরাং শক্ত) > কোমলে কঠিনে মিলিত অবস্থা ব্যঞ্জক] বিণ, আধকাঁচা; ঈষৎ পক্ব ও ঈষৎ অপক্ব; পক্বাপক্ব; সিদ্ধাসিদ্ধ। ২ বি, সিদ্ধের মধ্যে অসিদ্ধাংশ; পক্বের মধ্যে অপক্বাংশ। প্র–দরকচাটা বাদ দিয়ে খাও। ৩ জামুড়া। **দ॑০ প॑ড়া, –মারা**–জামুড়া পড়া; কিণ চিহ্ন হওয়া; ঘাটা পড়া। "তোমার ভক্ত সেবক যে তার বুকে পিটে যেন ঢাল বাঁধা। দরকচা মারা জোয়ান চেহারা কোঁচকানো ভুরু, মন শাদা।"–রাজা কারিগর (স০ দত্ত)। ২ সিদ্ধ বা পক্ব ফলের মধ্যে অংশ বিশেষ অসিদ্ধ বা কাঁচা থাকিয়া যাওয়া।

দরকার [ফা০ দর=মাঝখান, কার=কাজ অর্থাৎ কাজের মাঝখান] বি, আবশ্যক; প্রয়োজন। বিণ, **দ॑রকারি, দ॑রকারী**–আবশ্যকীয়। "যত পেটের দরকারী মাছ তরকারি।"–ঈ০ গুপ্ত। ২ জরুরী। প্র–দরকারী চিঠি। দরকারী কথা।

দরকোচ [দরকচ দ্রঃ] পক্বফলের অংশবিশেষের অপরিপক্বাবস্থা।

দরখাস্ত [ফা০ দরখোয়াস্ত্] বি, আবেদন পত্র; আবেদন। ~**কারী**–যে দরখাস্ত করে; আবেদনকারী।

দরশি [ব্রজ০। সং–দৃশ > দরশি। শ–ষ=খ] অস-ক্রি, দেখিয়া। "বিনি যে পরখি রূপ যে দ০ ভুলিনু পরের বোলে।"–চণ্ডি০।

দরগা১, দ॑র্গা [ফা০ দর্‌গাহ] বি, মুসলমানদিগের ধর্ম্মমন্দির; মস্‌জিদ। ২ সমাধি মন্দির; কবরস্থান। ৩ পীরের আস্তানা।

দরগা২ [নৌ০ সা০ পরি০] বি, নৌকার পার্শ্বস্থ বড়াসের মুখে আড়াআড়ি ভাবে স্থাপিত দীর্ঘ কাষ্ঠখণ্ড।

দরগুজর [ফা০ দরগুজারনা > উ০ 'দ০ করনা' (অগ্রাহ্য করা, ক্ষমা করা, ছাড় দেওয়া) >] বিণ, ক্ষমা প্রাপ্ত; অগ্রাহ্য। **দ॑০ ক॑রা**–ছাড় দেওয়া; যেতে দেওয়া; অগ্রাহ্য করা; মাফ করা।

দরজা [ফা০ দর্‌বাজহ্। গ্রা০ দরোজা] বি, দ্বার দ্রঃ। ২ কবাট।

দরজী [ফা০ দর্‌জী] বি, যারা ছুঁচের কাজে জীবিকা নির্ব্বাহ করে; খলিফা; সূচীজীবী। "কাটিয়া কাপড় জোড়ে দরজির ঘটা।"–কবিক০।

দরণ, দ॑রনি [সং–দ্রু (দ্রবীভাব >। দ্রু=দরউ। দ্রবণ=দররণ > দরঅণ > ক্ষে০ দরণ] বি, দ্রবীভবন; গলন; ধস ভঙ্গ হওন; ধসিয়া পড়ন। ২ ক্রি, **দ॑রা**। **দরে প॑ড়া**–নদ্যাদির ধস ভাঙ্গিয়া পড়া। ২ মাংস পচিয়া গলিয়া পড়া। প্র–সে খোস পাঁচড়ায় দরে পড়েছে।

দরদ১ [সং–দৃ (বিদীর্ণ হওয়া) বা দর (ভয়) >] বি, পর্ব্বতের উচ্চতম স্থান। ২ পর্ব্বত। ৩ প্রপাত। ৪ ম্লেচ্ছ জাতিবিঃ। ৫ নদ্যাদির উপকূল; তীর। ৬ কাশ্মীর সন্নিহিত ম্লেচ্ছদেশবিঃ; বর্ত্তমান দর্দিস্থান। ৭ ভয়। ৮ বিণ, ভয়প্রদ। স্ত্রীং ~া–ভয়দা। "ও কেরে মন মোহিনী। বামা সমরে বরদা অসুর দরদা নিকটে প্রমোদা প্রমাদ গণি॥"–রা০ প্র০।

দরদ২ [ফা০ দর্দ। নৌ০ সা০ দরথ] বি, হৃদয়বেদনা; ব্যথা; দুঃখ। "বিরহ বেদন না জানে আপন দরদের দরদী নয়।"–চণ্ডি০। ২ হৃদয়। ৩ মায়া; মমতা। "তাদের কি আপনার প্রাণে দ০ নাই না আমাদের প্রাণে দ০ নাই।" –সীতারাম (বঙ্কিম০)। ৪ লোভ। "মুনাসিব ছেমড়ি পেলে দ০ ছাড়ে কেডা"–গান। **দ॑০ দিয়ে**–অস-ক্রি, মায়া

করে ; হার্দ্দিক সহানুভূতির সহিত। "* * * দুঃখী দরিদ্রের জীবন কথা বেশ দ॰ দিয়েই লেখা।"-সম্মিলনী।

দরদর [সং-দ্রু (দ্রবীভাবে) > দর্‌+দর্‌ (প্রবাহ অর্থে দ্বিত্ব)। তুল-অজস্র > অঝ্‌ঝোর, ঝর্ঝর] বি, প্রবাহ ; ক্ষরণ ; স্রাব। ২ টপ্‌টপ্‌ করিয়া পড়া। বিণ, দরদরিত ; অজস্র। "মালতীর চক্ষু দিয়া দরদরিত ধারায় অশ্রু প্রবাহিত হইতে লাগিল।"-বিমলা (দামোদর)।

দরদালান [ফা॰ দর্‌ (অন্দর, ভিতর) + ফা॰ দালান্‌, হলঘর] বি, জোড়া দালান ; ঘর ও বাহিরের খোলা বারান্দার মধ্যস্থ হলঘর (hall) অর্থাৎ কক্ষসংযুক্ত ঘেরা দালান।

দরদী [ফা॰দর্‌দ্‌ (অনুকম্পা)ঈ (র্ত্তৃ)] বিণ, হৃদয়বান্‌ ; ব্যথার ব্যথী ; সমবেদনা-অনুভাবী ; মর্ম্মী। "বিরহ বেদন না জানে আপন দরদের দরদী নয়।"-চণ্ডি॰।

দরপণ[সং-দর্পণ >। পদ্যে কোমলরূপ -দরপণ, ব্রজ॰ দরপণি] বি, দর্পণ ; আর্‌সি। "মরকত দ॰ হেরইতে হাম।"-বি॰ প॰।

দরপত্তনি (নী) [ফা॰] বি, পত্তনি-দারের অধীন পত্তনি। ~**দার**-পত্তনিদারের অধীন পত্তনিদার। "সম্পত্তি তাঁহারই। আমি তাঁহার দরপত্তনিদার ছিলাম মাত্র। তুমি ক্রয় করায় আইন অনুসারে আমার স্বত্ব লোপ হইয়া যায়।"-বিমলা (দামোদর মুখো॰)।

দরপরদা [ফা॰ দর্‌ (ভিতর)+পর্‌দা (আবরণ)] অ, পরদার মধ্যে ; অন্তরালে ; গোপনে ; লুকাইয়া।

দরপাট্টা [ফা॰। আদাঃ পরিঃ] বিণ, পাট্টাদারের নিকট হতে পাট্টা গ্রহণকারী।

দরপেশ [ফা॰ দর্‌পেশ্‌] বিণ, যা আদালতে দাখিল করা হইয়াছে ; বিচারাধীন।

দরব [সং-দ্রব্য, বা দ্রব > ব্রজ॰, পদ্যে-দরব] বি, দ্রব্য।

দরবা (সং-দ্রু (দ্রবীভাবে) >। দরবি, দরব, দরবে ; দরবিতে ; দরবিয়া (পদ্যে. ক্ষে॰ দরবি] ক্রি, দ্রব হওয়া। **দরবয়ে** ['দরবে'র পদ্যরূপ] দ্রব হয় ; গলিয়া যায়। "পর সঙ্গে নাম শুনি দরবয়ে হিয়া।"-চণ্ডি॰। "শুনাইতে কানুক দরবয়ে চিত।" -বলরাম॰। "পাষাণ দরবে"-ধ॰ম॰। "এ তিন ভুবনে হেন কোন জনে শুনি না দরবে চিত।"-চণ্ডি॰।

দরবস্ত [ফা॰] বিণ, সমস্ত ; যাবতীয়। ~**হকুক** [ফা॰ দরবস্ত্‌ + হক্‌ক্‌ (হকীক্‌-হক্‌=স্বত্ব)] বি, সমগ্র স্বত্বাধিকার।

দরবার [ফা॰] বি সভা। "অপরূপ দেখিনু বিদ্যার দরবার।"-ভারত॰। ২ আদালত ; বিচারস্থান ; কাছারী ; রাজসভা। "ঠক ভরা দরবার ছলে লয় ঘর দ্বার।"-ভারত॰। The Royal audience Hall. ৩ [ব্যঙ্গে] সাক্ষাতে কথাবার্ত্তা বা আলোচনা করা। "যে মাছ ধরিতে ছিল, সে পূর্ণ বাবুর সেই ভাগিনেয়টি, যে দিন মামার হইয়া তাহার কাছে দ॰ করিতে আসিয়া-ছিল।"-শরৎ চট্টো॰ (দত্তা)। > বিণ, ~**ী**-যে দ॰ করে, বা, দরবারে যায়।

দরবিগলিত [দর (অল্প) বিগলিত (নিঃসৃত)] বিণ, অল্পগলিত বা ক্ষরিত। **দরবিগলিত ধারে, -ধারায়**-ক্রি-বিণ, ফোঁটা ফোঁটা করিয়া ক্রমাগত স্খলিত বা পতিত (বিতঃ অশ্রু)।

দরবে [দ্রব > কোমলার্থে পদ্যে, দরব] ক্রি, দ্রব হয় ; বিগলিত হয়।

দরবেশ [ফা॰ দর (দ্বার) + আবেজ্‌, আবেজ্‌ন্‌ (ঝুলিতেছে এমন)=দরওয়েজ্‌ (ভিক্ষাবৃত্তি) > দরবেশ। জ্‌=শ। গৃহস্থ কর্ত্তৃক ভিখারীদের জন্য গৃহ দ্বারে ভিক্ষাদ্রব্য ঝুলাইয়া রাখার প্রথা হ'তে)-যা'র জন্য দ্বারে কিছু ঝুলান হয়, অথবা যারা দ্বারে আসিয়া ঝোলে (প্রার্থনা করে)। তুল-ইং hangers-on. তুল-গলগ্রহ] বি, ভিক্ষুক ; ফকীর a dervish. "দ॰ হএগ্রা আমি মক্কায় যাইব।" -চৈ॰ চ॰। ২ [দরবেশী পোষাকে বর্ণ বৈচিত্র লক্ষণায়] লাল পীতাদি রং করা মিঠাই বিঃ।

দরমা [তুল-হি॰ দর্‌মা (দর্‌=দৃঢ়=কড়া বলিয়া ?)] বি, নলকাঠির আসন ; চাঁচ।

দরমাহা [ফা॰ দর্‌মহ্‌] বি, মাসিক বৃত্তি ; মাহিআনা। **দর্‌মাহাদার্‌**-বিণ, মাসিক বেতনভোগী।

দরমিয়ান [ফা॰] বি, মধ্য। ২ অ, মধ্যে।

দরশ [সং-দৃশ > দর্শ > দরশ (পদ্যে। তুল-হর্ষ > হরষ, বর্ষ > বরষ। ব্রজ॰ দরশ] বি, দর্শন। "শ্যাম দ॰ ধনী কেল"-বি॰ প॰। "দ॰ বাঢ়ায়া পরশ মাগে।"-চণ্ডি॰।

দরশন [দরশ দ্রঃ। দর্শন শব্দের পদ্যে কোমলরূপ] বি, দর্শন। "দুহুঁ দোঁহা দরশনে রসহুঁ পসারল"-বি॰ প॰ [প্রা॰ বাং-য় ১মা বিভক্তিতে 'এ' যোগ-**দরশনে, দর্শনে**=দর্শন। "বারেক করহে যবেঁ রাধা দরশনে"-শ্রী॰ কী॰। "জীত্র রাহি তার দরশনে"-শ্রী॰ কী॰। ২ আকৃতি। "চন্দন চর্চ্চিত গাএ ঘাঘর মগর (=মকরমুখ মল) পাএ হেন বেশ হেম দরশনে।"-শ্রী॰ কী॰]।

দরশলু [ব্রজ॰। দর্শান দ্রঃ] ক্রি, দর্শন করাইল ; দর্শাইল ; দেখাইল। "তেক্রি দরশলু কুচ যোরা"-বি॰প॰।

দরশানি [ব্রজ॰। দরশ (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)। উ॰পু॰ দরশাই। ম॰পু॰ দরশাও। প্র॰ পু॰ দরশায়। অস-ক্রি-দরশাইতে ; দর শায়রি (=দরশাইয়া), দরশি] ক্রি, দর্শন করান ; দর্শান ; দেখান। "আদর গেও দর শাই।"-বি॰প॰। "থোর থোর দরশায়" -ঐ। "তাহে হৃদয় দরশি থোরি"-ঐ। **দরশায়নু**-দেখাইলাম। "নয়নে বারি দরশয়ানু রোই"-বি॰ প॰। **দরশায়বি**-বি, দেখাইবি। "ঝাঁপবি কুচ দরশায়বি কন্দ"-বি॰ প॰।

দরহাম, দারহাম [আ॰ দর্‌হম্‌, ফা॰ দরম্‌ >] বি, রৌপ্যমুদ্রাবিঃ।

দরা[2] [সং-দ্রু (দ্রবীভাবে) >। দরণ দ্রঃ] ক্রি, গলা ; ধসা ; জীর্ণ হওয়া। ২ বিগলিত হওয়া।

দরাজ [ফা॰ দরাজ্‌। বাং প্রা॰ দরোয়াজ] বিণ, লম্বা ; বিস্তৃত। ২ উদার। ৩ মুক্ত ; খরচিয়া ; খরচে। "নীরে সাম্‌লে সুম্‌লে টেনে রাখ্‌তে চায়, আর ঠাকুরপোর দরাজ হাত।" -গৃহলক্ষ্মী। ~**দস্ত** [ফা॰ দরাজ্‌দস্ত্‌ বা দস্ত্‌-দরাজ্‌=পীড়নকারী, কিন্তু বাং-য় অর্থ-সম্প্রসারণে লম্বা হাত > দরাজ হাত= মুক্তহস্ত ; বদান্য] বিণ, দরাজহাত ; দাতা।

"তুই দানাদার, দরাজদস্ত এই দীন দুনিয়ায়" -কা° রায়।

দরাণি,-নি [দরণ দ্রঃ] বি, গলন। ২ গলিত বস্তু হ'তে ধারা পতন ; ক্ষরণ ; ঝরাণি। ৩ অশ্রুধারা।

দরানি১ [দরা (দ্রঃ)র ণিজন্তরূপ] ক্রি, জীর্ণ করান ; গলান। ২ দয়ার্দ্র করা। "সর্ব্বকাল দেবী পূজে ভূপতির বালা। দরাতে না পারে কারে দিব বরমালা॥" -ধ° ম°।

দরান২ [দ্বারবান > দরবান > ক্ষে°, প্রা°] বি, দরোয়ান।

দরি-দরী দ্রঃ।

দরিত [দৃ+ত (র্ম্ম)] বিণ, বিদারিত।

দরিদ্র [সং-দরিদ্রা (নির্ধন হওয়া)+ অ(র্ত্তৃ)। প্রা° দরিদ্দ, দরিদ্দির, দলিদ্দির (তুল -হি° দলিদ্দর < প্রাকৃ° দলিদ্দ)। "দরিদ্দকে ধন দেল তরাজু ধরিআ।" -শূ° পু°। বৈ° পদ° সা°-'দারিদ'] বিণ, ধনহীন, দীন, কাঙ্গাল। ২ বিহীন। স্ত্রীং ~া। ~তা-বি, দারিদ্র্য। ~নারায়ণ [স্বামী বিবেকানন্দজী উদ্ভাবিত। সর্ব্বঘটে নারায়ণ বা যে নারায়ণ দরিদ্ররূপে বিরাজ করেণ এই অর্থে] বি, দীনজন ; দরিদ্র। "দরিদ্র দরিদ্রনারায়ণ নামে পূজিত হচ্চে।" -আ° শক্তি, ভাদ্র, ১৩৩৪।

দরিদ্রিত [দরিদ্রা (নির্ধন হওয়া) +ত (র্ত্তৃ)] বিণ, নির্ধনীকৃত।

দরিয়া [ফা° দর্‌ইয়া। তুল-সং-ধারা (জলধারা, অতিবৃষ্টি)। সাঁওতালী-দা (জল)] বি, সাগর ; সমুদ্র। "নৌকাতে চড়াঞা দরিয়াতে লৈঞা ছাড়য়ে আগাধ জলে।" -চণ্ডি°। "দিনে দিনে দ্বিগুণ দরিয়া ভাঙ্গে আড়া"-ম°। ২ নদী। "বরিষার ছত্র পিন্না দরিয়ার না"-বি° প°।

দরিয়াপ্ত [ফা° দরিআফ্‌ৎ] বি, অনুসন্ধান। ২ প্রশ্ন। ৩ বিবেচনা।

দরী [সং-দর (গর্ত্ত) +ঈ(স্ত্রীং), দরি ও°। "দরীতু কন্দরে"-হে°। তুল-ফা° দরী (বিদার, ফাটল)] বি, গিরিগুহা। "সিংহ মুখ যেন দরী নখ যেন তীক্ষ্ণ ছুরী, ছুটা গোঁপ লাগিল শ্রবণে।"- কবিক°। ২ কুৎসিতা স্ত্রী। ৩ [হিং দরী] পাতিয়া বসিবার, মোটা সূতার বিচিত্র বস্ত্র ; শতরঞ্চি।

দরুণ [ফা° দরুন্=অন্তর্গত, সম্বন্ধিত] অ, কারণ ; নিমিত্ত ; হেতু ; বাবদ।

দরুদ [ফা° দ(দু)রুদ (congratulation, salutation, blessing) > ক্ষে° দ্রঃ (পরিশি° দ্রঃ)] বি, সসম্ভ্রম প্রণতি ; ভক্তিনতি। ২ আশীর্ব্বাদ। ৩ [ইসলাম মতে কেবল মাত্র ঈশ্বরের উপাসনা সম্ভব, রসুলের নামে যে জপ করা হয় তা উপহার] উপহার। ~পাঠ-জপ।

দরোজা-দরজা দ্রঃ।

দরোবস্ত [ফা° দর্‌-ও-বস্ত্‌] বিণ, মোট ; সমগ্র। ২ ক্রি-বিণ, সম্পূর্ণরূপে।

দরোদর-দুরোদর দ্রঃ।

দরোয়াজ-বিণ, দরাজ (দ্রঃ)। "মোটা দ° গলায় সর্ব্বদা সে চিৎকার করিয়া কথা কহিত, হো হো করিয়া মুক্ত কণ্ঠে হাসিত।" -ছোট বড় (কা° প্র° দাশ গুপ্ত)।

দরোয়ান [দরওয়ান্ দ্রঃ] বি, দ্বাররক্ষক। "সম্পদ শেঠের গৃহে চৌবে দরোয়ান" -অশোক°।

দর্গা-দরগা দ্রঃ।

দর্জ্জী [ফা°] দরজী দ্রঃ।

দর্দ্দুর [দৃ (ভীত হওয়া) +উর (র্ত্তৃ, জ্ঞা°)। পদ্যে-দাদুর, > স্ত্রীং দাদুরী] বি, মণ্ডূক ; ভেক। ২ [দর্দ্দ (অনু°) + র (স্ত্র°)] মেঘ [বিরল]। ৩ আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ। ৪ দক্ষিণাপথের পর্ব্বতবিঃ। ৫ রাক্ষসবিঃ। স্ত্রীং ~া-চণ্ডিকা ; দুর্গা।

দর্দ্রু, দর্দ্রূ [সং। প্রা° দাদ। হিং দিনাই] বি, দদ্রু (দ্রঃ) ; দাদ ; চর্ম্মরোগবিঃ।

দর্প [দৃপ্‌ (অহঙ্কৃত হওয়া) +অ (ভা°)। বাং প্রাকৃ° দপ্প, প্রা° দাপ] বি, দম্ভ ; অহঙ্কার। ২ তাপ।

দর্পক [দৃপ্‌ + ণিচ্‌=দর্পি (দীপ্তকরান) + অক (র্ত্তৃ)] বি, মদন ; কামদেব। ২ বিণ, উদ্দীপক ; উত্তেজক।

দর্পণ [দৃপ্‌ (দীপ্ত করা) + অন (র্ত্তৃ, জ্ঞা°) পদ্যে কোমলরূপ, দরপণ, ব্রজ° দরপণি। প্রা° বাং প্রাকৃ° দপ্পণ, দপ্পন (শূ°পু°)। পদ্যে ও ব্রজ° 'দরপণ'] বি, মুকুর ; আর্শি। ২ চক্ষুঃ।

দর্পহা [দর্প (গর্ব্ব) + হা (যে নাশ করে)] বিণ, দর্পহারী ; গর্ব্বনাশক। ২ বি, বিষ্ণু।

দর্পহারী [দর্প + হারী (যে হরণ করে, নাশ করে), উপ°। প্রা° দপ্পহারি] বিণ, দর্পচূর্ণকারী। ২ বি, ভগবান্ ; বিষ্ণু। প্র-দর্পহারী মধুসূদন। "আছেন হরি দ° কাহারও দর্প রাখেন না।" -দাশরথি।

দর্পিত [দর্প + ইত (যুক্ত)] বিণ, দর্পযুক্ত ; সদর্প ; গর্ব্বিত ; দৃপ্ত।

দর্পী [দর্প + ইন (স্ত্য°) = দর্পিন্‌ ১মা ১ব°] বিণ, দাম্ভিক ; গর্ব্বী ; অহঙ্কৃত। "অতি দর্পী ঝটিকায় পরাস্ত মেনেছে রায়, হেন বৃক্ষশাখা কত ভাঙ্গিয়াছ তুমি।" -পদ্যপাঠ। স্ত্রীং দর্পিনী।

দর্ব্ব১ [সং] বি, রাক্ষস। ২ হিংস্র প্রাণী। ৩ [লক্ষ°] বাসনারূপ রাক্ষস ; ধনসম্পত্তি। "নাশিয়া ধাঁধার বাসনা দর্ব্ব"-মন্দির (দরবেশ)।

দর্ব্ব২, দর্ব [দ্রব > দ্রং] বিণ, দ্রব (দ্রঃ)। ক্রি, দর্ব্বএ-দ্রব হয়। "জার ডরে দর্ব্বএ পাসান"-শূ° পু°।

দর্ব্বি, দর্ব্বী [সং] বি, সর্পের ফণা। ২ কাঠের হাতা ; তাড়ু। ৩ হাতা; বৃহৎ চামচ।

দর্ব্বিকা [দর্ব্বি + ক (স্বার্থে) + আ (স্ত্রীং)] বি, হাতা। "করস্থ রত্নদর্ব্বিকা সুপান পাত্র শর্ম্মদে।" -অ° ম°।

দর্ব্বীকর [দর্ব্বী (ফণা) + কর (যে করে, ধারণ করে)] বিণ, ফণাধর ; সর্প।

দর্বেশ-দরবেশ দ্রঃ।

দর্ভ [দৃন্‌ভ (গ্রন্থন করা) + অ (র্ত্তৃ)] বি, তৃণ ; কুশ (কাশ, তীক্ষ্ণ, রোমশ, মৌঞ্জ, বল্বজ ও শাদ্বল এই ছয় প্রকার)। "পাইয়া ধরণী গর্ভ তাহাতে হইল দর্ভ মখ-বিঘ্ন নাশে সেই কুশে।" -কবিক°। ~কেতু-বি, রাজর্ষি জনকের কনিষ্ঠ ভ্রাতা কুশধ্বজ।

দর্ভট [সং] বি, নিভৃত গৃহ।

দর্ভময় [দর্ভ + ময়] বিণ, কুশ নির্ম্মিত। ২ কুশব্যাপ্ত।

দর্ভাসন [দর্ভ + আসন] বি, তৃণাসন ; কুশাসন।

্ যুক্ত চিহ্নবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ...

দর্শ [দৃশ্ (দর্শন করা)+অ (ঘি)] বি, অমাবস্যা। ২ যাগবিঃ। ৩ [+অ (ভা॰)] দর্শন। ৪ বিণ, দ্রষ্টা।

দর্শক [দৃশ্ (দেখা)+অক (র্ত্তৃ)] বিণ, যে দর্শন করে; দৃষ্টিকর্ত্তা; দর্শনকারী। ২ [দর্শি (দেখান)+অক (র্ত্তৃ)] যে দেখায়; প্রদর্শনকারী। ৩ তত্ত্বাবধায়ক।

দর্শন [দৃশ্ (দেখা)+অন (ভা॰)] বি, দৃষ্টি। ২ জ্ঞান। প্র-বহুদর্শন। ৩ [+অন(ণে)] চক্ষু। ৪ দর্পণ। ৫ মনস্তত্ত্ব বিদ্যা; ষড়দর্শন (সাংখ্য, পাতঞ্জল, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত); অলৌকিক উপায়ে অতীন্দ্রিয় বস্তুর দর্শন ("আর্ষং সিদ্ধ দর্শনঞ্চ ধর্ম্মেভ্যঃ" -বৈশেষিক॰); অন্যান্য সাম্প্রদায়িক দৃষ্টি (বৌ॰ শা॰); অধ্যাত্মবিদ্যা; আত্মবিদ্যা; তত্ত্ববিদ্যা philosophy. ৬ [+অন (র্ম্ম)] আকৃতি। ৭ স্বপ্ন। ৮ ধর্ম্ম। ৯ কুণ্ডল ভেদ; যোগীরা যা কাণে পরে। "ইহারা যোগী, এইজন্য কনফট্ যোগীদের মত কর্ণযুগলে এইরূপ দ॰ অর্থাৎ কুণ্ডল পরিয়া থাকে।"-অ॰ দত্ত (উ॰ স॰)। ~ক্ষম-বিণ, দর্শন করিবার ক্ষমতা যার আছে; চক্ষুষ্মান। ~ডালী,-ডালি,-দারি,-দারী [দর্শন (নয়ন, দৃষ্টি,নজর)+ধারী > দারী > ডারী > ডালী। এই অর্থে বাং-র চ॰ "নজর-ধরা"] বি, বাহ্য সৌন্দর্য্য; আকৃতি দর্শন; রূপ দর্শন বা বিচার। "আগে দ॰ ডালি পরে গুণ বিচারি" -প্রবচন। ২ বিণ, নজর-ধরা; নয়ন রঞ্জন; সুন্দর। প্র-বইখানি দর্শন ডালী হইয়াছে। ~প্রতিভূ [দর্শনের জন্য প্রতিভূ (জামিন), ৪ তৎ] বি, হাজির জামিন (জামিন দ্রঃ)। (বিতঃ আদালতে উপস্থিত করিবার জন্য জামিন)। ~শাস্ত্র-বি, সাংখ্য-পাতঞ্জলাদি ষড়দর্শন; যাবতীয় তত্ত্বজ্ঞান প্রতিপাদক শাস্ত্র। পিছুদর্শন, ভূয়োদর্শন-বি, অভিজ্ঞতা।

দর্শনী [প্রা॰ দর্শনি। দর্শন+ঈ] বি, দেবাদি দর্শন করিবার জন্য দেয় অর্থ: প্রণামী। ২ চিকিৎসক প্রভৃতিকে নাড়ি দেখাইবার বা রোগ দেখাইবার বেতন; ভিজিট। ৩ কৃত কর্ম্মের পারিশ্রমিক; বেতন।

দর্শনীয় [দৃশ্+অনীয় (র্ম্ম)] বিণ, দেখিবার উপযুক্ত; যা দেখা আবশ্যক; দর্শন-যোগ্য। ২ সুদৃশ্য; সুন্দর। ৩ দেখিতে পাওয়া যায় এমন।

দর্শনেন্দ্রিয় [দর্শন+ইন্দ্রিয়] বি, চক্ষু।

দর্শযামিনী [দর্শ (অমাবস্যার)+যামিনী (রাত্রি), ৬তৎ] বি, অমারজনী।

দর্শয়িতা [দৃশ্+ণিচ্=দর্শি (দেখান)+তৃ (র্ত্তৃ)=দর্শয়িতৃ ১মা, ১ব॰] বিণ, প্রকাশক। ২ প্রদর্শক।

দর্শা [দরশা দ্রঃ। দৃশ্ > দর্শ+আ (ক্রি-বিভক্তি)। দর্শি, দর্শ, দর্শে, দর্শিতে; দর্শিয়া (ক্ষে॰ দর্শে, পদ্যে-দর্শি)। ণিজন্ত-দর্শান] ক্রি, দেখা; দর্শন করা।

দর্শাত্যয় [দর্শ (অমাবস্যার)+অত্যয় (ক্ষয়) হয় যাতে বহু॰] বি, শুক্লপক্ষীয় প্রতিপদ।

দর্শানি [দর্শা দ্রঃ। দর্শাই, দর্শাও, দর্শায়; দর্শাইতে; দর্শাইয়া (ক্ষে॰ দর্শায়ে, এই অর্থে দর্শে ও॰)] ক্রি, দর্শন করান: দেখান। ২ [প্রাদে॰] বর ও কন্যাকে আশীর্ব্বাদ করিয়া বিবাহের কথা পাকা করা। প্র-আজি তারা কণে দর্শে যাবে।

দর্শিত [দৃশ্+ণিচ্=দর্শি+ত (র্ম্ম)] বিণ, যা দেখান হইয়াছে। ২ প্রকাশিত।

দর্শী [দৃশ্+ইন্ (র্ত্তৃ)=দর্শিন্ ১ম, ১ব॰] বিণ, যে দর্শন করে; দ্রষ্টা; যার দেখিবার শক্তি আছে [স্বতন্ত্র ব্যবহার বড় নাই, অন্য শব্দের পর প্রযুক্ত হয়, যথা-বহুদর্শী, তত্ত্বদর্শী, দূরদর্শী ই॰] "বাহ্যদর্শী না হইয়া অন্তস্তত্ত্বদর্শী হউন।"-রাজধানী, ১৮০৮।

দল১ [দল্ (ভেদ, বিকাশ পাওয়া)+অ (র্ত্তৃ, ভা॰)] বি, পত্র; পাতা। ২ পাইন দিবার জন্য দস্তার পাত। ৩ ফুলের পাপ্ড়ি। "দেখ লো কমল-দলে ভ্রমরা বসিল ওই॥"-গিরিশ॰। ৪ [+অ (ণে)] অস্ত্রাদির কিনারা বা সূক্ষ্মভাগ; অস্ত্রফলক। ৫ সমূহ; পাল; ঝাঁক। ৬ সম্প্রদায়। প্র-ডাকাতের দল। ৭ জোট। প্র-সকলে দলবাঁধিয়া গিয়াছে। ৮ [+অ (ভা॰)] দখল। ৯ বেধ। প্র-তক্তাখানা যেন দলে পুরু হয়। ১০ একপ্রকার জলজ তৃণ; ঝাঁজি। ~ছাড়া -বিণ, শ্রেণী হইতে পৃথক; বৈলক্ষণ্যযুক্ত। ~চিড়ি করা [প্রাদে॰। পূ॰ ব॰ গী॰] সীমাবদ্ধ করা। ~টাটু [বাং শ॰ কোষ] বি, দানার পরিবর্ত্তে কেবল ঘাস খেকো ছোট ঘোড়া। দল পাকান-দলবাঁধা দ্রঃ। ~বল-গোষ্ঠীবর্গ। ২ স্বসৈন্য-দল; অনুচরবর্গ। দল বাঁধা-ক্রি, জোট বাঁধা; দলবদ্ধ হওয়া। দলেদলে-অ, বহুদলে; পৃথক্ পৃথক্ শ্রেণীবদ্ধ ভাবে; ঝাঁকেঝাঁকে; পালে পালে। দলে পুরু-বিণ, মোটা ও ভারী; সুপুষ্ট। "এই শ্রেণীর নেতারা দলে পুরু হইয়াছেন বই সরু হন নাই"-বঙ্গবাসী, ১৩৩৩।

দল২ [সং-দলি (দ্রঃ)। দল১ ৯ দ্রঃ > প্রাদে॰ ব্যবহারে] বি, মুষ্টি; ডেলা। প্র-একদল মাটি।

দলই, দলুই [রাষ্ট্রীয় পরিঃ] বি, গ্রাম্য-সৈন্যদলের পরিচালক। ২ সাধারণ সৈন্য ও গ্রামবল সজ্ঞসূচক উপাধিবিঃ।

দলক [সং। হি॰ দল্দল্=জল-কাদা] বি, অবিরত বৃষ্টিপাত। "তিনদলকে জ্যৈষ্ঠকামাই" -প্রবাদ। ২ বিণ, পঙ্কিল; কাদাযুক্ত। ৩ ডেলা; গোলা। "এ ক্ষীর মোদক চিনীক দলক কে তোর আঁচরে দেল।"-জ্ঞান॰। ৪ [ঝলক অর্থে দলক] ঝলক; চমক।

দলকচু [দল (পত্র) >] বি, কচুবিঃ; পাতাকচু। ২ ধান্যবিঃ; জল না হইলেও ইহার বিশেষ ক্ষতি হয় না। "দলকচু ওড়কচু ঘিকলা পাতরা।"-অ॰ ম॰।

দলকানি [দলক দ্রঃ। ঝলক=দলক+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, ঝলকিত হওয়া; চমকান; নলপান। "পলকে পলকে দামিনী দলকে চমকে ধুবক প্রাণ।"-কাঞ্চী॰।

দলদল [হি॰। তরলতা হেতু দোলনের ভাব হতে] বি, কাদা বা পাঁক মাটি। ২ ক্রি-বিণ, তলতল; ঢলঢল (দ্রঃ)।

দলদিলে [হি॰ দস্দল্] বিণ, পঙ্কিল; কাদাযুক্ত। ২ [বড় বস্তুপক্ষে, ক্ষুদ্রপক্ষে তলতলে] কাদার মত কোমল। ৩ [ভারি দেহ পক্ষে। অল্পার্থে দুলদুলে] দোলায়িত; ঈষৎ আন্দোলনযুক্ত।

দলন [দল্+অন (ভা॰)] বি, মলন; মর্দ্দন। ২ শাসন। ৩ পিষ্টকরণ; নিষ্পীড়ন।

~নী,-বিণ,দলনকারিণী; মর্দ্দিনী। প্র-দানব-দলনী। ~-মলন, দলাই-মলাই-অঙ্গের অঙ্গ ডলন ও মর্দ্দন।

দলনী২ [সং] বি, লোষ্ট্র; ঢিল; ডেলা।

দলপতি [দল+পতি, ৬তৎ] বি, সঙ্ঘনায়ক; দলের সর্দ্দার; সম্প্রদায়ের পরিচালক leader. ২ সেনাদলের অধ্যক্ষ। ৩ [তমলুকাদি অঞ্চলে] গ্রাম্যসৈন্যাধ্যক্ষ।

দলপিপী, -পিঁপী [অনু০। কণ্ঠরব হ'তে, দলবদ্ধ হইয়া পিঁ পিঁ করে বলিয়া] বি, জলমুর্গী হ'তে ছোট জলচর পক্ষীবিঃ; জলপিপী।

দলবদ্ধ [দল, দ্রঃ। দলে বদ্ধ, ৭ তৎ] বিণ, সংঘ, সম্প্রদায় ই০-র অন্তর্গত; দলভুক্ত।

দলমল [দলন ও মলনের ভাব সহ আন্দোলন। টলমল্ দ্রঃ। দোলমোল ও০। কবিকং চণ্ডীতে-দোলমাল] বিণ, দোলায়-মান; টলমল; টলমলায়মান। "ধবল অস্থির মালা গলে দ০।"-প্রেম ও ফুল।

দলম্মল [দলমল্ (দ্রঃ) > প্রাবল্য বা আধিক্যে দলম্মল] বিণ, দোদুল্যমান। "দলম্মল দলম্মল গলে মুণ্ডমালা।"-অ০ম০।

দলা১ [দল্ (মর্দ্দনে)। দলি, দল (দলেন, দলিস), দলে (দলেন); দলিতে (ক্ষে০ দ'লতে); দলিয়া (ক্ষ০দলে, পদ্যে-দলি)। ণিজন্ত-দলান। প্রা০ বাং-দলিআঁ=দলিত করিয়া। দলিলোঁ=দলিত করিলাম। দলিবোঁ=দলিত করিব ই০-শ্রী০ কী০] ক্রি, দলন করা; মর্দ্দন করা; মাড়ামাড়ি করা; পদদলিত করা। "দেবদল দলে গগনতল" -মেঘ০। বি, দলাই-দলন। দলাই-মলাই-দলন দ্রঃ।

দলা২ [সং-দলী > দল+আ (বৃহদর্থে)] বি, ডেলা, চাঙ্গড়।

দলাগুড়ি [প্রাদে০] বি, ধান্যভেদ। "পর্ব্বতজিরা গন্ধতুলসী আর দ০।"-শূ০পু০।

দলাদল, দলাদলি [দল+আ (ব্যাপ্ত্যর্থে)+দল (আধিক্যে দ্বিত্ব)] বি, পরস্পর দল বাঁধিয়া বিপক্ষতাচরণ; বিরোধ; দ্বন্দ্ব; ভেদ। ২ পৃথক্‌ভাব।

দলানি১ [দলা দ্রঃ। দলাই, দলাও, দলায়; দলাইতে (ক্ষে০ দলাতে); দলাইয়া (ক্ষে০ দলিয়ে)] বি, দলন করান; মর্দ্দন করান।

দলান২ [প্রাদে০, চ০ ক০ ভা০] বি, দালান।

দলি [দল্ (হলাদি দ্বারা ভেদ করা)+ই (র্ম্ম, জ্ঞা০)] বি, ঢিল; ছোট ডেলা। "দৃঢ় করি ঢেলে জলে দিতে হৈল দলি।"-শি০। ~ক-বি, কাট।

দলিজ, দিলুজ [ফা০ দহ্‌লীজ্] বি, বৈঠকখানা। ২ বারাণ্ডা; ঘরের দাওয়া। "দলুজে বসিয়া দুঃখ ভাবে মহামদ। কোন বুদ্ধে ভাগিনা বধিব দুরাসদ॥"-ঘ০। ৩ চণ্ডী মণ্ডপের ন্যায় মণ্ডপ। ৪ বাটীর সদর দরজার পার্শ্বস্থ বসিবার স্থান। ৫ দরবার গৃহ। "দলুজে বসিছে মাত্র"-ঘ০। "প্রাণনাথে দেখ যেয়ে নয়ন ভরিয়া। দলুজ দুয়ারে রাজা আছে দাঁড়াইয়া॥"-ঘ০।

দলিত [দল্+ত (র্ম্ম)] বিণ, যাকে দলন করা হইয়াছে; মর্দ্দিত; নিষ্পীড়িত। ২ পিষ্ট; চূর্ণিত। ৩ বিভক্ত (তুল-দাইল)। ৪ শাসিত; উৎপীড়িত। ৫ উদ্‌ঘাটিত। ৬ [+ত (র্ত্তৃ)] বিণ, বিকশিত; প্রস্ফুটিত। দি০ হৃদয়-পীড়িত বা ব্যথিত হৃদয়। "তাহার দ০ হৃদয় বিদ্রোহী হইয়া উঠিল।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

দলিল, দলীল [আ০ দলীল] বি, কোন বিষয়ের লিখিত প্রমাণ document. ২ তর্ক। ~দস্তাবেজ-লিখিত প্রমাণস্বরূপ কাগজপত্র। দি০ দাতা-যে প্রমাণ প্রদর্শন করে। দি০ পেশ করা-আপত্তি উত্থাপন করা। দি০ বন্ধ করা-আপত্তি রহিত করা; জেরা বন্ধ করা। দলীলী প্রমাণ -লিখিত কাগজপত্রের প্রমাণ।

দলুজ-দলিজ দ্রঃ।

দলুয়া, দিলো [দল (দ্রঃ)+উয়া] বি, লালাভ চিনি; কাঁচা গুড় শৈবাল দিয়া শুকাইয়া যে চিনি করা হয়; শক্কর।

দশ [সং। মু০ দশন্ ১মা, বহুব০, ন্ লোপ। পূ০ ব- প্রাদে০ দহ (শ=স=হ)। মাগধী প্রাকৃ০ > প্রা০-বাং-দস। "করহ ইহা হরিচন্দ্র মানুস পাঠাও জন দস।"-শূ০পু০] বি, ১০; দশ সংখ্যা। ২ বিণ, দশ সংখ্যক; বহু। প্র-দশ জনে যা বলে। ৩ লোকসমূহ; জনসাধারণ। "আমি দশের চোখে ধুলো দিয়ে কি না ভাবি আর কি না করি"-রজনী সেন। [এদেশে 'পাঁচের' ব্যাপার প্রাচীন, 'দশ' আধুনিক ও উপরের দশ জন (Upper ten এর অনুবাদ। ইং Upper ten thousand এই উক্তি N.P. Willis কর্ত্তৃক প্রথম প্রবর্ত্তিত)। তাঁহার সময় আমেরিকার New York সহরে দশহাজার মাত্র বিলাসী লোক ছিল। উইলিস সেই দশ-হাজারকে উদ্দেশ করিয়া The upper ten thousand বলিয়াছিলেন > ক্ষে০ Upper ten (The aristocracy)। পূর্ব্বে পঞ্চ, পঞ্চায়েৎ, পাঁচজন ই০ ইংরেজী সাহিত্যের প্রভাবে ক্রমে দশের কাজ, দেশের ও দশের, দশ জনকে ডাকা, "দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ" ই০তে দাঁড়াইয়াছে]।

দশক [দশন্+ক (পরিমাণার্থে)] বি, দশ সংখ্যা; ১০। ২ একাধিক অঙ্কের দক্ষিণ-দিক্ হতে বামের দ্বিতীয় অঙ্ক।

দশকণ্ঠ, দশকন্ধর [দশন=দশ হইয়াছে কণ্ঠ (কন্ধর) যার, বহু০] বি, দশস্কন্ধ; দশগ্রীব; দশানন; রাবণ।

দশকর্ম্ম [দশন্=দশ যে কর্ম্মন্=কর্ম্ম, ধা] বি, আর্য্যদিগের অনুষ্ঠেয় গর্ভাধানাদি দশ প্রকার সংস্কার।

দশকর্ম্মান্বিত [দশকর্ম্ম+অন্বিত] বিণ, যিনি দশবিধ সংস্কার ক্রিয়ায় সিদ্ধ বা

দশকিয়া [দশক (দ্রঃ)+ইয়া] বি, যে গণিতে দশকের হিসাব আছে; দশক ঘটিত গণিত।

দশকুমারচরিত [ঐতি০] বি, দশজন রাজকুমারের জীবনী ঘটিত উপদেশাত্মক দণ্ডিকৃত সংস্কৃত উপাখ্যান গ্রন্থ।

দশকুশী, দশকোশী [দশ-ক্রোশ +ঈ (স্ত্র্যা০), যাতে দশ ক্রোশ আছে অর্থাৎ দশ ক্রোশ পরিমাণ] বি, দশ ক্রোশের পথ। "ঘুড়ি ঘোড়া দৌড় কুচে, দিনেতে দশকুশী মারে।"-রা০ প্র০।

দশগ্রামী [দশগ্রাম+ইন (স্ত্র্যা০)=

দশগ্রামিন্ ১মা, ১বং] বি, যে দশখানি গ্রামের অধিকারী।

দশগ্রীব [দশটি গ্রীবা আছে যার, বহুং] বি, দশকন্ধর ; দশমুণ্ড রাবণ।

দশচক্র [চক্র দ্রঃ। দশ জনের চক্র, ৬তৎ] বি, ষড়যন্ত্র। "দশচক্রে ভগবান্ ভূত"-প্রবচন (পরিঃ দ্রঃ)।

দশদশা [দশ+দশা] বি, জীবনের দশবিধ অবস্থা। দশা দ্রঃ।

দশদিক্-বি, উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম, ঈশান, অগ্নি, বায়ু, নৈঋর্ত এই ৮ কোণ, উর্দ্ধ ও অধোদিক্ ; সবদিক্। "বাসনার বশে মন অবিরত ধায় দশদিকে পাগলের মত"-রবী°।

দশদিশ [দশ-দিশ] বি, দশদিক্। "চকিত নয়নে ঘন দশদিশ চাই।"-কবিশেখর।

দশধা [দশ+ধা (প্রকারার্থে)] অ, দশ প্রকার। ২ দশবার।

দশন [দন্শ্ (দংশন করা)+অন (ণে) যদ্দারা দংশন করে। প্রা° বাং-দসণ, দসন ("তার দসনের সনে। কাহ্নু চাপিল দসনে॥" -শ্রী° কী°)] বি, দন্ত। "ক্ষণে ক্ষণে দশন ছটাছট হাস। ক্ষণে ক্ষণে অধর আগে করু বাস॥"-বি° প°। "দশনে রসনা কাটি গুড়ি গুড়ি যায়। আই আই কি লাজ কি লাজ হায় হায়॥"-অ° ম°। ২ পর্ব্বতের অগ্রভাগ ; কোন কিছুর দণ্ডবৎ উদ্গত অংশ। ৩[+অন (ভা°)] দংশন। ৪ পল পরিমাণ। "দ° পোনের তৈল লাগে"-ঘ°। ~চ্ছদ [দশন+ছদ (আবরণ)] বি, ওষ্ঠাধর ; ঠোঁট। ~বাস [প্রা° বাং। অপ্র] বি, দশনের আচ্ছাদন ; ওষ্ঠ ; ঠোঁট। "অরুণ বরণ দ° বাস। বাঁধুলি ফুলের গরব নাশ॥"-চণ্ডি°।

দশনামী [ঐতি°] বি, শঙ্করাচার্য্যকর্ত্তৃক প্রতিষ্ঠিত শৃঙ্গেরী, সারদা, যোশী ও গোবর্দ্ধন এই মঠ চতুষ্টয়ের অন্তর্ভুক্ত তীর্থ, আশ্রম, বন, অরণ্য, গিরি, পর্ব্বত, সাগর, সরস্বতী, ভারতী ও পুরী এই দশটি নামে স্থাপিত দশটি আখড়ার সন্ন্যাসী সম্প্রদায়।

দশপঁচিশ [ঐতি°] বি, কড়িখেলাবিঃ। "খেলে দশ পঁচিশ ছকড়া লয়ে কড়ি॥"-শি°।

দশপুর-বি, মালবের প্রা° নগরবিঃ।

দশবল [দান, শীল, ক্ষমা, বীর্য্য, ধ্যান, যজ্ঞ, বল, উপায়, প্রনিধি ও জ্ঞান এই দশ বল যুক্ত বলিয়া] বি, বুদ্ধদেব ; তথাগত। "হিংসাধর্ম্মে ঘোর বৈর, হেথায় ভূপতি ঐর রাজ্য করে বল দ°।"-কাঞ্চী°।

দশবাইচণ্ডী [দশ+বাই (বাহু)+চণ্ডী (দুর্গা-কোপনা বা উগ্রা নারী)] বি, মহিষমর্দ্দিনী ; দশভুজা দুর্গা। ২ অতি কোপনা মারমুখী নারী ; রণচণ্ডী।

দশবার্ষিক [দশবর্ষ+ইক (ভা°)] বিণ, দশবর্ষে নিষ্পাদ্য ; প্রতি দশবৎসরান্তর প্রকাশ্য।

দশবিধ [দশ-বিধা (প্রকার) যার, বহুং] বিণ, দশপ্রকার। ২ নানা রকম।

দশবিশ [দশ (দ্রঃ)+বিশ (কুড়ি)] বিণ, দশ ও বিশ সংখ্যার মধ্যে ; অল্পবিস্তর। প্র-দশবিশ জন জড় হোক, তখন কথাটা পাড়া যাবে। ২ বহু। প্রা° বাং-দসবিস। "বলিষ্ঠ হইলে বড় দসবিস হয়্যা জড় সদ্ধর্ম্মিরে করএ বিনাশ।"-শূ° পু°।

দশভুজা [দশ সংখ্যক ভুজ যার, বহু°] বি, দুর্গাদেবী। কোন কালে নাই ষষ্ঠী-পূজা একেবারে দশভুজা-ষষ্ঠী পূজার ন্যায় সাধারণ ও সামান্য ব্যয়সাধ্য পূজা যে করে নাই তার পক্ষে সর্ব্ব পূজার শ্রেষ্ঠ দুর্গাপূজা বিসদৃশ, বিস্ময়কর ও অসম্ভব ; দরিদ্রের বা কৃপণের বৃহৎ ক্রিয়াকর্ম্ম।

দশম [দশন্+ম (পূরণার্থে)] বিণ, দশের পূরক। ~ন্যায়-বি, দশজন লোক একত্র হইয়া দেশান্তরে যাইতে ছিল এমন সময় একটী নদী পার হইয়া তারা আপনাদিগকে গণনা করিয়া দেখিল যে দশজন আছে কিনা, কিন্তু, যিনিই গণনা করেন তিনিই নিজেকে না ধরিয়া নয়জন গণনা করেন এই ব্যাপার দেখিয়া একজন আত্মদর্শী উহাদিগকে বিশেষ করিয়া বুঝাইয়া দিলেন যে, ইহার মধ্যে দশম ব্যক্তিও আছে। তদ্রূপ বিশ্বাত্মা পরমেশ্বর সর্ব্বঘটে বিরাজ করিলেও তাঁকে লোকে বিস্মৃত হয় কিন্তু আত্মদর্শী বেদান্তবাক্যোপদেশ দ্বারা বিশ্বাত্মার সাক্ষাৎকার করেন।

দশমহাবিদ্যা-বি, মহাশক্তির দশমূর্ত্তি। কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা বা রাজরাজেশ্বরী।

দশমাবতার [দশম (দশসংখ্যাপূরক)+অবতার, ম° প° লো°] বি, কল্কী অবতার।

দশ/মাহা [ফা° মাহ (মাস)+আ] বি, দশ মাস। ~মাহী-বিণ, দশম মাসে দেয় (রাজকর ই°)। ২ দশমেসে।

দশমিক [দশম+ইক)] বিণ, অখণ্ড রাশির দশাংশের এক অংশ ; দশগুণোত্তর গণিত decimal. দ° ভগ্নাংশ-decimal fraction.

দশমী [দশম+ঈ (স্ত্রীং)। প্রা° দোশুমি] বি, চন্দ্রের দশম কলার হ্রাসবৃদ্ধিজনিত তিথি। ২ জীবনের শেষ দশা। ~দশা-মৃত্যু। "কেবল দশমী দশা বিধি সিরজিল"-বি° প°।

দশমীস্থ [দশমী (শেষ দশায়) স্থ (স্থিত)] বিণ, বৃদ্ধ।

দশমুখ [দশমুখ যার, বহু°] বি, দশানন; রাবণ।

দশমূল [বৈদ্যকে] বি, বিল্ব, শ্যোণাক, গাম্ভার, পাটলা, গণিকারিকা, শালপর্ণী, পৃশ্নিপর্ণী, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর মূল।

দশমেসে [দশ=-মাস+ইয়া > ক্ষে°] বিণ, ১০ মাস সম্বন্ধীয় ; দশমাসের। প্র-দশমেসে পোয়াতী।

দশযোগভঙ্গ [স্মৃ° পরিঃ] বি, বিবাহাদি কর্ম্মে অশুভদায়ক নক্ষত্র-বেধ অর্থাৎ নক্ষত্রাঙ্ক ও রবিযুক্ত নক্ষত্রাঙ্ক যোগ ফল বিঃ।

দশরথ [দশ (দশদিকে) রথ যায় যার, বহু°] বি, শ্রীরামচন্দ্রের পিতা।

দশরূপক-বি, অলঙ্কার গ্রন্থবিঃ।

দশশত [দশ (দশ গুণিত) যে শত, ধা] বি, এক সহস্র।

দশসনা [দশ-সন (বর্ষ)+আ, বয়স যার, বহু°] বিণ. দশসমা দ্রঃ।

দশসমা [দশ (দশসংখ্যা পরিমিত) সম (বর্ষ)+আ, বয়স যার, বহু°] বিণ, দশবর্ষবয়স্কা। "না বুঝাল কেহ তোমা সুতা হৈল দ° তথাচ না কৈলে কন্যাদান।"-কবিক°।

দশসালাবন্দোবস্ত [ঐতি॰] বি, খৃ॰ ১৭৯৩ অব্দে লর্ড কর্ণওয়ালিশ প্রবর্ত্তিত বঙ্গের রাজস্ব আদায়ের অপরিবর্ত্তনীয় ব্যবস্থা ; চির-স্থায়ী বন্দোবস্ত permanent settlement.

দশহরা [গ্রা॰ দশরা দশর। হি॰দসেরা। দশন=দশ (দশবিধ পাপ) হৃ (হরণ করা) + অ (কর্তৃ) + আ (স্ত্রীং)] বি, গঙ্গার পূজা পার্ব্বণ ; জ্যৈষ্ঠমাসীয় শুক্লদশমী ; গঙ্গার মর্ত্ত্যে আগমন দিন। দশবিধ পাপ-পরদারগমন, অদত্ত বস্তুর গ্রহণ, অবৈধ হিংসা (ত্রিবিধ কায়িক), নিষ্ঠুর ব্যবহার, মিথ্যাকথন, ক্রূরতা, অসংবদ্ধ প্রলাপ (চতুর্ব্বিধ বাচনিক), অন্যের বস্তু গ্রহণে ইচ্ছা, পরের অনিষ্ট চিন্তা, মিথ্যাবিষয়ে অভিনিবেশ (ত্রিবিধ মানসিক)।

দশা১ [সং] বি, বস্ত্রপ্রান্ত ; দশী। ২ শলিতা। "দেখ দশা দশা প্রায় পড়ে আছি আমি হায়।"-কুমারসম্ভব (রঙ্গলাল)। ৩ ভাব ; অবস্থা। ৪ দশবিধ কামজ দশা (অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা ও মরণ)। ৫ অদৃষ্ট ; ভাগ্য। প্র-"হা দশা!" "পোড়া দশা!" ৬ দশবিধ শরীরজ দশা (গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড যৌবন, স্থাবির্য্য, জরা, প্রাণরোধ ও বিনাশ)। দশার শেষ, শেষদশা-জীবনের দশম অবস্থা। "যখন ধন উপার্জ্জন করেছিলাম দেশ বিদেশে। তখন ভাইবন্ধু দারা সুত সবাই ছিল আপন বশে॥ এখন ধন উপার্জ্জন না হইল দশার শেষে। সেই ভাই বন্ধু দারা সুত নির্ধন বলে সবাই রোষে॥"-রা॰ প্র॰। ৭ [জ্যো॰] জন্ম-কালীন রাশিনক্ষত্রের অবস্থান জন্য গ্রহদশা। যেমন রবির দশা, চন্দ্রের দশা ই॰। ৮ মৃতাহ হতে দশমদিনের কৃত্য কার্য্য। ৯ [ভক্তি শা॰] নবধা ভক্তি ও আত্মভাব; শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, অর্চ্চনা, বন্দন, পদসেবন, দাস্য, সৌখ্য, নিবেদন, স্বীয়ভাব। ১০ ভক্তিভাবাবেশ ; সমাধি ; ভাবাবেশে বাহ্যজ্ঞানরাহিত্য। ১১ ধরণ। "লোকের এই দশাই বটে"-রাজা (রবী॰)।

দশা২ [দশাহ >। প্রা॰ বাং] বি, দশদিনব্যাপী উৎসব ; দশাহ উৎসব। প্র-"দশদিন পরে রাজা এ দশা করিল।"-মাণিক॰ গান।

দশাংশিক [দশাংশ+ইক (যুক্তার্থে)] বিণ, দশমিক decimal.

দশাকর্ষ [সং] বি, বস্ত্রাঞ্চল। ২ দীপ।

দশাক্ষয় [দশা (গ্রহের দশার) ক্ষয়] বি, গ্রহদশার অবসান; গ্রহবিশেষের প্রভাব নাশ।

দশাঙ্গুল [দশ+অঙ্গুল (লি)] বিণ, দশাঙ্গুলি পরিমিত।

দশানন [দশ+আনন] বি, রাবণ।

দশাবতার১ [দশ+অবতার যার, বহু॰] বি, বিষ্ণু। ২ মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, বলরাম, বুদ্ধ ও কল্কী বিষ্ণুর এই দশ অবতার।

দশাবতার২ [বাঁকুড়া অঞ্চলে। খেলা] বি, তাসের মত একরূপ (বিতঃ) জুয়া খেলা। গোলাকার কাপড়ের টুকরা দুধারে কাগজ আঁটিয়া তার উপর গালা দিয়া রঙ্গিন ছবি আঁকা। ১২০ খানি এইরূপ কাগজ লইয়া খেলিতে হয়। বিষ্ণুপুরে ইহা প্রস্তুত হয়।

দশাবিপর্য্যয় [দশার বিপর্য্যয়, ৬তৎ] বি, দুরবস্থা ; অবস্থাবৈগুণ্য।

দশার্ণ [দশ+ঋণ=দশার্ণ] বি, বিন্ধ্যগিরির পূর্ব্বদক্ষিণে স্থিত দেশবিঃ। ~া-বি, নদীবিঃ।

দশার্হ [দশ+অর্হ (পূজ্য)] বিণ, দশের পূজনীয় ; সর্ব্বজনমান্য। ২ দেশবিঃ।

দশাশ্ব [দশ+অশ্ব] বি, চন্দ্রদেব-যাঁর রথে দশ অশ্ব যোজিত থাকে।

দশাশ্বমেধ [দশ (হইয়াছে)+অশ্বমেধ (যজ্ঞ) যেখানে, বহু॰] বি, কাশী ; গঙ্গাতীরস্থ তীর্থবিঃ। এখানে ব্রহ্মা দশটি অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন। ~ঘাট-বি, কাশী, প্রয়াগ ই॰ স্থানের গঙ্গার ঘাটবিঃ (যথায় দশটি অশ্ব-মেধ যজ্ঞ হইয়াছিল।

দশাসই [দশ+আশা (দিক্)+ই (ব্যাপ্ত্যর্থে)-দশদিকে বিস্তৃত] বিণ, দীর্ঘায়তন-বিশিষ্ট দেহ ; দীর্ঘদেহবিশিষ্ট ; লম্বা চওড়া ; ছড়াল। প্র-দ॰ মানুষ।

দশাস্য [দশ+আস্য (মুখ)] বি, রাবণ। ~জিৎ-বি, রাবণ নিধনকারী শ্রীরামচন্দ্র।

দশাহ [দশ যে অহন্=অহ (দিন), দ্বিগু] বি, দশ দিবস। ২ বিণ, দশ দিবসব্যাপী।

দশী,-শি [দশ(া)+ইন্(স্ত্যা॰)। =দশিন্ ১মা, ১ব॰] বিণ, দশ সংখ্যাযুক্ত। ২ অঞ্চল-যুক্ত। ৩ বস্ত্রাঞ্চল। "পট্টকাপড়ের দশী"-কৃত্তি॰। "সাত হাত কাপড় তার তের হাত দশি"-শিবের গান (ব॰ সা॰ পরিচয়)।

দশেন্ধন [দশা (দীপবর্ত্তি) ই, ইন্ধন যার, বহু॰] বি, দীপ।

দশেরক,-রুক [সং] বি, মরুভূমি।

দষ্ট [দন্শ্ (দংশন করা)+ত (র্ম্ম)] বিণ, দংশিত। ২ বি, দংশিত ব্যক্তি। "বৃশ্চিকদষ্টের ন্যায় তাহারা ছট্‌ফট্ করিয়া বেড়ান।"-চন্দ্রনাথ বসু।

দস্ত (স্ত্) [ফা॰ বি, হাত। প্র-দস্তখত, দস্তানা, দস্তাবেজ, দস্তবদস্ত-দ্রঃ। ~ক [ফা॰ দস্তক্] বি, পরোয়ানা ; আদেশ-পত্র ; সমন summons ; warrant. ~কারি [ফা॰] বিণ, হস্তশিল্পদক্ষ ; কারি-কর ; কারুশিল্পী। >বি, কারি-কারু-কার্য্য, কারিগরি handicraft. ~খত [ফা॰ দস্ত্খৎ] বি, স্বহস্তে নাম সহি ; স্বাক্ষর signature. > বিণ, ~ী-স্বাক্ষরিত ; হস্তাঙ্কিত ; ছেপত-করা। ~গির [ফা॰] বি, বিণ, মুরুব্বি ; সহায়ক। >বি, ~গিরি-মুরুব্বি আনা। ~দরাজ [ফা॰ দস্ত(হাত)+ ফা॰ দরাজ (লম্বা) উৎপীড়ক, শাস্তা। বাং-য় অর্থ সম্প্রসারণে] মুক্ত হস্ত; বদান্য ; খরচিয়া ~বদস্ত [ফা॰] বি, হাতেহাতে। ~বরদার [ফা॰] বিণ, যে কোন কিছু হ'তে আপনার হাত অর্থাৎ অধিকার ছাড়িয়া দেয় ; ত্যাগকারী। >বি, ~বরদারী [ফা॰] ত্যাগ ; পরিহার। ~বস্ত [ফা॰ দস্ত্বস্তহ্] বি, কৃতাঞ্জলি ; বদ্ধাঞ্জলি ; জোড়হাত। "শুনি জাহাঙ্গীর বড় দিলগির হয়ে। মশানে চলিলা ভয়ে দস্তবস্ত হয়ে॥"-অ॰ ম॰। ~ইয়াব, দস্তিয়াব [ফা॰] বিণ; হস্তগত। >বি, ~ী।

দস্তর [ফা॰] বি, পাগড়ী।

দস্তরখান [ফা॰ দস্তর্খোয়ান্] বি, টেবিলে পাতিবার কাপড় table cloth.

দস্তা [হি॰ জস্তা] বি, রঙ্গধাতু।

দস্তানা [ফা॰ দস্ত (হাত) >] বি,

আঙুল থেকে কব্জি পর্য্যন্ত হাতের আবরণ gauntlet. ২ হাতমোজা gloves.

দস্তাবিজ, দস্তাবেজ [ফা° দস্ত্‌ + আবেজ্‌] বি, দলীল document. "জানাইব কেমন ছেলে, মোকদ্দমায় দাঁড়াইলে যখন গুরুদত্ত দস্তাবিজ, গুজরাইব মিছিল কালে॥" -রা° প্র°।

দস্তিদার [ফা° দস্ত্‌ (হস্ত) + ই + দার] বি, রাজকীয় সীল (seal) বা রাজার নামাঙ্কিত মোহর যার নিকট থাকিত ও যার দস্তখতে রাজকীয় দলিলাদি রাজ দপ্তরখানা হতে প্রেরিত হইত তার উপাধি Keeper of Royal seals. উপাধিবিঃ [দেওয়ান রামকৃষ্ণ ঘোষ বঙ্গের নবাবের নিকট স্বনাম দস্তখতের ক্ষমতা পাইয়া এই উপাধি লাভ করেন। ঐ উপাধি বংশগত হয়]।

দস্তীদার [ফা° দস্তী (হাত বাতি, মশাল) + ফা° দার্‌ (কৃ)] বি, মশালচী।

দস্তুর [ফা° দস্তুর্‌] বি, নিয়ম; প্রথা; কায়দা। ~মত, -মাফিক-অ, যথারীতি। ২ বিলক্ষণ; যেমন চাই; যথাবৎ। "যত দক্ষিণে ফিরিতেছি, ততই শীত কমিয়া আসিতেছে, আর অন্ধকার দেখা দিতেছে দস্তুর মত সন্ধ্যাকেও পাওয়া যাইতেছে।"

দস্তুরি, দস্তুরী [ফা°] বি, খরিদা দ্রব্যের মূল্যদান কালে বিক্রেতা যে মূল্যাংশ ছাড় দেয়; দালালি।

দস্যি [দস্যু >, তদ্বৎ দুরন্ত অর্থে] বিণ, দুরন্ত; দুর্দ্দম্য; অশান্ত; অবাধ্য। "ঘুম অবশ্য সে দস্যি মেয়ের চক্ষুতে নাই।"-অনুরূপা দেবী। "দস্যিছেলে নস্যি কয় তারে"-ঈ° গুপ্ত। এইরূপ দস্যিমেয়ে, -চাল, -পণা, -বৃত্তি, -হওয়া ই°।

দস্যু [দস্‌ (উৎক্ষেপণ, ক্ষয় করা) + যু (কৃ)] বি, উৎপীড়ক; লুণ্ঠক। ২ মহাসাহসিক; ডাকাত। ৩ [প্রা° সং সা°] ব্রাহ্মণাদি চারি বর্ণ ভিন্ন অন্ত্যজ জাতি।

দস্র [সং >। বাং অনুবাদ গ্রন্থে] বি, অশ্বিনীকুমারদ্বয়।

দহ১ [পূ° ব° প্রাদে°, প্রা° বাং-য় শ, স=হ] বিণ, দশ। দহমাহী-দশমাসী; দশমাসের।

দহ২ [সং-দরঃ ("দরঃ স্যাৎ ভয়গর্ত্তয়োঃ" -বিশ্ব°) > দঅঃ > দহ। হিং দহ (অতলস্পর্শ)। বৌ° সা° 'দ্রহ'=হ্রদ] বি, অতি গভীর জল; অগাধ জল। ২ আবর্ত্তবিশিষ্ট নদ্যাদির অতলস্পর্শ স্থান; হ্রদ। প্র-কালীদহ। "হরিহোড় কান্দি কহে বুড়ী মজাইল দহে আজি বড় দেখি অনুপায়।"-অ° ম°। ৩ গভীর গর্ত্ত। দহ পড়ে যাওয়া-ক্রি, খাল বা জমী নাবাল হওয়া। ২ [লক্ষ°] অতল তলে ডুবা। "যাহোক ৮০ বৎসরের পুরাণা গাহইয়া দেশলাইওয়ালা মুক্তার কণ্ঠা গলায় দে যদি বাইজীদের কারবা নাচকে ঝকমারতে না পাত্ত তাহলে কাঁসারি পাড়ায় দহ পড়ে যেতো।"-বসন্তক, ১৮৭৪।

দহ৩-দহা দ্রঃ।

দহই [ব্রজ°] ক্রি, দহা দ্রঃ।

দহন [দহ (দগ্ধ করা) + অন (কৃ)] বি, অগ্নি। "বেহান বিকাল যায় দ° সেবনে।' -কবিক°। "হবিয়া আনিয়া হিয়ায় লইতে দ° দ্বিগুণ হয়।"-চণ্ডি°। "ধক্‌ ধক্‌ ধক্‌ দ° সাজ বিমল চপল গঙ্গিয়া।"-অ° ম°। ২ কায্য বা বচন দ্বারা যারা জ্বালাতন বা সন্তপ্ত করে; দুর্জ্জন। ৩ চিতা গাছ। ৪ বিণ, দাহক। ৫ [+অন (ভা°)] দাহ। ~কেতন-বি, ধূম। ~প্রিয়া-বি, অগ্নিপত্নী স্বাহা। ~সারথি-বি, অগ্নিসখা বায়ু। দহনারাতি [দহন (অগ্নি) + অরাতি (শত্রু)] বি, জল।

দহনীয় [দহ + অনীয় (র্ম)] বিণ, দহনের উপযুক্ত; দাহ্য; জ্বলনীয়।

দহনোপল [দহন (দহনকারী) + উপল, ধা, বা দহন নিমিত্ত উপল, ৪তৎ] বি, সূর্য্যকান্তমণি। ২ আতসী কাচ।

দহর [বৌ° সা°(সং-দভ্র (ছোট) > দহর (দুর্বোধ) >, অর্থসম্প্রসারণে (জাতক, ১, ৩১)] বিণ, অল্পবয়স্ক; শিশু।

দহরম [ফা° দর্হম্‌ (গোল পাকাইয়া যাওয়া; মিলেজুলে যাওয়া)] বি, মিলেমিশে একপ্রাণ হওয়ার ভাব; গলায় গলায় বন্ধুত্ব।

দ°-মহরম [ফা° দর্হম্‌-বর্হম্‌] অতিশয় ঘনিষ্ঠতা; মাখামাখি বন্ধুত্ব। তুল-hob-nob. "কিন্তু যে স্থলে এতটা কাল ওকালতী করিয়া আসিয়াছেন যে স্থানের বহু লোকের সঙ্গে বিশেষ মাখামাখি ও দহরম-মহরম চলিয়াছে" নায়ক, ১৩২৬।

দহল [দহিল >। দহা দ্রঃ। প্রা° বাং পদ্যে, ব্রজ°] ক্রি, দহিল; দগ্ধ করিল।

দহলা [দশ > দহ] বি, দশ ফোঁটাচিহ্নিত তাস। ~নহলা, নহলাদহলা করা-তাস খেলিতে বসিয়া একবার নহলা একবার দহলায় হাত দেওয়া, কোন্‌খানা ফেলিবে তাহা ঠিক করিতে না পারা। ২ [লক্ষ°] ইতস্ততঃ করা।

দহলীজ [ফা°] বি, দ্বারের যে স্থূল কাষ্ঠ মাটিতে ঠেকিয়া থাকে; চৌকাট।

দহসি [ব্রজ°। দহা দ্রঃ] ক্রি, দহন করিতেছ। "কতিহুঁ মদন তনু দহসি হমারি"-বি° প°।

দহা [দহ্‌ (দগ্ধ হওয়া) >। দহি, দহ, দহে; দহিতে; দহিয়া (ক্ষে° দহে, পদ্যে-দহি)। ণিজন্ত-দহান] ক্রি, দগ্ধ করে; পোড়ায়। "একের কপালে রহে আরের কপাল দহে আগুণের কপালে আগুণ।"-অ° ম°। [ব্রজ°] দহই-দগ্ধ করে। "দহই সব অঙ্গ মোর"-বি° প°। দহল-দহিল।

দহি, দহী [দধি > হিং দহী] বি, দধি। "দহি নঠ মোর ঘোল নঠ মোর" -শ্রী° কী°।

দহিয়াল [দয়েল দ্রঃ] বি, দয়েলপাখী।

দহু [সং-অথবা > ভ্রং থব্‌। > থউআ > থউ > দউ > মৈ° দহু। প্রায়ই কী দহু, কী, কিংবা রূপে প্রয়োগ দৃষ্ট হয়। কী > কি, অথবা > বা (কিংবা)। তুল-"কী কহ"। "কী মালতী মধুকর উপভোগয় কিংবা লতাহি সুখাই"-বি° প°] অ, অথবা; কিংবা। "কী পহু বিসরল পুরুবক নেহা। কী জীবন দহু পরল সন্দেহা॥"বি° প°।

দহ্যমান [দহ্‌ + আন (র্ম, শান), য ম্‌ আগম্‌] বিণ, জ্বলনশীল; যা জ্বলিতেছে; যাহা দগ্ধ হইতেছে।

দা১ [দা (দান করা) + কিপ্‌ (ভা°)] বি,

দান। ২ [পালনার্থক দে >] রক্ষণ; পালন। ৩ [শোধনার্থক দৈ >] শোধন। ৪ [ছেদনার্থক দো ধাতুজ] ছেদ। [দ্রঃ-স্বতন্ত্র ব্যবহার নাই। অন্য শব্দসহ যুক্ত হইয়া উক্ত অর্থসমূহ প্রকাশ করে]।

দা২ [সং-দাত্র >] বি, কাদা; কাটারি। ২ [প্রাং বাং] কাস্তে; ধান্যকর্ত্তরী। "শাল পাতি শূল ভাঙ্গি সজ্জা কর বসি। জোয়ালি কোদাল ফাল দা উখুন পাশী।"-শিং। দা-কুমড়া সম্বন্ধ-ছেদ্য ছেদক সম্বন্ধ; প্রাণান্তকর শত্রুতা। "দায়ে কাটে কুমড়া যেমন"-অং মং। ২ [লক্ষং] বৈর ভাব; বিরোধ; সাপে নেউলে।

দা৩, দা' [দাদা দ্রুত উচ্চারণে। সংযোগে বড়দা, মেজদা, সেজদা, ন'দা, রাঙাদা, নুতুনদা, ছোটদা, বা ছোড়্দা ইং। 'দি' দ্রঃ] বি, দাদা; জ্যেষ্ঠভ্রাতা; অগ্রজ। "বলকি মেজদা বউদি যে সব সময় চট্‌পট্ করে বেড়াচ্ছে"-পিতাপুত্র।

-দা৪ [দা ধাতু + অ (র্তৃ)=দ + আ(স্ত্রীং), দান করে এই অর্থে] অ বিশেষ্য পদে যুক্ত হইয়া 'দানকারিণী' এই অর্থ জ্ঞাপন করে। প্র-সুখদা, মোক্ষদা ইং। পুং-দ। প্র-সুখদ, দুঃখদ ইং।

দাআ [প্রাং বাং। দা (দ্রঃ) + আ(ক্রিয়া বিভক্তি)। দাই, দাও, দাএ, দায়; দাইতে; দাইআ। ণিজন্ত-দাআনি] ক্রি, ছেদন করা; কর্ত্তন করা; দা দ্বারা কর্ত্তন করা। "পরম ইচ্ছাএ ধান্ন আনিব দাইআ।"-শূং পুং। "জত ধান ছিল পরভু সকলি দাইল" -ঐ। "ভীম খেত্তী ধান দাইলেন আড়াই হালি।"-ঐ।

দাই [সং-ধাত্রী > প্রাকৃং ধাই > দাই] বি, উপমাতা; ধাই। "দাই যেন ভাণ্ডস্থ ঘৃত; মদন আগুন যত শীতল হইতেছে, দেহখানি ততই জমাট বাঁধিতেছে।"-দুর্গেশনন্দিনী। ২ [প্রাং বাং] দাআ দ্রঃ।

দাইদ [সং-দদ্রু > হিং দাদ। প্রাদেং, পুং বঙ্গে-দাউদ] বি, চর্ম্মরোগবিঃ; দাদ ring-worm.

দাইল [সং-দালি। ক্ষেং দাল, গ্রাং ডাল] বি, ডাইল। দাল দ্রঃ।

দাউ [দপ্ (দ্রঃ) > দব্=দাউ অথবা ধু (দ্রঃ) > ধাউ। তুল-ধুধু=ধাউধাউ, দাউদাউ] অ, দপ্ করিয়া জ্বলিয়া উঠার শব্দ ও রূপ। প্র-আগুণে ধুনার গুঁড়া দিতেই দাউ করিয়া জ্বলিয়া উঠিল। ~দাউ [অনুং। অগ্নি ব্যাপক ভাবে মোটা শিখায় জ্বলিবার রূপ] ক্রি-বিণ, (প্রজ্বলিত অগ্নি সম্বন্ধে) দব্ দব্ বা দাউ দাউ শব্দ করিয়া; হুহু শব্দে। "তাহাতে দাউ দাউ আগুন জ্বলিয়া উঠে"-আং শক্তি, পৌষ, ১৩৩৫।

দাউজী [দাদা (জ্যেষ্ঠ সহোদর) -- দাদু > দাউ (আদরার্থে) + জী (মহাশয়)] বি, হিন্দুস্থানে বলরামের নামান্তর (শ্রীকৃষ্ণের অগ্রজ বলিয়া)।

দাউদ১-দাইদ দ্রঃ।

দাউদ২ [আং দায়ূদ্] বি, বাইবেলোক্ত য়িহুদার ঈশ্বরানুগৃহীত স্বনাম খ্যাত রাজা এবং স্বনাম প্রসিদ্ধ রাজা সলোমনের পিতা the prophet David বিণ, দাউদী [ফাং গুল্ দাউদী] দাউদ সম্বন্ধনীয়। ২ বি, চন্দ্রমল্লিকা।

দাউলিয়া, দাওয়ালিয়া [প্রাং বাং। দাআ দ্রঃ] বি, যে দাত্র দ্বারা শস্য কর্ত্তন করে; শস্যচ্ছেদক।

দাও১ [দা দ্রঃ] বি, কর্ত্তরী।

দাও২ [দায় > দাঅ > উচ্চারণ বিকারে দাও। প্রাং বাং] বি, দায়; দাবী; দায়িত্ব। "আগে মা দাও দিয়া পশ্চাৎ ভিক্ষা লমু।"-মাণিকং গান।

দাও৩-দাঁও দ্রঃ।

দাও৪ [দেওয়া দ্রঃ] ক্রি, দান কর।

দাওন [দাআ দ্রঃ। প্রাং বাং] বি, শস্যচ্ছেদন; শস্য কর্ত্তন। ক্রি, দাওআ-শস্যচ্ছেদন করা। "প্রণমিয়া বিঘ্ননাথে বৃকোদর নাম্বে ক্ষেতে হাতে লয়ে দশমোণের দাত্র। নিহড়ি চলিল ধেয়ে দুদণ্ডে নিলেক দায়্যে হইল আড়াই হালা মাত্র।"-শিং।

দাওঐন্দড়ী [শ্রীহট্ট প্রাদেং] বি, গরু বাঁধিবার দড়ীবিঃ।

দাওনা১ [দাও + না (অনুনয় অর্থে)। দেআ (দ্রঃ) ধাতুর মং পুং, অনুজ্ঞা] ক্রি, দাও।

দাওনা২ [ফাং দিবানা >] বি, পাগল।

"দাং অইয়া দেওয়ান কান্দ্যা ভিজায় মাটি" -মৈং গীং।

দাওয়া১ [আং দাবা (দাবায়্)] বি, স্বত্ব; প্রাপ্য; পাওনা; দাবী। "মামলাতে চলেনা দাং ওয়ারিস সূত্রে যাঘনা পাওয়া।" -রজনী সেন। ২ অভিযোগ; নালিস a law-suit. দাবী দাওয়া-দাবী দ্রঃ।

দাওয়া২ [সং-দার্ব্বটং=চিন্তাবেশ্ম (শব্দকল্পে) > গ্রাং দাবা, দাওয়া] বি, বাটীর ঘরের দালান; বারান্দা; রক। ৩ "তাল তরু সম উচ্চ করিল প্রাচীর। পাষাণের দাওয়া দিল হনুমান বীর।"-কবিকং। ৪ মন্ত্রণাগৃহ।

দাওয়া৩ [দাআ দ্রঃ] ক্রি, কাটা; ছেদন করা। প্র-ধান দাওয়া।

দাওয়া৪, দাওয়াই [আং দবা (ঔষধ)। চট্টং প্রাদেং দাবাই] বি, ঔষধ। ২ প্রতিবিধান। ~খানা-ঔষধালয়; ডাক্তার খানা। দাং করা-চিকিৎসা করা বা করান। ২ বিহিত বা প্রতিবিধান করা।

দাওয়াদার [আং দাবা + ফাং দার্] বিণ, দাবীদার; স্বত্ব প্রার্থনাকারী। বি, ~নী।

দাওয়ান১ [ফাং দীবান্] বি, রাজস্বসচিব revenue minister. ২ জমিদারী কার্য্য পরিচালক প্রধান কর্ম্মচারী।

দাওয়ান২ [সং-দামনী] বি, দামনী; পশুবন্ধন রজ্জু। ২ শস্য মর্দ্দন করিবার জন্য যে দড়িতে গরুদিগকে বাঁধা হয়; দোঁকা; মাড়ান দড়ি।

দাওয়ানি৩ [দাবান (দ্রঃ) >] ক্রি, মর্দ্দন করা; শস্য মাড়ান।

দাওয়ানি৪ [নাম ধাতু। দা২ (দ্রঃ) + আন >] ক্রি, দা দিয়া কাটা; ক্রমাগত দার কোপ মারা। দাইআ-দা দিয়া কাটিয়া। "ধান্ন আনিব দাইআ"-শূং পুং।

দাওয়াল [দা, দাও (দ্রঃ) + বাল (বালা)] বি, দাত্র বা কাস্তিয়া দ্বারা যারা শস্য কর্ত্তন করে; ধান্যচ্ছেদক। ২ বিণ, যার দা অস্ত্র আছে; দাও ধারী।

দাওয়ালিয়া, দাউলিয়া [শ্রীহট্ট প্রাদেং] বিণ, শস্যছেদক।

দাওলী [সং-দাত্র > দাও + লী (ক্ষুদ্রার্থে)] বিণ, ছোট দা; কাস্তিয়া।

দাঁ১-বি, জাতীয় উপাধিবিঃ। ২ [ফাং দান (যে জানে) >। এই অর্থে-দাঁ পদান্তে যুক্ত হয়] বিণ, যে জানে ; শিক্ষিত ; অভিজ্ঞ ; নবিশ। প্র-ইংরেজী দাঁ।

দাঁ২ [দান >] বি,দাঁও (দ্রঃ) ; সুযোগ; লাভ। দাঁ। মারা-সুযোগ লাভ করা।

দাঁও, দাঁউ [সং-দান > হিং দাঁব় > দাঁও, দাও] বি, তাস খেলায় জিতের পীঠ। > সুযোগ ; সুবিধা। "দাঁউ পেলে কেউ ছাড়ে না।" ~পেচ, ~পেঁচ-কুস্তির বিশেষ, বিশেষ কৌশল। দাঁও মারা-সুযোগ গ্রহণ করা ; সুবিধা বাগাইয়া লওয়া ; পড়তা পাওয়া। ২ লাভ করা।

দাঁড় [দণ্ড (যষ্টি) > হিং ডণ্ডা, > অর্থ সম্প্রসারণে] বি, ক্ষেপনী, নৌকাদণ্ড ; বেটে। "কঠিনা কাষ্ঠের তরী নদী বক্ষ ভেদ করি প্রতি দাঁড় বিক্ষেপণে ছুটিয়া পলায়।"-কুঙ্কুম। ২ চারি হাত লম্বা বংশাদি দণ্ড। ৩ দণ্ডধারী পক্ষীর দণ্ড ; ডাঁড়। "পাখীর মত দাঁড়ে বসিয়া ধান খাইতাম"-কমলা কান্তের দপ্তর। ৪ সং-দণ্ড (সাজা) > হিং ডণ্ড, বাং-দাঁড়] বি, অর্থদণ্ড ; ক্ষতি পূরণ। ৫ [দণ্ডাকারে অবস্থান সাদৃশ্য হতে] দাঁড়ান ভাব ; পদ-তলের উপর ভর রাখিয়া ঋজুভাবে অবস্থিতি। দাঁড় করানি- দাঁড়াইতে বাধ্য করা ; খাড়া করা। ২ অপেক্ষায় থাকিতে দেওয়া ; বিলম্ব করান। ৩ কোন কিছু গড়িয়া তোলা। প্র-গড়িয়া দাঁড় করাইল। ৪ প্রতিষ্ঠিত করা।

দাঁড়কাক [সং-দণ্ডকাক] বি কৃষ্ণ-বর্ণের বৃহৎ কাক। "হায় বিধি পাকা আম দাঁড়কাকে খায়"-ভারত০।

দাঁড়া১ [সং-দণ্ড > হিং ডাণ্ডা (আইল) > হিং ডাঁর (সারি, আইল)] বি, মেরুদণ্ড ; শিরদাঁড়া। ২ ক্ষেত্রে সারি সারি জুলি কাটিয়া তার মধ্যবর্ত্তী স্থানে আলির আকারে জমান মাটি ; "জেলি" ; দাঁড়া। ৩ জমিতে জল সেঁচিতে জমির পার্শ্বে বা মধ্যস্থলে যে নালা বাহির করা হয়।

দাঁড়া২ [সং-ধারা > হিং ঢর্রা, বাং-দাঁড়া] বি, ধারা ; রীতি ; প্রথা। ২ দস্তুর ; রেওয়াজ। উল্টা দাঁড়া-বিপরীত রীতি ; বিপরীত প্রথা।

দাঁড়া৩ [দাঁড়ান দ্রঃ] বিণ, দণ্ডায়মান ; খাড়া। ~গোপান [দাঁড়া (দণ্ডায়মান) + গোপান = গুয়া (গুপারী) ও পান] দণ্ডায়মান বড় বধূর মঙ্গলার্থে হস্তে পান গুপারী দানরূপ অনুষ্ঠান বা স্ত্রীআচার। "অন্যান্য স্ত্রীলোকেরা দাঁড়া গোপান দিয়া মঙ্গলাচরণ করিতে লাগিল"-টেকচাঁদ। ~গোপাল দণ্ডায়মান গোপালের দুই হাতে লাড়ু দিবার অনুকরণে অপরাধী ছাত্রের দুই হাতে ভারী ইট দিয়া দুই পা ফাঁক করিয়া দাঁড়াইয়া থাকিতে বাধ্য করা রূপ পাঠশালের দণ্ডবিঃ।

দাঁড়ানি১ [সং-দণ্ডায়মান। দাণ্ডান দ্রঃ] বিণ, দণ্ডায়মান ; খাড়া।

দাঁড়ানি২ [দণ্ড + আন (ক্রিয়া বিভক্তি) -দণ্ডবৎ অবস্থান করা। দাঁড়াই, দাড়াও (দাঁড়ান, দাঁড়াস), দাঁড়ায় (দাঁড়ান) ; দাঁড়াইতে (ক্ষেং দাঁড়াতে) ; দাঁড়াইয়া (ক্ষেং দাঁড়িয়ে, দাঁড়ায়ে। প্রাংবাং-দাড়এ্যা, দাড়াঞা)] ক্রি, দণ্ডায়মান হওয়া ; পদতলে ভর দিয়া ঋজুভাবে থাকা। "--আহা, হর কোপানলে কাম যেন রে না পুড়ি দাঁড়ান সে সভাতলে ছত্রধর রূপে!"-মেঘ০। "আমার লাগিয়া শ্রীদাম দাড়াঞা রাজপথে।"-বলরাম। ২ অপেক্ষা করা ; অল্প বিলম্ব করা ; সবুর করা। প্র-এক মিনিট দাঁড়াও। ৩ তিষ্ঠান ; আর অগ্রসর না হইয়া গমনবেগ রহিত করা। "দাঁড়াও পথিকবর জন্ম যদি তব বঙ্গে! তিষ্ঠ ক্ষণকাল!" --মাইকেল। ৪ এক স্থানে বদ্ধ হওয়া ; বসা ; স্থির হওয়া। "হরিদ্বার মথুরা গোকুল বৃন্দাবন। কোন তীর্থ নহে দূর দাঁড়াইলে মন॥"-ধ০ ম০। ৫ সঞ্চিত হওয়া ; জমা। প্র-নাবাল জমিতে জল দাঁড়ায়। ৬ প্রতিযোগিতায় বা তুলনায় তিষ্ঠান stand to compete. ৭ শেষ হওয়া। "এ বিষয় এখন কোথায় গিয়ে দাঁড়ায় দেখ।" ৮ হওয়া ; প্রকাশ পাওয়া ; পরিণত হওয়া। প্র-সে এখন মহা শত্রু দাঁড়িয়ে গেল। কথাটা তাহলে এই দাঁড়াচ্ছে। দাঁড়িয়ে আসা-কোন স্থানে গিয়া তথায় কিছুক্ষণ উপস্থিত থাকিয়া ফিরিয়া আসা। ২ দাঁড়ান (আসা দ্রঃ)। ৩ ভরসা স্বরূপ সঙ্গে গিয়া নিরাপদ করিয়া দিয়া আসা।

দাঁড়ানিয়া [ক্ষেং দাঁড়ানে] বিণ, যে বা যা দণ্ডায়মান বা খাড়া থাকে।

দাঁড়াশ, দাঁড়োশ [দণ্ড >। লেজে ভর দিয়া দাঁড়াইয়া উঠে বলিয়া। পূং বং প্রাদেং দারাইছ] বি, সর্পবিঃ।

দাঁড়ি১ [দণ্ড > দাঁড় + ই। দাঁড়ী দ্রঃ] বি, যে দাঁড় ফেলিতে ফেলিতে নৌকা চালায় ; নৌকাবাহক ; পোতচালক। "সাজিয়ে নিয়ে জাহাজখানি বসিয়ে হাজার দাঁড়ি"-রবী০।

দাঁড়ি২ [সং-দণ্ড > হিং ডাণ্ডী। ধাড়া দ্রঃ] বি, তুলাদণ্ড। ~পাল্লা, ~বাটখাড়া-ওজনদণ্ড ও মাপ। "বাণিজ্য বিষয়ে ছোট কি আমরা, ধরি সদা হাতে দাঁড়ি-বাটখাড়া। আমাদের কর্ম্ম বেচা-কেনা করা॥"-বাং-গান। ~পাল্লা-বি, দোকান-দারের দ্বারা দোকানের জিনিষ পত্র ও সাধারণ ব্যবহৃত ওজনের যন্ত্র ; তৌল দাঁড়ী ; পরিমাণদণ্ড।

দাঁড়ি৩ [দাঁড়ী১ ৩ দ্রঃ] বি, পূর্ণচ্ছেদ ; সম্পূর্ণ বিরাম। "একাল ও সেকালের মাঝে একটা দাঁড়ি পড়ে গেছে স্পষ্ট ভাবে"-বিচিত্রা, চৈত্র, ১৩৩৪।

দাঁড়ী১ [দাঁড় + ঈ] বি, নৌকাবাহক ; যে নৌকায় দাঁড় টানে। ২ তুলাদণ্ড। ৩ [দাঁড়ি ৩০] পূর্ণচ্ছেদ চিহ্ন ;। এই চিহ্ন ; ইহা ইংরেজী fullstop এর তুল্য। প্রাং বাং-য় এই চিহ্ন ছিল না। ৪ টানা রেখা ; কসি।

দাঁড়ী২ [দণ্ড >] বি, যে কাঠের দাণ্ডায় দুই পাশে কড়া দুইটী দড়ি দ্বারা সংযুক্ত থাকে ; ক্ষুদ্র দণ্ড।

দাঁড়ীপাল্লা-দাঁড়ি২ দ্রঃ।

দাঁড়ুকা-ডাঁড়ুকা দ্রঃ।

দাঁত [দন্ত >] বি, দন্ত ; দশন। নাম-ধাতু-দাঁতানি। বিণ, দাঁতাল, দেঁতো। ~কঁড়া-দাঁতের মূলের যন্ত্রণাদায়ক কঠিন মাংস। ~-কনকন-দাঁতের বেদনা ; দাঁতশূল রোগ। ~কপাটী-চোয়ালের খিল আটকাইয়া যাওয়া ; দাঁতেদাঁতে লাগা। ~খামাটী-নীচের ঠোঁট উপরের

দাঁত পাটি দিয়া কামড়ান। [~খামটি ওং। প্র-দাঁ০ খা০ করা, -ধরা, -মারা]। **দাঁত খিচানি**-দাঁত বাহির করা। ~**খিচুনি**-বি, দাঁত বাহির করিয়া ভৎর্সনা। **দাঁত ছোলা**-দাঁত মাজা। ২ ছোল ধরা; মিশির রঙ্গ ধরা; মিশি দেওয়া। "দাঁতছোলা দোলা হাস্ত অবিরাম।"-অ০ ম০। **দাঁত তোলা**-যন্ত্রনাদায়ক দাঁত উপড়াইয়া ফেলা। **দাঁত থাকতে দাঁতের মর্য্যাদা না জানা**-দাঁত থাকিতে চর্ব্বণ-যোগ্য বস্তু না খাইলে বার্দ্ধক্যে যখন দাঁত থাকে না তখন খাইতে ইচ্ছা হইলেও খাওয়া অসম্ভব সুতরাং সময়ে প্রাপ্যবস্তুর সদ্ব্যবহার বিধেয়। "সঞ্চিত মুক্ত হস্তে ব্যয় করিয়া রিক্ত-হস্ত হইলে পর 'দাঁত থাকিতে দাঁতের মর্য্যাদা জানে না' এই প্রবাদ কথাটীর মর্ম্ম বুঝিতে পারেন কিন্তু তখন বুঝা আর না বুঝা তুল্য কথা।"-বিজ্ঞাননীতি-প্রসূন। **দাঁত দেখানি**-দাঁত খিচান; ভেঙ্গান। **দাঁত পড়ে যাওয়া**-দুধে দাঁত পড়া। ২ বৃদ্ধ হওয়া; ফোগলা হওয়া। **দাঁত ফু(ফো)টানি**-কামড় দেওয়া; দন্ত প্রবেশ করান। ২ [লক্ষ০] কোন বিষয়ে প্রবেশ-লাভ করা। **দাঁত বাঁধানি**-দাঁত পড়িয়া গেলে কৃত্রিম দাঁত বসান। **দাঁত বাহির কঁরা**-দাঁত খিচান। **দাঁত ভাঙ্গা**-দাঁত তুলিয়া ফেলা। ২ [সাপের বিষ দাঁত ভাঙ্গার ভাব হতে]। দর্পচূর্ণ করা। **দাঁত ভেঙ্গে দেওয়া**-দাঁত ভাঙ্গা দ্রঃ। ~**শূল**-বি, দাঁতের অত্যন্ত যন্ত্রণাদায়ক ব্যাধি। **দাঁতে কুটো কঁরা**-দাঁতে তৃণ করা; ঘাইট মানা; অতি বিনীত হওয়া। **দাঁতে কুটো কাটা**-অতিশয় বিনীত হওয়া। **দাঁতে দিড়ি দিয়া থাকা (পিড়িয়া থাকা)**-দড়ি দিয়া বাঁধিয়া নড়ন চড়ন রহিত করার ভাব হ'তে-দাঁতে দাঁতে বদ্ধ করিয়া অর্থাৎ পানাহার ত্যাগ করিয়া, শয়ন করিয়া থাকা। **দাঁতে দাঁতে লাগা**-নীচের পাটির সহিত উপর পাটির দাঁত বদ্ধ হওয়া। **দাঁতের গোড়া**-দন্তমূল। **আক্কেল দাঁত**-কসের যে দাঁত সর্ব্বশেষে বাহির হয় wisdom teeth. **গজদাঁত**-দাঁতের পাশ দিয়া অতিরিক্ত যে দাঁত বাহির হয়। **চিরুণ দাঁত**-চিরুণীর মত চেরা বা ফাঁক ফাঁক দাঁত। **দুধে দাঁত**-দুগ্ধপোষ্য শিশুর প্রথম উঠা দাঁত milk teeth.

দাঁতিন [সং-দন্তধাবন >] বি, দন্ত-ধাবন; দন্তমার্জ্জন। ২ দন্তকাষ্ঠ; দাঁতন কাঠী। **দাঁ০ কঁরা**-দাঁতন কাটি দিয়া দাঁত মাজা।

দাঁতানি [দাঁত+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, দাঁত বসান; দন্তাঘাত করা। ২ দাঁত উঠা; দন্তোদ্গম হওয়া।

দাঁতাল [সং-দন্তাল >] বিণ, দংষ্ট্রাল: বৃহৎ দন্তযুক্ত।

দাঁত্যা [গ্রা০ দেঁতে। প্রা০বাং। দাওয়া দ্রঃ] বি, দাওয়া; রক। ২ ভূমির সহিত সমান্তরাল প্রাচীরলগ্ন কাষ্ঠখণ্ড; প্রাচীরের উপরে আড়াআড়ি ভাবে যে কাষ্ঠ প্রোথিত হয়; প্রাচীরের সহিত সংবদ্ধ কাষ্ঠ যার উপরে প্রাচীরের চাল আবদ্ধ থাকে। "প্রাচীর ভাঙ্গিয়া বীর লইলেক দেঁতে"-বৃহৎ সারাবলী। "তালতরুসম উচ্চ করিল প্রাচীর। পাথরের দাঁত্যা দিল হনূমান বীর॥"-কবিক০।

দাঁহুড়িয়া, দাঁহুড়ে, দাহুড়ে [দুর্দ্দান্ত >] বিণ, দুরন্ত; দুর্দ্দমনীয়; দু'দে। "দাঁহুড়ে আহ্লাদে"-টেকচাঁদ। ২ [সং-ধোরণ > হিং দৌড়না > দৌড়াদৌড়ি (দ্রঃ) > ক্ষে০ দাঁহুড়াণ > ˘, ধ=দ] অস-ক্রি, দৌড়াদৌড়ি করিয়া; দাপাদাপি করিয়া। "চতুর্দ্দিকে দাঁহুড়ে বেড়াইতে লাগিল।"-টেকচাঁদ।

দাঁল্লা, ডাঁল্লা [গ্রা০] দা (ডা)লনা দ্রঃ।

দাকা [সাঁওতালী শব্দ] বি, ভাত।

দাকাবুকা-ডাকাবুকা দ্রঃ।

দাক্ষ [দক্ষ+ষ্ণ] বিণ, দক্ষজ। ২ দক্ষ সম্বন্ধীয়। স্ত্রীং ~ী।

দাক্ষায়িণী,-ণী [দক্ষ (প্রজাপতি)+আয়ন (অপত্যার্থে)+ঈ (স্ত্রীং)] বি, দক্ষ-কন্যা; সতী।

`দাক্ষিণাত্য [দক্ষিণা+ত্য (তত্র জাত অর্থে)] বিণ, দক্ষিণদিগ্‌ভব; দক্ষিণ দিক্ জাত। ২ দক্ষিণদিকে অবস্থিত দেশজাত। ৩ [স্বার্থে-ত্য] বি, দক্ষিণ রাজ্য; ভারতবর্ষের দক্ষিণে স্থিত দেশ; দক্ষিণাপথ; দক্ষিণ the Deccan. এই অর্থ অর্ব্বাচীন। প্রামাণিক প্রাচীন সং-অভিধানে এই অর্থের অসদ্ভাব। কিন্তু আধুনিক বহু প্রসিদ্ধ সংস্কৃতজ্ঞ পণ্ডিত দক্ষিণাপথ অর্থে দাক্ষিণাত্য ব্যবহার করিয়াছেন। [দ্রঃ "অস্থি দাক্ষিণাত্যে জনপদে মহিলারোপ্যং নাম নগরম্"-(পঞ্চতন্ত্র) দক্ষিণ দেশবাসী অর্থে দাক্ষিণাত্য (প্রাচীন সংস্কৃতে) "প্রিয় ওদ্ধিতা দাক্ষিণাত্যাঃ", "আরম্ভ শূরা দাক্ষিণাত্যাঃ" ই০। সুতরাং দাক্ষিণাত্যদিগের দেশ দাক্ষিণ্য দেশ হইতে পারে]। ৪ দক্ষিণ ভারতের ভাষা (মহারাষ্ট্রীয়; কানারী; তেলুগু; তামিল; মালা-য়ালম-ভূদেব মুখো০)। ৫ দাক্ষিণাত্য-বাসী; দক্ষিণী। "গরজে সুগ্রীব সহ দা০ যত।"-মেঘ০। "বাঁধহে আজি কৃতজ্ঞতাপাশে রঘুবংশে, দা০, দাক্ষিণ্য প্রকাশি।"-ঐ।

দাক্ষিণ্য [দক্ষিণ+য ((ভা০)] বি, দয়া; আনুকূল্য। "বাঁধহে আজি কৃতজ্ঞতা-পাশে রঘুবংশে, দাক্ষিণাত্য দাক্ষিণ্য প্রকাশি।"-মেঘ০। ২ ঔদার্য্য; সরলতা। ৩ সৌজন্য। ৪ [দক্ষিণা +য (যোগ্যার্থে)] বিণ, দক্ষিণার্হ; দক্ষিণার উপযুক্ত।

দাক্ষী [দাক্ষ দ্রঃ] বিণ, দক্ষজাতা। ২ বৈয়াকরণ মুনি পাণিনির জননী। ~**সুত**-বি, মুনি পাণিনি।

দাক্ষ্য [দক্ষ+য (ভা০)] বি, নৈপুণ্য।

দাখিল [আ০ দাখিল্। দখল্ (অধিকার) > দাখিল (অধিকৃত)] বিণ, অধিকৃত। "পবন গমনে চোর হইল দাখিল"- অ০ ম০। ২ উপস্থিত; প্রাপ্ত; উপনীত। "ঘোড়ার গমন যেন প্রলয় অনিল দড়বড়ি দুইদণ্ডে দরবার দাখিল॥"-ঘ০। "দাখিল অনিলগতি যমুনা নগরে।"-ঐ। ৩ পেশ; যথাস্থানে অর্পণ। প্র-খাজানা দাখিল করা। ৪ সামিল; সমান; মত; প্রায়। প্র-সে মরবার দাখিলে পড়েছে। ৫ [প্রাদে০] যমালয়; মৃত্যুর গ্রাসে। প্র- দাখিলে যাওয়া। ~ী-বিণ, যা দাখিল করা হইয়াছে। দা০ কঁরা-পেশ করা। ~**কার**-বিণ (বি), দখল করিয়া আছে এমন (ব্যক্তি)। > ~ী-অধিকার।

~খারিজ-কালেক্টরী বহিতে পুরাতন অধিকারীর নাম কাটিয়া নূতন অধিকারীর নাম দরজ। যা খাতায় দাখিল করা ছিল তার খারিজ। দা° ইওয়া-উপস্থিত হওয়া; পৌঁছান। দাখিলে যাওয়া-মরা।

দাখিলা [আ°] বি, যে খাজানা দাখিল করা হইয়াছে তার প্রাপ্তি-স্বীকার-পত্র: রাজস্ব আদায়ের রসিদ; কবচ।

দাগ১ [ফা° দাগ (চিহ্ন)] বি, চিহ্ন; অঙ্ক; আঁকা। "এই যে এখনো তার দাগ দেখা যায়।"-প্রেম ও ফুল। ২ অপযশঃ; বদনাম; কলঙ্ক। "ভট্ট হো অব ভণ্ড ভয়া কবিতাই ভটাই মে দাগ চঢ়ায়া।"-অ° ম°। বিণ, দাগী। দাগ করা-চিহ্ন দেওয়া। ২ আঁচড় কাটা। দাগ কাটা-চিহ্ন করা; রেখাঙ্কন করা। দাগ ছুটানি, দাগ তোলা-চিহ্ন অপসারিত করা; দাগ মুছিয়া ফেলা। দাগ দেওয়া, দাগ লাগানি-কলঙ্ক অর্পণ করা; বদনাম করা; দোষ দেওয়া। দাগ মোছা-কলঙ্ক ঘুচান।

দাগ২ [সং-দাহ > প্রাকৃ° দাঘো > দাহ (চিহ্ন)] বি, দাহ; চিহ্ন; লৌহ শলাকাদি দগ্ধ করিয়া গরু মহিষ, অশ্ব ই° জন্তুর গায়ে ছেঁকা দিয়া যে চিহ্ন করা হয়। দাগ দেওয়া-ছেঁকা দিয়া চিহ্নিত করা। ~-দেওয়া-বিণ, দাগা; চিহ্নিত।

দাগ৩ [ফা° দাগ=চিহ্ন, রেখা] বি, রেখা; আঁক। ২ অশ্রুপাত চিহ্ন। ৩ লিখনের উপর লিখন; রেখার উপর রেখার টান। দাগা দ্রঃ। প্র-দাগ বুলান। ~নী-বি, গো মহিষাদি পশুর অঙ্গে দাগ দিবার লৌহ শলাকা। ~বিলি [জমিঃ মহাঃ পরিঃ] বি, জমি ও প্রজার বিবরণী। ~বিলি খতিয়ান-প্রজা, জমি ও জমার বিবরণী বহি; খোকা। ~রাজি [ফা°] বি, পাকা গাঁথুনির জোড়ের মুখে প্রলেপ; ফাটা স্থান জোড়া দেওয়ার কাজ; জীর্ণ সংস্কার।

দাগা১ [ফা° দাগ্‌না। দাগি, দাগ (দাগেন, দাগিস), দাগে (দাগেন); দাগিতে; দাগিয়া (স্কং° দেগে)। ণিজন্ত-দাগানি। ফা° দাগানা] ক্রি, দাগ করা; চিহ্ন দেওয়া। "ভীমের উপরে আগে উভানির দণ্ড। কামড়ায়ে কলেবর করে খণ্ড খণ্ড॥ * * * সিকি আনি দুআনি দাগিল অঙ্গময়"-শি°। ২ আদর্শ লেখার উপর দাগ টানিয়া অভ্যাস করা। দাগা বুলানি-আদর্শ লিপির রেখার উপর পুনরায় রেখা টানা।

দাগা২ [ফা° দাগ্‌না (বন্দুক কামানাদির গোলা গুলি ছোঁড়া)] ক্রি, যন্ত্রযোগে প্রহরণ নিক্ষেপ করা। প্র-তীর দাগা; কামান দাগা। ২ উত্তীর্ণ হইল; পার হইল"[অপ্র]। "পিছে রাখে বর্দ্ধমান সরাই সহর। দিগ দণ্ড দিবায় দাগিল দামোদর॥"-ঘ°।

দাগা৩ [ফা° দগা >]বি, বিশ্বাসঘাতকতা; প্রতারণা; বঞ্চনা। "খাইয়া তোমার ধন না পালায় যেন জন অবশেষে নাহি পাবে দাগা।"-কবিক°। ২ আঘাত; পীড়ন; ক্লেশ; কষ্ট। "নারীহীন পুরুষ পেয়েছে বড় দাগা।"-ঘ°। "বড় দাগা পেয়ে কামনা ভুলেছি।"-বাং-গান। ~দার [ফা° দগাদার্] বিণ, বঞ্চক; বিশ্বাসঘাতক। ২ দুষ্ট; অনিষ্টকারী। বি, ~দারী-বিশ্বাসঘাতকতা; প্রবঞ্চনা। দা° দেওয়া-বঞ্চনা করা; ঠকান। ~বাজ [ফা° দগাবাজ্] বিণ, বিশ্বাসঘাতক; প্রতারক। "দাগাবাজ বাঘা সব বসে বসে শুনে। চাক পারা চক্ষু করি চায় বিষ পানে॥"-শি°। > বি, ~ী-প্রতারণা; বিশ্বাসঘাতকতা।

দাগী [দাগ দ্রঃ] বিণ, চিহ্নযুক্ত; চিহ্নিত। ২ কলঙ্কিত। ৩ দণ্ডপ্রাপ্ত অপরাধী। ~চোর-যে চোর ইতিপূর্ব্বে রাজদণ্ডে দণ্ডিত হইয়াছে।

দাগুড়া [প্রাদে°। দগড়া দ্রঃ] বিণ, কাঁচা রাস্তার উপর গরুর গাড়ির চাকার উঁচা নীচা দাগ যুক্ত; আবুড়া খাবুড়া।

দাঙ্গর [ডাঙ্গর দ্রঃ] বিণ, ডাগর। ২ বলবান। "দা° গাবর" (ভৃত্য)-মৈ° গী°।

দাঙ্গা [সং-দ্বন্দ্ব > হিং° দাঙ্গা অথবা ফা° জঙ্ > দঙ্ > হিং° দাঙ্গা] বি, দ্বন্দ্বযুদ্ধ। ২ মারামারি; লাঠালাঠি; ঝগড়া। দাঙ্গা করা-মার-পিট করা। ~ফ্যাসাদ -মারপিটের হাঙ্গামা; মার-পিট ও নালিশ মকদ্দমা। ~বাজ-যে প্রায়ই মারামারি করে; লড়াই করিতে মজবুত। ~হাঙ্গামা -দাঙ্গা ফ্যাসাদ দ্রঃ; ফৌজদারী।

দাড় [সং-দ্রংষ্ট্র >] বি, দন্ত; দাঁত। ২ ধার; কাঁটার মুখ। "দন্তগুলা যেন মূলা অতিতীক্ষ্ণ দাড়। কড়মড়্ মড়্ মড়্, চিবাইছে হাড়॥"-রঙ্গলাল (কাঞ্চী°)।

দাড়ক [দড়্ (বিদারণ করা) + অক (র্তৃ)] বি, দংষ্ট্রা; দাড়া।

দাড়এ্রা, দাড়াএ্রা [প্রা° বাং। দাড়ান দ্রঃ] অস-ক্রি, দাঁড়াইয়া। "স্বপনে বন্ধুর সনে মনের কথাটি কই ননদী দাড়এ্রা তাহা শুনে।"-লোচন°। "শ্রীদাম দাড়াএ্রা রাজপথে"-বলরাম°।

দাড়া, দাঢ়া [সং-দংষ্ট্রা > দাঢ়া > দাড়া] বি, দংষ্ট্রা: বৃহদন্ত। "পায়্যা বেরুনিয়া সাড়া মেলিয়া বিকট দাড়া বেরুনিয়া জনে খাইতে ধায়।"-কবিক°। "বাক্‌সনা পুষ্প হেন দাড়া"-ঐ। ২ হুল। ৩ চক্ষু।

দাড়ি, দাড়ী, দাঢ়ি [সং-দাঢ়িকা >] বি, অধরের নিম্নভাগ; চিবুক। ২ শ্মশ্রু। "ভার্গবের সৌষ্ঠবের দাড়ি গোঁফ ছিণ্ডিল।" -অ° ম°। বিণ, দাড়িয়া, দেড়ে, দাড়িয়াল, দেড়েল-যার প্রচুর দাড়ি আছে; শ্মশ্রুল। দা° কামানি, দা° ফেলা-দাড়ি মুণ্ডন করা। গোঁফ দাড়ি -শ্মশ্রু ও গুম্ফ। চাঁপ দাড়ি-জমা অর্থাৎ ঘন দাড়ি। ছাগল দাড়ি-চিবুকে মাত্র শ্মশ্রু। বুকে বসে দাড়ি উপড়ানি- -আশ্রয় দাতার আশ্রয়ে থাকিয়াই তার অনিষ্ট সাধন।

দাড়িম [সং-দাড়িম্ব >। ডালিম দ্রঃ। মঃ প্রাকৃ° ডালিম্ব; বাং-দালিম ও°] বি, দাড়িম্ব গাছ ও ফল pomegranate.

দাড়িম্ব-দাড়িম দ্রঃ।

দাড়ুকা [দণ্ড >] বি, লৌহদণ্ড; লৌহ শৃঙ্খল। ডাড়ুকা (দ্রঃ)। "কাঁচাকুম্ভ কেবল কুমার চাকে লবে। তাড়াতাড়ি গমনে দা° পায়ে দেবে॥"-ঘ°। ২ শিকল। "দড়ির দা° পায়ে দিয়া লোকে সুপারি বা নারিকেল গাছে উঠে। ঘোড়ার পায়ে দা° দিয়া ছাড়িয়া দেওয়া হয়"-শ্রীমন্ত, ১০৮।

দাড়িকা [দাড়ি দ্রঃ। পাং দাঠিকা] বি, দাড়ি।

দাণ, দান [প্রাকৃং। প্রাং বাং] বি, মাশুল; শুল্ক। "বাটে বেভার লঅ মোর দাণ" -শ্রীং কীং। "আবুধ ছাওয়াল কাহ্নাঞি মাঙ্গসি দান"-ঐ। বিণ, ~ী-শুল্ক সংগ্রাহক। "হেন নীলজ দানী"-শ্রীং কীং।

দাণিলোঁ [দান২ দ্রঃ। প্রাং বাং রূপ। আধুং রূপ-দানিলাম] ক্রি, ছেদন করিলাম।

দাণ্ডা [সং-দণ্ড > হিং ডাণ্ডা] বি, শাঙ্গা; বংশদণ্ড। ২ লাঠি।

দাণ্ডাখাণ্ডা [রণ্ডা-ষণ্ডা >?] বিণ, নিঃসন্তান নারী; বাঁজা। ২ পতিপুত্রহীনা; (প্রাদেং ভাষায়) ষাঁড়।

দাণ্ডানি [দাড়ান দ্রঃ। দাণ্ডাই, দাণ্ডাও, দাণ্ডায়; দাণ্ডাইতে; দাণ্ডাইয়া] ক্রি, দণ্ডায়মান হওয়া। "সকল দেবতা গিয়া দাণ্ডাইল কূলে।"-কৃত্তিং।

দাণ্ডি [দণ্ড >] বি, তুলাদণ্ড; দাঁড়িপাল্লা; তরাজু। ২ নরবাহিত পার্ব্বত্য যানবিঃ।

দাণ্ডিক [দণ্ড+ষ্ণিক] বিণ, দণ্ডধারণ যোগ্য। স্ত্রীং ~ী।

দাণ্ডী [রূপান্তরে ডাণ্ডি] বি, শলাকা। ২ বিণ, নৌচালন দণ্ড।

দাতব্য [দা (দান করা)+তব্য (র্ম্ম)] বিণ, দেয়; দানযোগ্য; যা দান করা উচিত বা আবশ্যক।

দাতা [দা (দান করা)+তৃ (র্তৃ)=দাতৃ ১মা, ১বং] বিণ, যে দান করে: দানশীল; বদান্য। ২ [স্মৃং] পরহিতকারী। "যিনি ভূতহিতে রত তিনিই প্রকৃত দাতা"-দানতত্ত্ব। ~কর্ণ-কর্ণের ন্যায় দাতা; এমন দাতা যেমন সাক্ষাৎ কর্ণসেন; অতিশয় বদান্য। "রাজা আজি দাতাকর্ণ।"-রবীং।

দাতৃত্ব [দাতৃ+ত্ব (ভাং)] বি, দানশীলতা; বদান্যতা।

দাত্যূহ [সং] বি, ডাকপাখী। ২ চাতক পক্ষী।

দাত্র [দো (ছেদন করা)+ত্র (ণে)। সাঁওতালী-দাতরুম] বি, ছেদকাস্ত্র; দা; কাটারী। ২ কাস্তিয়া; কাস্তে। "প্রণমিয়া বিশ্বনাথে বৃকোদর নাম্বে ক্ষেতে হাতে লয়ে দশমণের দাত্র॥"-শিং।

দাদ১ [ফাং] বি, প্রতিশোধ revenge. "বাগদিনী বেশে যত দুঃখ দিল উমা। তার দাদ দিতে পার তবে মোর মামা॥"-শিং। ২ বিচার প্রার্থনা [বাং-য় বিরল]। দাং তোলা-প্রতিশোধ লওয়া; পুরাতন শত্রুতার প্রতি-বৈরতা করা; দোষ করিলে দণ্ড দেওয়া। "কেহ দোষ করিলে দণ্ড না দেওয়া বা দাদ না তোলা * * * মানবের অবশ্য করণীয় নিত্যকর্ম্ম।"-সনাতনী। ~ফিরিয়াদ [ফাং] ন্যায় বিচারের জন্য আবেদন বা কান্নাকাটি। ২ শুনানি; হিসাব পত্র; হিসাব নিকাশ। ভাণ্ডারের জিনিষ যাকে ইচ্ছা তাকে এমন ভাবে দান করিতেছে যে তার আর দাদফরিয়াদ নাই। ৩ দায় অদায়।

দাদ২ [সং-দদ্রু] বি, চর্ম্মরোগবিঃ ringworm. ~মার-দদ্রুনাশক (ঔষধ)। ~মারি [সং-দদ্রুমর্দ্দন] বি, দদ্রুনাশক ক্ষুপবিঃ cassia alota.

দাদখানি [দাউদ খান্ নামক কোন ব্যক্তির নাম হ'তে] বি, তণ্ডুলবিঃ; দিনাজপুর অঞ্চলে প্রসিদ্ধ উৎকৃষ্ট লঘু চাউল।

দাদন [ফাং] বি, অগ্রিম দান; দ্রব্যাদির অগ্রিম মূল্য দান বা গ্রহণ। "নীলের দাং ঠেঙ্গার গাদন বাঁধন চমৎকার।" -ঈং গুপ্ত। বিণ, দাদনী। ~দার-যে দাদন দিয়া কার্য্য লয়।

দাদনি, দাদিনী [দাদন দ্রঃ] বিণ, যে কাজ বা জিনিসের জন্য দাদন দেওয়া আছে। ২ বি, অগ্রিম প্রদত্ত অর্থাদি। "দাদনি না দেয় এবে মহাজন সবে। টুটিল সূতার কড়ি উপায় কি হবে॥"-কবিকং।

দাদফিরিয়াদ, -ফিরেদ, -ফৈরিদ-দাদ দ্রঃ। "এর ত কোন দাদফরেদ নেই"।

দাদর-বি, সিন্ধুদেশের অন্তর্গত নগর। আওরঙ্গজেবের ভাই দারা এখানে বেলুচী সর্দ্দার সলিফ জীবনের নিকট পলাইয়া আসিয়া তৎকর্ত্তৃক অওরঙ্গজেবের হস্তে অর্পিত হইয়াছিলেন।

দাদরা [দর্দ্দুর (ভেক) বৎ প্লুত গতি হেতু] বি, বাদ্যে তালবিঃ।

দাদলান [হিং দহকানা (তাড়াইয়া দেওয়া, তাড়ানা করা)। সং-"দর্দ্দর ঈষন্তগ্ন ভাজনে"-মেদিনীং। ধ্যাৎলান দ্রঃ] ক্রি, দুর্দ্দান্তপনা করা। ২ ধ্যাৎলান; মাড়ামাড়ি করা।

দাদলি, -লিয়া [দাদলান দ্রঃ] অস-ক্রি, তাড়না করিয়া; হাঁকাইয়া; প্রহার করিয়া। "দাদলি দুহাতে সেনা সব সাথে জুঝে যেন যম কাল।"-ঘং।

দাদা [সং-দায়াদ >। তুল-হিং দাউ] বি, জ্যেষ্ঠ ভ্রাতা। ২ [হিং দাদা। সং-তাত > তাত্তা > দাদ্দা >। আদরার্থে-দাদু, দুদু। "দুদুমণি"] ঠাকুরদাদা; পিতামহ। ৩ মাতামহ। স্ত্রীং ~ী-পিতামহী; মাতামহী। দিদি-দ্রঃ। ~বাবু-দিদি দ্রঃ। ~ঠাকুর-গ্রাম সম্পর্কে শূদ্রের দাদা কোন ব্রাহ্মণ। ~মহাশয়, মশায়, মশাই-মাতার পিতা বা পিতৃব্য। ২ জ্যেষ্ঠ সহোদরের প্রতি সম্মানের সম্বোধন। ~শ্বশুর-শ্বশুরের পিতা বা পিতৃব্য। ঠাকুরদাদা-পিতার পিতা বা পিতৃব্য। দাদার দাদা [বিদ্রূপে] অ, বড়র বড়। ২ চতুরের চতুর।

দাদাল [দাদলান দ্রঃ] বি, তাড়া; চড়চাপড়। "কালুর নন্দনে দেখে দিলেক দাং।"-ঘং। "এইরূপে উটে বাঘা দিলেক দাং। ভূপাল পালাল পিছে ফেলাইয়া ঢাল॥"-ঘং।

দাদালিয়া১ [দাদলি দ্রঃ] অস-ক্রি, তাড়াইয়া; দুদ্দাড় করিয়া প্রহার সহ হাঁকাইয়া। "দাং দাবড়ে চাটি চড় চাপড়ে কামড়ে পাড়ে হাতী ঘোড়া।"-ঘং।

দাদালিয়া২, দাদালে [দাদাল দ্রঃ] বি, দাদাল; চড় চাপড়; পাঞ্জার আঘাত; থাবার আঘাত। "দুহাতে দাং হানে যার লাগি পায়॥"-ঘং।

দাদী১ [ফাং। দাদ দ্রঃ] বি. বাদী; ফরিয়াদী। দাদীফিরিয়াদী-বিচারার্থী; বাদী complainant.

দাদী২ [দাদা দ্রঃ] বি, পিতামহী বা মাতামহী। "কেমন হ'ল লাচন দাদী" -সং দত্ত (বারয়ারী)।

দাদু১ [ঠাকুরদাদা > (আদরে) দাদু] বি, পিতামহ। ২ মাতামহ। "আমার তো দিদিমা, দাদু রয়েছেন"-উত্তরা, পৌষ, ১৩৩৩। "পিতৃ-মাতৃহীনা এই দৌহিত্রীটি দিদিমা ও দাদুর বড় আদরের"-ঐ।

দাদু২ [দদ্রু >] বি, চর্ম্মরোগ ; দাদ।

দাদুপন্থী [দাদু-পন্থী] বি, ষোড়শ খৃষ্টাব্দে প্রাদুর্ভূত বৈষ্ণব-ধর্ম্ম-সম্প্রদায়-বিশেষের প্রবর্ত্তক দাদুর মতাবলম্বী।

দাদুর [দর্দ্দুর >] বি, মণ্ডূক ; ভেক ; বেঙ। "নব জল মদে মত্ত ডাকয়ে দাং।" -কবিকং। "মত্ত দাং ডাকে ডাহুকি" -বিং পং। স্ত্রীং দাদুরি (রী)।

দাদুরি,-রী [দর্দ্দুর >] বি, ভেকী। "ডাকিছে দাদুরী তমাল কুঞ্জ তিমিরে" -রবীং। "মত্ত দাদুরী ডাকে ডাহুকী" -বিং পং।

দাদ্রা, দাদ্‌রা, দাদ্‌ড়া-বি, তিন মাত্রার তালবিঃ।

দাধিক [দধি+ইক (যুক্তার্থে)] বিণ, দধিসম্বন্ধীয়। ২ দধিযুক্ত।

দান১ [দা (দান করা)+অন (ভাং)] বি, অর্পণ ; সম্প্রদান। ২ ধর্ম্মার্জ্জন জন্য বা পুণ্য-লাভ জন্য বিতরণ ; উৎসর্গ ; ত্যাগ ; দেওয়া। ৩ পাশাখেলায় ছক গড়াইয়া দেওয়ায় যত অঙ্ক হয় ; অক্ষক্ষেপণ। ৪ [লক্ষং] ভাগ্যক্রমে যা ঘটে ; যাতে বিচার বুদ্ধি কৌশল নাই। "ইহা কি বিশ্ববিধাতার দ্যূতক্রীড়াঘরে পাশা খেলার দান পড়া?"-রবীং (তত্ত্ববোধিনী পত্রিকা, ১৩১৯)। ৫ পড়তা ; সুবিধা। "মন তুমি খেলাও না পাশা। * * * * সতেরো আঠার দান মেরে ভেঙ্গে দেও যমের বাসা। -রাং প্রং। ৬ তোলা ; হাট বাজার হতে বিনামূল্যে দ্রব্য গ্রহণ। "কানাই কদম্বমূলে ছলে দান সাধে। বদনে বিনোদবংশী বলে রাধে রাধে।"-ঘং। ৭ [প্রাং বাং] পারিশ্রমিক। "আপনার দান লেহ সভা পার করি দেহ বিলম্ব না করহ কর্ণধার।"-ভাগবত (জীবন চক্রবর্ত্তী)। ৮ রাজনৈতিক উপায়বিঃ। প্রবল বা দুরন্ত শত্রুর সন্তোষবিধান করিবার এবং অনুকূল না হইলেও তাকে নিরপেক্ষ রাখিবার জন্য নির্দ্দিষ্ট কর বা গ্রাম নগরাদি দান। ৯ কর ; রাজস্ব। "বিকিকিনির দান গোরস মানি যে বেশর দান মাহি শুনি॥ * * যদি দানের এগতি তুমি ত গোলকপতি দান সাধিহ ঘরে ঘরে॥"-জ্ঞানং। ১০ ঘাটের মাশুল; শুল্ক। "ঘাটে দান ছড়াইতে রাজপাত্র দ্বারে।"-চৈং চং। "দান ছলে রাখিব রাধারে" "দান সাধসি যমুনার কুলে।" -শ্রীং কীং। ১১ [দান এর সহং দ্বয় ধ্যান ও ঐরূপ আচরণ বা প্রভৃতি অর্থে অনুপ্রাসের জন্য দান টান স্থলে দান ধ্যান] দানাদি। ১২ গজমদ; হস্তীর মদজল। ~ধর্ম্ম, ~ধ্যান-দান ও ব্রতাদি ধর্ম্মানুষ্ঠান ; দান ও ধর্ম্মার্থ ব্যয়। ~পতি [দান দ্বারা পতি (শ্রেষ্ঠ), ৩ তৎ] বি, যে ব্যক্তি সতত দান করে ; অতিশয় দাতা। ২ মানসিক করিয়া মানত উদ্‌যাপনার্থ পূজার অনুষ্ঠাতা। "দেখ ঘর দানপতি সুপ্রসন্ন বারমতি। ধন বংস মঙ্গল করএ জুগপতি।" -শূং পুং। ৩ অক্রূর। ~পত্র [দানবিষয়ক যে পত্র, ধা] বি, কোন বস্তুর উপর স্বীয় অধিকার ও স্বত্ব ত্যাগ করিয়া অন্যকে তা দান করিবার নিদর্শন পত্র ; অমুক বিষয় বা সম্পত্তি অমুক ব্যক্তিকে দান করিলাম এবং অতঃপর সেই বিষয়ে বা সম্পত্তিতে সেই ব্যক্তি সম্পূর্ণ স্বত্ববান্ হইলেন এবং আমার স্বত্ব ও অধিকার রহিত হইল এই মর্ম্মে লিখিতপত্র a deed of gift. ~বজ্র-বি, বৈশ্য। ~বাড়ী [দান-বাড়ী] বি, যে বাড়ীতে শ্রাদ্ধাদি উপলক্ষে দান করা হয়। ~বীর [দান বিষয়ে বীর (শূর), ৭ তৎ] বিণ, দানই যাঁর জীবনের প্রধান ব্রত ; যিনি যাচকের বাসনাসিদ্ধির জন্য সর্ব্বস্ব ত্যাগে প্রস্তুত। ২ [অলং শাং] দানশৌণ্ড নায়কবিঃ। ~শীল [দানই শীল(স্বভাব) যার,বহুং] বিণ, স্বভাবতঃ দাতা ; বদান্য ; যিনি দান করিতে কুণ্ঠিত হন না। > স্ত্রীং ~া। ~শৌণ্ড [দানে শৌণ্ড(অতিশয় আসক্ত), ৭ তৎ] বিণ, দানবীর ; অতিশয় দাতা ; দানশীল। ~সজ্জা [দান-সজ্জা (সাজ-উপকরণ)] বি, দানের উপকরণ ; দানসামগ্রী। "বসিয়াছে দানসজ্জা বামদিকে লয়ে।"-অং মং। ~সাগর [দানের সাগর, ৬ তৎ। উপকরণাধিক্যে দানের সাগরবৎ] বি, শ্রাদ্ধোপলক্ষে দান ; ষোলটী ষোড়শদান ; ষোড়শদানের প্রত্যেক বস্তুর ষোলটী দানকে দানসাগর বলে। বঙ্গে ভূম্যাসনাদি ষোড়শ দানমাত্র দানসাগর পদবাচ্য। ~সামগ্রী [গ্রাং দান সামিগ্‌গিরি,-গ্রি] বি, দানের উপকরণসমূহ; দান করিবার মত জিনিষপত্র। প্রতিগ্রহি দান-পূর্ণিমায় ভোজ্যদান, গ্রহণে দান, তীর্থে দান, শ্রাদ্ধে দান ইং। ইহার পাত্র সুব্রাহ্মণ।-দানতত্ত্ব। ভর্রণ-দান-বর্ণনির্ব্বিশেষে গরীব দুঃখীকে দান। -দানতত্ত্ব। যেমন দান তেমনি দক্ষিণা-দানের যেমন বহর তদনুযায়ী দক্ষিণার পরিমাণ।

দান২ [দো (ছেদনে)+অন (ভাং)] বি, ছেদন ; কর্ত্তন।

দান৩ [দৈ (শুদ্ধ করা)+অন(ভাং)] বি, শোধন ; শুদ্ধীকরণ।

দান৪ [ফাং প্রত্যয়বিঃ] অ, পাত্র ; আধার। প্র-কলমদান ; পানদান; পিকদান।

দান৫ [দে (পালনে)+অন (ভাং)] বি, পালন ; রক্ষণ।

দানকুণা, দানকুণী-বি, ক্ষুদ্রাকৃতি শকলী মৎস্যবিঃ ; ডানকোণা দ্রঃ।

দানব [দনু (কশ্যপভার্য্যা)+অ (অপত্যার্থে)] বি, অসুর ; দনুজ ; সুরারি। ~দলন, ~সংহার-বি, অসুর বিনাশ। ~দলনী-বিণ, অসুরনাশিনী। ২ বি, মহিষমর্দ্দিনী ; দুর্গা।

দানবারি (-নঁ-) [দানবের অরি,৬ তৎ] বি, অসুরারি ; দেবতা। ২ বিষ্ণু। ৩ [দান (হস্তীর মদস্রাব) যে বারি(জল)] হস্তীর মদজল।

দানা১ [দানব >] বি, দৈত্য ; দানব। "ধায় দানা লাখে লাখ"-কবিকং। ২ ভূত; প্রেত; অপদেবতা। দৈত্যদানা [একার্থক সহং দ্বয়] বি, দানবাদি।

দানা২ [ফাং শস্যের বীজ] বি, ছোলা ; চণক ; মটর ; কলাই। "এখন কেমন করে চড়বে গাড়ী জোটে নাক ঘোড়ার দানা।"-ঈং গুপ্ত। ২ বীজ। প্র-এলাচ দানা, ঘুঘনী-দানা, নকলদানা। "প্রেয়সীর মুখখানা পাকা দাড়িমের দানা।"-কুঙ্কুম। ৩ আহার ; ভোজ্যদ্রব্য। প্র-দানাপানি। ৪ মটরাদির

স্থায় গোল পদার্থ ; গুটিকা। প্র-দানাদার ঘি; দানাবাঁধা। ৫ [গোল বীজাকার বলিয়া] স্বর্ণনির্ম্মিত কণ্ঠাভরণ ; মালা। "গলাতে নির্ম্মিত মণিমাণিক্যের দানা"-কৃত্তি°। ~দার$_1$-বিণ, দানাযুক্ত। ২ [প্রাদে°] ছানা ঘটিত ও রসগোল্লাকৃতি, উপরে দানাবাঁধা চিনি মাখান মিষ্টান্নবিঃ। ~পানি, -নী [ফা°] বি, আহার ও পানীয় ; অন্নজল।

দানাদার$_2$ [ফা° দানা (জ্ঞানী। 'দানাবিনা' ঈশ্বরের এক উপাধি)+দার। অথবা আ° দেয়ানতদার (ন্যায়কারী just) >?] বিণ, জ্ঞানী। "পীরের কলমা কানে দিলি তুই * * তুই দানাদার, দরাজদস্ত এই দীন দুনিয়ায়।"-জাফর ও বন্দা(কালী°রায়)।

দানাপুরী [দানাপুর+ঈ] বিণ, পাটনা জেলাভুক্ত দানাপুর (Dinapur) সহরের। "ছোলা ভুষি খাইতে দেওয়া হয় দানাপুরী ছাগলগুলিকে"-আ° শক্তি।

দানিশমন্দ [ফা° দানিশ্ মন্দ্] বিণ, পুণ্যবান্ ; ধর্ম্মশীল। "বড়ই দা° কারো নাহি করে ছন্দ প্রাণ গেলে রোজা নাহি ছাড়ি॥" -কবিক°।

দানী [দান (দ্রঃ)+ঈ (কারী অর্থে)। প্রা° বাং-দাণী] বি, যে দান সাধে ; হাটে, বাজারে, নদীতীর ই° স্থানে রাজকর বা শুল্ক সংগ্রহকারী। "কথোদূরে গেল মাত্র দানী দুরাচার"-চৈ° ভা°। ২ দাতা। "তুমি ধনী, আমি দানী ইথে কিবা লজ্জা"। ৩ ধন রক্ষক। "পথে বড় বড় দানী বিঘ্ন নাহি করে"-চৈ° চ°। ৪ ঘাটের ঘাটোয়াল। "উৎকলের দানী রাখে চন্দন দেখিয়া তাহা এড়াইলা রাজপত্র দেখাইয়া॥"-চৈ° চ°।

দানীয় [দা+অনীয় (র্ম্ম)] বিণ, যা দান করিতে হইবে ; দানযোগ্য। ২ [+অনীয় (সম্প্র°)] বি, দানের পাত্র। ৩ দানের বস্তু।

দানু, দানুয়া, দেনো [দান+উয়া] বিণ, বিবাহ, শ্রাদ্ধ ই° কর্ম্মোপলক্ষে দানস্বরূপ দত্ত ; নিবেদিত ; উৎসৃষ্ট। ২ দানকারী ; দাতা। ৩ দানীয় ; দানযোগ্য। দেনো জিনিস-তত অনুত্তম দ্রব্য ; ক্রিয়াকর্ম্মে দানযোগ্য অল্পমূল্যের সামগ্রী।

দানো [সং-দানব > দানও > দানো] বি, দানা দ্রঃ। "রাত্রের দানো' টা চীৎকার করিতে করিতে হাঁফাইয়া নির্জীব হইয়া পড়িয়াছে।"-বঙ্গবাণী,'৩৪। দা° পাওয়া -অপদেবত্ব লাভ ; ভূতযোনিপ্রাপ্তি।

দান্ত$_1$ [দম্ (শাসন করা, উপশম করা) +ত (র্ম্ম)] বিণ, যিনি স্বীয় রিপুগণকে দমন করিয়াছেন ; যাঁর বাহেন্দ্রিয়গণ বশীভূত হইয়াছে ; জিতেন্দ্রিয়। ২ [র্ত্তৃ+ত (র্ত্তৃ)] তপঃক্লেশ সহিষ্ণু। ৩ দমিত ; বশীকৃত। ৪ দণ্ডিত ; শাসিত। ৫ সংযত ; শান্ত।

দান্ত$_2$ [দন্ত+অ (ভবার্থে)] বিণ, দন্ত-সম্বন্ধীয় ; দন্তনির্ম্মিত। ২ [বৈদ্যকে] দমনক নামক বৃক্ষ।

দান্তি [দম্+তি (ভা°)] বি, দান্তের ভাব ; দম। ২ ইন্দ্রিয়-সংযম। ৩ প্রশান্তি।

দাপ [দর্প >] বি, দর্প ; গর্ব্ব; অহঙ্কার। ২ পীড়ন ; অত্যাচার। ৩ প্রতাপ ; পরাক্রম ; তেজ। "বাপ্ বাপ্ বাপ্ একি গুমোটের দাপ"-ঈ° গুপ্ত। ৪ চাপ ; চাপন ; দাপট (দ্রঃ)।

দাপক [দপ্+ণিচ্=দাপি (দান করান)+অক (র্ত্তৃ)] বিণ, দাপয়িতা ; যে দান করায়।

দাপট [দাপ দ্রঃ। হি° ডপট্=মুখতাড়া ; ধম্‌কি] বি, প্রতাপ ; প্রভাব। "দাপটে করিবি ধরা পুনঃ কম্পমান।"-কস্তুরী। ২ [হি° ডপট্-অশ্বাদির লম্ফ-গতির পদক্ষেপ বা টাপ] চাপন ; ভার। ৩ মাড়ামাড়ি ; মর্দ্দন ; দলন।

দাপদুপ, দুপদাপ [অনু°] বি, গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। "দাপ-দুপ করে কোনখানে নাহি কেহ।"-শি°।

দাপন$_1$ [দাপি (দান করান)+অন (ভা°)] বি, দান করান। [অপ্র]।

দাপন$_2$ [দাপ দ্রঃ] চাপন ; পদভার। ২ মর্দ্দন ; দলন। বিণ, দাপিত।

দাপনা [দাবনা দ্রঃ] বি, উরুদ্বয়ের যে অংশ সাম্‌নাসাম্‌নি থাকে এবং স্থূল হলে পরস্পর সংলগ্ন হয়। ২ জানুর উপরিভাগের মধ্যস্থল। "অঙ্গুলী ঘুড়িয়া যায় সাপিনী ফিরিয়া চায় ছুঁয়ে যায় বাদিয়ার দা°।"-কবিক°।

দাপনি$_1$, দাপুনি$_1$ [সং-দর্পণ > দপ্পণ > দাপন > কোমলার্থে দাপনি, দাপুনি। তুল-দরপণি (চণ্ডি°)] বি, দর্পণ ; আর্শি। "বিনোদপাটের খোপ রসের দাপনি"-কবিক°। ২ দর্পণের আভা বা চমক। "প্রতি অঙ্গে ঝলকে দাপুনি"-জ্ঞান°।

দাপনি$_2$, দাপুনি$_2$ [দাপন দ্রঃ] বি, চাপুনি ; চাপ। ২ দাপাদাপি ; দুর্দ্দান্তপনা।

দাপয়িতা [দাপয়িতৃ] দাপক (দ্রঃ)।

দাপা [দাপ(দ্রঃ)+আ (ক্রিয়ায়)। দাপি, দাপ, দাপে; দপিতে; দাপিয়া (কে° দেপে)] ক্রি, দাপন দেওয়া ; চাপ দেওয়া ; মাড়ান। ২ দুরন্তপনা করা। বিণ, দাপিত।

দাপাদাপি [দাপ দ্রঃ] বি, দাপট ; মাড়ামাড়ি ; দুর্দ্দান্তপনা ; সদর্পে পদক্ষেপে দৌড়াদৌড়ি। "পরিশেষে ছেলেকে তিনি বিশেষ করিয়া সতর্ক করিয়া দিলেন যে, এই সকল ছোটখাট বিষয় লইয়া দা° করিয়া বেড়ানো শুধু যে নিষ্প্রয়োজন তাই নয়, তাহার অসুস্থ দেহের উপর হাঙ্গামা করিতে গেলে, হিতে বিপরিত ঘটাও অসম্ভব নয়।"-দত্তা (শ° চট্টো°)।

দাপানি [দর্প >] ক্রি, হস্তপদাদির আস্ফালন বা সঞ্চালন। ২ দাপাদাপি করা।

দাপানি, দাপুনি$_3$ [দর্প > দাপ >। দাপন দ্রঃ] বি, প্রতাপ ; তেজ। ২ গর্ব্বপ্রকাশ। ৩ [দাব >, ব=প] তাপ ; পুড়ুনি ; জ্বলন।

দাপিনী [দর্পিনী >] বিণ, গর্ব্বিতা। "ত্রিভুবন ছার৮ যেন দৈবের দা°।"

দাপ্য [দাপি+য (র্ম্ম)] বিণ, দম্য ; দণ্ডনীয়। ২ দাতব্য ; দাপনীয়।

দাব$_1$ [দু (উপতাপে, উপতপ্তীকরণে) +অ (ভা°)] বি, তাপ। ২ প্রতাপ ; তেজ। ৩ [+অ (র্ত্তৃ)] বন। প্র-দাবদাহ ; দাবাগ্নি। ৪ অনল ; অগ্নি [বিরল]। ~দগ্ধ-বিণ, দাবানলে পুড়িয়া গিয়াছে এমন। ~দাহ -বি, দাবাগ্নির জ্বালা।

দাব$_2$ [হি° দাব (চাপ)] বি, চাপ pressure. ২ শাসন ; দমন। প্র-তাকে খুব দাবে রেখেছে। ৩ তাড়না ; ভর্ৎসনা। "অন্ন যদি পাত্র হতো পেত খুব দাব। কলিকালে নারীর কুটুম্ব বড় ভাব॥"-ধ° ম°।

দাবই-দাবা১ দ্রঃ।

দাবট-বি, দাপট (দ্রঃ)। "স্বাধীনতার আকাঙ্ক্ষাকে পায়ের দাবটে দাবিয়ে রাখিতে পারলে না।"-আ০ শক্তি, ১৩৩৪, ভাদ্র।

দাবড়, দাবড়া [দাপট দ্রঃ] বি, দাপট; মাড়ামাড়ি; চাপন। "বীরের দাবড়ে পড়ে নৃপতির দল। গজের চাপনে যেন ভাঙ্গে বন-নল॥"-কবিক০। ২ ভয়প্রদর্শন; তর্জ্জন; ধমকি; দাবড়ি দ্রঃ। ৩ ধাওয়া; তাড়া। "বিশাল বিক্রমে বাঘে দিলেন দাবড়।"-ঘ০। ৪ তিরস্কার।

দাবড়ানি [দাবড় (দ্রঃ)+আন (ক্রিয়া বিভক্তি)। দাবড়াই, দাবড়াও, দাবড়ায়; দাবড়াইতে; দাবড়াইয়া (ক্ষে০ দাবড়িয়া; দাবড়ে), পদ্যে-দাবড়ি] ক্রি, দাবড়ি দেওয়া; ধমকান। ২ তাড়া করা। ৩ দাপটান; দাপাদাপি করা। বি, দাবড়ানি।

দাবড়ি [দাবড়া দ্রঃ] বি, ধমকি; ভৎর্সনা; তাড়না; তর্জ্জন। ২ দাবড়ান।

দাবন [হি০ দাব্‌না (চাপা, মর্দ্দন করা)] বি, চাপন; মর্দ্দন।

দাবনা [২৪ পরগনা প্রাদে০] বি, উরুত; জানুর উপরিভাগ।

দাবলো [হি০ দবঙ্গ্‌। দাব (দ্রঃ)+ রাল] বিণ, দুর্দ্দান্ত। ২ বড় ও ভারী। ৩ [ফা০ দবীজ্‌] মজবুত ভারসহ।

দাবা১ [দাব২ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। দাবি, দাবো, দাবে; দাবিতে (ক্ষে০ দাবতে); দাবিয়া (ক্ষে০ দাবি প্রা০ দেবে) ই০। প্রা০ বাং পদ্যে দাবই=দাবিয়া] ক্রি, দমন করা। ২ চাপা; চাপ দেওয়া।

দাবা২ [দ্বি=দ্বা > দবা > । দুই পক্ষের খেলা] বি, রথ, গজ, অশ্ব, পদাতি লইয়া দুই রাজার যুদ্ধ খেলা; শতরঞ্জ (দ্রঃ) খেলা। বি, শতরঞ্জ খেলার মন্ত্রী; ইং the queen. ~খেলা-শতরঞ্জ খেলা chess. দুই রাজার মধ্যে যুদ্ধের অনুকরণে এই খেলার উৎপত্তি। ~বোড়ে-শতরঞ্জ খেলার উপকরণ; বোড়ে দ্রঃ।

দাবা৩ [দাওয়া২ দ্রঃ] বি, মাটির দালান; দাওয়া; দ্বার; প্রকোষ্ঠ। "রামা দাবায় বসিয়া কোষ্টা কাটিতেছিল।"

দাবা৪ [হি০ দব্‌না। তুল-ইং dap; জর্ম্ম০ dappen; প্রাচীন ডচ্‌ dabben (to strike), to strike gently with the hand; ইং dab = a sudden blow or hit. তুল-দাবড়ি। দাবি, দাব (দাবেন, দাবিস), দাবে; দাবিতে; দাবিয়া (ক্ষে০ দেবে, পদ্যে-দাবি)। ব্রজ০ দাবই। ণিজন্ত-দাবান] ক্রি, চাপা। "পাঁচনি বেত্র বামকক্ষে দাবই"-জ্ঞান০। ২ দমন করা। ৩ মর্দ্দন করা; মাড়ান। ৪ টিপিয়া দেওয়া; টেপা। বগলদাবা কিরিয়া-বগলে চাপিয়া।

দাবাই১ [দাবান দ্রঃ] ক্রি, চাপ দি; চাপিয়া ধরি। ২ শাসনে রাখি; দমন করি।

দাবাই২ [গ্রা০] বি, গরুর গাড়ীর সামনের দিকে অধিক ভার (বোঝা) হওয়ায় গরুর কাঁধে জোয়াল চাপিয়া বসা; দাবন।

দাবাই৩-দাওয়াই দ্রঃ।

দাবাগ্নি, দাবানল [দাবের (বনের) অগ্নি (অনল), ৬তৎ] বি, বনাগ্নি; কাঠে কাঠে বর্ষণ দ্বারা উৎপন্ন অনল; বন দহনকারী অগ্নি। "ব্রজ পোড়ে দাবানলে পান করিলেন ছলে করিলেন কালির দমন।"-অ০ ম০।

দাবান [দাবা দ্রঃ। প্রা০ বাং-দাওয়ান। দাবাই, দাবাও (দাবান, দাবাস), দাবে (দাবেন); দাবাইতে; দাবাইয়া (ক্ষে০ দাবিয়ে, পদ্যে-দাবি)] ক্রি, চাপা; চাপিয়া ধরা। ২ দমন করা; শাসন করা।

দাবী [আ০ দাআবী] বি, দাওয়া; স্বত্বাধিকার; আইনমতে প্রাপ্য স্বত্ব claim. ২ নালিস; অভিযোগ charge; plaint. ৩ প্রার্থনা। ~দাওয়া-প্রাপ্য স্বত্ব; স্বত্ব-প্রার্থনা; অধিকার; প্রাপ্য। "কর্ত্তব্য চির-দিনই আমার কাছে কর্ত্তব্য। তার কাছে হৃদয় বৃত্তির কোন দাবী দাওয়া নেই।" -শ০ চট্টো০ (দত্তা)। ২ অভিযোগ; নালিস। ~দার [আ০ দাআবী+ফা০ দার। তুল-সং-দায়াদ] বিণ, যে দাবী করে; স্বত্বপ্রার্থী; ওয়ারিস।

দাবুড়ি [দাবড়ি দ্রঃ] বি, তিরস্কার। "সেঁচেন দা০ খেয়ে হইয়া নীরব"-শি০। "দেবী দিয়া দা০ রাখিল সেই খানে"-ঐ।

দাম১ [দো (ছেদন করা)+মন্‌ (র্ম্ম)। মু০ দামন্‌ ১মা, ১ব০] বি, রজ্জু; সূত্র। ২ শস্যমর্দ্দনার্থ যে দড়িতে গো-সকল বদ্ধ করা হয়; দৌকা; মড়োদড়ি। ৩ মাল্য; মালা। ৪ গুচ্ছ। প্র-কেশদাম। ৫ শৈবাল; জলজ তৃণ। "নিরানন্দে নৈশ নীরে নলিনী সুন্দরী। বিষাদিত ছিল দামে বদন আবরি॥"-দীনবন্ধু।

দাম২ [হি০ দাম=মূল্য] বি, মূল্য; পণ্য-শুল্ক; বিনিময় বস্তু। "ভাল দেখে কিনে লয় দিয়ে ভাল দাম।"-ঈ০ গুপ্ত। ২ [হি০ দাম] পয়সার ২৪ অংশের একাংশ। ৩ আনার কুড়ি অংশের এক অংশ।

দাম৩ [ফা০] বি, জাল net; snare.

দামড়া [সং-দম্য=অনড্‌বান্‌, বাছুর] বি, ছিন্নাণ্ড শিশু বৃষ; মুষ্কহীন ষণ্ড; বলদ।

দামড়ি [হি০ দমড়ী=অর্দ্ধ সিকি পয়সা] বি, পয়সার অষ্টমাংশ। ২ পাঁচ গণ্ডা; ৫। হি০ দামড়ি, হি০ দাম সিকি পয়সা।

দামন্‌ [ফা০] বি, বস্ত্রাদির প্রান্ত ভাগ; প্রান্তভাগ skirt.

দামনী, দাম্নী [দাম১ দ্রঃ] বি, পশু-বন্ধন রজ্জু।

দামরা [অনু০। দামা দ্রঃ] বি, ঢোল (মাণিক০ গানে)।

দামলিপ্ত, তামলিপ্তি [সং-তাম্র-লিপ্ত > পা০ তামলিত্তি] বি, সুহ্মদেশের রাজধানী তাম্রলিপ্তির নামান্তর; তমলুক।

দামসানি-ধামসান দ্রঃ।

দামা১ [দামামা (দ্রঃ) > ক্ষে০] বি, আনন্দ বাদ্যযন্ত্রবিঃ। "অশনির শব্দ যেন দামায় নিশান"-শি০। "রঙ্গিণী রণ জই দুন্দুভি বাজই ঘন ঘোর বাজাইয়া দামা।"-ঘ০।

দামা২ [উদ্দাম > ক্ষে০, বা দামাল > । প্রাদে০] বিণ, উধুমিয়া; গোঁয়ার; দামাল।

দামামা [সাঁওতালী শব্দ। অনু০। দম দম বা ধম ধম শব্দ হয় বলিয়া-ধামামাও বলে] বি, বড় বাদ্যের মধ্যে প্রধান সাঁওতালি বাদ্য। ইহা গাছের গুঁড়ির উপর ফাঁক বা শূন্য-গর্ভ করিয়া তাতে চামড়া খুব শক্ত করিয়া আঁটিয়া তৈয়ার করে; আনন্দ বাদ্যযন্ত্রবিঃ; বৃহৎ ঢকা; রণবাদ্য drum. "ধুধু ধুধুধু

নৌবত বাজে। ঘন ভোরঙ্গ ভমভম দা° দমদম ঝনন্ন ঝম ঝম ঝাঁজে।"-অ° ম°।

দামাল, দাম্বাল, ডামাল [দুর্দ্দম্য > অথবা দম্ভ + আল > দাম্বাল > দামাল, ডামাল] বিণ, দুর্দ্দম্য ; দুর্দ্দান্ত ; দুরন্ত ; অশান্ত (শিশুপক্ষে)। "চলন বলন ঠাটে রইল দামাল। সঙ্গে সহচর সব সহর হাওয়াল॥"- ম°। "দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভুমে লুটি কথায় ভুলায়ে কেবা রাখিবে।"-অ° ম°।

দামিনী [দাম + ইন্ (স্ত্য°) + ঈ (স্ত্রীং)। দাম অর্থাৎ পর্ব্বত বা পর্ব্বততুল্য মেঘ যার একদেশে বিদ্যমান আছে] বি, সৌদামিনী ; বিদ্যুৎ। "পবন তরল বসন মেলি। দা° ঝেচুলি চাঁদনি বেলি॥"- জ্ঞান°। "দা° তক তক, জামকী ধক ধক, ঝক মক চক মক খর তরবারা।"অ° ম°।

দামী, [দাম, (দ্রঃ) + ঈ (স্ত্য°) ; আধিক্যার্থে)] বিণ, যার দাম অধিক ; মূল্যবান্।

দামুর্দর [সং-দামোদর শব্দের প্রা° রূপ] বি, বঙ্গদেশের প্রসিদ্ধ নদ। "কশী জোড়া পশ্চাৎ পবন গতি ধায়। দা° সম্মুখে দুাখিল হৈল রায়॥"-ঘ°।

দামোদর [দামন্=দাম (রজ্জু) দ্বারা বদ্ধ হইয়াছে উদর (পেট) যার, বহু° ; শিশু কৃষ্ণ অতি দুরন্ত ছিলেন বলিয়া যশোদা তাঁর কোমরে দড়ি বাঁধিয়া রাখিতেন অথবা যিনি যশোদা কর্ত্তৃক বদ্ধ হইয়া রজ্জু উদরসাৎ করিয়া ছিলেন। মতান্তরে-"তিনি অতিশয় দান্ত ও ইন্দ্রিয়গণের মধ্যে সপ্রকাশ বলিয়া তাঁহার নাম দামোদর"-মহা° (সিংহ)] বি, কৃষ্ণ ; মাধব। ২ বঙ্গদেশের প্রসিদ্ধ নদ।

দাম্পত্য [দম্পতি + য (সম্বন্ধার্থে)] বিণ, পতি পত্নী সম্বন্ধীয়। ~**নীতি**-বি, দম্পতির পরস্পরের প্রতি ধর্ম্ম ও সমাজ সম্বন্ধ ও কর্ত্তব্য। ~**প্রণয়**,-**প্রেম**-পতি-পত্নীর পরস্পর ভালবাসা ; দম্পতির মধ্যে অবিভক্ত অনুরাগ।

দাম্ভিক [দম্ভ + ইক (বিদ্যমানার্থে)] বিণ, দম্ভকারী ; অহঙ্কৃত ; দর্পী। ২ বঞ্চক ; কপটাচারী। ৩ কপটধর্ম্মী। বি, ~**তা** (-র্ক-) দম্ভ ভাব।

দায় [দা (দান করা) + অ (র্ম্ম), য্ আগম] বি, পৈতৃক সম্পত্তি ; উত্তরাধিকার সূত্রে যাতে অধিকার জন্মে ; পূর্ব্বস্বামীর স্বত্ব-নাশের পর যাতে সম্বন্ধাধীন ব্যক্তির স্বত্ব প্রতিষ্ঠিত হয়। ২ সম্পত্তি ; ধন। ৩ ক্ষতি। "হায় কি হবে, হায় রে কি দায়। গাঙ্গে উঠেছে তুফান তায় নাহি জ্ঞান গুমানের গান তবু উড়ায়॥"- কা° প্র° ঘোষ। ৪ সঙ্কট ; বিপদ ; উপদ্রব ; উৎপাত। "করিয়া অনেক শ্যায়, ঘুচাইনু সব দায় ভয় কিছু না করিও মনে।"-কবিক°। "যে চরণে শরণ লয়ে দেবতা বাঁচে দায়ে।"-রা° প্র°। ৫ জ্বালা ; মনস্তাপ ; ক্ষোভ। "বাম হস্ত নাপাক তসবী জপে তায়। হিন্দুরে নাপাক বলে এত বড় দায়॥"-অ° ম°। ৬ সংস্রব ; সম্বন্ধ। "তোমার সংহতি মম নাহি কোন দায়"- মহা° (কাশী°)। ৭ প্রয়োজন ; গরজ। ৮ [প্রা° বাং] দোহাই ; নাম। "যেন মতে কলাই বেচি রাজাকে দেখিল। যর্র শ্যামক আইল বাপ দায় দিয়া।"-মাণিক° গান। [শ্যামক= স্বামীকে। বাপ দায় দিয়া=বাপ বলিয়া]। ৯ কথা ; জিজ্ঞাস্য। "যবনেও বলে হরি অন্যের কি দায়।"-চৈ° ভা°। ১০ ক্রিয়াকর্ম্ম ; বিবাহ, শ্রাদ্ধাদি বৃহৎ বা গুরুতর কর্ম্ম ভার। প্র-পিতৃদায় ; মাতৃদায় ; কন্যাদায়। বিণ, দায়ী। **দায় পড়েছে** [প্রা° দায় কেঁদেছে] দায় পড়ে নাই ; গরজ নাই। প্র-তাকে বল্‌বার জন্য আমার দায় পড়েছে। **দায়ে ঠেকা**-বিপদে পড়া। **দায়ে পড়া**-বাধ্য হওয়া। ২ বিপদে পড়া। **পেটের দায়**-ক্ষুধার তাড়না। ২ অন্নাভাব ; অন্নচিন্তা।

দায়ক [দা (দান করা) + অক (র্ত্তৃ), য্ আগম] বিণ, দানকারী ; দাতা। ২ যে দেয় ; যে দণ্ড দেয় ; ক্ষতি পূরণকারী। ৩ যে মাথায় দায় চাপাইয়া দেয় ; দোষদায়ক। ৪ [দায় (ধন) + ক (বিদ্যমানার্থে)] বি, দায়াদ ; জ্ঞাতি। স্ত্রীং দায়িকা।

দায়গ্রস্ত [দায়-গ্রস্ত (প্রাপ্ত)] বিণ, দায়ে পতিত ; দায় পীড়িত ; কর্ত্তব্য-ভারাক্রান্ত।

দায়বন্ধু [দায় (দ্রঃ) সম্বন্ধে বন্ধু] বি, দায়ভাগমতে মসহোদর বা পিতৃধনের উত্তরা-ধিকারী জ্ঞাতি ভ্রাতা।

দায়ভাগ [দায়ের (পৈত্রিক ধনের) ভাগ (অংশ), ৬তৎ] বি, পৈত্রিক ধন-বিভাগ ২ জীমূতবাহন-কৃত পৈত্রিক ধন-বিভাগ-বিষয়ক গ্রন্থ।

দায়মাল, [দায় (দ্রঃ) + মাল] বি, দাবির মাল ; চোরাই মাল। "দায়মাল কিন্তু ধরা পড়িল না।"-স্বর্ণলতা।

দায়মুল [আ° দায়েম (চিরস্থায়ী) + উল + হব্‌স্ (অবরোধ) > ডায়মল, দায়মাল, ডামল, ডামুল, ড্যামল] বি, যাবজ্জীবন দীপান্তর বাস বা কারাবাসরূপ দণ্ড transportation or imprisonment for life. ~**ী**-বিণ, ঐরূপ দণ্ডে দণ্ডিত।

দায়রা [ফা°] বি, সামরিক ফৌজদারি বিচার ; বৈঠক sessions court. ২ ফৌজ-দারী উচ্চ আদালত বসিবার কাল।

দায়াদ [দায় (পৈত্রিক ধন) + আদ (যে গ্রহণ করে)] বি, পুত্র। ২ ধন সম্পত্তির ন্যায্য অধিকারী ; উত্তরাধিকারী ; ধনভাগী। ৩ সগোত্র ; জ্ঞাতি, সপিণ্ড। বিণ, ~**ী**।

দায়িক [দায় + ইক] বিণ, দায়ী ; বাধ্য।

দায়িত্ব-দায়ী দ্রঃ। ~-**জ্ঞান**-দায় সম্বন্ধে অনুভূতি বা বোধ ; দায় গ্রহণের গুরুত্ব ও অধিকার বোধ।

দায়ী [দা (দান করা) + ইন্ (র্ত্তৃ) = দায়িন্ ১মা, ১ব°] বিণ, দানকারী ; দায়ক (স্বতন্ত্র প্রয়োগাভাব ; অন্য শব্দের পরে প্রযুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে) ; ধনদায়ী ; কষ্টদায়ী। ২ [দায় দ্রঃ] যে দায়ে ঠেকিয়াছে ; দায়গ্রস্ত। ৩ দণ্ডদাতা। ৪ জবাব দিহি responsible. ৫ দোষী। স্ত্রীং ~**দায়িনী** বি, দায়িত্ব [দায় দ্রঃ] ঝুঁকি ; কর্ত্তব্যভার।

দায়ের [ফা°] বিণ, বিচারাধীন। **দা° করা** [আদা°] বিচারাধীন করা ; আদালতে রুজু করা। "একটা মকদ্দমা দায়ের করতে না করতে আর এক ফ্যাসাদে পড়ে গেছে।"

দার [দৃ (বিদারণ করা, গ্রহণ করা) + অ (র্ত্তৃ, জ্ঞা°)-যে স্বামীকে এরূপে গ্রহণ করে যাতে তার অন্যের প্রতি স্নেহ বিভক্ত হইয়া যায়। সং-তে নিত্য বহু-বচনান্ত পুংলিঙ্গ শব্দ।

আ॰ দার=গৃহ। তুল-"গৃহিণী গৃহমুচ্যতে"] বি, দারা; ভার্য্যা; পত্নী; স্ত্রী। ২ [অ (ভা॰)] বিদার বিদারণ। ~কর্ম্ম, ~গ্রহণ, ~পরিগ্রহ-দ্রঃ।

-দার [ফা॰ দার্ (দাস্তন্ >)] অ, অস্ত্যর্থক বা বিশিষ্টার্থক প্রত্যয়। প্র-চুড়ীদার পাজামা। বুটিদার শাল। দানাদার ঘি। ২ অধিকরণার্থক বা ধারণার্থক প্রত্যয়। প্র-জমিদার। চাকলাদার। ৩ বৃত্তি, ব্যবসায়ার্থক প্রত্যয়। প্র-বেলদার। চৌকীদার। দোকানদার। ৪ জনক, কারক বা উৎপাদকার্থক প্রত্যয়। প্র-মজাদার। বাজনদার। গড়নদার। বি, দারি (দ্রঃ)।

দারওয়ান [দ্বারবান (দ্রঃ) >] বি, দরওয়ান door-keeper. "দা॰ লছমণের কাছে..."-উত্তরা, পৌষ, ১৩৩৩।

দারক [দৃ (বিদারণ করা)+অক (র্ত্তৃ, ভা॰), যে মাতৃ কুক্ষি বিদারণ করিয়া ভূমিষ্ঠ হয়] বি, পুত্র। ২ বালক। ৩ দারুক দ্রঃ। ৪ বিদারক। স্ত্রীং দারিকা-কন্যা। প্র-ভর্ত্তৃদারিকা।

দারকর্ম্ম [দার গ্রহণ রূপ যে কর্ম্ম (ক্রিয়া), ধা] বি, দার পরিগ্রহ কর্ম্ম; বিবাহ।

দারগা, দারোগা [আ॰ দারোগা] বি, পুলিশ বিভাগীয় কর্ম্মচারী; থানার অধ্যক্ষ।

দারগ্রহণ [দারের (পত্নীর) গ্রহণ, ৬তৎ] বি, বিবাহ করণ।

দারণ [দৃ +নিচ্=দারি (বিদারণ করা +অন (ভা॰)] বি, ভেদন; বিদীর্ণ করণ; বিদারণ। ২ [সুশ্রুত] ঔষধ প্রলেপাদি দ্বারা স্ফোটকাদি বিদারণ। ৩ [+অন (ণে)] বিদারক অস্ত্র। ৪ [+অন (র্ত্তৃ)] বিণ, বিদারক।

দারদ [দরদ (দেশবিঃ)+অ (সম্বন্ধে, ভবার্থে)] বিণ, দরদসম্বন্ধীয়। ২ দর্দ্দীস্থানের অধিবাসী।

দারপরিগ্রহ [দারের (পত্নীর) পরিগ্রহ (গ্রহণ), ৬তৎ] বি, পরিণয়; উদ্বাহ।

দারব [দারু+অ (নির্ম্মিতার্থে)] বিণ, দারুনির্ম্মিত; কাষ্ঠময়।

দারহাম-দরহাম দ্রঃ।

দারা$_1$ [দার দ্রঃ] বি, ভার্য্যা; পত্নী; স্ত্রী। "ইচ্ছায় না হলো যদি ভূপতির দারা। এখনি করিব তারে দ্রৌপদীর পারা॥"-ম॰। [প্রা॰ বাং-য় ভুলে স্ত্রীং 'দারি'] ~সুত [সং দারসুত > ভ্রং] বি, স্ত্রী পুত্র।

দারা$_2$ [দারু > প্রা॰ বাং ভ্রং দারা] বি, কাষ্ঠ। ~কুটা, কূটা [দারা (কাট) +কুটা (খড়)] কাট-খড়। ~কূটার ভাত-বিবাহকালীন স্ত্রী-আচারবিঃ। তিন খানা কাঠের উপর হাঁড়ি চড়াইয়া খড়ের জ্বালে ঘৃতপক্ব অন্ন গ্রহণ অনুষ্ঠান। "ছাওয়ান সূর্য্যাইর ঘরের ছাঁইচে রামকলার পাত। তাহাতে রাঁধিয়া দিমু দারা-কূটার ভাত॥"-প্রা॰ সূর্য্যের গান (ব॰ সা॰ পরিচয়)।

দারাইছ [পূ॰ ব॰ প্রাদে॰] বি, দাঁড়াশ সাপ। "দা॰সাপের রস দিয়া তায় বানাইল"॥ -পূ॰ ব॰ গী॰।

-দারি$_1$ [দার (দ্রঃ)+ই (ভা॰), ফা॰ প্রত্যয়] অ, বৃত্তিবাচক প্রত্যয়। প্র-খবরদারী; তহবিলদারী। ২ সম্বন্ধার্থে। প্র-গড়নদারী কাজ; জমিদারী কাগজ পত্র।

দারি$_2$ [প্রা॰ বাং। দারা দ্রঃ] বি, নারী। "কেস হিন (হীন) মস্তক জোবন (যৌবন) হিনা (হীনা) দারি।"-গোবিন্দগীত।

দারিত [দৃ+নিচ=দারি+ত (র্ম্ম)] বিণ, বিদীর্ণ; বিদারিত।

দারিদ [ব্রজ॰। সং-দারিদ্র্য; প্রাকৃ॰ দালিদ্দ, দারিদ। প্রা॰বাং] বি, দারিদ্র্য। "না পূরে অলপ ধনে দা॰ তিয়াসা" বি॰ প॰। ২ [বৈ॰ পদ॰ সা॰] বিণ, দরিদ্র।

দারিদ্র্য, দারিদ্র [দরিদ্র+য, অ (ভা॰)] বি, দরিদ্রের ভাব; নির্ধনত্ব; অকিঞ্চনত্ব। "দারিদ্র্য দুর্গতি কর চূর্ণ।" -অ॰ ম॰। ~ব্যঞ্জক (-বঁ-) বিণ, অভাবসূচক; অর্থকৃচ্ছ্রতাবোধক।

দারী [সং-দারা (স্ত্রী >, ক্রমে কদর্থে, উপস্ত্রী)] বি, গণিকা; বেশ্যা। "জনক জননী অন্ধ জায়া ধর্ম্মশীলা। ঘর ত্যজি দারী সঙ্গে মন মজাইলা।"-ম॰। "নটী দারী নহে সব গৃহস্থের মেয়ে"-ঐ।

দারু$_1$ [দৃ (বিদীর্ণ হওয়া)+উ (র্ম্ম)। তুল-ফা॰ দার্ (কাষ্ঠ)। সাঁওতালী-দারে (গাছ) ও দারু (কাট)। হিং দরখৎ] বি, কাষ্ঠ; ইন্ধন। ২ দেবদারু বৃক্ষ। ৩ [রাসাঃ পরিঃ] পিত্তল [দ্রঃ-সং-তে-বিদারক, ছেদক, দাতা, কাষ্ঠ ই॰ অর্থে প্রয়োগ আছে কিন্তু, বাং-য় অপ্র]। ~চিনি-বি, বৃক্ষবিশেষের মধুরাস্বাদ ত্বক্; গুড়ত্বক্; ডালচিনি cinnamomum zeylanicum. ~জ [দারু (কাষ্ঠ) + জ (জাত)] বিণ, দারুময়; কাষ্ঠনির্ম্মিত। ২ বি, মাদল। ~দহন [দবদহন দ্রঃ] বি, দাবানল। "দুহুঁদিশ দারুদহনে যৈছে দগধই" -বি॰ প॰। ~নিশা, -পীতা, -হরিদ্রা [বৈদ্যকে] বি, বনহলুদ। ~পাত্র [দারুময় পাত্র, ধা] বি, কাষ্ঠনির্ম্মিত আধার। ~পিপীলিকা [দারু(কাঠ) + পিপীলিকা] বি, কাঁঠপিঁপড়ে। "কুসুম ভিতরে মাতা পাতিলেন মায়া। পলাশে রহিলা দারু পিপীলিকা হৈয়া॥"-কবিক॰। ~পুত্রিকা [দারুনির্ম্মিত যে পুত্রিকা, ধা] বি, কাঠের পুতুল। ~ব্রহ্ম [দারু (দারুনির্ম্মিত) ব্রহ্ম (বিষ্ণু, নারায়ণ)] বি, জগন্নাথদেব। "দারুব্রহ্ম সর্ব্বাদৃত বিষ্ণু-পঞ্জরেতে কৃত ইন্দ্রদ্যুম্ন স্থাপিত সম্পন্ন।"- অ॰ ম॰। ~ব্রহ্মা-বি, বিশ্বকর্ম্মা। ~ময় [দারু +ময়] বিণ, কাষ্ঠময়; কাঠে প্রস্তুত। ~যন্ত্র-বি, কাষ্ঠনির্ম্মিত যন্ত্র। ~সার [দারুর মধ্যে শ্রেষ্ঠ, ৭তৎ] বি, চন্দন। ২ [দারুর সার, ৬ তৎ] কাঠের মধ্যে শ্রেষ্ঠাংশ; কাঠের সারভাগ। ~সিতা-দারুচিনি দ্রঃ। ~স্ত্রী -বি, কাষ্ঠ-নির্ম্মিত নারীমূর্ত্তি; কাঠের পুতুল। ~হরিদ্রা-দারুনিশা দ্রঃ। ~হস্তক [দর্ব্বী দ্রঃ] বি, কাঠের হাতা। ২ দর্ব্বী।

দারু$_2$ [গুরুমুখী নিম্ন কথ্য। মূলার্থ-ঔষধ < ফা॰ দারু (মদ্য)] বি, মদ্য; (ঔষধ) > হিং সুরা; শরাব; মদ।

দারুক [ঐতি॰] বি, কৃষ্ণের সারথি। ২ দেবদারু গাছ। ৩ দারু; কাষ্ঠ। স্ত্রীং ~া$_1$- কাষ্ঠ নির্ম্মিত পুত্তলি; কাঠের পুতুল।

দারুকা$_2$ [প্রা॰ বাং। ডাড়্কা, দাড়্কা দ্রঃ] বি, লৌহদণ্ড; বেড়ী; শৃঙ্খল। "হস্তীর

দারুকা দিলে কাটিয়া। দূর হইতে আইসে হস্তী আইল চড়িয়া"-মাণিক° গান।

দারুণ [দৃ+ণিচ্=দারি+উন (কর্তৃ)] বিণ, অত্যন্ত ; অতিশয়। "দেখিল দারুণ বুড়া পড়ে মৃতপ্রায়"-শি°। ২ ভীষণ; ভয়ঙ্কর; ভয়ানক। প্র-দারুণমূর্তি। ৩ উগ্র ; তীব্র। প্র-দারুণ শীত। ৪ অসহ্য ; দুঃসহ। প্র-দারুণ কষ্ট ভোগ। ৫ উৎকট ; কঠোর। প্র-দারুণ প্রতিজ্ঞা। ৬ ক্রূর ; নিষ্ঠুর; নৃশংস। প্র-দারুণ স্বভাব। ৭ নিদারুণ ; মর্ম্মন্তুদ ; অতি কর্কশ ; মর্ম্মভেদী। প্র-দারুণ বাক্য। স্ত্রীং ~া-অক্ষয় তৃতীয়া। ২ দেবীবিঃ। ~ী [প্রা° বাং] বিণ, কঠিনা। ২ বিবেকহীনা। "দারুণী বুড়ী তোর বাপে ত নাহি লাজ"-শ্রী°কী°।

দারোয়ান্-দ্বারবান দ্রঃ।

দার্ঢ্য [দৃঢ়+য (ভা°)] বি, দৃঢ়তা। ২ স্থিরতা ; স্থৈর্য্য। ৩ কঠোরতা ; কাঠিন্য।

দার্দ্দুর [দর্দ্দুর (দ্রঃ)+অ] বি, ভেকত্ব। ২ জল। ৩ দক্ষিণাবর্ত্ত শঙ্খ। ৪ লাক্ষা।

দার্ব্বট [দারু+অট] বি, চিন্তাবেশ্ম ; (গৃহের যে স্থানে বসিয়া লোকে চিন্তা করিত (পল্লীগ্রামে দাওয়ায় বসিয়া গালে হাত দিয়া ভাবিবার কথা প্রায়ই শুনা যায়) তাহা হ'তে) দাওয়া ; রক। ২ মন্ত্রণাগৃহ।

দার্ব্বণ্ড [দারু (-বৎ কঠিন) অণ্ড যার, বহু°] বি, ময়ূর।

দার্ব্বাঘাট,-ঘাত [দারু+আঘাত করে যে, বহু°] বি, কাঠঠোকরা পাখী।

দার্ব্বিকা, দার্ব্বিপত্রিকা [সং] বি, গোজিহ্বা।

দার্ব্বী [সং]বি, পার্ব্বত্যক্ষুপবিঃ ; দারু-হরিদ্রা berberis aristata. ২ দেবদারু গাছ cedrus deodara.

দার্শনিক [দর্শন (শাস্ত্র)+ইক] বিণ, মনস্তত্ত্ববিদ্যায় পারদর্শী ; তত্ত্ববিদ্যায় পণ্ডিত ; দর্শনশাস্ত্রজ্ঞ philosopher. ২ দর্শনশাস্ত্র-সংক্রান্ত।

দার্ষ্টান্তিক [দৃষ্টান্ত+ইক] বিণ, দৃষ্টান্তঘটিত ; দৃষ্টান্তসম্বন্ধীয়। ২ উপমেয়। ৩ দৃষ্টান্তবিশিষ্ট।

দাল [সং-দ্বিদল >] বি, দাইল ; ডাল; কলায় জাতীয় শস্যের অর্দ্ধভাগ করা বীজ।

দালনা [গ্রা° দাঁল্না। ডাল্না দ্রঃ। প্রাদে°] বি, মসলা যোগে সিদ্ধ ব্যঞ্জনবিঃ।

দালপুরী, দালপুরি, ডালপুরী [দাল (দালের পুর দেওয়া) পুরী] বি, ময়দার গুটিকার মধ্যে ডাইল বাটা দিয়া প্রস্তুত রোটিকা।

দার্লভ্য [পু°] বি, দলভ মুনির পুত্র। ২ তীর্থবিঃ।

দালমুট, -মোট [হি°। বুট > মু(মো)ট] বি, ঘৃতপক্ক ছোলার দাল।

দালান [ফা° দালান্]। চট্ট° প্রাদে° দলান] বি,কোঠাঘর ; পাকাঘর। ২ প্রকোষ্ঠ ও বাহিরের অনাবৃত বারান্দার মধ্যবর্ত্তী ছাদ-বিশিষ্ট লম্বা গৃহ a hall. দরদালান দ্রঃ।

দালাল [আ°-দল্লাল, দলাল] বি,মধ্যস্থ। ২ ক্রয় বিক্রয়ের সংঘটক গ্রাহক বা মাল-পত্র সংগ্রহ-কর্ত্তা। ৩ ঘটক। বি, **দালালি, -লী** দালালের কার্য্য। **ফোপল-দালাল** [গ্রা° ফোবোল দালাল। তুল-হি° ফফড় দল্লাল] ফোঁপরা অন্তঃসারশূন্য দালাল ; নামে দালাল কিন্তু অকর্ম্মণ্য। >বি, **দালালি**-অনর্থক বা মিথ্যা মধ্যস্থতা।

দালি [সং-দল্ >। ডালি দ্রঃ। পূ° বঙ্গে-দাইল] বি, দাইল ; দাল। "কেহ দেয় চালকড়ি, কেহ দেয় দালি বড়ি, কুপি ভরি তৈল দেয় তেলি।"-কবিক°।

দালিম-ডালিম দ্রঃ।

দাশ [দাশ্, দাস্ (বধ করা)+অ (কর্তৃ, ভা°)] বি, ধীবর। ২ [দাশ্,-স (দান করা) +অ (সম্প্রদানে)] দানপাত্র। ৩ ব্রাহ্মণ। স্ত্রীং ~ী।

দাশরথ, দাশরথি [দশরথ+অ, ই (অপত্যার্থে)] বি, অযোধ্যাপতি দশরথের পুত্র রামচন্দ্র। ২ [+অ, ই (সম্বন্ধে)] বিণ, দশরথ সম্বন্ধীয়।

দাশরাত্রিক [দশরাত্র+ইক] বিণ, দশরাত্রিব্যাপী। ২ দশরাত্রসাধ্য। ৩ দশরাত্র-সংক্রান্ত।

দাশার্হ [দশার্হ (যদুবংশ বা দেশবিঃ) +অ] বিণ, দশার্হদেশ-সংক্রান্ত। ২ যদু-বংশীয়। ৩ বি, কৃষ্ণ।

দাশুরি [সং] বিণ, হিংস্র।

দাশ্ব [সং] বিণ, দাতা। স্ত্রীং ~া।

দাস [দাশ দ্রঃ। দাস্ (দান করা)+অ (সম্প্রদানে)-যাকে পারিশ্রমিক দান করা হয়] বি, ভৃত্য ; পরিচারক। ২ কৃতদাস। ৩ ক্রীতদাস। ৪ ধীবর। ৫ শূদ্রের উপাধি। ৬ [দাশ দ্রঃ। আধু° অপ্র] ব্রাহ্মণ। ৭ অধীন বা অনুগত জন। ৮ কৈবর্ত্ত ; জালিক ও হালিক দুই প্রকার। "মৎস্য বেচে চষে চাষ বসে দুই জাতি দাস তেলিয়া নগরে পীড়ে ঘানী।"-কবিক°। ৯ [প্রা° সং সাহিত্যে] দস্যু : কৃষ্ণবর্ণ অনার্য্য জাতি। স্ত্রীং ~ী। [দ্রঃ-ওড়ি° দাস শব্দের অকারান্ত উচ্চারণ। বাং-য় অকারান্ত প্রায় ওকারান্ত হইয়া যায় ক্রমে উচ্চারণানুযায়ী বানানে "দাসো" অর্থে 'ওড়িয়া ভৃত্য'। "দাসো জলের কলসী স্কন্ধে" -টেকচাঁদ]। ~খত-বি, দাসত্ব-স্বীকার-পত্র ; দাস হইলাম বলিয়া যে পত্র স্বাক্ষর করিয়া দেওয়া হয় ; ক্রীতদাসরূপে স্ত্রী, পুত্র, কন্যা বা অন্য কোন মনুষ্যকে বিক্রয় বা আত্মবিক্রয় করণ জ্ঞাপক ও বিক্রেতা কর্ত্তৃক লিখিত দলিল বা স্বীকার পত্র। "লিখিতং শ্রীআত্মারাম বাগদী কস্য ছোকরা বিক্রয় পত্রমিদং কার্য্যঞ্চ্যাগে আমার বেটা নাম শ্রীস্যামা বাগ্দী ছোকরা বএশ আট বৎসর বর্ণ কালো ইহার কিম্মত মান্দয়াজী ৭৲ সাত তঙ্কা পাইয়া আমি সেৎছা পূর্ব্বক তোমার স্থানে বিক্রয় করিলাম তুমী ইহারে বাতিজয় ক্রিস্তাও করিয়া খোরাক পোষাক দিয়া আপন খেদমতে রাখহ এই ছোকরার দান বিক্রয়ের সত্বাধিকার তোমার আমার সহিত এবং আমার ওয়ারীসের সহিত এই ছোকরার কোন এলাকা নাই এই করারে ছোকরা বিক্রয় করিলাম ইতি সন ১১৪২ এগারো সত ব্যাম্রিশ, সাল তারিখ ১৭ সতরএী জ্যৈষ্ঠ মাহ ২৮ মাই সন ১৭৩৫ সাল"-প্রবর্ত্তক, ফাল্গুন ১৩২৮। ~ত্ব [দাস+ত্ব (ভা°)] বি, দাসের কর্ত্তব্য ; দাস্যবৃত্তি ; নির্দ্দিষ্ট বেতনে পরসেবা কর্ম্ম ; চাকরি। > **দাসত্ব শৃঙ্খল**-দাসত্বের বন্ধন ; পরাধীনতারূপ বেড়ী।

"স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়। দাসত্ব শৃঙ্খল বল কে পরিবে পায় হে, কে পরিবে পায়॥" -পদ্মিনী উপাখ্যান। ~ত্বপ্রথা-বি, ক্রীত দাস-দাসী রাখিবার রীতি বা নিয়ম। ~দাসী-বি, চাকর চাকরাণী; অনুচরবর্গ। ~নন্দিনী [দাসের (ধীবরের) নন্দিনী (কন্যা), ৬ তৎ] বি, ধীবরী। ২ মৎস্যগন্ধা; ব্যাসজননী সত্যবতী। ~ব্যবসায়-বি, পণ্যের ন্যায় মানুষকে ধরিয়া ক্রয় ও বিক্রয় slave trade. "প্রায় দুই শত বৎসর পূর্ব্বে বঙ্গদেশে দাস ব্যবসায় প্রচলিত ছিল, * * * তৎকালের খৃষ্টিয়ান বণিক্‌গণ এদেশে অতি বিস্তৃত রূপে দাস ব্যবসায় চালাইতেন * * * আমাদের দেশের গরীব হিন্দু পিতা মাতা গরু বাছুর বেচার মত শিশু ও কিশোর বয়স্ক পুত্র কন্যা বিক্রয় করিত * * *"-ভারতী, বৈশাখ, ১৩২৯। "তথনকার জীবনে দাস ব্যবসায় দাস-দাসী ক্রয় একটা অতি সাধারণ ঘটনা ছিল। প্রত্যেক সমৃদ্ধ মুসলমান ও খৃষ্টানের সংসারে পালপাল ক্রীতদাস ছিল। এক পাল ক্রীত দাসদাসী রাখা বড় মানুষীর অঙ্গ ছিল। * * * ১৮৪৮ খ্রীষ্টাব্দে ফরাসী গবর্ণমেণ্টের আদেশে উহা সম্পূর্ণভাবে রহিত হয়।" -প্রবর্ত্তক, ফাল্গুন, ১৩২৮। "গহনার নৌকায় বোঝাই দিয়া যেমন আজকাল ব্যবসায়ী হাটে বেসাত লইয়া আসে, তৎকালে দাস ব্যবসায়ী দাসদাসী বোঝাই দিয়া ভাগীরথী বক্ষ বহিয়া দাসের হাটে জীবন্ত বেসাত লইয়া যাইতেছে, এ দৃশ্য একেবারেই অভিনব ছিল না।" -প্রবর্ত্তক. ১৩২৮। ~ী-বিণ, যে দাস ব্যবসায় করে। ~মনোভাব-বি, দাসবৎ পরনির্ভর-শীল, আত্মপ্রত্যয় ও আত্মসম্মানহীন মনো-বৃত্তি slave mentality. ~লেখ্য [অর্থ শা০] বি, ক্রীতদাস তার প্রভুর নিকট যে লেখ্য দিত। অবস্থার দাস-অবস্থার সম্পূর্ণ বশবর্ত্তী; যখন যেমন দশা ঘটে তখন যে তার অনুযায়ী হইয়া চলে।

দাসানুদাস [দাস+অনুদাস] ভৃত্যের ভৃত্য। স্ত্রীং ~ী।

দাসাপরাধিক [অর্থ শা০ পরিঃ (চাণক্য, কামন্দকীয়)] বি, ক্রীতদাস ও ক্রীতদাসী সম্বন্ধীয় অপরাধের বিচারক ও দণ্ডবিধাতা রাজপুরুষ।

দাসী [দাস (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, পরি-চারিকা; ঝি। ২ [তুল-আ০ গুলাম। সং (গালিতে) 'দাসীপুত্র'=ক্রীতদাসী গর্ভজ, গোলামের বেটা] ক্রীতদাসী। "সব সমর্পিয়া এক মন হৈয়া নিশ্চয় হইলাম দাসী"-চণ্ডি০। "বার বার চরণারবিন্দ গহি সদা রহব বলি দসিয়া"-বি০ প০। ৩ শূদ্রার পদবী। ৪ ধীবরী। ৫ বিণ, অনুগতা। ~গিরি, ~পণা, ~বৃত্তি [প্রা০ দাসীবিত্তি] বি, চাকরাণীর কর্ম্ম।

দাসুসাহি [প্রা০ বাং] বি, ধান্যবিঃ। "দা০ বাঁশফুল ছিলাট করুচি।"-অ০ ম০।

দাসেয় [দাস+এয় (অপত্যার্থে)] বি, ধীবর। ২ [দাসী+এয়] দাসীপুত্র। ৩ বিণ, দাসজ। স্ত্রীং ~ী-সত্যবতী; মৎস্যগন্ধা।

দাসের, দাসেরক [সং] বি, দাসী-পুত্র। ২ উট।

দাসো-দাস দ্রঃ।

দাস্ত [ফা০ দস্ত্‌=ভেদ] বি, মলভেদ।

দাস্য [দাস+য (ভা০)] বি, দাসের বৃত্তি; দাসত্ব। ২ [বৈ০ ভক্তিশাস্ত্রে] উপাস্যের সহিত উপাসকের সেব্য সেবকের সম্বন্ধ ও ভাব। ~বৃত্তি-চাকরি।

দাস্যা [দাসী ৬ষ্ঠী ১ব০ রূপ দাস্যাঃ >] বি, শূদ্রার পদবী দাসী অর্থে পূর্ব্বে ব্যবহৃত হইত। সংস্কৃতের অনুকরণে বাং-য় প্রথমে "দাস্যাঃ" ও পরে "দাস্যা" চলিত হয়। শেষে "দাসী" সধবার এবং "দাস্যা" বিধবার উপাধিবাচক বলিয়া প্রচলিত হয়। অধুনা এই ভুল সংশোধন করিবার চেষ্টা হইতেছে। ফলে গ্রন্থ পত্রাদিতে "দাস্যা" শব্দের ব্যবহার উঠিয়া যাইতেছে এবং মহিলাগণ প্রায়ই স্বামীর জাতীয় পদবী ব্যবহার করিতে আরম্ভ করিতেছেন। এইরূপে "দেব্যা" স্থলে "দেবী"র প্রচলন হইতেছে। শ্রীমত্যা দ্রঃ।

দাহ [দহ্‌ (দগ্ধ করা)+অ (ভা০)। বৌ০ প্রাকৃ০ ডাহ (দ্রঃ)] বি, দহন; জ্বলন। ২ জ্বালা। ৩ সন্তাপ; আন্তরিক যাতনা; মনস্তাপ। ৪ দেহের উত্তাপ; জ্বর। ৫ মৃতসৎকার; শবদাহ। ~ক্রিয়া-অগ্নি সৎকার; শবদাহ। ~ঘ্ন [দাহ (দহন)+ঘ্ন (নাশক)] বিণ, দাহবিনাশকারী। ২ শরীরের দাহনাশক; জ্বরনাশক। ~জ্বর [দাহ প্রধান যে জ্বর, ধা] বি, গাত্রদাহ-কর জ্বর। ~বান্‌-বিণ, জ্বলন্ত। ~ময় [দাহ+ময় (অতিশয়ার্থে)] বিণ, প্রদাহযুক্ত।

দাহক [দহ্‌+অক (র্ত্তৃ)] বিণ, দহন-কারী। ২ দাহ-জনক; জ্বালাকর। ৩ বি, চিত্রক বৃক্ষ; রাঙ চিতার গাছ। স্ত্রীং দাহিকা-দহনকারিণী। প্র-দাহিকা শক্তি।

দাহন [দহ+ণিচ্‌=দাহি (দগ্ধ করান) +অন (ভা০)] বি, দগ্ধকরণ। ২ প্রজ্বালন। ৩ সন্তাপন। ৪ বিণ, দাহক; দহনকারী। "দুরিত দুঃখ-দাহনে আপনি আপনা তুমি করিলে অর্পণ।"-কালীপ্রসন্ন ঘোষ।

দাহা [দাহ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। দাহি; দাহ; দাহে; দাহিতে; দাহিয়া (ক্ষে০ দাহি) ই০] ক্রি, দাহ করা; পুড়ান।

দাহিকা-দাহক দ্রঃ।

দাহিত [দাহি+ত (র্ম্ম)] বিণ, দগ্ধীকৃত; ভস্মীকৃত।

দাহিতে [দহা দ্রঃ। দহিতে শব্দের ণিজন্তরূপ] ক্রি, দহন করাইতে; পোড়াইতে। "দাহিতে কনক দ্বিগুণ হোয় মূল"-বি০ প০।

দাহী [দহ্‌ (দগ্ধ করা)+ইন্‌ (র্ত্তৃ)= দাহিন্‌ ১মা, ১ব০] বিণ, দগ্ধকারী; দাহোৎ-পাদক; দাহজনক।

দাহ্য [দহ্‌+ণিচ=দাহি+য (র্ম্ম)] বিণ, দহনযোগ্য; যাকে দাহ করা উচিত। ২ যা সহজে প্রজ্বলিত হয়; বিস্ফোরক। প্র-দাহ্য পদার্থ।

দি১ [সং-দা (দানে)। "দিই" ও হয়। গ্রা০] ক্রি, দেই; দান করি। "পণ্ডিতেরা কহিলেন যে যে সামগ্রীর আবশ্যক তাহার ধার্য্য করিয়া দিই। রাজা কহিলেন ভাল তাহাই দিউন।"-কৃষ্ণচন্দ্র চরিত। "নগর চত্বর আর যে মাগ তা দি"-শি০। ~ছি (চ্ছি) [দিতেছি (ক্ষে০ দিচ্ছি)] দান করিতেছি। এইরূপ-দিব, দিতাম, দিতে, দিত, দিলাম ই০ [প্রাদে০ রূপান্তর-দিলুম, দিলেম (২৪ পরগণা), দেলাম, দ্যালাম, দালাম (পূ০ ব০); দিলে, দিলেন; দিল, দিলে, দিলেক (প্রাদে০),

দিলেন। প্রা° বাং-দিলান্ত=দিলেন। দিলেঁ =দান করিলে। দিলোঁ=দিলাম। দিবওঁ= দিব। দিবাক=দিতে। দিবেহেঁ=দিবে। দিবোঁ, দিবোঁয়=দিব। "গালি তোরেঁ দিবোঁয় বিস্তর"-শ্রী° কী°]।

দি২ [সংযোগে 'দা' দ্রঃ। দিদি দ্রুত উচ্চারণে] বি, দিদি; বড় বোন। প্র-ছোটদি, বড়দি, মেজদি, নতুনদি, রাঙ্গাদি, বৌদি ই°। "কেন বৌদি দোষটা কি?"-পিতামাতা।

দি৩ [সং-দ্বারা > দিয়া (প্রা° বাং-দিঞাঁ) > কো° দি, দে] অ, দিয়া; দ্বারা। প্র-কি দি (=কি দিয়া)। দিঞাঁ দ্রঃ।

দি৪ [সং-আদি > কো°, অথবা আদিক (গ) > দিক, দিগ > দি] বি, বহুবচনান্ত বিভক্তি; আদি।

দিআর [প্রা° বাং] ক্রি, দাও। দিআস্ত= দিউক। দিএ=দিই (শ্রী° কী°)।

দিউ, দিউক [দেওয়া দ্রঃ। দিউক > কো° দিক, সম্ভ্রমে-দিউন (কো° দিন), দিউগ'ও° (কো° দিগ)। ক=গ] ক্রি, অনুজ্ঞার্থক, দান করুক। "তাহাই দিউন"-কৃষ্ণচন্দ্র চরিত।

দিউলী [প্রাদে°। দেউলী দ্রঃ] বি, মাটির ছোট প্রদীপ।

দিও [দেআ (দ্রঃ) ধাতু। ম° পু° অনুজ্ঞা, ভবিষ্যৎকাল বাচক] ক্রি, দান করিও। ~না [দিও দ্রঃ। দিও+না (নিষেধার্থে)] ক্রি, দান করিও না। ২ [অনুনয় বা অনুরোধার্থে, কোমল কণ্ঠস্বরে উচ্চারিত] দিও; দান করিও।

দিক্১, দিগ্ [সং-দিক্। দিশ্ (দান করা)+ক্বিপ্ (কর্তৃ)-যে অবকাশ দান করে। প্রা° বাং-দিগ। দিগেঁ (=দিকে)-শ্রী° কী°। দিগঁত (=দিকে)। "জলর দিগত চায়"-মাণিক°] বি, অভিমুখ; উত্তর, পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিমাদি দশদিক্। "দিগ্‌ভ্রম হইলে কোন্‌টা উত্তর কোন্‌টা দক্ষিণ কিছুই ঠিক করা যায় না।" ২ অংশ। প্র-কোন দিক্ রামের ভাগে আর কোন দিক্ শ্যামের ভাগে পড়িল। ৩ প্রদেশ; অঞ্চল। প্র-তারা দক্ষিণ দিক্ হতে আসিয়া এদেশে বাস করিতেছে। ৪ সীমা। "ভারতবর্ষের উত্তরদিক্ যেমন অভ্রভেদী পর্ব্বত-মণ্ডিত ইহার দক্ষিণ দিক্ তেমনি অতলস্পর্শ সমুদ্র-বেষ্টিত"-ছাত্রপাঠ। ৫ পক্ষ। এ মামলায় সে কাহার দিকে থাকিবে? সে কোন দিকেই থাকিতে চাহে না"। ৬ দিক্- ভ্রম; দিশা।

দিক্২ [আ° দিক (বিরক্ত; রুগ্ন)] বিণ, বিরক্ত; উত্যক্ত। দিক্ করা-ব্যস্ত করা; উত্যক্ত করা; কষ্ট দেওয়া। ~করী [দিক্-করী (গজ)] বি, দিক্-হস্তী; ঐরাবতাদি দিগ্‌গজ। "সে অসুর মহাবলে মহেশ পূজায় কলে দিক্‌করী তুলিয়া আছাড়ে।"-কবিক°। ~(গ্) দার [আ°দিক্+ফা° দার্] বিণ, বিরক্তকারী; উত্যক্তকারী। ২ ক্লেশদায়ী। বি, দিক্‌দারী, দেক্‌দারী, দেগদারী-বিরক্তি। ~পতি, দিক্‌পাল [দিশ্=দিক্ (দিকের) +পতি (অধিপতি, প্রভু), পাল (পালক, রক্ষক), ৬তৎ] বি. উত্তর পূর্ব্বাদি দশ- দিকের দশ অধিপতি বা রক্ষক। "দেবতা অসুর রক্ষ অপ্সর কিন্নর যক্ষ সবে ভোগ করে নানা রস। গন্ধর্ব্ব ভুজঙ্গ নর সিদ্ধ সাধ্য বিদ্যাধর নবগ্রহ দিক্‌পাল দশ॥"-অ° ম°। ইন্দ্র, বহ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা ও অনন্ত পূর্ব্বাদিক্রমে দশদিক্ রক্ষা করেন। ২ যাহার দিক্‌পাল সদৃশ ঐশ্বর্য্য ও ক্ষমতা আছে; প্রবল প্রতাপান্বিত ব্যক্তি; প্রধান ব্যক্তি। ~শূল-বি, গ্রহ-নক্ষত্রাদির অশুভদ স্থিতি হেতু দিগ্বিশেষে যাত্রা-নিষিদ্ধ দিন।

দিকাদিক [দিক (ক্)+অদিক] বি, দিগ্বিদিক্। "দিকাদিক ভেদ নাই টলমল সর্ব্ব ঠাঁই ঘোর অন্ধকার ঘোর তপে।"অ° ম°।

দিকিন, দিকিনি, দেকিনি ["দেখি এখন (-নি)" বা দেখিসিন > কো°। প্রা°। বল, কর, যা, শোন্ ই° অনুজ্ঞাত্মক ক্রিয়ার যুক্ত হইয়া প্রযুক্ত হয়] অ, দেখি এখন। বল দিকিনি, যা দিকিনি, দেখ্ দেকিন্, কর দিকিন ই°।

দিগ্-দিক্ দ্রঃ। দিগ-দি৩ দ্রঃ।

দিগক্ষরা-বি, সংস্কৃত ছন্দোবিঃ।

দিগন্ত [দিক্+অন্ত (শেষ)] বি, দিকের সীমা বা শেষ; অনন্ত ব্যবধান; দি° প্রসারী, ~ব্যাপী-যা অনন্ত স্থানে পরিব্যাপ্ত হইয়াছে।

দিগন্তর [দিক্+অন্তর] বি. দিকের দূরত্ব বা অবকাশ। ২ অন্য দিক্।

দিগম্বর [দিক্ হইয়াছে অম্বর (বস্ত্র) যার, বহু°] বি, শিব (নিরাবরণ বলিয়া)। "বিরূপাক্ষ দিগম্বর ত্র্যম্বক গিরিশ হর রুদ্র পুরহর স্মরহর।"-অ° ম°। ২ বৌদ্ধবিঃ। ৩ অন্ধকার। ৪ বিণ, বস্ত্রবিহীন; উলঙ্গ; বিবস্ত্র। "বিয়ার বেলা এয়োর মাঝে হৈল দিগম্বর লো।"-অ° ম°। "কি জানি তপের ফলে পাইয়াছি হর। সই সাজাতি নাহি থাকে দেখি দিগম্বর॥"-কবিক°। স্ত্রীং ~রী-দিগ্‌বসনা। ২ কালী। "এ কার রমণী নাচে রণমাঝে মুক্তকেশী দিগম্বরী"-বাং-গান।

দিগর, দিগের ['আদি করিয়া' অর্থে কো° আদিকর, আদিগর > কো°। অথবা ফা° দিগর্। মধ্য-বাং য় 'দীগর' ও°] অ, বহুবচনান্ত বিভক্তি; গণ; সকল। আমার দিগর= আমাদিগর (আধু°)। মোসবা= আমরা সবাই (আধু°)। ২ সম্বন্ধ কারকের বহুবচনান্ত বিভক্তি। "আমারদিগর বেরাদরির মধ্যে"।-মহারাজ নন্দকুমার (১৭৭২ খৃ°)।

দিগারী [প্রাদে°] বি, চুরি ডাকাইতি ই° জন্য ক্ষতিপূরণের দায়িত্ব গ্রহণহেতু প্রাপ্য অর্থ। "মোর শিরে দায় যদি হয় ডাকা চুরি। পঞ্চাশ কাহন চাহি আমার দিগারী॥" -কবিক°।

দিগীশ্বর [দিকের ঈশ্বর, ৬তৎ] বি, দিক্‌পাল।

দিগ্‌গজ [দিক্‌রক্ষক যে গজ, ধা] বি, দিক্‌হস্তী; ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, ও সুপ্রতীক নামক অষ্ট দিগ্‌গজ; পূর্ব্বাদি অষ্ট দিক্ রক্ষক হস্তী। "রত্ন গজ আদি গজ দিগ্‌গজ সংখ্যায়। উচ্চৈঃশ্রবা উচ্চৈঃশ্রবা অশ্বের লেখায়।"-অ° ম°। ২ মহাকায়; বৃহদাকার; প্রকাণ্ড। প্র-দিগ্‌গজ মূর্ত্তি। ৩ [ব্যঙ্গার্থে] মহামূর্খ; হস্তীমূর্খ। প্র-তিনি একটা দিগ্‌গজ। দি° পণ্ডিত [দিগ্‌গজ উপমার্থে] বি, মহা-পণ্ডিত; সর্ব্বশাস্ত্রবিশারদ।

দিগ্‌জ্ঞান [দিক্+জ্ঞান] বি, দিগ্‌নির্ণয়

জ্ঞান ; দিক্ সমূহের জ্ঞান। ২ অগভীর জ্ঞান ; সামান্য জ্ঞান।

দিগ্দড়া, দিগ্দিড়ি, দিগ্দড়াঙ্গে [প্রাদে°] বি, গৃহপালিতগরু বা ছাগলকে যে লম্বা দড়ি দিয়া একটা গোঁজে বাঁধিয়া সীমাবদ্ধ জায়গায় চরিতে দেওয়া হয়।

দিগ্দর্শন, ~যন্ত্র [দিক্+দর্শন, +যন্ত্র] বি, দিক্ নির্ণায়ক যন্ত্র। ২ বহুদর্শন।

দিগ্দিগন্ত [দিক্+দিগন্ত (দ্রঃ)=দিক্ হতে দিগন্ত পর্য্যন্ত। দিশ্১ দ্রঃ] বি, দিক্ হতে দিক্সীমা পর্য্যন্ত ; দিগ্বিদিক্ ; সমস্ত দিক্ ; দিকের অনন্ত বিস্তার।

দিগ্দিগন্তর [দিক্+দিগন্তর (দিক্+অন্তর)। দিকের অন্তর=বিদিক্)] ক্রি-বিণ, দিগ্বিদিক্ ; সকল দিক্ ; দিকে দিকে। ২ এক দিক্ হতে অন্য দিক্।

দিগ্ধ [দিহ্ (লেপন করা)+ত (র্ম্ম)] বিণ, লিপ্ত ; মিশ্রিত। প্র-বিষদিগ্ধ বাণ।

দিগ্ধাউড়ি [দিক্+ধাউড় (দ্রঃ)+ইয়া, রূপান্তরে দিগ ধাবাড়ি, দিগ্ধাব্ড়ে]। বিণ, যে দিকে দিকে ধাওয়া করে ; চতুর্দ্দিকে বিস্তৃত। "অধিক বয়সে বিয়ে দিলে একটা মস্ত দিগ্ধাব্ড়ে জামাই আসবে।"-টেকচাঁদ।

দিগ্ধেড়েঙ্গা [দীর্ঘ > দিঘড়+অঙ্গ+আ (অনুকারার্থে) >। তুল-ঢেঙ্গা হট্কা] বিণ, বে-মানান লম্বা, দীর্ঘাঙ্গ।

দিগ্বলয় [দিক্+বলয় (চক্র)] বি, দিক্চক্র ; চক্রবাল horizon.

দিগ্বসন [দিক্+বসন (বস্ত্র) যার, বহু°] বি, শিব ; দিগম্বর। স্ত্রী° ~া-দিগম্বরী ; কালী। "দিবানিশি ভাবরে মন, অন্তরে করালবদনা। নীল কাদম্বিনী রূপ মায়ের, এলোকেশী দিগ্বসনা।"-রা° প্র°। "হর-উরোপরে কে বিহরে ললনা তিমির-বরণা দিগ্বসনা।"-বাং-গান (রঘুনাথ রায়)।

দিগ্বস্ত্র (দিগ্ব-) [দিক্+বস্ত্র (অম্বর, আবরণ) যার, বহু°] বি, শিব ; দিগম্বর দ্রঃ।

দিগ্বাজী [দিক্ (উল্টাদিক্)+বাজী (খেলা)। ডিগ্বাজী দ্রঃ। হি° কলাবাজী] বি, মাথা হেঁট করিয়া বিপরীত দিকে উল্টাইয়া পড়া। ক্রি, দি° খাওয়া।

দিগ্বালা [দিক্ (রূপ)+বালা (নারী)] বি, দিগ্বালিকা ; আকাশসুন্দরী। "চন্দ্রসূর্য্য করতাল দুইহাতে বাজায় দি°"-শান্তি-নিকেতন, ভাদ্র, ১৩৩২।

দিগ্বাসাঃ [বাং-'দিগ্বাসা' ও°। দিক্+বাসস্। দিক্ই হইয়াছে যার বস্ত্র স্বরূপ, বহু°] বিণ, পুং, স্ত্রীং, দিগ্বসনা ; উলঙ্গ ; দিগম্বর ; দিগম্বরী। ২ বি, শিব। ৩ বুদ্ধবিঃ। ৪ জৈন দিগম্বর।

দিগ্বিজয় (-গ্বি-) [দিক্+বিজয়] বি, সংগ্রামে সকল দিক্ অধিকার। ২ বিদ্যার বিচারে সকলদিকের পণ্ডিতমণ্ডলীকে পরাস্ত করিয়া সকলের উপর আধিপত্য স্থাপন। বিণ, ~ী [দিক্+বিজয়+ইন্(স্ত্য°) =বিজয়িন্ ১মা, ১ব°] দিগ্বিজয়কারী।

দিগ্বিদিক, দিগ্বিদিক,-গ [দিশ্ > দিক্ (পূর্ব্বাদি চার দিক্)+বিদিক্ (ঈশানাদি চার কোণ)] বি, অষ্টদিক্ ; দশদিক ; সকল দিক্। ২ অনুকূল ও প্রতিকূল দিক্ ; গন্তব্য দিক্ ও বিপরিত দিক্। "কৃষ্ণ ক্রীড়ারসে দিগ্বিদিগ্ নাহি মানে।"-জ্ঞান°। "সম্মুখে শয়ান সিন্ধু দিগ্বিদিক্ হারাইয়া।"-রবী°। ৩ সু-কু ; ভাল-মন্দ ; ন্যায়-অন্যায় ; গুরু-লঘু। ~-জ্ঞান-কর্ত্তব্যাকর্ত্তব্য বোধ ; হিতাহিত বোধ ; স্থান অস্থান জ্ঞান ; গুরু লঘু জ্ঞান। প্র -তার দিগ্বিদিক্ জ্ঞান নাই বলিয়াই যাকে যা ইচ্ছা বলিয়া থাকে।

দিগ্ভ্রম, ~ভ্রান্তি [দিক্ (দিকে) ভ্রম, ভ্রান্তি (ভুল), ৭তৎ] বি, দিশাভুল ; এক-দিককে অন্য দিক্ বলিয়া ভুল করা। বিণ, দিগ্ভ্রান্ত।

দিঙ্নাগ [দিক্স্থিত যে নাগ (হস্তী), ধা] বি, দিগ্গজ।

দিঙ্নির্ণয় [দিক্+নির্ণয়] বি, উত্তরাদি দিকের নির্দ্ধারণ ; কোন দিক্ কি তাহার নিরূপণ। ~যন্ত্র-বি, কম্পাস।

দিঙ্মণ্ডল [দিক্+মণ্ডল] বি, দিকচক্র-বাল horizon.

দিঙ্মাত্র [দিক্+মাত্র] বি, একদেশ। ২ অংশমাত্র ; একাংশ।

দিঙ্মূঢ় [দিক্+মূঢ় (ভ্রান্ত), ৭তৎ] বিণ, দিগ্ভ্রান্ত।

দিঞা [প্রা° বাং। আধু° দিয়া] অস-ক্রি, দান করিয়া। ২ খাওয়াইয়া। "মায় জসোদা পুবিলেক দিঞা খীর।"-শ্রী° কী°। ৩ বিন্যস্ত করিয়া। "কাহ্নের উরে শুতিলোঁ দিঞা শিয়রে"-ঐ। ৪ ধারা। "দূতী দিঞা পাঠায়িলোঁ গলার গজমুতী।"-শ্রী° কী°।

দিট, দিঠ, দিঠি [দৃষ্টি > প্রাকৃ° দিট্ঠি, দিট্টি >] বি, দৃষ্টি ; চক্ষু। "হই খাইলে খাজন দিট।"-ডাক। "দেয়ল দিট"-বি° প°। এক দিঠ করি ময়ূর ময়ূরী কণ্ঠ করে নিরী-ক্ষণে।"-চণ্ডি°। "তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।"-রবী°। "অলখিতে দিঠি কব হৃদয়ে পসারলি।" -বি° প°। ক্রি-বিণ, দিঠিতে, দিঠে [প্রা° বাং-দীঠে ও°] দৃষ্টিতে ; নজরে। "চাহ মোরে আড়কারী দীঠে"-শ্রী° কী°। ২ দিকে। "আইস বাছা পরমহংস থাক মোর দিঠে।-শূ° পু°।

দিঢ় [প্রা°। সং-দৃঢ় > ভং] বিণ, দৃঢ় ; শক্ত। "সেতাই পণ্ডিত হৈল উপনীত দিঢ় করি নিল মুঠি।"-শূ° পু°।

দিত১ [দেওয়া দ্রঃ। তুল-হি°'দেতা থা', প্রা° হি° দেতরহা] ক্রি, দান করিত।

দিত২ [সং। দো (ছেদনে)+ত (র্ম্ম)] বিণ, ছেদিত ; ছিন্ন।

দিতি [সং। "দিতির্দৈত্যজননস্যা"-মে°] বি, কশ্যপমুনির ভার্য্যা ; দৈত্যজননী ; অদিতির ভগিনী। ~জ [দিতি হ'তে জ (জাত)] বি, দিতির গর্ভজ ; দৈত্য ; দানব। ~সুত-বি, দিতির পুত্র ; দানব।

দিতে [প্রা° বাং রূপ দিতেঁ] অস-ক্রি, দান করিতে।

দিতোঁ [প্রা° বাং। আধু° দিতাম] ক্রি, দান করিতাম।

দিৎসা [দা (দান করা)+স (ইচ্ছার্থে দ্বিত্ব)=দিৎস্+অ (ভা°)+আ (স্ত্রী°)] বি, দানের ইচ্ছা ; দানাভিলাষ।

দিৎসু [দা+স (ইচ্ছার্থে)=দিৎস+উ (র্ত্তৃ)] বিণ, দান করিতে ইচ্ছুক।

দিদি, -দী [দাদা দ্রঃ। সং-দেবী > দেই >। হি° জীজী (দীদী)। দ=জ। আদরার্থে-দিদা] বি, জ্যেষ্ঠভগিনী ; অগ্রজা। ~বাবু-নব্য যুগের পরিচারিকাদির

ভাষায়] বি, স্ত্রী, ভদ্র ঘরে কন্যাদিগের প্রতি দাসদাসী কর্ত্তৃক সম্বোধন। পুং-দাদাবাবু। ~মা [দাদা দ্রঃ। আদরার্থে 'দুদুমা'] বি, মাতামহী; মাতার মাতা।

দিদৃক্ষমাণ [দৃশ্ (দর্শন করা)+স (ইচ্ছার্থে, সন্)=দিদৃক্ষ+আন (র্ত্তৃ)] বিণ, দর্শনাভিলাষী।

দিদৃক্ষা [দৃশ্ (দেখা)+স (ইচ্ছার্থে=দিদৃক্ষ+অ (ভাং)-আ (স্ত্রীং)] বি, দর্শনাভিলাষ।

দিদৃক্ষু [দৃশ্+স (ইচ্ছার্থে)=দিদৃক্ষ+উ (র্ত্তৃ)] বিণ, দর্শনেচ্ছু।

দিধক্ষু [দহ্ (দহনে)+স (ইচ্ছার্থে)=দিধক্ষ+উ] বিণ, দহনেচ্ছু। "হব্যবাহন * * * খাণ্ডব দাব দিং হইয়া প্রজ্জলিত হইয়া উঠিলেন"-মহাং (সিংহ)।

দিধি [সং] বি, ধৈর্য্য। ~ষু [দিধি (ধৈর্য্য)+সো (নাশে)+উ (র্ত্তৃ)] বি, স্ত্রী বা স্বামী যে ধৈর্য্য হারাইয়া পুনরায় বিবাহ করে; পুনর্ভূ।

দিন [দো(ছেদন করা)+ইন(র্ত্তৃ,জ্ঞাং)-যে অন্ধকার দূর করে] বি, সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যবর্ত্তী কাল; দিবস; দিবা। "হেরি অন্ধকার, হে উদ্ধব, ব্রজের ধব মাধব বিনে। অক্রূর হরে লয় যে দিন দীনবন্ধুকে, দিন গেছে সে দিন, নিশিদিন হয়েছে আজি দীনে॥"-দাশরথি। ২ সূর্য্যের উদয় অবধি পুনরুদয় পর্য্যন্ত ২৪ ঘণ্টা কাল; দিবস; অহোরাত্র। ৩ প্রতিপদ হ'তে অমাবস্যার পর পূর্ণিমা পর্য্যন্ত তিথি নিরূপিত কালকে চান্দ্রমাস বলে। ঐ চান্দ্রমাসে এক তিথিতেই দিন শব্দ ব্যবহৃত হয়। [দিন বিভাগ-৬০ ক্ষণ=১ লব, ৬০ লব=১ নিমেষ, ৬০ নিমেষ=১ কাষ্ঠা, ৬০ কাষ্ঠা=১ অতিপল, ৬০ অতিপল=১ বিপল=৪ সেকেণ্ড, ৬০ বিপল=১ পল=২৪ সেকেণ্ড, ৬০ পল=১ দণ্ড=২৪ মিনিট, ৬০ দণ্ড=১ অহোরাত্র, ৬০ অহোরাত্র=ঋতু, ৬ ঋতু=১ বৎসর]। ~কর (-নং) [দিন-কর (যে করে)] বি, অন্ধকার-হরণকারী; দিবাকর; সূর্য্য। ২ অর্কবৃক্ষ। > ~করাত্মজ (-নং) [দিনকর (সূর্য্য)+আত্মজ (পুত্র)] বি, রবিসুত; শনিগ্রহ। ২ যম। ৩ কুন্তিপুত্র কর্ণ। > স্ত্রীং ~া-বি, যমুনা। দিন করা-দ্বিরাগমন করা; নববধূর প্রথম শ্বশুরালয়ে আগমন করা। ~কাল-দিন বা তিথি ও সময়। ২ দুঃসময়; দুর্দ্দিন। ~কৃৎ [দিন-কৃৎ (যে করে)] বি, সূর্য্য। ~কৃতি-বি, দৈনিক কৃত্য; নিত্যকর্ম্ম; দৈনিক পূজা-আহ্নিক (কথিকং)। দিং কেনা-সুযোগমত কার্য্য উদ্ধার করা; নিজের কাজ গুছাইয়া লওয়া। ~ক্ষণ-শুভাশুভ দিন ও মুহূর্ত্ত। ২ শুভদিন ও শুভ মুহূর্ত্ত। ~ক্ষয় [দিনের (তিথির) ক্ষয় (অবসান), ৬তৎ] বি, তিথিক্ষয়। ২ এক সাবন দিনে তিন তিথির ক্ষয়। ~গর্ত্তি পাপক্ষয় [দিন দ্রঃ] বি, প্রাত্যহিক পাপ নাশের জন্য প্রাত্যহিক কৃত্য; নিত্যকৃত্য। ২ [লক্ষং] বিশেষত্বহীন ভাবে রোজের কাজ রোজ শেষ করা মাত্র। দিন গোণা-ক্রি, দীর্ঘ দিন ধৈর্য্য ধরিয়া অপেক্ষা করা। ~দগ্ধা [স্মৃং পরিঃ] বি, যে বার ও তিথিতে যাত্রাদি শুভকার্য্যের অনুষ্ঠান নিষিদ্ধ [রবিবারে দ্বাদশী, সোমে একাদশী, মঙ্গলে দশমী, বুধে তৃতীয়া, বৃহস্পতিতে ষষ্ঠী, শুক্রে দ্বিতীয়া (মতান্তরে পূর্ণিমা বা অমাবস্যা) ও শনিতে সপ্তমী যোগে হয়]। ~দিন-অ, প্রতিদিন; প্রত্যহ। ~নাথ, -পতি, -বন্ধু, -মণি [দিনের পতি ইং(প্রভু, প্রবর্ত্তক), ৬তৎ] সূর্য্য। ~পাত [দিনের পাত (গমন করান), ৬তৎ] বি, দিন অতিবাহন। ২ সংসারযাত্রা নির্ব্বাহ। ৩ চান্দ্রতিথির ক্ষয়। দিন-পর-দিন-অ, দিনের পর দিন; উত্তরোত্তর। ~মান [দিনের মান (পরিমাণ), ৬তৎ] বি, সূর্য্যোদয় হ'তে সূর্য্যাস্তকাল পর্য্যন্ত; যতক্ষণ সূর্য্যালোক থাকে। ২ সারাদিন। ~মুখ [দিনের মুখ (অগ্রভাগ), ৬তৎ] বি] প্রভাত; প্রত্যুষ। ২ দিনের মুখ বা প্রকাশক; [সূর্য্যের দ্বারা দিন হয় বলিয়া] সূর্য্য। "দিনমুখ রবি কোকনদ ছবি অতুল পদ দুখানি।"-অং মং। ~মূর্দ্ধা [সং] বি, উদয়-গিরি। ~যামিনী [দিন ও যামিনী (রাত্রি), দ্বন্দ্ব] বি, দিবানিশি; নিশিদিন। ~যৌবন-বি, মধ্যাহ্ন। ~শেষ-বি, দিনান্ত; সন্ধ্যা। কুদিন, দুর্দ্দিন, সুদিন ইং স্ব স্ব স্থানে দ্রঃ। দিনে ডাকাতি [দিন দ্রঃ] বি, অতিশয় সাহস ও জুলুমের কাজ। ২ জ্ঞাতসারে পরস্ব আত্মসাৎ করণ। দিনে তারা দেখা [দিন দ্রঃ] অসম্ভব সম্ভব হ'তে দেখিয়া গর্ব্ব বা উৎসাহে স্ফীত হওয়া। দিনে দিনে অ, দিন দিন; উত্তরোত্তর। "দিনে দিনে বাড়ি গেল * * রূপ।"-শ্রীং কীং। দিনের দিন-অ, প্রতিদিন। ২ উত্তরোত্তর।

দিনহি [ব্রজং। দিন+হিং (=মাহি=মধ্যে)] ক্রি-বিণ, দিনে; দিবসমধ্যে। "দন্দ দিনহি দীনহীনা সো পুন পালটি ক্ষণে ক্ষণে ক্ষীণা।"-বিং পং।

দিনাত্যয় [দিন+অত্যয় (ক্ষয়)] বি, দিবাবসান।

দিনাদি [দিন+আদি] বি, দিনমুখ।

দিনান্ত [দিন+অন্ত (অবসান), ৬তৎ] বি, দিবসের শেষ। "চাইমা চন্দ্রমা রবি নন্দন কানন। দিনান্তে বারেক যদি পাই দরশন॥"-দীনবন্ধু মিত্র। ২ সায়ংকাল; সন্ধ্যা। ~ক-বি, অন্ধকার; রাত্রি।

দিনায় [জমিং পরিঃ] বিণ, দৈনিক।

দিনাবসান [দিন+অবসান] বি, দিনান্ত; দিনশেষ; সন্ধ্যা।

দিনিকা [দিন+ইক+আ] বি, দৈনিক বেতন; দিন মজুরী।

দিনেমার [ইং Denmark >] বি, ডেনমার্কের অধিবাসী। "দিনেমার এলেমান করে গোলন্দাজী"-অং মং।

দিনেশ [দিন (দিনের)+ঈশ (ঈশ্বর), ৬তৎ] বি, দিনপতি; সূর্য্য। ২ অর্কবৃক্ষ।

দিনেশাত্মজ [দিনেশ (সূর্য্যের)+আত্মজ (পুত্র), ৬তৎ] বি, সূর্য্যপুত্র (শনিগ্রহ, যম, সুগ্রীব ও কর্ণ)। ২ [দিনেশ+আত্মজ যার, বহুং] কণ্বমুনি। স্ত্রীং ~া-যমুনা।

দিব১ [দিব্য >] বি, শপথ। "আপন দিব তব বন্ধুবন্ধু জান"-বিং পং। "তব ধনী দিব দেই নিজ মাথে"-জ্ঞানং।

দিব২ [দেওয়া দ্রঃ। প্রাং বাং। প্রাং প্রাদেং। 'দিম,' 'দিমু', 'দিবু' ওং] ক্রি, দান করিব।

দিবস [দিব্ (দীপ্তি পাওয়া)+অস (ধি) -যেকালে দীপ্তি পায়। তুল-ল্যা dies. গথ০ dags, আইরিশ্ dia, ওয়েল্শ্ dydd, dya, ইং day.] বি, দিন। ২ সূর্য্যোদয় হতে পুনঃ সূর্য্যোদয় পর্য্যন্ত কাল। ~কর-বি, দিবাকর। ~মুখ-বি, প্রভাত।

দিবসাত্যয় [দিবস+অত্যয় (ক্ষয়), ৬তৎ] বি, দিবাবসান; সন্ধ্যা।

দিবস্পতি [দিবস্=দিবঃ (স্বর্গ)+পতি (স্বামী), ৬তৎ] বি, দেবরাজ ইন্দ্র। ২ দিনপতি সূর্য্য।

দিবা [দিব্ (ক্রীড়া করা)+আ (ধি, জ্ঞা০)] অ, দিবসে। প্র-দিবা দ্বিপ্রহরের সময়। ২ দিন। ~কর [দিবা-কৃ (করা) +অ (র্তৃ), কিম্বা দিবা (দিনের বেলা) কর (কিরণ) যার, বহু০] বি, সূর্য্য। "ভাস্করায় নমঃ হর মোর তমঃ দয়া কর দিবাকর।" -অ০ ম০। ~চর [দিবা (দিবসে) চর্ (গমন করা)+অ (র্তৃ)] বিণ, দিনের বেলায় যে চরে (বিচরণ করে। বিপরীত- নিশাচর)। ~তন -বিণ, দিবসের; দিবসীয়। ~নিদ্রা-বি, দিনের বেলায় ঘুম। ~নিশ [দিবা এবং নিশা (রাত্রি), দ্বন্দ্ব] ক্রি-বিণ, অহোরাত্র; দিনরাত; নিশিদিন; অনুক্ষণ। এই অর্থে বাং-য় চ০। ~নিশি [নিশি দ্রঃ। সং-নিশা (=নিশ্) শব্দ ৭মীর ১ব০=নিশি (নিশাতে)। এই অর্থে বাং-য় 'নিশি'র প্রয়োগ নাই] অ, রাত দিন; সর্ব্বদা। "দিবানিশি অন্নপূর্ণা জপ।"-অ০ ম০। ~বসু (দি০ +বসু (কিরণ)] বি, সূর্য্য। ~ন্ধ [দিবা (দিনমানে)+অন্ধ (দৃষ্টিহীন), ৭তৎ] বি, পেচক। ২ বিপরীত- রাত্র্যন্ধ] বিণ, দিবসে যে দেখিতে পায় না। ~বিহার-বি, মধ্যাহ্নকালে বিশ্রাম। "দিবা-বিহারার্থ কৌশাম্বী নগরে উদয়ন রাজার উদ্যানে অবস্থিতি করিতেন"-জাতক, ৪র্থ খণ্ড। ~ভীত-বিণ, যে দিবালোক দেখিয়া ভয় পায়। ২ বি, চোর। ৩ পেচক। ~মণি -বি, সূর্য্য। ~মধ্য [দিবার (দিবসের) মধ্য (মধ্যস্থান), ৬তৎ] বি, দিনদুপুর। ~রাত্র [দিবা এবং রাত্রি (দ্বন্দ্ব)। রাত্রি=রাত্র] ক্রি-বিণ, নিশি দিন; অহোরাত্র; সদা-সর্ব্বদা। [দ্রঃ-সং-তে-দিবারাত্রি, বাং-য় দিবারাত্র এই অশুদ্ধ পদ চলিত হইয়াছে]। ~শয়-বিণ, দিবসে যে শয়ন করে; দিবা নিদ্রাকারী। ~স্বপ্ন [দিবা (দিবসে নিদ্রাকালে) স্বপ্ন-তদ্বৎ অলীক, ৭তৎ] বি, দিবা নিদ্রার কালে সুখ দুঃখে রঞ্জিত স্বপ্ন (দর্শন)। দিবাস্বপ্নে রঙীন জাল বুনা-কল্পনার মনোহর ছবি আঁকা: দিবা স্বপ্নে সুখী বা দুঃখী হওয়ার ন্যায় অলীক মোহ রচনা করা। "দীর্ঘ অলস দিবস তাহার গল্প, উপন্যাস পড়িয়া কাটে। নায়ক-নায়িকার সুখ দুঃখ তাহার দিবা-স্বপ্নের রঙীন জাল বুনে।"-রাধা০মুখো০ (উত্তরা, ১৩৩৩), অর্থাৎ আত্মহারা হইয়া ও বাস্তব জগতকে ভুলিয়া উপন্যাসের নায়ক-নায়িকার সুখ-দুঃখের ভাগী হয়।

দিবাম [দিয়াম দ্রঃ। প্রা০ বাং-দিব+আমি > ক্ষে০] ক্রি, উত্তম পু০, দিব। "ঘাটী টুটী আগে কিছু দি০ তোমাকে"-মনসা ম০ (বংশী০)।

দিবি-বি, দিব্বি দ্রঃ।

দিবোদাস [দিব্ (স্বর্গ, দেবতা) > দিবঃ (দেবতার)+দাস। দেবগণ আকাশ হ'তে পুষ্প ও রত্ন আদি ইঁহাকে দান করিয়াছিলেন বলিয়া এই নাম] বি, কাশীখণ্ড ও মহাভারতাদিতে বর্ণিত কাশীরাজ [পুরাণে আছে যে বিশ্বেশ্বর বহু কৌশলে ইঁহার নিকট হতে কাশীধাম গ্রহণ করেন]।

দিব্ব, দিব্বি১ [দ্রব্য > দব্ব > প্রা০ বাং, গ্রা০ রূপ-দিব্ব, দিব্বি, (মেয়েলী) দব্বি] বি, দ্রব্য। "নানা দিব্ব উপহার মঙ্গল রচিআ" -শূ০ পু০।

দিব্বি২ [দিব্য >] বি, দিব্য; শপথ। ২ বিণ, সুন্দর; উৎকৃষ্ট। "হ্যাঁ এইবার দিব্বি হয়েছে"-নীলদর্পণ দি০ করা, ~গালা -শপথ করা। দি০ দেওয়া-অন্যের উপর শপথ চাপাইয়া দেওয়া।

দিব্য [দিব্ (স্বর্গ)+য (ভবার্থে)] বিণ, স্বর্গীয়। ২ আকাশীয়। ৩ [দিব্ (দীপ্তি পাওয়া)+য। গ্রা০ দিব্বি, দিব্যি] মনোহর; সুন্দর। প্র-দিব্য শ্রী। দিব্বি চেহারা। ৪ উৎকৃষ্ট। ৫ [স্মৃ০ পরিঃ, ব্যবহার শা০] বি, প্রাচীন ভারতে অপরাধীদের অপরাধ নির্ণয়ার্থ ৯প্রকার পরীক্ষা। ব্রাহ্মণ, বালক, বৃদ্ধ, স্ত্রী ও আতুর অপরাধীর পরীক্ষা বা দিব্য তুলা (তরাজুতে তোল) দ্বারা, ক্ষত্রিয়ের অগ্নি দ্বারা, বৈশ্যের জল দ্বারা এবং শূদ্রের বিষ দ্বারা করা হইত। ৬ [উক্তির অন্যথা স্থলে দিব্যকারীর মৃত্যু বা চরম দণ্ড ভোগের ইঙ্গিতার্থে 'দিব্য আছে',-'আমার দিব্য', 'তোমার দিব্য', 'মাথার দিব্য' ই০] বি, শপথ; কোন প্রতিশ্রুতি রক্ষা বা উক্তির সত্যতা দৃঢ় করিবার জন্য ঈশ্বর, দেবতা বা ধর্ম্মকে সাক্ষ্য করণ। "বিদায় করহ বল্যা পার্ব্বতী প্রণতি হৈল্যা না কান্দ মাথার দিব্য দি।"-শি০। ৭ [অলং শা০] কাব্যের নায়কত্রয়ের অন্যতম; স্বর্গীয় বা অলৌকিক নায়ক, যথা-ইন্দ্রাদি দেবতা [দ্রঃ-অদিব্য নায়ক, যথা-মনুষ্যাদি লৌকিক নায়ক। দিব্যাদিব্য নায়ক, যথা-নলার্জ্জুনাদি] ৮ [বৈদ্যকে] লবঙ্গ; হরিচন্দন; যব; গুগ্গুল। স্ত্রীং~া-নায়িকাবিঃ; উপদেবীবিঃ। ~কায় [দিব্য (সুন্দর) কায় (কায়া) যার, বহু০] বিণ, সুশ্রী; সুদেহ। "বস্ত্র অলঙ্কারে বিষ্ণু-হোড় দিব্যকায়। কুটীর হইল কোটা দেবীর কৃপায়॥"-অ০ ম০। ~গন্ধ [দিব্য যে গন্ধ (ঘ্রাণ), ধা] বি, স্বর্গীয় সৌরভ। ২ লবঙ্গ। ৩ গন্ধক। ~গায়ন [দব্য (স্বর্গীয়) যে গায়ন (গাথক), ধা] বি, গন্ধর্ব্ব। ~চক্ষুঃ [দিব্য চক্ষুস্=চক্ষুঃ (নেত্র) যার, বহু০] বিণ, অতীন্দ্রিয়; চর্ম্মচক্ষে বা বহিরিন্দ্রিয়ের অতীত বিষয় দর্শন করিবার মত চক্ষু। ২ সুনয়ন। ৩ নারায়ণ; কৃষ্ণ। ৪ চশমা। দিব্য চক্ষুতে (গ্রা০ চক্ষে) দেখা-ক্রি, ভবিষ্যৎ দর্শন করা (ভবিষ্যতের বা ভাবী পরিণাম, প্রায়ই মন্দের জন্য)। "এখন তার ছেলেদের দুবেলা দুমুঠো ভাত মেলাও যে দায় হইয়া উঠিবে তাহা সে দিব্য চক্ষে দেখিতে পাইল।"-পিতাপুত্র। ~জ্ঞান বি, ধ্যানজ প্রজ্ঞা। "দিব্যজ্ঞান চন্দ্রোদয়" -ক্ষ০। ~দর্শী [দিব্য-দৃশ্+ইন্ (র্তৃ)= দর্শিন্ ১মা, ১ব০] বিণ, অপার্থিব বিষয় দর্শনকারী। ~দৃষ্টি-বি, দেবতাদের উপযোগী দৃষ্টি; স্বর্গীয় দর্শন। ~নদী [দিব্য (স্বর্গীয়)

যে নদী (গঙ্গা), ধা] বি, সুরনদী ; মন্দাকিনী। ~নারী [দিব্য যে নারী, ধা] বি, স্বর্গবেশ্যা। ~প্রশ্ন [দিব্য যে প্রশ্ন, ধা] বি, ভাবী বিষয়াত্মক প্রশ্ন। ~বস্ত্র [দিব্য যে, বস্ত্র, ধা] বি, উৎকৃষ্ট বস্ত্র। "দিব্যবস্ত্র অলঙ্কার সুশোভিত কায়।"-অ০ ম০। ২ [দিব্য বস্ত্র যার, বহু০] বিণ, দিব্যবস্ত্রধারী। ৩ স্বর্গীয় বসন পরিহিত॥ > স্ত্রীং ~া। ~যুগ [দিব্য (দেবতাদের) যুগ] বি, সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারিযুগ পরিমাণ কাল দেবতাদের একযুগ দিব্যযুগ নামে অভিহিত। "সেই চারি যুগে দিব্য একযুগ মানি"-চৈ০ চ০। ~যোনি-বি, দেবতা। ~রত্ন [দিব্য যে রত্ন, ধা] বি, অভীষ্টদায়ক রত্ন; চিন্তামণি।~রথ [দিব্য যে রথ,ধা] বি, আকাশগামী রথ ; ব্যোমযান ; বিমান ; বেলুন। ~রস [দিব্য যে রস, ধা] বি, পারদ। ~লোক-বি, স্বর্গ।

দিব্যাঙ্গনা [দিব্য + অঙ্গনা (নারী)] বি, অপ্সরা।

দিব্যাস্ত্র [দিব্য + অস্ত্র] বি, দেবতাদের অস্ত্র ; স্বর্গীয় অস্ত্র।

দিব্যি [দিব্য (দ্রঃ) > গ্রা০] বি, দিব্য ; সুন্দর। "যে মূর্ত্তি নয়নে জাগে সবই আমার ভাল লাগে, কেউবা দিব্যি গৌরবরণ কেউবা দিব্যি কালো"-রবী০।

দিব্যোদক [দিব্য (আকাশ পতিত যে উদক (জল), ধা] বি, মেঘজল ; বৃষ্টি। ২ শিশির।

দিয়ড়ি [দীপাবলী > দিপালী > দিআলী >] বি, দীপাবলী : দেউটী। ২ মশাল। "চৌদিগে দিয়ড়ি জ্বলে হাস্য কথা কুতূহলে যায় সবে এড়ি নানা বন।"-কবিক০।

দিয়া১ [সং-দীপ > হিং দিয়া] বি, দীপ ; প্রদীপ। ~কাঠি-দীপ-শলাকা। ~বাতি-দীপবর্ত্তিকা।

দিয়া২ [দ্বারা > ,দে দ্রঃ] অ, উপায়ার্থক; সাহায্যে ; অবলম্বনে ; মার্ফৎ। প্র-জিনিষটা তাকে দিয়া পাঠাও। পাখী জানালা দিয়া না দ্বার দিয়া উড়িয়া গেল ? ২ করণ বিভক্তি instrumental case ending ; দ্বারা। প্র-ছুরি দিয়া হাত কাটিয়াছে।

দিয়া৩ [দেওয়া দ্রঃ] অস-ক্রি, দান করিয়া। ২ অর্পণ করিয়া। ~দেওয়া-স্বার্থ ত্যাগ সহ দান করা। নিজন্ত-দিয়াইয়া দেওয়া, দিইয়ে দেওয়া -দান করান; অন্যের দ্বারা দান করা। দিয়ে বসা, দিয়ে ফেলা-স্বত্বত্যাগ করিয়া দান করা। সমর্পণ করা। "এখনো তারে চোখে দেখিনি শুধু বাঁশী শুনেছি, মন প্রাণ যাহা ছিল দিয়ে ফেলেচি।"-রবী০।

দিয়াটী [সং-দীপবর্ত্তী > দিয়া বাত্তী (হিং) > ক্ষেং। রূপান্তরে দিয়টী, দেউটী ও০] বি, দীপ। "দুইটা চক্ষু দিং করিয়া ভ্রূকুটি"- রায়মঙ্গল (কৃষ্ণরাম)। ২ [দিয়া (দীপ) কাটি (তুল-পাঁকাটি)। রূপান্তরে, দেকাটি] দেশলাই কাটি।

দিয়াড়া [দ্বীপ > দিয়া + ড়া (সাদৃশ্যার্থে)] বি, চড়া ; চর।

দিয়ান-দেওয়ান দ্রঃ।

দিয়াম [প্রাদেং 'দিব আমি' > ক্ষেং] ক্রি, দিব। "আইসে যখন নস্যার ঠাকুর বল্যাম দিয়াম তারে"-মৈং গীং।

দিয়ার, -া [দিয়াড়া (দ্রঃ) > । প্রাদেং] বি, নদীর চড়া।

দিয়ালা [দিব্যলীলা, দেবলীলা (হিন্দুর জন্মান্তরবাদে ইহলোক ও পরলোকের মধ্যবর্ত্তী প্রেত লোকের পর স্বর্গলোক। মৃত-ব্যক্তিকে এইজন্য স্বর্গস্থ বা স্বর্গত বলা হয়। সে লোকের লীলা দিব্যলীলা বা দেবলীলা। দুগ্ধপোষ্য শিশু যার ইহলোকের কোনই জ্ঞান হয় নাই, ঘুমন্ত অবস্থায় (স্বপ্নে সেই লীলা স্মরণে বা দর্শনে) হাসে বা ঠোঁট ফুলাইয়া ক্রন্দনের অভিনয় করে। অথবা যে দুগ্ধপোষ্য শিশুর হৃদয়ে এখনো পাপ স্পর্শ করে নাই সে দেবতা, তার স্বপ্নে (অতীত স্মরণে) হাসি-কান্না-দিব্যলীলা > ক্ষেং দিআলা] বি, শিশুর মিশ্রিত অবস্থার হাসি কান্না ; শিশুর স্বপ্ন। "নিদ্রায় দিয়ালা করে ঘন ঘন শ্বাস।"-কবিকং।

দিয়ালী-দেয়ালী দ্রঃ।

দিয়াশলাই [সং-দীপশলাকা > হিং দিয়াসলাই (গ্রাং হিং সলাই)। বাং-চং দেশ্‌লাই] বি, আগুন জ্বালিবার বারুদ-মিশ্রিত-মস্তক স্বনাম প্রসিদ্ধ সরু সরু কাঠি matches. "বর্ষাকালের দিং বহু চেষ্টাতেও জ্বলিল না।"-গল্পগুচ্ছ (রবীং)। [দ্রঃ-৫০ বৎসর পূর্ব্বে (যখন জাপান বা ইয়ুরোপ হ'তে এদেশে দেশলাইয়ের বাক্‌স আসে নাই) বাঙ্গালায় পাঁকাটির (পাট-কাটির) মুখে গন্ধক দিয়া দেশলাই করা হত, উহা অগ্নিস্পর্শে জ্বলিত]।

দিয়ে [দিয়া দ্রঃ] অ, দিয়া ; দ্বারা। "শূন্য দিয়ে শূন্য ঢাকা।" "ছোট ছেলে অন্ধকারটাকে সত্য পদার্থ বলে গ্রহণ করে বলেই তাকে ভূতের ভয় দিয়ে ভরিয়ে তোলে।"-রবীং (ভারতী, ১৩২০)।

দিল১ [ফাং] বি, মন ; হৃদয় ; আত্মা। ২ সম্মতি। ৩ মনোযোগ। ~খুশ, দেল-খোশ, -স [ফাং দিল্ + খুশ্] বি, সন্তুষ্ট-চিত্ত ; প্রফুল্ল। ২ [ফাং দিল্‌কশ] বিণ, মনোহর ; চিত্তাকর্ষক attractive ; lovely. ~গির [ফাং] বিণ, ভগ্নহৃদয় ; বিমর্ষ ; বিষণ্ণ ; ম্রিয়মাণ। "শুনি জাহাঙ্গীর বড় দিলগির হয়ে। মশানে চলিলা ভয়ে বিস্তব্ধ হয়ে॥"-অং মং। ~দরিয়া [দিল (মন) + দরিয়া (সাগর)] বিণ, বদান্য। মুক্তহস্ত। ২ মুক্তপ্রাণ; উদারহৃদয়। ~দার [ফাং দিলদার বা দিলবর] বি, দয়িত; বল্লভ। ২ [বাং-ম] বিণ, দিলদরিয়া অর্থে ভুল প্রয়োগ দিলাবর [ফাং] বিণ, সাহসী। দিলাসা [ফাং] বি, সান্ত্বনা। ২ ভরসা।

দিল২ [দেওয়া দ্রঃ] ক্রি, দান করিল।

দিলীপ [দিল্লী-হস্তিনাপুর (দিল্লী) + প (যে পালন করে)] বি, রঘুরাজের পিতা। ২ দিল্লী। "দিলীপের বাদশাহ আছিল জাহাঙ্গীর। তাহার আমলে হৈলা সুবিদ্‌-নারায়ণ রাজা।"-ভট্ট কবিতা।

দিল্লী [দিলীপ দ্রঃ। পরিশিঃ দ্রঃ] বি, প্রাচীন হস্তিনাপুর ; ভারতের রাজধানী Delhi. দিল্লীকা লাড্ডু [পরিশিং দ্রঃ] বি, কাঠের গুঁড়া অর্থাৎ করাতের গুঁড়ায় চিটাগুড় মিশ্রিত লাড্ডু বা দিল্লীর এক প্রবঞ্চক দ্বারা প্রস্তুত হইয়া অল্প সময়ের মধ্যে বিক্রীত ও নিঃশেষিত হইয়াছিল এবং যা খাইয়া ক্রেতা অনুতাপগ্রস্ত হইয়াছিল ও

অপরে ক্রয় করিতে আসিয়া না পাওয়ায় অনুতপ্ত হইয়াছিল। ২ [লক্ষ°] অসার বস্তু কিন্তু যা পাইবার জন্য লোকের অতিশয় আগ্রহ। ইল্লী-দিল্লী, হিল্লী-দিল্লী-ইল্লীদ্রঃ।

দিশ১ [দিবস > দিস >] বি, দিবস।

দিশ২ [দেওয়া দ্রঃ] ক্রি, ম°পু° দান করিস।

দিশ৩ [সং-দিশ্ >। দিশা দ্রঃ] বি, দিক্ [দিশ্-দিগন্ত, দিক্‌দিগন্ত, দিগদিগন্ত-চতুর্দ্দিক ; একদিক্ হতে অন্যদিক্ ; নানাদিক্]। ~দিশ, ~বিদিশ-দিক্‌বিদিক্; নানাদিক্। "কানকে কাতর কুলবতী রাই। চকিত নয়নে ঘন দশদিশ চাই॥"-কবিশেখর। "অরুণ পূরব দিশ"-বি° প°। ~পাশ [দিশ্ (দিক্)+পাশ (পার্শ্ব)। প্রা° বাং-দিসপাস] বি, সীমা ; নির্দ্ধারণ ; নির্ণয়। ২ কূলকিনারা। ৩ শৃঙ্খলা ও সমাপ্তি। "মালদহে লাগে কর না চিনে আপন পর জালের নাঞিক দিসপাস।" -শূ° পু°। কাজের দিশ-পাশ না-ই কাজের বিলিও নাই সমাপ্তিও নাই। জ্বরের দিশপাশ নাই-এলোমেলো জ্বর ; এলোধাবাড়ি জ্বর।

দিশা১ [দিশ্+অ (ভা°) আ (স্ত্রী°)] বি, উত্তর পূর্ব্বাদি দিক্। ২ সন্ধান। "না পায় দিশা"-খনার বচন। ৩ রীতি ; প্রণালী ; পদ্ধতি। "দিশা দেখাইয়া প্রভু হাতে তালি দিয়া। আপনে কীর্ত্তন করে শিষ্যগণ লৈয়া॥"-চৈ° ভা°। ৪ [দিক্ দ্রঃ] ধাঁধা ; দিক্‌ভ্রম। "পথে লাগে দিশা"-কবিক°। ৫ ঝাপ্‌সা। "ঘর যেতে দিন নাই ঘোরতর নিশা। খেতে নাই সম্বল দেখিতে লাগে দিশা॥"-ধ° ম°। ~গজ-দিগ্‌গজ। ~পাল-দিক্‌পাল। ~কাক [প্রা° বঙ্গীয় নাবিক ভাষায়] বি, পুরাকালে সমুদ্রবক্ষে দিক্ নির্ণয়ের অর্থাৎ উপকূল কোন দিকে আছে তাহা জানিবার নিমিত্ত হিন্দু নাবিকেরা জাহাজে দিশা কাক রাখিত" (পরবর্ত্তী কালে শ্বেত পারাবত রাখার ব্যবস্থা হইয়াছিল) -মধ্যযুগে বাঙ্গালা] দি° লাগা-দিগ্‌ভ্রম হওয়া।

দিশা২ [দিশ্ > হি° দিশা, দিসা (প্রান্তর, জঙ্গল) >] বি, মলত্যাগের বেগ ; বাহ্যের চেষ্টা। "যাইতে দৈবের দোষে দিশা তার পায়। ঠাকুর বান্ধিয়া পৃষ্ঠে বসিল তথায়॥" -কৌতুকবিলাস। ~হারা [দিশা (দিক্) হারা (যে হারাইয়াছে)] বিণ, দিগ্‌ভ্রান্ত ; যার দিগ্‌ভ্রম হইয়াছে। "দাদী ব'লে দোষ পাইনু দিশাহারা হ'য়ে।"-শি°। সারি সারি দাড়ি করে দিশাহারা।"-সোনার তরী।

দিশি [নিশি২ দ্রঃ। দিবস অর্থে দিশি, নিশির সহিত মিল রক্ষণার্থ। পদ্যে, প্রা° বাং -দিসি] বি, দিন। "নিশিদিশি কাঁদি কিন্তু হাসি লোক লাজে।"-চণ্ডি°। ২ দেশ। ~দিশি-অ, দেশে দেশে। নিশিদিশি, নিশিদিসি-অ, নিশিদিন ; দিবানিশি।

দিষ্ট [দিশ্ (দেওয়া, বলা)+ত (র্ম্ম)] বি, অদৃষ্ট ; ভাগ্য। ২ উপদিষ্ট; আদিষ্ট; নির্দ্দিষ্ট।

দিষ্টান্ত [গ্রা°। দৃষ্টান্ত >] বি, দৃষ্টান্ত।

দিষ্টি [দৃষ্টি > গ্রা°] বি, দৃষ্টি ; চাহনি। ২ নজর ; অশুভদৃষ্টি। ~দেওয়া-অশুভ-দৃষ্টি করা ; ডাইনে খাওয়া।

দিস১ [দিশ্=দিক্ (প্রকার)] বি, বিধ ; প্রকার ; রকম। "ইছিয়া তোমার যশ দিলু তারে পণ দশ দক্ষিণা আছিলা বহু দিস।"-কবিক°।

দিস২ [প্রা° বাং। দিবস >] বি, দিন। "দক্ষিণাও ধারি বহু দিস"-কবিক°।

দিসপিস [প্রা°। দিশ২ দ্রঃ] বি, উদ্দেশ। ২ নির্ণয়। ৩ কূলকিনারা। ৪ ঠাঁই। ৫ ঠিকানা।

দিসি-দিশি দ্রঃ।

দিস্তা [ফা° দস্তা] বি, ২৪তা কাগজ a quire of paper. ২ ২৪টি শরের তাড়া। ৩ হামামদিস্তার ডাঁটি। ৪ [দস্তা-সূতার ইস্কিন skin of thread] কাপড়ের সূতা সরিয়া একস্থানে জড় হওয়ায় আশপাশের জমি পাত্‌লা হওয়া। প্র-কাপড়ে দিস্তা পড়া। দিস্তা-পড়া-বিণ, দিস্তার চিহ্ন বা দাগ ধরিয়াছে এমন। প্র-দিস্তাপড়া কাপড়।

দিহ [দেওয়া দ্রঃ। হি° দেইহো, দিহ] ক্রি, দিও। "আভরণে দিহ পিয়া ঠাম" -বি° প°।

দী, দীয়া, দীহি [ফা° দীহ্ (গ্রাম)] বি, গ্রাম। ২ [দ্বীপ >] দ্বীপ।

দীক্ষক [দীক্ষ্ (উপদেশ করা)+অক (র্ত্তৃ)] বিণ, দীক্ষাদাতা ; দীক্ষাগুরু। ২ শিক্ষক।

দীক্ষণীয় [দীক্ষ্+অনীয় (র্ম্ম)] বিণ, দীক্ষাদানের পাত্র।

দীক্ষা [দীক্ষ্ (উপদেশ করা)+অ (ভা°) +আ (স্ত্রী°)] বি, যা ক্রিয়াজ্ঞান দান করে যদ্বারা জ্ঞান বিজ্ঞান প্রদত্ত হয় ও জ্ঞান বিজ্ঞানের প্রকাশপথের আবরক পাপ রাশির ক্ষয় হয়- রঘুনন্দন কৃত প্রয়োগ-সার। ২ তন্ত্রোক্ত মন্ত্রোপদেশ। ৩ সংস্কার। ৪ উপদেশ ; শিক্ষা। ৫ নিয়োগ। ৬ প্রবর্ত্তনা ; প্রবৃত্ত করণ। ~গুরু [দীক্ষার গুরু, ৬তৎ] বি, মন্ত্রোপদেষ্টা ; তন্ত্রোক্ত মন্ত্রোপদেশকারী। ~গ্রহণ -বি, ইষ্ট মন্ত্র বা গুরূপদেশ লওয়া। ~ন্ত [দীক্ষা (যজ্ঞ)+অন্ত (শেষ)] বি, যজ্ঞসমাপন।

দীক্ষিত [দীক্ষ্+অ (র্ম্ম)] বিণ, প্রাপ্ত-দীক্ষা ; যার মন্ত্র হইয়াছে। ২ প্রাপ্তোপদেশ। ৩ প্রবর্ত্তিত। ৪ কৃত-সংস্কার। ৫ পশ্চিমা ব্রাহ্মণের উপাধিবিঃ। স্ত্রীং ~া।

দীগর [প্রা° বাং] বিণ, দিগর দ্রঃ।

দীগী [দীর্ঘিকা > ভ্রং। ডিহি ও°। দীঘি দ্রঃ] বি, দীর্ঘ পরিসর জলাশয় ; দীর্ঘিকা।

দীঘ [গ্রা°। দীর্ঘ দ্রঃ] বিণ, দীর্ঘ। "নারীর দীঘ নিশ্বাস পড়ুক"-বি° প°।

দীঘল [দীর্ঘল >] বিণ, দীর্ঘাকার ; দীর্ঘ। "গোটা দশ বার হাত লেজটা দী°"-ধ°। "অরুণ নয়ান-লোরে তিতল কলেবর বিলোলিত দীঘল-কেশা।"-বি° প°। দী° তরঙ্গ-মহোর্ম্মি। ২ লম্বা লম্বা আঁকাবাঁকা লাফ। "রহিয়া রহিয়া যান দীঘল তরঙ্গ। তার পাছে ধায় ব্যাধ যেমন পতঙ্গ॥"-কবিক°।

দীঘি, দীঘী [দীর্ঘিকা >। প্রা° দিগি] বি, দীর্ঘিকা। প্র-গোল দীঘি, লালদীঘি, কাজলদীঘি। "দীঘির জলে ঝলক ঝলে" -রবী°।

দীঠ, দীঠি, দীঠিয়া [দৃষ্টি >] বি,

দৃষ্টি ; চাহনি। "অবহি মদন বাঢ়ায়ল দীঠ"–বিং পং। "কুটিল আধ দীঠিয়া"–ঐ।

দীদী, দিদি [দাদা দ্রঃ] বি, জ্যেষ্ঠা-ভগিনী।

দীধিতি [দীধি (দীপ্তি পাওয়া)+তি (ণে) যদ্দ্বারা দীপ্তি হয়] বি, রশ্মি ; আলোক। ২ ন্যায়গ্রন্থবিঃ। ~মান্ [পুং দীধিতিমৎ] বিণ, কিরণমালী। ২ বি, সূর্য্য।

দীন১ [দী (ক্ষয় পাওয়া)+ত (র্ত্তৃ)। ত=ন] বিণ, অর্থহীন; দরিদ্র; অত্যন্ত গরীব। ২ বিনীত; অতিশয় নম্র। ৩ কাতর। "অমন দীন নয়নে তুমি চেওনা।"–রবীং। ৪ সন্তপ্ত। ৫ ক্ষুব্ধ; দুঃখিত। ৬ তগর কুসুম; তগর ফুল। স্ত্রীং ~া। ~তা [দীন+তা (ভাং)] বি, দীনের ভাব; দারিদ্র্য; দৈন্য। ২ সন্তাপ; ক্ষোভ। ৩ কাতরতা। ৪ অত্যন্ত বিনয়। ~তাপ-বি, দৈন্য ও সন্তাপ। "গোকুল দীনতাপ হরিল সকল।"–ভাগবত (রামকান্ত)। ~দরিদ্র-বিণ, অতি বিনীত ও সম্বলহীন। দীন-দুনিয়ার মালিক-ধর্ম্ম ও জগতের প্রভু; ঈশ্বর। ~নাথ [দীনের নাথ, ৬তৎ] বি, ভগবান, অনাথশরণ; দীনের আশ্রয়। ~বৎসল-বিণ, দুঃস্থ দরিদ্রের প্রতি স্নেহ-সহানুভূতিশীল। > স্ত্রীং ~া। ~বন্ধু [দীন (দরিদ্রের) বন্ধু, ৬তৎ] বি, দরিদ্রের বন্ধু; ঈশ্বর; নারায়ণ। ~ভাব-বি, দৈন্য। ~ভাবাপন্ন [দীনভাবকে আপন্ন, ২তৎ] বিণ, অতি কাতর; সন্তপ্ত। "লক্ষ্মণ নিতান্ত দীনভাবাপন্ন মনে অযোধ্যায় প্রবেশ করিলেন।"–বিং সাং। ~সত্ত্ব [বিপরীত-অদীনসত্ত্ব] বি, বীর্য্যহীন প্রাণী। ২ বিণ, ক্ষীণপ্রাণ; হীনবল। > স্ত্রীং ~া। ~হীন-বিণ, অকিঞ্চন; নিঃস্ব; অতি দুঃখী।

দীন২ [আং দীন্] বি, ধর্ম্ম; ধর্ম্মবিশ্বাস। বেদীন-বিণ, ধর্ম্মহীন; অধার্ম্মিক।

দীনার [আং দীনার্] বি, আড়াই সিক্কা টাকা মূল্যের মুদ্রা (করীম-উল্-লোগাৎ); আরবদেশীয় স্বর্ণমুদ্রা (ওজন ৬৫ গ্রেণ–*Webster*); নিষ্ক পরিমাণ (১০৮ সুবর্ণ মুদ্রা–অমরং); ৩২ রতি ওজনের স্বর্ণমুদ্রা (ভরত মল্লিক); ২ কর্ষ পরিমাণ মুদ্রা (সার সুন্দরী)। ২ প্রাচীনকালের স্বর্ণহারবিঃ; উরোভূষণ (অমরং)। তুল–ল্যাং dinarius.

দীনেশ [দীন (দীনের)+ঈশ, ৬ তৎ] বি, দীননাথ; নারায়ণ।

দীপ [দীপ্ (দীপ্তি পাওয়া)+অ (র্ত্তৃ)] বি, যা দীপ্তি পায়; প্রদীপ; আলোকাধার। ২ বর্ত্তিস্থিত জ্বলন্ত অগ্নিশিখা; প্রকাশক; অন্ধকারনাশক। ৩ যা উজ্জ্বল করে। "কেবল আছিল অন্ধকার ঘরে দীপ মৈথিলী"–মেঘং। ~কীট্ট [দীপ (দীপের) কিট্ট (কাইট, কালি)] বি, কাজল। ~কুপী-বি, দীপের বাতি; সলিতা। ~গাছ,-গাছা, ~ঝাড়-বি, বেলোয়ারি ঝাড়। ২ দীপবৃক্ষ; দীপাধার। ~ধ্বর্জ-বি, দীপশিখা। ২ কাজল। ৩ দীপবর্ত্তিকা। ~পাদপ-বি, দীপাধার। ~পুঞ্জ [দীপ-পুঞ্জ (শ্রেণী), ৬ তৎ] বি, দীপাবলী। ~বতী-বিণ, দীপান্বিতা। ২ বি, হিমাচল হ'তে উৎপন্ন এবং কামাখ্যা দিয়া প্রবাহিতা নদীবিঃ। ~বর্ত্তিকা-বি, দীপের বাতি; সলিতা। ~বৃক্ষ [প্রাং দেবৃকো। দীপের আধার যে বৃক্ষ, ধা] বি, দীপাধার; দীপপাদপ; পিলসুজ। ~মালা [দীপের মালা, ৬তৎ] বি, দীপাবলী; দীপরাজি। "জ্বাল দীপমালা নগরে নগরে"–গোবিন্দ রায়। ২ দশাক্ষর ছন্দ, ইহার ২।৩।৭।৯ বর্ণ লঘু অপর বর্ণ গুরু। ~শলাকা-বি, দীয়াকাঠি; দীয়াশলাই। ~শিখা [দীপের শিখা (অগ্রভাগ), ৬ তৎ] বি, প্রদীপের শীষ। ২ কাজল।

দীপক [দীপ্+ণিচ্=দীপি(দীপ্তি করান)+অক (র্ত্তৃ)] বিণ, ঔজ্জ্বল্যকারক; দীপ্তিকর। ২ দাহক। ৩ শোভাজনক। ৪ প্রকাশক। ৫ উত্তেজক; উদ্দীপক। ৬ বি, কুঙ্কুম। ৭ প্রদীপ। "কুটুম্ব বান্ধব জত সভে রহে চারিভিত দীং ধরিল কেহ হাতে।"–শূং পুং। ৮ কাব্যের অর্থালঙ্কারবিঃ Identity of action or agent. প্রস্তুত ও অপ্রস্তুত বিষয়ের এক ধর্ম্মসম্বন্ধ বর্ণিত হইলে, অথবা অনেক ক্রিয়া-পদের সহিত একমাত্র কর্ত্তৃপদের সম্বন্ধ থাকিলে দীপকালঙ্কার হয়। "আমি চিনিনা, জানিনা, বুঝিনা তাঁহারে"।–ক্ষং। "এত বড় বিভব সম্পদ্ হেন স্ফীত। তবু ইহা দেখি এবে সুখী মোর চিত। পদ্মে শোভে সরোবর, গৃহ পরিবারে। উৎসবে সম্পদ শোভে, কাব্য অলঙ্কারে।"–নিং কং। এখানে গৃহ ও সম্পদ এই দুই প্রস্তুত পদার্থের সহিত অপ্রস্তুত সরোবর ও কাব্য-শোভারূপ এক ধর্ম্ম সম্বন্ধ বর্ণিত হইয়াছে। "অজিন (রঞ্জিত আহা কত শত রঙে) পাতি বসিতাম কভু দীর্ঘ তরুমূলে, সখীভাবে সম্ভাষিয়া ছায়ায় কভু বা কুরঙ্গিণী সঙ্গে রঙ্গে নাচিতাম বনে, গাইতাম গীত শুনি কোকিলের ধ্বনি, নব লতিকার সতি, দিতাম বিবাহ তরুসহ-"–মেঘং। এখানে আমি এই কর্ত্তৃপদের সহিত বসিতাম, নাচিতাম, গাইতাম, দিতাম এই কয়টি ক্রিয়ার সম্বন্ধ লক্ষিত হইতেছে। ৯ রাগবিঃ। রাগ-শাস্ত্রপ্রণেতা হনুমানের মতে "দীপক দ্বিতীয় রাগ। ইহা সূর্য্য নেত্রাগ্নি হতে উৎপন্ন, গ্রীষ্ম ঋতুর মধ্যাহ্নকালে এই রাগের আলাপ করিবে।" জনশ্রুতি আছে বিখ্যাত গায়ক তান্সেন্ এই দীপক রাগের আলাপ করিয়া অন্তর্দ্ধা হইয়া দেহ ত্যাগ করিয়াছেন। ১০ যমানী। ১১ বাজপাখী।

দীপতি [দীপ্তি > পদ্যে কোমল রূপ] বি, দীপ্তি। "দেহ দীপতি গেল"–বিং পং।

দীপন [দীপ্+অন (ভাং)] বি, দীপ্তি-করণ। ২ শোভন। ৩ উদ্দীপন; উত্তেজন। ৪ [+অন (র্ত্তৃ)] বিণ, দীপক। ৫ দীপ্তিকর; জ্বলন কারক। ৬ উত্তেজক। ৭ ময়ূরের শিখা। ৮ [বৈদ্যকে] কুঙ্কুম। (২) পলাণ্ডু। (৩) তগর মূল (৪) কাসমর্দ্দ। ~নীয় (-র্ণ্য) [দীপ্+অনীয় (র্ম্ম)] বিণ, দীপনোপযোগী; দীপ্য; দীপনযোগ্য। ২ [বৈদ্যকে] ক্ষুধাবর্দ্ধক appetising.

দীপা [দীপ (দ্রঃ। বাং নাম ধাতু)+আ (ক্রিয়ায়)। প্রং পুং দীপে, দীপয়ে। অস-ক্রি -দীপিতে; দীপিয়া] ক্রি, জ্বলে। দীপিছে -জ্বলিতেছে। "দেখিলা দেউলে বলী দীপিছে প্রদীপ।"–মেঘং।

দীপাগার [দীপ (দীপের)+আগার] বি, আলোঘর light house.

দীপাধার [দীপ (দীপের)+আধার] বি, দীপবৃক্ষ ; দেরকো ; পিলসুজ।

দীপান্বিতা [দীপ (দ্বারা)+অন্বিতা (শোভিতা) যে রাত্রি, ৩তৎ, বহু০] বি, সূর্য্য তুলা-রাশিগত হলে দী০ অমাবস্যা হয়। ঐ তিথিতে কালীপূজার বিধি আছে।ঐ কার্ত্তিকী অমাবস্যার রাত্রে দীপদান উৎসব ; দীপালী ; দেওয়ালী। বঙ্গদেশে ঐ দিন দিবাভাগে পিতৃগণের তর্পণ ও শ্রাদ্ধ এবং রাত্রে কালী পূজা হয়। ২ [দ্বীপ দ্বারা অন্বিতা,৩তৎ] বিণ, দীপযুক্তা ; দীপালোক শোভিতা।

দীপাবলী১ [দীপালি দ্রঃ] বি, দীপমালা।

দীপালি, দীপালী, দীপালিকা, দীপাবিলী২ [দীপের আলি, আলিকা, আবলী (শ্রেণী), ৬ তৎ। হিং ও বাং গ্রা০ দীওয়ালী, দেওয়ালী, দেয়ালি] বি, দীপান্বিতা [৫২৭খৃঃ পূর্ব্বাব্দে কার্ত্তিক মাসে স্বাতিনক্ষত্রে অমাবস্যার রাত্রি-শেষে জৈন গুরু মহাবীরের নির্ব্বাণ প্রাপ্তি হলে, তাঁর নির্ব্বাণস্থান পাবা নগরীতে দীপদানোৎসব হইয়াছিল (হরিবংশ) ইহাই দী০-র মূল বলিয়া উক্ত]।

দীপা/লোক [দীপ (দীপের)+আলোক] বি, প্রদীপের আলো। বিণ, ~লোকিত।

দীপালোচনা [দীপ (আলোকে) +আলোচনা] বি, নৈশ আলোচনা ; দীপ সাহায্যে বা দীপালোকে বা নিশাকালে অধ্যয়ন, অধ্যাপনা, অনুশীলন। ই০ lantern lectures. "তিনি তিন বৎসর * * পল্লী সংস্কার কার্য্যে নিযুক্ত ছিলেন তখন তিনি দী০ করিতেন।"-ব০ বাণী, ১৩৩০।

দীপিকা [দীপক+আ(স্ত্রীং), ই আগম] বি, শ্রীনিবাস কৃত গ্রন্থবিঃ; দী০ ভাস্বতী নামক জ্যোতিষ গ্রন্থ। ২ গ্রন্থের টীকা। ৩ জ্যোৎস্না। ৪ রাগিণীবিঃ ; হিন্দোল রাগের পত্নী। ৫ বহু বিষয়ক প্রামাণিক কোষ book of reference.

দীপিত [দীপ্ (দীপ্তি পাওয়া)+ত (র্ম্ম)] বিণ, জ্বলিত। ২ প্রকাশিত। ৩ উদ্দীপিত ; উত্তেজিত।

দীপ্ত [দীপ্ (দীপ্তি করা)+ত (র্ত্ত)] বিণ, জ্বলিত। ২ দীপ্তিযুক্ত ; উজ্জ্বল ; আলোকিত। ৩ প্রকাশিত। ৪ বি, সিংহ। ৫ [বৈদ্যকে] স্বর্ণ। (২) হিঙ্গুল। ~ক-দ্রালোক ; স্বর্ণ। ~কীর্ত্তি [দীপ্ত কীর্ত্তি যার, বহু০] বিণ, উজ্জ্বলকীর্ত্তি ; যার কীর্ত্তি লোকে প্রকাশিত। ~কেতু-বিণ, উজ্জ্বল পতাকা-যুক্ত; প্রদীপ্তধ্বজ। ~জিহ্বা-বি, উল্কামুখী। ~দেহ [দীপ্ত দেহ যার, বহু০] বিণ, উজ্জ্বল-দেহ ; তেজঃপুঞ্জ শরীর। "ঋষভ গিরির পরে পৃথিবীর শেষ। দীপ্তদেহ পুণ্যবান্‌গণের সে দেশ॥" -রামা০ (রাজ০)। ~মূর্ত্তি [দীপ্ত মূর্ত্তি যার, বহু০] বিণ, তেজোময় মূর্ত্তিবিশিষ্ট ; উজ্জ্বলমূর্ত্তি ; দীপ্তদেহ। ২ বি, বিষ্ণু। ~রস [রসের উজ্জ্বলতাহেতু] বি, কেঁচো। ~লোচন [দীপ্ত (দীপ্তি যুক্ত) লোচন (চক্ষু) যার, বহু০] বি, বিড়ালজাতীয় শ্বাপদ যাদের চক্ষু অন্ধকারে জ্বলিতে থাকে। ২ রক্তলোচন; রোষকষায়িত নয়ন। ৩ [দীপ্ত যে লোচন, ধা] বিণ, উজ্জ্বল চক্ষু বিশিষ্ট। ~লোহ-বি, কাংস্য ; কাঁসা।

দীপ্তাক্ষ [দীপ্ত+অক্ষ (অক্ষি) যার, বহু০] বি, বিড়ালজাতীয় শ্বাপদ যাদের চক্ষু অন্ধকারে উজ্জ্বল হয়। ২ রোষরক্তিম নয়ন। ৩ বিণ, দীপ্ত-নয়ন ; যার জ্বলজ্বলে চোখ ; উজ্জ্বল চক্ষুবিশিষ্ট।

দীপ্তাগ্নি [দীপ্ত (উত্তেজিত)+অগ্নি (জঠরানল) যার, বহু০] বিণ, যার জঠরানল প্রজ্বলিত হইয়াছে ; অত্যন্ত ক্ষুধার্ত্ত। ২ বি, অগস্ত্য ঋষি। ৩ [দীপ্ত যে অগ্নি, ধা] বি, প্রজ্বলিত বহ্নি।

দীপ্তাঙ্গ [দীপ্ত+অঙ্গ(অবয়ব)যার,বহু০] বিণ, তেজোময় দেহযুক্ত ; উজ্জ্বল দেহবিশিষ্ট। ২ বি, ময়ূর। ৩ [দীপ্ত যে অঙ্গ, ধা] উজ্জ্বল-দেহ ; শোভনাঙ্গ।

দীপ্তি [দীপ্ (দীপ্তি পাওয়া)+তি (ভা০)] বি, আলোক। ২ তেজঃ ; প্রভা ; জ্যোতি। ৩ দ্যুতি ; কান্তি। ৪ শোভা। ~মান্ [দীপ্তি+মতু (স্ত্য০)=দীপ্তিমৎ ১মা, ১ব০] বিণ, উজ্জ্বল; জ্যোতিষ্মান ; দ্যুতিশীল। ২ শোভান্বিত ; শোভমান।

দীপ্তোজ্জ্বল [দীপ্ত+উজ্জ্বল] বিণ, অনলবৎ ভাস্বর।

দীপ্তোপল [দীপ্ত (সমুজ্জ্বল)+উপল (প্রস্তর)] বি, সূর্য্যকান্তমণি।

দীপ্য [দীপ্ (দীপ্তি করা)+য (র্ম্ম)] বিণ, দীপনযোগ্য। ২ প্রকাশ্য। ৩ [বৈদ্যকে] বি, যমানী। (২) জীরক। (৩) ময়ূরের শিখা। ~মান [দীপ্ (দীপ্তি পাওয়া)+আন (র্ত্ত), ম্ আগম] বিণ, জ্যোতিষ্মান ; দীপ্তিশীল। ২ শোভমান। ৩ প্রকাশমান।

দীপ্র [সং] বিণ, তীব্র ; তীক্ষোজ্জ্বল।

দীব্যমান [দিব্ (ক্রীড়া করা)+আন, ম্, আগম] বিণ, ক্রীড়ারত।

দীয়মান [দা (দান করা)+আন (র্ম্ম), য্, ম্ আগম] বিণ, দান করা হইতেছে এমন।

দীয়া [দীপ > দীঅ > দীয়া] বি, প্রদীপ। ~দান [দীয়া (দ্রঃ)+ফা০ দান (আধার)] বি, দীপাধার। ~ধারী [দীয়া দ্রঃ+স্ত্রীং ঈ] বি, দীপধারিণী স্ত্রী। ২ [লক্ষ০] বিণ, বিবিধ কলায় প্রভান্বিতা। "দীয়াধারী নামধরা বুদ্ধি-বৃত্তি খরতরা, কেশ বনাইতে সুনিপুণা"-কর্ম্মদেবী। ~শলাই, ~সলাই [হিং দীয়াসলাই < সং-দীপশলাকা। গ্রা০ দেশলাই] বি, দীপশলাকা ; গন্ধক কাঠি ; দেকাটি। দীয়াশলাইয়ের বাক্স-দীপশলাকা পূর্ণ ক্ষুদ্র আধার a matchbox.

দীর্ঘ [দ্রাঘ্ (দীর্ঘীকরণে)+অ (র্ত্ত)। দ্রাঘ=দীর্ঘ, কিম্বা দৃ (বিদীর্ণ হওয়া)+ঘ (র্ত্ত)] বিণ, লম্বা; ঢেঙ্গা। প্র-দীর্ঘ যষ্টি। ২ অধিক। প্র-দীর্ঘ কাল। ৩ সুদূরবিস্তৃত। প্র-দীর্ঘপথ। ৪ বহুকালব্যাপী। প্র-দীর্ঘজীবন। ৫ বৃহৎ। প্র-দীর্ঘ আকৃতি। ৬ আয়ত ; প্রস্থের বিপরীত। ৭ [ব্যা০] দ্বিমাত্র স্বর। যথা-অ বর্ণের দীর্ঘ আ, ই র ঈ, ই০। ৮ [সঙ্গীতে] দ্বি-মাত্রার নাম দীর্ঘ। ৯ দূরন্তবিষ্যৎ ; পরিণাম। প্র-দীর্ঘদৃষ্টি বা দর্শন ; ১০ [জ্যো০] দীর্ঘ-রাশি ; কন্যা, তুলা ও বৃশ্চিক। স্ত্রীং ~া। ~একাবিলী [দীর্ঘ (একাধিক অক্ষরযুক্ত) +একাবলী (একাদশাক্ষরো বৃত্তি)] বি, ১২ অক্ষরযুক্ত এবং একাবলির ন্যায় ৬ষ্ঠ অক্ষরে যতি পাত হয় এমন ছন্দঃ। ~কণ্ঠ -বিণ, লম্ব কণ্ঠ। ২ বি, বক। ~কন্দ-

বি, মূলা। ~কাণ্ড-দীর্ঘ কাণ্ড যার, বহু°] বিণ, যে বৃক্ষের কাণ্ড বৃহৎ বা দীর্ঘ। ২ বি, গুণ্ডতৃণ। ৩ [দীর্ঘ যে কাণ্ড (ব্যাপার), ধা] বৃহৎ ব্যাপার; বিস্তর কাহিনী। ~কাল-বি, অনেকক্ষণ; অধিক সময়; বহুদিন। ~কীল-বি, আখরোট। ~কেশ [দীর্ঘ কেশ (চুল) যার, বহু°] বি, ভল্লুক; ভালুক। ২ বিণ, লম্বকেশ। > স্ত্রীং ~ী। ~গতি-বিণ, যার লম্বা লম্বা পা ফেলিয়া চলন। ~গ্রীব-বিণ,দীর্ঘ গ্রীবাযুক্ত। ২ বি,জিরাফ্‌। ৩ উষ্ট্র। ৪ বক। ~চম্পকাবলী [দীর্ঘ (অতিরিক্ত দুটি লঘু অক্ষর যোগ হেতু) চম্পকাবলী (অষ্টাদশাক্ষরা বৃত্তি)] বি,বিংশাক্ষরা ছন্দোবিঃ। ~জিহ্ব-বিণ, যার জিহ্বা লম্বা। ২ বি,সর্প। ৩ দানববিঃ। ~জঙ্ঘ, ~জঙ্ঘা [দীর্ঘ জঙ্ঘা যার, বহু°] বি, উষ্ট্র। ২ বক। ৩ বিণ, দীর্ঘজঙ্ঘাযুক্ত। ~জীবী [মূ° দীর্ঘজীবিন্‌ ১মা, ১ব°] বিণ, দীর্ঘজীবনবিশিষ্ট; যে দীর্ঘকাল বাঁচে; দীর্ঘায়ু। > স্ত্রীং ~জীবিনী। ~তনু [দীর্ঘ তনু (শরীর) যার, বহু°] বিণ, দীর্ঘাকৃতি; প্রশস্ত শরীর। ২ বি, তালগাছ। ~তপাঃ-বিণ, বহুকালতপস্যাকারী। ২ বি, মুনি গোতম। ৩ নৃপবিঃ। ~তমা-বি, ধন্বন্তরির পিতা ও কাশীরাজের পুত্র। ২ বৃহস্পতির জ্যেষ্ঠ ভ্রাতা (জন্মান্ধ বলিয়া এই নাম)। ৩ বিণ, সর্ব্বাপেক্ষা দীর্ঘ। > পুং ~তম। ~ত্রিপদী [দীর্ঘ+ত্রিপদী (লঘু ত্রিপদী অপেক্ষা ৬ অক্ষর অধিক বলিয়া)] বি, ষড় বিংশত্যক্ষরা ছন্দোবিঃ (প্রথম দুই চরণ ৮ অক্ষর ও তৃতীয় চরণ ১০ অক্ষরের পর যতি পতন চিহ্ন)। ~দণ্ড [ধা] বি, লম্বা লাঠি। ২ ভেরেণ্ডাগাছ। ৩ দীর্ঘকালব্যাপী রাজদণ্ড। ৪ বিণ, দীর্ঘকালের জন্য দণ্ডিত। ~দর্শী [মূ° দীর্ঘদর্শিন্‌ ১মা, ১ব°] বিণ, দূরদর্শী; পরিণামদর্শী। ২ প্রাজ্ঞ; পণ্ডিত। ৩ [যাদের দৃষ্টি বহুদূর পর্য্যন্ত যায়] শকুনি। > স্ত্রীং ~দর্শিনী। ~দিবস-বি, বহুদিন; বহুকাল। ~দৃষ্টি-বিণ, দূরদর্শক; পরিণামদর্শী। ২ বি, ভবিষ্যদ্দর্শন। ৩ পণ্ডিত। ৪ দূরবীণ। ~নাদ-বি, শঙ্খ। ২ উচ্চরব। ৩ বিণ, উচ্চ শব্দকারী। ~নাস [দীর্ঘ (উন্নত) নাসা (নাসিকা) যার, বহু°। নাসা=নাস] বিণ, উন্নত-নাসিক; লম্বনাক। ~নিঃশ্বাস, ~নিশ্বাস, ~শ্বাস-বি, শোক নৈরাশ্যাদি জনিত শ্বাসযন্ত্র খালি করিয়া নিঃশেষে নাসা বায়ু ত্যাগ; প্রবল শ্বাস পতন। ~নিদ্রা [দীর্ঘকালব্যাপী যে নিদ্রা, ধা] বি, মহানিদ্রা; মৃত্যু। ২ বহুক্ষণস্থায়ী ঘুম। ~পক্ষ-বি, প্রকাণ্ড পাখা। ২ বিণ, প্রকাণ্ড পাখা বা ডানাযুক্ত। ~পদ, ~পাদ-বি (বিণ), লম্বা পা (বিশিষ্ট)। ~পাদ-বিণ, লম্বপদ। ২ বি, বক। ৩ উট-পাখী। ৪ কঙ্ক। ~পাদ [দীর্ঘ পাদ (চরণ) যার, বহু°] বিণ, দীর্ঘজঙ্ঘা; লম্বপদ। ~পুণ্ড্র-বি (বিণ), লম্বা ফোঁটা (যুক্ত)। ~পৃষ্ঠ-বি, সর্প। ২ বিণ, যার পিঠ খুব চওড়া; প্রশস্ত পৃষ্ঠযুক্ত। ~বিলম্বিত-বিণ, বহুদূর বা প্রশস্তভাবে লম্বমান। ~মাত্রা-বি, বন্ধনী; ব্রাকেট্‌ চিহ্ন, "[ ]" "( )" এই চিহ্ন। ~মারুত-বি, বহুদূর বিস্তৃত বায়ু। ২ হস্তী। ~রাত্র-বি, বহুক্ষণ স্থায়ী বা লম্বা রাত। ২ [দীর্ঘ দিবসের ন্যায়] বহুকাল। ~রোমা [দীর্ঘ (লম্বা) রোমন্‌ (লোম) যার, বহু°। মূ° দীর্ঘরোমন্‌ ১মা, ১ব°] বি, ঋক্ষ; ভালুক। ২ শিবের অনুচরবিঃ। ৩ ধৃতরাষ্ট্রের শতপুত্রের অন্যতম। ৪ বিণ, দীর্ঘরোমযুক্ত; অতিশয় রোমশ। ~ল [প্রা° দীঘল। দীর্ঘ+ল (স্ত্য°)] বিণ, দৈর্ঘ্যযুক্ত; দীর্ঘল। "অত্যন্ত দীর্ঘল নহে নহে অতিখর্ব্ব। রূপদেখি অনুভব করিল গন্ধর্ব্ব।"-ঘ°। ~শ্বাস-দীর্ঘনিঃশ্বাস দ্রঃ। ~সত্র [দীর্ঘ-কালব্যাপী যে সত্র (যজ্ঞ), ধা] বি, যে যজ্ঞ বহু দিনে সম্পন্ন হয়। ২ বিণ, দীর্ঘকালসাধ্য যজ্ঞকারী। ~সূত্র [দীর্ঘ যে সূত্র, ধা] বিণ, যে কার্য্য সম্পাদনে বহু বিলম্ব করে; চিরক্রিয়; দীর্ঘসূত্রী। ২ দীর্ঘতন্তুবিশিষ্ট। ~সূত্রতা, ~সূত্রিতা-বি, কার্য্য সম্পাদনে বিলম্বকরণ; চিরক্রিয়তা। বিশ, ~সূত্রী [দীর্ঘ-সূত্র+ইন্‌ (নিন্দার্থে) > ~সূত্রিন [১মা, ১ব°] চিরক্রিয়; কালক্ষয়-কারী; অলস procrastinating.

দীর্ঘা [দীর্ঘ দ্রঃ] বিণ,দীঘলা; দৈর্ঘ্যযুক্তা। ~কার, কৃতি-বি (বিণ), ঢেঙ্গা বা লম্বা দেহ (বিশিষ্ট)। ~য়ত-বিণ, অধিক বিস্তৃত; লম্বা ও চওড়ায় বড়। > স্ত্রীং ~া। ~য়ু [দীর্ঘ-আয়ুস্‌ (জীবন) যার, বহু°] বিণ, যে বহুকাল জীবিত থাকে: দীর্ঘজীবী; চিরায়ু। ~য়ুরস্তু [দীর্ঘায়ুঃ+অস্তু (হউক) তুল-ইং "may he live long"] অ, পরমায়ু দীর্ঘ হউক বলিয়া আশীর্ব্বাদ; তোমার জীবন দীর্ঘ হউক। "অষ্টাবক্র দীর্ঘায়ুরস্তু বলিয়া, হস্ত তুলিয়া আশীর্ব্বাদ করিলেন।"-ষি° সা°।

দীর্ঘিকা [দীর্ঘ+ক (স্বার্থে)+আ (স্ত্রীং), ই আগম] বি, ত্রিশত ধনু অর্থাৎ ১২০০ শত হস্ত পরিমিত জলাশয়; দীঘী।

দীর্ণ [দৃ (বিদারণ করা, ভয় পাওয়া)+ত (ক্ত)] বিণ, বিদারিত; বিদীর্ণ। ২ [দৃ+ত] ভগ্ন।

দু, দুই, দো [সং-দ্বয়, দ্বি, দ্বৌ। প্রাকৃ°-দুঅ > হিং দো, দুই; বাং-দুই > ফেং দু। তুল-ল্যা° duo; জর্ম্ম°dyo; গেলিক-da, do; গথ° twai; ইং two; ফাং দো, দু। সমাসে দুই=দু বা দো] বিণ, এক অধিক এক; যুগ্ম। প্র-দু একজন; দুই এক পা; দুহাঁর (দুই হাঁর=দুই জনের); দুহেঁ (দুই জনে); দুই হো (=দুই ই=দুই জনেই)। প্রা°বাং-দুঈ=দুই; দুঈহো (=দুই-ই=দুয়ের কোনটিই) "একুল ওকুল দুঈহো নাহি চলে না এ॥"-শ্রী° কী°। দু দশ কথা; দুইহাত; দুপুর; দো কাঠি; দোশালা; দোধার।

দুঅ-দুয়ো দ্রঃ। ২ দ্বি; দুই।

দুঅজ, দুয়জ [সং-দ্বিতীয় > হিং। প্রা°বাং। দুঅ দ্রঃ] বিণ, দ্বিতীয়। "দুঅজ পহরে মোঁ চিন্তিলো একসরী"-শ্রী°কী°। ২ দ্বিগুণ। "তাহার দুঅজ আর গজমুতী হার॥" -শ্রী° কী°।

দুঅন [সং-দোহন >] বি, দোহন; দুগ্ধনিষ্কাশন। ২ শোষণ।

দুআ১-দোয়া১ দ্রঃ।

দুআ২ [দ্বা >] বিণ, দুই; দু; দো। ~পর [দ্বাপর (দ্রঃ) >] বি, দুই যুগের পরবর্ত্তীযুগ; দ্বাপর যুগ। "দুআপরেত সাঁজা দিলা গঙ্গা আমনি।"-শূ° পু°।

দুআখা [রূপান্তর-দুপাখা > দুপাকা

>দোপাখা >দোপাকা 'দুচোখা' ও°। দুই-আখা (উনান)] বি, যে উনানের দুই-দিকে দুটি হাঁড়ি বসাইয়া পাক করা যায় কিন্তু উনানে জ্বাল দিবার একই মুখ থাকে।

দুআধারী [আধু° বাং-দুধারী দু (দুই >দুআ=উভয়)+ধার (পার্শ্ব বিদ্যমানার্থে)] বিণ, দুই পার্শ্বস্থিত; যারা দুইপার্শ্বে আছে। "দুর্ব্বলা হাটেরে যায় দু° লোক চায়। হের আইসে সাধু ঘরের ধাই।" -কবিক°।

দুআনি-দোয়ানি দ্রঃ।

দুআপর-দুআ₂ দ্রঃ।

দুআভুআ [দু-ভাব-আ,-ভাবনা >। তুল-হিং দুন্ধা] বি, দোভাবা; দ্বিধা: সন্দেহ। "দুই এক মাসে রন্ধা করে দু° ভু°" -মাণিক°।

দুআর, দুয়ার, দুয়োর [দ্বার >দবার্ >দুআর >দুওর, দোয়ার >ক্ষে° দোর] বি, দ্বার; দরজা। "পুন বীর হনুমান ঘুচাঅ কপাট খান দুআর মুক্ত করিব তুরিত।"-শূ° পু°। "দুয়ারত (=দ্বারেতে) ঘোড়া"-মাণিক°। বিণ, দুআরী-দ্বারী। দুআরপাল-দ্বারপাল। "সন্ন্যাসী গতি জাইত গাএন বাএন দুআরি দুআরপাল ভাণ্ডারী ভাণ্ডারপাল"-শূ° পু°।

দুই-দু দ্রঃ।

দুএক [দু+এক। হিং দোএক] বিণ, দুই বা এক; দুটার বেশী নয় কিন্তু অন্ততঃ এক। ২ কতিপয়; অল্প।...

দুঃ [দুর্ বা দুস্ >] অ, দুষ্ট। ২ নিষিদ্ধ। ৩ মন্দ। ৪ দুঃখ।

দুঃখ [দুঃখ্ (কষ্ট পাওয়া+অ (ভা°) পদ্যে -দুখী। প্রাকৃ° দুখ। গ্রা° দুঃখু 'দুঃখ্যু'ও°। বৈ° পদ° সা° দুক্ষ। গ্রা° মেয়েলী -দুক্ষু] বি, অসুখ, ক্লেশ; কষ্ট। ২ সন্তাপ; ক্ষোভ। "দুঃখেতে স্মরিয়া হরি নাম দিলা হরি।" -অ° ম°। ৩ দুর্দ্দশা; দুর্গতি। ৪ জ্বালা; যন্ত্রণা। ৫ বিপদ; সঙ্কট। ৬ [দর্শনে] সুখের অভাব; আত্মার বিশেষ গুণ। ৭ আক্ষেপ; আত্মগ্লানি। ৮ সংসার। [দ্রঃ-শারীরিক ও মানসিক ভেদে দুঃখের বিভিন্ন সংজ্ঞা আছে। শ্রমজাত দুঃখ (অবসাদ, শ্রান্তি, ক্লান্তি। আঘাত বা রোগজাত যন্ত্রণা -জ্বালা, কাতরতা, কোঁতান, কন্‌কনানি, দপ্‌দপানি, কামড়ানি ই° এবং মানসিক দুঃখের অবস্থাভেদ-অনুতাপ, আক্ষেপ, অপমানবোধ, আত্মগ্লানি, ক্ষোভ ই°)] ~কর-বিণ, অসুখদায়ক; ক্লেশজনক। ~চাটা, ~চাটিয়া, ~চেটে [গ্রা° দুখ্‌চেটে। দুঃখ-চাটিয়া (ভোগকারী)] বিণ, দুঃখ ভোগ করিয়া অভ্যস্ত; জন্মদুঃখী। "নানা তীর্থ পর্য্যটনে শ্রমমাত্র পথ হেঁটে; পাবে ঘরে বসে চারিফল, বুঝনা রে দুঃখ-চেটে।"-রা° প্র°। ~জনক-বিণ, দুঃখ উৎপাদক; কষ্টকর। ~ত্রয়-বি, আধ্যাত্মিক আধিদৈবিক এবং আধিভৌতিক এই ত্রিবিধ তাপ। ~দ-বিণ, যে দুঃখ দেয়। ~দগ্ধ-বিণ, সন্তপ্ত। ~দায়িক, দায়ী, ~প্রদ-দুঃখদ। ~ধান্ধা-বি, কষ্ট মেহনত; কায়ক্লেশ। "সংসারে অনেক দুঃখ-ধান্ধা করিয়া"-অনুরূপা দেবী। ~ময়-বিণ, ক্লেশপূর্ণ। ~বাদ-এ জগত কেবল দুঃখময় এই দার্শনিক মত; নৈরাশ্যবাদ pessimism. ~হর [দুঃখ-হৃ (হরণ করা)+অ (র্ত্তৃ), দুঃখ (কষ্ট) হর (যিনি হরণ করেন)] বিণ, যিনি জীবের দুঃখ নাশ করেন; পরমেশ্বর; শিব। ২ দুঃখনাশক। >স্ত্রীং হরা-দুর্গা। "বার বার যে দুঃখ দিয়েছ দিতেছ তারা। সে কেবল দয়া তব জেনেছি গো দুঃখহরা॥"-বাং-গান। ২ বিণ, কষ্টহারিণী। ~হারী-বিণ, দুঃখনাশক। স্ত্রীং~হারিনী। দুঃখের উপর টনকের ঘা-কষ্টের উপর যন্ত্রণা। দুঃখের দুঃখী-দুঃখ প্রাপ্ত জনের অবস্থায় অনুসরণকারী; অন্যের দুঃখে দুঃখিত; সহানুধাবী। দুঃখের সাগর-বি, অপার দুঃখ; অশেষ দুঃখ।

দুঃখার্ত্ত [দুঃখ (দ্বারা)+আর্ত্ত (কাতর), ৩ তৎ] বিণ, দুঃখে অভিভূত; দুঃখকাতর। স্ত্রীং ~া।

দুঃখিত [দুঃখ্ (কষ্ট দেওয়া)+ত (র্ম্ম)] বিণ, দুঃখপ্রাপ্ত; সন্তাপিত। ২ ক্ষুব্ধ। স্ত্রীং~া।

দুঃখী [দুঃখ+ইন্ (স্ত্য°)=দুঃখিন্ ১মা, ১ব°] বিণ, দুঃখিত। ২ দারিদ্র্য-পীড়িত; গরীব। "জয়ারে কহিলা দেবী হাসিয়া হাসিয়া। এগ্রামে কে বড় দুঃখী দেখহ ভাবিয়া॥"-অ° ম°। ৩ যে দুঃখ ভোগ করে। ৪ বি, দরিদ্র; দীনহীন ব্যক্তি। "দুঃখীর দুহিতা নহ দোষ দিব কি। ভিখারীর ভার্য্যা হৈলে ভূপতির ঝি॥"-শি°। স্ত্রীং দুঃখিনী।

দুঃখু, দুখ্যু [দুঃখ (দ্রঃ) >, গ্রা°] বি, দুঃখ। দুঃখু মেহনত করে-ক্রি-বিণ, খেটেখুটে; মজুরী করে; দাস্যবৃত্তি বা দাসীগিরি করে। "তার ওপর মাগী দুঃখু মেহনত ক'রে ছেলেটাকে মানুষ কচ্ছে।" -বা° বসুমতী, ১৩৩৪। "মনে দুখ্যু করবে * * * আরে আমার দুখ্যুরে।"-ঐ।

দুঃশল [পু°] বি, ধৃতরাষ্ট্রের জনৈক পুত্র। স্ত্রীং ~া-দুঃশলের ভগিনী ও জয়দ্রথের পত্নী।

দুঃশাস [দুর্+শাস্ (শাসন করা)+অ (র্ম্ম)] বিণ, দুঃখে বা কষ্টে শাসন করিবার মত; দুর্দ্দম্য।

দুঃশাসন [পু°। দুর্ (দুঃখজনক) শাসন যার, বহু°] বি, দুর্য্যোধনের মধ্যম ভ্রাতা। ২ বিণ, দুর্দ্দম্য। ৩ [দুঃ (দুঃখজনক) যে শাসন, ধা] বি, কষ্টের শাসন; কষ্টকর শাসন।

দুঃশীল [দুর্ (দুষ্ট) শীল (স্বভাব) যার, বহু°] বিণ, সুশীলের বিপরীত; দুষ্ট স্বভাব; দুশ্চরিত্র।

দুঃশ্রব [দুর্-শ্রু (শুনা)+অ (র্ম্ম)] বিণ, যা শ্রবণ করিলে দুঃখ হয়; অশ্রাব্য। ২ কষ্টে শ্রবণগোচর হয় এমন।

দুঃসম [দুঃ (নিন্দিত, মন্দ ই°)+সম (তুল্য)] বিণ, নিন্দনীয়। ২ কদাকার; বেমানান।

দুঃসময় [দুর্ (দুঃখপ্রদ) যে সময় (কাল), ধা] বি, দুঃখের কাল; মন্দ সময়; দুর্দিন। ২ অকাল; দুর্ভিক্ষ।

দুঃসহ [দুর্-সহ্ (সহ্য করা)+অ (র্ম্ম)] বিণ, যা দুঃখে সহ্য করা যায়; অসহনীয়; অতিক্লেশদায়ক; অসহ্য।

দুঃসাধ্য [দুঃখ দ্বারা সাধ্য (নিষ্পাদ্য), ৩ তৎ] বিণ, যা অতিকষ্টে সাধন করা যায়; কষ্টসাধ্য; ক্লেশকর। ২ যা সাধন করিতে পারা যায় না; অসাধ্য। প্র-দুঃসাধ্য কর্ম্ম।

৩ যার কোনরূপ প্রতীকার করা যায় না ; অপ্রতিবিধেয় ; অপ্রতিকার্য্য । ৪ যা চিকিৎসা দ্বারা আরোগ্য করা যায় না ; অচিকিৎস্য। প্র-দুঃসাধ্য রোগ [দ্রঃ-দুঃসাধ্য -বহুকষ্টে সাধ্য হইলেও তা মানুষের সাধ্য। অসাধ্য-যা কষ্ট করিলেও সাধ্য নহে]।

দুঃসাহস [দুর্ (অতিশয়) সাহস যার, বহু০] বিণ, অতি সাহসী ; নির্ভীক। ২ [দুর্ (মন্দ) + সাহস, ধা] বি, নিন্দিত সাহস ; অনুচিত বা অসঙ্গত সাহস।

দুঃসাহসিক [দুঃসাহস+ইক (বির্থে০)] বিণ, অনুচিত সাহসকারী ; অসমসাহসযুক্ত। ২ যাতে দুঃসাহসের প্রয়োজন।

দুঃস্থ, দুস্থ [দুর্ (দুঃখ) স্থ (যে থাকে)] বিণ, যে দুঃখ পাইতেছে ; যে কষ্টে কাল কাটাইতেছে ; দরিদ্র। ২ দুর্দ্দশাগ্রস্ত ; দুরবস্থাপন্ন। ৩ দুঃখিত।

দুঃস্থিত, দুস্থিত [দুর্ (দুঃখে) স্থিত (যে আছে), ৭ তৎ] বিণ, দুঃখে স্থিত ; কষ্টে পতিত। বি, দুঃস্থিতি।

দুঃস্পর্শ [দুর্ (দুঃখ) + স্পশ্ (স্পর্শ করা) + অ (র্ম্ম)] বিণ, যাকে অতিকষ্টে স্পর্শ করা যায় ; কষ্টস্পর্শ।

দুঃস্বপ্ন [দুঃ (দুঃখজনক) যে স্বপ্ন, ধা] বি, অশুভ স্বপ্ন ; কুস্বপ্ন।

দুঁদিয়া, দুঁদে, দুন্দিয়া [দ্বন্দ্ব > দ্বন্দিয়া > দোন্দে > দুঁদে। তুল-হিং দুঁদ (উপদ্রব) > বিণ, দুঁদিয়া] বিণ, উপদ্রবকারী ; দুর্দ্দান্ত ; দামাল ; অশান্ত ; উৎপাতকারী ; দুরন্ত ; যাকে সহজে আঁটা যায় না। ২ বিবাদকারী ; দ্বন্দ্বকারী ; মামলাবাজ।

দুঁহু, দুঁহা, দোহা, দোঁহা [সং-দ্বয়, দ্বৌ > হিং দো, ব্রজ০ দুঁহু, দুহু] স, উভয় ; দুই। দুঁহাকার-দুজনের ; উভয়ের। দুঁহেদোঁহা-পরস্পর ; উভয় উভয়কে।

দুঁহু-দুহু দ্রঃ।

দুকথা [দু (দুই) কথা] বি, দুটি কথা। ২ কথাবার্ত্তা । প্র-দুকথা না হলে বুঝবে কিরূপে। ৩ ভালমন্দ কথা ; শক্তশক্ত কথা ; তিরস্কার। প্র-দুকথা শুনিয়ে দেওয়া। ৪ বচসা। প্র-তাহার সহিত অনর্থক দুকথা হয়ে গেল। দুএক কথা-অল্প কথা। দুচার কথা-কতকগুলা কথা। ২ কথোপকথন। ৩ বচসা। ৪ শক্তশক্ত কথা ; কড়া কথা। ঐরূপ দুদশ কথা।

দুকাঠি-দোকাঠি দ্রঃ।

দুকান, দোকান [ফা০] বি, পণ্যশালা ; ক্রয়-বিক্রয়-স্থান।

দুকুল [দু (দুই) কুল (বংশ), দ্বন্দ্ব। 'দুকূল' অর্থে গ্রা০ প্রয়োগও দৃষ্ট হয়] বি, পিতৃকুল ও মাতৃকুল : পিতৃকুল ও শ্বশুরকুল।

দুকূল১ [দু (উষ্ণ করা) + উল, কূ আগম -জৈব অর্থাৎ কীটজ বলিয়া উত্তাপ জনক] বি, রেসমী কাপড় ; ক্ষৌমবস্ত্র। "বহিয়া দুকূল চরণের ফুল জলদ শোভিতধার।" -চণ্ডি০। ২ চীনাংশুক ; সূক্ষ্মবস্ত্র। ৩ শুভ্রবসন। ৪ উত্তরীয় বস্ত্র। ~ধারী-বিণ, দুকূল পরিহিত। > স্ত্রীং ~ধারিণী। ~বাস-বি, ক্ষৌমবস্ত্র। > স্ত্রীং~বাসা।

দুকূল২ [দুই-কূল (তীর)] উভয় তট ; এপার ওপার : ইহকাল পরকাল ; সকল আশ্রয়। "তার একুল ওকূল দু০ গেল পাথারে পড়িল সে।"-চণ্ডি০। "আমার একূল ওকূল দু০ গেল। সুধা না পেলে চকোর গো।" -রা০ প্র০।

দুখ [গ্রা০। দুঃখ দ্রঃ। পদ্যে] বি, দুঃখ। ~দিতাঁ [প্রা০ বাং] বিণ, দুঃখ দানকারী। ~মিতী [প্রা০ বাং] বিণ, দুর্ভাগ্যবতী; দুখিনী (শ্রী০ কী০)। ~চেটে-দুঃখচাটা দ্রঃ। ~পাসিরা [গ্রা০ দুখ (দুঃখ) পাসরা (যে পাসরণ করায়)] বিণ, যে সকল দুঃখ ভুলাইয়া দেয় ; দুঃখহরণ। "দুঃখহরা দুখ্ পাসরা" -ছড়া। ~সুখ-সুখ দুঃখ দ্রঃ। দু০ সুখ করে, দুখে সুখে-ক্রি-বিণ, কষ্টে সৃষ্টে ; কায়ক্লেশে ; কোন রকমে। দুখের দুখী -দুঃখ দ্রঃ। দুখের সাগর-দুঃখ দ্রঃ।

দুখান১,-না [দুই-খান, খান (খণ্ড) + আ (অনাদরে। আদরে-দুখানি)] বি, দুইখণ্ড। ২ বিণ, দুই সংখ্যক ; দুটা। ৩ দুই খণ্ডে বিভক্ত।

দুখানি২ [দুঃখ > দুখ + আন (ক্রিয়ায়)। হিং দুখ্না, দুখানা (ব্যথা করা, দেওয়া)। প্র০পু০ দুখায়। অস্-ক্রি-দুখাইতে ; দুখাইয়া] ক্রি, বেদনা প্রাপ্ত হওয়া ; ব্যথিত হওয়া ; ব্যথা করা। "নন্দাইকে ভাত দিতে কাঁকাল দুখায়"-ছড়া (সাঁওতাল পরগণা)।

দুখানি [দুই-খানি (খণ্ড > খান + ই, আদরে)। অনাদরে-দুখানা (দুখান দ্রঃ)] বিণ, দুই সংখ্যক ; দুটি।

দুখী [গ্রা০। দুঃখী দ্রঃ] বিণ, দুঃখী। স্ত্রীং দুখিনী। দুখের দুখী [গ্রা০] দুঃখিতের অবস্থার অনুসরণকারী ; অন্যের দুঃখে দুঃখকারী ; সহানুভাবী।

দুগ-দুর্গম৪ দ্রঃ।

দুগুটি [দুই-গুটি (গোটা দ্রঃ)] বিণ, দুইটি।

দুগুণ,-ন [দ্বি > দু + গুণ] বিণ, দ্বিগুণ।

দুগ্‌গন্ধি-দুর্গন্ধ৪ দ্রঃ।

দুগ্ধ [দুহ্ (দোহন করা) + ত (র্ম্ম)] বি, ক্ষীর ; দুধ ; স্তন্য। গোদুগ্ধ ; ছাগীদুগ্ধ। ২ বিণ, কৃত দোহন ; যা দোহন করা হইয়াছে [বিরল]। ~া-বিণ, দোহন করা যায় এমন। ~কূপিকা [দুগ্ধ (দুগ্ধ ঘটিত) কূপিকা (পিষ্টক)] বি, দুধপুলি। ~পাচন [দুগ্ধ-পচ্ (পাক করা) + অন (ধি)] বি, দুগ্ধপাক পাত্র ; দুধের কড়া। ~পোষ্য-দুগ্ধদ্বারা পোষ্য, ৩তৎ] বিণ, দুগ্ধমাত্র পান করাইয়া পালিত। ২ বি, শিশু ; দুধের ছেলে। > স্ত্রীং ~া। ~ফেন-বি, দুধের ফেনা। ~ফেননিভ-বিণ, দুধের ফেনার মত শুভ্র। ~বতী, -ল, দুগ্ধাল ['দুধাল' গ্রা০ দুধেল, দুধোলা। মুর্শি০ প্রাদে০ দোহন] বিণ, প্রচুর দুগ্ধ দায়িনী। প্র-দুগ্ধবতী ই০ গাভী। ~মুখ [তুল-দধিমুখ; দধিমুখী। প্রাদে০] বিণ, অতিশয় কোমল ; কচি। "দুগ্ধমুখ শিশুগণ ধরে হস্তে গলে"-মহা০(কাশী০)। ~রাজডাঙ্গা [প্রাদে০] বি, ক্ষীরনটে ; পদ্মনটে।

দুঘড়ি [দুই-ঘড়ি (প্রহর)] বি, দ্বিপ্রহর ; মধ্যাহ্ন বা মধ্যরাত্রি।

দুচারিনী [সং-দ্বি > দু + চারিণী। প্রা০ বাং] বিণ, দ্বিচারিণী ; কুলটা। "দু০ যার মা তার হেন গতী"-শ্রী০ কী০।

দু(দো)চালা [দু(দো)+চাল+আ (যুক্তার্থে)] বিণ, দুই চাল বিশিষ্ট। ২ বি, দুই চাল তোলা মেটে ঘর।

দু-চুচ্‌কো [দু+চুচকো (দ্রঃ)। প্রাদে°] বিণ, যে দুই পক্ষের মনোরঞ্জন করিয়া কথা বলে। "তোমরা সব দু-চুচ্‌কোর দল"-নারীমেধ (শৈলজানন্দ)।

দুচোখ [দু(দুই) চোখ] বি, নেত্রদ্বয়। **দুচোখের ব্রিতি কঁরা**-সর্ব্বদা দুই চক্ষুর ব্যবহার। ২ দুই চক্ষুতে যা পড়ে তাই গ্রহণ, ভোজন বা আত্মসাৎ করা। **দুচোখের বিষ** [দুই চক্ষুর বিষ >] বিণ, চক্ষুশূল; অত্যন্ত অপ্রিয়। "রুদ্রকান্ত কিন্তু মালতীকে দুইচক্ষুর বিষ দেখিতেন"-দামোদর মুখো° (বিমলা)। বিণ, **দু-চোখুয়া, দুচোখো।**

দুজা [হি°। দুই ভাব > জাত >] বি, দ্বিভাব; দ্বিধা; সন্দেহ। "মনে মোর নহে যেন দুজা"-প্রেমভক্তি চন্দ্রিকা।

দুঞর [প্রা° বাং। দ্বার > দুআর > প্রাদে° উচ্চারণ দুআঁর >] বি, দ্বার। "দুঞরে দুঞরে কত নানাবর্ণ খগ।"-ধর্ম্ম-রাজের গীত (সীতারাম)।

দুটা [দুই+গোটা > টা (দ্রঃ)] বি, দুই সংখ্যা। ২ বিণ, দুই সংখ্যক। ৩ কিছু: গোটাকতক। "এত শিখিয়াছ, এটুকু শেখনি, কিসে কড়ি আসে দুটো"-রবী° (পুরস্কার)।

দুটানা, দোটানা [দুই (সমাসে দু, দো)+টান (আকর্ষণ)+আ (স্বার্থে)] বি, দুই দিকের আকর্ষণ; দুইজনের প্রতি টান (স্নেহ, প্রীতি, ভালবাসা)। প্র-দুটানার মধ্যে পড়ে প্রাণ ওষ্ঠাগত হয়েছে। ২ দুই বিপরীত অভিমুখে গতি। প্র-দুটানা করিতে করিতে পায়ের সূতা ছিঁড়িল।

দুটি [দুই-টি > ক্ষে°।. আদরার্থে টি, অনাদরে, টা, টে, টো] বি, দুই সংখ্যা; দুই। "দুটি ভাই যেন এক"। ২ অল্প-পরিমাণ। প্র-দুটি ভাত খেয়ে নে। **গোণা-দুটি**-এক দুই করিয়া গণনায় দুটির মত অল্প। তুল-চারটি।

দুট্ঠ, দুঠ, দুঠ্‌ঠ [সং-দুষ্ট > প্রাকৃ° দুট্‌ঠ >। প্রা° দুষ্ট] বিণ, দূষিত; দুষ্ট। "পাপ দুঠ্‌ঠ কংসে"-শ্রী° কী° "কনিষ্ঠে লংঘিব জেষ্ঠহআঁ দুঠ মনে"-শ্রী° কী°।

দুড়্‌দুড়্‌ [দ্রুত উচ্চারণে-দুদ্দড়্‌। অনু°। মৃদু-দুরদুর। অতি মৃদুশব্দে দুরুদুরু] অ, পদশব্দসহ দ্রুত পলায়নের ভাব। "তাহারা ছাদের উপর দিয়া দুড়্‌দুড় করিয়া পলায়ন করিল"। ২ ভয়-জনিত হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। "আমি ভয়ে বুক দুড় দুড় করে মরি"-অনুরূপা দেবী। ৩ মেঘগর্জ্জনশব্দ ভেদ। এতদর্থে প্রায়ই গুড়গুড় শব্দ সহ ব্যবহৃত হয়। ৪ কিল বা লাঠিপ্রহার শব্দ। ব্যাপকার্থে দুড়দাড়, দুড়দডাম [দ্রুত উচ্চারণে, দুদ্দাড়, দুদ্দড়াম] "লিয়ো কুপিত সিংহের মত কশাই বেটাকে আক্রমণ করিল, তাহার পর দুড়দাড় শব্দে কিল লাথি বর্ষণ করিতে লাগিল।"-দী° রায় (মহিমময়ী)।

দুড়ুম [অনু°। মৃদু পতন শব্দ। শব্দাধিক্যে -দড়াম (দ্রঃ)] অ, দাঁড়াইয়া পতিত হইবার শব্দ ভেদ। ২ গোলাগুলি নিক্ষেপ-শব্দ; কামানের গর্জ্জন (কবি নবীনচন্দ্র পলাশীর যুদ্ধকাব্যে "দ্রুম্" শব্দ ব্যবহার করিয়াছেন)। "দিশাহারা দিবসে, হত কত হুতাশে, গোলা গাজে দুড়ুম দুড়ুম।"-ঘ°।

দুণ, দুণা [দ্বিগুণ > প্রাকৃ° দুণ।। বাং-প্রাকৃ° দুন, দুনা (দ্রঃ)] বিণ, দ্বিগুণ। "মঙ্গল দাখিল হৈতে দুঃখ উঠে দুণ।"-ঘ°।

দুণ্ডুক [সং] বিণ, দুষ্ট; খল। ২ চক্রী।

দুণ্ডুভ [সং] বি, ঢোঁড়াসাপ।

দুৎ [দূর্ >। হি° ধৎ] অ, বিতাড়ন ব্যঞ্জক; দূর হ। ২ অসম্মতিসূচক অব্যয়। ৩ নিষেধার্থক; বলিও না অর্থে। ৪ লজ্জায়। ৫ বিরক্তিতে। **দুৎদুৎ**-দুর্ দুর্।

দুর্তর (-র্ঁ) [দুস্তর >। প্রা° বাং পদ্যে] বিণ, দুস্তর। **দুর্তর্তে**-দুস্তরে। **দুর্তরে**= দুস্তরে; বিপদে (শ্রী° কী°)।

দুতীয়া [প্রা°] দ্বিতীয়া দ্রঃ।

দুত্তোর [দূর > দুৎ, ধুৎ। হি° ধৎতেরি, বাং-ধুৎতোর-অর্থাৎ তোর সংস্রবজনিত ঝঞ্ঝাট দূর হউক] অ, বিরক্তিব্যঞ্জক শব্দ। "হঠাৎ একদিন দুত্তোর বলে কোথা বুড়া গেল চলে।"-দ্বি° রায়।

দুদু-দুধ দ্রঃ। ২ দাদা দ্রঃ।

দুদুল [দুল্ (দোলা) দুল্ (দোলা)-পুনঃপুনঃ দোলনার্থে দুল্‌দুল্ > ক্ষে° দুদুল, দোদুল্-পুনঃপুনঃ ও ক্রমাগত অর্থে দুদুল দুদুল] অ, দোদুল্যমান। "দেখিয়াছি খেলাইতে এক পায়ে লাফাইতে দলমল খল খল দুদুল দুদুল।"-চন্দন।

দুদ্দাড় [দুড়্‌দুড়্‌ (দ্রঃ) > দ্রুত উচ্চারণে দুদ্দড়, শব্দ ও বেগাধিক্য অর্থে দুদ্দাড়। ব্যাপ্ত্যর্থে-দুদ্দ (া) ড়াম] অ, প্রহারের শব্দ ও বেগবাচক। প্র-তাহাকে দুদ্দাড় করিয়া ঠেঙ্গাইল।

দুধ [প্রা° দুদ। সং-দুগ্ধ (দ্রঃ)-প্রাকৃ° দুদ্ধ। আধু° বাং-য় আদরার্থে "দুধি" (প্রা° দুদি। 'দুদিভাতি'), "দুধু" (প্রা° দুদু। 'দুদু ভাতু')। প্রা° বাং গ্রন্থে "দুধু" শব্দের ব্যবহার ছিল। "দুহিল দুধু কি বেণ্টে ষামায়" (অর্থাৎ দোহা দুধ কি গায়ের বাঁটে পুনঃপ্রবেশ করে?)-বৌদ্ধগান ও দোহা] বি, স্তনক্ষীর; দুগ্ধ; স্তন্য। "কনক কলস পর দুধক ধার।"-বি° প°। ২ দুগ্ধবৎ শ্বেত বৃক্ষাদির রস; বৃক্ষক্ষীর। **~কঁই** [প্রাদে°। কড়ুই দ্রঃ] বি, দুগ্ধকড়ুই। "কাঁচা কলা ভাজে দুধকঁই" -মনসামঙ্গল (বংশী°)। **~কঁলা দিয়ে সাপ পোষা**-বিনাশের হেতু স্বরূপ যত্ন করিয়া খল বা শত্রুকে পালন করা। **~কঁমল** [প্রাদে°] বি, ধান্যবিঃ। ২ দুধকমল ধানের চাউল। **~কঁমলা** [প্রাদে°] বি, হৈমন্তিক ধান্য ভেদ। "সুধা দুধকমলা খড়িকা-মুটি রান্ধে।"-অ° ম°। ২ দুধ ও কমলা-নেবুঘটিত পায়স। **~কঁম্বল** [সং] বি, গর্ভবতী গাভীর প্রসবের পূর্ব্বে দুগ্ধাবির্ভাব জ্ঞাপক যে গোল মাংসপিণ্ড নাভিদেশে প্রকাশ পায়। **~কুসুম্ভা**-বি, দুধে গোলা সিদ্ধিবাটা। "দুগ্ধ দিয়া ঘন করি ঘুরাও ঘোটনা। দুধকুসুম্ভায় আজি হয়েছে বাসনা।"-অ° ম°। **~ক্ষীর**-বি, জ্বাল দিয়া আওটাইয়া গাঢ় করা দুধ। ২ ধান্যের গর্ভাবস্থা। **দুধ খাওয়ানি**-শিশু সন্তানকে গোদুগ্ধ ঝিনুকাদির দ্বারা পান করান। ২ মাই খাওয়ান। **দুধ ছেঁড়া**-অম্লযোগে দুধের বিকার হওয়া। **দুধ জ্বাল দেওয়া**

-দুধ আগুনে গরম করা। দুধ তোলা-শিশুর দুগ্ধ বমন। দুধ দোয়া-দুগ্ধ দোহন করা। দুধ নামা-বি, স্তনে দুগ্ধ সঞ্চার হওয়া। ২ দুধ জ্বাল দিয়া উনান হ'তে নামান। ~ফেনি-বি, দুধে পাক করা পিষ্টকবিঃ। দুধ ভর করা-বি. দুধের সঞ্চার হওয়া। দুধ ভাত [প্রাং আদরার্থে দুদিভাতি] দুগ্ধে মিশ্রিত ভাত; উত্তমান্ন। দুধে আলতা-দুধের সহিত আলতার রস মিশিয়া যে রঙ হয়। দুধে জলে মেশা-ক্রি, বেমালুম মিশিয়া যাওয়া; অভিন্ন ভাব হওয়া; একাত্ম হওয়া। দুধ (ধে) ভাতে (থাকা)-ভোগে বা ঐশ্বর্য্য সুখে (থাকা)। "প্রণমিয়া পাটুনী কহিছে যোড়হাতে। আমার সন্তান যে থাকে দুধভাতে॥"-ভারত০। দুধের ছেলে-দুগ্ধপোষ্য শিশু; অতিশিশু। দুধের বলক-জ্বাল দিবার কালে দুধের উথলন বা স্ফীতি। দুধের মাছি-যে মাছি কেবল দুধের উপর উড়িয়া বসে, জঘন্য দ্রব্যের রস খায় না। ২ [লক্ষ০] লোকের ভাল সময়ে যে আসিয়া জুটে। তুল-সুখের পায়রা। দুধের রঙ্গ,-রঙ,-রং, দুধবর্ণ-শ্বেতবর্ণ। দুধের সর-গরম দুধের উপরিভাগ যে স্নেহযুক্ত পদার্থে আবৃত করে। দুধের হাঁড়ি-বি, কেঁড়ে। কুলায় শুইয়া তুলায় করিয়া দুধ খাওয়া-পল্লীগ্রামে নবজাত শিশুকে কুলায় শুয়াইয়া রৌদ্রে রাখা ও তুলার পলিতার একপ্রান্ত দুধের বাটিতে অপর প্রান্ত মুখে দিয়া দুধ খাওয়ানর প্রথা হ'তে ব্যঞ্জনায়-অতিশিশু যে কিছুই জানে না। বিদ্রূপে, অতি সরল ও অজ্ঞ অর্থাৎ যতদূর সরলতা এবং অজ্ঞতার প্রকাশ তার কিছুই নয়; কপট সারল্য প্রকাশ করা। শাদা দুধ-দুধের মত শ্বেত।

দুধারি, দোধারী [দুই-ধার (পার্শ্ব) +ঈ (তত্রস্থিত অর্থে)] বিণ, দুই পার্শ্বস্থ।

দুধালি, দুধালী [দুধ+আল,-ঈ (বালা, বালী)। প্রাং দুধলি] বিণ, দুগ্ধযুক্ত; দুধিয়া। ২ দুগ্ধবতী; যে গরু বা ছাগী প্রভৃতির খুব দুধ হয়। "একটি দুধালী ছাগল [=ছাগলী] আছে"-দুনিয়ার দেনা।

দুধি আর্কন [প্রাং বাং] বি, শ্বেত-আকন্দ (স্ত্রীং কীং)

দুধিয়া [দুধ+ইআ কেং, দুধে'] বিণ, দুগ্ধবতী। ২ দুধ মিশ্রিত। ৩ শ্বেতবর্ণ।

দুন১ [দ্বিগুণ >] বি. বাদ্যের দ্রুততাল-বিঃ; দুই মাত্রার বোল এক মাত্রায় বাদন।

দুন২, দুন।১ [দ্বিগুণ > প্রাকৃং দুগ্ণ >। দুণ দ্রঃ] বিণ, দ্বিগুণ; ডবল। "উনো ভাতে দুনো বল"- প্রবাদ। "দর করে এক মূলে জুখে লয় দুনা।"-ভারত০।

দুনা২ [প্রাদেং। মূলে দ্রবণ > দ্রং?] বিণ, অতিশয় পাতলা।

দুনি, দুনী [দ্রোণী >] বি, দ্রোণী; কাষ্ঠনির্ম্মিত জলসেচনী; ডোঙ্গা; ক্ষেত্রে জল-সেচনের যন্ত্রবিঃ; একজন লোকের দ্বারা পুকুর বা নদী হতে জল তুলিবার যন্ত্র। "দুনী করিয়া জল ছেঁচিতে হয়"-বঙ্গীয় পতিত জাতির কর্ম্ম। ২ শস্য ক্ষেপণ যন্ত্রবিঃ।

দুনিয়া [ফাং] বি, পৃথিবী; জগৎ; বিশ্ব। ~দার-বিণ, সাংসারিক বিষয়বুদ্ধি-সম্পন্ন। ৩ সংসারাভিজ্ঞ; স্বার্থচতুর; স্বার্থপরায়ণ। বি, ~দারী।

দুনু, দুনো [দুন দ্রঃ] বিণ, ডবল; দ্বিগুণ। "না শুনে কাহার বোল দুনু হয় ক্রোধ।"-মহাং (কাশীং)।

দুন্দুভি [অনুং। দুন্দু (অনুকরণ শব্দ) +ভা (উচ্চারণ করা)+ই (কর্তৃ)] বি, ঢকা; ঢাক; নাগরা। "পরম সন্তোষে দুং নির্ঘোষে ইন্দ্র হৈলা আগুয়ান।"-অং মং। "ভেরী তুরী বাজে ভাল কাংস্য বাদ্য করতাল পটহ দুং বাজে বীণে।"-কবিক০। ২, দৈত্যবিঃ। ৩ রাক্ষসবিঃ।

দুন্দুমার [শব্দকল্পে দুন্দুমারঃ-"ধুন্ধু-মারঃ ইতি শব্দার্থকল্পতরু"] বি, গৃহধূম। ২ [বঙ্গীয় শব্দকোষে] বিণ, ঘোরতর; বিষম।

দুপ [অনুং] অ, পতন, কিল মারার শব্দ। ব্যাপ্ত্যর্থে দুপ্ দাপ (দ্রঃ)। লঘু অর্থে, দুপদুপ (বিতঃ পদ শব্দে)]। দুপুস্ দুপুস্-দুপ্ দুপ্ অপেক্ষা বিলম্বিত, লঘু বা কোমল পদক্ষেপ বা লম্ফ দিয়া চলিবার শব্দ। বি, দুপদুপি, দুপুদুপি (দাপাদাপি অপেক্ষা অল্পার্থে)।

দুপদাপ [অনুং। দুপ্ দ্রঃ] অ, পদ-শব্দ; গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। ২ লম্ফ ঝম্প। "কি ভীষণ দুপ দাপ কুদে কুদে মারে লাফ।"-চন্দন। "হুপ্ হাপ্ দুপ্ দাপ্ আশ পাশ ঝাঁকিছে।"-অং মং।

দুপর, দুপুর, দুপোর [দ্বিপ্রহর > দুপহর > কেং] বি. দ্বিপ্রহর; বেলা ১২টা। "গ্রামের বাঁশিটী দুপুরে ডাকাতি সরবস হরি লৈল।"-চণ্ডিং। "গড়ান দুপুর বেলা তৃষ্ণায় শুকাল গলা।"-কবিক।

দুপাক১, দোপাক [দ্বি > দুই > দু, দো+পাক (< পরিক্রম)] বি, দুই ফের; দুই বেষ্টন। প্র-দুপাক দেওয়া দড়ি। ২ ঘূর্ণন; চক্র। প্র-দুপাক ঘুরে আসি।

দুপাক২ [দ্বি=দুই-পাক (পক্ব) >] দুইবার পক বা সিদ্ধ। ~া-বিণ, দুই দিকে পাক করিবার উপযোগী; দুপাথা।

দুপাখা [দু=দুই+পাখা (পক্ষ+আ= যুক্ত)] বি, দুই পক্ষযুক্ত উনান; দুআখা দ্রঃ।

দুপাটী১ [দু (দুই)+পুট+ ঈ=পাটী। প্রাং বাং প্রাং দুইবটী; দুপুটী। "চামলী গন্ধলি তুলিলা শ্রীফল দুইবটী।"-শূংপুং] বি, পুষ্পবৃক্ষবিঃ।

দুপাটী২ [পাটী < পট্টি < পঙ্‌ক্তি < পঙ্‌ক্তি (সং)] দুই থাক; দুই শ্রেণী।

দুপুরিআ, -য়া, দুপুরে, দুপুর্যা [দ্বিপ্রহর+ইআ। দুপর দ্রঃ] বিণ, দ্বিপ্রহর সংক্রান্ত; দুপুর বেলার; দ্বিপ্রহরে জাত। ~ডাকাত-বি, যে লোক দিনে দ্বিপ্রহরেও ডাকাতি করে বা করিতে পারে। "বুঝিলাম বিশাই দুপুর্যা ডাকাত।"-প্রাং সূর্য্যের গান। (বং সাং পরিচয়)।

দুফাল, দোফাল [দুই-ফাল (ফাড় =বিদারণ। ফালি দ্রঃ)] বি, দুই টুকরা; দুই খণ্ড; দুই চির।

দুবটী [প্রাংবাং। দুপাটী দ্রঃ] বি, দোপাটী পুষ্প। "অসোক কিংশুক জাতি দুং কুরুবক।"-শূং পুং।

দুবরি, দুবরী [ব্রজং। হিং প্রাং দুবল; দুবর > স্ত্রীং দুবরি (রী)। সং-দুর্ব্বল > দুবর] বিণ, দুর্ব্বলা; ক্ষীণা; কৃশা।

"দুয়া গুণে সুন্দরী অতি ভেল দুবরি গুণি গুণি প্রেম তোহারি।"-বিদ্যাপ০।

দুর্বল, দুববল-বিণ, দুর্ব্বল (দ্রঃ)।

দুবলা১ [প্রা০ বাং। দূর্ব্বা > দুবরা > দুবলা > ক্ষে০ দুবব, দুব] বি, দূর্ব্বা cyusdon dactylon. "সরিষাতে সরু দুবলাতে হীন"-মাণিক০ গান।

দুবলা২ [সং-দুর্ব্বল > হিং০দুবলা] বিণ, দুর্ব্বল। ২ কৃশ।

দুবুড়া [সং-দুকূল > দুউল > দুবুড় >] বি, মোটা সুতার সাড়ী। "বান্ধা দিয়া সাম্যা যাও স্ত্রীর দু০।"-মনসা ম০ (বং০গী০)।

দুর্ব্ব, দুব্বা, দুব্বো [সং-দূর্ব্বা > প্রা০ দুব্বা > । হিং০ দূব] বি,দূর্ব্বা। হাড়ে দুর্ব্ব গজানি-দেহ পাত হওয়া।

দুভাপা [দ্বি > দু+ভাপ+আ] বিণ, দুইবার ভাপ বা ভাবনা দেওয়া।

দুভাষী, দোভাষী [প্রা০ দোবাষ্। দুই+ভাষী] বিণ, দুই ভাষাভিজ্ঞ। "বক্তা ও শ্রোতা পরস্পরের ভাষা বিভিন্ন হইলে একজন উভয় ভাষাভিজ্ঞ ব্যক্তিকে মধ্যস্থ রাখিতে হয় তাহা হইলে সেই দোভাষী একজনের বক্তব্য অপরকে বুঝাইয়া দেয়।"

দুম্ [অনু০] অ, দুম্ এই শব্দ ; ভারি জিনিষ পড়ার শব্দ। "কড়াটা দুম্ করিয়া মাটিতে নামাইয়া"-অনুরূপা দেবী। ২ পিঠে কিল মারার শব্দ। ~দুম্-উপর্য্যুপরি ঐ শব্দ। ~দাম্-দ্রঃ। ~পট্‌কা-বি, পটকা বাজী বিঃ। ~পটাস্-অ, দুম এই শব্দে কাটিবার শব্দ।

দুমচী [তুর্কী০] বি, ঘোড়ার সাজবিঃ ; যে চর্ম্মরজ্জু অশ্বপুচ্ছের নিম্নদিয়া বেড়িয়া জিন কষিয়া রাখে।

দুমড়ন [দুমড়ান দ্রঃ] বি, কুঞ্চন ; সঙ্কোচন ; মোড়ন ; ভাঁজ করণ। ২ (-নো) ক্রি, দুমড়ান দ্রঃ।

দুমড়া [দুমড়ান দ্রঃ] বিণ, কুঞ্চিত; বক্র।

দুমড়ানি [সং-ভ্রাজ্ঞ্ (কুটিলীকরণে) দুমড়াই, দুমড়াও, দুমড়ায় ; দুমড়াইতে ; দুমড়াইয়া (ক্ষে০ দুমড়ে)] ক্রি, কুঞ্চিত করা ; ভাঁজ করা ; মোচড়ান ; বক্র করা। > বি, দুমড়ানি।

দুমদাম্ [অনু০] অ, উপর্য্যুপরি ভারি বস্তু পতন শব্দ। ২ গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ; জোরে পা ফেলিয়া চলার শব্দ। ২ [এই অর্থে 'দুমাদুম'ও০] প্রহার শব্দ। প্র-"দশ হাতে দুমদাম দিবে অতঃপর।"-শি০।

দুমিনা [দুইমন+আ (বিৰ্থে০)] বিণ, দুই মনবিশিষ্ট ; যার মন দুইদিকে যায় ; অস্থির মন ; সন্দিগ্ধমানস।

দুমাদুম [দুম্ দ্রঃ। ধুমাধুম ও০] অ, উপর্য্যুপরি কিল মারার শব্দ।

দুমালা-দোমালা দ্রঃ।

দুমুখা, দুমুখুয়া, দুমুখো [দুই-মুখ+আ, উআ (যুক্তার্থে)] বিণ, দুই মুখ-বিশিষ্ট। ২ যার দুই প্রান্তে মুখ আছে। প্র-দুমুখো সাপ। ৩ যার মুখ দিয়া দুইরূপ বা বিপরীত কথা বাহির হয়।

দুমুটা, -ঠা,-ঠো [দুই > দু+মুষ্টি (> মুট্‌ঠি > মুটি,-ঠি) >] বিণ, দুই মুষ্টি পরিমাণ। ২ কিঞ্চিৎ ; অল্প ; দুটিখানি। "এখন তার ছেলেদের দুবেলা দুমুঠো ভাত মেলাও যে দায়"-পিতাপুত্র।

দুম্বা [ফা০ দুম্বা (দুম্=পুচ্ছ। দুম্বল= স্ফীতি, মাংসপিণ্ড)। বৈদ্যকে-দুম্বক] বি, স্থুল মেদল পুচ্ছযুক্ত মেষবিঃ।

দুয়ঁজ- দুঅজ দ্রঃ।

দুয়া১- দোয়া দ্রঃ।

দুয়া২, দুয়ো [দুর্ভগা >] বিণ, ভাগ্য-হীনা ; দুর্ভাগ্যবতী ; যে স্ত্রীলোককে স্বামী ভালবাসে না বা দেখিতে পারে না। "যুবা সুয়া বুড়া দুয়া সবে জানিগো"-অ০ ম০। ২ দুর্ব্বলা শব্দের ক্ষে০। "কহ দুয়া জীবন উপায়। কানে তোর দিব হেম চিন্তহ আমার ক্ষেম যেমতে সম্বন্ধ ভাঙ্গা যায়।"-কবিক০।

দুয়াদশী -দ্বাদশী দ্রঃ।

দুয়াপতি [দ্বি > দ্বা > দুয়া + পট্ট > পাটি > পাতি > পতি (পংক্তি) ; বা দুয়া +পতি (< প্রতি)-দুপক্ষের খেলা যার প্রতি পক্ষে রথ গজ অশ্ব পদাতি সংখ্যায় সমান থাকে] বি, দাবা খেলা ; সতরঞ্চ খেলা। "ইন্দ্রপুরের পাঁচ কন্যা দু০ খেলায়"-ময়না মতীর গান।

দুয়ার১ [সং-দ্বার > প্রাকৃ০ দুয়ার] বি, দ্বার। "বাহিরে তাহার একটি দুয়ার ভিতরে তিনটি আছে ;"-চণ্ডি০। দুয়ারে কাঁটা দেওয়া-প্রবেশ পথ বা দ্বারে বিঘ্নস্থাপন করা ; প্রবেশ পথ বন্ধ করা। "রান্ধি বাড়ি দেও বলে কত দেও খোঁটা। তব ঘরে আসিলে দুয়ারে দিও কাঁটা।"-কবিক০।

~**রী** [দ্বারী >] বি, দ্বাররক্ষক ; দ্বারী। "আপনি ঈশ্বরী যার আছিলা দুয়ারী। তবে কেন সবংশে মজিল লঙ্কাপুরী।।"-[illegible]। "দ্বিরদ নির্ম্মিত দ্বারে দুয়ারী দ্বিরদ।"-মেঘ০। ২ [পুরুষের নামে। প্রা০ দোয়ারকি ও০] দ্বারিকা শব্দের ক্ষে০। প্র-দুয়ারী বাবু।

দুয়ার২ [চাষ দ্রঃ। দু (দুই)-হল > হর > হার > আর। দুইবার হলচালনের ভাব] বি, দু-চাষ ; দুইবার কর্ষণ।

দুয়েম, দোয়েম [ফা০ দুয়ম (দ্বিতীয়) > হিং০ দোয়েম] বিণ, দ্বিতীয় ; দ্বিতীয় শ্রেণীর। ~জমী- আওয়ল্ জমি হ'তে নিরেশ ক্ষেত্র ; যে জমিতে বার আনা রকমের শস্য উৎপন্ন হয়।

দুয়ো১-দুয়া দ্রঃ।

দুয়ো২ [সং-ধুত (ত্যক্ত, নিন্দিত, ভৎর্সিত ই০) > ধুৎ; দুৎ > দুৎতোর > দুও=দুয়ো] অ, প্রতিযোগিতায় পরাভব-বাচক ; হার, পরাজয়ের লজ্জাদানে ; ভৎর্সনায়, নিন্দায়, লজ্জাদান অর্থে পশ্চাতে দুয়ো বলিয়া চীৎকার ও তালি বাদ্য। "আগে দেব দুয়োতালি"-রবী০। দুয়ো হেরে গেল!

দুয়োর-দ্বার দ্রঃ।

দুর, দুস্ [দো (ছেদনে)+তুর্, ডুস্ (র্তু)-যে সুখের অবসান করে] অ, মন্দ, নিন্দিত, নিষিদ্ধ, দুঃখ ই০ বোধক উপসর্গ। প্র-দুরদৃষ্ট দুষ্প্রবৃত্তি ; দুর্দশা ; দুশ্চিন্তা।

দুরক্ষ [দুর্ (নিন্দিত) যে অক্ষ (পাশা), ধা] বিণ, যে অক্ষক্রীড়ায় কপটভাবলম্বন করে। ২ [দুর্+অক্ষি যার, বহু০] কুদর্শন ; দুষ্টচক্ষু।

দুরক্ষর [দুর্ (নিন্দিত) + অক্ষর আছে যে বাক্যে, বহু০] বি, মন্দ কথা ;

গালি; তিরস্কার। "ধনগর্ব্বে বল দুং"-কবিকং। ২ অতি জটিল হস্তাক্ষর; যে লেখা সহজে পড়া যায় না। ৩ বিণ, কঠোর; অপ্রিয়। "ভালমন্দ বলিয়াছি দুংবাণী। মনে কিছু না করিহ, দেহ গো মেলানি।"-কৃত্তিং।

দুর্র্জন [দুর্জ্জন >, পদ্যে] বি, দুষ্ট বা অসাধু ব্যক্তি; অসজ্জন।

দুরতি/ক্রম [দুর্+অতিক্রম(লঙ্ঘন)] বিণ, যা দুঃখে অতিক্রম করা যায়; দুর্লঙ্ঘ্য। ~ক্রমণ [দুর্ (দুঃখে) + অতিক্রমণ (লঙ্ঘন)] বি, অতিকষ্টে উত্তরণ। বিণ, ~ক্রমণীয়, ~ক্রম্য। স্ত্রীং ~ক্রমণীয়া, ক্রম্যা।

দুরত্যয় [দুর্ (দুঃখে)+অত্যয় (অতিক্রম) হয় যার, বহুং] বিণ, দুর্লঙ্ঘ্য; দুরতিক্রম; দুস্তর। ২ দুর্ (দুঃখে)+অত্যয় (বিনাশ) হয় যার, বহুং] দুর্বধ্য; দুর্বিনাশ্য।

দুরদুর, দুর্দুর[তুল-গুরগুর]। লঘু অর্থে দুরুদুরু। ধ্বনিপ্রাবল্যে-দুড় দুড় (দ্রঃ)] বি, ভয়জনিত হৃৎস্পন্দন। প্র-বুক দুরদুর করা।

দুরদৃষ্ট [দুর্ (দুষ্ট) যে অদৃষ্ট, ধা] বি, মন্দভাগ্য; দগ্ধভাগ্য; পোড়াকপাল। ২ পাপ। ৩ [দুর্ (দুষ্ট)+অদৃষ্ট যার, বহুং] বিণ, ভাগ্যহীন; হতভাগ্য।

দুরধি/গম [দুর্ (দুঃখে)+অধিগম (প্রাপ্তি) হয় যার, বহুং] বিণ, দুষ্প্রাপ্য; যা অতি কষ্টে প্রাপ্ত হওয়া যায়; দুর্লভ। ২ দুষ্প্রবেশ; দুর্গম। ৩ দুজ্ঞেয়। ~গম্য [দুরধিগম (দ্রঃ)+য] বিণ, দুষ্প্রবেশ্য। স্ত্রীং ~গম্যা।

দুরধ্যয় [দুর্ (দুঃখে হয়) + অধ্যয় (অধ্যয়ন) যার, বহুং] বিণ, দুষ্পাঠ্য।

দুরন্ত [দুর্(দুঃখজনক)+অন্ত(অবসান) যার, বহুং] বিণ, দুর্দান্ত; অশান্ত; দুর্দ্দমনীয়। "ধাইল কুঞ্জর বল বড়ই দুরন্ত।"-কবিকং। ২ দুষ্ট; দুর্বৃত্ত। "কৃতান্ত আমিরে তোর দুং রাবণি"-মেঘং। ৩ দুর্গম; দুরতিক্রমণীয়; দুর্লঙ্ঘ্য [বিরল]। ৪ অবাধ্য। ~পনা [দুরন্ত (দ্রঃ)-পনা (বৃত্তি, শীলার্থে)] বি, দুর্দান্তপনা; দুষ্টামি; দৌরাত্ম্য। "বাতাস করিছে দুরন্তপনা ঘরেতে ঢুকি"-রবীং।

র [দুরন্ত (দ্রঃ)+তর (আধিক্যে) >] বি, অপেক্ষাকৃত অধিক দুরন্ত; অতিশয় দুরন্ত। "পাইয়া শিবের বর, দৈত্য হৈল দুং, কোনদিন পাড়ে গণ্ডগোল।"-কবিকং।

দুরপনেয় [দুর্-অপ-নী (পাওয়া) + য (র্ম)] বিণ, যা অতিকষ্টে অপনয়ন বা অপসারণ করা যায়; দুর্মোচনীয়। "নিরপরাধা জানকীরে বিসর্জন দিয়া দুং পাপপঙ্কে লিপ্ত হইতে হইত না।"-বিংসাং।

দুরব/গম, ~গম্য [দুর্ (দুঃখে হয়) + অবগম (জ্ঞান) যার, বহুং] বিণ, দুরধিগম্য; দুজ্ঞেয়; দুর্বোধ্য।

দুরবগাহ [দুর্ (দুঃখকর)+অবগাহ (স্নানার্থ প্রবেশ) হয় যাতে, বহুং] বিণ, দুরধিগম্য; দুর্গম। ২ যা সহজে বোধগম্য হয় না; জটিল; দুর্বোধ; যে বিষয়ের মধ্যে সহজে প্রবেশ করা যায় না; দুষ্প্রবেশ।

দুরবগ্রহ [দুর্ (দুঃখে হয়)+অবগ্রহ (অপসারণ) যার, বহুং] বিণ, যাকে কষ্টে অপসারিত করা যায়; দুরপনেয়।

দুরবস্থ [দুর্ (মন্দ)+অবস্থা (দশা) যার, বহুং] বিণ, দুর্দ্দশাপন্ন; দুস্থ; দুর্গত; যার আর্থিক বা শারীরিক অবস্থা ভাল নয়। ২ দরিদ্র; অভাবক্লিষ্ট।

দুরবস্থা [দুর্ (দুঃখজনক যে)+অবস্থা, ধা। গ্রাং দুরাবস্তা] বি, দৈন্য; দুর্দ্দশা; ক্লেশকর দশা; শোচনীয় অবস্থা।

দুরভিগ্রহ [দুর্ (দুঃখে হয়)+অভিগ্রহ (সম্যক্ গ্রহণ বা জ্ঞান) যার, বহুং] বিণ, দুর্গ্রহণীয়; বহু ক্লেশগ্রাহ্য। ২ দুজ্ঞেয়; কষ্টবোধ্য।

দুরমুশ [হিং দুরমট্। গ্রাং ধুরমুশ] বি, মুষলের ন্যায় ধরিয়া পিটিবার দণ্ডযুক্ত গুরুভার পিটনে a rammer.

দুরস্ত, দোরস্ত [ফাং দুরুস্ত্] বিণ, যথাযথ; ঠিক; নির্ভুল। ২ সোজা; ঋজু। ৩ সংশোধন; সংস্কার। ৪ সজ্জিত; গোছাল; সংযত। "এখন সভামধ্যে যাইতে হইবে, একটু কাপড় চোপড় দুরস্ত করিয়া নাও"-সীতারাম (বঙ্কিমং)।

দুরাকাঙ্ক্ষ [দুর্ (দুষ্ট, নিন্দিত, অনুচিত) +আকাঙ্ক্ষা (ইচ্ছা) যার, বহুং] বিণ, যার আকাঙ্ক্ষার নিবৃত্তি নাই; দুরভিলাষী। "কেহ কেহ এরূপ দুরাকাঙ্ক্ষ যে কিছুতেই তৃপ্ত নহে।"-চারুপাঠ, ১ম ভাগ। ~া [দুর্+আকাঙ্ক্ষা, ধা] বি, দুষ্ট বা নিন্দিত বাসনা; যে আকাঙ্ক্ষার কিছুতেই নিবৃত্তি হয় না। ২ দুর্লভ বিষয় বা বস্তুর প্রত্যাশা। ~ী-বিণ, যে দুরাকাঙ্ক্ষা করে; দুর্লভ বিষয় বা বস্তু প্রত্যাশী। স্ত্রীং দুরাকাঙ্ক্ষিণী।

দুরাক্রম্য [দুর্+আক্রম্য] বিণ, যা আক্রমণ করা সহজ নয়।

দুরাখর [দুর্+আখর (< অক্ষর)। গ্রাং বাং (শ্রীং কীং)] বি, দুরক্ষর বাক্য; কুৎসিত কথা।

দুরাগ্রহ [দুর্ (দুষ্ট) + আগ্রহ (ধস্ত), ধা] বি, দুষ্ট বিষয়ের আগ্রহ। ২ [দুষ্ট হইয়াছে আগ্রহ যার, বহুং। বিপরীত -সত্যাগ্রহ] বিণ, মন্দবিষয়ে আগ্রহযুক্ত। "তাহার ভিত্তি অকুণ্ঠিতভাবে সত্যস্বীকার এবং সাম্প্রদায়িক দুং ত্যাগ।"-আং বাং পত্রিকা, ১৩৩৩।

দুরাচর [দুর্ (দুঃখে)+আ+চর্ (গমন করা, অনুষ্ঠান করা)+অ (র্ম)-যা ক্লেশে অনুষ্ঠান করা যায়] বিণ, কষ্টকর আচার বা অনুষ্ঠান ঘটিত। ২ কৃচ্ছ্রসাধ্য। ~নীয় (-র্ণ-) বিণ, কষ্টে আচরণ যোগ্য। > স্ত্রীং ~নীয়া।

দুরাচার [দুর্ (নিন্দিত) + আচার (ব্যবহার), ধা] বি, মন্দ আচরণ; কুৎসিত ব্যবহার। "বিনাশ ক্ষত্রিয়গণ কৈল দুং। দুষ্টে শাস্তি না করিলে মজিবে সংসার।" -মহাং (কাশীং)। "অন্নপূর্ণা ক্রোধমনে শাপ দিলা দুইজনে যেমন করিলি দুং।"-অং মং। ২ [দুর্ (দুষ্ট)+আচার যার, বহুং] বিণ, কুব্যবহারী; কদাচারী। ৩ দুর্বৃত্ত; নৃশংস; দুঃশীল। "তুমি এমন দুরাচারের, এমন নরাধমের, এমন হতভাগ্যের হস্তে পড়িয়াছিলে যে, কিঞ্চিৎকালের নিমিত্তেও তোমার ভাগ্যে সুখভোগ ঘটিয়া উঠিল না।" -বিং সাং [পণ্ডিত রামগতি ন্যায়রত্ন মহাশয়, বাং-য় "দুরাচারিণী" শব্দ স্ত্রীলিঙ্গার্থে ব্যবহার করিয়াছেন]।

দুরাত্মা [দুর্ (নিন্দিত)+আত্মন্ (আত্মা) যার, বহুং] বিণ, পাপাত্মা;

নির্দ্দয়। ২ দুর্বৃত্ত ; অত্যাচারী ; উৎপীড়ক ; দুষ্ট স্বভাব।

দুরাধর্ষ [দুর্+আ+ধৃষ্+ণিচ্=ধর্ষি (প্রগল্ভ হওয়ান)+অ (র্ম)] বিণ, যাকে ধর্ষণ করা কঠিন বা ক্লেশকর ; দুর্দ্ধর্ষণীয় ; দুর্দমনীয় ; অক্ষোভ্য ; দুর্দ্দম্য।

দুরাপ [দুর্ (দুঃখে)+আপ্ (প্রাপ্ত হওয়া)+অ (র্ম)] বিণ, যা সহজে প্রাপ্ত হওয়া যায় না ; দুর্লভ ; দুষ্প্রাপ্য।

দুরারোহ [দুর্+আ+রুহ্ (আরোহণ করা)+অ (র্ম)] বিণ, যা দুঃখে বা কষ্টে আরোহণ করা যায় ; দুর্গম। প্র-দুরারোহ পর্ব্বতশিখর। ২ [+অ (ভা০)] বি, কষ্টে আরোহ।

দুরালভ [দুর্ (দুঃখ)+আ+লভ্ (লাভ করা)+অ (র্ম)] বিণ, দুর্লভ। স্ত্রীং ~া-কণ্টকবৃক্ষবিঃ।

দুরালাপ [দুর্ (দুষ্ট, নিন্দিত)+আলাপ (কথোপকথন), ধা] বি, দুষ্টালাপ ; কদর্য্য আলাপ। ২ [দুর্ (দুঃখজনক)+আলাপ যার, বহু০] বিণ, কটুভাষী।

দুরাশ [দুর্ (দুষ্প্রাপ্য)+আশ (আশা-যুক্ত)] বিণ, দুরাকাঙ্ক্ষ। বি, দুরাশা।

দুরাশয় [দুর্+আশয় (অভিপ্রায়) যার, বহু০] বিণ, দুরাকাঙ্ক্ষ্য। ২ [দুর্ (দুষ্ট) যে আশয়, ধা] বি, মন্দ অভিপ্রায় ; অসদিচ্ছা ; দুষ্টাভিসন্ধি।

দুরাশা [দুর্ (দুষ্ট)+আশা, ধা] বি, দুষ্টাভিলাষ ; দুরাকাঙ্ক্ষা। "তিনি যে তেমন অবস্থায়, প্রাণধারণে সমর্থ হইয়া নির্ব্বিঘ্নে সন্তান প্রসব করিতে পারিয়াছেন, এরূপ আশা করা নিতান্ত দুরাশা মাত্র।"-বিং সা০। ২ অপ্রাপ্য বিষয়ে আশা। বিণ, দুরাশ।

দুরাসদ [দুর্ (দুঃখে)+আ+সদ্ (গমন করা, প্রাপ্ত হওয়া, সহ করা)+অ (র্ম)] বিণ, দুর্দ্ধর্ষ ; ধৃষ্ট। "পশ্চাৎ পার্ব্বতী হাতে মৈল দু০"-ম০। ২ দুঃসহ। ৩ দুর্লভ।

দুরি, দুরী [দুই >] বি, দুইবিন্দু-অঙ্কিত তাস।

দুরিত [দুর্ (নিন্দা)+ই (গমন করা, প্রাপ্ত হওয়া)+ত (ভা০)] বি, পাপ ; দুষ্কৃত। "দুর্জ্জয় দক্ষিণা কালী দুরিতনাশিনী।" -কবিক০। "কৃপাবলোকন কর ভক্তের দুরিত হর দারিদ্র্য দুর্গতি কর চূর্ণ।"-অং ম০। ২ অমঙ্গল। ৩ [+ত (র্ত্তৃ)] বিণ, পাপিষ্ঠ। ৪ কলুষিত। "দারুণ কাহ্নাঞি দুরিত তার মন"-শ্রী০ কী০। ৫ বিতাড়িত ; দূরীকৃত ; অপসারিত। "কর দুরিত ভারত লজ্জা" -অতুল সেন। ~দমনী-দুষ্কৃত দমনকারিণী ; পাপনাশিনী। ~হারিণী-পাপ হরণ-কারিণী। "নানা অবতারে তুমি বিষ্ণু-সহায়িনী। দুরিত-হারিণী মাতা দুর্গতি-নাশিনী॥"-কবিক০।

দুরু/ক্ত [দুর্ (দুষ্ট)+উক্ত (বাক্য), ধা] বি, দুর্ব্বচন ; কটূক্তি ; গালি। ~ক্তি [দুর্ (দুষ্ট)+উক্তি (বাক্য)] বি, দুর্ব্বচন ; দুর্ব্বাক্য ; কটুবাক্য।

দুরুচ্চা/র [দুর্ (অতিকষ্টে)+উচ্চার (উচ্চারণ) হয় যার, বহু০] বিণ, যা উচ্চারণ করিতে কষ্ট হয় ; যা উচ্চারণ করা দুষ্কর। ২ যা মুখে আনা যায় না ; অশ্লীল। ~র্য্য-বিণ, যা সহজে উচ্চারণ করা যায় না ; অকথ্য। ২ কষ্টে উচ্চারণসাধ্য।

দুরুচ্ছেদ [দুর্ (দুঃখে)+উচ্ছেদ (উন্মূলন) হয় যার, বহু০] বিণ, যা উন্মূলিত করা কষ্টসাধ্য ; দুরপনেয়।

দুরুত্তর [দুর্ (দুঃখজনক) যে উত্তর (প্রতিবাক্য), ধা] বি, অনুচিত উত্তর ; অসদুত্তর ; অসাধু উত্তর ; কটূত্তর। ২ [দুর্+উত্তর (উত্তরণ)] বিণ, উত্তরণ-দুঃসাধ্য ; দুস্তর ; দুর্লঙ্ঘ্য।

দুরুদুরু [দুরদুর, দুড়দুড় দ্রঃ] অ, বুকের ভিতর ভয়, আবেগাদিতে হৃদ্‌পিণ্ডের মৃদু কম্পন শব্দ ; গুরুগুরু। "দুরুদুরু করে বুক।" -সোনার তরী। "ত্রস্ত কপোতের মত দুটী বক্ষ দু০।"-ঐ।

দুরুপসদ [দুর্+উপ+সদ্ (গমনে)+অ (র্ম)] বিণ, দুর্লভ। ২ দুর্গম। ৩ দুঃসহ।

দুরুপস্থান [দুর্ (কষ্টে)+উপস্থান (উত্তরণ)] বিণ, দুর্গম। ২ দুর্জ্ঞেয়।

দুরুবার [দুর্ব্বার (দ্রঃ) >, প্রা০ বাং] বিণ, যে সহজে বারণ মানে না ; দুর্ব্বার ; অনিবার্য্য। "কাহ্নাঞি বড় দু০ ** তোহ্মে কর প্রতিকার।"-শ্রী০ কী০। ২ দুর্দ্ধর্ষ। "সামী দু০ মোর নহো [=আমিও নহি] সতন্তর।"-শ্রী০ কী০।

দুরূহ [দুর্+উহ্ (তর্ক করা)+অ (র্ম)] বিণ, যা অতি কষ্টে তর্ক দ্বারা মীমাংসিত হয় ; দুস্তর্ক্য। ২ দুষ্প্রবেশ ; দুরধিগম্য ; দুর্ব্বোধ ; দুর্জ্ঞেয়। ৩ কঠোর ; কষ্টসাধ্য ; কঠিন।

দুরোদর, দরোদর [সং। "দ্যুত কারে পণে দ্যুতে"-অ০] বি, দ্যূতকার ; জুয়ারী। "পাণ্ডবগণ তোমাকে দুরোদর মুখে সমর্পণ করিয়াছেন।"-মহা০ (রাজ০)। ২ পণ। ৩ দ্যূতক্রীড়া ; জুয়াখেলা।

দুর্গ [দুর্ (দুঃখে) গম্ (গমন করা)+অ (র্ম)] বি, যুদ্ধ সময়ে শত্রু-আক্রমণ হতে নিরাপদে অবস্থানের আশ্রয় ; গড় ; কেল্লা [দুর্গ ৬ প্রকার-ধন্বদুর্গ, মহীদুর্গ, গিরিদুর্গ, মনুষ্যদুর্গ, বনদুর্গ, মৃদ্দুর্গ। ২ অগম্য ; দুর্গম। ৩ বিপদ ; সঙ্কট। "দুর্গ পার হয়ে এলে কি প্রকারে।"-মহা০ (কাশী০)। ৪ দুর্গ নামক অসুর। "মহিষ মর্দ্দিনি, দুর্গ বিঘাতিনি। রক্তবীজ নিকৃন্তিনি॥"-অ০ ম০। ৫ ভববন্ধ ; কুকর্ম্ম ; শোক ; দুঃখ ; নরক ; যমদণ্ড ; জন্ম ; মহাভয় ; অতিরোগ। ৬ বিঘ্ন। ~টুনটুনি -ক্ষুদ্র পক্ষীবিঃ। "এই গোলে গুরুমহাশয়ের গুরুত্ব একেবারে লঘু হইয়া গেল তিনি পূর্ব্বে বৃহৎ পক্ষী ছিলেন, এক্ষণে দুর্গটুনটুনি হইয়া পড়িলেন।"-আলাল। ~পতি [দুর্গের পতি, ৬তৎ] বি, দুর্গরক্ষক ; দুর্গাধ্যক্ষ। ~সঞ্চর [দুর্গ-সম্+চর (গমনে)] বি, দুর্গ-মধ্যে গমনাগমনের উপায় ; সেতু।

দুর্গতি [দুর্ (দুঃখজনক) যে গতি (গমন), ধা] বি, দুর্দ্দশা ; নিগ্রহ। ২ কষ্ট ; ক্লেশ। ৩ নরক। বিণ, দুর্গত [দুর্+গম্+ত (র্ত্তৃ)] দুর্গতি প্রাপ্ত ; দুরবস্থাগ্রস্ত ; বিপদ্‌গ্রস্ত। ২ দুঃখী। ৩ দরিদ্র। ৪ [সমাজ] বিণ (বি), অবনত (শ্রেণী) ; অনুন্নত (জাতি) (the) depressed. ৫ [সমাজ] বিণ (বি), অস্পৃশ্য বা অচ্ছুত (জাতি) (the) untouchable. "অস্পৃশ্যতা পরিহার ও শিক্ষার প্রসার দুর্গত-দের সামাজিক অধিকার বৃদ্ধির প্রচেষ্টা"-আ০ পত্রিকা, ৫-১-৩৩।

দুর্গন্ধ [দুর্ (অপ্রিয়, নিন্দিত) যে গন্ধ, ধা। প্রা০ দুগ্‌গন্ধ, দ্দি] বি, অপ্রিয় গন্ধ ;

পীড়াজনক বা কষ্টদায়ক গন্ধ। ২ [দুর্ (নিন্দিত) গন্ধ যার, বহু°] বিণ, দুর্গন্ধযুক্ত। ~ী (-র্গ-) [দুর্গন্ধ+ইন (স্ত্যং°) ১মা, ১ব°। প্রা° বাং-দুর্গন্ধি, দুর্গন্ধিত। প্রা° দুগ্গোন্ধি] বিণ, দুর্গন্ধময় ; পূতিগন্ধযুক্ত। "দুর্গন্ধি রুধির বহি বহে সেই পাণি॥"-শূ° পু°। "দুর্গন্ধিত সব লএ সিব নাচিতে লাগিল।"-ঐ

দুর্গম [দুর্ (দুঃখে) গম্ (গমন করা, পাওয়া, জ্ঞাত হওয়া)+অ (র্ম্ম)] বিণ, দুষ্প্রবেশ; যথা গমন কষ্টসাধ্য। ২ দুরধিগম্য; দুর্বোধ্য ; দুর্জ্ঞেয়। ৩ দুর্লভ [বিরল]। ৪ [প্রা° বাং। বির্থে°] জনশূন্য ; উজাড় [এই অর্থে দুর্গ। "কাঙ্গাল দুঃখীক মারি রাজায় এ ধন ছাচিল। থানে থানে রাজার তালুক দুর্গ হইয়া গেল॥"-ময়নামতীর গান (১১-১১ শতাব্দী-ব° সা° পরিচয়)]। ৫ জনৈক অসুরবিঃ।

দুর্গা [দুর্ (দুঃখ) গম্ (গমন করা, জানা) +অ (র্ম্ম)=দুর্গ+আ (স্ত্রীং), যাঁকে দুঃখে জানা যায়। কিম্বা যিনি দুর্গ অর্থাৎ সঙ্কট হইতে ত্রাণ করেন। তন্ত্রে-দ্ (দৈত্য নাশ-সূচক)উ(বিঘ্ননাশ-সূচক)+র্ (রোগঘ্নবাচক) +গ্ (পাপঘ্নবাচক)+আ (ভয় ও শত্রুনাশ-বাচক) ; পুরাণে-দুর্গ (অসুরবিঃ)+আ-বধ-কর্ত্রী অর্থে (যিনি দুর্গ নামক অসুর বিনাশ করিয়াছেন)] বি, পরমাপ্রকৃতি ; বিশ্বের আদিকারণ ; শিব-পত্নী। রাজা সুরথ ইঁহার পূজা ধরাধামে প্রচার করেন। রামচন্দ্র অকালে বোধন করিয়া রাবণ বধের জন্য পূজা করিয়াছিলেন। ~দাস-বি, দুর্গার ভক্ত বা সেবক ; মহাশক্তির উপাসক [তুল-কালীদাস, ভবানীচরণ, দুর্গাপদ ই°] ~ধীশ১ [দুর্গার অধীশ (প্রভু), ৬তৎ] বি, দুর্গাপতি ; শিব। ~নবমী-বি, কার্ত্তিক মাসের শুক্লনবমী ; জগদ্ধাত্রীপূজার দিন। ~পূজা-বি, মহাশক্তির পূজা। [দুর্দ্দান্ত মহিষাসুরকে বধ করিবার জন্য সর্ব্ব দেবের তেজো-রাশি একত্র হইয়া দুর্গা মূর্ত্তিতে পরিণত হইয়াছিল। সত্যযুগে সুরথ রাজা ও সমাধি বৈশ্য এই মূর্ত্তি নির্ম্মাণ করিয়া তিন বৎসর ধরিয়া তাঁহার আরাধনা করিয়াছিলেন। ত্রেতাযুগে রাবণ চৈত্র মাসে (বসন্তকালে) পূজা করিতেন। ইহা বাসন্তীপূজা নামে অভিহিত। শ্রীরামচন্দ্র রাম নবমির জন্য আশ্বিন মাসে শরৎকালে এই পূজা করেন। ইহা শারদীয় পূজা। দ্বাপরে গোপ কুমারীরা শ্রীকৃষ্ণকে পতি পাইবার কামনায় অগ্রহায়ণ মাসে (হেমন্তকালে) এই পূজা করিয়াছিলেন। মার্কণ্ডেয় পুরাণ মতে দুর্গা সহস্র ভুজা। অন্যান্য পুরাণ মতে তিনি দশভুজা]। ~ভোগ [প্রা° দুগ্গাভোগ] বি, ধান্যভেদ। "সনা থড়কি দুগ্গাভোগ আস আঙ্গ কত।"-শূ° পু°।

দুর্গাধীশ২, দুর্গাধ্যক্ষ [দুর্গ (দুর্গের) + অধীশ, অধ্যক্ষ, ৬ তৎ] বি, দুর্গ-পতি। প্র-দুর্গেশনন্দিনী।

দুর্গেশ১ [দুর্গ (দুর্গের) +ঈশ (প্রভু)] বি, দুর্গাধিকারী।

দুর্গেশ২ [দুর্গা (দুর্গের)+ঈশ, ৬ তৎ] বি, শিব।

দুর্গোৎসব [দুর্গা (দুর্গার)+উৎসব, ৬তৎ] বি, দুর্গা পূজা উপলক্ষে উৎসব। ২ দুর্গাপূজা।

দুর্গ্রহ [দুর্ (দুঃখে)+গ্রহ (গ্রহণ+ করা) +অ (র্ম্ম)] বিণ, কষ্টগ্রাহ্য। ২ দুরধিগম্য ; দুর্জ্ঞেয়। ৩ বি, কুগ্রহ।

দুর্গ্রাহ্য [দুর+গ্রহ্ (গ্রহণ করা)+য (র্ম্ম)] বিণ, যা কষ্টে গ্রহণ করা যায় ; দুগ্রহণীয়।

দুর্ঘট [দুর্ (দুঃখে)+ঘট্ (সংঘটিত হওয়া)+অ (র্ম্ম)] বিণ, যা সহজে ঘটে না ; যা ঘটা শক্ত।

দুর্ঘটনা [দুর্+ঘট্ (সংঘটিত হওয়া) +অন (ভা°)+আ (স্ত্রীং)] বি, অমঙ্গল ঘটনা ; অশুভ ঘটনা। ২ বিপদ। ৩ বিঘ্ন।

দুর্ঘোষ [দুর্ (কর্কশ) + ঘোষ (রব, আরাব) যার, বহু°] বি, ভল্লুক ; ভালুক। ২ [দুর্ (নিন্দিত) যে ঘোষ, ধা] কর্কশ কণ্ঠ। ৩ বিণ, কুৎসিত নিনাদযুক্ত।

দুর্জাত- দুর্জ্জাত দ্রঃ।

দুর্জ্জন [দুর্ (নিন্দিত) যে জন, ধা। প্রা°বাং পদ্যে-'দুরুজন'] বিণ, দুষ্টলোক ; খল ; কুলোক। ২ নৃশংস ; নিষ্ঠুর ; নির্দ্দয়। পদ্যে কোমলরূপ- দুরজ্জন। "গুরু দুরজন যত বঁধুর বিষেষ করে।"-চণ্ডি°।

দুর্জ্জয় [দুর্ (দুঃখে)+জয় (জি=জয় করা +অ, র্ম্ম)] অজেয় ; যাকে জয় করা দুষ্কর বা অসাধ্য। ২ কঠিন ; যা ভাঙ্গে না ; দৃঢ়। প্র-দুর্জ্জয় মান।

দুর্জ্জাত, দুর্জাত [দুর্+জাত (জন্ম)] বিণ, যা বা যে ভাল রকম জন্মে নাই। স্ত্রীং ~া। ২ দুরদৃষ্ট।

দুর্জ্জাতি [দুর্ (নিন্দিত)+জাতি যার, বহু°] বিণ, দুষ্টকুলে জাত ; নীচবংশ সম্ভূত।

দুর্জ্ঞেয় [দুর্+ জ্ঞেয় (জ্ঞা=জানা+য, র্ম্ম)] বিণ, যা অতি দুঃখে জ্ঞানগম্য হয় ; দুর্বোধ্য ; দুরধিগম্য।

দুর্ণয়, দুর্নয় [দুর্ (দুষ্ট) যে নয় (নীতি), ধা। সংস্কৃতে 'ন'রও ব্যবহার আছে] বি, কুনীতি। ২ [দুষ্ট নয় যার, বহু°] বিণ, দুর্নীত।

দুর্দ্দণ্ড্য [সং] বিণ, দোর্দ্দণ্ড (দ্রঃ) ; দুর্দ্ধর্ব। [বিরল]।

দুর্দ্দম [দুর্ (দুঃখ) +দম্ (দমন করা)+ অ (র্ম্ম)] বিণ, দুর্দ্দমনীয় ; দুর্দ্দান্ত।

দুর্দ্দম্য [দুর্+দম্ (দমন করা)+য (র্ম্ম)] বিণ, দুর্দ্দমনীয় ; দুর্দ্দান্ত ; অশান্ত ; দুরন্ত।

দুর্দ্দশা [দুর্(দুঃখের) +দশা, ৬তৎ, কিম্বা দুঃখজনক যে দশা, ধা] বি, দুর্ভাগ্য ; দুরবস্থা। "আপন দু° আর শিষেরে নিন্দিয়া। বিস্তর কহিলা ব্যাস কান্দিয়া কান্দিয়া॥"-অ° ম°।

দুর্দ্দর্শ [দুর্-দৃশ (দর্শন করা)+অ (র্ম্ম)] বিণ, দুর্নিরীক্ষ্য ; দর্শন করা দুঃসাধ্য।

দুর্দ্দান্ত [দুর্ (দুঃখে) + দান্ত (দম্=দমন করা+ত(র্ম্ম)] বিণ, দুর্দ্দম্য ; অশান্ত; দুর্দ্দমনীয়; দুরন্ত।

দুর্দ্দিন [দুর্ (নিন্দিত) যে দিন (দিবস), ধা] বি, ঝড় বৃষ্টিযুক্ত দিন ; দুর্যোগ ; মেঘাচ্ছন্ন দিবস। ২ বিপৎকাল ; দুঃসময় ; অসময়।

দুর্দ্দুর- দুরদুর দ্রঃ।

দুর্দ্দৈব [দুর্(মন্দ) যে দৈব (ভাগ্য, নিত্য)] বি, দুরদৃষ্ট ; মন্দভাগ্য ; দুর্ভাগ্য। ২ দুর্গতি। "দেখ দেখ অহে নন্দি ব্যাসের দু°। ছিল

গোঁড়া বৈষ্ণব হইল গোঁড়া শৈব॥"-অ° ম°। ২ দুর্ঘটনা। ৩ পাপ।

দুর্দ্ধর [দুর্+ধর (ধৃ=ধারণ করা+অ, র্ম্ম)] বিণ, দুর্দ্ধর্ষ; দুর্দ্দান্ত। ২ দুরধিগম্য। ৩ যাকে ধরিয়া রাখা দুঃসাধ্য। ৪ দৈত্যবিঃ।

দুর্দ্ধর্ষ [দুর্+ধর্ষ (ধৃষ্=পরাজয়+অ,র্ম্ম), কিম্বা দুর্ (নাই) ধর্ষ (পরাজয়) যার, বহু°] বিণ, যাকে কোনরূপে পরাজয়াদি করা যায় না; যার তেজ বীর্য্যাদি সহ্য করা যায় না। প্রবল পরাক্রান্ত; অধর্ষণীয়।

দুর্দ্ধী [দুর্ (দুষ্ট)+ধী (বুদ্ধি) যার, বহু°] বিণ, দুর্ব্বুদ্ধি; অপণ্ডিত (তুল- বিপরীতে "সুধী")।

দুর্নয় [দুর্ (দুষ্ট) নয় (নীতি)। দুর্ণয় দ্রঃ] বি, দুর্নীতি; কূটনীতি।

দুর্নাম [দুর্ (নিন্দিত)+নাম, নিত্য] অপযশ; নিন্দা, অখ্যাতি; কলঙ্ক। "আমি অন্নপূর্ণা আছি কাশীতে বসিয়া। আমার দুর্নাম হবে না দেখ ভাবিয়া॥"-অ° ম°। স্ত্রী° ~া।

দুর্নিবার, দুর্নিবার্য্য [দুর্ (দুঃখদ্বারা) নিবার (নিবারিত), নিবার্য্য, ৩তৎ] বিণ, যা দুঃখের সহিত নিবারণ করা যায়; কষ্টে নিবার্য্য। ২ [দুর্+নিবার্য্য (নি+বৃ=বারণ করা+ণিচ্=বারি (বারণ করা)+অ (র্ম্ম)] অনিবার্য্য; বহু কষ্টে নিবারণ যোগ্য।

দুর্নিমিত্ত [দুর্ (দুষ্ট) যে নিমিত্ত, নিত্য] বি, কুলক্ষণ; অশুভ লক্ষণ; অমঙ্গলের চিহ্ন।

দুর্নিরীক্ষ্য [দুর্+নিরীক্ষ্য] বিণ, যাকে অতিকষ্টে নিরীক্ষণ করা যায়; দুর্দ্দর্শ।

দুর্নীত [দুর্-নীত] বিণ, দুঃশীল; উচ্ছৃঙ্খল; অশিষ্ট; বেচাল; বদচলন। ২ অবিনীত। ৩ বি, কুনীতি।

দুর্নীতি [দুর্ (নিন্দিত) যে নীতি (নিয়ম), নিত্য] বি, কুনীতি; কুরীতি; অসদাচরণ। ~পরায়ণ-বিণ, অসদাচারী; দুরাত্মা; দুর্বৃত্ত।

দুর্ব্বচঃ, দুর্ব্বচন-দুর্ব্বাক্ দ্রঃ।

দুর্ব্বর্ণ [দুর্+বর্ণ] বিণ, বিবর্ণ। ২ দুরক্ষর। ৩ রৌপ্য।

দুর্ব্বৎসর [দুর্ (মন্দ) বৎসর] বি, অজন্মার বৎসর; যে বৎসর লোক কষ্টে জীবন ধারণ করে; দুর্ভিক্ষের বৎসর; আকাল।

দুর্ব্বল [দুর্ (হীন)+বল (সামর্থ্য) যার, বহু°। প্রা° দুবল, দুর্বর, দুবলা] বিণ, হীনবল; শক্তিহীন; বলশূন্য। ২ অসমর্থ; অশক্ত। ৩ [তুল-হিং দুবলা, দুবল] কৃশ; ক্ষীণ; জীর্ণ; রোগা; পাতলা। স্ত্রী° ~া। ~তা (-ল্-) বি, দৌর্ব্বল্য; বলহীনতা; নির্ব্বীর্য্যতা; অসামর্থ্য। ২ কৃশতা। ৩ হার্দ্দিক বা মানসিক শক্তিহীনতা; মনের বলের অভাব। "আমিও বন্ধুকে তাঁহার দুর্ব্বলতার জন্য পরিহাস করিতে কুণ্ঠিত হই নাই। বালক-বালিকার প্রতি স্নেহ প্রকাশ করা তিনি ভয়ঙ্কর দুর্ব্বল চরিত্রের কাজ বলিয়া মনে করিতেন।"-দী° রায় (মহীমময়ী)।

দুর্ব্বলাধিকারী [দুর্ব্বল (যাতে শক্তি পূজা বা প্রবৃত্তি সহ সাধন ভজন নাই)+অধিকারী] বিণ, শক্তিহীন সাধন ভজনে যার অধিকার; জপ-তপকারী। "চাপড় মারিয়া চণ্ডীদাসের চৈতন্য সম্পাদন করিলেন এবং তাহাকে দুর্ব্বলাধিকারীর জপ-তপ ছাড়িয়া সহজ সাধনের রীতি অনুসারে রজক ঝিয়ারী রামিণীসহ প্রবর্ত্ত হইতে উপদেশ দিলেন।" ব° বিশ্বদ্বল্লভ (শ্রী° কী°)।

দুর্ব্বহ [দুর্ (দুঃখে) বহ্ (বহন করা)+অ (র্ম্ম)] বিণ, যা দুঃখে বহন করা যায়; বহন করা দুঃসাধ্য; দুর্ব্বাহ্য; গুরুভার। ২ ভার-পীড়িত; ভারাক্রান্ত। ৩ দুঃসহ; অসহ্য।

দুর্ব্বাক্, দুর্ব্বচঃ, দুর্ব্বচন [দুর্ (কুৎসিত) বাক্, বচঃ (বচস্), বচন (বাক্য) যার, বহু°] বিণ, কটু বা কর্কশভাষী।

দুর্ব্বাক্য [দুর্ (কু)+বাক্য যার, বহু°] বিণ, দুর্ব্বচন; কটুবাক্য; কুকথা; কর্কশ-ভাষা। ২ গালি।

দুর্ব্বাচ্য [দুর্ (নিন্দিত) যে বাচ্য, ধা] বি, অকীর্ত্তি; অপবাদ; নিন্দা। ২ দুর্ব্বচনীয়।

দুর্ব্বার [দুর্ (দুঃখ)+বার)। প্রা° বাং পদ্যে 'দুরুবার'] বিণ, যাহা নিবারণ করা দুঃসাধ্য; অনিবার্য্য। "মানুষ এমন কোন গভীর তত্ত্বজ্ঞানের অধিকারী নয় যাহা দ্বারা আমার দু° গতিরোধ করিতে পারে।"-প্রবাসী, ১৩৩৩। ২ দুর্দ্দান্ত। "শিল্পরে কলিঙ্গ রাজা বড়ই দু°।"-কবিক°।

দুর্ব্বারণ [দুর্+বারণ] বিণ, দুর্নিবার; অনিবার্য্য।

দুর্ব্বার্ত্তা [দুর (দুঃখ জনক) যে বার্ত্তা (সংবাদ), ধা] বি, দুঃসংবাদ।

দুর্ব্বাসনা [দুর্ (দুষ্ট)+বাসনা, ধা] বি, দুষ্টাভিলাষ; দুরভিসন্ধি। "নির্ব্বাসনে বাঁধা আছি দুর্ব্বাসনার ডোরে"-রবী°।

দুর্ব্বাসা, -সাঃ [দুর্ (কুৎসিত)+বাসস্ (বস্ত্র) যার, বহু°] বি, কুৎসিত বেশধারী। ২ [পু°] স্বনামপ্রসিদ্ধ অতি ক্রোধী মুনি। ইনি অত্রির ঔরসে শঙ্করের অংশে জন্মগ্রহণ করেন।

দুর্ব্বাসিত [দুর্(মন্দ) বাস (গন্ধ)+ইত (যুক্ত)। সুবাসিতের বিপরীত (দ্বি° ঠাকুর)] বিণ, দুর্গন্ধযুক্ত।

দুর্ব্বিগাহ [দুর্ (দুঃখে)+বি+গাহ্ (অবগাহন করা)+অ (ভা°)] বিণ, যাতে অবগাহন করা দুঃসাধ্য; দুরবগাহ; দুষ্প্রবেশ্য। ২ দুর্ব্বোধ।

দুর্ব্বিনীত [দুর্+বিনীত। দুর্ (দূরীকৃত) বিনীত (বিনয়) যার বা যৎ কর্ত্তৃক, বহু°] বিণ, যাকে বিনীত করা দুঃসাধ্য; উদ্ধত; হঠকারী; অবিনীত impertinent. ২ দুর্দ্দান্ত; দুর্দ্দম্য; দুরন্ত। ৩ অভদ্র; অশিষ্ট; গোঁয়ার।

দুর্ব্বিনেয় [দুর্+বিনেয়] বিণ, দুর্দ্দম্য; অবিনেয়। ২ বিনয়ের অযোগ্য।

দুর্ব্বিপাক [দুর্ (মন্দ) যে বিপাক (পরিণাম), ধা] বি, কুফল; দুঃখময় পরিণাম। ২ দুর্য্যোগ; দুর্ঘটনা। ৩ বিণ, কুফলপ্রসূ। "তুমি চন্দনতরুবোধে দু° বিষবৃক্ষের আশ্রয় গ্রহণ করিয়াছিলে।"-বি° সা°।

দুর্ব্বিমোচন [দুর্ (দুঃখ জনক) বিমোচন (মুক্তি) যার, বহু°] বিণ, যাকে মুক্তি দেওয়া সহজ সাধ্য নহে; যার উদ্ধার হওয়া দুঃসাধ্য।

দুর্ব্বিষহ [দুর্ (দুঃখ)+বি+সহ্ (সহ্য করা)+অ (র্ম্ম)] বিণ, অসহনীয়; যা সহ্য করা দুঃসাধ্য; দুর্ব্বহ; অসহ্য। "এই বলিয়া,

দুঃ শোকদহনে দগ্ধহৃদয় হইয়া রাম গৃহ হইতে বহির্গত হইলেন”—সীঃ বঃ।

দুর্ব্বুদ্ধি [দুর্ (কুৎসিত) যে বুদ্ধি (মতি), নিত্য] বি, দুর্ম্মতি; মন্দমতি; দুষ্টবুদ্ধি। ২ [দুর্ (দুষ্ট) বুদ্ধি যার, বহুঃ] বিণ, দুর্ম্মতি; কুবুদ্ধিশালী। ~চ্ছন্ন [দুর্ব্বুদ্ধি + ছন্ন (আচ্ছন্ন), ৩ তৎ] বিণ, দুর্ব্বুদ্ধিতে আচ্ছন্ন; কুবুদ্ধিযুক্ত; মতিচ্ছন্ন; নষ্টবুদ্ধি। “রুষ্ট হয়ে কহিল দুর্ব্বুদ্ধিচ্ছন্ন তবে ওরে মূঢ় অচিরাৎ হতদর্প হবে।”—শিঃ।

দুর্ব্বৃত্ত [দুর্ (নিন্দিত) + বৃত্ত (চরিত্র) যার, বহুঃ] বিণ, দুশ্চরিত্র; দুর্জ্জন; দুষ্টস্বভাব; দুরন্ত। “কি নিমিত্তই বা দুঃ দশানন * * * নির্ম্মল রঘুকুল অভূতপূর্ব্ব অপবাদে দূষিত করিয়াছিলেন?”—সীঃ বঃ। ২ দুরাত্মা; নৃশংস। ৩ দুর্ব্বিনীত; উদ্ধত।

দুর্ব্বেদ [দুর্ + বেদ (বিদ্=জানা + অ, র্ম্ম)] বিণ, যা দুঃখে জানা যায়; দুর্জ্ঞেয়; দুর্ব্বোধ্য। ২ বেদবিহীন।

দুর্ব্বোধ [দুর্ + বোধ] বিণ, যা বুঝা দুঃসাধ্য; যা বোধগম্য হওয়া কঠিন; দুর্জ্ঞেয়। ২ বোধহীন; জ্ঞানশূন্য; অজ্ঞান। “তথাপি শিবের সঙ্গে করিয়া বিরোধ। কাশী করিবারে চাহ এ বড় দুঃ।”—অঃ মঃ।

দুর্ভক্ষ, দুর্ভক্ষ্য [দুর্(অভাব) + ভক্ষ, ভক্ষ্য (ভক্ষ্-ভোজন করা) + অ, য (র্ম্ম)= ভক্ষ্যদ্রব্য, অব্যয়ী] বি, খাদ্যাভাব; দুর্ভিক্ষ। ২ [দুর্ (দুঃখে) ভক্ষ-ভক্ষ্য (ভক্ষণীয়)] বিণ, কষ্টে ভক্ষণীয়।

দুর্ভগ [দুর্ (মন্দ বা অল্প) + ভগ (ভাগ্য) যার, বহুঃ] বিণ, মন্দভাগ্য; ভাগ্যহীন; দুরদৃষ্ট। ২ অপ্রিয়। স্ত্রীং ~া—যে স্ত্রীকে স্বামী ভালবাসে না বা দেখিতে পারে না; দুয়া।

দুর্ভর [দুর্ + ভর (ভৃ=ধারণ করা + অ, র্ম্ম)] বিণ, দুর্ব্বহ; যা বহন করা দুঃসাধ্য; গুরু; ভারী। ২ দুঃসহ।

দুর্ভাগ্য [দুর্ (মন্দ) যে ভাগ্য, নিত্য] বি, মন্দভাগ্য; দুরদৃষ্ট। ২ [দুর্ (মন্দ) ভাগ্য যার, বহুঃ] বিণ, ভাগ্যহীন; হতভাগা। স্ত্রীং ~া।

দুর্ভাবনা [দুর্ (দুষ্ট) যে ভাবনা (চিন্তা), নিত্য] বি, দুশ্চিন্তা; উৎকণ্ঠা; উদ্বেগ।

দুর্ভিক্ষ [দুর্ (অভাব) ভিক্ষ, অব্যয়ীঃ] ভিক্ষার অভাব; দেশে খাদ্যদ্রব্যের অভাব। ২ [বিপরীত সুভিক্ষ] অন্নকষ্ট; আকাল। দুঃ * * চিরবিদায় গ্রহণ করিল সুভিক্ষ দেশে প্রতিষ্ঠিত হইল”—গৃহস্থ, ১৩২০।

দুর্ভেদ্য [দুর্ (দুঃখে) + ভেদ্য] বিণ, যা ভেদ করা অসাধ্য; অতিকষ্টে ভেদনীয়; অভেদ্য; অতিকঠিন। ২ দুরতিগম্য; দুর্জ্ঞেয়। ৩ দুষ্প্রবেশ্য।

দুর্ভোগ [দুর্ + ভোগ] বি, কষ্ট; লাঞ্ছনা; দুর্গতি। “কৈফিয়তের দুর্ভোগের একশেষ হইত।”—উত্তরা, পৌষ, ১৩৩৩। “দিনের বেলাও * * এই দিগের এই দুর্ভোগ ভোগ করিতে হয়।”—আঃ-শক্তি।

দুর্ম্মতি [দুর্ (দুষ্টা) যে মতি, নিত্য] বি, দুর্বুদ্ধি; মন্দবুদ্ধি। ২ [দুর্ (দুষ্ট) মতি যার, বহুঃ] বি, কুবুদ্ধিশালী।

দুর্ম্মদ [দুর্ + মদ (মদ্=মত্ত হওয়া + অ, র্ত্তৃ)] বিণ, উন্মত্ত। ২ দুর্দ্ধর্ষ।

দুর্ম্মনা [দুর্ (দুঃখিত) মনস্ (মনঃ) যার, বহুঃ=দুর্ম্মনস্ ১মা, ১বঃ] বিণ, যার দুর্ভাবনা হইয়াছে; বিমনা; উদ্বিগ্নচিত্ত; ভাবনাযুক্ত; চিন্তিত। ২ দুঃখিত।

দুর্ম্মনায়মান [দুর্-মন + ক্যঙ্=দুর্ম্মনায় + আন(র্ত্তৃ)] বিণ, দুর্ভাবনাযুক্ত; উদ্বিগ্নমনা। স্ত্রীং ~া। “রাম বলিলেন, বৎস! দুর্ম্মনায়মানা হইলে, কিরূপে তাহার চিত্তবিনোদন করিতে হয়, তাহা তুমি বিলক্ষণ জান;”—সীঃ বঃ।

দুর্ম্মন্ত্রী [দুর্ (দুষ্ট যে) + মন্ত্রী, ধা] বি, কুমন্ত্রী। ২ বিণ, যার কুমন্ত্রী আছে।

দুর্ম্মর [রবীঃ উদ্ভাবিত। দুর্ + মর(< মৃ-মরণে)] বিণ, যারা শেষ পর্য্যন্ত ধস্তাধস্তি করিয়া থাকে; যাদের প্রাণ সহজে যায় না (তুল—“মরিয়া না মরে রাম এ কেমন বৈরী”—মেঘঃ); কঠিন প্রাণ die-hards.

দুর্ম্মা [প্রাদেঃ। গ্রাঃ দুর্ম্মো] বি, নেয়াপাতি ও ঝুনা এই দুইয়ের মধ্যবর্ত্তী নারিকেল; দোমালা নারিকেল। ২ [দোর্ম্মা দ্রঃ] তরকারীবিঃ।

দুর্ম্মিত্র [দুর্ (অসৎ, দুষ্ট) + মিত্র (বন্ধু), ধা] বি, অসৎ মিত্র; দুর্ব্বন্ধু। ২ [দুর্ (দুষ্ট) মিত্র যার, বহুঃ] বিণ, যার দুর্ম্মিত্র আছে।

দুর্ম্মুখ [দুর্(অপ্রিয়) + মুখ (বদন-বাক্য) যার, বহুঃ] বিণ, সত্য কিন্তু অপ্রিয়বাদী। ২ দুর্ব্বাক্য প্রয়োগকারী; কটুভাষী। ৩ কুৎসিত বদন যার। ৪ বি, অশিক্ষিত ঘোটক। ৫ অসুরবিঃ। ৬ অযোধ্যাপতি রামচন্দ্রের গুপ্তচর। “দুর্ম্মুখ মুখে সীতা-সংক্রান্ত অপবাদবৃত্তান্ত শ্রবণ গোচর করিয়া”—বিঃ সাঃ। ৭ বানরবিঃ। ৮ নাগবিঃ। স্ত্রীং ~ী। “দুর্ম্মুখী ঝিয়ের মুখের ভয়ে উঠিয়া পড়ে।”—অনুরূপা দেবী।

দুর্ম্মূল্য [দুর্ (অধিক) + মূল্য (পণ) যার, বহুঃ] বিণ, এত অধিক মূল্য যে সকলে তা দিতে পারে না; মহার্ঘ; অক্রেয়।

দুর্ম্মেধাঃ [দুর্ (নিন্দিত) + মেধা (< মেধস্=বুদ্ধি, স্মরণশক্তি) যার, বহুঃ দুর্ম্মেধস্ ১মা, ১বঃ।] বিণ, যার স্মরণশক্তি ভাল নয়; যার বুদ্ধি খারাব; দুর্ব্বুদ্ধি।

দুর্ম্মোচ্য [দুর্ (কষ্টে) + মোচ্য (মোচনীয়)] বিণ, দুরপনেয়।

দুর্যোগ [দুর্ (অশুভ) + যোগ] বি, দুঃসময়। ২ দুর্দ্দিন; বৃষ্টি বাদলের দিন; যে দিন ঝড় বৃষ্টি বজ্রপাত হ'তে থাকে।

দুর্যোধ [দুর্ + যোধ (যুধ্=যুদ্ধ করা + অ, র্ম্ম)] বিণ, যার সহিত যুদ্ধ করা দুঃসাধ্য।

দুর্যোধন [দুর্ (দুঃখজনক, নিন্দিত হইয়াছে) যোধন (যুদ্ধ) যার, বহুঃ] বিণ, যে যুদ্ধে পলায়ন করে; পলাতক যোদ্ধা। ২ যার সহিত যুদ্ধে বহু ক্লেশ পাইতে হয়। ৩ ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র।

দুর্যোনি [দুর্ (নিন্দিত) + যোনি (উৎপত্তি, জন্ম) যার, বহুঃ] বিণ, নীচোদ্ভব।

দুর্লক্ষণ [দুর্ (দুষ্ট) লক্ষণ] বি, দুর্নিমিত্ত।

দুর্লক্ষ্য [দুর্ (দুঃখে) + লক্ষ্য (দৃশ্য-দর্শনযোগ্য)] বিণ, যা সহজে লক্ষ্য হয় না; অদৃশ্য।

দুর্লঙ্ঘ দুর্লঙ্ঘ্য [দুর্ (দুঃখে) লঙ্ঘ, লঙ্ঘ্য। প্রাঃ বাং প্রাকৃঃ দুলঙ্ঘ (মনসা মঃ বংশী)] বিণ, যা লঙ্ঘন করা সহজ নয়; কষ্টে অতিক্রমণীয়; অলঙ্ঘ্য। “তাহার স্বভাবের চতুর্দ্দিকে একটা দুর্লঙ্ঘ্য প্রাচীর ছিল।”—উত্তরা, পৌষ, ১৩৩৩।

দুর্লভ, দুর্লভ্য [দুর্ (দুঃখে) লভ্ (লভ্‌+অ (র্ম) = দুর্লভ > প্রা॰ দুল্লোব। প্রা॰ বাং-র দুর্লভ > দুলভ > দুলহ (শ্রী॰ কী॰), দুলখ ও॰] বিণ, অতিকষ্টে প্রাপ্তব্য ; দুষ্প্রাপ্য। ২ দুর্মূল্য ; অধিক মূল্য ; বহু মূল্য। ৩ অল্পদৃষ্ট ; বিরল ; যা সর্ব্বদা দেখিতে পাওয়া যায় না। স্ত্রীং ~া-যাকে লাভ করা যায় না ; যাঁর কৃপালাভ সহজে হয় না।-"করিয়া প্রণতি স্তুতি বন্দি মাতা সরস্বতী বিশ্বগতি বিষ্ণুর দুর্লভা।"-ঘ॰।

দুর্ললিত [দুর্ (দুষ্ট) + ললিত (চেষ্টা) যার, বহু॰] বিণ, অতি প্রশ্রয় প্রাপ্ত; আদুরে।

দুর্লেখ্য [দুর্ (দুষ্ট) + লেখ্য, ধা] বি, নিন্দিত পত্র ; গর্হিত লেখ্য। ২ জাল দলিল। ৩ দুরক্ষর ; অস্পষ্ট লেখা ; দুর্ব্বোধ লেখ্য।

দুর্হৃদ [দুর্ (কু) + হৃদ্ (অন্তঃকরণ) যার, বহু॰] বি, সুহৃদের বিপরীত ; শত্রু। ২ বিণ, যার হৃদয় সদ্ভাববর্জ্জিত ; দুষ্টান্তঃকরণ।

দুর্হৃদয় [দুর্ (দুষ্ট) + হৃদয় যার, বহু॰] বিণ, দুষ্টান্তঃকরণ।

দুল [দুল্ (বিচলিত হওয়া, দোলা)-যা কাণে দুলিতে থাকে] বি, কর্ণাভরণবিঃ। "দুইকাণে দুটি ক্ষুদ্র দুল"-অশোক॰। ২ [দেউল >] আলবাল ; বাঁধ an embankment. "রোপিলা কুসুমরাজ সত্যভামা দ্বারে। নানা- রত্নে দুল বান্ধিলেন তরুবরে॥" -মহা॰ (বঙ্গবাসী)।

দুলকি [হি॰] বি, অশ্বের চালবিঃ ; যে চালে সওয়ারীর সর্ব্বাঙ্গ আন্দোলিত হতে থাকে trot.

দুর্লঙ্ঘ-দুর্লঙ্ঘ্য দ্রঃ।

দুর্লর্থ-দুর্লভ দ্রঃ।

দুলদুল [দুল দ্রঃ। ক্রমাগত দোলন অর্থে দ্বিত্ব] অ, দুলিতে থাকার ভাব। ২ বি, যে অশ্ব হজরত মহম্মদ তাঁর জামাতা আলীকে দান করিয়াছিলেন। প্র-মহরমের সময় দুলদুল বাহির হয়।

দুলন [দুলা দ্রঃ] বি, আন্দোলন। ২ ঝুলন। ক্রি, দুলনি। নিজন্ত-দুলানি। দোলান দ্রঃ।

দুলহ [দুর্লভ >। ব্রজ॰] বিণ, দুর্লভ ; দুষ্প্রাপ্য। "গোবিন্দদাস দু॰ রসগান"-রসমঞ্জরী। "জগত দু॰ লেহ।"-বি॰ প॰। ২ প্রিয় ; বল্লভ। স্ত্রীং দুলহানি [হিঃ দুল(লা)হীন > বাং-র বর্ণ বিপর্য্যয়ে] বি, বল্লভা ; বধূ। "বিশ্ব তোমায় বরণ করে তুলছে ঘরে দুলহানি। নববধূর মধুর বেশে এলে তুমি কল্যাণী।"-বি॰ মজুমদার প্রবাসী, আশ্বিন, ১৩২৭।

দুলা, দোলা [দুল্ (বিচলিত হওয়া)। দুলি, দুল, দোল (দুলেন, দোলেন ; দুলিস), দুলে, দোলে (দোলেন) ; দুলিতে ; দুলিয়া। (ক্ষে॰ প্রা॰ দুলে, পদ্যে-দুলি)। ণিজন্ত-দুলানি, দোলানি। দু(দো)লাই, দু(দো) লাও, দু(দো)লায় ; দু(দো)লাইতে ; দু(দো)লাইয়া ক্ষে॰ দুলিয়ে)] ক্রি, আন্দোলিত হওয়া ; বিচলিত হওয়া। ২ দোল খাওয়া ; ঝুলা। বি, দুলন, দোলন।

দুলারি(রী) [হি॰, ব্রজ॰ দুলার্ > স্ত্রীং দুলারি-রী। বাং-দুলাল, দুলালী] বিণ, দুলালী ; প্রিয়া ; বল্লভা ; আদরিণী। "রাধিকা দুলারী দেখিতে চলারি কহয়ে শেখর রায়।"-কবিশেখর।

দুলাল [সং-দুল্ (আদরার্থে উৎক্ষেপে) > দুর্লভ (প্রিয়-আদুরে) > দুল্লঅ > দুলাল। হি॰ দুলার] বি, স্নেহ ; আদর। ২ প্রেম ; অনুরাগ। ৩ পুত্র। "দুলালে দুলাল কোলে চুম্ব দেন মুখে।"-ঘ॰। ৪ বিণ, অতিরিক্ত স্নেহভাজন ; প্রিয়পাত্র ; আদুরে। "বাপের দুলাল বেটা বীর মেঘনাদ।"-কৃত্তি॰। ৫ মনোজ্ঞ ; সুন্দর। ৬ তুলস্যাদিবর্গের ক্ষুদ্র বৃক্ষ ভেদ (পশ্চিম রাঢ়ের কোথাও কোথাও দুলাল ভাপ্‌রী, বলে) ; বাবুই তুলসী। ৭ দুল্‌দুলে ; দোলায়িত। "তরল তাল, গতি দু॰ নাচে নটিনী নটন সুর"-জ্ঞান॰। ~চাঁপা-চম্পক ভেদ। ~টগর-তগর পুষ্পবিঃ। "কুন্দ কুড়চি ফুল তুলিল দুলাল টগর।"-শূ॰ পু॰। আলালের ঘরের দুলাল -টেকচাঁদ ঠাকুর প্রণীত প্রসিদ্ধ উপন্যাসের নায়ক। ২ ধনীর ঘরের আদুরে ছেলে।

দুলালি,-লিয়া,-লী [হি॰ দুলাল > স্ত্রীং দুলারী,-রীয়া] বিণ, প্রিয়তমা ; আদুরী ; আদরিণী। "বাপের দুলালি ছিলি তাহে জলাঞ্জলি দিলি।"-ভারত॰। "বাছা কোথা আমার আমার দুলালিয়া"-ধ॰। "উলালী দুলালী সোহাগ আগুলি করিয়া সাজায় রাণী"-কবিশেখর।

দুলি,-লী [দুল্ (আলোড়নে) + ই (র্ত্তৃ) -যে জল বা কর্দ্দম আলোড়িত করে] বি, কচ্ছপী। ২ দুলীচাপা।

দুলিচা [হি॰ দুলীচা >। প্রা॰ দুল্‌চে। 'গালচে'র সহচর রূপে বাং-র-গাল্‌চে দুল্‌চে] বি, আসনবিঃ ; ছোট গালিচা। "সেবকে যোগান পান, খেঙনী, বীজয়ে আন, বৈসে বীর দু॰ উপর।"-কবিক॰।

দুলিয়া [দোলী বা ডোলী + ইয়া] বি, ডুলিবাহক জাতিবিঃ ; দুলে ; বেহারা। স্ত্রীং ~নী, দুলেনী।

দুল্লিল, দুল্লীল [হি॰ দুলার (আদর) > প্রা॰ বাং-দুলাল > (দুলালের ভাব অর্থে) দুল্লীল] বি, আদর ; অতিরিক্ত স্নেহ। "যথা তথা যাই সে দুল্লীল করে মোরে। দুল্লীল লাগিয়া কেহ পড়াইতে নারে"-চৈ॰ ম॰।

দুশমন [ফা॰ দুষ্‌মন্। প্রা॰ দুশ্‌মুন্] বিণ, বৈরী ; শত্রু ; বিপক্ষ ; প্রতিকূল। ২ দুষ্ট। ৩ [বাং] ভীমাকৃতি ; 'বেয়াড়া ; বদখত। প্র-লোকটার দু॰ চেহারা।

দুশ্চর [দুঃ (দুর্) + চর্ (চরা, আচরণ করা) + অ (র্ম)] বিণ, যে স্থানে অতিকষ্টে বিচরণ করা যায় ; দুর্গম। ২ যার অনুষ্ঠান করা দুঃসাধ্য ; কৃচ্ছ্রসাধ্য ; কঠোর। প্র-দুশ্চর তপস্যা।

দুশ্চরিত, দুশ্চরিত্র [দুর্ (নিন্দিত) + চরিত, (স্বভাব) যার, বহু॰] বিণ, নিন্দিত প্রকৃতি ; কুস্বভাবশালী। ২ [দুর্ (নিন্দিত) যে চরিত, চরিত্র (স্বভাব), ধা] বি, দুষ্ট প্রকৃতি ; মন্দস্বভাব।

দুশ্চিকিৎসা [দুর্ (দুঃ) + চিকিৎস্য] বিণ, অতিকষ্টে চিকিৎসনীয়; দুরারোগ্য।

দুশ্চিন্তা [দুর্ (মন্দ) + চিন্তা] বি, দুর্ভাবনা ; অশুভ চিন্তা ; কুচিন্তা।

দুশ্চেষ্টা [দুর্ (মন্দ) + চেষ্টা] বি, মন্দ-চেষ্টা ; কুচেষ্টা ; কুকর্ম্ম।

দুশ্চেষ্টিত [দুর্ (নিন্দিত) যে চেষ্টিত

(চেষ্টা), ধা] বি, দুশ্চেষ্টা। ২ কদাচরণ। ৩ বিণ, কদাচরিত।

দুশ্ছেদ্য [দুর্ (দুঃখে) + ছেদ্য] বিণ, কষ্টে যা ছিন্ন করা যায়।

দুষা [দুষ্ (দোষে) + আ (ক্রিয়ায়)। দুষি, দুষ, দুষে; দুষিতে; দুষিয়া (ক্ষে॰ দুষে, পদ্যে-দুষি) ই॰] ক্রি, দোষ দেওয়া।

দুষুক,-খ [গ্রা॰। বৈ॰ পদ॰ সা॰। সং- দুঃখ > ভ্রং দুষ্ক, দুষ্খ, দুক্খু (বিপরীত নিদুক্খু)] বি, দুঃখ।

দুষ্কর [দুর্ দুঃখ) + কৃ (করা) + অ (র্ম্ম)। প্রা॰বাং-দুস্কর] বিণ, দুশ্চর; অতিকষ্ট সাধ্য। "দু॰ সাহসে তবু লঙ্কর রাজার রিষ বাড্ডি রুষি বলে হাঁকে মারমার॥"-ধ॰। ২ দুর্দ্দান্ত; দুরন্ত। "সঙ্কটে তারিব মোরে সমন দুস্করে।"-শূ॰ পু॰।

দুষ্কর্ম্ম [দুর্ (মন্দ) যে কর্ম্মন্=কর্ম্ম, ধা] বি, নিন্দিত কার্য্য; অকার্য্য; অপকর্ম্ম। ২ পাপ; দুরিত; দুষ্কৃত। ~া [দুর্ (নিন্দিত) কর্ম্মন্ যার, বহু॰। মূ॰ দুষ্কর্ম্মন্ ১মা, ১ব॰] বিণ, দুষ্ক্রিয়; কুকর্ম্মান্বিত; পাপাত্মা; নিন্দিত কর্ম্মকারী, অপকর্ম্মকারী।

দুষ্কাল [দুর্ (দুষ্ট) যে কাল (সময়), ধা] বি, নিন্দিত কাল; অকাল।

দুষ্কুল [দুর্ (নিন্দিত-নীচ) যে কুল (বংশ), ধা] বি, অসৎ কুল; নীচ কুল। ২ বিণ, নীচকুলজাত; হীনবংশোদ্ভব। স্ত্রীং ~া। বিণ, দুষ্কুলীন।

দুষ্কৃত [দুর্ + কৃ (করা) + ত (র্ম্ম)] বি, দুষ্কার্য্য; নিন্দিত কর্ম্ম; পাপ। বিণ, অসদুপায়ে অনুষ্ঠিত। ৩ পাপিষ্ঠ। স্ত্রীং ~া।

দুষ্কৃতি [দুর্ (নিন্দিত যে) + কৃতি (কার্য্য), ধা] বি, কলুষ; পাপ। ২ কুক্রিয়া; অসৎ ক্রিয়া; দুষ্কর্ম্ম। ৩ দুরদৃষ্ট।

দুষ্কৃতী [দুষ্কৃত + ইন্ (স্ত্য॰) =দুষ্কৃতিন্ ১মা, ১ব॰] বিণ, পাপাচারী; কুকর্ম্মী; পাপী।

দুষ্ক্রিয়া [দুর্ (দুষ্ট) + ক্রিয়া] বি, দুষ্কর্ম্ম। বিণ, ~ন্বিত-দুষ্কর্ম্মযুক্ত; কুকর্ম্মরত।

দুষ্ক্রীত [দুর্ (দুঃখে-গর্হিত মূল্যে) + ক্রীত] বিণ, কষ্টে মূল্য দিয়া যা ক্রীত; যা অত্যধিক মূল্যে ক্রয় করা হইয়াছে; গর্হিত মূল্যে প্রাপ্ত।

দুষ্ট [দুষ্ (বিকৃত হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, দূষিত, দোষবিশিষ্ট। ২ অশুচি; অপবিত্র। ৩ দুর্জ্জন; খল। ৪ দুর্দ্দান্ত। ৫ দুঃশীল; কুচরিত্র; ভ্রষ্ট; নষ্ট। স্ত্রীং ~া-নষ্টা: ব্যভিচারিণী; ভ্রষ্টা। ~কর্ম্মা [দুষ্ট (দোষযুক্ত) কর্ম্মন্ যার, বহু॰। মূ॰ দুষ্টকর্ম্মন্ ১মা, ১ব॰] বিণ, দুষ্কর্ম্মা; পাপিষ্ঠ; দুরাচার; "যমদূত আমরা যমের আজ্ঞাকারী দুষ্টকর্ম্মা দুজনে দেখাব যমপুরী॥"-শি॰। ~চারী [দুষ্ট-চর্ (গমন করা) + ইন্ (র্ত্তৃ) =চারিন্-১মা, ১ব॰] বিণ, দুষ্কর্ম্মা। ~ব্রণ-বি, দুর্লক্ষণযুক্ত ব্রণ যা প্রায়ই প্রাণনাশক হয় malignant tumour; carbuncle. ~যোগ -বি, অশুভ লগ্ন; মৃত্যু যোগ; ব্যতীপাত যোগ। ~শীল [বিপরীত-সাধুশীল] বিণ, দুর্বৃত্ত; দুষ্ট স্বভাবযুক্ত। "বেণে বড় দুষ্টশীল"-কবিক॰।

দুষ্টাশয় [দুষ্ট + আশয়] বিণ, দুরভিসন্ধিযুক্ত; অসৎস্বভাব।

দুষ্টু [গ্রা॰। দুষ্ট >] বি, দুষ্ট; দুরন্ত; যে ভাল মানুষ নয়; মন্দ। "না ভাই! তুমি বড় দুষ্টু আঁচল টেনে আকুল কর।"-কস্তুরী।

দুষ্পরা/জয় [দুর্ + পরাজয়] বিণ, অপরাভবনীয়; অজেয়; যাকে পরাজয় করা দুঃসাধ্য। বিণ, ~জেয়-দুর্জ্জয়।

দুষ্পরিহর, দুষ্পরিহার্য্য [দুর্ + পরিহার্য্য] বিণ, যা পরিহার করা দুঃসাধ্য; অপরিত্যাজ্য। ২ যা অপসারিত করা শক্ত; দুরপনেয়। "সেই চির পবিত্র ত্রিলোকবিখ্যাত বংশকে দুষ্পরিহর কলঙ্কপঙ্কে লিপ্ত করিয়াছি।"-বি॰ সা॰।

দুষ্পর্শ [দুর্ + স্পৃশ্ (স্পর্শ করা) + অ (র্ম্ম)] বিণ, যার স্পর্শ কষ্টজনক। ২ কঠোর স্পর্শ; তীক্ষ্ণস্পর্শ; কর্কশ বা কণ্টকিত গাত্র।

দুষ্পাচ্য, দুষ্পচ [দুর্ + পাচ্য, পচ] বিণ, যা সহজে পরিপাক হয় না; বিলম্বে যা জীর্ণ হয়। বি, দুষ্পাচ্যতা-অজীর্ণরোগ dyspepsia.

দুষ্পূর, দুষ্পূরণীয় [দুর্ (দুঃখে) পূর, পূরণীয়] বিণ, দুঃখে বা কষ্টে পূরণ যোগ্য; যা পূরণ করা দুঃসাধ্য।

দুষ্প্রধর্ষ,-র্ষ্য [দুর্-প্র-ধৃষ্ (ধর্ষণ করা) + অ, য (র্ম্ম)] বিণ, অশাসনীয়; দুর্দ্দম্য; অপ্রধর্ষণীয়; অপরাজেয়।

দুষ্প্রবৃত্তি [দুর্ (অসৎ, কু যে) + প্রবৃত্তি, ধা] বি, অসদভিলাষ; দূষিত বা নিন্দিত বিষয়ে ইচ্ছা; কুপ্রবৃত্তি।

দুষ্প্রবেশ,-প্রবেশ্য [দুর্ + প্রবেশ, প্রবেশ্য, ধা] বিণ, যথায় সহজে প্রবেশ করা যায় না; দুর্গম। ২ দুরধিগম্য।

দুষ্প্রমেয় [দুর্ (দুঃখে) + প্রমেয় (পরিমাণ যোগ্য)] বিণ, যা পরিমাণ করা দুঃসাধ্য; অমেয়; অমিত; অপরিমেয়।

দুষ্প্রসহ [দুর্ + প্র-সহ্ (সহ্য করা) + অ (র্ম্ম)] বিণ, অসহনীয়; অতিশয় দুঃসহ।

দুষ্প্রাপণীয় [দুর্ (কষ্টে) + প্রাপণীয় (লভ্য)] বিণ, দুষ্প্রাপ্য।

দুষ্প্রাপ্য [দুর্ (দুঃখ দ্বারা) + প্রাপ্য (লভ্য), ৩তৎ] বিণ, দুর্লভ; যা সহজপ্রাপ্য নহে; প্রায় অপ্রাপ্তব্য।

দুষ্‌মন [ফা॰। বাং গ্রা॰ দুষ্‌মুন] বি, শত্রু। ২ বিণ, শত্রুবৎ। ৩ ভীষণ। প্র- দু॰ চেহারা। ~ী, -নি-বি, শত্রুতা। [গ্রা॰ দুষমুনি]।

দুষ্মন্ত (-শ্,শং-) [মহা॰] বি, পুরুবংশীয় প্রসিদ্ধ রাজা: শকুন্তলার স্বামী; ইঁহাদের পুত্র ভরত হইতে ভারতবর্ষ এই নাম।

দুসর [হি॰ দুসর, -রা। প্রা॰ বাং। দোসর দ্রঃ] বিণ, অন্য; অপর।

দুসরা-দোসরা দ্রঃ।

দুসলি [দুই > দু + শলাকা > শলা > শলি (ক্ষুদ্রার্থে) > সলি। পরাশরীয় কৃষিসংগ্রহে "শোল" শূ॰ পু॰ (টীকা, চা॰ ব॰)] বি, লাঙ্গলে জোতা গরু জোয়াল হতে ঘাড় খুলিয়া লইতে না পারে তজ্জন্য লাঙ্গলের দুই প্রান্তের ছিদ্রে গুঁজিয়া দিবার শলাকা বা গোঁজকাঠি। "দুদিগে দু॰ দিআ জআলে কৈল বিন্ধা"-শূ॰ পু॰।

দুসূতী, দোসূতী [হি॰ দো-সূতী- দোহরা সূতাবিশিষ্ট] বি, ডবল সূতায় বোনা কাপড়; স্থূল বস্ত্র; মোটা কাপড়।

দুস্তর [দুর্ (দুঃখে) + তৃ (পার গমন

করা) + অ (র্ম্ম)] বিণ দুরতিক্রমণীয় ; অপার। "চৌদিকে দু° সুধার সাগর কল্পতরু সারি সারি।"-অ° ম°।

দুস্থির্ত-দুঃস্থিত দ্রঃ।

দুহা, [দুহ্ >] ক্রি, দোহা, দ্রঃ।

দুহা, দুহঁ [দোহা দ্রঃ] স, দুই জন।

দুহাকার [দুহঁা দ্রঃ] স, দুজনের;

দুহাত [দু-হাত] বি, হাত দুই; হস্তযুগল। ২ দুই হাত পরিমাণ; একগজ। ৩ বিণ, দুইটি মাত্র হস্তবিশিষ্ট; একাকী। দুহাতে এক-বিবাহ; হাতে হাত; পাণিগ্রহণ। "কোন ক্রমে দুহাতে এক হাত হলে বাঁচি।"-বাসবদত্তা।

দুহাতিয়া [দুই+হাত+ইয়া > ক্ষে°। হি° দুহাত্তা, দোহাত্তা] বিণ, দুই হাত-ওয়ালা। ২ দুই হাতে ধৃত; উভয় হস্তে গৃহীত। "মারে দুহাতিয়া বাড়ি"-ঘন°।

দুহান [দুহা ও দোহঁা দ্রঃ] স, দুই-জনের। "ভীষ্মবাণে ভেদিলেক দু° শরীর।"-মহা° (কবীন্দ্র°)।

দুহি [প্রা° বাং। সং-দ্বি (হি° উচ্চারণে) দুই > দুহি (পদান্ত ই কারে প্রায়ই হ যোগ বল প্রয়োগার্থে) >। হি° 'দুহু'-হো° 'দোহি'ও°] বি, দুই; যুগল। "চক্ষুদান দেহ তুহ্মি ভাই দুহিজনে।"-শূ° পু°।

দুহিতা [দুহ্ (দোহন করা) + তৃ (র্ত্ত) = দুহিতৃ ১মা, ১ব°। পূর্ব্বকালে গাভী দোহনের ভার কন্যার হস্তে ন্যস্ত থাকিবার প্রথা হতে। তুল-ফা° দুখ্তর্; এংগ্লো-স্যাক্সন্-dohtor; স্কচ-dochter; জর্ম্ম° tochter. গ্রী° thugater; ইং-daughter. সং-দুহিতৃ-দুহিতরং] বি, কন্যা; নন্দিনী।

দুহু, দুহুঁ [ব্রজ°। প্রা°বাং পদ্যে-দোহাঁ; প্রাদে° দুহাম। সং-দ্বৌ] স, দুই; উভয়; দুইজনা। "শৈশব যৌবন দুহু মিলি গেল।"-বি° প°। "দুহুঁ দল বলে ধনি দ্বন্দ্ব পড়ি গেল।"-ঐ। সম্বন্ধে- দুহুঁক-দুজনের। "পুরল দুহুঁক কাম"-বি° প°।

দুহ্য [দুহ্ (দোহন করা) + য (র্ম্ম)] বিণ, দোহনীয়। ~মান [দুহ্ (দোহন করা) + আন (র্ম্ম)। মৃ, য্ আগম] বিণ, যাকে দোহন করা যাইতেছে।

দূত [দু (গমন করা) + ত (র্ত্ত), উ=ঊ] বি, সংবাদবাহক; বার্ত্তাবহ। "এ দূতের মুখে শুনি সুতের নিধন।"-মেঘ°। ২ এক রাজার নিকট হতে অন্য রাজার নিকট রাজনৈতিক প্রস্তাব লইয়া গমনকারী মন্ত্রী ambassador. ৩ চর; অনুচর। "প্রজার বচন শুনি রোষযুক্ত বীরমণি দূত দিল ভাঁড় রে ধরিতে।"-কবিক°। স্ত্রী° ~ী (প্রা° বাং ~া)।

দূতি, দূতিকা-দূতী দ্রঃ।

দূতী [দু (গমন করা) + তী (স্ত্রা°)। দূতি, দূতিকা ও°] বি, সংবাদবাহিকা। ২ কুট্নী। ব্রজ° দোতি। "দোতি মিলায়ল কানুক সঙ্গ"-বি° প°। দোতিক-দূতির। "ভনয়ে বিদ্যাপতি দোতিক বচনে। বিকশল অঙ্গ না যাওত ধরণে॥"-বি° প°। প্রা° বাং -দূতা। দূতাক=দূতীকে। দূতার=দূতীর (স্ত্রী° কী°)।

দূত্য [দূত কিম্বা দূতী শব্দের উত্তর-য (ভা°)] বি, দূতের কর্ম্ম বা ধর্ম্ম; দৌত্য।

দূন [দূ (আক্ষেপে) + ত (র্ত্ত)। ব° সা° পরিচয়, টীকায়-"অভিশাপ"] বিণ, দুঃখিত; পরিতপ্ত; ক্ষুব্ধ। ২ [প্রা° বাং-য়] বি, আক্ষেপ; খেদ; পরিতাপ। "প্রভু পুনর্ব্বার জীবেক আমার তোমরা না কর দূন"-মনসা ম° (কেতকাদাস)।

দূর [সং-দুর্ (দুঃখ) + ই (গমনে) + র (র্ত্ত), নিপাতনে। তুল-ফা° দূর্। প্রা° ধুর] বি, তফাৎ; অন্তর; ব্যবধান। ২ দূর দেশ। ৩ বিণ, অন্তরে অবস্থিত। ৪ ব্যবহিত। ৫ পৃথক্। দূর করা-তফাৎ করা; বর্জ্জন করা। ২ পৃথক্ করা; স্বতন্ত্র করা। ৩ বিতাড়িত করা। ~-ছাই করা-দূর দূর এবং ছি ছি করা; অবজ্ঞা করা; তুচ্ছ করা। ~-দূর্। "কেহ গালি দেয়, কেহ করে দূর দূর" -রামেশ্বর। ~দূর করা-দূর হ দূর হ বলিয়া তাড়াইয়া দেওয়া। ~ইউক-অ, বিরক্তি প্রকাশে। ~হওয়া-বিতাড়িত হওয়া।

দূরক, দূরত [প্রা° বাং] অ, দূরে (স্ত্রী° কী°)।

দূরগ, দূরগামী [দূর + গ, গামী (গমন-কারী)] বিণ, যে দূরে গিয়াছে; দূরযায়ী। স্ত্রী° দূরগা(মিনী)।

দূরতঃ [সং। -তস্ >] অ, দূর হতে। এই অর্থে প্রা°বাং-দূরেত। "দূরেত পনাম হএ যম রাজা পড়িল ফাঁপর।"-শূ° পু°।

দূরতা, দূরত্ব [দূর (দ্রঃ) + তা, ত্ব (ভা°)] বি, ব্যবধান; তফাৎ। ২ পার্থক্য।

দূরদর্শন [দূর-দৃশ্ (দর্শন করা) + অন (র্ত্ত)। দূরে দর্শন (দৃষ্টি) যার, বহু°] বি, দূরদর্শী; পরিণামদর্শী; বিজ্ঞ। ২ শকুনি; গৃধ্র। ৩ [দে] দূরবীক্ষণ যন্ত্র। ৪ [+ অন (ভা°)] বিণ, দূর হ'তে দর্শন।

দূরদর্শিতা [দূরদর্শী (দ্রঃ) + তা] বি, বহুদর্শীর ভাব; পরিণামদর্শিতা; ভবিষ্যদর্শন। ২ পাণ্ডিত্য।

দূরদর্শী [দূর-দৃশ্ (দর্শন করা) + ইন্ (র্ত্ত)=দর্শিন্ ১মা, ১ব°] বিণ, দীর্ঘদর্শী; বহুদর্শী। ২ বি, পণ্ডিত। স্ত্রী° ~দর্শিনী।

দূরদৃষ্টি [দূরে দৃষ্টি (দর্শন) যার, বহু°] বিণ, যে অনেক দূর পর্য্যন্ত দেখিতে পায়; দীর্ঘদর্শী। ২ [দূরবর্ত্তী যে দৃষ্টি, ধা] বি, বহু

[দূর-বৃত্ (অবস্থান করা) + ইন্ (র্ত্ত)=দূরবর্ত্তিন্ ১মা, ১ব°] বিণ, দূরস্থিত; যে দূরে বিদ্যমান থাকে; যা দূরে আছে। বি, ~বর্ত্তিতা। স্ত্রী° ~বর্ত্তিনী।

দূরবীক্ষণ [দূর (দূরস্থিত বস্তু)-বি (বিশেষ রূপে) + ঈক্ষ্ (দর্শন করা) + অন (ণে)। "যন্ত্রং চকার সহসা দৃষ্ট্যর্থে দূরদর্শনম্" -শিল্প-সংহিতা, ১৮ অধ্যায়] বি, দূরবীণ; যে যন্ত্রে বহুদূরের বস্তু দৃষ্টিগোচর হয়; যে যন্ত্র দ্বারা দূরের বস্তু নিকটে বলিয়া প্রতীয়মান হয়।

দূরবীণ [দূরবীক্ষণ (দ্রঃ) > ক্ষে°] বি, দূরবীক্ষণ যন্ত্র। দূ° কষা-দূরবীক্ষণ যন্ত্রের পেঁচ ঘুরাইয়া তাহার দৈর্ঘ্যের হ্রাসবৃদ্ধি করত ব্যবহারোপযোগী অবস্থায় আনিয়া দূরের বস্তু দেখা।

দূরবেধী [দূর + বিধ্ (বিদ্ধ করা) + ইন্ (র্ত্ত)=দূরবেধিন্ ১মা, ১ব°] বি, দূর হতে বা দূরস্থিত কোন বস্তুকে বিদ্ধকারী; দূর-ভেদী।

দূরযায়ী [দূর-যা (গমন করা) + ইন্ (র্ত্তৃ)=যায়িন্ ১মা, ১ব০] বিণ, দূরগামী।

দূরশ্রবণ-বি, দূর হতে শ্রবণ। ২ দূর হতে শ্রবণ করিবার যন্ত্র। ~যন্ত্র-বি, টেলিফোন telephone.

দূরস্থ [দূর + স্থ] বিণ, দূরে অবস্থিত ; দূরস্থিত ; দূরবর্ত্তী।

দূরহি [ব্রজ০] অ, দূরে। "তুয়া ডরে ইহ সব দূ০ পলায়ল তুঁহু পুন কাহে ডরাসি।" -বি০ প০।

দূরাগত [দূর (হতে) + আগত] বিণ, দূর হ'তে আসিয়া উপস্থিত। "দূ০ সঙ্গীত * * * নিশীথ আকাশ ধ্বনিত করিয়া তুলিতেছিল"-বা০ বসুমতী, ১৩৩৪।

দূরীকরণ [দূর + করণ, মধ্যে ঈ (চ্বি) আগম, 'অভূততদ্ভাবার্থে'] বি, বিতাড়ন ; অপসারণ ; বহিষ্করণ। ২ বিসর্জ্জন ; বর্জ্জন।

দূরীকৃত [দূর + কৃত, মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ, বিতাড়িত ; বহিষ্কৃত। ২ অপসারিত।

দূরীক্রিয়মাণ [দূর + ক্রিয়মাণ, মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ, যা দূর করা হইতেছে।

দূরীভূত [দূর + ভূত, মধ্যে ঈ (অভূত-তদ্ভাবে চ্বি) আগম] বিণ, যা বহিষ্কৃত হইয়াছে ; যা বিতাড়িত হইয়াছে। ২ অপসারিত ; পৃথক্‌কৃত।

দূর্বা, দূর্ব্বা [দূর্ব্ব্ (হিংসা করা) + অ (র্ম্ম) + আ (স্ত্রীং), যা পশু কর্ত্তৃক হিংসিত হয়। গ্রা০ 'দুর্ব্বি, দুব্বো, 'দুব্বা। বর্দ্ধ০, মুর্শি০ প্রাদে০ 'দুবড়ো'] বি, সাধারণ তৃণ ; দূর্ব্বা ঘাস। "জাহ্নবী জলগর্ভা অষ্ট তণ্ডুল দূর্ব্বা কাঞ্চনে বিরচিত ঝারি।"-কবিক০। "দর্পন রূপা সনা কজ্জল গোরচনা দুব্বা ধান্য ততপরে॥"-শূ০ পু০। ~দল-দূর্বা তৃণের পত্র। "দূর্ব্বাদল শ্যাম।" ~ষ্টমী-ভাদ্রমাসীয় শুক্লাষ্টমী (দূর্ব্বাদ্বারা ব্রতের বিধান দিবস-ভবিষ্য পু০)।

দূষক [দুষ্ + ণিচ্=দূষি (বিকৃত হওয়া) + অক (র্ত্তৃ)] বিণ, দোষোৎপাদক। ২ যে দোষ ধরে ; দোষ-দর্শক। ৩ অপবাদকারী ; নিন্দক। স্ত্রীং ~দূষিকা।

দূষণ১ [দুষ্ + ণিচ্=দূষি (দোষ দেওয়া) + অন (র্ত্তৃ)] বি, রামায়ণোক্ত রাক্ষসবিঃ ; খরের ভ্রাতা।

দূষণ২ [দুষ্ + ণিচ্ + অন (ভা০)] দোষ। "বাজিল দূতের কথা বাপ পাইল বড় ব্যথা দুহিতার শুনিয়া দূ০।"-শি০। ২ দোষারোপ। ৩ অপবিত্র বা অশুচি করণ। ৪ ধর্ষণ। ৫ বিণ, দূষক। ~ণীয়-বিণ, দূষণযোগ্য ; দুষ্য।

দূষয়িতা [দুষ্ + ণিচ্=দূষি + তৃ (র্ত্তৃ) = দূষয়িতৃ ১মা, ১ব০] বিণ, দোষ দাতা ; দূষক। স্ত্রীং ~ত্রী।

দূষা-দোষা দ্রঃ।

দূষি, দূষী [দুষ্ + ণিচ্=দূষি (বিকৃত হওয়া) + ই (জ্ঞা০)] বি, নেত্রমল। ২ [দোষী শব্দের গ্রা০ রূপ] বিণ, দোষী।

দূষিকা-দূষক দ্রঃ।

দূষিত [দুষ্ + ণিচ্=দূষি + ত (র্ম্ম)] বিণ, দোষ প্রাপ্ত ; দুষ্ট। ২ অপবিত্রীকৃত। ৩ গর্হিত। ৪ অপবাদগ্রস্ত ; ভ্রষ্টাপবাদগ্রস্ত। স্ত্রীং ~া।

দূষী [দোষী > গ্রা০] বিণ দোষী ; দোষস্থ। ২ অপরাধী। "সাধ্‌তে গেল আমার প্রাণ। কোন দূষী নই, তবু সকল সই, প্রেম সম্বন্ধে মান্যমান্॥"-রামবসু।

দূষ্য [দুষ্ + ণিচ্=দূষি + য (র্ম্ম)] বিণ, দূষণীয় ; নিন্দনীয়। স্ত্রীং ~া।

দূসর-দুসর দ্রঃ।

দৃক্ [দৃশ্ (দেখা) + ক্বিপ্ (ণে), যদ্দ্বারা দেখা যায়] বি, দর্শনেন্দ্রিয় ; চক্ষু। ২ [+ ক্বিপ্ (ভা০)] জ্ঞান। ৩ [+ ক্বিপ্ (র্ত্তৃ)] দর্শক ; সাক্ষ্য। দ্রঃ-এই শব্দ অন্য শব্দান্তে যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে। প্র-দোষদৃক্। ~পাত [দৃক্ (দৃষ্টি) পাত (পতন), ৬তৎ] বি, নেত্রপাত ; দর্শন। ~শক্তি-বি, দৃষ্টিশক্তি ; দর্শনের সামর্থ্য। ~শ্রুতি-বিণ, দৃষ্টি বা চক্ষুই যার শ্রবণ বা কর্ণের কাজ করে। ২ বি, সর্প।

দৃঢ় [দৃহ্ (বৃদ্ধি পাওয়া) + ত (র্ত্তৃ), হ-লোপ, ত=ঢ়] বিণ, শক্ত ; কঠিন ; মজবুত। ২ অচল ; স্থির ; যা বিচলিত হয় না। ৩ জমাট। ৪ সমর্থ। ৫ সুস্থ ; নীরোগ। "লতা পাতা নিয়া রোগী দৃঢ় কর।" -চৈ০ ভা০। ৬ বি, লৌহ। ~কায়-বিণ, দেহের বাঁধুনি যার শক্ত ; পুষ্ট সবল শরীর। ~তা [দৃঢ় + তা (ভা০)] বি, দার্ঢ্য ; কাঠিন্য। ২ স্থিরতা। ~ধন্বা-বিণ, দৃঢ় ধনুর্দ্ধারী। "দৃঢ়ধন্বা অর্জ্জুন"। ~নিশ্চয় [দৃঢ় (স্থির) নিশ্চয় যার, বহু০] বিণ, অচল বুদ্ধি ; যার কোনরূপ তর্কাদি দ্বারা বুদ্ধির ভেদ হয় না। ২ স্থির সিদ্ধান্ত। ~পদ-বি (বিণ), স্থিরচরণ ; অস্খলিত পদক্ষেপ যুক্ত। ~প্রতিজ্ঞ [দৃঢ় (স্থির) হইয়াছে প্রতিজ্ঞা যার, বহু০] বিণ, স্থির-প্রতিজ্ঞ ; যার বাক্যের অন্যথা হয় না। বি, ~প্রতিজ্ঞা। ~বন্ধনী [দৃঢ়া -বন্ধনী(দ্রঃ), ধা] বি, শক্তবাঁধন ; মজবুত বাঁধুনি। ২ [দৃঢ় (কঠিন) বন্ধন যার, বহু০=দৃঢ়বন্ধন + ঈ (স্ত্রীং)] বি, শ্যামালতা। ~বর্ম্মা [দৃঢ় বর্ম্মন্ (বর্ম্ম) যার, বহু০] বিণ, দুর্ভেদ্য কবচধারী। ~বর্ম্মী-দৃঢ় আবরণযুক্ত প্রাণী crustacean. ~বীজ [দৃঢ় (কঠিন) বীজ (আঁঠি) যার, বহু০] বি, কুলগাছ। ২ চাকুন্দা গাছ। ৩ কাল তুলসী। ৪ বিণ, কঠিন বীজযুক্ত। ~ব্রতি [দৃঢ় ব্রত যার, বহু০] বিণ, অধ্যবসায়বিশিষ্ট ; ফলোদয় পর্য্যন্ত কার্য্যকারী ; যে যত্ন দ্বারা অবধারিত কার্য্য সমাধা করে। ~ভূমি [ধা] বি, কঠিন জমি ; শক্ত মাটী। ~মুষ্টি [দৃঢ় (কঠিন) মুষ্টি যার, বহু০] বিণ, যার মুষ্টি অতি শক্ত। ২ [লক্ষ০] বদ্ধ মুষ্টি ; ব্যয়-কুণ্ঠ ; কৃপণ। ~মূল [দৃঢ় মূল যার, বহু০] বিণ, যার শিকড় মৃত্তিকায় শক্ত হইয়া বসিয়াছে ; বদ্ধমূল। ২ অটল। স্ত্রীং ~মূলা -নারিকেল বৃক্ষ। ~লোমা [দৃঢ় (কঠিন) লোমন্ (লোম) যার, বহু০] বি, শূকর। ২ বিণ, যার গায়ে শক্ত বা কর্কশ লোম আছে। ~সন্ধ [দৃঢ় সন্ধা (সন্ধান) যার, বহু০] বিণ, স্থির সন্ধান ; অব্যর্থ-সন্ধান ২ স্থির-প্রতিজ্ঞ। ~সন্ধি [দৃঢ় (কঠিন) সন্ধি (মিলন, গ্রন্থিস্থান) যার, বহু০] বিণ, দৃঢ়গ্রন্থিযুক্ত। ২ দৃঢ়ভাবে সংযুক্ত। ~স্বরে-ক্রি-বিণ, অবিচলিত বা অকম্পিত কণ্ঠে ; দৃঢ়তাব্যঞ্জক স্বরে।

দৃঢ়াঙ্গ [দৃঢ় + অঙ্গ (অবয়ব) যার, বহু০] বিণ, কঠিনাঙ্গ ; দৃঢ়কায়। ২ বজ্র ; হীরক।

দৃঢ়ায়ুধ [দৃঢ়+আয়ুধ (অস্ত্র) যার, বহু°] বিণ, দৃঢ়াস্ত্র; যার আয়ুধ অতিশয় দৃঢ়। ২ শূলপাণি; পিনাকী।

দৃঢ়াস্থিক [দৃঢ়+অস্থি (হাড়) যার, বহু° সমাসে ক যোগ] বি, যে সকল জীবের অস্থি দৃঢ়। ২ বিণ, দৃঢ় অস্থিযুক্ত।

দৃঢ়ী/করণ [দৃঢ়+চি্ব (অভূত তদ্ভাবার্থে) +করণ] বি, শক্ত বা মজবুত করা। ২ স্থায়ী করা; সুপ্রতিষ্ঠিত করা। বিণ, ~কৃত-যা দৃঢ় করা হইয়াছে। ~ভূত-বিণ, যা জমাট বাঁধিয়া শক্ত হইয়াছে; কঠিনতা প্রাপ্ত। ২ সমর্থনাদি দ্বারা বলবৎ; বাহাল; সুপ্রতিষ্ঠিত বা পাকা করা। বি, দৃঢ়ীভবন।

দৃপ্ত [দৃপ্ (দর্পে)+ত (র্ত্ত)] বিণ, দর্পযুক্ত; অহঙ্কৃত; গর্ব্বিত arrogant. ২ উগ্র; উদ্ধত। ৩ প্রজ্বলিত।

দৃশ(ষ)দ্বতী [বিষ্ণু পু°] বি, আর্য্যাবর্ত্তের পূর্ব্বসীমাস্থিত নদীবিঃ। ২ দুর্গা।

দৃশ্য [দৃশ্ (দেখা)+য (র্ম্ম)] বিণ, যা দেখিবার যোগ্য; দর্শনীয়। ২ মনোজ্ঞ; সুরূপ। ৩ প্রকাশ্য। ৪ বি, দর্শনীয় স্থান বা বস্তু scenery. ~কাব্য [দৃশ্য (দর্শনীয়) যে কাব্য, ধা] বি, রঙ্গালয়ে নায়ক নায়িকা দ্বারা অভিনীত কাব্যবিঃ; ইহা রূপক ও উপরূপক ভেদে বহুবিধ। তন্মধ্যে নাটক এক প্রকার দৃশ্যকাব্য। ~পট-বি. নাটকীয় দৃশ্য সম্বলিত চিত্রপট; রঙ্গপট scene. ~মান-বিণ, দেখা যাইতেছে এমন। ~সঙ্গীত [দৃশ্য যে সঙ্গীত, ধা] বি, নৃত্য।

দৃশ্যাদৃশ্য [দৃশ্য+অদৃশ্য, দ্বন্দ্ব] বিণ, দর্শনীয় ও অদর্শনীয়।

দৃষ্ট [দৃশ্ (দেখা)+ত (র্ম্ম)] বিণ, যা দেখা হইয়াছে; আলোকিত; ঈক্ষিত। ২ জ্ঞাত; পরীক্ষিত। ৩ প্রকাশিত; ব্যক্ত। ~চর-বিণ, পূর্ব্বদৃষ্ট। ~পূর্ব্ব [বিপরীত -অদৃষ্টপূর্ব্ব] বিণ, পূর্ব্বে দেখা গিয়াছে এমন। ~প্রত্যয়-বিণ, দর্শনমাত্র যৎপ্রতি বিশ্বাস জন্মে। ~রজাঃ [দৃষ্ট রজস্ যার, বহু°] বি, রজস্বলা; বয়ঃপ্রাপ্তা স্ত্রী; নবযুবতী।

দৃষ্টাদৃষ্ট [দৃষ্ট+অদৃষ্ট] বিণ, যা দেখা গিয়াছে ও যা এখনও দৃষ্টিগোচর হয় নাই। ২ আংশিক দৃষ্ট এবং আংশিক অদৃষ্ট।

দৃষ্টান্ত [দৃষ্ট+অন্ত] বি, উল্লেখ; প্রমাণ; উদাহরণ; নিদর্শন। ২ উপমান। ৩ কাব্যের অর্থালঙ্কারবিঃ Parallel. পরস্পর সমান ধর্ম্মাক্রান্ত পদার্থদ্বয়ের সাদৃশ্য বর্ণনস্থলে দৃ° হয়। "যথাদি শব্দ দ্বারা দষ্টান্তের সম্মুখে দৃষ্টান্ত উপন্যস্ত হইলে 'উপমা,' সাধারণ ধর্ম্ম একরূপ হইলে 'প্রতিবস্তূপমা', কিন্তু যে স্থলে যথাদি শব্দের উল্লেখ থাকে না এবং পূর্ব্বোত্তর বাক্যার্থের আপাততঃ ভিন্নার্থ প্রতীতি, প্রণিধান দ্বারা বোধগম্য করিতে হয় সেই-খানে দৃষ্টান্তালঙ্কার হয়"-কাব্যদর্পণ। যথা- "যোগ্যপাত্রে মিলে যোগ্য, সুধা সুরগণ ভোগ্য, অসুরের পরিশ্রম সার, বিকসিত তামরসে, অলি আসি উড়ে বসে, ভেক ভাগ্যে কেবল চীৎকার॥"-প° উ°। এখানে সুরগণ ও অলি, অসুর ও ভেক, পরিশ্রম ও চীৎকার আপাততঃ ভিন্ন ভিন্ন হইলেও পর্য্যালোচনা দ্বারা উহাদের উপমান উপমেয় ভাব জানা যায় এবং উহাদের সাম্য থাকিলেও একরূপতা না থাকায় দৃ° অলঙ্কার হইল। বৈষম্য ভেদে দৃ° যথা-"হেরিলে ও মুখ মম আনন্দ বাড়য়, চন্দ্র না দেখিলে সিন্ধু স্ফীত নাহি হয়"।-কাব্যদর্পণ।

দৃষ্টি [দৃশ্ (দেখা)+তি (ণে), যদ্বারা দেখা যায়, বহু°। গ্রা° দিষ্টি] বি, চক্ষুঃ। ২ [আয়ু°] নেত্রতারা; কৃষ্ণ মণ্ডল pupil of the eye. ("according to opthalmic physicians the black portion of the eye (কৃষ্ণ মণ্ডল) forms $\frac{1}{3}$ part of its whole extent while the দৃষ্টি occupies only $\frac{1}{7}$ part of the krishna mandal") ৩ [+তি (ভা°)] দর্শন; অবলোকন। ৪ জ্ঞান। ~কৃপণ-কৃপণ দ্রঃ। দৃষ্টিক্ষুধা-ক্ষুধা দ্রঃ। "দোক্তা খোরের পান সাজা এমন দৃষ্টি কৃপণের কাজ নহে" ~গোচর [দৃষ্টির গোচর, ৬তৎ] বিণ, নেত্রগোচর; চক্ষুর বিষয়। ~পথ-যতদূর দৃষ্টি যায়; দর্শন গ্রাহ্য দূরত্ব বা দিক্। ~পথারূঢ়-বিণ, নয়নপথবর্ত্তী; চক্ষুর গোচর বা বিষয়ীভূত। ~বিন্দু-বি, খদ্যোৎ। ~পাত-বি, দৃষ্টি নিক্ষেপ। দৃ° করা-চাওয়া; দেখা। ~বিক্ষেপ [দৃষ্টির (চক্ষুর) বিক্ষেপ, ৬তৎ] বি, বক্রদৃষ্টি; কটাক্ষপাত। ~বিজ্ঞান [দৃষ্টিবিষয়ক বিজ্ঞান, ম° প° লো°] বি, আলোক ও দৃষ্টি বিদ্যা; আলোক বিজ্ঞান optics. ~বিষ [দৃষ্টি (দর্শন) আছে বিষ (বিষপূর্ণ) যার, বহু°] বি, সর্পবিঃ। ২ বিণ, বিষদর্শন। ~মণ্ডল-দিঙমণ্ডলের যতদূর দৃষ্টিপথে পতিত হয়।

দৃষ্টে [দৃষ্টি দ্রঃ] ক্রি-বিণ, দৃষ্টিমাত্র। "দৃষ্টে দিব্য দুহিতা দক্ষের হল ঘরে"-শি°। ২ চোখের সামনে; সম্মুখে। "আইস আইস ওরে বাছা উলুক থাক মোর দৃষ্টে।"-শূ°পু°।

দে১ [দেহ > ক্ষে°] বি, শরীর। "যে জন জানয়ে সে যদি না কহে কেমনে ধরিবে দে।"-চণ্ডি°। "সে শিবকে সমর্পিবে সোনা-পারা দে।"-শি°। ২ উপাধিবিঃ। "কেহ কহে মাই ওঝাদে ঝাড়াই রাইয়েরে পেয়েছে ভূতা।"-চণ্ডি°।

দে২ [দেওয়া দ্রঃ। দিয়া > ক্ষে° দে] অস-ক্রি, প্রদান করিয়া; প্রয়োগ করিয়া; সংযোগে; দিয়া। "ঘোমটা দে মাথায়"-বাং-গান। "চড়ান তিজেল তোলো তেল দে খোলায়"-অমৃত°।

দে৩ [সং-দ্বারা > দিয়া > ক্ষে° দে। মাগধী প্রাকৃ° 'তে'] অ, করণ কারক-বিভক্তি instrumental case-ending; দ্বারা। প্র-সাপটাকে কি দিয়ে মারলে? লাঠি দে মারলে। সিঁড়ি না থাকায় মই দে ছাদে গেল।

দেঅর [সং-দেবর >। গ্রা° উচ্চারণে দ্যাওর্] বি, দেবর; স্বামীর কনিষ্ঠ ভ্রাতা।

দেআ১-দেয়া দ্রঃ।

দেআ২ [দেব >] বি, দেবতা। ২ মেঘ। ৩ আকাশ। "কেমন কেমন করে দেআ মাঝদরিয়ায় ভাসবে খেয়া"-কবিরঞ্জন।

দেআ৩ [দেখা > দেআ (খ=অ) প্রাদে°, চ° ক° ভা°] ক্রি, দেখা। দেই১= দেখি। দেইত্ = দেখিত্ = দেখিতে। দেইব=দেখিব।

দেই২ [দেওয়া দ্রঃ। দিয়া > দিয়ে > দেই] অস-ক্রি, দিয়া। "হৃদয়ে শেল দেই গেল।"-বি° প°।

দেই৩ [সং-দেবী > হি°, প্রা° বাং] বি,

দেবী। প্র-"মুকুতাদেই।" "রামদেই"। "মহাদেই"-গোবিন্দ-গীত (বৌদ্ধযুগের বাং)।

দেআড়-বি, নদীতীরস্থ চর ভূমি।

দেআসি [প্রাদে° > প° রাঢ়। দেবোপাসক > দেবোপাসী > দেবাসী > দেআসি] বি, দেবসেবক ; উপাসক ; পূজারী। স্ত্রীং দেআ(য়া)সিনী-দেবসেবিকা ; দেবোপাসিকা ; পূজারিণী। ২ [দেবদাসী > দেআসি, -সিনী] দেবালয়ের নর্ত্তকী ও গায়িকা ; দেবদাসী। "ইহার মধ্যে রামিনী নাম্নেরের গ্রাম্য দেবতা বাসুলীর দেআসিনী নিযুক্তা হইল।" "বাসুলী ও মঙ্গলচণ্ডী এক এবং বৌদ্ধদেবী। আমরা ডোম জাতীয়া স্ত্রীলোককে চণ্ডীর পূজা করিতে দেখিয়াছি, তাহাদিগকেও দেআসিনী বলে। সাল তোড়ার নিত্যার দেআসিনী আছে, শীতলারে আছে-মনসারও আছে।"-শ্রী° কী°, সম্পাদকীয় মন্তব্য (বিদ্বদ্বল্লভ)।

দেইজি, দেইজী [দায়াদ >] বি, সগোত্র ; জ্ঞাতি।

দেউটি, দেউটী [দীপপাত্র > হি° দিয়ট্, ডিয়ট্] বি, প্রদীপ। "আহামরি, সুবর্ণ দেউটী তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি দশ দিশ।"-মেঘ°। "আকাশে দেউটী যেন দুই চক্ষু জ্বলে"-কৃত্তি°। "দেউটী ধরে দানাগণ" -কবিক°। ২ মশাল। "দেউটী ধরেন যবে প্রভু করেন নৃত্য"-চৈ° চ°।

দেউড়ি(ড়ী) [সং-দেঅলী > দেঅড়ী (ল= ড় =ট) > দেউটি,-ড়ি। দেহলী,দেহড়ী ও°। হি° দেউড়ী] বি, প্রধান প্রবেশদ্বার ; দৌবারিক স্থান ; বহির্দ্বার ; সদর দরজা ; ফটক; তোরণ। "দেউড়ী জানিয়া কেহ প্রবেশে বিবরে।"-রা° প্র°। "দুই দলে ঠেলাঠেলি চুলাচুলি গালাগালি বরাতি দেউড়ি(পাঠান্তরে "দেউটি") নাহি ছাড়ে।"-কবিক°। ২ আলোক ; মশাল ; দিয়ড়ী। "বরযাত্র কন্যাযাত্র করে তাড়াতাড়ি। কোন্দল করিয়া পথে নিভায় দেউড়ী॥"-ক্ষেমানন্দ ও কেতকাদাস।

দেউল [সং-দেবকুল। ক্ষে° দেলু (গ্রা°)] বি, মন্দির ; মঠ ; চৈত্য ; দেবালয়। "পূজিনু চামুণ্ডে প্রভু সুবর্ণ দেউলে।"-মেঘ°। "মুহূর্ত্তে তথায় পুনঃ হইল নির্ম্মাণ। সুবর্ণ দে° এক বীর রমণীর॥"-ফুলরেণু। "দে° কৈলা নির্ম্মাণ।"-অ° ম°। "জগন্নাথের দেলু রহি সিংহাসন মাঝে"-চৈ° ভা° [দ্রঃ- স্থাপত্য শিল্পে দে° চারি প্রকার-(১) রেখ দেউল-যে মন্দিরের আসন (ground) চতুরস্র। যে আসনের উপর কিছুদূর খাড়া দেওয়াল উঠিয়া যায়, পরে দেওয়াল ক্রমে ভিতরের দিকে ঝুঁকিয়া পড়ে। অনেকখানি উঠিলে পর চারিদিকের দেওয়ালের মধ্যে ব্যবধানটিকে আড়াআড়ি কয়েকটি চওড়া পাথরের পাট বসাইয়া বন্ধ করিয়া দেওয়া হয়। তাহার উপর মানুষের গলার মত মন্দিরের গলা থাকে। গলার উপর একটি প্রকাণ্ড গোলাকার এবং চেপ্‌টা বস্তু থাকে ; তাহাকে (ওড়িয়া ভাষায়) আঁলা বলে। আঁলার উপরে খর্পরী। তাহার উপরে একটি কলস ও তদুপরি দেবতার আয়ুধ বসান হয়। ইহাই রেখ দেউলের সাধারণ রূপ।-ওড়িষ্যার মন্দির (প্রবাসী, ১৩৩৮, আষাঢ়)। (২) ভদ্র দেউল-ইহার নীচের অংশ রেখ দেউলের মত। কিন্তু দেওয়াল অর্থাৎ সরল ভাবে দণ্ডায়মান অংশ শেষ হইলে মন্দিরটি সু-উচ্চ বংশদণ্ডের মত ঈষৎ বক্রভাবে না হেলিয়া পিরামিডের আকৃতি ধারণ করে। ইহাকে ভদ্র দেউলের গণ্ডী অথবা ভদ্রগণ্ডী বলে। ভদ্রগণ্ডী অনেকগুলি থাক বা পিঢ়ার সমাবেশে রচিত হয়। শাস্ত্রীয় বিধি অনুসারে সর্ব্বোচ্চ পিঢ়াটি দৈর্ঘ্যে ও প্রস্থে সর্ব্বনিম্ন পিঢ়ার অর্দ্ধেক হইয়া থাকে। ইহার উপর ভদ্র গণ্ডীর মস্তক স্থাপিত হয়। (৩) খাখরা দেউল-ইহার আসন আয়ত। ইহা কিছুদূর পর্য্যন্ত রেখগণ্ডীর মত, কিছুদূর আর ভদ্র-গণ্ডীর মতও রচিত হইতে পারে। গণ্ডীর উপর খাখরা নামে একটি বিশিষ্ট আকৃতির বস্তু থাকে। শিল্প শাস্ত্রে খাখরা জাতীয় দেউলের মধ্যে দ্রবিডা, বিরাটি প্রভৃতি কয়েকটি বিশিষ্ট রূপের উল্লেখ আছে। খাখরা দেউল দ্রাবিড মন্দিরের উড়িয়া সংস্করণ। (৪) গৌড়ীয় দেউল-গৌড়ীয় স্থাপত্যরীতিতে রচিত মন্দির। ইহার শীর্ষদেশ বা ছাদ উপুড় করা অর্দ্ধচন্দ্রাকৃতি, বঙ্গদেশে সচরাচর যেরূপ কালীমন্দিরে দৃষ্ট হয়। গৌড়ীয় মন্দির ওড়িষ্যায় বিরল। পুরীতে উত্তর পার্শ্ব মঠের দ্বারে এবং মার্কণ্ডেয় সরোবরের তীরে বর্দ্ধমানের মহারাজা কীর্ত্তিচন্দ্রের জননীর চেষ্টায় নির্ম্মিত একটি মন্দিরে গৌড়ীয় শৈলীর ব্যবহার দেখা যায়।-উড়িষ্যার মন্দির (প্রবাসী, ১৩৩৮, আষাঢ়)] ~দেওয়া-মন্দির নির্ম্মাণ বা প্রতিষ্ঠা করা। ~বসন্ত [প্রাদে°] বি, পুরীর জগন্নাথের মন্দিরে প্রবেশের অধিকার হইতে বঞ্চিত করা রূপ দণ্ড। "কোন সেবক যদি মন্দিরের পুরাতন বা চিরাচরিত নিয়মাবলী না মানিয়া কোনরূপ অসদাচরণ করে, তবে তাহার উপর 'দেউল বসন্ত' শাস্তি দেওয়া যাইতে পারে বা জরিমানা আদায় করা যাইতে পারে। 'দেউল বসন্তের' সময়... ছয় মাসের বেশী হতে পারিবে না"-আ° বাজার পত্রিকা, ১-৪-৩২।

দেউলা১ [দেউল (দ্রঃ) + আ (ইয়া)] বি, মন্দির-পরিচারক। স্ত্রীং ~ণী।

দেউলা২, দেউলিয়া [হি° দিবালিয়া, রূপান্তরে-দিওয়ালা, দেউল, দেউলী, দেউলে, দেওয়ালা (দ্রঃ)] বিণ, নির্ধন ; নিঃস্ব ; গত বা নষ্ট সর্ব্বস্ব।

দেউলী, দেওয়ালী [দীপালী >] বি, দীপাবলী ; দীপদান পর্ব্ববিঃ।

দেউল্যা [সং-দেবল > দেউল + ইয়া। প্রা° বাং] বি, দেবালয়ের অধিপতি, পূজাকারক ; দেবল। "গুরু পণ্ডিত দে° দানপতি।"-শূ° পু°।

দেও১ [দেব >] বি, দেবতা। ২ উপদেবতা। ৩ দৈত্য। ৪ [ব্রাহ্মণের উপাধি অর্থে। স্ত্রীং দেই৩] দেব। "লিখীতং শ্রীমতী অপূর্ব্বা ওলদে নারায়ণ দেও জওজে চান্দ দেও * * *।"

দেও২ [সং-দাতু >] ক্রি, দাও।

দেওন [দান করণ >] বি, দেওয়া ; অর্পণ ; বিতরণ ; দান।

দেওয়া১ [দেয়া দ্রঃ] বি, মেঘ। প্র- "হাড়িয়া কোণে যেন দেওয়া গর্জ্জিল।" -মাণিক° গান। "আসমানেতে কাল মেঘ দেওয়ায় ডাকে ঘন"-পূ° ব° গী°।

দেওয়া২ [দা (দানে) > দেআ, দেয়া, দেওয়া। উ° পু°-দি, দিই, দেই ; ম° পু°-

দাও, দেও. ম৹বাং-দেহ, প্রা৹বাং-দেহ (দেন, দিস ; অনুজ্ঞা-দিন, দিউন, দেউন ; দে) ; প্র৹ পু৹-দেয় (দেন) ; দিতে ; দিয়া (গ্রা৹ দিয়ে, ক্ষে৹ দে)। ণিজন্ত-দেওয়ান। শ্রী৹কী৹ দ্রঃ-'দে'=দাও। 'দেই'= দিয়া। 'দেউ'=দিউক। ২ দিই। "দেএ" =দেয়। ২ দিতে লাগিল। 'দেও'=দিই। 'দেহি'=দেয়। 'দেন্তু'=দিউক। 'দেয়ি'= দেয়। 'দেসি',-'সী'=দিতেছিস] ক্রি, দান করা। ২ সংযুক্ত করা; রাখা। প্র-নাম দেওয়া। ৩ বিসর্জ্জন করা। প্র-প্রাণ দেওয়া। ৪ যোগান। প্র-আহার দেওয়া। ভাত কাপড় দেওয়া। ৫ ন্যস্ত করা। প্র-ভার দেওয়া। ৬ প্রতিশ্রুতি দান করা। প্র-কথা দেওয়া। ৭ প্রতিষ্ঠা করা। প্র-অন্নসত্র দেওয়া। দেউল দেওয়া। ৮ গাঁথিয়া তোলা; গ্রথিত করা; নির্ম্মাণ করা। প্র-পাঁচিল দেওয়া। বেড়া দেওয়া। ৯ আস্বাদন; জন্মান। প্র-গাছ পালা দেওয়া। ১০ প্রয়োগ করা। প্র-ঔষধ দেওয়া। দৃষ্টান্ত দেওয়া। ১১ লাগান; স্পর্শ করা। প্র-হাত দেওয়া। পা দেওয়া। মুখ দেওয়া। ১২ করা। প্র-প্রহার দেওয়া। আঘাত দেওয়া। ১৩ স্থাপন করা; রাখা। প্র-ঠেস দেওয়া। ভর দেওয়া। ১৪ লেখা। প্র-ঠিকানা দেওয়া। তারিখ দেওয়া। ১৫ অঙ্গে ধারণ করা; পরিধান করা। প্র-টুপি মাথায় দেওয়া। জামা গায় দেওয়া। বালা হাতে দেওয়া। হার গলায় দেওয়া। ১৬ ধরা; উপরে ধারণ করা। প্র-মাথায় ছাতা দেওয়া। ১৭ ফেলা; নিক্ষেপ করা। প্র-জলে দেওয়া; গঙ্গায় দেওয়া। ১৮ প্রবেশ করান। প্র-গলায় আঙ্গুল দেওয়া। ১৯ সম্প্রদান করা। প্র-মেয়ে দেওয়া। ২০ কার্য্য সম্পাদন করা। প্র-বিবাহ দেওয়া; পূজা দেওয়া। ২১ নিযুক্ত করা; ভর্ত্তি করা। প্র-কাজে দেওয়া। অফিসে দেওয়া। স্কুলে দেওয়া। ২২ নিবেদন করা; উৎসর্গ করা। প্র-বলি দেওয়া। ২৩ ত্যাগ করা; ছাড়া। প্র-ডাক দেওয়া। লম্ফ দেওয়া। ২৪ স্থাপন করা। প্র-পথে কাঁটা দেওয়া। ২৫ অঙ্কিত করা; দাগ কাটা। প্র-গণ্ডি দেওয়া। আঁচড় দেওয়া। ২৬ অসমাপিকা ক্রিয়ার সমাপন বোধক ক্রিয়া। প্র-বলিয়া দেওয়া। চালাইয়া দেওয়া। ২৭ মিলিত করা; মিলান। প্র-সুর দেওয়া। ২৮ বদ্ধ করা; আটকান। প্র-খিল দেওয়া। শিকল দেওয়া। ২৯ সেচন করা। প্র-গাছে জল দেওয়া। ৩০ ঘর্ষণ করা; লাগান। প্র-ঝাড়ু দেওয়া। ৩১ রাখা। প্র-ফাঁক দেওয়া। ৩২ সন্নিবিষ্ট করা। প্র-দাঁড়ী দেওয়া। কমা দেওয়া। ৩৩ উৎপাদন করা। প্র-ধুঁয়া দেওয়া। ৩৪ জ্বালান। প্র-উনানে আগুন দেওয়া। ধুনা দেওয়া। ৩৫ ঘটান। প্র-বাধা দেওয়া। ৩৬ ফুটান; ফলান। প্র-ছবিতে রং দেওয়া। ৩৭ মারা। প্র-থাবড়া দেওয়া। ঘুসো দেওয়া। ৩৮ [ফেলা, বসা দ্রঃ] মূল ক্রিয়ার সম্পাদন ও সমাপ্তিবোধক, অন্যের জন্য বা তৎকার্য্য করিয়া দেখানর ইঙ্গিত দ্যোতক অঙ্গ পূরক পদ। তুল-হিং চুকনা, ইং-up. যথা-'টাকাটা তাকে দিয়ে দিয়েছে'-এখানে দিয়ে দিয়েছে=হিং দে চুকা=ইং-paid up. সাধা৹ কেটে দে৹= কাটা; কষে দে৹=কষা; গুণে দে৹=গোনা; চেখে দে৹=চাখা। এইরূপ ছিড়ে, ছুঁড়ে, জ্বলে, ঠেলে, ঠেসে, ঢেলে, তুলে, পিটে, পিষে, পেড়ে, পেতে, ফিলে, চলে, বুনে, ভেঙ্গে, ভেরে, মেখে, মেড়ে, মলে, মট্‌কে, রেঁধে, সেরে ইং দেওয়া=ছেড়া, ছোঁড়া ই৹। এইরূপ-জ্বালা, ঠেলা, ঠেসা, ঢালা, তুলা, পিটা, পিষা, পাতা, ফেলা, বলা, বুনা, ভাঙ্গা, ভারা, মাখা, মাড়া, মলা, মটকান, রাঁধা, সারা, ই৹। ৩৯ প্রসারিত করা; মেলিয়া দেওয়া। প্র-ভিজা কাপড়গুলা রোদে দাও। [ব্রজ৹] দেওবি-দিবে। "অপরে পরাণ বাঁটিয়া দেওবি বাহিরে চাহিবিপর।"-চণ্ডি৹। দেয়ব-দিব। "তুয়াগুণে দেয়ব আনি"-বি৹ প৹। দেয়ল, দেয়লহি-দিল। "নিবাসে বাসে পুন দেওয়ল সোই।"-বি৹ প৹। "দেয়লহি আলিঙ্গন ভুজযুগ চাপি।"-ঐ। দেয়লুঁ-দিলাম। "দেব যার বশ, মিছা অপযশ, না বুঝি দেয়লুঁ তারে।"-কবিশেখর। দেয়সি-দিতেছ; দাও। "আসিয়া বসন্তকালে বসিয়া তমাল ডালে প্রতিদিন দেয়সী যন্ত্রণা।" -কবিক৹। দেল, দেলা-দিল। "রভসে আপন জীউ পর হাতে দেলা,"-বি৹ প৹।

দিউকনা, দিকনা-ক্রি, ১ম পু৹, অনুজ্ঞা, দিক; দান করুক। ২ যদি দেয়; দিলে। ৩ যাতে না দেয় তজ্জন্য সতর্ক বাণী। প্র-দিক না দেখি। দিতে-দিবার জন্য। প্র-দিতে যাইতেছে। ২ দেওয়া হলে; দিলে। প্র-দিতে দোষ কি? দিতে আছে-দিতে হয়; দেওয়া কর্ত্তব্য। দিতে নাই-দিবার মত সংস্থান নাই। কাকেও হাত তুলে দিতে একটি পয়সাও নাই। ২ দেওয়া দোষ; দেওয়া অনুচিত। প্র-খর রৌদ্রে চারা গাছে জল দিতে নাই। ছেলেদের অমন করে গাল দিতে নাই। দিয়েছে, দিয়ে দিয়েছে-(অতীত পক্ষে) প্রদান করা হইয়াছে। ২ (অচির অতীত ও ভবিষ্যৎ পক্ষে, ব্যঙ্গ্যে, নঞ অর্থক) দেয় নাই। ৩ দিবে না। দিলে১-দিয়ে দিলে। ২ [কথ্য। ব্যঙ্গ্যে বিপরীতার্থে] দিবে না। প্র-দিলে আর কি। দিলে২-যদি দেয়। দিলেও-যদিও বা যদ্যপি দেয়; যদি বা দেয়। দেওয়া-নেওয়া-বি, দান ও গ্রহণ; আদান প্রদান; লেন-দেন give & take. প্র-"আমরাও তাদের কাছে থেকে নেব, তারাও আমাদের কাছে থেকে নেবে। এই দেওয়া নেওয়া ব্যাপারে রবীন্দ্রনাথ এ যাত্রায় বিদেশীর কাছে জয়মাল্য পেয়েছিলেন"-ছেলেদের রবীন্দ্রনাথ। "দিবে আর নিবে, মিলাবে মিলিবে যাবে না ফিরে"-রবী৹। আক্কেল দেওয়া [আক্কেল দ্রঃ] ক্রি, বুদ্ধি দেওয়া। ২ শিক্ষা দেওয়া; জ্ঞান জন্মান। আঙ্গুল দেওয়া-ক্রি, স্পর্শ করা। আর্জ্জি(র্জ্জী) দেওয়া-ক্রি, আবেদন করা; দরখাস্ত করা। আলো দেওয়া-ক্রি, দীপ জ্বালা। আশা দেওয়া-ক্রি, ভরসা দেওয়া। ২ প্রতিশ্রুতি দান করা। কপাট দেওয়া-ক্রি, দ্বার বন্ধ করা। কর দেওয়া-কর দ্রঃ। করে দেওয়া-ক্রি, অন্যের জন্য বা অপরের হইয়া তার সাহায্যার্থ কোন কিছু সম্পাদন করা। ক'ষে দেওয়া-ক্রি, কষা। ২ অন্যের জন্য গণনা করা। কাঁচ দেওয়া১-ক্রি, কাঁচ লাগান। কাঁচ-দেওয়া২, -দেয়া-বিণ, শিশাদার; কাঁচ নির্ম্মিত। কাজ

দেওয়া-ক্রি, কাজে লাগা ; উপকারে আসা ; কার্য্য উদ্ধার করিয়া দেওয়া। ২ কর্ম্মে নিযুক্ত করা। কাঁথ দেওয়া-ক্রি, দেওয়াল তোলা। কাঁধ দেওয়া-ক্রি, শবদেহ কাঁধে করা ; শব বহনে সাহায্য করা। ২ সহযোগিতা করা ; পরিশ্রমের কার্য্যে হামরাই হওয়া। কাণ দেওয়া-ক্রি, শুনা ; মনযোগ দেওয়া। কামড় দেওয়া-ক্রি, কামড়ান ; দন্তাঘাত করা। ২ পাওনার দাবি করা। ৩ সুযোগ বুঝিয়া বেগ দেওয়া, অধিকার দাবী করা বা বাধ্য করা। কিনে দেওয়া-ক্রি, অন্যের জন্য ক্রয় করা। কুটে দেওয়া-ক্রি, অন্যের হইয়া কুটা। ২ প্রহারে জর্জ্জরিত করা। কোদাল দেওয়া-ক্রি, কোদাল দিয়া কোপান ; মাটি কোপান। কোপ দেওয়া-ক্রি, চোপ দেওয়া ; অস্ত্রধার দিয়া আঘাত করা ; কোপান। কোর দেওয়া-ক্রি, সূত্র-বস্ত্রাদিতে মাড় বা রঙ্‌ ধরান। কোল দেওয়া-ক্রি, ক্রোড়ে ধারণ করা ; আলিঙ্গন করা। ২ আদর দেওয়া। গলায় দেওয়া-ক্রি, কণ্ঠে ধারণ করা। ২ গলাধঃকরণ করা। ৩ ভারার্পণ করা। গলায় দিড়ী দেওয়া-ক্রি, গলায় ফাঁসি দিয়া মরা। গাল, (-লি, -লী) দেওয়া-ক্রি, গালাগালি করা ; কটু বা কুৎসিত ভাষায় নিন্দা করা। ঘঁর দেওয়া-ক্রি, আশ্রয় দান করা ; স্থান দেওয়া। ঘাম দেওয়া-ক্রি, ঘর্ম্ম-নিঃসৃত হওয়া ; ঘাম ছাড়া। ঘুম দেওয়া-ক্রি, নিদ্রা যাওয়া। ঘুষ দেওয়া-ক্রি, উৎকোচ দান করা। ঘুষি দেওয়া-ক্রি, মুষ্ট্যাঘাত করা ; ঘুষি মারা। চিঠি দেওয়া-ক্রি, পত্র লিখা ; চিঠি পাঠান। চোখ দেওয়া-ক্রি, নজর দেওয়া ; তীব্র বা খর দৃষ্টি করা ; কু বা প্রতিকূল দৃষ্টি করা। ২ হিংসা করা ; খোঁড়া। চোখে ঠুলি দেওয়া-ক্রি, চক্ষু আবৃত করা ; চোখ বোজা ; না দেখা। ২ উপেক্ষা করা ; দৃষ্টি এড়ান। চোখে ধূলা দেওয়া-ক্রি, প্রবঞ্চনা করা ; ঠকান। ছাড় দেওয়া-ক্রি, উপেক্ষা করা ; দোষ দেখিয়াও দোষ না ধরা। ২ ক্ষমা করা। ছাপ দেওয়া-ক্রি, চিহ্নিত করা ; ছেপ্‌ত করা। ২ ধারণা বদ্ধমূল করা ; চিত্তে সংস্কার বা ভাবাদির গভীর রেখা অঙ্কিত করা। ৩ মুদ্রণ করা print. ছেড়ে দেওয়া-ক্রি, মুক্তি দান করা। ২ সংস্রব ত্যাগ করা। ৩ অভ্যাস বর্জ্জন করা। ৪ হস্তচ্যুত করা। ছোপ দেওয়া-ক্রি, অঙ্কিত বা রঞ্জিত করা ; তুলি বা বুরুশ দিয়া রঙের দাগ করা। জঁল দেওয়া-ক্রি, জল দ্রঃ। জঁলে দেওয়া-ক্রি, নষ্ট করা ; ক্ষতি করা ; পণ্ড করা ; বৃথা হওয়া। জাগ দেওয়া-ক্রি, কৃত্রিম উপায়ে পাকান ; পত্রাদির উত্তাপ দিয়া পরিণত করা। জাত দেওয়া-ক্রি, জাত ছাড়া ; জাতি ত্যাগ করা ; জাতি অস্বীকার করা ও জাত্যন্তর গ্রহণ করা ; জাত খোয়ান। জিব দেওয়া-ক্রি, জিহ্বাদ্বারা স্পর্শ করা ; জিহ্বাগ্র প্রবেশ করান। ২ এঁটো করা। জিবে দেওয়া-ক্রি, আস্বাদন করা। ২ পান বা আহার করা। প্র-এখনও এক ফোঁটা জল জিবে দেয়নি। জেল (জেলে) দেওয়া, জেল ঠুকে দেওয়া-বি, জেল খাটান ; বিচারক কর্ত্তৃক কারাবাস দণ্ড দেওয়া। জ্বাল দেওয়া-ক্রি, আগুণের উত্তাপ দেওয়া ; আগুণে সিদ্ধ করা। ২ আগুণ করা ; আঁচ দেওয়া ; প্রজ্বলনের জন্য ইন্ধন প্রদান করা। জ্বালা দেওয়া-ক্রি, দগ্ধ হইবার যন্ত্রণা হওয়া। জ্বেলে দেওয়া-আগুণ ধরান ; দীপ্ত করা। ঝাল দেওয়া-ঝাল দ্রঃ। ঝিলিক দেওয়া-ক্রি, ঝিক্‌মিক্‌ করিয়া আলোক বিকিরণ করা। ২ বিদ্যুতাদির ন্যায় চমকান। ঝুলিয়ে দেওয়া-ক্রি, ঝুলান। ঝেড়ে দেওয়া-ক্রি, ঝাড়ু দ্বারা পরিষ্কার করা। ২ ঝাড় মারা। প্র-তাকে ওকথা বল্লে এখুনি বিষ ঝেড়ে দিত। ৩ ঝাড় ফুঁক করা। ঝেলে দেওয়া-ঝালা দ্রঃ। ঠকিয়ে দেওয়া-ক্রি, ঠকান। ২ পরাজিত করা ; হারান। ঠুকরে দেওয়া-ক্রি, উসকাইয়া দেওয়া। ২ ঠোকর মারা। ঠুকে দেওয়া-ক্রি, প্রহার করা। "খেংরা দেখে ঠুকে"-হেম°। ২ আঘাত দ্বারা বসাইয়া দেওয়া। প্র-পেরেক ঠুকে দেওয়া। ৩ ঘা দেওয়া। ৪ দণ্ডস্বরূপ বিধান করা। প্র-জেল ঠুকে দেওয়া। তুরুম ঠুকে দেওয়া। ঠেলে দেওয়া-ক্রি, ঠেলা। ২ অবহেলা করা। ৩ অপসারিত করা ; পৃথক্‌ করা। ৪ যাবতীয় সংস্রব বন্ধ করা ; ত্যাগ করা। ঠেসে দেওয়া-ক্রি, এমন ভাবে চেপে দেওয়া যে ফাঁক না থাকে। ডাঁড়ী দেওয়া-দাঁড়ী দ্রঃ। ডাক দেওয়া-ক্রি, ডাকা ; ডাক ছাড়া। ডালী দেওয়া-উপহার দেওয়া। ডেকে দেওয়া-ক্রি, কেহ ডাকিতেছে এই সংবাদ দিয়া আগন্তুকের নিকট পাঠান বা সাক্ষাৎ করিতে বলা। ঢাকা দেওয়া-ক্রি, আবরণ করা। ঢিপুনি দেওয়া-বি, ঢিপ্‌ ঢিপ্‌ করিয়া কিল মারা ; প্রহার দেওয়া। ঢিলা দেওয়া-ক্রি, আলগা করা ; শিথিল করা। ঢু দেওয়া-ক্রি, শিং বা মাথায় গুঁতা দেওয়া। ঢেউ দেওয়া-ক্রি, জলে আঘাত বা ধাক্কা দিয়া তরঙ্গ তোলা। ঢঁকা দেওয়া, ঢঁসা দেওয়া-ক্রি, ধাক্কা দেওয়া ; ঢু মারা। ঢেকে দেওয়া-আচ্ছাদন করা ; আবরণ করা। ঢেলে দেওয়া-ক্রি, ঢালা দ্রঃ। ঢ্যাঁড়া, ঢ্যাঁটরা দেওয়া [ঢেঁটরা দ্রঃ] ঢাক বাদ্য সহ প্রচার করা। ঢ্যারা (ঢঁরা) দেওয়া-ক্রি, × এইরূপ চিহ্ন অঙ্কিত করা। ২ ঐরূপ চিহ্ন দিয়া বিশেষিত বা পৃথক্‌ করা। তা দেওয়া-ক্রি, তাপ দেওয়া ; ডিম ফুটাইবার মত দৈহিক উত্তাপ দিবার জন্য ডিমের উপর বসা। তাই দেওয়া [তালী > প্রাকৃ° তাই] ক্রি, করতালী শব্দ করা। তাপ দেওয়া-ক্রি, উত্তাপ প্রয়োগ করা। তাল দেওয়া-ক্রি, তাল দ্রঃ। তালা দেওয়া-কুলুপে চাবি দিয়া বন্ধ করা। তালাক দেওয়া-তালাক দ্রঃ। তালী দেওয়া-ক্রি, করতালী দেওয়া। ২ ছিন্ন বস্ত্রের ফাঁক বস্ত্রখণ্ড দিয়া বন্ধ করা ; ছিদ্ররোধ করা। তুড়ি দেওয়া-তুড়ি দ্রঃ। তুড়িয়া (তুড়ে) দেওয়া-ক্রি,

তিরস্কার করা ; বিলক্ষণ করিয়া কটু কাটব্য শুনান। তেল দেওয়া-ক্রি, অবলীলা-ক্রমে পরিচালনের জন্য যন্ত্রপাতিতে তৈল প্রয়োগ করা। ২ তোষামোদ করা। ত্যাগ দেওয়া-ক্রি, বর্জ্জন করা ; ত্যাগ করা। থঁর দেওয়া, থাক দেওয়া [স্তর > থর] শ্রেণী বিভাগ করিয়া রাখা ; স্তরে স্তরে সাজান। থাপ্পড়, থাবড়া দেওয়া-চপেটাঘাত করা। থুতু দেওয়া -ক্রি, থুতু ফেলা (কোন কিছুর উপর) নিষ্ঠীবন ত্যাগ করা। ২ লজ্জা দেওয়া ; নিন্দা করা। থেবড়ে দেওয়া-ক্রি, জোর করিয়া পায়ু ঠুকিয়া উপবেশন করিতে বাধ্য করা। দাঁত দেওয়া-ক্রি, দাঁত বসান; কামড়ান। দাঁতি দেওয়া-ক্রি, দাঁত কপাটী লাগা। দাঁতে দেওয়া-ক্রি, চর্ব্বন করা ; খাওয়া। দাঁতে দিড়ী দেওয়া-ক্রি, নির্জ্জলা উপবাস করা। দাঁতের বাড়ি দেওয়া -ক্রি, দন্তে দন্তে ঘর্ষণ করিয়া অভিশাপ দেওয়া। ২ তিরস্কার করা ; গালি দেওয়া। দঁখল দেওয়া-ক্রি, অধিকার ছাড়িয়া দেওয়া। দঁণ্ড দেওয়া-ক্রি, সাজা দেওয়া; শাস্তি বিধান করা। দঁণ্ডী দেওয়া -ক্রি, দণ্ডী দ্রঃ। দঁম দেওয়া-দম দ্রঃ। দঁর দেওয়া-ক্রি, বিক্রেয় মূল্য বলা : যে দরে ছাড়িবে তা প্রকাশ করা। দঁরিজা দেওয়া-ক্রি, দ্বার বন্ধ করা। দাগ দেওয়া-ক্রি, চিহ্ন করা। দাগা দেওয়া-ক্রি, প্রবঞ্চনা করা। দাদন দেওয়া-ক্রি, আগাম দেওয়া ; পারিশ্রমিক বা মূল্য পূর্ব্বে দিয়া রাখিয়া পণ্য আদায়ের অধিকার লাভ করা। দানা দেওয়া -ক্রি, অশ্বাদিকে চণকাদি খাদ্য দান করা। দাবড়ি দেওয়া-ক্রি, ধমকান ; ভৎর্সনা করা। দাম দেওয়া-ক্রি, মূল্য চুকান ; প্রাপ্য মিটান। দালান দেওয়া [প্রাদে॰] ক্রি, কোঠাবাড়ী করা। দিঠি, দৃষ্টি দেওয়া-ক্রি, নজর দেওয়া; অমঙ্গলজনক খর নজর দেওয়া। দিন দেওয়া-ক্রি, দিন স্থির করিয়া বলা ; কোন নির্দ্দিষ্ট দিনে কোন কিছু করা হ'বে

তার প্রতিশ্রুতি দান করা। দিব্য, দিব্যি দেওয়া-ক্রি, উক্তি মিথ্যা নহে বা উক্তির অন্যথা হইবে না এই নিশ্চয়ার্থে ঈশ্বরের বা ইষ্টদেবের নাম লইয়া শপথ করা। দুও দেওয়া-ক্রি, পরাজয়ের জন্য "দুয়ো, দুয়ো" বা "দুয়ো হেরে গেল" এই বলিয়া লজ্জা দেওয়া। দুঃখ দেওয়া-ক্রি, কষ্ট দেওয়া ; নির্জ্জাতন করা। দুধ দেওয়া-ক্রি, দুগ্ধ দান করা। ২ দুগ্ধ পান করান। দেউল দেওয়া-ক্রি, মন্দির প্রতিষ্ঠা করা। দেখা দেওয়া-ক্রি, হাজির হওয়া ; সম্মুখে আসা ও দৃষ্টি গোচর হওয়া। দেখে দেওয়া-ক্রি, অন্যের হইয়া বা সাহায্যার্থ কোন কিছু নির্ভুল বা নিখুঁত হইয়াছে কিনা পরীক্ষা করা ও দোষ-গুণ দেখান বা সংশোধন করা। দোআ, দেয়া, দেওয়া-দোয়া দ্রঃ। দোকান দেওয়া-ক্রি, দোকান লাগান। দোকান দ্রঃ। দোর দেওয়া, দুয়োর দেওয়া-ক্রি, দ্বার বন্ধ করা। দোল দেওয়া-ক্রি, দোলানো। দোষ দেওয়া-ক্রি, অপরাধে জড়িত করা ; দুষী করা। ধাঁধা দেওয়া -ধাঁধা দ্রঃ। ধঁন্না দেওয়া-ধন্না দ্রঃ। ধঁমক দেওয়া-ক্রি, ধমকান। ধরা দেওয়া -ধরা দ্রঃ। ধাক্কা দেওয়া -ক্রি, জোরে হঠাৎ ঠেলিয়া দেওয়া। ধাপ্পা দেওয়া-ধাপ্পা দ্রঃ। ধার দেওয়া [ধার দ্রঃ] টাকা সুদে খাটান; প্রত্যর্পণ করিয়া প্রতিশ্রুতিতে কোন কিছু অন্যকে প্রদান করা। ধিক্কার দেওয়া-ক্রি, ধিক্ ধিক্ বলিয়া ভৎর্সনা করা বা লজ্জা দেওয়া। ধূনা দেওয়া-ধূনা জ্বালাইয়া ধূম দান করা। ধুনিয়া (ধুনে) দেওয়া -ক্রি, তুলা ধুনার মত করা। ২ প্রহারে অঙ্গের প্রত্যেক অংশ পৃথক্ পৃথক্ করা ; অত্যন্ত প্রহার করা। ধূপ দেওয়া -ক্রি, ধূপ জ্বালান। ধূম, ধুঁয়া, ধোঁয়া দেওয়া -ক্রি, ধূম প্রয়োগ করা। ধোপ দেওয়া-ক্রি, ধোপদস্ত করা ; ধৌত করণ ; ধোপার বাড়ীতে বস্ত্রাদি ধৌত করা। ধ্যান দেওয়া-ক্রি, অবধান করা ; মনঃসংযোগ করিয়া

শ্রবণ করা। নাই দেওয়া [সং-স্নেহ > নেহ > নাই] ক্রি, অতিরিক্ত স্নেহ করা ; আসকারা দেওয়া ; স্নেহের বশে দোষ এমন ভাবে উপেক্ষা করা যে দোষ ক্রমে বদ্ধমূল হয় ও বৃদ্ধিপায়। নাক দেওয়া-ক্রি, নাসিকাস্পর্শে ঘ্রাণ লওয়া। নাচ দেওয়া-ক্রি, নাচের মজলিস আহ্বান করিয়া নর্ত্তক নর্ত্তকীর নৃত্য দর্শন ও প্রদর্শন করা। নাড়া দেওয়া-ক্রি, নাড়ান; ঝাঁকরা দেওয়া। নাম দেওয়া-ক্রি, নাম বলা ; নাম লিখান। নিঃশ্বাস দেওয়া-ক্রি, কোন কিছুর উপর শ্বাস ত্যাগ করা। গায়ের উপর নিঃশ্বাস ফেলা। নীল দেওয়া-ক্রি, নীল রঙ মিশ্রিত করা ; নীলবর্ণ লেপন করা। নুন দেওয়া-ক্রি, ব্যঞ্জনাদিতে লবণ মিশ্রিত করা। নেতা দেওয়া-ক্রি, বস্ত্র-খণ্ড গোময়াদি জলে ভিজাইয়া লেপন করা। নোল দেওয়া-ক্রি, সূত্রাদির টান ঢিলা করা। পঁণ দেওয়া-পঁণ দ্রঃ। পঁথ দেওয়া-ক্রি, পথ ছাড়িয়া দেওয়া ; পথ রোধ না করা। পঁয়ে আকার দেওয়া-ক্রি, পলায়ণ করা ; অজ্ঞাতসারে প্রস্থান করা। পিরীক্ষা দেওয়া-পরীক্ষা দ্রঃ। পা দেওয়া-ক্রি, পদস্পর্শ করা ; পা দিয়া ছোঁয়া। ২ পদার্পণ করা ; স্বয়ং উপস্থিত হওয়া। ৩ পা রাখা। "সে কভু দিলে না পদ তরণীর অঙ্গে।"-বঙ্কিম॰। পায়ের ধূলা দেওয়া-ক্রি, পদধূলি দান করা। ২ পদধূলি সহ আশীর্ব্বাদ করা। পাঁতি দেওয়া-ক্রি, স্মৃতির ব্যবস্থা দান করা। পাক দেওয়া-ক্রি, পাকান ; মুচড়ান। পাড়ি দেওয়া-পার হওয়া ; উত্তীর্ণ হওয়া। পাল দেওয়া-পাল দ্রঃ। পাল্লা দেওয়া-ক্রি, প্রতিযোগিতা করা। পাশ দেওয়া-ক্রি, পাশ ফিরিয়া বা ঈষৎ সরিয়া যাতায়াতের স্থান ছাড়িয়া দেওয়া। ২ [তাস খেলায়] বেরঙ্ তাস ফেলা। পিট্টান দেওয়া-ক্রি, প্রস্থান করা ; পলায়ন করা ; দৌড়িয়া পালান। পিঠ দেওয়া-ক্রি, পিঠ পাতা ; পিঠ পাতিয়া প্রহার সহ্য করা। ২ পলায়ন করা। পৈঁচ দেওয়া-ক্রি, পাক দেওয়া। ২

জটিল করা ; কুপরামর্শ দিয়া কুটিলতা বর্দ্ধিত করা। পেটে দেওয়া-ক্রি, ভোজন করা ; পেট ভরান। ফাঁক দেওয়া-ক্রি, অবকাশ দান করা ; মাঝে মাঝে ব্যবধান রাখা। ২ লঙ্ঘন করা। ফাঁকি দেওয়া -ক্রি, বঞ্চিত করা ; ঠকান। ফাঁস দেওয়া -ফাঁস দ্রঃ। ফাঁসাইয়া (ফাঁসিয়ে) দেওয়া-ক্রি, কুম্ভাদি ভাঙ্গা। ২ পণ্ড করা ; ব্যর্থ করা। ফাঁসী দেওয়া -ক্রি, উদ্বন্ধনে প্রাণত্যাগ করিতে বাধ্য করা। ফাটাইয়া দেওয়া-ফাটান দ্রঃ। ফালা দেওয়া-ক্রি, বড় বড় ফালির আকারে চেরা ; বস্ত্রাদি ফাটাইয়া ফেলা বা ছেঁড়া। ফুঁ দেওয়া-ক্রি, ফুৎকার করা ; মুখমারুত দিয়া জ্বালার উপশম করা। ফুঁকা দেওয়া-ক্রি, বংশাদির চোঙ্গের ভিতর দিয়া মুখমারুত ত্যাগ করা। ফুঁকিয়া (ফুঁকে) দেওয়া -ক্রি, উড়াইয়া দেওয়া ; নষ্ট করা। ফুটাইয়া (ফুটিয়ে) দেওয়া-ক্রি, বিদ্ধ করা। ২ উন্মীলিত করা। প্র-চক্ষু ফুটাইয়া দেওয়া। ফুলাইয়া দেওয়া -ক্রি, স্ফীত করান। ফের দেওয়া-ক্রি, ফের দ্রঃ। ফেরতা দেওয়া-ফেরতা দ্রঃ। ফোঁটা দেওয়া-ফোঁটা দ্রঃ। বড়ী দেওয়া-ক্রি, উপকরণ মিশ্রিত দাইল বাটিয়া ফেনাইয়া বটিকার আকারে বস্ত্রের উপর সাজাইয়া রৌদ্রে শুষ্ক করিতে দেওয়া। বদল দেওয়া-ক্রি, পরিবর্ত্তন করা। বদলা দেওয়া-ক্রি, প্রতিশোধ লওয়া। বন্ধ দেওয়া-ক্রি, লঙ্ঘন করা ; স্থগিত রাখা। বন্ধক (বাঁধা) দেওয়া-ক্রি, বন্ধক দ্রঃ। বর দেওয়া [বর দ্রঃ] আশীর্ব্বাদ করা। বরাত দেওয়া-ক্রি, কর্ম্মের ভার অন্যের উপর ন্যস্ত করা। বলি দেওয়া-ক্রি, বলিদান করা। বাঁশ দেওয়া-বাঁশ দ্রঃ। বাগড়া দেওয়া-ক্রি, ব্যাঘাত বা বিঘ্ন উৎপাদন করা। প্রশ্নের উত্তর দান করিয়া শিক্ষা ও জ্ঞানের পরিচয় দেওয়া। বাচ্ছা দেওয়া-ক্রি, পশ্বাদির সন্তান প্রসব করা। বাতাস দেওয়া-ক্রি, হাওয়া করা। বাধা দেওয়া-ক্রি, প্রতিবন্ধক উপস্থিত করা। বাবু দেওয়া-চাপাঠিলি খাইয়া বসা ; বাবুর মত সুষ্ঠু ভাবে পা মুড়িয়া বসা। বার দেওয়া-বার দ্রঃ। বাহার দেওয়া-ক্রি, সুন্দর দেখাইবার জন্য সাজ সজ্জা করা ; বাহ্য সৌন্দর্য্য প্রকাশ করা। বিছুটী দেওয়া, জল বিছুটী দেওয়া-ক্রি, বিছাতি বা উহা জলে ডুবাইয়া প্রহার করা। বিদায় দেওয়া-বিদায় দ্রঃ। বিধান দেওয়া-ক্রি, অনুষ্ঠানের নিয়ম বা ব্যবস্থা বলিয়া দেওয়া। বুক দেওয়া, বুক দিয়া পড়া-ক্রি, সহৃদয়তা করা ; সর্ব্বান্তঃকরণে সাহায্য করা। বুদ্ধি দেওয়া-ক্রি, আক্কেল দেওয়া। বেগ দেওয়া-ক্রি, ক্লেশ দান করা ; চাপ দেওয়া। বেগার দেওয়া-ক্রি, বাধ্য হইয়া বা অনুরোধের বশে বিনা পারিশ্রমিকে কাজ করা। বেড় দেওয়া-ক্রি, বেষ্টন করা। বেড়া দেওয়া-ক্রি, ঘেরা। বেড়ী দেওয়া-ক্রি, চোরের পায়ে শৃঙ্খল পরান। বেত দেওয়া-ক্রি, বেত্রাঘাত করা ; বেত মারা। ভর দেওয়া-ভর দ্রঃ। ভাগ দেওয়া-ভাগ দ্রঃ। ভাত দেওয়া-ক্রি, অন্নপ্রাশন সংস্কারার্থে শিশুর মুখে প্রথম অন্ন স্পর্শ করান। ভাত কাপড় দেওয়া-ক্রি, অশন বসন দ্বারা পালন করা ; ভরণ পোষণ করা ; অন্নবস্ত্র যোগান। ভাতে দেওয়া-ক্রি, সিদ্ধ হইবার জন্য ফুটন্ত ভাতে ছাড়িয়া দেওয়া। প্র-আলু ভাতে দেওয়া। ভার দেওয়া-ভার দ্রঃ। ভোজ দেওয়া-ভোজ দ্রঃ। ভোট দেওয়া-ভোট দ্রঃ। মন দেওয়া-মনঃ-সংযোগ করা ; চিত্তনিবেশ করা। মাথা দেওয়া-ক্রি, প্রাণ বিসর্জ্জন করা ; মাথা কাটিতে দেওয়া ; প্রাণ দেওয়া। মান দেওয়া-ক্রি, সম্মান দান করা ; সম্মানিত করা। মুখ দেওয়া-ক্রি, উচ্ছিষ্ট করা। মুখে দেওয়া-ক্রি, খাওয়া। মুখে জল দেওয়া-ক্রি, জল গ্রহণ করা। ২ মুমূর্ষুর মুখে গঙ্গাজল দেওয়া। মুক্তি দেওয়া-ক্রি, বন্ধন মুক্ত করা ; স্বাধীনতা দান করা। মুড়ি দেওয়া-ক্রি, আপাদমস্তক ঢাকা দেওয়া বা আবৃত করা। মুষড়ে দেওয়া -ক্রি, সঙ্কুচিত করা ; শুকাইয়া দেওয়া। মেখে দেওয়া-ক্রি, চটকান। ম্রক্ষণ দ্রঃ। মেড়ে দেওয়া [মর্দ্দন দ্রঃ] ক্রি, পিষ্ট করা। মোচড় দেওয়া-ক্রি, মুচড়ান। মোচড় দ্রঃ। যক দেওয়া-যক দ্রঃ। রং, রঙ্, রঙ্গ দেওয়া-ক্রি, রঞ্জিত করা ; রঙ্গ মিশ্রিত করা। রূপ দেওয়া-ক্রি, মূর্ত্তিমান করা ; আকৃতি দান করা। রোজ দেওয়া-ক্রি, প্রাত্যহিক পারিশ্রমিক দেওয়া ; দৈনিক বেতন দান করা। রোদে দেওয়া-ক্রি, রৌদ্রে শুষ্ক করা। লাথ, লাথি দেওয়া-ক্রি, পদাঘাত করা। লুটাইয়া দেওয়া-ক্রি, লুটান দ্রঃ। লোভ দেওয়া [হিং লালচ দেনা] ক্রি, প্রলোভিত করা। শান দেওয়া-ক্রি, ঘর্ষণ দ্বারা শাণিত করা। শালে দেওয়া -ক্রি, দণ্ডার্থ বৃহৎ শূলের উপর বসান। শির দেওয়া-মাথা দেওয়া দ্রঃ। শিস দেওয়া-শিস দ্রঃ। শূলে দেওয়া-ক্রি, দণ্ডার্থ শূলাগ্রে বসাইয়া শূলবিদ্ধ করিয়া নিহত করা। সুর দেওয়া-ক্রি, সুর দ্রঃ। সোঁপে দেওয়া-ক্রি, সমর্পণ করা। স্বপন, স্বপ্নাদেশ দেওয়া-ক্রি, নিদ্রাকালে স্বপ্নে উদয় হইয়া কর্ত্তব্য আদেশ করা। হরে দেওয়া-ক্রি, হরণ করা। প্র-বুদ্ধিশুদ্ধি হরে দিয়েছে। হাঁক দেওয়া-ক্রি, উচ্চৈঃস্বরে চীৎকার করা ; চীৎকার করিয়া ডাকা। হাঁটু দেওয়া-ক্রি, (বুকে হাঁটু পাতিয়া) পীড়ন করা। হাত দেওয়া-ক্রি, স্পর্শ করা। ২ হস্তক্ষেপ করা। হাত পা ছেড়ে দেওয়া-ক্রি, সন্তরণকারী অবসন্ন হইয়া যেমন হস্তপদ শিথিল করিয়া প্রচেষ্টাহীন হইয়া পড়ে তদ্রূপ অবসাদগ্রস্ত হওয়া ; নিশ্চেষ্ট হওয়া। ২ হতাশ হওয়া। হানা দেওয়া-ক্রি, আক্রমণ করা। হৃদয় দেওয়া-ক্রি, ভালবাসা।

দেওয়ান [ফা॰ দীৱান্ (রাজসভা, মন্ত্রিসভা)। বাং-র 'দিয়ান' ও॰। "এতেক কটকে রাজা কর্য়াছে দিয়ান"-রামা॰ (কবিচন্দ্র)] বি, দরবার ; রাজসভা court.

"রাজ-কাজ যে না বুঝে। তা না পাঠাব দেওয়ানের মাঝে।"-ডাক (৮-১২শ শতাব্দী)। ২ জমিদারী বা রাজ্য সংক্রান্ত প্রধান কর্মচারী। ৩ রাজস্ব-বিভাগীয় মন্ত্রী [দ্রঃ-দেওয়ান শব্দের সম্মান-সূচক উল্লেখ অর্থে-দেওয়ানজী (দেওয়ান মহাশয়)। ~নী -বি, দেওয়ানের পদ। দেওয়ানের কর্ম্ম। ~নী আদালত-যে বিচারালয়ে বিষয়াধিকার ও অর্থের আদান-প্রদান-ঘটিত অপরাধের বিচার হয়। ~নী আম-রাজসভা; যে সভায় রাজার সম্মুখে বিচারপ্রার্থী হইবার সাধারণের অধিকার আছে। ~নী খাস-মন্ত্রিগণের সহিত রাজার বিশেষ পরামর্শ সভা the Privy Council.

দেওয়ানি [দেওয়া দ্রঃ। দেওয়াই, দেয়াই, দেওয়াও, দেয়াও, দেওয়ায়, দেয়ায়; দেওয়াইতে, দেয়াইতে; দেওয়াইয়া, দেয়াইয়া (ক্ষে° দিইয়ে)] ক্রি, দান করান।

দেওয়ানা [ফা° দিবানা] বি, বিণ, উন্মত্ত; পাগল। "চমকি চাহিয়া বদাউন পতি, বক্‌বক্ মিঞা কন্, দেওয়ানা! দেওয়ানা! হটাও উহারে, কি দ্যাখো সিপাহীগণ।"-ইনসাফ (স° দত্ত)।

দেওয়ার [ফা° দিবার্ বা দেবাল] বি, প্রাচীর।

দেওয়ারি [দেও (দৈত্য)+অরি >] বি, দৈত্যারি; দেবতা। "দেও দেখি দেওয়ারির হইল হরষ।"-ভাগবত (নরহরি)।

দেওয়াল [ফা° দিবার্, দে° ও°] বি, প্রাচীর। ~গীরি [ফা°] দেব-লগ্ন দীপ।

দেওয়ালী১ [সং-দীপাবলী > দীপালী > হিং দিবালী > বাং-দেওয়ালী, দিয়ালী, দেয়ালী] বি, দীপালি দ্রঃ।

দেওয়ালী২ [গ্রা° বাং। হিং দোহরী (ডবল)] বি,বড়। প্র-"ধরর দে° গামছা রাঙা খেড়ুক ফেলাইয়া দিল।"-মাণিক° গান।

দেওর, দ্যাওর [দেবর >] বি, দেবর; স্বামীর কনিষ্ঠ ভ্রাতা।

দেঁড়ো [দাঁড়া > উচ্চারণ বিকারে] বি, মাটি কাটিবার দাঁড়া কোদাল।

দেঁতি [গ্রা° বাং] ক্রি, দেয়। "দধির পসার তুলিঞা দেঁতি মাথে।"-শ্রী° কী°।

দেঁতে-দাঁত্যা দ্রঃ।

দেঁতো [দাঁত + উয়া=দাঁতুয়া > ক্ষে° দেঁতো] বিণ, দাঁতাল। ২ দাঁতের। দেঁতোর হাসি-বি, দাঁতের হাসি; যে হাসি অন্তরের সহিত নহে; লোক দেখান; কপট হাস্য। "লোক দেখান দেঁতোর হাসি কেবল চাতুরী-"-বাং-গান। "প্রসাদ বলে ব্রহ্ম নিরূপণের কথা দেঁতোর হাসি।"-রা° প্র°। ২ বিণ, আন্তরিকতাশূন্য; বাহ্য।

দেক, দেক্‌সেক্ [ফা° দিক্ (দ্রঃ)] অ, বিরক্তি। "ছুত্তোর্ বড় দেক্‌সেক্ লাগে" -রজনী সেন। ২ উত্যক্ত হওয়ার ভাব।

দেক্‌দারি, দেকদারী [ফা° দিক্ (দ্রঃ) > হিং-তে দেক+দারী। বি, কিন্তু বাং-য় বিণ ও°। "কর দণ্ডে দণ্ডে দেক্‌দারি"-বাং-গান (গোপাল উড়ে)] বিণ, বিরক্ত; উত্যক্ত। "দেখে শুনে চণ্ডীচরণ হয়ে শেষে দেকদারী ফেল্লেন জোরে একটা দীর্ঘনিঃশ্বাস ভারি"-দ্বি° রায়।

দেকাটি,-ঠি,-ঠী-দিয়াটী দ্রঃ।

দেক্তে [দেখিতে >, গ্রা° দেখতে > ক্ষে°] অস-ক্রি, দেখিতে। "দেক্তে পায় দ্বিজ তিন তনয় আসিছে।"-মহা° (লঙ্কা°)।

দেখতা [হিং দেখৎ > দেখতে হয়ে= দেখিবার কালে অর্থাৎ পুরাতন নহে তারই আভাস, কেহ অগ্রে আসিলে সে পরবর্ত্তী আগমনকারীকে আসিতে দেখে তার ভাব হতে] অ, সমক্ষে; সম্মুখে; সমসময়ে এবং গোচরে; পশ্চাদ্বর্ত্তী। প্র-তার যত কিছু উন্নতি সমস্তই আমার দে°।

দেখন [দেখা দ্রঃ] বি, দর্শন। ~হাসি [দে° (=দৃষ্টি মাত্র) হাসি ফোটে যার, বহু°] বিণ, দৃষ্টিহাসি; চোখোচোখি হইলেই যে হাসে। ২ যাকে দেখিলেই মুখে প্রীতির হাসি ফুটিয়া উঠে। ৩ বি, সখী।

দেখমু, দেখিমু [দেখা দ্রঃ। প্রাদে°] ক্রি, উ-পু°, ভবিষ্যৎকাল,দেখিব (মাণিক°)।

দেখ্‌সিঁদুরে ["দেখিতে সুন্দর" > গ্রা° ক্ষে°] বিণ, রূপসুন্দর কিন্তু গুণহীন। তুল-দেখ্‌মার [দেখ্ আর মার > ক্ষে°]।

দেখসিয়া, দেখসে [গ্রা°। দেখ +আসিয়া। বাং ক্রি-পদে সন্ধির বিরল দৃষ্টান্ত) > অনাদরে দেখ্‌সে। তুল-কর গিয়া > করগা,-গে। বল গিয়া > বলগা,-গে] ক্রি, ম° পু°, আসিয়া দেখ; এসে দেখ্। "পরিহরি কুলক্রীড়া, অহর্নিশি করে ক্রীড়া দেখসিয়া আপন নয়নে।"-শি°।

দেখা১ [সং-দৃশ্=দৃক্‌পাত করা। হিং দে(দি)খ্‌না=দর্শন করা। দেখি, ম° পু°-দেখ, দেখো, দেখিও (দেখুন, দেখিস), প্র° পু°-দেখে (দেখেন); দেখিতে (ক্ষে° দেখতে); দেখিয়া (ক্ষে° গ্রা° দেখে, পদ্যে-দেখি)। ণিজন্ত-দেখান] ক্রি, দৃষ্টিগোচর করা; দর্শন করা। প্র-ছবি দেখা। ২ দৃক্‌পাত করা; চাওয়া। প্র-সূর্য্যের দিকে দেখা যায় না। ৩ সাক্ষাৎ করা। ৪ বোধ করা; জ্ঞান করা। ৫ বিবেচনা করা; বিচার করা; চিন্তা করা; ভাবা। প্র-এখনও দেখ, এখনও সময় আছে। ৬ পরীক্ষা করা। প্র-কতটা জল দেখ দেখি মেপে? "মা ব'লে তো ডাকব না আর লাগে কিনা দেখব তোমার।"-গি° ঘোষ। ৭ চেষ্টা করা। প্র-আমি যথেষ্ট দেখলুম কিছু হ'ল না তুমি একবার দেখ যদি কিছু করতে পার। ৮ [মনসংযোগ আকর্ষণার্থক] শোনা। প্র-দেখ, কাল তোমাকে যা বলিয়াছিলাম তার কি হইল। ৯ সাবধান হওয়া। প্র-দেখ বা দেখো যেন ভুলো না। দেখ যেন পড়ে যেও না। দেখ ভাল চাহ ত ওরূপ আর যেন না হয়। "দেখ বিশু মুখ সাম্‌লে কথা কও"-রাজা (রবী°)। ১০ শাসন; ভয়প্রদর্শক উক্তি; জব্দ করা। "আমি দেখব তারে দেখব তারে দেখব।" -ম্যাকবেথ (গি° ঘোষ)। তুই পালাবি কোথা, এইবার তোকে দেখব। ১১ তত্ত্ব-লওয়া; খোঁজ খবর লওয়া। প্র-মাঝে মাঝে তাকে দেখবে, তোমরা না দেখলে তাকে কে দেখবে? ১২ সেবা করা; শুশ্রূষা করা। প্র-অসময়ে না দেখলে আর কবে দেখবে। ১৩ চিকিৎসা করা। প্র-তাকে আগে ডাক্তার দেখিতেছিলেন, এখন কবিরাজ দেখিতেছেন। ১৪ অন্বেষণ করা। প্র-এক-জন লোক দেখ; দেখ দেখি যদি কোন গাড়ী পাও। ১৫ কৃপা দৃষ্টি করা। ১৬ অপেক্ষা করা; পরিণাম লক্ষ্য করিতে থাকা। প্র-দেখই না কি হয়। আচ্ছা দেখ। ১৭ দেখিয়া

শেখা ; দর্শনের ভিতর দিয়া শিক্ষা বা অভিজ্ঞতা লাভ করা। "এ দেখা ত শুধু দেখা নয়, কত শেখা।"-নরওয়ে ভ্রমণ। ১৮ সম্বোধনবাচক অব্যয় I say ; look here ! দেখ রাম ! দেখুন, কিসে কি হয় ও জানে না ই০। [ব্রজ০] দেখঁই-দেখে। দেখঁত-দেখে। দেখঁলি-দেখিলে। দেখঁলু,-লুঁ-দেখিলাম। দেখঁবঁ-দেখিব ; দেখিবে। দেখঁবি-দেখিবে ; দেখিবি। দেখায়ঁলি-দেখাইলে। "হসইতে কব তুহুঁ দশন দেখায়লি।"-বি০ প০। দেখায়ঁসি-দেখাও। দেখিয়ে-দেখি। দেখিলুঁ [বৈষ্ণব সাহিত্যে দেখিলুঁ, দেখিলাঞ] দেখিলাম। "শ্যামেরে দেখিলুঁ যাইয়া।" -গীতগোবিন্দ। প্রা০ বাং-'দেখাওঁ'=দেখাই। 'দেখায়সি,-সী'=দেখাইতেছিস্। 'দেখাসসি' =দেখাইতেছিস্। 'দেখিল'=দেখিলে। ২ দৃষ্ট। "দেখিল পাকিল (পক্ব) বেল গাছের উপরে"-শ্রী০ কী০। ৩ দেখিলাম। "আহ্মে দেখিল বড়ায়ি"-শ্রী০ কী০। ৪ দৃষ্টি করিল। 'দেখিলোঁ'=দেখিলাম। "দেখী"=দেখিয়া। ২ দেখিতেছি। 'দেখোঁ'=দেখি। দেখতে দেখতে [দেখিতে দেখিতে > দ্রুত উচ্চারণে] অ, অবিলম্বে ; দৃষ্টিপাত করিয়া হৃদয়ঙ্গম করিতে যে সময় লাগে তার মধ্যে। ২ [বিলম্বিত উচ্চারণে] ক্রমাগত দৃষ্টিপাত করিতে করিতে। দেখ্‌তো তোর না দেখ্‌তো মোর-চ'খের আড়াল হইলেই বা সামান্য ফাঁক পাইলেই যারা পরস্ব আত্মসাৎ করে তাদের আচরণ।

দেখ ২ [প্রা০ 'দ্যাকা'। হিং০দেখা] বি, দর্শন ; দৃষ্টিপাত। ২ সাক্ষাৎ। প্র-তার সহিত দেখা হওয়াই ভার। দে০ করা-সাক্ষাৎ করা। দে০ দেওয়া-অন্যের দৃষ্টি পথে আসা ; উপস্থিত হওয়া।" এ বাড়ীর ঠিকা ঝি এখনও দেখা দেয় নাই।" -অনুরূপা দেবী। ~দেখি-বি, পরস্পর সাক্ষাৎ। ২ পরস্পর পরস্পরকে বা পরস্পরের কার্য্য দর্শন। প্র-তোমরা পৃথক পৃথক লেখ, দেখাদেখি করিও না। ৩ ক্রি-বিণ, দৃষ্টান্ত দর্শনে ; অনুকরণে। প্র-বড়র দেখাদেখি ছোট ভাইও সেই দিকে গেল। দে০ যাক-চেষ্টা করে দেখি, let me or let us try. দে০ শুনা-দেখা ও সংবাদ রাখা ; তত্ত্ব লওয়া ; ব্যবস্থা করণ ; তত্ত্বাবধান। দে০ সাক্ষাৎ [সমার্থক সহ০ দ্বয়] সাক্ষাৎ দ্বারা আলাপ ও সংশ্রব রক্ষা। চোখের দেখা-বি, বাহ্য দর্শন মাত্র। চোখের দেখা দেখা-শুদ্ধ দর্শন সুখ লাভ করা ; রূপ দেখা মাত্র আলাপ বা সঙ্গ সুখ লাভ করা নহে।

দেখানি [দেখা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। দেখাই, দেখাও, (দেখান্, দেখাস), দেখায় (দেখান) ; দেখাইতে (কো০ দেখাতে) দেখাইয়া (গ্রা০ কো০ দেখিয়ে)] ক্রি, প্রদর্শন করা ; দেখিতে দেওয়া। ২ বি, প্রদর্শন। ৩ দোহাই দান ; উল্লেখ করিয়া দিব্য দেওয়া বা ভয় প্রদর্শন। "ওঃ-আবার ভগবান্ দেখান আছে ; বলি, ধর্ম্মজ্ঞান আছে না কি ?"-গিরিশ০।

দেখারু [গ্রা০ হিং০'র অনুকরণে] বিণ, যে দর্শন করায় ; যে দেখায় ; প্রদর্শক।

দেখি [দেখা দ্রঃ। চ০ ক০ ভা০ দেই। দেইব=দেখিব। দেইতে=দেখিতে। দেআইল =দেখাইল] ক্রি, উ০ পু০, দর্শন করি। এই ধাতু অন্যধাতুর প্রত্যয় স্বরূপ যুক্ত হইয়া শাসন বা ভয় প্রদর্শনের এবং প্রতিবন্ধকতাভাব প্রকাশ করে যথা-"যাও দেখি" (=যাও দেখি কেমন যেতে পার ?), অর্থাৎ যাওয়া হবে না। "দেখি" কাকুক্তিতে "ত" প্রত্যয়ের অনুরূপ অনুরোধ বুঝায়, যথা-যাও দেখি (যাও ত) ['দেখি'র প্রাদেশিক ব্যবহারে-দেখিনি [আদরার্থে "দেখি ত মণি ?" > কো০ অনুরোধে] "আয় দেখিনি নীলমণি তোর কেমন নূপুর বাজে ;"-ছড়া। ২ [দেখি নাই > কো০] দর্শন করি নাই।

দেখিআঁ [প্রা০ বাং 'দেখিয়া' ও০] অ, চাহিতে ; চেয়ে ; অপেক্ষা। "আহ্মাক দেখিআঁ তোহ্মে আধিক রূপসী"-শ্রী০ কী০।

দেখিয়া,দেখ্যা (প্রা০ বাং)। [দেখা দ্রঃ] অ, মুখ চাহিয়া। "বুঝিলাম তোমা ঝিয়ে দেখ্যা"-কবিক০।

দেখিল [প্রা০ বাং] ক্রি, উ০ পু০, দেখিলাম। "বড়ই সাহস এই দেখিল তোমার।"-দুর্গা ম০। ২ প্র০ পু০, দর্শন করিল ; দেখা দ্রঃ।

দেগজা-বি, মধ্যযুগের বাংলার চরকার সুতায় প্রস্তুত জামার কাপড়।

দেড়, দেড়া [সং-সার্দ্ধ > সার্দ্ধেক > আড্ঢেড় > হিং০ ডেঢ়া, ডেওঢ়া, ডেঢ় ; অথবা দিঈড্ঢ (দ্বিতীয়+অর্দ্ধ) > দেড়] বিণ, এক ও অর্দ্ধ। ২ দেড়গুণ।

দেড়কিয়া [পাটীগণিত পরিঃ] বি, এক সহ অর্দ্ধের (১½) গুণকাঙ্ক।

দেড়ি [দেড় দ্রঃ] বিণ, এক ও অর্দ্ধ। ২ দেড়গুণ। "এক ঘড়া অবশেষ দেখি মহাবীর। নিতে নারি দেড়ি ভার হইল অস্থির" ॥ -কবিক০। ৩ সওয়ায় ; উদ্বর্ত্ত ; বাড়তি। "যেদিন যতেক পায় সেই দিন তাই খায় না রহে সম্বল দেড়ি ঘরে।"-কবিক০।

দেদার [ফা০ দিলদরিয়া (bountiful) >] বিণ, প্রচুর ; অশেষ ; অসংখ্য। "দিচ্চে দেদার গালি"-অমৃত বসু। "কিবে ওই মনোহারী দেবদারু সারি সারি, দেদার চলিয়া গেছে কাতারে কাতার।"-বি০ চক্রবর্ত্তী।

দেদীপ্যমান [দীপ্ (দীপ্তি পাওয়া) +যঙ্ (অতিশয়ার্থে দ্বিত্ব)=দেদীপ্য+আন (র্ত্তৃ), ম্ আগম] বিণ, প্রদীপ্ত ; জাজ্বল্যমান ; জ্বলনশীল।

দেদো [দাদ (দ্রঃ)+উআ=দাদুয়া > কো০] বিণ, দাদ রোগাক্রান্ত। দেদোর মর্ম্ম দেদোয় জানে-ভুক্তভোগীই ব্যথা বুঝে ; সমান অবস্থায় পড়িলে লোক পরস্পরের মর্ম্মানুভব করিতে পারে।

দেধান [সং-দেবধান্য >] বি, সরু আক অথবা মক্কা গাছের মত গাছ ও তার শস্য broom corn. বঙ্গে যেমন গবাদিকে খড় খাইতে দেওয়া হয় পশ্চিমে তদ্রূপ এই গাছ কুঁচাইয়া খাইতে দেওয়া হয়। এই কুঁচির নাম তথায় 'ক'রুই' বা 'ক'রবি'।

দেন [দেনা দ্রঃ] বি, প্রদান। ২ দেনা ; কর্জ্জ। ~দার, দেনাদার [আ০ দেন+ ফা০ দার=গ্রহণকারী ; যে অর্থ ফিরাইয়া দিতে হবে তা যে লয়] বি, ঋণী ; খাতক। লেনদেন-নেওয়া দেওয়া ; আদান প্রদান ; অর্থের ব্যবহার। ২ দেনা-পাওনা।

[যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ঁয়া ঞ=ন্চ ঞ=ইঁ হ্ন=হ্ন হ্ল হ্ম হ্ব=হ্ব হ্য হ্র হ্ল ড় বা, ড় ঢ় য় ড়=zfwv ও চ্চা০ দ্রঃ

দেনমোহর [ফা°] বি, মুসলমানদিগের বিবাহ সময়ে স্বামী স্ত্রীকে যে যৌতুক দেয়।

দেনা [আ° দয়েন, দেন। ফেরত দিবার মত অর্থ] বি, ঋণ ; ধার ; কর্জ্জ। "আমিত চুকিয়ে দিয়েছি নিয়েছি সকল পাওনা দেনা।" -রবী°। ২ যা দিতে হবে ; দেয় বস্তু।

দেনুয়া [দান+উয়া=দানুয়া > দেন্নুয়া > দেনো] বিণ, দত্ত ; দানধ্যানে ব্যাপৃত। ২ দান সম্বন্ধীয়। ৩ দেয়।

দেব [দেবতা দ্রঃ। দিব্ (ক্রিড়া করা) + অ (র্ত্তৃ)-যে সর্ব্বত্র ক্রীড়া করে] বি, ঈশ্বর। ২ দেবতা ; সুর। ৩ ব্রাহ্মণ। ৪ ব্রাহ্মণের উপাধি। ৫ ভক্তি ও সম্মানসূচক শব্দ। প্র-গুরুদেব ; পিতৃদেব। ৬ প্রভু ; স্বামী। ৭ রাজা। ৮ প্রধান ; শ্রেষ্ঠ। এই অর্থে অন্য শব্দের পর যুক্ত হয়। প্র-নরদেব ; ভূদেব। ৯ পর্জ্জন্যদেব ; মেঘ। ১০ দীপ্তি। ১১ পারদ। ১২ দেবর। স্ত্রীং -ী। ~কর্দ্দম-বি, চন্দন, অগুরু, কর্পূর ও কুঙ্কুম মিশ্রিত সুগন্ধদ্রব্য। ~কন্যা-বি, দেবদুহিতা। ~কিরী-দেবকিরী দ্রঃ। ~কল্প-বিণ, দেবতার সদৃশ। ~কার্য্য [দেবের কার্য্য, ৬ তৎ] বি, দেবকৃত কর্ম্ম। ২ দেবতার প্রীত্যর্থে কৃত কর্ম্ম ; যজ্ঞ ; যাগ ; পূজা ; উপাসনাদি। ~কাষ্ঠ-বি, দেবদারু। ~কুল [দেবের (দেবতার) কুল (আলয়), ৬ তৎ] বি, দেবালয় ; মঠ ; পূজার স্থান ; দেউল। ২ দেবতার গোষ্ঠী। ৩ দেবতাসমূহ ; দেবগণ। ~কুলপ্রিয় [দেব-কুলের প্রিয়, ৬ তৎ। তুল-"favoured of the gods"-Iliad] বিণ, দেবগণের অনুগৃহীত। "দেবকুলপ্রিয় তুমি রঘুকুলমণি, সুপ্রসন্ন তব প্রতি আপনি অভয়া।"-মেঘ°। ~কুল্যা [দেব-কুল্যা (খনন করা নদী, গড়খাই] বি, দেবনদী ; গঙ্গা। ~কুসুম ["লবঙ্গং দেব-কুসুমং"-অমর°] বি, দেবোপভোগ্য পুষ্প ; লবঙ্গ। ~খাত [দেব (দেবতা) দ্বারা খাত (খনিত), ৩ তৎ (যাহা মনুষ্যের মধ্যে কেহ খনন করে নাই)] বি, স্বভাবোৎপন্ন জলাশয় ; হ্রদ ; অকৃত্রিম জলাশয়। ~গণিকা-বি, অপ্সরা। ~গান্ধারী-বি, রাগিণীবিঃ। ~গায়ন [দেবের গায়ন (গায়ক), ৬ তৎ] বি, গন্ধর্ব। ~গিরি [এই পর্ব্বতে বহু দেব মূর্ত্তির সমাবেশ হেতু এই নাম] বি, পাহাড়বিঃ; নামান্তর দেওগিরি ; দেওগর ; ইলোরা। ~গুরু [দেবের গুরু (আচার্য্য), ৬ তৎ] বি, সুরাচার্য্য ; বৃহস্পতি। ~গৃহ [দেবের গৃহ (নিলয়), ৬ তৎ] বি, দেবালয় ; দেবমন্দির ; দেবস্থান। ২ সূর্য্যমণ্ডল চন্দ্রমণ্ডল ই° গ্রহ-মণ্ডল। ৩ বর্ত্তমান দেওঘর ; বৈদ্যনাথ ধাম। ~চর্য্যা [দেবের চর্য্যা (সেবা), ৬ তৎ] বি, দেবসেবা। ২ দেবপূজা। ~চিকিৎসক [দেবের চিকিৎসক (বৈদ্য), ৬ তৎ] বি, স্বর্গবৈদ্য ; অশ্বিনীকুমারদ্বয়। ~চ্ছন্দ-বি, একশত-লহর হার। ~জন-বি, দেবকল্প ব্যক্তি। ~জাতি-বি, "সংযমী, ত্যাগী, সর্ব্বভূতে সমদর্শী যে সব ব্যক্তি"-অরবিন্দ ঘোষ। ~তরু-বি, মন্দার, পারিজাত, সন্তান, কল্পবৃক্ষ, হরিচন্দন-এই পাঁচ স্বর্গস্থ বৃক্ষ। ~তা (-বং) [দেব+তা (স্বার্থে) মতান্তরে, দেব্ (ক্রীড়া, কান্তি, দীপ্তি-সঞ্জাত দিব্ ধাতুর অর্থ)+তন্ (বিস্তার করা)+অ (র্ত্তৃ)+আ (স্ত্রী)। চ° দেব্‌তা, ব্যঙ্গ্যার্থে দ্যাবতা] বি, যাঁরা আপন ক্রীড়া বা দীপ্তি-দ্বারা বিশ্ব ব্যাপ্ত করেন ; দেব ; অমর ; সুর [তুল-সং দেবস্=ল্যা° devs, deitas (god); লিথু° devas ; ফ্রে° deite ; প্রশিয়-deitat ; স্পে° deidad ; ইতা° deita ; ইং deity ; জর্ম্ম° deidade ; ফা° দাবর্=ঈশ্বর। ঋগ্বেদে -অদিতি, অগ্নি, ইন্দ্র, বায়ু, বরুণ, মরুৎ, প্রজাপতি, বিষ্ণু, সবিতাদি ৩৩ দেবতার নাম আছে। চারি বেদেই প্রায় একরূপ দেবতার নাম আছে। অথর্ব্ববেদে কেবল যম, মৃত্যু, কাল, ই° কতিপয় দেবতার নাম আছে। 'বৈদিক দেবতা প্রধানতঃ দুই শ্রেণীতে বিভক্ত -যাঁ'দের মহিমা বর্ণন করিয়া স্তোত্র পঠিত হইয়া থাকে তাঁ'রা "স্তোত্রাঙ্গ দেবতা" এবং যাঁ'দের উদ্দেশে ঘৃতাদি আহুতি প্রদান করা হয় তাঁ'রা "যাগাঙ্গ দেবতা"। জৈমিনিমুনির মতে দেবতাগণ শরীরী জীব নহেন, মন্ত্রই দেবতা। দেবতা শরীরী হইলে স্তুতিকারীর প্রত্যক্ষীভূত হইতেন। তাঁদের অপ্রত্যক্ষ অবস্থান কল্পনা করিলেও একই সময়ে নানা-স্থানে তাঁদের উপস্থিতি অসম্ভব, কিন্তু মন্ত্রই যদি দেবতা হন তবে একই সময়ে সর্ব্বত্রই কার্য্য সিদ্ধি সম্ভবপর। পুরাণে দেবতার সংখ্যা ৩৩ কোটী বলিয়া প্রসিদ্ধ। ইন্দ্র দেবতাদিগের অধীশ্বর]। ~তাড়-বি, উক্ত নামের বৃক্ষবিঃ। ২ [দেবতাদের তাড়নাকারী বলিয়া] রাহু। ~তাপ্রতিষ্ঠা-বি, দেব-বিগ্রহের শাস্ত্রানুসারে স্থাপনা। ~ত্ব (-বং) [দেব+ত্ব (ভা°)] বি, দেবভাব। ২ দেবতার ধর্ম্ম। ৩ দেবতার পদ বা ঐশ্বর্য্য। ~ত্র (-বং) [দেব+ত্রৈ (পোষণ করা)+অ (র্ত্তৃ)। গ্রা° দেবোত্তোর] বিণ, দেব সেবার্থ উপসর্গীকৃত সম্পত্তি ; দেবোত্তর। ~দত্ত [দেবতাকে দত্ত, ৪ তৎ] বিণ, দেবোদ্দেশে প্রদত্ত। ২ [৩ তৎ] দেবতা কর্ত্তৃক প্রদত্ত। ৩ [দৃষ্টান্তে] কোন ব্যক্তি। বাং-য় বিরল। তুল-বাং-য় রাম, শ্যাম। ৪ [পু°] বি, অর্জ্জুনের রণ শঙ্খ। ~দর্শন [দেব+দৃশ্ (দেখা)+ অন (ভা°)] বি, দেবতার মূর্ত্তিদর্শন। ~দারু [দেব (দেবতা) তৎপ্রিয় যে দারু (কাষ্ঠ), ম° প° লো°। হি° দেওদার] বি, প্রসিদ্ধ বৃক্ষ the cedar. ~দাসী [দেব (মন্দিরের) দাসী (নর্ত্তন দ্বারা সেবা কারিণী)] বি, দেব মন্দিরের নর্ত্তকী। ২ জগন্নাথ দেবের মন্দিরের গায়িকা ও নর্ত্তকী। "সেইকালে দেবদাসী লাগিলা গাইতে।"-চৈ° চ°। ~দুর্ল্লভ [দেবতাতে দুর্ল্লভ, ৭ তৎ] বিণ, দেবগণেরও দুষ্প্রাপ্য। "জয় গোপবল্লভ ভক্তবল্লভ দেব-দুর্ল্লভ বন্দন।"-অ° ম°। ~দূত [দেবের দূত, ৬ তৎ] বি, স্বর্গের দেবতাদের প্রেরিত পুরুষ ; ইঙ্গিল angel ~দেব [দেবের দেব, ৬ তৎ] বি, দেবশ্রেষ্ঠ ; মহাদেব। "ত্রিদিবে প্রধান দেব দেবদেব শিব।"-অ° ম°। ২ বিষ্ণু। ৩ ব্রহ্মা। ~দোল [দেবের দ্রষ্টব্য দোল] বি, দেবতা মণ্ডলীর দ্রষ্টব্য প্রাতঃ সময়ে অনুষ্ঠেয় দোলোৎসব। ~দ্রোণী-বি, স্বয়ম্ভূ লিঙ্গাধিষ্ঠান স্থান। ~দ্বিজ-বি, দেবতা ও ব্রাহ্মণ। ~দ্বেষী-বি, দেবতাদের হিংসাকারী ; দেবারি ; দানব ; অসুর। > স্ত্রীং ~দ্বেষিণী। ~ধান্য-বি, দেধান (দ্রঃ)। ~ধূপ [দেব প্রীত্যর্থে ব্যবহৃত ধূপ, ম° প° লো°] বি, গুগ্‌গুল। ~নদী [দেবের নদী, ৬ তৎ] বি, গঙ্গা ; যমুনা ; সরস্বতী ; দৃশদ্বতী। ~নাগর,-রী [সং] বি, সংস্কৃত ও তৎসদৃশ

হিন্দী ইং ভাষার অক্ষর। ~পতি [দেবের পতি, ৬তৎ] বি, ইন্দ্র ; দেবরাজ। ~পথ [দেবের পথ, ৬তৎ। পথিন্=পথ] বি, স্বর্গপথ; আকাশ। ~পশু [দেবোদ্দেশে উৎসর্গীকৃত যে পশু, মং পং লোং] বি, দেবোদ্দেশে উৎসৃষ্ট পশু; বলির পশু। ~পাত্র-বি.দেবতাদিগের যজ্ঞীয় হবিঃ পান করিবার আধার : অগ্নি। ~পুরী [দেবের পুরী (নগরী), ৬তৎ] বি, অমরাবতী। ~পূজ্য [দেবের পূজ্য, ৬তৎ] বি, দেবতার বরণীয়। ২ দেবগুরু বৃহস্পতি। ~প্রতিষ্ঠা-দেবতা প্রতিষ্ঠা দ্রঃ। ~প্রসাদ [দেবের প্রসাদ, ৬তৎ] বি, দেবতার নিকট নিবেদিত সামগ্রী। ২ দেবানুগ্রহ। ~প্রিয় [দেবের প্রিয়, ৬তৎ] বি, পীতভৃঙ্গরাজ। ২ বকবৃক্ষ। ৩ বিণ, দেবতার প্রিয় ; দেবের অনুগৃহীত। ~বক্ত্র [দেবের বক্ত্র (মুখ), ৬তৎ] বি, অগ্নি [প্রসিদ্ধি এইরূপ যে দেবগণ অগ্নিমুখে ভোজন করেন]। ২ দেবতার মুখ। ~বর্ত্ম [দেবের বর্ত্মন্=বর্ত্ম (পথ), ৬তৎ] বি, আকাশ। ~বাক্য-বি, দৈববাণী। ~বাণী [দেবের বাণী, ৬তৎ] বি, সংস্কৃত ভাষা। ২ দৈববাণী ; আকাশ-বাণী ; দেবতার প্রত্যাদেশ। ~বাহন [দেবের বাহন, ৬তৎ] বি, অগ্নি। ~বিদ্যা [সং] বি, নিরুক্ত শাস্ত্র। ~বৃক্ষ [দেবের প্রিয় যে বৃক্ষ, মং পং লোং] বি, দেবতরু ; মন্দার বৃক্ষ। ~ব্রত [সং] বি, গাঙ্গেয় ; ভীষ্ম। ২ দেবগণের ব্রত। ৩ বিণ, দেবব্রতী। ~ব্রাহ্মণ [দেবপূজক যে ব্রাহ্মণ, মং পং লোং] বি, দেবল। ২ [দ্বন্দ্ব] দেবতা ও ব্রাহ্মণ। ~ভক্ত [দেবের ভক্ত, ৬তৎ] বিণ, দেবতার প্রতি ভক্তিমান ; দেবসেবক। স্ত্রীং ~া। ~ভবন [দেবের ভবন (আলয়), ৬তৎ] বি, অমরা-পুরী ; স্বর্গ। ২ দেবমন্দির ; দেবালয়। ~ভাষা [দেবের ভাষা, ৬তৎ] বি, সংস্কৃত ভাষা। ~ভাষিত [দেবের ভাষিত(বাক্য), ৬তৎ] বি,দৈববাণী। ~ভূ [দেব+ভূ (হওয়া) +ক্বিপ্] বি, দেবতা। ~ভূমি [দেবের ভূমি (বাসস্থান), ৬তৎ] বি, দেবস্থান ; স্বর্গ। ২ হিমালয়। ~মাতা [দেব+মাতৃ= দেবমাতৃ ১মা, ১বং, ৬তৎ] বি, দেবগণের মাতা ; কশ্যপপত্নী ; অদিতি। ~মন্দির [দেবের মন্দির, ৬তৎ] বি, দেবোপাসনার স্থান; দেবপূজার গৃহ ; দেবালয়। ~মাতৃক [দেব (পর্জ্জন্য, দেব) মাতা (মাতার ন্যায় পালক) যার, বহুং সমাসে ক যোগ] বিণ, যে দেশে বৃষ্টিজল দ্বারা শস্য উৎপন্ন হয়। ~মান [দেবের মান (কাল পরিমাণ), ৬তৎ] বি, দেবতাদিগের কাল পরিমাণ ; মানবের ১ বৎসর=দেবতার ১ দিন এই হিসাবে গণনা। "দেবমানে পরিপূর্ণ শতেক বৎসর।"-ঘং। "দেবমানে ভ্রম ক্রমে যাবে চারি মাস। আমার করাহ গিয়া ব্রতের প্রকাশ॥"-কবিকং। ~মায়া [দেবের মায়া(অবিদ্যা), ৬তৎ] বি, সংসার-বন্ধনের হেতুভূত অবিদ্যা ; অজ্ঞান। ২ দেবতার মায়া, কৌশল বা কুহক। "দেবমায়া বুঝিতে না পারি"-মেঘং। ~মাস [দেব (দেব সম্বন্ধীয়) যে মাস, মং পং লোং। অষ্টম মাসে গর্ভস্থ শিশু চেতনা প্রাপ্ত হয়, চেতনা আত্মধর্ম্ম, আত্মাই দেব] বি, গর্ভাবধি অষ্টম মাস। ২ সৌর ত্রিশবৎসর (বাচস্পত্য)]। ~যজি [দেব-যজ্ (পূজা করা) + ই(র্তৃ)-যে পূজা করে] বি, দেবপূজক। ~যাজি,-জী [যজি দ্রঃ] বিণ, দেবতা-পূজাকারী ; যাজক। ২ বি, দেবল ব্রাহ্মণ। ~যাত্রা [দেব দর্শনের নিমিত্ত যাত্রা (গমন) মং পং লোং] বি, দেব দর্শনে গমন ; তীর্থ-যাত্রা। ~যান [দেব (দেবের) যান (রথাদি), ৬তৎ] বি, দেবরথ ; ব্যোমযান। ~যুগ [দেবপ্রিয় যে যুগ, মং পং লোং] বি, সত্যযুগ। ~যোনি [দেব হইয়াছে যোনি (উৎপত্তিস্থান) যার, বহুং] বি, উপদেবতা ; দেবতা ও মানুষের মধ্যবর্ত্তী প্রাণী। ~রক্ষিত [দেব দ্বারা রক্ষিত, ৩তৎ] বিণ, দেব কর্ত্তৃক রক্ষিত। ~রথ [দেবের রথ (যান), ৬তৎ] বি, দেবযান ; ব্যোমযান। ২ সূর্য্যের রথ। ~রহস্য-বিণ, অতি গূঢ় ; যার পর নাই গোপনীয়। ~রাজ [দেবের (দেব-গণের) রাজা, ৬তৎ] বি, ইন্দ্র। প্রাং বাং-দেবরাঅ। "চন্দনর গন্ধেত মোহিত দেবরাঅ"-শূং পুং। ~লোক [দেবের লোক, ৬তৎ] বি, অমরধাম ; স্বর্গ। ~শত্রু [দেবের শত্রু, ৬তৎ] বি, অসুর ; দানব। ২ দেবতার অরি ; দেবদ্বেষী। ~শর্ম্মা [দেবের (দেবগণের) শর্ম্মন্ (সুখ) হয় যৎকর্ত্তৃক, বহুং] বি, ব্রাহ্মণ। ২ ব্রাহ্মণের উপাধি। ~শিল্পী [দেবের শিল্পী, ৬তৎ। মূং দেবশিল্পিন্ ১মা, ১বং] বি,দেবগণের শিল্পকর্ম্মকারী ; বিশ্বকর্ম্মা। ~সত্তম [দেব (দেবগণের) মধ্যে সত্তম (শ্রেষ্ঠ), ৭তৎ] বিণ, দেবশ্রেষ্ঠ। ~সভা [দেবের সভা, ৬তৎ] বি, দেবরাজ ইন্দ্রের সভা ; দেবগণের সভা ; সুধর্ম্মা। ২ রাজসভা। ~সাৎ [দেব+সাৎ (< চসাৎ -অধীনার্থে)] বিণ, দেবাধিকৃত ; দেবাধীন। ~সাযুজ্য [দেব(দেবের)সাযুজ্য, ৬তৎ)] বি, দেবতার সাদৃশ্য ; দেব-সাহচর্য্য। ২ দেবত্ব। ~সৃষ্টা [সং] বি, সোমরস ; সুরা। ~সেনা [দেবের (দেবগণের) সেনা (সৈন্য), ৬তৎ] বি, দেবসৈন্য। ২ ব্রহ্মার তনয়া ; কার্ত্তিকের পত্নী। ~সেনাপতি [দেবগণের সেনা-পতি (সৈন্যধ্যক্ষ), ৬তৎ] বি, কার্ত্তিকেয়। ~স্থান [দেবের স্থান, ৬তৎ] বি, দেবতার অধিষ্ঠান স্থান ; মন্দির ; দেবালয়। ~স্ব (-বঁ-) [দেবের (দেবগণের) স্ব (ধন), ৬তৎ] বি, দেবসেবার নিমিত্ত প্রদত্ত ধন বা সম্পত্তি। ~হূতি-বি, স্বায়ম্ভুব মনুর কন্যা।

দেবক [পুং] বি, কৃষ্ণজননী দেবকীর পিতা। ২ বিণ, ক্রীড়ক ; অক্ষক্রীড়াকারী। ~ী-বসুদেবের পত্নী ও কৃষ্ণজননী ; দৈবকী।

দেবকিরী [দেবকরী ঐং। সঙ্গীত পরিঃ] বি, মেঘরাগের ভার্য্যারূপে কল্পিত রাগিণীবিঃ।

দেবকী, দৈবকী [দেবক (দ্রঃ)+অ (অপত্যার্থে)+ঈ (স্ত্রীং)] বি, দেবকের কন্যা ও কৃষ্ণের জননী। ~নন্দন, ~সুনু-বি, শ্রীকৃষ্ণ।

দেবন [দিব্ (ক্রীড়া, জিগীষা, দীপ্তি, স্তুতি, ব্যবহার, কান্তি, গমন করা ইং) + অন (ভাং)] বি, ক্রীড়া ; পাশকাদি খেলা। "বিশেষে দেবন দোষ ধর্ম্মশাস্ত্রে কয়।"-মহাং (কাশীং)। ২ স্তুতি ; স্তোত্র। ৩ দুঃখ ; ক্লেশ। ৪ [+অন (ধি)] লীলাস্থল ; প্রমোদ-উদ্যান। ৫ [+অন (ণে)] পাশক ; পাশা।

স্ত্রীং ~া-ক্রীড়া। ২ সেবা। ৩ আত্মগ্লানি; আক্ষেপ।

দেবযানী [দেবযান+ঈ (স্ত্রীং)] বি, শুক্রাচার্য্যের কন্যা; রাজা যযাতির ভার্য্যা। (শুক্রাচার্য্যের পুত্র কচের অভিশাপে ইনি ক্ষত্রিয়ভার্য্যা হন)।

দেবঁর [হিং দেবর্: গ্রী° deor; ল্যা° daber; প্রা° বাং-দেওর, দেয়র]·বি, স্বামীর অনুজ; স্বামীর ভ্রাতা।

দেবরাত [উত্তরার গর্ভে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র হ'তে রক্ষিত বলিয়া] বি, অভিমন্যু-পুত্র। ২ দেবতার দান, দেবতা হ'তে প্রাপ্ত।

দেবর্ষি [দেবের (দেবগণের) ঋষি (মন্ত্রোপদেষ্টা) ৬তৎ, কিম্বা দেব অথচ যে ঋষি, ধা] বি, নারদাদি মুনি।

দেবঁল [দেব-লা (গ্রহণ করা, অবলম্বন করা)+অ (র্ত্তৃ)] বি, যে জীবিকার নিমিত্ত দেবতা গ্রহণ করে; যে অনেক সাধারণ পূজা করিয়া জীবিকা নির্ব্বাহ করে; পূজারি ব্রাহ্মণ; নিত্যসেবাকারী। ২ অসিত মুনির পুত্র; ইঁহার অপর নাম অষ্টাবক্র।

দেবঁলা [দেবালয় >] বি, দেবালয়; দেবগৃহ; দেউল।

দেবা [দিব্ (ক্রীড়া)+ঋ (জ্ঞা°)=দেবৃ ১মা, ১ব°] বি, পতির ভ্রাতা; দেবর; দেওর। ৩ [দেব শব্দের বহুবচন] দেবতা। "সেব অন্য দৈবী দেবা।"-ঘ°। ৩ [বিদ্রূপার্থে দেব শব্দের পরে-আ যোগ] পুরুষ। "যেমন দেবা তেমনি দৈবী।"-নবীন-তপস্বিনী। "দেবা-দেবিগণ" - ধর্ম্মপূজা বিধান।

দেবাক্রীড [দেব+আক্রীড় (উদ্যান)] বি, ইন্দ্রের উদ্যান।

দেবা/গার [দেব+আগার] বি, দেবালয়। ~গারিক-বিণ, দেবালয়ের সেবায় নিযুক্ত।

দেবাঙ্গনা [দেব+অঙ্গনা] বি, দেব-নারী। ২ অপ্সরাঃ।

দেবাজীব [দেব+আজীব] বিণ, দেব-সেবা দ্বারা জীবিকার্জ্জনকারী। ২ বি, পূজারি ব্রাহ্মণ।

দেবাত্মজ [দেব+আত্মজ] বি, দেবতার পুত্র। স্ত্রীং ~া-দেবকী।

দেবাত্মা [দেব+আত্মা-আত্মন্(স্বরূপ) যার, বহু°] বিণ, দেবতাস্বরূপ। ২ দেবতার আত্মার ন্যায় আত্মা যার; দেবহৃদয়।

দেবাদিদেব [দেব (দেবের)+আদি-দেব, ৬তৎ] বি, দেবতাদের আদি দেবতা; মহাদেব। ২ বিষ্ণু।

দেবাদেশ [দেব+আদেশ, ৬তৎ] বি, দেবতার আজ্ঞা; প্রত্যাদেশ। "দেবাদেশে রণে আমি আহ্বানি রে তোরে"-মেঘ°।

দেবানুচঁর [দেব (দেবের)+অনুচর, ৬তৎ] বি, বিদ্যাধর, গন্ধর্ব্ব, যক্ষ ই°; উপদেবতা। ২ বিণ, দেবতার অনুসরণকারী॥

দেবান্তক [দেব (দেবতার)+অন্তক, ৬ তৎ। তুল-নরান্তক] বিণ, দেবঘাতী। ২ দৈত্য ও রাক্ষসবিঃ।

দেবায়ঁতন [দেব (দেবের)+আয়তন (আলয়), ৬ তৎ] বি, দেবমন্দির; দেবালয়।

দেবায়ুধ [দেব (দেবতার)+আয়ুধ (অস্ত্র), ৬ তৎ] বি, বজ্র; ইন্দ্রধনু।

দেবারণ্য [দেব (দেবের)+অরণ্য, ৬ তৎ] বি, স্বর্গোদ্যান। ২ তীর্থবিঃ।

দেবালঁয় [দেব (দেবের)+আলয়, ৬ তৎ] বি, দেবমন্দির; দেবগৃহ; ঠাকুরবাড়ী। ২ দেবগণের বাসস্থান; অমরালয়; স্বর্গ।

দেবাশ্রিঁত [দেব (কর্ত্তৃক)+আশ্রিত, ৩ তৎ] বিণ, দেবানুগৃহীত; দেবতার শরণাপন্ন। "-দে° সদা, এ দাস, দেবতাকুল রক্ষিবে দাসেরে।"-মেঘ°।

দেবাহার [দেব (দেবতার) আহার, ৬ তৎ] বি, দেবতার খাদ্য; অমৃত।

দেবিক [দেব+ইক (সম্বন্ধে)] বিণ, দেবতাসম্বন্ধীয়।

দেবিকা [সং] বি, সরযূ নদী। ২ ধুতুরা।

দেবী [দেব (দ্রঃ)+ঈ (স্ত্রীং)] বি, দেবকন্যা; স্ত্রীদেবতা। ২ দুর্গা; অম্বিকা; কালিকা। প্র-দেবীপুরাণ; দেবীপূজা। ৩ ব্রাহ্মণ কন্যার পদবী। ৪ রাণী। ৫ স্ত্রীলোকের প্রতি ভক্তি ও সম্মান সূচক শব্দ। প্র-মাতৃদেবী। ৬ মহাশক্তি; পরমাত্ম-স্বরূপা। "যা দেবী সর্ব্বভূতেষু" ই°। ৭ [মার্কণ্ডেয় চণ্ডী মতে-"বিদ্যা সমস্তা স্তবদেবী ভেদাঃ। স্ত্রীয়ঃ সমস্তাঃ সকলা জগৎসু"] নারী মাত্রেরই পদবী [অধু° এই অর্থে চলিতে আরম্ভ হইয়াছে] ~কোট-বিণ, বাণরাজার রাজধানী শোণিতপুর। ~পুরাণ-বি, দেবীমাহাত্ম্য প্রতিপাদক উপপুরাণ। ~বঁর-বি, সার্দ্ধ চারিশত বৎসর পূর্ব্বে বঙ্গে প্রাদুর্ভূত বন্দ্যোপাধ্যায় বংশীয় সর্ব্বানন্দ ঘটকের পুত্র দেবীবর ঘটক (দক্ষিণ রাঢ়ীয় ব্রাহ্মণ সমাজের মেলবন্ধন কর্ত্তা)। ~ভাগবঁত-বি, দেবীর মাহাত্ম্যবর্ণনাত্মক পুরাণবিঃ। ~মাহাত্ম্য-বি, মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীর মাহাত্ম্য প্রতিপাদক প্রসিদ্ধ গ্রন্থ; চণ্ডী।

দেবেজ্য [দেব (দেবতাদের)+ইজ্য (পূজ্য), ৬ তৎ] বি, দেবগুরু বৃহস্পতি।

দেবেন্দ্র [দেব (দেবের)+ইন্দ্র (রাজা), ৬ তৎ] বি, দেবরাজ ইন্দ্র।

দেবেশ [দেব (দেবগণের)+ঈশ(প্রভু), ৬ তৎ] বি, দেবদেব মহাদেব। স্ত্রীং ~ী-দুর্গা।

দেবোচিঁত [দেব (দেবের)+উচিত, ৬ তৎ] বিণ, দেবতার যোগ্য।

দেবোত্তর-দেবত্র দ্রঃ।

দেবোপঁম [দেব+উপম (।) যার, বহু°] বিণ, দেবতুল্য।

দেব্যা [দেবী ৬ষ্ঠী, ১ব°=দেব্যাঃ >] বি, দ্বিজ কন্যার উপাধি। প্রচলন অনুসারে "দাস্যা" বিধবার ও "দাসী" সধবার উপাধি অর্থে ব্যবহার মত "দেবী" সধবার ও "দেব্যা" বিধবার উপাধি রূপে ব্যবহৃত হয়। কিন্তু অধু° "দেব্যা" স্থলেও "দেবী" শব্দের প্রয়োগ দেখা যাইতেছে। দাস্যা দ্রঃ।

দেমাক, দেমাগ [আ° দিমাগ্=মস্তিষ্ক, (২) অহঙ্কার। গ্রা° নিম্ন কথ্য-ড্যামাক্] বি, অহঙ্কার; গর্ব্ব। "কালিয়ে কাবাব রেঁধে দেমাকে অজ্ঞান"-হেম°।

দেয়ঁ১ [দা (দান করা)+য (র্ম্ম)] বিণ, দানীয়; দানযোগ্য; যা দান করা আবশ্যক; যা দিতে হবে।

দেয়ঁ২ [প্রা° বাং। দেও দ্রঃ] ক্রি, ম° পু° দাও। "চারি বস্ত্রের তাত্র গঠন করি দেয়।"

-শূ° পু°। তুল-খায় (দ্রঃ)। ২ [দ্যায় ও°] ক্রি, ১মপু° দান করে। ~লঁ-দিল। "ধব দেয়ল দিঠ"-বি°প°।

দেয়া₁ [সং-দেবতা > দেবা > দেআ > হি° দেয়া] বি, দেবতা। ২ আকাশ। "কেমন কেমন করছে দেয়া। মাঝ দরিয়ায় ভাসে খেয়া।"-রা° প্র°। ৩ পর্জ্জন্যদেব ; মেঘ। "রজনী শাঙন, ঘন ঘন দেয়া গরজন রিমি ঝিমি শবদে বরিষে।"-জ্ঞান°। ৪ ক্রি, দেওয়া দ্রঃ।

দেয়া₂ [দেআ, দেওয়া দ্রঃ। দিই, দাও, দেয় ; দিতে ; দিয়া (গ্রা° দিয়ে)। ণিজন্ত দিয়ান, দেয়ান] ক্রি, দান করা।

দেয়া₃ [সং-দীপ > দীআ > দিয়া > দেয়া। মালদহ প্রাদে° উচ্চারণে দেহা] বি, প্রদীপ।

দেয়াড়, দেয়াড়া [হি° দীবার (প্রাচীর) > প্রাদে°] বি, নদ্যাদির তটভূমি। যাতে জোয়ারের জলে ও বন্যায় পলি পড়িয়া শস্য উৎপাদনের উপযুক্ত হয়। ঐ জমিতে বীজ ছড়াইয়া দিলেই গাছ জন্মে।

দেয়ান [ফা° দীবান্ (রাজসভা)] বি, ধর্ম্মাধিকরণ ; আদালত। "আজি আমি শুনিমু দেয়ানে সব কথা। রাজার আজ্ঞায় দুই নৌকা আইসে হেথা॥"-চৈ° ভা°। "চক্রবর্ত্তী গোপাল দেয়ান সহবর্তি।"-অ° ম°। ২ দরবার। "দুধে ভাতে ভাল ছিল হেন বুদ্ধি কেবা দিল পাতশার দেয়ানে আসিতে।" -অ° ম°। দে° করা-ক্রি, দরবার করা ; সভা করা। "বাহির মণ্ডপে সাধু করিলেক দেয়ান"-মনসা ম° (ষষ্ঠীবর)।

দেয়াল [দেওয়াল দ্রঃ। ফা° দিবার > হি° দিওয়ার। ফা° দাও (রক্ষা)+আর (তুল্য) যা বাহিরের আক্রমণ হতে রক্ষা করে ; দাওয়ার (বাল) > দিওয়ার > দেওয়াল > দেআল] বি, প্রাচীর। দে° দেওয়া-প্রাচীর গাঁথিয়া তোলা। ২ প্রাচীর দ্বারা বেষ্টিত করা।

দেয়ালা, দেহালা (-রা) [দেব-লীলা > দেআলা >। দিয়ালা দ্রঃ।] বি, শিশুর স্বপ্নে হাসি কান্না। "জননীর কোলে নিন্দে ক্ষণে হাসে ক্ষণে কান্দে সাধুসুত করয়ে দেয়ালা।"-কবিক°। "শিশুর দেয়ালা" -অশোক°।

দেয়ালিনী, দেউলিয়ানী [দেউল দ্রঃ] বি, দেবমন্দির ও দেবতার পরিচারিকা। পুং দেউলা (দ্রঃ)।

দেয়ালী-দেওয়ালী দ্রঃ।

দেয়াশিনী, -সিনী [হি°। সং-দেববাসিনী >] বি, যে নারী তন্ত্রমন্ত্র জানে। "দেয়াশিনী বেশে মহলে প্রবেশ, রাধিকা দেখিবার তরে।"-চণ্ডি°। ২ পূজারিণী। "গোকুলে দেব দেয়াসিনী আওল।"-বি°প°।

দেয়াশী, -সী [হি°] বি, মনসা, শীতলা, ধর্ম্মরাজ ই° দেবতার পূজক বা পাণ্ডা।

-দের [সম্বন্ধ পদের বিভক্তি-ক, -কর, -করে, -কের, -র: -এর বহুব°, আদিক আদির, এদের > দিক (1). দিকর, দিগর > দিকের, দিগের > দির > দের] বি, সম্বন্ধ পদের বিভক্তি। প্র-আমাদের, তোমাদের, তাহাদের, প্রাণীদের, যাদবদের, নন্দদের, মাছেদের (মাছ+এদের), লোকেদের (লোক +এদের) ই°। ২ ম° বাং-য় এই বিভক্তির সহিত 'কে' যোগে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি প্রয়োগ ছিল। আধু° বাং-য় বিরল প্রয়োগ। যথা-"তারা মেয়েদের যে ঘরে রাখতে বাধ্য"-বি° সরকার। আধু° বাং-য় দেরকে স্থলে দিগকে।

দেরকো, দেরখা [গ্রা° দীপরক্ষক > ভ্রং] বি, দীপাধার ; দীপরক্ষক ; দীপ-রাখা ; উঁচু কাঠের পিলসুজ।

দেরাজ [ইং drawers. ফা° দরাজ] বি, কাষ্ঠাধারবি: ; আলমারীর ভিতরের বাক্স যা টানিয়া খোলা ও ভিতরে ঠেলিয়া বন্ধ করা যায়।

দেরী [ফা° দের্ > হি° দের্, দেরী] বি, বিলম্ব।

দেল [ফা° দিল্ >] বি, হৃদয় ; অন্তঃ-করণ ; মনঃ। "থির্ নয়ান অথির কছু ভেল। উরজ উদয় থল লালিম দেল॥"-বি° প°।

দেলকো [দেরকো দ্রঃ] বি, দীপ বৃক্ষ ; কাঠের পিলসুজ।

দেলখোস [ফা° দিল্‌খুশ্ >] বিণ, হৃদয় প্রফুল্লকর ; হৃদয়ানন্দ।

দেলদরিয়া [ফা° দিল্‌দরিয়া] বিণ, মুক্তহস্ত। ২ প্রচুর। ৩ উদারহৃদয়।

দেলা [গ্রা°। ধূলা > ভ্রং। খেলার সহ° শব্দ] বি, ধূলা। "জান কত খেলা দেলা গুণের সাগর"-অ° ম°। তুল-হি° খেল কুদ (কুর্দ্দন), বাং-খেলাধুলা।

দেশ [দিশ্ (দান, আজ্ঞা, বলা ই°)+অ (র্ম্ম)] বি, পৃথিবীর অংশবি: ; রাজ্য ; এক-জাতীয় এবং এক ভাষা, আচারানুষ্ঠানকারী লোকের বাসস্থান। ২ ভাগ ; অংশ। প্র-একদেশ ; শীর্ষ দেশ। ৩ দিক্। প্র-উহার দক্ষিণ দেশে অবস্থিত। ~কাল-বি, স্থান ও কাল। ২ অবস্থা ও সুযোগ। ~কালজ্ঞ [দেশ এবং কাল-জ্ঞ (যে জানে)] বিণ, যে দেশ এবং কাল জানে ; যে দেশ বুঝিয়া চলিতে পারে। ~কালপাত্র-বি, স্থান, সময় ও ব্যক্তিবিশেষ বা মানুষটির স্বরূপ। প্র-দে° কা° পা° বুঝিয়া কথা বলিতে হয়। ~কালোচিত [দেশ+কাল+উচিত] বিণ, স্থান কালের অনুকূল ; স্থান ও সময়ের যোগ্য বা অনুরূপ। ~জোড়া-দেশব্যাপী দ্রঃ। ~ত্যাগ-বি, যে দেশে জন্ম বা বাস তাহা পরিত্যাগ বা বর্জ্জন। বিণ, ~ত্যাগী। > স্ত্রীং ~ত্যাগিনী। ~দেশান্ত-বি, দেশবিদেশ : স্বদেশ ও পরদেশ ; বহুদেশ। "আজ দেশদেশান্তে ভারত নিজেকে দেখচে" -সরলা দেবী, উত্তরা, ১৩৩৩। ~ধর্ম্ম [দেশ (দেশের) + ধর্ম্ম, ৬ তৎ] বি, দেশ-প্রচলিত আচারানুষ্ঠান। ~পতি-বি, রাজা। ~বিখ্যাত-বিণ, দেশের মধ্যে লব্ধপ্রতিষ্ঠ ; দেশ প্রসিদ্ধ। ~বিদেশ-দেশ দেশান্তর ; স্বদেশ ও ভিন্ন দেশ। ২ সর্ব্বত্র ; চতুর্দ্দিক্। ~বিধান [দেশের বিধান, ৬ তৎ] বি, দেশীয় বিধিব্যবস্থা ; দেশ-প্রচলিত লৌকিক ব্যবহার। ~ব্যাপী, ~ময়-বিণ, পরিব্যাপ্ত ; দেশ জোড়া। ~মুখ [দেশের মুখ (প্রধান), ৬ তৎ] বিণ, দেশের মুখ্য বা প্রধান ; রাজা। "পরি, দুপণের কাছা ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশমুখ।" -কবিক°। ২ দেশের অভিমুখ ; দেশগামী। ৩ বৈদ্যদিগের উপাধিবি:। ৪ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবি:।

~হিত-বি, দেশের কল্যাণ। ~হিতকর -বিণ, দেশের উপকারজনক ; দেশের মঙ্গলকর। > স্ত্রীং ~রী। ~হিতৈষী-বিণ, দেশের মঙ্গলকারী। ~হিতব্রতি-বি, দেশের কল্যাণসাধনরূপ গৃহীত কর্ত্তব্য বা সঙ্কল্প বা সাধনা। > বিণ, ~হিতব্রতী- দেশের হিত- সাধক।

দেশনা [শব্দার্থ পরিঃ] বি, উপদেশ ; সূত্র। দে০ দুই প্রকার-(১) তত্ত্বার্থা ; বস্তু তত্ত্ব দেখান ; নীতার্থ। (২) উদ্দেশ্য ; কোন এক বিশেষ অভিপ্রায়ে কিছু উপদেশ করা ; অক্ষরের দ্বারা যা বুঝা যায় তা হতে অপর কিছু বুঝাইবার জন্য যা করা হয় ; আভিপ্রায়িকা দেশনা নেয়ার্থ। ~বিলাস-বি, উপদেশ দানের সৌন্দর্য্য ; সত্যোপলব্ধির উপায় প্রদর্শনে নৈপুণ্য।

দেশাচার [দেশ (দেশের) + আচার (ব্যবহার), ৬ তৎ] বি, দেশ-ব্যবহার ; দেশের রীতি ; দেশে প্রচলিত লৌকিক আচার অনুষ্ঠান।

দেশাত্মবোধ [দেশ + আত্ম + বোধ (অনুভূতি)। এই শব্দ "সাহিত্য"-সম্পাদক ৺ সুরেশচন্দ্র সমাজপতি উদ্ভাবিত] বি, দেশের সহিত আপনার অভেদ জ্ঞান ; আমার দেশমাতা, আমি দেশমাতার, যা দেশের তাই আমার, যা আমার তাই দেশের এরূপ বোধ ; দেশকে এমন ভাবে আপনার বোধ করা, যাতে আমাতে ও দেশেতে কোন ভেদ না থাকে : আমিই যে, দেশও সে এই বোধ।

দেশাধিপ, -পতি [দেশ (দেশের) + অধিপ, অধিপতি, ৬ তৎ] বি, দেশের শাসক ; রাজা।

দেশান্তর [দেশ (দেশের = স্বদেশের) + অন্তর (অন্য), ৬ তৎ] কিম্বা-অন্তর (অন্য) যে দেশ, ধা] বি, বিদেশ ; ভিন্নদেশ [এই অর্থে দেশান্ত ও০]। বিণ, দেশান্তরিত। ২ দূরদেশ। > স্ত্রীং ~রী।

দেশান্তরি [প্রাদে০। দেশান্তরিত >] বিণ, বিদেশবাসী ; দেশান্তরিত। "না হয় এদেশ ছেড়ে হতাম দে০।"-ঘ০।

দেশান্তরীয় [দেশান্তর + ঈয় (ভবার্থে)] বিণ, বিদেশী ; অন্যদেশ সংক্রান্ত।

দেশিক [দেশ + ইক (গত্যর্থে)] বি, পান্থ ; পথিক। ২ সত্যপথ বা মুক্তিপথ নির্দ্দেশক ; গুরু।

দেশিনী [সং] বি, তর্জ্জনী অঙ্গুলি।

দেশী [দেশ + ইন্ (সম্বন্ধার্থে, জাতার্থে) = দেশিন্ ১মা.১ব০] বিণ, দেশজ ; দেশোৎপন্ন। ২ রাগিণী বিঃ।

দেশীয় [দেশ + ঈয় (জাতার্থে, ভবার্থে, সম্বন্ধার্থে)] বিণ, দেশজ ; দেশোৎপন্ন। ২ দেশস্থ। ৩ দেশ সংক্রান্ত।

দেশোন্নতিবিদ্যা [বি০ সরকার উদ্ভাবিত] বি, "সমাজ বিকাশ, আর্থিক ব্যবস্থা, শাসন প্রণালী, জন্ম মৃত্যু স্বাস্থ্য ই০ বিষয় সম্বন্ধে যে সকল জ্ঞান বিজ্ঞান আছে সবই দেশোন্নতি বিদ্যার অন্তর্গত"-বি০ সরকার।

দেষ্ঠ [দাতৃ + ইষ্ঠ (অতিশয়ার্থে), তৃ-লোপ] বিণ, বদান্য ; অতিশয় দাতা ; যিনি অকাতরে দান করেন।

দেহ১ [দেওয়া দ্রঃ। সং-দেহি] ক্রি, দাও ; দান কর। "অধম সন্তানে মাগো দেহ পদছায়া"-বাং-গান। ২ সমর্পণ কর ; স্থাপন কর ; নিবেশ কর। "জদি এড়াব সমনের দায় পূর্ণ দেহ মন।"-শূ০ পু০।

দেহ২ [দিহ্ (লেপন করা, বৃদ্ধি পাওয়া) + অ (র্ম্ম), যে কালে বর্দ্ধিত হয়। প্রা০ ক্ষে০ 'দে'। প্রা০ বাং ও ব্রজ০ দেহা (দ্রঃ)। "ধরু দেহা"-দি০ প০] শরীর ; কলেবর। [দেহ ত্রিবিধ-জরায়ুজ, অণ্ডজ এবং অযোনিজ অর্থাৎ উদ্ভিজ্জ ও স্বেদজ। বি, অঙ্গ। তৈজস ও জলীয় দেহও অযোনিজ ; তৈজস দেহ সূর্য্যলোকে, জলীয় দেহ বরুণলোকে এতদ্ভিন্ন বৃদ্ধাঙ্গুষ্ঠ-প্রমাণ সূক্ষ্মদেহ আছে উহাই জীবের কর্ম্মফল ভোগ-দেহ।-ন্যায়দর্শন]। ~-আকাশ [আলং অর্থে] বি, শরীর। "বিদেশে দৈবের বশে জীবতারা যদি খসে এ দেহ-আকাশ হতে"-মাইকেল মধু০। ~কোষ [দেহের কোষ (আবরণ), ৬তৎ] বি, দেহের আবরণ ; চর্ম্ম। ~ক্ষয় [দেহের ক্ষয় (নাশ), ৬ তৎ] বি, দেহনাশ ; শরীরের বিনাশ। ২ [দেহ ক্ষয় হয় যাতে, বহু০] ব্যাধি। ~জ [দেহ-জ, জন্ (জন্মান) + অ (র্ত্তৃ) যে দেহ হতে জন্মে] বি, অঙ্গজ ; পুত্র। ২ বিণ, দেহ হতে উৎপন্ন। > স্ত্রীং ~া-কন্যা। ~ত [প্রা০ বাং-র 'ত' ৭মী বিভক্তির প্রত্যয়] অ, দেহে। "তোহ্মার দেহত কাহ্নাঞি॥"-শ্রী০ কী০। ~তত্ত্ব-বি, শারীর-স্থান বিদ্যা physiology. ~ত্যাগ [দেহের ত্যাগ, ৬ তৎ] বি, আত্মাকর্ত্তৃক শরীর পরিত্যাগ ; মৃত্যু। ~দ [দেহ-দ (যে দান করে)] বিণ, শরীরদাতা। ২ বি, পারদ। ~ধারক [দেহ (শরীর) ধারক (যে ধারণ করে)] বিণ, আকারধারী ; মূর্ত্তি ধারণকারী ; দেহী। ২ বি, অস্থি। ~ধারণ-বি, শরীর রক্ষা ; বাঁচা। ~ধারী-বিণ, শরীর ধারণকারী ; জীব। ~পণ-বি, দেহ স্বীকার ; দেহ বিক্রয়। > ক্রি-বিণ, ~পণে-দেহ বিক্রয় করিয়া ; দেহকে পণ রাখিয়া। ~পাত-বি, মৃত্যু। ~পিঞ্জর-বি, দেহরূপ খাঁচা বা পিঞ্জর ; হাড় পাঁজরার শরীর। ~ভার-বি, দেহের গুরুত্ব ; শরীরের বোঝা। ~ভুক্ [দেহ (শরীর) ভুজ্ (ভোগ করা) + ক্বিপ্ (র্ত্তৃ, জ্ঞা০)] বি, দেহের মধ্যে থাকিয়া কর্ম্মফল ভোগকারী ; দেহাভিমানী ; জীব। ~ভৃৎ [দেহ-ভৃৎ (যে ধারণ করে)] বি, দেহধারী ; দেহী ; প্রাণী। ২ আত্মা। ~যষ্টি [লম্বায় যষ্টি স্বরূপ অর্থে] বি, শরীর। দেহ রাখা [দেহরক্ষা দ্রঃ] বি, দেহত্যাগ ; মৃত্যু। "স্বর্গে যান দেহ রাখি"- অ০ ম০। ~সার-বি, অস্থি। ২ মজ্জা। ~যাত্রা [দেহ (শরীর) যাত্রা, যা (গমন করা) + ত্র (ণে) যদ্বারা শরীর ধারণ করা হয়] বি, জীবন যাপন। ২ দেহপাত ; মৃত্যু। ~রক্ষা [দেহের রক্ষা, ৬ তৎ] বি, শরীর ধারণ ; দেহ সুস্থ রাখা। ২ দেহত্যাগ ; মৃত্যু। "আউলচাঁদ দেহ রক্ষা করিলে, শোকাকুল শিষ্যমণ্ডলী তাঁহার মৃতদেহ স্কন্ধে করিয়া পরারিগ্রামে লইয়া গিয়া সমাধি দেন।"-জীবনীকোষ।

দেহড়ি-দেউড়ি ও দেহলি দ্রঃ।

দেহর [দেহার দ্রঃ। দেবালয় > দেউল দেউর্-দেহর] বি, দেবমন্দির। "দেউল

প্রাচীর ভাঙ্গে দেবের দে°" -মহা° (কাশী°)।

দেহঁরা-দেহারা দ্রঃ।

দেহঁলি (লী) [দেউড়ি দ্রঃ] বি, দ্বারের পুরোভাগস্থ বেদীর ন্যায় স্থান; দাওয়া; রক। ২ চৌকাঠ; চৌকাঠের উপর বা নিম্নের কাষ্ঠফলক।

দেহা১ [সং-দেহ > ব্রজ°। প্রা° বাং] বি, দেহ; শরীর। "সুধা ছানিয়া কেবা ও সুধা ঢেলেছে গো তেমতি শ্যামের চিকণ দেহা।"-চণ্ডি°। ২ [প্রা° বাং] জীবন। "সফল করহ দেহা দেহ আমুমতী"-শ্রী° কী°। ৩ ব্যক্তি। "আন্ধাত অধিক কোণ দেহা আছে"-শ্রী° কী°।

দেহা২ [সং-দীপ > হি° দিয়া, প্রাদে° বাং-দেয়ার উচ্চারণ ভেদ, মালদহ] বি, প্রদীপ; দীপ।

দেহাতীত [দেহ + অতীত] বিণ, দেহের অতীত বা অতিক্রান্ত। ২ দেহাভিমান বর্জ্জিত।

দেহাত্ম/প্রত্যয় [দেহ + আত্ম + প্রত্যয়] বি. দেহে এবং আত্মার অভেদ জ্ঞান। ২ [দেহাত্ম-প্রত্যয় যার হইয়াছে] চার্ব্বাক। ৩ বিণ, দেহাত্মদর্শী। ~**বাদ** (দেহ (ই) আত্মন্ (এই) বাদ (মত)] বি.দেহ হ'তে স্বতন্ত্র আত্মা নাই এই বিশ্বাস বা মত। ~**বাদী** [দেহ + আত্মন্ + বদ + ইন=বাদিন্ ১মা, ১ব°] বিণ, যারা দেহ ব্যতীত আত্মা বলিয়া কিছু মানে না; যাদের মতে দেহই আত্মা। ২ চার্ব্বাক-মতাবলম্বী। ৩ বি, চার্ব্বাক।

দেহান্ত [দেহ (দেহের) + অন্ত (শেষ), ৬তৎ] বি, মৃত্যু।

দেহান্তর [দেহ + অন্তর (অন্য), ধা] বি, এক দেহ হ তে অন্য দেহ; অন্যদেহ।

দেহাবিন্দী [ফা°দিহ্ (গ্রাম) >] বি, একাধিক গ্রামের পরে পরে নামোল্লেখ; গ্রামওয়ারী।

দেহাবসান [দেহ (দেহের) + অবসান] বি, মৃত্যু।

দেহারা১, দেহেরা [সং-দেবগৃহ > দেবঘর > দেওঘরা >] বি, দেবালয়; দেউল; মন্দির; মঠ। "আপনি মার্জ্জনা করে ধর্ম্মের দেহারা।"-ঘ°। "দেহারা দেউল নহি পরবত সকল।"-শূ° পু°। "বিশ্বকর্ম্মা-রচিত দেহারা।"-কবিক°।

দেহারা২ [দ্বার >। প্রা°বাং] বি, দ্বার। "দে° দেউল নাহি পরবত সকল।"-শূ° পু°।

দেহালা [দেয়ালা দ্রঃ] বি, শিশুর স্বপ্নাবস্থায় হাসি কান্না। "শুয়ে নিদ্রা যায় বালা করয়ে দে° ক্ষণে হাসে ক্ষণে কান্দে খেলে ব্যাধবালা।" (পাঠান্তর) "দীর্ঘ নিদ্রা যায় শিশু করয়ে দে°।"-কবিকু°।

দেহি [সং-দেহি। দা (দান করা) + হি (লোট-হি), আধু° বাং-য়, পদ্যে বিরল। ক্রমে অপ্র° হইতেছে] ক্রি, দান কর; দাও। "দেহি হৃদয়ে সদা শক্তি রস প্রভু হে"-স্ক°। "সাঁঝা জাল গতি ভাই সাঁঝাত্ম দেহি মন সাঁঝার বেলে সাঁঝা দিলে তুষ্ট নিরঞ্জন।"-শূ° পু°। ~**দেহি রব**-কেবল দাও দাও এই চীৎকার; তীব্র আকাঙ্ক্ষা ও লোভ সূচক উক্তি।

দেহী [দেহ + ইন্ (স্ত্য°)=দেহিন্ ১মা, ১ব°] বিণ, দেহধারী; শরীরী। "মর-দেহী অমর প্রণয় নিরমল"-আলো ও ছায়া। ২ বি, দেহের অধিষ্ঠাতা; জীব। ৩ আত্মা।

দেহু [প্রা°বাং। দেওয়া দ্রঃ] ক্রি দেহ। "চন্দন থুরিতে দেহুজ অন্য আকার।"-শূ° পু°।

দেহুড়ী [হি°। বাং প্রা° দেউড়ী] বি, সদর দরজা; ফটক। "দেহুড়ীর কাছে থাক হয়ে দানী গো"-ঘ°।

দেহুরী [সং-সিংহদ্বার >। দেহুড়ী দ্রঃ] বি, সিংহদ্বার; দেউড়ী; ফটক। "দেখি, দেহুরীতে তারা আইল শীঘ্রগতি"-হরিলীলা (জয়নারায়ণ)।

দেহেরা-দেহারা১ দ্রঃ।

দৈ [দধি > হি° দহী > বাং-য় ক্ষে° দই, দৈ] বি, দুগ্ধ বিকারবিঃ; দই।

দৈতেয় [দিতি + ঢেয় (অপত্যার্থে)] বি, দিতির সুত; অসুর।

দৈত্য [দিতি + য (অপত্যার্থে) 'দৈত্যের' ও°, কিন্তু বাং-য় অপ্র°। প্রা°বাং-দত্ত। আধু° গ্রা° ও মেয়েলি উচ্চারণে "দোত্তো", দোত্তি। "তেন দুসই সঅল জানই সো দত্ত"-বৌ° গান ও দো°] বি, দিতির সুত: দানব; অসুর। স্ত্রীং দৈত্যা-দৈত্যপত্নী। ২ মদ্য। ~**কুল**-বি, দানব বংশ: দেবারি বংশ। > **দৈত্যকুলে প্রহ্লাদ** [প্রা° দোত্তো বা দোত্তি কুলে পেল্লাদ] বিষ্ণুদ্বেষিকুলে বিষ্ণুভক্ত সন্তান; বংশের বিপরীত প্রকৃতি ও লক্ষণাক্রান্ত সন্তান। ~**গুরু** [দৈত্যের গুরু, ৬তৎ] বি, শুক্রাচার্য্য। ~**পতি** [দৈত্যের পতি, ৬তৎ] বি, হিরণ্যকশিপু। ২ বিণ, দৈত্য-প্রধান; দৈত্যরাজ। ~**মাতা** [দৈত্যের মাতা, ৬তৎ] বি, দিতি।

দৈত্যারি [দৈত্য (দৈত্যের) + অরি (শত্রু), ৬তৎ] বি, দানবারি। ২ বিষ্ণু; কৃষ্ণ। ৩ অসুরারি; দেবতা।

দৈন [দীন + অ (ভা°)] বি, দৈন্য। ২ [দিন + অ (ভবার্থে)] বিণ, দৈনন্দিন: দৈনিক [বিরল]।

দৈনন্দিন [দিন + দিন + অ (ভবার্থে, ন আগম, নিপাতনে)] বিণ, দিনের পর দিন; দৈনিক যা ঘটে; প্রতিদিবসীয়; প্রাত্যহিক।

দৈনিক [দিন + ইক (ভবার্থে)] বিণ, দিন সংক্রান্ত। ২ দিবাভাগে সম্পাদ্য বা সংঘটিত। ৩ এক দিনের সম্পাদ্য। ৪ প্রত্যহ যা হয়; প্রাত্যহিক। স্ত্রীং ~**া**-দিন মজুরী; একদিনের বেতন।

দৈন্য [দীন + য (ভা°)] বি, দীনতা; দারিদ্র্য; অভাব। ২ দীনের ভাব; কার্পণ্য। ৩ সন্তাপ; কাতরতা; ক্ষোভ। ৪ অতিশয় বিনম্রভাব। ৫ অপরাধ। ৬ ভয়। ৭ [বৈষ্ণব সা°] অপরাধ, দুঃখ, ভয় ই° জন্য দৌর্ব্বল্য। ~**দশা**-বি, দারিদ্র্য; দীন-হীনের অবস্থা।

দৈব [দেব + অ (ইদমর্থে)] বি, অদৃষ্ট; ভাগ্য; পূর্ব্বজন্মকৃত কর্ম্ম। "দৈবে করে কি দোষ তোমার"-অ° ম°। ২ বিবাহবিঃ। ৩ বিণ, অদৃষ্ট হ'তে প্রাপ্ত; ভাগ্যোৎপন্ন। ৪ অলৌকিক; অমানুষিক। ৫ দেবকৃত; দেবসম্বন্ধীয়। ৬ [স্বার্থে, অ] দেবতা। ~**কর্ম্ম** [দৈব (দেব সম্বন্ধীয়) যে কর্ম্ম (কার্য্য), ধা] বি, দেবোদ্দিষ্ট কর্ম্ম; দেবতার প্রীত্যর্থে অনুষ্ঠিত যজ্ঞাদি। ~**ক্রম**-বি, দৈবগতি।

~ক্রমে-ক্রি-বিণ, দৈবাৎ ; দৈবগতিকে। ~গতি [দৈবের গতি, ৬তৎ] বি, দৈব ঘটনা ; দৈবযোগ। ২ ক্রি-বিণ, দৈবযোগে। ~গতিকে [দৈ+গতিক+এ (বিভক্তি চিহ্ন)] ক্রি-বিণ, দৈবযোগে ; দৈবাৎ ; এই অর্থে ~গত্যা (ভুল-অগত্যা)। ~ঘটনা [দৈব কর্ত্তৃক যে ঘটনা, ৩তৎ] বি, অলৌকিক ব্যাপার। ২ দৈবযোগ ; আকস্মিক ঘটনা। ~চিন্তক [দৈবের (শুভাশুভ প্রশ্নের) চিন্তক (চিন্তাকারী), ৬তৎ] বি, লগ্নাচার্য্য ; দৈবজ্ঞ। ~জ্ঞ [দৈব (জন্মান্তর কৃত শুভাশুভ কর্ম্ম) + জ্ঞ (যে জানে)] বিণ, ভাগ্যগণনাকারী ; যে গণনাদ্বারা মনুষ্যগণের ত্রিকাল বিষয়ক শুভাশুভ জানে ; গণক। ২ বি, ব্রাহ্মণবিঃ। ~ত [দেবতা+অ [ষ্ণ (সমূহার্থে)] বি, দেবগণ ; দেবতা সমূহ। ২ [+ষ্ণ (স্বার্থে)] দেবতা। ৩ [+ষ্ণ (সম্বন্ধে)] বিণ, দেবতা সম্বন্ধীয়। ~তন্ত্র [দৈব (দৈবের) তন্ত্র (বশ, অধীন)] বিণ, দৈবাধীন। ~তীর্থ [দৈব (দেব সম্বন্ধীয় যে তীর্থ (ক্ষেত্র), ধা] বি, আঙ্গুলের অগ্রভাগ ; উহাদ্বারা দেবগণের তর্পণ করিতে হয় বলিয়া এই নাম। ~দুর্ব্বিপাক [দৈবের দুর্ব্বিপাক (বিপরিণাম), ৬তৎ] বি, দৈবের দুর্ঘটনা ; দৈবের প্রতিকূলতাচরণ ; অদৃষ্ট-বিপর্য্যয়। ~দোষ [দৈবের দোষ, ৬তৎ] বি, অদৃষ্ট-দোষ: ভাগ্যবিপর্য্যয় ; দেবতার প্রতিকূলতা ; বিধিবিড়ম্বনা। "দৈব-দোষে ব্যাসদেবে উপজিল ক্রোধ।"-অ০ ম০। ~বশতঃ, ~বশে [-বশঃম্। দৈবের বশে, ৬তৎ] ক্রি-বিণ, হঠাৎ ; দৈবাৎ। "একদিন দৈববশে শিষ্যসহ শাস্ত্ররসে নৈমিষ কাননে উত্তরিলা।"-অ০ ম০ [এই অর্থে বাং-য় দৈববশাৎ ও০]। ~বাণী [দৈব (দেব) সম্বন্ধীয় যে বাণী (বাক্য), ধা] বি, আকাশ-বাণী ; অশরীরীবাক্ ; দেবগণ অলক্ষিত থাকিয়া যে আদেশ করেন। ২ দেবভাষা ; সংস্কৃতভাষা। ~বিড়ম্বনা [দৈব কর্ত্তৃক বিড়ম্বনা (ছলনা), ৩তৎ] বি, দৈব ছলনা ; বিধি-প্রতিকূলতা। ~যুগ [দৈব (দেবতার) যে যুগ, ধা] বি, দেবমানে ১২০০০ বর্ষ। ~যোগ [দৈবের যোগ, ৬তৎ] বি, দৈব-ঘটনা। ২ ক্রি-বিণ, দৈববশতঃ ; দৈবগতি ; হঠাৎ। এই অর্থে ~যোগে। ~লব্ধ [দৈব (দ্বারা) লব্ধ, ৩তৎ] বিণ, দৈবযোগে বা অদৃষ্ট ক্রমে প্রাপ্ত। ~লেখক [দৈবের লেখক, ৬তৎ] বি, শুভাশুভ নিরূপক ; গণক। ~শক্তি-বি, ঐশী শক্তি। ~শক্তি-সম্পন্ন-বিণ, ঐশী শক্তি বিশিষ্ট। "বড় মাষ্টার দৈ০ শ০ স০"-উত্তরা, ১৩৩৩।

দৈবকী-দেবকী দ্রঃ।

দৈবাৎ [সং] অ, সহসা ; হঠাৎ ; অকস্মাৎ ; অতর্কিতভাবে। ২ মানুষের ইচ্ছায় নয় দেবতার ইচ্ছায়।

দৈবাগত [দৈব (বশে, দ্বারা) আগত, ৩তৎ] বিণ, হঠাৎ আগত; দৈবক্রমে উপস্থিত। স্ত্রীং ~া।

দৈবাদেশ [দৈব (দৈবের) + আদেশ. ৬তৎ] বি, দেবাদেশ ; প্রত্যাদেশ।

দৈবাধীন [দৈব (দেবতার) + অধীন, ৬তৎ] বিণ, দৈবায়ত্ত ; দেবতার বশবর্ত্তী ; দৈব ইচ্ছায় নিয়ন্ত্রিত। "বল বুদ্ধি বিক্রম বুঝিতে দৈবাধীন। আরোপিলা রাধাচক্র আড়ে তার মীন॥"-ঘ০।

দৈবায়ত্ত [দৈব (দৈবের) + আয়ত্ত (অধীন), ৬তৎ] বিণ, দৈবাধীন। ২ ক্রি-বিণ, দৈবক্রমে।

দৈবাহোরাত্র [দৈব (দেবতার পরিমাণ) + অহোরাত্র (দিবারাত্র), ম০ প০ লো০] বি, মনুষ্য পরিমাণে এক বৎসরকাল।

দৈবিক [দেব+ইক (সম্বন্ধার্থে)] বিণ, দেবসম্বন্ধীয়। ২ [ভবার্থে ইক] দৈবঘটিত। ৩ ক্রি-বিণ, দৈবাৎ।

দৈবী [দেব + অ (সম্বন্ধার্থে) + ঈ (স্ত্রীং)] বিণ, দেবসম্বন্ধীয়া ; দেবতার। প্র-দৈবী মায়া। ২ ক্রি-বিণ, দৈবাৎ।

দৈবে, দৈবেঁ [প্রা০ বাং-দৈবেঁ) বি, দেবগণ। "দৈবে কৈল তোহ্মা এক-সরী"।-শ্রী০ কী০। ২ ক্রি-বিণ, অদৃষ্ট বশে ; দৈববশে। "কাহ্নাঞিঁ না বুঝে দৈবেঁ এ বিশেষ"-শ্রী০ কী০।

দৈবোপহত [দৈব+উপহত (আহত, বিরুদ্ধভাবাপন্ন) যার, বহু০] বিণ, দুর্ভাগ্য ; ভাগ্যহীন; দেবতা যার প্রতিকূল।

দৈব্য [দেব+য (সম্বন্ধার্থে, স্বার্থে)] বিণ, দেবসম্বন্ধীয়। ২ বি, অদৃষ্ট।

দৈর্ঘ্য [দীর্ঘ+য (ভা০)] বি, লম্বাই ; অপ্রশস্ত দীর্ঘদিকের পরিমাণ ; প্রস্থের বিপরীত।

দৈশিক [দেশ+ইক (সম্বন্ধার্থে)] বিণ, দেশসম্বন্ধীয়। ২ দেশোৎপন্ন ; দেশজাত। ২ আংশিক ; একদেশ সংক্রান্ত। ৩ [তমলুকাদি অঞ্চলে] গ্রাম্য সৈন্য।

দৈষ্টিক [দিষ্ট (অদৃষ্ট) + ইক] বিণ, অদৃষ্টের উপর নির্ভরকারী।

দৈহিক [দেহ+ইক (সম্বন্ধার্থে)] বিণ, দেহসম্বন্ধীয় ; শারীরিক। ২ দেহবিষয়ক।

দো১ [সং-দুহ্ (দোহন করা) >] ক্রি, ম০ পু০, দোহন করা। ~আ১ [সং দুহ্ (দোহনে) > দোহা > দোআ। দুই, দো, দোয় ; দুইতে ; দুইয়া (ক্ষে০ দুয়ে)। নিজন্ত -দোআন] ক্রি, দোহন করা।

দো২ [দুই (দ্রঃ) > হিং দোই > ক্ষে০ দো। বাং সমাসে হিন্দীর অনুকরণে দো] স, দুই। প্র-দোটানা। দোনলা। দোপেয়ে।

দো৩ [দুঃখ > দুঃখিতা=দুখিয়া > দুয়া, দুয়ো > দো] বিণ, দুর্ভাগা ; দুঃখী। প্র-দো-রাণী। "নেটি পেটি লা, অভিমানী দো।" -প্রবচন।

দোআ২-দোয়া১ দ্রঃ।

দোআন-দোকান দ্রঃ।

দোআব [দো (দুই) + ফা০ আব (জল)] বি, দুই নদীর মধ্যবর্ত্তী বা দুই নদী বিধৌত ভূখণ্ড।

দোআর [দ্বার > দুয়ার, দোআর > ক্ষে০ দোর। আ=য়=ও] বি, দ্বার।

দোআঁশ [দো (দুই) + আঁশ (আঁসলা দ্রঃ, বা অংশ > আঁশ)] বিণ, এঁটেল মাটির সহিত বালি মাটির অংশ বেশী এমন। প্র-এঁটেল জমি অপেক্ষা দোআঁশ জমিতে ফল ভাল হয়।

দোআঁশলা [দো + আঁশ (অংশ) + লা (তুচ্ছার্থে)] বি, এঁটেল ও বেলে মাটির মিশ্রণ জাত মৃত্তিকা।

দোআঁসলা [দো + ফা॰ নস্‌ল্ breed) + আ(অবজ্ঞার্থে) > দোনসলা >] বিণ, দুয়ের অংশ জাত ; ভিন্ন ভিন্ন জাতীয় পিতামাতার সংযোগে উৎপন্ন। প্র—কুকুরটা দো॰, দিশী ও নয় বিলিতী ও নয়।

দোঁহা [হি॰] বি, হিন্দীভাষায় ব্যবহৃত ছন্দোবিঃ। "কবির এক একটি দোঁহা এক একটি অলঙ্কারের দৃষ্টান্ত স্বরূপ, দোঁহাগুলি তিনি অলঙ্কার হিসাবে সাজাইয়াছেন অর্থাৎ একই অলঙ্কারের দোঁহা একস্থানে দিয়াছেন।"—উত্তরা, পৌষ, ১৩৩৩।

দোঁহে [দোঁহা দ্রঃ] স, দুইজনে ; উভয়ে। "কুতূহলে দোঁহে মিলে করে বিভু-গান।"—হেম॰।

দোকর [দুই—কর (করণ)—যা দুইবার করা হইয়াছে] বিণ, দ্বিগুণ ; ডবল। "বলে, মুসলমানের রাজ্য হইলে দিব। এখন দিয়া কি দোকর দিব?"—বঙ্কিম (সীতারাম)। ২ পুনঃকৃত ; পুনর্ব্বার। প্র—দোকর মেহনত।

দোকলা, দুকেলা [হি॰ দুকেলা (দুক্কা + এলা)। স্ত্রীং দুকেলী। একেলা দ্রঃ] বিণ, দুইজন মাত্র ; সঙ্গে আর একজন আছে এমন। ২ দ্বিতীয়। প্র—এর আর দুকলা নাই। স্ত্রীং দুকেলী ; দুকলী।

দোকা [দো—একা। হি॰ দোকা] বিণ, দুই জন একত্র ; দুইজনে মিলিত। "মিলে মিশে দুই সন্ধ্যা হ'য়ে রব দোকা।"—অশোক॰। ২ দুইজন। প্র—একা দোকার কাজ নয়। ~ঠি [দুই > দো + কাঠি। 'দোকাটি' ও॰] বি, কাঠিদ্বয়। ২ কাঠিতে কাঠিতে আঘাত। "ঢক ঢক করি ঢেঁকি উঠাইল বাগ। দোকাঠি বাজারে চলে বলে লাগ লাগ॥"—শি॰।

দোকান [ফা॰ দুকান্। চ॰ক॰ ভা॰ দোআন] বি, ক্রয় বিক্রয় স্থান ; পণ্যশালা। "খোলে যবে প্রজাপতি রূপের দোকান।"—অশোক॰। "রূপের ডালি খুলে বসি পেতেছে দোকান।"—হেম॰। ~করা—দোকান রাখা বা চালান। ২ খরিদ পত্র করা ; দোকান হ'তে দ্রব্যাদি ক্রয় করা। তুল—হাট করা। বাজার করা। ~খোলা—দোকান প্রতিষ্ঠা করা। ২ দ্রব্যাদি বিক্রয় আরম্ভ করা ; দোকানের দ্বার খোলা। ~ঘর—পণ্যদ্রব্য যে গৃহে রাখিয়া বিক্রয় করা হয়। দো॰ তোলা—দোকানের জিনিষ পত্র উঠাইয়া রাখা। ২ দোকানের কাজ বন্ধ করা। দো॰ দেওয়া [গ্রা॰] সকাল সন্ধ্যা বা সকাল হ'তে সন্ধ্যার পর উঠাইয়া লইয়া যাওয়া হয় এরূপ দোকান লাগান বা করা, পাতিয়া বসা বা খোলা। ~পাট—দোকান-পত্র ; ক্রয়-বিক্রয়। ~হাট—দোকান এবং অস্থায়ী বাজার ; কেনা-বেচার ছোট বড় স্থান। ~দার [ফা॰ দুকান্দার্] বি, দোকানী। ২ বিণ, সকল বিষয়ে লাভ লোকসান গণনা করিয়া যে কাজ করে। ৩ [লক্ষ॰] স্বার্থপর। ৪ খরিদ্দার ভুলাইতে দক্ষ। প্র—লোকটা ভারি দোকানদার। বি, ~দারি(রী) বি, দোকান রাখিয়া ক্রয় বিক্রয় করা। ২ বণিগ্‌বৃত্তি। ৩ স্বার্থপরতা। ~দারী করা—দোকানদারের মত কাজ করা বা ব্যবহার করা।

দোকানি, দোকানী [দোকান দ্রঃ] বি, দোকানদার ; যার দোকান আছে। "দোকানি পাতিয়া গেল হাট"—শূ॰ পু॰। "সুমধুর বাণী বলে সে দোকানী"—চণ্ডি॰। ~পসারী—একার্থক সহ॰ দ্বন্দ্ব ; দোকানী ; সাধারণ দোকানদার ও বেণে মসলা বিক্রেতা।

'দোক্তা, 'দোক্‌তা—বি, চুণের বা পানের সহিত খাইবার শুষ্ক তামাক পাতা [চুণ মিশ্রিত দোক্তাচূর্ণকে সুখা, সুর্ত্তি বা খৈনী বলে] ~খোর—বিণ, দোক্তা খাইতে অভ্যস্ত। "দোক্তাখোরের পান সাজা এমন দৃষ্টিকৃপণের কাজ নহে।"

দোখালা [যশো॰ খুলনা প্রাদে॰] বি, দুই পার্শ্বে দুইটি সমান আকারের খাল গিয়াছে এমন স্থান। পাশখালি দ্রঃ।

দোগজা [দো (দুই) গজ + আ (ওসার পরিমাণার্থে)] বি ইংরেজ আমলের পূর্ব্বে, বঙ্গে ভদ্র মহিলাদের পরিধেয় বস্ত্রের উপর ব্যবহৃত ওড়না। "ভুনি দো॰ পট্টপাড়ি" (=রেশমের পাড় লাগান চাদর)।

'দোগ্ধা [দুহ্ (দোহন করা) + তৃ (র্ত্তৃ) =দোগ্ধ ১মা, ১ব॰] বি, বৎস ; বাছুর। [প্র॰ অ॰] ২ গোপাল ; গোয়ালা। ৩ বিণ, দোহনকারী। স্ত্রীং দোগ্ধ্রী—দুগ্ধবতী।

দোঘা(—গা)শালা—বি, গো দোহন স্থান (বাং শ॰ কোষ)।

'দোছিটি, 'দোছুটি [দুই > দো + ছুট (দ্রঃ)] বি, ধুতী উড়ানি : পরিধেয় এবং গাত্রাবরণ। "দোছটি (পাঠান্তরে দোছুটি) করিয়া পরে বার হাত সাড়ী।"—কবিক॰।

'দোছিতরি [দুই > দো ছতরি (ছাদ)] বি, বড় ছাদের নিম্নে ঘরের অন্তর্ভুক্ত হইয়াছে যে ক্ষুদ্র ছাদ।

'দোছুট, দোছোট [দো (দুই, এখানে দ্বিতীয়) ছোট (দ্রঃ)] বি, উত্তরীয় বস্ত্র।

দোজখ [ফা॰ দোজ্‌খ্ >, মু॰ বাং] বি, নরক। প্র—দোজককে=নরকে (পূ॰ ব॰ গী॰)। "তাহা হইলে যেন দোজখেও আমার স্থান না হয়"—জয়ন্তী (ন॰ গুপ্ত)।

দোজবরে, দোজবেরে [প্রাকৃ॰ দোজো > হি॰ দুজা, দুইজ + বর + ইয়া] বিণ, দ্বিতীয় বার পরিণীত ; দুইবার বিবাহিত। "গণক কহিল মোরে দিবে দোজবেরে বরে বিচারিয়া বিধবা লক্ষণ"—কবিক॰।

দোজমি(মী) [সং—দ্বি > দুই > দো + জমি—দুই রকম জমি] বি, দোআঁশলা জমি। ২ যে জমীতে এক বৎসরে দুইবার ফসল উৎপন্ন হয়।

দোটানা [দো (দুই) + টানা (আকর্ষণ)] বি, দুইদিকে মনের টান বা আকর্ষণ। প্র—দোটানার মধ্যে পড়ে প্রাণ যেন গেল। "এই দোটানার মাঝে এসে পড়লে"—মেজবৌ (আ॰ শক্তি)।

দোড়ী—দড়ী দ্রঃ।

দোত, দোয়াত [আ॰ দবাৎ] বি, মস্যাধার।

দোতরফা [দো—দুই + তরফ (দ্রঃ) + আ (সম্বন্ধার্থে)] বিণ, উভয় পক্ষীয়।

দোত(া)লা [দো (দুই) + তল + আ (স্থ্য॰ বা বির্থে॰)] বি, যে বাড়ীর প্রথমস্তরের উপর দ্বিতীয় স্তরে গৃহ বা গৃহাবলী আছে ; দ্বিতল অট্টালিকা। ২ এক তলের ছাদের উপরের গৃহ। ৩ বিণ, দুই তলবিশিষ্ট।

দোত'রা [দো (দুই) তার+আ (যুক্তার্থে)] বি, দুই তারযুক্ত যন্ত্র। "বাজে রবাব মৃদঙ্গ দোতারা।"-অ০ ম০। ২ বিণ, দুই তারবিশিষ্ট।

দোতেরিজা [জমী: পরি:] বি, বক্র ভূমিকে ভিন্ন ভিন্ন অংশে বিভাগ করিয়া জরিপ।

দোথরি [দো (দুই) থর (স্তর)+ই (যুক্তার্থে)] বিণ, দুই স্তরযুক্ত; দুই থাক; দুহালি। "দো০ মুকুতা হার কোন সহচরী আর গেঁথে দিল উমার কপালে।" -কালীকীর্ত্তন।

দোদমা [একদমা দ্র:] বি, যে পটকা দুইবার আওয়াজ করে। "বাজি পোড়ান মহারাজা, * * বোমা দোদমা দেদার ফাটে"-অবনীন্দ্র ঠাকুর।

দোদুল [দুল্ (দ্র:) দুল্ > ক্ষে০] বিণ, দোদুল্যমান: দোলায়মান। "বসন্তের পবনে দো০"-সোনার তরী।

দোদুলামান [দুল্+যঙ্ (পুন: পুন: অর্থে)=দোদুল্য+আন (র্ত্তৃ), বা ক্রমাগত দুলিতেছে] বিণ, অনবরত দোলায়মান; ক্রমাগত বা দোলায়িত হইতেছে।

দোধারি [দো=দুই-ধার+ই(তত্রভব অর্থে)] বিণ, দুই পার্শ্বস্থ।

দোধূয়মান [ধূ (যঙন্ত)+শান (র্ত্তৃ)] বিণ, ঘন ঘন কম্পমান।

দোনি১, দোনো [পা০, বাং। হি০ দোনো] বিণ, দুই। "দোনো ছেলার নাড়ি ছেদ করিল বসিয়া"-মাণিক০। ২ [রঙ্গপুর প্রাদে০] বি, ভূমি পরিমাণ; গাঁও দ্র:।

দোনি২, দোনী, দুনী [সং-দ্রোণ, দ্র:। দ্রোণী দ্র:] বি, জল ছেঁচিয়া ফেলিবার কাষ্ঠ বা পত্রাদি নির্ম্মিত পাত্র।

দোনর(নরী) [নর২ দ্র:] বিণ, দুই হালি বিশিষ্ট।

দোন(না)লা, [দু-দো+নল+আ] বিণ, দুই নল বিশিষ্ট। প্র-দোনলা বন্দুক। ২ বি, ঐরূপ বন্দুক।

দোনা [হি০। সং-দ্রোণ >] বি, পান রাখিবার ঠুলি বা ঠোঙ্গা। "বাটা ভ'রে দিব পানের দোনা"-বিষবৃক্ষ। ২ দমনক বৃক্ষ; দমাগাছ।

দোপট্টি [হি০ পটরী (পার্শ্ব)] বি, পথের দুই পার্শ্ব; দুই ধার। "এখন দেখ যে সহরের দোপট্টি সুন্দর সুন্দর মনহারীর দোকানে পরিপূর্ণ।"-কলিকাতা রহস্য।

দোপড়া [দো (প্রথম বিধবা হইবার পর)+পড়া (অন্য পতির হাতে পড়া)] বি, বিণ, পুনর্ভূ। ২ এক স্থানে বিবাহের স্থির হইয়া গাত্র-হরিদ্রাদি হইবার পর যে কন্যা অন্য পাত্রস্থা হয়। প্র-দোপড়া মেয়ে।

দোপাটা [হি০ দোপাট্টা (দুই পট্ট)] বি, উত্তরীয় বস্ত্র; উড়ানী। "পুরাণ দো০ গায় দিতে টানাটানি"-কবিক০।

দোপাটী [সং-দ্বিপুটী > রূপান্তরে, দোমাটি, দুমুটী, দুইবটী, দুবটী, দোবটী (প্রা০ বাং)] বি, বর্ষাকালের দুইরঙ্গা স্বনামপ্রসিদ্ধ ফুলবি: balsam

দোপাট্টা [হি০] বি, উত্তরীয় বস্ত্র।

দোপেয়াজা [ফা০ দোপিয়াজা] বি, দ্বিগুণ পরিমাণ পেয়াজ দেওয়া সুরুয়াহীন মাংস খাদ্য।

দোপেয়ে [সং-দ্বিপদ > হি০ দোপইয়া। প্রা০] বি, দ্বিপদ; মনুষ্য। ২ বিণ, দুইপদযুক্ত।

দোফরকা, দোফাঁকড়া [দো+ফরকা, ফাঁকড়া (দ্র:)। তুল-ইং bifurcated; two-forked] বিণ, দুই সূচীবৎ; দুইশলাকাযুক্ত। ২ দুই শাখায় বিভক্ত।

দোফলা [দো=দুইবার-ফল+আ-দুইবার ফলে যে] বিণ, যে গাছে বৎসরে দুইবার ফল হয়।

দোবজা [তুল-হি০ ধূপছাঁ=ময়ূরকণ্ঠী বর্ণের রেশমী বস্ত্রবি:] বি, রেশমী বস্ত্রের উত্তরীয়।

দোবরা [দো (দুইবার) পরিষ্কার করা হয় বলিয়া] বি, দানাদার পরিষ্কৃত চিনিবি:।

দোবারা [হি০] অ, দুই বার; পুনরায়; দ্বিতীয়বার।

দোবুটি [দোপাটি (দ্র:) > দোমাটি > দোমুটি > দোবুটি] বি, দুই থাক পাপড়ি-যুক্ত বিবিধ বর্ণের বর্ষার ফুলবি:। "ফুটেছে দো০ বহু বিচিত্র বরণ"-অ০ বসু।

দোবে-দ্বিবেদী দ্র:।

দোভাপা [দো (দুইবার)+ভাপা (ভাপান)] বিণ, দুইবার সিদ্ধ।

দোভাষী [দো (দুই)+ভাষী (ভাষা+ইন্, জাতার্থে)] বিণ, যে দুইটি ভাষা জানে; দুভাষী (দ্র:)। "গীত গোবিন্দের সঙ্গে দিল রে গাঁথিয়ে রঙ্গে উড়িয়া ভাষার ছন্দ কোন দো০।" -অশোক০। ২ আদালতের যে কর্ম্মচারী বিচারকারী ও বিচারপ্রার্থীর মধ্যে উভয়ের ভাষা তরজমা করিয়া পরস্পরকে বুঝাইয়া দেন interpreter. ৩ [লক্ষ০] জারজ; দোঁআসলা।

দোমড়ানি-দুমড়ান দ্র:।

দোমতি [দো (দুইটী)+মতি (হি০ মোতি, মুক্তা)] বিণ, দুইটী মুক্তাযুক্ত। ২ দোহালি। "গজমতিহার পুঁতি দোমতি তেমতি"-ঘ০। ~মনা [দুই > দু > দো+মন+আ (ইআ)] বিণ, দুমনা দ্র:।

দোমালা [দুমালা দ্র:] বি, অর্দ্ধ পক্ক নারিকেল ফল।

দোমেটে [দো (দুইবার) মেটে (মাটিয়া=মাটি+আ, যুক্তার্থে), দুইবার মাটি দেওয়া] বিণ, প্রতিমাদি গঠনকালে কুম্ভকার খড়ে প্রথম যখন মাটি ধরায় তখন একমেটে বলে, এবং প্রথমবারের লাগান মাটির উপর দ্বিতীয়বার মাটি দিয়া প্রতিমার দেহ পুষ্ট করিলে তাকে দোমেটে বলে। প্র-ঠাকুর এখনও গড়া হয় নাই। একমেটে হয়েছে। দোমেটে হ'লেই রং দেবে। ২ কৃশ ও স্থূলের মধ্যবর্ত্তী; দোহারা।

দোমুখো [দুই-মুখ+উআ > ক্ষে০] বিণ, দুমুখা দ্র:।

দোয়জ [হি০ দুজা, দুইজ্] বিণ, দ্বিতীয়। "প্রথম মাসের গর্ভ জানি বা না জানি। দো০ মাসের বেলা লোকে কাণা-কাণি।"-কবিক০। "দেখিনু কানু দোয়জ পহরে"-চণ্ডি০।

দোয়া১ [আ০ দোআ, দুআ] বি, আশীর্ব্বাদ। "মোল্লা পড়ায় নিকা দান পায় সিকা সিকা দোয়া করে কল্মা পড়িয়া।" -কবিক০। ২ খোদার আশীর্ব্বাদ ভিক্ষা; মঙ্গল প্রার্থনা। "মুখে দোয়া করে কাজী

হাতে ত কোয়াণ॥"-মনসা ম° (ষষ্ঠীবর)।

দোয়া-দরুদ [আ° দোআ+ফা° দরুদ] বি, মঙ্গল প্রার্থনা ও আশীর্ব্বাদ ভিক্ষা; উপাসনা-প্রার্থনা। "এবার নামাজ শেষ করে জার নামাজে বসিয়া তাহার পার্শ্বে উপবিষ্টা মতিকে কিছু দোয়া দরুদ মুখে মুখে শিখাইতে ছিল।"

দোয়া₂ [দোহা দ্রঃ] ক্রি, গবাদির দুগ্ধ দোহন করা। "চরে থেকো দোয়া গরু এমন কোথাও পাবেনাক।"-ঈ° গুপ্ত।

দোয়া₃ [দ্বাপর > । প্রা° বাং] বি, দ্বাপর যুগ। "সত্য গেল দোয়া পাইল তির্‌ভিয়া হইলে। কলিযুগ পড়ে বেটা বিবাহ সকালে॥" -মাণিক° গান।

দোয়াজ [দোয়জ দ্রঃ] বিণ, দ্বিতীয়। "দোয়াজ্ বনিতা তার হবে সুলক্ষণা॥" -কবিক°।

দোয়াড় [দো (দুই)-আড] বি, দোফরকা; দুই সূচী। "দোয়াড় চিয়াড় বাণ করবাল খরশাণ ভুসণ্ডী ডাঙ্গস খরশাণ।" -কবিক°।

দোয়াত [আ° দবাআৎ > ক্ষে° দোত] বি, মস্যাধার।

দোয়ার₁, দোহার, দোহারি [দো (দুই)-প্রধান গায়কের উক্তি যারা দোহরা বা পুনরায় গায়। অথবা ধুয়াধারী-ধুয়া ধরিয়া গায় অথবা দুইজন করিয়া জুড়ি বাঁধিয়া গায় বলিয়া] বি, জুড়িদার গায়ক; সঙ্গী গায়ক; সহযোগী গায়ক; ধুয়াধারী গায়ক।

দোয়ার₂-দ্বার দ্রঃ।

দোয়ারকি-বি, দোয়ারের কর্ত্তব্য বা কর্ম্ম; ধুয়া ধরিয়া গান।

দোয়ারি [দ্বারী >] বি, দ্বারী; দৌবারিক। "আবেশে অবশ শিব নাচিতে নাচিতে। রাজার দোয়ারিগণে লাগিল কহিতে॥"-ঘ°।

দোয়াস্তা [দো+ফা° আৎসা > বিকারে] বি, দুইবার চুয়ান সুরা।

দোয়েম [ফা° দুয়ম্] বিণ, দ্বিতীয়। ২ দ্বিতীয় শ্রেণীর। ৩ জমী সম্বন্ধে আওয়ল হ'তে নিরেশ।

দোয়েল-দয়েল দ্রঃ।

দোর₁-দ্বার দ্রঃ।

দোর₂ [প্রাদে°] বি, মাছ ধরিবার যন্ত্রবিঃ। ইহা ১ গজ উচু, ১ গজ চওড়া, ৩ হাত লম্বা, ৩টা দরজাবিশিষ্ট। মাছ ভিতরে গেলে দরজা স্প্রিং বেগে বন্ধ হয়।

দোরক,-কা₁ [ডোরক দ্রঃ] বি, তন্ত-যন্ত্র, (বিতঃ) বীণা যন্ত্র বাঁধিবার রজ্জু।

দোরকা₂ [দোরখা দ্রঃ] বি, যে বস্ত্রের দুই দিকেরই বুনানি ও কারুকার্য্য সমান। ২ কাপড়ের পাড়ের ছুপিট দুই রংয়ের।

দোরখা, দোরোখা [ফা° দো+রুখ (মুখ)+আ (বিশে°) > গ্রা° দোরকা₂, দোরোকা] বিণ, দুমুখো। ২ বি, যে বস্ত্র বা বস্ত্রের কিনারার দুই পিঠই সমানভাবে কারুকার্য্যযুক্ত।

দোরণ [দ্রোণ > গ্রা°] বি, দ্রোণ (পরিশিঃ দ্রঃ); পরিমাণবিঃ।

দোরসা [দো (দুই)+রসা] বিণ, সারে মাতে। ২ টাটকা ও পচার মাখামাখি। প্র-দো° মাছ। ৩ কড়া ও সরসের মাখা-মাখি। প্র-দো° তামাক। ৪ এঁটেল ও বেলে মাটিতে মিশ্রিত। প্র-দোরসা জমি।

দোরস্ত [দুরস্ত দ্রঃ] বিণ, চৌরস; সমতল; সমান। ২ সোজা; শায়েস্তা; শাসিত।

দোর্দ্দণ্ড [সং-দোঃ (বাহু) রূপ দণ্ড (যষ্টি), ধা] বি, বাহু রূপ দণ্ড; ভুজদণ্ড। ২ [অর্থ সম্প্রসারণে, দুর্দ্দণ্ড দ্রঃ] বিণ, প্রবল।

দোল [দোলি (ঝোলা)+অ (স্ত্র)] বি, দোলা। ২ ডুলি। ৩ ঝুলি। ৪ [+অ(ভা°)] শ্রীকৃষ্ণের ঝুলন উৎসব। ৫ দোলন; ঝুলন ক্রীড়া। "বিগলিত কাঞ্চন সন্নিভ শশধর জল-মাঝে খেলে মৃদু দোল।"-রজনী সেন। স্ত্রীং দোলা। ~-দুর্গোৎসব-প্রধান প্রধান ও ব্যয়সাধ্য উৎসব; সমারোহ। ~পিঁড়ি [দোল (দোলন সাধক) পিঁড়ি (পীঠিকা)] বি, যে কাষ্ঠাসনে বসিয়া দুলিতে হয়; দোল চৌকি। ~মঞ্চ [দোল (দোলন সাধক) মঞ্চ] বি, ঝুলনের জন্য নির্ম্মিত উচ্চ বেদী। ~যাত্রা [দোল (উদ্দেশক) যাত্রা, ম° প° লো°] বি, শ্রীকৃষ্ণের ঝুলন উৎসব। সাজ কিংতে দোল ফুরানি-দোল উৎসব দেখিতে যাইবার জন্য সাজসজ্জা করিতে সময়ক্ষেপ করিলে নির্দ্দিষ্ট সময়ে সম্পাদ্য উৎসব সমাধা হইয়া যাওয়া। ২ [লক্ষ°] বৃথা আড়ম্বরে কাজ হারান।

দোলক [দোলি (ঝোলা)+অক (স্ত্র)] বি, দোলন দণ্ড, ঘটিকাদি যন্ত্র নিয়ামক সূক্ষ্ম তার বা সূত্রে লম্বিত দোলায়মান ভার pendulum.

দোলঙ্গ-বি, দুলাল-চাঁপা ফুল।

দোলন [দোলি (ঝোলা)+অন (ভা°)] বি, ঝুলন। ২ কম্পন। ৩ একস্থানে অবস্থিতি করিয়া একবার একদিকে একবার তার বিপরীত দিকে গমনাগমন বা সঞ্চালন; আন্দোলন। [ব্রজ°] দোলনী।

দোলনা [দোলন্+আ (সাধনার্থে) দোলন সাধন] বি, দুলিবার রজ্জু ও তৎসংলগ্ন আসন; ঝোলনা। ২ শিশুকে শয়ন করাইয়া দোলাইয়া ঘুম পাড়াইবার দোলা বা ঝোলা।

দোলমাল [দলমল দ্রঃ] বি, দলমল দ্রঃ; টলমল। "উড়ি (পাঠান্তরে উঠে) পড়ে ঘর গোলা করে দো°"-কবিক°।

দোলা₁ [দোল দ্রঃ] বি, শিবিকাবিঃ; ঝোলা। ২ চতুর্দ্দোল। "বর কন্যা চলে দিব্য দোলা আরোহণে॥"-ঘ°। ৩ মাচান; শবাধার; খাটুলি। "বাঁশের দোলায় চড়ে কেহে বট যাচ্ছ চলে শ্মশান ঘাটে"-গান।

দোলা₂ [হি° দুলাই। বাং-দোলাই > ক্ষে°] বি, স্ত্রীয়ের কাপড়; শীত বস্ত্র; দোলাই। "ছাড়িয়া পাটের দোলা সবে করে পাখীর খেলা পড়ে খসি ভূষণ অম্বর।" -কবিক°।

দোলা₃ [সং-দুল্ (দোলনে)। দুলি, দোল (দুলেন, দোলেন, দুলিস), দোলে (দোলেন); দুলিতে; দুলিয়া (ক্ষে° পদ্যে-দুলি; গ্রা° দুল্যে)। গিজন্ত-দোলান] ক্রি, দোল খাওয়া; ঝুলিতে ও সেই সঙ্গে সঞ্চালিত হতে থাকা। ২ আন্দোলিত হওয়া; সন্দেহে চিত্ত এক বিষয়ে স্থির করিতে না পারা। "আমার সংশয়ে প্রাণ সদাই দোলে"-গিরিশ°।

দোলাই [হি° দুলাই। প্রা° বাং-র ক্ষে° "দোলা"] বি, শীতবস্ত্রবিঃ।

দোলানি, ডুলানি [দোলার (দ্রঃ) ণিজন্ত রূপ। দোলাই, দোলাও (দোলান্, দোলাস), দোলায় (দোলান্) ; দোলাইতে ; দোলাইয়া (কেং° গ্রা° ডুলিয়ে)] ক্রি, ডুলিতে বাধ্য করা ; দোল দেওয়া ; ঝুলান। ২ নাড়া ; সঞ্চালিত করা।

দোলায়মান [দোলি (ঝোলা) + ক্যঙ্=দোলায়+আন (স্তু)] বিণ, দোলনশীল ; দুলিতেছে এমন। ২ সংশয়ে আন্দোলিত ; সন্দেহচঞ্চল।

দোলায়িত [দোলি + ক্যঙ্=দোলায় +ত (ভা°)] বি, দোলন। ২ বিণ, যাকে দোলান হইয়াছে ; দোলায়মান।

দোলিকা, দোলী [দোলা+ক (ক্ষুদ্রার্থে)+আ, ই আগম। দোলা > (ক্ষুদ্রার্থে) দোলী। গ্রা° ডুলি] বি, ডুলি ; ছোট দোলা।

দোশর-দোসর দ্রঃ।

দোশালা [দো = দুই - শাল + আ (স্ত্র্য°) যাতে দুইফর্দ্দা শাল আছে] বি, শালের জোড়া। শাল দোশালা-একাধারে শাল এবং শালের জোড়া। ২ ভাল ভাল গাত্রবস্ত্র ; মূল্যবান পরিচ্ছদ।

দোষ [দুষ্ (দূষণে, বিকারে)+অ (ভা°)। প্রা° বাং-দোস (শূ° পু°)] বি, কলুষ ; পাপ। ২ অপরাধ। ৩ কুকর্ম্ম ; অপকর্ম্ম। ৪ অহিত ; অপকার ; অনিষ্ট ; অত্যাচার। ৫ ন্যূনতা ; ত্রুটি। "দক্ষের এদোষ কেন বেদের এদোষ!"-অ° ম°। ৬ ক্ষতি ; হানি। ৭ [অলং] কাব্যের অপকর্ষসাধক ধর্ম্ম। ৮ [ন্যায়শা°] রাগ, দ্বেষ, মোহ। ৯ [আয়ু°] বাত, পিত্ত, কফ, বিকার morbific diathesis. ১০ কলঙ্ক ; দুর্নাম ; নিন্দা ; অপবাদ। প্র-চরিত্র-দোষ। বংশ-দোষ। বিষ-দোষ। স্বভাব-দোষ। ১১ ব্যাধি। দো° করা-ক্রি, অপরাধ করা। দো° ক্ষালন-বি, অপরাধ-মোচন। ~গ্রাহী [দোষ-গ্রহ্ (গ্রহণ করা)+ইন্ (স্তু)=গ্রাহিন্ ১মা, ১ব°] বিণ, দোষ গ্রহণ-কারী ; দোষানুকারী ; দুষ্ট। ২ দোষদর্শী ; যে পরের গুণগ্রাহী না হইয়া কেবল দোষই খুঁজিয়া পায়। ~জ্ঞ [দোষ (ত্রুটি, পাপাদি) জ্ঞ (যে জানে)] বি, জ্ঞানী ; পণ্ডিত। ২ বায়ু পিত্ত কফাদি ঘটিত দোষ যিনি জানেন ; রোগজ্ঞ ; চিকিৎসক। ৩ বিণ, দোষসম্বন্ধে অভিজ্ঞ। ~ণ (-ষ°-) [দোষা দ্রঃ] বি, দোষার্পণ ; দোষপ্রদর্শন ; দোষদান। ~ত্রয় [দোষের ত্রয়, ৬তৎ] বি, বায়ু পিত্ত কফ, দেহস্থ এই ত্রিদোষ। ২ তিনটি অপরাধ। ~দর্শন-ত্রুটি লক্ষ করণ ; ভুল বা অপরাধ বাহির করণ। ~দর্শী-বিণ, যে দোষ দেখে বা উদ্‌ঘাটন করে ; ছিদ্রান্বেষী ; অন্যের ত্রুটি দর্শনকারী। ~দেওয়া-কলঙ্ক অর্পণ করা ; নিন্দা করা। ~ল (-ষ°-) [দোষ+ল (স্ত্র্য°)] বিণ, দোষস্থ ; দোষ-বিশিষ্ট ; সদোষ [ক্রিয়ায়-দো° করা, কাটা, ঘটা,-ঢোকা, ধরা, মরা, যাওয়া, লওয়া, হওয়া। বিণ, দোষী, দুষ্ট, দুষিত ও°]।

দোষা, দূষা [দোষ (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। দুষি, দোষি ; দুষ, দোষ (দুষেন, দোষেন, দুষিস, দোষিস) ; দুষে, দোষে (দুষেন, দোষেন) ; দুষিতে, দোষিতে ; দুষিয়া, দোষিয়া (কেং° দুষে)। ণিজন্ত-দো(দু)ষান। প্রা° বাং 'দোষসি'-দোষ দিতেছিস্। 'দোষএ' -দোষ দেয়। 'দোষে'-দোষ দেয়। ২ দোষ দিতেছে (শ্রী° কী°)] ক্রি, দোষ দেওয়া ; দোষারোপ করা। "মনেরে বুঝায়ে বল নয়নেরে দোষ কেন?-"নিধুবাবু। বি, দোষণ।

দোষাকর [দোষ+আকর, ৬তৎ] বিণ, মহাদোষী। ২ সমূহ দোষের নিদান ; দোষের সমুদ্র।

দোষাদোষ [দোষ+অদোষ] বি, ভালমন্দ ; গুণ এবং অগুণ ; দোষগুণ।

দোষানি [দোষা (দ্রঃ)র ণিজন্ত রূপ। দোষাই, দোষাও ই°] ক্রি, দোষ দেওয়ান। ২ বি, দোষ প্রদর্শন ; দোষ দেখান।

দোষাবহ [দোষ+আবহ (যে বহন করে), ৬তৎ] বিণ, দোষাকর ; দোষজনক ; দোষোৎপাদক।

দোষারোপ [দোষ+আরোপ] বি, দোষ দেওয়া।

দোষাশ্রিত [দোষ+আশ্রিত] বিণ, দোষঘটিত ; দোষযুক্ত।

দোষী [দোষ+ইন্ (স্ত্র্য°)=দোষিন্ ১মা, ১ব°] বিণ, দোষল ; দোষযুক্ত ; অপরাধী। স্ত্রীং দোষিণী-অপরাধিনী। ২ নাশিনী। "গণভোষিণি! ঘনঘোষিণি! হঠ-দোষিণি! শঠরোষিণি! গৃহপোষিণি! গো।"-অ° ম°। ~করা, দুষী করা-ক্রি, অপরাধী প্রমাণ করা ; দোষা (দ্রঃ)।

দোষৈকদর্শী [দোষ+এক (কেবল) +দর্শী (যে দর্শন করে)] বিণ, একমাত্র দোষ-দ্রষ্টা ; যে গুণগ্রাহী নহে।

দোষৈকদৃক্ [দোষ (দোষে)+এক (কেবল)+দৃক্ (চক্ষু) যার, বহু°] বিণ, দোষৈকদর্শী ; এক মাত্র দোষের প্রতি যার দৃষ্টি আছে বা পতিত হয়।

দোসর, দোশর [হিং° দুস্‌রা-প্রা° হিং° দোসর্। সং-দ্বিতীয়] বিণ, সঙ্গী ; সহচর। "দোসর নাই সাথে"-ভারত°। "দোসর ভেল তাহে কাল বসন্ত।"-ঘনশ্যাম°। ২ দ্বিতীয় ; তুল্য। "হাম অভাগিনী দোসর নাই ভেলা" (পাঠান্তরে) "হাম সনি অভাগিনী দোসর ন ভেল"-বৈষ্ণবপদাবলী। ৩ সহায়। "প্রভুর দোসর নাহি উপায় কে করে।"-কবিক°। ৪ ভাগী ; অংশীদার। "এমন দুঃখের দোসর কোই মেলে না।"-রামবসু।

দোসরা [হিং° দুস্‌রা] বিণ, দ্বিতীয়। ২ পুনরায়। ৩ অন্য ; অপর। ৪ মাসের দ্বিতীয় দিবস।

দোসরী [ব্রজ°। হিং° দুস্‌রী] বিণ, দ্বিতীয়। ২ অন্য ; অপর। "আর দোসরী বনে গিয়ে হেরি, সেই বংশীধারী"-বাং-গান (হরুঠাকুর)। ৩ মাসের দ্বিতীয় দিন।

দোসারি [দো=দুই-সারি (শ্রেণী)] বি, দুই থাক ; দুই শ্রেণী।

দোসীমানা [দো-সীমানা (সীমা)] বি, পাশাপাশি দুই জমীর সীমা ; দুই পৃথক্ জমীর এক সীমা রেখা।

দোসুতি, দোসূতি, দুসুতি [দো=দুই (ডবল)+সুতি, সূতী (সূত্র)-দুইথাই সূতায় বুনানিযুক্ত] বি, মোটা বস্ত্রবিঃ ; ডবল বা দোহারা সূতায় বোনা কাপড়।

দোস্ত$_{1}$ [ফা° দোস্‌ত্‌] বি, বন্ধু। "দরিয়া বলিল রাগ কেন কর দোস্ত"-রাজ-সিংহ। বি, দোস্তি [হিং দোস্তানা] বন্ধুত্ব : মিত্রতা।

দোস্ত$_{2}$ দোস্তা [সং-জ্যোৎস্না > গ্রা° জোস্তা, জোস্তা, দোস্তা। জ=দ] বি, জ্যোৎস্না ; চন্দ্রালোক। "দেখে বলে কেলে সোনা হের দেখ দোস্ত"-ঘ°।

দোস্তে [হিং বাস্তে >। মু° বাং, প্রাদে° মৈমন°। খাতিরে দ্রঃ] অ, জন্য। "খাওয়ার দোস্তে ঘুইরা মর্‌বি"-পূ° ব° গী°।

দোহ [দুহ্‌ (দোহান) + অ (ঘি)] বি, দুধের কেঁড়ে।

দোহক [দুহ্‌ (দোহন করা) + অক (র্তৃ)] বিণ, যে দুধ দোয়। ২ দোহনকারী ; ২ [লক্ষ°] শোষক।

দোহজ [দোহ (দোহন) জ (জাত)] বিণ, দোহনোৎপন্ন। ২ বি, দুগ্ধ।

দোহদ [দোহ-দ (যে দান করে)] বি, গর্ভ। ২ গর্ভিণীর নানাবিধ ভোজ্যের স্পৃহা : সাধ। বিণ, দোহদী। > স্ত্রীং দোহদিনী [দোহদ + ইন্‌ (স্ত্য°) = দোহদিন্‌ + ঈ > (স্ত্রীং)] গর্ভবতী ; স্পৃহাবতী গর্ভিণী। ~দান -গর্ভিণীকে তার স্পৃহণীয় অন্নবস্ত্র অলঙ্কারাদি দান রূপ সংস্কার ; সাধ দেওয়া। ~লক্ষণ-গর্ভলক্ষণ। ~বতী [দোহদ + বৎ (স্ত্য°) + ঈ (স্ত্রীং)] বি, যে গর্ভবতীর কোন দ্রব্য খাইতে ইচ্ছা হয় ; বস্তুবিশেষে স্পৃহাবতী গর্ভিণী।

দোহন [দোহ + অন (ভা°)] বি, দুগ্ধ আকর্ষণ ; দুধ দোয়া। ২ শোষণ। ৩ ছাঁকন। "ভাঙ দোহানিয়া"-জ্ঞান°। স্ত্রীং দোহনী-দুগ্ধদোহন পাত্র। ২ দোহন কারিনী। "রতি রস কাম দোহনী"-শ্রী°কী°।

দোহা$_{1}$ [সং-দুহ্‌ (দোহন করা) > দোহ + আ (ক্রি-বিভক্তি)। দুই (দোহি), দোও (দোহ), দোয় (দোহে) ; দোহিতে, দুহিতে, দুইতে (কে° দুতে); দুহিয়া, দুইয়া (দোহিয়া, কে° দুহে)। নিজন্ত-দুহান, দোহান] ক্রি, দোহন করা। ২ বিণ, কৃতদোহন।

দোহা$_{2}$ [হিং] বি, হিন্দী পদ্যের ছন্দো-বিঃ যাতে ৪ চরণ হয় কিন্তু দুই পংক্তিতে লিখিত হয়। ১ম ও ৩য় চরণে ১৩, ১৬ মাত্রা এবং ২য় ও ৪র্থ চরণে ১১, ১১ মাত্রা হয়, যার ২য় ও ৪র্থ চরণ মিত্রাক্ষর হয়।

দোহাই [হিং দুহাই। সং-দ্বি=দো + আহ্বায় (ঘোষণা, ফুকার)-হিং শ° সাগর] বি, ঘোষণা। ২ [বাং-র] শপথ ; দিব্য। "শুন শুন মাধব তোহারি দো°, বড় অপরূপ আজু পেখলু রাই॥"-বি° প°। "আর যদি কাড রা মদনের মাথা খা বসন্তের শতেক দো°॥"-কবিক°। ৩ দুঃখ জানাইয়া সুবিচার প্রার্থনা। প্র-দো° ধর্ম্মাবতার। ৪ "পরিত্রাহি" ডাক ; "রক্ষা কর রক্ষা কর" এই উক্তি। "দো° দো° প্রভু করুণানিধান। মান রাখ প্রাণ যায় কর পরিত্রাণ॥"-কাশী°। ৫ দায় ; দায়িত্ব। প্র-অন্যের দো° দিয়া কাজ আদায় করা। দোহাই-তেহাই করা, -ডাক ছাড়া [দ্রঃ-তেহাই (দ্রঃ) এখানে আধিক্যার্থে ও দোহাই এর সহিত অনুপ্রাসের সুযোগে হিং-র অনুকরণে মাত্র ব্যবহৃত] পরিত্রাহি ডাক ছাড়া : আর্ত্তনাদ সহকারে উদ্ধারের জন্য অনুনয় বিনয় করা।

দোহাঁ [দুহুঁ দ্রঃ] স, দুইজন। দোহাঁর -দুজনের। গ্রা° দু (দো) হান। "ভীষ্মবাণে ভেদিলেক দুহান শরীর।"-মহা° (কবীন্দ্র°)।

দোহাতিয়া, দোহাথিয়া [দু-হাতিয়া দ্রঃ] ক্রি-বিণ, দুই হস্তে ; দুই হাত চালাইয়া। "দোহাতিয়া বাড়ি মারে হনু-মানের বুকে।"-কৃত্তি°। "দোহাথিয়া ঠেঙ্গা পড়ে গৃহের উপরে।"-চৈ° ভা°।

দোহার [দোয়ার দ্রঃ] বি, সহকারী গায়ক ; ধুয়াধারী। "দেবগণ দো° গনেশ গান মূল।"-শি°।

দোহারা$_{1}$, দোহ্‌রা [হিং দোহ্‌রা] বিণ, দুইবার ; দোবারা ; পুনর্ব্বার। ২ দুই থাইযুক্ত ; দুইহালি। ৩ দুই ভাঁজ ; দ্বিগুণ ; ডবল। ৪ পুষ্টাঙ্গ ; স্থূল ও কৃশের মধ্যবর্ত্তী। "দো° চেহারা খাসা চোগা বুটি-দার। -হেম°।

দোহারা$_{2}$ [দ্বার > হিং দোয়ারা > দোহারা। ভুল-ঠাকুর দোয়ারা] বি ঠাকুর-বাড়ী ; বিষ্ণুমন্দির। "কত ঠাঁই দেউল দোহারা দেবালয়।"-ঘ°। "ধৌতপদ করাম্বুজ রাজার নন্দিনী। দো° প্রবেশ করি পুজে নারায়ণী॥"-শি°।

দোহাল [দোহ (দোহন) + আল (বালা) = দোহনকারী] বি, যে দুগ্ধ দোহন করে : যারা গাই দোয়।

দোহ্য [দুহ্‌ (দোহন করা) + য (র্ম্ম)] বিণ, দোহনীয় : দোহন যোগ্য।

দৌড় [দ্রু (পলায়নে) >। হিং ধৌয়ানা > দৌড়, ধৌড়] বি, দ্রুতগমন ; ধাবন ; পলায়ন। ২ [ঘোড়দৌড় > কে°] ধাবনের প্রতিযোগিতা ; দৌড়ের খেলা race ; ঘোড়দৌড় horse race "আগামী শনিবার একটা খুব বড় দৌড় আছে। * * দৌড়ের সীমা ১ মাইল। * * যত ভাল ভাল ঘোড়া * * এই রেসে প্রবিষ্ট হইয়াছে"-আ° শক্তি। ~কুচ [দৌড় (দ্রুত) কুচ (যাত্রা, প্রয়াণ)] দ্রুতযাত্রা। "খুড়ি ঘোড়া দৌড়কুচে দিনেতে দশকুশী মারে।"-রা° প্র°। ~ঝাঁপ, ~ধাপ, ~ধুপ [একার্থক সহ° শব্দ। দৌড়ন, ধাবন ও ঝম্পনের ভাব] বি, দৌড়াদৌড়ি।

দৌড়ন$_{1}$ [সং-ধোরণ > হিং দৌড়না। বাং-দৌড়ন। দৌড় (দ্রঃ) >। চ° ক° ভা°, দৌড়ন, দূঁড়ন] বি, দ্রুতগমন ; বেগে চলন : ধাবন। ২ বিস্তৃতি ; পরিসর।

দৌড়ন$_{2}$, দৌড়া [দৌড় (দ্রঃ) + অন, আ (ক্রি-বিভক্তি)। উ° পু° দৌড়ি, দৌড়াই, দৌড়ুই। ম° পু° দৌড়, দৌড়ও (দৌড়েন, দৌড়ন, দৌড়াস, দৌড়িস)। প্র° পু° দৌড়ে, দৌড়য় (দৌড়েন, দৌড়ন) ; অস-ক্রি-দৌড়িতে, দৌড়তে, দৌড়ুতে ; দৌড়িয়া (কে° দৌড়ে)। ণিজন্ত-দৌড়ান] ক্রি, দ্রুত গমন করা ; বেগে যাওয়া ; ধাবন করা ; ছোটা।

দৌড়াদৌড়ি [হিং দৌড়াদৌড়, দৌড়-ধপাড়, দৌড়ধুপ। দৌড় + আ (ব্যাপ্ত্যর্থে) - দৌড় + ই (স্বার্থে)] বি, দৌড়িয়া যাওয়া আসা ; চতুর্দ্দিকে দৌড়ন ; ছুটাছুটি।

দৌড়ানি [দৌড়া দ্রঃ। ণিজন্তরূপ-দৌড়াই, দৌড়াও (দৌড়ান, দৌড়াস), দৌড়ায় (দৌড়ান) ; দৌড়াইতে ; দৌড়াইয়া (কে° দৌড়ায়ে)] ক্রি, দৌড় করান ; ছুটান ; দ্রুত গমনে বাধ্য করা।

দৌড়ী [হি°] বি, দড়ি ; রজ্জু। "নহে খা বান্ধিআঁ রাখিবোঁ দৃঢ় দৌড়ী।"-শ্রী° কী°।

দৌত্য [দূত+য (ভা°)] বি, দূতের বৃত্তি ; দূতগিরি। ২ ঘটকালি। ~কার্য্য-বি, দূতবৃত্তি ; দূতের কর্ত্তব্য কার্য্য।

দৌবারিক [দ্বার+ইক (নিযুক্তার্থে), ঔ আগম, ব বিশ্লেষ] বি, দ্বারী ; দ্বারপাল। "ফেরে দ্বারে দৌবারিক, ভীষণমূরতি"-মেঘ°। ২ সাধারণ সৈন্য ও গ্রাম-বল-সংঘ-সূচক উপাধিবি°। স্ত্রীং ~া-দ্বারপালিকা ; দ্বাররক্ষিকা।

দৌরাত্ম্য [দুরাত্মন্+অ (ভা°)] বি, উৎপীড়ন ; অত্যাচার। ২ দুরন্তপনা ; উপদ্রব। ৩ নৃশংসতা ; নিষ্ঠুরতা।

দৌর্গ [দুর্গ+অ (সম্বন্ধার্থে)] বিণ, দুর্গ সংক্রান্ত। ২ দুর্গসম্বন্ধীয়।

দৌর্গত্য [দুর্গতি+য (ভা°)] বি, দুর্গতির ভাব ; দুরবস্থা ; দারিদ্র্য ; ধনহীনতা। ২ মলিনতা ; মালিন্য।

দৌর্গন্ধ্য [দুর্গন্ধ+অ (ভা°)] বি, দুর্গন্ধযুক্ততা।

দৌর্জ্জন্য [দুর্জ্জন+য (ভা°)] বি, দুর্জ্জনের আচরণ ; দুর্ব্যবহার।

দৌর্ব্বল্য [দুর্ব্বল+য (ভা°)] বি, দুর্ব্বলের ভাব, শক্তিহীনতা ; দুর্ব্বলতা। ২ কৃশতা।

দৌর্ভাগিনেয় [দুর্ভগা+এয় (অপত্যার্থে), মধ্যে ইন্ আগম] বি, ভাগ্যহীনার পুত্র বা কন্যা ; অভাগীর সন্তান।

দৌর্ভাগ্য [দুর্ভগা+য (ভা°)] বি, দুরদৃষ্ট।

দৌর্ম্মনস্য [দুর্ম্মনস্+য (ভা°)] বি, দুশ্চিন্তা ; দুর্ভাবনা ; উদ্বেগ।

দৌর্হৃদ [দ্বিহৃদ(য়)+ঞ্চ (নিপাতনে)] বি, দোহদ ; গর্ভিনীর সাধ।

দৌলত [আ° দওলৎ] বি, সম্পত্তি ; ঐশ্বর্য্য ; সম্পদ। "ধন দৌলত বাড়েনাক" -রবী°। ২ অনুগ্রহ ; সহায়তা ; প্রভাব। প্র-তাহারই ধন দৌলতে ত সে আজ মানুষের মত হয়ে উঠ্‌ল। ~খানা-ধনীর আলয় ; প্রাসাদ। ~দার, ~মন্দ [ফা° দৌলত্‌মন্দ্] বিণ, সম্পন্ন ; ঐশ্বর্য্যশালী। ধন-দৌলত-ধন সম্পদ।

দৌষ্কুলেয় [দুষ্কুল (কুবংশ)+এয় (অপত্যার্থে)] বিণ, দূষিত কুলজাত।

দৌষ্মি/ন্তি [দুষ্মন্ত+ফি (অপত্যার্থে)] বি, রাজা দুষ্মন্তের পুত্র রাজা ভরত যাঁর নামে দেশের নাম ভারতবর্ষ। ~ন্ত্য [দুষ্মন্ত+য (সম্বন্ধার্থে)] বিণ, দুষ্মন্তসম্বন্ধীয়।

দৌহিত্র [দুহিতৃ+অ (অপত্যার্থে)] বি, দুহিতার পুত্র। স্ত্রীং ~ী-দুহিতার কন্যা।

দ্যা [দেব্যা >] বি, দেবী। "করদন্ত হইঞা জননীক দ্যা এছে বলিআ।"-ময়নামতীর গান।

দ্যাখ(খ্)তা [গ্রা°, দ্রুত উচ্চারণে দ্যাক্তা] দেখতা দ্রঃ।

দ্যাখা [দেখা দ্রঃ] বিণ, দৃষ্ট ; দেখতা (দ্রঃ) ; জানা ; পরীক্ষিত। "এটা একটা দ্যাখা কথা"-দ্বি° ঠাকুর।

দ্যাবা/পৃথিবী, ~ভূমি [দ্যৌ= দ্যাবা (আকাশ) এবং পৃথিবী] বি, পৃথিবী ও অন্তরীক্ষের মধ্যস্থ শূন্যস্থান। ২ স্বর্গ ও মর্ত্ত্য।

দ্যায় [দেওয়া (দ্রঃ) > দেয়₂ (দ্রঃ)] ক্রি, দান করে। "যে বৃত্তি তাহার পাল্টা উত্তর দ্যায়"-দ্বি° ঠাকুর।

দ্যু [দিব্+ক্বিপ্ (র্ত্ত্)] বি, দ্যু নামক লোক ; স্বর্গ। ২ আকাশ। ৩ দিবস। ৪ সূর্য্য। ৫ অগ্নি।

দ্যুতি [দ্যুত্ (দীপ্তি পাওয়া)+ই (ভা°)] বি, দীপ্তি। ২ তেজঃ ; কিরণ। ৩ কান্তি ; শোভা। ~র্ত-বিণ, দ্যোতিত। ~কর [দ্যুতি-কর (যে করে)] বিণ, দীপ্তিকারক ; তেজস্কর। ২ শোভাজনক। ~ধর-বিণ, ভাস্বর ; তেজোধারী। ২ বিষ্ণু। ~মান্ [দ্যুতি+মৎ (স্ত্য°)=দ্যুতিমৎ ১মা, ১ব°] বিণ, দীপ্তিশীল। ২ শোভমান। ৩ বি, ক্রৌঞ্চদ্বীপাধিপতি প্রিয়ব্রতের পুত্র।

দ্যুমণি [দিব্ (স্বর্গ, আকাশ) (তার) মণি, ৬ তৎ, দিব্=দ্যু] বি, দিনমণি ; সূর্য্য।

দ্যুমৎসেন [পু°] বি, সত্যবানের পিতা।

দ্যুলোক [দ্যু (স্বর্গ) যে লোক, ধা] বি, স্বর্গলোক। "ভূলোক হবে দ্যু° পারা প্রেমের মহিমায়"-গান।

"অপ্রাণিভির্যৎ ক্রিয়তে তল্লোকে দ্যুত মুচ্যতে। প্রাণিভিঃ ক্রিয়তে স বিজ্ঞেয়ঃ সমাহ্বয়ঃ।"-মনু° ৯।২২৩। অক্ষশলাকা ই° অপ্রাণি দ্বারা পণ পূর্ব্বক যে ক্রীড়া করা হয়। "উক্ত দ্যূত ও সমাহ্বয় যে ব্যক্তি নিজে করে" -মনু°। "রাজা রাজ্য হইতে দ্যূতক্রীড়া এবং সমাহ্বয় নিবারণ করিবেন।"-রত্নমালা। দিব্ =দ্যু (ক্রীড়া করা)+ত (ভা°)] বি, অক্ষক্রীড়া ; পাশা খেলা। ~কর, ~কার [দ্যূত-কর, কার (যে করে)] বি, অক্ষক্রীড়ক ; জুয়াড়ী। ~পূর্ণিমা-বি, যে পূর্ণিমায় দ্যূতক্রিড়ায় রত থাকিয়া নিশিপালন করে ; কোজাগর পূর্ণিমা। ~প্রতিপৎ-দ-বি, কার্ত্তিকী শুক্ল প্রতিপৎ। ~বৃত্তি [দ্যূত (পাশাদি ক্রীড়া) হইয়াছে বৃত্তি (জীবিকা) যার, বহু°] বি, জুয়া খেলায় জীবিকার্জ্জনকারী ; জুয়াড়ী।

দ্যোতক [দ্যুত্ (প্রকাশ করা)+অক (র্ত্ত্)] বিণ, প্রকাশক ; ব্যঞ্জক ; সূচক। ২ উদ্বোধক।

দ্যোতন [দ্যুত্ (প্রকাশে)+অন (ভা°)] বি, প্রকাশ। ২ দীপন। ৩ উদ্বোধন।

দ্যোতনি [সং] বি, দ্যোতক।

দ্যোতমান [দ্যুত (দীপ্তি পাওয়া)+শান (র্ত্ত্)] বিণ, দীপ্যমান ; প্রকাশমান ; শোভমান।

দ্যোতি [দ্যুত্ (দীপ্তি পাওয়া)+ই (ভা°)] বি, জ্যোতিঃ ; দীপ্তি। ২ কান্তি। বিণ, দ্যোতির্ত-দীপ্ত। ২ প্রকাশিত ; শোভিত।

দ্রগড়-বি, দগড় বাদ্য।

দ্রঢ়িমা [দৃঢ়+ইমন্ (ভা°)=দ্রঢ়িমন্ ১মা, ১ব°] বি, দার্ঢ্য ; দৃঢ়তা। ২ স্থিরতা।

দ্রঢ়িষ্ঠ [দৃঢ়+ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, অতি দৃঢ়। ২ সুপ্রতিষ্ঠ।

দ্রঢ়ীয়ান [দৃঢ়+ঈয়সু (অত্যর্থে) > দ্রঢ়ীয়স্ >] বিণ, দৃঢ়ব্রত ; অতি দৃঢ় ; দৃঢ়তাপন্ন। স্ত্রীং দ্রঢ়ীয়সী।

দ্রপ্স [রবী° উদ্ভাবিত। সং-দ্রম্, দ্রু (গতি) >] বি, ফোঁটা ; বিন্দু drop. ~ী-বিণ, ফোঁটা ফোঁটা পতনশীল।

দ্রব [দ্রু (গমন করা, চলিত হওয়া)+অ

(ভা°)। প্রা° বাং প্রাকৃ° 'দর্ব' (শূ° পু°)] বি, দ্রবণ ; গলন ; তরলীভবন। ২ [র্ত্তৃ, জ্ঞা° অ] রস। ৩ তরল ঔষধ। "চন্দ্রকান্তিদ্রব" ৪ বিণ, জলবৎ তরল liquid. ৫ গলিত। ৬ সরস। ~ণ [দ্রু (গমন করা, গলিত হওয়া) + অন (ভা°)] বি, গলন ; তরলীভবন। ২ অনুতাপ। ~ত্ব [দ্রব + ত্ব (ভা°)] বি, তারল্য ; তরলতা গুণ। ~ন্তী [সং] বি, নদী।

দ্রবা [দ্রব (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। প্র° পু° দ্রবে, দ্রবয়ে (প্রা° বাং-দর্বএ)। অস-ক্রি-দ্রবিতে ; দ্রবিয়া] ক্রি, দ্রব হওয়া ; গলা ; তরল হওয়া। "জার ডরে দর্বএ পাসান।"-শূ° পু°।

দ্রবিড় [দ্রু (গমন করা) + ইড (ধি, জ্ঞা°)। দ্রাবিড় দ্রঃ] বি, দক্ষিণ ভারতে কলিঙ্গের দক্ষিণে পূর্বাঞ্চল হ'তে কন্যা কুমারী পর্য্যন্ত দেশ। ২ বিণ, দ্রবিড় দেশজাত।

দ্রবিণ [দ্রু (গমন করা, ক্ষয় পাওয়া) + ইন (র্ত্তৃ, জ্ঞা°), যা ব্যয় করিলে ক্ষয় হয়] বি, বিত্ত। ২ কাঞ্চন ; সুবর্ণ [বিরল]। "যথা দুঃখী দেখি দ্রবিণ প্রবীণচিত হয়। যথা হরষিত তৃষিত সুশীত পেয়ে পয়॥"-বাসবদত্তা।

দ্রবী/করণ [দ্রব + করণ, মধ্যে ঈ (চ্বি অভূততদ্ভাবার্থে)] বি, কঠিন বস্তু তরল করণ ; গলান। ~কৃত [দ্রব-কৃত ঈ (চ্বি)] বিণ, তরলায়িত ; গলান। ~ভবন-বি, বিগলিত হওন ; গলন। ~ভাব [দ্রব-ভাব, মধ্যে ঈ (চ্বি)] বিণ, দ্রবত্ব। ~ভূত [দ্রব-ভূত, (মধ্যে ঈ (চ্বি)] বিণ, বিগলিত ; তরলায়িত dissolved. ২ মুগ্ধ।

দ্রব্য [দ্রু (বৃক্ষাদি) + য (র্ম্ম)। ভং-দর্ব। গ্রা° মেয়েলি-দর্বিব্য, দিবিব্য] বি, পদার্থ ; সামগ্রী ; বস্তু ; জিনিস। ২ [পদার্থ বিজ্ঞা°] নির্দ্দিষ্ট আকারের ও আয়তনের জিনিস (রা° ত্রিবেদী)। পদার্থ ও বস্তু দ্রঃ। ৩ [ন্যায় দর্শনে] ক্ষিতি, জল, তেজঃ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা ও মন। ৪ চিত্ত। ৫ মদ্য। ৬ উপকরণ। ~গুণ [দ্রব্যের গুণ, ৬ তৎ] বি, রূপ, রস, গন্ধ, স্পর্শ ই° ২৪টী ধর্ম্ম (গুণ দ্রঃ)। ২ দ্রব্যের গুণ অর্থাৎ শরীরের উপর দ্রব্যের ক্রিয়া বিজ্ঞাপক গ্রন্থ ; বৈদ্যক Materia Medica & Therapeutics. জড় দ্রঃ। ~ত্ব [রবী° উদ্ভাবিত] বি, বস্তুত্ব ; সারবত্তা substantiality. ~জাত (-র্ত) বি, দ্রব্যাদি ; বস্তুসমূহ। ~ময় [দ্রব্য + ময় (প্রাচুর্য্যার্থে)] বিণ, প্রচুর সামগ্রীবিশিষ্ট ; পদার্থবহুল। ~শুদ্ধি-শাস্ত্রানুসারে বা মন্ত্রাদি বা অগ্নি জলাদি দ্বারা শোধন। ~সামগ্রী-বি, জিনিসপত্র ; দ্রব্যাদি।

দ্রষ্টব্য [দৃশ্ (দেখা) + তব্য (র্ম্ম), দৃ=দ্র] বিণ, দৃষ্টি করিবার উপযুক্ত ; দর্শনযোগ্য ; দর্শনীয় ; দেখিবার মত। ২ যা দেখিতে হ'বে : যা পাঠ করিবার জন্য নির্দ্দিষ্ট।

দ্রষ্টা [দৃশ্ (দেখা) + তৃ (র্ত্তৃ)। দ্রষ্টৃ ১মা, ১ব°] বিণ, দৃষ্টিকর্ত্তা : যে দর্শন করে ; দর্শনকারী ; দর্শক। ২ বিচারকর্ত্তা ; বিচারক। ৩ সাক্ষী ; সাক্ষাৎকারী।

দ্রাক্ষা [সং। হি° দাখ] বি, আঙ্গুর। ~ক্ষেত্র-আঙ্গুর ক্ষেত। ~ফল-আঙ্গুর। ~রস-মদ্য। ~লতা-আঙ্গুর গাছ।

দ্রাঘি/মা [দীর্ঘ + ইমন্ (ভা°) = দ্রাঘিমন্ ১মা, ১ব°] বি, দীর্ঘতা ; দৈর্ঘ্য। ২ মণ্ডলাকৃতি কল্পিত রেখা সমূহ, যা উভয় মেরু ভেদ করিয়া নিরক্ষের উপর দিয়া গোলকের চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া আছে longitude. বিণ, ~ত [রবী° উদ্ভাবিত] দৈর্ঘ্যে বিস্তৃত lengthened. ~মান্তর-বি, দ্রাঘিমা হ'তে দ্রাঘিমার দূরত্ব বা ব্যবধান। ~ষ্ঠ [দীর্ঘ + ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, অতি দীর্ঘ।

দ্রাঘীয়ান্ [দীর্ঘ + ঈয়স্ (অত্যর্থে) > দ্রাঘীয়স্ >] বিণ, অতি দীর্ঘ।

দ্রাব [দ্রু (পরিস্রবণ) + অ (ভা°)] বি, পরিসরণ ; ক্ষরণ ; গলন। ~ক (-র্ব-) [দ্রু (দ্রাব দ্রঃ) + অক (র্ত্তৃ)] বিণ, যে দ্রব করে ; যে গলায় ; তরলতা-সম্পাদক। ২ বি, দ্রব পদার্থ। ৩ চন্দ্রকান্তমণি। ৪ মোম। ৫ রসবিঃ। "কেশর যাবক কস্তূরী দ্রাবক আনিল বেণার জড়।"-চণ্ডি°। ~ণ (-র্ব-) [দ্রু + ণিচ=দ্রাবি (গমন করান ই°) + অন (ভা°)] বি, দ্রবীকরণ ; গলান। > বিণ, দ্রাবিত [দ্রাবি (গমন করান, গলান ই°) + ত (র্ম্ম)] বিণ, দ্রবীকৃত ; গলায়িত।

দ্রাবিড় [দ্রবিড় + অ (ভবার্থে)] বি, দক্ষিণ ভারতের দক্ষিণ পূর্ব্বাংশ ; দ্রবিড় দ্রঃ। ২ দ্রাবিড় দেশজাত ব্যক্তি। ৩ বিণ, তদ্দেশোৎপন্ন। এই অর্থে দ্রাবিড়ী ও°।

দ্রাবিড়ক [সং] বি, বিট্ নুন।

দ্রাবিড়ী [দ্রাবিড় দ্রঃ] বিণ, দ্রাবিড় দেশজাত। ২ বি, দ্রাবিড় দেশের লোক। ৩ ছোট এলাচ। ~য়-দ্রাবিড় সম্বন্ধীয়।

দ্রাবিত-দ্রাব দ্রঃ।

দ্রুঘণ [দ্রু (বৃক্ষ) + হন্ (বধ করা) + অ (ণে), হন্=ঘন্] বি, লোহমুদ্গর। ২ রণকুঠার।

দ্রুণস [দ্রু (বৃক্ষ) + নস, বৃক্ষবৎ নাসা যার] বিণ, উন্নত দীর্ঘ নাসিক। স্ত্রীং ~া।

দ্রুণি, -ণী-বি, দ্রোণী (দ্রঃ)।

দ্রুত [দ্রু (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, বেগযুক্ত ; ধাবিত ; পলায়িত। ২ পরিস্রুত। ৩ দ্রবীভূত। ৪ ত্বরান্বিত। "দ্রুত হয়ে বসুন্ধর ধরে বসুন্ধরা।"-অ° ম°। ৫ শীঘ্র ; অবিলম্বে। ৬ [প্রা° বাং] জরুরী urgent. "যুধিষ্ঠির রাজাকে কহিল দ্রুতবাণী। দণ্ডীকে পাঠাএ দেহ সহ তুরঙ্গিণী॥"-ভাগবত (রাজারাম)। বি, দ্রুতি। ~গতি-বি, শীঘ্র গমন ; ক্ষিপ্র পদচালন। ত্বরা গমন ; দৌড়ন। > ক্রি, বিণ, ~গতিতে -শীঘ্র ; ত্বরিত পদে। ~গামী-বিণ, শীঘ্র গমনকারী। ~চারী [দ্রুত-চর্ (গমন করা) + ইন্ (র্ত্তৃ)=চারিন ১মা, ১ব°] বিণ, দ্রুতপদে বিচরণকারী। ~পদ [দ্রুত-পদ্ (গমন করা) + অ (ভা°)] বি, শীঘ্র পদক্ষেপ ; ক্ষিপ্রগতি। ২ বিণ, শীঘ্রগামী। ক্রি-বিণ, ~পদে। ~মধ্যা-ক্লি° অর্দ্ধ সমজাতীয় ছন্দোবিঃ। ~বিলম্বিত-বি, চতুর্থ, সপ্তম, দশম ও দ্বাদশ বর্ণ গুরু, দ্বাদশাক্ষর ছন্দোবিঃ। ~বেগ-বি, ক্ষিপ্রগতি। > ক্রি, বিণ, ~বেগে-শীঘ্র গতিতে ; ত্বরিত পদে ; ত্বরায়।

দ্রুপদ [পু°] বি, পঞ্চালদেশের রাজা ; দ্রৌপদীর পিতা। ~কুমার, ~নন্দন, দ্রুপদাত্মজ [দ্রুপদের আত্মজ (পুত্র), ৬তৎ] বি, ধৃষ্টদ্যুম্ন। ২ শিখণ্ডী। স্ত্রীং ~কুমারী, ~নন্দিনী, দ্রুপদাত্মজা -দ্রৌপদী।

দ্রুম (-র্ম) [দ্রু (গত্যর্থে) + ম (র্ত্তৃ, জ্ঞা°)] বি, পাদপ ; বৃক্ষ ; বড় বড় গাছ। ~বান্ [দ্রুম

+বৎ (স্ত্যং) ১মা, ১ব০] বিণ, দ্রুমযুক্ত: পাদপবহুল। ~ময়-বিণ. বৃক্ষবহুল। ~রাজ, ~শ্রেষ্ঠ-বি. প্রকাণ্ড পাদপ: বৃক্ষরাজ। ২ তালগাছ।

দ্রুমারি [দ্রুম (বৃক্ষের)+অরি (ধাবনে বনের বৃক্ষ ভগ্ন করে বলিয়া)] বি, হস্তী।

দ্রুমোৎপল [দ্রুমের মধ্যে উৎপলের ন্যায় হইয়াছে পুষ্প যার, বহুং] বি, কর্ণিকার বৃক্ষ; দ্রুমোৎপল;

দ্রুহ্ [দ্রুহ্ (বধ করা)+ক্বিপ (র্তৃ)] বিণ, বিদ্রোহী।

দ্রুহ্য [দ্রুহ্ (অনিষ্ট করা)+য (র্তৃ)] বিণ, দ্রোহকারী; অনিষ্টসাধক।

দ্রুহ্যু [পুং] বি, যযাতিরাজার পত্নী শর্ম্মিষ্ঠার গর্ভজ পুত্র।

দ্রোণ [দ্রোণীমধ্য হ'তে জন্ম বলিয়া নাম] বি, ভরদ্বাজ মুনির পুত্র দ্রোণাচার্য্য: কুরুবংশের অস্ত্রগুরু। ২ দ্রোণকাক: দাঁড়কাক। ৩ মেঘবিঃ। ৪ বৃহৎ জলাশয়। ৫ পর্ব্বতবিঃ। ৬ দ্রোণপুষ্প; ঘলঘসিয়া ফুল leucas. ৭ সুর্পের অর্দ্ধাংশ শস্যপরিমাণ: ৪ আঢ়ক; (২) ৩২ সের পরিমাণ; (৩) পাঁচ সের; পশুরি। ৮ শস্য পরিমাপক পাত্র। ~কলস-বি, কাষ্ঠনির্ম্মিত যজ্ঞপাত্রবিঃ। ~কাক-বি, দাঁড়কাক। "শিবা পুচ্ছে বসা ভুচ্ছে গৃধিনীর সঙ্গে। ঝাঁকে ঝাঁকে দ্রোণকাক পিয়ে রক্ত রঙ্গে।"-কাশীং। ~ক্ষীরা -বি, দ্রোণ পরিমাণ দুগ্ধ দাত্রী গাভী। ~পুষ্পী-বি, ঘলঘসের ফুল।

দ্রোণাচার্য্য [পুং। দ্রোণনামক যে আচার্য্য, মং পং লোং] বি, দ্রোণ দ্রঃ; ভরদ্বাজ মুনির পুত্র, অশ্বত্থামার পিতা এবং ধৃতরাষ্ট্রপুত্র ও পাণ্ডুপুত্রদিগের অস্ত্রগুরু।

দ্রোণি, দ্রোণী [দ্রু (গমন করা)+নি, নী (র্তৃ)] বি, ডোঙ্গা: ডিঙ্গী। ২ জলসেচনী। ৩ মৃন্ময় জলপাত্রবিঃ; কলস। ৪ ভাবপাত্র। ৫ গিরিসঙ্কট; দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান। ৬ পরিমাণ বাচক: (২ সুর্পে ১ দ্রোণী)। ~দল [দ্রোণীর আকার হেতু দল] বি, কেয়াফুলের গাছ।

দ্রোহ [দ্রুহ্ (হিংসা করা)+অ (ভাং)] বি, শত্রুতা; অনিষ্টকারিতা; অনিষ্টচিন্তা। ২ হিংসাবৃত্তি। ~হী [দ্রুহ্ (হিংসা করা)+ইন (র্তৃ)=দ্রোহিন্ ১মা, ১ব০ কিম্বা দ্রোহ্+ইন্ (স্ত্যং)] বিণ, বিরুদ্ধাচারী; অনিষ্টকারী; অনিষ্টচিন্তক। ২ শত্রু; বিপক্ষ। ৩ পরাজয়কারী।

দ্রৌণি [দোণ+ই (অপত্যার্থে, ঞি)] বি, অশ্বত্থামা।

দ্রৌণিক [দ্রোণ+ইক (পরিমাণার্থে, ঞিক)] বিণ, যে ক্ষেত্রে দ্রোণ-পরিমাণ বীজ বপন করা যাইতে পারে।

দ্রৌপদ [দ্রুপদ+অ (অপত্যার্থে, ঞ)] বি, দ্রুপদরাজার পুত্র; ধৃষ্টদ্যুম্ন; শিখণ্ডী। ~দী [দ্রুপদ+অ(অপত্যার্থে)+ঈ(স্ত্রীং)] বি, দ্রুপদরাজপুত্রী; পাঞ্চালী।

দ্রৌপদেয় [দ্রৌপদী+এয় (অপত্যার্থে)] বি, দ্রৌপদীর গর্ভজাত পঞ্চ পাণ্ডবের পঞ্চ পুত্র (প্রতিবিন্ধ্য, শ্রুতসোম, শ্রুতকর্ম্মা, শতানীক ও শ্রুতসেন)।

দ্রৌহিক [দ্রোহ+ইক (ঞিক)] বিণ, দ্রোহসম্বন্ধীয়। ২ দ্রোহের উপযোগী।

দ্বন্দ্ব (দঁন্দ) [দ্বি(দুই)+দ্বি (নিপাতনসিদ্ধ)] বি, স্ত্রীপুরুষ; মিথুন; জোড়া। ২ বিবাদ। "কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ" -অং মং। "শৈশব যৌবন দরশন ভেল। দুহুঁ দলবলে ধনি দ্বন্দ্ব পড়ি গেল॥"-বিং পং। ৩ ভালমন্দ, সুখদুঃখ দীর্ঘহ্রস্ব, আলোক-অন্ধকার, রাগ-বিরাগ, পাপপুণ্য ইং পরস্পর-বিরুদ্ধদ্বয় relative terms. ৪ বিবাদ; কলহ। ৫ যুদ্ধ। ৬ [ব্যাং] সমাসবিঃ; যে সমাসের প্রত্যেক পদের প্রাধান্য থাকে। ~চর, ~চারী [দ্বন্দ্ব (মিথুন) চর, চারী (যে চরে), যারা স্ত্রী পুরুষ একত্র বিচরণ করে] বি, চক্রবাক-মিথুন। ~জ [দ্বন্দ্ব-জ (জাত)] বিণ, দ্বন্দ্ব হ'তে উৎপন্ন। ২ বি, স্ত্রী ও পুরুষ উভয়ের দোষ হ'তে জাত ব্যাধি: বায়ু ও শ্লেষ্মা এবং পিত্ত ও শ্লেষ্মা প্রকুপিত হইয়া যে ব্যাধি উৎপন্ন হয়। ৩ (-জ্) [গ্রাং। সং-দ্বন্দ্ব শব্দের সহিত আখজ (দ্রঃ) শব্দের জ মিলিত হইয়া ইহার উৎপত্তি] আখচা-আখচি; বিবাদ; আড়াআড়ি ভাব। ~যুদ্ধ [দ্বন্দ্বের (দুজনার) যুদ্ধ] বি, দুইজনে যুদ্ধ: মল্ল যুদ্ধ।

দ্বন্দ্বাতীত [দ্বন্দ্ব+অতীত] বিণ, বিবাদের অতীত। ২ সুখ দুঃখের অতীত। "দ্বং মহাশান্তির উপরে আনন্দ ও বেদনার লহর চলিয়াছে।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

দ্বন্দ্বী [দ্বন্দ্ব (বিবাদ)+ইন্ (স্ত্যং)=দ্বন্দ্বিন্ ১মা, ১ব০] বিণ, প্রতিদ্বন্দ্বী; দ্বন্দ্বকারী।

দ্বয় [দ্বি+অয় (অবয়বার্থে) ব্রজং দউ] স, দুই। ২ দ্বিতীয়। স্ত্রীং~য়ী। দ্বয়ীশিক্ষা-বি, এক বিদ্যালয়ে বা একসঙ্গে বালক বালিকার শিক্ষা। "* * * রবীন্দ্র জানাইয়াছেন-co-education এর যথার্থ বাঙ্গালা প্রতিশব্দ দ্বয়ী শিক্ষা।" - আং পত্রিকা, ৪-৮-১৩৩৯।

দ্বাচত্বারিংশ [দ্বি (দুই) অধিক চত্বারিংশৎ] বিণ, বিয়াল্লিশ; ৪২ সংখ্যক। "এই বিয়াল্লিশ বছর কাল *** অভিজ্ঞতার পর দ্বাং চত্বারিংশ অধিবেশনে সে যে সিদ্ধান্তে উপনীত হইয়াছে।" -আং শক্তি, ১৩১৮।২৮। ~ৎ[দ্বি(দুই)অধিক যে চত্বারিংশৎ (৪০), ধাং] দ্বি, বিণ, দ্বিচত্বারিংশৎ; ৪২ সংখ্যক; ৪২ এই সংখ্যা। ~ত্তম-বিণ, বিয়াল্লিশ সংখ্যার পূরক। >স্ত্রীং ~ত্তমী।

দ্বাত্রিংশ [দ্বাত্রিংশৎ+অ] বিণ, ৩২ সংখ্যার পূরক। ~ৎ [দ্বি (দুই) অধিক যে ত্রিংশৎ (ত্রিশ), ধাং] দ্বি, বিণ, বত্রিশ; ৩২ এর অঙ্ক বা পূরক। ~ত্তম-বি, বিণ, ৩২ এই সংখ্যা বা সংখ্যক। >স্ত্রীং~ত্তমী।

দ্বাদশ [দ্বি (দুই) অধিক যে দশন্=দশ (১০), মং পং লোং। গ্রাং দোয়াদশ (দ্বা=হিং দুবা=দুওয়া=দোয়া] বিণ, দুই অধিক দশ; বার; ১২। "থালা হৈতে চালুগুলি ভরিয়া রাখেন ঝুলি দ্বাদশ লম্বিত গলে দোলে।"-কবিকং। ২ বার সংখ্যার পূরক। স্ত্রীং ~শী -চন্দ্রের দ্বাদশ কলার হ্রাস বৃদ্ধি-ঘটিত কাল: একাদশীর পরবর্ত্তী তিথি। দ্বাং পুত্র [পৌনর্ভব, স্মৃং পরিঃ] বি, ১২ প্রকার পুত্র (ঔরস, ক্ষেত্রজ, দত্তক, ক্রীত, স্বয়ংদত্ত, কানীন, সহোঢ়, গূঢ়োৎপন্ন, কৃত্রিম, অপবিদ্ধ, শৌদ্র)। ~বন-শ্রীকৃষ্ণের দ্বাদশ-প্রধান লীলা-কানন)। মধুবন, তালবন, কুমুদবন, বহুলা, কাম্য, খদির, বৃন্দাবন, ভদ্র, বিল্ব,

লৌহ, ভাণ্ডীর, মহাবন)। ~মদ্য-পানস দ্রাক্ষ, মাধুক, খার্জুর, তাল, ঐক্ষব মাধ্বীক, টঙ্কমাধ্বীক, মৈরেয়, নারিকেলজ মদ্য ও সুরা। ~মল-বসা, শুক্র, অসৃক, মজ্জা, মূত্র, বিষ্ঠা, কর্ণমল, নখ, শ্লেষ্মা, অস্থি, নেত্রমল ও স্বেদ। ~মাসিক-বি, বৎসরান্তিক শ্রাদ্ধ। ~মূর্ত্তি-দ্বাদশাত্মা দ্রঃ। দ্বা° রাশি [জ্যো°] বি, মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন, এই বার রাশি। ~লোচন-বি. ষড়ানন; কার্ত্তিক। ~যাত্রা-বি. প্রতিমাসে বিষ্ণুর এক এক উৎসব (বৈশাখে-চন্দন যাত্রা, জ্যৈষ্ঠে-স্নানযাত্রা, আষাঢ়ে-রথযাত্রা, শ্রাবণে-শয়ন যাত্রা, ভাদ্রে-দক্ষিণ-পার্শ্ব পরিবর্ত্তন যাত্রা, আশ্বিনে-বামপার্শ্ব পরিবর্ত্তন যাত্রা, কার্ত্তিকে-উত্থান যাত্রা, অগ্রহায়ণে-ছাদন যাত্রা, পৌষে-পুণ্যাভিষেক যাত্রা, মাঘে-শাল্যোদনী যাত্রা, ফাল্গুনে-দোল যাত্রা, চৈত্রে-মদনভঞ্জিকা যাত্রা)।

দ্বাদশাংশু [দ্বাদশ+অংশু] বি. বৃহস্পতি।

দ্বাদশাক্ষর [দ্বাদশ+অক্ষর আছে যাতে, বহু] বি দ্বাদশ অক্ষরযুক্ত বিষ্ণুমন্ত্রবিঃ।

দ্বাদশাঙ্গুল [দ্বাদশ+অঙ্গুল (=অঙ্গুলি পরিমিত)] বি, বিতস্তি; বিঘৎ।

দ্বাদশাত্মা [দ্বাদশ+আত্মা] বি. সূর্য্যের দ্বাদশ মূর্ত্তি (সূর্য্য, বিবস্বান্, অর্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র, উরুক্রম)।

দ্বাপর [দ্বি (দুই) পর (যে যুগ দুই যুগের পর)। প্রা° বাং প্রাকৃ° দুআপর (শূ পু°)] বি. তৃতীয় যুগ। ইহার পরিমাণ ৮৬৪০০০ বৎসর কাল।

দ্বাবিংশ [দ্বাবিংশতি+অ (পূরণার্থে)] বি, বাইশ এই সংখ্যা; ২২। ২ বিণ, বাইশ সংখ্যক। ~তি [দ্বি (দুই) অধিক যে বিংশতি, ধা] বিণ, বাইশ; ২২। ~তম-বাইশ সংখ্যার পূরক। স্ত্রীং ~তমী।

দ্বার (দা-) [দ্বৃ (আচ্ছাদনে)+ণিচ্=দ্বারি (আচ্ছাদন বা রোধ করা) +অ (র্ত্তৃ), যা প্রবেশ বা বহির্গম পথ আচ্ছাদন বা রোধ করে। দ্বার > বাং প্রাকৃ° দোবার, দুআর (শ্রী° কী°), দুয়ার > গ্রা° দুওর, দুয়োর > দোআর, দোয়ার > কে° দোর। "তোমার দুয়োর কে বন্ধ রাখতে পারে রাজা? ও ত বন্ধনই কেবল ভাজানো আছে"-রাজা (রবী°)] বি. দরজা; প্রবেশ পথ door "দ্বারে হস্তী বিনাশিয়া চানুরাদি নিপাতিয়া কংসাসুরে করিলা নিধন"-অ° ম°। ২ কপাট। ৩ সম্মুখ। ৪ উপায়। ৫ পথ। [দ্রঃ-দ্বারের ভিন্ন ভিন্ন অংশের নাম-চৌকাঠ (দ্বারের চতুর্দ্দিকের কাঠ বা বেষ্টনী)। কপালী (চৌকাঠের মাথার কাঠ)। গবরাট (চৌকাঠের নীচের কাঠ)। বাজু, বাহু (চৌকাঠের দুই পাশের কাঠ)। ঝনকাঠ (কপালীর উপরের কাষ্ঠ)। টাঁশা বা নাগদন্ত (ঝনকাঠের দুই প্রান্তস্থ দণ্ড)। কপাট (দ্বারের দুইদিকে বিভক্ত অথবা অখণ্ড পাল্লা বা বাইল যা কব্জায় খুলিতে থাকে)। বাইল (কপাটের একদিকের পাল্লা)। খিল, হুড়কা (দ্বার বন্ধ রাখিবার দণ্ড)। সুর্মা (দ্বারের মাথায় শিকল আটকাইবার লোহা)। হাঁসকল (যে লোহার পাত বা কল অবলম্বন করিয়া কপাট খুলিতে থাকে)]। ~গ্রামবাসী (দা) বিণ, যে নগরের দ্বারে বা উপকণ্ঠে বাস করে। "পরদিন দ্বারগ্রামবাসীরা তাঁহার তদবস্থায় অবস্থিতির কথা শুনিয়া"-জাতক, ৪র্থ খণ্ড। ~দেশ (দা-) বি দ্বার সন্নিহিত স্থান। ২ দ্বার। ~পাল [দ্বার-পা+ণিচ্=পালি+অন (র্ত্তৃ)] বি, দ্বারী। ~পিণ্ডী (দা-) বি, দেহলী; চৌকাঠের উপরিস্থিত ফলক। ~বান্ (দা-) [দ্বার+বৎ (স্ত্য°)=দ্বারবৎ ১মা° ১ব°। গ্রা° দরওয়ান, দরোয়ান, দারওয়ান, দারোয়ান] বি, দ্বারী; দ্বারপাল। ~মোচন (দা-) [দ্বার-মোচন (মুক্তকরণ)] বি, দ্বারোদ্ঘাটন; দ্বার মুক্তকরণ। ~যন্ত্র (দা-) বি, দ্বার রোধক যন্ত্র; তালা। ~রক্ষক, -রক্ষী (দা-) বি, দ্বারপাল; দরোয়ান। ~রোধ (দা-) বি, গৃহাদির দ্বার বন্ধ করণ। ২ [লক্ষ°] প্রবেশ পথ বন্ধ; কোন বিষয়ে তর্কালোচনা বা অনুষ্ঠানের উপায় নিরোধ। ~স্থ (দা-) [দ্বার-স্থা (থাকা)+অ (র্ত্তৃ), যে দ্বারদেশে অবস্থান করে] বিণ, দ্বারস্থিত; দ্বারদেশে অবস্থিত। ২ ভিক্ষার্থী; শরণাগত।

দ্বারকা, দ্বারিকা (দা-) বি. গুজরাট প্রদেশে প্রায়দ্বীপের দক্ষিণ পশ্চিমে অবস্থিত শ্রীকৃষ্ণ কর্ত্তৃক প্রতিষ্ঠিত নগর। ইহা সপ্তমোক্ষদায়িকা পুরীর অন্যতম। ~নাথ, ~পতি-বি. শ্রীকৃষ্ণ।

দ্বারকেশ (দা-) [দ্বারকা (র)+ঈশ (প্রভু), ৬তৎ] বি. শ্রীকৃষ্ণ।

দ্বারবতী, দ্বারাবতী (দা-) [দ্বার-দ্বারা (মুক্তির পথ)+বৎ (স্ত্য°)+ঈ (স্ত্রীং)] বি গুজরাট দেশস্থ সমুদ্রতীরবর্ত্তী দ্বারিকাধাম তীর্থ; দ্বারকা।

দ্বারা (দা-) [সং-দ্বার শব্দের ৩য়া বিভক্তির রূপ] অ, দ্বার দিয়া through. ২ কর্ত্তৃক। ৩ সহায়তায়; সাহায্যে। ৪ হাত দিয়া; মার্ফৎ। প্র-লোকের দ্বারা টাকা পাঠান।

দ্বারাধ্যক্ষ [দ্বার+অধ্যক্ষ, ৬তৎ] বি. দ্বারী; দ্বারপাল; দ্বাররক্ষক।

দ্বারাবতী-দ্বারবতী দ্রঃ।

দ্বারিক (দা-) [দ্বার+ইক (রক্ষার্থে)] বি দ্বার-রক্ষক; দ্বারী; দ্বারপাল। প্রা° বাং-দ্বারিক্যা, দুআরিকা। "তরনি চাপিআ জান বৈকুণ্ঠ দুআর॥ বৈতরনি পার হৈলা দ্বারিক্যাকে রাখি।"-শূ° পু°।

দ্বারিকা-দ্বারকা দ্রঃ।

দ্বারী [দ্বার+ইন্ (স্ত্য°)=দ্বারিন্ ১মা, ১ব°] বি. দ্বারপাল। ২ দ্বারবিশিষ্ট।

দ্বারে-দ্বারে (দা-) [দ্বারে+দ্বারে (বীপ্সার্থে দ্বিত্ব)] ক্রি-বিণ, প্রতি দ্বারে; দরজায় দরজায়; বাড়ী বাড়ী। "আমি দ্বারে দ্বারে যাব ভিক্ষা মাগি খাব মা মলে কি তার সন্তান বাঁচে না।"-রা° প্র°।

দ্বাষষ্টি (দা-) [দ্বি (দুই) অধিক যে ষষ্টি (সাট্), ধা] বিণ, বাষট্টি; ৬২। ~তম-বিণ ৬২ সংখ্যার পূরক। স্ত্রীং ~তমী।

দ্বাসপ্ততি (দা-) [দ্বি (দুই) অধিক যে সপ্ততি (সত্তর ৭০), ধা] বিণ, বাহাত্তর;

৭২। ~ত্তম-বিণ, ৭২ সংখ্যার পূরক। > স্ত্রীঃ ~তমী।

দ্বি (দ্বি-) [সং-দ্বি, ফা০ দো, ল্যা০ দুয়ো] বিণ, দুই সংখ্যক; ২। ২ [সং-দ্বিঃ] দুই বার। ৩ দুই প্রকার: দ্বিবিধ। **~কর** [দ্বি (দুই) যে কর (হস্ত), দ্বিগু] বি, দুই হাত। ২ [দ্বি (দুই) হইয়াছে কর (হস্ত) যার, বহু০] বিণ, দ্বিভুজ; দুই হাতযুক্ত। **~কর্ম্মক** [ব্যা০] বিণ, যে ক্রিয়াপদের দুইটি কর্ম্মপদের সহিত সম্বন্ধ। **~কল্পন্যায়** [তঃ বিঃ পরিঃ] বি, যুক্তির প্রণালী ভেদ। ইহাতে ন্যায়ের সাধ্যাবয়ব এবং পক্ষাবয়ব উভয়ই সাপেক্ষ বা বৈকল্পিক বাক্য: দুই কল্পনা। **~খণ্ডিত**-বিণ, দুই খণ্ডে বিভক্ত। **~গর্ভ** [দ্বি (দুই) গর্ভ (গর্ভাধার) যার বহু০] বি, কাঙ্গারু আদি যে সকল প্রাণীর প্রসূত শাবকদিগকে ধারণ করিবার মত উদরের নিম্নে চর্ম্মময় দ্বিতীয় কোষ থাকে marsupial ২ বিণ, দুইটী গর্ভযুক্ত। **দ্বিগর্ভ পশু, প্রাণী**-যে সকল পশু, প্রাণী দ্বিগর্ভ marsupial animal **~গু** [ব্যা] বি, সংখ্যাপূর্ব্বক কর্ম্মধারয় সমাস। **~গুণ** [দ্বি (দুই) দ্বারা গুণ-গুণিত (গুণীকৃত), ৩ তৎ] বিণ, দুই সংখ্যা দ্বারা গুণিত; দ্বিগুণিত। ২ যে পরিমাণ ছিল তাতে তত পরিমাণ পুনরায় যুক্ত। ৩ সম্বর্দ্ধিত; অতিশয় বৃদ্ধি প্রাপ্ত। "দ্বিগুণ আগুন জ্বলে লো মনে।"-ব্রজাঙ্গনা০। **~গুণিত**-দ্বিগুণ দ্রঃ। **~গুণীকৃত** [দ্বিগুণ (দুইবার) কৃত; মধ্যে ঈ (অভূত তদ্ভাবার্থে চ্বি)] বিণ, যা দ্বিগুণ করা হইয়াছে; দুইবার গুণিত। **~চারিনী**-বিণ (বি), পতি ব্যতীত পুরুষ-গামিনী (স্ত্রী); বহু বল্লভা (নারী); কুলটা। **~জন্মা** [দ্বি-জন্মন্ যার, বহু০] বি, দ্বিজাতি; দ্বিজ দ্রঃ। **~জিহ্ব, -জিহ্বা** [দ্বি (দুইটী) জিহ্বা যার, বহু০] বি, সর্প [ইহাদের জিহ্বা কুশ পত্রের আঘাতে দ্বিখণ্ড হইয়াছিল বলিয়া পুরাণপ্রসিদ্ধি আছে]। ২ যার দুইটি জিহ্বা। ৩ [লক্ষ০] যারা একই বিষয় একজনের নিকট একরূপ অন্যের নিকট অন্যরূপ বলে: যারা সম্মুখে একরূপ বলে, পশ্চাতে অন্যরূপ বলে; খল; কপট। ৪ [মিথ্যা কথনহেতু] চোর। **~তল** (দ্বি-) [দ্বি (দুই) তল] বিণ, দুই তলযুক্ত; দোতলা। ২ বি, দ্বিতীয় তলস্থ গৃহ; ভূমির উপর যে প্রথম তল গৃহ তার ছাদের উপর নির্ম্মিত গৃহ। **~ত্ব**-দ্রঃ। **~দল** (দি-) [দ্বি (দুই) দল যার, বহু০] বিণ, দুই পাপড়ি বা পত্রযুক্ত। প্র-দ্বিদল পুষ্প। তুল-শতদল পদ্ম। ২ [দুই দলে বিভক্ত] বি, দাইল। **~দশ** (দি-) [দ্বি (দুই) অধিক যে দশ, (দ্বিগু)। কিম্বা দুই অধিক দশ সংখ্যা যার, বহু০] বিণ, দ্বাদশ সংখ্যক। **~দেহ** (দি-) বিণ, যার দুইটি বা দুই প্রকার দেহ। ২ বি, গণেশ। **~দ্বাদশ** (দিদা-) [দ্বি (দ্বিতীয়) ও দ্বাদশ (দ্বন্দ্ব। জ্যোতিঃ পরিঃ)] বি, বিবাহে নিষিদ্ধ রাশি সংযোগবিঃ: কন্যার দ্বাদশ রাশি যদি ভর্ত্তার হয় কিম্বা ভর্ত্তার দ্বিতীয় রাশি যদি কন্যার হয় তবেই দ্বিদ্বাদশ যোগ হয়, ইহা বিবাহে নিষিদ্ধ। **~নবতি** (দি-) [দ্বি (দুই) অধিক যে নবতি (নব্বই ৯০), ধা] বি, ৯২। ২ বিণ, বিরানব্বই সংখ্যাবিশিষ্ট। > **~তম**-বিণ, ৯২সংখ্যার পূরক। > স্ত্রীঃ~তমী। **~পক্ষ** (দি-) বি, কৃষ্ণ ও শুক্ল এই দুই পক্ষ: এক মাস। **~পঞ্চাশ** (দি-) [দ্বি (দুই অধিক) পঞ্চাশ] বিণ, ৫২ সংখ্যার পূরক। **~পঞ্চাশৎ** (দি-) দ্বি (দুই) অধিক যে পঞ্চাশৎ (পঞ্চাশ ৫০), ধা] বি, বায়ান্ন; ৫২। > **~শত্তম**-বিণ, ৫২ সংখ্যার পূরক। > স্ত্রীঃ~শত্তমী। **~পদ** (দি-) [দ্বি (দুই) পদ (পা) যার, বহু০] বিণ, দুইপাদযুক্ত, দোপেয়ে। ২ দুই চরণযুক্ত জীব; মনুষ্য; পক্ষী। ৩ [জ্যোঃ] মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধ: দ্বিপদ-রাশি। > স্ত্রীঃ ~া-বিণ, দুই পদবিশিষ্টা। **~পদী**- বি, দুই চরণযুক্ত ছন্দঃ। **~পাৎ, ~পাদ্** [দ্বি (দুই) পাদ যার, বহু০] বিণ, দুই পদযুক্ত; দ্বিপদ। **~বক্ত্র** (দি-) [দ্বি (দুই) বক্ত্র (মুখ) যার, বহু০] বি, রাজসর্প। ২ দানববিঃ। ৩ বিণ, দ্বিমুখ; দুই মুখ-বিশিষ্ট। **~বচন** (দি-) [দ্বি (দুই)-বচ্ (বলা) +অন (ণে)] বি, ব্যাকরণে দ্বিত্ববোধক বিভক্তি; যে বিভক্তিতে দুইজন বা দুইটী বুঝায়। [বাঙ্গালায় শব্দের একবচন ও বহুবচন মাত্র আছে; দ্বিবচনের প্রয়োজন হইলে শব্দের সহিত দ্বয়, যুগল, দুটী ইঃ শব্দ যোগ করিতে হয়]। **~বর্ষা** (দি-) [দ্বি+বর্ষ+আ] বি, দুই বছরের গাভী। **~বার্ষিক** (দি-) [দ্বি (দুই) বর্ষ (বৎসর)+ইক (কালার্থে)] বিণ, দুই বৎসর বয়স্ক: দুই-বৎসরোৎপন্ন (ধান্যাদি)। ২ দুই বৎসর সম্বন্ধীয়। **~বাহিক** (দি-) বি, দুইজনে বাহিত শিবিকা, ডুলি। **~বিধ** (দি-) [দ্বি+বিধা (প্রকার) যার বহু০ সমাসে বিধা=বিধ] বিণ দুইপ্রকার: দুইরকম। **~বেদী** (দি-) [গ্রা০ 'দুবে', 'দোবে'] বিণ, দুই বেদে পারদর্শী। ২ বি ঐরূপ ব্রাহ্মণ কুলের উপাধি। **~ভাব** (দি-) [দ্বি (দুই) ভাব যার, বহু০] বিণ, অন্তরে একভাব এবং বাহিরে অন্য ভাবযুক্ত; কপট। ২ দুই ভাববিশিষ্ট, দুই প্রকার অর্থযুক্ত। **~ভাষী** (দি-) বিণ দুই ভাষা ভাষী, দুইটি ভাষায় অভিজ্ঞ: দুইটি ভাষায় রচিত bilingual "কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় ১৮৪৬ খৃষ্টাব্দ হইতে বিদ্যাকল্পদ্রুম নামে দ্বিভাষী পুস্তক প্রচার করিয়াছিলেন।" **~ভুজ** (দি-) [দ্বি (দুই) যে ভুজ (বাহু), ধা] বি, দুই হাত। ২ [দ্বি-ভুজ যার, বহু০] বিণ, ভুজদ্বয়বিশিষ্ট। > স্ত্রীঃ ~া। **~মাতৃক, ~মাতৃজ** (দি-) [বৃহদ্রথ রাজার দুই রাণীর গর্ভে জন্মহেতু] বি, জরাসন্ধ। ২ [যার দুই মাতা -দুর্গা, গঙ্গা] গণেশ। **~মুখ** (দি-) [দ্বি (দুই) মুখ যার, বহু০। গ্রা০ দুমুখো] বি, রাজসর্প। ২ বিণ, মুখদ্বয়বিশিষ্ট, দুই দিকে যার মুখ আছে। স্ত্রীঃ ~া, ~ী-বিণ, দুই মুখবিশিষ্টা। **~রদ** (দি-) [দ্বি (দুই) রদ (দন্ত) যার, বহু০] বি, হস্তী। **~রদ-রদ** [দ্বিরদের রদ (দন্ত), ৬তৎ] বি, হস্তিদন্ত ivory "দ্বিরদরদ-নির্ম্মিত গৃহদ্বার দিয়া"-মেঘ০। **~রূপ** (দি-) [দ্বি (দুই) যে রূপ (আকৃতি), ধা] বি, দ্বিবিধ আকৃতি: দুই প্রকার। ২ বিণ, দুইরূপ-বিশিষ্ট, যুগলরূপ। **~রেফ** (দি-) [দ্বি (দুই) রেফ (রেফাকৃতি চিহ্ন) যার, বহু০] বি, যার মস্তকের উপর রেফাকৃতি দুইটী আছে: ভ্রমর। "দ্বিরেফ নলিনীগত -মানসকানন০। **~শত**

(দি-) [দ্বি (দুই) যে শত, ধা] বি. দুইশত সংখ্যা ; ২০০। ২ বিণ. দুইশত সংখ্যক। ~তম-বিণ. দুইশত সংখ্যার পূরক। স্ত্রীং ~তমী। ~শফ (দি-) [দ্বি (দুই ভাগে বিভক্ত) শফ (খুর) যার. বহু] বি গো মহিষাদি পশু, যাদের খুর বিভক্ত। ~শিরাঃ (দি-) বিণ. দুইটি শিরা বা মস্তক বিশিষ্ট। ২ বি, অগ্নি। ~শ্বাসী (দিশ শা-) বি. যে সকল জীব কর্ণ-কূপ ও ফুসফুস দ্বারা শ্বাসক্রিয়া নিষ্পন্ন করে। ~সপ্ততি (দি-) [দ্বি (দুই) অধিক যে সপ্ততি (সত্তর), ধা] বি. দুই অধিক সত্তর; বাহাত্তর : ৭২। ~তম -বিণ, ৭২ সংখ্যার পূরক। স্ত্রীং~তমী। ~হল্য (দি-) [দ্বি (দুইবার) হল্য (হলদ্বারা আকৃষ্ট)] বিণ, দুই বার লাঙ্গল দেওয়া (জমী) ; দুইবার কর্ষিত (ক্ষেত্র) : দোষো। ~হায়নী (দি-) [দ্বি (দুই) হায়ন (বৎসর-বয়স) যার, বহু] বি, দুই বৎসরের গাই। ~হৃদয়া-বিণ. গর্ভবতী।

দ্বিজ১ (দি-) [প্রা বাং] বিণ, দুইটি, দুইখানি। "দ্রোণ দ্বিজ ধনুর্ব্বেদ পাঠাইলা দূতে।"-মহা০ (বিজয়)।

দ্বিজ২ (দি-) [দ্বি (দুইবার) জ (যে জন্মে। জন (জন্মান)+অ (র্ত্তৃ)] বি. জন্মের র যাদের উপবীত গ্রহণরূপ সংস্কার হয় ; ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য। "দ্বিজ রামপ্রসাদের নতি চরণ-তলে বেগ বে।"-রাম প্র০। ২ অণ্ডজ পক্ষী। "বধিয়া অনেক দ্বিজ, সঞ্চয়িলে পাপ-বীজ, কত কাড়ি খাও পক্ষি-মাংসে।"-কবিক০। ৩ সর্প। ৪ দন্ত [অপ্র০]। "কুন্দ কোরক জিনিয়া দ্বিজ। কি ছার তাহাতে করক বীজ॥"-চণ্ডি০। স্ত্রীং ~া। ~দাস-বি, শূদ্র। ~পতি (দি-) [দ্বিজের পতি (প্রভু), ৬তৎ] বি, দ্বিজরাজ দ্রঃ। ~বন্ধু-বি, দৈবজ্ঞ ; ভাট ইং শ্রেণীর দ্বিজ। ~বর [দ্বিজের মধ্যে বর (শ্রেষ্ঠ), ৭তৎ] বি, ব্রাহ্মণ। ~বাহন [গরুড় বাহন যার, বহু০] বি, বিষ্ণু। ~ব্রুব-বি, দ্বিজ বলিয়া পরিচয় দাতা ; কপট দ্বিজ হীন দ্বিজ। ~রাজ [দ্বিজের রাজা=রাজ (প্রধান), ৬তৎ] বি চন্দ্র। "খর্ব্ব হয়ে ধরিবারে চাহ দ্বিজরাজ।"-কবিক০। ২ ব্রাহ্মণ। "দ্বিজরাজ বরিলে দয়া বামনে ধরে দ্বিজরাজ।"-দাশরথি। ~লিঙ্গী-বিণ, দ্বিজ চিহ্ন বা বেশ ধারী। ~শ্রেষ্ঠ-বি, দ্বিজবর (দ্রঃ)। ~সত্তম [দ্বিজের মধ্যে সত্তম (অত্যুত্তম), ৭তৎ] বি, শ্রেষ্ঠ ব্রাহ্মণ।

দ্বিজাগ্র (দি-) [দ্বিজ+অগ্র] দ্বিজ-প্রধান ; সুব্রাহ্মণ।

দ্বিজাতি (দি-) [দ্বি (দুইবার) +জাতি (জন্ম) যার, বহু০] বি, ব্রাহ্মণ। ২ ক্ষত্রিয়। ৩ বৈশ্য। [দ্রঃ -"দ্বিজ শব্দ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন জাতিরই সাধারণ উপাধি হইলেও উহা প্রায়ই ব্রাহ্মণবাচী"-মহেন্দ্রনাথ বিদ্যানিধি (সাহিত্য পরিষদ পত্রিকা, ১৩০২)]। ৪ [যাদের অণ্ড ও শাবক এই দুই প্রকারে জন্ম হয়] সর্প ও পক্ষী ইং। ৫ দন্ত [ইহাদের দুইবার উৎপত্তি হয়] ৬ বিণ, দুইবার জাত।

দ্বিজেন্দ্র (দি-) [দ্বিজ (মধ্যে)+ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭তৎ] বি. দ্বিজশ্রেষ্ঠ, ব্রাহ্মণ। ২ চন্দ্র

দ্বিজেশ (দি-) [দ্বিজ+ঈশ] বি. চন্দ্র। ২ পক্ষীরাজ গরুড়।

দ্বিজোত্তম (দি-) [দ্বিজ (মধ্যে)+উত্তম, ৭তৎ] বিণ, দ্বিজসত্তম দ্রঃ

দ্বিতয় (দি-) বিণ. দ্বি-সংখ্যক। ২ যুগ্ম। বি, দুই সংখ্যা।

দ্বিতীয় (দি-) [দ্বি+তীয় (পূরণার্থে)] বিণ, দুয়ের পূরক। স্ত্রীং ~া-চন্দ্রের দ্বিতীয় কলার হ্রাসবৃদ্ধিঘটিত কাল ; প্রতিপদের পরবর্ত্তী তিথি। ২ ভার্য্যা ; পত্নী। ভ্রাতৃ দ্বিতীয়া দ্রঃ।

দ্বিতীয়তঃ (দি-) [দ্বিতীয়+তস্] অ, দ্বিতীয় পক্ষে ; দ্বিতীয় বারে ; দ্বিতীয় ক্ষেত্রে বা স্থলে ; দ্বিতীয় দফায়।

দ্বিতীয়াশ্রম (দি-) [দ্বিতীয় যে আশ্রম, (দ্বিগু)] বি, গার্হস্থ্যাশ্রম।

দ্বিত্র (দি-) [সং] বিণ, দুই তিন। ২ দ্বি বা ত্রি পরিমিত।

দ্বিত্ব (দিত্ত) [দ্বি+ত্ব (ভা০)] বি, দ্বিগুণত্ব। ২ পুনরুক্তি।

দ্বিদন্ (দি-) [দ্বি-দন্ (দন্ত) যার] বিণ, দ্বিদন্ত ; দুই দাঁতযুক্ত।

দ্বিধা (দি-) [দ্বি+ধা (প্রকারার্থে)] ক্রি-বিণ, দুই প্রকারে ; দুই রকমে। ২ দুই দিকে ; দুই অভিমুখে। ৩ দুই ভাগে ; দুই খণ্ডে। প্র-দ্বিধা বিভক্ত করণ। ৪ বি, মনের দ্বিভাব ; সংশয় ; সন্দেহ ; খুঁত-খুঁত ভাব। "প্রবেশ নন্দনবনে দ্বিধা ঘুচাইয়া মনে মোর বাক্য নাহি কর আন।"-কবিক০। ~করণ (দি-) বি, দুই ভাগ করণ ; বিভজন। বিণ, ~কৃত-দুইভাগে বিভক্ত ; দ্বিখণ্ডিত। ~গতি (দি-) [দ্বিধা (দুই স্থানে) গতি (গমন) যার, বহু০] বি, উভচর। ২ বিণ, দ্বিবিধ গতিবিশিষ্ট। ~দ্বন্দ্ব (দন্দ) বি, সন্দেহ বা বিরোধ ; বাধা বিঘ্ন। "নাহি বিন্দু দ্বিধাদ্বন্দ্ব, নাহি ঘরপর, উন্মুক্ত জীবন-স্রোত বহে দিনরাত"-রবী০।

দ্বিধীকরণ (দি-) [দ্বিধা+চ্বি (অভূত-তদ্ভাবে)=দ্বিধী-করণ] বি, দুই ভাগে বিভজন।

দ্বিপ (দি-) [দ্বি (দুই বার) প (যে পান করে) (পা+অ, র্ত্তৃ), যে শুণ্ড ও মুখদ্বারা পান করে] বি, হস্তী। ২ নাগকেশর বৃক্ষ

দ্বিবিন্দু [সং] বি, বিসর্গ।

দ্বিমূর্দ্ধ (দি-) বিণ, দ্বিশিরাঃ (দ্রঃ)।

দ্বিরদ [দ্বি-রদ (দন্ত)] বি, হস্তী।

দ্বিরদান্তক (দি-) [দ্বিরদ (হস্তী)+অন্তক (বিনাশক)] বি, সিংহ।

দ্বিরশন (দি-) [দ্বিঃ (দুই বার)+অশন (ভোজন), ধা] বি, দুই বার ভোজন। ২ বিণ যে প্রত্যহ দুইবার ভোজন করে।

দ্বিরসন (দি-) [দ্বিঃ (দুই)+রসনা যার] বিণ, দ্বিজিহ্ব। ২ বি, সর্প।

দ্বিরাগমন (দি-) [দ্বিঃ (দ্বিতীয় বার যে) +আগমন, ধা] বি, বিবাহের পর কন্যার পিতৃগৃহ হতে পতিগৃহে দ্বিতীয়বার আগমনরূপ সংস্কার।

দ্বিরাশী (দি-) [দ্বিঃ (দুই বার)+অশ্ (ভোজন করা)+ইন্ (র্ত্তৃ)] বিণ, দুইবার ভোজনকারী। স্ত্রীং দ্বিরশিনী। বি, দ্বিরশন (দ্রঃ)।

দ্বিরুক্ত (দি-) [দ্বিঃ (দুইবার)+উক্ত

(কথিত-কথন) হইয়াছে যার, বহু০] বিণ, পুনরুক্ত ; দুইবার কথিত। ২ [ব্যা০] যার দ্বিত্ব হয়।

দ্বিরুক্তি (দি-) [দ্বিঃ (দুই বার যে) + উক্তি (কথন), ধা] বি, পুনরুক্তি, বারদ্বয় কথন ; পুনর্ব্বার উল্লেখ।

দ্বিরূঢ়া (দি-) [দ্বিঃ (দুইবার) + উঢ়া (বিবাহিতা)] বি, পুনর্ভূ।

দ্বিষৎ (দি-) [দ্বিষ্ (দ্বেষ করা) + অৎ(কর্তৃ)] বি, অরি ; শত্রু ; বৈরী। "দানবকুলের বিধি বধিতে সমরে, দ্বিষৎ-শোণিত-নদে নতুবা ডুবিতে!"-মেঘ০। ২ বিণ, দ্বেষকারী ; দ্বেষ্টা।

দ্বিষন্তপ (দি-) [দ্বিষৎ (শত্রু) + তপ, ন আগম] বিণ, শত্রুতাপন।

দ্বিষ্ট (দি-) [দ্বিষ্ (হিংসা করা) + ত(কর্ম্ম)] বিণ, যাকে হিংসা করা হইয়াছে ; যার প্রতি শত্রুতাচরণ করা হইয়াছে। স্ত্রীং ~া। ২ [বৈদ্যকে] বি, তাম্র।।

দ্বিষ্ঠ (দি-) [দ্বি (দুই) স্থ (যে থাকে)] বিণ, যে দুয়েতে থাকে ; উভয়ত্র অবস্থিত।

দ্বীপ (দী-) [দ্বি (দুই পাশে চতুর্দ্দিকে) অপ্(জল) + অ, অ=ঈ] বি, জলদ্বারা সম্পূর্ণরূপে বেষ্টিত ভূভাগ island. প্রা০ বাং-দীব। "সেই দীবর কাছ জম রাজার ঘর।"-শূ০ পু০। বিণ, দ্বৈপ (দৈ-)-দ্বীপজাতি। ২ দ্বীপ সম্বন্ধীয়। ~বংশ-বি, ৫ম শতাব্দীতে রচিত পালিগ্রন্থ যাতে সিংহলের ইতিহাস ধারাবাহিক ভাবে ও বৌদ্ধধর্ম্মের ইতিবৃত্ত আদ্যোপান্ত লিখিত আছে। 'মহাবংশ' দ্রঃ। ~বান্ (দি-) [দ্বীপ + বৎ (অস্ত্য০)=দ্বীপবৎ ১মা, ১ব০] বি, সমুদ্র। ২ বিণ, দ্বীপবিশিষ্ট। > স্ত্রীং ~বতী-নদী। ~ময় [প্রাচুর্য্যার্থে ময়ট্] বিণ, দ্বীপ সমাকীর্ণ ; দ্বীপবান্।

দ্বীপান্তর (দি-) [দ্বীপ + অন্তর] বি, দেশান্তরে নির্ব্বাসন ; নির্ব্বাসনদণ্ড transportation.

দ্বীপী (দী-) [দ্বীপ + ইন্ (অস্ত্য০)=দ্বীপিন্ ১মা, ১ব০] বি, ব্যাঘ্র ; চিতাবাঘ। ২ [দ্বীপবান্ বলিয়া] সমুদ্র।

দ্বেষ (দে-) [দ্বিষ্ (হিংসা, ক্রোধ করা) + অ (ভা০)] বি, শত্রুতা। ২ অসূয়া ; ঈর্ষা ; হিংসা। ৩ বিরাগ। ৪ রোষ, রাগ ; ক্রোধ। ~ী (দে-) [দ্বিষ্ + ইন্ (কর্তৃ)=দ্বেষিন্ ১মা, ১ব০] বিণ, দ্বেষকারী ; ঈর্ষাযুক্ত ; বিদ্বেষপূর্ণ। ২ বিরুদ্ধ। > স্ত্রীং দ্বেষিণী। ~ণ (দ্বেষ্ণ) [দ্বিষ্ (দ্বেষ করা) + অন (কর্তৃ)] বি, বৈরাচার ; শত্রুতা। ২ হিংসন ; ঈর্ষা করণ। ৩ শত্রু। ৪ [ভা০ অন] দ্বেষ। ~ষ্য (দে-) [দ্বিষ্ + য (কর্ম্ম)] বিণ, দ্বেষ করিবার উপযুক্ত ; ঈর্ষার পাত্র ; বিদ্বেষভাজন। ২ বৈরী ; শত্রু।

দ্বেষ্টা (দে-) [দ্বিষ্ (দ্বেষ করা) + তৃ (কর্তৃ) =দ্বেষ্টৃ ১মা, ১ব০] বি, যে দ্বেষ করে ; দ্বেষকারী।

দ্বৈগুণ্য (দৈ-) [দ্বিগুণ + ষ্ণ্য (ভা০)] বি, দ্বিগুণের ভাব বা অবস্থা।

দ্বৈত (দৈ-) [দ্বি + ইত=দ্বীত + ষ্ণ(ভা০)] বি, দুইয়ের সত্তা। ২ দুই দুই ভাব। ৩ দ্বিরূপত্ব, দ্বিবিধত্ব। ৪ মহাভারতোক্ত সরস্বতী নদীতীরস্থ বনবিঃ ; দ্বৈতবন। ৫ বন। ৬ বিণ, দ্বৈতবাদ স্বীকারকারী ; দ্বৈতবাদী দ্রঃ। স্ত্রীং ~ী। ~বাদী [দ্বৈত-বদ্ (বলা) + ইন্ (কর্তৃ)=বাদিন্ ১মা, ১ব০] বিণ, যারা জীবাত্মা ও পরমাত্মার মধ্যে ভেদ স্বীকার করেন, জীব ও ব্রহ্ম ভিন্ন ; অদ্বৈতবাদী দ্রঃ। স্ত্রীং ~বাদিনী। বি, ~বাদ। ~শাসন [ইং diarchy র অনুবাদ] বি, দুইটি কর্ত্তা বা প্রভুর পরিচালিত শাসন বা গবর্মেণ্ট।

দ্বৈতাদ্বৈত (দৈ-) [দ্বৈত (ও) + অদ্বৈত, দ্বন্দ্ব] বি জীব ও ব্রহ্মে ভেদাভেদ।

দ্বৈতী (দৈ-) [মূ০ দ্বৈতিন্ ১মা, ১ব০] বিণ, দ্বৈতবাদী।

দ্বৈতীয়ি/ক (দে-) বিণ, দ্বিতীয়। স্ত্রীং ~কী।

দ্বৈধ (দৈ-) [দ্বিধা + অ (স্বার্থে)] বি, দুই প্রকার। ২ মত-পার্থক্য, মতভেদ। ৩ সংশয় ; সন্দেহ ; দ্বিধা।

দ্বৈধীভাব (দৈ-) [দ্বৈধ + ভাব, মধ্যে ঈ (অভূত তদ্ভাবার্থে চ্বি)] বি, মুখে এক পেটে এক ; অন্তরের ভাব গোপন রাখিয়া মুখে অন্যরূপ প্রকাশ।

দ্বৈপ (দৈ-) [সং] বিণ, দ্বীপ সম্বন্ধীয়। ২ দ্বীপ বহুল।

দ্বৈপায়ন (দৈ-) [দ্বীপ অয়ন (আশ্রয়, জন্মস্থান) যার, বহু০=দ্বিপায়ন + অ (স্বার্থে) "যমুনা দ্বীপে জন্মহেতু দ্বৈপায়ন"-মহা০] বি, ব্যাসদেব।

দ্বৈপ্য (দৈ-) [সং] বিণ, দ্বীপ সম্বন্ধীয়।

দ্বৈবিধ্য (দৈ-) [দ্বিবিধ + য (ভা০)] বি, দ্বিবিধত্ব ; দ্বিরূপত্ব।

দ্বৈমাতুর (দৈ-) [দ্বিমাতৃ + উর (অপত্যার্থে)] বি, গণেশ। ২ জরাসন্ধ। ৩ বিণ, দুই মাতার সন্তান।

দ্বৈমাতৃক (দৈ-) [দ্বি মাতৃক + অ (সম্বন্ধার্থে)] বি, যে দেশের লোক নদীজল এবং বৃষ্টিজলে সিক্ত ক্ষেত্রজাত শস্যে পালিত।

দ্বৈরথ (দৈ-) [দ্বিরথ + অ (সম্বন্ধার্থে)] বি, যে যুদ্ধে দুইখানি মাত্র রথ আছে, দুই রথীর যুদ্ধ। প্র-দ্বৈরথ যুদ্ধ।

দ্বৈরাজ্য (দৈ-) বি, দুইটি স্বতন্ত্র প্রভু-শাসিত রাজ্য diarchy

দ্বৈরাত্রিক (দৈ-) [দ্বিরাত্র + ইক (ভবার্থে)] বিণ, দুইরাত্রি জাত। ২ দুই-রাত্রি সম্বন্ধীয়।

দ্বৈহায়ন [দ্বিহায়ন + ষ্ণ (ভা০)] বি, দুই বৎসর প্রাপ্তির অবস্থা। বিণ, ~ী।

দ্বৌযাম [সং] বি, দ্বিতীয় প্রহর। "ত্রয়োদশী রবিবার ইন্দ্র নামে যোগ। দ্বৌ০ রজনী মধ্যে মাসেব অর্দ্ধভোগ॥"-কবিক০।

দ্ব্যক্ষর (দক্খর) [দ্বি (দুই) + অক্ষর (বর্ণ) যার, বহু০] বিণ, দুই অক্ষরবিশিষ্ট, দুই বর্ণাত্মক। ২ বি, দুই অক্ষরাত্মক মন্ত্রবিঃ।

দ্ব্যঙ্গুল (দোংগুল্) [দ্বি (দুই) + অঙ্গুলি, দ্বিগু)] বি, দুই অঙ্গুলি। ২ বিণ, দুই অঙ্গুলি পরিমিত।

দ্ব্যণুক (দোনুক্) [দ্বি + অনু + ক] বিণ, দুই পরমাণুর সমষ্টি।

দ্ব্যর্থ (দ-) [দ্বি(দুইপ্রকার) + অর্থ (জ্ঞান) হয় যাতে, বহু০] বিণ, অর্থদ্বয়বিশিষ্ট; বাচ্যার্থ ও ব্যঙ্গার্থ যুক্ত ; দুই ভাব যুক্ত ; দোভাবা। "কুকথায় পঞ্চমুখ কণ্ঠ-ভরা বিষ। কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।"-ভারত০।

দ্ব্যশীতি (দ-) দ্বি (দুই) অধিক যে+

অশীতি (৮০), ধা] বি. দুই অধিক আশী, বিরাশী ; ৮২। ~তম। > স্ত্রীঃ ~তমী।

দ্ব্যহ (দ-) [দ্বি (দুই) + অহন্ (দিন) দ্বিগু] বি, দিবসদ্বয়, দুই দিবস।

দ্ব্যাত্মবাদী (দ্যাৎত-) [দ্বি (দুই) আত্মা-বদ্ (বলা) + ইন (র্তৃ)=দ্ব্যাত্মবাদিন্ ১মা, ১ব·] বিণ, জীবাত্মা ও পরমাত্মা এই দুই আত্মার অস্তিত্ব স্বীকারকারী।

দ্ব্যামুষ্যায়ণ (দ্যা-) [স্মৃ·পরিঃ] বি দত্তক পুত্র যে জন্মদাতা ও দত্তক গ্রহীতা এই দুই জনেরই পিণ্ডদানে ও ধনে অধিকারী।

দ্ব্যাহিক (দ্যা-) [দ্বি-অহন + ইক (উৎপন্নার্থে)] বিণ, দুই দিনে উৎপন্ন। ২ দুই দিন ভোগ্য। ৩ দ্বিতীয় দিবসাগত জ্বর: পালাজ্বর।

ধ

ধ১ -ব্যঞ্জন বর্ণমালার ঊনবিংশ, তবর্গের চতুর্থ, মহাপ্রাণ, ঘোষবান বর্ণ। দন্ত ইহার উচ্চারণ স্থান বলিয়া দন্ত্য বর্ণ। সাধারণতঃ অকঠিন, অশুষ্ক, গুরুভার ও স্থূল বস্তুর সহিত ইহার সম্পর্ক। তুল-ধপ্, ধম্, ধস্, ধপাস্, ধমাস্, ধক্ ইং।

ধ২ [অনু· শব্দ। সং-ধ্মা] অ, আগুন জ্বলিবার শব্দ। প্র-ধক্ ধক্ ; ধগ্ ধগ্ ; ধু ধু। ২ [অত্যন্ত বেগ বশতঃ বায়ুর সহিত সংঘর্ষণ শব্দের অনুকরণ] বেগ ; দ্রুতগতি। প্র-ধাঁ : ধাঁই ; ধাওয়া। তুল-"ধকে ধাওল" (অর্থাৎ বেগে ধাবিত হইল)-বি· প·। ৩ [ধা (ধারণ করা) + ক্বিপ্ (র্তৃ)-যিনি ধারণ করেন] বি, ধাতা, ব্রহ্মা। ৪ ধর্ম্ম। ৫ কুবের। ৬ [যা সমাজকে ধারণ করে] ধন। ৭ [সঙ্গীতে] ধৈবত অর্থাৎ সপ্তস্বরের মধ্যে ৬ষ্ঠ স্বরের সঙ্কেত। যথা-স, ঋ, গ, ম, প, ধ, ন। ৮ [সীমাবাচক] প্র-অবধি। পরিধি। ৯ আধারর্থক। প্র-বারিধি। ১০ বিণ, ধারক।

ধইধ্বা-ধক্কে দ্রঃ।

ধওলা [ধল দ্রঃ। ধবলা > প্রা· বাং] বিণ ধবল · শ্বেতবর্ণ। "ধ· পাঁঠা লেন রণী সাইঙ্গ করিয়া।"-মণিক· গান। ২ শ্বেতবর্ণ ঘুড়ী।

ধক্ [অনু· শব্দ। দক্ অপেক্ষা গুরু ও ঢক্ অপেক্ষা লঘু এবং কোমল] বি, ধক্ এই শব্দ ; উদরের শূন্যতা বা অপূর্ত্তি বোধক (তুল-পেট ধক্ধক্ বা ঢক্ ঢক্ করা)। ২ [সং-ধুক্ষ্, ধিক্ষ্ (সন্দীপনে)] অ, অগ্নি জ্বলনের শব্দ ও জ্যোতি। প্র-ধক্ ধক্ দ্রঃ। ৩ [ধি (ভারবোধক)। ধ দ্রঃ। ক (স্বার্থে)। তুল-সং-ধট (তুলাদণ্ড)] বি, ভার, পরিমাপক বস্তু, বাটখারা।

ধক-ধক, ধক্-ধক্-ধক্ [ধক্ (সন্দীপনে, জ্বলনে) + ধক্ (বারংবার এবং আধিক্য অর্থে পুনরুক্ত)। হিং দহক্না (জ্বলনা)] অ, আগুন জ্বলিবার শব্দ এবং আগুনের শিখার তেজঃ বা জ্যোতি। "ধক্ ধক্ ধক্ দহন সাজ বিমল চপল গর্জ্জিয়া।"-অ· ম। "লোল জিহ্বা লক্ লক্, ভালে অগ্নি ধক্ ধক কড়মড় বিকট দশন।"-ঐ। [দ্রঃ-"দপ্ দপ্" অপেক্ষা-অধিক উজ্জ্বল এবং স্থূল-ধক্ ধক্। "* * * দপ্ দপ্ দপ্ দীপয়ে মণি॥ ধক্ ধক্ ভালে অনল। তর্ তর্ তর্ চাঁদ মণ্ডল" -অ· ম·। আলোক অর্থে-ধক্ ধক্ অপেক্ষা ক্ষীণ ধিক্ ধিক্, এবং স্তিমিতপ্রায় হইলে ধিকি ধিকি। শব্দ অর্থে-ধক্ ধক্ অপেক্ষা লঘু ধিক্ধিক্ এবং তদপেক্ষা লঘু ধুক্ধুক্]। ২ [ধিক্ষ্, ধুক্ষ্ (জীবনে) হিং ধক্ ধকানা] হৃদ্‌পিণ্ডের স্পন্দন। palpitation (এই অর্থে ধড়্ ধড়্ শব্দের অধিক প্রয়োগ)। ধুকধুকি দ্রঃ। ৩ [ধুক্ষ্ (সন্দীপনে)] স্ফোটক অথবা ক্ষতস্থানের ভিতর জ্বলনের অনুভূতির প্রকারভেদ। ৪ [ধুক্ষ্ (ক্লেশনে)] অনুতাপ, শোক ইং দুঃখানুভূতির প্রকারভেদ। প্র-প্রাণের ভিতর ধক্ ধক্ করা। ক্রি ধক্ধকা-ধক্ ধক্ করা। বি, ধকধকি। > বিণ, ধক্ধকিয়া, ধক্ধকে।

ধকড়িয়া-ধুকড়ি ধোকড় দ্রঃ।

ধকধকানি [ধক্ধক + আন (ক্রিয়া-বিভক্তি)। হিং ধধক্না, ধক্ধকানা] ক্রি, ধক্ধক করা, ধক্ ধক করিয়া জ্বলা। ২ ধক্ ধক শব্দে স্পন্দিত হওয়া। বি, ধক-ধকানি। বিণ, ধকধকানিয়া [গ্রা· ধক-ধকানে] ধকধককারী।

ধকধ্বক্ [ধক্ (দ্রঃ) + ধ্বক (উত্তরোত্তর বেগাধিক্য অর্থে)] অ, অগ্নি জ্বলার শব্দ ও জ্যোতির উত্তরোত্তর বৃদ্ধিবোধক। "ধকধ্বক্ ধকধ্বক্ জ্বলে বহ্নি ভালে। ববম্বম্ ববম্বম্ মহাশব্দ গালে।"-অ· ম· [দ্রঃ-ছন্দের অনুরোধে মদনমোহন তর্কালঙ্কার মহাশয় এই শব্দ ধক্কধক্ক আকারে প্রয়োগ করিয়াছেন। "ধক্ধক ফেরুমুখ-মধ্য শিখি-জ্বালিনী"-বাসবদত্তা]।

ধকিল [হিং ধকেল্। সং-ধক্ক (নাশনম্) -ধাক্কা + ল (দানে) ; ধাক্কাল দ্রঃ] বি, ধাক্কা। ২ ঘেঁসে মেড়ে ব্যবহার ; ধামনানি ; ভার সহন ও টানা-টানি। প্র-অত ফিন ফিনে কাপড় ধ· সহিবে না। ৩ উপদ্রব, দৌরাত্ম্য। প্র-ছেলেদের ধ· সহিতে পারি ত থাক।

ধক্কে, ধইধ্বা, ধৈধ্বঃ-ধনিচা দ্রঃ।

ধট১ -ড [সং-"পরীক্ষার্থে তুলায়াং চ ধটঃ"-বিশ্ব। "ধটো দিব্যতুলায়াং"-মে·] বি, বৃহৎ তুলাদণ্ড ; তরাজু ; কাঁটা ; ধারা (দ্রঃ)। ২ ৪২ রতি পরিমাণ। ৩ তুলারাশি।

ধট২ [সং-ধব ; ওড়ি· -ধ ; মঃ ধামোড়া] বি, ধাওয়াগাছ ; ধবল anogeissus latifolia

ধট৩ [সং-"ধটী চীরে চ বাসসঃ"-মে·] বি.

চীর-বস্ত্র ; কৌপীন ; ধড়া (দ্রঃ)। স্ত্রীং ধটী।

ধটক [ধট (দ্রঃ)+ক (জ্ঞা০)] বি, তরাজু ; নিক্তি। ২ ৪২ রতি পরিমাণ।

ধট কর্কট [স্মৃ০ বৃহস্পতি] বি, তুলার শিক্যাধারে ঈষদ্‌বক্র কর্কটের শৃঙ্গ সদৃশ আয়স কীলকবিঃ।

ধটি [সং-ধটী (দ্রঃ) >] বি, ধটী ; ধড়া ; কটি-বসন। "কেহ পীত ধটি কেহ লয়ে লাঠি গর্জ্জন শব্দে ধায়।"-চণ্ডি০।

ধটিকা$_১$ [ধট (দ্রঃ)+ক (স্বার্থে)+আ (স্ত্রীং), ই আগম] বি, ধাড়া। ২ ৫ সের পরিমাণ।

ধটিকা$_২$ [ধটী$_২$ > ক্ষুদ্রার্থে] বি ধড়া, কৌপীন।

ধটী$_১$ [ধট (দ্রঃ)+ইন্ (প্র্য০)=ধটিন ংমা, ংব] বিণ, তুলাদণ্ডধারক ; বাণিজ্যকারী। ২ বি, তুলারাশি। ৩ শিব।

ধটী$_২$ [সং-"ধটী চীরে চ বাসসঃ"-মে০] বি, ধড়া ; কটিবসন ; পরিধানের বস্ত্র : বাস। "বীর ধটী সাপটি সবার কটি আঁটা"-ধ০। ২ কৌপীন। ~দান-বি,-গভাধানান্তর স্ত্রীলোকদিগকে যে চীরবস্ত্র দান করিতে হয়।

ধড় [প্রাদে০। রূপান্তরে ধর ; উচ্চারণ ভেদে র=ড। যা মস্তক ধরিয়া থাকে বা প্রাণকে ধারণ করে] বি, স্কন্ধ হতে কটিদেশ পর্যান্ত অংশ। ২ মস্তকহীন দেহ। "ধড়ে মুণ্ড নাহি দক্ষ দেখিতে না পায়"-অ০ম০। "ডাকিয়া চেতন হ'র পরাণ না রহে ধড়ে. তন্ত্র মন্ত্র কিছু ই না মানে।"-চণ্ডি০। ৩ শরীর : দেহ। "বিকাশ বদন দেখি ধড়ে প্রাণ উড়ে" -শ০। "প্রাণ দহে, কত সহে, নাহি রহে ধড়ে॥" ৪ [মুণ্ডহীন দেহ ধটাকার অর্থাৎ তুলাদণ্ডের আকৃতি বলিয়া ধট > ধড়। ৫ তুলাদণ্ড : দাঁড়িপাল্লার দাঁড়ি : ধট (দ্রঃ)। ছাদা বহিতে যে সব দড়ি ও চটের দ্রব্য ব্যবহৃত হয় (ধড়, পাহাড়, বাকল, খোড়, বাথাল, চট, কাড়, কোশুলি, পাড়া, শিকুলি, জুড়ুন) তার অন্যতম দ্রব্য।

ধড়ধড় [অনু০। হিং ধড়্‌ধড়্ : ধড়্‌কনা] অ, হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। ক্রি, ধড়্‌ধড়ানি-ধড়ধড় করা। ২ হৃদ্‌পিণ্ড স্পন্দিত হওয়া। বি, ধড়ধড়ানি-বুকের ভিতর ধড়ফড় বা ঢিব্ ঢিব্ করা ; হৃদ্‌পিণ্ডের স্পন্দন palpitation. বিণ, ধড়ধড়িয়া, ধড়ধড়ে। (দ্রঃ-মৃদু বা লঘু শব্দে ধুড়্ ধুড়্। শব্দাধিক্য ও ব্যাপ্তি অর্থে, ধড়াস্ ধড়াস্। উপর্য্যুপরি অর্থে ধড়াধ্ ধড়।

ধড়ফড়, ধড়পড় [অনু০। আহত-পক্ষীর ডানার ঝট্‌পট্ বা ফড়্ ফড়্ শব্দের অনুকরণ ; মুণ্ডচ্ছেদ করিলে ধড় (প্রধানতঃ হাত পা) যেরূপ ভূমিতে আছড়াইয়া পটাপট্ বা পড়াপড়্ শব্দ করে] অ, ছট্‌ফট্। "অল্পজলে মৎস্য বুলে করে ধড়ফড়"-শি০। ২ অস্থিরতা-ব্যঞ্জক। প্র-ঘরে ফিরে যাবার জন্য সে ধড়ফড় করে বেড়াচ্চে। ক্রি, ধড়ফড়ানি [ধড়ফড়াই, ধড়ফড়াও, ধড়ফড়ায় ; ধড়ফড়াইতে (ক্ষে০ ধড়ফড়াতে) ; ধড়ফড়াইয়া (ক্ষে০ ধড়ফড়িয়ে) ই০] ধড়ফড় করা ; হাত পা আছড়ান ; ছট্‌ফট্ করা। ২ ব্যাকুল হওয়া ; অস্থির হওয়া। বি, ধড়্ ফড়ানি-ছটফটানি। ২ অস্থিরতা ; ব্যাকুলতা। "তবে বুকের ধড়ফড়ানি যায়" -অনুরূপা দেবী। বিণ, ধড়ফড়িয়া, ধড়্ ফড়ে-ছটফটে। ২ অস্থির ; অধীর, ব্যস্তবাগীশ। প্র-ধড়ফড়ে লোক। ধড়ফড়ে কাজ-তাড়াহুড়া লাগান কাজ ; যে কাজ তাড়াতাড়ি করা হয়। ধড়ফড়ে ব্যথা-যে বেদনায় অবিলম্বে প্রসব করায় (বিপরীত-জীয়ান ব্যথা)। বুক ধড়ফড়-মানসিক অস্থিরতা বা ভাবনায় হৃদ্‌পিণ্ডের স্পন্দন। ২ হৃদ্‌পিণ্ডের স্পন্দন রূপ ব্যাধি palpitation of the heart. প্রাণ বা মন ধড়ফড় করা-চিত্ত ব্যাকুল হওয়া।

ধড়মড় [অনু০ হাড়ের মড় মড় শব্দে ধড় উঠান বা গাত্রোত্থানের ভাব >] অ, বেগে ; তাড়াতাড়ি। প্র-বিছানা হতে ধড়মড় করিয়া উঠিয়া পড়িল। বিণ, ধড়মড়ে [ধড়মড়+ইয়া > ক্ষে০]। ক্রি, ধড়মড়ানি। > বি, ধড়মড়ানি।

ধড়া [সং-ধটী। হিং ধর্রা] বি, চীর-বস্ত্র ; নেকড়া ; কৌপীন। ২ কটি-বসন ; বস্ত্র পরিধানের প্রকারভেদ ; মল্লকচ্ছ ; মালকোঁচা। "প্রভাতে পরিয়া ধড়া শরাসনে দিয়া চড়া থরক্ষুর কাছে তিন বাণ॥"-কবিক০। ৩ পরিধেয় বস্ত্র ; বসন। "তড়িত লুটায় পায়, ধড়ার আঁচলে।"-ভারত০। ধড়া চূড়া-শ্রীকৃষ্ণের পরিধেয় বসন এবং চূড়া। এই চূড়ার বস্ত্র চূড়াবন্ধনের পর পৃষ্ঠদেশ ঢাকিয়া ঝুলিতে থাকিত এবং উত্তরীয়ের স্থান পূর্ণ করিত। ২ সাজসজ্জা ; পোষাক (অধুনা এই অর্থই চ০)। পীতধড়া-হরিদ্রাবর্ণে রঞ্জিত বাস ; শ্রীকৃষ্ণের পীতবসন। "পীতবসন বনমালী ! কোথায় তোমার পীত ধড়া, কোথায় তব মোহন চূড়া"-গান।

ধড়াম, ধড়াঙ্গ, ধড়াং [ধড়+আম্, আঙ (সাদৃশ্যার্থে), মুণ্ডচ্ছেদ হইলে ধড় যেরূপ শব্দে পতিত হয়। হিং ধড়াম্] বি, ধড়-পতন-শব্দবৎ ; বাতাহত কদলীর ন্যায় সটান পতন : দড়াম্ (দ্রঃ)। প্র-সে কাদায় পা পিছলাইয়া ধড়াম করিয়া পড়িয়া গেল।

ধড়াস,-শ [ধড়্ ধড়্ (দ্রঃ) + আস (ব্যাপ্তি এবং শব্দের আধিক্য অর্থে)] অ, পতন শব্দ। ২ হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। "বাচস্পতির বুকটা ধড়াস্ করে উঠল"। বেগাধিক্যে দ্বিত্ব। প্র-বুক ধড়াস্ ধড়াস্ করে, বুকের ভিতর ঢিপ্ ঢিপ্ করে, প্রাণের ভিতর ধড়াস্ ধড়াস্ করে।

ধড়ি(ড়ী) [ধটী$_২$ দ্রঃ। প্রা০ বাং] বি, ধুতি। "মাথায় বেড়িয়া বান্ধ রাত্রি-বাস ধড়ি।"-মনসা ম০ (বংশী০)। ২ বসন। "নেত ধড়ী পরিধানে"-শ্রী০ কী০।

ধড়ী, ধড়ি(ড়ী)বাজ [সং-ধূর্ত্ত > ধড়ী। অথবা ধূলি > হিং ধুরি, ধুর+ফা০ বাজ্ : তুল-হিং ধুরীয়ানা (ধূলা দেওয়া)-যে লোকের চোখে ধূলা দেয়] বিণ, ধূর্ত্ত : প্রবঞ্চক ; শঠ। "পিঙ্গলা গ্রামে লালবুঝকর নামে একজন ধড়িবাজ লোক ছিলেন।"-টেকচাঁদ। ২ দক্ষ ; অতি চতুর ; কূটকৌশলী। "মামলা মকদ্দমায় বড় ধড়িবাজ"-টেকচাঁদ।

ধৎ, ধথ্ [দূর হ অর্থে-দুর, দুৎ, ধুৎ, দৎ, ধৎ] অ, দূরীকরণ ; তিরস্কার ; বিরক্তি ই০

ব্যঞ্জক। ২ [প্রাদে॰ ময়মনসিংহ, মাহুতের ভাষায়] হাতীকে থামিতে বলিবার ইঙ্গিত।

ধুতূর [সং-ধুস্তূর > হি॰] বি. ধুস্তূর : ধুতুরা গাছ ও ফুল।

ধত্তে [গ্রা॰। ধরিতে > দ্রুত উচ্চারণে গ্রা॰ ক্ষে॰ ধর্‌তে > ধত্তে] অস-ক্রি. ধরিতে। "ধত্তে গিয়ে ধরাধরি হল দুজনে"-গান। ২ স্বীকার করা। "তা হ'লে লুকিয়ে পালিয়ে আসা ধত্তে হয়।"-যোগেশ্বরী। ~ **ছুঁতে নেই**-অ. নির্লিপ্ত ভাব ; নিরপেক্ষ ; কোন দায়ে জড়িত নয়।

ধন [ধন্ (ধান্যোৎপাদন > উৎপাদন) + অ (কৃ)-যা উৎপন্ন হয়। "ধনং তু গোধনে বিত্তে"-মে॰] বি. বিত্ত : অর্থ ; টাকা-কড়ি। ১ সম্পত্তি (দ্রঃ) ; ভোগের বস্তু ; ঐশ্বর্য্য : সম্পদ wealth. "ধন নাহি স্থির রয়, দারা আপনার নয় সেই ধর্ম্ম পরলোকে সার।" -অ॰ম॰। ৩ স্বর্ণ, রৌপ্য, মণি মাণিক্যাদি মূল্যবান্ পদার্থ। ৪ গোধন : গোসমূহ (পূর্ব্বকালে গোসমূহ বিত্তের ন্যায় প্রধান ধন ছিল। "কিরীটী বিরাটপুত্র স॰ উদ্ধারিতে গোধন, সাজিলা শূর শমীবৃক্ষ-মূলে।"-মেঘ॰। ৫ [জ্যো॰] ধনিষ্ঠা নক্ষত্র। ৬ [গ॰] যোগচিহ্ন ; +-এই চিহ্ন the plus sign. [বিপরীত ঋণ চিহ্ন (-) the minus sign]. ৭ ["ধনম্ স্নেহপাত্রম্"-শব্দ-রত্নাবলী] স্নেহসূচক উক্তি : বাছা ; স্নেহপাত্র। ৮ (ধোন) শিশুর শিশ্ন। ৯ শ্রেষ্ঠ ও মহার্ঘ বস্তু : কামনার বস্তু। "হরিনাম বিনে আর কি ধন আছে সংসারে"-গান। (সন্তানাদি প্রিয়তম জনের প্রতি অত্যধিক স্নেহ-ব্যঞ্জক শব্দ-**জীবনধন**, **প্রা॰-ধন**-প্রাণরূপ ধন ; জীবনস্বরূপ প্রিয়পাত্র ; অতিশয় স্নেহের পাত্র। **বাপধন**-পুত্রের প্রতি স্নেহোক্তি ; পুত্রধন ; পুত্ররত্ন। **যাদুধন, যাদুবাছাধন** [যাদু (দ্রঃ) -বাছা (বৎস) -ধন] সন্তানের প্রতি অসীম স্নেহ-ব্যঞ্জক উক্তি)। [দ্রঃ-ধন-যাবতীয় বিনিময়-সাধ্য ও প্রয়োজনীয় সামগ্রী। অর্থ-বিনিময়ের উপায় বা সাধক মাত্র সুতরাং ধনের অন্তর্গত (অর্থ দ্রঃ)। **সম্পত্তি** [ধন ব্যবহারের ও হস্তান্তরের স্বত্ব]। ~**কষ্ট** [ধন (হতে, অভাবে) কষ্ট, ৫ তৎ] বি. বিত্তাভাব জনিত ক্লেশ ; দারিদ্র্য দুঃখ। ~**কাম, গৃধ্নু**-বিণ. অর্থলোলুপ। ~**কুবের**-বিণ (বি), মহাধনী (ব্যক্তি)। ~**ক্ষয়** [ধন (ধনের) ক্ষয়, ৬তৎ] বি. ধনের অপচয় : বিত্তনাশ ; অপব্যয়। > বিণ. ~**ক্ষয়কর**, ~**ক্ষয়কারী**-যে ধন ক্ষয় করে ; যা হতে বিত্তনাশ হয় ; অপচয়কারক। ~**গর্ব্ব** [ধন (ধনের) + গর্ব্ব, ৬তৎ] বি. অধিক ধনজনিত তমঃ ; ঐশ্বর্য্যের অহংকার। বিণ. ~**গর্ব্বী**, ~**গর্ব্বিত**। > স্ত্রী॰ ~**গর্ব্বিতা**। ~**গৌরব** [ধন (ধনের) গৌরব, ৬তৎ] বি. ধনের মাহাত্ম্য। ২ ধন-গর্ব্ব। প্র-তিনি ধনগৌরবে মত্ত হইয়া তৎপ্রতি দৃক্‌পাত করিলেন না। ~-**জন** [ধন (ও) জন, দ্বন্দ্ব] বি. অর্থবল ও লোকবল : সহায় সম্বল। ~**তৃষা** ~**তৃষ্ণা** [ধন (ধনের) + তৃষা, তৃষ্ণা, ৬তৎ] বি. ধনলোভ ; ধনের পিপাসা ; অর্থলালসা। ~**দ** (-নঁদ) [ধন-দৈ (রক্ষা করা) + অ (কৃ), যে ধন রক্ষা করে] বি কুবের। ২ [ধন-দা (দান করা) + অ (কৃ)] বিণ. ধনদাতা। ৩ ধন উৎপাদনকারী। ৪ হিজ্জলবৃক্ষ। > স্ত্রী॰ ~**দা**-লক্ষ্মী। ~**দণ্ড** (-নঁ) [ধন (দ্বারা) দণ্ড, ৩তৎ] বি. অর্থদণ্ড, জরিমানা fine. স্মৃতিমতে তৃতীয় শ্রেণীর দণ্ড ; মনুক্ত ধন গ্রহণরূপ দণ্ড। "বাগ্‌দণ্ডং প্রথমং কুর্য্যাৎ ধিগ্‌দণ্ডং তদনন্তরং। তৃতীয়ং ধনদণ্ডং তু বধদণ্ডমতঃপরম্"-মনু॰। ~**দর্প** (-নঁ-) [ধনের দর্প, ৬তৎ] বি. অর্থের অহঙ্কার ; বহু ধন থাকায় গর্ব্ব। > বিণ. ~**দৃপ্ত**-ধন গর্ব্বিত। ~**দাতা** (-নঁ-) [ধনদ দ্রঃ] বিণ. যিনি ধন দান করেন। > স্ত্রী॰ ~**দাত্রী**। ~**দায়ক** (-নঁ-) [ধন-দায়ক (দাতা)] বিণ. যে ধন দান করে ; ধনদানকারী। ২ ধনোৎপাদক। > স্ত্রী॰ ~**দায়িকা**। ~**দায়ী** (-নঁ-) ধন-দা (দান করা) + ইন (কৃ) = ধন-দায়িন্ ১মা, ১ব॰] বিণ. ধনদ ; ধনদাতা। ২ ধনোৎপাদক। ৩ বি. অগ্নি। > স্ত্রী॰ **ধনদায়িনী**। ~**দাস** (-নঁ-) [ধন (ধনের দাস (অধীন, উপাসক), ৬তৎ] বি. যারা ধন প্রাপ্তির জন্য স্বাধীনতা বিসর্জ্জন করে ; ধনোপাসক ; ধনকুবের হইয়াও যারা অর্থের মমতা হেতু সদ্ব্যয় করিতে কুণ্ঠাবোধ করে : অতিশয় কৃপণ। ২ ধনের বিনিময়ে ক্রীতদাস। > স্ত্রী॰ ~**দাসী**। ~**দেব**, ~**দেবতা** (-নঁ) [ধনদেব, দেবতা, ৬তৎ] বি. ধনপতি, কুবের : mammon > স্ত্রী॰ ~**দেবী**, ~**দেবতা**। ~**দৌলত**, ~**সম্পত্তি**-ধন এবং সম্পত্তি : ধন এবং তা ভোগ ও হস্তান্তরের অধিকার বা স্বত্ব। প্র-ধন সম্পত্তি বৃদ্ধি করা। ~**ধান্য**-ধন ও ধান্য : জীবন ধারণ ও সুখ ভোগের সামগ্রী ঐশ্বর্য্য সম্পদ। ~**নাশ** (-নঁ-) [৬তৎ] বি. ধনক্ষয় : অর্থের অপব্যয়। ~**নিয়োগ** (-নঁ-) [ধন (তার) নিয়োগ, ৬তৎ] বি. ধনের প্রয়োগ, ধন ব্যবহার, টাকা খাটান invest ment ~**পতি** (-নঁ) [ধনের পতি, ৬তৎ] বি. কুবের। ২ ধনাধিকারী ; ধনস্বামী ; অতিশয় ধনী। ৩ উজানি গ্রামবাসী জনৈক বণিক। শ্রীমন্ত সওদাগরের পিতা। ইনি রাজা বিক্রমকেশরী কর্ত্তৃক সিংহলে প্রেরিত হইয়াছিলেন। এই পিতা পুত্রের সিংহল যাত্রার কাহিনী অবলম্বনে মুকুন্দরাম কবি-কঙ্কণের চণ্ডী কাব্য রচিত। ~**পত্র** [ধন + পত্র (তালিকা পত্র), (২) সদৃশ অপরাপর বস্তু ই॰ অর্থে] বি. ধনাদি : টাকাকড়ি ; বিষয়-আশয়, ধনসম্পত্তি। প্র-ধনপত্র কোথায় কি কি আছে তার খবর কর। ২ ধন সম্বন্ধীয় লেখ ; বিষয়াশয়ের বিবরণী ; ধনসম্পত্তির তালিকা an inventory of property ~**পাল** (-নঁ) [মূল পালিতে 'হিরণ্যক'] যিনি রাজভাণ্ডার হতে লোকের প্রাপ্য দিয়া থাকেন। ইনি বেষ্টনীর ভিতর থাকিয়া যার যা প্রাপ্য সম্মুখস্থ কাষ্ঠফলকের উপর গণিয়া রাখেন, লোকে সেখান হইতে তুলিয়া লইয়া যায়। "গৃহে ফিরিবার সময় ধনপালের ফলক হইতে না বলিয়া একটী কার্ষাপণ লইয়া গেলেন।"-জাতক, ১.৮৬। ~**পিপাসা** (-নঁ-) [ধন (ধনের) পিপাসা (লালসা), ৬তৎ] বি. ধনলাভের জন্য তীব্র আকাঙ্ক্ষা : ধনতৃষ্ণা (দ্রঃ) ; ধনলোভ। ~**পিশাচ** (-নঁ-) [ধন (ধনে) পিশাচ (বৎ), ৭তৎ] বিণ. কৃপণ : ব্যয়কুণ্ঠ the demon of wealth. > স্ত্রী॰ ~**পিশাচী**, ~**পিশাচিকা**-বি. কৃপণা

স্ত্রী। ২ ধনলালসা ; ধনতৃষ্ণা। ~প্রয়োগ (-ন্‌-) [ধন (ধনের) প্রয়োগ, ৬তৎ] বি, ধন-নিয়োগ ; অর্থ ব্যবহার ; টাকাখাটান invest ment. ~প্রাণ-বি, সর্ব্বস্ব। ~প্রিয় (-ন্‌-) [ধন প্রিয় যার, বহুং] বিণ, যে ধন ভাল-বাসে ; অর্থপ্রিয়। > স্ত্রীং ~া-যে নারী অর্থ ভালবাসে। ২ কাকজম্বু ; বনজাম। ~বতী (-ন্‌-) [ধন + বৎ (স্ত্যং)=ধনবৎ ঈ (স্ত্রীং)। পুং ধনবান্] বি, ধনিষ্ঠা নক্ষত্র। ২ বিণ, ধন-শালিনী। ~বত্তা (-ন্‌-) [ধনবৎ + তা(ভাং)] বি, ধনশালিতা ; বিভবশালিতা। ~বাদ (-ন্‌-) [এই অর্থে গ্রাং ধন-অপবাদ বাং-র চং। "ধন অপবাদে ডাকাতে কাটা"] বি ধন আছে বলিয়া প্রসিদ্ধি। ~বান্ (-ন্‌-)[ধন + বৎ (স্ত্যং)=ধনবৎ ১মা, ১বং। স্ত্রীং ধনবতী] বিণ, যার বিপুল ধন আছে ; ধনী : ঐশ্বর্য্যশালী। ২ বি, মহাজন ; যারা ব্যবসায় বাণিজ্য ও কৃষিকার্য্যে ধনপ্রয়োগ করে ; যারা টাকা খাটাইয়া ধন বৃদ্ধি করে। ~বিজ্ঞান (-ন্‌-) [ধন (ধনের) বিজ্ঞান, ৬তৎ] বি, সামাজিক শ্রীবৃদ্ধি বা ঋদ্ধির নিদান ; ঋদ্ধিলাভের নিয়ম ও তাহা বৃদ্ধি করিবার উপায় নিরূপক শাস্ত্র : সম্পত্তি শাস্ত্র political economy ; politics [দ্রঃ-অর্থনীতি-ধনবিজ্ঞানের অন্তর্গত কিন্তু ধনবিজ্ঞান নহে। কারণ অর্থ ধনের অন্তর্গত বটে কিন্তু ধন কেবল অর্থই নহে (অর্থ দ্রঃ) এবং বিজ্ঞান ও নীতিতেও প্রভেদ আছে। কারণ নীতি-স্বভাব এবং আবশ্যক দেশ, কাল ও পাত্র দ্বারা বিশেষিত হয় কিন্তু বিজ্ঞান নিত্য এবং অবিশেষ্য অর্থাৎ সর্ব্বকালে ও সর্ব্বত্রই প্রযোজ্য। অবস্থানুযায়ী পরিবর্ত্তন ও পার্থক্য দ্বারা বিশেষণীয় অর্থাৎ দেশ কাল পাত্রের উপযোগী বা নীতিসঙ্গত অর্থ ব্যবহার সম্বন্ধীয় যে শাস্ত্র তাহাই অর্থ-নীতি। সম্পত্তিশাস্ত্র ও অর্থনীতি হ'তে স্বতন্ত্র। হিন্দী ভাষায় "সম্পত্তি-শাস্ত্র" নামক গ্রন্থ-প্রণেতা পণ্ডিত মহাবীরপ্রসাদ দ্বিবেদী মহাশয় ধনবিজ্ঞানকেই সম্পত্তিশাস্ত্র ও সম্পত্তিবিজ্ঞান বলিয়াছেন। বঙ্গভাষায় "ধনবিজ্ঞান" প্রণেতা অধ্যাপক গিরীন্দ্রকুমার সেন মহাশয়ের মতে সম্পত্তিশাস্ত্র প্রয়োজনীয় সামগ্রীর ব্যবহার ও হস্তান্তর করিবার স্বত্ব সম্বন্ধীয় শাস্ত্র। ধনবিজ্ঞানে সম্পত্তির বিষয় আলোচিত হয় না, উহা বৈষয়িক কথা বলিয়া বাণিজ্যে আলোচিত হয়-ধনবিজ্ঞান]। ~বিভাগ (-ন্‌-) [ধন (ধনের) বিভাগ, ৬তৎ] বি, ধনের বণ্টন বা বাঁটওয়ারা। ২ উত্তরাধিকার সূত্রে যার যেরূপ প্রাপ্য তার নির্দ্ধারণ। ~বৃদ্ধি (-ন্‌-) [ধনের বৃদ্ধি, ৬তৎ] বি, বিত্তাধিক্য ; ধনসম্পত্তির উন্নতি বা বিস্তার ; ধনোন্নতি। ~বৈজ্ঞানিক [ধন-বিষয়ে বিজ্ঞান + ইক(ষ্ণিক)] বিণ, ধনবিজ্ঞান ব্যুৎপন্ন; বিজ্ঞানবিদ্। ~ভাণ্ডার(-ন্‌-)-বি, ধনাগার treasury. ২ তহবিল fund ~মদ (-ন্‌-) বি, ধন জন্য অহঙ্কার ; ধনমত্ততা ; ধনগর্ব্ব। ~মান (-ন্‌-) বি, বিত্ত ও সম্মান, ঐশ্বর্য্য ও সম্মান। ~মূল-বি, মূলধন ; আসল টাকা। ~লালসা, ~লিপ্সা (-ন্‌-) বি, ধনের লোভ ; অর্থ তৃষ্ণা। ~লাভ (-ন্‌-) [৬তৎ] বি, ধনপ্রাপ্তি ; অর্থলাভ। ~লুব্ধ (-ন্‌-) [ধন দ্বারা লব্ধ, ৩তৎ] বি, ধন লোভে অন্ধ ; ধনমুগ্ধ ; অর্থলোভাভিভূত। > স্ত্রীং ~া। ~লোভ (-ন্‌-) [ধন-লোভ (প্রাপ্তির উৎকট ইচ্ছা), ৬তৎ] বি, ধনতৃষ্ণা : ধনপিপাসা। বিণ, ~লোভী। ~শালী (-ন্‌-) বিণ, যার ধন আছে; ধনবান্, ধনী। > স্ত্রীং ~শালিনী। ~সম্পত্তি (-ন্‌) [ধন এবং সম্পত্তি, দ্বন্দ্ব] বি, ধন এবং সম্পত্তি ; ধন এবং ধনভোগাধিকার ; ঐশ্বর্য্য-সম্পদ। ~সম্পদ [ধন ও সম্পদ, দ্বন্দ্ব] বি, ধন এবং ঐশ্বর্য্য। ~স্থান (-ন্‌-) [জ্যোতিষং] বি, লগ্ন হ'তে দ্বিতীয় স্থান (উহাতে ধনের শুভাশুভ বিষয় গণনীয় বলিয়া নাম)। ~স্বামী (-ন্‌-) [ধনের স্বামী (প্রভু), ৬ তৎ] বি, ধনপতি : বহুধনশালী। ~হর (-ন্‌-) [ধন + হর (যে হরণ করে)] বি, বিত্তাপহারক, চোর : যে পরধন হরণ করে। > স্ত্রীং ~া-ধনহরণ-কারিণী। "টাকা পেয়ে মুটাভরা, হীরা পরধনহরা"-ভারতং। ~হরী-বি, চোর নামক গন্ধদ্রব্য। ~হর্ত্তা (-ন্‌-) বি, বিণ, ধনাপহারক। ~হারক (-ন্‌-) বিণ, যে ধন অপহরণ করে; চোর। > স্ত্রীং ~হারিকা। ~হারী (-ন্‌-) [মূং ধনহারিন্ ১মা, ১ব] বিণ, ধনাপহারক ; চোর। > স্ত্রীং ~হারিণী। ~হীন (-ন্‌-) [ধন (দ্বারা) হীন, ৩তৎ] বিণ, নির্ধন ; দরিদ্র। > স্ত্রীং ~হীনা।

ধনঞ্জয় [ধন-জি (জয় করা) + অ (র্ত্তৃ)-যে ধন জয় করিয়াছে] বি, অর্জ্জুন। "অর্জ্জুন কহিলেন, আমি নিখিল জনপদ জয় করিয়া ধন সংগ্রহ পূর্ব্বক তন্মধ্যে অবস্থিতি করি এই নিমিত্ত আমার নাম ধং হইয়াছে।" -মহাং। ২ পক্ষিবিঃ। পূর্ব্ববঙ্গে সুসঙ্গের পাহাড়, ভাওয়াল, মধুপুরের জঙ্গল প্রভৃতিতে ইহা দেখা যায়। ৩ সর্পবিঃ। ৪ শরীরস্থ পঞ্চবায়ুর অন্যতম। ৫ অগ্নি। "না হেরি এমন সৃষ্টি চাঁদ হৈতে বিষদৃষ্টি চন্দন প্রসবে ধনঞ্জয়।"-কবিকং। ৬ ককুভ বৃক্ষ। ৭ ["প্রহারেণ ধনঞ্জয়ঃ" (পরিঃ দ্রঃ) এই প্রবচন ঘটিত বৃত্তান্ত হতে ক্ষেং] বিলক্ষণ প্রহার। প্র-তাকে ধনঞ্জয় না দিলে আর সরিবে না।

ধনদা/নুচর [ধনদ (কুবেরের) + অনুচর, ৬তৎ] বি, কুবেরের অনুচর ; যক্ষ। ~নুজ [ধনদ + অনুজ (কনিষ্ঠ), ৬তৎ] বি, রাবণ।

ধনধন [অনুং। ঢং ঢং দ্রঃ] অ, কাঁসরের বাদ্যধ্বনি, নৃত্যের শব্দ ও বাদ্যের ধ্বনিবিঃ। লঘু শব্দে ধিন ধিন্।

ধনন্দদা-বি, বৌদ্ধশক্তিবিঃ।

ধনশ্রী-বি, রাগিণী ধানসী (মালব রাগের স্ত্রীরূপে কল্পিত)।

ধনা/কাঙ্ক্ষা [ধন + আকাঙ্ক্ষা, ৬ তৎ] বি, অর্থাভিলাষ ; ধনতৃষ্ণা। ~গম [ধন + আগম (ধনের আগমণ), ৬তৎ] বি, অর্থের আগম : উপার্জ্জন : আয় income. ~গমতৃষা, -তৃষ্ণা [ধনাগম (দ্রঃ) + তৃষা, তৃষ্ণা, ৬তৎ] বি, ধনার্জ্জনস্পৃহা ; অর্থোপার্জ্জন লালসা ; ধনপিপাসা। ~গার [ধন + আগার, ৬তৎ] বি, যে গৃহে ধন সঞ্চিত থাকে ; ধনভাণ্ডার ; কোষাগার ; ট্রেজারি treasure-house : treasury. ~ঢ্য [ধন + আঢ্য, ধনের দ্বারা আঢ্য, ৩তৎ] বিণ, ধনী, ধনশালী। > স্ত্রীং ~ঢ্যা। ~ত্মক-বিণ, সত্তাত্মক। "এইজন্য কাচ ধনাত্মক (positive) ও ফ্লানেল ঋণাত্মক (negative) তড়িতে পূর্ণ হইয়া পড়ে"-জগদানন্দ রায়। ২ [গং] যোগ চিহ্ন

যুক্ত (রাশি) ; +। ~ধার [ধন+আধার (পাত্র), ৬তৎ] বি, ধন রাখিবার পাত্র ; লোহার সিন্দুক ইং ; কোষাগার a treasure-chest. ~ধিকার [ধন (ধনে)+অধিকার, ৭তৎ] বি, ধনপ্রাপ্তি। ২ ধন ব্যবহার বা ভোগ করিবার স্বত্ব বা ক্ষমতা ; উত্তরাধিকার সূত্রে ধনপ্রাপ্তি। > বিণ, ~ধিকারী। > স্ত্রীং ~কারিণী। ~ধিকৃত [ধন+অধিকৃত, যৎকর্ত্তৃক (ব২০)] বিণ, ধনরক্ষার অধিকার বা ভার প্রাপ্ত। ২ বি, ধনাধ্যক্ষ treasurer. > স্ত্রীং ~ধিকৃতা। ~ধিপ [ধন (ধনের) + অধিপ, ৬তৎ] বি, ধনের অধিপতি ; কুবের। ২ ধনপতি ; ধনকুবের ; মহাধনী। > স্ত্রীং ~া। ~ধ্যক্ষ [ধন (ধনের)+অধ্যক্ষ (তত্ত্বাবধায়ক), ৬তৎ] বি, কুবের। ২ ধনাগারের ভারপ্রাপ্ত প্রধান কর্ম্মচারী ; কোষাধ্যক্ষ treasurer. ৩ ধনের হিসাব রক্ষার ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; খাজাঞ্চী cashier. > স্ত্রীং ~ধ্যক্ষা। ~পহরণ [ধন (ধনের) +অপহরণ, ৬তৎ] বি, ধন চুরি। বিণ, ~পহারী। > স্ত্রীং ~পহারিণী। ~পহারক [ধন (ধনের)+অপহারক (অপহরণ কর্ত্তা), ৬তৎ] বিণ, চোর। > স্ত্রীং ~পহারিকা। ~র্চ্চিত [ধন (দ্বারা) + অর্চ্চিত (পূজিত) ৩তৎ] বিণ, ধন আছে বলিয়া লোকে যাকে মান্য করে ; ধনশালী ; ধনাঢ্য। > স্ত্রীং ~র্চ্চিতা। ~র্জ্জন [ধন (ধনের)+অর্জ্জন, ৬তৎ] বি, ধনসঞ্চয় ; ধনোপার্জ্জন ; ধনাগম। > বিণ, ~র্জ্জিত [ধন (দ্বারা)+অর্জ্জিত, ৩তৎ] ধনের দ্বারা প্রাপ্ত। ~র্জ্জনস্পৃহা [ধন+অর্জ্জন (তার) স্পৃহা, ৬তৎ] বি, ধনাগমতৃষ্ণা ; ধন উপার্জ্জন করিবার লোভ ; আয় করিবার ঝোঁক। ~র্জ্জনানুরাগ [ধন+অর্জ্জন (তার) অনুরাগ, ৬তৎ] বি, ধনাগমতৃষ্ণা। > বিণ, ~র্জ্জনানুরাগী, ~র্জ্জনানুরক্ত। > স্ত্রীং ~র্জ্জনানুরাগিণী, ~র্জ্জনানুরক্তা। ~র্থী [ধন+অর্থ্ (প্রার্থনা করা)+ইন্ (র্ত্তৃ)=ধনার্থিন্ ১মা, ১বং] বিণ, যে ধন প্রার্থনা করে ; ধনাকাঙ্ক্ষী ; ধনপ্রার্থী। > স্ত্রীং ~র্থিনী। ~শা [ধন (ধনের)+ আশা, ৬তৎ] বি, ধনাকাঙ্ক্ষা ; ধনাগমের অপেক্ষা।

ধনাশ্রী [ধনশ্রী দ্রঃ] বি, ধানসী নামক রাগিণীবিঃ ; এই রাগিণী বীররসে প্রযুজ্য।

ধনি [সং-ধন্য (স্ত্রীং ধন্যা) > ব্রজং, প্রাং বৈং সাং ধনি] বিণ, ধন্যা। ২ অ, ধন্য ; সাধুবাদ ; বাহবা ; সাবাস [এই অর্থে দ্বিরুক্ত হয়। তুল-ধন্য ধন্য > প্রাং ধন্নি ধন্নি] "ধনি ধনি রমণি জনম ধনি তোর।"-বিং পং। ৩ ["ধনম্ স্নেহপাত্রম্"-শব্দমুক্তাবলী। ধন দ্রঃ। ধনিন্ >। স্ত্রীং ধনী > বাং-ধনি, ধনী] বি, স্নেহপাত্রী [বিরল]। ৪ [ধনিকা (দ্রঃ) > ক্ষেং] বি, ধনিকা ; স্বামীধনে ধনবতী ; যৌবনধনে ধনশালিনী ; সৌন্দর্য্য ধনে ধনবতী ; যুবতী ; সুন্দরী। "হে ধনি মানিনি" -বিং পং। "ধন্য লো ধনি"-গান। "ওলো ধনি দেখব বেয়ে চেয়ে"-গোং উড়ে।

ধনিক [বিপরীত-শ্রমিক]। ধনিন্+ক (স্বার্থে)] বিণ, ধনস্বামী capitalist. ২ ধনশালী ; ধনী ; ধনাঢ্য ; যে অর্থবিনিময়ে শ্রমিক খাটায়। "শ্রমিকের উপর ধনিকের অমানুষিক অত্যাচারের ফলে এই আন্দোলনের সূত্রপাত ও সৃষ্টি"-আং শক্তি, ১ম বর্ষ। ৩ যে ঋণ স্বরূপ ধন দান করে ; ঋণদাতা ; মহাজন। ৪ [মহাজন > (বণিক অর্থে) সাধু ; > ক্রমে সাধুর আধুং অর্থে] সাধু ; অকপট ; খাঁটি ; ধার্ম্মিক। ৫ স্বামী। "ইহার ধং বণিক কই। কহনা আমারে যতেক সই॥" স্ত্রীং ধনিকা।

ধনিকা [ধনিক (দ্রঃ)+আ (স্ত্রীং)] বি, ধনিক বধূ ; বধূ। "ফেলি দিল পথে বণিক ধং মুঠি মুঠি তুলি রতন কণিকা।"-চয়নিকা। ২ সাধ্বী স্ত্রী। ৩ যুবতী। ৪ সুন্দরী।

ধনিচা, ধঞ্চে [সং-বৈজয়ন্তিকা। হিং ঢৈঞ্চ] বি, ক্ষুপবিঃ ; জয়ন্তিগাছ ; ইহার কাণ্ড জ্বালানি কাঠের কার্য্যে আসে sesbania cannabina.

ধনিনী-ধনী দ্রঃ।

ধনিয়া [সং ধন্যাক >] বি, ধনে ফল ও গাছ coriandrum sativum.

ধনিষ্ঠ [ধনিন্+ইষ্ঠ] বিণ, ধনাঢ্য ; অতিশয় ধনশালী।

ধনিষ্ঠা [ধনবৎ+ইষ্ঠ (বৎ লোপ)+আ (স্ত্রীং)] বি, অশ্বিনী ইং সাতাশ নক্ষত্রের মধ্যে ত্রয়োবিংশ নক্ষত্র।

ধনী১ [ধন+ইন্ (স্তং)=ধনিন্ ১মা, ১বং] বিণ, ধনবান্ ; ধনাঢ্য। "কে বড় কে ছোট কে দীন কে ধনী কেবা আগে কেবা পিছে,"-রবীং। স্ত্রীং ধনিনী-ধনশালিনী। ২ ধনিক ; স্বামী। ৩ [সং-ধন্বী >] পণ্ডিত ; দক্ষ। প্র-কাজের ধনী অর্থাৎ কাজের কাজী ; কর্ম্মস্বামী ; কার্য্যদক্ষ।

ধনী২ [ধন+অ (স্তং)+ঈ (স্ত্রীং)=ধনী] বিণ, ধনবতী ; ধনিনী [দ্রঃ-এই অর্থে স্ত্রীলিঙ্গে বিরল]। ২ যৌবন ধনে ধনী ; যুবতী। "ধরণী মণ্ডলে ধনী সূর্য্যকে ধেয়ান"-ধং। ৩ সৌন্দর্য্য ধনে ধনী ; সুন্দরী। "একে কুলবতী ধনী তাহে সে অবলা"-চণ্ডিং। "* * * পশিয়া ধনী অরিদল মাঝে নির্ভয়ে চলিলা যথা গরুত্মতী তরী।"-মেঘং। ৪ [প্রাদেং] চতুরা স্ত্রী। ৫ কর্ম্মিষ্ঠা। প্র-কাজের ধনী। ~কা-ধনিকা দ্রঃ।

ধনীয়ক [সং] বি, ধনিয়া।

ধনু, ধনুঃ [ধনুস্ > ধনুঃ। ধন্ (শব্দ করা)+উস্ (ণে)-যে বাণ নিক্ষেপ কালে শব্দ অর্থাৎ টংকার করে] বি, ধনুক ; কাণ্ড। ২ [জ্যোং] মেষাদি দ্বাদশ রাশির মধ্যে নবম রাশি। ইহার পূর্ব্বার্দ্ধ মনুষ্যাকার, শেষার্দ্ধ অশ্বাকার পুরুষ ধনুর্দ্ধারী, ইহা মূলা, পূর্ব্বাষাঢ়া এবং উত্তরাষাঢ়ার প্রথম পাদ সংযোগে উৎপন্ন। ৩ চারিহস্ত পরিমাণ বা দুই গজ। "তিনি বল পূর্ব্বক ঐ বিস্ফুরিত বাহু নিগৃহীত করিয়া সিংহ যেমন ক্ষুদ্র মৃগকে আকর্ষণ করে, তাহার ন্যায় তাহাকে আকর্ষণ পূর্ব্বক সেইস্থান হইতে অষ্টধনু অর্থাৎ দ্বাত্রিংশৎ হস্ত পরিমিত দূরে লইয়া গেলেন।"-মহাং (বর্দ্ধং)। ৪ পিয়াল বৃক্ষ। ইন্দ্রধনু, মেঘধনু, রামধনু, শক্রধনু-বৃষ্টিপাত কালে সূর্য্য কিম্বা চন্দ্রের বিপরীত দিকে আকাশ মার্গে যে বিচিত্র বর্ণ ধনুকাকৃতি চিহ্ন দৃষ্ট হয়।

ধনুঃকাণ্ড [ধনুস্ ও কাণ্ড] বি, শরাসন ও শর ; ধনুর্ব্বাণ। ~পট-বি, পিয়াল বৃক্ষ। ~শর [ধনুঃ+শর, ৩তৎ বা ৬তৎ] বি,

যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র). ˘ চীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্চ=ঁচ ক্ষ=ক্‌ষ হৃ=হ্‌ঋ হ্ল হ্ম=হ্‌ল হ্‌ম, ক্ত ক্য, জ্ঞ ক্ষ ব্ জ=zfwv ও চ্চাং দ্রঃ

ধনুকের শর ; ধনু হতে বাণ। "আকর্ণ পুরিয়া বীর ছাড়ে ধনুঃশর।"-কবিকং। ~শাখা [ধনুর অবয়বের ন্যায় শাখা যার, বহুং] বি, পিয়ালগাছ। ২ মূর্ব্বা। ~শ্রেণী-বি, মূর্ব্বা। ২ মহেন্দ্রবারুণী।

ধনুক [ধনুস্ >] বি, ধনু (প্রঃ), বাণ নিক্ষেপক অস্ত্র ; কাণ্ড [ধনুকের দণ্ড=কাঁড়। ধনুকের তন্তু বা জ্যা=ছিলা ; গুণ। ধনুকের অগ্রভাগ=কোটি ; হুল। ধনুকের বাণ নিক্ষেপ শব্দ=টঙ্কার। ধনুকের নিক্ষেপ্য=বাণ, শর, বাঁটুল]। ২ চারিক্রোশ পরিমাণ। "একটানে লয় অষ্ট ধনুক অন্তরে"-মহাং (কাশীং)। ~ধারী [ধনুক+ধারিণ্ ১মা, ১বং] বিণ, যে ধনু ধারণ করে ; ধানুকী ; যে তীর ধনুক লইয়া যুদ্ধ করে। ২ ধনুর্বিদ্যায় পারদর্শী ; ধনুর্দ্ধর। ৩ রামচন্দ্র। ~ভাঙ্গা পণ-সীতার বিবাহের হরধনু ভঙ্গরূপ অতি কঠিন এবং প্রায় অসাধ্য পণ। ২ অতি কঠিন পণ।

তীর ধনুক-তীর ও ধনুক ; প্রসিদ্ধ মারণাস্ত্র।

ধনুকাকার, ধনুকাকৃতি [ধনুক+আকার, আকৃতি যার, বহুং] বিণ, যার আকার ধনুকের ন্যায়। ২ বক্রপৃষ্ঠ।

ধনুখরা [প্রাং ধুনখারা। ধনু+(ধনুকাকারা >) খরা।] বি, তুলা পরিষ্কার করিবার ধনুকাকৃতি যন্ত্রবিঃ।

ধনুর্গুণ [ধনুঃ+গুণ (ছিলা)] বি, ধনুকের দুই কোটিতে যুক্ত করিবার তন্তু ; ধনুকের ছিলা ; জ্যা।

ধনুদ্রুম [ধনুস্-দ্রুম (যে দ্রুম দ্বারা ধনু তৈয়ার করা হয়)] বি, বংশ ; বাঁশ।

ধনুর্দ্ধর, ধনুর্ধর [ধনুস্-ধর (যে ধারণ করে) দ্রুত উচ্চারণে "ধনুদ্ধর"] বি, যে ধনুঃ ধারণ করে ; যোদ্ধা ; তীরন্দাজ ; ধানুকী। ২ বিণ, দক্ষ ; নিপুণ।

ধনুর্দ্ধারী, ধনুর্ধারী [ধনুস্-ধনুঃ (ধনুক) ধারী (যে ধারণ করে)] বি, যে তীর ধনুক লইয়া যুদ্ধ করে ; তীরন্দাজ।

ধনুর্বাণ [ধনুস্ > ধনুঃ+বাণ] বি, শর ও শরাসন।

ধনুর্বিদ্যা [ধনুঃ+বিদ্যা] বি, ধনুর্ব্বেদে উপদিষ্ট তীর ধনুকের ব্যবহারজ্ঞান বিষয়ক শাস্ত্র ; শস্ত্র ব্যবহার বা যুদ্ধবিদ্যা।

ধনুর্ব্বেদ [ধনুস্+বেদ] বি, বিশ্বামিত্র প্রণীত যজুর্ব্বেদের উপবেদ স্বরূপ ধনুর্ব্বিদ্যা বোধক শাস্ত্র।

ধনুর্ভঙ্গপণ [ধনুক দ্রঃ। ধনুঃ+ভঙ্গ-পণ। ধনুক না ভাঙ্গিলে সীতাকে কেহ বিবাহ করিতে পাইবে না এই প্রতিজ্ঞা হতে] বি, দৃঢ় প্রতিজ্ঞা। "এমনই তাহার ধনুর্ভঙ্গ পণ" -ভারতী, ১৩২০।

ধনুর্ভৃৎ [ধনুঃ+ভৃৎ] বিণ, ধনুর্ধারী।

ধনুর্মধ্য [ধনুঃ+মধ্য] বি, ধনুর মধ্যভাগ; চাপমধ্য ; যে স্থল ধরিয়া শর নিক্ষেপ করিতে হয়।

ধনুর্মার্গ [ধনুঃ+মার্গ (পথ)] বি, ধনুকের ন্যায় বক্র রেখা।

ধনুষ্কর [ধনুঃ (ধনুক)+কর (হস্তে) যার, বহুং] বি, ধনুষ্পাণি ; ধনুর্ধর।

ধনুষ্কোটি [ধনুঃ+কোটি, ৬তৎ] বি, ধনুর অগ্রভাগ ; ধনুকের হুল।

ধনুষ্টঙ্কার [ধনুঃ+টঙ্কার, ৬তৎ] বি, ধনুকের ছিলার শব্দ ; জ্যা আকর্ষণ শব্দ। ২ বায়ুরোগবিঃ ; যে রোগে শরীর ধনুর মত বক্র হয় titanus. "দেহের পেশী সকলে, সচারাচর নিম্ন হনুর পেশী সকলে আরম্ভ হইয়া, পরে ক্রমশঃ গ্রীবা দেহকাণ্ড ও শাখা-দ্বয়ের বেদনাযুক্ত স্থায়ী বলকর সঙ্কোচন বিশিষ্ট বিশেষ পীড়াকে ধনুষ্টঙ্কার বলে ; ইহাতে ক্ষণে ক্ষণে সমস্ত শরীরের প্রবল ক্রতাক্ষেপ উপস্থিত হয়"-ডাঃ কর।

ধনুষ্পাণি [ধনুস্+পাণি (হস্তে) যার, বহুং] বিণ, ধনুর্দ্ধর ; ধনুকধারী।

ধনুষ্মান্ [ধনুস্+মৎ (স্ত্যং)=ধনুষ্মৎ ১মা, ১বং] বি, ধনুর্দ্ধারী।

ধনুস্তম্ভ [ধনু(র) স্তম্ভ, ৬তৎ] বি, যে বিদ্যা দ্বারা ধনুঃ স্তম্ভিত করা যায়। "ধং জান কিবা গেছিল্যা কামাখ্যা"। -চণ্ডীং (দ্বিজ হরিরাম)।

ধনে [প্রাং। সং ধন্যাক > হিং ধনিয়া > ক্ষেং] বি, ধনিয়া coriander.

ধনেশ১ [ধন (ধনের)+ঈশ (প্রভু), ৬তৎ] বি, কুবের। ২ বিণ, মহাধনী, ধন-কুবের। "আপনি ডাকাতি করি, প্রজার সর্ব্বস্ব হরি হয়েছিস দ্বিতীয় ধং॥"-অং মং।

ধনেশ২ [পক্ষী শাং] বি, ধনেশপাখী ; কঠিন বৃহৎ বক্রচঞ্চু দীর্ঘাকার দণ্ডচারী পক্ষিবিঃ hornbill.

ধনেশ্বর [ধন (ধনের)+ঈশ্বর (প্রভু), ৬তৎ] বি, কুবের। ২ বিণ, ধনস্বামী।

ধন্দ১ [সং-সন্দেহ > প্রাং উচ্চারণে সন্দ >, অথবা দ্বন্দ্ব >। হিং ধুন্দ (ঝাপ্সা, অস্পষ্টতা) > ?] বি, সন্দেহ ; ধোঁকা। "অনেক পুণ্যের ফলে তোমাতে ভকতি হ লে ভক্ত দেখে ভেঙ্গে দেহ ধন্দ।"-শিং। ২ ধাঁধা। "তরু লতাগণ ফুলে সুশোভন জগতে লাগিল ধন্দ।" -অংমং। "কিয়ে গিরিবর কনয়া কটোর তাদেখি লাগয়ে ধন্দ।"-বিং পং। ৩ ভ্রম ; প্রমাদ ; গোল ; ফের ; সমস্যা। "এ বড বিষম ধন্দ যত করি ছন্দবন্ধ ভাল ভাবি হয় মন্দ পড়িনু প্রমাদে।"-অং মং। ৪ অসৎ ; মিথ্যা; মিছা। "সত্য এক নারায়ণ আর সব ধন্দ"-মনসা মং (বংশীং)।

ধন্দ২ [সং-ধন্ধ্ (ধারণে, অবলম্বনে) > হিং ধান্দা, ধান্ধা (কাজ কর্ম্ম)] বি, কাজ-কর্ম্ম। ২ সংসারিক ভাবনা চিন্তা। ৩ গোলোক ধাঁধা ; যে বেষ্টনীর ভিতর প্রবেশ করিলে দিক বা পথ ভ্রমে এপথ ওপথ করিয়া ঘুরিয়া বেড়াইতে হয়, বাহির হইবার আর পথ পাওয়া যায় না। "ঘুরিয়া ফিরিয়া ভবের ধন্দে।"-নারায়ণ, ১৩২১। ৪ বিস্ময়কর ব্যাপার। "নিকুঞ্জ মন্দিরে আজু হোয়ল ধন্দ।"-বিং পং। ৫ বিণ, বিস্মিত। "নাসা পরশি রহল হাম ধন্দ"-ঐ।

ধন্দা [ব্রজং। ধন্দ দ্রঃ] বি, বুঝিবার অক্ষমতা ; ধাঁধা ; সন্দেহ। "তরুলতিকা অবলম্বনকারী মধু মনে লাগল ধন্দা।"-বিং পং।

ধন্ধ [ধন্দ দ্রঃ] বি দৃষ্টিভ্রম ; ধাঁধা। "দু-সতিনে প্রেমবন্ধ দেখিয়া লাগয়ে ধন্ধ। সুবর্ণে জড়িত যেন হীরা।"-কবিকং। ২ মিথ্যা। "সত্য এক নারায়ণ আর সব ধন্ধ।"-মনসা মং (বংশীং)। বিণ, ধন্ধিত-যার ধাঁধা লাগিয়াছে ; যার দৃষ্টিভ্রম হইয়াছে। ২ সন্দেহযুক্ত।

ধন্না, ধরণা [সং·ধৃ (ধারণে) >। ধরণা > দ্রুত উচ্চারণে গ্রা॰ ধন্না] বি, ধারণ ; অবলম্বন ; আশ্রয়করণ। ২ চালের অবলম্বন বা চাল ধরণের কাষ্ঠ। ৩ ঢেঁকিতে পাদ দিবার সময় পাদ-দিউনিরা যাতে ভর দেয়। ৪ অভিষ্ট সিদ্ধির অপেক্ষায় অনশনে পড়িয়া থাকা। **ধন্না দেওয়া, ধন্না পাতা, ধন্না ধরিয়া বসিয়া থাকা**-দেবতার অনুগ্রহ লাভের জন্য মন্দির-দ্বারে অনাহারে পতিত থাকা ; অভীষ্ট লাভের জন্য অভীষ্টদাতার গৃহদ্বারে আহার নিদ্রা ত্যাগ করিয়া বসিয়া থাকা।

ধন্নাশে(সে)ঠ [হিং। ধনাঢ্য > ধন্না, শ্রেষ্ঠী > শেঠ, সেঠ (বণিক)] বি, মহাধনী ; ধনকুবের ; মহাজন।

ধন্য [ধন+য (যোগ্যার্থে)] বিণ, সৌভাগ্যবান্। "ধন্য রাজার পুণ্যদেশ যদি বর্ষে মাঘের শেষ।"-প্রবচন। ২ সাধু। ৩ প্রশংসনীয় : শ্লাঘ্য। ৪ কৃতার্থ। ৫ ধন্যবাদ ; কৃতজ্ঞতাজ্ঞাপন ; প্রশংসাবাদ। "ধন্য তোমারে হে রাজমন্ত্রী চরণপদ্মে নমস্কার।"-চয়নিকা। স্ত্রীং ~া। **~বাদ** [ধন্য (শ্লাঘ্য) বাদ (বলা)] বি, তুমি ধন্য অর্থাৎ প্রশংসনীয় এই-রূপ বলা ; সাধুবাদ। ২ কৃতজ্ঞতা স্বীকার সূচক উক্তি thanks.

ধন্যা১ [ধন্য+আ(স্ত্রীং)] বিণ, ধন্যবাদার্হা ; প্রশংসনীয়া। ২ সাধ্বী।

ধন্যা২ [ধন্যাক দ্রঃ] বি, ধনিয়া ; ধনে।

ধন্যাক [সং] বি, ধনে।

ধন্ব [ধন্ব্ (গতি অর্থে)] বি, ধনুক। ২ মরুভূমি। **~দুর্গ** [ধন্ব (মরুভূমি-রূপ) দুর্গ] বি, জনশূন্য ভূমি ; মরুস্থলী।

ধন্বন্তরি [পুং] বি, দেবচিকিৎসক। ইনি সমুদ্র মন্থনকালে সমুদ্র হতে উথিত হইয়াছিলেন। ২ [ইতিং] রাজা বিক্রমাদিত্যের নবরত্নের মধ্যে এক রত্ন। ৩ কাশীর রাজা দিবোদাসের নামান্তর।

ধন্বা১ [ধন্ (ক্ষেপণ করা) + বন্ (ণে)=ধন্বন্ ১মা, ১বং] বি, ধনুক। ২ মরুভূমি।

ধন্বা২ [ধনু+অন (স্ত্যং)=ধন্বন্ ১মা, ১বং। যার ধনু আছে] বিণ, ধনুর্দ্ধর। প্র-গাণ্ডীবধন্বা।

ধন্বী [ধনু+ইন্ (স্ত্যং)=ধন্বিন্ ১মা, ১বং] বিণ, ধনুর্দ্ধারী। ২ পণ্ডিত ; বিশারদ। ৩ বি, অর্জ্জুন। ৪ [বৈদ্যকে] অর্জ্জুন বৃক্ষ। ৫ বকুল। ৬ দুরালভা নামক কণ্টকী ক্ষুপবিঃ।

ধপ্ [অনুং] অ, ভারি বস্তু পতনের শব্দ [দ্রঃ-শুষ্ক, জমাট, অনতিকঠিন ও ভারি বস্তু পতন বা আঘাতের শব্দ ধপ্, জমাট না হ'লে ধস্ (কঠিন কিন্তু ফাঁপা বস্তু হ'লে ঢপ্, নিরেট হ'লে ঢিপ্), ধপ্ অপেক্ষা লঘু কিন্তু নিরেট শব্দ ধুপ্ এবং ধপ্ শব্দের বিস্তার অর্থে ধাপ্। ব্যপ্তি ও আধিক্য অর্থে, ধপাস্। পাশ ফিরিয়া সটান পতনের শব্দ ধপাস্ এবং চিৎ হইয়া সটান পতন অর্থাৎ চিৎপাত হইয়া সোজা পড়িয়া যাওয়ার শব্দ ধপাৎ। কিন্তু ব্যবহারে এদুয়ের মধ্যে প্রভেদ লক্ষিত হয় না। "আমি অমনি ধপাস্ করিয়া চিৎপাত হইয়া পড়িয়া যাইব।"-লোকরহস্য (বঙ্কিমং)]।

ধপ্ধপ্ [ধাব্ (মার্জ্জনে)। আধিক্যার্থে দ্বিত্ব। ধব ধব্ ওং] অ, অতিশয় শুভ্র বা শুক্ল ভাব। প্র-কাপড় চাদর ধপধপ করছে। ২ বিণ, পরিষ্কার ; পরিচ্ছন্ন। ৩ উজ্জ্বল। বিণ, **ধপধপে**-শুভ্রোজ্জ্বল। ক্রি, **ধপধপানি**-শুভ্র বর্ণে শোভা পাওয়া ; শ্বেতবর্ণে প্রকাশ পাওয়া।

ধপাৎ, ধপাস্-ধপ দ্রঃ।

ধপাধপ [ধপ্ (দ্রঃ) + আ (ব্যাপ্ত্যর্থে) + ধপ্ (উপর্য্যুপরি অর্থে)] অ, ক্রমাগত ধপ্ ধপ্ শব্দ ; প্রহার শব্দ। স্থূল কোমল বস্তুর উপর যষ্টি প্রহার শব্দ।

ধব [সং। "পতিশাখিনরা ধবাঃ"-অমরং] বি, পতি ; স্বামী। "ধৈরয না ধরে রাণী ধরণী লোটায় ধরিয়া ধবের গলা গড়াগড়ি যায়।"-শিং। "ওহে ভব-ধব কি করিব স্তব মানস-তিমির হর।"-ঈং গুপ্ত। "হেরি অন্ধকার হে উদ্ধব ব্রজের ধব মাধব বিনে।"-দাশরথি। ২ মনুষ্য। ৩ প্রবঞ্চক ব্যক্তি ; ধূর্ত্ত ব্যক্তি। ৪ বৃক্ষবিঃ ; ধওগাছ। ৫ [ধু, ধূ (ধূননে, কম্পনে) ভাং অ] বি, কম্প।

ধবধব [ধাব্ (মার্জ্জনে) >] অ, ধপ্ ধপ্ দ্রঃ। ক্রি, **ধবধবানি**-ধবল বা শুভ্র বর্ণ করা ; মলিনতা বর্জ্জন করিয়া শুভ্রবর্ণে শোভা পাওয়া। বিণ, **ধবধবে**-শুভ্রোজ্জ্বল।

ধবল [ধাব্ (শুদ্ধ করা) + অল (জ্ঞাং)। ধাব=ধব্, কিম্বা ধূ + অল (জ্ঞাং)। গ্রাং বাং-ধওল] বি, শ্বেতবর্ণ ; শুক্লবর্ণ ; সাদা রং। ২ শ্বেতকুষ্ঠ white leprosy. ৩ কর্পূরবিঃ। ৪ রাগবিঃ ৫ সাদা মরিচ। ৬ বৃষশ্রেষ্ঠ। ৭ বিণ, শুক্ল ; শুভ্র। ৮ সুন্দর। **~গিরি, ধবলাগিরি**-হিমালয় শিখরবিঃ। ২ শ্বেত-পর্ব্বত। **~মৃত্তিকা**-চকখড়ী ; সাদা খড়ী মাটি। **~পক্ষ**-শুক্লপক্ষ। ২ [পক্ষ (ডানা) ধবল বলিয়া] হংস। **~পাথর**-শ্বেতরোগ ; শ্বেতকুষ্ঠ। "ধণ্ড পূজা কৈলে হয় ধবল পাথর"-ধর্ম্মরাজের গীত (নরসিংহ)।

ধবলা [ধবল (শ্বেত) + আ (স্ত্রীং)। পুং ধবল] বি, শুক্লবর্ণা ধেনু ; ধবলী (দ্রঃ)। ২ বৃন্দাবনস্থ পাহাড়বিঃ। **~কার** [ধবল+আকার] বিণ, শ্বেত। ২ বি, শুভ্র আকৃতি।

ধবলিত [ধবল+ইত (যুক্তার্থে)] বিণ, শুক্লীভূত ; শুভ্রীভূত ; সাদা রং করা হইয়াছে এমন।

ধবলিমা [ধবল+ইমন্ (ভাং)=ধবলিমন্ ১মা, ১বং] বি, শুভ্রত্ব ; শুক্লতা ; শ্বেতত্ব। ২ রক্তহীনতা-জনিত শুক্লীভাব ; পাংশু বর্ণ ; ফ্যাকাসে বর্ণ paleness.

ধবলী [ধবল+ঈ (স্ত্রীং)] বি, শ্বেতবর্ণা ধেনু। ২ শ্রীকৃষ্ণের আদরের ধেনু। "কাঁহা মেরি ধং শ্যামলী কাঁহা মেরি মোহন মুরলি।"-বাং·গানা। **~কৃত** [ধবল+কৃত, মধ্যে ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি)] বিণ, যা ধবল করা হইয়াছে ; শুক্লীকৃত ; ধবলিত। **~ভূত** [ধবল +ভূত, মধ্যে ঈ(অভূততদ্ভাবার্থে চ্বি)] বিণ, শুভ্রীভূত ; শুক্লীভূত ; ধবলিত।

ধবলোৎপল [ধবল (শুক্লবর্ণ যে) + উৎপল (পদ্ম), ধা] বি, কুমুদ ; সুঁদি।

ধবিত্র [ধূ (কম্পিত হওয়া) + ইত্র (ণে)] বি, মৃগচর্ম্মের পাখা। ২ [+ইত্র (র্তৃ)] বিণ, অপনয়নকারক।

ধম১, -ম্ [অনুং। ধপ্ (দ্রঃ) অপেক্ষা গুরুতর বস্তুর বহু উচ্চস্থান হতে পতনের গম্ভীর শব্দ] অ, অনুকরণ শব্দ। ২ বাদ্যধ্বনি। [দ্রঃ

যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ণ্‌জ ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্‌ষ হ্ম=হ্‌ম হ্ন=হ্‌ন হ্ল হ্ব হ্ন=ন্হ হ্য হ্র হ্ব জ্ঞ=গ্‌গ্য, ড় ঢ় য় ড=zfwv ও জ্ঞাং দ্রঃ

-ধম্ অপেক্ষা লঘু. ধুম ; অত্যন্ত মৃদু. ধিম্। বীপ্সার্থে ধঁমাস্]। **ধমধঁম** [সং-ধ্মা (শব্দে) > ধঁ=ধম] অ. অনুকার শব্দ ; বাদ্যধ্বনি। ২ প্রহার শব্দ। অল্পার্থে ধুমধুম। ব্যাপ্ত্যর্থে **ধঁমাধঁম**-উপর্য্যুপরি ধমধম শব্দে প্রহার বা আঘাত। প্র-ধমাধম কিল পড়া। আধিক্যার্থে **ধঁমাস-ধঁমাস**-ধাতু ই০-র উপর ভারি বস্তুর আঘাত শব্দ ; ভারি বস্তুর পতন শব্দ।

ধমাঁ₂ [ধম্-ধ্মা (অগ্নি সংযোগে)] বি, ধমনকারী : ভস্ত্রাচালক। ২ অগ্নিসংযোগ-কর্ত্তা। ৩ শব্দকারক।

ধমঁক [ধ্মা (শব্দ করা) + অক (কৃ), ধ্মা=ধম] বি, কর্ম্মকার। ২ [হিং ধমক, ধমকি] তিরস্কার ; ভয়প্রদর্শন ; দাবড়ি ; হুঙ্কার। "ধমকে ধরাধর কম্পে"-ঘ০। "না দিলে ধ০ দেয় দুই চক্ষু রেঙ্গে"-ঈ০ গুপ্ত। ৩ আচ্ছন্ন ভাব ; ঘোর ; তাড়না : তাড়স। প্র-জ্বরের ধমকে সে ক্রমাগত ভুল বকিতেছে। ৪ বল ; জোর। প্র-ধমক সামলানো। ৫ ধম ধম শব্দ। "দামামা ধমকে যেন নব জলধর।" -দুর্গাপঞ্চরাত্র। ৬ প্রতাপ। ক্রি, **ধঁমক**। -ধমক দেওয়া। প্র-তাকে ধমকেছে। বি, ধমকি। **ধঁমক (ধঁমকি) দেওয়া**-ধমকান ; দাবড়ি দেওয়া ; তিরস্কার করা। ২ ভয় দেখাইয়া সাবধান করা।

ধমকানি [ধমক + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, তিরস্কার করা ; ভয় দেখান ; কটু বা রূঢ়বাক্যে সতর্ক করা। "আমরা ধঁ্কাই যত সাক্ষী। বলি নানাবিধ কটু বাক্যি॥"-রজনী সেন। বি, **ধঁমকানি**।

ধমঁন [ধ্মা (শব্দ করা) + অন (ণে)] বি, নল ; চোঙ্গা। ২ বিণ, কর্ম্মকারের যাঁতাচালক।

ধমঁনি,-নী [ধ্মা বা ধম্ (শব্দ করা) + অনি (কৃ)] বি, নাড়ী ; শিরা। ২ গলা। ৩ হট্ট-বিলাসিনী ; বেশ্যা ; ঢেমনি। ৪ হরিদ্রা। **~জাল** [ধমনির জাল (সমূহ), ৬তৎ] বি, দেহাভ্যন্তরস্থ শিরাসমূহ।

ধমঁনিক [অর্থশা০] বি, শিঙ্গা ; রণশিঙ্গা।

ধম্বল [অনু০। তুল-হিং ধম্মাল (লম্ফ-ঝম্প, উধুম)। বাং-য় 'ধুম্বল', 'ধুম্বুল', 'ধোম্বোল', 'ধুম্বুল' ও০] বি, ঢ্যাড়া পিটিয়া জানান ; বিজ্ঞাপন প্রচার। "পারেন কেবল পাড়ায় পাড়ায় পিটিতে ধম্বল"-হেম০। **ধঁ০ দেওয়া, ধঁ০ পেটা**-ঢ্যাড়া পিটিয়া জানান দেওয়া : ঢাক বাজাইয়া প্রচার করা। ২ ক্রমাগত খোল বাজান। ৩ টো টো করিয়া বন্ধুদের ডাক দিয়ে দিয়ে বৃথা ঘুরিয়া বেড়ান। প্র-কেবল ধ০ দিয়ে বেড়ালে ত কিছু হয় না। "পাড়ায় পাড়ায় ফেরে পিটিয়া ধ০"-হেম০।

ধম্ম [গ্রাম্য সং-ধর্ম্ম > প্রাকৃ০ ধম্ম] বি, ধর্ম্ম। **~ঘঁট, ~ঠাকুর, পত্ত (=পত্র), ~পুত্ত (=পুত্র), ~মা, ~বঁহিন,-বুন, ~বেটি (বেটী), ~ভাই** ই০ (ধর্ম্ম দ্রঃ)। **~রক্ষে** [ধর্ম্মরক্ষা > গ্রা০] অ, ধর্ম্মবলে রক্ষা পাওয়ার ভাব। 'ধর্ম্ম এ সঙ্কটে রক্ষা করিয়াছেন' এই উক্তির ক্ষে০ : ভাগ্যিশ্!

ধম্মিল, ধম্মিল্ল [সং-"সংযতাঃ কচাঃ" -অমর০] বি, সংযত বা বদ্ধ কেশ ; খোঁপা। "ধম্মিল্ল (পাঠান্তরে ধম্মিল) লোল ঝুট করি বন্ধ"-বি০ প০।

ধম্মিষ্ঠি [ধর্ম্ম দ্রঃ। সং-ধর্ম্মিষ্ঠ > ভং] বিণ, ধার্ম্মিক ; পুণ্যাত্মা। "নে ভাই তোর ঠাট্টা রাখ, আমরা আবার ধ০ কিসে"-ভারতী।

ধয়ঁল [ব্রজ০ 'ধরল'র রূপান্তর] ক্রি, ধরিল। ২ [ধোর দ্রঃ] ধুইল।

ধর₁ [ধড় দ্রঃ। ধৃ (ধারণ করা) + অ (কৃ) -যে মস্তক ধরিয়া থাকে বা যে প্রাণকে ধারণ করিয়া থাকে] বি, দেহ ; শরীর। "সখি! বংশী দংশিল মোর কাণে, ডাকিয়া চেতন হরে, পরাণ না রহে ধরে"-চণ্ডি০। ২ স্কন্ধ হ'তে কটিদেশ পর্য্যন্ত দেহাংশ। ৩ মুণ্ডহীন সমস্ত শরীরাংশ। ৪ কূর্ম্মরাজ। ৫ অষ্টবসুর অন্যতম। ৬ কার্পাসতুলা (তুল-হিং রুই)। ৭ নগর ও গ্রামের প্রধান প্রধান ব্যক্তির উপাধিবিঃ। ৮ বিণ, ধারণকর্ত্তা।

ধর₂ [ধরা₂ দ্রঃ] ক্রি, ধারণ কর। ব্রজ০, প্রা০ বাং পদ০ সা০ **ধঁরএ**-ধর ; গ্রহণ কর। **ধরঁল**-ধরিল। **ধরিআঁ, ধরিএঁা**-ধরিয়া। **ধরিলোঁ**-ধরিলাম। **ধরিব**-ধরিবে। ২ ধারণ করিব। **ধরিবাকি**-ধরিতে ; ধরিবার জন্য। **ধরিবেহেঁ. ধরিবোঁ**-ধরিব। **ধরিহঁ**-ধরিও। **ধরী**-ধরি, ধারণ করি। **ধরু**-ধরুক। ২ ধরে। **ধঁরো**-ধরি [শ্রী০ কী০]।

-ধর₃ [বিশেষণ পদ গঠনে শব্দান্তে যুক্ত হয়] যে ধরে ; ধারী। প্র-ধরাধর, শশধর, দণ্ডধর ই০।

ধরঁণ [ধৃ(ধারণে) + অন(ভা০)] বি, ধারণ। ২ পদ্ধতি ; রীতি ; প্রথা। "রাম কালীপদ হরিচরণ নাম এসব সেকেলে ধ০"-দ্বি০ রায়। ৩ আকার : রকম ; ইঙ্গিত। প্র-তার ধরণ-ধারণ দেখে ভাল বোধ হচ্ছে না। ৪ [+ অন (ণে)] পরিমাণবিঃ। ৫ সংস্কৃত সাহিত্যে সূর্য্য, হিমালয়, সেতু, ধান্য ও স্তন ই০ অর্থে প্রয়োগ আছে বাঙ্গালায় প্রচলিত নাই। **~ধারণ** -আকার ধারণ ; রূপ ধারণ ; প্রকৃতি ধারণ ; আকার প্রকার ; রীতিপদ্ধতি। ২ চালচলন। "ধরণ ধারণ এর সবি উচ্ছৃঙ্খল"-অশোক০।

ধরণা-ধন্না দ্রঃ।

ধরঁণি,-ণী [ধৃ (ধারণ করা) + অনি-অণী (কৃ) যা সকলকে ধারণ করিয়া আছে] বি, পৃথিবী। "ব্রাহ্মণ ধরিণীপতি রঘুনাথ নরপতি জয়দুর্গা তাঁরে কর দয়া।"-কবিক০। **~তঁল** [ধরণির তল, ৬তৎ] বি, ভূতল : ভূপৃষ্ঠ। **~ধঁর** [ধরণি,-ণী (পৃথিবী)-ধর (যে ধারণ করে)] বি, বিষ্ণু : শিব ; ভূধর ; পর্ব্বত ; কূর্ম্মরাজ : বাসুকি। ২ বিণ, ধরা ধারণকারী। **~ধাম** -বি, পৃথিবী ; জগৎ। **~পতি,-ভৃৎ**-বি, ভূপতি ; রাজা।

ধরঁণীশ্বর [ধরণী + ঈশ্বর(প্রভু), ৬তৎ] বি, শিব : বিষ্ণু ; জগদীশ্বর। ২ ভূপতি : রাজা : সম্রাট্। তুল-"দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা"।

ধরঁণীসুত [ধরণী(র)সুত (পুত্র), ৬তৎ। জ্যোতির্ব্বিদ্গণের সিদ্ধান্তে ঘূর্ণ্যমান ধরা হ'তে কিয়দংশ বহির্গত হইয়া মঙ্গলগ্রহে পরিণত হইয়াছে ; চন্দ্রও এইরূপে হইয়াছিল] বি, মঙ্গলগ্রহ। "মকরে ধ০ বৃষে চাঁদ গুরুযুত মেষে লিখে প্রচণ্ড কিরণে।" -কবিক০। ২ নরকাসুর। স্ত্রীং **~া**-সীতা।

ধঁরতাই [সং-ধৃত(অবধারিত) >] বিণ, ধরা ; নির্দ্ধারিত। **ধঁ০ বুলি**-বি, নূতনত্বহীন

কথা, যা সকলেই জানে বা বলে থাকে এমন পুরাতন কথা।

ধরতি [ধৃ(ধরা) > হিং ধর্‌তি] বি, ওজনে কম হ'লে যা ধরিয়া দেওয়া হয় ; পূরণ ; ক্ষতি-পূরণ ; অভাবের পূর্ত্তি।

ধ'রন [ধরণ দ্রঃ। প্রাং বাং] বি, ধারণ ; সহন ; আধিক্য হেতু স্থান সংকুলান ; কুলান। "অধরে হাসি না ধরে।" ধ'রনে না যায় [পদ্যে, গানে] ক্রি, ধারণ করা বা করিতে পারা যায় না ; স্থির ভাবে থাড়া থাকে না : খ'সে, ধ'সে ঢলিয়া পড়ে, বা গলিয়া বা ভাসিয়া যায়। "তা দেখি মায়ের গা ধরনে না যায়, আনন্দসাগরে ভাসে থল নাহি পায়" -কৃষ্ণ মঙ্গল।

ধ'র্ত্তি [প্রাং বাং। ধরা দ্রঃ] ক্রি, ধারণ করে। "কাম ক্রোধ ধং জিউ"-শূং পুং।

ধ'রপাকড় [ধর (ধৃতকরণ) + পাকড় (হিং পকড়না=ধরা), বল প্রয়োগ ও ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] বি, একাধিক ব্যক্তিকে বল পূর্ব্বক ধৃত করণের ভাব ; বিস্তৃতভাবে ধৃত করণ বা গ্রেপ্তার। ধরা দ্রঃ।

ধরবি [ব্রজং, হিং ধ'র্ব' (-ব্)] ক্রি, ধরিব। ধরা দ্রঃ। "আমরা কি করব ? কি বেশ ধরব ?"-রবীং।

ধ'র্ম (-ম্) [ধর্ম্ম > পদ্যে। ব্রজং] বি, ধর্ম্ম। ~ক'রম-ধর্ম্মকর্ম্ম ; ধর্ম্মানুষ্ঠান ; ধর্ম্মসাধনা। "ধং করম সকলি গেল লো শ্যামাপূজা মোর হ'ল না"-গিরিশং। ~বেটা, ~বেটী-ধর্ম্ম দ্রঃ।

ধ'রা১ [ধৃ (ধারণ করা) + অ (র্তৃ) + আ (স্ত্রীং)। "ধরা ধরিত্রী ধরণী"-অমরং] বি, যে চরাচর সকলই ধারণ করে ; পৃথিবী। "তুমি ধরাধর অতি ভাগ্যধর পুণ্য ধরে না ধরায়।"-বাং-গান। ২ জরায়ু ; গর্ভাশয় placenta. ৩ নাড়ী [বিরল]। ৪ স্পর্শ ; ছুঁয়া। ৫ সংস্রব ; সম্পর্ক। ৬ দায়িত্ব ; কর্ত্তৃত্ব ; দখল। "যদি দিলি মা সংসারের ভার। তোর হুকুমে কাজ করব যেন ধরা ছোঁয়া রয় না আর॥"-বাং-গান। ৭ ধারণ ; গ্রহণ। ৮ গণনা। ৯ বিণ, ধৃত। প্র-ধরা পড়া। ১০ নির্দ্ধারিত। প্র-ধরা দাম। ১১ সর্ব্ববাদিসম্মত ; জানা ; স্বীকৃত। প্র-ধরা কথা। ~ধাম-বি, পৃথিবী। ~পতি-বি, রাজা ; সম্রাট। ~ভার-বি, ভূভার ; পৃথিবীর ভারস্বরূপ ক্লেশকর। ~শয্যা-বি, ভূমি শয়ন ; মৃত্যু কালীন শয়ন। ~শায়ী-বিণ, যে ধরায় শয়ন করিয়া আছে ; ভূমিসাৎ। ধ'রাকে স'রা দেখা [সরা দ্রঃ] গর্ব্বে অন্ধ হওয়া ; সমস্ত পৃথিবীকেই অগ্রাহ্য করা।

ধ'রা২ [ধৃ (ধারণ করা) > । ধরি, ধর (ধরেন, ধরিস্, অনুজ্ঞায়-ধরুন, ধর্), ধরে (ধরেন, অনুজ্ঞায়-ধরুক) ; ধরিতে (ক্ষেং ধরতে, দ্রুত উচ্চারণে গ্রাং ধত্তে) ; ধরিয়া (গ্রাং, ক্ষেং ধরে)। নিজন্ত-ধরান] ক্রি, হস্তে ধারণ করা ; গ্রহণ করা। ২ অঙ্গে ধারণ করা ; পরিধান করা ; বেশ ধরা ; সাজ করা ; সাজা। "ধর ধর রমণীর বেশ"-রূপচাঁদ। "কি রঙ্গে অঙ্গনা বেশ ধরিলি দুর্ম্মতি"-মেঘং। "আজ আস্‌বে শ্যাম গোকুলে ফিরে। * * আমরা কি কর্‌ব ? কি বেশ ধরব ?"-রবীং। ৩ জিহ্বায় ধারণ করা ; উচ্চারণ করা ; উল্লেখ করা। "নাম ধরে আর ডাকিস্‌নে ভাই যেতে হবে ত্বরা করে।" -রবীং। ৪ আশ্রয় করা ; বশবর্ত্তী হওয়া। "ক্ষ্যাপা তুই আছিস আপন খেয়াল ধরে"-রবীং। ৫ অবলম্বন করা ; ভর করা। প্র-সে লাঠি ধরিয়া চলিতেছে। ৬ অবলম্বন দান করা ; পতন রোধ করা। "সখি আমায় ধর ধর, উরু-নিতম্ব-হৃদি-পয়োধর-ভারে ভূমিতে ঢলিয়া পড়ি।"-শ্রীধর কথক। ৭ অবলম্বন বা সাহায্য প্রার্থনা করা ; আশ্রয় করা ; দেবানুগ্রহ লাভার্থে ধন্না দেওয়া। প্র-কত্ত ঠাকুরের দোর ধরে তার রোগ ভাল হয়েছে। একজন বড় গোছ কাপ্তেন না ধরিলে একাজ হবে না। এখন বড় সাহেবকে ধর তা হলেই কাজ হবে। ৮ পরিত্যাগ না করা ; না ছাড়া। প্র-গোঁ-ধরা ; আবদার ধরা ; জেদ ধরা। ৯ দৃঢ় করা। প্র-কৃপণ প্রাণ ধরিয়া একটি পয়সা খরচ করিতে পারে না। ১০ টানিয়া রাখা ; বজায় রাখা। "কোন মতে আছে পরাণ ধরিয়া কামিনী শিথিল সাজে।" -রবীং। ১১ রুদ্ধ বা বদ্ধ হওয়া ; বসিয়া যাওয়া। প্র-চীৎকার করিয়া গলা ধরিয়া গিয়াছে। দধি খাইয়া গলা ধরিয়াছে, গানের সুর উঠিবে না। ১২ সঞ্জাত ; জন্মান ; হওয়া। প্র-গাছে ফল ধরা। ফুলে কুঁড়ি ধরা। দেওয়ালে লোণা ধরা। কালি বা কলঙ্কের দাগ ধরা। পুস্তকের মলাটে ছাতা ধরিয়াছে। আমে পোকা ধরিয়াছে। ১৩ ফুটিয়া উঠা ; প্রকাশ পাওয়া ; ফলা (যেমন রং)। প্র-ফল পাকিলে রং ধরিবে। কাঠে রঙ্ ভাল ধরে নাই। ১৪ কার্য্যকর হওয়া ; ফলোপধায়ক হওয়া। প্র-ঔষধ ধরিয়াছে। ১৫ যে বস্তুর যে গুণ তা প্রকাশ পাওয়া বা তার কার্য্য করা। প্র-মুখে ওল ধরিয়াছে (কুট্ কুট্ করিতেছে)। পান খাইতে সুপারি ধরিয়াছে। ১৬ প্রশমিত হওয়া ; বন্ধ হওয়া ; থামিয়া যাওয়া। প্র-বৃষ্টি ধরিলে যাইব। ঔষধ খাইবার পর তার পেট ধরিয়াছে। ১৭ বলা বা উল্লেখ করা ; নির্দ্ধারণ করা। প্র-কোন জিনিষের মূল্য বা দর ধরা। তুমিই ইহার একটা দর ধর দেখি। ১৮ আক্রমণ করা। প্র-বাঘে ধরা ; রোগে ধরা। ভূতে ধরা। তার ঘাড় ধরিয়া লইয়া গেল। ঐ ধরলে। ১৯ পীড়িত হওয়া ; অসাড় হওয়া ; ব্যথা বা বেদনা করা। প্র-অধিক রৌদ্রে ঘুরিলে মাথা ধরিতে পারে। বসিয়া বসিয়া পা ধরিয়া গিয়াছে। ২০ প্রদর্শন করা ; দেখান। প্র-ভুল ধরা ; ছল ধরা। ২১ তুলনা করা ; গণনা করা ; গণ্য করা। প্র-পাঁচ জনের সহিত তাকে ধরা যায়। "হেরইতে কোই না ধর নিজ দেহা।" -বিং পং। ২২ মনে করা ; বিবেচনা করা। প্র-ধর যদি তাই হয়। ২৩ অনুভূতির উদ্রেক হওয়া ; প্রাপ্ত হওয়া ; পাওয়া। প্র-শীত ধরা। কম্প ধরা। তার ভয় ধরিয়াছে। ২৪ লাগা বা লগ্ন হওয়া ; স্পর্শ করা। প্র-ঘরে আগুন ধরেচে। কাপড়ে আগুন ধরেচে। ২৫ অঙ্গ স্পর্শ করা ; ছোঁয়া। প্র-বুড়ী ধরা। কে ধর্‌তে পারে (খেলায়)। ২৬ ধৃত করা ; আবদ্ধ করা ; আয়ত্ত করা ; বশে আনা। প্র-হাতী ধরা। মাছ ধরা। ছেলে ধরা। ২৭ অপরাধী ধৃত করা ; আটক করা ; গ্রেপ্তার করা arrest. প্র-চোর ধরা। ২৮ তাংড়ান ; আধার অতিক্রম না করা। প্র-এ পাত্রে একসের দুধ ধরে। সেখানে একশত লোক বেশ ধরিবে। তার আনন্দ আর ধরে না।

"দেখিতে দেখিতে কবির অধরে হাসিরাশি আর কিছুতে না ধরে"-রবী॰। ২৯। নিবৃত্ত করা ; গতিরোধ করা ; যাইতে না দেওয়া। "আমার যাবার সময় হল আমায় কেন রাখিস্ ধরে।"-ঐ। ৩০ আরম্ভ হওয়া ; আরম্ভ করা ; সূত্রপাত করা। প্র-চুলে পাক ধরিয়াছে। গান ধরা। তান ধরা। সকাল থেকে সুর ধরেচেন। যে কাজটী ধরেছ আগে সেটী শেষ কর। ৩১ প্রজ্বলিত হওয়া ; পোড়া। প্র-উনন ধরিতে বিলম্ব আছে। টিকে ধরিয়াছে। ভিজে কাঠ শীঘ্র ধরে না। ৩২ ঈষৎ দগ্ধ হওয়া ; আঁকিয়া যাওয়া। প্র-হাঁড়ীর তলায় ভাত একটু ধরে গেছে। ৩৩ থামা ; স্থিতি করা ; আটকান ; লাগা। প্র-ডাক-গাড়ী এত ছোট ষ্টেশনে ধরে না। নৌকাখানা ঘাটে ধরবে কি? ৩৪ এক সময় হতে অন্য সময় পর্য্যন্ত ; যাবৎকাল। "নিশি দিন ধরে একি ছেলেখেলা।" "এই মতে দুই প্রহর ধরিয়া বেশ ভূষা সব সমাধা করিয়া।"-রবী॰। ৩৫ মধ্য দিয়া যাওয়া ; পথ ধরা। "যেয়ো মনোমত পথ ধরিয়া"-রবী॰। ৩৬ পরিমাণ বা মূল্য অনুযায়ী বিনিময় করা ; একের অভাব পরিবর্ত্তে পূরণ করা। প্র-মূল্য ধরিয়া দেওয়া। ৩৭ পৌঁছ পাওয়া ; লাগাল পাওয়া ; মিলিত হওয়া ; সমান হওয়া। প্র-তুমি আগে যাও আমি তোমাকে পথে ধরিব। যদু যে আস্তে চলে, তাতে এক ঘণ্টা আগে গেলেও রাম তাকে অর্দ্ধ পথেই ধরিয়া ফেলিবে। ৩৮ অভ্যাসের (সাধাঃ কু-অভ্যাসের) বশবর্ত্তী হওয়া। প্র॰সে এখন মদ ধরিয়াছে। ৩৯ অনুসন্ধানের দ্বারা আবিষ্কার করা ; তথ্য বাহির করা ; ঠাওরান ; নির্ণয় করা। প্র-ইহার মধ্যে কি কি মিশান হইয়াছে ঠিক ধর দেখি। তার উদ্দেশ্য যে কি তা ধরা শক্ত। ডাক্তার রোগ ধরিতে না পারায় ঔষধে কিছু হল না। ৪০ সনির্ব্বন্ধ অনুরোধ করা। প্র-ছেলেরা সঙ্গে বেড়াইতে যাবার জন্য ধরিয়াছে। অত করিয়া ধরিলে এড়ান যায় না। ৪১ ভিতর দিয়া আসা ; মূল বা সূত্রে অবলম্বন করা বা সহায়তা লওয়ার ভাব। "অনেক নামের ব্যাখ্যা সংস্কৃত বা কোনও আর্য্য ভাষা ধরে হয় না"-প্রবাসী, ১৩০৩। ৪২ [দেওয়া সহ] নিজেকে বুঝতে বা চিনতে দেওয়া। "কিন্তু ঠাকুর দাদা যে ধরা দেবে না তার কাছে ধরা দিয়ে লাভ কী বল"-রবী॰। ৪৩ শুনা। "কন্যা বলে গাবর রাণী মোর কথা ধর।"-পূ॰ ব॰ গী॰। ব্রজ॰ ধর-ধরে ; গণ্য করে। "হেরইতে কেহ না ধর নিজ দেহা"-বি॰প॰। ধরই, ধরইতে-ধরিতে। "ধরই না পারই কেহ"-বি॰ প॰।" "করে ধরইতে কত করুণা কোটি"-ঐ। ধরব১, ধরবে-ধরিবে। "ঐছন করব ধরব যব হাত"-বি॰প॰। ধরব২-ধরিব। ধরল, ধয়লি-ধরিল। "কুন্দবল্লী তরু ধরল নিশান।" -পদ॰। "রঙ্গ পয়োধর অতি ভেল গোর। মাজি ধরল জনু কনয়া কটোর।"-বি॰ প॰। ধরসি-ধরিতেছে। ধরু-ধরে। "কাঞ্চন কুসুম ছত্র ধরু মাথ।"-পদা॰। ~কাট [প্রাদে॰] বি, কঠিন নিয়ম ; বাঁধাবাঁধি। ২ নিয়ম পালন। ধরা দেওয়া-স্বেচ্ছায় অন্যের অধীন হওয়া বা তার আয়ত্তের মধ্যে যাওয়া ; আত্মসমর্পণ করা। প্র-"ধরা নাহি দিলে ধরিব দুপায়।"-রবী॰। "নারীর দুর্ব্বল হৃদয় আবার সে কুহকে ধরা দিয়াছে।" -ভারতী। ২ সংস্রব রাখা ; ছোঁ দেওয়া ; দখল দেওয়া। "লাজ টুটে শেষে মরি লাজে, মিছে কাজে ধরা দিবে না যে।"-রবী॰। ৩ উপরে ১ম স্তম্ভের শেষ পংক্তিতে ৪২ অর্থ দ্রঃ। ধরাধরি-পরস্পর পরস্পরকে ধরা ; পাকড়া পাকড়ি। ধরা পড়া-অধিকৃত হওয়া। প্র-পলাতক এখন ধরা পড়িয়াছে। ২ আবিষ্কৃত হওয়া ; জ্ঞান গোচর হওয়া ; গুপ্ত বিষয় প্রকাশ পাওয়া ; উদ্‌ঘাটিত হওয়া। "দখিন বাতাস বলে গেল তারে সকলি পড়েছে ধরা।" "হাতে হাতে আর কিছুই পড়ে না ধরা।"-রবী॰। ধরা পাকড়া (ধর পাকিড়) করা ধরা ও পাকড়ান [সহ॰ দ্বন্দ্ব] ; টানা হেঁচড়া করিয়া ধরা। "কিছুকাল পরে সন্ধান সুলুক করা ও ধরা পাকড়ার কর্ম্ম ত্যাগ করিয়া তিনি কেবল বিচার করিতেন।"-টেকচাঁদ। ধরা-বাঁধা-কড়াকড়ি ; ধরাকাট। ধরি মাছ না ছুঁই পানি-জলকাদা মাখারূপ কষ্টের কাজ এড়াইয়া মাছধরারূপ আমোদ বা সুখের ভাগ লওয়া ; অতিশয় চতুরতা বা বাহাদুরী। ধরে পড়া-ধরিয়া ঝুলিয়া বা ঝুকিয়া পড়ার ভাব। ২ [লক্ষ॰] সনির্ব্বন্ধ অনুরোধ করা। "যে সকল সাহেবের কর্ম্ম কাজ করিয়াছিলাম এক্ষণে তাহারা কেহ নাই, থাকিলে ধরে পড়ে অমনি ভর্ত্তি করিতে পারিতাম।"-আলাল॰। ধরে বসা-ক্রি, সনির্ব্বন্ধ অনুরোধ করা। ধরে ভেড়ু ঘটানি-কাহার অনিচ্ছা সত্ত্বেও তাকে কোন কার্য্যে নিয়োজিত করা। কারও প্রবৃত্তির বিরুদ্ধে জেদাজিদি করিয়া বা নানা প্রকারে সম্মত করিয়া কোন অনুষ্ঠানে প্রবৃত্ত করান। ধরে রাখা-আটকাইয়া রাখা। কলঙ্ক ধরা-ক্রি, পিত্তলাদি ধাতুর গাত্রে ধাতুর মল ধরা ; দাগ লাগা। কলম ধরা-ক্রি, লেখনী ধারণ করা। ২ কাহার বিরুদ্ধে লেখা। ৩ লিখনারম্ভ করা। কান ধরা-ক্রি, কৃত অপরাধের জন্য অপমান রূপ শাস্তির জন্য কর্ণ স্পর্শ করা। ২ অনুতাপ স্বরূপ বা কোন কর্ম্মে পুনরায় হস্তক্ষেপ না করিবার প্রতিজ্ঞা স্বরূপ কর্ণ স্পর্শ করা। ৩ কানে ধরিয়া বলা। খোতো ধরা-চোখে খোতো রোগ হওয়া। এই রোগে চোখের পাতার রোঁয়া খসিয়া যায়, চোখ কুট্‌কুট্ করে। ২ ছাতা পড়া ; থো পড়া। গলা ধরা-ক্রি, কণ্ঠালিঙ্গন করা। ২ গ্রীবা ধারণ করা। ৩ স্বরবদ্ধ হওয়া। গান ধরা-ক্রি, গান আরম্ভ করা। গাল ধরা-ক্রি, অতিরিক্ত চূণ দিয়া সাজা পান খাইয়া মুখের অভ্যন্তর ভাগ (জিহ্বাদি) ক্ষত হওয়া ; হাজিয়া যাওয়া। ঘাড় ধরা-ক্রি, গলাধাক্কা দেওয়া। ঘুণ-ধরা-বিণ, ঘুণকীটদষ্ট। ঘুম ধরা-ক্রি, নিদ্রাবেশ হওয়া। চাল ধরা-ক্রি, আচার অবলম্বন করা। ২ অবস্থার অতিরিক্ত আবরণ করা। চূন ধরা-ক্রি, চূণ লাগা, পান খাইতে চূণ লাগিয়া জিহ্বা বা গাল হাজিয়া যাওয়া। চূন ধরানি-ক্রি, চূণকাম করা ; কলি ফিরান। চুয়াল ধরা-ক্রি, চোয়ালের খিল আটকাইয়া যাওয়া ; চোয়াল বদ্ধ হওয়া। ছল ধরা-ক্রি, ত্রুটি বা দোষ গ্রহণ করা বা প্রদর্শন করা। ছুতা ধরা

[সূত্র ধারণ করা] ক্রি, দোষের সূত্র বাহির করা, ত্রুটি লওয়া। ছাতা ধরা-ক্রি, মস্তক রক্ষা করা; সাহায্য করা; অভাব মোচন করা। "যেখানে জল পড়ে সেইখানে ছাতা ধরে।" ছেঁকে ধরা-বহুসংখ্যক একত্র হইয়া ঘিরিয়া ফেলা। ছেলে ধরা-বিণ, শিশুচোর; শিশুদিগের ভীতিজনক কাল্পনিক মূর্ত্তির জুজু (দুরন্ত শিশুদিগকে ভয় দেখাইয়া বশ করিবার জন্য প্রযুক্ত হয়)। ছেঁদে ধরা-দুই বাহু দিয়া জড়াইয়া ধরা। ২ বেষ্টন করা। প্র-সাপে পা ছেঁদে ধরে। জন ধরা-ক্রি, লোক সংগ্রহ করা। জল ধরা-বৃষ্টি বন্ধ হওয়া। ২ জল পাত্রস্থ করা বা পাত্রে তুলিয়া রাখা। জমি ধরা-চাষের জন্য জমি লওয়া। ২ হল চালাইয়া চষিয়া ফেলা। টান ধরা-অভাব হওয়া। টোল ধরা-ক্রি, টোল পড়া। ২ বিণ, যাতে টোল পড়িয়াছে; আঘাত প্রাপ্ত। ট্রেণ বা ট্রাম ধরা-ঠিক সময়ে পৌছিয়া রেলগাড়ী বা ট্রামগাড়ীতে আরোহণ করিতে পারা। ঠেল্ ধরা-এমন ভীড় হওয়া যাতে ঠেলাঠেলি হয়: ঠেল মারা, ঠেসে ধরা-প্রাচীরাদি বা কোন ব্যক্তির গায়ে চাপিয়া ধরা। তান ধরা-গানের সুর ভাঁজা। তাল ধরা-গানের তাল অনুযায়ী তাল দেওয়া। ২ দায়িত্ব গ্রহণ করা। দাম বা দর ধরা-মূল্য নির্দ্ধারণ করা। দশায় ধরা-দশ দশার শেষ দশায় আক্রমণ করা। ২ দুর্দ্দশাগ্রস্ত হওয়া। দোর ধরা -ধন্না ধরা দ্রঃ। ২ বিণ, দেবতার দ্বারে ধন্না দিয়া মাতা যে শিশুর প্রাণ ভিক্ষা করিয়া লইয়াছে। ধামা ধরা-বিণ, তোষামোদ-কারী; খোসামুদে। ২ নিজের কোন মতামত নাই, যা বলাও তাই বলে, যা করাও তাই করে। "আপন ব্যবসায়ে ধামাধরা গোচ"-টেকচাঁদ। ধন্না ধরা-ক্রি, ধরণা ধরা; অভীষ্টলাভের জন্য অভীষ্টদেবতার দ্বারে প্রতীক্ষা করিয়া অনশনে বসিয়া থাকা। ধুলো মুঠো ধরলে কাড় মুঠো হওয়া-ভাগ্য সুপ্রসন্ন হ'লে অলাভের বস্তুর দ্বারা লাভবান্ হওয়া। নাম ধরা-নাম উচ্চারণ বা উল্লেখ করিয়া ডাকা: নাম মুখে আনা; নাম করা। নোনা বা লোণা ধরা-দেয়াল, জমী ই০-র গায়ে লবণের গুঁড়ার মত ফুটিয়া উঠা। পঁচ ধরা-পচিতে আরম্ভ হওয়া। পাক ধরা-পাকিতে আরম্ভ হওয়া; কাঁচার পর ডাঁসা, তারপর পাকার অবস্থায় পৌছিতে আরম্ভ হওয়া। পায়ে ধরা -ক্রি, চরণ ধারণ বা স্পর্শ করা। ২ অনুনয় বিনয় করা। ৩ অনুতপ্ত হৃদয়ে ক্ষমা প্রার্থনা করা। ৪ বিণ মানভঙ্গার্থ পদধারণকারী। "পায়ে ধরা দিন পড়লে মনে" -গান। ফল ধরা-ফুলের পরে যে কড়েয়া হয় তা ঝরিয়া না পড়িয়া একটু বড় হ'লে ফল ধরা বলে: ফল জন্মান। বল ধরা-শক্তিধারণ করা। "হাজার হাতীর বল ধরে।" ভাত ধরানি-শিশুকে প্রথমে ভাত খাইতে আরম্ভ করান; ভাত খাইতে অভ্যাস করান। ২ হাঁড়ীতে ভাত রাঁধিবার সময় তলার ভাত চুঁয়াইয়া ফেলা। মনে ধরা -ক্রি, মনে লাগা; মনের মত হওয়া; পসন্দ হওয়া। "আঁখি ত অনেকে হেরে, বল কারে মনে ধ'রে, তবে তারে মনে ধরে যে হয় মনো-রঞ্জন।" -নিধুবাবু। মাথা-ধরা-বিণ, মুরুব্বি; সহায়; রক্ষক; লায়েক। প্র-তার ছেলে এখন বেশ মাথা ধরা হয়ে উঠেছে। ২ ক্রি, শিরঃপীড়া; মাথা ব্যথা করা। মুখ ধরা-মুখ লাগা (দ্রঃ)। ২ মুখর হওয়া; রূঢ় ভাবে উত্তর প্রত্যুত্তর করা। ৩ গালি দেওয়া। ৪ তিরস্কার করা; ভর্ৎসনা করা। যমে ধরা-সাক্ষাৎ মৃত্যুস্বরূপ রোগ দ্বারা আক্রান্ত হওয়া। ২ বলবান ও নিষ্ঠুর আততায়ীর দ্বারা সবলে গৃহীত হওয়া। লাঙ্গল ধরা-চাষ অবলম্বন করা; ক্ষেত্র কর্ষণ করা। লেজ ধরা-ক্রি, অনুকরণ করা। লেজ-ধরা-বিণ, অনুগৃহীত। ২ যার স্বাধীন মত নাই; যে স্বাধীনভাবে কিছু করিতে পারে না; যে পরের বুদ্ধিতে চালিত হয়। হাত-ধরা-বিণ, বাধ্য; বশীভূত; যাকে হাতের যন্ত্রস্বরূপ যথেচ্ছ চালিত করা যায়। হাতে ধরা-ক্রি, সনির্ব্বন্ধ অনুরোধ করা। ২ প্রত্যক্ষ ভাবে সাহায্য করা। হাতে ধরিয়া-যত্ন ও আয়াস স্বীকার করিয়া। প্র-তাকে হাতে ধরিয়া কাজ শিখাইয়াছি। হাল ধরা [নৌকা প্রভৃতির হাল ধরিয়াই নৌকা চালনা বা তাকে রক্ষা করা > লক্ষ০] ক্রি, কোন অনুষ্ঠানের ভার গ্রহণ করা: সর্ব্বেসর্ব্বা হইয়া কার্য্য পরিচালন করা। হাঁপা ধরা-ক্রি, ঝুঁকি লওয়া; ঝঞ্ঝাট পোহান; উপদ্রব সহ্য করা।

ধরাট, ধরাটি১ [ধরা (নির্দ্ধারিত) + আট (সং-বার্ত্তা ~ হিং বট্টা > বাটা (দ্রঃ) .~ বাট .· আট, আটি] বি, ঋণদানের বৃদ্ধিবিঃ। ২ ক্রয় বিক্রয়ে যে বাটা বা ছাড় ধরা বা নির্দ্ধারিত আছে: বাটা। ৩ নৌকার মরুভেদ। ৪ ধরাকাট; সংযম; বাঁধাবাধি নিয়ম।

ধরাটি২, ধারাটি [ধরা-মাটি, ধার-মাটি >] বি, বাঁধ দিবার জন্য মৃত্তিকা; ফটক বা দ্বারপিণ্ডের মৃৎস্তূপ।

ধরাতল [ধরা(র)+তল, ৬ তৎ] বি, পৃথিবীর উপরিতল; ভূপৃষ্ঠ ভূতল। ২ পৃথিবী; অবনী: ধরাধাম। 'ধরাতলে নরাধম খল আছে যত।"-পদ্যপাঠ। ৩ [গং] যে ক্ষেত্রের দৈর্ঘ্য ও বিস্তার আছে কিন্তু বেধ নাই।

ধরাত্মজ [ধরা (পৃথিবীর) + আত্মজ (পুত্র), ৬তৎ] বি, মঙ্গলগ্রহ: ভৌম; ধরাসুত দ্রঃ। ২ নরকাসুর। স্ত্রীং ~া-সীতা।

ধরাধর [ধরা (পৃথিবী) + ধর (যে ধারণ করে)] বি, ধরণীধর দ্রঃ। ২ পর্ব্বত। "গিরি নাহি জান আপনায়। তুমি ধ০ অতি ভাগ্যধর পুণ্য লক্ষ না ধরায়।"-বাং-গান।

ধরাধরি [ধরা+ধরা+ই (বীপ্সার্থে দ্বিত্ব)] বি, পরস্পর পরস্পরকে ধারণ। প্র-দুই বন্ধুতে গলা ধ০ করিয়া যাইতেছে। ২ একাধিক বা বহুলোক কর্ত্তৃক ধারণ। প্র-সে পড়িয়া গেলে তাকে সকলে ধ০ করিয়া ঘরে আনিল। ক্রি, ধ০ করা।

ধরানি [ধরা(দ্রঃ)র ণিজন্ত রূপ। ধরাই, ধরাও (ধরান, ধরাস), ধরায় (ধরান); ধরাইতে (কো০ ধরাতে); ধরাইয়া (কো০ ধরিয়ে)] ক্রি, ধরিতে বাধ্য করা। ২ লগ্ন করা: লাগান; জমান। প্র-বালি ধরান। মাটি ধরান: রং ধরান। ৩ [লাগান (হিং জমানা) অর্থ >] আঘাত করা; মারা।

প্র-চড় ধ৽। ৪ যুক্ত করা ; দেওয়া। প্র-নাম ধ৽। ৫ গ্রহণ করান ; তাংড়ান ; স্থাপন করা। প্র-ছোট পাত্রে অনেক জিনিষ ধ৽। ৬ জ্বালান। প্র-টিকে ধ৽। ৭ ধরাইয়া দেওয়া ; ধৃত করান। প্র-চোর ধ৽। ৮ অভ্যাস (সাধারণতঃ কদভ্যাস) করান। প্র-তামাক ধ৽। মদ ধ৽। ৯ নিয়োগ করা ; নিযুক্ত করা। প্র-জন ধ৽। ১০ আরম্ভ করান ; সূত্রপাত করা।

ধরাবন্ধ [সং] বি, তড়াগ।

ধরাবাঁধা [ধরা (নির্দ্ধারিত) বাঁধা (নিয়মবদ্ধ)] বিণ, নির্দ্ধারিত ; নিয়মবদ্ধ ; অপরিবর্ত্তনীয়।

ধরাবাড়ি [প্রাদে৽। কৃষিভাষায়] বি, ক্ষেতে বিদেকাট চালাইবার বাঁশের আঁকষি।

ধরামর [ধরা (পৃথিবীর, বা ধরাতে) + অমর (দেবতা), ৬তৎ বা ৭তৎ] বি, ভূদেবতা। ২ ব্রাহ্মণ।

ধরাশায়ী [মূ৽ ধরাশায়িন্ > ১মা, ১ব৽] বিণ, যে ধরায় শয়ন করিয়া আছে। ২ ভূপাতিত। স্ত্রীং ধরাশায়িনী।

ধরিত্রী [ধৃ (ধারণ করা) + ইত্র (র্ত্তৃ) + ঈ (স্ত্রীং), যে চরাচর ধারণ করে] বি, ধরা ; পৃথিবী ; বসুধা।

ধরিয়া, ধরে [ধরা দ্রঃ] অ, যাবৎ। ২ ব্যাপিয়া। ৩ অপেক্ষা করিয়া। প্র-সারাদিন ধরে বসে থেকে, শুধু মুখে ফেরা।

ধরু [ব্রজ৽। ধরা দ্রঃ] ক্রি, ধরে ; ধারণ করে। ২ আলিঙ্গন করে। "বাঁহু পসারিয়া দোঁহে দোঁহা ধরু। দুহুঁ অধরামৃতে দুহুঁ মুখ ভরু॥"-বি৽ প৽।

ধর্ত্তব্য [ধৃ (ধরা) + তব্য (র্ম্ম)] বিণ, ধারণযোগ্য। ২ বিবেচ্য ; মনোযোগের বিষয়। ২ গণ্য ; গ্রাহ্য। ধর্ত্তব্যের মধ্যে নয়-অগ্রাহ্য ; তুচ্ছ।

ধর্ত্তা [ধৃ (ধরা) + তৃ (র্ত্তৃ) = ধর্ত্তৃ ১মা, ১ব৽] বিণ, ধারণকর্ত্তা। ২ বহনকর্ত্তা।

ধর্ম্ম [সং। গ্রা৽ ধর্ম্ম। ধৃ (ধারণ করা, পোষণ করা) + ম (র্ত্তৃ)-যে সকলকে ধারণ বা পোষণ করে] বি, প্রত্যেক জীব, বস্তু বা বিষয়ের নিজস্ব গুণ, যার অভাবে সেই সেই জীব, বস্তু বা বিষয়ের অস্তিত্ব থাকে না। যথা, অগ্নির ধর্ম্ম উত্তাপ এবং ঔজ্জ্বল্য, জলের তারল্য এবং শৈত্য। তুল-মানবধর্ম্ম (মনুষ্যত্ব) পশুধর্ম্ম (পশুত্ব) ই৽। [শাস্ত্রে] ঈশ্বরাজ্ঞা যথাবৎ পালন, অপক্ষপাত বিচার ও সকলের হিতকরণ, যা প্রত্যক্ষাদি প্রমাণদ্বারা সুপরীক্ষিত, বেদবিহিত, ও সকল মনুষ্যের একমাত্র মানিবার যোগ্য। "অহিংসাই ধর্ম্ম এবং এই কথা সর্ব্বদেশে সকল ধর্ম্মশাস্ত্রই বলে।"-মহা৽। "ধর্ম্মে মতি হউক সবার"--অ৽ ম৽। "সেই ধর্ম্ম পরলোকে সার।"-ঐ। [সাম্প্রদায়িক] দেশ ভেদে জাতি বিশেষের পরকাল প্রভৃতির অলৌকিক পদার্থ বিষয়ক বিশ্বাস এবং উপাসনা প্রণালী religion. প্র-হিন্দুধর্ম্ম, বৌদ্ধধর্ম্ম, খৃষ্টধর্ম্ম, মুসলমানধর্ম্ম ই৽। [বৌদ্ধশাস্ত্রমতে] কর্ম্ম ; সংস্কার ; কার্য্য-কারণভাব। "কেহ বলেন 'বেদনা, সংজ্ঞা ও সংস্কার' এই তিন স্কন্ধই ধর্ম্মশব্দের অন্তর্ভূত, অন্যেরা বলেন, 'ধর্ম্ম' শব্দের অর্থ 'কার্য্য কারণ ভাব।' * * * সহস্রমত সত্ত্বেও পাশ্চাত্য পণ্ডিতগণ একবাক্যে বলিয়াছেন, 'কার্য্যকারণ ভাবই' ধর্ম্মশব্দের প্রকৃত তাৎপর্য্যার্থ"-ধর্ম্মপদ। বৌ৽ শাস্ত্রে "কায় মন ও-বাক্য সুচরিত এই ত্রিবিধ সুচরিত ধর্ম্ম উক্ত হইয়াছে। "প্রাচীন পণ্ডিতেরা আত্মবুদ্ধি বলে ত্রিবিধ সুচরিত ধর্ম্মে প্রতিষ্ঠিত হইয়া দেহত্যাগ করিয়াছিলেন"-জাতক, ৪র্থ খণ্ড। ২ ন্যায়ান্যায়ের বিচারক ; ঈশ্বর। ৩ আত্মা ; জীব। ৪ দণ্ড পুরস্কারের কর্ত্তা ; যম। প্র-ধর্ম্ম জানেন তিনিই এর বিচার করবেন। ৫ যে কর্ম্মের অনুষ্ঠান না করিলে দুঃখ, অযশ ও পাপ আছে ; পুণ্য ; সুকৃত ; সদনুষ্ঠান। ৬ অবশ্য কর্ত্তব্য। প্র-ইহা তুমি ধর্ম্ম ভেবেই করবে। ৭ গুণ ; শক্তি। প্র-ঔষধের ধর্ম্ম। ৮ স্বভাব। প্র-খলের ধর্ম্ম ; সর্পের ধর্ম্ম ; সাধুর ধর্ম্ম ; তোমার ধর্ম্ম তোমার থাক। ৯ অহিংসা। "অহিংসা পরমোধর্ম্মঃ"। ১০ শাস্ত্রবিহিত আচার। ১১ রীতি। প্র-কালের ধর্ম্ম। ১২ শিবের বৃষ (তুল-ধর্ম্মের ষাঁড়)। ১৩ স্বাভাবিক অবস্থা। প্র-উত্তাপ এবং দীপ্তি আগুনের, তারল্য এবং শৈত্য জলের ধর্ম্ম। ১৪ ভাব। ১৫ যজ্ঞ। ১৬ উপনিষৎ। ১৭ [শা৽] ন্যায় [যা দেবতা ও মানুষের পক্ষে অধর্ম্ম তাও জীব বিশেষের পক্ষে ধর্ম্ম হতে পারে। যথা, রাক্ষসের ধর্ম্ম পরদার হরণ, পরধনে লোভ, বেদ পাঠ ও শিবে ভক্তি এবং অবিবেক, অজ্ঞান, অশুচিত্ব, সত্যহীনতা ও সর্ব্বদা আমিষ লোভ, পিশাচগণের ধর্ম্ম] ১৮ সোমপায়ী ব্রাহ্মণ। ১৯ ধনুক। ২০ [জ্যোঃ] লগ্নের নবম স্থান। ২১ বৌদ্ধধর্ম্ম ; সদ্ধর্ম্ম ; বৌদ্ধদিগের উপাস্য বুদ্ধ, সঙ্ঘ ও ধর্ম্ম এই তিনের অন্যতম। ২২ ধর্ম্মঠাকুর ; নিরঞ্জনদেব। "বন্দি পরাৎপর ব্রহ্ম, অনাদি অনন্ত, ধর্ম্ম, বিশ্বরাজ অখিল-আধান। সূক্ষ্ম শূন্য সনাতন, নির্ব্বিকার নিরঞ্জন, নিত্যানন্দ নির্গুণ নিধনে॥"-ঘ৽ [দ্রঃ-নিম্নশ্রেণীর হিন্দুদিগের মধ্যে প্রচ্ছন্ন বৌদ্ধধর্ম্মের নিদর্শনস্বরূপ ধর্ম্মের পরিবর্ত্তে ধর্ম্মঠাকুরের পূজা প্রচলিত হইয়াছে এবং স্থায়ী বৌদ্ধ সন্ন্যাসীর দল "সঙ্ঘ" স্থলে সাময়িক গাজনের সন্ন্যাসীর সৃষ্টি হইয়াছে। ২৩ কোন জাতীয় পদার্থের দ্যোতন হ'তে যে সকল গুণ পাওয়া যায়। ["নোদনা লক্ষণোঽর্থো ধর্ম্মঃ" প্রেরণাত্মক অর্থযুক্ত লক্ষণ যাতে তা ধর্ম্ম। "যথা বেদ যাহা যাহা করিতে আদেশ দিয়াছে তাহা ধর্ম্ম"-পূর্ব্ব মীমাংসা] ২৪ পরোপকার (ইহা পরম ধর্ম্ম বলিয়া উক্ত হইয়াছে)।
~কন্যা [গ্রা৽ ধর্ম্মমেয়ে, ধরমবেটি] বি, ধর্ম্মার্থ যে কন্যাস্বরূপ গৃহীতা বালিকা ; ভিক্ষাকন্যা। **~কর্ম্ম, ~কার্য্য, ~ক্রিয়া** -ধর্ম্মানুষ্ঠান ; ধর্ম্মানুমোদিত ক্রিয়াকর্ম্ম। **~কাম** [ধর্ম্মে (ধর্ম্মানুষ্ঠানে) কাম (কামনা) যার, বহু৽] বিণ, ফলাকাঙ্ক্ষী ; ধর্ম্মানুষ্ঠাতা। ২ ধর্ম্মসাধনেচ্ছু। **~কাল**-বি, ধর্ম্মার্জ্জনের সময় ; ব্রহ্মচর্য্যাশ্রমের বয়স্কাল। **~কীল** [সং-স্মৃতির পরিভাষা] বি, রাজশাসন। **~কীলক**-বি, ব্রহ্মার বিচারালয়। ব্রহ্মার শাসন বা আদেশ। **~কুণ্ড**-বি, কাম্যবনস্থিত তীর্থবিঃ। **~কৃৎ** [ধর্ম্ম-কৃ (করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) ৎ আগম] বিণ, যে ধর্ম্মানুষ্ঠান করে। ২ বি, বিষ্ণু। **~কৃত্য** [ধর্ম্ম (ধর্ম্মজনক) কৃত্য (কার্য্য), ম৽ প৽ লো৽] বি, ধর্ম্মানুমোদিত ক্রিয়াকর্ম্ম ; ধর্ম্মসাধকের কর্ত্তব্য-কার্য্য। **~কেতু** [ধর্ম্ম-কেতু (ধ্বজচিহ্ন) যার, বহু৽] বি, বুদ্ধদেব। **~ক্ষেত্র** [ধর্ম্মজনক যে

ক্ষেত্র (স্থান, ভূমি), সং পং লোং। "ধর্ম্মক্ষেত্রং কুরুক্ষেত্রং"-হেং] বি, কুরুক্ষেত্রের নামান্তর; কুরুক্ষেত্র দ্রঃ। ২ পুণ্যভূমি। "ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে একত্র হইয়া"-গীতা (কুমার নাথ)। ~গণ্ডিকা-যে কাষ্ঠের উপর হন্তব্য প্রাণীর গ্রীবা রাখিয়া তার শিরচ্ছেদ করা হয়; হাড়িকাট। "এক একদিন এক একটী মৃগ স্ব স্ব বারানুসারে ধর্ম্ম গণ্ডিকার উপর গ্রীবা স্থাপন করিবে এবং রাজ পাচক সেখানে গিয়া উহার শিরশ্ছেদ করিবে।"-যাতক। ~গ্রন্থ, ~পুস্তক [ধর্ম্ম (বিষয়ক) গ্রন্থ, পুস্তক, সংপংলোং] বি, সাম্প্রদায়িক ধর্ম্ম মত প্রতিষ্ঠাপক বা মতবাদ সম্বন্ধীয় পুস্তক (হিন্দুর ধর্ম্মগ্রন্থ-বেদ, খৃষ্টানের ধর্ম্মগ্রন্থ-বাইবেল, মুসলমানের ধর্ম্মগ্রন্থ-কোরাণ, বৌদ্ধ ধর্ম্মগ্রন্থ-ত্রিপিটক, পারসীক ধর্ম্মগ্রন্থ-আবেস্তা, শিখ ধর্ম্মগ্রন্থ-গ্রন্থসাহেব, জৈন-ধর্ম্মগ্রন্থ-কল্পসূত্র)। ~ঘট [ধর্ম্ম (রক্ষার্থ) ঘট, সংপং লোং] বি, ধর্ম্মার্থে ঘট বা কলসদান ব্রত; বৈশাখ মাসের প্রতিদিন সভোজ্য সুগন্ধ জলপূর্ণ দাতব্য কলস। ২ ধর্ম্মরক্ষার্থ ঘট। ৩ কোন সম্প্রদায় ভুক্ত ব্যক্তিগণের সকলে সমবেত হইয়া কোন কার্য্য করা না করা সম্বন্ধে যে প্রতিজ্ঞা করে। ৪ [বাণিজ্যে পূর্ব্বে দোকানদারের দ্রব্যের মূল্য বৃদ্ধি করিবার জন্য অথবা কোন দ্রব্য এই নির্দ্দিষ্ট মূল্যে বিক্রয় করিব এবং তার কম মূল্যে বিক্রয় করিব না, এইরূপ প্রতিজ্ঞা করিয়া ঘটস্থ ধর্ম্মকে সাক্ষী রাখিত বলিয়া এইনাম। ধর্ম্ম (ন্যায়)। "ধর্ম্মঃ পুণ্য-যম-ন্যায়-স্বভাবাচার-সোমপাঃ।"-অমরং) ঘট (চেষ্টা। "ঘট চেষ্টায়াং"-গণমালা)=ন্যায়-চেষ্টা] শ্রমিকদিগের মধ্যে ব্যবসাদার বা মহাজনের অধীনে কোন কার্য্য করা বা না করা সম্বন্ধে ধর্ম্মসাক্ষ্য করিয়া প্রতিজ্ঞা বন্ধন; বেতন বৃদ্ধির জন্য ঘটস্থাপনা পূর্ব্বক ধর্ম্মবন্ধনে বদ্ধ শ্রমিকগণের কাজ বন্ধ। ৫ কোনও উদ্দেশ্য সিদ্ধির জন্য একসঙ্গে কর্ম্মচারিগণের প্রতিজ্ঞা পূর্ব্বক কার্য্যত্যাগ রূপ ন্যায়চেষ্টা। ৬ [ধর্ম্মঃ (একতারূপ ধর্ম্ম) ঘটতে (উৎপদ্যতে) যেন] যদ্দ্বারা সদলস্থিত ব্যক্তিবর্গের পরস্পরের মধ্যে একতারূপ ধর্ম্মের উৎপত্তি হয়। ৭ [ধর্ম্মঃ (শ্রেয়ঃ) ঘটতে (উৎপদ্যতে) যস্মাৎ] যা হতে কর্ম্মচারিগণের বেতন বৃদ্ধি ইংরূপ মঙ্গলের সৃষ্টি হয়।-শ্রীমোহিনী মোহন তর্কতীর্থ (প্রবাসী) strike. ~ঘট ব্রত-বি, জলপূর্ণ ঘটদান-ঘটিত বধচতুষ্টয়নিষ্পাদ্য ব্রতবিঃ। ~চক্র-বি, বুদ্ধদেবের চারিটী উপদেশ-(১) সংসার নিরবচ্ছিন্ন দুঃখময়, (২) বিষয় তৃষ্ণাই দুঃখের মূল কারণ, (৩) বিষয় তৃষ্ণা সমূলে উৎপাটন করাতেই দুঃখনিবৃত্তি, (৪) দুঃখ নিবৃত্তির অষ্টাঙ্গিক পথ আছে, যা আশ্রয় করিয়া চলিলেই বাঞ্ছিত ফল লাভ হয়-(১) সম্যক্ দৃষ্টি, (২) সম্যক্ সংকল্প (সংকল্প ঠিক রাখা), (৩) সম্যক্ বাক্য (সত্য সরল প্রিয় বাক্য), (৪) সম্যক্ কর্ম্মান্ত (সদাচরণ), (৫) সম্যক্ আজীব (সর্ব্বভূত অহিংসাপূর্ণ সাধু জীবিকা অবলম্বন), (৬) সম্যক্ ব্যায়াম (আত্ম সংযম ইং উপায়ে আত্মোৎকর্ষ সাধন), (৭) সম্যক্ স্মৃতি (ধারণা ঠিক রাখা), (৮) সম্যক্ সমাধি (জীবনের সুগভীর তত্ত্ব সকলের ধ্যান, মনন, নিদিধ্যাসন)। ~চর্চ্চা-বি, ধর্ম্মানুশীলন; ধর্ম্মান্দোলন। ~চর্য্যা [ধর্ম্ম-চর্য্যা (আচরণ)] বি, ধর্ম্মাচরণ; ধর্ম্মানুষ্ঠান। ~চারী [ধর্ম্ম (কর্ত্তব্য কর্ম্ম) চর্ (গমন করা, আচরণ করা) +ইন্(র্ত্তৃ)=ধর্ম্মচারিন ১মা, ১বং] বিণ, যে ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান করে; যে ধর্ম্মপথে চলে; যে ধর্ম্মানুমোদিত জীবন যাপন করে; ধার্ম্মিক। > স্ত্রীং ~চারিণী-সহধর্ম্মিণী। ২ ধর্ম্মশীলা; সুচরিতা; সাধ্বী। ~চিন্তা [সংপং লোং] বি, ধর্ম্মবিষয়ক চিন্তা। ২ সুচিন্তা; সাধুচিন্তা। ~জ [ধর্ম্ম-জন্ (জন্মান) +অ (র্ত্তৃ), যে জন্মে] বি, ঔরস পুত্র ধর্ম্মপত্নীর গর্ভজাত পুত্র। ~জায়া [ধর্ম্ম-জায়া (পত্নী)] বি, ধর্ম্মপত্নী। "বিধির মানস সুত দক্ষমুনি তপঃযুত প্রসূতি তাহার ধর্ম্মজায়া।"-অং মং। ~জাল-বি স্রোতহীন জলে নানাবিধ মৎস্য ধরিবার চতুষ্কোণ জাল যা ৬।৭ হাত প্রমাণ ও আড়াআড়িভাবে বাঁধা দুটি বংশ দণ্ড সংলগ্ন থাকে এবং আর একটি লম্বা বাঁশে দড়ি বাঁধিয়া জলের মধ্যে ফেলিয়া দিয়া রাখা হয়। মাছ পড়িলে ঐ দড়ি ধরিয়া টানিয়া তোলা ও ফেলা হয়। ইহাতে মাছ পড়া অনিশ্চিৎ বা কপাল-ঠোকা বলিয়া এই নাম। ~ঠাকুর-বি, বৌদ্ধ-বিগ্রহ; ঠাকুর নিরঞ্জন; অনাদ্য; নৈরাকার দেব; প্রায়ই উলুক বা কচ্ছপ মূর্ত্তি [বৌদ্ধ ধর্ম্মের প্রভাবাবসানে ধর্ম্ম ঠাকুরের উদ্ভব। শূন্যপুরাণ ধর্ম্মমঙ্গলনামক গ্রন্থাদিতে ধর্ম্মঠাকুরের কাহিনী বিবৃত হইয়াছে। শূন্য-মূর্ত্তি; অধিকাংশ জল অনাচরণীয় হিন্দুদিগের উপাস্য। নানা স্থানে নানা নামে অভিহিত, যথা-দক্ষিণরাঢ়ে (বেড়ালে) "কুদিরায়," মেমারিতে "অচলরায়," ঘেটুগাছিতে "ধর্ম্মরাজ," নদীয়ার নিকট জামালপুরে "বুড়োরাজ," পাণ্ডগ্রামে "বাঁকাধর্ম্ম, গোপালপুরে "কাঁকড়াবিছা," পশ্চিমপাড়ায় 'যাত্রাসিদ্ধি," গুড়ুপগ্রামে "শীতলনারাণ," বড়জাগ্রামে "মোহনরায়", জোড়াগ্রামে "কালুরায়," রাজপুরে "দেহার," উত্তররাঢ়ে-কলিকাতায় ধর্ম্ম (ধর্ম্মতলা="ধর্ম্মঠাকুরের তলা")। অধিকাংশ স্থলে ডোম, দুলে বাগ্দী ইং জাতীয় পণ্ডিতগণ ধর্ম্মঠাকুরের পূজা করিয়া থাকে। ~ডাক, ধর্ম্মের ডাক [ধর্ম্ম ঠাকুরের পূজায়] যারা মানত করিয়া ধর্ম্মঠাকুরের পূজা দিতে আসিত তারা প্রথমতঃ "দ্বারভেট" করিয়া বা সাঙ্কেতিক ডাক দিয়া বাঁধা ধরা প্রশ্নের বাঁধাধরা উত্তর দিয়া তবে মন্দিরে প্রবেশ করিত। এই প্রথা হতে ধর্ম্মের ডাক শব্দের উৎপত্তি। "ডাক দেন দান পতি পূজিব ধরম॥" -শূং পুং। ২ [লক্ষং] ডাকতে হয় তাই ডাকা, অর্থাৎ বিশেষত্বহীন ডাক বা সাড়া। ~ঢাক [গ্রাং ধর্ম্মের ঢাক] বি, ধর্ম্ম ঠাকুরের পূজায় বাদিত জয়ঢাক। কথিত আছে ইহা কাহাকেও বাজাইতে হয় না। ধর্ম্মের প্রভাবে নিজে নিজেই বাজিতে থাকে। > ধর্ম্মের প্রভাবে কেহ পাপ করিয়া গোপন করিতে পারে না ঢাকের মত লোকের মুখে মুখে আপনা আপনি তা ব্যক্ত ও প্রচারিত হয়। "ধর্ম্মের ঢাক আপনি বাজে।"-প্রবচন। ~জীবন [সং পং লোং] বি, ধর্ম্মসঙ্গত জীবন; ধার্ম্মিক জীবন; সাধু জীবন religious life ~জীবন যাপন করা-ধর্ম্ম সাধনায় জীবন অতিবাহিত করা; সাধু ও ধর্ম্ম সঙ্গত কর্ম্মে দিন কাটান; ধার্ম্মিকের আদর্শে কাল যাপন করা। ~জ্ঞ [ধর্ম্ম-জ্ঞা (জানা)+(র্ত্তৃ)-যে ধর্ম্ম জানে] বিণ, যে ধর্ম্মের মর্ম্ম জানে;

ধর্ম্মবিৎ ; ধর্ম্মোপদেশক। ~জ্ঞান [৬তৎ] বি, ধর্ম্মের মর্ম্মবোধ ; ধর্ম্মতত্ত্ববিষয়ক জ্ঞান। ২ ন্যায়বোধ : ধর্ম্ম রক্ষা করা যে কর্ত্তব্য তার জ্ঞান বা বোধ। প্র-তার ধর্ম্মজ্ঞান থাকলে কখনই এরূপ করিত না। ৩ [ধর্ম্মের জ্ঞান আছে যার, বহু°] বিণ, ধর্ম্মজ্ঞানবিশিষ্ট [বিরল]। ~তঃ [ধর্ম্ম+তস্] অ, ধর্ম্মানুসারে ; ধর্ম্মপ্রমাণ : ধর্ম্মসাক্ষী করিয়া ; ন্যায়তঃ। প্র-ধর্ম্মতঃ শপথ করিয়া বল। ২ ধর্ম্মের নিকটে ; ধর্ম্মদ্বারে। প্র-সে একাজ করিলে ধর্ম্মতঃ পতিত হইবে। লোকতঃ ধর্ম্মতঃ-মানুষ ও ঈশ্বরের দৃষ্টিতে : সামাজিকভাবে ও ধর্ম্মানুসারে। ~তত্ত্ব [৬তৎ] বি, ধর্ম্মের গূঢ় মর্ম্ম ; ধর্ম্মবিজ্ঞান। ~তত্ত্বদীপিকা-বি, গৌড়ে প্রচলিত মীমাংসা-গ্রন্থবিঃ। ~ত্যাগী-বিণ, ধর্ম্ম ত্যাগকারী ; স্বধর্ম্ম ত্যাগ করিয়া পরধর্ম্মাবলম্বী। ২ ধর্ম্মহীন বা বর্জ্জিত : অধার্ম্মিক। ~দ্রোহ [ধর্ম্ম-দ্রুহ্ (বিরুদ্ধাচরণ করা)+অ (ভা°)=দ্রোহ] বি, ধর্ম্মের প্রতিকূলতাচরণ ; ন্যায়ের বিরুদ্ধাচরণ ; অধর্ম্মাচরণ। ২ ধর্ম্মবিদ্বেষ। বিণ, ~দ্রোহী [ধর্ম্ম-দ্রুহ্ (বিনাশ করা)+ইন্ (র্ত্তৃ)=ধর্ম্মদ্রোহিন্ ১মা, ১ব°] বিণ, ধর্ম্ম কর্ম্ম বিনষ্টকারী : ধর্ম্মদ্বেষী। ২ অধর্ম্মাচারী। ৩ রাক্ষস। ~দ্বেষী-বিণ, ধর্ম্মের বিরুদ্ধাচারী ; ধর্ম্মদ্রোহী। ~ধ্বজ [ধর্ম্মের ধ্বজ আছে যার, বহু°] বিণ, ধর্ম্মের চিহ্নধারক। ২ বি, মিথিলার জনকবংশীয় জনৈক রাজা : পরিঃ দ্রঃ। ~ধ্বজা-বি, ধর্ম্মধ্বজ দ্রঃ ; ধর্ম্মভাণকারী : লোক দেখানিয়া ধার্ম্মিক। "কোথা গেল ভাই ভজা, হিন্দু ধর্ম্মধ্বজা।"-রবী°। ~ধ্বজী [ধর্ম্মের ধ্বজ (চিহ্ন)+ইন্ (স্ত্য°)=ধর্ম্মধ্বজিন্ ১মা, ১ব°] বিণ, ধর্ম্মের বাহ্য-চিহ্ন-ধারক ; ধর্ম্মভাণকারী ; ছল-ধার্ম্মিক। "সেই ধর্ম্মধ্বজী যার ইথে নাহি রতি"-চৈ° ভা°। ~নন্দন-বি, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির। ~নাভ-বি, বিষ্ণু। ~নাশ [ধর্ম্মের নাশ, ৬তৎ, (২) ধর্ম্ম নাশ হয় যাতে, বহু°] বি, ধর্ম্মহানি। ২ সতীত্বনাশ। ~নিষ্ঠ [ধর্ম্মে নিষ্ঠা যার, বহু°] বিণ, যার ধর্ম্মে নিষ্ঠা বা একাগ্রতা আছে ; ধর্ম্মপরায়ণ ; ধার্ম্মিক। > স্ত্রীং ~নিষ্ঠা১। বি, ~নিষ্ঠা২ [ধর্ম্মে নিষ্ঠা (একাগ্রতা), ৭তৎ] ধর্ম্মে আস্থা ; ধর্ম্ম বিষয়ে আন্তরিক শ্রদ্ধা। > বিণ, ~নৈষ্ঠিক। ~নীতি [ধর্ম্ম-নীতি] বি, যে শাস্ত্রে ধর্ম্ম সম্বন্ধীয় কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। ~পণ্ডিত-ধর্ম্মঠাকুরের পূজারী (প্রায়ই ডোম, হাড়ি চণ্ডাল ইং জাতীয়)। ~পতি-বি, বরুণ। ২ যম। ৩ উপপতি। ~পত্নী [ধর্ম্ম (ধর্ম্ম হেতু) পত্নী, ৪তৎ] বি, বিবাহিতা স্ত্রী : সহধর্ম্মিণী ; ভার্য্যা ; প্রথম-পরিণীতা। ~পত্র [সমাজ° পরিঃ] বি, পল্লীগ্রামে প্রচলিত বিচার পদ্ধতিবিঃ। কোন বিষয় যুক্তিতর্কে সুমীমাংসিত হইবার সম্ভাবনা না থাকিলে লোকে দৈবের উপর নির্ভর করিয়া ঐ বিষয়ে দেবতার অভীপ্সিত কি তা জানিবার জন্য ধর্ম্মপত্রের অনুষ্ঠান করে। এবং উহার সহায়ে দেবতার ইচ্ছা জানিয়া ঐ বিষয়ে আর যুক্তিতর্ক না করিয়া তদনুরূপ কার্য্য করিয়া থাকে। ধর্ম্মপত্রের অনুষ্ঠান পদ্ধতি-কতকগুলি বিল্বপত্র বা টুকরা কাগজে "হাঁ" ও "না" লিখিয়া একটি ঘটিতে রাখিয়া কোন শিশুকে উহা হতে এক খণ্ড কাগজ বা বিল্বপত্র তুলিতে বলা হয়। শিশু-"হাঁ" লিখিত কাগজ বা বিল্বপত্র তুলিলে বুঝিতে হইবে ঐ বিষয়ে দেবতার সম্মতি আছে এবং "না" লিখিত পত্র উঠিলে দেবতার অন্তরূপ অভিপ্রায় বুঝায়। "শুনা যায়, রামকুমার তাহাতে ঠাকুরকে শাস্ত্র ও যুক্তি সহায়ে নানা প্রকারে বুঝাইয়া দিলেন এবং কোন কথাই তাঁহার অন্তর স্পর্শ করিতেছেনা দেখিয়া পরিশেষে পল্লীগ্রামের প্রথানুসারে তাঁহাকে বুঝাইবার ধর্ম্মপত্ররূপ সরল উপায় অবলম্বন করিয়াছিলেন।"-শ্রীশ্রীরামকৃষ্ণলীলা প্রসঙ্গ (সাধন ভাব)। ~পথ-বি, ধর্ম্মমার্গ ; ধর্ম্মাচরণ। ~পর [ধর্ম্ম পর (প্রধান) যার, বহু°] বিণ, ধর্ম্মানুরাগী ; ধর্ম্মপরায়ণ। ~পরায়ণ [ধর্ম্ম-পর (প্রধান) অয়ন (আশ্রয়) যার, বহু°] বি, যে ধর্ম্মকে প্রধান বলিয়া আশ্রয় করে ; যে ধর্ম্ম-পথে চলে ; ধর্ম্মনিষ্ঠ ; ধর্ম্মশীল ; ধর্ম্মাত্মা। ~পাঠক-বি, ধর্ম্মশাস্ত্র পাঠ কারী। ~পাল [ধর্ম্ম-পাল (পালক)] বিণ, যিনি ধর্ম্মকে রক্ষা করেন। ২ বি, বঙ্গের পালবংশীয় স্বনামখ্যাত রাজা। ~পিতা [গ্রা° ধর্ম্ম বাপ, ধরম বাপ] বি, পিতৃধর্ম্ম রক্ষার্থ পিতার স্থানীয় ব্যক্তি ; ধর্ম্মসাক্ষ্য বাপ। ~পিপাসু-বি, ধর্ম্ম অর্জ্জনে আগ্রহশীল ; ধর্ম্মলাভেচ্ছু ; ধর্ম্মজ্ঞানলিপ্সু। ~পুত্র [ধর্ম্ম (যমের) পুত্র, ৬তৎ] বি, যুধিষ্ঠির। ২ ঔরসজাত পুত্র। ৩ [গ্রা° ধর্ম্ম পুত্তুর, ধর্ম্ম ছেলে, ধরম বেটা।] ধর্ম্ম রক্ষার্থ পুত্ররূপে স্বীকৃত বা গৃহীত বালক ; ভিক্ষাপুত্র। ৪ [ধর্ম্ম (ধার্ম্মিক) যে পুত্র, ধা] বিণ, ধার্ম্মিক পুত্র। > ধ° যুধিষ্ঠির [বিদ্রূপোক্তি] বি, (মূলে) আদর্শ সত্যবাদী > ঘোর মিথ্যাবাদী। ~পুস্তক-ধর্ম্মগ্রন্থ দ্রঃ। ~প্রণালী-বি, ধর্ম্মসাধনার নিয়ম ; ধর্ম্মমার্গ। ~প্রবক্তা [ধর্ম্ম (ধর্ম্মের) প্রবক্তা (কথক), ৬তৎ] বি, ধর্ম্মোপদেশক ; ধর্ম্ম-নিরূপক পুরুষ। ২ ধর্ম্ম-ব্যাখ্যাতা ; যে রাজপুরুষ ধর্ম্মের কূট তত্ত্ব ব্যাখ্যা করেন। প্রবণ [ধর্ম্মে প্রবণ, ৭তৎ] বিণ, ধর্ম্মপরায়ণ ; ধর্ম্মানুরাগী। ~প্রবৃত্তি [৬তৎ] বি, ধর্ম্মানুরাগ ; ধর্ম্মসাধন করিবার ইচ্ছা। প্রমাণ [ধর্ম্ম প্রমাণ যার, বহু°] বিণ, ধর্ম্ম যার সাক্ষী ; ধর্ম্মসাক্ষী করিয়া উক্ত বা অনুষ্ঠিত। ২ ক্রি-বিণ, ধর্ম্মসাক্ষী করিয়া : ধর্ম্মতঃ। ~প্রাণ [ধর্ম্মই প্রাণ যার, বহু°] বিণ, ধার্ম্মিক ; ধর্ম্মনিষ্ঠ। ~বড়াই [ধর্ম্মের বড়াই করে যে, বহু°] বিণ, ধর্ম্মধ্বজী : ধার্ম্মিক বলিয়া আত্মপ্রচারকারী। "ওরে আমার ধর্ম্মবড়াই"-দীনবন্ধু মিত্র। ~বন্ধু [ধর্ম্ম (সম্বন্ধে) বন্ধু, ম° প° লো°] বি, পরস্পর ধর্ম্ম সাক্ষী করিয়া স্বীকৃত বন্ধু। ২ সমধর্ম্মা বলিয়া পরস্পর দীক্ষাসূত্রে বদ্ধ বন্ধু। ~বাসর [ধর্ম্ম (ধর্ম্মের) বাসর (দিন), ৬তৎ। যে দিন ধর্ম্মানুষ্ঠানের জন্য প্রশস্ত] বি, পূর্ণিমা তিথি। ~বাহন [ধর্ম্ম (বৃষ) বাহন (যান) যার, বহু°] বি, শিব। ~বিদ্ [ধর্ম্ম-বিদ্ (জানা)+ক্বিপ্ (র্ত্তৃ), যে জানে] বিণ, ধর্ম্মজ্ঞ ; ধার্ম্মিক। ~বিদ্যা [ধর্ম্ম (বিষয়ক) বিদ্যা, ম° প° লো°] বি, যে বিদ্যা ধর্ম্ম বিচার শিক্ষা দেয় ; মীমাংসাদি বিদ্যা। ~বিপ্লব [ধর্ম্ম-বিপ্লব (পরিবর্ত্তন, বিনাশ), ৬তৎ] বি, ধর্ম্মবিভ্রাট। বুদ্ধি [ধর্ম্মের বুদ্ধি, ৬তৎ] বি, ধর্ম্মজ্ঞান ; ধর্ম্ম কি বস্তু তার বোধ। ~বৃদ্ধ [ধর্ম্ম (দ্বারা)

বৃদ্ধ (প্রবীণ), ৩তৎ] বিণ, ধর্ম্মানুষ্ঠানে ও ধর্ম্মজ্ঞানে প্রবীণ : ধার্ম্মিকপ্রবর। ~ব্রত [ধর্ম্ম (ধর্ম্মের) ব্রত, ৬তৎ] বি, ধর্ম্মানুষ্ঠান। ২ [ধর্ম্ম হইয়াছে ব্রত যার, বহু০] বিণ, ধর্ম্মে রতি-বিশিষ্ট। ~ভয় [ধর্ম্মবিষয়ক যে ভয়, ম০ প০ লো০ ; অথবা-ধর্ম্মের ভয় ৬তৎ] বি, পাছে ধর্ম্ম রক্ষা না হয় এই ভয় ; অধর্ম্ম করিলে বা ধর্ম্মের মর্য্যাদা রক্ষা না করিলে পাছে পরলোকে ধর্ম্মের (যমের) বিচারে দণ্ড পাইতে হয় এই ভয়। ~ভাই [ধর্ম্ম (সম্বন্ধে) ভাই, ম০ প০ লো০, তুল-গুরুভাই] বি, ধর্ম্মসাক্ষ্যে স্বীকৃত ভাই ; যাকে ধর্ম্মসাক্ষ্য করিয়া ভাই বলিয়া গ্রহণ করা হইয়াছে। ধর্ম্মভ্রাতা দ্রঃ। ২ সহাধ্যায়ী : সমধর্ম্মী। ~ভাণক [ধর্ম্ম-ভণ্ (শব্দ করা) + অক (র্তৃ)] বি, যে ব্যক্তি মুখে ধর্ম্ম ধর্ম্ম করে ; ধর্ম্মের ভাণকারী : ভণ্ড-ধার্ম্মিক : ধর্ম্মধ্বজী। ২ পুরাণাদি ধর্ম্মগ্রন্থ পাঠক ; বৈতালিক। ~ভিক্ষুক [ধর্ম্ম (ধর্ম্মকে রক্ষা করিবার জন্য) ভিক্ষুক, ৪তৎ] বি, ধর্ম্মরক্ষা করিবার জন্য যে সাহায্যভিক্ষা করে ; ধর্ম্মার্থ ভিক্ষাকারী। ~ভীত, ~ভীরু [ধর্ম্ম (হ'তে) ভীত (স্ত্রীং ~া), ভীরু (ভয়-শীল), ৫তৎ] বিণ, ধর্ম্মরক্ষা না করিলে পাছে পরলোকে ধর্ম্মের দ্বারে দণ্ড পাইতে হয় এই ভয়ে যে অভিভূত। ২ ধার্ম্মিক। ~ভৃৎ [ধর্ম্ম-ভৃ (ধারণ করা) + ক্বিপ্ (র্তৃ)] বিণ, ধর্ম্মপাল ; ধর্ম্মশীল ; ধার্ম্মিক। ~ভ্রষ্ট-বিণ, ধর্ম্ম হ'তে বিচ্যুত ; পতিত। স্ত্রীং ~া। ~ভ্রাতা [ধর্ম্ম(সম্বন্ধে) ভ্রাতা, ম০ প০ লো০। গ্রা০ ধর্ম্মি-ভাই, ধরম ভাই] বি, সহাধ্যায়ী। ২ ধর্ম্মসাক্ষ্য রাখিয়া যাকে ভাই বলিয়া স্বীকার করা হইয়াছে। ৩ এক গুরুর নিকট একধর্ম্মে দীক্ষিত ব্যক্তি : গুরুভাই। ৪ সমধর্ম্মী। ~মঙ্গল-বি, ধর্ম্ম ঠাকুরের গান ; ধর্ম্ম-ঠাকুরের মাহাত্ম্য বর্ণনাত্মক গীত। ইহাতে পূজা বা কাহার মানত্ হেতু খোল ও মন্দিরা-যোগে গান করার প্রথা আছে। রমাই পণ্ডিত, ঘনরাম, ময়ূরভট্ট, মাণিকচন্দ্র প্রভৃতির ধর্ম্ম-মঙ্গল প্রসিদ্ধ। ~মন্দির-বি, ধর্ম্মানুষ্ঠানের স্থান ; দেবালয় ; মসজিদ : গির্জ্জা ; উপাসনা বা পূজাগৃহ। ~ময় [ধর্ম্ম + ময় (প্রাচুর্য্যার্থে)] বিণ, যথায় ধর্ম্ম ব্যতীত আর কিছু নাই ; অধর্ম্মশূন্য। ২ ধর্ম্মে পরিপূর্ণ ; সাক্ষাৎ ধর্ম্ম। ~মা [গ্রা০ ধর্ম্মি-মা, ধরম-মা। ধর্ম্ম (সম্বন্ধে) মা, ম০ প০ লো০] বি, যে নারী (সাধা: বন্ধ্যা) পুন্নাম নরক হ'তে পরিত্রাণ মানসে বা অন্য কারণে মাতৃধর্ম্ম রক্ষার্থ মাতৃস্থানীয়া হন ; ধর্ম্ম সাক্ষ্য মাতা ; ধর্ম্মপালনার্থে মাতৃস্থানীয়া। ~মার্গ-বি, ধর্ম্মপথ, ধর্ম্মলাভের উপায় : ধর্ম্মসাধনার প্রণালী। ~মূল [ধর্ম্ম (ধর্ম্মের) মূল (নিদান, প্রমাণ), ৬তৎ] বি, ধর্ম্মের হেতু। ২ ধর্ম্মের প্রমাণ। ~যুগ [ধর্ম্ম (ধর্ম্ম প্রধান) যুগ, ম০ প০ লো০] বি, সত্যযুগ ; কৃতযুগ। ২ ধর্ম্মপ্রধান যুগ। যে যুগে বহু ধার্ম্মিকের জন্ম ও ধর্ম্মালোচনা হইয়াছে। ~রক্ষা [ধর্ম্ম (ধর্ম্মের) রক্ষা, ৬তৎ] বি, ধর্ম্মপালন। ২ স্ত্রী ধর্ম্মের রক্ষা ; সতীত্ব রক্ষা। ৩ [নারী ভাষায়] ধর্ম্ম রক্ষা করিয়াছেন, ঈশ্বর রক্ষা করিয়াছেন এই ভাব-সূচক অব্যয়। তুল-"ভাগ্যি !" "খুব রক্ষে !" ই০। ~রাজ [ধর্ম্ম-রাজ্ (দীপ্তি পাওয়া, বিরাজমান হওয়া) + অ (র্তৃ), যিনি সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ বিরাজ করেন] বি, যুধিষ্ঠির। ২ বুদ্ধ। ৩ [ধর্ম্মের রাজা, ৬তৎ] যম। ৪ ধর্ম্ম। ~রাজ্য-বি, দুষ্টের দমন ও শিষ্টের পালনকারী ধর্ম্মপ্রাণ রাজার শাসিত রাজ্য, ধর্ম্মের নামে বা ধর্ম্মার্থে পরিচালিত রাজ্য ; ধর্ম্মে প্রতিষ্ঠিত রাজ্য। "একটি ধর্ম্মরাজ্য স্থাপনার সংকল্প করেছিলেন।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~লক্ষণ [ধর্ম্ম (ধর্ম্মের) লক্ষণ (চিহ্ন), ৬তৎ] বি, ধৃতি, ক্ষমা, দম (self-control), অস্তেয় (honesty), শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ এই দশবিধ। ~লোপ [ধর্ম্ম (র) লোপ (নাশ), ৬তৎ] বি, ধর্ম্মের অস্তিত্ব বিলোপ ; ধর্ম্মশূন্যতা। ধর্ম্মলোপ করা-ধর্ম্মের কোন চিহ্ন না রাখা ; ধর্ম্মানুষ্ঠান এককালে রহিত করা। ~শালা [ধর্ম্মের (বিচারের) শালা (গৃহ), ৬তৎ] বি, বিচারালয় ; ধর্ম্মাধিকরণের কর্ম্ম-স্থান। ২ [হি০ ধরমশালা] ধর্ম্মার্থে নিরন্নকে অন্নবিতরণ ও আশ্রয়হীনকে আশ্রয় দানের জন্য প্রতিষ্ঠিত গৃহ বা আলয়। ~শাসন [ধর্ম্ম (ধর্ম্মের) শাসন, ৬তৎ] বি, ধর্ম্মের অনুশাসন। ২ ধর্ম্মশাস্ত্র। ~শাস্ত্র [ধর্ম্ম (ধর্ম্ম প্রকাশক) শাস্ত্র, ম০ প০ লো০] বি, ধর্ম্ম-বিজ্ঞাপক শাস্ত্র : যে শাস্ত্রে ধর্ম্ম নিরূপিত হইয়াছে ; মনু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবল্ক্য, উশনা, অঙ্গিরা যম, আপস্তম্ব, সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস শঙ্খ, লিখিত, দক্ষ, গৌতম, শাতাতপ, বশিষ্ঠ ও নারদ এই সকল মুনি-প্রণীত শাস্ত্র : সামাজিক অনুশাসন-বিষয়ক শাস্ত্র। ~শাস্ত্রকার-বি, স্মার্ত্ত-ঋষি। ২ যিনি ধর্ম্মশাস্ত্র প্রণয়ন করেন। ~শাস্ত্রব্যবসায়ী-বিণ, ধর্ম্মশাস্ত্রের আলোচনা, আন্দোলন, অধ্যয়ন, অধ্যাপনা এবং ধর্ম্মশাস্ত্রানুগত উপদেশ বা বিধান নির্দ্দেশ করা যার ব্যবসায়। ~শিক্ষক-বি, ধর্ম্মোপদেষ্টা। ২ ধর্ম্মশাস্ত্রের অধ্যাপক। ~শিক্ষা [ধর্ম্ম (বিষয়ক) শিক্ষা, ম০ প০ লো০] বি, ধর্ম্মসম্বন্ধীয় শিক্ষা ; যাতে ধর্ম্মজ্ঞান হয় এরূপ শিক্ষা। ~শীল [ধর্ম্ম শীল (স্বভাব) যার, বহু০] বিণ, ধার্ম্মিক ; ধর্ম্মপরায়ণ। ~সংস্কার-বি, ধর্ম্ম সম্বন্ধে ধারণা। ২ চলিত ধর্ম্মে সংশোধন ও উন্নতির প্রবর্ত্তন। ~সংস্কারক-উক্ত সংস্কার আনয়ন বা সাধন-কারী। ~সংস্থাপন-বি, ধর্ম্মের প্রতিষ্ঠা। ~সংহিতা [ধর্ম্ম (রক্ষার্থ সঙ্কলিত) সংহিতা, ম০ প০ লো০] বি, মনু, অত্রি প্রভৃতি প্রণীত সামাজিক অনুশাসন সম্বলিত শাস্ত্র। ~সঙ্কর [ধর্ম্ম(র) সঙ্কর, ৬তৎ] বি, পরস্পর বিরুদ্ধ ধর্ম্মের সংমিশ্রণ। ~সঙ্গত [ধর্ম্ম (দ্বারা) সঙ্গত, ৩তৎ] বিণ, ধর্ম্মানুমোদিত। ~সভা [ধর্ম্ম (রক্ষার্থ) সভা, ম০ প০ লো০] বি, ধর্ম্মালোচনার জন্য প্রতিষ্ঠিত সভা। ২ ধর্ম্ম রক্ষার জন্য সভা ; ধর্ম্মবিরুদ্ধ মতবাদিগণের দণ্ডবিধায়ক সমাজ। ~সম্মত [ধর্ম্ম (দ্বারা) সম্মত, ৩তৎ] বিণ, ধর্ম্মানুমোদিত। সাক্ষী-বি, ধর্ম্মই যার সাক্ষ্য বা প্রমাণ। ২ ধর্ম্মসম্মত বিধানে শপথ বা প্রতিজ্ঞা গ্রহণ। ~সাধন [ধর্ম্ম (ধর্ম্মের) সাধন, ৬তৎ] বি, ধর্ম্মাচরণ ; আচার অনুষ্ঠান দ্বারা ধর্ম্মার্জ্জন ; ধর্ম্মজীবন যাপন। ~সাবর্ণি [পু০] বি, একাদশ মনু। ~সূত্র-বি, জৈমিনি মুনি-প্রণীত ধর্ম্মনির্ণায়ক গ্রন্থবিঃ। ~হানি [ধর্ম্মের হানি, ৬তৎ] বি,

ধর্ম্মের হানি ; ধর্ম্মলোপ।~হীন [ধর্ম্ম (দ্বারা) হীন, ৩তৎ] বিণ, ধর্ম্মবিচ্যুত ; অধার্ম্মিক। ধর্ম্ম অর্থ কাম মোক্ষ-মানবজীবনের সাধনাচতুষ্টয়; ধর্ম্মসাধন ধনার্জ্জন,ভোগবাসনা ও উচ্চাভিলাষ এবং বাসনাক্ষয় বা সমুন্নতি বা মুক্তি। ধর্ম্মে সওয়া [গ্রা০ ধম্মে সওয়া] ধর্ম্মরাজের সূক্ষ্ম অপক্ষপাত বিচারে টেঁকা। "আমি জন্মে জানিনে প্রেম যাতনা মনে পড়ে না। সই তুমি মজালে তোমার ধর্ম্মে সবে না॥"-রামবসু। ধর্ম্মের কল বাতাসে নড়ে [সাধাঃ পাপকর্ম্ম সম্বন্ধেই উক্ত হয়] ধর্ম্মের এমনই যন্ত্র যে তা অন্যের অপেক্ষা রাখে না, সামান্য বাতাসের ভরেই চলিতে থাকে ও তার ফলে পাপ পুণ্য কর্ম্ম প্রকাশ পায় এবং শত চেষ্টাতেও পাপকার্য্য গোপন করা যায় না। ধর্ম্মের ঘর-যে সংসারে অধর্ম্মাচরণ হয় না। ২ ধর্ম্মঠাকুরের পূজা যে ঘরে হয়। ৩ আঁতুড় ঘর। ধর্ম্মের ঘরে কুটের অভাব নাই-ধর্ম্মসমাজে বা তীর্থস্থানে গুপ্ত পাপ কার্য্যে কুষ্ঠব্যাধিগ্রস্ত, (লক্ষণায়) কপট ধার্ম্মিকের সংখ্যা বিরল নয়। ধর্ম্মের ঢাক আপনি বাজে-"ধর্ম্মের কল বাতাসে নড়ে" দ্রঃ। কালের ধর্ম্ম-যুগোচিত ধর্ম্ম ; বর্ত্তমান অর্থাৎ কলিকালের ধর্ম্ম। ২ এখনকার কালের যেরূপ বিপরীত ধারা দাঁড়াইয়াছে সেইরূপ আচরণাদি ; অধর্ম্ম।

ধর্ম্মাচরণ [ধর্ম্ম (সম্মত)+আচরণ, ম০প০লো০] বি, ধর্ম্মানুষ্ঠান ; ধর্ম্মসাধন ; ধর্ম্মচর্য্যা।

ধর্ম্মাচার্য্য [ধর্ম্ম (ধর্ম্মের) + আচার্য্য, ৬তৎ] বি, ধর্ম্মতত্ত্ব বা ধর্ম্মবিজ্ঞানের অধ্যাপক ; ধর্ম্মোপদেশক। ২ ঋগ্বেদীয় তর্পণীয় পুরুষবিঃ।

ধর্ম্মাত্মা [ধর্ম্ম+আত্মা যার, বহু০] বিণ, ধর্ম্মশীল ; ধর্ম্মপ্রাণ।

ধর্ম্মাধর্ম্ম [ধর্ম্ম+অধর্ম্ম, দ্বন্দ্ব। গ্রা০ ধম্মা-ধম্মো] বি, ধর্ম্ম ও অধর্ম্ম ; পাপ ও পুণ্য ; ন্যায় এবং অন্যায় ; সদসৎকর্ম্ম। "সম ধর্ম্মাধর্ম্ম সম কর্ম্মাকর্ম্ম"-ভারত০।

ধর্ম্মাধিকরণ [ধর্ম্ম (ধর্ম্মের)+অধিকরণ (আধার),৬তৎ] বি, যে স্থানে ধর্ম্মাধর্ম্মের বা ন্যায় অন্যায়ের বিচার হয় ; ধর্ম্মস্থান ; বিচারালয়। ২ বিচারক ; জজ্ judge. ~কর্ণিক-বিচারপতি। ~কার [ধর্ম্ম (ধর্ম্মের)+অধিকার, ৬তৎ] বি, ন্যায় অন্যায় বিচারের অধিকার ; বিচারপতির কর্ম্ম বা পদ। ~কারী [ধর্ম্মাধিকার+ইন্ (স্ত্য০)= ধর্ম্মাধিকারিন্ ১মা, ১ব০] বি, ধর্ম্মাধর্ম্ম-বিচারক ; বিচারপতি। ২ ধর্ম্মাধিকরণে বিচারপতির উপাধি (তুল-'সর্ব্বাধিকারী')। স্ত্রীং ~কারিণী-ন্যায়ান্যায় বিচারকারিণী। "রাজা বলে সাক্ষী হৈও ধর্ম্মাধিকারিণী। আপন সাক্ষীতে বেটা হারিল আপনি॥"-কবিক০।

ধর্ম্মাধ্যক্ষ [ধর্ম্ম (ধর্ম্মের)+অধ্যক্ষ,৬তৎ] বি, ধর্ম্মতত্ত্বাবধায়ক ; ধর্ম্ম সংক্রান্ত উপদেশ বা তত্ত্বাবধানের ভারপ্রাপ্ত সর্ব্বপ্রধান রাজপুরুষ; প্রাড়্বিবাক ; প্রধান বিচারপতি। ২ বিষ্ণু। স্ত্রীং ~া।

ধর্ম্মানুগত [ধর্ম্ম (ধর্ম্ম নিয়মের)+অনুগত (অনুবর্ত্তী), ৬তৎ] বিণ, ধর্ম্মসঙ্গত; ধর্ম্মানুযায়ী। ২ ধর্ম্মপথাবলম্বী। স্ত্রীং ~া।

ধর্ম্মানুমোদিত [ধর্ম্ম (দ্বারা)+অনু-মোদিত] বিণ, ধর্ম্মদ্বারা সমর্থিত ; ধর্ম্মসম্মত ; ধর্ম্মসঙ্গত।

ধর্ম্মানুযায়ী [ধর্ম্ম+অনুযায়ী(অনুগামী), ৬তৎ] বিণ, ধর্ম্মানুমত ; ধর্ম্মসঙ্গত।

ধর্ম্মানুষ্ঠান [ধর্ম্ম+অনুষ্ঠান (আচরণ), ৬তৎ] বি, ধর্ম্মাচরণ ; ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান।

ধর্ম্মান্তর [ধর্ম্ম+অন্তর, নিত্য] বি, অন্যধর্ম্ম।

ধর্ম্মান্তেবাসিক [বৌ০ সা০। ধর্ম্ম+ অন্তেবাসিক] বিণ, ধর্ম্মশাস্ত্র শিক্ষার্থী।২ বি, গুরুদক্ষিণা দিতে অসমর্থ এমন দরিদ্র ছাত্র ; পুণ্য শিষ্য। "সেখানে কোন সুবিখ্যাত আচার্য্যের ধর্ম্মান্তেবাসিকভাবে বিদ্যা অভ্যাস করিতে লাগিলেন।"-জাতক, ৪র্থ খণ্ডে।

ধর্ম্মান্দোলন [ধর্ম্ম(সম্বন্ধে)+আন্দোলন, ম০প০লো০] বি, ধর্ম্ম বিষয়ে আলোচনা বা তর্কবিতর্ক।

ধর্ম্মান্ধ [ধর্ম্ম (বিষয়ে বা দ্বারা)+অন্ধ, ৭মী বা ৩তৎ] বিণ, স্বধর্ম্মে অন্ধ বিশ্বাস ও শ্রদ্ধা এবং ধর্ম্মান্তরের প্রতি বিদ্বেষযুক্ত fanatic.

ধর্ম্মাবতার [ধর্ম্ম (র)+অবতার, ৬তৎ] বি, মূর্ত্তিমান ধর্ম্ম ; সাক্ষাৎ ধর্ম্ম। ২ সম্ভ্রমসূচক উক্তি ; রাজা, বিচারক, প্রভু ও মান্য ব্যক্তির প্রতি সম্বোধনবাক্য।

ধর্ম্মাবলম্বী [ধর্ম্ম+অবলম্বিন্ ১মা, ১ব০] বিণ, ধর্ম্মাশ্রয়ী ; ধর্ম্মী।

ধর্ম্মাভাস [ধর্ম্ম (র)+আভাস, ৬তৎ] বি, গৌণধর্ম্ম ; শ্রুতি এবং স্মৃতি ভিন্ন ধর্ম্মশাস্ত্র ; অপ্রশস্ত ধর্ম্ম। ২ ধর্ম্মের আভাস ; যা প্রকৃত ধর্ম্ম নয় কিন্তু তার ছায়া বা সদৃশ মাত্র।

ধর্ম্মারণ্য [ধর্ম্ম(কর্ত্তৃক প্রবিষ্ট যে)+অরণ্য (বন), ম০প০লো০, বা ধর্ম্মের অরণ্য, ৬তৎ] বি, পুণ্যস্থানবিঃ [বরাহপুরাণে-চন্দ্র গুরুপত্নী তারাকে হরণ করার পর ধর্ম্ম অত্যন্ত প্রপীড়িত হইয়া বনগমন করেন, ব্রহ্মা ধর্ম্মকে বলিলেন, হে ধর্ম্ম ! তুমি যে বনে প্রবেশ করিয়াছ ইহার নাম ধর্ম্মারণ্য হইবে]।

ধর্ম্মার্থ [ধর্ম্ম+অর্থ (হেতু)] ক্রি-বিণ, ধর্ম্মের নিমিত্ত। ২ বি, ধর্ম্ম এবং অর্থ ; চতুর্ব্বর্গের অন্তর্গত প্রথম দুই বর্গ ; ধর্ম্মসাধন ও ধনোপার্জ্জন জীবনের এই দুই সাধন।

ধর্ম্মার্থে [ধর্ম্ম+অর্থ=অর্থে] অ,ধর্ম্মের জন্য।

ধর্ম্মাসন [ধর্ম্ম (র)+আসন, ৬তৎ] বি, বিচারপতির আসন, বিচারাসন। ২ বিচার-পতির পদ বা অধিকার।

ধর্ম্মিষ্ঠ [ধর্ম্মিন্+ইষ্ঠ (আধিক্যার্থে), ইন্ লোপ] বিণ, ধর্ম্মে যার নিষ্ঠা আছে : যে একান্ত মনে ধর্ম্মের অনুগামী হয় ; ধার্ম্মিক। ২ বি, বিষ্ণু।

ধর্ম্মী [ধর্ম্ম+ইন্ (স্ত্য০)=ধর্ম্মিন্ ১মা, ১ব০] বিণ, ধার্ম্মিক। ২ ধর্ম্মযুক্ত।

ধর্ম্মীয়ান [ধর্ম্মিন্+ঈয়স্ (স্ত্য০)=ধর্ম্মীয়স্ ১মা, ১ব০] বিণ, ধর্ম্মিষ্ঠ (দ্রঃ)।

ধর্ম্মেন্দ্র [ধর্ম্ম (ধর্ম্মেতে)+ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭তৎ] বি, যম। ২ বিণ, ধার্ম্মিকশ্রেষ্ঠ।

ধর্ম্মোত্তর [ধর্ম্ম(হইয়াছে)+উত্তর(প্রধান) যার, বহু০] বিণ, ধার্ম্মিকশ্রেষ্ঠ।

ধর্ম্মোদ্দেশে [ধর্ম্ম+উদ্দেশে] অ, ধর্ম্মের উদ্দেশে ; ধর্ম্মার্থে।

ধর্ম্মোন্নতি [ধর্ম্ম (র)+উন্নতি, ৬তৎ] বি, ধর্ম্মের উন্নতি ; ধর্ম্মবৃদ্ধি।

ধর্ম্মোপ/দেশ [ধর্ম্ম (র, বা বিষয়ক) + উপদেশ, ৬তৎ বা মং পং লোং] বি, ধর্ম্মের উপদেশ বা শিক্ষা। ~**দেশক**, ~**দেষ্টা** [মুং ধর্ম্মোপদেষ্টৃ ১মা, ১বং, ধর্ম্ম(ধর্ম্মের)উপদেশক, উপদেষ্টা, ৬তৎ] বি, ধর্ম্মসম্বন্ধীয় উপদেশ-দাতা; গুরু; ধর্ম্মোপদেষ্টা। স্ত্রীং ~**দেশিকা**, ~**দেষ্ট্রী**।

ধর্ম্মোপা/সক [ধর্ম্ম (র) + উপাসক] বি, ধর্ম্মের উপাসনাকারী; ধর্ম্মী; ধর্ম্মাবলম্বী। ~**সনা** [ধর্ম্ম (র) + উপাসনা] বি, ধর্ম্মবিষয় সম্বন্ধে উপাসনা। ২ ধর্ম্মের আরাধনা।

ধর্ম্মোপেত [ধর্ম্ম (দ্বারা) উপেত (যুক্ত), ৩তৎ] বিণ, ধর্ম্মযুক্ত; ধর্ম্মসঙ্গত; ন্যায়সঙ্গত।

ধর্ম্ম্য [ধর্ম্ম + য (অবিচ্ছেদার্থে)] বিণ, যা ধর্ম্ম হতে অবিচ্ছিন্ন; ধর্ম্মযুক্ত; ধর্ম্মের অবিরুদ্ধ; ধর্ম্মসঙ্গত। ২ ধর্ম্মলব্ধ।

ধর্ষ, ধর্ষণ [ধৃষ্ (হিংসা বা ক্রোধ করা, প্রগল্‌ভতা করা) + অ, অন (ভাং)] বি, দলন; পীড়ন। প্র-প্রজাধর্ষণ। ২ পরাভবকরণ। ৩ বলপূর্ব্বক গ্রহণ; বলাৎকার। ৪ প্রগলভতা; ঔদ্ধত্য। ৫ অমর্ষ; অহঙ্কার।

ধর্ষক [ধৃষ্ (প্রগলভতা করা) + অক (কৃ)] বি, নৃত্যকারক; নট। ২ বিণ, ধর্ষণকারী। ধর্ষ দ্রঃ।

ধর্ষকারিণী [ধর্ষ + *কারিন + ঈ (স্ত্রীং)] বি, দূষিতা কন্যা; পুংশ্চলী।

ধর্ষণী [ধর্ষ + অন, (র্ম্ম) + ঈ (স্ত্রীং) ধর্ষিণী ও৹] বি, অসতী নারী; পুংশ্চলী।

ধর্ষিত [ধৃষ্ + ণিচ্ = ধর্ষি + ত (র্ম্ম)] বিণ, পরিভূত; পরাজিত। ২ তিরস্কৃত। ৩ অপমানিত। ৪ [+ ত(ভাং)] বি, ধর্ষণ। ৫ অসহন। ৬ রমণ; মৈথুন। ৭ পরাজয়। স্ত্রীং ~**া**-বলাৎকৃতা। ২ কুলটা।

ধল, ধলা [সং-ধবলা; প্রাং বাং-ধওলা] বিণ, শ্বেতবর্ণ; ধবল; শুভ্র। "কাল ধল কেহ রাঙ্গা নাচয়ে সকল রঙ্গা কাচা পড়া বাজয়ে বাজন।"-কবিকং। "কাল ধল যুগল ছাগল দিল বলি।"-ঘং। > স্ত্রীং **ধলী**-শুভ্রা। "কেহ কালী কেহ গৌরী কোন চেড়ী ধলী।" -কৃত্তিং। **কালধলি, কালাধলা**-শ্বেতকৃষ্ণ মিশ্রবর্ণ।

ধলি [প্রাদেং। মালদহে "ধুলিয়া"] বি, ধান্যভেদ।

ধস [সং-ধ্বস্ (বিনাশে) ~ হিং ধস্‌না (ধসে যাওয়া, ভেঙ্গে পড়া) বা সং-স্খল্ (পতিত হওয়া, খুলিয়া পড়া) > খসা > ধসা (হিং ধস্‌না অর্থাৎ "ধসে পড়া") > , ধ = থ = ধ] অ, বালি বা মাটীর চাপ খসিয়া পড়িবার শব্দ (ধপ্ দ্রঃ)। ২ [ধ্বস্ > ধ্বংস (নাশ, পতন অর্থে)] বি, ধ্বংস। ৩ [পতনে] মৃৎস্তূপের পতন, স্খলন বা স্থানচ্যুতি। প্র-ধস ভেঙ্গে পড়া। ৪ মৃত্তিকা স্তূপ; মাটি বা বালির চাপ। ৫ নাবাল; দহ; খানা। **ধস ভাঙ্গা**-মাটীর চাপ খসিয়া পড়া। ২ পুষ্করিণী নদী ইং-র পাড় খসিয়া জলে পড়া।

ধসধস [ধস দ্রঃ। সাদৃশ্যার্থে দ্বিত্ব] অ, ভাঙ্গিয়া পড়িবার মত; অঙ্গ খসিয়া পড়িবার মত। ২ গদগদ ভাব। বিণ, **ধসধসিয়া, ধসধসে**।

ধসা১ [ধস দ্রঃ] বি, গলিত কুষ্ঠ। "ধসা-পচিমে"।

ধসা২ [ধস দ্রঃ। ধসি, ধস ধসে; ধসিতে; ধসিয়া (গ্রাং ক্ষেং ধসে)। ণিজন্ত-ধসান] ক্রি, ধ্বংস প্রাপ্ত হওয়া; নাশ হওয়া। ২ বালি বা মাটির চাপ খসিয়া পড়া; ধস ভাঙ্গা। ৩ বসিয়া যাওয়া; নাবিয়া যাওয়া; নাবাল হওয়া। ৪ অঙ্গ খসিয়া পড়িবার মত হওয়া; গা চিস্ চিস্ করা। "পোড়াইল হিয়া পাঁজর ধসিয়া গেল"-চণ্ডিং। ৫ গদগদ ভাব হওয়া (ধস ধস দ্রঃ)। ৬ গলা; গলিয়া পড়া; খসে যাওয়া। প্র-কুষ্ঠেতে তার গা ধসে যাচ্ছে। বি, **ধসন**। বিণ, **ধসা**-যা ধসিয়া গিয়াছে। প্র-পচা ধসা আমগুলো বেছে বেছে ফেলে দাও। বিণ, **ধসানিয়া, ধসানে**। বি, ধসানি। **ধসা-পশ্চিমা** [গ্রাং ধসাপচিমে] যে ক্ষত রোগে অঙ্গ গলিয়া গলিয়া পড়ে gangrene

ধস্কা১ [ধসা দ্রঃ] বিণ, ভঙ্গপ্রবণ; ধসিয়া পড়িবার মত। ২ ঢিলা। ৩ কমজোর; দুর্ব্বল।

ধস্কা২ [ধসা দ্রঃ। হিং ধসক্‌না। ধস্কি, ধস্ক, ধস্কে; ধস্কিতে; ধস্কিয়া (ক্ষেং ধস্কে)। ণিজন্ত-ধস্কান] ক্রি, ধসিবার মত হওয়া। ২ ভগ্নদেহ হওয়া; ভাঙ্গিয়া পড়া; শরীরের শক্তি নাশ হওয়ায় শিথিল হইয়া পড়া। প্র-তার আর আগেকার মত জোর নাই, শরীরের সে বাঁধুনি নাই, একেবারে ধস্কে গেছে। ৩ অবস্থার পতন হওয়া; ভগ্নদশা হওয়া। ৪ কমজোর হওয়া।

ধস্কানি [ধস্কা২ দ্রঃ। হিং ধস্কান। ধস্কাই, ধস্কাও, ধস্কায়; ধস্কাইতে; ধস্কাইয়া (ক্ষেং ধস্কিয়ে)] ক্রি, ধস্কিতে বাধ্য করা; ভাঙ্গিয়া ফেলা; ধসাইয়া দেওয়া; ধস্কে দেওয়া। বি, ধস্কানি। বিণ, ধস্কানিয়া, ধস্কানে। **ধস্কে দেওয়া**-ধস ভাঙ্গিয়া দেওয়া; ধসান। ২ ধরিয়া আছাড় দেওয়া; পরাভূত করা। ৩ অধঃপাতিত করা; "লোকের যখন শ্রীবৃদ্ধি হয়, তখন নানা-প্রকারেই প্রাপ্তি হইয়া থাকে, একবার ভাঙ্গিতে আরম্ভ করিলে নদীর তোড়ের ন্যায় অচিরাৎ সব ধস্কে দেয়।"-টেকচাঁদ।

ধস্ত [সং-ধ্বস্ত (দ্রঃ) ...] বিণ, বিধ্বস্ত।

ধস্তাধস্তি [সং-ধ্বস্ত ~ ধস্ত + আ + ধ্বস্ত + ই, পরস্পরার্থে আ যোগ] বি, পরস্পর বিক্রম প্রকাশ; উভয়ে উভয়কে বা পরস্পর পরস্পরকে ধরিয়া ঠেলিয়া ফেলিবার বা আছাড় দিবার জন্য টানাটানি ও ঠেলাঠেলি।

ধা১ [ধা (ধারণ করা) + ক্বিপ্ (কৃ)] বি, ধারণ কর্ত্তা। ২ ধাতা; বিধাতা; ব্রহ্মা। ৩ বৃহস্পতি।

ধা২ [সং-ধাব্ (গতি, বেগ) >। ধাই, ধাও, ধায়; ধাইতে; ধাইয়া (ক্ষেং গ্রাং ধেয়ে)] ক্রি, ধাবন করা; দৌড়ন।

ধা৩ [ব্যাং] বি, তদ্ধিত প্রত্যয়-বিঃ; প্রকার বাচক বা গুণবাচক প্রত্যয়। প্র-দ্বিধা। ত্রিধা। বহুধা।

ধাওঁ ধাওঁ [প্রাং বাং। সং-ধাব্ (ধাবনে) > ধাইয়া-ধাইয়া > ক্ষেং] ক্রি-বিণ, ধাইয়া; ধাবিত হইয়া। "ধাওঁ ধাওঁ মথুরা পালাসী।"-শ্রীং কীং।

ধাই১ [সং-ধাব্-ধাব্, ধাবা (ধাও, ধাওয়া), হিং দৌড়] বি, ধাবন; দৌড; রড়; চম্পট। "চাহিতে উচিত কর উঠে দিল ধাই।" -ঘং। "সমরে কাটায়ে ঘোড়া সবে দিল ধাই।"-ঐ। **ধাই**-দৌড়াদৌড়ি;

রড়ারড়ি। ২ গতি ত্বরাবোধক। এই অর্থে, ধাঁ ধাঁ। প্র-কেবল ধাই ধাই করে ফেরা, নাবার খাবার পর্য্যন্ত সময় নাই।

ধাই২ [সং-ধাতকী >। প্রাকৃ০ ধাঅই ..., হি০ ধাবই] বি, ধাই নামক পুষ্প; ধাইফুল woodfordia floribunda ২ ধাই ফুলের গাছ। ৩ আমলকী। ৪ [চাই দ্রঃ] মৎস্য বিঃ।

ধাই৩ [সং-ধাত্রী। প্রাকৃ০ ধাই] বি, মাতার ন্যায় লালন-পালনকারিণী, উপমাতা: ধাইমা। ২ যে স্ত্রী সন্তান প্রসব করায় এবং আঁতুড় ঘরে প্রসূতি ও নবজাত শিশুর শুশ্রূষা করে; দাই। ৩ পরিচারিকা; চাকরাণী: ঝী। ~তেলা-বিণ, দাই যেরূপ নবজাত শিশুকে তৈলাক্ত করিয়া রৌদ্রের তাপ লওয়ায়; অতি তৈলাক্ত; প্রচুর তৈল-মর্দ্দিত। ~ধাঙ্গুরী [সং০ দ্বয়। ধাত্রী > ধাই + ধান্ধা (কাজ কর্ম্ম) + ওয়ালী ... ওয়ারী ... উরী] বি, দাসী চাকরাণী। "ধাইধাঙ্গুরী নইলো দুখী ধুযাইয়ামু চরণ"-পূ০ ব০ গী০। ~মা-ধাত্রী। ~মা কুয়ায় পড়েছে, ~মা ডুবেছে-প্রাচীনা গৃহিণীদিগের তুকবিঃ: সন্তানের সর্দ্দি কাশী ভাল হ'বে এই বিশ্বাসে ইহা বারবার উচ্চারিত হয়।

ধাইর [শ্রীহট্ট প্রাদে০] বি, ঘরের বারান্দা; ঘরের দাওয়া; ওসারা।

ধাউ [প্রাদে০] বি, ভারবাহী বড় নৌকা: ভড়। "জাহাজের অল্পতা হেতু সাগর পথে পণ্যবহন করা কঠিন হইয়া পড়িয়াছে। কাজেই ষ্টীমারের অভাবে আবার দেশের "ধাউ" বা ভড় পারস্য উপসাগর হতে গণ্ডায় গণ্ডায় কলিকাতায় আসিতেছে।"-নায়ক, ১লা অগ্র, ১৩২৬।

ধাউড়১ [সং-ধাবক > হি০ ধওড়] বিণ, ধাবক; সংবাদবাহক (পূর্ব্বে সংবাদ বাহকেরা এক আড্ডা হতে অন্য আড্ডায় দৌড়িয়া সংবাদ পৌঁছিয়া দিত)। ২ বি, দৌড়; ধাবন। বিণ, ধাউড়া, ধাউড়িয়া, ধাউড়ী,-ড়ে-ধাবক। ২ দ্রুতগামী। ৩ যার দৌড় বহুদূর বিস্তৃত। দিক্ (গ্) ধাউড়ী-বিণ, দিকে দিকে বিস্তৃত। ২ খুব লম্বা চওড়া। প্র-দিক্ ধাউড়ী চাল বা ছাদ। দিক্ ধাউড়ো চেহারা। তুল-হি০ দিগ্‌ধড়ঙ্গা।

ধাউড়২ [ধূর্ত্ত ...] বিণ, কপট; শঠ। "কুটিলা কুমতি বিষের মুরতি, সেহ সে ধাউড় বড়।"-পদকল্পতরু (সা০ প০ প০ ২৪ পৃ)।

ধাউস [হি০ ধাউস্। গ্রা০ কথ্য০ ঢাউস] বি, বড় ঘুড়ী, ঢাউস ঘুড়ী।

ধাওড়া১ [ধাউড় দ্রঃ] বিণ, অতিশয় লম্বা: অতিবৃহৎ। স্ত্রীঃ ধাউ(ও)ড়ী।

ধাওড়া২ [সাঁওতাল ভাষায়। ওড়া দ্রঃ] বি, তালপত্র নির্ম্মিত ওড়া বা ঘর: সাঁওতাল কুলীদের কুঁড়ে ঘর বাড়ী।

ধাওন [সং-ধাবন] বি, দ্রুতগমন: দৌড়ন।

ধাওয়া [সং-ধাব্ (ধাবন করা) আধু০ বাং পদ্যে ও গ্রা০ ব্যবহারে। ধাই, ধাও (ধায়েন, ধাইস > ক্ষে০ ধাস, অনুজ্ঞা০ ধাউন, ধা), ধায় (ধায়েন): ধাইতে: ধাইয়া (ক্ষে০, পদ্যে-ধাই, গ্রা০ ধেয়ে, প্রা০ বাং-ধাআ, ধাঞা)। ণিজন্ত-ধাওয়ানি] ক্রি, দ্রুতগমন করা: দৌড়ান। "বৈরথ ধরি বনি ধাইয়ে চলিল গো" -নরোত্তম০। ২ বি, মুসলমানধর্ম্মা জাতিবিঃ। ~ধাই, ~ধায়ি [ধাওয়া + ধাওয়া + ই, বীপ্সার্থে দ্বিত্ব] বিণ, দৌড়াদৌড়ি: ছুটাছুটি; শীঘ্র; তাড়াতাড়ি। "ধাওয়া ধাই আসি বাসে শিরে হাত হানে"-ধ০ ম০ (ঘ০)। "পর্ব্বতের পুরীতে পড়িল ধাওয়া ধাই"-শি০। "শিবের কিঙ্কর সবে পলায় তরাসে। ধাওয়া ধায়ি উপস্থিত হইল কৈলাসে॥"-কবিক০। [ব্রজ০] ধাওল-ধাবিত হইল; প্রবাহিত হইল। "মধুঋতু ধাওল"-রবী০।

ধাওলা [প্রা০ বাং। ধবল + আ (অতি-পরিচয়ে বা অবজ্ঞায়)] বিণ, ধবল; শ্বেত। "ধা০ পাঁঠা লেন রণী সাইঙ্গ করিয়া।"-মাণিক০।

ধাঁ [সং-ধ্মা (জ্বলনে; অগ্নি সংযোগে) ঝাঁ, ধা দ্রঃ] বি, অগ্নি জ্বলন শব্দ। ২ [ধ্মা (শব্দে, বেগে) >]। ৩ ক্রি-বিণ, হঠাৎ অগ্র পশ্চাৎ না ভাবিয়া। প্র-ধাঁ করিয়া একটা কথা বলা। ৪ ত্বরা; শীঘ্র। প্র-ধাঁ করে চলে যাও। ধাঁ করে কাজটা সেরে লও। ৫ বেগে চড় মারিবার শব্দ। প্র-সে তাকে ধাঁ করিয়া এক চড় ধরাইয়া দিল। ধাঁই-ধাঁ দ্রঃ। উপর্য্যুপরি অর্থে ধাঁই ধাঁই > প্রা০ বাং-ধাঙ ধাঙ। ধাঞ ধাঞ (তুল-হি০ ধাঁয় ধাঁয়। ধ্মাত দ্রঃ)। "চোর আসি প্রবেশিল গৌড়ের সহর। ধাঁঙ ধাঁঙ শব্দে সঘনে ধর ধর।"-ঘ০। ধাঁও [অনু০] অ, ধামসা (দ্রঃ) নামক আনদ্ধ বাদ্যযন্ত্রের শব্দ। "ধাঁও ধাঁও ধামামা দামামা দামদুম।"-ম০। ধাঁ করিয়া,-করে [তুল-ওড়ি ধাঁইকিরি] ক্রি-বিণ, ত্বরিত পদে: অতি শীঘ্র, অবিলম্বে। "ধাঁ করিয়া ঘড়ী খুলিয়া দেখি ওমা কি হবে! তিনটা ও যে বাজে নাই।" ~ধাঁ-অ, উপর্য্যুপরি ধাঁ শব্দ। ২ চড়ের উপর চড় ধরাইবার শব্দ। ৩ শীঘ্র শীঘ্র।

ধাঁচা [সাঁচা (দ্রঃ) > হি০ ঢাঁচা ...] বি, অবয়ব: আদল। ২ ছাঁচ: সাঁচা। ৩ ঢঙ্গ: ধারা; রীতি। ~র, ধাঁচের, ধাঁজের-অ, ধরনের; ভাবের; প্রকারের।

ধাঁজ [ধাঁচা দ্রঃ] বি, ধরণ; প্রকার, রকম। "এখন ভদ্র লোকটীর স্বভাব একটু রসিক ধাঁজের"-দ্বি০ রায়।

ধাঁধা [সং-ধন্ধ (দ্রঃ) >] বি, দৃষ্টিভ্রম। "নয়নে লাগিল ধাঁধা অন্ধকার হেরিলাম"-অশোক০। ২ সন্দেহ: ধোঁকা। "কি করিব এখন, লাগিল বড় ধাঁধা।"-কাঞ্চী০।

ধাকড়া১ [ধোকড়া দ্রঃ। ক্ষুদ্রার্থে ধুকড়ি] বিণ, ছেঁড়া; কুটিকুটি। ধূল-ধকড়া-শতছিন্ন বস্ত্র; ধূল্‌ন্দে ন্যাকড়া। ২ থলিয়া: আধার। ধন্-ধাক্‌ড়া-রত্নাধার (শিশুর আদরার্থে উক্ত)।

ধাকড়২, ধাগড়া [হি০ ধোকড়্, তগ্‌ড়া (হৃষ্টপুষ্ট) >। ধিঙ্গ্‌রা দ্রঃ] বিণ, হৃষ্টপুষ্ট; বলিষ্ঠ।

ধাক্কা [সং-প্রহারার্থক ধক্ক >] বি, হঠাৎ ঠেলা। ধা০ দেওয়া, ধা০ মারা-ক্রি, হঠাৎ বেগে ঠেলিয়া দেওয়া। "ধাক্কা মেরে বার করে দিতে বল বরে"। ধা০ সামলান-উপদ্রব বা বেগ সহ্য করা। প্র-তার উপর আবার কোন বৎসর দুর্ভিক্ষ উপস্থিত হ'লে পাঁচ বৎসরে ও তার ধাক্কা

সামলাইয়া উঠিতে পারে না। গলা ধাক্কা দেওয়া-গলায় হাত দিয়া তাড়াইয়া দেওয়া।

ধাগা [হিং তাগা] বি. কন্থা লেপ ইং সেলাই করিবার মোটা সুতা।

ধাঙ [ধ্বং দ্রঃ] অ. ধাঁই ধাঁই শব্দ। ২ বি. ধাঙসা নামক আনদ্ধ বাদ্য যন্ত্রের ধ্বনি। "ধাঙ ধাঙ ধাঙসা বাজে * * ।"-ঘ০।

ধাঙড়-ধাঙ্গড় দ্রঃ।

ধাঙসা [ধামসা দ্রঃ] বি. প্রাচীন আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ, ধামসা; দামামা; রণবাদ্য। "ধাঙ ধাঙ ধাঙসা বাজে ডিগ ডিগ দগড়ি।"-ব০।

ধাঙ্গড় [কোল ভাষার শব্দ] বি. হাজারীবাগ ইং অঞ্চলের আদিম জাতীয় লোক। ২ [লক্ষ০] অসভ্য; বর্ব্বর। অবজ্ঞায় ধাঙ্ড়া। স্ত্রীং ধাঙড়ী।

ধাটী [হিং ধাবট্] বি. শত্রুর অভিমুখে ধাবন।

ধাড়া [বট দ্রঃ] বি. বড় তৌলদণ্ড, কাঁটা। ২ দুই দিকের পাল্লার ভার সমান করা। ৩ [প্রাদেং] পাঁচ সেরের পরিমাণ; পসুরী (হিং পসেরী, পসেরী=পাঁচসেরী)। ৪ হিন্দুর জাতীয় পদবীবিঃ। ৫ [প্রাদেং রঙ্গপুরে] বেড়াবাঁশের দরমা।

ধাড়ি১, ধাড়ী১ [প্রাদেং পূং বং। শ্রীহট্ট] বি. চাটাই। "ওগলা ধাড়ী" (=হোগলার চাটাই)-পূং বং গীং।

ধাড়ি২, ধাড়ী২ [সং-গর্ভধারিণী কিম্বা ধাত্রীর > ভং। ব্যবহারে পুং, স্ত্রীং। গ্রাং ধেড়ে] বি. জীব-জন্তুর মধ্যে যে মাদাজন্তুর অনেক বাচ্চা হইয়াছে; অনেক বাচ্চা বিয়ানী। ২ [জন্তুর ধাড়ী > কদর্থে বা অবজ্ঞার্থে, বড়] বিণ, আক্কেলে নয়, কেবল বয়সে বড়; বুড়ো। ৩ প্রধান; "পালের গোদা"; অগ্রগণ্য; সর্দ্দার। "তোরে ধাড়ি সাজে রঘু বিক্রমে বিশাল॥"-কৃত্তিং। প্র-চোরের ধাড়ী; মিথ্যাবাদীর ধাড়ী; "তোমারি তুলনা তুমি চাঁদ অকর্ম্মের ধাড়ি"-দ্বিং রায়। ৪ [জন্তুর ধাড়ী > সদর্থে, বড়; প্রধান; পথ প্রদর্শক। ৫ [খেলায়] বুড়ী: সর্দ্দার খেলওয়াড় ৬ [বিধেং] প্রধান গায়ক। তুল-দোহার; দোয়ারি। বুড়ো ধাড়ী-ধাড়ীর মত বুড়া; বুড়ো জন্তু অর্থাৎ বয়সে বড় অথচ বুদ্ধি শুদ্ধিতে জন্তু। বুড়ো বয়সে ধেড়ে রোগ [বৃদ্ধ বয়সে লোকের সংবাস প্রবৃত্তির হ্রাস হওয়া স্বাভাবিক, কিন্তু স্বভাবকে অতিক্রম করিলেই তা রোগ-পদ-বাচ্য হয় তা হ'তে বার্দ্ধক্যে ধাড়ীর মত সন্তানোৎপাদনের প্রবৃত্তিরূপ নিন্দনীয় রোগ। ২ বুড়াবয়সে সখ বা সৌখীনতা [তুল-হিং-তে "ধাড়ী" [ধার (া) -?] অর্থে মিশি দেওয়া ঠোঁটের কাল রেখা]।

ধাড়ি৩, ধাড়ী৩ [প্রাদেং। তুল-বাড়ী (মানভূম অঞ্চলে বাস্তু সংলগ্ন বেষ্টিত স্থল)] বি. বাগান। "ফুল ধাড়ী" (পুষ্পোদ্যান)-বিং পং

ধাড়িয়া১ [গ্রাং ধেড়ে (দ্রঃ)] বিণ, বয়স্ক: বড়। ২ বি. উদ্র, উদ্‌বিড়াল।

ধাড়িয়া২ [প্রাদেং। বিঃ শ্রীহট্টাদি অঞ্চলে] বি. চাচ; দরমা; আগড়।

ধাড়ী৪ [সং-ধাটি "প্রপাতস্ত্বভ্যবস্কন্দো ধাট্যাভ্যাসাদনংচ সঃ"-হেং] বি. উপর পড়া, অকস্মাৎ আক্রমণ: চড়াও। "খোম্পাত উপর গুজরে ভ্রমর তাহাতে কাঙ্গের ধাড়ী॥" -শ্রীং কীং। "চারিদিক চাপিয়া মদনে করে ধাড়ী॥" পদ্মাপুরাণ (বিং গুপ্ত)।

ধাঢ়ী [ধাড়ী দ্রঃ] বি. উচ্চদরের গায়ক। "বাং গায় কড়খা ভাঁড়াই করে ভাঁড়।"-অং মং।

ধাত [সং-ধাতু > হিং ধাত] বি. ধাতু metal প্র-অষ্টধাতের অঙ্গুরী। ২ [মানসিক] স্বভাব, প্রকৃতি; মেজাজ। প্র-এত দিন তার সহিত বাস করেও তার ধাত বুঝলে না। ৩ নাড়ী। প্র-ধাত ছাড়িয়া যাওয়া। ৪ শুক্রশোণিত; রেত। প্র-ধাতের ব্যায়রাম। ৫ [শারীরিক] আভ্যন্তরীণ প্রকৃতি; বায়ু পিত্ত কফ ঘটিত দৈহিক প্রকৃতি। প্র-তার শ্লেষ্মার ধাত বা বাতিকের ধাত ইং।

ধাত(ত্)কানি, [হিং ধৎকনা, ধক ধকানা] ক্রি, ধক্ ধক্ করা। ধাতকিয়া উঠা, ধাত্‌কে উঠা-ধক্ ধক্ করিয়া উঠা। ২ চমকান। বি. ধাত(ত্)কানি।

ধাতকী [সং] বি, ধাই ফুলের গাছ। ২ ধাইফুল। "কেতকী ধাং ফুটে চম্পক কাঞ্চন।"-কবিকং।

ধাতব [ধাতু+অ (ইদমর্থে)] বিণ, ধাতু সম্বন্ধীয়: ধাতুময় metallic

ধাতসহ [ধাত (দ্রঃ) + সহ (সহনশীল)] বিণ, প্রকৃতিগত মেজাজে, স্বাস্থ্যে, শারীরিক ও মানসিক ধাতুতে বা প্রকৃতিতে সহনশীল। স্বভাবের অনুকূল। "এই যে স্থায় ধর্ম্ম বিগর্হিত অদ্ভুত চিন্তাধারা ইহা ভারতের ধাতসহ নহে।"-আং শক্তি, ৩৪, ১৭ সংখ্যা। ধাতসহ নহে-প্রকৃতি বিরুদ্ধ।

ধাতা [ধা (ধারণ করা, পোষণ করা) + তৃ (তৃ)=ধাতৃ ১মা, ১বং] বি. বিধাতা: বিধি। "ধাতার বিধান ধরিয়া না চলিলে কোন কাজেই সিদ্ধি লাভ করা অসম্ভব।"-বঙ্গবাণী, ১৩৩৪। ২ ব্রহ্মা। ৩ পালনকর্ত্তা; পাতা। বিষ্ণু। ৪ আদিত্যবিঃ। ৫ পিতা। ৬ আত্মা। ৭ বিণ, স্রষ্টা। ৮ ধারণ কর্ত্তা। ৯ প্রতিপালনকারী।

ধাতানি [ধৎ (অনুং) দূর্‌ দূর্। বরিশাল প্রাদেং] বি. তিরস্কার সহ দূরীকরণ: ধমকানি অপেক্ষা অধিক: কড়া তিরস্কার।

ধাতি [ধৌতি ভং। প্রাং বাং] বি. ধৌতি; পরিষ্করণ; আবর্জ্জনা পরিষ্কার। -কারা-ময়লা বা আবর্জ্জনা পরিষ্কার করা। "হাড়িপাএ বাহিরো হইলে ধাতি কারো" (=হাড়িপা আবর্জ্জনা বা ময়লা পরিষ্কার করিতে বাহির হইলে)"-গোবিন্দং গীত (ডাং দীং সেন কৃত টীকা)।

ধাতু [ধা (ধারণ করা) + তু (তৃ)-যিনি নিখিল ব্রহ্মাণ্ড ধারণ করেন, যে দেহ বা জীবনকে ধারণ করে] বি, ঈশ্বর। ২ দেহ ধারক ধর্ম্ম; বায়ু, পিত্ত, কফ; রস, রক্ত, মাংস, মেদ, মজ্জা, শুক্র এবং অস্থি। ৩ শুক্র; ধাত (দ্রঃ)। ৪ জীবনী শক্তি। "ধাতু গেলে তার পর শিলে করি স্নান।"-চৈং ভাং। ৫ নাড়ী। ৬ পঞ্চভূত; ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম অর্থাৎ মাটি, জল, আগুন, বায়ু ও আকাশ। ৭ উপাদান; উপকরণ। ৮ জ্ঞানেন্দ্রিয়। ৯ চৈতন্য; জ্ঞান; চেতনা। "বড় ভুজ দেখিয়া মূর্চ্ছা পাইল নিতাই পড়িলা পৃথিবীতলে ধাতু মাত্র নাই॥"-চৈং ভাং। ১০ খনিজ পদার্থ: স্বর্ণ, রৌপ্য, কাংস্য, তাম্র, পিত্তল,

সীসক, লৌহ, বঙ্গ বা রঙ্গ নামক তৈজস্ পদার্থ। (২) মনঃশিলা ; মনছাল। (৩) পারদ। (৪) অভ্রক। (৫) হরিতাল। (৬) হিঙ্গুল। (৭) গন্ধক। (৮) গৈরিক ; গিরিমাটি। ১১ অবস্থা। ১২ স্বভাব ; প্রকৃতি। ১৩ [ব্যা°] ক্রিয়াবাচক প্রকৃতি ; শব্দমূল (যথা-করা, কাটা, জাগা। সং-কৃ, কৃৎ, জাগৃ ই°)। ১৪ [সঙ্গীতে] স, রি, গ, ম ই° এক একটী গ্রাম। ১৫ [বৌ° শা°] স্মৃতি পরিচায়ক কোন দ্রব্যাদির নাম। **~কুশল** [ধাতু (ভে-প্রয়োগে) কুশল, ৭তৎ] বিণ, ধাতু বিদ্যায় পারদশী ; ধাতুজ্ঞ ; ধাতুক্রিয়াবিষয়ে নিপুণ। **~ক্ষয়** [ধাতু (র) ক্ষয় (নাশ) হয় যাতে, বহু°] বি, কাশরোগবিঃ। ২ [ধাতুর ক্ষয়, ৬ তৎ] শরীরস্থ ধাতুর অপচয় ; শুক্রক্ষয়। **~গত**-বিণ, ধাতুযুক্ত বা সংশ্লিষ্ট। ২ বাত পিত্ত কফাশ্রিত : রস, রক্ত, মাংস, মেদ, মজ্জা, শুক্র, অস্থি এই সপ্ত শরীরস্থ ধাতু আশ্রিত constitutional ৩ প্রকৃতিগত। **~গর্ভ** [ধাতু যার গর্ভে আছে, বহু°] বিণ, ধাতু যে মৃত্তিকাস্তরের মধ্যে পাওয়া যায় ; যার ভিতর ধাতু আছে বা উৎপন্ন হয় metalliferous **~ঘটিত** [ধাতু+ঘটিত (যুক্ত, সংক্রান্ত)] বিণ, যাতে ধাতু যুক্ত বা মিশ্রিত করা হইয়াছে। ২ ধাতুসংক্রান্ত। **~ঘ্ন** [ধাতু(বাতপিত্তাদি) ঘ্ন(যে নাশ করে)] বিণ ধাতুনাশক। ২ বি, কাঞ্জি। **~দ্রাবক** [ধাতু (স্বর্ণাদি) দ্রাবক (যে দ্রব করায়)। দ্রু+ণিচ্=দ্রাবি (দ্রব করান)+অক (র্তৃ)] বিণ, ধাতু দ্রবকারী : যা ধাতুকে গলায়। ২ বি, সোহাগা। **~নাশন** [ধাতু (বাত, পিত্ত, কফাদি) নাশন (যে নাশ করে)] বি, ধাতুঘ্ন (দ্রঃ)। ২ বিণ, কুপিত ধাতুনাশকারী **~পাঠ**-বি, ব্যাকরণে সংস্কৃত ধাতু সমূহের অর্থ-বোধক পুস্তকবিঃ। **~পুষ্পিকা, ~পুষ্পী**-বি, ধাতকী ; ধাইফুল। **~পোষক**-বিণ শরীরের পুষ্টি সাধনকারী-রস, রক্ত, মেদ, মজ্জা, অস্থি, মাংসাদিবর্দ্ধক। **~বাদ**-ধাতুবিদ্যা দ্রঃ। **~বাদী**-ধাতুবিদ্ দ্রঃ। **~বিজ্ঞান**-ধাতুবিদ্যা দ্রঃ। **~বিদ্** [রাসায়নিক পরিঃ] বি, ধাতুর গুণজ্ঞ ও তা পরিষ্কারকরণ বিদ্যার পারদশী ; ধাতুবাদী metallurgist. **~বিদ্যা** [ধাতু সম্বন্ধীয় যে বিদ্যা, ম° প° লো°] বি, যে বিদ্যাবলে স্বর্ণ-লৌহাদি-বিষয়ক জ্ঞান জন্মে ; ধাতুবাদ : ধাতুপরিষ্কারক বিদ্যা metallurgy **~বৈরী** [ধাতু (র) বৈরী, ৬তৎ] বি, গন্ধক। **~ভৃৎ** [ধাতু (স্বর্ণাদি) ভৃৎ (যে ধারণ করে)] বি, পর্ব্বত। ২ বিণ, ধাতুপোষক। **~ময়** [ধাতু+ময় (নির্ম্মিতার্থে)] বিণ, ধাতুনির্ম্মিত ; ধাতুদ্বারা গঠিত। ২ ধাতুতে পূর্ণ। **~মল** [ধাতুর মল (ময়লা), ৬তৎ] বি, ধাতুর কিট্ট ; মরিচা rust ২ লোহমল ; লোহকিট্ট : মন্দুর iron rust **~মাক্ষিক**-ধাতুর ন্যায় আভাযুক্ত পদার্থবিঃ (মাক্ষী দ্রঃ) ; মধুধাতুক pyrites [মাক্ষিক বিবিধ প্রকার-বিমল (copper pyrites) ; স্বর্ণমাক্ষিক : হেমমাক্ষিক (golden pyrites) ; রৌপ্য-মাক্ষিক (silver pyrites)]। **ধাতু চলা** [গ্রা° ধাত চলা] ধাতু ক্ষরিত হওয়া ; মেহরোগ হওয়া। **ধাতু নরম হওয়া**-শ্লেষ্মাধিক্য হওয়া।

ধাতূপল [ধাতু (ময়)+উপল, ম° প° লো°] বি, চাখড়ী ; খটী।

ধাতৃপুত্র [ধাতৃ (ধাতার) পুত্র, ৬তৎ] বি, সনৎকুমার। ২ ব্রহ্মার পুত্র।

ধাত্র [ধা (ধারণে)+ত্র (র্তৃ)-যে বা যা ধারণ করে] বি, আধার : পাত্র।

ধাত্রিকা [ধাত্রী+ক (জ্ঞা°)+আ (স্ত্রীং)] বি, আমলকী।

ধাত্রী [ধা (ধারণ, পোষণ করা)+তৃ (র্তৃ)=ধাতৃ+ঈ (স্ত্রীং), যিনি গর্ভে ধারণ করেন] বি, গর্ভধারিণী ; জননী। ২ যে নারী সন্তান প্রসব করায় ও সদ্যোজাত শিশু ও প্রসূতির শুশ্রূষা করে : ধাই ; দাই। ৩ ধরিত্রী : পৃথিবী। ৪ ধাত্রী-ফল ; আমলকী। ৫ বিণ, মাতার মত স্তন্যদানে যে পোষণ করে : মাতৃসমা ; পালনকর্ত্রী। **~পুত্র**-উপমাতার পুত্র। ২ নট। **~ফল**-আমলকী।

ধাত্রেয়ী [ধাত্রী (উপমাতা)+এয় (স্বার্থে)+ঈ (স্ত্রীং)] বি, ধাই।

ধাত্ববয়ব [ধাতু+অবয়ব] বি, ধাতুর উত্তর ইট্, সিচ্ ই° এবং প্রাতিপদিকের উত্তর যক্, কাম্যচ্ ই° বিহিত প্রত্যয়।

ধাধস১ [সং-দ্বন্দ্ব > ধন্ধ+বশ >। গ্রা° বাং, পদ° সা°। ধাধস ও°] বি, ধাঁধা ; ভ্রম। "নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে।"-চণ্ডি°।

ধাধস২ [ধাতু > ধাত > ধাধ >। গ্রা° ধাদোস] বি, শারীরিক ধাতু ; গায়ের জল। প্র-ছেলেটির ধা° ভাল।

ধান [সং-ধান্য] বি, সতুষ তণ্ডুল ; ধান্য দ্রঃ। প্র-ধান মাপা। ধান সিদ্ধ করা। ২ ধানগাছ। প্র-ধান কাটা। ৩ এক ধান পরিমাণ ভার ; রতির চতুর্থাংশ grain ৪ চার তিল পরিমাণ। বিণ, ধেনো [ধান গাছের বিভিন্ন অংশের নাম]-**আগড়া**-মঞ্জরীর যে অংশে ধান অপুষ্ট ও শস্যশূন্য থাকে · আগায় থাকে বলিয়া আগড়া। **খড়**-কাটা পাকা ধান গাছ : **গর্ভথোড়**-যে গাছের থোড় হইয়াছে তাহার মধ্যস্থলের সারাংশ। **তুষ**-ধানের খোসা বা চালের আবরণ। **থোড়**-শীষ বা মঞ্জরী হইবার পূর্ব্বে জাত গাছের ভিতরের স্থূল সারাংশ। **নাড়া**-কাটা গাছের গোড়া যা ক্ষেতে খোঁচা খোঁচা হইয়া থাকে। **পালা**-খড়ের পাতা। **পল, পোয়াল**-খামারে মাড়া ধান গাছের পাতা। **শীর্ষ, শীষ**-ধান্যমঞ্জরী। **শূক**-ধানের শুঁয়া বা শুঙা। ধান্যের নাম-**আমন ধান**-শালি ধান্য ; যে ধান হেমন্ত-কালে হয়। **আউস ধান**-বর্ষাকালীন ধান ; আশু ধান্য ; ব্রীহি ধান্য। **ষাট বা ষেটে ধান**-গ্রীষ্মকালীন ধান ; বোরো ধান। বঙ্গদেশ ধান ও চাউলের জন্য প্রসিদ্ধ। বাংলার রকমারি ধান- আমন ধান সমগ্র ভারতে প্রায় ১০ হাজার রকম আমন জাতীয় ধান চাষ হয়। বাঙলা দেশে আমন ধানের সংখ্যা ৪ হাজারের কম হইবে না। সুন্দরবন জঙ্গল মহলে ২৫।৩০ রকম, মেদিনীপুরে ৩০।৩২ রকম, যশোহরে ৬২ রকম, ঢাকা, বরিশালে শতাধিক রকম, ২৪ পরগণা, নদীয়ায় ৬০।৬২ রকম, হুগলী, বর্দ্ধমান, পুর্নিয়ায় ৭০।৭২ রকম, আসামেও বহু রকম ধানের আবাদ হয়। বাঙালার কয়েকটি আমন ধানের নাম- কাত্তিকশাল, জটাকল্মা, ঝিঙ্গা-শাল, ইন্দ্রশাল, হাতিশাল কামিনীশাল,

সাদাশম্বা, বাঁকতুলসী, নাগরা, দাউদখানি, কাটারিভোগ, বাদসাভোগ, সমুদ্রবালি, বাসমতি। আউস ধান যে কত প্রকার আছে তাহার সংখ্যা করা সুকঠিন। দেখা যায় যে মেদিনীপুরে ১৬প্রকার; বীরভূমে ৬৬ প্রকার; বর্দ্ধমানে ৪।৫ প্রকার; ২৪ পরগণায় ৩০ প্রকার; সুন্দরবন বিভাগে ১০ প্রকার. নদীয়া জেলায় আউসের চাষই অধিক, এখানে ১০ প্রকার; জলপাইগুড়িতে ২।৩ প্রকার; দিনাজপুরে ৮ প্রকার; ফরিদপুরেও আউসের চাষ বেশী, এখানে ৮ প্রকার; বাখরগঞ্জে ২১ প্রকার; আসামে ২০।২২ প্রকার; ঢাকা, মৈমনসিং ও রংপুরে বহু প্রকার আউসের আবাদ হয়। চট্টগ্রামে আউস বালাম নামে এক প্রকার আউসের চাষ হয় তাহা কিছু মিহি. আউস পাটনাই ও. আউস রামশাল ধানও আউসের মধ্যে মিহি। রামশাল বীরভূমের আউস. এখন ২৪ পরগণায় চাষ হইতেছে। কতকগুলি আউস ধানের নাম-দুর্গাভোগ, দুধকলা, কেলেরয়ে, কেলেবোগড়া. লক্ষ্মী-পারিজাত. লক্ষ্মীপুরা, বাজাশাইল, শালাই, সীতাহার, সুধামণি. সুধ্যমুখী, বোরো ও জলি ধান। বোরো ধানকে আমন বা আউস কিছুই বলা যায় না। ইহা উহাদের মাঝামাঝি এক প্রকার মোটা ধান্য'। জলি ধানকে বরং আউসের শ্রেণীতে ফেলা যায়।-শশিভূষণ সরকার। বৌদ্ধ যুগের বাঙ্গালা সাহিত্যে বহু প্রকার ধানের নাম উল্লিখিত হইয়াছে। শূন্যপুরাণে উক্ত ধানের উল্লেখ: যথা-আজ্ঞান আন্ধারকুলি, আমপাবন, আমলো. আলাচিত্ত, আসত্তির, আসঅঙ্গ, উড়াসালী, ককচি, কনকচুর, কাঁঙদ. কামদ, কালাকাত্তিক, কালাধুগর, কুসুমমালী, কোটা, খীরকম্বা, খেজুবছড়ি, খেমরাজ, গঅাবালি, গন্ধতুলসী, গন্ধমালতী, গুজুরা, গোতমপলাল, গোপালভোগ, চন্দনসাল, ছিছরা, জলারাঙ্গি, জেঠ. জোলি, ঝিঙ্গাসাল, টাঙ্গন, তসরা, তিলসাগরি, তুলানধান, তুলসালি. তোজনা, দলাগুড়ি, দাড়, দুধরাজ, নাগরজুগান, পলাল, পর্ব্বতজিরা, পাঙ্গুসিয়া, পাতল, পাথরা, ফেফেরি, বককড়ি, বঙ্কি, বালি, বিন্ধসালী, বুখি.বুড়ামাত্তা, ভজনা, ভাদোলী, ভাদ্দমুখি, মইপাল (মহীপাল). মাধবলতা, মুক্তাহার, মূলামুক্তাহার. মোকলস, রঙ্গসাল, রাঅগড. রাজদল, লতামৌ. লাউসলী, লালকামিনি, বাঁকই, বাঁকচুর. বাঁকসাল. বাগনবিচি, বাঁসকটা, বাঁজগজা, বাঁসমতী, বোআলি, সনাখড়কি. সালছাটী. সীতাসালী.সোলপনা, হরি, হরিকালি, হাতিপাঞ্জর, হুকুলি। সপ্তদশ শতাব্দীর বাঙ্গলা গ্রন্থে ধানের উল্লেখ, যথা-হরিশঙ্কর, হাতিপঞ্জর, হুডা. হরকুলি, হাতি পাদ, হিঞ্চি, হলুদগুঁড়া, কেলেকামু, কেলেজিরা, কালিয়া, কাত্তিকা কয়াকচো. কাশীফুল, কপোতকণ্ঠিকা, কালিন্দী, কটকী.কুসুমশলী, কনকচুর, দুধবাজ, দুর্গাভোগ. পর্দ্দেশী. ধুস্তুর, কৃষ্ণশালী, কোঙরভোগ. কোঙরপূর্ণিমা; কল্মিলতা, কনকলতা, কামোদ, খেজুরথুপী. খয়েরশালী. ক্ষেম. গঙ্গাজল, গয়াবলি. গোপালভোগ, গৌরীকাজল, গন্ধমালতী গুয়াথুপী, গুণাকর, চামরঢালি. বন্দনশালী, ছত্রশালি. জটাশালি, জগন্নাথভোগ. জামাইলাড়. জগাবাঙ্গী,চিঙ্গাশালী, বলাইভোগ, ধুল্যা, নিমুই,নন্দনশালি, রূপনারায়ণ, পাতসাভোগ, পায়রারস; পিপাঁড়াবাঁক, তিলসাগরী, বাঁক্শালি. বাঁকোই, বুযালি. দাড়বঙ্গী, বাঁকচুর. বুড়ামাত্রা, রামশালি. রাঙ্গী. রাঙ্গামেত্যা, রামগড়, রঙ্গয়করি, পুণ্যবতী, নছীপ্রিয়. লাউশালি, লক্ষ্মীকাজল. ভোজনা. ভবানীভোগ. সীতাশালি. শঙ্করশালি, শঙ্করজটা-শি০। ধানের রোগ-উক্রা.ডাক. বান বা খোড় মরা। বাইন করা জলডুবা ধানেরই এই কৃমিররা রোগের উপদ্রব ঘটে। এই কৃমি ধানের পাতা কি গাছ খায়না। শুধু কচি অংশের রস টানিয়া খায় ও ধান চিটা করিয়া ফেলে। উক্র লাগিলে ধান পাতার আগা শুকাইয়া যায়, এবং ধানের খোড বাহির হইতে পারে না। আমন ধানেই ইহা বেশী লাগিয়া থাকে। ধানের ছেতো-এই রোগ ধান গুলিকে কাল ছাইয়ে পরিণত করে। এই ছাইগুলিই রোগের বহু সংখ্যক বীজাণুর সমষ্টি। আধু০ প্রসিদ্ধ. সুগন্ধ চাউলের মধ্যে বাসমতী, কামিনীসরু, গোলাবসরু,লীলাবতী ই০এবং উৎকৃষ্ট চাউলের মধ্যে দাদখানি. কাটারিভোগ, গোলাবখাস, চিনিসক্কর ই০]। **ধান কঁাড়া**-ক্রি, ধানকে ঢেঁকিতে কুটিয়া নিস্তুষ করা। **ধান কাটা**-ক্রি. ধান পাকিলে গাছ কাটিয়া আটি বাঁধিয়া রাখা। ২ ক্রি,ধান্যচ্ছেদন। "কাটিতে কাটিতে ধান্য এল বরষা"-রবী০। "রাশি রাশি ভারা ভারা ধান-কাটা হল সারা"-রবী০। **ধান কাড়ানি**-ধান ক্ষেতের আগাছা নষ্ট করিবার জন্য ক্ষেত চষা। **ধান কুটু/নি**-বি, ধান কোটার মজুরী। > ~**নী**-বি বিণ, যে স্ত্রীলোক ধান কুটে; ধান ভানুনী। **ধান কোটা**-ধান কাঁড়া; ঢেঁকিতে ধান ভানা। **ধান-চেড়ে পাটা** [গ্রা০ প্রাদে০] যে তক্তাব উপর রাখিয়া ধান চেড়েন হয়। **ধান ঝাড়া**. **ধান চেড়েনি** বা **ঠ্যাঙ্গানি** [প্রাদে০] ক্রি. খামারে আনিয়া ধান গাছের আটি পাটায় আছড়াইয়া ধান ঝরান। **ধান দিয়ে লেখা পঁড়া শেখা**-খরচ পত্র না করিয়া সামান্য ব্যয়ে অল্প স্বল্প বিদ্যালাভ করা। **ধান দূর্ব্বা**-ধান ও দূর্ব্বা ঘাস; এই মাঙ্গল্য দ্রব্যদ্বয়। **ধান দূর্ব্বা দিয়া আশীর্ব্বাদ**-স্বর্ণ রৌপ্যাদি বহুমূল্য দ্রব্য দান সহ আশীর্ব্বাদ না করিয়া অযত্ন সুলভ অথচ মাঙ্গলিক দ্রব্য ধান দূর্ব্বা মস্তকে স্পর্শ করাইয়া আশীর্ব্বাদ। **ধান নাড়িয়া দেওয়া**-বীজ ধান হ'তে চারা গজাইলে স্থানান্তরে পুঁতিয়া দেওয়া। **ধান পাট করা**-ঝাঁটা দ্বারা ধানের খড় কুটা পরিষ্কার করা। **ধান পালা ফুঁইয়া**-ধানের পালুই বা গাদি করা। **ধান বাড়ি**-ঋণস্বরূপ প্রদত্ত ধান; বৃদ্ধিহেতু আগাম দেওয়া ধান। **ধান বোনা**-সীতা রেখায় ধান ছড়াইয়া বপন করা। **ধান ভানা**-ধান কুটিয়া চাউল বাহির করা; ধান কাঁড়া। **ধান ভানিতে শিবের গীত**-অপ্রাসঙ্গিক কথার অবতারণা। **ধান মাড়া**-শীষ হ'তে ধান পৃথক্ করিবার জন্য গরুর পায়ে ধানের মঞ্জরী মাড়ামাড়ি করিতে দেওয়া। **ধান শুকানি**-ভিজা বা সিদ্ধ ধান রৌদ্রে ছড়াইয়া শুষ্ক করা। **ধান সারা** [ধান + (ছাড়া > ছারা >)সারা] ক্রি, ধান গাছ আছড়ান বা মাড়ান হইবার পর চিটা বা আগড়া ও খড়

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব=হ্‌ব হ্য হ্র হ্ব ঋ ঋ্য, জ্ ক্ ব্ জ্ঞ=zfwv ও চ্চা০ স্বঃ

ধুটা উড়াইয়া পুষ্ট ধান পৃথক্ করা ; ধান ঝাড়িয়া বাছিয়া ভাল ধান একস্থানে গাদা করা। বি, ধানসারী-ঐরূপ স্তূপাকার করণ। ২ পরিষ্কৃত ধান্যস্তূপ। উড়ীধান, ঝঁরা বা ঝঁড়া ধান [ক্ষেতে ধান পাকিয়া বাতাসে উড়িয়া পড়ে এবং তা হ'তে ধান গাছ জন্মে বলিয়া উড়ী বা ঝড়া] বি, উঞ্ছ। ২ নীবার। কঁর্ত ধানে কঁত চাল তার খবঁর তি রাখঁনা-প্রত্যেক ধান হ'তেই চাল পাওয়া যায় না। অনেক ধানে গাছই জন্মে না, অনেক ক্ষেতে, খামারে, ঢেঁকিশালে নষ্ট হয়, অনেক আগড়ায় যায়। এইরূপে ধানের পরিমাণ অনুসারে যে অনেক কম চাউল হয় তা'র তত্ত্ব। তা হ'তে সংসারের আয় ব্যয়ের ধান চালের খরচের খবর। নিরপেক্ষ এবং দায়িত্ব-বোধহীন ব্যক্তিরা এ সকল খবর রাখে না বলিয়া তাদের প্রতি এই কথা ব্যঙ্গোক্তিতে প্রযুক্ত হয়। বীজ ধান-যে পাকা ধান বপন করিয়া গাছ করিবার জন্য রাখা হয়।

ধানঁক [সং] বি, ধন্যাক ; ধনিয়া।

ধানশী, -সী [সং-ধনাশ্রী] বি, রাগিণীবিঃ (বীররসে প্রযুজ্য বলিয়া উক্ত)।

ধানা [ধান+আ (জাতার্থে)] বি, চিঁড়ে। ২ যবভাজা। ৩ খই। ৪ ধনিয়া। ~চূর্ণ -সক্তু ; ছাতু।

ধানাই-পানাই [প্রাদে°] বি, অসম্বদ্ধ কথা। তুল-আলাত পালাত।

ধানিকী [সং। ধানী (দ্রঃ) > ক্ষুদ্রার্থে] বি, ক্ষুদ্রাধার। ২ অল্প পরিসর স্থান।

ধানী১ [ধান+ঈ (যুক্তার্থে, সাদৃশ্যার্থে)] বিণ, কাঁচা ধানের বর্ণ ; হালকা সবুজ। প্র-ধানী রঙ্গের কাপড। ২ ধানযুক্ত।

ধানী২ [ধান+ঈ (স্ত্রীং)] বি, আধার ; স্থান। প্র-রাজধানী। ২ আস্পদ।

ধানীলঙ্কা [ধানের মত ছোট বলিয়া] বি, অতিক্ষুদ্র-জাতীয় লঙ্কা small capsicum.

ধানুক-বি, পশ্চিমের নিম্নশ্রেণীর হিন্দু জাতিবিঃ।

ধানুকী [সং-ধানুষ্ক >] বিণ, ধনুর্দ্ধারী। "তবকী ধানুকী রায়বেঁশে মাল।"-অ° ম°।

ধানুষ্ক [সং] বি, ধানুকী ; ধন্বী।

ধানুষ্য [ধনুস্+য (যাতে হয়)] বি, বাঁশ।

ধান্দা১ [সং-দ্বন্দ্ব >। ধন্ধ দ্রঃ] বি, ধাঁধা ; ধোঁকা ; সন্দেহ। "তুমি না ভাঙ্গিলে ধান্দা কর্ম্মপাশে থাকে বান্ধা লোচন থাকিতে হয় অন্ধ।"-শি°।

ধান্দা২, ধান্ধা [সং-ধনধান্য (জীবিকা) > ক্ষে° ধনধা (হি° শ° সাগর)? বা সং-দ্বন্দ্ব (জীবন সংগ্রাম) >? হি° ধন্ধা] বি, কাজকর্ম্ম; ব্যাপার ; কারবার ; পেশা ; রোজগার। ২ উপায় ; ফিকির। ৩ চিন্তা।

ধান্য [ধন+য। প্রা° বাং বানানে, 'ধান্ন' (শূ° পু°)] বি, ধানগাছ oriza sativa, শালি, ষষ্টিক ও ব্রীহি ভেদে ধান্য ত্রিবিধ। ২ ধান (দ্রঃ) paddy. ৩ ধানজাতীয় শস্য (যব, গম, মুগ, মাষ, মসুর কলাই, ছোলা ই°)। ~কর্ত্তন- বি, ধান-কাটা (দ্রঃ) ; ধান্য-চ্ছেদন॥ ২ ~ঘঁর-গোলা-ঘর ; মরাই। "ফুল্লরার কথা শুনি হিতাহিত মনে গণি লুকাইল বীর ধান্য-ঘরে।"-কবিক°। কঙ্গু ধান্য-কাঙনী ধান (শ্যামা, চীনা, কট ও কোদো ভেদে চারি প্রকার)। ব্রীহি-ধান্য-বর্ষাকালে জন্মে যে ধান্য ; আউস ধান ; আশু ধান্য। শালিধান্য-হৈমন্তিক ধান্য;আমন ধান। ষষ্টিকধান্য-গ্রীষ্মকালে জন্মে যে ধান্য ; ষাট ধান ; ষেটে ধান ; রোরো ধান। শূকধান্য-শুঙাযুক্ত ব্রীহি ই° ধান্য: শিম্বীধান্য। ~চঁমঁস-বি, চিড়া।~চ্ছেদঁন -বি, ক্ষেতে ধান পাকিলে কর্ত্তন ; ধানকাটা। ~ত্বক [ধান্যের ত্বক, ৬তৎ] বি, তুষ। ~ধেনু-বি, ধেনু দান উদ্দেশ্যে ধান্য নির্ম্মিত ধেনুর প্রতীক বা কল্পিত ধেনু। ~পঁঞ্চক [ধান্য-পঞ্চ+ক (সংখ্যা নির্দ্দেশে)] বি, পঞ্চ-ধান্য, শালি, ব্রীহি, শূক, শিম্বি ও ক্ষুদ্র। ~বঁর্দ্ধন-বি, ধানের বাড়ি ; ঋণ স্বরূপ ধান দান। ~বীজ-বি, ধন্যাক ; ধনে। ~মালিনী-বিণ, ধান্যে গ্রথিত মালা-ধারিণী। ২ বি, রাবণের পত্নীদিগের মধ্যে অন্যতমা। ~রাজ-বি, যাবতীয় ধান্যের রাজা ; যব। ~শীর্ষক [ধান্যের শীর্ষক (অগ্রভাগ), ৬তৎ] বি, ধানের শীষ ; ধান্য-মঞ্জরী। ~শূক [ধান্যের শূক, ৬তৎ] বি, ধানের শুঁয়া।

ধান্যক, ধান্যাক [সং] বি, ধনিয়া ; ধনে।

ধান্যাচঁল [ধান্য+অচল (পর্ব্বত)] বি, ধান্যকূট ; দানের জন্য নির্ম্মিত পর্ব্বতাকার ধান্যস্তূপ।

ধান্যাম্ল [ধান্য(জাত)+অম্ল, ম° প° লো°] বি আমানি ; কাঁজি।

ধান্যাস্থি [ধান্য+অস্থি] বি, তুঁষ।

ধান্যেশ্বঁরী [ধান্য+ঈশ্বরী। পরিহাসে] বি, ধেনো মদ ; দেশী মদ্য ; খাঁটি। "কিম্বা ব্রাণ্ডী, হুইস্কি, বিয়ার কিম্বা তাড়ী, ধান্যেশ্বরী॥" -দ্বি° রায়।

ধান্যোত্তম [ধান্যের মধ্যে উত্তম, ৭তৎ] বি, শালিধান্য।

ধাপ [সং-পদস্থাপনী , থাপ >] বি, সোপানের পৈঠা step.

ধাপঁড়া-ধাবড়া দ্রঃ।

ধাপ(ব)ধাড়া-গোবিন্দপুর [২৪ পরগণা অঞ্চলে] বি, সুতানুটীর পার্শ্ববর্ত্তী গোবিন্দপুর হ'তে দূরে কোন অজ্ঞাত এবং অখ্যাত বা কিম্ভূত কিমাকার স্থান (সম্ভবতঃ ধাপার ধারের ঐ নামের গ্রাম?)।

ধাপা, ধাপাড় [ই° depot ডিপো >? অথবা সং-স্তূপ >। ধুপি দ্রঃ] বি, যে প্রান্তর বা জলাভূমিতে কোন কিছু সঞ্চিত বা স্তূপীকৃত হয়। ২ [লক্ষ°] কলিকাতার সন্নিহিত স্থান যথায় সহরের যাবতীয় আবর্জ্জনা নিক্ষিপ্ত হয় ; ধাপার মাঠ (এই অর্থে ধাপাড়)।

ধাপুস্ [ধপ্, ধুপ্ দ্রঃ। ধাপ্+উস্ (অল্পার্থে)] বি, অনুকার শব্দ ; মৃদু পতন শব্দ।

ধাপ্পা [হি° ধপ্পা] বি, মিথ্যা আশ্বাস ; ফাঁকি ; প্রতারণা ; ধোঁকা। ক্রি, ধাপ্পা দেওয়া। ~বাজ-বিণ, মিথ্যা আশ্বাস-দাতা। ২ প্রতারক। ~বাজি [হি° ধাপ্পা +ফা° বাজী] বি, ধোঁকাবাজী ; মিথ্যা আশ্বাস দান। "করি যদি ধাপ্পাবাজি মিথ্যে মোকদ্দমা, সয়ে যাবে গীতার পুণ্যে আছে অনেক জমা।"-দ্বি° রায়।

ধাবিই [ব্রজ°, পদ° সা°। ধাওয়া দ্রঃ] ক্রি,

ধাবন করে। ধাবঁএ,-য়ে-ধাবন করে। ধাবল -ধাওল দ্রঃ।

ধাবক [ধাব্ (বেগে গমন করা)+অক (র্তৃ)] বিণ, শীঘ্রগামী। ২ পত্রবাহক; দ্রুত ধাবন করিতে করিতে যে এক স্থানের পত্র বা সংবাদ লইয়া অন্যস্থানে পৌঁছাইয়া দেয়; দ্রুতগামী বার্ত্তাবহ; দূত। "একথা ধাং শুনিয়া বেগে ধায়"-ধর্ম্মরাজের গীত (সীতারাম)। ৩ সম্মার্জ্জক: পরিষ্কারক; ক্ষালক। ৪ বি, রজক; ধোপা। ৫ জনৈক প্রাচীন কবি। ৬ সাধারণ সৈন্য ও গ্রামবল সংঘ সূচক উপাধিবিঃ।

ধাবকা [সং-অনুধাবন > হিং] বি, অভ্যাস। প্র-ধাং পড়ে যাওয়া। ২ রীতি: ধারা। ৩ ধকল; হেঁপা। "মকদ্দমা করা কেতাবী লোকের কাম নয়-তেনারা একটা ধাবকাতেই পালিয়ে যায়।"-টেকচাঁদ।

ধাবড়া১ [হিং ধব্বা=বিস্তৃত মলিন দাগ] বি, কালীর বিস্তৃত দাগ; যে ময়লা চিহ্ন অনেকটা স্থান জুড়িয়া থাকে। ২ খাবলা; খানিকটা। এক ধাং থুথু, গোবর ইং।

'**ধাবড়া**২ [দাবড়া] বি, ধমকানি; ভর্ৎসনা। ধাং দেওয়া-ক্রি, দাবড়ি দেওয়া; ধমকানো।

ধাবন১ [ধাব্ (দ্রুত গমন করা)+অন (ভাং)] বি, শীঘ্র গমন; দৌড়ন। ~কুর্দ্দন [ধাং ও কুং। হিং কুদ্‌না (লাফ দেওয়া)] বি, দৌড়াদৌড়ি লাফালাফি খেলা।

ধাবন২ [ধাব্ (শুদ্ধীকরণে, মার্জ্জনে)+অন (ভাং)] ধৌতকরণ; প্রক্ষালন। ২ [আয়ুং] ক্ষত ইং ধুইবার শোধক গুণযুক্ত জল। "ক্ষত শোধন ধাবন।" দন্ত ধাবন-দাঁত মাজা। বস্ত্রধাবন-কাপড় কাচা। হস্তধাবন-হাত ধোয়া।

ধাবমান [ধাব্ (দ্রুত গমন করা)+আন (র্তৃ), ম আগম] বিণ, দ্রুতগমনশীল; যে দৌড়িতেছে।

'**ধাবাড়** [ধাব্ (ধাবন)+আড় (স্বার্থে)-দ্রুত গমন] বি, ধাবন; দ্রুতগমন। বিণ, ধাবাড়িয়া।

'**ধাবাড়িয়া**, 'ধাবাড়ে [ধাব্ (ধাবন)+আড় (স্বার্থে)+ইয়া (যুক্তার্থে) > ক্বেং ধাবাড়ে] বিণ, দ্রুতগতিশীল। ২ তাড়াহুড়াকারী; শীঘ্রকারী। ৩ দ্রুতগতি; শীঘ্র। "ধাবাড়ে পাখীর বাড়"-কবিকং।

ধাবাধাবি [ধাওয়াধাই দ্রঃ] বি, দৌড়াদৌড়ি; ছুটাছুটি।

ধাবিত [ধাব্ (বেগে গমন)+ত (র্তৃ)] বিণ, যে দৌড়িয়াছে: পশ্চাদ্ধাবিত। ২ কৃতানুসরণ। ৩ [র্ম্ম] ধৌত; পরিষ্কৃত।

ধাব্বা [হিং ধব্বা] বি, দাগ; বিস্তৃত কাল চিহ্ন। ২ কলঙ্ক; অপবাদ।

ধাম [মুং ধামন্ ১মা, ১বং] বি, গৃহ। ২ স্থান। ৩ পবিত্র স্থান; পীঠস্থান; তীর্থ। প্র-কালীধাম। বৃন্দাবনধাম। চতুর্ধাম। ৪ ঠিকানা; বাস নির্দ্দেশ। ৫ আস্পদ; আধার। ৬ দেহ। ৭ জন্ম। ৮ প্রভাব। ৯ পদ। ১০ তেজঃ। নাম-ধাম-নাম ও বাসস্থান। ২ পরিচয়। গুণধাম-গুণের আধার; যিনি সকল বা বহুগুণে গুণান্বিত; গুণধর। পুণ্যধাম-পবিত্রস্থান; তীর্থ।

ধামক [ধামন্+ক (জ্ঞাং)] বি, একমাষা পরিমাণ; আট রতি; একতোলার দ্বাদশ ভাগের একভাগ; ১৫ গ্রেণ।

ধামকেশী [ধাম (কিরণ)-কেশী, কিরণরূপ কেশ যার] বি, সূর্য্য।

ধামগুজারি [হিং ধম্, ধমা+কাং গুজারি। তুল-হিং ধমাচৌকড়ি] বি, লম্ফঝম্প; ধুমধাম; দাপাদাপি; দৌরাত্ম্য।

ধামন [সং-ধর্ম্মন > হিং ধামিন্] বি, গোধা; গোসাপ। ২ ঢেমনা সাপ। ৩ এক-জাতীয় বাঁশ।

ধামনিক [ধমনী+ইক (সম্বন্ধার্থে)] বিণ, ধমনী সম্বন্ধীয়; নাড়ীসংক্রান্ত।

ধামনিধি [ধাম (তেজঃ তার) নিধি (আশ্রয়), ৬তৎ] বি, সূর্য্য। ২ তেজস্বী।

ধামনী [ধমনী+অ (স্বার্থে)+ঈ (স্ত্রীং)] বি, ধমনী; নাড়ী।

ধামশঃ [মুং ধামশস্ …] অ, ধামে ধামে; স্থানে স্থানে; আলয়ে আলয়ে; তীর্থে তীর্থে।

'**ধামসা**,-শা, ধামাসা [ধাওসা দ্রঃ। অনুং। সাঁওতালী ধুমসা] বি, আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ; টিকারা; বড় নাগারা। "নাচের সময় ধামসা ও মাদল বাজনা হয়"। "বাউরীদের বিবাহে মাদল ধামসা প্রভৃতির বাজনা হয়।" -প্রবাসী, ১৩২৮।

'**ধামসানি** [ধুমসান দ্রঃ। ধাওসা দ্রঃ। ধামসা+আন (ক্রিয়ায়)-ধামসার মত শব্দ করা। 'দামসান' ও] ক্রি, ধামসা বাজান বা তাহার শব্দ করা। ২ মর্দ্দন করা; দলন করা। ৩ ধুমসা পেটার মত ধমাধম মারা; মুষ্টি, চপেটাঘাত ইং দ্বারা বিলক্ষণ প্রহার করা।

ধামসাপোকা-বি, ধান ক্ষেতের দড়পত্রী কীটবিঃ।

ধামা [হিং ধামা। ধাম (বংশবিঃ)+আ (জাত্যর্থে)] বি, বংশ বা বেত্রনির্ম্মিত পাত্রবিঃ (ক্ষুদ্রার্থে ধামি)। ২ [সং-ধামক >] বহু ধামক-পরিমাণ দ্রব্য। ৩ বিণ, ধামা নামক পাত্র পূর্ণ। এক ধামা ধানে। ধামা চাপা দেওয়া-অল্পকালের জন্য কোন বিষয় স্থগিত রাখা; থামাইয়া রাখা; বন্ধ রাখা। "সমস্ত কলহ ধামা চাপা দিয়া"-বাং বসুমতী, ১৩০৪। ~ধরা-বিণ, তোষামোদকারী; খোসামুদিয়া। "ধামা ধরা কাজে মানব সমাজে কারে কি আমরা দখল দি।"-বাং-গান। ~ধামা [আধিক্যার্থে দ্বিত্ব] অ, বহু ধামপূর্ণ; বহু পরিমাণ। প্র-ধামা ধামা চাউল বিতরণ।

ধামাংকর্ন্নি, ধামাইতকর্ণি, ধামাতিকর্ণী [ধর্ম্মাধিকারিণী দ্রঃ ধামাধিকারিণী > । চাং বং] বি, ধর্ম্মাধিকারিণী। "সেবক হব সুখি আমনি ধামাংকন্নি।"-শূংপুং।

ধামামি-ধামালী দ্রঃ।

ধামার [প্রাদেং, চট্টল] বি, প্রহরণবিঃ। ২ রাগিণীবিঃ।

ধামাল১-বি, রাগিণীবিঃ; ধামার। ২ [ধাম (তেজঃ)+আল (স্বার্থে)] বীর্য্য; তেজ; প্রভাব। ৩ দুর্দ্দান্ত। "আমার ছাওয়াল বড়ই ধামাল এ দোষ ক্ষমিবে আপনি।"-চৈং মং।

ধামাল২ [দামাল দ্রঃ] বিণ, অশান্ত; উৎপাতকারী; দুষ্ট; উদ্ধত।

ধামালী১ [ধায়ালী-ধায়ালী=ধাব (ধাবন)+আলী (করণার্থে)। প্রাদেং অনুনাসিক উচ্চারণে বস্থলে ম] বি, দৌড়; দ্রুত পদক্ষেপ।

ধামালী২,-লি [ঢঙ্গ-ঢমালী (দ্রঃ)। বিং

প॰-তে-ধমারি, কৃত্তিবাসে-ঢামালি, মাধব কন্দলিকৃত রামা॰ ধেমালি। তুল-ঢাঙ্গাতি (লম্পটতা)] বি, ঢঙ্গ ; রঙ্গ ; পরিহাস বাক্য ; রঙ্গরস : অঙ্গভঙ্গী ; গতিভঙ্গী। "রঙ্গে ধা॰ বোলে দেব বনমালী"-শ্রী॰ কী॰। "রাধা কানুর ধা॰ দেখিয়া সব সখী নয়নে বসন দিয়া ঘন হাস্যমুখী"-ঐ। ২ শঠতা : চতুরালী : ছলনা।

ধামি,-মী-বি, ছোট ধামা (দ্রঃ)।

ধায় [সং-ধাব > হি॰ ধাবে। পদ্যে। ধাওয়া দ্রঃ] ক্রি, ধাবন করে ; দৌড়ে। ২ গমন করে ; যায়। ব্রজ॰ **ধায়ঁল**-ধায়। প্রা॰ বাং- **ধায়ঁন্তি**-ধাবমান হয় ; দৌড়ে। ২ যায় ; গমন করে। "ধম্মের সিনানকালে জতেক তিথি মিলে ধায়ন্তি সভে লঘুগতি।" -শূ॰ পু॰।

ধায়ঁলি,-লী, ধায়ালী [ব্রজ॰। ধাব্ ধাতু] বি, দ্রুতগতি ; ত্বরিতগতি ; সত্বর গমন ; ধাবাড। "নাএর ধায়লী যদি পাইল কোঙর।"-কবিক॰। "কালীঘাটা উত্তরিল দোলার ধায়ালী।"-ঐ।

ধায়িঁআঁ [ধাওয়া দ্রঃ। 'ধাইয়া'র প্রা॰ বাং রূপ] ক্রি-বিণ, ধাবিত হইয়া।

ধায্য, ধায্যা-ধায্য, দ্রঃ।

-ধার১ [ধৃ (ধারণ করা) + অ (র্ত্তৃ)] বি, ধারী বা ধারণকারী অর্থদ্যোতক শব্দাংশ বা প্রত্যয়। প্র-কর্ণধার।

ধার২ [সং "ধারোৎকর্ষে খড়্গাদ্যগ্রে" -হে॰। "খড়্গাদেনি শিবমুখে"-মে॰] বি, প্রান্তভাগ ; কিনারা ; শেষ সীমা। "লয়ে ভব কর্ণধারে, ক্রমে যমুনার ধারে"-দাশরথি। ২ অস্ত্রের তীক্ষ্ণাংশ ; তীক্ষ্ণতা। "পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার।"-ভারত॰। কাটারির ধার পড়িয়া গিয়াছে। ৩ বুদ্ধির উৎকর্ষ বা তীক্ষ্ণতা : প্রাখর্য্য। প্র-ছেলেটির ধার থাকিলে নিশ্চয়ই এত দিনে শিখিয়া লইত।

ধার৩ [সং-উদ্ধার > হি॰ উধার ·· ক্কে॰ হি॰ ও বাং-য় ধার। প্রা॰ বাং-য় 'উধার' ও॰। "ধারো জলধরাসার বর্ষণে স্যাদৃণ্যেপি চ"-হে॰। "কালিকার ভিক্ষায় নাথ উধার শুধিলু। অবশেষ ছিল যাহা রন্ধন করিলু॥-কবিক॰]। বি, ঋণ ; দেয় বা প্রত্যর্পণেয় অর্থ বা দ্রব্য। "পিতা তুমি পালন করেছ পুত্র প্রায়। এবার তোমার ধার কিছু শুধিবায়॥"-ঘ॰। ২ [ধারা >] ধারা। "কণ্ঠ হইতে রুধির উঠিছে তিন ধার"-ভারত॰। ৩ সংস্রব ; সম্পর্ক। প্র-সে ও বিষয়ের কোন ধারই ধারে না। **ধার করা** -ঋণ গ্রহণ করা ; কর্জ্জ করা। ২ অল্পকালের জন্য ব্যবহার করিবার উদ্দেশে ও সময় মত ফেরত দিবার অঙ্গীকারে ঋণ গ্রহণ borrow. ৩ অস্ত্রাদি শাণিত করা ; অস্ত্রে শাণ দেওয়া। **~কর্জ্জ** [সহ॰ দ্বয়। কথ্য] বি, ধারধোর ; দেনাপত্র। "এদিকে ধারকর্জ্জের মাত্রা যখন নিতান্তই বাড়িয়া চলিল"-ভারতী (১৩২০) [দ্রঃ-কর্জ্জ ও ধার একই অর্থে (সুদে বা বিনা সুদে) ব্যবহৃত হয়। আ॰ কর্জ্ ও কর্জা debt, loan, credit) > বাং-কর্জ্জ, কর্জ্জা। সং-তে উদ্ধার অর্থে বিনা ব্যাজে ঋণ। প্র-পাঠ্য পুস্তক না কিনিয়া বন্ধুর নিকট ধার করিয়া পড়া। দোকান হতে ধারে জিনিষ পত্র খরিদ করা। কিন্তু বাং-য় সুদী ঋণকেও ধার বলে। প্র-ধারের টাকা সুদে আসলে প্রায় দ্বিগুণ হ'তে চল্‌লো। যে কর্জ্জ সুদ বহন করে না আ॰ ভাষায় তার নাম-কর্জ্-ই-হ সন (loan bearing no interest & repaid at the pleasure & convenience of the borrower). বাং-য় এ শব্দের ব্যবহার নাই] **ধারধোর করা** [ধোর ধারের সহচর] দেনাপত্র করা ; ধার-কর্জ্জ করা। **ধার চুকানি**-ঋণ শোধ করা। **ধার দেওয়া** -ঋণ দান করা। **ধার ধারা**-ঋণ রাখা : ঋণবদ্ধ হয়ে থাকা। ২ সংস্রব রাখা : সম্বন্ধ রাখা। ৩ অপেক্ষা রাখা। **ধারে খাটানি**-(টাকা) সুদে নিয়োগ করা ; বৃদ্ধিজীবীর ব্যবসায় করা।

ধারক১ [ধৃ(ধারণ করা) + অক(র্ত্তৃ)] বিণ, যে ধারণ করে ; ধারণকর্ত্তা। ২ যে পুরাণ পাঠকের ভুল ধরে অর্থাৎ পাঠে অশুদ্ধি সংশোধন করে। ৩ যে মন্ত্র পাঠ করায়। প্র-তন্ত্রধারক। ৪ [পুরাণ মতে, বিশ্বকর্ম্মা অমৃত ধারণের জন্য দেবগণের অংশে কলা কলা গ্রহণ করিয়া যে পাত্র নির্ম্মাণ করেন তাকে কলস বলে ; ইহা অমৃত ধারণের জন্য নির্ম্মিত বলিয়া ধারক] বি, কলস। ৫ যে ঔষধ সেবনে মলভাণ্ডে মলধারণের শক্তি হয় ; যাতে "পেট ধরে" ; অভেদী ঔষধ। **~তা** (-র্ক-) বি, ধারকের পদ বা কর্ম্ম। ২ ধারণ ক্ষমতা। ৩ মল-রোধকতা।

ধারক২ [ধার২ দ্রঃ] বিণ, ঋণগ্রাহী ; অধমর্ণ : ধেরো।

ধারণ (-র্ণ-) [ধৃ (ধরা) + ণিচ্ =ধারি + অন (ভা॰)] বি, গ্রহণ। ২ হস্তে ধারণ ; হস্ত দ্বারা গ্রহণ ; অবলম্বন। প্র-তাঁহার হস্ত ধারণ করিয়া উপরে উঠিলেন। ৩ অঙ্গে গ্রহণ : পরিধান। প্র-বেশ ধারণ ; বস্ত্র ধারণ। ৪ উদরে গ্রহণ অর্থাৎ উদরস্থ করণ সেবন। প্র-এক্ষণে তিনি একটী কবিরাজী ঔষধ ধারণ করিতেছেন। ৫ কণ্ঠে, বাহুতে বা কটিদেশাদিতে গ্রহণ : রক্ষণ। প্র-তিনি বাতের জন্য একটী মাদুলী ধারণ করিয়াছেন। ৬ স্মৃতিতে গ্রহণ : মনন। প্র-তার চঞ্চল মতির জন্য কোন বিষয়ই ধারণ করিতে পারে না। ধারণা দ্রঃ। ৭ সংবরণ : সংযমন। প্র-প্রস্রাবের বেগ ধা॰ করিতে নাই। ৮ পাত্রে গ্রহণ : পাত্র অনতিক্রমণ। প্র-এই পাত্রটি কত জল ধা॰ করিতে পারে? ৯ বহন। প্র-ভার বা মোট ধা॰। ১০ বিণ, গ্রাহক। ১১ রক্ষক [এই দুই অর্থে প্রায়ই অন্য শব্দের সহিত যুক্ত হইয়া পদ্যে ব্যবহৃত হয়। বাং-গদ্যে ও স্বতন্ত্রভাবে বিরল]।

ধারণা [ধৃ + ণিচ্=ধারি + অন(ভা॰) + আ (স্ত্রীং)] বি, স্থিতি ; স্থাপনা। ২ নির্দ্ধারণ : নিশ্চয়। ৩ স্মরণশক্তি a retentive memory. ৪ বুদ্ধি। ৫ আত্মাতে মনের অভিনিবেশ ; ব্রহ্মতত্ত্বে মগ্ন হওন। ৬ [যোগ শা॰] চিত্তবৃত্তিকে বিষয়ান্তর হ'তে নিবৃত্ত করিয়া নাসিকাগ্রে বা নাভিচক্রে স্থিরীকরণ ; চিত্তস্থৈর্য্য ; চিত্তের একাগ্রতা। ৭ সংস্কার : বিশ্বাস ; ধারণা an impression ৮ সিদ্ধান্ত conclusion স্ত্রীং **ধারণী**-নাড়ী। ২ শ্রেণী। ৩ মন্ত্রবিঃ। ৪ স্থৈর্য্য ; একাধিক্রমে স্থিতি tenacity **ধঁরণ-ধারঁণ**-ধরণ দ্রঃ।

ধারণাবান্ [ধারণা + বৎ (স্ত্য॰)= ধারণাবৎ ১মা, ১ব॰] বিণ, যার ধারণাশক্তি আছে : মেধাবী।

ধারণীয় [ধৃ (ধারণ করা) + ণিচ্ =ধারি + অনীয় (র্ম্ম)] বিণ, ধারণ করিবার উপযুক্ত।

~যঁন্ত্র-বি, দেববিশেষের ধারণযোগ্য যন্ত্রবিঃ।

ধারতি [সাঁওতালী শব্দ। হিং ধর্‌তি। সং-ধরিত্রী] বি, পৃথিবী ; ধরিত্রী।

ধারয়িতা [ধৃ+ণিচ্=ধারি+তৃ (র্তৃ)। মূং ধারয়িতৃ ১মা, ১বং] বিণ, যে ধরে ; ধারণ-কর্ত্তা ; ধারক। স্ত্রীং-**ধারয়িত্রী**-পৃথিবী : ধরণী। ২ ধারণকর্ত্রী।

ধারয়িষ্ণু [ধৃ+ণিচ্=ধারি+ইষ্ণু (র্তৃ, শীলার্থে)] বিণ, যে ধারণ করিয়া আছে : ধারণশীল।

ধারা১ [ধার২+আ(ক্রিয়ায়)। ধারি, ধার (ধারেন, ধারিস), ধারে (ধারেন) ; ধারিতে ; ধারিয়া (ক্ষেং গ্রাং ধেরে)] ক্রি, ঋণী হওয়া . অধমর্ণ হওয়া ; ঋণ করা ধার রাখা। প্র-ধার ধারা। ঢাকা ধারা।

ধারা২ [ধৃ (পতনে)+ণিচ্=ধারি+অ (ভাং)আ (স্ত্রীং)। "ধারোৎকষে খড়্গাদগ্রে সৈন্যাগ্রে বাজিনাং গতৌ। জলাদিপাতে সন্ততৌ"-হেং] বি,জলাদির পতন ; দ্রব বস্তুর ক্রমাগত নিঃসরণ বা অবিচ্ছেদে ক্ষরণ : অবিরল জলস্রাব : প্রবাহ। "কিছুতেই থামে না যে মা, পোড়া এ নয়নের ধারা"-রবীং। ২ বৃষ্টি। ৩ রশ্মি বা সূত্রের আকারে সংমিলিত জলবিন্দুর পতন। ৪ প্রস্রবণ ; নির্ঝর ; ঝরণা। ৫ শৃঙ্খলা ; ক্রম। ৬ পদ্ধতি ; ব্যবস্থা ; নিয়ম। "মাগো ওমা, মা বাপের কি এমনি ধারা"-রাম বসু। "বংশাবলির ধারা।" ৭ আইনের পদ্ধতি। ৮ পরিচ্ছেদ। ৯ অনুচ্ছেদ। ১০ প্রকরণ। ১১ সেনাদলের অগ্রভাগ : সৈন্যস্কন্ধ। ১২ সমূহের অবিচ্ছেদ ; শ্রেণী ; সারি। ১৩ অস্ত্রের ধার বা তীক্ষ্ণপ্রান্ত। ১৪ উৎকর্ষ ; প্রাখর্য্য ; ধার। ১৫ প্রকৃতি ; স্বভাব ; রীতি ; চাল-চলন। "যদি তোমার বাপের ধারা ধর"-রাং প্রং। ১৬ ঘটাদির ছিদ্র ; বহু ধারাযুক্ত পাত্রকে "ঝাঁঝরা" বলে। ১৭ ধারানগরী। ১৮ ধরণ ; প্রকার ; সাদৃশ্য। ১৯ ক্রি-বিণ, ধরণের ; মত ; তর (তুরু-হিং তরহ্ ; তওর্)। "সারা বরষ দেখিনে মা, মা তুই আমার কেমন ধারা"। **ধারার শ্রাবণ**-অশ্রান্ত বা অবিরল বারি পতন হেতু যেন শ্রাবণ মাসের মত। "এত নিন্দা কথা যদি কহিল ব্রাহ্মণ। শ্রীমন্তের চক্ষু হইল ধারার শ্রাবণ॥"-কবিকং। **শ্রাবণের ধারা** [শ্রাবণ মাসে নিরন্তর বারি পতন হেতু] অজস্র ধারা।

ধারা৩ ["পঞ্চ অশ্বানাং গতিবিশেষা ধারা-শব্দবাচ্যাঃ।" "আস্কন্দিতং সমানাঃ স্যাদশ্বানাং গতিরগ্রতঃ। চক্ষুঃপাতস্য চাতুর্য্যাদ্‌গতিস্তু ধৌরিতং ভবেৎ। মণ্ডলীগমনং যৎ তু রেচিতং তৎ প্রচক্ষতে। বেগ বিক্ষেপ গমনং বল্‌গিতং সংপ্রচক্ষতে। লক্ষেন ত্বরয়া যা তু গতিঃস্যাৎ সা প্লুতং ভবেৎ ইতি শালিহোত্রঃ"-অমরার্থ কল্পদ্রুম] অশ্বের গতি পঞ্চক ; আস্কন্দিত গতি, ধৌরিতক গতি, রেচিত গতি, বল্গিত গতি, প্লুত গতি।

ধারাকঁদম্ব [সং-ঈষৎ নীলবর্ণ বলিয়া নাম "মেঘাভ" ও ভ্রমরপ্রিয় বলিয়া 'ভৃঙ্গ-বল্লভ'] বি, নীপ ; কেলিকদম্ব adina cordifolia.

ধারাকারে [ধারা+আকারে] ক্রি-বিণ, ধারার মত অজস্র ; অবিশ্রান্ত ধারায়।

ধারাক্রমে [ধারা২দ্রঃ] ক্রি-বিণ, ধারা-বাহিক ভাবে : ক্রমাগত ধারাকারে।

ধারাগৃহ [ধারা (বিশিষ্ট) গৃহ, মং পং লোং] বি, যে গৃহে জলের ধারা অর্থাৎ কৃত্রিম প্রস্রবণ আছে : ফোয়ারা ; জলযন্ত্র মন্দির (ঋতুসংহার)।

ধারাঙ্কুর [ধারা(র)+অঙ্কুর (কণা), ৬তৎ] বি, জলকণা ; শীকর। ২ বর্ষোপল ; শিল ; করকা। ৩ সংগ্রামে অগ্রবর্ত্তী সৈন্য।

ধারাঙ্গ [ধারা২+অঙ্গ] বি, তীক্ষ্ণধারাস্ত্র।

ধারাট [ধারা (বারিপাত)+অট্ (গমন করা)+অ (র্তৃ), যে বৃষ্টি ধারার প্রতি গমন করে] বি, চাতকপক্ষী। ২ [যে জলকণা ধারণ করিয়া গমন করে] মেঘ। ৩ [যে আস্কন্দিত ধৌরিতকাদি ধারায় গমন করে] অশ্ব। ৪ [যে ধারা বা মেঘের ন্যায় গমন করে] মত্তহস্তী।

ধারাটি-ধরাটি দ্রঃ।

ধারাধর [ধারা (জলধারা)+ধর (যে ধারণ করে)] বি, মেঘ ; জলধর। ২ [ধারা (প্রান্তভাগ) ধর (যে ধরে)] খড়্গাদি অস্ত্র।

ধারানি [ধারা-পানি >] বি, যে জল ধারা ক্রমে বা অবিরল গড়াইয়া পড়ে বা ঝরে ; অশ্রুধারা। ২ বৃষ্টির জল।

ধারানিবঁদ্ধ [ধারা২+নিবদ্ধ, ৩তৎ] বিণ, প্রণালীবদ্ধ ; প্রথাবদ্ধ।

ধারাপাত [ধারা (র) পাত (পতন), ৬তৎ] বি, জলধারা ক্ষরণ। ২ [ধারা (সূত্র, ক্রম,গণিতের)+পাত (পত্র)] বাঙ্গালা অঙ্ক শিক্ষার প্রথম পুস্তকবিঃ।

ধারাবঁর্ষ, বঁর্ষণ [ধারা (ক্রমে) বর্ষণ, মং পং লোং] বি, অবিরত বৃষ্টিপাত।

ধারাবাহিক, -বাহী [ধারা। বাহিক, বাহী (ক্রমিক)] বিণ, যা ক্রমাগত চলিয়াছে ; অবিরত স্থিতিশীল ; পূর্ব্বাপর অনুগামী, অবিচ্ছিন্ন। বি, **ধারা-বাহিকঁতা,-ত্ব**-একাদিক্রম।

ধারাবিষ [ধারা (শাণিতপ্রান্ত) হইয়াছে বিষ (বিষযুক্ত) যার, বহুং] বি, বিষ-মিশ্রিত, বিষাক্ত-ধার ; সর্পাকৃতি খড়্গবিঃ, বিষাক্ত ছোরা poison dagger [পূর্ব্বে সর্পের ন্যায় তরঙ্গায়িত ফলকের এক প্রকার খড়্গ নির্ম্মিত হইত, যার ইস্পাত ঢালাইয়ের সময় তীব্র বিষ মিশ্রিত করা হইত। এই খড়্গ প্রায় একহস্তের অধিক লম্বা হইত না। শরীরে উহা বিদ্ধ হইবামাত্র আঘাতিত ব্যক্তির রক্তের সহিত বিষ মিশ্রিত হইয়া তৎক্ষণাৎ তার প্রাণ নষ্ট করিত]।

ধারাযঁন্ত্র [ধারার(জলপ্রবাহের)যন্ত্র(কল), ৬তৎ] বি, জলযন্ত্র ; ফোয়ারা। ২ পিচকারী।

ধারাল [ধার (অস্ত্রের শাণিতপ্রান্ত)+আল (যুক্তার্থে)] বিণ, ধারযুক্ত ; তীক্ষ্ণধার ; শাণিত ; যা স্পর্শমাত্র কাটে।

ধারাসঁম্পাত [ধারার (জল প্রবাহের) সম্পাত (সম্যক্‌রূপে পতন), ৬তৎ] বি, বেগে বৃষ্টিপাত ; মুষলের ধারে বৃষ্টিপতন।

ধারাসার [ধারা (ক্রমে)+আসার, মং পং লোং] বি, মুষলের ধারে বৃষ্টিপাত।

ধারাস্নুহি [সং] বি, তেকাটা সিজের গাছ Euphorbia antiquorum

ধারি, -রী [ধার (প্রাপ্ত)+ই, ঈ (স্ত্রীং)] বি, মেটেঘরের সরু দালান। ২ কিনারা। ৩ পাড়।

]যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র). ঁহীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঁজ ঞ্চ=ন্‌চ ক্ষ=ক্ষ্‌ হ্ন=হ্ন হ্ন হ্ম হ্ব হ্ন=নহ হ্ব হ্ম হ্য হ্য হ্য. ক্ষ ফ্‌ ব ভ=ziw ও চ্ছাং দ্রঃ

ধারিণী [ধৃ (ধারণ করা)+ইন (র্ত্তৃ)= ধারিন্+ঈ (স্ত্রীং)] বি, ধরিত্রী : পৃথিবী। ২ শাল্মলিবৃক্ষ। ৩ চতুর্দ্দশ দেবযোষিদগণ। ৪ কালিদাসের মালবিকাগ্নিমিত্র নাটকোক্ত রাজা অগ্নিমিত্রের পাটরাণী।

ধারিত [সং] বিণ, ধৃত করান বা ধরাণ হইয়াছে এমন।

-ধারী১ [ধৃ (ধারণ করা)+ইন (র্ত্তৃ)= ধারিন্ ১মা, ১বং] বি, ধারণকর্ত্তা এই অর্থে অন্যশব্দে যুক্ত হইয়া শব্দাংশ বা প্রত্যয় রূপে ব্যবহৃত হয়। প্র-বৃত্তিধারী ; উপাধিধারী।

ধারী২ [ধারী১ দ্রঃ] বিণ, ধারযুক্ত ; ধারাল। ২ পীলুবৃক্ষ।

ধারী৩ [ধার২ দ্রঃ] বিণ, ঋণী।

ধারুয়া [ধার (ঋণ)+উআ। গ্রাং ধেরো] বিণ, যে ধার করিয়াছে ; ঋণী।

ধারোষ্ণ [ধারা (সদ্যঃ কৃতদোহন দুগ্ধ-ধারা দ্বারা)+উষ্ণ, ৩তৎ] বিণ, দোহন কালীন উষ্ণ দুগ্ধ।

ধার্ত্তরাষ্ট্র [ধৃতরাষ্ট্র+অ (অপত্যার্থে)] বি, রাজা ধৃতরাষ্ট্রের পুত্র। ২ কৃষ্ণবর্ণ-চঞ্চুচরণ-যুক্ত হংস : গেঁড়িহাঁস। ৩ কদ্রুপুত্র ধৃতরাষ্ট্র নাগের পুত্র নাগবিঃ।

ধার্ম্মিক [ধর্ম্ম+ইক (শীলার্থে)] বিণ, ধর্ম্মশীল : ধর্ম্মিষ্ঠ। ধর্ম্মজ্ঞানী : পুণ্যাত্মা : সংযতব্রত ও ন্যায়কারী। স্ত্রীং ~া।

ধার্য্য [ধৃ (ধারণ করা)+য (র্ম্ম)] বিণ, ধারণযোগ্য ; ধারণীয়। ২ অবধারিত ; নির্দ্ধারিত ; অবধারণীয় ; স্থিরীকৃত। ৩ ধৃতকরণোপযোগী। স্ত্রীং ~া। ~মাণ [ধৃ+ণিচ্=ধারি+আন (র্ম্ম), য-ম আগম] বিণ, যা ধৃত বা গৃহীত হইয়াছে। হস্তধার্য্য -বিণ, হাত দিয়া ধরিবার উপযুক্ত। "তাহা-দিগের হস্তধার্য্য ও শকটবাহ্য বজ্র বা কামান সকল লৌহ নির্ম্মিত ছিল।"-উংগুপ্ত।

ধার্ষ্টামি,-মি [ধার্ষ্ট্য(য়),ধৃষ্ট+আম,আমি (গর্হিত আচরণার্থে)=ধৃষ্টাম, ধৃষ্টামি, প্রাকৃং ব্যবহারে ধাষ্টম, ধাষ্টাম, ধাষ্টামি। নারী কথ্য ধাৎসম, ধাস্‌সোমো] বি, ধৃষ্টতাপ্রকাশ ; ধৃষ্টব্যবহার ; প্রাগল্‌ভ্য আচরণ। ২ ঔদ্ধত্য। ৩ নিন্দা : অপযশ।

ধার্ষ্ট্য [ধৃষ্ট+য (ভাং)] বি, ধৃষ্টতা ; প্রাগল্‌ভ্য ; ঔদ্ধত্য।

ধিক১**,-ক্** [পাং "নিন্দায়াং তু ধি কথ্যতে" - অভিধানপ্পদীপিকা। অতি-শয়ার্থে দ্বিত্ব-ধিক্‌ধিক্] অ, নিন্দাব্যঞ্জক ; ছিঃ। ২ লজ্জাপ্রদানে "ধিক রহুঁ মাধব তোহারি সোহাগ। ধিক রহুঁ যো ধনী তোহে অনুরাগ॥"-বলরামং। "ধিক্ ধিক্ নাহি লাজ হে ভারত! হা সমাজ।"-কুঙ্কুম। ৩ ভর্ৎসনা বা তিরস্কারে। ৪ অবজ্ঞার্থে। ধিক্ থাক [সং-ধিক্ তান ; তান্ (তাহাদিগকে) ধিক্ গ্রাং বিকারে তান্ > থাক] অ, ধিৎকার ; ধিক্কার প্রদত্ত হউক। তুল-ধিক রহু (ব্রজং। "অহো ধিক্" বিকারে)। "জ্ঞানদাস কহ, ধিক রহু জীবনে, যে করে পর পিরীতি আশ॥" -জ্ঞানং। ~জীবন-নিন্দিত বা কলঙ্কিত জীবন ; যে জীবন ঘৃণায়, লজ্জায় ধিক্ ধিক্ করিবার মত। "যারে বল্লে ছি তার ধিক জীবনে রৈল কি।"-গান। হা ধিক [সং-অহো ধিক্] আত্মগ্লানিতে।

ধিক২ [অধিক শব্দের প্রাং বাং ক্ষেং] বিণ, অধিক। "দুর্য্যোধন হৈতে মোর ধিক যুধিষ্ঠির"-মহাং (কাশীং)। "তুমিহ পুত্রের ধিক করিতে গৌরব।"-ঐ। "আলিঙ্গিল নরপতি প্রেমাভাবে ধিক"-মহাং (শ্রীকরণ)।

ধিকাধিক১ [অধিকাধিক > ক্ষেং ধিক +অধিক, অধিকের অধিক] বিণ, সর্ব্বপ্রধান ; শ্রেষ্ঠ। "ঘরের প্রধান তুমি সভাকার ভাল। কুলে ধিং দেখ্যা তোমা বিভা দিল॥"-মং মঙ্গল (কেতকীং)।

ধিকাধিক২ [ধিক+আধিক্ (=হা ধিক্ > ক্ষেং)] বি, ধিক্ ধিক্ এই উক্তি ; ধিক্কার বাক্য। "বারেবারে কাঙ্গাল্যি মোকে ধিং বোলে গো"-শ্রীং কীং।

ধিকিধিকি [ধকধক দ্রঃ। ঈষৎ থামিয়া থামিয়া ও মৃদু অর্থে, ধক্ ধক্ স্থলে ধিক ধিক, মৃদুতর-ধিকিধিকি] ক্রি-বিণ, ক্রমশঃ ; মৃদু গতিতে ; আস্তে আস্তে। "খলের পিরিতি তুষের অনল ধিং যেন বয়।"-চণ্ডিং। ২ ক্ষীণ জ্যোতিতে। ~ধিকি ধিকি-নিরন্তর অর্থে পুনঃ পুনঃ উক্ত। "ধিকি ধিকি জ্বলিছে অনল, কেন এ জ্বালা মরমে চাপি।"-গিরিশং।

ধিক্কার, ধিক্‌ক্রিয়া [ধিক্ (নিন্দা) কার (করা)। হিং ধিৎকার] বি, ধিক্‌করণ ; ধিক্‌শব্দ প্রয়োগ ; ভর্ৎসনাবাক্য ; নিন্দোক্তি প্রয়োগ ; লজ্জাদান। ২ নিন্দা, অপমান, লজ্জা ও ঘৃণার কর্ম্মে মনে যে বিরাগ জন্মে : আত্মগ্লানি। ৩ অবজ্ঞা।

ধিক্কৃত [ধিক্ (নিন্দা) কৃত (কৃ+ত, ভাং= করা)] বি, ধিক্কার : ভর্ৎসনা। ২ [+ত (র্ম্ম)] বিণ, যার প্রতি ধিক্ শব্দ প্রয়োগ করা হইয়াছে ; ভর্ৎসিত ; নিন্দিত। ৩ ঘৃণিত। স্ত্রীং ~া। বি, ধিক্কৃতি-ধিক্কার।

ধিক্কিয়া-বি, ধিক্কার (দ্রঃ)।

ধিগ্দণ্ড [স্মৃং। ধিক্+দণ্ড, র্ম্ম] বি, ধিক্কার রূপ দণ্ড ; মনূক্ত দ্বিতীয় দণ্ড।

ধিঙ্গি, ধিঙ্গী, ধীঙ্গী [হিং ধিঙ্গ্ (বলিষ্ঠ, নাগর (a gallant), উপপতি। তুল-ধিঙ্গাধিঙ্গী=ধস্তাধস্তি। ধিঙ্গামুষ্টি-ঘুষোঘুষি ; যুদ্ধ। ধিঙ্গ্‌ড়া=উপপতি] বিণ, হৃষ্টপুষ্ট ; বলিষ্ঠ। ২ প্রধান ; দস্যু দলপতি। প্র-যেন ধিঙ্গির পদ পেয়েছে। ৩ দুর্দ্দান্ত : দস্যি (গ্রাং) ; অনর্থঘটক। "এই সহচরীগণ, এক ধিঙ্গী একজন উদ্দেশেতে করি নমস্কার।"-অং মং। ৪ [-ঙ্গী] কুচরিত্রা ; স্বাধীনা। ~নাচ -উদ্দণ্ড নৃত্য ; তাণ্ডব। "বেটা-ছেলের সঙ্গে ধীঙ্গীনাচ বউ-মানুষের।" ~পণা-ধিঙ্গির ন্যায় আচরণ। "মেয়ের যত বেশী বয়স বাড়ছে তত ধীঙ্গীপণা বাড়ছে।"

ধিৎকার [হিং] বি, ধিক্কার (দ্রঃ)।

ধিন্, ধিন্-ধিন্ [ধিন্ব্ (প্রীণনে, গতি অর্থে)] অ, নৃত্য শব্দ। ২ বাদ্যের বোল, ধিনাধিন্, ধিন্‌তাধিন, ধিনতাধিনা বিঃ ; ধিন ধিনা ধিন, তাক্ ধিনাধিন্ ইং বাদ্যের তালবোধক বোল। ধিনিকেষ্ট [গ্রাং বিদ্রূপে] ধিন্ ধিন্ করিয়া নৃত্যকারী কৃষ্ণ।

ধিমা, ঢিমা, ধিমিয়া, ঢিমিয়া [গ্রাং ধিমে, ঢিমে। সং-মধ্যম (হিং মধ্যম্) > ধিম (পরে ঝিম)] বিণ, মৃদু ; ক্ষীণ ; ঝিম। প্র-ধিমা আঁচে সিদ্ধ করা। ২ উৎসাহরহিত : গেঁতো ; অলস ; ঢিলা ; কার্য্যে অতৎপর।

মজুরটা ভারি ঢিমে। অতো ধি· লোক দৌড়ধুপের কাজ পারবে না। ৩ বিলম্বিত। প্র-ধিমাচালে চলা। ৪[সঙ্গীত শা॰]'জলদ'এর বিপরীত; অদ্রুত; প্র-ঢি॰ তেতালা। ক্রি. ঢিমানি-আলস্য করা: গেঁতোমি করা; দীর্ঘসূত্রিতা প্রকাশ করা। প্র-ঢিমিয়ে ঢিমিয়ে কাজ করা।

ধিয়া [অনু॰। সং-ধাব্ (গতি, বেগ) > ধা+ইআ। ধাইয়া, ধেইয়া, ধেয়ে (তুল-ধেয়ে নাচনী), যাতে ধা ধা শব্দ আছে বা হয়। তুল-"ধা ধা গুড় গুড় নৌবত বাজে।" (২) যে দ্রুত-পদবিন্যাসঘটিত নৃত্যে ধিয়া ধিয়া শব্দ হয়। পুনঃপুনঃ অর্থে-দ্বিত্ব। ধিয়া-তা-ধিয়া] বি, বাদ্য ধ্বনিবিঃ। ২ উদ্দণ্ড নৃত্যে পদক্ষেপ শব্দ। "ধিয়া তা ধিয়া ভূত নাচে।"-অ॰ ম॰। ৩ ধেই ধেই নৃত্যের তালে তালে তুড়ির বা করতালির বোল। "ধিয়া তা ধিয়া বনমালী।" -গিরিশ॰।

ধিরকালি [প্রাদে॰] বি, বাদ্যবিঃ। "দুন্দুভি বাজনা বাজাএ ঘনে ঘনা বরঙ্গ ভোর ধিরকালি।"-শূ॰ পু॰।

ধিষণ, ধিষণা ["ধিষণা বুদ্ধি"-অমর॰। প্রা॰ বাং "ধীষণা" বানানও দেখা যায়] বি, বুদ্ধি; জ্ঞান; মনীষা। "ধীষণা ধারণাবতী ধেয়ান ধারিণী।"-কবিক॰।

ধী [ধ্যৈ (চিন্তা করা)+কিপ্ (ণে)। ধ্যৈ=ধী] বি, বুদ্ধি; মতি; জ্ঞান। ~দীপ্ত, ~প্রদীপ্ত -বিণ, জ্ঞানদীপ্ত; তীক্ষ্ণবুদ্ধি দ্বারা প্রভাবিত।

ধীগুণ [ধী (বুদ্ধির) গুণ, ৬তৎ] বি, ধীশক্তি বুদ্ধির অষ্টবিধ উপায়। শুশ্রূষা (curiosity), শ্রবণ (hearing), গ্রহণ (acquisition), ধারণ (retention, memory), উহ (তর্ক doubt), অপোহ (সন্দেহচ্ছেদ), অর্থবিজ্ঞান (comprehension), তত্ত্বজ্ঞান।

ধীঙ্গী, ধীঙ্গীনাচ, ধীঙ্গীপিণা- ধিঙ্গি দ্রঃ।

ধীট-ঢাট, ধৃষ্ট দ্রঃ।

ধীত [ধে (পানে, অনাদরে, আরাধনে) +ত (ক্ত)] বিণ, কৃতপান; পীত। ২ অনাদৃত। ৩ আরাধিত। বি, ধীতি।

ধীন্দ্রিয় [ধী+ইন্দ্রিয়] বি, জ্ঞানেন্দ্রিয়; অন্তরিন্দ্রিয়: মন।

ধীবর [সং] বি, মৎস্যজীবী: জালিক; জেলে। স্ত্রীং ~ী।

ধীমান্ [ধী+মৎ (বিদ্যমানার্থে)=ধীমৎ ১মা, ১ব॰ বিণ, জ্ঞানবান: বুদ্ধিমান্: জ্ঞানী। ২ বি, বৃহস্পতি। স্ত্রীং ধীমতী-বুদ্ধিমতী।

ধীর [ধী (বুদ্ধি)+রা (দান করা)+অ (র্ত্তৃ), যে অন্যকে বুদ্ধি দান করে] বিণ, স্থির-বুদ্ধি; অচঞ্চলচিত্ত। ২ পণ্ডিত, জ্ঞানী। "পরস্পর শাস্ত্রকথা কহে ধীরগণ।"-অ॰ ম॰। ৩ ধৈর্য-শালী। ৪ গম্ভীর। ৫ বিনীত: শান্ত; নম্র: অনুদ্ধত। ৬ বিবেচক: যে অগ্রপশ্চাৎ ভাবিয়া কার্য্য করে। ৭ মন্থর। প্র-ধীর পদবিক্ষেপ। ৮ বি, বালিরাজ। ৯ কুঙ্কুম। স্ত্রীং ~া-যে নায়িকার কোপপ্রকাশ সাধারণের বোধগম্য হয় না: অপরাধী কান্তের প্রতি যে নায়িকা সোপহাস বক্রোক্তি প্রয়োগ করে। বিপরীত-অধীরা (দ্রঃ)।

~তা, ~ত্ব [ধীর+তা, ত্ব (ভা॰)] বি, ধৈর্য্য। ২ সহিষ্ণুতা। ৩ চিত্তের স্থিরতা। ৪ গাম্ভীর্য্য। ৫ বিনয়; অনৌদ্ধত্য। ৬ পাণ্ডিত্য। ~প্রশান্ত [ধীর (স্থিরচিত্ত অথচ) প্রশান্ত (শান্ত, শমতাপ্রাপ্ত), ধা] বি, বহুবিধ সামান্য গুণবিশিষ্ট নায়ক। "যিনি অনেকাংশে নায়ক-সামান্যগুণে বিভূষিত তাঁর নাম ধীরপ্রশান্ত। যথা-মালতীমাধবাদিতে মাধবাদি।-কাব্যদর্পণ। ~বিক্ষিপ্ত-বিণ, ধীরভাবে নিক্ষিপ্ত বা বিকীর্ণ। ~ভাব -বি, ধীরতা। ~ললিত [ধীর-ললিত (ক্রীড়াসক্ত), ধা] বি, মৃদু-প্রকৃতি, নিশ্চিন্ত এবং নিরন্তর নৃত্য-গীতাদিতে আসক্ত নায়ক। রত্নাবলী নাটকের বৎসরাজাদি। > স্ত্রীং ~া -ষোড়শাক্ষর ছন্দোবিঃ।

ধীরাধীরা [ধীরা (অথচ) অধীরা, ধা] বি, যে নায়িকার রোষ কখন বুঝা যায় না এবং কখন কথঞ্চিৎ প্রকাশ পায়। ২ অশ্রুত্যাগ করিতে করিতে যে নায়িকা বল্লভের প্রতি বক্রোক্তি করে।

ধীরি ধীরি [ধীর+ই (=এ, প্রকারার্থে)] ক্রি-বিণ, ধীরে ধীরে দ্রঃ। মৃদু মৃদু; মৃদুল। "ধীরি ধীরি বয় মলয় বায়।"-রাজ॰।

ধীরে [ধীর দ্রঃ] ক্রি-বিণ, মন্দ মন্দ: মৃদু মৃদু ভাবে। "ধীরে যায় রাই গরবিনী শ্যাম প্রেম সোহাগিনী।"-পদাবলী॰। ~ধীরে-ক্রি-বিণ, মৃদু মন্দ গতিতে: আস্তে আস্তে। ২ অনুচ্চ-স্বরে: চুপিসাড়ে। ~সুস্থে [ধীরে-সুস্থে (হি॰ সুস্তায়কে)-দীর্ঘসূত্রিতাসহ: আরাম করিয়া] অ, আস্তে আস্তে; র'য়ে ব'সে; বিলম্বে।

ধীরোদাত্ত [ধীর (শান্ত)+উদাত্ত (উদার), ধা] বি, আত্মশ্লাঘা-শূন্য সুখ দুঃখে সমভাব, প্রতিপালক ও বিনয়ী নায়ক।

ধীরোদ্ধত [ধীর (অথচ) উদ্ধত (ধৃষ্ট), ধা] বি, স্থিরচিত্ত কিন্তু সময়ে সময়ে উদ্ধত, অহঙ্কৃত, আত্মশ্লাঘাকারী ও নানা কৌশলী নায়ক।

ধীশক্তি [ধী (বুদ্ধির) শক্তি (সামর্থ্য), ৬তৎ] বি বুদ্ধিবল intellect.

ধীশব্দ [সং] বি, প্রশংসাসূচক শব্দ

ধীসচিব [সং] বি, মন্ত্রী।

ধু [ধু (কাঁপা)+কিপ (ভা॰)] বি, ধূনন। ২ জ্বলনকালে অগ্নি শিখার কম্পন। ৩ নহবৎ বাদ্যের সুর তরঙ্গ বা কম্পন।" ধু ধু ধু নৌবৎ বাজে"-অ॰ ম॰।

ধুআ [সং-ধাব্ (ধৌত করণে) > ধুআ, ধুয়া, ধোআ (য়া)। ধুই, ধুঅ, ধোও (ধুন, ধোন, ধুস), ধোয় (ধোন): ধুইতে (কৈ॰ ধুতে): ধুইয়া (গ্রা॰ কৈ॰ ধুয়ে)। ণিজন্ত-ধুয়ান, ধোয়ান] ক্রি, ধৌত করা: জলদ্বারা প্রক্ষালন করা। ২ ধুয়া দ্রঃ।

ধুআঁ [সং-ধূম > পূ॰ বঙ্গে-ধূমা· ওড়ি॰ ধূমা: গ্রা॰ ধোঁ] বি ধূম; ধুঁয়া দ্রঃ।

ধুওন [সং-ধাবন > ধুঅন, -ওন] বি, ধৌতকরণ; প্রক্ষালন।

ধু-ধোঁ দ্রঃ।

ধুঁকন [ধুক দ্রঃ] বি, ধোঁকন; ঘন ঘন শ্বাসত্যাগ। ২ শ্রান্তি প্রকাশ।

ধুঁকনি, ধুঁকুনি [ধোঁকা দ্রঃ] বি, শ্বাস প্রশ্বাসের ঘন ঘন উত্থান পতন; হাঁপানি; বুক উঠাপড়া। ২ ভস্ত্রা; যাঁতা।

ধুঁকা-ধোঁকা দ্রঃ।

ধুঁতুল, ধুঁধুল, ধুন্দল [সং-ধাঁমার্গব] বি, ঝিঙা জাতীয় শাক ও ফল ; রাম তরুই।

ধুক, ধুঁক [অনু°] অ, হাপরে যাঁতার বাতাস দিবার শব্দ। ২ হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। ~-ধুক-উপর্য্যুপরি ধুক্ এই শব্দ ; হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ ; ধক ধক অপেক্ষা ক্ষীণ শব্দ। ~-ধুক করা-ভয়ে বুকের ভিতর বেগে স্পন্দন হওয়া। বি, ~ধুকুনি-ভয়। ২ সন্দেহ। ক্রি, ~ধুকানি-ধুক ধুক করা। ~পুকুনি দ্রঃ।

ধুকড়ি$_১$, ধুকুড়ি, ধুকুড়ী$_১$, ধূ- [ধোকড় দ্রঃ] বড় থলী ; ঝুলী। প্র-ধুকড়ী ঝেড়ে দিয়েছে। ২ [প্রাদে°] শক্ত দড়ার মাঝারি থলে (প্রায়ই ছোলা বহিবার জন্য)। ৩ ছিন্নকন্থা ; অতিস্থূল এবং ছিন্ন মলিন বস্ত্র। ৪ মোটা সুতার গাত্রবস্ত্র। "তৈল বিবর্জ্জিত তার গায়ে উড়ে খড়ি। সদাগর আচ্ছাদন না ছাড়ে ধুকড়ি॥"-কবিক°।

ধুকড়ি$_২$, -ড়ী$_২$ [ধোকড়$_১$ (দ্রঃ) >] বিণ, দড় ; পটু ; মজবুত। "রাখিয়া বাহন ঢেঁকি কোন্দল ধুকুড়ী।"-ঘ°। "দেবী বলে দূর বেটা কোন্দল ধুকুড়ি।"-ঐ।

ধুকধুকী [বুকের ভিতর যেখানে ধুক ধুক করে তারই নিকট ঝুলিতে থাকে বলিয়া অথবা ঘড়ির দোলকের মত দুলিতে বা ঝুলিতে থাকে বলিয়া] বি, সাতনর, নেকলেস ইং কণ্ঠহারে সংলগ্ন দোলক a pendant from a necklace ; locket "গলে দোলে ধুং করে ধক্‌ধক।"-অ° ম°। ২ মনের অশান্তি ; সন্দেহ ; দুর্ভাবনা।

ধুকপুক, ধুকুরপুকুর [ধুক দ্রঃ। গ্রা°। হিং ধুকরপুকর] অ, অস্থির ; তোলা-পাড়া ; অশান্তির ভাব। "সে কথাটা শুনে অবধি মনটা ধুক্‌পুক্ কর্‌ছে"-টেকচাঁদ।

ধুকপুকুনি [ধোকা > ধুক] বি, ধোঁকায় থাকা হেতু বা অনিশ্চিততার অশান্তি। ২ অস্থিরতা ; সন্দেহ ; ব্যাকুলতা।

ধুকা, ধুঁকা [ধোঁকা$_২$ দ্রঃ] ক্রি, ঘন ঘন শ্বাস ফেলা ও গ্রহণ করা ; অতিশয় পরিশ্রম বা দৌড় ধুপ করিয়া নিৰ্জ্জীব হইয়া পড়া। "মরেন ঘুরে পথে পথে রোদে ধুঁকে ধুঁকে"-হেম°।

ধুচনী, ধুচুনি [ধাব্‌ (ধোয়া) > ধাবন > ধাবনী > ধুবনী > ধুউনী-যে ধোয় (প্র-চাল ধুউনী)। ধু+চুবনী > চুউনী=ধুচুনী। ধুচুনীর পরিবর্ত্তে চাল ধুউনীর ব্যবহার ২৪ পরগণাতেই আছে] বি, বংশশলাকা-নির্ম্মিত তণ্ডুল ধৌত করিবার পাত্রবিঃ। "চাল ধুইবার জন্য ধুচুনি হাতে করিয়া মাতা গালে হাত দিল।"-কৃষ্ণকান্তের উইল।

ধুড়ধুড়, ধুদ্ধুড়ি [ধূর (জটা) > ধুর > ধুড়+ধুরি > ধুড়ি > ক্ষে° ধুদ্ধুড়ি, (গ্রা°)] বি, জটা ; কেশগুচ্ছ ; খোঁপা। ধু° নাড়া, -নেড়ে দেওয়া-মাথার চুলের গোছা বা জটা ধরিয়া আকর্ষণ ও আলোড়ন করা।

ধুড়া [ধাড়ী, ধেড়ে$_২$ দ্রঃ। তুল-হিং আধুড়া < আধবুড়া (অৰ্দ্ধবৃদ্ধ)] বিণ, বড়। ধুড়া কাক-বড়কাক, দাঁড়কাক।

ধুৎ [ধৎ দ্রঃ। সং-ধূত্ (ভৎর্সিত, পরি-ত্যক্ত)] অ, বিতাড়নে। ২ উপেক্ষায় ; অবজ্ঞায়। ৩ বিরক্তি প্রকাশে। ৪ ভৎর্-সনায়। ~ধুৎ-দূর দূর ; দূর হ।

ধুত [ধূত দ্রঃ। ধূ (কাঁপা) + ত (র্ম্ম)] বিণ, কম্পিত ; আন্দোলিত। ২ [নাট্য শা°] অঙ্গাভিনয়বিঃ (মস্তক দক্ষিণ হতে বামে ও বাম হ'তে দক্ষিণে সঞ্চালন, অস্বীকার, কোন কিছু পুনঃ পুনঃ দর্শন, শোকে সহানুভূতি, বিস্ময়, ভয়, উপেক্ষা, সুরাপানের প্রথমাবস্থা, সংগ্রাম উদ্যোগ, ত্যাগ, অধৈর্য্য ইং স্থলে) অভিনয় দ্রঃ।

ধুতরিয়া, ধুতুরিয়া, ধুতিলিয়া [ধুস্তূরিয়া > । র=ল] বিণ, ধুতুরা বিষ প্রয়োগে অচেতন করিয়া বা হত্যা করিয়া লুণ্ঠন করা যাদের ব্যবসায় ; 'ধুতুরিয়া' শব্দ হিন্দীতে প্রচরদ্রূপ ; আধু° বাং-য় অপ্র°। প্রা° বাং-য় দৃষ্ট হয়।

ধুতি$_১$, ধুতী, ধূতী [সং-ধৌতি > । হিং ধোতী। তেলু° ধোতি] বি, পরিধেয় বস্ত্র। "থুঙ্গী পুথি ধুতী ধরে তারা।"-ভারত°। "সুনার কলস তথি উড়এ নেতর ধুতি।"-শূ° পু°।

ধুতি$_২$ [প্রা° বাং-য় পূর্ব্বে ধুতি দুর্লভ থাকায় দুর্মূল্য ও আদৃত ছিল। উপঢৌকন, পুরস্কারাদিতে তার ব্যবহার ছিল > কদর্থে] বি, উৎকোচ ; ঘুষ। ধু° খাওয়া-উৎকোচ গ্রহণ করা ; ঘুষ খাওয়া। "বিনা উপকারে খায় ধুতি"-কবিক°। "ধুতি খেয়ে ছেড়ে দিল মালিনী ছলায়"-অ° ম°।

ধুতুরা, ধুতূরা [সং-ধুস্তু (স্তূ) র > প্রাকৃ° ধত্তু (ত্তূ) র >] বি, ধুঁতুরা গাছ ও ফল।

ধুদ্ধুড়ি, ধুদ্ধুড়ি নাড়া, -নেড়ে দেওয়া-ধুড়ধুড়ি দ্রঃ।

ধুধু [অনু°। ধধ দ্রঃ] অ, আগুন জ্বলিবার শব্দ। ২ গাছপালা বাড়ী ঘর ইং শূন্য চতুর্দ্দিকে বহুদূর বিস্তৃত ও প্রখর কিরণে উত্তপ্ত মাঠের দৃশ্য। ৩ [ধুধু দ্রঃ] নহবৎ আদি বাদ্যধ্বনি।

ধুনি, -না-ধূনা দ্রঃ।

ধুনখারা [ধুন (ধুনন, ধুন ধুন শব্দ) + কার (।), বা হিং ধুনকী+বালা (=বারা) > । ক=খ] বি, তুলা-ধোনা বা তুলা পরিষ্কারক ধনুকাকৃতি যন্ত্র।

ধুনচি$_১$, ধুনাচি$_১$, ধুনুচি [ধুনা + তুর্কী° চী=চি (আধারার্থে), তুল-চিলম্‌চী] বি, ধুনা পোড়াইবার আধার বা পাত্র।

ধুনন, ধূনন [ধু, ধূ (কাঁপা) + অন (ভা°)] বি, আন্দোলন ; কম্পন। ২ চালন।

ধুনা [ধূ (কাঁপা) > । ধুনি, ধুন (ধুনুন, ধুন, ধোন্), ধুনে ; ধোনে (ধুনেন)। ধুনিতে ; ধুনিয়া (ক্ষে° ধুনে)। ণিজন্ত-ধুনানি] ক্রি, কম্পিত করা। ২ তুলা পরিষ্কার করা। ৩ বিলক্ষণ প্রহার করা। বি, ধুনানি

ধুনচি$_২$ ধুনাচি$_২$ [সং-ধন (শব্দে) > ধনুস্ (তুলা ধুনিবার ধনুক) > হিং ধুনকী (=ধুনিয়া, যে তুলা ধোনে) > । ক=চ। বা ধুন + তুর্কী° চী=যন্ত্র (agent কারক অর্থে)-যা ধুনে] তুলা ধুনিবার যন্ত্র ; তুলা-পরিষ্কারক।

ধুনি$_১$, ধুনী$_১$ [নদী সরিৎ তরঙ্গিণী শৈবলিনী তটিনী হ্রদিনী ধুনী"-অমর°। তরঙ্গ আছে বলিয়া ধুনী, ধু (কম্পনে)] বি, নদী ; তরঙ্গিণী। প্র-সুরধুনী।

ধুনি২, ধুনী২ [প্রাঃ বাং। ধ্বনি > ভ্রং] বি. ধ্বনি। "জয় সংখর ধুনি দিলএ তুষ্ট নিরঞ্জন।"—শূঃ পুঃ। "এবে শুনিঞা বাণীর ধুনী"—শ্রীঃ কীঃ।

ধুনী৩ [সং-ধুম > ধুমী >] বি, সন্ন্যাসীদিগের অগ্নিকুণ্ড।

ধুনুরী [সং-ধনু (স্) > ধুন+আরিয়া বা উরি > ধুনারী, ধুনুরি,-রী] বি, যারা ধনুকাকৃতি যন্ত্র দ্বারা তুলা ধোনে ; যাবা তুলা ধুনিয়া পরিষ্কার করিয়া লেপ তোষকাদি তৈয়ার করে।

ধুন্দুল-ধুঁধুল দ্রঃ।

ধুন্ধু [ধুমান্ধ > ধুন্ধ (অন্ধকার) >] বি, মধুকৈটভের পুত্র অসুরবিঃ। ~কার [প্রাঃ বাং-"ধুমান্ধকার" > ভ্রং] বিণ, ধুমাকার : ধুমান্ধকার ; অস্পষ্ট nebulous. [অপ্রঃ] "সরগ মরত নহি ছিল সভি ধুন্ধুকাব।"—শূঃ পুঃ। ~ন [ধুম-ধুনা >] বি, ধুনা ও ধুমের সংমিশ্রণে আকাশ আচ্ছন্ন হয় তাকে ধুন্ধুনা বলে (বাল্মীকির জয়ঃ হঃ প্রঃ শাস্ত্রী)] ~মার [সং] বি রন্ধনগৃহাদিস্থিত ধুম : ঝুল। ২ [তুল-হিঃ আধাধুন্ধ] কোলাহল : বিষম গণ্ডগোল। ৩ কুবলয়াশ্ব রাজা। ৪ ইন্দ্রগোপ নামক রক্তবর্ণ কীটবিঃ : মখমলী।

ধুপ [অনুঃ। কঠিনার্থে ঢপ, লঘু অর্থে টিপ, লঘুতর অর্থে টুপ, কোমলার্থে ধুপ। ব্যাপ্ত্যর্থে-ধুপ ধাপ। উপর্য্যুপরি অধিক ভারী পদ শব্দে ও গুলফের প্রবল আঘাত দিয়া ছাদাদির উপর দিয়া চলিবার শব্দে ধুপধুপ, -ধাপ > লঘুতর নিয়মিত পদাসক্তারে-ধুপুস্ ধুপুস্। > ঐ শব্দের ব্যাপকার্থে অনিয়মিত পদক্ষেপে ধুপুস্-ধাপুস্] অ, ঢুপ অপেক্ষা অধিক আয়তনের ও অধিক ভারী অকঠিন বস্তুর পতন শব্দে : ভারী মাংসল পদাদির ক্ষেপন শব্দে। "ললিতা ধুপ করিয়া বসিয়া পড়িল"—পরিণীতা (শঃ চট্টোঃ)।

ধুপ-ধূপ দ্রঃ।

ধুপছায়া [গ্রাঃ ধোপছায়া। ধুপ ও ছায়া। হিঃ ধুপছাক্রি] বি, রৌদ্র ও ছায়ার মিশ্রণ ; ময়ূরকণ্ঠ বর্ণ ; লাল সূতার টানা ও কাল, নীল বা বেগুনি সূতার পড়েন দিয়া বোনা কাপড়। প্র-ধুঃ রঙের সাড়ী চাদর ইঃ।

ধুপি [সং-স্তূপ > স্তূপীকৃত > ভ্রং] বি, ক্ষুদ্র স্তূপ ; রাশি ; ঢের : ঢিপি। ২ চূর্ণ বস্তুর রাশি।

ধুপী,-বী [হিঃ ধোবী >] বি, রজক।

ধুবকা [সং-ধ্রুবকা > । প্রাঃ] বি, গানের ধুয়া।

ধুবন [ধু (কাঁপান)+অন (ভাঃ)] বি, কম্পন। ২ [+অন (কৃ)] বি, অগ্নি।

ধুবিত্র [ধু (কম্পন)+ইত্র (ণে)] বি, যজ্ঞাগ্নি প্রজ্বলনের জন্য ব্যবহৃত মৃগচর্ম্মনির্ম্মিত ব্যজন।

ধুম [অনুঃ। আধিক্যে ধম্ (দ্রঃ)] অ, ভারি বস্তু পতনের শব্দ : পৃষ্ঠে কীল পতনের শব্দ। ~ধুম-উপর্য্যুপরি মুষ্টিপ্রহার। ২ উক্ত শব্দে পদক্ষেপ। ক্রি, ~ধুমান [ধুমধুমাই, -মাও -মায় ; -মাইতে ; -মাইয়া (ক্ষেঃ-মিয়া)] ধুমধুমিয়া দেওয়া ; উপর্য্যুপরি কীল প্রহার করা ; বিলক্ষণ প্রহার করা।

ধুমড়ী, ধুমুড়ী [দিশী দ্রঃ। সং-ধমনী] বি, ঢেমনী : বয়স্থা চরিত্রহীনা নারী ; লম্পটী। ২ [প্রাদেঃ] বৈষ্ণবী।

ধুমড়ীমারা [গ্রাঃ অশিষ্ট] বি, লম্পট।

ধুমধাম-ধূমধাম দ্রঃ।

ধুমধড়াক্কা- ধূমধড়াক্কা দ্রঃ।

ধুমসা১,-সা [ধামসা দ্রঃ। ধুমসি, ধুমস, ধুমসে ইঃ] ক্রি, গুরুতর প্রহার করা।

ধুম/সা২, ~সো [হিঃ ধুমসা -সুঁ= ধুমবৎ] বিণ, ধুম্রাকার ; কৃষ্ণবর্ণ স্থূলদেহ বয়স্ক (পুরুষ) ধুম্ব ধুমসা দ্রঃ। স্ত্রীঃ ~সী-ধুম্বী।

ধুমসানি [অনুঃ। পৃষ্ঠে জোরে মুষ্ট্যাঘাত করিলে যে ধুম্ শব্দ হয় > । ধামসান দ্রঃ। ধুমসাই : ধুমসাও : ধুমসায় : ধুমসাইতে (ক্ষেঃ ধুমসাতে) : ধুমসাইয়া, ধুমসিয়া (ক্ষেঃ ধুমসে) ইঃ] ক্রি, ধুম্‌ধুম্ করিয়া কিল মারা : বিলক্ষণ প্রহার করা। প্র-তাকে খুব ধুমসে দিয়েছে।

ধুমুল [ধুম্বল দ্রঃ] বি, ঢাকের বাদ্য। দুয়ারে দিত দুসন্ধ্যা ধুঃ"—ধঃ মঃ (মাঃ)।

ধুমুস-ধুমুস [ধুমসান দ্রঃ] অ, লঘু মুষ্ট্যাঘাত বা প্রহার ; লঘুভাবে দুরমুস করা বা পেটার শব্দ।

ধুম্র, ধুম্বা [ধুম্রবৎ বা তুম্ব > বা দুইয়ের মিশ্রভাবজাত] বিণ, ধুমের ন্যায় কৃষ্ণবর্ণ এবং তুম্বের ন্যায় স্থূলোদর ; কুৎসিত মোটা। প্র-ধুম্ব মিনষে। স্ত্রীঃ ধুম্বী।

ধুম্বল, ধুম্বুল, ধুমুল [অনুঃ। ধম্বল দ্রঃ] বি, মৃদঙ্গের শব্দ : খোলবাজান ; সঙ্গীতের প্রথম সময়ের বাজনা। ২ ধর্ম্মঠাকুরের দ্বারে জাগান দিবার জন্য জয়ঢাক বাদ্য। "হরিহর দিল আসি আদ্যের ধুমুল। গাজনে সন্ন্যাসী সব উড়াইছে ধুল॥"—ঘঃ। ধুঃ দেওয়া -পেটা-ঢাক বাদ্য করা ; ঢাক বাদ্য দ্বারা প্রচার করা।

ধুয়া১, ধুঁয়া [সং-ধুম > ধুমা >] বি, ধুম। ২ বিণ ধুম্রযুক্ত। ৩ ঘোলা। "চক্ষের মণি ধুয়া"—মৈঃ গীঃ।

ধুয়া২, ধুয়া [সং-ধ্রুবক > প্রাকৃঃ ধুঅঅ >, অথবা সং-ধ্রুবা > ধুম্বা >] বি, গানের যে অংশ দোয়ারদের মুখে পুনরাবৃত্তি হয় chorus. ২ [লক্ষঃ] কোন মত বা উক্তির পুনরুক্তি বা কোন পক্ষের অনুরূপ উক্তি। প্র-ওদের একই ধুয়া। ৩ [অর্থ সম্প্রসারণে] অছিলা : ছল : ছুতা।

ধুর, ধুরা [সং] বি, যানমুখ ; রথাগ্রভাগ ; শকটের যে অংশের ভার অশ্বাদি বহন করে ; বাহনের স্কন্ধে সংলগ্ন দণ্ডযুক্ত বা যুগ। "স্বর্ণময় নেমি, স্বর্ণময় যুগন্ধর। স্বর্ণময় ধুরা, স্বর্ণময় অপস্কর॥"—কাশীঃ। ২ অগ্রভাগ ; সম্মুখ ; প্রথম। ৩ অক্ষদণ্ড। ৪ ভার।

ধুরন্ধর [ধুর (ভার) ধর (যে ধারণ করে), মধ্যে ম আগম] বিণ, ভারবহনকারী ; ভারবাহক। ২ যে কোন বিষয়ের ভারপ্রাপ্ত হলে অনায়াসে তা সমাধা করিতে পারে ; কার্য্যকুশল : দক্ষ। ৩ অগ্রণী।

ধুরপদ-ধ্রুপদ দ্রঃ।

ধুরমুশ-দুরমুশ দ্রঃ।

ধুরীণ [সং] বিণ, কার্য্যকুশল ; দক্ষ। ২ অগ্রণী।

ধুরীয় [ধুর্+ঈয় (যোগ্যার্থে)] বিণ,

ভারবহনযোগ্য। ২ কর্ম্মকুশল ; কার্য্যদক্ষ। ৩ বি, বৃষ।

ধুর্য্য [ধুর্+য (স্বার্থে)] বিণ, কর্ম্ম-নির্ব্বাহক। ২ ভারবাহক। ৩ নায়ক ; অগ্রণী। ৪ শ্রেষ্ঠ।"মাধুর্য্যের ধুর্য্য।"-চৈ০ চ০। ৫ বি, ভারবহনশীল বৃষাদি। ৬ বিষ্ণু।

ধুর্ধ্বনি [ধ্বনি >], বি, ধ্বনি। "জয় ধু" -শূ০ পু০।

ধুলা-ধূলা দ্রঃ।

ধুসা [হিং ধুস্সা। গ্রা০ ধোসা] বি, মোটা পশমী সূতার শীতবস্ত্র।

ধুস্তুর, ধুস্তূর, ধুস্তুর, ধূস্তূর [ধুস্-ধুস্ (অলঙ্কৃত করা) + ক্বিপ্ (কৃ)=ধুস্+তুর্ (হিংসা করা) + অ (কৃ), যে ফল সুন্দর অথচ প্রাণনাশক] বি ধুতুরাগাছ ও ফল।

ধুহল [ধুলি >। চ০ ক০ ভা০] বি, ধূলি।

ধুকড়ি [ধুকড়ি দ্রঃ] বি, ছিন্নকন্থা। ২ ঝুলি : থলি ; আধার। "কুন্দলের ধু০ ঢেঁকির পিঠে জিন। কসনি কুশের দড়ি লাগাম বিহীন।"-শি০।

ধুঞী [ধুনী দ্রঃ। প্রা০ বাং। নী=ঞী] বি, ধূনী সন্ন্যাসীর অগ্নিকুণ্ড। "ধূঞী জাগাইয়া-ছিল ফুঁক দিল তায়। দেখিল দারুণ বুড়া পড়ে মৃত প্রায়॥"-শি০।

ধুত১ [ধু (কাঁপা) + ত (র্ম্ম)] বিণ, কম্পিত। ২ ভর্ৎসিত। ৩ ত্যক্ত ; বর্জ্জিত। "উঠে বিন্দুচ্ছটাধূত ভুবন করয়ে পূত শিরোরুহ তপঃ সত্যজন।"-কবিক০। বি, ধুতি১-কম্পন ; ধূনন। ~পাপ-পাপবর্জ্জিত ; নিষ্পাপ।

ধুত২ [ধূত দ্রঃ। প্রা০ বাং। সং-ধূর্ত্ত > ভ্রং] বিণ, ধূর্ত্ত (রসমঞ্জরী, পীতাম্বর)।

ধুতি২ [ধুতি দ্রঃ] বি, পরিধেয় বস্ত্র। "ধবল কমলাসনা ধৌত ধুতি পরিধানা"-ঘ০।

ধুধু [ধু দ্রঃ। ধু (কম্পনে, সন্দীপনে) >। অগ্নি জ্বলনের শব্দসহ শিখার কম্পনের সাদৃশ্য >] অ, বহুদূর পর্য্যন্ত বিস্তার, মহাশূন্য, দাউ দাউ করিয়া জ্বলন ই০-র ভাব। "বৃক্ষলতাদি শূন্য চতুর্দ্দিকে, বহুদূর বিস্তীর্ণ মাঠে, অসীম বালুকারাশিপূর্ণ মরুভূমিতে, সিন্ধুবারির বিশালবক্ষে অথবা শূন্যের অনন্ত বিস্তারে মধ্যাহ্নসূর্য্যের অনলবর্ষী কিরণজাল অগ্নি-শিখারই ন্যায় ধুধু করিতে থাকে।" "-ধুধু করে মরু ভয়ঙ্কর"-প্রেম ও ফুল। "ওগো তোরা কে যাবি পারে, এ পারেতে ধুধু মরু বারি বিথারে"-রবী০।

ধুনক [অর্ব্বাচীন সং] বি, ধূনা দ্রঃ।

ধুনন-ধূনন দ্রঃ।

ধুনা [গ্রা০ ধুনো। সং-ধূপন বা ধূনক >] বি, সর্জ্জরস ; শালবৃক্ষনির্য্যাস ; যক্ষধূপ mimosa rubicaulis ; resin. ধূনা পোড়ানি-দেবতার নিকট কাহার মানসিক বা মানৎ থাকলে অর্থাৎ অভীষ্টসিদ্ধির মানস করিয়া, পূজা উপলক্ষে হস্তে ও মস্তকে অগ্নি-পাত্র রাখিয়া তাতে ধূনাচূর্ণ জ্বালান। ~দেওয়া-ধূনা পোড়াইয়া তার ধূম দান করা : গৃহের বায়ু বিশুদ্ধ করিবার জন্য এই সুগন্ধচূর্ণ পোড়াইয়া তার ধোঁয়া করা। ~মড়া [প্রা০ বাং গ্রা০] দগ্ধশব : পোড়া-মড়া। "ধর ধর করিয়া ধাইল ধূনামড়া। চপ চপ চিবায়ে চলিল হাতী ঘোড়া॥"-শি০।

ধুনাচুর [ধুনচি দ্রঃ। প্রা০ বাং] বি, ধূনাচূর্ণ যে পাত্রে পোড়ান হয় : ধূনাচি। "গঙ্গাজল দিয়া শুদ্ধ কৈল ধূ০"-শূ০ পু০। "দপ্ দপ্ সম্মুখে জ্বলিছে ধূ০"-ধ০ ম০ (মাণিক০)।

ধুনী-ধুনি১ দ্রঃ।

ধুপ১ [ধূপ ও০। ধূপ্ (সন্তপ্ত করা) + অ (কৃ)] বি, গন্ধদ্রব্য নির্ম্মিত বর্ত্তিকা ও তদুত্থিত সুগন্ধ ধূম। ইহা নির্য্যাস (ধূনাদি), পরাগ (জাতিকোষাদি চূর্ণ), কাষ্ঠ (অগুরু আদি), গন্ধ (কস্তুরিকাদি) এবং কৃত্রিম (নানাবিধ গন্ধদ্রব্যদ্বারা প্রস্তুত বর্ত্তিকাদি) ভেদে পঞ্চ-প্রকার। কৃত্রিম ধূপ, পঞ্চাঙ্গ, ষড়ঙ্গ, অষ্টাঙ্গ, দশাঙ্গ, দ্বাদশাঙ্গ ও ষোড়শাঙ্গ ভেদে দেবার্চ্চনায় প্রশস্ত। পঞ্চাঙ্গ ধূপ-চন্দন, কুঙ্কুম, কর্পূর, গুগ্গুলু এবং অগুরু ঘৃতসংযুক্ত করিয়া নির্ম্মিত হয়। ষড়ঙ্গ ধূপ-চন্দন, গুগ্গুলু, উশীর, শর্করা ও মধু মিশ্রিত ধূপ। অষ্টাঙ্গ ধূপ-তেজপত্র, সুগন্ধ বালা, কুড় এবং পঞ্চাঙ্গধূপের সমস্ত উপকরণ মিশ্রিত ধূপ। দশাঙ্গ ধূপ-মধু মুস্তক, ঘৃত, গন্ধক, গুগ্গুলু, অগুরু, শৈলজ, সরল (বিড়), সিহ্লক (শিলারস) এবং শ্বেতসরিষা মিশ্রিত ধূপ। দ্বাদশাঙ্গ ধূপ-গুগ্গুলু, চন্দন, তেজপত্র, কুড়, অগুরু, কুঙ্কুম, জাতীকোষ (জায়ফল), কর্পূর, জটা-মাংসী, সুগন্ধ বালা, দারুচিনি এবং উশীর (মিশ্রিত ধূপ)। ষোড়শাঙ্গ ধূপ-মুস্তক, দেবদারু, এলা ও মুরামাংসী এবং দ্বাদশাঙ্গ-ধূপের সমস্ত উপকরণ মিশ্রিত ও ঘৃতাক্ত করিয়া প্রস্তুত ধূপ। ~-দীপ ~-ধূনা-ধূপ ও ঘৃত-দীপ ; ধূপ ও ধূনা ; একজাতীয় পূজোপকরণ। [দ্রঃ-ধূপ পূজার একটী প্রধান অঙ্গ বলিয়া জগন্নাথদেবের পূজা ও ভোগকেই ধূপ বলে। > উৎকলে ক্রমে ধূপ অর্থে পূজা]। ~ক (-পঁ-) [ধূপ দ্রঃ] বিণ, সুগন্ধীকারক। > স্ত্রীং ধুপিকা১। ~চি [ধূপ+তুকী চী >] বি, ধূপ পোড়াইবার পাত্র (তুল-ধুনুচি)। ~ন (-পঁ-) [ধূপ্ + অন (ভা০)] বি, ধূপের ধূমে সুগন্ধীকরণ। ২ সন্তাপন। ৩ ধূনা। ~যন্ত্র [রাসাঃ পরিঃ] বি ধূমপ্রদান যন্ত্র : ধোঁয়া দিয়া বিশুদ্ধ বা নির্দ্দোষ করিবার যন্ত্র fumigating apparatus.

ধুপ২ [হিং > প্রা০ বাং] বি, রৌদ্র। "চারি মাস ধূপে পথ অনলের প্রায়।"-গোবিন্দ গীত। ~ছায়া-ধুপছায়া দ্রঃ।

ধুপাগুরু [ধূপ (বৎ দাহ্য) + অগুরু, ম০ প০ লো০] বি, অগুরু ভেদ : পঞ্চ প্রকার (কৃষ্ণ, দাহ, স্বাদু, মঙ্গল্য, কাষ্ঠ) অগুরুর অন্যতম ; দাহাগুরু।

ধুপাঙ্গ [সং] বি, তার্পিনতৈল।

ধুপমুদ্রা [ধূপদানার্থ মুদ্রা, ৪তৎ] বি, পূজায় ধূপদানের জন্য মধ্যমা, অনামা, অঙ্গুষ্ঠ এই অঙ্গুলিত্রয়ে রচিত মুদ্রা ; ধূপদানার্থ অঙ্গুলিমুদ্রাবিঃ।

ধুপায়িত [ধূপ + আয় (স্বার্থে)=ধূপায় + ত (র্ম্ম)] বিণ, ধূপের ধূমে সুগন্ধীকৃত। ২ তাপিত।

ধুপিকা২ [ধূপ্ (সন্তাপে) >] বিণ, সন্তাপিকা।

ধুপিত [ধূপ্ + ত (র্ম্ম), ই আগম] বিণ, ধূপের ধূমদ্বারা সুগন্ধীকৃত।

ধুম [ধূ + ম (জ্ঞা০)] বি, ধূঁয়া। ২ [যজ্ঞাদি কার্য্যে হোমের ধূম এবং সামাজিক উৎসবে ও বাদ্যাদির ধম্ ধম্, ধুম্ ধুম্ ই০ শব্দ > লক্ষ-ণায় বিরাট পার্ব্বণোৎসবে ভোজনাদিহেতু

রন্ধনশালার ধূম] সমারোহ ; ঘটা ; আড়ম্বর। "বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম। আসিয়া ভুবনেশ্বরে করিলেক ধূম॥"-অ০ ম০। ৩ স্থূল। ~কেতন [ধূম কেতন (ধ্বজ) যার, বহু০] বি, অগ্নি। ২ ধূমকেতুনামক জ্যোতিঃপদার্থ। ৩ কেতুগ্রহ। ৪ কৃশাশ্বের পুত্র। ~কেতু [ধূম কেতু (ধ্বজ, চিহ্ন) যার, বহু০] বি, উপগ্রহবিঃ ; কিরণচ্ছটায় ঝাড়ুর মত আকৃতি জ্যোতিঃপদার্থ comet. ২ উৎপাত। ৩ কুগ্রহ : কুলক্ষণ। ৪ কুলাঙ্গার : কুলক্ষয়কর। ~জ (-র্জ-) [ধূম+জ (জাত)] বিণ, ধূমোৎপন্ন। > স্ত্রীং ~া। ২ বি, মেঘ। ~ড়া-বি, ধুমড়ী দ্রঃ। ~দর্শী [ধূম-দৃশ্ (দর্শন করা)+ইন্ (র্তৃ)=দর্শিন্, ১মা, ১ব০] বিণ যে ধোঁয়া দেখে ; যে রোগে লোক ধোঁয়া ধোঁয়া দেখে ; যার দৃষ্টি ঝাপ্সা হইয়াছে। ~ধড়াক্কা-ধূমধাম ; লাফালাফি : মাতামাতি ; মহাসমারোহ ; খুব ঘটা। ~ধাম [ধূম+ধাম (ব্যাপ্তি অর্থে)] বি, মহাসমারোহ ; খুব ঘটা ; আড়ম্বর। "এইরূপ ধূমধাম প্রতি ঘরে ঘরে"-ঈ০ গুপ্ত। ক্রি, ~ধাম করা। বিণ, ~ধামিয়া, ধূমধেমে-ধূমধাম প্রিয় ; যে মাতামাতি করে। > স্ত্রীং ~ধামী। ~ধ্বজ [ধূম ধ্বজ (চিহ্ন) যার, বহু০] বি, অগ্নি : ধূমকেতু। ~ন (-র্ন-) [সুশ্রুত] বি চিকিৎসার্থ শরীরে ধূমপ্রয়োগ fumigation. ~নেত্র [বৌ০ সা০] বি, আগুনে ঔষধ নিক্ষেপ করিয়া শ্বাসের সহিত তার ধূম টানিয়া লইবার জন্য ব্যবহৃত নালিকাবিঃ। "ইঙ্গুপুট ধূমনেত্র পদ্মমধু মিশ্রিত অঞ্জন"-জাতক, ৪র্থ খণ্ড। ~প (-র্প-) [ধূম-প (যে পান করে)] বিণ, যিনি ধূমমাত্র পান করিয়া তপস্যা করেন। ২ তামাকের ধূমপানকারী ; তামাকখোর। > স্ত্রীং ~া। ~পত্র, -পত্রা [ধূম (জনক) পত্র, ম০ প০ লো০, যে পাতায় পান করিবার উপযুক্ত ধূম উৎপন্ন হয়] বি, মাদকতাজনক স্বনামখ্যাত ক্ষুপ ; তামাকগাছ। তুল-ওড়ি ধুঁয়াপতরা। তামাক দ্রঃ। ~পথ [ধূমের পথ, ৬তৎ] বি, ধূম নির্গমনের পথ : গবাক্ষ ; চিমনী। ~পান [ধূমকে পান, ২তৎ] বি, তামাকের ধূম সেবন : তামাক খাওয়া ; চুরুট খাওয়া। ~পায়ী [ধূম-পায়ী (যে পান করে)] বি, যে ধূমপান করে ; তামাকখোর। ~প্রভা [ধূমের ন্যায় প্রভা] বি, ধূমময় নরক। ~বৎ-বিণ, ধূম সদৃশ : ধূমল। ~যোনি [ধূম যোনি (উৎপত্তি স্থান) যার, বহু০] বিণ, ধূমগর্ভ। ২ বি, মেঘ। ৩ অগ্নি। ৪ আগ্নেয়াস্ত্র।

ধূমল [ধূম-লা (দান করা)+অ (র্তৃ)] বি, কৃষ্ণলোহিতবর্ণ ; ধূমবর্ণ। ২ বিণ, ধূমবর্ণবিশিষ্ট।

ধুমসী [ধুমসা দ্রঃ। সং-ধূম+হিং সী (সাদৃশ্যার্থে) অর্থাৎ ধূমবৎ (স্ত্রীং ধূমবতী, ধূমাবতী। ধূমাবতীর ন্যায় "তামসী শক্তিরূপিণী, বিবর্ণা চঞ্চলা দুষ্টা দীর্ঘা * * * ভয়দা কলহাস্পদা")। পুং ধুমসা, ধুমসো।] বি, বিণ, স্থূলাঙ্গী, কৃষ্ণবর্ণা, দুষ্টা ও কলহকারিণী নারী। প্র-ধুমসী মাগী। ২ স্থূলাঙ্গী। ৩ [হিং০ ধুমসী অর্থে মাসকড়াইয়ের আটা] বি, দাইলের রোটি ; পাঁপড়। ৪ বিণ, স্থূল। প্র-ধুমসো গতর।

ধূমা [ধূম+আ (সাদৃশ্যার্থে)] বিণ, ধূমবৎ ; ধূম্রবর্ণ। ২ [গ্রা০ উচ্চারণে ধুমো] ধূম্রাকার ; ধূমবিশিষ্ট। ৩ ধূমবর্ণ ও স্থূল। ৪ [সং-ধূম্যা ; ধূমসমূহ] বি, প্রচুর ধূম। ~কার [ধূমের ন্যায় আকার যার, বহু০] বিণ, যার আকৃতি ধূমের মত ; ঝাপ্সা : অন্ধকার। ২ ধূমপূর্ণ। ~ঙ্গ [ধূমের ন্যায় অঙ্গ যার, বহু০] বি, শিংশপা বৃক্ষ। ~ভ [ধূমের ন্যায় আভা যার, বহু০] বিণ, ধূমের ন্যায় বর্ণবিশিষ্ট ; ঈষৎ শুভ্র। ২ ধূম্রবর্ণ। ~বতী [ধূমা (ধূম+আ (স্ত্রীং)+বৎ (স্ত্যং০) +ঈ (স্ত্রীং)] বি, দশমহাবিদ্যার মধ্যে একটী বিদ্যা। ইনি বিবর্ণা (ধূম্রবর্ণা), চঞ্চলা, দুষ্টা, দীর্ঘা, মলিনাম্বরা, বিমুক্তকুন্তলা, রুক্ষা, বিধবা, বিরলদ্বিজা (বিরলদন্তা), কাকধ্বজ রথারূঢ়া, বিলম্বিত পয়োধরা, শূর্পহস্তা, অতিরুক্ষাক্ষা (রক্তনয়না), ধূতহস্তা, বরান্বিতা, প্রবৃদ্ধঘোণা (লম্বনাসিকা), অতি কুটিলা, কুটিলেক্ষণা, ক্ষুৎপিপাসার্দিতা, নিত্যভয়দা ও কলহপ্রিয়া ; তামসীশক্তি স্বরূপিণী। ~য়িত -বিণ, ধূমময় ; ধূমে আচ্ছন্ন

ধূমিকা [ধূম+ইক (তুল্যার্থে) + আ (স্ত্রীং)] বি, কুজ্ঝটিকা।

ধূমিত [ধূম+ইত (যুক্তার্থে)] বিণ, ধূমবিশিষ্ট : ধূমাবৃত। ২ অন্তরস্থিত, অপ্রকাশিত ক্রোধপূর্ণ।

ধূমী [ধূম+ইন্ (বাহুল্যার্থে)=ধূমিন্ ১মা, ১ব০] বিণ, অতিশয় ধূমিত : ধূমবহুল। স্ত্রীং ধূমিনী।

ধুমুল [অনু০। ধমল দ্রঃ] বি, ঢাক : নাগারা ; মৃদঙ্গ ধ্বনি। ২ ধর্মডাক ; ধর্মঠাকুরের দ্বারে ঢাক বাদ্যধ্বনি সহ জানান দেওয়া। "হরিহর বায়েন ধু০ দিল আসি।"-ধ০। "হরিহর দিল আসি আবোর ধু-ত্রী।

ধূমোদ্গার [ধূম+উদ্গার, ৬তৎ] বি, ধূমবহির্গম ; ধূমনির্গম। প্র-এঞ্জিন হ'তে মুহুর্মুহু ধূমোদ্গার হ'তে লাগিল।

ধূমোর্ণা [ধূম বর্ণা বলিয়া নাম] বি, যমপত্নী। ~পতি-যম।

ধুম্ব, ধুম্বা-ধুম্ব দ্রঃ।

ধূম্র [সং] বি, ধূমল দ্রঃ। ~ক-বি, উষ্ট্র। ~কেশ-বি, ধূমবর্ণ বা ধূমল কেশ। ২ [এই অর্থে ধূম্রকেশী (কেশিন্) ও০ মাইকেল মধুসূদন দত্ত সম্মত। তুল-মধুকেশী] বিণ, ঐরূপ কেশ বা চুল বিশিষ্ট। > স্ত্রীং ~কেশা, ~কেশিনী (মেঘ)। ~বর্ণ-বিণ, ধূমল। > স্ত্রীং ~া[1]। ~বর্ণা[2] [ধূম বর্ণ যে স্ত্রীর, বহু০] বি অগ্নিজিহ্বা ; আগুনের সাতটী শিখার একটী। ~ল-বিণ, ধূম্রবর্ণ ; ধূমল, মেঘধূসর। "পশ্চাতে ধূম্রল ব্যোম শোভে"-প্রভাস (নবীন)। ~লোচন [ধূম্রবর্ণ লোচন যার, বহু০] বি শুম্ভ ও নিশুম্ভ দৈত্যের সেনাপতি অসুরবিঃ। ২ কপোত : পায়রা। ৩ [প্রাদে০। এই অর্থে গ্রা০ ধুম্বলোচন] বিণ, ধুমসা ; বিবর্ণস্থূলাঙ্গ : কুৎসিত মোটা।

ধূম্রাক্ষ [ধূম্র+অক্ষ (অক্ষি) যার, বহু০] বিণ, যার চক্ষু ধূম্রবর্ণ। ২ রাবণ-সৈন্যবিঃ।

ধূম্রালোক [ধূম্র+আলোক] বি, অস্পষ্ট আলোক ; আবছায়া। "আমার অবসন্ন মস্তকের অনন্ত কল্পনা এক অদ্ভুত ধূ০ রচনা করিল।"-মহিমময়ী।

ধূয়মান [ধূ (কাঁপা)+আন (শানচ্), য, ম আগম] বিণ, কম্পমান।

ধুয়া [ধ্রুবা, ধ্রুবক > ভ্রং। ধুয়া, দ্রঃ। গ্রাং ধুয়ো, ধুও। ইহার সাঙ্কেতিক চিহ্ন-ধ্রু, ধ্রুং, ধ্রুবং] বি, প্রাং বাং-য় প্রত্যেক অধ্যায় বা সর্গারম্ভের পূর্ব্বে একটী গীত বা সুর তালে গেয় কবিতা যুক্ত থাকিত, তারই নাম ধ্রুবক, ধ্রুবা বা ধুয়া। উক্ত সাঙ্কেতিক চিহ্ন অথবা ধুয়া এই শব্দের বিজ্ঞাপক স্বরূপ লিখিত হইত। ২ গানের যে পদ বা পদাংশ গাহিয়া দোহারগণ সুর রক্ষা করে। ৩ দৃঢ়ভাবে পোষিত বা রক্ষিত বাক্য বা প্রার্থনা। ৪ সূত্র। ৫ ছল। ৬ লোক মত: অধুনা প্রচলিত কথা। প্র-ধুয়া উঠিয়াছে। ধুং ধরা-কোন বাক্য বা প্রার্থনা বা আদর্শ দৃঢ়ভাবে ধরিয়া থাকা। ২ কোন নূতন মতবাদ প্রচারের জন্য তা চতুর্দ্দিকে কহিয়া বেড়ান। প্র-সে আজকাল এক ধুয়া ধরেছে। ৩ যে সুরে গান হইবে সেই সুর আরম্ভ করা।

ধুঁয়া [সং > ধূমা > ধুঁ, (ধুআঁ) > ধুএঁা > ধোঁয়া > ক্ষেং ধোঁ।] বি, ধূম। ২ ধূমরাশি। ৩ বিণ, ধূমপূর্ণ : ধূমাবৃত। প্র-ঘর ধুঁয়ায় ধুঁয়া হয়েছে। ~নর-ধূম বাহির হবার পথ; চিমনী। ধুঁয়া দেওয়া-ঘুঁটে কাঠ ইং জ্বালাইয়া ধূম উৎপাদন করিয়া মশকাদি তাড়ান। ২ ধুঁয়া লাগাইয়া বিশুদ্ধ করা। ~পথ-বি, ধুঁয়া-ঘর ; চিমনী।

ধুর, ধুরো, ধুবা [ধুর দ্রঃ] বি, গাড়ীর চাকার মধ্য বা কেন্দ্রাংশ ; যানাদির চক্রের অবলম্বন-দণ্ড ; অক্ষদণ্ড।

ধুর্জ্জটি [ধুর্ (ভারভূত-বিশ্বভার) + জটি (=জটা) আছে যাঁর বহুং কিম্বা মহাভারত মতে ধূম্রবর্ণ জটাধারী বলিয়া ধূর্জ্জটি] বি শিব। "ধুং করিয়া ধ্যান দশ শত বাহু বাণ বাঁধিলেন বাসুদেবের নাতি।"-শিং।

ধুর্ত্ত [ধুর্ব্ব্ (হিংসা করা) + ত (র্ত্ত) > প্রাকৃং ধুত্তু (মৃচ্ছকটিক) বাং-গ্রাং ধুত্তু] বিণ, শঠ ; বঞ্চক। ২ ধড়িবাজ shrewd. ৩ [বিৰ্থেং। বাং-য়, প্রংঅং] বুদ্ধিমান ; সুচতুর : তীক্ষ্ণবুদ্ধি। প্র-ধূর্ত্তজন্তু। ৪ বি, দ্যূতকর ; জুয়াড়ী। ৫ ধুস্তুর ; ধুতুরাগাছ। ~ক [ধূর্ত্ত + ক (জ্ঞাং)] বি, ধূর্ত্তব্যক্তি। ২ শৃগাল। ~জন্তু-বি, শৃগাল। ২ মানুষ। ~তা-বি, চতুরতা ; ধড়িবাজি।

ধুর্দ্ধর, ধূর্ধর, ধুর্ব্বহ [ধুর্ (ভার) + ধর, বহ (যে ধারণ করে, বহন করে)] বিণ, ভারবাহী।

ধুর্ব্বী-বি, ধুর।

ধুল [সং-ধূলি। হিং-ধূর, ধূল, ধুরি, ধুরী] বি, ধূলা (দ্রঃ) ; রজঃ ; রেণু ; মৃত্তিকা চূর্ণ ; পাংশু।

ধুল, ধুল [সং-ধূলি >] বি, কডার ভগ্নাংশ। ২ [এক মুষ্টি ধূলা যতদূর নিক্ষেপ করা যায় সেই পরিসর ভূমি] বি, ক্ষেত্র-পরিমাণ : এককাঠার ২০ ভাগের এক ভাগ। "কাঠায় কাঠায় ধুল পরিমাণ।"-শুভঙ্করীং।

ধুলট (-লঁ-) বি, সংকীর্ত্তনের পর ধূলি-খেলা অর্থাৎ ধূলা মাখামাখি।

ধুলধাপড়, -ধাপড়া, -ধাপড়ি, ধাপাড়ি, -ধাবড়া [ধূল (ধূলি) + ধাপড উচ্চারণ ভেদে প স্থলে ব ও হয়। হিং ঢাবরা -ময়লা, কাদা > ধূলধাবড়া] বি, ধূলা কাদা : ময়লা মাটি। ধুল-ধাপড়া উড়ান, -উড়াইয়া দেওয়া-এমন প্রহার করা যে অঙ্গে ধুলা ময়লা থাকিতে না দেওয়া : প্রহারে সর্ব্বাঙ্গ মলিনতা শূন্য বা লাল করিয়া দেওয়া। ২ এত ছিন্নভিন্ন করা যে রেণুবৎ উড়িয়া যায়। ধুং উড়া-এমন ছিন্ন হওয়া যে রেণু রেণু হইয়া উড়িয়া যাওয়া।

ধুলা, ধুলা [সং-ধূলী > বাং কথ্য ধুলা, ধুলো] বি, রজঃ ; মাটির গুঁড়া : পাংশু ; রেণু : ধূল দ্রঃ। ২ ধরা ; ভূমি ; মাটি। "ধুলায় লুটায় সোণার কিশোরী।"-গিরিশং। ধূং উড়ানি-দ্রুতগামী অশ্বাদির খুরোত্থিত বা ধূলার উপর দিয়া লোক জনের গমনাগমন জনিত, বা ঝাড়ঝুড় করিবার বা ঝাড় দিবার সময় ধূলা বিক্ষেপ করা। ধূং ওড়া-রজঃকণা ভূমি হতে শূন্যে উঠিয়া মেঘের ন্যায় চতুর্দ্দিক আচ্ছন্ন হওয়া ; আঁধি উঠা। ~কাদা, কাদাধূলা-শুষ্ক ও আর্দ্র মাটি। ~খেলা-ধুলা লইয়া খেলা ; শিশু-সুলভ খেলা। > খেলাধূলা [খেলার সহং শব্দ ধুলা] খেলা এবং খেলার মত কিছু: শিশু-সুলভ আমোদ আহ্লাদ। ~গুঁড়া-ধূলা বা গুঁড়া অথবা ধূলার গুঁড়া ; রজঃকণা ; রেণুমাত্র। প্র-সমস্ত খেয়েছে, ধুলা-গুঁড়া রাখে নাই [ধূলিগুঁড়ি-ধূলা বা গুঁড়া অপেক্ষা ক্ষুদ্রাংশ]। ~ঘর-ধূলাখেলা করিবার ঘর ; খেলাঘর। "সখী মেলি খেলিনু বাহির বাড়ী গিয়া। ধুলাঘরে দিতেছিনু পুতুলের বিয়া॥"-অং মং। ~ধূং ঝাড়া-ঝাড়নের ঝাপটা দিয়া কোন বস্তুর অঙ্গ হতে ধূলা পরিষ্কার করা। ~-পা-বিবাহের পর অষ্টাহের মধ্যে কোন শুভদিনে বরবধূর বধূর পিত্রালয়ে গমন ও সেই দিবসই প্রত্যাগমনরূপ সংস্কার (দ্বিরাগমনের বিঘ্ন খণ্ডন করিয়া রাখাই ইহার উদ্দেশ্য)। ২ [প্রাদেং মালদহ] বিবাহের কথাবার্ত্তা স্থির হইবার পর মাছ, বাতাসা ইং বিতরণরূপ উৎসব। ৩ খালিপায়ে চলায় ধূলাপূর্ণ পা। ~পায়ে দিন করা-দ্বিরাগমনের বিঘ্ন খণ্ডন করিয়া রাখিবার জন্য কন্যাকে অষ্টাহের মধ্যে শ্বশুরালয়ে পাঠান। ~বালি-ধূলা ও বালি ; মাটি ও কাঁকর। ২ অকিঞ্চিৎকর পদার্থ। ধূলায় ধূসর-ধুলা মাখিয়া ধূসর বা পাংশু-বর্ণ। ~মুঠা ধরিলে সোনা মুঠা-ভাগ্য সুপ্রসন্ন হইলে অকিঞ্চিৎকর বস্তু হইতেও সম্পদ ; যাতে হাত দেওয়া যায় তাতেই সফলতা লাভ। গায়ে ধূলা দেওয়া-হেয় জ্ঞান করা ; অবজ্ঞা করা। ২ লজ্জা দেওয়া। গায়ের ধূলা ঝাড়া-ধুলায় ধূসরিত অঙ্গ মার্জ্জন করা। ২ [লক্ষং] অপমান বা লজ্জা বিস্মৃত হওয়া বা চাপা দেওয়া বা উপেক্ষা করা। চক্ষে ধূলা দেওয়া-সত্য দর্শন না করিবার মত দৃষ্টি আচ্ছন্ন করা ; ধোঁকা দেওয়া ; প্রবঞ্চনা করা। পায়ের ধূলা লওয়া-ভক্তি-ভাজন পূজ্যব্যক্তির চরণ স্পর্শ করিয়া প্রণাম করা ; চরণধূলি লইয়া মাথায় দেওয়া।

ধুলি, -লী [ধু (কাঁপা) + লি (জ্ঞাং), + ঈ (স্ত্রীং), বায়ুর তাড়নায় যা আন্দোলিত, বিক্ষিপ্ত হয়] বি, রজঃ ; রেণু : পাংশু ; ধূলা (দ্রঃ)। ~কণা-বি, ধূলির অতি সূক্ষ্মাংশ। ~কা-বি, কুজ্ঝটিকা। ~কুট্টিম [ধূলি (র) কুট্টিম, ৬তৎ] বি, কর্ষিত ক্ষেত্র। ~ঝাড়া-ধূলা দ্রঃ। ~ধূসর-বিণ, মলিন ~ধূসরিত [ধূলি (দ্বারা) ধূসরিত, ৩তৎ] বিণ, ধূলায় ধূসর বর্ণ ;

ধূলায় আচ্ছন্ন ও পাংশুবর্ণ। ~পটল-আকাশ আচ্ছন্নকারী মেঘাকার ধূলিরাশি। ~ময় [ধূলি+ময়] বিণ ধূলাচ্ছন্ন ; ধূলাপূর্ণ। ~মুষ্টি [গ্রাং ধূলিমুটি] বি. মুষ্টিপূর্ণ ধূলি। ২ অকিঞ্চিৎকর পদার্থ। প্র-ধূলি-মুটি ধরিলে কড়ি মুটি হয়। ধূলা দ্রঃ। ~শয্যা-বি, ভূমি শয়ন। শায়ী-বিণ. ধূলার উপর শয়নকারী ; ধরাশায়ী। ২ ভূপাতিত। গোধূলি-গো দ্রঃ। সন্ধ্যার প্রাক্কাল ; যে সময় রাখাল গোচারণের মাঠ হতে গৃহে গমন করে এবং গোক্ষুরোত্থিত ধূলি আকাশ আচ্ছন্ন করে। চক্ষে ধূলি দেওয়া-ধূলা দ্রঃ। পদধূলি (লী) দেওয়া-মস্তকে পদ বা পদধূলি স্পর্শ করাইয়া আশীর্বাদ করা। পদধূলি(লী) লওয়া-ভক্তিভাবে পদ স্পর্শ করিয়া প্রণাম করা ; ভক্তভাজনের পদরজ গ্রহণ করা।

ধূলীকদম্ব [সং] বি, কদম্ববৃক্ষবিঃ ; ধারাকদম্বসদৃশ বৃক্ষ।

ধূসর [সং। "ঈষৎ পাণ্ডুস্তু ধূসরঃ"-অমর০। [সং-তে (১) উষ্ট্র (২) গর্দভ (৩) কপোত (৪) তৈলকার অর্থেও ব্যবহার আছে] বি, ঈষৎ পাণ্ডুবর্ণ ; পাংশুবর্ণ ; ছাই রং। ২ বিণ, পাংশুবর্ণ ; পাঁশুটে।

ধূসরিত [ধূসর+ত (র্ম্ম)] বিণ, ধূসরবর্ণ-রঞ্জিত ; ঈষৎ পাণ্ডুর।

ধূসরিমা [ধূসর+ইমন্(ভাং)]=ধূসরি-মন্ ১মা, ১বং] বি, ধূসরত্ব ; পাণ্ডুরতা।

ধূস্তূর [সং] বি. ধুতুরা।

ধৃত [ধৃ (ধারণ করা)+ত (র্ম্ম)। ধরা দ্রঃ] বিণ, যা হস্ত দ্বারা গ্রহণ করা হইয়াছে ; গৃহীত। ২ অঙ্গে যা ধারণ করা হইয়াছে ; পরিহিত। ৩ অবলম্বিত ; আশ্রিত। ৪ ব্যবহৃত। ৫ আয়ত্তীকৃত। ৬ কৃতাবরোধ ; আবদ্ধ। ৭ বি, ত্রয়োদশ মনুর পুত্রবিঃ। ~বর্ম্মা। [ধৃত বর্ম্মন্ (অঙ্গাবরক) যৎ কর্তৃক, বহুং] বিণ, বর্ম্মধারী। ২ নৃপতিবিঃ। ~ব্রত [ধৃত (গৃহীত হইয়াছে) ব্রত (যৎ কর্তৃক), বহুং] বিণ, ব্রত ধারণকারী ; গৃহীত-ব্রত। ~ময় [প্রং অং] বিণ, স্থির। স্ত্রীং ~ময়ী। ~রাষ্ট্র [ধৃত (গৃহীত হইয়াছে) রাষ্ট্র (রাজ্য) যৎ কর্তৃক, বহুং] বি, বিচিত্র-বীর্য্যের পুত্র। অম্বিকার গর্ভে ব্যাসদেবের ঔরসে ইঁহার জন্ম, ইনি জন্মান্ধ। ২ নাগ-বিঃ। ৩ চঞ্চু ও পদ কৃষ্ণবর্ণ হংসবিঃ। ~রাষ্ট্রী-বি, হংসী। ২ কশ্যপের কন্যা।

ধৃতাত্মা [ধৃত+আত্মা] বি, বিষ্ণু। ২ বিণ, আত্মজ্ঞানী। ৩ সংযত চিত্ত।

ধৃতাস্ত্র [ধৃত+অস্ত্র] বিণ, অস্ত্রধারী ; অস্ত্র বা শস্ত্রপাণি।

ধৃতি [ধৃ (ধরা)+তি (ভাং)] বি. ধারণা। "আবৃত্তি সংজ্ঞেই আবৃত্ত গ্রন্থকে স্মৃতির বশীভূত ও ধৃতির অধিগত করিয়া তুলে।"-বঙ্গবাণী, ১৩৩৩। ২ ধৈর্য্য। ৩ স্থৈর্য্য। ৪ ইচ্ছা। ৫ সন্তোষ। ৬ সুখ। ৭ উৎসাহ। ৮ সর্ব্বত্র প্রীতি। ৯ যাগ। ১০ [গে+তি] ষোড়শ মাতৃকার মধ্যে ত্রয়োদশ মাতৃকা। "ধৃতি বৃদ্ধি ঈশী বশী শিবা আর অণিমা। একভাবে ছয় নারী ভজিবেক তোমা।"-কবিকং। ১১ যোগবিঃ। ১২ অষ্টাদশ-অক্ষর ছন্দোবিঃ। ~মতী [ধৃতি+মৎ (স্ত্যং) ঈ (স্ত্রীং)] বিণ. ধৈর্য্যশালিনী। পুং ধৃতিমান্। ~মান্ [ধৃতি+মৎ (স্ত্যং)= ধৃতিমৎ ১মা, ১বং] বিণ, ধৈর্য্যশালী। ২ ধীর। ৩ নৃপবিঃ। ৪ অগ্নিবিঃ। ৫ কুশ-দ্বীপস্থ বর্ষবিঃ। ~হোম [সং] বি, বিবাহের অঙ্গভূত হোমবিঃ।

ধৃষ্ট [ধৃষ্ (প্রগল্ভ হওয়া)+ত (র্ত্তৃ)] বিণ, নির্লজ্জ। ২ উদ্ধত ; প্রগলভ। ৩ লম্পট। ৪ বি. নায়কবিঃ ; যে নায়ক অপরাধ করিয়াও শঙ্কাবিহীন, তিরস্কৃত হইলেও নির্লজ্জ, এবং নিজ দোষ মিথ্যা বাক্য দ্বারা গোপন করে। "অনুকূল পতি যদি হয় প্রতিকূল। ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল।"-বিং সুং। স্ত্রীং ~া-অসতী। ~তা [ধৃষ্ট+তা (ভাং)] বি, লজ্জাহীনতা। ২ ঔদ্ধত্য ; প্রগলভতা। ৩ হঠকারিতা। ~কেতু [মহাং] বি, চেদিরাজ শিশুপালের পুত্র। কুরুক্ষেত্র যুদ্ধে পাণ্ডবপক্ষে যুদ্ধ করিয়া দ্রোণ-হস্তে নিহত হন। ~দ্যুম্ন [মহাং] বি, দ্রুপদ রাজার পুত্র ; দ্রৌপদীর সহোদর।

ধৃষ্টাম ধৃষ্টামি [ধাষ্টাম দ্রঃ। ধৃষ্ট+আম, -মি(আচরণার্থে)] বি.ধৃষ্টব্যবহার ;প্রগলভতা।

ধৃষ্টি [রামাং] বি, রাজা দশরথের মন্ত্রি।

ধৃষ্ণক [সং] বিণ, প্রগলভ।

ধৃষ্ণি [সং] বি, কিরণ।

ধৃষ্ণু [ধৃষ্ (ধৃষ্ট হওয়া)+নু (র্ত্তৃ, শীলার্থে)] বিণ, ধর্ষণ-শীল। ২ প্রগলভ।

ধৃষ্য [ধৃষ্ (ধর্ষণ করা)+য (র্ম্ম)] বিণ, ধর্ষণীয় ; যাকে ধর্ষণ বা দলন করা যাইতে পারে। ২ জেয় [দ্রঃ-বিপরীতার্থক অধৃষ্য শব্দেরই প্রচলন আছে]।

ধেআ-ধেইআ দ্রঃ।

ধেআই-ধ্যান, ক্রি, ধ্যানকরি। "অহোনিশি যোগ ধেআই"-শ্রীং কীং।

ধেআন [ধেয়ান দ্রঃ। সং-ধ্যান। প্রাং বাং-ধেঞান। হিং উচ্চারণ অনুযায়ী বানান] বি, ধ্যান। "পাত্রর বচনে পরভুর ধেআন ভেঙ্গে ভাঙ্গিল। -শূং পুং। ক্রি, ধেআন [ধেআই ; ধেআও, ধেয়ায় ; ধেয়াইতে (ক্ষেং ধেয়াতে) ; ধেয়াইয়া ইং] ধ্যান করা। ২ চিন্তা করা। ধেআনেত,-তে [প্রাং বাং] ক্রি-বিণ, ধ্যানেতে ; ধ্যানে। "ধেআনেত শুনিল পক্ষ পরভুর বচন।"-শূং পুং।

ধেই [অনুং। সং-ধাব (ধাবনে) > ধাব > ধাও > ধাই ; তুলং-ধাইনাচন। ব্যাপ্ত্যর্থে ধেই ধেই। ধেই ধেই ওং (দ্রঃ)] অ, নৃত্যভেদ ; তাণ্ডব ; ধাবনসহ নৃত্য। প্র-ধেই নাচন। ২ বাদ্যের বোল ; নৃত্যের তালে তালে বাদ্যধ্বনি। "তা ধেই ধেই বাদ্য বাজে" -ছড়া। ধিং ধেইয়া (ক্ষেং ধেয়া। ধেয়্যা দ্রঃ)।

ধেইয়া-ধেয়্যা দ্রঃ।

ধেড়স, ট্যাঁড়স [সং-ডিণ্ডিশ >] বি, ফলশাকবিঃ ; ঢেঁড়শ দ্রঃ।

ধেড়ি [প্রাদেং] বি, ঢেঁড়ি ; স্ত্রীলোক-দিগের কর্ণালঙ্কারবিঃ। প্র-ঝুমকা ঢেঁড়ি। ২ ঢেঁড়ি ; ঢেঁড়রা।

ধেঞা [ধাবন > প্রাং বাং-ধাইঞা (ক্বত) > ধাঞা > ধেঞা] অস ক্রি, ধাইয়া। "হেন মনে লয় যদি লোক ভয় নয় কোলে করি যেয়ে ধেঞা।"-চণ্ডিং।

ধেঞান [ধ্যান > ধেআঁ > ধেঞা+আন (ক্রিয়ায়)। ধেঞাই, ধেঞাও, ধেঞায় ইং ধেঞান-বৎ] ক্রি, ধ্যান করা।

ধেড়ানি [অনু°] ক্রি, তরল মল ত্যাগ করা ; উদরাময় রোগ হেতু মল ধারণে অসমর্থ হইয়া পরিধেয় বস্ত্রাদিতে মলত্যাগ করা। ২ [লক্ষ°] কর্মে অসামর্থ্য প্রকাশ করা ; কাজ খারাপ করা ; অপরিচ্ছন্ন ভুলভ্রান্তিপূর্ণ কাজ করা। বিণ, ধেড়ানিয়া [গ্রা° ধেড়ানে, ধেড়াস্তে] ধেড়ায় এমন।

ধেড়িয়া, ধেড়ে₁ [ধাড়ী দ্রঃ] বি, উবিড়াল ; জলমার্জ্জার। ২ বিণ, বয়স্ক ; মস্ত। ৩ ধাড়ীর স্বভাববিশিষ্ট। প্র-ধেড়ে রোগ।

ধেড়ে₂ [দীর্ঘ > ধাড়ী (দ্রঃ) > (তুচ্ছার্থে) ধেড়ে] বিণ, অশোভন ভাবে বড়। গ্রা° ব্যবহারে অবজ্ঞার আধিক্য অর্থে "ধেড়েঙ্গ।" এই অর্থে দিগ্‌ধেড়েঙ্গা (তুল-দীঘল,-ড), ধেড়েকেষ্ট। "আ মোলো যা! ধেড়েকেষ্ট মেয়েটার রকম দেখ।" -মা° ও ম° বাণা, ১৩৩৩।

ধেড়ো [যশো°, খুলনা প্রদে°। 'চেড়ো' ও°] বি, শীষ ; শীষ।

ধেনিকা [সং] বি, ধন্যাক।

ধেনু [ধে (পান করান) + নু (র্ক্ত,জ্ঞা), যে বৎসদিগকে পান করায়] বি, সবৎসা গো ; নবপ্রসূতা গাভী। "ধেনু বৎস একস্থানে বৃষ খুরে ক্ষিতি টানে দক্ষিণেতে ব্রাহ্মণ অনল।"-অ° ম°। ~দুগ্ধ-গাই দুধ।

ধেনুক [ধেনু + ক (জ্ঞা°)] বি, অসুর-বিঃ। ২ তীর্থবিঃ। স্ত্রীং ~ -ধেনু। ২ হস্তিনী। ~সূদন, ~হা, ধেনুকারি [ধেনুক + সূদন, হা (< হন্), অরি] বি, বিষ্ণু ; কৃষ্ণ ; বলরাম। ~মক্ষিকা-বি, ডাঁশ ; গবাদি পশুর রক্তশোষক দংশমক্ষিকা ; ইহারা পশুর ত্বক্ ভেদ করিয়া তন্মধ্যে ডিম্ব-প্রসব করে a gadfly. ~মান্ [মূ° ধেনুমৎ >] বিণ, গোস্বামী ; ধেনুর অধিকারী। স্ত্রীং ~মতী। ~মূল্য [ধেনুর মূল্য, ৬তৎ] বি, প্রায়শ্চিত্তবিঃ ; ধেনুদানের নিষ্ক্রয় স্বরূপ মূল্যবিঃ।

ধেনুয়া ধেনো [ধান্য > ধান + উয়া= ধানুয়া, ক্ষে° ধেনো-ধান্য হ তে প্রস্তুত] বি, ধান্যজ মদ্য ; ধেনোমদ ; ধান্যেশ্বরী দ্রঃ। "আঃ রাম হেন দেশী এবং ধেনো ছাড়ি" -দ্বি° রায়।

ধেনুষ্যা [সং] বি, দোহনার্থ আবদ্ধ গাভী বা মহিষী।

ধেয় [ধা (ধারণ করা) + য (র্ক্ম)] বিণ, ধারণযোগ্য ; গ্রাহ্য। ২ জ্ঞেয় ; জ্ঞানগম্য। ৩ ধারী ; গ্রাহী। ৪ সূচিত ; চিহ্নিত। নামধেয়-নামধারী ; আখ্যাত। ভাগ-ধেয়-ভাগ্যবান্ ; ভাগ্যধর। ২ ভাগী।

ধেয়া [ধ্যান > ধেয়ান >] ক্রি, ধ্যান করা। ধেয়ান₂ দ্রঃ।

ধেয়্যা, ধেয়ে [ধেই (দ্রঃ) + য়া (প্রকারার্থে)] বিণ, যাতে ধেই ধেই ব্যাপার আছে ; ধাবন বা ধাওয়াযুক্ত ; ধাবনশীল। ২ উদ্দণ্ড। ধেয়ে-নাচিনী [গ্রা°-নাচুনী। পুং -নাচুনে < নাচনিয়া] বিণ, যে নারী ধেই ধেই করিয়া নাচে। ২ যে নারী একস্থানে স্থির হইয়া থাকিতে পারে না ; নানা স্থানে ধাওয়া করে অর্থাৎ এখানে ওখানে ধাই ধাই করিয়া বেড়ায় এমন।

ধেয়ান₁ [সং-ধ্যান > প্রাকৃ° উচ্চারণ-গত বানান। প্রা° বাং পদ্যে] বি, ধ্যান : একাগ্র বা নির্দ্দিষ্ট চিন্তা ; স্মরণ। "বিশ্বকর্ম্মা ভগবতী করিল ধে°।"-কবিক°। "ধেয়ানে দেখিনু মোহন মুরতি।"-ভারত°। ২ চিন্তা ; ভাবনা। "দিবানিশি থাকি আমি তোমার ধেয়ানে।"-নিধুবাবু।

ধেয়ান₂ [ধ্যান > ধেয়ান + অ (ক্রিয়ায়) = ধেয়ান। ধেয়াই, ধেয়াও, (ধেয়ান, ধেয়াস), ধেয়ায়, ধ্যায়ায় (ধেয়ান, ধ্যায়ান) ; ধেয়াইতে ; ধেয়াইয়া] ক্রি, ধ্যান করা ; স্মরণ করা। ২ চিন্তা করা।

ধেয়ানী [ধেয়ান₁ দ্রঃ] বিণ, ধ্যানী ; ধ্যানস্থ ; মৌনী। "ফুল-সেজ বিছাইয়া রহয়ে ধে° হৈয়া উজর চাঁদনি রাতি।"-চণ্ডি°।

ধেরো-ধারুয়া দ্রঃ।

ধৈনুক [সং] বি, ধেনুপাল ; ধেনুসমূহ।

ধৈবত [ধাবৎ + অ (সম্বন্ধার্থে)। "গত্বা নাভেরধোভাগং বস্তিং প্রাপ্যোর্দ্ধগঃ পুনঃ। ধাবন্নিব চ যো যাতি কণ্ঠদেশং স ধৈবতঃ॥" -সঙ্গীত দামোদর। অশ্বের হ্রেষা হ তে অনুকৃত (নারদ)। মতান্তরে, ভেক রবের অনুকার ধ্বনি (তানসেন)। ললাট ইহার উচ্চারণ স্থান] বি, সঙ্গীতের স, ঋ, গ, ম আদি সপ্ত স্বরের ষষ্ঠ স্বর, সঙ্কেতে "ধ"।

ধৈরজ,-য [পদ্যে। সং-ধৈর্য্য >। হি° ধীরজ] ধৈর্য্য। "ভারত দেখিয়া যারে ধৈরজ ধরিতে নারে।"-অ° ম°। "জ্ঞানদাস কহ, ধৈরজ ধরি রহ"-জ্ঞান°।

ধৈর্য্য [ধীর + য (ভা°)] বি, ধীরতা ; সহিষ্ণুতা। ২ চিত্তের স্থিরতা ; অচঞ্চলতা। ৩ [বৈষ্ণব সা°] দুঃখাভাব, জ্ঞান, উত্তম বস্তু প্রাপ্তি জন্য মনের অচাঞ্চল্য। বিণ, ধীর। ~চ্যুত [ধৈর্য্য (হতে) চ্যুত (বিচ্যুত, স্খলিত)] বিণ, অধীর ; অসহিষ্ণু। > স্ত্রীং ~চ্যুতা। বি, ~চ্যুতি। ~ধারণ [ধৈর্য্যের ধারণ (অবলম্বন), ৬তৎ] বি, ধৈর্য্যাবলম্বন ; সহিষ্ণুতা অবলম্বন। ২ অপেক্ষা বা প্রতীক্ষা করিয়া অবস্থান। ~বান্ [ধৈর্য্য + বৎ (স্ব্য°)= ধৈর্য্যবৎ ১মা, ১ব°] বিণ, ধৈর্য্যসম্পন্ন ; ধীর। ~শালী [ধৈর্য্য শালিন্ ১মা, ১ব°] বিণ, ধৈর্য্যগুণবিশিষ্ট ; ধীর। > স্ত্রীং ~শালিনী। ~শীল [ধৈর্য্যই শীল যার, ব২°] ধৈর্য্যশালী ; ধীর ; সহিষ্ণু। > স্ত্রীং ~া। ~হারা-বিণ, অসহিষ্ণু ; অধৈর্য্য।

ধৈর্য্যাবলম্বন [ধৈর্য্য + অবলম্বন, ৬তৎ] বি, ধৈর্য্যধারণ ; চাঞ্চল্যসংবরণ।

ধোআ, ধোওয়া, ধোয়া [ধাব্ (মার্জ্জনে, প্রক্ষালনে) > ধাও + আ (কর্ম অর্থে)। ধোয়া দ্রঃ। চ° ক° ভা° ধোপা। ধুই, ধোও ধোন ধুস), ধোয় ই°] বি, প্রক্ষালন। ২ ক্রি, ধৌত করা ; মার্জ্জন করা ; প্রক্ষালন করা। ণিজন্ত, ধোআনি, ধোওয়ানি। বি, ধোআনি, ধোওয়ানি। ৩ বিণ, ধৌত ; মার্জ্জিত।

ধোঁ [ধূম > ধুঁ, ধু > ধোঁ (গ্রা°)] বি, ধূম। প্র-গরুর গোয়ালে ধোঁ দেওয়া।

ধোকন [ধুঁকন দ্রঃ] বি, শ্রান্তি হেতু ঘনঘন শ্বাস ত্যাগ। ২ [গ্রা°। ধোঁকা দ্রঃ] সন্দেহ ; সংশয়। ৩ প্রতারণা ; ধোঁকা।

ধোঅ-ধোঁয়া দ্রঃ।

ধোঁকা₁ [হি° ধোখা < সং-ধ্বাঙ্ক্ষ্ (কুটিলী করণে) > বক্রতা, সঙ্কোচ > (অর্থ সম্প্রসারণে) সন্দেহ] বি, সংশয় ; সন্দেহ।

২ ভ্রম : ভুল। "হয় নাই পাছে বলি হয়ে ছিল ধোঁকা। ঠিক হৈল যেন কেহ লয়ে ছিল ঢোপা॥"-শি০। ক্রি, ধোঁকান। [এই নাম ধাতুর বর্তমান কালের ১ম পু০ রূপ-ধোঁকালিল, ধোঁকালেক বাং৪ চ০] "ধোঁকায় ভুলিয়া গেনু ধোঁকালেক মোকে। এমন আঁটুম্বা আর নাহি তিন লোকে॥"-শি০। বিণ, ধোঁকানিয়া, ধোঁকানে। ধোঁ০খাওয়া-সন্দেহযুক্ত হওয়া। ২ প্রতারিত হওয়া। ধোঁ০দেওয়া-প্রবঞ্চনা করা। ধোঁকায় পঁড়া-সংশয়ে পতিত হওয়া ; সন্দেহযুক্ত হওয়া। ২ প্রতারিত হওয়া : ভ্রমবশে বঞ্চিত হওয়া।

ধোঁকা২ [সং-ধুক্ষ্ (ক্লেশনে)। ধুঁকি : ধোঁক (ধোঁকেন, ধুঁকিস) : ধোঁকে : ধুঁকিতে (কেং ধুঁকতে) · ধুঁকিয়া (কেং ধুঁকে) ই০] ক্রি. শ্রান্তি হেতু ঘনঘন শ্বাস ত্যাগ হাঁপাইতে থাকা : বুক উঠা পড়া। "তোমা হয়ে আমি ধুঁকি করি হাঁই ফাঁই।"-শি০। ণিজন্ত, ধোঁকানি।

ধোঁকা৩ [প্রাদে০। এই ব্যঞ্জনের আকৃতি ও মসলাযোগে রন্ধনগুণে স্বাদ গন্ধে মাংস বলিয়া ভ্রম বা ধোঁকা হয় বলিয়া নাম] বি. মসলাদি যোগে প্রস্তুত বাটা ছোলার দাইলের ব্যঞ্জনবিঃ। ধোঁকার টাটি, -টী [হিং ধোখে কী টট্টী] বি. যে বেড়া বা পরদা বা অন্য অন্তরাল থেকে শিকারী শিকার খেলে। ২ প্রকৃত বস্তুকে গোপনে রাখিবার বস্তু : ভ্রমে ফেলিবার বস্তু camouflage. তুল-ভ্রমের টাটী (দ্রঃ)। ধোঁকার ডাল্না-বি. উক্ত বটক ঘটিত ব্যঞ্জনবিঃ। ধোঁকার বঁড়া-উক্তরূপে প্রস্তুত বটক।

ধোঁকানি [ধোঁকা দ্রঃ] ক্রি. ধোঁকা দেওয়া : সংশয়ে ফেলা। ২ প্রবঞ্চিত করা। ৩ ভ্রমে পাতিত করা।

ধোঁয়া [ধূম >। গ্রা০ ধোঁ] বি. ধূম। "ধূপের ধোঁয়ায় ধূসর বাসর গেহ"-রবী০। ধোঁয়া কঁরা,-দেওয়া-ধূম উৎপন্ন করা। বুদ্ধির গোড়ায় ধোঁয়া দেওয়া-[ধূমপানে অভ্যস্ত ব্যক্তি গভীর ভাবে চিন্তা করিবার কালে বা কোন মতলব আঁটিবার সময় ধূমপানে রত হয় তা হতে প্রবাদ] ক্রি, বিবেচনা বা চিন্তা করিতে বা ভাবিতে বসা। ~টে-বিণ, ধোঁয়া-ধোঁয়া। ২ অস্পষ্ট।

ধোঁয়ানি-পাঁজালি [অল্প অল্প জ্বলিয়া ধোঁয়া হ'তে থাকে বলিয়া] বি. চাষারা আগুন লইয়া যাইবার জন্য যে খড়ের বিনুনী পাকাইয়া তার মুখে আগুন ধরাইয়া লইয়া যায়।

ধোকড়১ [হিং খোকড় (বলিষ্ঠ, কুস্তিবাজ) > শক্ত, টন্‌কো, মজবুত] বিণ বলিষ্ঠ বলবান্। ২ মজবুত ; দক্ষ ; দড় ; বিশারদ। প্র-কথার ধোকড়।

ধোকড়২, ধোকড়া, ধোকড়ি [সং-ধৌঃকট ("সূত্ররচিত ভাণ্ডম্। ধোকড়া ইতি খ্যাতঃ"-শ০ ক০ দ্রুম) > হিং খোকড়া, গোধড়া। ক্ষুদ্রার্থে-ধুকড়ী, গুধড়ী] বি. মোটা সুতার বড় থলিয়া ; ঝোলা : বোরা। ২ মোটা কাপড় coarse cloth. "সদাগর আচ্ছাদন না ছাড়ে ধোকড়ি।"-কবিক০। ৩ বড়ায় পরিণত বস্ত্র : ছিন্ন বস্ত্র। ধোকড়া-ধুকড়ি, কাঁথা ধোকড়া [তুল-কন্থাকম্বলাদি] কন্থা ও তৎসদৃশ স্থূল বস্ত্রাদি : কাঁথা ও ঝোলাঝুলি। মাকড় মারলে ধোকড় হঁয় [ব্যঙ্গোক্তি] মাকড়সা মারিলে ব্রাহ্মণেতর জাতির জীবহত্য পাপের প্রায়শ্চিত্ত করিতে হয় কিন্তু শাস্ত্রকার ব্রাহ্মণের কিছুই করিতে হয় না বরং মাকড়সার জালবোনার গুণ থাকায় তাহার ফলে বস্ত্র লাভ হয় (এদেশে মেয়েলী সংস্কার এরূপ আছে যে গায়ে মাকড়সা উঠিলে বস্ত্রলাভ হয়) > আপনার বেলায় দোষ হয় না।

ধোকড়িয়া [ধোকড় (দ্রঃ) + ইয়া (স্ত্যা০)] বিণ বলবান্। "উড়িয়া পড়িয়া মৎস্য ধরে মৎস্যরাঙ্গা। ভুজঙ্গ ধরিয়া খায় খোঁ০ কাঙ্গা॥"-কবিক০।

ধোঁকা-ধোঁকা দ্রঃ। ~বাজ, ধোঁকাবাজ [হিং ধোকা + ফা০ বাজ্] বিণ, ধোঁকাদাতা ; প্রবঞ্চক : ঠগ। > বি, ~বাজী-ঠগামি, প্রবঞ্চনা।

ধোচনা [ধুবনী > ধুচনী-বৃহদর্থে, ধুচ্‌না, পরে ধোচ্‌না] বি, বড় ধুচুনি। ২ [ধোচনা জাল ও০] মাছ ধরিবার খাঁচা · বাঁশের শিকের একটা দরজাওয়ালা ত্রিকোণাকৃতি যন্ত্রবিঃ।

ধোঁড় [গ্রা০। সং-ডুণ্ডুভ >] বি, ডুণ্ডুভ ; ঢোঁড়াসাপ।

ধোপ [ধূপ্ (দীপ্তি অর্থে। হিং ধূপ= রৌদ্র-তদ্বৎ উজ্জ্বল ও শুক্র। ~ রৌদ্রবৎ উজ্জ্বলতা শুক্রীভাব বা ধূপ (সন্তাপে)-বস্ত্র ইস্ত্রী করিবার কালে তাপ দেওয়া হইতে : ধূপন অর্থে] বি. শুক্লীকরণ। ২ রঞ্জন : শুভ্রত্ব বা শুক্লবর্ণ সম্পাদন ; ধবলীকরণ। ~ছায়া-ধূপ দ্রঃ। ~দস্ত, ~দুরস্ত -দোরিস্ত [ধোপ (দ্রঃ) + দুরস্ত (ফা-দুরুস্ত) >] বিণ ধোলাই করা ; ধোলায়ের পর ইস্ত্রী ও পরিধানোপ-যোগী করা। "টেবিলে পরিবেশনকারী বয়েরা' ধোপদুরস্ত পরিষ্কার পরিচ্ছন্ন পোষাকে"-মৌচাক ভাদ্র ১৩৩৫। ধোঁ০ দেওযা [হিং ধূপ্ না-আলকাতরা ই০ দ্বারা রঞ্জিত করা] কাচিয়া কলপাদি দ্বারা শুভ্র করা বা ফর্সা করা ; শুক্লত্ব সম্পাদন। ধোপ ধঁরা, ধোপ লাগা-শুক্লবর্ণ বা ফর্সা রং ধরা (তুল-ছাপ ধরা) ; ধূপ বা রৌদ্রের ন্যায় ধপ্‌ধপে সাদা রং ধরা। "কালীদহের কূলে চল। সে জলে ধোপ ধর্ব্বে ভাল॥"-রা০ প্র০। ~পঁড়া-ধোলাই হওয়া ; প্রক্ষালন সহ ফর্সা করিবার মশলা পড়া।

ধোপা [ধোবা দ্রঃ। ধোপ + আ (কারকার্থে)। ধোআ 'চট্ট০ প্রাদে০] বি. যে ধোপ দেয় বা কাপড় কাচে : রজক (দ্রঃ)। "বাম্ভ২লি ধোপা-ঝি ধরিল ডানকণা।"-শি০। স্ত্রীং ~নী-রজক স্ত্রী, রজকী। ২ এক প্রকার মাছি। "বাশুলী আদেশে কহে চণ্ডীদাসে ধোপানী চরণ সার"-চণ্ডি০। ধোপার বাড়ী দেওযা-ধোপাকে কাপড় কাচিতে দেওয়া। ধোপার পাট [হিং ধোবীপাড়্] ধোপা যে পাটায় কাপড় আছাড় দিয়া কাচে। ধোঁ০ নাপিত বঁন্ধ কঁরা-সামাজিক দণ্ড দেওয়া : ধোপার অভাবে মলিন বেশ ও নাপিত অভাবে শ্রীহীন ও অশুচি হইয়া থাকিতে বাধ্য করা : ভদ্র সমাজে মিশিবার পথ না রাখা ; এক ঘরিয়া করা। ধোপার ভাঁড়ার [ধোপার ঘর প্রত্যর্পনীয় অন্যের

বস্ত্রে পূর্ণ কিন্তু ব্যবহার করিবার যো নাই কেবল যা নাড়া চাড়া ও চোখে দেখা যায়। তাই থেকে প্রবচনের উৎপত্তি] বি, অব্যবহার্য্য বা অকেজো ভাণ্ডার।

ধোব [হিং ধোব (ধুলাই, প্রক্ষালন) a wash. সং-ধাব্ (শুদ্ধীকরণ, মার্জ্জন, প্রক্ষালন করা) > ধোব্। তুল-হিং ধোব্ পড়্না=বাং-ধোপপড়া। ধোপ দ্রঃ]. বি, প্রক্ষালন ; কাচন ; ধবলীকরণ ; শুভ্রকরণ।

ধোবা [ধোব (দ্রঃ)+আ (কারকার্থে) হিং ধোবী] বি. রজক ; বস্ত্রধাবক। স্ত্রীং ~নী [হিং ধোবন্, ধোবিন্। বাং গ্রা· ধুবী]।

ধোবাল-ধবল দ্রঃ।

ধোয়া [সং-ধাব্ > হিং ধোব (কাচন, ধাবন) + আ (ণে)। ধোআ (দ্রঃ)। ধুই : ধোও : ধোয় : ধুইতে (কেং ধুতে) ; ধুইয়া (কেং ধুয়ো) ই] ক্রি. ধৌত করা : প্রক্ষালন করা : কাচা ; পরিষ্কার করা। ২ বিণ. ধৌত ; মার্জ্জিত ; প্রক্ষালিত। প্র-ধোয়া কাপড়। বি, ধোয়ানি [ধোয়া+আনি (পানি) >] কোন বস্তু ধোয়া জল ; ধোয়াট : সমল জল। প্র-চাল ধোয়ানি। নর্দ্দমা দিয়া ঘর ধোয়ানি জল পড়িতেছে।

ধোয়াট [বাং-ধোয়া + সং-আবর্ত্ত > হিং আবট্ (তুল-আমবট্=আম্রাবর্ত্ত), প্রাকৃং আবট্ট আবর্ত্ত=জল ভ্রমি, যে জল আবর্ত্তিত হতে হতে ভূমিভাগ ধুইয়া প্রবাহিত হয়। সমুদ্রের তরঙ্গ এই ভাবে তট-ভাগ ধৌত করে, এই জন্য ইংরেজিতে rolling waves বলে] বি, জলের আবর্ত্তিত প্রবাহ। প্র-নদীর মুখে যে গণ্ডটী ছিল এখন তা ভরাট হইয়া গিয়াছে। ভরাটের মাটী জলের ধোয়াটে আসিয়া পড়িয়াছিল। ২ আবর্ত্তে ধোয়া মাটি : জল প্রবাহের বেগ-তাড়িত মাটি : ধুইয়া ধুইয়া যে রজঃ বা মৃত্তিকা সঞ্চিত হইয়াছে। প্র-এখানে অনেকটা ধোয়াট পড়েছে।

ধোয়ান [ধোয়া (দ্রঃ) র ণিজন্তরূপ। ধোয়াই, ধোয়াও, ধোয়ায় ; ধোয়াইতে (কেং ধোয়াতে) : ধোয়াইয়া (কেং ধুইয়ে) ই·] ক্রি প্রক্ষালন করান ; কাচান। ২ বিণ, যা ধৌত করান হইয়াছে ; প্রক্ষালিত ; প্র-ধোয়ান ধুতি। ৩ (-ন) বি, ধোলাই ; ধোপ। প্র-এমন ধোয়ান ধুয়েছে যে কাপড় খানা খণ্ড খণ্ড হয়ে গেছে।

ধোয়ানি-ধোয়া দ্রঃ।

ধোরণ [ধোর্ (গমন করা) + অন (ণে, জ্ঞা০] বি, অশ্বরথাদি বাহন। ২ [+অন্ (ভা০)] অশ্বের দ্রুতগতিভেদ ; ধৌরিতক।

ধোরিত [ধোর্ (গমনে পটু হওয়া) + ত (ভা·)] বি. ধোরণ (দ্রঃ)। ২ ধৌরিতক ; অশ্বগতিভেদ।

ধোলাই [হিং ধুলাই, ধুবাই] বি. প্রক্ষালন বা ধোয়াইয়ের কাজ : ধাবন। ২ ধৌত করিবার পারিশ্রমিক। ৩ বিণ, ধৌত : মার্জ্জিত। "কর মন'ক ধোলাই আপদ বালাই মনের ময়লা ফেল কাটি।"-রা০ প্র০। ধো০ করা-ধৌত করা ; পরিষ্কৃত।

ধোসা [হিং ধুস্সা] বি. শীতবস্ত্রবিঃ।

ধৌত [ধাব্ (শুদ্ধ করা) + ত (র্ম্ম)] বিণ, প্রক্ষালিত : মার্জ্জিত ; পরিষ্কৃত। ২ শুক্লীকৃত। ৩ কলঙ্করহিত। ৪ নিষ্পাপ : কলুষবর্জ্জিত। ৫ শোধিত : কৃতশোধন। ~কট [সং বি. মোটা সূতার থলিয়া ; ব্যাগ : ধোকড় [দ্রঃ]। ~কৌষেয় [ধৌত যে কৌষেয় (কৃমিকোষ-জাত বস্ত্র), ধা] বি, পট্টবস্ত্র। ~শীলা [ধৌত (পরিষ্কৃত) যে শীলা (প্রস্তর), ধা] বি, স্ফটিক।

ধৌতি১ [সং। ধুতি দ্রঃ। যা ধৌত করা হয়] ধুতি ; পরিধেয় বস্ত্র। "বেমন বরন আপুনি কেমন পরিছ ধৌতি।"-শূ পু০। "মন কৈল পাবন পাবন কৈল ধৌতি।"-ঐ।

ধৌতি২ [যোগ শা০ পরিঃ] বি, যোগের অঙ্গবিঃ ; শরীরের অভ্যন্তরভাগ ধৌত-করণ : দেহগত মল শোধন। ইহা ৪ প্রকার -অন্তর্ধৌতি, দন্তধৌতি, হৃদ্ ধৌতি ও মূল শোধন। অন্তঃধৌতি ৪ প্রকারে-বাতসার, বারিসার, বহ্নিসার, এবং বহিষ্কৃত। দন্তধৌতি ৫ প্রকার-দন্তমূল, জিহ্বামূল, নাসারন্ধ্র, কর্ণদ্বার, কপালরন্ধ্র।

ধৌমিক [ধূম + অ (সম্বন্ধার্থে)=ধৌম + ক (জ্ঞা০)] বিণ, ধূম হতে উৎপন্ন। ২ ধূম-বহুল স্থানে জাত।

ধৌম্য [মহা০] বি, পাণ্ডবগণের পুরোহিত।

ধৌম্র [ধূম্র + অ (স্বার্থে)] বি, ঋষিবিঃ। ২ [+অ (ভা০)] ধূম্রবর্ণত্ব। ৩ বিণ, ধূম্র।

ধৌরিতক, ধোরিতক [সং] বি, অশ্বের গতিভেদ trot.

ধৌরেয় [ধুর (ভার) + এয় (বহনার্থে)] বিণ, ভারবাহী। ২ অগ্রস্থিত ; অগ্রবর্ত্তী। ৩ বি. বৃষ মহিষাদি ভারবাহী পশু।

ধৌর্ত্তক [ধূর্ত্তক + ষ্ণ (ভাবার্থে)] বি, ধূর্ত্তের ভাব, আচরণ বা প্রকৃতি ; শাঠ্য। বিণ, ধৌর্ত্তিক-ধূর্ত্ত সম্বন্ধীয় ; ধূর্ত্তের। > স্ত্রীং ~ী।

ধৌর্য্য [সং] বি, ধৌরিতক (দ্রঃ) ; কদম চাল trot.

ধ্মাঙ্ক্ষ [ধ্বাঙ্ক্ষ দ্রঃ। ধ্মানক্ষ (ক্রাং, ক্রাক, ধ্যাক ই০ অনুকরণ শব্দ করা) + অ(র্ত্তৃ)] বি, কাক। ২ মৎস্য ভক্ষক পক্ষিবিঃ। ~পুষ্ট-বি, পরভৃৎ ; কোকিল। স্ত্রীং ~পুষ্টা-বি, কোকিলা।

ধ্মাত [ধ্মা (অগ্নিসংযোগ করা, শব্দ করা) + ত (র্ম্ম)] বিণ, অগ্নিসংযুক্ত ; দগ্ধ। ২ সন্দীপিত। ৩ নিনাদিত ; শব্দিত।

ধ্মাপিত [রাসাঃ পরি] বিণ, উত্তাপে তরলীকৃত : তাপ-দ্বারা দ্রবীভূত বা গলান fused.

ধ্যাত [ধ্যৈ (চিন্তা করা) + ত (র্ম্ম)] বিণ, যাকে ধ্যান করা হইয়াছে ; কৃতধ্যান। ২ চিন্তিত ; ভাবিত। ৩ যাকে স্মরণ করা হইয়াছে : স্মৃত।

ধ্যাতব্য [ধ্যৈ (চিন্তা করা) + তব্য (র্ম্ম)] বিণ, ধ্যানের যোগ্য। ২ স্মরণীয় : স্মর্ত্তব্য। ৩ চিন্তনীয় ; ভাব্য। ৪ অনুশীলনীয় ; আলোচ্য।

ধ্যান [ধ্যৈ (চিন্তা করা) + অন। প্রাকৃং ঝাণ] বি, মনন। ২ [গরুড় পুরাণ মতে] রূপ-চিন্তন। ৩ হৃৎপদ্ম মধ্যে মূর্ত্তি (শাস্ত্রে বর্ণিত দেবতাদির রূপ) চিন্তা। ৪ গাঢ় চিন্তা ; গভীর চিন্তা ; অভিনিবেশ। ৫ স্মরণ। ৬ আলোচনা। ৭ [ভাণ স্থলে ধ্যান শব্দের গ্রা০ প্রয়োগ] ন্যাকামি। "শালা কিছু জানেন না?

ধ্যান কচ্চেন।"-লীলাবতী। ক্রি, ধ্যা° কঁরা। ~গম্ভীর-বিণ, গম্ভীর ধ্যানাত্মক ; ধ্যানগর্ভ। "ধ্যানগম্ভীর ভূধর"-বঙ্গবাণী, ১৩৩৩। ~গম্য [ধ্যান (দ্বারা) গম্য, ৩তৎ] বিণ, ধ্যান দ্বারা প্রাপ্য ; ধ্যান দ্বারা জ্ঞেয়। ~জ্ঞান-বি, চিন্তা ও বোধ। ~ধারণা -ধ্যান ও ধারণা ; মনন ও স্মরণ : স্মৃতি ও ধৃতি। ~নিরত-ধ্যানরত দ্রঃ। ~ভঙ্গ-ধ্যানে বিঘ্ন ; ধ্যানের অবসান। ~মগ্ন-বিণ, চিন্তায় অভিনিবিষ্ট। ~রত, ~স্থ-বিণ, ধ্যানে প্রবৃত্ত ; ধ্যানপরায়ণ ; চিন্তামগ্ন।

ধ্যানিক [ধ্যান+ইক] বিণ, ধ্যানসাধ্য।

ধ্যানী-বিণ, যে ধ্যান করে ; ধ্যানস্থ।

ধ্যাম [সং] বিণ, শ্যাম ; মলিন। স্ত্রীং ~া-শ্যামা ; কৃষ্ণবর্ণা।

ধ্যেয় [ধৈ (চিন্তা করা) + য (র্ম্ম)] বিণ, ধ্যানের বিষয়ীভূত ; ধ্যানগম্য। ২ চিন্তনীয়। ৩ স্মর্তব্য ; স্মরণীয়।

ধ্যেয়ায়, ধ্যায়ায় ["ধেয়ায়" ও হয়। ধেয়ান দ্রঃ] ক্রি, ধ্যান করে। "জানি এই যোগী যাঁরে ধ্যেয়ায় হৃদয়ে, সরলা বালিকা পূজে পুষ্প অর্ঘ্য দিয়া। সেই বিশ্বপতি দেবে সায়াহ্ন সময়ে, সুখী হই ভক্তিভাবে হৃদে আরাধিয়া।"-পদ্যপাঠ।, "শয়নে স্বপনে মনে যে যারে ধ্যায়ায়। সে জন তাহারে ফিরে নাহি চায়।"-বাং-গান (হরুঠাকুর)।

ধ্রিয়মাণ [ধৃ (ধারণ করা) + আন (র্ম্ম), ম্, য আগম] বিণ, যা ধরা যাইতেছে।

ধ্রুত, ধ্রুং, ধ্রুবং-ধুয়া দ্রঃ।

ধ্রুত/পদ [সং-ধ্রুবপদ, ধ্রুবক। প্রা° ধুরপদ] বি, উচ্চশ্রেণীর সঙ্গীতাঙ্গ। "সাধারণতঃ অস্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ এই চারিটী তুক্ সম্বলিত সঙ্গীত। যে গীত দ্বারা দেবতাদিগের লীলা, রাজাদিগের যশঃ, অথবা যুদ্ধাদির বিবরণ, বর্ণিত হয়। যাতে স্বর তাল রাগরাগিণীর প্রগাঢ়তা, ওজঃ, প্রসাদ ও মাধুর্য্য গুণাত্মক গদ্য পদ্যময় অংশ ও রচনাগাম্ভীর্য্য সম্যক্ ভাবে বিদ্যমান থাকে, সেই সমুদায় গীতকে সঙ্গীতশাস্ত্র-প্রণেতাগণ ধ্রুপদ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।"-কণ্ঠ-কৌমুদী। বিস্তৃত স্বর পুং-গায়ক দ্বারা সঙ্গীত বিজ্ঞানের অনুযায়ী বিশুদ্ধ ভাবে গীত হয়, সুতরাং ইহা নারীকণ্ঠের উপযোগী নহে। ~পদী-বিণ, ধ্রুপদগায়ক ; ধ্রু° সঙ্গীতে দক্ষ।

ধ্রুব১ [ধ্রু (স্থির হওয়া) + অ (র্ত্তৃ)। ধ্রু= ধ্রুব] বি, স্থিরতারা ; যে স্থিরতারা দেখিয়া নাবিকেরা দিক্ ও গন্তব্য পথ নির্ণয় করে fixed star ২ উত্তর কেন্দ্রস্থ নক্ষত্রবিঃ the pole star. ৩ উত্তর কেন্দ্র North Pole. ৪ বিষুব রেখার প্রান্ত। ৫ ব্রহ্মা। ৬ বিষ্ণু। ৭ শিব। ৮ যোগবিঃ ; ধ্রুব-যোগ। ৯ ললাটস্থ আবর্ত্তবিঃ। ১০ নাসার অগ্রভাগ (যোগস্থ হইয়া যৎপ্রতি দৃষ্টিস্থির করিতে হয়)। ১১ স্থাণু ; খুঁটী। ১২ শঙ্কু। ১৩ কাণ্ডহীন গাছ। ১৪ [ধ্রুবযোগে জন্ম হওয়ায়] উত্তানপাদ রাজার পুত্র। ১৫ বসুবিঃ। ১৬ [ধ্রুবা, ধ্রুবক >] গানে ধুয়া (দ্রঃ)। ১৭ বিণ, স্থির ; নিশ্চল। ১৮ নিত্য ; অক্ষয়। ১৯ দৃঢ় ; অবিচলিত। "কিন্তু তাঁহারা অনায়াসেই তাঁহাকে স্বীকার করিয়া ন্যায়পথে ধ্রুব হইয়া আছেন।"-চারিত্রপূজা। ২০ নিশ্চিত ; সংশয়হীন। প্র-ধ্রুব বিশ্বাস। ২১ ক্রি-বিণ, অবশ্য। স্ত্রীং ~া-ধুয়া। ~ক-বি, ধ্রুপদ। ~কা-গানের ধুয়া। ~গণ-উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিনী এই নক্ষত্রচতুষ্টয়। ~চরিত্র-ধ্রুব বালকের অলৌকিক সাধনা ও চরিত্র অবলম্বনে লিখিত কাব্য ও নাটক অভিনয়। ~তা [ধ্রুব (দ্রঃ) + তা (ভা°)] বি, নিশ্চয়তা ; স্থিরতা ; নিত্যতা ; অক্ষয়তা ; স্থায়িত্ব। "কারণ তাহা অকৃত্রিমতা এবং ধ্রুবতা চাহে, উন্মত্ততায় তাহা আপনাকে নিঃশেষিত করিতে চাহে না।"-চারিত্রপূজা। ~তারা, ~নক্ষত্র-উত্তর কেন্দ্রস্থ স্থির তারা the pole star. ২ [ধ্রুবতারার ন্যায়] স্থির নিশ্চল উদ্দেশ্য ; আদর্শ বা সাধনার বস্তু ; অনন্য লক্ষ্য। "তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা। এসমুদ্রে আর কভু হব নাক পথহারা"-রবী°। ~পদ-ধ্রুপদ দ্রঃ। ~প্রহ্লাদ-পুরাণবিশ্রুত পরম বিষ্ণুভক্ত রাজপুত্রদ্বয়। ~বিশ্বাস-স্থির বিশ্বাস ; অটল বিশ্বাস। ~রত্ন-বি, কুমারানুচর ; মাতৃকা-বিঃ। ~রেখা [ধ্রুব দ্রঃ] বি, বিষুবরেখা equator. ~লোক-বিষ্ণু কর্ত্তৃক স্বীয় ভক্ত ধ্রুবের জন্য নির্ম্মিত বিষ্ণুলোকের উপরিস্থ সত্য লোকান্তর্গত ধাম। ২ অক্ষয় অনন্ত লোক : নিত্যধাম। ~বর্ত্ত-বি, অশ্বের রোম সংস্থানবিঃ।

ধ্রুবা [বৈদিক] বি, যজ্ঞপাত্রবিঃ। ২ সতী স্ত্রী। ৩ নীতি। ৪ গানের ধুয়া।

ধ্রৌব্য [ধ্রুব২ (দ্রঃ) + ষ্ণ্য (ভা°)] বি, ধ্রুবতা ; স্থৈর্য্য ; নিশ্চিততা

ধ্বংস [ধ্বন্‌স্ (বিনষ্ট হইয়া) + অ (ভা°)] বি, বিনাশ ; নাশ সর্ব্বনাশ। ২ বধ। "কিরূপে করিবে ধ্বংস দুর্জ্জয় অসুরে।"-বৃত্র-সংহার। ৩ নষ্ট ; ক্ষয়। ৪ অপচয়। ৫ [ধ্বন্‌স্ (অবস্রংসনে, অধঃপতনে)] পতন ; অধঃ-পতন ; খসিয়া পড়া ; ধস ভাঙ্গিয়া পড়া। ~ক [ধ্বন্‌স্ + অক (যে করে)] বিণ, ধ্বংস-কারী। ধ্বংস করা-নষ্ট করা ; নাশ করা। ~কাল-প্রলয়। ধ্বংস পড়ানি-কার্য্যে বিঘ্ন ঘটান ; কার্য্য নষ্ট করা। ~পড়ানিয়া, ~পড়ানে-বিণ, যে বিঘ্ন ঘটায় ; বিঘ্নকারী। ধ্বংস হওয়া-সর্ব্বনাশ প্রাপ্ত হওয়া। ~ন-বি, বিনাশন ; নাশকরণ। ~নীয় [ধ্বন্‌স্ + অনীয়] বিণ, ধ্বংসযোগ্য। ~পথ [ধ্বংস-পথ, ৬তৎ] বি, বিনাশের পথ ; সর্ব্বনাশের উপায়। ~মুখ [ধ্বংসের মুখ, ৬তৎ] বি, বিনাশের মূল ; বিনাশের সূত্রপাত। ~লীলা-বি, প্রলয় কাণ্ড। ~সাধন-বি, নাশ করণ ; অন্ন ধ্বংস করা, অন্ন ধ্বংসান-অপ্রাপ্য বা বেকার ব্যক্তির বসিয়া বসিয়া আহারীয় দ্রব্য নিঃশেষিত করা।

ধ্বংসাবশেষ [ধ্বংস + অবশেষ, ৬তৎ] বি, নষ্টাবশেষ ; ভগ্নাবশিষ্ট

ধ্বংসিত [ধ্বন্‌স্ (নষ্ট হওয়া) + ত (র্ম্ম)] বিণ, ধ্বংসপ্রাপ্ত ; বিনষ্ট। ২ অধঃপতিত।

ধ্বংসী [ধ্বংস (বিনাশ) + ইন্ (স্ত্য°) = ধ্বংসিন্ ১মা, ১ব°] বিণ, যার ধ্বংস হয় ; ধ্বংস-প্রবণ ; নাশশীল ; নশ্বর। ২ [ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া) + ইন্ (র্ত্তৃ) = ধ্বংসিন] ধ্বংসক ; নাশকারী।

ধ্বকধ্বক [ধক্‌ধক্ দ্রঃ] অ, অগ্নি জ্বলনের শব্দ ও জ্যোতিঃ। "ধ্বক্ ধ্বক্ জ্বলে বহ্নি গগনের গায়।"-কুঙ্কুম।

ধ্বজ [ধ্বজ্ (গমন করা) + অ (র্ত্তৃ)] বি, বৈজয়ন্তী ; পতাকা ; কেতন ; নিশান। ২ সেনাচিহ্নবিঃ। ৩ চিহ্ন ; লক্ষণ। ৪ মেঢ্র। ৫ গৌরব ; গর্ব্ব। ~**চিহ্ন**-বি জাতি, সম্প্রদায় বা রাষ্ট্রশক্তি-নির্দ্দেশক লক্ষণ ; পতাকা চিহ্ন ; রাজচিহ্নবিঃ ensign. ~**দণ্ড** [ধ্বজের দণ্ড, ৬তৎ] বি, পতাকা দণ্ড ; রাজচিহ্নবিঃ। ~**পট**-বি, ধ্বজদণ্ডের মস্তকে সংলগ্ন বস্ত্রখণ্ড। ~**পতাকা** [ধ্বজ-পতাকা (সহ০ দ্বন্দ্ব, বাহুল্যার্থে)] বি, একাধিক পতাকা ; পতাকা এবং তার আনুসঙ্গিক বস্তুনিচয়। ~**প্রহরণ** [সং] বি, বায়ু। ~**বজ্রাঙ্কুশ** [ধ্বজ, বজ্র এবং অঙ্কুশ, দ্বন্দ্ব] বি, ধ্বজ, বজ্র এবং অঙ্কুশ চিহ্ন ; রাজচিহ্ন। ২ বিষ্ণুর চরণ-চিহ্নত্রয়। ~**বান্** [ধ্বজ + বৎ (স্ত্র্য০)=ধ্বজবৎ ১মা, ১ব০] বিণ, ধ্বজদণ্ডধারী ; পতাকাধারী। ~**ভঙ্গ** [ধ্বজ (মেঢ্র) ভঙ্গ (দৌর্ব্বল্য), ৬তৎ] বি, জননেন্দ্রিয়ের শক্তি-লোপ ; পুরুষত্বহীনতা রোগ impotency. ~**স্তম্ভ**-বি, ধ্বজদণ্ড flagstaff.

ধ্বজা [সং-ধ্বজ + অ (অবজ্ঞার্থে)] বি, পতাকা। ২ গৌরব ; গর্ব্ব ; অহঙ্কার। "কোথা গেল ভাই ভজা, হিন্দুধর্ম্ম ধ্বজা॥" -রবী০। ৩ শিখা ; চূড়া। ৪ টিকী। ~**ধারী**-শিখাধারী ; টিকীযুক্ত। "ধ্বজাধারী আর্ক ফলা যার দিকে চাই।"-কস্তুরী। ২ পতাকাবাহক। ~**রোপণ** [ধ্বজ (ধ্বজের) আরোপণ (রোপণ), ৬তৎ] বি, দেবমন্দির ও তীর্থাদিতে মন্ত্রপূত ধ্বজ স্থাপন।

ধ্বজি-ধ্বজী দ্রঃ।

ধ্বজী [ধ্বজ + ইন্ (স্ত্য০)=ধ্বজিন্ ১মা, ১ব০। পতাকাহেতু] বি, রাজা। ২ [শিখর-হেতু] পর্ব্বত। ৩ [চূড়া ও পতাকাহেতু] রথ। ৪ [পুচ্ছহেতু] শিখী ; ময়ূর। ৫ [ফণাহেতু] সর্প। ৬ [মস্তকের শিখাহেতু] ব্রাহ্মণ। ৭ [শিখাহেতু] অগ্নি। ৮ [মাথায় ও ঘাড়ে চামর আছে বলিয়া] অশ্ব। ৯ [প্রাদে০] নৌকা চালন-দণ্ড ; লগি। এই অর্থে বাং-য় "ধ্বজি"ও চ০। ১০ বিণ, ধ্বজগ্রহণকারী ; ধ্বজধারী। ১১ চিহ্নমাত্র ধারণকারী ; কপট ; ভণ্ড। প্র-ধর্ম্মধ্বজী। স্ত্রীং ধ্বজিনী-সেনানী ; সেনা। ~**মারা, ধ্বজি মারা**-অল্পজলে দাঁড় ফেলার সুবিধা না থাকিলে বংশদণ্ড বা লগি জলের তলায় রাখিয়া তাতে ভর করিয়া নৌকা চালান। "চলে তরী শ্রম ভরে ঠেকে যায় ডুবো চরে ধ্বজি মেরে যায় মাজামাজি।"-ঈ০ গুপ্ত।

ধ্বজোত্থান [ধ্বজ + উত্থান যাতে, বহু০] বি, ভাদ্রশুক্লা দ্বাদশীতে অনুষ্ঠিত ইন্দ্র-পূজা ; শক্রোৎসব।

ধ্বন [সং] বি, শব্দ ; ধ্বনি।

ধ্বনন [ধ্বন (শব্দ করা) + অন (ভা০)] বি, অনুকার। ২ [অলং শা০] কাব্যান্তর্গত ধ্বনির দ্যোতন।

ধ্বনি [ধ্বন্ (শব্দ করা) + ই (ভা০)] বি, শব্দ ; নিনাদ। ২ রব ; স্বর। প্র-কণ্ঠ-ধ্বনি। ৩ মৃদঙ্গ ই০ বাদ্যযন্ত্রের শব্দ ; সুর। প্র-বাদ্যধ্বনি। ৪ [অলং শা০] ব্যঙ্গার্থ a hint or implied meaning. ৪ উত্তম-কাব্য ; ধ্বনিকাব্য। ~**কাব্য** [ধ্বনি (অপরার্থ প্রকাশ) হয় যে কাব্যদ্বারা] বি, উৎকৃষ্ট কাব্য [দ্রঃ-বাচ্যার্থ হতে ব্যঙ্গার্থ অধিক চমৎকারজনক হইলে ধ্বনি কাব্য হয়, ব্যঙ্গার্থ হতে বাচ্যার্থের চমৎকারিতা থাকিলে গুণীভূত ব্যঙ্গ কাব্য হয়, ধ্বনিকাব্য হয় না]। ~**গ্রহ** [ধ্বনি (র) গ্রহ, ৬তৎ] বি, শব্দজ্ঞান। ২ [ধ্বনি (কে) গ্রহ (যে গ্রহণ করে), উপ০] কর্ণ। ~**ত** [ধ্বন্ (শব্দ করা) + ত (র্ম্ম)] বিণ, শব্দিত ; নিনাদিত। ২ ঝংকৃত। ৩ [অলঙ্কারে] দ্যোতিত ; ধ্বনি দ্বারা প্রতিপন্ন ; ব্যঙ্গার্থ দ্বারা বিজ্ঞাপিত।

ধ্বনিয়া [ধ্বনি (শব্দ) + আ (করিয়া)] অস-ক্রি, ধ্বনি করিয়া ; শব্দিত করিয়া ; ধ্বনিত করিয়া ; বাজাইয়া ; বাদিত করিয়া। "ধ্বনিয়া তুলিছে মত্ত মদির বাতাসে"-রবী০।

ধ্বংস [ধ্বংস্-ধ্বন্স্ (অধঃপতনে, অবস্রংসনে)] বি, যা ধসিয়া বা খসিয়া পড়ে ; বৃহৎ স্তূপ হতে যে খণ্ড বিচ্যুত হয় ; ধস দ্রঃ। "পাহাড়ের খানিক ধ্বস্ ভাঙ্গিয়া গিয়াছে"-হ০ প্র০ শাস্ত্রী (বা০ বসুমতী, ১৩:৪)। ক্রি, **ধ্বসা** [ধসা দ্রঃ। ধ্বস + আ (ক্রিয়ায়)। ধ্বসি, ধ্বস, ধ্বসে ; ধ্বসিতে ; ধ্বসিয়া (কে০ ধ্বসে)। ণিজন্ত-ধ্বসান] ধসিয়া পড়া ; খসা। **ধ্বসিয়া পড়া, -যাওয়া**-ক্রি, খণ্ড খসিয়া মূল স্তূপ হতে পতিত হওয়া। ২ দমিয়া যাওয়া ; নামিয়া যাওয়া।

ধ্বংসন [ধ্বস দ্রঃ] বি, ধ্বস ভাঙ্গিয়া পতন। ২ [লক্ষ০] অবসাদ।

ধ্বস্ত [ধ্বন্স্ (নাশ হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, বিনাশিত ; বিনষ্ট। ২ [ধ্বন্স্ (অধঃপাতিত হওয়া) + ত (র্ম্ম)] অধঃপতিত ; স্খলিত। ৩ দমিত।

ধ্বস্তাধ্বস্তি [ধ্বস্ত + আ (ব্যাপ্ত্যর্থে) + ধ্বস্ত + ই (ব্যাপারবোধক)। > ভং "ধ্বস্তাধিস্তি" ও০] বি, পরস্পর পরস্পরকে ধরিয়া আয়ত্ত, পাতিত, দলিত করিবার চেষ্টায় বল প্রয়োগ।

ধ্বাঙ্ক্ষ-ধ্বাঙ্ক্ষ দ্রঃ। ~**পুষ্ট**-বিণ, কাকের দ্বারা পালিত। ২ বি, কোকিল।

ধ্বান [ধ্বন্ (শব্দ করা) + অ (ভা০)। বাং-য় বিরল] বি, শব্দ ; নিনাদ ; ধ্বনি।

ধ্বান্ত [ধ্বন্ (শব্দ করা) + ত (ধি) নিপাতনে সিদ্ধ] বি, অন্ধকার। ~**বিত্ত** [ধ্বান্ত (তে) বিত্ত (ধন) যার, বহু০] বি, জোনাকিপোকা।

ধ্বান্তারি [ধ্বান্ত (ধ্বান্তের= অন্ধকারের) + অরি (শত্রু), ৬তৎ] বি, সূর্য্য। ২ যে তমো নাশ করে ; যে অন্ধকার দূর করে ; তিমিরনাশী [এই অর্থে চন্দ্র ও অগ্নি বুঝায়, কিন্তু, বাং-য় অপ্রশস্ত]।

ধ্বান্তোন্মেষ [ধ্বান্ত (ধ্বান্তে) উন্মেষ (উদয়, প্রকাশ) যার, বহু০] বি, খদ্যোত ; জোনাকিপোকা।

ন১-ব্যঞ্জন-বর্ণ-মালার বিংশ এবং ত বর্গের পঞ্চম বর্ণ। ইহা অনুনাসিক এবং দন্ত সাহায্যে উচ্চারিত হয় বলিয়া দন্ত্য বর্ণ। সাধাঃ ন চ-বর্গীয় ও অনুনাসিক বর্ণ-যোগে কোমল শিথিল ভাব এবং ক-বর্গীয় ও ট-বর্গীয় বর্ণ-যোগে তীব্রতা ব্যঞ্জনা করে। প্র-ন্যাংচা, ছানা, ঝিনঝিনি, নুদি, ন্যাতা; কনকন, খনখন, টনটন ইং। করণ বাচ্যের প্রত্যয়: যদ্দারা কিছু করা যায় এই অর্থে। প্র-বেলুন (যদ্দারা বেলা যায়)। প্রাকৃং হ'তে প্রাং বাং-য় ন স্থলে 'ণ'র ভূরি ব্যবহার ছিল। ণ দ্রঃ সমাসে স্বরবর্ণের পূর্ব্বে যুক্ত হলে ন অন্ হয়। যথা-ন+অন্ত =অনন্ত, ন+আগত=অনাগত। কিন্তু ব্যঞ্জন বর্ণের পূর্ব্বে সমাসযুক্ত হইলে-অ হয়। যথা-ন +ভেদ=অভেদ, ন + কিঞ্চন=অকিঞ্চন। বাং গ্রাং ব্যবহারে ন স্থানে ল হয়। যথা-নেবু স্থলে লেবু; নোট স্থলে লোট; না স্থানে লা। ল স্থলেও ন হয়; ল দ্রঃ।

ন২ [সং-নব > হিং নও, বাং-ন] বিণ, নূতন। প্র-ন বৌ; ন ছেলে।

ন৩ [সং-নবতি, নব=নও > নয় > ক্ষেং ন] বি, নয় সংখ্যা; ৯। ২ বিণ, নয় সংখ্যক। প্র-ন জন। "ন গাঁ মাগিলেও যা ছ গাঁ মাগিলেও তা।"-প্রবচন।

ন৪ [নঞ্ দ্রঃ] অ, অভাব: নাই। ২ নিষেধ বাচক; না। প্র-নহিলে (না হইলে)। ৩ বৃথা; ব্যর্থ। "পরমায়ু পরম ধন, অনর্থ হইল ব্যয়। ন দেবায় ন ধর্ম্মায় গেল অরণ্য কুসুমপ্রায়॥"-বাং-গান। ৪ [প্রাং বাং-য় আ (দ্রঃ)] সম্ভ্রমার্থক ক্রিয়া বিভক্তি। যথা-করুন (প্রাং বাং-করুকা)। হরুন (প্রাং বাং -হরুকা) ইং। ৫ [বৈদিক। বেদে ওঙ্কার অর্থে অঙ্গীকারে 'ন'] বি, ওঁ। ৬ অঙ্গীকার [প্রং অং]।

ন৫-সং প্রত্যয়ের ক্ত=ত=অ =(বাং-য়) আ, যথা-সং-দৃষ্ট > বাং-দেখা, ছিন্ন > ছেঁড়া, গণিত > গণা ইং অতীত কৃদন্ত বিশেষণ রূপ (Past Participle) > বাং-য় ণিজন্তে-ন, যথা-দেখান (বিষয় বা বস্তু), আঁচড়ান (চুল), গণান (বয়স, টাকা ইং)।

নঅদীব [সং-নবদ্বীপ > প্রাং বাং প্রাকৃং বিষ্ণু পুং মতে সপ্তকুলাচল মণ্ডিত ভারতবর্ষ নয় ভাগে বিভক্ত ভারতবর্ষ বিচার গ্রন্থে সমগ্র পৃথিবীকে ভারতবর্ষ বলিয়াছেন ইং (ভারতং কোষ)] বি, পৃথিবী। ২ বিণ, নবদ্বীপা। "নং বসুমতী রাখিল খেয়াতি।"-শূং পুং।

নআ [সং-নব > নবা > প্রাং বাং] বিণ, নবীন। "এ নআ যৌবন"- শ্রীং কীং।

নই১ [নব-নবী (নূতন), নৈ ও] বি, বকনা বাছুর। ২ বিণ, নূতন।

নই২ [নবতি >] বি, নব্বই, ৯০।

নই৩ [হিং নহী। বাং-"না হই" > ক্ষেং। প্রাং বাং-নাহি] ক্রি, নহি: না হই। প্র-"আমি নই পলানে ঘাতক।"-বাং গান।

নই৪ [সং-নদী > প্রাকৃং গঈ, ণই, নই] বি, নদী। "পার হও দানপতি আর নই গাঙ্গ।"-শূং পুং। "কালিনী নই কূলে"-শ্রীং কীং।

নইচে১, **নলচে** [সং-নল > নলি+চা (ক্ষুদ্রার্থে)। হিং, ফাং নইচা] বি, হুঁকার কলিকা ধারণ দণ্ড; ডাঁট।

নইচে২, **নআচে**, **নোয়াচে** [সং-নব > নও + আটিয়া=আচিয়া > নওআচিয়া > ক্ষেং নআচে > অতি ক্ষেং নইচে, নৈচে, অথবা নয়া চারা > ক্ষেং] বিণ, নূতন বা চারা মাছ; নূতন জলের মৎস্য শিশু; খুব ছোট বা চারা পোনা।

নউমী [সং-নবমী >] নবমী দ্রঃ।

নও [সং-নব > হিং > প্রাং বাং] বি, নয়; ৯। ২ বিণ, নয় সংখ্যক। "নও কড়া" -মাণিকং।

নওবৎ [ফাং নওবৎ=সুযোগ, কাল। তা হতে, যা প্রত্যহ সকাল ও সন্ধ্যাকালে নির্দিষ্ট তার নাম নওবৎ। গ্রাং নবত] বি, নহবৎ: দুন্দুভি বা নাগারা (Little drum) বাদ্য। ~খানা [নং+ফাং খানা (আলয়)] বি, নহবৎ বাদ্যের মঞ্চগৃহ। "নওবৎখানার উপর ঘড়িঘর"-প্রং[illegible]দিত্য-চরিত্র।

নওয়া, **নওয়ালী**-নয়া, নয়লি দ্রঃ।

নওরাতি [ফাং নও (নব) বা নবা (গীত, সুখের জীবন)+রাতি (রাত্রি)] বি উৎসব রজনী। তুল-নওরোজ (দ্রঃ)।

নওয়ালি [গ্রাং নয়লি দ্রঃ] বি, নূতন রবিশস্য। ২ বিণ, নয়লি; নূতন।

নওরোজ [ফাং নওরোজ New years day] বি, পারসীক নববর্ষের প্রথম দিন (বাং ৭।৮ ই ফাল্গুন); বসন্ত সমাগম হ'তে এদেশের যে নববর্ষ আরম্ভ হয়, সেই দিনের উৎসব; বসন্তোৎসব।

নওল [ব্রজং। সং-নবীন > নবল >] বিণ, নূতন; নবীন; নব। "বিহরই নং কিশোর।"-বিং পং।

নওলাখি, **-খী** [নও (নব) লাখ (লক্ষ) +ঈ-যারা সংখ্যায় নব লক্ষ। মতান্তরে, নও -লক্ষ্য +ই, ঈ (স্ত্রীং)-শিক্ষা, দীক্ষা, উপেক্ষা, প্রেক্ষা, পরীক্ষা, রক্ষা, ঈক্ষা, তিতিক্ষা, মুমুক্ষা-এই ৯টা বিষয়ে যারা লক্ষ্য রাখে] বি, উপাসক সম্প্রদায়বিঃ। ইহার প্রবর্ত্তক ছান্দু-লাল, ওরফে, রামচরণ। ইঁহার পিতা কিষন্-গোবিন্দ, মাতা লছমনপিয়ারী। ২ [নব লক্ষ + ঈ (সম্বন্ধে) > হিং নও লক্ষী > নও-লাখী] বিণ, নয় লক্ষ মুদ্রা মূল্যের।

নওশা [ফাং নবশাহ্] বি, বর bride groom.

নং-নম্বর দ্রঃ।

নকঁড়া [ন(নব, ৯)কড়া] বি, নয়টি কড়া বা কড়ি। ২ তুচ্ছ। ~-ছকঁড়া-তুচ্ছ; অবজ্ঞাত; সামান্য কড়া কড়ির তুল্য। নং ছং করা-তুচ্ছ করা; অবজ্ঞা করা; অপমানিত করা।

। যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র)। ˇ চীন যুক্তাক্ষর অকারান্তবৎ, [illegible] ও চাং দ্রঃ

নকর [ফা॰ নওকর্] বি, চাকর ; নফর।

নকরি [হি॰ নওকর্+ই (বৃত্তি)] বি, বেতনের বিনিময়ে কর্ম ; চাকরি। "যদিও কেউ ছাড়লে নাক ব্যবসা কি নকরি।"-দ্বি॰ রায়। ২ দাসবৃত্তি ; ভৃত্যগিরি।

নকল (-ক-) [আ॰ নক্‌ল্] বি, অনুকরণ। ২ প্রতিলিপি ; আদর্শ ; অনুরূপ। ৩ কৃত্রিম ; অযথার্থ। ৪ কৌতুক ; মস্করামি ; ভাঁড়ামি। ৫ আমোদ। বিণ, নকলিয়া, -কুলিয়া, নকুলে - আমোদপ্রিয় ; আমুদে ; কৌতুকপ্রিয় ; ভাঁড়। ~দানা [ন+দানা (দানা₂ দ্রঃ)] বি, চিনির রসে পাক করা বা চিনির আবরণ দেওয়া চীনা বাদাম চণকাদি। নকলনবিশ, -নবীস [নকল (দ্রঃ)+ফা॰ নবীস্] বি, অনুলিপি কারক ; প্রতিলেখক copyist. > ~ী [নকল (দ্রঃ)+ফা॰ নবীসী] বি, নকলনবিশের কর্ম ; লেখা দেখিয়া লেখার কার্য্য।

পাঁচ নকলে আসল খাস্ত, সাত নকলে আসল ভেস্তা-পাঁচ বা সাত নকল অর্থে বহু নকল, ক্রমাগত নকল করিতে করিতে মূল খুঁজিয়া পাওয়া যায় না।

নকসি, নকসা (-ক্‌শ) [আ॰ নক্‌শ্] বি, রেখাঙ্কন ; রেখাচিত্র। "তারপর বৌদ্ধ কল্কি করিল নকস। অবতার অসংখ্য লিখিল মাত্র দশ।"-ঘ॰। ২ ডিজাইন design. ৩ ফুল লতা পাতা কাটা ; চিত্রিত। "স্ত্রীর শ্রীঅঙ্গে চেলি জরির নানা নকসা আঁকা।"-দ্বি॰ রায়। ৪ [আদাঃ পরিঃ] আমীন জমি জরীপ করিয়া তার চিহ্ন বা দাগযুক্ত যে চিত্র প্রস্তুত করে।

নকার-বি, ন এই বর্ণ।

নকাশি, নখাশি, নাকাশি, -শী, -সি, -সী [আ॰ নক্কাশ্ > ফা॰ নক্কাশী] বি, রেখা চিত্রাঙ্কন ; ফুল পাতা ই॰ কাটার কাজ ; স্বর্ণাদির অলঙ্কারে ডায়মন-কাটা লতাপাতাদি। ২ ডিজাইন্ design.

নকিঞ্চন [ন (নাই) কিঞ্চন (কিঞ্চিৎ) যার, বহু॰] বিণ, অকিঞ্চন ; নিঃস্ব ; দরিদ্র।

নকিব, নকীব [আ॰ নকীব্] বি, রাজার নিকট পরিচয়ের সহিত যে পেশ্ করে ; পেশকার। ২ প্রভুর পরিচয়দাতা ; প্রভুর যশোঘোষক। "ন॰ সেলাম গাহে সেলাম জানায়।"-ভারত॰। ৩ রাজ্যের সন্দেশবহ ; পেয়াদা। ~দার শান্তিরক্ষক ; নিম্নশ্রেণীর চৌকীদার।

নকুটি-বি, দণ্ডচারিবর্গের পক্ষিবিঃ।

নকুল [ন (নাই) কুল (বংশ) যার, বহু॰] বি, শিব ; মহাদেব। ২ ৪র্থ পাণ্ডব ; মাদ্রির জ্যেষ্ঠপুত্র। ৩ নেউল ; বেঁজি। "ন॰ সহিত যান বাম দিকে ফিরে চান শিবারূপে শিবের বনিতা।"-অ॰ ম॰। ৪ বিণ, কুলহীন [প্র॰ অ॰]। ৫ মাদক দ্রব্য সেবনের পর যে মুখরুচিকর খাদ্য ভোজন করে ; চাট। "অসংখ্য মেলানিভার নকুলে উড়িল। সহচরগণ সবে ভাবিতে লাগিল॥"-অ॰ ম॰। "হাসি হাসি উত্তরোল আধ আধ আধ বোল নয় নন্দি নন্দি আ আ আন ন ন॰।"-ঐ। স্ত্রীঃ নকুলী -বি, কুক্কুটী।

নকুলীশ, নকুলেশ, নকুলেশ্বর -বি, ভৈরববিঃ।

নকুলে-নকল দ্রঃ।

নক্ত [সং-নক্তম্। "দোষা চ নক্তঞ্চ রজনাবিতি"-অমর॰] বি, রজনী ; রাত্রি। "নক্তযোগে রক্তভোগে লুপ্ত হবে কত। বাঁশ বনে বাসা করো, দিবসের মত॥"-শি॰। ২ ছিন্ন বা কর্ত্তিত বস্ত্র ; নেকড়া ; কানি। ~চর-[নক্ত (রাত্রিতে) চর (যে বিচরণ করে)] বি, রাক্ষস ; নিশাচর। ২ তস্কর। ৩ সিংহ ব্যাঘ্রাদি শিকারি জন্তু। ৪ বাদুড়। ৫ পেচক। ৬ বিণ, রাত্রিচর ; যারা রাত্রিকালে গমনাগমন করে। ~চারী [নক্ত (নক্তং= রাত্রিতে) চারী-চারিন্ (বিচরণকারী)] বিণ, নিশাচর। ২ রাক্ষস। ৩ শ্বাপদ। ~ঞ্চর [নক্তং (রাত্রিতে)+চর (যে বিচরণ করে)] বি, নক্তচর দ্রঃ। > স্ত্রীঃ ~ী-নিশাচরী। ২ রাক্ষসী। ~ঞ্চর্য্যা [নক্তং (রাত্রিতে) চর্য্যা (বিচরণ)] বি, নিশাভ্রমণ। ~ঞ্জাত [নক্তং (রাত্রিতে) জাত (যে জন্মে)] বিণ, নিশাকালে উৎপন্ন। ~ন্দিব [নক্তং (রাত্রি) ও দিবা (দিন), দ্বন্দ্ব। নিপাতনে আ লোপ] বি, রাত্রিদিন ; অহোরাত্র। ~ব্রত [নক্ত (রাত্রিতে ভোজনরূপ) ব্রত] বি, নিশাব্রত ; এই ব্রতধারীর সমস্ত দিন উপবাসের পর রাত্রে ভোজন বিধি ; মুসলমানের রোজা। ~মান-রাত্রির কাল পরিমান। ~ভোজী [নক্ত (রাত্রিতে) ভোজী (ভোজনকারী)] বিণ, দিবসে উপবাসী থাকিয়া যে রাত্রে ভোজন করে ; নক্তব্রত অবলম্বনকারী ; যে রোজা রাখে। ২ বি, বাদুড় ; পেচক।

নক্তক ["নক্তককর্পটৌ"-অমর॰। "নক্তকাদ্যষ্টকং বস্ত্রমাত্রে ইতি কেচিৎ"-ঐ টীকা। পাঠান্তরে 'লক্তক'] বি, বস্ত্রমাত্র [অপ্র॰]।

নক্র [ন-ক্রম্ (গমনে)+অ (র্ত্তৃ)-যে একস্থানে পড়িয়া থাকিতে ভালবাসে এবং স্বস্থানে থাকিয়া শিকার আকর্ষণ করে] বি, জলজন্তুবিঃ ; কুম্ভীর। স্ত্রীঃ ~া। ২ [নক্র মুখাকৃতি প্রান্তভাগ হতে নাম] ঝনকাট্। ~রাজ [নক্র (কুম্ভীর জাতীয়দের) রাজ (রাজা-শ্রেষ্ঠার্থে), ৬তৎ] বি, হাঙ্গর।

নক্ষত্র [ন (নাই) ক্ষি (ক্ষয়)+ত্র (র্ত্তৃ), যে ক্ষয়প্রাপ্ত বা পতিত হয় না। তুল- fixed star কিম্বা নক্ষ্ (গমন করা) অত্র (র্ত্তৃ) যে পতিত হয়, অথবা ভ্রাম্যমাণ বলিয়া গ্রা॰ ভং নোক্‌খোত্তোর, নখতর, নোখত্য] বি, তারা ; তারকা। ২ অশ্বিনী, কৃত্তিকা, রোহিণী ই॰ ২৭টী নক্ষত্র। ৩ মুক্তা [বিরল]। ~গতি ক্রি-বিণ, অতিদ্রুত ; নিমেষে ; পলকপাতে। ~চক্র [নক্ষত্রের চক্র (মণ্ডল), ৬তৎ] বি, রাশিচক্র। ২ তন্ত্রোক্ত দীক্ষা গ্রহণের দিননির্ণায়ক চক্রবিঃ। ~জাত-নক্ষত্র বিশেষে গৃহীতজন্ম বা ভূমিষ্ঠ। ২ নক্ষত্র হ'তে উৎপন্ন। ~দর্শক [নক্ষত্রের দর্শক (যে দর্শন করে), ৬তৎ] বি, জ্যোতির্বেত্তা ; জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। বি, ~দর্শন। ~দান [নক্ষত্র যোগে যে দান] বি, নক্ষত্রবিশেষে দ্রব্যবিশেষের দান। ~নাথ-বি, তারাপতি ; চন্দ্র। ~নেমি [নক্ষত্র হইয়াছে নেমি যার, বহু॰] বি, চন্দ্র ; শশী। ২ বিষ্ণু। ৩ ধ্রুবনক্ষত্র। ৪ রেবতীনক্ষত্র। ~পতি -বি, চন্দ্র। ~পাত [নক্ষত্র-পাত (পতন), ৬তৎ] ক্রি-বি, ভূতলে নক্ষত্রের পতন (এ দেশে উল্কাপাতকে নক্ষত্রপাত বলে)। ২ [কাব্যালঙ্কারে] নক্ষত্রের আকাশ হতে পতনের স্মৃতি

উচ্চপদ হতে মানী ব্যক্তির অধঃপতন; মহাত্মার দেহপাত। "আজ একটি নক্ষত্র পাত হইল" (কেশব বাবুর মৃত্যুতে সংবাদ পত্রে লিখিত)। ~বিদ্যা [নক্ষত্র (বিষয়ক যে) বিদ্যা, ম° প° লো°] বি. মনুষ্যের বর্তমান ও ভবিষ্যৎ শুভাশুভগ্রহনক্ষত্রের গতি ও সঞ্চারপ্রভাবে কিরূপ নিয়ন্ত্রিত হয় তৎসম্বন্ধীয় বিদ্যা; ফলিত জ্যোতিষ astronomy; astrology ~বেগে-ক্রি-বিণ. নক্ষত্রের বেগের ন্যায় দ্রুতবেগে; ~যাজক [নক্ষত্র (র)+যাজক (শান্তি কারক), ৬তৎ] বি, দুষ্ট গ্রহ বা বিরুদ্ধ নক্ষত্রের প্রভাবে অমঙ্গলের শান্তিকারক; গ্রহবিপ্র; গ্রহাচার্য। ~যোগ-বি. নক্ষত্রভেদে ক্রূরাদিগ্রহের সংযোগ। ~রাজ-বি. চন্দ্র। ~লোক-বি. নক্ষত্রাধিষ্ঠিত ভুবন। ~শূল-বি. যাত্রাদিকার্যে নিষিদ্ধ নক্ষত্রবিঃ। "পূর্ব্বদিকে শ্রবণা ও জ্যেষ্ঠা, দক্ষিণে অশ্বিনী ও উত্তরভাদ্রপদ, পশ্চিমে রোহিণী ও পুষ্যা, উত্তরে উত্তরফল্গুনী ও হস্তা। এই সকল নক্ষত্রে ঐ ঐ দিকে গমন করিবে না।" ~সত্র-বি. নক্ষত্রনিমিত্ত যজ্ঞবিঃ। ~সন্ধি [নক্ষত্রের সন্ধি, ৬তৎ] বি. এক নক্ষত্র হতে অপর নক্ষত্রে চন্দ্রাদিগ্রহের সংক্রমণ।

নক্ষত্রামৃতযোগ [নক্ষত্র+ অমৃত (নামক) যোগ, ম° প° লো°] বি. বার বিশেষে নক্ষত্র বিশেষযুক্ত হলে এই যোগ হয়, যথা-রবিবারে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তর-ভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, মূলা ও রেবতী নক্ষত্র; সোমবারে শ্রবণা, ধনিষ্ঠা, রোহিণী, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্ব-ভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, হস্তা ও অশ্বিনী; মঙ্গলবারে পুষ্যা, অশ্লেষা, কৃত্তিকা, স্বাতী, উত্তরভাদ্রপদ ও রেবতী; বুধবারে কৃত্তিকা, রোহিণী, শতভিষা ও অনুরাধা; বৃহস্পতিবারে স্বাতী, পুনর্ব্বসু, পুষ্যা ও অনুরাধা; শুক্রবারে পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, শ্রবণা ও অনুরাধা এবং শনিবারে স্বাতী ও রোহিণী নক্ষত্র মিলিত হলে নক্ষত্রামৃত যোগ হয়।

নক্ষত্রালোক [নক্ষত্র+আলোক] বি. নক্ষত্র হ'তে নির্গত আলোক; নক্ষত্র-জ্যোতিঃ star light.

নক্ষত্রেশ [নক্ষত্র+ঈশ, ৬তৎ] বি. নক্ষত্রনাথ; তারাপতি; চন্দ্র।

নক্রা-নকস দ্রঃ।

নখ (ন°) [নখ্ (গমন করা, বৃদ্ধি পাওয়া)+অ (র্তৃ)-যে দৈনন্দিন বৃদ্ধি প্রাপ্ত হয়] বি. অঙ্গুলির অগ্রভাগস্থ উপাস্থি; নখর। ২ খণ্ড; অংশ। ~কুট্ট-বি. নখ ছেদক: নাপিত। ~কুণি,~কোণি-নখের কোণ-বৃদ্ধি রোগ। ~কৃন্তন, -নী [নখ-কৃন্তন্, -নী (ছেদক)] বি. নখচ্ছেদক অস্ত্র; নরুন। ~চ্ছুটব্রতি-চৈত্রমাসে অনুষ্ঠিত ব্রতবিঃ। ~দর্পণ [নখ-দর্পণ] বি. নখরূপ দর্পণ যাতে মুখ দেখা যায়। ২ দর্পণে যেরূপ দেখা যায়, তদ্রূপ অভীষ্ট পদার্থ বা মূর্ত্তি নখের উপর প্রতিবিম্বিত হ'তে দেখিবার বিদ্যা। > ~দর্পণে থাকা-নখদর্পণে যেমন ইচ্ছামত মুখ দেখা যায় বা যা'কে ইচ্ছা তৎক্ষণাৎ তা'কে দেখা যায় তদ্রূপ স্মৃতি বা হৃদয়দর্পণে জাগরূক থাকা। ~বসানি-নখের দাগ বসান: নখাঘাত দ্বারা ক্ষত করা। ~বিষ-নখের বিষ। ~ব্রণ-নখক্ষত। ~রঞ্জনী-দ্রঃ। নখ রাখা-মানত করিয়া দেবতার উদ্দেশে নখ বাড়িতে দেওয়া বা না কাটা। ~শূল-আঙ্গুলহাড়া। ~শূলী [সং-নখশূক > (সূক্ষ্মার্থে) নখশূঙ্গী (শুক্কানি, নুনছাল) > (ব্যথাজনকার্থে) শূলী] কাঁচা নখের পশ্চাৎ হ'তে অঙ্গুলির পৃষ্ঠে শুঁয়ার মত যে সরু ছাল উঠিয়া থাকে। নখে কাটা-নখ-দ্বারা খণ্ড খণ্ড করা (অত্যন্ত ক্রোধ বা হিংসার লক্ষণ সূচক)।

নখতর [সং-নক্ষত্র-প্রা° বাং পদ্যে (কোমল রূপ)] বি. নক্ষত্র; তারা। "নখতর চাঁদ বেকত রহু অম্বরে যৈছে নহে পরভাত।"-গোবিন্দ°।

নখতা [সং-নক্ষত্র > ভ্রং] বি. নক্ষত্র।

নখর [সং-নখ+র (তীক্ষ্ণ অর্থে)] বি. নখ [দ্রঃ-নখ বিশেষতঃ মানুষের নখ এবং নখ মাত্রকেই বুঝায় এবং নখর সাধাঃ মানবেতর জীবের তীক্ষ্ণধার নখকেই বুঝায়]।

নখরঞ্জনী [প্রা° বাং। পাতার রসে নখ রঞ্জিত করে বলিয়া] বি. মেহেদীগাছ। ২ নরুন। "হাতে দিয়া দরপনী খোলে নখরঞ্জনী" -চণ্ডি°।

নখরা [গ্রা° নেকরা, ন্যাকরা। ফা° নখরা >] বি. চাতুর্য্যপূর্ণ বাহানা; ঠাঠ; হাব ভাব; ছলা-কলা; ছিনালী; রঙ্গ; trickery, coquetry, pretence

নখরায়ুধ [নখর+আয়ুধ (অস্ত্র) যার, বহু°] বি. কুক্কুট। ২ যে সকল পশুপক্ষীর তীক্ষ্ণ নখ অস্ত্রের কার্য্য করে; সিংহ ব্যাঘ্রাদি।

নখাঘাত [নখ (দ্বারা)+আঘাত (প্রহার), ৩তৎ] বি. নখপ্রহার; নখের আঁচড়। ~চিহ্ন-নখক্ষত; নখব্রণ।

নখানিখি [নখ+আ+নখ+ই] বি. পরস্পর নখপ্রহার; নখযুদ্ধ: আঁচড়াআঁচড়ি।

নখানা, -খানি১ [ন=৯] বিণ, নয়টি।

নখানি২ [নখ-আনি (< পানি)। গ্রা° নোকানি] বি. নখডুবানো জল। ২ বিণ, নখস্পৃষ্ট। প্র-ন° জল মুখে দিও না। নি° করা-নখস্পর্শে জল অশুদ্ধ করা।

নখায়ুধ [নখ (সাধাঃ নখর)+আয়ুধ (অস্ত্র) যার, বহু°] বি. নখরায়ুধ; সিংহাদি পশু: কুক্কুটাদি পক্ষী। ২ নখরূপ অস্ত্র।

নখাশি (শী)-নকাশী দ্রঃ।

নখিন্দর-বি. মনসাদেবী বিদ্বেষী চাঁদ সদাগরের পুত্র ও বেহুলার পতি লক্ষ্মীন্দ্রের চলিত নাম।

নখী [নখ+ইন্ (স্ত্যা°)=নখিন্ ১মা, ১ব°] বিণ. নখরযুক্ত পশুপক্ষী; নখরায়ুধ। ২ [বৈদ্যকে] নখীনামক গন্ধ দ্রব্য। পঞ্চনখী-আকৃতিভেদে পঞ্চপ্রকার নখী (অশ্বখুরবৎ, (২) গজকর্ণবৎ, (৩) বরাহকর্ণবৎ, (৪) উৎপলপত্রবৎ এবং (৫) বদরী পত্রবৎ)।

নগ [ন (নাই) গ (গতি) যার, বহু°। বা, ন (না) গম্ (গমন করা)+অ (র্তৃ), যে গমন করে না] বি. পর্ব্বত; পাহাড়। ২ বৃক্ষ। ~জ (-গ°) বিণ. শৈলজ। ২ বি. হস্তী। -স্ত্রীং ~া-বি. পার্ব্বতী। ২ বিণ, শৈলজা।

নগণ্য [ন-গণ্য] বিণ. গণনার অযোগ্য; তুচ্ছ: সামান্য। "কথাগুলো একজন নগণ্য লোকের মুখ দিয়ে বেরিয়েছে বলে তারা কাণেই তুলে না।"-আ° শক্তি।

নগদ [আ॰ নক্‌দ্ (cash)] বি, তৎক্ষণাৎ মূল্য দান ; মূল্য দিয়া ক্রয়। ~া (-গ-) বিণ, নগদ মজুরি লইয়া যে কাজ করে। প্র-নগদা মুটে। ~দী (নগ-) [নগদ (দ্রঃ) + ঈ] বি, নগদ খাজানা সংগ্রহকারী কর্ম্মচারী ; নগদ খাজানা সাধে যে পাইক। ২ বিণ, নগদ মূল্যে ক্রীত বা ক্রেয়। ~বিদায়-বি, সদ্যঃ দেনা চুকাইয়া বিদায় দান ; উপস্থিত হইবামাত্র প্রাপ্য চুকান।

নগদান [নগদ (দ্রঃ) আন] ব, যে খাতায় নগদ হিসাব লিখিত হয় cash book ~খাজানা-জমি ভোগদখল করিবার জন্য জমীদারকে বর্ষে বর্ষে যে টাকা দেওয়া হয়।

নগন [সং-লগ্ন। প্রা॰] বি, লগন ; দ্বিরাগমন ; বিবাহের পর নব বধূর দ্বিতীয়বার পতিগৃহে আগমন। "বিবাহের কালে কেতু আছিল নগনে"-কবিক॰। ২ লগ্ন ; মেষাদি বৃষ ই॰ এক একটী রাশির উদয়কাল।

নগনদী [নগ (পর্ব্বত) হ'তে প্রবাহিত যে নদী] বি, পার্ব্বত্যনদী। ২ [নগ ও নদী, দ্বন্দ্ব] পর্ব্বত ও নদী।

নগনন্দিনী [নগের (হিমালয়ের) নন্দিনী (কন্যা), ৬তৎ] বি, পার্ব্বতী; গিরিজা; উমা ; দুর্গা। "কৌষিকি কালিকে চণ্ডিকে অম্বিকে প্রসীদ নগনন্দিনি!"-অ॰ ম॰। "নগনন্দিনি সুরবন্দিনি রিপুনিন্দিনি গো"-ঐ।

নগপতি [নগ (পর্ব্বতের) + পতি (প্রধান), ৬তৎ] বি, নগেন্দ্র ; গিরিরাজ ; হিমালয়। ২ গিরিশ্রেষ্ঠ। ৩ [নগ (ওষধির) + পতি] চন্দ্র [বিরল]।

নগবগ-লগবগ দ্রঃ।

নগভিৎ [নগ (পর্ব্বত) ভিদ্ (ভেদকারী)] বিণ, পর্ব্বত বিদারণকারী।

নগভূ-বিণ, শৈলজ। ২ বি, উপলখণ্ড।

নগর [নগ (পর্ব্বত) + র (স্ত্য॰), পর্ব্বততুল্য উচ্চ উচ্চ সৌধ বিরাজ করে বলিয়া] বি, উচ্চ উচ্চ সুদৃশ্য অট্টালিকা ও শিল্প বাণিজ্যাদি সমন্বিত নানাশ্রেণীর বহু প্রজাদ্বারা অধ্যুষিত লোকালয় ; শহর। বিণ, নগরিয়া, নগুরে (প্রা॰)। স্ত্রীং নগরী [দ্রঃ-মুসলমান আগমনের পূর্ব্বে নগর শব্দেরই প্রচলন ছিল, পরে ফা॰ শহর্ শব্দ চলিত হয়]। ~কীর্ত্তন [নগরে-কীর্ত্তন, ৭তৎ। প্রা॰ নগরকেত্তন] বি, নগরের পথে পথে প্রকাশ্যভাবে হরিনাম গান। ~ঘণ্ট [নগর (হিং নগ্‌গর, নিগ্‌গর=সমষ্টি, অনেক জিনিষের তাল) + ঘণ্ট (ব্যঞ্জনবিঃ), হাবজাগোবজা দিয়ে একটা তরকারী রন্ধন-hodgepodge] বি, ছ্যাঁচড়া ; সবজী ও সবজীতরকারীর খোলা ই॰ হাবজাগোবজার একত্র মিশ্রণজাত ব্যঞ্জন। ~ঘাত [সং] বি, হস্তী। ~চত্বর, -চাতর [সং-চত্বর > চাতর (প্রা॰)। ৬তৎ] বি, শহরের ক্রয় বিক্রয় স্থান ; হাট ; বাজার। "ফুল্লরা পসরা করে নগর-চাতরে। হাঁড়িয়া চামর বেচে চারিপণ দরে॥" -কবিক॰। ~দালান [ইং town-hallএর অনুবাদ] বি, টাউনহল দ্রঃ। "নগরদালানের * * * * দিয়ে যখন যাচ্ছিলেম"-ভারতী, ১৩৩১। ~দোলা-নাগরদোলা দ্রঃ। ~পাল [নগর-পাল (রক্ষক), ৬তৎ] বিণ, নগরের শান্তিরক্ষক ; সহর-কোটাল ; নগরাধ্যক্ষ। ~প্রান্ত [৬তৎ] বি, নগরের শেষসীমা ; নগরের বহির্দ্দেশ। ~বাসী [মূ॰ নগরবাসিন্ ১মা, ১ব॰] বিণ, নগরের অধিবাসী ; নাগরিক। স্ত্রীং ~বাসিনী। ~বিজ্ঞান-বি, নগর সংস্থাপন বিদ্যা। ~রক্ষক [৬তৎ] বি, শহরকোটাল ; নগরাধ্যক্ষ। ~রক্ষী [রক্ষ, (রক্ষা করা) + ইন্ (র্তৃ)=রক্ষিন্ ১মা, ১ব॰। ৬তৎ] বিণ, নগরের শান্তিরক্ষক ; নগরপাল। ~স্থ (-র্‌-) [নগরে স্থ (স্থিত), উপ॰] বিণ, নগরমধ্যস্থ ; শহরের অন্তর্গত। ২ নাগরিক ; সহরবাসী। ~স্থাপনা [৬তৎ] বি, সহরপ্রতিষ্ঠা ; নূতন নগর নির্ম্মাণ করিয়া প্রজা বসান।

নগরাধ্যক্ষ [নগর + অধ্যক্ষ (রক্ষক), ৬তৎ] বি, নগরের শান্তিরক্ষার্থ রাজার নিযুক্ত প্রধান কর্ম্মচারী।

নগরিয়া [নগর (দ্রঃ) + ইয়া। হিং নগরিয়া। প্রা॰ নগুরে (তুল-শহুরে)। প্রা॰ বাং- 'নাগরিয়া'] বি, নাগরিক ; নগরবাসী ; শহুরে। "নাগরিয়া মেলি সবে মার বেড়া বাড়ি॥ যাবৎ না দে বেটা তিন সনের কড়ি॥"-কবিক॰। "কাজির ভাঙ্গিয়া ঘর সর্ব্ব নাগরিয়া। মহানন্দে হরি বলি যায়েন নাচিয়া॥"-চৈ॰ ভা॰।

নগরীয় [নগর + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, নগরসম্বন্ধীয়। ২ নগরজাত ; নগরোৎপন্ন ; নগরসম্ভূত। ৩ নগরমধ্যস্থ। ৪ নগরবাসী ; নাগরিক।

নগরোপান্ত [নগর + উপান্ত, ৬তৎ] বি, নগরসন্নিহিত স্থান ; নগরসন্নিধি।

নগাধিপ [নগ (পর্ব্বতের) + অধিপ (প্রধান), ৬তৎ] বি, গিরিরাজ ; হিমালয়।

নগাধিরাজ [নগ + অধিরাজ (শ্রেষ্ঠ), ৬তৎ] বি, পর্ব্বতরাজ ; হিমগিরি।

নগি,-গী [সং-লগুড় শব্দের আকর ও অর্থবিকারে। হিং লগ্‌গী=সরদণ্ড, লাঠি ; লগ্‌গা=লম্বাদাণ্ডা-নৌকাচালনদণ্ড] বি, নৌকাচালনদণ্ড ; ধ্বজী ; লগী। ২ আঁকুশী।

নগিচ, নগিজ [ফা॰ নজ্‌দীক্ > হিং প্রা॰ নগিজ] বিণ, কাছ ; নিকট।

নগুরে [নগর দ্রঃ। নগর + উয়া > ক্ষে॰] বিণ, নাগরিক ; নগরবাসী। "নগুরে ছাওয়াল যত নগরে খেলায়। মড়ামত থাকে পড়ে মিশায়ে ধুলায়॥"-ঘ॰।

নগেন্দ্র [নগ (পর্ব্বত) + ইন্দ্র (প্রধান)] বি, হিমালয় পর্ব্বত।

নগৌকা (:) [নগ (শৈল) + ওকস্ (বাসস্থান) যার] বিণ, পার্ব্বত্য। ২ পর্ব্বতবাসী।

নগ্ন [লসজ্ (লজ্জা পাওয়া) + ত (র্তৃ) স্ লোপ, জ্=গ্, ত=ন, যে অবস্থায় থাকিলে অন্যের নিকট লজ্জা পায়] বিণ, উলঙ্গ ; বিবস্ত্র ; ন্যাংটা ; অনাবৃত। ২ রক্তাম্বরধারী। ৩ স্বাভাবিক ; অকৃত্রিম। প্র-নগ্ন চক্ষু। ৪ বি, ক্ষপণক ; বৌদ্ধসন্ন্যাসী। স্ত্রীং নগ্না [নগ্ন (দ্রঃ) + আ (স্ত্রীং)] বিণ, অনাবৃতা ; উলঙ্গী ; বিবস্ত্রা। ২ লজ্জাহীনা। ৩ বি, বেশ্যা। [দ্রঃ-বৈদিক যুগে "বিশ্যার (বেশ্যা) অন্য নাম ছিল 'রামা' এবং ন-গ্না। 'গ্না' শব্দের অর্থ প্রথমে ছিল সম্মানিতা মহিলা এবং পরে অর্থ হইয়াছিল 'দেব-পত্নী'। যাদের পক্ষে গ্না হওয়া সম্ভব ছিল না, তারাই হ'ত ন গ্না। কালক্রমে ব্যবহারের নির্লজ্জতার হিসাবে নগ্না অর্থ লজ্জাহীনা হইয়াছিল এবং ঐ শব্দের একটী পুং বাচক নূতন শব্দ সৃষ্ট হইয়া পরিচ্ছদ শূন্য অর্থে 'নগ্ন' শব্দ রচিত হইয়াছিল।"-বি॰ মজুমদার (প্রবাসী, ১৩২০)]। ~ক [নগ্ন + ক (স্বার্থে)]

বিণ, বিবস্ত্র > স্ত্রীং নগ্নিকা। ~ক্ষপণক -বি, কালোপাসক সন্ন্যাসিবিঃ। ২ বৌদ্ধসন্ন্যাসী। ~জিৎ-বি, কোশল-রাজ ও কৃষ্ণ-পত্নী নাগ্নজিতীর পিতা।

নগ্নাট [সং] বি, দিগম্বর। ~ক (-ট-) বি, ঐ যোগী।

নগ্নিকা [নগ্নক + আ (স্ত্রীং)] বি, শিশু-কন্যা। ২ অজাতরজা। ৩ বিণ, বিবস্ত্রা; উলঙ্গিনী।

নগ্নীকরণ [নগ্ন (উলঙ্গ) + করণ (করা), মধ্যে ঈ (চি্ অভূততদ্ভাবার্থে)] বি, অনাবৃত করণ; আচ্ছাদন উন্মোচন। ২ বিবস্ত্র করণ; উলঙ্গ করণ।

নঙ্গ১, নঙ্গা [সং—নগ্ন >] বি, উলঙ্গ। ২ উন্মুক্ত; খোলা।

নঙ্গ২ [সং। তুল—ফা॰ নঙ্গ্ (বদনাম)] বি, উপপতি।

নঙ্গর [ফা॰ লঙ্গর। ল=ন] বি, নৌকা-বন্ধন কীলক an anchor. ২ লৌহ-শৃঙ্খল। ন॰ করা, ন॰ ফেলা—নৌকা বা জাহাজ বাঁধা বা নৌকাদির গতিরোধ করা। "একদিন মহানন্দার তীরে আমরা রাত্রে নঙ্গর করিয়া আছি"—রাজ॰ বসু (আত্মচরিত)। ন॰ তোলা—জাহাজ প্রভৃতির বন্ধন খুলিয়া দেওয়া এবং যাত্রা করা।

নচ্ নচ্ [অনু॰। লচ্ লচ্ দ্রঃ। হিং লচ্ লচ্; লচ্‌লচানা=লচ্‌লচ্ করা] বি, সহজনম্য বা নমনীয় পদার্থের সঞ্চালন শব্দ। [দ্রঃ—পাতলা শক্ত জিনিষ কঞ্চি, বেত বা বাঁশের ডগলা ইং আন্দোলিত বা সঞ্চালিত হইয়া "নগ্ বগ্" করে। কিন্তু স্থিতি স্থাপক পদার্থ, রবারের নল, সঞ্চালনে নচ্ নচ্ করে] ২ [নৃত্য > নচ্চ > নাচ >] নাচের সময় দেহলতার নমনীয়তার সঙ্গে চুট্‌কি ইং অলঙ্কারে অলঙ্কৃত পদের নিক্ষেপ-শব্দ।

নচিকেতাঃ [কঠোপনিষদ্] বি, অগ্নি। ২ বেদোক্ত ঋষিবিঃ। বাজশ্রবার পুত্র যিনি যমের নিকট হতে অগ্নিমন্ত্র শিক্ষা করেন। গৌতমপুত্র নাচিকেতা সম্বন্ধেও এইরূপ প্রবাদ। নচিকেতা ও নাচিকেতা (দ্রঃ) এক ব্যক্তি?

নচির [ন-চির] বি, অচিরকাল; শীঘ্র।

নচেৎ [ন (না) চেৎ (যদি)] অ, যদি না হয়; নতুবা; নহিলে; ইহা না হইলে। "নচেৎ শ্যামা যাই যে মারা"—বাং-গান।

নচ্ছার [সং—নঃ-সার] বিণ, সার বিহীন: অপদার্থ; অসার। ২ [হিং লুচ্চা] বিণ, অতি নীচ; লম্পট; গালিবিঃ। "বেলেল্লা ন॰ পাজী মুয়ে আকার ছাই"—রাজা-বাহাদুর (অমৃত॰)।

নছিব [ফা॰ নসীব্। স=ছ] বি, অদৃষ্ট।

নজগজ [অনু॰] অ, অদৃঢ় ভাবব্যঞ্জক; নড়বড় করে এমন। বিণ, নজগজিয়া, নজগজে—নড়বড়ে; নড়নড়ে।

নজর (-জ-) [আ॰ নজ়র্] বি, দর্শন; দৃষ্টি। ২ তত্ত্বাবধান। ৩ উপঢৌকন; ভেট্; ডালি। ~আনা—নজরানা দ্রঃ। ন॰ দেওয়া—তীব্রদৃষ্টি করা: অমঙ্গল দৃষ্টি দেওয়া; কু-দৃষ্টি দেওয়া। ২ ভেট দেওয়া। ~বন্দি(ন্দী) [আ॰ নজর্ + ফা॰ বন্দি] বি, দৃষ্টিপথে বন্দী অর্থাৎ দৃষ্টির বহির্ভূত হতে না দেওয়া বা চোখে চোখে রাখার ভাব; কয়েদ confinement. ~বাজ [আ॰ নজ়র্‌বাজ্ (যারা ভেল্কী দেখায়)] বি, যে নজর দেয়; যে নজর বন্দী করিয়া ভেল্কী খেলে। > বি, ~ী—ভেল্কী। ২ প্রণয়িযুগলের কটাক্ষ দ্বারা প্রণয়ের ইঙ্গিত। ন॰ মারা [গ্রা॰] ক্রি, কু-দৃষ্টি করা; তীব্র দৃ॰ করা। ২ কটাক্ষ দ্বারা প্রণয় ইঙ্গিত করা। "নজর মেরে মেরে তুমি ওকে নটে প্যাকাটি না করে ছাড়বে না দেখছি।"—বঙ্গ-বাণী, মাঘ। ন॰ লাগা—ডাইনের নজরে পতিত হওয়া: কু-দৃষ্টিতে পড়া। নজিরে পড়া—সুনজরে পতিত হওয়া; পসন্দমত হওয়া। উঁচু নজির—উপরদিকে দৃষ্টি। ২ উচ্চাভিলাষ। ৩ অবস্থার অতিরিক্ত বাসনা। ৪ অবিনয়। ৫ উদারতা। উপরনজির—উপরদিকে দৃষ্টি। ২ পরস্ত্রীর মুখের দিকে চাহিয়া দেখা। ৩ ভূতা-বেশ; ভূত প্রেতাদির দৃষ্টি পতন। কুনজির—মন্দ দৃষ্টি; অমঙ্গল দৃষ্টি। ছোট নজির—সংকীর্ণ দৃষ্টি; অনুন্নত বা অনুদার দৃষ্টি। বড় নজির—বদান্যতা। সুনজির—অনুকূল দৃষ্টি।

নজরানা [আ॰ নজর + আনা (ফা॰)] বি উপঢৌকন: উপহার; ভেট; রাজদর্শন কালে প্রজা অথবা অধীন কর্মচারী প্রদত্ত উপঢৌকন বা দর্শনী। "মহাবদ জঙ্গ তারে ধরে লয়ে যায়। ন॰ বলে বার লক্ষ টাকা চায়॥"—ভারত॰।

নজির, নজীর [আ॰ নজ়র্ >] বি, দৃষ্টান্ত; উদাহরণ; উল্লেখ। ২ প্রমাণ।

নঞ্ ["তৎ সাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥"] অ, নেতিবাচক পদ বা উপসর্গ। ২ বিণ, নেতিবাচক; সাদৃশ্য, অভাব, অন্যতা, অল্পতা, অপ্রাশস্ত্য বিরোধার্থক। প্র—নঞ্ তৎপুরুষ। নঞর্থক অব্যয় শব্দ—অ, আ, ন, নহি, না, নাহি, নহে, নি, ম (সং—মা) ইং। ন৪ দ্রঃ। প্র—অব্রাহ্মণ। অক্ষুধা। আগাছা। অনাহার। নপুংসক। "না জানি কতেক মধু"—চণ্ডী॰। "পর অপ্রাণ ম ভত্তি কর (=পর ও আপন ভেদ করিও না)"—বৌ॰ গা॰ ও দো॰। "নহি ছিষ্টি ছিল আর নহি সুর নর"—শূ॰ পু॰। "কছু নাহি মানয়ে বাধা"—বি॰ প॰। "নিলজ্জ কাহ্নাঞি" —শ্রী॰ কৃ॰।

নট১ [সং—নট্ট] বি, সঙ্গীতে রাগবিঃ; রাগিণীবিঃ (রাগমালা মতে) [এই রাগ নয় প্রকার এইজন্য নবনট নামে উক্ত;—বৃহন্নট বা নটনারায়ণ, কেদারনট, কল্যাণনট, কামোদনট, মল্লারনট বা নটমল্লার, ছায়ানট, কদম্বনট, হাম্বীরনট বা নটহাম্বীরা এবং আহীরীনট]। ~বেহাগ—নট ও বেহাগ জাত মিশ্র রাগ। ~মল্লারক—নট ও মল্লার মিশ্রণে জাত রাগ।

নট২ [নট্ (নৃত্য করা) + অ (র্ত্তৃ)] বি, নৃত্যব্যবসায়ী; নর্ত্তক। "মধুর নটিনী নটরঙ্গ"—বি॰ প॰। ২ অভিনেতা; নাটকের অভিনয়-কারী [পুরাকালে যিনি নৃত্যগীতবাদ্য ও অভিনয় এই চারি কলায় সিদ্ধ ছিলেন তাঁকে নট বলা হইত]। ৩ বর্ণসঙ্কর জাতিবিঃ। স্ত্রীং নটী [ব্রজ॰ ও বাং কবিতায় অনুপ্রাস হেতু—'নটিনী'। "চলে যেন নটিনী"—কথা ও কাহিনী (রবী॰)] বারাঙ্গনা। ২ নর্ত্তকী; অভিনেত্রী। বিণ, নটুয়া, নটু, নাটক।

নট৩ [সং—নষ্ট > প্রাকৃ॰ নট্ট >] বিণ,

দুষ্ট; লম্পট। ২ নষ্ট; বিকৃত। "শুন ওহে গুণনিধি নট হোক ছানা দধি"-কবিরঞ্জন। "সব কর্ম্ম হবে নট তুমি ত সুবুদ্ধি বট তবে বল কি হবে আমার।"-অ° ম°। ২ ধ্বংস; অদৃশ্য। "লজ্জিয়া তোমার ঘট ছয় ডিঙ্গা হবে নট বন্দী হবে রাজবন্দীশালে।"-কবিক°।

নটই [ব্রজ°। নট+ই (ক্রি-বিভক্তি)] ক্রি, নৃত্য করে। "রঙ্গিণীগণ সব সঙ্গহি নটই" -বি° প°।

নটক [সং-নট্ (নষ্টে, ভ্রংশে) > প্রা° বাং] বি, দোষ; ত্রুটি। "রাজা বড় খরতর নাহি গুণ কথা। লঘু নটক পাইলে কাটে তার মাথা।"-শ্রী° কী°। ২ নষ্ট; ধৃষ্ট। "শুনহ ন° কাহ্ন কেহ্নে কর অপমান"-শ্রী° কী°। স্ত্রীং নটকী-বিণ, ধৃষ্টা; কুচেষ্টাবতী।

নটখট, নটখিটি [নট (নষ্ট) খট (খট্টি, খুঁত)। তুল-খুঁটিনটি, খুষ্টিনষ্টি] বি, সামান্য সামান্য দোষ; ত্রুটি; খুঁটিনটি। ২ ঝঞ্ঝাট। ৩ [সঙ্গীতে] নটরাগ (মতান্তরে রাগিণী) ও খট্টরাগ।

নটঘট [নট (নষ্ট)+ঘট (ঘটন), নষ্টের সহিত ঘটনা] বি, অসৎ সম্বন্ধ ঘটনা।

নটচর্য্যা [নটের চর্য্যা (অভিনয়), ৬তৎ] বি, নটবৃত্তি; অভিনয়।

নটচাঁদ [নষ্টচন্দ্র > ভ্রং] বি, নষ্টচন্দ্র: ভাদ্রমাসের চতুর্থী তিথিতে উদিত চন্দ্র। "ভাদরে দেখিনু নটচাঁদে। সেই হৈতে উঠে মোর কানু পরিবাদে।"-চণ্ডি°।

নটতি [সং-নৃত্যতি >] ক্রি, নৃত্য করিতেছে; নাচিতেছে। "ন° কলাবতী শ্যাম সঙ্গে মাতি।"-বি° প°।

নটন [নট্ (নৃত্য করা)+অন (ভা°)] বি, নৃত্য; নাচন। "নূপুর ঘুঙ্গুর মধুর বোল ঝনন ননন ন° লোল।"-বলরাম°। ২ নাট্য। ~সূর [নটন (দ্রঃ)+শূর=সূর (প্রা° বাং)] বি, নৃত্যবীর; নর্ত্তক-শ্রেষ্ঠ। "নাচে নটনী নটনসূর"-জ্ঞান°।

নটপট-লটপট দ্রঃ।

নটবর [নটের মধ্যে বর (উত্তম), ৭তৎ] বি, নৃত্যকুশল; নৃত্যবিদ্যায় পারদর্শী; নৃত্যপটু; নৃত্যকলাভিজ্ঞ। ২ নটশ্রেষ্ঠ। ৩ ভগবান; শ্রীকৃষ্ণ। ৪ নয়নরঞ্জন; মনোহর। "ইহার রূপ দেখি নবীন আকৃতি। ন° বেশ পাইল কথি।"-চণ্ডি°।

নটা [নড় দ্রঃ] বি, নল খাকড়া।

নটিনী [নট দ্রঃ। হি°নটনী] বি, নর্ত্তকী; নাচওয়ালী; নাচনী। "মধুর নটিনী নট রঙ্গ।"-বি° প°। "তরল তাল গতি দুলাল নাচে ন° নটন সুর"-জ্ঞান°।

নটিয়া [নট+ইয়া] বিণ, নর্ত্তক; নটুয়া। ২ ভণ্ড; ভাঁড়; নটুকে; নকুলে। ৩ [প্রা° নোটে] বি, স্বনামপ্রসিদ্ধ শাক amaranthus. ~খাড়া-উক্ত শাকের ডাঁটা। ২ ডেঙ্গো; মারিশ (ষ)।

নটী [নট+ঈ (স্ত্রীং)] বি, নর্ত্তকী; অভিনেত্রী; নটপত্নী। ২ কুলটা; বারাঙ্গনা। "আমি নটী ছন্দোবন্দে বিনায়ে বিনায়ে কথার বাগুরাজাল কৌতুকে বিস্তারি। ধরি পুরুষের চিত্ত!-"-অশোক°। ~দারী [নটী+ফা° দার (বৃত্তিক)+ঈ (স্ত্রীং)। প্রা°] বি, নর্ত্তকী; বারাঙ্গনা। "ন° নহে সব গৃহস্থের মেয়ে। লাজখেয়ে নগরে নাগরে বুলে চেয়ে॥"-ঘ°।

নটুয়া [নট+উয়া। প্রা°ক্ষে°নটু, নোটো] বিণ, অভিনয়কারী; রঙ্গ তামাসাকারী। ২ নষ্ট; লম্পট।

নটেশ্বর [নট (নর্ত্তকের)+ঈশ্বর (দেবতা), ৬তৎ] বি, আদিনট; মহাদেব।

নঠ [নষ্ট > নট্ঠ > নট, নঠ] বিণ, নষ্ট; ক্ষয়। "তারে করি ক্রোধ, কিবা সাধ শোধ, যৌবন করিলে নঠ।"-শি°। ২ দূষিত। "ঘৃত দুধ দধি নঠ না কর"-শ্রী° কী°। স্ত্রীং ~ী-ধৃষ্টা; প্রগল্‌ভা।

নড়১ [নল+শব্দজ। ল=ড়] বি, নল নামক তৃণ; খাগড়া। "নব নড়-নির্ম্মিত দড়মা শয্যা."-কবিচন্দ্র। ২ চিংড়ি মাছ।

নড়২ [রড় (দ্রঃ) > লড় >, ল=ন] বি, গতি; বেগ। ২ রড়; দৌড়। "মায়ে বলে বিশ্বম্ভর যাহ নড় দিয়া। তোমার ভাইরে ঝাট ডাকি আন গিয়া"-চৈ° ম°।

নড়চড় [নড় (নড়ন)+চড় (চড়ন, চলন)] বি, ব্যতিক্রম; বিপর্য্যয়; ব্যত্যয়: অন্যথা। "অমন বড় মানুষ লোক, কথা দিলে কি আর ন° আছে?"-রজনী (বঙ্কিম°)। "আপনি ব্যস্ত হচ্ছেন কেন? আমার দলিল খানা রেজেষ্ট্রি হ'য়ে থাক, তারপর যা বলেছি, তার ন° হবে না।" ২ চাঞ্চল্য।

নড়ন [নড়া দ্রঃ] বি, স্থানান্তরে চলন। ২ আন্দোলন; সঞ্চালন। ৩ স্পন্দন। ~চড়ন-নড়চড় দ্রঃ; স্পন্দন ও চলন; সাড়। ~চড়ন রহিত-অসাড়; স্থির।

নড়নড় [নড়+নড়, বীপ্সার্থে দ্বিত্ব] অ, মূলের এক অংশ ভাঙ্গিয়া পৃথক্ না হইয়া সংলগ্ন অবস্থায় ঝুলিতে থাকার ভাব। ~ন° করা-ঝুলিতে থাকা; সঞ্চালিত হওয়া। বিণ, নড়নড়িয়া, নড়নড়ে-শিথিল; ঢিলা।

নড়বড় [নড়া দ্রঃ। নড় (নড়ার বা পৃথক হওয়ার ভাব)-বড়=বেড় (সংলগ্ন থাকিবার ভাব), ভগ্নাবস্থায় লাগিয়া থাকিবার ভাব, জড়িত থাকিয়া নড়ার ভাব] অ, জড়বড়: প্রচুর বস্ত্রাদি জড়াইয়া প্রায় নড়ন-রহিত ভাব। ২ দোদুল্যমান; সামান্য বায়ুতেই দুলিতে থাকে এরূপ। "সে নিশায় আমি ক্ষেত্রতীরে, নড়বড়ে পাতার কুটীরে।"-বঙ্গসুন্দরী। ৩ নড়নড় করা বা আল্‌গা হইয়া নড়ার ভাব। ৪ ঢিল-ঢিলা; শিথিল; নিড়-বিড় দ্রঃ। বিণ, নড়বিড়ে [নড়বড+ইয়া (সাদৃশ্যার্থে, তদবস্থার্থে) > প্রা° নড়বড়ে] ঢিলা; নড়নড় করে এমন।

নড়া১ [নড্ (ভ্রংশে) ধাতু >। নড়ি, নড় (নড়েন, নড়িস), নড়ে (নড়েন); নড়িতে; নড়িয়া (প্রা° নঁড়ে)। ণিজন্ত-নড়ান] ক্রি, আন্দোলিত হওয়া; কম্পিত হওয়া। ২ চলা; যাওয়া; গমন করা। "তোর কোপে যেই পড়ে যম ঘরে সেই নড়ে কেবা ইচ্ছে তোমার এ শেল।"-কবিক°। ৩ যথাবৎ না থাকা; মিথ্যা হওয়া; অন্যথা হওয়া; স্থানভ্রষ্ট হওয়া: স্থানান্তরিত হওয়া; বদল হওয়া। "হাকিম নড়িলেও হুকুম নড়ে না।"-প্রবচন। বি, নড়ন। ~চড়া-ক্রি, দেহ চালনা করা; চলা ফেরা করা। ২ বি, দেহ সঞ্চালন; ঘুরিয়া ফিরিয়া বেড়ান; নড়চড় (দ্রঃ)। ৩ অন্যথা করণ; ব্যতিক্রম। ~নড়ি-বি, হাতাহাতি; মল্লযুদ্ধ। ২ [রড় (দৌড়)+আ+

রড়ি >, রড়ারড়ি >নড়ানড়ি >, (র=ল =ন)] দৌড়াদৌড়ি।

নড়া₂ [নল (দ্রঃ) > নড় + আ। সং-নলকিনী-জঙ্ঘা] বি,বাহু; হস্ত (অবজ্ঞার্থে)। "দুই পোতা মাঝি তার ধরি দুই নড়া। শ্রীমন্তের আগে লয়ে ফেলে যেন মড়া॥"-কবিক°।

নড়ান [সং-নড্ (ভ্রংশে) > নড়া₁ দ্রঃ। নড়াই, নড়াও (নড়ান, নড়াস), নড়ায় (নড়ান); নড়াইতে; নড়াইয়া (গ্রাঃ নড়িয়ে)] ক্রি, নাড়া দেওয়া; দোলান। ২ সরান; স্থানচ্যুত করা। ৩ অন্যথা করান; ব্যতিক্রম করান। "কেঁদে কেটে মাথা খুঁড়ে তার কথা নড়ান যায় না"-রবী°।

নড়ি₁ [নর > নরি (হি° নর) >। তুল-মুনিষ] জন মজুর; শ্রমিক। "ডাকিয়া আনিল যত নগরের নড়ি।"-কবিক°।

নড়ি₂ [সং-লগুড় >] বি, যষ্টি। "অন্ধক জনার নড়ি দরিদ্রের কড়া।"-কবিক°।

নড়িয়াভোলা, নড়েভোলা [নট বা নটিয়া (নর্ত্তক) ভোলা (সিদ্ধিপান বিহ্বল শিব বা ক্যাপা-পাগলা ভোলানাথ) > নটিয়াভোলা (কৃত্তি°) > নটেভোলা >। ট=ড়। তুল-ভাঙ্গড় ভোলা (সিদ্ধিপান বিহ্বল শিব)] বিণ, ঢ্যালা-ক্যাপা। ২ ঢিলা-ঢালা; শিথিল। ৩ দুর্ব্বল; ক্ষীণ-দেহ; দুর্ব্বল-হৃদয়; ক্ষুদ্র-প্রাণ।

নড়ী, লড়ী [সং-লগুড় >] বি, যষ্টি; লাঠি। "হাতে লড়ী কাঁধে ঝুড়ি বসে ব্রহ্মময়ী।"-ঘ°।

নণ্ড [প্রাঃ বাং। সং-নপ্তা >] বি, পৌত্র বা দৌহিত্র; নাতি। ২ [হি° লৌণ্ডা] বালক।

নৎ [অনু°] অ, নৎ এই শব্দ। ~নৎ-লতার মত লতানিয়া কোমল বা নমনীয় ভাব।

~নতিয়া [গ্রাঃ নৎনতে, অবজ্ঞার্থে ন্যাৎ-নেতে] বিণ, কোমল। ২ অবসন্ন; মুহ্যমান; ন্যাক্সা; নেতান (দ্রঃ)।

নত₁ [নম্ (নমস্কার করা, নত হওয়া) + ত), ম্ লোপ] বিণ, প্রণত; প্রণামকারী। ২ বিনীত; নম্র। ৩ যা নুইয়া পড়িয়াছে; নিম্নমুখ; অনুন্নত। ~জানু [নত (পাতিত) জানু] বিণ, যে জানুদ্বয়ের উপর ভর রাখিয়া উপবেশন করিয়াছে। ~নয়ন-বি, অবনত-দৃষ্টি। ~নাস, ~নাসিক [নত (নিম্ন) হইয়াছে নাসিকা যার, বহু°] বিণ, অনুন্নত-নাসিকাযুক্ত; খাঁদা। ~মস্তক, ~শির, ~শিরাঃ-বিণ, অবনত-মস্তক; হেঁট-মাথা।

নত₂, নথ [বৈদিক-স্যোচনী > প্রাকৃ° ন্যোতনী > (বি° মজুমদার)। হি° নথ নী, নথুন, নথ, পরে বাং-য় নত, নথ] বি, নাসিকা-ভরণবিঃ। "নাসা মূলে নত দোলে মোহে মুখ চাঁদ। মহেশের মনোমৃগ মোহিবারে ফাঁদ॥"-শি°। "সাধুসেবা কর্ণফুল স্মরণ সুনথ।"-ভক্তমাল।

নতনতিয়া-নৎ দ্রঃ।

নতা [হি° নাতা=সম্বন্ধ, সম্পর্ক, সূত্র] বি, ওছিলা; বাব; ছুতা; ছল। "আসতো মাগী করে নতা কহিতে এসব কথা।"-বাং-গান (গোপাল উড়ে)। ২ ওজর; আপত্তি। ~নঁ করা-ওছিলা করা; বাব করা; বাহানা করা। ছুতোনতা [গ্রাঃ ছুতো-নাতা] বি, ছলছুতা; ওছিলা।

নতাঙ্গী [নত (নম্রীভূত) + অঙ্গ (দেহ) + ঈ (স্ত্রীঃ)] বিণ, অবনতাঙ্গী; যে যুবতী স্তনভারে আনতা হইয়াছে। ২ বি, যৌবন-ভারাবনতা নারী।

নতান [লতা=নতা (ল=ন) + আন (ক্রিয়ায়), নামধাতু। নতাই, নতাও, নতায়; নতাইতে; নতাইয়া (গ্রাঃ ক্ষেঃ নতিয়ে)] ক্রি, লতার মত ভূমির উপর বা বৃক্ষাদি অবলম্বনে সর্পগতিতে বিস্তৃত হওয়া, বৃদ্ধি পাওয়া বা জড়ান। প্র-শাকের ডগাগুলি কেবল নতাইয়া বা নতিয়ে নতিয়ে মাচা থেকে ছাদে উঠেছে। বিণ, নতানিয়া [গ্রাঃ নতানে] যা লতায়; লতার মত বৃদ্ধি পায় এমন। প্র-নতানে গাছ।

নতানন [নত + আনন যার, বহু°] বিণ, অবনত বদন; নম্রমুখ। স্ত্রীঃ ~া।

নতাফটকী-লতা পয্যায়ে দ্রঃ।

নতি [নম্ (নমস্কার করা, নত হওয়া) + তি (ভাঃ)] বি, প্রণাম; নমস্কার। "জুড়িয়া উভয় পাণি বীরে কৈল নতি।"-কবিক°। "সত্য ত্রেতা দ্বাপর কলির পায়ে নতি।"-শি°। "অন্তঃপুরে বধূদিগে লইয়া যতনে লাগিলা করাতে নতি গৃহদেবগণে"-রামা° (রাজ°)। ২ ঝুকন। ৩ নম্রতা। ৪ আকর্ষণ; আনয়ন; নয়ন। ৫ কুঞ্চন; নিম্নদিকে বক্র হওন। ৬ পটোল শাক; পটোল লতার অগ্রভাগ। ৭ প্রার্থনা। "দ্বিজ রামপ্রসাদের নতি, চরণতলে রেখয়ে।"-রা° প্র°। ৮ অনুনয়; বিনয়; সাধ্য-সাধনা। "কত করিলাম নতি কত করিলাম স্তুতি। কেশে ধরি লহনা মারিল কিল লাথি॥" -কবিক°।

নতিমান্ [নতিমৎ শব্দ, স্ত্রাঃ মৎ] বিণ, নতশীল; প্রণত। "দ্বারী সাম্ভাষিয়া গেল রাজ বিদ্যমান। শারীশুক ভেট দিয়া হৈল নতিমান্॥"-কবিক°।

নতুন, নতূন [সং-নূতন > বর্ণ-বিপর্যায়ে নতুন। গ্রাঃ] বিণ, নূতন। ২ [প্রাদে°] চতুর্থের পরবর্ত্তী ও কনিষ্ঠের পূর্ব্ববর্ত্তী ছেলে বা মেয়ে। নতুন কাকা,-কাকী, নতুন দিদি,-দাদা ই°। ৩ নবীন। প্রা° বাং-য়, স্ত্রীঃ নতুনী [নতুন + ঈ (স্ত্রীঃ)] বিণ, নবীনা। "ন° যৌবনী তুমি কাঁচা সোণা গা"-ঘ°। ২ বি, নবীনা নারী; নববুবতী। তুল-হি° পুরাণী (বৃদ্ধা)। ~খাতা-বৎসরান্তে নূতন হিসাবের খাতা খুলিবার উৎসব [বৎসরের প্রথম দিন (১লা বৈশাখ) কিম্বা অক্ষয়-তৃতীয়ার দিন এবং কোথাও উভয় দিনেই এই উৎসব হইয়া থাকে]। ~বউ,-বৌ [নববধূ >] নবৌয়ের পরবর্ত্তী ও ছোট বৌয়ের পূর্ব্ববর্ত্তী বধূ।

নতুবা [সং-নতু + বা (অতিরিক্ত)] অ, নচেৎ; না হয়; নহিলে।

নতোদর [নত + উদর। উন্নতোদর (convex) এর বিপরীত] বিণ, মধ্যনিম্ন; বক্রোদর concave.

নতোন্নত [নত (নীচু) + উন্নত (উঁচু)] বিণ, উন্নতাবনত; উচ্চনীচ; উঁচুনীচু।

নত্তা [নবম দিবসীয় > ন + কৃত্যা > কৃত্তা > ত্তা] বি, প্রসূতির প্রসব দিন হতে নবম দিবসে সূতিকাগৃহ হতে বহির্গমনাদি সংস্কার।

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র). ' ' হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঞ্জ ঞ্চ=ঞচ ক্ষ=ক্‌ষ হ্ন=হ্‌ন হ্ম=হ্‌ম হ্ণ=নহ হ্ব হ্ল হ্য, জ্ঞ ক্ষ ব্‌ ত্ত=zfwv ও চ্চা° দ্রঃ

নথ [তুল-সং-নট্ (দোদুল্যমান হওয়া) > দুল দ্রঃ] বি, নাসিকার আভরণ-বিঃ। "সীঁতায় সিন্দূর নয়ানে কাজর মুকুতা শোভিত নথে।"-চণ্ডিং।

নথি,-থী [হিং নথ্‌থি=কাগজ পত্রের তাড়া] বি, বিবরণ-পত্র। ২ দপ্তরের কাগজ পত্রের তাড়া file of paper. ~সামিল-নথিযুক্ত ; নথিপত্রস্থ।

নদ [সং-নদ্ (শব্দ করা, নিনাদ করা) + অ (র্ত্তৃ), যে নিরন্তর জল স্রোতের নাদ করে] বি, পর্ব্বত, হ্রদ ইং হতে উৎপন্ন জলপ্রবাহ [সিন্ধু, ব্রহ্মপুত্র, ভৈরব, দামোদর ইং ভারতবর্ষের প্রসিদ্ধ নদ]। স্ত্রীং -নী।

নদনদ [অনুং] ক্রি-বিণ, স্থূলোদর বা মাংসল দেহে গতির ভাব। প্র-নন করিয়া যাওয়া। বিণ, নদনদে [অবজ্ঞার্থে গ্রাং হ্যাদনেদে] থুলথুলে।

নদপদ, নদবদ [অনুং] ক্রি বিণ, মাংসল ও ভারী দেহ লইয়া পদক্ষেপের ভাব। প্র-নদপদ করিয়া চলা। বিণ, নদপদে [প্রাদেং] যার প্রসবকাল পূর্ণ হইয়াছে ; প্রসবোন্মুখ।

নদারৎ, নাদারৎ [ফাং নদারদ্] অ, অভাব ; নাই ; শূন্য। খাতির নদারৎ-খাতিরদারী নাই . অনুগ্রহাভাব no favour.

নদী [নদ(দ্রঃ) + ঈ (স্ত্রীং)। বাং প্রাকৃং নই] বি, অকৃত্রিম জলপ্রবাহ river যে অকৃত্রিম জলপ্রবাহ ৯ মাইল ১৬০ গজ প্রবাহিত হয় নাই তা নদী শব্দবাচ্য নহে, তা গর্ত্ত শব্দবাচ্য (বাচস্পত্য)। গঙ্গা, গোদাবরী, নর্ম্মদা, কাবেরী, যমুনা, সরস্বতী ইং নদী। ~কান্ত -বি, সমুদ্র। ২ নিসিন্দা গাছ। ৩ হিজল গাছ। ~কূল [নদীর কূল (তীর), ৬তৎ] বি নদীতীর ; নদীর ধার। "এতদিন নদীকূলে যাহা লয়ে ছিনু ভুলে, সকলি দিলাম তুলে থরে বিথরে।"-সোনার তরী। ~গর্ভ [নদীর গর্ভ, ৬তৎ] বি, নদীর উভয়তীরের মধ্যবর্ত্তী জলভাগের অন্তর্গত স্থল। ২ নদীর জলমধ্যভাগ। ~জ [নদী (গঙ্গা প্রভৃতি সরিৎ) হতে জ (জাত)] বিণ, নদীজাত ; নদী হতে উদ্ভূত। ২ বি, ভীষ্ম। ৩ হিজল গাছ ; অর্জ্জুন গাছ। ~তরস্থান [নদী (র) তর (পার) হওয়ার স্থান] বি, পারঘাট ; নদীপার হইবার স্থান ; খেয়াঘাট। ~পতি [নদীর পতি, ৬তৎ] বি, সমুদ্র। ২ বরুণ। ~পথ-বি, জলপথ। ~প্রদেশ-বি, নদী প্রবাহিত দেশ বা ভূখণ্ড। ~বঙ্ক [নদীর বঙ্ক (বাঁক), ৬তৎ] বি, নদীর বাঁক। ~ভব-বিণ, নদীজাত। ~মাতৃক [নদী + মাতৃ (মাতা স্বরূপ প্রতিপালিকা) যার, যে দেশের, বহুং সমাসে ক যোগ] বি, নদীজলোৎপন্ন শস্যদ্বারা পালিত দেশ। ২ যে দেশের অধিকাংশ শস্যক্ষেত্র নদীজলে প্লাবিত। ~মুখ-বি, নদীর মোহানা ; সাগর হতে নদীর প্রবেশ পথ। ~ষ্ণ [সং] বিণ, নদী-বৈজ্ঞানিক ; নদীসম্বন্ধে বিশেষজ্ঞ। ~সৈকত-বি, নদীতট। ~স্নাত-বিণ, নদীতে কৃত-স্নান। ~স্রোত,-তঃ [-স্রোতস্ >] বি, নদীর জলের প্রবাহ।

নদীয়া,-নদে,-বি, নবদ্বীপ (শ্রীচৈতন্য দেবের জন্মস্থান)।

নদে' [নদ বা নদীতে > নদীএ > নদেএ > নদে] অ, নদীতে। "বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে' এল বাণ"-ছড়া।

নদেরচাঁদ [নদের (নদীয়ার) চাঁদ (চন্দ্র)। গ্রাং নোদেচ্চাঁদ] বি, গৌরাঙ্গ ; চৈতন্যদেব।

নদ্ধ [নহ্ (বন্ধন করা) + ত (র্ম্ম)] বিণ, বদ্ধ ; বাঁধা। ২ পিনদ্ধ ; পরিহিত।

নদ্ধ্রী [সং] বি, চর্ম্মরজ্জু।

নধর [নবজলধর > ক্ষেং ব্রজং নবধর > নওধর > ক্ষেং নধর। "নবধর অঙ্গ"-পদাবলী] বি, নবজলধর সম সজল। ২ সরস ; কমনীয় ; কোমল। "নং অধরে সুধার ধারা।"-রাজং রায়। ৩ সজল ও তেজাল ; ফোঁপাল ; ঢল ঢল। প্র-লতাটা বেশ নং নং ডগা ফেলিয়াছে। ৪ কোমলাঙ্গ ; নবজলধর তনু। "কামিজ আঁটা নং বাবু নাগর কোন জন" -হেমং।

নন [নহেন > ক্ষেং] ক্রি, মধ্যম ও ১ম পুং, হয়েন না ; নহেন। "ছবি আঁকবার কাজেও মেয়েরা একেবারে নিশ্চেষ্ট নন।"-আং শক্তি, বৈশাখ, ১৩৩৫। আপনি * * * নন। তিনি ...নন ইং। বিপরীত-হয়েন, হ'ন।

ননদ [ননন্দ্ (ন=নাই + নন্দ্=আনন্দিত হওয়া) + (ঋ-র্ত্তৃ), ভ্রাতৃজায়ার প্রতি যার আনন্দের ভাব নাই-ননন্দা > ননন্দ >] বি, স্বামীর সহোদরা ; পতির ভগিনী। "দেবর ননদবর্গে বুকে পুরে করিব যতন।"-অশোকং। [বাং-ননদী, ননদিনী ওং। প্রাদেং ননাস (দ্রঃ)]। ~খেমি, ~খেমী [নং + খেম (ক্ষেম=মঙ্গল বা ক্ষমা=ক্ষান্তি=শান্তি, তুষ্টি) + ই, ঈ। বধূর প্রতি ননদের আচরণের চিরাগত সংস্কার হতে] বি, ননদের তুষ্টির জন্য নববধূ কর্ত্তৃক দেয় দক্ষিণা-রূপ বৈবাহিক মঙ্গলাচারবিঃ। ~নাড়া-বি, ননদ কর্ত্তৃক খোঁটা দেওয়া ও তিরস্কার। "আর ননদনাড়া দিতে হবে না, ননদনাড়া এ বয়সে আর ভাল লাগে না।"

ননদী, ননদিনী (ননং) [সং-ননন্দা। হিং ব্রজং ননদিয়া] বি, পতির ভগিনী। "তিতা কৈল দেহ মোর ননদী বচনে" -চণ্ডিং। "সতিনী বাঘিনী শাশুড়ী রাগিণী ননদী নাগিনী বিষের ভরা।"-ভারতং। "ননদিনী বোলয়ে বচন যত।"-চণ্ডিং।

ননন [অনু] অ, অনুকার শব্দ। "নূপুর ঘুঙ্গুর মধুর বোল ঝনন ননন নটঝলোল" -বলরামং।

ননন্দা, ননান্দা [ন (নাই) নন্দ্ (আনন্দিত হওয়া) + ঋ (র্ত্তৃ)=ননন্দ্ ১মা, ১বং। যে ভ্রাতৃজায়ার প্রতি আনন্দিতা হয় না] বি, পতির ভগিনী ; শ্বশুরকন্যা ; ননদ।

ননাস [প্রাদেং উচ্চারণ বিকারে < ননন্দা] বি, স্বামীর জ্যেষ্ঠা ভগিনী ; ননদ। "কোনও কোনও স্থানে স্বামীর জ্যেষ্ঠা ভগিনীকে ননাস ও কনিষ্ঠা ভগিনীকে ননদ বলিয়া ডাকা হয়।"-প্রবাসী, ভাদ্র, ১৩৩৩।

ননি, ননী [নবনীত >] বি, কাঁচা বাসী দুধের উপর ঠাণ্ডা লাগিয়া সর পড়িলে সেই সরজাত স্নেহ পদার্থ ; দুগ্ধজাত মাখন ; ঘোল মন্থনজাত তৈলময় অংশ। "একদিন খাইল হরি ননি চুরি করি। পলাইতে যশোদা বন্ধন দিল, ধরি॥"-শিং। "ননী ছানা খাওয়াইয়া রসরঙ্গ শিখাইয়া, অঙ্গ ভঙ্গ দেখাইয়া তুমি কৈলা কামী॥"-ভারতং। [দ্রঃ-মতান্তরে কাঁচা দুধ হতে উৎপন্ন স্নেহ

"ননী", দধি হতে উৎপন্ন স্নেহ "মাখন"। কিন্তু অসমীয়া ভাষায় দুগ্ধজাত স্নেহের নাম "মাখন" (হেমকোষ)]। **ননীর পুতুল**-যা সামান্য আঁচে বা রৌদ্রের তাপে গলিয়া যায়; আদুরে গোপাল। ২ কোমলতম বা সুকোমল অঙ্গ।

নমুয়া [নবনীত ..., ব্রজ০] বি, ননী। ২ বিণ, ননী দিয়া গঠিত: কোমল; সুন্দর। "ন০ বদনী ধনি বচন কহসি হসি"-পদ০ সা০।

নন্দ (-ন্দ) [নন্দ্ (আনন্দিত হওয়া) + অ (ভা০)] বি. আনন্দ। ২ [জ্ঞা০, কৃ-অ] কৃষ্ণের পালক পিতা; নন্দগোপ; নন্দঘোষ। ৩ চন্দ্রবংশীয় নৃপবি০; যাঁর বংশ নন্দ বংশ নামে খ্যাত এবং চাণক্য যার উচ্ছেদ করিয়াছিলেন। ৪ বসুদেবের ঔরসজাত মদিরার পুত্র। ৫ যজ্ঞেশ্বরের অনুচরবি০। ৬ কুমারের অনুচরবি০। ৭ সর্ব্বানন্দময় পরমেশ্বর। ৮ মৃদঙ্গবি০। ৯ বেণুবি০। ১০ [পৌ-অ] কুবেরের নিধিবি০। ~**ক** [নন্দ+ক] বিণ, আনন্দজনক। ২ কুলপালক। ৩ বি. শ্রীকৃষ্ণের খড়্গ। ৪ ধৃতরাষ্ট্রের পুত্রবি০। ৫ ভেক। > স্ত্রী০ **নন্দিকা**। ~**কী** [ন০ + ইন (স্ত্য০)] বি, বিষ্ণু। ২ বিণ, আনন্দকর। ~**কুমার** -বি, শ্রীকৃষ্ণ। ~**দুলাল** [নন্দের দুলাল, ৬তৎ] বি, গোপরাজ নন্দের আদরের ধন শ্রীকৃষ্ণ। ~**ন**, [নন্দ্ + অন (কৃ), যে আনন্দিত করে] বি, পুত্র > স্ত্রী০~া-নন্দিনী; কন্যা। ২ বিষ্ণু। ৩ মহাদেব। ৪ পর্ব্বতবি০। ৫ ইন্দ্রের উদ্যান। ৬ বিণ, আনন্দজনক; আনন্দদায়ক। ~**নন্দন** [নন্দ (গোপরাজ নন্দ)-তার নন্দন-পুত্র, আনন্দ বর্দ্ধক] বি, নন্দের পুত্র; শ্রীকৃষ্ণ। ২ বিণ, নন্দের আনন্দজনক। > স্ত্রী০ ~**নন্দিনী**-দুর্গা। ~**লাল** [নন্দের লাল (প্রিয়-পুত্র, দুলাল), ৬তৎ] বি, নন্দদুলাল: কৃষ্ণ। "এ ব্রজ মণ্ডলে কেহ কি না বলে আসিবে নন্দলাল।"-চণ্ডী০।

নন্দনকানন,-বন [নন্দন (আনন্দদায়ক) যে কানন, বন, ধা] বি, সকল ঋতুতে বা সর্ব্বকালে আনন্দদায়ক ইন্দ্রভোগ্য স্বর্গের উদ্যান।

নন্দা [নন্দ+আ (স্ত্রী০)] বি, জলাধার; নাদা। ২ ["নন্দতে সুরলোকেষু নন্দনে বসতেঽথবা। হিমাচলে মহাপুণ্যে নন্দাদেবী ততঃ স্মৃতা।"-দেবীপুরাণ, ৩৭অ:] দুর্গা। ৩ প্রতিপদ্, ষষ্ঠী, একাদশী এই তিন তিথি। ৪ ননন্দা; পতির ভগিনী। ৫ নন্দের গাভী।

নন্দাই [ননং (দ্র০) + আই (স্বামী ...) সাঁই > আই] বি, ননদের স্বামী। "সম্বন্ধে দনাই ওঝা আমার নন্দাই।"-কবিক০।

নন্দি [নন্দ্ (আনন্দ করা) + ই (ভা০)] বি. আনন্দ। ২ মহাদেব। ৩ শিবের অনুচর। ৪ বিণ, আনন্দদানকারী। ~**কেশ্বর** [পু০] বি, নন্দী: শিবের অনুচর। ২ মহাপুরাণবি০। ~**গ্রাম** [গ্রাম০] বি, রাম বনবাস কালে রাম-পাদুকা সিংহাসনে স্থাপন করিয়া ভরত যে গ্রামে অবস্থান ও রাজ্য পালন করিয়াছিলেন। ~**ঘোষ** [নন্দি (আনন্দজনক) ঘোষ (শব্দ) যার, বহু০] বিণ, মধুর শব্দকারী। ২ বি, মধুর ধ্বনি। ৩ অর্জ্জুনের রথ। ~**ত** [নন্দ্ (আনন্দিত হওয়া) + ত (ক্ত)] বিণ, আনন্দযুক্ত; হৃষ্ট। ২ [শ্রি-ত] তোষিত। > স্ত্রী০ ~া। ~**পুরাণ**-বি, নন্দিবিরচিত উপপুরাণবি০। ~**বর্দ্ধন** [৬তৎ] বিণ, আনন্দ বৃদ্ধিকারী: হর্ষবর্দ্ধন। ২ বি, পুত্র। ৩ সদানন্দ; শিব।

নন্দিনী [নন্দিন্ + ঈ(স্ত্রী০)] বি. দুহিতা কন্যা। ২ দুর্গা। ৩ গঙ্গা। ৪ বশিষ্ঠমুনির হোমধেনু। ৫ রেণুকানামক গন্ধদ্রব্য। ৬ অযোধ্যা।

নন্দী [নন্দ (আনন্দ) + ইন (স্ত্য০) =নন্দিন্ ১মা, ১ব০] বি, শিবের প্রধান অনুচর। ২ বটবৃক্ষ। ৩ বিণ, আনন্দী; আনন্দিত; হৃষ্ট। স্ত্রী০ **নন্দিনী**। ~-**ভৃঙ্গী** [নন্দী এবং ভৃঙ্গী] বি, মহাদেবের প্রধান অনুচরদ্বয়। ২ [লক্ষ০, বিদ্ধপার্শ্বে] অনুচরবর্গ। ~**শ**, ~**শ্বর** [নন্দী+ঈশ, ঈশ্বর (প্রভু), ৬তৎ] বি, মহাদেব। ২ শিবানুচর নন্দী। ~**সর** [নন্দীর (ইন্দ্রের উপবনের) সরঃ (সরোবর)] বি, ইন্দ্রের উপবনস্থিত সরোবর।

নন্দ্য [নন্দ্ (আনন্দিত হওয়া) + য (ণ্য)] বিণ, আনন্দের যোগ্য।

নন্নড়িয়া, নন্নড়ে [নড়নড় ... নন্নড়] অ, এত ঢিলা যে সামান্য আঘাত বা সঞ্চালনে অতিশয় নড়িতে থাকে: নড়বড়ে। ২ অতি ক্ষীণার্থক: এত দুর্ব্বল যে মাথা স্থির না থাকিয়া নড়ে: কম্পিতবৎ।

নন্নে [হি০ নন্‌হা (ক্ষুদ্র) > নন্হে > বাং-য়-নন্নে] বিণ, ক্ষুদ্র ও কৃশ। ~**মারা**-বিণ, কৃশতাপ্রাপ্ত, দুর্ব্বল, ক্ষীণজীবী।

নপির্ নপির্, নবচবির [অনু০। চর্ব্য-চুষ্যাদি খাদ্যের চর্ব্বনাদির শব্দ ...] বি, পর্য্যাপ্ত আহার প্রাপ্ত হওয়ার ভাব।

নপুংসক [ন স্ত্রী ন পুমান্=নপুংসক, নিপাতনে সিদ্ধ কি০, ন (নহে) পুংসক (পুরুষ) অর্থাৎ পুরুষাকৃতি কিন্তু পুরুষত্বহীন] বি, ক্লীব; হিজড়ে। ২ ছিন্নমুষ্ক।

নপ্তা [ন (না) পত্ (পতিত হওয়া) + তৃ (ণে) > নিপাতনে, নপ্তৃ ১মা, ১ব০ যদ্দ্বারা (বংশক্রমের বা পুন্নাম নরকে) পতন হয় না] বি, নাতি, পৌত্র। ২ দৌহিত্র। স্ত্রী০ **নপ্ত্রী**-পৌত্রী বা দৌহিত্রী; নাতিনী। "সম্প্রতি আমরা সেই সমস্ত প্রিয়বন্ধু, ভ্রাতা, পুত্র, নপ্তা ই বিরহিত, সুতরাং শোকবিহ্বল হইয়া নিতান্ত দুঃখিতান্তঃকরণে কালযাপন করিব।" মহা০ (বদ্ধ০)।

নফর [আ০ নফর্] বি, ভৃত্য, চাকর; পরিচারক। "অসভ্য সাগর লজ্জে তোমার কিঙ্কর। এ নদ লঙ্ঘিতে নারে তোমার ন০॥" -ম০। "ন০ নন্দীকে নাথ পাঠাইলা পিছু।"-শি০। **চাকর-নফর** [তুল-চাকর নকর, চাকরবাকর] বি, অনুচরবর্গ।

নব, [সং-নব। ফা০-নও। ইং new] বিণ, নবীন; নূতন।

নব, [নবন্ >] বি, বিণ, নয় সংখ্যা বা সংখ্যক, ৯। ~**কলিকা**, ~**কোরক**, ~**মুকুল**-বি, নূতন কুঁড়ি। ~**কারিকা** -বিণ,নবোঢ়া। ২ নূতন কর্ত্রী। ~**কার্ত্তিক** -বি, নবজাত কার্ত্তিকেয়; কার্ত্তিকের মত সুন্দর নবজাত শিশু; নবকুমার। ~**গুণ** [নব (নয় সংখ্যক) গুণ] বি, নবধা গুণ; নয় প্রকার লক্ষণ (কুলীন দ্র০)। ২ ন গুণ; ন ডবল। ৩ [নব=নূতন গুণ] নূতন লক্ষণ; অভিনব গুণ। ৪ [নব-গুণ (সূত্র, থাই)] উপবীত; পৈতা। "দন্ত ভ্রুকুটী করে নবগুণ তুলি ধরে"-পদ্মাপুরাণ। ~**গ্রহ** [নব

(নয়টি) যে গ্রহ, ধা] বি, নয়টি প্রসিদ্ধ জ্যোতিষ্ক ; সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু। "নবগ্রহ দিক্‌পাল দশ।"-অ০ ম০। "সাত সমুদ্র অষ্টবসু নয় নবগ্রহ দশ দিক।" ~চত্বারিংশৎ [নব (নয়) অধিক যে চত্বারিংশৎ (চল্লিশ), ধা] বি, উনপঞ্চাশ ; ৪৯। ~চ্ছিদ্র [২ চক্ষু, ২ কর্ণ, ২ নাসারন্ধ্র, মুখ বিবর, লিঙ্গদ্বার ও মলদ্বার এই ৯ ছিদ্র যাতে আছে] বি, শরীর ; নবদ্বার দ্রঃ। ~জলধর-বি, নূতন মেঘ। ~জলধর শ্যাম-বিণ, নবীন মেঘের মত কৃষ্ণ বা নীলবর্ণ। ~জাত-বিণ, সদ্য প্রসূত new born. ~জীবন-বি, নূতন জীবন। ২ প্রাণসঙ্কট রোগমুক্ত জীবন; পুনর্জ্জীবন। ~জ্বর [নব (নূতন) যে জ্বর রোগ, ধা] বি, তরুণ জ্বর। ~ডঙ্কা, ~ডঙ্গা১, ~ঢঙ্গা [গ্রা০। নব (অভিনব) ডঙ্কা (হেল-সাপের ফণা) সাপ ফণা ধরিয়া যেমন দোলে তার অনুকরণে বৃদ্ধাঙ্গুষ্ঠ নাড়া; তুল-কাঁচকলা, কলাটি, ঢু ইং] অ, বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন ; ফাঁকি ; শূন্য ; রফা। "ক্রিয়া কাণ্ড নাই প্রাপ্তির দফা নবডঙ্গা।"-টেকচাঁদ [ন স্থলে গ্রা০ ব্যবহারে ল ও০-লবডঙ্কা, -ডাঙ্গা, -ঢঙ্গা। "এটা বলে শুধব কিসে, এটা বলে লবডঙ্গা"-ছড়া]। ~ত১ [সং] বি, কুথ ; হস্তীর পৃষ্ঠাবরণ বস্ত্র।

নবত২ [সং] বিণ, নব্বই সংখ্যার পূরক। ~তি [নব (নয়বার) + তি (জ্ঞা০) নয়বার দশযুক্ত সংখ্যা] বি, নব্বই ; ৯০। ২ বিণ, নব্বই সংখ্যক। > বিণ, ~তম-৯০ সংখ্যার পূরক। > স্ত্রীং ~তমী। ~তী-বি, নব্বই ; ৯০ সংখ্যা। ~দণ্ড-বি, রাজচ্ছত্রবিঃ। ~দম্পতি-বি, নূতন বিবাহিত পতি-পত্নী। ~দল [নব (নূতন) যে দল (পত্র), ধা] বি, নূতনপত্র ; কচিপাতা। ২ নূতন পদ্ম-পত্র। ~দশ [নব (নবাধিক) যে দশ, ধা] বি, নয় অধিক দশ ; উনবিংশ ; উনিশ। ২ বিণ, উনবিংশতি সংখ্যক। ~দুর্গা-বি, পার্ব্বতী, (২) ব্রহ্মচারিণী, (৩) চন্দ্রঘণ্টা, (৪) কুষ্মাণ্ডা, (৫) স্কন্দমাতা, (৬) কাত্যায়নী, (৭) কালরাত্রি, (৮) মহাগৌরী, (৯) সিদ্ধিদা-এই নয় দুর্গামূর্ত্তি। ~দ্বার [নব (চক্ষু, কর্ণ ও নাসা ইং নয়) দ্বার (ইন্দ্রিয়, দেহদ্বার), দ্বিগু] বি, চক্ষুর্দ্বয়, কর্ণদ্বয়, নাসাদ্বয়, মুখ, পায়ু ও উপস্থ ; দেহ। "ভব সংসার ভিতরে ভব ভবানী বিহরে ভূতময় দেহ নবদ্বার গেহ নর-নারী কলেবরে।"-অ০ ম০। ~দ্বীপ [ধা] বি, নূতন দ্বীপ। ২ বঙ্গের প্রাচীন রাজধানী নদীয়া। ~ধা [নবন্ + ধা (প্রকারার্থে)] অ, নয় প্রকার। ২ নয় দিকে। ৩ নয়বার। ~ধাতু [নব (নয় প্রকার) ধাতু, ধা] বি, সোণা, রূপা, তামা, রাঙ, কাঁসা, পিত্তল, সীসা, লোহা, কান্তিলোহা। ~নবতি [নব অধিক যে নবতি(৯০), ধা] বি, নিরনব্বই ; ৯৯। ২ বিণ, নিরনব্বই সংখ্যক। > ~তম-বিণ, ৯৯ এর পূরক। > স্ত্রীং ~তমী। ~নী [নব (নূতন) নী (পাওয়া) + কিপ্ (র্ম-জ্ঞা০)] বি, দধি, মন্থনজাত স্নেহ ; ননী ; মাখন। "ঘরে কি নাইক নবনী। তুই অমন করে পরের ঘরে চুরি করিস্ নীলমণি।"-গান [বৃন্দাবন-লীলা সম্বন্ধে অধিকাংশ বৈ০ পদ-সাহিত্য হ'তে মনে হয় দুগ্ধ (গোরস) বাজারে বিক্রয় করিতে লইয়া যাওয়া হইত এবং গৃহে দধি পাতিয়া রাখা হইত ও তাহাই মন্থন করিয়া মাখন বা নবনী প্রস্তুত করা হইত যা বাল-গোপাল চুরি করিয়া খাইতেন] ~নীত [নব (নূতন) নীত (প্রাপ্ত)-যা দুধ বা দধি মন্থন করিয়া পাওয়া যায়] বি, ননী (দ্রঃ) ; দুধের মাখন। ~ধেনু-বি, শাস্ত্রীয় দানার্থ ননী নির্ম্মিত বা ক্ষীরের গাভী। ~নীতক [নব-নীত + ক (জ্ঞা০)] বি, ঘৃত। ~নীরদ [নব (নূতন) নীরদ (মেঘ)] বি, নব জলধর। ~পত্রিকা [নব (নয়টি) পত্রিকা] বি, কদলী, কচু, হরিদ্রা, অশোক, দাড়িম, বিল্ব, জয়ন্তী, মানকচু, ধান্য। এই নব পত্র দ্বারা, নবপত্রিকাবাসিনী দুর্গার একটী মূর্ত্তি নির্ম্মাণ করা হয় এবং ঐ মূর্ত্তি সপ্তমী পূজা দিনে প্রবেশ করাইয়া পূজা করা হয়। ~পাঠক-বি, নূতন পঠনাকারী বা অধ্যাপক। ২ নূতন পাঠকারী বা ছাত্র। > স্ত্রীং ~পাঠিকা। ~প্রাশন [নব(নূতন) যে প্রাশন (ভোজন), ধা] বি, অন্নপ্রাশন ; ছেলেমেয়েদের প্রথম অন্নদান উৎসব ; ভাত। ২ [নবের (নবান্নের) প্রাশন (ভোজন), ৬তৎ] বি, নবান্ন ভোজন।

~বধূ [নব-বধূ, ধা] বি, স্ত্রী, নূতন বৌ ; নবোঢ়া। "নববধূর আদরের সীমা রহিল না।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ~বর্ষ [নব-বর্ষ] বি, নূতন বৎসর। ~বসন্ত-বি, বসন্ত ঋতুর উদয় বা প্রথম বা আরম্ভ। ~বস্ত্র-বি, নূতন কাপড়। ~বিংশতি [নব (নয়) অধিক যে বিংশতি, ধা] বি, নয় অধিক বিশ ; উনত্রিংশৎ ; ২৯ সংখ্যা। > ~তম-বিণ, ২৯ সংখ্যার পূরক। > স্ত্রীং ~তমী। ~বিধান-বি, ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন প্রবর্ত্তিত ব্রাহ্মধর্ম্মের শাখাবিঃ। "ঋষিগণ যে ভাবে সকল ভুবনে ঈশ্বরের আবির্ভাব, ঈশ্বরের প্রকাশ উপলব্ধি করিয়াছিলেন। সেই ভাবের প্রকাশ উপলব্ধি করিয়া স্বদেশী বিদেশী সকল সাধু মহাজনদিগের জীবনে তাঁহার বিশেষ লীলা, বিশেষ প্রকাশ দর্শন করেন এবং তাঁহাদের সকলকে গ্রহণ করিতে যাইয়া ধর্ম্মের ও ধর্ম্মসাধনের যে উচ্চতর প্রশস্ততর সার্ব্বভৌমিক স্তরে উপস্থিত হন সেই স্তরকে তিনি নববিধান বলিয়াছেন।" -দ্বিং ঠাকুর। ~ম [নবন + ম (পুরণার্থে)] বিণ, নয় সংখ্যার পূরক। > স্ত্রীং নবমী। ~মল্লিকা, নবমালিকা ["সুমনা মালতিঃ জাতিঃ সপ্তলা নবমালিকা"-অমর০। নব (অভিনব) মালিকা (মল্লিকা ফুল), ধা। প্রাকৃ০ ণোমালিআ। বাং-গ্রা০ 'নেয়ালি', নোয়ালি] বি, সাত পাপড়িযুক্ত মালতি ফুল; নেয়ালি ফুল jasminum arborescens. ~যুবক-বি, যে কৈশোর উত্তীর্ণ হইয়া যৌবনে পদার্পণ করিয়াছে। > স্ত্রীং-নব-যুবতী। ~যৌবন [নব (নবীন, প্রথম) যৌবন, ধা] বি, প্রথম যৌবন ; যৌবনোদ্ভেদ; কৈশোর। > স্ত্রীং ~া [নব (নূতন) হইয়াছে যৌবন যার, বহু০] বি, কিশোরী ; নবীনা ; তরুণী ; নবযুবতী। "ঘন গৌরবে নবযৌবনা বরষা"-রবী০। ~রঙ্গ১ [ফা০। নারাঙ্গি দ্রঃ] বি, নারাঙ্গা লেবু। "পহিল বদরী সম পুন নবরঙ্গ। দিনে দিনে অনঙ্গ আগোরল অঙ্গ।"-বি০ প০। ~রঙ্গ২ [নব (নবধা) রঙ্গ] বি, হিন্দুদিগের মধ্যে কুলীনের নয় প্রকার কন্যা আদান প্রদানরূপ কুলকরণ। ~রত্ন [নব (ন্)= নয় যে রত্ন (মণি), ধা] বি, মুক্তা, মাণিক্য,

বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত ও নীলকান্ত। ২ রাজা বিক্রমাদিত্যের পণ্ডিত-সভা ; নবরত্ন সভা : ধন্বন্তরী, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির ও বররুচি-এই নয় রত্নের সভা। ~রস [কাব্যালঙ্কারে] বি, শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস, অদ্ভুত ও শান্ত এই নয় প্রকার অলঙ্কার শাস্ত্রোক্ত রস। ~রাত্র [পুরাণে, তন্ত্রে] বি, আশ্বিন মাসের শুক্লা প্রতিপদ অবধি শুক্লা নবমী পর্য্যন্ত নয় দিনে কর্ত্তব্য দুর্গার ব্রতবিঃ। ~রাষ্ট্র [নব (নূতন) যে রাষ্ট্র (রাজ্য), ধা] বি, নূতন রাজ্য। ২ উশীনর দেশাধিপতির রাজ্য। ~লক্ষণ [নব-লক্ষণ, ধা] বি, আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপ ও দান ব্রাহ্মণের এই নয় কুললক্ষণ ~শঃ [সং- নবশস্] অ, নয়টি করিয়া ; নয় নয় ক্রমে। ~শক্তি [নব-শক্তি, ধা] বি, বৈষ্ণবী, ব্রহ্মাণী, রৌদ্রী, মাহেশ্বরী, নারসিংহী, বারাহী, ইন্দ্রাণী, কার্ত্তিকী, সর্ব্বমঙ্গলা (ব্রহ্মবৈবর্ত্ত পু॰)। ২ নয়টি শ্রেণী শক্তি-সূত্যপত্রা সংজ্ঞা গর্ভজাতা অনুগ্রা, ঈশানা, উৎকর্ষিণী, ক্রিয়া, জ্ঞানা, প্রহ্বী, বিমলা, যোগা, সত্যা। ~শাখ, শায়ক [নব(নয়)শাখ(শাখা), প্রা॰ নবশাক (-শায়ক > ক্ষেত্র?)] প্রবাদ পরশুরাম যে ৯টি সেনাদলকে সমরসহায় করিয়া ২১ বার ধরাকে নিঃক্ষত্রিয় করিয়াছিলেন সংগ্রামান্তে তাদের ৯ প্রকার বৃত্তি নির্দ্ধারণ করিয়া দেওয়ায় তারা নবশায়ক বলিয়া পরিচিত হয়] বি, হিন্দুর জাতিবৃক্ষের নয়টী শাখা স্বরূপ এক শ্রেণীভুক্ত নয়টী শিল্পী ও ব্যবসায়ী জাতি। তিলি, মালাকার, তাম্বুলি, সদ্গোপ, নাপিত, বারুই, কামার, কুমার, গন্ধবণিক ইহার অন্তর্গত। যথা-তিলি মালী তাম্বুলী, গোপ নাপিত গোছালী কামার কুমার পুঁটলি-এই নবশাখাবলি-সম্বন্ধনির্ণয় [দ্রঃ-মতান্তরে সদ্গোপ ও গন্ধবণিক স্থলে তন্ত্রী (তাঁতী) ও মোদক (ময়রা)। "গোপমালী তথা তৈলী, তন্ত্রী মোদক বারুজী কুলাল কর্ম্মকারশ্চ নাপিতো নবশায়ক"-পরাশর সংহিতা]। ~সম্পর্কিত-বিণ, নূতন সম্বন্ধ হইয়াছে এমন : নূতন সম্বন্ধযুক্ত। ২ বি, ঐরূপ ব্যক্তি। "সহজেই নবসম্পর্কিতদের হৃদয় আকর্ষণ করিয়া লইল।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

নবৎ-নওবৎ দ্রঃ।

নবমী [নবম+ঈ (স্ত্রীং)। প্রা॰ নউমী] বি, তিথিবিঃ ; চন্দ্রের নবম কলার হ্রাস, বৃদ্ধি-ঘটিত তিথি ; অমাবস্যা বা পূর্ণিমার পর নবম দিবস [বৈশাখী শুক্লা সীতানবমী, ভাদ্রের শুক্লা তালনবমী, আশ্বিনের কৃষ্ণা বোধন-নবমী ও শুক্লা মহানবমী, কার্ত্তিকী শুক্লা দুর্গা-নবমী, মাঘী শুক্লা মহানন্দানবমী ও চৈত্রী শুক্লা রামনবমী]। ~দশা [নবমী (রতি-শাস্ত্রোক্ত দশদশার মধ্যে নবম) দশা (অবস্থা)] বি, মোহ : মূর্চ্ছা। "নবমী দশা গেলি" -বি॰ প॰। ~পূজা-মহানবমীতে দুর্গাপূজা। নবমীর পাঁঠা [প্রা॰ নউমীর পাঁঠা] নবমী পূজায় বলীর জন্য উৎসর্গীকৃত পাঁঠা , বলী ভয়ে ভীত কম্পিত কলেবর ছাগ। "নবমী পূজার পাঁঠার মত"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

নবর-চবর-নপর চপর দ্রঃ।

নবহুঁ [হি॰-র অনুকরণে, প্রা॰ বাং] বিণ, নূতন। নবহুঁ নবহুঁ রস গীত পরিমাণ॥" -শ্রী॰ কী॰।

নবাংশ [নব (নয় যে) + অংশ (ভাগ), ধা] বি, মেষাদি দ্বাদশ লগ্নের প্রত্যেকের নবম ভাগের এক এক ভাগ।

নবাগত [নব+আগত] বিণ, নূতন আগত ; সদ্যঃ আসিয়া উপস্থিত ; অভ্যাগত। স্ত্রীং ~া।

নবাত,-ৎ [ফা॰ নবাত্ (চিনি)] বি, চিনি পাক করা মিষ্টান্নবিঃ। "বিশাদরে ছেনা কিনি কিনিল ন॰ চিনি"-কবিক॰।

নবান্ন [নব (নূতন যে) + অন্ন, ধা] বি, নূতন অন্ন। ২ নূতন অন্নে পিতৃগণের শ্রাদ্ধ করিয়া উহার প্রসাদ গ্রহণরূপ কৃত। ৩ নব-বর্ষের প্রথম ফসলোৎপন্ন আতপ তণ্ডুল (নূতন অন্ন) ইক্ষু, নূতন গুড় নারিকেলাদি ভক্ষণরূপ পার্ব্বণ [দ্রঃ-এই পর্ব্ব মার্গশীর্ষ বা অগ্রহায়ণ মাসে অনুষ্ঠেয়। পূর্ব্বকালে অগ্রহায়ণ মাস হ'তে বর্ষ গণনার প্রথা ছিল]।

নবাব [আ॰ নবাব্] বি রাজপ্রতিনিধি ; শাসনকর্ত্তা। ২ রাজন্য ; মুসলমান সামন্ত রাজা। ৩ ধনী ও সম্ভ্রান্তবংশীয় ব্যক্তি। ৪ [বিদ্রূপার্থে] নবাবের মত ভোগী ; বিলাসী ও মুক্তহস্ত ; আরামপ্রিয় অমিতব্যয়ী ব্যক্তি। প্র-ন॰ আর কি ? ন॰ আর কোথায় আছে ? ওঃ ভারি ত ন॰ ই॰। বিণ, নবাবি, নবাবী-নবাবের যোগ্য ; নবাবের মত ; বড়মানুষী। প্র-নবাবী চাল। ২ নবাবের দ্বারা শাসিত। প্র-নবাবী আমল। ~জাদা [ফা॰] বি, নবাবের পুত্র ; স্ত্রীং ~জাদী-নবাবের কন্যা। ~-নাজিম-একাধারে প্রদেশ-শাসক ও বিচারক। ন॰-পুত্র [বিদ্রূপে-প্রা॰ নবাবপুত্তুর] যে ছেলে নবাবী চালে চলে; অমিতব্যয়ী ব্যক্তি। ন॰ সরকার -নবাবের শাসনতন্ত্র।

নবাম্বিকা [নব+অম্বিকা] বি, নয় সংখ্যক অম্বিকামূর্ত্তি ; নয় প্রকার শক্তিমূর্ত্তি। ব্রহ্মাণী, মাহেশী, কৌমারী, বৈষ্ণবী, বারাহী, নারসিংহী, মাহেন্দ্রী, চণ্ডিকা এবং মহালক্ষ্মী।

নবাহ [নব (ন) (নয়) যে অহ (ন=দিন), ধা] বি, নয় দিন ; নয় দিবসব্যাপী কাল। ২ নয় দিনে সমাপ্য যজ্ঞাদি। ৩ বৎসরাদির প্রথম দিবস।

নবি-নবী দ্রঃ।

নবিস,(শ) [ফা॰ নবিস (লেখক, লিখন)। বাং-য় স্বতন্ত্র প্রয়োগ নাই। অন্য শব্দে যুক্ত হইয়া ব্যবহৃত হয়] বি, লেখক। নকল নবিস-নকল দ্রঃ। ~সি (শি) -নবিশ দ্রঃ। খাস নবিশ-কর্ম্মসচিব private secretary. চিট নবিস [হি॰ চিট্ঠী > চিট্+ফা॰ নবিস >। চিটনিস্ দ্রঃ। জমা নবিস-হিসাব রক্ষক accountant. তৌজি নবিস-তৌজী দ্রঃ। মহিলা-নবিস, মহিল্লানবীশ-মহল্লা দ্রঃ। সেহা-নবিস-সেহা দ্রঃ।

-নবিস, [ইং novice (new in the art &c. inexperienced) এর লিপ্যন্তর। ফা॰ নবীস এর অনুকরণে ইং novice এর অর্থ ও উভয় ভাষার উচ্চারণ সাদৃশ্যে, অন্য শব্দযোগে ব্যবহার্য্য নবগঠিত শব্দ] নূতন : নবশিক্ষার্থী ; নূতন ব্রতী ; শিক্ষাধীন। শিক্ষা-নবিস-

বিণ, শিক্ষাধীন; নবশিক্ষিত; নবদীক্ষিত। তুল-হি॰ নওশিখ novice ; apprentice.

নবিসিন্দা, নবীসিন্দা [ফা॰ নবীসিন্দাহ্] বি, লেখক; কেরাণী a scribe. ২ যে কর্ম্মচারী পত্রব্যবহার করে a correspondent. ৩ হিসাব লেখক।

নবী, নবি [আ॰ নবীহ্] বি, ঈশ্বরের প্রেরিত দূত; পয়গম্বর। ২ সুসংবাদপ্রচারক। ৩ ভবিষ্যদ্বক্তা।

নবী/করণ [নব (নূতন) করণ, মধ্যে, ঈ (চ্বি, অভূততদ্ভাবার্থে)] বি, জীর্ণ সংস্কার; পুনর্গঠন। বিণ, ~কৃত-সংস্কৃত; পুনর্গঠিত।

নবীন [নব-ঈন(স্বার্থে)] বিণ, নব্য: নব; নূতন। "যে দিকে চাব দেখিতে পাব নব প্রাণ।"-রবী॰ ২ তরুণ।

নবী/ভাব [নব (নূতন) ভাব, মধ্যে ঈ (চ্বি, অভূততদ্ভাবার্থে)] বি, নবীনের ভাব; সংস্কার বা সংশোধন। ২ নবোদ্দীপনা। ৩ নূতন স্মৃতির আবির্ভাব। বিণ, ~ভূত-নূতনত্ব প্রাপ্ত; পুনর্গঠিত।

নবে [না হবে > ক্ষে॰। তুল-না পারিবে স্থলে, নারিবে। পদ্যে] ক্রি, হইবে না [অপ্র॰]। "যে কিছু করিবে আজ্ঞা নবে অন্যমত।"-দা॰।

নবোঢ়া [নব(নূতন)+ঊঢ়া(বিবাহিতা), ধা] বি, নূতন বিবাহিতা স্ত্রী; নবপরিণীতা। "বুড়া আধবুড়া যুবা ন॰ গর্ব্বিণী। ঘন বাজে ঘুণু ঘুণু কঙ্কণ কিঙ্কিণী॥"-অ॰ ম॰।

নবোৎসাহ [নব+উৎসাহ] বি, নূতন অধ্যবসায়; নবোদ্যম।

নবোদক [নব (নূতন)+উদক (জল), ধা] বি, নূতন বৃষ্টির জল। ২ নূতন জল।

নবোদিত [নব+উদিত] বিণ, নূতন আবির্ভূত; নব প্রকাশিত।

নবোদ্ধৃত [নব (নূতন)+উদ্ধৃত (উত্তোলিত), ধা] বি, নবনীত। ২ বিণ, সম্প্রতি উদ্ধারপ্রাপ্ত। ৩ নূতন সমাহৃত।

নবোদ্যম [নব+উদ্যম] বি, নূতন আগ্রহ; নবপ্রযত্ন; নবোৎসাহ; প্রথম প্রচেষ্টা।

নবোন্মেষিত, নবোন্মিষিত [নব+উন্মে(ন্মি)ষিত] বি, প্রথম প্রকাশিত: নব প্রস্ফুটিত; নব বিকশিত। > বি, নবোন্মেষ-নবোদয়; বিকাশোন্মুখতা।

নব্বই [গ্রা॰ নব্বুই। নবতি >] বি, ৯০ সংখ্যা।

নব্য [নব+য (স্বার্থে)] বিণ, নবীন; নূতন। ২ অপ্রবীণ; অল্পবয়স্ক; যুবা। ৩ আধুনিক; অধুনাতন; ইদানীন্তন; এখনকার।

নভ [নভ্॰ (নষ্ট হওয়া)+অ (তৃ)] বি, আকাশ: শূন্য; গগন। "নিশীথনভে শুনিব কবে গভীর গান।"-রবী॰। ২ শ্রাবণ মাস। ৩ চাক্ষুষ মন্বন্তরীয় সপ্তর্ষির মধ্যে ঋষিবিঃ। ৪ স্বারোচিষ মনুর পুত্রবিঃ। ~গ [নভ (আকাশে)+গ (যে গমন করে)] বিণ, আকাশগামী; বিমানচারী। ২ [ন (নাই) ভগ (ঐশ্বর্য্য) যার, বহু॰] ধনহীন; ভাগ্যহীন; নির্ধন। ৩ বৈবস্বত মনুবংশীয় নৃপতিবিঃ। ~শ্চক্ষুঃ [নভস্ (আকাশে) রহিয়াছে চক্ষু (নেত্র) যার, বহু॰] বি, সূর্য্য। ~শ্চর [নভস্ (আকাশে)+চর (যে বিচরণ করে), ৭তৎ] বি, পক্ষী। ২ গন্ধর্ব্ব ও বিদ্যাধর ই॰। ৩ গ্রহ নক্ষত্রাদি। ৪ বায়ু। ৫ মেঘ। ৬ বিণ, গগনচারী; আকাশগামী। ~স [সং] বি, আকাশ। ~স্সঙ্গম [নভস্+গম্+অ (তৃ)] বি, পক্ষী। ~স্তল [নভস্ (আকাশ) +তল (নিম্ন), ৬তৎ] বি, গগনতল; শূন্যদেশ। ~স্পৃক্ [নভস্ (আকাশ)+স্পৃক্ (যে স্পর্শ করে)] বিণ, আকাশস্পর্শী। ~স্য [সং] বি, ভাদ্রমাস। ~স্বান্ [মু॰ নভস্বৎ] বি, বায়ু।

নভঃ [নভ্ (নষ্ট হওয়া) + অস্ (তৃ) = নভস্ ১মা, ১ব॰] বি, আকাশ। ~প্রাণ-বি, বায়ু। ~সৎ [সদ্ >] বি, দেবতা। ~সরিৎ-বি, স্বর্গ-গঙ্গা; মন্দাকিনী। ~স্থ, নভস্থ-বিণ, আকাশস্থিত। ~স্থল, নভস্থল [নভস্ যে স্থল (প্রদেশ), ধা] বি, আকাশ। ~স্থিত, নভস্থিত [নভস্ (আকাশে) স্থিত (যে থাকে), ৭তৎ] বিণ, আকাশস্থ: শূন্যে অবস্থিত। ২ বি, নরকবিঃ।

নভাক [ন (নাই) ভা (দীপ্তি) + আক (তৃ)] বি, অন্ধকার। ২ রাহুগ্রহ।

নভেম্বর [ইং november এর লিপ্যন্তর] বি, ইং বৎসরের একাদশ মাস; কার্ত্তিকের শেষার্দ্ধ হ'তে অগ্রহায়ণের প্রথমার্দ্ধ পর্য্যন্ত।

নভে(বে)ল [ইং novel এর লিপ্যন্তর] বি, শ্রব্যকাব্য ভেদ; উপন্যাস (দ্রঃ)।

নভোনীল [নভঃ+নীল] বি, আকাশের নীলিমা। ২ বিণ, ঐরূপ নীলবর্ণ। "নভোনীলের বিস্তার।"

নভোমণি [নভস্ (আকাশের) মণি (রত্ন স্বরূপ উজ্জ্বল), ৬তৎ] বি, সূর্য্য।

নভোমণ্ডল [নভস্ (আকাশ যে) মণ্ডল, ধা] বি, গগন মণ্ডল। "ভো ন॰! বল স্বরূপ কে দিল তোমায় এরূপ রূপ"-পদ্যপাঠ, ২য় ভাগ।

নভোরজঃ [নভঃ+রজস্] বি, কুজ্ঝটিকা।

নভৌকাঃ [নভঃ+ওকস্ (বাসস্থান) যার, বহু॰] বিণ, স্বর্গবাসী। ২ বি, দেবতা। ৩ পক্ষী।

নম, নমঃ১ [নম্ (নমস্কার করা)+অস্ (তৃ) > নমস্ ১মা, ১ব॰] বি, নমস্কার; প্রণাম। ২ [প্রা॰ বাং গ্রা॰। মন্ত্রে নমঃ শব্দের বাহুল্য হেতু?] মন্ত্র। "নম সব পড়াল পণ্ডিত চারিজন"-শূ॰ পু॰। নি॰ করা-নমস্কার করা; গড় করা। নমি-নমি-নাম মাত্র। নমি-নমি করে সারা-যথাবিধি কার্য্য না করিয়া সংক্ষেপে সমাধা করা।

নমঃ২ [তান্ত্রিক পূজায় কোনও বস্তুর নিবেদন কালে নমঃ অর্থে দান। "ইদং স্নানীয় জলং নমঃ, এতৎপাদ্যং নমঃ, ইদংমর্ঘ্যং নমঃ" ই॰] বি, নিবেদন; দান। এই অর্থে গ্রা॰ নম। প্র-নম করে দাও।

নমন [নম্ (নত হওয়া)+অন (ভা॰)] বি, নতি। ২ নত হওন; মস্তক নত করণ; নমস্করণ।

নমনীয় [নম্ (নত হওয়া)+অনীয় (র্ম্ম)] বিণ, নমনশীল flexible. ২ যাকে নত বা নম্র করা আবশ্যক; যাকে বিনীত করিতে হইবে। স্ত্রীং ~া। বি, ~তা।

নমঃশূদ্র, নমঃশূদ্র-বি, হিন্দুজাতিবিঃ।

নমসিত [নমস্+ইত] বিণ, নমস্কৃত; পূজিত।

নমস্কর্ত্তা [নমস্-কৃ (করা)+তৃ (র্ত্তৃ)=নমস্কর্ত্তৃ ১মা, ১ব০] বিণ, নমস্কারকারী।

নমস্কার [নমস্(নমস্কার)+কৃ (করা)+অ (ভা০)=কার (করা)] বি, নতি; নমঃ; প্রণাম: কপালে যুক্তকর স্পর্শ পূর্ব্বক দেহ সম্মুখে নত করণ [দ্রঃ-হস্ত পদাদি বিস্তার করিয়া দণ্ডবৎ ভূমিতে পতিত হইয়া ললাট দ্বারা ভূমি স্পর্শ করণের নাম দণ্ডবৎ প্রণাম-নমস্কারের মধ্যে ইহা 'উত্তম' পদবাচ্য। উভয় জানুর উপর ভর দিয়া নত হইয়া ভূমিতে ললাট স্পর্শ 'মধ্যম' এবং যুক্তকর ললাটে স্পর্শ করিলে 'অধম' কায়িক নমস্কার হয়। গ্রাম্য ভাষায় ইহার নাম 'কুড়ুলে নমস্কার'। স্বরচিত সভক্তি স্তুতিবাদকে উত্তম বাচিক নমস্কার বলে; বেদাদি হইতে স্তোত্র পাঠের নাম মধ্যম এবং প্রার্থিত বিষয়ের উল্লেখ সহ যে নমস্কার তাহা অধম বাচিক পদবাচ্য। মর্ম্মবেদনা মনে মনে জ্ঞাপন ও নিবেদনাদি মানসিক নমস্কার। বাং-য় সাধাঃ নমস্কার-সমানে সমানে 'অভিবাদন'। নিকৃষ্টের প্রতি 'প্রত্যভিবাদন'। প্রণাম-ভক্তিভাজন ও শ্রেষ্ঠকে 'অভিবাদন'। (প্রণাম দ্রঃ)]। ~ী-বি, বিবাহাদি উপলক্ষে বর বধূ কর্ত্তৃক নমস্যগণকে যে বস্ত্রাদি দিয়া নমস্কার করা হয়। ২ লজ্জালুবৃক্ষ।

নমস্কার্য্য [নমস্-কৃ (করা)+য (র্ম্ম)] বিণ, নমস্কার করণোপযোগী। ২ নমস্য।

নমস্কৃত [নমস্-কৃ (করা)+ত (র্ম্ম)] বিণ, কৃত নমস্কার; যাকে নমস্কার করা হইয়াছে।

নমস্য [নমস্+য (কর্ম্মে বা যোগ্যার্থে), য লোপ] বিণ, বন্দ্য: প্রণম্য; নমস্কারের যোগ্য। ২ পূজ্য; ভক্তিভাজন। স্ত্রীং ~া-বন্দনীয়া। ২ [+য(ভা০)] নমস্কার। ৩ অর্চ্চনা।

নমহুঁ [নম (দ্রঃ)=নত। হুই অর্থে হিং, ব্রজং, প্রাং বাং-হুঁ (হউঁ, হাঁউ, হঙ ইং)। তুল-আধুং নিম্ন কথ্য "পেন্নাম হই" (=প্রণত হই)] ক্রি, নমস্কার করি; নমি; প্রণমি; প্রণাম করি। "নমহুঁ নমহুঁ বাণী প্রণমহু নারায়ণী অধিষ্ঠান হও পূজা ঘটে।"-কবিকং।

নমাজ [আং নমাজ্] বি, কোরাণ নির্দ্দিষ্ট উপাসনা। "শূন্য ঘরে নমাজ কি কাজ তাহে আছে"-অং মং। ~ী [ফাং নমাজী] বিণ, নমাজকারী; ধর্ম্মপ্রাণ devout ~গা-নমাজ পড়িবার স্থান। নং পড়া-নমাজের মন্ত্র আবৃত্তি করা।

নমাস [ন-মাস] বি, নয় মাস। নমাসে ছমাসে, নমাস ছমাস অন্তর-বহুদিন অন্তর; ক্বচিৎ কখন, কখন কখন; বহু বিলম্ব করিয়া।

নমিত [নম্ (নম্র হওয়া)+নিচ্=নমি+ত (র্ম্ম)] বিণ, নমস্কৃত; প্রণমিত। ২ যাকে নত করা হইয়াছে; বিনীত; বক্রীকৃত।

নমিনেট [ইং nominate এর লিপ্যন্তর] বি, মনোনয়ন। নং হওয়া-ক্রি, মনোনীত হওয়া। "কি জান 'ব্রাদার' কি জান 'ফাদার-ইন-ল' অর্থাৎ আমার শ্বশুর মহাশয় একজন সব ডেপুটি নমিনেটে হয়েছেন।"

নমুচি [ন-মুচ্ (মোচন করা)+ই (র্ত্তৃ)-যে কাকেও ছাড়ে না] বি, কন্দর্প। ২ দনু নামক অসুরের পুত্র ~সূদন-নমুচি-অসুরনাশক ইন্দ্র। ২ মদনান্তক শিব।

নমুনা [ফাং-নমূনা] বি, আদর্শ, নিদর্শন sample.

নমেরু-বি, রুদ্রাক্ষ। ২ সুরপুন্নাগ বৃক্ষ।

নম্বর [ইং number এর লিপ্যন্তর] বি, সংখ্যা। প্র-বাড়ীর নং কত। ২ বিণ, সংখ্যক। প্র-কত নং বাড়ী। ৩ সংখ্যা; চিহ্ন; দাঁক। প্র-নং মারা বস্তা। কাপড়ে নং ফেলা। নং খারিজ করা-নং কাটিয়া দেওয়া; (মকদ্দমার) নথিচ্যুত করা।

নম্বরী [নম্বর+ঈ (যুক্তার্থে)] বিণ, নম্বর যুক্ত; সংখ্যা চিহ্নিত; দাঁক দেওয়া। প্র-নং মাল চালান দেওয়া। নম্বরী মকদ্দমা।

নম্য [নম্ (নম্র হওয়া)+য (র্ম্ম)] বিণ, যা নোয়ান যায়: নমনীয়: নমন-যোগ্য।

নম্র [নম্ (নম্রীভাবে)+র (র্ত্তৃ)] বিণ, যে নুয়িয়া পড়িয়াছে; বিনীত; নত। ২ নিরহঙ্কার; গর্ব্বশূন্য; অনুদ্ধত। ৩ শান্ত; শিষ্ট; বিনয়ী। ৪ অকঠিন; কোমল; নরম। স্ত্রীং ~া। ~ক [নম্র+ক (জ্ঞাং)] বি, বেতস বৃক্ষ। ২ বিণ, যে নম্র করে। ~তা [নম্র+তা (ভাং)] বি, নমনীয়তা; নমনশীলতা; আনত ভাব flexibility. ২ বিনয়; শিষ্টতা। ৩ কোমলতা। ~ভাব-বি, বিনয়। ২ কোমল প্রকৃতি। ~ভাবে-ক্রি-বিণ, নত হইয়া, বিনয় সহকারে। ~মুখ [নম্র (নত) হইয়াছে মুখ (বদন) যার, বহুং] বিণ, নত আনন; নত বদন; হেঁট মুখ। ২ কোমল মুখ কচি মুখ। > স্ত্রীং ~মুখী।

নয়$_1$ [নী (পাওয়া)+অ (ভা)] বি, যা গুরুমুখে পাওয়া যায়; উপদেশ। ২ ন্যায়; নীতি। "বিনাশ উপস্থিত হইলে নয়ের ন্যায় প্রতীয়মান অনয় হৃদয় হইতে অপগত হয় না।" -মহাং (বর্দ্ধং)। "তাহাতে বুদ্ধি এমনি বৈপরীত্য আশ্রয় করেছে যে, অনয়কে নয় বলিয়া বোধ হয়, অনর্থকে অর্থ বলিয়া প্রতীতি জন্মে।" মহাং (রায়)। ৩ [+অ(ণে)] নীতি শাস্ত্র। ৪ দ্যূত ক্রীড়াবিঃ। ৫ [+অ(র্ত্তৃ)] বিণ, উপযুক্ত, ন্যায্য। ~প্রদর্শিত-বিণ, শাস্ত্র বা নীতি বিহিত। "নয়প্রদর্শিত পথ অবলম্বন করিয়া" -মহাং সভা (প্রং রায়)। "যদি উভয় পক্ষই নয়ানুসারে চলে"-ঐ।

নয়$_2$ [নহে। তিং নহি] বি, মিথ্যা: অপ্রকৃত। "ধনে দুর্ব্বলের বল হয় ধনে হয়কে করে নয়"-বাং-গান।

নয়$_3$ [নহা (দ্রঃ) > নয়া। নই, নও, নএ, (নয়); নইতে; নইয়া] ক্রি, না হয়; নহে। আমি নয়=আমি নহি, তুমি নয়-তুমি নহ, সে নয়=সে নহে, আমরা তোমরা তাহারা নয়।

নয়$_4$ [না হয় > ক্ষেং] অ, নচেৎ; অন্যথা। প্র-হয় এটা নয় ওটা। নহে দ্রঃ।

নয়$_5$ [সং-নব > নও > নয়। নামতায় উচ্চারণ সৌকর্য্যার্থে 'নাম'। প্র-তিন নাম সাতাশ। ন নাম একাশি] বিণ, নবসংখ্যক: নয়টি। ২ বি, ৯ সংখ্যা। নয়-ছয় [নয় (অপচয়)-ছয় (ক্ষয়) এখানে নয় ওখানে ছয়-ছড়াছড়ির ভাব] বি, অপচয়; ক্ষতি। ২ অপব্যয়। ৩ বিণ, নষ্ট।

নয়কি [নয়-ক (স্বার্থে)] অ, না হয়; নহে: অন্যথা; অথবা। "নং বলে নয় বিজনে, নং আমার আপন মনে।"-রবীং।

নয়জ্ঞান [নয় (নীতির) জ্ঞান, ৬ তৎ] বি, রাজনীতি, সমাজনীতি ও ধর্ম্মনীতি এই ত্রিবিধ নীতির জ্ঞান।

নয়ত [নহে ত > বা 'না হয় ত'] অ, নচেৎ: অন্যথা; যদি না হয় তা হলে।

নয়দুআরী, নয়দোয়ারী,-রি [নয় (বহু অর্থে) দুআর (দ্বার) + ঈ, ই] বিণ, যে দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বেড়ায়; যে এক আশ্রয় হ'তে বিতাড়িত হইয়া অন্য আশ্রয় লইতে যায় এবং এইরূপে বহুলোকের দ্বারে যায়; ভিখারী; গ্রাম্য গালিবিঃ। "নং শতেক খোয়ারী" (শতেক দ্রঃ)।

নয়ন [নী (পাওয়া, লইয়া যাওয়া) + অন (ণে)-যদ্বারা রূপ দেখিতে পাওয়া যায়] বি, চক্ষু। ২ [+অন (ভাং)] আনয়ন; প্রাপন। ৩ ক্ষেপন; অতিবাহন। ৪ দৃষ্টি; নজর। স্ত্রীং **~নী**-দ্রঃ। **~গোচর** [নয়ন (এর) গোচর, ৬তৎ] বি, নেত্রপথবর্ত্তী; চক্ষুর বিষয়ীভূত; দৃষ্টি পথের পতিত। **~জল**-বি, অশ্রু। **~জুলী**-বি, জলনালী; পয়ঃ প্রণালী। **~ঠার**-বি, আড়দৃষ্টি; ইঙ্গিত; ইশারা। **~তারা**-বি, নেত্রতারকা pupil. **~নীর** [নয়নের(চক্ষুর)নীর (জল), ৬তৎ] বি, নেত্রজল; অশ্রু। "নয়ন-নীরেতে ভাসিভাবি তারে দিবানিশি।"-বাং-গান। **~বাণ**-বি, অন্তর্ভেদী শর তুল্য কটাক্ষ; মর্ম্মস্পর্শী বা চিত্ত-বিক্ষেপক দৃষ্টি। > ক্রি. **~বাণ মারা, -হানা**। **~বুদ্বুদ** [সুশ্রুত] বি, অক্ষি-গোলক eye-ball. **~মণি**-বি, নয়নতারা।

নয়নসুখ,-ক [হিং। আইন-ই-আক-বরীতে তন্‌সুক। ইহা সাধাঃ মলমল যার দৈর্ঘ্য ২০ গজ, প্রস্থ ১॥ গজ, প্রতান সূত্র ২২০০ হ'তে ২৭০০ হইত] বি, সূক্ষ্ম সূতী বস্ত্রবিঃ; কেমরিক কাপড় cambric.

নয়না [ব্রজং। হিং নয়্‌না] বি, নয়ন।

নয়নাভিরাম [নয়ন (নয়নের) + অভিরাম (প্রীতিপ্রদ), ৬তৎ] বিণ, নয়নানন্দ; চক্ষুর প্রীতিকর; প্রিয়দর্শন। ২ বি, চন্দ্র।

নয়নী [নয়না শব্দের কোমলতর রূপ] বিণ, নয়নবিশিষ্টা; নেত্রবতী; নেত্রা(দ্রঃ)। "স্তনভারে মন্থরগামিনী সুবদনা মালবিকা তরল-নং" -মালবিকাগ্নিমিত্র। ২ [নয়ন দ্রঃ] নেত্রতারা।

নয়নোৎসব [নয়ন + উৎসব (আনন্দ)] বি, নয়নানন্দ। ২ আলোক।

নয়নোপান্ত [নয়ন (নয়নের) + উপান্ত (প্রান্ত), ৬তৎ] বি, নেত্রপ্রান্ত; অপাঙ্গ।

নয়পীঠী-বি, পাশা খেলিবার ছক।

নয়বর্ত্ম [নয় (নীতির) বর্ত্ম (পথ), ৬তৎ] নীতিপথ; নীতিমার্গ।

নয়বিদ্‌ [নয় (নীতি) + বিদ্‌ (যে জানে)] বি, নীতিশাস্ত্রবেত্তা; নীতিজ্ঞ।

নয়বিশারদ [নয় (নীতিশাস্ত্রে) বিশারদ (দক্ষ), ৭তৎ] বি, নীতিশাস্ত্রে পারদর্শী; নীতিবিদ্‌।

নয়ল, নয়লি,-লী, নয়ালী [সং-নব -নবীন। হিং নবল (তুল-নবলকিশোর) > নিয়ল (বর্ণ-বিপর্য্যয়ে) > নয়লি, নহলি ওং] বিণ, নূতন; নবীন। "একে কাল হৈল মোর নয়লি যৌবন। আর কাল হৈল মোর বাস বৃন্দাবন॥" -চণ্ডিং। ময়মনসিং অঞ্চলে নওয়ালী। "সঙ্গে আছে তোমাদের নওয়ালী যৌবন।"-পূং বং গীং।

নয়া১ [সং-নব > হিং নও > নয়া। গ্রাং নয়্দা] বিণ, নূতন; নব্য; অভিনব। "অর্থশাস্ত্র গবেষণার এক নয়া পথ দেখাইয়া দিয়াছে"-আং পত্রিকা, ২০-৯-৩৩। "নয়া নয়া সাপ" -গিং। **~-আবাদী**-নূতন আবাদী। **~-নয়া**-বিণ, নব নব।

নয়া২ [নী (লইয়া যাওয়া, পাওয়া) >। প্রাং বাং] ক্রি, লইয়া যাওয়া; আনয়ন করা। ২ পাওয়া; লওয়া। "না নয়িলোঁ (=লইলাম) কাহ্নাঞিঁর তাম্বুলে॥"-শ্রীংকীং।

নয়ান [হিং নয়না (দ্রঃ) > (বর্ণ-বিপর্য্যয়ে) নয়ান, অথবা নয়ন উচ্চারণ-বিকারে "নয়ান"। প্রাং বাং] বি, নেত্র; নয়ন; চক্ষু। "ভাঙ ধনু ভঙ্গী ঠাম, নয়ান কোণে পূরে বাণ হাসিতে খসয়ে সুধারাশি।" -চণ্ডিং। "ছল ছল দুনয়ান"-রবীং। "মুখশশী সজল নয়ান"-বিংপং। **~স্বরূপ**-বিণ, প্রত্যক্ষ; চাক্ষুষ। "দেখলু নয়ানস্বরূপে"-ঐ।

নয়ানজুলি [নয়ান (নয়ন=নীতকরণ) + জুলি (জল-ই)-জল নীতকরণী] বি, পথিপার্শ্বস্থ জলনির্গমনের জন্য সঙ্কীর্ণ খাত বা নালি।

নয়ানী [ব্রজং। নয়না(দ্রঃ)শব্দের কোমল-রূপ। পদ্যে। প্রাং বাং] বিণ, নয়নবিশিষ্টা; নয়না; নেত্রা। "করে কর বারই তরলনয়ানী" -গোবিন্দং।

নয়াফটকী-নভাফটকী দ্রঃ।

নয়ো [প্রাং বাং। না হইও > না হয়ো > ক্ষেং] ক্রি, না হও; হইও না [অপ্রং] "নিদারুণ নয়ো নাথ নিকেতনে চল। মোর মাথা খাও যদি আর কিছু বল॥"

নর১ [নৃ(পাওয়া) + অ (র্ত্তৃ), যে ক্রমে বৃদ্ধি (আত্মার উৎকর্ষ) পায়] বি, মনুষ্য; মানব। প্র-নরবানরের সহিত যুদ্ধে নিহত হওয়া রাবণের অদৃষ্টে ছিল। ২ অর্জুন। ৩ ঋষিবিঃ। ৪ বিষ্ণুর অবতারবিঃ; বিষ্ণু। ৫ [মানবেতর জীবপক্ষে] পুরুষ; পুং; মদ্দা। প্র-নর ও মাদা। স্ত্রীং **নারী** (মানবপক্ষে), **নরী** (মানবেতর জীবপক্ষে)। **~কঙ্কাল**-বি, মানুষের অস্থিপঞ্জর human skeleton **~কপাল** [৬তৎ] বি, খর্পর; মড়ার মাথা। **~কীলক**-বি, গুরুঘাতী। **~কেশরী** [নরের মধ্যে কেশরী (সিংহতুল্য), ৭তৎ] বি, পুরুষপ্রধান; মনুষ্যশ্রেষ্ঠ; নরসিংহ। ২ নৃসিংহদেব; নরসিহ দ্রঃ। **~গণ**-বিশেষ বিশেষ নক্ষত্রে জন্মিলে এই গণ হয়। ২ [ফং জ্যোং] মানব সমূহ। **~ঙ্গ** [নর + অঙ্গ] বি, পুরুষাঙ্গ। ২ নারাঙ্গ ঘা। **~দেব** [নরের মধ্যে দেব (দেবতার ন্যায় পূজ্য), ৭তৎ] বি, নৃপতি রাজা। ২ ব্রাহ্মণ। ৩ নরের মধ্যে দেবতাসদৃশ। **~নারায়ণ** [নর ও নারায়ণ (বিষ্ণু), দ্বন্দ্ব] বি, বদরিকা শ্রমবাসী নর এবং নারয়ণ নামক ঋষিদ্বয়। ২ কৃষ্ণার্জ্জুন। "নর নারায়ণ নামে প্রসিদ্ধ সনাতন দেবতাযুগল দেবকার্য্যের জন্য পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছেন; লোকে তাঁহারা অর্জুন ও বাসুদেব বলিয়া বিখ্যাত।" -মাহাং আদিং (সিংহ)। **~পতি** [নরের পতি (প্রভু), ৬তৎ] বি, নৃপ; নরপাল; রাজা। ২ সাধারণ সৈন্য ও গ্রামবল সংজ্ঞ সূচক উপাধিবিঃ। **~পশু** [নরের মধ্যে পশু (পশুতুল স্বভাববিশিষ্ট), ৭তৎ] বি, নরাকৃতি কিন্তু পশুহৃদয়; নরাধম; পশুবৃত্তি-প্রধান ব্যক্তি। **~পিশাচ** [৭তৎ] বি, নরের মধ্যে পিশাচতুল্য; আকারে নর প্রকৃতিতে পিশাচ। **~পিশুন** [৭তৎ] বি, নরের মধ্যে পিশুন বা খল; ক্রূরস্বভাব ব্যক্তি। **~পুঙ্গব**-নরের মধ্যে পুঙ্গব (প্রধান)। **~বর** [৭তৎ] বি, শ্রেষ্ঠ নর; পুরুষপ্রধান। **~বাহন** [নর

(মনুষ্য) হইয়াছে বাহন (বাহক) যার, বহু০] বি, কুবের। ২ বিণ, মনুষ্যবাহ্য যান। **~মাংস**-বি, মনুষ্যমাংস; মহামাংস। **~মাংসাশী**-বিণ, নরখাদক; মানুষের মাংস ভোজী। **~মালা** [নরের (নরমুণ্ডের) মালা, ৬তৎ] বি, নরমুণ্ডের হার; কালী দেবীর কণ্ঠভূষণ। বিণ, **~মালী**-নরমুণ্ড-মালাধারী। ২ বি, নরমুণ্ডমালী। > স্ত্রীং **~মালিনী**-নরমুণ্ডমালিনী: মহাকালী। **~মেধ** [নর-মেধ (যজ্ঞ)] বি, যজ্ঞবিঃ; যে যজ্ঞে নরবলি দিয়া সেই বলির মাংস দ্বারা আহুতি প্রদানের বিধি আছে। **~যান** [নর(কর্ত্তৃক নীত যে) যান, ম০ প০ লো০] বি, মানুষবাহ্য যান: ডুলি, পাল্কী, চতুর্দ্দোলা ই০। **~রাজ**-বি, নৃপতি: রাজা। **~লোক** [নরদিগের লোক (বসতি স্থান), ৬তৎ] বি, মনুষ্যলোক: মর্ত্ত্য। **~সানি** [সং-নরসিংহ >] বি, নরসিংহ নামক কাটারি। "ন০ কাটারি দিয়া মার আগে মোরে।"-ভাগবত (অচ্যুতদাস)। **~সিংহ, -হরি** [নর-সিংহ, হরি (সিংহ)] বি, কটিদেশ পর্য্যন্ত নরাকৃতি ও অবশিষ্ট সিংহাকৃতি: বিষ্ণুর অবতার। ২ বিণ, নরের মধ্যে শ্রেষ্ঠ: পুরুষসিংহ।

নর২ [সং-লহরী > হি০ লহ্‌র > নহর > নর] বি, তরঙ্গ; পঙ্‌ক্তি; হালি; থাই। প্র-একনর, দুনর। বিণ, **নরী**-পঙ্‌ক্তি বিশিষ্ট; হালি। প্র-একনরী, পাঁচনরী, সাতনরী।

নর৩ [নর্ত্তক > ক্ষে০] বি, নট। "নয় শত কাউলি বলে তের শত নর"। ২ [হি০ শ০ সা০। নড়ি দ্রঃ] সেবক; ভৃত্য। ৩ মজুর।

নরক [সং] বি, নিরয়; দুঃখভোগের স্থান; জীবের বিশেষ দুঃখ ও দুঃখসামগ্রী প্রাপ্তি। "তমোগুণের উদ্রেকের নাম ন০"-টেকচাঁদ। [দ্রঃ-ভিন্ন ভিন্ন পুরাণে ৮৪নরকের বিভিন্ন নাম আছে। ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে ৮৬(শ০ ক০ দ্রুম দ্রঃ)। বৌদ্ধ নরকসমূহের মধ্যে মহানরক ৮টি-(১) সঞ্জীব (যথায় যমকিঙ্করগণ পাপীদের দেহ খণ্ড খণ্ড করিয়া কাটিতেছে, আবার পাপীরা নবজীবন পাইতেছে, আবার তাদের দেহ ছিন্ন হইতেছে এইরূপ ক্রমাগত যন্ত্রণা ভোগ হইতেছে (তুল-গ্রীক Prometheus). (২) সঙ্ঘাত, (৩) কালসূত্র, (৪) মহাবীচি, (৫) ধূমরৌরব, (৬) জ্বালারৌরব, (৭) তপন, (৮) প্রতাপন।"-জাতক, ৫ম খণ্ড] ২ দৈত্যবিঃ: নরকাসুর। ৩ বিষ্ঠাস্থান। ৪ তিব্বতের প্রত্যন্ত ভূমি (মানবের আদি জন্মভূমি)। **~কুণ্ড** [নরক (বিষ্ঠার) কুণ্ড, ৬তৎ] বি, নরকস্থ বিষ্ঠাকুণ্ড: বিষ্ঠা, অগ্নি, তপ্তলৌহ ই০-র গর্ত্ত যাতে পাপীরা নিক্ষিপ্ত হইয়া যন্ত্রণা ভোগ করে। ২ অত্যন্ত অপবিত্র ও জঘন্য স্থান। **~গামী**-বিণ, কর্ম্ম-সূত্রে নরকে গমনকারী: পাপী। **~গুলজার**-গুলজার দ্রঃ। **~জিৎ** [নরক (নরকাসুর) জিৎ (জয়ী)] বিণ, নরকাতীত। ২ বি, বিষ্ণু। **~বাস**-বি, নরকে বাস করিয়া পাপের দণ্ডভোগ। **~ভোগ**-বি নরকের অসহ্য যন্ত্রণা ভোগ। **~যন্ত্রণা**-বি, পাপের দণ্ডস্বরূপ নরকবাসীদের অশেষ দুঃখ বা অসহ্য যাতনা। ২ [লক্ষ০] অপরিসীম ক্লেশ। ৩ অনুশোচনা; পরিতাপ। **~স্থ** (-র্ক-) [নরকে স্থ (যে থাকে)] বিণ, নরকপ্রাপ্ত; পাপভোগের স্থানগত। ২ নরকে অবস্থিত। > স্ত্রীং **~া** (র্ক)-বি, বৈতরণী নদী।

নরকান্তক [নরক (নরকাসুরের) + অন্তক (বিনাশকারী), ৬তৎ] বি, বিষ্ণু।

নরকাময় [নরক (রূপ) + আময় (রোগ)] বি, নরক যন্ত্রণা।

নরদমা-নর্দ্দমা দ্রঃ।

নরম [ফা০ নর্‌ম্ (কোমল)। তুল-সং-নম্র > নমর > নরম। হি০ নর্‌ম্। মুসলমান যুগের পূর্ব্বে ব্যবহার ছিলনা] বিণ, অকঠিন; কোমল। প্র-ন০ দেহ। ২ মৃদু; মিহি। প্র-ন০ স্বর। ৩ কচি। ৪ আর্দ্র; জোলো। প্র-ন০ হাওয়া। ৫ অনুদ্ধত; শান্ত। প্র-ন০ মেজাজ। ৬ শিথিল; আল্‌গা; ঢিলা। ৭ দোরসা; প্রায় পচা। ৮ অবনত; নোয়া; নত। ৯ কড়ার বিপরীত; ঠাণ্ডা; মিয়ান। প্র-কড়াই বা মুড়ি গরম গরম খেতে হয়। ন০ হয়ে গেলে চিবোন যায় না। ১০ নিরেশ। প্র-সে এবিষয়ে তার অপেক্ষা একটু ন০। ১১ কম জোর; কম মজবুত। প্র-তাকে নরম পেয়ে সকলেই তার বাড়ীতে উপদ্রব করে। ১২ দয়ার্দ্র; করুণার্দ্র। প্র-হৃদয় ন০ হওয়া। ১৩ কম। প্র-বাজার দর একটু ন০ হয়েছে। ক্রি, নরমান। বি, **নরমী**। **~গরম**-বিণ, মিঠে কড়া: কোমলে কঠোরে মিশ্রিত। "বেশ ন০ গরম চিঠি পাঠাইয়াছে।" **~মাটি**-কোমল মৃত্তিকা: কাদা। ২ [লক্ষ০] কমজোর ব্যক্তি, দুর্ব্বল। **ন০ মাটিতে বেরালে আঁচড়ায়**-দুর্ব্বলের উপর হিংস্রক ব্যক্তি অত্যাচার করে।

নরমানি [নরম + আন (ক্রি-বিভক্তি) নরমাই, নরমাও, নরমায়। -নরমাইতে: নরমাইয়া] ক্রি, নরম হওয়া।

নরযন্ত্র [সং] বি, ছায়ার দ্বারা সময় নিরূপণার্থ দ্বাদশাঙ্গুলি প্রমাণ কীলকযুক্ত যন্ত্র; ছায়া-ঘড়ী।

নরসুন্দর [অপ্রাচীন শব্দ। নাপিত-জাতীয় "নরসুন্দর শর্ম্মা"র নাম হতে ক্রমে নাপিতার্থে প্রচলিত (সম্বন্ধ-নির্ণয়, জাতিভেদ রহস্য দ্রঃ)। "নরসুন্দর নাম তার শর্ম্মা পদ্ধতি"-বারেন্দ্র ঠাকুর] বি, নাপিত।

নরা [নর + আ (অবজ্ঞার্থে)] বি, নর। "নরা গজা বিশে শয়"-খনা।

নরাঙ্কিত ন্যায়-বি, এক ব্যক্তি অন্য ব্যক্তিকে কোন তৃতীয় ব্যক্তির অলক্ষ্যে তার অজ্ঞাত কারণে কিছু বলিতে শুনিয়া ঐ তৃতীয় ব্যক্তি তার নিজের সম্বন্ধে বলিতেছে ভাবিয়া কার্য্য করিলে এই ন্যায় হয়।

নরাজ, নড়াজ [জড়ান > নড়াজ। প্রাদে০] বি, তাঁতের যন্ত্রবিঃ; যে কাষ্ঠ দণ্ডে টানার সূতা জড়ান হয়; বেম।

নরাধম [নর (মধ্যে) অধম (নিকৃষ্ট), ৭তৎ] বি, মনুষ্যের মধ্যে অপকৃষ্ট: মনুষ্যাধম; অতিশয় কুচরিত্র মানব।

নরাধিপ [নর (নরের) + অধিপ (প্রভু), ৬তৎ]। বি, নরপতি; রাজা।

নরান্তক [নর (নরের) অন্তক (বিনাশকারী), ৬তৎ] বি, অন্তক; যম; কাল। ২ রাক্ষসরাজ রাবণের পুত্রবিঃ। ৩ নরখাদক রাক্ষস। ৪ বিণ, নরঘাতী; নরখাদক।

নরায়ণ [নর + অয়ন (আশ্রয়)] বি, নারায়ণ।

নরাশ [নর + অশ্ (ভোজনে) + অ (র্ত্তৃ)] বিণ, বি, নরখাদক; রাক্ষস।

্ যুক্ত বিন্দুবৎ (অগ্র=অগ্‌র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গাঁ ঞ্চ=নচ ঞ্জ=ন্জ হ্ন=হ্ন হ্ল হ্ব হ্ম হ্য=নহ রহ লহ ড় ঢ়, জ় ক় ব় ভ়=zfwv ও চ্চা০ দ্রঃ

নরী-নর₂ দ্রঃ।

নরুণ, -ন [নখরঞ্জনী,-হরণী > নহরুণী > নরুণী। ব্রজ° নরু। "নখররঞ্জিত নরু, নাহি কাটে তাল তরু"-কবিক°] বি, নখচ্ছেদকাস্ত্রবিঃ। ২ বিণ, তদ্বৎ সরু। প্র-নরুণ পেড়ে কাপড়।

নরেন্দ্র [নর(নরের) + ইন্দ্র (শ্রেষ্ঠ),৬তৎ] বি, নরপতি; রাজা। ২ শ্রেষ্ঠ নর; নরপ্রধান।

নরেশ [নরের ঈশ (স্বামী), ৬তৎ] বি, নরেশ্বর ; রাজা।

নরোত্তম [নর (নরের মধ্যে) + উত্তম, ৭তৎ] বি, পুরুষোত্তম ; বিষ্ণু। ২ রাজা। ৩ [বৈষ্ণবতন্ত্রে] ভক্ত বৈষ্ণব।

নর্ত্তক [নৃত্ (নৃত্য করা) + অক (র্ত্তৃ)] বি, নৃত্যজীবি ; নৃত্যব্যবসায়ী জাতি ; নট। ২ ময়ূর। ৩ হস্তী। ৪ বিণ, নৃত্যকারক। স্ত্রীং ~ী-নটী। ২ ময়ূরী। ৩ হস্তিনী।

নর্ত্তন [নৃত্ (নৃত্য করা) + অন (ভা°)] বি, নৃত্যকরণ ; নাচন। ২ নাচ। ৩ [তাণ্ডব দ্রঃ] যে রোগে মুখমণ্ডলের বা অন্য অঙ্গের পেশী অনিচ্ছায় নাচিতে থাকে, ইহাকে কেহ কেহ ঐচ্ছিক পেশী সমূহের উন্মাদ বলিয়া অভিহিত করেন। ~প্রিয় [নর্ত্তন (নৃত্য) প্রিয় যার, বহু°] বিণ নৃত্যপ্রিয় ; যে নৃত্য দর্শন করিতে বা নাচিতে ভালবাসে। ২ বি, শিব। ~শালা [নর্ত্তনের শালা (গৃহ), ৬তৎ] বি, নর্ত্তনাগার ; নাচঘর ; নাট্যমন্দির।

নর্ত্তিত [নর্ত্তি (নৃত্য করা) + ত (র্ম্ম)] বিণ, নর্ত্তনশীল। ২ যাকে নৃত্যকরান হইয়াছে ; নাচান হইয়াছে এমন। ৩ আন্দোলিত।

নর্দমা, নর্দ্দমা, নর্দ্দামা [সং-নর্দ্দ্ (শব্দ, গত্যর্থে) > ? পালি নিদ্ধমন (বৌদ্ধজাতকে), সুশ্রুতে-'নির্ধ্মাপন' অর্থাৎ ফুৎকার দ্বারা নিষ্কাশিত করা। > লক্ষণায় জল নিষ্কাশক প্রণালী ? হিং নর্দা] বি, পয়ঃপ্রণালী ; ময়লা জলনির্গমনের খাত। "বহিছে মদের নদী তব নর্দ্দমায়।" -চন্দন।

নর্দ্দিত [নর্দ্দ্ (শব্দ করা) + ত (র্ম্ম) বিণ, নিনাদিত ; শব্দিত। বি, নর্দ্দন-ভীমনাদ।

নর্ম্ম [নৃ (লওয়া) + মন্ (ণে) = নর্ম্মন্] বি, বিলাস ; লীলা ; ক্রীড়া। ২ রসিকতা ; কৌতুক। ৩ বিহার। ৪ প্রিয়। ~কীল [সং] বি, পতি। ~ঠ [নর্ম্মন্ (ক্রীড়া) + ঠ (ড প্রত্যয়ান্ত স্থা ধাতু)] বিণ, কেলিনিরত ; ক্রীড়াশীল। ২ লম্পট। ৩ বি, স্তনাগ্র ; চুচুক। ~দ [নর্ম্মন্ (ক্রীড়া) + দ (যে দান করে)] বি, ক্রীড়াসঙ্গী ; লীলাসহচর। ২ বিণ, বিদূষক ; পরিহাসক। > স্ত্রীং ~া-বিন্ধ্য (বায়ুপুরাণে ঋক্ষ) পর্ব্বত হ'তে নির্গতা নদীবিঃ ; রেবা নদী। ~বিজ্ঞান-বি, ক্রীড়া বিজ্ঞান। ~সখী-বি, খেলুনী ; ক্রীড়াসহচরী। ~সচিব [৬তৎ] বি, ক্রীড়াসহচর ; পারিষদ। ২ পরিহাসক ; ভাঁড়। ~সহচর-বি, ক্রীড়াসঙ্গী। > স্ত্রীং ~সহচরী-ক্রীড়াসঙ্গিনী। ২ সহধর্ম্মিণী।

নল [সং। নল্ (বন্ধন করা) + অ(র্ত্তৃ,জ্ঞা°)। সং নল্ব ও°] বি, খাক্‌ড়া ; শরগাছ। ২ [ক্ষুদ্রার্থে নলী] শূন্যগর্ভ দণ্ড ; যে লম্বমান দণ্ডের ভিতর শূন্য বা ফাঁপা থাকে ; চোঙ্গা। ৩ ডাঁটা। ৪ নিষধাধিপতি প্রসিদ্ধ নলরাজা। ৫ রামচন্দ্রের অনুচর বানরদলপতি নল (নল, নীল, গয়, গবাক্ষ প্রভৃতির অন্যতম)। ৬ পদ্মনাল। ৭ লোহার চোঙ্গ ; বন্দুকের নল। ৮ বাঁশের দৈর্ঘ্য দ্বারা পরিমিত স্থান ; নল্ব। ~চালন-মন্ত্রপূত নলের গুপ্ত বস্তুর নিকট গতি। ~পড়া-চোর ধরিবার বা চুরির মাল বাহির করিবার জন্য নল বা কঞ্চি মন্ত্রপূত করা। সাতনলা-বি, সপ্তনল প্রহরণ ; যাহাদ্বারা পাখী মারা হয়। "যেমন সাতনলাতে পাখী মারে"-গান।

নলক₁ [নল + ক(সাদৃশ্যার্থে)] বি, ডাঁটা। ২ নলাকার শূন্যগর্ভ অস্থি। ৩ পর্ব্ব ; পাব।

নলক-নোলক দ্রঃ।

নলকর [নল (শর=শরবনের) + কর (রাজকর)] বি, খাগড়া বা শরবন ভূমির উপস্বত্ব ভোগের জন্য দেয় রাজকর [দ্রঃ-শর বা নল আয়প্রদ পণ্য বা বাণিজ্য দ্রব্য বলিয়া ইহার উপর পূর্ব্বে রাজস্ব নির্দ্ধারিত হইত। পথকর, জলকর দ্রঃ]।

নলকিনী [সং] বি, জঙ্ঘা ; জঙ্ঘাসন্ধি।

নলকূবর [নলের (নলরাজের) ন্যায় কূবর (শরীর) যার, বহু°] বি, কুবের-পুত্র।

নলছেয়া [প্রাদে°। যশো°খুলনা] ক্রি, কোণাকোণি নদী পার হওয়া।

নলপট্টিকা [নল-পট্ট (বস্ত্র) + ক (সাদৃশ্যার্থে) + আ (স্ত্রীং)] বি, নল কাঠির দরমা বা চাটাই ; চাঁচ।

নলিপর্তি [হিং লল্লোপত্তো] বি, দীর্ঘসূত্রতা ; বিলম্ব। ২ মিষ্টবাক্যে ভুলান ; ভোগা দেওন ; ফুসলান coaxing. "হাতে পায়ে ধরি ন° করি তারে। মেনকাদি মেয়ে সব মহাজনি করে॥"-শি°।

নলপানি [হিং নল্‌পানা। সং-নল্ (দীপ্তি) > নলপায়=দীপ্তিপায়] ক্রি, চম্‌কান ; বিদ্যুতের মত দীপ্তি পাওয়া।

নলমীন [নল (নলের আশ্রিত) যে মীন (মৎস্য), ধা। নলবনের মধ্যে থাকে বলিয়া] বি, চিঙ্গড়ীমাছ।

নলসেতু [রামা°] বি, রামানুচর নলবানর নির্ম্মিত সেতু ; সেতুবন্ধ রামেশ্বর হ'তে লঙ্কাদ্বীপ পর্য্যন্ত সংযুক্ত সাগর বক্ষস্থ সেতু Adam's bridge.

নলানি [নল + আন (ক্রি-বিভক্তি)। নলাই, নলাও, নলায় ; নলাইতে ; নলাইয়া (ক্ষে° নলিয়ে, নলিয়া)] ক্রি, নল পড়া ; নল চালান ; চোর ধরিবার জন্য মন্ত্রপূত করিয়া নলকাঠি বা কঞ্চি কাহার হাতে দেওয়া যাতে আকর্ষণ-শক্তি বলে নলধৃত ব্যক্তিকে টানিয়া চোরের নিকট বা চোরাই মাল যেখানে লুকান আছে তথায় লইয়া যায়। "কারো নাহি লই রাজকর একপণ। নলিয়া গণিয়া লহ যত আছে ধন।"-কবিক°। ২ খেজুর গাছ হ'তে রস গ্রহণ জন্য গাছে নল সংযুক্ত করা।

নলি, নলী [নল (দ্রঃ)-ই, ঈ (ক্ষুদ্রার্থে)] বি, সরুনল। ২ হাতপায়ের নলাকার অস্থি ; বুকের হাড় (মৈ° গী°)। ৩ সরু পয়ঃনালী। ৪ কাপড় বুনিবার সূতার নল ; পাকি। ৫ বিণ, হালি ; থাই ; পঙ্‌ক্তিযুক্ত। প্র-সাতনলী। ৬ নলযুক্ত ; নলা।

নলিকা [নল দ্রঃ] বি, সরু নল ; চুঙ্গি। ২ নাড়িকা ; সরুনাড়ী। ৩ ডাঁটা ; থাড়া।

নলিচা [নলি দ্রঃ। গ্রা° নোল্‌চে। নল, নলি দ্রঃ। ফা°-নাইচা=সরু নলকাঠি ; হুঁকার

দণ্ড। হিং নৈচা] বি, হুঁকার কলিকা যে দণ্ডের উপর বসান হয়; হুঁকার অগ্ন্যাধার ও জলাধার সংযোজক দণ্ড; জাট।

নলিত,-তা [সং] বি, নালিতা; নাল্‌তে নামক তিক্ত শাক।

নলিন [নল+ইন্ (স্ত্যং)=(নাল-মৃণাল আছে বলিয়া) নলিন্। "পদ্মং নলিনমরবিন্দং" -অমর০] বি, কমল। "যত ফুটিছে নলিন, কত ছুটিছে অলিন। মধু লুঠিছে বলিন, পরে উঠিছে পুলিন॥"-বাসবদত্তা। ২ শৈবাল; শেয়ালা।

নলিনী [নলিন দ্রঃ। "নলিন্যাস্ত বিসিনী পদ্মিনী"-অমর০। "কুমুদিন্যামপি নলিনী" -অমরটীকা] বি, পদ্মিনী। "দ্বিরেফ নলিনী-গত"-মানসকানন কাব্য। ২ কুমুদিনী। ৩ সংস্কৃত ছন্দোবিঃ; পঞ্চদশাক্ষরাবৃত্তি। ~রুহ-পদ্মনাল; মৃণাল।

নলিনেশয় [নলিনে (জলে)+শী (শয়ন করা)+অ (র্ত্তৃ)] বি, নারায়ণ।

নলিয়া১ [গ্রা০ নোলে। যে নলি চালায় বা রাখে] বি, ব্যাধ; পাখী মারা।

নলিয়া২ [নলান দ্রঃ] অস-ক্রি, নল পড়িয়া; নল চালাইয়া।

নলী [নলি দ্রঃ] বি, নল অপেক্ষা সরু শূন্যগর্ভ দণ্ড। ২ নলবৎ অস্থি। প্র-হাত পায়ের নলী। ৩ নাড়ী। ৪ সুগন্ধিদ্রব্যবিঃ।

নলুয়া-নলো দ্রঃ।

নলেন [নূতন > হিং, ব্রজ০ নবল, নওল] বিণ, নূতন; নব। ন০ **গুড়** [তুল-সং-নলদ (মকরন্দ), গন্ধ ও স্বাদে] নূতন খেজুরে গুড়। "সাধে রাঁধে পরমান্ন নলেনের গুড়ে"-ঈ০গুপ্ত।

নলো, নোলো [নল+উয়া=নলুয়া > ক্ষে০ নলো] বিণ, নলজীবি। ২ বি, নল দ্বারা দর্ম্মা ই০ নির্ম্মাণকারী জাতিবিঃ।

নল্ব [নল (বন্ধনে)+ব (র্ত্তৃ)] বি, নলদ্বারা চারিশত হাত পরিমিত ক্ষেত্র।

নশ্বর [নশ্ (বিনষ্ট হওয়া)+বর (র্ত্তৃ)] বিণ, অস্থায়ী; ক্ষয়শীল; অনিত্য; ভঙ্গুর। প্র-নশ্বর দেহ।

নষ্ট [নশ্ (বিনষ্ট হওয়া)+ত (র্ত্তৃ)। প্রা০ বাং-য়, নঠ (দ্রঃ)। অতি প্রা০ বাং-য়, নঠা। "এবেঁ চিঅরাঅ (সং-চিত্তরাজ) মকু (সং-মম) নঠা (সং নষ্ট)"-বৌ০ গান ও দোহা] বিণ, ক্ষয় প্রাপ্ত; বিনাশ প্রাপ্ত। ২ বিকৃত; খারাব; অব্যবহার্য্য। ৩ যা হারাইয়া গিয়াছে; অনুদ্দিষ্ট; যার উদ্দেশ পাওয়া যায় না। ৪ দোষাশ্রিত; দুষ্ট। ৫ কুচরিত্র; ভ্রষ্ট। ৬ দুর্বৃত্ত; অসাধু; খল। ৭ অকর্ম্মণ্য। স্ত্রীং ~া-বি, দুশ্চরিত্রা; ভ্রষ্টা; কুলটা। ~চন্দ্র [নষ্ট (কলঙ্কিত-বৃহস্পতির পত্নী তারাকে হরণ করা হেতু) যে চন্দ্র, ধা] বি, সুরগুরু; ভাদ্র-মাসের কৃষ্ণপক্ষীয় চতুর্থী তিথি; ভাদ্র মাসের শুক্লচতুর্থী; হরিতালিকা। ~চেতন [নষ্ট হত) হইয়াছে চেতনা (জ্ঞান) যার, বহু০] বিণ, গতচেতন; অচৈতন্য; সংজ্ঞাহীন। ~চেষ্ট [নষ্ট (হত) হইয়াছে চেষ্টা (যত্ন) যার, বহু০] বিণ, জড়; নিস্পন্দ। ২ যার সকল চেষ্টা রহিত হইয়াছে; নিশ্চেষ্ট। ৩ মূর্চ্ছিত। > বি, নষ্টচেষ্টতা। ~মতি [নষ্ট (দুষ্ট, ভ্রষ্ট) হইয়াছে মতি (বুদ্ধি) যার, বহু০] বিণ, দুষ্টবুদ্ধি; দুর্ব্বুদ্ধি। ২ ভ্রষ্টবুদ্ধি। ~বীজ [নষ্ট (হত) হইয়াছে বীজ যার, বহু০] বিণ, যার বীজ বিকৃত বা খারাব হইয়া গিয়াছে। ২ নিষ্ফল।

নষ্টাগ্নি [নষ্ট (নির্ব্বাপিত হইয়াছে)+অগ্নি যার, বহু০] বি, যে অগ্নিহোত্রীর যজ্ঞাগ্নি নষ্ট বা নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে।

নষ্টামি, -মি [নষ্ট+আম, আমি (শীলার্থে)। পনা দ্রঃ] বি, নষ্টের আচরণ; খলতা; দুষ্টামি। ২ কুকর্ম্ম।

নষ্টেন্দুকলা [নষ্ট+ইন্দুকলা যে সময়] বি, অমাবস্যা।

নষ্টোদ্ধার [নষ্ট+ উদ্ধার] বি, নষ্টবস্তুর পুনঃপ্রাপ্তি।

নস [না হইস > নহিস, নাহোস > ন'স। অনাদরার্থে ম০ পু০ (তুই বা তোরা হইস বা হোস না] ক্রি, না হইস; নহ; নও। "** মেয়েই ন'স্।"-বাং বসুমতী, ১৩৩৪। "এখনও না-এখনও রাজী ন'স।"-পিতাপুত্র।

নসা-নাসা দ্রঃ।

নসিব, নসীব [আ০ নসীব্] বি, অদৃষ্ট; কপাল; ভাগ্য। বিণ, নসিবী।

নস্কর [ফা০ লশ্‌কর্ (সৈন্যদল; ছাউনী) >] বি, রাজকর্ম্মচারীবিঃ। "মুঞি সে নস্কর এথা-কার মোর ভার।"-চৈ০ভা০। ২ [লস্কর দ্রঃ] নাবিক; নৌকর্ম্মচারী।

নস্তিত, নস্তোত [সং-নস্ত (নাসিকা) >] বি, নাকফোঁড়া বলদাদি: ভারবাহী ও যানবাহী পশু।

নস্য১ [নস (নাসা)+য] বিণ, নাসা সম্বন্ধীয়। ২ নাসিকার হিতকর; নাসিকার ব্যবহার্য্য। ৩ [গ্রা০ নস্যি] বি, নাস snuff ৪ নাকফোঁড়া পশুর নাকের দড়ী। ~দানী, -ধানী [নস্যের-ধানী (আধার), ৬তৎ] বি, নস্যাধার, নস্যপাত্র।

নস্য২, নস্যি [সং-'নস্যাৎ' বা 'নাস্তির' গ্রা০ রূপ] বি, নাশ; বিনাশ। প্র "আজি বুঝিবা বিশ্ব করবে নস্য এমনি যে আকার।" "সেটা ত পুষ্যি এঁড়ে দস্যি ভেড়ে নস্যি কর তারে। উঠে খানে পথ্যি যেন না করিতে পারে॥"-ঈ০ গুপ্ত।

নস্যা [সং] বি, বলদাদির নাকফোড়া রজ্জু। ২ নাসা; নাক।

নস্যাৎ [সং। 'ন স্যাৎ' বাং-য় অবিকল গৃহীত] অ, যদি না থাকে। ২ বি, লোপ।

নস্যোত [নস্তিত দ্রঃ] বি, নাকফোড়া পশু; নাকে দড়ি পরান বলদাদি।

নহ১ [ব্রজ০। নথ >] বি, নথ।

নহ২ [নহা দ্রঃ] ক্রি, না হও; নও।

নহবৎ [নওবৎ দ্রঃ] বি, কথিত আছে এই বাদ্য আলেকজাণ্ডার বাদশাহ কর্ত্তৃক প্রথম প্রবর্ত্তিত হয়।

নহর [আ০] বি, খাল canal

নহলা [নব=নহ ল+হিং নহ্‌লা] বি, তাস খেলার নয়ফোঁটা-যুক্ত তাস।

নহলী [নয়লি (দ্রঃ) > উচ্চারণ বিকারে নহলী] বিণ, নবীন; নূতন। "হাদেলো কুঁচনী বামা গৌরী ভাল জানে আমা কিবা যুবা নহলী যৌবন।"-কবিক০। ২ [প্রা০ বাং] নবীনা। "তুমি শিশু সীমন্তিনী নহলী যৌবনী।"-মনসা ম০ (কেতকা০)।

নহা১ [না হওয়া-ক্ষে০। হিং নহোনা। নহি (গ্রা০ নই), নহ (গ্রা০ নও। নহেন, নহিস। অনুজ্ঞায়-নহিও = নহিহ = হইওনা), নহে

় যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ঁ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঙ্গ্য=গ্যঁ ঞ্চ=ন্চ ঞ্ছ=ঞ্ছ হ্ণ=হ্ন হ্ন হ্ম হ্ব হ্ল=হ্ল হ্ব হ্য ড়্‌ ঢ়া, জ্ ফ্ ব্ ভ্=zfwv ও দ্রা০ দ্রঃ

(নহেন) ; নহিতে ; নহিয়া। প্রা°বাং-নহসি=নও। নহিহ=হইওনা। নহোঁ=নহি ; হই না। নহোঁগ=না হই; নহি। নহোঁগ নহোঁগ কাহাক্রি তোহ্মার মাউলানী-শ্রী° কী°। ম° বাং পদ্যে-নহিল=হইল না। নহিব=হইবে না। নহিবেক =হইবে না। নহিলাম=না হইলাম। নহিলে =না হইলে (ক্ষে° নৈলে)] ক্রি, না হওয়া। "মালতী মাল্ শিরে নহ গন্ধ ।"-বি° প°। "তথাপি নহিল তিন বাঞ্ছিত পূরণ।"-চৈ° চ°।

নহা₂ [ব্রজ°। হি° নহান (স্নান) >] ক্রি, স্নান করা। নাহা দ্রঃ। নহাইল-বিণ, কৃতস্নান। স্ত্রীঃ নহাইলি- স্নাতা (বি° প°)।

নহি [সং-নহি > হি° নহী। ব্রজ°। ন (না) হি (নিশ্চয়)] অ, কথনই না, নিষেধ ; নাহি ; না। "নহি ছিল জল থল নহি ছিল আকাশ।"-শূ° পু°। "হঠঁ পরিরম্ভণে নহি নহি বোল।"-বি° প°। "এহন জগৎ নহি আনে।"-ঐ।

নহিল [নহা দ্রঃ। ন-না+হইল > ক্ষে°] ক্রি, না হইল। "জর জর হিয়া রহিল পড়িয়া চেতন ন° মোর।"-চণ্ডি°।

নহিলে, নইলে, নৈলে [নহা দ্রঃ। না হইলে > ক্ষে° না হলে > নহিলে > গ্রা° নইলে > ক্ষে° নৈলে] অস-ক্রি, না হইলে ; যদি না হয় ; অন্যথা।

নহু, নহুঁ [ব্রজ°। না=ন+হুঁ (হওয়া ধাতুর উ° পুরুষের বিভক্তি। প্রাদে° (ব=ম) -হইমু ; হমু)] ক্রি, না হই ; নহি। "হাম নহ শঙ্কর হউ বর নারী।"-বি° প°।

নহুত [বৌ° সা°] বি, এক নিখর্ব্ব পরার্দ্ধ সংখ্যা ; ১এর ডাহিনে ২৮ শূন্য ; ১০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০।

"শত বা সহস্র কিংবা নহুত না চাই, মহাশয়"-জাতক, ৪র্থ খণ্ড।

নহুষ [বৈদিক সাহিত্যে নহুষ অর্থে মানুষ] বি, রাজা যযাতির পিতা। পুণ্যবলে ইনি ইন্দ্রত্ব লাভ করেন কিন্তু চরিত্র নষ্ট হওয়ায় স্বর্গ হ'তে পতিত হইয়া সর্পযোনি প্রাপ্ত হন।

নহে₁ [ন=না+হয়] ক্রি, না হয় ; নয়। ২ অ, অন্যথা ; নতুবা।

নহে₂ [লভে >। নারী কথ্য] ক্রি, লাভ করে ; লভে।

নহোঁগ [প্রা° বাং। না হই গো, নহি গো > ক্ষে°] ক্রি, উ° পু°, না হই গো ; আমি নই। "নহোঁগ নহোঁগ কাহাক্রি তোহ্মার মাউলানী"-শ্রী° কী°।

না₁ [সং-ন। নঞ্, ন₈ দ্রঃ] অ, বৈপরীত্য-বাচক ; অভাবাত্মক ; 'হাঁ'র বিপরীত। প্র-না-মরদ ; নাচার। ২ অসম্মতি ; অমত। "এ বিষয়ে না করিও না ।" না কে হাঁ করা শক্ত। ৩ সংকল্পের দৃঢ়তা বা জেদ প্রকাশক। প্র-না যাব না। ৪ অনুরোধ। প্র-একটী গল্প বল না (অর্থাৎ বল)। ৫ অনুজ্ঞা-জ্ঞাপক। প্র-দাও না, (=দাও)। ৬ সংশয় ; অনিশ্চয়, কি ; কিম্বা ; অথবা। প্র-যাবে কি,না যাবে না? বলিবে, না বলিবে না? এটা না ওটা? দশ না পনের? ৭ অভিমান ; বিরক্তি প্রকাশার্থে। 'না' ক্রিয়ার পূর্ব্বেই বসে এবং বাক্যের অধিকতর দৃঢ়তা স্থাপনার্থে 'না'র সহিত 'ই'ও ব্যবহৃত হয় [ই দ্রঃ] প্র-না হয় নাই হবে। (২) ক্রিয়া পদের পূর্ব্বে প্রা° ও আধু° বাং গদ্যে ও পদ্যে। "না জানি", "কহনে না যায়"; "না শুনে কথা", "এমন না হয়"। ৮ না স্থলে হাঁ এই ব্যঞ্জনা-বোধক। প্র-যেওনা! "না যাব"। ৯ প্রশ্নোত্তরের সংযোগকারক অব্যয়। কোন প্রশ্নের অব্যবহিত পরে উত্তর থাকিলে বাক্যদ্বয়ের সংযোগসাধক অব্যয়স্বরূপ ব্যবহৃত হয়। প্র-মনুষ্য কে? না যে হৃদয়বান্।১০ নিষেধার্থে। প্র-করিও না ; যাইও না। ১১ ব্যতীত without. প্র-না জানিয়া। নঞর্থে বল প্রদানে এই অর্থ ক্রিয়াপদের পূর্ব্বে যুক্ত হয়। প্র-না যদি জানিতাম। না জানি ভজন না জানি পূজন। ১২ [মৈ°] পাদপূরণে ; অথবা উক্তি বলবৎ করণার্থে। "সুন্দরি চললিহু পহু ঘর না। চহু দিশ সখি সব কর ধর না।"-বি° প°। ১৩ ক্ষুদ্রার্থক প্রত্যয়বিঃ। যথা-পাখ না। (২) স্বল্পার্থে। যথা-ভাবনা। ১৪ প্রশ্নে। প্র-কেমন, সেই কথাই না? তাই না কি? ১৫ বিদ্রূপ, অবজ্ঞা, উপহাস, বা ব্যঙ্গার্থে। প্র-যেতে দেবে না আর কিছু। ১৬ [ব্যঙ্গার্থে] কোন কিছু বলাও যা অন্য কিছু বলাও তা। প্র-ঘোড়া না হাতী। ঘোড়া না পক্ষীরাজ। ১৭ নিশ্চয়ার্থক ; বটে, 'ই' affirmative. তাইনা=তাহাই। "আর তার বাপ তাই না দেখে"-বাঁশরী, ১৩১১। জান না=জান ত। আছে না=আছে ত। "ঐ যে কুঠী আছে না? উনি সেই কুঠীর ম্যানেজার।"-মা° ও ম° বাণী, ১৩৩৩। ১৮ বাক্যালঙ্কারে। "কতনা যাতনা দিনু"-চণ্ডি°। ১৯ [আ° লা >] হীন ; শূন্য। প্র-নাখরাজ (লাখিরাজ)। নাচার (লাচার)। ২০ [সং-ন, না, মা >। তুল-হি 'মৎ', আ° মা] নহে এমন। না-কবুল (অস্বীকার ; পরিত্যাগ)। না কাবেল (অনুপযুক্ত ; ন্যূন)। না চার (চারা বা উপায়হীন)। না-তলব (অনাহূত)। না পসন্দ (অমনোনীত ; অপসন্দ)। না মরজী (অবাঞ্ছনীয়)। না-মরদ (অমনুষ্য, ভীরু, কাপুরুষ) > অনুকরণে প্রাদে° নামানুষ। না-রাজ (অসন্তুষ্ট, গররাজী)। না লায়েক (অযোগ্য)। ২১ নঞর্থে ক্রিয়াপদের সহিত সন্ধিজাত রূপ। যথা-না+পারি =নারি। না+পার=নার। না+পারিব= নারিব। না + আসিবো= নাসিবো (শ্রী° কী°)। না+আইসে=নাইসে। আধু° বাং-না স্থলে ন। যথা-না+হয়=নয় ; নহে। না + হও=নহ। না+হইলে=নহিলে। ই°।

না-কেন [কেন-না দ্রঃ] "তাহারা অপরাপর জল-চর পক্ষীর ন্যায় জলাশয়ে সন্তরণ করিতে সমর্থ না হউক না কেন,"-অক্ষয়কুমার দত্ত। না-পঁড়ে-পণ্ডিত [পণ্ডিত দ্রঃ] বা অধ্যয়ন নাই অথচ কৌলিক উপাধি "পণ্ডিত" বলিয়া পণ্ডিত। পশ্চিমে ব্রাহ্মণমাত্রেরই উপাধি পণ্ডিত। ২ কোন বিষয় না জানিয়াই তাতে পাণ্ডিত্য প্রকাশকারী।

না₂ [সং-নৌ > নাব > হি° নাও > প্রা° বাং-নাঅ > ক্ষে° না, বিকারে-লা] বি, নৌকা। "বরিষার ছত্র পিন্না দরিয়ার না।"-বি° প°। "তীন ভরা না সহে না থানী আহ্মার"-শ্রী° কী°। ~এ-নৌকা। ২ নৌকায় ; নৌকাতে করিয়া। ভাঙ্গা নাএ পার হৈতে"-শূ° পু°।

নাঅ [না₂ দ্রঃ। প্রা°বাং] বি, নৌকা। ~র্ত-নৌকাতে। ~বাহিআঁ [নাওবাহিও°] বি, নাবিক ; মাঝি।

নাই$_1$ [সং-নাস্তি > নাহি > ক্ষে॰ নাই। বৈ॰ সা॰নাঞি। "জ্বালা নাঞি পাব।" -গী॰ গিরি॰। আছে ক্রিয়ার বিপরীত] অ, অভাবাত্মক। "ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী।" -রবী॰। ২ নিষেধবাচক। প্র-নাই বা গেলে। না হয় নাই বল্লে। ৩ নাশ; ধ্বংস। "শরীর একেবারে নাই হয়ে গেছে"।

নাই$_2$ [লাই ও॰। সং-স্নেহ > মৈ॰, ব্রজ॰ নেহা >] বি, স্নেহ। ২ প্রশ্রয়; অত্যধিক আদর; আস্কারা। "বোধ হয় বালক কালাবধি বিশেষ নাই পাইয়া থাকিবে।" -টেকচাঁদ।

নাই$_3$ [নাভি >] বি. চক্রের মধ্য-কীলক। ২ কুলুপের মধ্যস্থ কীলক।

নাই$_4$ [সং-নাস্তি বা নহি >। হি॰ নহী, বাং-য়-ন্যাই, নাহি, নেই] অ, অস্তিত্ব নাই। ২ জীবিত নাই; মৃত। প্র-তিনি আর নাই। অনুপস্থিত। প্র-ঘরে নাই। ৩ [না হয় >] উচিত নয়; অযোগ্য; ঠিক হয় না। প্রা-ওকথা বলিতে নাই।

নাই$_5$ [সং-নাভি >] বি, নাভি। ২ [শাস্ত্রমতে নাভির উর্দ্ধে বপনবিধি হ'তে] নাপিত।

নাই$_6$ [নাওয়া দ্রঃ] ক্রি, স্নান করি।

নাই-আঁকড়া, নেই আকড়া, নেয়ে আঁকড়া, -আঁকড়ি,-আঁকড়ে [নাই (নাভি যন্ত্রের মধ্যকীলক, খুঁটি) আঁকড়া (আঁকড়িয়া যে ধরিয়া থাকে); অথবা যে অসম্মতি-সূচক না অর্থাৎ "না করিব না", "না যাব না" ইত্যাদির ভাব ধরিয়া বসিয়া থাকে; অথবা ন্যায় (যুক্তি, তর্ক, বাগ্-বিতণ্ডা >] বিণ, বি, যে গোঁ ধরিয়া থাকে বা ছাড়ে না; না-ছোড়-বান্দা; এক গুঁইয়া। "কি যে তার নেইআঁকড়ে গোঁ"-যৌবরাজ্য (সৌ॰ মুখো॰)।

নাইট্রোজেন [ইং nitrogen এর লিপ্যন্তর] বি, যবক্ষারজান; নেত্রজন।

নাইত [চ॰ ক॰ ভা॰] বি, নাপিত (দ্রঃ)।

নাইয়র, নৈহর [হি॰ নৈহর > পূ॰ বঙ্গে, শ্রীহট্টে, যশোরে-নায়ের, মালদহে-লাই-হোর] বি, কন্যা বা বধূর পিতৃগৃহ; বউএর বাপের বাড়ী। "পীড়িতা স্ত্রীকে সুস্থ হইবার জন্য 'নৈহর' পাঠাইয়া দিবার কয়েক মাস পরেই * * * বুকে যেন একটা মোচড় পড়িল।" -মা॰ ও ম॰ বানী, ফাল্গুন, ১৩২৭। "আনিতে গেলেন ভাই বোনের 'নাইয়রে'"-মুকুল-বসন্ত। "সোনা ভাইর ঠাঁই কইও বুধবারে নাইয়র নিতে মোরে।"-ভাটিয়াল গান। ~করা-কোন আত্মীয় বাড়ীতে স্ত্রীলোকের কিছুদিনের জন্য অবস্থিতি করা।

নাইয়া, নায়া, নায়্যা, নেয়ে [নাবিক >] বি, নৌজীবী; নাবিক; নৌকাচালক; দাঁড়ী। "নাইয়া পাইটের কলকলি ধন বাজে শিঙ্গা।"-কবিক॰।

নাইসে [না + আইসে] ক্রি, আসেনা। "চখু ত নাইসে নিন্দে"-শ্রী॰ কী॰।

নাইল [না + আইল (আসিল)] ক্রি, আসিল না। "তভো বনমালী না॰", "গোকুলক না॰ বালগোপাল"-শ্রী॰ কী॰।

নাউ$_1$ [অলাবু > লাউ > নাউ (ল=ন)। গ্রা॰] বি, লাউ; অলাবু। **~কাঁকড়া, ~চিংড়ি**-লাউয়ের সহিত চিংড়িমাছ বা কাঁকড়ামিশ্রিত ব্যঞ্জনবিঃ। **~ঘণ্ট**-লাউর ব্যঞ্জনবিঃ। **~ছেঁচ্‌কি**-লাউ খণ্ড খণ্ড করিয়া সরিষা ফোড়ন যোগে সিদ্ধ নিরামিষ ব্যঞ্জনবিঃ। **~মাচা**-লাউ লতার মঞ্চ।

নাউ$_2$ [হি॰ নাউ > মালদহে] বি, নাই$_5$।

নাউড়িয়া, নাউড়ে$_1$ [নাব > হি॰ নাও + ইয়া, (তুচ্ছার্থে) ড়িয়া। তুল-হাউড়ে হাউ হাউ কারী অর্থে হাউ + ইয়া=ড়িয়া। হি॰ বালা > ওয়াড়া, ওয়াড়িয়া > ক্ষে॰ ড়িয়া > ইয়া] বি, নৌকাবাহী; নাবিক; নৌকার মাঝি। "ওরে নাউড়ে জলেত রচিলা স্থান।"-শূ॰ পু॰।

নাউড়ে$_2$ [প্রা॰ বাং নিম্ন > নাম্ব নাব > নাউ + ড়িয়া (< বাড়িয়া < বালা)] বিণ, নিম্ন; নাবাল। "নাউড়ে জলেত রচিলা স্থান॥"-শূ॰ পু॰।

নাএ [প্রা॰ বাং] বি, সম্বোধন সূচক কথা বা স্বরের মাত্রা। "না বোল না বোল দূতী নাএ"-শ্রী॰ কী॰ (টীকা)।

নাএক$_1$-নায়ক$_3$ দ্রঃ। ২ নাব দ্রঃ।

নাএক$_2$ [সং নায়ক >। প্রা॰ বাং] বি, পূজক (শূ॰ পু॰)।

নাএব-নায়েব দ্রঃ।

নাও [সং-নৌ > হি॰ মৈ॰ নাব (বি, প)] বি, নৌকা। "রাজার আজ্ঞায় দুই নাও আইল হেথা।"-চৈ॰ ভা॰। "ঐহিকের সুখ হল না বলে কি, ঢেউ দেখে নাও ডুবাবে"-রা॰ প্র॰।

নাওন [নাওয়া দ্রঃ] ক্রি, স্নান করা।

নাওয়া [সং-স্নান > হি॰ অস্নান, ব্রজ॰ সিনান > নান (হি॰ নহান, বাং-র চান, হান, ছ্যান) > ক্ষে॰ না + আ (হি॰ বা, ক্রি-বিভক্তি) > নাআ > নাবা > নাওয়া। নাই, নাও, নায়; নাইতে; নাইয়া (গ্রা॰ ক্ষে॰ নেয়ে)। নিজন্ত নাওয়ানি [স্নান করা-ইয়া দেওয়া)। নাওয়াই, নাওয়াও, নাওয়ায়; গ্রা॰ নাওয়াইতে; নাওয়াইয়া (ক্ষে॰ গ্রা॰ নাইয়ে), নাওয়াইয়ে ও॰] ক্রি, স্নান করা; অবগাহন করা। "দেশশুদ্ধ লোকের মাঝে গঙ্গাঘাটে না॰।"-হেম॰। ২ [বৌদ্ধ॰ সা॰ নহ্নন (স্নান)] বি, নাওন; স্নানব্যাপার; স্নান-কার্য্য।

নাওয়ারা [হি॰ নাও + ফা॰ বার্ (ওয়ার) + আ যোগ। ক্ষে॰ নাওরা] বি, নৌবহর, নৌকাসমূহ। "নাওরা বাহিতে পারে জোরে।"-চণ্ডীকাব্য (মাধবাচার্য্য)। মোগল রাজত্ব সময়ের এক প্রকার ভূমিস্বত্ব। মগ জল-দস্যুর অত্যাচার নিবারণ হেতু বাঙ্গালার ভিন্ন ভিন্ন স্থান হ'তে যে নাও ও নৌসৈন্য সরবরাহ করা হ'ত তা পোষণের জন্য রাজদত্ত ভূমির নাম ছিল না॰ মহি(হা)ল। ১৮৩৫ খৃ॰ মুর্শিদাবাদের নবাবের মৃত্যুর পর না॰ মহাল খাস মহালের অন্তর্ভুক্ত হয়।

নাং [নাঙ্গ দ্রঃ। গ্রা॰। অশিষ্ট] বি, উপপতি; ঢেমন। স্ত্রীং নাংনী-দ্রষ্টা। **নাং করা**-উপপতি করা; পর পুরুষের সহিত ব্যভিচার করা। **~চোর, ~চুর্ণী, ~চোরনী**-গোপনে উপপতি কারিণী; ব্যভিচারিণী।

নাংটা-নেংট দ্রঃ।

নাঃ [না (আর কিছুনা ইহাই নিশ্চয়) + ঃ (শব্দ ও অর্থে বল প্রয়োগে ও দৃঢ়তা-

জ্ঞাপনার্থে)] অ, সংশয় এবং পূর্ব্ব প্রতিজ্ঞা বা মত পরিত্যাগ করিয়া স্থির নিশ্চয় বা সিদ্ধান্ত-জ্ঞাপক। নাঃ যেতেই হবে।

নাঃ২ [শ্রীহট্ট প্রাদে°] বি, কোদালের ফলার সঙ্গে যে কড়া থাকে এবং যার মধ্যে বাঁট পরান হয়, সেই কড়ার পশ্চাৎ দিকের বেড়ের পৃষ্ঠদেশের নাম।

নাঁটে [না+আঁটে। প্রা° বাং। আধু° বাং-য় অপ্র°] ক্রি, আঁটে না; কুলায় না; পর্য্যাপ্ত হয় না। "লাভে মূলে বিত্ত দানকে নাঁটে।"-শ্রী° কী°।

নাক১ [ন (নাই) অক (অসুখ) যেখানে, বহু°] বি, স্বর্গ। বাং-য় এই শব্দের ব্যবহার নাই। যে দুই একটী বিরল ব্যবহার আছে তা কাব্যালঙ্কারে অপ্রযুক্ততা অর্থাৎ অপ্রচলিত শব্দের প্রয়োগ-নামক দোষ বলিয়া পরিগণিত হইয়াছে। যথা-"নাকেতে নির্জ্জরগণ করে হাহাকার।"-নি° ক°। ২ [ঋগ্বেদ, ১২১ সূত্র] স্বর্গের উপরিস্থ লোক। ৩ মুদ্গলমুনির পুত্র মৌদ্‌গল্য। তিনি নিত্য স্বাধ্যায় ও প্রবচনে নিরত থাকায় সদা সন্তুষ্ট ও সদা দুঃখ রহিত হইয়া ছিলেন বলিয়া এই নাম।

নাক২ [নাসিকা >] বি, ঘ্রাণেন্দ্রিয়; নাসিকা। বিণ, নাকা; নাকী; নাকুয়া। ~কড়াই-বি, নাকে পরিবার মটরাকৃতি ক্ষুদ্র স্বর্ণালঙ্কার। ~কাটা-বিণ, কর্ত্তিত নাসিকা। ২ নির্লজ্জ। নাক কাটা-ক্রি, লজ্জা দেওয়া; অপমানিত করা। ~খৎ, খত্তা-নাকেখৎ দ্রঃ। ~খোঁটা-বি, নাকের ছিদ্র মধ্যে নখ আঁচড়ান। প্র-তার নাকখোঁটা রোগ আছে। নাক খোঁটা-ক্রি, নাক খুঁটিতে খুঁটিতে রক্তপাত করা ঘা করা ই°। ~চোনা-নাকের স্বর্ণালঙ্কারবিঃ; নাকছাবি। "অঞ্জন রঞ্জন আঁখি গঞ্জন খঞ্জন পাখী সুললিত নাকে নাকচোনা।"-শি°। ~ছাবি-নাককড়াইয়ের মত পরিবার ফুল বা পানের আকৃতি ক্ষুদ্র স্বর্ণালঙ্কার। নাক ঝাঝানি-অত্যন্ত তীব্র গন্ধে ঘ্রাণেন্দ্রিয়ের যন্ত্রণা উৎপাদন করা। নাক ঝাড়া-নাসিকা হতে শ্লেষ্মা বাহির করিয়া ফেলা; সিকনি ঝাড়িয়া ফেলা। ~ঝামটা-বি, মুখ ঝামটা দ্রঃ; তিরস্কার। নাক টেপা-ক্রি, ঘ্রাণ না লইবার জন্য অঙ্গুলী দ্বারা নাকের ডগার উপরপার্শ্ব টিপিয়া ধরা: নাকের রন্ধ্র রোধ করা। ২ ঘৃণায় নাক চাপিয়া ধরা: ঘৃণা করা। নাক তোলা-ক্রি, অবজ্ঞা বা ঘৃণা প্রকাশ করা। > বি, ~তোলা-অবজ্ঞা প্রকাশ। ~পঁচাশি-বি, একলক্ষ পঁচিশ; লাখ পঁচিশ; জাঁক; অহঙ্কার; বড় মানুষি। নাক ফোড়া, -ফোঁড়া-ক্রি, দড়ী পরাইবার জন্য নাকে ছিদ্র করা। ২ গাজনের সন্ন্যাসী-দিগের শলাকা দ্বারা নাক বিদ্ধ করা। ~ফো(ফোঁ)ড়া-বিণ, নাকে ছিদ্র করা হইয়াছে এমন। "নাক-ফোড়া বলদের মত" - রা° প্র°। নাক বাঁকানি-নাক সিটকান; ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা। নাক বিঁধানি-নথ, নলক, নাকছাবি ই° অলঙ্কার ধারণ জন্য নাকের পাতায় ছিদ্র করা। নাক মলা [কান মলার মত] অপরাধের দণ্ডগ্রহণ সহ ভবিষ্যতে সাবধান হওয়া। নাক সিটকানি,- সেটকানি-ক্রি, ঘৃণা প্রকাশ করা; তুচ্ছ করা; অবজ্ঞা করা। > বি, নাক-সিটকান্। নাকেকান্না-নাসিকা যোগে ক্রন্দন করা; খোনা স্বরে কাঁদা। ২ আন্তরিক নয়, কান্নার ভাণ। "আঃ তোমার নাকেকান্না শুনিতে আসি নাই, জ্বালাতন করিস্ না।"-বিমলা (দামোদর°)। নাকে খত [নাকখৎ দ্রঃ] নাকখত্তা; অপরাধ সংশোধনার্থ বা ভবিষ্যতে না করিবার প্রতিজ্ঞা স্বরূপ ভূমিতে নাকে ঘষিয়া লিখন। "পোড়ে লাজে বাল্য শিক্ষা ফেলিলাম ছিঁড়ি নাকে খত হেন গুরুমহাশয়গিরি।"-ফুলরেণু। নাকে মুখে গুঁজে খাওয়া-এত তাড়াতাড়ি খাওয়া যে হাত মুখে তুলিতে নাকে লাগা; কোন প্রকারে গলাধঃকরণ করা। নাকের গোড়া-নাসিকার মূল। ২ নাকের কাছে। নাকের ছেঁদা, -বিঁদ-নাকের ছিদ্র। নাকের জলে চোখের জলে হওয়া-অতিশয় ক্রন্দনে চক্ষের জলের সঙ্গে নাকেও জল পড়ে তা হতে সেইরূপ অবস্থা হওয়া; অত্যন্ত কষ্ট পাওয়া। নাকের ডগা-নাসিকাগ্র। নাকের ডাঁটি-নাকে দাঁড়া বা দণ্ডবৎ অস্থি। নাকের পাতা-নাকের দুই পাশের পাতলা চর্ম্ম। নাকের পোঁটা-সিক্‌নি। নাকের ফ্যাটা-নাসিকার বিস্তৃত রন্ধ্র। নাকের বিঁদ-নাকের ছেঁদা দ্রঃ। কাটারি নাক-শুকনাসা। খেঁদা নাক-নিম্ন-নাসা; নৌকার মত নাক; অনুন্নত নাক। টিকলি নাক-উন্নতনাসা। থ্যাবড়া নাক-চেপ্‌টা নাক; বিস্তৃত বা বসা নাক। নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ-আপনার ক্ষতি করিয়া পরকে জব্দ করা; নির্ব্বোধের মত কাজ করা। বোঁচা নাক-ভোতা বা ডগাহীন নাক; স্থূলাগ্র বা অগ্রহীন নাক।

নাকচ, নাখচ [আ° নাকিস্, ফা° নাকস্] বিণ, রদ; রহিত। ২ অব্যবহার্য্য; বাতিল। ৩ তুচ্ছ।

নাকড়া১ [আ° নক্‌কারা (kettle drum)] বি, কাড়ার সহিত বাদনীয় এক মুখ আনদ্ধ বাদ্যযন্ত্র; কাড়া-নাকড়া [গ্রা° কাড়া ন্যাকড়া]।

নাকড়া২ [নাক-কাটা > হি° নাক্‌টা >] বিণ, কর্ত্তিত নাসা; নাককাটা। ২ চড়ক সংক্রান্তিতে' গাজনের সন্ন্যাসীদিগের কাঁটা খেলা ৩ নাকের রোগবিঃ।

নাকড়ি-বি, নাকুড়, নোড়গাছ।

নাকড়ী-বি, সাদা অশ্বত্থ।

নাকরা, নাকুরা [নেকরা দ্রঃ] বি, কৌতুক।

নাকসাট [নাক সাট (সাড়া)] বি, নাসিকার শব্দ; নাকের সাড়; নাসিকা-গর্জ্জন। "বলিতে বলিতে বাঘা দাগা দিল গিয়া। লেজঠা নাচায়ে লম্ফে নাক্‌সাট দিয়া॥ -ঘ°।

নাকা১ [নাক+আ (সম্বন্ধে)] বিণ, নাসিকাজাত; নাকী। "আমি তাহার হিমাঙ্গ স্পর্শে ও নাকা নাকা স্বর শ্রবণে ভীত হইলাম"-সুপ্রভাত ১৩২০। ২ [নাক+উআ > নাকুয়া > নাকা। আদরার্থে ও পরিহাসে নাকু, নাকুরাম। অবজ্ঞায় নেকো] বিণ, দীর্ঘোন্নত নাসিক; নাকসর্ব্বস্ব।

নাকা২ [হিং লায়েক > নায়েক >] অ, সদৃশ; ন্যায়; মত। "আমার নাকা পাঁচ পুত্র।"-ময়নামতীর গান। নাকাল দ্রঃ।

নাকানি [নাক+আনি (< পানি)] বি, নাকের জল। ~**চোপানি, -চুবানি** [নাকে পানি ও চুবানি=চুবন পানি] বি, জলমগ্ন হইলে যেমন নাকে মুখে জল প্রবেশ করিয়া শ্বাসরোধ হয়। ২ [লক্ষ০] অতিরিক্ত কাজের ভিড়ের মধ্যে ডুবিয়া নিশ্বাস ফেলিবার অবকাশ না পাওয়ার ভাব। > ক্রি, না০ চু (চো০) খাওয়া; অত্যন্ত নাকাল হওয়া: এক বিপদ হতে উদ্ধার পাইতে না পাইতে নূতন বা পুনরায় বিপদে পড়া এবং উপর্যুপরি এইরূপ দুর্ভোগে ভোগা।• ~**চোকানি খাওয়ানি**-নাকের জলে চোখের জলে এক করা; অত্যন্ত নাকাল করা যাতে চোখের ও নাকের জল ফেলিতে হয়।

নাকারা১ [আ০নক্‌কারা। হিং নাগাড়া নাগারা] বি, আনদ্ধ বাদ্যযন্ত্রবিঃ; নাগরা। "উটের উপরে বাজে দামামা টিকারা। ঘোড়ার উপরে বাজে যুগল নাকারা॥" -কাব্দিং। বিণ, **নাকারী**-নাকারা বাদক।

নাকারা২ [না-কার (কাজ)+আ। ফা০ নকারা] বিণ, যা কোন কাজের নয়: অকেজো; কাজের বাহির।

নাকাল১ [নাকা ও নাগাল দ্রঃ। প্রা০বাং] বিণ, তুল্য সদৃশ; মত। ''তোমার না০ রামখিলিকা গলার মাঝত দিয়া। তোমার না০ ডোর কৌপীন বান্ধিমু ভিড়িয়া।"-মাণিক০ গান।

নাকাল২ [আ০ নকাল=আদর্শ দণ্ড; বিলক্ষণ শাস্তি। বাং-য়-অর্থান্তর, অথবা হিং নকেল (গবাদির নাক ফোড়া দড়ী) >] বিণ, ক্লান্ত; শ্রান্ত।২ জব্দ। ৩ বি,ধকল; নাকানি-চুবানি; কষ্টাধিক্য। "কর্তার বের নাকালটা বিস্তারিত করিয়া বল দেখি"-টেকচাঁদ০।

নাকাশী, সী-নকাশি দ্রঃ।

নাকি১, **কী**১ [নাক+ই, ঈ] বিণ, নাসিকা দ্বারা উচ্চারিত। প্র-না০ সুরে কথা।

নাকি২ [সং-কিংনু > কিনা=নাকি (প্রশ্নে শব্দ বিপর্যয়)] অ, সত্যাবধারণার্থক প্রশ্নে; তাই কি; সত্য না কি; বটে (প্রশ্নে)। ২ সন্দেহার্থে; সংশয়ে। "সেই দিন হৈতে সেইত পথেতে করে নাকি আনা গোনা"-চণ্ডিং। ৩ অসম্ভবার্থে; কভু কি। "মরি মরি ঠেকিনু কি দায়, জিনিলে উঁহারে নাকি কন্যা দেওয়া যায়।"-বাং-গান। ৪ অনুমান যেন,ঠিক,প্রায় ইং-অর্থে। "কেরলীর কেশপাশ, নাকি অতনুর বাস, চমরী চমুর গর্ব্ব হরে।"-কাব্দিং। ৫ নিজের অজ্ঞাত কিন্তু পরের মুখে শুনিয়া জানার ভাব। "মন সবল নাকি নারীর অতিশয়."-রামবসু। "বিধুমুখী তুমি নাকি প্রেমের মহাজন"-গান। [এই অর্থে 'না' ও০] পূর্ব্বে শুনিয়া বিশ্বাস করিবার পর বিপরীত প্রমাণ পাইয়া প্রশ্নে। "তবে নাকি উমার তত্ত্ব কোরে ছিলে।"-রামবসু। তুমি নাকি তার সঙ্গে দেখাকর নাই? ঠিক যে দেখা করি নাই তা তো বলি নাই, সেই আমার সঙ্গে দেখা করে ছিল।

নাকী, নাকুয়া [নাক+উয়া। গ্রা০ নেকো] বিণ, যার নাক আছে। ~**সুর** [বিদ্রূপে] বি, দীর্ঘ নাসিকাযুক্ত বীর: লম্বা নাসিক ব্যক্তি। তুল-হিং-নাকসুর (নাসারন্ধ্র পথে বাহিত বায়ু)।

ˋনাক্ষত্র, ˋনাক্ষত্রিক [নক্ষত্র+অ, ইক (সম্বন্ধার্থে)] বিণ, নক্ষত্র সংক্রান্ত; নক্ষত্র সম্বন্ধীয়। ২ নক্ষত্র দ্বারা পরিমিত। ~**অহোরাত্র**-এক স্থান হতে ভ্রমণ করিতে করিতে পুনরায় নক্ষত্রের সেই স্থানে আগমন-কাল। ˋ**নাক্ষত্রকাল**-নক্ষত্র দ্বারা পরিমিত সময়। **নাক্ষত্রমাস**-নক্ষত্র অহোরাত্র গণনায় যে মাস। এইরূপ **নাক্ষত্র বৎসর**।

নাখুশ-নাখোশ দ্রঃ।

নাখেরাজ [আ০-লাখিরাজ। গ্রা০ নাখরাজ] বি নিষ্কর ভূমিবিঃ।

ˋনাখোদা, নাখুদা [ফা০। জাহাজ দ্রঃ] বি, জাহাজের অধ্যক্ষ। ২ জাহাজের মাল সরবরাহকারী।

নাখোশ, নাখুশ [ফা০ নাখুশ্‌ দ্রঃ] বিণ, অসন্তুষ্ট। "তোমরা যে প্রকারে পার রূপনগরীকে লইয়া আসিলে বাদশাহ যদি তাহাতে নাখোশ হন তবে আমি আছি।"-রাজসিংহ (বঙ্কিম০)।

নাগ১ [নগ (পর্ব্বত, বৃক্ষ)+অ (ভবার্থে)। চং-কং-ভাং নাক] বি, যাহা পর্ব্বতে বা বৃক্ষের কোটরে বাস করে: সর্প। ''লক্ষ ঝম্প ভূমিকম্প নাগকূর্ম্ম লাড়িছে।''-অং মং। ২ হস্তী। ৩ মেঘ। ৪ মেরুর উত্তরস্থ পর্ব্বতবিঃ। ৫ রঙ্গধাতু। ৬ সীসক। ৭ সিন্দুর: মেটে সিঁদুর। ৮ নাগকেশর বৃক্ষ। ৯ পুন্নাগ বৃক্ষ। ১০ অশ্লেষা নক্ষত্র। ১১ [জ্যো০] করণবিঃ। স্ত্রীং **নাগী, নাগিনী**। **অষ্টনাগ**-অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ। ~**কন্যা**-বি নাগবংশীয়া নারী। **কর্ণ** [নাগের (হস্তীর) কর্ণের ন্যায় পাতা যার, বহু০] বি, হস্তিকর্ণ; হাতিকান। ২ ভেরেণ্ডা গাছ। ~**কেশর** [নাগ (নাগবৎ) কেশর যার, বহু০] বি, নাগ-কেশর পুষ্প; নাকসী ফুল। ২ নাগেশ্বর বৃক্ষ। ~**গর্ভ** [নাগ (সীসক) হইয়াছে গর্ভ (উৎপত্তি-স্থান) যার, বহু০] বি, সিন্দুর: মেটে সিঁদুর। ~**চূড়**-নাগ যার শিরোভূষণ: শিব। ~**ছত্রা** [নাগ+ছত্র+আ] বি, নাগদন্তী; এই গাছের পাতায় সাপের ফণার মত সূত্রজাল আছে। ~**দন্ত** [নাগের (হস্তীর) দন্ত (দাঁত), ৬তৎ] বি, হস্তিদন্ত। ২ বস্ত্রাদি ঝুলাইয়া রাখিবার জন্য গৃহভিত্তি বা প্রাচীর গাত্রে সংলগ্ন গোঁজ: খুঁটি। > স্ত্রীং-**ন্তী**,-বেশ্যা। ~**দন্তিকা** [নাগ (সর্প)+দণ্ড+ইক+আ] বি, বিছুটী গাছ। ~**দন্তী**২ [বৈদ্যকে] বি, হাতিশুঁড়ের গাছ (ইহার রস বৃশ্চিকাদির জ্বালা নিবারক বলিয়া উক্ত)। ~**দমন** [নাগ-দমন করে যে, বহু০] বি, সর্পবশকারী; সাপুড়ে। ২ কালীয়নাগ দমনকারী: কালীয়দমন; কৃষ্ণ। "থাকি বনের ভিতরে না০ বলে মোরে।"-চণ্ডিং। ~**দানা**-বি, সাধারণ ক্ষুদ্র ক্ষুপবিঃ; রক্তপুষ্পা। ~**দ্বীপ** [বৌ০ সা০] বি, সিংহলের উপকূলবর্ত্তী ক্ষুদ্র দ্বীপ এক্ষনে সিংহলের সহিত সংলগ্ন বর্ত্তমান জাফনা। ~**নক্ষত্র**-বি, অশ্লেষা নক্ষত্র। ~**পঞ্চমী** [নাগের পূজা-বিধায়ক যে পঞ্চমী। গ্রা০ নাগ-পোঞ্চমি] বি, শ্রাবণ মাসের শুক্লা-পঞ্চমী, মতান্তরে আষাঢ় মাসের কৃষ্ণা-পঞ্চমী তিথি যাতে মনসা ও নাগপূজার বিধি আছে (দেবী-পুরাণ)। ~**পতি** [নাগের পতি (স্বামী),

৬ তৎ] বি অনন্তাদি অষ্ট নাগ। ২। ঐরাবত হস্তী। ~পাশ-বি, বরুণের অস্ত্র; বন্ধন করিবার অস্ত্র। ২ আড়াই পেঁচের গ্রন্থি। ৩ সর্পরূপ পাশ অস্ত্র। ~পুর-ভারতের মধ্য-প্রদেশের বিভাগবিঃ; অগ্নিপুরাণোক্ত প্রাচীন রাজধানীবিঃ। গণ্ড্ওয়ানা প্রদেশে মহারাষ্ট্রীয় রাজ্যমধ্যে নাগপুর নামে এক বৃহৎ রাজধানী আছে, ঐ রাজধানীর দক্ষিণ দিয়া নাগ নামক নদ গমন করিয়াছে বলিয়া এই নগর নাগপুর নামে খ্যাত। ~পুষ্প [নাগের (হস্তীর) মদ গন্ধযুক্ত পুষ্প যার, বহুং] বি, নাগকেশর বৃক্ষ। ২ পুন্নাগ বৃক্ষ। ~ফট [সং-নাগ (সর্প) ফট (ফণা)] বি, নাগফণার ন্যায় নাসিকা; ফ্যাটা নাক। "বুক উচা নাগফট চিরণ দাঁত যার।"-মনসা মং (বংশী)। ~ফণা,-ফণী [নাগ (সর্প)-ফণা, ফণী (সর্পফণাকৃতি বলিয়া)] বি, ফণী মনসার গাছ। ~ফল-বি, পটোল গাছ। ~বল [নাগ সদৃশ বল যার, বহুং] বি, মধ্যম পাণ্ডব ভীম। ২ বিণ, হাতীর মত বলী; অতি বলবান্। ~বল্লরী, ~বল্লী [নাগ (ফণাবৎ পত্র বক্র ও সর্পগতিবৎ) বল্লরী, বল্লী (লতা), মং পং লোং] বি, নাগলতা; পান। ~বীথী [নাগ (নাগবৎ চক্রাকার) বীথী (পথ), মং পং লোং] বি, অশ্বিনী, ভরণী ও কৃত্তিকা এই নক্ষত্রত্রয় ঘটিত গ্রহপথের কিয়দংশ। ~বৃক্ষ [সং] বি, নাগ-কেশর বৃক্ষ। ~ভগিনী [নাগের (বাসুকির) ভগিনী ৬তৎ] বি, জরৎকারু; মনসা। ~ভূষণ [নাগ (সর্প) ভূষণ (অলঙ্কার) যার, বহুং] বি, মহাদেব। ২ বিণ, নাগভূষিত ~মল্ল [সং] বি, ঐরাবত হস্তী। ~মাতা [নাগের মাতা, ৬তৎ] বি, কদ্রু। ২ মনসা দেবী। ৩ [বৈদ্যকে] মনঃশিলা। ~যষ্টি [নাগের (সর্পের) আকৃতি যে যষ্টি (লাঠি), মং পং লোং] বি, পুষ্করিণীর মধ্যে প্রোথিত দণ্ড; রই কাঠ। ~রঙ্গ [সং-নাগ (সীসক, সিন্দুর) + রঙ্গ (বর্ণ) যার, বহুং] বি, নারাঙ্গা নেবু। ~রাজ [নাগ (সর্প, হস্তী-তার) রাজা (প্রধান), ৬তৎ] বি, সর্পরাজ অনন্ত; বাসুকি। ২ ঐরাবত। ~লতা [পত্র সর্প-ফণাবৎ বলিয়া] বি, পান গাছ। ~লোক [নাগ (সর্পের) লোক (বাসস্থান)] বি, পাতাল।

~সিন্দূর [নাগ (সীসক) জাত সিন্দুর] বি, মেটে সিঁদুর।

নাগ২ [নাগ দ্রঃ। নারীভাষায়, ল=ন] বি, লাগ; নাগাইল; সঙ্গ। "ও কুলত গেলে যদি নাগ পাএ কাহ্নে।"-শ্রীং কীং।

নাগর [নগর + অ (ভবার্থে)] বিণ, নগর-জাত; নগর সম্বন্ধীয়। ২ নগরবাসী। "গামক বসলে বোলিঅ গমার। নগরাহু নাগর বোলিঅ সংসার॥"-বিং পং (নং গুপ্ত)। ৩ রসিক; বিদগ্ধ; যার রূপজ্ঞান আছে; প্রণয়ী। "ঐছন মন্দিরে শয়ন করে যে সে মেনে নাং কে।"-চণ্ডিং। "সব সখী ডারত নাং অঙ্গে"-জ্ঞানং। স্ত্রীং ~রী। ৪ যুবক (মং গীং)। ৫ বি, দেবর [বিরল]। ৬ দেবনাগর অক্ষর; নাগরী। ৭ [বৈদ্যকে] নাগর মুথা। (২) শুঁঠ। (৩) নাগকেশর পুষ্প। ~দোলা [বহু লোকের একত্র সমাবেশ হেতু নগর] বি, উপর নীচে বা চক্রাকারে ঘুরিবার মত বৃহৎ দোলাবিঃ; ঊর্দ্ধাধঃ গতিতে দোল খাইবার বৃহৎ ক্রীড়া চক্র। ২ [লক্ষং] পৃথিবীতে আসা যাওয়া; জন্ম-মৃত্যু। "জীবনের প্রবাহ চলিয়াই চলে, মৃত্যুর পর জন্ম, এ নাগরদোলা দুলিয়াই চলিয়াছে।"-আং শক্তি, কার্ত্তিক, ১৩৩৩। ~পণা-বি, নাগরাল (দ্রঃ)। ২ রসিকতা; কৌতুক। ~ভূপ [নাগরের-ভূপ (রাজা), ৬তৎ] বি, নাগরচূড়ামণি; নাগরপ্রধান। "কোন পথ দিয়া কেমন করিয়া আইল নাগর-ভূপ।"-অং মং।

নাগরক [অর্থ শাং] বি, প্রাচীন ভারতের স্থানিক ও গোপদিগের কার্য্য পরি-দর্শক এবং নগর ও রাজধানীর আদম সুমারীর কার্য্যের তত্ত্বাবধায়ক কর্ম্মচারী। ২ নগর-রক্ষক। ৩ চোর। ৪ কারিগর।

নাগরা১ [নগর >। প্রধানতঃ নাগরিক দিগের দ্বারা ব্যবহৃত বলিয়া] বি, চর্ম্মপাদুকা; গোরগাবী; জুতা। ২ [সাধারণ নাগরিক দিগের খাদ্য] চাউলবিঃ; পাটনাই অপেক্ষাকৃত মোটা সিদ্ধ চাউল।

নাগরা২, নাগারা, -ড়া [আং নক্-কারা। নাকড়া দ্রঃ] বি, মৃত্তিকা বা ধাতু নির্ম্মিত বৃহৎ আনদ্ধযন্ত্রবিঃ; টিকারা। "ধাঁ ধাঁ গুড় গুড় বাজে নাগারা"-অং মং।

"ঘোড়া উট হাতি পিঠে নাগারা নিশান।" ঐ। ২ হিন্দুস্থানে ব্যবহৃত জুতাবিঃ; গোরগাবী।

নাগরালি, -লী [নাগর + আলি,-লী (লীলার্থে)] বি, নাগরের ভাব; চতুরালী; চাতুরী। "কে তুহারে শিখাইল এই নাগরালী"-অশোকং। ২ লম্পটতা। "বুঝহ চতুর সব কিএ চতুরালী। কুটিনীরে ফাঁকি দিয়া করে নাগরালী॥"-অং মং।

নাগরি, -রী১ [নাগারা বাদ্য ভাণ্ডের আকৃতি (কিন্তু ক্ষুদ্রার্থে) > ?] বি, মৃন্ময় কলস; মাটির ঘড়া; গুড়ের নাগরী।

নাগরিক [নগর + ইক (সম্বন্ধে, নিবাসার্থে)। প্রাং বাং 'নাগরিয়া' ওং] বিণ, নগরবাসী। ২ নগর সম্বন্ধীয়। [পঞ্চায়েৎ (শাসন) দ্রঃ] স্ত্রীং নাগরিকা।

নাগরী২ [নাগর দ্রঃ] বিণ, রসিকা নারী; বিদগ্ধা। ২ প্রণয়িনী। "নব নাগরী"-গোবিন্দং। ৩ নগরবাসিনী। "হেনকালে নগরিয়া অনেক নাং। স্নান করিবারে আইলা সঙ্গে সহচরী॥"-অং মং। ~বেশ-বি, নাগরিকার ব্যবহার; চাতুরী; ছলনা। "আঞ্চাত না পাত রাধা নাগরী বেশ॥"-শ্রীং কীং।

নাগরী৩ [সং] বি, দেবনাগর অক্ষর।

নাগরীট [নাগরী (যে স্ত্রী গোপনে প্রেমাসক্ত হয়) + ইট (যে গমন করে) যে নাগরীর প্রেমাসক্ত হইয়া তার নিকট গমন করে] বি, উপপতি। ২ লম্পট।

নাগরোথা [সং] বি, নাগরমুথা।

নাগর্য্য [নাগর + য (ভাবার্থে)] বি, নাগরের ভাব; নাগরালি।

নাগা [সং-নগ্ন > হিং নঙ্গা > বাং-নাগা] বি, উলঙ্গ-সন্ন্যাসী। ২ নাগা-পর্ব্বতবাসী অসভ্য জাতি। ইহারা ইরাবতী নদীর নিকটস্থ পর্ব্বতে বাস করে। পূর্ব্বে নাগারা ঐরাবতের বংশধর বলিয়া পরিচয় দিত। ৩ আটক। "এখন পাকিবে ধন্দ, পাতিবে বিষম দ্বন্দ্ব দরিদ্রের ধানে দিবে নাগা।"-কবিকং। ৪ লঙ্ঘন। ~পর্ব্বত, -পাহাড়-বি, আসামের নাগা, কুকী প্রভৃতি আদিম জাতির অধিবসিত পার্ব্বত্য প্রদেশ।

নাগাইদ [আ০ লাগায়েৎ] অ, হইতে ; থেকে ; অবধি।

নাগাড [লাগ=নাগ+আড়] বি, ক্রম।

নাগাধিপ, নাগাধিপতি [নাগ (সর্পের বা হস্তীর)+অধিপ,অধিপতি(প্রধান), ৬তৎ] বি, নাগরাজ। ২ ঐরাবত হস্তী।

নাগাধিপা [নাগ + অধিপা] বি, নাগরাণী। ২ মনসা দেবী।

নাগানন্দ [ইতি০] বি, শ্রীহর্ষ মতান্তরে তাঁর সভাকবি ধাবক রচিত বৌদ্ধ ধর্ম্মের অবনতির যুগের ইতিহাসাত্মক সংস্কৃত নাটক।

নাগান্তক [নাগ (সর্পের) + অন্তক (বিনাশক), ৬তৎ] বি, সর্পভুক্ : গরুড়। ২ ময়ূর। ৩ [নাগ (হস্তীর) + অন্তক (ঘাতক), ৬তৎ] বি, সিংহ।

নাগাল [সং-লগ্ (সঙ্গ,প্রাপ্তি) ...] বি, লগ্নতা ; সমীপবর্ত্তিতা ; স্পর্শ ; পৌছ। "নন্দার শাশুড়ির না০ না পেয়ে।" না০ ধরা-পৌছ পাওয়া ; নিকটে উপস্থিত হওয়া।

নাগালি [লাগাইল(দ্রঃ) >] বি, লাগ; পৌছ ; স্পর্শ ; নৈকট্য ; সাক্ষাৎ। "এতদিনে তোমার না০ নাহি পাই।"-চৈ০ ভা০।

নাগিনী [নাগ দ্রঃ। হি০ নাগিন] বি, সর্পিনী।

নাগী [নাগ (হস্তী)+ঈ(স্ত্রীং)] বি, হস্তিনী। ২ সর্পী।

নাগেন্দ্র, নাগেশ [নাগ (সর্পের বা হস্তীর)+ইন্দ্র, ঈশ (প্রধান), ৬তৎ] বি, অনন্ত ; বাসুকি। ২ ঐরাবত।

নাঙল [লাঙ্গল >] বি, লাঙ্গল ; হল।

নাঙ্গ (নাং) [নগ্ন >। অশ্লীল] বি, উপপতি। "বাগদিনী বলে সয়া এইত মন ভাঙ্গে। কথা যদি কাট তো কি কাজ বুড়া নাঙ্গে।"-শি০।

নাঙ্গল-লাঙ্গল দ্রঃ।

নাঙ্গা-নঙ্গা দ্রঃ।

নাচ১ [সং-নৃত্য > প্রাকৃ০ > নচ্চ > নাচ] বি, নর্ত্তন (দ্রঃ) ; নৃত্য ["নাচের তিন অঙ্গ। অঙ্গহার, করণ ও নাট্য। ললিত অঙ্গভঙ্গীর নাম 'অঙ্গহার'। দুই তিন অঙ্গভঙ্গী এক সঙ্গে করিলে তাহার নাম 'করণ'। অনেকগুলি একত্র হইলে নৃত্য"-হং প্রং-শাস্ত্রী (প্রবাসী, ১৩৩৬)]। কাঠি নাচ-সাঁওতাল ছোকরাদের নাচ। ইহাদের প্রত্যেকের হাতে এক জোড়া কাঠি থাকে। তালে তালে সেগুলি পরস্পর ঠকাঠক করিয়া ঠুকিয়া বা বাজাইয়া নাচ। মাদল নাচ-সাঁওতাল নারীরা আঁচল পাতিয়া মাদল বাজাইয়া তালে তালে যে নৃত্য করে। ২ অঙ্গভঙ্গি। ৩ কম্পন। ~ঘর-বি, নাট্যশালা।

নাচ২ [পঞ্চ পাঁচ ...। গ্রা০ মেয়েলি০] বিণ, পাঁচ। "নাচ পাগলের মুব। সে কারণ পুরীতে নাচখানি চাকতি হাতে করে নিয়ে কাব মুগে দেবো।"-অ০ বসু।

নাচ৩-নাছ দ্রঃ।

নাচ-আলী, -ওয়ালী, -উলী, নাচুলী [হি বালী । হি০ নাচনেবালী] বি, নর্ত্তকী।

নাচতি [ব্রজ০। নাচা দ্রঃ] বি, নাচে। "শিখিকুল না০।"-বি০ প০।

নাচন [নাচা দ্রঃ] বি, নৃত্যকরণ ; অঙ্গভঙ্গীকরণ। "বৌ ঢাকন গোল না০ দেখ"-উপকথা। ২ স্পন্দন। ~কোঁদন [নর্ত্তন ও কুর্দ্দন ...] বি, নৃত্যসহ অঙ্গভঙ্গী করণ ; নর্ত্তন ও লম্ফন।

নাচনী, নাচানী, নাচুনী [নাচ (দ্রঃ)+নী। হি০ নাচনীয়া, নাচনেবালী] বি, নর্ত্তকী। "গজেন্দ্র গামিনী রামা রূপে যেন তিলোত্তমা বেহুলা নাচনী তার নাম।"-ক্ষেমা০ কেতকা০। ২ নাচিবার পারিশ্রমিক নর্ত্তকের বেতন। ৩ নৃত্য। "কিবা দুটী ভুরুর নাচনী।"-বলরাম০। ৪ বাখারি দ্বারা তৈয়ারি তাঁতের যন্ত্রবিঃ।

নাচা১ [সং-নৃত্য > প্রাকৃ নচ্চ > নাচ+আ (ভা০ বা তৎকরণে)] বি, নৃত্যক্রিয়া ; নর্ত্তন। ~কোঁদা-নৃত্য ও কুর্দ্দন ; অঙ্গভঙ্গীসহ নৃত্য। ২ অতিরিক্ত আনন্দ প্রকাশ। ~নাচি-পরস্পর নৃত্য করণ ; দলবদ্ধ ভাবে নৃত্য করিয়া আনন্দ প্রকাশ। ~হাসা-আনন্দের আতিশয্য, রঙ্গ তামাসা।

নাচা২ [নাচ+আ (ক্রি-বিভক্তি)। নাচি, নাচ (নাচেন, নাচিস), নাচে (নাচেন) ; নাচিতে ; নাচিয়া (গ্রা০ ক্ষে০ নেচে)। ণিজন্ত-নাচানি। নাচাই, নাচাও, নাচায় ; নাচাইতে ; নাচাইয়া (গ্রা০ ক্ষে০ নাচিয়ে)] ক্রি, নৃত্য করা। ২ কোন কথায় উত্তেজিত হওয়া। ৩ স্পন্দিত হওয়া। "সুলক্ষণ চিহ্ন নাচিছে বামাঙ্গ স্পন্দিত হতেছে আনন্দে অপাঙ্গ।"-বাং-গান।

নাচাড়ী [গ্রা০ লাচাড়ী। নাচ+বাড়ী > বাড়ী > আড়ী] বিণ, নাচের ছন্দ ; নাচনী ছন্দে বাঁধা সংগীত।

নাচার [ফা০ না-চারহ্ ... চার (উপায়) ..., বা আ০ লা > না০, ফা০ চারা। তুল-lazar (poor & diseased person esp. leper < Lazarus Luke XVI, 20)] বি, নিরুপায় ; অসহায়। "দিয়াছ তারা ছটা ইয়ার তারা আমায় কলে না০"-রা০ প্র০।

নাচি,-ছি [হি০ নথী নাথি > । থ=ছ=চ। হি০ নাথনা ("নথী করনা")-লোহাদি ধাতুর চাদরে বা পাতে ছিদ্র করিয়া রন্ধ্র পথে ধাতু শলাকা পরাইয়া তার দুই মুখ পিটিয়া জুড়িয়া দেওয়া] বি, ছিদ্র - বিঁধ। ২ লোহার কাটার পেটা মুখ rivet

নাচিকেত,-তা(ঃ)১ [কঠোপনিষদে 'নচিকেতাঃ'] বি, মহর্ষি গৌতমের পুত্র যিনি যমের নিকট আত্মার স্বরূপ বিষয়ে প্রশ্ন করিয়া অগ্নিমন্ত্র শিক্ষা করেন। বেদোক্ত বাজশ্রবা ঋষির পুত্র 'নচিকেতাঃ' দ্রঃ।

নাচিকেতাঃ২,-কেতু [সং] বি, অগ্নি ; বহ্নি।

নাচিয়ে [নাচ (দ্রঃ)+ইয়া] বিণ, নর্ত্তক ; নৃত্যপটু। তুল-'গাইয়ে বাজিয়ে'।

নাচুনী [নাচনী দ্রঃ] বি, নাচওয়ালী ; নর্ত্তকী। "গোআলিনী আচ্ছে নর্ত্তে না০।"-শ্রী০ কী০।

নাছ, নাচ৩ [হি০ নহ্‌জ্ (সদর রাস্তা) ...। প্রাদে০ গ্রা০ লাছ] বি, সদর রাস্তা ; বাটীর সম্মুখীন স্থান বা পথ ; রাজপথ ; পথ। "নিমেষেকে কর ইন্দ্রে নাছের ভিখারী।"-মহা০ (কাশী০)। "কেহ লক্ষপতি কেহ নাছের ভিক্ষুক।"-ধ০। ২ সদর ; সদর দ্বার ; গৃহ-প্রবেশের প্রধান দ্বার ; গৃহ-প্রবেশের প্রকাশ্য দ্বার। "দেখিয়া কাঙ্গালি সবে দিবে গালি রহিতে না দিবে নাছে।"-অ০ ম০। "পেয়াদা সভার নাছে, প্রজারা পলায় পাছে,

দুয়ার চাপিয়া দেয় থানা।"-কবিকং। ৩ গৃহের পশ্চাদ্দার ; খিড়কী। ~দোয়ার, -দুয়ার [লাছ < সং-রথ্যা + দ্বার > মাগধী প্রাকৃং লচ্ছাদুবাল > প্রাং বাং-লাছ দুয়ার > মং বাং-নাছ- দুয়ার] সদর দ্বার; বহির্দ্বার। "এমন কত মণি পড়ে আছে চিন্তামণির নাচ দুয়ারে" -কমলাকান্ত। "সদাই ডরাই গো বাহির না হই বাড়ী নাছে।"-পদং কং তরু। "নাছের কুকুর"-চৈং মং। ২ [পাছ=নাচ] পশ্চাদ্দার : খিড়কী দ্বার ["শ্রীকৃষ্ণ কীর্ত্তন" গ্রন্থের টীকায় বিদ্বদ্বল্লভ মহাশয় মতে Dr. Carey ও Sir Graves Haughton সাহেবের সময় হতে বাং কোষ গ্রন্থগুলিতে শব্দটির পশ্চাদ্দার এই বিকৃত অর্থ স্থান পাইয়া আসিতেছে]। ~বাট [নাছ (সদর) বাট (পথ)] বি, সদর রাস্তা ; প্রকাশ্যপথ। "চারি চৌরী চতুঃ-শালা মাঝে পিঁড়ে কাঁচ ঢালা পাষাণে রচিল নাছবাট"-কবিকং।

নাছোড় [হিং নছোড়] বিণ, যে ছাড়ে না ; নাইআঁকড়া। "গড়াগড়ি পায়ে ধরি নাছোড় বিবিজান।"-হেমং। ~বান্দা [ফাং বন্দাহ্ (গোলাম, ব্যক্তি)] বি, ছাড়িয়া দিবার পাত্র নয় এমন ব্যক্তি ; একগুঁইয়া বা নাই-আঁকড়া লোক।

নাজাই [ব্যবসায়িক পরিঃ। না-জায় (বিবরণ, তফসীল, কৈফিয়ৎ)] বিণ, যার কৈফিয়ৎ নাই। নাং খাতা-কারবারের যে খাতায় বেকৈফিয়ৎ হিসাবের বকেয়া টাকা বা অনাদায়ী টাকা লেখা হয়। "বিলাত বাকি দশ হাজারের মধ্যে চেষ্টা করিয়াও চারি হাজার টাকার বেশী আদায় করিতে পারি নাই। বাকি ছয় হাজার টাকা নাজাই খাতায় লিখিয়া আড়তদারী কাজে ইস্তাফা দিয়া * *"-আমার 'ব্যবসা' জীবন (অং নন্দী)।

নাজানি [সং > হিং ন জানে। প্রাং বাং-না জাণো, -ণোঁ, -নোঁ] অ, কি জানি ; জানি না ; কে জানে। "না জানি কি গুণ ধরে মুখখানি তোমার।"-জ্যোং ঠাকুর। "অতঃপর না জানি কি কপালে আছে।" -রামবসু। "আগেতে না জানি এত, এমন করিবে নাথ"-নিধুবাবু।

নাজিনা, নাজনা, নাজনে [সং-শোভাঞ্জন > শজিনা। নীল শজিনা > নাজিনা] বি, যে শজিনা গাছে বারমাস ফুল ফল হয়। প্রায়ই নাজিনা শজিনা অপেক্ষা তিক্ত ও নীলাভ হয়।

নাজিম [আং নাজীম্] বি, মুসলমান গবর্ণর ; শাসনকর্ত্তা।

নাজির, নাজীর [আং নাজীর] বি, আদালতের কর্ম্মচারীবিঃ : পরিদর্শক। "নাজিরে কহিলা বন্দী করহে বামণে।" -ভারতং। ~ী-বি, নাজিরের পদ বা কর্ম্ম।

নাজুক১ [ফাং নাজুক] বি, পেলব : সুকুমার ; রম্য।

নাজুক২ [ল=ন] বিণ, লাজুক।

নাজেহাল [আং নজিস্ (অতি মন্দ nasty) + আং হাল (দশা)] দুর্দ্দশা। বিণ, সঙ্কটাপন্ন; ওষ্ঠাগত প্রাণ। নাং পেশেমান [ফাং পেশেমান্=লজ্জাযুক্ত, নাজুক্ হাল্= delicate situation] নাস্তানাবুদ ; হায়রাণ ও পারেশান।

নাঞি [সং-নহি > প্রাকৃং নাংহি, নাঁহি, নাহিঁ। প্রাং বাং-নাহিঁ >] অ, নাই, দ্রঃ।

নাট১ [নষ্ট >] বিণ, লাট ; পাটভাঙ্গা ; অগোছাল।

নাট২ [নট্ (নৃত্য করা) + অ (ভাং)] বি, নর্ত্তন ; নৃত্য ; নাচ। "বিশ্রাম দিবস আট, শুন গীত দেখ নাট. আসরে করহ অধিষ্ঠান।" -কবিকং। ২ অভিনয়। "নবীন তরঙ্গ তুলে করুচ কত নাট।"-হেমং। "আনন্দে প্রতাপ রুদ্র ছাড়ি রাজ্যপাট। মিশ্রের ভবনে আসি নিত্য দেখে নাট॥"-গোবিন্দং করচা। ৩ রঙ্গ ; কৌতুক। "এরূপে করিয়া হাট ঘরে গিয়া আর নাট। বাঁকা মুখে কথা কহে চোখা।"-অং মং। "প্রতিজ্ঞার কথা লয়ে গিয়ে ছিল ভাট পত্র পাঠ শুনিয়া দেখিতে আইনু নাট॥"-ঐ। বিণ, নাটুয়া [নাট+উআ] কৌতুককারী। ২ নাট্যাভিনেতা ; নর্ত্তক ; নাটকী (দ্রঃ)।

নাট৩ [প্রাং বাং। পাট (প্রধান স্থান, পীঠস্থান-ধাম) > নাট] বি, অবস্থিতি ; আড্ডা। "নর্ত্তক, বাদক, ভাট, নবদ্বীপ যার নাট, আসি সবে নাচে পাঞা প্রীত।"-চৈং চং।

নাট৪ [সং] বি, নাট্য (দ্রঃ)। ~কারী-বিণ, নাটুয়া। ~নির্ব্বন্ধ-বি, নাটক রচনা। ২ অভিনয়। ~মন্দির [নাট-মন্দির] বি, দেব মন্দিরের সম্মুখস্থ গৃহ বা মণ্ডপ যথায় দেবতার প্রীত্যর্থে নৃত্যগীতাদি হয়। ২ নাচ ঘর। ~মহল-বি, যে মহলে নাট্যাভিনয়, নৃত্যাদি হয় ; নাট্যশালা।

নাটআ [নাট+আ (< হিং বা)। প্রাংবাং] বিণ, নৃত্যশীল। "নাংখঞ্জন জিনি নয়নভঙ্গিমা।"-মনসা মং (কেতকাং)।

নাটক১ [নট্ (নৃত্য করা) + অক (র্ত্তৃ)] বি, দৃশ্য কাব্যের রূপক ভাগের প্রকারবিঃ দৃশ্যকাব্য ; রঙ্গভূমিতে অভিনয়করণোপযোগী গ্রন্থ drama ২ বিণ, নর্ত্তক। 'নাচিছে নাং গায়িছে গায়ক।"-ভারতং।

নাটক২ [সং নর্ত্তক > প্রাং বাং] বি, নাটাই (মাণিকং)।

নাটকী [নাটক+ঈ (স্ত্রীং)। নাটুয়া দ্রঃ] বি, নর্ত্তকী : নাচনী ; নৃত্যকারিণী ; নাটনিপুণা। "বৃহন্নলা নাং যে সমুখে পয়ান।" -মহাং (সঞ্জয়ং)।

নাটকীয় [নাটক+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, নাটক সম্বন্ধীয়। ২ নাটকে বর্ণিত। প্র-নাটকীয় চরিত্র। স্ত্রীং ~া।

নাটা১ [সং-লতাকরঞ্জ >। লতা > লাটা > নাটা] বি, বর্ত্তুলাকার ফলবিঃ ; নাটাকরঞ্জা ফল ; পূতিকরঞ্জ। "দুই চক্ষু জিনি নাটা ঘুরে যেন কড়ি ভাঁটা কাণে শোভে ফটিক কুণ্ডল।"-কবিকং।

নাটা২ [নাটাই দ্রঃ] বি, তাঁত বুনিবার সুতা জড়াইবার শলাকা।

নাটা৩ [সং-নত > হিং নাটা] বিণ, বেঁটে : খাট।

নাটাই [সং-নর্ত্তকী >] বি, তাঁত বুনিবার সূত্র জড়াইবার শলাকা। ২ ঘুড়ি উড়াইবার সুতা যে যন্ত্রে জড়ান হয়। "বুকে বাণ বাজিয়া নাটাই হেন ঘুরে।"-কৃত্তিং। ~মঙ্গলচণ্ডী [নৃত্য > নাট+আই > নাটাই (নৃত্যপরা। তুল-নৃত্যকালী) +

মঙ্গলচণ্ডী (বির্থে° "মঙ্গলবারে পূজিতা চণ্ডী" কিন্তু এখানে, চণ্ডী বা কালী)] বি.চণ্ডী দেবীর মূর্তিভেদ। অগ্রহায়ণ মাসে প্রতি রবিবারে এই ব্রত হয়, ব্রতের ফল চণ্ডীর অনুগ্রহ লাভ। ব্রতকথা কবিক° চণ্ডীতে আছে।

নাটাকরঞ্জ [সং-লতা > নাটা, দ্রঃ] বি, অম্লফলবিঃ caesalpinia bonducella.

নাটানি [নাটা, দ্রঃ। নাটাই, নাটাও, নাটায়; নাটাইতে; নাটাইয়া (ক্ষে° গ্রা° নাটিয়ে, নেটিয়ে)] ক্রি, নাটাতে বা লাটাইতে সূতা জড়ান। ২ নাটাইয়ের মত ঘূরপাক খাওয়া। '৩ [লতান >] লতাইয়া পড়া; নাট খাইয়া পড়া; ক্লান্ত হওয়া।

নাটাপাটা [লতাপাতা >। লতাপাতা যেমন ভূমিতে গড়াগড়ি যায়। তুল-হি° লোট-পোট] বিণ, গড়াগড়ি। ২ অবসন্ন, হিমসিম। ৩ তলাইয়া পড়ার অবস্থাপন্ন।

নাটাম্র [সং। লতাপনস ও°] বি, তরমুজ।

নাটার-নাটে দ্রঃ।

নাটিকা [নাটক+আ (স্ত্রী), ই আগম] বি, ক্ষুদ্রাকার নাটকবিঃ; যাতে চারিটি মাত্র অঙ্ক থাকে। ২ নাটকারিণী; নর্ত্তকী।

নাটিত [নট্ (নৃত্য করা)+ত (র্ম্ম)] বিণ, কৃতাভিনয়; অভিনীত। ২ [নট্+ণিচ্ =নাটি (নাচান)+ত (ভা°)] বি. নাচান।

নাটিনী [ব্রজ°। নাট দ্রঃ] বি, নটী; নর্ত্তকী। "নিরুপম না· সমাজ"-গোবিন্দ°।

ˋ**নাটিম** [গ্রা°। হি° লাট্টু, লাটিম দ্রঃ] বি, লাটিম।

ˋ**নাটুয়া** [নাট+উয়া] বিণ, নট; নৃত্যকারী; নর্ত্তক। ২ অভিনয়কারী; অভিনেতা। "নাটুয়ার মত সঙ্গে আছে কত সাজ"-ভারত°। "স্নান করি নীলাম্বর ধরে পূর্ব্বকলেবর নাটুয়া ফিরায় যেন বেশ।"-কবিক°।

নাটে, নাটেয়, নাটার, নাটের [নট+এয়, আর, এর (অপত্যার্থে)] বি, নটীপুত্র।

নাটোয়া [নাট+উয়া(ওয়া) > নাটুয়া। টু=টো] বি, নৃত্যকারী। "অর্জ্জুন নাটোয়া এহি দেখিয়াছ ভাল"-মহা° (সঞ্জয়)।

নাট্য নট+য (সম্বন্ধার্থে) বি, ভরতমুনি প্রবর্ত্তিত নৃত্যগীতবাদ্য এই তিনের সমবায়; তৌর্য্যত্রিক। ২ নৃত্যগীত বাদ্য: কলা বিদ্যা। ~ক্রে মণ(-ক্র°-) বি, নৃত্যের পূর্ব্বে প্রার্থনা করিবার পর নৃত্য আরম্ভ। তাতে সঙ্গীত কণ্ঠে থাকবে, তার অর্থ হস্ত দ্বারা প্রকাশিত হবে, নেত্র দ্বারা ভাব দ্যোতিত হবে ও চরণদ্বারা তাল রক্ষা করা হবে। কারণ, হস্তলীলার প্রতি দৃষ্টি ধাবিত হয়, দৃষ্টির পশ্চাৎ চিত্ত ধাবিত হয়, চিত্তের সঙ্গে সঙ্গে ভাব অনুসরণ করে, ভাবের পরিণতি রস, রস হতে আনন্দ। তাতেই নাট্যের সার্থকতা। **নাট্যনৃত্য**-নাট্যকলানুমোদিত নৃত্য। "নাট্যনৃত্য দেবনৃত্য হতে সম্পূর্ণ পৃথক্। নটেরা নাট্য কলার সৌন্দর্য্য সাধনে যথাস্থানে যথাবিধি নৃত্যকলার প্রয়োগ করিতেন। সে নৃত্য অনেক সময় তাল লয়াদি যোগে এবং অবস্থা ভেদে বিনা তালে কেবল মাত্র ভাব ভঙ্গির দ্বারা দর্শক সমক্ষে লীলায়িত হইয়া উঠিত। * * এই জাতীয় নৃত্যকে নাট্যনৃত্য বলা হইত।"-আ° শক্তি, ১৩৩৩, ৭ বৈশাখ [**নাট্য**-মূল অভিনেয় আখ্যানবস্তুর বা নাট্যসঙ্গর সঙ্গে সঙ্গে অনুষ্ঠেয় নর্ত্তন। **নৃত্য**-রস, ভাব, ব্যঞ্জনাদি সহ নর্ত্তন। **নৃত্ত**-রস ভাব হীন নর্ত্তন। **লাস্য**-মধুর সবিলাস স্ত্রী নর্ত্তন। **তাণ্ডব**-উদ্দণ্ড বা প্রচণ্ড পুরুষ নর্ত্তন।-অভিনয়দর্পণ (নন্দিকেশ্বর)। ~গৃহ-বি, নাচঘর। ২ অভিনয় গৃহ।

নাট্যশালা [নাট্যের শালা (গৃহ), ৬তৎ] বি, নাট্যমন্দির; রঙ্গভূমি। "কাব্য উপন্যাস নহে এ মম জীবন। না° নহে-ইহা প্রকৃত ভবন।-সেখ সাআদি। প্রা° বাং-নাটসাল। "আবকর গেড মন্দির আবকর নাটসাল।"-শূ° পু° (আবকর=অভ্রময়)।

নাট্যাচার্য্য [নাট্য (নাট্যের)+আচার্য্য (গুরু), ৬তৎ] বি, তৌর্য্যত্রিকের শিক্ষাগুরু। ২ অভিনয় সম্বন্ধে শিক্ষাদাতা রঙ্গভূমির অধ্যক্ষ।

নাট্যাভিনয় [নাট্য+অভিনয়, ৬তৎ] বি, নাটকে লিখিত বা বর্ণিত চরিত্রের হাব-ভাবাদি সহ কার্য্যানুকরণ বা যথাযথ অভিনয়।

নাড়ন [চট্টল প্রাদে° লাড়ন। নাড়া দ্রঃ] বি, একস্থান হতে অন্যত্র লইয়া যাওন: স্থানান্তরিত করণ। ২ কম্পন। ৩ চালন।

নাড়া, [সং-নাল >] বি, কর্ত্তিত ধান্য গাছের ভূমিলগ্ন অংশ; ধান কাটার পর ক্ষেত্রে ধানগাছের গোড়ার যে অংশ অবশিষ্ট থাকে: খড়। "মাঘে নাড়া ফাল্গুনে ফাঁড়া॥"-খনা। "গজমুখী ঘর সে ছাউনী সব নাড়া"-কৃত্তি°। ২ ডাঁটা। ~বুনে-নাড়া বনের লোক; চাষা। "যত ছিল নাড়া বুনে সব হল কীর্ত্তনে।

নাড়া₂ [লড় (বোপদের মতে-পীড়িতী-ভাবঃ উৎক্ষিপ্তীভাবঃ জিহ্বাব্যাপারঃ') >। লড়য়তি=পীড়য়তি, চালয়তি। > হিংসা বা পীড়নের-ভাব, জিহ্বাব্যাপারার্থে মুখ নাড়া বা মুখ নাড়া, কটুকাটব্য শুনান ইত্যাদির ভাব] বি. অপবাদ; খোঁটা। "নন্দ নাড়া"। **নাড়া দেওয়া**-দোষ দেওয়া; খোঁটা দেওয়া; উল্লেখ ক'রে হিংসা করা; শুনিয়ে দেওয়া; অপবাদ দেওয়া; নজর দেওয়া ই°। **ধনের নাড়া**-ধনাপবাদ। "উঠতে বসতে অত ধনের নাড়া দিলে আমি সইবো কিসের জন্যে।"-অনুরূপা দেবী।

নাড়া₃ [সং-লড় (কম্পনে, চালনে) > লাড়া > নাড়া। নাড়ি, নাড় (নাড়েন, নাড়িস), নাড়ে; নাড়িতে; নাড়িয়া (গ্রা° ক্ষে° নেড়ে)। ণিজন্ত-**নাড়ানি**। নাড়াই, ডাও.-ড়ায়; নাড়াইতে; নাড়াইয়া (ক্ষে° গ্রা° নাড়িয়ে)] ক্রি, স্থানান্তরিত করা। ২ সঞ্চালিত করা; আন্দোলিত করা। ৩ ঘাঁটা। ~চাড়া,-নাড়ি-স্থানচ্যুতি। ২ ঘাঁটা-ঘাঁটি। ৩ আলোচনা; আন্দোলন; সঞ্চালন। "হাতনাড়া ঘন ডাক"-অ° ম°। ৪ গবেষণা ও আলোচনা। ৫ ব্যবহার করা। **হাতা বেড়ী নাড়াচাড়া করা**-রান্না বান্না করা। "রাঙা টুকটুকে বৌ দিয়ে তুমি যথা খুসী যাও, * * * তখন সেই-ই তোমার সোনার হাতা বেড়ী নাড়া-চাড়া করবেখন।"-মেজ-বৌ (আ° শক্তি, ১৭-৮-২৮)। **নাড়াচাড়া করা**-ব্যবহার করা। ২ একাধিকবার স্থানান্তর করা। ৩ আলোচনা বা আন্দোলন করা; পরীক্ষা করা। "ভেবে-ছিলুম ওদের সাংখ্যিক তালিকা নেড়েচেড়ে

দেখতে পাবো ওদের ক-জন চাষী।" -রবী০। ৪ উত্তেজিত করা ; ওস্কানো।

নাড়ি,-কা [ণিজন্ত নড় (বন্ধন করা) +ই (র্তৃ-জ্ঞা০),+ক+আ] বি, ধমনী : রক্ত সঞ্চালন শিরা। ২ দেহে বাত পিত্ত কফের অবস্থা জ্ঞাপক শিরাবিঃ ; যা স্পর্শ করিয়া চিকিৎসকগণ রোগ নির্ণয় করেন। ৩ একদণ্ড সময় : ২৪ মিনিট। ৪ নালী ঘা। ৫ জলবাহ সূর্য্যরশ্মি।

নাড়ী [নাড়ি+ঈ (স্ত্রীং)] বি, নাড়ি (দ্রঃ)। ~**ক,নাড়ীচ**-বি, নালিতা পাতা ; তিক্ত পাট শাক। ~**চক্র** [তন্ত্রে] বি, নাভিস্থ নাড়ীমূল (ইড়া, পিঙ্গলা, সুষুম্না, গান্ধারী, হস্তিজিহ্বা, পূষা, যশা, অলম্বুষা, কুহু, শঙ্খিনী, লোলজিহ্বা, বিজয়া, কামদা, অমৃতা, বহুলা এই ১৬টি নাড়ী)। ~**টেপা** [নাড়ী-টেপা (যে টেপে)] বি, বৈদ্য ; চিকিৎসক ; ডাক্তার। "নাড়ীটেপা ফেরার সাহেব বার্টেল নায়েব"-হেম০। ~**নক্ষত্র**-বি, জন্মনক্ষত্র। ২ গোড়া থেকে সমস্ত বিষয় ; জন্মাবধি সকল সংবাদ। ~**মণ্ডল** [জ্যো০ পরিঃ] বি, বিষুব রেখা।

নাড়ী মরা [নাড়ী (অন্নবাহা নাড়ী) মরা (সঙ্কুচিত হওয়া)] ক্রি,ক্ষুধা নষ্ট হওয়া। ~**মরা** [নাড়ী+মরা (সঙ্কুচিত হইয়াছে এমন)] বিণ, অল্পাহারী ২ পেটরোগা। ৩ বি, অক্ষুধা। ~**বলয়** [জ্যো০ পরিঃ] বি, লগ্নজ্ঞাপক নাড়ীর ন্যায় বলয়াকৃতি কালবোধক যন্ত্র বা চক্র। ~**ব্রণ, নালীব্রণ** [নাড়ী=নালী] বি, শোষযুক্ত ক্ষত ; নালী ঘা sinus.

নাড়ু [লড্ডুক >] বি, গোলাকার মিষ্টান্নবিঃ ; লাড়ু ; মোদক। মোদক প্রধান রাণা করে চিনি কারখানা খণ্ডনাড়ু করয়ে নির্ম্মাণ।"-কবিক০।

নাণক [ইতি০] বি, মুদ্রাবিঃ কাশ্মীরাধিপতি শকবংশীয় রাজা কনিষ্কের সময়ে প্রচলিত মুদ্রা (মৃচ্ছকটিক বঙ্গানুবাদ,-জ্যোতি০ ঠা০)।

নাণ্ডা [নাড়া, দ্রঃ] বিণ, নেড়া দ্রঃ। ~**মুণ্ডা**-নেড়ামুণ্ডা : নগ্নমুণ্ড ; কেশহীন মাথা। ~**মুণ্ডী**-নেড়ামাথা।

নাতক [আ০] বি, গ্রেপ্তারের আদেশ arrest.

নাতজামাই [নাতি+জামাই] বি, পৌত্রীর পতি।

নাতবৌ [নাতি+বৌ] বি, পৌত্রের পত্নী। "নাতবৌর সন্তান সম্ভাবনা বলে যেন ওজর করিসনি।"

নাতাড় [নাথ২(দ্রঃ)+আড় (অনাদরে) >। থ=ত। বা সং-নস্তা (নাসাকৃত ছিদ্র)+ডোর (দড়ী) > তুল-হি০ নকেল] বি, বলদ উষ্ট্রাদির নাকে পরান দড়ী। "নাকে না০ পরিয়ে ঘাড়ে জোয়াল চড়ান আর কি।" -আড়াইচাল (শৈলবালা ঘোষ)।

নাতান, নাতোন [নাতোয়ান (দ্রঃ) >] বিণ, দরিদ্র ; নির্ধন। "মহেশ্বরী আমার রাজা, আমি খাস্ তালুকের প্রজা, আমি কখন নাতান, কখন সাতান কখন বাকীর দায়ে না ঠেকিরে"-রা০প্র০। **নাতান কাচ কাচা**-দরিদ্রতার ভাণ করা ; সামর্থ্য থাকিতে অসমর্থ বলিয়া জাহির করা।

নাতি১ [নপ্তৃ >] বি, পুত্রের পুত্র ; পৌত্র। ২ কন্যার পুত্র ; দৌহিত্র। স্ত্রীং **নাতিনী**-পুত্র বা কন্যার কন্যা।

নাতি২ [ন+অতি] বিণ, অনধিক ; অল্প ; সামান্য। ~**খর্ব্ব**-বিণ, বেশী বেঁটে নয় এমন। ~**দীর্ঘ**-বিণ, বেশী ঢেঙ্গা নয় এমন। ~**বিলম্ব**-বিণ, বেশী দেরী নয় এমন। ~**শীতোষ্ণ** [ন(না) অতি (অধিক) শীত বা উষ্ণ] বিণ, অতি শীতলও নয়, অতি উষ্ণও নয় ; বসন্তকালের মত পরিমিত শীতোষ্ণ জলবায়ু। ~**স্থূল**-বিণ, বেশী মোটা নয় এমন। ~**হ্রস্ব**-বিণ, বেশী বেঁটে বা খাট নয় এমন।

নাতোয়ান [ফা০ নাতুয়ান্ (অসমর্থ)] বি, অপারকতা ; অসামর্থ্য ; অক্ষমতা। ২ জমীদারের খাজনা দিতে অপারক ব্যক্তি। বিণ, ~**ী**। "নাতোয়ানী কাচ কাচো মা, অঙ্গে ভস্মভূষণ পরি।"-রা০ প্র০। **নাতোয়ানের দুনো ব্যয়**-অভাবগ্রস্ত লোক প্রয়োজন কালে ব্যয়ে অপারক হয় কিন্তু পরে তার সেই কার্য্যেই দ্বিগুণ ব্যয় হয় [তুল-"নুন দিয়ে রাঁধিত ভালই হয় আলুনি রাঁধতে তিন গুণ যায়।"]। **নাতোয়ানের দুনো মালগুজারি** -নাতোয়ান অর্থাৎ অক্ষম প্রজা অর্থাভাব বশতঃ যথাসময়ে জমিদারকে খাজনা দিতে না পারায় পরে তাকে সুদে ও আসলে খাজনার দ্বিগুণ টাকা দিয়া অব্যাহতি লাভ করিতে হয়।

নাথ১ [নাথ্ (প্রভু হওয়া)+অ (র্তৃ, জ্ঞা০)] বি, কর্ত্তা ; প্রভু ; অধিপতি। ~**বান্** [নাথ+বৎ (স্ত্য০)=নাথবৎ ১মা, ১ব০] বিণ, সনাথ। ২ অস্বাধীন ; পরাধীন। > স্ত্রীং ~**বতী**-সধবা ; যে নারীর স্বামী বিদ্যমান ; সভর্তৃকা। "কৃষ্ণা অসামান্য নাথবতী হইলেও দুরাত্মা দুঃশাসন সেই অতি কাতরা দীর্ঘকেশীকে যেন অনাথার ন্যায় বলপূর্ব্বক সভাসমীপে আনয়ন করিয়া * * আকর্ষণ করিতে লাগিল।"-মহা০ (বর্দ্ধ০)। ২ স্বামী ; পতি। ৩ হিন্দুর (বিশেষতঃ যোগী জাতির) জাতীয় উপাধিবিঃ।

নাথ২ [নস্ত=নাক >] বি, নাকফোড়া রজ্জু। ~**হরি** [-হরি (পশু)] বি, নাক ফোড়ার যোগ্য পশু।

নাথা [প্রা০ বাং। সং-নক্তক > পা০ নত্তক > ন্যাতা >। নেতা দ্রঃ] বি, ভাণ্ডাদি মার্জ্জনার্থ ছিন্ন বস্ত্র বা বস্ত্র খণ্ড ; ন্যাতা। "সে মোহোর ঘৃত ভাণ্ডের নাথা।"-শ্রী০ কী০।

নাথানোথা,-নুথা [গ্রা০। হি০ লাথ > নাথ, নাথা (লাথি) নোথা, নুথা (তদ্বৎ প্রহার অর্থে সহ০ শব্দ)] বি, লাথি কীল ই০। "প্রাণ ভয়ে দ্বিজগণ দেখায় পইতা পরাণে না মারে দানা মারে নাথানোথা।"-কবিক০।

নাথি, নাথী [লাথি দ্রঃ] বি, পদাঘাত। "নারায়ণ কৈল মোরে নারদের ছাতী। কুটে ধান গেল প্রাণ খেয়ে মেয়ের নাথি॥"-শি০।

নাদ১ [নদ্ (শব্দ করা)+অ (ভা০)] বি, নিনাদ ; শব্দ ; ধ্বনি। প্র-বজ্রনাদ। ২ [প্রা০ বাং নাঁদ] রব। "প্রাণ আকুল ভৈল বাঁশীর নাঁদে।"-শ্রী০কী০। ৩ গর্জ্জন। প্র-সিংহনাদ।

নাদ২ [সং-লণ্ড > ল্যাড় > লাড > লাদ (অস০) > হি০ লেঁড়ী, লাদ, ওড়ি০ লেদী বাং-নাদ, নাদি, গ্রা০ নেদি। ল=ন] বি, বৃহৎ পশ্বাদির পুরীষ। প্র-হাতীর নাদ। ক্ষুদ্রার্থে-নাদি, নেদি। প্র-ইঁদুর নাদি। ছাগল নাদি।

নাদ৩ [সং-নন্দা, নান্দীপট। নাঁদ, নাঁদা২ ওং] বি, অলিঞ্জর; পেটমোটা-বড় পুরু ও ফাঁদাল মুখ কলস। ~**পঁচা**, ~**বুড়া (ড়ো)**,-**বোড়া**-বিণ, চাউলনাদে ডুবান হেতু পচা গন্ধযুক্ত। **গুড়ের নাদ**-গুড় রাখিবার নাদ (নাদে সাধাঃ গুড় রাখাই হয়)।

নার্দন১ [নাদা দ্রঃ] বি, গবাদি পশুর মলত্যাগ করণ।

নার্দন২ [সং-নন্দ্ধ। তুল-হিং লট্‌ঠা] বি, মোটা খুঁটি; ঘরের চালের দুই খুঁটির মাথার সরদল কাঠ। ২ স্থূল যষ্টি। ৩ বৃক্ষকাণ্ড। "চন্দনের নাং"-শূং পুং। ৪ সর্দল; খিলানের পুরু কাঠ। "মণ্ডপে ফটিকের থাম লাগে চন্দন নাদন"-শূং পুং। ~**বাড়ি**-বি, মোটালাঠি; কোঁৎকা (গ্রাং)।

নাদনা-বি, মুদ্‌গরবিঃ; ভুসুণ্ডি। ২ বৃহৎ যষ্টি; মোটা লাঠি। প্র-নাদনা ঘাড়ে করিয়া। ৩ স্তূপ; ঢিপি। "সোনায় শরীর করি উত্তর নাদনা"-কবিবল্লভ।

নাদনী [হিং লাদনা, লাদনী-যাতে বোঝাই করা হয়] বি, ভারবাহী নৌকাবিঃ।

নাদবিন্দু-বি, চন্দ্রবিন্দু; ँ। ২ উপনিষদবিঃ।

নাদা১ [নাদ২ + আ (ক্রিয়ায়)। নাদি, নাদ ইং (নাদা২ বৎ)] ক্রি, পুরীষ ত্যাগ করা। "নাদিল অশ্ব হস্তী"-তিলোত্তমাং।

নাদা২ [নাদ১(দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। নাদি, নাদ (নাদেন, নাদিস), নাদে (নাদেন) নাদিতে (ক্ষেং নাদতে); নাদিয়া (ক্ষেং পদ্যে-নাদি, গ্রাং নেদে)] ক্রি, গর্জ্জন করা; হুঙ্কার করা। 'নাদিল দানববালা হুহুঙ্কার রবে"-মেঘং।

নাদা৩ [সং-নন্দা >] বি, বৃহৎ মৃৎপাত্রবিঃ; নাদ (দ্রঃ); পেটমোটা ফাঁদাল মুখ পুরু কলস। ২ জালা। ৩ পাতকুয়ার গায়ের মাটির পাট। ~**পেটা** [গ্রাং বিকারে নাঁদা-পেটা] বিণ, নাদের মত মোটা পেটযুক্ত; কুৎসিত স্থূলোদর। ~**পেটা হাঁদারাম**-নাদ যেমন স্থূল বুদ্ধিও তদ্রূপ স্থূল; স্থূলোদর স্থূলবুদ্ধি; রূপগুণ বর্জ্জিত; কিম্ভূত কিমাকার।

নাদান [ফাং] বিণ অজ্ঞান; নির্ব্বোধ; বোকা। "অনতি বিলম্বেই এই নাং পীর ও কাট মোল্লাদের কবল হইতে"-মিং মোং সেরাজুল হক, আং শক্তি, ১৩৩৩।

নাদি [সুশ্রুত] বি, নালি ঘা sinus

নাদিত [নদ্‌+ণিচ্‌=নাদি (শব্দ করা) +ক্ত (ম্ম)] বিণ, ধ্বনিত; নিনাদিত; শব্দিত।

-নাদী [নদ (শব্দে)+ইন্‌ (র্তৃ)= নাদিন্‌ ১মা, ১বং] বিণ, নাদকারী; শব্দায়মান। "গদগদনাদী গোদাবরী।" ২ গুটিকাকৃতি পুরীষ। প্র-ছাগলনাদী।

নাদুসনুদুস [নাদ সদৃশ স্থূল অর্থে নাদুস এবং তুন্দিল বা তুন্দিবিশিষ্ট বলিয়া আদরার্থে নুদুস] বিণ, স্থূলোদর এবং স্থূল কোমল দেহ; থুলথুলে।

নাদেঁ, নাঁদে, নান্দে [না-দেয় ং দেঁ] ক্রি, দিও না। "পরের বচনে তোঁ ধনুত নাদেঁ গুণ॥"-শ্রীং কীং। ২ দেয় না। প্র- এবেঁ আসিয়া কাহ্নাঞিঁ দরশন নাদে॥ -শ্রীং কীং। "জাঙ্গিবাক নান্দে মোরে বল করে দুরুজন নান্দের পো।"-ঐ।

নাদেয় [নদ বা নদী + এয় (ভবার্থে)] বিণ, নদ বা নদীজাত। ২ নদী সংক্রান্ত; নদী সম্বন্ধীয়। ৩ বি, নদীর জল। ৪ [বৈদ্যকে] সৈন্ধব লবণ; (২) কাশতৃণ, (৩) জলবেতস; (৪) নদীজাত রোহিতাদি মৎস্য; (৫) সৌবীরাঞ্জন। স্ত্রীং ~ী।

`**নাদোষ** [গ্রাং ন্যাদোষ] বি, ছোট মাছবিঃ perca nebulosa

নাদ্য [নদ + য (ভবার্থে)] বিণ, নদীজাত; নাদেয়।

নাধং [প্রাদেং চট্টল] বি, মগরমণীদের কর্ণালঙ্কারবিঃ (পুং বং গীং)।

নাধুনি [নহ্‌ (বন্ধনে) > নদ্ধ > বি, বন্ধন; নাঁধুনি। "ঘোড়াকানি নাং"-শূংপুং।

নানক-বি, শিখধর্ম্ম-সম্প্রদায়ের প্রবর্ত্তক পঞ্জাববাসী মহাপুরুষ নানক সাহ। ~**পন্থী** -বিণ(বি), বাবা নানকের ধর্ম্মমতাবলম্বী (সম্প্রদায়)। ~**শাহী**, ~**সাই**-নানক পন্থী। ২ প্রাচীন শিখ পয়সা।

নানকর [ফাং নানকার] বি, জমীদার ইং-কে দত্ত অর্থ বা ভূসম্পত্তি। ২ খোরপোষ বাবদ ভৃত্যকে দত্ত ভূমি; চাকরাণ।

নান্‌বাই [ফাং নান (রুটী)+বাই (ব্যবসায়ী, যে গড়ে)] বি, মুসলমান রুটী ওয়ালা baker. ~**খাতাই**-মিষ্টান্নবিঃ।

নানা১ [হিং নানা। ওড়িং নানা। সং-তাত। প্রাং বাং ও আধুং মুসলমানী বাংয়] বি, মাতার পিতা; মাতামহ, পিতামহ। স্ত্রীং **নানী**-মাতামহী। "এঁদে দেয় ফুফু নানী কলুই ডেলের পানি।"-ঈং গুপ্ত।

নানা২ [সং] বিণ, অনেক প্রকার; বহুবিধ various. ২ বিবিধ; ভিন্ন different. ৩ বহু; অনেক। ~**কেলে** [নানা (বহুবিধ) + কেলে (কালিক)] বিণ, বিভিন্ন কালজাত বা সম্বন্ধীয়। ২ [নানা (পিতামহ, দাদা)] বিণ, ঠাকুরদাদার আমলের; পিতৃপিতামহের। "নানা কি নানাকেলে রাজ্যপেলে তাইতে এত জারি। যাহা ইচ্ছা তাহা করে হয়ে স্বেচ্ছাচারী॥"-ঈং গুপ্ত। ~**জাতি**-বি, বহুজাতি। ২ ভিন্ন ভিন্ন জাতি। বিণ, ~**জাতীয়**। ~**দেশ**-বি, বহুদেশ; ভিন্ন ভিন্ন দেশ। > বিণ, ~**দেশীয়**। ~**ন্‌** [নানা (দ্রঃ) + ন্‌ (বল-প্রয়োগার্থে)] বিণ, বহু; অনেক; মেলা। "নানা কথার ছলে নানান্‌ মুনি বলে সংশয়ে তাই দুলিছে।"-রবীং। "নানান্‌ দেশের নানান্‌ ভাষা। বিনে স্বদেশী ভাষা পুরে কি আশা॥"-নিধুবাবু। ~**প্রকার**,-**বিধ**-বিণ, অনেক রকম; বহুবিধ; বিভিন্নরূপ; বিবিধ। ~**বিধি১** [নানা-বিধ >] বিণ, বিবিধ; অনেক রকম; বহু প্রকার। "খণ্ড মধু দধি, প্রচুর নানাবিধি, নৈবেদ্য দিল ভারে ভারে।"-কবিকং। ~**বিধি২**-ভিন্ন ভিন্ন বা বহু বিধান। ~**মত** [নানা-মত (প্রকার)] বিণ, বহুবিধ। "নানামত মন্ত্রণা করিয়া দেব সব, মহামায়া উদ্দেশে বিস্তর কৈল স্তব॥"-অং মং। > ক্রি বিণ, **নানামতে** -বিভিন্ন প্রকারে। ২ ভিন্ন ভিন্ন মতদ্বারা। ~**রূপ**-বিণ, বহু প্রকার; বিবিধ। > ক্রি-বিণ, ~**রূপে**-অনেক রকমে; বহু রূপ ধরিয়া। "তুমি গো তারিণী তারা অসার সংসার সারা নানরূপে চরাচরে চর গো।"-অং মং। ~**র্থ** [নানা (নানাবিধ) যে অর্থ, ধা] বি, বিবিধার্থ; বিভিন্নার্থ। ২ বি, নানারূপ

অর্থ সম্বলিত। অভিধান (দ্রঃ)। "এক শব্দের নানারূপ অর্থ থাকিলে তাহার নাম না০ হয়," "নানার্থের অনেক প্রাচীন পুঁথি আছে, তাহার মধ্যে 'নানার্থ শব্দরত্ন' কালিদাসের এক পুঁথি আছে।"-হর০ প্র০ শাস্ত্রী। ৩ [নানা হইয়াছে অর্থ যার, বং০] বিণ, অনেকার্থযুক্ত; যে শব্দের অনেক অর্থ আছে। ~র্থক-বিণ, অনেকার্থ-যুক্ত।

নানাসাহেব [ইতি০] বি, শেষ পেশোয়া বাজীরাওয়ের দত্তকপুত্র নানা ধুন্ধু-পন্থ। খৃ০ ১৮৫৭ অব্দের সিপাহী বিদ্রোহে নিষ্ঠুরতার জন্য কুপ্রসিদ্ধ। "নানা কি 'নানা কেলে রাজ্য পেলে * * * সেটাত পুষ্যি এঁড়ে * * * গলে দোলে পাপের সূত্র, বাপের 'পুত্র নহে।"-ঈ০ গুপ্ত।

নান্দ [সং-নন্দা ("নন্দা স্যাদলিঞ্জরে"-মে০) > নান্দ > নাঁদ] বি, বৃহৎ মৃৎকলস; নাদ। "নান্দে নান্দে মদ্যপান গঙ্গার গভরে -চৈ০ ম০।

নান্দী [নন্দ্ + ণিচ=নান্দি (আনন্দিত হওয়া) + ই (র্তৃ) + ঈ (স্ত্রীং)] বি, কাব্য নাটকাদির প্রারম্ভে দেবতার সন্তোষার্থ স্তব স্তুতি; আরব্ধ কার্য্য নির্ব্বিঘ্নে পরিসমাপ্তির জন্য বন্দনা; মঙ্গলাচরণ। ২ অভ্যুদয়। ~ক-বি, তোরণ স্তম্ভ। ~কর [নান্দী (স্তুতি) কর (যে করে)] বি, নান্দীপাঠক; স্তুতি পাঠক; বন্দনাকারী; বন্দী। ২ মাঙ্গলিক অনুষ্ঠানকারী। ~পট-বি, কূপাদির আবরণ। ~বাদী [নান্দী (স্তুতি) বাদী (যে বলে)] বি, নান্দীকর। ~মুখ [নান্দী (শুভ) মুখ (প্রারম্ভ -আরম্ভিক অনুষ্ঠান)। গ্রা০ নান্নীমুখ] বি, শুভকর্ম্মাদির প্রারম্ভিক অনুষ্ঠান; আভ্যুদয়িক শ্রাদ্ধ। "বসুরে পূজা করি বসিল হিমগিরি করিল নান্দীমুখ বিধান।"-কবিক০। "নান্দীমুখ করে দোঁহে বিশেষ হরষে"-কৃত্তি০। [দ্রঃ-জাত কর্ম্মাদি দশবিধ সংস্কারে, নূতন গৃহ প্রবেশে, দেবতা, বট ও অশ্বত্থাদি বৃক্ষ এবং জলাশয় প্রতিষ্ঠায়, তীর্থযাত্রাতে, বৃষোৎসর্গে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিবে (কূর্ম্মপুরাণ)। নান্দীমুখ পিতৃগণ-পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধ প্রমাতামহ। নান্দীমুখী-মাতৃগণ-মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী (মতান্তরে এই দ্বাদশ জনের শ্রাদ্ধে বিধি আছে)]। ২ পিতৃগণ। ৩ কূপাচ্ছাদনী; কূপের মুখের ঢাকনি।

নান্দমুখী [নান্দী দ্রঃ] বি, মাতৃগণ। ২ অবন্তী নগরবাসিনী মুনিকন্যা। ৩ সংস্কৃত ছন্দোবিঃ।

নান্দোবালা [প্রা০ বাং। হিং০-র অনুকরণে নান্দো স্থলে নান্দা + বালা (বালক > বালঅ >)] বি, নন্দসুত: শ্রীকৃষ্ণ। "কনক নিকস সম তনুকান্তি লীলা। দেখি ভোল গেল নান্দোবালা॥"-শ্রী০ কী০।

নাপ [সং-মান > মাপ > হিং০ নাপ] বি, পরিমাপ; মাপ। "নাপ করিয়া বাড়ি, চিহ্নিত করিয়া দিয়া পর দিবস বড় নগর গেলা।"-১১৬৫ সালের দলিল।

নাপসন্দ [ফা০ নাপসন্দ্] বি, অপসন্দ; গরপসন্দ; অমনোনীত।

নাপাক [ফা০] বি, অশুচি; অপবিত্র; অশুদ্ধ। "যত কাম করে হিন্দু সকলি নাপাক।"-ভারত০।

নাপাজ্জিমানে [ন=না-পার্য্যমান >, গ্রা০] বি, অপারকতাক্ষেত্রে; অগত্যা।

১নাপান, ১নাফান [গ্রা০। সং-লম্ফন > এং] বি, বিলাস; হাব-ভাব; ভঙ্গি। প্র-"গায়ে দিল চর্চ্চিত চন্দন চারু চুয়া। বলিয়া নাপান করি খান পান গুয়া॥"-ঘ০। "পরি গড়া গন্ধ চুয়া মুখে পড়া পান গুয়া ত্যাস বেশ ঝাঁপান নাপান।"-অ০ ম০। ২ সৌন্দর্য্য: শোভা। "কর্ণপূর কিরণে কবরী কান্তি করে। বেড়েছে নাপান বড় নাসার বেসরে॥"-ঘ০। বিণ, নাপানিয়া, নাপানে। > স্ত্রীং স্ত্রীং নাপানী (দ্রঃ)। নাপান-তান-বিলাসভাব: হাব-ভাব। "নারীর নাপান-তান সদাই নূতন।"-ঘ০।

১নাপানি [লাফান দ্রঃ। নাপাই, নাপাও (নাপান, নাপাস), নাপায় (নাপান), নাপাইতে; নাপাইয়া (নাপিয়ে)] ক্রি, লাফ দেওয়া; লাফান।

২নাপানি [নাপান (দ্রঃ) + ই] বি, লম্ফ: লাফ; লম্ফঝম্প। ২ স্পর্দ্ধা; আস্ফালন।

নাপানী [গ্রা০। নাফানী দ্রঃ] বিণ, স্ত্রী বিলাসিনী; হাবভাবকারিণী। "সে বলে না০ আলো না জান আপনা। চাঁদে দেখি দখিয়াছি তোর সতীপনা॥-অ০ ম০। "কত মন্ত্র তন্ত্র জানে সে নাপানী গো"-ঐ।

নাপালি [প্রা০ বাং। নেয়ালী দ্রঃ; 'নেপালি' ও০ (বৈদ্যকে)] বি, বনমল্লিকা। সেউতী। "প্রথমেত কোঙর বক না০ সিঅলি। কালা কাসন্দর ইন্দীবর ফুল লইল তুলি॥" -শূ০ পু০।

নাপি/ত [হিং০ নাই (দ্রঃ), চট্টল প্রাদে০ নাইত। বৈদিক-"নপাত" > পরবর্ত্তী সং-তে নাপিত (জাতিভেদ রহস্য)। সং-নপ্তা (নাতি), যদ্দারা পতন হয় না। অবজ্ঞার্থে গ্রা০ (পূ০ বঙ্গে) 'নাপ্তা,' (প০ বঙ্গে) 'নাপ্তে'। নপ্তা দ্রঃ] বি, নবশাখের অন্তর্গত জাতিবিঃ। ২ ক্ষৌরকার [দ্রঃ-অধুনা বৈদিক শা০-প্রমাণে ব্রাহ্মণের শাখা ভেদ (নাই ব্রাহ্মণ, সবিতৃ ব্রাহ্মণ) বলিয়া গ্রাহ্য হইতেছে। ব্রহ্মার নপ্তা সূর্য্য। বৈদিক ক্রিয়া কাণ্ডে (বিতঃ চূড়াকরণে) নাপিত সূর্য্যের প্রতীক স্বরূপ ধ্যেয়]। মতান্তরে বৈদ্যভেদ-চন্দ্রবৈদ্য, সোমবৈদ্য, শঙ্কুহর বৈদ্য (দ্রঃ। উং বিদ্যারত্ন)। স্ত্রীং ~তানী, ~তিনী [দ্রুত উচ্চারণে নাপ্তিনী]।

নাপ্পি, নাপ্ফি-পোঁচা-বি, পচা মৎস্যের খাদ্য। মগেরা বঙ্গোপসাগরে জাল পাতিয়া প্রচুর মাছ ধরিয়া বড়গুলি লইয়া যায় ও ছোটগুলি স্তূপাকারে ৭।৮ দিন ফেলিয়া রাখে। পচিলে তারা মুগুর দিয়া পিটিয়া সেগুলিকে পিণ্ডে পরিণত করে। তারা তাতে যে লাড়ু তৈয়ার করে তার নাম নাপ্পি বা নাপ্ফি-পোঁচা। পার্ব্বত্য চট্টগ্রামের মগদের মধ্যে ও চাকমাদিগের মধ্যে তা অতি প্রিয় খাদ্যরূপে বিক্রয় হয়।

নাফরা [লাবড়া দ্রঃ] বি, কুষ্মাণ্ড অলাবু ইং০ আনাজ দ্বারা প্রস্তুত ব্যঞ্জনবিঃ; জগন্নাথ দেবের ভোগের ব্যঞ্জনবিঃ। "প্রভু বলে বিস্তর না০ মোরে দেহ। পীঠাপানী ছানাবড়া তোমরা সে লহ॥"-চৈ০ ভা০। না০ ব্যঞ্জন রাজা ঘৃতে পলাকড়ি ভাজা মধুকচি ব্যঞ্জন রসাল।"-কবিক০।

নাফা [আ॰ নফাআ] বি, লাভ ; লভ্য profit. ২ উপকার।

নাফানী [লম্ফন > । নাপানী দ্রঃ] বি, যৌবনগর্ব্বিতা ; দজ্জালনী : যে মাটি মাড়াইয়া না চলিয়া চাঞ্চল্যবশতঃ লম্ফ দিয়া চলে। "সে বলে না॰ আলো না জান আপনা। চাঁদে দেখি দেখিয়াছি তোর সতীপনা॥"-অ॰ ম॰।

নাব১ [সং-নৌ > নাব (নৌ-শ্রেণী) > হিং নাব, নাও (দ্রঃ)] বি, নৌকা। "নাব ডোলাব অহীরে"-বি॰ প॰।

নাবি২ [নাবা দ্রঃ] ক্রি, অনুজ্ঞার্থে, অবতরণ কর।

নাবড়১ [সং-লম্পট > নিপট > নিবড > নাবড়] বিণ, লম্পট ; শঠ। "লক্ষ্মীছাড়া হইলে কত কুবুদ্ধি সজ্ঘটে। ঠক, ঠেঁটা, না-, ছেবড় লোকে রটে॥"-ঘ॰। ২ দুষ্ট ; খল। "বীরের ধনের বাদ বড় ছিল পরমাদ নাবড়ে কহিল রাজস্থানে।"-কবিক॰।

নাবড়২ [না॰-পড। তুল-হিং অন্‌পঢ় = নিরক্ষর, অশিক্ষিত, মূর্খ] বিণ, মূর্খ ; নির্ব্বোধ ; গোঁয়ার।

নাবড়৩ [না (নয়) বড] ছোট ; হীন ; নীচ [তুল-ফা॰ নাদান, নাচীজ ই॰]।

নাবড়ি [ঘনরামে-"নাবড়ি" "নাবুড়ি" দুই আছে] নাবুড়ি দ্রঃ।

নাবতাক্ষেণী [অর্থ শা॰] বি, পোত নির্ম্মাণ স্থান dockyard.

নাবল১ [নাবাল দ্রঃ] বিণ, নাবাল ; ঢালু ; গড়েন ; নিম্ন।

নাবল২ [নাবিল। ব্রজ॰ রূপ] ক্রি, নামিল ; অবতরণ করিল।

নাবা [নামা (দ্রঃ), ম=ব। নাম্ব দ্রঃ। নাবি, নাব (নাবেন, নাবিস), নাবে ; নাবিতে ; নাবিয়া (পদ্যে-নাবি, গ্রা॰নেবে)। ণিজন্ত-নাবান] ক্রি, অবতরণ করা ; নিম্নে গমন করা।

নাবাধ্যক্ষ [নৌ > নাব + অধ্যক্ষ] বি, নৌ-সেনার অধ্যক্ষ।

নাবানি [নাবা দ্রঃ। নাবাই, নাবাও (নাবান, নাবাস), নাবায় (নাবান) ; নাবাইতে ; নাবাইয়া (ক্ষে॰ গ্রা॰ নাবিয়ে)] ক্রি, নিম্নে গমন করান ; অবতরণ করিতে সাহায্য করা। ২ ভূমিতে রাখা ; ভূমিতে রাখিতে সাহায্য করা।

নাবাল [নামাল=নাবাল, নাবা দ্রঃ। সং-নিম্ন > নাম=নাব (নিম্নগা) + বাল (যুক্তার্থে)] বিণ, অধঃস্থ ; নীচু ; নিম্ন। ২ নিম্নগামী ; ঢালু। প্র-না॰ জমি। ৩ বি, নিম্নভূমি।

নাবালিক, নাবালগ, নাবালিগ [ফা॰ নাবালিগ্] বিণ, বয়স্ক নহে ; অপ্রাপ্তবয়স্ক ; নাগরিকের অধিকার প্রাপ্তির উপযুক্ত বয়স যার এখনও হয় নাই। বাং-য় স্ত্রীং ~লিকা।

নাবি, নাবী [সং-নম্ · নামা (অবতরণ করা) ··] বিণ, যথাকালের পর ; বিলম্বে ; সকলের শেষে যা জন্মে। ১ বি, নৌকার সারি ; জাহাজাদির বহর।

নাবিক [নৌ (নৌকা) + ইক (বৃত্তিক অর্থে, ষ্ণিক)] বি, নৌজীবী। ২ নৌ-চালক ; মাঝী। ৩ [+ ইক (সম্বন্ধে)] বিণ, নৌ-বিষয়ক ; নৌকা সংক্রান্ত।

নাবুড়ি [নাবড় (দ্রঃ) + ই (ভাবে, শীলার্থে)] বি, নাবড়ের স্বভাব বা ভাব। ২ দুষ্টামি ; নষ্টামি। ৩ কুচিন্তা ; কুমন্ত্রণা ; কুপরামর্শ। "রাজধানে বসে মনে ভাবিছে না॰। কতদিনে রঞ্জাকে করিব গাঁওবুড়ী॥"-ঘ॰। "আঁখিঠারে দুরাচার পাত্র হেন কালে। সঙ্কেত না॰ কিছু বলিছে কোটালে॥"-ঐ।

নাবো [নাম্ব দ্রঃ] বিণ, নিম্ন ; নাবাল ; নীচু। ২ ক্রি-বিণ, নিম্নে ; অধোভাগে।

নাব্য১ (নাব্‌ব়) [নৌ + য (উত্তরণার্থে)] বিণ, নৌবাহন-যোগ্য ; নৌকা করিয়া উত্তরণীয় navigable

নাব্য২ [নব + ষ্য (ভা॰)] নবত্ব ; নূতনত্ব।

নাভি [নহ্ (বন্ধন করা) + ই (ধি, জ্ঞা॰), হ=ভ। প্রাকৃ॰ নাই। যাতে সমস্ত নাড়ীর বন্ধন আছে] বি, উদরের মধ্য ভাগে নাড়ী কাটার আবর্ত্ত ; নাইকুণ্ডল। ২ চক্রের মধ্যস্থ পিণ্ডিকা ; চাকার হাঁড়ী। ৩ [সং-তে ক্ষত্রিয়, সম্রাট, শীর্ষস্থানীয় বা প্রধান ও গোত্র অর্থে প্রয়োগ আছে, বাং-য়-বিরল]। ৪ যজ্ঞগৃহ। ~কমল, ~পদ্ম-বি, পদ্ম সদৃশ নাভি। ২ [তন্ত্রে] মণিপুর চক্র। ~কূপ-বি, গভীর উদরাবর্ত্ত ; নাভি কুণ্ড বা কুণ্ডল। ~গোলক-বি, গোঁড। ~জ, ~জন্মা, ~ভূ [বিষ্ণুর নাভি কমল হ'তে উদ্ভব হেতু] বি, ব্রহ্মা। ~বর্দ্ধন (ন)[নাভি (নাভিস্থিত নাড়ী) বর্দ্ধন (কর্ত্তন), ৬তৎ] বি, সদ্যোজাত শিশুর নাড়ীকর্ত্তন। ~ল [নাভি + ল (স্ত্যা॰)] বিণ, দীর্ঘনাভিযুক্ত ; নাভির গভীরতা ; এই অর্থে নাভীল ও॰। ~শঙ্খ [নাভি বা শঙ্খাকৃতি (··)] বি, উপধাতুবিঃ। ~শ্বাস-বি, মৃত্যুকালীন নাভিদেশ হ'তে ঊর্দ্ধ্বদিকে শ্বাসের টান। ~স্থল-বি, নাভিদেশ· নাভিমুণ্ডল। ২ মধ্যস্থল। ~স্নান-বি, মুমূর্ষু ব্যক্তির অন্তর্জলির সময় নাভি হ'তে অধোদেহ জলশায়ীকরণ।

নাম [সং-নাম (নামন শব্দ), ফা॰নাম] বি, আখ্যা ; অভিধা। প্র-ইহার নাম কি? ২ খ্যাতি ; প্রসিদ্ধি ; যশ। প্র-একাজে তার খুব নাম হয়েছে। ৩ উল্লেখ। প্র-একটা ফুলের নাম কর। তালিকার মধ্যে তার নাম ছিল। ৪ স্মরণ। প্র-সে কি তার নাম করে। কেউ নাম কচ্চে। ৫ দোহাই। প্র-কারও নাম দিয়ে বা নাম করে উদ্ধার পাওয়া। ৬ পরিচয়। প্র-নাম দিয়ে যাও। কিছুতেই নাম বলতে চায় না। ৭ শব্দ বা ধ্বনি ; বাক্য মাত্র। প্র-ও কেবল নাম মাত্র কাজে কিছুই নয়। ৮ ঈষৎ ; ছিটা ; আভাস ; সামান্য রেখা বা চিহ্নমাত্র। তুল-ফা॰ ·বরাই নাম=নাম মাত্র। প্র-নাম মাত্র কালীর দাগ লেগেছে। ৯ ইষ্টদেবের নাম জপ ; হরিনাম, কালীনাম, রামনাম ই॰। প্র-তিনি এখন বসে বসে একটু নাম কচ্চেন। ১০ [ব্যা॰। ম্না (অভ্যাস করা) + মন্ (র্ম্ম), কিম্বা নম্ (শব্দ করা) + মন্=নামন্ (মা, ১ব॰] বি, বিভক্তিহীন শব্দ ; বিশেষ ব্যক্তি বা বস্তুনির্দ্দেশক শব্দ ; বাচক শব্দ ; সংজ্ঞা। ১১ কথা। "এমন বলিয়া সাধু নানাবিধ নাম। লইনায় কৈল সাধু ক্রোধের বিরাম।"-কবিক॰। **নাম করা**-উল্লেখ করা ; উদাহরণ দেওয়া। ২ স্মরণ করা। ৩ হরিনাম করা। ৪ জপ করা। **নাম কাটা**-কাগজ পত্র হতে নাম

খারিজ করা। ২ তাড়ান ; বহিষ্কৃত করা। **~কাটা**-বিণ, যার নাম কাটা গিয়াছে ; বহিষ্কৃত। প্র-নামকাটা সিপাহী। **~গন্ধ** [নাম ও গন্ধ (সম্বন্ধ, লেশ), দ্বন্দ্ব] বি, নাম সম্পর্কের লেশ : অস্তিত্ব ; কোন চিহ্ন ; নিদর্শন মাত্র ; উল্লেখ ও ইঙ্গিত বা আভাস। **~গ্রহ** [নামের গ্রহ, ৬তৎ] বি, নামগ্রহণ ; নাম ধরিয়া ডাকা বা আহ্বান। **~গ্রাহ**-বিণ, নাম গ্রহণকারী ; যে নাম ধরিয়া ডাকে। ২ বি, নাম গ্রহণ। **নাম জপা**-ইষ্টদেবের নাম আবৃত্তি করা। **~জাদা** [ফা॰ নামজদ্] বিণ, যশস্বী ; খ্যাতাপন্ন ; প্রখ্যাত ; সুপ্রসিদ্ধ। **~ডাক**-বি, যশের আন্দোলন ; প্রখ্যাতি। প্র-"নাম ডাক ছিল যত সকল হইল হত"-অ॰ ম॰। **নাম ডাকা**-ক্রি, উচ্চৈঃস্বরে নাম ধরিয়া আহ্বান করা ; আদালতে সাক্ষীর নাম ডাকা। **নাম ডুবানি**-ক্রি, সুনাম বা যশঃ নষ্ট করা। **~তা** [নামপত্র > নামপাতা >] বি, গুণনের অঙ্কপত্র multiplication table. **~দ্বাদশী**-বি, যে ব্রতে গৌরী, কালী, উমা, ভদ্রা, দুর্গা, কান্তি, সরস্বতী, মঙ্গলা, বৈষ্ণবী, লক্ষ্মী, শিবা ও নারায়ণী এই দ্বাদশ দেবীর পূজা করিতে হয়। **~ধর**-বিণ, নাম যে ধরে ; নামধারী ; আখ্যাধারী ; অভিধেয়। ২ খ্যাতনামা। **নাম ধরা**-নাম উচ্চারণ করা। "জানহ স্বামীর নাম নাহি ধরে নারী।"-ভারত॰। **নাম ধরে ডাকা**-ক্রি, নাম লইয়া বা নাম উল্লেখ করিয়া আহ্বান করা। প্র-"নাম ধরে আর ডাকিসনে ভাই যেতে হবে ত্বরা করে।"-রবী॰। **~ধাতু** [ব্যা॰] বি, প্রত্যয় যোগে ধাতু রূপ প্রাপ্ত বা ক্রিয়াতে পরিণত হয় এরূপ নাম (সংজ্ঞা) বা বিশেষ্য বা বিশেষণ পদ বা শব্দ। সং-তে নাম ধাতুর ভ্বাদি-গণীয়বৎ রূপ হয়। যথা-খেলা > খেলায়তি, কলহ > কলহায়তে, ধূম > ধূমায়তে, অঙ্কুর > অঙ্কুরায়তে, গর্দ্দভ > (গর্দ্দভের ন্যায় আচরণ করে বা করিতেছে অর্থে) গর্দ্দভায়তে ই॰। অনুকরণে বাং-য়-নিঃশঙ্ক > নিঃশঙ্কিল, প্রভাত > প্রভাতয়ে ("প্রভাতয়ে বিভাবরী জয় রাম নাদে"-মেঘ॰)। এইরূপ বীর > (বীরহীন করিবে অর্থে) নির্বীরিবে ("নির্বীরিবে লঙ্কা আজি সৌমিত্রি কেশরী"-মেঘ॰)। কল, কলা > কলান (অঙ্কুরিত হওয়া)। **~ধাম**-বি, নাম ও বাসস্থান ; নাম ও ঠিকানা। **~ধারক, ~ধারী** [নাম (নাম মাত্র) + ধারক, ধারী (ধারণকারী)] বিণ, নাম-বিশিষ্ট কিন্তু নামের উপযোগী কার্য্য বা আচারানুষ্ঠানবর্জ্জিত। ২ অভিধেয়। "নাটক নামধারী পুস্তকের চেয়ে ভাল"-সম্মিলনী, আষাঢ়, ১৩৩৪। **~ধেয়** [নাম-ধা (ধারণে) + য়] বিণ, নামের জ্ঞেয়; নামধারী ; অভিধেয়; বাচক। ২ [নাম+ধেয় (স্বার্থে)] বি, অভিধান ; আখ্যা। **~নিশান**-নাম ধাম এবং পরিচায়ক চিহ্ন ; কোন নিদর্শন। ২ নামগন্ধ। **~মাত্র**-উল্লেখ মাত্র ; কেবল নাম। ২ নামগন্ধ; কিঞ্চিন্মাত্র; আভাস মাত্র। **~মুদ্রা**-বি নামাঙ্কিত মুদ্রা বা অঙ্গুরীয়। **~যজ্ঞ**-বি, নামে মাত্র, কিন্তু ক্রিয়াহীন যজ্ঞ। **নাম রটানি**-ক্রি, সুনাম বা দুর্নাম প্রচার করা। **নাম রাখা**-ক্রি, শিশুকে তার পরিচায়ক নাম দেওয়া। **নাম লওয়া**-ক্রি, নাম গ্রহণ করা; নামের শরণ লওয়া। ২ স্মরণ করা। ৩ নামের দোহাই দেওয়া। **নাম লেখানি**-ক্রি, ভর্ত্তি হওয়া। ২ অন্তর্ভুক্ত হওয়া ; দলে মেশা। **~শেষ** [নাম শেষ যার, বহু॰] বিণ, গতায়ু ; মৃত। **নাম শোনানি**-ক্রি, হরিনাম কীর্ত্তন করিয়া শুনান। **~সংকীর্ত্তন**-বি, নাম গান। **~সার**-অ, নাম মাত্র ; কাজে কিছু নয় ; বাজে। **~সিদ্ধিক**-বিণ, যে মনে করে নাম ভাল হলেই অদৃষ্ট সুপ্রসন্ন হয়। "শাস্তা জেতবনে অবস্থিতিকালে জনৈক নামসিদ্ধিক ভিক্ষুকে লক্ষ্য করিয়া এই কথা বলিয়া-ছিলেন।"-নামসিদ্ধিক জাতক। **~শরণ**-যার নামই অবলম্বন-স্বরূপ ; নামাশ্রিত জন। **~স্মরণ**-বি, মনে মনে নামের আবৃত্তি ; নাম ধ্যান ; নাম গান। **নাম হওয়া**-হরিনাম কীর্ত্তিত হওয়া। ২ যশ হওয়া। **নামে**-অ, কাজে নয় কথায় ; বাজে ; অবাস্তব ; অসার ; ফাঁকি। **নামে গোয়ালা কাঁজি ভিক্ষণ**-গোয়ালা আচরণে বা কাজে নয়, নামে মাত্র।

অদ্যোতক নাম [ত॰ বিজ্ঞা॰] বি, যেসকল নাম কেবল মাত্র গুণ বা কেবল মাত্র গুণী বুঝায় non-connotative. **দ্যোতক নাম**-বি, এই নামের বিশেষত্ব যে ইহা মুখ্যভাবে গুণী ও গৌণ ভাবে গুণ বুঝায় connotative-ত॰ বিজ্ঞা॰ (সিংহ)। **বদনাম**-বি, অপযশ। **সুনাম**-বি, যশ।

নাম২ [সং-নিম্ন >] বি, নিম্নস্তর বা ভূমি। **~এতে** [প্রা॰ বাং] অ, নিম্নেতে ; নাবাল জমিতে। "নামএত রক্ত বহে উপরেত নীর॥"-শূ॰ পু॰। ২ [নামা দ্রঃ] ক্রি, অবতরণ কর ; নিম্নে এস বা যাও।

নাম৩ [নয়৪ দ্রঃ] অ, নামতা অভ্যাসে উচ্চারণ সৌকর্য্যার্থে 'নয় (৯)' স্থলে 'নাম'। প্র- সাত নাম তেষট্টি। ন-নাম একাশি।

নামঞ্জুর [আদাঃ পরিঃ। ফা॰ না + আ॰ মনজূর্] বিণ, অস্বীকৃত ; যাতে সম্মতি দেওয়া হয় নাই। ২ যা গৃহীত হয় নাই ; পরিত্যক্ত। বি, নামঞ্জুরী।

নামন [নাম্ব দ্রঃ। প্রা॰ নাবন ও॰] বি, অবতরণ ; অবরোহণ ; নিম্নে গমন। ~া, **নামনা**-বি, বটাদি বৃক্ষের ঝুরী।

নামা১ [নাম্বা দ্রঃ। নামি, নাম (নামেন, নামিস), নামে (নামেন) : নামিতে ; নামিয়া (প্রা॰ ক্ষে॰ নেমে, পদ্যে-নামি)। ণিজন্ত-নামান] ক্রি, নিম্নে যাওয়া বা আসা ; অবতরণ করা। ২ মধ্যে বা তলদেশে প্রবেশ করা। প্র-জলে নামা। পাতকুয়ায় নামা। ৩ [লক্ষ॰] বিষয়াভ্যন্তরে প্রবেশ করা ; যোগ দেওয়া। প্র-তর্কে নামা। আসরে নামা। যুদ্ধে নামা। ৪ [এই অর্থে, গ্রা॰ উলে যাওয়া] ঝুঁকিয়া বা ঝুলিয়া পড়া ; অবনত হওয়া। প্র-ছাদ নামিয়া যাওয়ায় ছাদে বৃষ্টির জল দাঁড়াইয়াছে। ৫ পাক শেষ হওয়ায় পাকপাত্র উনান হ'তে নামা। প্র-এইবার ভাত নেমেছে (তুল-বিপরীত 'চড়া')। এখন দা'ল চড়েছে। সন্দেশের খুলি নামিলে ভিয়ান বন্ধ রাখ। ৬ [বিপরীত 'উঠা'] হ্রাস হওয়া ; কমা। প্র-ব্যারোমিটারে উত্তাপ আজ দুই ডিগ্রি নেমেছে। মাথায় বরফ দিতে দিতে জ্বর নেমে গেল। ৭ [লক্ষ॰] অবসাদগ্রস্ত হওয়া ;

হতাশ হওয়া : নিরুৎসাহ হওয়া। "ওঠা নামা প্রেমের তুফানে" -গান। ৮ [ণিজন্তার্থে। নামান দ্রঃ। হিক্কা বমনাদি উর্দ্ধাঙ্গের ব্যাপার, উদরাময় অতিসারাদি অধঃ অঙ্গের ব্যাপার তাই ভেদবমি=ওলাউঠা=নামা উঠা] ভেদ হওয়া; দাস্ত হওয়া। প্র-অজীর্ণ হেতু তার পেট নামাইয়াছে। ৯ [লক্ষ০] চরিত্রে অধোগতি প্রাপ্ত হওয়া বা হীন হওয়া : অবনত হওয়া। প্র-পূর্ব্বের উন্নত চরিত্র হ'তে সে যে অনেক নেমে গেছে তার কার্য্যেই তা প্রকাশ পাচ্ছে। ১০ অতিশয় কঠোর বা একগুঁয়ে ভাব হ'তে শৈথিল্য ভাবধারণ করা। প্র-তার সে ধনুক-ভাঙা পণ আর নেই সে জেদও নেই এখন ঢের নেমে এসেছে। ১১ উপর হ'তে যা পতিত হয় তার প্রারম্ভ হওয়া : আবির্ভাব হওয়া। প্র-বর্ষা নামা; শীত নামা। ১২ অদৃশ্য হওয়া। প্র-রোদ নামিয়াছে (অর্থাৎ রৌদ্র আর নাই সূর্য্য অস্তগমনোন্মুখ হইয়াছে)। ১৩ অবনত হওয়া, বসিয়া যাওয়া; গর্ত্ত হওয়া। ১৪ চরিত্রে অনুন্নত হওয়া; নিম্নগতি লাভ করা: হীন হওয়া। ১৫ কমা; হ্রাস পাওয়া। প্র-জ্বর নামা। জিনিসের দর নামা। **নামা উঠা**-তোলা পাড়া। ২ ওলাউঠা; ভেদবমি। **উঠা নামা**-উত্থান পতন; আরোহণ অবরোহণ।

-নামা~২~ [নামন্ ১মা, ১ব০] বিণ, নামধেয়; নামধারী; নামযুক্ত। প্র-খ্যাতনামা, অনামা ই০। ২ বি, নামমালা; সংজ্ঞা।

নামা~৩~ [ফা০ নামহ্=নামা=চিঠি, লেখ] বি, লিখন; লেখ্য; পত্র। প্র-ওকালত নামা; রাজিনামা: বয়নামা। ২ বিবরণ : ইতিহাস। প্র-শাহ্‌নামা।

নামাঙ্ক [নাম+অঙ্ক] বি, নামচিহ্ন।

নামাঙ্কিত [নাম+অঙ্কিত] বিণ, যাতে নাম অঙ্কিত হইয়াছে; স্বাক্ষরিত। ২ নামযুক্ত।

নামাজ [ফা০ নমাজ > বাং-য় নামাজ, গ্রা০ নেমাজ] বি, নমাজ; মুসলিম প্রথায় ঈশ্বরোপাসনা; মুসলমানের উপাসনা। "এবার না০ শেষ করে জায় নামাজে বসিয়া তাহার পার্শ্বে উপবিষ্টা মতিকে কিছু দোয়া দরুদ মুখে মুখে শিখাইতে ছিল।"

নামানি [নামা দ্রঃ। নামাই, নামাও (নামান, নামাস), নামায় (নামান); নামাইতে; নামাইয়া (গ্রা০ কথ০ নামিয়ে)] ক্রি, নিম্নে গমন করিতে সাহায্য করা; অবতারণে বা নামিতে সাহায্য করা। ২ ভূতলে বা কোন আধারের উপর রাখা করা। প্র-বোঝা নামান; হাত খালি করা। ৩ [লক্ষ০] দায়িত্ব বা কর্ত্তব্যেভার হ'তে মুক্ত হওয়া। ৪ ভেদ হওয়া; ঢলান। ৫ হ্রাস করান, কমান। আক্রমণ, আবেশ ই০ হ'তে মুক্ত করা, ছাড়ান; ঝাড়ান। প্র-ভূত নামান। **তোলানি নামানি**-ভেদ বমি হওয়া।

নামানুশাসন [নাম (নামের)+অনুশাসন, ৬তৎ] বি, শব্দার্থবাচক অভিধান।

নামাবলি [নাম (নামের)+আবলি (শ্রেণী) যাতে, বহু০] বি, হরিনামাঙ্কিত উত্তরীয়বস্ত্র; দেবতার নামের ছাপ দেওয়া চাদর। "একটি একটি নামাবলি সবারই বিরাজে"-দ্বিং রায়। ২ নামের আবলি (শ্রেণী), ৬তৎ] বি, নামের তালিকা, নামমালা।

নামাল [নামা~২~ দ্রঃ] বি, নিম্নস্থল।

নামী [নাম+ঈ (স্ত্য০)] বিণ, খ্যাত, প্রসিদ্ধ; নামজাদা।

নামোচ্চারণ [নাম (নামের)+উচ্চারণ, ৬তৎ] বি মুখে নাম গ্রহণ।

নামোৎসব [নাম (নামের)+উৎসব, ৬তৎ] বি, নাম সংকীর্ত্তন।

নামোনি [নামা দ্রঃ] বি, উচ্চ হ'তে গরুর গাড়ী নীচে নামিবার স্থান; উতার।

নামোল্লেখ [নাম+উল্লেখ] বি, নামোচ্চারণ।

নাম্ব [নাম্বা দ্রঃ] বি, নিম্ন বা অধোদেশ; তল। "হাপিয়াদহের কিছু শুনহ কাহিনী। যাহার নাম্বয় আছে দশ যোজন পানী॥" -কবিক০।

নাম্বা~১~ [প্রা০ বাং। সং-নম্ (গতি — (অর্থসম্প্রসারণে) নিম্ন গতি অর্থে) > ওড়ি০ নাম্ব। আধু০ বাং-য় নামা, নাবা। নাম্বি, নাম্ব,নাম্বে, নাম্বয় (পদ্যে-নাম্বয়ে); নাম্বিতে; নাম্বিয়া। ণিজন্ত-নাম্বান। প্রা০ বাং -নাম্বাঅ=নামাও। নাম্বায়িআঁ=নামাইয়া। নাম্বায়িতে=নামাইতে। নাম্বায়িলোঁ=নামাইলাম। নাম্বিলী-অবতরণ করিল। -শ্রী০ কী০] ক্রি, নামা; নাবা; অবতরণ করা। "প্রণমিয়া বিশ্বনাথে বৃকোদর নাম্বে ক্ষেতে"-শি০। "সিনান করেন্ত দেব নিরঞ্জন নাম্বিআ আগমর জলে।"-শূ০ পু০। বি, নবস্নন।

নাম্বা~২~ [প্রা০ বাং] বিণ, নিম্ন। "উপর কর্ণে চাকি পরে নাম্বা কর্ণে বলি।"-মনসা ম০ (জগজ্জীবন০)।

নায় [নৌ,নাব — নাঅ >] বি, নৌকা; তরণী। "শীঘ্র আসি নায়ে চড়"-ভারত০। "রাজার বচনে আনিসু মশানে বান্ধিয়া নায়ের পাশে।"-কবিক০।

নায়ক [নী (লওয়া)+অক (র্ত্তৃ)] বি, নাটকাদির প্রধান পুরুষ। কাব্যালঙ্কারে-ধীরোদাত্ত, ধীরপ্রশান্ত, ধীরললিত এবং ধীরোদ্ধত এই চারি প্রকার নায়কের ভেদ প্রদর্শিত হইয়াছে। ২ প্রণয়ী পুরুষ, প্রেমাসক্ত ব্যক্তি। ৩ [এই অর্থে প্রা০ বাং-নাএক। "কর গো করুণাময়ী নাএকেরে দয়া।"-মনসা ম০ (কেতকা০)]। "যিনি সঙ্গীত শাস্ত্রের বিশেষ মর্ম্ম অবগত আছেন; যিনি মার্গ এবং দেশী এই দুই মতের সঙ্গীত করিতে পারেন; যিনি ধ্রুপদ, খেয়াল টপ্পা, ঠুংরি ও গজল-গানের এই পঞ্চ বিভাগের যে কোন প্রকার গান শুদ্ধ করিয়া গাহিতে ও সকল তাল বাজাইতে ও নৃত্য করিতে জানেন।"-মুকুন্দ মুখো০। যিনি গান-বাদ্য-নৃত্য উত্তমরূপে শিক্ষা দিতে পারেন, যিনি রস ও অলঙ্কার জানেন, যিনি সকল গুণ ও দোষের পরীক্ষক, যিনি পরের অভিপ্রায় বুঝিতে পারেন, যিনি ক্ষমাশীল, যশোভিলাষী, দাতা এবং পবিত্রাত্মা ও সর্ব্বগুণালঙ্কৃত ব্যক্তিই নায়ক শব্দ বাচ্য। "আপনি আসরে উব নায়কের আশা পূর নিবেদিসু বন্দনা বিশেষে।"-অ০ ম০। ৪ [নায়ক দ্রঃ] গৃহস্বামী, বাটীর কর্ত্তা। ৫ বিণ, পরিচালক; নেতা। ৬ [তুল-নায়েব] সহকারী নেতা; মহানায়ক; প্রধান সহকারী। ৭ অধ্যক্ষ। ৮ সেনাপতি; সেনানায়ক। ৯ প্রধান; শ্রেষ্ঠ। ১০ মঙ্গল গীতগায়ক। স্ত্রীং নায়িকা।

নায়কিআনা [নায়ক+ই (বৃত্তি অর্থে)+আনা (সাদৃশ্যে বা ভাবে)] বি, পরি-

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ ঞ্জ=ঁজ ঞ্চ=নচ ন্দ=ঁদ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্য=নহ ম্হ লহ ভ্‌ ঝ্য, জ ক ব ভ=zfwv ও চ্চা০ দ্রঃ

চালকত্ব ; সর্দ্দারী। "তর্কের বিষয় হচ্ছে * * রাষ্ট্র ব্যাপারে নায়কতন্ত্র নিয়ে কোন বিষয়েই না০ * * * * *"-রবী০ (রা০ চিঠি)।

নায়কী [সঙ্গীত শা০] বি, বীণা বা অন্য ততযন্ত্রের প্রধান তার।

নায়কীয় [নায়ক+ঈয় (সম্বন্ধে)] বিণ, নায়ক সম্বন্ধীয়।

নায়র [সং-নাগর > প্রা০ বাং প্রাকৃ০ নাঅর (তুল-সাগর > সাঅর, সায়ক)] বি, প্রণয়ী ; নায়ক। "দিন দুই দেখা শুনা নায়রের সাথে। কথনীয় নয় কত প্রীতি হয় তাতে॥"-শি০। ২ [হি০ নৈহর্] নারীর পিত্রালয় ; বধূর বাপের বাড়ী। "খুল্লনা লইয়া সাধু সুখে ঘর কর। বিদায় হইয়া আমি যাইব নায়র॥"-কবিক০। "অনাদরে না যেয়ো নায়রে।"-শি০। স্ত্রীং ~ী-নায়িকা। ২ [প্রাদে০] কুটুম্বিনী। "নায়রীর বাজার যেমন অন্দর মহলে।"-মৈ০ গী০।

নায়িকা [নায়ক দ্রঃ] বি, নাটকাদি গ্রন্থের প্রধানা স্ত্রী। ২ প্রণয়িনী। ৩ ভগবতীর অষ্ট শক্তি (উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, অতিচণ্ডা, চামুণ্ডা, চণ্ডা ও চণ্ডবতী)।

নায়েক১ [নায়ক দ্রঃ। প্রা০ বাং-নাএক] বি, গৃহস্বামী ; গৃহ-কর্ত্তা। "নগেন্দ্র নন্দিনী মা নায়েকে কর দয়া।"-ঘ০।

নায়েক২ [আ০ লায়েক >] বিণ যোগ্য। ~পতিত-চাষযোগ্য পতিত জমি।

নায়েব [আ০ নায়ব্] বি, প্রতিনিধি। "কাজী নাহি মানে পেগম্বরের, না০।"-অ০ ম০। ২ জমীদারী কাছারির উচ্চ ও মফস্বল মহলের সর্ব্বোচ্চ কর্ম্মচারী। বিণ, ~ী, নায়েবি১-নায়েব সম্বন্ধীয় : নায়েবের উপযোগী। ~তন্ত্র-বি, আমলাতন্ত্র। "বিবৃত নায়েব তন্ত্র রিফরম স্কিমের অবতারণা করেন।"-আ০ শক্তি।

নায়েবি২ [নায়েব দ্রঃ] বি, নায়েবের বৃত্তি। ২ নায়েবের পদ।

নায়ের [হি০ নৈহর > নায়ের (যশোহরে), "লাইহোর" (মালদহে)] বি, বধূর বাপের বাড়ী। "তোমার সঙ্গে করিয়ে প্রেম না০ হ'ল্য মানা।"-সা০ প০ প০।

নায়্যা-নাইয়া দ্রঃ।

নারক [সং] বি, নরক। ২ বিণ, নরক সম্বন্ধীয়।

নারকী [নারক (নরক)+ইন্ (স্ত্যং)] মূ০=নারকিন্ ১মা, ১বং। গ্রা০ নারুকী] বিণ, নরকস্থ ; নরকভোগী। ২ পাতকী ; পাপিষ্ঠ : পরিণামে যার নরক। ~য়-বিণ, নরক সম্বন্ধীয়। ২ পৈশাচিক ; অতি জঘন্য।

নারঙ্গ, নারাঙ্গ [সং-নারঙ্গ, নাগর, নাগরঙ্গ। > হি০ নারংগী, নারঙ্গ, ওড়ি০ নারিঙ্গী। নারাঙ্গা২ দ্রঃ] বি, নারাঙ্গা নেবুর গাছ। "কয়লহ ছোল নারঙ্গ কাতি"-বি০ প০ (ন০ গুপ্ত)।

নারদ [নার (নর সমূহকে) + দ (যিনি দান করেন) অর্থাৎ যিনি ব্রহ্মজ্ঞান দান করেন] বি, ব্রহ্মার মানস পুত্র : প্রসিদ্ধ দেবর্ষি। ২ উপপুরাণবিঃ [পরস্পর কলহ বা বিবাদ বাধাইবার মূল বলিয়া প্রবাদ হ'তে ইনি কলহ প্রবর্ত্তক বলিয়াই প্রসিদ্ধ]। ~পঞ্চরাত্র-নারদ প্রণীত তন্ত্রবিঃ। ~পুরাণ-অষ্টাদশ মহাপুরাণের অন্যতম। নারদের ঢেঁকী-কলহ প্রবর্ত্তক দেবতার বাহন।

নারদীয় [নারদ+ঈয় (স্ত্যং)] বি, উপপুরাণবিঃ। ২ বিণ, নারদ সম্বন্ধীয়।

নারসিংহ-বি, নরসিংহ দেবের চরিত্র বর্ণনাত্মক উপপুরাণবিঃ। ২ বিণ, নরসিংহ সম্বন্ধীয়।

নারসিংহী [নরসিংহ+অ (সম্বন্ধার্থে) +ঈ (স্ত্রীং)] বি, অর্দ্ধ নারী অর্দ্ধ সিংহরূপা শক্তি। ২ নৃমুণ্ডমালিনী দুর্গা।

নারা [গ্রা০। প্রা০ বাং। না পারা > ক্ষো০। নারি, নার নারে, নারিতে ; নারিয়া। নারাহ (পার না), নারিএ (পারি না, পারিতেছি না), নারিল, নারিলোঁ (পারিলাম না)। নারিব, নারিবোঁ, নারোঁ (পারিব না), নারোঁ (পারি না)। "জরমে সুকৃতি নারোঁ এ গুণ তাহার"-শ্রী০ কী০] ক্রি, না পারা ; অক্ষম হওয়া। "যাকে দেখতে নারি তার চলন বাঁকা।"-প্রবচন। "এড়াইতে নারিয়া অসুরে দিনু বর।"-শি০।

নারাঙ্গা১ [নারাঙ্গা২ দ্রঃ। তদ্বৎ বর্ণ হেতু নাম] বি যে চর্ম্মরোগে অঙ্গের স্থানে স্থানে নারাঙ্গা নেবুর মত লাল লাল হয় ও ফুলিয়া উঠে ও রস পড়ে; বিসর্প রোগ Erysipelas. পোড়া নারাঙ্গা-ঐরূপ ফুলিয়া উঠিয়া ঘা পরে পোড়ার মত কাল কাল হয়।

নারাঙ্গা২, নারাঙ্গি [ফা০। উক্ত হইয়াছে যে স্পেন দেশে মুসলমান রাজত্বকালে এই শব্দ ব্যবহৃত হতে থাকে। তথা হতে ইংলণ্ডে "a narange" বলিতে বলিতে ও লিখিতে লিখিতে কালক্রমে an arange পরে an orange শেষে orange এ পরিণত হয়] বি, কমলানেবু orange.

নারাচ [নার (নর সমূহ) + আ (সম্যক্) + চম্ (ভোজন করা) + অ (র্তৃ), যে নর সমূহ খায় বা গ্রাস করে] বি, লৌহময় বাণবিঃ। ২ অষ্টাদশ অক্ষর ছন্দোবিঃ। স্ত্রীং ~ী-বি, নারাচের আকৃতি লৌহময় তুলাযন্ত্র : নিক্তি।

নারাজ [আ০ নারাজ্] বিণ, যে রাজি নয় ; অসম্মত ; গররাজি ; অস্বীকৃত। ২ অসন্তুষ্ট। "আজ যদি সে না০ হয়ে রয়।"-রজনী সেন। ~ী [আ০ নারাজগী] বি, অসম্মতি। ২ অসন্তোষ।

নারায়ণ [নার (জল) + অয়ন (আশ্রয়) যাঁর। যিনি ক্ষীরোদ সমুদ্রে শয়ান কিম্বা যিনি পূর্ব্বে কারণ-বারিতে ভাসিতে ছিলেন অথবা যিনি নরনারীর আশ্রয় ব২০] বি বিষ্ণু : কৃষ্ণ। "রাধা এক তিল ভজ মোরে। আমি না০ শরণ লইনু তোর॥"-গী০ গিরি০। ২ [(নারীদিগের সমূহ) নার + অয়ন (তাহাদিগের আশ্রয়)। অপ্র০] ব২ নারীর আশ্রয় (বালবোধিনী)। ৩ পুরুষ। "পুরুষ না০।" -প্রবচন। স্ত্রীং নারায়ণী। ~ক্ষেত্র-বি, গঙ্গার জলরেখা হ'তে ৪হস্ত বিস্তৃত তটভূমি; গঙ্গাতীর। না০ তৈল-সুগন্ধ তৈল। "নারায়ণ তৈলে জ্বলে পুরী মাঝে বাতি।" -কৃত্তি০। ২ কবিরাজী তৈলবিঃ। ~সেবা -বিষ্ণুর বিগ্রহ পূজা পরিচর্য্যাদি।

নারায়ণী১ [নারায়ণ দ্রঃ] বি, নারায়ণ-তেজঃ সম্ভবা শক্তি (যখন নারায়ণ কারণজলে ভাসমান ছিলেন তখন তাঁর কপাল হতে অতীব তেজোরাশি নির্গত হয়, ঐ তেজই পরে মহাশক্তি রূপ ধারণ করেন) ; মহাদেবী ; দুর্গা। "অপার সংসার পারে তুমি না০।"

-অ° ম°। ২ লক্ষ্মী। ৩ গঙ্গা। ৪ মুদ্গল মুনির ভার্য্যা। ৫ শতমূলী।

নারায়ণী[2] [নারায়ণ+ঈ (সম্বন্ধার্থে বা রক্ষিতার্থে)] বিণ, নারায়ণের ; কৃষ্ণরক্ষিত। ~সেনা-বি, শ্রীকৃষ্ণের সংশপ্তক নামক প্রসিদ্ধ দুর্দ্ধর্ষ সৈন্যদল। কুরুক্ষেত্র সমরে নারায়ণ স্বয়ং পাণ্ডব পক্ষে থাকিয়া এই সেনাদল দুর্য্যোধনের সাহার্য্যার্থ দান করিয়াছিলেন।

নারিকেল, নারীকেল [রূপান্তর -নারকেল, নারকল, নারকোল। মুণ্ডারি-নারিয়র, হি° নারিয়েল্ নারিয়ল্, সং-নারিকের, নাড়িকেলী, নারীকেরী (কেলী ও°)। বাং-গ্রা° নেঁরেল। ওড়ি° নড়িয়া। প্রা° বাং -নারিকল। "গুবাক নারিকল অমৃত সম ফল।"-শূ° পু°। নার (জল)+ইক=নারিক +ঈড্ (গমনে, সঞ্চারে)+অ, যার মধ্যে জলের সঞ্চার হয়] বি, প্রসিদ্ধ ফল ও বৃক্ষ coconut. বিণ, নারিকেলী, নারকুলিয়া, নারকুলে। >না° কুল -নারিকেলাকৃতি বদরি। না° কপি-নারিকেল আকৃতি বাঁধাকপি। [নারিকেল গাছের, বিভিন্ন অংশ-বাইল যথা, পত্রদণ্ড। ছড-চামরের মত শীষঝাড়, যাতে নারিকেলের ফুল ও ফল ধরে। চুমরী-ফুল ও ফলের নৌকাকৃতি আবরণ। ন্যাকড়া-গাছের যে স্থানে ফল ধরে সেই স্থানের জালি কাপড়ের মত ত্বক]। ~কাঠি-নারিকেল পাতার মধ্যবর্ত্তী শলাকা। ~কুরি-নারিকেলের শাঁস (শস্য) আঁচড়াইয়া যে চূর্ণ পাওয়া যায়। ~খণ্ড-নারিকেলঘটিত কবিরাজী ঔষধবিঃ। ~নারিকেল খোলা-বি, নারিকেল মালার খণ্ড। ~ছাপা, ছাবা-বি, সন্দেশবৎ পাক করিয়া কাঠের বা পোড়া মাটির নানাচিত্রাদির ছাপ দেওয়া 'রসকরা সন্দেশ'। ~ছোবড়া-বি, নারিকেল ফলের খোসা। ~জল-বি, নারেকেলের বা ডাবের ভিতরের জল। ~তৈল-বি, নারিকেলের শস্য হতে নিষ্কাশিত তৈল। ~ফুল-বি, নারিকেলের পুষ্প। ২ নারিকেল পুষ্পবৎ স্বর্ণফুল ; বাহুভূষণবিঃ। ~ভস্ম -বি, রসায়নযোগে ও বৈধ প্রণালীতে ভস্মীভূত নারিকেল ; কবিরাজী ঔষধবিঃ। ~মালা-বি, নারিকেলের ছোবড়া ও শস্যের মধ্যবর্ত্তী কঠিন আবরণ। ২ ঐ আবরণের অর্দ্ধাংশ। ~মুড়ি-বি, নারিকেল কাঠির ক্ষয়প্রাপ্ত-অগ্র সম্মার্জ্জনী মুখঘসা খেংরা। ২ মুড়ি ও ঝুনা নারিকেল। ~লাড়ু [গ্রা° না° নাড়ু] বি, গুড়ে পাক করা নারিকেল-কোরার লাড়ু। ~সন্দেশ-বি, নারিকেল-কোরা ও চিনি দ্বারা প্রস্তুত মিষ্টান্ন। ~ঘৃত-বি, নারিকেলের দুগ্ধ হতে উৎপন্ন ঘৃত। নারিকেলের চোখ-বি নারিকেলের মালার গায়ে গোল চক্কর মত চিহ্ন। নারিকেলের ছাঁই-বি নারিকেল কুরি গুড় মিশ্রিত করিয়া ঈষৎ ভাজা। নারিকেলের ফোঁপল, ফোফল ফোবল-বি, নারিকেলের ভিতর জাত অঙ্কুর। ঝুনা নারিকেল-বি, শুষ্ক কঠিনাবরণ, পুষ্টশস্য বা পাকা নারিকেল। ডাব নারিকেল (ডাব দ্রঃ)-কচি ও জল-বহুল অজাত বা কোমল-শস্যগর্ভ নারিকেল।

নারিলা [না-পারিল > ক্ষে°। নারা দ্রঃ] ক্রি, পারিল না। "লিখিতে নারিল ওই ওই করি কান্দে"-বি° প°।

নারিশ [সং-নিবীশ (ফাল) >] বি, বাহির দিকে বাঁকান করাতের দাঁত [বাং শ° কোষ]।

নারী ["বেদের ভাষার মধ্যে যাহা প্রাচীনতম সেই ভাষায় স্ত্রীজাতির সাধারণ নাম ছিল 'নারী' ; এই নারী শব্দ 'নর' শব্দের স্ত্রীলিঙ্গের রূপ নহে। নর শব্দটি সুপ্রাচীন বেদ -সংহিতায় প্রচলিত নাই। যে যুগে নর শব্দ ছিল না, কিন্তু নৃ শব্দ ছিল, সেই যুগেই স্ত্রীজাতি বুঝাইবার জন্য নারী শব্দের যথেষ্ট প্রচলন ছিল এবং নারী শব্দের অর্থ ছিল নেত্রী * * পারিবারিক বিষয়ের নেত্রী ; তিনি ভোগ বিলাসের রমণী বা কামিনী ছিলেন না" -বিজয় চন্দ্র মজুমদার (ভারতী, আশ্বিন, ১৩২০)] বি, স্ত্রীলোক ; রমণী ; স্ত্রী (দ্রঃ)। ২ ভার্য্যা ; পত্নী। "বিচারে যদি হারাতে পারি। ঘোটাব সিদ্ধি করিব নারী।"-বাং-গান ২ ২৩অক্ষরযুক্ত ছন্দোবিঃ। ~জন্ম-বি, স্ত্রীজাতিতে জন্ম। ~জীবন-বি, রমণীর প্রাণ। ২ স্ত্রীকুল ও স্ত্রীলোকের নির্দ্দিষ্ট জীবনযাত্রা। নরনারী-বি, মানব জাতি। পরনারী, পরের নারী-বি, পরস্ত্রী ; অন্যের পত্নী।

নারাচ-নারাচ দ্রঃ। ~দূষণ [নারীর দূষণ (দোষ), ৬তৎ] বি, মদ্যপান, পতিত্যাগ, দুর্জ্জন সঙ্গ, ইতস্ততঃ ভ্রমণ, পরগৃহে বাস ও শয়ন এই ছয়টী নারী জাতির দোষ। ~দেশ [নারী (নারীপূর্ণ) যে দেশ, ম° প° লো°] বি, পুরুষহীন দেশ। "উত্তরিল নারীদেশে"-মেঘ°। ~ধর্ষণ-বি, নারীনিগ্রহ ; বলাৎকার। ~নিগ্রহ, নির্য্যাতন-বি, স্ত্রীলোকের প্রতি অত্যাচার ; রমণীর উপর পীড়ন। ~বেশ-বি, স্ত্রীপরিচ্ছদ ; স্ত্রীলোকের পোষাক। ~স্বভাব-বি, রমণীর প্রকৃতি ; কোমলপ্রকৃতি। ২ বিণ, স্ত্রীস্বভাবসুলভ।

নাবেড় [প্রা° বাং। নরবড়, 'নাবড়', নৈবড় < নচবর] বিণ, শঠ ; ধূর্ত্ত। "না° কাহ্নাঞি পাঠাইঞা দিল মোরে।"-শ্রী°কী°।

নাল[1] [নল্ (বন্ধন করা)+অ (ণ)। অথবা নল (দ্রঃ) আকার বলিয়া] বি, শিরা। ২ নল ; খাগড়া। ৩ পদ্মের কণ্টকিত দণ্ড ; কমলদণ্ড ; মৃণাল ; পদ্মের ফাঁপা ডাঁটা।

নাল[2] [আ°] বি, ঘোড়ার খুরে লাগাইবার অর্দ্ধচন্দ্রাকৃতি লৌহ খণ্ড horseshoe. ~বন্দ, বন্ধ [হি° না° বন্দ্] বি, ঘোড়ার খুরে যে নাল লাগায়। ~বন্দী-উক্ত কর্ম্ম।

নাল[3] [সং-লালা >] বি, লালা ; শ্লেষ্মা ; ফেনা। "মোহর মুখে দেও পরভু বদনের নাল। পিঠে করি বহিব পরভু জীব কত কাল।" -শূ° পু°। ২ ধারা। "তপত দুধ কাহ্নাঞি নালে না পীএ"-শ্রী° কী°। ৩ [প্রাদে°] ভাব, মর্ম্ম। "চিকণ গোয়ালিনী কয়, শুন কথার নাল"-মৈ°গী°।

নালকী-বি, বৃক্ষবিঃ। ২ পালকীবিঃ।

নালবংশ [নাল (ফাঁপা ডাটা)+বংশ (বৎ)] বি, নল ; খাগড়া।

নালম্বী [সং] বি, শিবের বীণা।

নালা [প্রণালী > হি° পয়নালা >] বি, জল নির্গমপথ ; পয়নালা। "দক্ষিণ

] যুক্ত চিহ্নবৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ণ্য ঞ=ন্চ ঞ=ই ঁ ঙ=ক ড় ঢ় ঞ ঞ=নহ যুক্ত লহ ক্ত ক্ষ্য, ক্ষ ক্ ব ভ=zfwv ও চ্চা° দ্রঃ

মোহান হৈল জল যেতে নালা।"-শি°
২ খানা ; খাত।

নালায়েক [ফা° না-লায়ক্] বিণ, যে যে লায়েক নহে ; অনুপযুক্ত ; অযোগ্য।

নালি১ [নালা দ্রঃ] বি, পচা ঘা ; শোষযুক্ত ঘা sinus. ২ দেহস্থ শিরা। ৩ জল যাইবার খানা ; পয়নালা। ৪ বাড়ীর ছাদ ই°-র 'জল নির্গমনের জন্য পোড়া মাটির চোঙ্গ বা নল।

নালি২ [লালা >] বি, ফেন ; লালা। নালি ভাঙ্গা-ক্রি, নাল কাটা ; ফেনা উঠা। "মুখে ভাঙ্গে নালি"-কৃত্তি°।

নালিক১, নালীক [নাল১+ইক, ঈক (যুক্তার্থে) বা নালি১-লী+ক (স্বার্থে)] বি, নল বিশিষ্ট আগ্নেয়াস্ত্র। আকার ও ব্যবহার ভেদে ইহা দ্বিবিধ-লঘুনালিক ও বৃহন্নালিক ; আধুনিক বন্দুক ও কামান বা তোপ [দ্রঃ-"২॥ হস্ত লম্বা লৌহ নল, তার মূলে তির্য্যক্ দিকে (আড় ভাবে) একটা ছিদ্র মূল হতে উর্দ্ধ পর্য্যন্ত অন্তঃসুষির (গর্ত্ত) মূলে ও অগ্রভাগে বক্ষ্য ঠিক করিবার উপযুক্ত তিল বিন্দু (মাছি)-যন্ত্রের আঘাত পাইবামাত্র অগ্নি নির্গত হয় এরূপ প্রস্তরখণ্ডযুক্ত, সেই স্থানে অগ্নিচূর্ণের (বারুদের) আধার স্বরূপ একটী কর্ণ, উত্তম কাঠের উপাঙ্গ ও বুধ্ন অর্থাৎ ধরিবার মুঠ, এতদ্রূপ নালাস্ত্রের মধ্য গর্ত্তের পরিমাণ মধ্যমাঙ্গুলিটী প্রবেশ করিতে পারে এরূপ গর্ত্ত, তা'র ক্রোড়ে অগ্নিচূর্ণ প্রোথিত করণের দৃঢ় শলাকা, এইরূপ নালাস্ত্রের নাম লঘুনালিক। এই লঘুনালিক পদাতি ও অশ্বারোহী সৈন্যরাই ব্যবহার করিবে। উক্ত নালিকাস্ত্রের ত্বক্ যত কঠিন হইবে, উহার আয়তন যত বড় হইবে, তা'র গর্ত্ত যত স্থূল হইবে তা'র গোলা যত বড় হইবে, সে ততই দূর-ভেদী হইবে। তা'র মূলদেশে কীলক এবং কাষ্ঠবুধ্ন অর্থাৎ কাষ্ঠ নির্ম্মিত ধরিবার মুঠ নাই। বহুভার হেতু শকট ও উষ্ট্র প্রভৃতি পশু দ্বারা বাহিত হয়। ইহা উপযুক্তরূপে স্থাপিত হইলে যুদ্ধে জয়প্রদ হয়। ইহার নাম বৃহন্নালিক"-শুক্রনীতি, ৪অ (৮উ° বিদ্যারত্ন)]।

নালিক২ [সং] বি, পদ্ম। স্ত্রীং নালিকা-ডাঁটা। ২ নালিতা শাক।

নালিচা [প্রাকৃ° পৈঙ্গলে নালিচ, 'নালিচ'] বি, একজাতীয় পাট।

নালিতা [সং নলিত, নল (পাট)+ তিক্ত, তিতা, > নাল-তিতা, দ্রুত উচ্চারণে নালিতা, অতি দ্রুত গ্রাম্য উচ্চারণে নাল্‌তে] বি, পাটশাক। "ঘৃতে নালিতার শাক তৈলে বাস্তুক পাক"-কবিক°।

নালিমি [ব্রজ°। লালিমা >] বি, রক্ত আভা ; লালিমা। "উরজ উদয় থল না° দেল"-বি° প°।

নালিশ৩-স [ফা° নালিশ্] বি, অভিযোগ। ২ আবেদন ; বেদনাজ্ঞাপন। ~ী-বিণ, নালিশের বিষয়ীভূত ; যার জন্য নালিশ করা হইয়াছে। ~বন্দ্-বিণ, আবেদনকারী ; অভিযোক্তা।

নালী [নালা দ্রঃ। ক্ষুদ্রার্থে নালী] বি ক্ষুদ্র বা সংকীর্ণ প্রণালী। ২ ছোট নর্দ্দমা। ৩ চুঙ্গী। ৪ নাড়ী। ৫ শিরা। ৬ রন্ধ্র যুক্ত ক্ষত ; নালীঘা sinus.

নালীক [নালী+ক] বি, শল্যাস্ত্র ; বাণ ; শর। ২ পদ্মের বোঁটা।

নালীব্রণ [নালী-ব্রণ] বি, নালি ঘা ; দুষ্টক্ষত sinus

নালে [শ্রীহট্ট প্রাদে°] ক্রি-বিণ, সোজা ; সিধা ; বরাবর। "সড়ক ধরিয়া নালে যাও" (=সড়ক বরাবর সোজা যাও)। ২ [প্রা° বাং] ধারায়। "তপত দুধ কাঁজি নালে না পীএ।" -শূ° পু°। "উগারিয়া কালবিষ এড়িলেক নালে॥"-পদ্মা° পু° (বিজয় গুপ্ত)।

নাশ [নশ্ (বিনষ্ট হওয়া) +অ (ভা°)] বি, বিনাশ ; ধ্বংস। ২ ক্ষয়। ৩ মৃত্যু। ৪ বিণ, নষ্ট। প্রা°বাং-নাস। "ভক্ত গণর বিঘ্নি কর নাস।"-শূ° পু°। বিণ, নাশী। স্ত্রীং ~া।

নাশই [ব্রজ°। নাশা দ্রঃ] ক্রি, নাশ করে। "ঐছন একগুণ বহু দোষ নাশই"-বি° প°।

নাশক [নশ্+ণিচ=নাশি (বিনষ্ট করা) +অক (র্ত্তৃ)] বিণ, বিনাশকারী।

নাশন [নশ্+অন (ভা°)] বি, বিনাশ করণ ; ধ্বংসন ; উচ্ছেদন। ২ [র্ত্তৃ-অন। প্রায়ই অন্য সঙ্গে যুক্ত হইয়া ব্যবহৃত] বিণ, নাশক ; ধ্বংসক। প্র-বিঘ্ননাশন, দৈত্যনাশন ই°।

নাশিত [নশ্+ণিচ্=নাশি+ত (র্ম্ম)] বিণ, বিনষ্ট। ২ নিহত।

নাশা [সং-নশ্ (বিনাশ করা) >। নাশি, নাশ (নাশেন, নাশিস), নাশে (নাশেন) ; নাশিতে ; নাশিয়া (ক্ষে° পদ্যে-নাশি, গ্রা° নেশে)] ক্রি, বিনাশ করা ; ধ্বংস করা। প্র-কর্ম্মনাশা। ২ বিণ, নাশকারী।

নাশী [নাশ+ইন্ (স্ত্য°)=নাশিন্ ১মা, ১ব°] বিণ, বিনাশশীল ; ধ্বংসশীল। ২ নাশকারী। স্ত্রীং নাশিনী-নাশকারিণী। "মৃদুহাসিনী মধুরভাষিণি খলনাশিনি!"-অ°ম°।

নাষ্টিক [নষ্ট+ষ্ণিক] বিণ, নষ্ট দ্রব্যাধিকারী। স্ত্রীং ~ী-নষ্ট দ্রব্যাধিকারিণী।

নাস১ [সং-লাস্য > লাস > নাস] বি, বিলাস। ২ লাস্য, নৃত্য। ~বেশ-নর্ত্তনোপযোগী বেশভূষা ; নাচের পোষাক। "অশেষ বিশেষ করি নাসবেশ, নাচিতে চলিলা নটা।"-ঘ°।

নাস২ [নস্য >] বি, তামাক পাতার গুঁড়া ; নস্য snuff ২ নাসিকা দ্বারা আকর্ষণ। জলের নাস-নাক দিয়া জলপান। ধোঁয়ার নাস-নাক দিয়া টানিয়া ধূমপান।

নাসত্য [সং] বি, অশ্বিনীকুমারদ্বয়। ২ ধ্রুব। ~া-অশ্বিনী নক্ষত্র।

নাসদান, -দানি [সং-নস্যধানী। ফা° দান, দানী=আধার] বি, নস্যের ডিবা।

নাসপাতি [ফা° নাশ্‌পাতী] বি, আপেল জাতীয় পার্ব্বত্য ফলবিঃ pear.

নাসা [নসা ও°। সং-নাস্ (শব্দ করা)] বি, নাসিকা ; নিঃশ্বাস প্রশ্বাসের পথ ; ঘ্রাণেন্দ্রিয় ; নাক। "নাসার বেশর পরশ করিয়া ঈষৎ মধুর হাসে"-চণ্ডি°। ২ নাসিকার অভ্যন্তরে জাত দুষ্ট ব্রণবিঃ ; নাকের ভিতরের যন্ত্রণাদায়ক স্ফীতি polypus of the nose. ৩ নাগদন্ত ; ঝন্‌কাঠ ; চৌকাঠের উপর স্থিত কাঠ। ~জ্বর-নাসার তাড়সে যে জ্বর হয়। ~দারু [নাসা-দারু (কাষ্ঠ)] বি, কপালি ; ঝন্‌কাঠ ; নাগদন্ত। ~পরিস্রব-নাসাগত রোগ, যাতে ক্রমাগত (বিতঃ রাত্রিতে) নাসরন্ধ্র হ'তে জলবৎ শ্লেষ্মাস্রাব নির্গত হয় (সুশ্রুত)। ~পাক-বি, নাসাগত রোগ যাতে পূয

জন্মে ও দুর্গন্ধযুক্ত হয়। ~পান-বি, নাকদিয়া জলপান। "নাসারোগে সর্দ্দি ও মাথাধরা রোগে নাসাপান উপকারী"-প্রবাসী, শ্রাবণ, ১৩৩৪। ~পুট-বি, বরবটী বীজবৎ নাসারন্ধ্র বেষ্টিত নাসিকার এক প্রান্তস্থ মাংশল অংশ। ~প্রতিনাহ-নাসাগত রোগ যাতে রন্ধ্র-পথ দুটি শ্লেষ্মায় বন্ধ হইয়া যায়। শ্বাসরোধ, ঘ্রাণ ও আস্বাদন শক্তির হ্রাস ইহার লক্ষণ (সুশ্রুত)। ~ভাঙ্গা-নাকের ভিতর অস্ত্র প্রয়োগ দ্বারা নাসায় সঞ্চিত রক্ত বাহির করিয়া দেওয়া। ~রন্ধ্র [নাসার রন্ধ্র (ছিদ্র), ৬ষ্ঠৎ] বি, নাসিকার ছিদ্র, শ্বাস প্রশ্বাসের পথ। ~রোগ-বি নাসিকার পীড়া। ২ নাকের ভিতর দুষ্টব্রণরূপ ব্যাধি। ~শোষ, -পরিশোষ [সুশ্রুত] বি, নাসারন্ধ্রের পরিশুষ্কতা parchedness of the nostril.

নাসিক [নাসা দ্রঃ] বিণ, নাসিকাযুক্ত বা বিশিষ্ট। "উন্নত নাসিক"; নতনাসিক। ২ [পু°] বি, পৌরাণিক পঞ্চবটীর আধুনিক নাম [এই স্থানে সীতা হরণের পূর্ব্বে লক্ষণ রাবণ-ভগিনী সূর্পণখার নাসিকাচ্ছেদন করেন বলিয়া নাম]।

নাসিকন্ধম [নাসিকা-ধ্মা (শব্দ করা) +অ (কৃ)] বিণ, নাসিকার শব্দকারী; (বিতঃ) ঘুমাইলে যার নাক ডাকে।

নাসিকন্ধয় [নাসিকা+ধে (পান করা) +অ (কৃ)] বিণ যে নাস লয় বা নাক দিয়া পান করে।

নাসিকা ["নাসা চ নাসিকা"-অমর°] বি, নাসা; নাক। ~মল-শিকনি; নাকের পিঁচুটি।

নাসিকার্ব্বুদ [নাসিকা+অর্ব্বুদ] বি, নাসিকারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লী হতে যে কোমল, নীলাভ শ্বেতবর্ণ, অর্ব্বুদ বা অর্ব্বুদ-সমূহ জন্মে। নাকে কথা বলা, নাসিকার বহির্দ্দেশ বর্দ্ধিত হওয়া, রন্ধ্রপথ রোধ হওয়ায় মুখ দিয়া শ্বাসপ্রশ্বাস ক্রিয়া সাধিত হওয়া এবং শ্বাসরোধ ইহার লক্ষণ nasal polypus.

নাসিক্য [সং] বি, অশ্বিনীকুমারদ্বয়।

নাসীর [সং] বি, অগ্রগামী সৈন্য। তুল-আ° নাসির (defender)।

নাস্তা [ফা° নাশ্‌তা] বি, প্রাতরাশ breakfast.

নাস্তাখাস্তা [ফা° নেস্ত (অস্তিত্বলোপ, নাশ)+ফা° খাস্তা (চুরমার) বাং-য় অনু-প্রাসার্থে-নাস্তাখাস্তা (সহ° দ্বয)। নাস্তা-নাবুদ দ্রঃ] বিণ, অতিশয় দুরবস্থ, ছিন্ন ভিন্ন; বিধ্বস্ত; নাস্তানাবুদ। "যাদুমণি গোপনে এ ঘটনা কভু ভাল নয়। * * * নানাবস্থা না° শেষাবস্থায় হয়॥"-বাং-গান।

নাস্তানাবুদ [ফা° নেস্ত্‌নাবুদ। (নেস্ত =নাশ, অস্তিত্বলোপ annihilation) + নাবুদ্ (ন-বুদ্=অস্তিত্ব existence), সহ° দ্বয়] বি, অস্তিত্ব লোপ। ২ সর্ব্বনাশ। ৩ বিণ, বিধ্বস্ত। ৪ অবসন্ন।

নাস্তি [সং। ন (না)+অস্তি=নাস্তি] অ, নাই।

নাস্তিক [ন+আস্তিক। নাস্তি (ঈশ্বর নাই)+ক (জ্ঞা°)] বিণ, যে বেদ মানে না যে বেদকে আপ্তবাক্য বলিয়া স্বীকার করে না। ২ যে ঈশ্বরের অস্তিত্ব, বিশেঃ বেদ ও পরকাল স্বীকার করে না। ৩ [প্রাদে°] দেশাচার যে মানে না; আচারবিরোধী। নাস্তিক শ্রেণী-ভেদে ছয় প্রকার উক্ত হইয়াছে যথা-মাধ্যমিক, যোগাচার, সৌত্রান্তিক, বৈভাষিক, চার্ব্বাক ও দিগম্বর। ~তা (-র্ক-), নাস্তিক্য [নাস্তিক+তা, য (ভা°)] বি বেদ, পরলোক ও ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকরণ; নাস্তিকের ভাব বা আচরণ। ২ বেদনিন্দা।

নাহ$_1$ [নহ্ (বন্ধন করা)+অ (ভা°)] বি, বন্ধন। ২ বর্ম্ম।

নাহ$_2$ [সং-নাথ > প্রাকৃ° ণাহ > ব্রজ°, প্রা° বাং-নাহ] বি, প্রভু, নাথ; স্বামী। "হঠ করি নাহ করল যত কাজ। সো কি কহব ইহ সঙ্গিনী সমাজ॥"-বি° প°। ২ নাগর; নায়ক। "সুচতুর নাহ করয়ে অনুরোধ, অভিনব নায়রী না মানয়ে বোধ।"-জ্ঞান°। ~ক$_1$-নায়ের। ২ নাগরের। "নাহক আদর অধিক বাঢ়ায়"-জ্ঞান°।

নাহই [ব্রজ°। সং-স্নান > হিং নাহান : নাহা (স্নান করা)] ক্রি, স্নান করিতে। ২ স্নান করিয়া। "যাইতে পেখনু না° গোরী" -বি° প°। "নাহই উঠনু হাম কালিন্দী তীর।"-ঐ।

নাহক$_2$ [ফা° না+আ° হক্] ক্রি-বিণ, অনর্থক; বৃথা; মিছামিছি; অকারণ। "এইত গেল নিরপরাধী বেচারীদের না° কয়েদ।"-সীতারাম। "হালাল না করি করে নাহ হালাক"-অ° ম°। ২ অন্যায় পূর্ব্বক।

নাহয় [না-হয় (উচিত হয়)=উচিত হয় না] ক্রি, অনুচিত হয়, উচিত নয়। "বারণে, অজ্ঞানে ভেদ না হয় কখনে। অঙ্কুশে উচিত হয় শুচিক দুজনে।"-বাং-গান। ২ হয় না অপেক্ষা বলবৎ (emphatic) অর্থে। "এ দোষেরও সংস্কার যে না হয় তাহা নহে।"-চন্দ্রনাথ বসু। ৩ তৎপরিবর্ত্তে: আরও ভাল। তুল-ইং better প্র-না হয় তুমিই যাও। ৪ যদি না ঘটে, ঘটা সম্বন্ধে সন্দেহ স্থলে। প্র-আমাদের যাওয়া না হয়, তখন বলিতে পার। না হয় না হবে। ৫ অন্যথা। প্র-হয় যাও না হয় থাক।

নাহা$_1$ [সং-স্না (শৌচে, স্নানে) > হিং নহানা। নাওয়া দ্রঃ। নাহি (নাই), নাহ, নাও (নাহেন, নাহিস : ক্ষে° নাস), নাহে (নাহেন): নাহিতে (দ্রুত-নাইতে। প্রা° বাং নাহিতেঁ); নাহিয়া (দ্রুত-নাইয়া, পদ্যে-নাহি, গ্রা° নেয়ে)। ণিজন্ত-নাহানি (হিং নহলানা =স্নান করান)। বাং-য় নাওয়ানি (=হিং নহ্‌বানা)। নাওয়াই নাওয়াও ইং] ক্রি, স্নান করা। "নাহি উঠিল তীরে রাই কমলমুখী"-বি-প°। "গোরোচনা-গৌরী নবীন কিশোরী নাহিতে দেখিনু ঘাটে।"-চণ্ডী°। "নাহিবারে সখিগণ চাহে এহা জলে"-শ্রী° কী°।

নাহা$_2$ [নাথ > ব্রজ°, প্রা° বাং। নাহ দ্রঃ] বি, নাথ। "হাহা রামরমণ মোহর নিজ নাহা"-অনন্ত রামায়ণ।

নাহি [সং-নাস্তি > হিং নহী। নাই দ্রঃ] অ, নাই; বিদ্যমান নাই; বাঁচিয়া নাই। "নাহি কি কেহ"-কুরুক্ষেত্র (নবীন)। ২ না। "নাহি মারি অস্ত্র মোরা তোর সম জনে, ইচ্ছায়"-মেঘ°। ৩ অতীতবাচক; ছিল না, ছিলাম না, ছিলে না, অর্থে। প্র-দেখি নাই; যায় নাই। ৪ [ব্রজ°] নহে; নয়। "কনক কমল নাহি কাহে মনোলোভা।"-বি° প°।

৫ [না হয় দ্রঃ] উচিত হয় না ; নিষেধ। প্র-বলিতে নাই ; যাইতে নাই। "তুলিতে নাহি" (কবিক°)।

নাহুষ [নহুষ+অ] বি, নহুষরাজার পুত্র ; রাজা যযাতি। ২ বিণ, নহুষ সম্বন্ধীয়।

নি১ [সং-উপসর্গ] অ, সমীপ। প্র-নিকট। ২ সম্যক্। প্র-নিক্ষেপ ; নিপাত ; নিযুক্ত। ৩ অতিশয়। প্র-নিদারুণ। ৪ কৌশল। প্র-নিপুণ। ৫ অভাব। প্র-নিখুঁত ; নিদয়। ৬ নিষেধ ; না। প্র-যাস নি ; বলিস নি। ৭ সদৃশ। প্র-নিভ। ৮ অন্তর ; ভিতর। প্র-নিমগ্ন ; নিমজ্জন ; নিধান। ৯ নিশ্চয়। প্র-নির্দ্দিষ্ট ; নিদান। ১০ নিয়ত। প্র-নিদাঘ ; নিত্য। ১১ বিন্যাস। প্র-সন্নিবেশ। নিবেশ। উপনিবেশ। নিম্ন। ১২ কুৎসিত। প্র-নিগ্রহ। ১৩ বিরতি। প্র-নিবৃত্তি। ১৪ [সং-নঞর্থক নির্ >] অ, বাঙ্গালা নঞ্ অর্থক বা অভাবার্থক উপসর্গবিঃ। প্র-নিকামাইয়া। নিথাকুআ, নিঝঞ্ঝাট। নিসেধো।

নি২ [নেওয়া দ্রঃ] ক্রি, উ° পু° গ্রহণ করি ; লই [১ম, পু° 'নিল' (প্রা° বাং-য় উ° পু° ও°। 'নিলি', (প্রা° বাং-নিলী=লইলি), নিলে (প্রা° বাং-নিলেঁ, নিলেহেঁ-১ম, পু°=লইলে), নিলোঁ (আধু° বাং-লইলাম), নিব (প্রা° বাং 'নিবত'। 'দূতা পাঠায়িআঁ আহ্মে নিবত গোকুলে।" -শ্রী° কী°), নিবোঁ, নিবোঁক (আধু° বাং=লইব)। "পাছে তোক নিবোঁক বিলাসে"-শ্রী° কী°)। নিহ্নে (আধু° বাং-লইলে)। "তোহ্মে নিহ্নে বাঁশী"-শ্রী° কী°]।

নি৩ [হিং নহি, নাহি। বাং-নাই > ক্ষে° না, নি] অ, ক্রিয়ার অতীতে বৈপরীত্য বোধক। প্র-দেখিনি=দেখিয়াছিলাম না। দেখনি (প্রশ্নে) =দেখ নাই=দেখিয়া ছিলে না? ২ সামান্য ভূতকাল। "ওদের কাছে বলিব নাকো আজিও যাহা বলিনি"-রবী°। ৩ নিষেধে ক্রিয়ার সহিত যুক্ত হইয়া না স্থলে, প্রাদে° ব্যবহারে নি। প্র- দিওনি ; যেওনি।

নি৪ [সংগীতে। সং-নিষাদ বা নিখাদ > ক্ষে°। নিষাদ-মাতঙ্গের বৃংহিত হতে। স্বর দ্রঃ] বি, সপ্তম স্বর বা ধ্বনি। প্র-সা, রে, গা মা, পা, ধা, নি।

নি৫ [প্রা° বাং প্রাদে°] অ, না ; কিনা। "বিবাহ নি করিয়াছে পুত্র লক্ষ্মীন্দর।"-মনসা ম° (ষষ্ঠীবর)।

নিঅড় [সং-নিকট > প্রাকৃ° নিঅড়] বিণ, নিকট। ক্রি-বিণ, নিঅড়ে-নিকটে ; সমীপে। "পরভুর নিঅড়ে গিআ দিলাক তার সর।"-শূ° পু°।

নিঅম [নিয়ম > প্রা° বাং-য় 'য়' স্থলে 'অ'] বি, নিয়ম ; ধর্ম্মপূজা ও ব্রতাদি অনুষ্ঠানে পালিত সংযম। "নি° ধর পাল সনিবার"-শূ° পু°। "সনিবারে নিঅ এহি নিঅমর ফোঁটা।"-ঐ। ~ভঙ্গ-ধর্ম্মানুষ্ঠানাদিতে যে সকল নিয়ম সংযম পালিত হয় অনুষ্ঠান শেষে (ব্রতাদি উদ্‌যাপনের পর) তার ত্যাগ বা অপালন। "নিয়ম ভঙ্গে ধর্ম্মরাজ গতি সাবধান হইআ।"-শূ° পু°।

নিঅলি [সং-নেপালী (বনমল্লিকা) >, অথবা নবমল্লিকা > নবমালিকা > নবালী > নেয়ালী, নিরলী ; নেওয়াব, নেবারী ও°] বি, নেয়ালি বা নিরলী নামক পুষ্প। Jasminum arborescens, J. zambac floribuss multiplicates. "বেগ্যা গোঁওচি ভোচা আকড়া নিঅলি।"-শূ° পু°।

নিআ [নেওয়া দ্রঃ] ক্রি, লওয়া ; গ্রহণ করা। নি দ্রঃ।

নিআঁ [সং নীত্বা > প্রাকৃ° ণইঅ (মৃচ্ছক°)। প্রা° বাং] অস-ক্রি, লইয়া। "নিআঁ মথুরার হাটে"-শ্রী° কী°।

নিআড় [নি-আড় (অন্তরাল)] বি, নিভৃত স্থান ; নিনাড় (দ্রঃ)।

নিউমোনিয়া [ইং pneumoniaর লিপ্যন্তর] বি, শ্বাসযন্ত্র বা ফুস্ফুসের প্রদাহ।

নিউরাস্থিনিয় [ইং Neurastheniaর লিপ্যন্তর] বি, স্নায়বিক দৌর্ব্বল্য রোগ। মানসিক অবসাদ, অনিদ্রা, অবসন্নতা শিরোঘূর্ণন বা শিরঃপীড়া, মাথা ভারি বা মাথায় বেদনা বোধ, দৃষ্টিও শ্রবণশক্তি ও স্মৃতির ক্ষীণতা, হিষ্টিরিয়া ই° ইহার লক্ষণ।

নিং-নিঃ দ্রঃ।

নিংড়ন, নিঙ্গড়নি, নিঙ্গড়ানি [সং-নির্জির্ (শোধনে)] ক্রি, পাকাইয়া জল নিষ্কাষণ করা। বি, নিংড়ন, নিঙ্গড়ন, নিঙ্গড়ানি।

নিঃ-নিবেদক শব্দের সংক্ষেপ। এই অর্থে "নিং" ও হয় কিন্তু বিরল।

নিঃক্ষত্র, নিঃক্ষত্রিয় [নির্ (অভাব) +ক্ষত্র (ক্ষত্রিয়)] বিণ, অক্ষত্রিয় ; ক্ষত্রিয় রহিত ; ক্ষত্রিয়শূন্য। "নিঃক্ষত্রিয় করি একবিংশতি বার"-প্রেম ও ফুল।

নিঃক্ষোভ [নিঃ+ক্ষোভ] বিণ, ক্ষোভহীন ; অক্ষুব্ধ

নিঃশঙ্ক, নিশঙ্ক [নির্, নি (নাই) শঙ্কা (ভীতি) যার, বহু°] বিণ, নির্ভয় ; শঙ্কাশূন্য। ~চিত্তে, ~হৃদয়ে-ক্রি-বিণ, নির্ভয়ে।

নিঃশব্দ [নির্ (নাই) + শব্দ (ধ্বনি) যেখানে, বহু°] বিণ, নীরব, শব্দরহিত ; নির্ব্বাক। বি, নৈঃশব্দ্য। ~পদসঞ্চারে-ক্রি-বিণ, এত লঘু পদক্ষেপ বা পদ চালনা করিয়া যে চলিবার শব্দ না শোনা যায়। ক্রি-বিণ, নিঃশব্দে-শব্দ না করিয়া।

নিঃশস্ত্র [নির্-শস্ত্র] বিণ, শস্ত্রহীন ; নিরস্ত্র unarmed. ২ অহিংস। ~প্রতিরোধ [ইং passive resistance এর ভাবানুবাদ] বি, আইনের যুক্তি ই° বৈধ উপায়ে প্রতিবিধান ; বিনা অস্ত্রযুদ্ধে বাধা প্রদান। "তাহাতেও ক্রমাগত আন্দোলন করিতে থাকে। তাহারা ধর্ম্মঘট আদি নিঃশস্ত্র প্রতিরোধ (passive resistance) দ্বারা প্রতিকারের চেষ্টা করে"-প্রবাসী, ১৩২০।

নিঃশিল্প [নির্+শিল্প] বি, শিল্পরাহিত্য। ২ বিণ, শিল্পহীন ; শিল্পবিদ্যাহীন। "ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ভারতবর্ষকে বিতঃ বাঙলাকে নিঃশিল্প করে, শিল্পের উপাদান কাঁচা মাল উৎপাদন করতে নিযুক্ত করেন।" -আ° শক্তি, ১৩৩০, অগ্রহায়ণ।

নিঃশেষ [নির্ (নাই)+শেষ যার, বহু°] বিণ, শেষরহিত ; সম্পূর্ণ। বিণ, নিঃশেষিত [নিঃশেষ+ইত (প্রাপ্ত্যর্থে)] সমাপ্ত ; নিঃশেষ প্রাপ্ত ; যা ফুরাইয়া গিয়াছে।

নিঃশোধ্য [নির্ (সম্যক্) শোধ্য (শোধনীয়)] বিণ, সম্যক্ শোধনীয়। ২ নির্ম্মল।

নিঃশ্রয়ণী, নিঃশ্রেণী [নির্ (বাহির) + শ্রি (গমন করা) + অন(ণে) + ঈ (স্ত্রীং), নির্ + শ্রেণী] বি, সিঁড়ি ; সোপান ; আরোহণী।

নিঃশ্রেয়স [নির্ (নিত্য) + শ্রেয়স্ (মঙ্গল)] বি, মুক্তি ; জন্মান্তর না হওয়া। ২ মঙ্গল ; কুশল। ৩ ভক্তি। ৪ জ্ঞান। ৫ সুখ। ৬ বিশ্বাস ; প্রত্যয়।

নিঃশ্বসন [নির্ + শ্বস্ (শ্বাস গ্রহণ ও ত্যাগ) + অন (ভা০)] বি, নিঃশ্বাস প্রশ্বাস। ২ শ্বাস ত্যাগ ও গ্রহণ। বিণ, **নিঃশ্বসিত, নিশ্বসিত** [নি (ঃ) + শ্বস্ + ত (ভা০)] গৃহীত ও ত্যক্ত শ্বাস ; পরিত্যক্ত শ্বাস।

নিঃশ্বাস [নির্ (বাহিরে) শ্বস্ (প্রাণবায়ু) + অ (ভা০)। নিশ্বাস দ্রঃ। নিঃ=in, প্রঃ=ex নিশ্বাস (ভিতরে) লওয়া=inhaling ; নিশ্বাস (বাহিরে) ফেলা বা ত্যাগ করা= exhaling. প্রশ্বাস দ্রঃ] বি, প্রাণবায়ুর বহির্নিঃসরণ : শ্বাস গ্রহণ ও ত্যাগ breath নিঃ (নিঃ) ছাড়া,-টানা-ত্যাগ করা.-ফেলা.-বন্ধ করা. -বন্ধ হওয়া -বাহির করা,-বহির্গত হওয়া, -বাহির হওয়া.-রোধ করা.-লওয়া।

নিঃসংজ্ঞ [নির্ (নাই) সংজ্ঞা (জ্ঞান) যার, ব২০] বিণ, অচেতন ; অজ্ঞান।

নিঃসংশয় [নির=নিঃ] বিণ. নিঃসন্দেহ। ২ সংশয়-রাহিত্য। ~তা-বি, সন্দেহাভাব। ক্রি বিণ. **নিঃসংশয়ে**-নিশ্চয়পূর্ব্বক।

নিঃসঙ্কোচ-বি. সঙ্কোচরাহিত্য। ২ বিণ, অকুণ্ঠ। ক্রি-বিণ, **নিঃসঙ্কোচে**-কুণ্ঠাশূন্য হইয়া।

নিঃসঙ্গ [নির্ (না) সঙ্গ (সংসর্গ)] বিণ, সংস্রব রহিত ; সম্পর্কশূন্য , সম্বন্ধহীন। ২ বিষয়ানুরাগহীন। ৩ নির্জ্জন ; একাকী।

নিঃসত্ত্ব [নির্ (নাই) সত্ত্ব (প্রাণী, সার পদার্থ ইং) যাতে, ব২০] বিণ, প্রাণিশূন্য। ২ গত-প্রাণ। ৩ অসার ; সত্ত্ববিহীন। ৪ বলহীন : বীর্য্যহীন।

নিঃসন্তান [নির্ (নাই) সন্তান যার, ব২০] বিণ. সন্তানহীন ; আঁটকুড়া।

নিঃসন্দেহ [নির্ (নাই) সন্দেহ যাতে বা যার] বিণ. সংশয়হীন ; নিশ্চয়। ক্রি-বিণ, **নিঃসন্দেহে**-নিশ্চয়পূর্ব্বক।

নিঃসন্ধি [নির্ (নাই) সন্ধি (মিলন, সংযোগ) যার,ব২০। গ্রাং নিসন্ধি] বিণ, সন্ধিরহিত ; বিজোড় ; অযুক্ত।

নিঃসপত্ন [নির্ (নাই) সপত্ন (শত্রু) যার, ব২০] বিণ, শত্রুরহিত ; বিপক্ষরহিত।

নিঃসম্পর্ক, নিঃসম্বন্ধ [নির্ (নাই) সম্পর্ক বা সম্বন্ধ যার সহিত বা যাতে, ব২০] বিণ, সম্বন্ধ বা সংস্রবহীন। ২ বি, সম্পর্ক বা সম্বন্ধের অভাব। "এই ঘটনাগুলির পারম্পর্য্য দেখান মনে হয় * * * পরস্পর নিঃসম্বন্ধ নয়."-আং শক্তি. ১৩৩৩, মাঘ।

নিঃসম্পাত [নির্ (নাই) সম্ + পাত (গমনাগমন) যে সময়ে, ব২০] বি, নিশীথ। ২ বিণ. গমনাগমনশূন্য।

নিঃসম্বল [নির্ (নাই) সম্বল (সঙ্গতি) যার, ব২০] বিণ, সম্বলহীন : সঙ্গতিবিহীন।

নিঃসরণ [নির্ (বাহির) + সৃ (গমন করা) + অন (ভা০)] বি. বহির্গমন ; নির্গমন।

নিঃসর্ত্ত [নির্ (নাই) + আং সর্ত্ত (কারণ, হেতু যুক্তি) যাতে. ব২০] বিণ. অহেতুক ; যুক্তিহীন। ~ক্ষমা [নিঃসর্ত্ত (সর্ত্তহীন) ক্ষমা] বি, অহৈতুকী ক্ষমা unconditional pardon "বালকের পিতার নিকট নিঃসর্ত্তক্ষমা প্রার্থনা করিয়াছেন।"-বঙ্গবাসী. ১৩১৮।

নিঃসহ [নির্ + সহ] বিণ, অসহনীয়।

নিঃসহায় [নির্ + সহায় যার, ব২০] বিণ, সহায়হীন ; অসহায়।

নিঃসার [নির্ (নাই) সার (স্থিরাংশ) যার, ব২০] বিণ. সারবিহীন ; সারাংশশূন্য ; অসার। ২ নিস্তেজ। ৩ [নির্ + সার, সৃ (গমন করা) + অ (ণে)] বি, নির্গমন-পথ।

নিঃসারণ [নির্ (বাহির) সৃ + ণিচ= সারি (গমন করান) + অন (ভা০)] বি, বহিষ্করণ ; নির্ব্বাসন। ২ নিষ্কাসন ; নিংড়ন। ৩ [+ অন (ণে)] দ্বার।

নিঃসারিত [নির্ (বাহিরে) + সৃ + ণিচ্ =সারি (গমন করান) + ত (র্ম্ম)] বিণ, নিষ্কাসিত ; বহিষ্কৃত ; নির্ব্বাসিত।

নিঃসীম [নির্ (নির্গত) + সীমা যা হতে ব২০] বিণ, সীমা রহিত ; সীমাহীন ; অনন্ত।

নিঃসুপ্ত [নির্ + সুপ্ত] বিণ, গভীর নিদ্রাগত।

নিঃসৃত [নির্ (বাহিরে) + সৃত, সৃ (গমন করা) + ত (র্ত্তৃ)] বিণ, বহির্গত ; নির্গত।

নিঃস্নেহ [নির্ (নাই) + স্নেহ (প্রীতি) যার, ব২০] বিণ, স্নেহবিহীন। ২ [নির্ (নাই) স্নেহ (তৈল) যাতে, ব২০] তৈলবিহীন ; স্নেহ-পদার্থশূন্য। স্ত্রীং ~া-অসতী স্ত্রী।

নিঃস্পৃহ [নির্ (নাই) স্পৃহা (বাসনা) যার, ব২০] বিণ, স্পৃহাহীন ; বাসনাবিহীন ; কামনাশূন্য ; নিষ্কাম।

নিঃস্রব [নির্ (বাহিরে) + স্রব, স্রু (ক্ষরিত হওয়া) + অ (ভা০)] বি, তরল দ্রব্যের নির্গমন ; ক্ষরণ। ২ [+ অ (র্ম্ম), যে ক্ষরিত হয়] অন্নের মণ্ড ; ভাতের ফেন।

নিঃস্ব [নির্ (নাই) + স্ব (ধন) যার, ব২০] বিণ, ধনহীন ; দরিদ্র ; নিঃসম্বল। ২ [স্ব (জ্ঞাতি)] স্বজনবিহীন।

নিঃস্বত্ব [নির্ + স্বত্ব (অধিকার) যার বা যাতে, ব২০] বিণ, স্বত্বহীন ; অধিকার চ্যুত। ২ বি, অধিকার রাহিত্য। ~তা-বি, স্বত্ব-শূন্যতা।

নিঃস্বন [নির্ + স্বন্ (শব্দ করা) + অ (ভা০)] বি, নিনাদ ; রব ; ধ্বনি ; শব্দ। ২ বেগ। "সহিবারে নারে যদি জলের নিঃ। নিশ্চয় বলিহ তারে দিব আলিঙ্গন॥"-কবিকং।

নিঃস্বভাব [নিঃস্ব (দরিদ্রের) + ভাব (দশা), ৬তৎ] বি, দরিদ্রতা ; নির্ধনতা ; ধনহীন দশা। ২ [নির্ (নির্গত হইয়াছে) স্বভাব (যা হতে)] বিণ, চরিত্রহীন।

নিক (১) [সং-নালিক > স্কং লিক। হিং লীক। লং=ন] বি, মাটিতে গাড়ীর চাকার যে রেখা পাত হয়।

নিকট [নি (সমীপ) + কট (গমন করা) কিম্বা নি (না) + কট (গমন করা), অর্থাৎ যেখানে গমন করার আবশ্যক হয় না] বিণ, সমীপ ; অব্যবধান ; কাছে। ~তা (-ট্ঁ-) বি, নৈকট্য ; সামীপ্য। ~বর্ত্তী [নিকট (সমীপে) বর্ত্তিন্ ১মা, ১ব০=বর্ত্তী (যে থাকে)] বিণ, সন্নিহিত ; সমীপবর্ত্তী। > স্ত্রীং ~বর্ত্তিনী। ~স্থ (-ট্ঁ-) বিণ, নিকটবর্ত্তী।

-স্ত্রীং ~স্থা। ক্রি-বিণ, নিকটে-কাছে ; সমীপে। ২ ত্বরায় ; সত্বর। "নিকটে আসিব ঠাকুর"-চৈং মং।

নিকটা-নিকটি [তুল-হিং নগ্‌চা-নগচি] অ, কাছাকাছি।

নিকড়িয়া, নিকড়ো্য [নি (নয়) কড়িয়া (কড়ি+ইয়া, যুক্তার্থে), যে কড়ি (টাকা-ধন) যুক্ত নহে] বিণ, নির্ধন ; কড়িহীন ; অর্থশূন্য ; দরিদ্র। "দুঃখিনী দেখিতে নারি নিকড়ো নাগর। কি দিবে তা দেও আগে হাতের উপর॥"-শিং।

নিকতি, নিখতি [হিং নিক্তি] বি, সূক্ষ্ম তৌলদণ্ড। "সদসৎ নিখুতির মাপে সদাই মাপিতে গেলে এজীবন ফুরাবে বিলাপে।"-আলো ও ছায়া।

নিকন (-কন) [নিকান দ্রঃ] বি, মৃত্তিকা গোময়াদি লেপন ; প্রলেপন। ২ জল দিয়া ধৌত করণ।

নিকন্দিয়া [নি-কন্দ (স্কন্ধ) + ইয়া। গ্রাং নিকোন্দে] বিণ, কবন্ধ ; নির্মস্তক।

নিকম্মা [হিং-তে "অকম্মা" স্থানে ব্যবহার, নিষ্কর্ম্মার অর্থ হতে স্বতন্ত্র] বিণ, অকম্মা ; অনিপুণ ; যে কাজে হাত দিলেই খারাব করিয়া ফেলে। ২ যা কোন কাজে আসে না ; যা কোন কর্ম্মের নয় ; অপদার্থ ; অকেজো। ৩ [প্রাদেং। নি (নয়) + কর্ম্মা (কর্ম্মযুক্ত)] কর্ম্মহীন ; বেকার।

নিকর [প্রায়ই অন্যশব্দ সহ যুক্ত হইয়া প্রয়োগ। নি-ক (বিক্ষেপ) + অ (স্ম)] বি, রাশি ; সমূহ। "তাহার ভিতর শিকড় নিং যতন করিয়া বাঁধে।" -চণ্ডিং। ২ [জমীং পরিঃ] মোট ; সাকল্য। ৩ ন্যায্য দেয় ধন। ৪ নিধি। ~বাকী-বি, বাকী-পড়া করের সমষ্টি।

নিকরুণ [নি(নয়) + করুণ] বিণ, নির্দয় ; অকরুণ ; করুণাহীন। "বিদ্যাপতি ভণ মাধব নিং"-বিং পং। "নিং কান কোন সমুঝায়ব"-গোবিন্দং।

নিকর্ষণ [নি (না) + কর্ষণ (হল দ্বারা ভূমি কর্ষণ) যথায়, বহুং)] বি, নগরস্থ বা নগর সন্নিহিত অকর্ষিত ভূমি ; নাচাষ জমি। ২ নগর সন্নিহিত ক্রীড়াভূমি।

নিকলন [হিং নিকলনা >] বি, নির্গত হওন ; বাহির হওন। > ক্রি, নিকলা [নিকলি, নিকল, নিকলে ; নিকলিতে ; নিকলিয়া ইং] বাহির হওয়া। "শূলহাতে রহে বীর শিবের সম্মুখে। নয়নে নিকলে অগ্নি ঝলকে ঝলকে॥"-কবিকং।

নিকলায়ে [নিকলন দ্রঃ। হিং নিকল + আবে-নিকলায়ে] ক্রি, বাহির হয়। "ঝলকে ঝলকে রক্ত নিকলয়ে তুণ্ডে" -কবিকং। ণিজন্তরূপ, নিকালয়ে-বাহির করায়।

নিকশত [ব্রজং। হিং নিক্‌সানা] ক্রি, বাহির হয়। ২ স্খলিত হয়। "নিরখিতে নিয়ড়ে নিতম্বিনী নিচোল নিং নীবি নীবিবন্ধ।"-বিং পং।

নিকষ১ -স [নি-কষ্ =কস্ (কষণ করা) + অ (ধি), যাতে সুবর্ণাদি ধাতু কষণ করে] বি, কষ্টিপাথর। ২ শানে স্বর্ণাদি ঘষণ-চিহ্ন। ~কুল-বি, যে বংশে কোন কলঙ্ক নাই। ~কুলীন-বিণ, বিশুদ্ধ কুলজাত।

নিকষ২ [সং-নি(নিক্ষেপ, নিবেশ, আশ্রয়) + কোষ(ভাণ্ডাগার। "খড়্গ পিধানম্। খাপ ইতি ভাষা"-শং কং দ্রুম। নিকোষ (অসি ইং যাতে নিক্ষেপ বা নিহিত করা যায় অর্থাৎ অসির আধার বা গৃহ স্বরূপ) > নিকষ। তুল-হিং নিকাস (যা হ'তে কিছু বাহির হয়-হিং শব্দসাগর)। কবি মাইকেল মধুসূদন পিধানার্থক 'কোষ' স্থলে 'নিকষ' শব্দের প্রয়োগ করিয়াছেন] বি, পিধান ; খাপ ; অসিকোষ। "নিকষে যথা অসি, আবরিব মায়াজালে আমি দোঁহে।"-মেঘং।

নিকষণ [নি (সম্যক্) কষণ (কর্ষণ)] বি, কষ্টিপাথরে কষণ ; ঘর্ষণ। ২ খনন ; বিলেখন। বিণ, নিকষিত-নিকষে কষিত। ২ মার্জ্জিত। ৩ শান দেওয়া ; পালিশ করা।

নিকষা [রামাং] বি, সুমালি রাক্ষস দুহিতা ; বিশ্রবামুনি-পত্নী ; রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ, সুর্পনখার জননী।

নিকষাত্মজ [নিকষা + আত্মজ(পুত্র)] বি, নিকষানন্দন ; রাবণাদি। স্ত্রীং ~া-সুর্পনখা।

নিকষোপল [নিকষ + উপল (প্রস্তর)] বি, কষ্টিপাথর ; শান।

নিকসানি [হিং নিক্‌সানা। ব্রজং] ক্রি, বাহির হওয়া। > ক্রি, নিকসউ-নির্গত হউক ; বাহির হউক। "শুনইতে নিকসউ কঠিন পরাণ।"-বিং পং। নিকসব-বাহির হইবে। "জীব নিকসব যব রাখব কোই।"-ঐ। নিকসয়, 'নিকশয়', নিকসয়ে-বহির্গত হয়। "বচন না নিকসয়ে চমকিত চিত।"-বিং পং। নিকসল-বাহির হইল। "পুন দুহুঁ জন মন্দির সঙে নিকসল জটিলা সনে কহে ভাখী।"-বিং পং।

নিকা১ -নিক দ্রঃ।

নিকা২ [আঃ নিকাহ্। গ্রাং নিকে] বি, মুসলমানজাতীয় বিবাহ-পদ্ধতিবিঃ ; মুসলমান শাস্ত্রমতে বিধবা বিবাহ। "বলিল অনেক মিয়া আপন তরফ গিয়া কেহ নিং কেহ করে বিয়া।" -কবিকং। "আব দেখ নারীর প্রসম মরি যায়। নিকা নাহি দিযা রাঁড় করি রাখে তায়॥" -অং মং। ২ অন্যের পরিত্যক্ত স্ত্রী গ্রহণ।

নিকাট [নি (নিঃশেষ)-কাট] বি, ক্ষেত্রাদির জল কাটান। নিং করা-কাটাইয়া জল নিঃশেষ করিয়া জমি শুষ্ক করা [বাং শং কোষ]।

নিকান [রূপান্তরে-নিকন, নিকুন। সং-নিজ্ (নির্ম্মলীকরণে) >। নিকাই, নিকাও, নিকায় ; নিকাইতে, নিকাইয়া (গ্রাং ক্ষেং নিকয়ে] ক্রি, ভূমি বা প্রাচীরাদি মৃত্তিকা গোময়াদি দ্বারা লেপন করা।

নিকাম [নি (নাই) কাম (কাজ)] বিণ, কর্ম্মহীন ; নিষ্কর্ম্মা। ২ নিকম্মা। ~ী-বিণ, কাজের অযোগ্য।

নিকামাইয়া, নিকামায়ে [নি১৪ দ্রঃ] বিণ, যার হাতে কাজ নাই ; বেকার ; কর্ম্মহীন। নিং দর্জ্জী-কাজ অভাবে খালি হাত না থেকে সেলাই করা। তুল-নেই কাজ ত খৈ বাছ।

নিকার [সং] বি, তিরস্কার। ২ অনিষ্ট। ৩ অবমানন। ৪ খোয়ার ; লাঞ্ছনা। ৫ শস্যোৎক্ষেপণ [বিরল]।

নিকারী, নিকিরী [কাবারি দ্রঃ] বি, মুসলমানের শ্রেণীভেদ ; মুসলমান মৎস্য-ব্যবসায়ী ; কাবারি।

নিকাল [হিং-র অনুকরণে] বি, বাহির; বহিষ্কার। নিং দেও-ক্রি, বাহির করিয়া দাও। ২ দূর কর। নিং যাও-ক্রি, বাহিরাও; বাহির হইয়া যাও।

নিকাশ (স) [নি-কশ্ (দীপ্তি)+অ (ভাং)] বি, প্রকাশ। ২ বিনাশ বধ। "দিলীর খাঁকে পথিমধ্যে নিকাশ করিতে হইবে।" -রাজসিংহ (বঙ্কিমং)। ৩ পরিশোধ। ৪ হিসাব পত্র বুঝাইয়া দেওয়া। "নিকাশ তাহার গোঁজা।"-ভারতং। "এবার জমায় শূন্য খরচ ভারি। আমার নিং দেওয়া হল ভারি॥"-বাং-গান। ৫ নির্দ্ধারণ। ৬ শেষ। প্র-ক্রমাগতই চলেছে তার আর নিং নাই। ৭ আর দাঁড়াইতে না পারে এমন অবস্থায় ফেলা; অকর্ম্মণ্য করিয়া ফেলা। ৮ [নিষ্কাশ >] বি, নিষ্কাশন; নির্গম।

নিকাশি [নিকাশ দ্রঃ] বি, নিকাশ; চুক্তি। "হার মেনে গেছি আমি করে নিং।"-অশোকং। ২ বহির্গমন; নির্গম। ৩ বিণ, নির্দ্ধারণ। ৪ বিণ, যার নিকাশ করা হইয়াছে।

নিকাশিপোতা [জমিং পরিঃ] বি, জমীদারী সেরেস্তার কর্ম্মচারীরা হিসাব নিকাস্ দিবার সময়ে যা দেন।

নিকাষ [সং] বি, কষণ। ২ ঘষণ।

নিকাস-নিকাশ দ্রঃ।

নিকী, নিখী [সং-নিক্ষা >] বি, উকুণজাতীয় কেশকীটবিঃ; উকুণের ডিম্ব।

নিকুচি [গ্রাং। সং-নিকুঞ্চিত >। নি-কুঞ্চ্ (অল্পীভাবে) > অল্পীকরণার্থে নিকুচি। অথবা, নিকাশি (নাশ) >।শ=চ] বি, নিকাশি; শেষ; দফারফা; মরণ। প্র-তোর ছেলের নিং করেছে। ২ ছেলেদের দোষের জন্য তাড়না বা দণ্ডের ভয় প্রদর্শন বাক্য। নিং করা-দফা রফা করা; শেষ করা; ঘাড় ভাঙ্গা; নিকেশ করা।

নিকুঞ্চক [সং] বি, পরিমাণবিঃ; কুড়ব পরিমাণের চতুর্থাংশ। ২ জলবেতস্।

নিকুঞ্জ [সং] বি, লতাগৃহ; উদ্যানস্থ লতামণ্ডিত স্থান। ~কানন, ~বন-বি, লতাগৃহ সমন্বিত উদ্যান।

নিকুনি [নিকান দ্রঃ] ক্রি, পরিষ্কার করা; মৃত্তিকা গোময়াদি দ্বারা প্রলেপন।

নিকুপে [প্রাং বাং] ক্রি-বিণ, চুপে, চুপিসাড়ে, নিঃশব্দে। "নিলজী নিকুপে থাক কর্ণা শিখা পাইব তাক পাপমতী না বাসসি লাজে।"-শ্রী কীং।

নিকুম্ভ [রামাং] বি, কুম্ভকর্ণের পুত্র। ২ [পুং] শিবানুচরবিঃ। ৩ দন্তিকা বৃক্ষ। স্ত্রীং ~ী-কুম্ভকর্ণের কন্যা।

নিকুম্ভিলা [রামাং] বি লঙ্কার উপবন সহস্র যূপ বা যজ্ঞীয় পশুবন্ধন কাষ্ঠ শোভিত লঙ্কার যজ্ঞক্ষেত্র ও দেবালয়। "আগে পূজ ইষ্টদেবে নিং যজ্ঞ সাঙ্গ কর বীরমণি।"-মেঘং। ২ দেবীবিঃ; কুলদেবতা। "সুরা-মাংস খেয়ে আজ হয়ে তুষ্ট মন দেবী নিং পাশে করিব নর্ত্তন॥"-বামাং (রাজং)।

নিকৃত [নিকার দ্রঃ। নি-কৃ+ত (র্ম্ম)] বিণ, তিরস্কৃত; অবমানিত। ২ নিগৃহীত। ৩ পরাজিত। ৪ প্রকাশিত। ৫ অপকৃত। ৬ বঞ্চক; নীচ। বি, নিকৃতি [সং] বি, নিন্দা। ২ ভর্ৎসনা। শঠতা। ৩ 'তুমি যদি অবশ্যম্ভাবী নিকৃতি স্মরণ করিয়া দ্যূত ক্রীড়ায় আহূত হইয়াও আমার নিকটে আসিতে ভীত হও"-মহাং (রায়)।

নিকৃত্ত [নি-কৃৎ (ছেদন করা)+ত (র্ম্ম)] বিণ, কর্ত্তিত; ছিন্ন, ছেদিত। ২ খণ্ডিত।

নিকৃন্তন [সং-নিকৃত্ত] বি, ছেদন, কর্ত্তন। ২ বি, খণ্ডন। বিণ, নিকৃন্তিনী -বিনাশিনী। সম্বোধনে-নিকৃন্তিনি। "মহিষমর্দ্দিনি দুর্গে বিঘাতিনি রক্তবীজ নিকৃন্তিনি।"-অং মং।

নিকৃন্তী [সং] বিণ, ছেদক; কর্ত্তনকারী। ২ বিনাশী। স্ত্রীং নিকৃন্তিনী।

নিকৃষ্ট [নি-কৃষ্ (কর্ষণ করা-অবজ্ঞা করা)+ত (র্ম্ম)] বিণ, জঘন্য; নীচ; অপকৃষ্ট। ২ অকৃষ্ট; যা কর্ষণ করা হয় নাই [প্রং জ্ঞং]। ~প্রবৃত্তি-বি, লিপ্সা, জিঘাংসা, বুভুক্ষা, কাম, অপত্যস্নেহ ইং কেবল আত্মরক্ষার্থ ও পরিজন পোষণের বৃত্তি সমূহ। ২ নীচবৃত্তি।

নিকেতন নিকেত [নি-কিত্ (নিবাসে)+অন, অ (ধি)] বি, স্থান; গৃহ; আলয়। "ধন জন যৌবন নগর নিকেতন। পদাতি বারণ বাজী রত্নসিংহাসন।"-কবিকং।

নিকোচন [নি-কুচ্ (সঙ্কোচে)+অন (ভাং)] বি, সঙ্কোচন।

নিক্কণ [নি-ক্বণ্ (অনুং। তুল-"বীণা বাদয়ে অতি ললিত কণু কণু কণু কণ্ নিনাদে।" -হেমং) +অ (ভাং)। ভাবে ঘঞ্ করিয়া নিকাণ শব্দ নিষ্পন্ন হয় কিন্তু বাং-র বিরল] বি, বীণাধ্বনি; তন্ত্রীর ঝঙ্কার; "ক্কণু ক্কণু নিং কোমলে মিলিয়া ক্রমে গুরুগর্জ্জন সপ্তমে। ছুটিয়া। -দশমহাবিদ্যা। ২ নিনাদ; ধ্বনি।

`**নিক্তি** [নিকতি দ্রঃ] বি, সূক্ষ্ম তুলাদণ্ডবিঃ; ক্ষুদ্রাকৃতি পরিমাণ-যন্ত্র।

`**নিক্ষিপ্ত** [নি (নিম্নে) ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ত (র্ম্ম), যা ক্ষেপণ করা হইয়াছে] বিণ, অধঃক্ষিপ্ত; নিম্নে ফেলিয়া দেওয়া হইয়াছে এমন। ২ পরিত্যক্ত; যাকে পরিহার করা হইয়াছে। ৩ যা বা যাকে দূরে ফেলিয়া দেওয়া বা ছুঁড়িয়া ফেলা হইয়াছে। ৪ গচ্ছিত; গুপ্ত। ৫ অর্পিত। ৬ বিন্যস্ত

`**নিক্ষেপ** [নি-ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ (ভাং)] বি, স্থাপন। ২ ত্যাগ; ফেলিয়া দেওয়া; ক্ষেপণ। ৩ গচ্ছিত করণ; ন্যাস। ৪ সংস্কারার্থ শিল্পীর নিকট দ্রব্যের অর্পণ। ৫ [+অ(র্ম্ম)] গচ্ছিত বস্তু। ~ক (-র্প-) [নি-ক্ষিপ্ +অক (র্ত্তৃ)] বিণ, নিক্ষেপকারী, ক্ষেপক।

নিখণ্ড [নি(নয়)+খণ্ড] বিণ, অখণ্ড; পূর্ণ; অভঙ্গ। "তরঙ্গ নিং"-ধং মং (রূপরাম)। ২ নির্গত।

নিখিতি [নিঃক্ষত্রিয় > দ্রঃ] বিণ, ক্ষত্রিয়শূন্য; নিঃক্ষত্রিয়। "নিং করিল যেন রেণুকানন্দন।"-ধং মং (রামচন্দ্র-সাং পং পরিচয়)।

নিখরচা [নি (বিনা) খরচা] ক্রি-বিণ, বিনামূল্যে; বিনাব্যয়ে।

নিখর্ব্ব [নি (অতিশয়) খর্ব্ব (হ্রস্ব)] বিণ, খর্ব্বাকৃতি; বামন [বিরল]। ২ দশসহস্র কোটী সংখ্যা; ১০০০০০০০০০০০।

নিখাকুআ, নিখাউ(ও)ন্তিয়া, নিখাউন্তে, নিখেকো [নি,৪দ্রঃ] বিণ,

] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগগ্র)। `হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ=ংগ ঞ=ন্গ ঙ্গ=নচ ন্গ=ই হ্ন=ক হ্ন হ্ম হ্ম ক্ষ=নহ বৃহ লই হু হ্ম, জ ক বৃ ক্ষ=fwv ও চ্চাং দ্রঃ

যে খায় না ; অনাহারী ; অল্পাহারী। স্ত্রীং নিখাউ (ও) স্ত্রী, নিখাকী।

নিখাটু [নি-খাটু (হিং নিখট্টু। খটানা > টিকনা (তুল- rolling stone.) >] বিণ, যে কোন কাজে স্থায়ী হয় না। ২ অলস।

নিখাত [নি-খন্ (খাত করা) + ত (র্ম্ম)] বিণ, যা খনন করা হইয়াছে ; খনিত। ২ নিবেশিত ; স্থাপিত। ৩ প্রোথিত।

নিখাদ [নিষাদ >। হিং-তে "ষ"; এর গ্রাং উচ্চারণ 'খ'। তুল-বিভীষণ=বিভীখণ] বি, সঙ্গীতের সপ্ত মূল সুরের সপ্তম সুর (হস্তীর বৃংহিত হতে)।

নিখার্দন [খোদন >?] বি, ছিদ্র করিবার উপযোগী যন্ত্রবিঃ।

নিখিল [নি-খিল (দ্রঃ)] বি, সকল বস্তু। "আছে আছে প্রেম ধূলায় ধূলায় আনন্দ আছে নিখিলে।"-রবীং। ২ বিশ্বব্রহ্মাণ্ড ; সমুদয় জগৎ। "জীবনে মরণে ভয়ে ভয়ে তবে প্রবাসী ফিরিবে নিখিলে।"-রবীং। ৩ বিণ, সমস্ত ; সমুদয় ; সমগ্র। "তোমার চরণ করেছে বরণ নিং জন।"-রবীং। ৪ অখণ্ড ; সম্পূর্ণ ; অনন্ত। ~নাথ বি, বিশ্বনাথ ; জগদীশ্বর।

নিখুঁত [সং-নিখণ্ড > হিং নিখোট >, বা নি + খুঁত (< ক্ষত)] বিণ, যাতে কোন ত্রুটি নাই ; দোষবিহীন ; নির্দ্দোষ। ২ বিশেষ ; সূক্ষ্ম। প্র- নিখুঁত করে দেখা।

নিখুঁতি [নি-খুঁত + ই (স্ত্যং)] বি, যে মিষ্টান্নে খুঁত নাই ; উৎকৃষ্ট সন্দেস।

নিগড় [নি-গড় (বন্ধন করা) + অ (ণে)] বি, লোহার শিকল ; লৌহময় বন্ধনী। "বসুদেব দৈবকীরে নতি কৈলা নতশিরে দূর করি নিং বন্ধন।" -অং মং। ২ পায়ের বেড়ী ; শিকলের পাদবন্ধনী। "কহ, এ নিং তবে পর তুমি কোন্ পাপে?"-মেঘং। ৩ সূত্র। "সাধুবর খুল্লনার নিগড় বন্ধনে" -কবিকং।

নিগড়িত [নিগড় (শৃঙ্খল) + ইত (যুক্তার্থে)] বিণ, শৃঙ্খলিত। ২ বদ্ধ।

নিগদ [নি (নিশ্চয়) গদ্ (কথনে) + অ (ভাং)] বি, ভাষণ। বিণ, নিগদিত [-+ত (র্ম্ম)] বিণ, ভাষিত ; উক্ত। ২ বি, বচন। ৩ [বৈদিক] ঋগাদি মন্ত্রের ন্যায় শ্রৌত-কার কাত্যায়ন-উল্লিখিত মন্ত্রবিঃ ; প্রৈষমন্ত্র। ঋত্বিকরা পরস্পর অনুজ্ঞা বা আদেশ দিবার কালে যা উচ্চারণ করেন (রাং ত্রিবেদী)।

নির্গ্রন্থ [নিঃ + গ্রন্থ (=গ্রন্থি)= নির্গ্রন্থ > নিগন্থ=গ্রন্থিহীন=সংসারবন্ধনহীন] বি, জৈন পার্শ্বনাথ স্বামীর মতাবলম্বী সন্ন্যাসী ; উক্ত সম্প্রদায় [সংসারবদ্ধ বা গৃহস্থ শ্রাবক (দ্রঃ) বলিয়া উক্ত]

নিগম [নি-গম্ (গমন করা) + অ (ধিং) মনুষ্যগণ যে স্থানে গমন করে] বি, সরণি ; পথ। ২ লোকালয় ; নগর। ৩ বাণিজ্যস্থান ; বাজার ; হাট। ৪ বেদ। "নিগম আগমে তুমি নিরুপম কায়া"-অং মং। ৫ ন্যায়শাস্ত্র। ৬ নির্ণয় ; সন্ধান ; নিশ্চয়। ৭ নিগমন ; নির্গমন ; বহির্গমন। ~-আগম, আগম নিগম,-বেদ ও তন্ত্র। ২ আগমন বা প্রবেশ ও বহির্গমন। ~গ্রাম-বি, গণ্ডগ্রাম ; যেখানে হাট বাজার আছে। "* * * কোন নিগম গ্রামে.........ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়াছিলেন।" -জাতক, ১৮০।

নিগমন [নি-গম্ + অন] বি, ন্যায়াঙ্গ। প্র-নিং মূলক যুক্তি প্রণালী। ২ নির্গমন ; বহির্গমন। বিপরীত 'আগমন'।

নিগমনাবয়ব-অবয়ব দ্রঃ।

নিগর, নিগার [নি-গ (ভোজন করা) + অ (ভাং)] বি, ভোজন ; ভক্ষণ।

নিগরণ [গ্রাং নিগলন। হিং নিগল্না। নি-গ (ভোজন করা) + অন (ভাং)] বি, গলাধঃকরণ ; ভোজন ; ভক্ষণ ; গিলন। ২ [+অন (ণে)] গলা।

নিগা [লাগিয়া > লাগি > নাগি > নিগ। নেগে ও (প্রাদেং, গ্রাং)] অ, জন্য। "তোমার নিগা কৈরতে পারি রাজিত্তি খয়" -পূং বং গী।

নিগাবানি [ফাং নিগাহ্ (দৃষ্টি) > নিগাহ্ বানি। হিং নিগবানি] বি, তত্ত্বাবধান ; দেখা-শুনা।

নিগার [ইং Nigarএর লিপ্যান্তর] বি, কাফ্রী ; কালা আদমী ; অশ্বেত মানবের প্রতি অবজ্ঞাসূচক উক্তি।

নিগাল [নি-গল্ (ভোজন করা) + অ (ণে)] বি, অশ্বের গলদেশ।

নিগালি [নিগাল দ্রঃ] বি, অশ্বগলরজ্জু।

নিগাহ [ফাং নিগাহ্] বি, দৃষ্টি ; নজর। ২ মনোযোগ। ৩ তত্ত্বাবধান। ~বান্ নিঘাবান দ্রঃ।

নিগীর্ণ [নি-গ (ভোজন করা) + ত (র্ম্ম)] বিণ, গলাধঃকৃত ; গিলিত। (বিপরীত-উদ্গীর্ণ)।

নিগূঢ় [নি (সম্যক্) গুহ্ (আচ্ছাদন করা) + ত (র্ম্ম)] বিণ, সম্যক্ আচ্ছাদিত ; সংবৃত। ২ আবৃত। ৩ অপ্রকাশ্য ; গোপন। "অতএব কহি কিছু করিয়া নিং, বুঝিবে রসিক ভক্ত না বুঝিবে মূঢ়"-চৈং চং। ৪ গভীর। ৫ গুপ্ত। ৬ রহস্যময়। ৭ দুর্জ্ঞেয়। ৭ আলিঙ্গিত [বিরল]। ৮ বি, মর্ম্ম ; সার। ৯ [বৈদ্যকে] বনমুদ্গা ; বনমুগ।

নিগৃহীত [নি (নিন্দিত, কুৎসিত ভাবে) + গ্রহ্ (গ্রহণ করা) + ত (র্ম্ম)। গ্রহ=গৃহ, ঈ আগম] বিণ, কঠোর ভাবে গৃহীত ; ধৃত ; আয়ত্ত। ২ পীড়িত ; ক্লেশিত। ৩ শাসিত ; দণ্ডিত। ৪ যাকে শান্ত বা বশ করা হইয়াছে, বশীকৃত ; সংযত। ৫ যাকে অসৎ কার্য্য হতে নিবৃত্ত করা হইয়াছে ; নিবর্ত্তিত।

নিগে-বি, গাড়ীর চাকা যাতে বদ্ধ থাকে।

নিগ্রহ [নি-গ্রহ্ (গ্রহণ করা) + অ (ভাং)। বিপরীত-'অনুগ্রহ'] বি, দণ্ড ; শাসন। ২ বন্ধন ; অবরোধ। ৩ প্রহার ; তাড়না। ৪ তিরস্কার ; ভৎর্সনা। ৫ অপমান ; খোয়ার। ৬ বিড়ম্বনা। "নিং করিতে পুনঃ বিলম্ব না সহে।"-অং মং। ৭ যাতনা ; কষ্ট। ৮ নিবর্ত্তন। ৯ বশীকরণ। ১০ সংযম। ~পুলিশ-দুরন্ত প্রজাবর্গের শাসনস্বরূপ তাদের ব্যয়ে রক্ষিত পুলিশ। punitive police. ~স্থান-বি, যুক্তিতে হার failure in argument. ২ কোণঠাসা হওয়ার অবস্থা।

নিগ্রাহক [নি-গ্রহ্ (গ্রহণ করা) + অক (র্ত্তৃ)] বিণ, নিগ্রহকারী।

নিঘণ্টু [সং] বি, নির্ঘণ্ট ; সূচী index. ২ নিরুক্ত ; বৈদিক অভিধানবিঃ।

নিঘা [ফাং নিগাহ্ (দৃষ্টি, খবরদারি) >।

গহ্=ঘ] বি, নিগাহ (দ্রঃ) : দৃষ্টি। ~বান [ফা° নিগাহ্দার, হি° নিগাহবান। >] বি, চৌকিদার ; প্রহরী। "ডাকিয়া কহিয়া দিল শক্ত নিঘাবানে। সাবধান দিবানিশি রাখিবা নয়নে॥"-হরিলীলা (জয়নারায়ণ), ব° সা° প°। > বি, **নিঘাবঁনা**-খাটাখাটুনি। ২ দেখাশুনা। ~বানী-বি, খবরদারি।

নিঘিন্নে [গ্রা°। নির্ঘৃণ > । নি-ঘিন্নিয়া (ঘৃণা-ঘিন্না-ঘেন্না]বিণ,ঘৃণাশূন্য।"আমার মত আরো নি° মানুষ আছে"-নবীন তপস্বিনী।

নিঘুষ্ট [নি+ঘুষ্ (ঘোষে)+ত (ভা°)] বি, শব্দ ; ঘোষণা।

নিঘ্ন [সং] বিণ, আশ্রিত। ২ অনুগত ; বশীভূত ; আয়ত্ত। ৩ নির্ভর। "প্রণত জনের নিঘ্ন দূর কর মম বিঘ্ন"-কবিক°।

নিঙাড, নিঙার্ডন [নিঙ্গড়ান দ্রঃ] বি, নিষ্কাশন ; নিষ্পীড়ন ; জল নিঃসারণ।

নিঙাড়া [নিঙ্গড়ান দ্রঃ। প্রা° বাং-পদ্যে। নিঙারি, নিঙাড়. নিঙাড়ে ; নিঙাড়িতে ; নিঙাড়িয়া (ক্ষে° পদ্যে-নিঙাড়ি, গ্রা° নিঙড়ে, নিংড়ে)] ক্রি, নিঙ্গড়ান ; আর্দ্র বস্ত্রাদি হতে নিষ্কাশন করা। "চাঁদ নিঙাড়িয়া কেবা ও সুধা ঢালিল রে"-পদা°।

নিঙার্ণ [নিঙ্গড়ান দ্রঃ] বি, নিষ্কাশন। ২ ঝাড়ন [বঙ্গভাষা ও সাহিত্য]।

নিঙ্গড়ানি, নিংড়ানি [সং-গূঢ় > গুড়ান (সঙ্কোচন ; গুটান)। নি (সম্যক্)+গুড়ান=নিগুড়ান-নিগ্ড়ান (প্রাদে°)। তুল-হি°নিচোড়না (< নিকুঞ্চন)। নিঙ্গড়াই, নিঙ্গড়াও (নিঙ্গড়ান, নিঙ্গড়াস), নিঙ্গড়ায় (নিঙ্গড়ান) ; নিঙ্গড়াইতে, নিঙ্গড়াইয়া (পদ্যে-নিঙ্গাড়ি,গ্রা°নিঙ্গড়ে, নিংড়ে)] ক্রি, সজল দ্রব্য নিষ্পীড়ন করিয়া জল নিষ্কাশন : আর্দ্র বস্ত্র গুড়াইয়া জল বাহির করিয়া দেওয়া ; নির্গালন। "অঞ্জন গঞ্জিয়া কেবা খঞ্জন আনিল রে চাঁদ নিঙ্গাড়ি কৈল থেহা।"-চণ্ডি°। "কেশ নিঙ্গাড়িতে বহে জল ধারা"-বি° প°।

নিঙ্গলন [গ্রা°। নিগরণ দ্রঃ। হি° নিগল্না] বি, গিলন ; গ্রাস করা।

নিচয়₁ [নি-চি (চয়ন করা, একত্র করা) +অ (র্ম)] বি, সমুদয়. সমূহ : রাশি। ২ [+অ (ভা°)] বৃদ্ধি ; উপচয় [প্র° অ°]।

নিচয়₂ [নিশ্চয় > ব্রজ° নিচ্চয় > পদ্যে কোমল রূপ। ব্রজ°] বি. নিশ্চয়। "নি° মরিব আমি সে কানু উদ্দেশ"-বি° প° (বঙ্গবাসী)। "নি° কহনু মযু তোয়"-রবী°।

নিচল [সং-নিশ্চল >] বিণ. নিশ্চল। ক্রি-বিণ, **নিচলে**-নিশ্চলভাবে। "নিচলে রহিলা রাধা"-শ্রীকৃ° কী°।

নিচিত (ত) [নি-চি (চয়নে)+ত (র্ম)] বিণ. সঞ্চিত।

নিচু-লিচু দ্রঃ।

নিচুন [প্রাদে°। নিছনি (দ্রঃ) > সং] বি. নিছনি। "বাঁচিবা না বাঁচি তোমার পায়ের নিচুন লই।"-পূ° ব° গী°। ২ আলাইবালাই।

নিচুল [সং] বি, বেতস। ২ অধর। ৩ মহাকবি কালিদাসের সমসাময়িক কবিবিঃ।

নিচুলক [সং] বি. বর্ম : সাঁজোয়া।

নিচোড় [হি° নিচোড] বি. নিঙ্গড়ন।

নিচোড়া [হি° নিচোড়্না] ক্রি, আর্দ্র বস্ত্রাদি পাকাইয়া বা জোরে চাপ দিয়া জল বাহির করা, নিঙ্গড়ান ; কোন কিছু মুঠায় চাপিয়া বা পিষিয়া রস বাহির করা। "মূঠে নিচোড়িয়া তাহে দিলা আদারস।" -কবিক°।

নিচোল, -লী [নি-চোল (দ্রঃ)+ঙ স্ত্রীং] বি, উত্তরীয় ; পাছুড়ী। "মাথ আধ পর রহল নিচোল।"-জ্ঞান°। ২ আস্তরণ ; প্রচ্ছদপট। ৩ ঘাঘরা। ৪ অঙ্গত্রাণ ; সাঁজোয়া। ৫ বস্ত্রাঞ্চল : আঁচল। "তিতিল নিচোল তার নয়নের জলে।"-কৃত্তি°।

নিচোলক [সং] বি, কঞ্চুক ; কাঁচুলি। ২ বর্ম : সাঁজোয়া।

নিচ্চিত [নিশ্চিত >, গ্রা°] বিণ, নিঃসন্দেহ ; স্থির ; ঠিক।

নিচ্চিন্দি [নিশ্চিন্ত > গ্রা° নিশ্চিন্দ > নারী কথ্য 'নিচ্চিন্দি'] বিণ, চিন্তারহিত ; নিশ্চিন্ত ; শান্ত।

নিচ্ছবি [লিচ্ছবি দ্রঃ] বি. ভারতীয় জাতিবিঃ।

নিচ্ছিদ্র [নি (নাই)+ছিদ্র (রন্ধ্র) যাতে, বহু] বিণ, ছিদ্রহীন। ২ ত্রুটিহীন : নির্দোষ।

নিছক [সং-নিঃসত্য > হি° নিসত >, বাং°নিসর্গ (স্বভাব) > নিসর্ক প্রা° বাং প্রাকৃ° নিসক (শূ° পু°) > নিছক। স=ছ (যা প্রকৃত অর্থাৎ অমিশ্র)। হি°নিছকা > নিছক। ছকা অর্থে নিছকা। তুল-খালিস্ অর্থে নিখালিস] বিণ. ছাঁকা ; বিশুদ্ধ ; অমিশ্র ; খাঁটি। 'শত্রু যদি করে গোল ধরিব বৃষভ বোল উচ্চতানে শুনাইব নি খেউড়।"-হেম°। ২ মাত্র ; কেবল।

নিছন [নিছনি দ্রঃ] বি,বালাই। "নিছন লইঞা কাহ্নাঞিঃ থাকু এক বাটে।" -শ্রী° কী°।

নিছনি [সং-নির্মঞ্ছন > হি° নিছাবর্, নেওছাবর্। ব্রজ° ও প্রা° বাং-নেওছন, নিছন দ্রঃ। কোমলার্থে ই যোগে নিছনি, নিছুনি দ্রঃ] বি, আরাধনা ; পূজা। "এমত যাহার হয় ত্রিভুবনে তাহার নি°।"-জ্ঞান°। ২ রূপ, লাবণ্য। "অমিয়ার সাচে যদি করএ পুতলি রসের সায়রে যদি করায়ে সিনান॥ তভুত না হয় তোমার নি° সমান॥-"পদ° (সাধনা ২য় বর্ষ,২য় ভাগ)। ৩ উপহার। "মূলে বিকালাঙ আর কি দিব নি°।"-বসন্তরায় (পদ°)। ৪ আরাধনার অর্ঘ্যোপহার ; নৈবেদ্য। "নিরমল কুলশীল বিদিত ভুবন, নি° করিনু তোর ছুঁইয়া চরণ।"-পদ°। ৫ বালাই ; অমঙ্গল ; অশুভ। 'গৌরাঙ্গের নি° লইয়া মরি।"-গোবিন্দ°। "নি° লইয়া মরিরে।"-ভারত°। "কার ঘরের শিশু তোমার যাইতে নি°।"-পদ°। "কানু রূপের নি° নিছিয়া দিনু কুলে।"-চণ্ডি°। ৬ ঝাড়ন। "সতেক হাথ নেতে কৈল ঘোড়ার নি°।"-শূ° পূ°। ৭ বেশ-বিন্যাস ; কেশ-রচনাদি। "নি° করিতে গেনু লয়ে তৈল কুড়।"-ভারত°। "বসনে পদ মুছি নি° করিল শচী বসন অমূল্য রতন।" -কবিক°। ৮ তুলনা ; উপমা। "কনকবরণ, কিয়ে দরশন নি° দিয়ে যে তার।"-চণ্ডি°।

"অদ্ভুত যাঁর কর্ম্ম কি দিব নি°।"-মহা° (কাশী°)। ৯ ডালি। "রূপের নি°।"-গোবিন্দ°। ১০ বরণ ; স্ত্রী-আচারবিঃ। প্র-নি° ডালা। ১১ যা মুছিয়া ফেলা হয় : নির্ম্মঞ্ছন করিবার দ্রব্য ; কারও মঙ্গলোদ্দেশে বা অশুভ দূর করিবার মানসে নারীদিগের মধ্যে স্ব স্ব অবস্থানুযায়ী স্বর্ণ রৌপ্য মণিরত্নাদি নি° করিয়া এবং মান্য ব্যক্তিগণের দক্ষিণ উরু ও স্বামীর বাম উরুতে এবং স্নেহপাত্রগণের ললাটে ঐ দ্রব্য স্পর্শ করাইয়া গ্রহবিপ্রকে দান করিবার প্রথা এখনও অনেক স্থানে দৃষ্ট হয়। ১২ বিণ, নিবেদিত ; নিবেদী। "চরণের নি°ফুল, চরণের রজ। দুর্লভ মানিয়া যাঁর আশা করে অজ॥"-কবিক°। ১৩ অস-ক্রি, নিছিয়া : মুছিয়া। "অমিয়া নি° বাজিছে গগনে মধুর মুরলী গীত।"-চণ্ডি°।

নিছল [নি (অভাব) ছল] বিণ, ছলনা-হীন ; সরল।

নিছা [নিছনি দ্রঃ। নিছান দ্রঃ] ক্রি, বরণ করা। ২ সপিয়া দেওয়া। ৩ নিংড়ান। ৪ নির্ব্বাচন করা।

নিছানি [নির্ম্মঞ্ছান (দ্রঃ)। ব্রজ° নিরছান। তুল-"দোঁহে দোঁহে তনু নিরছাই।" উ° পু° নিছাই, নিছিনু, নিছিনুঁ, নিছিলাম। ম° পু" নিছাও। প্র° পু° নিছায়। অস-ক্রি-নিছিতে ; নিছিয়া (ক্ষে°পদ্যে-নিছি)] ক্রি, নির্ম্মঞ্ছন করা : আরাধনা করা ; বরণ করা। "মো পুনি ইছিয়া নিছিয়া লইনু অনাদি জনম ফলে"-পদ°। "পণ্ডিতে বেদ গান নিছিআ পেলেন পান"-শূ°পু°। ২ মুছা। "বদন নিছাই"-গোবিন্দ°। ৩ আত্মহারা হওয়া ; ভোলা ; বিস্মৃত হওয়া। "দেখিয়া মোহন রূপ আপনে নিছিনু।"-গোবিন্দ°। ৪ উপহার দেওয়া ; সমর্পণ করা। "তনু ধন জন যৌবন নিছিনু কালার পিরীতে"-চণ্ডি°। "পরাণ নিছিয়া দিই চরণে তোমার" -গোবিন্দ°। ৫ স্ত্রী-আচারবিশেষের অনুষ্ঠান করা ; তুক করা ; অমঙ্গল বা বালাই অঙ্গ হতে মুছিয়া দূর করিয়া ফেলিয়া মঙ্গলাচার করা। "নিছিয়া ফেলিল পান উভকর তুলি।" -ঘ°। "শিব প্রদক্ষিণ গৌরী কৈল সাতবার। নিছিয়া ফেলিল পার্থ কৈল নমস্কার।"-কবিক°। ৬ বর বধূকে বরণ করা। "পুত্রবধূ নিছিয়া লইয়া চল ঘর।"-কবিক°। ৭ [(তুল-হি° নিচোড়না)] ছাঁকিয়া ; নিঙড়ান। "পরাণ নিছিয়া তারে দিয়ে।" -বি° প°।

নিছি২ [নিছিয়া > ক্ষে°। নিছান দ্রঃ] ক্রি, নিছিয়া দেওয়া : উপহার বা ডালি দেওয়া। "বন্ধুর পিরীতি আপনা বেচিনু নিছি দিনু জাতিকুল।"-চণ্ডি°।

নিছিবি [লিচ্ছবি দ্রঃ] বি, ভারতীয় জাতিবিঃ।

নিছিবোঁ [নিছান দ্রঃ। প্রা বাং-য় নিশিবোঁ। ছ=শ] ক্রি, নির্ম্মঞ্ছন করিয়া ফেলিব ; নিক্ষেপ করিব। "দসী হঞা তার পাত্র নিশিবোঁ আপনা।"-শ্রী° কী°।

নিছু [প্রা° নিছক (দ্রঃ) > ক্ষে°] বিণ, শুদ্ধ ; কেবল। ২ নিরবচ্ছিন্ন।

নিছুনি [নিছনি > গ্রা° উচ্চারণ বিকার] বি, নিছনি : বালাই। "কাহার বাছুনি রে নি° লয়ে মরি॥"-ভারত°।

নিজ (-জঁ) [নি (নিয়ত) জন্+অ (র্তৃ)] স্বাভাবিক : স্বভাবত যা জন্মে। ২ অক্ষয় : নিত্য ; চিরন্তন। ৩ আপন ; স্বকীয় ; স্বীয়। "নিজগণ লয়ে বরযাত্রী হয়ে চলিল যত অমর।"-অ° ম°। ৪ অ, স্বয়ং ; নিজে। ~লোক-ভক্তজন। "যার ধ্যানে নিজলোক করি পদ্মাসন।"-চৈ° চ°।

নিজজোত [জমী° পরিঃ] বি,প্রজা নিজে যে জমিতে চাষ করে। যে জমির স্বত্বাধিকারী স্বয়ং চাষ করে বা স্বীয় ভৃত্য দ্বারা চাষ করায়।

নিজস্ব [নিজ (আপন)-স্ব (স্বত্ব, ধন)] বি, যাতে অন্যের কোনরূপ অধিকার নাই এমন ধন। ২ বিণ স্বকীয় ; আপন। নি° করা-ক্রি, আপনার অধিকার ভুক্ত করা ; নিজের করা। "নিজস্ব করিবার ক্ষমতা নাই।"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

নিজাম [আ° নিজাম্] বি, শাসনকর্ত্তা : গবর্ণর ; রাজ-প্রতিনিধি। ২ হায়দ্রাবাদের অধিপতির উপাধি।

নিজামৎ, ~মত, ~মতি [নিজাম দ্রঃ] বি, নিজামের পদবী ; নিজামের অধিকৃত রাজ্য শাসন। বিণ, ~মতী-নিজাম সংক্রান্ত।

নিজায় [নিজ+আলয় >, ক্ষে°] অ, নিজালয়। "অক ছাড়িয়া রাজা নিজায় গমন।"-মাণিক°।

নিজে [নিজ দ্রঃ] অ, স্বয়ং। ~নিজে অ, আপনা আপনি। "নিজে নিজে?"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

নিজ্জস,-শ, -জ্জাশ [গ্রা°। মালদহ প্রাদে° নিচোড় (সার extract)। সং-নির্য্যাস > নিজ্জস > নিশ্চয়। তুল তামিল-নি-জ (সত্য)] বি, সার ; সত্য : ঠিক ; খাঁটি ; নিশ্চয়।

নির্ঝঞ্ঝাট, নির্ঝঞ্ঝাট [নি১৪ দ্রঃ] বি, নির্ব্বিবাদ। ক্রি-বিণ, নির্ঝঞ্ঝাটে-নির্ব্বিবাদে ; অক্লেশে।

নির্ঝর [সং-নির্ঝর > পদ্যে কোমল রূপ] বি, নির্ঝর ; উৎস। ২ অশ্রুধারা। ক্রি, নির্ঝরা-ধারা বহা। "নিঝরে নয়নে, সব সঙ্গীগণে, খোজত বহে নিশ্বাস।" -গোবিন্দ°।

নিঝুম, নিঝ্‌ঝুম [নি-ঝুম (দ্রঃ)। ঘুম > ঝুম (নিদ্রা বা স্তব্ধতা দ্যোতক দেশী শব্দ-সু° চট্টো°)] বিণ, নিস্তব্ধ। "নীরব নিঝুম এই উপবনময়"-কস্তুরী। ২ নিদ্রিত। "নগরে নিদুটী নিশা হয়েছে নিঝুম"-ঘ°। ৩ নির্ব্বাত ; নিস্পন্দ। "নিঝুম নীরব সব গিরি তরুলতা।"-সারদামঙ্গল।

নিট্ [সং-নিষ্ঠা > নিঠ্ (নিশ্চয় জ্ঞান, স্থিরতা)] বিণ, নিশ্চয় ; খাঁটী ; সত্য ; ন্যায্য। "আমি যারে যাহা খুশী হয়ে দেই, তাই তার নিট্ প্রাপ্য"-রজনী সেন। "নীলাম্বর নিট্ জেনেছে মনকে আমার বলা মিছে"-রা° প্র°। ২ খরচ খরচা বাদ nett

নিটনকাত [জমী° পরিঃ] বি, প্রজার দখলী জমীতে পরিমাণ মত জমা ধার্য্যকরণ। নি° জমা-বি, যে ভূমি প্রজার দখলে আছে, পরিমাণ অনুযায়ী তাতে জমা নির্দ্ধারণ করার নাম নি° জমা।

নিট্‌পিট-বি, দীর্ঘসূত্রতা ; নিড়বিড় ভাব। ~পিটা, ~পিটে [তুল-নলপত।

হিং নল্লোপন্তো। তুল-গ্রাং নেতাজোবড়া। লিপ্ত > হিং লিপ্ টা, লিপ্ টিয়া-যে লাগিয়া থাকে, যে শীঘ্র কর্ম্ম হইতে মুক্ত হয় না] বিণ, যে ত্বরা কিছু করিতে পারে না; নিড়-বিড়ে। ২ দীর্ঘসূত্রী। ৩ নেটি পেটি (দ্রঃ)।

নিট্ল, নিটাল-নিটোল দ্রঃ।

নিটিনটিনা, -নে [নি (নিতান্ত অর্থে) + টিনটিনা (টিন টিন দ্রঃ। হিং তিনকা তৃণখণ্ড >)] বিণ, অত্যল্প; খর্ব্ব; খাটো; অকিঞ্চিতকর; লঘু।

নিটিস-নিটিস [টঙ্গস টঙ্গস (দ্রঃ)-মৃদু অর্থে টিঙ্গিস টিঙ্গিস-লঘু অর্থে টীনিস টিনিস-বর্ণ বিপর্য্যয়ে নিটিস নিটিস] অ, লঘু পদ-বিক্ষেপে; ধীরে ধীরে।

নিটুট [নি-টুট (সং-ত্রুটি > ত্রুটিহীন)] বিণ, অখণ্ড; অভগ্ন; অটুট; পূর্ণ। ২ অক্ষুণ্ণ; অক্ষুব্ধ। ৩ নির্দ্দোষ।

নিটোল, নিট্ল, -টাল [সং-নিস্তল > পাং নিত্তলং=বর্ত্তুল (মেদিনীং)। (২) তল (হেং)] বি, সুগোল; বর্ত্তুল। "নিটোল গাল দুটী একটু টিপিয়া দিয়া বৃদ্ধ বলিল"-বাঁশরী, ১৩৩৩। "তার তনু দেহের নিটোল বলনটি কোথাও একটু টসকায়নি।" -চাং বন্দোং। ২ যার কোনস্থানে টোল পড়ে নাই; পূর্ণ। ৩ তল; স্থল: প্রদেশ। "নিদাঘের রৌদ্র আসি ঝিলমিল ললাট-নিটোলে"-অশোকং। ৪ কপোল।

নিঠাকাঠা [গ্রাং। সং-নিষ্ঠা > নিঠা ও কাষ্ঠা অর্থাৎ পরাকাষ্ঠা > কাঠা-নিষ্ঠার পরাকাষ্ঠা বা একশেষ অথবা কষ্ট > কাঠা] বি, একনিষ্ঠা ও তপঃ-ক্লেশ, ব্রতনিষ্ঠা ও উপবাসাদি জনিত শারীরিক ক্লেশ। ২ ভক্তি; শ্রদ্ধা।

নিঠুর [সং-নিষ্ঠুর >, পদ্যে কোমল-রূপ] বিণ, নিষ্ঠুর; নির্দ্দয়। "কালিয়া নিং হইল কি শেল লাগিল যেন।"-চণ্ডিং। "কানু নিঠুর ভে গেল"-বিং পং। ~তা। (-রী-)।

নিঠুরাই [ব্রজং। নিঠুর (দ্রঃ) + আই (তা, ত্ব অর্থে হিং-তে। বি, নিষ্ঠুরতা।

নিড়ন, নিড়ান, [হিং নিরানা (শস্য-চ্ছেদন করা))। বাংয় নিস্তৃণকরণ >] বি, শস্যক্ষেত্রের তৃণোৎপাটন; ধান্যাদির ক্ষেত্র পরিষ্কার করণ। "হাট্ পাতি যখন নিড়াতে নারে জলে।"-শিং। ২ [গ্রাং নিড়েন (দ্রঃ)] তৃণোৎপাটনের যন্ত্র। ক্রি, নিড়ানি-নিড়ান, দ্রঃ।

নিড়বিড় [নিটপিট দ্রঃ] বি, দীর্ঘসূত্রতা; বিলম্বকারিতা। বিণ, নিড়বড়িয়া, নিড়বিড়া, নিড়বিড়ে।

নিড়ান, [নিড়ন দ্রঃ। গ্রাং নিড়োনো। শকুন জাতকে মন্দ > মন্দিয়া > মলিয়া এইরূপ নিড়াইয়া (ক্ষেত) হং] ক্রি, নিড়ান দ্বারা শস্য কর্ত্তন করা।

নিড়ানী [নিড়ান দ্রঃ] বি, তৃণ উৎপাটন করিবার লৌহ অস্ত্র; নিড়নাস্ত্র; ফোড়।

নিড়েন-বি, আগাছা উপড়াইবার যন্ত্র। নিংড়েওয়া-ক্রি, আগাছা ও ঘাস উপড়ান।

নিত্, [নিতি দ্রঃ] বিণ নিত্য।

নিত্, [প্রাং বাং। গ্রাং। নৃত্য > নিত্ত, গ্রাং নেত্যো] বি, নৃত্য [অপ্র]। "সেতাই পণ্ডিত কর এ নিত গীত, পসন্ন হইল বনুকা।" -শূং পুং।

নিত, [নিতে, দ্রঃ। প্রাং বাং] অ, বিনা। "নিত কলঙ্কে মরণ হউক স্বামীর পদতলে।" -মাণিকং গান।

নিতই [নিত (নিত্য) + ই। গ্রাং বিকারে নিতুই] বিণ, নিত্যই। ~নব [গ্রাং নিতুই নব] নিত্য নূতন।

নিতকিত [নিত্যকৃত্য। অথবা নিয়ম > নিত + কিত (কৃত্য)] বি, চির প্রচলিত ক্রিয়া কর্ম্ম; দেশাচার; আচার-পদ্ধতি। ২ স্ত্রী-আচার।

নিতম্ব [নি-তম্ব (গমনে)] বি, স্ত্রী-কটির পশ্চাৎভাগ; জঘনের বিপরীত দিক্; পাছা। ২ কটি। ৩ পর্ব্বতসানু: শৈলপার্শ্ব। স্ত্রীং ~বতী-নারী। ২ সুন্দরী।

নিতম্বিনী [নিতম্ব + ইন (স্ত্যং) = নিতম্বিন্ ১মা, ১বং। "বিশেষাঙ্গনা ভীরু * * ললনা চ নিতম্বিনী"-অমরং] বি, নিতম্ব-শালিনী নারী; স্থুল বা প্রশস্ত নিতম্ববতী স্ত্রী। "উচ্চস্বরে নিংম্বিনী কহিলা সম্ভাষি সখীবৃন্দে"-মেঘং। "নিরখিতে নিয়ড়ে নিং" -গোবিন্দং।

নিতম্বী [নিতম্ব + ইন্ (স্ত্যং) = নিতম্বিন্ ১মা, ১বং] বিণ, যার স্থূল বা প্রশস্ত নিতম্ব আছে। স্ত্রীং নিতম্বিনী।

নিতল-বি, সপ্ত পাতালের অন্যতম।

নিতা [নিমন্ত্রণ > নিমন্তন্ন > হিং নেওতা > ক্ষেং] বি, নিমন্ত্রণ। "নিতায় ভাত"-শিবের গান বং সাং পরিচয়)।

নিতাই-বি, নিত্যানন্দ দ্রঃ। প্র-নিতাই চৈতন্য। "নিং কি ভেকি জানে"-গান। ২ নেতা ধুবিনী (শিবের গান, মালদহ)।

নিতান্ত [গ্রাং নিত্তান্ত, নিত্তে(ন্তো)ন্তো। নি-তন্(+ত) ক্রি-বিণ, একান্ত। "নিং না থাক্তে পেরে"-গান। ২ অবশ্য। "নিং যাবে দিন, এদিন যাবে, কেবল ঘোষণা রবে গো।"-রাং প্রং। ৩ বিণ, অধিক; অতিশয়। "সাধ্য সাধকতা জ্ঞান আছে যতদিন। দুই জ্ঞানে সুখ দুখ হয় হে নিং যেন।"-নিধুবাবু। ৪ ঘনিষ্ঠ; অতি নিকট। "যাহারা যবনের সহিত কুটুম্বিতা করিয়া-ছিলেন, নিতান্ত-আত্মীয়-কুটুম্ব হইলেও প্রতাপ তাহাদের সহিত কোন সম্বন্ধ বন্ধন রাখেন নাই।"-আং পত্রিকা, ১৪ পৌষ, ১৩৩৩। ~পক্ষে-অ, অন্ততঃ।

নিতি [সং-নিত্য > গ্রাং নিত, নিত্যি, নিত্তি, পদ্যে-নিতি] বিণ, নিত্য; প্রত্যহ; নিয়ত; সর্ব্বদা। "কুল না ছাড়িবে কলঙ্কে ভাসিবে নিতি।"-চণ্ডিং। "নিতি নব বিলাস করাব নিজ ধনে।"-ঘং। ~নিতি [নিতি-নিতি (আধিক্যার্থে দ্বিত্ব)] বিণ, প্রত্যহ; রোজ রোজ। "নিতিনিতি লই এই যমুনার জল সখি। জলমধ্যে কি আজ একি দেখ দেখি॥"-বাংগান। "নিতিনিতি যায় রাই যমুনা সিনানে।"-জ্ঞানং।

নিতুই-নিতই দ্রঃ।

নিতে, [নেওয়া দ্রঃ] অস-ক্রি, লইয়া যাইতে। "অধমে কৃপাদানে তার হে ভবার্ণবে। * * * * আমায় পারে নিতে হবে।"-বাংগান। ২ লইতে; গ্রহণ করিতে।

নিতে$_2$ [সং-ঋতে >ভ্রং নিত, নিতে। প্রা০ বাং-মাণিক০ গান] অ, বর্জ্জনে ; বিনা।

নিত্ত [সং-নিত্য >ভ্রং। গ্রা০ নিত্তি ও০] ক্রি-বিণ, নিত্য ; প্রতিদিন। "ঢাক ঢোল বাদ্দ আনন্দিত নিত্ত সন্ধ্য ঘণ্টাধ্বনি বাজে।"-শূ০ পু০।

নিত্য [নৈমিত্তিকের বিপরীত। নি (নিয়ত)+ত্য (ভবার্থে)। গ্রা০ ভ্রং নিত্যি, নিত্ত, নিত্তি ; নিতি, প্রাদে০ পূ০ রাঢ়-'নিথ্ই' ; প০ রাঢ়-'নিতুই', গ্রা০ 'লিতুই', 'নিতু'। "নিতিনিতি আশা যাওয়া"-ভারত০। "নিত্তি মারেন পাঁটার মুড়ো"-ঈ০ গুপ্ত। "নিত্যি নতুন"। "নিতুই নব"] ক্রি-বিণ, সতত ; অহরহঃ ; সর্ব্বদা। "নন্দ যশোদাদি যত সবে নিত্য অনুগত কপিলাদি যতেক গোধন।"-অ০ ম০। ২ প্রাত্যহিক ; দৈনিক ; প্রত্যহ। ৩ বিণ, অনাদি ও অনন্ত; অক্ষয়। প্র-নিত্য নিরঞ্জন। ৪ কালাতীত। "জয় শান্ত কালিয় রাধিকাপ্রিয় নিত্য নিষ্ক্রিয় মোচন।"-অ০ ম০। ৫ অবিরাম ; নিরবচ্ছিন্ন; ধারাবাহিক। ৬ নিশ্চয় ; ধ্রুব। "দেহ যোগ নহে সত্য কেবল মরণ নিত্য সর্ব্বলোক এই কথা জানে।"-কবিক০। ৭ অনুল্লঙ্ঘ্য ; অনতিক্রমণীয়। ৮ ক্রি-বিণ, সর্ব্বদা। স্ত্রীং~া-পার্ব্বতী। ২ শক্তিবিঃ। **~কর্ম্ম, ~কৃত্য, ~ক্রিয়া** [নিত্য (প্রাত্যহিক) কর্ম্ম (কর্ত্তব্য), ধা] বি, দৈনন্দিন ব্যাপার ; প্রাত্যহিক অবশ্য করণীয় ; সন্ধ্যা তর্পনাদি। **~কাল**-বি, চিরকাল। **~গতি** [নিত্য হইয়াছে গতি যার, ব২০] বি বায়ু। **~দা**-অ, সর্ব্বদা। **~নৈমিত্তিক** [নিত্য (ও) নৈমিত্তিক (দ্রঃ), দ্বন্দ্ব] বিণ, নিত্য ও প্রয়োজনার্থক। ২ বি, নির্দ্দিষ্ট কালোচিত কিন্তু নিয়ত অনুষ্ঠেয় ক্রিয়াকর্ম্ম। **~পদার্থ**-অক্ষয় প০ indestructible. **~প্রলয়** [নিত্য-প্রলয়,ধা] বি, সুষুপ্তি। **~বৃন্দাবন**-বি, বিষ্ণুলোক : গোলক ; বৈষ্ণবের নিত্য স্বর্গরাজ্য। তুল-zion (the Hebrew kingdom of Heaven) যিহুদীদের নিত্য স্বর্গরাজ্য। **~মুক্ত**-বিণ, নিয়ত নির্লিপ্ত ; কালাতীত ভাবে বন্ধনশূন্য। ২ বি, পরমাত্মা। **~যজ্ঞ**-বি, প্রত্যহ অনুষ্ঠেয় যাগ। **~যৌবন**-বি,অনন্ত যৌবন ; স্থির যৌবন। ২ বিণ,স্থির যৌবন বিশিষ্ট। >স্ত্রীং ~া। **~শঃ** [নি০+ চশস্] অ,অহরহঃ ; সর্ব্বদা ; সতত। **~সঙ্গী, ~সহচর**-বি, যে সর্ব্বদা সঙ্গে থাকে। **~সেবক**-বিণ,অহরহঃ সেবাকারী। বি, ২৪ ঘণ্টার চাকর an all-time-servent. **~সমাস**-বি, যে সমাসে সমাসবদ্ধ পদ ব্যতীত অন্য পদের সাহায্যে, সমস্ত পদের অর্থ নির্ণীত হয়। যথা-গত্যন্তর (অন্যগতি)। **~সহচর**-সঙ্গী দ্রঃ। **~সেবা**-বি, প্রত্যহিক পূজা।

নিত্যানন্দ [নিত্য (সর্ব্বদা)+আনন্দ যার, ব২০] বিণ,সদানন্দ। ২ বি,একচক্রাগ্রাম বাসী হাড়াই পণ্ডিত ও পদ্মাবতীর পুত্র যিনি চৈতন্যদেবের সহিত মিলিত হইয়া হরিনাম প্রচার ও বহু নরনারীকে বৈষ্ণবধর্ম্মে দীক্ষিত করেন ; নিতাই (চৈতন্য দেবের পরামর্শ ক্রমে ইনি সন্ন্যাসধর্ম্ম ত্যাগ করিয়া গৃহী হইয়াছিলেন) নিত্যানন্দ প্রভু বা ঠাকুর নামে প্রসিদ্ধ। ৩ দ্বিজ নিত্যানন্দ। ইনি শীতলা মঙ্গল গ্রন্থ প্রণেতা। ৪ অদ্ভুতাচার্য্য নিত্যানন্দ (ইনি অদ্ভুত রামায়ণ রচয়িতা। প্রবাদ, ৭ বৎসর বয়সের পূর্ব্বে এই বালক গুরুর আদেশে ২০ সহস্র শ্লোকাত্মক উক্ত গ্রন্থ রচনা করিয়া প্রসিদ্ধিলাভ করেন। ৫ জাতি বৈষ্ণব বংশজাত কবি গায়ক নিত্যানন্দ দাস (১৭৫১ খৃ০ জন্ম), সাধা০, নিতাই বৈরাগী।

নিথর [নি (সম্যক্)-থর < স্থর < স্থির)] বিণ, স্থির ; নিশ্চল। "ছবিতে নি০"-অবসর০। ২ আলোড়নবিহীন। "নি০ নিঃশব্দ সেই জনশূন্য বন"-করচা, গোবিন্দ০। ৩ নিস্তব্ধ ; নিঃশব্দ। ৪ শান্ত ; তরঙ্গহীন। "আকাশ নিস্তব্ধ নিথর নীল সমুদ্র।"-বঙ্গবাণী।

নিঁদ [সং-নিদ্রা > হিং০ গ্রা০ নিন্দ্ (দ্রঃ) >] বি, নিদ্রা। "আছিনু কাঁচা নিঁদে কে মোর নিল শরাসন।"-কবিক০।

নিদ, নীদ [সং-নিদ্রা > হিং০ নিদ] বি, নিদ্রা ; ঘুম। "যার ঘরে সিঁদ, সেকি যায় নিদ"। "নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে।"-চণ্ডি০। "মোহে জাগায়ল তঁহি নিদ গেল।"-বি০ প০।

নিদম$_1$, নির্দ্দ(দ্দ)ম-বেদম দ্রঃ।

নিদম$_2$ [প্রা০ বাং। নির্ধূম > ভ্রং] বিণ, ধুমহীন। "সাতদিন পর্য্যন্ত জ্বাল দেয় নিদম করিয়া।"-মাণিক০ গান।

নিদয় [নি (নাই) দয়া যার, ব২০] বিণ, দয়াহীন ; নির্দ্দয় ; কঠিন হৃদয় ; নিষ্ঠুর। "তার আশা পুরাইতে নিদয় কেন হে এত।"-বাং০-গান।

নিদর্শন [নি-দৃশ্ (দেখা)+অন (ধি)] বি, দৃষ্টান্ত ; উদাহরণ ; উল্লেখ। ২ প্রমাণ। ৩ চিহ্ন। "নিজ ঘণ্টা দিবে নিদর্শন।"-কবিক০। **~স্তম্ভ**-বি, দূরত্ব বা সীমা নির্দ্দেশক বা প্রমাণাদিসূচক স্তম্ভ।

নিদর্শনা-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ Transference of attributes. সাদৃশ্য হেতু কাহার উপরে কোন অবাস্তব ধর্ম্ম বা কার্য্য আরোপিত হইলে এই অলঙ্কার হয়। যথা-"নিশার স্বপন সম তোর এ বারতা, রে দূত! অমরবৃন্দ যার ভুজবলে কাতর, সে ধনুর্দ্ধরে রাঘব ভিখারী বধিল সম্মুখ রণে? ফুলদল দিয়া কাটিল কি বিধাতা শাল্মলী তরুবরে"-মেঘ০।

নিদর্শনী [নিদর্শন (দ্রঃ)+ঈ] বি, জ্ঞাপনী ; কুঞ্চিকা ; সূচী।

নিদাঘ [নি (নিয়ত) দহ্ (সন্তপ্ত করা) +অ (ধি)] বি, গ্রীষ্মকাল। "নিদাঘ-পীড়িত নর শৈত্য অভিলাষী"-অ০ ম০। "নিদাঘের তীব্র রৌদ্রে দাবদগ্ধ প্রাণ।"-দেবেন্দ্র সেন। ২ ঘর্ম্ম। ৩ উষ্মা। **~কর** [নিদাঘ (উষ্ণ) কর (কিরণ) যাব, ব২০] বি, রবি ; সূর্য্য। **~কাল** [নিদাঘ (গ্রীষ্ম) যে কাল (সময়), ধা] বি, গ্রীষ্মকাল। **~ক্লিষ্ট, ~তপ্ত, ~তাপিত, ~দগ্ধ, ~পীড়িত**-বিণ, গ্রীষ্মের উত্তাপে ক্লেশপ্রাপ্ত ; গ্রীষ্মের প্রখরতা-জনিত কাতর।

নিদাঘার্ত্ত [নিদাঘ (দ্বারা)+আর্ত্ত, ৩তৎ] বিণ, গ্রীষ্মে পীড়িত। "নি০ আঁখি মোর গেল জুড়াইয়া"-দেবেন্দ্র সেন।

নিদা(টি)টী [নিদুটী দ্রঃ] বি, নিদ্রায় অচেতন করিবার মন্ত্রপূত মাটি। "লাগ লাগ নিদাটী নগর জুড়ে লাগ। যেখানে যেরূপে যেবা জাগে বীর ভাগ॥"-ঘ০।

নিদান [গ্রা০ নিদেন। নি (নিশ্চয় রূপে)

দা (দান করা) + অন (ণে)] বি, মূল কারণ। "তুমি সত্যগুণ ধাম কিরূপে হইলা বাম মোরে দৈব ইহাতে নি॰।"-কবিক॰। ২ হেতু; কারণ। "শুনে মাত্র জ্বলে গাত্র বলে মহামায়া।" -শি॰। "এ সখি রঙ্গিনী কহ নি॰"-বি॰ প॰। ৩ রোগোৎপাদক হেতু; যে কবিরাজী চিকিৎসা-গ্রন্থে রোগের হেতু বা মূলানুসন্ধান বিষয় বর্ণিত আছে; রোগ নির্দ্ধারণ diagnosis; রোগ লক্ষণ নির্ণায়ক গ্রন্থ। ৪ [+ অন (ভা॰)] চরম; শেষ; অন্ত। "বুঝনু আপন নি॰"-বি॰ প॰। "নি॰ কালে হরিনাম"-প্রবাদ। ৫ নিবৃত্তি; বিরাম। ৬ বিণ, আসন্নমৃত্যুলক্ষণ। "বিরহ কাতরা বিনোদিনী রাই পরাণে বাঁচে না বাঁচে। নি॰ দেখিয়া আসিনু হেথায় কহিনু তোহারি কাছে॥"-চণ্ডি॰। ৭ প্রতিকার। "করুণা ত্যজিয়া বিন্ধিয়া বাণ। ব্যাধিভয়ে প্রিয়ে তুমি নি॰।"-কবিক॰। ৮ অ, অন্ততঃ। (তুল-হিং "নিদান ভি")। "নি॰ রাখিল রাজা"-কবিবল্লভ। ৯ পরিণাম। "এ সখি রঙ্গিনী কহ নি॰"-বি॰প॰। ~কথা-বি, নিদানের বিষয় বা বিবরণ। ২ [পা॰। সাধারণার্থে] হেতু। ৩ উপক্রমণিকা বা মুখবন্ধ (অপ্র॰)। ৪ [উদীচ্য বৌদ্ধদিগের মহাবস্তু গ্রন্থে] উপক্রমণিকা। ~কাল-অন্তিমকাল; মৃত্যুসময়। "মনরে ভাই বন্ধু দারা সুত তারা কেউ যাবে না নি॰ কালে।"-গান। ~পক্ষে-একান্ত পক্ষে; ~বিদ্যা-বি, রোগের হেতু ও উৎপত্তি শাস্ত্র etiology ~ভূত-বিণ হেতুভূত; মূলীভূত। ~শাস্ত্র-বি, নিদান বিদ্যা।

নিদারুণ [নি (অতিশয়) + দারুণ] বিণ, অতি কঠোর; ভীষণ। ২ নির্দ্দয়; নিষ্ঠুর। "পেয়ে কংস রাজায় সৈরিন্ধ্রী হলেন ব্রজাঙ্গনায় নি॰।"-বাং-গান। ৩ দুঃসহ; অসহ্য। ৪ অতি কঠোর। "নি॰ নিদাঘের নিয়াপাতি ভাব।"-সাহিত্য (সু॰ সমাজপতি)।

নিদালি,-লী [প্রা॰ নিদিলি] বি, নিদ্রা-কর্ষকমন্ত্র; নিদুটী (দ্রঃ)।

নিদিগ্ধ [নি (বিশেষভাবে) + দিহ্ (লেপনে) + ত (র্ম্ম)] বিণ, প্রলিপ্ত; মাখান। স্ত্রীং ~া-বিণ, লেপিতা। ২ বি, এলাচি।

নিদিধ্যাস [নি-ধ্যৈ (চিন্তা করা) + সন্ + অ (ভা॰)] বি, ঐকান্তিক চিন্তা। ~সন-বি, অনন্য-চিত্ত হইয়া প্রগাঢ় ধ্যান; ঐকান্তিক মনে ধারাবাহিক চিন্তা।

নিদিলি [নিদালি ও নিদুটী দ্রঃ] বি, নিদ্রাকর্ষক মন্ত্র। "চোরেরো চরিত্র সখি না জানি এমন। নয়নে নি॰ মোরে দিলে গো কেমন॥"-বাং॰-গান।

নিদিষ্ট [নি-দিশ্ (বলা) + ত (র্ম্ম)] বিণ, যাকে নির্দেশ করা হইয়াছে; অদিষ্ট। ২ উপদিষ্ট।

নিদুখ [নি (নাই) + দুঃখ > দুখ। প্রা॰ বাং নিদুকখু, নিদুক্খু॰] বিণ, দুঃখ-লেশহীন। "ভালমতে মোর দুখ কথা কহ নি॰ কানু চরণে"-শ্রী॰ কী।

নিদুটি, নিদুটী [নিদ্রা > নিদ + মাটি > । প্রা॰ বাং-নিদ্যাটি, নিদ্যাটি। "পাত্রবলে ময়নায় নিদ্যাটি দেহ ভাই"-ধ॰ম॰ (গোবিন্দ রাম)] বি, গাঢ় নিদ্রাজনক মন্ত্র; নিদ্রার মন্ত্রপূত মাটি বা ধূলা; ঘুমন্ত গৃহস্থের চক্ষে নিদুটী পড়িয়া দিয়া চোর নির্বিঘ্নে চুরি করে গৃহস্থের ঘুম আর ভাঙ্গে না। "নগরে না হবে বিঘ্ন লাগিবে নিদুটী। কেহ যেন না জাগে নির্ভয়ে সিঁদ কাটি।"-ঘ॰। "আগম ডাকিনী তন্ত্রে মন্ত্রে পড়ে মাটি। কালিকা দেবীর আজ্ঞা লাগ্ রে নিদুটী।"-ঐ।

নিদেন১ [সং-নিদান > প্রা॰] বি, রোগ-নির্ণয়; রোগলক্ষণ; নিদান। ২ ক্রি-বিণ, অন্ততঃ। "নি॰ কাদি মাসেক পানেক।"-ববী॰ "টাকাটা সিকেটা নিদেন দুআনা"-ছড়া। ~পক্ষে [এই অর্থে 'নিদেনে'ও] ক্রি-বিণ, অন্ততঃ; নেহাৎ; অবশেষে; অন্তিম ক্ষেত্রে।

নিদেন২ [প্রাদে॰। উচ্চারণ ভেদে নিজেন] বি, লাঙ্গলের মুড়ার (ফালসংযুক্ত-কাষ্ঠ) উপরের ধরিবার কাষ্ঠদণ্ড।

নিদেশ [নি-দিশ্ (আজ্ঞা করা) + অ (ভা॰) বি, আদেশ; অনুমতি; আজ্ঞা। ২ নির্দ্দেশ। ৩ উক্তি। ৪ সমীপ; নিকট। ৫ [ব্রজ॰] সংবাদ। "এতহু নি॰ কহলু তোহে সুন্দরী"-বি॰ প॰। ~বর্ত্তী [নিদেশ-বৃত্ (থাকা) + ইন্ (র্ত্তৃ) = বর্ত্তিন্ ১ম, ১ব॰] বিণ, আদেশ অনুসরণ-কারী; আজ্ঞাধীন; আজ্ঞাবহ। ২ উপদেশ-পালক। ৩ ভৃত্য। > স্ত্রীং ~বর্ত্তিনী।

নিদেষ্টা [মূ॰ নিদেষ্টৃ ১মা, ১ব॰] বিণ, নিদেশকারী; আদেষ্টা। স্ত্রীং ~ষ্ট্রী।

নিদ্দোষ(ী) নিদ্দুষি, নিদ্দুষী-নির্দ্দোষ দ্রঃ।

নিদ্যাটি, নিদ্যাটি-নিদুটি দ্রঃ।

নিদ্দ, নিদ্দা [নিদ্রা > প্রা॰ পদ॰ সা॰] বি, নিদ্রা; ঘুম। "রাতি গেল নিন্দে"-প॰ ক॰ তরু (সা॰ প॰ প॰)।

নিদ্রা [নি-দ্রা (নিদ্রিত হওয়া) + অ (ভা॰)। প্রা॰ নিদ্দা, নিদ্দ, নিদ, নিদি, নিদিয়া] বি, জীব স্বভাবতঃ যে অবস্থায় বাহ্যক্রিয়াহীন এবং অচেতন হইয়া ও চক্ষু মুদিত করিয়া শয়ান থাকে; ঘুম] ২ আচ্ছন্নতা। ৩ আলস্য [দ্রঃ-স্বপ্ন ও অর্দ্ধ ঘুমন্ত অবস্থাকে তন্দ্রা বলে; তন্দ্রার ঘোর সহজেই কাটে। নিদ্রার গাঢ় অবস্থা। নিদ্রায় বাহ্য চৈতন্য সম্পূর্ণ বিলুপ্ত হয়]। ~কর্ষণ-নিদ্রাবেশ; তন্দ্রাঘোর; তন্দ্রাবেশ। ~গত-বিণ, নিদ্রিত; ঘুমন্ত। ~জনক-বিণ, নিদ্রা উৎপাদক; যাতে ঘুম পাড়ায়। ~তুর-বিণ, ঘুমে কাতর। ~প্রিয়-বিণ, যে ঘুমাইতে ভালবাসে। ~বিরহিত, -বিহীন-বিণ, তন্দ্রাশূন্য; সজাগ। ~বিষ্ট-বিণ, তন্দ্রাচ্ছন্ন; নিদ্রিত। ~বেশ-বি, ঘুমের ঘোর। ২ নিদ্রাকর্ষণ। ~ভঙ্গ-বি, ঘুম ভাঙ্গা; জাগরণ। ~ভিভূত [নিদ্রা + অভিভূত, ৩তৎ] বিণ, নিদ্রাবিষ্ট। ~ভোল-বি, নিদ্রার ঘোর। "কুসুম শয্যায় সাধু ছিল নিদ্রা ভোলে।" -কবিক॰। ~মগ্ন-বিণ, নিদ্রাভিভূত; গাঢ় নিদ্রিত। > স্ত্রীং~া। ~য়মাণ -বিণ, যে ঘুমাইতেছে। > স্ত্রীং ~া। ~রহিত-বিণ, বিনিদ্র। ~লস [নিদ্রা (দ্বারা) অলস, ৩তৎ] বিণ, নিদ্রার আবেশে অবসন্ন; তন্দ্রালস। > স্ত্রীং ~া। "নিদ্রালসা আঁখি- পাতা"। বি, ~লসতা। ~লু [নি-দ্রা (ঘুমান) + আলু (শীলার্থে, র্ত্তৃ)] বিণ, নিদ্রাবিষ্ট; নিদ্রালস; যার ঘুম আসিয়াছে। ২ তন্দ্রাযুক্ত।

নিদ্রিত [নিদ্রা + ইত (যুক্তার্থে)] বিণ,

নিদ্রাবিষ্ট : নিদ্রাগত ; ঘুমন্ত। ২ [লক্ষ°] সম্পূর্ণ অমনোযোগী : সংবাদ বা জ্ঞানরহিত।

নিধন[নি-ধন্ (নষ্ট হওয়া) + অ (ভা°)] বি, মৃত্যু। "যার ধন নাই তার নি° ভাল এই ধনের সংসারে।"-বাং-গান। ২ বিনাশ। "এ দূতের মুখে শুনি সুতের নি° হায় শোকাকুল আজি রাজ-কুলমণি নৈকষেয়।" -মেঘ°। ৩ [ফ° জ্যো°] জন্ম নক্ষত্র হ'তে সপ্তম তারা ; বধতারা। (২) লগ্নের অষ্টমস্থান (৩) নক্ষত্র হ'তে ৭ম, ৮ম, ২৩শ নক্ষত্র। ৪ বিণ, ধনহীন ; দরিদ্র। "কি ধন দিয়ে যশোদারে বুঝাইব তারিণি গো তার নি° প্রাণী॥"-বাং-গান। স্ত্রীং ~া। বি, ~তা (-র্ন-), ত্ব (-নি-)। ~পিতি-বি' প্রলয়কর্ত্তা : শিব। অনাদি-নিধন-অনন্ত।

নিধান$_1$ [নি (নিম্নে বা অন্তরে) ধা (ধরে) + অন (র্ম্ম), ভূমি যাকে নিম্নে বা গর্ভে ধারণ করে] বি, ভূগর্ভস্থ রত্নাদি ; নিধি। ২ [+ অন (ধি°)] আগার ; ভাণ্ডার ; আধার। "করুণা অতুল তব ওহে করুণা-নিধান।"- বাং-গান। (কা° প্র° ঘোষ)। "পাত্র তাঁর হরিহর জনার্দ্দন দ্বিজবর। পুরোহিত বিদ্যার নি°।"-কবিক°। ৩ আস্বাদ। "তুহুঁ রসনানন্দ গুণক নি°"-বি° প°। ৪ নিবেশ : স্থাপন ; অর্পণ [বিরল]।

নিধান$_2$, **-নী** [নি-ধান (ধান্য) + ঈ (স্বার্থে)] বিণ, ধান্যবর্জ্জিত : ধান্যশূন্য। "নিধান করিয়া খই, তাহাতে মহিষা দই, আমড়া সংযোগে রাঙ্গা শাক।" -কবিক°। "নিধানী করিয়া খই"-ঐ।

নিধার$_1$ [নি (নাই) ধার (ঋণ) যার, বহু°। গ্রা° নিধেরো] বিণ, অঋণী।

নিধার$_2$ [নি (নাই) ধার (প্রান্ত বা প্রান্তের তীক্ষ্নতা) যাতে, বহু°] বিণ, অতীক্ষ্ন ; ভোঁতা blunt.

নিধার্য্য [সং-নির্দ্ধার্য্য > ভং] বিণ, নির্দ্ধারিত। ২ সিদ্ধান্ত। "নিবেদন শুন রাজা নিগূঢ় নি°"-ধ° ম° (মাণিক°)।

নিধি [ব্রজ° নিহি। নি-ধা (পোষণ করা + ই (র্ম্ম), যাকে নিয়ত পোষণ করা হয়] বি, কুবেরের ধনবিঃ ; পদ্ম মহাপদ্ম, শঙ্খ, মকর, কচ্ছপ, মুকুন্দ, কুন্দ, নীল ও খর্ব্ব। ২ [স্মৃ°] অস্বামিক ধন। ৩ ন্যাসস্বরূপ রক্ষিত সম্পত্তি ; গচ্ছিত ধন। ৪ আধার। "জগাই মাধাই আদি অশেষ পাপের নিধি হরিপদে দৃঢ় কৈল মন।" -কবিক°। জলনিধি। গুণনিধি। ~নাথ [নিধির নাথ (প্রভু), ৬তৎ] বি, কুবের।

নিধীশ [নিধি (নিধির) + ঈশ (প্রভু), ৬তৎ] বি, নিধীশ্বর ; কুবের।

নিধুবন [নি (সম্যক্) + ধুবন (অঙ্গ সঞ্চালন) হয় যে ব্যাপারে, বহু°] বি, রতিক্রিয়া ; মৈথুন ; কামকেলি ; রতিবিলাস। "নিধুবনে রমণী-রসরঙ্গে মাতমু তোহে ভজব কোন্ বেলা"- বি° প°। ২ আমোদ প্রমোদ।

নিধুত্ত [সং-নির্দ্ধূত > ভং। বাং গ্রা° নিধুত্ত, নিধুত্ত] বিণ, নির্ধন ; নিকড়িয়া ; নিঃস্ব।

নিধেয় [নি-ধা (ধারণ করা) + য (র্ম্ম)] বিণ, গচ্ছিত রাখিবার উপযুক্ত।

নিধ্বন, নিধ্বনী-নির্ধন দ্রঃ।

নিধ্যান [নি + ধৈ (চিন্তা করা) + অন (ভা°)] বি, দর্শন।

নিধ্বন, নিধ্বান [সং] বি, ধ্বনি।

নিন$_1$ [প্রাদে°] বি, কাষ্ঠ ছেদক অস্ত্রবিঃ ; বাঁটালি chisel

নিন$_2$ [নিদ্রা > নিন্দ > নিদ=নিন। প্রা° বাং] বি, নিদ্রা। "চক্ষত আইল নিন।" -মাণিক° গান।

নিনাড় [সং-নিরালয় > হি° নিরালা, নিরার নিলার > নিনার (হি° নিন্যারা ও°) > নিনাড়] বিণ, একান্ত : নির্জ্জন ; নিভৃত। ২ গুপ্ত : অপ্রকাশ্য।

নিনাদ, নিনদ [নি-নদ্ (শব্দ করা) + অ (ভা°)] বি, নাদ ; শব্দ ; ধ্বনি। "কত নিশান ফরফর নিনাদ ধরধর কামান গরগর গাজে।"-অ° ম°। ২ গর্জ্জন।

নিনাদিত [নি-নদ্ + ণিচ্ =নাদি + ত (র্ম্ম)] বিণ, শব্দিত ; ধ্বনিত। ২ নাদপূর্ণ। ৩ বাদিত : ঝঙ্কৃত।

নিনীষা [নী (সনন্ত, নয়নেচ্ছার্থ) + অ (ভা°) + আ (স্ত্রীং)] বি, লইয়া যাইবার ইচ্ছা। বিণ, ~যু-বিণ, লইয়া যাইতে অভিলাষী ; নয়নেচ্ছু।

নিনু$_1$ [সং-নীচু বা নিম্ন >] বিণ, নিম্ন নীচু। ২ বিনয়াবনত। "গায় নিনুর হাপ চাপকান"-সধবারএকাদশী। ৩ হীন। প্র-তারা সদাই সেজন্য তার কাছে অত নিনু হ'য়ে আছে। ৪ নম্র।

নিনু$_2$ [নেওয়া$_2$ দ্রঃ। ল=ন। লইলাম > লইনু > নইনু > নিনু। তুল-প্রা° বাং-লইলুঁ] ক্রি, লইলাম। "বঁধুয়ার ভরমে ননদী কোরে নিনু।"-চণ্ডি°।

নিন্দ$_1$ [হি° গ্রা°। ব্রজ°। প্রা° বাং < সং-নিদ্রা] বি, নিদ্রা। "মোর চৌখে নিন্দ না আইসে"-শ্রী° কী°। "আধ জনম হাম নিন্দে গোঁয়ায়নু"-বি° প°। "জননীর কোলে নিন্দে ক্ষণে হাসে ক্ষণে কান্দে সাধুসুত করয়ে দেয়ালা।"-কবিক°। "তখন আসিবে নিন্দ চোরে দিবে সিঁদ হ'রে লবে সব রতন।"-রা° প্র°। "নয়নক নিন্দ গেও বয়ানক হাস"-বি° প°। নিন্দ্ তে-নিদ্রিত অবস্থায়। নিন্দ ভোলে, -ভোলেঁ-ঘুমের ঘোরে। ক্রি, নিন্দানি [নিন্দাই ই°] নিন্দাইব-ঘুম পাড়াইব। নিন্দাউলী [নিন্দ + বালী >] নিদ্রাকারক। "নিন্দাউলী মন্ত্রে তাক নিন্দাইব আঙ্খি"-শ্রী° কী°।

নিন্দ$_2$ [সং-নিন্দ্ (কুৎসা বা নিন্দা করা) > ম° পু° ১ব°] ক্রি, নিন্দা কর। "নিন্দ বিধাতায় ধনি, নিন্দ বিধাতায়"। ~ক [বাং-য় -নিন্দুক শব্দ অধিক প্রচলিত। নিন্দ্ (কুৎসা করা) + অক (র্ত্তৃ)] বিণ, কুৎসাকারী ; নিন্দাকারী। "নিন্দক দুর্মতি, পাইবে দুর্গতি, সারোদ্ধার মাত্র এই"-রঙ্গলাল (কাঞ্চী°)। ~ন [নিন্দ্ (নিন্দা করা) + অন (ভা°)] বি, নিন্দা করণ। ~না-নিন্দা করা। ~নীয় [নিন্দ্ (নিন্দা করা) + অনীয় (র্ম্ম)] বিণ, নিন্দার যোগ্য ; অযশস্কর। ২ গর্হিত ; দূষণীয়।

নিন্দা$_1$ [নিন্দ্ (নিন্দা করা) + আ (ভা°)] বি, অপবাদ : কুৎসা। ২ [অর্থ শা°] নিজ পরিবার, শরীর বা কর্ম্মের অখ্যাতিকে নিন্দা বলে। বিণ, (তুলনায়) অপ্রশংসিত ; নিন্দা-বিধায়ক। "কোমল কমল নিন্দা ও বরাঙ্গ তব।"-বীরাঙ্গনা। ~বাদ [নিন্দা-বাদ, ৬তৎ] বি, নিন্দন ; কুৎসা। ~যোগ্য [নিন্দা-যোগ্য, ৬তৎ] বিণ, নিন্দনীয় ;

নিন্দার্হ। > স্ত্রীং ~া। ...বি, ~তা। ~সূচক [নিন্দার সূচক, ৬তৎ] বিণ, কুৎসা-জনক। ~স্তুতি-বি, নিন্দা প্রশংসা সুযশাপযশ।

নিন্দা২ [নিন্দ+আ (ক্রিয়ায়)। নিন্দি, নিন্দ, নিন্দে ; নিন্দিতে ; নিন্দিয়া (ক্ষে॰ পদ্যে-নিন্দি, গ্রা॰ নিন্দে), ণিজন্ত-নিন্দান] ক্রি, কুৎসা করা।

নিন্দানি [নিন্দ (দ্রঃ) +আন (ক্রি-বিভক্তি)। নিন্দাই, নিন্দাও, নিন্দায় ; নিন্দাইতে ; নিন্দাইয়া] ক্রি, নিদ্রা যাওয়া ; ঘুমান। "দিবসে রজনী ভাবে নিন্দাইল সবে। তখনি প্রভাত কৈল কাক মত রবে॥"-শি॰।

নিন্দার্থবাদ [দর্শন শা॰ পরিঃ] বি, মীমাংসাদর্শনোক্ত অর্থবাদবিঃ।

নিন্দার্হ [নিন্দা+অর্হ, ৬তৎ] বিণ, নিন্দনীয়। স্ত্রীং ~া।

নিন্দিত [নিন্দ্ (নিন্দা করা)+ত (র্ম্ম)] বিণ, যার নিন্দা করা হইয়াছে ; অপ্রশংসিত। ২ দূষিত। ৩ গর্হিত ; অনুচিত। ৪ নীচ। স্ত্রীং ~া। ৫ [-নিন্দিত। তুলনার্থে অন্য শব্দযোগে] লাঞ্ছনাপ্রদ : নিন্দাবিধায়ক। "কমল-নিন্দিত", "মৃণাল-নিন্দিত বাহু"। > স্ত্রীং ~া।

-নিন্দিনী [সং-নিন্দ্ (নিন্দায়) > তাড়নায়। অনুপ্রাসার্থে, অন্য শব্দযোগে। সম্বোধনে-নিন্দিনি] বিণ, নিগ্রহকারিণী। "নগনন্দিনি! সুরবন্দিনি! রিপুনিন্দিনি! গো।"-অ॰ ম॰।

নিন্দুক [গ্রা॰। সং-নিন্দক (দ্রঃ)] বিণ, নিন্দাকারী ; কুৎসাকারী।

নিন্দুয়া [গ্রা॰ বাং। হি॰-র উচ্চারণানুকরণে] বি, নিন্দা।

নিন্দ্য [নিন্দ্ (নিন্দা করা)+য (র্ম্ম)] বিণ, নিন্দার যোগ্য ; গর্হণীয় ; অপ্রশংস্য। "আমি নিন্দ্য মন্দমতি না জানি ভকতি স্তুতি।"-ঘ॰। ২ দূষণীয়।

নিপ১ [নি (নিয়ত) প (পানপাত্র)] বি, কলস ; ঘট [প্র॰ অ॰]। ২ কদম্ববৃক্ষ ; নীপ।

নিপ২ [সং-নৃপ > ভ্রং। গ্রা॰ নেপো] বি, নৃপ ; রাজা।

নিপট১ [হি॰ নিপট (নিতান্ত, নিরেট)। তুল-হি॰ "নি॰ মূর্খ"-বাংলাদেশে ... সং-নিবিড় (গাঢ়, ঘন, দৃঢ়, বহুল-হে॰) > নিবড়, নিবট, নিপট] বিণ, অত্যন্ত ; অতিশয়। "সদা ছটফট দুবণি নি॰ লটপট তার বেশ।"-চণ্ডি॰। ২ [তুল-নির্দ্দট=নির্দ্দয়, তীব্র, মত্ত (শব্দরত্নাবলী)] নির্দয় ; নিষ্ঠুর। ৩ সম্যক্ প্রকার। ৪ যথার্থ : নিট ; খাঁটি।

নিপট২ [সং-লম্পট ...] বিণ, লম্পট ; নাবড়।

নিপটানি [সং-নিষ্পাদন > হি নিপটনা=সমাপ্ত করা] ক্রি, কার্য্য সমাধা করা ; শেষ করা।

নিপঠ, নিপাঠ [নি (সম্যক্) পঠ্ (পড়া)+অ (ভা॰)] বি, পাঠ ; অধ্যয়ন।

নিপতন [নি (নিম্নে) পত্ (পতন হওয়া) +আ (ভা॰)] বি, অধঃপতন। ২ সম্যক-পতন ; আপতন।

নিপতিত [নি-পত্ (পতিত হওয়া) +ত (র্ত্তৃ)] বিণ, আপতিত। ২ অধঃপতিত ; ভূপতিত।

নিপাক [নি-পচ্ (পাক করা) + অ (ভা॰)] বি, পরিপাক

নিপাত [নি-পত্ (পড়া) +অ (ভা॰)] বি, অধঃপতন। ২ পতন। ৩ নিধন ; মরণ ; বিনাশ। ৪ বিণ, উৎসন্ন। প্র-নিপাত যাওয়া। ৫ [ব্যা॰] নিপাতন ; চ, বা, হ এবং প্র পরা ই॰ অব্যয় শব্দ।

নিপাতন [নি-পত্ + ণিচ্=পাতি (পড়ান)+অন (ভা॰)] বি, বিনাশ। ২ উন্মূলন। ৩ অধঃপাতন ; প্রক্ষেপণ। ৪ [ব্যা॰] সূত্রোক্ত নিয়মে যে সকল পদ সিদ্ধ হয় না, অতিরিক্ত বর্ণাগমাদি যোগে তাদের সাধন ; ধাতুর উপসর্গরূপে যুক্ত অব্যয় ও কর্ম্ম-প্রবচনীয় স্বরূপ ব্যতীত অব্যয়ের নাম নি॰।

নিপাতিত [নি-পত্ + ণিচ্=পাতি+ত (র্ম্ম)] বিণ, পাতিত ; নিক্ষিপ্ত। ২ বিনাশিত ; নিহত।

নিপান [নি (নিয়ত) পা (পান করা) + অন (ধি), যেখানে পশু-পক্ষী সকল জলপান করে] বি, জলাশয়ের নিকটস্থিত খাত ; কৃত্রিম জলাশয় ; চৌবাচ্চা। ২ দুগ্ধদোহন পাত্র ; দুধের কেঁড়ে।

নিপিত্তে [গ্রা॰। নি-পিত্ত (শরীরস্থ পিত্ত, ঘৃণা বিরাগাদি উৎপাদক)+ইয়া=নিপিত্তিয়া > ক্ষে॰] বিণ, নির্ঘৃণ ; নিঘিন্নে ; ঘৃণা-শূন্য। নি॰ নিঘিন্নে [একার্থক সহ॰ দ্বন্দ্ব। তুল-হায়াপিত্ত=লজ্জা ও ঘৃণা] লজ্জাঘৃণাশূন্য।

নিপীড়ক [নি-পীড্ (ক্লেশ দেওয়া)+ অক (র্ত্তৃ)] বিণ, পীড়নকারী ; ক্লেশদায়ক ; উৎপীড়ক। ২ নিষ্পীড়ক ; যে আর্দ্রবস্ত্রাদির জল নিঙ্গড়ায়।

নিপীড়ন [নি-পীড্ +অন (ভা॰)] বি, উৎপীড়ন ; অত্যাচার। ২ পীড়াপীড়ি। ৩ দলন ; মর্দ্দন। ৪ নিষ্পীড়ন ; আর্দ্রবস্ত্রাদি নিঙ্গড়ন। বিণ, নিপীড়িত-অত্যাচারিত ; দলিত ; নিপিষ্ট। ২ যা নিঙড়ান হইয়াছে।

নিপীত [নি (সম্যক)-পীত=পা (পান করা)+ত] বিণ, কৃতপান ; নিঃশেষে পীত।

নিপুণ [নি-পুণ্ (সৎকর্ম্ম করা)+অ (র্ত্তৃ)] বিণ, কুশল ; পটু ; দক্ষ ; সমর্থ ; কার্য্যক্ষম। স্ত্রীং ~া। বি, ~তা-নৈপুণ্য।

নিপুর [সং] বি, পঞ্চপ্রাণ, দশেন্দ্রিয়, মন, বুদ্ধি এই ১৭টি উপাদানাত্মক সূক্ষ্ম দেহ।

নিফল [সং-নিষ্ফল > প্রাকৃ॰ নিপ্ফল] বি, বিণ, নিষ্ফল ; বিফল। ক্রি-বিণ, নিফলে।

নিফলা [নি (নাই) ফল যার, বহু॰] বি, জ্যোতিষ্মতী লতা। ২ বিণ, যার ফল হয় না।

নিফেন [সং-অফেনম্, নিফেনম্, অহি-ফেনকম্ (রাজনির্ঘণ্ট)। গ্রা॰ আফিম, আফিং, আপিন, আপিম, আপিং] বি, অহিফেন ; আফিম।

নিব১ [ইং ...] বি, ধাতুময় লেখনীমুখ ; কলমের মোচ।

নিব২ [নেওয়া দ্রঃ] ক্রি, লইব। "নিব নিব মনে কিন্তু নিতে নাহি পারে"-দীনবন্ধু।

নিবু৩ নিবু [নিবা দ্রঃ। নিব+উ (সাদৃশ্যে)] বিণ, যা নিবিয়া আসিতেছে বা এখনি নিবিবে। ২ নির্ব্বাপিত প্রায় ; নিবিবার মত। এই অর্থে ~নিবু, নিবু-নিবু (প্রচররূপ) সাদৃশ্যার্থে দ্বিত্ব।

র্‍যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ. ঙ্গ=ংগজ্ঞ=গ্‌য ক্ত=ন্‌চ ক্ষ=ষ্ট হ্ন=হ্ম হু হ্ল হ্ব হ্ন=ন্‌হ্‌ হ্ব লহ্ ভ ঋ, জ ক্ষ ব ভ=... ও চো॰ দ্রঃ

নিবঁড়, নির্বড়ন [নিবড়া দ্রঃ] বি. সম্পূরণ ; নিষ্পাদন ; সমাপন। ২ নিপট।

নিবঁড়া, নিবড়ানি [সং-নির্ব্বাহ > হিং নিবেড়া, নিবেহ, নিভাও, নিবাহ্ (শেষ, সমাপ্তি) > ক্রি,নিবেড়্না,নিবাহ্না। উংপুং নিবড়ি, নিবড়াই, মংপুং নিবড়, নিবড়াও, প্রংপুং নিবঁড়ে ; নিবড়ায়। অস-ক্রি-নিবড়িতে, নিবড়াইতে ; নিবড়িয়া, নিবড়াইয়া, গ্রাং নিবড়ে] ক্রি (সকর্ম্মক, অকর্ম্মক), শেষ করা ; সম্পূর্ণ করা ; শেষ হওয়া ; পূর্ণ হওয়া। "নিবড়িল যদি তার অষ্টম রজনী"-কবিকং। "এপার নিবড়ে যখন বারতে প্রবেশ। হেন কালে পড়িতে গেলাম উত্তর দেশ।"-কৃত্তিং। ২ কার্য্য সমাধা করা ; সম্পাদন করা। "শাস্ত্রমত যত ছিল একে একে নিবড়িল পশ্চাৎ করিল নান্দীমুখ।"-কবিকং। ৩ অতীত হওয়া ; গত হওয়া ; অতিবাহিত হওয়া। "বহু দিন গেল নিবড়িয়া"-ঘং। "আশিন মাসের শেষে নিবড়ে বারিষ"-শ্রীং কীং।

নিবঁণ, নিবিন [গ্রাং। সং-নির্ব্বা(প)ণ >] বি, নির্ব্বাণ। ২ নির্ব্বাপণ।

নিবঁদ্ধ [নি-বন্ধ (বন্ধন করা) +ত (র্ম্ম)] বিণ, সম্বদ্ধ ; যা বাঁধা হইয়াছে। ২ নদ্ধ ; পরিহিত। ৩ নিবেশিত ; বিন্যস্ত। ৪ রহিত। ৫ গ্রথিত ; জড়িত ; খচিত। ৬ একস্থানে বদ্ধ ; স্থির fixed প্র-নিবদ্ধ দৃষ্টি। ৭ নিয়মিত।

নিবঁন [নির্ব্বাণ > প্রাকৃ নিব্বাণ > নিবন + আ (ক্রিয়ায়)=ও। নিবই; নিবও, নিবয় ; নিবতে (নিবুতে) ; নিবইয়া (গ্রাং নিবইযে. নিবয়ে)] ক্রি. নির্ব্বাপন করা। ২ বিণ, নির্ব্বাপিত।

নিবঁন্ত [নিব (নির্ব্বাণ)-অন্ত (অন্ত্ দ্রঃ) ঘটমান-বর্ত্তমান (present progressive) অর্থক বাং প্রত্যয়=সং কৃৎ প্রকরণের শতৃ ও শানচ্ প্রত্যয়বৎ। তুল-ঘুমন্ত জ্বলন্ত ইং] বি. যা নিবিতেছে ; নির্ব্বাণ প্রায়।

নিবঁন্ধ [নি-বন্ধ্ + অ (র্ম্ম)] বি, প্রবন্ধ ; রচনা ; গ্রন্থ। ২ প্রস্তাব। ৩ যথাকালে দেয় অর্থাদি ; বৃত্তি ; বার্ষিক ; মাসিক বৃত্তি। ৪ কৌশল ; উপায়। ৫ নিয়ম। ৬ নির্দ্ধারণ ; স্থিরীকরণ ; কড়ার। "তোমাসনে নিং করিনু দুইদণ্ড।"-কবিকং। ৭ গীত।

নিবঁন্ধন [নি-বন্ধন (বাধ্য-বাধকতা-সূচক)] বি, নিমিত্ত ; জন্য ; হেতু ; কারণ। ২ নিয়ম। ৩ রচনা। ৪ নির্দ্ধারণ ; কড়ার ; নিবন্ধ। [দ্রঃ-পারিতোষিক, দান, বন্ধন, বীণাতন্ত্র ইং অর্থ সংস্কৃত ভাষায় প্রচলিত। বাংয় প্রং অং]।

নিবঁন্ধা [নি-বন্ধ্ +তৃ (র্ত্তৃ)=নিবন্ধৃ ১মা, ১বং] বিণ, নিবন্ধকার ; গ্রন্থকর্ত্তা ; রচয়িতা। স্ত্রীং নিবঁন্ধ্রী।

নিবিন্ধিত [নি-বন্ধ্ +ত (র্ম্ম)] বিণ, নিবন্ধাকারে গ্রথিত ; রচিত। ২ সম্বদ্ধ।

নিবঁপন [নি-বপ্ (দানে. পিণ্ডদানে) + অন (ভাং)] বি, পিতৃলোকের উদ্দেশে দান।

নিবঁরা [নি (নাই)বর (স্বামী) যার, বহুং] বি. কুমারী ; অনূঢ়া।

নিবঁর্ত্ত [নি-বৃত্ + অ (র্ত্তৃ)] বিণ, ক্ষান্ত ; বিরত। ২ প্রত্যাবৃত্ত। ৩ নিষেধ। ~ক- বিণ, নিবারক।

নিবঁর্ত্তন১ [নি-বৃত্ +অন (ভাং)] বি, ক্ষান্তি ; বিরতি ; নিবৃত্তি। ২ প্রত্যাগমন ; প্রত্যাবর্ত্তন। ৩ নিষেধ. নিবারণ। ৪ [+অন (বি)] ২০ বাঁশ পরিমাণ জমী বা ক্ষেত্র।

নিবঁর্ত্তন২ [বৌং সা। পাং নিবট্টন (কর্ম্ম হ'তে নিবৃত্তি)] বি, বিশ্রাম। ~স্থান [পাং নিবওট্‌ঠান] বি. বিশ্রামস্থান। ২ [নদী সম্বন্ধে] বাঁকের মুখ ; যে স্থান হ'তে স্রোত অন্যদিকে বহিতেছে। "সেই ক্ষুদ্র নদীর তীরে উপস্থিত হইলেন উহার এক নিং স্থানে জলে নামিয়া"-জাতক, ৪র্থ খণ্ড।

নিবির্ত্তিত [নি-বৃত্ + ণিচ্=বর্ত্তি +ত (র্ম্ম)] বিণ, ক্ষান্ত ; বিরত। ২ নিবারিত। ৩ প্রত্যাগত ; প্রত্যাবৃত্ত।

নিবঁর্হণ [নি-বর্হ্ (বধ করা) + অন (ভাং)] বি, বিনাশ সাধন ; হনন। ২ উৎসাদন। বিণ, নিবঁর্হিত।

নিবঁসই [ব্রজং। নিবসা দ্রঃ] ক্রি, নিবাস করে ; বাস করে। "রাধামাধব রতনহি মন্দিরে নিং শয়নক সুখে।"-বিং পং।

নিবঁসতি [নি-বস্ (বাস করা)+অতি (ধি)] বি, গৃহ ; আবাস স্থান ; আগার ; নিলয়। "সতী নিং এল গেল অন্ধকার।"-অংমং। ২ [+অতি (ভাং)] অবস্থিতি ; বসতি। "একরাত্রি একত্রে করিব নিং।"

নিবঁসথ [নি-বস্+অথ (ধি)] বি,অবসথ ; গ্রাম ; জনপদ। ২ আবাস।

নিবঁসন [নি-বস্ (বাসে, আচ্ছাদনে) + অন] বি,অবস্থান ; নিবাস। ২ [+অন (ধি)] গৃহ ; অবসথ। ৩ বসন ; বস্ত্র।

নিবঁসা [নিবসন >। প্রাংবাং-নিবৈসা। "আর চিত্রকর যত নগরে নিবৈসে"-মনসা মং (কেতকাং)। নিবসি, নিবস, নিবসে (প্রাং বাং-নিবেসে=নিবসে) ; নিবসিতে ; নিবসিয়া। ণিজন্ত-নিবঁসানি] ক্রি. নিবাস করা ; বাস করা। "সঙ্গেতে অলিনী নিবস নলিনী না জান বিরহ-ব্যথা।"-কবিকং।

নিবঁস্ত্র [নি (নাই) বস্ত্র (পরিধেয়) যার, বহুং] বিণ, বিবস্ত্র ; উলঙ্গ।

নিবঁহ [নি-বহ্ + অ (র্ম্ম)] বি, নিকর ; সমূহ ; সকল। ২ [+ অ (র্ত্তৃ)] আবহ, সম্বর্ত্ত, পুষ্কর, নিবহাদি সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিঃ।

নিবা, নিভা [নিবান দ্রঃ। ব=ভ] নিবি, নিব (নিবেন, নিবিস), নিবে (গ্রাং নৈবে) ; নিবিতে ; নিবিয়া। ণিজন্ত-নিবান] ক্রি, নির্ব্বাণ প্রাপ্ত হওয়া ; নির্ব্বাপিত হওয়া।

নিবাত [বাত দ্রঃ] বি, বায়ুভেদ, বাতাসের প্রচণ্ড ঝাপ্টা। ২ [নি (নাই) বাত (বায়ু) যেখানে, বহুং] বিণ, নির্ব্বাত ; বায়ুহীন ; বাতশূন্য। "নিবাত দীপের মত স্তম্ভিত হেরি জগত, জানি না দুঃখ দুর্ভাগ্য গিয়াছে কোথায়।"-বাংগান। ৩ অভেদ্য ; দৃঢ়।

~কবঁচ [নিবাত (দৃঢ়) কবচ যারা ধারণ করে, বহুং] বি, মহাপরাক্রান্ত ও দুর্দ্দম্য (সংখ্যায় তিনকোটী) অসুর। হিরণ্যকশিপু-পুত্র সংহ্লাদের পুত্রগণ। ইন্দ্রের আদেশে অর্জ্জুন হস্তে ইহারা নিহত হয় (অগ্নি পুং, মহাং)।

নিবানি [উচ্চারণভেদে নিভানি। সং-নির্ব্বাণ-নির্ব্বাপন >। গ্রাং নেবান। নি=নে। নিবাই, নিবাও (নিবান,নিবাস.গ্রাং নেবাস), নিবায় (প্রাং বাং-নিবাএ, গ্রাং নেবায়) ; নিবাইতে ; নিবাইয়া (গ্রাং নিবিয়ে)] ক্রি. নির্ব্বাণ করা ; আগুন বা আলোক নিবাইয়া

দেওয়া। "নিবায় অনলকুণ্ড রোদন ত্যজিয়া।" -অ° ম°। "বিষম অনল নিবাইল নহে হিয়ায় রহিল শেল।"-চণ্ডি°। ২ [নির্ব্বাণ >। নিভান ও°] বিণ, নির্ব্বাণপ্রাপ্ত ; নির্ব্বাপিত। "নিবান আগুণ"। "নিভান আগুনি দিলা জ্বালি"-জ্ঞান°।

নিবাপ [সং] বি, জল। ২ পিতৃ উদ্দেশে পিণ্ড দান। "পতিকুলে দিতে, বাপ! নি°
কেহ না রহিবে তোরে যমে দিলে বলি!"-ধাত্রীপান্না (যদুগোপাল চট্টো°)।

নিবারণ [নি-বারি (নিষেধ করা) + অন (ভা°)] বি, বারণ ; নিষেধ। ২ নিবৃত্তি। ৩ বিণ, যে বারণ মানে না ; দুর্ব্বার। ৪ [প্রা° বাং] মোচন। "কপাট কর নি°"-শূ° পু°। বিণ, নিবারণীয় [নি-বারি + অনীয় (র্ম্ম)] বিণ, নিষেধযোগ্য ; নিবার্য্য।

নিবারা [নিবার (নি-বৃ + বারণ করা + অ)-আ (ক্রি-বিভক্তি)। নিবারি, নিবার (নিবারেন, নিবারিস), নিবারে (নিবারেন) : নিবারিতে ; নিবারিয়া (পদ্যে-নিবারি)। প্রা° বাং-নেবারা ও°। নি=নে। নিবারিলোঁ (নিবারণ করিলাম)। নিবারিহে (নিবারণ করিও)। নিবারোঁ (নিবারণ করিতেছি)। নেবারিল (নিবারণ করিলাম)। নেবারী =নিবারণ করিয়া ; এড়াইয়া (শ্রী° কী°)] ক্রি, নিবারণ করা ; বারণ করা ; নিষেধ করা। "হাসিয়া কহিলা শূলী বীরভদ্র শূরে!-নিবার লঙ্কেশে, বীর।"-মেঘ°। -"যা লো তুই সৌদামিনী গতি, নিবার কুমারে, সই।"-ঐ। ২ দূর করা ; ঘুচান। "আশু নিবারিব শোক-তব, প্রেরি তোমা পুত্রবর যথা।"-মেঘ°। ৩ বন্ধ করা ; রোধ করা। "নয়নের বারি কেমনে নিবারি"-গান।

নিবারিত [নি-বারি + ত (র্ম্ম)] বিণ, নিরস্ত ; নিবৃত্ত ; নিষিদ্ধ।

নিবার্য্য [নি-বারি + য (র্ম্ম)] বিণ, নিবারণযোগ্য ; নিবারণীয়।

নিবাস১ [নি-বস্ (বাস করা) + অ (ভা°)] বি, বাসা ; বসতি ; অবস্থান। ২ [+অ (ধি)] আগার ; আবাস ; গৃহ ; আশ্রম। "ভবানন্দ মজুন্দার নিবাসে রহিব।"-অ° ম°।

নিবাস২ [নি-বাস (বস্ত্র)] বি, বিবস্ত্র স্থান। "নিবাসে বাস পুন দেয়ল সোই"-বি° প°।

নিবাসন [বৌ সা°] বি, অন্তর্বাস ; ধুতি। "লোকে যখন তাহাকে নিবাসন ও প্রাবরণ দিতে চাহিল"-জাতক, ৫ম খণ্ড।

নিবাসী [নিবাস + ইন্ (স্ত্য°)=নিবাসিন্ ১মা, ১ব°] বিণ, অধিবাসী ; বাসকারী ; বাসিন্দা। স্ত্রীং নিবাসিনী।

নিবি [নেওয়া দ্রঃ] ক্রি, ল বি।

নিবিড় [নি (না) বিল (ছিদ্র)' ল=ড] বিণ, নীরন্ধ্র ; জমাট ; বদ্ধ গাঢ় ; ঘন, সান্দ্র। "নি° ধূমাঙ্ক ঘোর পুরী সে পাতাল. নি° মেঘডম্বরে যথা অমানিশি।"-বৃত্রসংহার। ২ দৃঢ়। "নি° নীবিবন্ধ কঠিন কঞ্চুক"-বি° প°। ৩ গভীর ; গহন। ৪ স্থূল। ৫ পুরু অধিক বেধযুক্ত। বি, নিবিড়তা।

নিবিষ্ট [নি-বিশ্ (প্রবেশ করা) + ত (র্ত্তৃ)] বিণ, আবিষ্ট। ২ মনোযোগী। ৩ সংস্থাপিত ; বিন্যস্ত। ৪ প্রবিষ্ট। স্ত্রীং ~া। ~চিত্ত, ~মনা (:)-বিণ, মগ্ন বা অভিনিবিষ্ট মনাঃ। ক্রি-বিণ, ~চিত্তে-অতিশয় মনোযোগের সহিত।

নিবীত [নি-ব্যে (আচ্ছাদন করা) + ত (র্ণে)] বি, উত্তরীয় বস্ত্র, উড়ানি ; আচ্ছাদন বস্ত্র। ২ কণ্ঠে লম্বিত পৈতা, মালাকারে ধৃত যজ্ঞসূত্র। ৩ বিণ, আবৃত ; আচ্ছাদিত। ~তী-বি, উত্তরীয়কে মালার মত গলায় পরা যজ্ঞসূত্র।

নিবু-নিবু [নির্ব্বাণ > প্রাকৃ নিব্বাণ > নিবান + উআ > নিবাউ, নিভাউ (দ্রঃ) > নিবুআ >। 'প্রায়' অর্থে দ্বিত্ব] বিণ, নিবিছে এমন, নিবন্ত ; নির্ব্বাণপ্রায় ; নির্ব্বাণোন্মুখ। "দেখিল বিজন ঘরে, দীপ নিবু-নিবু করে প্রহরী প্রহর গেল হাকি।"-সোনার তরী

নিবৃত [নি-বৃ (আবরণ করা) + ত (র্ণে)] বিণ নিবীত, উড়ানি। ২ [+ত (র্ম্ম)] বিণ, আবৃত। ৩ বেষ্টিত।

নিবৃন্ত [নি (নাই) বৃন্ত যার] বিণ, বোঁটাশূন্য। "নি° পুষ্পের শয্যা উপরে পাতিল" -চৈ° চ°।

নিবৃত্ত [নি-বৃৎ (ক্ষান্ত হওয়া) + ত (র্ত্তৃ)] বিণ, ক্ষান্ত ; বিরত। ২ প্রত্যাবৃত্ত। ৩ বি, নিবৃত্তি। ~প্রসব-যে স্ত্রী আর প্রসব করে না ; যার আশা বন্ধ হইয়াছে। ২ যে স্ত্রীর সন্তান প্রসবের পর পাঁচবৎসরাধিক কাল গর্ভ হয় না। ৩ বাঁজা স্ত্রী।

নিবৃত্তাত্মা [নিবৃত্ত (আত্মা) যার, বহু°] বিণ, যার হৃদয়ে নিবৃত্তি বা বৈরাগ্যের উদয় হইয়াছে ; বিষয়বিরত আত্মা।

নিবৃত্তি [নি-বৃৎ (ক্ষান্ত হওয়া) + তি (ভা°)। বিপরীত-প্রবৃত্তি] বি, বিরাম ; ক্ষান্তি ; বিরতি। ২ অপ্রবৃত্তি ; বিরাগ। ৩ [বৌদ্ধ দর্শনে] মুক্তি ; মোক্ষ। ৪ [আয়ুঃ] যন্ত্রণাবোধ হতে পূর্ণ নিষ্কৃতি (মাধব নিদান)।

নিবেদন [নি-বেদি (জানান) + অন (ভা°)] বি, জ্ঞাপন, জানান। ২ বিনীত আবেদন। ৩ সমর্পণ। ৪ বক্তব্য। বিণ, ~দিত- কৃতনিবেদন ; সমর্পিত। ~দনীয় -নিবেদ্য দ্রঃ।

নিবেদা [নিবেদন (দ্রঃ) ...। নিবেদি, নিবেদ, নিবেদে (পদ্যে-নিবেদয়ে) ; নিবেদিতে ; নিবেদিয়া (ক্ষে° পদ্যে-নবেদি)] ক্রি, নিবেদন করা। "নিবেদি চরণে তব।" -ক্ষ°। নিবেদিবোঁ [প্রা° বাং] ক্রি, নিবেদন করিব। নিবেদিল-ক্রি, নিবেদন করিল। নিবেদিহ-নিবেদন করিও।

নিবেদ্য [নি-বেদি (জানান) + য (র্ম্ম)] বিণ, বিজ্ঞাপ্য, নিবেদনীয়। ২ আবেদনের উপযুক্ত ; যার জন্য আবেদন করিতে হইবে। ৩ সমর্পণীয়।

নিবেশ [নি-বিশ্ (প্রবেশ করা) + অ (ধি)] বি, আলয়। ২ স্থান। ৩ শিবির। ৪ সংস্থাপন, বিন্যাস ; সন্নিবেশ। ৫ উপবেশন। ৬ প্রবেশ।

নিবেশন [নি-বিশ্ (প্রবেশ করা) + অন (ধি)] বি, নিবেশ। ২ নগর। ৩ সংক্রমণ।

নিবেশিত [নি + বিশ্ + ণিচ্ = বেশি (প্রবেশ করান) + ত (র্ম্ম)] বিণ, নিবিষ্ট। ২ বিন্যস্ত। ৩ সংস্থাপিত। ৪ প্রবিষ্ট।

নিব্যূঢ়-নির্ব্যূঢ় দ্রঃ।

নিভ [নি-ভা (দীপ্তি পাওয়া) + অ (র্ত্তৃ)] বিণ, সম ; সদৃশ ; তুল্য (এই অর্থে অন্য শব্দের পর প্রযুক্ত হয়)। ২ [+অ (র্ণে)] বি, ভাণ ; কপট প্রকাশ।

নিভন্ত [নিবন্ত দ্রঃ। নিভ (নিব) + অন্ত (প্রত্যয়)। ব=ভ] বিণ, নির্ব্বাণপ্রায়। "আপার নি° আলো মাথা ও বয়ানে"-কাব্য-কুসুমাঞ্জলি (মানকুমারী°)। ২ নির্ব্বাপিত।

নিভা [নিবা দ্রঃ। নিভি, নিভ, নিভে; নিভিতে; নিভিয়া (ক্ষে° গ্রা° নিভে)। নিজন্ত-নিভান] ক্রি, নির্ব্বাপিত হওয়া।

নিভাউ [নির্ব্বাণ > নিবা, নিভা + উআ >] বিণ, যা নিবিয়াছে; নির্ব্বাপিত। ২ লুপ্ত। ৩ উধাউ; অন্তর্হিত। নিবু দ্রঃ।

নিভাঁজ,-ভাজ [নি-ভাঁজ (ভেজাল দ্রঃ)] বিণ, যাতে ভেজাল নাই; বিশুদ্ধ; খাঁটি। ২ যা পাট করা বা মোড়া নয়; ভাঁজ করা নয় এমন।

নিভানি১ [নির্ব্বাপন > নিবা + আন >। ব=ভ (উচ্চারণ বিকারে)। নিভাই, নিভাও, নিভায়; নিভাইতে: নিভাইয়া (ক্ষে° গ্রা° নিভিয়ে)] ক্রি, নিবাইয়া দেওয়া।

নিভানি২ [নির্ব্বাণ >] বিণ, যা নিবাইয়া দেওয়া হইয়াছে; নির্ব্বাপিত। "নিভান আগুনি দিলা জ্বালি।"-জ্ঞান°।

নিভৃত [নি-ভৃ (পোষণ করা) + ত (ক্ত)। প্রা° বাং-নিহুর। "নিহুরে পিঅ মন" (পিঅ= নিজ)-বৌ° গান ও দোহা] বিণ, নির্জ্জন; একান্ত। ২ অপ্রকাশিত; গুপ্ত; লুক্কায়িত। ৩ নিশ্চল; নিস্পন্দ।

নিম১ [সং-নিম্ব >। হি° লিম] বি, নিম্ববৃক্ষ; নিমগাছ melia azadirachta. ২ নিম্বফল। ৩ নিমের তিক্তরস। "নিমে সুধা দিয়া একত্র করিয়া ঐছন কানুর লেহ।" -চণ্ডি°। বিণ, **নিমিয়া, নিমে**-নিমের আস্বাদযুক্ত; অতিশয় তিক্ত। **~-ঘি**-ঘৃতে নিমপাতা খর ভাজিয়া প্রস্তুত ঘৃত। **~-জল**-নিমপাতা-সিদ্ধ জল। **~-ঝোল**-নিমপাতার ফোড়ন দেওয়া সজল ব্যঞ্জন; সুক্ত। **~-তেল**-নিম ফলের তৈল। **~নিসিন্দা**-অতিশয় তিক্তের প্রতীক নিম ও নিসিন্দা। ২ [লক্ষ°] খলতা। "মুখে খুব মিঠে, নিমিনিসিন্দে পেটে।" **~পাতা**-নিম গাছের পাতা। ২ [লক্ষ°] বিণ, তিক্ত। **~-ফল**-নিম গাছের ফল। ২ [সাদৃশ্য হ'তে] শিশুর কটিভূষণ; নিমফলের ন্যায় দানা গাঁথা বলিয়া এই নাম। **~-ফুল**-নিম্বপুষ্প। ২ [সাদৃশ্য হ'তে] বি, স্ত্রীলোকের নিমফুলাকৃতি কর্ণালঙ্কারবিঃ। **~ভাজা**-বি, বেগুণ, সীম প্রভৃতির সহিত নিমপাতা ভাজা ব্যঞ্জন। ঘোড়ানিম-ঘোড়া দ্রঃ। মহানিম দ্রঃ।

নিম২ [ফা° নীম্ (অর্দ্ধ)। তুল-সং-নেম] বিণ, অর্দ্ধ। ২ প্রায়; ঈষৎ; অল্প। প্র-নিমরাজি। ৩ কমজান্তা; আনাড়ি; অল্প শিক্ষিত। প্র-নিম হাকিম। **~খুন**-দ্রঃ। **~মুল্লা**-দ্রঃ। **~রাজি** [গ্রা° নেমরাজি(জী)] দ্রঃ। **~-হাকিম** দ্রঃ। তুল-(হাতুড়ে অর্থে) 'গো-বদ্দি'।

নিমক [ফা° নমক্] বি, লবণ; নুন। "যেমন নিমক খালি হালাল করিলি ভালি মাথা কাটি তবে দুখ যায়।"-অ° ম°। **~কী১, ~কি১(-য়-)** [নিমক + ই, ঈ (সম্বন্ধে)] বিণ, লবণ সম্বন্ধীয়; লবণের। ২ লবণোৎপাদক। প্র-নিমকী মহল। **~দান, দানী** [হি°] বি, লবণপাত্র; নুনের বাটী salt cellar. **~মহল** [নিমকি মহল] লবণ উৎপাদক ভূখণ্ড বা স্থান। **~হারাম** [গ্রা° নেমো-খারাম্। ফা° নমক্ + আ° হারাম্ (অধর্ম্মী, অবৈধ)-নিমক খাইয়াও যে হারামি করে] বিণ, অকৃতজ্ঞ; কৃতঘ্ন। "নিমক হারাম বেটা আজি বাঁচাইবে কেটা"-ভারত°। "আমি নিমক হারাম নই শঙ্করী"-রা° প্র°। > বি, **~হারামি** [গ্রা° নেমোখারামি] অকৃতজ্ঞতা। বিপরীতার্থে- **~হালাল** (কৃতজ্ঞ) > বি, **~হালালি** [বাং-য় বিরল] কৃতজ্ঞতা।

নিমকি২,-কী২ [ফা° নমকীন্ >] বি, লবণ ঘটিত ঘৃতপক্ক খাদ্যবিঃ [মিঠার পরিবর্ত্তে লবণ মিশ্রিত যে কোন খাদ্যকেই হি°-তে-নমকীন্ বলে]। ২ বিণ, [নিমক দ্রঃ] নোন্তা; লবণাক্ত।

নিমখুন [ফা° নীম (অর্দ্ধ, প্রায়) খুন্] বি, হত্যা অপরাধে অর্দ্ধেক দায়িত্ব; প্রায় খুন grievous hurt amounting to murder.

নিমগ্ন [নি + মস্জ্ (ডুবা) + ত (ক্ত)] বিণ, যে জলে ডুবিয়া গিয়াছে; নিমজ্জিত। ২ একাগ্র; আসক্ত; আবিষ্ট; অনন্যমনে কোন বিষয়ে নিবিষ্ট। পদ্যে কোমলরূপ-নিমগন। "সখীগণ আনন্দে নিমগন ভেল" -বি° প°।

নিমচা [ফা°] বি, ক্ষুদ্র অসি; খঞ্জর a scimitar.

নিমজ্জন [নি + মস্জ্ (মগ্ন হওয়া) + অন (ভা°)] বি, নিমগন; ডুবন। ২ অবগাহন: স্নান। ৩ [নি-মস্জ্ + ণিচ্ = মস্জি (ডুবান) + অন (ভা°)] জলমগ্ন করণ; ডুবান। বিণ, **নিমজ্জিত**-যে ডুবিয়াছে; জলমগ্ন। ২ [লক্ষ°] অভিনিবিষ্ট।

নিমজ্জমান [নি + মস্জ্ (মগ্ন হওয়া) + আন (শ্ন), য,ম আগম] বিণ, ডুবিতেছে এমন। "বিলাস ব্যসনে আকণ্ঠ নি°।"-আ° শক্তি', ৩৪, ১৭ সংখ্যা। স্ত্রীং **~া**।

নিমন্ত্র/ণ [নি + মন্ত্র্ (মন্ত্রণা করা, আহ্বান করা) + অন (ভা°)। গ্রা° "নেমন্তন্ন"। গ্রা° হি° নেওতা] বি, ভোজনে আহ্বান। ২ নির্দ্ধারিত সময়ে নির্দ্ধারিত স্থানে উপস্থিতির জন্য আহ্বান। [সম-আগমনের জন্য আহ্বান -আমন্ত্রণ। ভোজনে আহ্বান-নিমন্ত্রণ]। **~ণে** [গ্রা° নেমন্তন্নে] অ, নিমন্ত্রিত হয়ে; নিমন্ত্রণ স্থলে; ভোজন করিতে সাদরাহূত হয়ে। "নিমন্ত্রণে যাচ্চে যারা আমার হয়ে খাবে তারা"-ঈ° গুপ্ত। **~য়িতা** [নিমন্ত্রণকর্ত্তা ও°। আমন্ত্রণ দ্রঃ] বিণ, নিমন্ত্রণকারী বা কর্ত্তা। স্ত্রীং **~য়িত্রী**।

নিমন্ত্রাতা [আধু° গঠিত (coined) শব্দ। নিমন্ত্রয়িতা স্থলে] বিণ, বি, নিমন্ত্রণকারী host. "পরিচয়ের পর নি° আমাদিগকে ঘরের ভিতর লইয়া গেলেন"-উত্তরা, ১৩৩৩।

নিমন্ত্রিত [নি-মন্ত্র্ + ত (ক্ত)] বিণ, যাকে নিমন্ত্রণ করা হইয়াছে; যাকে আহ্বান করা হইয়াছে। স্ত্রীং **~া**।

নিমফল, নিমফুল-নিম দ্রঃ।

নিমমুল্লা,-মোল্লা [নিম দ্রঃ] বি, অর্দ্ধ-শিক্ষিত বা আনাড়ি মোল্লা।

নিমরাজি [ফা° নীম্ + রাজী। গ্রা° নেমরাজি(জী)] বিণ, প্রায় রাজী; অর্দ্ধসম্মত।

নিম হাকিম [ফা° নিম (আনাড়ি) + আ° হকীম (চিকিৎসক)] বি, আনাড়ি চিকিৎসক; "গো-বদ্দি" quack.

নিমাই [নিমময় >। নিমের মত তিক্ত সুতরাং কেহ তাকে নজর দিবে না, যমে গ্রহণ করিবে না,এই বিশ্বাসে যে-জননীর সন্তান হইয়া বাঁচে না বা গৃহবাসী হয় না তিনি পুত্রের এইরূপ নাম রাখেন। অতি পরিচয়ার্থে বা তুচ্ছার্থে-নিমে। স্ত্রীং নিমী (নিমময়ী)] বি, চৈতন্যদেবের জননীদত্ত নাম।

নিমাইৎ-নিম্বাইৎ দ্রঃ।

নিমাথি, নিমাথিতী [নি+মাথ (মস্তক)+ই (মাথার উপর কেহ নাই এমন), নি-মাথস্থিত >] বিণ, অনাথা: সহায়হীনা। "নিমাথি দেখিয়া মোক বল করে কাহ্নে"-শ্রী০ কী০। "রাখোআল কাহ্নাঞি * * পাঁতরে একসরী পাইলেঁ নিমাথিতী॥"-ঐ।

নিমানি [নির্ম্মাণ > নিম্মান > নিমান। প্রা০ বাং-য় ন স্থলে ঞ] ক্রি, নির্ম্মাণ করা। "লঙ্কা নিমাঞা দিব যত গেছে পুড্যা।"-রাম০ (কবিচন্দ্র)।

নিমালি [ব্রজ০। নির্ম্মাল্য >] বি, নির্ম্মাল্য। "নিমালিক মালা"-বি০ প০।

নিমাস্তিন [ফা০ নিম (খাট)+আস্তীন্] বিণ, হাতকাটা। ২ বি, হাতকাটা জামা।

নিমি [পু০] বি, প্রাচীন ভারতের জনৈক প্রসিদ্ধ রাজা।

নিমিখ [সং-নিমিষ। ষ=খ] বি, চক্ষু-নিমীলন; পলকপাত। "নিমিখে আঁখির আড়ে মহাবীর হইল তিরোধান"-ঘ০। "নয়ন চকোর মোর পিতে করে উতরোল নিমিখে নি০ নাহি সয়।"-চণ্ডি০।

নিমির্ত [বৌ০ শা০] বি, দ্বেষ ও মোহ নিবারণ জন্য গৌতম নির্দ্দিষ্ট পাঁচটি উপায়।

নিমিত্ত [নি-মিদ্+ত (ণে)] বি, হেতু; কারণ। ২ উপলক্ষ। ৩ উদ্দেশ্য; প্রয়োজন। ৪ শুভাশুভ চিহ্ন। ৫ বিষয় সম্বন্ধ। "যে সুযোগ লাভ করিয়াছিল, তাহা বাংলা ভাষার প্রতি তাঁহাদের একান্ত অকৃত্রিম মমতাকে নিমিত্ত করিয়াই।"-মৌ০ আবদুল করিম, প্রবাসী, ১৩৩৩। ৬ ক্রি-বিণ, জন্যে; নিমিত্তে। ~কারণ-সমবায়ি এবং অসমবায়ি ব্যতীত অন্য কারণ; তৃতীয় কারণ। যথা-নির্ম্মাণ কার্য্যে নির্ম্মাতা ও নির্ম্মিত পদার্থ ব্যতীত যন্ত্রাদি উপকরণ =নিমিত্ত কারণ। ~কাল-নির্দ্ধারিত সময়। ~কৃৎ-বিণ, শুভাশুভ লক্ষণকারী। ~জ্ঞ [বৌ০ সা০ নৈমিত্তা-পা০ নেমিত্তা] বিণ, নিমিত্ত বা লক্ষণ দেখিয়া যিনি ভবিষ্যৎ গণনা করিতে জানেন। ~বিদ্ [নিমিত্ত (শুভাশুভ) বিদ্ (যে জানে)] বি, দৈবজ্ঞ; গণক। নিমিত্তের ভাগী-উদ্যোক্তা বা প্রবর্ত্তক না হইয়া ঘটনাচক্রে কোন কর্ম্ম বা পরিণামের জন্য দায়ী।

নিমিশ্র [রবী০ উদ্ভাবিত] বিণ, সংশ্লিষ্ট সংবদ্ধ; সংলগ্ন; সংবদ্ধ, সংসক্ত attached to.

নিমিষ, নিমেষ [নি-মিষ্ (চক্ষুর পলক ফেলা)+অ (ভা০)] বি, চক্ষুর পাতার স্পন্দন; পলক বা পক্ষ্মপাত। "নয়ন নিমিষ ভেল বচন জিহ্বায়"-প্রেম ও ফুল। ২ পলক-পাতে যে সময় লাগে, পক্ষ্ম স্পন্দনকাল; সূক্ষ্মকাল। "নিমিষের তরে সরমে বাধিল মরমের কথা হোল না"-রবী০।

নিমীলন [নি-মীল্ (চক্ষু বোজা)+অন (ভা০)] বি, চক্ষু মুদ্রিত করণ। ২ মুদ্রণ: সঙ্কোচন।

নিমীলিকা [নি-মীল্+অক=ইক+আ (স্ত্রী)] বি, নিমীলন। ২ ছল; ব্যাজ।

নিমীলিত [নি-মীল্+ত (ক্ত)] বিণ, মুদিত; সঙ্কুচিত; মুদ্রিত। ২ আচ্ছাদিত; আবৃত। ৩ নিদ্রিত। ৪ মৃত।

নিমুকা -কো [বৈদ্যকে] বি, আকনাদি: পাঠা stephania hernandifolia.

নিমুড়িয়া [গ্রা০। নি-মুড় (মাথা)+ইয়া] বিণ, যার মাথার উপর কেহ বা কোন অভিভাবক নাই; অনাথ।

নিমুষ্কিয়া, নিমুষ্কে [নি-মুষ্ক-ইয়া] বিণ, খোজা; ক্লীব। নিমুষ্কে ডাইনী [প্রাদে০] যেন কিছু জানে না এমন ডাইনী।

নিমেষ [নিমিষ দ্রঃ] বি, নিমিষ; পলক। ~কৃৎ-বি, বিজলি; বিদ্যুৎ। ~রহিত, ~শূন্য, ~হীন-বিণ, অপলক।

নিম্ন [সং] বিণ, অধঃ; নীচু। ২ গভীর। ৩ নিকৃষ্ট। ৪ অনুন্নত। ~গ [নিম্নে-গ (যে গমন করে)] বিণ, অধোদিকে গমন-কারী। ২ কুপথগামী। স্ত্রীং ~গা-নদী। ~তা, ~ত্ব-বি, নীচুভাব; গভীরতা। ২ অল্পতা; কমতি। ৩ অপকৃষ্টতা। ~প্রবণ [নিম্ন-প্রবণ (অভিমুখ)] বিণ, নীচের দিকে যাইবার প্রবৃত্তিযুক্ত; নিম্নাভিমুখ। ~প্রাথমিক [নিম্ন (নিম্ন শ্রেণীর)-প্রাথমিক (প্রথম পাঠ্য সম্বন্ধীয়)] বিণ, নিম্ন-শ্রেণীর প্রারম্ভিক পাঠ্য: নিম্ন বিদ্যালয়ের প্রথমমান; নিম্নপ্রাইমারী lower primary.. ~লিখিত-বিণ, নীচে লিপিবদ্ধ।

নিম্নোক্ত [নিম্ন+উক্ত] বিণ, নিম্নে কথিত বা উল্লিখিত।

নিম্নোদ্ধৃত [নিম্ন+উদ্ধৃত] বিণ, নিম্নে উল্লিখিত: যা নীচেয় উদ্ধার করা বা তুলিয়া দেওয়া হইয়াছে।

নিম্নোন্নত [নিম্ন+উন্নত (উচ্চ)] বিণ, উঁচুনীচু: বন্ধুর: আবুড়া-খাবুড়া। ২ উচ্চনীচ; শ্রেষ্ঠ-নিকৃষ্ট।

নিম্ব, নিম্বক [সং] বি, তিক্তরস প্রসিদ্ধ-বৃক্ষ: নিমগাছ melia azadirachta; the margosa.

নিম্বাইত [ইতি০] বি, মাধবাচার্য্যের মতানুযায়ী নিম্বার্ক বৈষ্ণব সম্প্রদায়।

নিম্বাদিত্য [প্রবাদ জনেক দিবাভোজী দণ্ডী অতিথি হইলে ইনি শ্রীকৃষ্ণের কৃপায় স্বীয় নিম্ববৃক্ষে আদিত্যকে (সূর্য্যকে) উদিত করেন এবং রন্ধন করিয়া দণ্ডীর সেবা করেন। তা হতে নাম (ভারত কোষ)। বি, নিম্বার্ক নামক প্রসিদ্ধ বিষ্ণুভক্ত ও বৈষ্ণবধর্ম্ম প্রবর্ত্তক।

নিম্বার্ক [ইতি০] বি, নিম্বাদিত্যের নামান্তর। বৈষ্ণব ধর্ম্মসম্প্রদায়বিশেষের প্রবর্ত্তক ও ব্রহ্মবৈবর্ত্তপুরাণানুমত কৃষ্ণরাধিকার যুগল-মূর্ত্তির উপাসক। ইঁহারা কেশমূল হতে ভ্রূমূল পর্য্যন্ত দুটী সমান্তর গোপীচন্দন রেখা সাম্প্র-দায়িক চিহ্নস্বরূপ ব্যবহার করেন। জয়দেব গোস্বামী এই সম্প্রদায় ভুক্ত ছিলেন। বিণ, নিম্বার্কী-নি০ সম্প্রদায়ভুক্ত; উক্ত মতা-বলম্বী। ২ নিম্বার্ক সম্বন্ধীয়।

নিম্বু, নিম্বুক [সং] বি, নেবু (দ্রঃ)। ~পানক [নিম্বু (নিম্বুরস ঘটিত) পানক। তুল-lemonade] বি, বৈদ্যক মতে ৬ভাগ

চিনির সরবতে ১ভাগ লেবুর রস ও অল্প মরিচ ও লবঙ্গ চূর্ণ মিশ্রিত পানীয়।

নিয়ড় [সং-নিকট > নিঅট > নিঅড > নিয়ড। প্রা° বাং] বি, নিকট ; সমীপ। "দেব দৈত্য না আইসে লঙ্কা নিয়ড়ে"-কৃত্তি°। "কোদালি খনতা মাতা না পাব নিয়ড়ে। তুমি আজ্ঞা দিলে ধন খুঁড়িব চিয়াড়ে॥"-কবিক°। ২ ক্রি-বিণ, নিকটে। ৩ নিবৃত্ত ; প্রত্যাবৃত্ত। "রাগণ বিকল হইল রূপ দেখি। রূপ দেখি নারী না নি° করে আঁখি॥"-চৈ° ভা°। ৪ আগুয়ান্ ; সম্মুখীন। "দ্বারে বান্ধা মত্তহাতী থাকে তার দিবারাতি কেবা তার হইবে নি°॥"-কবিক°।

নিয়ৎ, নিয়ত্‌ [নিয়তি ... সং] বি, নিয়তি ; বিধিনির্ব্বন্ধ।

নিয়ত২ [নি-যম্ (নিয়ম করা, নিবৃত্ত করা) +ত (র্ম্ম)] বিণ, নিয়মিত ; নিয়ন্ত্রিত। ২ সংযত ; বশীকৃত। ৩ নিবৃত্ত। ৪ নিরন্তর ; ক্রমাগত ; অবিশ্রান্ত। ৫ নিত্য ; সতত। ৬ নিশ্চিত।

নিয়তাচার [নিয়ত (নিশ্চিত, নিয়মমত) + আচার যার, বহু°] বিণ, নিয়মিত অনুষ্ঠান ; অপরিবর্ত্তনীয় আচার।

নিয়তাত্মা [নিয়ত(সংযত) + আত্মা যার, বহু°] বিণ, সংযত-হৃদয় ; বশীকৃতচিত্ত।

নিয়তাশন [নিয়ত (নিয়মিত) + অশন (ভোজন) যার, বহু°] বিণ, যার ভোজনের কাল নির্দ্ধারিত আছে ; যে নিয়মিত আহার করে ; পরিমিতভোজী ; অতিরিক্তভোজী নহে এমন। ২ [নিয়ত যে অশন, ধা] বি, নিয়মিত ভোজন regular diet

নিয়তাহার [নিয়ত (নিয়মিত) + আহার যার, বহু°] বিণ, নিয়তাশন দ্রঃ।

নিয়তি [নি-যম্ (বিরত হওয়া) + তি (ণে)] বি, বিধির বিধান। ২ কর্ম্মফল। ৩ অনিবার্য্য বা অপরিহার্য্য ঘটনা। ৪ নিয়ম। "করিলেন বৈশাখেতে ব্রতের নি°।"-কবিক°। ৫ অদৃষ্ট ; বিধিনির্ব্বন্ধ ; দৈব ; ভাগ্য। ৬ আকস্মিক ঘটনা। ৭ মৃত্যু। ৮ বি, বিধাতার পত্নী। ~**নির্দ্দিষ্ট**-বিণ, দৈবকর্তৃক নির্দ্ধারিত। বি, ~**নির্দ্দেশ**-দৈবের বিধান।

নিয়তী [সং] বি, দুর্গা।

নিয়তেন্দ্রিয় [নিয়ত (সংযত) + ইন্দ্রিয় যৎকর্তৃক, বহু°] বিণ, যার ইন্দ্রিয় সকল বশীভূত থাকে ; সংযতেন্দ্রিয় ; জিতেন্দ্রিয়।

নিয়ন্তা [নি-যম্ (বিরত হওয়া) + তৃ (র্ত্তৃ) =নিয়ন্তৃ ১মা, ১ব°] বিণ, বিধানকর্ত্তা ; নিয়ামক। ২ শাস্তা। ৩ পরিচালক। ৪ বি, সারথি ; রথচালক। স্ত্রীং নিয়ন্ত্রী।

নিয়ন্ত্রিত [নি (নিশ্চয়) যন্ত্র (সংকুচিত করা) + ত (র্ম্ম)] বিণ, নিয়মিত। ২ সংযত। ৩ দমিত। ৪ শৃঙ্খলিত ; বদ্ধ। ৫ নিবারিত। ৬ পরিচালিত। বি, নিয়ন্ত্রণ-সংযমন ; প্রশমন ; নিবারণ। ২ নিয়মন। ৩ পরিচালন ; নিয়োগ করণ।

নিয়ম [নি-যম্ (নিবৃত্তিতে, শাসনে) + অ (ভা°)] বি, নির্দ্ধারণ ; অবধারণ। "পণের নি° কৈল দ্বাদশ কাহন। ঘটকালী তাতে ওঝা পাবে বার পণ॥"-কবিক°। ২ প্রথা ; প্রণালী ; দস্তুর ; ধারা। ৩ ব্যবস্থা ; বিধান। ৪ ইন্দ্রিয়দমন ; সংযম। ৫ ব্রত। ৬ [স্মৃ°] অক্রোধ, গুরুসেবা, শুচি, অল্পাহার, এবং ভগবানে চিত্তনিবেশ। ৭ শৃঙ্খলা। ৮ বাঁধাবাঁধি ; বন্ধন। ৯ সূত্র rule. ১০ অঙ্গীকার ; প্রতিশ্রুতি। ১১ [পু°] বি, ধর্ম্মের পুত্র। ১২ কড়ার ; সর্ত্ত। ১৩ [জৈন শা°] আহার বস্ত্র ই° ১৪শ বস্তুর পরিমাণ বন্ধন। নি° করা-ব্যবস্থা করা। ~**তন্ত্র**-বিণ, নিয়মের বশবর্ত্তী। ~**তন্ত্রবাদ**-বি, নিয়মবদ্ধ রাজ্যশাসন নীতি। ~**তন্ত্রবাদী**-বিণ, উক্ত নীতি বা মতাবলম্বী। > স্ত্রীং ~**তন্ত্রবাদিনী**। ~**তান্ত্রিক**-বিণ, নিয়মতন্ত্রের অনুবর্ত্তী ; নিয়মতন্ত্রাবলম্বী। > স্ত্রীং ~**ী**। ~**নিষ্ঠ**-বিণ, যে নিয়মে বদ্ধ থাকে। ২ ব্রতপরায়ণ। ~**পত্র**-কড়ার-পত্র agreement ; covenant ~**পালক**-বিণ নিয়মরক্ষাকারী। ~**পালন**-বি, নিয়মানুযায়ী কার্য্য নির্ব্বাহ ; নিয়ম রক্ষা। ~**পূর্ব্বক**-ক্রি-বিণ, ব্যবস্থামত ; বিধানানুযায়ী ; বিধিমত ; শৃঙ্খলার সহিত। ~**বিরুদ্ধ** [নিয়মের বিরুদ্ধ] বিণ বিধিবিরুদ্ধ ; অবৈধ, নিয়মের প্রতিকূল। ~**ভঙ্গ** [নিয়মের ভঙ্গ] বি, নিয়মের অপালন। ২ প্রতিশ্রুতি অরক্ষণ বা লঙ্ঘন breach of contract. ৩ ব্রতাদি অনুষ্ঠানে বিঘ্নহেতু লঙ্ঘন। নি° ভঙ্গ করা-ব্রত উদ্‌যাপনের পর বিধিবন্ধন হ'তে মুক্ত হওয়া ; শ্রাদ্ধাদির পর ব্রহ্মচর্য্যাদির কাল পূর্ণ হ'লে নিয়মে বদ্ধ না থাকা। ~**লঙ্ঘন** [৬তৎ] বি, নিয়মের অতিক্রম ; অনিয়ম ; নিয়মভঙ্গ।

নিয়মন [নি-যম্ (বন্ধনে) + অন (ভা°)] বি, নিয়মণ। ২ সংযমন। ৩ ব্যবস্থাপন।

নিয়মাধীন [নিয়ম + অধীন, ৬তৎ] বিণ, নিয়মের বশীভূত।

নিয়মানুবর্ত্তন, **নিয়মানুবর্ত্তিতা** [নিয়ম + অনুবর্ত্তন, অনুবর্ত্তিতা] বি, নির্দ্দিষ্ট নিয়মের অনুসরণ।

নিয়মানুযায়ী [নিয়ম (নিয়মের) + অনুযায়ী, ৬তৎ] বিণ, নিয়মপূর্ব্বক ; নিয়মানুগত ; নিয়মের অনুবর্ত্তী ; যথাবিধি।

নিয়মানুবর্ত্তী, **নিয়মানুসারী** [নিয়ম + অনুবর্ত্তী, + অনুসারী, ৬তৎ] বিণ, নিয়মানুযায়ী ; নিয়মের অনুসরণকারী।

নিয়মিত [নিয়ম + ইত (যুক্ত)] বিণ, সংযত। ২ নির্দ্ধারিত ; নির্দ্দিষ্ট। ৩ নিয়মবদ্ধ ; বিধিবদ্ধ। ৪ নিয়ন্ত্রিত ; ব্যবস্থাপিত। ৫ নিবারিত ; নিষিদ্ধ।

নিয়মী [নিয়ম + ইন (স্ত্য°) = নিয়মিন্ ১মা, ১ব°] বিণ, সংযমী। ২ নিয়মপালক ; নিয়মরক্ষক।

নিয়ম্য [নি-যম্ + য (র্ম্ম)] বিণ, নিয়মের উপযোগী। ২ দম্য। ৩ সংযম্য।

নিয়র [নিকট > নিয়ড় (দ্রঃ) > নিয়র। তুল-ইং near] ক্রি-বিণ, নিকটে ; কাছে। "নিতি নিতি নি° আও বিন্দু কাজ।"-বি° প°। "নি° পোখরি দূরে যায় পথিক দেখিয়ে আউড়ে চায়।"-ডাকের বচন।

নিয়লি [ব্রজ°] বি, নিয়ালি দ্রঃ।

নিয়াই-নিহাই দ্রঃ।

নিয়াচ [গ্রা°। চাষের ভাষায়] বি, কাদায় বীজ ধান বুনিয়া চারা উৎপাদন।

নিয়ান-বি, লোহার বাঁট দেওয়া বাটালী।

নিয়াম [নি-যম্ (বিরত হওয়া) + অ (ভা°)] বি, নিয়ম।

নিয়ামক (-ম-) [নি-যম্+অক(র্ত্তৃ)] বিণ, নিয়মকর্ত্তা ; ব্যবস্থাপক। ২ নির্দ্দেশক ; নিরূপক। ৩ বি, নাবিক। ৪ [বৌ॰ সা॰] নৌসারথি pilot. "তিনি নিয়ামকের কাজ করিতেন এবং এমন বুদ্ধিমান ছিলেন যে, তিনি যে পোতে আরোহন করিতেন, তাহা কখনও বিপন্ন হইত না।"-জাতক। ৫ পথ-প্রদর্শক। ~জ্যেষ্ঠ [পা॰নিয্যামজেট্‌ঠ] বিণ, অগ্রণী। জল নিয়ামক-জলপথ প্রদর্শক pilot স্থল নিয়ামক-স্থলপথ প্রদর্শক guide.

নিয়ামন [নি+যম্+অন (ভা॰)] বি, নিয়ন্ত্রণ ; সংযমন।

নিয়ামিত [নিয়মিত > ণিজন্তে] বিণ, সংযত করান হইয়াছে এমন : নিয়ন্ত্রিত করান। "তারা নিজের সম্মিলিত ইচ্ছাদ্বারা দেশের ভাগ্য নি॰ ক'রতে পারে"-রাশিয়ার চিঠি (রবী॰)।

নিয়ারা, নেয়ারা, ন্যারা [হি॰। তুল-নিরালা] বিণ, স্বতন্ত্র ; পৃথক্।

নিয়ালি (লী) [ব্রজ॰। সং-নব-মালিকা > প্রাকৃ॰ নোমালিআ >] বি, নব-মালিকা ফুল ; নবমল্লিকা। "আইল নিদাঘ কাল, ফুটিল নিয়ালীজাল, মধুমাসে মধুর উৎসবে।"-কাশী॰।

নিযুক্ত [নি-যুজ্ (যোজনে, প্রবর্ত্তনে) +ত (র্ম্ম)] বিণ, নিয়োজিত ; নিয়মিত কর্ম্ম-সম্প্রদানের ভারপ্রাপ্ত। ২ ব্যাপৃত। ৩ আদেশপ্রাপ্ত। ৪ প্রবৃত্ত। ৫ প্রযুক্ত।

নিযুঞ্জান [সং] বি, নিযোজনকারী ; প্রয়োজক।

নিযুত [সং] বি, দশলক্ষ সংখ্যা ; ১০০০০০০। ২ বিণ, দশলক্ষ সংখ্যক।

নিযুদ্ধ [সং] বি, হাতাহাতি যুদ্ধ।

নিযোক্তা [নি-যুজ্ (যোগ করা)+তৃ (র্ত্তৃ)=নিযোক্তৃ ১মা, ১ব॰] বিণ, নিয়োজক ; নিয়োগকারী। যে কর্ম্মে ভর্ত্তি করে ; মনিব। ২ কর্ম্মের ভারদাতা। ৩ আদেষ্টা। ৪ প্রবর্ত্তক।

নিয়োগ [নি-যুজ্ (যোগ করা)+অ (ভা॰)] বি, কার্য্যের ভারার্পণ। ২ নির্দ্দেশ ; আদেশ। ৩ [সুশ্রুত] পথ্য হিসাবে কোন কিছু করিবার আদেশ। ৪ বিধান ; ব্যবস্থা। ৫ নিবেশ ; মনোযোগ। ৬ প্রবৃত্তি। ৭ অধিকার authority. ৮ ব্যবহার use ~পত্র-কার্য্যে নিযুক্ত করণ বিষয়ে আদেশ বা কার্য্যভার গ্রহণ সম্বন্ধে সম্মতিজ্ঞাপক পত্র appointment letter.

নিয়োগী [নিয়োগ+ইন (স্বা॰)= নিয়োগিন্ ১মা, ১ব॰। গ্রা॰ নেউগী] বিণ, নিযুক্ত। ২ ব্যাপৃত। ৩ আদিষ্ট। ৪ জাতীয় উপাধিবিঃ ; নগর ও গ্রামের প্রধান ব্যক্তির উপাধিবিঃ।

নিয়োগ্য [নি-যুজ্(যোগ করা)+য (র্ত্তৃ) জ্=গ] বি, নিয়োজক ; নিয়োগকর্ত্তা। স্ত্রী॰ ~া-নিয়োগকর্ত্রী।

নিয়োজক [নি-যুজ্ (যোগ করা)+অক (র্ত্তৃ)] বিণ, নিয়োগকর্ত্তা। ২ প্রবর্ত্তক। ৩ প্রেরক। ৪ আদেষ্টা।

নিয়োজন [নি-যুজ্ (যোগ করা)+অন (ভা॰)] বি নিয়োগ করণ ; কর্ম্মে প্রতিষ্ঠাপন। ২ প্রবর্ত্তন। ৩ প্রেরণ। ৪ আজ্ঞাকরণ। ৫ [বৈদিক] কটি, মস্তক ও দুই পা রজ্জুতে বাঁধিয়া ঐ রজ্জুর অগ্রভাগ যূপে বন্ধন।

নিয়োজয়িতা [নি-যুজ্+ণিচ্=যোজি +তৃ (র্ত্তৃ)=নিয়োজয়িতৃ ১মা, ১ব॰] বিণ, নিযোক্তা। ২ প্রবর্ত্তক।

নিয়োজিত [নি-যুজ্ (যোগ করা)+ণিচ্=যোজি+ত (র্ম্ম)] বিণ, নিযুক্ত। ২ প্রবৃত্ত। "কুসুম রচিত ঘরে পার্ব্বতী শঙ্করে কুসুম-শয়নে নি॰।"-কবিক॰। ৩ প্রেরিত। ৪ আদিষ্ট। ৫ [প্রা॰বাং॰য়, নিজোজিত। য=জ] যুক্ত ; প্রযুক্ত। "ধর্ম্মাচরণে শ্রীমহাশক্তি নিজোজিত।"-শূ॰ পু॰। ৬ ব্যবহৃত। স্ত্রী॰ ~া-নিয়োগকর্ত্রী।

নিয়োজ্য (নিয়োজ্জ, নিজোজ্জ) [নি-যুজ্ (যোগ করা)। য (র্ম্ম)] বিণ, যাকে কোন কর্ম্মে নিয়োগ করা যায় ; ভৃত্য ; প্রেষ্য। ২ প্রযোজ্য। স্ত্রী॰ ~া।

নিয্যস [নিজ্জস দ্রঃ] ক্রি-বিণ, নিঃসন্দেহে ; ঠিক। "আমি 'নিয্যস' গাজনা দিতে পারবো।"-বা॰ বসুমতী, ১৩৩৪।

নির্ [সং উপসর্গবিঃ। সন্ধি স্থলে নিঃ] অ, না ; নাই। প্র-নিঃশঙ্ক (নির্=নাই শঙ্কা যার)। ২ নিশ্চয়। প্র-নিরুক্তি ; নির্ণয়। ৩ নির্গমন। প্র-নিজ্জিহ্ব। ৪ বাহির। প্র-নিরসন ; নির্ম্মোক। ৫ অতিশয়। প্র-নিরাকুল। ৬ নিঃশেষ। প্র-নির্ম্মুক্ত। ৭ উপর। প্র-নির্লেপ।

নিরংশ [নির্ (নাই) অংশ (ভাগ)] বি, অংশাভাব। ২ [জ্যো॰] রাশির ভোগ কালের প্রথম ও শেষদিন ; সংক্রান্তি। ৩ [নির্+ অংশ যার, বহু॰] বি(বিণ), যারা শাস্ত্রানুসারে পৈতৃক বিত্তের অংশ পায় না ; অংশভাগী নয় এমন। "পতিত ক্লীব, পঙ্গু, উন্মত্ত, কার্য্যা-ক্ষম অন্ধ কিম্বা দুশ্চিকিৎস্য রোগাক্রান্ত পুত্র (পিতৃধনের অংশভাগী নয়)।"-যাজ্ঞবল্ক্য সংহিতা]। স্ত্রী॰~া। বিণ.~ী. "রামপ্রসাদ বলে এ পুত্র বলে, আমায় নিরংশী করেছে।"-রা॰প্র।

নিরংশু [নির্(নাই)+অংশু(কিরণ)যার, বহু॰] বিণ, জ্যোতিঃহীন ; নিষ্প্রভ।

নিরক্ষ [জ্যো॰ পরিঃ] বি, বিষুব রেখা equator ~দেশ-পৃথিবী যে কাল্পনিক রেখাদ্বারা উত্তর ও দক্ষিণার্দ্ধে বিভক্ত তার উপরিস্থ অংশ। ~বৃত্ত, ~মণ্ডল, ~রেখা -পৃথিবী যে কাল্পনিক রেখাদ্বারা উত্তরার্দ্ধ ও দক্ষিণার্দ্ধে বিভক্ত ; বিষুব রেখা ; নাড়ীমণ্ডল।

নিরক্ষর [নির্ (নাই) +অক্ষর (অক্ষর পরিচয়) যার, বহু॰] বিণ, বর্ণজ্ঞানহীন ; মূর্খ। "পত্রমর্ম্ম অবগত হইয়া নি॰ জয়কালী তেলে-বেগুনে জ্বলিয়া উঠিলেন"-কলিকাল।

নিরক্ষান্তর [নিরক্ষ+অন্তর] বি, বিষুবরেখা হ'তে পৃথিবীর কোন নির্দ্দিষ্ট স্থানের অন্তর বা দূরত্ব। উত্তর নিরক্ষান্তর-বিষুব রেখা হ'তে উত্তরদিকের দূরত্ব পরিমাণ। দক্ষিণ নিরক্ষান্তর -বিষুব রেখা হ'তে দক্ষিণদিকের দূরত্ব পরিমাণ।

নিরখা [সং-নিরীক্ষণ > নামধাতু (পদ্যে)। নিরখি, নিরখ, নিরখে (পদ্যে-নিরখয়ে) ; নিরখিতে ; নিরখিয়া (পদ্যে-নিরখি)] ক্রি, বিশেষ করিয়া দেখা ; নিরীক্ষণ করা। "সত্যং শিবসুন্দরং রূপ ভাতি হৃদি মন্দিরে। নিরখি নিরখি অনুদিন মোরা ডুবিব রূপসাগরে"-ব্রহ্ম॰। ২ দর্শন করা ;

দেখা। "সপত্নী সহিত দ্বন্দ্ব ; নিরখিয়ে সদানন্দ ভাসিছেন সদানন্দ সাগরে"-দাশরথি। "হাসিমুখ নিরখয়ে চাঁট মাথাই।"-বিং পং।

নিরগ্নি [নির্ (নাই) + অগ্নি (অগ্নি-সাধক কার্য্য) যার, বহুং] বিণ, বেদবিহিত যজ্ঞাদি ক্রিয়াবর্জ্জিত ; সাগ্নিকের বিপরীত। ২ নিস্তেজ।

নিরঙ্কুশ [নির্ (নাই) + অঙ্কুশ (হস্তি-তাড়ন দণ্ড, নিবারক) যার, বহুং] বিণ, অনিবার্য্য। ২ নিয়মের অবাধ্য ; বাধারহিত ; নির্ব্বিঘ্ন। ৩ স্বাধীন ; মুক্ত।

নিরঙ্গ [নির্ (নাই) + অঙ্গ (হস্ত-পদাদি অবয়ব) যার, বহুং] বিণ, অঙ্গহীন। ~রূপক-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ। কোন অঙ্গের আরোপ না থাকিয়া কেবল অঙ্গী মাত্রের আরোপ স্থলে এই অলঙ্কার হয়। ইহা দ্বিবিধ, যথা (১) মালারূপ নিরঙ্গ (আরোপের একটি মাত্র বিষয়কে উদ্দেশ করিয়া দুইটির অধিক ভিন্ন ভিন্ন উপমানের আরোপ স্থলে, যথা-"তবে কতদূর গিয়া বন্তা পার্থে কয়। বামভাগে হর্ম্ম্যশ্রেণী দেখ মহাশয়। মদন ব্যাধের ফাঁদ রসের এ হ্রদ। পিরীতি মণির খনি গণিকা আস্পদ॥"-নিং কং। এখানে একটি মাত্র উপমেয় হর্ম্ম্যশ্রেণীতে ফাঁদ, হ্রদ, খনি ও আস্পদ এই ৪টি ভিন্ন ভিন্ন উপমানের আরোপ হইয়াছে) ও (২) কেবল নিরঙ্গ (কোন কিছুর অঙ্গ কোন অঙ্গের অনুল্লেখ সত্ত্বেও কেবল একটি মাত্রের আরোপ স্থলে এই অলঙ্কার হয়, যথা-"সাধ কাজ বধি মেঘনাদে, অমরতা লভ, দেব, যশঃ সুধাপানে।"-মেঘং। এখানে যশের অঙ্গ কোন অঙ্গের উল্লেখ নাই, তাতে কেবল সুধামাত্রের আরোপ আছে)।

নিরঙ্গুল [নির্ (নাই) + অঙ্গুলি যার, বহুং, অঙ্গুলি=অঙ্গুল] বিণ, অঙ্গুলিহীন। ২ অঙ্গুলি হতে নির্গত।

নিরজন [সং-নির্জ্জন শব্দের কোমলরূপ পদ্যে] বিণ, নির্জ্জন ; জনহীন ; একাকী ; নিঃসঙ্গ। "নিরজন জানি কান তহি উপনীত সহচর সুবল সাঙ্গাত।"-জ্ঞানং। ২ নিভৃত।

নিরঞ্জন [নির্ (নাই) + অঞ্জন (কজ্জল > সাদৃশ্যে, মল) যার, বহুং] বিণ, অঞ্জন রহিত। 'নীরে নিরঞ্জন লোচন রাতা। সিন্দূরে মণ্ডিত যেন পঙ্কজপাতা॥"-বিংপং। ২ অকলঙ্ক ; শুদ্ধ ; নির্ম্মল। "আত্মা * * শুদ্ধ অর্থাৎ নিরঞ্জন"-টেকচাঁদ। ৩অবিদ্যা-দোষ-হীন। ৪ বি, পরমাত্মা ; পরব্রহ্ম। "আদিদেব নিং যাঁর সৃষ্টি ত্রিভুবন পরম পুরুষ পুরাতন।"-কবিকং। "আদ্য বিভু নিং" -অং মং। ৫ [বৌং সাং] শূন্যরূপ (শূং পুং)। ৬ [নির্‌ঞ্জন > বাং গ্রাং বিকারে] বিসর্জ্জন। স্ত্রীং ~া-বি, পূর্ণিমা তিথি।

নিরত [নি (অতি) রত] বিণ, অনুরক্ত ; তৎপর ; আসক্ত। ২ নিযুক্ত ; ব্যাপৃত। বি, নিরতি-অত্যানুরক্তি।

নিরতিশয় [নির্ (নাই) + অতিশয় যা হতে, বহুং] বিণ, অত্যধিক ; অত্যন্ত ; অতিরিক্ত।

নিরত্যয় [নির্ (নাই) + অত্যয় (দোষ বা বিনাশ) যার, বহুং] বিণ, নির্দ্দোষ। ২ অক্ষয় ; নাশরহিত।

নিরদ্বন্দ্ব (-দন্দ) [নির্দ্বন্দ্ব >, পদ্যরূপ। ব্রজং নিরদ্বন্দ্বা ওং] বিণ, নির্ব্বিবাদ ; শান্তি-ময়। "দশ দিশ ভেল নিং"-বিং পং।

নিরধিকার [নির্ (নাই) + অধিকার যার, বহুং] বিণ, অনধিকার ; বেদখল। ২ সংস্রবহীন।

নিরনুক্রোশ [নির্ + অনুক্রোশ (কৃপা) যার, বহুং] বিণ, নির্দ্দয় ; অনুকম্পাহীন।

নিরনুনাসিক [নির্ (নাই) + অনু-নাসিক(তা) যার, বহুং] বিণ, অনুনাসিক নয় এমন ; অনুনাসিকত্ব-বিহীন।

নিরনুরোধ [নির্ (নাই) + অনুরোধ যার, বহুং] বিণ, যে অনুরোধের অপেক্ষা রাখে না।

নিরন্তর [নির্ (নাই) + অন্তর (অবকাশ) যাতে, বহুং] বিণ, নিরবকাশ। ২ রন্ধ্রহীন ; নিশ্ছিদ্র। ৩ ঘন ; নিবিড়। ৪ ক্রি-বিণ, নিয়ত ; নিরবচ্ছিন্ন ; নিত্য ; সর্ব্বদা।

নিরন্তরাল [নির্ (নাই) + অন্তরাল (অবকাশ) যাতে, বহুং] বিণ, নিরবকাশ ; অপ্রশস্ত ; সঙ্কীর্ণ। ২ অন্তরালশূন্য।

নিরন্ন [নির্ (নাই) + অন্ন (খাদ্য) যার, বহুং] বিণ, দরিদ্র ; অন্নসংস্থানহীন।

নিরন্বয় [নির্ (নাই) + অন্বয় (বংশ, সম্বন্ধ) যার, বহুং] বিণ, নিঃসন্তান ; নিরপত্য। ২ বংশহীন ; নির্ব্বংশ। ৩ সম্বন্ধবিহীন ; নিঃসম্পর্ক।

নিরপত্য [নির্ (নাই) + অপত্য (সন্তান) যার, বহুং] বিণ, নিঃসন্তান। স্ত্রীং ~া। বি, ~তা।

নিরপত্রপ [নির্ (নাই) + অপত্রপা (লজ্জা) যার, বহুং] বিণ ব্রীড়াহীন ; লজ্জাশূন্য ; নির্লজ্জ। স্ত্রীং ~া-লজ্জাহীনা।

নিরপরাধ [নির্ (নাই) + অপরাধ যার, বহুং] বিণ, অপরাধশূন্য ; অকৃতাপরাধ ; নির্দ্দোষ (এই অর্থে বাং-য়-'নিরপরাধী' ওং চং)। ২ ক্রি-বিণ, নিরপরাধে। স্ত্রীং~া (বাং-য়-নিরপরাধিনী শব্দ ও চলিত)।

নিরপায় [নির্ (নাই) + অপায় (ক্ষয়) যার, বহুং। প্রং অং] বিণ, অক্ষয়।

নিরপেক্ষ [নির্ (নাই) + অপেক্ষা যার, বহুং] বিণ, স্বাধীন ; অপেক্ষারহিত ; স্বতন্ত্র। ২ নিরনুরোধ। ৩ পক্ষপাতশূন্য ; অপক্ষ-পাত [প্রাং বাং-নিরপেখি-নিরপেক্ষ : উদাসীন। "কি দেখি আপনে এত হইলে নিরপেখি॥" -ভাগবত, কবিশেখর]। ~গতি-বি, স্বতন্ত্রগতি। ~তা-বি, অপেক্ষা-রাহিত্য।

নিরপেক্ষানুমান [পারিং। সাপে-ক্ষানুমান দ্রঃ। নিরপেক্ষ + অনুমান] বি, একটি বাক্য হতে অনুমান (দ্রঃ) করা।-তর্কবিজ্ঞান (প্রং সিংহ)।

নিরপেক্ষে [নিরপেক্ষ দ্রঃ] ক্রি-বিণ, অপেক্ষা না করিয়া। "নিং একদণ্ডে ফেলিল অনঙ্গকুণ্ডে"-কবিকং। ২ অপক্ষপাতে। ৩ স্বাধীনভাবে।

নিরব [নি (নাই) রব (শব্দ) যার, বহুং] বিণ, নিঃশব্দ ; নিস্তব্ধ। ২ বাক্যহীন ; মৌনী ; নির্ব্বাক্।

নিরবকাশ [নির্ (নাই) + অবকাশ (অন্তর) যাতে, বহুং] বিণ, নিরন্তর ; অব-সরহীন। স্ত্রীং ~া।

নিরবগ্রহ [নির্ (নাই) + অবগ্রহ (প্রতিবন্ধক) যার, বহু০] বিণ. প্রতিবন্ধক-বিহীন ; বিঘ্নরহিত ; অব্যাহত। ২ স্বতন্ত্র।

নিরবচ্ছিন্ন [নির্ (না) + অবচ্ছিন্ন] বিণ. নিরন্তর ; অনবচ্ছিন্ন। ২ কেবল ৩ বিশুদ্ধ। বি. ~তা।

নিরবদ্য [নির্ (না) + অবদ্য (অকথ্য, নিন্দনীয়)] বিণ. বিশুদ্ধ ; নিষ্কল। ২ অনিন্দ্য। স্ত্রীং ~া। বি. ~তা।

নিরবধি [নির্ (নাই) + অবধি (সীমা) যার, বহু০] বিণ. যার অবধি নাই ; অনন্ত। "তৎকালে ভারতবর্ষের এই অনার্য্য প্রদেশ অপবিত্র ছিল। কিন্তু কাল নিরবধি, কালে অপবিত্র ভূমি পবিত্র ক্ষেত্র হইয়াছে।"-উৎকলে শ্রীকৃষ্ণ চৈতন্য। ২ নিরবচ্ছিন্ন : নিরন্তর ; সর্ব্বক্ষণ। "অসীম উত্তপ্ত বায়ু বহি নিরবধি"-মেঘ০।

নিরবয়ব [নির্ (নাই) + অবয়ব (অঙ্গ-প্রতঙ্গ) যার বহু০] বিণ. নিরাকার ; অবয়ব-শূন্য। ২ বি. পরমাণু। ৩ পরব্রহ্ম।

নিরবলম্ব, -ম্বন [নির্ (নাই) + অবলম্ব, অবলম্বন যার, বহু০] বিণ. অবলম্বন-শূন্য ; আশ্রয়হীন ; নিঃসহায় ; নিরুপায়।

নিরবশেষ [নির্ (নাই) + অবশেষ যার, বহু০] বিণ. সম্পূর্ণ ; নিঃশেষ ; সমগ্র।

নিরবশেষিত [নিরবশেষ + ইত (কৃতার্থে)] বিণ. যার শেষ রাখা হয় নাই ; নিঃশেষিত।

নিরবসাদ [নির্ (নাই) + অবসাদ] বিণ. অবসাদ রহিত ; অনবসন্ন।

নিরভিমান [নির্ (নাই) অভিমান (অহঙ্কার) যার] বিণ. নিরহঙ্কার ; অভিমান রহিত। ২ বি. অভিমানরাহিত্য। > বিণ. নিরভিমানী > স্ত্রীং নিরভি-মানিনী।

নিরভ্র [নির্ + অভ্র (মেঘ) যাতে, বহু০] বিণ. অভ্রহীন ; মেঘশূন্য।

নিরমল-নির্ম্মল দ্রঃ।

নিরমান [সং-নির্ম্মাণ > পদ্যে কোমল-রূপ]। ~া [নিরমান + আ (ক্রিয়ায়)। নির্ম্মাণ করা অর্থে, নামধাতু। নিরমাই, নিরমাও, নিরমায় ; নিরমিতে, নিরমাইতে ; নিরমিয়া (ক্ষে০ পদ্যে-নিরমি) ই০] ক্রি. নির্ম্মাণ করা। "অন্নদা মুরতি নিরুপম অতি নিরমায় সাবধান।"-অ০ ম০।

নিরমিলু-লুঁ [নিরমান দ্রঃ। ব্রজ০] ক্রি. নির্ম্মাণ করিলাম। "কংস নদীর তীরে ইচ্ছিয়া কুসুমনীরে নিরমিলু দেহারা আপনি।" -কবিক০।

নিরমূল-নির্ম্মূল দ্রঃ।

নিরম্বু [নির্ (নাই) + অম্বু যাতে, বহু০] বিণ. জলশূন্য ; নির্জ্জল। প্র-নিরম্বু উপবাস।

নিরয় [নির্ (নিকৃষ্ট) + অয় (গতি স্থান)] বি. নরক ; পাপের ফলভোগ স্থান ; পরলোকে দণ্ড ভোগ স্থান। "নিরয়ে বসতি হবে পাপে দিলে মন।"-দীনবন্ধু। ~গামী [নিরয় (নরক) + গম্ (গমনে) + ইন = নিরয়গামিন্ ১মা, ১ব] বিণ. নরক গমনকারী। ২ পাপী।

নিরয়ণ [নির্ + অয় (গমনে) + অন (ভা০)] ক্রি. নির্গমন।

নিরর্গল [নির্ (নাই) + অর্গল (হুড়কা) যার, বহু০] বিণ. অর্গলহীন ; অপ্রতিবন্ধ ; নির্বিঘ্ন। ২ অবাধ, মুক্ত ; উদ্দাম। ৩ ক্রি-বিণ. অনর্গল ; অবাধে।

নিরর্থক [নির্ (নাই) + অর্থ (প্রয়োজন) যাতে, বহু০] বিণ. অনর্থক ; নিষ্প্রয়োজন। ২ অর্থহীন, যার মানে নাই। ৩ ক্রি বিণ. নিষ্ফল ; বৃথা।

নিরল [প্রা০ বাং। নিরল > বিরলা -- নিরালা. নিরল] বি. নির্জ্জন ; বিরল। "দুঃখ মোর কপালে লিখিয়াছে ওরে বিধি নিরলে বসিয়া।"-মাণিক০। নিরলতে-অ. গোপনে ; বিরলে।

নিরলঙ্কার [নির্ (নাই) + অলঙ্কার যার, বহু০] বিণ. আভরণহীন। স্ত্রীং ~া।

নিরলস [নির্(না) + অলস (শ্রম বিমুখ), অব্যয়ী] বিণ. অনলস ; শ্রমশীল। স্ত্রীং ~া।

নিরশন [নির্ (না) + অশন (আহার), নিত্য০] বি. অনশনাবস্থা। ২ [নির্ (নাই) অশন (ভোজন) যার, বহু০] বিণ. ভোজন-হীন ; অনাহারী ; উপবাসী।

নিরস [নি (নাই) রস যাতে, বহু০] বিণ. রসশূন্য ; শুষ্ক। ২ অরসিক। ৩ অপ্রীতিকর। ৪ কঠোর। ৫ রসকষহীন ; বিস্বাদ।

নিরসন [নির্ (বাহিরে) + অস্ (ক্ষেপণ করা) + অন (ভা০)] বি. নিরাকরণ ; দূরী-করণ ; প্রত্যাখ্যান। ২ নিক্ষেপ। ৩ প্রতিবাদ। ৪ বিনাশন ; হনন। বিণ. নিরসনীয়-নিরসনযোগ্য।

নিরস্ত [নির্-অস্ (নিক্ষেপ করা) + ত (ক্ত)] বিণ. ক্ষান্ত ; বিরত। ২ পরিত্যক্ত ; প্রত্যাখ্যাত। ৩ বাহিষ্কৃত নিরাকৃত ; দূরীকৃত ; নিষ্কাশিত। ৪ নিবারিত ; নিবর্ত্তিত। ৫ মীমাংসিত। ৬ হত। ~পাদপ-বিণ. পাদপশূন্য ; বৃক্ষহীন।

নিরস্ত্র [নির্ (নাই) + অস্ত্র যার, বহু০] বিণ. অস্ত্রবিহীন ; অস্ত্রশূন্য। নি০ করা-অস্ত্র কাড়িয়া লওয়া ; আক্রমণ বা আত্মরক্ষার উপায় হ'তে বঞ্চিত করা। to disarm.

নিরস্থি [নির্ (নির্গত) + অস্থি যা হতে, বহু০] বিণ. অস্থিরহিত। ২ বি. যার শরীরে অস্থি নাই ; অস্থিহীন জীব।

নিরহ [গ্রা০ কথ্য। নিরীহ >] বিণ. শান্ত ; অবিবাদী ; নিরীহ।

নিরহঙ্কার [নির্ (নাই) + অহঙ্কার যার, বহু০] বিণ. অহঙ্কারশূন্য ; নিরভিমান। স্ত্রীং ~া। বি. ~তা।

নিরহঙ্কারী [মু০ নিরহঙ্কারিন্ >] বিণ. নিরহঙ্কার দ্রঃ। বি. নিরহঙ্কারিতা।

নিরা [সং-নিরম্বু >] বি. নিরম্বু উপবাস। ২ বিণ. নির্জ্জলা উপবাসী। "রবিবার দিন নিরা থাকিয়া।"-মাণিক০ গান।

নিরাই[1] [সং-নির্ব্বাত > ভ্রং] বিণ. নির্ব্বাত।

নিরাই[2] [নির্ + আয়ু-আই] বিণ. অল্পায়ু। তুল-চিরায়ুই। ২ [নীর (জল) > গ্রা০ নির + আই = ইয়া (সম্বন্ধার্থে)] জলময়। ৩ জলের। প্র-নিরাই শিকার। নি০ করা [প্রাদে০ পূ০ বঙ্গ] বর্ষাকালে জলাশয়, ক্ষেত্র, পথঘাট জলে প্লাবিত হলে সেই জলে রোহিতাদি বড় বড় মাছ ভাসিয়া যায় ও গ্রামবাসীরা কোঁচা, বর্শা ইং অস্ত্র দ্বারা বিঁধিয়া সেই সকল শিকার করিয়া থাকে তাকে নিরাই করা

্ যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˘ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্‌য ঞ্চ=ন্‌চ ঞ্ছ=ন্ট হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ব হ্ন=ন্‌হ র্‌হ ল্‌হ ভ্য, জ্ ফ্ ব্ ভ্=zfwv ও চ্চা০ দ্রঃ

বঙ্গে। "যখন দিনে নি° করে শিকারি সব রয়না ঘরে"-রা° প্র° ব্রহ্মচারী (বঙ্গীয় শব্দসিন্ধু)।

নিরা/করণ [সং। নির্ + আ + করণ] বি, অবধারণ ; নির্দ্ধারণ ; নির্ণয়। ২ খণ্ডন। ৩ নিষ্কাশন ; দূরীকরণ। ৪ নিবারণ। ৫ সিদ্ধান্ত ; মীমাংসা। ~কিরিষ্ণু-বিণ; নিরাকরণকারী।

নিরাকাঙ্ক্ষ [নির্ (নাই) + আকাঙ্ক্ষা (স্পৃহা) যার, বহু°] বিণ, নিষ্কাম ; নিস্পৃহ। ২ নির্লোভ। বিণ, ~তা।

নিরাকাঙ্ক্ষা [নিরকাঙ্ক্ষ (দ্রঃ) শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ, আকাঙ্ক্ষারহিতা। ২ [নির্ + আকাঙ্ক্ষা] বি, সন্তোষ ; আকাঙ্ক্ষা বা লোভহীনতা।

নিরাকার [নির্ (নাই) + আকার যার, বহু°। বিপরীত সাকার'] বি, পরব্রহ্ম। ২ আকাশ। ৩ বিণ, নিরবয়ব ; আকারবিহীন। "নি° নির্গুণ নিঃসীম নিরূপম।"-অ° ম°। স্ত্রীং ~া-আকারহীনা ; অবয়ববিহীনা। "ওরে শত শত সত্য বেদ তারা আমার নিরাকারা"-বাং-গান।

নিরাকুল [নির্ (অতিশয়) + আকুল, নিত্য°] বিণ, অতিশয় উদ্বিগ্ন। ২ আকুলতাশূন্য ; নিশ্চিন্ত। "ত্রিভুবনে এক ধন্যা কারে সমর্পিব কন্যা কবে আমি হব নি°।"-কবিক°। ৩ ভারাক্রান্ত ; সমাকুল ; পরিপূর্ণ। "নিরাকুল ফুলভারে বকুল বাগান" -রবী°। স্ত্রীং ~া। বি, ~তা।

নিরাকৃত [সং] বিণ, অবধারিত ; নির্ণীত। ২ খণ্ডিত। ৩ নিবারিত ; নিরস্ত। ৪ দূরীকৃত : নিষ্কাশিত ; প্রত্যাখ্যাত। ৫ মীমাংসিত ; কৃতসিদ্ধান্ত। স্ত্রীং ~া।

নিরাকৃতি [সং] বি, নিরাকরণ। ২ নিষ্কাশন। ৩ নিবারণ ; খণ্ডন। ৪ বিণ, আকৃতিহীন ; নিরবয়ব।

নিরাজন, নীরাজন [নির্জ্জন >] বি, বিসর্জ্জন। ভুলে-গ্রা° নিরঞ্জন।

নিরাজল [নির্জল >] বিণ, নির্জ্জলা।

নিরাতঙ্ক [নির্ (নাই) + আতঙ্ক (ভয়) যার, বহু°] বিণ, নিঃশঙ্ক ; নির্ভয়। ২ যা হতে কোন শঙ্কা নাই। স্ত্রীং ~া।

নিরাতপ [নির্ (নাই) + আতপ (সূর্য্যকিরণ) যে সময়ে বা যেখানে, বহু°] বিণ, আতপশূন্য ; ছায়াযুক্ত ; রৌদ্রহীন। স্ত্রীং ~া-বি, রাত্রি।

নিরাধার [নির্ (নাই) + আধার (অবলম্বন, আশ্রয়)] বিণ, আধারহীন ; অবলম্বনশূন্য ; অনাশ্রয়। স্ত্রীং ~া।

নিরাধি [নির্(নাই) + আধি(মনঃপীড়া) যার, বহু°] বিণ, মানসিক উদ্বেগশূন্য ; সুখী। ২ নির্ব্যাধি ; অরোগ।

নিরানই-নিরানব্বই দ্রঃ।

নিরানন্দ [নির্ (নাই) আনন্দ (আহ্লাদ) যার, বহু°] বিণ, দুঃখিত ; অসন্তুষ্ট। ২ শোকাকুল। ৩ বি, আনন্দের অভাব ; দুঃখ। "যা র মা আনন্দময়ী তা'র কিবা নি°।"-স্কু°। স্ত্রীং ~া।

নিরানন্দী [মু° নিরানন্দিন্ ১মা, ১ব°] বিণ, অপ্রফুল্ল ; নিরানন্দ ; বিমর্ষ। "দ্বাদশ বৎসর বন্দী, করি তোমা নি° এবে গণি হৃদয়ে বিষাদ।"-কবিক°।

নিরানব্বই [সং-নবনবতি > গ্রা° ক্ষে° নিরানই, নিরেনই] বি, ৯৯ ; ৯ অধিক নবতি সংখ্যা। ২ বিণ, ৯৯ সংখ্যক।

নিরা(রে) নব্বুয়ের ধাক্কা-জনৈক বণিক তার এক প্রতিবেশীকে 'যত্র আয় তত্র ব্যয়' করিতে দেখিয়া তার অলক্ষ্যে ৯৯ টাকার একটি থলি তার নিকট ফেলিয়া আইসে। প্রতিবেশী সে টাকা লইয়া আসিলে বণিক তার টাকা নহে বলিয়া ফিরাইয়া দেয়। ফলে প্রতিবেশী সেই ৯৯ টাকাকে পূর্ণ শত ও শত হতে সহস্র করিবার ঝোঁকে বা লোভে পড়িয়া পূর্ব্বাপেক্ষা অধিক পরিশ্রম ও আয় অপেক্ষা অল্প ব্যয় করিতে থাকে। পরে সে পূর্ব্ব প্রকৃতি ত্যাগ করিয়া সঞ্চয়ের লোভ জীবনে আর সামলাইতে পারে নাই। তার মত অবস্থায় পড়িলেই লোক বলে নিরানব্বুয়ের ধাক্কায় পড়িয়াছে।

নিরাপৎ,-পদ [নির্ (নাই) আপদ্ (বিপদ) যার, বহু°] বিণ, যে আপদ হতে উদ্ধার পাইয়াছে। ২ বিপন্মুক্ত ; নির্ব্বিঘ্ন ; নিরুপদ্রব। ৩ [নিরাপদে ও°] ক্রি-বিণ, নিরুপদ্রবে ; অবাধে ; নির্ব্বিঘ্নে। স্ত্রীং ~া।

নিরাপত্তা [আধু° বাং সংবাদিকগণ কর্ত্তৃক ব্যবহৃত। নির্ + আপৎ + তা] বি, নিরাপদতার ভাব বা অবস্থা ; আপদের শান্তি ; বিপদের ভয় না থাকা। "লক্ষ লক্ষ হিন্দু তীর্থযাত্রিগণের সুখ সুবিধার নিরপত্তার প্রতি দৃষ্টি দিতে * *" -আ° পত্রিকা, ২৪-১২-৩৫।

নিরাবাধ [নির্ (নাই) আবাধ (বাধা) যার] বিণ, অবাধ ; বাধাহীন।

নিরাভরণ [নির্ + আভরন] বিণ, আভরণহীন ; নিরালঙ্কার। "নি° যদি থাকি, চোখের কোণে চাইবে নাকি,"-পরিত্রাণ (রবী°)। স্ত্রীং ~া।

নিরাময় [নির্ (নাই) + আময় (রোগ) যার, বহু°] বিণ, রোগহীন ; নীরোগ ; সুস্থ।

নিরামিষ [গ্রা° নিরিমিষ, নিরিমিষ্যি। নির (নাই) + আমিষ (মাংসাদি) যাতে, বহু°] বিণ, আমিষবর্জ্জিত। ~ভোজী, নিরামিষাশী [নিরামিষ + আশিন্ ১মা ১ব] বিণ, যে মৎস্য মাংস ও ডিম্ব ইং আহার করে না।

নিরায়ত [নির্ + আয়ত (বিস্তৃত)] বিণ, অবিস্তৃত ; সঙ্কুচিত। স্ত্রীং ~া।

নিরায়ুধ [নির্ (নাই) + আয়ুধ (অস্ত্র) যার, বহু°] বিণ, অস্ত্রশূন্য ; আয়ুধবিহীন।

নিরালম্ব [নির্ + আলম্ব (অবলম্বন) যার] বিণ, অবলম্বনরহিত ; আত্মাবলম্ব।

নিরালয় [নির্ (নাই) + আলয় যার, বহু°] বিণ, আলয়হীন ; গৃহশূন্য ; নিরাশ্রয়।

নিরালস্য [নির্ (নাই) আলস্য যার, বহু°] বিণ, আলস্যহীন ; তৎপর ; উদ্যমশীল। স্ত্রীং ~া।

নিরালা [হিং নিরালা-বিরলা (সং-বিরল >)। গ্রা° নিরাল] বিণ, নিভৃত ; নির্জ্জন। ক্রি-বিণ, ~য়-নির্জ্জনে ; একাকী lonely. "আপন ঘরে ঘুমায়েছিনু নিতান্ত নি°"-রবী°। "কে সে নীলমণি, যে চুরি করিয়ে, লুকায়ে যশোদা জননী। মাখি

হাতে, মাখি অধর যুগলে, নিরালায় খায় এ ননী?"-অবসর°।

নিরালোক [নির্ (নাই)+আলোক (তেজঃ) যেখানে, বহু°] বিণ, আলোকহীন।

নিরাশ [নির্ (নাই)+আশা যার, বহু°] বিণ, আশাবিহীন; হতাশ। ২ নিরুদ্যম: অবসন্ন। স্ত্রীং ~া, -আশাহীনা।

নিরাশা২ [নির্ (নাই)+আশা] বি, নৈরাশ্য। "চাতকী জলদে ডাকিছে জল দে নিরাশা-পবনে উড়াইল তাহারে।" বাং-গান। ২ বিণ, যার আশা নাই: ভরসাহীন।

নিরাশ্রয় [নির্ (নাই)+আশ্রয় যার, বহু°] বি, আশ্রয়হীন জন। "ডাকি তোমায় উত্তরায়ে দেখা দাও হে নিরাশ্রয়ে।"-বাং-গান। ২ বিণ, অশরণ; আশ্রয়হীন; অসহায়। ৩ নিরবলম্ব; নিরাধার। "যদ্যপিহ অনন্ত ঈশ্বর নিরাশ্রয়। সৃষ্টিস্থিতি প্রলয়ের হেতু জগন্ময়॥"-চৈ° ভা°। স্ত্রীং ~া।

নিরাশ্বাস [নির্ (নাই)+আশ্বাস যার, বহু°] বিণ, আশা ভরসাহীন।

নিরাস [নির্ (বাহিরে)+অস্ (ক্ষেপণে) +অ (ভা°)] বি, ক্ষেপণ; নিক্ষেপ। ২ বর্জ্জন; ত্যাগ। ৩ ক্ষালন। "অদ্য আমরা সমস্ত সুসভ্য ব্যাঘ্রমণ্ডলী একত্রিত হইয়া সেই অমূলক নিন্দাবাদের নি° করিতে প্রবৃত্ত হইয়াছি।"-লোকরহস্য (বঙ্কিম°)। ৪ [+অ (র্ম্ম)] বঞ্চিত। "দারুণ দৈবের ফলে বন্দী হৈনু মায়াজালে সুখে বিধি করিল নি°।" -কবিক°।

নিরাসন [নির্ (নাই)+আসন যাতে, বহু°] বি, আসনহীন। ২ [নিরাস অর্থে-বাং-য় প্রচর] নিষ্কাশন; বর্জ্জন; নিরাকরণ।

নিরাহার [নির্(নাই)+আহার যার, বহু°] বিণ, অনশন; আহারশূন্য; উপবাসী। ২ বি, ভোজনাভাব। ৩ ক্রি-বিণ, বিনা আহারে; অনশনে।

নিরিখ [ফা° নিরখ্। গ্রা° নিরিক] বি, মূল্যের হার; বাজার দর: দ্রব্যের মূল্য। ২ খাজনার হার। ~বন্দী-বাজার দর নির্দ্ধারণ। ২ দ্রব্যমূল্যের হারের ফর্দ্দ।

নিরিন্দ্রিয় [নির্ (নাই)+ইন্দ্রিয় যার, বহু°] বিণ, চক্ষু কর্ণাদি ইন্দ্রিয়বিহীন।

নিরিবিলি [গ্রা°। হি° নিরালা ~ নিরি+বিরলা > বিলি] বিণ, বিরল: নিরালা; নিভৃত: নির্জ্জন। প্র-স্থানটি বেশ নিরিবিলি। ২ বি, নিভৃতস্থান। প্র-নিরিবিলিতে দুদণ্ড বসে থাকতে ইচ্ছা হয়। ৩ নিরন্তর। "নি° ঝিঁঝি ডাকে জগত ঘুমায়"-হেম°। ৪ অ, নিরিবিলিতে: একান্তে। "সহজ সত্যেরসঙ্গে শুভদৃষ্টি ও নি° পরিচয় করে নিতে।"-উত্তরা, ১৩৩৩।

নিরিবিলে [নিরিবিলি (দ্রঃ)+এ(তে)] অ, একান্তে। "খাঁচার পাখী বলে, বনের পাখী, আয় খাঁচায় থাকি নিরিবিলে।" -সোনারতরী।

নিরী/ক্ষক [নির্-ঈক্ষ্ (দেখা)+অক (র্ত্তৃ)] বিণ, দর্শক। ~ক্ষণ [নির্-ঈক্ষ্ (দেখা)+অন (ভা°)] বি, বিশেষভাবে দর্শন। ~ক্ষমাণ [নির্-ঈক্ষ্+আন (র্ত্তৃ), ম আগম] বিণ, যে নিরীক্ষণ করিতেছে। > স্ত্রীং ~া। ~ক্ষা [নির্-ঈক্ষা (দৃষ্টি)] বি দর্শন। ~ক্ষিত [নির্-ঈক্ষ্+ত (র্ম্ম)] বিণ, অবলোকিত; সন্দৃষ্ট। স্ত্রীং ~ক্ষিতা। ~ক্ষ্যমাণ [নির্-ঈক্ষ্+আন (র্ম্ম), য্, ম্ আগম] বিণ, দৃশ্যমান। > স্ত্রীং ~া।

নিরীতি [নির্+ঈতি (দ্রঃ) যায়] বিণ, শস্যহানিজনক বিঘ্নশূন্য।

নিরীশ [নির্ (নির্গত)+ঈশা (লাঙ্গলের দণ্ড) যা হতে, বহু°] বি, লাঙ্গলের ফাল।

নিরীশ্বর [নির্ (নাই)+ঈশ্বর যার মতে, বহু°] বিণ, ঈশ্বরহীন; ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকারী; নাস্তিক। তুল-ইং Godless. ~বাদ-বি, নাস্তিক্যবাদ; ঈশ্বর নাই এই মত atheism বিণ, ~বাদী -ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকারী।

নিরীহ [নির্ (নাই)+ঈহা (চেষ্টা) যার, বহু°] বিণ, অচেষ্ট; নিশ্চেষ্ট। ২ যে অন্যের বিষয়ে হস্তক্ষেপ করে না; যে অনধিকারে চর্চ্চা করে না; যে অন্যের অধিকারে দখল দেয় না। ৩ যে কাহারও হিংসা করে না; নির্বিরোধী; শান্ত। বি, ~তা।

নিরুক্ত [নির্ (নিশ্চয়)+উক্ত (বেদের ব্যাখ্যা কথিত) হইয়াছে যে গ্রন্থে (বহু°)] বি, বেদের অঙ্গীভূত ব্যাখ্যা গ্রন্থবিঃ। বৈদিক অভিধান। ২ শব্দের ব্যুৎপত্তি-তত্ত্ব Etymology. ৩ বিণ, মীমাংসিত; নির্ণীত। ৪ নিশ্চয়রূপে উক্ত। ~কার [নিরুক্ত (বেদের ব্যাখ্যা গ্রন্থ) কার (যিনি করিয়াছেন)] বিণ, নিরুক্তগ্রন্থ-প্রণেতা। বি, **নিরুক্তি** [নির্ (নিশ্চয়)+উক্তি (কথন) যাতে, বহু°] বি, নিশ্চয়োক্তি। ২ বিশেষে উক্তি। ৩ প্রকৃতি প্রত্যয়াদি বিশ্লেষণ বা পদভঞ্জন দ্বারা প্রাপ্ত অর্থ। ৪ বেদাঙ্গবিঃ; নিরুক্তগ্রন্থ। ৫ নির্ব্বচন।

নিরুঝম্প [নির্ঝম্প ~ ব্রজ°] বিণ, স্খলিত। "পরশে অবশ তনু বেশ নি°"-জ্ঞান°।

নিরুত্তর [নির্ (নাই)+উত্তর যার, বহু°] বিণ, নির্ব্বাক্; রুদ্ধবাক্: মূক। ২ যারা উত্তর দেয় না: মৌন। ৩ যার প্রতিবাদ করিবার নাই।

নিরুৎ/সাহ [নির্ (নাই)+উৎসাহ যার, বহু°] বিণ, উৎসাহহীন। ২ বি, উৎসাহের অভাব। স্ত্রীং ~সাহা। বিণ, ~সাহী-উৎসাহহীন।

নিরুৎসুক [নির্ (নাই) উৎসুক যা হতে, বা ঔৎসুক্য যার, বহু°] বিণ, যারপর নাই উৎসুক; পরম কৌতূহলী। ২ যার ঔৎসুক্য নাই; আগ্রহহীন।

নিরুদ্দিষ্ট [নির্ (নাই)+উৎ+দিশ্+ত (র্ম্ম)] বিণ, যার উদ্দেশ বা খোঁজ খবর নাই। স্ত্রীং ~া।

নিরুদ্দেশ [নির্ (নাই)+উদ্দেশ (সন্ধান) যার, বহু°] বিণ, অজ্ঞাত; যার কোন সন্ধান নাই। ২ বি, উদ্দেশরাহিত্য; অজ্ঞাতবাস। নি° হওয়া (থাকা)-ক্রি, পলাতক হওয়া; অজ্ঞাতবাস করা।

নিরুদ্যম [নির্ (নাই)+উদ্যম যার, বহু°] বিণ, নিশ্চেষ্ট; উৎসাহশূন্য।

নিরুদ্ধ [নি-রুধ্ (রোধ করা)+ত (র্ম্ম)] বিণ, আবদ্ধ; অবরুদ্ধ। ২ বদ্ধ; রুদ্ধ। প্র-নিরুদ্ধশ্বাস। ৩ নিবারিত; স্থগিত।

নিরুদ্বিগ্ন [নির্+উদ্বিগ্ন] বিণ, উদ্বেগশূন্য; শান্ত; নিশ্চিন্ত। ~ভাবে-ক্রি-বিণ,

নিরুদ্বেগে। "নিরুদ্বিগ্নভাবে একখানি বই পড়িতেছে"—উত্তরা, পৌষ, ১৩৩৩।

নিরু/দ্বেগ [নির্+উদ্বেগ] বিণ, উদ্বেগহীন; শান্ত; স্থির; অচঞ্চল। ২ বি, শান্তি। ক্রি-বিণ, ~দ্বেগে।

নিরু/দ্যোগ [নির্ (নাই)+উদ্যোগ যার, বহু০] বিণ, উদ্যমশূন্য; নিশ্চেষ্ট। ২ অপ্রস্তুত। ক্রি-বিণ, ~দ্যোগে-নিশ্চেষ্টভাবে। ~দ্যোগী [গ্রা০ নিরুজ্জুগী। নির্+উদ্যোগিন্ >] বিণ, উদ্যোগবিহীন। "তাতে দেহ থেকে যায় অনিপুণ, মন থেকে যায় নিরুদ্যোগী।"—রবী০। স্ত্রী০ ~গিনী।

নিরুপদ্রব [নির্+উপদ্রব] বিণ, উপদ্রবহীন; অত্যাচারশূন্য। ২ নিরাপদ।

নিরুপম [নির্ (নাই)+উপমা যার, বহু০] বিণ, যার উপমা দিবার মত কিছু নাই; অতুলনীয়; অনুপম unique. "নি০ লাবণ্য সন্দর্শন করিয়া"—কাদম্বরী। স্ত্রী০ ~া।

নিরুপাখ্য [নির্+উপ+আখ্যা যার, বহু০] বিণ, অব্যক্ত। ২ অসৎ; আকাশকুসুম; যার অস্তিত্ব নাই তার প্রস্তাবনা। ৩ বি, পরব্রহ্ম।

নিরুপাধি [নির্ (নাই)+উপাধি যাতে, বহু০] বিণ, উপাধিবর্জ্জিত; নির্গুণ; অ-মায়িক। ২ পরিশুদ্ধ; উদ্দেশ্যহীন; ছলশূন্য। ৩ অকারণ; অহৈতুকী। "নি০ প্রেম যাঁহা তাঁহা এই রীতি; প্রীতি বিষয় সুখে আশ্রয়ের প্রীতি।"—চৈ০ চ০।

নিরুপায় [নির্ (নাই)+উপায় যার, বহু০] বিণ, উপায়রহিত; অনন্যোপায়। ২ বি, অনুপায়; উপায়ের অভাব।

নিরূঢ় [নি-রূঢ়, বা, নির্ (না)+উঢ় (বিবাহিত)] বিণ, অবিবাহিত। ২ পশুযজ্ঞ-বিঃ। ৩ বি, রূঢ়ি লক্ষণাদ্বারা অর্থপ্রতিপাদক শব্দ।

নিরূঢ়ি [সং] বি, প্রসিদ্ধি।

নিরূপ [নি (নাই) রূপ যার, বহু০] বিণ, অরূপ; রূপবর্জ্জিত; নিরাকার। "নিরূপ যে ভাবে স্বরূপ প্রভাবে বুঝি কিছু বুঝে সে বা।"—অ০ ম০।

নিরূ/পক [নি+রূপ+ণিচ্=রূপি (রূপ দেওয়া)+ণক(র্তৃ)] বিণ, নিরূপণকারী; নির্ণায়ক; নির্দ্ধারক। স্ত্রী০ ~পিকা। ~পণ [+অন (ভা০)] বি, নির্দ্ধারণ; নির্ণয়; অবধারণ। ২ নিয়োগ। ৩ বিবরণ। ৪ অবগতি। ৫ দর্শন। ~পণীয়-বিণ, নির্দ্ধার্য্য। ~পিত [নি-রূপি+নিচ্=রূপি+ত (র্ম্ম)] বিণ, নির্দ্ধারিত; নিশ্চিত; স্থিরীকৃত; অবধারিত। ২ নিযুক্ত। ৩ দৃষ্ট। ৪ বিচারিত।

নিরেট [সং-নির্দট (দৃঢ়) >] বিণ, কঠিন; দৃঢ়। "নি০ পাষাণময় যাঁহার হৃদয়। নয়নের জলে সে কি দ্রবিবে কখন॥"—নবীন সেন। ২ বন্ধুহীন; নিশ্ছিদ্র।

নিরেস [সং-নিরস। তুল-আ০ নাকিস্ =খারাব, অসম্পূর্ণ, খাঁটি বা বিশুদ্ধ নয়। বিপরীত-সরেস (সরস)] বিণ, নিকৃষ্ট; মন্দ; খারাব; খেলো।

নিরোগা [গ্রা০। সং-নীরোগ >] বিণ, রোগহীন; সুস্থ।

নিরো/ধ [নি-রুধ্ (আবরণ করা)+অ (ভা০)] বি, অবরোধ; আটক। ২ প্রতিরোধ; প্রতিবন্ধ। ৩ কারাবন্ধন। ৪ নিগ্রহ। ৫ নিবারণ। ~ধক [+ণক (র্তৃ)] বিণ, প্রতিরোধক; নিবারক। ~ধন [+অন (ভা০)] বি নিরোধ করণ; নিবারণ।

নিরোপম ['নিরুপম' এর অশুদ্ধ রূপ। নির (নির্ অর্থে)+উপমা যার, বহু০] বিণ, উপমারহিত; অনুপম। "সিদ্ধার্থ একক, ঊর্দ্ধে নীরব আকাশ বসন্তের নি০ সুনীল বিস্তৃত"—অমিতাভ (নবীন০)।

নির্ঋতি [নির্ (বিপরীত)+ঋতি (শুভ), নিত্য] বি, লক্ষ্মীর জ্যেষ্ঠা অলক্ষ্মী। ২ নৈঋত কোণের অধিষ্ঠাত্রী দেবী। ৩ নৈঋত কোণের অধিপতি। ৪ উপদ্রব।

নির্গত [নির্+গম্+ত (র্তৃ)] বিণ, বহির্গত। ২ প্রবাহিত।

নির্গন্ধ [নির্ (নাই)+গন্ধ যার, বহু০] বিণ, গন্ধরহিত; গন্ধহীন।

নির্গম১ [নির্+গম্+অ (ভা০)] বি, বহির্গমন; অপগম। ২ দ্বার।

নির্গম২ [প্রা০ বাং। নির্ (নাই)+গম (গমন) যদ্দারা। গম্য, দ্রঃ] বি, দুর্গম। "কাম্যক বনের মধ্যে করেন আশ্রয়। বড়ই নি০ বন নাহি কোন ভয়।"—মহা০ (কাশী০)।

নির্গমন [নির্-গম্+অন (ভা০)] বি, নিঃসরণ; বহির্গমন। ২ [+অন (ণে)] দ্বার; পথ। ৩ দ্বারপাল।

নির্গলন [নির্গমন অর্থে] বি, নিঃসরণ; বিগলন। ২ [রাসা০ বিজ্ঞা০ পরিঃ] বি, স্যন্দন; ক্ষরণ filtration.

নির্গলিত [অশুদ্ধ কিন্তু চলিত। নির্গত ও বিগলিত শব্দ সাদৃশ্য >] বিণ, বিগলিত। "তুমি না বুঝিলে এই প্রাণের বেদন। কে বুঝিবে নয়নের নির্গলিত কথা॥"—ফুলরেণু।

নির্গাঞি [নির্+গাঞি (< গ্রামী)] বিণ, যার গাঁই নাই; গাঞি গোত্রহীন।

নির্গুণ [নির্ (নাই)+গুণ যার, বহু০] বিণ, গুণহীন। ২ [অপ্র০] অপাত্র। ৩ অযোগ্য; অক্ষম। "গুণের সাগর হে তুমি গুণনিধি তোমার যতেক গুণ কহিতে আমি নিগুণ।"—বাং-গান। ৪ বি, গুণাতীত; সত্ত্বাদি গুণত্রয় বর্জ্জিত পরমাত্মা; ঈশ্বর। ~া। "সগুণা নির্গুণা স্থূলা"—রা০ প্র০।

নির্গুণ্ডী [নির্ (বাহির)+গুণ্ড্ (বেষ্টন করা)+অ(র্তৃ) ঈ (স্ত্রী০)] বি, নিসিন্দাগাছ। ২ নীল শেফালিকা গাছ।

নির্গূঢ় [নির্ (ভিতর)+গুহ্ (আচ্ছাদন-গোপন করা)+ত (র্ম্ম)] বিণ, সমাচ্ছাদিত; সংবৃত। ২ অতিশয় গূঢ়।

নির্গ্রন্থ [নির্ (নাই)+গ্রন্থ (গ্রন্থি-গাঁইট) যাতে, বহু০] বিণ, গ্রন্থিশূন্য। ২ দিগম্বর। ৩ সংসারে বন্ধনহীন; অনাসক্ত। ৪ বৌদ্ধ সন্ন্যাসী; ক্ষপণক। ৫ নির্ধন। ৬ মূর্খ। ৭ নিঃসহায়। ৮ দ্যূতকার। ৯ বি, জনৈক প্রাচীন মুনির নাম। ~ক, নির্গ্রন্থিক-বি, নগ্ন; ক্ষপণক। ~ন [গ্রন্থিহীন > (অর্থসম্প্রসারণে) দেহের গ্রন্থি শূন্যকরা, বন্ধন শিথিল করা] বি, বধ।

নির্ঘণ্ট [নির্+ঘণ্ট্ (চেষ্টা করা)+অ (ণে) চেষ্টা দ্বারা নিরূপণ] বি, বিশেষ ভাবে নির্দ্ধারণ; সূক্ষ্মভাবে অন্বেষণ। ২ সিদ্ধান্ত। ৩ সূচীপত্র।

নির্ঘাত [নির্+ঘাত=হন (বধ করা,

আঘাত করা, শব্দ করা) + অ (ভা০)। প্রবল বায়ুর আঘাত জনিত শব্দ : মতান্তরে ভূগর্ভ হতে উত্থিত ভীষণ ধ্বনি] বি. বায়ুর পরস্পর সংঘাত ; বায়ুর সহিত বায়ুর ঘাত প্রতিঘাত শব্দ। ২ বজ্র। ৩ আঘাত ; প্রহার। "হানিয়া মায়ের বুকে অশনি নি০"-কুসুম। ৪ বিণ. বিষম ; প্রবল ; প্রচণ্ড। "সমুদ্র উথলে বহে নি০ পবন।"-কৃত্তি০। ৫ ভীষণ ; ভয়ানক। ৬ নিষ্ঠুর ; কঠোর। "মুনির নি০ বাক্য শুনিয়া সুন্দরী"-মহা০ (কাশী০)। ৭ [প্রাদে০] অব্যর্থ।

নির্ঘাতন [নির্ + হন + ণিচ্=ঘাতি (হনন করান) + অন (ভা০)] বি. আঘাত করণ। ২ [সুশ্রুত] আয়ুর্ব্বেদীয় যন্ত্র-ক্রিয়াবিঃ।

নির্ঘৃণ [গ্রা০ নিঘিন্নে। নির্ (নাই) + ঘৃণা যার, বহ০] বিণ. যার ঘৃণা নাই : যার ঘৃণা হয় না। "নি০ ত্রিনয়ন আহ্লাদে সেইক্ষণ শব'পরি আসন মেলে"-হেম।

নির্ঘোষ [নির্ + ঘুষ্ (শব্দ করা) + অ (ভা০)] বি. ভীষণ শব্দ ; গভীর নিনাদ। প্র-বজ্রনির্ঘোষ। "পরম সন্তোষে দুন্দুভি নির্ঘোষে ইন্দ্র হৈলা আগুয়াণ।"-অ০ ম০।

নির্জ্জন [নির্ (নাই) + জন (লোক) যেখানে, বহ০] বিণ. জনহীন ; নিভৃত। প্র-নির্জ্জন প্রদেশ। ২ যথায় লোকের গতিবিধি নাই। প্র-নির্জ্জন পথ। ৩ নিঃসঙ্গ ; একাকী। ৪ বি. নিভৃত স্থান। প্র-সে নির্জ্জনে বসিয়া আছে।

নির্জ্জর [নির্ (নাই) + জরা (বৃদ্ধত্ব) যার বহ০] বি. দেবতা। "মহাবিঘ্ন হবে বাগে নি০ বঞ্চিত ভাগে যক্ষ রাক্ষসের অধিকার।" -শি০। ২ অমৃত। ৩ বিণ. জরাবর্জ্জিত ~পুর-স্বর্গ। ২ শান্তিপুরের ২ ক্রোশ উত্তরে অবস্থিত প্রাচীন নগর ; নির্ঝর (পরিশি০ দ্রঃ)।

নির্জ্জল [গ্রা০ নির্জ্জলা, নিজ্জলা। নির্ (নাই) জল যাতে বা যেখানে, বহ০] বিণ. জলরহিত ; শুষ্ক। ২ জলমিশ্রিত নয়। ৩ [বাং-~া] খাঁটি ; বিশুদ্ধ ; সম্পূর্ণ। "নিজ্জলা মিথ্যা কথা"। ৪ জলপর্য্যন্ত পানরহিত, নিরম্বু। প্র-নি০ উপবাস। নির্জ্জলা এঁকাদশী-জৈষ্ঠমাসের শুক্লা একাদশী।

নির্জ্জিত [নির্ (নিশ্চয়) + জি (জয় করা) + ত (ক্ত)] বিণ. পরাজিত ; পরাভূত।

নির্জ্জীব [নির্ (নাই) + জীব (জীবন) যার, বহ০] বিণ. জীবনহীন। ২ অতিশয় দুর্ব্বল ; নির্বীর্য্য। স্ত্রীং ~া। ~তা-বি. প্রাণশূন্যতা। ২ শক্তিহীনতা। ৩ জড়তা।

নির্ঝঞ্ঝাট [সং-নির্ বাং-ঝঞ্ঝাট] নিঝঞ্ঝাট দ্রঃ।

নির্ঝর [নির্ + ঝৃ (জীর্ণ হওয়া) + অ (কর্তৃ)] বি. উৎস ; ঝরণা। "নি০ ঝরিত বারিরাশি" -মেঘ০। স্ত্রীং নির্ঝরিণী-নদী।

নির্ণয় [নির্ + নী + অ (ভা০)। গ্রা০ ভাষায়-নিন্নয়। প্রা০ বা০ ও প্রাদে০ নিম্নকথ্য-নিল্লঅ। "বাল বরণ ঘোড়া নিল্লঅ না জানি।"-শূ০ পু০] বি. সত্যনিদ্ধারণ ; অবধারণ ; সিদ্ধান্ত ; নিষ্পত্তি। প্র-বিচার পূর্ব্বক পক্ষ এবং প্রতিপক্ষের ন্যায় হ'তে প্রকৃত সিদ্ধান্ত টানিয়া বাহির করার নাম নির্ণয়। ২ যথার্থতা নিরূপণ। ৩ নিশ্চয় নিদ্ধারণ। ৪ [ন্যায়] পূর্ব্ব পক্ষের উত্তর, প্রশ্নের উত্তর। "যেহেতু"-বলিয়া যে বাক্যের আরম্ভ, সেইহেতু বা তজ্জন্য বা সুতরাং বলিয়া তার সমাধান। ~পাদ-বি নির্ণয়াত্মক ব্যবহারশাস্ত্র।

নির্ণায়ক [নির্-নী + ণিচ্=নায়ি + অক (কর্তৃ)] বিণ. নিশ্চয়কারক ; নিরূপক, নির্দ্ধারক। ২ নিষ্পাদক। ৩ মীমাংসক।

নির্ণীত [নির্ + নী + ত (ক্ত)] বিণ নির্দ্ধারিত ; অবধারিত নিশ্চিত। ২ কৃত-সিদ্ধান্ত।

নির্ণেজ॥ক [নির্ + নেজক=নিজ্ (নির্ম্মলীকরণে) +ণক (কর্তৃ)] বিণ. প্রক্ষালক ; পরিষ্কারক। ২ বি, রজক। ~ন-বি প্রক্ষালন। ২ শুদ্ধি।

নির্ণেতা [নির্ + নেতা=নী + তৃ=নির্ণেতৃ ১মা, ১ব-] বিণ. নিদ্ধারক ; নির্ণায়ক, নির্ণয়-কারী। ২ নায়ক। স্ত্রীং নির্ণেত্রী।

নির্ণেয় [নির্ + নেয়=নী + য (কর্ম্ম)] বিণ নির্ণয় করিবার যোগ্য ; নির্দ্ধার্য্য।

নির্দ্দম [নির্ (নাই) + দম (শ্বাস) এমন বিণ. দমশূন্য ; শ্বাসরোধক ; বেদম। "দশজ * * কে নির্দ্দম করিয়া রামকান্ত পেটা করিতে পারি।"-নীলদর্পন।

নির্দ্দয় [নির্ (নাই) + দয়=দয়া যার, বিণ বহ০। এই অর্থে হি০ ও বাং০য় নিদ্দয়া ও০] দয়ারহিত ; অকরুণ ; নিষ্ঠুর। ২ কঠোর। ৩ ক্রূর ; হিংস্র। স্ত্রীং ~া। বি. ~তা

নির্দ্দহন [নির্ (নাই) + দহন (বহ্নি) যেখানে বহ০] বিণ. দাহরহিত। ২ বহ্নিহীন। ৩ [+ অন (ভা০)] নিঃশেষে দহন।

নির্দ্দাবী [নির্ + দাবী যাতে] বিণ. যাতে দাবী দাওয়া নাই ; যার অধিকারী নাই unclaimed "নি০ এ মালে দিব• পুলিশেরই হাতে"-দ্বি০ রায়।

নির্দ্দিশ্যমান [নির্ + দিশ্ (নির্দ্দেশ করা) + আন (শ্চ)] বিণ. যাকে নির্দ্দেশ করা হইতেছে ; যার উল্লেখ করা হইতেছে। ২ আদিশ্যমান।

নির্দ্দিষ্ট [নির্ + দিশ্ + ত (ক্ত)] বিণ. নির্ণীত ; নির্দ্ধারিত, নিরূপিত, নিশ্চিত। ২কৃত নির্দ্দেশ ; অঙ্গুলি, কটাক্ষ ই০ দ্বারা প্রদর্শিত। ৩ উল্লিখিত। ৪ উপদিষ্ট। ৫ আদিষ্ট। স্ত্রী ~া।

নির্দ্দেশ [নির্ + দিশ্ + অ (ভা০)] বি. অবধারণ, নির্দ্ধারণ, নিরূপণ। ২ ইঙ্গিত দ্বারা প্রদর্শন। ৩ উল্লেখ। ৪ বর্ণন ; বিবৃতি ৫ নির্ণয় ; উদ্দেশ। ৬ আজ্ঞা ; আদেশ। ৭ [+অ(ণ)] নির্দ্দেশক সংজ্ঞা ; নাম। ৮ [সংস্কৃ] বিস্তারিত ব্যাখ্যা বা বিবৃতি। ~পুস্তক [প্রসঙ্গ দ্রঃ] book of reference.

নির্দ্দে॥শক [নির্-দিশ্ + অক (কর্তৃ)] বিণ. নির্ণায়ক, নির্দ্ধারক। ২ প্রদর্শক ; যে নির্দ্দেশ করিয়া দেয়। ৩ উল্লেখকারী। ৪ আজ্ঞাকারক ; আদেশক। স্ত্রীং ~শিকা। ~শন-বি, নির্দ্দেশ করণ। ~শনী-বিণ, যদ্দারা নির্দ্দেশ করা যায়।

নির্দ্দেষ্টা [নির্-দিশ্ + তৃ (কর্তৃ)]=নির্দ্দেষ্টৃ ১মা, ১ব-] বিণ. নির্দ্দেশক।

নির্দ্দোষ [নির্ (নাই) দোষ (অপরাধ) যার বহ০। গ্রা০ নির্দ্দুষী, নির্দ্দোষী, নিদ্দুষী] বিণ. ত্রুটিহীন ; দোষবর্জ্জিত। ২ নিরপরাধ। ৩ কলঙ্করহিত ; দাগহীন ;

বেদাগ। ৪ ক্রি-বিণ, সম্পূর্ণরূপে। প্র-সে বহুদিন রোগে ভুগিয়া এখন নির্দ্দোষ আরোগ্য-লাভ করিয়াছে।

নির্দ্ধা/র [নির্-ধৃ+অ (ভা০)] বি, নির্দ্ধারণ। ২ পারিঃ। যো০ রায় কর্ত্তৃক উদ্ভাবিত] ব্যবস্থাপক সভাদি কর্ত্তৃক নির্দ্ধারণ বা প্রস্তাব resolution ~র্‌ণ [নির্+ধারণ =ধৃ (ধারণ করা)+অন (ভা০)-অনেকের মধ্যে একের অবধারণ] বি, নিরূপণ ; নির্ণয়। ২ স্থির করণ ; নিশ্চয় করণ। ৩ সিদ্ধান্ত। ~র্‌ক [নির্+ধারি (ধারণ করা)+অক (র্তৃ)] বিণ, নির্দ্ধারণকারী ; নিরূপক। ২ মীমাংসক। ~রিত [নির্+ধারি+ত (র্ম্ম)] বিণ, স্থিরীকৃত ; নির্দ্দিষ্ট ; নির্ণীত ; নিশ্চিত। ২ মীমাংসিত ; কৃতসিদ্ধান্ত। ~র্য্য [নির্+ধারি+য (র্ম্ম)। গ্রা০ নিদ্ধাজ্জ] বিণ, অবধার্য্য নির্ণেয় ; নিরূপণীয়।

নির্দ্ধূত [নির্+ধু (কম্পিত হওয়া)+ত (র্ম্ম)] বিণ, বিধুনিত ; বিকম্পিত। ২ পরি-বর্জ্জিত ; ত্যক্ত। ৩ বিদূরিত। ৪ খণ্ডিত।

নির্দ্ধৌত [নির্ (নিশ্চয়) ধৌত (পরিষ্কৃত)] বিণ, প্রক্ষালিত। ২ পরিমার্জ্জিত।

নির্দ্বন্দ্ব [নির্ (নাই) দ্বন্দ্ব (পরস্পর-বিরোধী দুইটি) যেখানে, বহু০] বিণ, সুখদুঃখ বা শীতোষ্ণাদি দ্বন্দ্বরহিত। ২ দ্বিত্বরহিত। ৩ নির্ব্বিবাদ।

নির্ধন [নির্ (নাই)+ধন (সম্পত্তি) যার, বহু০। গ্রা০ নিধ্‌ধন, নিধ্ব‌নী] বিণ, ধনহীন ধনশূন্য ; বিত্তবিহীন ; দরিদ্র। বি, ~তা, ~ত্ব (-ন‌্-)। বিণ, **নির্ধনী** [গ্রা০ নিধ্‌ধনী] ধনহীন ; দরিদ্র।

নির্ধর্ম্ম [নির্ (নাই)+ধর্ম্ম। গ্রা০ নিধম্মে] বিণ, ধর্ম্মহীন। ২ পাপী।

নির্ধূম [নির্ (নাই) ধূম যাতে] বিণ, ধূমহীন।

নির্নিমিখ [নির্+নিমিখ (=নিমিষ)] বিণ, অপলক ; পলকহীন। ২ ক্রি, বিণ, একদৃষ্টে ; অপলক নেত্রে। "নূতন উষার সূর্য্যের পানে চাহিল নির্নিমিখ।"-রবী০।

নির্নিমিত্ত [নির্ (নাই)+নিমিত্ত (কারণ) যার, বহু০] বিণ, নিমিত্তশূন্য ; অকারণ। ২ নিষ্প্রয়োজন ; নিরর্থক। ৩ আকস্মিক।

নির্নিমেষ [নির্ (নাই)+নিমেষ যার, বহু০] বিণ, অপলক। ~আখি, -চক্ষু, -ন‌য়‌ন, -নেত্র, -লোচন-পলকবিহীন চক্ষু। "দুটি নি০ তৃষিত আঁখি"-বা০ বসুমতী, ১৩৩৪। ২ বিণ, পলকহীন নেত্র-বিশিষ্ট। ৩ ক্রি-বিণ ,পলকবিহীন নয়নে বা দৃষ্টিতে। ৪ বি, দেবতা।

নির্ব্বংশ, নির্ব্বংশিয়া, নির্ব্বংশ্যে -শে [নিঃ+বংশ। গ্রা০ নিব্বংশ, নিবংশে] বিণ, যার বংশ নাই ; লুপ্তবংশ ; লুপ্তপিণ্ড।

নির্ব্বচন [নির্ (নিশ্চয়)+বচন (বাক্য)] বি, নিশ্চয় বাক্য বা কথন ; নিরুক্তি। ২ শব্দের ব্যুৎপত্তি নিরূপণ। ৩ বিণ. বচনশূন্য ; মৌন ; নির্ব্বাক। ৪ নিরুত্তর। "এই শ্লোকের অর্থে তুমি হৈলা নি০"-চৈ০ চ০। ৫ [জ্যামিতিক পরিঃ] প্রতিজ্ঞাবাক্য ; সাধ্য cununciation.

নির্ব্ব/র্ত্তক [নির্+বর্ত্তক=বৃত্‌+অক (র্তৃ)] বিণ, নির্ব্বাহক ; সম্পাদনকর্ত্তা। ~র্ত্তন [+অন (ভা০)] বি, সম্পাদন ; নিষ্পাদন। ~র্ত্তিত, **নির্বর্ত্তিত** [নির্-বৃত্‌ +ণিচ্‌=নির্ব্বর্ত্তি+ত (র্ম্ম)] বিণ, সম্পাদিত ; নিষ্পাদিত।

নির্ব্বন্ধ, নির্বন্ধ [নির্+বন্ধ্‌+অ (ভা০)] বি, নিয়ম ; নির্দ্দেশ ; ব্যবস্থা ; নির্দ্ধারণ ; বিধান। "দৈবের নি০ আছে না হয় খণ্ডন।"-কৃত্তি০। "প্রজাপতির নি০।" ২ শৃঙ্খলা। "কেবা কারে আনি দেই নাহিক নির্ব্বন্ধ।"-মহা০ (কাশী০)। ৩ অভিনিবেশ। ৪ সবিশেষ যত্ন ; আগ্রহ ; অতি ব্যগ্রতা। ৫ অতিশয় অনুরোধ ; পীড়াপীড়ি ; জেদ। ৬ ঘটনা ; যোগাযোগ। ৭ নিশ্চয় ; স্থির। "তথায় নি০ কর শয্যা করিবারে"-মহা০ (কাশী০)। "শিবের সম্বন্ধ করিয়া নি০ আইলা নারদ মুনি।"-অ০ ম০। বিণ, **নির্ব্বন্ধিত, নির্বন্ধিত** [নির্ব্বন্ধ+ইত] বিণ, নির্ব্বন্ধযুক্ত ; সনির্ব্বন্ধ। ২ নিশ্চিত ; নিয়মিত ; স্থির। "আজি হৈতে নির্ব্বন্ধিত করহ সকল। নিশায় করিব সত্তে কীর্ত্তন মঙ্গল।"-চৈ০ ভা০। প্রা০ বাং- নিবন্ধিত। "জেমন আছিল পূর্ব্বে দেব নিবন্ধিত।"-শূ০ পু০।

নির্ব্বপণ [নির্+বপন] বি, পিতৃ-লোকোদ্দেশে দান। ২ বিতরণ ; পরি-বেশন। ৩ বিসর্জ্জন।

নির্বর্ষ, নির্ব্বর্ষপ্রদেশ [নির্ (না) +বর্ষ (বর্ষা) যে প্রদেশে] বিণ, বর্ষাহীন প্রদেশ ; যথায় বৃষ্টি পড়ে না।

নির্ব্বল, নির্বল [নির্ (নাই) বল (শক্তি) যার বহু০] বিণ, দুর্ব্বল ; বলশূন্য ; শক্তি-বিহীন ; নিস্তেজ ; ক্ষীণ।

নির্ব্বাক্ [নির্ (নাই) বাক্ (বাচ্‌=বাক্য) যার] বিণ, বাক্যহীন ; অবাক।

নির্ব্বা/চন১, নির্বা/চন [নির্+বাচি (বলান)+অন (ভা০)] বি, স্থিরীকরণ ; নির্দ্ধারণ। ২ অনেকের মধ্য হতে বাছিয়া বাহির করণ ; চুনন। বিণ, নির্ব্বাচিত ~চক-বিণ, নির্ব্বাচনকারী।

নির্ব্বাচন২ [নির্+বাচন (কথন)। প্রা০ বাং] বিণ, নিরুত্তর। "এই শ্লোকের অর্থে তুমি হৈলা নি০। আর এক শুন ভাগবতের বচন।"-চৈ০ চ০।

নির্ব্বাচা, নির্বাচা [নির্ব্বাচন > নির্ব্বাচনা > নির্ব্বাচা (পদ্যে)। গদ্যে- নির্ব্বাচন করা (ক্ষে০ বাচা)। অস-ক্রি- নির্ব্বাচিতে ; নির্ব্বাচিয়া। ম০ পু০, ১ম পু০ নির্ব্বাচিলে] ক্রি, নির্ব্বাচন করা ; বাছিয়া লওয়া। ২ নির্দ্ধারণ করা। "হায় হায় হায় হেদে হাভাতীর ঝি। নিরঞ্জনে নিন্দ ভাল নির্ব্বাচিলে কি॥"-শি০।

নির্ব্বাচ্য, নির্বাচ্য [নির্+বাচ্য] বিণ, কথ্য ; কথনযোগ্য। ২ নির্দ্ধারণ ; নিরূপণীয়। ৩ মীমাংসার যোগ্য ; মীমাংসনীয়। ৪ নির্ব্বাচন যোগ্য। ৫ নির্দ্দোষ ; অনিন্দ্য। স্ত্রীং ~া।

নির্ব্বাণ, নির্বাণ [নির্+বা (প্রবাহিত হওয়া)+ত (ভা০)-"মুক্তিঃ কৈবল্যনির্ব্বাণং শ্রেয়ো নিঃশ্রেয়সামৃতম্" "মোক্ষোঽপবর্গঃ"- অমর০। "নির্ব্বাণো মুনিবহ্ন্যাদৌ"-অমর০] বি, ভবযন্ত্রণা হতে নিষ্কৃতি লাভ ; মোক্ষ ;

জীবন্মুক্তি। "সাকারে সাযুজ্য হবে নির্ব্বাণে কি গুণ বল না।"-রা° প্র°। ২ [বৌ° সা°] শাক্যসিংহের বুদ্ধত্ব প্রাপ্তি। দ্রঃ-পা° ও প্রা° বাং-র-এই অর্থে-নিব্বাণ। বৌদ্ধধর্ম্মমতে-"নির্ব্বাণং পরমং সুখম্"। তাঁরা বলেন অজ্ঞ জনের মতে দীপ নির্ব্বাণের মত আত্মার নির্ব্বাণ, কিন্তু তা নহে-জীবনের সমাপ্তিও নহে। প্রকৃত অর্থ-দুঃখের নির্ব্বাণ, অশান্তির নাশ, পূর্ণ সুখোদয়, দুঃখের চির-সমাধি। বুদ্ধ সারিপুত্তকে বলিয়াছিলেন-"লোভের নাশ, ঘৃণার নাশ, মায়ার নাশ,-ইহাই হে বন্ধু, নির্ব্বাণ। ৩ [বৌ° শা°] পবিত্র জীবনদ্বারা সাংসারিক ভোগ বিলাস বাসনার বিনাশ; রাগ (আসক্তি) ক্ষয়, দ্বেষ ক্ষয়, মোহ ক্ষয়, ভব নিরোধ (জন্মনিরোধ যে অবস্থায় আর জন্মগ্রহণ হয় না) সর্ব্ব গ্রন্থ প্রমোচন (সমুদয় বন্ধন মুক্তি) যে অবস্থায় কোনপ্রকার বন্ধন নাই। -মহেশচন্দ্র ঘোষ (প্রবাসী, পৌষ, ১৩২৯)। ৪ শান্তি। ৫ ["নির্ব্বাণমস্তং গমনে"-মে°] অস্তগমন। ৬ সমাপ্তি। ৭ জ্বলনের অবসান। ৮ বিরাম। ৯ হস্তীর স্নান। ১০ বিণ, মুক্ত; জীবন্মুক্ত। ১১ জ্বলনরহিত; নিবন্ত; নির্ব্বাপিত। "নি° মন-অনল আর কেন জ্বালীতে এলে।"-বাং-গান। ১২ বিশ্রান্ত। ১৩ নিবৃত্ত। ১৪ বাণশূন্য; যার আর বাণ নাই। স্ত্রীং ~া। নি° ক॑রা-নির্ব্বাপিত করা; আগুন নিবান। ~ মণ্ডপ-কাশীস্থিত মুক্তি-মণ্ডপ তীর্থ।

নির্ব্বাণী, নির্বাণী [নির্ (নাই) + বাণী (বাক্য) যার, বহু°] বিণ, মৌন; বাক্যহীন। ২ শৈব সন্ন্যাসী ও হিন্দুস্থানী বৈষ্ণবদিগের সাতটি মূল আখড়া (নির্ব্বাণী, খাকী, সন্তোষী, নির্মোহী, বলভদ্রী, টাটম্বরী ও দিগম্বর) বা অস্থল (স্থান) বা মঠের অন্যতম। ৩ নির্ব্বাণী আখড়ার উপাসক দল।

নির্ব্বানোন্মুখ [নির্ব্বাণ + উন্মুখ] বি, নির্ব্বাপিত প্রায়; নিবু নিবু। ২ যে শীঘ্রই নির্ব্বাণপ্রাপ্ত হইবে।

নির্ব্বাত, নির্বাত [নির্ (নাই) + বাত (বায়ু) যেখানে, বহু°] বিণ, বায়ুহীন। ২ অচঞ্চল; স্থির।

নির্ব্বাদ, নির্বাদ [নির্ (নিন্দিত) + বাদ=বদ্ (বলা) + অ (ভা°)] বি, পরিবাদ; নিন্দা; অপযশ। ২ অনাদর; অবমাননা। ৩ বিবাদ; কলহ। ৪ জনশ্রুতি। ৫ [নির্ (বিনা) বাদ] নির্ব্বিবাদ; অবিরোধ।

নির্ব্বাধ, নির্বাধ [নির্ (নাই) + বাধা যার, বহু°] বিণ, বাধাহীন; প্রতিবন্ধরহিত।

নির্ব্বা/প॑ক নির্বা/পক [নির্ + বাপি (গমন করান) + অক (র্ত্তৃ)] বিণ, নির্ব্বাণকারী; যদ্দ্বারা নির্ব্বাপিত হয়। ২ নাশক; হননকারক; হন্তা [বিরল]। ~প॑ণ [নির্ + বাপি (গমন করান) + অন (ভা°)] বি, অবসান করান; বিনাশ [প্র° অ°]। ২ দান। ৩ নিবাইয়া দেওন। ৪ [সুশ্রুত] প্রদাহ শীতলকারী প্রলেপ বা প্রয়োগ। ~পি॑ত [নির্ + বাপি + ত (র্ম্ম)] বিণ, নিবাইয়া দেওয়া হইয়াছে এমন। ২ নষ্ট; বিনাশ প্রাপ্ত। ৩ দত্ত; অর্পিত [প্র° অ°]।

নির্ব্বা/স॑ক, নির্বা/স॑ক [নির্ + বাসি (বাস করান) + অক (র্ত্তৃ)] বিণ, যে নির্ব্বাসন করে; নির্ব্বাসনকারী। ~স॑ন [+ অন (ভা°)] বি, কোন গুরুতর অপরাধের দণ্ড স্বরূপ দেশ হ'তে বহিষ্করণ। ২ হনন [বিরল]। ~সি॑ত [নির্-বাসি + ত (র্ম্ম)] বিণ, স্বদেশ হ'তে বহিষ্কৃত; নির্ব্বাসনদণ্ডপ্রাপ্ত। ২ হত। > স্ত্রীং ~া। ~সী [-সিত অর্থে] বিণ, নির্ব্বাসিত। "তিলেক রহিতে নারে প্রবাসী যেখানে নির্ব্বাসী সর্ব্বদা রয় হরিষে সেথানে" -কৃ° চ° মজুমদার (প্রবাসীর জন্মভূমি দর্শন)।

নির্ব্বাহ॑, নির্বাহ॑ [নির্-বহ্ (বহন করা) + অ (ভা°)] বি, নিষ্পাদন; সম্পাদন। ২ নিষ্পত্তি। ৩ সমাপ্তি; শেষ। ~ক [নির্ + বহ্ + অক (র্ত্তৃ)] বিণ, নির্ব্বাহ কারক; সম্পাদক। স্ত্রীঃ নির্ব্বাহিকা।

নির্ব্বাহি॑ত, নির্বাহি॑ত [নির্-বহ্ + ণিচ্ = বাহি (বহন করান-সম্পাদন করান) + ত (র্ম্ম)] বিণ, সম্পাদিত; নিষ্পাদিত। স্ত্রীঃ ~া।

নির্ব্বিক॑ল্প, নির্বিক॑ল্প [নির্ (নাই) বিকল্প যাতে] বিণ, সংশয়হীন; অভ্রান্ত। ২ জ্ঞাতৃজ্ঞেয়ত্বভেদরহিত। ৩ বিশেষ্য-বিশেষণতা-সম্বন্ধরহিত। ৪ বি, অখণ্ডজ্ঞান। ~ক [নির্ব্বিকল্প + ক (জ্ঞা°)] বিণ, সন্দেহ বিহীন; সংশয়শূন্য। ২ বি, অতীন্দ্রিয় জ্ঞানবিঃ। ~-স॑মাধি-বি, জ্ঞাতৃজ্ঞানাদি-ভেদরহিত হইয়া অদ্বিতীয় পরব্রহ্মে চিত্ত-সমাধান।

নির্ব্বিকার, নির্বিকার [নির্ (নাই) বিকার (প্রকৃতির বৈপরীত্য) যার, বহু°] বিণ, বিকারবিহীন; অবিকৃত। ২ বি, বিকার-বিহীন; পরব্রহ্ম। স্ত্রী° ~া।

নির্ব্বিঘ্ন, নির্বিঘ্ন [নির্ (নাই) + বিঘ্ন (বাধা) যার, বহু°] বিণ, বিঘ্নশূন্য; বাধা-বিরহিত। ২ বিপদহীন; নিরাপদ। ৩ [নির্ (না) + বিঘ্ন (বাধা)] বি, বিঘ্নাভাব। ক্রি-বিণ, নির্ব্বিঘ্নে-বিঘ্নহীন অবস্থায়; নিরাপদে; অবাধে।

নির্ব্বি(বি)চার [নির্ (নাই) + বিচার যাতে, বহু°] বিণ, বিচারবিহীন। ২ বিবেচনাশূন্য। ক্রি-বিণ, ~চারে-অবিচারে। ২ বাচবিচার না করিয়া; সমদৃষ্টিতে।

নির্ব্বিণ্ণ [সং। নির্ব্বিদ্ (নির্ব্বেদযুক্ত) + ত (র্ত্তৃ)] বিণ, খিন্ন; দুঃখিত। ২ ধিক্কৃত; অনুতপ্ত। ৩ শোকাদি দ্বারা অভিভূত।

নির্ব্বিন্ধ্যা, নির্বিন্ধ্যা [নির্ (নির্গত) বিন্ধ্য (বিন্ধ্য পর্ব্বত হ'তে) + আ (স্ত্রীং)] বি, বিন্ধ্যপর্ব্বত হ'তে বহির্গত নদী।

নির্ব্বি/বাদ [নির্ (নাই) বিবাদ যার, বহু°] বিণ, বিবাদশূন্য; নির্দ্বন্দ্ব। ~বাদ - বিণ, নিরীহ; অবিরোধী। ক্রি-বিণ, ~বাদে-বিবাদ না করিয়া; অবাধে।

নির্ব্বিবেক, নির্বিবেক [নির্ (নাই) + বিবেক (বিবেচনা) যার, বহু°] বিণ, যার বিবেক নাই; বিবেকহীন; অবিবেকী [এই অর্থে নির্ব্বিবেকী ও°] ২ বিচার বিরহিত। ৩ বি, বিবেকরাহিত্য।

নির্ব্বি(বি)ভেদ [নির্ (নাই) + বিভেদ (ভেদ জ্ঞান) যার, বহু°] বিণ, ভেদজ্ঞানহীন। ২ অভেদ; অভিন্ন।

নির্ব্বি/রোধ [নির্ (নাই) বিরোধ যার বা যাতে] বিণ, বিরোধহীন; বিবাদশূন্য। ২ বি, বিরোধ রাহিত্য। ক্রি-বিণ, ~রোধে -অবাধে; বাধাবিঘ্ন না পাইয়া।

নির্ব্বি(র্বি)শঙ্ক [নির্ (নাই)+বিশঙ্কা (ভীতি) যার, বহু°] বিণ. নিঃশঙ্ক ; নির্ভয়।

নির্ব্বি(র্বি)শেষ [নির্ (নাই) বিশেষ (ভেদ) যার, বহু°] বিণ. ভেদরহিত; অবিশেষ; অভিন্ন। ক্রি-বিণ. ~শেষে -ইতর বিশেষ না করিয়া। "অপত্য-নির্ব্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন" -সী° ব° (বি° সা°)।

নির্ব্বি(র্বি)ষ [নির্ (নাই)+বিষ গরল, বহু°] বিণ. বিষরহিত; বিষশূন্য। স্ত্রীং ~া-নির্ব্বিষী নামক তৃণ।

নির্ব্বিষয়, নির্বিষয় [নির্ (না)+বিষয় (গোচর)] বিণ. যা গোচর নয়; যা ইন্দ্রিয়গ্রাহ্য নয়; অগোচর।

নির্ব্বিষ্ট, নির্বিষ্ট [নির্+বিশ্ (প্রবেশ করা, উপভোগ করা)+ত (র্ম্ম)] বিণ. অনুভূত। ২ প্রাপ্ত; লব্ধ। ৩ পুষ্ট। ৪ কৃতবিবাহ; বিবাহিত।

নির্ব্বী(র্বী)জ [নির্ (নাই)+বীজ যার, বহু°] বিণ. বীজহীন; বীজরহিত। স্ত্রীং ~া,-বীজহীনা। ২ কারণবিহীন। ৩ পুরুষত্বশূন্য। ৪ বি. সমাধিবিঃ। ~া২ [বৈদ্যকে] কাকলীদ্রাক্ষা; কিসমিস্।

নির্ব্বীর, নির্বীর (-বৃ) [নির্ (নাই)+বীর (যোদ্ধা) যেখানে, বহু°] বিণ. বীরশূন্য; বীররহিত। [দ্রঃ-কবিবর মাইকেল মধুসূদন দত্ত এই বিশেষণ পদ হতে ক্রিয়াপদ নিষ্পন্ন করিয়া গিয়াছেন। "বীরগণে পূর্ণ করিবে" এই অর্থে "বীরিবে" শব্দের ব্যবহার নাই। কিন্তু "বীরশূন্য করিবে" এই অর্থে কবিবর নির্বীরিবে" শব্দের ব্যবহার করিয়াছেন। "নির্বীরিবে লঙ্কা আজি সৌমিত্রি কেশরী"-মেঘ°। সাধাঃ ইংরেজীতে যেমন de, dis, un ই° উপসর্গযোগে অভাবাত্মক, বিপরীতার্থ-প্রতিপাদক এবং অসত্তা-প্রমাপক পদ নিষ্পন্ন হয়, যথা-depopulated, disclose, unnerve ই° বাঙ্গালায় তেমনি -নি, নির্, অন্ ই° যোগে সেই সকল পদ সিদ্ধ হয়, যথা-নিখুঁত, নিটোল, নির্জ্জীব ই°। ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে এইরূপ বহু শব্দ ইংরেজী ভাষায় যদৃচ্ছা-সংগঠিত হইয়াছিল, তন্মধ্যে dislike, distaste, dispraise ই° কতকগুলির ব্যবহার এখনও বিলক্ষণ থাকিলেও অধিকাংশই অপ্রচলিত হইয়া গিয়াছে। বৈয়াকরণ ব্র্যাড্লি বলেন, health, charity ই° হতে dishealth, discharity ই° বিশেষ্যপদ এবং god, love ও hero হতে disgod, dislove ও dishero ই° ক্রিয়াপদ উনবিংশ শতাব্দীর ইংরেজ লেখকের উদ্ভাবনী শক্তির ফল। মধুসূদন সম্ভবতঃ তাঁর "নির্বীরিবে" শব্দ নিষ্পাদনের আদর্শ dishero বা disheroed শব্দ হতে পাইয়াছিলেন। স্ত্রীং ~া-অবীরা; পতিপুত্রহীনা স্ত্রী।

নির্ব্বীর্য্য [নির্ (নাই) বীর্য্য (তেজ) যার, বহু°] বিণ. নিস্তেজ; বীর্য্যহীন; দুর্ব্বল।

নির্ব্বু(র্বু)দ্ধি [নির্ (নাই)+বুদ্ধি (বোধ) যার, বহু°] বিণ. যার বিশেষ জ্ঞান নাই; বুদ্ধিহীন; মূর্খ।

নির্ব্বৃতি, নির্বৃতি [নির্+বৃ+তি (ভা°)] বি. মুক্তি। ২ সুখ। ৩ সন্তোষ। ৪ শান্তি। ৫ সিদ্ধি। ৬ স্বস্থহীনতা। ৭ অভয়। ৮ মৃত্যু। ৯ অস্তগমন। ১০ বারাঙ্গনা। বিণ. নর্ব্বৃত।

নির্ব্বৃ(র্বৃ)ত্ত [নির্+বৃত্+ত (র্ম্ম)] বিণ. সম্পন্ন; সুসিদ্ধ। ২ [র্ত্তৃ ত] জাত; উৎপন্ন। ৩ [নির্ (নাই) বৃত্তি (জীবিকা) যার, বহু°] বিণ. বৃত্তিহীন; জীবিকাশূন্য। বি. ~ত্তি, [নির্-বৃত্+তি (ভা°)] সমাপ্তি।

নির্ব্বেদ, নির্বেদ [নির্+বিদ্+অ (ভা°)] বি. আত্মগ্লানি। ২ ঔদাসীন্য। ৩ বৈরাগ্য। ৪ অনুতাপ; পশ্চাত্তাপ। ৫ সংসারের অসারত্ব উপলব্ধি করিয়া যে বিরক্তি জন্মে [দ্রঃ-নির্ব্বেদ সঞ্চার হলে অশ্রুত্যাগ, বিবর্ণতা, দীর্ঘনিশ্বাস, দৈন্য ও চিন্তা জন্মে। বিচ্ছেদ, হিংসা, মহাদুঃখ অকার্য্যের করণ ও কর্ত্তব্যের অকরণ জন্য শোচনা, আর অপমান এই সমস্ত কারণে নির্ব্বেদের সঞ্চার হইয়া থাকে] ৬ বিণ. বেদবহির্ভূত।

নির্ব্বেদন, নির্বেদন [নির্ (নাই) বেদনা যার, বহু°] বিণ. বেদনাবিহীন; ব্যথাশূন্য। ২ ভোগ। ৩ বিবাহ। ৪ লাভ। ৫ মূর্চ্ছা।

নির্ব্বে(র্বে)ষ্টন [নির্ (নাই)+বেষ্টন যার, বহু°] বিণ. ঘেরা নয় এমন বেষ্টনবিহীন; আবরণরহিত।

নির্ব্বো(র্বো)ধ [নির্ (নাই) বোধ (জ্ঞান) যার, বহু°] বিণ. বোধশূন্য; অজ্ঞান; কর্ত্তব্যাকর্ত্তব্য বিচার-রহিত; মূর্খ।

নির্ব্যথন [নির্+ব্যথন] বিণ. ব্যথাহীন; বেদনাশূন্য। ২ অত্যন্ত পীড়ন। ৩ দুঃখ।

নির্ব্যলীক [নির্+ব্যলীক (দ্রঃ)] বিণ. নিরপরাধ; নির্দোষ। "দ্রৌপদীর এই ধর্ম্ম শ্লাঘ্য করুণান্বিত নি° সম এবং মহৎ বাক্যে অজ্জুনেবপ্রীতি জন্মিলা"-শ্রীমদ্ভাগবত।

নির্ব্যাজ [নির্ (নাই)+ব্যাজ (ছল) যার, বহু°] বিণ. ব্যাজহীন; ছলরহিত; অকপট; অব্যাজ।

নির্ব্যূঢ় [নির্+বি+উঢ় (বহ্+ত, র্ম্ম)। গ্রা° নিব্যূঢ়, নিব্বূঢ়] বিণ. বিনিশ্চিত; প্রমাণ দ্বারা নিণীত। ২ সমাপ্ত। ৩ সম্যক্।

নির্ভয় [নির্ (নাই)+ভয় (ভীতি, আশঙ্কা) যার, বহু°] বিণ. যে ভয় পায় না; যার শঙ্কা নাই; নির্ভীক; নিঃশঙ্ক; ভয়শূন্য; অভয়। "নির্ভয় হৃদয়ে কহ"-মেঘ°। ২ বি. শ্রেষ্ঠ অশ্ব। ক্রি-বিণ. নির্ভয়ে।

নির্ভর [নির্+ভৃ (ভরণে, পূরণে)+অ (র্ম্ম)] বিণ. পরিপূর্ণ। ২ অধিক; অতিরিক্ত। ৩ বি. আশ্রয়; ভর; অবলম্বন। ৪ ["নির্ভরং নির্ভরে সারে"-মেদিনী°] সার ভাগ। ৫ ভরসা। নি° করা-ক্রি. আস্থা স্থাপন-করা to depend. ২ ভার রাখা। নি° রাখা-ক্রি. আস্থা বা ভরসা রাখা। "পরমেশ্বরের প্রসাদে নির্ভর রাখিয়া"-বিদ্যা কল্পদ্রুম, ১৮৪৬।

নির্ভৎর্সন [নির্-ভৎর্স্ (নিন্দা করা)+অন (ভা°)] বি. ভৎর্সনা; তিরস্কার। ২ নিন্দা। বিণ. নির্ভৎর্সিত-নিন্দিত; তিরস্কৃত।

নির্ভাগ্য [নির্ (নাই)+ভাগ্য (=সৌভাগ্য) যার, বহু°] বিণ. দুর্ভাগ্য।

নির্ভিন্ন [নির্ (না)+ভিন্ন (ভেদপ্রাপ্ত)] বিণ. অভিন্ন; যুক্ত। ২ [নির্ (নিশ্চয়, সম্যক্)+ভিন্ন] পৃথক্কৃত; খণ্ডিত। ৩ প্রস্ফুটিত।

নির্ভীক [নির্ (নাই) ভী (ভয়) যার, বহু॰ সমাসে ক যোগ] বিণ, ভীতিহীন : ভয়শূন্য ; শঙ্কারহিত। ২ সাহসী। ~তা (-ক্-) বি, ভয়শূন্যতা। ~চিত্ত-বিণ, যার মনে ভয় নাই।

নির্ভুল [নির্ (নাই)+ভুল (দ্রঃ) যার বা যাতে, বহু॰] বিণ, ভ্রান্তিরহিত। ২ নির্দোষ ; ত্রুটিহীন। ৩ বিশুদ্ধ।

নির্ভৃতি [নির্ (নাই)+ভৃতি (কর্ম্ম-মূল্য) যার, বহু॰] বিণ, বিনা বেতন ; বেগার।

নির্ভেদ [নির্+ভেদ] বি, পৃথক্ করণ ; বিদারণ।

নির্ম্মক্ষিক [নির্ (অভাবার্থে)+ মক্ষিকা অব্যয়ী॰] বি, মক্ষিকার অভাব। ২ [নির্ (নাই) মক্ষিকা যেখানে, বহু॰] বিণ, মক্ষিকাশূন্য। ৩ [এমন স্থান যেখানে মনুষ্য কি মক্ষিকা পর্য্যন্ত নাই > লক্ষ॰] নির্জ্জন।

নির্ম্মঞ্ছন [নির্+মনছ্ (আরতি করা) +অন (ণে)] বি, যদ্দ্বারা দেবারাধনা করা হয় ; আরাত্রিক ; নীরাজনা ; আরতি ; আরাত্রিক দীপমালা, সজলপদ্ম, ধৌতবস্ত্র, বিল্বদল, সাষ্টাঙ্গ প্রণাম এই পঞ্চ দ্বারা আরাধনা ; শান্তিকর্ম্মবিঃ। ২ আরাধনার অর্ঘ্যোপহার। ৩ সেবা। ৪ মুঞ্ছন।

নির্মঞ্ছা, নির্ম্মঞ্ছানি [নির্ম্মঞ্ছন দ্রঃ। ব্রজ॰ কোমলরূপ-নিরমঞ্ছন। নির্ম্মঞ্ছি (নির্ম্মঞ্ছাই), নিরমঞ্ছ (নিরমঞ্ছাও), নির্ম্মঞ্ছায় ; নির্ম্মঞ্ছিতে ; নির্ম্মঞ্ছিয়া] ক্রি, নির্ম্মঞ্ছন করা। "বরু হাম জীবন তোহে নিরমঞ্ছব তব২ না সোঁপব অঙ্গ।"-গোবিন্দ॰। "কুণ্ডল পিঙ্ক্ষে চরণ নিরমঞ্ছল অব কিয়ে সাধসি মান।"-পদ॰।

নির্ম্মৎসর [নির্ (নাই)+মৎসর (গর্ব্ব) যার, বহু॰] বিণ, যার মৎসরতা নাই ; গর্ব্ব-রহিত ; মাৎসর্য্যশূন্য ; নিরহঙ্কার।

নির্ম্ম(র্ম)দ [নির্ (নাই) +মদ (মদজল, মত্ততা) যার, বহু॰] বি, মদজলক্ষরণ-রহিত হস্তী। ২ বিণ, মত্ততাশূন্য ; অপ্রমত্ত।

নির্ম্ম(র্ম)নুষ্য [নির্ (নাই)+ মনুষ্য (মানুষ) যেখানে, বহু॰] বিণ, মনুষ্যের বাসহীন ; মানুষের সমাগমহীন। ২ যে স্থানের নরনারী মরিয়া গিয়াছে ; মনুষ্যশূন্য। প্র- ম্যালেরিয়ায় গ্রামটি প্রায় নির্ম্মনুষ্য হইয়া গিয়াছে। ৩ [প্রাদে॰] যে মানুষের মধ্যেই নয় ; অমানুষ। ৪ অকর্ম্মণ্য।

নির্ম্মন্থ [নির্ (নিশ্চয়)+মন্থ্ (মন্থন করা)+অ (ভা॰)] বি, নির্ম্মন্থন। ~ন [নির্ +মন্থ্+অন (ভা॰)] বি, সম্যক্ প্রকারে মন্থন। ২ নিষ্পীড়ন ; নিঙ্গড়ন।

নির্ম্মন্থ্য [নির্+মন্থ্+য(র্ম্ম)] বি, অগ্নি উৎপাদনার্থ ঘৃষ্যমাণ মন্থনকাষ্ঠ।

নির্ম্মম [নির্ (নাই)+মম (আমার এই বুদ্ধি-মমতা) যার, বহু॰] বিণ, মমতাশূন্য ; আমার বলিয়া জ্ঞান যার নাই। ২ নিষ্ঠুর ; হৃদয়হীন ; নির্দ্দয়।

নির্ম্মল [নির্ (নাই)+মল (ময়লা) যাতে, বহু॰। পদ্যে-নিরমল] বিণ, স্বচ্ছ ; মলিনতা-শূন্য ; অনাবিল। প্র-নির্ম্মল জল। ২ শুভ্র। প্র-নির্ম্মল কান্তি। ৩ পরিষ্কৃত। প্র-নির্ম্মল আকাশ। ৪ অকপট ; সরল। প্র-নির্ম্মল অন্তঃকরণ। ৫ অকলঙ্ক ; নির্দ্দোষ। প্র-নির্ম্মল চরিত্র। ৬ পবিত্র ; পূত। প্র-নির্ম্মল হৃদয়। ৭ অভ্রক। ৮ নির্ম্মাল্য।

নির্ম্মলা [সং] বি, কতক বৃক্ষ ও তার ফল। ইহার বীজ দ্বারা জল নির্ম্মল করা হয় বলিয়া এই নাম the clearing nut.

নির্ম্মলী [সং-নির্ম্মলা] বি, জল পরিষ্কারক ফল ; নির্ম্মলা দ্রঃ ; কতক ফল। ২ কতক বৃক্ষ strychnos potatorum.

নির্ম্মা, নির্ম্মানি [নির্ম্মাণ (দ্রঃ) > বাং॰য় নির্ম্মাধাতু। নির্ম্মাই, নির্ম্মাও, নির্ম্মায় ; নির্ম্মাইতে (ক্ষে॰ নির্ম্মাতে) ; নির্ম্মাইয়া (ক্ষে॰ নির্ম্মিয়া, নির্ম্মায়ে) ই] ক্রি, নির্ম্মাণ করা ; গঠন করা।

নির্ম্মাংস [নির্ (নাই)+মাংস যার, বহু॰] বিণ, মাংস বিহীন।

নির্ম্মাণ [নির্+মা (পরিমাপে)+অন (ভা॰)] বি, গঠন ; প্রস্তুত করণ। ২ রচনা। ৩ গ্রন্থন।

নির্ম্মাতা [মূ॰ নির্ম্মাতৃ ১মা, ১ব॰] বিণ, গঠনকারী ; নির্ম্মাণকারক ; যে প্রস্তুত করে। ২ রচয়িতা। ৩ স্রষ্টা।

নির্ম্মাল্য [সং] বি, যে মাল্য দেবতাকে নিবেদন করিয়া দেওয়া হইয়াছে ; নিবেদিত পুষ্পমাল্য বা পুষ্পাদি। ২ উপভুক্ত ফুলের ভূষণ। ৩ দেবতার প্রসাদ। ৪ [নির্+মল+ য (স্বার্থে)] বিণ, নির্ম্মল। ~া-বি, নির্ম্মলী নামক জল পরিষ্কারক ফলবিঃ।

নির্ম্মিত [নির্+মা+ত (র্ম্ম)] বিণ, গঠিত ; রচিত।

নির্ম্মিতি [নির্+মা+তি (র্ম্ম)] বি, নির্ম্মাণ ; রচনা। "জিলাানিলা শূলপাণি, কহ জয়া সত্য বাণী, শালভঞ্জী কাহার [illegible]।"-কবিক॰।

নির্ম্মিৎসা [নির্+মা+স ইচ্ছার্থে= নির্ম্মিৎস+অ (ভা॰) + আ (স্ত্রীং)] বি, নির্ম্মাণেচ্ছা।

নির্ম্মুক্ত [নির্+ মুচ্+ত (র্ম্ম)] বি, যে সর্প নির্ম্মোক ত্যাগ করিয়াছে ; খোলসছাড়া সাপ। ২ বিণ, নিঃশেষে মুক্ত ; বিমুক্ত। ৩ পৃথগ্‌ভূত ; বিযুক্ত। ৪ নিঃসঙ্গ ; সঙ্গবর্জ্জিত। ৫ বন্ধনমুক্ত। ৬ বহির্গত। ৭ মুক্তিপ্রাপ্ত।

নির্ম্মুট [নির্+মুট+অ(র্ত্তৃ,আ॰)] বি যে সকল বৃক্ষে ফুল না হইয়া ফল হয় ; বনস্পতি। ২ যে হাটের খাজনা নাই ; নিষ্কর হাট।

নির্ম্মূল [নির্ (নাই)+মূল যার, বহু॰। পদ্যে-নিরমূল] বিণ, যার মূল ছিন্ন হইয়াছে ; ছিন্নমূল ; মূল হতে উৎপাটিত। ২ যা একেবারে বিনষ্ট হইয়াছে ; বিলুপ্ত ; সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত ; উচ্ছেদপ্রাপ্ত। "সমূলে নির্ম্মূল এর পরে"- মেঘ॰। ৩ অমূলক ; ভিত্তিহীন।

নির্ম্মূলন [নির্+মূল+অন (ভা॰)] বি, উন্মূলন ; মূল সহ উৎপাটন। ২ বিনাশ।

নির্ম্মোক [নির্+মুচ্ (ত্যাগে)+অ (র্ম্ম)] বি, সাপের খোলস। ২ সাঁজোয়া। ৩ আকাশ। ৪ [+অ (ভা॰)] মুক্তি।

নির্ম্মোচ্য [নির্+মুচ্ (মোচন করা)+ য (র্ম্ম)] বিণ, মোচনযোগ্য।

নির্ম্মোহ [নির্ (নাই)+মোহ যার, বহু॰] বিণ, মোহবর্জ্জিত।

নির্যপণ [বৈদিক॰] বি, শকটস্থিত ধান্য-রাশি হইতে ৪ মুষ্টি ধান্য কুলায় রাখা ও তারপর আহুতি দেওয়া।

ৃযুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), হীন যুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্য ঞ্চ=ন্চ ঞ্জ=ন্জ হ্ন=হ্ন হ্ম হ্ব হ্ল ... ও জ্ঞা॰ দ্রঃ

নির্যাণ [নির্+যা+অন] বি, পশুপৃষ্ঠের আসন ; পালান। ২ [+অন (ণে)] পশুর পদবন্ধন-রজ্জু। ৩ [+অন (ভা॰)] নিঃসরণ ; নির্গমন। ৪ প্রাণ-বায়ুর দেহ-পরিত্যাগ। ৫ মুক্তি ; মোক্ষ। ৬ হাতীর চখের কোণ।

নির্যাত [নির্+যা (গমন করা)+ত (র্তৃ)] বিণ, নির্গত।

নির্যাতক [নির্যাত+ক] বিণ, যে অনিষ্ট করে ; যে শক্রতার প্রতিশোধ গ্রহণ করে। ২ নির্য্যাতনকারী ; উৎপীড়নকারী। ৩ যন্ত্রণাদায়ক। স্ত্রীং নির্যাতিকা।

নির্যাতন [নির্+যাতি (যাতনা করা) +অন (ভা॰)] বি, প্রতিহিংসা। ২ পীড়ন ; নিগ্রহ। ৩ প্রহার। ৪ বধ ; হনন। বিণ, নির্য্যাতিত-অত্যাচারিত ; নিগৃহীত ; প্রপীড়িত। > স্ত্রীং ~া।

নির্যাম [সং] বি, নাবিক।

নির্যাস, নির্য্যাস [সং। "নির্য্যাসেঽপি কষায়োঽস্ত্রী"-অমর॰] বি, রস। ২ কাথ ; আঠা। ৩ সার ; নিগূঢ়। ৪ নিশ্চয়। "ঝষ্যমুখে মহৌষধ আছয়ে নির্যাস।"-কৃত্তি॰। ৫ ক্রি-বিণ, নিঃশেষে। "যদ্যপি করিল রস নির্য্যাস চর্ব্বণ"-চৈ॰ চ॰।

নির্য্যাণ [নিযাণ৪ দ্রঃ] বি, মৃত্যু ; নিধন। "চরণ প্রহারে কত সৈন্যের নি॰।"-মহা॰ (শ্রীকরণ॰)।

নির্লক্ষণ [নির্ (নাই) লক্ষণ (শুভ চিহ্ন) যার, বহু॰] বিণ, শুভলক্ষণ-শূন্য ; শুভচিহ্ন-রহিত ; অলক্ষণ।

নির্লজ্জ [প্রা॰ নিলজ্জ ; নিলজ্জ ; নিলজ্জি ; নিলাজ নিলজ্জো। নির্ (নাই) লজ্জা যার, বহু॰] বিণ, লজ্জাহীন ; বেহায়া।

নির্লিপ্ত [নির্ (নাই)+লিপ্ (লেপন করা)+ত (র্ম্ম)] বিণ, যে কোন বিষয়ে লিপ্ত নয় ; সম্বন্ধ-বিহীন ; সংস্রব-শূন্য। ২ নির্লেপ ; প্রলেপ-হীন। ৩ মুক্ত। স্বাধীন।

নির্লেখন [নির্+লি(লে)খন] বি, আঁচড়ান ; চাঁচিয়া পরিষ্কারকরণ ; ছোলা। প্র-জিহ্বা নির্লেখন : জিব ছোলা। ২ [+অন(ণে)] আঁচড়াইবার যন্ত্র ; জিবছোলা।

নির্লেপ [নির্ (নাই) লেপ (লেপন) যার, বহু॰] বিণ, লেপহীন ; লেপন-শূন্য। ২ নির্লিপ্ত। ৩ নিঃসম্পর্ক। ৪ স্বতন্ত্র।

নির্লোম [নির্ (নাই)+লোম যার, বহু॰] বিণ, লোম-শূন্য।

নির্হরণ [নির্ (নিঃশেষ)+হরণ] বি, নিঃশেষে হরণ। ২ নিষ্কাসন। ৩ সৎকারার্থ শব বহন ; গৃহ হতে শব বাহিরে আনয়ন। ৪ শবদাহ।

নির্হা/র [নির্+হার=হৃ (হরণ করা)+অ (ভা॰)] বি, বহিষ্করণ। ২ শল্যাদির উৎপাটন। ৩ শবাদি বহিষ্করণ। "আত্মীয় না থাকিলে, ক্ষত্রিয় দ্বারা তদভাবে বৈশ্যদ্বারা, তদভাবে শূদ্রের দ্বারা শব নি॰ করিতে পারে।" -মনু॰ ১০৪। ৪ শবদাহ। ৫ অগ্নিদাহ। ৬ মল মূত্রাদি ত্যাগ। ৭ যথেষ্ট বিনিয়োগ। ~রক [+অক (র্তৃ)] বিণ, যে ব্যক্তি শব গৃহ হতে বাহিরে লইয়া যায় ; নির্হরণকারক। ~রী [মূ॰ নির্হারিন্ >] বিণ, নির্হরণকারী। ২ বি, দূরগামী গন্ধ।

নির্হ্রাস [নির্ (অতি)+হ্রাস] বি, অতিশয় হ্রাস।

নিল [নেওয়া দ্রঃ] ক্রি, লইয়া গেল। "পাখালিতে নিল সরোবরে।"-কবিক॰। ২ গ্রহণ করিল ; হরিল। "যার মন তার কাছে লোকে বলে নিলে নিলে। দেখা হলে জিজ্ঞাসিব, সে নিলে কি আমায় দিলে॥" "হোরে নিল বিধি কি দোষে।"-বাং-গান।

নিলজ [সং-নির্লজ্জ > নিলজ্জ > প্রা॰ বাং] বিণ, লজ্জাহীন ; বেহায়া। "ছাড়হ নি॰ কাহ্নাঞি হেন পাপ বাণী।"-শ্রী॰ কী॰। স্ত্রীং ~ী-লজ্জাহীনা। "এভহোঁ নিলজী রাহী ছাড় মোর আগে ল"-শ্রী॰ কী।

নিলয় [নি (মধ্যে) লয়=লী (লীন হওয়া) +অ (ধি)] বি, গৃহ। ২ বাসস্থান ; আবাস। ৩ নিঃশেষে লয় ; বিলয়। ৪ নিধান : আগার ; আশ্রয়। প্র-গুণের নিলয়।

নিলয়ন [নি-লী+অন (ধি)] বি, বাসস্থান। ২ [+অন (ভা॰)] লয়প্রাপ্তি ; লীন হওয়ার অবস্থা।

নিলাজ [নির্লজ্জ >] বিণ, লজ্জাহীন ; নির্লজ্জ ; বেহায়া। "কে থাকে অমন চেয়ে নি॰ কামুক"-প্রেম ও ফুল। "নিলাজ পরাণে না বান্ধে থির"-চণ্ডি॰।

নিলাম, নীলাম, লিলাম [পর্তু॰ leliam. > হিং নীলাম] বি, দেনার দায়ে প্রকাশ্যে বিক্রয়। বিণ, নিলামী-যা নিলাম করা হবে। ২ নিলামে ক্রীত। ৩ নিলাম করিবার মত ; নিলামে ক্রেয় বা বিক্রেয়। ~খরিদ-নিলামে ক্রেতাদিগের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিয়া ক্রয়। ~দার-যে নিলাম করে auctioneer. নি॰ ডাক-নিলামে যা উঠিয়াছে তা খরিদার্থ প্রতিযোগিতায় উত্তরোত্তর দর বাড়ান।

নিলীন [নি+লী (লীন হওয়া)+ত(র্তৃ)] বিণ, বিলীন ; সংলগ্ন ; মিলিত। ২ নিমগ্ন। ৩ অবস্থিত।

নিল্লয় [নির্ণয় > প্রা॰ উচ্চারণ নিন্নয়, নিন্নঅ, নিল্ল'য়, নিল্লয়] বি, নির্ণয় ; নির্দ্ধারণ। "পণগণ দান আদি নি॰ হইল"-ভাগবত (রাধাকৃষ্ণদাস)। "নিল্লয় না জানি"-শূ॰ পু॰।

নিশঙ্ক-নিঃশঙ্ক দ্রঃ।

নিশপিশ, নিশ্‌পিশ্ [ইশপিশ, উষিপিষি দ্রঃ] অ, অস্থিরতা প্রকাশক ; চাঞ্চল্য জ্ঞাপক ; কণ্ডূয়নের ভাব প্রকাশক। নিশ্‌পিশ্ করা-চুলকান ; চঞ্চল হওয়া ; অস্থির হওয়া। "হাত করে নিশ্‌পিশ্, মাঝে রেখে পোষ্টাপিশ, ছাড় শুধু দশ বিশ শব্দ ভেদী ফাঁকি।"-রবী॰।

নিশমন, নিশামন [নি-শম্ (নিজন্ত-শ্রবণে, দর্শনে)+অন্ (ভা॰)] বি, শ্রবণ। ২ দর্শন।

নিশা [সং।] বি, রজনী ; রাত্রি। "সূর্য্য অস্ত গেল হৈল ভয়প্রদা নিশা"-শি॰। ২ [জ্যো॰] মেষাদি রাশি ৩[বৈদ্যকে] হরিদ্রা। ৪ শেষ ; অবসান [বিরল]। ~কর [নিশা (রাত্রিতে)+কর (কিরণ) যার, বহু॰] বি, রজনীকর ; চন্দ্র। ~কাল-বি, রাত্রিকাল। ~গম-বি, রজনী সমাগম ; রাত্রির আবির্ভাব। > ক্রি-বিণ, ~গমে-রাত্রি হ'লে। ~চর [নিশা (রাত্রিতে)+চর (যে বিচরণ করে), ৭তৎ] বি, রাক্ষস। ২ পিশাচ। ৩ চোর। ৪ পেচক। ৫ শ্বাপদ। ৬ বিণ,

রাত্রিচর। > স্ত্রীং ~চরী-রাক্ষসী। ২ পিশাচী। ৩ রাত্রিতে বিচরণকারিণী ; অভিসারিকা। ~জল-নিশিজল দ্রঃ। ~ট [নিশা (রাত্রিতে) + অট্ (যে গমনাগমন করে) + অ (র্ত্তৃ)] বি, রাত্রিচর ; নিশাচর। ~ত [নি + নাশ=শো (তীক্ষ্ণ করা) + ত (র্ম্ম)] বিণ, তীক্ষ্ণীকৃত ; শাণিত। ~ত্যয় [নিশার (রাত্রির) অত্যয় (অবসান), ৬তৎ] বি, রাত্রির অবসান ; প্রভাত। ~দ [নি-শাদ=শদ্ (পতিত হওয়া) + অ (র্ত্তৃ)] বি, চণ্ডাল ; নিষাদ। ২ [নিশা (রাত্রিতে) অদ (যে ভোজন করে)] বিণ, নিশাভোজী। > স্ত্রীং ~দী-চণ্ডালী। ~নাথ [৬তৎ] বি, চন্দ্র। ~পতি [নিশার পতি, ৬তৎ] বি, রজনীনাথ ; চন্দ্র। ২ কর্পূর। ৩ কোটাল ; কোতোয়াল। "হানে কোতোয়াল ভাঙ্গে করবাল দুঃখভাবে নিং।"-কবিকং। ~পুষ্প [নিশা (রাত্রিতে) পুষ্প্ (বিকসিত হওয়া) + অ (র্ত্তৃ)] বি, কুমুদ। ২ রজনীগন্ধা ফুল। ~বিহার [নিশাতে বিহার (বিচরণ) যার, বহুং] বি, রাক্ষস। ২ রজনীতে বিচরণ ; রাত্রিভ্রমণ। ~মন-নিশমন দ্রঃ। ~মণি [নিশার মণি (রত্ন), ৬তৎ] বি, চন্দ্র। ২ কর্পূর। ~মান-বি, রাত্রির পরিমাণ ; রাত্রিমান। ~মুখ [নিশার মুখ (প্রথম), ৬তৎ] বি, প্রদোষ ; সন্ধ্যাকাল। ~রণ$_1$ [নি-শৃ + ণিচ=শারি (বধ করান) + অন (ভাং)] বি, বধ ; মারণ [প্রং অং]। ~রণ$_2$ [নিশাতে রণ (যুদ্ধ), ৭তৎ] বি, রাত্রিযুদ্ধ। "নিশারণে বধিনু তাহারে"-মেঘং। ~রত্ন [নিশার রত্ন (মণি), ৬তৎ] বি, চন্দ্র। ২ কর্পূর। ~র্দ্ধ [নিশা + অর্ধ] বি, অর্দ্ধরাত্রি ; মধ্যরাত্রি।

নিশান$_1$ [নি-শো (তীক্ষ্ণ করা) + অন (ভাং)] বি, শান দেওয়া ; তীক্ষ্ণীকরণ।

নিশান$_2$ [ফাং নিশান (চিহ্ন)] ধ্বজা ; পতাকা। "হাল পিছে একতক্কা কারে না করিহ শঙ্কা পট্টায় নিং ধর মোর।"-কবিকং। ২ চিহ্ন : নিদর্শন ; নিশানা। "রাখিল নিং কালু দিল চুণ ফোঁটা"-ঘং। ~দিহি-নিসান দ্রঃ।

নিশান$_3$ [ফাং নিশান। হিং নিসান (হিং শং সাগর)] বি, আনন্দ বাদ্যবিঃ ; ধামসা।

নিশান$_4$ [সং-নিস্বান (ধ্বনি) > ভং নিসান > বাং-উচ্চারণে নিশান] বি, ধ্বনি ; রব। "ঘরে সুই শুনি যবে বাঁশির নিং। গৃহ কাজ ভুলি প্রাণ করে আনচান॥"-চণ্ডিং।

নিশানা [ফাং নিশান] বি, দাগ : অঙ্ক ; চিহ্ন। "বিধি দিলে যদি বিরহ যাতনা। * * * প্রেম ফুরাইয়েছে রহিল কেবল প্রেমেরি নিং।"-বাং-গান। নাম নিশানা (নাম দ্রঃ)।

নিশানি [ফাং নিশানী] বি চিহ্ন পরিচয় ; অভিজ্ঞান। "রামকলার গাছ পুঁতে নিশানি থুইল।"-কবিকং।

নিশান্ত [নিশা(র) অন্ত (শেষ), ৬তৎ] বি, রাত্রিশেষ : প্রভাত।

নিশাস [নিশ্বাস > পদ্যে কোমলরূপ। ব্রজং নিশোয়াস ও] বি, নিঃশ্বাস। "কি কহব রে সখি ইহ দুখ ওর। বাঁশী নিশাস রহল তনু ভোর।"-বিং পং।

নিশাসেকে [এক নিঃশাস > নিশাস + এক + এ] ক্রি-বিণ, এক নিঃশ্বাসে ; শ্বাস ত্যাগ না করিয়া। "তিন পুখুরীর জল চাই গণ্ডূষেকে। সাত পুখুরীর জল চাই এক নিশাসেকে॥"-শিবের গান (রমাই পণ্ডিত) [দ্রঃ-এক এখানে অতিরিক্ত]।

নিশি$_1$, -শী [অর্দ্ধ নিশা বা নিশীথ কালে নিশি নামক ভূত নিদ্রিত ব্যক্তিকে ডাকিয়া লইয়া যায় এই বিশ্বাসে শব্দের উৎপত্তি] বি, কোন কোন ব্যক্তি গাঢ় নিদ্রাকালে শয্যা ত্যাগ করিয়া গৃহ হ'তে বাহির হয় ও নিদ্রাবস্থাতেই পথে পথে ঘুরিয়া বেড়ায় বা অন্যান্য কার্য্য করিয়া পুনরায় গৃহে ফিরিয়া আসিয়া স্বীয় শয্যায় শয়ন করে। ইহা এক প্রকার ব্যাধি somnambulism.

নিশি$_2$ [সং-নিশা > তুলং-দিবস > দিশি-"নিশিদিশি"। সং-তে নিশা শব্দ ব্যাকরণের সূত্রে নিশ্ শব্দে রূপান্তরিত হ'য়ে ৭মীর ১বচনে নিশি হয়। তখন অর্থ হয় রাত্রিতে। এই অর্থে প্রাংবাং-য় বিরল। আধুং বাং-য় অপ্রং] বি, রাত্রি ; নিশা ; রজনী। "পাতায় পাতায় পড়ে নিশির শিশির"-মং মোং তং। ২ ক্রি-বিণ, রাত্রিতে। "আজি দেখিলাম নিশি ভীষণ স্বপন।"-কবিকং। ৩ বিণ, নৈশ। প্র-নিশি বিদ্যালয় night school ~দিন-অ, রাত্রিদিন ; দিবারাত্রি ; অহরহঃ ; সর্ব্বদা ; অনুক্ষণ। "নিশিদিন অবিরত জাগিছে"-জ্ঞানং। ~দিন ধরে [ধরিয়া > কথং ধরে] ক্রি-বিণ, অনুক্ষণ। "নিশিদিন ধরে একি ছেলে খেলা"-রবীং। ~দিনমান-অ, সারা দিন রাত। "নিশিদিনমান চাপা যে পাষাণ পেষণে পরাণ যায়"। ~দিশি [নিশা > নিশি, দিবসি (দিবসে) > দিসি > (নিশির সহিত অনুপ্রাসার্থে) দিশি] অ, রাতদিন ; দিবানিশি (দিবা দ্রঃ)। ~জল [নিশি > নিশি (নিশিতে পতিত যে) জল, মং পং লোং] বি, হিম ; শিশির ; নিশাজল। ২ প্রাতে শৌচাদির পর নাসিকারন্ধ্র দ্বারা যে জল পান করা হয় ; নাসাপান। ৩ রাত্রিতে মুক্ত স্থানে উন্মুক্ত আধারে রক্ষিত পানীয় জল। ~ভোরে-ক্রি-বিণ, রাত্রি প্রভাত হইলে ; ভোর বেলায়।

নিশিত [নি + শো (তীক্ষ্ণ করা) + ত (র্ম্ম)] বিণ, শাণিত ; তীক্ষ্ণীকৃত। "জয় জয় হর রঙ্গিয়া। করবিলসিত নিং পরশু অভয় বর কুরঙ্গিয়া॥"-অং মং।

নিশিপালক [সং] বি, পঞ্চদশাক্ষর ছন্দোবিঃ। ২ রাত্রিতে যারা চৌরাদি হ'তে ধন রক্ষা করে ; নগররক্ষক ; প্রহরীবিঃ ; যারা রাত্রিতে পাহারা দেয়।

নিশিপালন [নিশি (রাত্রিজাগরণরূপ ব্রত) + পালন] বি, ব্রতাদিতে রাত্রিজাগরণ। ২ অমা ও পূর্ণিমা তিথিতে সঙ্কল্পানুসারে রাত্রিতে অন্নাদি ভোজন না করা।

নিশিপুষ্পা [সং] বি, শেফালিকা।

নিশিবোঁ [প্রাং বাং। সং-নির্মঞ্ছন > হিং নিছাবর, নেউছাবর > নিছাবর > বিকারে। ছ=শ] ক্রি, নির্মঞ্ছন করিব ; উৎসর্গ করিব। "দাসী হঞা তার পাএ নিশিবোঁ আপনা।"-শ্রীং কীং।

নিশী-নিশি$_1$ দ্রঃ। ~থ [সং] বি, অর্দ্ধরাত্র। ২ গভীর রাত্রি ; রাত্রি [এই অর্থে প্রাং নিশিত, নিশুতি ওং]। ~থিনী [নিশীথ + ইন=নিশীথিন্ + ঈ (স্ত্রীং)] বি, রজনী ; রাত্রি। ২ [নিশীথ অর্থে] অর্দ্ধরাত্রি ; গভীর

রাত্রি midnight. ৩ বিণ, নিশীথযুক্তো ; গভীর, নিস্তব্ধ ও প্রসুপ্ত। "রজনী নিশীথিনী, তৃতীয় যাম।"-ভারতী, ১৩১৯। ~শ্বর [নিশী (র)+ঈশ্বর, ৬তৎ] বি, নগরপাল ; কোটাল। "নিশাকালে নিশীশ্বর দেখেন নগর। পুরের নির্ম্মাণ দেখি চিন্তিত অন্তর॥" -কবিক°।

নিশুতি [সং-নিষুপ্ত > ভ্রং > নিষুত > নিশুতি] বিণ, নিদ্রিত। "রাত ঝাঁ ঝাঁ কচ্ছে, গ্রামের লোক নিশুতি"-জামাই-বারিক। ২ নিশীথ অর্থে গ্রা° প্রয়োগ।

নিশুম্ভ [পুং] বি, শুম্ভ দৈত্যের কনিষ্ঠ ভ্রাতা। ~মর্দ্দিনী, ~মথনী [দেবী পু°] বি, দুর্গা।

নিশুম্ভী [সং] বি, বুদ্ধবিঃ।

নিশোয়াস [সং-নিঃশ্বাস > কোমল-রূপ। ব্রজ°] বি, নিঃশ্বাস। "সমুখে না যায় সঘনে নি°। হাস কিরণ ভেল দশন বিকাশ।" -বি° প°।

নিশ্চয়₁ [নিঃ+চয় (সমাহৃতি, সংগ্রহ)। গ্রা° নিচ্চয়, নিচয়] বি, নিঃসন্দেহ জ্ঞান ; অসংশয়। ২ নির্ণয় : নির্দ্ধারণ। ৩ সিদ্ধান্ত ; মীমাংসা। ৪ বিণ, সংশয়রহিত ; নিঃসন্দেহ। ৫ স্থির। প্র-নিশ্চয় বাক্য। ৬ ক্রি-বিণ, সত্য সত্য ; নিশ্চয় করিয়া : নিঃসন্দেহে। ~তা (-য়ঁ-) বি, অসংশয়তা ; সন্দেহরাহিত্য। ক্রি, নিশ্চয়া [নামধাতু, নিশ্চয়ি, নিশ্চয়, নিশ্চয়ে ; নিশ্চয়িতে ; নিশ্চয়িয়া ই°] নিশ্চয় করা > বি, নিশ্চয়ন। নিশ্চয়িতে [নিশ্চয়(ব্রঃ)+ইতে (ক্রি, বিভক্তি)] অস-ক্রি, নিশ্চয় করিতে ; নির্ণয় করিতে। "চন্দ্রের আলোক অতি অপূর্ব্ব দেখিতে দিবানিশি একে কেহ নারে নি°।" -চৈ° ভা°। নিশ্চয়িল-নিশ্চয় করিল। ২ নিঃসন্দেহ করিল।

নিশ্চয়₂-বি, কাব্যের অর্থালঙ্কারবিঃ Rhetorical certainty. উপমানের প্রতিষেধ করিয়া প্রকৃত বস্তু অর্থাৎ উপমেয়ের স্থাপন করা হইলে নি° অলঙ্কার হয়। "আমি নারী, হর নই, শুনরে মদন, বিনা অপরাধে, কেন বধরে জীবন ; এ যে বেণী, ফণী নয়, নহে জটাজট, কণ্ঠে নীলকান্ত আভা নহে কালকূট, কপালে চন্দন বিন্দু, সিন্দূর দেখিয়ে ভ্রমেতে ভেবেছ স্মর ! শশী হুতাশন॥"-রাম বসু। এখানে মদনরিপু শিবের বেশভূষাদি উপমানকে গোপন করিয়া স্বীয় প্রকৃত অবস্থাকে উপমেয়-রূপে সংস্থাপিত করা হইয়াছে।

নিশ্চল₁ [নির্ (না) চল (যে চলে)] বিণ, যে চলেনা ; অচল। ২ স্থির। স্ত্রীং ~া-পৃথিবী। ২ বিণ, স্থিরা।

নিশ্চল₂ [নির্ (না)+চল > অচল অর্থাৎ অটল-স্থির-ধ্রুব। মতান্তরে-নিশ্চয় শব্দের ধ্বনি সাদৃশ্য এবং অন্ত্যানুপ্রাস হেতু] বিণ, স্থির ; নিশ্চয়। "চণ্ডালভাণ্ডেতে যদি থাকে গঙ্গাজল। তথাপি পবিত্র বড় জানিয় নি°॥"-দুর্গামঙ্গল (রূপনারায়ণ)। ২ সঠিক ; যথার্থ ; স্থির ; অচঞ্চল। "নি° বোলহ লাগ পাইব কেন মর্ত্তে॥" -শ্রী° কী°। "তোহ্মাক চিত্তে রাধা নি° মনে"-শ্রী° কী°।

নিশ্চলাঙ্গ [নিশ্চল (স্পন্দনহীন)+অঙ্গ (অবয়ব) যার, বহু°] বিণ, যার অঙ্গ নিশ্চল হইয়াছে ; নিস্পন্দ। ২ [মৎস্য ধরিবার জন্য নিশ্চলভাবে থাকে বলিয়া] বি, বকপাখী।

নিশ্চায়ক [নির্-চি+অক (র্ত্তৃ)] বিণ, নির্ণায়ক ; নির্দ্ধারক। ২ নিশ্চয়কারক।

নিশ্চিত [নির্-চি+ত (র্ম্ম)। গ্রা° নিচ্চিত] বিণ, নিঃসন্দিগ্ধ ; নির্ণীত। ২ [র্ত্তৃ] নিশ্চয়বান্। ৩ ক্রি-বিণ, নিশ্চয়রূপে।

নিশ্চিন্ত [গ্রা° নিশ্চিন্দি, নিচ্চিন্দি। নির্ (নাই) চিন্তা যার, বহু°] বিণ, চিন্তা-রহিত ; ভাবনাহীন ; নির্ভাবনা। ২ শান্ত। ক্রি-বিণ, ~ভাবে, নিশ্চিন্তে-শান্ত-চিত্তে ; নির্ভাবনায়।

নিশ্চেষ্ট [নির্ (নাই) চেষ্টা (যত্ন) যার, বহু°] বিণ, চেষ্টারহিত। ২ গতি শক্তি রহিত। ৩ অবসন্ন। ৪ অলস। ~তা-বি, জড়ের স্থিতিপ্রবণতা ; যে ধর্ম্ম হেতু জড়পদার্থ স্বয়ং চলিতে পারে না ও চালাইলে স্বয়ং স্থির হ'তে পারে না ; জাড্য inertia.

নিশ্চিন্দি [নিশ্চিন্ত (ব্রঃ) >। গ্রা°, রূপভেদে "নিচ্চিন্দি"] বিণ, নিশ্চিন্ত। ~পুর [গ্রা°। সং-নিশ্চিন্তপুরী >। মেয়েলি° নিচ্চিন্দিপুর] বি, যমালয় ; যমের বাড়ী।

নিশ্ছিদ্র [নিঃ+ছিদ্র। গ্রা° নিচ্ছিদ্দির] বিণ, ছিদ্র বা রন্ধ্র হীন। ২ নির্দ্দোষ ; ত্রুটিহীন।

নিশ্বসন [নি+শ্বস্ (শ্বাস ত্যাগ)+অন (ভা°)] বি, নিশ্বাস ত্যাগকরণ ও গ্রহণ।

নিশ্বসিত [নি-শ্বস্+ত (র্ত্তৃ)] বিণ, যে নিশ্বাস ত্যাগ করিয়াছে। ২ [+ত (ভা°)] বি, নিশ্বাস breath.

নিশ্বাস [নি+শ্বস্+অ (ভা°)] বি, নাসাগত বায়ু। "আশ্রমে নি° ছাড়ি চলিলেন ব্যাস"-অ° ম°। ~প্রশ্বাস [দ্বন্দ্ব] বি, নাসাগত ও নাসাত্যক্ত বায়ু respiration.

নিষ [সং-নিষঙ্গ > প্রা° বাং] বি, বাণাধার ; তূণ। "ধুক্তহস্তে দৃঢ় কৈল নিষ"-মহা° (বিশারদ)-ব° সা° পরিচয়।

নিষক্ত [নি-সনজ্ (সংযুক্ত করা, হওয়া) +ত (র্ত্তৃ)] বিণ, সংলগ্ন।

নিষঙ্গ [নি-সনজ্ (আসক্ত হওয়া)+অ (ধি)] বি, তূণীর ; বাণাধার। "নিষঙ্গের সঙ্গে পৃষ্ঠে দুলিছে ফলক।"-মেঘ°। ২ [+অ (ভা°)] সঙ্গ : সংসর্গ। ~ী (-ষ-) [নিষঙ্গ+ইন (স্ত্য°) =নিষঙ্গিন্ ১মা, ১ব°] বিণ, তূণীরধারী। ~ীন (-ষ-) [নিষঙ্গ+ঈন (স্ত্য°)] বিণ, ধনুর্দ্ধারী।

নিষণ্ণ [নি+ষণ্ণ=সদ্ (অবস্থান করা)+ত (র্ত্তৃ)। দ্-ত্=ণ্ণ] বিণ, উপবিষ্ট। ২ শয়িত। "পরক্ষণে মহা অপরাধী প্রায় পড়ে থাক তটতলে স্তব্ধ হয়ে বিষণ্ণ ব্যথায় নি° নিশ্চল" -রবী°। স্ত্রীং ~া-উপবিষ্টা।

নিষদ [সং] বি, নিষাদস্বর ; নিখাদ।

নিষদ্যা ["আপণস্তু নিষদ্যায়াং বিপণিঃ পণ্যবীথিকা"-অমর°] বি, দোকান ; হাট-বাজার ; ক্রয় বিক্রয় স্থান।

নিষধ₁ [সং] বি, দেশবিঃ ; সৌবীর রাজ্যের উত্তরস্থ দেশবিঃ। ২ ইলাবৃত ও হরিবর্ষের সীমাস্থিত পর্ব্বতবিঃ। ৩ সূর্য্যবংশীয় রাজা অতিথির পুত্র। ৪ নিষধদেশীয় লোক। ৫ [দ=ধ] নিষাদ-স্বর ; নিখাদ।

নিষধ₂, নিষধর্ত্ত [নিষেধ ব্রঃ। প্রা°

বাং পদ্যে] ক্রি, ম° পু°, নিষেধ কর ; বারণ কর। `নিষিধিতেঁ-নিষেধ করিতে। নিষিধিলঁ-নিষেধ করিল। নিষেধি এ-নিষেধ করি। "বারে বারে যে কাম নিষেধিএ আন্ধ।"-শ্রী° কী°। "নিষধ কাহ্নাঞি কে" -ঐ। "নিষধহ শ্রীমধুসূদন"-ঐ।

নিষাদ [সং] বি. চণ্ডাল। ২ জালিক ; ধীবর ; মৎস্যজীবী। ৩ কিরাত ; ব্যাধ। "যবে খরতর শরে গহন কাননে ক্রৌঞ্চবধূ সহ ক্রৌঞ্চে নি° বিঁধিল।"-মেঘ°। ৪ সঙ্গীতে সপ্ত স্বরের সপ্তমস্বর। হস্তীর স্বর তুল্য স্বর (বৃংহিত) >। প্রা° নিখাদ। স্বরগ্রামের সর্ব্বোচ্চ স্বর। ক্ষে° 'নি'। স্ত্রী° ~ী-চণ্ডালী। ২ কিরাতী।

নিষাদী [নি-সদ্ + ইন (র্ত্ত)=নিষাদিন্-১মা, ১ব°] হস্তিচালক ; মাহুত। ২ হস্ত্যারোহী ; হাতী সওয়ার।

নিষিক্ত [নি + সিক্ত=সিচ্ (জল সেচন করা) + ত (র্ম্ম)] বিণ. সিক্ত : সিঞ্চিত। ২ যা চুয়াইয়া পড়ে ; ক্ষরিত ; নিঃসৃত।

নিষিদ্ধ [নি + সিদ্ধ=সিধ্ (বারণ করা) + ত (র্ম্ম)] বিণ. নিবারিত। ২ বাধিত। ৩ পরিহার্য্য। ৪ [পারি°। Hindi Scientific Glossary. পলিনেশিয় (Polynesian) প্রভৃতি দ্বীপবাসীদের প্রথা হ'তে] কোন ব্যক্তি বা বস্তু অস্পৃশ্য বা পবিত্রবোধে সর্ব্বসম্মতিক্রমে প্রতিষিদ্ধ : কৃতপরিহার taboo.

নিষূদন, নিসূদন [নি + সূদন=সূদ্ (বধ করা) + অন (ভা°)] বি. বধ : বিনাশ. হত্যা। ২ প্রতিষেধ : নিবারণ। ৩ বিণ. বিনাশক ; ঘাতক। ৪ নিবারক।

নিষুপ্ত [নি + সুপ্ত=স্বপ্ (নিদ্রিত হওয়া) + ত (র্ম্ম)] বিণ. নিদ্রিত। "নি° পূর্ণিমা রাতে নির্জ্জন গগনে।"-রবী°।

নিষেক [নি + ষেক=সিচ্ (জল সেক করা) + অ (ভা°)] বি. সেচন : সিঞ্চন। ২ বর্ষণ। ৩ ক্ষরণ ; নিঃস্রাব। ৪ গর্ভাধান।

নিষেধ [নি + ষেধ=সিধ্ (নিবারণ করা) + অ (ভা°)। প্রা° বিকারে-নিষধ] বি. নিবারণ ; প্রতিষেধ। ২ তিরস্কার [অপ্র°]। ৩ বাধা। ৪ বিপরীত আদেশ। ৫ [+ অ (বে)] অনিষ্টসাধনতাবোধক বেদাদি বাক্যবি°। ক্রি, ~া [নিষেধি, নিষেধ (প্রা° বাং-নিষেধহ), নিষেধে ; নিষেধিতেঁ ; নিষেধিয়া (ক্ষে° পদ্যে) -নিষেধি)] নিষেধ করা ; বারণ করা। ~ক (-র্ত্ত) [নি-সিধ্ + অক (র্ত্ত)] বিণ, নিবারক ; প্রতিষেধ কর্ত্তা। ~্য [নি-সিধ্ + য (র্ম্ম)] বিণ, নিষেধ করিবার যোগ্য ; নিবার্য্য, বারণ করিবার উপযুক্ত। ~ন (র্ত্ত) বি, নিবারণ ; মানা। বিণ, নিষিদ্ধ, ৺নিষেধিত্তঁ।

নিষেধার্বর্ত্তন [ত: বি: পরি:] বি, "ব্যাবর্ত্তনপূর্ব্বক আবর্ত্তন, আবর্ত্তনপূর্ব্বক ব্যাবর্ত্তন এই দুই প্রকারের মিশ্র নিরপেক্ষানুমান"; যে বাক্যটী হ'তে অনুমান করা হয় সেই বাক্যের উদ্দেশ্য এবং বিধেয় পদের বিরুদ্ধ-পদ যথাক্রমে অনুমিত বাক্যের বিধেয় এবং উদ্দেশ্য হওয়া (যথা-সকল মানুষ মর, ∴ কোন অমর মানুষ নহে। সকল মানুষ মর, ∴ কোন কোন মর অমানুষ নহে" conversion by negation

নিষেবণ [নি + সেবণ=সেব্ (সেবা করা) + অন (ভা°)] বি. সেবা ; পরিচর্য্যা ; শুশ্রূষা। ২ আরাধন। বিণ, নিষেবিত্ত [+ ত (র্ম্ম)] বিণ, সেবিত। ২ আরাধিত ; উপাসিত।

নিষ্ক [সং] বি, সুবর্ণ। ২ সুবর্ণ অলঙ্কার [প্র° অ°]। ৩ সুবর্ণ পরিমাণ ; চারি মাষা। ৪ ১০৮ মাষা সুবর্ণ পরিমাণ। ৫ সুবর্ণমুদ্রা ; মোহর। "মহাত্মা রন্তিদেব অতি বিস্তীর্ণ সভামধ্যে ব্রাহ্মণগণকে নিষ্ক প্রদান করিতেন সভামধ্যে তোমাকে শত নিষ্ক প্রদান করা যাইতেছে গ্রহণ কর। এই কথা বলিলে * * *" -মহা° (বর্দ্ধ°)। ৬ দীনার মুদ্রা ; ৩২ রতি পরিমাণ মুদ্রা। ৭ [বৈদিক] স্ত্রীলোকদের সুবর্ণ নির্ম্মিত কণ্ঠাভরণবি°। "নিষ্কে হেমবতী, কুম্ভে, করিব তোমার গ্রীবা"-জাতক, ৫ম খণ্ড। মোহর মালা, রৌপ্য মুদ্রার মালা। ৮ ৩২০ রতি পরিমিত স্বর্ণ।

নিষ্কণ্টক [নির্ (নাই) + কণ্টক যাতে, ব২°] বিণ, কণ্টকবিহীন ; কণ্টকরহিত। ২ বিঘ্নরহিত। ৩ শত্রুশূন্য। ৪ নিরাপদ।

নিষ্কম্প [নির্ (নাই) কম্প যার, ব২°] বি. কম্পহীন ; অকম্পিত। ২ স্থির ; নিশ্চল।

নিষ্কর [নির্ (নাই) + কর (রাজস্ব) যার, ব২°] বি, যে জমির কর নাই ; রাজস্বহীন, লাখরাজ ; নিষ্কর।

নিষ্করুণ [নির্ (নাই) + করুণ (করুণা) যার, ব২°] বিণ, নিষ্ঠুর ; নির্দ্দয় ; অকরুণ। "কৃষ্ণ কৃষ্ণ করি আমি ডেকে মরি কৃষ্ণ অতি নি°।"-বাং-গান।

নিষ্কর্ম্মা [নির্ (নাই) + কর্ম্মন্ (কার্য্য) যার, ব২°] বিণ, কর্ম্মবিহীন। ২ অলস।

নিষ্কর্ষ [নির্ + কর্ষ=কৃষ্ (কর্ষণ করা) + অ (ভা°)] বি. সার। ২ বহিষ্কর্ষণ ; নিঃসারণ। ৩ নিশ্চয়।

নিষ্কর্ষণ [নির্ + কর্ষণ-কৃষ্ + অন (ভা°)] বি নিষ্কাসন : নিষ্কড়ন। ২ বহিষ্করণ ; নিঃসারণ। ৩ সার উদ্ধাবণ। ৪ উদ্ধারণ। ৫ অপনোদন ; অপনয়ন।

নিষ্কল [নির্ (নাই) + কলা (অংশ) যার, ব২°] বিণ, নিরংশ। ২ বন্ধ্যা। ৩ বৃদ্ধ। স্ত্রী° ~া, ~ী-নিবৃত্তরজস্কা স্ত্রী। ২ পরব্রহ্ম। "জয় মহিমোজ্জ্বল নি° নির্ম্মল সকল সুমঙ্গল কল্পতরো।"-বাং-গান।

নিষ্কলঙ্ক [নির্ (নাই) কলঙ্ক যার বা যাতে] বিণ, কলঙ্কহীন ; বেদাগ। ২ নির্ম্মল। ৩ পবিত্র।

নিষ্কলুষ [নিঃ + কলুষ] বিণ, অকলঙ্ক ; নির্দ্দোষ।

নিষ্কাম [নির্ (নাই) + কাম (বাসনা)] যার, ব২°] বিণ, বাসনাবিহীন ; কামনারহিত ; নিস্পৃহ ; বিষয়ভোগেচ্ছাশূন্য। ~ধর্ম্ম-ফল কামনা না করিয়া শুদ্ধ ভগবৎ প্রীত্যর্থে বা কর্ত্তব্য বোধে পালিত ধর্ম্ম।

নিষ্কা/শ [নির্-কশ্ (গমন করা) + অ (ভা°)] বি, নিষ্কাশন। ২ বহির্দ্বারস্থ মণ্ডপ। ৩ বারাণ্ডা। ~শন, নিষ্কাসন (-শ°, -স°) [নির্-কশ-কস্ + ণিচ্=কাশি, কাসি (গমন করা) + অন (ভা°)] বি. নিঃসারণ। ২ বহিষ্করণ। ~শিত, ~সিত (নির্-কশ্, কস্ + ণিচ্=কাশি-কাসি (গমন

করা)+ত (র্ম্ম)] বিণ, বহিষ্কৃত; দূরীকৃত; ২ বিতাড়িত। নির্ব্বাসিত। ৩ নিঃসারিত।

নিষ্কুট [সং] বি, অবরোধ; অন্তঃপুর। ২ কপাট। ৩ আবাস-সংলগ্ন উদ্যান।

নিষ্কুল [নির্ (নাই) কুল (সপিণ্ডাদি) যার, বহুং০] বিণ, কুলরহিত; সপিণ্ডবিহীন; নির্ব্বংশ। ২ [কুল=অঙ্গ, প্রত্যঙ্গ] নিরবয়ব।

নিষ্কুষিত [সং] বিণ, নিঃসারিত; বহিষ্কৃত। ২ চর্ম্মহীনীকৃত; যার চামড়া ছাড়াইয়া লওয়া হইয়াছে।

নিষ্কৃতি [নির্-কৃ (করা)+তি (ণে)] বি, মুক্তি; অব্যাহতি; পরিত্রাণের উপায়; নিস্তার। "দক্ষরাজ পায় লাজ আর নাহি নি০।"-অ০ ম০। বিণ, নিষ্কৃত-মুক্ত।

নিষ্কৃষ্ট [নির্-কৃষ্ট=কৃষ্+ত (র্ম্ম)] বিণ, যাকে বা যার নিষ্কর্ষণ করা হইয়াছে।

নিষ্কেশ [নির্ (নাই) কেশ যার, বহুং০] বিণ, কেশহীন। "নিষ্কেশ হইল রাবণের দশমুণ্ড॥"-কৃত্তি০।

নিষ্কোষণ [নির্-কুষ্ (বাহির করা)+অন (ভা০)] বি, কোষমুক্ত করণ। ২ বাহির করণ; বহির্নিঃসারণ।

নিষ্ক্রম [নির্-ক্রম্ (গমন করা)+অ (ভা০)] বি, নির্গমন; বহির্গমন। ২ সূতিকাগৃহ হতে নিষ্ক্রমণ রূপ সংস্কার।

নিষ্ক্রমণ [নির্-ক্রম্ (গমন করা)+অন (ভা০)] বি, বহির্গমন। ২ চতুর্থ মাসে কর্ত্তব্য বালকের গৃহ-নির্গমণরূপ সংস্কার।

নিষ্ক্রয় [নির্-ক্রী (ক্রয় করা)+অ (ণে)] বি, মূল্য; যদ্দ্বারা দ্রব্য ক্রয় করা যায়। ২ বিনিময়। ৩ বিক্রয়। ৪ বেতন। ৫ ভাড়া। ৬ নিষ্ক্রমণ; নির্গমন।

নিষ্ক্রান্ত [নির্-ক্রম্+ত (র্ম্ম)] বিণ, বহির্গত। প্র-তিনি গৃহ হতে নিষ্ক্রান্ত হইলেন।

নিষ্ক্রিয় [নির্ (নাই) ক্রিয়া (কার্য্য) যার, বহুং০] বিণ, ক্রিয়াহীন; কর্ম্মরহিত। ২ নিষ্কর্ম্মা; যার হাতে কোন কাজ নাই। ৩ ক্রিয়াদি ব্যাপারশূন্য ঈশ্বর। "জয় শান্তকালিয় রাধিকাপ্রিয় নিত্যনিষ্ক্রিয় মোচন।"-অ০ ম০। ৪ জড়।

নিষ্কাথ [নির্-কথ্ (পাক দ্বারা কাথ বাহির করা)+অ (র্ম্ম)] বি, মাংসাদির কাথ; যূষ; ঝোল।

নিষ্কাস [বৈদিক] বি, যজ্ঞীয় পাত্র-লগ্ন হবিঃ শেষ।

নিষ্কূজ [নির্ (নাই) কূজ (অব্যক্ত শব্দ)] বিণ, নিস্তব্ধ। ~স্তিমিত-বিণ, নিস্তব্ধ ও নিশ্চল। "কোথা কীচকবন পেচক-শব্দিত, নিষ্কূজ-স্তিমিত কোথা সুগভীর বন।"-বি০ মজুমদার (দণ্ডকারণ্য)।

নিষ্ঠ [নি (নিশ্চিত ভাবে) স্থা (অবস্থিতি করা)+অ (র্ত্তৃ)]+বিণ, নিষ্ঠাশীল। ২ স্থিত। ~া [+অ (ভা০)+আ (স্ত্রীং) স্থা=ষ্ঠ] বি, দৃঢ়স্থিতি। ২ শ্রদ্ধা: দেব ধর্ম্মে ভক্তি। ৩ ব্যবস্থা। ৪ একাগ্রতা। ৫ ব্রতাদিক্লেশ। ৬ [সং ব্যা০] ক্ত, ক্তবতু প্রত্যয়। ~বান্-নৈষ্ঠিক। > স্ত্রীং ~বতী।

নিষ্ঠিত [নি-স্থা+ত (র্ম্ম)] বিণ, নিষ্ঠাযুক্ত। স্ত্রীং ~া।

নিষ্ঠী/ব, নিষ্ঠেব [নি-ষ্ঠীব্-ষ্ঠিব্ (থুথু ফেলা)+অ (র্ম্ম)] বি, মুখমধ্যস্থ জলাংশ; থুথু: ছেপ। ~বন (-ব-) [নি-ষ্ঠীব্, ষ্ঠিব্ (থুথু ফেলা)+অন (র্ম্ম)] বি, থুথু; মুখজল। নিষ্ঠীবন ত্যাগ-থুথু বা ছেপ ফেলা।

নিষ্ঠুর [নি-স্থা+উর (র্ত্তৃ)] বিণ, নির্দ্দয়; নির্ম্মম। ২ কঠোর; কঠিন। ৩ ক্রূর; নৃশংস। ৪ পরুষ। বি, নিষ্ঠুরতা। ~তা (-র-) নিষ্ঠুর+তা (ভা০)] বি, নির্দ্দয়তা। ২ কঠোরতা। ৩ নৃশংসতা।

নিষ্ঠুরাচরণ [নিষ্ঠুরের আচরণ, ৬তৎ] বি, নির্দ্দয় ব্যবহার; নৃশংসতা; ২ কঠোর ব্যবহার।

নিষ্ঠ্যূত [নি-ষ্ঠীব্ (থুথু ফেলা)+ত (র্ম্ম)। ব=উ] বিণ, উদ্গীর্ণ। ২ নিক্ষিপ্ত। ৩ মুখ হতে 'থু' 'থু' করিয়া নিক্ষিপ্ত। বি, নিষ্ঠ্যূতি।

নিষ্পক্ক [নির্ (সম্পূর্ণ, সম্যক্) পক্ব] বিণ, অধিক পক্ব।

নিষ্পঙ্ক [নির্ (নাই) পঙ্ক যাতে, বহুং০] বিণ, পঙ্কহীন; নির্ম্মল।

নিষ্পতন [নির্-পত্ (গমন করা)+অন (ভা০)] বি, নির্গমন।

নিষ্পতিষ্ণু [নির্-পত্ (পতিত হওয়া)+ইষ্ণু (র্ত্তৃ)] বিণ, নিপতনশীল; যা নিপতিত হইতেছে।

নিষ্পত্তি [নির্-পদ্ (গমনে)+তি (ভা০)] বি, মীমাংসা। ২ সিদ্ধি। ৩ নির্ব্বাহ। ৪ সমাপ্তি। ৫ নিশ্চয়; অবধারণ। ৬ [গ০ পরিঃ] অনুপাত ratio. ৭ চুক্তি।

নিষ্পদ [নির্ (নাই) পদ যার, বহুং০] বিণ, পদহীন; পঙ্গু।

নিষ্পন্দ-নিস্পন্দ দ্রঃ।

নিষ্পন্ন [নির্-পদ্+ত (র্ম্ম)] বিণ, সম্পন্ন; সম্পাদিত। ২ সমাপ্ত।

নিষ্পরাক্রম [নির্ (নাই) পরাক্রম যার, বহুং০] বিণ, প্রতাপশূন্য। ২ অক্ষম; দুর্ব্বল।

নিষ্পরিগ্রহ [নির্ (নাই) পরিগ্রহ (পত্নী) যার, বহুং০] বি, পরমহংস। ২ পরিব্রাজক। ৩ বিণ, অকৃতদার; পত্নীশূন্য। ৪ নির্লিপ্ত। ৬ মুক্তসঙ্গ।

নিষ্পা/দক [নির্-পদ্ (গমনে)+ণিচ্ =পাদি (নিষ্পত্তি করা)+অক (র্ত্তৃ)] বিণ, সম্পন্নকারক; নিষ্পত্তিকারী। ~দন [নির্-পাদি (গমন করান)+অন (ভা০)] বি, সম্পাদন, নিষ্পত্তিকরণ; সমাপন; শেষকরণ; নির্ব্বাহ; সমাধান। বিণ, ~দ্য, ~দনীয়-নিষ্পাদনের যোগ্য। ~দ্যমান্-সম্পাদিত হইতেছে এমন। ~দিত [নির্-পাদি (গমন করান)+ত (র্ম্ম)] বিণ, সাধনযোগ্য; সম্পাদনীয়; সাধ্য; নির্ব্বাহযোগ্য।

নিষ্পান [নির্ (নিঃশেষে)+পান] বি, নিঃশেষে পান।

নিষ্পাপ [নির্ (নাই) পাপ যার, যাতে, বহুং০] বিণ, পাপশূন্য; পূত। ~ী-বিণ, যে পাপী নয়।

নিষ্পাব [নির্-পূ (পবিত্র করা)+অ (ভা০ বৃদ্ধ্)] বি, ধান্যাদি নিস্তুষকরণ। ২ আগড়া। ৩ বরবটী। ৪ [+অ (ণে)] কুলার বাতাস।

নিষ্পি, -ষ্পী, -ষ্ফি [আ০ নিস্ফ্ (অর্দ্ধ) > নিস্ফি] বি, অর্দ্ধেক half.

নিষ্পিষ্ট [নির্-পিষ্ (চূর্ণ করা)+ত (র্ম্ম)] বিণ, বিমর্দ্দিত ; বিদলিত। ২ ঘৃষ্ট। ৩ বিচূর্ণিত।

নিষ্পীড়ন [নির্-পীড্ (ক্লেশ-দেওয়া) +অন (ভা০)] বি, নিপীড়ন ; নিষ্পেষণ। ২ চাপ দিয়া জল নিষ্কাষণ ; নিঙড়ন। বিণ, নিষ্পীড়িত।

নিষ্পেষ/ক [নির্ (সম্যক্) পিস্ (সংচূর্ণনে)+অক (র্ত্তৃ)] বিণ, নিষ্পেষণকারী : অত্যাচারী। ২ চূর্ণকারী। ~ণ [নির্-পিস্ +অন (ভা০)। নিষ্পেষ ও০ (বিরল)] বি, নিষ্পীড়ন। ২ বিমর্দ্দন। ৩ ঘর্ষণ। বিণ, নিষ্পেষিত।

নিষ্প্রতিভ [নির্ (নাই) প্রতিভা (দীপ্তি) যার, বহু০] বিণ, প্রতিভাশূন্য। ২ অনুজ্জ্বল ; দীপ্তিহীন।

নিষ্প্রদীপ [নির্ (অভাব) + প্রদীপ] বিণ, প্রদীপহীন : অন্ধকার : অপ্রদীপ (ভারতচন্দ্রে)।

নিষ্প্রভ [নির্ (নাই) প্রভা (তেজ) যার, বহু০] বিণ, প্রভাহীন ; দীপ্তিহীন। ২ নিস্তেজ।

নিষ্প্রয়োজন [নির্ (নাই) প্রয়োজন যার, বহু০] বিণ, প্রয়োজনরহিত ; অনাবশ্যক।

নিষ্প্রাণ [নির্ (নির্গত হইয়াছে) প্রাণ যার, বহু০] বিণ, প্রাণবায়ুরহিত ; প্রাণহীন ; বিগত-প্রাণ ; মৃত। বি, ~তা (-র্ণ-)-প্রাণরাহিত্য ; মৃত্যু।

নিষ্ফল [নির্ (নাই) + ফল যার, বহু০] বিণ, ফলরহিত। ২ অফলা। ৩ নিরর্থক ; বিফল। ৪ অকৃতকার্য্য। ৫ বি, [নির্ (নির্গত হইয়াছে ফল যা হইতে)] নাড়া ; খড়। স্ত্রী০ ~া-বন্ধ্যা। বি, ~তা, ~ত্ব (-ল্-)।

নিষ্ফেন [নির্ (নাই) ফেন যার, বহু০] বিণ, ফেনরহিত।

নিষ্যন্দ, নিস্যন্দ [নি-স্যন্দ্ (ক্ষরিত হওয়া) +অ (ভা০)] বি, চুয়ন ; ক্ষরণ। ২ পতন। ৩ বর্ষণ। বিণ, নিষ্যন্দিত। বিণ, নিষ্যন্দিত, নিস্যন্দিত-বিণ, ক্ষরিত ; বর্ষিত। ২ নিষ্যন্দযুক্ত ; ক্ষরণশীল। "বিদ্যাপতিপদযুগল-সরোরুহ নিস্যন্দিত-মকরন্দে।"-গোবিন্দ০।

নিস্যূত [নি-সিব্ (গ্রন্থন করা)+ত (র্ম্ম)] বিণ, সুগ্রথিত।

নিসকড়ি [নি-সকড়ি দ্রঃ] বিণ, সকড়ি বা পাক করা নহে এমন। "নি প্রসাদ আইল।"-চৈ০ চ০।

নিসত্ত্ব [সং-নিঃসত্ত্ব । প্রা০] বিণ, সত্ত্বহীন ; সারশূন্য।

নিসত্যা [নিঃসত্য-ইয়া >] বিণ, সত্য বিচ্যুত ; অসত্যপরায়ণ। "নি০ পাপীর মুণ্ডে পড়ুক বজ্জর"-মাণিক০।

নিসপিস্-লিস্পিস দ্রঃ।

নিসম্পাত [সং] বি, নিশীথ ; অর্দ্ধরাত্র।

নিসর্গ [নি (নিশ্চয়) সৃজ্ (সৃষ্টি করা) + অ (র্ম্ম)। প্রা০ বাং প্রাকৃ০ নিসক (শূ০ পু০)] বি, স্বভাব nature. ২ [+অ (ভা০)] সৃষ্টি creation ৩ স্বাভাবিক অবস্থা। বিণ, নৈসর্গিক। ~জ [নিসর্গ (স্বভাব) জ (যে জন্মে)] বিণ, স্বভাবজাত ; নৈসর্গিক।

নিসাড় [নিঃসাড় দ্রঃ। নি-সাড় (সাব)] বি, সাড়হীন ; সংজ্ঞাহীন। ২ অসার ; জড়। ৩ [নি-সাড় (শব্দ)] নিঃশব্দ, নীরব।

নিসাড়া [নিসাড় দ্রঃ] বিণ, সাড়াশব্দ হীন ; নিঃশব্দ। ক্রি-বিণ, নিসাড়ায়-নিঃশব্দে। "কৌমুদীমলয়ানিল চুমে ধীরে নিসাড়ায়"-অবসর (নবীন০)।

নিসাদল, নিশাদল [ফা০ নওসাদর] বি, শ্বেতবর্ণ কঠিন দানাদার চূর্ণিকা লবণ ; নরসার Sal-ammonia

নিসান, নিশান [সং-নিস্বান >] বি, বাদ্য ; ধ্বনি। "সাঁজে ডালা দুই হাতে পীরের শীরণী বাঁটে সাঁজে বাজে দগড় নিশান।"-কবিক০। ২ শব্দ। "নিতি মিতি যায় রাই যমুনা নিসানে।"-জ্ঞান০। ৩ [ফা০ নিশান্। প্রা০ বাং] চিহ্ন। নি০ করা [প্রা০ নি০ দাগা,-মারা] চিহ্ন দেওয়া। ২ বন্দুকাদির তাগ বা টিপ করা ; লক্ষ্য করা। ~দিহি-চিহ্নকরণ। ২ সনাক্ত করণ ; চিনাইয়া দেওন identification.

নিসানা [নিশান+আ (স্বার্থে)। প্রা০ নিসেনা] বি, নিশানা ; চিহ্ন ; নিদর্শন। নাম নিশানা [নাম দ্রঃ] "সুরীত কুরীত কার কেমন রীত জানবো কিসে, ও মহারাজ গায় থাকে না নাম নিসানা।"-বাং০ গান।

নিসার [হি০ নিছাবর, নেওছাবর > নিছার >। ছ=স] বি, বাদশাহের দেহ হ'তে অশুভ দৃষ্টির প্রভাব দূর করিবার জন্য যে টাকা বা রত্ন থালায় করিয়া তাঁর মাথার চারিদিকে ঘুরাইয়া পরে লোকজনদের মধ্যে ছড়াইয়া দেওয়া হইত।

নিসারা [প্রা০ বা০। সং-নিশ্চয় বা নিষ্কার >। থ=হ=স] বি, নিশ্চয়, সংখ্যা। "পইঠেল গরাহক নাহি নি০।"-বৌ০ গান ও দোহা।

নিসাস [সং-নিশ্বাস > পদ্যে কোমল-রূপ। ব=ওয়া। ব্রজ০ "নিসোয়াস", "নিসোয়াসা" শব্দেরও ব্যবহার প্রা০ বাং পদাবলীতে আছে। তুল-বিশ্বাস> বিসোয়াসা] বি, নিশ্বাস। "সেখানে বসিলেন পরন্তু ছাড়িআ নি০।"-শূ০ পু০। "ছাড়ল দীঘল নি০"-রসমঞ্জরী (পীতাম্বর০)।

নিসিন্দা [সং-সিন্দুবার] বি, নিমবৎ তিক্ত বৃক্ষবি০, নিশুণ্ডী বৃক্ষ vitex negundo.

নিসুতি [নিশীথ > প্রা০] বি, অর্দ্ধ বা গভীর রাত্রি। ২ [নি-সুপ্তি >] গাঢ় নিদ্রা।

নিসুন্দ [পু০] বি, দৈত্যপতি প্রহ্লাদের ভ্রাতা হ্লাদের পুত্র।

নিসূদক [নি+সূদক=সূদ্। অক (র্ত্তৃ)] বিণ, বিনাশকারী। ২ হিংসক।

নিসূদন [নি+সূদন=সূদ্+অন (ভা০)] বি, বিনাশন ; হিংসা। ২ [+অন (র্ত্তৃ)] বিণ, নিসূদক ; বধকারী।

নিসৃষ্ট [নি+সৃষ্ট=সৃজ্ (ত্যাগ করা) +ত (র্ম্ম)] বিণ, অর্পিত ; ন্যস্ত। ২ দত্ত। ৩ প্রেরিত। ৪ মধ্যস্থ।

নিসৃষ্টার্থ [নিসৃষ্ট (প্রেরিত) হয় অর্থ (সন্দেশ) যদ্দ্বারা, বহু০] বি, উত্তম দূত ; যে দূত প্রেরকের আদেশ ব্যতীত সকল প্রশ্নের উত্তর দিতে এবং ক্ষেত্র বুঝিয়া কালোচিত কথা বলিতে সমর্থ। ২ যে ব্যক্তি প্রভুকর্ত্তৃক কুসীদ, কৃষি ও বাণিজ্য কার্য্যে নিযুক্ত হয়। ৩ কার্য্যাধ্যক্ষ ; তত্ত্বাবধায়ক।

নিসেধো [নি-৪ দ্রঃ। নি+সাধ+উয়া > ক্ষে০, প্রা০] বিণ, যার কোন সাধ নাই ; সাধ আহ্লাদহীন।

[ ] যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র), ˇ হীন যুক্তাক্ষর অকারান্তবৎ ক্ষ=ংগ জ্ঞ=গাঁ ক্ষ=চ্ছ ক্ষ=ট্ হৃ=হ্ব হ্ন হ্ম হ্য হ্ল=হ্ল হ্ল হ্ন ষ্ম, জ্ঞ ব হ্ম=/শ ও চ্ছো০ দ্রঃ

নিস্তনী [নি-স্তন+ঈ (ক্ষুদ্রার্থে)] বিণ, স্তনহীনা। ২ বি, বটিকা (ঔষধাদির)।

নিস্তন্দ্র [নির্ (নাই) তন্দ্রা যার, বহু০] বিণ, অতন্দ্রিয় ; তন্দ্রারহিত। ২ অনলস।

নিস্তন্দ্রি [নির্ (নাই) তন্দ্রি (আলস্য) যার, বহু০] বিণ, অনলস। ২ অতন্দ্র ; সজাগ।

নিস্তব্ধ [নি-স্তন্ভ্ (স্থির হওয়া)+ত (র্তৃ)] বিণ, স্থির : নিস্পন্দ ; নিশ্চল। "কালের স্রোত সেথানে নি০।"-উত্তরা, পৌষ, ১৩৩৩। ২ নীরব ; নিঃশব্দ। ৩ স্তম্ভিত। বি, ~তা।

নিস্তম্ভিত [সং-স্তম্ভিত শব্দের সহিত নিস্তব্ধ শব্দের ভাব ও ধ্বনি সাদৃশ্য >] বিণ, নিস্তব্ধ ; নীরব। "জীবনতরঙ্গ-রব গাঢ় নি০ সব জাগ্রত জগত-পুরে মাত্র একজন। -বাং-গান।

নিস্তরঙ্গ [নির্ (নাই)+তরঙ্গ যার বা যাতে] বিণ তরঙ্গ-হীন। ২ প্রশান্ত ; অচঞ্চল ; নিরুদ্বেগ।

নিস্তরণ [নির্ (নাই)+তৃ (পার হওয়া) +অন (ভা০)] বি, পার গমন। ২ নিস্তার ; পরিত্রাণ ; উদ্ধরণ ; মুক্তি। ৩ নির্গমন। ৪ সিদ্ধি। ৫ উপায়।

নিস্তরা [নিস্তরণ দ্রঃ। নিস্তরি, নিস্তর, নিস্তরে ; নিস্তরিতে ; নিস্তরিয়া (ক্ষে০ পদ্যে -নিস্তরি৷ গিজন্ত-নিস্তরান)] ক্রি, মুক্ত হওয়া ; নিস্তার পাওয়া। "শিবামৃত প্রয়োগে সে এ বাযু নিস্তরে"-চৈ০ ভা০।

নিস্তল [নির্ (নাই)+তল্ (প্রতিষ্ঠিত হওয়া)+অ] বিণ, তলশূন্য। ২ বর্ত্তুল। ৩ অকূল। ৪ নিম্ন। স্ত্রীং ~লী-বটিকা।

নিস্তার [নির্-তৃ (পার হওয়া)+অ (ভা০)] বি, উদ্ধার। ২ মুক্তি। ৩ অব্যাহতি। ৪ নির্গমন। ৫ কার্য্যসিদ্ধি। ৬ [+অ (ণে)] কার্য্যসিদ্ধির উপায়। নি০ করা-বিপদ হতে উদ্ধার করা ; মুক্তিদান করা। ~পাওয়া- অব্যাহতি লাভ করা। ~বীজ-বি, মুক্তির মূল ; মোক্ষ লাভের হেতু। বিণ, নিস্তীর্ণ।

নিস্তারক [নির্+তৃ (পার হওয়া)+ অক (র্তৃ)] বিণ, নিস্তারকর্ত্তা ; উদ্ধারক ; ত্রাতা ; ত্রাণকর্ত্তা।

নিস্তারা [নিস্তার (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি) নিস্তারি, নিস্তার, নিস্তারে ; নিস্তারিতে, নিস্তারিয়া (ক্ষে০পদ্যে-নিস্তারি] ক্রি, নিস্তার করা : উদ্ধার করা।

নিস্তারিণী [নিস্তারিণ্+ঈ (স্ত্রীং)] বি, তারিণী : দুর্গা। ২ বিণ, নিস্তারকারিণী ; মুক্তিদায়িণী।

নিস্তি [ইং nest >। বাণিজ্যিক পরিঃ] বি, এক এক শ্রেণীর বস্তুর পৃথক পৃথক সংগ্রহ ; এক এক রকম জিনিষের এক একটি গাঁট, মোট, বস্তা বা গোছা cluster of similar things. প্র-নিস্তির মাল।

নিস্তুষ [নির্ (নাই) তুষ, যাতে বহু০] বিণ, তুষরহিত ; তুষশূন্য। বিণ, ~ষিত [নির্-তুষ (খোসা, আবরণ)+ইত (যুক্ত)] বিণ, তুষ-রহিত ; খোসাহীন। ২ চাঁচা-ছোলা ; পাতলা-করা।

নিস্তেজ [সং-নিস্তেজাঃ > বাং] বিণ, তেজোহীন। ২ দুর্ব্বল।

নিস্তেজাঃ [নিস্তেজস্ শব্দ। নির্ (নাই) তেজঃ যার, বহু০] বিণ, জ্যোতিহীন ; তেজোহীন ; দীপ্তিশূন্য। ২ ভীরু ; কাপুরুষ। ৩ অবসন্ন ; দুর্ব্বল।

নিস্ত্রিংশ [সং] বি, খড়্গাবিঃ ; ৩০ অঙ্গুলির দীর্ঘ খড়্গ। "রাজা যুধিষ্ঠির এই চিত্র-কোষ-নিহিত হেমমুষ্টি-শোভিত তীক্ষ্ণধার নি০ ব্যবহার করিতেন।"-মহা০ (সিংহ)। ২ বিণ, নিষ্ঠুর ; নির্দ্দয়। ৩ ক্রূর ; হিংসা-পরায়ণ। ৪ ত্রিংশশূন্য।

নিস্ত্রৈগুণ্য [নির্-ত্রিগুণ+য (ভা০)] বিণ, স্বত্ত্ব, রজঃ, তমঃ এই গুণত্রয়রাহিত্য। ২ নিষ্কাম।

নিস্নেহ [নি (নাই) স্নেহ যার, বহু০] বিণ, স্নেহহীন ; যাহার স্নেহ নাই। ২ তৈলরহিত। ৩ [তন্ত্রে] বি, মন্ত্রবিঃ।

নিস্পন্দ [নি (নাই)-স্পন্দ=স্পন্দ্ (কম্পিত হওয়া)+অ (র্তৃ)। "নিঃস্পন্দ", "নিস্পন্দ" ও হয়] বিণ, অকম্পিত ; স্থির ; স্পন্দন রহিত ২ স্পন্দহীন ; অসাড়। ৩ নিশ্চেষ্ট। ৪ স্তব্ধ ; স্তম্ভিত।

নিস্পৃহ [নির্ (নাই) স্পৃহা (বাসনা) যার, বহু০। "নিঃস্পৃহ", "নিস্পৃহ" ও হয়] বিণ, আকাঙ্ক্ষা-বিহীন ; স্পৃহাহীন ; বাসনা-বিহীন। ২ নির্লোভ। ৩ অনাসক্ত। বি, ~তা। স্ত্রীং ~া।

নিস্যন্দ-নিষ্যন্দ দ্রঃ।

নিস্রব, নিস্রাব [নি-স্রু (গলিত হওয়া)+অ (ভা০ অল্ ঘঞ্)। "নিঃস্রব", "নিঃস্রাব" ও০] বি, স্রাব ; ক্ষরণ ; চুয়ন। ২ নির্গমন। ৩ ভাতের মণ্ড। মাড়।

নিস্বন, নিস্বান [নি-স্বন (শব্দ করা) +অ (ভা০)] বি, নিনাদ ; ধ্বনি ; রব ; শব্দ। নিসান দ্রঃ।

নিহঙ্গ [নগ্ন > হিং নাঙ্গা > নহঙ্গা > নিহঙ্গা >] বিণ, উলঙ্গ ; নগ্ন। "নি০ হইয়া প্রভু চলে রাজপথে"-সারাবলি।

নিহঞ্চিত [নাট্য শা০ অঙ্গাভিনয়ে] বি, স্কন্ধ উত্তোলন, এবং তাহা মস্তক দ্বারা স্পর্শ-করন (বিলাস, ললিত, বিব্বোক, কিল-কিঞ্চিত, মোট্টায়িত, কুট্টমিত, মৌন, ও শুশুস্থলে প্রয়োজ্য)।

নিহড় [প্রা০বাং-পদ্যে। নিয়ড় দ্রঃ] বি, নিকট। ২ কিরণ। ক্রি, নিহঁড়ান-নিকট হওয়া।

নিহঁড়া [নিবর্ত্তন > নিবট্টন > নিবডন > নিঅডন > নিহডন] ক্রি, নিবৃত্ত হওয়া। ২ নেউটান ; ফেরা। "প্রণমিয়া বিশ্বনাথে বৃকোদর নাম্বে ক্ষেতে হাতে লয়ে দশমোগের দাত্র। নিহড়ি চলিল ধেয়ে দুদণ্ডে নিলেক দায়ে হইল আড়াই হালা মাত্র।"-শি০।

নিহত [নি (নিশ্চয়) হন্ (বধ করা)+ ত (র্ম্ম)] বিণ, হত ; বিনাশিত। ~নন [+অন (ভা০)] বি, হনন। ~ন্তা [-+তৃ (র্তৃ)=নিহন্তৃ ১মা, ১ব০] বিণ, হন্তা ; বধকর্ত্তা ; হননকর্ত্তা। ~ন্যমান্ [+আন (র্ম্ম) ব, ম আগম] বিণ, যাকে হনন করা হইতেছে ; যাকে বধ করা হইতেছে।

নিহাই, নিয়াই [নিহানী দ্রঃ] বি, নেহাই anvil.

নিহাইত, নিহাত-নেহায়ৎ দ্রঃ।

নিহানী [হিং নিহাই] বি, নেহাই the anvil. ২ [লোহা > নোহা > নোয়া

>নেহা, নেয়া বি, নেয়ালি ; লোহার বাঁটযুক্ত বাটালী।

নিহারণ [সং-নিরীক্ষণ, হিং নিহারনা] বি, দর্শন ; অবলোকন। ২ ঠাওরান। ক্রি, নিহারা১ -নেহারা (দ্রঃ)।

নিহারা২ [সং-নির্হার > হিং নিয়ারা (মল)] বি, বিষ্ঠা। "আমি টলে ক্ষীর হ্রদে পড়িলাম অপ্রমাদে তুমি পড় নবকে নিহারা।" -কৌতুকবিলাস।

নিহাল [ফাং > হিং নিহাল] বিণ, সুখী। ২ ধনী : ঐশ্বর্য্যশালী ; নেহাল।

নিহালয় [নিহালা দ্রঃ] ক্রি, নিরীক্ষণ করা। ২ অনুসন্ধান করা।

নিহালা, নেহালা [সং-নিভালন (নিরীক্ষণ) >। হিং নিহারনা, নিহালনা (র=ল)। নিহালি, নিহাল, নিহালে (পদ্য-নিহালয়), নিহালিতে ; নিহালিয়া (ক্ষেংপদ্যে -নিহালি)] ক্রি, নিরীক্ষণ করা : দেখা। "উকটিয়া ঝোপ ঝাড় নিহালি পর্ব্বত আড় পাইল বাঘের দরশন।" -কবিকং। "চৌদিকে নিহালে শাখী, বাসা আছে নাহি পাখী, সন্তাপে বীরের পোড়ে মন।" -ঐ।

নিহালি,-লী [প্রাদেং] বি, বহুমূল্য বস্ত্রবিঃ। "বহু ব্যয় করি কড়ি, করিলাম খাট পিঁড়ি সগল্লাদ নিহালী পামরী।" -কবিক। ২ নেহাই।

নিহিংসন [নি-হিংসন] বি, হিংসা করণ ; হনন।

নিহিত [নি-ধা (ধারণ করা) + ত (ক্ত)] বিণ, নিক্ষিপ্ত। ২ ধৃত। ৩ গুপ্ত। ৪ অভিহিত। ৫ স্থাপিত। ৬ অর্পিত।

নিহিলিষ্ট [ইং nihilist-এর লিপ্যন্তর] বি, অনস্তিত্ববাদী। ২ সর্ব্বধর্ম্ম ও নীতি বর্জ্জন-কারী। "উনবিংশ শতাব্দীর মধ্যভাগে নিং সম্প্রদায় গঠন করেছিল-আর প্রতিজ্ঞা করেছিল যে ঐ রক্তমাখা রাজতন্ত্রের অত্যাচারের আইন অমান্য কোরে মানুষের মত মনুষ্যত্বকে বরণ কোরে নিয়েতারা * *" ১৩৩৪, ভাদ্র। "উল্লিখিত ঐ নিহিলিষ্টের দল বিপ্লববাদীরই দল ছিল-তারা রাজনৈতিক গুপ্ত হত্যা করেছিল" -ঐ।

নিহুড়িআঁ [নিহুরি দ্রঃ] অস-ক্রি, অবনত হইয়া : হেঁট হইয়া। "নিহুড়িআঁ চাহেঁ। পাণি লইছে মোকছেঁ" -শ্রীং কীং।

নিহুরি [মৈং, হিং নিহুরনা (হেঁট হওয়া)। প্রাংবাং-য়-নিহুড়ি। তুল-হমড়ি (হেঁটমুণ্ড)। বাঁকুড়া প্রাদে নিহুড়ো (বিশ্ববল্লভ)] ক্রি, অস, হেঁট হইয়া ; ঝুঁকিয়া। সাজনি নিং কুকু আগি। তোহর কমল ভ্রমর দেখল মদন উঠল জাগি॥" -বিং পং।

নিহ্নব [সং] বি, সত্যগোপন। ২ সন্দেহ। ~বাদী [নু-নিহ্নববাদিন্ ১মা, ১বং] বিণ, যে প্রতিবাদী বা সাক্ষী সত্য গোপন করে স্ত্রীং ~বাদিনী।

নিহ্রাদ [সং] বি, নিনাদ। ২ বক্র-নির্ঘোষ।

নী [সং-স্থূণা > হিং নিহাই নেই দ্রঃ] বি, কামারশালে প্রোথিত যে লৌহ খণ্ডের উপর তপ্ত লৌহ পেটা হয় ; নেয়াই : নেহাই [illegible]

নীআ [নি দ্রঃ। প্রাং বাং] বি, লওয়া। নীএ=লই। নীতে=লইতে। নীল=লইল। নীলেঁ, নৈলেঁ=লইলে। নীব=লওব। নৈল=লইল। নৈলোঁ=লইলাম -শ্রীং কীং।

নীক১ [সং-নিষ্ক >] বি, নিকি "চেঙ্গর উবুন নীক করে ইলি বিলি" -অ ম।

নীক২ [হিং লীক] বি, গাড়ির চাকা বসিয়া পথে যে গভীর রেখা পড়ে।

নীক৩ [ফাং নেক > হিং নীক (সুন্দর)] বিণ, সুন্দর ; ভাল। "হাস সুধাসম নীক"।

নীচ [সং। বাং-র-নীচা, নীচু, নীচে, নীচো নিম্নার্থে প্রযুক্ত হয়। বৈং পদাবলীতে নীচল (জ্ঞান বিপরীত-উচল)] বিণ, নিম্ন ; নীচু : নাবাল। ২ অপকৃষ্ট ; নিকৃষ্ট। "গতি যার নীচ সহ নীচ সে দুর্ম্মতি" -মেঘ। ৩ খর্ব্ব ; বামন ; বেঁটে। ৪ ক্ষুদ্র। ক্রি-বিণ, নীচে-নিম্নে : অধোদেশে। ~-কুল-নিকৃষ্ট জাতি বা বংশ। ~-কুল-জাত-যে নীচ বংশে জন্মগ্রহণ করিয়াছে। ~-কুলোদ্ভব-নীচ-বংশে উৎপন্ন। > স্ত্রীং ~া-"নীচ কুলোদ্ভবা নহে দাসী" -বীরাঙ্গনা। ~গ(-গ) [নীচ (নিম্ন) গ (যে গমন করে)] বিণ, নিম্নগামী। ২ অধম ; পামর। ৩ বি, জল। স্ত্রীং নীচগা-বি, নদী। ২ বিণ, অধোগামিনী। ~গামী [নীচগামিন্ শব্দ] বিণ, অধোগামী। স্ত্রীং ~গামিনী। ~গ্রহ-বি, উচ্চ স্থান হতে সপ্তম রাশিস্থ রবি ইং গ্রহ। ~জাত-বিণ, নীচ হইতে জন্ম যার। স্ত্রীং ~জাতা। ~জাতি-নিম্নশ্রেণী। ২ হীন বংশ। ~জাতীয়-বিণ, নীচ কুলোদ্ভব। ২ হিন্দু-সমাজের নিম্ন শ্রেণীর। ~মনা,-মনা-বিণ, সংকীর্ণচেতা ; অনুন্নত হৃদয়। ~যোনী [নীচ-যোনি + ইন্ (স্ত্যং)=নীচযোনিন ১মা, ১ব। বহুং সমাসে "নীচযোনি" প্রয়োগ আছে] বিণ নীচযোনি সম্ভূত ; নিকৃষ্ট যোনিজাত।

নীচান্তঃকরণ [নীচ + অন্তঃকরণ] বিণ, বি, অনুন্নত হৃদয়।

নীচাসক্ত [নীচ + আসক্ত] বিণ, নীচ বা জঘন্য বিষয়ে অনুরক্ত। বি, নীচাসক্তি।

নীচু [গ্রাং] বিণ, নিম্ন, হীন ; অনুন্নত ; অবনত ; হেঁট। ২ বি, নিম্নস্থান : নাবাল। ~তে-অ, নিম্ন স্থানে ; নিম্নে।

নীচে, নীচেয়, নীচেতে [গ্রাং] অ নিম্ন দিকে বা ভাগে বা স্থানে। নীচের -নিম্ন স্থানের বা দিকের বা ভাগের।

নীঝর [সং-নির্ঝর > কোমল রূপ] বি, ঝরণা ; বারি প্রবাহ। "অবিরত নয়নে বারি ঝরু নীঝর জনু ঘন সাঙন মাস।" -বিং পং।

নীট-নিট দ্রঃ। ~মুনাফা [মুনাফা দ্রঃ] বি, বৎসরে যা কিছু খরচ হয়, তা ওয়াশীল দিয়া যা জমা থাকে।

নীড় [সং] বি, কুলায় : পক্ষীর বাসস্থান। ২ বাসা ; স্থান। ৩ আশ্রয়। "ক্রোড়নীড়ে" -মেঘং। ~ক (-ড়-) [সং] বি, পক্ষী ; পাখী। ~জ (-ড়-) [নীড় (কুলায়) জ (যে জন্মে)] বি, পক্ষী।

নীত১, নীৎ১ [আং নিয়ৎ] বি, উদ্দেশ্য ; অভিসন্ধি ; মৎলব। প্র-উহার নীত বড় ভাল দেখিতেছি না।

নীত২, নীৎ২ [সং-নীতি > দ্রঃ। তুল-

ন যুক্ত দ্বিত্ববৎ (অগ্র=অগ্‌গ্র)। হীনযুক্তাক্ষর অকারান্তবৎ, ঙ্গ=ংগ জ্ঞ=গ্যঁ ঞ্চ=নচ ঞ্জ=ন্জ হ্ন=হ্‌ন হ্ম হ্ল হ্ন=নহ রহ লহ ড় ঢ়, জ য ব ড়=/\\\ ও চ্চাং দ্রঃ

রীতি রীত] বি. নীতি : পদ্ধতি : 'নয়ম রীতি।' "এখানে দোকান কর আগে বুঝি নীত"-ঘ°। **রীতনীত** [রীতিনীতি > অর্থসম্প্রসারণে. ক্ষে°] বি, চাল-চলন।

নীত$_3$ [নী (লওয়া) + ত (র্ম্ম)] বিণ. লইয়া যাওয়া হইয়াছে এমন। ২ গৃহীত। ৩ অবিবাহিত।

নীতার্থ [দেশনা দ্রঃ] বি যার অর্থ পরিষ্কার ভাবে প্রকাশ করিয়া দেওয়া হইয়াছে ; স্পষ্টার্থ (যথা-শ্রুতার্থ, অক্ষরার্থ)

নীতি [নী (লইয়া যাওয়া) + তি (র্ম্ম)-যা কোন সিদ্ধান্তে লইয়া যায় বা কর্ত্তব্য নির্দ্ধারণের পথে লইয়া যায়] বি বিবেক-সম্মত শাস্ত্র : হিতাহিত বিচার-সিদ্ধ শাস্ত্র। যথা,-শুক্রনীতি। ২ যুক্তিপ্রতিপাদিত শাস্ত্র। যথা.-অর্থনীতি, ধর্ম্মনীতি, শাসননীতি। ৩ সাধনোপায় ; সুপ্রণালী। ৪ মতবাদ principle. ৫ [ক্ষে° নীত] রীতি। ৬ প্রাপ্তি নয়ন ; প্রাপন। [সম-নীতি-কর্ত্তব্য-নির্দ্ধারণমূলক। শাস্ত্র-শাসন ও উপদেশ-মূলক। বিজ্ঞান-তত্ত্বনির্ণয় মূলক। শাস্ত্র প্রকৃত পক্ষে অনুশাসনের নামান্তর। নীতি প্রকৃতপক্ষে বিবেকের শাস্ত্র. বিজ্ঞান তত্ত্ব নির্ণয়ের শাস্ত্র]। ~**কথা**, ~**বাক্য**-সুনীতি মূলক কথা বা আখ্যায়িকা : হিতোপদেশ। ~**কুশল**-বিণ. নয়দক্ষ। ~**জ্ঞ** [নীতি-জ্ঞা (জানা) + অ (র্ত্তৃ)] বিণ, নীতিশাস্ত্রবেত্তা ; যার নীতিজ্ঞান আছে। বি নীতিজ্ঞান ~**পথ**-বি, সুনীতি-সম্মত পদ্ধতি. নীতিমার্গ। ~**বিরুদ্ধ**, ~**বিরোধী** [নীতির বিরুদ্ধ বিরোধী. ৬তৎ] বিণ নীতির বিপরীত : অনৈতিক। বি ~**বিরুদ্ধতা**। ~**মান্** [নীতি + মৎ (মতু)=নীতিমৎ ১মা.১ব.] বিণ নীতিসম্পন্ন। > স্ত্রী: ~**মতী**। ~**মার্গ** [নীতির-মার্গ (পথ) ৬তৎ] বি.নীতিসম্মত উপায় বা প্রণালী। ~**মূলক**-বিণ যার মূলে নীতি বিদ্যমান। ~**রঞ্জন** [নীতি (রাজনীতি) রঞ্জন=রনজ + ণিচ=রঞ্জি + অন (র্ত্তৃ) যিনি নীতি দ্বারা প্রজা রঞ্জন করেন বিণ প্রজারঞ্জক (রাজা)। ২ বি, রাজা বা রাজপ্রতিনিধির উপাধিবিঃ (নবদ্বীপের পণ্ডিতমণ্ডলী কর্ত্তৃক লোকপ্রিয় বড়লাট হার্ডিঞ্জকে উক্ত উপাধি দ্বারা সম্মানিত করণ সূত্রে সৃষ্ট)। ~**শাস্ত্র**-বি, যে শাস্ত্রে কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে ; হিতাহিত বিচারজ্ঞাপক শাস্ত্র। ~**সঙ্গত** [নীতি + সঙ্গত=সম্-গম্ + ত (র্ত্তৃ)] বিণ, নীতির অনুমোদিত ; নীতিসম্মত। ~**সম্মত** [নীতি (দ্বারা) সম্মত (অনুমোদিত), ৩তৎ] বিণ, নীতিসঙ্গত।

নীদ [সং-নিদ্রা > হি° নিদ্। ব্রজ° নিন্দ্] বি. নিদ্রা ; ঘুম। "কেহবা আছিল শয়ন করিয়া নয়নে আছিল নীদ।"-চণ্ডি।

নীধ্র [সং] বি. নেমি : চক্রের ধার ; ২ চালের ছাঁইচ।

নীন্ [হি° রুখানী। প্রাদে° ২৪ পরগণা] বি. সূত্রধরের যন্ত্রবিঃ. কাঠ কাটিবার ও ছিদ্র করিবার বাটালী।

নীপ [সং। "হলিপ্রিয়ঃ নীপঃ কদম্বঃ" -হে°] বি, কদম্ব বৃক্ষ। "জাগো সহচরী আজিকার নিশি ভুলোনা. নীপ শাখে বাঁধ ঝুলনা।"-চয়নিকা। ২ কদম্বপুষ্প ; কদম্ব ফুল [দ্রঃ-নানা প্রকার কদম্বের মধ্যে নীপ, কদম্ব (সাধারণ), ধারা-কদম্ব (adina cordifolia) ও মহাকদম্ব (অল্প-প্রসার গোলাকার) এই তিন প্রকার প্রায় দেখা যায়]।

নীবার [সং] বি তৃণ ধান্য ; উড়ি ধান্য। "নীবার যে উড়িয়া পড়িয়াছে"-অশোক°।

নীবি$_1$ [নি-ব্যে (আচ্ছাদন করা) + ই (ণে)। ব্রজ° নীবিহ] বি. কটিবন্ধন ; কটিবস্ত্রের গ্রন্থি। "দৃঢ় করি বান্ধবি নীবিহক বন্ধ" -বি° প°। "নিকশত নীবি নীবিবন্ধ"-গোবিন্দ°। ২ [বৈদিক°] স্ত্রীলোকদিগের বহির্বেশের নিম্নে পরিধেয় কৌপীন। পূর্ব্বে স্ত্রীলোকদিগের মধ্যে যুগপৎ কৌপীন ও বহির্বেশ প্রচলিত ছিল। পরবর্ত্তী সময়ের সংস্কৃতে নীবি অর্থে বস্ত্রের গ্রন্থি বা কোমরের খুঁট। ~**বন্ধ**-পশ্চিমা নারীরা বস্ত্র পরিধান করিয়া নাভিদেশে বস্ত্রের দুই খুঁট দ্বারা যে গ্রন্থি দয়। "পহিরণ পুনহি ঝাড়ি নীবিবন্ধ।" -জ্ঞান°।

নীবি$_2$, **নীবী** [সং] বি. মূলধন ; পুঁজি pital. "যে কোনও বিভাগীয় অধ্যক্ষ ব্যয়-সংক্ষেপ করিয়া বা আদান বৃদ্ধি করিয়া যে পরিমাণে নীবীবৃদ্ধি দেখাইতে পারেন,"-অর্থ শা° (সমাদ্দার)। ২ বাজি ; পণ।

নীবৃৎ [সং] বি, লোকালয় ; গ্রাম নগরাদি।

নী রাজী [ফা° নীম=অর্দ্ধ। সং-নেম= অর্দ্ধ > নেমরাজী ও বলে] বিণ, প্রায় রাজী ; প্রায় সম্মত।

নীয়মান [নী (পাওয়া) + আন (র্ম্ম), য, ম আগম] বিণ. যা বা যাকে লইয়া যাওয়া হইতেছে। স্ত্রীং ~**না**।

নীর [নী (পাওয়া) + র (র্ত্তৃ) অথবা নির্ (নির্গত হয়) র (বাড়বাগ্নি) যা হ'তে, বহু°] বি. জল ; বারি। "নীর ভরি কুম্ভে সখীগণ সঙ্গে রাই আইলা গৃহ মাঝে।" -চণ্ডি°। ২ রস। ~**জ**.-~**জাত** (-র্-) [নীর (জলে)-জ,জাত (উৎপন্ন), ৭তৎ] বিণ, জলোদ্ভব। ~**ধর** [নীর (জল) ধর (যে ধারণ করে)] বি. জলধর ; মেঘ। ~**ধার** [নীর-ধার (ধারা)] বি, বারিধারা। ২ [বিৰ্থে°] নিরম্বু উপবাস। ~**ধি** [নীর + ধি=ধা (ধারণ করা) + ই (র্ত্তৃ)] বি, জলধি ; সমুদ্র। ~**নিধি** [নীর + নিধি (আশ্রয়)] বি. সমুদ্র। ~**ময়** [নীর + ময় (পূর্ণার্থে)] বিণ, জলপূর্ণ ; জলীয়। > স্ত্রীং ময়ী।

নীরক্ত [নী=নি + রক্ত] বিণ. রক্তহীন। "নী° প্রাণের রক্ত দিতে উপহার"-প্রেম ও ফুল। [এই অর্থে নিরক্তিয়া > গ্রা° নিরক্তে]।

নীরজ [নীর (জলে) জ (যে জন্মে), ৭তৎ] বি, জলজ : পদ্ম। "নীরদ নীল নয়ন নীরজ-নিন্দিত।-গোবিন্দ°। ২ মুক্তা। ৩ বিণ, জলজাত ; জলে উৎপন্ন। স্ত্রীং ~**জা** [নির্ (নাই) রজস্ (ধূলি রক্ত) যেখানে, বহু°] বিণ, রজোহীন : ধূলিশূন্য। ২ যে পুষ্পে রজঃ নাই ; পরাগহীন। ৩ রজোগুণ বর্জ্জিত। ৪ বি মহাদেব। ৫ যে স্ত্রী ঋতুমতী নহে ; যে নারী রজস্বলা হয় নাই বা রজোহীনা হইয়াছে।

নীরদ$_1$ [নীর (জল) দ (যে দান করে)]

বি, জলদ ; মেঘ। "নীরদ নীল নয়ন নীরজ নিন্দিত।"-গোবিন্দ°। ~খণ্ড-বি, মেঘখণ্ড; একখণ্ড মেঘ। ~বরণ-বি, বিণ, মেঘের রঙ : ধূমলবর্ণ।

নীরদ₂ [নির্ (নাই) রদ (দন্ত) যার, বহু°] বিণ, দন্ত বিহীন। নীরদখণ্ড-মেঘখণ্ড ; একখণ্ড মেঘ।

নীরন্ধ্র [নির্ (নাই, নিঃ=নী) রন্ধ্র (ছিদ্র) যার, বহু°] বিণ, ছিদ্ররহিত ; নিশ্ছিদ্র। ২ নিবিড় ; ঘন।

নীরব, নিরব [নির্ (নাই) রব (শব্দ) যার, বহু°] বিণ, শব্দহীন ; নিঃশব্দ। "নীরব রবাব বীণা মুরজ মন্দিরা"-মেঘ°। ২ নির্ব্বাক্‌ বি, ~তা (বঁ°) বি, নিঃশব্দতা ; নিস্তব্ধতা। ২ মৌন ভাব। ~ভাষ-বি, মৌনদৃষ্টি : মুখে না বলিয়া দৃষ্টির সাহায্যে ভাব প্রকাশ।

নীরস, নিরস [প্রা° নিরস্থি। নির্ (নাই) রস যার, বহু°] বিণ, শুষ্ক : রসহীন। ২ রুক্ষ। ৩ রসবোধহীন। স্ত্রীং ~া। বি, তা, ~ত্ব।

নীরাজন, নীরাজনা [সং] বি, দীপমালা, সজলপদ্ম, ধৌত বস্ত্র, তুলসী বিল্বদলাদি ও সাষ্টাঙ্গ প্রণাম এই পঞ্চ উপচারে আরাধনা : আরতি, আরাত্রিক। ২ শান্তি-কর্ম্মবিঃ। ৩ [নিৰ্জ্জন > ভ্রং] বিণ, নিরালা : নির্জ্জন : নিভৃত।

নীরথ [ফা° নির্‌খ্] নিরিখ দ্রঃ।

নীরুজ [সং। নির্ (নাই) রুজা (রোগ) যার বহু°। "নীরুজস্য কিমৌষধৈঃ"-মহা°] বিণ, নীরোগী, নির্ব্যাধি : সুস্থ। স্ত্রীং ~া।

নীরূপ [নির্ (নাই) রূপ যার, বহু°] বিণ, অরূপ ; রূপবর্জ্জিত। ২ কুরূপ।

নীরোগ-বিণ, নীরুজ দ্রঃ।

নীল₁ [নীল্ (রং করা) + অ (ণে)] বি, বর্ণবিঃ indigo ২ নীল গাছ। এই গাছের ফল শুঁটীর আকারে হয়। এই গাছ হইতে নীল রঙ উৎপন্ন হয় indigo tree. ৩ [+অ (ণ)] নীলাচল। এই পর্ব্বত ইলাবৃত বর্ষের উত্তর হতে রম্যক পর্ব্বতের সীমা পর্ব্বত। (২) উত্তরনীলাচল (আসামে)। (৩) দক্ষিণ নীলাচল (ওড়িষায়)। ৪ নীলমণি। (২) নীল নামক নিধি। ৫ নীল নামক বানর সেনাপতি (রামা°)। স্ত্রীং নীলা নীলী। ~কণ্ঠ [নীলবর্ণযুক্ত হইয়াছে কণ্ঠ যার বহু°] বি শিব (কালকূট পানে ইঁহার কণ্ঠ নীলবর্ণ হয়)। ২ ময়ূর। ৩ খঞ্জন পক্ষী। "নীলকণ্ঠ উড়ি ফিরে মণ্ডলী দিতেছে শিরে অন্নপূর্ণা ক্ষেমঙ্করী হয়ে।" -অ ম°। ৪ ডাক পাখী। ৫ নীলবর্ণ পক্ষ পক্ষিবিঃ। ~কমল [নীলবর্ণ যে কমল (পদ্ম), ধা] বি, নীলোৎপল নীলপদ্ম। ~কর [নীল (দ্রঃ) + কর, যে উৎপন্ন করে বা চাষ করে] বি, নীলের আবাদকারী, নীলরঙ্গ উৎপাদক indigo planter [illegible] "নীলকর বিষধর বিষপোরা মুখ"-নীলদর্পণ। ~কান্ত, নীলকান্তমণি-বি, মণিবিঃ : ইন্দ্রনীলমণি : নীলমণি ; নীলবর্ণের প্রস্তরবিঃ sapphire. ২ [নীলকান্তমণির সদৃশ বলিয়া] শ্রীকৃষ্ণ। "যমুনে এ যমুনে, তুমি কি সেই যমুনা প্রবাহিনী। যার বিশাল তটে রূপের হাটে বিকাত নীলকান্তমণি॥"-গোবিন্দ রায়। ~কান্তি-বি, নীল বর্ণচ্ছটা ; নীলিমা। "আকাশের কমনীয় নীলকান্তি" -উত্তরা, পৌষ, '৩৩। ~কুঠী [নীলের কুঠী (বাড়ী), ৬তৎ] বি, নীল গাছ হইতে রঙ্গ উৎপাদনের বাড়ী বা কারখানা। ~কুন্তলা [নীলবর্ণ কুন্তল (কেশ) যার বহু°] বি, দুর্গার সখীবিঃ। ~গঙ্গা-বি, গঙ্গার ধারাবিঃ : হরিদ্বারে চণ্ডীর পাহাড়ের পাদমূল ধৌত করিয়া প্রবাহিতা গঙ্গার নীল ধারাবিঃ। ~গাই-বি, কৃষ্ণসার জাতীয়, মতান্তরে গবাদিবংশীয় ঘন নীলাভ ধূসরবর্ণ পশুবিশেষ। ইহাদের সম্মুখের পদদ্বয় অধিক লম্বা। ~গিরি-পরিশিঃ দ্রঃ নীল গাঁজা -মাহলী হাউজে (হাউজ দ্রঃ) পতিত নীল পচানি জল বাঁশের হাতা দিয়া দুই তিন ঘণ্টা মন্থন করা। "নীল গেঁজেছ কৈ"-নীলদর্পণ। নীল পোক্ত-ক্রি বোমা যন্ত্র দ্বারা মাহলী হাউজের জলমিশ্রিত নীল তামার কড়ায় বা তাওয়াতে তুলিয়া নিম্ন হতে জ্বাল দেওয়া। ~গ্রীব-নীলকণ্ঠ ; শিব। ~ধ্বজ [নীলবর্ণ ধ্বজ যার, বহু°] বি, নৃপতিবিঃ। ২ [নীলবর্ণ যে ধ্বজ] নীলবর্ণের পতাকা। ৩ তমাল বৃক্ষ। ~পটল [নীলবর্ণ যে পটল, ধা] বি, নীলবস্ত্র। ~পতাকিনী-বি দুর্গা। নিশুম্ভ-নাশিনী জয়া নীলপতাকিনী।"-কাবক°। ~পদ্ম (-দ্দ) [নীলবর্ণ যে পদ্ম, ধা] বি, নীলবর্ণ পদ্ম, নীলকমল। ~বড়ি (নিল্‌-বোড়ি) বি নীল (দ্রঃ)। নীলগাছ হতে উৎপন্ন বড়ীর আকারে প্রস্তুত নীলরঙ্গ। ~বর্ণ-বি, নীল রঙ্। ~বস, ~বস্ত্র [নীলবর্ণ বস্ত্র [illegible], বহু°] বি, যার পরিধেয় বস্ত্র নীলবর্ণ। ২ শনিগ্রহ ৩ বলরাম ৪ [নীলবর্ণ যে বস্ত্র ধা] বি নীলরঙ্গের কাপড়। ~বৃষ-বি, লোহিতবর্ণ মুখ পাণ্ডুবর্ণ পুচ্ছ ও শ্বেতবর্ণ খুর এবং শৃঙ্গযুক্ত বৃষ সুলক্ষণাক্রান্ত বৃষ। ~মক্ষিক-বি নীলবর্ণের বড় মাছি। ~মণি [নীলবর্ণ মণি, ধা। হি নীলম্] বি, নীলবর্ণ বহুমূল্য প্রস্তর ইন্দ্রনীল। ২ শ্রীকৃষ্ণ। ~মাধব [নীলবর্ণ যে মাধব (বিষ্ণু), ধা] বি বিষ্ণু, কৃষ্ণ ~রাজি [নীলবর্ণের রাজি (সমূহ)] বি, অন্ধকারের ব্যাপ্তি। ২ ঘনান্ধকার। ~লোহিত [নীল-লোহিত যার (কণ্ঠে নীলবর্ণ এবং কেশে লোহিতবর্ণ), বহু°] বি, শিব মতান্তরে, শিব কল্পান্তরে নীলবর্ণ ও অন্য কল্পে লোহিতবর্ণ। "সেই ক্রোধে ভ্রূভঙ্গি হইল যথাকার। তাহাতে জন্মিল নীল লোহিত কুমার॥ শিশুভাবে মহাদেব করেন রোদন।"-কবিক°। ২ [নীল অথচ লোহিত, ধা] লাল ও নীলবর্ণের মিশ্রণজাত বর্ণ ; বেগুনে রঙ্। ~শিগ্রু-বি, নীলবর্ণ পুষ্পযুক্ত শোভাঞ্জন বৃক্ষ। ~সরস্বতী -বি, দশমহাবিদ্যার মধ্যে দ্বিতীয় ; তারা ~সার-বি তিন্দুক : তুঁত গাছ।

নীল₂-বি, নীলকণ্ঠ, শিব গাজনের শিব। ~ব্রত-বি নীলষষ্ঠীব্রত। ~ষষ্ঠী-বি, চড়ক সংক্রান্তির বা চৈত্র সংক্রান্তির পূর্ব্ব দিন (ষষ্ঠী তিথি না পড়িলেও)। ইহা নীলকণ্ঠের সহিত লীলাবতীর বিবাহ-পর্ব্বদিন নীলের উপোষ-চড়ক সংক্রান্তির পূর্ব্ব দিবসের উপবাস।

নীলক₁ [সং] বি, ভ্রমর। ২ কাচলবণ। ৩ জীবক বৃক্ষ। ৪ নীললোহ ; বর্ত্তলোহ ; পঞ্চরস লোহ ; বিদ্রী লোহা।

নীলক₂ [গ° পরিঃ] বীজগণিতে অব্যক্ত রাশিবিশেষের নাম।

নীল-ডাউন [ইং kneel-down এর লিপ্যন্তর] বি, শিশু পড়ুয়ার দণ্ড স্বরূপ হাঁটুতে ভর দিয়া উপবেশন। ক্রি, **নীল-ডাউন করা**-হাঁটু পাতিয়া বসা।

নীলতন্ত্র [সং] বি, তন্ত্রবিঃ।

নীলা₁ [সং-নীল দ্রঃ] বি, রাগিণীবিঃ।

নীলা₂ [সং-নীলম > নীলম্ >] বি, নীলবর্ণ রত্ন : বহুমূল্য প্রস্তরবিঃ। "পাট পণ বদলে ধবল চামর পাব কাচের বদলে নীলা।"-কবিক°। ২ নীলবর্ণ মক্ষিকা।

নীলা₃, নীলে [সং-লীলা > গ্রা° নারী ভাষায়] বি, লীলা। প্র-নীলে খেলা।

নীলাকাশ [নীল+আকাশ] বি, নীলাম্বর দ্রঃ।

নীলাঙ্গ [নীল (বর্ণ) অঙ্গ যার, বহু°] বি, সারস পক্ষী। ২ বিণ, নীলবর্ণ অঙ্গ-বিশিষ্ট।

নীলাচল [নীল+অচল] বি, নীলগিরি নামক পার্ব্বত্য প্রদেশের প্রান্তস্থ বলিয়া জগন্নাথক্ষেত্রের নামান্তর। "চল চল যাই নীলাচলে",-অ° ম°। ২ নীলগিরি পর্ব্বত-মালা (ওড়িষায়)। ইহাকে দক্ষিণ নীলাচল বলে। (২) উত্তর নীলাচল-কামাখ্যার পাহাড়।

নীলাঞ্চল [নীল+অঞ্চল] বি, নীলবর্ণ বস্ত্রপ্রান্ত বা আঁচল।

নীলাঞ্জন [নীল+অঞ্জন] বি, রসাঞ্জন। ২ তুথ। স্ত্রীং ~া-বিদ্যুৎ।

নীলাঞ্জসা [সং] বি, বিদ্যুৎ। ২ নদীবিঃ। ৩ অপ্সরোবিঃ।

নীলাভ [নীল (বর্ণ)+আভা যার, বহু°] বিণ, নীলবর্ণ : নীল আভাযুক্ত।

নীলাম্বর [নীল+অম্বর (বস্ত্র) যার, বহু°] বি, বলরাম। ২ শনিগ্রহ। ৩ [নীল (যে)+অম্বর (বস্ত্র, আকাশ), ধা] বি, নীল বসন। ৪ নীল আকাশ। ~ী (-র্ব-) [নীলাম্বর+ঈ (স্বার্থে)] বি, নীলশাড়ী : বস্ত্রবিঃ।

নীলাম্বু [নীল+অম্বু (জলরাশি) যার, বহু°] বি, সমুদ্র। **~জ** [নীল+অম্বুজ] বি, নীলপদ্ম। **~ধি** [নীল+অম্বুধি (জলধি)] বি, সমুদ্র। **~বিস্তার**-বি, সাগরের প্রসার বা বিস্তৃতি : প্রসারিত সমুদ্রবক্ষ।

নীলিকা [সং] বি, নীলের গাছ। ২ নেত্রের রোগবিঃ।

নীলিম/ময় [মূ° নীলিমন্+ময়ট্] বিণ, নীলিমাযুক্ত· নীলবর্ণ। > স্ত্রীং ~ময়ী।

নীলিমা [নীল+ইমন্ (ভা°)=নীলিমন্ ১মা, ১ব°] বি, নীলবর্ণ ; নীলত্ব।

নীলী [নীল (দ্রঃ)+ইন্ (স্ত্য°)= নীলিন্ ১মা, ১ব°] বিণ, নীলবর্ণবিশিষ্ট। ২ বি, নীল গাছ। ৩ নীল রঙ্। **~রাগ** [নীলী-রাগ] বি, নায়ক নায়িকার মনোগত পূর্ব্বরাগবিঃ। ২ দৃঢ় প্রণয়। ৩ নীলবর্ণ। **~রোগ**-বি, নীলরোগ দ্রঃ ; নেত্ররোগবিঃ।

নীলোৎপল [নীল (নীলবর্ণবিশিষ্ট) যে উৎপল, ধা] বি, নীলপদ্ম ; নীলকমল।

নীশার ["নিশার স্যাৎ প্রাবরণে হিমানিলনিবারণে"-অমর°] বি, মশারি ; কানাৎ।

নীহার [সং। গ্রা° নীওর] বি, বরফ : তুষার : হিম। ২ কুজ্ঝটিকা। **~স্ফোট** -বি, বৃহদাকার নীহার পিণ্ড ; বরফের বড় চাঙ্গড় : বরফের চাপ avalanche

নীহারিকা [নীহার+ইক(সাদৃশ্যে)+ আ (স্ত্রীং)] বি, দূরস্থ বলিয়া নীহার স্তূপবৎ প্রতীয়মান হয় যে নক্ষত্রপুঞ্জ nebula.

নু [তুল-ব্রজ° লুঁ, হিং লোঁ। বাং-লুম্, "লাম", "লেম" এর গ্রা° রূপ। প্র-দিলুম, দেখলুম।-মেয়েলি কথায় "নুম্", ক্ষে° "নু"] বি, উ° পুরুষের ক্রিয়ার অতীত বোধক প্রত্যয়। প্র-করেছিনু ; দিনু : গেনু ই°। ২ ভবিষ্যদর্থে। প্র-দিনু (=দিলুম, দিলাম, দিলেম) আর কি (অর্থাৎ দিব না)।

নুআ, নুয়া [সং-নম্ >। নুই, নোও, নোয় : নুইতে : নুইয়া (ক্ষে° গ্রা° নুয়ে)। নিজন্ত-নুআন, নোয়ান] ক্রি, নত হওয়া : নুইয়া পড়া ; ঝুঁকিয়া পড়া। "নুইয়ে পড়িছে যেন স্নেহ লাজ ভরে"-কুঙ্কুম। ২ নম্র হওয়া ; বিনয়বশে নত হওয়া ; বিনীত হওয়া। ৩ ['নোয়া' ও°] বিণ, নত : বাঁকা। **~ন**-বিণ নত করা হইয়াছে এমন।

নুইয়া [প্রা° বাং। লৌহ > লোহ > নোহ+ইয়া (যুক্ত, লৌহ দ্বারা বদ্ধ > নোহইয়া > নুইয়া] বি, হাতে বা পায়ে লোহার বেড়ী বা বালা বা মল দেওয়া বলির ছাগাদি ; গাজনের "নুইয়া" পরা বলির পশু [ঐরূপ ছোট পশু অর্থে-**কোল-নুইয়া**। পুত্রবতী হইবার মানত করিয়া নুইয়া কোলে করিয়া ধর্ম্ম-ঠাকুরের জাগ গান শুনিবার প্রথা হ'তে নাম (বা° শ° কোষ)]।

নুকি [লুকন > লুকি দ্রঃ। ল=ন] বিণ, লুক্কায়িত। ২ বি, গোপন। "ও নুকি করতহি দেহা। অবহি ছোড়বি মোয় তেজবি লেহা॥"-বি° প°।

নুট [লুট (দ্রঃ) >। নোট ও°] বি, দেবতা বিশেষতঃ হরির উদ্দেশ্যে তুলসীতলায় লুটান বা ছড়ান বাতাসাদি মিষ্টান্ন।

নুটী [সং-লোষ্ট (ষ্ট্র) >। ল=ন। ক্ষুদ্রার্থে ঈ] বি, আঁটি ; নুড়ী। প্র-তালের নুটী বা নুড়ী। ২ মোট।

নুড়, নুড়া [সং-নড় >। "পোটগলস্তু ধমনৌ নড়ঃ"-হে°। অথবা হিং নিবালা > নওলা > নুলা > নুড়া। গ্রা° নুড়ো। "অমন বুড়োর মুখে নুড়ো জ্বালাতে হয়"] বি, নল তৃণ। ২ (>) তৃণ-গুচ্ছ ; ঘাসের আটি। ৩ গুচ্ছ : আটি।

নুড়কুৎ [প্রাদে°। পূ° বঙ্গে-নুরকুত] বিণ, যে কর্ম্মে সহায়তা করিতে পারে ; কার্য্যক্ষম। ২ পুত্র ; ছেলে। **হাত নুড়কুৎ**-কাজ কর্ম্মে সাহায্য করিবার মত ছেলে। প্র-ছেলেটি হাত নুড়কুৎ হয়ে উঠেছে।

নুড় নুড়ি-নুর নুড়ি দ্রঃ।

নুড়ি [সং-লোষ্ট্র > নুটী দ্রঃ।] বি, অখণ্ডিত ক্ষুদ্র শিল। "কভু সে রজত সোতে পাথরের নুড়ি পোতে"-কস্তুরী।

নুড়ো-নুড় দ্রঃ।

নুণ, নুন [লবণ >] বি, লবণ। "কাটা ঘায়ে নুন দিয়ে তামাসা তোমার"-কুঙ্কুম। ২ নুনে শাক। **~খরি** [খর (প্রখর)] বিণ,

অধিক লবণাক্ত ; অধিক নুন হেতু প্রখর বা তীব্র। নুং খাওয়া-প্রতিপালিত হওয়া : অপরের অন্নে পুষ্ট হওয়া ; উপকার পাওয়া। ~গোলা১-বিণ, লবণাক্ত; অতিরিক্ত লবণ-মিশ্রিত। ~গোলা২ [গোলা=মরাইয়ের মত গোল >] বি, লবণের গটী বা আড়ৎ।

নুত [নু (স্তব করা)+ত (র্ম)] বিণ, পূজিত। ২ প্রশংসিত। ৩ প্রণত।

নুতি [নু (স্তব করা)+তি (ভা০)] বি, স্তুতি ; প্রশংসা। ২ প্রণাম। ৩ পূজা।

নুদি [সং-তুন্দ > হিং তোঁদ ...] বি, স্থূলোদর ; মোটাপেট ; ভুঁড়ি। বিণ, নুদো -তুন্দিল ; ভুঁড়ো। "নুদো পেটা ভুঁদো দাদা মজবুৎ কথায়"-হেম।

নুনি, **নুনু** [হিং নুনী। হিং ননি, নঙ্গে (ছোট)] বি, শিশুর লিঙ্গ।

নুনিয়া [সং-লবণ > নুন+ইয়া > নুনিয়া >। ল=ন। সং-লোনী > ননি। গ্রা০ ননিশাক ও০। হিং লোনিয়া] বি, ছাচপাতা ক্ষুদ্র শাকবিঃ। নুনে শাক। ২ বিণ, লবণাক্ত।

নুনুড়ি [সং-নড় (অভ্যাসে) > নড়নড় > নন্নড় । ক্ষুদ্রার্থে-উ, ই যোগ] বি, ঘণ্টার জিহ্বা ; নুন্টি। উপজিহ্বা ; আল্‌জিভ্‌।

নুয়া১, **নোয়া১** [নুঅন দ্রঃ >। হিং নমানা] ক্রি, নত হওয়া। ২ বিণ, নত ; নম্রীভূত। "জলভারে ক্লান্ত হয়ে কাদম্বিনী পড়ে নুয়ে"-অশোক০। "দ্বারের পরে নুয়ে পড়ে নিম্ব শাখা"-রবী০।

নুয়া২, **নোয়া২** [লৌহ > লোহ > নোঅ > নোয়া > বিকারে নুয়া] বি, লোহা। ২ সধবার চিহ্নস্বরূপ করভূষণ।

নুয়ানি, **নোয়ানি** [নুআ দ্রঃ] ক্রি, নম্র করা ; নত করা। "নম্র হয়ে নারদেরে নুয়াইয়া মাথা। জিজ্ঞাসিলা যাদবেন্দ্র যদুচন্দ্র কোথা॥"-শিং।

নুর [আ০ নূর] বি, জ্যোতিঃ ; আলোক।

নুরী [হিং] বি, তোতা জাতীয় পক্ষী।

নুলা [হিং ললা দ্রঃ] বিণ, ক্ষুদ্র হস্ত-বিশিষ্ট। ২ ছিন্নহস্ত। "অবনী লুটায় অঙ্গ আগে দুই নুলা"-ঘং। ৩ ব্যাঘ্র বিড়ালাদির কর ও পদতল বা থাবা।

নূতন [নব+তন (স্বার্থে)। নব=] বিণ, নব্য ; অভিনব ; নবীন। বি, ~তা, ~ত্ব।

নূন [লবণ প্রাকৃ লোণ ...] বি, লবণ।

নূ (নু) নখালাসী [জমী পরিঃ] বি, যে লাখেরাজ জমী ৫০ বিঘার ন্যূন (কম) বলিয়া বাজেয়াপ্ত হয় নাই।

নূপুর [সং >] বি, পাদাভরণবিঃ। "নীলমণি তোর কেমন ... বাজে"-গান।

নূর [আং নূর] বি, জ্যোতিঃ ; রূপ। "গোসাই মন্দের মুখে হাত বুলাইয়া আপনার নূর দিলা দাড়ী গোঁফ দিয়া।"-অন্ন০।

নৃ [নী (লওয়া) +ঋ (র্ত্ত)] বি, নর ; পুরুষ। ২ মনুষ্য। ৩ পুংলিঙ্গসূচক শব্দ। ~কপাল [নৃ (নর)-কপাল] বি, নর-কপাল ; নরমুণ্ড। ~কুলবিদ্যা [রবী ঠাকুর উদ্ভাবিত] বি, নৃজাতিবিজ্ঞান; মানবজাতিতত্ত্ব ...। ~কেশরী [নৃ-কেশরী (সিংহ)] বি, নৃসিংহদেব। ২ নরশ্রেষ্ঠ। ~দুর্গ [নৃ (মনুষ্য) তার দুর্গ, ৬তৎ] বি মনুষ্য রথাদি বেষ্টিত নৃপদুর্গবিঃ, গড়। ~দেব [নৃ (মনুষ্যের) দেব (স্বামী), ৬তৎ, বা, নৃ (নরের মধ্যে) দেব (অষ্ট লোকপালের অংশভূত বলিয়া)] বি, নরপতি ; রাজা। ~ধর্ম্ম [নৃ (নরের) ধর্ম্ম, ৬তৎ] বি, মানবধর্ম্ম, মনুষ্যের কর্ত্তব্য। ~ধর্ম্মা-বি, কুবের। ~ধর্ম্মী-মানবধর্ম্ম পালক স্ত্রীং ~ধর্ম্মিনী। ~বরাহ [বরাহমুখ নরদেহ বলিয়া] বি, বিষ্ণুর বরাহ অবতার। ~বাহন [নৃ (নর) হইয়াছে বাহন (যান) যার, বহুং] বি, কুবের। ~মণি [নৃ (নরের বা নরমধ্যে) মণি ৬তৎ, ৭তৎ] বিণ, নরশ্রেষ্ঠ ; নরের রত্নস্বরূপ। "দেখিব কেমনে মোরে নিবারে নৃং"-মেঘ০। ~মুণ্ড [নৃ (নরের) মুণ্ড, ৬তৎ] বি, নরমুণ্ড ; মনুষ্যের মাথা ; নর-কপাল। ~মুণ্ডমালা-বি, মাল্যাকারে গ্রথিত নরকপাল। ~মুণ্ডমালী [নৃমুণ্ড মালিনশব্দ] বিণ, নরমুণ্ডের মাল্য ধারণকারী। > স্ত্রীং ~মুণ্ডমালিনী-নরকপাল মাল্য ধারিণী। ২ কপালমালিনী কালী। ~যজ্ঞ (নর) যজ্ঞ, ৬তৎ] বি, গৃহস্থদিগের প্রত্যহ কর্ত্তব্য পঞ্চ যজ্ঞের অন্তর্গত অতিথি-পূজন-রূপ যজ্ঞ। ~লোক [নৃ (নরাধিষ্ঠিত) লোক, ম০ প০ লো০] বি, নরলোক ; মনুষ্য-লোক ; পৃথিবী ; মর্ত্তলোক। ~হরি [নৃ-হরি (সিংহ) যা] বি, নৃসিংহ (দ্রঃ)।

নৃগ [ইতিং] বি, সং-ভাগবত গ্রন্থোক্ত সূর্য্য বংশীয় নৃপতিবিঃ।

নৃতি [নৃত্‌+ই (ভা০)] বি, নৃত্য।

নৃত্ত [নৃত্‌+ত (ভা০)। নাট্য দ্রঃ] বি, অভিনয়। ২ রসভাবহীন নৃত্য। ৩ [র্ত্ত] বিণ, নৃত্যকারী।

নৃত্য [নৃৎ (নাচা)+য (ভা০)। গ্রা০মেন্ত। নাট্য দ্রঃ] বি, পূর্ব্বকালে ব্রহ্মা ইন্দ্রের প্রার্থনাতে সকল বেদের সার আকর্ষণ করিয়া নাট্যবেদ নামে পঞ্চম বেদ সৃষ্টি করিয়াছিলেন। তিনি ঋগ্‌বেদের সার লইয়া গানের সৃষ্টি করেন, সামবেদের সারাকর্ষণ করিয়া শ্লোকের সৃষ্টি করেন, যজুর্ব্বেদের সার গ্রহণ করিয়া হস্ত পদাদি সঞ্চালনের নিয়ম করেন এবং অথর্ব্ব-বেদের সার লইয়া সকল রসের উৎপত্তি করেন। নাট্যবেদ সুতরাং চতুর্ব্বেদের সারাংশ। নৃত্য দুই প্রকার-স্ত্রীলোকের নৃত্যের নাম "লাস্য"; পুরুষের নৃত্য "তাণ্ডব"। ২ অভিনয়। নাচ দ্রঃ। ~গীত-বি, নাচ-গান। ~ৎ [নৃত্‌ (নাচা)+অৎ (র্ত্ত)] বিণ, নর্ত্তনশীল ; যে নাচিতেছে। ~পর [নৃত্য (নৃত্যে), পর (রত), ৭তৎ] বিণ নর্ত্তনশীল। > স্ত্রীং ~পরা-নর্ত্তনে আসক্তা। ~পরায়ণ [নৃত্য-পর (প্রধান)+অয়ন (অবলম্বন) যার, বহুং] বিণ নর্ত্তনদক্ষ ; নৃত্যপটু। > স্ত্রীং ~া। ~প্রিয় [নৃত্য হইয়াছে প্রিয় যার, বহুং] বি, শিব। ২ বিণ, নর্ত্তন প্রিয় ; যে নাচিতে বা নাচ দেখিতে ভালবাসে। > স্ত্রীং ~প্রিয়া। ~শালা [নৃত্যের শালা (গৃহ), ৬তৎ] বি, নাট্যশালা ; নৃত্যগৃহ ; নাচঘর।

নৃপ [নৃ (নর) পা (রক্ষা করা)+অ (র্ত্ত)। গ্রা০ নেপো] বি, রাজা ; নৃপতি ; নরেন্দ্র। ~কুমারী-বি, রাজকন্যা। ~তনয়া-বি, রাজবালা। ~তি (-পী) [নৃ (নর)-প

(পালক)] বি, নরনাথ ; নরপতি ; ভূপাল। **~দ্রুম** [সং] বি, আরগ্বধবৃক্ষ; বড় সোঁদালগাছ ; সোণালুগাছ। বানরলাঠি, বানরনড়ী বা রাখালনড়ী গাছ। হিং আমলতাস। **~নন্দন**-বি, রাজপুত্র। **নন্দিনী**-বি, রাজকন্যা। **~বর** [নৃপ (মধ্যে)। বর (শ্রেষ্ঠ), ৭তৎ] বিণ, রাজশ্রেষ্ঠ। **~বল্লভ** [আয়ুং] বি, বৈদ্যকশাস্ত্রোক্ত ঔষধবিঃ। ২ ঘৃতবিঃ। ৩ [নৃপ (র) বল্লভ, ৬তৎ] বিণ, রাজপ্রিয়। **~মণি** [নৃপ (র) মণি (শ্রেষ্ঠ), বা নৃপ (মধ্যে) মণি, ৭তৎ] বি, নরশ্রেষ্ঠ ; রাজেন্দ্র প্রাং বাং গ্রাং নিপমনি। "পাট নেত বস্ত্র আদি দিল নিপমনি।"-শূং পুং। **~সুত** [নৃপের সুত (পুত্র), ৬তৎ] বি, রাজপুত্র। > স্ত্রীং **~সুতা**-বি, রাজনন্দিনী ; নৃপতনয়া ; রাজকন্যা। "নৃপসুতা করপুটে স্তুতি করে দ্রুত উঠে।"-বাসবদত্তা।

নৃপাংশ [নৃপ (র) + অংশ, ৬তৎ] বি, নরপতির প্রাপ্য কর। ২ রাজপুত্র ; নৃপতনয়।

নৃপাত্মজ [নৃপ (র) + আত্মজ, ৬তৎ] বি, নৃপনন্দন ; রাজপুত্র ; রাজকুমার। স্ত্রীং ~া-রাজকুমারী। ২ কটুতুম্বী।

নৃপাল [নৃ-পা + ণিচ=পালি (পালন করা) + অ (র্তৃ)] বি, নরপালক ; রাজা।

নৃপাসন [নৃপ (র) + আসন, ৬তৎ] বি, সিংহাসন ; মণিনির্ম্মিত আসনবিঃ। ২ ভদ্রাসন।

নৃশংস [নৃ (নর) শনস্ (হিংসা করা) + অ (র্তৃ), যে মানবদিগকে হিংসা করে] বিণ, নির্দ্দয় ; ক্রূর। ২ পরানিষ্টকারী। > স্ত্রীং ~া। **~তা**-বি, নরহিংসা ; ক্রূরতা।

নৃসিংহ [নৃ (নর অথচ) সিংহ (কেশরী), ধা, বা, নর প্রায় সিংহ অথবা সিংহবৎ নর, উপমিত ধা] বি, বিষ্ণুর অবতার ; ইঁহার অর্দ্ধাঙ্গ নরাকার এবং অর্দ্ধাঙ্গ সিংহাকার। ২ [নৃ (নর মধ্যে) সিংহ (প্রধান), ৭তৎ] মনুষ্যপ্রধান। **~চতুর্দ্দশী**-বি, বৈশাখমাসের শুক্লা চতুর্দ্দশী, যে তিথিতে নৃসিংহদেব আবির্ভূত হইয়া হিরণ্যকশিপুকে সংহার করিয়াছিলেন। **~দেব**-বি, নরসিংহ অবতার। **~পুরাণ**-বি, নৃসিংহদেবের মাহাত্ম্য বর্ণনাত্মক উপপুরাণবিঃ।

নে১ [নেওয়া দ্রঃ। মং পুং তুচ্ছার্থে। গ্রাং নেও, সাধুভাষায় 'লও'। সম্ভ্রমার্থে গ্রাং নিন, সাধুং লউন] ক্রি, ধর্ ; গ্রহণ কর্। প্র-ছেলেকে কোলে নে। ২ লইয়া যা। "সারথিরে বলে দ্রুত, কৃষ্ণের নিকটে নে ত, দর্প চূর্ণ করিব তাহার॥"-শিং। ৩ অ, নিষেধাত্মক অব্যয়। "গোলাপ ফুল ফুটে আছে মধুপ হোতা যাস্‌নে। ফুলের মধু লুটিতে গিয়ে কাঁটার ঘা খাস্‌নে।"-রবীং। ৪ নঞ্ অর্থে, না। "কেন এলিরে ভালবাসিলি ভালবাসা পেলিনে। কেন সংসারেতে উঁকি মেরে চলে গেলিনে।" -রবীং। ৫ থাক্ ; যা' হয়ে গেছে তা যাক্ ; গত বিষয়ের আলোচনায় আবশ্যক নাই এখন যা কর্ত্তব্য-তাই কর এই অর্থে। প্র-নে, আর ঠাট্টায় কাজ নেই। নে, ঢের হয়েছে। নে, এখন ওসব কথা থাক্।

নে২ [নেহ দ্রঃ] বি, স্নেহ।

নেঅটা, নেউটা১, নেওটা [সং-স্নেহ=নেহ > নেঅ + আত্ত বা আকৃষ্ট > নেওটো দ্রঃ] বিণ, অনুরক্ত। ২ অনুগত ; বশীভূত। ৩ পোষা।

নেঅন্ত [সং-নী (লওয়া) ধাতুর প্রং পুং নেয় ; প্রাং বাং সম্ভ্রমার্থে নেঅন্ত। তুল-লয়েন্ত] ক্রি, গ্রহণ করেন ; লয়েন। "প্রবীরে নেয়ন্ত ঘোড়া ধরি ততক্ষণ॥"-মহাং (শ্রীকরণ)।

নেআ [প্রাংবাং। নেওয়া, নেয়া, লওয়া দ্রঃ। ল=ন। উং পুং নেই (নি, নেও)=লই। মং পুং নেও (নে, নেহ)=লও (সম্ভ্রমে-নেন=লয়েন, অবজ্ঞায়-নিস=লইস)। প্রং পুং নেঅ, নেয় (নৈন) ; অস-ক্রি, নিতে ; নিয়া (গ্রাং নিয়ে)। "এহা অভরণ কাহ্ণাঞি সব মোর নে"-শ্রীং কীং। "সমুচিত নেহ মোর দানে"-ঐ। নৈল=লইল। "মাথে নৈল করপূর পানে।" -শ্রী কীং। নিলেঁ=লইলে। নৈলোঁ=লইলাম। "নৈলোঁ মহাদান"-শ্রীং কীং।

নেআঅ [সং-ন্যায় > প্রাং বাং] বি, বাদবিতণ্ডা ; বাক্‌কলহ ; তর্কাতর্কি। "আশেষ নেং জুড়ি"-শ্রীং কীং।

নেআলী [নবমল্লিকা > সং প্রাকৃং নোমালিআ > বাং প্রাকৃং] বি, নবমল্লিকা।

নেই [হিং নহী] অ, নাহি (দ্রঃ)।

নেই-আঁকড়া, -আঁকড়ে [নাই আঁকড়া দ্রঃ। অথবা সং-আত্মন > আমি > আঁই > নাই + আ (স্বার্থে) > নাইয়া (আত্মনঃ=আপনারটি) + আঁকড়া (তুল-নাছোড়বান্দা) > নেয়েআঁকড়া > এঁয়েঁনাকড়া (-ন্যাকড়া)। কেঁয়েনাকড়া ও (আঁয় > কাঁইয়া প্রকৃতির ভাব হতে কেঁয়ে)। তুল-নেই-আঁকুড়ে (নাই does not exist) argumentative (মং বাং নিয়াই আঁকড়িয়া < ন্যায় ইং)-O.D.B.L. বাং শং কোষ] বিণ, অন্যের প্রতিবাদ বা যুক্তি না মানিয়া নিজের যুক্তি বা মত যে আঁকড়িয়া বা দৃঢ়ভাবে ধরিয়া থাকে ; না-ছোড় বান্দা ; একগুঁয়ে ; জিদ্দী। স্ত্রীং নেই আঁকড়ী। বি, নেই-আঁকড়ামি।

নেউগী [সং-নিয়োগী >] বি, নবাব সরকারের কর্ম্মের পুরস্কার স্বরূপ সম্মানাত্মক উপাধিবিঃ। "উই চারা খাই পশু নামেতে ভালুক। নেউগী চৌধুরী নহি না করি তালুক।"-কবিকং।

নেউছয় [ব্রজং। নেওছাবর দ্রঃ] ক্রি, নির্ম্মঞ্ছন করে। "কত কত লখিমা চরণতল নেউছয় রঙ্গিনি হেরি বিভোরি।"-বিং পং।

নেউট নেউধ [সং-নিবর্ত্তন >] বি, ফিরন। ২ যাতায়াত। নেউট (নেউধ) পাড়া [ট=ধ] ক্রি, ক্রমাগত যাতায়াত করা] পথ ফেলা। ২ [তুল-হিং নাতা (ঘনিষ্ঠতা)। যাওয়া আসা দ্বারা ঘনিষ্ঠতা করার চেষ্টা করা।

নেউটন-নেউটা দ্রঃ।

নেউটা২ [নেউট (দ্রঃ) + আ (ক্রিয়ার্থে)। নেউটি, নেউট, নেউটে ; নেউটিতে ; নেউটিয়া (ক্ষেং গ্রাং নেউটে)] ক্রি, প্রত্যাবর্ত্তন করা ; ফেরা ; প্রত্যাবৃত্ত হওয়া। "নেউটিয়া রণে বীর আইল নিমিষে।" -কৃত্তিং। নেউটিয়া আইসে ধন সুত বন্ধুজন। না নেউটে পুনরপি জীবন যৌবন।"-কবিকং। "শৃগালের শব্দে যেন সিংহ নেউটিল।"-মহাং (কাশীং)। ২ পাল্টান ; অন্যথা হওয়া ; উল্টান ; নড়চড় হওয়া। "কহিল

বচন আমি আর না নেউটে।"-মহা° (কাশী°)। বি,নেউর্ট ন [হি°লওটনা। তুল -হি° লওটায়া=বাং-নেউটিয়া] প্রত্যাবর্ত্তন : ফেরা। নেউটিয়া [ক্ষে°নেউটি প্রাদে° উচ্চারণে নেউলিয়া। "নেউলিয়া রাজচন্দ্র দেখিল চাহিয়া"-মৈ° গী°] ফিরিয়া। "যে সব রতন তুমি আমার কারণ সঞ্চয় করেছ তাহা করিনু গ্রহণ॥ সীতা আর উর্ম্মিলা আমার কন্যা দুটি। এ দোঁহে এ রত্ন ভেট দিলাম নেউটি॥" -রামা° রাজ°।

নেউড়ানি- নেবড়ান দ্রঃ।

নেউধ-নেড়্ট দ্রঃ।

নেউল [সং-নকুল >] বি. বেঁজ। "নে° প্রমাণ বীর হইল মায়াতে।"-কৃত্তি°। ২ চরণালঙ্কারবিঃ।

নেউলিয়া-নেউটা₂ দ্রঃ।

নেও₁ [নাহাইও > ক্ষে°] ক্রি, স্নান করিও (নাওয়া দ্রঃ)। "সে জলে আর কেহ নেও না।"-সুপ্রভাত, ১৩২০।

নেও₂ [সং-নেমি > হি° নীব্ নেব্ নে (বুনিয়াদ)। তুল-"নেও ডালনা, নে খোদনা ই°"] বি বুনিয়াদ foundation.

নেও₃ [নম্য (নমনীয়) >] বিণ, যা নুইয়া যায় ; নরম। প্র-নেও কাঁঠাল (তুল-বিপরীত-খাজা কাঁঠাল)।

নেও₄ [নেওয়া দ্রঃ। লও > গ্রা° রূপ উচ্চারণ ভেদে নাও, ন্যাও] ক্রি, গ্রহণ কর। ২ অ, অযৌক্তিক অন্যায়, মিথ্যাব প্রতিবাদ ই° স্থলে বিস্ময় সূচক অব্যয় ; দেখ একবার। প্র-নেও কথা!

নেওছাওর [হি° নেওছাবর, নছাবর] বি, নির্ম্মঞ্ছন ; উৎসর্গ।

নেওট [নেউটা দ্রঃ] বিণ, অনুরক্ত। "ভাল যদি চাহ আমা লয়ে যাহ সাথে। বাপ্ নেওট ছেলে আমি নারিব পড়াতে।"-শিঃ।

নেওয়া₁ [লেপন > নেপা > নেবা] বি, কোমল স্তর ; প্রলেপ। "পাণের বুকে চূণের নেওয়া দিয়া। হেট খিলি উপর খিলি মাইলে তুলিয়া॥"-মাণিক°।

নেওয়া₂ [লওয়া (দ্রঃ) ধাতুর ল গ্রা উচ্চারণে ন। নি. নাও (নেন, নিস), নের (নেন) : নিতে. নিয়া (গ্রা° নিয়ে) ণিজন্ত-নেওয়ানি] ক্রি লওয়া : গ্রহণ করা

নেওয়া₃ [উ° বঙ্গ° প্রাদে°] বি, আতা ফল [বঙ্গীয় শব্দসিন্ধু]।

নেওয়াইজ পাতা [প্রা° বাং। প্রাদে°] বি কলার আগপাতা : আওট পাতা। "এক নেওয়াইজ পাতা আনিল যোগাইয়া "-মাণিক°।

নেওয়ার-নেয়ার দ্রঃ।

নেওর [নীহার > গ্রা°] বি. নীহার।

নেওলা [নাবাল (দ্রঃ) >] বিণ. নিম্ন ; নীচু।

নেং [সং-লঙ্গ (খঞ্জ হওয়া) > (ভগ্নপদ অর্থে) লং > নং. নেং (বিদ্রূপে)। তুল-নুলা (ভগ্নহস্ত), হি° লঙ্ড়া. ফা° লঙ্ (খঞ্জ)] বি. ভগ্নপদ। ২ [প্রাদে° ২৪ পরগণা] পদ : পা। ল্যেঙ্গ দ্রঃ। হি° টাঙ্ অর্থে পা। ~নেং-অ, পায়ের পর পা ফেলিয়া বা বাড়াইয়া চলা। ২ পশ্চাদনুগমন করা। ৩ ডিঙ্গাইতে ডিঙ্গাইতে চলা। নেং বাড়ানি-ক্রি, ভাঙ্গা পা বাড়ান (নেংড়ান নেংচান দ্রঃ)। নেং মারা-লাফ দেওয়া। ২ ডিঙ্গাইয়া চলা। ৩ লাথি মারা।

নেংচানি [সং-লঙ্ (খঞ্জ হওয়া) > লংচ+আন (ক্রিয়ায়) >। হি° লঙ্ড়ানা। ল=ন। নেংচাই, নেংচাও, নেংচায় ; নেংচাইতে ; নেংচাইয়া (ক্ষে° নেংচিয়া, গ্রা° নেংচে)] ক্রি, খোঁড়ান ; খঞ্জবৎ চলা। "ঠকচাচা নেংচে নেংচে আসিয়া তাঁহাদিগের সম্মুখে পৌছিল।"-টেকচাঁদ।

নেংট [সং-নগ্ন-নংট > অবজ্ঞার্থে-নেংটা দ্রঃ] বিণ, নগ্ন : বিবস্ত্র ; উলঙ্গ ; উদম।

নেংটা, নেঙ্টা [সং-নগ্নাট ; অথবা হি°"লম্ব্ টাঙ্গা" (লম্বা পা)-যার অনাবৃত লম্বা লম্বা পা দেখা যাইতেছে। চট্টল° লেংটা] বিণ, উলঙ্গ। "নেঙ্টা হ'য়ে শিঙ্গা বাজায় শাশুড়ীর কাছে। এমন পাগল নাকি ত্রিভুবনে আছে।"-শি°। ২ নিঃস্ব ; পরিধানের বস্ত্র পর্য্যন্ত যার নাই এমন দরিদ্র। প্র-নেংটাকে নাই বাটপাড়ের ভয়। ৩ নির্লজ্জ ; বেহায়া। প্র-নেংটাপনা।

নেংটি₁ [হি° লঙ্গোট > লেংটি ল=ন] বি, ছিন্নমলিন বস্ত্র : টেনা : কৌপীন। ~মারা-বিণ কৌপীনের মত করিয়া কাপড় পরা। ২ [অবজ্ঞায়] কপ্নি-পরা : কপ্নি-পোঁদা ; যার কাপড় মোটে জোটে না এমন দরিদ্র।

নেংটি₂ [সং-লিঙ্গালিকা > লেঙটিয়া > নেংট্যে > নেংটি] বি. ছোট ইঁদুর mouse.

নেংড়া-নেঙ্গড়া দ্রঃ।

নেংড়ানি-নেঙ্গড়ান দ্রঃ।

নেংলা [প্রাদে°] বিণ. অশোভন কৃশ। ~গেংলা-ক্ষুদ্রাশয় ও কুৎসিৎ।

নেকচ-ট-বিণ, অতিসিদ্ধ বা গলা ভাত।

নেকড়া, -রা [সং-নক্তক >] বি. ছিন্নবস্ত্র : কানি। ~কানি-ছেঁড়া খোঁড়া কাপড় চোপড়। নেকড়ার আগুন-যে আগুন সহজে নিবে না এবং ধুমাইয়া ধুমাইয়া জ্বলিতে থাকে। ২ [লক্ষ°] যা সহজে ছাড়ে না।

নেকড়িয়া, নেকড়ে [হি° লকড়-বগ্ঘা, ভেড়িয়া] বি, ব্যাঘ্রবিঃ ; গোবাঘা।

নেক-নজর [ফা° নেক্ নজর] বি, শুভদৃষ্টি : কৃপাদৃষ্টি ; অনুগ্রহদৃষ্টি। "আপিসের মধ্যে যাহারা ভাগ্যক্রমে বড় বাবু হইয়া দাঁড়ান সাহেবের নেক নজরের লোক হন।"-হরিসাধন মুখো° (স্বর্ণ প্রতিমা)।

নেকরা [ফা°-নখ্‌রা] বি, হাবভাব বা ছলা। ২ রঙ্গ ; কৌতুক। ৩ নির্ব্বুদ্ধিতা প্রকাশ : নেকামি।

নেকা [গ্রা°। ল=ন] লেখা দ্রঃ। ~পড়া-লেখাপড়া। "গলায় দড়ি তোমার অমন নেকা পড়ায়।"

নেকা [ফা° নেক (খুব ভাল মানুষ বা সাধু। তুল-ইং too good) >] বিণ, নির্ব্বোধ। ২ অজ্ঞতা ও সাধুতার ভাণকারী। ৩ সস্পষ্টবাক্ ; যে বাঁকা বাঁকা কথা কয়। স্ত্রীং নেকী। ~পনা [নেকা (দ্রঃ)-পনা। তুল-ফা° নেকী, হি° নেকপন্] বি, নেকামি ; অজ্ঞতার ভাণ। ~মি,-মি বি, ন্যাকার ভাব; অজ্ঞতার ভাণ; নেকাপনা; নেকার মত আচরণ।

নেকাচোকা [লেখাজোকা দ্রঃ] বি, হিসাব কিতাব। ২ বিণ, হিসাব করিয়া লিখিত।

নৈকার, ন্যাকার [সং-ন্যক্কার > নাকার, নে-, ন্যা-] বি, বমন; উদ্গিরণ; বমি। "সে করে আমার নামে "নেকার নেকার"-কুক্কুম। "গোদে তেল দিয়া কত তুলিব নেকার"-কবিক°। ~নৈকার-অ, নেকারের উপক্রম; বমিবমি। > গা নৈকার নৈকার করা [তুল-হিং জী মচ্‌লানা] বমনের উপক্রম হেতু শরীর অস্থির হওয়া। ~মাত [নেকার ও মাত (বান্ত-বাঁত-মাত)] ব্যাপ্ত্যর্থে একার্থক শব্দদ্বয়ের প্রয়োগ। মাত নেকারের সহচর] বি, প্রচুর পরিমাণে বমন করিয়া ছড়ানর ভাব।

নেকো [নাকুয়া > ক্ষে° গ্রা°] বিণ, নাকওয়ালা; লম্বনাসিক।

নেগে [হিং লাগে। বাং গ্রা° উচ্চারণ-ভেদে ল=ন। লাগিয়া > লেগে > নেগে] অ, লাগিয়া; নিমিত্ত; জন্য। "তোমার নেগে গড়িয়ে দিব রত্ন সিংহাসন।" "কি নেগে কাঁদিস্‌রে বাছা কি ধন তোমার চাই।" ২ লাগিয়া; ঠেকিয়া; আঘাতে।

নৈঙ [নেং দ্রঃ] বি, পদ; জঙ্ঘা। ২ [হিং ফলঙ্গ] দীর্ঘ করিয়া পদ ক্ষেপণ; লম্ফ।

নৈঙচা [হিং লঙ্গ্‌ (খঞ্জ) + সা (সাদৃশ্যে), ল=ন, স=চ] বিণ, খঞ্জ প্রায় ক্রি, নৈঙচানি [হিং লংগ্‌ড়ানা] ক্রি, খুঁড়াইয়া চলা; খঞ্জের মত পা ফেলিয়া চলা।

নৈঙা, নৈঙ্গা, নৈটা [নেঙ্গড়া দ্রঃ] বিণ, যার বামহস্তে বলাধিক্য।

নৈঙো [অশিষ্ট। নাঙ + উআ] বিণ, উপপতি সম্বন্ধীয়। ~বাই-স্ত্রীর উপপতি আছে এই সন্দেহ জনক বাতিক বা ব্যাধি।

নৈঙ্গড়া₁ [হিং লঙ্গড়া। ফা° লঙ্গ্‌ (খঞ্জ)] বিণ, খঞ্জ; পাদবিকল; খোঁড়া।

নৈঙ্গড়া₂-লেঙ্গড়া দ্রঃ।

নেঙ্গড়ানি, নিঙড়ানি [হিং লঙ্গড়ানা। নেঙ্গড়া দ্রঃ] ক্রি, নেংচে চলা; খোঁড়ান।

নেঙ্গি, লেঙ্গী [উলঙ্গ > হিং লাঙ্গা > নাঙ্গা >] বিণ, খোলা; খাপ খোলা; উন্মুক্ত। প্র-নে(লে)ঙ্গি তরুওয়াল।

নেঙ্গুড় [লাঙ্গুল > হিং লেঙ্গুড়, বাং -লেজুড়] বি, পুচ্ছ; লেজ।

নৈজ [সং-লঞ্জঃ ('কচ্ছ' ইতি হেমচন্দ্র, 'পুচ্ছ' ইতি জটাধরঃ) >] বি, পুচ্ছ; লেজ।

নের্জক [সং-নিজ্‌ (শোধনে)] বিণ, শোধক; পরিষ্কারক। ~ন-বি, ধৌত করণ; শোধন।

নেজনা [ফা° নেজা (অস্ত্রের সূক্ষ্ম মুখাংশ; ফলা) অথবা লেজ > নেজ + না (সাদৃশ্যে), যে অংশ লেজের মত যুক্ত হয়] বি, লাঙ্গলের ফলা। "জোলুয়ে নেজ্‌না যুড়ি মুড়ে রাখে আল। ঈষ ধরে পাশী মেরে পরাইল ফাল॥"-শি°

নেজা₁ [ফা° নেজা] বি, সূক্ষ্মমুখ অস্ত্রবিঃ; ভল্ল। বড়সা ২ বাঁটুল; বাণ। "ঘোঁটা দিয়া বিন্ধে রেঝা ছাড়িতে শিখায়ে নেজা চামের ঢোপর শোভে শিরে"-কবিক°।

নৈজা₂ [নেজ (দ্রঃ) + আ (ক্ষুদ্রার্থে)] বি, মৎস্যাদির পুচ্ছভাগ; লেজের দিক্‌। প্র-নেজা মুড়া বাদ দেওয়া।

নেজামৎ [ফা° নিজামৎ] বি, নাজীমের দপ্তর। ২ নবাব নাজীরের পদ। বিণ, নেজমতী।

নেজুড় [লেজুড় দ্রঃ। হিং লেঙ্গুড়] বি, কৃত্রিম লেজ; কাপড়ের লেজ-"লাঙ্গুলে বেঁধেছে ভালো সভ্যতা নে°"-হেম°।

নেওছাবর [নির্ম্মঞ্ছন >। প্রা° বাং] বি, নেওছাবর; উৎসর্গ। "নয়নক নি° নব অরবিন্দ"-বি° প° (ন° গুপ্ত)।

নেঞ্জা [নিরঞ্জন > ভ্রং] বি, ধর্ম্মঠাকুর নিরঞ্জন।

নৈঞ্জার [সং-লঞ্জ (পুচ্ছ)-ওয়াড় বা আড়; গ্রা° বাং-ল=ন, আড়=আর (লেজুড়বৎ যা লাগিয়াই থাকে ও যাকে ছড়ান যায় না তা হতে অর্থ সম্প্রসারণে)] বি, লেজুড়; লটবহর। ২ ঝঞ্ঝাট; লেঠা। ৩ জড়ীভূতা-বস্থা। বিণ, ~নী-অপোগণ্ড ছেলে পুলে ইং লইয়া সংসারে জড়িত ও ক্লিষ্ট।

নৈটা [হিং লওটা (উল্টা, বিপরীত)। অসমীয়ায় "লেবেরা" (বাম)। তুল-অসমীয়া -"লেবেরাহতীয়া" হিং বাঁয় হাত্তা left-handed.] বিণ, সব্য; যার বাম হাত বেশি চলে; বাঁহাত দিয়া যে কাজ করে; নেঙা।

নৈটানি [সং-লতা > লতান, উচ্চারণ বিকারে নতান পরে নাটান, নেটান অথবা সং লড্‌ > হিং লটনা >] ক্রি, লতাইয়া পড়া; শ্রমকাতর বা উত্থানশক্তিহীন হইয়া লতার মত পড়িয়া থাকা। "নেশার জোরে পা নেটিয়া পড়িল"-টেকচাঁদ।

নেটিপেটি [সং-স্নেহ প্রীতি লিপ্ত > স্নেহ > নেহ + লিপ্ত + ই (স্বার্থে) > লিটি > ক্ষে° নেটি + (সহচরার্থে) পেটি (প্রীতি)] বিণ, স্নেহ-জড়িত; স্নেহবদ্ধ; অতি ঘনিষ্ঠ; নিরভিমান। "নেটিপেটি সো অভিমানী দো"-প্রবচন।

নেটুয়া, নাটুয়া, নেটো [নট > নাট + উয়া] বিণ, নট; নর্ত্তক; নাট্যাভিনয়-কারক। ২ ভণ্ড।

নৈঠা [লেঠা দ্রঃ। গ্রা° ন্যাটা] বি, ঝঞ্ঝাট। ২ নতা; ছুতা। "পিরুদাই প্রবোধে কথার দিয়া নেঠা। এখনি প্রসব হবে চাঁদ প্যারা বেটা॥"-ঘ°।

নৈড় [সং-লেণ্ড >] বি, লম্বাকৃতি আঁটাল মল; অতরল লম্বাকৃতি বিষ্ঠা।

নৈড়া, ন্যাড়া [সং-নগ্নাট > নাণ্ডা (প্রা° বাং)। তুল-হিং মুণ্ডা] বিণ, মুণ্ডিতকেশ। ২ নগ্ন; অনাবৃত; উলঙ্গ। ৩ অলঙ্কারহীন; নিরাভরণ। "টীকি কাটি নেড়া মাথা এ যুক্তি কেমন"-ভারত°। "রৌদ্র গিয়া পেটে ঢোকে ন্যাড়া মাথা ফুঁড়ে"-ঈ° গুপ্ত। ৪ বি, বৈষ্ণব সম্প্রদায়ভুক্ত মুণ্ডিতমস্তক সাধক। ৫ ভিক্ষুকবিঃ। স্ত্রীং নেড়ী₁। ৬ [বিদ্রূপার্থে] শ্রমণ। > স্ত্রীং নেড়ী₂-শ্রমণা; বৌদ্ধ-ভিক্ষুনী। ২ বিণ, মুণ্ডিতকেশা। ৩ ছদ্মবৈষ্ণবী; গায়িকাবিঃ। ~নেড়ী [নেড়া দ্রঃ] বি, মুণ্ডিতকেশ বৈষ্ণব বৈষ্ণবী। ২ ভেকধারী বৈষ্ণব বৈষ্ণবী। ~নেড়ীর দল -বৈষ্ণবদিগের যে সম্প্রদায়ে স্ত্রী পুরুষ কেশ মুণ্ডন করে। ২ ছদ্ম বৈষ্ণব বৈষ্ণবীর আকারে

গায়ক গায়িকার দল। ~বোঁচা-বিণ, আভরণে বঞ্চিত ; সাজসজ্জাহীন। ~মুড়া-বিণ, নগ্নবেশ ও মুণ্ডিতকেশ। ২ বিণ, ছিন্ন-পত্র-পল্লব ও ভগ্নশাখ। ৩ [লক্ষ°] কাটিয়া ছাঁটিয়া বা বাদ দিয়া কৃত-সংক্ষেপ।

নেড়াপোড়া [মেঢ়া > নেড়া ; কৃষ্ণ কর্তৃক নিহত মেঢ়া দৈত্যের দেহে অগ্নি সংযোগরূপ ব্যাপার হ'তে] বি, চাঁচর ; দোলযাত্রার পূর্ব্ব দিনে অনুষ্ঠেয় অগ্ন্যুৎসব ; মেঢ়াপোড়া।

নেড়াসিজ-বি, তেকাঁটা সিজ।

নেড়ীভেড়ী [নড়িয়া ভোলা দ্রঃ]। গ্রা°। অবজ্ঞার্থে] বি, সামান্য লোক ; তুচ্ছলোক ; ইতরলোক ; গরীবগুর্বা।

নেড়ে [নেড়া >। হিন্দুর টিকি রাখা ও মুসলমানের মস্তকের সম্মুখভাগ নেড়া হওয়ার প্রথা > নেড়া > অনাদরে, নেড়ে] বি, মুসলমান ; যবন। পাতিনেড়ে [পাতি (ছোট) নেড়ে। তুল-পাতি-নেবু, পাতিহাঁস, পাতি দ্রঃ] নিম্নশ্রেণীর মুসলমান।

নেত [সং-নেত্র > নেত। তুল-ই° net.] বি, বস্ত্রবিঃ; অংশুক ; সূক্ষ্মবস্ত্র ; সূক্ষ্মপট্টবাস ; গরদ। "কেহ নেত কেহ শ্বেত কেহ পাট সাড়ী। কুঙ্কুম চন্দন দুর্ব্বা বাটা করি ভরি।"-কবিক°। "বান্ধিয়া কালীর পুচ্ছ নেতের অঞ্চলে।"-কেতকা°। "সঘ্য গুলাগুলি পড়ে নেতের পতাকা উড়ে ধবল আসনে নিরঞ্জন।"-শূ° পু°। ২ কাপড় ; বস্ত্র। "নেত ছিড়িয়া বিপুলা জ্বালাইল বাতি।"-মনসামঙ্গল (নারায়ণ দেব)। নের্তর-রেশমী কাপড়ের। "নেতর পতাকা"-রমাই পণ্ডিত। ~ধটি, ~ধড়ী, ~পাটোল, ~বসন,-বান লাসী- রেশম নির্ম্মিত সূক্ষ্ম বস্ত্রভেদ।

নেতা১ [নী (লইয়া যাওয়া)+তৃ (তৃ) =নেতৃ ১মা, ১ব°] বিণ, যে লইয়া যায় ; পরিচালক। ২ পথপ্রদর্শক। ৩ নির্ব্বাহক ; সম্পাদনকারী। ৪ [সং-নেত্র >] নায়ক ; অধ্যক্ষ। ৫ স্বামী ; প্রভু। স্ত্রীং নেত্রী১-পরিচালিকা। ২ নায়িকা।

নেতা২ [সং-নক্তক > প্রাকৃ° নত্তঅ >। হি° লত্তা] বি, জীর্ণ মলিন বস্ত্রখণ্ড ; কানি ; ঘর নিকাইবার ছেঁড়া কাপড়।

নেতাড় [সং-লগ্ন + আড় (ক্রমাগত হওয়া বা প্রবাহ অর্থে) > লেগ্গাড় ক্রমে "নেতাড়", পরে নেতুড়। তুল-হি° লগাতার] বি, একের সহিত অন্য সংলগ্ন হইয়া যা ক্রমাগত চলিয়াছে ; সংলগ্নতা।

নেতানি [লতান দ্রঃ > নতান > গ্রা° নেতা°]। নেতাই, নেতাও, নেতায় ; নেতাইতে ; নেতাইয়া (কে° গ্রা° নেতিয়ে)] ক্রি, লতার মত কৃশ হওয়া ; লতাইয়া পড়া। ২ অবসন্ন হওয়া।

নেতিকর্ম্ম [যোগশা°] বি, যোগশাস্ত্রীয় ষট্ কর্ম্মের বিধানবিঃ - মার্জ্জিত সূক্ষ্ম-সূত্র নাসারন্ধ্রে প্রবেশ করাইয়া মুখ দিয়া বহির্গত করণ (ইহা খেচরী মুদ্রা সিদ্ধির কারণ তদ্দ্বারা উত্তম দৃষ্টি লাভ হয়)।

নেতুড়-নেতাড় দ্র.

নেতৃত্ব [নেতৃ+ত্ব (ভাবে)] বি, নেতার কার্য্য ; পরিচালনা ; অধ্যক্ষতা।

নেত্ত-নৃত্ত দ্রঃ।

নেত্র [নী (নয়নে, প্রাপণে)+ত্র (পে) যদ্দ্বারা বস্তুর জ্ঞান প্রাপ্তি বা অস্তিত্ব বোধ হয়] বি, নয়ন ; অক্ষি ; চক্ষু। ২ [শিবের ও শক্তির তিন নেত্র অথবা বেদত্রয়ী জ্ঞানের তিনটী নেত্রস্বরূপ সুতরাং নেত্র বলিতে তিন সংখ্যা বুঝায়। তুল-"একে চন্দ্র, দুএ পক্ষ, তিনে নেত্র"] তিন ; ৩ এই সংখ্যা। ৩ নায়ক ; পথপ্রদর্শক [দ্রঃ-সং-তে রথ, পথ, বস্ত্র, রক্ষক ই° অর্থে চলিত কিন্তু বা°-য়, প্র°অ°]। স্ত্রীং নী২-লক্ষ্মী ; নারী ; নদী। ~কোষ বি, নেত্রগোলক। ~গোচর [নেত্রের গোচর, ৬তৎ] বিণ, দৃষ্টিগ্রাহ্য ; দৃষ্ট। ~গোচর করা-দেখা। ~গোচর হওয়া-দৃষ্টিপথে পতিত হওয়া। ~চ্ছদ [নেত্রের ছদ(আচ্ছাদন),৬তৎ] বি, নেত্রপল্লব। ২ চোখের পাতা। ~জন [বৈজ্ঞা°পরি:]বি, নাইট্রোজেন nitrojen ; যবক্ষার জান[দ্রঃ-যবক্ষার অর্থে carbonate of potash কিন্তু nitrojenএর পরিভাষায় যবক্ষারজান চ°] ~পল্লব [নেত্রের পল্লব, ৬তৎ] বি, চোখের পাতা। ~পাত-বি, দৃষ্টিপাত ; দর্শন। ~মল [নেত্রের মল, ৬তৎ] বি, চোখের পিঁচুটি। ~রঞ্জন [নেত্রের রঞ্জন (রাগদ্রব্য), ৬তৎ] বি, অঞ্জন ; কাজল ২ সুর্ম্মা। ৩ বিণ, নয়নের প্রীতিকর।

নেত্রান্ত [নেত্র+অন্ত, ৬তৎ] বি, চক্ষুর প্রান্তভাগ ; অপাঙ্গ।

নেত্রাম্বু [নেত্র+অম্বু (জল), ৬তৎ] বি, নয়নজল ; অশ্রু।

নেদানি১ [হি° লদ্দু (বোঝাবাহী ঘোটক) + আনা (সাদৃশ্যার্থে) ক্রিয়ায় ..]। লদ্দন। নেদাই, নেদাও, নেদায় ; নেদাইতে ; নেদাইয়া (কে° নেদিয়ে)] ক্রি, নেংচিয়া চলা। ২ অতি কোমলতা হেতু যেন ধসিয়া বা গলিয়া পড়া।

নেদানি২ [ফা° লকদ্=লাথ + আন (হি°) -লাথান > নাথান > নাদান > (লদন) নাদান (জন্দ) > নাদান, নেদান] ক্রি, পদাঘাত করা ; লাথি মারা , লাথান। সাধা° উপর্য্যুপরি বা বারংবার পদাঘাত করা। "চিতর করিয়া ফেলাইয়া যমক নেদাবার লাগিল।"-মাণিক° গান।

নেদি [হি° লীদ > লেদী > নেদী > নেদি। নাদি দ্রঃ] বি, বিষ্ঠা। ২ গোবর। ৩ গোময়পিষ্টক ; ঘুঁটে। নেদি দেওয়া -ঘুঁটে প্রস্তুত করা।

নেদিষ্ঠ [সং-অন্তিক (নিকট) + ইষ্ঠ (অতিশয়ার্থে), অতি নিকটস্থ] বিণ, অতি নিকট, ঘনিষ্ঠ। "নেদিষ্ঠ দায়াদ"-মানবের আদি জন্মভূমি।

নেদীয়ান্ [সং] বিণ, নিকটতর ; নেদিষ্ঠ [বিরল]।

নেপ [লেপ দ্রঃ] বি, শীত নিবারণের আচ্ছাদনবিঃ।

নেপুচি-লেপচ দ্রঃ।

নেপটানি [সং-লিপ্ত > হি° লিপটনা, লিপটানা >। নেপটাই,-টাও,-টায় ; নেপ-টাইতে ; নেপটাইয়া (কে° গ্রা° নেপ্টে)] ক্রি, লিপ্ত হওয়া ; জড়াইয়া থাকা। "বরং শেষে মাথার রতন। নেপটে রইলেন আঠার মতন।"-দ্বি° রায়।

নেপথ্য ["আকল্পবেশৌ নেপথ্যং প্রতিকর্ম্ম প্রসাধনম্॥"-অমর॰। নেপথ্যং বঙ্গভূমৌস্থান্ নেপথ্যঞ্চ প্রসাধনে"-বিশ্ব॰] বি, সাজঘর ; অভিনয় স্থলের অন্তরাল। ২ অভিনেতা অভিনেত্রীর সাজসজ্জা। ৩ ভূষণ ; অলঙ্কার। **~বিধান**-অভিনয়ের পূর্ব্বে সাজঘরে সাজসজ্জা করণ। **~যোগ**-চতুঃষষ্টি কলাবিদ্যায় অন্যতম কলা।

নেপা [লেপা দ্রঃ] ক্রি, লেপন করা ; প্রলেপ লাগান। ২ বি, ছত্রাক। **নেপা বোধা**-ছাতাপড়া।

নেপাল-বি, ভারতবর্ষের উত্তর-সীমান্ত হিমালয় পর্ব্বতস্থ দেশবিঃ। ২ [নৃপাল >] রাজা। ৩ বাঙ্গালীর ব্যক্তিগত নাম"। প্র-গোপাল নেপাল দুই ভাই।

নেপুর [নূপুর > গ্রা॰] বি, নূপুর দ্রঃ।

নেপো [নৃপ > গ্রা] বি, রাজা। "যার ধন তার ধন নয়, নেপো মারে দই"-প্রবচন (প্রজার শ্রমলব্ধ অর্থের ভাগ লইয়া রাজার সুখ সমৃদ্ধি ভোগ হইতে ?)।

নেবড়=নাবড় দ্রঃ।

নেবড়ান [ন্যাবড়া দ্রঃ। লিপ্ত > লিপ্‌ > লিপটান > নিপটান > নেপটান > নেবটান > নেউটান > নেউড়ান] ক্রি, লেপা ; মাখান। "থুকে ভক্ষি থুকে নেউড়িবা শিবে॥"-গোবিন্দ গীত।

নেবা [(কমলা) নেবু + আ > নেবুয়া (ইব) > নেবা] বি, পাণ্ডুরোগ, কামলরোগ ; যে রোগে সর্ব্বাঙ্গ ও মলমূত্র পর্য্যন্ত কমলা লেবুর মত হরিদ্রা বর্ণ হয়।

নেবাজ [ফা॰ নেবাজ্] বিণ, পৃষ্ঠপোষক ; পালক। **গরীব নেবাজ**-দরিদ্রের পৃষ্ঠপোষক ; গরীবের সহায় ; দরিদ্রপালক। "সাত দিন কম মোরে ধরি আনি দিব চোরে প্রাণ রাখ গরীব নেবাজ।"-অ॰ম॰।

নেবু [সং-নিম্ব >। লেবু দ্রঃ] বি, প্রসিদ্ধ অম্লরস ফল ; নিম্ব (দ্রঃ) lemon ; lime আকার ও গুণ ভেদে নেবু বহুবিধ। যথা-পাতি, কাগজী, বাতাবী, গোঁড়া, কমলা, গন্ধরাজ, কদম্ব ই। "কাসন্দ ও কাঁচা লঙ্কা খাব নেবু পাতে * * * চম্পক আঙ্গুলে মাখে আম কচালিয়া।"-ফুলরেণু। ২ নেবু গাছ citrus [দ্রঃ-প্রকার ভেদে নেবু বহুপ্রকার তন্মধ্যে এদেশে চলিত-**কমলা নেবু**-কমলা দ্রঃ। **কাগজী নেবু**-অম্লাস্বাদ ছোট অণ্ডাকৃতি বা ঈষৎ লম্বা নেবু। **গোঁড়া নেবু**-অত্যন্ত অম্লরস বড় গোল নেবু। **নারাঙ্গি নেবু**-নারাঙ্গি দ্রঃ citrus aurantium. **পাতি নেবু**-অম্লরস ছোট গোল নেবু। **বাতাবী নেবু**-যবদ্বীপের প্রধান নগর বাতাবিয়া হইতে আমদানী হয়, খুব বড় বড় অল্প অম্লরস খোলাপুরু নেবু citrus decumana

নেবে-নেবে [গ্রা॰ নিবু নিবু দ্রঃ] বিণ, নির্ব্বাণ প্রায় ; এখনই নিবিবে এরূ "কণ্ঠ কাঁপিতেছে কাতরে, যেন বাতাসে দীপ নেবে-নেবে।"-সোণার তরী।

নেম$_1$ [গ্রা॰। সং-নিয়ম > ক্ষে॰ ; হিং নেম] বি নিয়ম। ২ ব্রত। **আতুরে নেম নাস্তি** [সং-আতুরে নিয়মো নাস্তি] রোগীর পক্ষে ব্রত উপবাসাদি নিষিদ্ধ।

নেম$_2$ [সং] বি, কাল। ২ অর্দ্ধ।

নেমকহারাম [ফা॰ নমক্ হারাম্। গ্রা॰ নেমোখারাম] বিণ, যে নুন খাইয়া কৃতজ্ঞ হয় না ; অকৃতজ্ঞ। বি, **নেমকহারামি,-মী**-অকৃতজ্ঞতা।

নেমন্তন্ন, নেমন্তন্ন [নিমন্ত্রণ > গ্রা॰] বি, নিমন্ত্রণ। **নে॰ করা, -খাওয়া, -খেতে যাওয়া, -বাড়ী, -রাখা, -হওয়া। নেমন্তন্নে ডাক পড়া, -যাওয়া।**

নেমাজ-নমাজ দ্রঃ।

নেমি, নেমী [নী (পাওয়া) + মি (জ্ঞা॰)] বি, চক্রপরিধি ; চক্রপ্রান্ত ; চাকার বেষ্টন। "স্বর্ণময় নেমি, স্বর্ণময় যুগন্ধর। স্বর্ণময় ধ্রুবা স্বর্ণময় অপস্কর॥"-কাক্কী॰। ২ কূপোপরিস্থ রজ্জুর অবলম্বন-কাষ্ঠ ; তেকাঠা। **চক্রনেমী**-বি, চক্রপরিধি।

নেমিন্ধর-যুগন্ধর দ্রঃ।

নেয়$_1$**, নেয়ো**$_1$ [নত > যা নুইয়া যায় বা গিয়াছে] বিণ, নরম ; রসাল। প্র-নেয় কাঁটাল। (বিপরীত-'খাজা)।

নেয়$_2$**, নেয়ো**$_2$ [লাউ (অলাবু) + আ=লেয়ো=নেও] বি, লাউয়ের মত। **~পেটা**-লাউএর মত উদরবিশিষ্ট।

নেয়া [লওয়া (দ্রঃ) > নোয়া, নেয়া। বিপরীত-দেয়া] ক্রি, লওয়া ; গ্রহণ করা। **নেয়, নেহ, নেহঁ**=লহ। ২ লও। **নেয়**=লয়। **নেউ**=লউক।

নেয়াই [প্রা॰ বাং। সং-ন্যায় > প্রাকৃ॰ উচ্চারণে নেয়ায় >] বি, ন্যায়।

নেয়াড় [হিং নেবার] বি, শাদা চওড়া মোটা সূতার ফিতা। **নেয়াড়ের খাট**-নেয়াড়ে বোনা খাট।

নেয়াড়ি, নোয়াড়ি [প্রাদে॰। সং-লবণী] বি, নোড় (দ্রঃ)। "আমড়া নেয়াড়ি পাকা চালতা। আমসি কাসন্দী কুল করঞ্জা॥"-কবিক॰।

নেয়ান$_1$-বি, নেহাই (দ্রঃ)।

নেয়ান$_2$ [লওয়া দ্রঃ। ল=ন। নেয়াই, নেয়াও, নেয়ায়, নেয়াইতে, নেয়াইয়া] ক্রি, লওয়ান, লইতে বাধ্য করা।

নেয়াপাতি [স্নেহ > নেহা > নেয়া + (পাত < পত্র) + ই (স্ত্র)। পত্রবৎ পাতলা স্নেহযুক্ত] বিণ, কোমল-শস্য কচি নারিকেল। "নিদারুণ নিদাঘের নে॰ ডাব"-সাহিত্য।

নেয়ামৎ-ত [আ॰] বি, অনুগ্রহ।

নেয়ার [হিং নেবার >। নেওয়াড় >] বি, নেয়াড় দ্রঃ।

নেয়ার্থ [দেশনা দ্রঃ] বি, যার অর্থ বুঝিয়া লইতে হইবে ; অস্পষ্টার্থ ; অভিপ্রেত অর্থ ; ভাবার্থ।

নেয়াল$_1$ [নেহার, নেয়ার দ্রঃ] বি, সাদা ফিতা। "নেয়াল বুনিয়া নাম বোলায় বেনটা" -কবিক॰।

নেয়াল$_2$ [নেহাল দ্রঃ] বিণ, অতুল ধনশালী।

নেয়ালী [নবমল্লিকা, নবমালিকা > প্রাকৃ॰ ণোমালিয়া > নেআলি (কবিক॰) > নেয়ালি >। মরাঠী-রোমালী] বি, সেউতী ; বনমল্লিকা।

নেয়ে$_1$ [নাবিক >] বি, নৌকাচালক ; নাবিক ; মাঝি। "ওগো খেয়ার নেয়ে"-

(রবী॰)। "আঁখি তুই দেখ্‌না চেয়ে তোর প্রাণের নেয়ে যাচ্ছে বেয়ে কিসের নেশায়।" -বাং-গান। "এ তনু-তরণী ত্বরা করি চল বেয়ে। ভবের ভাবনা কিবা মনকে কর নেয়ে॥"-রা॰ প্র॰।

নেয়ে২ [নাওয়া দ্রঃ। নাহিয়া, নাইয়া > ক্ষে॰] অস-ক্রি, স্নান করিয়া। "গুঁড়ি কাষ্ঠ নুড়ি শিলা ভক্তি পথে নেয়ে"-হেম॰।

নেয়েআঁকড়া, -আঁকড়ি, -আঁকড়ে -নাই আঁকড়া : নেই আঁকড়া (দ্রঃ)।

নেরো [সং-নীরুজ ...]-"নীরুজস্য কিমৌষধৈঃ"] বি, সদ্য রোগমুক্ত।

নেল১ [ব্রজ। নয়ন (আনয়ন, প্রাপণ) > নয়ল > নেল] ক্রি, লইল। ২ প্রাপ্ত হইল : পাইল। "শ্রবণক পথ দু ... লোচন নেল"-বি॰ প॰।

নেল২ [নেহাল (দ্রঃ) > নেআল নেল] বিণ, নেহাল : ধনী : আঢ্য। **নেল করা**-ক্রি, নেহাল করা : আঢ্য করিয়া দেওয়া। তুল-ক্রি॰ নেহাল বা লাল কর দিয়া)।

নেলনেলে-ন্যালনেলে দ্রঃ।

নৈলাখেপা [লালা (স্রাবী) ও খেপা (পাগল), তার প্রকৃতি হতে] বি, খ্যাপা পাগল। শিথিল প্রকৃতি, যার অঙ্গ প্রত্যঙ্গের, বেশভূষা, কথাবার্তা ও কাজের আঁট নাই।

নৈলান [লেলান দ্রঃ] বি, টুয়ান : পেছু লাগান : উসকান।

নেশা [আ॰ নশা] বি, মাদক দ্রব্য। ২ মত্ততা : মত্ততার ঘোর। ৩ "চোখে কেন লাগচে নাকো নেশা।"-কথা। ৪ প্রবল ঝোঁক ; বাতিক। ~**খোর** [নেশা (নেশার -দ্রব্য, মাদক দ্রব্য) খোর (যে খায়)] বিণ, মাদকসেবী : যে সর্ব্বদা মত্ততাজনক দ্রব্য খাইয়া থাকে। ~**খুরি, -খোরি**-বি, মাদকসেবা। ২ মাদকসেবনের অভ্যাস। ~**খু(খো)রী**-বিণ, মাদকসেবা জনিত বা ঘটিত।

নেহঁ১ [প্রা॰ বাং। লহ (দ্রঃ) >] ক্রি, লও : গ্রহণ কর। "হে গোবিন্দ বার ভাই বার আদিত্ত হাথ পাতি নেহ সেবকর অধ ফুল জল"-শূ॰ পু॰।

নেহঁ২ [সং-লিহ্‌ (লেহন করা) > লেহন লেহ ...হ। লেহন (দ্রঃ)] বি, অবলেহন, চাটা। রসনায় নেহ যেন দরশনে পান। ভুজে যেন আলিঙ্গন নাসিকায়ে ঘাণ॥"-চৈ॰ ভা॰।

নেহ৩, নেহা [সং-স্নেহ ব্রজ॰ সিনেহ, সিনেহা > নেহ, নেহা] বি, স্নেহ। ২ প্রীতি। প্রা॰ বাং-**নেহঁক**-স্নেহের, প্রীতির। **নেহাএঁ**-প্রীতি দ্বারা। **নেহাক**-স্নেহের প্রেমের। **নেহার**-প্রীতির। **নেহে**-স্নেহে। **নেহাবন্ধ**-স্নেহ বন্ধন।-শ্রী॰ কী॰।

নেহাই [সং-নিঘাতি ... নেহাই, হি॰ নিহাই ...] বি, স্বর্ণকার যে লৌহাধারে রাখিয়া স্বর্ণাদি পিটিয়া পাত প্রস্তুত করে, যে লৌহখণ্ডের উপর রাখিয়া কর্মকার বাড়ি দিয়ে : চৌকী anvil.

নেহাইত [আ॰ নেহাত। নেহায়ৎ দ্রঃ] বিণ, নিতান্ত : অতিশয়। ২ অন্ততঃ পক্ষে, একান্ত পক্ষে। "দেখলাম পাবে চাঁদের কার নে প্রিয়া তৈরি নন"-দ্বি॰ রায়।

নেহাত [নেহায়ৎ দ্রঃ] অ, নিতান্ত : অতিশয় : যার পর নাই। ২ একান্তই : নিতান্ত পক্ষে। "শাস্ত্র যদি সে পড়তে হবে। গীত-গোবিন্দ খোলা হোক না তবে।"-রবী॰।

নেহায়ৎ [আ॰ নিহায়ৎ=যার শেষ (যার পর নাই) > আ॰ নিহায়ৎ, বাং-ব-নিহাইত, নিহাত, নেহাত, নেহাইত ...] ক্রি-বিণ, নিতান্ত, অত্যন্ত : অত্যধিক, একশেষ।

নেহার [প্রাদে। নেয়াল দ্রঃ। হি॰ নেবার, নেবাড়] বি চওড়া সাদা ফিতা। খট্টাদি বুনিবার ফিতা।

নেহারন, নেহালন [সং-নিভালন (দেখা) > হি নেহারনা] বি, দৃষ্টিপাত : দর্শন ; নিরীক্ষণ। "অনিমেষে শ্রীঅঙ্গ নেহারে।"-কালীকীর্ত্তন।

নেহারনি [ব্রজ॰। নেহারন শব্দের কোমল রূপ] বি, দৃষ্টি: কটাক্ষ। "চঞ্চল লোচনে বঙ্ক নে॰ অঞ্জন শোভন তায়।"-বি॰ প।

নেহারা [নেহালা দ্রঃ। নেহারি, নেহার (নেহারেন, নেহারিস), নেহারে (নেহারেন) নেহারিতে ; নিহারিয়া (ক্ষে॰ পদ্যে-নেহারি)] ক্রি, দর্শন করা, চক্ষু মেলিয়া দেখা, নিরীক্ষণ করা। "নিকটে সরিয়ে অধর চালিয়ে দাঁড়াইল যুবা 'নেহার' বলি। হেরি সে অলথ কুসুম অমনি যুবার অধরে পড়িল ঢলি"-চিন্তা (ঈশান বন্দো)। [ব্রজ] **নেহারই**-চাহি চাহিয়া। "পন্থ নেহারই গোরা"-বি প। "গোচেঙ্ক কুসুম নেহারই দেখি"-... **নেহারিনু**-দেখিলাম। "জনম অবধি হাম রূপ নেহারি, নয়ন না তিরপিত ভেল।"-বি॰ প। **নেহারই**-দেখে : দেখিতেছে। **নেহারবি**-দেখিব : চাহিয়া দেখিব। "কেছে নেহারব খুঞ্জ খুনীর" -বি॰ প। **নেহারবি**-চাহিবি। "আর নেহারবি বঙ্কিম ঠাম"-বি প। **নেহারলি** [আধু॰ পদ্যে-নেহারিল] দেখিল (বি॰ প॰)।

নেহাল, নেয়াল [আ॰ নেহাল। ফা॰ নিহাল] বিণ, আঢ্য : ধনশালী। "নানাধনে দোমগণে করিল নেহাল।"-ম। "পাছে বাদ্যে বেদ গীতে ভুলাইয়া ভোলানাথে নেহাল হইল কন্দর্প।"-শি। ২ পূর্ণকাম : সুখী, পরিতৃপ্ত।

নেহালা [সং-নিভালন (দর্শন-নিরীক্ষণ) > নিহালন নিহালা > নেহালা > নেহারা (ব্রজ)] ক্রি নেহালনা নেহালিনা (দর্শন করা)। নেহালি, নেহাল নেহালে নেহালিতে নেহালিয়া (ক্ষে॰ পদ্যে নেহালি)] ক্রি, দৃষ্টিপাত করা : চক্ষু মেলিয়া দেখা দর্শন করা। "বৃক্ষোপরে উঠিয়া বীর নেহালে কানন"-কৃত্তি॰। "আড়ালে থাকিয়া রঙ্গ জানাও নেহালে"-কবিক॰। প্রা॰ বাং-**নেহালসি**-দেখিতেছ। **নেহালিআঁ**-নিরীক্ষণ করিয়া। **নেহালিলোঁ**-দেখিলাম। **নেহালী**-নিরীক্ষণ করিয়া। -শ্রী॰ কী॰। **নেহালে**-বি, নেত্রপাত করে: দেখে। "বলিয়া নেহালে পতির বদন"-হেম॰।

নেহালি২ [নিয়লি দ্রঃ] বি, ফুলবিঃ : নিয়লি। "নেহালি পিয়লি দুর্ব্বা, বন করবীর মুর্ব্বা, অতসী শিউলী পারিজাত।"-কবিক॰।

নৈ১ [সং-নদী প্রাকৃ॰ নঈ > নৈ] বি, নদী। "কতক দেখি স্নান করি মহানৈ কলে"-চৈ॰

নৈ২, নৈবাছুর [নই দ্রঃ] বি, নব প্রসূতা গোবৎস।

নৈ৩ [নহি(না হই) > ক্ষে° নই=নৈ। তুল -ম° পু° নও, নহ। প্র° পু° নয়, নহে] ক্রি, ম° পু°, না হই ; নহি।

নৈঃস্ব-নিঃস্ব (দ্রঃ) + অ (ষ্ণ, ভাবার্থে)] বি, নিঃস্বভাব ; নির্ধনত্ব ; দারিদ্র্য।

নৈক [ন+এক] বিণ, একভিন্ন ; একাধিক ; অনেক।

নৈকটিক [নিকট+ইক (স্থিতার্থে)] বিণ, নিকটবর্ত্তী।

নৈকট্য [নিকট+য (ভা°)] বি, সামীপ্য ; নিকটত্ব।

নৈকষেয় [নিকষা+এয় (অপত্যার্থে)] বি· নিকষার পুত্র (রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ)।

নৈকষ্য [সং-নিকষ >] বিণ, পরীক্ষিত ; বিশুদ্ধ ; খাঁটি। প্র-নৈ° কুলীনের ঘর। ~কুলীন-বি, যার কৌলিন্য মর্য্যাদা অক্ষুণ্ণ আছে।

নৈগম [নিগম+অ (স্বার্থে)] বি, নিগম শাস্ত্র ; উপনিষদ্। ২ পন্থা ; মার্গ। ৩ বণিক্।

নৈগমিক [নিগম+ইক (ভবার্থে)] বিণ, নিগমাত্মক ; বেদাত্মক। ২ নিগম হতে উদ্ভূত ; বেদজ। ৩ নিগম সম্বন্ধীয়।

নৈচা, নৈচে [ফা° নৈচা] বি, হুকার নলচে।

নৈতিক [নীতি+ষ্ণিক] বিণ, নীতি-ঘটিত ; নীতিবিষক।

নৈত্যিক [নিত্য+ইক (ভবার্থে) তুল-নৈমিত্তিক] বিণ, নিত্যানুষ্ঠেয় ; নিত্য কর্ত্তব্য।

নৈদাঘ [নিদাঘ+অ (সম্বন্ধার্থে)] বিণ, নিদাঘ সম্বন্ধীয়। "অল্পকাল মধ্যে মহারবে নৈ° ঝটিকা প্রধাবিত হইল।"-দুর্গেশনন্দিনী।

নৈদান, নৈদানিক [নিদান+অ, ইক (সম্বন্ধার্থে)] বিণ, নিদান সংক্রান্ত। ২ নিদানশাস্ত্রজ্ঞ।

নৈদেশিক [নিদেশ+ইক (ষ্ণিক)] বি, আজ্ঞাবাহক ; ভৃত্য।

নৈপালিক [নেপাল+ইক (ভবার্থে)] বিণ, নেপাল দেশোৎপন্ন। ২ নেপাল দেশ সম্বন্ধীয়।

নৈপালী [নেপাল+অ (ভবার্থে) ঈ° (স্ত্রী°)] বি, মনঃশিলা। ২ নবমল্লিকা। ৩ শেফালিকা।

নৈপুণ্য [নিপুণ+য (ভা°)। নৈপুণও° (বিরল)] বি, চাতুর্য্য ; কৌশল ; নিপুণতা ; দক্ষতা। ২ পারিপাট্য।

নৈবচ [সং-নৈব চ=এমন নয়] অ, এরূপ নহে ; এমন নয়। ~নৈবচ-কখনই তা নয় ; কখন কর্ত্তব্য নয়। "ভিক্ষা মাগা নৈবচ নৈবচ"-অ° ম°।

নৈবিড্য [নিবিড়+য (ভা°)] বি, নিবিড়ত্ব ; ঘনত্ব।

নৈবেদ্য [প্রা° নৈবিদি। প্রা°বাং- নৈবিদ্দ। সং-নিবেদ+য (যোগ্য অর্থে)] বিণ, নিবেদনের যোগ্য। ২ বি, দেবতার উদ্দেশ্যে নিবেদনের উপযুক্ত সামগ্রী। ৩ নিবেদিত দ্রব্য। "বেদের বিধানে পুজি দেবগণে নৈবিদ্দ পূরিআ থালা।"-শূ° পু°।

নৈমিত্তিক [নিমিত্ত+ইক(কৃতার্থে)] বিণ, প্রয়োজনার্থক। ২ শকুন শাস্ত্রজ্ঞ। ৩ [পারি°] আগন্তুক adventitious. ~কর্ম্ম-বি, গ্রহণাদি নিমিত্ত কৃত্য। যথা-গ্রহণ স্নানাদি। ~প্রলয়-ব্রহ্মার দিনাবসান-নিমিত্তক ব্রহ্মাণ্ডের লয়। নিত্য নৈমিত্তিক-নিত্য দ্রঃ। ২ প্রাত্যহিক।

নৈমিষ [নিমিষ+অ (নিষ্পন্নার্থে)। বিষ্ণু কর্ত্তৃক নিমেষ মধ্যে যজ্ঞবিঘাতক অসুর বিনষ্ট হইয়া তীর্থরূপে উৎপন্ন হওয়ায় এই নাম] বি, নৈমিষারণ্য। ২ [নিমেষ (সূক্ষ্ম সময়)+অ (ভবার্থে)] বিণ, ক্ষণিক ; নিমেষ কাল সম্বন্ধীয়। ~কানন [নৈমিষ দ্রঃ] বি, নৈমিষারণ্য। "একদিন দৈব বশে শিষ্যসহ শাস্ত্রবসে নৈমিষকাননে উত্তরিলা।"-অ° ম°।

নৈমিষারণ্য [নৈ°+অরণ্য] বি, নৈমিষ (দ্রঃ) নামক বন।

নৈয়গ্রোধ [ন্যগ্রোধ (বট গাছ)+ষ্ণ] বি, বট ফল।

নৈয়মিক [নিয়ম+ইক (ষ্ণিক)] বিণ, নিয়মাগত ; নিয়মানুযায়ী। ২ নিয়ম সম্বন্ধীয়।

নৈয়ায়িক [ন্যায়+ইক (জ্ঞাতার্থে ষ্ণিক), ঐ আগম, য বিশ্লেষ] বি, ন্যায়শাস্ত্রবিদ্ ; ন্যায়দর্শনাধ্যায়ী। ২ তার্কিক।

নৈরঞ্জনা-বি, বুদ্ধগয়া সন্নিহিত নদী।

নৈরন্তর্য্য [নিরন্তর + য] বি, নিরন্তরতা।

নৈরপেক্ষ, -ক্ষ্য [নিরপেক্ষ+অ, য (ষ্ণ, ষ্য-ভা°)] বি, নিরপেক্ষ ভাব ; নিরপেক্ষতা।

নৈরয়িক [নিরয়+ইক (নিবাসার্থে ষ্ণিক)] বিণ, নিরয়বাসী ; পাতকী। ২ নিরয়সম্বন্ধীয়।

নৈরাকার [গ্রা° নৈরেকার। সং- নিরাকার+অ (ষ্ণ)] বিণ, আকার-হীন ; নিরাকার। "নিরঞ্জন নৈ°" (শূ° পু°)। ২ একাকার। "এ ভব সংসার সকলি অসার হবে নৈ° জলে জলময়।"-বাং·গান।" মুদিলে নয়ন সব নৈ°"-ঐ।

নৈরাশ [নিরাশ+ষ্ণ] বি, নিরাশা। ২ [ভুল প্রয়োগ] বিণ, নিরাশ।

নৈরাশ্য [নিরাশ+য (ষ্ণ-ভা°)] বি, আশাহীনতা ; ভরসাহীনতা।

নৈরুক্ত [নিরুক্ত+অ (ভবার্থে ষ্ণ)] বিণ, নিরুক্ত গ্রন্থান্তর্গত। ২ নিরুক্ত সংক্রান্ত।

নৈরে [না হই রে > ক্ষে° নহিরে > অতি ক্ষে° নৈরে। 'রে' সম্বোধনে] ক্রি, হই না রে। "কেহ নয় আমার আমি নৈরে কার, কর সেবা, কার ঘরে কেবা কার।"-বাং·গান। "আমি মানে তুমি বই আর কিছু নই রে"-ইন্দুভূষণ রায়।

নৈঋত [নিঋতি (অধর্ম্ম)+অ (অপত্যার্থে)] বি, রাক্ষস। ২ [জ্যো°] নিঋতি (দক্ষিণপশ্চিমকোণ) + অ (অধিকারার্থে)] দক্ষিণপশ্চিম কোণাধিপতি ; ['জ্যোতিস্তত্ত্বে'] উক্ত কোণাধীশ রাহু। স্ত্রী° নৈঋতী।

নৈর্গুণ্য [নির্গুণ+য (ভা°)] বি, গুণরাহিত্য ; নির্গুণতা।

নৈর্ব্যক্তিক [নির্ব্যক্তি+ইক (ষ্ণিক)।

রবী॰ উদ্ভাবিত] বিণ, ব্যক্তিত্বহীন; অপৌরুষেয় impersonal.

নৈর্মল্য [নির্মল + য (ষ্ণ্য-ভা॰)] বি, স্বচ্ছতা; নির্মলতা।

নৈল [না হৈল। প্রা॰] ক্রি, হইল না। "এদেশে বসতি নৈল যাব কোন দেশে। যার লাগি প্রাণ কাঁদে তারে পাব কিসে।"-চণ্ডি॰।

নৈলে ["না হইলে"=নহিলে > ক্ষে॰] অস-ক্রি, না হইলে। "(একবার) দাওহে দেখা দীনসখা, নৈলে প্রাণ যায়।"-বাং-গান।

নৈশ [নিশা (রাত্রি) + অ (ভবার্থে ষ্ণ)] বিণ, নিশাকালীন। প্র-নৈশ বিদ্যালয়। ২ নিশা সম্বন্ধীয়।

নৈশিক [নিশা + ইক (ভবার্থে ষ্ণিক)] বিণ, নৈশ; নিশাকালীন। ২ রাত্রিব্যাপী। স্ত্রী॰ ~কী-নিশাব্যাপিনী; নিশাসম্বন্ধিনী।

নৈশীথ [নিশীথ + অ (সম্বন্ধার্থে ষ্ণ)] বিণ, নিশীথ সম্বন্ধীয়। ২ নিশীথকালীন। "প্রকান বিষাদ মানব হৃদয়ে গভীর নৈ॰ শান্তির প্রায়।"-আলো ও ছায়া।

নৈশ্চিত্য [নিশ্চিত + য (ষ্ণ্য-ভা॰)] বি, নিশ্চয়তা।

নৈষধ [নিষধ + (ষ্ণ)] বিণ, নিষধ সম্বন্ধীয়। ২ নিষধদেশীয়। ৩ বি, নিষধ-দেশের অধিবাসী। ৪ রাজা নল। ৫ মহাকবি শ্রীহর্ষ কৃত নিষধরাজ নল ও তৎপত্নী দময়ন্তীর চরিত্রবর্ণনাত্মক সংস্কৃত কাব্য।

নৈষধীয় [নিষধ + ঈয় (সম্বন্ধার্থে ষ্ণীয়)] বিণ, নৈষধ বা নলরাজা সম্বন্ধীয়।

নৈষাদ [নিষাদ + অ (অপত্যার্থে ষ্ণ)] বি, ব্যাধের পুত্র।

নৈষাদি [নিষাদ + ই (অপত্যার্থে ষ্ণি)] বি, নিষাদনন্দন।

নৈষ্কর্ম্য [নিষ্কর্মন্ + য (ষ্ণ-ভা॰)] বি, সর্ব্বকর্ম্ম পরিত্যাগ। ২ আলস্য। ৩ মুক্তি।

নৈষ্কিক [নিষ্ক (মোহর) + ইক (ষ্ণিক)] বি, টাকশালের অধ্যক্ষ mint master. ২ কোষাধ্যক্ষ। ৩ নিষ্কমূল্যে ক্রীত।

নৈষ্ক্রমণ [স্মৃ॰ পরিঃ। নিষ্ক্রমণ + অ (প্রদানার্থে-ষ্ণ)] বিণ, শিশুর গৃহ-নিষ্ক্রমণ সংস্কারকালে দীয়মান (দ্রব্য)।

নৈষ্ঠিক [নিষ্ঠা (দৃঢ়তা) + ইক (স্বা॰ বা যুক্তার্থে-ষ্ণিক)] বি, চিরকাল গুরুগৃহে বাস ও ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক অধ্যায়ী দ্বিজ। ২ চরমকালীন; অন্তিম। ৩ মরণকালে বিহিত। ৪ নিষ্ঠাযুক্ত; আচার অনুষ্ঠানের যথাযথ পালনকারী; ব্রতবিশেষে আসক্ত। "নৈষ্ঠিক হইয়া ভজন করিলে পদ্ধতি সাধক হই।" -চণ্ডি॰। ৫ স্থিতিশীল। ~ব্রহ্মচারী- বাল্যকাল হ'তে মৃত্যু পর্য্যন্ত ব্রহ্মচর্য্যাশ্রয়ী এবং অহিংসা, অস্তেয়, ব্রহ্মচর্য্য, অমৃষাবাদ ও মাদক সেবন ত্যাগ এই পঞ্চ প্রধান ব্রহ্মচারী সন্ন্যাসী।

নৈষ্ঠুর্য্য [নিষ্ঠুর + য (ষ্ণ্য-ভা॰)] বি, নিষ্ঠুরতা।

নৈসর্গিক [নিসর্গ + ইক (ভবার্থে-ষ্ণিক)] বিণ, নিসর্গজাত; স্বাভাবিক। ২ অনুজাত; জন্মগত innate, natural. নৈ॰ বিধান-স্বাভাবিক ব্যবস্থা। ২ মানবগণের মধ্যে ঐশিক নিয়মানুসারী পরস্পর ব্যবহার-নিয়ামক শাস্ত্র।

নৈহর [হি॰ নানা (মাতামহ) + ঘর > হর। > হি॰ ননহর > নইহর। > নহি-হাল। বাং-য়-নায়র, নায়েব ই।] বি, বধূর পিত্রালয়।

নৈহারিক [নীহারিকা দ্রঃ] বিণ, নীহারিকা সম্বন্ধীয়। নৈ॰ নক্ষত্র-নীহা-রিকা সদৃশ নক্ষত্র।

নো [সং-লোহ > লোহ > নোঅ > নো] বি, নোয়া (দ্রঃ) লৌহ; সধবার চিহ্ন-স্বরূপ লোহার বালা।

নো, [নোতক, লো দ্রঃ] বি, অশ্রু; নেত্রজল। "নেত্রের পাঁচলে চণ্ডী মুছালেন নো।"-ধ॰ ম॰ (মাণিক॰)।

নোংরা [সং-অস্থকার >] বিণ, ঘৃণ্য। ২ অপরিষ্কার। ৩ অশুদ্ধ; অপবিত্র। বি, ~মী, ~মি, ~মো।

নোকসান [গ্রা॰ লোকসান। কিন্তু সাধু ভাষায় চ॰। আ॰ নুকসান] বি, ক্ষতি। বিণ, নোকসানী-ক্ষতিকর; যাতে নোকসান দিতে হয় বা হইয়াছে। প্র-নোকসানী মাল।

নোক্তা [আ॰ নুক্তা] বি, বিন্দু; অক্ষরে যুক্ত বিন্দু। নোক্তার আঁচড়-কলমের এক বিন্দুপাত; সামান্যমাত্র লেখা।

নোঙর [নোঙ্গর দ্রঃ। হি॰ লঙ্গর] বি, নঙ্গর anchor. "আমরা লক্ষ্মী ছাড়ার দল। * * * আমরা নো॰ ছেঁড়া ভাঙ্গা তরী ভেসেছি কেবল।"-বাং গান (রবী॰)।

নোঙ্গর [হি॰ লঙ্গর > নঙ্গর >] বি, নঙ্গর; যে কাঁটা বা [illegible] আকার লৌহ-দণ্ডে নৌকা বাঁধা থাকে; নৌকা বদ্ধকরণের লৌহনির্ম্মিত যন্ত্র anchor.

নোট, [ইং note এর লিপ্যন্তর] বি, স্মারক লেখ; টীকা টিপ্পনী।

নোট, [ইং currency note] [illegible] ও বাং নিয়মকথ্য নোট] বি, মুদ্রার মূল্য নির্দ্ধারক পত্র।

নোটিস,-শ [illegible] নুটিশ। বাং নিয়মকথ্য-নোটিশ। ই॰ notice এর লিপ্যন্তর] বি, সংবাদ। ২ বিজ্ঞাপন। "খবরের কাগজে নো॰ দেওয়া হইয়াছিল"-বাং বসুমতী, ১৩৩৪। ৩ মকদ্দমা ই॰-র জানান-পত্র।

নোড়, [সং-লবণী] বি, আমলকীর আকৃতি, ফলগাছ ও ফল।

নোড, [সং-নদ (অব্যক্ত শব্দে, নাদে) > নদড] বি, হুঙ্কার। "প্রভু আর কিছু না করিল প্রত্যুত্তর, এই মতে নোড দিয়া ঘুচাইল দ্বার।"-চৈ॰ ভা॰।

নোড়া [সং-লোষ্ট্র >] বি, নুড়ি অপেক্ষা বড় শিলাখণ্ড; পেষণী। ২ মসলা বাটিবার শিলাখণ্ড।

নোত [সং-লোচ (চ) > মৈ॰] বি, অশ্রু। "পরাণ ভই গেল নোতে।"-বিদ্যা॰।

~তক [ক্ষে॰ নো। প্রা॰ বাং] বি, অশ্রু, নয়নজল। "দ্বিজের নোতক পাতে পার্শে হৈল তর।"-মহা॰ (কাশী॰)।

নোতুন [সং-নূতন >। নৌতুন দ্রঃ] বি, নূতন; অভিনব। "নো॰ তথ্য আবিষ্কৃত হয়েছে"-উত্তরা, পৌষ, ১৩৩৩।

নোদন [নুদ (প্রেরণ করা) + অন (ভা॰-অনট্)] বি, প্রেরণ। ২ চালন। "যে স্থলে কুরুপুঙ্গবগণ সন্নিবেশিত ছিলেন, সে দিক

হ'তে রশ্মি নিবর্ত্তন পূর্ব্বক সুযোধনের গমন-পথ লক্ষ্য করিয়াই অপনোদন করিলেন।" মহাঃ বিরাট (বঙ্গঃ)। ৩ অপসারণ; অপনোদন। বিণ, নোদিত। উপসর্গ যোগে বিভিন্ন অর্থ প্রকাশ করে যথা- অপনোদন, বিনোদন, প্রণোদিত ইঃ।

নোন [গ্রাঃ। সং-লবণ] বি. নুন: লবণ। "লজ্জিলে নরকগতি নৃপতির নোন।"-ঘঃ। বিণ, ~া, নোণা-লবণাক্ত। ~তা-বিণ. লবণাক্ত। ২ বি, লবণত্ব।

নোয়া [সং-লোহা-লোয়া-নোয়া] বি, লোহার চুড়ী; সধবার চিহ্ন।

নোয়াড়ি-বি, নোড় ফল; শিল আমড়া। "আমড়া নোঃ পাকা চালতা" -কবিকঃ।

নোয়ানি [নুয়ান দ্রঃ। নোয়াই, নোয়াও, নোয়ায়; নোয়াইতে: নোয়াইয়া (গ্রাঃ ক্ষেঃ নুইয়ে) ইঃ] ক্রি, নত করা: ঝুঁকাইয়া দেওয়া। ২ বি, নত করণ।

নোর-লোর দ্রঃ।

নোল [লোল দ্রঃ। ল=ন] বি, বিণ, ঢিলা; আলগা।

নোলক [গ্রাঃ। সং-লোল > হিঃ লোলক (নাকের)=দোলক] বি. নথ বা মাকড়ীতে স্থিত স্বর্ণ মুক্তাদির দুল; নাসিকা-লঙ্কারবিঃ। ~মাকড়ী-বি. নাকের নোলক কানের মাকড়ী। ২ নাসিকাগ্রে গাঁথা স্বর্ণ-কুণ্ডলে ঝুলান মুক্তাদি রত্ন দোলক বা নোলক।

নোলা [তামিল-নাল্লু >, বা, সং-লোলা শব্দের গ্রাঃ উচ্চারণে] বি, লোলা; জিহ্বা। ২ লোভ; বিষয়তৃষ্ণা। ক্রি, নোলানি-লোভ করা। ~দাগা-বিণ. লোভী: লোলুপ। ২ পেটুক।

নৌ [সং-নৌ। তুল-গ্রীক-naus. কেল্টিক্ nau. ল্যাঃ navis. জর্ম্মঃ nacho] বি, নৌকা: জলযান (বিতঃ নদনদী খালবিল ইঃ-তে ব্যবহৃত যান); তরণী [দ্রঃ-আকার ও গুণভেদে নৌ বিবিধ যথা-মহানৌ [রামাঃ] সমুদ্রগামী যান; মহার্ণবে গমনাগমন যোগ্য নৌ: পোত; জাহাজ। ক্ষুদ্রা-এক হস্ত দীর্ঘ হইলে রাজহস্তের চতুর্থাংশ প্রস্থ ও খাড়াই এই অনুপাতে পরিমাণ লইয়া নির্ম্মিত নৌকা। মধ্যমা-রাজহস্তের দেড় হাত দীর্ঘ, তদর্দ্ধ প্রস্থ ও দৈর্ঘ্যের এক তৃতীয়াংশ খাড়াই-এই অনুপাতে পরিমিত নৌকা। সামান্যা-পরিমাপক রাজহস্ত এক ও দেড় এইক্রমে দৈর্ঘ্য বৃদ্ধি করিয়া এবং দৈর্ঘ্যের পরিমাপক হস্তের অর্দ্ধাংশ হারে বিস্তার ও উচ্চতার বৃদ্ধি করিয়া নৌ নির্ম্মাণ করিলে যথাক্রমে ভীমা, চপলা, পটলা, ভয়া, দীর্ঘা, পত্রপুটা, গর্ভরা, মন্থরা ও পূর্ব্বোক্ত দুই প্রকার এই দশ প্রকার সামান্যা নৌকা হয়। মন্থরা সমুদ্র যাত্রার অযোগ্য, অন্যগুলি সাগরগামিনী। দীর্ঘিকা -দৈর্ঘ্যে রাজহস্তদ্বয়, তার অষ্টমাংশ প্রস্থে ও দৈর্ঘ্যের দশমাংশ উচ্চতায়। এই অনুপাতে পরিমিত নৌকা। উহার এক এক হস্ত পরিমাণ বৃদ্ধি করিলে, তরণি, লোলা, গত্বরা, গামিনী, তরি, জঙ্ঘলা, প্লাবিনী, ধারিণী, বেগিনী-এই দশ প্রকার বিশেষ নৌকা। ভিন্ন ভিন্ন রাজাদের নৌ-মুখভাগে সিংহ, মহিষ, সর্প, হস্তী, ব্যাঘ্র, পক্ষী, ভেক, মনুষ্য, কলস, দর্পণ, চন্দ্র, হংস, ময়ূর, শুক, ভ্রমর, আকৃতি অঙ্কন বা মণির বিন্যাস উপদিষ্ট হইয়াছে। মুক্তার লহরের দ্বারা ভূষিত নৌকার নাম-সর্ব্বতোভদ্রা। স্বর্ণাদি ধাতুর মাল্যে ভূষিতের নাম জয়-মালা। দুইটি স্বর্ণমাল্য বিন্যস্ত বা চারিটি শৃঙ্গ চিহ্নিত শ্বেতবর্ণের নৌকা ব্রাহ্মণের, দুইটি রৌপ্যমাল্য, তিনটি শৃঙ্গাকার চিহ্ন, রক্তবর্ণের নৌকা ক্ষত্রিয়ের, একটি তাম্রমাল্য বিন্যস্ত, দুইটি শৃঙ্গাকার চিহ্নযুক্ত পীতবর্ণের নৌকা বৈশ্যের এবং মিলিত তিন ধাতুর মাল্যভূষিত একটি শৃঙ্গাকার চিহ্নযুক্ত নীলবর্ণের নৌকা শূদ্রের বলিয়া জানা যাইত। উক্ত সকল নৌ-যানই ছাদ বা গৃহহীন। গৃহযুক্ত ছিল তিন প্রকার নৌ যথা-(১) সর্ব্বমন্দিরা-সমস্তাংশব্যাপক গৃহযুক্ত নৌ। (রাজার ধন, অশ্ব ও নারীদের বহনের জন্য); (২) মধ্যমন্দিরা-যার মধ্যভাগে গৃহ এমন নৌ (রাজাদিগের বিলাসোপকরণাদি বহনের জন্য বর্ষাকালে ব্যবহার্য্য); (৩) অগ্রমন্দিরা-যার অগ্রভাগে গৃহ এমন নৌ (চিরপ্রবাসে, যুদ্ধকার্য্যে ও বর্ষার অবসানে প্রশস্ত)। সর্ব্বপ্রকার বায়ুর বেগ সহনক্ষম যন্ত্রচালিত নৌকার নাম-সর্ব্ববাতসহ। আর একটি সমুদ্রগামী নৌবিশেষের নাম সর্ব্বমঙ্গলা। নৌকা দ্রঃ। ~কটক [নৌবাটক দ্রঃ] নৌসেনা naval force.

~কর্ণধার [নৌ (নৌকার) কর্ণ (হাল) ধার (যে ধারণ করে) ধৃ+অ (অন-র্ত্তৃ)] বি, নাবিক; নৌকাচালক। ~কর্ম্ম [নৌর (নৌকার) কর্ম্ম, ৬তৎ] বি, নৌকা পরিচালন। ২ নৌকা সম্বন্ধীয় কর্ম্ম। ~চর [নৌ (নৌকাতে) চর (যে বিচরণ করে), ৭তৎ] বিণ, নৌচারী; নৌকাতে যে বিচরণ করে। ~জীবিক [নৌ (নৌকা) হইয়াছে জীবিকা (জীবন ধারণের উপায়) যার, বহুঃ] বিণ, নৌকাজীবী: নাবিক। ~তার্য্য [নৌ (নৌকাদ্বারা) তার্য্য (পার হওয়ার যোগ্য), ৩তৎ] বিণ, নৌকায় উত্তরণ যোগ্য। ~বল [নৌ-বল(সৈন্য)] বি, নৌসেনা naval force.

~বাট, ~বাটক, ~বাহিনী, ~বিতান [নৌ দ্রঃ] বি, রণতরী সমূহ; যুদ্ধার্থ সজ্জিত নৌকাশ্রেণী: নৌবল navy (ধর্ম্মপালের তাম্রশাসন, গৌড় লেখমালা)। ~বাহ [নৌ (নৌকা) বাহ (যে বাহন করে-চালায়)] বিণ, বহিত্র; নৌকাচালক: নৌকা-বাহক; দাঁড়ি। ~বাহী-বিণ, নৌকা বাহিতে পারা যায় এমন গভীর ও প্রশস্ত navigable "কোন নৌবাহী নদ আর নাই যাহার সাহায্যে পণ্য দ্রব্যের আমদানী রপ্তানী করা যাইতে পারে।"-আত্মশক্তি, ১ম বর্ষ, ৩৯শ সংখ্যা। ~বিদ্যা [নৌ (নৌকাসম্বন্ধীয়) যে বিদ্যা, ষ] বি, নৌকা পরিচালন বিদ্যা: নাবিকের শিক্ষণীয় শাস্ত্র। ২ নৌশিল্প: নৌকা-গঠন-বিদ্যা। ~যায়ী [নৌ-যা (গমন করা) + ইন (র্ত্তৃ)=নৌযায়িন্ ১মা, ১বঃ] বিণ, নৌকায় গমনাগমনকারী; নৌকাযাত্রী। ~যুদ্ধ-বি, জলযুদ্ধ naval war "যুক্তিকল্পতরুতেই নৌকাকে যুদ্ধের উপকরণ রূপে দেখিতে পাওয়া যায়। পাণিনির ব্যাকরণে এবং অমর-কোষ প্রভৃতি গ্রন্থে সেনাঙ্গ শ্রেণীতে হস্তী, অশ্ব, রথ ও পদাতিই পরিগণিত হইয়াছে।"

তুচ্ছ রসিকতা। ২ ন্যাকা/ম। ৩ বাচালতা। "যাদের কাছে এইচি তাঁরা কিছু বলচেনা, তোর বাবুর অত ন্যাকরায় কাজ কি?" -সধবার একাদশী।

ন্যাকা [ফা॰ নেক্=ভালমানুষ-অতিশয় ভালমানুষ (too good) > অর্থ বিকৃতিতে বোকা (fool)] বি, হাবা বোকা ; নির্ব্বোধ। বি, ~ম, ~মি-ন্যাকার আচরণ। স্ত্রীং নেকী। নৈকা সাজা-নেকা নয় অথচ নেকা হওয়া : নেকার অভিনয় করা ; অজ্ঞতার ভাণ করা।

ন্যাজাগাড়ী [নেজা (দ্রঃ) + গাড়ী (হিং গাঢ়ী] বি, ঢেঁকির পশ্চাৎভাগ নীচু হইয়া যেখানে আটকায়।

ন্যাটা [লেঠা দ্রঃ] বি, ঝঞ্ঝাট ; ঝক্কি।

ন্যাতনেতে [নত, নতনতিয়া দ্রঃ] বিণ, শিথিল ; ঢিলাঢালা ; অবসাদগ্রস্ত। "বিলেতে এদের নেহাৎ ন্যা॰ মানুষ বলে ঘৃণা করে।" -ছোটবড় (কা॰ প্র॰ দাসগুপ্ত)।

ন্যাবড়া [নেবড়া, ল্যাবড়া ও॰। ল=ন। লিপ্ত > লিপ্‌টা >] বিণ, লিপ্ত : জ্যাব্‌ড়া।

ন্যায় [নি(নিশ্চয়, সত্য) + অয়্ (গমনে) + অ (ণে), যে সত্যে লইয়া যায়] বি, যুক্তি ; বিচার বিতর্ক। "করিয়া অনেক ন্যায়, ঘুচাইনু সব দায়। ভয় কিছু না করিও মনে"-কবিক॰। ২ নীতি। ৩ সুবিচার। ৪ যাথার্থ্য ; সত্য-নির্দ্ধারণ। ৫ যুক্তিমূলক দৃষ্টান্তবিঃ (শব্দকল্প॰)। "ন্যায় শব্দের অর্থ সাদৃশ্য। যখন যে কোন ব্যাপার নির্ব্বাহ হয়, তার কোন উপমা, প্রদর্শন করিলে, ঐ ব্যাপার তার ন্যায় বলা গিয়া থাকে। সংস্কৃত ও বাঙ্গালা ভাষায় যত ন্যায়শব্দ প্রয়োগ করা যায় তৎসমুদায়ই উপমাবোধক রূপে প্রযুক্ত হইয়া থাকে। উপমারূপ অর্থ প্রতিপাদন হেতু মীমাংসা ও আন্বীক্ষিকী শাস্ত্রকে প্রাচীন পণ্ডিতেরা উপমাবাচক "ন্যায়" নাম নির্দ্দেশ করিয়া গিয়াছেন। সংস্কৃতাদি ভাষার মধ্যে কাক-তালীয় ই॰ যে সকল ন্যায়ের উল্লেখ দেখা যায়, উপমারূপ অর্থ লইয়া তাহা প্রযুক্ত হইয়া থাকে। বচন রচনা বা বাক্যবিন্যাসকালে কোন ন্যায় প্রয়োগ করিলে ঐ রচনার গাম্ভীর্য্যাদি গুণ প্রকাশ হইতে পারে।" তুল -ইং moral. ৬ ন্যায়শাস্ত্র ; দর্শনশাস্ত্র-বিঃ ; তর্কশাস্ত্র ; প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগম এই পঞ্চাঙ্গ দর্শন logic. ৭ ত্রিবিধ স্বর-উদাত্ত, অনুদাত্ত এবং স্বরিৎ। ৮ "সাপেক্ষানুমান প্রকাশক বাক্যত্রয়ের সমষ্টি" -তর্কবিজ্ঞান (প্র॰ সিংহ) syllogism. ৯ তর্ক ; বাদানুবাদ ; বচসা। "গর্ব্বিত সনে ন্যায় করি না হয় উচিত।"-কৃত্তি॰। [সম-প্রমাণ দ্বারা পদার্থের পরীক্ষার নাম ন্যায়। প্রত্যক্ষ ও আগম প্রমাণের অনুমোদিত অনুমান ন্যায় পদবাচ্য। প্রত্যক্ষ ও শব্দ প্রমাণ দ্বারা পদার্থ জ্ঞানের পর যে জ্ঞান হয়, তাহা অন্বীক্ষা। এই অন্বীক্ষা অবলম্বনে প্রবর্ত্তিত বলিয়া আন্বীক্ষিকী অর্থে ন্যায়বিদ্যা বা ন্যায়শাস্ত্র। উদ্দেশ্য, লক্ষণ ও পরীক্ষা এই তিন প্রণালী হতে উৎপন্ন জ্ঞানই ন্যায়দর্শন বা যথার্থ জ্ঞান। এই দর্শনঘটিত যে শাস্ত্র তাই ন্যায়শাস্ত্র]। "যে ন্যায়ের সকলগুলি অবয়ব ভাষা দ্বারা প্রকাশিত থাকে না তা অব্যক্তন্যায় (তর্ক বিজ্ঞা॰, সিংহ) enthymeme]। ~কর্ত্তা [ন্যায়-কর্ত্তা, ৬তৎ] বিণ, ন্যায়কারী। ২ বি, বিচার-পতি ; ন্যায়াধীশ। > স্ত্রীং ~কর্ত্রী। ~তঃ (-য়ঁ-) [ন্যায়-তস্] ক্রি-বিণ, সুবিচারপূর্ব্বক ; ন্যায়পূর্ব্বক ; ন্যায়মতে ; ন্যায়ানুসারে। ২ যুক্তিসঙ্গতরূপে। ~নিষ্ঠ [ন্যায়েতে নিষ্ঠা আছে যার, বহু॰] বিণ, ন্যায়পরায়ণ ; ধার্ম্মিক। > স্ত্রীং ~নিষ্ঠা, -ন্যায় পরায়ণা। বি, ~নিষ্ঠতা, ~নিষ্ঠত্ব। ~নিষ্ঠা, [ন্যায়ে নিষ্ঠা, ৭তৎ] বি, ন্যায়-পরায়ণতা। ২ স্বপক্ষাবলম্বন ; অপক্ষপাত। ~পথ [ন্যায়ের পথ, ৬তৎ] বি, ন্যায্য উপায় ; ধর্ম্মপথ। ~পথাবলম্বন [ন্যায়পথ + অবলম্বন, ৬তৎ] বি, সত্য-পথ আশ্রয়করণ ; ন্যায়মার্গে বিচরণ। ~পথাবলম্বী [ন্যায়-পথ-অবলম্বিন্-১মা, ১ব॰] বিণ, ন্যায়মার্গাশ্রয়ী ; ন্যায়পথে বিচরণকারী ; ন্যায়নিষ্ঠ। > স্ত্রীং ~পথাবলম্বিনী। ~পথাশ্রয় [ন্যায়পথ + আশ্রয়] বি, ন্যায়পথাবলম্বন। ~পথাশ্রয়ী -বিণ, ন্যায়পথ আশ্রয়কারী ; ন্যায়মার্গী। > স্ত্রীং ~পথাশ্রয়িণী। ~পর [ন্যায় (যাতে) পর (পরায়ণ), ৭তৎ] বিণ, ন্যায়নি > স্ত্রীং ~পরা। বি, ~পরত ~পরায়ণ [ন্যায় হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন যার, বহু॰] বিণ, ন্যায়নি > স্ত্রীং ~া। > বি, ~পরায়ণতা ~পরায়ণত্ব। ~বান্-বিণ, ন্যায়পরায় ন্যায়কারী। ~বুদ্ধি [ন্যায়ের বুদ্ধি, ৬তৎ] বি, ন্যায়ান্যায় বোধশক্তি ; বিচারবু বিবেক। ~বুদ্ধিপরায়ণ [ন্যায়বুদ্ধি-(শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যার, বহু॰] বিণ, যে ন্যায়বুদ্ধিদ্বারা পরিচালিত হ ন্যায়নিষ্ঠ ; যার ন্যায়বোধের শক্তি আ বিচারবুদ্ধিশীল। > স্ত্রীং ~া। ~বিরু [ন্যায়ের বিরুদ্ধ, ৬তৎ] বিণ, ন্যায়ের প্রতিকূ যা ন্যায় সঙ্গত নহে ; অন্যায্য। ~মা [ন্যায়ের মার্গ (পথ), ৬তৎ] বি, ন্যায়পথ। বিণ, ~ী। ~মার্গাবলম্বন [ন্যায়ম অবলম্বন] বি, ন্যায়পথাশ্রয়। ~ বি ~মার্গাবলম্বী-যে ন্যায়পথে বিচ করে। > স্ত্রীং ~মার্গাবলম্বিনী। ~ [ন্যায়শাস্ত্রে পণ্ডিতগণের মধ্যে রত্নবিঃ] ন্যায় দর্শনে পারদর্শী পণ্ডিতের উপাধি ২ শ্রেষ্ঠ নৈয়ায়িক। ~শাস্ত্র [ন্যায় যে শ ধা] বি, ন্যায় দর্শন। প্রাচীন ও নব্য ভেদে দ্বিবিধ। গৌতমমুনি-কৃত আন্বীক্ষিকী বিদ্যা প্রাচীন ন্যায় এবং গঙ্গেশোপাধ রঘুনাথ শিরোমণি আদি প্রবর্ত্তিত ন্যায়দ নব্যন্যায় নামে অভিহিত। ২ তর্কবি logic. ~শৃঙ্খল [ন্যায়ের শৃঙ্খল] শৃঙ্খলিত যুক্তি পরম্পরা sorites ~সঙ্গ [ন্যায় দ্বারা সঙ্গত, ৩তৎ] বিণ, যুক্তিস যুক্তিযুক্ত : ন্যায়ানুমোদিত ; ন্যায্য। ~া। বি, ন্যায়সঙ্গতি। ~সম্মত [ন্যায় দ্বারা সম্মত, ৩তৎ] বিণ, ন্যায়সঙ্গত ; যু ন্যায়ানুমোদিত। > স্ত্রীং ~া। বি, ন্যায়সম্মতি। ~সারিণী-বি, বিচার ন্যায়বিচারকারিণী স্ত্রী। ~সূত্র [ন্যায়-সূত্র, ৬তৎ] বি, ন্যায় দর্শনের সংক্ষিপ্ত সূত্রাকারে রচিত ন্যায়দর্শন। ২ যুক্তিক্র

ন্যায়াধীশ [ন্যায় + অধীশ] বি, বিচারপতি judge.